১

বাংলা একাডেমি বিবর্তনমূলক বাংলা অভিধান



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

- বাংলা ভাষার সব শব্দ একই সময়ে জন্ম নেয়নি অথবা একই সময়ে সেসব শব্দ ভাষায় ব্যবহৃত হয়নি। কোন শব্দ প্রথম কখন ব্যবহৃত হলো, এবং তারপর ধীরে ধীরে তার অর্থ কিভাবে বদলে গেলো, এ অভিধানে প্রধানত তা-ই দেখা যাবে। কেবল অর্থের বিবর্তন নয়, শব্দের বানান কিভাবে বদলে গেলো, সে ইতিহাসও জানা যাবে এই অভিধান থেকে।
- এই অভিধানে ভুক্তি অর্থাৎ মূলশব্দ আছে প্রায় এক লাখ পঁচিশ হাজার। আর, এসব মূলশব্দের রূপান্তরগুলো হিসেব করলে মূলশব্দের সংখ্যা হবে প্রায় দেড় লাখ। এ ছাড়া, অর্থান্তর বোঝানোর জন্যে প্রয়োগবাক্য আছে এক লাখ ষাট হাজারের বেশি।
- আনুমানিক ১২০০ সাল থেকে শুরু করে মোটামুটি ১৯৭২ সাল পর্যন্ত রচিত নানা ধরনের পুথি, দলিল-দস্তাবেজ, বই, পত্র-পত্রিকা, নথিপত্র ইত্যাদি থেকে এই অভিধানে শব্দ গৃহীত হয়েছে।
- শব্দ ব্যবহারের দৃষ্টান্ত হিসেবে এই অভিধানে যেসব প্রয়োগবাক্য দেওয়া হয়েছে, তার অনেকগুলোর কালই আনুমানিক। তবে ১৭৪৩ সালের পর থেকে বেশির ভাগ প্রয়োগবাক্যের সময় সুনির্দিষ্ট।
- প্রতিটি মূলশব্দের অর্থ এবং অর্থান্তর নির্ণয় করা হয়েছে প্রয়োগবাক্য থেকে।
- প্রয়োগবাক্যগুলোর উৎস নির্দেশ করা হয়েছে কখনো গ্রন্থ, কখনো লেখক, কখনো পত্রিকা, এমনকি কখনো দপ্তরের নাম দিয়ে। এসব নামের শব্দসংক্ষেপ ছাপা হয়েছে বাঁকা হরফে।
- সাধারণভাবে ক্রিয়াপদের রূপান্তর এই অভিধানে নেই। তবে আঠারো শতকের আগেকার ক্রিয়াপদের রূপান্তরের কিছু নমুনা দেওয়া হয়েছে।
- প্রতিটি মূলশব্দের পাশে সে শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে, তা বন্ধনী [ ] চিহ্নের মধ্যে উল্লেখ করা হয়েছে। তবে কোনো কোনো শব্দের বেলায় তা আনুমানিক। আর, আদৌ জানা না-গেলে, সেসব শব্দের ব্যুৎপত্তি দেওয়া হয়নি। যেসব শব্দের শেষে [স] লেখা আছে, সেসব শব্দ যে সবই সংস্কৃত ভাষায় প্রচলিত ছিলো, তা নয়। বরং সেগুলো সংস্কৃত ব্যাকরণ-সিদ্ধ বলে [স] লেখা হয়েছে।
- শব্দের অর্থ যদ্দুরসম্ভব সহজ ভাষায় লেখা হয়েছে।

নিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com

বাংলা একাডেমির কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকাশনা

- প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ
- প্রমিত বাংলা ব্যবহারিক ব্যাকরণ
- বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান
- ব্যবহারিক বাংলা অভিধান
- বাংলা উচ্চারণ অভিধান
- বাংলা বানান-অভিধান
- ছোটদের অভিধান
- সংক্ষিপ্ত বাংলা অভিধান
- আরবি-বাংলা অভিধান
- চরিতাভিধান (তৃতীয় সংস্করণ)
- বিজ্ঞান বিশ্বকোষ
- শাহনামা
- English-Bangla Dictionary
- Bengali-English Dictionary

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বাংলা একাডেমি বিবর্তনমূলক বাংলা অভিধান
প্রথম খণ্ড (অ–ঞ)

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বাংলা একাডেমি

বিবর্তনমূলক বাংলা অভিধান

প্রথম খণ্ড (অ–এঃ)

সম্পাদক
গোলাম মুরশিদ

সহযোগী সম্পাদক
স্বরোচিষ সরকার

বাংলা একাডেমি ঢাকা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বাংলা ভাষার বিবর্তনমূলক অভিধান কর্মসূচি
জুলাই ২০১০ – ডিসেম্বর ২০১৩

প্রথম প্রকাশ
জ্যৈষ্ঠ ১৪২০/জুন ২০১৩

বাএ ৫০৬৬

মুদ্রণসংখ্যা
৬০০০ কপি

প্রকাশক
শাহিদা খাতুন
পরিচালক
প্রাতিষ্ঠানিক, পরিকল্পনা ও প্রশিক্ষণ বিভাগ
বাংলা একাডেমি ঢাকা

মুদ্রক
সমীর কুমার সরকার
ব্যবস্থাপক
বাংলা একাডেমি প্রেস

প্রচ্ছদ
কাইয়ুম চৌধুরী

মূল্য
এক হাজার টাকা মাত্র

BIBARTANMULAK BANGLA ABHIDHAN, PRATHAM KHANDA [A Diachronic Dictionary of Bangla Language, First Volume]. Editor: Ghulam Murshid. Associate Editor: Swarochish Sarker. Publisher: Shahida Khatun, Director, Establishment, Planning & Training Division, Bangla Academy, Dhaka 1000, Bangladesh. First Edition: June 2013. Price : Taka 1000.00 only, US $ 100.00

ISBN 984-07-5085-2

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বাস্তবায়ক
শামসুজ্জামান খান

কর্মসূচি পরিচালক
শাহিদা খাতুন

সমন্বয়কারী
মুহম্মদ সাইফুল ইসলাম

সংকলক

আসিফ আজিজ	কল্পনা ভৌমিক
জামাল উদ্দিন জাহেদি	ফারহান ইশরাক
মতিন রায়হান	মাহফুজা হিলালী
মোঃ আমিরুল ইসলাম	মোঃ মাইনুল ইসলাম
রাজীব কুমার সাহা	শামস্ নূর

প্রকাশনা সহযোগী
মোহাম্মদ খোরশেদ আলম

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মহাপরিচালকের কথা

বাংলাদেশের জাতীয় সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক প্রতিষ্ঠান বাংলা একাডেমির মহাপরিচালক হিসেবে ২০০৯ সালে দায়িত্ব গ্রহণ করার পর আমি কয়েকটি বড়ো মাপের কাজে হাত দিই। এর মধ্যে অগ্রাধিকারপ্রাপ্ত দুটি কাজ হলো: ১. প্রমিত বাংলা ভাষার একটি ব্যাকরণ প্রণয়ন; এবং ২. বিবর্তনমূলক একটি বাংলা অভিধান সংকলন। এ দুটি কাজ এখন পর্যন্ত গোটা বাংলাভাষী অঞ্চলে কোনো গবেষণা প্রতিষ্ঠান বা এককভাবে কোনো পণ্ডিত সম্পন্ন করেননি। সুখের কথা, 'প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ' (২০১২) গ্রন্থটি ইতোমধ্যে প্রকাশিত হয়ে ব্যাপক প্রশংসা পেয়েছে এবং অতি স্বল্প সময়ের মধ্যে এর পরিমার্জিত সংস্করণ প্রকাশ করতে হয়েছে। বর্তমান অভিধানটিতে বাংলা ভাষার কোন শব্দ আমাদের সাহিত্যে প্রথমে কোথায়, কী অর্থে, কোন লেখকের লেখায়, কোন সময়ে ব্যবহৃত হয়েছে তার উল্লেখ এবং পরবর্তী কালে নানা লেখকের লেখায় কীভাবে এর বিবর্তন ঘটেছে অর্থাৎ তার অর্থান্তর, অর্থ-সম্প্রসারণ বা সংকোচন বা একেবারে বিপরীত বা ভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে, তা চিহ্নিত করার লক্ষ্যে পরিকল্পিত। আমাদের উদ্দেশ্য ছিল কাজটি বিজ্ঞানসম্মত উপায়ে সম্পন্ন করা গেলে অভিধানখানি বাংলা অভিধানের ইতিহাসে একটি অভিনব সংযোজন হিসেবে বিবেচিত হবে।

অত্যন্ত আনন্দের কথা, তিন বছর মেয়াদি (২০১০-১৩) অভিধানখানির প্রতিটি খণ্ড এক হাজার বা তার চেয়ে বেশি পৃষ্ঠা সংবলিত হওয়ায় তিন খণ্ডের পৃষ্ঠাসংখ্যা তিন হাজার একশো ছাড়িয়ে গেছে। এদিক থেকে দেখলে বিপুলায়তনের এই গ্রন্থখানি এ পর্যন্ত প্রকাশিত বাংলা ভাষার সর্ববৃহৎ কলেবরের অভিধান হিসেবে স্বীকৃতি লাভ করবে। আর কাজটি যে-আঙ্গিক ও পদ্ধতিতে করা হয়েছে তা বাংলা অভিধান রচনার ক্ষেত্রেও পথিকৃতের মর্যাদা পাবে।

বিশ্বের বিভিন্ন দেশে এ ধরনের সৌধ-প্রতিম অভিধান সংকলনের ক্ষেত্রে বিশেষজ্ঞ-সংকলকদের সীমাহীন ধৈর্য-নিষ্ঠা, অভিনিবেশ ও অনুসন্ধিৎসা যেমন আবশ্যিক শর্ত, তেমনি বছরের পর বছর ধরে ভুক্তি সংকলন, অর্থানুসন্ধান, কার্ডে তা লিপিবদ্ধকরণ, বানান পরীক্ষা, উদাহরণ চয়ন এবং প্রুফ সংশোধন ইত্যাদি জীবনব্যাপী নিরবচ্ছিন্ন সাধনার বিষয়। আমার অনুরোধে বাংলা অভিধানের ক্ষেত্রে নজিরবিহীন বিপুল শ্রমসাধ্য ব্যতিক্রমী এবং প্রায় দুঃসাধ্য এ-কাজের দায়িত্ব গ্রহণে সম্মত হয়েছিলেন ডক্টর গোলাম মুরশিদ। কাজটি জটিল, ব্যয়বহুল, সময়সাপেক্ষ এবং একদল দক্ষ, মেধাবী এবং একান্ত শ্রমসহিষ্ণু গবেষণা-সহকারীর সমন্বয়েই যে-করা সম্ভব, সে-বিষয় নিয়ে ডক্টর মুরশিদের সঙ্গে আমার বিভিন্ন পর্যায়ে বিস্তৃত আলোচনার পর আমরা কর্মপরিকল্পনা চূড়ান্ত করি। বড় ধরনের এই প্রকল্প বাস্তবায়নে বাংলাদেশ সরকারের প্রয়োজনীয় অর্থানুকূল্য যথাসময়ে পাওয়া যাবে কি-না, সে-বিষয়ে প্রধান সম্পাদককে নিশ্চিত করার জন্য আমি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এবং মাননীয় সংস্কৃতি মন্ত্রী আবুল কালাম আজাদের সঙ্গে আলোচনা করে আশ্বস্ত হই।

কাজ শুরুর আগে ডক্টর স্বরোচিষ সরকারকে সহযোগী সম্পাদক হিসাবে নিয়োগ দেওয়া হয়। সম্পাদক ও সংকলকদের মধ্যে সমন্বয়ের কাজ করার দায়িত্ব দেওয়া হয় বাংলা একাডেমির সহপরিচালক ডক্টর মুহম্মদ সাইফুল ইসলামকে।

সংকলক হিসেবে কাজ করেন ডক্টর কল্পনা ভৌমিক, ডক্টর মোঃ আমিরুল ইসলাম, মতিন রায়হান, মাহফুজা হিলালী, জামাল উদ্দিন জাহেদি, আসিফ আজিজ, মোঃ মাইনুল ইসলাম, রাজীব কুমার সাহা, ফারহান ইশরাক এবং শামস্ নূর। নানা ধরনের সীমাবদ্ধতার কারণে সংশ্লিষ্ট সম্পাদক-সংকলকগণ মাত্র

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তিন বছর সময় পেয়েছিলেন। এই অল্প সময়ের মধ্যেও এই ঐতিহাসিক অভিধানের কাজটি যে তাঁরা সুসম্পন্ন করতে সক্ষম হয়েছেন, তা তাঁদের নিরলস পরিশ্রম ও অপরিসীম ধৈর্যের ফল।

শব্দসংগ্রহের কাজ এক বছর অতিক্রান্ত হওয়ার পর অভিধানটির মানোন্নয়নের লক্ষ্যে ২০১২ সালের ৪ঠা জানুয়ারি আমরা একটি আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করি। এই সেমিনারে যোগ দেন বিশিষ্ট আভিধানিক মুহাম্মদ হাবিবুর রহমান, ভাষাতাত্ত্বিক অধ্যাপক রফিকুল ইসলাম, কবি-নাট্যকার-ঔপন্যাসিক সৈয়দ শামসুল হক, অভিধান-বিশেষজ্ঞ জামিল চৌধুরী, বাংলাপিডিয়ার সম্পাদক অধ্যাপক সিরাজুল ইসলাম, ব্রিটেনের কবি ও গবেষক ডক্টর কেতকী কুশারী ডাইসন, পশ্চিমবঙ্গের ভাষাবিদ অধ্যাপক পবিত্র সরকার, ডক্টর হায়াৎ মামুদ, কথাসাহিত্যিক সেলিনা হোসেন, অধ্যাপক শফি আহমেদ, ডক্টর ফিরোজ মাহমুদ, ডক্টর আবুল আহসান চৌধুরী, ডক্টর মাহবুবুল হক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ডক্টর জীনাত ইমতিয়াজ আলী প্রমুখ। অভিধানটির মানোন্নয়নের লক্ষ্যে তাঁরা বিভিন্ন ধরনের গঠনমূলক পরামর্শ দেন।

বাংলা ভাষার বিবর্তনমূলক অভিধান কর্মসূচির প্রকল্প-পরিচালকের দায়িত্ব পালন করেন বাংলা একাডেমির অন্যতম পরিচালক জনাব শাহিদা খাতুন। কর্মসূচিটিকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে সব ধরনের সহযোগিতা দান করেন বাংলা একাডেমির সচিব জনাব মোঃ আলতাফ হোসেন। প্রাতিষ্ঠানিক উপবিভাগের জনাব এ কে এম মাহবুবুল আলম, পরিকল্পনা উপবিভাগের সহপরিচালক জনাব মোঃ গোলাম সরোয়ার, এবং প্রাতিষ্ঠানিক উপবিভাগের কর্মকর্তা মোহাম্মদ খোরশেদ আলম প্রাসঙ্গিক দাপ্তরিক কাজ গভীর মনোযোগের সঙ্গে সম্পন্ন করেন।

এই প্রথম একটি অভিধান, যেখানে ডিজিটাল প্রযুক্তির ব্যাপক ব্যবহার সম্ভব হলো। হাসিব ইসতিয়াকুর রহমানের পরিচালনায় অভিধান সংকলনের জন্য নির্ধারিত কক্ষটিকে আমরা অত্যাধুনিক ডিজিটাল যন্ত্রে সজ্জিত করি।

AMARBOI.COM

বাংলা একাডেমি প্রকাশিত অভিধানসমূহের প্রতি দেশবাসীর ক্রমবর্ধমান আগ্রহ বৃদ্ধি সংশ্লিষ্ট কাজে আমাদের অনুপ্রেরণা। সেই অনুপ্রেরণায় এবং বাংলা ভাষায় জ্ঞানবিজ্ঞান চর্চায় অভিধানের গুরুত্ব বিবেচনায় বাংলা একাডেমির প্রস্তাবিত বিধিমালায় অভিধান প্রণয়ন ও প্রকাশের জন্য আলাদা বিভাগের সংস্থান রাখা হয়েছে। এটি কার্যকর করা সম্ভব হলে একদিকে যেমন বাংলা একাডেমি প্রকাশিত অভিধানসমূহ হালনাগাদ করা সম্ভব হবে, পাশাপাশি সমকালীন প্রয়োজন অনুযায়ী নানা ধরনের নতুন অভিধান প্রকাশ করা যাবে। বিভাগটি যাতে যথাসময়ে যথাযথভাবে হয় এবং প্রাসঙ্গিক কাজ অব্যাহত থাকে, সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের প্রতি ও বাংলা একাডেমির ভবিষ্যৎ কর্মীদের প্রতি আহ্বান জানাই।

অভিধানটির পরিকল্পনা, ব্যবস্থাপনা, প্রণয়ন ও প্রকাশনাসহ যাবতীয় কাজের সঙ্গে প্রত্যক্ষ-পরোক্ষভাবে যুক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

শামসুজ্জামান খান
মহাপরিচালক, বাংলা একাডেমি

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভূমিকা

বাংলায় লেখা প্রথম বাংলা অভিধান প্রকাশিত হয়েছিলো প্রায় দু শো বছর আগে – ১৮১৭ সালে। রচয়িতা – রামচন্দ্র বিদ্যাবাগীশ। তারপর গত দু শতাব্দীতে ছোটোবড়ো বহু অভিধানই প্রকাশিত হয়েছে। সংখ্যা জানা নেই, কিন্তু কয়েক শো হওয়া অসম্ভব নয়। এসব অভিধান কমবেশি একই ধাঁচের। এগুলোতে আছে প্রচলিত-অপ্রচলিত এবং প্রাসঙ্গিক-অপ্রাসঙ্গিক শব্দ, শব্দের এক বা একাধিক অর্থ, আর শব্দগুলোর পদ-পরিচয়। অনেক অভিধানে শব্দগুলোর ব্যুৎপত্তিও দেওয়া আছে। শব্দগুলো কিভাবে প্রয়োগ করা হয়, তার দৃষ্টান্তও দেওয়া আছে কোনো কোনো অভিধানে – যেমন, রাজশেখর বসুর *চলন্তিকায়*। কোনো কোনো অভিধানে আবার লেখকরা এসব শব্দ কিভাবে ব্যবহার করেছেন, তারও উদ্ধৃতি দেওয়া আছে। শুধুমাত্র তৎসম শব্দের অভিধান, অ-তৎসম শব্দের অভিধান, ব্যুৎপত্তির অভিধান, আঞ্চলিক ভাষার অভিধান, বাংলা ভাষায় বিদেশী শব্দের অভিধান, স্ল্যাং-এর অভিধান ইত্যাদি বিচিত্র ধরনের অভিধানও প্রকাশিত হয়েছে।

এই তাবৎ অভিধান-প্রণেতার এই বিপুল অবদান সত্ত্বেও, বাংলা ভাষায় *Oxford English Dictionary*-র মতো অভিধান আজও রচিত হয়নি। অক্সফোর্ড-অভিধানে শব্দগুলোর ব্যুৎপত্তি এবং প্রথম ব্যবহারের তারিখ ও দৃষ্টান্ত দেওয়া আছে। এ ছাড়া দেওয়া আছে দৃষ্টান্ত-সহ তাদের পরবর্তী অর্থান্তরসমূহ এবং রূপান্তরসমূহ। অর্থাৎ বহু শতাব্দীর পথ বেয়ে ইংরেজি শব্দ কিভাবে বর্তমান রূপ এবং অর্থ লাভ করেছে এ অভিধান ব্যবহার করে তা জানা যায়।

Oxford English Dictionary (*ওইডি*) প্রকাশিত হয়েছিলো ১৯২৮ সালে। তার আগেই প্রকাশিত হয়েছিলো সুবল মিত্রের *সরল বাঙ্গালা অভিধান* (১৮৭৭) এবং জ্ঞানেন্দ্রমোহন দাসের *বাঙ্গালা ভাষার অভিধান* (১৯১৭)। হরিচরণ বন্দ্যোপাধ্যায়ও তাঁর অভিধানের কাজ শুরু করেছিলেন ওইডি প্রকাশিত হওয়ার প্রায় দু দশক আগে। সাতাশ বছর কাজ করার পরে তাঁর *বঙ্গীয় শব্দকোষের* প্রথম খণ্ড প্রকাশিত হয় ১৯৩২ সালে। শেষ খণ্ড প্রকাশিত হয় ১৯৪৬ সালে। ভূমিকায় হরিচরণ বন্দ্যোপাধ্যায় যা লিখেছেন তা থেকে মনে হয়, ১৯০৫ সাল থেকে আরম্ভ করে বাকি জীবন তিনি তাঁর অভিধান প্রণয়ন ও সংশোধনের কাজেই ব্যয় করেছিলেন। তাঁদের সামনে ওইডির আদর্শ না-থাকলেও, জ্ঞানেন্দ্রমোহন এবং হরিচরণ – উভয়েই শব্দগুলোর সম্ভাব্য ব্যুৎপত্তি ও যদ্দুর সম্ভব অর্থান্তর দিয়েছিলেন। শব্দও সংগ্রহ করেছিলেন প্রচুর। সর্ববৃহৎ অভিধান – জ্ঞানেন্দ্রমোহনে – শব্দের সংখ্যা প্রায় এক লাখ পনেরো হাজার। কিন্তু জ্ঞানেন্দ্রমোহন এবং হরিচরণের প্রভূত পরিশ্রম এবং আন্তরিক নিষ্ঠা সত্ত্বেও তাঁদের অভিধানে অনেক অপূর্ণতাই থেকে গিয়েছিলো।

অপূর্ণতা ছাড়া, জ্ঞানেন্দ্রমোহনের অভিধান প্রকাশিত হওয়ার পরে প্রায় এক শো বছর এবং হরিচরণের অভিধান প্রকাশিত হওয়ার পরে আশি বছর চলে গেছে। ইতিমধ্যে হাজার হাজার নতুন শব্দ, বিশেষ করে যৌগিক শব্দ তৈরি হয়েছে এবং অন্যান্য ভাষা থেকে নতুন শব্দ আমদানি হয়েছে বাংলা ভাষায়। বিচিত্র ব্যবহারের মাধ্যমে শব্দের অর্থান্তরও বৃদ্ধি পেয়েছে বহুলভাবে। হারিয়ে যাওয়া হাজার হাজার শব্দও আবিষ্কৃত হয়েছে অজানা ভাণ্ডার থেকে। গত এক শো বছরেরও বেশি সময় ধরে নিরন্তর গবেষণা করে পণ্ডিতেরা মধ্যযুগের বিপুল কাব্যসাহিত্য এবং আঠারো শতকের ক্রমবিকাশশীল বাংলা গদ্যের প্রচুর উপাদান আবিষ্কার করেছেন। যেমন, এক সময়ে মুসলমান কবি-সাহিত্যিকদের রচনার কথাও তেমন জানা ছিলো না। কিন্তু আবদুল করিম সাহিত্যবিশারদ থেকে আরম্ভ করে অধুনাতন গবেষকের কল্যাণে বহু মুসলিম কবির কথা জানা গেছে – যাঁরা ইংরেজ-পূর্ব আমলে তাঁদের কাব্য রচনা করেছিলেন। বোধগম্য কারণেই, তাঁদের সাহিত্যে এমনসব আরবী-ফারসী-তুর্কি উপাদান পাওয়া গেছে, যার সঙ্গে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আগেকার অভিধানকারদের পরিচয় ছিলো না। মোট কথা, গত এক শতাব্দীতে বাংলা শব্দসংখ্যা বিপুল পরিমাণে বৃদ্ধি পেয়েছে। যেসব শব্দের হদিস ও বিচিত্র অর্থ আমাদের অজ্ঞাত ছিলো এবং অভিধানে যাদের ঠাঁই ছিলো না, তেমন বহু শব্দের সঙ্গে আমাদের এখন বিলক্ষণ পরিচয় হয়েছে।

১৯৪৭ সালে দেশবিভাগ এবং ১৯৭১ সালে বাংলাদেশের অভ্যুদয়ও বাংলা ভাষার ওপর বিপুল প্রভাব বিস্তার করেছে। দেশবিভাগের পর পূর্ববঙ্গ থেকে লাখ লাখ লোক স্থায়ীভাবে চলে যান পশ্চিমবঙ্গে। এর ফলে কলকাতাকেন্দ্রিক প্রামাণ্য ভাষার ওপর বাস্তুহারাদের প্রভাব পড়েছিলো নানাভাবে। বহু পূর্ববঙ্গীয় শব্দ গৃহীত হয়েছে। শব্দের অভিধাও বদলেছে। এমন কি, ব্যাকরণে সূক্ষ্ম পরিবর্তন এসেছে, বিশেষ করে ক্রিয়াবিভক্তিতে, সর্বনামে, অভিশ্রুতি/ অপিনিহিতিতে। অপর পক্ষে, পূর্ববঙ্গের মুসলমানদের মধ্যে শিক্ষাবিস্তার এবং তাঁদের রচনা প্রকাশের ফলে পূর্ববাংলার ভাষায় এসেছে প্রভূত মুসলিম এবং আঞ্চলিক উপাদান, যা এর আগে প্রামাণ্য বাংলা ভাষায় অপাঙ্‌ক্তেয় ছিলো। কেবল তাই নয় পাকিস্তানীকরণের সচেতন প্রয়াসের ফলেও বহু আরবী-ফারসী শব্দ মধ্যযুগের সাহিত্য থেকে পুনরুদ্ধার করা হয় এবং সরকারী ভাষা উর্দু থেকে অনেক নতুন শব্দ বাংলা ভাষায় আমদানি করা হয়। এক কথায় বলা যায়, দেশবিভাগের পরে পূর্ববঙ্গের ভাষায় নতুন শব্দ ও তাদের ব্যবহারে যথেষ্ট পরিবর্তন এসেছিলো।

এখানেই শেষ নয়, দেশবিভাগের চব্বিশ বছরের মধ্যে জন্ম নেয় স্বাধীন বাংলাদেশ। ফলে, বাংলা ভাষা এই প্রথম একটা দেশের সরকারী ভাষায় পরিণত হলো। সেন আমল, পাঠান আমল, মোগল আমল, ইংরেজ আমল – এক হাজার বছরের মধ্যে – কোনো সময়েই বাংলা ভাষা বঙ্গদেশের সরকারী ভাষার মর্যাদা লাভ করেনি অথবা যথেষ্ট পরিমাণে সরকারী আনুকূল্যও পায়নি, পাঠান এবং ইংরেজ আমলে সরকারী পৃষ্ঠপোষণায় কিছু অনুবাদ-কর্ম ছাড়া। ১৯৭১ সালের পর বাংলা ভাষার একটা সার্বভৌম স্বদেশ গঠিত হলো। সে দেশের লেখাপড়া এবং সরকারী কাজকর্ম সবই হতে আরম্ভ করলো বাংলা ভাষায়। এর ফলে বাংলা ভাষার পালে রাতারাতি একটা হাওয়া লাগলো। শতাধিক দৈনিক পত্রিকা প্রকাশিত হলো, হাজার হাজার বই প্রকাশিত হলো, লাখ লাখ নথি লেখা হলো বাংলায়, এবং বাংলা ভাষার উন্নতির জন্যে এমন সরকারী পৃষ্ঠপোষণা পাওয়া গেলো, বাংলা ভাষার জন্মের পর থেকে কখনোই যা দেখা যায়নি।

বস্তুত, স্বাধীন বাংলাদেশের জন্ম বাংলা ভাষার ওপর ব্যাপক প্রভাব বিস্তার করলো। দেশবিভাগের পরে পূর্ব বাংলার ভাষায় আরবী-ফারসী এবং আঞ্চলিক ভাষার উপকরণ আসতে আরম্ভ করার যে-প্রবণতা দেখা গিয়েছিলো, সেই প্রবণতা বাংলাদেশ সৃষ্টির পরে বহুগুণে বৃদ্ধি পেলো। বাংলাদেশের কথ্য বাংলা প্রামাণ্য কথ্য বাংলার সীমানা লঙ্ঘন করলো। প্রামাণ্য কথ্য ভাষা, সাধু ভাষা এবং আঞ্চলিক ভাষা মিশে সেখানে একটা জগাখিচুড়ি ভাষা তৈরি হলো এবং শিক্ষিত লোকেরা তা নিঃসংকোচে, এমন কি, সাহসের সঙ্গে ব্যবহার করতে আরম্ভ করলেন। কিন্তু এখানেই শেষ নয়, এর উল্টো পিঠে লক্ষ করি, সরকারী কাজকর্ম এবং পাঠ্যপুস্তকের প্রয়োজনে বাংলাদেশের ভাষায় অসংখ্য সংস্কৃতভিত্তিক পারিভাষিক শব্দের অনুপ্রবেশ।

এক কথায় বলা যায়, জ্ঞানেন্দ্রমোহন এবং হরিচরণ যে-ভাষার অভিধান রচনা করেছিলেন, সেই বাংলা ভাষা আর এখনকার বাংলা ভাষা ঠিক এক নয় – বাংলাদেশে নয়, পশ্চিমবঙ্গেও নয়। হরিচরণ তাঁর *শব্দকোষে* সংস্কৃত ভাষার প্রতি যে গুরুত্ব দিয়েছিলেন, বাংলা ভাষার চর্চায় তার প্রাসঙ্গিকতাও এখন অনেকটা হারিয়ে গেছে – উভয় বাংলাতেই। বস্তুত, নতুন অভিধান তৈরি করা এ জন্যে একান্ত আবশ্যক হয়ে পড়েছিলো।

কেবল নতুন নয়, নতুন ধরনের অভিধান রচনারই আবশ্যকতা দেখা দিয়েছিলো। ওইডির আদলে এমন একটি অভিধান প্রণয়ন করা প্রয়োজন হয়ে পড়েছিলো, যাতে প্রতিটি শব্দের কেবল সম্ভাব্য ব্যুৎপত্তিই নয়, শব্দগুলো প্রথমবারের মতো কখন ব্যবহৃত হয়েছিলো, সে তথ্যও থাকবে। থাকবে শব্দগুলোর অর্থান্তর কিভাবে তৈরি হলো, তারও দৃষ্টান্ত। (ওইডি-তে শব্দসংখ্যা এখন ছ লাখ; উদ্ধৃতির সংখ্যা তিরিশ লাখ।)

AMARBOI.COM

শব্দের প্রথম ব্যবহারের সময় এবং তার উদাহরণ ভাষার ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ। তা দিয়ে ভাষার বিবর্তনের ইতিহাস, এমন কি, সামাজিক-সাংস্কৃতিক ইতিহাসও মূর্ত হয়ে ওঠে। ভাষার বিবর্তন রীতিমতো চোখে দেখতে পাওয়া যায়। কেবল তাই নয়, এর থেকেও গুরুত্বপূর্ণ হলো, একটি শব্দ প্রথমবার ব্যবহারের পর সেই শব্দের বানান এবং অর্থ শতাব্দীর পর শতাব্দী ধরে কিভাবে ধীরে ধীরে বদলে গেলো, সেই ইতিহাস। যেমন, 'অনুবাদ' বললে আমরা এখন প্রথমেই বুঝি 'তরজমা'। অথচ মধ্যযুগে 'অনুবাদ' কথাটা নানা অর্থে ব্যবহৃত হলেও, উনিশ শতকের আগে পর্যন্ত তার অর্থ 'তরজমা' কখনো ছিলো না। এমন কি, এই শব্দের যে-ব্যুৎপত্তি, তাতে তার অর্থ তরজমা হওয়ার কোনো যুক্তিও নেই।

'গুরুত্বপূর্ণ' শব্দটা এখন এতো গুরুত্বপূর্ণ যে, তাকে ছাড়া আমাদের জীবন চলে না। এর প্রতিশব্দ কী? 'জরুরী'? মনে হয় না। বলতে গেলে এর কোনো প্রতিশব্দ নেই। অথচ শব্দ-গড়ার জাদুকর, রবীন্দ্রনাথের লেখায় এতো গুরুত্বপূর্ণ ঐ শব্দটা কোথাও নেই। 'জিঙ্গোবাদে'র প্রবল প্রভাবে 'জাতীয়তাবাদ' শব্দটি এখন অতন্দ্র প্রহরীর সঙ্গিনের মতো সর্বক্ষণ মাথা উঁচিয়ে থাকে, এবং তার নামে থেকে থেকে সারা বিশ্বে রক্তারক্তি হয়ে যায়। অথচ বিশ শতকের আগে বাংলা ভাষায় এ শব্দের অস্তিত্ব ছিলো না। এমন কি, 'নেশন', 'ন্যাশনালইজম' ইত্যাদি ধার-করা শব্দ দিয়ে কাজ চালিয়েছেন, 'নেশন-স্বাতন্ত্র্যে'র মতো শব্দ তৈরি করেছেন, তবু রবীন্দ্রনাথ শেষ পর্যন্ত 'জাতীয়তাবাদ' শব্দটা ব্যবহার করেননি অথবা ব্যবহারের সুপারিশ করেননি। 'ইজ্‌ম্'-এর বদলে '-বাদ'কে অন্তস্থ-শব্দ হিশেবে ব্যবহারেও তাঁর সায় ছিলো না। 'বাধ্যবাধকতা' শব্দটাকে তিনি ব্যঙ্গ করেছিলেন। কিন্তু তাঁর ব্যঙ্গমিশ্রিত তিরস্কার সত্ত্বেও, 'জাতীয়তাবাদ', '-বাদ' এবং 'বাধ্যবাধকতা' বাংলা ভাষার মঞ্চে রীতিমতো পাকাপোক্ত আসন করে বসেছে। কখনো কখনো গুরুত্বপূর্ণ রাজনৈতিক ঘটনা অথবা প্রভাবশালী শব্দশিল্পীর প্রভাবে ভাষায় পরিবর্তন আসে ঠিকই, কিন্তু ভাষা চলে আসলে নদীর মতো আপন গতিতে।

এই অভিধান রচনা করার সময়ে আমরা বাংলা ভাষার বিবর্তনের ধারায় কয়েকটি তরঙ্গ লক্ষ করেছি। যেমন, চর্যাপদ এবং শ্রীকৃষ্ণকীর্তনের ভাষা বিশ্লেষণ করলে দেখা যায় যে, তা সংস্কৃতানুগ নয়। সে ভাষা সংস্কৃতের বন্দর ছেড়ে অগ্রসর হচ্ছিলো স্বাধীন গন্তব্যের দিকে। ফলে সংস্কৃত থেকে সে ভাষা অনেক দূরে সরে গিয়েছিলো। অথচ শ্রীকৃষ্ণকীর্তনের অব্যবহিত পরে – ষোড়শ শতাব্দীতে – যে-বিশাল বৈষ্ণব সাহিত্য রচিত হয়, তা সংস্কৃত ও সংস্কৃত থেকে আগত শব্দবহুল। এর কারণ চৈতন্যদেব সর্বজনবোধ্য বাংলায় তাঁর ধর্ম প্রচার করলেও, তাঁর মৃত্যুর পরে তাঁর অনুগতরা, বিশেষ করে গোস্বামীরা সংস্কৃত দিয়ে তাঁদের ভাষা এবং অংশত ধর্মকে জাতে তোলার সজ্ঞান প্রয়াস চালিয়েছিলেন। বাংলা ভাষা তাই সংস্কৃতের সন্তান হিশেবেই তার পরিচয় ধরে রাখলো। মঙ্গলকাব্য খানিকটা ভিন্ন খাতে প্রবাহিত হলো বটে, কিন্তু বৈষ্ণব সাহিত্যের ভাষা তার ওপরও প্রভাব বিস্তার করেছিলো কমবেশি।

মোট কথা, মোগল-শাসিত সুবেহ বাঙ্গালার রাজভাষা হলেও, ফারসীর প্রভাব বাংলা ভাষায় পড়েছিলো সীমিত পরিমাণে, তার প্রধান কারণ জনপ্রিয় বৈষ্ণব সাহিত্য এবং বৈষ্ণব ধর্ম বাংলা ভাষাকে ফারসীর হামলা থেকে দূরে সরিয়ে রাখে। প্রায় পাঁচ শো বছরের দীর্ঘ পাঠান- এবং মোগল-আমলে মাত্র আট-দশ হাজার ফারসী, এবং ফারসীর মাধ্যমে আরবী শব্দ বাংলা ভাষায় অনুপ্রবেশ করেছিলো; আর বহুবচনীয় প্রত্যয়ের মতো দু-একটি ক্ষেত্রে ব্যাকরণকেও সামান্য প্রভাবিত করেছিলো। কিন্তু বাংলা বাক্যের কাঠামো অথবা পদক্রমে ফারসী তেমন কোনো প্রভাব বিস্তার করতে পারেনি। সুতরাং বলা যায়, মধ্যযুগে বাংলা ভাষায়, বিশেষ করে সরকারী কাজের ভাষায়, মুসলমানী ভাষার যথেষ্ট প্রভাব পড়লেও, সে প্রভাব বহিরঙ্গের অর্থাৎ শব্দের, অন্তরঙ্গের অর্থাৎ বাক্যকাঠামোর নয়।

এর পরের তরঙ্গ এসে বাংলা ভাষাকে আঘাত করে আঠারো শতকের দ্বিতীয় ভাগে – প্রধানত শাসনকর্তা বদলে যাওয়ায়। যাঁদের কাছ থেকে ক্ষমতা গ্রহণ করেছিলেন সেই মুসলমান-শাসকদের সরকারী ভাষা ফারসীকে দূর করার একটা বিকল্প হিশেবে ইংরেজরা বাংলা ভাষাকে পৃষ্ঠপোষণা দিতে আরম্ভ করেছিলেন ১৭৭০-এর দশকেই। তা ছাড়া, সরকারী কাজকর্ম ক্রমবর্ধমান মাত্রায় কাগজভিত্তিক হওয়ায় নতুন নতুন শব্দ আমদানি করার এবং সংস্কৃত ভাষাভিত্তিক পরিভাষা সৃষ্টি করার প্রয়োজনও দেখা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দিয়েছিলো। এভাবে উন্মেষশীল বাংলা ভাষা আরও একবার সংস্কৃত ভাষার দিকে ঝুঁকে পড়লো। বিশেষ করে সদ্যোজাত লিখিত গদ্যে কেবল সরকারী নয়, ব্যক্তিগতভাবে প্রভাব পড়েছিলো সংস্কৃত-ভক্ত ন্যাথানিয়েল হ্যালহেড এবং হেনরি পিটস ফরস্টারের। আরও পরে মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের।

তা ছাড়া, ইংরেজ আমলে কলকাতায় রাজধানী স্থাপিত হওয়ায় প্রামাণ্য বাংলা ভাষাটাও ধীরে ধীরে মহীরুহে পরিণত হলো তারই মাটিতে, যদিও সে ভাষার উপকরণ এসেছিলো বঙ্গদেশের অন্য অঞ্চল থেকেও। ইংরেজ আমল স্থাপিত হওয়ার প্রথম ষাট-সত্তর বছরের মধ্যেই আনুষ্ঠানিক বাংলা ভাষা এবং কথ্যভাষার মাঝখানকার দেয়ালটা শক্ত করে নির্মিত হয়। হ্যালহেড আর ফরস্টারের সংস্কৃত-প্রীতির কাছে আনুগত্য বজায় রেখে উইলিয়াম কেরী তাঁর সহযোগীদের নিয়ে সাধুগদ্যের স্থায়ী বেদী বেঁধে দিলেন। রামমোহন রায়, অক্ষয়কুমার দত্ত, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এবং বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় মিলে বাংলা গদ্যের সেই মঞ্চটাকে আরও সুন্দর এবং প্রশস্ত করলেন।

কিন্তু এখানেই শেষ হলো না – রবীন্দ্রনাথ এসে ভাব প্রকাশের প্রয়োজনে নতুন শব্দ ব্যবহার করার প্রয়োজনীয়তা অনুভব করলেন এবং পূর্ববর্তী লেখকদের ব্যবহৃত শব্দগুলোর সঙ্গে লেজ জুড়ে দিয়ে হাজার হাজার সমাসবদ্ধ নতুন শব্দ গঠন করলেন। তদুপরি, অল্পবয়সে বিলেতে গিয়ে জ্যান্ত ইংরেজি ভাষার সংস্পর্শে আসায়, ম্লেচ্ছ প্রভাব অর্থাৎ ইংরেজি বাক্যকাঠামো এবং পদক্রমের প্রভাবও নিয়ে এলেন বাংলা ভাষার আঙিনায়। বর্তমান অভিধান রচনা করতে গিয়ে আমাদের মনে হয়েছে যে, রবীন্দ্রনাথ নতুন শব্দ ব্যবহার করেছিলেন পঁচিশ হাজার বা তার থেকেও বেশি। আর তিনি শব্দের যেসব অর্থান্তর করেছেন, তার সংখ্যা আমরা কেবল অনুমানই করতে পারি। সবচেয়ে বড়ো কথা, তিনি বাংলা ভাষার গলুইটাকে আরও একবার ঘুরিয়ে দিলেন যদ্দুর সম্ভব স্বভূমি – বাংলার দিকে। সাধুত্ব সবটা ত্যাগ করা গেলো না, বিষয়বস্তুর কারণেই সম্ভব ছিলো না, এমন কি, বাঞ্ছনীয়ও ছিলো না, কিন্তু বাংলা ভাষা অনেকটাই নতুন চেহারা পেলো। পুরোপুরি প্রামাণ্য কথ্য ভাষাকে বরণ করার আগেই ক্রিয়াবিভক্তি ছাড়া অন্যান্য ক্ষেত্রে তাঁর ভাষা মুখের ভাষার দিকে ঘাঁ বাড়ালো। প্রমথ চৌধুরীর উৎসাহে যে দুয়ারটুকু পার হতে সংশয় ছিলো, তাও অতিক্রম করে প্রামাণ্য কথ্য ভাষাকে লেখার ভাষার আসনে বসালেন। সঙ্গে সঙ্গে মুখের ভাষাটাকেও লেখ্য ভাষার দিকে খানিকটা টেনে নিলেন। তাঁর দৌলতে বাংলা ভাষা প্রকাশক্ষম হলো, সহজ হলো, সুন্দর হলো, সাবলীল হয়ে উঠলো।

রবীন্দ্রনাথের জীবদ্দশার শেষ দু দশকে নজরুল ইসলামও একটা নতুন শব্দভাণ্ডারের দ্বার খুলে দিলেন – আরবী-ফারসীর। তাঁর ব্যবহৃত সব শব্দ বাংলা ভাষা গ্রহণ করেনি, কিন্তু বদ্ধ ভাণ্ডারটার দরজাটা তিনি খুলে ধরলেন। সেটাই শেষ নয়, বাংলা ভাষার আরও একটা বড়ো ভাণ্ডার ছিলো, যার খবর জানা থাকলেও, যাকে আমরা অবজ্ঞা করেছি। সেই ভাণ্ডারের ঝাপ খুলে দিলেন জসীমউদ্‌দীন। অযত্নের ধুলোয় চাপা-পড়া পল্লীর অন্তহীন উপকরণ ব্যবহারের পথটা খুলে গেলো। সেখানেই শেষ হলো না – দেশবিভাগ এবং বাংলাদেশের অভ্যুদয়ও আর-এক দফা পরিবর্তন আনলো, আগেই যে কথা উল্লেখ করেছি।

বেশির ভাগ অভিধানকারই অভিধান তৈরি করেন তাঁদের পূর্ববর্তী অভিধানসমূহের ওপর ভিত্তি করে। নতুন কিছু শব্দ আসে, পুরোনো কিছু শব্দ বর্জিত হয়। অনেক সময়ে শব্দের অর্থও একই থেকে যায়। 'ক্যাঙ্গারু' মানে জন্তুবিশেষ; 'কাঁচি' হাতিয়ারবিশেষ; 'কফি' পানীয়বিশেষ। আমরা যে এসব সংজ্ঞার ব্যাপক পরিবর্তন করতে পেরেছি, তা নয়; কিন্তু অনেক শব্দের বেলায় চেষ্টা করেছি। তা ছাড়া, শব্দের অর্থগুলো যদ্দুর সম্ভব সহজ এবং বোধগম্য ভাষায় লিখতে চেষ্টা করেছি। কুকুরের মানে 'সারমেয়' লিখে কোনো লাভ নেই। যে কুকুর চেনে না, তার কাছে কুকুর অজ্ঞাতই থেকে যাবে। শব্দের দৃষ্টান্ত দেওয়া থাকলে, সে শব্দটা কার রচনা থেকে নেওয়া আগের অভিধানগুলোতে তা অতিসংক্ষেপে লেখা হয়েছে – যেমন, 'বচ' মানে বঙ্কিমচন্দ্র। প্রত্যেক বার পাঠকের যাতে সারণী দেখতে না-হয়, তার জন্যে আমরা বঙ্কিমচন্দ্র না-লিখি, অন্তত 'বঙ্কিম' রেখেছি; অক্ষয়কুমার দত্ত, সংক্ষিপ্ত হয়েছেন, কিন্তু অন্তত 'অক্ষয়' থেকে গেছেন।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বহু শব্দের সংজ্ঞা নতুন করে দেওয়ার চেষ্টা করলেও, আমরা সব শব্দের ক্ষেত্রে তা করতে পারিনি। এমন কি, যেসব সংজ্ঞা দিয়েছি, সেগুলো যে নিখুঁত হয়েছে, সে দাবিও করবো না। কিন্তু বাংলা ভাষায় এ যাবৎ যেসব অভিধান রচিত হয়েছে, তাদের মধ্যে আমরা সজ্ঞানে সবার আগে আমাদের অভিধানটি যাতে বাংলাদেশ-পশ্চিমবঙ্গ, হিন্দু-মুসলমান – সবাই ব্যবহার করতে পারেন, সেদিকে সংকল্পিত প্রয়াস রেখেছিলাম। এ অভিধানের অন্য সীমাবদ্ধতা থাকতে পারে, কিন্তু এটি কোনো অঞ্চলের নয়, কোনো সম্প্রদায়েরও নয়।

আমরা যেহেতু শব্দের ইতিহাস পুনর্নির্মাণ করতে চেয়েছি প্রথম ব্যবহার এবং পরবর্তী ব্যবহারসমূহের দৃষ্টান্ত খুঁজে, সে জন্যে শব্দগুলো অন্য অভিধান থেকে কাট অ্যান্ড পেইস্ট করার সহজ – চোরাই পথ অনুসরণ করিনি। বরং বই এবং পত্রপত্রিকা পড়ে আমাদের শব্দগুলো খুঁজে বের করতে হয়েছে। আমাদের যাত্রা শুরু চর্যাপদ এবং শ্রীকৃষ্ণকীর্তন থেকে। চর্যাপদের সব শব্দ বাংলা ভাষায় টিকে থাকেনি, তবু তার সব শব্দই আমরা নিয়েছি। শ্রীকৃষ্ণকীর্তনের সব শব্দও নিতে চেষ্টা করেছি। এভাবে যদি পুরো বাংলা পুথিগুলো এবং ছাপানো বইগুলো ব্যবহার করতে পারতাম, তা হলে বাংলা ভাষার তাবৎ শব্দ আমাদের জালে ধরা পড়তো। কিন্তু সেভাবে করতে গেলে তার জন্যে বিশ-তিরিশ বছর সময় লেগে যেতো হয়তো। আমাদের হাতে তেমন অঢেল সময় ছিলো না। তা ছাড়া, বই জোটানোও সম্ভব ছিলো না। তাই আমরা কেবল নির্বাচিত কিছু বইপত্রই ব্যবহার করেছি। অনেক ক্ষেত্রে একজন লেখকের সবগুলো বইও ব্যবহার করার সুযোগ পাইনি। এর ফলে যে-শব্দটা প্রথমে ব্যবহার করেছেন, ধরা যাক, আলাওল, সেটা আমরা হয়তো পেয়েছি ভারতচন্দ্রে। ভারতচন্দ্রের শব্দ হয়তো ধরা পড়েছে ঈশ্বর গুপ্তে। কাজেই আমরা প্রথম ব্যবহারের যে সময় এবং দৃষ্টান্ত দিয়েছি, সেটা সব ক্ষেত্রে প্রথম ব্যবহারের হলপ-করা উদাহরণ নয়।

সংবাদপত্র নতুন শব্দের একটা বড়ো উৎস। কিন্তু আমরা সংবাদপত্র এবং সাময়িকপত্রের নির্বাচিত সংকলন ছাড়া, মূল পত্রিকা ব্যবহার করার সুযোগ পাইনি। ফলে বহু শব্দ হাস্যকর রকমের এ যুগের বলে আমরা শনাক্ত করেছি। আসলে তা হয়তো ব্যবহৃত হয়েছে অর্ধশতাব্দী আগেই। 'গুরুত্বপূর্ণ' শব্দটা যেমন আমরা নিয়েছি ১৯৪০-এর দশকের *আজাদ* পত্রিকা থেকে। অথচ তার আগেই সম্ভবত এ শব্দ ব্যবহৃত হয়েছে, রবীন্দ্রনাথের রচনায় না থাকলেও। ঢাকার প্রায় অজ্ঞাত *বেগম* পত্রিকা থেকেও আমরা বেশ কিছু শব্দ নিয়েছি, যা নিশ্চিতভাবে অনেক আগেই ব্যবহৃত হয়ে থাকবে। *আনন্দবাজার, যুগান্তর, প্রবাসী, ভারতবর্ষ, ইত্তেফাক, সংবাদ* ইত্যাদি পত্রিকার পুরোনো ফাইল আমরা ব্যবহার করার সুযোগ পাইনি বলে বহু শব্দই আমাদের ফুটো জালের মধ্য দিয়ে বেরিয়ে গেছে। আমরা উপকরণ ও সময়ের যে-সীমাবদ্ধতার মধ্যে কাজ করেছি, তা বিবেচনা করলে আমাদের এই ব্যর্থতা এবং অপূর্ণতা সমালোচনার যোগ্য নয়।

যেখানটায় আমরা কৃতিত্ব দাবি করতে পারি, তা হলো আঠারো শতকের উপাদানে। ১৭৪৩ সালে পর্তুগালের রাজধানী লিসবন থেকে রোম্যান হরফে ছাপা যে-বাংলা অভিধান ও গ্রন্থ প্রকাশিত হয়েছিলো, তার শব্দগুলো অন্য কোনো অভিধানে ব্যবহৃত হয়েছে বলে আমাদের জানা নেই। কিন্তু আমরা এই বইগুলো থেকে বহু শব্দ নিয়েছি। এর থেকেও মূল্যবান আমরা যা ব্যবহার করেছি, তা এর আগে কেউই ব্যবহার করেননি। এগুলোর মধ্যে প্রথমেই রয়েছে কলকাতার মেয়র্স কোর্টের কাগজপত্র। ১৭২৬ সালে কলকাতায় এই কোর্ট স্থাপিত হয়েছিলো। ১৭৫৬ সাল থেকে সেই আদালতের কাগজপত্রের মধ্যে অনেকগুলো বাংলা দলিল আমার গবেষণার সময়ে আমি খুঁজে পেয়েছিলাম। ন্যাথানিয়েল হ্যালহেডের সংগৃহীত ১৭৭০-এর দশকের কাগজপত্র সবার আগে সুনীতিকুমার চট্টোপাধ্যায় আবিষ্কার করেছিলেন এবং প্রকাশ করেছিলেন। কিন্তু এই কাগজপত্রে যেসব শব্দ আছে, তা কোনো অভিধানে ব্যবহৃত হয়েছে বলে মনে হয় না। জর্জ বোগ্‌ল্, জঁ ভের্লি এবং ফরাসি ভাষাতাত্ত্বিক ও অনুবাদক ওগুস্ত ওসাঁর কাগজপত্র আমার গবেষণাকালে পেয়েছিলাম। এসব কাগজপত্র থেকে অভিধানে অসংখ্য শব্দ নিয়েছি। বিশেষ করে ওসাঁর তিনটি (সম্বন্ধবিষয়ক অভিধানটি ধরলে চারটি) অভিধান এবং চিঠিপত্রের সংগ্রহকে অত্যন্ত মূল্যবান সূত্র বলে বিবেচনা করেছি।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আমার গবেষণাকালে ১৭৮৪ সাল থেকে আরম্ভ করে ১৮০০ সাল পর্যন্ত *ক্যালকাটা গেজেট* পত্রিকায় প্রকাশিত প্রায় দু হাজার বাংলা বিজ্ঞপ্তি-বিজ্ঞাপন খুঁজে পেয়েছিলাম। ১৭৮৪ সাল থেকে ১৮০০ সালের মধ্যে প্রকাশিত জোনাথান ডানকান, জর্জ মেয়ার, নীল এডমনস্টোন এবং হেনরি পিটস ফরস্টারের অনূদিত উনিশটি আইনের বই এ যাবৎ অব্যবহৃত থাকলেও উৎস হিশেবে সেগুলো অমূল্য। চারটি বাদে আইনের অনুবাদগুলো আবিষ্কার করেন গ্র্যাহাম শ আর প্রথম ব্যবহার করি আমার *কালান্তরে বাংলা গদ্য* (১৯৯২) গ্রন্থে। এ ছাড়া, ঈস্ট ইন্ডিয়া কম্পেনির সঙ্গে যুক্ত তাঁতিদের চিঠিপত্র (১৮৯০-৯২) খুঁজে পান এবং তার তালিকা করেন আনিসুজ্জামান। এসব কাগজপত্র থেকে আমরা অসংখ্য শব্দ উদ্ধার করেছি। তার থেকেও মূল্যবান – আবিষ্কার করেছি, আঠারো শতকের শেষ দুই দশকে বাংলা ভাষা কিভাবে সংস্কৃতের দিকে হাত বাড়িয়ে জাতে ওঠার চেষ্টা করে, অনেকের মতে, রীতিমতো জাতে ওঠে।

চর্যাপদ ও শ্রীকৃষ্ণকীর্তন থেকে আরম্ভ করে আমরা যেসব প্রাচীন ও মধ্যযুগীয় উপাদান ব্যবহার করেছি, সেগুলোর মুদ্রিত সংস্করণের ওপরই আমাদের নির্ভর করতে হয়েছে। কারণ, মূল পাণ্ডুলিপি দেখার সুযোগ এবং সময় আমরা পাইনি। এসব পাণ্ডুলিপির কোনো কোনো সম্পাদক যে-পাঠ নির্ণয় করেছেন তার সঙ্গে মূলের হুবহু মিল সর্বত্র নেই। এমন কি, তাঁদের অনেকে মূলের বানানও অক্ষুণ্ন রাখেননি। সত্যি বলতে কি, অনেক সম্পাদক সজ্ঞানে বানান এবং কোনো কোনো ক্ষেত্রে ভাষাও পরিবর্তন করেছেন। মধ্যযুগের প্রথম মুসলমান কবি শাহ মুহম্মদ সগীরের রচনা আমরা ব্যবহার করিনি – এ কথা বিবেচনা করেই। সম্পাদকরা হয়তো পঠনীয়তা ও বোধগম্যতা বিবেচনা করে এ ধরনের পরিবর্তন এনে থাকবেন। কিন্তু ভাষার বিবর্তনের ইতিহাস পুনর্নির্মাণে এর থেকে বিভ্রান্তিকর উপাদান আর কিছু হতে পারে না। কারণ এর ফলে ইতিহাস বিকৃত হতে বাধ্য। তবু আমরা জেনেশুনেই মধ্যযুগের সম্পাদিত অনেকগুলো পুথি ব্যবহার করেছি। তার ফলে দারুণ অবাঞ্ছিত ভেজাল মিশেছে। কিন্তু আমাদের কিছু করার ছিলো না।

চর্যাপদ এবং শ্রীকৃষ্ণকীর্তন থেকে আরম্ভ করে আঠারো শতক পর্যন্ত যেসব পুথি আমরা ব্যবহার করেছি, সেগুলো ঠিক কখন রচিত এবং লিপিকৃত হয়েছিলো, তা সুনির্দিষ্ট করে আমাদের জানা নেই। এ নিয়ে নানা মুনির নানা মত প্রচলিত আছে। পাণ্ডিত্যের ইতিহাসে অন্তহীন বিতর্ক রয়েছে এ বিষয়ে। এমন কি, শুধু কালক্রম নিয়েও গ্রন্থ রচিত হয়েছে। এ প্রসঙ্গে চর্যাপদের দৃষ্টান্ত দিতে পারি। মুহম্মদ শহীদুল্লাহ্ চর্যাপদকে যেখানে একেবারে অষ্টম-নবম শতাব্দীর বলে দাবি করেছেন, সুকুমার সেন সেখানে এর কালসীমাকে টেনেছেন ত্রয়োদশ শতাব্দী পর্যন্ত। আমরা চর্যাপদে উল্লিখিত কয়েকটি সম্ভবত অনৈতিহাসিক নাম দিয়ে এর সময় নির্ধারণ না-করে অন্য একাধিক বিষয় বিবেচনা করেছি। আমাদের মতে, চর্যাপদকে মোটামুটি ১২০০ সালের বললে সেটা এমন কিছু ভুল হবে না। কারণ যখনই রচিত হয়ে থাক, চর্যাপদের যে-পুথি পাওয়া গেছে, তা এর কয়েক শতাব্দী পরের। ততোদিনে ভাষার বিবর্তন হয়েছিলো যথেষ্ট পরিমাণে।

বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন সম্পর্কেও একই কথা বলা চলে। এর বিষয়বস্তু রাধাকৃষ্ণের প্রেম। চৈতন্যদেব এর প্রশংসা করেছেন বলে জানা যায়। অথচ শ্রীকৃষ্ণকীর্তনে রাধাকৃষ্ণের যে-দেহঘন প্রেমের চিত্র অঙ্কিত হয়েছে, তার সঙ্গে চৈতন্যদেবের দ্বৈতাদ্বৈতবাদী প্রেমের সাদৃশ্য আছে সামান্যই। এ থেকে এই ইঙ্গিতই পাওয়া যায় যে, শ্রীকৃষ্ণকীর্তন রচিত হয়েছিলো চৈতন্যদেব তাঁর দর্শন প্রচার করার আগে। চৈতন্যদেব তাঁর ধর্মীয় দর্শন প্রচার করেন ১৫০০ সালের পরে। শ্রীকৃষ্ণকীর্তন তাই ১৫০০ সালের আগেকার। মধ্যযুগের অন্যান্য উপকরণের সঙ্গে তুলনা করলেও ভাষিক কারণে শ্রীকৃষ্ণকীর্তনকে যথেষ্ট পুরোনো বলে মনে হয়। আমরা একে তাই পনেরো শতকের মাঝামাঝি বলে ধরে নিয়েছি। কিন্তু বড়ু চণ্ডীদাসের নামেই কিছু সংখ্যক পদ পাওয়া গেছে, যেগুলোর ভাষা তুলনামূলক অনেক আধুনিক। ভাষার বৈশিষ্ট্য অনুসারে একে আমরা ষোড়শ শতাব্দীর শেষ দিককার বলে অনুমান করেছি। চণ্ডীদাস, দ্বিজ চণ্ডীদাস, দীন চণ্ডীদাস, দীন ক্ষীণ চণ্ডীদাস ইত্যাদি নানা ভনিতায় বিভিন্ন চণ্ডীদাসের আরও শতাধিক পদ পাওয়া গেছে। এঁদের যে সময় আমরা ধরে নিয়েছি, সবই আনুমানিক – নির্দিষ্ট করে এঁদের জন্মমৃত্যুর সময় জানা যায় না বলে। সত্যি বলতে কি, চণ্ডীদাস কজন ছিলেন, সেটাও আমাদের সঠিক জানা নেই।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কৃষ্ণদাস কবিরাজ ষোলো শতকের মাঝামাঝি চৈতন্যচরিতামৃত লিখলেও, আমরা তাকে ১৫৮০ বলে ধরে নিয়েছি। অপর পক্ষে, বিজয়গুপ্তকে যতো প্রাচীন বলেই দাবি করা হোক, তাঁর ভাষার অর্বাচীনতা বিবেচনা করে আমরা মনসামঙ্গলকে ১৬৫০ সালের আগেকার বলে মেনে নিতে পারিনি। আসলে এ হয়তো আরও পরের পাণ্ডুলিপি।

বস্তুত, মধ্যযুগের সমস্ত বাংলা কাব্যই কমবেশি প্রক্ষিপ্ত ও বিবর্তিত উপকরণে ভরা। এ অবস্থার পরিপ্রেক্ষিতে কোনো শব্দের প্রথম অথবা তার পরবর্তী ব্যবহার সঠিকভাবে নির্ধারণ করা অসম্ভব। বিশেষ করে বৈষ্ণব পদাবলী এবং কৃত্তিবাসের রামায়ণ আর কাশীরাম দাসের মহাভারত তাদের জনপ্রিয়তার কারণে পুরোনো পাঠ বজায় রাখতে পারেনি। সময়ের সঙ্গে সঙ্গে তাদের পাঠ পরিবর্তিত হয়েছে। আমরা বরং কবীন্দ্র পরমেশ্বরের পরাগলী মহাভারত থেকে বেশি উপাদান নিয়েছি। বৈষ্ণব পদাবলীর মতো মঙ্গলকাব্যও গাওয়া হতো। তারও পাঠ লিপিকার আর গায়কদের কল্যাণে ব্যাপকভাবে প্রক্ষিপ্ত হয়েছিলো। এমন কি, আঠারো শতকের উপকরণ সম্পর্কেও এ মন্তব্য অন্যায্য হবে না। ভারতচন্দ্র, রামপ্রসাদ সেন এবং গরীবুল্লাহর যে-পাঠ এখন পাওয়া যায়, তা কি অবিকৃত? ভারতচন্দ্র রায় প্রায় বিশ বছর ধরে তাঁর কাব্যগুলো লিখেছিলেন। অন্নদামঙ্গল তিনি লিখেছিলেন ১৭৫২ কি ১৭৫৩ সালে। কিন্তু আমরা ভারতচন্দ্রের তাবৎ রচনার জন্যে একটাই সময় ধরে নিয়েছি – ১৭৬০ সাল। লালন ফকিরের সমস্ত গানের রচনা কালও ধরা হয়েছে ১৮৯০ – তাঁর মৃত্যুর সময়। মোটকথা, প্রাপ্ত উপকরণের ভিত্তিতে আমরা কেবল একটা আনুমানিক সময় দিতে চেষ্টা করেছি, যদিও তা করেছি যদ্দুর সম্ভব নিরাসক্তভাবে। এই সময়ের সঙ্গে অনেকেই একমত নাও হতে পারেন।

ছাপানো সূত্রগুলো এবং আঠারো শতকের পাণ্ডুলিপি ছাড়া, এ অভিধানে অন্যান্য উপকরণের যে-কাল দেওয়া হয়েছে, তা আনুমানিক হলেও ১৭৪৩ সাল থেকে আমরা যে-সময় দিয়েছি, তা মোটামুটি সঠিক। তবে, ছাপানো সূত্রের ক্ষেত্রে আমরা প্রথমে চেষ্টা করেছি, রচনার তারিখ বের করতে; সেটা না পেলে, নিয়েছি গ্রন্থ প্রকাশের তারিখ; তাও না পেলে নেওয়া হয়েছে লেখকের মৃত্যুর বছর। নজরুল ইসলামের যেসব রচনার সময় জানা যায় না, সেগুলোকে ১৯৪২ বলে ধরে নিয়েছি, যদিও তারপর তিনি আরও ৩৪ বছর বেঁচেছিলেন। রবীন্দ্রনাথেরও কোনো কোনো রচনার তারিখ জানা যায় না, যেমন *স্ফুলিঙ্গ*। সেসব রচনার সময় ১৯৪১ সাল বলে উল্লিখিত হয়েছে।

বানানের ক্ষেত্রে কিছু কৈফিয়ত আছে। বানানের সঙ্গে ব্যুৎপত্তির একটা ঘনিষ্ঠ যোগ থাকে। সে জন্যে বানানে প্রধানত মূলের প্রতিফলন পড়ে। কিন্তু বানান তৈরি হয় শত শত বছরের ট্র্যাডিশন থেকে। এই ব্যবহারের মধ্য দিয়ে যে-বানান গঠিত হয়, তা ণত্ব-ষত্ব এবং অন্যান্য নিয়মের ধার ধারে না। এই বানান অনেক ক্ষেত্রে অযৌক্তিক হলেও, দীর্ঘদিনের ব্যবহারের ফলে যে-বানান তৈরি হয়েছে, ব্যাকরণ-সম্মত করার নামে তার সংস্কার করা বাঞ্ছনীয় নয়। কারণ, এই সংস্কৃত বানান শাস্ত্রসিদ্ধ হতে পারে কিন্তু তা আত্মঘাতী। দীর্ঘদিনের ব্যবহারে একটা শব্দের যে-ছবি পাঠকের মনের চোখে তৈরি হয়, তাকে পরিবর্তন করলে পড়ার এবং লেখার সময়ে হোঁচট খেতে হয়। লোকসান ছাড়া, তা থেকে কোনো লাভ হয় না। ইংরেজি বানান অতি অবৈজ্ঞানিক। তাকে সংস্কার করার অনেক চেষ্টাও হয়েছে। এমন কি, আইনও প্রণীত হয়েছিলো। বার্নার্ড শ-তো তাঁর টাকাপয়সাও রেখে গেছেন এই সংস্কার কাজে। তবু ইংরেজি বানান যেমন ছিলো এখনো তেমনই আছে – গত দু শো বছরে তার কোনো পরিবর্তন হয়নি। আপাতদৃষ্টিতে মার্কিন বানানকে ভিন্ন রীতির মনে হয়, কিন্তু সে প্রধানত 'ওইউআর' যেসব শব্দের শেষে আছে, তেমন শ তিনেক শব্দের ক্ষেত্রে।

অপর পক্ষে, বানান-বিপ্লবের বন্যায় বাংলা ভাষার পুরোনো নিয়ম-রীতির অনেক বেড়া, অনেক সাজসজ্জা সম্প্রতি ভেসে গেছে। ১৯৩৬ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সংস্কার-করা বানান পদ্ধতি দিয়ে কাজকর্ম বেশ চলে যাচ্ছিলো। কিন্তু বানান-বিশেষজ্ঞরা বিষয়টা নিয়ে গবেষণা আরম্ভ করেন। তারই ভিত্তিতে তাঁরা কয়েকখানি বই প্রকাশ করেন বিশ শতকের দ্বিতীয় ভাগে। তাতে তাঁরা খুঁজে খুঁজে বের করেছেন, ১৯৩৬ সালের সুপারিশের ওপর তাঁরা নতুন আর কী কী সুপারিশ করতে পারেন।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অসংস্কৃত শব্দের ক্ষেত্রে সমস্ত দীর্ঘ ঈ এবং দীর্ঘ ঊ আর ণ-এর ব্যবহার, তাঁদের মতে, অবান্তর হয়ে গেলো। তার থেকেও বৈপ্লবিক তাঁরা যা করলেন, তা হলো: তাঁরা খুঁজে বের করলেন, কোন কোন সংস্কৃত শব্দে হ্রস্ব এবং দীর্ঘ – উভয় স্বর ব্যবহার করা যায়। যেমন, এই ভূমিকায় আমি লিখেছি 'সারণী', তাঁদের মতে এটা লেখা উচিত 'সারণি।' 'শ্রেণী' এবং 'শ্রেণি' উভয় নাকি শুদ্ধ। অতিসাম্প্রতিক কালের আগে পর্যন্ত শ্রেণীই লেখা হয়েছে। এখন 'শ্রেণী'র বদলে 'শ্রেণি' লিখলে যে-বিভ্রান্তি তৈরি হবে, তা বিবেচনা না-করেই অনেকে নতুনের কেতন ওড়ানোর আনন্দেই নতুন বানানে 'শ্রেণি' লিখতে চান। সুগন্ধী, তাঁদের মতে, সুগন্ধি। রচনাবলী, রচনাবলি। দেশী, দেশি। সার্বজনীন, সর্বজনীন। আমরা এ অভিধানে অতোটা আধুনিক হতে পারিনি। তাই বলে আমি এই ভূমিকা বিশ শতকের প্রথমার্ধের যে-বানান রীতিতে লিখেছি, তাও এ অভিধানে অনুসরণ করিনি।

নামের সঙ্গে সঙ্গতি রেখেই আমাদের এই অভিধানে বানানের ক্ষেত্রে বৈচিত্র্য লক্ষ করা যাবে। মূলের বানান আমরা বজায় রেখেছি। কিন্তু মূলের যে-পুনর্মুদ্রিত সংস্করণ আমরা ব্যবহার করেছি, তাতেই মূল বানান রক্ষিত হয়নি। রবীন্দ্রনাথ এর বড়ো একটা দৃষ্টান্ত। তাঁর দীর্ঘ লেখক-জীবনে বানানে অনেক বৈচিত্র্য ও বিবর্তন লক্ষ করা যায়। যখন ছাপা হয়েছে, তখন কোথাও কোথাও তিনি নিজেই বানান পরিবর্তন করেছেন, কোথাও করেছেন তাঁর সম্পাদকরা। বিশ্বভারতী প্রকাশিত গ্রন্থাবলী, পশ্চিমবঙ্গ সরকার-প্রকাশিত শতবার্ষিকী সংস্করণ গ্রন্থাবলী এবং পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গ্রন্থাবলীর বানান আলাদা। আমরা কোনটা গ্রহণ করবো? আমরা তাই যেখানে যে-বানান ছাপানো দেখেছি, সেই বানানই গ্রহণ করেছি। এর ফলে আমাদের অভিধানে চর্যাপদ থেকে শুরু করে ১৯৭০-এর দশক পর্যন্ত নানা ধরনের বানান চোখে পড়বে। আর, আমরা শব্দের সংজ্ঞা দিতে গিয়ে যে-বানান ব্যবহার করেছি, তা আবার খানিকটা আলাদা রকমের। তবে সে বানানটাকেও আমরা বৈপ্লবিক করিনি, কারণ তা হলে অভিধানের পংক্তিতে পংক্তিতে একাধিক রীতির বানান চোখে পড়তো।

উপকরণ ব্যবহারের ক্ষেত্রে আমাদের কাজ করতে হয়েছে দারুণ সীমাবদ্ধতার মধ্যে। মধ্যযুগের পাণ্ডুলিপি দূরের কথা, আমরা বহু লেখকের ছাপানো রচনাও ব্যবহার করতে পারিনি। কারণ, সেগুলো জোটানো সম্ভব হয়নি। এমন কি, বাংলা একাডেমির লাইব্রেরির দ্বারও কার্যকারণে আমাদের কাছে রুদ্ধ ছিলো। শুনে মনে হতে পারে, এর থেকে আশ্চর্যের বিষয় আর কী হতে পারে! বাংলা একাডেমির কাজেও বাংলা একাডেমির লাইব্রেরি ব্যবহার করা যাবে না! কিন্তু গল্পের থেকেও বাস্তব অনেক সময়ে বেশি অদ্ভুত। কাজ যখন শুরু হয় তখন বাংলা একাডেমির লাইব্রেরি বন্ধ ছিলো। কারণ, অন্য ভবনে স্থানান্তরের জন্যে এর গ্রন্থাগারের বই এবং পত্রপত্রিকা স্থানান্তরের অনেক আগে থেকেই বাকসোবন্দী করে রাখা হয়েছিলো। সেই বাকসোগুলো যখন খোলা হলো, তখন আর তা আমাদের পক্ষে ব্যবহার করার সময় ছিলো না। তবে শেষ দিকে অল্প কিছু বই আমরা ধার করতে পেরেছিলাম। অবস্থা এমনই হয়েছিলো যে, অভিধান যাঁরা সংকলন করেছিলাম, তাঁদের নিজেদের সংগ্রহ থেকেও বইপত্র এবং পাণ্ডুলিপি ধার দিয়ে প্রকল্পকে সাহায্য করতে হয়েছে। এ বিষয়ে স্বরোচিষ সরকার এবং মুহম্মদ সাইফুল ইসলাম অশেষ সহযোগিতা করেছিলেন। আমার সংগ্রহে আঠারো শতকের যেসব উপাদান ছিলো, তার সবটাই খুব কাজে লেগেছিলো।

ইংরেজি ভাষায় ছাপার কাজ শুরু হয়েছিলো ১৪৫০-এর দশকে। ব্রিটেনের আবহাওয়াও বইপত্রের সংরক্ষণের পক্ষে খুব অনুকূল। তার মানে, ওইডির সম্পাদকরা সাড়ে চার শো বছরের ছাপানো উপাদান ব্যবহার করার সুযোগ পেয়েছিলেন। ছাপানো উপাদান থাকায় তারিখ নির্ণয়ে ভ্রান্তির আশঙ্কাও ছিলো অনেক কম। অন্যদিকে, রোম্যান হরফে একাধিক বাংলা বই পর্তুগালের রাজধানী লিসবন থেকে (১৭৪৩) ছাপা হলেও, সত্যিকারের বাংলা ছাপার কাজ শুরু হয় ১৮০০ সাল থেকে। অবশ্য তার আগে, হ্যালহেড্, ডানকান, ফরস্টার প্রমুখের অনূদিত আইনের বইগুলো আঠারো শতকের শেষ বাইশ বছরে প্রকাশিত হয়েছিলো। এসব ছাপানো উপাদান থেকে যেসব শব্দ গৃহীত হয়েছে, সেগুলো কবেকার,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আমরা তা সঠিকভাবে জানি। কিন্তু হাতের লেখা উপাদান ঠিক কবেকার, তা আমাদের জানা নেই। মধ্যযুগের যেসব উপাদান আমরা ব্যবহার করেছি, সেগুলোর সময়, আগেই বলেছি, আনুমানিক।

শব্দের বিবর্তন খুঁজতে গিয়ে আমরা যে অভিধান তৈরি করেছি, ওইডি-র সঙ্গে তার তুলনা করা হয়তো হাস্যকর। হাস্যকর নানা কারণে। আমরা কেবল ওইডির – আরও খোলাশা করে বললে – *শর্টার অক্সফোর্ড ইংলিশ ডিকশনারির* মডেলটা নিয়েছি, তার বিশালতা এবং সূক্ষ্মতা নেওয়ার সামর্থ্য আমাদের ছিলো না। মনে রাখা দরকার, ওইডির কাজ শুরু হয়েছিলো ১৮৭৯ সালে আর কাজটি শেষ হয় তার ৪৯ বছর পরে – ১৯২৮ সালে। ইতিমধ্যে, তার প্রধান সম্পাদক জেমস মারে কাজ শেষ হবার ১৩ বছর আগেই মারা গিয়েছিলেন।

সবচেয়ে বড়ো প্রতিকূলতা ছিলো সময়ের অভাব। আমরা সর্বসাকুল্যে সময় পেয়েছিলাম আড়াই বছর। এতো বড়ো একটা কাজের জন্যে এই সময় নিতান্তই অপ্রতুল। তা সত্ত্বেও, আমরা এ পর্যন্ত সংকলিত বাংলা ভাষার সবচেয়ে বৃহৎ অভিধান রচনা করেছি। এই অভিধানের তিন খণ্ডের প্রথম খণ্ডে ভুক্তি এবং উপভুক্তি মিলে শব্দ আছে ৪০ হাজার ৮০৪টি আর প্রয়োগবাক্য আছে ৫৬ হাজার ৬১০টি। এই সংখ্যার মধ্যে অর্থান্তরকে আলাদা শব্দ হিশেবে গণনা করা হয়নি। এমন কি, ক্রিয়াপদগুলোর বিরাট সংখ্যক রূপান্তরকেও ধরা হয়নি। অনুমান করছি, তিন খণ্ডে মোট শব্দ সংখ্যা হবে সওয়া লাখ বা তার চেয়ে কিছু বেশি। এসব শব্দ ১৯৭২/৭৩ সাল পর্যন্ত। তারপরে যে-হাজার হাজার শব্দ আমাদের ভাষায় প্রবেশ করেছে, আমরা তা গ্রহণ করিনি।

ওইডির সম্পাদক জেমস মারে স্কুলের সীমানা অতিক্রম না করলেও তেইশটি ভাষা জানতেন খুব ভালো করে। এ ছাড়া, আরও আট-নটা ভাষা জানতেন কাজ চালিয়ে নেবার মতো। তাঁর সহকর্মীদের মধ্যে অনেকেই ছিলেন বহুভাষাবিদ। অপর পক্ষে, বিবর্তনমূলক অভিধান তৈরি করতে গিয়ে আমরা প্রতি পদে আমাদের ভাষাজ্ঞানের সীমাবদ্ধতা অনুভব করেছি। স্বরোচিষ সরকারের সংস্কৃত এবং পালি ভাষার জ্ঞান আমাদের খুব কাজে লেগেছিলো। স্বরোচিষ এবং আমি দুজনেই এর আগেও অভিধান রচনা করেছি। কিন্তু আমাদের অন্য সহকর্মীরা কাজ শিখেছিলেন একেবারে অ আ ক খ থেকে। তবে আমি এগারোজন কর্মীর যে-দলটি পেয়েছিলাম, তাঁদের মতো নিষ্ঠাবান, পরিশ্রমী এবং উদ্বুদ্ধ কর্মী আমি কমই দেখেছি। অকাতরে এবং আন্তরিকভাবে পরিশ্রম করে তাঁরা মাত্র আড়াই বছরে যে এতো বড়ো কাজ করতে পেরেছেন, এ কৃতিত্ব অশেষ প্রশংসার দাবিদার।

ওইডির আদলে একটি বাংলা অভিধান রচনার প্রয়োজনীয়তার কথা আমি বাংলা একাডেমির মহাপরিচালক জনাব শামসুজ্জামান খানের কাছে বলি ২০১০ সালের অগস্ট মাসে। তারপর এ বিষয়ে যা যা করার তিনিই করেছেন। তাঁর বিপুল উৎসাহে সেই প্রস্তাবিত অভিধান ২০১৩ সালে দিনের আলো দেখতে যাচ্ছে। তাঁর ব্যক্তিগত আগ্রহ ছাড়া এ অভিধান রচিত হতো না। অভিধান-রচয়িতাদের নিষ্ঠা এবং ঐকান্তিক পরিশ্রমের থেকে তাঁর উৎসাহ এবং সহযোগিতা কিছু কম গুরুত্বপূর্ণ ছিলো না। বাংলা একাডেমির অন্য কর্মকর্তারাও অকুণ্ঠ সহায়তা দিয়েছেন।

অভিধান কখনো শেষ হয় না। শব্দের সংখ্যা বাড়তেই থাকে। তা ছাড়া, নিত্যনতুন ব্যবহারের মাধ্যমে অর্থান্তরের সংখ্যাও বাড়তে থাকে। প্রকাশিত হওয়ার পরের দিন থেকেই আমাদের এই অভিধান পুরোনো হতে আরম্ভ করবে। এই অভিধানের অসম্পূর্ণতা এবং ত্রুটি দূর করে এর মান আরও উন্নত করার জন্যে উচিত হবে অবিলম্বে একটি স্থায়ী অভিধান বিভাগ গঠন করা। যে বিভাগের কর্মীরা এই অসম্পূর্ণ অভিধানটিকে নিরন্তর পূর্ণতা দান করার চেষ্টা চালিয়ে যাবেন।

গোলাম মুরশিদ
জুন ২০১৩

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ব্যবহারবিধি

১. ভুক্তির পরিচয়

সাধারণভাবে প্রতিটি ভুক্তিতে আছে: শব্দ, শব্দের উৎস, পদপরিচয়, অর্থ, প্রথম ব্যবহারের দৃষ্টান্ত, ব্যবহারকারী এবং কাল। যেমন নীচের ভুক্তির মূলশব্দ **'অন্দর'**। এর উপভুক্তি **'অন্দর ঘর'**। সহজে চোখে পড়ানোর জন্য মূলশব্দ 'অন্দর'কে ছাপানো হয়েছে ১৩ পয়েন্ট বোল্ড হরফে এবং তার মার্জিন মূলপাঠ থেকে খানিকটা কম। আর, উপভুক্তি 'অন্দর ঘর' ছাপানো হয়েছে ১২ পয়েন্ট বোল্ড হরফে। এর বাঁ দিকের মার্জিন মূলপাঠের সমান।

> **অন্দর** [ফা] **১** *বি* অন্তঃপুর। 'রহিল বছর এক অন্দর ভেতরে।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* পরিপ্রেক্ষিত। 'তাঁহারদিগের দাবির অন্দরে ফি টাকায় চারি আনার হিসাবে ডেবিডেন্ট।' *দর্পণ*, ১৮২৭।
>
> **অন্দর ঘর** [ফা অন্দর+পা ঘর] *বি* অন্তঃপুর। 'বাহির ঘর, অন্দর ঘর, গোয়াল ঘর, আওলা-ঘর।' *ওয়ালী*, ১৯৪৮।

- মূলশব্দ একাধিক হলে সাধারণত তা **অকারাদিক্রমে** সাজানো হয়েছে। যেমন: **অন্তরিক্ষ, অন্তরীক্ষ** [স]।
- শব্দটি কোন ভাষা থেকে এসেছে বা কিভাবে গঠিত হয়েছে, মূল শব্দের পরে তৃতীয় বন্ধনীর মধ্যে সে তথ্য তিনভাবে দেওয়া হয়েছে। যেমন: **আসন** [স], **আসমান** [ফা]; **কড়াকিআ** [স কপর্দক>+স ক্রিয়া>]; এবং **অন্দরমহল** [ফা অন্দর+আ মহল]।
- মূলশব্দের পরবর্তী তৃতীয় বন্ধনী শেষ হওয়ার পর বাঁকা বা আইটালিক্স হরফে দেওয়া হয়েছে *বি* (বিশেষ্য), *বিণ* (বিশেষণ), *ক্রি* (ক্রিয়া), *ক্রিবিণ* (ক্রিয়াবিশেষণ), *সর্ব* (সর্বনাম) ও *অব্য* (অব্যয়) ইত্যাদি পদ-পরিচয় এবং তার পরপরই সোজা হরফে দেওয়া হয়েছে শব্দের অর্থ। যেমন: **'ঝালাই** *বি* জোড়া লাগানোর কাজ।' এখানে *বি* হলো বিশেষ্য এবং 'জোড়া লাগানোর কাজ' হলো 'ঝালাই'-এর অর্থ।
- অর্থের বিবর্তন থাকলে বোল্ড হরফে সংখ্যা দিয়ে অর্থান্তর দেখানো হয়েছে, উপরের **অন্দর** ভুক্তিতে **১** ও **২** হলো এই অর্থান্তর নির্দেশকারী সংখ্যা এবং 'অন্তঃপুর' ও 'পরিপ্রেক্ষিত' হলো অর্থান্তর।
- অর্থের পরে একক উদ্ধৃতিচিহ্ন দিয়ে প্রয়োগবাক্য দেখানো হয়েছে। যেমন উপরের **অন্দর** ভুক্তিতে 'রহিল বছর এক অন্দর ভেতরে' ও 'তাঁহারদিগের দাবির অন্দরে ফি টাকায় চারি আনার হিসাবে ডেবিডেন্ট'; এবং **অন্দর ঘর** উপভুক্তিতে 'বাহির ঘর, অন্দর ঘর, গোয়াল ঘর, আওলা-ঘর' – এগুলো হলো প্রয়োগবাক্য।
- প্রয়োগবাক্যের পরে বাঁকা হরফে শব্দটির প্রয়োগকারীর নামসংক্ষেপ ছাপা হয়েছে। উপরের ভুক্তি ও উপভুক্তিতে *গরীব* মানে হলো ফকির গরীবুল্লাহ, *দর্পণ* মানে হলো সমাচার-দর্পণ পত্রিকা, এবং *ওয়ালী* মানে হলো সৈয়দ ওয়ালীউল্লাহ।
- প্রয়োগকারীর পরে দেওয়া হয়েছে মূলশব্দটি ব্যবহারের আনুমানিক কাল অথবা সুনির্দিষ্ট সাল।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এখানে ফকির গরীবুল্লাহর কালটি আনুমানিক, তবে সমাচার-দর্পণ পত্রিকা এবং সৈয়দ ওয়ালীউল্লাহর সঙ্গে দেওয়া কালটি সুনির্দিষ্ট।

- কোনো কোনো ভুক্তির শেষে দ্রষ্টব্য (দ্র) লিখে অন্য ভুক্তি দেখার পরামর্শ দেওয়া হয়েছে।

২. ভুক্তির ধরন

মূলশব্দের প্রকৃতি নানা রকম হওয়ায় ভুক্তি নানা রকমের হয়েছে। এর মধ্যে অন্তত চারটি ধরন লক্ষ করা যায়:

- প্রথম ধরনে রয়েছে একটি মূলশব্দ, একটি অর্থ, এবং একটি প্রয়োগবাক্য। যেমন:

> **কবিয়াল** [স কবি+হি ওয়ালা>] *বি* কবিগান রচয়িতা ও গায়ক। 'ভোলা ময়রা কবিয়াল।' *তারা*, ১৯৪০।

- দ্বিতীয় ধরনে রয়েছে একাধিক বানানের মূলশব্দ, একাধিক অর্থ, ও একাধিক প্রয়োগবাক্য। যেমন:

> **আশ্চর্য, আশ্চর্য্য** [স] **১** *বি* বিস্ময়। 'শুনি দেখি সর্ব্বলোক আশ্চর্য্য মানিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* বিস্ময়কর। 'তাঁর তত্ত্ব নাম গুণ সকল আশ্চর্য্য।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* অদ্ভুত। 'ঠাকুরানী দক্ষিণে তার বড়ই আশ্চর্য।' *মানবিলাস*, ১৭৮১; 'তাঁহার আশ্চর্য্য কার্য্যের বিষয় পর্য্যালোচনা করিবার ...।' *অক্ষয়*, ১৮৪৯। **৪** *বিণ* অস্বাভাবিক। 'আত্মভাষার উচ্ছেদ মানস করা তাঁহারদিগের পক্ষে আশ্চর্য্য নহে।' *অক্ষয়*, ১৮৪৮। **৫** *বিণ* অবাক। 'মায়াকে আশ্চর্য করে দিতে হবে।' *রবীন্দ্র*, ১৯২২।

- যেসব ক্ষেত্রে মূলশব্দ ক্রিয়াপদ, সেখানে তৈরি হয়েছে তৃতীয় ধরন। এই জাতীয় ভুক্তিতে ক্রিয়াপদের কিছু রূপ মূল অনুচ্ছেদের মধ্যেই অকারাদিক্রমে সাজিয়ে রাখা হয়েছে। যেমন:

> **কওয়া**[১] *ক্রি* করা। 'চিঅরাঅ মই অহার কএলা।' *চর্যা ৩৫*, ১২০০। **কইল ১** *ক্রি* করলো। 'সুনিঞা চিন্তিত কৃষ্ণ ব্যাজ না কইল।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* সৃষ্টি করলো। 'কে কইল কে ভাঙ্গিল কহ সিসুগন।' *মালাধর*, ১৫০০। **কইলি** *ক্রি* করলি। 'ঘৃত দধি নঠ কইলি।' *বড়ু*, ১৪৫০। **কইলে** *ক্রি* করলে। 'তোহ্মে নানা রূপ কইলে আসুরের খএ।' *বড়ু*, ১৪৫০। **কইলোঁ** *ক্রি* করলাম। 'কইলোঁ খণ্ডব্রত আর জ্বরমত তেঁ বা দুখিনী মোএঁ।' *বড়ু*, ১৪৫০। **কএ** *ক্রি* করে। 'সজনী ভল কএ পেউন ন ভেল।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কএল** *ক্রি* করলো। 'ধমিলেঁ কএল তাকর অবসাদ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কএলহু** *ক্রি* করলে। 'হেরিতহু কএলহ নয়ন নিরোধ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কএলা** *ক্রি* করলো। 'চিঅরাঅ মই অহার কএলা।' *চর্যা ৩৫*, ১২০০। **কচ্চিস** *ক্রি* করছিস। 'তুই মাগি ভারি দুষ্ট, আমার অখ্যাত কচ্চিস।' *রামনারায়ণ*, ১৮৫৪। **কচ্চে ১** *ক্রি* লাগছে। 'আমার বড় শীত কচ্চে।' *গিরিশ*, ১৮৮৭। **২** *ক্রি* করছে। 'কচ্চে লোকে কাণাকাণি।' *গিরিশ*, ১৮৮৭। **কচ্ছেন** *ক্রি* করছেন। 'আপনি কি কিছু

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

লোন কচ্ছেন?' *গিরিশ*, ১৮৮৬। **কয়িলেঁ** *ক্রি* করলে। 'লাজ কয়িলেঁ কাহ্নাঞি হারায়িবেঁ কাজ।' *বড়ু*, ১৪৫০। **কৈলোঁ** *ক্রি* করলো। 'কিবা তার কৈলোঁ অগুণ।' *বড়ু*, ১৪৫০।

- অর্থ আছে অথচ প্রয়োগবাক্য নেই, এমন উদাহরণ নিয়ে তৈরি হয়েছে চতুর্থ ধরন। আঠারো ও উনিশ শতকের একাধিক অভিধান থেকে শব্দ নেওয়ার ফলে এই ধরনের ভুক্তি তৈরি হয়েছে। যেমন:

আস্তা[১] [স অস্তি] *বিণ* সম্পূর্ণ। *মানোএল*, ১৭৪৩।

আরমাদ [প আরমাডা] *বি* নৌবহর। *ওসাঁ*, ১৭৮৫।

৩. মূলশব্দের বহুরূপতা

মূলশব্দ কখনো একটি, কখনো একাধিক। একাধিক হলে ভুক্তির শুরুতে তা কমা দিয়ে পাশাপাশি বসানো হয়েছে। আবার অনেক সময়ে একই বানানের শব্দ একাধিক ভুক্তির মূলশব্দ হয়েছে। মূলশব্দের এই বহুরূপতা ও এর কারণ নিম্নরূপ:

- কোনো শব্দের বানানে (হ্রস্ব) ই-কার ও (দীর্ঘ) ঈ-কার দুটো রূপ চালু থাকলে, মূলশব্দ হিসেবে উভয় রূপকে পাশাপাশি সাজিয়ে রাখা হয়েছে। যেমন: **অনাবাদি, অনাবাদী; গণ্ডি, গণ্ডী**। তবে দুই রূপের কোনো একটি ব্যাকরণগতভাবে অশুদ্ধ বিবেচিত হলে, দুটো রূপকে আলাদা মূলশব্দ ধরা হয়েছে। যেমন: **কামিনি** [স কামিনী] এবং **কামিনী** [স]।

- বাংলা ভাষার বিভিন্ন কালপর্বে র্জ, র্ত, র্দ, র্ধ, র্ব, র্ভ, র্ম, র্য প্রভৃতি যুক্তবর্ণের পরিবর্তে র্জ্জ, র্ত্ত, র্দ্দ, র্দ্ধ, র্ব্ব, র্ব্ভ, র্ম্ম, র্য্য প্রভৃতি রূপ প্রচলিত থাকতে দেখা যায়। প্রয়োগবাক্যে এর যে রূপই থাক না কেন, মূলশব্দের ক্ষেত্রে প্রথমেই এর বর্ণদ্বিত্বহীন রূপ রাখা হয়েছে। যেমন:

কার্যকর্ম, কার্য্যকর্ম্ম [স] *বি* দৈনন্দিন বিভিন্ন কাজ। 'আপন বাপের প্রষ্ঠে কার্য্যকর্ম্ম করিতেছিল।' *রামরাম*, ১৮০১।

এখানকার প্রয়োগবাক্যে শব্দের বর্ণদ্বিত্ব রূপটি শুধু পাওয়া যায়, কিন্তু মূলশব্দটি শুরু করা হয়েছে বর্ণদ্বিত্বহীন রূপ দিয়ে। আবার যেসব ভুক্তিতে একাধিক প্রয়োগবাক্য আছে, সেসব ভুক্তিতে উভয় রূপ পাওয়া যেতে পারে। যেমন:

অনিবার্য, অনিবার্য্য [স] **১** *বিণ* অপ্রতিরোধ্য। 'অনিবার্য্য রূপে ইংগ্লণ্ডীয়েরদের তদ্দেশে উত্তমরূপে বাণিজ্যকর্ম্ম চলিতেছে।' *দর্পণ*, ১৮২৫। **২** *বিণ* অবধারিত। 'সকল ব্যবসায় তাঁহারদের হস্ত ছাড়া করণার্থে অনিবার্য্য হুকুম।' *বঙ্গদূত*, ১৮২৯। **৩** *বিণ* নিবারণ করা যায় না এমন। 'অধিবেদনের অনিবার্য্য ফল দ্বারা ব্যভিচার, ভ্রূণহত্যা ... হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪২। **৪** *বিণ* উপেক্ষা করা যায় না এমন। 'মনের মধ্যে একটা অনিবার্য আহ্বান নেই।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৫** *বি* অপরিহার্য বিষয়। 'অনিবার্যকে তিনি অস্বীকার করেননি।' *শিব*, ১৯৫৬।

লক্ষণীয়, এই ভুক্তির মোট পাঁচটি প্রয়োগবাক্যের মধ্যে প্রথম তিনটিতে বর্ণদ্বিত্ব থাকলেও শেষের দুটিতে বর্ণদ্বিত্ব নেই।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

- যুক্তবর্ণ লেখার শৈলীগত কারণেও ভুক্তিতে একাধিক মূলশব্দ তৈরি হয়। যেমন **'অনুদ্ঘাতিনী ও অনুদ্‌ঘাতিনী'**। এই ভুক্তির প্রয়োগবাক্যে দ্বিতীয় রূপটি নেই। **'উদ্ঘূর্ণা, উদ্‌ঘূর্ণা'** ভুক্তিতে মূলশব্দের প্রথম রূপটি নেই। আবার **'উদ্ঘাটন, উদ্‌ঘাটন'** ভুক্তিতে মূলশব্দের দুটো রূপেরই প্রয়োগ দেখা যায়। এসব ক্ষেত্রে যুক্তবর্ণের পুরোনো রূপকে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে এবং সেই হিসেবে প্রায় ক্ষেত্রে বর্ণস্বচ্ছ রূপটি পরে জায়গা পেয়েছে। এ জাতীয় মূলশব্দের আরো দুটি উদাহরণ: **'উদ্বধিত, উদ্‌বধিত'** এবং **'উদ্যোগ, উদ্‌যোগ'**। এইভাবে ভেঙে লেখার ফলে কোনো কোনো শব্দের ই-কারের (ি) বা এ-কারের (ে) অবস্থান যুক্তবর্ণটির মাঝখানে জায়গা পেয়েছে, সেটিও লক্ষণীয়, যেমন: **উদ্‌গার** কিন্তু **উদ্‌গিরণ**; একইভাবে **গর্ব্ত** কিন্তু **গর্ব্তের**।

- ঙ এবং ঙ্গ দিয়ে লেখা যায়, এমন মূলশব্দকে পাশাপাশি সাজানো হয়েছে। এক্ষেত্রে প্রথমে ঙ-যুক্ত রূপ এবং পরে ঙ্গ-যুক্ত রূপ স্থান পেয়েছে। যেমন: **অবাঙালি, অবাঙালী, অবাঙ্গালী**।

- অনেক সময়ে একই বানানের মূলশব্দ দিয়ে তৈরি আলাদা ভুক্তি সুপারস্ক্রিপ্ট সংখ্যায় চিহ্নিত করা হয়েছে। শব্দের উৎস আলাদা হলে অথবা অর্থ সম্পূর্ণ ভিন্ন হলে এমনটা করা হয়েছে। এ ধরনের মূলশব্দের একটি উদাহরণ **অশোক**[১] এবং **অশোক**[২] – এখানে উৎস এক হলেও অর্থ সম্পূর্ণ ভিন্ন। **অশোক**[১] সুখী, শোকহীন, আনন্দময় ইত্যাদি চারটি অর্থ ধারণ করে; অন্যদিকে **অশোক**[২] কোনো একটি গাছের নাম। আবার **অহম**[১] এবং **অহম**[২] – এই মূলশব্দ দুটির প্রথমটি অহমিয়া ভাষার শব্দ, দ্বিতীয় সংস্কৃত উৎসের শব্দ – অর্থাৎ এখানকার তফাত উৎসগত।

৪. উপভুক্তির গঠন ও ধরন

মূলশব্দ থেকে নতুন আর একটি শব্দ তৈরি হলে, সেই নতুন শব্দ দিয়ে তৈরি ভুক্তিকে উপভুক্তি বলা হয়েছে। উপভুক্তি বিভিন্ন ধরনের। এগুলো আধারে অনুচ্ছেদের আকারে মূল ভুক্তির নীচে অকারাদিক্রমে সাজানো রয়েছে। নিম্নে উপভুক্তির সাধারণ কিছু বৈশিষ্ট্য তুলে ধরা হলো:

- বেশিরভাগ উপভুক্তি মূলশব্দের সঙ্গে অন্য শব্দের সমাস হওয়ার ফলে গঠিত। ধরা যাক মূলশব্দ 'চন্দ্র'। এই নামের ভুক্তি মাত্র দুই লাইনের। কিন্তু চন্দ্র দিয়ে গঠিত শব্দের উপভুক্তি মোট ৬৬টি, যেমন: **চন্দ্রকর, চন্দ্রকরচ্ছায়া, চন্দ্রকরোজ্জ্বল, চন্দ্রকলা, চন্দ্রকলাপ, চন্দ্রকান্ত, চন্দ্রকান্তমণি, চন্দ্রকান্তি, চন্দ্রকিরণ, চন্দ্রকীট, চন্দ্রখণ্ড** ইত্যাদি।

- মূলশব্দের সঙ্গে প্রত্যয় যুক্ত হয়েও বহু উপভুক্তি রচিত হয়েছে। যেমন, মূলশব্দ 'গ্রাহক'-এর সঙ্গে প্রত্যয় যুক্ত হয়ে তৈরি হওয়া **গ্রাহকতা, গ্রাহকত্ব** প্রভৃতি উপভুক্তি।

- কিছু মূলশব্দের বানান কালের ব্যবধানে ভিন্ন রূপ ধারণ করে। ভিন্ন রূপ পাওয়া এসব শব্দ দিয়ে উপভুক্তি করা হয়েছে। যেমন 'তেঁতুল'-এর দুটি উপভুক্তি:

  তেঁতুল [স তিন্তিড়ী] *বি* টক ফলবিশেষ। 'তেঁতুল পত্রের কর এমত ব্যঞ্জন।' *বৃন্দা*, ১৫৮০।

  তেঁতইল [স তিন্তিড়ী] *বি* তেঁতুল। *মানোএল*, ১৭৪৩।

  তেঁতলী [স তিন্তিড়ী] *বি* তেঁতুল গাছ। 'তেঁতলীর তলে বাস কৈলা গৌরহরি।' *বৃন্দা*, ১৫৮০।

- ভুক্তির মূলশব্দ দিয়ে গঠিত বাগ্‌ধারা, প্রবাদ ও প্রবচন দিয়ে উপভুক্তি করা হয়েছে। যেমন **'কড়া'** ভুক্তির অধীনে উপভুক্তি করা হয়েছে **'কড়ায় গণ্ডায়'** বাগ্‌ধারা এবং **'কড়ায় কড়া কাহনে কানা'** প্রবাদ।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫. ক্রিয়াজাতীয় শব্দ

পুরুষভেদে, কালভেদে, অঞ্চলভেদে, সাধু-চলিত রীতিভেদে, সাধারণ-প্রযোজক অবস্থাভেদে একটি ক্রিয়ার রূপ পাঁচশো ছাড়িয়ে যেতে পারে। উনিশ শতকের পরে ক্রিয়াপদের এই বৈচিত্র্য খুব বেশি। তবে আশার কথা, এই বৈচিত্র্য সুনির্দিষ্ট নিয়ম অনুসরণ করে। সেকথা মনে রেখে, উনিশ শতকের পরে তৈরি-হওয়া ক্রিয়ার রূপান্তরগুলোকে আলাদাভাবে সংকলন করা হয়নি। তবে আঠারো শতকের আগেকার সাহিত্য থেকে ক্রিয়ার রূপান্তরের কিছু নমুনা ক্রিয়া-জাতীয় মূলশব্দের অধীনে একই অনুচ্ছেদের মধ্যে উপস্থাপনের চেষ্টা করা হয়েছে।

- ক্রিয়া জাতীয় মূলশব্দের বেলায় উপভুক্তি দুই ধরনের। এক ধরনের উপভুক্তি মূল ভুক্তির মধ্যে জায়গা পেয়েছে এবং অন্য ধরনের কিছু উপভুক্তি আলাদা অনুচ্ছেদ হিসেবে জায়গা পেয়েছে। মূল অনুচ্ছেদের মধ্যে জায়গা পাওয়া উপভুক্তিগুলো আসলে ক্রিয়াশব্দগুলোর বিভক্তিযুক্ত রূপ। সেগুলো আবার প্রধানত উনিশ শতকের পূর্বকার। 'করা' ভুক্তির মধ্যে এসব উপভুক্তি জায়গা পেয়েছে এভাবে:

> **করা ১** *ক্রি* সম্পাদন করা। 'বাংধিসুআ জিম কেলি করই খেলই বহুবিহ খেড়া।' *চর্যা ৪১*, ১২০০। **২** *ক্রি* নেওয়া। 'বসুল চলিলা তবেঁ কাহ্ন করি কোলে।' *বড়ু*, ১৪৫০। ... **কর** *ক্রি* করো। 'উমত সবরো পাগল শবরো মা কর গুলী গুহাডা তোহোরী।' *চর্যা ২৮*, ১২০০। **করঅ** *ক্রি* করে। 'অমিঅ ভখঅ মুসা করঅ আহারা।' *চর্যা ২১*, ১২০০। **করই** *ক্রি* করে। 'বাংধিসুআ জিম কেলি করই খেলই বহুবিহ খেড়া।' *চর্যা ৪১*, ১২০০। **করউ** *ক্রি* করুক। 'সো করউ রস রসাণেরে কংখা।' *চর্যা ৪৩*, ১২০০। **করউক** *ক্রি* করুক। 'সে নিন্দা না করউক আমারে।' *সুলতান*, ১৬৫০। **করএ** *ক্রি* করে। 'পুনরপি ভূম্যে পড়া করএ ক্রন্দন।' *মালাধর*, ১৫০০। **করঙ** *ক্রি* করো। 'তবে সুবাসিত করঙ গুজরাটের ধরা।' *মুকুন্দ*, ১৬০০। ...

- বহু ক্ষেত্রে সাধারণ ও প্রযোজক রূপের ক্রিয়াবিশেষ্য আলাদা ভুক্তির মর্যাদা পেয়েছে। যেমন **'গড়া'** ও **'গড়ানো'** আলাদা মূলশব্দ হিসেবে আলাদা ভুক্তি গঠন করেছে।

- কয়েকটি ক্ষেত্রে সাধারণ রূপের ক্রিয়াবিশেষ্যকে মূলশব্দ ধরে নিয়ে ভুক্তি রচনা করা হয়েছে, প্রযোজক রূপের ক্রিয়াবিশেষ্যকে করা হয়েছে উপভুক্তি। এর উদাহরণ পাওয়া যাবে **'করা'** ভুক্তিতে। **'করানো'** এখানে **'করা'** মূলশব্দের উপভুক্তি।

- নামধাতুর বেলায় বিশেষ্য পদের পরে -আ যোগ করে মূলশব্দ গঠন করা হয়েছে। যেমন: **'আরম্ভ'** থেকে **'আরম্ভা'**, **'আলিঙ্গন'** থেকে **'আলিঙ্গনা'**, বা **'আস্বাদ'** থেকে **'আস্বাদা'**।

- বিশেষ্য জাতীয় মূলশব্দের সঙ্গে 'করা', 'হওয়া' ইত্যাদি যুক্ত হয়ে যেসব সংযোগমূলক ক্রিয়া তৈরি হয়, সেগুলো ঐ শব্দের উপভুক্তি করা হয়েছে। যেমন: **'কর্তৃত্ব'** একটি মূলশব্দ, এটি নিয়ে একটি ভুক্তি রচনা করা হয়েছে, এর সঙ্গে **'করা'** যোগ করার ফলে **'কর্তৃত্ব করা'** নামে যে সংযোগমূলক ক্রিয়াটি তৈরি হলো, সেটাকে করা হলো **'কর্তৃত্ব'** ভুক্তির উপভুক্তি। একইভাবে **'কথান্তর'** একটি বিশেষ্য শব্দ, এর সঙ্গে **'হওয়া'** যুক্ত হয়ে হলো **'কথান্তর হওয়া'**। এই **'কথান্তর হওয়া'**-কে মূলশব্দ **'কথান্তর'**-এর উপভুক্তি করা হয়েছে।

- ক্রিয়াশব্দ দিয়ে তৈরি করা ভুক্তির অধীনে নানা ধরনের যৌগিক ক্রিয়া উপভুক্তির মর্যাদা পায়। এমন

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

একটি মূলশব্দ **'কাটা'**। এ অভিধানে এই মূলশব্দ দিয়ে তৈরি ভুক্তির মধ্যে **'কেটে পড়া', 'কেটে বসা', 'কেটে যাওয়া'** ইত্যাদি যৌগিক ক্রিয়া উপভুক্তি হয়েছে।

৬. বর্ণানুক্রম বা অকারাদিক্রম

বর্ণের বিন্যাস এবং কার-ফলা-যুক্তবর্ণ ইত্যাদি বাংলা বর্ণানুক্রম তথা অকারাদিক্রমকে জটিল করে তোলে। তা সত্ত্বেও অভিধান থেকে প্রয়োজনীয় শব্দ খুঁজে পাওয়ার জন্য এই বর্ণানুক্রমের বিকল্প নেই।

- এই অভিধানে অনুসৃত বর্ণানুক্রম নিম্নরূপ:

  অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ ং ঃ ঁ ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ঢ় ঢ ণ ত (ৎ) থ দ ধ ন প ফ ব ভ ম য য় র ল শ ষ স হ।

- স্বরবর্ণ, স্বরচিহ্ন (কার), ব্যঞ্জনবর্ণ, ফলা ও কয়েকটি অস্বচ্ছ যুক্তবর্ণের ক্রম:

  অ আ [া] ই [ি] ঈ [ী] উ [ু] (গু রু শু হু) ঊ [ূ] (ভ্রূ রূ) ঋ [ৃ] (হৃ) এ [ে] ঐ [ৈ] ও [ো] ঔ [ৌ] ং ঃ ঁ ক (ক্ক ষ্ক ক্ত ক্র ক্ষ স্ক্র) খ গ (গ্ধ) ঘ ঙ (ঙ্ক, ঙ্গ) চ ছ জ (জ্ঞ জ্ঞ) ঝ ঞ (ঞ্চ ঞ্ছ ঞ্জ ঞ্ঝ) ট (ট্র) ঠ ড (ড্ড) ঢ় ঢ ণ (ণ্ড) ত (ৎ- ত্ত থ ত্র) থ দ (দ্ধ) ধ (ধ্ব) ন (ন্ত্র ন্থ ন্ধ) [ন্] প (প্ট প্ত প্ন) ফ ব (ব্ধ ব্ব) [ব্] ভ (ভ্র) ম (ম্ভ ম্ব) [ম্] য [্য] য় র [্র] ল (ল্ক) [ল্] শ (শ্চ শ্ছ) ষ (ষ্ক ষ্ণ) স (স্ত স্থ স্ব) হ (হ্ন হ্ম)

- এই বিন্যাস অনুযায়ী 'ক' বর্ণ দিয়ে শুরু হওয়া কয়েকটি শব্দের অনুক্রম হবে এমন:

  কওম কংগ্রেস কঁকানো কক্ষ কঙ্কাল কচুরি করুণ/কর্তব্য

  কাওয়ালি কাংস্য কাঁকড়া কাগজ কানন কাম্বি

  কিঙ্কর কীট কীর্তন

  কুঁড়েমি কুকুর কুক্ষি কুখ্যাত কুগ্রহ কুচক্র কুজো কুদ্ধটি কুজ্ঞান কুঞ্জ কুত্তা কুৎসিত কুদরত কুযুক্তি কুয়াশা কূলহীন

  কৃতবিদ্য কৃষিজীবী কৃষ্ণ

  কেশর কেষ্ট কেস কৈশোর

  কোতোয়াল কোৎরং কোরমা কোর্স কৌতুক

  কৃচিৎ ক্যাওট ক্যাঁক ক্যাশ ক্রন্দন ক্রিয়া ক্রীড়া ক্রেংকার ক্রেডিট ক্লান্তি ক্ষণিক ক্ষমতা ক্ষোভ

- বাংলা বর্ণমালায় অন্তঃস্থ ব বর্ণের স্বতন্ত্র অস্তিত্ব না থাকায় এই বর্ণানুক্রমে ব-ফলাকে বর্গীয় ব হিসেবে গ্রহণ করা হয়েছে। এর ফলে **'জ্বলন্ত'** এবং **'জ্যামিতি'** শব্দ দুটির মধ্যে **'জ্বলন্ত'** প্রথমে এবং **'জ্যামিতি'** পরে বসেছে।

- স্বরান্তহীন বা ব্যঞ্জনান্ত বা হলন্ত ত এই অভিধানে ৎ হিসেবে গণ্য হয়েছে। এই হিসেবে এই শব্দগুলোর বিন্যাস হবে এমন: **উৎকণ্ঠা উৎখাত উত্তম উত্তাপ উত্থান উৎপন্ন উৎপীড়ন উৎসব**

- অকারাদিক্রম করার সময়ে সমাসবদ্ধ মূলশব্দের হাইফেন, এবং অসংলগ্ন সমাসের ফাঁককে হিসাবের মধ্যে ধরা হয়নি। এর ফলে **প্রধান মন্ত্রী, প্রধান-মন্ত্রী বা প্রধানমন্ত্রী** – এই তিন রূপই এই অভিধানে অভিন্ন বিবেচিত। একইভাবে পরবর্তী শব্দ তিনটির বর্ণানুক্রম এমন: **আমোদ-আহ্লাদ, আমোদ করা**, এবং **আমোদক্ষেত্র**।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭. উৎস-ভাষা ও ব্যুৎপত্তি

উৎস-ভাষা ও বিবর্তন দেখানোটা অভিধানতত্ত্বের একটা পুরোনো রেওয়াজমাত্র। কোনো ভাষায় অন্য ভাষার শব্দ ঠিক কিভাবে প্রবেশ করে ও বিবর্তিত হয় অধিকাংশ ক্ষেত্রে সে ব্যাপারে সুনির্দিষ্ট প্রমাণ থাকে না। শব্দটি লিখিত রূপ পাওয়ার পরে একটা প্রমাণ তৈরি হয় বটে, তবে শব্দটি প্রবেশের মূল সময়কে তা খুব কম ক্ষেত্রে প্রতিনিধিত্ব করে।

বাংলা ভাষার বহু শব্দের উৎস হিসেবে 'স' বা সংস্কৃত দেখানোর বিষয়টি আর এক ধরনের রেওয়াজ এবং সে রেওয়াজের ভিত্তি আরো দুর্বল। যেমন এই অভিধানের শতকরা পঞ্চাশ ভাগের বেশি শব্দ 'সংস্কৃত' নামে চিহ্নিত, কিন্তু তাবৎ সংস্কৃত সাহিত্যে বা 'শব্দকল্পদ্রুম' নামক সর্ববৃহৎ সংস্কৃত অভিধানে এর বেশির ভাগ শব্দ নেই। শব্দগুলো বিভিন্ন সময়ে বিভিন্ন উপলক্ষে বাংলা ভাষা ব্যবহারকারীদের হাতে তৈরি হয়েছে। তৈরি হওয়ার সময়ে তা সংস্কৃত ব্যাকরণ অনুসরণ করেছে, শুধু এটুকুই সংস্কৃত ভাষার সঙ্গে এর সম্পর্ক। তাছাড়া উচ্চারণের কথা ভাবলে সংস্কৃত মনে হওয়া এসব শব্দের সিংহভাগকেই সংস্কৃত ভাষার শব্দ মনে হবে না। 'অধ্যক্ষ', 'মন', 'লক্ষ', 'সূর্য' ইত্যাদি সুপরিচিত শব্দগুলো এর প্রমাণ। সংস্কৃত ভাষায় এর উচ্চারণ যথাক্রমে: /ad^{h}yakʃa/, /mana/, /lakʃa/, /su:rya/ (আধ্ইআক্শা, মানা, লাক্শা, সূর্ইয়া); অন্যদিকে বাংলা ভাষায় শব্দগুলোর উচ্চারণ যথাক্রমে: /odd^{h}okk^{h}o/, /mon/, /lokk^{h}o/, /ʃurjo/ (ওদ্ধোক্খো, মোন্, লোক্খো, শুর্জো)। এই বিবেচনায় 'স' নির্দেশিত বাংলা শব্দগুলোকে শুধু লিখিত চেহারার দিক দিয়ে সংস্কৃত ভাষার শব্দের অনুরূপ বলা যায়, এর বেশি নয়।

উৎস হিসেবে প্রতিবেশী ভাষাগুলোর উল্লেখও প্রশ্নাতীত নয়। আপাত দৃষ্টিতে অনেক শব্দের উৎস হিন্দি-উর্দু, অহমিয়া, ওড়িয়া বা নেপালি মনে হয়। কিন্তু এমন হওয়া অসম্ভব নয় যে, সম্পূর্ণ ভিন্ন কোনো উৎস থেকে শব্দটি অভিন্ন কালে উভয় ভাষায় জায়গা করে নিয়েছে। হিন্দি-উর্দুর সঙ্গে বাংলা শব্দের এমন সম্পর্ক খুব বেশি।

AMARBOI.COM

উৎস ও বিবর্তন নির্দেশের তুলনায় শব্দের ব্যুৎপত্তি বা গঠন দেখানোর কাজ অধিক যুক্তিসঙ্গত, পাশাপাশি তা সহজও বটে। তাই ব্যুৎপত্তির অংশ হিসেবে যেসব জায়গায় সমাসবদ্ধতা ভেঙে দেখানো হয়েছে, তা নিয়ে কোনো প্রশ্ন উঠবে বলে মনে হয় না।

মূলশব্দের পরে তৃতীয় বন্ধনীর মধ্যে এই ধরনের আনুমানিক ও যৌক্তিক যেসব তথ্য উপস্থাপিত হয়েছে, নীচে একে একে তার কয়েকটি বৈশিষ্ট্য ও ধরন তুলে ধরা হলো:

- উৎস ভাষার শব্দ এবং এই অভিধানের মূলশব্দ যেখানে খুব নিকটবর্তী, সেখানে তৃতীয় বন্ধনীর মধ্যে শুধুমাত্র উৎস-ভাষার শব্দসংক্ষেপ দেওয়া হয়েছে। যেমন **কবিতা** [স], **কবুল** [আ], **কম** [ফা], **কমিশন** [ই], **গামলা** [প], **ঘর** [পা] ইত্যাদি।

- কখনো শব্দের সম্ভাব্য বিবর্তন দেখানো হয়েছে, যেমন: **অকম্মা** [স অকর্ম>], **অকাট** [স অকাট্য>], **ভিখারিনী** [স ভিক্ষাকারিণী>], **কড়াকিআ** [স কপর্দক>+স ক্রিয়া>] ইত্যাদি। অন্যান্য অভিধানের মতো এখানেও এইসব বিবর্তন দেখানোর সময়ে উৎস-শব্দের পরে একটা 'থেকে' (>) সংকেত ব্যবহার করা হয়েছে।

- কখনো মূলশব্দের সমাসবদ্ধতা বা প্রত্যয়যুক্ততা ভেঙে দেখানো হয়েছে, যেমন: **অগ্নি-নিশান** [স অগ্নি+ফা নিশান], **অঙ্কারূঢ়** [স অঙ্ক-আরূঢ়], **অচপল-আঁখি** [স অচপল+আঁখি], **অচলায়তন** [স অচল-আয়তন], **অঢেল** [অ+নেপালি ধের/হি ঢের], **অন্দরমহল** [ফা অন্দর+আ মহল], **জঘন্য** [স জঘন+য], **জনমজুর** [স জন+ফা মজদূর] ইত্যাদি। সমাসবদ্ধতা ভাঙার সময়ে যেসব শব্দ নিয়ে সমাস হয়েছে, কিছু কিছু ক্ষেত্রে সেগুলোর উৎস-পরিচয় দেওয়া হয়নি। সেগুলোর উৎস-পরিচয় ঐ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নামের মূলশব্দ নিয়ে রচিত ভুক্তিতে পাওয়া যাবে। অর্থাৎ **অন্তারূঢ়** মূলশব্দের 'আরূঢ়' অংশ, **অচপল-আঁখি** মূলশব্দের 'আঁখি' অংশ বা **অচলায়তন** মূলশব্দের 'আয়তন' অংশের উৎস দেখার জন্য আগ্রহী পাঠককে তাই যথাক্রমে **আরূঢ়**, **আঁখি** এবং **আয়তন** ভুক্তি দেখতে হবে।

- শব্দের মূল নিশ্চিতভাবে জানা না গেলে সাধারণত কোনো উৎস নির্দেশ করা হয়নি। অনুমান খুব নিকটবর্তী, অথচ সন্দেহমুক্ত নয়, এমন ক্ষেত্রে একটি প্রশ্নচিহ্ন (?) ব্যবহার করা হয়েছে। যেমন, **জগাতি** [আ জকাত>?]। উৎস-ভাষার শব্দরূপ অনুমাননির্ভর হলে, সেক্ষেত্রে তা তারাচিহ্ন (*) দিয়ে চিহ্নিত করে রাখা হয়েছে। যেমন: **অন্তউড়ি** [স *অন্তঃপুটিক]।
- ধ্বন্যাত্মক বোঝাতে বহু মূলশব্দের পরে তৃতীয় বন্ধনীর মধ্যে শুধু 'ধ্বন্যা' লিখে রাখা হয়েছে। এই ধরনের কিছু শব্দ বাংলা ভাষার একেবারেই নিজস্ব, এর মানে এগুলোর সঙ্গে সংস্কৃত, পালি, হিন্দি, আরবি, ফারসি, ইংরেজি ইত্যাদি ভাষার সরাসরি কোনো সম্পর্ক নেই।
- উৎস-ভাষার শব্দরূপ দেখাতে গিয়ে প্রতিবর্ণীকরণের সরল পদ্ধতি অনুসৃত এবং (রোমান বর্ণমালার) দু-একটি ব্যতিক্রম ছাড়া প্রায় সর্বত্র বাংলা বর্ণমালা ব্যবহৃত। যেমন **অদলবদল** [আ উদুল>], **অক্কা** [ফা আকা], **জাঁদরেল** [ই জেনারেল], **জানলা**[২] [প জানেলা] ইত্যাদি।

৮. পদপরিচয়

প্রথাগত বাংলা ব্যাকরণে বাংলা শব্দকে পাঁচটি শ্রেণীতে (বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় ও ক্রিয়া) বিভক্ত করা হলেও এই অভিধানে শব্দগুলোকে মোট ছয়টি শ্রেণীতে বিভক্ত করে দেখানো হয়েছে, যথা: বিশেষ্য (বি), বিশেষণ (বিণ), সর্বনাম (সর্ব), ক্রিয়া (ক্রি), ক্রিয়াবিশেষণ (ক্রিবিণ), এবং অব্যয় (অব্য)। পদনির্দেশক এই শব্দসংক্ষেপগুলো সর্বত্র আইটালিক্স বা বাঁকা হরফে দেখানো হয়েছে।

- পদপরিচয় প্রদানের ক্ষেত্রে শব্দটির গঠনের দিকে যতো মনোযোগ দেওয়া হয়েছে, তার চেয়ে বাক্যের মধ্যে শব্দটি কী পদ হিসেবে কাজ করছে, সেদিকে লক্ষ রাখা হয়েছে। নীচের ভুক্তি তিনটির দিকে তাকালে বিষয়টা বোঝা যাবে:

> **কাজল** [স কজ্জল] **১** *বি* অঞ্জন। 'আলস লোচন দেখি কাজলে উজল।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* কাজলের রংবিশিষ্ট। 'কাজল মেঘা নামো নামো চোখের কাজল দিয়া।' *জসীম*, ১৯২৯। **৩** *বিণ* শ্যামল। 'যাবে মোর সাথে, ছোট সে কাজল গাঁয়।' *জসীম*, ১৯৩১।
>
> **কুড়ানো** **১** *ক্রি* সংগ্রহ করা। 'দেখিল ছাওাল তাল কুড়াইয়া খাই।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* তোলা। 'একে এক কুড়াইয়া, আবার পুঁটুলি বাঁধিল।' *বঙ্কিম*, ১৮৭৮। **৩** *ক্রি* পাওয়া। 'না হলে, ধুলায় পড়ে লাজ কুড়াবে।' *রবীন্দ্র*, ১৯২১।
>
> **মাফিক** [আ মাওয়াফিক] **১** *ক্রিবিণ* অনুযায়ী। 'আমী হুকুম মাফিক দিয়াছি।' *মেয়র্স*, ১৭৫৭; 'তাহা তোমাকে ইজারা দিলাম মাফিক পরগনা মালগুজারি করিয়া আমার মুনাফা দিয়া ... ভোগ করহ।' *হ্যালহেড*, ১৭৭২; 'আইন মাফিক নিরিখ দে না তাতে কেন তোর ইতরপনা।' *লালন*, ১৮৯০। **২** *বিণ* পরিমিত। 'মাফিক বরওয়ার্দ্ধ খোরাক পায় না।' *কেরি*, ১৮০২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উপরের প্রথম ভুক্তিতে 'কাজল' শব্দটি গঠনগতভাবে বিশেষণ। ১ নং প্রয়োগবাক্যে সেই অর্থ আছে, তাই ১ নং পদপরিচয় বিশেষ্য। কিন্তু ২ নং ও ৩ নং প্রয়োগবাক্যে 'কাজল' শব্দ বিশেষণ, তাই ঐ দুই ক্ষেত্রে 'কাজল'কে বিশেষণ হিসেবে দেখানো হয়েছে। 'কুড়ানো' শীর্ষক দ্বিতীয় ভুক্তিতে তিনটি অর্থই ক্রিয়াবাচক, তাই তিনটি পদই ক্রিয়া হিসেবে নির্দেশিত। অন্যদিকে তৃতীয় ভুক্তি 'মাফিক'-এ মোট চারটি বাক্য আছে। এগুলোতে মাফিক-এর অর্থ দুই ধরনের: প্রথম তিনটি বাক্যে ক্রিয়াবিশেষণ এবং শেষ বাক্যটিতে বিশেষণ বোঝায়, পদপরিচয়গুলো তাই সেভাবে চিহ্নিত হয়েছে।

- অধিকাংশ বাংলা অভিধানে ধ্বন্যাত্মক মূলশব্দগুলো অব্যয় শব্দ হিসেবে চিহ্নিত হয়ে থাকে। কিন্তু বাস্তবে ধ্বন্যাত্মক শব্দগুলো কখনো বিশেষ্য (যেমন **ঝটঝট** [ধ্বন্যা] *বি* দাঁড় পতনের শব্দ। 'ঘন কেরয়াল পড়ে সুনি ঝটঝট।' *মুকুন্দ*, ১৬০০), কখনো বিশেষণ (**ঝগমগ** [ধ্বন্যা] *বিণ* প্রদীপ্ত। 'পীন তার মনোভব ঝগমগ অধিক বিরাজ।' *বাহরাম*, ১৬৫০), এবং কখনো ক্রিয়াবিশেষণ (**ঝপঝপ** *ক্রিবিণ* ঝপঝপ শব্দে। 'ঝুমঝুম ঝপঝপ বৃষ্টি পড়ছে।' *কায়সার*, ১৯৬২) হিসেবে বাক্যে ব্যবহৃত হয়ে থাকে। বিষয়টি বিবেচনায় রেখে এই অভিধানের ধ্বন্যাত্মক শব্দগুলো বাক্যে প্রতিফলিত অর্থ অনুযায়ী বিশেষ্য (বি), বিশেষণ (বিণ) বা ক্রিয়াবিশেষণ (ক্রিবিণ) হিসেবে চিহ্নিত করা হলো। ধ্বন্যাত্মক মূলশব্দের সঙ্গে বিভক্তি যুক্ত হয়ে অনেক সময়ে আলাদা বিশেষণ বা আলাদা ক্রিয়া তৈরি হয়ে থাকে, যেমন **ঝকঝক** থেকে ক্রিয়া **ঝকঝকা**, আবার **ঝকঝক** থেকে বিশেষণ **ঝকঝকায়মান**, এগুলো অন্যান্য অভিধানে যেমন আছে, এই অভিধানেও তেমন।

- বাংলা একাডেমির সম্প্রতি প্রকাশিত **ব্যাকরণ অনুযায়ী** যেগুলো অনুসর্গ (যেমন: **চেয়ে** *অব্য* হতে; থেকে। 'কবি, তব মনোভূমি রামের জনমস্থান অযোধ্যার চেয়ে সত্য জেনো।' *রবীন্দ্র*, ১৮৯৯), যোজক (যেমন: **এবং** [স এবম্] *অব্য* ও; আর। 'লঘু ১৮ কলা পরে গুরু এবং সকলে ৬৫ পঁয়ষট্টি কলা।' *বড়ু*, ১৫৭০; 'টাকা দিবার বিষয় নাই এবং জীনিষ দিবার বিষয় নাই।' *মেয়র্স*, ১৭৫৭), এবং আবেগ (যেমন: **আঃ** [ধ্বন্যা] **১** *অব্য* বিরক্তিসূচক ধ্বনিবিশেষ। 'আঃ কিছু আর ভাল লাগতেছে না কেন?' *উমেশ*, ১৮৫৭। **২** *অব্য* বিস্ময়, সুখ ইত্যাদি সূচক ধ্বনিবিশেষ। *বিদ্যা*, ১৮৯১) – এই অভিধানে সেগুলোকে অব্যয় (*অব্য*) হিসেবে নির্দেশ করা হয়েছে।

৯. অর্থ-অর্থান্তর

অভিধানের অর্থ অংশটি সবচেয়ে গুরুত্বপূর্ণ। সমকালীন প্রমিত ভাষায়, যথাসম্ভব সমকালীন বানানে এবং যথাসাধ্য সরল বাক্যে এইসব অর্থ লেখার চেষ্টা করা হয়েছে। এই অর্থ কখনো বর্ণনামূলক বা ব্যাখ্যামূলক বাক্যে, আবার কখনো প্রতিশব্দে প্রদান করা হয়েছে। কিছু কিছু ক্ষেত্রে উভয়ভাবেও অর্থ দেওয়া হয়েছে। যেখানে ব্যাখ্যামূলক বাক্য ও প্রতিশব্দে একাধিক অর্থ দেওয়া হয়েছে, সেসব ক্ষেত্রে দুই অর্থের মধ্যে সেমিকোলন (;) ব্যবহার করা হয়েছে। যেমন:

> **চেরেটী** [ই চ্যারিটি] *বিণ* দাতব্য; বিনাবেতনে পড়ানো হয় এমন। 'চেরেটী স্কুল।' *দর্পণ*, ১৮৩৭।
>
> **জানলা** [প জানেলা] *বি* বাতায়ন; খিড়কি। 'শেষরাত্রে এই জানলা দিয়ে নেবে যাবেন।' *উমেশ*, ১৮৫৭।

- মূলশব্দের অর্থ একাধিক হলে কালানুক্রম অনুযায়ী অর্থান্তর সংখ্যা দিয়ে তা পর পর সাজানো হয়েছে। যেমন:

> **জান**[২] [ফা] **১** *বি* প্রাণ। 'যাহা পার কর মেরা জানের তালাশ।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গরীব, ১৭৬৫। ২ *বি* আত্মা। 'অঙ্গ ভেঙ্গে করলেন ছয়খান
পাঁচ তনেতে বসালেন জান।' *লালন*, ১৮৯০। ৩ *বি* হৃদয়।
'বিরহের ব্যথায় জানটা যখন পিয়া পিয়া বলে ফরিয়াদ করে
মরে।' *নজরুল*, ১৯২২।

উপরের অনুচ্ছেদে মূলশব্দ 'জান'-এর প্রথম অর্থ হলো 'প্রাণ', দ্বিতীয় অর্থ বা অর্থান্তর হলো 'আত্মা' এবং তৃতীয় অর্থ বা অর্থান্তর হলো 'হৃদয়'। লক্ষণীয়, প্রতিটি অর্থ বা অর্থান্তর এখানে প্রয়োগবাক্য দিয়ে সমর্থিত। তাই অর্থ লিখতে কোথাও ভুল হয়ে থাকলে প্রয়োজনে ব্যবহারকারী নিজেই তা ঠিক করে নিতে পারবেন।

- অর্থবিভ্রান্তির আশঙ্কা দূর করতে অর্থ ও অর্থান্তরের ভাষায় শব্দশেষে উচ্চারিত ও-ধ্বনির লিখিত রূপকে সমর্থন করা হয়েছে। তাই 'কও' শব্দের অর্থ হিসেবে লেখা হয়েছে 'বলো'। ও-কারান্ত না লিখলে এর প্রয়োগবাক্য ('আপনে দাঁড়াইয়া কও।' *বিজয়*, ১৬৫০) থেকে সত্যিকার অর্থে বোঝা মুশকিল, লেখক এখানে তুচ্ছার্থক অনুজ্ঞার ক্রিয়ারূপ 'বল', নাকি সাধারণ অনুজ্ঞার ক্রিয়ারূপ 'বলো' বোঝাতে চেয়েছিলেন। এর সঙ্গে সমরূপতা বজায় রাখতে গিয়ে বহু ক্রিয়াপদের শেষের উচ্চারিত ও-কে ও-কার দিয়ে প্রকাশ করা হয়েছে। বাংলা একাডেমির বানানের নিয়মের সর্বশেষ সংস্করণের ২.৩ ধারায় এই নীতির আংশিক সমর্থন খুঁজে পাওয়া যাবে। বাংলা একাডেমির উক্ত বানানের নিয়মে **ঊর্ধ্বকমা** বর্জনের সুপারিশ করা হয়েছে। অর্থের ভাষায় আমরা তা চেষ্টা করেছি, তবে কিছু অসমাপিকা ক্রিয়ার ক্ষেত্রে **ঊর্ধ্বকমা** ব্যবহারের প্রয়োজন হয়েছে। কেননা অর্থ লেখার সময়ে আমাদের মনে হয়েছে: **"ক্ষতবিক্ষত ক'রে"** এবং **"ক্ষতবিক্ষত করে"** – এই দুটি বাক্যাংশে অর্থগত তফাত প্রচুর।

AMARBOI.COM

১০. প্রয়োগবাক্য

এই অভিধানে যেগুলোকে প্রয়োগবাক্য বলা হচ্ছে, আসলে প্রায় ক্ষেত্রেই তা অপূর্ণ বাক্য। কবিতার ক্ষেত্রে চরণ বা চরণের অংশ এবং গদ্যের ক্ষেত্রে খণ্ডবাক্য বা বাক্যাংশ এখানে প্রয়োগবাক্য হিসেবে গণ্য করা হয়েছে। অভিধানের পরিসরের কথা বিবেচনা করে এমন সিদ্ধান্ত নেওয়া হয় যে, বাক্যের যে অংশটুকু না থাকলে ওর মধ্যকার মূলশব্দের অর্থ বোঝা যায় না, ঠিক সেই অংশটুকুকেই প্রয়োগবাক্য হিসেবে রাখা হবে। তবে যেসব ক্ষেত্রে কবিতার একাধিক চরণ না নিলে অর্থবিভ্রান্তি সৃষ্টি হতে পারে মনে হয়, সেসব ক্ষেত্রে বিকল্পচিহ্ন (/) দিয়ে চরণান্তরকে নির্দেশ করা হয়েছে। আবার বাক্য বা চরণের শুরুতে, মাঝখানে বা শেষে কিছু বাদ দেওয়া হলে ত্রিবিন্দু (...) দিয়ে তা বোঝানো হয়েছে। এই অভিধানের প্রয়োগবাক্যের আরো কিছু বৈশিষ্ট্য নিম্নরূপ:

- প্রয়োগবাক্যগুলোকে একক উদ্ধৃতিচিহ্নের মধ্যে রাখা হয়েছে। মূল বাক্যে প্রশ্নচিহ্ন বা বিস্ময়চিহ্ন না থাকলে প্রয়োগবাক্য সবসময়ে দাঁড়ি দিয়ে শেষ করা হয়েছে। তবে এর অর্থ এই নয় যে, ঐ দাঁড়ি মূল প্রয়োগবাক্যের। এটা আসলে প্রয়োগবাক্য সমাপ্তির যতি। যেমন একটি প্রয়োগবাক্য: 'পাণ্ডব বংশের চূড়ামণি।' এটি একটি বাক্যাংশমাত্র, তারপরেও এটি দাঁড়ি দিয়ে শেষ করা হয়েছে। কিন্তু প্রশ্নচিহ্নসহ বাক্যে ক্ষেত্রে প্রশ্নচিহ্ন দিয়েই শেষ করা হয়েছে, যেমন: 'কোথায় চূতকষায়কণ্ঠ কোকিলের কুহুকাকলি?' বিস্ময়চিহ্নের বেলাতেও এই নিয়ম।
- প্রয়োগবাক্য যে উৎস থেকে গ্রহণ করা হয়েছে, সেখানকার বানান হুবহু রাখা হয়েছে। এই উৎসের মূল কখনো পুথি, কখনো রচনাবলি। পুথির পাঠ যিনি উদ্ধার করেছেন, অথবা রচনাবলি যিনি সম্পাদনা করেছেন, মূলশব্দসহ বাক্যগুলোকে তিনি যেভাবে উপস্থাপন করেছেন, সংকলনের সময়ে তার কোনোরকম পরিবর্তন করা হয়নি।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১১. প্রয়োগকারী

প্রয়োগবাক্যের রচয়িতাই প্রয়োগকারী। প্রয়োগকারী হিসেবে কখনো গ্রন্থের নাম, কখনো লেখকের নাম, কখনো পত্রিকার নাম, কখনো অভিধান-সংকলকের নাম, এমনকি কখনো দপ্তরের নাম ব্যবহার করা হয়েছে। এসব নামের শব্দসংক্ষেপ ছাপা হয়েছে বাঁকা হরফে। এ ব্যাপারে আমাদের নীতি নিম্নরূপ:

- শব্দসংক্ষেপ এমনভাবে করা হয়েছে যাতে তালিকা না দেখেও লেখকের নাম বা গ্রন্থের নাম সহজে অনুমান করা যায়। লেখকের বেলায় এতে কখনো লেখকের মূল নাম ব্যবহার করা হয়েছে, যেমন মীর মশাররফ হোসেনের বদলে লেখা হয়েছে 'মশাররফ' বা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের বদলে লেখা হয়েছে 'বঙ্কিম'; কখনো লেখকের পদবি ব্যবহার করা হয়েছে, যেমন অগুস্তাঁ ওসাঁর জায়গায় 'ওসাঁ' বা ঈশ্বরচন্দ্র গুপ্তের জায়গায় 'গুপ্ত'। গ্রন্থের বেলায় 'চর্যাপদ' না লিখে লেখা হয়েছে 'চর্যা' বা 'চিঠিপত্রে সমাজচিত্র' না লিখে লেখা হয়েছে 'চিঠিপত্রে'। একই মূল নাম একাধিক লেখকের থাকলে সেক্ষেত্রে নামের দ্বিতীয় অংশ থেকেও কিছুটা যোগ করা হয়েছে, যেমন 'সুনীল' মানে হলো সুনীল গঙ্গোপাধ্যায়, অন্যদিকে 'সুনীলমুখো' মানে হলো সুনীলকুমার মুখোপাধ্যায়।

১২. প্রয়োগবাক্যের কাল

প্রয়োগকারীর পরে কমা (,) তারপরে খ্রিস্টাব্দের অঙ্কসংখ্যা দিয়ে প্রয়োগকাল বসানো হয়েছে। এই কাল ব্যবহারের কয়েকটি বৈশিষ্ট্য নিম্নরূপ:

- মূলশব্দ সংকলনের সময়ে মূল রচনার কাল নির্ণয় করে নেওয়া হয়েছে। উৎস উপকরণে রচনার কাল খ্রিস্টাব্দে না থাকলে তা খ্রিস্টাব্দে পরিবর্তন করে নেওয়া হয়েছে। হয়তো উৎস উপকরণের রচনাকাল পাওয়া গেছে ১২১৮ বঙ্গাব্দের ফাল্গুন মাস, সেখানে আমাদের লিখতে হয়েছে ১৮১২।
- আঠারো শতকের আগেকার কাল নির্ণয়ের সময়ে প্রয়োগবাক্যের ভাষাবৈশিষ্ট্য এবং প্রাপ্ত পাণ্ডুলিপির কাল বিবেচনায় রাখা হয়েছে। ফলে বহু সাহিত্যের রচনাকাল এবং এই অভিধানে গৃহীত কালের মধ্যে মিল নাও থাকতে পারে। উদাহরণ হিসেবে বড়ু চণ্ডীদাসের কাব্যের প্রসঙ্গ তোলা যায়। বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচনাকাল ১৪৫০ সালের বহু আগেকার, কেননা চৈতন্যদেব তা উপভোগ করতেন বলে বলা হয়। কিন্তু শ্রীকৃষ্ণকীর্তনের যে পাণ্ডুলিপি পাওয়া গেছে তার রচনাকাল ১৪৫০ সালের আগেকার নয়। এই বিবেচনায় এর কাল ধরা হয়েছে ১৪৫০। কিন্তু বড়ু চণ্ডীদাসের বিচ্ছিন্ন কিছু পদও পাওয়া গেছে এবং সেখান থেকেও কিছু মূলশব্দ এই অভিধানে গ্রহণ করা হয়েছে। সেগুলোর ভাষা অনেক আধুনিক। তাই সেগুলোর রচনাকাল ধরা হয়েছে ১৫৭০। অভিন্ন লেখকের রচনাও এভাবে একাধিক শতাব্দী অতিক্রম করে গেছে।
- আঠারো শতকের পরবর্তী কালের যেসব উৎস থেকে বাক্য নেওয়া হয়েছে, সেগুলোর রচনাকাল পাওয়া গেলে তা হুবহু লেখা হয়েছে, যেমন মেয়র্স কোর্টের কাগজপত্র। রচনাকাল পাওয়া না গেলে রচনাটির মুদ্রণকাল বা প্রকাশকালকে প্রয়োগবাক্যের কাল হিসেবে ধরে নেওয়া হয়েছে, যেমন মানোএলের অভিধান। এছাড়া উনিশ শতকের পরবর্তী বিখ্যাত লেখকদের যেসব রচনা গ্রহণ করা হয়েছে, তার অনেকগুলোর সুনির্দিষ্ট রচনাকাল পাওয়া যায়, যেমন রবীন্দ্রনাথের গান বা ছোটোগল্প। এগুলোর রচনার তারিখ দেওয়া হয়েছে।

স্বরোচিষ সরকার
সহযোগী সম্পাদক

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শব্দসংক্ষেপ

অ	অসমিয়া
অক্ষয়	অক্ষয়কুমার দত্ত
অচিন্ত্য	অচিন্ত্যকুমার সেনগুপ্ত
অতুল	অতুলপ্রসাদ সেন
অন্নদা	অন্নদাশঙ্কর রায়
অবন	অবনীন্দ্রনাথ ঠাকুর
অবোধবন্ধু	অবোধবন্ধু পত্রিকা
অমিয়	অমিয় চক্রবর্তী
অমৃত	অমৃতলাল বসু
অমৃতবাজার	অমৃতবাজার পত্রিকা
অযোধ্যা	অযোধ্যানাথ পাকড়াশি
অশ্বিনী	অশ্বিনীকুমার দত্ত
আ	আরবি
আইয়ুব	আবু সয়ীদ আইয়ুব
আকরম	মোহাম্মদ আকরম খাঁ
আখবার	মহাম্মদি আখবার পত্রিকা
আজাদ	আজাদ পত্রিকা
আনটুনি	হেন্‌সম্যান আনটুনি
আনিস	আনিসুজ্জামান
আনোয়ার	আলী আনোয়ার
আন্তোনিয়ো	দোম আন্তোনিয়ো দো রোজারিয়ো
আলাউদ্দিন	আলাউদ্দিন আল আজাদ
আলাওল	সৈয়দ আলাওল
আহমদী	আহমদী পত্রিকা
ই	ইংরেজি
ইংলিশম্যান	ইংলিশম্যান পত্রিকা
ইছলাম	নেদায়ে-ইছলাম পত্রিকা
ইব্রাহীম	ইব্রাহীম খাঁ
ইমদাদুল	কাজী ইমদাদুল হক
ইমান	নূর-অল-ইমান পত্রিকা
ইমাম	ইমাম পত্রিকা
ইলিয়াস	আখতারুজ্জামান ইলিয়াস
ইসলামিয়া	আখবারে ইসলামিয়া পত্রিকা
ইসলাহ	আল-ইসলাহ পত্রিকা
ইসহাক	আবু ইসহাক
ঈশান	ঈশানচন্দ্র ঘোষ
উপ	উপসর্গ
উমর	বদরুদ্দীন উমর
উমেশ	উমেশচন্দ্র মিত্র
একব	একবচন
একাডেমি	বাংলা একাডেমির নথি
এডমন	নীল এডমনস্টোন
এডুকেশন	এডুকেশন গেজেট
এনামুল	মুহম্মদ এনামুল হক
এসলাম	শরিয়তে-এসলাম পত্রিকা
ও	ওড়িয়া
ওদুদ	কাজী আবদুল ওদুদ
ওবায়দুল্লাহ	আবু জাফর ওবায়দুল্লাহ
ওয়াজেদ	এস ওয়াজেদ আলি
ওয়ালী	সৈয়দ ওয়ালীউল্লাহ্
ওরাঁও	ওরাঁও
ওল	ওলন্দাজ
ওসাঁ	অগুস্তাঁ ওসাঁ
কবীন্দ্র	কবীন্দ্র পরমেশ্বর
কমলাকান্ত	গোবিন্দ অধিকারী
কায়সার	শহীদুল্লা কায়সার
কালান্তর	কালান্তর পত্রিকা
কালীপ্র	কালীপ্রসন্ন সিংহ
কাশীরাম	কাশীরাম দাস
কৃত্তিবাস	কৃত্তিবাস ওঝা
কৃষ্ণকমল	কৃষ্ণকমল ভট্টাচার্য
কৃষ্ণচন্দ্র	কৃষ্ণচন্দ্র মজুমদার
কৃষ্ণদাস	কৃষ্ণদাস কবিরাজ
কৃষ্ণভাবিনী	কৃষ্ণভাবিনী দাস
কৃষ্ণরাম	কৃষ্ণরাম দাস
কেতকা	কেতকা দাস ক্ষেমানন্দ
কেরি	উইলিয়ম কেরি
কৈলাস	কৈলাসবাসিনী দেবী
কোহিনুর	কোহিনুর পত্রিকা
কৌমুদী	সংবাদ কৌমুদী পত্রিকা
ক্যালগে	ক্যালকাটা গেজেট
ক্রি	ক্রিয়া
ক্রিবিণ	ক্রিয়াবিশেষণ
ক্ষীরোদপ্রসাদ	ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ
গণবাণী	গণবাণী পত্রিকা
গরীব	ফকির গরীবুল্লাহ
গিরিশ	গিরিশচন্দ্র ঘোষ
গুপ্ত	ঈশ্বরচন্দ্র গুপ্ত
গুলিস্তাঁ	গুলিস্তাঁ পত্রিকা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গোপাল	গোপাল হালদার
গোবিন্দ	গোবিন্দদাস
গোরেসিও	গাসপেল গোরেসিও
গোলক	গোলকচরণ শর্মা
গৌর	গৌরমোহন বিদ্যালঙ্কার
গ্রামবার্ত্তা	গ্রামবার্ত্তা প্রকাশিকা পত্রিকা
গ্রী	গ্রীক
ঘনরাম	ঘনরাম চক্রবর্তী
চণ্ডী	চণ্ডীদাস
চণ্ডীচরণ	চণ্ডীচরণ মুনশী
চন্দ্রিকা	সমাচার চন্দ্রিকা পত্রিকা
চর্য্যা	চর্য্যাপদ
চাষী	চাষী পত্রিকা
চিঠিপত্রে	চিঠিপত্রে সমাজচিত্র
চী	চীনা
চেরী	জর্জ ফ্রেডারিক চেরী
ছায়াবীথি	ছায়াবীথি পত্রিকা
ছোলতান	ছোলতান পত্রিকা
জ	জর্মন
জগদীশ	জগদীশচন্দ্র বসু
জয়তী	জয়তী পত্রিকা
জয়বাংলা	জয়বাংলা পত্রিকা
জয়ানন্দ	জয়ানন্দ
জসীম	জসীমউদ্‌দীন
জহির	জহির রায়হান
জা	জাপানি
জামায়াত	ছুন্নত অল-জামায়াত পত্রিকা
জিল্লুর	জিল্লুর রহমান সিদ্দিকী
জীবন	জীবনানন্দ দাশ
জ্ঞান	জ্ঞানদাস
জ্ঞানান্বেষণ	জ্ঞানান্বেষণ পত্রিকা
জ্ঞানারুণোদয়	জ্ঞানারুণোদয় পত্রিকা
জ্যোতিরিন্দ্র	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর
ডানকান	জোনাথান ডানকান
ঢাকাপ্রকাশ	ঢাকাপ্রকাশ পত্রিকা
তবলীগ	তবলীগ পত্রিকা
তমোলুক	তমোলুক পত্রিকা
তা	তামিল
তাঁতি	তাঁতিদের চিঠিপত্র
তারকচন্দ্র	তারকচন্দ্র সরকার
তারা	তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
তারিণী	তারিণীচরণ মিত্র
তু	তুরকি
দক্ষিণা	দক্ষিণারঞ্জন মিত্রমজুমদার
দর্পণ	সমাচার দর্পণ পত্রিকা
দর্শন	ইসলাম দর্শন পত্রিকা
দাশরথি	দাশরথি রায়
দিক্‌প্রকাশ	দিক্‌প্রকাশ পত্রিকা
দীচণ্ডী	দীন চণ্ডীদাস
দীনবন্ধু	দীনবন্ধু মিত্র
দীপিকা	দীপিকা পত্রিকা
দ্বিচণ্ডী	দ্বিজ চণ্ডীদাস
দ্বিজেন্দ্র	দ্বিজেন্দ্রলাল রায়
ধূমকেতু	ধূমকেতু পত্রিকা
ধূর্জটি	ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়
ধন্যা	ধন্যাত্মক
নওরোজ	নওরোজ পত্রিকা
নজরুল	কাজী নজরুল ইসলাম
নজিবর	মোহাম্মদ নজিবর রহমান
নবনূর	নবনূর পত্রিকা
নবযুগ	নবযুগ পত্রিকা
নরেন্দ্র	নরেন্দ্রনাথ মিত্র
নীরেন	নীরেন্দ্রনাথ চক্রবর্তী
প	পর্তুগিজ
পরশু	রাজশেখর বসু
পা	পালি
পাশা	আনোয়ার পাশা
পূর্ণচন্দ্র	সংবাদ পূর্ণচন্দ্রোদয় পত্রিকা
পূর্ণিমা	পূর্ণিমা পত্রিকা
প্যারী	প্যারীচাঁদ মিত্র
প্রচারক	প্রচারক পত্রিকা
প্রভাকর	সংবাদ প্রভাকর পত্রিকা
প্রভাত	প্রভাতকুমার মুখোপাধ্যায়
প্রমথ	প্রমথ চৌধুরী
প্রা	প্রাকৃত
প্রেমেন্দ্র	প্রেমেন্দ্র মিত্র
ফ	ফরাসি
ফজলল	শেখ ফজলল করিম
ফয়জুন্নেছা	ফয়জুন্নেছা চৌধুরানী
ফয়জুল্লাহ	মীর ফয়জুল্লাহ
ফররুখ	ফররুখ আহমদ
ফরস্টার	হেনরি পিটস ফরস্টার
ফা	ফারসি
ফোর্ট	ফোর্ট উইলিয়ম কলেজ
বঙ্কিম	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
বঙ্গদর্শন	বঙ্গদর্শন পত্রিকা
বঙ্গদূত	বঙ্গদূত পত্রিকা
বঙ্গনূর	বঙ্গনূর পত্রিকা
বঙ্গীয়	বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকা
বড়ু	বড়ু চণ্ডীদাস
বনফুল	বলাইচাঁদ মুখোপাধ্যায়
বন্দে	বন্দে আলী মিয়া
বল্লভ	কবি বল্লভ

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বাংলার মুখ	বাংলার মুখ পত্রিকা
বান্ধব	বান্ধব পত্রিকা
বামাবোধিনী	বামাবোধিনী পত্রিকা
বাসনা	বাসনা পত্রিকা
বাহরাম	দৌলত উজির বাহরাম খান
বি	বিশেষ্য
বিজয়	বিজয় গুপ্ত
বিণ	বিশেষণ
বিদ্যা	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
বিদ্যাপতি	বিদ্যাপতি
বিনোদিনী	বিনোদিনী পত্রিকা
বিপ্লবী বাংলাদেশ	বিপ্লবী বাংলাদেশ পত্রিকা
বিভূতি	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
বিমল	বিমল মিত্র
বিষ্ণু	বিষ্ণু দে
বীরেন্দ্র	বীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
বুদ্ধ	বুদ্ধদেব বসু
বুলবুল	বুলবুল পত্রিকা
বৃন্দা	বৃন্দাবন দাস
বেগম	বেগম পত্রিকা
বেনজীর	বেনজীর আহমদ
বোগল	জর্জ বোগল
ব্র	ব্রজবুলি
ভবানন্দ	ভবানন্দ
ভবানী	ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়
ভারত	ভারতচন্দ্র রায়গুণাকর
ভারত সংস্কারক	ভারত সংস্কারক পত্রিকা
ভেরলি	জঁ ভেরলি
মণীশ	মণীশ ঘটক
মদনমোহন	মদনমোহন তর্কালঙ্কার
মধু	মধুসূদন মুখোপাধ্যায়
মধ্যস্থ	মধ্যস্থ পত্রিকা
মনসুর	আবুল মনসুর আহমদ
মনোজ	মনোজ বসু
মশাররফ	মীর মশাররফ হোসেন
মহাশ্বেতা	মহাশ্বেতা দেবী
মা	মারাঠি
মাইকেল	মাইকেল মধুসূদন দত্ত
মানিক	মানিক বন্দ্যোপাধ্যায়
মানিকরাম	মানিকরাম গাঙ্গুলি
মানোএল	মানোএল দা আসসুম্পসাঁও
মান্নান	সৈয়দ আবদুল মান্নান
মালাধর	মালাধর বসু
মাহমুদ	আল মাহমুদ
মাহেনও	মাহেনও পত্রিকা
মিত্রপ্রকাশ	মিত্রপ্রকাশ পত্রিকা
মিলার	জন মিলার
মিহির	মিহির পত্রিকা
মু	মুণ্ডারি, অস্ট্রিক
মুকুন্দ	মুকুন্দরাম চক্রবর্তী
মুক্তিযুদ্ধ	মুক্তিযুদ্ধ পত্রিকা
মুখলেস	মুখলেসুর রহমান
মুজতবা	সৈয়দ মুজতবা আলী
মুজিব	শেখ মুজিবুর রহমান
মুনীর	মুনীর চৌধুরী
মুরশিদ	গোলাম মুরশিদ
মুরারী	মুরারী গুপ্ত
মুসলমান	মুসলমান পত্রিকা
মৃত্যুঞ্জয়	মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
মেয়র	জর্জ মেয়র
মেয়র্স	মেয়র্স কোর্ট
মোজাম্মেল	মোজাম্মেল হোসেন
মোতাহার	কাজী মোতাহার হোসেন
মোতাহের	মোতাহের হোসেন চৌধুরী
মোয়াজ্জিন	মোয়াজ্জিন পত্রিকা
মোসলেম	মোসলেম ভারত পত্রিকা
মোস্তফা	গোলাম মোস্তফা
মোহাম্মদী	মাসিক মোহাম্মদী পত্রিকা
মোহিত	মোহিতলাল মজুমদার
যোগীন্দ্র	যোগীন্দ্রনাথ সরকার
রওশন	রওশন হেদায়েৎ পত্রিকা
রঙ্গ	রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
রবীন্দ্র	রবীন্দ্রনাথ ঠাকুর
রমেন্দ্র	রমেন্দ্রনাথ ঘোষ
রশীদ	রশীদ করীম
রসরাজ	সম্বাদ রসরাজ পত্রিকা
রাজ	রাজনারায়ণ বসু
রাজীব	রাজীবলোচন মুখোপাধ্যায়
রামনারায়ণ	রামনারায়ণ তর্করত্ন
রামপ্রসাদ	রামপ্রসাদ সেন
রামমোহন	রামমোহন রায়
রামরাম	রামরাম বসু
রামাই	রামাই পণ্ডিত
রূপরাম	রূপরাম চক্রবর্তী
রোকেয়া	রোকেয়া সাখাওয়াত হোসেন
লালন	লালন শাহ
শওকত	শওকত ওসমান
শক্তি	শক্তি চট্টোপাধ্যায়
শঙ্খ	শঙ্খ ঘোষ
শরৎ	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
শরিয়ত	শরিয়ত পত্রিকা
শরীফ	আহমদ শরীফ
শহীদুল্লাহ	মুহম্মদ শহীদুল্লাহ
শামসুদ্দীন	শামসুদ্দীন আবুল কালাম

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শামসুর	শামসুর রাহমান
শামসুল	সৈয়দ শামসুল হক
শাহাদাত	শাহাদাত হোসেন
শিখা	শিখা পত্রিকা
শিব	শিবনারায়ণ রায়
শিবরাম	শিবরাম চক্রবর্তী
শেখর	রায় শেখর/কবি শেখর
শৌভে	জন লুই শৌভে
শ্যামল	শ্যামল গঙ্গোপাধ্যায়
স	সংস্কৃত
সওগাত	সওগাত পত্রিকা
সংগ্রহ	বিবিধার্থ সংগ্রহ পত্রিকা
সংবিধান	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান
সখা	সখা পত্রিকা
সত্যার্ণব	সত্যার্ণব পত্রিকা
সত্যেন্দ্র	সত্যেন্দ্রনাথ দত্ত
সৎসঙ্গ	সৎসঙ্গ পত্রিকা
সনৎ	সনৎকুমার সাহা
সবুজ	সবুজপত্র পত্রিকা
সম্বো	সম্বোধন
সাঁ	সাঁওতালি, অস্ট্রিক
সাদত	সাদত আলী আখন্দ
সাধনা	সাধনা পত্রিকা
সাধারণী	সাধারণী পত্রিকা
সাপ্তাহিক বাংলা	সাপ্তাহিক বাংলা পত্রিকা
সাম্যবাদী	সাম্যবাদী পত্রিকা
সাহিত্যিক	সাহিত্যিক পত্রিকা
সিকান্দার	সিকান্দার আবু জাফর
সিরাজী	ইসমাইল হোসেন সিরাজী
সুকান্ত	সুকান্ত ভট্টাচার্য
সুকুমার	সুকুমার রায়
সুধাকর	মিহির ও সুধাকর পত্রিকা
সুধাবর্ষণ	সমাচার সুধাবর্ষণ পত্রিকা
সুধীন্দ্র	সুধীন্দ্রনাথ দত্ত
সুনীল	সুনীল গঙ্গোপাধ্যায়
সুনীলমুখো	সুনীলকুমার মুখোপাধ্যায়
সুবল	সুবলচন্দ্র মিত্র
সুভাষ	সুভাষ মুখোপাধ্যায়
সুলতান	সৈয়দ সুলতান
সুলভ	সুলভ সমাচার পত্রিকা
সেবধি	শিশুসেবধি পত্রিকা
সোমপ্রকাশ	সোমপ্রকাশ পত্রিকা
স্ত্রী	স্ত্রীলিঙ্গ
স্ত্রীশিক্ষা	স্ত্রীশিক্ষাবিধায়ক পত্রিকা
স্বরো	স্বরোদয় পত্রিকা
হরপ্রসাদ	হরপ্রসাদ শাস্ত্রী
হরপ্রসাদ রায়	হরপ্রসাদ রায়
হাই	মুহম্মদ আবদুল হাই
হাকিম	আবদুল হাকিম
হানাফী	হানাফী পত্রিকা
হাফিজুর	হাসান হাফিজুর রহমান
হাফেজ	হাফেজ পত্রিকা
হাবীব	আহসান হাবীব
হামজা	সৈয়দ হামজা
হালিসহর	হালিসহর পত্রিকা
হাসান	হাসান আজিজুল হক
হি	হিন্দি
হিতৈষী	হিতৈষী পত্রিকা
হিস্পা	হিস্পানি
হুতোম	কালীপ্রসন্ন সিংহ
হুমায়ূন	হুমায়ূন আহমেদ
হেদায়াত	হেদায়াত পত্রিকা
হেম	হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
হেয়াত	হেয়াত মামুদ
হোসেন	আবুল হোসেন
হ্যালহেড	ন্যাথানিয়েল হ্যালহেড

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অ

অ[১] *বি* বাংলা স্বরবর্ণের প্রথম বর্ণ। 'অকার হকার বর্ণে আকার সংযুক্ত।' *রামপ্রসাদ*, ১৭৮০। *দ্র* **অকার**

অ[২] [ধ্বন্যা] *অব্য* সম্বোধন নির্দেশক। 'অ প্রাণ সুণিআঁ কি বুলিহে বলভদ্র ভাই।' *বড়ু*, ১৪৫০।

অ[৩] *বিণ* এই। 'সরিষার রূপ হয়্যা দুবায় লুকাইল/ অ কারণে খেতু কান্দিবার লাগিল।' *মানিকরাম*, ১৭৮১।

-অ – বাংলা বিভক্তিবিশেষ। 'সুণ মায় যশোদাঅ তোহ্মারে বুঝাওঁ।' *বড়ু*, ১৪৫০।

অই ১ *সর্ব* সে। 'জখনে জন্মিল অই বাপের ভবনে।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* ওই। 'অই ঠাকুরের কেশ শোভে নানা ফুলে।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *সর্ব* সেই। 'অই নিমিত্তে সদাই কলি মোর কর্মের ফল।' *মুকুন্দ*, ১৬০০।

অইক্ষর [স অক্ষর] *বি* বর্ণ; হরফ। 'রাধা নাম অইক্ষর লেখএ নিজ অঙ্গে।' *মালাধর*, ১৫০০।

অইপন [স আলিম্পন] *বি* আলপনা। 'পঁউঅ নাল অইপন ভল ভেল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অইস [স ঈদৃশ] *বিণ* এমন। 'রাউতু ভণই কট ভুসুকু ভণই কট সঅলা অইস সহাব।' *চর্যা*, ১২০০।

অইসন [স ঈদৃশ] *বিণ* এমন। 'অইসন চর্যা কুক্কুরীপাএঁ গাইড়।' *চর্যা ২*, ১২০০।

অইসা *ক্রি* আসা। 'অইসসি জাসি ডোম্বী কাহরি নাবেঁ।' *চর্যা ১*, ১২০০।

অঈদ [আ ঈদ>] *বি* ঈদের অভাব। 'ঈদের আনন্দ হয় না মূর্খ ওঈদ দেয় বেদনা।' *হাই*, ১৯৪৭।

অউপকারী [অ+স উপকারী] *বিণ* উপকার করে না এমন; অনুপকারী। 'তোমা প্রতি উপকারী কিবা অউপকারী।' *সুলতান*, ১৬৫০।

অঋণী [স] *বিণ* ঋণী নয় এমন। *বিদ্যা*, ১৮৬৪; 'তিনিও মনুষ্য জাতির নিকট অঋণী হইতে পারেন না।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অ-এছলামী [অ+আ ইসলাম>] *বিণ* ইসলাম-বিরোধী। 'অ-এছলামী কার্য্য।' *মোয়াজ্জিন*, ১৯৩৩।

অএলা [ব্র] *ক্রি* আসা। 'চোরাবএ অএলাহ্ অনুচিত মোর।' *বিদ্যাপতি*, ১৪৬০। **অএলাহ্, অএলাহুঁ** *ক্রি* এসেছিলাম। 'এহনা তেজি অএলাহুঁ নিঅ গেহ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **অএলিহ্, অএলিহুঁ** *ক্রি* এলাম। 'বারিস নিসা মঞে চলি অএলিহুঁ।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'কতনে জতনে ঘর অএলিহুঁ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অও *অব্য* আর। 'অও অতি সুললিত বানী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অওকা *বিণ* অন্য। 'অওকা দিস নবরস সুপুরুস পেম।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অওকে *সর্ব* অন্যকে। 'একক হৃদয় অওকে না পাওল তেঁ নহি ফাউলি কেশী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অংকুশ [স অঙ্কুশ] *বি* হাতি চালানোর লৌহদণ্ড। 'অংকুশ হস্তে প্যারীজান হস্তীর ঘাড়ের উপর বসিয়া ...।' *মশাররফ*, ১৮৯০।

অংকুশ তাড়না [স অঙ্কুশ+তাড়না] *বি* অঙ্কুশ দিয়ে তাড়না। 'মুসলিম বিদ্বেষের অংকুশ তাড়না দেখতে পাওয়া যায়।' *মাহেনও*, ১৯৪৯।

অংগরাখা [স অঙ্গরক্ষিকা] *বি* ঢিলা লম্বা জামাবিশেষ। 'ক্ষুধার কাফনে তার সর্বগ্রাসী মৃত্যু অংগরাখা।' *ফরুখ*, ১৯৪৩।

অংরাখা [স অঙ্গরক্ষিকা] *বি* ঢিলা লম্বা জামাবিশেষ। 'ছেলে পিলার কাপড় খান চোপড় খান ও টুপিটা অংরাখাটা ...।' *স্ত্রীশিক্ষা*, ১৮২২।

অংশ [স] **১** *বি* অবতার। 'অবনী মণ্ডলে গীয়া নিজ নিজ অংশ হয়্যা।' *মালাধর*, ১৫০০। **২** *বি* মূর্তি। 'এক অংশে চারি অংশ হৈলা নারায়ণ।' *কৃত্তিবাস*, ১৬৫০। **৩** *বি* ভাগ। 'অবশিষ্ট যাহা ছিল তাহা অংশ করিয়া লইতে লাগিল।' *অক্ষয়*, ১৮৪৭। **৪** *বি* প্রকার। 'অপত্যসংস্কারবিধি যথাবিধি সমাহিত হইবেক, কোনও অংশে অঙ্গহীন হইবেক না।' *বিদ্যা*, ১৮৬০।

অংশ-অবতার [স] *বি* গৌণ দৃষ্টান্ত। 'ব্যঙ্গরসিকের যত অংশ-অবতার।' *রবীন্দ্র*, ১৯৩২।

অংশগ্রহণ [স] *বি* যোগদান। 'অন্যে অংশগ্রহণ না করলে নালিশ চলবে না।' *রবীন্দ্র*, ১৯২১।

অংশগ্রহণকারী [স] *বিণ* যোগদানকারী। 'কর্মসূচীতে অংশগ্রহণকারী মহিলাদের নিয়মিত ক্লাসের ব্যবস্থা করা হয়।' *বেগম*, ১৯৬৩।

অংশভূ [স] *বি* খণ্ডাংশ। 'ভক্তও ঈশ্বরের অংশভূ পাইয়াছে।' *বঙ্কিম*, ১৮৯২।

অংশন [স] *বি* অংশ। 'তুমি নরাধিপ হও বিষ্ণু অংশন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অংশনির্দেশ, অংশনির্দ্দেশ [স] *বি* অংশ বণ্টন। 'ভিন্ন ভিন্ন মণ্ডলকে নিয়ম বিশেষের বশবর্ত্তী করিয়া অংশনির্দ্দেশ করিয়া দেওয়া হইত।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অংশপ্রত্যংশ [স] *বি* ভাগ-উপভাগ। 'আপন বিপুল অংশপ্রত্যংশ নিয়ে কেবলই নড়নড় করছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অংশবিভূতি [স] *বি* অংশাবতার। 'আত্মা অন্তর্যামী যাঁরে যোগশাস্ত্রে কয় সেই গোবিন্দের অংশবিভূতি যে হয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অংশবিশেষ [স] *বি* খণ্ডাংশ। 'কন্যার পত্রের অংশবিশেষ শুনাইয়া ভর্ৎসনা করিলেন।' *রবীন্দ্র*, ১৯০৬।

অংশভাক [স] *বিণ* অংশের অধিকারী। 'সঞ্চয়ি মক্ষিকার সহিত চাকে থাকিয়া ফাঁকে ফাঁকে অংশভাক হয়।' *বঙ্গদূত*, ১৮২৯।

অংশভাগিনী [স] *বিণ স্ত্রী* অংশীদার। 'তোমাকে ইহার অংশভাগিনী করিব কেন?' *বনফুল*, ১৯৩৬।

অংশভাগী [স] *বি* অংশীদার। 'তাহাকে বিপদের অংশভাগী করিতে যাওয়া অন্যায়।' *বিদ্যা*, ১৮৫৬।

অংশভূত [স] *বিণ* অন্তর্ভুক্ত। 'প্রকৃতি নামক বিরাট পদার্থ এবং তার অংশভূত ইউরোপ নামক ভূখণ্ড।' *প্রমথ*, ১৯১৩।

অংশা অংশী [স অংশ>+স অংশী] **১** *বি* অবতারের অংশ। 'অংশা অংশী গোপীগণ কহিতে অপার।' *মালাধর*, ১৫০০। **২** *বি* ভাগাভাগি। 'বাকীর টাকাটী দেওয়ান প্রভৃতি কুঠীর যাবতীয় কর্ম্মকারক অংশা-অংশী করিয়া লইত।' *ফোর্ট*, ১৮০৮।

অংশাংশ [স অংশ-অংশ] *বি* ভাগ ভাগ। 'অংশের অংশাংশ যেই কলা তার

AMARBOI.COM

নাম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অংশাবতার [স অংশ-অবতার] *বি* প্রতিনিধি। 'সে তখন তারই অংশাবতার।' *মুজতবা*, ১৯৬০।

অংশিত্ব [স] *বি* অংশীদারত্ব। 'পুস্তকালয়ের অংশিত্বকরণেতে আপত্তি আছে।' *দর্পণ*, ১৮৩৫।

অংশিত্বকরণ [স] *বি* অংশীদারত্ব প্রদান। 'পুস্তকালয়ের অংশিত্বকরণেতে আপত্তি আছে।' *দর্পণ*, ১৮৩৫।

অংশিদার [স অংশী+ফা দার] *বি* অংশের মালিক। '... সংবাদ সুধাকর নামক এক অধর্ণপত্রের অংশিদার হইয়াছেন।' *প্রভাকর*, ১৮৩১।

অংশিনী [স] ১ *বিণ স্ত্রী* অবতারের অংশ রয়েছে এমন। 'অংশিনী রাধার হৈতে তিন গণের বিস্তার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ স্ত্রী* অংশীদার। 'ইংরাজী ভাষায় কথায় কথায় স্ত্রীকে অংশিনী উত্তমার্দ্ধ ইত্যাদি বলে।' *রোকেয়া*, ১৯২১।

অংশী [স, সমাসবদ্ধতায় ও প্রত্যয়-বিভক্তি যুক্ততায় 'অংশি'] ১ *বি* অবতারের উৎস। 'কৃষ্ণ যদি অংশ হইত অংশী নারায়ণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* অংশীদার। 'অকৃতি সহোদর কৃতি সহোদরের শ্রমার্জিত ধনের অংশী হয়েন।' *বঙ্গদূত*, ১৮২৯; 'ব্যাঙ্কের সহীকারি অংশিরা একত্র হইয়াছিলেন।' *দর্পণ*, ১৮২৯।

অংশীদার [স অংশী+ফা দার] ১ *বি* ভাগী। 'আমার গুণ নেই, অথচ কেবল টাকা দিয়ে গুণের অংশীদার হচ্ছি।' *রবীন্দ্র*, ১৯১৫। ২ *বি* কারবারে অংশ আছে যার। 'অংশীদারেরা শতকরা পঞ্চাশ টাকা লাভ ...।' *নজরুল*, ১৯২২। ৩ *বি* অংশ। 'যেমন উঁচু তেমনি চওড়া নাকটা, সমস্ত মুখের সে বারো-আনি অংশীদার।' *রবীন্দ্র*, ১৯৩২।

অংশীবাদ [স] *বি* সৃষ্টিকর্তার অংশীদার করা। 'শিরক বা অংশীবাদের একটা বড় অংশ হইতেছে নরপূজা।' *মোহাম্মদী*, ১৯৩২।

অংশীবাদিতা [স] *বি* বহুদেবতাবাদ। 'দুর্গার আরাধনা, সরস্বতীর বন্দনা প্রভৃতি অংশীবাদিতায় তাহার লেখা ভরপুর।' *দর্শন*, ১৯২৬।

অংশু [স] ১ *বি* কিরণ। 'অর্দ্রা পুনর্বসু মানিএরা পরম অংশু পুষ্যা কৈল অনেক পালন।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বি* অংশ। 'নূর মুহম্মদ হোস্তে কিছু এক অংশু।' *সুলতান*, ১৭০০। ৩ *বি* দীপ্তি। 'তিনি কথা কহিবার সময়ে মুখপদ্মের নিকটবর্ত্তী ভ্রমরগণকে দশনাংশু [দশন-অংশু] দ্বারা শুক্লবর্ণ করিয়া কথা কহিয়া ছিলেন।' *কাদম্বরী*, ১৮৫৩।

অংশুক [স] *বি* সূক্ষ্ম বস্ত্র। 'চীনাংশুক।' *বিদ্যা*, ১৮৫৪; 'কম্পিত অংশুক-কেতন-অঞ্চল।' *রবীন্দ্র*, ১৯১৪।

অংশুময়ী [স] *বিণ* উজ্জ্বল প্রভাবিশিষ্ট। 'উষা অংশুময়ী গিরিশৃঙ্গমাঝে।' *মাইকেল*, ১৮৬১।

অংশুমালা [স] *বি* সূর্য। 'দিবামুখে এক-চক্রে দিলা দরশন/ অংশুমালা গলে।' *মাইকেল*, ১৮৬৫।

অংশুমালী [স] ১ *বিণ* প্রদীপ্ত। 'দিনমণি যেন অংশুমালী।' *মাইকেল*, ১৮৬১। ২ *বি* সূর্য। 'তেজস্বী মধ্যাহ্নে যথা দেব অংশুমালী।' *মাইকেল*, ১৮৬১।

অংস[১] [স অংশ] *বি* ভাগ। 'একা প্রভু চারি অংসে অবতার করে।' *মালাধর*, ১৫০০।

অংসতেজ [স অংশতেজ] *বি* অংশের প্রভা। 'নারায়ন অংসতেজ জগত দিপন।' *মালাধর*, ১৫০০।

অংসাঅংস [স অংশাংশ] *বি* ভাগ ভাগ। *ডানকান*, ১৭৮৫।

অংস[২] [স] *বি* কাঁধ। 'আসন করিলা তার অংস।' *কেতকা*, ১৬৫০।

অংসসংবিলম্বী [স] *বিণ* কাঁধ পর্যন্ত লম্বা। 'তাঁহার অংসসংবিলম্বী কেশদামের সহিত মিশিয়াছে।' *বঙ্কিম*, ১৮৬৬।

অংসারূঢ় [স] *বিণ* কাঁধে ব্যবহৃত। 'তিলোত্তমার ... অংসারূঢ় চারুবাস কম্পিত করিতেছিল।' *বঙ্কিম*, ১৮৬৫।

অগ্রসিয়ান [স অ-সজ্ঞান>] *বিণ* নির্বোধ। 'আমি নিতান্ত অগ্রসিয়ান ছোকরা নই।' *বিদ্যা*, ১৮৭৩।

অঁগনা [স অঙ্গন] *বি* আঙিনা। 'মোরাহি রে অঁগনা চাঁদনকেরি গছিআ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অঁগিরা [স অঙ্গীকার] *ক্রি* স্বীকার করা। 'দসমি দসা পথ অঁগিরঞো।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অঁধার [স অন্ধকার] *বিণ* অন্ধকারময়। 'জামিনি আখ অঁধার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অঁধারা [স অন্ধকার>] *বিণ* মলিন। 'জনু মুখসসি ডরে রোএ অঁধারা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অঁধারী [স অন্ধকার>] *বিণ* অন্ধকারময়। 'এক রাতি অঁধারী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অকংগ্রেসী [অ+ই কংগ্রেস>] *বিণ* কংগ্রেস দলের নিয়ন্ত্রিত নয় এমন। 'বহুনিন্দিত অকংগ্রেসী প্রদেশগুলি হইতে দাঙ্গার কোন খবর পাওয়া যায় নাই।' *মোহাম্মদী*, ১৯৩৭।

অকট [পা] ১ *বিণ* বিস্ময়কর। 'অকট করুণা ডমরুলি বাজঅ।' *চর্যা* ৩১, ১২০০। ২ *বিণ* আশ্চর্য। 'অকট হুঁ ভব ইঅণা।' *চর্যা* ৩৯, ১২০০। ৩ *বিণ* অকাট (মূর্খ)। 'অকট জোইআ রে মা কর হথা লোহ্রা।' *চর্যা* ৪১, ১২০০।

অকটবিকট [পা অকট>] *বি* ছটফট। 'অকটবিকট করে পড়িয়া তরাসে।' *কৃত্তিবাস*, ১৬৫০।

অকঠোর [স] *বিণ* সহজ ও স্বাভাবিক। 'বালকের মনে মৃত্যুর মূর্তি অত্যন্ত অকঠোর হইয়া আসে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অকণ্টক [স] ১ *বিণ* কাঁটা নেই এমন। 'অকণ্টক হইল বিক্ষ অতি যুমঙ্গল।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রিবিণ* নির্বিঘ্নে। 'পুনর্বার অকণ্টক রাজ্যপ্রাপ্ত হইয়াছে।' *বিদ্যা*, ১৮৬৪। ৩ *বিণ* নিরাপদ। 'গ্রাম অকণ্টক হইয়াছে।' *বিদ্যা*, ১৮৬৪।

অকণ্টকে *ক্রিবিণ* নির্বিঘ্নে; নিরাপদে। 'বহুকাল অকণ্টকে রাজ্যভোগ করিতে পারিবে।' *বিদ্যা*, ১৮৪৭।

অকথন [স] *বিণ* কথায় প্রকাশ করা যায় না এমন। 'অকথন বেয়াধি এ কহা নাহি যায়।' *চণ্ডী*, ১৫৫০।

অকথনীয় [স] ১ *বিণ* বর্ণনাতীত। 'বালকদিগের আপন২ ভাষা শিখিবার জন্য অকথনীয় উপকার হয়।' *দর্পণ*, ১৮৩৪। ২ *বিণ* অকথ্য। *বিদ্যা*, ১৮৬৪।

অকথিত [স] ১ *বিণ* না-বলা। 'অকথিত বাণী।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বিণ* বলা যায় না এতো খারাপ। 'সর্বদা ঝগড়া করিত এবং অকথ্য গালি দিত।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বিণ* অনুক্ত। 'শরম দিবে কি তাহারে/ অকথিত নিবেদনে/ যা আছে আমার মনে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অকথা [স] *বি* কুকথা; কুৎসিত কথা। *বিদ্যা*, ১৮৬৪।

অকথ্য [স] ১ *বিণ* অবর্ণনীয়। 'যত সব ভাব হয় অকথ্য সকল।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* অনুচিত। 'একি অকথ্য কথা কহা সম্ভবে।' *দর্পণ*, ১৮৩৮। ৩ *বিণ* অশালীন। 'তাঁহারা অধীনস্থ ব্যক্তিদিগের প্রতি ... অকথ্য অশ্রাব্য শব্দসকল প্রয়োগ করিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৫৪;

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'অকথ্য-উচ্চারণে গালি প্রয়োগ করিত।' *রবীন্দ্র*, ১৮৯২। **৪** *বিণ* গুরুতর। 'যেসব অকথ্য অত্যাচার গত কয়েক বৎসরের মধ্যে অনুষ্ঠিত হইয়াছে।' *আজাদ*, ১৯৪০। **৫** *বিণ* কথায় প্রকাশ করা যায় না এমন। 'সহসা অকথ্য আওয়াজ হয়।' *ওয়াপী*, ১৯৬৪।

অকথ্যকথন [স] **১** *বি* বলা যায় না এমন কথা। 'চৈতন্যের ভক্তবাৎসল্য অকথ্যকথন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* বলার মতো নয় এমন কথা। 'উচিত কহিতে লাজ অকথ্য কথন।' *আলাওল*, ১৬৫১।

অকথ্য কথা [স] *বি* বলার মতো নয় এমন কথা। *দর্পণ*, ১৮৩৮।

অকন [স ক্ষণ>] *ক্রিবিণ* এখন; এই সময়ে। 'খাঁ সাহেবের কাছে এই সতীপণার যা শুনাতে হয় তা হবে অকন!' *মশারফ*, ১৮৬৯।

অকপট [স] **১** *বিণ* সঠিক। 'সুনত উদ্ধব কহোঁ অকপট বানি।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* সরল। 'অকপট মুরারিরে কহেন আপনে।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বিণ* ভণ্ডামিবর্জিত। 'প্রভেদ এই যে, সাধুরা কপট অসাধুরা অকপট।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৪** *বিণ* নিরপেক্ষ। 'আমাদের আত্মশাসন ব্যাপারে অপক্ষপাত সমালোচনা করিয়া অকপট চিত্তে বলনু দেখি ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অকপটচিত্ত [স] *বিণ* সরলমনা। 'পিতা আমার অতি নিরীহ, অতি সরল, অতি অকপটচিত্ত।' *দীনবন্ধু*, ১৮৬০।

অকপটে [স] **১** *ক্রিবিণ* বিনা দ্বিধায়। 'আচার্য্য বলে অকপটে করহ আহার।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'অকপটে দিব পরিচয়।' *মুকুন্দ*, ১৬০০। **২** *ক্রিবিণ* আন্তরিকভাবে। 'তুমি হৃদয়ের দ্বার মুক্ত করে অকপটে বল, ইনি কে?' *মাইকেল*, ১৮৭৩।

অকবি [স] *বি* কবি নয় এমন ব্যক্তি। 'কবি হোক, অকবি হোক, কারো সঙ্গে তরকার করার চেয়ে ... একটা গান লেখা ভালো।' *রবীন্দ্র*, ১৮৯১; 'কবি ও অকবি যাহা বলো মোরে।' *নজরুল*, ১৯২৬।

অকবিজনোচিত [স] *বিণ* রসবোধহীন। 'একটা অকবিজনোচিত কথা স্বীকার করতে লজ্জা বোধ হত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অকম্প [স] *বিণ* কাঁপে না এমন। 'অগ্নিময় তেজঃ বাজী ধাইল অম্বরে, অকম্প চামর শিরে।' *মাইকেল*, ১৮৬১।

অকম্পিত [স] **১** *বিণ* কাঁপে না এমন। 'স্বচ্ছ সরোবরে অকম্পিত চন্দ্রকরচ্ছায়া।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বিণ* ভয়ে কাঁপেনি এমন। 'অকম্পিত বক্ষ প্রসারিত।' *রবীন্দ্র*, ১৯৩২।

অকম্প্র [স] *বিণ* স্থিরভাবে জ্বলে এমন। 'এ দায়িত্ব সেই শিল্পী এবং মনীষীরাই পালন করতে পারবেন যাদের আত্মদীপ অকম্প্র।' *শিব*, ১৯৫০।

অকম্মা [স অকর্ম>] *বি* কুঁড়ে। 'অকম্মা খালি তাড়ি গিলচে।' *হাসান*, ১৯৬০।

অকম্যুনিস্ট [ই] *বিণ* কমিউনিস্ট নয় এমন। 'অকম্যুনিস্ট দেশের আক্রমণ।' *আজাদ*, ১৯৬২।

অকর [স] *বিণ* নিষ্কর। 'অকর ভূমিকে সকর করত সহস্রকর সূর্য্যের ন্যায় কর শোষণ করিয়াছিলেন।' *প্রভাকর*, ১৮৫২।

অকরণীয় [স] *বিণ* করা উচিত নয় এমন; অকর্তব্য। *বিদ্যা*, ১৮৬৪; 'প্রভুর অকরণীয় সমুদায় কার্য্য ...।' *বঙ্কিম*, ১৮৭৯।

অকরুণ [স] **১** *বিণ* নিষ্ঠুর। 'কিবা তুমি কর ভয় বঁধু তোর নহে অকরুণ।' *দ্বিজী*, ১৬০০। **২** *বিণ* অসংবেদনশীল। 'আমার অকরুণ সমালোচক বলেছেন ...।' *প্রমথ*, ১৯২৮।

অকরুণা [স] *বি স্ত্রী* করুণাহীন যে। 'অকরুণা! প্রাণ নিয়ে এ কি মিথ্যা অকরুণ খেলা।' *নজরুল*, ১৯২৩।

অকর্কশ [স] *বিণ* কর্কশ নয় এমন। 'প্রসন্নভাবে অকর্কশ মৃদু বচনে করাই শ্রেয়স্কল্প।' *অক্ষয়*, ১৮৫৪।

অকর্ণ [স] *বি* যে কানে শোনে না। 'অচক্ষু সর্ব্বত্র চান অকর্ণ শুনিতে পান অপদ সর্ব্বত্র গতাগতি।' *ভারত*, ১৭৬০।

অকর্তব্য, অকর্ত্তব্য [স] **১** *বিণ* অনুচিত। 'তাহার রাজ্যে আমার কর্তৃত্ব করিয়া কার্য্য করা অকর্ত্তব্য।' *রামরাম*, ১৮০১; 'অকর্ত্তব্য।' *বিদ্যা*, ১৮৬৪। **২** *বিণ* অপারগ। 'করিতে অকর্ত্তব্য।' *কেরি*, ১৮০২। **৩** *বি* অনৌচিত্য। 'কর্তব্যনীতির সঙ্গে ধর্মনীতির বিচ্ছেদসাধন করায় অকর্তব্য নাই।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অকর্তব্যতা, অকর্ত্তব্যতা [স] *বি* ন্যায়বিরুদ্ধতা। 'বহুবিবাহের অকর্ত্তব্যতা বিষয়ে ... এক পত্র লিখিয়াছিলাম।' *অক্ষয়*, ১৮৪২।

অকর্তব্যবুদ্ধি [স] *বি* করা অনুচিত এমন বিবেচনা-বুদ্ধি। 'অকর্তব্যবুদ্ধি মানুষের একটা মহদ্গুণ।' *রবীন্দ্র*, ১৯২৮।

অকর্তৃত [স অকর্তৃত্ব] *বিণ* কর্তৃত্বহীন। 'তিনি কি প্রথিবীর রাজ্যারে করিতে ও অধোম, অকর্তৃত ...।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

অকর্তৃক [স] *বিণ* অক্রিয়। 'সেই দূরত্ববশত সে অকর্তৃক হয়ে উঠেছে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অকর্ম, অকর্ম্ম [স] **১** *বি* অবৈধ কর্ম। 'অকর্ম জাহিলি কার্যে নরকেত পড়ি।' *আলাওল*, ১৬৮০; 'কোন অকর্ম্ম করিলে তাহার দণ্ড ... নাই।' *দর্পণ*, ১৮২১। **২** *বি* খারাপ কাজ। 'এমত অকর্ম মাও কৈলা কি কারণ।' *সুলতান*, ১৭০০।

অকর্মক [স] **১** *বি* কর্ম নেই এমন ব্যক্তি। 'আমরা অকর্মকদের মধ্যে ঝঞ্ঝাট বাধিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯১৫। **২** *বিণ* সক্রিয় নয় এমন। 'এ ঐক্য বড় অকর্মক, ইহা সজীব সকর্মক নয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অকর্মঠ, অকর্ম্মঠ [স] *বিণ* কর্মক্ষম নয় এমন। 'স্ত্রৈণ, অকর্ম্মঠ দশাপ্রাপ্ত হইয়া শেষে মুসলমান-হস্তে লুপ্ত হইলেন।' *বঙ্কিম*, ১৮৯২।

অকর্মণ্য, অকর্ম্মণ্য [স] **১** *বিণ* সক্রিয় নয় এমন। 'অকর্মণ্য মধুমক্ষিকা সঞ্চয়ি মক্ষিকার সহিত চাকে থাকিয়া ...।' *বঙ্গদূত*, ১৮২৯। **২** *বিণ* অনুর্বর। 'জলসেচনের দ্বারা অকর্ম্মণ্য ভূমিকে কর্ম্মণ্যকরণ।' *দর্পণ*, ১৮৩৫। **৩** *বিণ* বিকল। 'ঐ জাহাজ এইক্ষণে অকর্ম্মণ্য হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৮। **৪** *বিণ* ব্যবহারের অযোগ্য। 'তদ্ভিন্ন, গণিতবিদ্যা-সংক্রান্ত আর যে সকল যন্ত্র ছিল, তাহাও অত্যন্ত অপকৃষ্ট ও অকর্ম্মণ্য!' *বিদ্যা*, ১৮৪৯। **৫** *বিণ* কর্মক্ষম নয় এমন। 'আমার শৃঙ্গ যেমন দৃঢ়, তেমনই সুন্দর; কিন্তু, আমার পা দেখিতে অতি কর্দ্দয্য ও অকর্ম্মণ্য।' *বিদ্যা*, ১৮৫৬। **৬** *বিণ* কর্তব্যকর্ম করতে অক্ষম। 'দুই শত অহিফেনসেবী অকর্মণ্য সৈন্য ফেরত পাঠাইতে হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৮১। **৭** *বিণ* উপযোগিতাবর্জিত। 'একটা অকর্ম্মণ্য কারুকার্য পাইলে আর কিছু চাহে না।' *রবীন্দ্র*, ১৮৯২। **৮** *বিণ* কর্মবিমুখ। 'আমরা কুনো অকর্মণ্য।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৯** *বিণ* আলস্যপূর্ণ। 'এরকম অকর্মণ্য দশা ভালো লাগে না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অকর্মণ্যতা [স] **১** *বি* অক্ষমতা। 'আমাদের অহংকার আমাদের অকর্মণ্যতার পৃষ্ঠপোষক।' *প্রমথ*, ১৯১৪। **২** *বি* কর্মহীনতা। 'অলস অকর্মণ্যতার অতিরিক্ত ভদ্র পেশা যাদের আছে আঙুলে গুনিয়া ফেলা যায়।' *মানিক*, ১৯৩৬।

অকর্মণ্যভাবে [স] *ক্রিবিণ* কর্মহীন অবস্থায়। 'অকর্মণ্যভাবে কেবল

AMARBOI.COM

দলাদলি কানাকানি হাসাহাসি করিয়াছি।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অকর্মণ্যা [স] *বিণ স্ত্রী* কর্মে অলস। 'স্ত্রীলোক শিক্ষিতা হইলে অবিনীতা, লজ্জাহীনা ও অকর্মণ্যা হয়।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অকর্মত্ব [স] *বি* কর্মহীনতা। 'পুণ্য কর্ম অকর্মত্ব প্রাপ্ত হয়।' *বঙ্কিম*, ১৮৮২।

অকর্মা, অকর্ম্মা [স] ১ *বিণ* নিষ্কর্মা। *বিদ্যা*, ১৮৬৪: 'বলিলেন, মূর্খ, অকর্মা।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *বি* ভীরু স্বভাবের লোক। 'এ দেশীয় ভাষায়, "ভালো মানুষ" শব্দের অর্থ ভীরু-স্বভাবের লোক – অকর্মা।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অকর্মার ধাড়ি, অকর্মার ধাড়ী *বি* নিতান্ত অলস ব্যক্তি। 'আস্ত একটা অকর্মার ধাড়ী।' *নরেন্দ্র*, ১৯৪৪।

অকর্মিষ্ঠ, অকর্ম্মিষ্ঠ [স] *বিণ* কর্মনিষ্ঠ নয় এমন। 'কর্ম্মিষ্ঠ এবং অকর্ম্মিষ্ঠ ...।' *বঙ্কিম*, ১৮৭৯।

অকর্ষিত [স] *বিণ* চাষ করা হয়নি এমন; অনাবাদি। 'এক বিঘা জমিও দ্বীপের কোনোখানে অকর্ষিত নাই।' *মানিক*, ১৯৩৬।

অকলঙ্ক [স] ১ *বিণ* নিষ্পাপ। 'অকলঙ্ক গৌরচন্দ্র দিলা দরশন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* দাগশূন্য। 'খঞ্জন গঞ্জন আঁখি অকলঙ্ক শশিমুখী।' *মুকুন্দ*, ১৬০০।

অকলুষা [স] *বিণ স্ত্রী* নির্দোষ। 'যেমন সে অকলুষা শিশিরনির্মল উষা।' *রবীন্দ্র*, ১৮৯৬।

অকঙ্কা [স] *বি* জ্যোৎস্না। 'এই নীল অকঙ্কায় নিজব্যক্তিবিম্ব দেখো নাকাল নাচার।' *বিষ্ণু*, ১৯৪১।

অকল্পনীয় [স] *বিণ* কল্পনা করা যায় না এমন। 'দুলিহীন জীবন্ত অকল্পনীয়।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

অকল্পিত [স] *বিণ* কাল্পনিক নয় এমন; বাস্তবিক। *বিদ্যা*, ১৮৬৮।

অকল্পেয় [স] *বিণ* অকল্পনীয়। 'শ্রেয় মেনে নিল ইতিহাস/ অকল্পেয় পরিহাস।' *সুকান্ত*, ১৯৪৮।

অকল্যাণ [স] ১ *বি* অমঙ্গল। *বিদ্যা*, ১৮৬৪; 'উপবাসী থাকিবেন? অকল্যাণ হবে যে।' *বঙ্কিম*, ১৮৮৩; 'মেয়ের দিদিমা অকল্যাণশঙ্কাসত্ত্বেও অশ্রু সংবরণ করিতে পারিলেন না।' *রবীন্দ্র*, ১৯০০। ২ *বি* অনিষ্ট। 'প্রিয়তমে, প্রেম করে অভিশাপ নাশ, দয়া করে অকল্যাণ দূর।' *রবীন্দ্র*, ১৮৯০।

অকল্যাণকর [স] *বিণ* অমঙ্গলজনক; ক্ষতিকর। 'বন্ধুজনের এতাদৃশ অকল্যাণকর বিড়ম্বনা ঘটিলে ...।' *অক্ষয়*, ১৮৫৫।

অকল্যাণকরী [স] *বিণ স্ত্রী* অশুভ। 'কে তুমি গো যশস্বিনি! আলোকিত করি রূপে অকল্যাণকরী দিকে লয়েছ আশয়?' *ঈশান*, ১৯৫৮।

অকল্যাণকারিণী [স] *বিণ স্ত্রী* অশুভকারী। 'অতি ভীষণ, অকল্যাণ-কারিণী ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

অকল্যাণময় [স] *বিণ* অশুভকর। 'অনেক ভূয়োদর্শনাভিজ্ঞ জ্ঞানী মনীষী ভূমিকম্পকে ... অকল্যাণময় ব্যাপার বলিয়া মনে করেন।' *অক্ষয়*, ১৮৫৪।

অকল্যাণময়ী [স] *বিণ স্ত্রী* অশুভকর। 'তাহারা অকল্যাণময়ী হইয়া পড়িবে।' *সওগাত*, ১৯২৯।

অকষ্টবদ্ধ [স] ১ *বিণ* অত্যন্ত সঙ্কটাপন্ন। *বিদ্যা*, ১৮৯১। ২ *বিণ* অত্যন্ত কষ্টসাধ্য। 'সাধুবাংলার বাক্যগঠন পদ্ধতি অকষ্টবদ্ধ।' *সুধীন্দ্র*, ১৯৪০।

অকস্মাৎ, অকস্মাত [স অকস্মাৎ] ১ *ক্রিবিণ* হঠাৎ। 'অকস্মাৎ আইল বুড়ি দক্ষিণ মসানে।' *মুকুন্দ*, ১৬০০; 'অকস্মাত মীন দেখা দিল গাঙ্গদাড়া।' *রূপরাম*, ১৭৫০। ২ *ক্রিবিণ* আকস্মিকভাবে। 'অকস্মাৎ শকটের তলে গেল পড়ি।' *রবীন্দ্র*, ১৮৯৬। ৩ *ক্রিবিণ* অস্বাভাবিকভাবে। 'যদি ব্যাঘ্রিণীর মতো অকস্মাৎ ভুলে গিয়ে হিংসা লোভ যত মানবপুত্রের কর স্নেহের লেহন।' *রবীন্দ্র*, ১৮৯৬। ৪ *বি* আকস্মিক ঘটনা। 'ছেড়েছি সব অকস্মাতের আশা।' *রবীন্দ্র*, ১৯০৬। ৫ *বিণ* অচল। 'কোমরটা একেবারে ভেঙে জন্মের মতো অকস্মাৎ করে দিলেই হয়।' *কায়সার*, ১৯৬২।

অকাজ [স অকার্য] ১ *বি* অন্যায়। 'না শুনিলে মোর বোল হইব অকাজ।' *বড়ু*, ১৫৭০। ২ *বি* অনর্থ। 'দেখিয়া অকাজ হল, না দেখিলে প্রাণ কেন কান্দে।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* অর্থহীন কাজ। 'আমার দিন অকাজেই গেল।' *লালন*, ১৮৯০। ৪ *বি* ফালতু কাজ। 'সাহিত্য রচনা করা তাঁদের মতেই অকাজ।' *প্রমথ*, ১৯১৭। ৫ *বি* কর্মহীনতা। 'কেউ দেখছে অকাজকে সুন্দর।' *অবন*, ১৯২৫।

অকাজুআ [স অকার্য>] *বিণ* কাজের অনুপযুক্ত। *বিদ্যা*, ১৮৯১।

অকাট [স অকাট্য>] *বিণ* অখণ্ডনীয়। 'অকাট সত্য।' *সত্যেন্দ্র*, ১৯২০।

অকাট্য[১] [স অকাষ্ঠ] *বি* মূর্খতা। 'অকাট্য করিস তুই অপজসি হইব মুই।' *কীর্তি*, ১৬৮৯।

অকাট্য[২] [স] ১ *বিণ* অখণ্ডনীয়। 'উপর্য্যুক্ত মনীষিগণের ... অকাট্যযুক্তি-সংবলিত প্রমাণপ্রয়োগের উপরি প্রতিষ্ঠিত।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বিণ* দৃঢ়। 'ভাবনা ও প্রকাশের মধ্যে যেরূপ অকাট্য সম্বন্ধ কল্পনা ও কাজের মধ্যে কি ঠিক তেমনি নহে।' *রবীন্দ্র*, ১৮৮০। ৩ *বিণ* কাটা যায় না এমন। 'খর মাঞ্জায় বোতলচুর কতটা মেশালে সুতো অকাট্য হয়।' *প্রমথ*, ১৯৩১। ৪ *বিণ* যুক্তিপূর্ণ। 'আপাতস্বাচ্ছন্দ্যও একটা অকাট্য পদ্ধতির অন্তর্ভুক্ত।' *সুধীন্দ্র*, ১৯৪০।

অকাতর [স] ১ *বিণ* অকুণ্ঠ। 'জরাসিন্ধু রাজা বড় দানে অকাতর।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* সুস্থ। 'অকাতর দেহে আছিনু মগন সুখনিদ্রার ঘোরে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অকাতরচিত্ত [স] *বি* নিশ্চিন্ত মন। 'প্রসন্নমুখ নাহি কোনো দুখ অতি অকাতরচিত্ত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অকাতরচিত্তে [স] *ক্রিবিণ* অবলীলায়। 'বি.এ. ডিগ্রি অকাতরচিত্তে আমি চুলায় দিতে পারিতাম।' *রবীন্দ্র*, ১৯১৪।

অকাতরে [স] ১ *ক্রিবিণ* দ্বিধাহীনভাবে। 'বীরবর, অকাতরে, পুত্রের মস্তকচ্ছেদন করিল।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *ক্রিবিণ* অনায়াসে। 'বলদের ভারের অনেক লাঘব হইল; তখন সে, অকাতরে চলিয়া যাইতে লাগিল।' *বিদ্যা*, ১৮৫৬। ৩ *ক্রিবিণ* আরামে। 'মেঘাররা কপালের উপর টুপি টেনে দিয়ে অকাতরে নিদ্রা যাচ্ছেন।' *রবীন্দ্র*, ১৮৮১।

অকাব্য [স] *বি* কাব্যগুণের অভাব আছে এমন রচনা। 'বড়ো বড়ো কাব্যে খানিকটা পরিমাণে অকাব্যও মেশানো থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অকাম[১] [স অকর্ম] *বি* অপকর্ম। 'মুঞি পাপি করিলুঁ অকাম।' *সুলতান*, ১৭০০।

অকাম[২] [স] *বি* কামহীনতা। 'অকাম নিস্পৃহ, হায় রম্যযোনী তরল মুকুট।' *শক্তি*, ১৯৬১।

অকামিক [স আকস্মিক] ১ *ক্রিবিণ* অকস্মাৎ। 'অকামিক মন্দির ভেলি বহার।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *ক্রিবিণ* অকারণে। 'অতি পুলকিত

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তনু বিহসি অকামিক।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অকায় [স] ১ *বিণ* দেহহীন। 'যিনি অকায় তিনি কায়ের কাব্যরচনা করেছেন।' *রবীন্দ্র*, ১৯১৬। ২ *বিণ* আকারহীন। 'অকায়, অকঙ্কাল কলকাতা ছায়াময়।' *বুদ্ধ*, ১৯৪০।

অ-কায়া [স] *বিণ* অশরীরী। 'স্বপনের মত – অস্পষ্ট, অ-কায়া।' *মোতাহার*, ১৯৩৭।

অকার [স] *বি* 'অ'-বর্ণ বা 'অ'-ধ্বনি। 'অকার হকার বর্ণে আকার সংযুক্ত।' *রামপ্রসাদ*, ১৭৮০।

অকারাদিক্রম [স] *বি* বর্ণানুক্রম – 'অ' থেকে 'হ' পর্যন্ত ক্রমানুসারে বর্ণ বা শব্দগুচ্ছ সাজানোর পদ্ধতি। **অকারাদিক্রমে** [স] *ক্রিবিণ* বর্ণমালার পরম্পরা অনুসারে। 'অমর সিংহকৃত অভিধান অকারাদিক্রমে ...।' *দর্পণ*, ১৮১৮।

অকারান্ত [স] *বিণ* শব্দের শেষে 'অ' ধ্বনিযুক্ত। 'সমভাবে উচ্চারিত অকারান্ত শব্দের একত্রে ...।' *প্রমথ*, ১৮৯০।

অকারণ [স] ১ *বি* বিনা কারণ। 'তোহ্মে মোর নাহিঁ কাজ মোর পাশ আইস অকারণে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* বিফল। 'তুমি বিনে অকারণ জীবন যৌবন।' *বাহরাম*, ১৬৫০। ৩ *ক্রিবিণ* উদ্দেশ্যহীনভাবে। 'অপর জন্তুদের ন্যায় অকারণ জীবপ্রাণহরণ করে না।' *অক্ষয়*, ১৮৫৪। ৪ *বিণ* ভিত্তিহীন। 'অনর্থক অসূয়া ও অকারণ সন্দেহে তিনি আপনাকে ...।' *রবীন্দ্র*, ১৮৭৮। ৫ *বিণ* অর্থহীন। 'শুধু অকারণ পুলকে ক্ষণিকের গান গা রে আজি প্রাণ ক্ষণিক দিনের আলোকে।' *রবীন্দ্র*, ১৯০০।

অকারণজাত [স] *বিণ* অহেতুক তৈরি হয়েছে এমন। 'এরূপ পার্থক্য যে সকল সময়েই অকারণজাত, তাহা নহে।' *প্রমথ*, ১৯২০।

অকারণসঞ্জাত [স] *বিণ* অহেতুক সৃষ্ট। 'অকারণসঞ্জাত উচ্চহাসি হাসিলাম।' *বঙ্কিম*, ১৮৭৪।

অকারণে [স] ১ *ক্রিবিণ* বিনা কারণে। 'তোহ্মে মোর নাহিঁ কাজ মোর পাশ আইস অকারণে।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রিবিণ* বিনা প্রয়োজনে। 'তাঁহার অন্তকরণ অকারণে শঙ্কিত ও সঙ্কুচিত হইবার নয়।' *অক্ষয়*, ১৮৪৮।

অকারত [অ+কা কার+স ত] *বিণ* অনর্থক। 'হামজা বলে সব অকারত।' *হামজা*, ১৮০৭।

অকারী [স] *বিণ* অক্রিয়। 'সে ম্যুজিয়ম আমাদের শান্তিনিকেতনের লাইব্রেরির মতো অকারী (passive) নয়, সকারী (active)।' *রবীন্দ্র*, ১৯৩১।

অকার্জ, অকার্জ্জ [স অকার্য] *বি* বাজে কাজ। 'প্রবাদ ফলাইল মুই করিয়া অকার্জ্জ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অকার্য, অকার্য্য [স] ১ *বি* অনৈতিক কাজ। 'শাস্ত্রকারেরা গর্হিত অকার্য্য দ্বারা সুহৃদের প্রাণরক্ষা কর্ত্তব্য বলিয়া থাকেন।' *কাদম্বরী*, ১৮৫৩। ২ *বি* নিরর্থক কাজ। 'তদ্ভিন্ন আর সকল ধর্মই কাল্পনিক, আর সকল কার্য্যই অকার্য্য।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বি* অসৎ কাজ। *বিদ্যা*, ১৮৬৪।

অকার্যকর, অকার্য্যকর [স] ১ *বিণ* কার্যকর নয় এমন। 'অকার্য্যকর গ্রন্থ সকল অপেক্ষায় অনেক ভাল।' *অক্ষয়*, ১৮৫০। ২ *বিণ* ব্যর্থ। 'কেন্দ্রীয় ব্যবস্থাও অকার্যকর হইয়া পড়িত।' *আজাদ*, ১৯৪৬।

অকাল [স] ১ *বি* অসময়। 'ধর্ম্ম হিংসা জেই করে অকালে সে মরে।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* অসময়োচিত। 'তেঁই ওকাইল জলপূর্ণ আলবাল অকাল নিদাঘে।' *মাইকেল*, ১৮৬১।

অকাল-অপক্ক [স] *বিণ* বয়স হওয়ার পরও অপক্ক আছে এমন। 'হয় সে অকাল-অপক্ক নয় সে অকালপক্ক।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অকাল-অবসান [স] *বি* সময় হওয়ার আগেই শেষ। 'অকাল-অবসানের অবসাদ।' *রবীন্দ্র*, ১৯২৮।

অকাল-কাব্যানুরাগ [স] *বি* অসময়ে কাব্যের প্রতি অনুরাগ। 'এই অকাল-কাব্যানুরাগ দেখিয়া বন্ধুবান্ধবেরা ...।' *রবীন্দ্র*, ১৮৯৮।

অকালকুষ্মাণ্ড [স] *বিণ* অকেজো। 'ও অকালকুষ্মাণ্ড পীতাম্বরও ঘোর আহাম্মক।' *গিরিশ*, ১৮৮৯।

অকালপক্ক [স] ১ *বিণ* ইঁচড়ে পাকা। 'হয় সে অকাল-অপক্ক নয় সে অকালপক্ক।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বিণ* অকালে পাকা। 'বাঙালির মন এখন অর্ধেক অকালপক্ক এবং অর্ধেক অযথা-কচি।' *প্রমথ*, ১৯১৪।

অকালপক্কতা [স] *বি* অকালে পরিপক্কতা। 'অকালপক্কতার দরুণ গভীর বিরহের কথা ...।' *হাই*, ১৯৫৪।

অকালপ্রয়াতা [স] *বিণ স্ত্রী* অকালে মারা গেছে এমন। 'কল্লোল যুগের লেখিকা এবং অকালপ্রয়াতা ...।' *অচিন্ত্য*, ১৯৫০।

অকালবসন্ত [স] *বি* অসময়ে আসা বসন্ত। 'সেখানে হঠাৎ অকাল-বসন্তের সমাগম।' *রবীন্দ্র*, ১৯০৭।

অকালবৃদ্ধ [স] *বিণ* পরিণত বয়সের আগেই জরাগ্রস্ত। 'থেকো না অকালবৃদ্ধ বসিয়া একেলা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অকালবার্ধক্য [স] *বি* অসময়ে আগত বৃদ্ধাবস্থা। '... অনেকের জীবনে অকালবার্ধক্য এনে দিয়েছিল।' *প্রমথ*, ১৯১৪।

অকালবৃদ্ধতা [স] *বি* অসময়ে আগত বৃদ্ধাবস্থা। 'তার পক্ষে বৃদ্ধের অভিজ্ঞতা হচ্ছে অকালবৃদ্ধতা।' *অন্নদা*, ১৯২৮।

অকালবৃষ্টি [স] *বি* অসময়ের বৃষ্টি। 'অকালবৃষ্টি আছে, বন্যা আছে ...।' *বঙ্কিম*, ১৮৭৯।

অকালবৈধব্য [স] *বি* অসময়ে বিধবার অবস্থা। 'কন্যার কুষ্টিতে যদি অকালবৈধব্যযোগ থাকে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অকাল-বৈশাখী [স] *বি* বৈশাখি ঝড়ের অনুরূপ ঝড়। 'আমি ধূর্জটি, আনি এলোকেশে ঝড় অকাল-বৈশাখীর।' *নজরুল*, ১৯২২।

অকালবোধন [স] *বি* অসময়ে আহ্বান। 'প্রবৃত্তির অকালবোধন ও বিলাসিতার উগ্র উত্তেজনা।' *রবীন্দ্র*, ১৯০৮।

অকাল-ব্যাঘাত [স] *বি* অসময়ে বাধা। 'এ কী অকাল-ব্যাঘাত!' *রবীন্দ্র*, ১৮৯০।

অকালমরণ [স] *বি* পরিণত বয়সের আগেই মৃত্যু। 'দূর কর দুর্গা মোর অকালমরণ।' *মুকুন্দ*, ১৬০০।

অকালমাতৃত্ব [স] *বি* ঠিক বয়সের আগেই মা হওয়া। 'অকালমাতৃত্ব সমাজ হইতে যত শীঘ্র উচ্ছিন্ন হয় ...।' *সওগাত*, ১৯২৬।

অকালমৃত [স] *বিণ* পরিণত বয়সের আগে মারা গেছে এমন। 'অনাহারজীর্ণ রোগশীর্ণ অকালমৃত সন্তানের লাশ।' *নজরুল*, ১৯২৭।

অকালমৃত্যু [স] *বি* পরিণত বয়সের আগেই মৃত্যু। 'আমার নিমিত্তেই স্বামীর এই অকালমৃত্যু হইল।' *বিদ্যা*, ১৮৪৭।

অকাললুপ্ত [স] *বিণ* অসময়ে বিলীন। 'নদীর শীর্ণ সুবাস, জলের অন্তর্বাস থেকে উঠে আসা নিরেট ভারী গন্ধের মধ্যে অকাললুপ্ত হয়ে গেলো।' *ইলিয়াস*, ১৯৭২।

অকালসন্ধ্যা [স] *বি* অসময়ে সন্ধ্যা। 'বর্ষার অকালসন্ধ্যা যখন অত্যন্ত ঘন হইয়া আসিল ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অকালে [স] ১ *ক্রিবিণ* অসময়ে। 'ধর্ম হিংসা জেই করে অকালে সে মরে।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রিবিণ* অন্তত সময়ে। 'অকালে শরতে কৈল চণ্ডীর বোধন।' *কৃত্তিবাস*, ১৬৫০। ৩ *ক্রিবিণ* অপরিণত বয়সে। 'বীরচূড়ামণি বীরবাহু, চলি যবে গেলা যমপুরে অকালে।' *মাইকেল*, ১৮৬১।

অকালে জ্ঞাত [স] *বিণ* অসময়ে জন্ম নিয়েছে এমন। 'ডিম্ব হইতে অকালে জ্ঞাত অরুণের মতো পঙ্গু হইয়াই থাকে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অকাল্পনিক [স] ১ *বিণ* অকল্পিত । *বিদ্যা*, ১৮৬৪। ২ *বিণ* বাস্তবিক। 'সে যে অকাল্পনিক, সে যে সত্য।' *রবীন্দ্র*, ১৯৩০।

অকাশ [স আকাশ] *বি* আকাশ। 'ফিটেলি অন্ধারী রে অকাশ ফুলিআ।' *চর্যা ৫০*, ১২০০।

অকাস [স আকাশ] *বি* আকাশ। 'কবরীভয়ে শিখী গেয় গিরিকন্দরে মুখভয়ে চান্দ অকাসে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অকিঞ্চন [স] ১ *বিণ* দরিদ্র। 'ভাট অকিঞ্চন জন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* দীনহীন ব্যক্তি। 'শুন অকিঞ্চনের গোহারি।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* অভাব। 'আমার ধনের কিছু অধিক অকিঞ্চন নাই।' *রামরাম*, ১৮০১। ৪ *বি* অতি সাধারণ ব্যক্তি। 'অকিঞ্চনের বোধে এই হয় যে ... অত্যন্ত হিতের সম্ভাবনা।' *দর্পণ*, ১৮৩১। ৫ *বি* ন্যূনতা। 'এতদর্থ এই অকিঞ্চনের বোধে এই দুই নিয়মের অধিক আবশ্যক।' *দর্পণ*, ১৮৩৩। ৬ *বি* ভক্ত। 'কর দুঃখমোচন অকিঞ্চনের আকিঞ্চন।' *দাশরথি*, ১৮৪০। ৭ *বিণ* অধম। 'জনগণের মধ্যে আমি অতি হেয় ও অকিঞ্চন।' *প্যারী*, ১৮৫৮। ৮ *বি* নগণ্যজন। 'কৃপা প্রভু কর অকিঞ্চনে।' *মাইকেল*, ১৮৬১। ৯ *বিণ* নিঃস্ব। 'হিনু আমি অকিঞ্চন।' *সত্যেন্দ্র*, ১৯১০।

অকিঞ্চনতা [স] ১ *বি* দীনতা; দরিদ্রতা। *বিদ্যা*, ১৮৬৪; 'অনায়াসে অকিঞ্চনতার স্যাকরা গাড়িতে ওর চন্দ্রমাস্টারের জুড়ি হতে পারত।' *রবীন্দ্র*, ১৯১৫। ২ *বি* দারিদ্র্যের লক্ষণ। 'যৎসামান্য ভাব ও ছিন্নবস্ত্র অকিঞ্চনতা যেন কেবল একটা মস্ত বেয়াদবি।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৩ *বি* তুচ্ছতা। 'বিষয়হীনের অকিঞ্চনতা তাঁদের কাছে ফস করে ধরা পড়ে গেল।' *রবীন্দ্র*, ১৯২৯।

অকিঞ্চিৎকর [স] ১ *বিণ* নিষ্ফল। 'ভক্তি বিনা জপ তপ অকিঞ্চিৎকর।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* অমূলক। 'তাবদ্ভারতবর্ষীয় লোকের স্নেহপাত্র যে গবর্ণমেণ্ট হইবেন এই অনুভব নিতান্তই অকিঞ্চিৎকর।' *দর্পণ*, ১৮৩৩। ৩ *বিণ* তুচ্ছ। 'সংসার অতি অকিঞ্চিৎকর।' *বিদ্যা*, ১৮৪৭। ৪ *বিণ* ভিত্তিহীন। 'একান্ত শোচনীয় অকিঞ্চিৎকর দৈবের প্রশংসা করিতেছেন?' *রবীন্দ্র*, ১৮৭৭। ৫ *বিণ* খেলো। 'সংস্কৃত কাব্য বাংলা অনুবাদে অত্যন্ত অকিঞ্চিৎকর শুনিতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৬ *বিণ* অতিসামান্য। '... অকিঞ্চিৎকর হলেও যার আছে বিশেষত্ব।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অকিঞ্চিৎকরতা [স] *বি* সামান্যতা। 'বুদ্ধির অতি ক্ষুদ্রতা ও অকিঞ্চিৎকরতা উপলব্ধি করিয়া ... স্তম্ভিত।' *অক্ষয়*, ১৮৫৪।

অকিঞ্চিৎকরত্ব [স] *বি* অভাব; দীনতা। 'ভোজ্যসামগ্রীর অকিঞ্চিৎকরত্ব সম্বন্ধে ... বলিতে থাকেন।' *রবীন্দ্র*, ১৮৯১।

অকির্তি, অকির্ত্তি [স অকীর্তি] *বি* কুখ্যাতি। 'অকির্ত্তির ভএ পুত্র এড়িবারে চাহে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অকিলেস [স অক্লেশ] *বি* ক্লেশহীনতা। 'বিদ্যা করি দমকু অকিলেসেঁ।' *চর্যা ৯*, ১২০০।

অকিলেসেঁ [স অক্লেশ>] *ক্রিবিণ* বিনা বাধায়। 'বিদ্যা করি দমকু অকিলেসেঁ।' *চর্যা ৯*, ১২০০।

অকীর্তি [স] *বি* কুখ্যাতি। 'রণক্ষেত্র হইতে পলায়ন করিলে, ইহলোকে অকীর্তি ও পরলোকে নরকপাত হয়।' *বিদ্যা*, ১৮৪৭।

অকীর্তিকর [স] *বিণ* নিন্দাকর। *বিদ্যা*, ১৮৬৪।

অকীর্তিত, অকীর্ত্তিত [স] ১ *বিণ* কীর্তি বলে বিবেচিত হয় না এমন। 'অকথিত, অকীর্ত্তিত/ কর্ম মোদের যেমতি হোক।' *সত্যেন্দ্র*, ১৯০৮। ২ *বিণ* অপ্রশংসিত। 'অকীর্তিত সেবার কাজে অঙ্গ হবে ক্ষীণ।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অকুণ্ঠ [স] ১ *বিণ* কুণ্ঠাহীন। 'যে দস্যুরা বিজ্ঞানের মহৎ ব্রতকে অকুণ্ঠ বর্বরতায় পর্যবসিত করিতেছে ...।' *রবীন্দ্র*, ১৯৩৯। ২ *বিণ* উদার। 'ইহাকে অকুণ্ঠ প্রশংসা করতে হয়।' *বেগম*, ১৯৫২।

অকুণ্ঠচিত্ত [স] *বি* কুণ্ঠাহীন মন। 'জনসাধারণ অকুণ্ঠচিত্তে পরিপূর্ণ বিদ্রোহ করতে পারে।' *নজরুল*, ১৯২৪।

অকুণ্ঠচিত্তে *ক্রিবিণ* নির্দ্বিধায়। 'জনসাধারণ অকুণ্ঠচিত্তে পরিপূর্ণ বিদ্রোহ করতে পারে।' *নজরুল*, ১৯২৪; 'আমিও একে অকুণ্ঠচিত্তে মেনে নিতে পারি।' *রবীন্দ্র*, ১৯৪১।

অকুণ্ঠা [স] *বি* একনিষ্ঠতা। 'প্রাণ গেলেও যত্নে রবে অকুণ্ঠা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অকুণ্ঠিত [স] *বিণ* কুণ্ঠাহীন; দ্বিধাহীন। 'যে পুরুষ অসংশয়ে অকুণ্ঠিতভাবে নিজেকে প্রচার করিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০১; 'সুগঠিত চিত্ত।' *নবনূর*, ১৯০৩।

অকুণ্ঠিতচিত্ত [স] *বি* সংশয়হীন মন। 'নীরবে অকুণ্ঠিতচিত্তে মানিয়া লইল।' *রবীন্দ্র*, ১৯০৯।

অকুণ্ঠিতভাবে [স] *ক্রিবিণ* দ্বিধাহীনভাবে; জড়তাহীনভাবে। 'যে পুরুষ অসংশয়ে অকুণ্ঠিতভাবে নিজেকে প্রচার করিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০১।

অকুণ্ঠিতা [স] *বিণ* স্ত্রী কুণ্ঠাহীন। 'উষার উদয়-সম অনবগুণ্ঠিতা তুমি অকুণ্ঠিতা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অকুতোভয় [স] *বি* নির্ভীকতা। 'অকুতোভয়ে বিচার ধর্ম নিয়মাচরণে সকল বিবাদবিষয় তদাদি তদন্ত।' *দর্পণ*, ১৮২২; 'আমি অকুতোভয়ে কহিতেছি।' *দর্পণ*, ১৮৩৮।

অকুতোভয়তা [স] *বি* একান্ত ভয়শূন্যতা। 'তাঁহার দয়া, সৌজন্য, অকুতোভয়তা দর্শনে, ব্যক্তিমাত্রেই মোহিত।' *বিদ্যা*, ১৮৬৩।

অকুতোভয়ে [স] *ক্রিবিণ* নির্ভীকভাবে। 'অকুতোভয়ে বিচার ধর্ম নিয়ম-চরণে সকল বিবাদবিষয় তদাদি তদন্ত।' *দর্পণ*, ১৮২২।

অকুফ [আ ওয়াকুফ] *বি* কাণ্ডজ্ঞান। 'তোমার বেটার নহে আক্কেল অকুফ।' *গরীব*, ১৭৬৫।

অকুম [আ হুকুম] *বি* আদেশ। *মানোএল*, ১৭৪৩।

অকুমার [স] *বি* যুবক। 'আমার বংশের ভাগ্য বিশ্বরূপ পুত্র যোগ্য অকুমার করিল সন্ন্যাস।' *জয়ানন্দ*, ১৬৫০।

অকুমারধর্ম [স] *বি* ব্রহ্মচর্য। 'বৃথা অকুমার ধর্মে শরীর শোষয়।' *বৃন্দা*, ১৫৮০।

অকুমারী [স] ১ *বিণ* স্ত্রী অবিবাহিত। 'অকুমারীকালে জন্ম হইল নন্দনে।' *কাশীরাম*, ১৬৫০। ২ *বিণ* স্ত্রী প্রাপ্তবয়স্ক। 'তুমি অকুমারী সতী অবশ্য চাহি তোমার পতি।' *বিজয়*, ১৬৫০। ৩ *বিণ* তরুণ বয়স্ক। 'অকুমারী রামা আক্ষি বান্ধববর্জিত।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৪ *বি*

AMARBOI.COM

নিষ্পাপ কুমারী। 'সে অতি উত্তম নির্মল সম্পূর্ণো দয়াএ বক্রপাতে অকুমারীর উদরে পরমেশর ওমত।' *অন্তোনিয়ো*, ১৭৪৩।

অকুল[১] [স অকূল] *বি* বিপদ। 'সখি হে অব অকুল শত নাহি মানি।' *গোবিন্দ*, ১৬০০।

অকুল[২] [স] *বিণ* অকুলীন। 'কেহো কুল অকুল কেহো বড় বেহাল।' *কৃত্তিবাস*, ১৬৫০।

অকুলান [স অকুলন] *বি* অভাব; টানাটানি। 'যে তিন হাজার টাকার অকুলান হইয়াছে ইহা দিতে অস্বীকৃত হন।' *দর্পণ*, ১৮৩২।

অকুলিষ্ট [ই oculist] *বি* চক্ষুবিজ্ঞানী। 'অকুলিষ্ট – বিলেত থেকে পাশ করে এসেছেন।' *জীবন*, ১৯৩২।

অকুলীন [স] ১ *বি* কুলীন বংশে জাত নয় এমন ব্যক্তি। 'অকুলীনে দিলে সুতা সভামাঝে হেঁটমাথা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* অখ্যাত। 'ভিড়ের মধ্যে একটা ছোটো রন্ধ্র দিয়ে রাজার চোখে পড়ল এক অকুলীন আমেরিকানী।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অকুলোন [স অকুলন] *বি* অভাব। 'পাতে যদি কিছু হত অকুলোন।' *রবীন্দ্র*, ১৮৯৯।

অকুশল [স] ১ *বি* বিপদ। 'কিয়ে অকুশল কহ মোয়।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* অমঙ্গল। 'আব্বাসে স্বপন শুনি অকুশল হেন জানি।' *সুলতান*, ১৭০০।

অকুস্থল [আ ওয়াকুয়াত+স স্থল] *বি* ঘটনাস্থান। 'দারোগা সাহেব একপাল পুলিশসহ অকুস্থলে হাজির হইলেন।' *মনসুর*, ১৯৩৫।

অকুস্থান [আ ওয়াকুয়াত+স স্থান] *বি* ঘটনাস্থল। 'অকুস্থানে গমন করিয়া রিলিফের কাজ করিতে লাগিলেন।' *মনসুর*, ১৯৩৫।

অকূপার [স] *ক্রিবিণ* অপরিসীমভাবে; তীব্রভাবে। 'দুর্বহ বাড়ব বহ্নি বহে।' অকূপার।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অকূল [স] ১ *বিণ* তীরহীন। 'নৌকা লয় অকূল সাগরে।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* সমুদ্র। 'ঢেউ দেখে যে ভয় পাবে না, অকূল পারে নে যাই তারে।' *গিরিশ*, ১৮৮৭। ৩ *বি* আশ্রয়হীন অবস্থা। 'কূল ত্যজে হে অকূলে ভাসি।' *গিরিশ*, ১৮৮৭; 'আমার দিন কি যাবে এই হালে আমি পড়ে আছি অকূলে।' *লালন*, ১৮৯০। ৪ *বি* যার কোনো আশ্রয় নেই। 'সুখ দুঃখ মাঝে দোলে, নিবিড় আঁধারে, অকূলে না কূল পায়, দারুণ শৃঙ্খল পায়।' *গিরিশ*, ১৮৮৭। ৫ *বিণ* সীমাহীন। 'গাও রে আজি নিশীথ-রাতে অকূল-পাড়ির আনন্দগান।' *রবীন্দ্র*, ১৯০৬। ৬ *বি* অপার ভুবন। 'চলবি ছুটে অকূল পানে।' *রবীন্দ্র*, ১৯১৬। ৭ *বি* অপার শূন্য জগৎ। 'আশমানে তারা চায় – চলে আয় এ অকূল।' *নজরুল*, ১৯২৬। ৮ *বি* জানা নেই এমন স্থান। 'সকালের রূঢ় রৌদ্রে ডুবে যেত কোন অকূলে।' *জীবন*, ১৯৪২।

অকূলতা [স] *বি* কূলহীনতা। 'দৃশ্যবিহীন অকূলতায় খোলে জলের জটা।' *শঙ্খ*, ১৯৬৬।

অকূলপাথার [স অকূল+স প্রান্তর>] ১ *বি* মহাবিপদ। 'অবশেষে অকূলপাথারে পড়িয়া দুকূল হারান।' *ভবানী*, ১৮২৮। ২ *বি* অসীম সমুদ্র। 'মল্লীটা মরুক ডুবে অকূল পাথারে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

অকূলসমুদ্র [স] *বি* মহাসঙ্কট। 'বন্ধহস্তপদ হইয়া একেবারে অকূলসমুদ্রে নিক্ষিপ্ত হইলাম।' *দর্পণ*, ১৮৩৩।

অকূলের পতি [স অকূল>+স পতি>] *বি* বিপদে ত্রাণকর্তা। 'লালন কয় অকূলের পতি কে বলবে তোমায়।' *লালন*, ১৮৯০।

অকৃত [স] *বিণ* অনিষ্পন্ন। 'তাহাতে কোন প্রকার দুষ্কর্ম অকৃত থাকিবে।' *অক্ষয়*, ১৮৪৪।

অকৃতকর্ম [স] *বি* করা হয়নি এমন কাজ। 'প্রথম বয়সের সমস্ত অকৃতকর্মের বকেয়া।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অকৃতকর্মা [স] *বিণ* অপটু। 'ছেলেটা অকৃতকর্মা।' *অবন*, ১৯২৫।

অকৃতকাম [স] *বিণ* অসফল। 'ম্যাডারিনরাও এ প্রভাবের অনতিক্রম্যতা অস্বীকারে অকৃতকাম।' *শিব*, ১৯৭৩।

অকৃতকার্য [স] *বিণ* ব্যর্থ। 'বাপ অকৃতকার্য হইয়া চলিয়া গেলেই বালকদের সঙ্গে বাজি রাখিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

অকৃতকার্যতা [স] *বি* ব্যর্থতা। 'ক্ষতি বা অকৃতকার্যতা ভয়ের বিষয় নহে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অকৃতকীর্তি [স] *বিণ* কৃতী নয় এমন। 'সেখানকার অখ্যাতনামা অকৃতকীর্তি লোকরা তাদের সর্বাপেক্ষা পরিচিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অকৃতদার [স] *বিণ* অবিবাহিত। 'আমি অকৃতদার।' *বিদ্যা*, ১৮৬৩।

অকৃতবিদ্য [স] *বিণ* অশিক্ষিত। *দর্পণ*, ১৮২০।

অকৃতবেশা [স] *বিণ* স্ত্রী সুসজ্জিত নয় এমন। 'অকৃতবেশা, অসংস্কৃতা মেয়েলি ছড়াগুলি দাঁড় করাইয়া দিলে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অকৃতাপরাধ [স অকৃত-অপরাধ] *বি* করা হয়নি এমন অপরাধ। *বিদ্যা*, ১৮৬৪; 'ওথলো অকৃতাপরাধে তাঁহার কুলটা বলিয়া অপমানের একশেষ করিয়াছিলেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

অকৃতার্থ [স অকৃত-অর্থ] ১ *বিণ* অসফল। 'পৃথিবীতে শত শত অকৃতার্থ জীবন পরম দুঃখে নষ্ট হয়ে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বিণ* ব্যর্থ। 'এইজন্য পৃথিবীতে অনেক পুরুষ অকৃতার্থ।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *বিণ* অকৃতকার্য। 'নিজগুণেই অকৃতার্থ হতে পারি।' *রবীন্দ্র*, ১৯১১।

অকৃতার্থতা [স] *বি* অসাফল্য। 'আমাদের দেশে এই অকৃতার্থতার কি একটা কারণ নয় মেয়েরাই?' *রবীন্দ্র*, ১৮৯৭।

অকৃতজ্ঞ [স] *বিণ* উপকারীর উপকার স্বীকার করে না এমন। 'আমায় নিতান্ত স্বার্থপর ও যার পর নাই অকৃতজ্ঞ ভাবিতেছেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অকৃতজ্ঞতা [স] *বি* কৃতজ্ঞতাহীনতা। 'তাহার নিকট সম্পূর্ণ অপরাধী হইয়াছ, এবং ... অকৃতজ্ঞতা প্রদর্শন করিয়াছ।' *বিদ্যা*, ১৮৪৭।

অকৃতি [স অকৃতী] ১ *বিণ* অযোগ্য। 'অকৃতি অবোধ অতি নাই কিছু জ্ঞান।' *মানিকরাম*, ১৭৮১। ২ *বিণ* অসমর্থ। 'অকৃতি সহোদর কৃতি সহোদরের শ্রমার্জিত ধনের অংশী হয়েন।' *বঙ্গদূত*, ১৮২৯।

অকৃতিত্ব [স] *বি* কৃতিত্ব নেই এমন অবস্থা; অযোগ্যতা। *বিদ্যা*, ১৮৬৪; 'স্ত্রী এই উক্তিতে তাঁহার অকৃতিত্বের প্রতি লক্ষ্য করিলেন।' *প্রভাত*, ১৮৯৭।

অকৃতী [স] *বিণ* অযোগ্য। 'ঐ অকৃতী ভ্রাতা যদ্যপি কোন বিষয়কর্ম্মে প্রবৃত্ত থাকিতেন।' *বঙ্গদূত*, ১৮২৯।

অকৃত্রিম [স] ১ *বিণ* খাঁটি। 'চতুর্দিকে অকৃত্রিম স্বর্ণরচিত ঝালর।' *দর্পণ*, ১৮২১। ২ *বিণ* আন্তরিক। 'অকৃত্রিম অনুরাগের দৃঢ়তর প্রমাণস্বরূপ তাঁহার চরণে সমর্পণ করিলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

অকৃত্রিমতা [স] *বি* খাঁটিত্ব। 'আমার ভিতরকার সত্য যথোচিত শ্রদ্ধা এবং অকৃত্রিমতার সঙ্গে প্রকাশ করবার চেষ্টা করি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অকৃপণ [স] ১ *বিণ* উদার। 'অনেক দেছেন যিনি মানবেরে অকৃপণ করে।' *সত্যেন্দ্র*, ১৯১২। ২ *বিণ* পর্যাপ্ত। 'শিক্ষাবিস্তারের ... অকৃপণ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অধ্যবসায়।' *রবীন্দ্র*, ১৯৪১।

অকৃপণবর্ষণ [স] *বি* অবাধে বর্ষণ। 'অকৃপণবর্ষণ করুণাঘন হে।' *রবীন্দ্র*, ১৯২৭।

অকৃপণা [স] **১** *বিণ স্ত্রী* উদার। 'অকৃপণা কবিপ্রতিভা তাহার প্রতিও অজস্র করুনাবর্ষণ করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০০। **২** *বিণ স্ত্রী* কম প্রতিকূল। 'যেসব দেশে প্রকৃতি ইউরোপের চেয়ে অকৃপণা ...।' *সবুজ*, ১৯২০।

অকৃপা [স] *বি* নির্দয় ব্যবহার। 'বসিল রুষিয়া তাহারে অকৃপা করি।' *ভারত*, ১৭৬০।

অকৃষক [স] **১** *বি* যে কৃষিকাজের সাথে জড়িত নয়। 'কৃষকের জোত অকৃষকে কিনতে পারবে কি না।' *প্রমথ*, ১৯১৯। **২** *বিণ* কৃষিকাজের সঙ্গে জড়িত নয় এমন। 'লক্ষ লক্ষ দরিদ্র অকৃষক পরিবারের কথা উল্লেখ করিয়াছি।' *সওগাত*, ১৯৪৬।

অকৃষ্ট [স] *বিণ* চাষ করা হয়নি এমন। 'এই এক নূতন ও অকৃষ্ট ক্ষেত্র।' *দর্পণ*, ১৮৩১।

অকৃষ্ণ [স] **১** *বিণ* কালো নয় এমন। 'দেহকান্ত্যে হয় তিঁহো অকৃষ্ণবরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* হলুদ। 'অকৃষ্ণ বরণে কহি পীতবরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* নিষ্কলঙ্ক। 'অকৃষ্ণ শান্তনুতনয়।' *কালীপ্র*, ১৮৬৬।

অকেজুয়া [স অকার্য>] *বিণ* অকাজের। 'এমন স্থূল ও অলস উদর, যে নিতান্ত অকেজুয়া।' *তারিণী*, ১৮০৩।

অকেজো [স অকার্য>] **১** *বিণ* কাজে লাগে না এমন। 'ভগবান তাদের হাত পা দিয়েছেন বটে, কিন্তু সে সকলই অকেজো।' *মশাররফ*, ১৮৬৯। **২** *বিণ* অকর্মণ্য। 'কেজো ক্রমে হচ্ছে অকেজো পলিটিক্সের পাঁশ ঠেলে।' *নজরুল*, ১৯২৬।

অ-কেতাবী [অ+আ কিতাব>] *বিণ* পুঁথিগত নয় এমন। 'বলবার কায়দাও অ-কেতাবী।' *প্রমথ*, ১৯৩১।

অকৈতব [স] *বিণ* অকপট। 'অকৈতব কৃষ্ণপ্রেম যেন জাম্বূনদ হেম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অকোপ [স] *বিণ* শান্ত। 'অকোপ হআঁ মোর আবথা দেখ।' *বড়ু*, ১৪৫০।

অকোপন [স] *বিণ* সহসা ক্রুদ্ধ হয় না এমন। *বিদ্যা*, ১৮৬৪।

অকৌশল [স] **১** *বি* বিবাদ। 'এইরূপে দুইজনে হল অকৌশল।' *কাশীরাম*, ১৬৫০। **২** *বি* অদক্ষতা। 'এই অকৌশলের সত্বর সামঞ্জস্য বিধান করা আবশ্যক।' *এডুকেশন*, ১৮৭৩।

অক্কা [ফা আক্কা] *বি* মৃত্যু। **অক্কা পাওয়া** *ক্রি* মারা যাওয়া। 'ধাক্কা খেয়ে অক্কা পেয়ে, যেতে হবে কলের ঘাটে।' *গুপ্ত*, ১৮৫৮।

অক্টেভ [ই] *বি* (সংগীত) অষ্টস্বর; এক 'সা' থেকে আরেক 'সা' পর্যন্ত আটটি স্বর। 'আমার অক্টেভ নীচের দিকেই বা কতদূর ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অক্টোপাশ, অক্টোপাস [ই] **১** *বি* আট বাহুওয়ালা সামুদ্রিক প্রাণীবিশেষ। 'ভিতরকার চেহারা দেখতে পাই কুৎসিত অক্টোপাস জন্তুর মতো।' *রবীন্দ্র*, ১৯৩৪; 'চায়ের পেয়ালায় হাত দেবার পূর্বেই অক্টোপাশের পঞ্চপাশ খসে গেল।' *মুজতবা*, ১৯৪৯। **২** *বি* দৃঢ় বন্ধন। 'কী ভীষণ অক্টোপাশে মনে হয় গিয়েছি জড়িয়ে।' *মাহমুদ*, ১৯৬৩।

অক্টোপাশ-বন্ধন [ই অক্টোপাশ+স বন্ধন] *বি* সহজে মুক্ত হওয়া যায় না এমন বন্ধন। 'বেশী করে অক্টোপাশ-বন্ধনে আবদ্ধ করেছে।' *মাহেনও*, ১৯৪৯।

অক্টোবর, অক্তোবর [ই] *বি* খ্রিস্টাব্দের দশম মাস। '২১ অক্টোবর ১৮২০।' *দর্পণ*, ১৮২০; '১ অক্তোবর তারিখে এক বৈঠক হইবেক।' *দর্পণ*, ১৮২৯। *দ্র* **অক্তবর**

অক্ত [আ ওয়াক্ত] *বি* বেলা। 'ইচ্ছাগতে পঞ্চ অক্ত নামাজ তরফে।' *আলাওল*, ১৬৮০।

-অক্ত [স] *বিণ* লিপ্ত। 'তৈলাক্ত [তৈল-অক্ত]।' *বিদ্যা*, ১৮৬৪।

অক্রিয় [স] *বিণ* নিষ্ক্রিয়। 'পর্বত বা সরোবর বিরাজ করে অক্রিয় অর্থাৎ প্যাসিভভাবে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অক্রূর [স] *বিণ* সরল; অকুটিল। 'অক্রূর-যানের [ভাগবত] শ্লোক পড়িয়া পড়িয়া।' *বৃন্দা*, ১৫৮০।

অক্রূরযান [স] *বি* ভাগবত (সোজা পথ অর্থে)। 'অক্রূরযানের শ্লোক পড়িয়া পড়িয়া।' *বৃন্দা*, ১৫৮০।

অক্রেয় [স] *বিণ* দুর্মূল্য; মহার্ঘ। 'যখন যে বস্তু অধিক মূল্যে কিনিতে হয়, তখন তাহাকে মহার্ঘ বা অক্রেয় বলে।' *বিদ্যা*, ১৮৫১।

অক্রোধ [স] **১** *বিণ* ক্রোধহীন। 'অক্রোধ পরমানন্দ মোর গৌর হরি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* ক্রোধহীনতা। 'অক্রোধে যে স্বামী সেবা করে, সেই স্ত্রী ভর্তার ধর্মভাগিনী ও হৃদয়ঙ্গমা হয়।' *স্ত্রীশিক্ষা*, ১৮২২।

অক্রোধন [স] *বিণ* ক্রুদ্ধস্বভাব নয় এমন। *বিদ্যা*, ১৮৬৪।

অক্লান্ত [স] **১** *বিণ* ক্লান্ত নয় এমন। *বিদ্যা*, ১৮৬৪; 'তোমারে প্রণমি আমি হে ভীষণ, সুস্নিগ্ধ শ্যামল, অক্লান্ত অম্লান।' *রবীন্দ্র*, ১৮৯৯। **২** *বিণ* অপার। 'তোমা-মাঝে অনন্তের অক্লান্ত বিস্ময়।' *রবীন্দ্র*, ১৯২৫। **৩** *বিণ* বিরতিহীন। 'দেহমাংসের অক্লান্ত লোলুপতা দিয়ে কল্পস্বর্গ রচনা করে।' *রবীন্দ্র*, ১৯৩২। **৪** *বিণ* অসীম। 'অক্লান্ত বিস্ময়।' *রবীন্দ্র*, ১৯৩৭; 'সর্বত্র অক্লান্ত শ্রমে। স্বপ্নের মৃণালে মুখ তার।' *শামসুর*, ১৯৫৯। **৫** *বিণ* নিরলস। 'তাই নিয়ে গবেষণা চলে অক্লান্ত।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অক্লান্তকর্মা [স] *বিণ* পরিশ্রমে ক্লান্তি নেই এমন। 'একজন ধীর অক্লান্তকর্মা লোক চাই।' *তারা*, ১৯৫৩।

অক্লান্তকর্মী [স] *বিণ* নিরলস কর্মদক্ষ। 'প্রয়োজন হয়ে পড়েছিল দুঃসাহসী, অক্লান্তকর্মী সর্বত্যাগী সংগ্রামী মানুষ বিদ্যাসাগরের।' *শরীফ*, ১৯৭০।

অক্লান্তভাবে [স] *ক্রিবিণ* ক্লান্তিহীনভাবে। 'অক্লান্তভাবে প্রভুর গৃহে অমানুষিক পরিশ্রম করিতে লাগিল।' *সৎসঙ্গ*, ১৮৯৮।

অক্লিষ্ট [স] *বিণ* ক্লান্তিহীন। 'তিনি অক্লিষ্ট অধ্যবসায় প্রদর্শন করিয়াছিলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

অক্লিষ্টকর্মা, অক্লিষ্টকর্মা [স] *বিণ* অনায়াসে কর্মসম্পাদনকারী। 'সেই মহাবল পরাক্রান্ত অক্লিষ্টকর্মা কৃষ্ণকে অবগত হইতে সমর্থ হও নাই।' *কালীপ্র*, ১৮৬৬।

অক্লেশ [স] *বি* অনায়াস। **অক্লেশে** *ক্রিবিণ* অনায়াসে। 'দাদনীর টাকা অক্লেশে ফিরিয়া দিতে পারে।' *বঙ্গদূত*, ১৮২৯।

অক্ষ [স] **১** *বি* চক্ষু। 'কুম্ভকার চক্র যেন ঘুরে দুই অক্ষ।' *কাশীরাম*, ১৬৫০। **২** *বি* রুদ্রাক্ষের মালা। 'অক্ষসূত্র কমণ্ডলুধারী।' *ভারত*, ১৭৬০; 'হেরিবে তাহার অক্ষরাজিতে তোমারি সে নামমালা।' *মোহিত*, ১৯৪০। **৩** *বি* পাশাখেলা। 'পত্নীমহিষীর সহিত অক্ষক্রীড়া করেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। **৪** *বি* বিশ্বরেখা থেকে মেরুর দিকে কোনো স্থানের কৌণিক দূরত্ব। 'ম্যাপে ... অক্ষ ও দ্রাঘিমা দেওয়া

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আছে।' *বিভূতি*, ১৯৩৭।

অক্ষক্রীড়া [স] *বি* পাশাখেলা। 'পত্নীমহিষীর সহিত অক্ষক্রীড়া করেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অক্ষবাট [স] *বি* কুস্তির আখড়া। *বিদ্যা*, ১৮৬৪।

অক্ষবিদ্যা [স] *বি* পাশাখেলা। 'কুক্ষণে শিখিলা পাপ অক্ষবিদ্যা, নাথ, সে পাপীর কাছে।' *মাইকেল*, ১৮৬২।

অক্ষবিন্দু [স] *বি* চোখের তারা। 'সেই অক্ষবিন্দুতে দেখলুম প্রতিবিম্বিত হচ্ছে বহুজনের মুখ।' *মুজতবা*, ১৯৬০।

অক্ষমালা [স] *বি* রুদ্রাক্ষের মালা। 'বাঘছাল, অক্ষমালা, বিভূতি কলাপ।' *দীনবন্ধু*, ১৮৬৭।

অক্ষসূত্র [স] *বি* রুদ্রাক্ষের মালা। 'অক্ষসূত্র কমণ্ডলুধারী।' *ভারত*, ১৭৬০।

অক্ষহার [স] *বি* রুদ্রাক্ষের মালা। 'অঙ্গে পরিব গৈরিক বাস, গলায় অক্ষহার।' *জসীম*, ১৯২৯।

অক্ষটি [স আখেটক] *বি* ব্যাধ; শিকারি। 'ধরিয়া অক্ষটি তার বধিল জিবন।' *মালাধর*, ১৫০০।

অক্ষণ [স] *বি* অসময়। 'অদ্য অদিনে, অক্ষণে, তাহাকে কন্যাচতুষ্টয় প্রদান করিবে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অক্ষত [স] ১ *বিণ* পূর্ণ। 'অক্ষত যৌবন মোর বধু রূপবতি।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বিণ* কোনো রকম ক্ষত নেই এমন। 'বালক অক্ষত শরীরে গর্ভ হইতে নির্গত হইয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৩ *বি* আতপ চাল। 'দধিপাত্র, ফল, পুষ্প ও অক্ষত ইত্যাদি যাবতীয় মঙ্গলজনক দ্যব্যসামগ্রী হস্তে করিয়া উপস্থিত হইলেন।' *কালীপ্র*, ১৮৬৬।

অক্ষতদেহ [স] *বিণ* অবিকৃত অবস্থা এমন। 'তোমার ইস্পাতকে অক্ষতদেহ উন্নত-শির করে রাখো।' *নজরুল*, ১৯২৭।

অক্ষতযুনি [স অক্ষতযোনি] *বিণ স্ত্রী* যৌনসঙ্গম হয়নি এমন। 'পূর্ব্বে অক্ষত যুনি আছিল জে মত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অক্ষতযোনি [স] ১ *বি স্ত্রী* যৌনসঙ্গম হয়নি এমন শারীরিক অবস্থা। 'হইল অক্ষত যোনি ঋষির বচনে।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বিণ* যে বিবাহিত নারীর যৌনসঙ্গম হয়নি। 'অক্ষতযোনি।' *বিদ্যা*, ১৮৬৪।

অক্ষবাট দ্র অক্ষ

অক্ষবিদ্যা দ্র অক্ষ

অক্ষম [স] ১ *বিণ* অসমর্থ। 'তাবৎ বৃত্তান্ত বর্ণনে অক্ষম হইলাম।' *ভবানী*, ১৮২৫। ২ *বিণ* কর্মক্ষমতাহীন। 'যৎকালে সন্তান নিতান্ত নিরুপায় ও অত্যন্ত অক্ষম থাকে ...।' *অক্ষয়*, ১৮৫২। ৩ *বিণ* অনুপযুক্ত। 'মুসলমান ছাত্র বিদ্যা শিক্ষা করিতে অক্ষম।' *প্রচারক*, ১৯০৩। ৪ *বিণ* অদক্ষ। 'অক্ষম কেরানী বা চাকুরিয়া সৃষ্টি।' *সাম্যবাদী*, ১৯২৪। ৫ *বিণ* চলাচলের অযোগ্য। 'সেই দেশে অক্ষম জাহাজ ...।' *শক্তি*, ১৯৬৯।

অক্ষমতম [স] *বিণ* অতি অক্ষম। 'সে অবস্থায় অক্ষমতম ব্যক্তিও সাংঘাতিক হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অক্ষমণীয় [স] *বিণ* ক্ষমার অযোগ্য। 'বাইরে প্রকাশ করে দেওয়ার যে দুর্বার লজ্জা আর অক্ষমণীয় অপমান ...।' *নজরুল*, ১৯২২।

অক্ষমতা [স] ১ *বি* অসামর্থ্য। 'বাবুর অক্ষমতা প্রযুক্ত ইহাদের উপকার করিলেন না।' *দর্পণ*, ১৮২১। ২ *বি* অযোগ্যতা। 'দাক্ষায়ণী মনে করিতেন সেটা গর্ভধারিণীরই অক্ষমতা।' *রবীন্দ্র*, ১৮৯১।

অক্ষমতাবশত [স] *ক্রিবিণ* অপারগতাবশত। 'রচনার অক্ষমতাবশত লোকসাধারণের চটক লাগাইবার অভিপ্রায়ে ...।' *প্রমথ*, ১৮৯০।

অক্ষমা[১] [স ক্ষমা>] ১ *বি* ক্রোধ। 'না কর অক্ষমা দুত স্থির কর মন।' *মালাধর*, ১৫০০। ২ *বি* অসহিষ্ণুতা। 'আট মাসে রামা মনেতে অক্ষমা।' *কেতকা*, ১৬৫০।

অক্ষমা[২] [স ক্ষম>] *বিণ স্ত্রী* অপটু। '... নিজেকে নিতান্ত অক্ষমা অনভিজ্ঞা জ্ঞান করিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অক্ষমালা দ্র অক্ষ

অক্ষয় [স] ১ *বিণ* ক্ষয়হীন। 'বিষ্ণুভক্তি-আশীর্বাদ অক্ষয় অব্যয়।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* চিরস্থায়ী। 'চন্দ্রশেখরকে অক্ষয় সম্পত্তি দিয়া কহিলেন ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অক্ষয়তৃতীয়া [স] *বি* হিন্দুদের ব্রতবিশেষ। 'অক্ষয়তৃতীয়া, অঘোরচতুর্দশী ... ব্রত তিথিমাহাত্ম্য প্রচারের জন্য।' *অবন*, ১৯১৯।

অক্ষয়বট [স] *বি* বহুকাল বেঁচে থাকে এমন বটবৃক্ষ। 'তাঁহার মহৎ চরিত্রের যে অক্ষয়বট তিনি বঙ্গভূমিতে রোপন করিয়া গিয়াছেন ...।' *রবীন্দ্র*, ১৮৯৫; 'এইসব বামন-বট হচ্ছে অক্ষয়বট।' *প্রমথ*, ১৯১৪।

অক্ষয়ভাণ্ডার [স অক্ষয়+স ভাণ্ডাগার] *বি* অফুরন্ত ভাণ্ডার। 'প্রকৃতির অক্ষয়ভাণ্ডার হইতেই ... আহরিত হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অক্ষয়মালা [স] *বি* রুদ্রাক্ষের মালা। 'দিল দক্ষ অক্ষয়মালা হাতে।' *মুকুন্দ*, ১৬০০।

অক্ষর [স] ১ *বি* বর্ণ। 'অল্পদিনে দ্বাদশ-ফলা অক্ষর শিখিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* কথা। 'অল্প অক্ষরে কহে সিদ্ধান্ত অপার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* হাতের লেখা। 'বলে প্রিয়ে নহে পত্র আমার অক্ষর।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* রচনা। 'সাধুর অক্ষর ভিনঞি ছন্দ।' *মুকুন্দ*, ১৬০০। ৫ *বি* চিঠি। *ওসঁ*, ১৭৮৫। ৬ *বি* ছাপার হরফ; টাইপ। 'এতদ্দেশীয় ভাষা ও অক্ষরে প্রস্তুত করা।' *দর্পণ*, ১৮১৮। ৭ *বি* আত্মা। 'যখন প্রাকৃত গুণ সকলকে নিন্দা করিয়া পরব্রহ্মের অনুসরণ পূর্ব্বক পরমাত্মাতে মিলিত হয়েন, তখনই তাকে অক্ষর বলিয়া নির্দ্দেশ করা যায়।' *কালীপ্র*, ১৮৬৬। ৮ *বি* জিভের এক প্রয়াসে যে ধ্বনি উচ্চারণ করা যায়; মাত্রা। 'বাস্তবিক ধরিতে গেলে রামপ্রসাদের ছন্দেও আটটির অধিক অক্ষর নাই।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অক্ষরচিহ্নিত [স] *বিণ* যে ধ্বনির লিখিত বর্ণ আছে; লিখিত ধ্বনি। 'কানে শোনার দিক থেকে প্রতিটি অক্ষরচিহ্নিত ধ্বনি অপরটি থেকে স্বতন্ত্র এবং বিশিষ্ট।' *শিব*, ১৯৫০।

অক্ষরছন্দ [স] *বি* শব্দ বিন্যাসের রীতি। 'ঐ পত্রের অক্ষরছন্দ এবং উত্তম বিন্যাস দ্বারা বোধ হইয়াছিল।' *দর্পণ*, ১৮৩১।

অক্ষরজীবী [স] *বি* লিপিকর; হরফ-সংযোজনকারী; কম্পোজিটর। 'একজন অক্ষরজীবীর আবশ্যক স্থলে সহস্র ব্যক্তি আসিয়া আবেদন পত্র অর্পণ করেন।' *প্রভাকর*, ১৮৪৭।

অক্ষরজ্ঞানহীন [স] *বিণ* নিরক্ষর। 'অনেক অক্ষরজ্ঞানহীন মেয়েও বেশ দু'পয়সা আয় করতে পারে।' *বেগম*, ১৯৪৮।

অক্ষরডম্বর [স] *বিণ* আড়ম্বরপূর্ণ ছন্দবিশিষ্ট। 'তাঁর অভিভাষণের ভাষা যে অক্ষর-ডম্বর এ কথা ... স্বয়ং বাণভট্ট স্বীকার করতেন।' *প্রমথ*, ১৯১৪।

অক্ষরতন্ত্র [স] *বি* লিখনপদ্ধতি। 'অক্ষরহীন মনুষ্য-প্রজাতি ...

AMARBOI.COM

অক্ষর-তন্ত্রের উদ্ভাবন করল।' *শিব*, ১৯৫৬।

অক্ষর-পরিচয় [স] *বি* বর্ণজ্ঞান। 'যাঁহার অক্ষর পরিচয় মাত্র আছে।' *দর্পণ*, ১৮৩৮; 'অক্ষরপরিচয়ের ছাত্রী/ অভিমানে তাই ফোলে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

অক্ষরপরিচয়প্রাপ্ত [স] *বিণ* সাক্ষর। 'অক্ষরপরিচয়প্রাপ্ত পাঠক-পাঠিকার অনুশীলনহীন ভোগসামর্থ্যের স্তরে নেমে এসে ...।' *শিব*, ১৯৭৩।

অক্ষরবিন্যাস [স] *বি* সুন্দরভাবে বর্ণ সাজিয়ে লেখা। 'এ ভুজঙ্গ-নির্ম্মোক নহে, ভূর্জ্জপত্রগত অক্ষরবিন্যাস।' *কালীপ্র*, ১৮৫৭।

অক্ষরমূর্তি [স] *বি* অক্ষররূপ মূর্তি। 'খাতার রেখাগুলো তারা চাইছে অক্ষরমূর্তিকে পেতে।' *অবন*, ১৯২৫।

অক্ষর-সংযোজন [স] *বি* ছাপার হরফ সাজানো; কম্পোজ করা। 'তিনি অক্ষর-সংযোজন ... স্বহস্তে সম্পন্ন করিতে লাগিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

অক্ষরহীন [স] *বিণ* অমুদ্রিত। 'অক্ষরহীন সবুজ পত্রের পরিবর্তে শাখায় শাখায় শুষ্ক শ্বেতবর্ণ মাসিক পত্র।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অক্ষরার্থ [স অক্ষর-অর্থ] *বি* তাৎপর্য। 'বিদূষক যখন জিজ্ঞাসা করিল, এই গানটির অক্ষরার্থ বুঝিলে কি?' *রবীন্দ্র*, ১৯০৭।

অক্ষরে অক্ষরে ১ *ক্রিবিণ* পুরোপুরি। 'সকল লোকেই যদি তাহাই অক্ষরে অক্ষরে সত্য বলিয়া শিরোধার্য করিয়া লয়।' *রবীন্দ্র*, ১৮৮৪। **২** *ক্রিবিণ* বর্ণে বর্ণে। 'এমন লেখা লেখবার শক্তি কেন আমাকে দিলেন না বিধাতা যার অক্ষরে অক্ষরে ফেটে পড়ত রক্তবর্ণ আগুনের ফোয়ারা।' *রবীন্দ্র*, ১৯২৬। **৩** *বিণ* হুবহু। 'ফেলে তার অক্ষরে অক্ষরে পঙ্কলিপ্ত চিহ্নের বিকার।' *রবীন্দ্র*, ১৯৪১।

অক্ষাংশ [স অক্ষ+স অংশ] *বি* বিষুব রেখা থেকে মেরু পর্যন্ত কৌণিক দূরত্ব, যা সমান দূরত্ব জ্ঞাপক কল্পিত ৯০টি সমান্তরাল রেখা দিয়ে প্রকাশ করা হয়। 'পৃথিবীর উত্তর দক্ষিণ পরিমাণকে অক্ষাংশ কহা যায়।' *অক্ষয়*, ১৮৪১।

অক্ষার লবণ [স] *বি* সৈন্ধব লবণ। *বিদ্যা*, ১৮৬৪।

অক্ষি [স] *বি* চক্ষু। 'আপন২ অক্ষিপাত দ্বারা তাহার মর্ম্ম বোধ করিতে সক্ষম হইবেন।' *দর্পণ*, ১৮৩৫।

অক্ষিগোলক [স] *বি* যে গোলাকার প্রত্যঙ্গ নিয়ে চোখ গঠিত। 'অক্ষিগোলকের সম্মুখভাগে যে গোলাকৃতি অংশ কৃষ্ণবর্ণ দেখায়, ঐ অংশকে চক্ষুর তারা বলে।' *বিদ্যা*, ১৮৫১।

অক্ষিপক্ষ্ম [স] *বি* চোখের পাতার লোম। 'তবু অক্ষিপক্ষ্ম নিরুদ্যম।' *শ্যামসুর*, ১৯৭৪।

অক্ষিপাত [স] *বি* দৃষ্টিক্ষেপ। 'আপন২ অক্ষিপাত দ্বারা তাহার মর্ম্ম বোধ করিতে সক্ষম হইবেন।' *দর্পণ*, ১৮৩৫।

অক্ষিহাঁস *বি* অক্ষিরূপ হাঁস। 'গ্রাস করো হে ক্ষীরোদা অক্ষিহাঁস আঁধারে সরসী।' *শক্তি*, ১৯৬১।

অক্ষীণ [স] *বিণ* সবল। 'অক্ষীণ গোত্রের রাজা পিতা মোর মহাতেজা।' *মুকুন্দ*, ১৬০০।

অক্ষুণ্ন [স] **১** *বিণ* অচর্চিত। 'জ্ঞানমহার্ণব পুরোভাগে অক্ষুণ্ন রহিয়াছে।' *বিদ্যা*, ১৮৪৯। **২** *বিণ* অটুট। 'তবু অবিরত ... অক্ষুণ্ন প্রেমের গর্বে কহিছে সে ডাকি।' *রবীন্দ্র*, ১৮৮২। **৩** *বিণ* বজায়; অব্যাহত। 'হিন্দুদের বিধিনিষেধ মানিয়া, নিজের ধর্ম সমাজ অক্ষুণ্ন রাখিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

অক্ষুব্ধ [স] **১** *বিণ* ক্ষোভশূন্য। 'সমস্ত কথা শ্রবণ করিয়া অক্ষুব্ধচিত্তে বলিলেন।' *বিদ্যা*, ১৮৬৪। **২** *বিণ* নিস্তরঙ্গ। 'অবকাশ এবং অক্ষুব্ধ শান্তির মধ্যে বীজ ধীরে ধীরে অঙ্কুরে ... পরিণত হয়।' *রবীন্দ্র*, ১৯০৫।

অক্ষুব্ধচিত্ত [স] *বি* ক্ষোভহীন হৃদয়। **অক্ষুব্ধচিত্তে** *ক্রিবিণ* ক্ষোভশূন্য হৃদয়ে। 'সমস্ত কথা শ্রবণ করিয়া অক্ষুব্ধচিত্তে বলিলেন।' *বিদ্যা*, ১৮৬৪; 'একদিন স্থিরভাবে অক্ষুব্ধচিত্তে ভালোমন্দ-বিচারের সময় আসিবে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অক্ষেমা [স] **১** *বি* অধৈর্য। 'অষ্টমাসে রামা মনেতে অক্ষেমা ঘন মুখে উঠে হাই।' *কেতকা*, ১৬৫০। **২** *বিণ* বিষণ্ন। 'তোমাকে অক্ষেমা দেখি চিত্ত স্থির নাই।' *হেয়াত*, ১৮০০।

অক্ষোভ [স] *বিণ* ক্ষোভহীন। 'বৃক্ষে বৃক্ষ নিবারএ অক্ষোভ স্বরির।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অক্ষোভ্য [স] *বিণ* নিস্তরঙ্গ। 'অক্ষোভ্য জলধি।' *বিদ্যা*, ১৮৬৪।

অক্ষৌহিণী [স] **১** *বি* (হিন্দুপুরাণ) ২,১৮,৭০০ জন সৈন্যের দল। 'মহা সাহসিক মণি পঞ্চদশ অক্ষৌহিণী।' *আলাওল*, ১৬৮০। **২** *বিণ* অসংখ্য। 'ব্যোম-পিনাকে তব শঙ্কাকুল ছিল সদা শত্রু অক্ষৌহিণী।' *হেম*, ১৮৭০।

অক্সিজেন [ই] *বি* একটি মৌলিক গ্যাস; অম্লজান। 'অক্সিজেন বাষ্প প্রয়োগে দেহের উত্তাপ রক্ষা করে।' *অক্ষয়*, ১৮৪৯।

অক্সিজেন বাষ্প *বি* অক্সিজেন নামক গ্যাস। 'বাতাসে অক্সিজেন বাষ্প যে আছে এ তাঁরা জানতেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

অখণ্ড [স] **১** *বিণ* গোটা। 'গণ্ডমুগ শোভে মধুক অখণ্ড।' বড়ু, ১৪৫০। **২** *বিণ* প্রবল। 'কামরস অখণ্ডরস কর অনুমান।' *মালাধর*, ১৫০০। **৩** *বিণ* অপরিবর্তিত। 'যেদেশের যেই নীতি অখণ্ড রাখিলা।' *আলাওল*, ১৬৮০। **৪** *বিণ* প্রত্যক্ষ। 'তাহার ভূরি ভূরি অখণ্ড নিদর্শন অদ্যাপি দেখিতে পাওয়া যায়।' *অক্ষয়*, ১৮৪৭। **৫** *বিণ* ভাঙা নয় এমন। 'বোতলের মধ্যে অখণ্ড অণ্ড প্রবেশিত করিতে পারে।' *অক্ষয়*, ১৮৪৮। **৬** *বিণ* পুরোপুরি। 'সে একাকী, অখণ্ডসম্পূর্ণ, নিশ্চিন্ত, নিরুদ্‌বিগ্ন।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৭** *বিণ* সম্মিলিত। 'যে মিলন আমাদের সমস্ত দেশের অখণ্ড ধন।' *রবীন্দ্র*, ১৯০৫। **৮** *বিণ* নিখুঁত। 'নিখিলের সব ভাষা মিলে গেছে অখণ্ড সংগীতে।' *রবীন্দ্র*, ১৯৩২। **৯** *বিণ* পরিপূর্ণ। 'নাগরিকরা যাহাতে পূর্ণ মর্য্যাদা ও অখণ্ড শান্তির সহিত স্বদেশে স্বগৃহে বাস করিতে পারেন।' *আজাদ*, ১৯৬৪।

অখণ্ডতা [স] *বি* সমগ্রতা। 'পরিবারের দৃঢ়তা ও অখণ্ডতা রক্ষা করিতে হইলে ...।' *রবীন্দ্র*, ১৯০১।

অখণ্ডত্ব [স] *বি* সমগ্রতা। 'আত্মার নিরাময়ত্ব ও অখণ্ডত্ব সম্পাদনে দোষ পড়ে।' *দর্পণ*, ১৮২১।

অখণ্ডন [স] *বিণ* রচিত। 'হাসিয়া কহেন রায় মধুর বচন আমার কৃপায় গীত হবে অখণ্ডন।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অখণ্ডনীয় [স] **১** *বিণ* অপরিবর্তনীয়। 'এই অখণ্ডনীয় নিয়মের প্রতি দৃষ্টি না রাখাতে ... কত দুঃখ উৎপন্ন হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বিণ* অকাট্য। 'আপনার সিদ্ধান্তকে অখণ্ডনীয় ও অন্যের সিদ্ধান্তকে তুচ্ছ জ্ঞান করে।' *বিদ্যা*, ১৮৫১।

অখণ্ডসত্য [স] *বি* পূর্ণসত্য। 'যে জ্ঞানের দ্বারা এক অখণ্ডসত্য লাভ করা যায়, সেই হচ্ছে তত্ত্বজ্ঞান।' *প্রমথ*, ১৯১৪।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অখণ্ডিত [স] ১ *বিণ* অকাট্য। 'কখন কখন অখণ্ডিত প্রমাণের দ্বারা লজ্জাতে পড়ে।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* জোড়া লাগানো। 'কোনও কোনও পত্তর খুর অখণ্ডিত অর্থাৎ জোড়া।' *বিদ্যা*, ১৮৫১। ৩ *বিণ* অটুট। 'বাঁশঝাড়ের নীরবতা এবার অখণ্ডিত থাকে।' *ওয়ালী*, ১৯৬৪।

অখন [স ক্ষণ>] *ক্রিবিণ* এখন। 'মনের বাঞ্ছিত মোর পুরিব অখন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অখন তাগাতে *ক্রিবিণ* এখন থেকে। *মানোএল*, ১৭৪৩।

অখনে *ক্রিবিণ* এক্ষণে। 'অখনে হইল পদ্মার অষ্ট যে কুমার।' *বিজয়*, ১৬৫০।

অখনেহ *ক্রিবিণ* এখনও। 'অখনেহ গুণী বিচারিলে জ্ঞান পাএ।' *আলাওল*, ১৬৮০।

অখল [স] ১ *বি* সরল যে। 'না ঠেলহ ছলে অবলা অখলে।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বিণ* অকপট। *বিদ্যা*, ১৮৯১; 'বালকের অখল হৃদয়ে আমিও করেছি আরাধন।' *সত্যেন্দ্র*, ১৯১২।

অখলা [স] *বিণ স্ত্রী* সরল। 'হাম সে অবলা হৃদয় অখলা।' *দ্বিচণ্ডী*, ১৬০০।

অখাত [স] *বি* উপসাগর। 'যে সাগরের অংশ ভূমির মধ্যে অধিক দূরে প্রবেশ করে তাহাকে অখাত কহা যায়।' *অক্ষয়*, ১৮৪১।

অখাদ্য [স] ১ *বি* খাওয়ার উপযোগী নয় এমন দ্রব্য। *বিদ্যা*, ১৮৬৪; 'অন্যের অখাদ্য, বা ভোজনাবশেষ যাহা কিছু থাকিত বউ তাহাই খাইবে।' *এডুকেশন*, ১৮৭৩। ২ *বি* নিষিদ্ধ খাবার। 'বরং যাহা অখাদ্য, যথা বরাহ।' *মশাররফ*, ১৮৮৯।

অখাদ্যি [স অখাদ্য] *বি* কুখাদ্য। *মানোএল*, ১৭৪৩।

অখিল [স] ১ *বিণ* সমগ্র। 'সকল শ্রীজিলে তুমি অখিল সংসার।' *মাণিক*, ১৫০০। ২ *বি* জগৎ। 'অখিলের সার প্রভু গৌর চিন্তামণি।' *জ্ঞান*, ১৬০০। ৩ *বি* আকাঙ্ক্ষা। 'অকিঞ্চন অনেক অখিল ঠারে দি।' *শিবায়ন*, ১৭৫০। ৪ *বিণ* প্রচণ্ড। 'অখিল ক্ষুধায় শেষে কি নিজেকে খাবে?' *সুধীন্দ্র*, ১৯৩৪।

অখিলপতি [স] *বি* ঈশ্বর। 'সৃজিল অখিলপতি, যত ইতি নারী জাতি।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

অখিলপ্রিয় [স] *বিণ* সর্বজনপ্রিয়। 'কোকিল অখিলপ্রিয় সুমধুর তানে।' *কৃষ্ণচন্দ্র*, ১৮৬১।

অখৃস্ট [অ+ই ক্রাইস্ট] *বিণ* খ্রিস্টধর্ম ব্যতীত অন্য ধর্মের অনুসারী। 'অখৃস্ট লোকদের নীতির বিরুদ্ধে এই তাঁর প্রধান যুক্তি।' *রবীন্দ্র*, ১৮৮১।

অখৃস্টান, অখৃষ্টান [অ+ই ক্রিশ্চিয়ান>] *বিণ* খ্রিস্টধর্মের অনুসারী নয় এমন। 'তাঁরাই অখৃষ্টান দেশবাসীদের পরিচালিত করছেন।' *ওয়াজেদ*, ১৯৪৩।

অখেম [স অক্ষম] *বিণ* অক্ষম। 'এ জন্য শ্রীচরন দরসন করিতে জাইতে অখেম হইলাম।' *চিঠিপত্রে*, ১৮৪৫।

অখেমা [স অক্ষমা] *বিণ* অক্লান্ত। 'ক্ষমাশীল চিত্ত ধর্ম কর্মেত অখেমা।' *আলাওল*, ১৬৮০।

অখেলাফতি, অখেলাফতী [অ+আ খিলাফত>] *বিণ* খেলাফত চায় না এমন; খেলাফত আন্দোলনের সমর্থক নয় এমন। 'অখেলাফতী নেতৃবৃন্দের এক সভা আহূত হইল।' *মনসুর*, ১৯৩৫।

অখোশাল [অ+ফা খুশহাল] *বিণ* অসন্তুষ্ট। *মানোএল*, ১৭৪৩।

অখ্যাত [স] ১ *বি* নিন্দা। 'গুরুর দোহাই স্বরে না কর অখ্যাত।' *মানিকরাম*, ১৭৮১। ২ *বিণ* প্রসিদ্ধ নয় এমন। 'অজ্ঞাত জীবনগুলা, অখ্যাত কীর্তির ধূলা।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* অজ্ঞাত। 'মম অখ্যাত তিমিরতলে এসো গৌরব নিশীথে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অখ্যাতকুলশীল [স] *বি* সম্পূর্ণ অপরিচিত ব্যক্তি। 'অখ্যাতকুলশীলের ভাগ্যে লেখা ছাপানোর সুযোগ আসত কালে-ভদ্রে।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অখ্যাতনামা [স] *বিণ* খ্যাতি নেই এমন। 'সেখানকার অখ্যাতনামা অকৃতকীর্তি লোকরা তাদের সর্বাপেক্ষা পরিচিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অখ্যাতি [স] *বি* দুর্নাম। 'কর কৃপাবলোকনে যেন লোকে না হয় অখ্যাতি।' *মানিকরাম*, ১৭৮১।

অগ [স অগ্র] *বি* অগ্র। 'অগে নাব ন ভেলা দীসঅ ভন্তি ন পুছসি নাহা।' *চর্যা ১৫*, ১২০০।

অগঙ্গ [স] *বিণ* গঙ্গাহীন। *বিদ্যা*, ১৮৬৪।

অগচ্ছিত [স] *বিণ* অন্যের উপর ন্যস্ত নয় এমন। *বিদ্যা*, ১৮৯১।

অগঠিত [স] *বিণ* গঠিত হয়নি এমন। 'কত অসংখ্য গ্রহনক্ষত্রাদি যে সেই অগঠিত পদার্থরাশিমধ্যে আকৃষ্ট হইতে লাগিল।' *হরপ্রসাদ*, ১৮৮১।

অগড় [স আগার] *বি* বহন করার জন্য ব্যবহৃত খাটিয়াবিশেষ। 'অগড়ে করিয়া গন্ধ আনা গেল।' *চিঠিপত্রে*, ১৭২২।

অগণতন্ত্র [স] *বি* গণতন্ত্রহীন অবস্থা। 'এখানে আসল প্রশ্ন হইতেছে গণতন্ত্রের সহিত অগণতন্ত্রের বিরোধ।' *আজাদ*, ১৯৬৪।

অগণতান্ত্রিক [স] *বিণ* গণতন্ত্রবিরুদ্ধ। 'অগণতান্ত্রিক ও সাধারণ বুদ্ধিবহির্ভূত সিদ্ধান্ত গ্রহণের সুপারিশ করা হয়েছে।' *বেগম*, ১৯৫১।

অগণন [স] ১ *বিণ* গুনে শেষ করা যায় না এমন; অসংখ্য। 'বিহঙ্গ পতঙ্গ অগণন।' *ভণ্ড*, ১৮৫৮। ২ *বিণ* অপরিমেয়। 'গরুগণ অগণন দুগ্ধ দান করবে।' *দীনবন্ধু*, ১৮৬৭।

অগণনীয় [স] *বিণ* অসংখ্য। 'গমন করিয়াছিলেন ... বহুতর অন্য অগণনীয় মহাশয়েরা।' *দর্পণ*, ১৮৩৭।

অগণিত [স] *বিণ* অসংখ্য। 'প্রতিশৃঙ্গপক্ষ মৃগ লক্ষ লক্ষ পশুগণ অগণিত।' *কাশীরাম*, ১৬৫০।

অগণ্য [স] ১ *বিণ* অবজ্ঞাত। 'কুকর্ম করিয়া অগণ্য না হইয়া বরং মান্য হইতেছেন।' *দর্পণ*, ১৮২৯। ২ *বিণ* অশেষ। 'অস্মদ্দেশীয় বিচক্ষণাগ্রগণ্য মান্য মহাশয়েরা অগণ্য ধন্যবাদ করিতেছেন।' *দর্পণ*, ১৮৩৬। ৩ *বিণ* অনেক। 'অতিশীঘ্র শিক্ষাকরণে অগণ্য ধন্যবাদ।' *দর্পণ*, ১৮৩৭। ৪ *বিণ* অত্যন্ত সাধারণ। 'লিনিয়স, অত্যন্ত দরিদ্র ও অগণ্য হইয়াও, অলোকসামান্য।' *বিদ্যা*, ১৮৪৯।

অগতি [স] ১ *বি* কোনো অবলম্বন নেই এমন ব্যক্তি। 'তুমি অগতির গতি বেদে বলে বিধাতার বিধি।' *মানিকরাম*, ১৭৮১। ২ *বিণ* গতিহীন। *বিদ্যা*, ১৮৬৪।

অগত্যা [স] ১ *ক্রিবিণ* বাধ্য হয়ে। 'ইহা অপেক্ষা অধিক মূল্য কেহ না ডাকে তবে অগত্যা তাহাতেই বিক্রয় করিতে হইবে।' *দর্পণ*, ১৮৩৪। ২ *ক্রিবিণ* উপায়হীন হয়ে। 'তাঁহারদিগের মনোযোগাভাবে অগত্যা প্রার্থনা ...।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭। ৩ *ক্রিবিণ* স্বাভাবিকভাবে। 'সে পাথরের মতো অগত্যা গড়াইত।' *রবীন্দ্র*, ১৯১৬।

অগত্যাপ্রেরিত [স] *বিণ* বাধ্যতামূলকভাবে প্রেরিত। 'আনন্দহীন অগত্যাপ্রেরিত খাটুনিতে নিযুক্ত।' *রবীন্দ্র*, ১৯০৫।

অগথ [স অগণ্য] *বি* বকফুল গাছ। 'রকত চন্দন বন অগথ কপিথ সুন্দরী।' *বড়ু*, ১৪৫০।

AMARBOI.COM

অগনৃতি [স অগণিত] *বিণ* অসংখ্য। *বিদ্যা*, ১৮৯১।

অগভীর [স] *বিণ* কম গভীর। 'অগভীর একটা গোল জলাধার ধার করে আনতে হয়েছিল।' *রবীন্দ্র*, ১৮৮১।

অগম [স] ১ *বিণ* প্রবেশ-অসাধ্য। 'সকলেরি অগম – দুর্গম দুর্গ যেন!' *মাইকেল*, ১৮৬০। ২ *বিণ* গমন করা যায় না এমন। 'অদৃশ্য অগম হিমাদ্রিশিখর হতে জাহ্নবীর সম।' *রবীন্দ্র*, ১৯০১।

অগমতা [স] *বি* অমর্যাদা। *বিদ্যা*, ১৮৯১।

অগমরুদ্ধ [স] *বিণ* ভেদ করা যায় না এমন; দুর্গম। 'সে তব অগমরুদ্ধ অনন্ত নীরব।' *রবীন্দ্র*, ১৯০১।

অগম্য [স] ১ *বিণ* বোধের অতীত। 'অচিন্ত্য অগম্য নিত্যানন্দের মহিমা।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* বহির্ভূত। 'চিরজীবনের সুগভীর আনন্দ তাদের কল্পনার অতীত, ধারণার অগম্য।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অগম্যা [স] *বি* যে নারীর সঙ্গে যৌনসঙ্গম বিহিত নয়। **অগম্যাগমন** [স] *বি* যৌনসঙ্গম বিহিত নয় এমন নারীর সঙ্গে সঙ্গম। 'অগম্যাগমন মিথ্যাবচন পরকীয় রমণী সংঘটনকামি ভাড়ামি রাস্তাবন্ধ দাস্য।' *ভবানী*, ১৮২৫।

অগরু দ্র **অগুরু**[১]

অগস্ত্য [স] ১ *বি* (হিন্দুপুরাণ) জনৈক প্রাচীন মুনি। 'শ্রীবৈকুণ্ঠে বিষ্ণু আসি কৈল দরশন মলয়পর্ব্বতে কৈল অগস্ত্য বন্দন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কলিকালে অগস্ত্য মুনি করিতেছেন কী?' *রবীন্দ্র*, ১৯১৭। ২ *বিণ* শেষ। 'সে ভাবে যে এই আমার অগস্ত্যযাত্রা ...।' *দর্পণ*, ১৮২৫। ৩ *বিণ* অনিঃশেষ। 'অনন্ত অগস্ত্য-তৃষ্ণাকুল বিশ্ব-মাগা যৌবন আমার।' *নজরুল*, ১৯২৩। ৪ *বি* নক্ষত্রবিশেষ। 'অগস্ত্য নক্ষত্রের উদয়ে শরৎ ঋতুর শুরু হয়।' *সেলিনা*, ১৯৭৫।

অগস্ত্যযাত্রা [স] *বি* যে যাত্রা থেকে কেউ ফিরে আসে না। 'এভাবে যে এই আমার অগস্ত্যযাত্রা ...।' *দর্পণ*, ১৮২৫।

অগা [স অজ্ঞ] *বিণ* নির্বোধ। 'বাবুরাম অগা অতি হইয়াছে ভীমরথী।' *প্যারী*, ১৮৫৮; 'অগা চুঙ্গিওয়ালাও বুঝতে পারত এগুলোর মালিক বাস্তুভিটার তোয়াক্কা করে না।' *মুজতবা*, ১৯৫৮।

অগাদ [স অগাধ] *বিণ* অতল। 'অগাদ সলিলে ভাসে বিচিত্র কানন।' *মুকুন্দ*, ১৬০০।

অগাধ [স] ১ *বিণ* গভীর। 'পড়িনু অগাধ জলে।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বিণ* অসীম। 'চৈতন্যচন্দ্রের লীলা অগাধ গম্ভীর।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বিণ* বিশাল। 'অপার সমুদ্র দেখী তরঙ্গ অগাধ।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৪ *বিণ* অপরিমেয়। 'যে দেখি তরঙ্গ অগাধ বারি।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৫ *বিণ* গাঢ়। 'তুই বিছানার মধ্যে অগাধ নিদ্রায় আচ্ছন্ন।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৬ *বিণ* অন্তহীন। 'যেখানেতে অগাধ ছুটি।' *রবীন্দ্র*, ১৯১৪।

অগাধ জলে পড়া *ক্রি* ভীষণ বিপদে পড়া। 'পড়িনু অগাধ জলে।' *জ্ঞানদাস*, ১৬০০; 'সে একেবারে অগাধ জলে পড়ল।' *রবীন্দ্র*, ১৯১৫।

অগাধ জলের মকর *বি* অতিশয় চালাক ব্যক্তি। 'রাই আমার চলে যেতে ঢলে পড়ে, অগাধ জলের মকর যেমন।' *রবীন্দ্র*, ১৯১৫।

অগান [অ+গান] *বি* সুর তাল লয় ঠিক নেই এমন গান; যা গান হয়নি। 'তা সে গান অগান যাই হোক।' *মাহেনও*, ১৯৪৯।

অগার [স আগার] *বি* ঘর। 'দোহাই রাজার, লুঠিলি অগার, ধরিয়া খাইলি জাতি।' *ভারত*, ১৭৬০।

অগিহ্র [স অগ্নিগ্র] *বি* আগুনের আধার। 'বিনতি করওঁ সহিলোলিনি রে মোহি দেহে অগিহর সাজি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অগীত [স] *বিণ* গাওয়া হয়নি এমন। 'তোমার শ্রবণে উঠিবে আকুলি সকল অগীত সংগীততলি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অগুণ [স] ১ *বি* ক্ষতি। 'কিবা তার কৈলোঁ অগুণ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* অকল্যাণ। 'বিদ্যার দ্বারা অর্জিত গুণ কদাপি অগুণ কারক নহে।' *দর্পণ*, ১৮৩৮। ৩ *বিণ* গুণহীন। *বিদ্যা*, ১৮৬৪। ৪ *বি* দোষ। 'এমন কুলাঙ্গার জন্মগ্রহণ করেছে যে তাহারা ... অশেষবিধ অগুণের আধার হয়েছে।' *দীনবন্ধু*, ১৮৬৭।

অগুণকারক [স] *বিণ* অকল্যাণকর। 'বিদ্যার দ্বারা অর্জিত গুণ কদাপি অগুণকারক নহে।' *দর্পণ*, ১৮৩৮।

অগুণকারী [স] *বিণ* অকল্যাণকর। 'সাধুসঙ্গ যেমন গুণকারী, অসাধুসঙ্গ তেমনি অগুণকারী।' *অক্ষয়*, ১৮৫৫।

অগুনতি [স অগণিত] *বিণ* গুনে শেষ করা যায় না এমন। 'পৃথিবীতে রোজ বুঝি অগুনতি ছেলেমেয়ে জন্মাচ্ছে।' *মানিক*, ১৯৩৫।

অগুন্তি [স অগণিত] *বিণ* অসংখ্য; গুনে শেষ করা যায় না এমন। 'বুড়ি ভ'রে জমা হল ভোজ্য অগুন্তি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অগুরু[১], **অগরু, অগুরা, অগোর, অগৌর** [স অগুরু] *বি* সুগন্ধিবিশেষ; কৃষ্ণচন্দন কাঠ। 'লক্ষনা লেপিছে গায় অগোর চন্দন।' *মালাধর*, ১৫০০; 'অগুরু চন্দন চুয়া দিব কার গায়।' *দ্বিচণ্ডী*, ১৬০০; 'সঁপিলাম অপরূপ সুগন্ধি অগৌর ধূপ।' *মুকুন্দ*, ১৬০০; 'অগরুচন্দন চুয়া আছে কি পাইতে।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'জায়ফল অগুরা প্রভৃতি গন্ধ দ্রব্য এই স্থান হইতে নানা দেশে প্রেরিত হয়।' *অক্ষয়*, ১৮৪১।

অগুরু[২] [স] *বিণ* গুরুত্বহীন। 'সেথা কি অগুরু গর্ভে সুকুমারী কোনও নীহারিকা ... আগন্তুক দৈবেরে বহে না।' *সুধীন্দ্র*, ১৯২৮।

অগুসারা [স অগ্রসর>] *ক্রি* উঠানো। 'বাম চরন অগুসারল দাহিন তেজইতে লাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অগে [ধ্বন্যা] *অব্য* ওগো। 'কি কহব অগে সখি মোর অগেয়ানে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অগেয় [স] *বিণ* গাওয়া হয় না এমন। 'অগেয় গীতিকাব্য রচিত হইতে লাগিল।' *বঙ্কিম*, ১৮৮৭।

অগেয়ান [স অজ্ঞান] ১ *বিণ* মোহাচ্ছন্ন। 'চাঁচর চিকুর কিছু না সম্বর কেনে হইলে অগেয়ান।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বিণ* আত্মহারা। 'কুটিল প্রেমা অগেয়ান নাহি জানে স্থানাস্থান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অগেআনি [স অজ্ঞানী] *বিণ* জ্ঞানহীন। 'বিদ্যাপতি কহ তুহু অগেআনি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অগো [ধ্বন্যা] *সর্ব* হে। 'শুন শুন অগো কুলবালা।' *মানিকরাম*, ১৭৮১।

অগোচর [স] ১ *বিণ* অজানা। 'সভাএ আছএ নহে কাহে অগোচর।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* অদৃশ্য। 'ব্রহ্ম অগোচর নাম সভাকার কানে।' *রূপরাম*, ১৭৫০। ৩ *বিণ* ইন্দ্রিয়ের অতীত। 'অনেকের বুদ্ধির অগোচর যে ব্রহ্মজ্ঞান ...।' *গৌর*, ১৮২২। ৪ *বিণ* বহির্ভূত। 'আমাদের দৃষ্টির একেবারে অগোচর।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অগোচরতা [স] *বি* অপ্রকাশ্যতা। 'তার আলোকহীন প্রদেশে বৃহৎ অগোচরতায় পুঞ্জিত আছে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অগোচরা [স] *বি* স্ত্রী ইন্দ্রিয় দিয়ে বোধগম্য নয় যে। 'ধরা দিল অগোচরা নব নব সুরে তানে।' *রবীন্দ্র*, ১৯২২।

অগোচরে [স] *ক্রিবিণ* আড়ালে; গোপনে। 'অগোচরে দূরে থাকি

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মেলি দশে পাঁচে।' *বৃন্দা*, ১৫৮০।

অগোছাল, অগোছালো [অ+স গুচ্ছ>] ১ *বিণ* এলোমেলো। 'ঘর যদি অগোছাল রাখ ... সুখ লাভে সমর্থ হবে না।' *প্রমথ*, ১৯০৫। ২ *বিণ* অবিন্যস্ত। 'অগোছালো তার কুন্তলে যেন কালো মেঘ নামিয়াছে।' *আহসান*, ১৯৫০।

অগোনা [স অগণনীয়] *বিণ* অপরিমেয়। 'অরূপের লীলা অগোনা রূপের রেখায় রেখায়।' *রবীন্দ্র*, ১৯২৬।

অগোর [স অঘোর] ১ *বিণ* মোহিত। 'হেরইতে গো ধনী মোর/ অব তিন ভুবন অগোর।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* অচেতন। 'দিবানিশি রহত অগোর।' *গোবিন্দ*, ১৬০০।

অগোরা [স অঘোর] *ক্রি* আচ্ছন্ন করা। 'পহিল বদরিসম পুন নবরঙ্গ/ দিন দিন অনঙ্গ অগোরল অঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অগৌণ [স] ১ *বি* অবিলম্ব। *বঙ্গদূত*, ১৮২৯। ২ *বিণ* মুখ্য; প্রধান। *বিদ্যা*, ১৮৯১।

অগৌণে [স] *ক্রিবিণ* অবিলম্বে। 'অনুমান করিতেছি পাঠশালা অগৌণেই খুলিবেন।' *বঙ্গদূত*, ১৮২৯।

অগৌর [স] *বিণ* গৌরবর্ণ বা ফর্সা নয় এমন। 'একবস্ত্রপরিহিতা অবগুণ্ঠনবতী অগৌরবর্ণা স্ত্রী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অগৌরবর্ণা [স] *বিণ* স্ত্রী চেহারা গৌরবর্ণ বা ফর্সা নয় এমন। 'অবগুণ্ঠনবতী অগৌরবর্ণা স্ত্রীকে কোনো অংশেই আপনার সমযোগ্য জ্ঞান করিবেন না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অগৌরব [স] *বি* অখ্যাতি। 'বাঙ্গালীজাতির অগৌরব করা হইল।' *বঙ্কিম*, ১৮৭৫; 'মগ্ন হলেম আনন্দময় অগাধ অগৌরবে।' *রবীন্দ্র*, ১৯০৬।

অগৌরবকারক [স] *বিণ* অগৌরবের। 'অগৌরবকারক কার্য্যের বারণ।' *ক্যালগে*, ১৭৯৪।

অগৌরবজনক [স] *বিণ* অমর্যাদাকর। 'জীবাত্মার এত বেশী পীড়া নিতান্ত অন্যায় অসঙ্গত এবং অগৌরবজনক বলে মনে হয়।' *রবীন্দ্র*, ১৮৯১।

অগৌরবা [স] *বি* স্ত্রী গৌরব নেই যার। 'অগৌরবার বাড়িয়ে গরব করবে আপন সাথি।' *রবীন্দ্র*, ১৯১৬।

অগ্‌গরদানি [স অগ্রদানী] *বি* ব্রাহ্মণ সম্প্রদায়বিশেষ। 'অগ্‌গরদানি ভিকিরির মত প্যালা আদায় করে তবে ছাড়লেন।' *হুতোম*, ১৮৬১।

অগ্নি [স] ১ *বি* আগুন। 'হরি হরে মহাযুদ্ধ অগ্নি উপজিল।' *মালাধর*, ১৫০০। ২ *বি* (বাউল) কাম। 'হাওয়া ধর অগ্নি স্থির কর।' *লালন*, ১৮৯০। ৩ *বি* নক্ষত্রবিশেষ। 'আর্দ্রা – অগ্নি – সরমা – রোহিণী – বাণরাজা ...।' *জীবন*, ১৯৩০।

অগ্নিআভা [স] *বি* আগুনের দীপ্তি। 'অগ্নিআভার আকাশে বিচিত্র বর্ণোৎসব।' *মাহেনও*, ১৯৪৯।

অগ্নি-উচ্ছ্বাস [স] *বি* অগ্ন্যুৎপাত। 'ভূমিকম্প অগ্নি-উচ্ছ্বাস জলপ্লাবন তুষারসংহতি কালে কালে ...।' *রবীন্দ্র*, ১৯০২।

অগ্নি-উৎস [স] *বি* আগুনের উৎপত্তিস্থল। 'অগ্নি-উৎসের ন্যায় উচ্ছ্বসিত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৮২।

অগ্নি-উৎসব [স] *বি* হিন্দু সমাজে দোল-উৎসবের আগের রাতে আগুন নিয়ে পালিত আচার। 'আজ আমাদের অগ্নি-উৎসবের রাত্রি।' *নজরুল*, ১৯৩১।

অগ্নি-উদ্‌গারী [স] *বিণ* আগুন বের করে এমন। 'এই অগ্নি-উদ্‌গারী নয়নেই যেন স্নেহের সুরধুনী।' *নজরুল*, ১৯২২।

অগ্নি-উল্কা [স] *বি* আগুনের গোলা। 'অগ্নি-উল্কা মোর মুখে লাগে আচম্বিতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অগ্নি-ঋষি [স] *বি* আগুনতুল্য বাণী নিয়ে এসেছেন এমন ঋষি। 'অগ্নি-ঋষি! অগ্নি-বীণা তোমায় শুধু সাজে।' *নজরুল*, ১৯২২।

অগ্নিকটাক্ষ [স] *বি* তীক্ষ্ণ কটাক্ষ। 'ননির দিকে অগ্নি-কটাক্ষ ফেলিয়া চলিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯১৪।

অগ্নিকটাহ [স] *বি* অগ্নিকুণ্ড। 'দিগন্ত লাল হয়ে উঠেছে পর্বতের অগ্নিকটাহের আগুনে।' *বিভূতি*, ১৯৩৭।

অগ্নিকণা [স] *বি* আগুনের ফুলকি। 'সুচারু শমীবৃক্ষের অভ্যন্তরস্থ অগ্নিকণা।' *মাইকেল*, ১৮৫৯।

অগ্নিকবচ [স] *বি* অগ্নিরূপ কবচ। 'উগরিবে অগ্নি বিজয়বেণু/ অগ্নিকবচে আবরি তনু।' *অশ্বিনী*, ১৯২০।

অগ্নিকর [স] *বিণ* ক্ষুধাবর্ধক। 'শীতল সুস্বাদু অতি ফল অগ্নিকর।' *গুপ্ত*, ১৮৫৮।

অগ্নিকাণ্ড [স] *বি* ধ্বংসলীলা। 'ভালোবাসিলে কি কেহ এমন অগ্নিকাণ্ড করিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০২।

অগ্নিকার্য [স] *বি* আগুন সংক্রান্ত কাজ। *বিদ্যা*, ১৮৬৪।

অগ্নিকুণ্ড [স] ১ *বি* আগুনের কুণ্ডলী। 'অগ্নিকুণ্ড জ্বালি রতি সতী হৈতে চায়।' *ভারত*, ১৭৬০। ২ *বি* জ্বলন্ত আগুনের গহ্বর। 'দেদীপ্যমান অগ্নিকুণ্ডে ঘৃতাহুতি অর্পণ করিয়া আপনাকে কৃতার্থবোধ করিতেছেন।' *অক্ষয়*, ১৮৫৪।

অগ্নিকেতন [স] ১ *বি* লাল পতাকা। 'আমি অগ্নিকেতন উড়াই।' *নজরুল*, ১৯২২। ২ *বি* আগুন রূপ পতাকা। 'কেহ এসেছিল পতঙ্গসম অগ্নিকেতন ঘেরি।' *নজরুল*, ১৯৩৭।

অগ্নিকোণ [স] *বি* পূর্ব ও দক্ষিণ দিকের মধ্যবর্তী কোণ। 'অগ্নিকোণে অঙ্গ, বঙ্গ, উপবঙ্গ, ... ইত্যাদি দেশ।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

অগ্নিকোন [স অগ্নিকোণ] *বি* পূর্ব ও দক্ষিণ দিকের মধ্যবর্তী কোণ। 'তপুকোন পুর্ব্বকোন এবং অগ্নিকোন।' *ওর্মা*, ১৭৮৪।

অগ্নিকোষ [স] *বি* আগুনরূপ কোষ। 'উর্ধ্বের ডাক আনে/ স্পর্শের বেগ/ মোর অগ্নিকোষে।' *অমিয়*, ১৯৩৮।

অগ্নিক্রীড়া [স] *বি* আতশবাজি পোড়ানোর অনুষ্ঠান। 'অগ্নিক্রীড়া অর্থাৎ নানাবিধ বাজি হইয়াছিল।' *দর্পণ*, ১৮২৬।

অগ্নিগর্ভ [স] ১ *বিণ* ভিতরে আগুন আছে এমন। 'অগ্নিগর্ভ দীপশলাকা গ্রহণপূর্বক সহসা আলোক উৎপাদন করিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *বিণ* বিক্ষুব্ধ; বিস্ফোরণোন্মুখ। 'সর্বত্র পরিস্থিতি অগ্নিগর্ভ হইয়া উঠিয়াছে।' *আজাদ*, ১৯৭১।

অগ্নিগিরি [স] *বি* আগ্নেয়গিরি। 'এ হৃদয় অগ্নিগিরি দহিতেছে ধীরি ধীরি।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অগ্নিগৃহ [স] *বি* যে গৃহে যজ্ঞানুষ্ঠান হয়। 'অগ্নিগৃহে যাও, পুত্রী, ডাকো পুরোহিতে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

অগ্নিঘোড়া [স অগ্নি+ঘোড়া] *বি* অগ্নিরূপ ঘোড়া। 'অগ্নিঘোড়ার খুরে যে পরায় জলের মতন নাল।' *জীবন*, ১৯৪৪।

অগ্নিচক্র [স] *বি* অগ্নিকুণ্ড। 'রবি আজ মধ্যাহ্নমার্তণ্ডের মতো অগ্নিচক্র হয়ে উঠেছি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অগ্নিচক্ররাশি [স] *বি* চাকার মতো আগুনের পিণ্ডসমূহ। 'দিবানিশি

AMARBOI.COM

যার চারিপাশে ফেরে অগ্নিচক্ররাশি মহাভয়ঙ্কর।' *মাইকেল*, ১৮৬০।

অগ্নিচক্ষু [স] **১** *বিণ* রোষদৃষ্টিযুক্ত। 'অগ্নি-চক্ষু অশ্ব তব মূর্চ্ছি বুঝি পড়ে।' *সত্যেন্দ্র*, ১৯১২। **২** *বি* অগ্নিময় চোখ। 'ইঞ্জিনের অগ্নিচক্ষুর মতোই অদূরে দুটি চক্ষু জ্বলছে।' *নজরুল*, ১৯৩০।

অগ্নিচাকা [স অগ্নিচক্র] *বি* আগুনের বৃত্ত। 'চক্ষু দুটি কাঁপছে রাগে যেমন দুটি অগ্নিচাকা।' *জসীম*, ১৯৩৩।

অগ্নি-চোখ [স অগ্নি-চক্ষু] *বি* রাগান্বিত চোখ। 'ব্যাঘ্র-কপিশ অগ্নি-চোখের শ্বাপদ চাউনি আমাকে দাও।' *সিকান্দার*, ১৯৪৬।

অগ্নিজঠর [স] *বি* অগ্নিগর্ভ। 'সূর্যের অগ্নিজঠরে পুনঃপ্রবেশ করে আত্মহত্যা করতে চাইবেন।' *অচিন্ত্য*, ১৯৫০।

অগ্নিজিতা [স] *বিণ স্ত্রী* আগুন-জয়কারী। 'অপমানে যার সাজায় চিতা, সে যে বাহির হয়ে এল অগ্নিজিতা।' *রবীন্দ্র*, ১৯২৯।

অগ্নিজিভা [স অগ্নিজিহ্বা] *বি* অগ্নিশিখা। *মানোএল*, ১৭৪৩।

অগ্নিজিহ্ব [স] *বিণ* আগুনের মতো লেলিহান। 'ক্ষুদ্র রোষ, অগ্নিজিহ্ব নরকের কীট।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অগ্নিজ্বালা [স] *বি* আগুনের মতো যন্ত্রণা। 'হৃদয়ের অগ্নিজ্বালা সব নিবে গেল।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অগ্নিজ্বালাময়ী [স] *বিণ স্ত্রী* আগুনের মতো জ্বালাময়। 'চক্ষু দিয়া অগ্নিজ্বালাময়ী অশ্রুধারা পড়িতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৮।

অগ্নিঝংকার [স] *বি* তীব্র অনুরণন। 'সুরের অগ্নিঝংকার যেন অবিরাম করাত চলার মতো শব্দ করতে লাগল।' *নজরুল*, ১৯২৬।

অগ্নিঝরা [স অগ্নি+ঝরা] *বিণ* প্রচণ্ড তাপ বর্ষণকারী। 'এখানে অগ্নিঝরা বৈশাখ নিদ্রাহীন।' *সুকান্ত*, ১৯৪৮।

অগ্নিঢালা [স অগ্নি+ঢালা] *বিণ* আগুন ঢেলে দিচ্ছে এমন। 'দীপ্তজ্বালা অগ্নিঢালা সুধা জয়রস।' *রবীন্দ্র*, ১৮৯৯।

অগ্নিতপ্ত [স] *বিণ* আগুনে উত্তপ্ত। *বিদ্যা*, ১৮৬৪; 'কিছুকাল অগ্নিতপ্ত ছিল।' *বঙ্কিম*, ১৮৭৫।

অগ্নিতুল্য [স] *বিণ* আগুনের মতো। 'রেশমের মূল্য অগ্নিতুল্য হইয়া উঠিল।' *অক্ষয়*, ১৮৪৯।

অগ্নিতেজ [স] *বি* আগুনের শক্তি। 'যেদিন উঠিয়াছিলে অগ্নিতেজে।' *রবীন্দ্র*, ১৯১৪।

অগ্নিতেজা [স] *বিণ স্ত্রী* আগুনের মতো তেজপূর্ণ। 'আগুনে সে প্রাণ সঁপেছে অগ্নিতেজা নিষ্কলুষ।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

অগ্নিদগ্ধ [স] *বিণ* অগ্নিতে দগ্ধ। *বিদ্যা*, ১৮৬৪।

অগ্নিদর [স অগ্নি+ফা দর] *বি* চড়া দাম। 'জিনিসের অগ্নিদর।' *গুপ্ত*, ১৮৫৮।

অগ্নি-দহন [স] *বিণ* আগুনে দগ্ধ। 'পার হয়েছি অগ্নিদহন জ্বালা।' *রবীন্দ্র*, ১৯২৯।

অগ্নিদান [স] *বি* মৃতের অন্ত্যেষ্টিক্রিয়ায় অগ্নি প্রজ্বালন। 'জননীর অন্ত্যেষ্টিক্রিয়ার অনুষ্ঠানার্থ অগ্নিদান করে নাই।' *অক্ষয়*, ১৮৫২।

অগ্নিদাহ [স] **১** *বিণ* আগুনে পোড়া। 'অগ্নিদাহ ঘাএ যেন লাগিল লবণ।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* অগ্নিকাণ্ড। 'অতি ভয়ানক অগ্নিদাহ উপস্থিত হইল।' *বিদ্যা*, ১৮৬৩।

অগ্নিদীক্ষা [স] *বি* কঠোর প্রতিজ্ঞা। 'সমস্ত দেশকে অগ্নিদীক্ষায় দীক্ষিত করে দেয়।' *রবীন্দ্র*, ১৯১৫।

অগ্নিদীপ্তি [স] *বি* আগুনের শিখা। 'আরো দূরে বনের তিমির দহিতেছে অগ্নিদীপ্তি দিগন্ত-মাঝারে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অগ্নিদৃষ্টি [স] *বি* ক্রুদ্ধ চাহনি। 'মুখের দিকে তাঁহার অগ্নিদৃষ্টি স্থির রাখিলেন।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অগ্নিদেবতা [স] *বি* (হিন্দুপুরাণ) ব্রহ্মা। 'আঁকো যমরাজ, অগ্নিদেবতা।' *অবন*, ১৯৪১।

অগ্নিদ্রব [স] *বিণ* আগুনে-গলানো। 'চাই না তোমার হাতে নির্দেশের অগ্নিদ্রব হয়ে/ মূল্যবান অলঙ্কার হতে।' *সিকান্দার*, ১৯৪৭।

অগ্নিধনু [স] *বি* অগ্নিরূপ ধনু। 'করেতে লইব অগ্নিধনু মাথায় মা তোর পা।' *অশ্বিনী*, ১৯২০।

অগ্নিধারা [স] *বি* আগুনের প্রবাহ। 'বাঁধলে যে সুর তারায় তারায় অন্তবিহীন অগ্নিধারায়।' *রবীন্দ্র*, ১৯১৪।

অগ্নিনাগ [স] *বি* অগ্নিনিঃসারক কল্পিত সাপ। 'দলে দলে অগ্নিনাগ-নাগিনীর দল।' *নজরুল*, ১৯৩২।

অগ্নিনাগিনী [স অগ্নি+হি নাগিন>] *বি স্ত্রী* অগ্নিনিঃসারক কল্পিত সাপ। 'তোমাদের আদিমাতা অগ্নিনাগিনী আজ গগনতলে বেরিয়ে এসেছে।' *নজরুল*, ১৯২৬।

অগ্নিনির্গম [স] *বি* আগুনের উদ্গিরণ। 'অগ্নিনির্গমের পূর্ব্বে ভূকম্পনের ন্যায়।' *সৎসঙ্গ*, ১৮৯৮।

অগ্নিনির্বাপণী [স] *বিণ* আগুন নেভায় এমন। 'অগ্নিনির্বাপণী শতসহস্র ঝরের মতো পানির ধারা ...।' *কায়সার*, ১৯৬২।

অগ্নি-নিশান [স অগ্নি+ফা নিশান] *বি* অগ্নিময় পতাকা। 'আমার হাতের ধূমকেতুর অগ্নি-নিশান দুলে উঠেছিল।' *নজরুল*, ১৯২৩।

অগ্নিনিশ্বাস [স] *বি* উষ্ণ নিশ্বাস। 'কখনো ছাড়লে অগ্নিনিশ্বাস, কখনো ঝরালে জলপ্রপাত।' *রবীন্দ্র*, ১৯৩২।

অগ্নিপক্ব [স] *বিণ* আগুনে সিদ্ধ করা হয়েছে এমন। *বিদ্যা*, ১৮৬৪।

অগ্নিপন্থী [স অগ্নি+হি পন্থী] *বিণ* বিপ্লবের মন্ত্রে দীক্ষিত। 'অগ্নিপন্থী দলেরই নামকরা দু-চার জনকে জানি।' *নজরুল*, ১৯৩১।

অগ্নিপরিধি [স] *বি* অগ্নিকুণ্ড। 'অগ্নিপরিধির মাঝে সহসা দাঁড়িয়ে শুনেছি কিন্নরকণ্ঠ দেবদারু গাছে।' *জীবন*, ১৯৪২।

অগ্নিপরীক্ষা [স] **১** *বি* (হিন্দুপুরাণ) রামায়ণে বর্ণিত আগুনের সাহায্যে সীতার সতীত্ব পরীক্ষা। 'অগ্নিপরীক্ষা দিতে যবে সীতারে আনিল।' *কৃত্তিবাস*, ১৫৮০। **২** *বি* কঠিন পরীক্ষা। 'সমাজশৃঙ্খল ছিন্ন হয়ে ... ভারতবর্ষে থাকা উন্নত ভদ্র মনের একপ্রকার অগ্নিপরীক্ষা।' *রবীন্দ্র*, ১৮৮১।

অগ্নিপাথর [স অগ্নিপ্রস্তর] *বি* ঠুকে আগুন জ্বালানো যায় এমন পাথর; চকমকি। *ওর্সা*, ১৭৮৫।

অগ্নি পালানো [স অগ্নি+পালানো] *ক্রি* আগুন পোহানো। 'অগ্নি পালাইতে।' *মানোএল*, ১৭৪৩।

অগ্নিপিণ্ড [স] *বি* আগুনের দলা। 'সূর্যকে যাহারা অগ্নিপিণ্ড বলিয়া উড়াইয়া দিতে চায়।' *রবীন্দ্র*, ১৯১২।

অগ্নিপুরুষ [স] *বি* বীরপুরুষ। 'দেশ আজ অগ্নিপুরুষের অহমিকা দেখিয়া ভুল করিতে চাহে না।' *আজাদ*, ১৯৬৪।

অগ্নিপূজা [স] *বি* আগুনের উপাসনা। 'সে কেবলই অগ্নিপূজা।' *রবীন্দ্র*, ১৯১২।

অগ্নিপ্রবেশ [স] **১** *বি* চিতায় আরোহণ। 'অগ্নিপ্রবেশ করিয়া

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

স্বর্গলোকে রাজা বিক্রমাদিত্যের সহিত উত্তম সুখভোগ করিতে লাগিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। **২** *বি* আগুনে জীবন বিসর্জন। 'জলপ্রবেশ, অগ্নিপ্রবেশ ও উদ্বন্ধনাদি দ্বারা একেবারে প্রাণত্যাগ করা।' *অক্ষয়*, ১৮৫২।

অগ্নিফণা [স] *বিণ* অগ্নিরূপ ফণা তুলে আছে এমন। 'অগ্নিফণা সরীসৃপ, ছোঁড়ে মেঘনাদ।' *বিষ্ণু*, ১৯৪১।

অগ্নিবরন [স অগ্নিবর্ণ] *বিণ* আগুনের মতো লাল। 'গগনতলে ... অগ্নিবরন নাগনাগিনী ছুটেছে।' *রবীন্দ্র*, ১৯২২।

অগ্নিবর্ণ [স] *বিণ* আগুনের মতো লাল বর্ণবিশিষ্ট। 'নৌকার মাস্তুল অগ্নিবর্ণ আকাশের গায়ে কালো আঁচড় কাটিয়া দাঁড়াইয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৬।

অগ্নিবর্ষণ [স] *বি* ক্রোধ প্রকাশ। 'মেয়েটি দুই চক্ষে অগ্নিবর্ষণ করিয়া বলিল ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

অগ্নিবর্ষী [স] *বিণ* অগ্নিবর্ষণ করে এমন। 'অগ্নিবর্ষী খররৌদ্রে কম্পমান উত্তাপতরঙ্গ।' *বিভূতি*, ১৯৩১।

অগ্নিবলয় [স] *বি* অগ্নিকুণ্ড। 'অগ্নিবলয়ের মধ্যে গড়েছিলে প্রেমের প্রতিমা।' *শামসুর*, ১৯৭০।

অগ্নিবাণ [স] **১** *বি* আগ্নেয়াস্ত্রবিশেষ। 'অগ্নিবাণ বৃষ্টিবাণ শিখাইলা বহুত।' *বাহরাম*, ১৬৫০। **২** *বি* আগুনের মতো যন্ত্রণাদায়ক আঘাত। 'তপ্ত বালু অগ্নিবাণ হানে।' *রবীন্দ্র*, ১৯০০।

অগ্নিবাণী [স] *বি* আগুনের মতো তেজোময় কথা। 'সে অগ্নিবাণী যে ভারতবাসীর হৃদয়ে দাহিকা-শক্তি সৃষ্টি করিতে পারে নাই।' *আজাদ*, ১৯৪০।

অগ্নিবাষ্প [স] *বি* অগ্নিময় ধোঁয়া। 'পাকা শিমুলফলের মতো ফেটে গিয়ে ... পুঞ্জ পুঞ্জ অগ্নিবাষ্প ছড়িয়ে ফেলে দেয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অগ্নিবাসর [স] *বি* অগ্নি-উৎসবের রাত। 'আয়, আজ যে অগ্নিবাসর।' *নজরুল*, ১৯৩১।

অগ্নিবাহী [স] *বিণ* আগুনের উত্তাপ বহন করে এমন। 'যেখানে পরেছি আমি অগ্নিবাহী বৈশাখের আলিঙ্গন-মালা।' *সিকান্দার*, ১৯৪৬।

অগ্নিবিপ্লব [স] *বি* অগ্ন্যুৎপাত। 'বিসিউবিয়াসের অগ্নিবিপ্লব।' *বঙ্কিম*, ১৮৭৫।

অগ্নিবিম্ব [স] *বি* আগুনের ফুলকি। 'আর বল্গ, জ্বলে ওঠে আচম্বিতে অগ্নিবিম্ব যাহে।' *মোহিত*, ১৯৪০।

অগ্নিবীণা [স] **১** *বি* অগ্নির মতো উত্তেজক সুর ঝরায় যে বীণা। 'অগ্নিবীণা বাজাও তুমি কেমন করে।' *রবীন্দ্র*, ১৯১৪; 'অগ্নি-ঋষি! অগ্নি-বীণা তোমায় শুধু সাজে।' *নজরুল*, ১৯২২।

অগ্নিভুজঙ্গম [স] *বি* আগুনের সাপ। 'হোক জটানিঃসৃত অগ্নিভুজঙ্গম।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অগ্নিমএ [স অগ্নিময়] *বিণ* অগ্নিতে পূর্ণ। 'অগ্নিমএ স্রোত উঠে দেখে তৈক্ষন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অগ্নিমন্ত্র [স] *বি* কঠিন সংকল্প। 'অগ্নিমন্ত্রে দীক্ষা নিলুম।' *নজরুল*, ১৯৩১।

অগ্নিময় [স] **১** *বিণ* অত্যন্ত তপ্ত। 'অগ্নিময় মরুভূমির উপর যাতায়াত।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বিণ* বিদ্যুৎ-গতি। 'অগ্নিময় তেজঃ বাজী ধাইল অম্বরে, অকম্প চামর শিরে।' *মাইকেল*, ১৮৬১। **৩** *বিণ* আগুনপূর্ণ। 'যথা দূর দাবানল পশিলে কাননে, অগ্নিময় দশ দিশ।' *মাইকেল*, ১৮৬১। **৪** *বিণ* ঝাঁঝালো। 'ব্রাণ্ডিরূপ অগ্নিময় পানীয় দ্বারা এ দেশের কত অনিষ্ট সাধন হইতেছে।' *রাজ*, ১৮৭৪। **৫** *বিণ* আগুনযুক্ত। 'উচ্ছ্বসিল অগ্নিময় বিশ্বের নির্ঝর।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৬** *বিণ* বীরত্বব্যঞ্জক। 'তাঁহার অগ্নিময় তর্জনী আজ দেশের সকলের চক্ষের সম্মুখে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

অগ্নিময়ী [স] *বিণ স্ত্রী* বীরত্বব্যঞ্জক। 'বাহিরিল অগ্নিময়ী বাণী।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অগ্নিমান্দ্য [স] *বি* হজম শক্তি দুর্বল হয় এমন রোগ। 'অগ্নিমান্দ্য, উদরাময়, বাত ও জ্বর রোগের স্পষ্ট চিহ্ন ...!' *অক্ষয়*, ১৮৪৯।

অগ্নিমালা [স] *বি* আগুনের মালা। 'এই তো দুখের, অগ্নিমালা, এই তো মুক্তি।' *রবীন্দ্র*, ১৯১৪।

অগ্নিমুখা, অগ্নিমুখো [স অগ্নিমুখ>] **১** *বিণ* মুখে অগ্নি এমন। 'অগ্নিমুখা হর বন্দো বাসি পলাসন।' *রূপরাম*, ১৭৫০। **২** *ক্রিবিণ* আগুনের দিকে। 'লালন তেমনি পতঙ্গের ধারা অগ্নিমুখো ধেয়ে যায়।' *লালন*, ১৮৯০।

অগ্নিমূর্তি, অগ্নিমূর্ত্তি [স] *বিণ* অত্যন্ত ক্রোধান্বিত। 'ক্রুদ্ধ রাজা তখন অগ্নিমূর্তি হইয়া মেঘগম্ভীরস্বরে চণ্ডালকে আজ্ঞা করিলেন।' *বঙ্কিম*, ১৮৮৪; 'পিতার দাদ উদ্ধার করিতে একেবারে জ্বলন্ত অগ্নিমূর্ত্তি হইয়া দাঁড়াইবে।' *মশাররফ*, ১৮৮৫; 'মা অগ্নিমূর্তি হইয়া কহিলেন ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

অগ্নিমূল্য [স] *বি* চড়া দাম। 'শুধু চাল ব'লে নয়, দ্রব্য সমুদয়, বিকাতেছে সব অগ্নিমূল্যে।' *গুপ্ত*, ১৮৫৮।

অগ্নিমৃত্যু [স] *বি* আগুনে পুড়ে মৃত্যু। 'হিন্দুশাস্ত্রেই অগ্নিমৃত্যুর ব্যবস্থা আছে।' *অক্ষয়*, ১৮৪৯।

অগ্নিযুগ [স] *বি* বিপ্লবী আন্দোলন বা বিদ্রোহের যুগ। 'বাঙলার অগ্নিযুগের আদি পুরোহিত, সাগ্নিক বীর ... শ্রীশ্রীচরণারবিন্দেষু।' *নজরুল*, ১৯২২।

অগ্নির ডিঙা *বি* ফায়ার শিপ; এক রকমের রণতরী। *ওসাঁ*, ১৭৮৫।

অগ্নিরথ [স] *বি* অগ্নিময় রথ। 'আকাশ থেকে অগ্নিরথ নেমে এল।' *নজরুল*, ১৯২৬।

অগ্নি-রাগ [স] *বি* আগুনের রং। 'পূর্বতোরণে অগ্নি-রাগে লেখা রহিয়াছে নবযুগ।' *নজরুল*, ১৯২২।

অগ্নিরাশি [স] *বি* অগ্নিকুণ্ড। 'ধূম্রাক্ষ; সমর-ক্ষেত্রে ধূমকেতু-সম অগ্নিরাশি।' *মাইকেল*, ১৮৬১।

অগ্নিরুক্ষ [স] *বিণ* অগ্নিতে দগ্ধ হওয়ার ফলে রুক্ষ। 'অগ্নিরুক্ষ জীবনের নির্মম দহনে।' *সিকান্দার*, ১৯৪৬।

অগ্নিলেখা [স] *বি* অগ্নিরূপ লেখা। 'আঁকিল আমার অশুভ ধূম্রমলিন অগ্নিলেখা।' *নজরুল*, ১৯৩৭।

অগ্নিশর [স] *বি* আগুনের তির; অগ্নিবাণ। 'অগ্নিদাহন তোমার কোমল তনুতে হানে সে অগ্নিশর।' *ফররুখ*, ১৯৪৬।

অগ্নিশর্ম [স অগ্নিশর্মা] *বিণ* অতিশয় ক্রুদ্ধ। 'প্রখরমূর্তি অগ্নিশর্ম ছাত্র মরে আতঙ্কে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অগ্নিশর্মা, অগ্নিশর্ম্মা [স] *বিণ* অত্যন্ত উত্তেজিত। 'সমস্ত বৃত্তান্ত শ্রবণ করিয়া তিনি অগ্নিশর্ম্মা হইয়া উঠিলেন।' *প্রভাত*, ১৮৯৭; 'অগ্নিশর্মা হইয়া উঠিলেন।' *শরৎ*, ১৯১৭।

অগ্নিশিখা [স] *বি* আগুনের শিখা। 'আগ্নেয়গিরি হইতে ধূম, ভস্ম,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অগ্নি-শিখাদি নির্গত ...।' *অক্ষয়*, ১৮৫২।

অগ্নিশুদ্ধি [স] *বি* আগুনের দ্বারা শোধন। 'ওর অগ্নিশুদ্ধি হয়ে গেছে।' *নজরুল*, ১৯৩১।

অগ্নিশোধন [স] *বি* নরকের অগ্নিতে শোধন। *মানোএল*, ১৭৪৩।

অগ্নিশ্বসিত [স] *বিণ* অগ্নিময় শ্বাস ফেলছে এমন। 'অগ্নিশ্বসিত সহস্রবাহু লৌহদানবের কারাগার।' *রবীন্দ্র*, ১৯০৮।

অগ্নিশ্বেত [স] *বিণ* আগুনের আলোর মতো সাদা। 'অগ্নিশ্বেত নারীর মতো জেগে উঠছে স্ফুলিঙ্গের সংঘর্ষে।' *জীবন*, ১৯৪০।

অগ্নিসংযুক্ত [স] *বিণ* আগুনযুক্ত। 'অগ্নিসংযুক্ত হইলে তাহা সহসা এত বিস্তৃত হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

অগ্নি-সংযোগ [স] *বি* আগুন লাগানো। 'অঙ্গারের কৃষ্ণবর্ণত্ব অগ্নি-সংযোগেই নিরাকৃত হয়।' *অক্ষয়*, ১৮৪৬; 'অগ্নি সংযোগ দ্বারা ক্রমে ভস্মসাৎ করত ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অগ্নিসৎকার [স] *বি* শবদাহ। 'অগ্নিসংস্কারার্থ গ্রামের উপান্তবর্তী শ্মশানে লইয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭।

অগ্নি-সংস্কৃত [স] *বিণ* আগুন দিয়ে পবিত্র-করা। 'সেই শূকরনিবাস অগ্নি-সংস্কৃত করিয়া নদীর জলে ফেলিয়া দেই।' *বঙ্কিম*, ১৮৮২।

অগ্নিসৎকার [স] *বি* শবদাহ। 'এবার অগ্নিসৎকার করিতে হইবে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অগ্নিসম [স] *বিণ* আগুনের মতো উত্তপ্ত। 'মধ্যাহ্নে সমুদ্রে বালু হঞাছে অগ্নিসম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অগ্নি-সমুদ্র [স] *বি* আগুনের সাগর। 'চতুষ্পার্শে রক্ত-সমুদ্রের ন্যায় ঘোর লালবর্ণ অগ্নি-সমুদ্র দেখিতাম।' *মোতাহার*, ১৯৩৭।

অগ্নিসাৎ [স] *বিণ* ভস্মে পরিণত। 'বিনিয়োগপত্র অন্যায়ভাবে আপনাদের হস্তগত ও অগ্নিসাৎ হইতে পারে।' *বিদ্যা*, ১৮৬৩।

অগ্নিসিন্ধু [স] *বি* আগুনের সাগর। 'অন্তরের অগ্নি-সিন্ধু ফুল হয়ে হেসে উঠে ...।' *নজরুল*, ১৯২৩।

অগ্নিসুর [স] *বি* আগুনের মতো উত্তাপ ছড়ানো তীব্র সুর। 'অগ্নিসুরেও রক্ত-শিখা বাজে।' *নজরুল*, ১৯২২।

অগ্নি-সেবন [স] *বি* আগুন পোহানো। 'দ্বার রোধ করিয়া অগ্নি-সেবন করাই পরমপ্রীতিকর বোধ হয়।' *অক্ষয়*, ১৮৪৫।

অগ্নিস্তম্ভ [স] *বি* আগুনের শিখা। 'তমোময়, যমদেশে অগ্নিস্তম্ভসম জ্বলি উজ্জ্বলিবে দেশ।' *মাইকেল*, ১৮৬১।

অগ্নিস্নাত [স] *বিণ* আগুনে পুড়েছে এমন। 'দাউ দাউ অগ্নিস্নাত ঘরবাড়ি ...।' *শওকত*, ১৯৭২।

অগ্নিস্নান [স] *বি* দহন। 'অগ্নিস্নানে দেহে প্রাণে শুচি হোক ধরা।' *রবীন্দ্র*, ১৯২৪; 'অগ্নিস্নানে শুচি হোক ধরা।' *রবীন্দ্র*, ১৯২৬।

অগ্নিস্ফুলিঙ্গ [স] *বি* আগুনের ফুলকি। 'চক্ষু হইতে অগ্নিস্ফুলিঙ্গ নির্গত হইতে লাগিল।' *বঙ্কিম*, ১৮৬৫।

অগ্নিস্রাব [স] ১ *বি* আগ্নেয় লাভা। 'বিদ্রোহের অগ্নিস্রাব উদগীরিত হইল।' *রবীন্দ্র*, ১৮৭৭। ২ *বি* তীব্র সমালোচনা। 'অতি সংকোচে ও সাক্ষেপে সেটি প্রকাশ করতেই যে অগ্নিস্রাব শুরু হল।' *জিন্দুর*, ১৯৭০।

অগ্নিস্রোত [স] *বি* আগুনের শিখা। 'অগ্নিস্রোতের ন্যায় তাহা অবিলম্বে ব্যাপ্ত হইতে থাকে।' *অক্ষয়*, ১৮৪৫।

অগ্নিহলক [স অগ্নি+আ হলকাহ] *বি* আগুনের হলকা। 'অগ্নিহলক দেশের আশা আকাঙ্ক্ষাকে জ্বালাইয়া ...।' *মোহাম্মদী*, ১৯৩০।

অগ্নিহাসি [স] *বি* আগুনের ঝিলিক। 'অগ্নিহাসি উপহাসি উল্কা অভিশাপশিখা পড়িছে খসিয়া।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অগ্নিহোত্র [স] *বি* বেদবিধি অনুযায়ী প্রতিদিনের যজ্ঞ। 'আদ্য ও অন্তভাগে অগ্নিহোত্র করিবেন।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

অগ্নিহোত্রী [স] *বিণ* প্রতিদিন করতে হয় এমন। 'মহারাজ অগ্নিহোত্রী বাজপেয়ী যজ্ঞ করুন।' *রাজীব*, ১৮০৫।

অগ্ন্যাধান [স অগ্নি-আধান] *বি* বেদমন্ত্র পাঠের মাধ্যমে অগ্নিস্থাপন। 'পূর্ব্বমৃতা স্ত্রীর যথাবিধি অন্ত্যেষ্টিক্রিয়া নির্ব্বাহ করিয়া পুনরায় দারপরিগ্রহ ও পুনরায় অগ্ন্যাধান করিবেক।' *বিদ্যা*, ১৮৫৫।

অগ্ন্যুত্তাপ [স অগ্নি-উত্তাপ] *বি* আগুনের উত্তাপ। 'অগ্ন্যুত্তাপ বাঁচাইয়া সবাই গিয়া যেখানে বসিয়াছিল।' *শরৎ*, ১৯১৬।

অগ্ন্যুৎপাত [স অগ্নি-উৎপাত] *বি* আগ্নেয়গিরি থেকে অগ্নি ও লাভা নির্গমন। 'আগ্নেয়গিরি হইতে ধূম, ভস্ম, অগ্নি-শিখাদি নির্গত হওয়াকে অগ্ন্যুৎপাত বলে।' *অক্ষয়*, ১৮৫২।

অগ্ন্যুদ্গার [স অগ্নি-উদ্গার] ১ *বিণ* আগুন উদ্গিরণের মতো। 'ওই অগ্ন্যুদ্গার-উল্লাসে ... আর শুষ্ক বস্ত্র-মাঝে।' *নজরুল*, ১৯২৪। ২ *বি* আগুনের নিঃসরণ। 'ইহাদের অগ্ন্যুদ্গারে সকল আবর্জনা পুড়িয়া ছারখার হইয়া যাইবে।' *আজাদ*, ১৯৭০।

অগ্ন্যুদ্গারী [স অগ্নি-উদ্গারী] *বিণ* অগ্নিময় পদার্থ নিঃসরণকারী। 'আগ্নেয় পর্ব্বতশ্রেণী অগ্ন্যুদ্গারী বিশাল ...।' *বঙ্কিম*, ১৮৭৫।

অগ্ন্যুদ্গিরণ [স অগ্নি-উদ্গিরণ] *বি* আগুন উৎক্ষেপণ। 'নিতান্ত উত্তেজিত না হলে অগ্ন্যুদ্গিরণ করে না।' *নজরুল*, ১৯২৭।

অগ্যান [স অজ্ঞান] *বিণ* অল্পবুদ্ধিবিশিষ্ট। 'কামাতুর, কুবোধি, অবিচারী, হিংসক, অগ্যান, গৃহস্তো বীর্যের শরীর নাশী।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

অগ্র [স] ১ *বি* প্রথম। 'অগ্রে দিলা নিত্যানন্দস্বরূপের প্রতি।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* পুরোভাগ। 'রথের অগ্রেতে বৈসে বীর হনুমান।' *কাশীরাম*, ১৬৫০। ৩ *বি* উপরিভাগ। 'গৃহাগ্রে উড়িছে ধ্বজ।' *মাইকেল*, ১৮৬১।

অগ্রক্রয় [স] *বি* আগে ক্রয় করার অধিকার। 'জমিদারের অগ্রক্রয় ও নজরানা সম্পর্কিত বিধান দুটি বাতিল করিয়া ...।' *বুলবুল*, ১৯৩৭।

অগ্রগ [স] *বিণ* অগ্রে গমন করে এমন। *বিদ্যা*, ১৮৬৪; 'মগধরাজ সেনাগণের অগ্রগ হইয়া কহিলেন ...।' *কালীপ্র*, ১৮৬৬।

অগ্রগণ্য [স] ১ *বিণ* প্রথমেই গণ্য করতে হয় এমন। 'বৈষ্ণবের অগ্রগণ্য নদীয়ার মাঝে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* দলপতি। 'বাবু হরচন্দ্র বসু অগ্রগণ্য অর্থাৎ দলপতি।' *দর্পণ*, ১৮২৯। ৩ *বিণ* সবার আগে উল্লেখযোগ্য। 'তাঁহারা ভূলোকের শুভাকাঙ্ক্ষী বন্ধুগণের মধ্যে অগ্রগণ্য।' *অক্ষয়*, ১৮৫৪।

অগ্রগণ্যা [স] *বিণ* স্ত্রী অন্য সকলের আগে বিবেচিত হয় এমন। 'বেশ্যামহলে খ্যাতাপন্না মান্যা ধন্যা অগ্রগণ্যা ছিলেন।' *ভবানী*, ১৮২৮।

অগ্রগতি [স] ১ *বি* সামনে এগিয়ে যাওয়া। 'আমার তরফের এক পা অগ্রগতি।' *রবীন্দ্র*, ১৯৪০। ২ *বি* উন্নতি। 'পুরুষরা বাধার সৃষ্টি করছে মেয়েদের অগ্রগতির পথে।' *বেগম*, ১৯৪৭।

অগ্রগতিশীল [স] *বিণ* প্রগতিশীল। 'এছলাম একটি অগ্রগতিশীল ... ধর্ম্ম।' *আজাদ*, ১৯৬০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অগ্রগতিশীলা [স] *বিণ স্ত্রী* প্রগতিশীল। 'এই সব অগ্রগতিশীলা মহিলাদের কাণ্ডাকাণ্ডজ্ঞান একেবারে নাই।' *বনফুল*, ১৯৩৬।

অগ্রগমন [স] *বি* অগ্রগতি। 'মুহুলমানের অগ্রগমনের পথে কেবল বিঘ্ন।' *মোহাম্মদী*, ১৯৩০।

অগ্রগামি [স অগ্রগামী] *বিণ* অগ্রসর। 'এ কথা শুনিয়া কিঞ্চিত অগ্রগামি হইয়া ...।' *রামরাম*, ১৮০১।

অগ্রগামিনী [স] *বিণ স্ত্রী* সামনে এগিয়ে যায় এমন। 'রাজ্ঞী, সেই শিশুকে ক্রোড়ে লইয়া, অগ্রগামিনী হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অগ্রগামিনীত্ব [স] *বি* আগে বা সামনে যাওয়ার প্রবণতা। 'একটু অগ্রগামিনীত্ব আছে।' *বঙ্কিম*, ১৮৮৭।

অগ্রগামী [স] **১** *বিণ* আগে গমনকারী। 'অগ্রগামী সান্তরএ মধ্যমে কর্দম হএ।' *আলাওল*, ১৬৮০। **২** *বিণ* সম্মুখবর্তী। 'তখন অগ্রগামী গতিশক্তির আনন্দেই সে কর্ম করে।' *রবীন্দ্র*, ১৯১৬। **৩** *বিণ* অগ্রসরমাণ। 'স্কুলের যত ব্যাপারে তারা হত যুগপৎ অগ্রগামী ও অগ্রণী।' *প্রমথ*, ১৯১৮। **৪** *বিণ* প্রাচীনতম। 'সমস্ত জীবের অগ্রগামী গাছ।' *রবীন্দ্র*, ১৯২৯। **৫** *বিণ* উন্নত। 'প্রাপ্তবয়স্কদের শিক্ষা সমস্যা পৃথিবীর অগ্রগামী দেশগুলোর কাছে অবান্তর।' *বেগম*, ১৯৪৮।

অগ্রজ [স] **১** *বি* বড়ো ভাই। 'তিনি রামচন্দ্র বিদ্যবাগীশের অগ্রজ।' *দর্পণ*, ১৮৩২। **২** *বিণ* অগ্রে জন্মগ্রহণকারী। *বিদ্যা*, ১৮৬৪।

অগ্রজন্মা [স] *বিণ* অগ্রে জন্মগ্রহণকারী। *বিদ্যা*, ১৮৬৪।

অগ্রজপ্রতিম [স] *বিণ* বড়ো ভাইয়ের মতো। 'অগ্রজপ্রতিম কোনো কবি-বন্ধু।' *নজরুল*, ১৯২৭।

অগ্রণী [স] **১** *বিণ* মুখ্য; প্রধান। *বিদ্যা*, ১৮৬৪; 'আমাদের এই নবীন ইতিহাস চর্চায় যাঁরা অগ্রণী ...।' *সবুজ*, ১৯১৭। **২** *বিণ শ্রেষ্ঠ* 'গন্ধর্ব সৌরসেন সুরলোকের সংগীতসভায় কলানায়কদের অগ্রণী।' *রবীন্দ্র*, ১৯৩২। **৩** *বি* সবার আগে গমন করে যে। 'মনে হয় অগ্রণীর পদপ্রার্থী পথ।' *সুধীন্দ্র*, ১৯৪০।

অগ্রণীশোভন [স] *বিণ* অগ্রণীদের উপযুক্ত। 'অগ্রণীশোভন অধ্যবসায়ের ফলাফল।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অগ্রদানী, অগ্রদানি [স অগ্রদানী, সন্ধিতে ই-কার] *বি* এক শ্রেণীর ব্রাহ্মণ। 'বৈদ্যক জনের পাশে অগ্রদানিগণ।' *মুকুন্দ*, ১৬০০; 'বাটীর বাহিরে অগ্রদানী ... কাঙালীতে পরিপূর্ণ।' *প্যারী*, ১৮৫৮।

অগ্রদূত [স] *বি* পথপ্রদর্শক। 'তিনি যাত্রীদলের অগ্রদূত।' *রবীন্দ্র*, ১৯১৬।

অগ্রদূতী [স] *বিণ স্ত্রী* পথপ্রদর্শক। 'প্রগতির অগ্রদূতী মেয়েরা।' *বেগম*, ১৯৪৮।

অগ্রনায়ক [স] **১** *বিণ* অগ্রবর্তী নেতা। 'দেশের অগ্রনায়ক বীর।' *নজরুল*, ১৯২৮। **২** *বি* প্রধান নেতা। 'তুরস্কের অগ্রনায়ক গণবিচার করিয়া দেখিয়াছেন।' *ছায়াবীথি*, ১৯৩৩।

অগ্রনায়িকা [স] *বি স্ত্রী* অগ্রবর্তী নেত্রী। 'এই আন্দোলনের অগ্রনায়িকা হবেন এ যুগের শিক্ষিতা মহিলারা।' *বেগম*, ১৯৪৭।

অগ্রপথিক [স] **১** *বি* সৈন্যদলের অগ্রদূত। 'অগ্রপথিক হে সেনাদল।' *নজরুল*, ১৯২৮। **২** *বি* অগ্রবর্তী লোক। 'মোরা অগ্রপথিক।' *নজরুল*, ১৯৩১।

অগ্রপশ্চাৎ [স] **১** *ক্রিবিণ* পূর্বাপর। 'ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি অগ্রপশ্চাৎ অনেক কারণ বিবেচনা করিয়া ...।' *দর্পণ*, ১৮৩৬। **২** *ক্রিবিণ* আগাগোড়া। 'বিদ্যা সন্নিধানে পরাভূত হইয়া কালের করাল গ্রাসে অগ্রপশ্চাৎ প্রবেশ করিবে।' *অক্ষয়*, ১৮৫৪।

অগ্রবর্তিনী, অগ্রবর্ত্তিনী [স] *বিণ স্ত্রী* পুরোগামী। 'সে ধীরে ধীরে বৃক্ষের অন্তরালে থাকিয়া অগ্রবর্তিনী হইতে লাগিল।' *বঙ্কিম*, ১৮৭২; সখিনাও অগ্রবর্ত্তিনী হইয়া স্বামীকে আলিঙ্গন করিলেন।' *মশাররফ*, ১৮৮৫।

অগ্রবর্তী, অগ্রবর্ত্তী [স] *বিণ* অগ্রগামী। 'যেন আমার চেয়ে অগ্রবর্তী হওয়া লোকের পক্ষে একটা বেআদবি।' *রবীন্দ্র*, ১৮৯১; 'সহৃদয়তা, সদালোচনা ... প্রভৃতি উন্নতিকর বিষয়ে অগ্রবর্ত্তী।' *প্রচারক*, ১৮৯৯।

অগ্রবাক [স উগ্রবাক্য] *বিণ* অধৈর্য। 'অহ হল্য অতীত অতিথি অগ্রবাক।' *মানিকরাম*, ১৭৮১।

অগ্রবাহিনী [স] *বিণ* অগ্রগামী। 'অগ্রবাহিনী পথিক-দল।' *নজরুল*, ১৯২৮।

অগ্রভাগ [স] **১** *বি* প্রথম ভাগ। 'অগ্রভাগ লয়ে ভবানীর নামে দিলা একভাব হয়ে।' *ভারত*, ১৭৬০। **২** *বি* সম্মুখ। 'লস্কর অগ্রভাগে তাঁই করিয়া আপনি সেই স্থানে তিষ্ঠিলেন।' *রামরাম*, ১৮০১। **৩** *বি* প্রান্ত। 'অঙ্গুলির অগ্রভাগ চুম্বিতে চুম্বিতে।' *গুপ্ত*, ১৮৫৮।

অগ্রভাগে [স] *ক্রিবিণ* সামনাসামনি। 'আর কার সাধ্য পৃথিবীতে তাহার অগ্রভাগে ডাণ্ডাইয়া বরাবরি করিতে ...।' *রামরাম*, ১৮০১।

অগ্রমাস [স অগ্রমাংস] *বি* যকৃতের মাংসবৃদ্ধিরূপ রোগবিশেষ। 'পিলে অগ্রমাসে মলো।' *বঙ্কিম*, ১৮৭৩।

অগ্রমূল [স] *বি* সবচেয়ে উঁচু চূড়া। 'প্রভু বলে দেখ প্রাসাদের অগ্রমূলে।' *বৃন্দা*, ১৫৮০।

অগ্রযাত্রী [স] *বিণ* সম্মুখে গমনকারী; অগ্রপথিক। 'অগ্রযাত্রী আমাদের যে কিশোর আর তরুণের দল।' *নজরুল*, ১৯২২।

অগ্রশাখা [স] *বি* আগডাল। 'শুঁড়ি হইতে অগ্রশাখা পর্যন্ত বিদীর্ণ হইয়া বাহির হয়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অগ্রসর [স] **১** *বিণ* অগ্রগামী। 'অগ্রসর হএ জাঅ কহিলেন হেসে।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বিণ* উৎসাহী। 'শ্রোতার মনকে অগ্রসর দেখিলে তবেই গায়কের মন আপনার ক্ষমতা বিকশিত করিতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অগ্রসর করা *ক্রি* এগিয়ে দেওয়া। 'খাতা অগ্রসর করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অগ্রসরগতি [স] *বি* অগ্রগতি। 'সেই অগ্রসরগতিতে পাঠকের মন আকৃষ্ট হইয়া গ্রন্থের পরিণামের দিকে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অগ্রসরগ্রস্ত [স] *বিণ* বেড়ে উঠছে এমন। 'সন্তান যে তার অত্যন্ত অগ্রসরগ্রস্ত।' *জীবন*, ১৯৩১।

অগ্রসরণ [স] *বি* অগ্রগমন। 'মানুষ সামনের দিকে যেমন অগ্রসরণ করে তেমনি অনুসরণ করে পিছনের ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

অগ্রসরতা [স] *বি* অগ্রগমনের অবস্থা; সম্মুখবর্তিতা। 'সেখানকার লোকে বলে অগ্রসরতা, প্রোগ্রেস।' *রবীন্দ্র*, ১৯২৯।

অগ্রসরা [স অগ্রসর>] *ক্রি* অগ্রসর হওয়া। 'শুধিলা সুরসেনানী সুমধুর স্বরে অগ্রসরি।' *মাইকেল*, ১৮৬০।

অগ্রসারী [স] *বিণ* অগ্রগামী। 'সুবাকে শিল্পায়িত করার ব্যাপারে হবে অগ্রসারী।' *মাহেনও*, ১৯৪৯।

অগ্রসৃত [স] *বিণ* এগিয়ে গেছে এমন। 'দুই পা অগ্রসৃত করিয়া যেভাবে ...।' *শরৎ*, ১৯১৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অগ্রসৃতি [স] *বি* অগ্রগতি; উন্নতি। 'অতি ধীরে মুখশ্রীর অগ্রসৃতি।' *বুদ্ধ*, ১৯৪০।

অগ্রসৈনিক [স] *বি* সেনাপতি; পুরোগামী। 'দেখেছি উমর ফারুকের বিশ্ববিজয়ী বাহিনীর অগ্রসৈনিকরূপে।' *নজরুল*, ১৯৩৬।

অগ্রস্থান [স] *বি* প্রাধান্য। 'নিজেই সংশয়পিশাচকে অগ্রস্থান দেন।' *প্রমথ*, ১৯২৭।

অগ্রাধিকার [স অগ্র-অধিকার] *বি* প্রাধান্য। 'সরকার দুঃস্থ নারীদের বিষয়টিকেই অগ্রাধিকার দেওয়ার ব্যবস্থা করিতেছেন।' *আজাদ*, ১৯৬২।

অগ্রে [স] ১ *ক্রিবিণ* সামনের ভাগে। 'রথ-অগ্রে প্রভু তৈছে করিল নর্ত্তন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *ক্রিবিণ* পূর্বে। 'তব অগ্রে তারা সব গেছে স্বর্গলোকে।' *কাশীরাম*, ১৬৫০। ৩ *ক্রিবিণ* নিকটে। 'দ্রোণ-গুরু-অগ্রে কহে করিয়া রোদন।' *কাশীরাম*, ১৬৫০। ৪ *ক্রিবিণ* দ্রুত। 'তিনি না পাছাইয়া অগ্রে বেগে গতিতে জ্যোতির মধ্যে প্রবেশ করিলে।' *রামরাম*, ১৮০১। ৫ *বিণ* আগে। 'তিন মাস অগ্রে বাঙ্কে সমাচার দিবেক।' *দর্পণ*, ১৮১৯।

অগ্রহণীয় [স] *বিণ* অগ্রহণযোগ্য। 'মুসলমান বা ক্রিশ্চানের পক্ষে অগ্রহণীয় বা আপত্তিজনক।' *বুলবুল*, ১৯৩৬।

অগ্রহণীয়তা [স] *বি* অগ্রহণযোগ্যতা। 'দলগুলির গ্রহণীয়তা বা অগ্রহণীয়তা বিচারপূর্ব্বক ...।' *সওগাত*, ১৯৪৫।

অগ্রহায়ণ [স অগ্র+স হায়ন] *বি* বাংলা সনের অষ্টম মাস। 'সকল নূতন শস্য অগ্রহায়ণ মাস।' *মুকুন্দ*, ১৬০০।

অগ্রহায়ন [স অগ্র+স হায়ন] *বি* বাংলা মাসের নামবিশেষ; অগ্রহায়ণ। '১৯ অগ্রহায়ন বাঙ্গলা ১১৬৪ সাল।' *মেয়র্স*, ১৭৫৭।

অঘাণ [অগ্রহায়ণ>] *বি* বাংলা মাসের নামবিশেষ; অগ্রহায়ণ। 'পৌষ মাসে পৃথিবী নবীন শস্য ধরে।' *বিজয়*, ১৬৫০।

অগ্রাধিকার দ্র অগ্র

অগ্রাম্য [স] *বিণ* মার্জিত। 'অগ্রাম্য মনোভাব ও অগ্রাম্য শব্দের সাহায্যেই ...।' *প্রমথ*, ১৯২৯।

অগ্রাম্যতা [স] *বি* মার্জিত ভাব। 'অগ্রাম্যতাই এ ভার বিশেষরূপে বহন করে।' *প্রমথ*, ১৯২৯।

অগ্রাহ্য [স] ১ *বি* উপেক্ষা। 'তাঁহারদিগের জাতীয় ধর্ম্ম উগ্র স্বভাব হেতুক এদোষ অগ্রাহ্য করিতেই হয়।' *বঙ্গদূত*, ১৮২৯। ২ *বিণ* অপছন্দ। 'সমাসযুক্ত দারুণ সংস্কৃত বাক্য রচনা করাতে সেই গ্রন্থ সুতরাং অনেকের অগ্রাহ্য হইল।' *দর্পণ*, ১৮৩০। ৩ *বিণ* গ্রহণ করার অনুপযুক্ত। 'সংসার সুধারা মতে চলিতে পারে না, এ জন্যে শাস্ত্রে বিধি থাকিলেও সে বিধি অগ্রাহ্য।' *প্যারী*, ১৮৫৮।

অগ্রিম [স] *ক্রিবিণ* প্রথমে। 'পাদদ্বয় চাপিয়া বসিয়া অগ্রিম দক্ষিণ চরণ ভূয়ো ভূয়ঃ লাড়িয়া ...। *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

অঘটন [স] ১ *বিণ* অপ্রত্যাশিত। 'রাজা, এবম্প্রকার অঘটনঘটনা দর্শনে, হতবুদ্ধি ও লজ্জায় অধোবদন হইয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বি* বিপত্তি। 'অত কাছে গিয়া আর যদি কোনো প্রকার অঘটন সংঘটন হয়।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৩ *বি* প্রতিকূলতা। 'ধর্মব্যবসায়ে ইহাতে বড়োই অঘটন ঘটাইয়া থাকে।' *রবীন্দ্র*, ১৯১২। ৪ *বিণ* অবাস্তব। 'কোন অঘটন দেশে তার সাথে গেছে ভেসে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অঘটনঘটনপটীয়সী [স] *বিণ স্ত্রী* অসম্ভব সাধনে সুনিপুণ। 'লেখকগণের অঘটনঘটনপটীয়সী অসাধারণ প্রতিভা।' *আকরম*, ১৯২৩; 'অঘটন-ঘটনপটীয়সী মায়ামূলক।' *অবন*, ১৯২৫।

অঘটনঘটনা [স] ১ *বি* অপ্রত্যাশিত ঘটনা। 'রাজা, এবম্প্রকার অঘটনঘটনা দর্শনে, হতবুদ্ধি ও লজ্জায় অধোবদন হইয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বি* অসাধ্যসাধন। 'ঈদৃশ অঘটন-ঘটনা ভূমণ্ডলে অতীব বিরল।' *অক্ষয়*, ১৮৪৮।

অঘটনঘটনাপটু [স] *বিণ* অসাধ্য সাধনে দক্ষ। 'আমি, বহু দিন হইল, যে অঘটন-ঘটনা-পটু ঘটকদ্বয়কে ঐ উদ্দেশে পাঠাইয়াছিলাম।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অঘটনপটীয়স [স] *বিণ* অস্বাভাবিক ঘটনা ঘটাতে সক্ষম। 'উদ্ভট অঘটনপটীয়স পেট্রিয়টিজমের কথা অবশ্য স্বতন্ত্র বটে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অঘটনা [স] *বি* অস্বাভাবিক ঘটনা। 'ঘরের ঢেঁকি কুমীর হয়ে ঘটায় কত অঘটনা।' *গুপ্ত*, ১৮৫৮।

অঘটনীয় [স] *বিণ* ঘটা সম্ভব নয় এমন। 'তাহাদিগকে তাল স্থান ছাড়িয়া দিবে, ইহা অঘটনীয়।' *বঙ্কিম*, ১৮৯২।

অঘমর্ষী [স] *বিণ* দুঃখ ও ধ্বংস পছন্দ করে এমন। 'অঘমর্ষী জনতার উদ্‌গীথ-মুখর।' *বিষ্ণু*, ১৯৪১।

অঘর [অ+পা ঘর] *বি* অযোগ্য ঘর বা বংশ। *বিদ্যা*, ১৮৯১।

অঘরে পড়া *ক্রি* অযোগ্য পাত্রে পাত্রস্থ হওয়া। 'তার বিবাহ না হইলে অঘরে পড়িবে।' *বঙ্কিম*, ১৮৮২।

অঘা[1] [স] *বিণ* নির্বোধ। 'বাবুরাম অঘা অতি।' *প্যারী*, ১৮৫৮।

অঘা[2] [স আঘাত] *বি* আঘাত। 'মানিনি মান পিবি ও ন অঘাএ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অঘাটা [অ+স ঘট্ট>] *বি* তীরে ওঠার পথ নেই এমন জায়গা। 'অঘাটায় মরণ হল আমারে।' *লালন*, ১৮৯০।

অঘাটি [অ+হি ঘাটি] *বিণ* নির্দোষ। 'কুলে শীলে রূপে গুণে সকলি অঘাটি।' *শিবায়ন*, ১৭৫০।

অঘান [অগ্রহায়ণ>] *বি* অগ্রহায়ণ। 'কাত্তিক গেলে অঘান মাস বিছা রাসি।' *রামাই*, ১৭১০।

অঘাসি [স অঘাস>] *বি* নিকৃষ্ট ঘাস। 'অনাদরে অঘাসি ঈশান মুখে খায়।' *ঘনরাম*, ১৭১১।

অঘুম *বি* ঘুমহীনতা। 'বাপের ছিল অঘুমের অসুখ।' *মাহমুদ*, ১৯৭৩।

অঘোর [স] ১ *বিণ* অন্ধকার। 'অঘোর নরকতুল্য অধিক দুষ্কর।' *বাহরাম*, ১৬৫০। ২ *বিণ* অতি ভয়ানক। 'তাহারে মারিব কোন অঘোর পাতক।' *আলাওল*, ১৬৮০। ৩ *বি* হিন্দু দেবতা শিব। 'অঘোর মন্ত্রেতে শিখা বাঁধে ততক্ষণ।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৪ *বিণ* বিভোর। 'অম্বরে অম্বিকা রথে আনন্দে অঘোর।' *মানিকরাম*, ১৭৮১। ৫ *ক্রিবিণ* অচেতনভাবে। 'মাতা তখন অঘোরে ঘুমাইতেছিলেন।' *নজরুল*, ১৯৩১।

অঘোরচতুর্দশী [স] *বি* ব্রতবিশেষ। 'অক্ষয়তৃতীয়া, অঘোরচতুর্দশী, ভূতচতুর্দশী, নৃসিংহচতুর্দশী ... ব্রত।' *অবন*, ১৯১৯।

অঘোরপন্থ [স] *বি* শিবোপাসক সম্প্রদায়বিশেষ। 'অঘোরপন্থ সে যে শবাসন-সাধনায়।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অঘোরপন্থা [স অঘোরপন্থ] *বি* তান্ত্রিকপন্থা। 'তন্ত্রের অঘোরপন্থা কবিত্বে মূর্ত্তিমান হইয়া উঠিয়াছে।' *সবুজ*, ১৯২৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অঘোরপন্থী [স অঘোরপন্থ] *বি* শিবের উপাসক সম্প্রদায়বিশেষ। 'অঘোরপন্থী সম্প্রদায়ের বিবরণ পরবর্তী পত্রিকায় করা যাইবে।' *অক্ষয়*, ১৮৪৮।

অঘোরমন্ত্র [স] *বি* শিবমন্ত্র। 'অঘোরমন্ত্রেতে শিখা বাঁধে ততক্ষণ।' *রামপ্রসাদ*, ১৭৮০।

অঘোরী [স] *বি* শৈব সন্ন্যাসীবিশেষ। 'অঘোরী হইতে হইলে, প্রথমে যথানিয়মে সন্ন্যাস লইয়া পশ্চাৎ অঘোরমন্ত্র গ্রহণ করিতে হয়।' *অক্ষয়*, ১৮৫০।

অঘোষ [স] *বি* বর্গের প্রথম ও দ্বিতীয় ধ্বনি; যে সকল বর্ণ ঘোষহীন (ক, খ ...)। *জ্ঞানেন্দ্র*, ১৯১৭।

অঘোষিত [স] *বিণ* ঘোষণা করা হয়নি এমন। 'একটা অঘোষিত যুদ্ধ।' *পাশা*, ১৯৭১।

অঘ্রান, অঘ্রাণ [অগ্রহায়ন>] *বি* অগ্রহায়ণ মাস। *ওসাঁ*, ১৭৮৫; 'ও মা, অঘ্রাণে তোর ভরা খেতে ...।' *রবীন্দ্র*, ১৯০৫; 'নবীন ধানের অঘ্রাণে আজি অঘ্রান হল মাত।' *নজরুল*, ১৯২৮।

অঙ্ক[১] [স] **১** *বি* হিসাব; গণনা। 'দশ মাসায় তোলা হয় অঙ্ক মাজাকসা।' *ওসাঁ*, ১৭৮৪; 'তাঁহাকে নীচের লিখিত অঙ্ক জিজ্ঞাসা করিয়াছিলেন।' *গৌর*, ১৮২২। **২** *বি* বিন্দু; নোখতা। *ওসাঁ*, ১৭৮৫। **৩** *বি* সংখ্যা। 'এই দুই অঙ্কের ঐক্যে কলির প্রথমাবধি এ পর্য্যন্ত ৪,৯০৫ বৎসর।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **৪** *বি* গণিতশাস্ত্র। 'ছাইচিত্ত হইয়া অঙ্ক জিজ্ঞাসা করিলেন।' *ভবানী*, ১৮২৫। **৫** *বি* কলঙ্ক। 'সতীত্ব স্ফটিককুম্ভে অঙ্ক প্রদানে প্রবৃত্ত হয়েছিলেম।' *দীনবন্ধু*, ১৮৬৩। **৬** *বি* চিহ্ন। *বিদ্যা*, ১৮৬৪; 'কপট অঙ্ক রটায় আমার কত কলঙ্ক।' *বুদ্ধ*, ১৯৩০।

অঙ্ক কষা *ক্রি* গণিত শিক্ষা করা। 'অস্থিতপঞ্চক পর্যন্ত অঙ্ক কষা শেষ করিয়াছিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

অঙ্কগণিত শাস্ত্র [স] *বি* গণিতশাস্ত্র। 'ছেলে ইঙ্গরেজী অঙ্কগণিত শাস্ত্র ... পড়ে।' *চন্দ্রিকা*, ১৮৩০।

অঙ্কপাত [স] **১** *বি* অর্থের সংখ্যা। 'উপযুক্ত পাত্র বিবেচনা করিয়া বিদায়ের অঙ্কপাত করিয়া দেন।' *ভবানী*, ১৮২৩; 'যখন পুস্তকে অথবা অন্য কোনও স্থানে, কেহ কোনও বস্তুর অঙ্কপাত করে ...।' *বিদ্যা*, ১৮৫১। **২** *বি* হিসাব-নিকাশ। 'বাজেট সমালোচনা লইয়া বড়ো বড়ো অঙ্কপাত করিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০১।

অঙ্কফল [স] *বি* হিসাবের ফলাফল। 'যোগবিয়োগের বিশুদ্ধ অঙ্কফলটি উদ্ধার করিতে ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

অঙ্কবিদ্যা [স] *বি* গণিতশাস্ত্র। 'অঙ্কবিদ্যার ও শব্দার্থের ও ভূগোলবিদ্যার পরীক্ষা ... অতি সুন্দররূপে দিয়াছে।' *দর্পণ*, ১৮২৩।

অঙ্কমূর্তি [স] *বি* সংখ্যা প্রতীক। '১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, এই নয় অঙ্কমূর্তি ... ভারতবর্ষে সৃষ্ট হয়।' *অক্ষয়*, ১৮৪৭।

অঙ্কশাস্ত্র [স] *বি* গণিত শাস্ত্র। 'অঙ্কশাস্ত্রে তাঁহার তুল্য ছিল না।' *দর্পণ*, ১৮২২।

অঙ্কশাস্ত্রী [স] *বি* গণিতে পারদর্শী ব্যক্তি। 'নারী কোনো অঙ্কশাস্ত্রীর কবলে পড়েছে।' *নজরুল*, ১৯২৮।

অঙ্কাক্ষর [স অঙ্ক-অক্ষর] *বি* সংখ্যাবাচক শব্দ। 'নামাভ্যাস হইলে যথাক্রমে অঙ্কাক্ষর ...।' *ভবানী*, ১৮২৫।

অঙ্কাতঙ্ক [স অঙ্ক-আতঙ্ক] *বি* অঙ্কভীতি। 'ল আর অঙ্কাতঙ্ক আমার ছেলেবেলা থেকে।' *নজরুল*, ১৯২৭।

অঙ্কে[২] [স] *বি* কোল। 'তিঅড্ডা চাপী জোইণি দে অঙ্কবালী।' *চর্যা ৪*, ১২০০; 'শৈশবকালে বীণার ন্যায় এক অঙ্ক হইতে অঙ্কান্তরে যাইতাম।' *কাদম্বরী*, ১৮৫৩।

অঙ্কবালী [স অঙ্কপালিকা] *বি* আলিঙ্গন। 'তিঅড্ডা চাপী জোইণি দে অঙ্কবালী।' *চর্যা ৪*, ১২০০।

অঙ্কবিহারিণী [স] *বিণ স্ত্রী* কোলে বিহার করে এমন। 'অঙ্কবিহারিণী বীণা ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

অঙ্কবিহারী [স] *বিণ* কোলে কোলে থাকে এমন। 'আয়ার অঙ্কবিহারী সেই আট মাসের শিশুটির খেলা দেখে আমার অনেকটা সময় কাটে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অঙ্কলক্ষ্মী [স] *বি* পত্নী; স্ত্রী। 'সুকুমারের অঙ্কলক্ষ্মী না হইয়া বরং যথাসর্ব্বস্ব হরণপূর্ব্বক ইহাকে বিপদে পাতিত করিবে।' *মশাররফ*, ১৮৬৯।

অঙ্কলালিত [স] *বিণ* স্নেহসিক্ত। 'বনচ্ছায়ার অঙ্কলালিত লোকাশ্রয়-গুলি।' *রবীন্দ্র*, ১৯২৯।

অঙ্কলীন [স] *বিণ* ক্রোড়স্থ। 'তোমার অঙ্কলীন বীণাতে উন্মাদনা তুলে।' *মণীশ*, ১৯৩৯।

অঙ্কশায়ী [স] *বিণ* শায়িত। 'পারেনি তাহারে আজো অঙ্কশায়ী করিতে ধূলায়।' *মণীশ*, ১৯৩১।

অঙ্কস্থলী [স] *বি* কোল; আশ্রয়। 'পিতামাতার অঙ্কস্থলীর একটি প্রকৃষ্ট ইতিহাস, অত্যন্ত বাঁকাচোরা কাঁচা অক্ষরে লেখা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অঙ্কাগত [স অঙ্ক-আগত] *ক্রিবিণ* কাছে। 'দেবেন্দ্রকে অঙ্কাগত প্রাপ্ত হইয়া।' *বঙ্কিম*, ১৮৭৩।

অঙ্কান্তর [স অঙ্ক-অন্তর] *বি* অন্য কোল। 'শৈশবকালে বীণার ন্যায় এক অঙ্ক হইতে অঙ্কান্তরে যাইতাম।' *কাদম্বরী*, ১৮৫৩।

অঙ্কারূঢ় [স অঙ্ক-আরূঢ়] *বি* অন্তর্ভুক্ত। 'এর পরের ঘটনা আর ইতিহাসের অঙ্কারূঢ় নয়।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অঙ্কোপরে [স অঙ্ক-উপরি>] *ক্রিবিণ* কোলের উপরে। 'এত দিন ছিলে, বৎস, মম অঙ্কোপরে।' *গিরিশ*, ১৮৮৭।

অঙ্ক[৩] [স] **১** *বি* নাট্যাভিনয়। 'আজি নৃত্য করিবাওঁ অঙ্কের বন্ধানে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* নাটকের পরিচ্ছেদ বা বিভাগ। 'প্রথম অঙ্ক।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অঙ্ক[৪] [স অঙ্গ] *বি* অঙ্গ। 'বেদি বনাওব হম অপন অঙ্কমে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অঙ্কা [স অঙ্কন] *ক্রি* চিত্রিত করা। 'শুভ-আলিম্পনে প্রত্যহ রাখিব অঙ্কি কুঙ্কুমে চন্দনে কল্পনার লেখা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অঙ্কাক্ষরদ্র অঙ্ক[১]

অঙ্কাগতদ্র অঙ্ক[২]

অঙ্কাতঙ্কদ্র অঙ্ক[১]

অঙ্কারূঢ়দ্র অঙ্ক[২]

অঙ্কিত [স] **১** *বিণ* মুদ্রিত। 'আমারদিগের বংশপরম্পরার জ্ঞাপনার্থ অঙ্কিতকরণের প্রার্থনা করি।' *দর্পণ*, ১৮২২। **২** *বিণ* চিত্রিত। '... অতি সামান্য রূপে নির্মিত ও পরিমাণচিহ্নস্থলে মসীরেখায় অঙ্কিত।' *বিদ্যা*, ১৮৪৯। **৩** *বিণ* চিহ্নিত। 'সেই দণ্ডের শিরোভাগে "ন্যায়"

AMARBOI.COM

এই অক্ষরদ্বয় অঙ্কিত ছিল।' *অক্ষয়*, ১৮৪৯।

অঙ্কিতকরণ [স] *বি* লিখে রাখার কাজ। 'আমারদিগের বংশ পরম্পরার জ্ঞাপনার্থ অঙ্কিতকরণের প্রার্থনা করি।' *দর্পণ*, ১৮২২।

অঙ্কী [স] *বিণ* কলঙ্কী। 'অঙ্কী কলানিধি।' *কাশীরাম*, ১৬৫০।

অঙ্কুট [স] *বি* চাবি। 'সিক্কির অঙ্কুটে সোনার স্বর্গের দ্বার খুলিত না তবু।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অঙ্কুর [স] ১ *বি* মুকুল; নবোদ্গত উদ্ভিদ। 'রোপিয়া প্রেমক বীজ অঙ্কুরে মোড়লি, বাঁচব কোন উপাই।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'ভক্তিকল্পতরু তেঁহো প্রথম অঙ্কুর।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* উন্মেষ। 'কিছু কিছু উতপতি অঙ্কুর ভেল।' *বিদ্যাপতি*, ১৪৬০। ৩ *বি বি* কলা। 'ক্ষীর ইক্ষু অঙ্কুরের সনে কত মৃদ্‌গ।' *বৃন্দা*, ১৫৮০।

অঙ্কুর জন্মানো *ক্রি* সূচনা হওয়া। 'এই স্থানে মাত্র সাহিত্যের অঙ্কুর জন্মিয়াছিল।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

অঙ্কুরসেচন [স] *বি* অঙ্কুরে পানি দেওয়ার কাজ। 'এবম্প্রকার মিষ্ট বচনে বিবিরূপ অঙ্কুরসেচনে সযত্ন হইল।' *ভবানী*, ১৮২৮।

অঙ্কুরা [স অঙ্কুর>] *ক্রি* অঙ্কুরিত হওয়া। 'মৃণাল পরশে রোমাঞ্চ অঙ্কুরি উঠে মর্মান্ত হরষে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অঙ্কুরিত [স] ১ *বিণ* অঙ্কুর নির্গত হয়েছে এমন। 'চূতকলিকা অঙ্কুরিত ...।' *কাদম্বরী*, ১৮৫৩। ২ *বিণ* উদ্ভূত। 'যাতে প্রীতি দয়া সহজে অঙ্কুরিত হতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৩ *বিণ* প্রকাশিত। 'মানুষের বহুদিনের আনন্দালোক ও অশ্রুজলবর্ষণে অঙ্কুরিত হইয়া তাহাকে আচ্ছন্ন করিয়া ফেলে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অঙ্কুরেই বিনাশ *বি* সূচনাতেই বিনষ্ট হওয়া। 'শাসনবাক্য অঙ্কুরেই বিনাশ করিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০২।

অঙ্কুরেই বিনষ্ট হওয়া, অঙ্কুরেই বিনষ্টপ্রায় হওয়া *ক্রি* সূচনাতেই ধ্বংস হওয়া। 'জাতীয় বিদ্যালয় অঙ্কুরেই বিনষ্টপ্রায় হইয়াছিল।' *নজরুল*, ১৯২২; 'পূর্বরাগটা অধিকাংশ সময় অঙ্কুরেই বিনষ্ট হয়ে যায়।' *নজরুল*, ১৯২৭।

অঙ্কুরোৎপাদন [স অঙ্কুর-উৎপাদন] *বি* অঙ্কুরের উদ্ভব। 'প্রথমে তাহার অঙ্কুরোৎপাদনের শক্তি থাকে না।' *অক্ষয়*, ১৮৫২।

অঙ্কুশ [স] *বি* হাতি চালনার লোহার দণ্ড। 'অঙ্কুশের ঘায়ে হস্তী করয়ে চীৎকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'মন মাতা হাতি ছোটে দিবা রাতি নিবারি শান্তি অঙ্কুশে।' *মুকুন্দ*, ১৬০০।

অঙ্কুশাহতচিত্ত [স অঙ্কুশ-আহত-চিত্ত] *বি* আঘাতপ্রাপ্ত ব্যথিত চিত্ত। 'নিজেকে অপরাধিনী জ্ঞান করিয়া অঙ্কুশাহতচিত্তে উপরে চলিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০২।

অঙ্কুশি [স অঙ্কুশ>] *বিণ* বিরোধী। 'স্বরাজীরা ভাবে নারাজি, নারাজি ভাবে তাহাদের অঙ্কুশি।' *নজরুল*, ১৯২৬।

অঙ্কোপরে দ্র অঙ্ক[২]

অঙ্গ[১] [স] ১ *বি* শরীর। 'বত্তিস যোইণী তসু অঙ্গ উহ্লসিউ।' *চর্যা* ২৭, ১২০০। ২ *বি* অবতার। 'অঙ্গের অবয়বগণ কহিয়ে উপাঙ্গ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* আকৃতি। 'অনঙ্গের অঙ্গ দিলি।' *ভারত*, ১৭৬০। ৪ *বি* বিষয়। 'দৃঢ় প্রতিজ্ঞা ও প্রজ্বলিত উৎসাহের সহিত এই উভয় অঙ্গ সুসম্পন্ন করুন।' *অক্ষয়*, ১৮৪৮। ৫ *বি* অপরিহার্য অংশ। 'সমাজের সহিত তাহাদের সর্বপ্রকার বিচ্ছেদ দূর হইয়া তাহারা সমাজের অঙ্গ হইয়া গেছে।' *রবীন্দ্র*, ১৮৯৭; 'বিরাম কাজেরই অঙ্গ একসাথে গাঁথা।' *রবীন্দ্র*, ১৮৯৯। ৬ *বি* ভাগ। 'মেলার এটা একটা প্রধান অঙ্গ।' *মানিক*, ১৯৩৬।

অঙ্গকুণ্ডয়ন [স] *বি* অঙ্গ চুলকানির কাজ। 'সুস্থ হইয়া প্রভু করে অঙ্গকুণ্ডয়ন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অঙ্গগন্ধ [স] *বি* দেহ থেকে উৎপন্ন ঘ্রাণ। 'তাঁহার অঙ্গগন্ধে দশদিক আমোদিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অঙ্গগ্রহ [স] *বি* গায়ের ব্যথা। 'কঠিন অঙ্গগ্রহ ও বাম বাহু এবং বামপদের পক্ষাঘাত উপস্থিত হইল।' *অক্ষয়*, ১৮৪২।

অঙ্গচিহ্ন [স] *বি* দেহের চিহ্ন। 'স্ত্রীপুরুষের অঙ্গচিহ্ন দ্বারা ... শুভাশুভ হইবে তাহা জানিতে পারেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অঙ্গচ্ছটা [স] *বি* দেহের রূপ-লাবণ্য। 'করে ঝলমলী শোভিছে অঙ্গচ্ছটায়।' *মুকুন্দ*, ১৬০০।

অঙ্গচ্ছেদ [স] *বি* দেহের অংশ কেটে বাদ দেওয়া। 'অঙ্গচ্ছেদের ক্লেশানুভব করিতে হয়।' *বঙ্কিম*, ১৮৭৫।

অঙ্গছটা [স] *বি* শরীরের লাবণ্য। 'শ্রবণে কুণ্ডল দোলে মণিময় হার গলে অঙ্গছটা উদয় তরণি।' *রূপরাম*, ১৭৫০।

অঙ্গজ [স] ১ *বি* কেয়ুর ইত্যাদি অঙ্গভূষণ। 'নানারত্ন অঙ্গজ বলয়া দুই করে।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* শরীর হতে উৎপন্ন। 'তোমার অঙ্গজ তনু রাখিব না আর।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* পুত্র। 'রঘুজ অজ সুবংশ বিখ্যাত ভুবনে।' *মাইকেল*, ১৮৬১।

অঙ্গজনু [স] ১ *বিণ* অঙ্গজাত। 'গিরিসুতা-অঙ্গজনু খর্ব-পীবরতনু।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* পুত্র ও কন্যা। 'ভরদ্বাজ অঙ্গজনু।' *কাশীরাম*, ১৬৫০।

অঙ্গজা [স] *বি* স্ত্রী কন্যা। 'কমলে কামিনী ব্রহ্মরাজের অঙ্গজা।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অঙ্গতরঙ্গ [স] *বি* দেহের কম্পন। 'তাহার অঙ্গতরঙ্গ বিভঙ্গে/ কূলে কূলে নদীজল উথলায়।' *নজরুল*, ১৯৩৫।

অঙ্গ-দর্শন [স] *বি* শরীরের বিশেষ অংশ দেখা। 'ছুতোনাতায় সে গুদামে ঢোকে রমণীদের বিশিষ্ট অঙ্গ-দর্শনের লোভে।' *শওকত*, ১৯৭২।

অঙ্গদল [স] *বি* মূল দলের অন্তর্গত ক্ষুদ্র দল; উপদল। 'পাঁচটি অঙ্গদল গঠন করেছে।' *বেগম*, ১৯৭৫।

অঙ্গদেশ [স] *বি* কৌশিকী নদীর দক্ষিণে ও গঙ্গানদীর পূর্বতীরস্থ দেশ। 'বঙ্গদেশের সহিত সেই অঙ্গদেশের নাম পুনঃপুনঃ উল্লেখ আছে।' *অক্ষয়*, ১৮৪৭।

অঙ্গধাবন [স] *বি* শরীর ধোয়া। 'শিশিরে অঙ্গধাবন করিব।' *প্রভাত*, ১৮৯৬।

অঙ্গধারণ করা *ক্রি* আকারবদ্ধ হওয়া। 'কোনো না কোনো মহত্ত্ব অঙ্গধারণ করিয়া দেখা দেয়।' *রবীন্দ্র*, ১৯০৫।

অঙ্গপীড়া [স] *বি* অঙ্গহানি। 'কাহারও অঙ্গপীড়া ও প্রাণবধ হয় নাই।' *অক্ষয়*, ১৮৫৫।

অঙ্গপ্রত্যঙ্গ [স] *বি* দেহের বিভিন্ন অংশ। 'তাঁহারদিগকে পাকেপ্রকারে অঙ্গপ্রত্যঙ্গ দেখাইতে হইবেক।' *ভবানী*, ১৮২৮।

অঙ্গপ্রভা [স] *বি* শরীরের দ্যুতি। 'ব্রহ্ম আত্মা ভগবান অনুবাদ তিন অঙ্গপ্রভা অংশ স্বরূপ তিন বিধেয়-চিহ্ন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অঙ্গবদ্ধ [স] *বিণ* ঐক্যবদ্ধ। 'সেই সময়ে দেশের লোকে যে আপনাদের একটি অঙ্গবদ্ধ স্পষ্ট সত্তা অনুভব করিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৮৫।

অঙ্গবিক্ষেপ [স] *বি* দেহের নড়াচড়া। *বিদ্যা*, ১৮৬৪; 'নেশা ধরা পড়ে দুই জিনিসে – অঙ্গবিক্ষেপে এবং বাক্যবিপর্যয়ে।' *প্রমথ*, ১৯০৫।

অঙ্গবিন্যাস [স] *বি* আঙ্গিকগত সজ্জা। 'বস্ত্রবিশেষের অঙ্গবিন্যাস বা রূপ-সংস্থান।' *অবন*, ১৯২৫।

অঙ্গবিভা [স] *বি* দেহের ঔজ্জ্বল্য। 'শুভ্র তোমার অঙ্গবিভা অগাধ শূন্যে মূর্চ্ছা পায়।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

অঙ্গবিভাগহীন [স] *বিণ* একশা; একাকার। 'ঘন লালার মতো অঙ্গবিভাগহীন।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অঙ্গবিহীন [স] *বিণ* শারীরিক নয় এমন। 'অঙ্গবিহীন আলিঙ্গনে সকল অঙ্গ ভরে।' *রবীন্দ্র*, ১৯২৬।

অঙ্গভঙ্গ [স] ১ *বি* দেহভঙ্গিমা। 'নানা পরকার করে অঙ্গভঙ্গ।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* শরীরের অংশ ভেঙে গেছে এমন। 'অন্যান্য দেশে অনেক লোকের অঙ্গভঙ্গ ও প্রাণসংহার হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

অঙ্গভঙ্গি, অঙ্গভঙ্গী [স] ১ *বি* অঙ্গ সঞ্চালন। 'হেন অঙ্গভঙ্গী করি নাচে গৌরচন্দ্র।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* অঙ্গচালনার মাধ্যমে মনের ভাব প্রকাশ। 'অঙ্গভঙ্গী ও কটাক্ষ নৃত্য অনেক দেখাইল।' *দর্পণ*, ১৮২১।

অঙ্গভাঙ্গ [স অঙ্গভঙ্গ] *বি* অঙ্গহানি। 'দৈব কর্ম্মের অঙ্গভাঙ্গ ফল গত তারতম্য হয়।' *চিঠিপত্রে*, ১৮১০।

অঙ্গভূষণ [স] *বি* অঙ্গে পরিহিত অলংকার। 'সমাজের নিন্দা-গঞ্জনাকে করেছিলেন অঙ্গভূষণ।' *শরীফ*, ১৯৭০।

অঙ্গভূষা [স] *বি* দেহসজ্জা। 'মালা আনি অঙ্গভূষা কৈলেন সভার।' *বৃন্দা*, ১৫৮০।

অঙ্গমহিমা [স] *বি* দেহের গৌরব। 'মলিন হয় দেবতার অঙ্গমহিমা।' *রবীন্দ্র*, ১৯৩২।

অঙ্গমোড়া [স অঙ্গ>] *বি* গা মোড়া। 'অঙ্গমোড়া দিআ দেই উলটীআ পাশ।' *মুকুন্দ*, ১৬০০।

অঙ্গরক্ষক [স] *বিণ* দেহরক্ষী। 'অঙ্গরক্ষক সিপাহীগণ সশস্ত্র হইয়া দণ্ডায়মান।' *প্রভাত*, ১৮৯৫।

অঙ্গরক্ষা [স] *বি* আংরাখা; চাপকান জাতীয় লম্বা ঝুলের জামাবিশেষ। 'আঙ্গরখার (অঙ্গরক্ষা) ভিতরের জেব থেকে বগাস চিঠি বের করে।' *মুজতবা*, ১৯৬৬।

অঙ্গরক্ষিণী [স] *বি* স্ত্রী ঝুলওয়ালা জামাবিশেষ। 'তাহাদিগের কেবল অঙ্গে এক অঙ্গরক্ষিণী ও সঙ্গে জলপাত্র থাকে।' *অক্ষয়*, ১৮৫০।

অঙ্গরখি [স অঙ্গরক্ষিকা] *বি* বর্ম। 'গড়ে টাঙ্গি অঙ্গরখি সেল।' মুকুন্দ, ১৬০০।

অঙ্গরাখা [স অঙ্গরক্ষিকা] *বি* ঝুলওয়ালা জামাবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'ওড়নাখানি উড়িয়ে দেব অঙ্গরাখার পর।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

অঙ্গরাগ [স] ১ *বি* দেহের প্রসাধন। 'কি কহিব রূপ গুন অঙ্গরাগ লোভে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* শারীরিক সৌন্দর্য। 'বিচিত্র বসন ভূষণে অঙ্গরাগ বৃদ্ধিকরণ প্রভৃতি।' *এসলাম*, ১৯১৯।

অঙ্গশোভা [স] *বি* দেহের সৌন্দর্য। 'আজ রাত্রি-অবসানে তব অঙ্গশোভা ফিরে যাবে বসন্তের অক্ষয় ভাণ্ডারে।' *রবীন্দ্র*, ১৮৯২।

অঙ্গসংলগ্ন [স] *বিণ* দেহের সঙ্গে যুক্ত। 'বসুন্ধরার অঙ্গসংলগ্ন হইয়া এ লোকটি বেশ সহজে বাস করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অঙ্গসংস্থানশাস্ত্র [স] *বি* অঙ্গপ্রত্যঙ্গের স্থাননির্দেশ সংক্রান্ত বিদ্যা; অ্যানাটমি। 'উদ্ভিদবিজ্ঞান এবং অঙ্গসংস্থানশাস্ত্রে তাঁর গবেষণা সমকালীন বৈজ্ঞানিক সমাজে স্বীকৃতি লাভ করেছিল।' *শিব*, ১৯৫০।

অঙ্গসঙ্গ [স] *বি* সহচর। 'অতি প্রিয় পারিষদ শঙ্কর তরঙ্গ/ হরহিত রামবোল সদা অঙ্গসঙ্গ।' *ভারত*, ১৭৬০।

অঙ্গ-সঞ্চালন [স] ১ *বি* ব্যায়াম। 'অঙ্গ-সঞ্চালনের সঙ্গে সঙ্গে স্ফূর্ত্তিলাভ ও হর্ষোদয় হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* অঙ্গ-চালনা। 'নৃত্যে আছে শুধু কতকগুলো অঙ্গসঞ্চালন এবং পদবিন্যাস।' *মুজতবা*, ১৯৫৮।

অঙ্গসন্ধিক্ষণ [স] *বি* যৌন-সঙ্গমকাল। 'অঙ্গসন্ধিক্ষণে আনন্দ আহরণ আমার কাছে অজ্ঞাত কিছু নয়।' *শওকত*, ১৯৬২।

অঙ্গ-সেবা [স] *বি* দেহের পরিচর্যা। 'তার সব অঙ্গ-সেবা করেন আপনি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অঙ্গ-সৌরভ [স] *বি* অঙ্গের সুগন্ধ। 'আমার মনের মোহের মাধুরী মাখিয়া রাখিয়া দিয়ো তোমার অঙ্গ-সৌরভে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অঙ্গসৌষ্ঠব [স] ১ *বি* অঙ্গের সৌন্দর্য। *বিদ্যা*, ১৮৬৪; 'অঙ্গসৌষ্ঠব বলতে যা বোঝায় তার কোথাও কিছুমাত্র নেই।' *রবীন্দ্র*, ১৯১৯। ২ *বি* দৈহিক গঠন। 'প্রকৃতির রূপে অঙ্গসৌষ্ঠবের, রেখার-সুষমার যে অভাব ...।' *প্রমথ*, ১৯১৫।

অঙ্গস্পন্দন [স] *বি* শরীরের কম্পন। 'তাহার অঙ্গস্পন্দনও হইল না অবলীলাক্রমে সহগমন করিল।' *দর্পণ*, ১৮২১।

অঙ্গস্পর্শ [স] *বি* শরীরের স্পর্শ। 'জাল খসাইতে তার অঙ্গস্পর্শ হৈল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অঙ্গহানি [স] *বি* অঙ্গের ক্ষতি হওয়া। 'মানুষের অঙ্গহানি বা গাম্ভীর্য-হানির যে আশঙ্কা।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অঙ্গহীন [স] ১ *বিণ* অপূর্ণ। 'আকুল হইলে পূজা হয় অঙ্গহীন।' *ভারত*, ১৭৬০। ২ *বিণ* অশরীরী। 'অঙ্গহীন হয়ে সেটা, দগ্ধ করে অঙ্গ।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৩ *বিণ* দেহের কোনো এক বা একাধিক অঙ্গ নেই এমন। 'কানা খোঁড়া অঙ্গহীন, যে হয় কামাধীন।' *ভবানী*, ১৮২৫। ৪ *বিণ* মানসম্মত নয় এমন। 'তাহাদের আবৃত্তি ও অভিনয় এমন অঙ্গহীন হইয়া পড়িয়াছিল যে ...।' *রবীন্দ্র*, ১৯০৯। ৫ *বিণ* ত্রুটিযুক্ত। 'একটা সংকীর্ণ মীরস অঙ্গহীন ধর্মকেই একমাত্র ধর্ম বলে গ্রহণ করব – এ হতেই পারে না।' *রবীন্দ্র*, ১৯০৯।

অঙ্গাপেক্ষা [স অঙ্গ-অপেক্ষা] *ক্রিবিণ* অঙ্গের তুলনায়। 'অপরাপর অঙ্গাপেক্ষা চরণের অধিকতর গৌরব।' *জ্ঞানাঙ্কুরোদয়*, ১৮৫২।

অঙ্গাবরণ [স অঙ্গ-আবরণ] ১ *বি* অঙ্গের আবরণবস্ত্র। *বিদ্যা*, ১৮৬৪। ২ *বি* দেহের আবরণ। 'অস্থারোহী সৈন্যাধ্যক্ষগণ পরিহিত অঙ্গাবরণ।' *মশাররফ*, ১৯০৮।

অঙ্গীকরণ [স] *বি* স্বীকারকরণ। *বিদ্যা*, ১৮৬৪।

অঙ্গীভূত [স] ১ *বিণ* অংশ করে নেওয়া হয়েছে এমন। 'নিজের অঙ্গীভূত করিয়া লইত।' *রবীন্দ্র*, ১৯০৫। ২ *বিণ* অন্তর্ভুক্ত। 'যাহা প্রতিকূল তাহাকেও অঙ্গীভূত করিবার জন্য ...।' *রবীন্দ্র*, ১৯০৫। ৩ *বিণ* অভ্যন্তরে অবস্থিত। 'শকুন্তলা তপোবনের অঙ্গীভূত।' *রবীন্দ্র*, ১৯০৭।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অঙ্গ[১] [স] *বি* প্রাচীন ভারতের একটি জনপদ। 'অঙ্গ বঙ্গ কলিঙ্গ সুরাষ্ট্র মগধ দ্রবিড় পৌড় মিথিলা কান্যকুব্জাদি ...।' *গৌর*, ১৮২২।

অঙ্গপতি [স] *বি* অঙ্গরাজ্যের প্রধান। 'হেনমতে কর্ণবীর হইল অঙ্গপতি।' *রবীন্দ্র*, ১৬৮৯।

অঙ্গরাজ্য [স] *বি* প্রাচীন ভারতের জনপদবিশেষ। 'অঙ্গরাজ্য না হএ তোহ্মার উপভোগ।' *রবীন্দ্র*, ১৬৮৯।

অঙ্গদ [স] ১ *বি* অলংকার। 'চন্দনের অঙ্গদ বালা চন্দনভূষণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* বাজু। 'অঙ্গদ দুটি বাহুতে পরায়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অঙ্গন [স] *বি* আঙিনা। 'অঙ্গনে আসিয়া তেঁহো না কৈল সম্ভাষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অঙ্গনসীমা [স] *বি* চেনা গণ্ডী। 'যে মহিমা ত্যাগ করি আসিয়াছে আপন অঙ্গনসীমা।' *রবীন্দ্র*, ১৯৩২।

অঙ্গনা [স] *বি* নারী। 'কালিদহের জলে কুমারী কমলদলে গজ গিলে উগারে অঙ্গনা।' *মুকুন্দ*, ১৬০০।

অঙ্গনাকুল [স] *বি* রমণীকুল। 'গড় বামায়, অঙ্গনাকুলে অতুলা জগতে।' *মাইকেল*, ১৮৬০।

অঙ্গনাদেহ [স] *বি* নারীর শরীর। 'অঙ্গনাদেহে অবয়বের অতিরিক্ত এক লাবণ্য উদ্ভাসিত হয়...।' *শিব*, ১৯৭৩।

অঙ্গাঅঙ্গীভাবে [স অঙ্গ+স অঙ্গী+স ভাব>] *ক্রিবিণ* ওতপ্রোতভাবে। '... প্রতিষ্ঠা ও অধিকারের সাথে অঙ্গাঅঙ্গীভাবেই জড়িত।' *আজাদ*, ১৯৪৫।

অঙ্গাঙ্গি, অঙ্গাঙ্গী [স অঙ্গাঙ্গ>] ১ *বি* স্ব-স্ব পক্ষীয় লোকের প্রতি পক্ষপাত। 'তাহারা বড় অঙ্গাঙ্গি করে।' *বিদ্যা*, ১৮৬৪। ২ *ক্রিবিণ* পারম্পরিকভাবে। 'সৃষ্টি ধ্বংস এতে অঙ্গাঙ্গিজড়িত।' *ফজলুল*, ১৯১৮। ৩ *বিণ* ঘনিষ্ঠ। 'রাষ্ট্রের সঙ্গে ধর্মের অঙ্গাঙ্গী সম্পর্ক রাখা কি বর্ত্তমান যুগে বাঞ্ছনীয়?' *ওয়াজেদ*, ১৯৪৩।

অঙ্গাঙ্গিভাব [স অঙ্গাঙ্গী+স ভাব] *বি* আপন আপন পক্ষীয় লোকের ঘনিষ্ঠতা। *বিদ্যা*, ১৮৬৪।

অঙ্গাঙ্গীভাবে [স] *ক্রিবিণ* ওতপ্রোতভাবে। 'রূপচর্চা স্বাস্থ্য চর্চার সঙ্গেও অঙ্গাঙ্গীভাবে জড়িত।' *বেগম*, ১৯৪৮।

অঙ্গার [স] ১ *বিণ* কালো। 'অর্ধ অঙ্গ অর্ধ মুখ অঙ্গার বরণ।' *বাহরাম*, ১৬৫০। ২ *বি* কয়লা। 'জ্বলন্তাগ্নি অঙ্গাররাশিতে পরিণত হইল।' *অক্ষয়*, ১৮৪৮; 'অঙ্গার করে রেখে যায় সেথা কোনো ফল নাহি ফলে।' *রবীন্দ্র*, ১৯০৬। ৩ *বি* কলঙ্ক। 'ওরে দুরাচার হিন্দুকুলাঙ্গার [হিন্দু-কুল-অঙ্গার] এই কি তোদের দয়া সদাচার।' *হেম*, ১৮৭০।

অঙ্গারক [স] *বি* কার্বন। 'বায়ুস্থিত অঙ্গারক অনুগুলি বিচলিত করিয়া বৃক্ষদেহ গঠিত করে।' *জগদীশ*, ১৮৯৫।

অঙ্গারখণ্ড [স] *বি* কয়লার টুকরা। 'চক্ষু দুইটি যেন দুইটি জ্বলন্ত অঙ্গারখণ্ড।' *বনফুল*, ১৯৩৬।

অঙ্গারজান [স] *বি* কার্বন। 'তাহার নাম হইয়াছে অঙ্গারজান।' *বঙ্কিম*, ১৮৭৫।

অঙ্গারবাষ্প [স] *বি* কার্বন-ডাই-অক্সাইড গ্যাস। 'বাতাসে যে অঙ্গারবাষ্প সাধারণভাবে আছে গাছ তাকে আত্মসাৎ করে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অঙ্গারমলিন [স] *বিণ* কয়লার মতো মলিন। 'হিংসানলশিখা আনি এ কল্যাণভূমি শংকর, করিতে চাস অঙ্গারমলিন!' *রবীন্দ্র*, ১৮৮৯।

অঙ্গাররাশি [স] *বি* কয়লার স্তূপ। 'জ্বলন্তাগ্নি অঙ্গাররাশিতে পরিণত হইল।' *অক্ষয়*, ১৮৪৮।

অঙ্গারাক্সিজেনী [স অঙ্গার+ই অক্সিজেন>] *বি* কার্বন-ডাই-অক্সাইড গ্যাস। 'পৃথিবীর বাতাসে আছে অঙ্গারাক্সিজেনী গ্যাস সামান্য পরিমাণে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অঙ্গারাম্ল গ্যাস [স অঙ্গারাম্ল+ই গ্যাস] *বি* কার্বন-ডাই-অক্সাইড গ্যাস। 'বাতাসের অঙ্গারাম্ল গ্যাসের থেকে নিজের প্রয়োজনে অঙ্গার আদায় করে নিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অঙ্গারেন [স অঙ্গার>] *ক্রিবিণ* কয়লার দ্বারা। 'পুরানো রাতের চাঁদ ক্ষয়ে উঠেছে আকাশে নতুন চাঁদ, সে চাঁদই নিভেছে কালো অঙ্গারেন।' *ফররুখ*, ১৯৪৬।

অঙ্গি [স অঙ্গ>] *বিণ* দেহবিশিষ্ট। 'অনঙ্গেরে করে অঙ্গি।' *ভবানী*, ১৮২৫।

অঙ্গিনি [স অঙ্গ>] *বি* স্ত্রী দেহধারী। 'লালমুখ হাড্ডিসার অঙ্গিনি।' *দীনবন্ধু*, ১৮৬৬।

অঙ্গিকরু [স অঙ্গীকার] *বি* প্রতিশ্রুতি। 'জে হোএত সে হোঅও বরু সবে হমে অঙ্গিকরু।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অঙ্গিকার [স অঙ্গীকার] *বি* প্রতিশ্রুতি। 'অঙ্গিকার করি ওঝা চলিলা বৈরাট।' *মুকুন্দ*, ১৬০০।

অঙ্গী [স] ১ *বি* অংশবিশেষ। 'দুঃখসুখের জীবন মোদের তাঁরি খেলার অঙ্গী।' *রবীন্দ্র*, ১৯১১। ২ *বি* দেহধারী। 'হে পৃথুল অঙ্গী।' *অন্নদা*, ১৯৫৭।

অঙ্গীকরণ দ্র অঙ্গ[১]

অঙ্গীকার [স] ১ *বি* প্রতিজ্ঞা। 'অতএব সেই সব অঙ্গীকার করি সাধিলেন নিজ বাঞ্ছা গৌরাঙ্গ শ্রীহরি।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'অঙ্গীকার কইল শিব নিল দুর্গা পান।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* প্রতিশ্রুতি। 'তৈছে এই সব সবাকার অঙ্গীকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* স্বীকার। 'বিচার করিয়া তাহা কর অঙ্গীকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৪ *বি* গ্রহণ। 'ভক্ত-সঙ্গে প্রভু করুন প্রসাদ অঙ্গীকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৫ *বি* সম্মতি; আদেশ। 'নৃপতির অঙ্গীকার সুড়ঙ্গ খুলিতে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অঙ্গীকার করা *ক্রি* পূর্বে যা ছিল না, তা স্বীয় অঙ্গীভূত করা। 'পিতামাতা গুরুগণ আগে অবতরি/ রাধিকার ভাব বর্ণ অঙ্গীকার করি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অঙ্গীকারপত্র [স] *বি* স্বীকৃতিপত্র। 'অনুমতি পেলেই ... অঙ্গীকারপত্র পাঠিয়ে দেবে।' *নজরুল*, ১৯৩৬।

অঙ্গীকারবদ্ধ [স অঙ্গীকার-আবদ্ধ] *বিণ* প্রতিশ্রুতিবদ্ধ। 'তোমার কাছে ধর্মকে সাক্ষী করে অঙ্গীকারবদ্ধ হচ্ছি।' *মাইকেল*, ১৮৭৩।

অঙ্গীকৃত [স] *বিণ* অঙ্গীকার করা হয়েছে এমন; প্রতিশ্রুত। 'কোন প্রজা অঙ্গীকৃত কর না দিলে ...।' *দর্পণ*, ১৮৩০।

অঙ্গীকৃতপত্র [স] *বি* প্রতিজ্ঞাপত্র। 'এইমত অঙ্গীকৃতপত্র লওয়া যাইবেক।' *বঙ্গদূত*, ১৮২৯।

অঙ্গীভূত দ্র অঙ্গ[১]

অঙ্গু [স অঙ্গ] *বি* শরীরের অংশ। 'অঙ্গু অঙ্গু পরশ ভোর।' *জ্ঞানদাস*, ১৬৭০।

অঙ্গুর [ফা আঙুর] *বি* আঙুর। *মানোএল*, ১৭৪৩।

অঙ্গুরি, অঙ্গুরী [স অঙ্গুরীয়] *বি* আংটি। 'অঙ্গুরী বলয়া পুন ফেরী।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'সুবন্ন অঙ্গুরি সোডে বলয়া দুই করে।' *মালাধর*, ১৫০০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অঙ্গুরীখচিত [স অঙ্গুরীয়খচিত] *বিণ* আংটিসজ্জিত। 'অঙ্গুরীখচিত পাঁচ অঙ্গুলির ইঙ্গিতে অতি সাবধানে তাহার অনুসরণ করিতে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অঙ্গুরীয় [স] **১** *বি* আংটি। 'দুষ্মন্ত রাজা যে নামাক্ষরের সহিত অঙ্গুরীয় দিয়াছিলেন।' *গৌর*, ১৮২২। **২** *বি* বলয়। 'এক্ষণে অঙ্গুরীয় বলিয়া সিদ্ধান্তিত হইয়াছে।' *বিদ্যা*, ১৮৪৯।

অঙ্গুরীয়ক [স] *বি* আংটি। 'এক২ যোড়া গঙ্গাজলী শাল হীরক অঙ্গুরীয়ক ...।' *দর্পণ*, ১৮২৬।

অঙ্গুল [স] *বি* আঙুল। 'করের অঙ্গুল লম্বিত বহুল।' *সুলতান*, ১৭০০।

অঙ্গুলা [স অঙ্গুল>] *ক্রি* আঙুল ব্যবহার করা। 'গলাএ অঙ্গুলিআ উদগারিল জল।' *মালাধর*, ১৫০০।

অঙ্গুলি, অঙ্গুলী [স] **১** *বি* আঙুল। 'জত দড়ি আনে অঙ্গুলি দুই নাঞি আঁটে।' *মালাধর*, ১৫০০; 'সর্ব অঙ্গে ধূলা চারি অঙ্গুলী প্রমাণ।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* পাতা। 'কী ডাক ডাকে বনের পাতাগুলি, কার ইশারা – তৃণের অঙ্গুলি।' *রবীন্দ্র*, ১৯১৩।

অঙ্গুলিকণ্ডূয়ন [স] *বি* মনের ভাব প্রকাশের জন্যে আঙুলের অস্থিরতা। 'যখন অঙ্গুলি-কণ্ডূয়ন উপস্থিত হয়, তখন না লিখিয়াও থাকিতে পারি না।' *হরপ্রসাদ*, ১৮৮১।

অঙ্গুলিতর্জন [স] *বি* আঙুল তুলে শাসন। 'সহস্রের অঙ্গুলিতর্জন।' *জীবন*, ১৯২৭।

অঙ্গুলিতাড়ন [স] *বি* আঙুলের স্পর্শ। 'সেতারের তার অঙ্গুলিতাড়নে ঝংকার দিয়া উঠে।' *জগদীশ*, ১৮৯৫।

অঙ্গুলিত্র [স] *বি* চামড়ার তৈরি আঙুলের আবরণবিশেষ। 'অর্জুন অঙ্গুলিত্র ধারণ ও শরাসন গ্রহণ পূর্বক প্রস্থান করিলেন।' *কাশীরাম*, ১৮৬৬।

অঙ্গুলিনির্দেশ [স] **১** *বি* আঙুল দিয়ে নির্দেশ। 'সে কেবল অঙ্গুলিকেই অঙ্গুলিনির্দেশ করছে।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বি* ইঙ্গিত। 'সে যেন মরণের অঙ্গুলিনির্দেশ।' *রবীন্দ্র*, ১৯২৫।

অঙ্গুলিনৃত্য [স] *বি* আঙুল চালনা। 'তাঁহার অঙ্গুলিনৃত্যের সঙ্গে সঙ্গে সুরবর্ষণ হইতে থাকিত।' *রবীন্দ্র*, ১৯১২।

অঙ্গুলিপ্রয়োগ [স] *বি* আঙুল দ্বারা ইশারাকরণ। 'যোগী, আশীর্বাদ প্রয়োগপূর্বক, সমীপপাতিত আসনের দিকে অঙ্গুলিপ্রয়োগ করিয়া কহিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অঙ্গুলি-সংকেত, অঙ্গুলিসঙ্কেত [স] *বি* আঙুলের ইশারা। 'তিনি দূর হইতে অঙ্গুলিসঙ্কেতে দেখাইয়া দিয়াছেন।' *সবুজ*, ১৯২০; 'আমি শুধু সশ্রদ্ধ অঙ্গুলি-সংকেতে তাহাকে নির্দেশ করিয়া দিলাম।' *নজরুল*, ১৯৩০।

অঙ্গুলিহীন [স] *বিণ* আঙুলহীন। 'ভিখারী কুষ্ঠব্যাধিগ্রস্ত – হস্তপদ অঙ্গুলিহীন।' *বনফুল*, ১৯৩৬।

অঙ্গুষ্ঠ [স] *বি* বুড়ো আঙুল। 'শত খণ্ড করিলেক অঙ্গুষ্ঠ প্রমাণ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অঙ্গোপাঙ্গ [স অঙ্গ-উপাঙ্গ] *বি* অঙ্গ ও উপাঙ্গ। 'অঙ্গোপাঙ্গ তীক্ষ্ণ অস্ত্র প্রভুর সহিতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অঙ্ঘ্রি [স] *বি* পা। 'দ্বিকর কমল কমলাঙ্ঘ্রিতল [কমল-অঙ্ঘ্রি-তল] ভুজ কমলের দণ্ড।' *কাশীরাম*, ১৬৫০।

অচক্ষু [স] *বি* দৃষ্টিশক্তিহীন ব্যক্তি। 'অচক্ষু সর্ব্বত্র চান অকর্ণ শুনিতে পান অপদ সর্ব্বত্র গতাগতি।' *ভারত*, ১৭৬০।

অচঞ্চল [স] *বিণ* স্থির। 'তিমির করয়ে দূর অচঞ্চল বিজুলি কপালে।' *মুকুন্দ*, ১৬০০।

অচঞ্চলমন [স] *বিণ* স্থিরচিত্ত। 'রিপুদমন করে অচঞ্চলমন হওয়া দ্বারাই তাঁকে পেতে হবে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অচঞ্চলা [স] **১** *বিণ স্ত্রী* স্থির। 'অচঞ্চলা বিজুলী কপোলে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ স্ত্রী* অবিচল। 'অনুকূলা অচঞ্চলা হন আমা প্রতি।' *মানিকরাম*, ১৭৮১।

অচতুরা [স] *বিণ স্ত্রী* চালাক নয় এমন। 'বালা অচতুরা সরলতাময়।' *দীনবন্ধু*, ১৮৬৩।

অচন্দ্রচেতন [স] *বিণ* চন্দ্রালোকের প্রতি বেখেয়ালি। 'ইলেকট্রিক আলো জ্বেলে অচন্দ্রচেতন যুবা ঘণ্টা দুই ব্যাডমিন্টন খেলে।' *বুদ্ধ*, ১৯৪৪।

অচপল [স] *বিণ* স্থির। 'হাজার হাজার সোনার প্রদীপ জ্বলে অচপল অনলে।' *রবীন্দ্র*, ১৯০০।

অচপল-আঁখি [স অচপল+আঁখি] *বি* স্থির দৃষ্টি; অচঞ্চল চোখ। 'অচপল-আঁখি আনত তোমার চাহিয়া পথ।' *নজরুল*, ১৯২২।

অচপলা [স] *বিণ* স্থির। 'অচপলা যেন রত্নকান্তিচ্ছটা।' *মাইকেল*, ১৮৬০।

অচম্বিত [স আশ্চর্যান্বিত] *ক্রিবিণ* হঠাৎ। 'অচম্বিত ঝড়বৃষ্টি দিব চণ্ডী কৃপাদৃষ্টি।' *মুকুন্দ*, ১৬০০।

অচর [স] *বি* স্থাবর। 'বিশ্বচরাচর [বিশ্ব-চর-অচর] যেন একতন্ত্র হইয়া আমার ক্ষুদ্র হৃদয়টিকে মুহূর্তে বিপথে লইয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৮২।

অচরিত [স] *বিণ* অপূর্ব। 'অচরিত কাহিনী।' *গীতিকা*, ১৯০০।

অচরিতার্থ [স] **১** *বিণ* অসফল। 'সেই জন্য সে সমাজ এমন নিরানন্দ, এমন অচরিতার্থ।' *অন্নদা*, ১৯২৮। **২** *বিণ* ব্যর্থ। 'আর-এক প্রান্তে অচরিতার্থ সাধনা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অচরিতার্থতা [স] *বি* বিফলতা। 'একটি মহান অচরিতার্থতার ছায়া মেলেছে চারপাশে।' *অচিন্ত্য*, ১৯৫০।

অচল [স] **১** *বি* পর্বত। 'উচল বলিয়া অচলে চড়িনু।' *চণ্ডী*, ১৫৫০; 'অচল অবরোধে আবদ্ধ পৃথিবী।' *রবীন্দ্র*, ১৯৩৫। **২** *বিণ* গতিহীন। 'একপদ না চলে রথ হইল অচল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* স্থায়ী। 'রাজার দীর্ঘ আয়ু ও অচল রাজ্য হয়।' *বিদ্যা*, ১৮৫১। **৪** *বিণ* নিরুপায়। 'সন্ধ্যাবেলায় কর্ম হইতে ফিরিয়া আসিয়া পটল-অভাবে হরকুমারের অবস্থা অচল হইয়া উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৩। **৫** *বিণ* অপ্রচলিত। 'একদিনে অস্পৃশ্যতাকে অচল করিয়া ও অস্পৃশ্যদিগকে সচল করিয়া লও।' *আজাদ*, ১৯৩৬। **৬** *বিণ* নির্দিষ্ট। 'মানুষের ভাষা বাঁধা পড়ে যায় না একই অচল ঠাটে।' *রবীন্দ্র*, ১৯৩৮। **৭** *বি* স্থবির। 'যুদ্ধ যখন বাধিল অচলে চঞ্চলে।' *রবীন্দ্র*, ১৯৩৮। **৮** *বিণ* স্থগিত। 'কংগ্রেস কয়েকটি প্রদেশে শাসনতন্ত্র অচল করিয়া রাখিয়াছে।' *আজাদ*, ১৯৪১। **৯** *বিণ* কাটতে চায় না এমন। 'অচল দিনকে প্রাণপণে ঠেলিতে হয়।' *শওকত*, ১৯৫৮।

অচলকুল [স] *বি* পর্বতসমূহ। 'পক্ষহীন অচলকুল আবার সপক্ষ হয়েছে।' *মাইকেল*, ১৮৫৯।

অচলচূড় [স] *বি* পাহাড়ের শিখর। 'বর্বর বায়ু চিরায়ু অচলচূড়ে ...।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অচলশিখর [স] *বি* পর্বতশৃঙ্গ। 'রামমোহন রায় ... অভ্রভেদী অচলশিখর-প্রতিষ্ঠিত সত্য কুলায়ের জন্য ব্যাকুল হইয়া উঠিলেন।' *রবীন্দ্র*, ১৮৮৫।

AMARBOI.COM

অচলতা [স] **১** *বি* স্থিরতা। 'বীরবরের সপরিবারের প্রভুভক্তির প্রবলতা ও অচলতা দেখিয়া....।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বি* জড়ত্ব। 'তাহার অচলতার তলে কত বড়ো বড়ো শহর লুপ্ত হইয়া গিয়াছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অচলপ্রতিষ্ঠ [স] *বিণ* স্থিরভাবে স্থাপিত। 'অতীতকাল ধরণীর মতো আমাদের অচলপ্রতিষ্ঠ করিয়া রাখে।' *রবীন্দ্র*, ১৮৮৮।

অচলশরণ [স] *বি* স্থির অবস্থান। 'কাণ্ডেন যখন নাই, তখন নোঙরের অচলশরণ অবলম্বন করাই শ্রেয়।' *রবীন্দ্র*, ১৯০৭।

অচলা [স] **১** *বিণ* স্ত্রী স্থির। 'ভকতি অচলা করা পূজ নিরঞ্জনে।' *রামাই*, ১৭১০। **২** *বি* পৃথিবী। 'ধারণয়ার দেবী বন্দো লোটায়া অচলা।' *রূপরাম*, ১৭৫০। **৩** *বিণ* অচঞ্চলা। 'রাখিলেন রাজলক্ষ্মী অচলা করিয়া।' *ভারত*, ১৭৬০। **৪** *বিণ* প্রশ্নাতীত। 'ব্রাহ্মণ-বেশধারী কপট সূত্রবাহীদিগের উপর অচলা ভক্তি।' *অক্ষয়*, ১৮৪৬। **৫** *বিণ* স্ত্রী অটল। 'যারা পড়তে জানে না, লেখার উপর তাদের ভক্তি যেমন অযথা তেমনি অচলা।' *প্রমথ*, ১৯১৭।

অচলাবস্থা [স] **১** *বি* কাজ চালানো প্রায় অসম্ভব হওয়ার মতো পরিস্থিতি। 'রাজনৈতিক অচলাবস্থা, বিশেষভাবে কংগ্রেসী মতিগতি সম্পর্কে অনেকটা ওয়াকিফহাল।' *আজাদ*, ১৯৪১। **২** *বি* অপরিবর্তনশীল অবস্থা। 'দেশের অচলাবস্থা অবসানের ইহা ভিন্ন আর কোনো বিজ্ঞানসম্মত উপায় নাই।' *আজাদ*, ১৯৪২। **৩** *বি* স্থবির অবস্থা। 'শাসনতান্ত্রিক প্রস্তাব লইয়া বিতর্ক ও অচলাবস্থার পুনরাবৃত্তিতে ...।' *আজাদ*, ১৯৫৬।

অচলায়তন [স অচল-আয়তন] *বি* রক্ষণশীল প্রতিষ্ঠান। 'এই অচলায়তনের সকলের কাছে কি আমার কম লজ্জা!' *রবীন্দ্র*, ১৯১১।

অচলায়তনী [স অচল-আয়তনী] *বিণ* প্রগতিহীন। 'সব সময় নব্যপন্থী, অচলায়তনী নন।' *অচিন্ত্য*, ১৯৫০।

অচলিত [স] **১** *বিণ* বিচলিত। 'নতুবা আমার কেন অচলিত মন।' *দীনবন্ধু*, ১৮৬৭। **২** *বিণ* অপ্রচলিত। 'কোন ভাষা চলিত কোন ভাষা অচলিত, তাহার কিছুই বুঝিতেন না।' *হরপ্রসাদ*, ১৮৮১।

অচাক নির্মাণ [স অচক্রনির্মাণ] *বিণ* কুমারের চক্রে নির্মিত নয় এমন। 'আঙ হাড়ি আনিবে এক অচাক নির্মাণ।' *মানিকরাম*, ১৭৮১।

অচার [স আচরণ] **১** *বি* আচার। 'কাহ্ন কাপালী যোগী পইঠ অচারে।' *চর্যা* ১১, ১২০০। **২** *বি* চঞ্চলতা। 'জবেঁ মুষাএর অচার তুটঅ।' *চর্যা* ২১, ১২০০।

অচিকিৎসা [স] **১** *বি* কুচিকিৎসা। *বিদ্যা*, ১৮৬৪। **২** *বি* চিকিৎসাহীন অবস্থা। 'নিজের মেয়ে হলে এমনি অচিকিৎসেতে ফেলে রাখতে পারতিস?' *তারা*, ১৯৫৩।

অচিকিৎসনীয় [স] *বিণ* চিকিৎসা নেই এমন। *বিদ্যা*, ১৮৬৪।

অচিকিৎসিত [স] *বিণ* চিকিৎসাসেবা দেওয়া হয়নি এমন। 'অসহায়া নারী ... অচিকিৎসিত অবস্থায় বিদায় নেয়।' *বেগম*, ১৯৪৯।

অচিকিৎস্য [স] *বিণ* চিকিৎসা দ্বারা যার প্রতিকার হওয়া অসম্ভব। *বিদ্যা*, ১৮৬৪।

অচিন [স অচিহ্ন] **১** *বিণ* বহিরাগত। 'দেখিলে অচিন গজ পলায়ন্ত ডরে।' *আলাওল*, ১৬৮০। **২** *বিণ* অজানা। 'খাঁচার ভিতর অচিন পাখি কমনে আসে যায়।' *লালন*, ১৮৯০। **৩** *বিণ* পরিচয় জানা হয়নি এমন। 'তাঁর অচিন প্রিয়তম তাকে ত্যাগ করে গেলেন।' *নজরুল*, ১৯২৭।

অচিনপুর [স অচিহ্ন+স পুর] *বি* অচেনা জগৎ। 'তবু যেতে হবে তায় অসহায় – অচিনপুরে।' *নজরুল*, ১৯৩১।

অচিনা [স অচিহ্ন] *বিণ* অপরিচিত। *বিদ্যা*, ১৮৯১; 'ভিটামাটি ছাইড়া ... অচিনা দেশের দিকে রওয়ানা হইছে?' *মনসুর*, ১৯৫৫।

অচিন্ত [স অচিন্ত্য] *বিণ* অচিন্তনীয়। 'অচ্ছে ন জাণহুঁ অচিন্ত জোই।' *চর্যা* ২২, ১২০০।

অচিন্তনীয় [স] **১** *বিণ* চিন্তার অতীত। *বিদ্যা*, ১৮৬৪। **২** *বিণ* অত্যধিক। 'অচিন্তনীয় শক্তিধর।' *বঙ্কিম*, ১৮৭৪। **৩** *বিণ* বিস্ময়কর। 'গুলিচালনার সাথে সাথেই পরিস্থিতির অচিন্তনীয় পরিবর্তন সাধিত হয়।' *হাফিজুর*, ১৯৫৩।

অচিন্তিত [স] **১** *বিণ* চিন্তা করা হয়নি এমন। 'কত অসম্ভাবিত ও অচিন্তিত বিষয় স্বপ্ন কল্পিতের ন্যায় সহসা উপস্থিত হয়।' *কাদম্বরী*, ১৮৫৩। **২** *বিণ* ভাবা যায় না এমন। 'বিজ্ঞানের নামের মন্ত্র উচ্চারণ করিলে এই দুই কাজই অনেক সময়ে কি যেন একটা শক্তির বলে অচিন্তিত উপায়ে সিদ্ধ হইয়া যায়।' *সবুজ*, ১৯১৭। **৩** *বিণ* চিন্তাহীন। 'সাগরের মতো তরঙ্গ নিয়ে অচিন্তিত।' *আহসান*, ১৯৫৯।

অচিন্তিতপূর্ব, অচিন্তিতপূর্ব্ব [স] *বিণ* পূর্বে চিন্তা করা হয়নি এমন। 'প্রকৃতির সকল চেষ্টার শক্তি ও নিয়মের জ্ঞানের অচিন্তিতপূর্ব্ব প্রসার ...।' *সবুজ*, ১৯২০।

অচিন্ত্য [স] **১** *বিণ* অভাবনীয়। 'কৃষ্ণের অচিন্ত্য শক্তি বুঝনে না যায়।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* কল্পনাতীত। 'অচিন্ত্য এ ব্রহ্মাণ্ডের লোকলোকান্তরে অনন্ত শাসন যাঁর।' *রবীন্দ্র*, ১৯০১।

অচিন্ত্যজ্ঞান [স] *বি* চিন্তা করা যায় না এমন জ্ঞান। 'অপরিসীম বিশ্বকার্য্যে যাঁহার অচিন্ত্যজ্ঞান, মহীয়সী শক্তি ...।' *অক্ষয়*, ১৮৪৯।

অচিন্ত্যনীয় [স] *বিণ* অভাবনীয়। 'বহু ঊর্ধ্বে তাদের অচিন্ত্যনীয় চিন্তালোকে অধিষ্ঠিত।' *মোতাহার*, ১৯৩৭।

অচিন্ত্যপূর্ব [স] *বিণ* অভাবিত; আগে চিন্তা করা হয়নি এমন। 'সমস্ত জিনিষটাকে মোটের উপর আমার অচিন্ত্যপূর্ব করে দাঁড় করিয়ে দিয়ে যায়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অচির [স] *বিণ* সাময়িক। 'অচিরকালের বিদ্যানীতিজ্ঞা সুখপ্রভ দেদীপ্যমানা হইবে।' *দর্পণ*, ১৮২২।

অচিরকাল [স] *বি* ক্ষণকাল। 'অচিরকালের বিদ্যানীতিজ্ঞা সুখপ্রভ দেদীপ্যমানা হইবে।' *দর্পণ*, ১৮২২।

অচিরজাত [স] *বিণ* সদ্যপ্রসূত। 'তাহার অচিরজাত কুকুর-শাবকটাকে বুকে চাপিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

অচিরতা [স] *বি* ক্ষণস্থায়িত্ব। 'থাক না তাতে তৃষিত অচিরতা।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অচিরপ্রসূতা [স] *বিণ* স্ত্রী সদ্য প্রসবকারী। 'রোগশূন্য অচিরপ্রসূতা অবধ্য গাভীগণ।' *বঙ্কিম*, ১৮৭৫।

অচিরপ্রাচীনতা [স] *বি* ক্ষণস্থায়িত্ব। 'নূতনত্বের অচিরপ্রাচীনতা।' *রবীন্দ্র*, ১৯০৫।

অচিরস্থায়িত্ব [স] *বি* ক্ষণস্থায়িত্ব। 'সংস্কৃত বিদ্যামন্দিরের অচিরস্থায়িত্ব সম্ভাবনা হইয়াছে।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

অচিরস্থায়ী [স] *বিণ* ক্ষণস্থায়ী। 'নবাবের আমলে সবই ছিল অচিরস্থায়ী।' *প্রমথ*, ১৯১৯।

অচিরে [স] *ক্রিবিণ* অনতিবিলম্বে। 'কি অমূল্য ধন বাছা, বুঝিবে অচিরে।' *মাইকেল*, ১৮৭২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অচিরাৎ [স] **১** *বিণ* অবিলম্ব। 'অচিরাতে পাবে তবে কৃষ্ণ-প্রেমধন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *ক্রিবিণ* শিগগির; অবিলম্বে। 'ঐরিণও অচিরাৎ কঠিন কামান হাত তরকচ পরিপূর্ণ বাণে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অচিরাত [স অচিরাৎ] *ক্রিবিণ* ক্ষণকালের মধ্যে। 'অচিরাত হবে গৌরী শিবের ঘরনি।' *মুকুন্দ*, ১৬০০।

অচিরাতে [স] *ক্রিবিণ* অচিরে; অবিলম্বে। 'অচিরাতে পাবে তবে কৃষ্ণ-প্রেমধন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অচিহ্নিত [স] **১** *বিণ* চিহ্নযুক্ত নয় এমন; অঘোষিত। 'ও আছে অনাদরে অচিহ্নিত স্বাধীনতায়।' *রবীন্দ্র*, ১৯৩৫। **২** *বি* অপরিচিত স্থান। 'সে আজি কোথায় নিয়ে যেতে চায়/ অচিহ্নিতের পারে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অচীনধারিণী [স] *বিণ* চীনা অর্থাৎ রেশম বস্ত্র পরে না এমন। 'অচীনধারিণী নারীদিগকে অবজ্ঞার চক্ষে দেখিবেন।' *জগদীশ*, ১৮৯৫।

অচুম্বিত [স] *বিণ* চুম্বন করা হয়নি এমন। 'অচুম্বিত কুমারীগালের ...।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অচেৎ [স অচেতন] *বি* অচেতনা। *মানোএল*, ১৭৪৩।

অচেত [স] **১** *বিণ* জ্ঞানহীন; তত্ত্বজ্ঞানহীন। 'যে জন চেতনামুখী সেই সদা সুখী/ যে জন অচেত-চিত্ত সেই সদা দুঃখী।' *ভারত*, ১৭৬০। **২** *বিণ* চেতনাহীন। 'বারবার ডাকো মন অচেত চিতে।' *রবীন্দ্র*, ১৯০২।

অচেতচিত্ত [স] *বিণ* তত্ত্বজ্ঞানহীন। 'যেজন অচেতচিত্ত সেই সদা দুঃখী।' *ভারত*, ১৭৬০।

অচেতন [স] **১** *বিণ* চেতনাহীন। 'অচেতন হৈয়া দেবি পৃথুবিতে পড়ে।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* বাহ্যজ্ঞানশূন্য। 'অচেতন হয়্যা কান্দে হারায়্যা সর্বশী।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বিণ* জড়। 'বলদ ও অচেতন দ্রব্যাদির ন্যায় .... নির্দয়াচরণ করিতেছেন।' *দর্পণ*, ১৮৩৫। **৪** *বি* মোহঘন্ত। 'তখন আপনার ক্ষুদ্র দুঃখে থাকি অচেতন।' *রবীন্দ্র*, ১৮৮১। **৫** *বিণ* অতুলনীয়। 'অচেতন সুখে চেতনা হারাই, করিবি রে মধুপান।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অচেতনতা [স] *বি* অচৈতন্য। 'তারা অচেতনতার আবরণে ক্ষণিককে অপেক্ষাকৃত স্থায়ী করে রাখে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অচেতনভাবে [স] *ক্রিবিণ* অজ্ঞাতসারে। 'ক্রমাগতই অলক্ষিত অচেতনভাবে সঞ্চয় করতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অচেতনা [স] **১** *বিণ স্ত্রী* বিচারবুদ্ধিশূন্য। 'হইআ অচেতনা কান্দেন খুল্লনা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* চেতনাশূন্য। 'ঘুমাইছে পশুপাখি, বসুন্ধরা অচেতনা –।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অচেনা [অ+স চিহ্ন>] **১** *বিণ* অপরিচিত। 'আজকে রে তুই অজানা অচেনা।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *বি* যার পরিচয় জানা নেই। 'অচেনাকে ভয় কী আমার ওরে।' *রবীন্দ্র*, ১৯১৪।

অচেষ্ট [স] **১** *বিণ* অসাড়। 'ঝাঁপ দিয়া পড়ে কেহ অচেষ্ট হইয়া।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* নির্লিপ্ত; চেষ্টা করে না এমন। 'আমলারা এ বিষয়ের নিবারণে অচেষ্ট।' *দর্পণ*, ১৮৩৪।

অচেষ্টপরতা [স] *বি* নিষ্ক্রিয়তা। 'এই অচেষ্টপরতা সর্ব্বত্র বিদ্যমান।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অচৈতন [স অচৈতন্য] *বিণ* চেতনাহীন। 'তিন দিন তিন্ রাত্রি যাএ অচৈতন হৈআ।' *বাহরাম*, ১৬৫০।

অচৈতন্য [স] *বিণ* অচেতন। 'অচৈতন্য নিদ্রা যাএ ভ্রাতি মহাবল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অচৈতন্যাবস্থা [স অচৈতন্য-অবস্থা] *বি* চেতনহীন অবস্থা। 'অচৈতন্যাবস্থায় মৃতপ্রায় পড়িয়া থাকিলেন।' *এড়ুকেশন*, ১৮৮৬।

অচৌর্য [স] *বি* খারাপ কাজ বা চুরি না করা। 'অচৌর্য ও সত্যপরায়ণতাও পুণ্য।' *রবীন্দ্র*, ১৯০৫।

অচ্চনা [স অর্চনা] *বি* বন্দনা। 'অচ্চনা করিআ মনে ভাবি পূজ নিরঞ্জনে।' *রামাই*, ১৭১০।

অচ্ছ [স] *বিণ* নির্মল। *বিদ্যা*, ১৮৬৪।

অচ্ছর [পা] *বিণ* দুই আঙুল দিয়ে যতটুকু তোলা যায়, সেই পরিমাণ। 'এক অচ্ছর চিনি।' *ঈশান*, ১৯৫৮।

অচ্ছা [পা অচ্ছ] *ক্রি* থাকা। 'কাহৈরি ঘিণি মেলি অচ্ছহ কীস।' *চর্যা* ৬, ১২০০। **অচ্ছন্তে** *ক্রি* থাকতে। 'মূঢ়া অচ্ছন্তে লোঅ ণ পেখই।' *চর্যা* ৪২, ১২০০। **অচ্ছম** *ক্রি* আছি। 'জা লই অচ্ছম তাহের উহ ণ দিস।' *চর্যা* ২৯, ১২০০। **অচ্ছসি** *ক্রি* থাকিস। 'জই তো মূঢ়া অচ্ছসি ভান্তী পুচ্ছতু সদ্‌গুরু পাব।' *চর্যা* ৪১, ১২০০। **অচ্ছহু** *ক্রি* আছো। 'কাহৈরি ঘিণি মেলি অচ্ছহু কীস।' *চর্যা* ৬, ১২০০। **অচ্ছিলেঁ** *ক্রি* ছিলাম। 'এত কাল হাঁউ অচ্ছিলেঁ স্বমোহেঁ।' *চর্যা* ৩৫, ১২০০।

অচ্ছায় [স] *বিণ* ছায়াহীন। 'মুক্ত নীলাম্বরে অচ্ছায় আলোক গাহে বৈরাগ্যের স্বরে।' *রবীন্দ্র*, ১৯০১।

অচ্ছিদ [স অচ্ছিদ্র] *বিণ* নিশ্ছিদ্র। *বিদ্যা*, ১৮৬৪।

অচ্ছিদ্র [স] *বিণ* নিশ্ছিদ্র। 'কিন্তু এক প্রমাণ অচ্ছিদ্র, অখণ্ডনীয় স্রোত।' *বঙ্কিম*, ১৮৯২।

অচ্ছিন্ন [স] *বিণ* খণ্ডিত নয় এমন। 'পদতলে অচ্ছিন্ন ... মেঘজাল বিস্তৃত।' *বঙ্কিম*, ১৮৭৫।

অচ্ছিন্নপ্রবাহা [স] *বিণ স্ত্রী* নিরন্তর প্রবাহিত হচ্ছে এমন। 'অচ্ছিন্নপ্রবাহা গঙ্গার মত তাঁর কবিতা।' *অচিন্ত্য*, ১৯৫০।

অচ্ছিন্না [স] *বিণ স্ত্রী* যৌনসঙ্গম হয়নি এমন। 'একজন অচ্ছিন্না কুমারী ময়লা নীল শাড়ির সৌরভে গাঁথা।' *মান্নান*, ১৯৬৮।

অচ্ছুৎ [স অস্পৃশ্য] *বিণ* সামাজিকভাবে স্পর্শের অযোগ্য। 'লঘু ডেকে আনিল অচ্ছুৎ নরসুন্দে।' *মানিকরাম*, ১৭৮১।

অচ্ছেদ [স অচ্ছেদ্য] *বিণ* ছেদহীন। 'অজেয় অচ্ছেদ অস্ত্র সেইত মুদ্‌গর।' *মালাধর*, ১৫০০।

অচ্ছেদ্য [স] **১** *বিণ* যা ছেদ করা যায় না। *বিদ্যা*, ১৮৬৪। **২** *বিণ* ছিন্ন করা যায় না এমন। 'শাস্ত্রার অচ্ছেদ্য গূঢ় বন্ধন অনুভব করিবার অবসর পাইল।' *রবীন্দ্র*, ১৮৮৮।

অচ্ছেদ্যসূত্র [স] *বি* অবিচ্ছেদ্য বন্ধন। 'সকল তথ্যই পরস্পর অচ্ছেদ্যসূত্রে গ্রথিত।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অচ্ছোদ [স] *বিণ* স্বচ্ছ। 'অচ্ছোদসরসীনীরে রমণী যেদিন নামিলা স্নানের তরে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অছন্দ [অ+স ছন্দ] *বি* ছন্দহীনতা। 'অছন্দে কাব্যরচনার ভুক্ত করলেই ... হাততালি পাওয়ার আশা আছে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অছা [পা অচ্ছ, স অস্] *ক্রি* থাকা। 'জইসনে অছিলেস তইসনে অছ।' *চর্যা* ৩৭, ১২০০। **অছ** *ক্রি* আছে। 'ভনই বিদ্যাপতি অছ পরকার।' *বিদ্যাপতি*, ১৪৬০। **অছইতে** *ক্রি* থাকতে। 'অছইতে বধু নহি করিঅ উদাস।' *বিদ্যাপতি*, ১৪৬০। **অছলিহ** *ক্রি* ছিলাম। 'এতদিন অছলিহু অপনে গেয়ানে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **অছিলেস** *ক্রি* ছিলে। 'জইসনে অছিলেস তইসনে অছ।' *চর্যা* ৩৭, ১২০০।

AMARBOI.COM

অহি [আ ওয়াসি] *বি* নাবালকের সম্পত্তি রক্ষার জন্য নিযুক্ত অভিভাবক। 'হাজার টাকার জামীন দিয়া অহি মোকরর হইয়া সনন্দ প্রাপ্ত হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৭।

অহিয়তনামা [আ ওয়াসিয়ত+ফা নামাহ্] *বি* অন্তিম ইচ্ছাপত্র; উইল। 'অহিয়তনামা এবং অন্যান্য দলিল মীর সাহেব নিকট আছে।' *মশাররফ*, ১৮৯০।

অহিল্লা [আ ওয়াসিলহ্] *বি* অজুহাত। 'তোমার তবু একটা অহিল্লা আছে।' *দীনবন্ধু*, ১৮৭২।

অহিল্লা-অজুহাত [আ ওয়াসিলহ্+আ ওয়াজুহাত] *বি* ওজর-অজুহাত। 'সামান্য অহিল্লা-অজুহাতে সে ফোনের পর ফোন করতে লাগল।' *নরেন্দ্র*, ১৯৪৮।

অজ[১] [স] **১** *বিণ* (হিন্দুপুরাণ) স্বয়ম্ভূ। 'অজ হইয়া জন্ম হইল দেব চক্রপানি।' *মালাধর*, ১৫০০। **২** *বি* ছাগল। *বিদ্যা*, ১৮৬৪।

অজ-জননী [স] *বি* ছাগ-মাতা। 'তারস্বরে আপন অজ-জননীকে আহ্বান করিতে করিতে ফিরিতে হইত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অজদেব [স] *বি* ঈশ্বর। 'অজদেব রক্ষা করু।' *মালাধর*, ১৫০০।

অজপুত্র [স] *বি* ছাগল-ছানা। 'অজপুত্র পেয়েছ অজের সহবাসে।' *গিরিশ*, ১৮৮৭।

অজমুণ্ড [স] *বি* ছাগলের মাথা। 'হই অজমুণ্ড আমি তবু দক্ষ রাজা।' *নজরুল*, ১৯২৯।

অজা [স] *বি* ছাগল। 'অজা লয়্যা আইল রামা দিন অবশেষে।' *মুকুন্দ*, ১৬০০।

অজাকার [স অজ-আকার] *বিণ* ছাগলের আকারবিশিষ্ট। 'খচ্চর সদৃশ কেহ কেহ অজাকার।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

অজাগলস্তন [স অজা-গলস্তন] *বি* ছাগলের গলায় স্তনের মতো মাংসপিণ্ড। 'অজাগলস্তন-প্রায় অন্য সাধন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অজাচার [স অজ-আচার] *বি* কপটতা। 'ভক্তিক্ষেত্রে অজাচার ছদ্ম উচাটন।' *বিষ্ণু*, ১৯৩৩।

অজাশাল [স অজশালা] *বি* ছাগলের গোয়াল। 'অজাশালে অজাগণ করিল প্রবেশ।' *মুকুন্দ*, ১৬০০।

অজ[২] [স আদ্য] **১** *বিণ* একেবারে। 'পরক সাহেবের পলাতকা অজ জঙ্গলা জাগা।' *ব্যোমপ*, ১৭৭৮; 'অজ বাকি ২৮২৭ চলন লেখা জায়।' *তাঁতি*, ১৭৯২। **২** *বিণ* পুরোদস্তুর। 'মেয়েদের কথায় কথায় ফোঁপরদালালি – যেন অজবুড়ি।' *নজরুল*, ১৯২৭। **৩** *বিণ* নিরেট। 'আপনার পদার্থপ হত না এ অজ পাড়াগাঁয়ে।' *নজরুল*, ১৯৩১।

অজপাড়াগাঁ *বি* প্রত্যন্ত গ্রাম। 'চেয়ে চেয়ে দেখি অজপাড়াগাঁর চেহারা।' *মনোজ*, ১৯৫১।

অজবুড়ি [স আদ্য>+স বৃদ্ধ>] *বি* পুরোদস্তুর বুড়ি। 'মেয়েদের কথায় কথায় ফোঁপরদালালি – যেন অজবুড়ি।' *নজরুল*, ১৯২৭।

অজমূর্খ [স আদ্য+স মূর্খ] *বি* নিরেট মূর্খ ব্যক্তি। 'আমি তোমার প্রেমে হাবুডুবু খাচ্ছি – তোমার মত অজমূর্খের।' *মুজতবা*, ১৯৫২।

অজ[৩] [আ হজ্] *বি* মুসলমানদের মক্কা-মদিনায় তীর্থ করণ। 'আমি চারবার অজ করেছি।' *মশাররফ*, ১৮৬৯।

অজগর [স] **১** *বি* বিশাল আকারের সাপবিশেষ; পাইথন। 'অজগর রূপ ধরি রহে বৃন্দাবনে।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* সর্বগ্রাসী। 'অজগর-অন্ধকার গিলিয়াছে তারে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অজগরসর্প [স] *বি* বিশাল আকারের সাপবিশেষ; পাইথন। 'গতনিদ্র প্রকাণ্ড অজগরসর্পের অনেকগুলা কুণ্ডলীর মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

অজচ্ছল [স অজস্র] *বিণ* অঢেল। *বিদ্যা*, ১৮৯১।

অজটিল [স] *বিণ* জটিল নয় এমন; সহজ। 'চরকা, অর্থাৎ, ... অজটিল সহজলভ্য জীবিকা।' *ওদুদ*, ১৯৪৮।

অজন্তা [স] *বি* পশ্চিম ভারতের গুহাবিশেষ যা বৌদ্ধ শিল্পীদের আঁকা দেয়ালচিত্রে পরিপূর্ণ। 'অজন্তা গুহায় যারা অলঙ্করার চিত্র লিখেছিল।' *অবন*, ১৯২৫।

অজন্মা [স] **১** *বি* ফসলের উৎপাদনহীনতা। 'অজন্মার সময়ে দেশের শস্য ভিন্নদেশে প্রেরিত না হয়।' *অক্ষয়*, ১৮৪৬। **২** *বিণ* উৎপাদনের বিঘ্নকারক। 'আমার সোনার খেত শুষিছে অজন্মা-প্রেত।' *রবীন্দ্র*, ১৮৯৯।

অজপা [স অজপনীয়] **১** *বি* মন্ত্রবিশেষ। 'অজপা নামেতে তারা কুম্ভক রেচক।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বি* নিঃশ্বাস নিয়ন্ত্রণের মাধ্যমে ধ্যান ও জিকির। 'অজপা জপএ নিত্য নিঃশব্দ নীরব।' *বাহরাম*, ১৬৫০। **৩** *বি* প্রাণবায়ু। 'পরে জায়ার সঙ্গে লীলাখেলায় অজপা ফুরায়ে গেল।' *রামপ্রসাদ*, ১৭৮০।

অজবুগ [তু উজবক] *বিণ* মূর্খ। 'ওরা যে আমাদের অসভ্য অজবুগ মনে করে যাবে।' *রবীন্দ্র*, ১৯১৫।

অজমত [ফা অজ+স মত] *ক্রিবিণ* মতানুযায়ী। *মানোএল*, ১৭৪৩।

অজমিদার [অ+ফা জমীনদার] *বি* জমিদার নয় যে। 'জমিদার অজমিদার নির্বিচারে সর্বোচ্চ ডাকাকারীকেই জমির ইজারা দেওয়া হল।' *প্রমথ*, ১৯১৯।

অজন্মিত [স অজন্মা>] *বিণ* জারজ; বেজন্মা। *বিদ্যা*, ১৮৯১।

অজয্য [স] *বিণ* অজেয়। *বিদ্যা*, ১৮৬৪।

অজয়[১] [স] *বিণ* অজেয়। 'তোমার বরদানে মুঞি অজয় ভূভুবনে।' *মালাধর*, ১৫০০।

অজয়[২] *বি* পশ্চিমবঙ্গের নদীবিশেষ। 'সঙ্গে শত শত নায়্যা আইনু অজয় বায়্যা।' *মুকুন্দ*, ১৬০০।

অজর [স] *বিণ* জরাহীন। 'খাইয়া হউক লোক অজর-অমরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'অজাত অমর অনন্ত অজর।' *ভারত*, ১৭৬০।

অজরত্ব [স] *বি* জরাহীনতা। 'সে চায় অজরত্ব, নিছক অমরত্ব তার কাছে তুচ্ছ।' *অন্নদা*, ১৯২৮।

অজরা [স] *বিণ স্ত্রী* জরাহীন। 'অজরা অমরাবৎ আর ধর্ম্মাচরণ কেমন ...।' *গোলোক*, ১৮০১।

অজরামর [স অজর-অমর] **১** *বিণ* চিরযৌবনা ও মৃত্যুহীন। 'তে অজরামর কিম্পি ন হোন্তি।' *চর্যা* ২২, ১২০০। **২** *বিণ* চিরকাল বেঁচে থাকে এমন। 'কোনো কোনো গল্পও অজরামর হয়ে থাকে ঐ একই কারণে।' *মুজতবা*, ১৯৫২।

অজরঈল [আ] *বি* আজরাইল। 'ভয়ে অজরঈল (যমদূত) তোমাদের গাঁয়ে ঢোকে না।' *মুজতবা*, ১৯৪৯।

অজরাহ [আ] *ক্রিবিণ* কোনো অর্থ না দিয়ে। 'অজরাহ জবরজস্তি খামখায় দেহতপুরকে জ্বালাঞা পোড়াঞা ...।' *চিঠিপত্রে*, ১৭৮৭।

অজর্মন [অ+ই জর্মন] *বি* জার্মানভাষী নয় এমন ব্যক্তি। 'বহু জর্মন অজর্মন হিন্দুস্থান হৌসে আসত।' *মুজতবা*, ১৯৫২।

অজলমগ্ন [স] *বিণ* জলে ডুবে নেই এমন। 'জাহাজের অ-জলমগ্ন সমুদায় ভাগ দেখিতে পাওয়া যায়।' *অক্ষয়*, ১৮৫২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অজস [স অযশ] *বিণ* যশহীন। 'না হইব সতিতৃ ভঙ্গ অজস ...।' *রবীন্দ্র*, ১৬৮৯।

অজস্র [স] ১ *ক্রিবিণ* সতত; অবিরত। *বিদ্যা*, ১৮৬৪। ২ *বিণ* খুব বেশি। 'অজস্র গাল দিতে আরম্ভ করেছেন।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বিণ* সীমাহীন। 'যার শক্তি অজস্র সে সমস্ত দাবি মেনে নিতে আনন্দ পায়।' *রবীন্দ্র*, ১৯২৯। ৪ *বি* অনেক জন। 'অজস্রের আসন্ন পিপাসা মুহূর্তে এনেছে আজ সঞ্চয়ের শেষ প্রহরায়।' *আহসান*, ১৯৫৯।

অজস্রতা [স] *বি* প্রাচুর্য। 'তাহাদের প্রাণের অজস্রতা, বিকাশের উৎসব।' *রবীন্দ্র*, ১৯০৭।

অজস্রত্ব [স] *বি* বাহুল্য। 'সকল প্রকার অজস্রত্ব।' *রবীন্দ্র*, ১৯০০।

অজস্রভাবে [স] *ক্রিবিণ* অসংখ্যভাবে। 'বিদ্রোহের সুরে আপনাকে নানা মূর্তিতে অজস্রভাবে প্রকাশ করিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

অজাগতিক [স] *বিণ* জগতের নয় এমন। 'সে-চোখদুটোকে তার অজাগতিক বলে মনে হল।' *ওয়ালী*, ১৯৪২।

অ-জাগন্ত [অ+স জাগ্রৎ>] *বিণ* ঘুমন্ত। 'আমার অ-জাগন্ত ভালোবাসা জাগিয়ে দিলে।' *নজরুল*, ১৯২৪।

অজাগর[১] [স অজগর] *বি* বৃহদাকার সাপবিশেষ। 'গিরিবর হস্তে যেন নামে অজাগর।' *আলাওল*, ১৬৮০।

অজাগর[২] [স>] *বিণ* চিরজাগ্রত। 'এ যে অজাগর গরজে সাগর ফুলিছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অজাত[১] [স অজাতি] *বিণ* নিচু বংশের। 'হালাল হারাম জ্ঞান জাত কি অজাত।' *সুলতান*, ১৭০০।

অজাত[২] [স] *বিণ* জন্মায়নি এমন। 'অজাত অমর অনন্ত অজর।' *ভারত*, ১৭৬০।

অজাতশত্রু [স] *বিণ* যার শত্রু জন্মেনি এমন। 'অমিতেজা অজাতশত্রু মণিপুরেশ্বরের অনুমাত্র আশঙ্কা নাই।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অজাতশ্মশ্রু [স] *বিণ* দাড়ি ওঠেনি এমন। 'আমার সভেরো সমস্তই প্রায় অপ্রাপ্তবয়স্ক অজাতশ্মশ্রু।' *রবীন্দ্র*, ১৮৯২।

অজাতসংস্কার [স] *বিণ* সংস্কার গড়ে ওঠেনি এমন। 'অজাতসংস্কার, মদমত্ত, আরণ্যিক আমার যৌবন।' *সুধীন্দ্র*, ১৯২৯।

অজাতি [স] *বি* নিচু জাতি (সম্প্রদায়)। 'সুজাতি অজাতি হই আর কি করিবে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অজান [স অজ্ঞান] ১ *বিণ* জানার অতীত। 'অজান খবর না জানিলে কিসের ফকিরি।' *লালন*, ১৮৯০। ২ *বিণ* অচেনা; অজ্ঞাত। 'অজান-গাঁয়ের ছেলে।' *জসীম*, ১৯৩১।

অজানত [স অজ্ঞান>] ১ *বিণ* অজানা। 'অজানত আলিঙ্গনেও আমার সম্পূর্ণ পাপ হইয়াছে।' *দীনবন্ধু*, ১৮৬৭। ২ *বিণ* অচেনা। 'অজানত খাদ্য দ্রব্য, ... ভক্ষকের সহসা তা স্পর্শ কত্যে ইচ্ছে করে না।' *মাইকেল*, ১৮৭৩।

অজানতে *ক্রিবিণ* অগোচরে। 'তাঁর অজানতে বড়কর্তাদের সবাই জানতেন।' *মুজতবা*, ১৯৪৯; 'নিজের অজানতেই তার অন্তরের অঙ্গ হয়ে উঠলাম।' *অচিন্ত্য*, ১৯৫০।

অজান্তে [স অজ্ঞান>] *ক্রিবিণ* অগোচরে। 'নিজের অজান্তে শিশিরকণা একটা পদ্য রচনা করে ফেললেন।' *বুদ্ধ*, ১৯৪৯।

অজানা [স অজ্ঞান>] ১ *বিণ* অপরিচিত। 'আজকে রে তুই অজানা অচেনা।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বি* অচেনা লোক। 'ঘাটে সেই অজানা বাজায় বীণা।' *রবীন্দ্র*, ১৯০৯। ৩ *বি* মৃত্যুপরবর্তী কাল। 'কোন অজানার দেশে চলে গেলেন।' *নজরুল*, ১৯২৪। ৪ *বিণ* অজ্ঞাত। 'জানি তোমার অজানা নাহি গো কী আছে আমার মনে।' *রবীন্দ্র*, ১৯২৬।

অজানিত [স অজ্ঞান>] ১ *বিণ* অজানা; অচেনা। 'চাহে যথা অজানিত ফুলবনে কুরঙ্গিণী।' *মাইকেল*, ১৮৬০। ২ *বিণ* অজ্ঞাত। 'এ দেশে এমন একটিও বন নাই, যা তোমার অজানিত।' *মাইকেল*, ১৮৭৩। ৩ *বিণ* অপরিচিত। 'অজানিত লোকের নিকট হইতে পুরাণ বাসন কিনিতে পারিব না।' *বিদ্যা*, ১৮৯১।

অজানিতা [স অজ্ঞান>] *বি স্ত্রী* যাকে জানা হয়নি; অচেনা ব্যক্তি। 'চলেছি সেই অজানিতার উদাস পরশ পেতে।' *নজরুল*, ১৯২৫।

অজানিতে [স অজ্ঞান>] *ক্রিবিণ* অগোচরে। 'তোমাদের অজানিতেই কি একটা গোপন তৃপ্তি তোমরা আমায় দিতেছ।' *সবুজ*, ১৯২১।

অজান্তব [স] *বিণ* নিষ্প্রাণ। 'সমুদ্রের অজান্তব জানালার গল্পের সুরভি।' *জীবন*, ১৯৩০।

অজায়গা [অ+ফা জায়গা] ১ *বি* অস্থান; কুস্থান। 'অসময়ে অজায়গায় পা পড়েছে।' *রবীন্দ্র*, ১৯২৯। ২ *বি* গন্তব্য ভিন্ন অন্য স্থান। 'মেয়েটি নেমে পড়ল অজায়গায়।' *রবীন্দ্র*, ১৯৩২। ৩ *বি* নগণ্য কাজ। 'অজায়গায় হাত পাকিয়েছি নিজের নাম ইংরেজিতে লিখে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অজি [প্রা অজ্জ] *ক্রিবিণ* আজ। 'অজি ভুসু(কু) বঙ্গালী ভইলী।' *চর্যা* ৪৯, ১২০০।

অজিজ্ঞাস [স] *বি* অকৌতূহল। 'তে কারণে অজিজ্ঞাসে না কহ দেখিয়া।' *হেয়াত*, ১৮০০।

অজিজ্ঞাসিত [স] *বিণ* অনির্ণীত; জিজ্ঞাসা করা হয়নি এমন। **অজিজ্ঞাসিতাভিধান** [স] *বি* অনির্ণীত সংজ্ঞা। 'পূর্ব পক্ষের সিদ্ধান্ত ব্যতিরিক্ত অনেক অজিজ্ঞাসিতাভিধান আছে।' *দর্পণ*, ১৮২১।

অজিজ্ঞাস্য [স] *বিণ* প্রশ্নহীন। 'অজিজ্ঞাস্য বেকার লোকেত উপহাস।' *আলাওল*, ১৬৮০।

অজিত [স] *বিণ* অপরাজিত। 'এই কালে অজিত ইহার কাট মাথা।' *মানিকরাম*, ১৭৮১।

অজিতেন্দ্রিয় [স অজিত-ইন্দ্রিয়] *বিণ* ইন্দ্রিয়সমূহ বশীভূত নয় এমন। *বিদ্যা*, ১৮৬৪; 'যে অজিতেন্দ্রিয় সেই দুঃখী সাহসশূন্য এবং আত্মগ্লানিপূর্ণ।' *হরপ্রসাদ*, ১৮৭৮।

অজিন [স] ১ *বি* চামড়ার আসন। 'বসিলেন মহাদেব কুঞ্জর অজিনে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* হরিণের চামড়া। 'অজিনাসনে বসি, বিশ্রাম লভুন প্রভু তরু-মূলে।' *মাইকেল*, ১৮৬১। ৩ *বি* পশুচর্মের তৈরি এক ধরনের আসন। 'অজিন রঞ্জিত আহা কত শত রঙ্গে/ পাতি বসিতাম কভু দীর্ঘতরু-মূলে।' *মাইকেল*, ১৮৬১। ৪ *বি* বাঘছাল। 'শীয় অজিনাসন ভূতলে স্থাপন করিয়া ...।' *গিরিশ*, ১৮৮৯।

অজিনাসন, অজিনআসন [স অজিন+স আসন] *বি* হরিণের চামড়া দিয়ে নির্মিত আসন। 'অজিনাসনে বসি, বিশ্রাম লভুন প্রভু তরু-মূলে।' *মাইকেল*, ১৮৬১; 'অজিনআসন এনে দে।' *নজরুল*, ১৯৩১।

অজিষ্ণু [স] *বিণ* পরাজিত। 'অজিষ্ণু গো আজি দানব-সংগ্রামে দানবারি!' *মাইকেল*, ১৮৬০।

অজীব [স] *বিণ* জড়। **অজীববাচক** [স] *বি* জড় বস্তু। 'এ সমস্তই একবচনের ও অজীববাচকের দৃষ্টান্ত।' *রবীন্দ্র*, ১৯৩৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অজীর্ণ [স] **১** *বিণ* দুর্বল। 'জলপানে অজীর্ণ করিতে নারে বল।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* রান্না করা হয়নি এমন। 'অজীর্ণ ভোজন দ্রব্য।' *মাইকেল*, ১৮৬১। **৩** *বি* বদহজমজনিত পেটের পীড়া। 'স্ত্রী বহুদিন হইতে অজীর্ণরোগে ভুগিতেছিলেন।' *শরৎ*, ১৯১৪। **৪** *বিণ* হজম হয়নি এমন। 'যুগান্তরের অজীর্ণ হলাহল।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অজীর্ণতা [স] *বি* বদহজমজনিত রোগবিশেষ। 'কৃচ্ছ্র কৃচ্ছ্র অজীর্ণতা রোগ হরে কাশ।' *সুলতান*, ১৭০০।

অজীর্ণরোগ [স] *বি* বদহজমি। 'বহুদিন হইতে অজীর্ণরোগে ভুগিতেছিলেন।' *শরৎ*, ১৯১৪।

অজু [আ ওয়াজু] *বি* মুসলমানদের আচারিক প্রক্ষালন। 'অজু তয়ম্মুম আদি যথেক গোসল।' *আলাওল*, ১৬৮০।

অজুক্তি [স অযুক্তি] *বি* অযুক্তি; কুযুক্তি। 'অজুক্তি করিলা কর্ম্ম ধর্ম্ম নরান্তর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অজুদ [আ ওয়াজুদ] *বি* দেহ। 'বিশ গজ উচাইতে অজুদ তাহার।' *মনসুর*, ১৯৪৩।

অজুহাত [আ ওয়াজুহাত] *বি* ছুতা। 'বেইজ্জতির অজুহাতে চক্ষু দুটো উষ্ণ কটাহের মতো গরম করে ...।' *নজরুল*, ১৯২৭।

অজেয় [স] *বিণ* জয় করা যায় না এমন। 'অজেয় অচ্ছেদ অস্ত্র সেইত মুদ্গর।' *মালাধর*, ১৫০০।

অজেয়তা [স] *বি* জয় করার অসমর্থতা। 'ধর্ম্মের প্রতি দৃঢ়ানুরাগই এই অজেয়তার কারণ।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অজোগ্যতামন্ত [স অযোগ্য>] *বিণ* যোগ্যতাশূন্য। *ওঝা*, ১৭৮২।

অজোগ্য [স অযোগ্য] *বিণ* যোগ্যতা নেই এমন। 'কেন হেন বৈলে বাপা অজোগ্য বচন।' *মালাধর*, ১৫০০।

অজ্ঞ [স] **১** *বি* অজ্ঞতা। 'অজ্ঞ-অপরাধ ক্ষমা করিতে জুয়ায়।' *কৃত্তিবাস*, ১৫৮০। **২** *বি* মূর্খ ব্যক্তি। 'শিশ্নোদরপরায়ণ অজ্ঞ এইরূপ কহিলে ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। **৩** *বিণ* জ্ঞানহীন। 'তপস্বী মহাশয়ের ডুবাল অপেক্ষা অজ্ঞ ছিলেন।' *বিদ্যা*, ১৮৪৯। **৪** *বিণ* নির্বোধ। 'মনুষ্য শৈশবকালে অতি অজ্ঞ থাকে।' *বিদ্যা*, ১৮৫১। **৫** *বিণ* অশিক্ষিত। 'ঊর্দ্দু ভাষায় ওয়াজে নছিহত কয়জন গ্রাম্য অজ্ঞ লোকের বোধগম্য হয়।' *প্রচারক*, ১৮৯১।

অজ্ঞজন [স] *বি* নির্বোধ ব্যক্তি। 'অজ্ঞজন যখন মনে করে ওই গোরের কোন ...।' *মুজতবা*, ১৯৬০।

অজ্ঞজনোচিত [স] *বিণ* অজ্ঞজনের মতো। 'এই শ্রেণীর অজ্ঞজনোচিত অতি-আগ্রহের কল্যাণে ...।' *মোহাম্মদী*, ১৯৩৩।

অজ্ঞতা [স] *বি* মূর্খতা। 'তাহাতে কেবল নগরবাসি লোকেরদিগের অজ্ঞতা প্রকাশ পাইতেছে।' *ভবানী*, ১৮২৩।

অজ্ঞতা-অন্ধকারাচ্ছন্ন [স] *বিণ* অজ্ঞতার অন্ধকারে আচ্ছন্ন। 'অজ্ঞতা-অন্ধকারাচ্ছন্ন ইংলণ্ডে ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

অজ্ঞতাজাত [স] *বিণ* অজ্ঞতা থেকে সৃষ্ট। 'অজ্ঞতাজাত, অনুদার মনোভাবের জাজ্বল্যমান দৃষ্টান্ত আমাদের বাঙ্গলা দেশে প্রচুর ...।' *প্রমথ*, ১৯২০।

অজ্ঞতাপ্রসূত [স] *বিণ* অজ্ঞানতাজাত। 'এমন কথা রক্ষণশীল ও অনুদার ব্যক্তির অজ্ঞতাপ্রসূত উক্তি মাত্র।' *এনামুল*, ১৯৫৫।

অজ্ঞতাবশত [স] *ক্রিবিণ* না জানার কারণে। 'গৃহপালিত পশু অনেক সময়ে পালকের অজ্ঞতাবশত হীনদশা প্রাপ্ত হয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

অজ্ঞতাসুখ [স] *বি* মূর্খতাজনিত সুখ। 'অজ্ঞতাসুখে অচেতন।' *রবীন্দ্র*, ১৯০৮।

অজ্ঞমূর্খ [স] **১** *বিণ* নির্বোধ; অশিক্ষিত। 'গ্রামের অজ্ঞমূর্খ নারীরা সেই অজ্ঞই রয়ে গেল।' *বেগম*, ১৯৫২। **২** *বিণ* আনাড়ি। 'ধূমপানের ব্যাপারে সে যে একেবারে অজ্ঞমূর্খ মানুষ নয়।' *ওয়াজী*, ১৯৬৪।

অজ্ঞোচিত [স অজ্ঞ-উচিত] *বিণ* নির্বোধের মতো। 'আমি অজ্ঞ জীব অজ্ঞোচিত কর্ম্ম কৈল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অজ্ঞাত [স] **১** *বিণ* অজানা। 'বিধেয় কহিয়ে তারে যে বস্তু অজ্ঞাত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* অপরিচিত। 'সেই অজ্ঞাতনামা দীপ্তিহীন দেশের লোকেরাও ভালোবাসে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অজ্ঞাতকুল [স] *বিণ* বংশ-পরিচয় অজানা এমন। 'প্রতিমার সেবাতি অজ্ঞাতকুল বাস দেবল ব্রাহ্মণ।' *দর্পণ*, ১৮২৪।

অজ্ঞাতকুলশীল [স] *বিণ* উৎপত্তি জানা যায় না এমন। 'কস্মিনকালেও অজ্ঞাতকুলশীল জর্মান ভাষার প্রাধান্য স্বীকার করেনি।' *প্রমথ*, ১৯১৭।

অজ্ঞাতকুলশীলা [স] *বি স্ত্রী* বংশ-পরিচয় ও স্বভাব-চরিত্র জানা নেই যার। 'অজ্ঞাতকুলশীলার প্রতি ভালোবাসার ঐরূপ আচম্বিতে জন্মলাভটা স্মৃতির হিসেবে নিন্দনীয়।' *প্রমথ*, ১৯১৮।

অজ্ঞাতচারী [স] *বি* অচেনা আগন্তুক। 'আমিও কেঁদে কেঁদে বলি, ওগো অজ্ঞাতচারী।' *রবীন্দ্র*, ১৯১৪।

অজ্ঞাতনামা [স] **১** *বি* অখ্যাত ব্যক্তি। 'কবিতা লেখায় যে-সমস্ত অপ্রকাশিত অজ্ঞাতনামারা ফেল করেছেন।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বিণ* অপরিচিত। 'কোনো এক অজ্ঞাতনামা গ্রীক কবির লিখিত কোনো-একটি শ্লোকের ...।' *রবীন্দ্র*, ১৯৩০।

অজ্ঞাত-পরিচয় [স] *বিণ* পরিচয় জানা নেই এমন। 'অজ্ঞাত-পরিচয় ও সন্দেহজনক লোকদিগের পরীক্ষায় আর একটী সহজ উপায় আছে।' *আজাদ*, ১৯৩৬।

অজ্ঞাতপরিচিত [স] *বিণ* অচেনা। 'অজ্ঞাতপরিচিত আর একজন আসিয়া বাজনা বাজাইয়া সমারোহ করিয়া তাহাকে লইয়া চলিয়া গেল।' *বনফুল*, ১৯৩৬।

অজ্ঞাতবাস [স] **১** *বি* গোপন আবাস। 'লোকে অজ্ঞাতবাস রটনা করে দিয়েচে।' *দীনবন্ধু*, ১৮৬৭। **২** *বি* নির্জনবাস। 'সূচীভেদ্য অন্ধকার! একা এই অজ্ঞাতবাসের শাস্তি।' *বীরেন্দ্র*, ১৯৫৫।

অজ্ঞাতভাগ্য [স] *বিণ* ভাগ্য জানা নেই এমন। 'কোন অজ্ঞাতভাগ্য পরিণয়াকাঙ্ক্ষী এই দেবীর পদতলে আপনার অদৃষ্ট পরীক্ষা করে গিয়েছে।' *মাইকেল*, ১৮৭৩।

অজ্ঞাতভাবে [স] *ক্রিবিণ* অপরিচিত অবস্থায়। 'যে-সব জাতি প্রায় অজ্ঞাতভাবে আছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অজ্ঞাতযৌবনা [স] *বিণ স্ত্রী* নিজের যৌবন সম্পর্কে অসচেতন। 'অজ্ঞাতযৌবনা আর বিজ্ঞাতযৌবনা।' *ভারত*, ১৭৬০।

অজ্ঞাতশক্তি [স] *বিণ* অজানা শক্তিসম্পন্ন। 'অজ্ঞাতশক্তি প্রকৃতিকে যখন সে ভক্তিভাবে পরিপূর্ণ করিয়া ফেলিল।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অজ্ঞাতসারে [স] **১** *ক্রিবিণ* গোপনে। 'অজ্ঞাতসারে অথবা বলপূর্বক, কিংবা প্রতারণা করিয়া লওয়া উচিত নহে।' *বিদ্যা*, ১৮৫১। **২** *ক্রিবিণ* অজান্তে। 'আমার অজ্ঞাতসারে বারিবিন্দু আপনকার গাত্রে পতিত হইয়াছে।' *মশাররফ*, ১৮৬৯।

AMARBOI.COM

অজ্ঞাতস্বভাব [স] *বিণ* স্বভাব অজ্ঞাত এমন। 'অজ্ঞাতস্বভাব মৃগকে একবার সচকিত স্পর্শ করে, একবার পলায় ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অজ্ঞাতে [স] *ক্রিবিণ* অজান্তে। 'নীলাচলে আছি আমি তোমার অজ্ঞাতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অজ্ঞান [স] ১ *বি* মূর্খতা। 'শুনিলে খণ্ডিবে চিত্তের অজ্ঞানাদি দোষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* চেতনাহীন। 'জেকালে যৌবন কৈল প্রয়াণ তা সনে না গেল প্রাণ অজ্ঞান।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* জ্ঞানহীন। 'দেহ পরিচয় মাতা অজ্ঞান আমি অন্ধ।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বিণ* হিতাহিত জ্ঞানশূন্য। 'কান্দে রাজা সালবান মোহে হয়্যা অজ্ঞান বেহাইর ধরিআ চরণ।' *মুকুন্দ*, ১৬০০। ৫ *বিণ* মূর্খ। 'পণ্ডিতেরদের উপাসনা ব্যতিরেকে অজ্ঞান লোক জানিতে পারে না।' *দর্পণ*, ১৮২০। ৬ *বিণ* অশিক্ষিত। 'এখনকার স্ত্রীলোক প্রায় অজ্ঞান এই নিমিত্ত তাহাদের নানা দোষ ঘটিতেছে।' *গৌর*, ১৮২২। ৭ *বি* মোহ। 'এই যে আমাদের অজ্ঞান, পাপ এবং দুঃখের মূল কারণ অবিদ্যা, ইহার কারণ কী?' *রবীন্দ্র*, ১৯০৮।

অজ্ঞানকৃত [স] *বিণ* অজ্ঞতাবশত করা হয়েছে এমন। 'কোনো-একটি অজ্ঞানকৃত অপরাধের দণ্ডবিধান হইতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অজ্ঞানজনিকা [স] *বিণ* অজ্ঞানতা সৃষ্টিকারী। 'ইহা কখন অজ্ঞান জনিকা বা মন্দ ফলার্পিকা নহেন।' *দর্পণ*, ১৮০৮।

অজ্ঞানত, অজ্ঞানতঃ [স] *ক্রিবিণ* না জেনে; অজ্ঞতাবশত। 'যে ব্যক্তি অজ্ঞানত কন্যাবিক্রয়ীর মুখাবলোকন করে সেও ... প্রায়শ্চিত্ত করিবেক।' *রামনারায়ণ*, ১৮৫৪; 'দেশকাল বিবেচনা না করিয়া জ্ঞানতঃ বা অজ্ঞানতঃ কনিষ্ঠগণের নিকট ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অজ্ঞানতা [স] *বি* অজ্ঞতা। 'অজ্ঞানতা স্ত্রীবধের প্রাবর্তক।' *রামমোহন*, ১৮১৯।

অজ্ঞানতাজাত [স] *বিণ* জ্ঞানহীনতা থেকে সৃষ্ট। 'শুচিবাতিক ধর্মব্যবসায়ীর রহস্যময়তা এবং অজ্ঞানতাজাত অকারণ ভীতি হতে বাঁচানোর জন্যে ...।' *শরীফ*, ১৯৭০।

অজ্ঞানতিমির [স] *বি* মূর্খতারূপ অন্ধকার। 'দরশনে দূরে যায় অজ্ঞানতিমির।' *মানিকরাম*, ১৭৮১।

অজ্ঞাননাশ [স] *বি* অজ্ঞতালোপ। 'অজ্ঞাননাশ যৎসঙ্গ করণে হয়।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অজ্ঞানবশতঃ [স] *ক্রিবিণ* অজ্ঞানক্রমে। 'অজ্ঞানবশতঃ তাহাকে অবহেলা এবং দ্বেষ করে।' *অক্ষয়*, ১৮৪৬।

অজ্ঞানবশতাপন্ন [স] *বিণ* অজ্ঞানের অধীন। 'ক্ষুদ্রবুদ্ধি অজ্ঞানবশতাপন্ন মানব আমরা সর্বতোভাবেই অসমর্থ।' *অক্ষয়*, ১৮৫৪।

অজ্ঞানভূত [স] *বি* মূর্খতা রূপ ভূত। 'তবু আছে অজ্ঞানভূতে পেয়ে।' *নজরুল*, ১৯৩১।

অজ্ঞানা [স অজ্ঞান] *বিণ স্ত্রী* চেতনহীন। 'মাদক দ্রব্যাহারে অজ্ঞানা হইয়া থাকে।' *দর্পণ*, ১৮২৪।

অজ্ঞানান্ধ [স অজ্ঞান+স অন্ধ] *বিণ* অজ্ঞানতাবশত অন্ধ। 'অজ্ঞানান্ধ লোকে কি করিয়া তাঁহাকে ডাইনী অপবাদে জীবন্ত পুড়াইয়া মারিল।' *বিভূতি*, ১৯২৯।

অজ্ঞানান্ধকার [স অজ্ঞান-অন্ধকার] *বি* অজ্ঞতারূপ অন্ধকার। 'মনুষ্য হৃদয়স্থিত অজ্ঞানান্ধকার বিনাশ হওয়াতে ...।' *প্রভাকর*, ১৮৪৭।

অজ্ঞানাবস্থা [স অজ্ঞান-অবস্থা] *বি* অচেতন অবস্থা। 'অনেকক্ষণ পর্যন্ত অজ্ঞানাবস্থায় পতিতা ছিলেম।' *মাইকেল*, ১৮৫৯।

অজ্ঞানাবৃত [স অজ্ঞান-আবৃত] *বিণ* সংজ্ঞাহীন। 'অজ্ঞানাবৃত হইয়া ঘোড়া হইতে পড়িলে ...।' *রামরাম*, ১৮০১।

অজ্ঞানী [স] *বিণ* অশিক্ষিত। 'যাঁহারা অজ্ঞানী তাঁহারা স্বদেশীয় ও পরদেশীয় ভাষা ও ব্যবহারের ভেদ জ্ঞাত নহেন।' *দর্পণ*, ১৮২৩।

অজ্ঞাপন [স] *বি* না-জানানো। 'গোবিন্দ-কাশীশ্বরে প্রভু কৈল অজ্ঞাপন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অজ্ঞেয় [স] ১ *বিণ* জানা যায় না এমন। *বিদ্যা*, ১৮৬৪; 'বিধির বিধান-সম অজ্ঞেয়।' *রবীন্দ্র*, ১৮৮৯। ২ *বিণ* জ্ঞানাতীত। 'বিচিত্র সে, অজ্ঞেয় সে, মম মনোহর।' *রবীন্দ্র*, ১৯০১।

অজ্ঞেয়তাবাদী [স] *বিণ* ইন্দ্রিয়গ্রাহ্য জগতের বাইরে কিছু থাকলেও তা মানুষের পক্ষে জানা অসাধ্য – এমন মতবাদে বিশ্বাসী। 'পরিষ্কার বোঝা যায় তিনি অজ্ঞেয়তাবাদী (Agnostic) ছিলেন।' *রমেন*, ১৯৭০।

অজ্ঞোচিত [স অজ্ঞ-উচিত] *বিণ* নির্বোধের মতো। 'আমি অজ্ঞ জীব অজ্ঞোচিত কর্ম কৈল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অঝর [অ+স ধারা>] ১ *বিণ* অশ্রুপূর্ণ। 'বড়ায়ি বড়ায়ি বুলি অঝর নয়নে।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রিবিণ* অবিশ্রান্ত ধারায়। 'অঝর ঝরএ মোর নয়নে পাণী।' *বড়ু*, ১৪৫০।

অঝরে [অ+স ধারা>] *বিণ* ঝরেনি এমন। 'আমার লুকায় বেদনা ভরিয়া অশ্রুনীরে।' *রবীন্দ্র*, ১৯২৭।

অঝরু [স অশ্রু] *ক্রিবিণ* অবিশ্রাম। 'সদাই কাঁদনা দেখি অঝরু ঝরয়ে আঁখি।' *চণ্ডী*, ১৫৫০।

অঝরে *ক্রিবিণ* অবিশ্রান্ত ধারায়। 'অঝরে নয়ন ঝরে।' *চণ্ডী*, ১৫৫০।

অঝোর [অ+স ধারা>] *বিণ* অশ্রুপূর্ণ। 'উত্তর না করে কান্দে অঝোর নয়নে।' *বৃন্দা*, ১৫৮০।

অঞ্চল [স] ১ *বি* আঁচল। 'উরহি অঞ্চল ঝাঁপি চঞ্চল আধ পয়োধর হেরু।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* এলাকা। 'সে অঞ্চল হইতে পালাইল।' *বঙ্কিম*, ১৮৭৮। ৩ *বি* বসন। 'কিশোরীরা স্খলিত অঞ্চলে ঘুমাইতেছে।' *নজরুল*, ১৯৩১।

অঞ্চলঘাত [স] *বি* আঁচলের বাতাস। 'প্রদীপ নিবালে কেন অঞ্চলঘাতে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অঞ্চলছায়া [স] *বি* আঁচলের ছায়া; আঁচলের আড়াল। 'তব অঞ্চল-ছায়া মোরে রহিবে ঢাকি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অঞ্চলপ্রান্ত [স] *বি* আঁচলের প্রান্ত। 'অনাবদ্ধ অঞ্চলপ্রান্ত উড়তে থাকে।' *মানিক*, ১৯৩৫।

অঞ্চলবদ্ধ [স] *বিণ* আঁচলে বাঁধা। 'উত্তমরূপে ধৌত করণান্তর অঞ্চলবদ্ধ করিল।' *প্রভাত*, ১৮৯৬।

অঞ্চলবীজন [স] *বি* আঁচলের বাতাস। 'হাওয়া দুই বোনের অঞ্চলবীজনে চঞ্চল হয়ে উঠেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অঞ্চলসঙ্কেত [স] *বি* আঁচল নাড়িয়ে প্রদর্শিত সংকেত। 'অঞ্চলসঙ্কেতে সৈন্যসঞ্চালন করিয়া রণজয় করিয়াছিল।' *বঙ্কিম*, ১৮৮৪।

অঞ্চলাশ্রিত [স] *বিণ* আঁচলের তলে লুকিয়ে থাকে এমন। 'তাদের পত্নীচালিত, মাতৃলালিত, অঞ্চলাশ্রিত এবং ধৃতিচাদরপরিহিত বাতাসে হেলেদুলে চলা ...।' *হাই*, ১৯৫৪।

AMARBOI.COM

অঞ্চলের মণি *বি* পুত্রসন্তান। 'হারা হ'য়ে অঞ্চলের মণি।' *গিরিশ*, ১৮৮৭।

অঞ্চিত [স] ১ *বিণ* পূজিত। 'বিরিঞ্চি অঞ্চিত পদ দিলা বলি মাথে।' *মাইকেল*, ১৮৬১। ২ *বিণ* বাঁকানো। 'অধরের অঞ্চিত কার্মুকে বিরল গুঞ্জনধ্বনি।' *সুধীন্দ্র*, ১৯২৯।

অঞ্জন [স] *বি* কাজল। 'অঞ্জন সোভা পাএ।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'লুচনে অঞ্জন দেখি ললাটে সিন্দুর।' *মালাধর*, ১৫০০।

অঞ্জনকাঠি [স অঞ্জন+স কাঠিকা] *বি* কাজলের কাঠিবিশেষ। 'মায়ার অঞ্জনকাঠি, কাঁথা ও কল্পনা ক্রমে মেশে।' *শক্তি*, ১৯৭০।

অঞ্জনঘন [স] *বি* কালো মেঘ। 'নীল অঞ্জনঘন-পুঞ্জছায়ায় সংবৃত অম্বর।' *রবীন্দ্র*, ১৯২৯।

অঞ্জনিয়া [স অঞ্জন>] *বিণ স্ত্রী* কাজল পরিহিত। 'ধায় কোন শশিমুখী অঞ্জনিয়া এক আঁখি।' *মুকুন্দ*, ১৬০০।

অঞ্জনের পেনসিল [স অঞ্জন+ই পেনসিল>] *বি* কাজলের পেন্সিল যা দিয়ে ভুরু বা চোখ আঁকা হয়। 'অঞ্জনের পেনসিল দিয়ে ভুরুর রেখাটা একটু ফুটিয়ে তুললে।' *রবীন্দ্র*, ১৯২৮।

অঞ্জনি [স অঞ্জনিকা] *বি* ফোঁড়া বা ব্রণবিশেষ। 'শরীরে অঞ্জনি যেন পুত্র কুপণ্ডিত।' *বাহরাম*, ১৬৫০।

অঞ্জলা [স অঞ্জলি>] *ক্রি* জোড়হাত করা। 'বৎসরের শেষ গান সাঙ্গ করি দিনু অঞ্জলিয়া নিশীথগগনে।' *রবীন্দ্র*, ১৯০০।

অঞ্জলি [স] ১ *বি* অর্চনা। 'তিরথ জানি জল অঞ্জলি দেবা।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* করপুট। 'অঞ্জলি অঞ্জলি ভরি ফেলে চতুর্দিশে।' *কৃত্তিবাস*, ১৫৮০; 'অঞ্জলি করিয়া নিবেদন সবিনয়।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* উপহার। 'শরৎ তোমার অরুণ আলোর অঞ্জলি।' *রবীন্দ্র*, ১৯১৪। ৪ *বি* আলোকরশ্মি। 'আকাশ ঢালে পাতার ফাঁকে ফাঁকে তোমার কোলে সুবর্ণ অঞ্জলি।' *রবীন্দ্র*, ১৯৩১। ৫ *বি* প্রার্থনা। 'যতটুকু পাই ভীরু বাসনার অঞ্জলিতে, নাই বা উচ্ছলিল।' *রবীন্দ্র*, ১৯৪০।

অঞ্জলিকা [স] *বি স্ত্রী* অঞ্জলি। 'চম্পকবন করুক রচন নব কুসুমাঞ্জলিকা [কুসুম-অঞ্জলিকা]।' *রবীন্দ্র*, ১৯০৬।

অঞ্জলিপুট [স] *বি* জোড়হাত। 'কহি গো অঞ্জলিপুটে উর গো আমার ঘটে।' *মুকুন্দ*, ১৬০০।

অঞ্জলিবদ্ধ [স] *বিণ* করতলদ্বয় সংযুক্ত। 'দুই হস্ত অঞ্জলিবদ্ধ করিয়া ...।' *দীনবন্ধু*, ১৮৬৭।

অঞ্জলিবদ্ধ [স] *বিণ* করতলদ্বয় সংযুক্ত। *বিদ্যা*, ১৮৬৪।

অঞ্জীর [ফা] *বি* ডুমুর জাতীয় ফলবিশেষ। 'এক ঘটের মধ্যে অনেকগুলিন অঞ্জীর ও ...।' *তারিণী*, ১৮০৩।

অটনী [স] *বি* ধনুকের অগ্রভাগ। 'রাজা রুষ্ট হইয়া অটনী দ্বারা তাঁহার স্কন্ধে মৃত সর্প ক্ষেপণ করিয়াছেন।' *বিদ্যা*, ১৮৫৬।

অটবি, অটবী [স] ১ *বি* বন। 'মৃগয়ায় অভিলাষে, কোনও অটবীতে প্রবিষ্ট হইয়া দেখিলেন।' *বিদ্যা*, ১৮৪৭; 'অটবি।' *বিদ্যা*, ১৮৬৪। ২ *বি* বৃক্ষ। 'অটবী দোদুল দোলে।' *সুধীন্দ্র*, ১৯৩২।

অটল [স] ১ *বিণ* দৃঢ়। 'চলিল কুমার যেন কুমার অটল।' *ভারত*; ১৭৬০। ২ *বিণ* স্থির। 'অটল অচল যথা দাঁড়াইলা বলী সে রৌরবে।' *মাইকেল*, ১৮৬১। ৩ *বি* (বাউল) মনের মানুষ। 'ভাব দিয়ে খোল ভাবের তালা দেখবি সেই অটলের খেলা।' *লালন*, ১৮৯০। ৪ *বিণ* স্থায়ী। 'কোনো কিশোরীর পার্শ্বসংলগ্ন হয়ে অটল প্রতিষ্ঠা লাভ করা।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৫ *বিণ* নাড়ানো যায় না এমন। 'পাশে একটা অটল পদার্থ একেবারে চাপিয়া বসিয়া আছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অটলচরণ [স] *বি* দৃঢ় পদক্ষেপ। 'যেন অটলচরণে ধীরগতিতে আগুনের মধ্যে দিয়া চলিয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯২।

অটলতা [স] ১ *বি* স্থিরতা। 'এই বিশিষ্ট আয়ের অটলতা ও বৃদ্ধি হইবার নিমিত্তে ...।' *ফরস্টার*, ১৭৯৭। ২ *বি* নিশ্চলতা। 'অটলতার গভীর গর্ব বাপের মনে জাগে।' *রবীন্দ্র*, ১৯১৮।

অটলনির্ভর [স] *বিণ* অত্যন্ত নির্ভরশীল। 'আশৈশব অটলনির্ভর বন্ধুত্ব।' *রবীন্দ্র*, ১৯০২।

অটলনিষ্ঠ [স] *বিণ* অবিচল নিষ্ঠাবান। 'আমার অটলনিষ্ঠ সতীপ্রেমের শুভ্র শতদলের উপর তোমার চরণ-দুখানি রাখো।' *রবীন্দ্র*, ১৯০২।

অটল মানুষ [স] *বি* (বাউল) মনের মানুষ। 'ওগো অটল মানুষ রসের মানুষ।' *লালন*, ১৮৯০।

অটলশক্তি [স] *বি* স্থিরশক্তি। 'যে অটলশক্তি ভয়ংকর সর্বনাশের মাঝখানে বসিয়া।' *রবীন্দ্র*, ১৯০৭।

অটুট [স অক্রটি] ১ *বিণ* অভগ্ন। 'এ আর্তস্বরের কাছে রহিবে অটুট চৌদিকের চিরনীরবতা।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বিণ* অনাহত। 'ইমান অটুট রাখারই চেষ্টা করছি।' *নজরুল*, ১৯২৭।

অটো [ই] *বি* গন্ধদ্রব্যবিশেষ। 'আমরা চাই না লেবেন্ডর চাই না অটো।' *বরুণী*, ১৯১০।

অটোক্রেসি, অটোক্রিসি [ই] *বি* স্বৈরতন্ত্র। 'ওদের রাষ্ট্র অটোক্রিসিই হোক ডেমক্রেসিই হোক, রাষ্ট্র।' *অন্নদা*, ১৯৩৭; 'অটোক্রেসি, বুরোক্রেসি, কমুনিজম।' *মুজতবা*, ১৯৪৯।

অটোগ্রাফ [ই] *বি* স্বহস্তলিপি; স্বাক্ষর। **অটোগ্রাফ-খাতা** [ই অটোগ্রাফ+ফা খাতা] *বি* যে খাতায় বা অ্যালবামে স্মরণীয় ব্যক্তিদের স্বাক্ষর সংগৃহীত হয়। 'ডেস্কেতে ... মাতা রেখেছেন অটোগ্রাফ-খাতা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অটোরিকশা [ই অটো+জা রিকশা] *বি* ইঞ্জিনচালিত তিন চাকার ছোটো যানবাহন। 'দামদস্তুর না করে রিকশা-অটোরিকশায় কখনো উঠতো না সে।' *মান্নান*, ১৯৬৮।

অট্ট [স] *বিণ* উচ্চস্বর বিশিষ্ট। 'এইমত গায় নাচে করে অট্টহাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অট্ট অট্ট *ক্রিবিণ* জোরে জোরে। 'ব্যাখ্যান শুনিয়া মহা অট্ট অট্ট হাস।' *বৃন্দা*, ১৫৮০।

অট্টকলহাস্য [স] *বি* উচ্চধ্বনিতে মধুর হাসি। 'কুমড়োখেতের মাচাগুলোকে অট্টকলহাস্যে ভাসিয়ে ... চলে যায়।' *রবীন্দ্র*, ১৯১৫।

অট্টগরজ [স অট্ট+স গর্জন>] *বি* প্রচণ্ড গর্জন। 'অট্টগরজে অম্বর ভরি রাজার রক্তে খেলেছিল হোরি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অট্টপহরী [স অষ্টপ্রহর>] *বি* সার্বক্ষণিক প্রহরা। 'আটপৌরে হল অট্টপহরী।' *তারা*, ১৯৪৬।

অট্টবিদ্রূপ [স অট্ট+স বিদ্রব] *বি* উচ্চকণ্ঠে ব্যঙ্গ। 'তোমার লীলাক্ষেত্র মুখরিত কর অট্টবিদ্রূপে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অট্টরব [স] *বি* উচ্চ শব্দ। 'উঠলো কেঁদে গুংগা বলে ভীষণ অট্টরবে।' *সুকুমার*, ১৯১৮।

অট্টরোল [স] *বি* উচ্চ কলরোল। 'রোষে ত্রাসে, ঊর্ধ্বশ্বাসে, অট্টরোলে, অট্টহাসে/ উন্মাদ গর্জনে ফাটিয়া ফুটিয়া ওঠে।' *রবীন্দ্র*,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৯০।

অট্টহাস [স অট্টহাস্য] ১ *বি* উচ্চস্বরের হাসি। 'এইমত গায় নাচে করে অট্টহাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* গর্জন। 'ওই বুঝি তোর বৈশাখী ঝড় আসে ... তোমার পথের সাথী বিপুল অট্টহাসে।' *রবীন্দ্র*, ১৯২২।

অট্টহাসি [স অট্টহাস্য] *বি* উচ্চস্বরে হাসি। 'অট্ট অট্ট হাসি গোসাঞি কহিতে লাগিলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অট্টহাসিনী [স অট্টহাস+] *বিণ স্ত্রী* অট্টহাসি করছে এমন। 'বিকট অট্টহাসিনী ...।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অট্টহাস্য [স] ১ *বি* খুব উচ্চ বা বিকট হাসি। 'অধর্ম্ম। (অট্টহাস্য করিয়া) ব্রাহ্মণ পণ্ডিত, কিছুই বোঝেন না।' *রামনারায়ণ*, ১৮৫৪। ২ *বি* নিষ্ঠুর পরিহাস। 'ভাগ্যের সেই অট্টহাস্য।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অট্টালক [স] *বি* প্রাসাদের উপরে স্থাপিত ঘর। 'নাগ ভজনের সর্ব্বরত্নময় প্রাকার ও তোরণ সন্নিহিত অট্টালকগুলি দৃশ্যমান হইল।' *ঈশান*, ১৯৫৮।

অট্টালিকা [স] ১ *বি* ভবন। 'পূজার অট্টালিকায় নিভৃতি স্থানে গতি করিলেন।' *রামরাম*, ১৮০১। ২ *বি* (বড়ো) দালান। *দর্পণ*, ১৮২৬; 'অতি বৃহৎ এক উচ্চ অট্টালিকা দূর হইতে এমত বোধ হইল।' *দর্পণ*, ১৮৩০।

অট্টালিকাময়ী [স] *বিণ স্ত্রী* বড়ো দালানপূর্ণ। 'কুটুম্বেরদিগের পৃথক ২ অট্টালিকাময়ী বাটী।' *রাজীব*, ১৮০৫।

অট্টালিকাশ্রেণী [স] *বি* প্রাসাদের সারি। 'মধ্যে মধ্যে ... গগনস্পর্শী চূড়াসম্বলিত মনোমুগ্ধকর অট্টালিকাশ্রেণী।' *অক্ষয়*, ১৮৪৯।

অট্টালী [স অট্টালিকা] *বি* অট্টালিকা। 'অট্টালী চড়িয়া দেখে স্বগণ সহিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অঠ [স অষ্ট, পা অট্ঠ] *বিণ* আট। 'এষা অঠ মহাসিদ্ধি সিঝঅ উজুবাট জাঅন্তে।' *চর্যা ১৫*, ১২০০।

অঠকুমারী [স অষ্টকুমারী] *বি* অষ্টকুমারী। 'তিশরণ পাবী কিঅ অঠকুমারী।' *চর্যা ১৩*, ১২০০।

অঠেল [স ঢের>] *বিণ* প্রচুর। *বিদ্যা*, ১৮৯১।

অডিট [ই] *বি* হিসাব নিরীক্ষা। 'অডিটের রিপোর্ট দেখতে চেয়েছিলেন।' *রোকেয়া*, ১৯৩১।

অডিটকৃত [ই অডিট+স কৃত] *বিণ* নিরীক্ষিত; পরীক্ষা করা হয়েছে এমন। 'সভায় পরিষদের বার্ষিক রিপোর্ট এবং অডিটকৃত হিসাব অনুমোদন করা হয়।' *বেগম*, ১৯৬৩।

অডিটোরিয়াম [ই] *বি* মিলনায়তন। 'অডিটোরিয়ামে একটি সভার আয়োজন করা হয়।' *বেগম*, ১৯৬০।

অডিয়েন্স [ই] *বি* শ্রোতৃবর্গ। 'পশ্চিম মহাদেশে তাদের বলে অডিয়েন্স।' *রবীন্দ্র*, ১৯২৯।

অডিশন [ই] *বি* কণ্ঠস্বর পরীক্ষণ। 'অডিশন নেওয়ার মত দায়িত্বশীল কাজের ভারও মেয়েরা নিয়েছে।' *বেগম*, ১৯৪৯।

অড় [হি ওহার] *বি* খোল; আবরণ। 'বালিশের অড় সেলাই করিতেছিলেন।' *শরৎ*, ১৯১২।

অড়র [স আঢ়কী] *বি* অড়হর; এক ধরনের ডাল। 'অড়রের ডেলে তার তার যায় মেতে।' *গুপ্ত*, ১৮৫৮।

অড়হর [স আঢ়কী] *বি* ডালবিশেষ। 'অড়হর ডালি ১ মোন।' *দর্পণ*, ১৮২২।

অঢেল [অ+নেপালি ধের/হি ঢের] *বিণ* প্রচুর। 'লোককে দ্যাখান চাই যে, বাবুর রূপো সোনার জিনিষ অঢেল।' *হুতোম*, ১৮৬১; 'মসজিদে কাল শিরনি আছিল অঢেল গোস্ত-রুটি।' *নজরুল*, ১৯২৫।

অঢ় [স আঢ্য] *বি* অভিমান। 'ইন্দুমুখি অঢ় ন কর পিয়হৃদয়খেদহর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অঢ়কি [স আঢ়কী] *বি* অড়হর। 'অঢ়কির তরু চারু কিবা শোভা পায়।' *গুপ্ত*, ১৮৫৮।

অণ [স অন্য] *বিণ* অন্য। 'অণ চাহন্তে আণ বিণঠা।' *চর্যা ৪৪*, ১২০০।

অণহ [স অনাহত] *বিণ* অশ্রুত। 'তিণিএঁ পাটে লাগেলি রে অণহ কসণ ঘণ গাজই।' *চর্যা ১৬*, ১২০০।

অণহা [স অনাহত] *বিণ* অশ্রুত। 'অণহা দাণ্ডী বাকি কিঅত অবধূতী।' *চর্যা ১৭*, ১২০০।

অণিমা [স] ১ *বি* যে শক্তির সাহায্যে মানুষ সকলের অলক্ষ্যে সর্বত্র ভ্রমণ করতে পারে বলে মনে করা হয়। 'অণিমা করিয়া জার আছে অষ্ট সিদ্ধি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* অণুত্ব। *বিদ্যা*, ১৮৬৪। ৩ *বি* সূক্ষ্মতা। 'দিগন্তের যুগ্মগিরি শোথসান্দ্র পীবরতা পায় সূচ্যগ্র অণিমা টুটে।' *সুধীন্দ্র*, ১৯৩৭।

অণীয়সী [স] *বিণ* সূক্ষ্মতর। 'বিশ্বের অণীয়সী গতিশক্তির দিকে তাকাও, হেথায়ও বিরাট চলা-টানার একই ছন্দের লীলা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অণীয়ান [স] *বিণ* অণুর চেয়েও ক্ষুদ্র। 'অণু হতে অণীয়ান মহৎ হইতে মহীয়ান।' *রবীন্দ্র*, ১৯৩২।

অণু [স] ১ *বি* রেখা। 'ভুরু অণু কামধনু হেমতনু সাজে।' *রামপ্রসাদ*, ১৭৮০। ২ *বিণ* ক্ষুদ্র। 'ঐ সকল কিরণকে বিভক্ত করিয়া অণু করা যাইতে পারে ...।' *বিদ্যা*, ১৮৪৯। ৩ *বি* পদার্থের ক্ষুদ্রতম অংশ; মলিকিউল। 'অণু চতুর্দিকস্থ বায়ুতে ব্যাপ্ত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫২।

অণুকণা [স] *বি* পরমাণু; অ্যাটম। 'অক্সিজেন নাইট্রোজেন প্রভৃতি গ্যাসের কোটি কোটি অণুকণা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অণুতম [স] *বিণ* ক্ষুদ্রাতিক্ষুদ্র। 'এই প্রাণ অণুতম কালে কণাতম শিখা লয়ে অসীমের করে আকুতি।' *রবীন্দ্র*, ১৯৩২।

অণুপরমাণু [স] *বি* পদার্থের ক্ষুদ্রতম একক; মলিকিউল ও অ্যাটম; সূক্ষ্মাতিসূক্ষ্ম বস্তু। 'অসীম ব্রহ্মাণ্ডের অণু পরমাণুতে বস্তুস্বরূপের বিচিত্র লীলা বিরাজমান।' *অক্ষয়*, ১৮৫৪; 'বাহিরের জগতে সমস্ত অণুপরমাণুর ভিতরেই দেখিতেছি।' *রবীন্দ্র*, ১৯০৭।

অণুবিদারণ [স] *বি* পারমাণবিক বিস্ফোরণ। 'অণুবিদারণে শত সহস্র মানুষ হত।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অণুমাত্র [স] *বিণ* বিন্দুমাত্র। 'তাহার যথার্থতা বিষয়ে অণুমাত্র সংশয় নাই।' *বিদ্যা*, ১৮৪৭।

অণুসূর্য [স] *বি* সূর্যের আলোকরশ্মি। 'আনন্দতড়িৎ নৃত্যে অণুসূর্য মাতে।' *বিষ্ণু*, ১৯৪১।

অণুঅনা [স অনুপন্ন] *বিণ* অনুৎপন্ন। 'আইএ অণুঅনাএ জগরে ভাংতিএঁ সো পতিহাই।' *চর্যা ৪১*, ১২০০।

অণুঅর [স অনুত্তর] *বিণ* উত্তর নেই এমন। 'মাঝ নিরোহেঁ অণুঅর বোহী।' *চর্যা ৪৪*, ১২০০।

অণুদিণ [স অনুদিন] *ক্রিবিণ* প্রত্যহ। 'অণুদিণ সবরো কিংপি ন চেবই

AMARBOI.COM

মহাসুহৃৎ ভেলা।' *চর্যা ৫০*, ১২০০।

অণুবীক্ষণ [সং] *বি* খালি চোখে দেখা যায় না এমন সূক্ষ্ম পদার্থ দেখার যন্ত্রবিশেষ। 'অণুবীক্ষণ যন্ত্র দ্বারা দৃষ্টি করিলে কীটাণুদিগের আকৃতি যেরূপ দেখায়।' *অক্ষয়*, ১৮৪৭।

অণুবীক্ষণতাশক্তি [সং] *বি* সূক্ষ্ম বস্তু পর্যবেক্ষণের ক্ষমতা। 'এই অনুবীক্ষণতাশক্তি কল্পনায় যতই বাড়াইতে ইচ্ছা কর ততই বাড়িতে পারে।' *রবীন্দ্র*, ১৮৮৫।

অণুবীক্ষণদৃশ্য [সং] *বিণ* অণুবীক্ষণ যন্ত্রে দেখা যায় এমন। 'সুদূর নক্ষত্রের গঠন উপাদান হইতে আরম্ভ করিয়া অণুবীক্ষণদৃশ্য কীটাণুর জীবন ইতিহাস পর্য্যন্ত সমস্তই ইহার জ্ঞাতব্য।' *সবুজ*, ১৯১৭।

অণ্ড [স] ১ *বি* অণ্ডকোষ। 'ভুজঙ্গের ছাল আন্য নেউলের অণ্ড।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* ডিম। 'বোতলের মধ্যে অশুদ্ধ অণ্ড প্রবেশিত করিতে পারে।' *অক্ষয়*, ১৮৪৮।

অণ্ডকোষ [স] *বি* মুষ্ক। 'কোন পিশাচের বেটা অণ্ডকোষে খেলে ভেটা।' *মুকুন্দ*, ১৬০০।

অণ্ডগোলকসীমা [স] *বি* বেলুনাকৃতি ব্রহ্মাণ্ডের সীমানা। 'ব্রহ্মাণ্ডের অণ্ডগোলকসীমা ফেঁপে উঠতে উঠতে নক্ষত্রেরা ক্রমশই ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অণ্ডজ [স] *বিণ* ডিম থেকে জন্ম এমন। 'কোনও কোনও প্রাণী, পক্ষীর ন্যায় অণ্ড প্রসব করে; উহাদিগকে অণ্ডজ বলে।' *বিদ্যা*, ১৮৫১।

অণ্ডাকার [স] *বিণ* ডিমের আকৃতিবিশিষ্ট। 'অণ্ডাকার বহুতর চানকার মধ্যে পরিষ্কার ইষ্টকচূর্ণ পথ সুরচিত ছিল।' *বঙ্কিম*, ১৮৭৫।

অণ্ডর [ই আন্ডার] *বিণ* অধস্তন। 'তিনি ভারতবর্ষের অণ্ডর সেক্রেটারীকে জিজ্ঞাসা করেন।' *এডুকেশন*, ১৮৯০।

অণ্ডরটেকর [ই] *বি* মৃতের শেষকৃত্যের আয়োজন করা যাদের পেশা। 'গোঁসাইরা অণ্ডরটেকরের (মুদ্দফরাস) কাজও করে থাকেন।' *হুতোম*, ১৮৬১।

অত [স ইয়ৎ] ১ *বিণ* ওই পরিমাণ। 'তোর বাবু অত ন্যাকরায় কাজ কি।' *দীনবন্ধু*, ১৮৬৬। ২ *বি* বাড়াবাড়ি। 'আর অতয় কাজ নাই।' *গিরিশ*, ১৮৮৭। ৩ *বিণ* অধিক। *বিদ্যা*, ১৮৯১।

অতএ [স অতএব] *অব্য* অতএব। 'তুহুঁ জগতারণ দীন দয়াময় অতএ তোহরি বিশোয়াসা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অতএব [স] ১ *অব্য* সুতরাং। 'অতএব তোমারে ভাঙ্গিল মর্ম আমি।' *বৃন্দা*, ১৫৮০। ২ *ক্রিবিণ* এ কারণে। 'অতএব এ হুকুম।' *হ্যালহেড*, ১৭৭৩।

অতও *ক্রিবিণ* সেই থেকে। 'অতও সে মঝু মন জ্বলতহি অনুখন।' *গোবিন্দ*, ১৬০০।

অতখানি [অত+খানি] *বিণ* অতোটা। 'অতখানি বিদ্যা অমন বেশি পরিমাণে।' *শরৎ*, ১৯১৭।

অতশত [অত+স শত] ১ *বিণ* খুঁটিনাটি। 'অতশত কথা ভাববার দরকার দেখিনে।' *রবীন্দ্র*, ১৯০৯। ২ *বিণ* এতো বেশি কিছু। 'অত শত ভাবা তোমার কি সাজে।' *জসীম*, ১৯৩১।

অতঃপর [স] *ক্রিবিণ* তারপর। 'অতঃপরে কোণার পাশে পীলের কিস্তি মাত হল।' *রামপ্রসাদ*, ১৭৮০।

অতঙ্ক [স আতঙ্ক] *বি* ভয়; শঙ্কা। 'সঙ্গ হৈতে দ্রঢ়বন্ধ সংসার অতঙ্ক।' *মালাধর*, ১৫০০।

অতথ্য [স] *বিণ* মিথ্যা; অসত্য। *বিদ্যা*, ১৮৬৪।

অতথ্যবাদী [স] *বিণ* মিথ্যাবাদী। *বিদ্যা*, ১৮৬৪।

অতথ্যভাষী [স] *বিণ* মিথ্যাবাদী। *বিদ্যা*, ১৮৬৪।

অতদবির [অ+আ তদবির] *বি* তত্ত্বাবধানের অভাব। *বিদ্যা*, ১৮৯১।

অতনু [স] ১ *বি* (হিন্দুপুরাণ) প্রেমের দেহহীন দেবতা মদন। 'মোহি বরু অতনু অতনু কএ ছাড়থু।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* দেহহীন। 'ভুরু ভঙ্গী দেখি কাম হইল অতনু।' *আলাওল*, ১৬৮০।

অতনুরতি [স] *বি* আসঙ্গলিপ্সা; কামরতি। 'অতনুরতি বাঁধিনি আজো মোরা।' *বিষ্ণু*, ১৯৩৭।

অতন্দ্র [স] ১ *বিণ* চৈতন্যময়। 'অতন্দ্র মূর্ত্তির রূপ সাক্ষাতে ধর্ম্মএ।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বিণ* মনোযোগী। *বিদ্যা*, ১৮৬৪। ৩ *বিণ* নিদ্রাহীন। 'চন্দ্র অতন্দ্র নভে জাগিছে সুপ্ত ভবে।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৪ *বিণ* উজ্জ্বল। 'অতন্দ্র যুগল চন্দ্র।' *সত্যেন্দ্র*, ১৯১৬। ৫ *ক্রিবিণ* অনলসভাবে। 'সাম্রাজ্যেরি স্বর্গসিঁড়ি গড়ছ তখন অতন্দ্র।' *সত্যেন্দ্র*, ১৯১৬। ৬ *বিণ* সদাসচেতন। 'কর্ণধারদিগকে আজ সতর্ক ও অতন্দ্র দৃষ্টি লইয়া অগ্রসর হইতে হইবে।' *আজাদ*, ১৯৪৯।

অতন্দ্রতা [স] *বি* সতর্কতা। 'গভীর দেশপ্রেম ও দৃষ্টির অতন্দ্রতা সম্বন্ধে ভুল করিলেও চলিবে না।' *আজাদ*, ১৯৫৭।

অতন্দ্রনয়ন [স] *বি* নিদ্রাহীন চোখ। 'তাহার মাতা ... অতন্দ্রনয়নে তাহার পানে চাহিয়া আছেন।' *নজরুল*, ১৯৩১।

অতন্দ্রিত [স] ১ *বিণ* তন্দ্রালু নয় এমন। *বিদ্যা*, ১৮৬৪। ২ *বিণ* সচল। 'শক্তিরূপ হেরো তাঁর, আনন্দিত, অতন্দ্রিত, ভূর্লোকে ভুবর্লোকে।' *রবীন্দ্র*, ১৯০৪। ৩ *বিণ* নিদ্রাহীন। 'বুঝিবে কি, হে সুমিতা, অতন্দ্রিত সে অমানিশীথে ...।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অতন্দ্রিতা [স] *বিণ* স্ত্রী নিদ্রাশূন্য। 'নিশি অতন্দ্রিতা।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

অতপ্ত [স] *বিণ* রোদে শুকানো; আতপ। 'অতপ্ত তণ্ডুল ফুল চিনি চাপাকলা।' *মালাধর*, ১৫০০।

অতয়ে [স অতএব] *অব্য* অতএব। 'বিদ্যাপতি কহ অতয়ে সে দুঃখ বহু।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অতরুণ [স] *বিণ* তারুণ্যহীন। 'কী করুণ, আহা, অতরুণ তনু সাজানো!' *বুদ্ধ*, ১৯৪৩।

অতর্কনীয় [স] *বিণ* তর্কাতীত। 'অতর্কনীয় আত্মা তত্ত্বাদি বিষয়ের সবিশেষ মীমাংসা আছে।' *বিদ্যা*, ১৮৫১।

অতর্কিত [স] *বিণ* অপ্রত্যাশিত। 'অতর্কিত কারণে তোমার ভয় উপস্থিত হইবেক।' *বিদ্যা*, ১৮৫১।

অতর্কিতচর [স] *বিণ* ঘটতে পারে বলে কেউ ভাবেনি এমন। *বিদ্যা*, ১৮৬৪।

অতর্কিতভাবে [স] ১ *ক্রিবিণ* হঠাৎ। 'প্রাণীকে অতর্কিতভাবে বলপূর্ব্বক ধৃত ও ঊর্দ্ধে সবেগে উত্থাপিত করিয়া ...।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *ক্রিবিণ* অপ্রত্যাশিতভাবে। 'পোষ্যপুত্রের মন অতর্কিতভাবে হরণ করিয়া লইতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অতর্কিতা [স] *বি* অপ্রত্যাশিত পরিস্থিতি। 'যুগপৎ দুই চুরির অতর্কিততায় আড়ষ্ট হইয়া ...।' *বিভূতি*, ১৯২৯।

অতর্ক্য [স] *বিণ* প্রশ্নাতীত। 'তোমার হয়নি ভুল। অতর্ক্য তোমার অধিকার।' *বুদ্ধ*, ১৯৭১।

AMARBOI.COM

অতর্পণীয় [স] *বিণ* তর্পণ করতে অনিচ্ছুক। 'অতর্পণীয় ধনলোভ ও শূন্যগর্ভ অভিমান।' *অক্ষয়*, ১৮৫২।

অতল [স] **১** *বি* পাতাল। 'অতল বিতল সপ্ত রসাতল।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বিণ* গভীর। 'অতল সিন্ধু ও অগ্নিময় মরুভূমির উপর যাতায়াত।' *অক্ষয়*, ১৮৪৮। **৩** *বিণ* অথই; তলহীন। 'শৈলরাজসুত মৈনাক পশিলা অতলজলধিতলে।' *মাইকেল*, ১৮৬০। **৪** *বিণ* অনধিগম্য। 'অতল রহস্য যেন চাহে বলিবারে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৫** *বি* গভীরতা। 'সরোবরের অতলের মতো।' *আহসান*, ১৯৬২।

অতলতা [স] *বি* গভীরতা। 'সেই স্বচ্ছ অতলতা দেখেছি তোমার মাঝে।' *রবীন্দ্র*, ১৮৯২।

অতলান্ত [স অতলান্ত] *বিণ* গভীর; তল নেই এমন। 'অতলান্ত সিন্ধু।' *হেম*, ১৮৭০।

অতলসঞ্চারী [স] *বিণ* গভীরে বিচরণ করে এমন। 'দেখছিলেন অতলসঞ্চারী অজানা মাছ কখন পড়ে তাঁর বড়শিতে গাঁথা।' *রবীন্দ্র*, ১৯৪০।

অতল-সমাহিত [স] *বিণ* অন্তর্গূঢ়; অতলে সমাহিত। 'অতল-সমাহিত অতিমানস চেতনা।' *বিভূতি*, ১৯৩৮।

অতলস্পর্শ [স] **১** *বিণ* তলা স্পর্শ করা যায় না এমন। 'এই অতলস্পর্শ সমুদ্রে এমত কোন ভূমি বা প্রস্তরশৃঙ্গও ছিল না।' *অক্ষয়*, ১৮৪৭। **২** *বিণ* অত্যন্ত গভীর। 'জগতের যত-কিছু অতলস্পর্শ বিষয় আছে দেখতে দেখতে তার মধ্যে তলিয়ে অন্তর্ধান করি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অতলস্পর্শী [স] *বিণ* তলা স্পর্শ করা যায় না এমন। 'ঐ অতলস্পর্শী অন্ধকারসাগরে ডুবাইলেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

অতলা [স অতল] *বিণ* স্ত্রী তল নেই এমন। 'দুলিয়ে দিল জনম-ভরা ব্যথা-অতলা।' *রবীন্দ্র*, ১৯১৪।

অতলান্ত [স অতল-অন্ত] **১** *বি* আটলান্টিক মহাসাগর। 'একদা নূতন বর্ষ অতলান্ত সমুদ্রের বুকে মোরে এনেছিল বহি।' *রবীন্দ্র*, ১৯৪০। **২** *বিণ* গভীর। 'আকন্যাকুমারীহিমাচল কপালে জ্যোৎস্নার পঙ্ক মেখে জেগে ওঠে অতলান্ত অন্ধকার সমুদ্রের থেকে।' *নীরেন*, ১৯৫৪। **৩** *বিণ* নিমজ্জিত। 'বর্ষার বন্যায় তুমি অতলান্ত।' *আহসান*, ১৯৬২।

অতলান্তিক [স অতল-অন্ত>] *বিণ* তল নেই এমন। 'দেখ গম্ভীরতায় নয় অতলান্তিক।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অতসী [স] *বি* তিসি। 'অতসীকুসুম তনু।' *মুকুন্দ*, ১৬০০।

অতসীকুসুম [স] *বি* তিসিফুল। 'অতসীকুসুম তনু।' *মুকুন্দ*, ১৬০০।

অতসীকুসুমবৎ [স] *বিণ* অতসী ফুলের মতো। 'শেষে অতসীকুসুমবৎ বর্ণ।' *বঙ্কিম*, ১৮৭৫।

অতাপ [স] *বি* যন্ত্রণা। 'অতাপে তাপিনী অতি বিকলিত তনু।' *বাহরাম*, ১৬৫০।

অতাপিনী [স] *বিণ* ব্যথিত। 'কেউ কান্দে অতাপিনী।' *বাহরাম*, ১৬৫০।

অতায়ব [স অতএব] *অব্য* অতএব। 'ছাড়িয়া গিয়াছ অতায়ব লিখি তোমরা ...।' *হ্যালহেড*, ১৭৭২।

অতি [স] **১** *বিণ* অত্যন্ত। 'অতি মহাবল সেসি তোহ্মার যম।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* উৎকৃষ্ট। 'সে অতি নাগর তোঁঞে তসু তুল।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *বিণ* একত্র। 'জীবাত্মা পরমাত্মা দুই দুই অতি।' *সুলতান*, ১৭০০। **৪** *বি* আতিশয্য। 'এই অতির দেশই সকল সাহিত্যিকের স্বদেশ।' *প্রমথ*, ১৯২০।

অতি আধুনিক [স] *বিণ* অতি সাম্প্রতিক। 'অতি আধুনিক নাম পেতে হবে ওকে।' *শিবরাম*, ১৯৪০।

অতিআয়তন [স অতি-আয়তন] *বিণ* বিশাল। 'এই অতিআয়তন স্থানের মধ্যে ... অন্য কোন উপায় নাই।' *দর্পণ*, ১৮৩৫।

অতিআশ্চর্য্য [স অতি-আশ্চর্য] *বিণ* অত্যন্ত বিস্ময়কর। 'বিশেষতঃ সূতাকাটন অতিআশ্চর্য্য অঙ্গুলির দ্বারা ...। *দর্পণ*, ১৮৩১।

অতি-আহার [স] *বি* অতিভোজন। 'অতি-আহার থেকে যার উৎপত্তি।' *তারা*, ১৯৪৩।

অতিকদক্ষর [স] *বি* অত্যন্ত কদাকার হাতের লেখা। 'সে সকল অতিকদক্ষর।' *দর্পণ*, ১৮৩৩।

অতিকরণ [স] *বি* বাড়াবাড়ি। 'অনুকরণ প্রায় অতিকরণে পৌঁছায়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অতিকর্তব্য, অতিকর্ত্তব্য [স] *বি* অবশ্যকরণীয় কাজ। 'আমাদের অতিকর্ত্তব্য যে এতদ্দেশের সাধারণ উন্নতির।' *দর্পণ*, ১৮৩৫।

অতিকায় [স] *বিণ* বিশাল দেহী। 'অতিকায় আদি শত সুতে।' *মুকুন্দ*, ১৬০০।

অতিকাল [স] *বি* বহু বিলম্ব। 'অতিকাল দেখি মিশ্র কিছু না কহিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অতিকুৎসিত [স] *বিণ* অত্যন্ত কদর্য। 'খ্রীস্টান সম্প্রদায়ের লড়াই ... অতিকুৎসিত অতিবর্বর ভাবেই ঘটত।' *রবীন্দ্র*, ১৯৩১।

অতিকৃত [স] *বিণ* অতিরঞ্জিত। 'মানুষকেই আসক্তির দ্বারা ঘিরে নিবিড় স্বাতন্ত্র্যে অতিকৃত করে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অতিকৃতি [স] *বি* অতিরিক্ত সাজ। 'বেশভূষার অতিকৃতি নিয়ে গর্ব করে জানায়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অতিকৃচ্ছি [স] *বিণ* অতিবিরল। 'অতিকৃচ্ছি প্রণয় এসে ... হিঁচড়ে টানছে।' *জীবন*, ১৯৪৮।

অতিক্লেশ [স] *বি* অত্যন্ত কষ্ট। 'অতিক্লেশে মাসিক বেতন দিতে স্বীকার করিয়া ...।' *চন্দ্রিকা*, ১৮৩০।

অতিক্ষণিক [স] *বিণ* স্বল্পকালস্থায়ী। 'অতিক্ষণিক জন্মগৃহবাসের স্নেহময় স্মৃতিচিহ্ন।' *রবীন্দ্র*, ১৮৯১।

অতিক্ষীণ [স] **১** *বিণ* অতি সরু। 'তহি শোভে শুভ্র যজ্ঞসূত্র অতিক্ষীণ।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* খুব সামান্য। 'বায়ু অতিক্ষীণ।' *বঙ্কিম*, ১৮৭৫।

অতিক্ষুদ্র [স] *বিণ* খুব সামান্য। 'গবর্ণমেণ্টে অতিক্ষুদ্র কার্য্যের ভার লইয়া ...।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩০।

অতিখ্যাত্যাপন্ন [স] *বিণ* অত্যন্ত খ্যাতিসম্পন্ন। 'অতিখ্যাত্যাপন্ন বিদ্বান এবং প্রায় আরম্ভাবধি শিক্ষকরূপে নিযুক্ত।' *প্রভাকর*, ১৮৩১।

অতিগূঢ় [স] *বিণ* অতিশয় গোপনীয়; অতি রহস্যময়। 'অতিগূঢ় হেতু সেহো ত্রিবিধ প্রকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অতিগোপন [স] *বিণ* অত্যন্ত গোপনীয়। 'আমাদের মহাপ্রাণী তাঁহার অতিগোপন নির্মাণশালায় বসিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অতিচেনা [স অতি+চেনা] *বিণ* খুব পরিচিত। 'অতিচেনা কণ্ঠস্বর।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

অতিচৈতন্য [স] *বিণ* চেতনার অতীত। 'মানুষের যে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অতিচৈতন্যলোকে অভাবনীয়ের লীলা চলিতেছে ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

অতিজগৎ [স] *বি* জগতের ঊর্ধ্বে আর-এক জগৎ। 'সে সৌন্দর্য অতিজগতের আলো।' *প্রমথ*, ১৯১৬।

অতিজনন [স] *বি* মাত্রাতিরিক্ত জন্মদান। 'অতিজননের যে দোষ তা যদি স্থায়ী হয়।' *অন্নদা*, ১৯৪০।

অতিজীবিত [স] *বিণ* দীর্ঘকালস্থায়ী। 'মধ্যযুগের অতিজীবিত সমাজব্যবস্থা।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অতিতৎপরা [স] *বিণ* স্ত্রী অতি মাত্রায় তৎপর। 'শাস্ত্র ও দর্শন বিদ্যাতে অতিতৎপরা হইয়া অতিসুখ্যাতি প্রাপ্তা হইয়াছেন।' *দর্পণ*, ১৮২২।

অতিতর [স] *বিণ* অত্যন্ত প্রবল। 'দুহে প্রেম অতিতর।' *ভারত*, ১৭৬০।

অতিতীব্র [স] *বিণ* অত্যন্ত প্রবল। 'সৌন্দর্যের একটি অতিদুর্লভ উৎকর্ষের প্রতি একটি অতিতীব্র ঔৎসুক্য।' *রবীন্দ্র*, ১৯০৭।

অতি দর্পে হত লঙ্কা – অত্যধিক অহঙ্কারে পতন। 'অতি দর্পে হত লঙ্কা।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অতিদীর্ঘতা [স] *বি* বেশি দৈর্ঘ্য। 'রাতের নিঃশব্দতা ও অতিদীর্ঘতা।' *জীবন*, ১৯৪৮।

অতিদুঃসাধনীয় [স] *বিণ* অতীব দুঃসাধ্য। 'তবে ঈদৃশ ধর্ম্ম অতিদুঃসাধনীয়।' *বঙ্কিম*, ১৮৮৭।

অতিদুর্লভ [স] *বিণ* লাভ করা অত্যন্ত কঠিন এমন। 'সৌন্দর্যের একটি অতিদুর্লভ উৎকর্ষের প্রতি একটি অতিতীব্র ঔৎসুক্য।' *রবীন্দ্র*, ১৯০৭।

অতিদুষ্প্রাপ্য [স] *বিণ* অত্যন্ত দুর্লভ। 'তাহার পত্তনের কারণ অতিশয় বিষয় অতিদুষ্প্রাপ্য।' *দর্পণ*, ১৮৩১।

অতিদূর [স] *বিণ* অনেক দূরে অবস্থিত। 'অতিদূর অশ্বত্থের ছায়ে ...।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অতিদূরদর্শিতা [স] *বি* অতিমাত্রায় ভবিষ্যৎ বিবেচনা। 'আপনার অতিদূরদর্শিতার দ্বারা রাহাদারি মাসুল ...।' *দর্পণ*, ১৮৩২।

অতিদূরবর্তিনী [স] *বিণ* স্ত্রী অনেক দূরে অবস্থিত। 'রাজসভা অতিদূরবর্তিনী নয়।' *মাইকেল*, ১৮৫৯।

অতিদৈব [স] *বিণ* অলৌকিক। 'অতিদৈব বিবর্তনে মনুষ্যই যেহেতু অতুল।' *সুধীন্দ্র*, ১৯৪০।

অতিধনী [স] *বিণ* অত্যধিক ধনসম্পত্তির অধিকারী। 'এই অতিধনী বৈশ্য শ্রেণীটি যে ইউরোপের সমাজ ও রাষ্ট্রে প্রতিপত্তিশালী হবে এতে আশ্চর্য্যের কিছুই নেই।' *সবুজ*, ১৯২০।

অতিধার্মিক, অতিধার্ম্মিক [স] *বিণ* অতিশয় ধর্মপরায়ণ। 'ইঁহারা অতিধার্ম্মিক ও পুণ্যশীল।' *দর্পণ*, ১৮৩৭।

অতিনিখুঁত [স অতি>] *বিণ* অতিশয় খুঁতমুক্ত। 'যাহা অতিসৌষম্যে অতিললিত অতিনিখুঁত নয়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অতিনিন্দা [স] *বি* অতিরিক্ত অপবাদ। 'অতিনিন্দা ও অতিপ্রশংসা উভয়ই সমান জঘন্য।' *প্রমথ*, ১৯১২।

অতিনিপুণ [স] *বিণ* খুব দক্ষ। 'ব্যবস্থাভিজ্ঞ অতিনিপুণ কোন উকীল নিযুক্ত হইতেন।' *দর্পণ*, ১৮৩৮।

অতিনিপুণা [স] *বিণ* স্ত্রী অতিশয় দক্ষ। 'তাঁহারা সেই ভাষায় অতিনিপুণা হইতেন।' *দর্পণ*, ১৮২৯।

অতিনিষ্কলঙ্ক [স] *বিণ* ত্রুটিমুক্ত। 'একটি অতিনিষ্কলঙ্ক হিসাব প্রস্তুত করিয়া দেওয়া যায়।' *রবীন্দ্র*, ১৯০৮।

অতিনীল [স] *বি* বর্ণালির মধ্যে বেগুনি ও নীলের মধ্যকার রং; ইন্ডিগো; গাঢ়নীল। 'পরে পরে রঙ বিছানো হয়; বেগনি, অতিনীল, নীল, সবুজ ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অতিনীলিম [স] *বিণ* বর্ণালির মধ্যে বেগুনি ও নীলের মধ্যকার রং। 'দেহের সেই মধ্যবিভাগে আজকাল অতিনীলিম রশ্মিপাত করে থাকি।' *রবীন্দ্র*, ১৮৮৫।

অতিনূতন [স] *বিণ* অত্যাধুনিক। 'যে মত অতিপুরাতন এবং সেইসঙ্গে অতিনূতন সে মত ...।' *প্রমথ*, ১৯২৭।

অতিনেশনত্ব [স অতি+ই নেশন+স ত্ব] *বি* উগ্র জাতীয়তা। 'নেশনের মূলপ্রবাহকে অতিনেশনত্বের দিকে, বিশ্বনেশনত্বের দিকে যাইতে না দিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অতিপটু [স] *বিণ* অত্যন্ত দক্ষ। 'তাহারা ... বীজগণিত ও লিখন পারিপাটা বিদ্যাতে অতিপটু।' *দর্পণ*, ১৮৩৭।

অতিপরমাণু [স] *বি* পরমাণু গঠনকারী সূক্ষ্মতর কণা; ইলেক্ট্রন, প্রোটন ও পজিট্রন। 'যাকে পরমাণু বলা হয়েছে তাকেও ভাঙতে ভাঙতে ভিতরে পাওয়া গেল অতিপরমাণু।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অতিপরিচয় [স] *বি* ঘনিষ্ঠভাবে জানাশোনা। 'ইউরোপীয়দের প্রতি তোদের অপরিচয়ের ভীতি বা অতিপরিচয়ের অবজ্ঞা নেই।' *অন্নদা*, ১৯২৯।

অতিপরিচিত [স] *বি* খুব চেনা বিষয় বা বস্তু। 'সাহিত্যের আলোকে আমরা অতিপরিচিতকে নূতন করিয়া দেখিতে পাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

অতিপরিপক্ব [স] *বিণ* অতিশয় পাকা। 'অনতিপক্ব সতেরোর অপেক্ষা অতিপরিপক্ব চোদ্দর মতো দেখাইত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অতিপরিশ্রমপূর্বক [স] *ক্রিবিণ* অত্যন্ত পরিশ্রম ক'রে। 'তিনি অনেক অতিপরিশ্রমপূর্বক পারস্য ভাষা অধ্যয়ন করেন।' *প্রমথ*, ১৯২৮।

অতিপরোপকারক [স] *বিণ* অত্যন্ত পরোপকারী। 'অতিপরোপকারক বিজ্ঞান সেবধিনামক এক গ্রন্থ ...।' *দর্পণ*, ১৮৩২।

অতিপাতকী [স] *বি* মহাপাপী। 'মধ্যখণ্ডে দুই অতিপাতকী মোচন।' *বৃন্দা*, ১৫৮০।

অতিপাপ [স] *বি* গুরুতর পাপ। 'পশুগণ বধ হেতু আছিলা তোমার অতিপাপ।' *মুকুন্দ*, ১৬০০।

অতিপারগ [স] *বিণ* অত্যন্ত পারদর্শী। 'তাহারা অতিপারগ।' *দর্পণ*, ১৮২১।

অতিপিনদ্ধ [স] *বিণ* অত্যন্ত আঁটসাঁট। 'বক্ষে অতিপিনদ্ধ জরির ফুলকাটা কাঁচুলি আবদ্ধ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অতিপুরাতন [স] *বিণ* অনেক দিনের। 'যে মত অতিপুরাতন এবং সেইসঙ্গে অতিনূতন সে মত ...।' *প্রমথ*, ১৯২৭।

অতিপুষ্টি [স] *বি* অতিশয় বৃদ্ধি। 'এক অঙ্গের অতিপুষ্টি এবং অন্য অঙ্গের অতিশীর্ণতায় রোগের সৃষ্টি হয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

অতিপূর্বে [স] *ক্রিবিণ* অনেক আগে। 'ভারতবর্ষে অতিপূর্বেই ইন্দ্রদেব ... অর্চিত হইয়া আসিয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

অতিপোষকতা [স] *বি* অতিরিক্ত সহায়তা। 'যে সাধারণ নূতন পুস্তকালয় স্থাপন করিতে স্থির হইয়াছে তদ্বিষয়ক ব্যাপারের

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অতিপোষকতা হইতেছে।' *দর্পণ*, ১৮৩৫।

অতিপ্রকৃত [স] *বিণ* অলৌকিক। 'অপ্রকৃত অতিপ্রকৃত এবং লৌকিক জ্ঞানবিরুদ্ধ বর্ণনা।' *প্রমথ*, ১৯১৩।

অতিপ্রজন [স] *বি* জনসংখ্যার অতিরিক্ত বৃদ্ধি। 'এ দেশে নির্বিচার বিবাহের ফলে অতিপ্রজন ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

অতিপ্রত্যক্ষ [স] **১** *বিণ* অত্যন্ত স্পষ্ট। 'তাহা জয়দেবী লয়ের মতো অতিপ্রত্যক্ষ নহে।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বিণ* সহজেই দৃশ্যমান। 'অতিপ্রত্যক্ষ বলিয়াই আমরা যাহাদিগকে চাহিয়া দেখি না।' *রবীন্দ্র*, ১৯০৭।

অতিপ্রবৃদ্ধ [স] **১** *বিণ* অতিশয় বৃদ্ধ। 'অতিপ্রবৃদ্ধ যৌবনভাবে নয় ... নমস্কার-চর্চাবশত।' *প্রমথ*, ১৯০৫। **২** *বিণ* অতিপ্রাচীন। 'অতিপ্রবৃদ্ধ অজ্ঞতার গর্ভে যে সাহিত্য জন্মগ্রহণ করে তা সুকুমার সাহিত্য নয়।' *প্রমথ*, ১৯১৪।

অতিপ্রভূত [স] *বিণ* কুক্ষিগত। 'পৃথিবীতে যে দেশেই যে কোনো বিভাগেই ক্ষমতা অতিপ্রভূত হয়ে সঞ্চিত হয়ে ওঠে ...।' *রবীন্দ্র*, ১৯৪১।

অতিপ্রয়োজনীয় [স] *বিণ* অত্যাবশ্যক। 'অতিপ্রয়োজনীয় ব্যাপার-গুলির দিকে ... মনোযোগ আকর্ষণ করিতেছি।' *আজাদ*, ১৯৬৪।

অতিপ্রশংসা [স] *বি* যতোটা প্রশংসা প্রাপ্য, তার থেকে বেশি প্রশংসা। 'তাঁহারা অতিপ্রশংসা ও ধন্যবাদের যোগ্য হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৪।

অতিপ্রসঙ্গ [স] *বি* বাহুল্য; বিস্তার। *বিদ্যা*, ১৮৬৪।

অতিপ্রাকৃত [স] *বিণ* অলৌকিক। 'ভৃঙ্গকাত্র প্রয়োগ বর্ণনা অস্বাভাবিক, অতিপ্রাকৃত।' *বঙ্কিম*, ১৮৮৭।

অতিপ্রাকৃতিক [স] *বিণ* অতিলৌকিক। 'এই অতিপ্রাকৃতিক ঘটনার সুস্পষ্ট নিদর্শন।' *আনিস*, ১৯৬৪।

অতিপ্রাচুর্য [স] *বি* অতিশয় বাহুল্য। 'ইতরের মনস্তোষানো অতিপ্রাচুর্য ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

অতিপ্রাত [স] *বি* ঊষাকাল। 'তুমি অতিপ্রাতে প্রস্তুত হইয়া আমার নিকট আসিবা।' *রাজীব*, ১৮০৫।

অতিপ্রিয় [স] *বিণ* প্রীতিভাজন। 'শ্রীচৈতন্য-অতিপ্রিয় বুদ্ধিমন্ত খান/ আজন্ম আজ্ঞাকারী তেঁহো সেবক-প্রধান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অতিপ্রেম [স] *বি* মাত্রাতিরিক্ত প্রণয়। 'অতিপ্রেম সহে না বিধির।' *রবীন্দ্র*, ১৮৮৯।

অতিবড়ো, অতিবড় [স অতি>] **১** *বিণ* অত্যধিক। 'অতিবড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ।' *ভারত*, ১৭৬০। **২** *ক্রিবিণ* খুব বেশি মাত্রায়। 'তাহাতেই অতিবড় ভাবিত আছি।' *ওসাঁ*, ১৭৮২। **৩** *বিণ* খুব। 'তোমার রাজা অতিবিজ্ঞ এবং নানা শাস্ত্রে পণ্ডিত ও অতিবড় বুদ্ধিমান।' *রাজীব*, ১৮০৫। **৪** *বিণ* বিখ্যাত। 'অতিবড়ো বিলাতি-বিদ্যাভিমানীও ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অতিবদ্ধমূল [স] *বিণ* অনড়। 'খৃষ্টীয় যুগে সুদ লওয়ার বিরুদ্ধে অতিবদ্ধমূল আপত্তি ছিল।' *রবীন্দ্র*, ১৯১৭।

অতিবর্তন [স] *বি* অতিক্রম। 'গিরিদেশে অতিবর্তন করিয়া বহুল সমৃদ্ধ নগর ও জনপদের মধ্যে দিয়া সাগরোদ্দেশ প্রবাহিত হইতেছে।' *জগদীশ*, ১৮৯৫।

অতিবর্বর [স] *বিণ* অত্যন্ত অমানুষিক। 'খ্রীস্টান সম্প্রদায়ের লড়াই ... অতিকুৎসিত অতিবর্বর ভাবেই ঘটত।' *রবীন্দ্র*, ১৯৩১।

অতিবস্ত্র [স] *বি* পরাবস্ত্র। 'তোমার মুখে ডর করেছিল দুরূহ দৈববাণী? ভূয়োদর্শনে ঢাকি অতিবস্ত্রকে, তাই আমাদের অনুভবে শুধু হানি?' *সুধীন্দ্র*, ১৯৪৫।

অতিবাঞ্ছনীয় [স] *বিণ* অত্যন্ত কাম্য। 'এ বিষয় অতিবাঞ্ছনীয়।' *দর্পণ*, ১৮২০।

অতিবাদ [স] **১** *ক্রিবিণ* অতিশয়। 'বাছুর চারিটা অতিবাদ মহার্ঘ হইয়াছে।' *কেরি*, ১৮০২। **২** *বিণ* তীব্র। 'বেদনা এমন অতিবাদ হইল, যে বৈর সাধনে উন্মত্ততাতে বাগানের মধ্যে দৌড়িয়া গেল।' *তারিণী*, ১৮০৩। **৩** *বি* অতিকথন। 'অতিবাদ আজ বসন্তে বিশ্বখাতায়।' *রবীন্দ্র*, ১৯০০।

অতিবাদী [স] *বি* অপ্রিয় বা রূঢ় কথা বলে এমন ব্যক্তি। 'লোকে যদি তোমাকে অতিবাদী বলে ...।' *প্রমথ*, ১৯২৭।

অতিবাধ্য [স] *বিণ* অত্যন্ত অনুগত। 'আমারদিগের অতিবাধ্য করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৬।

অতিবালিকা [স] *বি* অত্যন্ত কমবয়সী বালিকা। 'কাহার অতিবালিকা কাহার কাহারও চত্বারিংশৎ অতীত হইলে বিবাহ হইতেছে।' *তমোলুক*, ১৮৭৪।

অতিবাহন [স] *বি* যাপন। 'তাহাতে সমস্ত নিদাঘকাল অতিবাহন করিতেন।' *অক্ষয়*, ১৮৫৪।

অতিবাহিত [স] *বিণ* অতিক্রান্ত; গত। 'এইরূপে কতিপয় দিবস অতিবাহিত হইলে ... অভিপ্রায় প্রকাশ করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অতিবাহিত হওয়া *ক্রি* অতিক্রান্ত হওয়া। 'জীবন অতিবাহিত হয়।' *মানিক*, ১৯৩৬।

অতিবাহুল্যরূপে [স] *ক্রিবিণ* আড়ম্বরপূর্ণভাবে। 'মহাশয়ের বাটীতে দুর্গোৎসব অতিবাহুল্যরূপে হইয়াছিল।' *দর্পণ*, ১৮২২।

অতিবিজ্ঞ [স] *বিণ* খুব বিজ্ঞ; অতিশয় জ্ঞানী। 'তোমার রাজা অতিবিজ্ঞ এবং নানা শাস্ত্রে পণ্ডিত ও অতিবড় বুদ্ধিমান।' *রাজীব*, ১৮০৫।

অতিবিজ্ঞাপিত [স] *বিণ* অতিরিক্ত প্রচারিত। 'অতিবিজ্ঞাপিত জিনিসের প্রতি আমার শ্রদ্ধা অতি কম।' *প্রমথ*, ১৯১২।

অতিবিদ্ধ [স অতিবৃদ্ধ] *বিণ* অত্যন্ত বয়স্ক। 'অতিবিদ্ধ মুই দেখ হেন সাদ করে।' *মালাধর*, ১৫০০।

অতিবিনীত [স] *বিণ* অতিশয় বিনয়ী। 'অতিবিনীত সেলামের ক্ষমতা থাকিতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯০।

অতিবিবর্ণ [স] *বিণ* অত্যন্ত পুরানো। 'বিধবাবিবাহের নিষেধক বচনের অন্বেষণার্থ অতিবিবর্ণ, ... গ্রন্থ উদ্ঘাটন ও পর্যালোচনা করিতেছেন।' *অক্ষয়*, ১৮৫৫।

অতিবিবেচক [স] *বি* অতিরিক্ত সাবধানী ব্যক্তি। 'অতিবিবেচকদের ভীত পরামর্শে নিজেকে দুর্বল করিয়ো না।' *রবীন্দ্র*, ১৯০৫।

অতিবিরল [স] *বিণ* অত্যন্ত দুর্লভ; অত্যন্ত দুষ্প্রাপ্য। 'বিদ্বান ও বুদ্ধিমান লোক অতিবিরল।' *অমৃতবাজার*, ১৮৭৩।

অতিবিরলতা [স] *বি* অত্যন্ত সীমিত উপস্থিতি। 'আমাদের কালে যার অতিবিরলতার হেতু বিশ্লেষণ করেছেন হান্না আরনট, ডেভিড রীজম্যান প্রমুখ সমাজতাত্ত্বিক।' *শিব*, ১৯৫৬।

অতিবিরস [স] *বিণ* সামান্যমাত্র আগ্রহ নেই এমন। 'এ রসে অতিবিরস।' *ভবানী*, ১৮২৮।

AMARBOI.COM

অতিবিষ [স] *বি* অধিক বিষ। 'অতিবিষে নির্বিষ হইল মোর অঙ্গ।' *বাহরাম*, ১৬৫০।

অতিবিষম [স] *বিণ* মারাত্মক। 'ঈদৃশ অতিবিষম বিষম শর।' *বিদ্যা*, ১৮৫৬।

অতিবিস্তর [স] *বিণ* বিপুল সংখ্যক। 'রাজা রঘুরাম ভ্রমণ করিয়া ... দেখেন অতিবিস্তর লোক আসিয়াছে।' *রাজীব*, ১৮০৫।

অতিবিস্তৃত [স] *বিণ* অধিক প্রসারিত। 'ভারতবর্ষের অতিবিস্তৃত অতীতের মধ্যে ...।' *প্রমথ*, ১৯১৪।

অতিবিস্মরণীয় [স] *বিণ* আদৌ ভুলে যাওয়ার মতো নয়। 'উভয়েরই কারুকরী অতিবিস্মরণীয়।' *দর্পণ*, ১৮৩৭।

অতিবুদ্ধি [স] *বি* শঠতা। 'অতিবুদ্ধি হইতে হৃদয়কে সম্পূর্ণরূপে ক্ষালন করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

অতিবুদ্ধিবশত [স] *ক্রিবিণ* (ব্যঙ্গার্থে) মাত্রাতিরিক্ত বুদ্ধির কারণে। 'রাম অপরাধ করিলে মানুষ অতিবুদ্ধিবশত প্রায়ই শ্যামকে লইয়া টানাটানি করে।' *তারা*, ১৯৪২।

অতিবৃদ্ধ [স] *বিণ* অতি প্রাচীন। 'অতিবৃদ্ধ ঋগ্বেদ গ্রন্থে ... ব্রাহ্মণ ও ক্ষত্রিয় শব্দ দেখিতে পাওয়া যায়।' *অক্ষয়*, ১৮৪৮।

অতিবৃষ্টি [স] *বি* অত্যধিক বর্ষণ। 'অতিবৃষ্টি আছে, অনাবৃষ্টি আছে, অকালবৃষ্টি আছে।' *বঙ্কিম*, ১৮৭৯।

অতিবৃহৎ [স] *বিণ* অত্যন্ত বড়ো। 'এত অতিবৃহৎ আনুষ্ঠানিক বৈচিত্র্য আর কোথাও দেখিনি।' *রবীন্দ্র*, ১৯২৯।

অতিবেদনশীল [স] *বিণ* অত্যন্ত সংবেদনশীল। 'যাদের স্বভাব অতিবেদনশীল, আত্মীয়স্বজন বন্ধুবান্ধব সবাই তাদের বাঁচিয়ে চলে।' *রবীন্দ্র*, ১৯১৬।

অতিবেল [স] *বিণ* অসীম। 'পক্ষান্তরে অতিবেল কারা তথা স্বকল্পিত মেরু ব্যক্তির ধ্বংসাবশেষে।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অতিবৈতনিক [স] *বিণ* অতিরিক্ত বেতনভুক। 'তবুও জন্তুগুলো আনুপূর্ব – অতিবৈতনিক/ বস্তুত কাপড় পরে লজ্জাবশত।' *জীবন*, ১৯৪৮।

অতিব্যয় [স] *বি* অতিরিক্ত ব্যয়। 'কাল্পনিক ধর্মে শ্রদ্ধা ও অতিব্যয়-শীলতাদি নানা প্রকার অকর্ত্তব্য বিষয়ে প্রবৃত্তি হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

অতিব্যাঘাত [স] *বি* প্রচণ্ড বাধা। 'ঈশ্বরের একত্বের প্রতি অতিব্যাঘাত।' *দর্পণ*, ১৮২১।

অতিভক্ত [স] *বিণ* মাত্রাতিরিক্ত ভক্তি প্রদর্শনকারী। 'তোমার আদরের অতিভক্ত আন্ট্রা-কন্সার্ভেটিভ।' *রবীন্দ্র*, ১৯০৮।

অতিভক্তি [স] *বি* অতিরিক্ত ভক্তি। 'অনেকে পত্নীর প্রতি অতিভক্তি প্রদর্শন করেন।' *তমোলুক*, ১৮৭৪।

অতিভক্তি চোরের লক্ষণ – মাত্রাতিরিক্ত ভক্তি থেকে সন্দেহ সৃষ্টি। 'অতিভক্তি চোরের লক্ষণ।' *রবীন্দ্র*, ১৯০৮।

অতিভাষণ [স] *বি* অতিকথন। 'অতিভাষণের অপরিহার্যতা অনুমান করে ক্ষমা করাও আপনার পক্ষে কঠিন হবে না।' *রবীন্দ্র*, ১৮৮১।

অতিভাষা [স] *বি* অত্যুক্তি। 'সেই হাসির অতিভাষা মোর বাক্যে ধরা দেবে নাই সে প্রত্যাশা।' *রবীন্দ্র*, ১৯৪০।

অতিভাষিতা [স] *বি* বাচালতা। 'মেহমানদের অতিভাষিতায় তার নিজের কথা বলিবার দরকার হইতেছে না।' *মনসুর*, ১৯৫৫।

অতিভুল [স অতি+ভুল] *বিণ* অত্যন্ত বিভ্রান্ত। 'নেড়ীবালা অতিভুল, ঘসামাথা ফাঁকাচুল।' *ভবানী*, ১৮২৫।

অতিভূষণ [স] *বি* অতিরিক্ত সাজ-সজ্জা। 'নববধূ অতিভূষণে জর্জরিতা, আভূমি বিনতা।' *মুজতবা*, ১৯৬০।

অতিভোজন [স] *বি* অতিরিক্ত খাওয়া। 'অতিভোজন করিলে ও রিপুপরতন্ত্র হইলে, যোগাভ্যাসে মনঃসংযোগ হয় না।' *অক্ষয়*, ১৮৫০; 'স্মৃতিটা যেন অতিভোজনের পরের উচ্ছিষ্টের মতো।' *রবীন্দ্র*, ১৯২৯।

অতিমত্ত [স] *বিণ* অত্যন্ত আসক্ত। 'পুরুষের মন অতিমত্ত।' *দর্পণ*, ১৮৩৮।

অতিমন্দ [স] *বিণ* খুব খারাপ। 'এ অতিমন্দ কর্ম সাবধান।' *রাজীব*, ১৮০৫।

অতিমর্ত্য [স] *বিণ* অলৌকিক। 'অতিমর্ত্য পদার্থ ...।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অতিমস্তবড়ো [স অতি+স মস্ত+বড়ো] *বিণ* প্রকাণ্ড। 'অতিমস্তবড়ো গ্রহ বৃহস্পতি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অতিমাত্র [স] **১** *ক্রিবিণ* অত্যন্ত। 'নিকৃষ্টপ্রবৃত্তি সকল অতিমাত্র উত্তেজিত হইয়া দুশ্চরিত্র রূপ মহারোগ উৎপন্ন করে।' *অক্ষয়*, ১৮৫২। **২** *বিণ* প্রচণ্ড। 'আমার বন্ধুর অতিমাত্র ক্রোধ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অতিমাত্রায় [স] *ক্রিবিণ* অত্যন্ত বেশি পরিমাণে। 'অতিমাত্রায় হৈ চৈ ভোরস্ত করিয়াছেন।' *বুলবুল*, ১৯৩৩।

অতিমানব [স] *বি* মহামানব। 'অবশ্য বহু অতিমানব এসব যুগে জন্মেছিলেন।' *ওদুদ*, ১৯৪৮।

অতিমানবতা [স] *বি* অতিলৌকিকতা। 'অতিমানবতার সামান্য একটু ধারণাও।' *মোহাম্মদী*, ১৯৩২।

অতিমানবত্ব [স] *বি* মহামানবের খ্যাতি। 'অতিমানবরা যে যুগে অতিমানবত্ব হারালেন।' *ওদুদ*, ১৯৪৮।

অতিমানবিক [স] *বিণ* মানুষের পক্ষে অস্বাভাবিক এমন; অলৌকিক গুণবিশিষ্ট। 'তাকে অতিমানবিক বলব কী করে?' *রবীন্দ্র*, ১৯৩৩।

অতিমানস [স] *বিণ* অলৌকিক কল্পনাবিশিষ্ট। 'অতল-সমাহিত অতিমানস চেতনা।' *বিভূতি*, ১৯৩৮।

অতিমানুষ [স] **১** *বিণ* মহামানবিক। 'তাহা অনৈসর্গিক এবং অতিমানুষ উপন্যাসে এরূপ আচ্ছন্ন।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **২** *বি* অলৌকিক ক্ষমতাসম্পন্ন ব্যক্তি। 'যাহা অতিমানুষ, তাহারও বর্ণনায় প্রবৃত্ত হইয়াছেন।' *বঙ্কিম*, ১৮৮৭। **৩** *বি* বিশেষ গুণসম্পন্ন মানুষ। 'ছেলেকে শুধু মানুষ করে তুলতে চায় না, চায় অতি-মানুষ করতে।' *প্রমথ*, ১৯২৭।

অতিমানুষবাদ [স] *বি* মহামানবকে পূজা করা হয় এমন মতবাদ। '... গুরুপূজা ও অতিমানুষবাদের তীব্রতর প্রতিবাদ করিয়াছে।' *আকরম*, ১৯২৩।

অতিমানুষিক [স] *বিণ* অপার্থিব। 'অলৌকিক অতিমানুষিক হৃদয়-প্রমাদক আনন্দ আছে বটে।' *হরপ্রসাদ*, ১৮৭৮।

অতিমানুষী [স] *বিণ* অলৌকিক। 'অতিমানুষী শক্তি ও জ্ঞানসম্পন্ন পরাক্রান্ত জাতির প্রতিযোগিতার দরুণ ...।' *জগদীশ*, ১৯১৮।

অতিমান্য [স] *বিণ* অতিশয় সম্মানীয়। 'তাহা পণ্ডিতেরদের কর্তৃক অতিমান্য।' *দর্পণ*, ১৮৩২।

AMARBOI.COM

অতিমিতি [সি] *বি* অপরিমিতি। 'এরাও আপন অতিমিতির দ্বারাই মরছে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অতিমৃদুগামী [স] *বিণ* খুব ধীরে চলে এমন। 'অনতিদ্রুতগামী বাষ্পীয় রথ অতিমৃদুগামী বলিয়া তাঁহাদের ভ্রম জন্মে।' *অক্ষয়*, ১৮৫৪।

অতিরঞ্জন [স] **১** *বি* অতিশয়োক্তি। 'অতিরঞ্জনে আমাদের প্রবৃত্তি নাই।' *দীপিকা*, ১৮৮৭। **২** *বি* বাড়িয়ে বলা। 'দিনের পর দিন অতিরঞ্জন ও অপপ্রচার।' *আজাদ*, ১৯৪৭।

অতিরঞ্জিত [স] *বিণ* অতিরঞ্জন-কৃত; বাড়িয়ে বলা। 'আমাদের চিত্র অতিরঞ্জিত হইয়াছে।' *দীপিকা*, ১৮৮৭; 'যে-সকল সমূলক, অমূলক ও অতিরঞ্জিত বিবরণ পাঠ করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অতিরম্য [স] **১** *বিণ* খুব চাকচিক্যময়। 'অতিরম্য নগরেত কর অভিলাষ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *বিণ* মনোরম। 'ইতিমধ্যে এক স্থানে উপনীত হইয়া দেখেন অতিরম্য স্থান।' *রাজীব*, ১৮০৫।

অতিরিক্ততা দ্র **অতিরিক্ত**

অতিরুদ্ধ [স] *বিণ* অত্যন্ত বদ্ধ। 'কলগান জেগে ওঠে অতিরুদ্ধ হৃদয়েতে তার।' *আহসান*, ১৯৫০।

অতিলজ্জা [স] *বি* অস্বাভাবিক লজ্জা। 'অতিলজ্জা লজ্জাকে নষ্ট করে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অতিললিত [স] *বিণ* অত্যন্ত মনোহর। 'অসুন্দরের সংঘর্ষে ও সংযোগে যাহা কঠিন, যাহা অতিসৌষম্যে অতিললিত অতিনিখুঁত নয়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অতিলালন [স] *বি* অতিশয় যত্ন। 'স্ত্রীর অতিলালনের আওতায় স্বামীর মন হয়ে পড়েছে অসাবধান।' *রবীন্দ্র*, ১৯৩২।

অতিলোভী [স] *বিণ* অতিমাত্রায় লোভাতুর। 'ইহাদের অতিলোভী মন।' *নজরুল*, ১৯২৩।

অতিলৌকিক [স] *বিণ* অপ্রাকৃত। 'অতিলৌকিক ও পারলৌকিক জীবনের বশ্যতা অস্বীকার করে ... অসাধ্যকে সাধ্য করে তুলেছিলেন।' *সুনীল মুখো*, ১৯৭০।

অতিশঙ্কাতুর [স] *বিণ* অতিশয় ভীত। 'ইহা ভাবিয়া অতিশঙ্কাতুর হইলেন।' *অক্ষয়*, ১৮৪৯।

অতিশীঘ্র [স] *ক্রিবিণ* খুব তাড়াতাড়ি। 'দ্বারী অতিশীঘ্র গমন করিয়া দূতকে আত্মস্থানে বসাইয়া ...।' *রাজীব*, ১৮০৫।

অতি-শীতোষ্ণ [স] *বিণ* শীত এবং গরম উভয়ই বেশি এমন। 'রাজপুতানায় অতি-শীতোষ্ণ আবহাওয়া ও দস্যুভীতির জন্য ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

অতিশীর্ণতা [স] *বি* অতিশয় কৃশতা। 'এক অঙ্গের অতিপুষ্টি এবং অন্য অঙ্গের অতিশীর্ণতায় রোগের সৃষ্টি হয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

অতিশ্রুষণীয় [স] *বিণ* সুখশ্রাব্য। 'বিজ্ঞব্যক্তিরদের মধ্যে এই গ্রন্থ অতিশ্রুষণীয়।' *দর্পণ*, ১৮৩২।

অতিশ্রুষণীয়া [স] *বিণ* স্ত্রী সুখশ্রাব্য। 'অতিশ্রুষণীয়া হইল যে তাঁহারা অনায়াসে ইঙ্গরেজী কথার মূলসুদ্ধ ব্যাখ্যা করিতে ... পারিলেন।' *দর্পণ*, ১৮৩৬।

অতিসঙ্কট [স] *বিণ* বিপজ্জনক। 'যে পাঁচ ক্রোশ নৌকায় গমন করিতে হইত সেও অতিসঙ্কট।' *দর্পণ*, ১৮২০।

অতি-সতর্কতা [স] *বি* অতিরিক্ত সাবধানতা। 'আমি বরাবর অতি-সতর্কতার দরুন সন্দিহান।' *সুকান্ত*, ১৯৪৬।

অতিসভ্য [স] *বিণ* যান্ত্রিক (ব্যঙ্গার্থে)। 'গঙ্গার সৌন্দর্য উপেক্ষা করিয়া ছুটিয়া চলা কার্যতৎপর অতিসভ্য ঊনবিংশ শতাব্দীকেই শোভা পায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

অতিসমারোহ [স] *বি* অত্যধিক আড়ম্বর। 'সেখানে গিয়া অতি-সমারোহ পূর্ব্বক প্রস্তর স্থাপন করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৬।

অতিসমীচীন [স] *বিণ* অত্যন্ত যথাযথ। 'সমাজ এবং ইতিহাস সম্বন্ধে অতিসমীচীন উপদেশ।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অতিসয় [স অতিশয়] *বিণ* অতিরিক্ত। 'হংসিরে দেখিতে চিত্তে অতিসয় লোলা।' *মালাধর*, ১৫০০।

অতিসরল [স] *বিণ* সাদাসিধে। 'অতি সরল ও সদাশয় ছিলেন।' *রাজ*, ১৮৭৪।

অতিসরলীকৃত [স] *বিণ* সাধারণীকৃত। 'স্টোইক দর্শনের প্রতি এলিয়ট-এর প্রতিন্যাস আমার কাছে কিছুটা অতিসরলীকৃত ঠেকে।' *শিব*, ১৯৬০।

অতিসাবধানতা [স] *বি* অতিশয় সতর্কতা। 'উহা অতিসাবধানতা মাত্র।' *রবীন্দ্র*, ১৯০৮।

অতিসাহসপূর্বক, অতিসাহসপূর্ব্বক [স] *ক্রিবিণ* অত্যন্ত নির্ভয়ে। 'অতিসাহসপূর্ব্বক আমরা কহিতে পারি।' *দর্পণ*, ১৮৩৩।

অতিসাহসিক [স] *বিণ* অত্যন্ত সাহসী। 'অতিসাহসিক ও নৈপুণ্যরূপে ইনকোয়েরর-নামক এক সম্বাদ পত্র ...।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

অতিশীঘ্র [স অতি শীঘ্র] *ক্রিবিণ* অত্যন্ত দ্রুত। *ওসী*, ১৭৮২।

অতিসুকুমার [স] *বিণ* অতিশয় লাবণ্যময়। 'অতিসুকুমার শুভ্র হাত।' *রবীন্দ্র*, ১৯২৯।

অতিসুন্দর [স] *বিণ* উন্নত মানের। 'ঢাকায় অনুপম অতিসুন্দর তুলাসূত্রের যে বস্ত্র প্রস্তুত হইত।' *দর্পণ*, ১৮৩১।

অতিসুস্পষ্ট [স] *ক্রিবিণ* অত্যন্ত স্পষ্টভাবে। 'নাটক গ্রন্থে অতি সুস্পষ্ট লিখিত আছে।' *দর্পণ*, ১৮২২।

অতিসূক্ষ্ম [স] *বিণ* খুব মিহি। 'ঢাকা অঞ্চলে অতিসূক্ষ্ম বস্ত্র জন্মে।' *দর্পণ*, ১৮১৮।

অতিসৌষম্য [স] *বি* অতি লাবণ্য। 'অসুন্দরের সংঘর্ষে ও সংযোগে যাহা কঠিন, যাহা অতিসৌষম্যে অতিললিত অতিনিখুঁত নয়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অতিস্তুতি [স] *বি* অতিভক্তি। 'অতিস্তুতি হয় এই নিন্দার লক্ষণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অতিস্ফীতি [স] *বি* অতিরিক্ত সম্প্রসারণ। 'রোমান সাম্রাজ্য অতিস্ফীতির চাপে ক্রমে দুর্বল হয়ে পড়ে।' *শিব*, ১৯৫৬।

অতিস্ফুট [স] *বিণ* পুরোপুরি উচ্চারিত। 'তাহাদের সবগুলিকে অতিস্ফুট করিয়া তুলিলে মনের সৌকুমার্য নষ্ট হইয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অতিহীন [স] *বিণ* অত্যন্ত তুচ্ছ। 'অতিহীন জ্ঞানে করে লালন পালন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অতিক [স অতি] *বিণ* অত্যন্ত। *মানোএল*, ১৭৪৩।

অতিক্রম [স] **১** *বি* লঙ্ঘন। 'নিয়ম অতিক্রম, সীমা অতিক্রম।' *বিদ্যা*, ১৮৬৪। **২** *বি* ডিঙানো। 'প্রবল ধিক্কার তাহার দুঃখকে অতিক্রম করিয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯০২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অতিক্রমণীয় [স] *বিণ* অতিক্রম করতে পারা যায় এমন। *বিদ্যা*, ১৮৬৪।

অতিক্রমা [স অতিক্রম>] *ক্রি* অতিক্রম করা। 'অকূল, দুর্লঙ্ঘ্য সিন্ধু অতিক্রমি, বীরত্বের খনি ব্রিটনে পশিয়া।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অতিক্রমী [স] *বিণ* লঙ্ঘনকারী। 'এই শক্তিকে অতিক্রমী শক্তি নাম দেওয়া যাক।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অতিক্রান্ত [স] ১ *বিণ* গত। 'শুক্ল পক্ষ অতিক্রান্ত হইল।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* লঙ্ঘিত। 'নিয়ম অতিক্রান্ত হইল।' *বিদ্যা*, ১৮৬৪।

অতিত [স অতিথি] *বি* অতিথি। 'জাহার ঘরেতে অতিত করে উপবাস।' *মালাধর*, ১৫০০।

অতিতশালা [স অতিথিশালা] *বি* অতিথিশালা; সরাইখানা। *ওসাঁ*, ১৭৮৫।

অতিত-পতিত [স পতিত>] *বিণ* অনাবাদি। 'কতখানি তার অতিত-পতিত কতখানি সে জলাময়।' *লালন*, ১৮৯০।

অতিথ [স অতিথি] *বি* অতিথি। 'অতিথ আসিছে সাহা আমার আলয়।' *আলাওল*, ১৬৮০।

অতিথশালা [স অতিথিশালা] *বি* অতিথিদের থাকার জায়গা। 'অতিথ হয়, অতিথশালায় যাক না?' *বঙ্কিম*, ১৮৮২।

অতিথা [স আতিথ্য] *বি* অতিথির সেবা। 'তাহাদিগের প্রতি অতিথা না করিয়া আপনি ভোজন করিতেন না।' *প্যারী*, ১৮৬০।

অতিথি [স] ১ *বি* অভ্যাগত। 'আমি নীচ জাতি তুমি অতিথি সর্ব্বোত্তম।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* আগন্তুক। 'তোমা হেন অতিথি বা কোথায়ে পাইব।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* যোগী সম্প্রদায়ের একটি অংশ। 'তাহারদের মধ্যে কতক নাথ ও কতক অতিথি নামে প্রসিদ্ধ হইয়াছেন।' *দর্পণ*, ১৮২২।

অতিথিনী [স অতিথি>] *বি* স্ত্রী অভ্যাগত জন। 'নিত্য অতিথিনী তব দেবী বীণাপাণি।' *মাইকেল*, ১৮৭৩।

অতিথিপরায়ণ [স] *বিণ* আতিথেয়তা করতে ভালোবাসে এমন। 'খুব অতিথিপরায়ণ ওরা।' *আলাউদ্দিন*, ১৯৬০।

অতিথিপরায়ণতা [স] *বি* অতিথিসেবা। 'এদের অতিথিপরায়ণতা দেখে কবি ... বলেছেন।' *বেগম*, ১৯৬৩।

অতিথিপরিচর্যা [স] *বি* অতিথিসেবা। 'তাঁরই উপর আমাদের অতিথিপরিচর্যার ভার।' *রবীন্দ্র*, ১৯২৯।

অতিথিবৎসলা [স] *বিণ স্ত্রী* অতিথির সমাদর করতে ভালোবাসে এমন। 'অতিথিবৎসলা নদী কত স্নেহভরে শুশ্রূষা করিলে আজি।' *রবীন্দ্র*, ১৮৯৬।

অতিথিশালা [স] *বি* অতিথি থাকার ঘর। 'কলকাতায় একটা অতিথিশালা স্থাপন বিষয়ে ...।' *দর্পণ*, ১৮২৫।

অতিথিসৎকার [স] *বি* অতিথিকে আপ্যায়ন। 'অতিথিসৎকার করিয়া, তাহার কুলের পরিচয় লইলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অতিথিসৎকারক [স] *বিণ* অতিথির সেবা করে এমন। 'অতিথি-সৎকারক হয়েও সৎই থেকে গেল চিরদিন।' *অচিন্ত্য*, ১৯৫০।

অতিথিসমাগম [স] *বি* অতিথির আগমন। 'অপ্রত্যাশিত অতিথি-সমাগমের আকস্মিক দায় পড়ে স্ত্রীর উপর।' *রবীন্দ্র*, ১৯৩২।

অতিথিসেবা [স] *বি* আতিথেয়তা। 'ভিক্ষা মাগি খায় না করে অতিথিসেবা।' *ভারত*, ১৭৬০।

অতিদিষ্ট [স] ১ *বিণ* বাতিলকৃত। 'একদা যে বিধি কর্তৃপক্ষের আদিষ্ট ছিল, তাহা অতিদিষ্ট হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯১৬। ২ *বিণ* বর্জিত। 'বিধাতার বিধিকে একেবারে সমূলে অতিদিষ্ট করবার চেষ্টা।' *রবীন্দ্র*, ১৯৩১।

অতিদৈব [স] *বিণ* অলৌকিক। 'গরুড়ের এইরূপ অতিদৈব কর্ম দেখিয়া ...।' *বিদ্যা*, ১৮৫৬।

অতিন্দ্র [স অতীন্দ্রিয়] *বিণ* ইন্দ্রিয়ের অতীত। 'অতিন্দ্র মূর্তির রূপ সাক্ষাতে ধর্ম্মএ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অতিপাত [স] *বি* অতিক্রম; অতিবাহিত। *বিদ্যা*, ১৮৬৪; 'যে অল্পকাল সে পুষ্পমধু পানে অতিপাত করে।' *মাইকেল*, ১৮৭৩।

অতিবর্তন [স] *বি* অতিক্রম। *বিদ্যা*, ১৮৬৪; 'গিরিদেশে অতিবর্তন করিয়া বহুল সমৃদ্ধ নগর ও জনপদের মধ্যে দিয়া সাগরোদ্দেশ ...।' *জগদীশ*, ১৮৯৫।

অতিবর্তনীয় [স] *বিণ* অতিক্রমণীয়। *বিদ্যা*, ১৮৬৪।

অতিবর্তিত [স] *বিণ* অতিক্রান্ত; লঙ্ঘিত। *বিদ্যা*, ১৮৬৪।

অতিবর্তী [স] *বিণ* বাইরের। 'যাহা সংসারের অতিবর্তী তাহার সম্বন্ধে মানবমনের যে প্রশ্ন ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অতিবস্তু [স] *বি* পরাবস্তু। 'তোমার মুখে ডর করেছিল দুরূহ দৈববাণী? ভুয়োদর্শনে ঢাকি অতিবস্তুকে, তাই আমাদের অনুভবে শুধু হানি?' *সুধীন্দ্র*, ১৯৪৫।

অতিবাহন [স] *বি* যাপন; কাটানো। 'সময় অতিবাহন।' *বিদ্যা*, ১৮৬৪; 'তাহার প্রায় জীবনের অনেকাংশ বিধবাবৎ অতিবাহন করিতে হইত।' *এডুকেশন*, ১৮৭৩।

অতিবাহিত [স] *বিণ* কাটানো হয়েছে এমন; অতিক্রান্ত। 'তিনি ... কার্যে নিযুক্ত হইয়া কতিপয় বৎসর অতিবাহিত করিলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

অতিরিক্ত [স] ১ *বিণ* সামর্থ্যের বেশি। 'শক্তির অতিরিক্ত বোঝা তাহার উপর চাপাইত।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* অপ্রয়োজনীয়। 'ইহা সম্ভবতঃ অতিরিক্ত বর্ণনা।' *অক্ষয়*, ১৮৪৭। ৩ *বিণ* নির্ধারিত হারের অধিক। 'অতিরিক্ত কর স্থাপন করিয়া প্রজাদিগকে নিপীড়িত করিয়াছেন।' *ভারত সংস্কারক*, ১৮৭৩। ৪ *বিণ* অতিরঞ্জিত। 'ইন্দ্রের তীরুতা কিছু অতিরিক্ত হইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৭৭। ৫ *বিণ* যথাসাধ্য। 'উক্ত কথা বুঝিতে অতিরিক্ত মাত্রায় চেষ্টা করি নাই।' *রবীন্দ্র*, ১৯০৭। ৬ *বিণ* নির্ধারিত পাঠ্যক্রমের বাইরের। 'অতিরিক্ত পাঠ্য বিশ্বপরিচয়।' *রবীন্দ্র*, ১৯১৬। ৭ *অব্য* ব্যতীত; ছাড়া। 'অলস অকর্মণ্যতার অতিরিক্ত ভদ্র পেশা যাদের আছে আঙুলে গুনিয়া ফেলা যায়।' *মানিক*, ১৯৩৬।

অতিরিক্ততা [স] *বি* বাড়াবাড়ি। 'সকল বিষয়েরই অতিরিক্ত হাস্যজনক, এবং এই অতিরিক্ততাই প্রহসনের মূল ভিত্তি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অতিরেক [স] ১ *বি* আধিক্য। 'বোলি পঠওলহ্নি জত অতিরেক।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* অতিরিক্ত। 'আজিকার ভিক্ষা মাতা অতিরেক নহে।' *কাশীরাম*, ১৬৫০। ৩ *বি* বাহুল্য; বাড়াবাড়ি। 'অতএব ইঁহাদিগের বিষয়ে প্রকাশ করা অতিরেক মাত্র।' *বঙ্কিম*, ১৮৭২।

অতির্থ [স অতিথি] *বি* অতিথি। 'অতির্থ আনিঞা ঘরে গেলা ভিক্ষাটনে।' *মালাধর*, ১৫০০।

AMARBOI.COM

অতিশএ [স অতিশয়] *বিণ* অতিশয়। 'শিশুকাল হতে সেবা কর অতিশএ।' *বিজয়*, ১৬৫০।

অতিশয় [স] **১** *বিণ* অধিক। 'সেই বলভদ্র নাম অতিশয় বল।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* অত্যন্ত। 'রম্ভাতরু উরু অতিশয় গুরু।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৩** *বিণ* মাত্রাতিরিক্ত। 'স্বাজাত্যের অভিমানকে অতিশয় করে তোলাকেই আমরা কর্তব্য বলে স্থির করেছি।' *শিব*, ১৯৫০।

অতিশয়পন্থা [স] *বি* চরমপন্থা; কট্টরপন্থা। 'স্বদেশী উত্তেজনার দিন হইতে আজ পর্যন্ত আমি অতিশয়পন্থার বিরুদ্ধে লিখিয়া আসিতেছি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অতিশয়োক্তি [স অতিশয়-উক্তি] *বি* অতিরঞ্জন ক'রে বলা। 'তাঁহার অতিশয়োক্তি মনের স্বাস্থ্য রক্ষার প্রতিকূল এবং সত্যবিচারের বিরোধী।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অতিষ্ঠ [স] **১** *বিণ* উদ্ব্যক্ত। 'আমাদের নিজের ঘরে এতই কি অতিষ্ঠ হয়েছি!' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বিণ* অস্থির। 'এই ভূতুড়ে বাড়িতে ভূতগুলা অতিষ্ঠ হইয়া উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৯১৪।

অতিসঅ [স অতিশয়] *বিণ* অত্যন্ত। 'অতিসঅ রূপ যুভা গরুচনা সঙ্গে।' *মালাধর*, ১৫০০।

অতিসয় [স অতিশয়] *বিণ* অত্যন্ত। 'অতিসয় মলিন কৃসাঙ্গ কেন দেখি।' *মালাধর*, ১৫০০।

অতিসার [স] *বি* উদরাময়; পেটের পীড়াবিশেষ। 'পিসির হয়েছে পীড়া জ্বর অতিসার। *ভবানী*, ১৮২৫।

অতিহুঁ [স অত>] *বিণ* অত্যন্ত। 'অতিহুঁ লাজ ভয়।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অতীত[১] [স] **১** *বিণ* শেষ। 'রজনী অতীত হলে যদি গো প্রদীপ জ্বলে ...।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* বিগতকাল। 'অসীম অতীতে চাহিয়ে চাহিতে দেখা দেয় অবশেষে।' *রবীন্দ্র*, ১৮৯০। **৩** *বিণ* বাইরের। 'যে শিক্ষাদানপ্রণালী আমাদের আয়ত্তের অতীত ...' *রবীন্দ্র*, ১৯০৫। **৪** *বিণ* সমাপ্ত। 'প্রয়োজন অতীত হইলেই সে প্রেম দূর করিতে তাঁহার বড়ো একটা কষ্ট পাইতে হয় নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

অতীত করা *ক্রি* দিন কাটানো। 'এমন-কি, দুই-একদিন অতীত করিয়া আসে, অথচ কিছু উপার্জন করিয়া আনে না।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অতীতকালবর্তী [স] *বিণ* অতীতে সংঘটিত হয়েছে এমন। 'নালিশের বিবরণ অতীতকালবর্তী হলেও ...।' *রবীন্দ্র*, ১৯৩৪।

অতীতকালিকী [স] *বিণ* প্রাচীন কালের। 'অতীতকালিকী বিদ্যানুশীলনক্ষেত্রের সম্যক পরিচয় প্রদান করিতেছে।' *অক্ষয়*, ১৮৫৪।

অতীতবাহিনী [স] *বিণ* অতীতকে বহন করছে এমন; বৃদ্ধা। 'অতীতবাহিনী মহিলা, ছিপছিপে বাঁশের মতো তরুণী।' *বুদ্ধ*, ১৯৫৫।

অতীতমনস্ক [স] *বিণ* অতীতমুখী চিন্তায় মগ্ন। 'কখনো বা অতীত-মনস্ক ছিলেন তিনি।' *নরেন্দ্র*, ১৯৫৮।

অতীতমুখী [স] *বিণ* অতীতের প্রতি আকৃষ্ট। 'তবে এ sentimentalism অতীতমুখী, ভবিষ্যৎমুখী নয়।' *প্রমথ*, ১৯২১।

অতীত হওয়া *ক্রি* অতিবাহিত হওয়া। 'এক বৎসর এইভাবে অতীত হইল।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

অতীতাবস্থা [স অতীত-অবস্থা] *বি* পূর্বের অবস্থা। 'একখানি বঙ্গমহিলার অতীতাবস্থার ...।' *দীপিকা*, ১৮৮৭।

অতীতাশ্রয়ী [স] *বিণ* অতীতচারী। 'আমার চোখ যখন অতীতাশ্রয়ী হয়।' *মাহমুদ*, ১৯৭৩।

অতীতী [স] *বিণ* বহুকাল আগের; প্রাচীন। 'ঝরি ঝরি পড়িতেছে অতীতী বটের ঝুরিগুলো।' *হোসেন*, ১৯৪০।

অতীত[২] [স অতিথি] *বি* অতিথি। 'যাবদীয় অতীত রাজবাটীতে উত্তরিলে সেই পুরীতে তাহারদের স্থিতি হয়।' *রামরাম*, ১৮০১।

অতীতসালা [স অতিথিশালা] *বি* অতিথিশালা। 'এক মনোরম পুরী দেখিবা সে অতীতসালা।' *রামরাম*, ১৮০১।

অতীথি করা [স আতিথ্য>+করা] *ক্রি* আতিথেয়তা করা। 'এই প্রবোধ দিয়া অতীথি করিলেন।' *রামরাম*, ১৮০২।

অতীন্দ্রিয় [স] **১** *বিণ* ইন্দ্রিয়ের অগোচর। *বিদ্যা*, ১৮৬৪; 'এই নবাগত অতীন্দ্রিয় আধিদৈবিক ভাবের সঙ্গে মিলিয়া সকলেরই মনের মধ্যে ...।' *হরপ্রসাদ*, ১৮৮১। **২** *বি* ইন্দ্রিয়ের অতীত কিছু। 'যদি তাহার মধ্যে অসাধারণ অতীন্দ্রিয়কে না পাইলাম।' *সবুজ*, ১৯২১।

অতীন্দ্রিয়লোক [স] *বি* ইন্দ্রিয়াতীত জগৎ। 'তাঁকে অতীন্দ্রিয়লোকে প্রতিষ্ঠিত করতেন।' *মাহেনও*, ১৯৪৯।

অতীব [স] *বিণ* অত্যন্ত। 'ঈদৃশ অঘটন-ঘটনা ভূমণ্ডলে অতীব বিরল।' *অক্ষয়*, ১৮৪৮।

অতীবা [স] *বিণ স্ত্রী* অতিশয়; অতিরিক্ত। 'অসীমচুম্বনী, তবু চুম্বনের অতীত; অতীবা।' *বুদ্ধ*, ১৯৪৪।

অতুচ্ছ [স] *বিণ* তুচ্ছ। 'এটা বুঝি অতুচ্ছ কথা হলো।' *দীনবন্ধু*, ১৮৬৭।

অতুর[১] [স আতুর] **১** *বিণ* রোগা। 'সেখানে অক্ষ অতুর নাগা সন্ন্যাসী বৈরাগী।' *দর্পণ*, ১৮২০। **২** *বিণ* অসুস্থ। 'দুঃখী পরিব কাঙাল ফতুর চাষাভুষো মুটে অনাথ অতুর।' *রবীন্দ্র*, ১৯০০।

অতুর[২] [স অতুল] *বিণ* অতুলনীয়। 'তিলপুষ্প গেল, অতুর হইল, কিবা দন্তপাটী।' *ভবানী*, ১৮২৫।

অতুল [স] **১** *বিণ* অন্তহীন। 'পাইবে পরম ব্রহ্ম অতুল আনন্দ।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* অনন্য। 'পৃথিবীতে অতুল সাম্রাজ্য স্থাপন করিয়াছিল।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **৩** *বিণ* বিপুল। 'আমাদের অতুল ঐশ্বর্য।' *মাইকেল*, ১৮৭৩। **৪** *বিণ* তুলনা নেই এমন। 'কোথা সেদিনের অতুল রূপসী হৃদয়প্রেয়সীচয়?' *রবীন্দ্র*, ১৮৯০; 'গমন-দোল অতুল তুল।' *নজরুল*, ১৯২৩।

অতুলন [স] *বিণ* তুলনাহীন। 'অতুলন তোঁহার লেহ।' *রবীন্দ্র*, ১৮৮১।

অতুলনা [স অতুলনা] *বিণ* তুলনাহীন। 'রূপের নাহিক অন্ত গুণে অতুলনা।' *বাহরাম*, ১৬৫০।

অতুলনীয় [স] *বিণ* অদ্বিতীয়; অসাধারণ। 'ইহারা জগতে এইরূপ অতুলনীয়।' *অক্ষয়*, ১৮৫৪।

অতুলনীয়ত্ব [স] *বি* অসাধারণত্ব। 'আপন অতুলনীয়ত্ব গুণে সৌন্দর্য্যপ্রিয় ... জনসমাজের চিত্ত আকর্ষণ করিয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

অতুলনীয়া [স] *বিণ স্ত্রী* তুলনাহীন। 'দয়াতে নারী জগতে অতুলনীয়া।' *বিনোদিনী*, ১৮৭৫।

অতুলবল [স] *বিণ* অত্যন্ত বলবান। 'সেই অতুলবল বালককে দেখিয়া তাহাদের রাগ জল হইয়া গেল।' *বনফুল*, ১৯৩৬।

অতুলশক্তিশালী [স] *বিণ* তুলনাহীন শক্তিসম্পন্ন। 'এই অতুলশক্তিশালী নব্যসভ্যতার সংঘর্ষে ভারতবাসীদের অনন্ত ...'

AMARBOI.COM

প্রমথ, ১৯২০।

অতুলশোভা [স] *বি* অতুলনীয় সৌন্দর্য। 'স্বর্গোদ্যানস্বরূপ এই অতুলশোভাসম্পন্ন স্থানের সর্ববস্তুই অতীব মনোহর।' *অক্ষয়*, ১৮৫৪।

অতুলা [স] *বিণ স্ত্রী* অতুলনীয়। 'গড় বামায়, – অঙ্গনাকুলে অতুলা জগতে।' *মাইকেল*, ১৮৬০।

অতুলিত [স] *বিণ* অতুলনীয়। 'নয়ান গোচরে হৈলে অতুলিত সুখ।' *আলাওল*, ১৬৮০।

অতুল্য [স] *বিণ* তুলনাহীন। 'অখণ্ড প্রতাপ তান অতুল্য মহিমা।' *বাহরাম*, ১৬৫০।

অতুষ্ট [স] *বিণ* অসন্তুষ্ট। 'তুষ্ট হৈয়া অতুষ্ট দেবি হইল আমারে।' *মালাধর*, ১৫০০।

অতৃপ্ত [স] **১** *বিণ* তৃপ্তি লাভ করেনি এমন। 'অতৃপ্ত হইয়া করে বিধিরে নিন্দন/ অবিদগ্ধ বিধি ভাল না জানে সৃজন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* অপূর্ণ। 'অতৃপ্ত যত মহৎ বাসনা।' *রবীন্দ্র*, ১৮৯০।

অতৃপ্তি [স] *বি* অসন্তুষ্টি। 'আশাপূর্ণ অতৃপ্তির প্রায়।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অতৃপ্তিকর [স] *বিণ* তৃপ্তিকর নয় এমন। 'উঠব, এত অতৃপ্তিকর জ্বালা নিয়ে?' *ওয়ালী*, ১৯৪২।

অতৃপ্তিভরে *ক্রিবিণ* তৃপ্তি হয় না এমনভাবে। 'অনন্ত অতৃপ্তিভরে শত সহস্রবার প্রদক্ষিণ।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অতৃপ্য [স] *বিণ* তৃপ্ত করার মতো নয় এমন। 'এই অতৃপ্য নয়ন সৃজন করিয়াছেন।' *বঙ্কিম*, ১৮৭৫।

অতে *অব্য* এই জন্যে। 'অতে তাহে অনুরত বরজ সমাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অতেক্ষেপ [স আক্ষেপ] *বি* আক্ষেপ। 'এত বলি বিপ্রনারি অতেক্ষেপ করে।' *মালাধর*, ১৫০০।

অতেখাই [স আক্ষেপ] *বি* ক্ষোভ; আক্ষেপ। 'সিসু দেখি করে অতেখাই।' *মালাধর*, ১৫০০।

অতেব [স অতএব] **১** *ক্রিবিণ* এ জন্যে। 'অতেব করেছি আশা।' *ঘনরাম*, ১৭১১। **২** *অব্য* সুতরাং। 'অতেব করিতে চাই বিপ্রের বন্দনা।' *রূপরাম*, ১৭৫০।

অতন্ত [স অত্যন্ত] *বিণ* খুব। 'পরম পবিত্র সব অতন্ত মধুর।' *মালাধর*, ১৫০০।

অতবর [ই অক্টোবর] *বি* খ্রিস্টীয় পঞ্জিকার দশম মাস – অক্টোবর মাস। 'মাল বিক্রি হইলে টাকা দিব মাহ অতবর।' *মেয়র্স*, ১৭৫৭; 'তারিখ ৩ অতবর ২০ আশ্বীন।' *তাঁতি*, ১৭৯২। *দ্র* **অক্টোবর**

অতু [স সত্য] *বি* সত্য। 'এহা অতু করী জাণী দেহ মোরে বাঁশে।' *বড়ু*, ১৪৫০।

অতুর [স] *বিণ* বিলম্বিত। 'অথবা অতুর চিঠি, মধ্যরাতে লাজুক তন্দ্রায়।' *বুদ্ধ*, ১৯৪০।

অত্যদূর [স অত্যধিক দূর] *বি* অধিক দূর। 'অত্যদূরে এখানকার কএক জন সৈন্য মৃগয়া ছলে যাইয়া ...।' *রামরাম*, ১৮০২।

অত্যদ্ভুত [স] *বি* অতিশয় বিস্ময়কর। 'অত্যদ্ভুত মাইক্রসকোপ।' *দর্পণ*, ১৮৩৭।

অত্যধিক [স] **১** *বিণ* অত্যন্ত অধিক। *বিদ্যা*, ১৮৬৪। **২** *বিণ* অতিরিক্ত। 'অন্যায়রূপে অত্যধিক পরিমাণে কর আদায়।' *এডুকেশন*, ১৮৭৮।

অত্যন্ত [স] *বিণ* অতিশয়। 'দাণ্ডাইল রাজার পাশে অত্যন্ত জোগি হৈয়া।' *মালাধর*, ১৫০০।

অত্যন্তানুতাপী [স অত্যন্ত-অনুতাপী] *বিণ* অত্যন্ত অনুতপ্ত। 'দেবপূজকেরদের অনুষ্ঠানবিষয়ে অত্যন্তানুতাপী হইলেন।' *দর্পণ*, ১৮৩৪।

অত্যন্তাপমানীয় [স অত্যন্ত-অপমানীয়] *বিণ* অত্যন্ত অপমানজনক। 'অত্যন্তাপমাননীয় অর্থাৎ চর্মকারের ব্যবসায়ী ছিলেন।' *দর্পণ*, ১৮৩৪।

অত্যন্তাপ্যায়িত [স অত্যন্ত-আপ্যায়িত] *বিণ* অত্যন্ত খুশি। 'শুনিয়া অত্যন্তাপ্যায়িত হইলাম।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

অত্যন্তামোদী [স অত্যন্ত-আমোদী] *বিণ* অতিশয় আনন্দিত। 'তৎশ্রবণে নাট্যাসক্ত ব্যক্তিরা অত্যন্তামোদী হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩২।

অত্যন্তাহ্লাদিত [স অত্যন্ত-আহ্লাদিত] *বিণ* অতিশয় আনন্দিত। 'আমরা অত্যন্তাহ্লাদিত।' *দর্পণ*, ১৮৩৩।

অত্যন্তোপকার [স অত্যন্ত-উপকার] *বি* যথেষ্ট উপকার। 'দীনদরিদ্র লোকেরদের অত্যন্তোপকার হইতেছে।' *দর্পণ*, ১৮৩০।

অত্যন্তর [স] *বি* নিকট। 'তোমার জন্য সুনিঞা কৃষ্ণের অত্যন্তরে।' *মালাধর*, ১৫০০।

অত্যপরাধী [স] *বিণ* মারাত্মক অপরাধ করেছে এমন। 'আহা! অত্যপরাধী ব্যক্তিও মরিবার পূর্ব্বে ...।' *মধু*, ১৮৫৭।

অত্যয় [স] *বি* লোপ। 'অচিরাৎ সে অনলে পাইবে অত্যয়।' *রঙ্গ*, ১৮৫৮।

অত্যল্প [স] *বিণ* অতি অল্প। 'অত্যল্প গ্রহণ করিতে লাগিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অত্যল্পমূল্য [স] *বি* কম দাম। 'গ্রন্থ সুসম্পন্ন হইয়া অত্যল্পমূল্য একটি টাকা মাত্রে স্থিরীকৃত হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৮।

অত্যসম্ভব [স অতি-অসম্ভব] *বিণ* অত্যন্ত অসম্ভব। 'অত্যসম্ভব এতৎ-কারণে ঐ কাজীকে ... সোপর্দ্দ করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৮।

অত্যহিত [স অতি-অহিত] *বি* অতিশয় অকল্যাণ; সর্বনাশ। 'শুধু তোর লাগি ঘটে যত অত্যহিত।' *মশাররফ*, ১৮৬৯।

অত্যাকাঙ্ক্ষা [স অতি-আকাঙ্ক্ষা] *বি* উচ্চাভিলাষ। 'অত্যাকাঙ্ক্ষার যে বিকৃতি নাই।' *রবীন্দ্র*, ১৯০৫।

অত্যাকুল [স অতি-আকুল] *বিণ* অত্যন্ত আকুল। 'প্রাণভয়ে অত্যাকুল পড়ে আর উঠে।' *মানিকরাম*, ১৭৮১।

অত্যাগ-সহন [স] *বিণ* অভাব বা বিরহ সহ্য করা যায় না এমন। 'অত্যাগ-সহন বন্ধু। অভিন্ন হৃদয়।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

অত্যাগ্রহ [স অতি-আগ্রহ] *বি* অতি আগ্রহ। 'তাঁহার প্রেরণায় তাঁরে অত্যাগ্রহ করে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অত্যাচার [স] **১** *বি* নির্যাতন। 'ক্ষুদ্র লোকের ... অহঙ্কার জন্মে এবং অত্যাচার করে।' *তারিণী*, ১৮০৩। **২** *বি* অন্যায়। 'তাঁকে বঞ্চিত করিলে অত্যন্ত অত্যাচার হয়।' *বঙ্গদূত*, ১৮২৯। **৩** *বি* বাড়াবাড়ি। 'বহুকাল প্রসিদ্ধ শিষ্টাচারের কি অত্যাচার বোধ হইতেছে।' *বঙ্গদূত*, ১৮২৯। **৪** *বি* অত্যাচারী। 'টুঁটি টিপে মারো অত্যাচারে যা।' *নজরুল*, ১৯২২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অত্যাচারকারক [স] *বিণ* অত্যাচারী। 'অত্যাচারকারক প্রজা ও স্থানীয় জমিদারদিগের ...।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

অত্যাচারকারী [স] *বিণ* উৎপীড়ক। 'অত্যাচারকারী রাক্ষসদিগের ধ্বংস করিয়া ধার্মিক বিভীষণকে রাজা করিবেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

অত্যাচারঘটিত [স] *বিণ* নির্যাতন সংক্রান্ত। 'নীলকর সাহেবদিগের ভয়ানক অত্যাচারঘটিত কত সংবাদ।' *প্রভাকর*, ১৮৫৮।

অত্যাচারপ্রপীড়িত [স] *বিণ* অত্যাচারে জর্জরিত। 'এক সময় অত্যাচারপ্রপীড়িত জাতির আশ্রয়স্থল ছিল ইংলন্ডে।' *রবীন্দ্র*, ১৯৪১।

অত্যাচারিণী [স] *বিণ স্ত্রী* উৎপীড়ক। 'সেই অত্যাচারিণী অবিচারিণী মা।' *রবীন্দ্র*, ১৮৯২।

অত্যাচারিত [স] *বিণ* নির্যাতিত। 'হিন্দু বিধবাদিগের মত ... অত্যাচারিত জীব আর কেহ নাই।' *বামাবোধিনী*, ১৮৭০।

অত্যাচারিতা [স] *বিণ স্ত্রী* নির্যাতিত। 'ছয় বৎসরে অত্যাচারিতা হিন্দু নারীর সংখ্যা যথাক্রমে ...।' *ছায়াবীথি*, ১৯৩৪।

অত্যাচারী [স] *বিণ* উৎপীড়ক। 'হতভাগ্য অত্যাচারী যবনদিগের অধীনে এই রাজ্য ছিল।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৮।

অত্যাজ্য [স] *বিণ* পরিত্যাগের অযোগ্য। *বিদ্যা*, ১৮৬৪; 'অত্যাজ্য ধর্ম, সব তোমার জন্য ত্যাগ করিয়াছি।' *বঙ্কিম*, ১৮৭৮।

অত্যাত [স অর্থাৎ] *অব্য* অর্থাৎ। 'অত্যাত বীর্জ্জ হইল তখনে অনুবদ্ধ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অত্যানন্দ [স অতি-আনন্দ] *বি* অত্যধিক আনন্দ। 'অত্যানন্দে আলাদুলা করে অনুক্ষণ।' *মানিকরাম*, ১৭৮১।

অত্যাবশ্যক [স অতি-আবশ্যক] **১** *বিণ* অত্যন্ত প্রয়োজনীয়। 'ইহার মূল জানা অত্যাবশ্যক।' *দর্পণ*, ১৮১৮। **২** *বিণ* নিত্যপ্রয়োজনীয়। 'জনসমাজের উপকারী অত্যাবশ্যক কর্ম ... করিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৫৪।

অত্যাবশ্যকতা [স অতি-আবশ্যকতা] *বি* অবশ্য প্রয়োজনীয়তা। 'কোনো অত্যাবশ্যকতা বাংলা সমাজে ছিল না।' *রবীন্দ্র*, ১৯০৫।

অত্যাশ্চর্য [স অতি-আশ্চর্য] *বিণ* অতি আশ্চর্যজনক। 'এক অত্যাশ্চর্য প্রকাণ্ড সমাজ বাঁধিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অত্যাশ্চর্যতা [স অতি-আশ্চর্যতা] *বি* বিরাট বিস্ময়। 'খেলার অত্যাশ্চর্যতা ও অভিনবত্বের নমুনা।' *বিভূতি*, ১৯৩১।

অত্যায়ত [স অতি-আয়ত] *বিণ* অতি বিস্তৃত। *বিদ্যা*, ১৮৬৪।

অত্যালাপ [স অতি-আলাপ] *বি* অতিকথন। 'অত্যালাপ ও ইতর ব্যবহার করেন না।' *অক্ষয়*, ১৮৪৯।

অত্যাশা [স অতি-আশা] *বি* অতিরিক্ত আশা। 'কখন বল্ল হানতে পার অত্যাশায়।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অত্যাশ্চর্য, অত্যাশ্চর্য্য [স অতি-আশ্চর্য] *বিণ* অত্যন্ত আশ্চর্যজনক। 'সভার সৌষ্ঠব অত্যাশ্চর্য্য।' *দর্পণ*, ১৮২৩।

অত্যাসক্তি [স অতি-আসক্তি] *বি* অত্যধিক আসক্তি। 'কর্তৃপক্ষের তৎপ্রতি অত্যাসক্তির ফলে ...।' *বুলবুল*, ১৯৩৬।

অত্যাসি [স অত্যাসক্তি] *বিণ* অত্যন্ত অনুরক্ত। 'তাহা ছাড়ি হএ কেহো জোগের অত্যাসি।' *মালাধর*, ১৫০০।

অত্যুক্তি [স অতি-উক্তি] **১** *বি* অতিরঞ্জন। 'ভারতবর্ষ ভূমণ্ডলের বাণিজ্য-কেন্দ্র ছিল বলিলেও অত্যুক্তি হয় না।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বিণ* অতিকথনজনিত। *বিদ্যা*, ১৮৬৪; 'তাহা অত্যুক্তি দোষে দূষিত হইয়া থাকে।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **৩** *বি* অতিশয়োক্তি। 'আমরা, অত্যুক্তি অত্যন্ত ব্যবহার করিয়া থাকি।' *রবীন্দ্র*, ১৯০৫। **৪** *বি* বাড়াবাড়ি। 'দিল্লির দরবার-নামক একটা সুবিপুল অত্যুক্তি।' *রবীন্দ্র*, ১৯০৫।

অত্যুক্তিদোষঘ্রাত [স অত্যুক্তি-দোষ-আঘ্রাত] *বিণ* অতিশয়োক্তি দোষাক্রান্ত। 'কথাটা অত্যুক্তিদোষঘ্রাত বলিয়া মনে হইতে পারে।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

অত্যুক্তিশূন্য [স] *বিণ* বাড়িয়ে বলা নয় এমন। 'সহৃদয়তাপূর্ণ অত্যুক্তিশূন্য সত্যের সরলতার সুর দিচ্ছে না।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অত্যুগ্র [স অতি-উগ্র] **১** *বিণ* অত্যন্ত প্রখর। 'অত্যুগ্র নিঃশব্দ রোষদাহ দেখিয়া ... রাগ থামিয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* বিকট। 'অত্যুগ্র অন্যায় বলিয়া ঠেকে।' *রবীন্দ্র*, ১৯০৭। **৩** *বিণ* অত্যন্ত উগ্র। 'সে-জাদু ছিল কি শুধু ফাল্গুনের অত্যুগ্র মাতন।' *সুধীন্দ্র*, ১৯৩১।

অত্যুঙ্গ [স অতি+স তুঙ্গ>] *বিণ* অতি উঁচু। 'নির্ভয়ে উঠতে হবে অতিশয় অত্যুঙ্গ শিখরে।' *মাহ্‌মুদ*, ১৯৬৬।

অত্যুচিত [স অতি-উচিত] *বি* অত্যন্ত উচিত; কর্তব্য। *দর্পণ*, ১৮২৯।

অত্যুচ্চ [স অতি-উচ্চ] *বিণ* বেশ উঁচু। 'সে গরু অত্যুচ্চ ও কৃষ্ণবর্ণ।' *দর্পণ*, ১৮২৩।

অত্যুচ্চতা [স] *বি* অতি উচ্চতা। 'আশা-বাসনার অত্যুচ্চতার স্বাদ।' *জীবন্ত*, ১৯৩১।

অত্যুচ্চশিখর [স] *বি* অতি উঁচু শিখর। 'পাণ্ডিত্যের অত্যুচ্চশিখর ত্যাগ করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অত্যুজ্জ্বল [স অতি-উজ্জ্বল] *বিণ* অত্যন্ত উজ্জ্বল। 'অর্দ্ধবৃত্তাকার অত্যুজ্জ্বল দীপ্তিময় আয়তন ক্রমশঃ ক্ষীণপ্রভ হইয়া আসে।' *অক্ষয়*, ১৮৫৪।

অত্যুজ্জ্বলতা [স] *বি* অত্যন্ত দীপ্তিময়তা। 'অত্যুজ্জ্বলতার মধ্যেই তিনি তাঁহার কাব্যকে শেষ করেন নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

অত্যুৎকট [স অতি-উৎকট] *বিণ* অত্যন্ত কঠোর। 'অত্যুৎকট পরিশ্রম করিয়া, তিনি যথেষ্ট অর্থোপার্জন করেন।' *বিদ্যা*, ১৮৬৩।

অত্যুৎকণ্ঠিত [স অতি-উৎকণ্ঠিত] *বিণ* খুব উদ্বিগ্ন। 'এদেশীয় মহাজনেরা অত্যুৎকণ্ঠিত হইল।' *বঙ্গদূত*, ১৮২৯।

অত্যুৎকৃষ্ট [স অতি-উৎকৃষ্ট] **১** *বিণ* অতি উত্তম। 'সে অত্যুৎকৃষ্ট স্থান।' *দর্পণ*, ১৮১৯। **২** *বিণ* অত্যন্ত সমৃদ্ধ। 'বাংলা সাহিত্যে তাহা অত্যুৎকৃষ্ট রোমান্টিকতার লক্ষণাক্রান্ত।' *হাই*, ১৯৫৪।

অত্যুত্তপ্ত [স অতি-উত্তপ্ত] *বিণ* অতিশয় উত্তপ্ত। 'অত্যুত্তপ্ত খৈএর মত।' *শরৎ*, ১৯১৬।

অত্যুত্তম [স অতি-উত্তম] *ক্রিবিণ* অত্যন্ত উৎকৃষ্টরূপে। 'অত্যুত্তম কহিয়াছেন।' *গোলোক*, ১৮০১।

অত্যুত্তমা [স] *বিণ স্ত্রী* অতি উত্তম। 'মুদ্রাযন্ত্রে যে পত্রিকা মুদ্রিত হয় তাহা অত্যুত্তমা হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৮।

অত্যুদ্ধত [স অতি-উদ্ধত] *বিণ* অত্যন্ত গৌরবময়। 'ব্যাবিলনের অত্যুদ্ধত সৌধচূড়ার পতনবার্তা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অত্যুৎসাহী [স অতি-উৎসাহী] *বিণ* অতিশয় আগ্রহী। 'অত্যুৎসাহী অফিসার ও অধিকর্তাগণের পক্ষে প্রভুর মনোরঞ্জনের জন্য ...।' *আজাদ*, ১৯৬৯।

অত্যুৎসাহি [স অত্যুৎসাহী] *বিণ* অতি উৎসাহী। 'ঐ আকর পূর্ব্বে অত্যুৎসাহি জোন্স সাহেবের ছিল।' *দর্পণ*, ১৮৩৬।

AMARBOI.COM

অত্যুন্নত [স অতি-উন্নত] **১** *বিণ* অতিশয় গৌরবান্বিত। 'জ্ঞানবিজ্ঞান-গরিমায় অত্যুন্নত বোধ করিয়া আত্মাভিমানে ও আত্মপ্রাধান্যে স্ফীত হইতেছি।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বিণ* অতিশয় উঁচু। 'কোথাও অত্যুন্নত পর্ব্বতমালা।' *বঙ্কিম*, ১৮৭৫।

অত্যুপকার [স অতি-উপকার] *বিণ* খুব উপকারী। 'এ অত্যুপকার কর্ম্ম।' *দর্পণ*, ১৮২৮।

অত্যুপকারক [স] *বিণ* অতি উপকারী। 'এই গ্রন্থ অত্যুপকারক বটে।' *দর্পণ*, ১৮৩২।

অত্যুপযুক্ত [স অতি-উপযুক্ত] *বিণ* অতিশয় উপযুক্ত। 'চরিত্র বর্ণনকরণ অত্যুপযুক্ত বোধই হইতেছে।' *দর্পণ*, ১৮৩৪।

অত্যুষ্ণ [স অতি-উষ্ণ] *বিণ* অতিশয় উষ্ণ। 'পর্বত হইতে অত্যুষ্ণ ধাতুস্রিব নিঃসৃত হয়।' *অক্ষয়*, ১৮৫২।

অত্র [স] *বিণ* এই স্থানের। 'অত্রত্য নিসর্গোৎপন্ন বস্তুসমুদায়ের তত্ত্বনির্ধারণ করিয়া আনিবেন।' *বিদ্যা*, ১৮৪৯।

অত্রকুশল [স] *বি* এখানকার কুশল। 'তাহাতেই অত্রকুশল বিশেষঃ অনেক দিবষ ...।' *ওর্সা*, ১৭৮২।

অত্রস্থ [স] *বিণ* এখানকার। 'এইপ্রযুক্ত অত্রস্থ নিঃস্ব পরিশ্রমোপজীবি মোদক ...।' *দর্পণ*, ১৮৩৮।

অত্রস্ত [স] *বিণ* সন্ত্রস্ত নয় এমন। *বিদ্যা*, ১৮৬৪।

অৎসাদা [স আচ্ছাদন>] *ক্রি* আচ্ছাদন করা। 'মায়াপাতি আৎসাদিল দেব চক্রপানি।' *মালাধর*, ১৫০০।

অথ [স] *ক্রিবিণ* অতঃপর। 'অথ দানস্বওঃ।' *বড়ু*, ১৪৫০।

অথই [অ+স স্থলী] *বিণ* থৈ পাওয়া যায় না এমন। 'অথই নদীর জল।' *নজরুল*, ১৯২৬।

অথচ [স] **১** *অব্য* কিন্তু। 'আর শান্তচিত্ত অথচ ফলার্থী এমৎ ব্যক্তিও ...।' *রামমোহন*, ১৮১৭। **২** *অব্য* অন্যদিকে। 'বিচার গৃহ নির্ম্মাণ হয়েছে ... অথচ নগরের মধ্যে খোশবাগনামে এক উদ্যান আছে।' *কৌমুদী*, ১৮৩১।

অথবা [স] *অব্য* বা। 'কিএ মানুস পসু পাখিয়ে জনমিয়ে অথবা কীট পতঙ্গ।' *বিদ্যাপতি*, ১৫৭০।

অথবেথে, অথবের্থে [স অস্তব্যস্ত>] *ক্রিবিণ* ব্যস্তভাবে। 'তাক দেখি বড়ায়ি পালটি অথবেথে।' *বড়ু*, ১৪৫০; 'অথবের্থে রাধিকারে করায়িল চেতনে।' *বড়ু*, ১৪৫০।

অথরিটি [ই] *বি* কর্তৃপক্ষ। 'ভাগ্যক্রমে তারাই হল অথরিটি।' *রবীন্দ্র*, ১৯৩১।

অথর্ব, অথর্ব্ব [স] **১** *বি* অথর্ববেদ: চতুর্বেদের অন্যতম। 'ঋগ যজু সাম অথর্ব্ব চারী বেদ।' *বড়ু*, ১৪৫০; 'অথর্ব।' *বিদ্যা*, ১৮৬৪। **২** *বিণ* অকার্যকর। 'আমার সেকেলে বিদ্যেসাধ্যি অত্যন্ত বেশি অথর্ব হয়ে পড়েছে।' *রবীন্দ্র*, ১৯৩৩। **৩** *বিণ* অকর্মণ্য। 'প্রাদেশিক শাখাগুলি বর্তমানে কিরূপ হাস্যকররূপে অথর্ব, তার একটী দৃষ্টান্ত ...।' *আজাদ*, ১৯৩৬। **৪** *বিণ* জরাগ্রস্ত। 'অথর্ব্ব বাত-পঙ্গু বৃদ্ধরা বেলকনিতে।' *মাহেনও*, ১৯৪৯।

অথর্বতা, অথর্ব্বতা [স] *বি* অক্ষমতা। 'জড়ত্ব, অথর্ব্বতার পরিচয় আমরা পাইয়াছি।' *আজাদ*, ১৯৪৬।

অথর্ববান [স] *বিণ* অত্যন্ত বৃদ্ধ; জরাগ্রস্ত। 'অত্যন্ত অথর্ববান আঁঠ ধর্য্যা উঠে।' *মানিকরাম*, ১৭৮১।

অথল [স অস্থল] *বিণ* অথৈ। 'আমার দুআরে জল হইল অথল।' *মুকুন্দ*, ১৬০০।

অথা [স অথ] *ক্রিবিণ* ওখানে। 'অথা স্বামী বিচ্ছেদে কান্দয়ে পদ্মাবতী।' *আলাওল*, ১৬৮০।

অথাই [স অস্থিতি] *বিণ* থই পাওয়া যায় না এমন। 'গৌরপ্রেম অথাই, ঝাঁপ দিয়েছি তাই।' *লালন*, ১৮৯০।

অথান্তর [স অবস্থান্তর] **১** *বি* প্রতিকূল অবস্থা। 'মুই পরাধিনী হেতু এই অথান্তর।' *দৌলত*, ১৬৩৮। **২** *বি* বিপর্যয়। 'অন্য অন্য দেশেত হইছে অথান্তর।' *আলাওল*, ১৬৮০।

অথায় [স অস্থিতি] *বিণ* থই পাওয়া যায় না এমন। 'অথায় তরঙ্গে আতঙ্গে মরি।' *লালন*, ১৮৯০।

অথি [স অতি] *বিণ* অতি। 'তবে যথ প্রজা কান্দে অথি দির্ঘ রাএ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অথির [স অস্থির] **১** *বিণ* চঞ্চল। 'থির নয়ান অথির কছু ভেল।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'শুনিয়া বচন তার অথির পরাণি।' *দ্বিচণ্ডী*, ১৬০০। **২** *বিণ* অধীর। 'পথিক কেন অথির হেন।' *রবীন্দ্র*, ১৯২৭।

অদভুভুভ [স অদ্ভুত] *বিণ* অদ্ভুত। 'অদভুভুভ ভব মোহারে।' *চর্যা* ৩৯, ১২০০।

অদণ্ডনীয় [স] *বিণ* দণ্ড হওয়া উচিত নয় এমন। *বিদ্যা*, ১৮৬৪।

অদণ্ড্য [স] *বিণ* অদণ্ডনীয়। *বিদ্যা*, ১৮৬৪।

অদত্তা [স] *বিণ* অবিবাহিত। 'তার ঘরে থাকে যদি কন্যা সে অদত্তা।' *কেতকা*, ১৬৫০।

অদন [স] *বি* ভোজন। 'বদনে রদন লড়ে অদনে বঞ্চিত।' *ভারত*, ১৬৬০।

অদন্ত [স] **১** *বিণ* দন্তহীন। *বিদ্যা*, ১৮৬৪; 'অদন্ত বুড়া।' *সত্যেন্দ্র*, ১৯১৬। **২** *বি* দন্তহীন লোক। 'অদন্তের বিকট হাসি।' *অবন*, ১৯২৫।

অদবুদ [স অদ্ভুত] *বিণ* অদ্ভুত; বিস্ময়কর। 'ভন বিদ্যাপতি বিহিক ঘটন কে ন অদবুদ জানে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অদভুভা [স অদ্ভুত] *বিণ* অদ্ভুত। 'উইত্তা গঅণ মাঝে অদভুআ।' *চর্যা* ৩০, ১২০০।

অদভুত, অদভূত [স অদ্ভুত] *বিণ* বিস্ময় সৃষ্টি করে এমন। 'অদভুত কনকপুতলী।' *বড়ু*, ১৪৫০; 'অদভূত লাগে তোর সুণিআঁ বচন।' *বড়ু*, ১৪৫০।

অদভুতি [স অদ্ভুত>] *বিণ* অদ্ভুত আকৃতিবিশিষ্ট। 'সেই অঙ্গ ধুলায় অদভুতি/ এখন দেখতে পাই।' *লালন*, ১৮৯০।

অদমনীয় [স] *বিণ* দমন করা যায় না এমন। 'নবযৌবনের অদমনীয় চাঞ্চল্য কই?' *বঙ্কিম*, ১৮৭৪।

অদম্য [স] *বিণ* দমন করা যায় না এমন। 'ছেলেটি অবশীভূত অদম্য হইল কিন্তু অনেক শাস্ত্র জানিতেছে।' *চন্দ্রিকা*, ১৮৩০।

অদয় [আ আদা] *বি* আদায়। *মানোএল*, ১৭৪৩।

অদয় [স] *বি* নির্দয়। 'যমদূত প্রহারয়ে চণ্ড দণ্ড শিরে অদয়।' *মাইকেল*, ১৮৬০।

অদরকার [অ+ফা দরকার] *বি* অপ্রয়োজন। 'আমার কাছে অদরকারে কেউ আসে না।' *নরেন্দ্র*, ১৯৫৪।

অদরকারি, অদরকারী [অ+ফা দরকার>] **১** *বিণ* গুরুত্বহীন।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'আমার মতো অদরকারি লোককে যে দরকারে লাগাবেন।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বিণ* দরকার নেই এমন; অপ্রয়োজনীয়। 'দরকারী, অদরকারী, সাচ্চা, ঝুঁটো, ভারী ও ঠুনকো মাল ভরে দিচ্ছে।' *সবুজ*, ১৯২০।

অদরসন [স অদর্শন] *বিণ* নিরুদ্দেশ। 'তিনি তিন সারটীফিকেট সহিত অদরসন হইয়াছেন।' *ক্যালগে*, ১৭৯৪।

অদরিদ্র [স অদরিদ্র] *বিণ* অবস্থাসম্পন্ন। 'বসাইব অদরিদ্র ঘরে।' *মুকুন্দ*, ১৬০০।

অদর্শন [স] **১** *বি* না-দেখা। 'অদর্শনে পোড়ে মন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* বিলুপ্ত। 'সেই মায়া-উপবন কোথা হল অদর্শন।' *রবীন্দ্র*, ১৮৯০। **৩** *বিণ* অদৃশ্য। 'দেখা দেবে বলে তুমি হও যে অদর্শন।' *রবীন্দ্র*, ১৯১৪।

অদর্শন-তৃষা [স] *বি* না দেখার ফলে সৃষ্ট দেখার বাসনা। 'অধীর অদর্শন-তৃষা কী করুণ মরীচিকা আনে আঁখিপাতে।' *রবীন্দ্র*, ১৯১০।

অদর্শনা [স] *বি স্ত্রী* দেখা যায় না যাকে। 'যুক্ত সে কোন গোপন সুতায় – অদর্শনা।' *সত্যেন্দ্র*, ১৯১২।

অদর্শনীয় [স] *বি* যা দেখা যায় না। 'অদর্শনীয়ও বিজ্ঞান দ্বারা মিত হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৫।

অদর্শনে [স] *ক্রিবিণ* দেখা না পাওয়ায়। 'তোমার অদর্শনে প্রাণ থাকিতেও মরিতে বসিয়াছি।' *ভবানী*, ১৮২৮।

অদলবদল [আ উদ্‌ল>] *বি* পরিবর্তন। 'অনেক অদলবদল হইয়া আর্য অনার্যতর এবং অনার্য আর্যতর।' *রবীন্দ্র*, ১৯০৮।

অদলীয় [স] *বিণ* নির্দলীয়। 'অদলীয় ও অসাম্প্রদায়িক করিয়া তোলার চেষ্টা।' *সওগাত*, ১৯৪৬।

অদশ [স আ-দর্শ] *বি* আরশি। 'পেখু সুঅণে অদশ জইসা।' *চর্যা*, ১৬, ১২০০।

অদহনীয় [স] *বিণ* দহন করা যায় না এমন। 'অদহনীয় দ্রব্যেতে গৃহ আচ্ছাদন করিতে হইবে।' *দর্পণ*, ১৮৩৭।

অদাতা [স] *বিণ* দাতা নয় এমন; কৃপণ। *বিদ্যা*, ১৮৬৪।

অদান [স] **১** *বি* মূল্যহীনতা। *হ্যালহেড*, ১৭৭৮। **২** *বি* না দেওয়া। 'অবশ্য দেয় দ্রব্যের অদান।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অদার্শনিক *বিণ* দার্শনিক নয় এমন। 'অদার্শনিক পাঠকদের কাছে তা ঘোর অশ্লীল।' *প্রমথ*, ১৯২৭।

অদালত [আ] *বি* আদালত। 'আপীল অদালত ও ফৌজদারী ও কালেক্তরি ও পারমিট ...।' *দর্পণ*, ১৮১৯।

অদিন [স] **১** *বি* নির্দিষ্ট লগ্ন নেই এমন দিন। 'কুলীন এক পাত্র পাইয়া অদ্য অদিনে, অক্ষণে, তাহাকে কন্যাচতুষ্টয় প্রদান করিবে!' *রামনারায়ণ*, ১৮৫৪; 'অদিনে যার তরে বাহির হল নেয়ে।' *রবীন্দ্র*, ১৯১৬। **২** *বি* খারাপ দিন। 'আজ অদিনে মেটাব আমার সাধ।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অদিব্য [স] *বিণ* পার্থিব। 'রূপ হল অদিব্য, রস হল দিব্য।' *অবন*, ১৯২৫।

অদিষ্ট [স অদৃষ্ট] *বি* অদৃষ্ট; ভাগ্য। 'আমার অদিষ্ট প্রসন্নপ্রযুক্ত মহারাজার আগমন হইয়াছে।' *রাজীব*, ১৮০৫।

অদিসা [অ+স দিশা] *বি* পরিবর্তন; দিশা নেই এমন। *মানোএল*, ১৭৪৩।

অদীক্ষিত [স] *বিণ* দীক্ষা লাভ করেনি এমন। 'অদীক্ষিত জনে দয়া না করে দেবতা।' *রূপরাম*, ১৭৫০।

অদীন [স] **১** *বি* দীনতা নেই যার। 'আমাদের মধ্যে যে অদীন, যে অমর, যে প্রভু, যে ঈশ্বর আছে, হে মহেশ্বর তুমি তাহারই প্রভু।' *রবীন্দ্র*, ১৯১৭। **২** *বিণ* সমৃদ্ধ। 'যারা অকুতোভয় অদীন অপাপবিদ্ধ।' *ওদুদ*, ১৯৪৭।

অদীপ [স] *বিণ* আলো জ্বলেনি এমন। 'সারা গ্রাম জুড়ে অদীপ সন্ধ্যা।' *সেলিনা*, ১৯৭৫।

অদীপ্ত [স] *বিণ* দীপ জ্বালানো হয়নি এমন। 'নীচের তল অদীপ্ত।' *রবীন্দ্র*, ১৯৩১।

অদুল [আ উদ্‌ল] *বি* বদল; পরিবর্তন। 'হুকুম কল্লে আর অদুল কত্তে পারিনে।' *মশারফ*, ১৮৬৯।

অদূর [স] **১** *বি* নিকটে এসেছে এমন সময়। 'স্বাধীনতাও অদূরে।' *বঙ্গদূত*, ১৮২৯। **২** *বি* কাছাকাছি স্থান। 'খেলিছে অদূরে জলযন্ত্র; সমীরণ বহিছে কৌতুকে।' *মাইকেল*, ১৮৬১। **৩** *বিণ* কাছের। 'বাজিবে আরতিশঙ্খ অদূর মন্দিরে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৪** *বিণ* খুব দূরে নয় এমন। 'অদূর ভবিষ্যতে তার যে সম্ভাবনা আছে, তাও দেখতে পাই নে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অদূরদর্শিতা [স] **১** *বি* দূরে দেখতে না পাওয়ার বৈশিষ্ট্য। 'না হে অদূরদর্শিতা প্রমাণ করে দেব অবিলম্বে।' *রবীন্দ্র*, ১৯৩৩। **২** *বি* ভবিষ্যৎ দেখতে না-পারার অবস্থা। 'ওয়ার্কিং কমিটীর দুর্বুদ্ধি তাহার নেতাদের অদূরদর্শিতা ও দুশ্চিন্তাপ্রসূত।' *আজাদ*, ১৯৩৬।

অদূরদর্শী [স] *বিণ* অপরিণামদর্শী। 'কোন২ অদূরদর্শী খাতক প্রতারণা করিয়া অধিক টাকা লইয়া সর্ব্বদাই ঋণে বিব্রত।' *দীনবন্ধু*, ১৮৬০।

অদূরবর্তী, অদূরবর্ত্তী [স] *বিণ* নিকটস্থ। 'প্রধান দেবালয়ের অদূরবর্তী এক উন্নত ভূভাগের উপর ...।' *বিদ্যা*, ১৮৪৯।

অদূর-ভবিষ্যতে [স] *ক্রিবিণ* খুব দূরে নয় এমন সময়ে। 'অদূর-ভবিষ্যতে একজন সত্যিকার গল্পী হয়ে উঠবেন।' *নজরুল*, ১৯৩২।

অদূরভাষিণী [স] *বিণ স্ত্রী* অনুচ্চ স্বরে কথা বলে এমন। 'অদূরভাষিণী তুমি, কথা বলো ফুলে আমি ঘর ছেড়ে শুধু দেখেছি বাগান।' *শক্তি*, ১৯৬৬।

অদূরস্থ [স] *বিণ* দূরে নয় এমন। 'এই প্রদেশের অদূরস্থ ... কুণ্ডধরও প্রাণমনোমোহিনী শোভার চিরনিকেতন।' *অক্ষয়*, ১৮৫৪।

অদূরে [স] **১** *ক্রিবিণ* সময়ের দিক থেকে নিকটে। 'স্বাধীনতাও অদূরে।' *বঙ্গদূত*, ১৮২৯। **২** *ক্রিবিণ* কাছাকাছি স্থানে। 'খেলিছে অদূরে জলযন্ত্র; সমীরণ বহিছে কৌতুকে।' *মাইকেল*, ১৮৬১।

অদৃঢ় [স] *বিণ* কঠোর নয় এমন। 'সহজে যবন শাস্ত্র অদৃঢ় বিচার হাসি তারে মহাপ্রভু পুছেন আরবার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অদৃশ্য [স] **১** *বিণ* দেখা যায় না এমন। 'অদৃশ্য অস্পৃশ্য সেই হয় যমদণ্ডী।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* পর্দানশিন। 'অদৃশ্য স্ত্রীলোক ব্যতিরেকে সমন পাঠাইতে পারিবেণ।' *ডানকান*, ১৭৮৪।

অদৃশ্যপ্রায় [স] **১** *বিণ* অদৃশ্য হয়ে যায় এমন। 'এ সত্যটা মাঝে মাঝে আমার মন থেকে ম্লান হয়ে অদৃশ্যপ্রায় হয়ে যায়।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* অল্প দেখা যাচ্ছে এমন। 'ফেনার তলে অদৃশ্যপ্রায় রসগোল্লাগুলির দিকে তাকিয়ে।' *মানিক*, ১৯৩৫।

অদৃশ্যভাবে [স] *ক্রিবিণ* দৃষ্টির অগোচরে। 'কখনো মহামারীর মতো

AMARBOI.COM

অদৃশ্যভাবে।' *ওয়ালী*, ১৯৬৮।

অদৃশ্যমান [স] *বিণ* দেখা যায় না এমন। 'লেখার বিষয় হচ্ছে অদৃশ্যমান।' *প্রমথ*, ১৯১৩।

অদৃশ্যমালা [স] *বি* দেখা যায় না এমন মালা। 'গাঁথিয়া অদৃশ্যমালা পরিছে নিবিড় কালোকেশে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অদৃশ্যলোক [স] *বি* আড়াল। 'দেয়ালের পাশের অদৃশ্যলোক হইতে ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

অদৃশ্যশক্তি [স] *বি* দেখা যায় না এমন শক্তি। 'তাহার অদৃশ্যশক্তি অত্যন্ত প্রবল।' *রবীন্দ্র*, ১৯০৮।

অদৃষ্ট [স] ১ *বি* ভাগ্য। 'অদৃষ্টেতে থাকিলে সদৃষ্টে দেখা পাএ।' *বাহরাম*, ১৬৫০। ২ *বিণ* প্রচ্ছন্ন। 'ইহা ভিন্ন অদৃষ্ট কারণও অপেক্ষা করে।' *দর্পণ*, ১৮২৩। ৩ *বি* দৈব। 'আপন পুণ্যবল ও অদৃষ্টের উপর নিতান্ত নির্ভর করিয়া নিশ্চিন্ত থাকে না।' *অক্ষয়*, ১৮৪৮। ৪ *বি* কপাল। 'মাথা নেড়া ও অদৃষ্টে (কপাল) এক ধ্যাবড়া চন্দন।' *হুতোম*, ১৮৬১। ৫ *বি* বিধাতা। 'এও চলে যায় সেও চলে যায় অদৃষ্ট বসে হাসে।' *রবীন্দ্র*, ১৮৯০।

অদৃষ্টক্রমে [স] *ক্রিবিণ* দুর্ভাগ্যক্রমে। 'অদৃষ্টক্রমে স্বামিসহবাসে বঞ্চিতা।' *বঙ্কিম*, ১৮৮৪।

অদৃষ্টচর [স] *বিণ* আগে দেখা যায়নি এমন। 'আমি এক অদৃষ্টচর, অশ্রুতপূর্ব আশ্চর্য দর্শন করিয়াছি।' *বিদ্যা*, ১৮৪৭।

অদৃষ্টদোষে [স] *ক্রিবিণ* ভাগ্যের প্রতিকূলতাবশত। 'অদৃষ্টদোষে সেই আকাঙ্ক্ষা মিটাইবার উপায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

অদৃষ্টনিরূপিত [স] *বিণ* ভাগ্য-নির্ধারিত। 'মন তখন ছিল অদৃষ্টনিরূপিত তার ভাবীলোকের মধ্যে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অদৃষ্টপুরুষ [স] *বি* ভাগ্যবিধাতা। 'সংসারটা কৌতূহলী অদৃষ্টপুরুষের রাসায়নিক পরীক্ষাশালা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অদৃষ্টপূর্ব, অদৃষ্টপূর্ব্ব [স] *বিণ* পূর্বে দেখা যায়নি এমন। *বিদ্যা*, ১৮৬৪; 'সে মনে মনে কোনো একটি অদৃষ্টপূর্ব মূর্তিতে পটল-চেরা চোখের সঙ্গে বাঁশির মতো নাসিকা যোজন করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৯; 'সে ছবিতে ... এক অদৃষ্টপূর্ব প্রসন্নতা।' *রশীদ*, ১৯৬৩।

অদৃষ্টপ্রয়োজন [স] *বি* পরোক্ষ উদ্দেশ্য। 'তার অদৃষ্টপ্রয়োজন হচ্ছে কাব্যকর্তার কীর্তি।' *প্রমথ*, ১৯২৭।

অদৃষ্টফলক [স] *বি* ভাগ্যলিপি। 'বিধাতা অদৃষ্টফলকে যাহা যাহা অঙ্কিত করিয়াছেন।' *মশাররফ*, ১৮৮৫।

অদৃষ্টবশতঃ [স] *ক্রিবিণ* ভাগ্যক্রমে। *সেবধি*, ১৮৩৯।

অদৃষ্টবাদ [স] *বি* কর্ম নয়, অদৃষ্টের উপর সবকিছু নির্ভর করে – এই মতবাদ; নিয়তিবাদ। 'অদৃষ্টবাদ অথবা অভিব্যক্তিবাদ সম্বন্ধে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অদৃষ্টবাদিত্ব [স] *বি* অদৃষ্টের দোহাই দেওয়ার মনোভাব। 'অদৃষ্টবাদিত্ব আমাদিগের দ্বিতীয় প্রধান লক্ষণ।' *বঙ্কিম*, ১৮৮৭।

অদৃষ্টবাদী [স] *বিণ* অদৃষ্টবাদে বিশ্বাসী। 'নিছক অদৃষ্টবাদী কুসংস্কারমূলক মনোভাব পরিহার।' *বেগম*, ১৯৬৮।

অদৃষ্টবৈগুণ্য [স] *বি* দুর্ভাগ্য। **অদৃষ্টবৈগুণ্যবশত** *ক্রিবিণ* দুর্ভাগ্যক্রমে। 'আমারই অদৃষ্টবৈগুণ্যবশত এই উপদ্রব উপস্থিত হইতেছে।' *বিদ্যা*, ১৮৪৭।

অদৃষ্টমূলক [স] *বিণ* অদৃষ্টের উপর নির্ভরশীল। 'ফলতঃ, সকলই অদৃষ্টমূলক।' *বিদ্যা*, ১৮৪৭।

অদৃষ্টলিপি [স] *বি* ভাগ্যলিপি। 'তাহাদের অদৃষ্টলিপি আর এক বিধাতার।' *বিনোদিনী*, ১৮৭৫।

অদৃষ্টের চাকা *বি* ভাগ্যের চাকা। 'অন্ধ কালতুরঙ্গম রাশ নাহি মানে, বেগে ধায় অদৃষ্টের চাকা।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অদৃষ্টের ফের *বি* ভাগ্যের বিড়ম্বনা। 'অদৃষ্টের ফেরে ভারতে যারা ব্রাহ্মণ ও বর্ণহিন্দুর ছাপ নিয়ে আসতে পারেনি ...।' *হাই*, ১৯৪৬।

অদৃষ্টি [স] *বি* ভাগ্য। 'ভোগাভোগ সুখ মোক্ষ মূল সে অদৃষ্টি।' *মানিকরাম*, ১৭৮১।

অদেখা [স অদৃষ্ট>] ১ *বিণ* দেখা যায় না এমন। 'অদেখা ভজনা করা আঁধার ঘরে সর্প ধরা।' *লালন*, ১৮৯০। ২ *বি* না দেখা। 'মনে পড়ে, অদেখার কত সে বরষ।' *নজরুল*, ১৯২২। ৩ *বি* দেখা যায় না এমন ব্যক্তি। 'ছন্দের বুননি গেঁথে অদেখার সাথে কথা কহি।' *রবীন্দ্র*, ১৯৪০।

অদেয় [স] *বিণ* দেওয়া উচিত নয় এমন। 'পাত্রানুসারে তাহাও অদেয় অপেয় হয় না।' *ভবানী*, ১৮২৮।

অদেষ্ট [স অদৃষ্ট] *বি* ভাগ্য। *মানোএল*, ১৭৪৩; 'আমার তেমন অদেষ্ট নয়, না হৌগুলে, আর কাযও নেই।' *ভারত*, ১৭৬০।

অদেস [স আদেশ] *বি* আজ্ঞা; হুকুম। 'সুরপুরে জত বৈসে কৈল আমি অদেসে।' *মালাধর*, ১৫০০।

অদেহ [স] *বি* দেহ নেই যার। 'অদেহ ধরিল কায়া।' *রবীন্দ্র*, ১৯৪০।

অদৈন্য [স] *বিণ* দারিদ্র্যমুক্ত। 'অদৈন্য করিব তোমায় দিয়া পদ ছায়া।' *হ্যালহেড*, ১৭৭৮।

অদোষদরশী [স অদোষদর্শী] *বিণ* দোষ দেখতে পায় না এমন। 'গুণগ্রাহী অদোষ-দরশী সবা প্রতি।' *বৃন্দা*, ১৫৮০।

অদোষী [স] *বিণ* নির্দোষ। 'অদোষী পুরুষে কর চিরকাল সুখী।' *মুকুন্দ*, ১৬০০।

অদারি *বি* রাজশক্তি। *মানোএল*, ১৭৪৩।

অদ্ধেক [স অর্ধেক] *বিণ* অর্ধেক। 'মাছের অদ্ধেক দাম না দিলে আমায় ঢুকতে দেবে না বলেছেল।' *হুতোম*, ১৮৬১।

অদ্ধেক [স অর্ধেক] *বিণ* অর্ধেক। 'তোমায় অদ্ধেক বখরা দেব।' *গিরিশ*, ১৮৮৭।

অদ্বন্দ্ব [স] *ক্রিবিণ* বাধাহীনভাবে। 'অদ্বন্দ্বে যে ঝর্না নামে নীচে।' *শক্তি*, ১৯৬১।

অদ্বয় [স] *বিণ* অদ্বিতীয়। 'আত্মার অমল দীপ্তির খনি। পূরীর মাঝে অদ্বয় গণি।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

অদ্বয়বিবাহ [স] *বি* একগামিতা। 'বাণীর ছন্দের সঙ্গে ভাবের ছন্দের অদ্বয়বিবাহ অর্থাৎ মনোগেমি ছিল প্রচলিত।' *রবীন্দ্র*, ১৯৩০।

অদ্বিতীয় [স] *বিণ* দ্বিতীয় নেই এমন। 'এক অদ্বিতীয় সে আমার সবে সঙ্গ।' *বৃন্দা*, ১৫৮০।

অদ্বৈত [স] ১ *বিণ* দ্বৈতহীন। 'জগতের অদ্বৈত মোর সে দ্বৈত মায়া।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* দ্বিতীয় নেই এমন। 'খ্রিষ্টীয় সম্প্রদায়ীরা আপনাদিগকে অদ্বৈত পরমেশ্বরের উপাসক বলিয়া পরিচয় দেন বটে।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বিণ* জীবাত্মা ও পরমাত্মার ভেদহীনতার সাধনা। 'তখনই মানুষ অদ্বৈতসাধনায় মনকে ভুলিয়ে রাখতে চায়।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রবীন্দ্র, ১৯২৯।

অদ্বৈতবাদ [স] *বি* জীব ও ব্রহ্ম অভিন্ন – এই মতবাদ। 'দ্বৈতবাদ বা অদ্বৈতবাদ, জ্ঞানবাদ, কর্মবাদ বা ভক্তিবাদ, সকলই ইহার নিকট অকিঞ্চিৎকর।' *বঙ্কিম*, ১৮৯২।

অদ্বৈতবাদী [স] **১** *বি* জীব ও ব্রহ্ম অভিন্ন – এই মতবাদে বিশ্বাসী। 'ঈশ্বরকে কবি বলেন, কারণ আমাদের ব্রহ্মবাদীরা অদ্বৈতবাদী।' *রবীন্দ্র*, ১৮৭৭। **২** *বিণ* অভিন্ন মনে করে এমন। 'আমরা সংস্কৃত বাংলায় অদ্বৈতবাদী হয়ে উঠতে পারছি নে।' *প্রমথ*, ১৯০২।

অদ্বৈতভাব [স] *বি* জীব ও ব্রহ্ম অভিন্ন – এরূপ বিশ্বাসপূর্ণ ভাব। 'দ্বৈতভাবের পরিবর্তে অদ্বৈতভাব।' *হাই*, ১৯৫৪।

অদ্বৈতরূপ [স] *বি* একপক্ষীয়তা। 'আলাপের এই অদ্বৈতরূপ আমার পছন্দসই নয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

অদ্বৈতানুভূতি [স অদ্বৈত-অনুভূতি] *বি* স্রষ্টা ও সৃষ্টিকে অভিন্ন জ্ঞান। 'অদ্বৈতানুভূতির মধ্যে মুক্তি বলো, আর ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

অদ্ভুত [স] **১** *বিণ* চমৎকার। 'বিদগদ নাগরি আরতি অদ্ভুত।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* অভিনব। 'করিব বিবিধবিধ অদ্ভুত বিহার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* বিস্ময়কর। 'এ বড় অদ্ভুত কথা শুন সাবধান।' *বৃন্দা*, ১৫৮০; 'কি অদ্ভুত চৈতন্যচরিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বিণ* বিস্মিত। 'সর্ব্বলোকে দেখিয়া হইল অদ্ভুত।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৫** *বিণ* অসামান্য। 'সর্বগুণে বিশারদ রূপে অদ্ভুত।' *সুলতান*, ১৭০০। **৬** *বি* সৌন্দর্যতত্ত্বে বর্ণিত রসবিশেষ। 'শৃঙ্গার বীর করুণা অদ্ভুত হাস্য ভয়ানক বীভৎস রৌদ্র শান্তি রূপ নব রস।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। **৭** *বিণ* হাস্যকর। 'মস্তব ও মদ্রাসার সিলেবাস একান্ত অদ্ভুত।' *সওগাত*, ১৯২৯।

অদ্ভুতবিস্মৃত [স] *বি* আজব বস্তু। 'তারা যে সব অসাধ্য অদ্ভুতবিস্মৃতের প্রদর্শনী খুলেছিলেন, তাতে অবশ্যই অভিনবত্ব ছিল।' *শিব*, ১৯৫০।

অদ্ভুততু [স] **১** *বি* উদ্ভট অবস্থা। 'ইংরেজিয়ানার মোহে আমরা অদ্ভুততুর চর্চা করছিলুম।' *প্রমথ*, ১৯০৫। **২** *বি* অদ্ভুত অবস্থা। 'আবিষ্কারের অদ্ভুততু বিষয়কেও বিস্মিত করে দেয়।' *জীবন*, ১৯৩১।

অদ্ভুতদর্শন [স] *বিণ* দেখতে অদ্ভুত। 'জীর্ণ পরিচ্ছদপরা অদ্ভুতদর্শন গায়ক।' *বিভূতি*, ১৯৩১।

অদ্ভুতসৃষ্টি [স] *বি* আশ্চর্য সৃষ্টি। 'অদ্ভুতসৃষ্টিকৌশলপটীয়ান জগৎপতির বিশ্বরাজ্যে যে সমুদয় স্থলবিহারী জীব নয়নপথবর্তী হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

অদ্ভুতা [স] *বিণ স্ত্রী* অসামান্য। 'পরম সুন্দরি রূপে গুণে অদ্ভুতা।' *মালাধর*, ১৫০০।

অদ্ভুতাকার [স] *বিণ* অদ্ভুত আকৃতিবিশিষ্ট। 'বৃহৎ শৃঙ্গ অদ্ভুতাকার দেখা যায়।' *দর্পণ*, ১৮১৯।

অদ্ভুতাচারী [স] *বিণ* অদ্ভুত আচরণকারী। 'এই অদ্ভুতাচারী দেবতা।' *রবীন্দ্র*, ১৯০২।

অদ্ভুদ [স অদ্ভুত] *বিণ* অদ্ভুত। 'ঈশ্বরের অদ্ভুদ গুণ।' *প্যারী*, ১৮৬০।

অদ্য [স] *ক্রিবিণ* আজ। 'অদ্য রবিবার ছয় দণ্ড ষষ্ঠী তিথি।' *মুকুন্দ*, ১৬০০।

অদ্যকার [স] *বিণ* আজকের। 'যে অনুষ্ঠানপত্র পাঠ করা গেল তাহা অদ্যকার বৈঠকের বিবরণ ...।' *দর্পণ*, ১৮২৩।

অদ্যতন [স] *বিণ* বর্তমান দিবস সংক্রান্ত। *বিদ্যা*, ১৮৬৪।

অদ্যতনী [স] *বিণ* নবীনা। 'হইয়া অদ্যতনী ... দেখিতে ধায় সতন্তরা।' *মুকুন্দ*, ১৬০০।

অদ্যপর্যন্ত, অদ্যপর্য্যন্ত [স] *ক্রিবিণ* আজও। 'ভ্রম চলিতেছে অদ্যপর্য্যন্ত।' *দর্পণ*, ১৮৩৪।

অদ্যপিহ [স অদ্যাপি] *ক্রিবিণ* আজ পর্যন্ত। 'অদ্যপিহ ভাল আছে করহ সমর।' *আলাওল*, ১৬৮০।

অদ্যবধি [স অদ্যাবধি] *ক্রিবিণ* আজ পর্যন্ত। 'অদ্যবধি শ্বাস্তি করিতে পারেন নাই।' *ওসঁা*, ১৭৭৯।

অদ্যাপি [স অদ্য+অপি] **১** *ক্রিবিণ* আজও। 'তথাপিও পার নাহি পায়েন অদ্যাপি।' *বৃন্দা*, ১৫৮০। **২** *ক্রিবিণ* আজ পর্যন্ত। 'তত্রাপি আমাদের অদ্যাপি সে মত হয় নাই।' *রামরাম*, ১৮০১।

অদ্যাপিহ [স অদ্যাপি] *ক্রিবিণ* এখনও। 'অদ্যাপিহ অপযশ তার পরচারে।' *বড়ু*, ১৫৭০।

অদ্যাবধি [স অদ্য-অবধি] **১** *ক্রিবিণ* আজ পর্যন্ত। 'অদ্যাবধি মনেতে পড়য়ে সেই বাণী।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *ক্রিবিণ* আজ থেকে। 'আমি অদ্যাবধি লেখাপড়া ত্যাগ করিয়া তোমার মতাবলম্বী হইলাম।' *ভবানী*, ১৮২৫। **৩** *ক্রিবিণ* এর পর থেকে। 'অদ্যাবধি না হইবা কন্যার জননী।' *গুপ্ত*, ১৮৫৮।

অদৃষ্ট [স অদৃষ্ট] *বি* ভাগ্য। *মানোএল*, ১৭৪৩।

অদ্রিজা [স] *বি* হৈমবতী; পার্বতী। 'করপুটে কৃত্তিবাসে কহেন অদ্রিজা।' *মানিকরাম*, ১৭৮১।

অধ[১] [স অর্ধ] *বিণ* মাঝ। 'অধ নদী গেলেঁ পুণি বহে খর বাএ।' *বড়ু*, ১৪৫০।

অধরাতি, অধরাতী [স অর্ধরাত্রি] *বি* মাঝরাত। 'অধরাতি ভর কমল বিকসউ।' *চর্যা* ২৭, ১২০০; 'কানেট চৌরি নিল অধরাতী।' *চর্যা* ২, ১২০০।

অধ[২] [স অধঃ] *বি* নিম্নতা। 'অল্পে অল্পে বাউ তবে অধে চালাইব।' *মালাধর*, ১৫০০। **২** *বি* পাতাল। 'পঞ্চমে বামনরূপে অধ নিলে বলি ভূপে।' *মানিকরাম*, ১৭৮১।

অধগতি [স অধোগতি] *বি* অবনতি। 'অধগতি কার নাঞি হয়।' *মুকুন্দ*, ১৬০০।

অধমুখ [স অধোমুখ] *বিণ* মুখ নীচের দিকে এমন। 'অধমুখে উর্দ্ধপাএ নির্জ্জল কূপে।' *মালাধর*, ১৫০০।

অধঃ [স] **১** *বি* নিম্নভাগ। 'উর্দ্ধ অধঃ ভিত্তি গৃহ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* নিম্ন। 'অধঃপাতে যায় সর্ব ধর্ম ঘুচে তারে।' *বৃন্দা*, ১৫৮০।

অধঃকৃত [স] **১** *বিণ* পরাভূত। 'বেদবিদ্রোহী বৌদ্ধযুগে অধঃকৃত হইয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯০২। **২** *বি* অধঃপতিত। 'সমাজবিধির দ্বারা অধঃকৃতদেরকে ধর্মের দোহাই দিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অধঃকোষ্ঠ [স] *বি* মাটির নীচের ঘর। 'যে অধঃকোষ্ঠে বিবিধ ভোজ্য দ্রব্যাসাদন করা গিয়াছিল ...।' *দর্পণ*, ১৮৩২।

অধঃখণ্ড [স] *বি* নীচের অংশ। 'ওঙ্কে দ্বিখণ্ডিত করে তার উর্ধ্বখণ্ড দিয়ে স্বর্গ এবং অধঃখণ্ড দিয়ে পৃথিবী রচনা করেন।' *প্রমথ*, ১৯২৫।

অধঃগতি [স] *বি* উচ্ছন্নপ্রাপ্তি। 'নিম্নরুচিবান জনসাধারণের রসপিপাসা নিবৃত্তি করতে যেয়ে কাব্যধারা অধঃগতি লাভ করে।' *আনিস*, ১৯৬৪।

AMARBOI.COM

অধঃপতন [স] ১ *বি* নৈতিক অবনতি। 'জাতি-বিশেষের অধঃপতন হইয়াছে ...।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বি* ঝরে যাওয়া। 'মাথার চুলগুলোর অধঃপতন রক্ষা করবার ...।' *নজরুল*, ১৯৩১। ৩ *বি* বিলুপ্তি। 'এই-সকল জীবের অধঃপতন ঘটে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অধঃপতিত [স] ১ *বিণ* পতন ঘটেছে এমন। 'এই অধঃপতিত হিন্দু জাতিও সংস্কৃত হইতে পারে।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বিণ* অবস্থার অবনতি হয়েছে এমন। 'ইউরোপে স্পার্টা রাজ্য অধঃপতিত হইল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। ৩ *বি* ভাগ্য বিপর্যয় ঘটেছে এমন ব্যক্তি। 'নিষ্পলক চোখে অধঃপতিতদের প্রতি তাকিয়ে।' *শিবরাম*, ১৯৭০।

অধঃপতিতা [স] *বিণ স্ত্রী* নৈতিক অবনতি হয়েছে এমন। 'সভায় যোগদানকারিণী মহিলাদের মধ্যে কেহ কেহ অধঃপতিতা।' *বেগম*, ১৯৪৯।

অধঃপথ [স] *বি* নৈতিক অবনতির পথ। 'এত অধঃপথে তুমি যেতে পারো।' *শরৎ*, ১৯১৭।

অধঃপাত [স] ১ *বি* অধঃপতন। 'অধঃপাতে যায় সর্ব ধর্ম ঘুচে তারে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* নৈতিক অবনতি। 'অনেক বালক এইরূপেই অধঃপাতে গিয়া থাকে।' *প্যারী*, ১৮৫৮। ৩ *বি* নিম্ন দিক। 'হে মূঢ় তপন, অধঃপাতে গতি যার কে তার রক্ষণ।' *মাইকেল*, ১৮৭৩।

অধঃপাতিআ [স অধঃপাত>] *বিণ* উৎসন্ন; নষ্ট। *বিদ্যা*, ১৮৯১।

অধঃপেতে [স অধঃপাত>] *বিণ* অধঃপাতে গেছে এমন। 'অধঃপেতে মিনসে।' *বঙ্কিম*, ১৮৭৪।

অধঃমুখ [স] *বিণ* নতমুখ। 'লাজে অধঃমুখ আবু জেহেল দুর্জন।' *সুলতান*, ১৭০০।

অধঃশাখ [স] *বি* নীচের দিকে শাখাবিশিষ্ট। 'নয় কল্পতরু উর্ধ্বমূল, অধঃশাখ, দুর্নিরীক্ষ্য সেই মহীরুহ।' *সুধীন্দ্র*, ১৯৪৩।

অধঃশির [স] *বি* নতশির। 'অধঃশিরে তপ করত ...' *হরপ্রসাদ*, ১৮৭৮।

অধঃশিরা [স] *বিণ* মাথা নীচের দিকে এমন। 'এক তপস্বী, অধঃশিরা ও বৃক্ষে লম্বমান হইয়া, ধূমপান করিতেছেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অধঃশ্রেণীভুক্ত [স] *বিণ* নিম্নপদস্থ। 'অধঃশ্রেণীভুক্ত থাকিয়া এইরূপে অল্পবেতনে রাজকর্ম নির্ব্বাহ করিতে হইবে।' *অক্ষয়*, ১৮৫৬।

অধঃসরণ [স] *বি* অধঃপতন। 'অধিকৃত বৃহৎ ভূখণ্ডে অধঃসরণ ঘটিয়াছে।' *রবীন্দ্র*, ১৯১৭।

অধঃসাৎ [স] *বিণ* বিনষ্ট। 'সে সকলি অধঃসাৎ ক'রে শান্ত প্রসন্নতা।' *রবীন্দ্র*, ১৯৩২।

অধঃস্থিত [স] *বিণ* নীচে আছে এমন। 'যন্ত্রের জন্যে অধঃস্থিত অশ্বদিগকে ... যাপন করিতে হইত।' *বিদ্যা*, ১৮৪৯।

অধন [স] ১ *বি* দরিদ্র ব্যক্তি। 'নিন্দক পাষণ্ডী যত পড়ুয়া অধন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* মূল্যহীন বস্তু। 'নারীর যৌবন কেবল অধন জেমন জলের ফোঁটা।' *মুকুন্দ*, ১৬০০।

অধন্য [স] *বিণ* অকৃতার্থ। 'অধন্য এই রাত্রি-দিনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অধম [স] ১ *বিণ* নিচু। 'উত্তম অধমে নয় বিভার মিলন।' *মালাধর*, ১৫০০। ২ *বি* হীন ব্যক্তি। 'প্রভু বোলে সে অধমে কিছুই না জানে।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বিণ* হীন। 'কিন্তু আছিলাঙ ভাল অধম হইয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অধমা [স] ১ *বি স্ত্রী* নীচ প্রকৃতিবিশিষ্ট নারী। 'হিত কৈলে অহিত করে যেই জন অধমা তাহার নাম বলে কবিগণ।' *ভারত*, ১৭৬০। ২ *বিণ স্ত্রী* হীন। 'পুরুষাধমের অধমা প্রবৃত্তি।' *ভবানী*, ১৮২৮।

অধমর্ণ [স] *বি* দেনাদার। 'তুই আমার উত্তমর্ণ আমি অধমর্ণ।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

অধম্য [স অধর্ম] *বি* অধর্ম। *বিদ্যা*, ১৮৯১।

অধম্মিতা [স অধর্ম>] *বি* অধর্মের কাজ। *বিদ্যা*, ১৮৯১।

অধর[১] [স] ১ *বি* নীচের ঠোঁট। 'দৃঢ় ভুজযুগে বন্ধন করিআঁ অধর দংশ দশনে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* উভয় ঠোঁট। 'আধো-খোলা অধরেতে তার ...।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অধরঅমৃত [স] *বি* অধরে চুম্বন। 'অধরঅমৃত দিয়া জিয়ায় শ্রীহরি।' *মালাধর*, ১৫০০।

অধরপুট [স] *বি* ঠোঁট। 'রক্ত কমলকর, রক্ত অধরপুট।' *রবীন্দ্র*, ১৮৮১।

অধর-রস [স] *বি* অধরসুধা। 'কৃষ্ণ-রূপ-শব্দ-স্পর্শ/ সৌরভ্য অধর-রস।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অধরশয়ন [স] *বি* অধররূপ শয্যা। 'হাসি তার ঘুমায়ে পড়িত সুকোমল অধরশয়নে।' *রবীন্দ্র*, ১৮৮১।

অধরসংগম [স] *বি* চুম্বন। 'গৃহ ছেড়ে নিরুদ্দেশ দুটি ভালোবাসা তীর্থযাত্রা করিয়াছে অধরসংগমে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অধর-সীধু [স] *বি* অধরসুধা। 'বিধুর অধর-সীধু যেন নিঙড়ে কাঁচা আঙুর চোয়ায়।' *নজরুল*, ১৯২৫।

অধরা [স] *বিণ স্ত্রী* অধররবিশিষ্ট। 'কিবা বিম্বাধরা [বিম্ব+অধরা] রামা অমৃতরাশি তলে।' *মাইকেল*, ১৮৬১।

অধরামৃত [স অধর-অমৃত] ১ *বি* অমৃতরূপ অধর। 'দুহুঁ অধরামৃত দুহুঁ মুখ ভরু।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* উচ্ছিষ্ট। 'অধরামৃত চরণরজ ইত্যাদি গ্রহণ ও ধারণ করেন।' *দর্পণ*, ১৮২২। ৩ *বি* অধরসুধা; অধর-নিঃসৃত রস। 'যুবতী অধরামৃত যুবকের কাছে।' *গুপ্ত*, ১৮৫৮।

অধরামৃত খাওয়ানো *ক্রি* যৌনসম্ভোগ করা। 'দশ জন অধরামৃত খাওয়াইয়া বিলক্ষণ বৈষ্ণবী করিলেন।' *ভবানী*, ১৮২৮।

অধরালয় [স অধর-আলয়] *বি* মুখ। 'টপ টপ করে যা ছিল সোজন পুরিল অধরালয়ে।' *জসীম*, ১৯৩৩।

অধরোষ্ঠ [স অধর-ওষ্ঠ] *বি* অধর ও ওষ্ঠ। 'অধরোষ্ঠ বেড়িয়া সমর ঝাঁঝা সনে।' *সুলতান*, ১৭০০।

অধর[২] [স অধরা] ১ *বি* যাকে ধরা যায় না। 'যার নাম অধর এই সংসারে।' *লালন*, ১৮৯০। ২ *বিণ* ধরা যায় না এমন। 'ক্ষণেক ধরা ক্ষণেক অধর, পথ ছাড়া অপথে চল।' *লালন*, ১৮৯০।

অধরচাঁদ [স অধরা-চন্দ্র] *বি* (বাউল) মুরশিদ। 'ফেরে সেই অধরচাঁদ মীনরূপে ধরিয়ে পানি।' *লালন*, ১৮৯০।

অধরা[১] দ্র **অধর**[১]

অধরা[২] [স] ১ *বিণ* (বাউল) মনের মানুষ। 'অধরাকে ধরতে পারি কই গো তারে তার।' *লালন*, ১৮৯০। ২ *বিণ* ধরা যায় না এমন। 'অধরা মাধুরী ধরেছি হৃদ্বন্ধনে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অধরু [স অধৈর্য] *বি* অস্থির। 'অধরু আচর ওর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অধরোষ্ঠ দ্র **অধর**[১]

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অধর্ম, অধর্ম্ম [স] **১** *বি* অনুচিত কাজ। 'পরকুচ্ছা অধর্ম্ম বিনা কেমন করে রহে গো।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বি* পাপ। 'সুনিলে অধর্ম্ম হরে পরলোকে তরি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৩** *বি* ধর্মবিরোধী কাজ। 'মূর্তি সেবি করে নিত্য নানান অধর্ম।' *সুলতান*, ১৭০০। **৪** *বি* অন্যায়। *ওসী*, ১৭৮২; 'করি করেন অধর্ম্মের শেষ।' *ভবানী*, ১৮২৫। **৫** অধার্মিক। *ওসী*, ১৭৮৫। **৬** *বি* অবিচার। *ওসী*, ১৭৮৫। **৭** *বি* নীতিজ্ঞানহীন ব্যক্তি। 'সর্ব্বদা গীত গানে বেশ্যাভবনে অগম্যা গমনে অপেয় পানে মূর্তিমন্ত এক অধর্ম্ম।' *ভবানী*, ১৮২৮। **৮** *বি* ধর্মহীনতা। 'আমাদের দেশে চারি দিকে ধর্মের নামে যে অধর্ম চলছে ... ।' *রবীন্দ্র*, ১৯১৬।

অধর্মগ্রস্ত [স] *বিণ* পাপী। 'আমি নিঃসন্দেহ অধর্মগ্রস্ত হইব।' *বিদ্যা*, ১৮৬৩।

অধর্মজনক, অধর্ম্মজনক [স] *বিণ* অন্যায়। 'পূর্ব্বপ্রতিজ্ঞা লঙ্ঘিত হওয়া অত্যন্ত অধর্ম্মজনক।' *অক্ষয়*, ১৮৫১।

অধর্মনিধন [স] *বি* পাপের বিনাশ। 'অধর্মনিধনে এসো অবতার নব!' *নজরুল*, ১৯৩১।

অধর্মপত্র, অধর্ম্মপত্র [স] *বি* ধর্মবিরোধী পত্রিকা। 'মুখোপাধ্যায় সংবাদ সুধাকর নামক এক অধর্ম্মপত্রের অংশিদার হইয়াছেন।' *প্রভাকর*, ১৮৩১।

অধর্মমূলক [স] *বিণ* ধর্মবিরোধী। 'এই সমস্ত পরম অধর্মমূলক কার্য্য হইতে নিজ নিজ ... ।' *সওগাত*, ১৯৪৬।

অধর্মযুদ্ধ [স] *বি* অন্যায়যুদ্ধ। 'তাঁর শাস্ত্রশাসিত মন অধর্মযুদ্ধের একান্ত প্রতিকূল।' *প্রমথ*, ১৯২০।

অধর্মশীল [স] *বিণ* পাপাচারী। 'নৃপতি অধর্মশীল দয়া নাহি এক তিল।' *মুকুন্দ*, ১৬০০।

অধর্মাকর, অধর্ম্মাকর [স অধর্ম-আকর] *বিণ* অধর্মের জন্ম দেয় এমন। 'আমাকে অধর্ম্মাকর মদিরাহস্তে নিপাতিত কল্যে?' *জীবন্ধু*, ১৮৬৬।

অধর্মাচরণ, অধর্ম্মাচরণ [স অধর্ম-আচরণ] **১** *বি* ধর্মবিরুদ্ধ কাজ। 'অধর্ম্মাচরণ।' *সেবধি*, ১৮৩৯; 'লোভের বশীভূত হইয়া অধর্ম্মাচরণ না করে।' *মদনমোহন*, ১৮৫০; 'অম্বিকা তো কোন অধর্ম্মাচরণ শিখচে না।' *মাইকেল*, ১৮৬০। **২** *বি* অন্যায় আচরণ। 'শূদ্রের প্রতি অধর্মাচরণ করবার অব্যাহত অধিকারে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অধর্মাচারী [স অধর্ম-আচারী] *বিণ* পাপাচারী। 'কি কহিলি, পামর? অধর্ম্মাচারী আমি?' *মাইকেল*, ১৮৬০।

অধর্মান্বিত, অধর্ম্মান্বিত [স অধর্ম-অন্বিত] *বিণ* বিজাতীয়। 'উত্তরদেশীয় অধর্ম্মান্বিত ম্লেচ্ছদিগের আধিপত্য করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪৭।

অধর্মী [স] **১** *বিণ* পাপাচারী। 'অধর্মী রাজার কাল প্রজার পাপের ফলে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* ধর্মবিরোধী। *ওসী*, ১৭৮৫। **৩** *বিণ* অবিচার করে এমন। *ওসী*, ১৭৮৫। **৪** *বিণ* অন্যায়কারী। 'সমরে এবে পশি বিনাশিব অধর্মী সৌমিত্রি মূঢ়ে।' *মাইকেল*, ১৮৬১।

অধর্মীয় [স] *বিণ* ধর্ম সম্পর্কিত নয় এমন। 'অধর্মীয় পাঠ্যবস্তুর মধ্যে সে সংবাদপত্রই ... ।' *ওয়ালী*, ১৯৬৪।

অধস্তন [স] **১** *বিণ* বংশপরম্পরাক্রমে পরবর্তী। 'যুধিষ্ঠিরদেবের অধস্তন ২৮ পুরুষে বংশ বিচ্ছেদ হইল এবং ... বংশরূপ চন্দ্র অস্ত হইল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **২** *বিণ* নীচে অবস্থিত; নিম্নস্থ। 'উর্দ্ধতন সপ্তলোক, অতলাদি পাতাল পর্য্যন্ত অধস্তন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০; 'জীবনের প্রথম বয়সে স্বল্পক্ষণস্থায়ী ছাত্রদশা কেটেছে অভ্রভেদী শিক্ষাসৌধের অধস্তন তলায়।' *রবীন্দ্র*, ১৯২০।

অধস্তনশ্রেণী *বি* সমাজের দরিদ্র শ্রেণী। 'জনসমাজে অধস্তনশ্রেণীর সহিত উপরিতনশ্রেণীর মিলন নাই।' *অক্ষয়*, ১৮৫০।

অধস্তল [স] *বিণ* নিম্নস্থল। 'অপরার্দ্ধ অধস্তলে থাকে।' *বঙ্কিম*, ১৮৭৫।

অধার্মিক, অধার্ম্মিক [স] **১** *বিণ* ধর্ম মানে না এমন। 'অধার্মিক হব নর দাই তিন জাত্যে ঘর।' *মুকুন্দ*, ১৬০০; 'এক্ষণকার বঙ্গাঙ্গনাকে অধার্ম্মিক বলিতেছি না।' *বঙ্কিম*, ১৮৮৭। **২** *বি* গালিবিশেষ। 'অধার্ম্মিক ... ইত্যাদি আশীর্ব্বাদী বিশেষণে বিশেষিত হইতে হয়।' *অক্ষয়*, ১৮৪৬।

অধার্মিকতা [স] **১** *বি* নীতিবিরুদ্ধ কাজ। 'পত্নীত্যাগের অধার্মিকতা হৃদয়ঙ্গম করেন নাই।' *বঙ্কিম*, ১৮৮৪। **২** *বি* অন্যায়; অনাচার। 'পূজা জিনিসটাকে একঘেয়ে করে তোলার মতো অপবিত্র অধার্মিকতা আর কিছু হতে পারে না।' *রবীন্দ্র*, ১৯২৮।

অধার্মিকত্ব, অধার্ম্মিকত্ব [স] *বি* ধর্মহীনতা। 'আপনার অধার্ম্মিকত্ব প্রকাশ হইবেক।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩২।

অধিআ [স অধিক] *বিণ* অধিক। 'অমিআ অধিআ বোলে ষুমধুর বোলে।' *মালাধর*, ১৫০০।

অধিক [স] *বিণ* বেশি। 'তোহ্মাক দেখিল রাধা মোর অধিক রূপসী।' *বড়ু*, ১৪৫০।

অধিকক্ষণ [স] *ক্রিবিণ* দীর্ঘক্ষণ। 'হরিত বর্ণ অধিক মনোরম ও অধিকক্ষণ দেখিতে পারা যায়।' *বিদ্যা*, ১৮৫১।

অধিকতম [স] *বিণ* সবচেয়ে বেশি। 'পঞ্চপতিকা দ্রৌপদীকে অর্জ্জুনে অধিকতম অনুরক্তা করিয়া ... ।' *বঙ্কিম*, ১৮৮৭।

অধিকতর [স] *বিণ* তুলনামূলকভাবে বেশি; খুব বেশি। 'জমিদারী ক্রয়াধীন বহুতর দিবাবসানে অধিকতর ধনাঢ্য হইয়াছেন।' *ভবানী*, ১৮২৫।

অধিকতা [স] *বি* আধিক্য। 'মন পীড়ার সহিত অধিকতা কি নিমিত্তে?' *তারিণী*, ১৮০৩।

অধিকভাগ [স] *বিণ* অপেক্ষাকৃত বেশি। 'অধিকভাগ ম্যাজিষ্ট্রেটের স্কন্ধে নিক্ষেপ করা উচিত।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

অধিকসংখ্যক [স] *বিণ* বেশিসংখ্যক। 'ম্যাগাজিন প্রভৃতি অধিকসংখ্যক পত্রই সর্বসাধারণের সেবায় নিযুক্ত।' *রবীন্দ্র*, ১৯১২।

অধিকা [স] *বিণ* স্ত্রী অধিক। 'যেমত দীপিকা উজরে অধিকা।' *চণ্ডী*, ১৫৫০।

অধিকাংশ [স অধিক-অংশ] *বিণ* বেশির ভাগ। 'যে২ জন অধ্যক্ষ হইয়াছেন তন্মধ্যে পাঠার্থিগণ অধিকাংশ আছেন।' *কৌমুদী*, ১৮৩০।

অধিকাংশত [স অধিক-অংশত] *ক্রিবিণ* অধিকাংশ ক্ষেত্রে। 'অধিকাংশতই অকালে মরিতেছি।' *রবীন্দ্র*, ১৯০৭।

অধিকান্তর [স অধিক-অন্তর] *বি* বেশি দূর। 'পঞ্চাশ ক্রোশের অধিকান্তর বাস হয়।' *ডানকান*, ১৭৮৪।

অধিকন্তু [স] *অব্য* আরও; উপরন্তু। 'অধিকন্তু দোষ তাহে অপেয় সে নীর।' *রামপ্রসাদ*, ১৭৮০।

অধিকর্ত্রী [স] *বি* স্ত্রী পরিচালক। 'গবেষণা কেন্দ্রের প্রধান অধিকর্ত্রী।' *বেগম*, ১৯৬৮।

অধিকর্মা [স] *বি* অধিকর্তা। 'স্বৈরিতার অপ্রচল প্রকীর্তি আস্ফালি জরাগ্রস্ত

AMARBOI.COM

অধিকর্মাসম।' *সুধীন্দ্র*, ১৯৩১।

অধিকাই [স অধিক>] *বিণ* অধিক। 'তাহা হইতে রাধা গুণ শত অধিকাই।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অধিকান্ত [স অধিকন্তু] *ক্রিবিণ* অধিকতর। 'সে অধিক হইয়াছে অধিকান্ত ন দোষায়।' *কেরি*, ১৮০২।

অধিকার [স] ১ *বি* কর্তৃত্ব। 'সৃষ্টি স্থিতি প্রলয় জাহার অধিকার।' *মালাধর*, ১৫০০। ২ *বি* যোগ্যতা। 'তার কি নহিব প্রেমযোগ-অধিকার।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* দখল। 'বাহুবলে অধিকার করিল অনেক।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৪ *বি* স্বত্ব; মালিকানা। 'গুদাম মযকুর তৈয়ার হইলে কোম্পানির নিজ অধিকার হবেক।' *ক্যালগে*, ১৭৮৭। ৫ *বি* শাসন। 'তাঁহার অধিকার মধ্যে নীলকর এবং অন্য২ প্রজা তুল্যরূপে বসবাস করিতেছে।' *চন্দ্রিকা*, ১৮৪৪। ৬ *বি* জ্ঞান। 'এ বিদ্যায় অধিকার হইবার সম্ভাবনা নাই।' *অক্ষয়*, ১৮৪৯। ৭ *বি* সুযোগ। 'এ দেশীয় লোকের মফঃস্বলস্থ মাজিষ্ট্রেটদিগের নিকটে নীলকরদিগের নামে অভিযোগ করিবার অধিকার নাই।' *অক্ষয়*, ১৮৫০। ৮ *বি* জয়। 'উৎসবের সময় ভাবস্রোত দেশের অধিকাংশ লোকের মন অধিকার করে নেয়।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৯ *বি* দাবি। 'জাগো অন্তর-ক্ষেত্রে মুক্তির অধিকারে।' *রবীন্দ্র*, ১৯১০। ১০ *বি* পারদর্শিতা। 'সংগীতবিদ্যা ... তাহার মধ্যে কোনো অধিকার লাভ করিতে পারি নাই।' *রবীন্দ্র*, ১৯১২।

অধিকার করা ১ *ক্রি* দখল করা। 'ষষ্ঠ শতাব্দী পর্য্যন্ত সিন্ধুনদের পশ্চিম ভাগ আমার অধিকার করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *ক্রি* জুড়ে থাকা। 'আমার শরীরের চেয়ে মন ঢের বেশি জায়গা অধিকার করে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অধিকারকাল [স] *বি* শাসনকাল। 'বর্ত্তমান ইংপ্তণ্ডীয় মহাশয়েরদিগের অধিকারকালে ...।' *দর্পণ*, ১৮২৩।

অধিকারগম্য [স] *বিণ* আওতাধীন। 'এই বোধটা পরীক্ষকের পেনসিলমার্কার অধিকারগম্য নয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অধিকারচ্যুত [স] *বিণ* হাতছাড়া। 'মিশর দেশ রোমানদিগের অধিকারচ্যুত হইলে গ্রীক ভাষার ব্যবহার লুপ্ত হইল।' *অক্ষয়*, ১৮৪৮।

অধিকারতত্ত্ব [স] *বি* অধিকার সম্পর্কিত জ্ঞান। 'শ্রেণীনির্বিচারে ন্যায়সংগত ব্যবহারের সমান অধিকারতত্ত্ব।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অধিকারবঞ্চিত [স] *বিণ* অধিকারচ্যুত। 'অধিকারবঞ্চিত হবার দুঃখভার আমাদের পক্ষে তেমন বোঝা নয় যেমন বোঝা ...।' *রবীন্দ্র*, ১৯২১।

অধিকারবর্তী [স] *বিণ* দখলীভূত। '... আমাদের স্বার্থের গণ্ডির মধ্যে থাকে তাই মৃত্যুর অধিকারবর্তী।' *রবীন্দ্র*, ১৯২১।

অধিকারবাদ [স] *বি* অধিকার সংক্রান্ত মতবাদ। 'অধিকারবাদের লড়াই শুরু হয়েছে দুনিয়াময়।' *শরীফ*, ১৯৬৮।

অধিকারবান [স] *বিণ* প্রভাবশালী। 'রাজস্ব সচিব প্রভৃতি উচ্চ রাজকার্যে অধিকারবান ছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

অধিকারভুক্ত [স] *বিণ* দখলে এসেছে এমন। 'মেদিনীপুরও তাহাদের অধিকারভুক্ত হইল।' *বঙ্কিম*, ১৮৬৫।

অধিকারভ্রষ্ট [স] *বিণ* বেদখল। *সেবধি*, ১৮৩৯।

অধিকারমদ [স] *বি* অধিকারের নেশা। 'সেই অধিকারমদে মত্ত হইয়া তাহার প্রতি যে আমি ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

অধিকারলাভ [স] *বি* কর্তৃত্ব অর্জন। 'উচ্চতর অধিকারলাভের জন্য আমাদের সমস্ত প্রকৃতি উন্মুখ হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অধিকারশালিনী [স] *বিণ স্ত্রী* অধিকারবিশিষ্ট। 'স্ত্রীগণও পুরুষের তুল্য অধিকারশালিনী।' *বঙ্কিম*, ১৮৭৯।

অধিকারশূন্য [স] *বিণ স্ত্রী* কর্তৃত্বহীন। 'সংসারের অধিকাংশ ব্যাপারে স্ত্রীলোক অধিকারশূন্য।' *বঙ্কিম*, ১৮৭৯।

অধিকারসীমা [স] *বি* এলাকা। 'সর্বতন্ত্রের অধিকারসীমা হইতে নির্বাসনের আদেশপ্রদান করিলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

অধিকারস্থ [স] *বিণ* অধিকারভুক্ত; কর্তৃত্বসীমার অন্তর্গত। 'অন্য আদালতের অধিকারস্থ ... হয়।' *ডানকান*, ১৭৮৪।

অধিকারি [স অধিকারী] ১ *বি* প্রভু। 'দেখিয়া জৌবন মোর বলিল অধিকারি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* সেবাইত। 'অধিকারিরা জন পাঁচ সাত ঐ পয়সা কাড়িয়া লইতে তাহার প্রত্যেক অঙ্গ ধরিল।' *দর্পণ*, ১৮১৯।

অধিকারিণী [স] ১ *বিণ স্ত্রী* অধিকারপ্রাপ্ত। 'যতকাল এই ভারতবর্ষীয় অবলারা বিদ্যার ... অধিকারিণী না হইবে।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বি স্ত্রী* মালিক। 'তুমি আমার এই সমস্ত সম্পত্তির অধিকারিণী হইবে।' *বিদ্যা*, ১৮৬৩। ৩ *বিণ স্ত্রী* যোগ্যতাসম্পন্ন। 'তিনি অবশ্য তাহাতে অধিকারিণী।' *বঙ্কিম*, ১৮৭৯।

অধিকারিত্ব [স] *বি* স্বত্ব। 'সম্পত্তির অধিকারিত্বেও সমান।' *বঙ্কিম*, ১৮৭৯।

অধিকারী [স] ১ *বিণ* উপযুক্ত। 'পরমহংসের পথে আমি অধিকারী।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* পূজা করার অধিকারপ্রাপ্ত ব্যক্তি। 'বস্ত্রের স্থাপিত আমি ইঁহা অধিকারী।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* রাজা। 'কেবা তথা মহাপাত্র কেবা অধিকারী।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* দলপতি। 'পঞ্চশত জনের অধিকারী।' *মুকুন্দ*, ১৬০০। ৫ *বি* মালিক। 'এ সকল অধিকারী নৃপ মহাবল।' *বাহরাম*, ১৬৫০। ৬ *বি* যোগ্যতাসম্পন্ন ব্যক্তি। 'যথার্থ অধিকারীরা তাহার বিপরীত কহিলেক।' *তারিণী*, ১৮০৩। ৭ *বি* শাসক। 'এ দেশের অধিকারী সর্ব্বপ্রকারে উত্তম হন।' *রাজীব*, ১৮০৫। ৮ *বি* জাতি-বৈষ্ণব সম্প্রদায়। 'অধিকারীরা অশুচি তাহারা স্পর্শ করিয়াছে।' *দর্পণ*, ১৮১৮। ৯ *বিণ* উপযুক্ত। 'তোমরাই এই সকল সম্ভ্রান্ত পদের অধিকারী হইতে পার।' *অক্ষয়*, ১৮৫৩। ১০ *বি* উত্তরাধিকারী। 'কোন কোন দেশে কেবল জ্যেষ্ঠ পুত্রই পৈতৃক ধনের অধিকারী হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৫। ১১ *বি* অমাত্য। 'নীরব সচিববৃন্দ, অধিকারী যত রক্ষঃশ্রেষ্ঠ।' *মাইকেল*, ১৮৬১। ১২ *বি* যাত্রাদলের প্রধান। 'যেরূপ যাত্রার বালক অধিকারীর কানমলা খাইয়া গীত গায়।' *বঙ্কিম*, ১৮৬৫।

অধিকারীভেদ [স] *বি* যোগ্য ও অযোগ্যের মধ্যে প্রভেদ। 'কাব্যে শিল্পে অধিকারীভেদ আছে।' *প্রমথ*, ১৯১৪।

অধিকৃত [স] ১ *বিণ* দখলীকৃত। 'পূর্ব্বের অধিকৃত বস্তুকেও হারাই।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* বিজিত। 'অধিকারী জাতির অধিকার নাশের সহিত ... তাঁহারদিগের ভাষা লুপ্ত হইতে থাকে।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বি* কার্যনির্বাহী। 'কেবল অধিকৃতবর্গের বিবেচনার উপর নির্ভর করিয়া নিশ্চিন্ত হইয়াছি।' *বিদ্যা*, ১৮৫৬।

অধিগমন [স] *বি* চলে যাওয়া। 'পরুর গাড়ির মন্থর অধিগমন ...।' *রশীদ*, ১৯৬৩।

অধিগম্য [স] ১ *বিণ* জ্ঞানলাভের যোগ্য। 'তাহা আর-কোনো লোকের অধিগম্য নহে।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বিণ* লভ্য। 'তাদের পক্ষে অধিগম্য বাড়িগুলো মনে মনে ভেবে গেলো।' *বুদ্ধ*, ১৯৪০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অধিত্যকা [স] *বি* পর্বতের সমতল উপরিভাগ। 'তদীয় অধিত্যকায় কুটীরনির্মাণপূর্বক, তপস্যা করিতে লাগিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অধিদেবতা [স] *বি* দেবতাদের দেবতা। 'এ মন্দিরে সকল দেবতার অধিদেবতা প্রেমের প্রতিষ্ঠা হয় নাই।' *রবীন্দ্র*, ১৯০৮।

অধিদৈবত [স] *বি* অন্তর্যামী। 'ফলত অধিদৈবতের সঙ্গে তারা প্রায় অপত্য সম্বন্ধ পাতিয়েছিল।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অধিনায়ক [স] *বি* নেতা; পরিচালক। 'অধিনায়করূপে নির্বাচিত করিয়া নিয়ত তাহারই আজ্ঞাধীন থাকে।' *অক্ষয়*, ১৮৫৪।

অধিনায়কতা [স] *বি* নেতৃত্ব। 'পরিষদের অধিনায়কতায় ছাত্রগণ যদি স্ব স্ব প্রদেশের ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

অধিনায়কত্ব [স] ১ *বি* অধিনায়কের কাজ। 'অভিধানে তোমার অধিনায়কত্ব করতে হবে।' *নজরুল*, ১৯৩০। ২ *বি* নেতৃত্ব। 'যেখানে তাঁদের অবিসংবাদিত অধিকার সেখানে তাঁদের অধিনায়কত্ব স্বীকার করতেই হবে।' *রবীন্দ্র*, ১৯৩৭। ৩ *বি* সভাপতিত্ব। 'সঙ্গীত জলশার অধিনায়কত্ব করার জন্য আমন্ত্রণ করিয়াছেন।' *নজরুল*, ১৯৩৮।

অধিনী [স অধীন] *বিণ স্ত্রী* অধীনস্থ। 'পরের অধিনী মুঞি জান প্রভু রাএ।' *বাহরাম*, ১৬৫০।

অধিনেতা [স] *বি* প্রধান নেতা। 'তুরস্ক সম্রাট সমগ্র পৃথিবীর মুসলমানগণের অধিনেতা।' *প্রচারক*, ১৯০০।

অধিপতি [স] ১ *বি* প্রভু। 'প্রান রাখ প্রান রাখ তৃদস অধিপতি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* কর্তা। 'নৃত্য করিলেন বৈকুণ্ঠের অধিপতি।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* শাসক। 'চাটিগ্রাম অধিপতি হইলেন্ত মহামতি।' *বাহরাম*, ১৬৫০। ৪ *বি* রাজা। 'তাহার ভিতরে মোর পিতা অধিপতি।' *আলাওল*, ১৬৮০। ৫ *বি* সভাপতি। 'ঐ সমাজে শ্রীযুক্ত সর জন গ্রান্ট সাহেব অধিপতি ছিলেন।' *দর্পণ*, ১৮৩৫। ৬ *বি* প্রধান। 'দেবতাবিশেষকে সর্বদেবের অধিপতি বলিয়া অঙ্গীকার করিয়া আসিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৪।

অধিপতিত্ব [স] *বি* কর্তৃত্ব। 'একজন ব্যক্তিকে অধিপতিত্বে বরণ করা।' *রবীন্দ্র*, ১৯০৫।

অধিবাস [স] ১ *বি* প্রস্তুতি। 'অধিবাস করি মোহ গেল কাম বানে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* মাঙ্গলিক দ্রব্যে সজ্জিতকরণ। 'হেমন্ত হরিষে কন্যা অধিবাসে করিল দুন্দুভি বাজনা।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* শুভকাজের পূর্ববর্তী অনুষ্ঠান। 'আজি অধিবাস কালি পাব ছত্রদণ্ড।' *কৃত্তিবাস*, ১৬৫০। ৪ *বি* বসবাস। 'পুরাতন মনুষ্য-জাতি ভারতবর্ষ মধ্যে অধিবাস করিয়া আসিতেছে।' *অক্ষয়*, ১৮৪৯।

অধিবাসন [স] *বি* গন্ধমালাদি দিয়ে দেবমূর্তি স্থাপন। 'যতেক দ্বিজ মুনি করায় বেদধ্বনি গৌরীর গন্ধাধিবাসনে [গন্ধ+অধিবাসন+এ]।' *মুকুন্দ*, ১৬০০।

অধিবাসিনী [স] ১ *বিণ স্ত্রী* সহবাসিন্দা। 'তাহার দুই প্রৌঢ়া অধিবাসিনী অনেক ক্ষণ ধরিয়া বকাবকি করিয়া অবশেষে চুলাচুলি করিবার ...।' *রবীন্দ্র*, ১৮৭৭। ২ *বি স্ত্রী* বসবাসকারী। 'সাজে-সজ্জায় চালে-চলনে নানা ব্যঞ্জনা দিয়ে সে বস্তুলোকের প্রান্তদেশের রসলোকের অধিবাসিনী করে দাঁড় করিয়েছে।' *রবীন্দ্র*, ১৯২৮।

অধিবাসী [স] *বি* বাসিন্দা। 'আমি বাঙ্গালার অধিবাসী।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

অধিবৃত্ত [স] *বিণ* প্রায় গোল। 'অধিবৃত্তাকার কক্ষপথ কদাচিৎ দেখতে পাওয়া যায়।' *ফজলল*, ১৯২৩।

অধিবেদন [স] *বি* প্রথম স্ত্রী বর্তমান সত্ত্বেও দ্বিতীয় বিবাহ। 'আমাদিগের লেখনে উৎসাহী হইয়া অধিবেদনের এক ঘৃণিত বৃত্তান্ত শিখিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪২।

অধিবেশন [স] ১ *বি* অনুষ্ঠান। 'প্রথম সভার অধিবেশন হইয়া সূত্র নামক বৌদ্ধশাস্ত্র সঙ্কলিত হয়।' *অক্ষয়*, ১৮৫০। ২ *বি* অধিষ্ঠান। 'কাছাড়ের সিংহাসনে তোমার অধিবেশন করাইব।' *দীনবন্ধু*, ১৮৭৩। ৩ *বি* সভা। 'প্রতি অধিবেশনে যাইতে আরম্ভ করিলেন।' *বঙ্কিম*, ১৮৮৪। ৪ *বি* আরম্ভ। 'সভা অধিবেশনের সময় হয়েছে।' *রবীন্দ্র*, ১৯০৭। ৫ *বি* বৈঠক। 'ব্যবস্থা পরিষদের বাজেট অধিবেশন আরম্ভ হইবে।' *আজাদ*, ১৯৩৬। ৬ *বি* সভা ইত্যাদির অনুষ্ঠান-পর্ব। 'এবারকার সম্মেলনেও মূল অধিবেশন এবং বহু শাখা-অধিবেশনের ব্যবস্থা হইয়াছিল।' *আজাদ*, ১৯৪১।

অধিরাজ [স] *বি* প্রধান রাজা। 'যে নগরে নাচে বৈকুণ্ঠের অধিরাজ।' *বৃন্দা*, ১৫৮০।

অধিরাজিত [স] *বিণ* বিরাজিত। 'সন্ধ্যাকালে নীরব-জ্যোতিষ্কমণ্ডলী-অধিরাজিত অনন্ত জগতের প্রতি একটা অবজ্ঞা ...।' *রবীন্দ্র*, ১৯০২।

অধিরূঢ় [স] ১ *বিণ* উন্নত অবস্থাপ্রাপ্ত। 'অধিরূঢ় মহাভাব তার এ বিকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* সমাসীন। 'অল্পকালমধ্যে প্রধান ব্যবহারাজীবের পদে অধিরূঢ় হইলেন।' *বিদ্যা*, ১৮৪৯। ৩ *বিণ* অধিষ্ঠিত। 'অদ্যাপি বাঙ্গলার রাজসিংহাসনে অধিরূঢ় থাকিতেন।' *অক্ষয়*, ১৮৫১।

অধিরোহণ [স] ১ *বি* আরোহণ। 'কালক্রমে, নৃপতির লোকান্তরপ্রাপ্তি হইলে, সর্বজ্যেষ্ঠ শম্ভু সিংহাসনে অধিরোহণ করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বি* অধিষ্ঠান। 'বধূরাই উহাদিগের পদবীতে অধিরোহণ করিতেন।' *এডুকেশন*, ১৮৭৩। ৩ *বিণ* উপরে ওঠা। 'সেই উজ্জ্বলতম জ্যোতিষ্ক অদ্য অস্তমিত হইয়া উচ্চতর গগনে অধিরোহণ করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

অধিরোহণ করা ১ *ক্রি* উন্নীত হওয়া। 'কিন্তু স্বভাবতঃ যুদ্ধবিদ্যায় অদ্ভুত নৈপুণ্য থাকাতে ক্রমে ক্রমে অতি প্রধান পদে অধিরোহণ করেন।' *বিদ্যা*, ১৮৫১। ২ *ক্রি* চড়া। 'ফ্লোরেলনামক জাহাজে অধিরোহণ করিলাম।' *কৃষ্ণকমল*, ১৮৫৮। ৩ *ক্রি* পৌঁছা। 'কমলাদীর বয়ঃক্রম ঊনবিংশতিতে অধিরোহণ করিল।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

অধিরোহিণী [স] *বি* সিঁড়ি। 'দুই জন সৈনিক পুরুষ অধিরোহিণী দ্বারা অতি কষ্টে করওক অবতীর্ণ করিল।' *বিদ্যা*, ১৮৪৯।

অধিষ্ঠা [স অধিষ্ঠান>] *ক্রি* অনুষ্ঠান করা। 'বাল্মিক নৃপতি আসী জৈজ্ঞ অধিষ্ঠিল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অধিষ্ঠাতা [স] *বি* নিয়ন্তা। 'বিংসতি সহস্র রাজা জৈজ্ঞ অধিষ্ঠাতা।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অধিষ্ঠাতৃ [স] *বি* সভাপতি। 'বিদ্যাবিষয়ক কমিটীর অধিষ্ঠাতৃ শ্রীযুত হেরিন্টন সাহেব।' *দর্পণ*, ১৮২৭।

অধিষ্ঠাত্রী [স] ১ *বিণ* অধিষ্ঠানকারী। 'এক রাক্ষস সেই পাতালস্থ নগরীর, অধিষ্ঠাত্রী দেবতার ন্যায়, রক্ষণাবেক্ষণ করিত।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ স্ত্রী* নিয়ন্তা। 'শুভদাত্রী অধিষ্ঠাত্রী বাঙ্গালের দেশে।' *গুপ্ত*, ১৮৫৮।

অধিষ্ঠান [স] ১ *বিণ* উপবিষ্ট। 'অধিষ্ঠান হৈয়া তারে বলেন পার্ব্বতি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* অনুষ্ঠান। 'জৈজ্ঞ অধিষ্ঠান হেতু মিলিল যকল।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৩ *বিণ* অধিষ্ঠিত। 'কৈলাসশিখর ত্যজি একবার কণ্ঠে হও অধিষ্ঠান।' *মানিকরাম*, ১৭৮১। ৪ *বি* আবাস।

AMARBOI.COM

'কলিকাতা নগরের ... সমূহ ব্যক্তির অধিষ্ঠান আছে।' *অক্ষয়*, ১৮৪৫। **৫** *বি* অবস্থান। 'তিনি কুত্রাপি অগ্নির তেজ ও জলের প্রভাব দেখিয়া তথায় দেব বিশেষের অধিষ্ঠান কল্পনা করেন না।' *অক্ষয়*, ১৮৫৫। **৬** *বি* আবির্ভাব। 'জীবের অধিষ্ঠান হইল কি প্রকারে।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **৭** *বি* আশ্রয়। 'বৌদ্ধধর্ম্ম এতদ্দেশ হইতে দূরীকৃত হইয়া চীন ব্রহ্মে অধিষ্ঠান করিলেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অধিষ্ঠানভূমি [স] *বি* বাসস্থান। 'বৃহস্পতি আমাদের অধিষ্ঠানভূমি ভূ-মণ্ডল অপেক্ষায় ১৪১৪ চৌদ্দশত চৌদ্দ গুণ বৃহৎ।' *অক্ষয়*, ১৮৫৪।

অধিষ্ঠিত [স] **১** *বিণ* আবির্ভূত। 'যাঁর দেহে কৃষ্ণ পূর্ব্বে হৈল অধিষ্ঠিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* প্রতিষ্ঠিত। 'প্রতিপক্ষদিগকে বিচারে পরাস্ত করিয়া সরস্বতী পীঠে অধিষ্ঠিত হন।' *অক্ষয়*, ১৮৫২। **৩** *বিণ* উপবিষ্ট। 'বোটের জানলার কাছে অধিষ্ঠিত হয়ে বহুদিন পরে একটু মনের শান্তি পেয়েছি।' *রবীন্দ্র*, ১৮৯২।

অধিষ্ঠিতা [স] *বিণ স্ত্রী* আসীন। 'এই মহীয়সী মহিলা এখন ... প্রদেশ-পাল পদে অধিষ্ঠিতা।' *বেগম*, ১৯৪৮।

অধিস্বামী [স] *বি* মালিক। 'ধর্ম্মঘট করিয়া কল-কারখানা প্রভৃতির অধিস্বামীদিগের কি না ক্ষতি করে।' *এডুকেশন*, ১৮৯০।

অধিস্বামিত্ব [স] *বি* নিয়ন্ত্রণক্ষমতা। 'মানুষ আজ ভাবতে সাহসী হচ্ছে যে প্রকৃতির অধিস্বামিত্ব একদিন তার পুরোপুরি লাভ হতেও পারে।' *ওদুদ*, ১৯৪৮।

অধীত [স] *বিণ* পঠিত। 'যে কয়েকখানি গ্রন্থ অধীত হয় তাহা তিন ভাগেই সমান।' *অক্ষয়*, ১৮৫০।

অধীতবিদ্য [স] *বিণ* শিক্ষাপ্রাপ্ত। 'হিন্দু কালেজে অধীতবিদ্য দুই জন ছাত্র।' *দর্পণ*, ১৮৩৬।

অধীন [স] **১** *বিণ* অনুগত। 'তোমার অধীন আমি পুত্র সে তোমার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* পরাধীনতা। 'গৌড়ের অধীন হৈবে ভূপ।' *বাহরাম*, ১৬৫০। **৩** *বিণ* বশীভূত। 'এক সিংহ দৈবাৎ যাকে অধীন অনপরাধী ইন্দুরের উপর থাবা মারিল।' *ত্যরিণী*, ১৮০৩; 'আমরা পরের শাসনের অধীন রহিতেছি।' *অক্ষয়*, ১৮৫৪। **৪** *বিণ* করায়ত্ত। 'কোম্পানি বাহাদুরের অধীন।' *দর্পণ*, ১৮১৯। **৫** *বি* নিয়ন্ত্রণ। 'যথার্থ ব্যবস্থার অধীনে।' *বঙ্গদূত*, ১৮২৯। **৬** *বি* তত্ত্বাবধান। 'ঐ বিদ্যালয় এইক্ষণে শ্রীযুত জোন্সসাহেবের অধীনে আছে।' *দর্পণ*, ১৮৩৬। **৭** *বিণ* পরাধীন। 'বঙ্গদেশের বর্তমান অধীন অবস্থায় উহার সাহিত্যোদ্যানে যে-সকল পুষ্প প্রস্ফুটিত হইতেছে।' *অক্ষয়*, ১৮৫৫। **৮** *বিণ* অধীনস্থ। 'গভর্ণমেন্টের অধীন বিদ্যালয় সমুদায়স্থ ...।' *অক্ষয়*, ১৮৫৫।

অধীনদেশ [স] *বি* পরাধীন দেশ। 'অধীনদেশে এই ব্যুরোক্র্যাসি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অধীনস্থ [স] **১** *বিণ* শাসনাধীন। 'অধীনস্থ প্রজা।' *মশাররফ*, ১৮৬৯। **২** *বিণ* বশবর্তী। 'তাহারাই পরাভূত হইয়া ইহাদিগের অধীনস্থ হইয়াছে।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **৩** *বিণ* নিয়ন্ত্রণাধীন। 'গভর্ণমেন্টের অধীনস্থ ভূমিগ্রহণ।' *প্রচারক*, ১৯০৬।

অধীনা [স] *বিণ স্ত্রী* কারো অধীনে থাকে এমন। 'অবলা অধীনা জনে রক্ষ।' *মাইকেল*, ১৮৬৬।

অধীনী [স] **১** *বি স্ত্রী* অধীনস্থ জন। 'কেন কর অধীনীরে এত অপমান।' *রামনারায়ণ*, ১৮৫৪। **২** *বিণ স্ত্রী* প্রেমমুগ্ধ। 'রাখো অধীনী জনে, কর শান্তি দান।' *রবীন্দ্র*, ১৮৮১।

অধীনতা [স] **১** *বি* অধীন অবস্থা। 'কোন২ ইঙ্গলণ্ডীয় মহাশয়ের অধীনতায় বিশেষতঃ ...।' *দর্পণ*, ১৮৩১। **২** *বি* আনুগত্য। 'বাঙ্গালিরা শিষ্ট, বুদ্ধিমান, অধীনতা বুদ্ধিবিশিষ্ট, অলস, ভীত, ঐক্যহীন।' *অক্ষয়*, ১৮৫০।

অধীনতাপাশ [স] *বি* পরাধীনতার বন্ধন। 'অধীনতাপাশে উত্তরোত্তর অধিকতর বাঁধিতে থাকিব।' *রবীন্দ্র*, ১৯০৫।

অধীনতাপিষ্ট [স] *বিণ* পরাধীনতায় কাতর। 'দেশের অধীনতাপিষ্ট ... লোকের এত বুক-চড়চড়ানি।' *নজরুল*, ১৯২৭।

অধীর [স] **১** *বিণ* মত্ত। 'প্রেমাবেশে প্রভু হইলা অধীর।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* অস্থির। 'যুদ্ধের ঘোড়া ছিত্তিআ দড়া হইল অধীর।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বিণ* ব্যাকুল। 'আপনি অধীর হৈলা দয়ার ঠাকুর।' *রূপরাম*, ১৭৫০।

অধীর-করা *বিণ* অস্থির করে তোলে এমন। 'অধীর-করা রূপ বেসেছিলাম ভালো।' *সত্যেন্দ্র*, ১৯১১।

অধীরতা [স] **১** *বি* অস্থিরতা। 'একটা নিদ্রাহীন উন্মত্ত অধীরতা ভরপুর বেগে একেবারে নিরুদ্দেশ হয়ে চলেছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **২** *বি* ব্যাকুলতা। 'এর মধ্যে যে-একটা আকাঙ্ক্ষার অধীরতা আছে সেও ভালো।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অধীরা [স] **১** *বি* নায়িকার প্রকারবিশেষ। 'ধীরা অধীরা ধীরাধীরা পরিচ্ছেদ।' *ভারত*, ১৭৬০। **২** *ক্রিবিণ* দ্রুতগতিতে। 'কাল-নদী ধায় অধীরা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অধীরা [সং অধীর>] **১** *বিণ স্ত্রী* চঞ্চল। 'স্ত্রী লোকেরা অধীরা হইলেও বার্ত্তাবিদ্যা দ্বারা আপন ধন রক্ষা করিয়া ...।' *দর্পণ*, ১৮২২। **২** *ক্রি* অস্থির করা। 'পারি আমি উপাড়িতে তরুবর ... চিরধীর শৃঙ্গধরে বজ্রসম চোটে অধীরিতে।' *মাইকেল*, ১৮৬০। **৩** *বিণ স্ত্রী* ধৈর্যহীন। 'মনে করিও না আয়েষা অধীরা।' *বঙ্কিম*, ১৮৬৫। **৪** *ক্রি* অস্থির হওয়া। 'হর্ষে অধীরিয়া উঠে হেরিয়া তপন।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অধীশ্বর [স] **১** *বি* অধিপতি। 'করিয়া সন্ন্যাস বৈকুণ্ঠের অধীশ্বর।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* রাজা। 'তৃতীয় জর্জ্জ ইংলণ্ডের অধীশ্বর ছিলেন।' *বিদ্যা*, ১৮৪৯। **৩** *বিণ* প্রধান। 'শিব ও বিষ্ণু সর্বদেবের অধীশ্বর ...।' *অক্ষয়*, ১৮৫৪। **৪** *বি* উৎস। 'উষ্ণতার অধীশ্বর যে গোলক।' *মাহমুদ*, ১৯৭৩।

অধীশ্বরী [স] **১** *বি স্ত্রী* মালিক। 'আপনি আমায় একমাত্র অধীশ্বরী না হইলে যে, সকলই বৃথা হইল।' *বঙ্কিম*, ১৮৬৬। **২** *বি স্ত্রী* রানি। 'তিনিই সেই সুবিশালরাজ্যের অধীশ্বরী হইবেন।' *মশাররফ*, ১৮৮৫।

অধুনা [স] **১** *ক্রিবিণ* সম্প্রতি। 'অধুনা পঞ্চবিংশতি জন ছাত্রেরও অধিক সমাগম হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৬। **২** *বি* বর্তমান কাল। 'অসহ্য অধুনা মোর, ভবিষ্যৎ বন্ধ অন্ধকার।' *সুধীন্দ্র*, ১৯৩২।

অধুনাতন [স] **১** *ক্রিবিণ* সম্প্রতি। 'অধুনাতন বহুসংখ্যক বঙ্গীয় ব্যক্তির শরীর নষ্ট হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৬। **২** *বিণ* আধুনিক। 'যে অধুনাতন পণ্ডিত পূর্বনির্দিষ্ট বিশুদ্ধপ্রায় বিশুদ্ধ মত পুনরুজ্জীবিত করেন, তাহার নাম নিকোলাস কোপর্নিকস।' *বিদ্যা*, ১৮৪৯।

অধুনাতনী [স] *বিণ* আধুনিক। 'সনাতনী ও অধুনাতনী লেখক ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অধুনাতম [স] *বিণ* সাম্প্রতিকতম। 'আধুনিক সভ্যতার অধুনাতম অধ্যায়ে ব্যক্তির অপঘাত কীভাবে ঘটেছে ...।' *শিব*, ১৯৬০।

অধুনাবিবর্তিত [স] *বিণ* সাম্প্রতিক সময়ে আগত। 'বাংলা গদ্যের অধুনাবিবর্তিত রূপের মধ্যে তাই আজও সাগরী গদ্যের সুবাস অনুভব করা যায়।' *সুনীল মুখো*, ১৯৭০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অধুনালুপ্ত [স] *বিণ* বর্তমানে অস্তিত্ব লোপ পেয়েছে এমন। 'অধুনালুপ্ত জাতির দেশে।' *বিভূতি*, ১৯৩১।

অধৃত [স] *বিণ* ধরা পড়েনি এমন। 'কিন্তু অদ্যাবধি তিনি অধৃত।' *বনফুল*, ১৯৩৬।

অধৃষ্য [স] *বিণ* অজেয়। 'নব আলো পড়ে খসে/ মরণ-অধৃষ্য।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

অধৈর্য, অধৈর্য্য [স] **১** *বিণ* অস্থির। 'শয়ন মন্দিরে শুয়ে শয়নে অধৈর্য।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বিণ* ব্যাকুল। 'রাজা অনেক প্রকার বিলাপ করিয়া অত্যন্ত অধৈর্য্য হইয়া সিংহাসনে রোদন করিতে লাগিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **৩** *বি* অস্থিরতা। 'দুদিন কোনো কারণে চিঠি না পেলে এতটা বেশি অধৈর্য উপস্থিত হয় ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অধৈর্যবশত [স] *ক্রিবিণ* ধৈর্যহীনতার কারণে। 'অধৈর্যবশত সে অকালে নিমন্ত্রণগৃহের সমস্ত অনুনয়বিনয় ...।' *রবীন্দ্র*, ১৯০১।

অধৈর্যশীল, অধৈর্য্যশীল [স] *বিণ* অসহিষ্ণু। 'তাহারা অধৈর্য্যশীল নন।' *মাহেনও*, ১৯৪৯।

অধৈর্যহীন [স] *বিণ* ধৈর্যশীল। 'যদিও অধৈর্যহীন – তবু আজও শিরার দড়িতে বাঁধে জীবনের প্রয়োজনে।' *বুদ্ধ*, ১৯৫৫।

অধৈর্যতা, অধৈর্য্যতা [স] *বি* ব্যাকুলতা। 'বিস্তর অধৈর্য্যতার সহিত অপেক্ষা করিয়া দেখিলেক।' *তারিণী*, ১৮০৩।

অধো [স অধঃ] *বিণ* নিম্ন; নত। 'অধোমুখী হয়্যা জান দেবী মাহেশ্বরী।' *মুকুন্দ*, ১৬০০।

অধোগত [স] *বিণ* নিম্নগামী। 'স্থাবরসকল ঊর্ধ্ব ও অধোগত হইল।' *দর্পণ*, ১৮৩৩।

অধোগতি [স] **১** *বি* অধঃপতন। 'বিদ্যায় না দিআ মতি সভে জাবে অধোগতি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* দুর্দশা। 'সে সকল সর্বতোভাবে বিফল ও অন্তে অবধারিত অধোগতির কারণ হয়।' *বিদ্যা*, ১৮৪৯।

অধোগতি প্রাপ্ত হওয়া *ক্রি* অধঃপতিত হওয়া। 'দিনে দিনে আমাদের দেশ অধোগতি প্রাপ্ত হচ্ছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অধোগামি [স অধোগামী] *ক্রিবিণ* অধঃপতনমুখী। 'এই পাপে ধনঞ্জয় জাবে অধোগামি।' *হ্যালহেড*, ১৭৭৮।

অধোগামী [স] **১** *বিণ* অস্তগামী। 'অধোগামী এবে রবি।' *মাইকেল*, ১৮৭৩। **২** *বিণ* নিম্নগামী। 'করেছো অমৃত অধোগামী সেঁকোবিষ।' *শক্তি*, ১৯৬৫।

অধোদিক [স] *বি* নীচের দিক। 'অধোদিকে মেঘের চলাচল দেখিতে পাওয়া যায়।' *অক্ষয়*, ১৮৪৯।

অধোদেশ [স] *বি* নিম্নাংশ। 'কাকালি অবধিমাত্র অধোদেশে বাস।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অধোবদন [স] *বিণ* নতমুখ। 'রাণী, এককালে, হতবুদ্ধি ও অধোবদন হইয়া রহিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অধোবাস [স] *বি* নিম্নাঙ্গের বস্ত্র। 'হাঁটু পর্যন্ত হ্রস্ব অধোবাস।' *রবীন্দ্র*, ১৯২৮।

অধোভাগ [স] *বি* নীচের অংশ; নিম্নভাগ। 'মাস্তুলের অধোভাগ, ... দেখিতে পাওয়া যায়।' *অক্ষয়*, ১৮৫২।

অধোমুখ [স] *বিণ* নতমুখ। 'অধোমুখ কবিবর করিলেক লাজে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অধোমুখী [স] *বিণ স্ত্রী* মুখ নত করে আছে এমন। 'অধোমুখী হয়্যা জান দেবী মাহেশ্বরী।' *মুকুন্দ*, ১৬০০।

অধোমুণ্ড [স] *বি* মাথা নীচের দিকে এমন অবস্থা। 'জননীর জঠরে যখন অধোমুণ্ডে ছিলে রে মন।' *লালন*, ১৮৯০।

অধৌত [স] *বিণ* ধোয়া হয়নি এমন। 'চেহারা অধৌত।' *মুজতবা*, ১৯৪৯।

অধিক্ষ্য [স অধ্যক্ষ] *বি* প্রধান কর্মকর্তা। 'তাহার অধিক্ষ্য নবাব ছোলেমান গররানি নাম পাঠান।' *রামরাম*, ১৮০১।

অধ্যক্ষ [স] **১** *বিণ* নেতৃস্থানীয়। 'সবার অধ্যক্ষ প্রভুর মর্ম দুই জন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* তদারককারী। 'সেবার অধ্যক্ষ শ্রীপণ্ডিত হরিদাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* আয়োজক। 'পাতশা অধ্যক্ষ দরবার পূজাস্থান।' *ভারত*, ১৭৬০। **৪** *বি* কর্তৃত্বপ্রাপ্ত ব্যক্তি। 'অধ্যক্ষপত্র লিখনের দ্বারা কাহাকেও অধ্যক্ষ না করিয়া থাকে।' *ফরস্টার*, ১৮০০। **৫** *বি* কর্মকর্তা। 'কাঙ্গালি লোককে মাস২ খয়রাত দেওনের উপযুক্ত অধ্যক্ষ নিযুক্ত করিলেন।' *রামরাম*, ১৮০১। **৬** *বি* পরিচালক। 'যে ব্যক্তিরা এই বাঙ্কের অধ্যক্ষ আছেন ...।' *দর্পণ*, ১৮১৯। **৭** *বি* আমন্ত্রিত অতিথি। 'সে বিবাহের অধ্যক্ষ প্রধান২ ইংগ্লণ্ডীয় সাহেবেরা ছিলেন।' *দর্পণ*, ১৮২০। **৮** *বি* শিক্ষক। 'স্কুলের অধ্যক্ষ সাহেবদের আমার প্রতি যেমন অনুগ্রহ।' *দর্পণ*, ১৮২১। **৯** *বিণ* উপদেষ্টা। 'বিদ্যাবিজ্ঞ এক সাহেবকে ... অধ্যক্ষতাতে নিযুক্ত করিয়া ...।' *দর্পণ*, ১৮২২। **১০** *বি* সম্পাদক। 'সমাচারপত্রের নাম অধ্যক্ষের নাম।' *বঙ্গদূত*, ১৮২৯। **১১** *বি* কর্তৃত্বপ্রাপ্ত সদস্য। 'উপস্থিত অধ্যক্ষেরা তাঁহার প্রার্থনা গ্রাহ্য করিলেন।' *দর্পণ*, ১৮৩০। **১২** *বি* সভার প্রধান। 'কোম্পানি বাহাদুরের সভাপতি ঐ ভোজে অধ্যক্ষস্বরূপ উপবেশন করেন।' *দর্পণ*, ১৮৩১। **১৩** *বি* মঠ-পরিচালক; মহন্ত। 'প্রত্যেক মঠের এক একজন অধ্যক্ষ থাকে, তাহার নাম মহন্ত।' *অক্ষয়*, ১৮৪৭। **১৪** *বি* তত্ত্বাবধায়ক। 'তাহার অধ্যক্ষ বা প্রহরীর স্বরূপ হইয়া তত্ত্বাবধান করে।' *অক্ষয়*, ১৮৫৪। **১৫** *বি* সর্দার। 'একজন সাঁওতাল-পল্লী সাঁওতালদলের অধ্যক্ষ হইয়া তাহারদিগকে চালনা করিতেছে।' *প্রভাকর*, ১৮৫৬। **১৬** *বি* প্রধান পরিচালক। 'এ কর্মে আপনার অধ্যক্ষ হইয়া যাহাতে নির্বাহ হয় তাহা করুন।' *প্যারী*, ১৮৫৮। **১৭** *বি* জাহাজের অধিনায়ক। 'জাহাজের অধ্যক্ষকে "কাপ্তেন" বলে।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫। **১৮** *বি* দলনেতা। 'ইয়ার-সম্প্রদায়ের অধ্যক্ষ হইয়া ভারি মাতিয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৯৫। **১৯** *বি* মহাবিদ্যালয়ের প্রধান শিক্ষক। 'রাজসাহী কলেজের অধ্যক্ষ ও অধ্যাপক অনেকেই উপস্থিত ছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৮। **২০** *বি* আইন পরিষদের সভাপতি। 'বঙ্গীয় ব্যবস্থাপক সভার অধ্যক্ষ স্যার আজিজুল ...।' *নবযুগ*, ১৯৪১। **২১** *বি* বিভাগীয় প্রধান। 'বাংলা একাডেমীর সংকলন-অধ্যক্ষ।' *একাডেমী*, ১৯৬১।

অধ্যক্ষতা [স] **১** *বি* অভিভাবকত্ব। 'বিশ্বস্ত জনকে তাহার অধ্যক্ষতায় নিযুক্ত করিবেন।' *ফরস্টার*, ১৭৯৮। **২** *বি* কর্তৃত্ব। 'এই কার্যের অধ্যক্ষতা আমারদিগের থাকে।' *রামরাম*, ১৮০১। **৩** *বি* উপদেষ্টার পদ। 'বিদ্যাবিজ্ঞ এক সাহেবকে ... অধ্যক্ষতাতে নিযুক্ত করিয়া ...।' *দর্পণ*, ১৮২২। **৪** *বি* তত্ত্বাবধান। 'অধ্যক্ষের ধর্মসভার অধ্যক্ষতাপদে অভিসিক্ত করিলেন।' *দর্পণ*, ১৮৩০। **৫** *বি* অধিকার। 'তাবদ্ব্যক্তিরদের বিবেচনাকরণের যে অধ্যক্ষতা আছে তদধ্যক্ষ-তানুসারে কার্য্যকরণে ...।' *দর্পণ*, ১৮৩১। **৬** *বি* পরিচালকমণ্ডলীর সদস্য। '... রায় হিন্দু কালেজের অধ্যক্ষতায় নিযুক্ত হইতে পারিলেন না।' *দর্পণ*, ১৮৩১। **৭** *বি* তদারকি। 'বড় লোকের বাটীতে কর্ম্মকাণ্ড সময়ে অধ্যক্ষতা করিয়া থাকেন।' *চন্দ্রিকা*, ১৮৩২। **৮** *বি* পরিচালনা। 'যে সকল ব্যক্তি কালেজের অধ্যক্ষতা ও শিক্ষকতা কার্য্য সম্পাদন করিয়া গিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অধ্যক্ষপত্র [স] *বি* কর্তৃত্ব প্রদানের পত্র। 'অধ্যক্ষপত্র লিখনের দ্বারা কাহাকেও অধ্যক্ষ না করিয়া থাকে।' *ফরস্টার*, ১৮০০।

অধ্যক্ষা [স] *বি* স্ত্রী কলেজের প্রধান। 'গত ২৩ অক্টোবর অধ্যক্ষা ... মানের সভানেত্রীত্বে ...।' *বেগম*, ১৯৬৮।

অধ্যবসায় [স] ১ *বি* চেষ্টা। 'প্রত্যুপকার কারণে কোন অধ্যবসায় কোন মকদ্দমায় ... যে আমার আদালতে হইয়াছে।' *ডানকান*, ১৭৮৪। ২ *বি* সাধনা। 'এই ঘোরতর অধ্যবসায় হইতে, বীরবরকে বিরত করা, সর্বতোভাবে, আমার উচিত ছিল।' *বিদ্যা*, ১৮৪৭। ৩ *বি* অবিরাম চেষ্টা। 'পরমেশ্বর আমারদিগকে অধ্যবসায় বৃত্তি প্রদান করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

অধ্যবসায়শীল [স] *বিণ* নিষ্ঠাবান। 'ইহাদের মধ্যে অনেকানেক ব্যক্তি অধ্যবসায়শীল।' *অক্ষয়*, ১৮৫২।

অধ্যবসায়ারূঢ় [স অধ্যবসায়-আরূঢ়] *বিণ* অবিরাম চেষ্টায় রত। 'অধ্যবসায়ারূঢ় হইয়া স্থিরচিত্তে গণিতে প্রবৃত্ত হইবেন।' *বঙ্কিম*, ১৮৭৫।

অধ্যবসায়ী [স] ১ *বিণ* সবসময়ে চেষ্টা করে এমন; নিরন্তর যত্নশীল। 'অধ্যবসায়ী ... ও বিশ্বস্ত সন্তানেরা তাঁহার পুত্র নামের উপযুক্ত।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বিণ* পরিশ্রমী। 'জবরদস্ত অধ্যবসায়ী ভীমরুল যেমন চিট লেগে থাকে।' *হাসান*, ১৯৭৪।

অধ্যয়ন [স] ১ *বি* মনোযোগের সঙ্গে পাঠ। 'জজন জাজন বেদ পঠে অধ্যয়ন।' *মালাধর*, ১৫০০; 'রঘুনাথ দাস বালক করে অধ্যয়ন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* শিক্ষা। 'তোমার নিকটে যাই অধ্যয়ন আশে।' *মানিকরাম*, ১৭৮১।

অধ্যয়নপ্রিয়তা [স] *বি* পড়াশুনায় অনুরাগ। 'জ্ঞানপিপাসা ও অধ্যয়নপ্রিয়তাকে লাভ করিয়াছে বটে।' *বিভূতি*, ১৯৩১।

অধ্যয়নযোগ্য [স] *বিণ* অধ্যয়ন করার যোগ্য। 'দ্বাদশ বৎসর ন্যূনবয়স্ক যে২ ব্রাহ্মণ বালক তাহারা অধ্যয়নযোগ্য।' *দর্পণ*, ১৮২২।

অধ্যয়নশালা [স] *বি* বিদ্যালয়। 'ছাড়ি অধ্যয়নশালা বনে বনান্তরে ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অধ্যয়নীয় [স] *বিণ* পাঠ করা উচিত এমন। 'সকলই অধ্যয়নীয় তত্ত্ব ইহাতে পাওয়া যায়।' *বঙ্কিম*, ১৮৯২।

অধ্যা[১] [স আত্মা] *সর্ব* আপন। 'জৎপুণা হি অধ্যা তাসু পরেলা কাহি।' *চর্যা* ৪৩, ১২০০।

অধ্যা[২] [স অধ্যায়] *বি* গ্রন্থের পরিচ্ছেদ। 'এই অধ্যা লিখা আছে কাচলির চালে।' *রূপরাম*, ১৭৫০।

অধ্যাত্ম [স] *বিণ* আত্মাবিষয়ক। 'এক অনায়ত্ত অধ্যাত্ম জগতে উত্তীর্ণ হওয়ার জন্য ব্যাকুলতা জাগে।' *মানিক*, ১৯৩৬।

অধ্যাত্মজ্ঞান [স] *বি* আত্মাবিষয়ক জ্ঞান। 'কোন ঈশ্বরচিন্তা বা অধ্যাত্মজ্ঞান-প্রসূত নয়।' *রমেন*, ১৯৭০।

অধ্যাত্মতত্ত্ব [স] *বি* আত্মাবিষয়ক জ্ঞান। 'যদি কাব্য ও পলিটিক্স ছেড়ে একবারে অধ্যাত্মতত্ত্ব কথায় কান দিতেন ...।' *সবুজ*, ১৯২১।

অধ্যাত্মবাদী [স] *বিণ* পরমাত্মাই সকল কিছুর মূল – এই মতবাদে বিশ্বাসী। 'তারা অধ্যাত্মবাদী।' *হাই*, ১৯৫৪।

অধ্যাত্মবিদ্যা [স] *বি* পরমাত্মাবিষয়ক জ্ঞান। 'অধ্যাত্মবিদ্যার অনুশীলন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অধ্যাত্মযোগ [স] *বি* আধ্যাত্মিক সাধনা। 'তাহার যোগ কেবলমাত্র অধ্যাত্মযোগ নহে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অধ্যাত্মরাজ্য [স] *বি* পরমার্থিক জগৎ। 'এক জ্যোতির্ময় অধ্যাত্মরাজ্যের দ্বার প্রদর্শন করিতেছিল।' *সিরাজী*, ১৯১৮।

অধ্যাপক [স] ১ *বি* পণ্ডিত। 'অল্পে অধ্যাপক হৈলা সকল শাস্ত্রেতে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* শিক্ষক। 'গ্রামে২ চৌবাড়ী ও পাঠসালা ও মকতবখানা ... নির্ম্মাণ করিয়া ও উপযুক্ত পাত্র অধ্যাপক ... নিযুক্ত করিয়া দিলেন।' *রামরাম*, ১৮০১। ৩ *বি* টোলের পণ্ডিত; আচার্য। 'তাঁহারদিগের অধ্যাপক কিঞ্চিৎ লাভার্থী হইয়া ধর্ম্ম লোপ করিতে ...।' *রামমোহন*, ১৮১৯। ৪ *বি* সদস্য। 'দলের অধ্যাপকদিগকে দান দ্বারা সন্তোষ করিবেন।' *দর্পণ*, ১৮২৫। ৫ *বি* যিনি কলেজে অধ্যাপনা করেন। 'শিক্ষা সমাজের অধ্যক্ষ ও কালেজের অধ্যাপকদিগের এরূপ অভিসন্ধি থাকে।' *অক্ষয়*, ১৮৫০।

অধ্যাপকতা [স] *বি* শিক্ষকতা; অধ্যাপনা। 'ডাক্তর কেরী সাহেব ফোর্ট উইলিয়ম কালেজের অধ্যাপকতাপদ প্রাপ্ত হইয়া ...।' *দর্পণ*, ১৮৩৪।

অধ্যাপকপাড়া [স অধ্যাপক+পাড়া] *বি* পণ্ডিতগণের পাড়া। 'কেহ বিধান লইবার জন্য অধ্যাপকপাড়ায় যাতায়াত করে নাই।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অধ্যাপকশ্রেষ্ঠ [স] *বিণ* অধ্যাপকদের মধ্যে শ্রেষ্ঠ। 'এই মত অধ্যাপকশ্রেষ্ঠ উইলসন সাহেব উদ্ভাবন করেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অধ্যাপকি [স অধ্যাপকীয়] *বি* অধ্যাপকের কাজ। 'অধ্যাপকি করো গিয়া যাই করো।' *মুজতবা*, ১৯৪৯।

অধ্যাপকোচিত [স] *বিণ* অধ্যাপকসুলভ। 'আমি অধ্যাপকোচিত গাম্ভীর্যের সহিত বলিলাম।' *প্রভাত*, ১৮৯৬।

অধ্যাপকোবাচ [স অধ্যাপক+স উবাচ] *বি* অধ্যাপকের বক্তৃতা। 'অধ্যাপকের প্রবেশ – অধ্যাপকোবাচ – সুবোধ বালিকাদের কর্তৃক একান্ত তন্ময়ভাবে ...।' *অন্নদা*, ১৯২৯।

অধ্যাপিকা [স] *বি* কলেজ বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক। 'আজো ছাত্রী, অধ্যাপিকা, গ্রামের বধূরূপে যাকে চিনতে পারা যাচ্ছে ...।' *বেগম*, ১৯৭২।

অধ্যাপন [স] ১ *বি* শিক্ষাদান। 'শত শত শিষ্য সঙ্গে সদা অধ্যাপন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* পাণ্ডিত্য। 'পুরুষানুক্রমে অধ্যাপন ব্যবসায় ...।' *দর্পণ*, ১৮৩৩।

অধ্যাপনরত [স] *বিণ* শিক্ষাদান করছেন এমন। 'অধ্যাপনরত নিষ্ঠাবান গুরু।' *রবীন্দ্র*, ১৯০৫।

অধ্যাপনা [স] *বি* ব্রাহ্মণ পণ্ডিতের কাজ। 'চল তুমি যাহ অধ্যাপনা কর গিয়া।' *বৃন্দা*, ১৫৮০।

অধ্যাপিত [স] *বিণ* পড়ানো হয়েছে এমন। 'এই সকল বিদ্যা যে এদেশে অধীত, অধ্যাপিত, আদৃত এবং অনুবাদিত হয় ...।' *বঙ্কিম*, ১৮৭৫।

অধ্যাপিকা দ্র অধ্যাপক

অধ্যায় [স] ১ *বি* গ্রন্থের পরিচ্ছেদ। 'জয়তি তেঽধিকং অধ্যায় করেন পঠন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* পর্যায়। 'দিনগুলি প্রতি প্রাতে খুলিতেছে জীবনের নূতন অধ্যায়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অধ্যায়ন [স] *বি* শিক্ষা। 'প্রভু কহে মূর্খ আমি নাহি অধ্যায়ন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অধ্যাস [স] *বি* এক বস্তুতে অন্য বস্তুর কল্পনা। 'গৌরীশৃঙ্গ অধ্যাস

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মরীচিকা।' *বিষ্ণু*, ১৯৩৩।

অধ্যুষিত [স] *বিণ* উপনিবিষ্ট। 'ঘন-অধ্যুষিত প্রাচ্যদেশে প্রত্যেক লোক বৎসরে এমনকি ২৫০ পাউণ্ড ...।' *রবীন্দ্র*, ১৯১৭।

অধ্রুব [স] *বিণ* পরিবর্তনশীল। 'রাষ্ট্রসভা কৃত্রিম এবং অধ্রুব।' *রবীন্দ্র*, ১৯০৫।

অন [স অন্য] *বিণ* অন্য। 'অন উপায়ে পার ণ জাই।' *চর্য্যা ৩৮*, ১২০০।

অন ইউরোপিয়ান *বিণ* ইউরোপের অধিবাসী নয় এমন। 'তা প্রধানত আসছে অন ইউরোপিয়ান লোকদের দেশ থেকে।' *সবুজ*, ১৯২০।

অনংশীকরণ [স] *বি* প্রাপ্য অংশ থেকে বঞ্চিত করা। 'পৈতৃকাধিকারে অনংশীকরণ স্বরূপ দণ্ড দিবেন এমত কোন জাজসাহেব নাহি।' *দর্পণ*, ১৮৩১।

অনক্ষণ [স অনুক্ষণ] *ক্রিবিণ* অনুক্ষণ; সর্বদা। 'আমি তোর সারথি সদত অনক্ষণ।' *রূপরাম*, ১৭৫০।

অনক্ষন [স অনুক্ষণ] *ক্রিবিণ* অনুক্ষণ; সর্বদা। 'অনক্ষন তোমা বিনে আন নাহি মনে।' *মালাধর*, ১৫০০।

অনক্ষর [স] *বিণ* নিরক্ষর। 'বালিকা অজ্ঞান, অনক্ষর, অসৎ, তাঁহার মহিমা জ্ঞানে অশক্ত।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অনগ্নি [স] *বিণ* আগুনে পোড়ানো হয়নি এমন। 'সজ্জন সমাজে অপরীক্ষিত বিদ্যা, অনগ্নি-পরিশোধিত সুবর্ণের ন্যায়, বিশ্বসনীয় হয় না।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অনগ্রসর [স] *বিণ* অগ্রগতি লাভ করেনি এমন। 'মেয়েরা শিক্ষা-দীক্ষায় অনগ্রসর।' *বেগম*, ১৯৪৯।

অনগ্রসরতা *বি* পশ্চাৎপদতা। 'এই অনগ্রসরতার কারণ পর্দাপ্রথা।' *বেগম*, ১৯৪৮।

অনঘ [স] *বি* পবিত্র সত্তা। 'হে অনঘে! যে ব্যক্তি প্রাণীসমূহের নিন্দাকারী ...।' *বঙ্কিম*, ১৮৯২।

অনঙ্কুরিত [স] *বিণ* মুকুলিত হয়নি এমন; গুপ্ত। 'অনঙ্কুরিত সফলতার বীজ মাটির তলায়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অনঙ্গ [স] ১ *বিণ* কামদেব সম্পর্কিত। 'ভিতরে অনঙ্গ আনল জ্বলে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* যৌন কামনা। 'আঁখি রঙ্গে দৃষ্টি ভঙ্গে জিয়ায় অনঙ্গ।' *আলাওল*, ১৬৮০। ৩ *বি,বিণ* অঙ্গহীন। 'দেখি রঙ্গ হবে আজি অনঙ্গের অঙ্গ।' *মদনমোহন*, ১৮৩৪; 'অঙ্গ ধরি সে-অনঙ্গস্মৃতি বিশ্বের প্রীতির মাঝে মিলাইছে সম্রাটের প্রীতি।' *রবীন্দ্র*, ১৯১৬।

অনঙ্গদাহন [স] *বি* কামযাতনা। 'জাগো অনঙ্গদাহন নয়নের তাপ।' *নজরুল*, ১৯৩০।

অনঙ্গদেবতা [স] *বি* মদন; কামদেব। 'একদা তুমি অঙ্গ ধরি ফিরিতে নব ভুবনে, মরি মরি অনঙ্গদেবতা।' *রবীন্দ্র*, ১৯০০।

অনঙ্গরঙ্গিণী [স] *বিণ* স্ত্রী যৌন-আবেদনময়ী। 'অনঙ্গরঙ্গিণী কিবা ত্রিদেব ঈশ্বরী।' *দীনবন্ধু*, ১৮৬৩।

অনঙ্গশেখর [স] *বি* সংস্কৃত ছন্দবিশেষ। 'এবার আমার বিলাস গুরু অনঙ্গশেখরে।' *নজরুল*, ১৯২৫।

অনচ্ছ [স] *বিণ* অস্বচ্ছ। 'অনচ্ছ আলোকে।' *মোহিত*, ১৯৪০।

অনচ্ছতা [স] *বি* অস্পষ্টতা; অস্বচ্ছতা। 'তাঁদের দৃষ্টির অনচ্ছতা এবং বিজাতীয় মনোভাবের খেশারত দিয়েছেন পরবর্তী মুসলমান জেনারেশন।' *মুরশিদ*, ১৯৭১।

অনট চুটকী [স ছোটিকা>] *বি* রুপার তৈরি পায়ের আংটিবিশেষ। 'অনট চুটকী দরুণ সহস্রারাম বিদ্যানিধি ...।' *চিঠিপত্রে*, ১৭৪৭।

অনটন [স] *বি* অভাব। 'কিছুই অনটন নাই, কাহারও দ্বারস্থ হইতে হয় না।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অনটল [অন+টলচ্ছ] *বিণ* অনড়। 'আমার কথা সর্ব্বথাই অনটল পাবেন।' *গিরিশ*, ১৮৮৯।

অনড় [স] ১ *বিণ* নড়ে না এমন। 'চিরকাল যেটাকে অনড় বলে মন নিশ্চিন্ত আছে ...।' *রবীন্দ্র*, ১৯১৫। ২ *বিণ* অবিচল। 'সেই বিশ্বাসের অনড় জমিনে দেখি না ...।' *শামসুর*, ১৯৬৩।

অনড়ত্ব [স] *বি* স্থবিরতা। 'কর্মজীবনের অনড়ত্ব হয়ত অনেকাংশে এড়ানো যেতো।' *সনৎ*, ১৯৭০।

অনতএ, অনতয় [স অন্যত্র] ১ *ক্রিবিণ* অন্যদিকে। 'কেলিক রভস জব সুনে। অনতএ হেরি ততহি দএ কানে।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *ক্রিবিণ* অন্যত্র। 'সখি লখি অনতয় চলু বরনারি।' *শেখর*, ১৬০০।

অনতহি [স] *ক্রিবিণ* অন্যত্র। 'অনতহি গমনে এতহি নিহার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অনতহু [স অন্যত্র>] *ক্রিবিণ* অন্য স্থানে। 'অনতহু জাইতে এতহি নিহার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অনতি [স] *বিণ* বেশি নয় এমন; স্বল্প। 'অনন্তর, অনতি-দূরবর্তী দেবাদিদেব মহাদেবের মন্দিরে প্রবেশপূর্বক ...।' *বিদ্যা*, ১৮৪৭।

অনতি-উচ্চ [স] *বিণ* খুব বেশি উঁচু নয় এমন। 'সাহেবেরা এক অনতিউচ্চ প্রস্তরবেদীর উপরে উঠিল।' *প্রভাত*, ১৮৯৬; 'অনতি-উচ্চ পঙ্কিল আসনে।' *রবীন্দ্র*, ১৮৯৮।

অনতিকায় [স] *বিণ* খুব বড়ো নয় এমন। 'শ্রমনিবিড় অনতিকায় শিল্পের প্রতিষ্ঠা ... সমর্থন করে আসছি।' *শিব*, ১৯৫৬।

অনতিকাল [স] *বি* স্বল্পকাল। 'অনতিকাল পরে এক মৃত সন্তান প্রসব করিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অনতিকোমল [স] *বিণ* খুব নরম নয় এমন। 'নিঃস্বপ্ন ঘুমের ভিতরে একটি অনতিকোমল শরীরের স্পর্শে ...।' *মান্নান*, ১৯৬৮।

অনতিক্রমণীয় [স] *বি* যাকে লঙ্ঘন করা যায় না। 'ওখানে বহুদূর নিয়ে একা বিরাজ করছে নির্বাক অনতিক্রমণীয়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অনতিক্রমণীয়ভাবে [স] *ক্রিবিণ* অতিক্রম করা যায় না এমনভাবে। 'সে ক্ষমতা অনতিক্রমণীয়ভাবে যুক্তিবিরোধী।' *শিব*, ১৯৫০।

অনতিক্রম্য [স] *বিণ* লঙ্ঘন করা যায় না এমন। 'তারই অদম্য অনতিক্রম্য টানে।' *বুদ্ধ*, ১৯৪০।

অনতিক্রম্যতা [স] *বি* অতিক্রমের অসম্ভাব্যতা। 'ম্যাভারিনরাও এ প্রভাবের অনতিক্রম্যতা অস্বীকারে অকৃতকাম।' *শিব*, ১৯৭৩।

অনতিক্ষুণ্ন [স] *বিণ* খুব ক্ষুণ্ন হয়নি এমন। 'সে চক্র নিয়তি পথে অনতিক্ষুণ্ন রেখায় অহরহ চলিতেছে।' *বঙ্কিম*, ১৮৭৪।

অনতিক্ষুব্ধ [স] *বিণ* অতি ক্ষুব্ধ নয় এমন; অংশত শান্ত। 'উদ্দাম তেজকে শান্ত করে দিয়ে ক্ষুদ্রায়তন গ্রহরূপে পৃথিবী যে অনতিক্ষুব্ধ পরিগতি লাভ করেছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অনতিগোচর [স] *বিণ* বেশি জানা বা দেখা যায় না এমন। 'ছবি এল চোখে জীবনযাত্রার প্রান্তে ছিল যাহা অনতিগোচর।' *রবীন্দ্র*, ১৯৪০।

অনতিচির [স] *বিণ* দীর্ঘকাল নয় এমন। 'তিনি অনতিচির সময়ের মধ্যেই ... প্রতিপন্ন হইলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অনতিদীর্ঘ [স] *বিণ* বেশি লম্বা নয় এমন। 'শরীরটি অনতিদীর্ঘ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অনতিদীর্ঘকাল [স] *বি* অল্প সময়। 'অসভ্য লোকেরা অনতিদীর্ঘ কালের মধ্যে সমৃদ্ধিসম্পন্ন ও সুবিনীত হইয়া উঠিল।' *অক্ষয়*, ১৮৫৪।

অনতিদূর [স] *বি* অল্প দূরত্ব। 'সে ঐ স্থানের অনতিদূরে বাস করিত।' *বিদ্যা*, ১৮৫৬।

অনতিদূরবর্তী [স] *বিণ* খুব দূরে অবস্থিত নয় এমন; নিকটবর্তী। 'অনন্তর, অনতিদূরবর্তী দেবাদিদেব মহাদেবের মন্দিরে প্রবেশপূর্বক ...।' *বিদ্যা*, ১৮৪৭।

অনতিদ্রুতগামী [স] *বিণ* খুব দ্রুত চলে না এমন। 'অনতিদ্রুতগামী বাষ্পীয় রথ অতি মৃদুগামী বলিয়া তাঁহাদের ভ্রম জন্মে।' *অক্ষয়*, ১৮৫৪।

অনতিপক্ব [স] *বিণ* খুব পাকেনি এমন। 'অনতিপক্ব সতেরোর অপেক্ষা অতিপরিপক্ব চোদ্দর মতো দেখাইত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অনতিপূর্ব, অনতিপূর্ব্ব [স] *বি* খুব আগে নয় এমন সময়। 'অনতিপূর্ব্বে সর্ব্বত্র এই মত প্রচলিত ছিল।' *বঙ্কিম*, ১৮৭৫।

অনতিপূর্বে, অনতিপূর্ব্বে *ক্রিবিণ* অল্পকাল আগে। 'বিবাহের অনতিপূর্বে কুসুম এমনি বাঁকিয়া দাঁড়াইল ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

অনতিপ্রয়োজনীয় [স] *বি* বেশি প্রয়োজন নেই যার। 'অনতি-প্রয়োজনীয়কে প্রয়োজনীয় করে তোলা।' *রবীন্দ্র*, ১৯২৯।

অনতিপ্রাচীন [স] *বিণ* খুব প্রাচীন নয় এমন; নিকট অতীতের। 'অনতিপ্রাচীন গ্রন্থকারেরা লিখিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৭।

অনতিবিকসিত [স অনতিবিকশিত] *বিণ* তেমন বিকশিত হয়নি এমন। 'শিশু সন্তানদিগের অনতিবিকসিত মুখারবিন্দ বারবার অবলোকন ...।' *অক্ষয়*, ১৮৫২।

অনতিবিলম্বে [স] *ক্রিবিণ* খুব বিলম্ব না ক'রে। 'অনতিবিলম্বে, কন্যার কলেবরে মাংস শোণিত প্রভৃতির আবির্ভাব ও প্রাণসঞ্চার হইল।' *বিদ্যা*, ১৮৪৭।

অনতিবিস্তীর্ণ [স] *বিণ* খুব বিস্তৃত নয় এমন। 'অনতিবিস্তীর্ণ দ্বীপই ইহাদের আবাসভূমি।' *অক্ষয়*, ১৮৫৪।

অনতিব্যক্ত [স] *বিণ* খুব স্পষ্টভাবে প্রকাশিত নয় এমন। 'অনতিব্যক্ত আশার তাড়না।' *রবীন্দ্র*, ১৯৩২।

অনতিযৌবনা [স] *বিণ স্ত্রী* নবযৌবনা। 'একটি কন্যা, অনতিযৌবনা।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনতিরিক্ত [স] *বিণ* অতিরিক্ত নয় এমন। 'অনতিরিক্ত তথাপি আপনার বিবেচনায় যাহা ন্যায্য।' *ঢাকাপ্রকাশ*, ১৮৭৩।

অনতিলক্ষ্য [স] *বিণ* সহজে লক্ষ করা যায় না এমন। 'কলমটা ... টেবিলের কোনো অনতিলক্ষ্য অংশে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অনতিশয় [স] *বিণ* অতিরিক্ত নয় এমন। 'শরীর ও মনের অনতিশয় চালনা করা আবশ্যক।' *অক্ষয়*, ১৮৫২।

অনতিশীঘ্রগামী [স] *বিণ* খুব দ্রুতগামী নয় এমন। 'অনতিশীঘ্রগামী পণ্যবাহী রথ অনায়াসে স্থগিত করা যায়।' *অক্ষয়*, ১৮৫৫।

অনতিসভ্য [স] *বিণ* যথেষ্ট সভ্য নয় এমন। 'আমার ঐ অনতিসভ্য নারায়ণসিংহের মনটি উহার শরীরের মাপে ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অনতিস্পষ্ট [স] *বিণ* খুব স্পষ্ট নয় এমন। 'অনতিস্পষ্ট সুদীর্ঘ নীল শৈলরেখা।' *বিভূতি*, ১৯৩১।

অনতিস্ফুট [স] *বিণ* আধফোটা। 'একমুঠা অনতিস্ফুট মোটা মোটা বেলফুল চাদরের প্রান্তে বাঁধিয়া খ্যাপার মতো বেড়াইতাম।' *রবীন্দ্র*, ১৯১২।

অনতিহিংস্র [স] *বিণ* খুব হিংস্র নয় এমন। 'নিষ্কাম অনতিহিংস্র অর্থাৎ একবারে হিংসাদি বর্জ্জন না করিয়া ...।' *বঙ্কিম*, ১৮৯২।

অনত্থ [স অনর্থ] *বিণ* অকল্যাণকর। 'অনত্থ সময়ে না খেয়ে চলে গিয়ে তারপর গেরস্তর একটা অকল্যাণ বাধুক।' *বিভূতি*, ১৯২৯।

অনধিক [স] *বিণ* বেশি নয় এমন। 'আট টাকার অনধিক মাসিক বেতনের বা অনির্দ্ধারিত বেতনের নূতন কোন কর্ম্মচারী ...।' *অক্ষয়*, ১৮৪৭।

অনধিককাল [স] *বি* অল্প সময়। 'অনধিককালের মধ্যেই তিনি ... ক্ষমতাপন্ন লোক হইয়া উঠিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪৯।

অনধিকার [স] ১ *বি* অধিকার না-থাকা। 'শাস্ত্র বেদ তৎপাঠে একেবারে শূদ্রের অনধিকার।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৩। ২ *বিণ* অপ্রাসঙ্গিকতা। 'সব জিনিসেরই ভালো-মন্দ অধিকার-অনধিকার আছে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* অধিকারবহির্ভূত। 'তার মধ্যে কোনো অনধিকার ঔদ্ধত্যের ইতিহাস নেই।' *রবীন্দ্র*, ১৯২৮।

অনধিকারচর্চা, অনধিকারচর্চ্চা [স] *বি* যে বিষয়ে অধিকার নেই সে বিষয়ে হস্তক্ষেপ। 'অনধিকারচর্চ্চা করিও না।' *মদনমোহন*, ১৮৪৯; 'সহসা গুটিপোকার রোগ নির্ণয় করিতে বসা তাঁহার পক্ষে একপ্রকার অনধিকারচর্চা বলিয়া মনে হইতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯০।

অনধিকারপ্রবিষ্টা [স] *বিণ স্ত্রী* অধিকার ছাড়া প্রবেশ করেছে এমন। 'অনধিকারপ্রবিষ্টা কোন গাভী ...।' *বঙ্কিম*, ১৮৭৩।

অনধিকারলব্ধ [স] *বিণ* বিনা অধিকারে প্রাপ্ত। 'আমাদিগকে ... অনধিকারলব্ধ আরামনিদ্রার রসাতলে লইয়া ফেলিতেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনধিকারিণী [স] *বিণ স্ত্রী* অধিকারহীন। 'স্ত্রীলোক অনধিকারিণী থাকিবে কেন?' *বঙ্কিম*, ১৮৭৯।

অনধিকারী [স] ১ *বিণ* অধিকার ভঙ্গকারী। 'ভৌমিক অন্যায়ক্রমে অনধিকারী হইয়াছে।' *ডানকান*, ১৭৮৫। ২ *বিণ* অধিকারবঞ্চিত; মালিকানাশূন্য। 'ডিক্রী বিনা কোন ব্যক্তি আপনার সম্পত্তির অনধিকারী হইতে পারে না।' *দর্পণ*, ১৮৩১। ৩ *বিণ* অধিকার নেই এমন। 'আমি তাহাকে তদ্বিষয়ে অনধিকারী বলিয়া উল্লেখ করিতাম।' *অক্ষয়*, ১৮৫১।

অনধিগম্য [স] ১ *বিণ* অবোধ্য। 'ব্রহ্মকে মায়া হইতে স্বতন্ত্র করিলে ব্রহ্ম অনধিগম্য।' *রবীন্দ্র*, ১৯০২। ২ *বিণ* গমনের অযোগ্য। 'ধড়টাকে অপরের অনধিগম্য করতে আষ্টেপৃষ্ঠে বেঁধেছি।' *অন্নদা*, ১৯২৮।

অনধীত [স] *বিণ* অপঠিত। 'বইখানি সযত্নে প্রত্যর্পণ করলে, বলা বাহুল্য অনধীত অবস্থায়ই।' *অচিন্ত্য*, ১৯৫০।

অনধীন [স] *বিণ* অধীন নয় এমন। 'আমি দেখিয়া অবধি যুবজন-সুলভ অনধীন থাকি নাই।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

অনধীনতা [স] *বি* কর্তৃত্বহীনতা। 'কোন সর্ব্বজ্ঞ পুরুষের অনধীনতাতে শুদ্ধেই কেবল মনুষ্যের সৃষ্টির প্রতি কারণ হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৩।

অনধ্যায় [স] *বিণ* অধ্যয়নহীন। 'এই মহীয়সী আবিষ্ক্রিয়া দ্বারা, নিউটনের অনধ্যায় বৎসর সকল ...।' *বিদ্যা*, ১৮৪৯।

অননুকম্পায়ী [স] *বি* সহানুভূতিহীন ব্যক্তি। 'অননুকম্পায়ীদের সুরুচি।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সুধীন্দ্র, ১৯৩৩।

অননুকরণীয় [স] *বিণ* অনুকরণ করা যায় না এমন। 'তাহার অননুকরণীয় চিত্রসকল রাখিয়া গিয়াছেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

অননুকারিণী [স] *বিণ স্ত্রী* অনুকরণ করা যায় না এমন। 'তোমায় সম্পূর্ণ করবো পান, হে অননুকারিণী প্রেম।' *শক্তি*, ১৯৬১।

অননুগামী [স] *বিণ* অনুগামী নয় এমন। 'অধিকাংশ শব্দই প্রাকৃতের অননুগামী।' *বঙ্কিম*, ১৮৯২।

অননুতপ্ত [স] *বিণ* অনুতপ্ত নয় এমন। 'অননুতপ্ত।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অননুবর্তিনী [স] *বিণ* অনুসরণ করে না এমন। 'সাবলীলভাবে আমি রহস্যের অননুবর্তিনী।' *শক্তি*, ১৯৭০।

অননুভূত [স] *বিণ* অনুভব করা যায়নি এমন। 'অজ্ঞাত আকার এবং অননুভূত গন্ধের একটি নামাশ্রিত সমষ্টিমাত্র।' *প্রমথ*, ১৯১৪; 'অননুভূত একটা শ্লেহরসে ...।' *বিভূতি*, ১৯৩১।

অননুভূতপূর্ব [স] *বিণ* আগে অনুভব করা হয়নি এমন। 'তদীয় আবাসে উপস্থিত হইয়া, অননুভূতপূর্ব, চিরাকাঙ্ক্ষিত মদনরসের আস্বাদন দ্বারা ...।' *বিদ্যা*, ১৮৪৭।

অননুভূতি-কাল [স] *বি* অনুভূতিশূন্য সময়। 'শীতে গাছের অননুভূতি-কাল প্রায় দ্বিগুণ দীর্ঘ হইয়া পড়ে।' *জগদীশ*, ১৯১৬।

অননুমেয় [স] *বিণ* অনুমান করা যায় না এমন। 'অন্যের অননুমেয় অথচ ভাবাপন্ন ব্যক্তির রুদ্ধ হৃদয়মধ্যে উচ্ছ্বসিত।' *বঙ্কিম*, ১৮৮৭।

অননুমোদিত [স] *বিণ* অনুমোদিত হয়নি এমন। 'কোন কথা বস্তুত অননুমোদিত।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অননুসৃতি [স] *বি* অননুকরণ। 'তুমি গ্রীসদেশ, তুমি উইলিয়ম — অননুসৃতির দৈপায়ন।' *শক্তি*, ১৯৭০।

অনন্ত[১] [স] *বি* বাহুতে পরার অলংকারবিশেষ। 'গরু কেনার জন্য তাহার অনন্তজোড়া বাগাইয়া লয় নাই?' *মানিক*, ১৯৩৬।

অনন্ত[২] [স] ১ *বি* (হিন্দুপুরাণ) বিষ্ণু। 'মহিমা বলিতে তোমার অনন্ত না পারে।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* অন্তহীন। 'অনন্ত ব্রহ্মাণ্ড মোর যে অঙ্গেতে বসে।' *বৃন্দা*, ১৫৮০; 'জেগে নাই অন্তরেতে অনন্ত চেতনা, জীবনের অনন্ত পিপাসা।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৩ *বিণ* অশেষ গুণসম্পন্ন। 'সব কহা না যায় হরিদাসের অনন্ত চরিত্র।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৪ *বি* অসীম যে। 'যাহাকে আমরা ভালোবাসি কেবল তাহারই মধ্যে আমরা অনন্তের পরিচয় পাই।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অনন্ত-আনন্দ [স] *বি* কখনো শেষ হয় না এমন আনন্দ। 'তাদের মধ্যে অনন্তসত্য অনন্ত-আনন্দ আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অনন্তকর্মা, অনন্তকর্ম্মা [স] *বিণ* অনন্তকাল ধরে যাঁর কর্ম চলতে থাকে। 'অনন্তকর্ম্মা অসীম শক্তিশালী ভগবানের বিচিত্র লীলারহস্যের মর্ম্মোদ্ঘাটনে ... অসমর্থ।' *অক্ষয়*, ১৮৫৪।

অনন্তকাল [স] *বি* চিরকাল। 'ইহা অনন্তকাল এইরূপ।' *হরপ্রসাদ*, ১৮৮১।

অনন্তকালে *ক্রিবিণ* চিরকাল ধ'রে। 'অনন্তকালে তোর কোলে ত্যজিব এ দেহ।' *গিরিশ*, ১৮৮৭।

অনন্ত গগন [স] *বি* অসীম আকাশ। 'পূর্ণ করি মহাকাল পূর্ণ করি অনন্ত গগন।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অনন্তগামিনী [স] *বিণ স্ত্রী* নিরবচ্ছিন্ন গমন করে এমন। 'পৃথিবী তেমনি অনন্তগামিনী।' *বঙ্কিম*, ১৮৭৩।

অনন্তগুণ [স] *বি* অসংখ্য গুণ। 'তাঁহার অনন্তগুণ কহি দিঙ্‌মাত্র।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অনন্তচক্র [স] *বি* সৌরমণ্ডল। 'মহাশক্তি অনন্ত চক্রে নিরন্তর ঘূর্ণিত হইতেছে।' *জগদীশ*, ১৮৯৫।

অনন্তজ্ঞানি [স অনন্তজ্ঞানী] *বি* অন্তহীন জ্ঞানের অধিকারী। 'সেই পরমাদি অনন্তজ্ঞানি।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

অনন্ত পুরুষ [স] *বি* ঈশ্বর। 'তুমি যেন অনন্ত পুরুষ।' *নজরুল*, ১৯২৮।

অনন্ত-প্রসারিত [স] *বিণ* অন্তহীনভাবে বিস্তৃত। 'বাহির বলিয়া একটি অনন্ত-প্রসারিত পদার্থ ছিল।' *রবীন্দ্র*, ১৯১২।

অনন্তবিস্তার [স] *বিণ* সীমাহীনভাবে বিস্তৃত। 'দক্ষিণে অনন্তবিস্তার ভারতসমুদ্র।' *সিরাজী*, ১৯১৮।

অনন্তবিস্তৃত [স] *বিণ* অনন্তপ্রসারী। 'তোমরা যে অনন্তবিস্তৃত লোকে আত্মাকে প্রতিষ্ঠিত করিয়াছিলে।' *রবীন্দ্র*, ১৯৩০।

অনন্তবীর্য [স] *বিণ* শক্তি কখনো ফুরিয়ে যায় না এমন। 'মানুষ যখন তুমিই অনন্তবীর্য।' *রবীন্দ্র*, ১৯২৯।

অনন্তবেদনাময় [স] *বিণ* সীমাহীন বেদনাপূর্ণ। 'মিথ্যা বলেই এমন অনন্তবেদনাময় এবং এমন অসীমসুন্দর।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অনন্ত-যৌবনা [স] *বিণ স্ত্রী* চিরযৌবনা। 'কোথায় পৌলোমী সতী, অনন্ত-যৌবনা।' *মাইকেল*, ১৮৬০।

অনন্ত রচনা [স] *বি* সীমাহীন সৃষ্টি। 'তুমি বিশ্বরচয়িতার অনন্ত রচনা দেখিতে চাহিয়াছ – আইস।' *জগদীশ*, ১৮৯৫।

অনন্তরত্নপ্রভব [স] *বিণ* অশেষ রত্নভাণ্ডার আছে এমন। 'পথিস্থ বালুকার এক এক কণা, অনন্তরত্নপ্রভব নগাধিরাজের ভগ্নাংশ।' *বঙ্কিম*, ১৮৭৪।

অনন্তরসক্ষরা [স] *বিণ* অমৃতবর্ষী। 'অনন্তরসক্ষরা জ্যোৎস্না যেন দিক্‌চক্রবালে তাহারই ইঙ্গিত দিত।' *বিভূতি*, ১৯৩১।

অনন্তরাত্রি [স] *বি* শেষ নেই এমন রাত। 'ক্ষণকালের জন্য একটি অনন্তরাত্রির উদয় হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯২।

অনন্তরূপিণী [স] *বিণ স্ত্রী* নানা রূপধারী। 'অনন্তরূপিণী রাজরিশী।' *মুকুন্দ*, ১৬০০।

অনন্তলীলা [স] *বি* অন্তহীন লীলাখেলা। 'প্রভুর অনন্তলীলা বুঝিতে না পারি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অনন্তলোক [স] *বি* সীমাহীন জগৎ। 'গগনে অনন্তলোক জাগে ধীরে ধীরে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনন্তশয্যা [স] *বি* মৃত্যুশয্যা। 'সাড়ে তিন হাত জমিতে ... অনন্ত শয্যায় শয়ন করবার জন্যে।' *প্রমথ*, ১৯১৯; 'বড়ো জোর অনন্তশয্যা পর্যন্ত পৌঁছল সে।' *অবন*, ১৯২৫।

অনন্তশয়ন [স] *বি* মৃত্যু। 'ভেসেওঠা ভেলা জুড়ে অনন্তশয়ন লাগে ভালো?' *শঙ্খ*, ১৯৭৩।

অনন্তশেখর [স] *বি* নিঃসীম চূড়া। 'অনন্ত তুষারে যেন অনন্তশেখর।' *গিরিশ*, ১৮৮৭।

অনন্তসঞ্চিত [স] *বিণ* বহুকাল থেকে সঞ্চিত। 'তুমি আছ হিমাচল ভারতের অনন্তসঞ্চিত।' *রবীন্দ্র*, ১৯১৪।

অনন্তসত্য [স] *বি* চিরকালীন সত্য। 'তাদের মধ্যে অনন্তসত্য অনন্ত-আনন্দ আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

AMARBOI.COM

অনন্তসীমা [স] *বি* অসীম সত্তা। 'জল দাও, জল দাও অনন্তসীমা ...।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অনন্তস্থ [স] *বিণ* আকাশে অবস্থিত। 'মুগ্ধ হইয়া পৃথিবীস্থ ... অনন্তস্থ জনগণ এই গান শ্রবণ করিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

অনন্তস্রোতসা [স] *বিণ* চিরকাল পাওয়া যায় এমন। 'কাছেই ইঁদারা খুড়বে – তুলবে জল অনন্তস্রোতসা।' *শক্তি*, ১৯৬৬।

অনন্তমূল [স] *বি* এক ধরনের লতা। 'অনন্তমূল হয়েছে দেখ দেখি!' *তারা*, ১৯৪০।

অনন্তর [স] **১** *ঞিবিণ* অতঃপর। 'অনন্তর স্বর্ণকার অনুপায় বুঝিয়া সূত্রধরের বাটীতে।' *চণ্ডীচরণ*, ১৮০৫। **২** *অব্য* অধিকন্তু। 'অনন্তর এক ব্যক্তি দক্ষিণদেশীয় গৌড় বেহারা।' *ভবানী*, ১৮২৮।

অনন্তিক [স] *বি* খুব নিকটবর্তী স্থান। 'অবাক হইয়া কন অনন্তিকে আসি।' *মানিকরাম*, ১৭৮১।

অনন্দ [স নন্দ>] *বি* নিরানন্দ। 'সুখের পিরীতি অনন্দ যে রীতি দেখিতে সুন্দর হয়।' *চণ্ডী*, ১৫৫০।

অনন্দা [স আনন্দা] *বি* আনন্দ। 'তইঅও কুমুদিনি করএ অনন্দা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অনন্বয় [স] *বি* অমিল। 'ইহা প্রয়োগের কারণ কেবল রচনার শোভার্থে বস্তুতঃ এক প্রকার অনন্বয়।' *দর্পণ*, ১৮৩৮।

অনন্বিত [স] *বিণ* অসংলগ্ন। 'অনন্বিত নিস্তেজ চিন্তারা ...।' *সিকান্দার*, ১৯৫৮।

অনন্য [স] **১** *বিণ* অসাধারণ। 'আজিম তাহান নাম অনন্য অতুল।' *বাহরাম*, ১৬৫০। **২** *বিণ* একাগ্র। 'কেবল অনন্য ভাবে/ একান্ত হইয়া সেবে।' *মানিকরাম*, ১৭৮১। **৩** *বিণ* অতুলনীয়। 'আর ভক্ত সুদামা অনন্য করে মানে।' *মানিকরাম*, ১৭৮১। **৪** *বিণ* বিকল্পহীন। 'অনন্য-অবলম্বন-স্বরূপ গ্রন্থের অনুবাদক।' *হুতোম*, ১৮৬৮।

অনন্যকর্মা [স] **১** *বিণ* একাগ্রচিত্ত। 'এক্ষণে, অনন্যকর্মা হইয়া, তোমার প্রাণসংহার করিবার চেষ্টায় আছে।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* একক কর্মে রত। 'তিনি অনন্যমনা ও অনন্যকর্মা হইয়া কেবল পদার্থবিদ্যার অনুশীলনে রত হইলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

অনন্যকাম [স] *বিণ* একক কর্মে রত। 'মহম্মদ ধর্মসূত্রে ... অনন্যকাম করিয়া, তাহাদিগকে এক মহাসঙ্কল্পে ব্রতী করিতে ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অনন্যগতি [স] *বিণ* অন্যত্র আশ্রয় নেই এমন। 'কুমুদিনীর একমাত্র তিনি অনন্যগতি।' *হুতোম*, ১৮৬১।

অনন্যগতিক [স] *বিণ* কোনো উপায় নেই এমন। 'অনন্যগতিক অনাথ নির্ধন মহাব্যাধিগ্রস্ত লোকের আহার প্রদান।' *দর্পণ*, ১৮১৮।

অনন্যচিত্ত [স] *বিণ* একাগ্রচিত্ত। 'সেই "দুই নুতন"কে ভুলিবার জন্য অনন্যচিত্ত হইয়া বিদ্যাশিক্ষার চেষ্টা করিতেছে।' *বঙ্কিম*, ১৮৮২।

অনন্যচিত্তা [স] *বিণ* স্ত্রী একাগ্রচিত্ত। 'অনন্যচিত্তা হইয়া স্থিরকর্ণে শ্রবণ কর।' *বিদ্যা*, ১৮৪৭।

অনন্যচেতা [স] *বিণ* একাগ্রচিত্ত। 'অনন্যচেতা হয়ে বদ্ধপদ্মাসনে শুধু সাহিত্যেরই ধ্যান করব।' *অচিন্ত্য*, ১৯৫০।

অনন্যতন্ত্র [স] *বিণ* মৌলিক। 'কীর্তনসংগীতে বাঙালির এই অনন্যতন্ত্র প্রতিভায় আমি গৌরব অনুভব করি।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনন্যতন্ত্রতা [স] *বি* মৌলিকত্ব। 'অন্যান্য প্রতিভায় যেমন ওরিজিন্যালিটি অর্থাৎ অনন্যতন্ত্রতা প্রকাশ পায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনন্যতন্ত্রত্ব [স] *বিণ* মৌলিক। 'অনেকে বিদ্যাসাগরের অনন্যতন্ত্রত্ব প্রতিভা ছিল না বলিয়া আভাস দিয়া থাকেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনন্যদৃষ্টি [স] *বিণ* একাগ্রদৃষ্টি। 'বিস্ময়াবিষ্ট ও অনন্যদৃষ্টি হইয়া, নিরীক্ষণ করিতে লাগিলেন।' *রবীন্দ্র*, ১৮৪৭।

অনন্যধর্মা [স] *বিণ* একক ধর্মে রত। 'ঐ পুত্র ... অনন্যকর্মা ও অনন্যধর্মা হইয়া, নিরন্তর পিতামাতার সেবা করিতে লাগিল।' *বিদ্যা*, ১৮৪৭।

অনন্যপরায়ণ [স] *বিণ* অন্যত্র আসক্তিহীন। 'এসো আমার অনন্যপরায়ণ হৃদয়ের মধ্যে এসো।' *রবীন্দ্র*, ১৯০২।

অনন্যপূর্বা [স] *বিণ স্ত্রী* পূর্বে যে অন্যের ছিল না এমন; কুমারী। 'সে তবু অনন্যপূর্বা আমার যৌবনে।' *সিকান্দার*, ১৯৫৬।

অনন্যব্রত [স] *বিণ* অন্য ব্রত নেই এমন। 'অনন্যব্রত হইয়া, অন্তরে বাহিরে কেবল তাঁহাকেই দেখিলাম।' *বঙ্কিম*, ১৮৭৩।

অনন্যভাবে [স] *ঞিবিণ* একাগ্রচিত্তে। 'পূজেন হরিষময় অনন্যভাবে ভূতনাথে।' *মুকুন্দ*, ১৬০০।

অনন্যমন [স] *বিণ* অন্য কিছুতে লিপ্ত নয় এমন মন। 'অনন্যমনে সেই চিন্তা করিতে লাগিল।' *বিদ্যা*, ১৮৬৩।

অনন্যমনা [স] *বিণ* গভীর মনোযোগী। 'অষ্ট প্রহর, অনন্যমনা ও অনন্যকর্মা হইয়া ... ধ্যান করিতে লাগিল।' *বিদ্যা*, ১৮৪৭।

অনন্যযোগিতা [স] *বি* অন্যের সঙ্গে যোগশূন্যতা। 'তার যে একান্ত অনন্যযোগিতা সে তো মৃত্যুর ধর্ম।' *বিদ্যা*, ১৮৪৭।

অনন্যশরণ [স] *বিণ* আশ্রয়হীন। 'অনন্যশরণ কাঙাল সেই একই চরণ আশ্রয় করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অনন্যশাসনা [স] *বিণ* সার্বভৌম। 'চতুঃসমুদ্র যাঁর অনন্যশাসনা পৃথিবীর পরিখা সেই রাজা ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

অনন্যসহায় [স] *বিণ* সহায়হীন। 'অনন্যসহায় ব্রাহ্মণেরা যে বিদ্যার আলোচনা ...।' *বঙ্কিম*, ১৮৭৯।

অনন্যসাধারণ [স] *বিণ* অসাধারণ। 'অনন্যসাধারণ পাণ্ডিত্যাশ্রয় মহামহোপাধ্যায় মহারাজ গুরু শ্রীযুত ...।' *দর্পণ*, ১৮১৮।

অনন্যসামান্য [স] *বিণ* অসামান্য। 'কলাবিদ্যার অনন্যসামান্য কঠিন বিধিনিষেধ মানতে বাধ্য।' *প্রমথ*, ১৯১৩।

অনন্যসুন্দর [স] *বিণ* অতুলনীয় সৌন্দর্যবিশিষ্ট। 'এই অত্যুৎকৃষ্ট ও অনন্যসুন্দর পুস্তকখানি পাঠ করতে করতে ...।' *মাহেনও*, ১৯৪৯।

অনন্যা [স] *বিণ স্ত্রী* অদ্বিতীয়। 'হে মোর বন্যা, তুমি অনন্যা।' *রবীন্দ্র*, ১৯২৮।

অনন্যেন্দ্রিয়বৃত্তি [স অনন্য-ইন্দ্রিয়বৃত্তি] *বিণ* অন্য কোনো ইন্দ্রিয়বৃত্তি নেই এমন। 'প্রায় অনশনে, সেই বিকটান্ধকারে অনন্যেন্দ্রিয়বৃত্তি হইয়া, স্বামীর চিন্তা করিতে লাগিল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অনন্যোপায় [স অনন্য+স উপায়] *বিণ* অন্য উপায়হীন। 'স্বীয়২ ধর্মরক্ষণে অনন্যোপায় নিরীক্ষণে বিলক্ষণ বিচক্ষণতা।' *দর্পণ*, ১৮৩৮।

অনপকারী [স অন-অপকারী] *বিণ* উপকারী। 'তাহাদিগের মন্দ চেষ্টাকে কোন অনপকারী ছলের দ্বারা ব্যর্থকরণ কেবল নিরপরাধ নহে।' *তারিণী*, ১৮০৩।

অনপচয়িত [স] *বিণ* অপচয় হয়নি এমন। 'ক্ষমতা আছে একমাত্র

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অবিলম্বিত, অনপচয়িত, সুস্থ ও শুদ্ধ যৌবনের।' *মানিক*, ১৯৩৫।

অনপনীয় [সা *বিণ* মুছে যাবে না এমন; অমোচনীয়। 'ইংলণ্ডীয় লোকের যশোবিলোপি ও অনপনীয় কলঙ্ককারি বিষয় সামগ্রী।' *অক্ষয়*, ১৮৫০।

অনপনেয় [সা *বিণ* অপসারণের অযোগ্য। 'কুয়াশার আবরণ থেকে চেয়ে দেখেছে অনপনেয় কৃহলিন।' *জীবন*, ১৯৩০।

অনপরাধ [সা *বি* নির্দোষতা; দোষহীনতা। 'তুমি জানো প্রিয় আমার অনপরাধ।' *শক্তি*, ১৯৬৫।

অনপরাধী [সা *বিণ* নিরপরাধ; নির্দোষ। 'এক সিংহ দৈবাৎ এক অধীন অনপরাধী ইন্দুরের উপর থাবা মারিল।' *তারিণী*, ১৮০৩।

অনপেক্ষ [সা *বিণ* নিরপেক্ষ; স্বাধীন। 'যে বিষয়াদিতে অনপেক্ষ, শুচি, দক্ষ, ... অথচ সর্ব্বারম্ভ পরিত্যাগ করিতে সক্ষম।' *বঙ্কিম*, ১৮৭৫।

অনপেক্ষিত [সা *বিণ* অপ্রত্যাশিত। 'সহসা অনপেক্ষিত ভাবে উৎসবের মধ্যে বিষাদপ্রতিমা ...।' *রবীন্দ্র*, ১৮৮৮।

অনবকাশ [সা *বি* অবকাশের অভাব। 'অনবকাশ-সত্ত্বেও তাঁহার কথা আমি অমান্য করিতে পারি নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনবকাস [স অনবকাশ] ১ *বি* অবসরের অভাব। *জ্ঞানকান*, ১৭৮৪। ২ *বি* স্থানের অভাব। 'অনবকাশ প্রযুক্ত ছাপান গেল না।' *দর্পণ*, ১৮২২।

অনবগত [সা ১ *বিণ* জানে না এমন। 'একতার মর্ম্ম অনবগতে ... নিস্তেজঃ হইয়া পড়িয়াছেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। ২ *বিণ* অজ্ঞাত। 'যে অর্থশাস্ত্র অনবগত।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনবগুণ্ঠন [সা *বি* আচ্ছাদনহীনতা। 'উরোজের অনবগুণ্ঠনে।' *সুধীন্দ্র*, ১৯৩১।

অনবগুণ্ঠিতা [সা *বিণ স্ত্রী* অনাবৃতা। 'উষার উদয়-সম অনবগুণ্ঠিতা, তুমি অকুণ্ঠিতা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনবচ্ছিন্ন [সা *বিণ* নিরবচ্ছিন্ন; ছেদহীন। 'অনবচ্ছিন্ন যৌবনপ্রবাহের মৃত্যু একটা বাঁক, জন্য তার উল্টোপিঠ।' *অন্নদা*, ১৯২৮।

অনবচ্ছেদ [সা *বি* নিরবচ্ছিন্নতা। 'সংখ্যায় ও বৈচিত্র্যে তাঁদের উপস্থিতির অনবচ্ছেদ প্রায় অবিশ্বাস্য।' *শিব*, ১৯৫৬।

অনবতুল [স] *বিণ* অনুপম। 'তাঁর অশেষ পরিবর্তন ও অনবতুল বৃদ্ধি।' *সুধীন্দ্র*, ১৯২৯।

অনবদ্য [সা *বিণ* ভাষায় প্রকাশ করার মতো নয় এমন। 'পুস্তকের অক্ষর, মুদ্রাঙ্কণ, কাগজ, সমস্তই উত্তম এবং পরিশুদ্ধতায় অনবদ্য।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অনবদ্যা [সা *বিণ স্ত্রী* অনিন্দ্য। 'কবিতা বনিতা লতা/ হবে অনবদ্যা।' *অন্নদা*, ১৯৭২।

অনবদ্যাঙ্গ [সা *বিণ* অতুলনীয়। 'বিরাট বিশাল অনবদ্যাঙ্গ-মনোহর সাহিত্যসৌধ রচনা করিতে হইবে।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

অনবধান [সা ১ *বি* উপেক্ষা। 'যতক্ষণ রাগের প্রাদুর্ভাব থাকে জ্ঞানের কথা প্রায় অনবধান করে।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* অনায়াসসাধ্য। 'অনবধান মৃগ পাইলে কোন্ ব্যাধব্যবসায়ী হইয়া তাহাকে না শরবিদ্ধ করিবে?' *বঙ্কিম*, ১৮৭৮। ৩ *বি* অমনোযোগ। 'অনবধানে তার মৃদঙ্গের তাল গেল কেটে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অনবধানতা [সা ১ *বি* অবহেলা। 'অনবধানতাতে এবং অনিশ্চিত অপরিমিত ব্যয়প্রযুক্ত দশ জমীদারী অবশ্য নিলাম হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৩। ২ *বি* অসতর্কতা। 'আপন অনবধানতা-দোষে প্রাণ-সংহারাদি যত দুর্ঘটনা ঘটে।' *অক্ষয়*, ১৮৫২। ৩ *বি* অমনোযোগ। 'কি বেটা, আমার অনবধানতা?' *রামনারায়ণ*, ১৮৫৪।

অনবধানতা-দোষ [সা *বি* অসতর্কতা-দোষ। 'আপন অনবধানতা-দোষে প্রাণ-সংহারাদি যত দুর্ঘটনা ঘটে।' *অক্ষয়*, ১৮৫২।

অনবধানতাবশত [সা *ক্রিবিণ* সতর্ক না থাকায়। 'সংস্কৃত ভাষার মুখোশ পরে প্রবেশ করেছে, এটা নিঃসন্দেহে অনবধানতা।' *রবীন্দ্র*, ১৯২৫।

অনবরত [সা ১ *ক্রিবিণ* সব সময়ে। 'বাবুর নিকট অনবরত হাজীর থাকে।' *দর্পণ*, ১৮২১। ২ *বিণ* অবিরাম। 'তথাতে অনবরত লোক যাত্রা হইয়াছিল।' *দর্পণ*, ১৮২২।

অনবরুদ্ধ [সা *বিণ* উন্মুক্ত। 'সমস্ত অনবরুদ্ধ আকাশটি একটি নীলকান্ত মণির পেয়ালার মতো।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অনবসর [সা ১ *বি* অবসরের অভাব। 'অনবসরে করে প্রভুর শ্রীঅঙ্গসেবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* অবসর নেই এমন। 'বাবু কোন কার্যবশতঃ অনবসর ছিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮।

অনবসিত [সা *বিণ* অসমাপ্ত। 'অনবসিত ... এই সীমা।' *জীবন*, ১৯৪০।

অনবস্থচিত্ততা [সা *বি* অস্থির মন; চঞ্চলমতিত্ব। 'মূর্খোচিত দাম্ভিকতা সর্বজ্ঞতা অনবস্থচিত্ততা, স্বেচ্ছাচারিতা প্রভৃতি।' *প্রমথ*, ১৯৩৩।

অনবহিত [সা ১ *বিণ* অমনোযোগী। 'রাজা বড় ভোগী ছিলেন; অতএব রাজ্যব্যাপারে সর্ব্বদা অনবহিত থাকিতেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ২ *বিণ* অসতর্ক। 'তুমি এ বিষয়ে ক্ষণমাত্রও অনবহিত থাকিবে না।' *বিদ্যা*, ১৮৪৭।

অনবীন [সা] *বিণ* অনাধুনিক। 'সে মত প্রাচীন হলেও অনবীন নয়।' *প্রমথ*, ১৯২৯।

অনভিজাত [সা] *বিণ* অভিজাত নয় এমন। 'লেখকগণও সাধারণত অনভিজাত নন।' *শরীফ*, ১৯৭০।

অনভিজাতিক [সা] *বিণ* অভিজাত নয় এমন। 'হট্টমাঝে ফিরে যেন অবাধে চিৎকারি অনভিজাতিক দম্ভে।' *সুধীন্দ্র*, ১৯২৮।

অনভিজ্ঞ [সা ১ *বিণ* অভিজ্ঞতা নেই এমন। 'স্বদেশীয় তাবৎ বিষয়েতেই অনভিজ্ঞ।' *চন্দ্রিকা*, ১৮৩০। ২ *বিণ* অজ্ঞাত। 'জ্বরের ঔষধ বাঙ্গালী বৈদ্য মহাশয়েরা কি সেবন করাণ তাহা অনভিজ্ঞ।' *দর্পণ*, ১৮৩১। ৩ *বিণ* অশিক্ষিত। 'অনভিজ্ঞ সামান্য লোক দ্বারা অবজ্ঞাত ও অপমানিত হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৩। ৪ *বিণ* জ্ঞানহীন। 'তাহা অবলীলাক্রমে অনভিজ্ঞ বালকদিগের হৃদয়ঙ্গম করাইতে পারেন।' *অক্ষয়*, ১৮৫২।

অনভিজ্ঞতা [সা ১ *বি* অজ্ঞতা। 'এ স্থানের রীতির অনভিজ্ঞতা প্রযুক্ত লজ্জিত এবং দুঃখিত।' *ভবানী*, ১৮২৩। ২ *বি* অভিজ্ঞতার অভাব। 'ইহাতে গ্রন্থকর্ত্রীর অল্পবয়স এবং সংসারতত্ত্বে অনভিজ্ঞতা ...।' *রবীন্দ্র*, ১৮৮৫। ৩ *বি* ধারণার অস্পষ্টতা। 'চারুপাঠের বিস্তারিত বর্ণনা সত্ত্বেও পুরুভুজ সম্বন্ধে আশার অনভিজ্ঞতা দূর হইল না।' *রবীন্দ্র*, ১৯০২। ৪ *বি* হাতে-কলমে কাজের জ্ঞান। 'যখন জানলুম এ কাজের ভার নেবার আর কেউ নেই, তখন অনভিজ্ঞতা সত্ত্বেও এ ভার আমি নিয়েছিলাম।' *রবীন্দ্র*, ১৯২১।

অনভিজ্ঞতাবশত [সা] *ক্রিবিণ* অভিজ্ঞতা না-থাকা সত্ত্বেও। 'অক্ষমতা ও অনভিজ্ঞতা-বশত সেই ওজনটি যাঁহারা পান নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনভিজ্ঞা [সা ১ *বিণ স্ত্রী* অভিজ্ঞতাহীন। 'অবলা অনভিজ্ঞা স্ত্রীলোক।' *দর্পণ*, ১৮২৭। ২ *বিণ স্ত্রী* অজ্ঞ। 'অরুন্ধতী দেবী কি

AMARBOI.COM

মিথ্যাবাদিনী? না দৈব ব্যাপারে অনভিজ্ঞা?' *মাইকেল*, ১৮৭৩।

অনভিনিবেশ [স] *বি* অমনোযোগিতা। 'যা কিছু পেলে দীর্ঘ প্রেম, বুকে নিয়ে চলো – মড়কে, সাহিত্যে, মদ-মক্কারায়, অনভিনিবেশে।' *শক্তি*, ১৯৬১।

অনভিনীত [স] *বিণ* অভিনীত হয়নি এমন। 'অনভিনীত নাট্যের নেপথ্যে এখন তাহারা বাড়িয়া উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনভিপ্রায় [স] *বি* অনিচ্ছা। 'সাহেব প্রথমতঃ তাহাতে অনভিপ্রায় প্রকাশ করেন।' *এডুকেশন*, ১৮৭৩।

অনভিপ্রেত [স] ১ *বিণ* বাঞ্ছিত নয় এমন। 'অনভিপ্রেত বলিলে আর রক্ষা থাকে না।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বিণ* অপ্রত্যাশিত। 'কাজে ইস্তফা দেন ইহা তাহার অনভিপ্রেত ছিল না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনভিব্যক্ত [স] *বিণ* অস্পষ্ট। 'অনভিব্যক্ত ইঙ্গিতে, গলার সুরে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

অনভিমত [স] ১ *বিণ* অনুমতিহীনতা। 'তাহার অনভিমতে ছাপা করিলে ...।' *দর্পণ*, ১৮২৯। ২ *বি* অসম্মতি। 'নীলকর সাহেব ... কৃষকের অনভিমতে তাহার ভূমি চিহ্নিত করিয়া যান।' *অক্ষয়*, ১৮৫০।

অনভিলষণীয় [স] *বিণ* অপ্রত্যাশিত। 'অনভিলষণীয় বাক্য নির্গত হইলে মম অপরাধ মার্জ্জনা করিবেন।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

অনভ্যস্ত দ্র অনভ্যাস

অনভ্যাস [স] ১ *বি* চর্চার অভাব। 'লেখাপড়া করিয়াছিল এই অভিমানে এবং অনভ্যাস বশে মজুরী বা রাখালী করে না।' *চন্দ্রিকা*, ১৮৩২। ২ *বি* অভ্যাসহীনতা। 'অনভ্যাসের সমস্ত বাধা ঠেলিয়া ... প্রবেশ করিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯১২।

অনভ্যাসবশত [স] *ক্রিবিণ* অনভ্যস্ততার কারণে। 'অনভ্যাসবশত ঘুম হইতেছে না।' *রবীন্দ্র*, ১৮৯১।

অনভ্যাসের ফোটা কপাল চড়ু চড়ু করে – যে যে-কাজে পারদর্শী নয় সে সে-কাজ করলে কাজ পণ্ড হয়। *উমেশ*, ১৮৫৭।

অনভ্যস্ত [স] *বিণ* অভ্যাস নেই এমন। 'অনভ্যস্ত সাজ লজ্জায় জড়ায়ে অঙ্গ রহিল একান্ত সসংকোচে।' *রবীন্দ্র*, ১৮৯২।

অনভ্যস্ততা [স] *বি* অনভ্যাস। 'এত দিনের অনভ্যস্ততায় সমস্ত চারুশিল্প যেন ভুলতে বসেছে।' *নরেন্দ্র*, ১৯৪২।

অনমনীয় [স] ১ *বিণ* সহজে নোয়ানো যায় না এমন। 'অন্য দিকে বধূর মনের মধ্যে অনমনীয় ...।' *রবীন্দ্র*, ১৯২৯। ২ *বিণ* দৃঢ়। 'সহ্য করার ক্ষমতা তার অনমনীয়।' *মানিক*, ১৯৩৫। ৩ *বিণ* আপোসহীন। 'এই স্থায়ী অনমনীয় বিরক্তির কারণটা ...।' *মানিক*, ১৯৩৭।

অনমিত [স] *বিণ* নত নয় এমন। 'আঁখি তোলো অনমিত।' *নজরুল*, ১৯৩০।

অনমীষ [স অনিমেষ] *বিণ* অপলক। 'অনমীষ নয়ন করিআঁ।' *বড়ু*, ১৪৫০।

অনম্বর [স] *বি* আকাশ। 'উজ্জ্বলি যথা ছোট অনম্বরে নক্ষত্র।' *মাইকেল*, ১৮৬৬।

অনম্বরা [স] *বি* স্ত্রী বৌদ্ধ সন্ন্যাসীবিশেষ। 'অনম্বরা অনাসক্তা চির-একাকিনী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনম্য [স] *বিণ* অনমনীয়। 'অদম্য কর্মশক্তির অনম্য প্রতিমান।' *অচিন্ত্য*, ১৯৫০।

অনম্র [স] *বিণ* রূঢ়। 'কঠিন অনম্র রেখার আঘাতে নানাখানা হয়ে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

অনম্রতা [স] *বি* অবিনয়। 'অসংগত অনম্রতা পরোক্ষে দেশের মেরুদণ্ডকেই আরো বেশি উদ্ধত করে তুললে।' *অচিন্ত্য*, ১৯৫০।

অনরবল [ই] *বিণ* শ্রদ্ধেয়। 'শ্রীমতী অনরবল লেডি গ্রে।' *দর্পণ*, ১৮৩০।

অনরেবল [ই] *বিণ* শ্রদ্ধেয়। 'অনরেবল হালিডে সাহেব এই সকল বিষয় বিশিষ্ট রূপেই অবগত আছেন ...।' *প্রভাকর*, ১৮৫৪।

অনরেরী [ই] *বিণ* অবৈতনিক। 'নীলকরেরা অনরেরী মেজেষ্টর হয়ে মিউটিনি উপলক্ষ করে দাদন, গাদন ও শামচাঁদ খ্যালাতে লাগলেন।' *হুতোম*, ১৮৬১।

অনর্গল [স] *বিণ* অবাধ। 'অনর্গল প্রেম সবার চেষ্টা অনর্গল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অনর্গল বাণিজ্য-প্রণালী [স] *বি* মুক্তবাজার পদ্ধতি। 'আধুনিক অনর্গল বাণিজ্য-প্রণালী (free trade) সংস্থাপন করিয়া ব্রাইট্ ও কব্‌ডেন চিরস্মরণীয় হইয়াছেন।' *বঙ্কিম*, ১৮৯২।

অনর্থ [স] ১ *বি* বিপত্তি। 'কৃজি সনে কুমন্ত্রনা কৈকেই করিল অনর্থ।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* অশুভ। 'অনর্থ নিবৃত্তি সতে দুরগতি।' *চণ্ডী*, ১৫৫০। ৩ *বি* বিপর্যয়। 'যাবতীয় খ্রিষ্টীয় জাতির মধ্যেও ঐরূপ অনর্থ উপস্থিত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪। ৪ *বি* ঝামেলার কারণ। 'অর্থই অনর্থ।' *রবীন্দ্র*, ১৮৯০। ৫ *বিণ* অর্থহীন। 'অর্থকে সে অনর্থ করে দিতে তবে সে নিজের কাজ চালাতে পারে।' *রবীন্দ্র*, ১৯২৫। ৬ *বি* চেঁচামেচি। 'গুবরে পোকা কাগজের বাক্সে এনে রাখে ... কেউ ফেলে দিতে গেলে অনর্থ বাধে।' *রবীন্দ্র*, ১৯৩২। ৭ *বি* হাঙ্গামা। 'শুনিয়া হয়তো সে রাগিয়া অনর্থ করিবে।' *মানিক*, ১৯৩৬। ৮ *বিণ* অনর্থক। 'যতবার ভয়ের মুখোশ তার করেছি বিশ্বাস ততবার হয়েছে অনর্থ পরাজয়।' *রবীন্দ্র*, ১৯৪১।

অনর্থক [স] ১ *বিণ* বৃথা। 'তখন নিরপরাধের প্রবল হেতু দর্শান অনর্থক হয়।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* অকারণ। 'আমারদিগের অনর্থক ক্রোধ আমারদিগকে অশস্ত করিলেক।' *তারিণী*, ১৮০৩। ৩ *ক্রিবিণ* অযথা। 'অনর্থক হাল্লক হয়ে ফিরে যাবে।' *নজরুল*, ১৯২৭।

অনর্থকর [স] *বিণ* অমঙ্গলকর। 'তাহলে সে যে আমারই পক্ষে অনর্থকর হত।' *রবীন্দ্র*, ১৯১৬।

অনর্থকরী [স] *বিণ* অর্থ উপার্জনে সহায়ক নয় এমন। 'অর্থকরী পারস্য ভাষা শিক্ষা না করে অনর্থকরী সংস্কৃত ভাষা শিক্ষা করায় ...।' *প্রমথ*, ১৯২৮।

অনর্থদর্শী [স] *বি* সর্বত্র অমঙ্গল দর্শনকারী ব্যক্তি। 'অনর্থদর্শীদিগের সহিত পরামর্শ ... পরিহার করিয়াছ?' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অনর্থপাত [স] *বি* অকল্যাণ। 'তাহাদের নিজেরই অনর্থপাতের সম্ভাবনা।' *এডুকেশন*, ১৮৭৩।

অনর্থহেতু [স] *ক্রিবিণ* অকারণে। 'অনর্থহেতু দ্যূতক্রিয়াকরণে পুরুষ বৃথায়ুঃ ক্ষেপণ করে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অনর্হ [স] *বিণ* অযোগ্য। 'ছাত্রেরা হিন্দুধর্ম্মের কোন ক্রিয়া করিতে অনর্হ।' *দর্পণ*, ১৮৩৩।

অনল [স] *বি* আগুন। 'মুগধী বড়ায়ি অনল বুলাওঁ গাএ।' *বড়ু*, ১৪৫০।

অনলউদ্‌গারী [স] *বিণ* জ্বালাময়ী। 'যে কেহ তাঁর অনলউদ্‌গারী বক্তৃতা শ্রবণ করেছে ...।' *মাহেনও*, ১৯৪৯।

অনলকণা [স] *বি* আগুনের ফুলকি। 'আসুক ক্রোধের অনলকণা।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ওয়ালী, ১৯৪৮।

অনলজ্বালা [স] *বি* আগুনের দাহ। 'কেশপাশ দিয়ে বাহিরিতেছিল দীপ্ত অনলজ্বালা।' *রবীন্দ্র*, ১৮৯০।

অনলতাপ [স] *বি* আগুনের দাহ। 'যে অনলতাপ যখনি সহিব আমি।' *রবীন্দ্র*, ১৯১৩।

অনলনিশ্বাসী [স] *বিণ* নিশ্বাসে আগুন ত্যাগ করে এমন। 'লৌহবাঁধা পথে অনলনিশ্বাসী রথে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অনলনিশ্বাসী রথ [স] *বি* রেলগাড়ি। 'এল লৌহবাঁধা পথে অনলনিশ্বাসী রথে প্রবল ইংরেজ।' *রবীন্দ্র*, ১৯৪০।

অনলবর্ষণ [স] *বি* জোরালো বক্তৃতা প্রদান। 'শুধু মুখে রক্তক্ষরণ বা অনলবর্ষণ করিলে অবস্থার উন্নয়নে সাহায্য করা হবে না।' *আজাদ*, ১৯৬৪।

অনলশিখা [স] *বি* আগুনের শিখা। 'একটি অনলশিখা জ্বলিতেছে বিশাল প্রান্তরে।' *রবীন্দ্র*, ১৮৭৭।

অনলশ্বসনা [স] *বিণ স্ত্রী* আগুনের মতো শ্বাস ত্যাগকারী। 'প্রখর মধ্যাহ্নতাপে প্রান্তর ব্যাপিয়া কাঁপে বাষ্পশিখা অনলশ্বসনা –।' *রবীন্দ্র*, ১৮৯০।

অনলসমুদ্র [স] *বি* আগুনের সমুদ্র। 'অনন্ত আকাশগ্রাসী অনলসমুদ্রমাঝে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অনলোজ্জ্বল [স অনল-উজ্জ্বল] *বিণ* আগুনের মতো উজ্জ্বল। 'ধূমকেতুর অনলোজ্জ্বল পুচ্ছের মতো।' *রবীন্দ্র*, ১৯৩১।

অনলংকৃত [স] *বিণ* সাজসজ্জাহীন। 'অনলংকৃত নিভৃত অস্ফুটতার মধ্যে দেবমূর্তি নিস্তব্ধ বিরাজ করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অনলঙ্কার [স] *বি* অলংকারহীনতা। 'শরীরে কোন অলঙ্কার নাই, স্বয়ং অনলঙ্কারই তাঁহাদের অলঙ্কার হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯।

অনলস [স] *বিণ* আলস্যহীন। '... কিন্তু তাঁহার মন তৎকাল পর্যন্ত অনলস ও কর্মণ্য ছিল।' *বিদ্যা*, ১৮৪৯।

অনলসভাবে [স] *ক্রিবিণ* আলস্যহীনভাবে। 'রাজা যখন অনলসভাবে কায়িক বাচিক ও মানসিক বৃত্তি পরিচালনপূর্বক ... স্বহস্তে রাজকার্য্য নির্ব্বাহ করিতে থাকেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অনল্প [স] *বিণ* বেশি। 'এতদুভয়ের বেগে মনুষ্যহৃদয়সাগরে অনল্প ভাগ চড়া পড়িয়া যাইতেছে।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনশন [স] *বি* উপবাস। 'মায়ের ব্রত অনশনে মেনকার স্নেহ প্রকাশ।' *রামপ্রসাদ*, ১৭৮০।

অনশনক্লিষ্ট [স] *বিণ* অনাহারে কাতর। 'এক দরিদ্র অনশনক্লিষ্ট ব্রাহ্মণের গৃহ বাকী কর আদায়ের জন্য ঘেরাও করিয়াছে।' *নবনূর*, ১৯০৫।

অনশনব্রত [স] ১ *বি* উপবাসরূপ ব্রত। 'এক-একদিন অভিমানে অনশনব্রত গ্রহণ করিত।' *রবীন্দ্র*, ১৯০১। ২ *বি* দাবি আদায়ের জন্য না খেয়ে থাকার ব্রত। 'চল্লিশ দিন অনশনব্রত ...।' *নজরুল*, ১৯২৬।

অনশনা [স] *বিণ স্ত্রী* উপবাসী। 'মাতঙ্গিনী অনশনা রহিলেন।' *বঙ্কিম*, ১৮৭৫।

অনশ্বর [স] *বিণ* অক্ষয়। 'অনশ্বর প্রণয়ের প্রথম পবিত্র সম্ভাষণ।' *বঙ্কিম*, ১৮৭৫।

অনসন [স অনশন] *বি* অনাহার। 'প্রতি অঙ্গে অনসনে ইসত মুদিত।' *মালাধর*, ১৫০০। দ্র **অনশন**

অনসম্ভবতা [স] *বি* সম্ভাব্যতা। 'সমস্ত খ্যাতিপ্রতিপত্তি ... অনসম্ভবতার ভাণ্ডারে নিহিত ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনসর [স অসরণ] *বি* স্থির অবস্থান। 'অনসর অর্থাৎ স্নানযাত্রার পর একএক দিবস ঠাকুর পীড়িত থাকেন।' *দর্পণ*, ১৮২৫।

অনস্তিত্ব [স] *বি* অস্তিত্বহীনতা। 'অনস্তিত্বের প্রমাণ আছে।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনস্বীকার্য, অনস্বীকার্য্য [স] *বিণ* অস্বীকার করা যায় না এমন। 'এ কথা অনস্বীকার্য যে ...।' *বেগম*, ১৯৪৭।

অনস্বীকার্যভাবে [স] *ক্রিবিণ* অস্বীকার করা যায় না এমনভাবে। 'রোমান্টিকতার প্রচ্ছন্ন গভীর ধারা অস্বীকৃত হয়েও অনস্বীকার্যভাবে বিদ্যমান।' *শিব*, ১৯৫০।

অনহা [স অনাঘাত] *বিণ* অনাহত। 'অনহা ডমরু বাজএ বীরনাদে।' *চর্যা* ১১, ১২০০।

অনহেলা [স] *বি* অবহেলা। 'অনহেলা না পুলক-লাজে।' *নজরুল*, ১৯২৩।

অনাআষ [স অনায়াস] *ক্রিবিণ* কোনো প্রয়াস ছাড়া। *ক্যালগে*, ১৭৯৪।

অনাআসে [স অনায়াস>] *ক্রিবিণ* অবলীলাক্রমে। *ক্যালগে*, ১৭৮৮।

অনাকর্ষণীয় [স] *বিণ* আকর্ষণ করে না এমন। 'বিগতযৌবনা মেয়েটির যত্নহীন অনাকর্ষণীয় কণ্ঠস্বরের চিৎকারে ...।' *কায়সার*, ১৯৬২।

অনাকাঙ্ক্ষী [স] *বিণ* অনাকাঙ্ক্ষিত। 'যারা অন্যমনা, অনাকাঙ্ক্ষী মৃত্যুর দোসর।' *আহসান*, ১৯৪৪।

অনাকার [স] *বিণ* জমাট। 'বাইরে অনাকার অন্ধকার।' *বুদ্ধ*, ১৯৫৫।

অনাকুলিত [স] *বিণ* একাগ্র। 'কিন্তু আপদ পড়িলে সাহস ও ধৈর্য্য অবলম্বন করিয়া অনাকুলিত চিত্তে তাহার প্রতিবিধান চেষ্টা করা উচিত।' *বিদ্যা*, ১৮৫১।

অনাকুল্য [স অনানুকূল্য] *বি* অবজ্ঞা। *মানোএল*, ১৭৪৩।

অনাকৃষ্ট [স] *বিণ* আকৃষ্ট নয় এমন। 'মুসলিম স্থাপত্য-পদ্ধতির প্রতি আমাদের দৃষ্টি অনাকৃষ্ট থাকবার বহু কারণ ছিল।' *মাহেনও*, ১৯৪৯।

অনাক্রমণীয় [স] *বিণ* আক্রমণের অযোগ্য। 'এ-দুর্গম দুর্গে বন্দী, অনাক্রমণীয়, নিশ্চিন্ত আমার সত্তা।' *বুদ্ধ*, ১৯৪৩।

অনাগত [স] ১ *বিণ* এখনো আসেনি এমন। 'ক্ষীণচন্দ্রালোকিত অনাগত রাত্রি।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বি* ভবিষ্যৎ। 'মগন করি অতীত অনাগত।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বি* নতুন ব্যক্তি। 'আসছে এবার অনাগত প্রলয়-নেশার নৃত্য-পাগল।' *নজরুল*, ১৯২২।

অনাগতকাল *বি* ভবিষ্যৎকাল। 'আমার সঙ্গে সমস্ত অতীতকালের এবং অনাগতকালের যোগ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনাগতা [স] *বিণ স্ত্রী* এখনো আসেনি এমন সময়। 'হাতছানি দেয় অনাগতা।' *নজরুল*, ১৯২৫।

অনাগমন [স] *বি* অনুপস্থিতি। 'পুনঃ২ অনাগমন করেন তবে নিয়মপত্র হইতে তাঁহার নাম বহিষ্কৃত করা যাইবেক।' *দর্পণ*, ১৮৩০।

অনাগরিকত্ব [স] *বি* নাগরিক হওয়ার আইনগত অধিকার। 'তদ্রাজ্যের যে পশ্চাৎকালিক বৈষম্য – নাগরিকত্ব এবং অনাগরিকত্ব।' *বঙ্কিম*, ১৮৭৯।

অনাগারিক [স] *বিণ* গৃহহীন। 'মানুষ যথার্থই অনাগারিক।' *রবীন্দ্র*,

AMARBOI.COM

১৯১১।

অনাগ্রহ [স] *বি* আগ্রহহীনতা। 'মেয়েদের অনাগ্রহ থাকার কথা নয়।' *বেগম*, ১৯৬৯।

অনাগ্রহশীল [স] *বিণ* অনাগ্রহী। 'সহযোগিতার প্রশ্নে অনাগ্রহশীল করিয়া তুলিতে পারে।' *আজাদ*, ১৯৭১।

অনাগ্রহী [স] *বিণ* আগ্রহী নয় এমন। *ওসাঁ*, ১৭৮৫।

অনাঘ্রাত [স] ১ *বিণ* অসম্পৃক্ত। 'দোষ একান্ত অনঘ্রাতচিত্ত।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বিণ* ঘ্রাণ নেওয়া হয়নি এমন। 'পত্রপুটে রয়েছে যেন ঢাকা/ অনাঘ্রাত পূজার ফুল দুটি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অনাঘ্রাতা [স] *বিণ স্ত্রী* ঘ্রাণ নেওয়া হয়নি এমন। 'অ-স্বাদিতমধু যেমন যূথী অনাঘ্রাতা।' *রবীন্দ্র*, ১৯০০।

অনাঙ্গিক [স] *বিণ* দেহহীন। 'যে-চিতা নির্বাণমুখ অনাঙ্গিক পঞ্চভূতসনে।' *সুধীন্দ্র*, ১৯২৭।

অনাচরণীয় [স] *বি* ব্যবহারের অযোগ্য যা। 'শিক্ষার জাতিবিচার করে তাকে আচরণীয় কিংবা অনাচরণীয়ের কোঠায় ফেলতে চাইনে।' *প্রমথ*, ১৯২০।

অনাচার [স] ১ *বি* ভ্রষ্টাচার। 'পুত্র সব মরে মোর তোর অনাচারে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* অনুচিত আচার। 'তিলমাত্র অনাচার হেন ভূমি নাই।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বিণ* অভদ্র। 'পশ্চিমের লোক সব মূঢ় অনাচার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অনাচারী [স] ১ *বিণ* শাস্ত্রাচারবিরোধী। 'কে গো তুমি, জান না কি অনাচারী রঘু।' *রবীন্দ্র*, ১৮৮৪। ২ *বিণ* আচার লঙ্ঘনকারী। 'ইহারা কি তবে অনাচারী হবে।' *রবীন্দ্র*, ১৯০০। ৩ *বি* আচার পালন করে না এমন ব্যক্তি। 'অনাচারীদের মধ্যে বাস করলেই তবে তাঁর চোখ ফুটবে।' *রবীন্দ্র*, ১৯১১। ৪ *বিণ* অত্যাচারী। 'অনাচারী বিষয়ী নষ্টের নষ্ট করে গাছপাতা নারীশিশু।' *মাহমুদ*, ১৯৬৩।

অনাছিষ্টি [অনা+স সৃষ্টি] ১ *বিণ* বাজে। 'আমি অনাছিষ্টি কাজে টাকা দিই নে।' *দীনবন্ধু*, ১৮৬৭। ২ *বি* অবাঞ্ছিত ঘটনা। 'এ কী অনাছিষ্টি বলো দিকি!' *রবীন্দ্র*, ১৯২৯। ৩ *বি* অমঙ্গলকারিতা। 'কি-সব অনাছিষ্টির কথা মুখে আনছ অবেলায়।' *শওকত*, ১৯৫৮।

অনাটন [স অনটন] *বি* অভাব। 'উদরান্নেরো অনাটন হইয়াছে।' *দর্পণ*, ১৮৩০।

অনাড়ম্বর [স] *বি* আড়ম্বরহীনতা। 'নীরবে ও অনাড়ম্বরে পালন করিয়া চলিতেন।' *শরৎ*, ১৯২৬।

অনাদৃষ্ট [স] ১ *বিণ* স্বচ্ছন্দ। 'তার সবল, অনাদৃষ্ট মাংসপেশী ...।' *সবুজ*, ১৯১৭। ২ *বিণ* জড়তাশূন্য। 'সে জীবন হতো অনাদৃষ্ট, অবিজড়িত, স্বাধীন।' *বুদ্ধ*, ১৯৪০।

অনাঢ্য [স] *বিণ* মধ্যবিত্ত। 'অনাঢ্য গ্রাম্য জীবনের সারল্য।' *অচিন্ত্য*, ১৯৫০।

অনান্ত [স] *বি* অঙ্গহীনতা। 'দেহের নশ্বরতা এবং অনান্ত বিষয়ে এই জ্ঞান ...।' *শিব*, ১৯৬০।

অনাত্ম [স] *বি* পরতু। 'আত্ম-অনাত্মের যোগে ভালোমন্দ সকল কর্মের উদ্ভব।' *রবীন্দ্র*, ১৯০৫।

অনাত্মীয় [স] ১ *বিণ* আত্মীয়তার সম্পর্ক নেই এমন। 'অধিকাংশ জগৎই আমার অজ্ঞাত, অজ্ঞেয়, অনাত্মীয়, আমা-হীন।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বিণ* শত্রুর ন্যায়। 'তবু মায়ের এই অনাত্মীয় ব্যবহার।' *হাফিজুর*, ১৯৫৩। ৩ *বিণ* সম্পর্কহীন। 'মোনাদির এই সংসারে এক ব্যাপারে অনাত্মীয়।' শওকত, ১৯৫৮। ৪ *বিণ* অপরিচিত। 'পবিত্রতা বিগত সুদূর শতাব্দীর মতো অনাত্মীয়।' *শামসুর*, ১৯৬৬।

অনাত্মীয়তা [স] *বি* আত্মীয়হীনতার মনোভাব। 'ইংরাজের যতটা অনাত্মীয়তা প্রকাশ পাইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনাত্মীয়া [স] *বি স্ত্রী* আত্মীয়তার সম্পর্কহীন ব্যক্তি। 'অনাত্মীয়ের সঙ্গে অনাত্মীয়ার মৌখিক আলাপেই যখন বিভীষিকা দেখে ...।' *অন্নদা*, ১৯২৯।

অনাত্ম্য [স] *বিণ* প্রাণহীন। 'আমার অনাত্ম্য দেহ প'ড়ে আছে মৃন্ময় নরকে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অনাথ [স] ১ *বিণ* অসহায়। 'অনাথ করিয়া মোরে ছিলাত কানাঞি।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* পৃষ্ঠপোষকহীন। 'অনাথ দেখিআ নাহি কর দয়া।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* অভিভাবকহীন। 'ভারতমণ্ডলের মাতৃহীন অনাথ বালকের সংখ্যা হ্রাস করিয়া যান।' *অক্ষয়*, ১৮৫৫।

অনাথ-আশ্রম [স] *বি* সহায়সম্বলহীনদের আশ্রয়স্থল; এতিমখানা। 'ইংলন্ডের সরকারি অনাথ আশ্রমে যারা থাকে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অনাথমণ্ডপ [স] *বি* অনাথাশ্রম। 'নগর-চত্বর মাঝে শিবের মন্দির সাজে অনাথমণ্ডপ অন্নশালা।' *মুকুন্দ*, ১৬০০।

অনাথ-শরণ [স] *বি* অনাথ আশ্রম। '... বন্ধ্যা বনিতাকে পৃথক করিয়া দিয়াছে সে স্ত্রী অনাথ-শরণের অধিকারভুক্ত।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অনাথা [স] ১ *বিণ স্ত্রী* অসহায়। 'অনাথা নারীক সঙ্গে নে।' বড়ু, ১৪৫০। ২ *বিণ* স্বামীহারা। 'বহ্নাথা থেকে একেবারে অনাথা বিধবা সাজল প্রমদা।' *নরেন্দ্র*, ১৯৫৩।

অনাথাশ্রম [স অনাথ+স আশ্রম] *বি* এতিমখানা। 'জয়নগর মজিলপুরে একটি অনাথাশ্রম খোলেন।' *বেগম*, ১৯৪৮।

অনাথিনি, অনাথিনী [স অনাথা] *বি, বিণ স্ত্রী* সহায়হীন। 'রতিরে করিলে অনাথিনী।' *মুকুন্দ*, ১৬০০; 'নিদয় বিধাতা, শুনো কাঁদে অনাথিনি।' *গিরিশ*, ১৮৮৩।

অনাথী [স অনাথা] *বিণ স্ত্রী* অভাগী। 'অনাথী গুয়ালী মোকে রক্ষা কর বিধি।' বড়ু, ১৪৫০।

অনাদর [স] ১ *বি* অবহেলা। 'হেন পুণ্য কীর্তি প্রতি অনাদর যার।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* উপেক্ষা। 'দ্রৌপদে করিব তাকে তবে অনাদর।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৩ *বি* অশ্রদ্ধা। 'তোমার বংশ্যেরা তোমাকে অনাদর করিবে।' *দর্পণ*, ১৮২১। ৪ *বি* আদরহীনতা। 'কখনো কি সহ নাই অপমানভার, অনাদর, অবিশ্বাস ...।' *রবীন্দ্র*, ১৮৯৬। ৫ অসম্মান। 'অনাদর হতে তারে প্রাণ দিয়া ঢাকি।' *রবীন্দ্র*, ১৯০২।

অনাদরণীয় [স] *বিণ* আদরের যোগ্য নয় এমন। *সেবধি*, ১৮৩৯।

অনাদায়ি [অন+আ আদায়>] *বিণ* আদায় হয়নি এমন। '... কিঞ্চিৎ বিলম্ব হইত মাত্র কিন্তু তাহার অনাদায়ি থাকিত না।' *প্রভাকর*, ১৮৫২।

অনাদি [স] ১ *বিণ* আদিহীন। 'প্রীষ্টি স্থিতি প্রলয় অনাদি ইশ্বর।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* শাশ্বত। 'এই অনাদি বিদ্যা পূর্ব্ব জ্ঞবনাধিকারে হিন্দুদিগের কেবল পরমার্থ প্রদর্শিকা ছিলেন।' *দর্পণ*, ১৮৩৮। ৩ *বি* আদি সত্তা। 'অনাদির আদি শ্রীকৃষ্ণনিধি তার কি আছে কভু গোষ্ঠবেলা।' *লালন*, ১৮৯০।

অনাদিকাল [স] *ক্রিবিণ* চিরকাল ধ'রে। 'অনাদিকাল এইরূপ আছে।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনাদিনিধন [স অনাদিনিদান] *বি* ঈশ্বর। 'প্রণমহো নারাঅন

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অনাদিনিধন।' *মালাধর*, ১৫০০।

অনাদিস্রোত [স] *বি* চিরকালীন স্রোত। 'চলছে ভেসে মিলন-আশাতরী অনাদিস্রোত বেয়ে।' *রবীন্দ্র*, ১৯১৩।

অনাদিষ্ট [স] *বিণ* স্বপ্রণোদিত। 'অনাদিষ্ট হইয়া ... শাশুড়ির গৃহকার্যে সাহায্য করিতে গেল।' *রবীন্দ্র*, ১৯০২।

অনাদৃত [স] ১ *বিণ* উপেক্ষিত। 'এমনকি অনেক ভালো লেখাও অনাদৃত হতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বিণ* অবজ্ঞাত। 'স্খলিতগৌরব অনাদৃত।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বিণ* অগোছালো। 'বিছানাপত্র বিশৃঙ্খল, সাজসজ্জা অনাদৃত।' *রবীন্দ্র*, ১৯০২।

অনাদৃতা [স] *বি স্ত্রী* আদৃতা নয় যে। 'যে-কয়টি অনাদৃতার সহিত আমার পরিচয় হইয়াছে তাহার মধ্যে ... আমি প্রধান স্থান দেই।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনাদ্দ [স অনাদ্য] *বিণ* অনাদি। 'সুনিব অনাদ্দ কথা ধর্ম্মর পুরানে।' *রামাই*, ১৭১০।

অনাদ্য [স] *বি* আদি নেই এমন সত্তা। 'আমি ধর্ম অনাদ্য তোমারে দিনু দেখা।' *রূপরাম*, ১৭৫০।

অনাদ্যন্ত [স] *বিণ* আদি-অন্তহীন। 'ধ্বনিতেছে চিরকাল অনাদ্যন্ত রবে, যেতে নাহি দিব।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অনাদ্যা [স] *বিণ স্ত্রী* আদি নেই এমন। 'অনাদ্যা অনন্তা অম্বা অম্বিকা অজয়া।' *ভারত*, ১৭৬০।

অনাধুনিক [স] *বিণ* সেকেলে। 'কোথায় যেন একটু অনাধুনিক পৌত্তলিকতার গন্ধ আছে।' *নরেন্দ্র*, ১৯৫২।

অনান্তরিকতা [স] *বি* আন্তরিকতাহীনতা। 'তার কারণ আহ্বানের অনান্তরিকতা নয়।' *অচিন্ত্য*, ১৯৫০।

অনাপত্যাবস্থায় [স] *ক্রিবিণ* সন্তানহীন অবস্থায়। 'উভয়েই অনাপত্যাবস্থায় ইহলোক ত্যাগ করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৬।

অনাপরীক্ষাএ [অনা+স পরীক্ষা>] *ক্রিবিণ* বিনা বিচারে। 'অনাপরীক্ষাএ ছাড় কেনে আপনা আচার।' *সুলতান*, ১৭০০।

অনাবদ্ধ [স] *বিণ* খোলা। 'অনাবদ্ধ অঞ্চলপ্রান্ত উড়তে থাকে।' *মানিক*, ১৯৩৫।

অনাবরণ [স] *বি* অনাচ্ছাদন। 'সেই অনাবরণে তার অগৌরব থাকবে না।' *রবীন্দ্র*, ১৯১৫।

অনাবশ্য [স] *বি* আবশ্যক নয় এমন কিছু। 'অসম্ভব, আশাতীত, অনাবশ্য, অনাদৃত, এনে দাও অযাচিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনাবশ্যক [স] ১ *বিণ* অপ্রয়োজনীয়। 'বেতন দিয়া গবর্ণমেণ্টের তাঁহারদিগকে নিযুক্তকরণ অনাবশ্যক।' *দর্পণ*, ১৮৩৩। ২ *বিণ* তুচ্ছ। 'অবশেষে মার তাড়নায় এই নিতান্ত অনাবশ্যক নির্বোধ কর্মনাশা বাবা ...।' *রবীন্দ্র*, ১৮৯১। ৩ *বিণ* অকারণ। 'পোষ-মানা সবল প্রাণীদের উপর অনাবশ্যক উৎপীড়ন করে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনাবশ্যকতা [স] *বি* অপ্রয়োজনীয়তা। 'অনাবশ্যকতার মধ্যে পরিস্ফুট।' *রবীন্দ্র*, ১৯০১।

অনাবাটা [পা অনাবট] *বিণ* পথহারা। 'জে জে উজূ বাটে গেলা অনাবাটা ভইলা সোঙ্গে।' *চর্যা ১৫*, ১২০০।

অনাবাদি, অনাবাদী [স অন+ফা আবাদ>] *বিণ* আবাদ হয়নি এমন। 'দিনগুলো হত অনাবাদি ফসলের জমির মতো।' *রবীন্দ্র*, ১৩৩২; 'অনাবাদী জমি যা পড়ে আছে তার অনুপাত অল্প।' *অন্নদা*, ১৯৪০।

অনাবিল [স] ১ *বিণ* মুক্ত। 'মানুষের প্রাণময় রূপটি অনাবিল আকাশে সুপ্রত্যক্ষ।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বিণ* নির্ভেজাল। 'ইহা আধুনিক য়ুরোপীয় প্রজাতান্ত্রিক রাজনীতি বা ডেমোক্রেসির অনাবিল অংশ।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বিণ* নির্দোষ। 'তরুণ বয়সের অনাবিল আত্মম্ভরিতা।' *বিভূতি*, ১৯৩১। ৪ *বিণ* অভ্রান্ত। 'তোমার আমার দেহে আদিছন্দ আছে অনাবিল আমাদের মিল।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অনাবিষ্কার্য [স] *বিণ* আবিষ্কার করা যায় না এমন। 'তার উপকরণ অনাবিষ্কার্য।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অনাবিষ্কৃত [স] ১ *বিণ* অজ্ঞাত। 'রহস্যময় অনাবিষ্কৃত এক ক্ষুদ্র প্রান্তে ... জাগিয়া উঠে।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'মাটির নীচে যে রহস্য অনাবিষ্কৃত।' *রবীন্দ্র*, ১৯১২। ২ *বিণ* অপ্রকাশিত। 'নানা কাজ গাঁথিয়া গাঁথিয়া এক অনাবিষ্কৃত নিয়মে একটি জীবন গড়িয়া চলিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অনাবিষ্ট [স] *বিণ* অমনোযোগী। 'সে কাহারও কথা শুনে না। অতিশয় অনাবিষ্ট।' *মদনমোহন*, ১৮৪৯; 'সেই অনাবিষ্ট বালক সমাজে লব্ধপ্রতিষ্ঠ হইয়াছিলেন।' *বঙ্কিম*, ১৮৭৫।

অনাবৃত [স] ১ *বিণ* উন্মুক্ত। 'ভাটার অপেক্ষায় সে স্থলে অনাবৃত স্থানে ...।' *দর্পণ*, ১৮২৬। ২ *বিণ* আশ্রয়হীন। 'গৃহহীন, প্রেমহীন, বিশ্রামবিহীন, অনাবৃত পৃথ্বীমাঝে।' *রবীন্দ্র*, ১৮৮৯। ৩ *বিণ* পরিচ্ছন্ন। 'প্রভাতের আলোকের সনে, অনাবৃত প্রভাতগগনে।' *রবীন্দ্র*, ১৮৯০।

অনাবৃত্তি [স] *বি* অপ্রত্যাবর্তন। 'তার অনেকাংশেই থেকে যায় অনাবৃত্তি।' *অচিন্ত্য*, ১৯৫০।

অনাবৃষ্টি [অনা+স বৃষ্টি] *বি* খরা; বৃষ্টির অভাব। 'জেনক কৃসক রহে দেখি অনাবৃষ্টি।' *মালাধর*, ১৫০০।

অনাবেশ [স] *বিণ* অমনোযোগী। 'মদনগঞ্জন রূপ ভুবনরঞ্জন দিনে দিনে অনাবেশ সাধুর নন্দন।' *মুকুন্দ*, ১৬০০।

অনাভিধানিক [স] *বিণ* অভিধানে নেই এমন। 'অনাভিধানিক প্রিয় সম্বোধন সকল ... নাটকে আশ্রয় লইয়াছে।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনাম [স] *বিণ* অচেনা; নামহীন। 'যৌবনযজ্ঞাগ্নি মোর যে-অনাম দেবতার আনে।' *সুধীন্দ্র*, ১৯২৯।

অনামক [স] *বিণ* বেনামি। 'অনামক অচিনায় কখন জ্ঞান-ইন্দ্রিয়ে না সম্ভবে।' *লালন*, ১৮৯০।

অনাময় [স] *বিণ* নির্মল; নীরোগ। 'ছায়াশীতল গ্রামগুলিকে অনাময় ও আনন্দিত করিয়া রাখিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৫।

অনামা [স] ১ *বিণ* নামহীন। 'অনামা চিঠিটার পশ্চাতে।' *রবীন্দ্র*, ১৯০৯। ২ *বিণ* অখ্যাত; বিখ্যাত নয় এমন। 'অনামা চেয়ারম্যানমাত্র ... হয়ে ঢুকেছিল।' *জীবন*, ১৯৩২।

অনামিক [স] ১ *বিণ* অজানা; অচেনা। 'রেখা-লেখাহীন অনামিক পথে হইয়া আপনহারা।' *জসীম*, ১৯৩০। ২ *বিণ* নামহীন। 'অনামিক স্মৃতিচিহ্ন তারা খ্যাতিশূন্য অগোচরে রবে যেন অস্পষ্ট বিস্মৃতি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অনামিকা [স] ১ *বি* হাতের চতুর্থ আঙুল। *ওমা*, ১৭৮৫; 'অনামিকা ও মধ্যমায় দুটো করে আংটি পরে।' *মনোজ*, ১৯৬১। ২ *বিণ স্ত্রী* বেনামি। 'আজ আমি এক অনামিকা চিঠি পেয়েছি।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বি স্ত্রী* নামহীন ব্যক্তি। 'অ-নামিকা, তোমারে কি খুঁজিনু বৃথাই।' *নজরুল*, ১৯২৮।

অনামী [স] *বিণ* নামডাক কম এমন। 'প্রকাশকবৃন্দের অগঠিত, অনামী অস্পষ্ট অথচ কার্যকরী গোষ্ঠীর মধ্যে।' *ধূর্জটি*, ১৯৩১।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অনামুখো *বিণ* মুখ দেখলে অমঙ্গল হয় এমন। 'তাহার কাছেও আমি অনামুখো, আমার মুখ অযাত্রা।' *দক্ষিণা*, ১৯৪০।

অনায়ত্ত [স] ১ *বিণ* আয়ত্তে নেই এমন। 'নিতান্ত অনায়ত্ত হইয়া ... ঘুরিতে লাগিল।' *বিদ্যা*, ১৮৬৩। ২ *বিণ* রপ্ত নয় এমন। 'ত্রিপিটকের পাঠ অনায়ত্ত দেখে তাকে ভর্ৎসনা।' *বিভূতি*, ১৯৩১।

অনায়াস [স] ১ *বি* চেষ্টাহীনতা। 'প্রবর্ত্ত সাধিতে বস্তু অনায়াসে উঠে।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বি* সহজপন্থা। 'যাহা পুরুষেরা উপদেশ বিনা কদাচ করিতে পারেন না এই সকল অনায়াসে করেন।' *গৌর*, ১৮২২।

অনায়াসকৃত [স] *বিণ* অক্লেশে সাধিত। *সেবধি*, ১৮৩৯।

অনায়াসগম্য [স] *বিণ* অনায়াসে যাওয়া যায় এমন। *সেবধি*, ১৮৩৯।

অনায়াসগামিনী [স] *বিণ স্ত্রী* সহজে বোধগম্য। 'ইহার ভাষা এতই সরল, সহজ, মধুর, কবিত্বপূর্ণ ও অনায়াসগামিনী যে ...।' *সংগীত*, ১৯১৯।

অনায়াসনাশ্য [স] *বিণ* অনায়াসে নাশ করা যায় এমন। *সেবধি*, ১৮৩৯।

অনায়াসপাঠ্য [স] *বিণ* সহজে পাঠ করা যায় এমন। 'সেই সকল বর্ণনা সকলেরই অনায়াসপাঠ্য।' *বঙ্কিম*, ১৮৭৯।

অনায়াসপ্রাপ্য [স] *বিণ* সহজলভ্য। 'আবশ্যকের সময় তাহা অনায়াসপ্রাপ্য হয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনায়াসবোধগম্যতা [স] *বি* সহজে বোঝা যাওয়ার গুণ। 'তাহার অনায়াসবোধগম্যতা এবং ভাববাক্তি গুণ থাকিলে ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অনায়াসবোধ্য [স] *বিণ* সহজে বোঝা যায় এমন। 'অনায়াসবোধ্য কথা।' *মানিক*, ১৯৪০।

অনায়াসভাবে [স] *ক্রিবিণ* সংকোচহীনভাবে। 'ভালো ভালো পাকা কথাগুলি যদি অনায়াসভাবে মানুষের মুখে বসাইয়া দাও।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অনায়াসলব্ধ [স] ১ *বিণ* সহজে বোধগম্য। 'এইরূপ অনায়াসলব্ধ ভাষায় স্বতঃপ্রবাহিত গতির ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বিণ* সহজে প্রাপ্ত। 'উপরোক্ত পদটি অনায়াসলব্ধ।' *প্রমথ*, ১৯১২।

অনায়াসলভ্য [স] *বিণ* সহজেই লাভ করা যায় এমন। 'যে আলো-হাওয়ার মতই সহজ, একান্ত অনায়াসলভ্য।' *নরেন্দ্র*, ১৯৫২।

অনায়াস-সম্ভব [স] *বিণ* সহজে সম্ভব হয় এমন। 'সাধারণের পক্ষে অনায়াস-সম্ভব।' *মণীশ*, ১৯৬৩।

অনায়াসসাধ্য [স] *বিণ* সহজে সম্পন্ন। 'অনায়াসসাধ্য চুল কাটা পইতা মোটা লম্বা কাছা।' *দর্পণ*, ১৮২২।

অনায়াসে [স] *ক্রিবিণ* অবলীলায়। 'প্রবর্ত্ত সাধিতে বস্তু অনায়াসে উঠে।' *চণ্ডী*, ১৫৫০; 'যাহা পুরুষেরা উপদেশ বিনা কদাচ করিতে পারেন না এই সকল অনায়াসে করেন।' *গৌর*, ১৮২২।

অনার [ই] ১ *বি* পরীক্ষায় বিশেষ সাফল্য। 'কিরণবালা দর্শনশাস্ত্রে অনার লইয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৯৮। ২ *বি* সম্মান। 'বরের অনারে পড়ার ছুটি।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনারবিল [ই] *বিণ* সম্মানিত। 'অনারবিল কোর্ট অফ ডিরেক্টর্স।' *দর্পণ*, ১৮৩৭। দ্র **অনারেবল**

অনারব্ধ [স] ১ *বিণ* শুরু করা হয়নি এমন। 'অনারব্ধ কার্য্যের।' *বঙ্কিম*, ১৮৮৭। ২ *বিণ* অমুকুলিত। 'তরুশাখায় নবকিশলয়ের প্রচুর উদ্‌গম অনারব্ধ আছে।' *রবীন্দ্র*, ১৯০২। ৩ *বিণ* অননুষ্ঠিত। 'অনারব্ধ সৃজনের বিশ্বকর্তা-সম।' *রবীন্দ্র*, ১৯৪০।

অনারাম [স অন+ফা আরাম>] *বি* আরামের অভাব; ক্লেশ। 'এত কষ্ট এত অনারাম মানুষের কী করে সয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অনারারী [ই] *বিণ* অবৈতনিক। 'পরে শুনিয়াছি যে, কেনীর অনারারী মাজিষ্ট্রারের ক্ষমতা ছিল।' *মশাররফ*, ১৮৯০।

অনারেবল [ই] ১ *বিণ* সম্মানিত। 'অনারেবল ... চৌধুরী।' *প্রচারক*, ১৯০৬। ২ *বি* ভেজাল (ব্যঙ্গ)। 'অনারেবলের গড়াগড়ি (বৈজ্ঞানিক প্রক্রিয়ায় খাদ্য-দ্রব্যে ভেজালের বাড়াবাড়ি)।' *রোকেয়া*, ১৯২১।

অনারোগ্য [স] *বিণ* আরোগ্যযোগ্য নয় এমন। 'মস্তিষ্কের কোনও অনারোগ্য ব্যাধির দ্বারা আক্রান্তজনদের বাদ দিলে সব মানুষের ভিতরেই ...।' *শিব*, ১৯৫৬।

অনার্য, অনার্য্য [স] ১ *বিণ* আর্য নয় এমন। 'অনার্য্য একজাতি এই সময়ে রাজ্যস্থাপন করিয়াছিল।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বিণ* অসংস্কৃত। 'অনার্য তার নামখানি।' *রবীন্দ্র*, ১৯৩২।

অনার্যতা [স] *বি* অসভ্যতা। 'আমাদের ভিতরকার অনার্যতা, অদ্ভুত লোকাচার ও অন্ধ সংস্কারে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনার্স [ই] ১ *বি* সম্মান। 'ফুল মার্ক পেয়েছ, পাসড উইথ অনার্স।' *রবীন্দ্র*, ১৯২৮। ২ *বি* বিশেষ পাঠক্রম ও তার পরীক্ষা। 'বিএতে সংস্কৃতে অনার্স নিয়ে খেটে মরেছি মিথ্যে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অনালাপ্য [স] *বিণ* আলাপের অযোগ্য। 'অসার, অনালাপ্য, বঙ্গীয় যুবকের দোষে ...।' *বঙ্কিম*, ১৮৯২।

অনালোক [স] *বি* আলোকহীনতা। 'সায়াহ্নে তুমি চলে গেলে অব্যক্তের অনালোকে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অনালোকিত [স] *বিণ* আলোকিত নয় এমন। 'ঘোমটাচ্ছন্ন-মুখচন্দ্র-শোভী অনালোকিত অন্তঃপুর।' *রবীন্দ্র*, ১৮৮১।

অনালোচিত [স] *বিণ* আলোচিত হয়নি এমন। 'ছেলেমহলে অনালোচিত থাকেনি।' *মণীশ*, ১৯৬৩।

অনাসক্ত [স] ১ *বিণ* আসক্তিহীন। 'তাঁহারা কর্ম্মকাণ্ডে অনাসক্ত।' *দর্পণ*, ১৮২৯। ২ *বিণ* উদাস। 'আসে যায় রেলগাড়ি ধায় লোকজন, সে চাঞ্চল্যে মুমূর্ষের অনাসক্ত মন।' *রবীন্দ্র*, ১৮৯৬।

অনাসক্তা [স] *বিণ স্ত্রী* আসক্তি নেই এমন। 'অনম্বরা অনাসক্তা চির-একাকিনী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনাসক্তি [স] *বি* আসক্তিহীনতা। 'এখন অনাসক্তি কি?' *বঙ্কিম*, ১৮৮২।

অনাসঙ্গ [স] *বিণ* অনাসক্ত। 'দ্রৌপদী স্ত্রীজাতির অনাসঙ্গ ধর্ম্মের ...।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনাসিষ্টি [অনা+স সৃষ্টি>] *বি* আজেবাজে জিনিস। 'কি সব অনাসিষ্টি বিছিয়ে বসেছেন।' *জীবন*, ১৯৩২।

অনাসৃষ্টি [অনা+স সৃষ্টি] ১ *বিণ* নিন্দনীয়। 'এ যে অনাসৃষ্টি অনাচার।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বিণ* অযৌক্তিক। 'ঠিকানা নেই, বলে বাবার কাছে যাব। অনাসৃষ্টি আবদার।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* বিশৃঙ্খল। 'তোদের ঘরে সকলই অনাসৃষ্টি অবস্থা।' *রবীন্দ্র*, ১৯০২। ৪ *বি* অহেতুক সৃষ্টি। 'জন্ম মোদের ব্যর্হস্পর্শে, সকল অনাসৃষ্টি।' *রবীন্দ্র*, ১৯১৫। ৫ *বি* অবাঞ্ছিত ঘটনা। 'আমি সৃষ্টির অনাসৃষ্টি।' *নজরুল*, ১৯২২। ৬ *বি* সৃষ্টিছাড়া অবস্থা। 'যে-প্রকাণ্ড অনাসৃষ্টির আয়োজন

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তুমি করেছ।' *ওয়ালী*, ১৯৪২।

অনাসে [স অনায়াসে] *ক্রিবিণ* অনায়াসে। 'অনাসে দেখতে পাবি কোনখানে সাঁইর বারামখানা।' *লালন*, ১৮৯০।

অনাস্থা [স] **১** *বিণ* ভরসাহীন। 'সে সমাচার প্রতি অনাস্থা হইয়া সংবাদককে সমোচিত করা গেল।' *রামরাম*, ১৮০২। **২** *বি* অবহেলা। 'কোনটিতেই অবিশ্বাস ও অনাস্থাপ্রদর্শন করা যায় না।' *অক্ষয়*, ১৮৫৪। **৩** *বি* বিশ্বাস করতে না-পারার অবস্থা। 'আমার বুদ্ধিবৃত্তির প্রতি তাঁহার যতদূর গভীর অনাস্থা ...।' *রবীন্দ্র*, ১৯০৪।

অনাস্থাভাজন [স] *বি* অবিশ্বাসের পাত্র। 'কেন্দ্রীয় সরকারের অনাস্থা ভাজন হইতে হইবে।' *আজাদ*, ১৯৪২।

অনাস্থিক [স নাস্তিক>] *বিণ* ধর্মহীন। 'অনাস্থিক সকলে।' *মানোএল*, ১৭৪৩।

অনাস্বাদ [স] *বিণ* স্বাদ গ্রহণ করা হয়নি এমন। 'অনাস্বাদ আনন্দের অসহ্য জোয়ার ...।' *সিকান্দার*, ১৯৫৬।

অনাস্বাদিত [স] **১** *বিণ* স্বাদ গ্রহণ করা হয়নি এমন। 'পরিবারের সমস্ত অনাস্বাদিত মধু উজাড়।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বিণ* অলৌকিক। 'অনাস্বাদিত অমৃত তাহার ধ্যানের সম্মুখে তুলিয়া ধরিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

অনাহত [স] **১** *বি* তন্ত্র সাধনায় হৃদয়স্থিত কল্পিত পদ্ম। 'বার দল পদ্ম তথা অনাহত নাম।' *সুলতান*, ১৭০০। **২** *বিণ* নিস্তরঙ্গ। 'পরিপূর্ণ নীল নীর স্থির অনাহত।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৩** *বি* বাজানো হয়নি এমন সুর। 'আমার অনাগত, আমার অনাহত/ তোমার বীণা-তারে বাজিছে তারা।' *রবীন্দ্র*, ১৯১০।

অনাহতা [স] *বিণ স্ত্রী* আহত হয়নি এমন। 'সুর বাজাত অনাহতা গোপন মরম-বীণার মাঝে।' *নজরুল*, ১৯২৫।

অনাহার [স] *বি* উপবাস। 'উর্দ্ধপাএ অনাহারে দ্বাদস বৎসর পৃথিবীর, ১৫০০।

অনাহারক্লিষ্ট [স] *বিণ* ক্ষুধায় কাতর। 'অশিক্ষিত অনাহারক্লিষ্ট ভিক্ষুকবেশী মুসলমান।' *ছায়াবীথি*, ১৯৩৪।

অনাহারজীর্ণ [স] *বিণ* অনাহারে শুকিয়ে গেছে এমন। 'অনাহার-জীর্ণ রোগশীর্ণ অকালমৃত সন্তানের লাশ।' *নজরুল*, ১৯২৭।

অনাহারী [স] *বিণ* উপবাসী। 'তাঁহারদিগকে অনাহারী করিয়া পরিত্যাগ করেন।' *দর্পণ*, ১৮৩৪।

অনাহিত [অনা+স হিত] *বিণ* অহিতকর। 'কিছু অনাহিত শুনাও বচন। সেমত উচিত ফল পাইবা রতন।' *বাহরাম*, ১৬৫০।

অনাহূত [স অনাহূত] **১** *বি* অযাচিত অবস্থা। 'অনাহুতে আসি তুহ্মি চাহ বুঝিবার।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *বিণ* অপ্রয়োজনীয়। 'অনাহূত ব্যয়।' *ডানকান*, ১৭৮৪। **৩** *বিণ* বিনা নিমন্ত্রণে আগত। 'তিন শ্রেণী নিমন্ত্রণ তাহার জলপান ও বিদায় এবং অনাহূত লোকেরদিগকেও কিছু২ করিতে হবেক।' *কেরি*, ১৮০২।

অনাহূতা [স অনাহূত] **১** *বিণ স্ত্রী* বিনা নিমন্ত্রণে আগত। 'সোল আনা অনাহূতা কোথা হইতে এক অবধৌত সন্ন্যাসি আসিয়া ছিল।' *ওসী*, ১৭৭৬। **২** *বিণ* অপ্রয়োজনীয়। 'খরচান্ত ও অনাহূতা ব্যয়।' *ডানকান*, ১৭৮৪। **৩** *ক্রিবিণ* বিনা প্ররোচনায়; নিজের ইচ্ছায়। 'আমার স্ত্রি কেলারিন্দা বরোস আমার বাটি হইতে অমাহূতা গিয়াছে।' *ক্যালগে*, ১৭৯১।

অনাহূতো [স অনাহূত] *বিণ* অনিয়মিত। 'ঠিকে ও অনাহূতো গোছের বাঁদন্দার নিয়েই বর্তমান কাজ চলে।' *হুতোম*, ১৮৬১।

অনাহূত [স] **১** *বিণ* অনিমন্ত্রিত। 'রামরায় অনাহূত যে সকল লোক আসিয়াছিল তাহারদিগকে মনোনীত ধন দিয়া বিদায় করিলেন।' *রাজীব*, ১৮০৫। **২** *ক্রিবিণ* অবাঞ্ছিতভাবে। 'সেখানে যদি একটা অসংলগ্ন কথা অনাহূত আসিয়া উপস্থিত হয়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অনাহূতা [স] *বিণ স্ত্রী* ডাকা হয়নি এমন। 'সে অনাহূতা, অবাঞ্ছিতা।' *নরেন্দ্র*, ১৯৫৩।

অনাহ্লাদ [স] *বি* অখুশি। 'ইহাতে আমার আহ্লাদ বই অনাহ্লাদ নাই।' *বিদ্যা*, ১৮৭৩।

অনিঃশেষ [স] *বিণ* শেষ হয় না এমন। 'ভালোমন্দের লড়াই অনিঃশেষ।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অনিকাম [স] *বিণ* কামনাযুক্ত। 'বাংলা কাব্য ও অসংলগ্ন ভাবচ্ছবির অনিকাম সংঘট্ট।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অনিকামতা [স] *বি* কামনা। 'সে অবস্থার বৈশিষ্ট্যই যেহেতু অনিকামতা ...।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অনিকেত [স] **১***বিণ* গৃহহীন। 'অন্তহীন অবক্ষয়ে ... ইতিহাস-পটভূমি অনিকেত না কি?' *জীবন*, ১৯৪০। **২** *বিণ* আশ্রয়হীন। 'পাতা ঝরার দিকে চেয়ে অগণ্য দিন – কীটে মৃণালকাঁটায় অনিকেত।' *জীবন*, ১৯৪০।

অনিচ্ছা [স] *বি* ইচ্ছার অভাব। 'সেখানকার লোক অনিচ্ছাপূর্ব্বক ভাজ্ঞাবহ ছিল।' *তারিণী*, ১৮০৩।

অনিচ্ছাকৃত [স] *বিণ* অনিচ্ছা সত্ত্বেও করা হয়েছে এমন। 'কেবল শ্রান্তির ভার, কেবল অনিচ্ছাকৃত শ্রম।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অনিচ্ছাপূর্ব্বক [স] *ক্রিবিণ* অনিচ্ছাসত্ত্বেও। 'যদ্যপি সদ্বিচারও সুগম বটে, তত্রাপি সেখানকার লোক অনিচ্ছাপূর্ব্বক আজ্ঞাবহ ছিল।' *তারিণী*, ১৮০৩।

অনিচ্ছাপ্রসূত [স] *বিণ* অনিচ্ছাসত্ত্বেও জন্মেছে এমন। 'পঞ্চম কন্যা তাঁদের মতে অপ্রয়োজনীয়, অনিচ্ছাপ্রসূত।' *ধূর্জটি*, ১৯৩১।

অনিচ্ছিত [স] *বিণ* অনাকাঙ্ক্ষিত। 'অনিচ্ছিত অতিথির মতো ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

অনিচ্ছু [স] *বিণ* ইচ্ছা নেই এমন। 'পরিশ্রম করিতে অনিচ্ছু।' *রাজ*, ১৮৭৪।

অনিচ্ছুক [স] **১** *বিণ* অসম্মত। 'এ পুস্তক ছাপা করিয়া প্রকাশকরণে অনিচ্ছুক।' *দর্পণ*, ১৮২১। **২** *বিণ* অনাগ্রহী। 'লোকে প্রাচীন পদ্ধতি পরিত্যাগ করিতে প্রায়ই অনিচ্ছুক।' *অক্ষয়*, ১৮৪৭। **৩** *বিণ* প্রতিরোধী। 'তরবারি যদি অনিচ্ছুক অস্থিচর্মের মধ্যে সেইপ্রকার সুগভীর আত্মীয়তা স্থাপনে প্রবৃত্ত হয়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অনিত[১] [স অনিত্য] *বিণ* নশ্বর। 'এমতে অনিত হব সভে দুরাচার।' *মালাধর*, ১৫০০।

অনিত[২] [স অনৃত] *বি* অসত্য; মিথ্যা। 'অনিতে সুন্য মন্দ কঠোর বচন।' *মালাধর*, ১৫০০।

অনিতালীয় [স অন+ই ইতালি+স ঈয়] *বিণ* ইতালীয় নয় এমন। 'অনিতালীয় সূত্র থেকে ইতালীয় রেনেসাঁস কিছু লাভ করেনি।' *শিব*, ১৯৫৬।

অনিত্য [স] *বিণ* ক্ষণস্থায়ী। 'বিফল লাবণ্য রূপ অনিত্য শরীর।' *বাহরাম*, ১৬৫০।

অনিত্যতা [স] *বি* অস্থায়িত্ব; নশ্বরতা। 'রচনার নিত্যতা এবং

অনিত্যতা অনেকখানি ধরা আছে দেখি।' *অবন*, ১৯২৫।

অনিত্যবস্তুতন্ত্রতা [স] *বি* নশ্বরতাবাদ। 'নিত্যবস্তুতন্ত্রতার সঙ্গে অনিত্যবস্তুতন্ত্রতার আকাশপাতাল প্রভেদ।' *প্রমথ*, ১৯১৪।

অনিত্যলুব্ধ [স] *বিণ* অস্থায়িত্ব কামনাকারী। 'অনিত্যলুব্ধ গুরুহীন মেঘাচ্ছন্ন মানবের জ্ঞানও তেমনি।' *ফজলল*, ১৯১৩।

অনিত্যা [স] *বিণ স্ত্রী* নশ্বর। 'সে যে অনামিকা অনিত্যা মৃন্ময়ী অল্পা।' *সুধীন্দ্র*, ১৯৩০।

অনিদ্র [স] ১ *বিণ* ঘুমহীন। 'ভাবিতেছি অর্ধরাত্রি অনিদ্রনয়ান।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বি* নিদ্রাহীন যে। 'ওহে পবিত্র, ওহে অনিদ্র, রুদ্র আলোকে এসো।' *রবীন্দ্র*, ১৯১০।

অনিদ্রনয়ান [স অনিদ্র-নয়ন] *ক্রিবিণ* ঘুমহীন চোখে। 'ভাবিতেছি অর্ধরাত্রি অনিদ্রনয়ান।' *রবীন্দ্র*, ১৮৯০।

অনিদ্রা [স] *বি* ঘুমের অভাব। 'তোমার মঙ্গল-হেতু তিনি অনিদ্রায়, অনাহারে পূজেন উমেশ।' *মাইকেল*, ১৮৬১; 'অনিদ্রায় অনাহারে সঁপি কায়-মন।' *মাইকেল*, ১৮৬৬।

অনিদ্রাগ্রস্ত [স] *বিণ* ঘুম আসে না এমন। 'অনিদ্রাগ্রস্ত লোক যেমন যত বেশি ঘুমুতে চেষ্টা করে ...।' *প্রমথ*, ১৯১৫।

অনিদ্রাজনিত [স] *বিণ* ঘুমের অভাবসংক্রান্ত। 'সারারাত্রির অনিদ্রাজনিত অতৃপ্তি ... লেগে রয়েছে।' *হাফিজুর*, ১৯৫৩।

অনিদ্রাশুষ্ক [স] *বিণ* নিদ্রাহীনতায় মলিন। 'পরদিন প্রভাতেই অনিদ্রাশুষ্ক হেমন্ত পাগলের মতো হইয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

অনিদ্রিত [স] *বিণ* নির্ঘুম। 'সমস্ত রাত্রি ইতিহাস শ্রবণেতে অনিদ্রিত ছিলেন।' *চন্ডীচরণ*, ১৮০৫।

অনিন্দনীয় [স] ১ *বিণ* অতুলনীয়। 'এই অনিন্দনীয় বাবু চাঁদ উচ্চয় ভারতবর্ষ আলো করিতেছেন।' *বঙ্কিম*, ১৮৮৭। ২ *বিণ* প্রশংসনীয়। 'তাহার আবৃত্তি ও অভিনয় অনিন্দনীয় হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯১০।

অনিন্দনীয়া [স] *বিণ স্ত্রী* নিন্দার অযোগ্য। 'অত্যন্ত অনিন্দনীয়া হতে চাইনে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অনিন্দিত [স] ১ *বিণ* গ্রহণযোগ্য। 'হর্শেল, এবংবিধ অনিন্দিত পথ অবলম্বন করিয়া ...।' *বিদ্যা*, ১৮৪৯। ২ *বিণ* প্রশংসনীয়। 'তাই ব'লে স্বর্গসুখ কোথা পাব, কোথা হেথা অনিন্দিত মুখ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অনিন্দিতা [স] *বিণ স্ত্রী* নিন্দার অযোগ্য। 'কুন্দশুভ্র নগ্নকান্তি সুরেন্দ্রবন্দিতা/ তুমি অনিন্দিতা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অনিন্দ্য [স] *বিণ* নিখুঁত। 'এই কিশোরীর অনিন্দ্য গঠন।' *শরৎ*, ১৯১৬।

অনিন্দ্যসুন্দরী [স] *বিণ স্ত্রী* অসাধারণ সুন্দর; নিন্দা করা যায় না এমন সুন্দরী। 'তাই আমি ভক্ত তব, অনিন্দ্যসুন্দরী।' *রবীন্দ্র*, ১৯১৪।

অনিপুণ [স] ১ *বিণ* অদক্ষ। 'আত্মসেবায় অনিপুণ চন্দ্রবাবুর প্রতি শৈলের একটু বিশেষ ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বিণ* সাদামাটা। 'একটা সুনিপুণ বা অনিপুণ ব্যাখ্যা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অনিপুণা [স] *বিণ স্ত্রী* অদক্ষ। 'অনিপুণা বাণী আপনে নাচিতে না জানে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অনিবার [স] ১ *ক্রিবিণ* অপ্রতিরোধ্যভাবে। 'ঠাঁই ঠাঁই প্রহরী বৈসএ অনিবার।' *বাহরাম*, ১৬৫০। ২ *ক্রিবিণ* বারে বারে। 'দেবাসুর গন্ধর্ব্বে দেখএ অনিবার।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৩ *ক্রিবিণ* অনবরতভাবে। 'রজের পুঁজের নদী বহে অনিবার।' *সুলতান*, ১৭০০; 'আকাশে জল ঝরে অনিবার।' *রবীন্দ্র*, ১৮৮৯।

অনিবারণীয় [স] ১ *বিণ* অনিবার্য। 'বনবাস ... অনিবারণীয়।' *সুধীন্দ্র*, ১৯৫৩। ২ *বিণ* নিবারণ করা যায় না এমন। 'মন্টুর মনে হয় নিজেকে বড়ো বেশি উদ্‌ঘাটিত, বিপন্ন ও অনিবারণীয়।' *মান্নান*, ১৯৬৮।

অনিবারা [স] *ক্রিবিণ স্ত্রী* অনবরত। 'অনিবারা অশ্রুধারা বহে দুনয়নে।' *মানিকরাম*, ১৭৮১।

অনিবার্য, অনিবার্য্য [স] ১ *বিণ* অপ্রতিরোধ্য। 'অনিবার্য্য রূপে ইংগ্লণ্ডীয়েরদের তদ্দেশে উত্তমরূপে বাণিজ্যকর্ম্ম চলিতেছে।' *দর্পণ*, ১৮২৫। ২ *বিণ* অবধারিত। 'সকল ব্যবসায় তাঁহারদের হস্ত ছাড়া করণার্থে অনিবার্য্য হুকুম।' *বঙ্গদূত*, ১৮২৯। ৩ *বিণ* নিবারণ করা যায় না এমন। 'অধিবেদনের অনিবার্য্য ফল দ্বারা ব্যভিচার, ভ্রূণহত্যা ... হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪২। ৪ *বিণ* উপেক্ষা করা যায় না এমন। 'মনের মধ্যে একটা অনিবার্য আহ্বান নেই।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৫ *বি* অপরিহার্য বিষয়। 'অনিবার্যকে তিনি অস্বীকার করেননি।' *শিব*, ১৯৫৬।

অনিবার্যত [স] *ক্রিবিণ* অনিবার্যভাবে। 'তার কতকটা এ-বইতেও উপচে এসে পড়েছে ... কোথাও ইচ্ছায়, কোথাও অনিবার্যত।' *আইয়ুব*, ১৯৭৩।

অনিবার্যতা, অনিবার্য্যতা [স] ১ *বি* অপরিহার্যতা। 'কথা শেষ হবার অনিবার্যতা উদ্দেশ্যমূলক।' *রবীন্দ্র*, ১৯৪১। ২ *বি* অবশ্যই ঘটবে এমন অবস্থা। 'এক ধ্বংসের অনিবার্যতা।' *অচিন্ত্য*, ১৯৫০।

অনিবার্যভাবে *ক্রিবিণ* অবধারিতভাবে। 'সুরমা অনিবার্যভাবে সখীর ঐশ্বর্যের নানা পরিচয় পাইতে লাগিল।' *বনফুল*, ১৯৩৬।

অনিবার্যরূপে *ক্রিবিণ* অত্যাবশ্যকীয়ভাবে। 'মানুষই একমাত্র জীব ... যে অনিবার্যরূপে স্বতন্ত্র এবং অনন্য।' *শিব*, ১৯৬০।

অনিবিড় [স] *বিণ* হালকা। 'আকাশ অনিবিড় মেঘাবৃত, নক্ষত্রাবলী দেখা যাইতেছে না।' *বঙ্কিম*, ১৮৬৫।

অনিবৃত্ত [স] *বিণ* নিবারণ করা যায় না এমন। 'বারো আনি অনিবৃত্ত ক্ষুধাকে পুরোপুরি তৃপ্ত করবার ...।' *রশীদ*, ১৯৬৩।

অনিবেদিত [স] *বিণ* নিবেদন করা হয়নি এমন। 'ইহারা যষ্টি ধারণপূর্ব্বক অনিবেদিত ভোগের সঙ্গে২ যায়।' *দর্পণ*, ১৮২৫।

অনিভৃত [স] *বিণ* অগোপন। 'জ্বলে অনিভৃত আলো।' *রবীন্দ্র*, ১৯৩২।

অনিমন্ত্রণ [স] *বি* অনাহূত অবস্থা। 'অনিমন্ত্রণ ভিক্ষা করে নাহিক নির্ণয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'অনিমন্ত্রণে গাড়ির মধ্যে লাফিয়ে ওঠবার দুঃসাহস।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনিমন্ত্রিত [স] *বিণ* নিমন্ত্রণ করা হয়নি এমন। 'অনিমন্ত্রিত শশিভূষণ নৌকা করিয়া কলিকাতা অভিমুখে চলিতেছিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অনিমিখ [স অনিমিষ>] *বিণ* অপলক। 'অনিমিখ নয়ান হইল জ্ঞানহারা।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অনিমিখা [স অনিমিষ>] *ক্রিবিণ স্ত্রী* অপলকে। 'সারাদিন রজনী অনিমিখা কার পথ চেয়ে জাগে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অনিমিখি [স অনিমিষ>] *বিণ* অপলক। 'অনিমিখি নয়ন কখন নাহি ছাড়ি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অনিমিষ [স] *বি* চোখের পলক না পড়া। 'অনিমিষে শ্রীঅঙ্গ নেহারে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

অনিমিষে *ক্রিবিণ* চোখে পলক না দিয়ে। 'ভয়ে ভয়ে অনিমেষে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কম্পিত আলোকে বাঁধা থাকে নয়নে নয়নে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অনিমেখ [স অনিমেষ] *বি* পলকহীনতা। 'অনিমেখে লোচনে দেখেন নীলাম্বর।' *মুকুন্দ*, ১৬০০; 'দেখি অনিমেখে, লক্ষ হৃদয়ে সাধ শূন্যে উড়ে যায়।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অনিমেষ [স] ১ *বিণ* অপলক। 'অনিমেষনেত্রে করে নৃত্য-দরশন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* নিশ্চিত; অবিচল। 'রমণীর অনিমেষ প্রেম।' *রবীন্দ্র*, ১৮৮৯। ৩ *বিণ* স্থির। 'তাঁর শুভ্র সুগোল সুচিক্কণ গ্রীবাবক্ষবাহুর উপর সমস্ত বিদ্যুৎ-প্রদীপের অনিমেষ আলো।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অনিমেষজাগ্রত [স] *বিণ* সম্পূর্ণ সজাগ। 'অনিমেষজাগ্রত নিঃশব্দ জ্যোতিষ্কলোকের মাঝখানে ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

অনিমেষলোচন [স] *বি* অপলক দৃষ্টি। 'অনিমেষলোচনে গঙ্গারামের পানে চাহিয়া দেখিতেছিল।' *বঙ্কিম*, ১৮৮৪।

অনিমেষে [স] ১ *ক্রিবিণ* পলকহীনভাবে। 'নয়ান মেলিয়া নিরীক্ষএ অনিমেষে।' *বাহরাম*, ১৬৫০। ২ *ক্রিবিণ* মুহূর্তের মধ্যে। 'অনিমেষে রূপ তার ধরি।' *মাইকেল*, ১৮৬২।

অনিয়ত [স] ১ *বিণ* অনির্দিষ্ট। 'কল্পনার অনিয়ত সেবা করে সরস্বতীরও শক্তি নাই যে।' *হুতোম*, ১৮৬৮। ২ *বিণ* উচ্ছৃঙ্খল। 'দিনে দুপুরে অনিয়ত আমোদ একেবারে উঠিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০২।

অনিয়ন্ত্রণীয় [স] *বিণ* নিয়ন্ত্রণ করা যায় না এমন। 'প্রেরণাকে যুক্তিবিরোধী এবং অনিয়ন্ত্রিত বলা সত্ত্বেও প্লেটো গোড়ার দিকে তার যে একটা মূল্য আছে তা স্বীকার করেছেন।' *শিব*, ১৯৫০।

অনিয়ন্ত্রিত [স] *বিণ* অসংযত। 'অনিয়ন্ত্রিত ইচ্ছার তরঙ্গ।' *রবীন্দ্র*, ১৯০২।

অনিয়ম [স] *বি* নিয়মহীনতা। 'অনিয়মে রাজ্য নাহি রয়।' *মদনমোহন*, ১৮৪৯; 'অনিয়ম এবং মতভেদ হেতু শাসন অসম্ভব।' *বঙ্কিম*, ১৮৯২।

অনিয়মমত্তব্ধ [স] *বিণ* অনিয়মের ফলে স্তব্ধ। 'আবার পুরাতন স্পীড ঝেটিয়ে যাচ্ছে গাছপালার সারি ... অনিয়মমত্তব্ধ চা-খানা।' *হাফিজুর*, ১৯৫৩।

অনিয়মাধীন [স অনিয়ম-অধীন] *বিণ* অনিয়মের অধীন। 'একদিকে অনিয়মাধীন উদ্দামতা।' *অচিন্ত্য*, ১৯৫০।

অনিয়মিত [স] ১ *ক্রিবিণ* নিয়মিত নয় এমনভাবে। 'এক এক করিয়া অনিয়মিত খাইতে লাগিল।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* অস্বাভাবিক। 'কোন ব্যক্তির প্রতি ... অনিয়মিত অথবা অশিষ্ট ব্যবহার করেন।' *অক্ষয়*, ১৮৫৫।

অনিরপেক্ষতা [স] *বি* পক্ষপাত। 'নিশ্চিত-অপরাধীকে দেখিয়ে দিলেও অনিরপেক্ষতা দোষে দোষী হতে হয়।' *সবুজ*, ১৯১৭।

অনিরাপদ [স] *বিণ* ঝুঁকিপূর্ণ। 'তাদের মাথাই সবচেয়ে অনিরাপদ।' *নজরুল*, ১৯২৭।

অনিরীক্ষ [স] *বিণ* অদৃশ্য। 'অন্য দেহের সন্ধানে অনিরীক্ষ লোকে ভ্রমণ করে ফিরবেন?' *মহাশ্বেতা*, ১৯৫৬।

অনিরুদ্ধ [স] *বিণ* অবাধ। 'স্রোতস্বিনী দুর্নিবার অনিরুদ্ধ প্রবাহ নিয়ে।' *নজরুল*, ১৯২৭।

অনিরূপণীয় [স] *বিণ* নিরূপণ করা যায় না এমন। 'কত সৎকর্ম্ম হইবার সম্ভাবনা ছিল তাহা অনিরূপণীয় ইত্যলং বিস্তরেণ।' *দর্পণ*, ১৮৩৪।

অনিরোদ [স অনিরোধ] *বিণ* অনিবার্য। 'দ্রৌপদির পঞ্চ স্বামী হইল অনিরোদ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অনির্ণীত [স] *বিণ* অনির্দিষ্ট। 'এই বোধ করিয়াই হউক, অথবা অন্য কোনও অনির্ণীত হেতু বশতই হউক ...।' *বিদ্যা*, ১৮৪৯।

অনির্ণেয় [স] *বিণ* নির্ণয় করা যায় না এমন। 'কার বেদনা কোথায় কতটুকু তা অনির্ণেয়।' *আলাউদ্দিন*, ১৯৬৬।

অনির্দিষ্ট [স] ১ *বিণ* অনির্ধারিত। 'নির্জন প্রকৃতির অনির্দিষ্ট অনির্বচনীয় বিষাদ-গভীর সংগীত।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* অনিশ্চিত। 'হঠাৎ অনির্দিষ্ট ভয়ের একটা মস্ত বোঝা নামিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনির্দিষ্টকাল, অনির্দ্দিষ্টকাল [স] *বি* অনির্ধারিত সময়। 'দেশকে শাসনতন্ত্রবিহীন করিয়া অনির্দ্দিষ্টকালের জন্য ...।' *আজাদ*, ১৯৫৯।

অনির্দিষ্টভাবে [স] *ক্রিবিণ* অনিশ্চিত উপায়ে। 'তাই অনির্দিষ্টভাবে চারটি পথের একটি পছন্দ করে।' *ওয়ালী*, ১৯৬৪।

অনির্দেশ [স] *বিণ* নির্দিষ্ট করা যায় না এমন। 'অনির্দেশ অলক্ষ্যের পানে।' *রবীন্দ্র*, ১৯২৫।

অনির্দেশ্য, অনির্দ্দেশ্য [স] ১ *বিণ* নির্দিষ্ট করা যায় না এমন। 'অর্থহীন অনির্দেশ্য উত্তর কানে এসে বাজতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বি* যা নির্দিষ্ট করা যায় না। 'একটা অনন্তের অনির্দ্দেশ্যের অবাঙ্-মানসগোচরের ইঙ্গিত।' *সবুজ*, ১৯২১।

অনির্দেশ্যকাল [স] *বি* নির্দিষ্ট করা নেই এমন কাল। 'অনির্দেশ্যকালে সংঘটক সমস্ত রীতিকে ... চরিতার্থ করিতে সমর্থ হইব।' *অক্ষয়*, ১৮৪৬।

অনির্দেশ্যতা [স] *বি* স্বাধীনতা। 'রূপের পরিমিতির সঙ্গে গতিশীল প্রাণের অনির্দেশ্যতার সঙ্গমের ফলে ছন্দের জন্ম।' *শিব*, ১৯৫০।

অনির্দেশ্যতাময় [স] *বিণ* হদিস পাওয়া যায় না এমন। 'একটা অনির্দেশ্যতাময় অন্ধকার গুহার মধ্যে ... হারাইয়া বসিয়াছিলাম।' *রবীন্দ্র*, ১৯১২।

অনির্ধারিত, অনির্দ্ধারিত [স] *বিণ* নির্ধারিত হয়নি এমন। 'মাসিক বেতনের বা অনির্দ্ধারিত বেতনের নূতন কোন কর্ম্মচারী ...।' *অক্ষয়*, ১৮৪৭।

অনির্বচন [স] ১ *বি* যা ভাষায় প্রকাশ করা যায় না। 'এ পর্যন্ত বচনের সঙ্গে অনির্বচনের, বিষয়ের সঙ্গে রসের গাঁঠ বেঁধে দিয়েছে ছন্দ।' *রবীন্দ্র*, ১৯৩২। ২ *বিণ* অনির্বচনীয়। 'তোমার ত্যাগের দাম ধরে দেব অনির্বচন অমর প্রেমে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অনির্বচনীয়, অনির্ব্বচনীয় [স] ১ *বিণ* ভাষায় প্রকাশ করা যায় না এমন। 'ইহাতে অনির্ব্বচনীয় বিধিসৃষ্টির পরাজয়কারিণী ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩; 'পরম রমণীয় অনির্বচনীয় দশান্তর প্রাপ্ত হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* অপরিমেয়। 'পরমেশ্বরের অনির্বচনীয় মহিমা।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২। ৩ *বিণ* কল্পনাতীত। 'আমি একটা অনির্বচনীয় স্বর্গীয় রহস্যের আভাস পাই।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৪ *বিণ* বর্ণনাতীত। 'তাঁর শক্তি যত বেশি অনির্বচনীয় হোক।' *নজরুল*, ১৯২৭।

অনির্বচনীয়তা [স] ১ *বি* অসাধারণত্ব। 'তাহার অন্তর্নিহিত রাগিণীর এমন একটি অনির্বচনীয়তা আছে।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* অবর্ণনীয়তা। 'দুই চক্ষুর মধ্যে কী নিবিড় অনির্বচনীয়তা।' *রবীন্দ্র*, ১৯০৯।

অনির্বচনীয়া [স] *বি* স্ত্রী যাঁকে ভাষা দিয়ে বর্ণনা করা যায় না। 'কী হেরিনু? কী লভিনু? অনির্বচনীয়া।' *অন্নদা*, ১৯২৯।

AMARBOI.COM

অনির্বাচ্য, অনির্ব্বাচ্য [স] *বিণ স্ত্রী* বর্ণনাতীত। 'অনির্ব্বাচ্য নিরুপমা আপনি আপন সমা।' *ভারত*, ১৭৬০।

অনির্বাণ [স] ১ *বিণ* চির-জ্বলন্ত। 'অনির্বাণ ধর্ম-আলো সবার উর্ধ্বে জ্বালো জ্বালো।' *রবীন্দ্র*, ১৯০২। ২ *বিণ* প্রশমিত হয় না এমন। 'অনির্বাণ বেদনার দেয়ালি-উৎসব!' *রবীন্দ্র*, ১৯২২। ৩ *বিণ* চিরজাগ্রত। 'তা যেন আমাদের তরুণীদের মনে অনির্বাণ থাকে।' *বেগম*, ১৯৬৭।

অনির্বাদ, অনির্ব্বাদ [স] *বি* নির্বিবাদ। 'অনির্ব্বাদে নির্ব্বাহ করয়ে কত দায়।' *ভারত*, ১৭৬০।

অনির্বৃতি [স] *বি* অসংস্থান। 'অনির্বৃতি ব্যতিরিক্ত অন্য কন্যা না থাকাতে পরিবর্ত্তও সম্ভবে না।' *দর্পণ*, ১৮২২।

অনির্বেয় [স] *বিণ* প্রশমিত করা যায় না এমন। 'অনির্বেয় কামানল পোড়ায় হৃদয়ে।' *মাইকেল*, ১৮৬১।

অনির্বাহ, অনির্ব্বাহ [স] *বি* অভাব। 'অনির্ব্বাহে নির্ব্বাহ করয়ে কত দায়।' *ভারত*, ১৭৬০।

অনির্বিণ্ণ, অনির্ব্বিণ্ণ [স] ১ *বিণ* অসহায়। 'অনির্ব্বিণ্ণ সেই বিপ্র উপবাস করে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* জীবিকা নির্বাহের উপায়হীন। 'বৎসরের অর্দ্ধেক তুমি অনির্ব্বিণ্ণ থাক।' *তারিণী*, ১৮০৩।

অনির্ভরযোগ্য [স] *বিণ* নির্ভর করা যায় না এমন। 'তার প্রাতিস্বিকতা ... অনির্দেশ্য ও অনির্ভরযোগ্য উপাদান।' *শিব*, ১৯৫৬।

অনির্ভাবিত [স] *বি* দরিদ্র ব্যক্তি। *মানোএল*, ১৭৪৩।

অনিল [স] ১ *বি* বাতাস। 'অনিল অনল বম মলয়জ বীখ। জেহ্ন হুল সীতল সেহ্ন ভেল তীখ।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* শ্বাস-প্রশ্বাস। 'অনিল দুইজন।' *রামাই*, ১৭১০।

অনিশ্চয় [স] ১ *বিণ* অনিশ্চিত। 'চোখের আড়ালে হেথা সবি অনিশ্চয়।' *রবীন্দ্র*, ১৮৮৪। ২ *বি* সংশয়। 'অহৈতুক অনিশ্চয়ে অবশেষে ধীরায় প্রমিতি।' *সুধীন্দ্র*, ১৯২৮।

অনিশ্চয়তা [স] *বি* সন্দেহ। 'মকদ্দমার ফলের অনিশ্চয়তা সম্বন্ধে যখন সাধারণের একটা ধারণা আছে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনিশ্চিত [স] ১ *বিণ* অনির্ধারিত। 'অনিশ্চিত অপরিমিত ব্যয়প্রযুক্ত দশ জমীদারী ... নিলাম হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৩। ২ *বিণ* সুনির্দিষ্টভাবে বলা যায় না এমন। 'ভূমধ্যসাগরে আকাশের অবস্থা অত্যন্ত অনিশ্চিত।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* আত্মবিশ্বাস-বর্জিত। 'উসখুস করিয়া অনিশ্চিত সুরে দুটো-একটা পাখি ডাকিবার উপক্রম করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অনিশ্চিতকণ্ঠ [স] *বি* নিশ্চিত নয় এমন স্বর। 'তিনি এবার অনিশ্চিতকণ্ঠে প্রশ্ন করেন।' *ওয়াহীদ*, ১৯৬৪।

অনিশ্চিত-পানে *ক্রিবিণ* নিশ্চিত নয় এমন লক্ষ্যবস্তুর দিকে। 'নির্মম অনিশ্চিত-পানে-ধাওয়া অদৃষ্টের প্রেতচ্ছায়াসম।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অনিশ্চিতভাবে [স] *ক্রিবিণ* নিশ্চয়তাহীনভাবে। 'মনের কথাটা গুছাইয়া বলিব মনে করিয়া অনিশ্চিতভাবে একটু আমতা আমতা করিতেছিলাম।' *বনফুল*, ১৯৩৬।

অনিষিদ্ধ [স] *বিণ* নিষিদ্ধ নয় এমন। 'শাস্ত্র দ্বারা অনিষিদ্ধ ...।' *রামমোহন*, ১৮১৯।

অনিষ্ট [স] ১ *বি* অমঙ্গল। 'অনিষ্ট আশঙ্কা বিনা মনে নাহি আন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* ক্ষতি। 'অসম সাহস কর্ম্ম করিল অনিষ্ট।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৩ *বি* অশুভ কিছু। 'অদ্য প্রাতে অনিষ্ট দর্শন হইল।' *রামরাম*, ১৮০২।

অনিষ্টকর [স] *বিণ* ক্ষতিকর। 'অনিষ্টকর নষ্ট পদার্থ সকল শরীর হইতে বহির্গত হয় না।' *অক্ষয়*, ১৮৫২।

অনিষ্টকারক [স] *বিণ* ক্ষতিকারক। 'অনিষ্টকারক ঔষধের ব্যবহার চলিত আছে।' *দর্পণ*, ১৮৩৭।

অনিষ্টকারিতা [স] *বি* ক্ষতি করার ক্ষমতা। 'সেই গ্রন্থের অনিষ্টকারিতা ...।' *বঙ্কিম*, ১৮৭২; 'ইহার অনিষ্টকারিতাও সর্ব্বাপেক্ষা বেশি।' *বঙ্গনূর*, ১৯২২।

অনিষ্টকারী [স] ১ *বিণ* অমঙ্গলকারক। 'সর্ব্বসাধারণের উপকারক নহেন বিশেষতঃ হিন্দুবর্গের বিশেষানিষ্টকারী [বিশেষ+অনিষ্টকারী]।' *দর্পণ*, ১৮৩১। ২ *বিণ* ক্ষতিকারক। 'শরীরস্থ অনিষ্টকারী নষ্ট পদার্থ।' *অক্ষয়*, ১৮৫২।

অনিষ্টজনক [স] *বিণ* অকল্যাণকর। 'কোনো দেশব্যাপী অভ্যাস – আমি অন্যায় এবং সাধারণের অনিষ্টজনক মনে করি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনিষ্টনিপুণ [স] *বিণ* অনিষ্ট করতে দক্ষ। 'অনিষ্টনিপুণ, কল্পনাবিশারদ অপবাদ সহস্র মুখে ব্যাদান করিয়া প্রকাশ করিল।' *দীনবন্ধু*, ১৮৬৭।

অনিষ্টপাত [স] ১ *বি* বিপদ। 'কুসংস্কার বদ্ধমূল হইলে নানা প্রকার অনিষ্টপাত হয়।' *সোমপ্রকাশ*, ১৮৭৩। ২ *বি* ক্ষতি সাধন। 'রাজার আত্মসুখের অনুরোধে কোন অনিষ্টপাতের সম্ভাবনা নেই।' *বঙ্কিম*, ১৮৭৪।

অনিষ্টময় [স] *বিণ* অমঙ্গলপূর্ণ। 'সংসার যে অনিষ্টময়।' *বঙ্কিম*, ১৮৯২।

অনিষ্টাশঙ্কা [স অনিষ্ট-আশঙ্কা] *বি* অমঙ্গলের ভয়। 'তাহারই অনিষ্টাশঙ্কা আছে।' *ঢাকাপ্রকাশ*, ১৮৭৩।

অনিষ্ঠুর [স] *বিণ* কম কষ্টকর। 'জবাই করবার অনিষ্ঠুর উপায় উদ্ভাবন।' *অন্নদা*, ১৯২৯।

অনিষ্পন্ন [স] *বিণ* সম্পন্ন হয়নি এমন। 'বহুকাল দুটি ডিম অনিষ্পন্ন রয়েছে বাহুতে।' *শক্তি*, ১৯৬১।

অনিসলামি [অন+আ ইসলাম>] *বিণ* ইসলামের পরিপন্থী। 'জনসাধারণ ততই অনিসলামি হৈয়া পড়তেছে।' *মনসুর*, ১৯৪৫।

অনীক [স] *বি* ভাগ্য (যা দিয়ে রক্ষা পাওয়া যায় অর্থে)। 'হায় মোর কি ছিল অনীকে।' *মানিকরাম*, ১৭৮১।

অনীকিনী [স] *বি* সৈন্যদল। 'সাজে রক্ষঃ অনীকিনী, উগ্রচণ্ডা রণে।' *মাইকেল*, ১৮৬১।

অনীত [স নীতি>] ১ *বি* দুর্নীতি। 'অনীত দেখিয়া রত প্রলয়কারণ।' *কেতকা*, ১৬৫০। ২ *বি* অন্যায়। 'বাছা কেন কর গো মা এমন অনীত।' *রামপ্রসাদ*, ১৭৮০।

অনীতি [স] *বি* নীতিহীনতা। 'অন্যায় অনীতি যখন বলের সহিত আপনাকে অসংকোচে প্রকাশ করিত।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনীতিধর্ম্মী, অনীতিধর্ম্মী [স] *বিণ* কেবল নীতি অনুসারী নয়। 'হিন্দু-সমাজে নীতিধর্ম্মী মাঝারির রাজত্ব স্থাপিত হলো এবং অনীতিধর্ম্মী মহতেরা অন্তর্ধান করলে।' *মোতাহের*, ১৯৫০।

অনীতিমার্গ [স] *বি* অন্যায় পন্থা। 'বীরধর্মবহির্ভূত অনীতিমার্গ অবলম্বন করে ধনঞ্জয় যুদ্ধে নিহত করেন।' *মাইকেল*, ১৮৭৩।

অনীতিসূচক [স] *বিণ* অনৈতিক। 'বাজার বাণিজ্য করাই অন্যায় ও অনীতি সূচক ...।' *প্রভাকর*, ১৮৫০।

AMARBOI.COM

অনীশাত্মা [স] *বি* যে আত্মা স্বয়ং ঈশ্বর। 'কৃপাময় কল্পতরু অনীশাত্মা পুরুষ অব্যয়।' *মানিকরাম*, ১৭৮১।

অনীশ্বর [স] *বিণ* ঈশ্বরহীন। 'অনীশ্বর অরাজক ভয়ার্ত জগতে।' *রবীন্দ্র*, ১৯০১।

অনীশ্বরীয় [স] *বিণ* ঈশ্বর নেই এমন। 'সংস্কৃত শব্দে রচিত কর্ম্ম এই পৃথিবীর মধ্যে যেখানে নাই সে দেশকে অনীশ্বরীয় কেন না কহা যায়।' *দর্পণ*, ১৮২১।

অনীহ [স] *বিণ* নিস্পৃহ। 'কিন্তু অচির আর অনীহ একই বিশেষণের প্রকারভেদ নয়।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অনীহা [স] *বি* নিস্পৃহা। *রবীন্দ্র*, ১৯১৭; 'মজ্জাগত অনীহার অঙ্গীকার শুধু আমাদের আত্মপ্রসাদে বাজে না।' *সুধীন্দ্র*, ১৯৩৫।

অনু [স] ১ *ক্রিবিণ* পরে। 'ঘালি খেয়ে ঘরে যেয়ে কেহ মল অনু।' *ঘনরাম*, ১৭১১। ২ *বি* পশ্চাদ্ভাগ। 'সেন বড় সুবুদ্ধি সন্ধান করে অনু।' *ঘনরাম*, ১৭১১। ৩ *বিণ* অনুরূপ। 'যোগবল কিরণ তপন যেন অনু।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অনুঅনা [স অনুৎপন্ন] *বি* অনুৎপন্নতা। 'আই অনুঅনারে জাম মরণ ভব নাহি।' *চর্যা ৪৩*, ১২০০।

অনুকম্পন [স] *বি* শিহরণ; স্পন্দন। 'তাহার সমস্ত শিরার মধ্যে অনুকম্পন ... উপস্থিত হইত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনুকম্পা [স] ১ *বি* সহানুভূতি। 'অনুকম্পা স্বপনে হইল অনুভব।' *ভারত*, ১৭৬০। ২ *বি* অনুগ্রহ। 'তোমারই অনুকম্পায়।' *বঙ্কিম*, ১৮৬৫।

অনুকম্পান্বিত [স] *বিণ* অনুকম্পাপ্রাপ্ত। 'প্রথমটা হতভম্ব হইয়া পরে অনুকম্পান্বিত হইলেন।' *বনফুল*, ১৯৩৬।

অনুকম্পায়ী [স] ১ *বিণ* সহানুভূতিশীল। 'অনুকম্পায়ী বর্ণটী সংস্কৃতে আছে। অনুকম্পাপ্রবণ শব্দটাও মন্দ শোনায় না।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বিণ* সমব্যথী। 'যে অনাম তৃষা গুমরি কাঁদে, অনুকম্পায়ী জীববীণা মোর স্বংকৃত আজ সে অনুনাদে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অনুকরণ [স] *বি* অবিকল অনুসরণ। 'ভৌতিক বিষয় মাত্রের অনুকরণ করিতে যতই সমর্থ হও ...।' *অক্ষয়*, ১৮৪৭।

অনুকরণকারী [স] *বি* অনুকরণ করে যে। 'ইংরেজ এরূপ নিরুদ্যম অনুকরণকারী নহে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অনুকরণপটুতা [স] *বি* অনুকরণের দক্ষতা। 'বানর হইতে অনুকরণপটুতা, এবং গর্দ্দভ হইতে গর্জ্জন, এই সকল একত্র করিয়া ...।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনুকরণপ্রিয় [স] *বিণ* অনুকরণ করতে ভালোবাসে এমন। 'বাংলা দেশ অনুকরণপ্রিয়।' *হাই*, ১৯৫৪।

অনুকরণপ্রিয়তা [স] *বি* অনুকরণের অনুরাগ। 'অনুকরণপ্রিয়তা ছাড়া তাহাতে যে সারাংশ বা যুক্তি তর্ক কিছু আছে ...।' *এসলাম*, ১৯২০।

অনুকরণমূলক [স] *বিণ* সাদৃশ্য ভিত্তিতে করা হয়েছে এমন। 'এরূপ স্থলে শিক্ষা হইতে যে অভ্যাসের সৃষ্টি হয় তাহাও অনুকরণমূলক।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অনুকরণযোগ্য [স] *বিণ* অনুসরণের যোগ্য। 'এই উদারতা অনুকরণযোগ্য।' *অন্নদা*, ১৯৩৭।

অনুকরণরূপ [স] *বি* নকল রূপ। 'অনুকরণরূপ কোন নিরর্থক ... পরিহাস করিত।' *দর্পণ*, ১৮৩২।

অনুকরণাত্মক [স] *বিণ* অনুকরণীয়। 'এই হ্রীপ শব্দই বলুন আর ধাতুই বলুন, যে শুদ্ধ অনুকরণাত্মক তাহা অনেকেই স্বীকার করিবেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অনুকরণীয় [স] *বিণ* অনুকরণের যোগ্য। 'বাস্তবিক সকলগুলিই যে সকল সময়ে যোগ্য ও অনুকরণীয় ...।' *অক্ষয়*, ১৮৪৭।

অনুকর্ষ [স] *বি* অনুসরণ। 'ক্লাসিক মানস ঐতিহ্যের অনুকর্ষে মার্জিত, রোমান্টিক মানস স্বকীয়তার স্বাক্ষরে সিদ্ধিকামী।' *শিব*, ১৯৫০।

অনুকল্প [স] ১ *বি* প্রতিমূর্তি। 'সে আমারি অনুকল্প জানিব।' *রামরাম*, ১৮০১। ২ *বি* পরিবর্ত। 'নীলিমার অনুকল্পে আজ যারা সয়েছে বিমান।' *জীবন*, ১৯৩৫। ৩ *বি* অপ্রধান নিয়ম। 'যে জগতে তার বাস, সেখানে স্থিতি অনুকল্প।' *সুধীন্দ্র*, ১৯৩৫।

অনুকল্পান্তে [স] *ক্রিবিণ* পরিবর্তিত হয়ে। 'ভক্ত অনুকল্পান্তে গোসাঞি দেব নারায়ন।' *মালাধর*, ১৫০০।

অনুকল্পনা [স] *বি* হীন কল্পনা। 'সাম্প্রদায়িক গুহাচর যে-সকল অনুকল্পনা ...।' *রবীন্দ্র*, ১৯০৪।

অনুকল্পনান্তে দ্র **অনুকল্প**

অনুকার [স] *বি* অনুকরণ। 'অনুকার, অনুকারী – imitating।' *রবীন্দ্র*, ১৯০৯।

অনুকারাচ্ছন্ন [স অনুকার-আচ্ছন্ন] *বিণ* অনুকরণ দোষে দুষ্ট। 'এদেশের নৈতিক ও আধ্যাত্মিক জীবন অনুকারাচ্ছন্ন।' *মাহেনও*, ১৯৪৯।

অনুকারী [স] *বিণ* অনুকরণকারী। 'জর্ম্মনীয়গণ অনুকারীই রহিলেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনুকার্য [স] *বিণ* অনুকরণের যোগ্য। 'যাঁরা কবিযশঃপ্রার্থীদের অনুকার্য ছিলেন।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অনুকূল [স] ১ *বি* সহায়। 'আজু বিহি মোহে অনুকূল হোঅল।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* আরামদায়ক। 'দখিন মলয়ানিল বহল অনুকূল কুসুমিত কানন সাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০। ৩ *বিণ* সদয়। 'দেবসেনা ... অনুকূল জতেক দেবতা।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বিণ* পক্ষাবলম্বী। 'প্রজালোক ও চাকর ও সেনাগণ সমস্তই অনুকূল।' *রামরাম*, ১৮০১। ৫ *বিণ* আসক্ত। 'হেরিয়া চূতমুকুল অলিকূল অনুকূল ব্যাকুল হইল মধুলোভে।' *রামনারায়ণ*, ১৮৫৪। ৬ *বিণ* ইতিবাচক। 'সাহেবের অতিরিক্ত অনুকূল ভাব দৃষ্টেই দুষ্ট লোক প্রশ্রয় পাইয়াছে।' *মধ্যস্থ*, ১৮৭৩।

অনুকূলকারী [স] *বিণ* হিতকারী। 'আমাদের পরিবার ... পরস্পরের অনুকূলকারী হইবার, একটি কারখানাবিশেষ।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনুকূলতা [স] *বি* সহায়তা। 'তখন লোকের উৎসাহ এবং অবস্থার অনুকূলতা কিছুই আবশ্যক মনে হয় না।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অনুকূলভাব [স] *বি* ইতিবাচক মনোভাব। 'সাহেবের অতিরিক্ত অনুকূলভাব দৃষ্টেই দুষ্ট লোক প্রশ্রয় পাইয়াছে।' *মধ্যস্থ*, ১৮৭৩।

অনুকূলা [স] *বিণ স্ত্রী* সদয়। 'অনুকূলা অচঞ্চলা হন আমা প্রতি।' *মানিকরাম*, ১৭৮১।

অনুকৃত [স] *বি* যাকে অনুকরণ করা হয়েছে। 'অনুকরণীয়ে এবং অনুকৃতে ইহার অপেক্ষা ঘনিষ্ঠ সম্বন্ধ অতি বিরল।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনুকৃতি [স] ১ *বি* প্রতিরূপ। 'স্বাভাবিক সৌন্দর্যে ভারতবর্ষ জগতের অনুকৃতি।' *হরপ্রসাদ*, ১৮৭৮। ২ *বি* অনুকরণ। 'বিদেশের অনুকৃতিকে সার্থক করিয়া তুলিব কিসের জোরে?' *রবীন্দ্র*, ১৯০৫।

AMARBOI.COM

অনুকৃতিবাচক [স] *বিণ* অনুকরণ দ্যোতক। 'ওঁ শব্দ অনুকৃতিবাচক।' *রবীন্দ্র*, ১৯০০।

অনুকৃতিবাদ [স] *বি* অনুকরণ সংক্রান্ত মতবাদ। 'সেই অনুকৃতিবাদ কি।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অনুক্ত [স] *বিণ* বলা হয়নি এমন। 'নারীকণ্ঠে বা স্ত্রীকটাক্ষে অনুক্ত এবং অর্ধোক্ত মতামতগুলি ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনুক্রম [স] *বি* পর্যায়ক্রম। 'তার তলে তার তলে করি অনুক্রম।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কিরূপে পূজিতে হবে অনুক্রম কহ শুনি তার।' *কৃত্তিবাস*, ১৬৫০।

অনুক্রমণিকা [স] *বি* ভূমিকা। 'বরাহনগরে ইঙ্গলণ্ডীয় পাঠশালা স্থাপনের অনুক্রমণিকা।' *দর্পণ*, ১৮৩৯।

অনুক্রমবাহী [স] *বিণ* পরম্পরাক্রমে চলে আসছে এমন। 'পুরুষানুক্রমবাহী [পুরুষ-অনুক্রমবাহী] কতশত গুণ আমাদের মধ্যে অজ্ঞাতসারে বাস করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৮৮।

অনুক্রমা [স অনুক্রম>] *ক্রি* পর্যায়ক্রম অনুসরণ করা। 'কহিবে পাণ্ডবগণে কাল অনুক্রমি।' *কাশীরাম*, ১৬৫০।

অনুক্রমে [স] ১ *ক্রিবিণ* যথাযথভাবে। 'অনুক্রমে যকল পিথিবি হৈল বস।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *ক্রিবিণ* পর্যায়ক্রমে। 'অনুক্রমে লাগিলেন্ত দান করিবার।' *সুলতান*, ১৭০০।

অনুক্ষণ [স অনুক্ষণ] ১ *ক্রিবিণ* সর্বদা। 'রাতৃদিনে অনুক্ষণ তোমাকে ধেয়ানে।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রিবিণ* উত্তরোত্তর। 'যত পীয়ে তত তৃষ্ণা বাঢ়ে অনুক্ষণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অনুখণ [স অনুক্ষণ] *ক্রিবিণ* সব সময়ে। 'কি রসে রিঝায়লি সো বর নাগর অনুখণ তোহারি ধেয়ান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অনুখন [স অনুক্ষণ] ১ *বি* সকল সময়। 'অনুখনে বিকল মুরারি।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *ক্রিবিণ* প্রতি ক্ষণ। 'হিয় হিয় রাখঁহি অনুদিন অনুখন।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অনুগ [স] ১ *বিণ* অনুগামী। 'অনুজ যদি অনুগ হবার সুবিধে না পায়।' *মুজতবা*, ১৯৪৯। ২ *বিণ* অনুগত। 'বক্তা বা লেখকের মনোভঙ্গির অনুগ।' *শরীফ*, ১৯৬৮।

অনুগত [স] ১ *বিণ* বাধ্য। 'কাচ ঘটী অনুগত জন জেম।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'তোমা অনুগত বড় দেব শ্রীহরি।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* বাধ্যগত। 'অন্য বণিক জত রাম দত্তে অনুগত শুনে রামায়ণ এক চিত্তে।' *মুকুন্দ*, ১৬০০।

অনুগতা [স] *বিণ* স্ত্রী অধীন। 'এখানেও পুরুষেরাই হর্তাকর্তা, স্ত্রীরা তাদের অনুগতা।' *রবীন্দ্র*, ১৮৮১।

অনুগতানুজ [স] *বি* অনুগত ছোটো ভাই। 'হে ভ্রাতঃ এক্ষণে আপনার অনুগতানুজের প্রার্থনা শ্রবণ করুন।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অনুগতি [স] *বি* আনুগত্য। 'ন মোয়ঁ কবহু তুঅ অনুগতি চুকলিহু বচন ন বোলল মন্দা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অনুগম [স] *বি* অনুসরণ। 'বেদাঙ্গের অনুগম করেন।' *বিদ্যা*, ১৮৫১।

অনুগমন [স] ১ *বি* অনুসরণ। 'বিশ্বাসের বলে সাবিত্রী মৃত্যুরও অনুগমন করিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বি* পশ্চাদ্‌গমন। 'মেয়েটি আগে চলিল, সাহেবেরা তাহার অনুগমন করিল।' *প্রভাত*, ১৮৯৬।

অনুগা [স অনুগ] *বিণ* অনুগত। 'স্বজাতি অনুগা,সোণাতে সোহাগা।' *ক্ষিতীশ*, ১৬০০।

অনুগামিনী [স] ১ *বিণ* স্ত্রী অনুসরণকারী। 'তাহার পত্নীও শোকে একান্ত বিকলচিত্তা হইয়া, তৎক্ষণাৎ তনয়-তনয়ার অনুগামিনী হইল।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* স্ত্রী সহযাত্রী। 'তিনিও অবিলম্বে তাঁহার অনুগামিনী হইলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

অনুগামী [স] ১ *বিণ* অনুসরণকারী। 'তাহার অনুগামী হইয়া আমরা এক্ষণে ... প্রশংসা করি।' *দর্পণ*, ১৮২৯। ২ *বিণ* অধীন। 'সহজ বুদ্ধি জৈব অভ্যাসের অনুগামী।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *বি* শিষ্য। 'শঙ্করাচার্য ও তাঁহার অনুগামীদের মতে।' *হাই*, ১৯৫৪।

অনুগুণ [স] *ক্রিবিণ* অনেকবার। 'আমার বচন তুমি বুঝ অনুগুণ আরবার লহনা পাড়এ পাছে খুন।' *মুকুন্দ*, ১৬০০।

অনুগৃহ [স অনুগ্রহ] *বি* কৃপা। 'তাহাঁর অনুগৃহে মোর তৈলক্যের লোক।' *মালাধর*, ১৫০০।

অনুগৃহীত [স] ১ *বিণ* প্রতিপালিত। 'বাসুদেব দত্তের তিঁহ হয় অনুগৃহীত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* অনুগ্রহ লাভ করেছে এমন। 'সময়ক্রমে বাদসাহের অনুগ্রহে অনুগৃহীত হইয়া ...।' *রামরাম*, ১৮০১।

অনুগৃহীতা [স] ১ *বিণ* স্ত্রী রক্ষিতা। 'রোহিণী গোবিন্দলালের অনুগৃহীতা।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *বিণ* স্ত্রী অনুগ্রহ লাভ করেছে এমন ব্যক্তি। 'ফুলমণি দুর্লভের বিশেষ অনুগৃহীতা।' *বঙ্কিম*, ১৮৮২।

অনুগ্রহ [স] *বি* দয়া। 'ত্রৈণ মদ্যপেরে প্রভু অনুগ্রহ করে।' *বৃন্দা*, ১৫৮০।

অনুগ্রহকরণ [স] *বি* দয়া বা করুণা করা। 'দুষ্টের পুষ্টিকরণ অথবা অযোগ্যের প্রতি অনুগ্রহকরণ ...।' *তারিণী*, ১৮০৩।

অনুগ্রহ করে – সৌজন্যসূচক ইংরেজি 'প্লীজ' শব্দের ভাষান্তর। 'মহাশয় আমাদের অনুগ্রহ করে টিকিট দেন।' *রবীন্দ্র*, ১৮৮০।

অনুগ্রহজীবী [স] *বি* অন্যের দয়ায় বেঁচে থাকে এমন ব্যক্তি। 'অনুগ্রহজীবীদিগকে এই-সব কথাই শুনিতে হয়।' *রবীন্দ্র*, ১৯০৫।

অনুগ্রহদান [স] *বি* উপকার করা। 'বুঝতে পারছে না সৈয়দগিন্নীর অযাচিত অনুগ্রহদানের এই উগ্র ইচ্ছাটাকে।' *কায়সার*, ১৯৬৫।

অনুগ্রহধর [স] *বিণ* কৃপাধন্য। 'সায়েবদের অনুগ্রহধর পন্থলোচন বিনা টাকায় মুচ্ছুদ্দি হন।' *হুতোম*, ১৮৬১।

অনুগ্রহ-নিগ্রহ [স] *বি* দয়া ও নির্দয়তা। 'অনুগ্রহ-নিগ্রহের সংকীর্ণ বেড়া-দেওয়া।' *রবীন্দ্র*, ১৯৩৪।

অনুগ্রহপত্র [স] *বি* সম্মানসূচক চিঠি। 'মহাশএর অনুগ্রহপত্র পাইয়া সবিশেষঃ জ্ঞাতো হইলাম।' *ওসাঁ*, ১৭৭৯।

অনুগ্রহপত্রি [স অনুগ্রহপত্রী] *বি* শংসাপত্র। 'জ্ঞাবত অনুগ্রহপত্রি না আসিয়াছে তাবত এই রূপ থাকিতে হইল।' *চিঠিপত্রে*, ১৮৪৫।

অনুগ্রহপাতি [স অনুগ্রহপত্রী] *বি* অনুগ্রহপত্র। 'অনুগ্রহপাতি মস্তকে রাখীলাম।' *ওসাঁ*, ১৭৭৯।

অনুগ্রহপালিতা [স] *বিণ* স্ত্রী দয়ায় পালিত। 'কিন্তু অনুগ্রহপালিতা বলিয়া একটি কুণ্ঠিত ভীরু ভাবে ...।' *রবীন্দ্র*, ১৯০২।

অনুগ্রহপূর্বক, অনুগ্রহপূর্বক [স] *ক্রিবিণ* দয়া ক'রে। 'এখন তুমি অনুগ্রহপূর্বক আমাকে মৈত্র ইচ্ছা কর।' *গোলোক*, ১৮০১।

অনুগ্রহভিক্ষুক [স] *বি* করুণাপ্রার্থী ব্যক্তি। 'অনুগ্রহভিক্ষুকদিগকে যখন পদে পদে হতাশ করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনুগ্রহশূন্যা [স] *বিণ* স্ত্রী দয়া থেকে বঞ্চিত। 'কন্যা ... স্নেহশূন্যা, আদরশূন্যা, অনুগ্রহশূন্যা।' *বিনোদিনী*, ১৮৭৫।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অনুগ্রহস্বরূপ [স] *ক্রিবিণ* দয়া হিসেবে। 'আবশ্যক হইলে ত পাদিক বৃদ্ধিতে অনুগ্রহস্বরূপ শতসংখ্যক ঋণদান করিয়া থাকেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনুগ্রহী [স] *বিণ* দয়া ভিক্ষাকারী। *ওসা*, ১৭৮৫।

অনুগ্রাহাকাঙ্ক্ষী [স অনুগ্রহ-আকাঙ্ক্ষী] *বি* কৃপাপ্রার্থী ব্যক্তি। 'অনুগ্রাহাকাঙ্ক্ষীদিগের প্রার্থনা পূর্ণ করুন।' *অক্ষয়*, ১৮৪৬।

অনুগ্রাহাবলোকনপূর্বক, অনুগ্রাহাবলোকনপূর্ব্বক [স অনুগ্রহ-অবলোকন-পূর্বক] *ক্রিবিণ* অনুগ্রহ ক'রে। 'অনুগ্রহাবলোকনপূর্বক সমুদায়ের সদুত্তর যদি সমাচার দর্পণ দ্বারা দেন তবে আমার আনন্দ।' *দর্পণ*, ১৮২১।

অনুগ্রাহার্থী [স অনুগ্রহ-অর্থী] *বিণ* অনুগ্রহ প্রার্থনাকারী। 'ইহা পরিগ্রহ হওয়াতেই পূর্ব্বে অনুগ্রহার্থী হইয়াছি।' *দর্পণ*, ১৮৩০।

অনুগ্রাহক [স] *বিণ* অনুগ্রহকারী। 'অনুগ্রাহক মহাশয়েরদের অবশ্যই অনুগ্রহ হইতে পারে।' *দর্পণ*, ১৮৩১।

অনুগ্রাহ্য [স] *বিণ* অনুগ্রহযোগ্য। 'মহাশয়দিগের প্রিয় এবং অনুগ্রাহ্য একেক জন অধ্যক্ষ আছেন।' *দর্পণ*, ১৮৩৭।

অনুঘটক [স] *বিণ* প্রভাবক; ইংরেজি ক্যাটালিস্ট শব্দের প্রতিশব্দ। 'অনুঘটক।' *পরশু*, ১৯৩৬।

অনুচর [স] ১ *বি* ভৃত্য। 'জয় হউ প্রভুর যতেক অনুচর।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* সেবক। 'এই বড় স্তুতি যে তাহার অনুচর।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* আজ্ঞাবহ। 'তবে বৃদ্ধ নৃপবর আদেসিল অনুচর।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৪ *বি* অনুসরণকারী। 'তাঁহার অনুচরেরা যাহাকে উপাসনা কহেন ...।' *রামমোহন*, ১৮১৭। ৫ *বি* শিষ্য। 'কর্তার অনুচরেরা ... অন্তঃপুরে প্রবিষ্ট হইয়া শিষ্যসংখ্যা বৃদ্ধি করেন।' *অক্ষয়*, ১৮৪৮। ৬ *বি* কর্মচারী। 'তাঁহারদিগের আদেশ অনুসারে অনুচরেরা সর্ব্বপ্রহারাদি করে।' *প্রভাকর*, ১৮৬০। ৭ *বি* সঙ্গী। 'হজরত মোহাম্মদ অনুচরগণসহ মক্কায় অবস্থিতি করিতেছেন।' *মশাররফ*, ১৯০৬।

অনুচর-পরিচর [স] *বি* সঙ্গী-সাথি। 'অকর্মণ্য অনুচর-পরিচরেরও অভাব নাই।' *রবীন্দ্র*, ১৯০০।

অনুচরি [স অনুচরী] *বি স্ত্রী* সহচরী। 'জানিল আসিয়াছিল উসার অনুচরি।' *মালাধর*, ১৫০০।

অনুচরী [স] ১ *বি স্ত্রী* সঙ্গী। 'আছেন অভয়া তার হয়ে অনুচরী।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি স্ত্রী* পরিচারিকা। 'অনুচরী জোগায় দুবলা।' *মুকুন্দ*, ১৬০০।

অনুচিকীর্ষা [স] *বি* অনুকরণ করার ইচ্ছা। 'অনুৎকর্ষ তাঁহাদিগের অনুচিকীর্ষার ফল।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনুচিত [স] ১ *বি* অযৌক্তিক কথা। 'অনুচিত না বোল বচনে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* অন্যায়। 'হমে কুলকামিনী কহইতে অনুচিত।' *বিদ্যাপতি*, ১৪৬০। ৩ *বিণ* প্রয়োজনীয় নয় এমন। 'অনুচিত না দেই বিধান।' *মুকুন্দ*, ১৬০০।

অনুচিত্য [স অনুচিত>] *বিণ* উচিত নয় এমন। 'এত সুনি পাণ্ডব অনুচিত্য পরাভব।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অনুচ্চ [স] *বিণ* মৃদু। 'জোহরা অনুচ্চ কণ্ঠে বলিল।' *নজরুল*, ১৯৩১।

অনুচ্চকণ্ঠ [স] *বি* মৃদুস্বর। 'দাদাসাহেব অনুচ্চকণ্ঠে আপন মনে বলেন।' *ওয়ালী*, ১৯৬৪।

অনুচ্চার [স] *বিণ* উচ্চারিত হয়নি এমন। 'আমার মুখে না বলা/ অনুচ্চার অনুচ্ছলা।' *অন্নদা*, ১৯৩১।

অনুচ্চারিত [স] *বিণ* অব্যক্ত। 'অনুচ্চারিত ভাষাই তিনি সবচেয়ে ভালো বোঝেন।' *রবীন্দ্র*, ১৯২৯।

অনুচার্য, অনুচার্য্য [স] *বিণ* উচ্চারণের অযোগ্য। 'গবাস্থি প্রভৃতি হিন্দুদিগের অনুচার্য্য দ্রব্যের দ্বারা বাণিজ্য ...।' *দর্পণ*, ১৮৩৮।

অনুচ্ছল [স] *বিণ* উচ্ছল নয় এমন। 'সাহারা মরুর অনেক নীচে পৃথিবীর বুক যে-পানি সঞ্চিত রেখেছে – তা কি শান্ত, অনুচ্ছল?' *শওকত*, ১৯৬২।

অনুচ্ছলা [স] *বিণ স্ত্রী* উচ্ছল নয় এমন। 'আমার মুখে না বলা/ অনুচ্চার অনুচ্ছলা।' *অন্নদা*, ১৯৩১।

অনুচ্ছেদ [স] *বি* ক্ষুদ্রাংশ। 'সাথে নিয়ে আসে মহাসত্যের অনুচ্ছেদ।' *ফররুখ*, ১৯৪৬।

অনুজ [স] *বিণ* কনিষ্ঠ। 'তাঁহার অনুজ শাখা শঙ্কর-পণ্ডিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'তাহার অনুজ ভাই চণ্ডীর আদেশ পাই।' *মুকুন্দ*, ১৬০০।

অনুজপ্রতিম [স] *বিণ* ছোটো ভাইয়ের তুল্য। 'তাঁর স্বর্গত স্বামী আমার অনুজপ্রতিম বন্ধু।' *নজরুল*, ১৯৩৮।

অনুজর্মা [স অনুজন্মা] *বি* কনিষ্ঠ ভাই। 'জমক লক্ষণ তার শত্রুঘ্ন পুত্র আর অনুজর্মা সমর-বিজয়ী।' *মুকুন্দ*, ১৬০০।

অনুজা [স] *বিণ স্ত্রী* কনিষ্ঠ। 'অনুজা ভগিনী মোর নাম রত্নাবতী।' *রূপরাম*, ১৭৫০।

অনুজ্জ্বল [স] ১ *বিণ* উজ্জ্বল নয় এমন। 'শীতল হইয়া অনুজ্জ্বল হইলে লৌহ।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বিণ* নিঃস্পৃহ। 'উদ্দাম শৃঙ্গারযুদ্ধে গণিকারা অনুজ্জ্বল, মৃত।' *শক্তি*, ১৯৬১।

অনুজ্ঞা [স] ১ *বি* আদেশ। 'অনুজ্ঞা করিল ইন্দ্র চারি জলধরে।' *কৃত্তিবাস*, ১৬৫০। ২ *বি* অনুমতি। 'আমি তোমাকে অনুজ্ঞা প্রদান করি নাই।' *বিদ্যা*, ১৮৫৬।

অনুজ্ঞাত [স] *বিণ* আদেশপ্রাপ্ত। 'তিনি ইষ্টদেব কর্তৃক এবম্প্রকার অনুজ্ঞাত হইয়া এক মন্দির প্রস্তুত করাইয়া ...।' *অক্ষয়*, ১৮৫০।

অনুজ্ঞান [স] *বি* সম্বিত; চৈতন্য। 'হারাইল অনুজ্ঞান অলক্ষে অবোল।' *মানিকরাম*, ১৭৮১।

অনুতপ্ত [স] *বিণ* কৃতকর্মের জন্য দুঃখিত। 'অনুতপ্ত ও ব্যস্ত হইয়া কহিলেন।' *রবীন্দ্র*, ১৯০২।

অনুতপ্তা [স] *বিণ স্ত্রী* কৃতকর্মের জন্য দুঃখিত। 'দুটি অনুতপ্তা রমণী তাহার প্রসন্নতা ভিক্ষা করিবার জন্য।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অনুতাপ [স] *বি* অনুশোচনা। 'দেখিতে না পায় লোক করে অনুতাপ।' *বৃন্দা*, ১৫৮০।

অনুতাপক্লিষ্ট [স] *বিণ* অনুশোচনায় দগ্ধ। 'অনুতাপক্লিষ্ট মুখমণ্ডলের বিবর্ণতা দিন দিন দূর হইতে লাগিল।' *প্রভাত*, ১৮৯৭।

অনুতাপদগ্ধ [স] *বিণ* অনুতাপের জ্বালায় কাতর। 'অনুতাপদগ্ধ বিদ্যাপতির ক্রন্দনমুখর গলার স্বরই সেখানে কাঁপিয়া উঠিতেছে।' *হাই*, ১৯৫৪।

অনুতাপবাণ [স] *বি* অনুতাপরূপ বাণ। 'অমনি মায়ের বক্ষ অনুতাপবাণে বিধিয়া কাঁদিয়া উঠে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

অনুতাপবিবশা [স] *বিণ স্ত্রী* অনুশোচনায় বিহ্বল। 'সীতা কখন বিস্ময়স্তিমিতা; ... কখন অনুতাপবিবশা।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনুতাপানল [স অনুতাপ+স অনল] *বি* অনুপাতের আগুন। '... অন্তর অনুতাপানলে দগ্ধ হইতেছিল।' *বনফুল*, ১৯৩৬।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অনুতাপিতা [স] *বিণ* অনুশোচনাকারী। 'অনুতাপিতা, মলিনা বিধবা চক্ষে অঞ্চল দিয়া বসিয়া আছে।' *বঙ্কিম*, ১৮৬৫।

অনুতাপী [স] *বিণ* অনুশোচনাকারী। 'অনুতাপী মাবিয়া আরও অধিকতর দুঃখানলে দগ্ধীভূত হইতে লাগিলেন!' *মশাররফ*, ১৮৮৫।

অনুৎকর্ষ [স] *বি* নিকৃষ্টতা। 'অপেক্ষাকৃত অনুৎকর্ষ তাঁহাদিগের অনুচিকীর্ষার ফল।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনুত্তর [স] *বিণ* নিরুত্তর। 'হেন জনে কী কারণে বল অনুত্তর।' *মুকুন্দ*, ১৬০০।

অনুত্তরঙ্গ [স] *বিণ* উত্তাল তরঙ্গহীন। 'অনুত্তরঙ্গ সমুদ্রের মতো আপনাকে আপনি নিরীক্ষণ করিতেছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনুত্তরণ [স] *বি* গন্তব্যে না পৌঁছানো। 'জীবনের নদীর নাম– অনুত্তরণ।' *জীবন*, ১৯৪৮।

অনুত্তরণীয় [স] *বিণ* দুর্বোধ্য। 'এই লিপিবদ্ধ অনুত্তরণীয় প্রাচীন তত্ত্বসমুদ্র মধ্যে ...।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনুত্তর সামী [স অনুত্তরস্বামী] *বি* পরম গুরু। 'পুচ্ছ তু চাটিল অনুত্তর সামী।' *চর্যা ৫*, ১২০০।

অনুত্তীর্ণ [স] ১ *বিণ* অতিক্রান্ত। 'বৃক্ষাদিশূন্য অনন্ত প্রান্তরবৎ জীবনের পথ অনুত্তীর্ণ হইত।' *বঙ্কিম*, ১৮৮১। ২ *বিণ* অকৃতকার্য। 'পরীক্ষায় অনুত্তীর্ণ হইলে হৃদয়বিদারক লজ্জা ও নিরাশা।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনুত্তেজি [স অনুত্তেজ>] *বিণ* মন্দা। 'আমারদের অনুত্তেজি বাণিজ্যের অতি অনুচিতরূপ ভার।' *দর্পণ*, ১৮৩৫।

অনুত্তেজিত [স] ১ *বিণ* উত্তেজনাহীন। 'কেমন একটা অনুত্তেজিত অবসন্ন জ্বালা।' *মানিক*, ১৯৩৫। ২ *বিণ* কোমল। 'অনাথের মতো অনুত্তেজিত কণ্ঠে বলল।' *মানিক*, ১৯৩৫।

অনুৎপাদক [স] *বিণ* উৎপাদনহীন। 'রাষ্ট্রব্যবস্থায় সবচেয়ে যে অনুৎপাদক বিভাগ।' *রবীন্দ্র*, ১৯৩১।

অনুত্যক্ত [স] *বিণ* প্রসন্ন। 'তাহারা পরমানন্দে অনুত্যক্ত চিত্তে পরম ব্রহ্মের ধ্যান করে।' *দীনবন্ধু*, ১৮৬৩।

অনুৎসব [স] *বি* উৎসবহীনতা। 'অবিচিত্র দিনের অনুৎসবের অনুৎসাহের মধ্য দিয়ে যেতে যেতে।' *অবন*, ১৯২৫।

অনুৎসাহ [স] ১ *বি* উৎসাহের অভাব। 'আমরা প্রার্থনা করি দেশস্থ সমস্ত মহাশয়েরা তাহাতে অনুৎসাহ প্রকাশ না করেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭। ২ *বি* উৎসাহ না দেওয়া। 'হিতাহিতবুদ্ধি আচ্ছন্নতাকারী দ্রব্য বিক্রয়ে অনুৎসাহ দেওয়া শ্রেয়ঃকল্প।' *অক্ষয়*, ১৮৫৪।

অনুৎসাহি [স অনুৎসাহী] *বিণ* অনাগ্রহী। 'এমত বিবেচনা করিবেন না যে আমরা স্বদেশীয় ব্যক্তিদিগ্যে বাণিজ্য প্রভৃতি কার্য্যে অনুৎসাহি বলিতেছি ...।' *প্রভাকর*, ১৮৫২।

অনুৎসাহিত [স] *বিণ* উৎসাহহীন। 'অনুৎসাহিত হবার কথা।' *অচিন্ত্য*, ১৯৫০।

অনুৎসাহী [স] *বিণ* উৎসাহ নেই এমন। 'দমনকারীদিগকে দমন করিতে অনুৎসাহী আছেন।' *মধ্যস্থ*, ১৮৭৩।

অনুৎসুক [স] *বিণ* অনাগ্রহী। 'বিস্মৃত সুখের স্বাদ হৃদি অনুৎসুক।' *সত্যেন্দ্র*, ১৯১২।

অনুদাত্ত [স] *বিণ* নিম্নস্বর। 'উদাত্ত অনুদাত্ত স্বরিতাদি স্বরপ্রক্রিয়া-পরিশোধিত কোমল মসৃণ অথচ গম্ভীর স্বরলহরীতে ...।' *হরপ্রসাদ*, ১৮৮১।

অনুদার [স] *বিণ* সংকীর্ণমনা। 'উনবিংশ শতাব্দীতে এমন নিয়ম অত্যন্ত অনুদার।' *রবীন্দ্র*, ১৮৯০।

অনুদারতা [স] ১ *বি* উদারতার অভাব। '... বাবুর লেখাতেও সেই অন্যায় অনুদারতা প্রকাশ পাইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বি* সংকীর্ণতা। 'অজ্ঞতা হইতেই হৃদয়ের অনুদারতা জন্মলাভ করে।' *প্রমথ*, ১৯২০।

অনুদাস [স] *বি* দাসের দাস। 'বলে প্রভু দাস অনুদাস মুঞি তোরে।' *বৃন্দা*, ১৫৮০।

অনুদিন [স] ১ *ক্রিবিণ* প্রত্যহ। 'ফরই অনুদিন তৈলোএ পমাই।' *চর্যা ৪২*, ১২০০। ২ *ক্রিবিণ* প্রতিনিয়ত। 'অনুদিন করিত জতন।' *মুকুন্দ*, ১৬০০।

অনুদেশ [স] *বি* নির্দেশ। 'যে মনস্বী হিতাহিত জ্ঞানের অনুদেশক্রমে যুক্তির লণ্ঠন হাতে লইয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অনুদ্ঘাতিনী, অনুদ্ঘাতিনী [স] *বিণ* সমতল। 'বাঙ্গালাদেশের অন্যত্র ভূমি যেরূপ সচরাচর অনুদ্ঘাতিনী।' *বঙ্কিম*, ১৮৬৬।

অনুদ্দিষ্ট [স] *বিণ* সন্ধান বা খোঁজ নেই এমন। 'একক আত্মা – অনুদ্দিষ্ট – ঝাপসা।' *বুদ্ধ*, ১৯৬৬।

অনুদ্দিষ্টপতিক [স] *বিণ* স্বামী নিখোঁজ রয়েছে এমন। 'যে স্ত্রীলোক অনুদ্দিষ্টপতিক ও পুত্রাদিরহিত।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অনুদ্দেশ [স] *বিণ* নিরুদ্দেশ। 'অনুদ্দেশ হৈল তবে তিনশত জন।' *কৃত্তিবাস*, ১৬৫০।

অনুদ্ধত [স] *বিণ* বিনীত। 'অনুদ্ধত স্বরে কহিলেন।' *বিদ্যা*, ১৮৫৬।

অনুদ্বিগ্ন [স] ১ *বিণ* উদ্বেগহীন। 'অনুদ্বিগ্ন, নিস্পৃহ, ধীর জীবনযাত্রা।' *বিভূতি*, ১৯৩৮। ২ *বিণ* অব্যাকুল। 'দুঃখে অনুদ্বিগ্ন মন, সুখে বিগতস্পৃহ হয়ে গিয়েছিল।' *মুজতবা*, ১৯৬০।

অনুদ্বেগ [স] *বি* উদ্বেগহীনতা। 'এই আশঙ্কাশূন্য অনুদ্বেগই রাজলক্ষ্মীর কাছে বড়ো কঠিন।' *রবীন্দ্র*, ১৯০২।

অনুদ্বেল [স] *বিণ* অচঞ্চল; স্থির। 'আরেকটি দিক অন্ধ-অসাড়, রশ্মিঘাতে অনুদ্বেল!' *সত্যেন্দ্র*, ১৯১২।

অনুদ্যোগী [স] *বিণ* উদ্যমহীন। 'সে যে হউক অনুদ্যোগী পুরুষ যে হয় সে কাপুরুষ।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অনুধর্মিণী [স] *বিণ স্ত্রী* অনুসরণকারী। 'মেয়েরা যখন ভালোমন্দ উভয় বিষয়ে পুরুষের অনুধর্মিণী হবেই ...।' *অন্নদা*, ১৯২৯।

অনুধাবন [স] ১ *বি* উপলব্ধি। 'অনুধাবন করিবেন প্রজার সুখ বৃদ্ধি ...।' *রামরাম*, ১৮০২। ২ *বি* অনুসন্ধান। 'বিলক্ষণ অনুধাবনের পর এক ভাল হরিণ ধরিলেক।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* পর্যালোচনা। 'শিক্ষাপ্রণালী সংস্থাপকেরা বিশিষ্টরূপে অনুধাবন করেন নাই।' *অক্ষয়*, ১৮৫০। ৪ *বি* অনুভব। 'আপনি যে ধর্মের মর্ম অনুধাবন করিয়া মুগ্ধ ...।' *রবীন্দ্র*, ১৮৭৭। ৫ *বি* অন্বেষণ। 'ভারতও শান্তির অনুধাবন করছে, চীনদেশও করছে।' *রবীন্দ্র*, ১৯২১।

অনুধাবনযোগ্য [স] *বিণ* পর্যালোচনার যোগ্য। 'দেশের সকল চিন্তাশীলদের অনুধাবনযোগ্য বলিয়া আমরা ...।' *আজাদ*, ১৯৩৬।

অনুধাবনা [স] *বি* অনুসরণ। 'প্রথমে যে অনুধাবনায় আরম্ভ হয় সেই প্রথম ধাক্কাই তার যথার্থ পরিচয় নয়।' *রবীন্দ্র*, ১৯২১।

অনুধাবনীয় [স] *বিণ* অনুধাবন করা যায় এমন। 'শূন্যে অনুধাবনীয় পাহাড় উঠেছে।' *জীবন*, ১৯৪০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অনুধাবনীয়তা [স] *বি* অনুধাবন করা যায় এমন অবস্থা। 'বারোটি বছর ম্লান কবিতার খাতাখানি খুলে অনুধাবনীয়তার মাঝে বসে আছি, দেখা দাও।' *শক্তি*, ১৯৭০।

অনুধ্বনি [স] *বি* প্রতিধ্বনি। 'থামাও মৃত্যুর সুর শোন জীবনের অনুধ্বনি।' *ফররুখ*, ১৯৪৬।

অনুধ্যান [স] *বি* নিরন্তর চিন্তা। 'তাঁহারা কেবল প্রমাণ প্রয়োগেরই বিধেয় ছিলেন, ... স্বয়ং অনুধ্যান বা বিবেচনা করিতেন না।' *বিদ্যা*, ১৮৪৯।

অনুধ্যানশীল [স] *বিণ* নিরন্তর চিন্তাশীল। 'তিনি অতিশয় বুদ্ধিমান ও অনুধ্যানশীল ছিলেন।' *অক্ষয়*, ১৮৫২।

অনুনয় [স] ১ *বি* অনুরোধ। 'কর-জোড়ে অনুনয় করে ওঝা প্রতি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* বিনয় প্রকাশ। 'অনুনয় করে একখানা চিঠি লিখতে হচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

অনুনয়প্রবাহ [স] *বি* বিনয়-ভাষণ। 'এই অনুনয়প্রবাহে শ্রীযুক্ত ক্ষিতি প্রায় গলিয়া যান।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অনুনয়বাণী [স] *বি* কাতর নিবেদনযুক্ত কথা। 'কৃষককন্যা অনুনয়বাণী কহিতেছে বারম্বার।' *রবীন্দ্র*, ১৮৯৬।

অনুনয়-বিনয় [স] *বি* সকাতর প্রার্থনা। 'নিশি অনুনয়-বিনয় করিয়া, তাঁহাকে জলযোগে বসাইল।' *বঙ্কিম*, ১৮৮২।

অনুনয়মাখা [স অনুনয়+মাখা] *বিণ* মিনতিপূর্ণ। 'সে অনুনয়মাখা গলায় বলে, 'ছেড়ে দাও পোকাগুলো ...।' *শওকত*, ১৯৭২।

অনুনয়স্বর [স] *বি* বিগলিত কণ্ঠ। 'সংগীতের ব্যথা বাজে, মিশিয়াছে তার মাঝে করুণার অনুনয়স্বর।' *রবীন্দ্র*, ১৮৯০।

অনুনাদ [স] *বি* প্রতিধ্বনি। 'মূল্যহীন কয়টি কথার অনুনাদ।' *সুধীন্দ্র*, ১৯২৯।

অনুনাদী [স] *বিণ* অনুরণননীল। 'সুবেদী সঞ্চরণ এবং অনুনাদী ধ্বনিপ্রবাহ মিলে যে প্রতিরূপ মূর্ত হয়ে উঠেছিল ...।' *শিব*, ১৯৭৮।

অনুনাসিক [স] *বিণ* নাসিক্যর সাহায্যে উচ্চারণ করা হয় এমন। 'ক বর্গের অনুনাসিক ঙ।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অনুন্নত [স] ১ *বিণ* অনুচ্চ। 'মস্তক সুগঠন, হনুদ্বয় অনুন্নত।' *বঙ্কিম*, ১৮৯২। ২ *বি* জ্ঞানবিজ্ঞানে তেমন উন্নতি করতে পারেনি এমন। 'পদে পদেই মানা অনুন্নত জাতির ...।' *রবীন্দ্র*, ১৯১১। ৩ *বিণ* অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক ইত্যাদি ক্ষেত্রে অনগ্রসর। 'নানাপ্রকারের অনুন্নত উপজাতি।' *মুজতবা*, ১৯৪৯।

অনুপ [স] *বিণ* উপমাহীন। 'ভুবনে অনুপ বাস।' *জ্ঞান*, ১৬০০।

অনুপকার [স] *বি* উপকার না হওয়া। 'তাহা যদি অনুপকার নিমিত্তে দিব তবে কি স্বার্থ।' *রামরাম*, ১৮০২।

অনুপকারক [স] *বিণ* উপকার করে না এমন। 'অনুপকারক জ্ঞান করিতেছেন।' *দর্পণ*, ১৮৩২।

অনুপকারী [স] *বিণ* ক্ষতিকারক। 'সমুদয় ধর্ম অপেক্ষা অল্প অনুপকারী।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

অনুপদী [স] *বিণ* অনুসরণকারী। 'মৃগ অনুপদী বীর যায় ধীরগতি।' *মুকুন্দ*, ১৬০০।

অনুপদীনা [স] *বি* পায়ের মোজা। 'অঙ্গে কবচ, করে ধনুর্বাণ, পৃষ্ঠে তূণীর, চরণে অনুপদীনা।' *বঙ্কিম*, ১৮৬৯।

অনুপন্থী [স অনু+হি পন্থী] *বি* অনুগামী ব্যক্তি। 'মহাপুরুষেরা যে পর্যন্ত গিয়েছেন তারও বেশি তাঁদের অনুপন্থীরা যাবেন, এই তো তাঁদের ইচ্ছা।' *রবীন্দ্র*, ১৯১৬।

অনুপম [স] *বিণ* অতুলনীয়। 'ধবল ভূষণ শোভা অনুপম মুনিলোভা।' *রূপরাম*, ১৭৫০।

অনুপমত্ব [স] *বি* উপমাহীনতা। 'নৈসর্গিক সুষমার অনুপমত্বে ... বিমুগ্ধ করিতে সমর্থ হইয়াছিল।' *অক্ষয়*, ১৮৫৪।

অনুপমেয় [স] *বিণ* তুলনীয় নয় এমন। 'এই কথা আমায় অনুপমেয় শিরশ্চালন সহকারে, বারংবার বলিতেছ।' *বিদ্যা*, ১৮৯২।

অনুপযুক্ত [স] ১ *বিণ* অযথার্থ। 'পিতামাতাও তাহাদের বিদ্যার জন্যে উদ্বেগ করেন না, একথা অতি অনুপযুক্ত।' *গৌর*, ১৮২২। ২ *বিণ* অন্যায়। 'অশ্বত্থামা গুরুপুত্র তাঁহাকে বধ করা অনুপযুক্ত।' *গৌর*, ১৮২২। ৩ *বিণ* উপযুক্ত নয় এমন। 'এতদ্দেশীয়রা ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির অনুপযুক্ত।' *দর্পণ*, ১৮৪০। ৪ *বিণ* অসংগত। 'এ স্থলে তাঁহার বিষয়ে কিছু বলা অপ্রাসঙ্গিক ও অনুপযুক্ত নয়।' *অক্ষয়*, ১৮৪৭।

অনুপযুক্ততা [স] ১ *বি* অনৌচিত্য। 'দরখাস্ত দিবার উপযুক্ততা ও অনুপযুক্ততার বিবেচনা হয়।' *দর্পণ*, ১৮২৭। ২ *বি* উপযোগিতার অভাব। 'স্বত্বাধিকার এ দেশীয়দিগকে দিবেন না, ইহা নিশ্চিত, পরন্তু আমাদের অনুপযুক্ততা ও অপ্রস্তুত অবস্থায় তাহা দেওয়াও ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনুপযুক্তা [স] *বিণ স্ত্রী* অযোগ্য। 'অনুপযুক্তা বউটাকে জীবন হইতে ছাঁটিয়া ...।' *মানিক*, ১৯৪০।

অনুপযোগিতা [স] ১ *বি* উপযোগিতার অভাব। 'পরস্পর অনৈক্য, বিশৃঙ্খলা ও বাহ্য বিষয়ে অনুপযোগিতা ...।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বি* অসম্পূর্ণতা। 'তীব্রভাবে আমরা অনুভব করছি শিক্ষাপদ্ধতির অনুপযোগিতা।' *বেগম*, ১৯৪৮।

অনুপযোগিনী [স] *বিণ স্ত্রী* উপযোগী নয় এমন। '... সম্পূর্ণরূপে অনুপযোগিনী করিয়া ফেলে।' *দীপিকা*, ১৮৮৭।

অনুপযোগী [স] ১ *বিণ* অলভ্য। 'উহা মূল্যবান হওয়াতে পুরুষেরা তাহা আপনাদের অনুপযোগী ও অব্যবহার্য্য বলিয়া জ্ঞান করিত।' *অক্ষয়*, ১৮৪৭। ২ *বিণ* অপ্রয়োজনীয়। 'অনেকাংশে অনুপযোগী আর একটি কথা আনিয়া হাজির করেন।' *প্রমথ*, ১৮৯০। ৩ *বিণ* অনুপযুক্ত। 'লোকের ধর্মের পক্ষে বরং তদধিক অনুপযোগী।' *বঙ্কিম*, ১৮৯২। ৪ *বিণ* অপ্রাসঙ্গিক। 'সে-সমস্ত সত্য অনেক সময় আমার পক্ষে সম্পূর্ণ অনুপযোগী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনুপরুদ্ধ [স] *বিণ* রুদ্ধ করে না এমন। 'অস্বার্থপর ও অনুপরুদ্ধ ইত্যাদি গুণে অন্বিত।' *বঙ্গদূত*, ১৮২৯।

অনুপল [স] *বি* সময় মাপার একক – বিপলের থেকেও ছোটো; মুহূর্ত। 'পলে, অনুপলে আমাদের অন্তরে এ সকল কথা জাগিতেছে।' *মশাররফ*, ১৮৮৭।

অনুপলব্ধি [স] *বি* অননুভূতি; উপলব্ধি না করা। 'হয়তো এই অনুপলব্ধি বিদেশি শিক্ষার দ্বারা ...।' *ধূর্জটি*, ১৯৩১।

অনুপলভ্য [স] *বিণ* অলভ্য। 'অসাধ্য কিছু নয়, অনুপলভ্য কিছু নয়।' *মাহেনও*, ১৯৪৯।

অনুপশমিত [স] *বিণ* অপ্রশমিত। 'আজও তার বেদনার্ত তীব্রতা অনুপশমিত।' *আইয়ুব*, ১৯৭৩।

অনুপস্থিত [স] ১ *বি* অনাগত কিছু। 'উপস্থিত পরিত্যাগ করিয়া অনুপস্থিত প্রত্যাশা।' *বিদ্যা*, ১৮৫৬। ২ *বিণ* গরহাজির। 'আমাদের যুবরাজ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ছিলেন অনুপস্থিত।' *রবীন্দ্র*, ১৯২৯।

অনুপস্থিতি [স] *বি* গরহাজিরা। 'উভয়ের অনুপস্থিতি সময়ে, এক সুকুমার ব্রাহ্মণকুমার কেশবের গৃহে অতিথি হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অনুপাত [স] *বি* অংশভাগ। 'ক খ মধ্যে যেরূপ সম্বন্ধ, ক-র ও খ-র স্বত্বাধিকার মধ্যে সেইরূপ অনুপাত হইবে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনুপান [স] *বি* অনুপূরক উপাদান। 'কেন তার অনুপান জোগাতে হবে, তা বুঝতে পারছি নে।' *প্রমথ*, ১৯১৫।

অনুপানী [স অনুপান] *বি* খাদ্য ও পানীয়। 'অনুপানী ত্যাগি রাণী লখাই বলি কান্দে।' *বিজয়*, ১৬৫০।

অনুপাম [স অনুপমা] *বিণ* উপমাহীন। 'দেখিতে সে অনুপাম।' *বড়ু*, ১৪৫০।

অনুপামা [স অনুপম] *বিণ স্ত্রী* উপমাহীন। 'মুনিমনমোহিনী রমণী অনুপামা।' *বড়ু*, ১৪৫০।

অনুপায় [স] *বি* উপায়হীনতা; অগতি। 'আজি বড় দেখি অনুপায়।' *ভারত*, ১৭৬০।

অনুপায়ী [স] *বিণ* অনধিকারী। 'তিনি কোন কীর্ত্তিকর ব্যাপারের অনুপায়ী হইয়াও তাঁহার মনের স্বাভাবিক উৎসাহ খর্ব্ব হইল না।' *দর্পণ*, ১৮৩৪।

অনুপার্জিত [স] *বিণ* আয়ত্তাতীত। 'আমার দানাদি দ্বারা যথেষ্ট পুণ্য হইয়াছে তৎপ্রযুক্ত অনুপার্জিত বিদ্যাও হইয়াছে।' *দর্পণ*, ১৮২১।

অনুপাল্য [স] *বিণ* পোষ্য। 'অনুপাল্য তোমার আমরা সবজন।' *বৃন্দা*, ১৫৮০।

অনুপূরক [স] *বিণ* সম্পূরক। 'কোরআন ও হজরতের জীবনী পরস্পরের অনুপূরক।' *মাহেনও*, ১৯৪৯।

অনুপূর্ব [স] *বিণ* অনুক্রমিক। 'অনুপূর্ব পথিকার পায়ে বজ্রাহত অশোকেরে অলজ্জায় করেছি বিনত।' *সুধীন্দ্র*, ১৯৩২।

অনুপেক্ষণীয় [স] *বিণ* উপেক্ষা করা যায় না এমন। 'কিন্তু তুলনীয়রা অনুপেক্ষণীয়।' *সিরাজুল*, ১৯৭৪।

অনুপ্রকাশিত [স] *বিণ* অভিব্যক্ত। 'তাঁর সেই একান্ত বোধটিকে সাজেসজ্জাতেই শিশুর দেহে অনুপ্রকাশিত করে দেন।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অনুপ্রবিষ্ট [স] ১ *বিণ* অনুপ্রবেশ করেছে এমন। 'বিশ্বব্রহ্মাণ্ডের তাবৎ পদার্থে তেজঃস্বরূপ অনুপ্রবিষ্ট ও অন্তর্হিত।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বিণ* মিশে গেছে এমন। 'পরস্পরের মধ্যে অনুপ্রবিষ্ট হইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অনুপ্রবেশ [স] *বি* দেখা যায় না এমনভাবে প্রবেশ; ভিতরে ভিতরে প্রবেশ। 'দুর্নীতি আমাদের মধ্যে অনুপ্রবেশ করিয়াছে।' *আজাদ*, ১৯৪৯।

অনুপ্রভা [স] *বি* আলোর ক্ষীণ দ্যুতি। 'অসীম অমায় সহসা স্বরাট অনুপ্রভা।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অনুপ্রাণ [স] *বি* অনুপ্রাণনা। 'সঞ্চলিত মেঘে, মাঠে, কম্পিত মাটির অনুপ্রাণে গেরুয়া পাথরে জল পড়ে।' *অমিয়*, ১৯৩৯।

অনুপ্রাণতা [স] *বি* প্রেরণা শক্তি। 'আমাদের অনুপ্রাণতা এক নিমেষে উঠিয়াই থামিয়া যায়।' *নজরুল*, ১৯২২।

অনুপ্রাণন [স] *বি* স্বতঃপ্রণোদন। 'দশটা চারটের মধ্যে ঘের-দেওয়া কাজ নয়। এ যন্ত্রচালনা নয়, এ অনুপ্রাণন।' *রবীন্দ্র*, ১৯৪১। *বি* অনুপ্রেরণা। 'বুঝতে পারি কাছের লোকের মধ্যে আমার প্রাণের অনুপ্রাণন ঠিকমতো ঘটে ওঠেনি।' *রবীন্দ্র*, ১৯৪১।

অনুপ্রাণিত [স] ১ *বিণ* অনুপ্রেরণা লাভ করেছে এমন। 'বিভ্রান্ত অবতারবাদের শিক্ষায় অনুপ্রাণিত।' *সওগাত*, ১৯৩০। ২ *বিণ* উৎসাহিত। 'লোকদিগকে উহার দিকে অনুপ্রাণিত করিতেই কুণ্ঠিত।' *জামায়াত*, ১৯৩৮।

অনুপ্রাস [স] *বি* অলংকারবিশেষ – একই ধ্বনি বারবার ব্যবহারে সৃষ্ট সংগীতময়তা। 'বঙ্গভাষায় নানা অনুপ্রাস ও শ্লেষোক্তি ও ব্যাজোক্তি ও পদপদার্থের উত্তমতা উত্তরোত্তর বর্দ্ধিষ্ণু হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৪।

অনুপ্রেম [স] *বি* অনুরাগ। 'লালন বলে তার অনুপ্রেমে দিন থাকতে জেনে নে না।' *লালন*, ১৮৯০।

অনুপ্রেরিত [স] *বিণ* অনুপ্রাণিত। 'অনুপ্রেরিত মঞ্চ-বক্তার মত বেগমসাহেব একদমে এতগুলি কথা বলিয়া ফেলেন।' *মনসুর*, ১৯৫৫।

অনুবন্দ [স অনুবন্ধ] ১ *বি* সংকল্প। 'নিত্য অনুবন্দ কৈল মুনিগন আগে।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রিবিণ* অবিরত। 'ভিমের সহিতে জুদ্ধ দেখী অনুবন্দ।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৩ *বি* অনুরোধ। 'রয়ে রয়ে সয়ে সয়ে অনুবন্দ করে।' *মানিকরাম*, ১৭৮১।

অনুবদ্ধ [স] ১ *বি* অনুনয়। 'আঁচলে ধরে অনুবদ্ধ করে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* শিক্ষা। 'মনমথ পাঠ পহিল অনুবদ্ধ।' *বিদ্যাপতি*, ১৪৬০। ৩ *বি* উদ্যোগ। 'মহা অনুবদ্ধ তথা করিল নৃপবরে।' *মালাধর*, ১৫০০। ৪ *বি* বিষয়বস্তু। 'এবে কহি চৈতন্যলীলার ক্রম-অনুবন্ধ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৫ *বি* আরম্ভ। 'দক্ষ জীয়াইতে হর করে অনুবন্ধ।' *মুকুন্দ*, ১৬০০। ৬ *বি* সংকল্প। 'মাতল মধুকর পীবইতে করু অনুবন্ধে।' *গোবিন্দ*, ১৬০০। ৭ *বিণ* একাকার। 'সেই দুই রোহিণী শশী সমুখ সদৃষ্ট বসি হরিষ বিষাদে অনুবন্ধ।' *বাহরাম*, ১৬৫০। ৮ *বিণ* মিষিক্ত। 'অত্যাত বিজ্ঞ হইল তখনে অনুবন্ধ।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৯ *বি* উপলক্ষ। 'কান্ত সনে করিয়া কথার অনুবন্ধ।' *ঘনরাম*, ১৭১১। ১০ *বি* চেষ্টা। 'আছাড় মারিতে ভূমে করে অনুবন্ধ।' *ঘনরাম*, ১৭১১।

অনুবন্ধন [স] *বি* চেষ্টা। 'এক প্রবীণ প্রাচীন কুক্কুট এক উঁচা ডালের উপর বসিবার অনুবন্ধন করিতেছিল।' *তারিণী*, ১৮০৩।

অনুবন্ধী [স] *বিণ* অবিচ্ছিন্ন। 'অনুবন্ধী শান্তি-শান্তি; একান্তর উল্কা ও খর্পূ।' *সুধীন্দ্র*, ১৯৪০।

অনুবন্ধে [স] *ক্রিবিণ* প্রসঙ্গে। 'সকল সফল কৈল রতী অনুবন্ধে।' *বড়ু*, ১৪৫০।

অনুবর্তক, অনুবর্ত্তক [স] *বি* অনুসারী। 'তাহার অনুবর্ত্তকদের এ-হেন আত্মবিস্মৃতি বাস্তবিকই দুঃখের।' *সওগাত*, ১৯৩০।

অনুবর্তন [স] *বি* অনুসরণ। 'তাহার অনুবর্তন করিয়া নানা প্রকার রঙ্গ করিতে লাগিল।' *বঙ্কিম*, ১৮৭৮।

অনুবর্তনা [স] *বি* অনুসরণ। '... প্রাচীন পাণ্ডিত্যের অন্ধ অনুবর্তনায় সে আপনাকে ভোলাতে চায়নি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অনুবর্তিনী, অনুবর্ত্তিনী [স] *বিণ স্ত্রী* অনুগামী। 'তুমি স্বামির অনুবর্ত্তিনী হইবে।' *তমোলুক*, ১৮৭৪; 'তাঁর অনুবর্তিনী হতে ইচ্ছা করি।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনুবর্তী, অনুবর্ত্তী [স] ১ *বিণ* অনুগত। 'তিনি, সনাতন বেদশাস্ত্রের অনুবর্তী হইয়া ... নানাপ্রকার দণ্ড করিতে লাগিলেন।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* অনুসারী। 'পূর্বকালীন লোকেরা বিচারের সময়

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চিরাগত কতিপয় নির্ধারিত নিয়মের অনুবর্তী হইয়া চলিতেন ...।' *বিদ্যা*, ১৮৪৯; 'ধর্ম-প্রবৃত্তি অনুবর্ত্তী হইয়া চলিলে পশ্চাত্তাপে তাপিত হইতে হয় না।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* সহযাত্রী। 'নক্ষত্রলোকের অনুবর্তী আকাশে যে বস্তুপুঞ্জ ছড়িয়ে আছে।' *রবীন্দ্র*, ১৯৩৭। ৪ *বিণ* অনুগামী। 'তাদের আজ্ঞাবহ ও অনুবর্তীও হয়ে উঠল।' *হাই*, ১৯৫৪। ৫ *বিণ* মতানুসারী। 'তাঁর অনুবর্তীরা তাঁর জন্মদিনে উৎসব করে।' *হাই*, ১৯৫৮।

অনুবল [স] ১ *বি* অনুগ্রহ। 'ইহা রাণা হাড়ি সঙ্গে সত্য অনুবল।' *রূপরাম*, ১৭৫০। ২ *বি* সহায়। 'সেই কালে কেবা মোর হবে অনুবল।' *ভারত*, ১৭৬০।

অনুবাদ [স] ১ *বি* প্রতিকূলতা। 'সাধ বহু করে, বিহি করে অনুবাদ।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বি* ব্যাখ্যাসহ আবৃত্তি। 'এবে অন্তর্লীলাগণের করি অনুবাদ।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'লিখিত গ্রন্থের যদি করি অনুবাদ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* (ব্যাকরণ) উদ্দেশ্যপদ। 'বিধেয় কহিয়ে তারে যে বস্তু অজ্ঞাত, অনুবাদ কহি তারে যেই হয় জ্ঞাত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৪ *বি* প্রশংসা। 'ধন্য ধন্য করিয়া করিল অনুবাদ।' *মাধব*, ১৬৫০। ৫ *বি* অপরাধ। 'নাহি দোষ অনুবাদ খেমা কর আমা।' *বিজয়*, ১৬৫০। ৬ *বি* আকাঙ্ক্ষা। 'মনে ছিল অনুবাদ পুরাল মনের সাধ।' *জ্ঞানদাস*, ১৬৭০। ৭ *বি* বর্ণনা। 'তোমার গুণানুবাদ [গুণ+অনুবাদ] রচিব কর্ন্যাচি সাধ।' *মানিকরাম*, ১৭৮১। ৮ বিতর্ক। 'সমাচার পত্র সম্পাদক মহাশয়েরা বাদানুবাদ [বাদ (তর্ক)+অনুবাদ (বিতর্ক)] করিতেছেন।' *অক্ষয়*, ১৮৪২। ৯ *বি* তরজমা। 'বহু বিদ্যার বৃদ্ধি নিমিত্ত নানা প্রকার গ্রন্থের অনুবাদ করা যাইবেক।' *অক্ষয়*, ১৮৪২। ১০ *বি* বিরোধী। 'বেদ-পুরাণ আদি রাগের অনুবাদি [অনুবাদ (বিরোধ) + ই = অনুবাদি (বিরোধী)]।' *লালন*, ১৮৯০।

অনুবাদক [স] *বি* অনুবাদকারী। 'এই গ্রন্থের অনুবাদক মহাশয় পরিশ্রম করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৯।

অনুবাদকর্ম [স] *বি* অনুবাদের কাজ। 'তাকে কি তাহলে নিছক অনুবাদকর্ম বলে মনে করা যায়?' *সুনীল মুখো*, ১৯৭০।

অনুবাদকাব্য [স] *বি* ভাষান্তরিত কাব্য। 'বিশেষ করে তথ্যনির্ভর অনুবাদকাব্যে।' *হাই*, ১৯৫৪।

অনুবাদকারি [স অনুবাদকারী] *বিণ* ভাষান্তরকারী; অনুবাদক। 'ইউরোপীয় বিদ্যাগ্রন্থের অনুবাদকারি সোসৈটি ...।' *দর্পণ*, ১৮৩২।

অনুবাদমূলক [স] *বিণ* ভাষান্তরভিত্তিক। 'তাঁর অনুবাদমূলক আখ্যায়িকা গ্রন্থেই নয়, বিতর্কমূলক রচনায় ...।' *সুনীল মুখো*, ১৯৭০।

অনুবাদ-সাহিত্য [স] *বি* ভাষান্তর-করা সাহিত্য। 'আমাদের চেয়ে ওদের অনুবাদ-সাহিত্য অনেক বেশি কম-জোর।' *মুজতবা*, ১৯৫৮।

অনুবাদি [স অনুবাদ>] *বি* বিরোধী। 'বেদ-পুরাণ আদি রাগের অনুবাদি।' *লালন*, ১৮৯০।

অনুবাদিকা [স] *বিণ* স্ত্রী ভাষান্তরকারী। 'আমরা দুই সম্বাদ পত্র অবলোকন করিলাম প্রথমতঃ অনুবাদিকা।' *দর্পণ*, ১৮৩১।

অনুবাদিত [স] *বিণ* অনুবাদ করা হয়েছে এমন; ভাষান্তরিত। 'এক নূতন সাপ্তাহিক সম্বাদ পত্র ইঙ্গলণ্ডীয় ও গৌড়ীয় ভাষায় অনুবাদিত হইয়া ... প্রকাশিত হইবেক।' *দর্পণ*, ১৮৩৬।

অনুবাদী [স] *বিণ* (সংগীত) বিশেষ রাগ-রাগিণীতে সবচেয়ে বেশি ব্যবহৃত বাদী ও সংবাদী স্বরের পরে সবচেয়ে বেশি ব্যবহৃত। 'বিবাদী সংবাদী ও অনুবাদী সুরের মধ্যে এবারকার পালায় এইটিই ছিল স্থায়ী সুর।' *প্রমথ*, ১৯১৪।

অনুবৃজা [স অনুব্রজ>] ১ *ক্রি* অনুসরণ করা। 'অনুবৃজি জায় রাজা বন্ধুজন লৈয়া।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রি* অগ্রসর হওয়া। 'তবে রাজা কংসাসুর অনুবৃজে কথোদুর।' *মালাধর*, ১৫০০।

অনুবৃত্তি [স] ১ *বি* অনুকরণ। 'আপনার মান অপমানের প্রতি দৃষ্টি না রাখিয়া, দাসবৎ অন্যের অনুবৃত্তি করা, কোন ক্রমেই বিধেয় নহে।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বি* পুনরাবৃত্তি। 'আবার সেই সকল দুঃখের অনুবৃত্তি আছে।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনুবেদন [স] *বি* জ্ঞাপন। 'তুমি অনুবেদন করিলে পাই হরি।' *শিবায়ন*, ১৭৫০।

অনুবেদনা [স] *বি* সহানুভূতি। 'হৃদয়ের অনুবেদনা সম্পূর্ণ সে পরিমাণে ব্যাপক হয়নি।' *রবীন্দ্র*, ১৯৩১।

অনুব্যবসায় [স] *বি* স্পষ্ট ধারণা। 'আর দীর্ঘসূত্র স্বভাবে অনুব্যবসায়ের আধিক্যবশত ... এখনও গ্রন্থস্থ করিনি।' *সুধীন্দ্র*, ১৯৫৩; 'পাঠকচৈতন্যে এক গূঢ় এবং তীব্র অনুব্যবসায় বিশেষের উদ্রেক করে।' *শিব*, ১৯৭৩।

অনুব্যবসায়ী [স] *বিণ* প্রত্যক্ষ জ্ঞানের অধিকারী। 'অনুব্যবসায়ী ক্রতু বোঝে সন্তাপেও ব্যাপ্ত ব্রহ্মাণ্ডের বীতাগ্নি বেপথু।' *সুধীন্দ্র*, ১৯৪০।

অনুব্রজা [স অনুব্রজ>] *ক্রি* অনুসরণ করা। 'প্রভু অনুব্রজি কৃর্ম বহুদূর গেলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অনুভব [স] ১ *বি* উপলব্ধি। 'সখি কি পুছসি অনুভব মোয়।' *বিদ্যাপতি*, ১৫৬০। ২ *বি* প্রভাব। 'ব্রহ্মাদির দুর্লভ দেখিব অনুভব।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* আবির্ভাব। 'কালিকা আকাশে অই অই অনুভবে এ সকল।' *ভারত*, ১৭৬০।

অনুভবগম্য [স] *বিণ* অনুভব করা যায় এমন। 'তাহাকে অনুভবগম্য করিয়া তুলিতে পারিলেই মানুষের কাছে তাহার আদর হয়।' *রবীন্দ্র*, ১৯১২।

অনুভবগোচর [স] *বিণ* অনুভব করা যায় এমন। 'তাহাদের অনৈক্য যেমন অনুভবগোচর নয়।' *রবীন্দ্র*, ১৯০৯।

অনুভবযোগ্য [স] *বিণ* উপলব্ধির যোগ্য। 'প্রজ্ঞাপক্ষের শক্তিটাকে রাজপক্ষের অনুভবযোগ্য করে তোলবার চেষ্টা করেছেন।' *রবীন্দ্র*, ১৯২৩।

অনুভবশক্তিসম্পন্ন [স] *বিণ* অনুভব করার ক্ষমতা আছে এমন। 'পুরুষের ন্যায় অনুভবশক্তিসম্পন্ন স্ত্রীজাতির এমন দুরবস্থা সত্যই অসহ্য।' *এডুকেশন*, ১৮৭৩।

অনুভবশালী [স] *বিণ* ব্যবহারিক জ্ঞানসম্পন্ন। 'যাঁহারা উত্তম বিজ্ঞ ও অনুভবশালী হইয়াছেন তাহারা ব্যবচ্ছেদ বিদ্যা বিষয়ে জ্ঞানোপদেশ প্রদান করিবেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৯।

অনুভবসম্পদ [স] *বি* ভাবের ঐশ্বর্য। 'ইয়োরোপীয় চিন্তাবৃত্তি, অনুভবসম্পদ যোগ দিয়ে নূতন সভ্যতা ...।' *মুজতবা*, ১৯৫৯।

অনুভবা [স অনুভব>] ১ *ক্রি* উপলব্ধি করা। 'অনুভব সহজ মা ভোল রে জোঈ।' *চর্যা* ৩৭, ১২০০। ২ *ক্রি* অনুভব করা। 'অনুভবি কল্পনা জাতের ধর্ম ধরে।' *রূপরাম*, ১৭৫০।

অনুভা [স অনুভাব>] *ক্রি* উপলব্ধি করা। 'সৈদ মহাম্মদ খান বিদগদ তান আজ্ঞা অনুভায়।' *আলাওল*, ১৬৮০।

অনুভাব [স] ১ *বি* বোধ। 'অলৌকিক কর্ম্ম অলৌকিক অনুভাব।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* গভীর চিন্তা। 'অনুভাবে ভেবে কতই করি সার।' *লালন*, ১৮৯০। ৩ *বি* ব্যঞ্জনা। 'ভাষা ভাব এবং অনুভব তার

AMARBOI.COM

সরঞ্জামমাত্র।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অনুভাবা [স অনুভব>] *ক্রি* অনুভব করা। 'অনুভাবি অঙ্গ পরক সমুঝাব।' *গোবিন্দ*, ১৬০০।

অনুভাবাক্রান্ত [স অনুভব-আক্রান্ত] *বিণ* সুখ বা আনন্দের অনুভূতিযুক্ত। 'খুব অনুভাবাক্রান্ত হয়ে ... তাকিয়ে ছিল।' *জীবন*, ১৯৪৮।

অনুভাবিত [স] *বিণ* মহিমান্বিত। 'সিস্টিন চ্যাপেলের ফ্রেস্কোর মতোই অজস্র, অনুভাবিত, আনন্দ এই আলেখ্যাবলী।' *শিব*, ১৯৫৬।

অনুভূ [স] *বি* অনুভবকারী। 'যদি সেই সর্বানুভূকে পেতে চাই তাহলে অনুভূতির সঙ্গে অনুভূতি মেলাতে হবে।' *রবীন্দ্র*, ১৯১৬।

অনুভূত [স] ১ *বিণ* জ্ঞাত। 'শাস্ত্রে আছে যে ব্যক্তি যে বস্তু অনুভূত নহেন তাঁহার সে বস্তু নির্ণয়ের শিক্ষা দেওন কি ক্রমে শুভদায়ক।' *দর্পণ*, ১৮২১। ২ *বিণ* উপলব্ধ। 'তাহা তাঁহার অনুভূত হইল না।' *অক্ষয়*, ১৮৫০। ৩ *বি* অনুভব। 'অনুভূত করাইবার সহজ পথ নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনুভূতি [স] ১ *বি* উপলব্ধি। 'বৈজ্ঞানিক ও কবি, উভয়েরই অনুভূতি অনির্বচনীয়।' *জগদীশ*, ১৮৯৫। ২ *বি* অনুভব করার অবস্থা। 'ক্ষমতা-অনুভূতির স্ফূর্তি মানুষকে কিরূপ একটা প্রেরণা দান করে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অনুভূতি-তরঙ্গিত [স] *বিণ* অনুভবের দোলায় আলোড়িত। 'অনুভূতি-তরঙ্গিত মন নিয়ে সে নিঃসঙ্গ হয়ে দাঁড়িয়ে রইল।' *ওয়ালী*, ১৯৪৩।

অনুভূতিপ্রবণ [স] *বিণ* অনুভূতিশীল। 'ইরানের মতো অনুভূতিপ্রবণ দেশে।' *নজরুল*, ১৯২৭।

অনুভূতিমূলক [স] *বিণ* অনুভূতিকে ছুঁয়ে যায় এমন। 'সুন্দরের মাঝে একাত্মতা বোধ ও তদজনিত লীলাচাতুর্যের মধুরতম অনুভূতিমূলক প্রেম।' *মাহেনও*, ১৯৪৯।

অনুভূতিরাজি [স] *বি* অনুভূতিসমষ্টি। 'অমূল্য অনুভূতিরাজির কথা।' *বিভূতি*, ১৯৩৮।

অনুভূতিলব্ধ [স] *বিণ* অনুভূতি থেকে পাওয়া। 'তাঁর অধিকাংশ গানই অনুভূতিলব্ধ।' *হাই*, ১৯৫৪।

অনুভূতি-সময় [স] *বি* অনুভবকালীন সময়। 'অনুভূতি-সময় ইহার প্রতিশব্দরূপে ব্যবহৃত হইল।' *জগদীশ*, ১৯১৬।

অনুভূতিসাপেক্ষ [স] *বিণ* অনুভূতিনির্ভর। 'একত্বের জ্ঞান কেবল অনুভূতিসাপেক্ষ।' *প্রমথ*, ১৯১৪।

অনুভূতিহীন [স] *বিণ* অনুভব করার সামর্থ্য নেই এমন। 'এক রকম দুঃখহীন অনুভূতিহীন অসাড়তার অন্তঃশীলা ব্যথা আছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অনুমত [স] ১ *বিণ* অনুমোদিত। 'অনুমত কর্ম ছাগল রাখিবারে।' *সুলতান*, ১৭০০। ২ *ক্রিবিণ* অভিপ্রায় অনুযায়ী। 'এমনি কাটিয়ে যায় সনাতনী দিনগুলি যত/ চাটুজ্যে মশা-র অনুমত –।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অনুমতি [স] ১ *বি* অনুমোদন। 'অনুমতি কর দেওঁ হাথ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* সম্মতি। 'গোবিন্দের বাক্যে গোপি অনুমতি দিল।' *মালাধর*, ১৫০০। ৩ *বি* আদেশ। 'দেহ অনুমতি হে জুঝও পঁচবান। তোঁহে সন নগর নাগর নহি আন।' *বিদ্যাপতি*, ১৫৭০। ৪ *বি* শর্ত। 'নীলকর সাহেবের অনুমতি মান্য না করাতে নির্দয় প্রহারাদি সহ্য করিয়া ...।' *প্রজাকর*, ১৮৬০।

অনুমতিক্রমে [স] ১ *ক্রিবিণ* অনুমতি সাপেক্ষে। 'ব্যবস্থাপক সাহেবদিগের অনুমতিক্রমে ... তরজমা করিয়া দিবেন।' *ডানকান*, ১৭৮৪। ২ *ক্রিবিণ* আদেশ অনুসারে। 'কেরি সাহেবের অনুমতিক্রমে রচিত।' *দর্পণ*, ১৮৩৪।

অনুমতিপত্র [স] *বি* সম্মতিপত্র। 'আমি ফাঁক তালে সদাগরের ত্বরিত গমনের অনুমতিপত্র স্বাক্ষর করে লইচি।' *দীনবন্ধু*, ১৮৬৩।

অনুমতিপ্রাপণ [স] *বি* অনুমতি পাওয়া। 'এতদ্দেশে বাণিজ্যকরণের অনুমতিপ্রাপণের পর অবধি ঢাকা শহরের লোকের অত্যন্ত হ্রাস হইয়াছে।' *দর্পণ*, ১৮৩১।

অনুমতিপ্রাপ্তি [স] *বি* আদেশ পাওয়া। 'তিনি প্রাণদণ্ড-বিষয়ক অনুমতিপ্রাপ্তির পর ত্রিশ দিন কারারুদ্ধ ছিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

অনুমত্যনুসারে [স অনুমতি+স অনুসারে] *ক্রিবিণ* অনুমতি অনুসারে। 'ব্যক্তির অনুমত্যনুসারে মুদ্রাঙ্কিত করিতে উদ্যোগ করিতেছেন।' *দর্পণ*, ১৮২৯।

অনুমরণ [স] ১ *বি* মৃত স্বামীর সঙ্গে একই চিতায় মৃত্যুবরণ। 'সহমরণ ও অনুমরণ যাহা এদেশে হইয়া আসিতেছে ...।' *রামমোহন*, ১৮১৮। ২ *বি* অনুগমন। 'মেঘদূতও যেত তারই সঙ্গে অনুমরণে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অনুমান [স] ১ *বি* আন্দাজ। 'অনুমান করিবারে একঠাঞি বসি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* নির্ধারণ। 'চিত্তে করে অনুমান/ কোন দেব অধিষ্ঠান।' *কৃত্তিবাস*, ১৭২০। ৩ *বি* অনুভব। 'জ্বলনকরণক বাদ্যোদ্যম অনুমান করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩০।

অনুমানতঃ [স] *ক্রিবিণ* অনুমান থেকে মনে হয়। 'অনুমানতঃ অগস্ত্য মুনি ... অপরাপর শাস্ত্র প্রচার করেন।' *অক্ষয়*, ১৮৪৭।

অনুমানলব্ধ [স] *বিণ* অনুমান করে পাওয়া। 'আমার বিস্তর অনুমানলব্ধ অভিজ্ঞতা আছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনুমানশক্তি [স] *বি* অনুমান করার ক্ষমতা। 'হেরম্বের অনুমানশক্তি আজ ...।' *মানিক*, ১৯৩৫।

অনুমানে [স] *ক্রিবিণ* সসম্মানে। 'আপনার জেনরূপ পরে দেখ্য সেই অনুমানে।' *মুকুন্দ*, ১৬০০।

অনুমানা [স অনুমান>] ১ *ক্রি* ভেবে দেখা। 'জখনে জকর বাহ্ক বিধাতা/ সব কলা অনুমান।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'পুন অনুমানিঅ নাগর কান। তাকর বচনে ভেল সমাধান।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *ক্রি* অনুমান করা। 'তবে সেই পাটরানি মনে মনে অনুমানি।' *মালাধর*, ১৫০০। ৩ *ক্রি* চিন্তা করা। 'নতুবা অনর্থ হবে বুঝ অনুমানি।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অনুমাপা [স অনুমাপ>] *ক্রি* অনুমান করা। 'বাল পয়োধর বদন সহোদর অনুমাপিয় অনুরাগে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অনুমিতি [স] *বি* অনুমান। 'জগদীশ্বর ... অনুমিতি বৃত্তি প্রদান দ্বারা তাঁহাকে এ বিষয়ে পশুদিগের ... অপেক্ষা শ্রেষ্ঠ করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

অনুমিত [স] *বিণ* অনুমান করা হয়েছে এমন। 'ভিন্ন ভিন্ন স্থান পর্য্যালোচনে অনুমিত হইতেছে যে ...।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অনুমৃতা [স] *বি* স্ত্রী সহমৃতা। 'স্বামি নাহি কার হৈলা অনুমৃতা প্রাএ।' *মালাধর*, ১৫০০।

অনুময় [স] *বি* অনুমান। 'অস্মদাদির অনুময় যে বর্ত্তমান গ্রন্থদ্বয় উত্তমাতিশয়রূপে বিখ্যাত হইবেক।' *দর্পণ*, ১৮৩০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অনুমোদক [স] *বিণ* সম্মতিদানকারী। 'আমি ইহার অনুমোদক।' *বঙ্কিম*, ১৮৭৫।

অনুমোদন [স] **১** *বি* সমর্থন। 'এই প্রস্তাবের অনুমোদন করিবেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **২** *বি* সম্মতিদান। 'একটি গুরুত্বপূর্ণ প্রস্তাব অনুমোদন করে।' *বেগম*, ১৯৭১।

অনুমোদনযোগ্য [স] *বিণ* সমর্থনযোগ্য। 'দেশের মহিলাদের অনুমোদনযোগ্য সংরক্ষিত আসনের নির্বাচন পদ্ধতির ...।' *বেগম*, ১৯৭০।

অনুমোদিত [স] **১** *বিণ* সমর্থিত। 'সকল কার্য্য তাহারদের অনুমোদিত নহে।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বিণ* অনুমোদনপ্রাপ্ত। 'উহা প্রাজ্ঞতারও অনুমোদিত নহে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অনুযাত্র [স] *বি* অনুচর। 'অজ্ঞাত শিবিরদ্বারে এলে পুনরায় অনুযাত্র সঙ্গে করে।' *সুধীন্দ্র*, ১৯৩২।

অনুযায়িক [স] *ক্রিবিণ* অনুযায়ী। 'যে সকল সংস্কৃত শব্দ ... পুরা বাংলা হইয়া গেছে সেগুলির ধ্বনি-অনুযায়িক বানান হওয়া উচিত।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনুযায়ী [স] **১** *ক্রিবিণ* অনুসারে। 'ক্ষতিপূরণ করা ৫ অনুযায়ী ৬ বিবরণ তুমার স্থানে বন্দক রাখিয়া।' *মেয়র্স*, ১৭৭২। **২** *বি* অনুচর। 'স্বীয় অনুযায়ীদিগকে বিশ্রাম করিতে আদেশ দিয়া ...।' *বিদ্যা*, ১৮৫৬। **৩** *বিণ* অনুরূপ। 'শেষ ছত্রটিতে ভাবের অনুযায়ী কথা বসিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮২। **৪** *বিণ* অনুকূল। 'শক্তি ও প্রবৃত্তির অনুযায়ী বলিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনুযোগ [স] **১** *বি* অভিযোগ। 'এত অনুযোগ শুনি সাধু লক্ষপতি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* জিজ্ঞাসা। 'লোকে করে অনুযোগ সাধুর কি হল রোগ।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* ব্যঙ্গ। 'বৃদ্ধ জানি মোরে অনুযোগ করে ছলে।' *কাশীরাম*, ১৬৫০। **৪** *বি* তিরস্কার। 'গোবিন্দলালকে কিছু অনুযোগ করিবেন।' *বঙ্কিম*, ১৮৭৮।

অনুযোগভরে [স অনুযোগ+ভরে] *ক্রিবিণ* আক্ষেপের সঙ্গে। 'সে হাসিয়া অনুযোগভরে বলিল – ছি, ওরকম মাতলামি করতে আছে?' *বনফুল*, ১৯৩৬।

অনুযোজ্য [স] *বিণ* অভিযুক্ত। 'নারদ ঠাকুরের ন্যায় যেন পরে আমি অনুযোজ্য না হই।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অনুরক্ত [স] **১** *বিণ* আগ্রহী। 'তথাপিহ ভক্ত হইবারে অনুরক্ত।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* অনুরাগী। 'ভাব কেন ওরে ভক্ত, আমি তব অনুরক্ত।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৩** *বিণ* নিরত। 'রিপু-সেবায় অনুরক্ত হওয়া দুর্ভাগ্যের বিষয়।' *অক্ষয়*, ১৮৫২।

অনুরক্তা [স] *বিণ স্ত্রী* অনুরাগী। 'পঞ্চপতিকা দ্রৌপদীকে অর্জুনে অধিকতম অনুরক্তা করিয়া ...।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনুরক্তি [স] *বি* অনুরাগ। 'তাঁহার ... চিত্রকর্ম্মে বিশেষরূপ অনুরক্তি ছিল।' *অক্ষয়*, ১৮৪৮।

অনুরঞ্জ [স] *বি* মনোরঞ্জন। 'সামি সমাজ হম পেমে অনুরঞ্জি কুমুদিনী সন্নিধি চন্দা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অনুরঞ্জন [স] *বি* মনোরঞ্জন। 'প্রজালোকের সর্বাঙ্গীণ অনুরঞ্জনের জন্য ...।' *বিদ্যা*, ১৮৫৬।

অনুরঞ্জিত [স] *বিণ* রঙিন। 'সে সভ্যতা মানুষের সহিত মিশ্রিত হইয়া গিয়া মানুষের হৃদয়ের দ্বারা অনুরঞ্জিত হইয়া উঠে নাই।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অনুরণন [স] **১** *বি* রেশ। 'কঠিন করস্পর্শের অনুরণন এখনো সমস্ত স্নায়ুর মধ্যে রীরী করছে।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বি* ঝংকার। 'ভারতীয় সঙ্গীত ওদের মনে একটা খুব বড়ো রকমের অনুরণন তুলতে পারে না।' *রবীন্দ্র*, ১৯২৫। **৩** *বি* শিহরণ। 'রক্তে তার নামলো আশ্চর্য অনুরণন।' *শ্যামসুল*, ১৯৫৬।

অনুরণিত [স] *বিণ* প্রতিধ্বনিত। 'মনের মধ্যে অনুরণিত করিয়া ... পড়িতে পাইয়াছি।' *রবীন্দ্র*, ১৯১২।

অনুরত [স] *বিণ* অনুরক্ত। 'অতে তাহে অনুরত বরজ সমাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অনুরাগ[১] [স] *বি* (সংগীত) রাগের সহচরী। 'ছয় রাগ সদা খেলে অনুরাগ সেসব রাগিণী।' *ভারত*, ১৭৬০।

অনুরাগ[২] [স] **১** *বি* প্রেম। 'মলয়পবন সহ ভেল অনুরাগ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* ভক্তি। 'ইহার ভোজনে হয় কৃষ্ণে অনুরাগ।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* ক্রোধ। 'কে আঁটে তোমার অনুরাগে।' *কেতকা*, ১৬৬৫। **৪** *বি*, *স্ত্রৈণ্যে*, 'স্নিগ্ধ, *স্ত্রৈণ্যে*, *স্ত্রৈণ্যে*, *স্ত্রৈণ্যে*, *স্ত্রৈণ্যে*;' *কাশীরাম*, ১৬৫০। **৫** *বি* প্রবৃত্তি। 'তবে যাহার তাহাতে অনুরাগ হয় যে ...।' *দর্পণ*, ১৮২৫। **৬** *বি* আগ্রহ। 'নানা সুদৃশ্য বস্তু আছে যে তাহাতে ঐ বাবুর যাদৃশ অনুরাগ ও বিদ্যা ... জন্মিবে।' *দর্পণ*, ১৮৩০। **৭** *বি* প্রশংসা। 'অল্প বয়সে যে এরূপ বিদ্যা জন্মিয়াছে ইহাতে বিশেষ অনুরাগ করিলাম।' *দর্পণ*, ১৮৩১। **৮** *বি* প্রেরণা। 'জ্ঞানের উন্নতি ও জ্ঞান শিক্ষায় অনুরাগ উৎপন্ন হওয়া শিক্ষাস্থানের শারীপাট্যের উপর বিস্তর নির্ভর করে।' *অক্ষয়*, ১৮৪৯। **৯** *বি* একাগ্রতা। 'অনুরাগ নইলে কি সাধন হয়/ সে তো শুধু মুখের কথা নয়।' *লালন*, ১৮৯০।

অনুরাগদৃষ্টি [স] *বি* লালসাপূর্ণ দৃষ্টি। 'নায়েবের অনুরাগদৃষ্টি হতে আত্মরক্ষার জন্য ...।' *রবীন্দ্র*, ১৯০০।

অনুরাগবীক্ষণ [স] *বি* প্রীতির দৃষ্টি। 'তাঁহার কাছে যে অনুরাগবীক্ষণ আছে তাহা কি কেহ হিসাবের মধ্যে আনিবেন না?' *রবীন্দ্র*, ১৮৮৩।

অনুরাগভাজন [স] *বিণ* প্রিয়। 'তাহারা সকলের অনুরাগভাজন হয়।' *বিদ্যা*, ১৮৫১।

অনুরাগরঞ্জিত [স] *বিণ* আকর্ষণীয়। 'অনুরাগরঞ্জিত একটি সন্ধ্যার আকাশকে।' *ফজলল*, ১৯১৩।

অনুরাগশূন্য [স] *বিণ* উদাসীন। 'গ্রামবাসীরা ... দেশের হিতকল্পে অনুরাগশূন্য রহিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৩।

অনুরাগা [স অনুরাগ>] *ক্রি* আসক্ত হওয়া। 'সে অনুরাগল হৃদয় উদাস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অনুরাগাপন্ন [স অনুরাগ+স আপন্ন] *বিণ* প্রীতিধন্য। 'তাহাতে তাহার অনুরাগাপন্ন করিলেক।' *তারিণী*, ১৮০৩।

অনুরাগি [স অনুরাগী, সমাসবদ্ধে হ্রস্ব ই-কার] *বিণ* অনুরক্ত। 'স্বভাষায় অনুরাগিগণকে এবং আপন পাঠকবর্গকে অনুরোধ করুন।' *চন্দ্রিকা*, ১৮৩৪।

অনুরাগিণী [স] **১** *বি স্ত্রী* প্রণয়ী। 'এসেছে বরষা, ওগো নব অনুরাগিণী।' *রবীন্দ্র*, ১৮৯৭। **২** *বিণ স্ত্রী* অনুরক্ত। 'স্ত্রীর চেয়েও এ্যালমা ওর বেশি অনুরাগিণী।' *নরেন্দ্র*, ১৯৫১।

অনুরাগী [স] **১** *বিণ* প্রেমিক। 'বিদ্যাপতি কহ গোকুল নায়ক গোপীজন অনুরাগী।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* বন্ধুতপূর্ণ। 'কেবল হিন্দুতুদোষে মোসলমানেরা তাঁহার প্রতি তাদৃশ অনুরাগী হইলেন না।' *দর্পণ*, ১৮৩৬। **৩** *বি* সাধক। 'মরিয়ে জীবন পায় সে/ হয়ে শুদ্ধ

AMARBOI.COM

অনুরাগী।' *লালন*, ১৮৯০।

অনুরাগে *ক্রিবিণ* ভক্তির সঙ্গে। 'কহিলেন্ত মোর ঠাঁই বহু অনুরাগে।' *সুলতান*, ১৭০০।

অনুরাগের আঠা *বি* (বাউল) ভালোবাসার টান। 'অনুরাগের আঠা দিয়ে লাগাও গুরুর রাঙ্গা পায়।' *লালন*, ১৮৯০।

অনুরাধা [স] *বি* নক্ষত্রবিশেষ। 'অদ্য ৩রা বৈশাখ, শনিবার, পঞ্চমী, অনুরাধা নক্ষত্র, যাত্রা নাস্তি।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অনুরুদ্ধ [স] *বিণ* অনুরোধ করা হয়েছে এমন। 'কিছু লিখিতে অনুরুদ্ধ হইয়াছিলাম।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনুরোধ [স] ১ *বি* প্রার্থনা। 'নাহি কাঁহাসে বিরোধ নাহি কাঁহা অনুরোধ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* উপলক্ষ। 'জগন্নাথের সেবক ফিরে কার্য্য অনুরোধে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বিণ* অপেক্ষাকৃত মূল্যবান। 'যদু পদতলে হাম জীবন সোপনু তাহে কি তনু অনুরোধ।' *গোবিন্দ*, ১৬০০। ৪ *বি* উপরোধ। 'এরূপ বিষয়ের বিবেচনা-ক্লেশ গ্রহণ করিতে অনুরোধ করাতে অপরাধী হইতেছি কি না, জানি না।' *অক্ষয়*, ১৮৫৬। ৫ *বি* প্রয়োজন। 'লঘুতার অনুরোধে ... ক্ষুদ্রাকারে লিখিত হইত।' *বঙ্কিম*, ১৮৭৫। ৬ *বি* নিমন্ত্রণ। 'অনুরোধ পত্রসহ একজন বিচক্ষণ দূত তুরস্করাজদরবারে প্রেরিত হউক।' *মশাররফ*, ১৯০৮। ৭ *বি* আমন্ত্রণ। 'রাজর্ষি সম্বন্ধে কিছু বলবার জন্য অনুরোধ পেয়েছি।' *রবীন্দ্র*, ১৯১৬।

অনুরোধকারিণী [স] *বি স্ত্রী* প্রার্থনাকারী। 'লিখতে বসেছি সেই অনুরোধকারিণীকে নিয়ে।' *নরেন্দ্র*, ১৯৭৫।

অনুরোধক্রমে [স] *ক্রিবিণ* অনুরোধে। 'তাঁহার অনুরোধক্রমে বঙ্গবাসীর কল্যাণ ...।' *মুজতবা*, ১৯৫৯।

অনুরোধপত্র [স] *বি* অনুরোধ জানিয়ে পাঠানো চিঠি। 'পুস্তকপাঠ প্রচারের জন্য অনুরোধপত্র লিখে দিলেন।' *মোতাহার*, ১৯৩৭।

অনুরোধ রাখা *ক্রি* কথা মান্য করা। 'ভারতবর্ষীয় লোকেরা ইংরাজীয়েরদিগের যেমত অনুরোধ রাখে ইহার তুল্য ... বিষয় নাই।' *দর্পণ*, ১৮২০।

অনুরোধিত [স] *বিণ* অনুরোধ করা হয়েছে এমন। 'ইংলণ্ডে গমন করিতে অনুরোধিত হইয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪২।

অনুরোধের আসর *বি* রেডিওতে শ্রোতাদের অনুরোধের গান শোনানো হয় এমন অনুষ্ঠান। 'অনুরোধের আসর শুনতে শুনতে ঘুমিয়ে পড়েছি।' *হুমায়ূন*, ১৯৭২।

অনুরোধা [স অনুরোধ>] *ক্রি* অনুরোধ করা। 'দোষ অনুরোধি মোরে দিলা অভিশাপ।' *মুকুন্দ*, ১৬০০।

অনুরূপ [স] ১ *বিণ* সদৃশ। 'দোষ অনুরূপ কেন নাঞি দিলে সাঁপ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* উপযুক্ত। 'চিত্তারতি অনুরূপ না পাইয়া ভাল।' *আলাওল*, ১৬৮০।

অনুরূপিণী [স] *বিণ স্ত্রী* অনুরূপ। 'পরিণীতা শকুন্তলা দেস্‌দিমোনার অনুরূপিণী।' *বঙ্কিম*, ১৮৮৭।

অনুর্বর, অনুর্ব্বর [স] ১ *বিণ* উৎপাদন-ক্ষমতাহীন। 'যেরকম অনুর্বর মরুভূমি মনে করে রেখেছিলুম।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বিণ* ব্যর্থ। 'তোমার পাষাণ ঘেরি করিতে নিপাত অনুর্বর অভিশাপ তব, সে আঘাত।' *রবীন্দ্র*, ১৮৯০। ৩ *বিণ* উর্বর নয় এমন। 'অস্বাস্থ্যকর এবং অনুর্ব্বর পর্ব্বতের উপত্যকাসমূহেই এ দেশের অসভ্য জাতিদিগের বাস।' *প্রমথ*, ১৯২০।

অনুর্বরতা [স] *বি* পরিবেশের প্রতিকূলতা। 'আফগানিস্তানের অনুর্বরতা বর্ণাশ্রম ধর্মের অন্তরায়।' *মুজতবা*, ১৯৪৯।

অনুর্বরহৃদয় [স] *বি* অসচেতন হৃদয়। 'সেই হাল দিয়ে কি এই অনুর্বরহৃদয়, ... ফলাতে পারবে না?' *নজরুল*, ১৯৩০।

অনুর্বরা, অনুর্ব্বরা [স] *বিণ স্ত্রী* উৎপাদন-ক্ষমতাহীন। 'উর্ব্বরা ও অনুর্ব্বরা ভূমিসকলের ও অঞ্চলের গুণাগুণ।' *বঙ্গদূত*, ১৮২৯।

অনুলাপ [স] *বি* বারবার বলা। 'ভরে ওঠে বর্তমান নৈঃসঙ্গ্যের শ্রুতি সে প্রণাদ অনুলাপে।' *সুধীন্দ্র*, ১৯৩০।

অনুলাপী [স] *বিণ* পুনঃপুন ডাক দেয় এমন; অনবরত ডাকে এমন। 'কাংস্যক্রেংকারিত শিখী, বাগ্মী শুক, অনুলাপী পিক।' *সুধীন্দ্র*, ১৯২৮।

অনুলিখন [স] *বি* অনুরূপ লিখন। 'কেহ কেহ এই অনুলিখনের সমর্থনও করিতে চান।' *সওগাত*, ১৯২৯।

অনুলিখিত [স] *বিণ* অনুরূপ লিখিত। 'ইহা অনুলিখিত হইয়াছিল মুহসিন আলী নামক আর এক কবি কর্তৃক।' *এনামুল*, ১৯৫৫।

অনুলিপি [স] *বি* প্রতিলিপি। 'সাহেবের নিয়মানুসারে বাঙ্গলা কথা ইঙ্গরেজী অক্ষরে অনুলিপি করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৪।

অনুলিপিকার [স] *বি* অনুলেখক। 'অনুলিপিকারের দোষে "শেখ কবীর" যে "কবি শেখ" হইতে পারে না ...।' *এনামুল*, ১৯৫৫।

অনুলিপ্ত [স] *বিণ* প্রলেপ-দেওয়া। 'লাঞ্ছনার চন্দনে আমাদের উলঙ্গ-অঙ্গ অনুলিপ্ত।' *নজরুল*, ১৯২২।

অনুলেখক [স] *বিণ* পাণ্ডুলিপি নকলকারী। 'এই অনুলেখক মুহসিন আলী।' *এনামুল*, ১৯৫৫।

অনুলোম [স] ১ *বিণ* অনুকূল। 'অনুলোম উর্দ্ধরেতা বিলোম প্রবর্ত্তক।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বি* হিন্দু উচ্চবর্ণের পুরুষের সঙ্গে নিম্নবর্ণের নারীর বিবাহ। 'উদ্বাহ বিষয়ে এদেশীয় স্মৃতিশাস্ত্রের ব্যবস্থানুগত অনুলোম ও বিলোমের বিষয় বিবেচনা করা ...।' *অক্ষয়*, ১৮৫০। ৩ *বিণ* যথাক্রম। 'কোথাও-বা অনুলোম প্রণালীতে ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

অনুল্লঙ্ঘনীয় [স] *বিণ* লঙ্ঘন করা যায় না এমন। 'একদা রাজা, অনুল্লঙ্ঘনীয় প্রয়োজনবিশেষবশতঃ, চিরঞ্জীবকে দেশান্তরে প্রেরণ করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অনুল্লেখ [স] *বিণ* উল্লেখ করা হয়নি এমন। 'শিলাসম ভয়ভার, অনুল্লেখ কাল।' *মণীশ*, ১৯৩১।

অনুল্লেখযোগ্য [স] *বিণ* উল্লেখযোগ্য নয় এমন। 'প্রাদেশিক পুলিশ বাহিনীর অনুল্লেখযোগ্য তৎপরতারই স্বাক্ষর বহন করিতেছে।' *আজাদ*, ১৯৭০।

অনুল্লেখিত [স] *বিণ* উল্লেখ করা হয় না এমন। 'এই প্রচলিত ব্যাখ্যায় পশ্চিমী রেনেসাঁসে প্রাচ্যের ভূমিকা অনুল্লেখিত।' *শিব*, ১৯৫৬।

অনুল্লেখ্য [স] *বিণ* উল্লেখযোগ্য নয় এমন। 'রেনেসাঁসের মানসসম্পদ রচনায় বণিক ব্যবসায়ীদের ভূমিকা নিতান্তই অনুল্লেখ্য।' *শিব*, ১৯৫৬।

অনুশাসন [স] ১ *বি* বিধান। 'ধর্ম্মবিষয়ক শাস্ত্রে বিধবারদের আত্মঘাত বিষয়ে কোন এমত অনুশাসন প্রকাশ নাই।' *দর্পণ*, ১৮৩০। ২ *বি* অধ্যাদেশ। 'শুনিতেছি তাহার অনুশাসন জারি হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অনুশাসনপত্র [স] *বি* নীতিবাক্য সংবলিত শিলালিপি। 'অশোক

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রাজার অনুশাসনপত্রে ... পালি ভাষা প্রচলিত ছিল।' *অক্ষয়*, ১৮৪৮।

অনুশাসিত [স] *বিণ* উদ্বুদ্ধ। 'যে শিক্ষা তাহাকে রাজনীতি-চর্চা হইতে বিরত থাকিতে অনুশাসিত করে।' *প্রচারক*, ১৯০৫।

অনুশীলন [স] ১ *বি* চর্চা। 'অধ্যাত্মবিদ্যার অনুশীলন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ২ *বি* পাঠ। 'গ্রন্থ যে আছে অক্ষর পরিচয়ব্যতিরেকে সে সকলের অনুশীলন কিপ্রকারে হইতে পারে।' *দর্পণ*, ১৮৩১।

অনুশীলনসাপেক্ষ [স] *বিণ* চর্চানির্ভর। 'তবে এটির প্রবর্ধন এবং পূর্ণপ্রকাশ অনুশীলনসাপেক্ষ।' *শিব*, ১৯৫৬।

অনুশীলনহীন [স] *বিণ* অচর্চিত। 'অক্ষরপরিচয়প্রাপ্ত পাঠকপাঠিকার অনুশীলনহীন ভোগসামর্থ্যের স্তরে নেমে এসে ...।' *শিব*, ১৯৭৩।

অনুশীলনা [স] *বি স্ত্রী* চর্চা। 'তাহাদেরই কল্যাণে কাব্যানুশীলনা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অনুশীলিত [স] ১ *বিণ* উত্থাপিত। 'এই গুরুতর ও বহুলোকের অনুশীলিত প্রশ্ন বিচারার্থ বিতত্তিত হইল।' *দর্পণ*, ১৮৩২। ২ *বিণ* চর্চা করা হয়েছে এমন। 'ফারসী স্বাধীন বঙ্গে ব্যাপকভাবে হিন্দু মুসলমানদের দ্বারা অনুশীলিত হইত।' *এনামুল*, ১৯৫৫।

অনুশোচ [স অনুশোচন] *বি* অনুশোচনা। 'নৃপতি গন্ধর্ব শুনি অনুশোচ কৈলা।' *আলাওল*, ১৬৮০।

অনুশোচে *ক্রিবিণ* অনুতপ্ত হয়ে। 'আপনেহ অনুশোচে কান্দিল বহুল।' *সুলতান*, ১৭০০।

অনুশোচন [স] *বি* অনুতাপ। 'একটা দুর্ঘটনাবিষয়ক অনুশোচনেতে মনের এমত বৈকল্য হইল।' *দর্পণ*, ১৮৩৭।

অনুশোচনা [স] *বি* পরিতাপ। 'এই অনুশোচনা করিয়া, দুঃখিত হৃদয়ে রোদন করিল।' *বিদ্যা*, ১৮৪৭।

অনুশোচনাপূর্ণ [স] *বিণ* অনুতপ্ত। 'কখনও অনুশোচনাপূর্ণ হৃদয়ে গানটি গাইছে।' *ধূর্জটি*, ১৯৩১।

অনুশোচনীয়া [স] *বি স্ত্রী* অনুতাপের কারণ। 'সুপাত্রে প্রদত্তা কন্যা পিতামাতার অনুশোচনীয়া হয় না।' *মাইকেল*, ১৮৫৯।

অনুষঙ্গ [স] ১ *বি* অনুকম্পা। 'তুহুঁ যদি কহসি করিয়া অনুষঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* সূত্র। 'আত্মীয়তার যে অনুষঙ্গে হেমলতার স্নেহমমতাগুলি ডালপালা মেলে ...।' *বুদ্ধ*, ১৯৪০। *দ্র* **অনুসঙ্গ**

অনুষঙ্গাধীন [স অনুষঙ্গ-অধীন] *ক্রিবিণ* প্রসঙ্গক্রমে। 'অনেক যুবকের প্রবোধার্থে অনুষঙ্গাধীন স্বদেশের প্রীতি প্রসঙ্গ স্বভাবত উদয় হইল।' *অক্ষয়*, ১৮৪৮।

অনুষঙ্গী [স] *বিণ* সহচর। 'আনন্দ হল সৃষ্টির অনুষঙ্গী।' *রবীন্দ্র*, ১৮৮৫। *দ্র* **অনুসঙ্গী**

অনুষ্টুপ [স] *বি* সংস্কৃত ছন্দবিশেষ। 'রামায়ণ প্রায় অনুষ্টুপ নামক প্রাচীন সহজ ছন্দে বিরচিত।' *অক্ষয়*, ১৮৪৯।

অনুষ্টুভ [স] *বি* সংস্কৃত ছন্দের নাম। 'কবে শুনিয়াছ ত্রিষ্টুভ অনুষ্টুভ এই পাপমুখে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

অনুষ্ঠান [স] ১ *বি* আয়োজন। 'অবনিমণ্ডলে জাব তোমার কিঙ্করী হব করিব পূজার অনুষ্ঠান।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* ক্রিয়াকর্ম। 'সুস্থির মনে ধর্ম্মের অনুষ্ঠান করিতে পারিত।' *গৌর*, ১৮২২। ৩ *বি* পালন। 'পরম পুরুষার্থ বোধে প্রগাঢ় যত্নের সহিত তাহারা অনুষ্ঠান করে।' *অক্ষয়*, ১৮৪৬। ৪ *বি* চর্চা। 'আমারদিগের দেশ ভাষা অনুষ্ঠানের বিপক্ষে পরদেশীয় কোন লোক যাহা বলুক।' *অক্ষয়*, ১৮৪৮। ৫ *বি* প্রচলন। 'দেশ ভাষা অনুষ্ঠানের প্রতি যত বাক্য বিবাদ আছে।' *অক্ষয়*, ১৮৪৮। ৬ *বি* কর্তব্য-কর্ম। 'আজকাল আমরা যে-সমস্ত অনুষ্ঠান করিতেছি তাহার মধ্যে লক্ষ্মীর হস্ত নাই।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অনুষ্ঠানগত [স] *বিণ* অনুষ্ঠানসর্বস্ব। 'আমাদের দেশে সংগীত এমনি শাস্ত্রগত, ব্যাকরণগত, অনুষ্ঠানগত হইয়া পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮১।

অনুষ্ঠানপত্র [স] ১ *বি* অনুষ্ঠান-পরিচিতি। 'যে অনুষ্ঠানপত্র পাঠ করা গেল তাহা অদ্যকার বৈঠকের বিবরণ ...।' *দর্পণ*, ১৮২৩। ২ *বি* বিজ্ঞাপন। 'অনুষ্ঠানপত্রাবলোকনে দেখিলাম যে বালকের বয়ঃক্রমের বিবেচনা...।' *বঙ্গদূত*, ১৮২৯। ৩ *বি* প্রচারপত্র। 'অনুষ্ঠানপত্র চাহিয়া পাঠাইলে তাঁহার নিকট তৎক্ষণাৎ প্রেরিত হইবেক।' *চন্দ্রিকা*, ১৮৩১।

অনুষ্ঠানবহুল [স] *বিণ* নানা আচার-অনুষ্ঠানে পূর্ণ। 'দেবদেবীবহুল, কাহিনীবহুল, অনুষ্ঠানবহুল পৌরাণিক হিন্দুধর্ম।' *রবীন্দ্র*, ১৯২৯।

অনুষ্ঠেয় [স] *বিণ* অনুষ্ঠানযোগ্য। 'আমারদিগের পূর্ব্ব২ পুরুষ কর্তৃক সর্ব্বদা অনুষ্ঠেয় ছিল।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৮।

অনুষ্ণ [স] *বিণ* হৃদয়ের উত্তাপহীন। 'অনুষ্ণ চিঠির জওয়াবে সালেহা ততোধিক আবেগহীন এক চিঠি লিখে।' *মাহেনও*, ১৯৪৯।

অনুসঙ্গ [স] ১ *বি* সম্বন্ধ। 'তুহুঁ জদি কহসি করিএ অনুসঙ্গ। চৌরি পিরীতি হএ লাখ গুন রঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* সাহচর্য। 'তারা স্ত্রীকে চায় স্ত্রীরূপেই, তারা চায় যুগলের অনুসঙ্গ।' *রবীন্দ্র*, ১৯০০। *দ্র* **অনুষঙ্গ**

অনুসঙ্গী [স] *বিণ* সহচর। 'সেই জেনারেল-সাহেবের একদল অনুসঙ্গী এই স্টেশন থেকে উঠিবার উদ্যোগ করিতেছে।' *রবীন্দ্র*, ১৯৪১। *দ্র* **অনুষঙ্গী**

অনুসন্ধান [স] ১ *বি* সংবাদ। 'এই মতে ঢেঁড়ি দিতে২ ইহারা দুই ভ্রাতা অনুসন্ধান পাইয়া ...।' *রামরাম*, ১৮০১। ২ *বি* জিজ্ঞাসা। 'তাহাদিগের অনুসন্ধানের কামনা সিদ্ধি হইল না।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* খোঁজখবর। 'ইহার বিশেষ অনুসন্ধান না করিয়া ...।' *গৌর*, ১৮২২। ৪ *বি* বিবেচনা। 'প্রশংসাকারিদিগকে জিজ্ঞাসা করি অনুসন্ধান করিবেন এ সকল সত্য কি নহে।' *চন্দ্রিকা*, ১৮৩০। ৫ *বি* গবেষণা। 'তাহারই কিঞ্চিৎ অনুসন্ধান করিয়া দেখা যাউক।' *অক্ষয়*, ১৮৫৪।

অনুসন্ধান-কার্য [স] *বি* খোঁজার কাজ। 'কয়েক মিনিট ধরে অনুসন্ধান-কার্যে ব্যাপৃত ছিলুম।' *রবীন্দ্র*, ১৮৯১।

অনুসন্ধানতৎপর [স] *বিণ* অনুসন্ধিৎসু। 'শ্বেতজাতি দিনের ন্যায় সদাজাগ্রত, কর্মশীল, অনুসন্ধানতৎপর।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনুসন্ধান-প্রণালী [স] *বি* গবেষণা পদ্ধতি। 'নব নব অনুসন্ধানপ্রণালী উদ্ভাবনের সঙ্গে সঙ্গে আমাদের দৃষ্টি প্রসারিত হইয়া ...।' *মোতাহার*, ১৯৩৭।

অনুসন্ধানরত [স] *বিণ* অনুসন্ধান করছে এমন। 'অনুসন্ধানরত হইয়া আমি উদ্ভিদ সম্বন্ধে যে সকল তত্ত্ব অবগত হইয়াছি।' *জগদীশ*, ১৯২৬।

অনুসন্ধানার্থী [স অনুসন্ধান+স অর্থী] *বিণ* অনুসন্ধানকারী। 'আমি অনুসন্ধানার্থী দূত নহি।' *হরপ্রসাদ রায়*, ১৮১৫।

অনুসন্ধায়কতা [স] *বি* অন্বেষণ। 'আদাম সাহেবকে পুনর্ব্বার বিদ্যাধ্যাপনের অনুসন্ধায়কতা কর্ম্মে প্রেরণ করা উচিত নয়।' *দর্পণ*, ১৮৩৮।

অনুসন্ধিৎসা [স] *বি* খুঁজে বের করার ইচ্ছা। 'অন্তর্দৃষ্টি এবং অবিরাম অনুসন্ধিৎসা দ্বারা সুকঠিন সমস্যাসমূহ কি প্রকারে পূরিত হয়।'

AMARBOI.COM

জগদীশ, ১৯২৫।

অনুসন্ধিৎসু [স] *বিণ* অনুসন্ধান করতে ইচ্ছুক। 'ডুবাল শৈশবাবধি অতিশয় অনুসন্ধিৎসু ছিলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

অনুসর [স] *বি* পশ্চাদ্‌গমন। 'পুনর্ব্বার অনুসর হইতে অত্যন্ত খেদ হইতেছে।' *দর্পণ*, ১৮৩৪।

অনুসরণ [স] ১ *বি* অনুকরণ। 'বঙ্গদেশী বাক্য অনুসরণ করিয়া।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* পশ্চাদ্‌গমন। 'এক মূর সেনাপতির অনুসরণ করে।' *বিদ্যা*, ১৮৬৩।

অনুসরণকারী [স] *বি* অনুসরণ করে যে। 'অনুসরণকারীরা ফিরে এলেন হাঁপাতে হাঁপাতে।' *বনফুল*, ১৯৩৬।

অনুসরণপূর্বক [স] *ক্রিবিণ* পিছু পিছু ধাওয়া ক'রে। 'শশকশিশুর অনুসরণপূর্বক তাহাকে ধরিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০০।

অনুসরণপ্রিয়তা [স] *বি* অনুকরণপ্রিয়তা। 'চিরাগত প্রথার অনুসরণ-প্রিয়তা।' *অঙ্কন*, ১৯২৫।

অনুসরণযোগ্য [স] *বিণ* অনুসরণের উপযুক্ত। 'যেসব ব্যক্তিকে তিনি ... অনুসরণযোগ্য মহাজন হিসেবে উপস্থিত করেছিলেন তাঁরা সকলেই প্রতীচ্যের মানুষ।' *শিব*, ১৯৫৬।

অনুসরা [স অনুসরণ>] *ক্রি* অনুসরণ করা। **অনুসরঈ** *ক্রি* অনুসরণ করে। 'খনে খনে নয়ন কোন অনুসরঈ। খনে খনে বসনধূলি তনু ভরঈ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **অনুসরী** *ক্রি* অনুসরণ ক'রে। 'আইলো তোর বৃন্দাবন তোহ্মা অনুসরী।' *বড়ু*, ১৪৫০। **অনুসরে** *ক্রি* অনুকরণ ক'রে। 'বৈষ্ণব জন জেন বিষ্ণু অনুসরে।' *মালাধর*, ১৫০০।

অনুসর্গ [স] *বি* যে সকল বর্ণ বা বর্ণসমষ্টি ধাতুর পরে বসে শব্দের অর্থের পরিবর্তন ঘটায়। 'ধাতু, প্রত্যয়, উপসর্গ, অনুসর্গ, বিভক্তি ইত্যাদি।' *হই*, ১৯৫৪।

অনুসার [স] ১ *বি* অনুক্রম। 'চায়্যা ভ্রমি সুত অনুসারে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* অনুসরণ। 'এমন কৃষ্ণের লীলা করি অনুসার।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* অভিমুখ। 'চলি গেল মহামতি রণ অনুসার।' *বাহরাম*, ১৬৫০। ৪ *বি* (বাউল) সন্দেহ। 'গুরুপদে নিষ্ঠা মন যার হবে/ যাবে তার সব অনুসার।' *লালন*, ১৮৯০।

অনুসারা [স অনুসার>] *ক্রি* অনুসরণ করা। 'চলিলা তাহার পাছু অস্ব অনুসারি।' *মালাধর*, ১৫০০।

অনুসারি [স অনুসার>] *ক্রিবিণ* অনুযায়ী। 'ধর্ম্ম শাস্ত্র অনুসারি নহে অনুচিত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অনুসারিণী [স] *বিণ* স্ত্রী অনুযায়ী; অনুরূপ। 'য়ুরোপ কেবল যদি নিজের প্রকৃতি-অনুসারিণী শিক্ষা লাভ করত।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনুসারে [স] ১ *ক্রিবিণ* অনুযায়ী। 'আগ্যা অনুসারে দুত দস দিগে যাব।' *মালাধর*, ১৫০০। ২ *অব্য* জন্যে। 'ভিক্ষার অনুসারে ফিরেন ঘরে ঘরে।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *ক্রি* প্রসারিত ক'রে। 'জল দেহ বলে মুনি হস্ত অনুসারে।' *কৃত্তিবাস*, ১৬৫০।

অনুসিক্ত [স] *বিণ* আর্দ্র। 'প্রেমরসে অনুসিক্ত হয়ে জীবনের প্রতি ভাব-মুহূর্ত ...।' *মাহেনও*, ১৯৪৯।

অনুসিদ্ধান্ত [স] *বি* সহজে গ্রহণ করা যায় এমন সিদ্ধান্ত। 'পূর্ব বাংলা, অনুসিদ্ধান্ত হিশেবে, বহু অন্যায় অবিচারের ভাগী হয়েছে।' *মুরশিদ*, ১৯৭১।

অনুসৃত [স] ১ *বিণ* অনুসরণ করা হয়েছে এমন। 'সেই বিদ্যার অনুসৃত প্রণালীটাকে সব তালার একমাত্র চাবী মনে করিয়া ...।' *সবুজ*, ১৯১৭। ২ *বিণ* গৃহীত। 'কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অনুসৃত নীতি, কার্য্যপদ্ধতি এবং আচরণ।' *বুলবুল*, ১৯৩৬।

অনুসৃতি [স] *বি* অনুসরণ। 'লোকের নানা অনুরোধ পূর্বারব্ধ কর্মের অনুসৃতি সমস্তই আমার দরজা পর্যন্ত পথ করে নিয়েছে।' *রবীন্দ্র*, ১৮৮৫।

অনুসেবা [স অনুসেবা>] *ক্রি* আচরণ করা। 'দেখিয়াত বসুদেব কৈল তারে অনুসেব।' *মালাধর*, ১৫০০।

অনুস্নায়ু [স] *বি* সূক্ষ্ম নাড়ি। 'তার স্নায়ু-অনুস্নায়ু হঠাৎ কেমন এক নতুন সুরে ঝংকৃত হয়ে উঠল।' *ওয়ালী*, ১৯৪৩।

অনুস্বর [স] *বি* অনুনাসিক ধ্বনি বা বর্ণবিশেষ; ং। 'পাকা হাতে পাকা অক্ষর লিখেন, কিন্তু অনুস্বর বিসর্গ নাড়াচাড়া করিতে ভরসা হয় না।' *রবীন্দ্র*, ১৮৭৭; 'এক শ্রেণীর কাছে বাঙ্গলা ভাষা বলতে বোঝায় অনুস্বর বিসর্গ ছাড়া সংস্কৃত।' *মোয়াজ্জিন*, ১৯২৯। দ্র **অনুস্বার**

অনুস্বর-বিসর্গ [স] *বি* সংস্কৃত ভাষা। 'নিষেধ, বিধান, অনুযোগ, অনুস্বর-বিসর্গের ঘটা।' *রবীন্দ্র*, ১৮৮৯।

অনুস্বার [স] *বি* অনুনাসিক ধ্বনি/ বর্ণবিশেষ; ং। **অনুস্বারবাদী** [স] *বি* সংস্কৃতপন্থী পণ্ডিত; বাংলা ভাষায় সংস্কৃত উপকরণ ব্যবহারের পক্ষপাতী ব্যক্তি। 'বাঙ্গালায় রচনা ফোঁটা-কাটা অনুস্বার-বাদীদিগের একচেটিয়া মহল ছিল।' *বঙ্কিম*, ১৮৯২। দ্র **অনুস্বর**

অনুস্বার-বিসর্গ [স] *বি* খুঁটিনাটি। 'শুচি সংস্করণে যাতে অনুস্বার-বিসর্গের ভুলচুক না থাকে।' *রবীন্দ্র*, ১৯২৮।

অনুস্বার-বিসর্গওয়ালা [স অনুস্বার-বিসর্গ+হি ওয়ালা] *বিণ* বিশুদ্ধতাবাদী। 'তাদের এই অপকীর্তনের অনুস্বার-বিসর্গওয়ালা ঢাকি জুটল।' *রবীন্দ্র*, ১৯২৯।

অনুহিত [স অনুচিত] *বিণ* অনুচিত। 'অনুহিত পাপ ছাড়ি যাবি অপমানে।' *রামাই*, ১৭১০।

অনূঢ় [স] *বিণ* অবিবাহিত। 'কোন পবিত্রস্বভাবা কুমারী, কি সুপবিত্র অনূঢ় যুবা।' *মাইকেল*, ১৮৭৩।

অনূঢ়া [স] *বিণ* স্ত্রী অবিবাহিত। 'অনূঢ়া পতিহীনা বিরহিণীদিগের মনের ব্যথা অনেক।' *দর্পণ*, ১৮৩৫।

অনূদিত [স] *বিণ* ভাষান্তরিত। 'এই দুই কেন্দ্র থেকে বালপাঠোপযোগী পুস্তক-পুস্তিকা অনূদিত ও স্বাধীনভাবে রচিত হয়।' *গৌর*, ১৮২২।

অনৃত [স] ১ *বি* মিথ্যা। 'নাস্তিক্য, অনৃত, ক্রোধ, প্রমাদ, দীর্ঘসূত্রতা।' *বঙ্কিম*, ১৮৮৭। ২ *বিণ* গুরুত্বহীন। 'ধর্মজ্ঞানহীন, মন্ত্রহীন স্ত্রীগণ অনৃত, মিথ্যাপদার্থ।' *রবীন্দ্র*, ১৯০৭।

অনেক [স] ১ *বিণ* প্রবল। 'নারিল পুরিতে ধনুক অনেক সকতি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* নানা চেষ্টা। 'অনেক করিল তবু না হয় চেতন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বিণ* বিবিধ। 'গুরুবাক্যে দিআ কর্ণ চিনিল অনেক বর্ণ।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বিণ* অপার। 'নিশ্চএ নিরেখ রেখ অনেক বিভূতি।' *বাহরাম*, ১৬৫০। ৫ *বিণ* নানা। 'অনেক আশ্বাস দিল সম্ভাষা প্রকার।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৬ *বি* জগৎ। 'অনেকের পতি তেঁই পতি মোর বাম।' *ভারত*, ১৭৬০। ৭ *সর্ব* বহু লোক। 'মুরারাচার্য্য সদৃশ অনেক।' *রামপ্রসাদ*, ১৭৮০।

অনেক অনেক [স] *বিণ* অনেক সংখ্যক। 'অনেক অনেক ব্যাকরণনবীশ ও স্মৃতিওয়ালা ভট্টাচার্য্য আসিয়াছিল।' *ভবানী*, ১৮২৫।

অনেককাল [স] ১ *বি* দীর্ঘদিন। 'তখন অনেককাল হইয়াছিল।'

AMARBOI.COM

তারিণী, ১৮০৩। ২ *ক্রিবিণ* অনেক দিন আগে। 'উভয়েই অনেককাল স্বর্গীয় হয়েছেন।' *বনফুল*, ১৯৩৬।

অনেকক্ষণ [স] *বি* দীর্ঘ সময়। 'তাহারি আলোড়নে অনেকক্ষণ থাকেন।' *রামরাম*, ১৮০১।

অনেকখানি [স অনেক+খানি] *বি যথেষ্ট* পরিমাণ। 'তেমন করে হাত বাড়ালে সুখ পাওয়া যায় অনেকখানি।' *রবীন্দ্র*, ১৯০০।

অনেকগুলা *বিণ* বহুসংখ্যক। 'চশমার ভিতর দিয়া কেবল অনেকগুলা খুঁত এবং খুঁটিনাটি চোখে পড়ে।' *রবীন্দ্র*, ১৮৮৭।

অনেকটা ১ *ক্রিবিণ* প্রচুর। 'মধ্যবিত্ত গৃহস্থ মেয়েদের অনেকটা মেহনত করতে হয়।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *ক্রিবিণ* খানিকটা। 'ইহাদের দেখিতে অনেকটা আমাদের দেশের ডিঙ্গীর মত।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

অনেকবার [স] *ক্রিবিণ* বহুবার। 'জননীর নিকট অনেকবার শুনিয়াছি।' *বিদ্যা*, ১৮৬৩।

অনেকবিধ [স] *বিণ* নানাপ্রকার। 'শ্রেষ্ঠী জামাতাকে, অনেকবিধ দ্রব্যসামগ্রী ও প্রচুর অর্থ দিয়া ... বিদায় করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অনেকরকম [স অনেক+আ রকম] *বিণ* বিভিন্ন ধরনের। 'বিলেতে আরো অনেকরকম মেয়ে আছে।' *রবীন্দ্র*, ১৮৮১।

অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট – এক কাজে বহু বিশেষজ্ঞ জুটলে মতভেদের কারণে কাজ পণ্ড হয়। 'অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট সংপ্রতি তাহা সপ্রমাণ হইয়াছে।' *দর্পণ*, ১৮২৮।

অনেকে *সর্ব* অনেক ব্যক্তি। 'এতদ্ভিন্ন অনেকে স্ব২ ব্যয় করিয়া অধ্যয়ন করিতেছে।' *দর্পণ*, ১৮২১।

অনেকাংশ [স অনেক+অংশ] *ক্রিবিণ* অনেকটা সময়। 'তাহার প্রায় জীবনের অনেকাংশ বিধবাবৎ অতিবাহন করিতে হইত।' *এডুকেশন*, ১৮৭৩।

অনেকানেক [স অনেক+স অনেক] ১ *বিণ* বহু সংখ্যক। 'সেই মত অনেকানেক গাজনে নানাবিধ সং সাজিয়া আসিয়াছিল।' *দর্পণ*, ১৮২৮। ২ *বিণ* প্রচুর। 'অনেকানেক লোপ্ত্র দ্রব্যও পাওয়া গিয়াছে।' *এডুকেশন*, ১৮৭৩।

অনেকার্থক [স] *বিণ* অনেকগুলো অর্থ প্রকাশ করে এমন। 'এই শ্রেণীর শব্দগুলিকে আমরা অনেকার্থক শব্দ বলিব।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

অনেয্য [স অন্যায্য] *বিণ* অসঙ্গত। 'এক টাকা চাঁদা ধরাটা অনেয্য হয়েছে।' *বিভূতি*, ১৯২৯।

অনৈক্য [স] ১ *বি* গরমিল। 'প্রজারা যে মত কহে তাহাতে কিছু অনৈক্য হয়।' *রামরাম*, ১৮০২। ২ *বি* মতভেদ। 'এই যে অনৈক্য না হইলে দল হয় না।' *ভবানী*, ১৮২৩। ৩ *বিণ* একতা নেই এমন। 'বাঙ্গালিদের অনৈক্য ও ভীরু স্বভাব কাহার না বিদিত আছে।' *অক্ষয়*, ১৮৪৯।

অনৈক্যতা [স] ১ *বি* একতার অভাব। 'ভদ্রলোকের অনৈক্যতার কারণ কি।' *ভবানী*, ১৮২৩। ২ *বি* বিচ্ছিন্নতা। 'অনৈক্যতা সাধনপূর্ব্বক আত্মবশে আনিতেছে।' *এডুকেশন*, ১৮৭৩।

অনৈতিকতা [স] *বি* নীতিহীনতা। 'কোন ধর্ম্মাবলম্বি ব্যক্তির অনৈতিকতা ও অসম্মতি দৃষ্ট হয় না।' *অক্ষয়*, ১৮৪৮।

অনৈতিহাসিক [স] ১ *বিণ* প্রাগৈতিহাসিক। 'অনৈতিহাসিক সময়স্থ প্রাচীন-দিগের যে রূপ ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বিণ* ইতিহাস-সমর্থিত নয় এমন। 'বঙ্কিম মহাভারতবর্ণিত যে-সকল ঘটনাকে অনৈতিহাসিক মনে করেন।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বি* ঐতিহাসিক নয় এমন। 'কি ঐতিহাসিক কি অনৈতিহাসিক জড়বিজ্ঞানের গণ্ডীর বাহিরে ...।' *সবুজ*, ১৯১৭।

অনৈসর্গিক [স] ১ *বিণ* কৃত্রিম। 'তথায় অনৈসর্গিক বর্ণভেদ ও কৃত্রিম বংশমর্য্যাদা প্রতিষ্ঠিত ছিল না।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বিণ* অস্বাভাবিক। 'অনৈসর্গিক পাপের আভাস-ইঙ্গিতও আছে।' *মুজতবা*, ১৯৪৯।

অনৈসলামিক [স অন+আ ইসলাম+স ইক] *বিণ* ইসলাম অনুমোদন করে না এমন। 'মহাশ্মশান কাব্যে অনৈসলামিক ও অশ্লীল ভাব।' *সওগাত*, ১৯১৯।

অনৈসলামিকতা [স অন+আ ইসলাম+স ইক+স তা] *বি* ইসলামের পরিপন্থী বিষয়। 'মুসলমান সাহিত্যে অনৈসলামিকতা ও হিন্দুয়ানীর প্রভাব।' *সওগাত*, ১৯১৯।

অনৈস্লামিক [স অন+আ ইসলাম+স ইক] *বিণ* ইসলাম সম্পর্কিত নয় এমন। 'বন্দেমাতরম সঙ্গীতটি অনৈস্লামিক।' *বুলবুল*, ১৯৩৬।

অনোচিত [স অনুচিত] *বিণ* অনুচিত। 'জথা তথা উপস্থিত দুর্হাকার অনোচিত।' *মুকুন্দ*, ১৬০০।

অনৌচিত্য [স] *বি* শ্রেয়তার অভাব। 'ইহাতে ঔচিত্যানৌচিত্য [ঔচিত্য-অনৌচিত্য] কিছুই নাই।' *বঙ্কিম*, ১৮৭৯।

অনৌদার্য্য [স] *বি* অনুদারতা। 'শিক্ষাবিস্তার লইয়া অধৈর্য্য ও অনৌদার্য্য।' *রবীন্দ্র*, ১৯০৮।

অনৌপাধিক [স] *বিণ* নিঃস্বার্থ। 'অনেক২ বিশিষ্ট সন্তানেরদের অনৌপাধিক উপকার করত বহুকাল ক্ষেপ করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮১৯।

অন্ত [স] ১ *বিণ* শেষ। 'মাআমোহা সমুদারে অন্ত ন বুঝসি থাহা।' *চর্য্যা* ১৫, ১২০০। ২ *বি* প্রান্ত। 'অন্তে কুলিণজণ মাঝে কাবালী।' *চর্য্যা* ১৮, ১২০০। ৩ *বিণ* নিকট। 'তুরিতে চলহ ধনি কুঞ্জক অন্ত।' *বিদ্যাপতি*, ১৪৬০। ৪ *ক্রিবিণ* জুড়ে। 'ফুটল কুসুম সকল বন অন্ত।' *বিদ্যাপতি*, ১৪৬০। ৫ *ক্রিবিণ* শেষ পর্যন্ত। 'অন্তে নরকে গমন।' *কাশীরাম*, ১৬৫০। ৬ *বিণ* বিনষ্ট। 'রিসিপুত্র সাপে পাণ্ডব হইল অন্ত।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৭ *ক্রিবিণ* শেষে। 'হে কোম্পানি আমি যাহাতে অন্তে সুখ পাই সেরূপ অনুমতি কর।' *দর্পণ*, ১৮২১।

অন্তকাল [স অন্তঃকাল] *বি* শেষ সময়। 'অন্তকালে জাবে নর বৈকুণ্ঠভুবনে।' *মালাধর*, ১৫০০।

অন্তদন্তহীন [স] *বিণ* মাড়ির শেষ দাঁতটিও পড়ে গেছে এমন। 'এখন তিনি অন্তদন্তহীন হয়েছেন, তবু পেলে ছাড়েন না।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অন্তপর্ব [স] *বি* শেষ অধ্যায়। 'শেষকথা: অন্তপর্ব।' *রবীন্দ্র*, ১৯৪০।

অন্তবান [স] *বিণ* সীমাবদ্ধ। 'তোমার সত্য তো অন্তবান হল।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অন্তবিশিষ্ট [স] *বিণ* শেষ আছে এমন। 'আকার যে অন্তবিশিষ্ট।' *রবীন্দ্র*, ১৯০৯।

অন্তবিহীন [স] *বিণ* শেষ নেই এমন। 'তোমার অন্তবিহীন যতনখানি বহন করে মাথে।' *রবীন্দ্র*, ১৯১৪।

অন্তভাগ [স] *বি* শেষাংশ। 'ধর্ম্মপুস্তকের অন্তভাগ বঙ্গভাষাতে অনূদিত।' *দর্পণ*, ১৮৩৪।

অন্তমিল [স] *বি* অন্ত্যমিল। 'গুচ্ছে গুচ্ছে মিল এসেছিলো

AMARBOI.COM

অন্তর্মিলও।' *মাহমুদ*, ১৯৬৬।

অন্তস্থিত [স] *বিণ* হৃদয়গত। 'তাদের অন্তস্থিত মূল্য কি কিছু কমেছে?' *ওয়াজী*, ১৯৬৪।

অন্তহারা [স] ১ *বিণ* অন্তহীন। 'মৌন যাঁর শান্তি অন্তহারা, বাণী যাঁর সকরুণ সান্ত্বনার ধারা।' *রবীন্দ্র*, ১৯৩২। ২ *বিণ* চিরন্তন। 'সেই প্রাণেরে বাহন করি আনন্দের এই তত্ত্ব অন্তহারা দিকে দিকে পাচ্ছে পরকাশ।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অন্তহীন [স] *বিণ* শেষ নেই এমন। 'দেখিত সে অন্তহীন জগতবিস্তার।' *রবীন্দ্র*, ১৮৯০।

অন্তে [স অন্ত>] ১ *বি* প্রতিবেশী। 'যত অন্তে থাকে জিজ্ঞাসিলুঁ একে একে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *ক্রিবিণ* শেষে; মৃত্যুর আগে। 'মৈলে জীবনান্ত যার অন্তে রহে নাম।' *আলাওল*, ১৬৮০।

অন্তের শয়ন *বি* মৃত্যু। 'অন্তের শয়নে নিদ্রা গেলা অভিমন্যু।' *মাইকেল*, ১৮৬৬।

অন্তউড়ি [স *অন্তঃপুটিকা] *বি* গর্ভফুল। 'ফেটলিউ গোমাএ অন্তউড়ি চাহি।' *চর্যা* ২০, ১২০০।

অন্তঃ [স] *বিণ* অভ্যন্তরস্থ। 'তবে মধ্যে অন্তঃপট ধরি লোকাচারে।' *বৃন্দা*, ১৫৮০।

অন্তঃকরণ [স] *বি* অন্তর; হৃদয়; মন। 'আমরা অবশ্যই অন্তঃকরণের সহিত স্বীকার করি।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৬।

অন্তঃকরণবর্তি, অন্তঃকরণবর্ত্তি [স অন্তঃকরণবর্তী] ১ *বিণ* সন্তোষজনক। *ডানকান*, ১৭৮৪। ২ *বিণ* অন্তঃকরণের অধীন; বিশ্বাসযোগ্য। 'কর্ত্তাসাহেবেরদিগকে দর্শাইয়া তাহারদিগের অন্তঃকরণ-বর্ত্তি করিতে পারে।' *ডানকান*, ১৭৮৪। ৩ *বিণ* হৃদয়ে ধারণ করা হয় এমন। 'বাহাদুরের বিচ্ছেদ অন্তঃকরণবর্ত্তি করিয়া কাতর হইলেন।' *রামরাম*, ১৮০১।

অন্তঃকরণীয় [স] *বিণ* আন্তরিক। 'আপনার অন্তঃকরণীয় বার্ত্তা।' *দর্পণ*, ১৮৩৮।

অন্তঃকরণেচ্ছুক [স অন্তঃকরণ-ইচ্ছুক] *বিণ* অন্তরে ইচ্ছা করে এমন। 'সেবানিতান্ত অন্তঃকরণেচ্ছুক হইয়া কান্যকুব্জনিবাসি সেবাত ব্রাহ্মণ দ্বারা ...।' *দর্পণ*, ১৮২৯।

অন্তঃকর্ণ [স] *বি* মর্ম। 'আমাদের গুণীদের অন্তঃকর্ণে তাহা প্রবেশ করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অন্তঃকাল [স] *বি* মৃত্যুর সময়। 'মুখে বিভু-পদে মন, এদের, অন্তঃকালে হবে কি?' *মশাররফ*, ১৮৬৯।

অন্তঃকুহর [স] *বি* মনের মাঝখান। 'ওর মনটিও তেমনি ওর অন্তঃকুহরটির মধ্যে দিব্যি গট হয়ে বসে আছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অন্তঃকেন্দ্র [স] *বিণ* অভ্যন্তরভাগ। 'তার অন্তঃকেন্দ্রের উপাদান লোহার চেয়ে নিবিড়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অন্তঃপট [স] ১ *বি* কৌপিন। 'তবে মধ্যে অন্তঃপট ধরি লোকাচারে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* পর্দা। 'অন্তঃপট করি কৈন্যা আনিল তখন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অন্তঃপরিবর্তন [স] *বি* মনোগত পরিবর্তন। 'গোটা মানুষটারই একটা অন্তঃপরিবর্তন ঘটে যায়।' *অন্নদা*, ১৯২৯।

অন্তঃপাতী [স] *বিণ* অন্তর্গত। 'কলিকাতার অন্তঃপাতী নয় বিচারস্থান।' *দর্পণ*, ১৮১৯।

অন্তঃপুর [স] ১ *বি* অন্দরমহল। 'ভালমতে শোধ সব অন্তঃপুর।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'অন্তঃপুরে থাকিবা জেমন করি স্থীর।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বি* আড়াল। 'রবি যেদিন মেঘের অন্তঃপুর থেকে বের হন।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বি* হৃদয়। 'আমার অন্তঃপুরের ভিতরে যেন কে একজন আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অন্তঃপুরচারিণী [স] ১ *বিণ স্ত্রী* প্রত্যন্ত অঞ্চল দিয়ে প্রবাহিত। 'বাংলাদেশের একটি অপরিচিত অন্তঃপুরচারিণী নদী।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বিণ* ঘরের অভ্যন্তরে অবস্থান করে এমন। 'অন্তঃপুরচারিণী অসূর্যম্পশ্যা মহিলাদিগের প্রকাশ্য দরবারে প্রবেশ।' *সওগাত*, ১৯১৯।

অন্তঃপুরচারী [স] *বিণ* অন্দরমহলে অবস্থান করে এমন। 'কর্তব্যবিমুখ আমি, অন্তঃপুরচারী।' *রবীন্দ্র*, ১৮৮৯।

অন্তঃপুরবাসিনী [স] *বি স্ত্রী* স্ত্রীলোক। 'অন্তঃপুরবাসিনীদিগের মধ্যে কেহ ভর্তার বিশেষ অনুগ্রহ পাত্রী হইলে সর্ব্বনাশ।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অন্তঃপুরস্থ [স] *বিণ* অন্দরমহলে থাকে এমন। 'অনেক অন্তঃপুরস্থ স্ত্রী এই কুদৃষ্টান্ত দ্বারা ধর্ম্ম হইতে প্রচ্যুত হয়।' *অক্ষয়*, ১৮৪৬।

অন্তঃপুরিকা [স] *বি স্ত্রী* অন্তঃপুরে বাস করে যে। 'রামের অভিষেক-মঙ্গলাচরণের আয়োজনে যেদিন অন্তঃপুরিকাগণ ব্যাপৃত ছিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

অন্তঃপুরী [স] *বি* অন্দরমহল। 'ক্রন্দনের রোল তবে শুনি অন্তঃপুরী।' *বিজয়*, ১৬৫০।

অন্তঃপ্রকৃতি [স] *বি* অভ্যন্তরীণ বৈশিষ্ট্য। 'অন্তঃপ্রকৃতি নির্ব্বিশেষে একরূপ ছিল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অন্তঃশিল [স অন্তঃশীল] *বি* অভ্যন্তর ভাগ। 'এ সওয়ায় বিস্তর অন্তঃশিলে সরঞ্জামও প্রস্তুত আছে।' *হুতোম*, ১৮৬১।

অন্তঃশীল [স] *বিণ* অভ্যন্তরে প্রবাহিত। 'তবু রবে অন্তঃশীল স্বপ্রতিষ্ঠ চৈতন্যের তলে।' *সুধীন্দ্র*, ১৯২৯।

অন্তঃশীলতা [স] *বি* গোপনীয়তা। 'চারুর প্রকৃতিতে ও সুগভীর হৃদয়বেগের অন্তঃশীলতার পরিচয় পাইয়া।' *রবীন্দ্র*, ১৯০১।

অন্তঃশীলা [স] ১ *ক্রিবিণ স্ত্রী* নিভৃতে। 'কত শোক দুঃখ নৈরাশ্য নীচে অন্তঃশীলা বহে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বিণ স্ত্রী* অপ্রকাশিত; গোপন। 'এক রকম দুঃখহীন অনুভূতিহীন অসাড়তার অন্তঃশীলা ব্যথা আছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অন্তঃশূন্য [স] *বিণ* খালি। 'পরে অন্তঃশূন্য কলসী পূর্ণতোয় হইলে ...।' *বঙ্কিম*, ১৮৭৮।

অন্তঃশূন্যতা [স] *বি* অন্তঃসারতা। 'কাঠঠোকরা ... অরণ্যের অন্তঃশূন্যতা প্রচার করিতে প্রবৃত্ত হইল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অন্তঃসত্ত্বা [স] *বি* গর্ভাবস্থা। 'স্ত্রীলোকের অন্তঃসত্ত্বা কালীন শরীর ও মনঃসম্বন্ধীয় অবস্থানুসারে সন্তানের শুভাশুভ ...।' *অক্ষয়*, ১৮৪৯।

অন্তঃসলিলা [স] *বি স্ত্রী* লোকচক্ষুর আড়ালে প্রবাহিত হয় যা। 'অন্তঃসলিলা বহিতেছে।' *বিদ্যা*, ১৮৭৩।

অন্তঃসাৎ [স] *বিণ* বিলুপ্ত। 'অনেক শক্ত নিয়ম অজ্ঞাতসারে আপনি অন্তঃসাৎ হয়ে থাকে।' *রবীন্দ্র*, ১৯১৬।

অন্তঃসার [স] *বি* সারবস্তু। 'যুকতি এখন যতো খালি অন্তঃসার।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অন্তঃসারশূন্য [স] ১ *বিণ* ভিতরে সারবস্তু নেই এমন। 'মুখাকৃতি বিকৃত, শরীর অন্তঃসারশূন্য অস্থিপুঞ্জের সমাবেশ।' *মশাররফ*, ১৮৯০। ২ *বিণ* ফাঁকা। 'আমাদের দেশে তাহা অন্তঃসারশূন্য

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হাস্যকর আতিশয্যে পরিণত হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৯০৭। **৩** *বিণ* মিথ্যা। 'এদের কথা, কাজ সমস্তই অন্তঃসারশূন্য।' *জীবন*, ১৯৩৩। **৪** *বিণ* সহায়-সম্বলহীন। 'এরা তোকে অন্তঃসারশূন্য করে দেবে।' *শিবরাম*, ১৯৭০।

অন্তঃসারশূন্যতা [স] *বি* সারবত্তাহীনতা। 'সমস্ত জীবনের নিষ্ফলতা ও অন্তঃসারশূন্যতা।' *ওয়ালী*, ১৯৪৮।

অন্তঃসারহীন [স] *বিণ* অসার। 'বাণী সবই অন্তঃসারহীন।' *প্রমথ*, ১৯২৭।

অন্তঃস্তর [স] *বি* ভিতরের স্তর। 'তাই কড়ি ও কোমলের কবিতা মনের অন্তঃস্তরের উৎসের থেকে উছলে উঠেছিল।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অন্তঃস্থ [স] *বি* ভিতরের কথা। 'অন্তঃস্থ না জানি বৃথা ক্রুদ্ধা হয়ে অতি।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

অন্তঃস্থ বর্ণ [স] *বি* স্পৃষ্টবর্ণ ও উষ্মবর্ণের মধ্যবর্তী য র ল ব এই চারটি বর্ণ। 'সবুজ বর্ণমালার অন্তঃস্থ বর্ণ নয়।' *প্রমথ*, ১৯১৪।

অন্তঃস্থল [স] *বি* গভীরতম স্থান বা তল। 'বুকের অন্তঃস্থল পর্যন্ত শুকাইয়া কাঠ হইয়া গিয়াছিল।' *শরৎ*, ১৯১৬।

অন্তঃস্বভাব [স] *বি* অন্তর্গত বৈশিষ্ট্য। 'তবে অন্তঃস্বভাব সম্বন্ধে, সেরূপ নিশ্চয়তা এখনও হয়নি।' *বঙ্কিম*, ১৮৮৭।

অন্তঃস্মিত [স] *বিণ* মন খুশি করে এমন। 'আমাদের নিকুঞ্জে ওই অন্তঃস্মিত গন্ধরাজমুকুলে প্রচ্ছন্ন গন্ধরেণুতে ...।' *রবীন্দ্র*, ১৯৩০।

অন্তঃস্রোত [স] *বি* অব্যক্ত ভাবের ক্ষরণ। 'দুই জনের মধ্য দিয়ে বয়ে চলেছে দুটি অন্তঃস্রোত।' *আলাউদ্দিন*, ১৯৬০।

অন্তক [স] *বিণ* নাশক; সংহারক। 'যাহা লাগি অন্তক হইয়াছিলা মোর।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অন্তকপুর [স] *বি* হিন্দু পুরাণোক্ত যমপুর। 'এ দুরন্ত অন্তকপুরে গতিরোধ তার!' *মাইকেল*, ১৮৬০।

অন্তকরণ [স অন্তঃকরণ] *বি* সম্পর্ক। 'তোমার সহিত আমার আর অন্তকরণ নহে।' *চিঠিপত্রে*, ১৮২৪।

অন্ততপক্ষে [স] *ক্রিবিণ* নিদেনপক্ষে। 'অন্ততপক্ষে পাশ ফিরাইতে পারিলেও একটুখানি আরাম পাওয়া যায়।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অন্তর্ধান [স অন্তর্ধান] *ক্রি* অদৃশ্য হওয়া। 'কান্দেতে উঠিতে কৃষ্ণ অন্তর্ধ্যান হৈল।' *মালাধর*, ১৫০০।

অন্তপুর [স অন্তঃপুর] *বি* অন্দরমহল। 'অন্তপুরে না রাখে বনিতা।' *মুকুন্দ*, ১৬০০।

অন্তর [স] **১** *বি* হৃদয়। 'অন্তরে বাঢ়এ মোর দারুণ মদনে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* ব্যবধানে। 'দশ দিন অন্তর বা কি এখানে আমি।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বিণ* পৃথক। 'মুখামুজ ছাড়ি নেত্র না হয় অন্তর।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বি* বিতাড়ন। 'চরণ প্রহার দিয়া করিল অন্তর।' *বাহরাম*, ১৬৫০। **৫** *ক্রিবিণ* দৃষ্টির অগোচরে। 'বানর মারিয়া গঙ্গা হইল অন্তর।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৬** *বিণ* বিচ্ছিন্ন। 'আহা হোন্তে অন্তর না হএ কোন পাকে।' *সুলতান*, ১৭০০। **৭** *বি* স্থানান্তর। 'তত্ত্ববোধিনী পাঠশালা কলিকাতা হইতে বংশবাটী গ্রামে অন্তর হইবার নিশ্চয় হওয়াতে ...।' *অক্ষয়*, ১৮৪৫। **৮** *বিণ* আলাদা। 'এই ব্রহ্মর্ষিদেশ ব্রহ্মাবর্ত্ত হইতে অন্তর নহে।' *অক্ষয়*, ১৮৪৭। **৯** *বিণ* দূরবর্তী। 'তাহাদের অন্তঃকরণ পরস্পর যত অন্তর, ভূতল হইতে অন্তরিক্ষও তত অন্তর নহে।' *অক্ষয়*, ১৮৪৯। **১০** *বি* অভ্যন্তর। 'বাহুদ্বয় ধরিয়া ঊর্ধ্বোত্তোলন করিলে, অন্তরস্থ বায়ুকোষ স্ফীত হয়।' *বঙ্কিম*, ১৮৭৮। **১১** *বিণ* অন্তর্হিত। 'তিলেক অন্তর হলে না হেরি কূল-কিনারা।' *রবীন্দ্র*, ১৮৮০। **১২** *বিণ* অন্তরালবর্তী। 'প্রিয়বস্তুকে একেবারে চক্ষের অন্তর করিতে ...।' *মশাররফ*, ১৮৮৫। **১৩** *বি* ভিতর। 'সেগুলো এত অন্তরে বসতি করে যে ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অন্তর-আকাশ [স] *বি* মনরূপ আকাশ। 'উপরে নির্লিপ্ত শান্ত অন্তর-আকাশ।' *রবীন্দ্র*, ১৮৯০।

অন্তর-আঙিনা [স অন্তর+স অঙ্গন>] *বি* মন। 'নিজের অন্তর-আঙিনায় গড়ে তুললে অপূর্ব মূর্তিখানি ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অন্তরকথা [স] *বি* মনের কথা। 'দোঁহার অন্তরকথা দোঁহে সে বুঝিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অন্তরকুহর [স] *বি* হৃদয়গহ্বর। 'ওর মনটি ওর অন্তরকুহরটির মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অন্তরক্ষেত্র [স] *বি* হৃদয়মন্দির। 'জাগো অন্তরক্ষেত্রে মুক্তির অধিকারে।' *রবীন্দ্র*, ১৯১৪।

অন্তরখনন [স] *বি* অন্তরের বেদনা। 'তার অন্তরখনন গভীরতর হতে থাকে।' *ওয়ালী*, ১৯৪৮।

অন্তর-গ্লানি [স] *বি* মনের গ্লানি। 'অন্তর-গ্লানি সংসার-ভার।' *রবীন্দ্র*, ১৯০০।

অন্তরজয়ী [স] *বিণ স্ত্রী* অন্তরকে জয় করেছে এমন। 'অন্তরে লুকায়ে বসিয়া হবে অন্তরজয়ী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অন্তরজামিনি, অন্তর্জ্জামিনি [স অন্তর্যামিনী] *বিণ স্ত্রী* মনের কথা জানি এমন। 'অন্তরজামিনি গোসাঞি জানিলা তখন।' *মালাধর*, ১৫০০; 'অন্তর্জ্জামিনি গোসাঞি সকলি জানিল।' *মালাধর*, ১৫০০।

অন্তরজ্বালা [স] *বি* মনোবেদনা। 'চিরসঞ্চিত নীরব নালিশ অন্তরজ্বালার সহিত উদ্গীর্ণ করিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অন্তর টিপনি [স অন্তরটিপন>] *বি* কারো হৃদয়ে গোপনে আঘাত। 'অন্তর টিপনি – খাবে।' *দীনবন্ধু*, ১৮৬৭।

অন্তরটিপুনি [স অন্তরটিপন>] *বি* অন্যের অগোচরে কারো মনে গোপন আঘাত। 'তারা অন্তরটিপুনি দিচ্ছে।' *রবীন্দ্র*, ১৯১৫।

অন্তরতম [স] *বি* অন্তরে বিরাজকারী। 'ওহে অন্তরতম, মিটেছে কি তব সকল তিয়াষ আসি অন্তরে মম।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অন্তরতমা [স] *বি স্ত্রী* হৃদয়ে অবস্থানকারী। 'অন্তরে রহিল যাহা, অন্তরতমারই।' *অন্নদা*, ১৯২৯।

অন্তরতর [স] **১** *বিণ* অন্তরঙ্গ। 'এই ভূমা-ঐক্যের অন্তরতর আবির্ভাবে প্রত্যেক মানব সমগ্র মানবের সহিত মিলিত।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *বিণ* মনোগত। 'তাহার পবিত্রতা অন্তরতর।' *রবীন্দ্র*, ১৯০৭। **৩** *বি* অন্তর্যামী। 'হে বন্ধু মোর, হে অন্তরতর।' *রবীন্দ্র*, ১৯১০।

অন্তরতল [স] *বি* হৃদয়ের ভূমি। 'অন্তরতল মন্থন করে ছন্দে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অন্তরদেউল [স অন্তর+স দেবকুল] *বি* মনের মন্দির। 'তার অন্তরদেউলে প্রবেশ করতে হবে ভাই।' *নজরুল*, ১৯২৭।

অন্তরদেশ [স] *বি* মন। 'সব চেয়ে দূর আর দুর্গম হল বন্ধুজনের অন্তরদেশ।' *নরেন্দ্র*, ১৯৫৬।

অন্তরধন [স] *বি* মনের ঐশ্বর্য। 'ওগো অন্ধকারের অন্তরধন দাও ঢেকে মোর পরান মন।' *রবীন্দ্র*, ১৯১৫।

অন্তরনিবাসী [স] *বি* মনের মানুষ। 'অন্তরনিবাসীর পীড়ার বেদনায়

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মানসপ্রকৃতি ব্যথিত হইতে থাকে।' *রবীন্দ্র*, ১৯১২।

অন্তরপুরুষ [স] *বি* আরাধ্য সত্তা। 'তাতে জীবনের গভীরতর স্তরের ধ্যানকল্পনার সম্পূর্ণ প্রকাশ ব্যাহত হয় এবং নিভৃতবাসী অন্তরপুরুষের সাক্ষাৎ সম্ভব হয় না।' *মোতাহের*, ১৯৫০।

অন্তরপ্রাঙ্গণ [স] *বি* হৃদয়মন্দির। 'তার অভিষেক হল না আমার অন্তরপ্রাঙ্গণে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অন্তরফলক [স] *বি* হৃদয়পট। 'অঙ্গুরি-মুদ্রার গুপ্ত সংকেত অঙ্কিত হয় অন্তরফলকে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অন্তরবর্তি, অন্তরবর্ত্তি [স অন্তরবর্তী] *বিণ* দূরবর্তী। 'তিন চারি ক্রোশ অন্তরবর্ত্তি এক ব্রাহ্মণের স্ত্রী বিয়োগ হইলে ...।' *দর্পণ*, ১৮২১।

অন্তরবাসী [স] *বি* অন্তরে বাস করে যে। 'অন্তরবাসীকে ... কোনোমতেই ঠেলিয়া রাখিতে পারিল না।' *রবীন্দ্র*, ১৯০২।

অন্তর-বেদন [স] *বি* মনোবেদনা। 'মম গম্ভীর অন্তর-বেদনে জাগে কে জাগে।' *রবীন্দ্র*, ১৯১৪।

অন্তরবেদনা [স] *বি* হৃদয়ের ব্যথা। 'তব অন্তরবেদনা চিরন্তন হয়ে থাক।' *রবীন্দ্র*, ১৯১৬।

অন্তরব্যাপিনী [স] *বিণ স্ত্রী* অন্তর জুড়ে আছে এমন। 'অন্তরমাঝে শুধু তুমি একা একাকী তুমি অন্তরব্যাপিনী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অন্তরভেদী [স] *বিণ* অন্তরকে ভেদ করে এমন। 'আবার সেই অন্তরভেদী হায়! হায় রব!!' *মশাররফ*, ১৮৮৫।

অন্তরমহল [স অন্তর+আ মহল] *বি* অভ্যন্তরীণ বাসস্থান। 'তেতলা হচ্ছে অন্দরমহল, মানে অন্তরমহল।' *অবন*, ১৯৪১।

অন্তরযামিনী [স অন্তর্যামিনী] *বিণ স্ত্রী* মনের কথা জানে এমন। 'অন্তরযামিনী ধর্ম জানিল তখন।' *রূপরাম*, ১৭৫০।

অন্তরযামী [স অন্তর্যামী] *বি* অন্তরে থাকে এবং অন্তরের কথা জানে যে। 'আছি আমি বিন্দুরূপে হে অন্তরযামী।' *রবীন্দ্র*, ১৯১৪।

অন্তররহস্য [স] *বি* হৃদয়ের মর্ম। 'নারীদের অন্তররহস্য ভেদ করা সুকঠিন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অন্তর-রাজ্য [স] *বি* অন্তর্জগৎ; অন্তররূপ রাজ্য। 'আচার ও বিচারের সংঘর্ষটা মানবের এই অন্তর-রাজ্যের অন্তর্গত।' *সবুজ*, ১৯১৭।

অন্তররুদ্ধ [স] **১** *বিণ* ভেতরে চাপা। 'অন্তররুদ্ধ দাহ।' *রবীন্দ্র*, ১৯০৯। **২** *বিণ* অন্তরকে স্পর্শ করেনি এমন। 'একটি অন্তররুদ্ধ অব্যক্ত হুঁ বলিয়া গম্ভীরভাবে মাথা নাড়িল।' *রবীন্দ্র*, ১৯১২।

অন্তরলক্ষ্মী [স] *বি* মানসী। 'খেলাক্ষেত্র হতে কখন অন্তরলক্ষ্মী এসেছ অন্তরে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অন্তরলোক [স] *বি* মনোজগৎ। 'অত্যন্ত সত্য হয়ে উঠল অন্তরলোক।' *রবীন্দ্র*, ১৯২৯।

অন্তরশায়িনী [স] *বি স্ত্রী* অন্তরে স্থিত থাকে যে। 'হে পূর্ণপূর্ণিমা, অনন্তের অন্তরশায়িনী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অন্তরস্থ [স] **১** *বিণ* হৃদয়গত। 'তাহাদের অন্তরস্থ আত্মাকে ধরিতে পারেন না।' *প্রমথ*, ১৮৯০। **২** *বি* গলাধঃকরণ। 'জগদ্ধাত্রীপূজায় শ্যাম্পেন-প্রসাদ ভূরিপরিমাণেই অন্তরস্থ করতেন।' *রবীন্দ্র*, ১৯৩২।

অন্তরাকাশ [স অন্তর-আকাশ] *বি* হৃদয়রূপ আকাশ। 'ভাবরাশি তাঁহার অন্তরাকাশে ঘুরিয়া বেড়াইত।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

অন্তরানুভূতি [স] *বি* হৃদয়ের উপলব্ধি। 'সেটা ছিল মহাকবির সুগভীর অন্তরানুভূতি ও মানবচরিত্রে সুগভীর অন্তর্দৃষ্টিলব্ধ মহাসত্য।' *সুনীল মুখো*, ১৯৭০।

অন্তরাসন [স] *বি* হৃদয়ের অভ্যন্তর। 'তার স্থান নহে নারীর অন্তরাসনে।' *রবীন্দ্র*, ১৮৯২।

অন্তরে [স অন্তর>] **১** *অব্য* জন্যে। 'তোহোর অন্তরে ছাড়ি নড়ওঁড়া।' *চর্যা* ১০, ১২০০। **২** *ক্রিবিণ* মনে মনে। 'শুনিয়া জাহ্নবী দেবী লজ্জিত অন্তরে।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *ক্রিবিণ* তফাতে। 'ছেলি লুকাইয়া মাতা রহিল অন্তরে।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *ক্রিবিণ* ভিতরে। 'পড়িনু অন্ধ মুঞি খাদের অন্তরে।' *বাহরাম*, ১৬৫০। **৫** *বিণ* দূরে। 'অনুমান দেড় ক্রোশ অন্তরে ...।' *দর্পণ*, ১৮২০।

অন্তরে অন্তরে **১** *ক্রিবিণ* মনের ভিতরে। 'বুঝিয়াছি অন্তরে অন্তরে।' *গিরিশ*, ১৮৮৭। **২** *ক্রিবিণ* ভিতরে ভিতরে। 'অন্তরে অন্তরে ছিল ইংরেজি জাতির প্রতি ঔদার্যের প্রতি বিশ্বাস।' *রবীন্দ্র*, ১৯৪১।

অন্তরেন্দ্রিয় [স] *বি* হৃদয়। 'যতদিন দেহ মধ্যে অন্তরেন্দ্রিয় ধারণ করিবেন এবং চিন্তাকালীন ভাষা প্রয়োগ করিবেন ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অন্তরঙ্গ [স] **১** *বিণ* ঘনিষ্ঠ। 'দামোদর সম মোর নাহি অন্তরঙ্গ।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'তোরে অন্তরঙ্গ জানি।' *ভারত*, ১৭৬০। **২** *বিণ* অন্তরের সঙ্গে যুক্ত। *ওর্সা*, ১৭৮২; 'মহারাজার কুটুম্ব অন্তরঙ্গ রহিবার স্থান।' *রামরাম*, ১৮০১। **৩** ইয়ার। *ওর্সা*, ১৭৮৫। **৪** *বিণ* ভারী। 'রেখেছিল ঘিরি অন্তরঙ্গ ঘটাটোপে অবিচল সে-মানসগিরি।' *সুধীন্দ্র*, ১৯৩২। **৫** *বি* অন্তর। 'আমার অন্তরঙ্গে সৌন্দর্য দাও।' *সুধীন্দ্র*, ১৯৩৭।

অন্তরঙ্গতা [স] *বি* ঘনিষ্ঠতা। 'সিংহ রাজার সহিত প্রতাপাদিত্যের অধিক অন্তরঙ্গতা হইল।' *রামরাম*, ১৮০১।

অন্তরঙ্গা [স] *বিণ* অন্তরনিহিত। 'অন্তরঙ্গা চিচ্ছক্তি তটস্থা জীবশক্তি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অন্তরঙ্গী [স অন্তরঙ্গ>] *বি* অন্তরঙ্গতা। *ওর্সা*, ১৭৮৫।

অন্তরা[১] [স] *অব্য* বিনা; ব্যতিরেকে। *বিদ্যা*, ১৮৯১।

অন্তরা[২] [স] *বি* গানের 'ধুয়া' ও 'আভোগে'র মধ্যবর্তী অংশবিশেষ। 'অন্তরা।' *গুপ্ত*, ১৮৫৮; 'রাগিণীটাকে তার করুণ চড়া অন্তরা-সুদ্ধ প্রত্যক্ষ দেখতে পাচ্ছি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অন্তরাকাশ দ্র **অন্তর**

অন্তরাত্মা [স] **১** *বি* হৃদয়। 'কাহার না অন্তরাত্মা সন্তোষ সাগরে সন্তরণ করে।' *রামনারায়ণ*, ১৮৫৪। **২** *বি* বিবেক। 'আমার সংকুচিত অন্তরাত্মা সমস্ত শরীরের ভিতর যেন ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অন্তরায় [স] *বি* বাধা; প্রতিবন্ধকতা। 'নিরুৎসাহ মনোহরণকার্যের একটি প্রধান অন্তরায়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অন্তরায়ণ [স] *বি* মৃত্যু। 'তিনজন পুরুষের একসঙ্গে অন্তরায়ণ হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অন্তরায়িত [স] *বিণ* বিচ্ছিন্ন। 'বিধাতা কেবলমাত্র ভারতবর্ষকেই সেই সলিটারি সেলে অন্তরায়িত করিয়া রাখিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

অন্তরাল [স] *বি* আড়াল। 'অন্তরালে মোহ তইসা।' *চর্যা* ৪৬, ১২০০।

অন্তরালবর্তিনী [স] *বিণ স্ত্রী* আড়ালে আছে এমন। 'অন্তরালবর্তিনী রানিকে শুষ্ক কণ্ঠে সম্মান জানিয়ে ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

অন্তরালবর্তী [স] *বিণ* দৃশ্যমান নয় এমন। 'চর্মচক্ষুর অন্তরালবর্তী মনোনেত্রের উপর হইতে সমস্ত বাধা খসিয়া পড়িল।' *রবীন্দ্র*,

AMARBOI.COM

১৯০০।

অন্তরালস্থিত [স] *বিণ* আড়ালে অবস্থিত। 'তখন অন্তরালস্থিত হৈমবতী হাসিবে কি কাঁদিবে ভাবিয়া পাইল না।' *রবীন্দ্র*, ১৮৯১।

অন্তরাসন দ্র অন্তর

অন্তরিকা [স] *বি* অন্তরে অবস্থান করে যে। 'কোন অন্তরিকা কাঁদে অন্তরালে থাকি যেন।' *নজরুল*, ১৯২৮।

অন্তরিক্ষ, অন্তরীক্ষ [স] ১ *বিণ* আকাশমুখী। 'বলিয়া চলিলা দেবি অন্তরিক্ষ গতি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* আকাশ। 'অন্তরীক্ষে থাকি সব দেখে দেবগণ।' *বৃন্দা*, ১৫৮০।

অন্তরিত [স] ১ *বিণ* দূরবর্তী। 'কলিকাতা হইতে ২০ ক্রোশ অন্তরিত টাকি অঞ্চলের কতক জঙ্গলভূমি।' *দর্পণ*, ১৮৩৪। ২ *বিণ* দূরীভূত। 'অন্তর হইতে ... অন্তরিত নও।' *মদনমোহন*, ১৮৩৪। ৩ *বিণ* বিতাড়িত। 'স্নেহাস্পদ সন্তানকে অন্তরিত করিয়া বলপূর্ব্বক ...।' *অক্ষয়*, ১৮৫৬। ৩ *বিণ* অন্তর্গত। 'কাম – হায়, বিষম অনল অন্তরিত!' *মাইকেল*, ১৮৬০। ৪ *বিণ* অন্তর্নিহিত। 'গিরি দেখিলা লড়িছে অন্তরিত পরাক্রমে।' *মাইকেল*, ১৮৬১।

অন্তরিন্দ্রিয় [স] *বি* মন। 'অন্তরিন্দ্রিয়ের সঙ্গে বহির্বিষয়ের সাক্ষাৎসংযোগ অসম্ভব।' *বঙ্কিম*, ১৮৮৭।

অন্তরীক্ষ দ্র অন্তরিক্ষ

অন্তরীণ [স] *বি* গৃহবন্দি। 'জয় বাংলার পূর্ণচন্দ্র, জয় জয় আদি-অন্তরীণ।' *নজরুল*, ১৯২৪।

অন্তরীণাবদ্ধ [স অন্তরীণ-আবদ্ধ] *বিণ* গৃহবন্দি। 'অন্তরীণাবদ্ধ যুবকদিগের অন্ন-সমস্যা সমাধানে খুবই তৎপর।' *আজাদ*, ১৯৩৬।

অন্তরীপ [স] *বি* সমুদ্রমুখী ক্রমশ সরু স্থলভাগ। 'পাইন্ট পালময়রাস নামে যে অন্তরীপ আছে।' *দর্পণ*, ১৮২৬।

অন্তরীয় [স] *বি* পরিধেয় বস্ত্র। 'শ্রেষ্ঠ ভিক্ষা মানি, সর্বশেষ অন্তরীয়খানি, নিজেরে উজাড় করি, নিষ্কবচ করি।' *সুধীন্দ্র*, ১৯৩২।

অন্তরেন্দ্রিয় দ্র অন্তর

অন্তর্গত [স] ১ *বিণ* অভ্যন্তরস্থ। 'অথ ভারখণ্ডান্তর্গত ছত্রখণ্ড।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* অন্তর্ভুক্ত। 'প্রেরয়িতব্য দরখাস্তের অন্তর্গত হইল।' *বঙ্গদূত*, ১৮২৯। ৩ *বিণ* অবস্থিত। 'জন্মভূমিতে অন্তর্গত থাকিয়া কালযাপন করিতেছেন।' *অক্ষয়*, ১৮৪৭। ৪ *বিণ* অংশভুক্ত। 'পোলণ্ডের অন্তর্গত অস্ট্রোগথিয়ার হ্রদ ইত্যাদি।' *অক্ষয়*, ১৮৫৪। ৫ *বি* অংশ। 'দেশপ্রীতি ঈমানের অন্তর্গত।' *এসলাম*, ১৯১৯। ৬ *বিণ* পর্যায়ভুক্ত। 'উপন্যাস মানবসমাজের মঙ্গলদায়ক, হিতজনক ও উপকারী বস্তুসমূহের অন্তর্গত নহে।' *এসলাম*, ১৯২০। ৭ *বিণ* সংযুক্ত। 'সোভিয়েট সম্মিলনীর অন্তর্গত কতকগুলি রিপাব্লিক ও স্বতন্ত্রশাসিত (autonomous) দেশ আছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

অন্তর্গতা [স] *বিণ স্ত্রী* অভ্যন্তরস্থ। 'বঙ্গভাষার অন্তর্গতা যে সকল সংস্কৃত ভাষা সর্ব্বত্র চলিতেছে।' *দর্পণ*, ১৮৩৯।

অন্তর্গমনশীল [স] *বিণ* ভিতরের দিকে গমন করে এমন। 'নি উপসর্গযোগে তাহাই [নিশ্বাস] অন্তর্গমনশীল শ্বাস বুঝাইবে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অন্তর্গামী [স] *বিণ* ভিতরের দিকে যায় এমন। 'নিশ্বাস অর্থে অন্তর্গামী শ্বাস বুঝায় না।' *রবীন্দ্র*, ১৯০৮।

অন্তর্গূঢ় [স] ১ *বিণ* ভিতরে লুক্কায়িত। 'অন্তর্গূঢ় বাষ্পাকুল বিচ্ছেদক্রন্দন।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বিণ* অপ্রকাশিত। 'অন্তর্গূঢ় সমস্ত শুভচেষ্টা নির্মুক্ত হইতে পারে না।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অন্তর্ঘন [স] *বিণ* আন্তরিকতাপূর্ণ। 'অন্তর্ঘন ভাবের আবেগ।' *রবীন্দ্র*, ১৯০৭।

অন্তর্ঘাতী [স] *বিণ* হৃদয়ে আঘাত করে এমন। 'কর্কশ, নীরস, অন্তর্ঘাতী, মর্ম্মপীড়িত নিদারুণ বাক্য-রোগে সর্ব্বদা বন্দীদিগকে জর্জ্জরিত করিতে থাকে।' *মশারফ*, ১৮৯০।

অন্তর্চক্ষু [স] *বি* দিব্যদৃষ্টি। 'দেখিবার প্রাণ চাই – অন্তর্চক্ষু চাই।' *ফজলল*, ১৯১৩।

অন্তর্জগৎ [স] ১ *বি* মনোজগৎ। 'পর কেবল বহির্জগতের কর্তা – অন্তর্জগতের আমি কর্তা।' *বঙ্কিম*, ১৮৭৪। ২ *বি* ভাবলোক। 'অন্তর্জগৎ ছাড়িয়া বহির্জগতেও এইরূপ দেখিবে।' *বঙ্কিম*, ১৮৭৫। ৩ *বি* ভিতরের জগৎ। 'জগতের অন্তর্জগৎ, জীবনের অন্তর্জীবন।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অন্তর্জল [স] *বি* জলের ভিতর ভাগ। 'জলস্থলে শরীর স্থাপনপূর্ব্বক অন্তর্জলে সহোদর সকলে ...।' *দর্পণ*, ১৮৩২।

অন্তর্জলি, অন্তর্জ্জলি, অন্তর্জ্জলী [স অন্তর্জল>] *বি* হিন্দুমতে পরকালের মঙ্গলের উদ্দেশ্যে মুমূর্ষু শরীরের নীচের অংশ গঙ্গা নদীর জলে নিমজ্জিত করার প্রথা। 'অত্যাশ্চর্য্যরূপে গঙ্গালাভ হইয়াছে অর্থাৎ অন্তর্জলি পর্য্যন্ত দিব্য জ্ঞান ছিল।' *দর্পণ*, ১৮৩০; 'ঐ একটা বুড়ীকে অন্তর্জ্জলি করছে।' *গিরিশ*, ১৮৮৬; 'সহজ তরঙ্গের সরল নির্দ্দোষ অন্তর্জ্জলী।' *জীবন*, ১৯৩২।

অন্তর্জীবন [স] *বি* ভিতরের জীবন। 'জগতের অন্তর্জগৎ, জীবনের অন্তর্জীবন।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অন্তর্দংশ [স] *বিণ* মর্মভেদ। 'তাহা তাহার অন্তরে অন্তরে অন্তর্দংশ বেদনা আনয়ন করে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অন্তর্দর্শন [স] *বি* নিজের মনোভাব বিচার। 'অন্তর্দর্শন অর্থাৎ নিজের মানসিক অবস্থা পুরাপুরি বিশ্লেষণ করতে সক্ষম হলে ...।' *বেগম*, ১৯৪৮।

অন্তর্দাহ, অন্তর্দ্দাহ [স] *বি* মনস্তাপ। 'গতানুশোচনারূপ অন্তর্দাহের উদ্রেক হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫২; 'প্রত্যেক লোকের চাতুরী, ছলনা, মনে করে অন্তর্দ্দাহ কর্চ্চে ...।' *হুতোম*, ১৮৬১।

অন্তর্দাহকারী [স] *বিণ* অন্তর পোড়ায় এমন। 'অন্তর্দাহকারী বিষাগ্নি প্রজ্জ্বলিত হইবে।' *বিনোদিনী*, ১৮৭৫।

অন্তর্দীপ্ত [স] *বিণ* অন্তরের আলোয় উজ্জ্বল। 'আঁখি তব, নিবিড়, রহস্যময়, অন্তর্দীপ্ত, দ্রব।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অন্তর্দৃষ্টি [স] *বি* সূক্ষ্ম মনোবিশ্লেষণের ক্ষমতা। 'ফরাসি জাতির দিব্যদৃষ্টি অপেক্ষা বহির্দৃষ্টি এবং অন্তর্দৃষ্টি ঢের বেশি তীক্ষ্ণ।' *প্রমথ*, ১৯১৬।

অন্তর্দৃষ্টিলব্ধ [স] *বিণ* মনের গভীর অনুভূতি থেকে সৃষ্ট। 'অন্তরানুভূতি ও মানবচরিত্রের সুগভীর অন্তর্দৃষ্টিলব্ধ মহাসত্য।' *সুনীল মুখো*, ১৯৭০।

অন্তর্দৃষ্টিসম্পন্ন, অন্তর্দৃষ্টিসম্পন্ন [স] ১ *বিণ* সূক্ষ্ম মনোবিশ্লেষণের ক্ষমতাসম্পন্ন। 'আসলে লোকটা খুব জ্ঞানী আর অন্তর্দৃষ্টিসম্পন্ন।' *মানিক*, ১৯৪০। ২ *বিণ* মানস দৃষ্টি আছে এমন। 'অন্তর্দৃষ্টিসম্পন্ন রাজনৈতিক জ্ঞানের পরিচয় দিয়াছেন।' *আজাদ*, ১৯৪১।

অন্তর্দেবতা [স] ১ *বি* হৃদয়ের অধীশ্বর। 'আমার মধ্যে আমার অন্তর্দেবতার একটি প্রকাশের আনন্দ রহিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* অন্তর্যামী। 'হে বিদ্রোহী অন্তর্দেবতা!' *নজরুল*, ১৯২৪।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অন্তর্দেশ [স] *বি* উপত্যকা। 'সেই অনাবিষ্কৃত অন্তর্দেশের পথ অনুসন্ধান করেছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

অন্তর্দেশবাসী [স] *বিণ* অভ্যন্তরবাসী। 'বাংলার অন্তর্দেশবাসী নিতান্ত বাঙালিদের সুখদুঃখের কথা এ পর্যন্ত কেহই বলেননি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অন্তর্দেহ [স] *বি* মন। 'বাইরের শরীর আমাদের বাঁধা ছাঁচে ঢালা আর অন্তর্দেহটি ছাঁচে ঢালা একেবারেই নয়।' *অবন*, ১৯২৫।

অন্তর্দ্বন্দ্ব [স] *বি* অভ্যন্তরীণ বিরোধ। 'লীগের ভিতর এই অন্তর্দ্বন্দ্বের কথা।' *আজাদ*, ১৯৪৬।

অন্তর্ধান, অন্তর্দ্ধান [স] **১** *বি* অদৃশ্য। 'শুনি নিত্যানন্দ শ্রীশিখার অন্তর্দ্ধান।' *বৃন্দা*, ১৫৮০; 'এত বলি অনাদ্য হইল অন্তর্ধান।' *রূপরাম*, ১৭৫০। **২** *বি* মৃত্যু। 'চৌদ্দশত পঞ্চান্নে হৈল অন্তর্দ্ধান।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বি* গমন। 'অন্তর্ধান কৈল প্রভু নিজগণ লঞা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বি* আড়াল। 'প্রভু-কৃপা পাঞা অন্তর্ধানে রহিলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৫** *বিণ* বিলীন। 'অন্তর্দ্ধান হইল দেব দক্ষিণের পতি।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৬** *বিণ* লুপ্ত। 'তাহাদিগের মান সম্ভ্রমও অন্তর্ধান হইয়াছে।' *প্যারী*, ১৮৫৯।

অন্তর্ধ্যান [স অন্তর্ধান] *বিণ* অন্তর্ধান; অদৃশ্য। 'এ বলিয়া জাহ্নবী হইল অন্তর্ধ্যান।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অন্তর্নিবিষ্ট [স] *বিণ* আত্মনিমগ্ন। 'তাঁহার সেই সময়কার অন্তর্নিবিষ্ট শান্ত মুখশ্রী বিনয় একদৃষ্টে দেখিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

অন্তর্নিহিত [স] **১** *বিণ* দূরীভূত। 'তাঁহার গৃহ হইতে সেই অবসরে অন্তর্নিহিত হইল।' *বঙ্কিম*, ১৮৭৮। **২** *বিণ* ভিতরে নিহিত আছে এমন। 'যে অন্তর্নিহিত শক্তি দ্বারা কবিতার ভাব ...।' *প্রমথ*, ১৮৯৭।

অন্তর্বত্নী, অন্তর্ব্বত্নী [স] *বিণ* গর্ভবতী। 'রাজকুমারী অন্তর্বত্নী হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭; 'অন্তর্ব্বত্নী কামিনীর প্রতি এইরূপ নির্দ্দয় ব্যবহার।' *দীনবন্ধু*, ১৮৬০।

অন্তর্বর্তী, অন্তর্ব্বর্তী, অন্তর্ব্বর্ত্তী [স] **১** *বিণ* অন্তর্গত। 'বঙ্গদেশের অন্তর্বর্তী সমস্ত পল্লীগ্রামস্থ মনুষ্যের ...।' *অক্ষয়*, ১৮৪৬। **২** *বিণ* মধ্যবর্তী। 'অন্তর্ব্বর্ত্তী গভর্ণমেন্টে লীগের যোগদানের সিদ্ধান্ত।' *আজাদ*, ১৯৪৬; 'পূর্ব্ববর্ত্তী মোছলেম লীগ, অন্তর্ব্বর্ত্তী আওয়ামী লীগ এবং বর্তমানের ...।' *আজাদ*, ১৯৫৬।

অন্তর্বর্তীকাল [স] *বি* মধ্যবর্তী সময়। 'বিধ্বস্ত প্রাচীন ও গঠনীয় নবমূল্যবোধহীন অন্তর্বর্তীকাল – সমাজতন্ত্রে যাকে বলে anomy।' *মুরশিদ*, ১৯৭০।

অন্তর্বর্তীকালীন [স] *বিণ* মধ্যবর্তী কালের। 'অন্তর্বর্তীকালীন রিপোর্টে মহিলাদের কতকগুলো বিশেষ ...।' *বেগম*, ১৯৫৩।

অন্তর্বাণিজ্য [স] *বি* অভ্যন্তরীণ বাণিজ্য। 'আধুনিক কালে অন্তর্বাণিজ্য হওয়াতে শহরবাসীদের অনেক সুবিধা হয়েছে।' *রবীন্দ্র*, ১৯২২।

অন্তর্বিপ্লব [স] *বি* অভ্যন্তরীণ বিপ্লব। 'একশো বৎসরের মধ্যে অন্তর্বিপ্লব ও বহিঃশত্রুর আক্রমণে ফ্রান্স ...।' *প্রমথ*, ১৯১৬।

অন্তর্বিপ্লবশতঃ [স] *ক্রিবিণ* অভ্যন্তরীণ বিদ্রোহের কারণে। 'রাষ্ট্রপ্রতিষ্ঠান যে অনেক সময়ে অন্তর্বিপ্লবশতঃ আপনা থেকেই ভেঙ্গে পড়ে।' *ওয়াজেদ*, ১৯৪৩।

অন্তর্বিরোধ [স] *বি* অভ্যন্তরীণ কোন্দল। 'ঝাঁসি-দতিয়া রাজ্যের অন্তর্বিরোধের জন্যও রানিকেই দায়ী করা হয়েছে।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

অন্তর্বিষয় [স] *বি* অন্তরের বিষয়। 'মানস প্রত্যক্ষের বিষয় – অন্তর্বিষয়।' *বঙ্কিম*, ১৮৮২।

অন্তর্বিষয়ী [স] *বিণ* অভ্যন্তরীণ। 'অন্তর্বিষয়ী ভাবের কবিত্ব থেকে বহির্বিষয়ী কল্পনালোকে এক সময়ে মন যে প্রবেশ ...।' *রবীন্দ্র*, ১৮৮২।

অন্তর্বেগ [স] *বি* মনের কষ্ট। 'অজানা অন্তর্বেগে আচ্ছন্ন।' *ওয়াদী*, ১৯৬৪।

অন্তর্বেদ [স] *বি* দুই নদীর মধ্যবর্তী প্রদেশ। 'বিশেষতঃ দোয়াব অর্থাৎ অন্তর্বেদ দিয়া আপনি এক নূতন পথ করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৫।

অন্তর্বেদনা [স] *বি* মনের ব্যথা। 'অবশেষে একদিন হঠাৎ অন্তর্বেদনা।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অন্তর্ভাগ [স] *বি* ভিতরের অংশ। 'তাহার অন্তর্ভাগ ও মেজ্যে শ্বেতবর্ণ।' *দর্পণ*, ১৮৩৩।

অন্তর্ভুক্ত [স] *বিণ* অন্তর্গত। 'গরিলা সাধারণত বানরশ্রেণীরই অন্তর্ভুক্ত প্রাণী।' *অক্ষয়*, ১৮৫৪।

অন্তর্ভুক্তি [স] *বি* অন্তর্ভুক্তকরণ। 'মন্ত্রিসভায় বেগম জি এ খানের অন্তর্ভুক্তির জন্য ...।' *বেগম*, ১৯৫৭।

অন্তর্ভূত [স] *বিণ* অন্তর্গত। 'এক বৃদ্ধ ব্রাহ্মণ তিথিতত্ত্বের অন্তর্ভূত কৃত্যচিন্তন নামক এক গ্রন্থ ...।' *দর্পণ*, ১৮২৩।

অন্তর্ভেদী [স] *বিণ* অন্তর ভেদ করে এমন। 'নির্জন অন্তর্ভেদী সমভিব্যাপী দয়ার উজ্জ্বলতায় ...।' *জীবন*, ১৯৪৮।

অন্তর্ভৌম [স] *বিণ* অন্তরে প্রোথিত। 'চিত্ত হতে ফেলে দিও তুলে প্রাণহীন প্রতিজ্ঞার অন্তর্ভৌম মূল।' *সুধীন্দ্র*, ১৯৩১।

অন্তর্মনস্ক [স] *বিণ* অন্তর্মুখী। 'চরম চেষ্টাচালিত সভ্যতাযন্ত্রকে আমাদের অন্তর্মনস্ক দেশীয় স্বভাবে যন্ত্রণাজ্ঞান করত ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অন্তর্মুখিতা [স] *বি* নিবিষ্টচিত্ততা। 'প্রকাশভঙ্গিময় ও নিতান্ত অন্তর্মুখিতায় তা অত্যন্ত শ্রুতিসুখকর ও মধুর।' *হাই*, ১৯৫৪।

অন্তর্মুখিন [স] *বিণ* আত্মমগ্ন। 'অন্তর্মুখিন মন খাড়া দেয়াল টপকে বাইরে এল।' *ওয়ালী*, ১৯৪৮।

অন্তর্মুখী [স] **১** *বিণ* কেন্দ্রানুগ। 'একটা আবর্তের দুটো গতি আছে, সে দুটি হচ্ছে বহির্মুখী এবং অন্তর্মুখী।' *অবন*, ১৯২৫। **২** *বিণ* ভিতরকার। 'অন্তর্মুখী জীবনচর্চা পরিণতিতে প্রতিটি গ্রামকে ...।' *সনৎ*, ১৯৭০।

অন্তর্যাতনা [স] *বি* মানসিক কষ্ট। 'অবনতমস্তকে অন্তর্যাতনা ভোগ করিতে হইবে?' *মশাররফ*, ১৯০৮।

অন্তর্যামী, অন্তর্য্যামী [স] **১** *বিণ* মনের ভাব জানে এমন। 'অন্তর্য্যামী ভক্তশ্রেষ্ঠ এই দুই রূপ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* ঈশ্বর। 'অন্তর্য্যামী যিনি, আমি কহিতে অক্ষম।' *মাইকেল*, ১৮৬১; 'অশ্রুময় যে প্রার্থনাগুলি আর কেহ শুনে নাই অন্তর্যামী ছাড়া।' *রবীন্দ্র*, ১৮৮৫। **৩** *বিণ* অবচেতন। 'অন্তর্যামী মন কহিল – মেয়েটি সুবিধার নহে।' *বনফুল*, ১৯৩৬।

অন্তর্যামিনী [স] *বিণ স্ত্রী* মনের ভাব জানে এমন। 'অন্তর্যামিনী ধর্ম জানিলা ধেয়ানে।' *মানিকরাম*, ১৭৮১।

অন্তর্যামী পুরুষ [স] *বি* ঈশ্বর। 'নিজের অন্তর্যামী পুরুষের প্রতি সম্মানবশত যদি না হয় ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

অন্তর্লক্ষ্মী [স] *বি* অন্তরে বাসকারী চেতনা। 'কবি তাঁর অন্তর্লক্ষ্মীর বন্দনায়

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মর্মস্পর্শী শব্দের মালা গেঁথে চলেছেন।' *হাই*, ১৯৪৭।

অন্তর্লঘু [স] *বিণ* হালকা খোলবিশিষ্ট। 'অন্তর্লঘু ফল।' *বঙ্কিম*, ১৮৭৫।

অন্তর্লব্ধ [স] *বিণ* অন্তরে উপলব্ধ। 'নিজের অন্তর্লব্ধ সত্যের পতাকাকে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অন্তর্লীন [স] ১ *বিণ* অস্পষ্ট। 'দেখেছিনু সুন্দরের অন্তর্লীন হাসির রঙ্গিমা।' *রবীন্দ্র*, ১৯২৩। ২ *বিণ* প্রায় অদৃশ্য। 'দূরে দূরান্তরে দু-একটি অন্তর্লীন তারা।' *সুধীন্দ্র*, ১৯২৫। ৩ *বি* অব্যক্ত। 'কথার মধ্যে অন্তর্লীন ভয় আর সন্ত্রস্ততার সুর সে ঢাকতে পারল না।' *হাসান*, ১৯৬০।

অন্তর্লোক [স] ১ *বি* অন্তরজগৎ। 'তাতে কী? অন্তত ছিল আমার নিভৃত অন্তর্লোকে।' *শামসুর*, ১৯৫৯। ২ *বি* অভ্যন্তর। 'জ্ঞান বিজ্ঞানের অন্তর্লোকে প্রবেশের ক্ষমতা অর্জন করে।' *বেগম*, ১৯৭৫।

অন্তর্হিত [স] ১ *বিণ* দৃষ্টিভূত। 'কোন্ ব্যক্তি রামমোহন রায়কে অন্তর হইতে অন্তর্হিত করিতে পারে?' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বিণ* অপসৃত। 'তদ্বিষয়ক সমুদায় দ্বৈধ অন্তর্হিত হইল।' *বিদ্যা*, ১৮৪৯। ৩ *বিণ* অগোচরে চলে গেছে এমন। 'এই প্রত্যক্ষ-সিদ্ধ যথার্থ তত্ত্ব আমাদের অন্তঃকরণ হইতে একেবারে অন্তর্হিত হইয়া গিয়াছে।' *অক্ষয়*, ১৮৫২। ৪ *বিণ* অদৃশ্য। '... সেই স্বর্ণময় ও রজতময় কুঠার দুই খানি তাহাকে দিয়া, অন্তর্হিত হইলেন।' *বিদ্যা*, ১৮৫৬।

অন্তর্হিতা [স] *বিণ স্ত্রী* অদৃশ্য। 'সে দেশের অধিকার দিয়া অন্তর্হিতা হইলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অন্তল [স অন্তর] *বি* মন। 'পড়িয়া অন্তল রূপ ফাঁদে।' *ভবানী*, ১৮২৫।

অন্তশ্চক্ষু [স] *বি* মনের চোখ। 'প্রাণপণে অন্তশ্চক্ষু বুজি।' *সুধীন্দ্র*, ১৯৩১।

অন্তশ্চর [স] ১ *বি* অন্তরাল। 'আমিনা শুনিল সব থেকে অন্তশ্চরে।' *মানিকরাম*, ১৭৮১। ২ *বিণ* অন্তর্ভুক্ত। 'সিসিদের মিস্রগোষ্ঠীর অন্তশ্চর নয় সে, কিন্তু জ্ঞাতি অর্থাৎ জানাশোনার দলে।' *রবীন্দ্র*, ১৯২৮।

অন্তস্পুর, অন্তস্পুর [স অন্তঃপুর] *বি* ভিতরবাড়ি। 'বধূ সমে কুন্তি দেবি গেল অন্তস্পুরে।' *কবীন্দ্র*, ১৬৮৯; 'অন্তস্পুর মধ্যে যদি আইল মহামতি।' *সুলতান*, ১৭০০।

অন্তস্পুরী, অন্তস্পুরী [স অন্তঃপুর] *বি* ভিতরবাড়ি। 'জৈন্তে সেস চরু লইয়া গেল অন্তস্পুরী।' *কবীন্দ্র*, ১৬৮৯; 'শতদলে অন্তস্পুরী আলীপুরে তার কাচারি।' *লালন*, ১৮৯০।

অন্তস্তল [স] ১ *বি* হৃদয়ের তলদেশ। 'মৃণালিনীর অন্তস্তল হইতে ধ্বনিত হইল ... "কেন আসিলেন না?"।' *বঙ্কিম*, ১৮৬৮। ২ *বি* সবচেয়ে গভীর তল। 'দেশের নিগূঢ় অন্তস্তল হইতে উৎসারিত হইয়া চিরকাল ধরিয়া তাহাকে প্লাবিত করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অন্তস্পট [স অন্তঃপট] *বি* পর্দা। 'সমুখে মঙ্গল ঘট ঘুচাইল অন্তস্পট দুই জনের শুভ দরশন।' *বিজয়*, ১৬৫০।

অন্তস্থিত, অন্তহারা, অন্তহীন *দ্র* অন্ত

অন্তহীন [স] *বিণ* শেষ নেই এমন। 'আদিহীন অন্তহীন কাল।' *রবীন্দ্র*, ১৮৮৬।

-অন্তি *ক্রিয়াবিভক্তি*। 'ব্রহ্মা সব দেব লআঁ গেলান্তি সাগরে।' *বড়ু*, ১৪৫০।

অন্তিক [স] *বি* নৈকট্য। 'কিছু না কহিএ আলুম অন্তিকে তোমার।' *মানিকরাম*, ১৭৮১।

অন্তিম [স] *বিণ* শেষ। 'অন্তিম ক্ষণ পর্যন্ত তাঁহার দর্শনশক্তি অব্যাহত ছিল।' *বিদ্যা*, ১৮৪৯।

অন্তিমকাল [স] ১ *বি* মৃত্যুর সময়। 'আমাদের তো অন্তিম কাল উপস্থিত হয় নাই।' *উমেশ*, ১৮৫৭। ২ *বি* পরকাল। 'লালন বলে অন্তিমকালে চরণ দিবেন সিরাজ সাঁই।' *লালন*, ১৮৯০।

অন্তিম-পঙ্‌ক্তি [স] *বি* সমাপ্তি। 'আমার জাহাজের চিঠি তার অন্তিম পঙ্‌ক্তির দিকে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অন্তিমপ্রতিম [স] *বিণ* চূড়ান্ত। 'একটা অন্তিমপ্রতিম অর্থ অবধান করে।' *জীবন*, ১৯৪৮।

অন্তিমশয্যা [স] *বি* মৃত্যুশয্যা। 'দুর্ভাগাগণের অন্তিমশয্যা হইতে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অন্তিমাক্ষর [স অন্তিম-অক্ষর] *বি* শেষ বর্ণ। 'এতৎ সংগ্রহে পর্য্যায়গত সংস্কৃত শব্দের অন্তিমাক্ষর এবং লিঙ্গপ্রভেদক চিহ্ন ... বিন্যস্ত হইবেক।' *চন্দ্রিকা*, ১৮৩১।

অন্তে *দ্র* অন্ত

অন্তেবাসি [স অন্তেবাসী] ১ *বিণ* সমাজ-বহির্ভূত। 'আর বোল বলিলে আমি অন্তেবাসি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* অন্ত্যজ শ্রেণী। 'আরবি ও পারস্য ভাষাভ্যাসি অন্তেবাসি সমূহ যদ্যপিও অদ্যাপি শ্রেণীবদ্ধ হন নাই।' *দর্পণ*, ১৮৩৬।

অন্ত্যজ [স] ১ *বিণ* অব্রাহ্মণ। 'আর আর খণ্ড সকলের মধ্যে অন্ত্যজ লোকের বসতি।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ২ *বিণ* গুরুত্বহীন। 'টেক্কা সাহেব গোলাম এই তিনটেই প্রধান বর্ণ, নহলা-দহলারা অন্ত্যজ।' *রবীন্দ্র*, ১৮৯২।

অন্ত্যজ জাতি [স] *বি* ব্রাহ্মণ্য সমাজ বহির্ভূত জনগোষ্ঠী। 'যেহেতু অন্ত্যজ জাতি বৈষ্ণব হইলে সেও বিশ্বপবিত্রকারক হয়।' *রামমোহন*, ১৮২৩।

অন্ত্যদেশ [স] *বি* শেষপ্রান্ত। 'বাঙলা শব্দের অন্ত্যদেশে অনুস্বার যোগ করিলে সংস্কৃত হয়।' *মুস্তফা*, ১৯৪৯।

অন্ত্যলীলা [স] *বি* শেষ জীবনের কাহিনি। 'এই অন্ত্যলীলা সার সূত্রমধ্যে বিস্তার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অন্ত্যেষ্টিক্রিয়া [স] *বি* মৃতের সৎকার। 'যখন পিতামাতার পরলোকপ্রাপ্তি হয় তখন অন্ত্যেষ্টিক্রিয়াকে কুৎসিত কর্ম্ম বোধ করিয়া ...।' *ভবানী*, ১৮২৩।

অন্ত্যেষ্টিসৎকার [স] ১ *বি* অন্তিমকালীন অনুষ্ঠান। 'কন্যার অন্ত্যেষ্টি-সৎকারের সুযোগ করিতে হরিনাথ ফতুর হইয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০০। ২ *বি* সমাপ্তি। 'বিলিতি ব্যবসার অন্ত্যেষ্টিসৎকারে তোমাদের গ্রামে এই প্রথম চিতার আগুন জ্বলল।' *রবীন্দ্র*, ১৯১৫।

অন্ত্র [স] *বি* নাড়িভুঁড়ি। 'বিদরিয়া বক্ষঃ মহাবলে, ছিন্নভিন্ন করে অন্ত্র।' *মাইকেল*, ১৮৬০।

অন্ত্রনালী [স] *বি* পাকস্থলীর নীচে থেকে পায়ু পর্যন্ত বিস্তৃত নালিগুচ্ছ। 'অসহ্য গরম ভেদ করে অন্ত্রনালী।' *মাহমুদ*, ১৯৬৬।

অন্ত্রাপত্য [স অন্ত্র-অপত্য] *বি* অন্তঃসত্ত্বা অবস্থা। 'মহারাণীর অন্ত্রাপত্য ইহাতে সকলেরি মন প্রফুল্ল।' *রামরাম*, ১৮০১।

অন্দর [ফা] ১ *বি* অন্তঃপুর। 'রহিল বছর এক অন্দর ভেতরে।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* পরিপ্রেক্ষিত। 'তাঁহারদিগের দাবির অন্দরে ফি টাকায় চারি আনার হিসাবে ডেবিডেন্ট।' *দর্পণ*, ১৮২৭।

অন্দর ঘর [ফা অন্দর+পা ঘর] *বি* অন্তঃপুর। 'বাহির ঘর, অন্দর ঘর,

AMARBOI.COM

গোয়াল ঘর, আওলা-ঘর।' *ওয়ালী*, ১৯৪৮।

অন্দরবাড়ি [ফা অন্দর+স বাটী] *বি* অন্তঃপুর। 'অন্দরবাড়ির অসুখ-বিসুখে ডাক্তার সাহেবের উপদেশের জন্য ... দাসী-বান্দী পাঠাইতেন।' *মনসুর*, ১৯৫৫।

অন্দরমহল [ফা অন্দর+আ মহল] *বি* অন্তঃপুর। 'চাকর অন্দরমহলে প্রবেশ করিয়া নিশাবসান করিল।' *সুধাকর*, ১৮৩১।

অন্দরে *ক্রিবিণ* জন্যে। 'প্রতি লাটের কিস্মতের অন্দরে ফিসদ ১০ দশ টাকা নগদ।' *ক্যালগে*, ১৮০১।

অন্ধ [স] **১** *বি* দৃষ্টিহীন ব্যক্তি। 'পঙ্গু গিরি লঙ্ঘে অন্ধ দেখে তারাগণে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* বিভোর। 'বিনা মূল্যে দেয় গন্ধ/ গন্ধ দিয়া করে অন্ধ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* বিবেচনাহীন। 'বিচারে হইআ অন্ধ পদ-গলে দিআ বন্ধ।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *বিণ* অজ্ঞান। 'মুনি বোলে অন্ধ হইয়া আছিলা তখন।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৫** *বিণ* যুক্তিহীন। 'মেয়েদের মনে অনেক অন্ধ সংস্কার থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৬** *বি* হতাশায় আক্রান্ত যে। 'এখনি অন্ধ, বন্ধ করো না পাখা।' *রবীন্দ্র*, ১৯০০। **৭** *বিণ* নিয়ন্ত্রণহীন। 'অন্ধ প্রভুত্বচর্চাকে বাধাবিহীন করে তুলেছে।' *রবীন্দ্র*, ১৯৩৪। **৮** *বিণ* দুঃসময়ে পরিপূর্ণ। 'আজ অন্ধ শতাব্দীর শতচ্ছিদ্রতার ভিতরে।' *জীবন*, ১৯৪০।

অন্ধ অনুকরণ [স] *বি* নির্বিধায় অনুসরণ। 'শিক্ষার অর্থ কোন সম্প্রদায় বা জাতিবিশেষের অন্ধ অনুকরণ নহে।' *রোকেয়া*, ১৯২১।

অন্ধ আবেগ [স] *বি* যুক্তিহীন ভাবপ্রবণতা। 'অন্ধ আবেগে বৈতরণীতে ডোবে।' *বিষ্ণু*, ১৯৪৪।

অন্ধক জনের নড়ি *বি* অন্ধজনের সম্বল। 'অন্ধক জনের নড়ি কৃপণ জনার কড়ি।' *মানিকরাম*, ১৭৮১।

অন্ধকাল [স] *বি* শিক্ষা ও সভ্যতার অভাববশত যে যুগ অন্ধকারতুল্য। 'তৎখণ্ডের লোক সেই কালের অন্ধকাল সংজ্ঞা প্রদান করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৮।

অন্ধকুটুরি [স অন্ধ+স কোষ্ঠ>] *বি* শিক্ষা ও সভ্যতার অভাবে সমাজের অন্ধকারতুল্য অংশ। 'তারা সমাজের অন্ধকুটুরি থেকে বেরিয়ে এসে ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

অন্ধকূপ [স অন্ধকূপ] *বি* এঁদো কুয়া। 'অন্ধকূপ দুই আখি গভির তাহার।' *মালাধর*, ১৫০০।

অন্ধকূপ [স] **১** *বি* এঁদো কুয়া। 'আমাকে এক অন্ধকূপে ফেলিয়া দিয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বি* আলোহীন অপরিসর গহ্বর। 'জগৎকে যে ভালবাসিতে শিখে নাই সে ব্যক্তি অন্ধকূপের মধ্যে আটকা পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অন্ধগতি [স] *ক্রিবিণ* দিশাহীনভাবে। 'চলে ক্যারাভান ধূসর আঁধারে অন্ধগতি।' *সুকান্ত*, ১৯৪৮।

অন্ধজন [স] *বি* দৃষ্টিহীন ব্যক্তি। 'সৌদামিনী যথা অন্ধজন প্রতি শোভে বৃথা প্রজ্বলনে।' *মাইকেল*, ১৮৬০।

অন্ধতম [স] **১** *বিণ* একেবারে হিতাহিত জ্ঞানশূন্য। 'কাম অন্ধতম প্রেম নির্মল ভাস্কর।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* গভীর অন্ধকারে আচ্ছন্ন। 'স্বদেশের স্মরণাতীত অন্ধতম প্রাচীন কালিক পুরাবৃত্ত সমস্ত ...।' *অক্ষয়*, ১৮৪৭।

অন্ধতমস [স] *বি* গাঢ় অন্ধকার। 'রাত্রিকাল এরূপ অন্ধতমসে সমাবৃত হয়।' *বিদ্যা*, ১৮৬৩।

অন্ধতমিস্র [স] *বিণ* গাঢ় অন্ধকারে আচ্ছন্ন। 'অন্ধতমিস্র রাত্রির মধ্য দিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অন্ধতা [স] **১** *বি* দৃষ্টিহীনতা। 'শেষ দশায় তিনি অন্ধতা, বধিরতা, নিদ্রার অভাব ... বিকল হইয়াছিলেন।' *বিদ্যা*, ১৮৪৯। **২** *বি* বিচার-বিবেচনাহীনতা। 'সেখানেও এই অন্ধতা দেখিতে পাওয়া যায়।' *রবীন্দ্র*, ১৯০৫। **৩** *বি* অজ্ঞতা। 'সে সম্বন্ধে আমাদের কিছুমাত্র অন্ধতা নাই।' *রবীন্দ্র*, ১৯০৮। **৪** *বি* কুসংস্কার। 'অন্ধতাকে ... বিশ্বাস করব না।' *জীবন*, ১৯৩৩।

অন্ধতাবশত [স] *ক্রিবিণ* অজ্ঞতাহেতু। 'ক্ষুদ্র সম্প্রদায়ের অন্ধতাবশত উড়িয়ে দিলেই যে এ উড়ে যাবে তা মনেও করবেন না।' *রবীন্দ্র*, ১৯০৭।

অন্ধতামস [স] *বি* গাঢ় অন্ধকার। 'এই ঘোর রজনী, সৃষ্টি-সংহারে প্রবৃত্ত প্রলয়কালের ভীষণ অন্ধতামসে অবনী আবৃত।' *দীনবন্ধু*, ১৮৬০।

অন্ধতামসী [স] *বিণ স্ত্রী* ঘন অন্ধকারে আচ্ছন্ন। 'আজি অন্ধতামসী নিশি।' *রবীন্দ্র*, ১৮৯০।

অন্ধত্ব [স] *বি* দৃষ্টিহীনতা। 'অন্ধত্ব ও বধিরতার বুকেই সব শান্তি।' *নজরুল*, ১৯২২।

অন্ধপ্রথাঞ্চলবর্তিতা [স] *বি* যুক্তিহীন প্রথার অনুগামিতা। 'কোনো কালেই অন্তঃপুরের বাহিরে আনিবার চেষ্টা না করা অত্যন্ত অন্ধপ্রথাঞ্চল-বর্তিতার পরিচায়ক।' *রবীন্দ্র*, ১৮৮৮।

অন্ধপ্রদীপ [স] *বি* নিভানো বাতি। 'আমার অন্ধপ্রদীপ শূন্য পানে চেয়ে আছে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অন্ধপ্রাচীর [স] *বি* দুর্লঙ্ঘ্য দেয়াল। 'ইংরেজি-জাননেওলা আর ইংরেজি না-জাননেওলার মাঝখানে সেই প্রাচীন অন্ধপ্রাচীর।' *মুজতবা*, ১৯৫৮।

অন্ধপ্রায় [স] *বিণ* অন্ধের মতো। 'যদি মোরে কর অন্ধপ্রায়।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অন্ধপ্রায়া [স] *বিণ স্ত্রী* অন্ধের মতো। 'কাত্যায়নীর বচন শ্রবণে আহ্লাদে অন্ধপ্রায়া হইয়া, একের মস্তক অন্যের শরীরে যোজিত করিয়া দিল।' *বিদ্যা*, ১৮৪৭।

অন্ধবাধ্যতা [স] *বি* যুক্তিহীন বশ্যতা। 'যে মোহমুগ্ধ মন্ত্রমুগ্ধ অন্ধবাধ্যতা আমাদের দেশের সকল দৈন্য ও অপমানের মূলে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অন্ধবিশ্বাস [স] *বি* অযৌক্তিক বিশ্বাস। 'চোখ বুঁজে অন্ধবিশ্বাসে।' *নজরুল*, ১৯২৭।

অন্ধবুদ্ধি [স] *বি* বিবেচনাহীন বুদ্ধি। 'অন্ধবুদ্ধি ফিরিছে আকুলি।' *রবীন্দ্র*, ১৯০১।

অন্ধবেগ [স] *বি* তীব্র আবেগ। 'মধুসূদনও কোনো মেয়েকে নিয়ে অন্ধবেগে মেতে উঠতে পারে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অন্ধভক্ত [স] *বি* নির্বিচারে ভক্তি করে যে। 'এরা অন্ধভক্ত, চোখওয়ালা ভক্ত নয়।' *নজরুল*, ১৯২৭।

অন্ধভক্তি [স] *বি* নির্বিচার আনুগত্য। 'এরূপ অসামান্য অন্ধভক্তি সকলের কাছে প্রত্যাশা করিতে পারি না।' *রবীন্দ্র*, ১৯০৫।

অন্ধভীতি [স] *বি* অযথা ভয়। 'অন্ধভীতির মুহূর্তটিই একমাত্র সত্য।' *ওয়ালী*, ১৯৬৪।

অন্ধল [স] **১** *বিণ* অন্ধ। 'নয়ান থাকিতে মোর হৈলুঁ অন্ধল।' *বাহরাম*, ১৬৫০। **২** *বি* ক্ষীণদৃষ্টিসম্পন্ন ব্যক্তি। 'সেই পছে অন্ধলের মরণ

AMARBOI.COM

সম্ভব।' *আলাওল*, ১৬৮০।

অন্ধলোক [স] *বি* অজ্ঞ ব্যক্তি। 'এ-সব অন্ধলোক দিয়ে কোনো কাজ হবে না।' *নজরুল*, ১৯২৭।

অন্ধশক্তি [স] *বি* বিবেচনাবোধহীন শক্তি। 'অমন সব ছেলেদের কোন্ অন্ধশক্তির কাছে বলি দেওয়া হচ্ছে।' *রবীন্দ্র*, ১৯৩৪।

অন্ধশ্লীলতা [স] *বি* অযৌক্তিক সম্ভ্রম। 'সমাজ জীবনের অন্ধশ্লীলতা রক্ষার জন্য।' *বেগম*, ১৯৪৮।

অন্ধসংস্কার [স] *বি* অযৌক্তিক বিশ্বাস। 'তাহাদের অন্ধসংস্কার, তাহাদের আসক্তি, তাহাদের ঈর্ষা, তাহাদের কৃপণতা।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অন্ধসংস্কারবশত [স] *ক্রিবিণ* অন্ধবিশ্বাসের কারণে। 'অন্ধসংস্কার-বশত একটি অসংগত ভক্তি না থাকিত।' *রবীন্দ্র*, ১৯০৯।

অন্ধসংস্কারবিমুক্ত [স] *বিণ* যুক্তিহীন বিশ্বাস থেকে মুক্ত। 'অন্ধ-সংস্কারবিমুক্ত যথার্থ জ্ঞানী।' *রবীন্দ্র*, ১৯০৫।

অন্ধস্নেহ [স] *বি* যুক্তিহীন বাৎসল্য। 'পিতার অন্ধস্নেহের কিছুটা।' *ওয়াজী*, ১৯৬৪।

অন্ধস্মৃতি [স] *বি* বিবেচনা না-করে পোষণ-করা স্মৃতি। 'সেই একান্ত অন্ধস্মৃতিটার ব্যথা ...।' *নজরুল*, ১৯২৪।

অন্ধা [স] *বিণ স্ত্রী* অন্ধ। 'ইহার মধ্যে এক অন্ধা বালিকা সর্ব্বাপেক্ষা অধিক বিদ্যোপার্জ্জন করিয়াছে।' *দর্পণ*, ১৮২৫।

অন্ধানুকরণ [স অন্ধ+স অনুকরণ] *বি* যুক্তিহীন অনুসরণ। 'মূল্যহীন, অর্থহীন, ইয়োরোপের অন্ধানুকরণ।' *মুজতবা*, ১৯৪৯।

অন্ধের নড়ি *বি* একমাত্র অবলম্বন। 'তোমার জননীর তুমি অন্ধের নড়ি।' *দীনবন্ধু*, ১৮৬৩।

অন্ধের মৃগয়া *বি* অসম্ভব কল্পনা। 'সকলই অন্ধের মৃগয়া।' *বঙ্কিম*, ১৮৭৪।

অন্ধের যষ্টি *বি* একমাত্র অবলম্বন। 'অন্ধের যষ্টির ন্যায়, তুমি আমাদের ... আছ।' *বিদ্যা*, ১৮৪৭।

অন্ধকার [স] **১** *বিণ* আঁধারময়। 'সন্ধি উগল পাছু কএ অন্ধকার।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* পাপ। 'নিজ দাসে খণ্ডে অন্ধকার।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* মূঢ়তা। 'ফলত স্ত্রী পুরুষ উভয়েরই সমান মানসিক অন্ধকার।' *দর্পণ*, ১৮৩৮। **৪** *বি* অজ্ঞানতা। 'আমরা যে নিবিড়তর অন্ধকারে অক্ষীণ্ড হইয়া রহিয়াছি।' *অক্ষয়*, ১৮৫৪। **৫** *বিণ* কালো বর্ণের। 'কর্তা আধবুড়ো লোক, অত্যন্ত অন্ধকার মূর্তি।' *রবীন্দ্র*, ১৮৮১। **৬** *বি* জ্ঞানহীন। 'অন্ধজনে দেহো আলো, মৃতজনে দেঞো প্রাণ।' *রবীন্দ্র*, ১৮৮৫। **৭** *বি* ধাঁধা। 'অন্ধজনে নয়ন দিয়ে অন্ধকারে ফেলিলে।' *রবীন্দ্র*, ১৮৮৬। **৮** *বিণ* আচ্ছন্ন। 'বনচ্ছায়া গাঢ়তর শোকে অন্ধকার।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৯** *বিণ* ছায়া-ঢাকা। 'আমগাছ বটগাছের অন্ধকার জঙ্গলের ভিতরে নৌকো বাঁধা।' *রবীন্দ্র*, ১৮৯৪। **১০** *বিণ* অজ্ঞাত। 'অন্ধকার অমরতাকে লক্ষ্য করে আমি অনেকগুলো ঢিল ছুঁড়তে বসেছি।' *রবীন্দ্র*, ১৮৯৪। **১১** *বি* অচেনা জায়গা। 'সুরে সুরে খুঁজি তারে অন্ধকারে।' *রবীন্দ্র*, ১৯২৫। **১২** *বি* কলঙ্ক। 'জীবনের টুকরো টুকরো সাধের ব্যর্থতা ও অন্ধকার।' *জীবন*, ১৯৪২। **১৩** *বি* বিষ। 'প্রবল ছোবলে তুমি যতটুকু ঢালো অন্ধকার।' *মাহমুদ*, ১৯৭৩।

অন্ধকারঘন [স] *বিণ* অন্ধকারময়। 'অন্ধকারঘন হৃদয় অঙ্গনে আসে সখা মম।' *রবীন্দ্র*, ১৯০০।

অন্ধকারচারী [স] *বিণ* অন্ধকারে চরে বেড়ায় এমন। 'ছিরু ছুটিয়া চলে অন্ধকারচারী হিংস্র চিতাবাঘের মত।' *তারা*, ১৯৪২।

অন্ধকারতম [স] *বিণ* গোপনতম। 'অন্ধকারতম স্রোতের ভিতর থেকে জেগে উঠে।' *জীবন*, ১৯৩২।

অন্ধকারপ্রিয় [স] *বিণ* অন্ধকার পছন্দ করে এমন। 'তোমরা কি অন্ধকারপ্রিয়?' *শামসুর*, ১৯৬৬।

অন্ধকারপ্লাবন [স] *বি* অন্ধকারের গাঢ়তা। 'সেই অন্ধকারপ্লাবনে নববধূর মুখখানিকেও যেন কালিমালিপ্ত করিয়া দিল।' *রবীন্দ্র*, ১৯০০।

অন্ধকারভীরু [স] *বিণ* অন্ধকারে ভয় পায় এমন। 'অন্ধকারভীরু কমলা রমেশের বাহুপাশে তাহার বক্ষপট আশ্রয় করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

অন্ধকারময় [স] *বিণ* অন্ধকারাচ্ছন্ন। 'অন্ধকারময় ভারতবর্ষকে জ্ঞানালোকে উজ্জ্বল করিতে যত্নবান হইলেন।' *অক্ষয়*, ১৮৪৫।

অন্ধকারময়ী [স] **১** *বিণ স্ত্রী* অনালোকিত। 'দৈত্যপুরী একবারে অন্ধকারময়ী হয়ে রয়েছে।' *মাইকেল*, ১৮৫৯। **২** *বিণ স্ত্রী* অন্ধকারে পরিপূর্ণ। 'তাঁহার সমদুঃখিনী হইয়া অন্ধকারময়ী রজনী উপস্থিত হইল।' *মশাররফ*, ১৮৬৯।

অন্ধকারমাখা [স অন্ধকার+মাখা] *বিণ* অনুজ্জ্বল। 'জ্যোৎস্না এমন বড় উজ্জ্বল নয়, মধুর, একটু অন্ধকারমাখা।' *বঙ্কিম*, ১৮৮২।

অন্ধকারা [স অন্ধকার] *বি* অন্ধকার। 'জোই ভুসুকু হেড়্ভই অন্ধকারা।' *চর্যা* ৩০, ১২০০।

অন্ধকারাচ্ছন্ন [স অন্ধকার-আচ্ছন্ন] *বিণ* অন্ধকারে ঢাকা। 'এই সব অন্ধকারাচ্ছন্ন কুটীরে কুটীরে জ্ঞানের মশাল জ্বালিয়ে দেওয়া।' *বেগম*, ১৯৪৭।

অন্ধকারাবৃত [স অন্ধকার-আবৃত] **১** *বিণ* অপ্রকাশিত। 'প্রকৃত হিতকরণবিষয় সকল এক প্রকার অন্ধকারাবৃতই থাকে।' *দর্পণ*, ১৮৩৩। **২** *বিণ* অন্ধকারে ঢাকা। 'সেই অন্ধকারাবৃত আবহাওয়ায় বংশীর পেছনে চলতে চলতে হঠাৎ থেমে গেল।' *বিমল*, ১৯৫৩।

অন্ধকারিক [স] *বিণ* অন্ধকারাচ্ছন্ন। 'কখনও বা অন্ধকারিক, নাক্ষত্রিক।' *জীবন*, ১৯৪০।

অন্ধকারে ঢেলা/ ঢিল মারা *ক্রি* আন্দাজে কাজ করা। 'অধিকাংশ স্থলে অন্ধকারেই ঢেলা মারি।' *রবীন্দ্র*, ১৯০৮; 'চাহিদা সম্বন্ধে অন্ধ থাকিয়া অন্ধকারে ঢিল মারিতে বাধ্য হয়।' *আজাদ*, ১৯৪১।

অন্ধকারে থাকা *ক্রি* শিক্ষাহীন থাকা। 'অল্প লোক বিদ্যাভ্যাস করিত অন্য২ সকল লোক অন্ধকারে থাকিত।' *দর্পণ*, ১৮১৯।

অন্ধকারে হাতড়ানো *ক্রি* অনুমানের উপর নির্ভর করে অনুসন্ধান করা। 'সে যে অন্ধকারে হাতড়াইয়া মরিতেছে।' *মানিক*, ১৯৪০।

অন্ধল দ্র অন্ধ

অন্ধা দ্র অন্ধ

অন্ধানুকরণ দ্র অন্ধ

অন্ধারী [স অন্ধকার] **১** *বিণ* অন্ধকারময়। 'নিসিঅ অন্ধারী মুসা চটারা।' *চর্যা* ২১, ১২০০। **২** *বি* অন্ধকার। 'ফিটেলি অন্ধারী রে অকাশ ফুলিআ।' *চর্যা* ৫০, ১২০০।

অন্ধিসন্ধি [স সন্ধি>] *বি* হদিস। 'বিশ্বপ্রেমেরও কোনো অন্ধিসন্ধি খুঁজিয়া পাইলাম না।' *রবীন্দ্র*, ১৮৯৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অন্ধীভূত [স] *বিণ* আচ্ছন্ন। 'এক্ষণে আমরা যে নিবিড়তর অন্ধকারে অন্ধীভূত হইয়া রহিয়াছি।' *অক্ষয়*, ১৮৫৪।

অন্ধ্র [স] ১ *বি* দক্ষিণ ভারতীয় দেশবিশেষ। 'অন্ধ্র দেশোৎপন্ন বা তজ্জাতীয় অন্য ভাষা হইতে উৎপন্ন।' *অক্ষয়*, ১৮৪৭। ২ *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'অন্ধ্র, পুলিন্দ ... ইত্যাদি আর্য্যজাতির নাম পাওয়া যায়।' *বঙ্কিম*, ১৮৯২।

অন্ধ্ররক্ত [স] *বি* অলিগলি। 'হৃদয়ের অন্ধ্ররক্ত করুণায় ও শ্রদ্ধায় পরিপূর্ণ।' *শরৎ*, ১৯১৭।

অন্ন [স] ১ *বি* ভাত। 'যজ্ঞপত্নির স্থানে অন্ন মাগিয়া খাইল।' *মালাধর*, ১৫০০। ২ *বি* আহার্য। 'অন্ন সজ্জা করিলা রসুলে খাইবার।' *সুলতান*, ১৭০০। ৩ *বি* জীবিকা। 'ডাক ঘরের কতকগুলি নেড়ে প্যায়দাদের অন্ন গ্যালো।' *হুতোম*, ১৮৬১।

অন্নকষ্ট [স] *বি* খাদ্যের অভাবজনিত দুর্ভোগ। 'পরিবারগণ যে এক্ষণ অন্নকষ্ট পায়।' *অমৃতবাজার*, ১৮৭৩।

অন্নকূট [স] *বি* খাদ্যের স্তূপ। 'অন্নকূট করে সবে হরষিত হইয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অন্নক্লিষ্ট [স] *বিণ* অন্নকষ্টে জর্জরিত। 'অন্নক্লিষ্ট ভারতবর্ষের চায়ের তৃষ্ণা জন্মাইয়া দিবার জন্য।' *রবীন্দ্র*, ১৯০৫।

অন্নক্ষেত্তর [স অন্নক্ষেত্র] *বি* ভোজন-অনুষ্ঠান। 'ঠাকুর বাবুর বাড়িতে যে বছর বছর একটা অন্নক্ষেত্তর হয়।' *হুতোম*, ১৮৬১।

অন্নক্ষেত্র [স] *বি* অন্নসংস্থান। 'ধ্যানদৃষ্টির সামনে প্রসারিত রয়েছে বাঁধা মাইনের অন্নক্ষেত্র।' *রবীন্দ্র*, ১৯৩২।

অন্নগত [স] *বিণ* আহার্য ছাড়া বাঁচে না এমন। 'অন্নগত এ প্রাণ।' *সত্যেন্দ্র*, ১৯১০।

অন্নগ্রাস [স] *বি* মুখে দেওয়ার জন্য গৃহীত খাবার। 'প্রজারা পুত্রের অন্নগ্রাস পর্যন্ত বিক্রয় করিয়া রাজাকে করদান করে।' *সুলভ*, ১৮৭০।

অন্নচক্র [স] *বি* খাদ্য সংগ্রহের লড়াই। 'এই হল মানুষের সভ্যতার অন্নচক্র থেকে মুক্তির পথ।' *সবুজ*, ১৯১৭।

অন্নচিন্তা [স] *বি* জীবিকার জন্য উদ্বেগ। 'অন্নচিন্তায় একান্ত ব্যাসক্ত হইয়াও...।' *বিদ্যা*, ১৮৪৯।

অন্নছত্র [স অন্নসত্র] *বি* যে স্থানে অন্ন বিতরণ করা হয়। 'অন্নছত্র জলাশয় প্রভৃতি করিলে পরকালে প্রচুর রত্ন লাভ হয়।' *অমৃতবাজার*, ১৮৭০।

অন্নজল [স] ১ *বি* খাদ্য। 'অন্নজল ত্যাগ কৈল অন্য কথন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* জলখাবার। 'বৈষ্ণবের অন্নজল।' *মুকুন্দ*, ১৬০০।

অন্নজীবী [স] ১ *বিণ* ভাত খেয়ে বাঁচে এমন; ভেতো। 'নবাগতদের নিতান্ত অন্নজীবী বাঙালি মনে করে।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* যারা অন্ন গ্রহণ করে। 'ওদের পরিবারে যে-সকল আশ্রিত অন্নজীবী ছিল।' *রবীন্দ্র*, ১৯৩৪।

অন্নত্যাগ [স] *বি* অভুক্ত থাকা। 'অনন্তর অন্নত্যাগ, রোদন, কপালে আঘাত, স্বামির নিকট নালিশ।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অন্নদা [স] *বিণ স্ত্রী* (পুরাণ) যে দেবী অন্নদান করে; হিন্দুদেবী দুর্গা। 'অন্নপূর্ণা অপর্ণা অন্নদা অষ্টভুজা।' *ভারত*, ১৭৬০।

অন্নদাতা [স] *বি* খাদ্য দানকারী প্রভু। 'তারে তুমি ব্রহ্ম বল অন্নদাতা যিনি।' *গুপ্ত*, ১৮৫৮।

অন্নদান [স] *বি* সর্বসাধারণের মধ্যে খাদ্য বিতরণ। 'বস্ত্রদান নবমে দশমে অন্নদান।' *বাহরাম*, ১৬৫০।

অন্নদাস [স] *বি* অন্নের জন্য পরের দাসত্ব করে এমন ব্যক্তি। 'যাঁহারা বিনাপরিশ্রমে অন্নদাস হইয়া অথবা যৎকিঞ্চিত উপস্বত্ব পাইয়া ...।' *প্রভাকর*, ১৮৪৭।

অন্নদোষ [স] *বি* অস্পৃশ্যের কাছ থেকে খাদ্য গ্রহণের অপরাধ। 'অন্নদোষে সন্ন্যাসীর দোষ নাহি হয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অন্নপাক [স] *বি* ভাতরান্না। 'কুটীরের বাহিরে বসিয়া অন্নপাক করিতেছে।' *প্রভাত*, ১৮৯৭।

অন্নপাত্র [স] *বি* খাবারের থালা। 'তার পানপাত্র অন্নপাত্র সুন্দর।' *রবীন্দ্র*, ১৯২৯।

অন্ন-পান [স] *বি* খাওয়ার ও পান করার সামগ্রী। 'মিষ্ট অন্ন-পানেতে পুরিয়া দিল থাল।' *মুকুন্দ*, ১৬০০।

অন্নপানি [স অন্ন+পানীয়>] *বি* খাদ্য। 'অন্নপানি কারো নাহি রোচয়ে শরীরে।' *বৃন্দা*, ১৫৮০।

অন্নপাপ [স] *বি* অন্য জাতের অন্নগ্রহণজনিত পাপ। 'অন্নপাপের প্রায়শ্চিত্ত করিলে ...।' *চিঠিপত্রে*, ১৭৭৫।

অন্নপায়ী [স] *বিণ* আহার্য বস্তুও পান করে এমন অলস। 'অন্নপায়ী বস্ত্রবাসী জন্যপায়ী জীব।' *রবীন্দ্র*, ১৮৯০।

অন্নপূর্ণা [স] ১ *বি* হিন্দুদেবী দুর্গা। 'জগতের অন্নপূর্ণা যে লক্ষ্মীর নাম।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ স্ত্রী* সর্বগুণসম্পন্ন। 'বড় ভাজ অন্নপূর্ণা।' *গিরিশ*, ১৮৮৯। ৩ *বিণ স্ত্রী* অন্নে পরিপূর্ণ। 'এক সময়ে ভারতভূমি অন্নপূর্ণা ছিল।' *রবীন্দ্র*, ১৯০৫।

অন্নপ্রাশন [স] *বি* শিশুর প্রথম ভাত খাওয়ার অনুষ্ঠান। 'অন্নপ্রাশন কৈল দিআ ছাগ মেষ।' *মুকুন্দ*, ১৬০০।

অন্নপ্রাসন [স অন্নপ্রাশন] *বি* শিশুর প্রথম ভাত খাওয়ার অনুষ্ঠান। 'পুত্রের অন্নপ্রাসন করিলেক।' *ওসাঁ*, ১৭৮২।

অন্নবস্ত্র [স] *বি* খাদ্য ও কাপড়চোপড়। *ওসাঁ*, ১৭৮২; 'অন্নবস্ত্র অভাবে নিজ পরিবার।' *ভবানী*, ১৮২৫।

অন্নবস্ত্রাদী [স অন্নবস্ত্রাদি] *বি* খাদ্য ও কাপড়চোপড়। *ওসাঁ*, ১৭৮২।

অন্নবান [স] ১ *বিণ* ধনী। 'ক্ষুধাতুর যবে অন্নের লাগি অন্নবানের দ্বারে।' *সত্যেন্দ্র*, ১৯১০। ২ *বিণ* খাদ্যপূর্ণ। 'নিজের চারিদিককে অমলিন অন্নবান অনাময় করে রাখতে পারে না যে বর্বরতা ...।' *রবীন্দ্র*, ১৯২২।

অন্নব্যঞ্জন [স] *বি* ভাত ও রান্না করা তরকারি। 'লেহ্য পেয় চস্য চর্ব্য জুত অন্ন ব্যঞ্জন।' *মালাধর*, ১৫০০।

অন্নভাণ্ডার [স অন্ন+ভাণ্ডার] *বি* খাদ্যভাণ্ডার। 'তার অন্নভাণ্ডারে যে অলক্ষ্মী প্রবেশ করতে পারে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অন্নভূমি [স] *বি* খাদ্যশস্য উৎপন্ন হয় এমন জমি। 'সব অন্নভূমি কর তুমি, তুলে নিয়ে নীলের চাষ ...।' *গুপ্ত*, ১৮৫৮।

অন্নভোজন [স] *বি* ভাত ইত্যাদি খাওয়া। 'তাঁহারদের অন্নভোজনে ব্রাহ্মণের শূদ্রান্ন ভোজনের পাপ হউক।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৩।

অন্নময় কোষ [স] *বি* হিন্দুবিশ্বাস অনুযায়ী মানুষের স্থূল শরীর। 'যথা, অন্নময় কোষ, প্রাণময় কোষ, মনোময় কোষ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অন্নযোগ [সং] *বি* খাদ্য গ্রহণ। 'তাহারা জাত্যংশেও যেমন আর অন্নযোগ স্বচ্ছন্ন আছে।' *কেরি*, ১৮০২।

অন্নরস [সং] **১** *বি* তরল খাদ্য। 'ভূমিষ্ঠ হইয়া অন্নরসের দ্বারা বর্দ্ধিষ্ণু হয়।' *অক্ষয়*, ১৮৪৩। **২** *বি* খাদ্য। 'তণ্ডুল প্রভৃতি স্বাভাবিক অন্নরস।' *অক্ষয়*, ১৮৪৫।

অন্নরিক্তা [সং] *বিণ স্ত্রী* অন্নহীন। 'অন্নপূর্ণা তুমি সুন্দরী, অন্নরিক্তা তুমি ভীষণা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অন্নশালা [সং] *বি* অভুক্তরা অন্ন পায় এমন স্থান। 'নগর-চত্বর মাঝে শিবের মন্দির সাজে অনাথমণ্ডপ অন্নশালা।' *মুকুন্দ*, ১৬০০।

অন্নসংস্থান [সং] *বি* খাদ্যের জোগাড়। 'অন্নসংস্থান না থাকিলে, সাংসারিক নিয়মানুসারে কায়িক পরিশ্রম করিয়া উপার্জনের চেষ্টা করে।' *অক্ষয়*, ১৮৫১।

অন্নসচ্ছলতা [সং] *বি* পর্যাপ্ত খাদ্যের জোগান। 'অন্নসচ্ছলতা আছে ব'লেই ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

অন্নহারা [সং] *বিণ* উপবাসী। 'অন্নদা তোর ছেলে মেয়ে/ অন্নহারা ফেরে ধেয়ে।' *নজরুল*, ১৯৩২।

অন্নহীন [সং] *বিণ* নিরন্ন। 'যে অন্নহীন, তাহার আবার লজ্জা কি?' *বঙ্কিম*, ১৮৭৮।

অন্নাতুর [সং] *বিণ* ক্ষুধার্ত। 'তোমাদের এই অন্নাতুর কান্না কেন?' *হাফিজুর*, ১৯৫৩।

অন্নাভাব [স অন্ন-অভাব] *বি* খাদ্যের অভাব। 'তাহারদিগের অন্নাভাব হইয়াছে।' *দর্পণ*, ১৮৩০।

অন্নাভাবাপন্ন [স অন্ন-অভাব-আপন্ন] *বিণ* খাদ্যের অভাব হয়েছে এমন। 'কোদালি হস্তে হইল এক্ষণে অন্নাভাবাপন্ন।' *দর্পণ*, ১৮৩০।

অন্নার্থী [সং] *বিণ* খাবার প্রার্থী। 'সিংহদ্বারে অন্নার্থী বৈষ্ণব দেখিয়া/ পসারি ঠাঞি অন্ন দেন কৃপা ত করিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮৭।

অন্নাশন [স অন্ন-অশন] *বি* শিশুর মুখে প্রথম ভাত দেওয়ার অনুষ্ঠান। 'ছয় মাসে দিল অন্নাশন।' *কেতকা*, ১৬৫০।

অন্নাশ্রিত [স অন্ন-আশ্রিত] *বিণ* অন্নে প্রতিপালিত। 'মা আর বোনেরা আমার অন্নাশ্রিত হয়েই রইল।' *নরেন্দ্র*, ১৯৫৮।

অন্বয় [সং] *বি* পদের পরস্পর সম্বন্ধ। 'দ্বিতীয়াদির অর্থের ক্রিয়ার সহিত অন্বয় থাকা আবশ্যক।' *বিদ্যা*, ১৮৭৩।

অন্বয়াগত [সং] *বিণ* যৌথ। 'আমাদের অন্বয়াগত সম্পত্তি পুনরুদ্ধারের চেষ্টা করছি।' *প্রমথ*, ১৯১৩।

অন্বিত [সং] *বিণ* সম্পর্কিত। 'দ্বিতীয়া অন্বিত অষ্টাহ সঙ্গীত বিসর্জ্জন নবমীতে।' *ভারত*, ১৭৬০।

অন্বিষ্ট [সং] *বিণ* আকাঙ্ক্ষিত। 'যার স্পর্শ পাই ... অন্বিষ্ট সে নয়।' *সুধীন্দ্র*, ১৯৩৪।

অন্বীক্ষা [সং] *বি* ন্যায়শাস্ত্র। 'অন্বীক্ষার উচ্চারণে রয় কি হাঁসের ডিম মৃত্তিকায় খাড়া?' *জীবন*, ১৯৩০।

অন্বেষক [সং] *বিণ* অন্বেষণকারী। 'অন্নদাশঙ্কর সেই মহৎ আর্টের অন্বেষক।' *অচিন্ত্য*, ১৯৫০।

অন্বেষণ [সং] *বি* খোঁজ। 'সব রাত্রি সবে বেড়াই তোমারে অন্বেষিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'বিদ্যার না কৈলা অন্বেষণ।' *মুকুন্দ*, ১৬০০।

অন্বেষণার্থ [স অন্বেষণা-অর্থ] *ক্রিবিণ* খোঁজার জন্য। 'বিধবাবিবাহের নিষেধক বচনের অন্বেষণার্থ অতিবিবর্ণ, ... গ্রন্থ উদ্ঘাটন ও পর্যালোচনা করিতেছেন।' *অক্ষয়*, ১৮৫৫।

অন্বেষা [স অন্বেষণ>] *ক্রি* অন্বেষণ করা। 'আমা অন্বেষয়ে কেহ না পায় দেখিতে।' *বৃন্দা*, ১৫৮০; 'বেদে অন্বেষিয়া দেখা না পায় আমার।' *বৃন্দা*, ১৫৮০।

অন্বেষ্য [সং] *বিণ* খোঁজা হচ্ছে এমন। 'তদালোকে অন্বেষ্য বস্তুকে দীপ্ত এবং প্রস্ফুট করেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

অন্য[১] [সং] **১** *সর্ব* অপর। 'ভক্ত বিনু থাকিতে না পায় অন্যজন।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* ভিন্ন। 'অন্য বাদ্যাদির ধ্বনি কিছুই না শুনি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* ভিন্নতা। 'এখন অন্যও দেখা যায়।' *দর্পণ*, ১৮১৮।

অন্য অন্য [সং] *বিণ* অপরাপর। 'এই নিবন্ধ ও অন্য২ নিবন্ধ দ্বারা সে জ্ঞানোদয় হইবে।' *দর্পণ*, ১৮১৮।

অন্যকাম [স অন্যকর্ম] *বি* অপর কাজ। 'যাবৎ কীর্ত্তন সমাপ্ত নহে না করি অন্যকাম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অন্যগ্রামী [সং] *বি* অন্য গ্রামের অধিবাসী। 'অন্যগ্রামী আসি তারে দেখি বৈষ্ণব হয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অন্যজনা [স অন্যজন>] *সর্ব স্ত্রী* অপর জন। 'অন্যজনা লক্ষ্মী সে কল্যাণী।' *রবীন্দ্র*, ১৯১৬।

অন্যতমা [সং] *বিণ স্ত্রী* বহুর মধ্যে এক। 'মানব সমাজের অন্যতমা স্ত্রী সে।' *ওয়ালী*, ১৯৪৪; 'প্রগতিশীলা নারীদের মধ্যে অন্যতমা।' *বেগম*, ১৯৪৮।

অন্যতর [সং] **১** *সর্ব* অন্যজন। 'দুই বংশের রাজাদের মধ্যে একতর সম্রাট হইলে অন্যতর মণ্ডলেশ্বর হইতেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **২** *বিণ* অপর। 'একপক্ষে উৎপথগামী হইলে অন্যতর পক্ষের উভয় অনিষ্ট।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

অন্যতা [সং] *বি* ভিন্নতা। 'প্রেমের অন্যতা নয়, তৃষ্ণার অন্যতা।' *অন্নদা*, ১৯২৯।

অন্যত্তর [স অন্যত্র] *ক্রিবিণ* অন্যত্র। 'সেই স্থান ছাড়ি চণ্ডী জান অন্যত্তর।' *মুকুন্দ*, ১৬০০।

অন্যত্র [সং] *ক্রিবিণ* অন্য স্থানে; অন্য কোথাও। 'ব্রজ বিনা ইহার অন্যত্র নাহি বাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'অন্যত্র যে পাপ হয় তাহা খণ্ডে কাশী।' *ভারত*, ১৭৬০।

অন্যত্রস্থিতা [সং] *বিণ স্ত্রী* অন্য জায়গায় অবস্থানকারী। 'অন্যত্রস্থিতা বাসন্তী দেখিতে পাইয়াছিলেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

অন্যত্রিকতাশ্রয়ী [সং] *বিণ* লক্ষ্যচ্যুত; কেন্দ্রচ্যুত। 'নেতৃত্বের উদ্বায়ী, অন্যত্রিকতাশ্রয়ী বাস্তববোধবর্জিত ক্রিয়াকলাপ – এসবই তো রেনেসাঁসী সাধনার প্রতিসারী।' *শিব*, ১৯৫৬।

অন্যথা [সং] **১** *বি* ভিন্ন। 'চণ্ডীদাস কহে অন্যথা নয়।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বি* অন্য রকম। 'কোটি প্রায়শ্চিত্তেও অন্যথা নাহি যায়।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* অন্য কারণ। 'ইথে কিছু নাহিক অন্যথা।' *কেতকা*, ১৬৫০। **৪** *বি* পরিবর্তন। 'সংপ্রতি তাহা অন্যথা হইল।' *ডানকান*, ১৭৮৪।

অন্যথাচরণ [সং] **১** *বি* বিপরীত আচরণ। 'স্ববাক্যের অন্যথাচরণ কদাচ না হয়।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। **২** *বি* ব্যতিক্রম। 'তাহার অন্যথাচরণ হইলে অপযশের আর সীমা থাকিত না।' *প্রভাকর*, ১৮৯২।

AMARBOI.COM

অন্যথাবৃত্তি [স] **১** *বিণ* উদাসীন। 'মন যখন নানা ভোগে জীর্ণ হয়ে অলস ও অন্যথাবৃত্তি হয়ে থাকে ...।' *রবীন্দ্র*, ১৯১৯। **২** *বি* স্বাতন্ত্র্য। 'অন্যথাবৃত্তি হল আর্টের এবং রচনার পক্ষে মস্ত জিনিস।' *অবন*, ১৯২৫।

অন্যদিন [স] *বি* অপর একদিন। 'নিয়মানুসারে অন্যদিন স্থির করিতে পারিবেন।' *অক্ষয়*, ১৮৪৭।

অন্যদীয় [স] *বিণ* অন্যের। 'অন্যদীয় আনুকূল্যের উপর নির্ভর করিয়া থাকে না।' *অক্ষয়*, ১৮৫৪; 'তিনি অন্যদীয় সাহায্যের অপেক্ষা করিতেন না।' *বিদ্যা*, ১৮৯১।

অন্যদেশীয় [স] **১** *বিণ* ভিন দেশের। 'বাহলীক দেশজ এবং অন্যদেশীয় লক্ষ ২ অশ্বোত্তমেতে পরিবৃত হইয়া ...।' *হরপ্রসাদ রায়*, ১৮১৫। **২** *বি* অন্য দেশের নাগরিক। 'অন্যদেশীয়দিগের যাহাতে ভাল হইয়াছে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩০।

অন্যনিরপেক্ষ সংখ্যাগুরু [স] *বিণ* নিরঙ্কুশ সংখ্যাগুরু। 'মদ্রাজেও কংগ্রেস দল অন্যনিরপেক্ষ সংখ্যাগুরু নয়।' *আজাদ*, ১৯৩৬।

অন্যন্তর [স অন্যত্র] *ক্রিবিণ* অন্য স্থানে। 'জমুনা ছাড়িয়া কালি পাঠায় অন্যন্তরে।' *মালাধর*, ১৫০০।

অন্যপক্ষে [স] *ক্রিবিণ* অন্যদিকে। 'অন্যপক্ষে পাকিস্তানের জমিদারী প্রথা ইত্যাদি তুলিয়া দিয়া ...।' *আজাদ*, ১৯৪৭।

অন্যপরতন্ত্রা [স] *বি* স্ত্রী অন্যের শৈলী। 'সেই আয়োজনের অনুকরণে চললেই যে অন্যপরতন্ত্রা এসে তাকে ধরা দেবেন ...।' *অবন*, ১৯২৫।

অন্যবাস [স] *বি* অন্যের বাড়ি। 'যোগের ও ভোগের অভিলাষে অন্যবাসে প্রবাস করিলে তাঁহার স্ববাসের সাধ্বীও অসাধ্বী হয়।' *ভবানী*, ১৮২৮।

অন্যবিধ [স] *বিণ* ভিন্ন রকম। 'দাম্পত্য ব্যতীত পরস্পর অন্যবিধ প্রণয় আছে।' *বঙ্কিম*, ১৮৮৭।

অন্যব্রত [স] *বি* অন্য রকম ব্রতাদি করে এমন জাতি। 'ভারতবর্ষের বাইরে থেকে এসে ভারতবর্ষের মধ্যে আর্যেরা যাদের দেখা পেলেন, তাদের ডাকলেন তাঁরা অন্যব্রত বলে।' *অবন*, ১৯১৯।

অন্যভাষী [স] *বি* ভিন্ন ভাষায় কথা বলে এমন ব্যক্তি। 'এই সকল নিঃশব্দতার ধ্বনি অন্যভাষীদের নিকট কিরূপ জ্ঞানি না।' *রবীন্দ্র*, ১৯০৮।

অন্যমত [স] *বি* ভিন্ন মত। 'বিশ্ববীজা ব্রহ্মময় বেদান্তে ব্রহ্মাদি কয় অন্যমতে প্রধান পুরুষ।' *মানিকরাম*, ১৭৮১।

অন্যমন [স] *বিণ* অন্যমনস্ক। 'অন্যমন না হইয়া সুন সাবধানে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অন্যমনস্ক [স] *বিণ* আনমনা; অমনোযোগী। 'একটু অন্যমনস্ক হইলেন।' *বঙ্কিম*, ১৮৬৫; 'অন্যমনস্ক হয়ে চলে গেল।' *রবীন্দ্র*, ১৯০৯।

অন্যমনস্কতা [স] *বি* অমনোযোগিতা। 'অদ্ভুত আমার অন্যমনস্কতা।' *রবীন্দ্র*, ১৯১৫।

অন্যমনস্কভাবে [স] *ক্রিবিণ* আনমনাভাবে। 'অল্পসময়ের জন্যে অন্যমনস্কভাবে যোগ দিয়ে উকিল সাহেব ...।' *ওয়ালী*, ১৯৬৮।

অন্যমনস্কা [স] *বিণ* স্ত্রী উদাসীন। 'অন্যমনস্কা হইলাম।' *রাজীব*, ১৮০৫।

অন্যমনস্কে [স] *ক্রিবিণ* আনমনা অবস্থায়। 'বাঙ্গালের কথায় অন্যমনস্কে লিখে ফেল্লেম।' *গিরিশ*, ১৮৮৬।

অন্যমনা [স অন্যমন>] **১** *বিণ* উদাসী। 'দিনে প্রভু নানা সঙ্গে হয় অন্যমনা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* ভ্রান্ত। 'বিদ্যা বিনে নহে অন্যমনা।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বিণ* অমনোযোগী। 'ক্ষণেক অন্যমনা হইয়া হা!' *উমেশ*, ১৮৫৭।

অন্যমনে [স] **১** *ক্রিবিণ* উদাসীনভাবে। 'অন্যমনে, দারিদ্র্যদুঃখ ভুলিবার জন্য শচীন্দ্র অধ্যয়নে মন দিলেন।' *বঙ্কিম*, ১৮৭৪। **২** *ক্রিবিণ* অলক্ষ্যে। 'আমার ছুটি ফুরিয়ে গেছে কখন অন্যমনে।' *রবীন্দ্র*, ১৯২৭।

অন্যরকম [স অন্য+আ রকম] *বিণ* আলাদা। 'সবসুদ্ধ ঘরের চেহারা অন্যরকম।' *রবীন্দ্র*, ১৯০২।

অন্যরকমভাবে [স] *ক্রিবিণ* ভিন্নভাবে। 'অন্যরকমভাবে সাড়া দিয়ে বসে রয়েছে সে।' *জীবন*, ১৯৩২।

অন্যরূপ [স] *বি* ভিন্ন রকম। 'দেশের অবস্থা অন্যরূপ বলিয়াই প্রতিপন্ন হইতেছে।' *মোহাম্মদী*, ১৯৩২।

অন্যরূপী [স] *বিণ* ভিন্নরূপ ধারণ করেছে এমন। 'মৃত খোকাদের অন্যরূপী আবির্ভাব।' *নজরুল*, ১৯৩১।

অন্যে [স] *সর্ব* অপর জনকে। 'কেহ অন্যে করে দান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অন্যে অন্যে *ক্রিবিণ* পরস্পরে। 'অন্যে অন্যে দৃষ্টিভাবে দর্শিলেক সুন্দরী।' *সুলতান*, ১৭০০।

অন্যের *বিণ* অপরের। 'জগাই মাধাই পর্য্যন্ত অন্যের কা কথা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অন্য[১] [স অন্ন] *বি* ভাত। 'সোকে অন্য না খাএ চক্ষুত নিদ্রা নাহি আইসে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অন্যত্র, অন্যথা দ্র **অন্য**[১]

অন্যাএ [স অন্যায়] **১** *বি* অনুচিত কাজ। 'তস্কর অন্যাএ ভয় রাজ চক্র ছত্র।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *বি* অনিষ্ট। 'সর্বো দয়া করেন, সর্বো জিৎ, তিনি কারো অন্যাএ না করেন।' *আস্তোনিয়ো*, ১৭৪৩।

অন্যান্তর [স] *ক্রিবিণ* অন্য স্থানে। 'সেই স্থান ছাড়ি গৌরী যান অন্যান্তর।' *মুকুন্দ*, ১৬০০।

অন্যান্য [স] **১** *বিণ* অপরাপর। 'বিদ্যাপেক্ষা যে অন্যান্য দানের শ্রেষ্ঠত্ব আছে।' *কৌমুদী*, ১৮৩০। **২** *বি* অন্য ব্যক্তিবর্গ। 'সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ...।' *বেগম*, ১৯৭৩।

অন্যায্য [স] *বিণ* অন্যায়। 'তাঁহাদিগের অন্যায্য উৎপাতে প্রজারা বিরক্ত।' *গ্রামবার্তা*, ১৮৭৩।

অন্যায্যতা [স] *বি* ন্যায়বিরুদ্ধতা। 'অন্যায্যতার ওপর খানিকটা প্রতিষ্ঠিত।' *জীবন*, ১৯৩২।

অন্যায় [স] **১** *বি* ন্যায়বিরুদ্ধতা। 'অধর্ম্ম অন্যায় যত আমার কুলধর্ম্ম।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'প্রজা লোকেরদের ন্যায় অন্যায়ের বিচার ...।' *রামরাম*, ১৮০১। **২** *বিণ* অনৈতিক। 'আপাতত অন্যায় ও অসঙ্গত বোধ হয়।' *বঙ্গদূত*, ১৮২৯। **৩** *বি* অবিচার। 'অপর ব্যক্তি কহিল, না ভাই! তাহা হইলে অন্যায় হয়।' *বিদ্যা*, ১৮৫৬। **৪** *বিণ* অনাবশ্যক। 'আমরা অন্যায় পর্দা ছাড়িয়া আবশ্যকীয় পর্দা রাখিব।' *রোকেয়া*, ১৯০৪। **৫** *বিণ* অসংগত। 'ছাত্রীদের পাঠনিষ্ঠায় অন্যায় পরিমাণ আতিশয্য দেখা যায়।' *রবীন্দ্র*, ১৯১২। **৬** *বি* অনিয়ম। 'আমি অন্যায়, আমি উল্কা।' *নজরুল*, ১৯২২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অন্যায়কারী [স] *বিণ* অনুচিত কাজ করে এমন। 'তিনি অন্যায়কারী অত্যাচারী নিষ্ঠুর লোক।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অন্যায়কৃৎ [স] *বি* অন্যায়কারী। 'রাগ প্রকাশের সুবিধা পাই বলেই আমরা অন্যায়কৃৎকে শাস্তি দিতে ছুটে যাই।' *মোতাহের*, ১৯৫০।

অন্যায়পরতা [স] *বি* অনৈতিকতা। 'নিন্দা অতি অন্যায়পরতার কাজ।' *বঙ্কিম*, ১৮৯২।

অন্যায়বিচার [স] *বি* অবিচার। 'সে প্রবলের অন্যায়বিচার অগত্যা সহ্য করে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অন্যায়যুদ্ধ [স] *বি* ন্যায়বিরুদ্ধ যুদ্ধ। 'অবশ্য অন্যায়যুদ্ধ করিবে দানব পাপাচার।' *মাইকেল*, ১৮৬০।

অন্যায়রকম [স অন্যায়+আ রকম] *ক্রিবিণ* অনুচিতভাবে। 'বুড়ো ওঅর্ড্‌স্‌ওঅর্থের নকল করে ভদ্রলোক অতি অন্যায়রকম বেঁচে আছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অন্যায়-রণ [স] *বি* অন্যায্য যুদ্ধ। 'অন্যায় রণে যারা যত দড়।' *নজরুল*, ১৯২৬।

অন্যায়রূপে [স] *ক্রিবিণ* অন্যায়ভাবে। 'অন্যায়রূপে অত্যধিক পরিমাণে কর আদায়।' *এডুকেশন*, ১৮৭৮।

অন্যায়সহিষ্ণুতা [স] *বি* অন্যায়কে সহ্য করার ক্ষমতা। 'এত অন্যায়সহিষ্ণুতা, এত পরমুখাপেক্ষিতা, দৈবাৎ পাছে পরপুরুষের ছোঁয়া লাগে।' *অন্নদা*, ১৯২৮।

অন্যায়াচরণ [স অন্যায়-আচরণ] *বি* অনুচিত ব্যবহার। 'তিনি যে অন্যায়াচরণ করিয়াছেন তৎপ্রযুক্ত ঐ গ্লানি সর্ব্বত্র রাষ্ট্র হইবেক।' *দর্পণ*, ১৮৪০।

অন্যায়াপরাধী [স অন্যায়-অপরাধী] *বিণ* অন্যায় অপরাধ করেছে এমন। *ফরস্টার*, ১৭৯৩।

অন্যায়ার্জিত, অন্যায়ার্জ্জিত [স অন্যায়-অর্জিত] *বিণ* অন্যায়ভাবে অর্জিত। 'কোন মনুষ্য ধার্মিক হইলে অন্যায়ার্জ্জিত দ্রব্যে সন্তুষ্ট হয়েন না।' *অক্ষয়*, ১৮৪৮।

অন্যায়ী [স] *বিণ* অন্যায়কারী। 'বিষয়াসক্তির মোহে মানুষ যত অন্যায়ী যত নিষ্ঠুর হয় ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অন্যায়োপজীবী [স অন্যায়-উপজীবী] *বিণ* অন্যায় উপায় অবলম্বনে জীবিকা নির্বাহকারী। 'ন্যায়পথাশ্রয়ী সরলস্বভাব কৃষক, অন্যায়োপজীবী লক্ষপতি অপেক্ষা সহস্রগুণে আদরণীয় ও পূজনীয়।' *অক্ষয়*, ১৮৪৯।

অন্যাসন [স অন্বেষণ] *বি* খোঁজ। 'তাহারদিগের প্রত্যেকের অন্যাসন করিয়া ...।' *ডানকান*, ১৭৮৪।

অন্যূন [স] *ক্রিবিণ* কমপক্ষে। 'বিদ্যালয়ে অন্যূন পাঁচ শত করিয়া বালক।' *দর্পণ*, ১৮৩২।

অন্বেশণ, অন্বেষণ [স অন্বেষণ] *বি* খোঁজ। 'অন্বেশণ করিতে২ দেখেন সে পড়িয়া রহিয়াছে।' *রামরাম*, ১৮০১; 'অন্বেষণ করিতে২ দক্ষিণ দেশে ...।' *রামরাম*, ১৮০১।

অন্যোন্য [স] *ক্রিবিণ* একে অন্যের। 'অন্যোন্যে সভার বদন সভে চায়।' *বৃন্দা*, ১৫৮০।

অন্যোন্যজাতিক [স] *বিণ* পরস্পর জাতিগত। 'অন্যোন্যজাতিক শান্তি-স্থাপনার জন্যে গড়ে তোলা লীগ অব নেশনস।' *রবীন্দ্র*, ১৯৩২।

অন্যোন্যনির্ভর [স] *বিণ* পরস্পরের উপর নির্ভরশীল। 'স্ত্রী-পুরুষ অন্যোন্যনির্ভর।' *সুধীন্দ্র*, ১৯৩৯।

অন্যোন্যবাধক [স] *বিণ* পরস্পরবিরোধী। 'জন্ম-মৃত্যু অন্যোন্যবাধক।' *সুধীন্দ্র*, ১৯৪০।

অন্যোন্যস্তুতি [স] *বি* পরস্পর প্রশংসা। 'একেই বলে অন্যোন্যস্তুতি ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অপ [স] *বি* পানি। 'বাতাবর্তে সো দিঢ় ভইআ অপেঁ পাখর জইষ।' *চর্যা ৪১*, ১২০০।

অপইঠান [স অপ্রতিষ্ঠান] *বিণ* অধিকারহীন। 'অপইঠান মহাসুহসীণে দুলখ পরম নিবাণেঁ।' *চর্যা ৩৪*, ১২০০।

অপকথা [স] *বি* কুকথা; খারাপ কথা। 'অপকথার স্পষ্ট আভা দেখা যায়।' *মশাররফ*, ১৮৮৯।

অপকর্ম, অপকর্ম্ম [স] **১** *বি* অসৎ কাজ। 'সৎ কর্ম জানাইমু অপকর্ম নিষেধিমু।' *সুলতান*, ১৭০০। **২** *বি* ক্ষতিকর কাজ। 'ইহাতে অপকৃষ্ট অপকর্ম্ম করাতেও পৌরুষই আছে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

অপকর্ষ [স] *বি* অবনতি। 'সাগর-দ্বীপের শীতাতপের অপকর্ষ অনুমান করিতে পারেন।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

অপকর্ষতা [স] *বি* নিকৃষ্টতা। 'তাহারা স্ব২ ভূমির উৎকর্ষতা ও অপকর্ষতা সম্বন্ধে সহস্র আপত্তি ... দর্শাউক।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

অপকার [স] *বি* ক্ষতি। 'হুহি অরজল অপজস অপকার।' *বিদ্যাপতি*, ১৬৬০।

অপকারক [স] *বিণ* অপকার করে এমন। 'উপকারক না হইয়া অপকারক হয়।' *দর্পণ*, ১৮৩৫।

অপকারিতা [স] *বি* অনিষ্টতা। 'ক্ষমতা ও সম্পদ কতিপয় লোকের কুক্ষিগত থাকার অপকারিতা সম্পর্কে ...।' *মনসুর*, ১৯৫৫।

অপকারী [স] *বিণ* ক্ষতি করে এমন। 'ধর্মনাশা অপকারী অসত্য বচন।' *বাহরাম*, ১৬৫০।

অপকার্য, অপকার্য্য [স] *বি* অর্থহীন কাজ। 'এই অপকার্য্য করিতে গিয়া তাহারা যে পরিমাণ ঋণ করিয়াছে।' *মোহাম্মদী*, ১৯৩১।

অপকাশ [স] *বি* অবকাশ। 'এই অপকাশক্রমে ছোলেমান সেনা সর্জ্জ করিয়া সে সুবাও আপন করতল করিলেন।' *রামরাম*, ১৮০১।

অপকীর্তন [স] *বি* দুর্নাম। 'তাদের এই অপকীর্তনের অনুস্বার-বিসর্গওয়ালা ঢাকি জুটল।' *রবীন্দ্র*, ১৯২৯।

অপকীর্তি [স] *বি* কুকর্ম। 'মায়ের মলিনমূর্তি আপনার অপকীর্তি দেখিল সপনে অবিশাল।' *মুকুন্দ*, ১৬০০।

অপকৃষ্ট [স] **১** *বিণ* নিকৃষ্ট। 'ইহাতে অপকৃষ্ট অপকর্ম্ম করাতেও পৌরুষই আছে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। **২** *বিণ* অনুর্বর। 'উৎকৃষ্ট ভূমিগুলি ... দিয়া অপকৃষ্ট ভূমি গ্রহণ করিতে হয়।' *সোমপ্রকাশ*, ১৮৮২। **৩** *বিণ* নিম্নমানের। 'অপকৃষ্ট উপমা নির্ভুল উপমা উৎকৃষ্ট উপমা বেরসিকের উপমা – এসব কিছুর কোনো মূল্য থাকে না।' *অবন*, ১৯২৫।

অপকৌশল [স] *বি* কূটচাতুর্য। '... নিকষ অপকৌশলে ধরে ফেলেছিল।' *জীবন*, ১৯৪৮।

অপক্ব [স] **১** *বিণ* অপরীক্ষিত। 'ঐ নিয়মসকল কেবল সংপ্রতিকার এইপ্রযুক্ত অপক্ব।' *দর্পণ*, ১৮৩৩। **২** *বিণ* অপূর্ণ। 'আমার অপক্ব নিদ্রা পরিত্যক্ত হইল।' *রামনারায়ণ*, ১৮৫৪। **৩** *বিণ* অপরিপক্ব। 'সুপক্ব এবং অপক্ব রম্ভা বৃক্ষ।' *বঙ্কিম*, ১৮৭৪।

AMARBOI.COM

অপকৃতা [স] *বি* অদক্ষতা। 'স্বজাতীয় বিদ্যায় অপকৃতা রহিল।' *ভবানী*, ১৮২৩।

অপক্ষপাত [স] **১** *বি* পক্ষপাতহীনতা। 'তোমার অমাত্যেরা ত অপক্ষপাতে ব্যবহার পর্যালোচনা করিয়া থাকেন?' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **২** *বিণ* নিরপেক্ষ। 'আমাদের আত্মশাসন ব্যাপারে অপক্ষপাত সমালোচনা করিয়া অকপট চিত্তে বলনু দেখি ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অপক্ষপাতি [স অপক্ষপাতী] *বিণ* নিরপেক্ষ। 'যথার্থ বাদী ও অপক্ষপাতি হয়েন তবে ইঁহাকে আমরা বন্ধুজ্ঞানে আমোদ করিব।' *দর্পণ*, ১৮৩৮।

অপক্ষপাতিতা [স] *বি* নিরপেক্ষতা। 'অপক্ষপাতিতা দেখাইবার প্রলোভনটুকু সংবরণ করিতে পারেন নাই।' *রবীন্দ্র*, ১৯০৮।

অপক্ষপাতিত্ব [স] *বি* নিরপেক্ষতা। 'মোকদ্দমাও অপক্ষপাতিত্বরূপে অনেক নিষ্পত্তি করিয়া থাকেন।' *দর্পণ*, ১৮৪০।

অপক্ষপাতী [স] *বিণ* নিরপেক্ষ। 'কাগজ নির্ব্বাহকেরা অপক্ষপাতী হইয়া প্রকাশ করেন।' *চন্দ্রিকা*, ১৮৩৫।

অপক্ষপাতে [স] *ক্রিবিণ* নিরপেক্ষভাবে। 'তোমার অমাত্যেরা ত অপক্ষপাতে ব্যবহার পর্যালোচনা করিয়া থাকেন?' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অপক্ষয় [স] *বি* বিনাশ। 'যশোধনেরা ... অবিনশ্বর যশঃশরীরের অপক্ষয় করেন না।' *বিদ্যা*, ১৮৪৭।

অপগত [স] **১** *বিণ* দূরীভূত। 'আপনকার অতিথিভাব অপগত হইবেক।' *বিদ্যা*, ১৮৬৩। **২** *বিণ* অপসৃত। 'দিবসের ভার যত তবে হয় অপগত।' *রবীন্দ্র*, ১৮৯০।

অপগমন [স] *বি* প্রস্থান। 'আঁধারের অপগমন ও আলোকের আগমন আছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অপঘন [স] *বি* দেহ। 'দুই তনু এক অপঘন।' *মুকুন্দ*, ১৬০০।

অপঘাত [স] **১** *বিণ* দুর্ঘটনাজনিত। 'মার অপঘাত মৃত্যু, উপলক্ষে গণেশের গলায় কাচা বেঁদে এক বারোইয়ারি পূজো করেন।' *হুতোম*, ১৮৬১। *বি* বিপত্তি। **২** *বি* ঝামেলা। 'অভ্যাসের বাহিরে কোনো নূতন অবস্থা এসে পড়লে অপঘাত ঘটায়।' *রবীন্দ্র*, ১৮৯১। **৩** *বি* মৃত্যুতুল্য আঘাত। 'অপঘাত যতক্ষণ তাদের পেয়াদার মতো এসে জোর করে টেনে নিয়ে যায় ততক্ষণ তারা দুই হাতে আসন আঁকড়ে ...। *রবীন্দ্র*, ১৯১৬। **৪** *বি* প্রবল বিরোধিতা। 'জানি বাংলা দেশের গোঁড়া মস্তকেও ইংরেজি ভাষা সম্বন্ধে এ রকম অপঘাত ঘটবে না।' *রবীন্দ্র*, ১৯৩২। **৫** *বি* দুর্ঘটনা। 'রেলগাড়ি আর মোটরের যুগে বহু অপঘাত চলিয়াছি ভুগে।' *রবীন্দ্র*, ১৯৩৯। **৬** *বি* অন্যায় আঘাত। 'পণপ্রথার অপঘাতে একই সমাজের কোন একটি পরিবার ...।' *বেগম*, ১৯৪৮।

অপঘাতমৃত্যু [স] *বি* আকস্মিক দুর্ঘটনায় মৃত্যু। 'অবস্থাগত বৈষম্য সেখানে প্রতিযোগিতা অপঘাতমৃত্যুর কারণ।' *রবীন্দ্র*, ১৯০৫।

অপঙ্কিল [স] *বিণ* ক্লেদাক্ত নয় এমন। 'তারা সর্বদা পবিত্র গঙ্গাধারার মতো কখনও কখনও পঙ্কিলতা বহন করেও অপঙ্কিল।' *মোতাহের*, ১৯৫০।

অপঙ্কিলতা [স] *বি* ক্লেদাক্ত নয় এমন অবস্থা। 'পঙ্কিলতা, অপঙ্কিলতার প্রতি ধার্ম্মিকের দৃষ্টি নেই।' *মোতাহের*, ১৯৫০।

অপচএ [স অপচয়] *বি* ক্ষতি। 'তোহ্মার অপচএ চিন্তি আপনে মরিব।' *সুলতান*, ১৭০০।

অপচয় [স] **১** *বি* ক্ষতি। 'অপচয় করি পলাইল কোন খানে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* অবনতি। 'তাহারদিগের উপচয় না হইয়া অপচয় হইয়াছে।' *বঙ্গদূত*, ১৮২৯। **৩** *বি* হ্রাস। 'বিদ্যা ... না ব্যয়েই ক্ষয় হয় না অন্য কোন উপাধি দ্বারাই অপচয় হইবার সম্ভাবনা আছে।' *কৌমুদী*, ১৮৩০। **৪** *বি* অপব্যয়। 'যথারুচি অপচয় করিব সে-ধন।' *সুধীন্দ্র*, ১৯২৯।

অপচয়পূরণ [স] *বি* ক্ষতিপূরণ। 'এখন কি উপায়ে অপচয়পূরণ করিব।' *বিদ্যা*, ১৮৬৩।

অপচয়শীল [স] *বিণ* ক্ষতিকর। 'একটা অপচয়শীল অনিশ্চিত প্রেম জীবনটাকে ছাই করে দিয়ে চলে যাবে।' *জীবন*, ১৯৩১।

অপচয়িত [স] *বিণ* অপচয় করা হয়েছে এমন। 'এতদিন জীবনটা অপচয়িত হয়ে গেছে।' *মানিক*, ১৯৩৫।

অপচয়ী [স] *বিণ* অস্তায়মান। 'অপচয়ী সূর্য তার সবটুকু সোনা কী করে ওড়ায়।' *নীরেন*, ১৯৫৮।

অপচিত [স] *বিণ* অপব্যয়িত। 'আমারদিগের দুই লক্ষ টাকা অপচিত হইয়াছে।' *দর্পণ*, ১৮২৫।

অপচার [স] **১** *বি* বদহজম। 'হজম করিতে পারেন নাই; সুতরাং, অপচার ও উদরাধ্মান হইয়া রহিয়াছে।' *বিদ্যা*, ১৮৭৩। **২** *বি* অন্যায় আচরণ। 'ব্যতিক্রম, অপচার নিষিদ্ধ সে-নৈরাজ্যে নিশ্চয়।' *সুধীন্দ্র*, ১৯২৮।

অপচারী [স] *বিণ* অহিতাচারী। 'তার অপেরণে অপচারী দ্রষ্টাই প্রভু।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অপচিত দ্র **অপচয়**

অপচিন্তা [স] *বি* নেতিবাচক ভাবনা। 'চিন্তা বা অপচিন্তার ছটফটানির ভিতর এসবের স্থানই-বা কোথায়?' *জীবন*, ১৯৩১।

অপচেষ্টা [স] **১** *বি* অন্যায় তৎপরতা। 'যে-সকল বাপ-মা বহু অপব্যয়ে বহু অপচেষ্টায় সন্তানদিগকে সকল সমাজের বাহির করিয়া দিয়া স্বদেশে অযোগ্য এবং বিদেশে অগ্রাহ্য করিয়া তুলিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *বি* মন্দ অভিপ্রায়। 'তাঁদের অপচেষ্টার সমর্থনে একটি প্রস্তাবও পাশ করাইয়া লইয়াছিলেন।' *আজাদ*, ১৯৫৭।

অপচেষ্টাকারী [স] *বি* মন্দ কাজ করতে চেষ্টা করে যে। 'এই অপচেষ্টাকারীরা দমিয়া গিয়াছিলেন কি?' *আজাদ*, ১৯৫৭।

অপছন্দ [অ+ফা পসন্দ] *বি* পছন্দ না করা। 'তাঁর খুদে দেওর-কবির অপছন্দ অমন করে উড়িয়ে দিতে তাঁর বাধত।' *রবীন্দ্র*, ১৯৪০।

অপছর [স অপ্সরা] *বি* সুরসুন্দরী। 'দেবতা গন্ধর্ব্ব কীবা অপছর কিন্নর।' *মালাধর*, ১৫০০।

অপছরি, অপছরী [স অপ্সরা] *বি* সুরসুন্দরী। 'জগত মোহিনি কন্যা রূপে অপছরি।' *মালাধর*, ১৫০০; 'কিবা দেব কৈন্যা তুম্হি নওবা অপছরী।' *রুবীন্দ্র*, ১৬৮৯।

অপছায়া [স] *বি* বিকৃত ছায়া। 'দ্বেষের অপচ্ছায়া।' *মশাররফ*, ১৮৮৯।

অপজনন [স] *বি* অধঃপতন। 'সংযত আর্য আদর্শ লঙ্ঘন করে কামনার অনুসরণে অসাঙ্গে অপজনন ঘটাচ্ছিলেন।' *রবীন্দ্র*, ১৮৮৫।

অপজস [স অপযশ] **১** *বি* বদনাম। 'হুহ্নি অরজল অপজস অপকার।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* কলঙ্ক। 'তোমা সিসু বধিলে মোর হব অপজস।' *মালাধর*, ১৫০০।

অপজয [স অপযশ] *বি* নিন্দা। 'এক্ষানে আমার এমত অপজয করিয়া আক্ষতি করিতেছেন ...।' *চিঠিপত্রে*, ১৮১৫।

অপজসি [স অপযশ>] *বিণ* নিন্দিত; কলঙ্কিত। 'অকার্য্য করিস তুই

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অপজসি হইব মুই।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অপজাত [স] *বিণ* হীন। 'যাহার আপজাত্য ঘটিয়াছে সে অপজাত।' *রবীন্দ্র*, ১৯১৯।

অপজাতি [স] *বি* নিকৃষ্ট প্রজাতি। 'যাহা অপজাতির গৃহপালিত বিড়াল কুক্কুরাদি ভোজন করিয়া থাকে।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

অপটিকস, অপটিক্স [ই] *বি* আলোকবিজ্ঞান। 'চক্ষুতত্ত্ব কোনো অপটিকস শাস্ত্রে আজ পর্যন্ত লিপিবদ্ধ হয় নাই।' *প্রমথ*, ১৮৯৮; 'লেন্স ও অপটিক্সের বই।' *বিভূতি*, ১৯৩১।

অপটু [স] ১ *বিণ* অক্ষম। 'অন্ধকে চালাইতে অপটু হয় ...।' *সেবধি*, ১৮৩৯। ২ *বিণ* পটু নয় এমন। 'তাহারা ... কৃষিকার্য্যাদি সর্ব্বপ্রকার ব্যবসায়েই অপটু ও অনভিজ্ঞ ছিল।' *অক্ষয়*, ১৮৫৪।

অপটুতা [স] *বি* অদক্ষতা। 'তাহাদের পটুতা অপটুতা।' *ওসাঁ*, ১৭৮২; 'স্ত্রীর পক্ষে এমন অপটুতার পরিচয় আর কী দিব।' *রবীন্দ্র*, ১৮৯১।

অপটুত্ব [স] *বি* অনিপুণতা। 'লেখার অপটুত্ব ও বানান-ভুলে ভরা।' *বিভূতি*, ১৯৩১।

অপঠিত [স] *বিণ* পড়া হয়নি এমন। 'কবি বঙ্গীয় পাঠকসমাজে অপরিচিত, তাঁহার কাব্য অপঠিত।' *রবীন্দ্র*, ১৯০৭।

অপড় [স অপতন] *বিণ* পড়ে না এমন। *বিদ্যা*, ১৮৯১।

অপণ [স আত্মন] *সর্ব* নিজ। 'আইল গরাহক অপণে বহিআ।' *চর্যা* ৩, ১২০০।

অপণা *সর্ব* নিজের। 'অপণা মাংসেঁ হরিণা বৈরী।' *চর্যা* ৬, ১২০০।

অপণেহি *সর্ব* নিজেই। 'অপণেহি তবেঁ রাধা দিবোঁ মাহাদাণে।' *বড়ু*, ১৪৫০।

অপণ্ডিত [স] *বি* পাণ্ডিত্য নেই এমন ব্যক্তি। 'অপণ্ডিতকে পণ্ডিতকার্যে কহা ...।' *সেবধি*, ১৮৩৯।

অপণ্য [স] *বিণ* বিক্রয়ের অযোগ্য; অচল। 'অপণ্য দ্রব্যের ভারে যবে মোর তরী।' *সুধীন্দ্র*, ১৯২৯।

অপতিত [স] *বিণ* বিরতিহীন। 'তিন লক্ষ নাম তেঁহো লয়েন অপতিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অপত্য [স] ১ *বি* সন্তান। 'কুমার কুমারি কীবা অপত্য হইব।' *মালাধর*, ১৫০০। ২ *বি* পুত্রসন্তান। 'অপত্য-বিরহে মিশ্রের দুঃখী হৈল মন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অপত্যবৎসল [স] *বিণ* সন্তানের প্রতি স্নেহশীল। 'পুত্রের আগমন উপলক্ষ্য করে অপত্যবৎসল পিতা বেশ অসোয়াস্তি বোধ করছিল।' *শওকত*, ১৯৭৩।

অপত্যস্নেহ [স] *বি* সন্তানের প্রতি ভালোবাসা। 'কিন্তু, রাজা ... অপত্যস্নেহবিস্মরণপূর্বক, অকৃত অপরাধে, কন্যাকে নির্বাসিত করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অপত্যোৎপাদিকা [স অপত্য-উৎপাদিকা] *বিণ* সন্তান উৎপাদনকারী। 'অল্প বয়সে দার পরিগ্রহ পূর্বক অপত্যোৎপাদিকা শক্তিকে সম্পূর্ণরূপ চরিতার্থ করে।' *অক্ষয়*, ১৮৪৮।

অপথ [স পথ>] ১ *বি* কুপথ। 'অপথে চলনিয়া।' *মানোএল*, ১৭৪৩। ২ *বিণ* দিশাহীন। 'হেরিনু নিশায় তরী অপথ সাগরে।' *মাইকেল*, ১৮৬৬। ৩ *বি* অবাঞ্ছিত পথ। 'অপথে বিপথে চলাকেই 'একস্ট্রিমিজম' বলে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অপথুয়া [স অপথ>] *বিণ* বিপথগামী। *মানোএল*, ১৭৪৩।

অপথ্য [স] *বি* প্রচলিত ধারণা অনুযায়ী যাকে ভালো বিবেচনা করা হয় না এমন খাবার।। 'চিনাবাদাম-ভাজা প্রভৃতি অপথ্য আদেশ করিতাম।' *রবীন্দ্র*, ১৯১২।

অপদ [স অপদ>] ১ *বি* অস্থান। 'আবে অপদহু হরি তেজ অনুরোধ।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* খোঁড়া ব্যক্তি। 'অচক্ষু সর্ব্বত্র চান অকর্ণ শুনিতে পান অপদ সর্ব্বত্র গতাগতি।' *ভারত*, ১৭৬০।

অপদহু [স] *বিণ* অসম্মানিত। 'কোন স্থানে অপদহু হয় নাই।' *রামরাম*, ১৮০২।

অপদহু করা *ক্রি* অসম্মানিত করা। 'ভট্টাচার্য্যকে অপদহু করা হইবে না।' *উমেশ*, ১৮৫৭।

অপদার্থ [স] ১ *বিণ* অকর্মণ্য। 'তাহাকে নিতান্ত অপদার্থ স্থির করিয়া ...।' *বিদ্যা*, ১৮৫৬। ২ *বিণ* অযোগ্য। 'তুমি অতি অপদার্থ।' *দীনবন্ধু*, ১৮৬৩; *বি* অযোগ্য ব্যক্তি। 'একজন অপদার্থ অনেক উমেদারি করিয়াও গবর্নমেন্টে কাজ পায় নাই।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বিণ* অসার। 'রুদ্রচণ্ড হীন অপদার্থ।' *রবীন্দ্র*, ১৮৮১। ৪ *বিণ* অশিক্ষিত। 'বর্ণজ্ঞানবিহীন অপদার্থ পেটুকের সহিত ধর্ম্মের সম্বন্ধ কি?' *মশাররফ*, ১৯০৮। ৫ *বিণ* মূল্যহীন। 'নিজ দেশের বিদ্যা বলিয়া পদার্থ নাই, যদি থাকে সেটা অপদার্থ বলিলেই হয়।' *রবীন্দ্র*, ১৯০৮। ৬ *বিণ* অর্থহীন। 'একটা অপদার্থ খেয়াল চরিতার্থ করিবার জন্য।' *শরৎ*, ১৯১৭।

অপদার্থতা [স] *বি* অযোগ্যতা। 'তাতে তাদের অপদার্থতা পরিস্ফুট হয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অপদৃষ্টি [স] *বি* ক্ষতিকর দৃষ্টি। 'সেই ঈর্ষাপরায়ণা দেবীর অপদৃষ্টির ভয়ে ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

অপদেব [স] *বি* নিকৃষ্ট দেবতা। 'দেবভাষাকে অপদেবের যোগ্য করিয়া তুলিলাম।' *রবীন্দ্র*, ১৯১২।

অপদেবতা [স] ১ *বি* ভূত প্রেত ইত্যাদি। 'তবে কেমন দেবতা? অপদেবতা?' *রামনারায়ণ*, ১৮৫৪। ২ *বি* অশুভ শক্তি। 'যে-সমস্ত অপদেবতা সকল রকম দুষ্কর্ম করে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৯। ৩ *বি* অশুভ মনোভাব। 'অপদেবতা কেমন করে আমার উপর ভর করেছে।' *রবীন্দ্র*, ১৯১৬।

অপদোষ [স] *বি* অপরাধ। 'অপদোষ কলঙ্কে চণ্ডিকা জিয়াইয়া দে।' *বিজয়*, ১৬৫০।

অপন [স আত্মন] *সর্ব* নিজ। 'এতদিন অছলিহু অপনে গেয়ানে।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'বিদ্যাপতি কহ অপনেহিঁ আউতি/ সিরি সিবসিংহ লাগি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অপনক *সর্ব* নিজের। 'কুচকুম্ভ কহি গেল অপনক আস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অপনুক *সর্ব* নিজের। 'অপনুক অভিমত উকুতি বুঝাব।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অপনোঞ *সর্ব* নিজের। 'অপনোঞ হৃদয় বুঝাবএ আন।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অপনয় [স] *বি* অবসান। 'তাঁহাদিগের পূর্ব্বাবস্থার অপনয় অতি আবশ্যক।' *এডুকেশন*, ১৮৭৩।

অপনয়ন [স] *বি* অপসারণ। 'বিজ্ঞান প্রভাবে অনায়াসেই তাহার অপনয়ন করিয়া কৃতকার্য্য হইবেন।' *অক্ষয়*, ১৮৫৪।

AMARBOI.COM

অপনীত [স] **১** *বিণ* দূরীভূত। 'অপনীত অবারোহ করিয়ে সকলে।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বিণ* লুপ্ত। 'তাঁহাদের এ কলঙ্ক কিছুতেই অপনীত হইবার নহে। *অক্ষয়*, ১৮৪৮। **৩** *বিণ* অপসারিত। 'কতকগুলির দোষে জমিদারশ্রেণির এই কলঙ্ক অপনীত হইতেছে না।' *এডুকেশন*, ১৮৭২। **৪** *বিণ* হ্রাসপ্রাপ্ত। 'বাবুদের মদ্যাশক্তি এবং বেশ্যাসক্তি অনেক অপনীত হইতে পারে।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অপনোদন [স] *বি* দূরীকরণ। 'পাত্র মন্ত্রীরা নানাপ্রকার সান্ত্বনাবাক্য কহিয়া রাজার শোকাপনোদন [শোক+অপনোদন] করিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

অপনোদিত [স] *বিণ* দূরীভূত। 'ভারতের চিরকলঙ্ক অপনোদিত হইয়াছিল।' *বঙ্গিম*, ১৮৯২।

অপন্যায় [স] *বি* অন্যায় ব্যবহার। 'তোমার পুত্রের অপন্যায় শুন সব।' *বৃন্দা*, ১৫৮০।

অপপাঠ [স] *বি* ভুল পাঠ। 'উদ্বেগের মসি প্রাগ্‌ষার পাণ্ডু মুখে অনর্থের অপপাঠ লিখে।' *সুধীন্দ্র*, ১৯৩৭।

অপপ্রচার [স] **১** *বি* অন্যায় উদ্দেশ্যমূলক প্রচার। 'দিনের পর দিন অতিরঞ্জন ও অপপ্রচার।' *আজাদ*, ১৯৪৭। **২** *বি* অমূলক প্রচার। 'এসব অপপ্রচার ব্যর্থ করার জন্যে ...।' *মাহেনও*, ১৯৪৯।

অপপ্রচেষ্টা [স] *বি* অন্যায় চেষ্টা। 'সামাজিক ও সাংস্কৃতিক জীবনকে পঙ্গু করার অপচেষ্টারই নামান্তর।' *বেগম*, ১৯৬৩।

অপপ্রতিভা [স] *বি* দুষ্টবুদ্ধি। 'আমাদের জীবনের উতরোল অপপ্রতিভাকে ...।' *জীবন*, ১৯৩০।

অপপ্রয়াস [স] *বি* অন্যায় চেষ্টা। 'সাম্প্রদায়িক উত্তেজনা বৃদ্ধির অপপ্রয়াসের পেছনে ...।' *আজাদ*, ১৯৬৫।

অপপ্রয়োগ [স] **১** *বি* অশুদ্ধ ব্যবহার। 'ক্লীবলিঙ্গপ্রয়োগ সম্পূর্ণ ব্যাকরণবিরুদ্ধ, সুতরাং নিতান্ত অপপ্রয়োগ।' *বিদ্যা*, ১৮৭৩। **২** *বিণ* অন্যায় প্রয়োগ। 'শক্তির অপপ্রয়োগ হচ্ছে।' *নজরুল*, ১৯৬৮।

অপবর্গ [স] *বি* মোক্ষ। 'ঔদাসীন্যভাব প্রাপ্ত হইলেই অপবর্গ লাভ হয়।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অপবাদ [স] **১** *বি* বদনাম। 'কি কারণে পদ্মা এত অপবাদ।' *মুকুন্দ*, ১৬০০। **২** মিথ্যা 'অপবাদুয়া [অপবাদ+উয়া]।' *মানোএল*, ১৭৪৩। **৩** *বি* কলঙ্ক 'যদি কোন ব্যক্তি দোষী বা অপবাদগ্রস্ত হয় তবে দলপতি ...।' *ভবানী*, ১৮২৩। **৪** *বি* দোষারোপ। 'অজ্ঞতার অপবাদ লেখকের নামে পৌঁছাইতে পারে না।' *রবীন্দ্র*, ১৮৮১।

অপবাদগ্রস্ত [স] *বিণ* নিন্দায় আক্রান্ত হয়েছে এমন। 'যদি কোন ব্যক্তি দোষী বা অপবাদগ্রস্ত হয় তবে দলপতি ...।' *ভবানী*, ১৮২৩।

অপবাদ দেওয়া *ক্রি* মিথ্যা কলঙ্ক আরোপ করা। 'অপবাদ দিলি এই দুগ্ধের কুমারে?' *গিরিশ*, ১৮৮৭।

অপবাদসূচক [স] *বিণ* বদনামসূচক। 'তাহাকে লোকে হিসাবী, বিষয়ী, সংকীর্ণমনা প্রভৃতি অপবাদসূচক কথা বলিয়া থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অপবাদারোপ [স অপবাদ-আরোপ] *বি* কলঙ্ক আরোপ। 'তাহাতেও লোকে ব্যাপিকা অপবাদারোপ করিয়া থাকেন।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

অপবাদী [স] *বিণ* দোষের ভাগী। 'এই শব্দ তিনবার উচ্চৈঃস্বরে বলিয়া তাহার প্রাণ দণ্ড করিবেক তাহাতে সে অপবাদী না হয়।' *দর্পণ*, ১৮২৭।

অপবাদুয়া [স অপবাদ>] *বিণ* মিথ্যুক। *মানোএল*, ১৭৪৩।

অপবিত্র [স] **১** *বিণ* অশুদ্ধ। 'অপবিত্র স্থানে বৈস কিবা অবসাদ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* অশুচি। 'আপনার জিহ্বাকেও পাপ কথায় অপবিত্র করিও না।' *মশাররফ*, ১৮৮৫।

অপবিত্রকরণ [স] *বি* কোনো বস্তুর পবিত্রতা বিনষ্ট করা। 'হিন্দুমন্দির অপবিত্রকরণ, হিন্দু সংবাদপত্র ও সভাসমিতিতে বাধাদান ...।' *আজাদ*, ১৯৪০।

অপব্যবহার [স] *বি* অন্যায়ভাবে প্রয়োগ। 'সকল জমীদার তাঁহাদের ক্ষমতার অপব্যবহার ... করিয়াছেন।' *ভারত সংস্কারক*, ১৮৭৩।

অপব্যয় [স] **১** *বি* বাজে খরচ। 'অপব্যয় করিয়া কিছু কালের পরপুরন্দর অত্যন্ত নির্দ্ধন হইল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। **২** *বি* অবাঞ্ছিত ব্যয়। 'তাহাদিগের শিক্ষাসাধন রূপ অতিমাত্র আবশ্যক বিষয়ে ব্যয় করা এক প্রকার অপব্যয় বলিয়া বিবেচনা করিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৪৯। **৩** *বি* শক্তি ও সময়ের অপব্যবহার। 'সৃষ্টিই কি অপব্যয় নয়। গানে কি কারো কোনো লাভ আছে। চিত্রকলায় কি অন্নবস্ত্রের অভাব দূর হয়।' *রবীন্দ্র*, ১৯৩৬। **৪** *বি* ক্ষতি। 'মানবজীবনের এমন নির্মম অপব্যয় আর-কিছুই হইতে পারে না।' *রবীন্দ্র*, ১৯৩৭। **৫** *বি* বাহুল্য। 'কাজের প্রণালীর মধ্যে অনাবশ্যক সংঘর্ষ ও অপব্যয় লেশমাত্র নাই।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অপব্যয়কারী [স] *বি* বাজে খরচ করে এমন ব্যক্তি। 'অপব্যয়কারীকে শয়তানের ভাই বলিয়া ঘোষণা ...।' *এসলাম*, ১৯৩১।

অপব্যয়িত [স] *বিণ* অপব্যয় করা হয়েছে এমন। 'গৃহ কর্ম্ম সাধনে অনেক সময় অপব্যয়িতও হইতে দেখা যায়।' *তমোলুক*, ১৮৭৪।

অপব্যয়ী [স] **১** *বিণ* অপচয়কারী। 'শুধু যাচে পার্থিব সুরার ফেনা অপব্যয়ী বিলাসের কাছে।' *সুধীন্দ্র*, ১৯৩০। **২** *বিণ* অপব্যয়কারী। 'অপব্যয়ী প্রকৃতির অরক্ষিত দানসত্র।' *সুধীন্দ্র*, ১৯৩৩। **৩** *বিণ* অবিবেচনা করে ব্যয় করে এমন। 'অপব্যয়ী সন্তান কর্তৃক লুণ্ঠিত মাতৃভাণ্ডার।' *রবীন্দ্র*, ১৯৩৯। **৪** *বিণ* ক্ষতিকর। 'কি এক অপব্যয়ী অক্লান্ত আগুন।' *জীবন*, ১৯৪২।

অপভাগ [স] *বিণ* অভিন্ন। 'প্রমদার অঙ্গরাগ দুই অঙ্গে অপভাগ।' *মুকুন্দ*, ১৬০০।

অপভাষা [স] *বি* অমার্জিত ভাষা। 'ভাষা শিক্ষা যাদৃশ হউক কিন্তু অপভাষায় অনেকেই নিপুণ হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩০।

অপভ্রংশ [স] **১** *বি* মূল শব্দের বিকৃত রূপ। 'কোন ভাষাকে ... অপভ্রংশপ্রাপ্ত ভাষা বলা যায় না।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **২** *বি* ভারতীয় আর্যভাষায় প্রাকৃত স্তরের পরবর্তী স্তরের ভাষা। 'বানান সংস্কারের নথীর পালি, প্রাকৃত ও অপভ্রংশে পাওয়া যাবে।' *সওগাত*, ১৯২৯। **৩** *বি* বিকৃতি। 'সংস্কৃতের অপভ্রংশ/ মুখ থেকে ভ্রষ্ট হবার পূর্বেই ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অপভ্রংশতা [স] *বি* বিকৃতি। 'তাহার ভাষা ব্যবহার মনোবৃত্তির জীর্ণতা এবং অপভ্রংশতা ঘটিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অপভ্রষ্ট [স] *বিণ* বিকৃত। 'কোন শব্দ ভাষান্তরে অপভ্রষ্ট হইয়া প্রবেশ করিলে দুই তিন রূপ ধারণ করে।' *বঙ্গিম*, ১৮৯২।

অপমান [স] **১** *বি* লাঞ্ছনা। 'বড় অপমান পাইলোঁ এবেঁ খাইবোঁ বিসে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* অসম্মান। 'মিছা কেহ্নে করে কাহ্নাঞি মোর অপমান।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* ক্ষতি। *মানোএল*, ১৭৪৩। **৪** *বি* ছোটো। 'আপনার সমস্ত সাধুপ্রকৃতিকে অপমান করা হয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অপমানকর [স] *বিণ* অপমানজনক। 'লজ্জাকর ও অপমানকর প্রথা।' *রবীন্দ্র*, ১৯০৮।

অপমানক্ষত [স] *বি* লাঞ্ছনার চিহ্ন। 'প্রজাহৃদয়ে অপমানক্ষত সর্বদা জাগাইয়া রাখা।' *রবীন্দ্র*, ১৯০৮।

অপমানগ্রস্ত [স] *বিণ* অপমানিত। 'নিরপরাধে অপমানগ্রস্ত হইয়া আপন কোষ হইতে খড়্গ লইয়া ...।' *দর্পণ*, ১৮২১।

অপমানজনক [স] *বিণ* অসম্মানকর। 'অনুপযুক্ত বা অন্যায় বা অপমানজনক।' *দর্পণ*, ১৮৩৩।

অপমানজ্ঞান [স] *বি* মান-অপমান বোধ। 'অপমানজ্ঞান আছে তোমার?' *মানিক*, ১৯৪০।

অপমানদংশিত [স] *বিণ* অপমানে জর্জরিত। 'কোনো মহীয়সী মহিলা অপমানদংশিত দ্রুতবেগে দৃঢ় পদক্ষেপে ...।' *প্রমথ*, ১৮৯৮।

অপমানসূচক [স] *বিণ* অসম্মানজনক। 'এর মতন অপমানসূচক সম্বন্ধ মানুষের পক্ষে দুটি নেই।' *ধূর্জটি*, ১৯৩১।

অপমানাহত [স অপমান+স আহত] *বিণ* অপমানে আহত। 'অপমানাহত ক্রুদ্ধ চিত্ত।' *শরৎ*, ১৯১৭।

অপমানি [স অপমান>] *বি* অপমান। 'আরো কতরূপ অপমানি করিলে।' *লালন*, ১৮৯০।

অপমানিত [স] *বিণ* অসম্মানিত। 'যদি এখানকার রীতিজ্ঞ না হইতে পার তবে ... অপমানিত হইয়া স্বস্থানে প্রস্থান করিবা।' *ভবানী*, ১৮২৩।

অপমানিতা [স] *বিণ স্ত্রী* লাঞ্ছিত। 'সভাতলে দ্যূতজিতা অপমানিতা মহিষী।' *বঙ্কিম*, ১৮৮৭।

অপমানী [স] *বিণ স্ত্রী* অসম্মানিত। 'গ্রহণ করিয়ে এত দুঃখ অপমানী।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

অপমার্গ [স] *বি* ফুলবিশেষ। 'অপমার্গ বাঘনলা সাঞী তোলে সুপ্রকলা।' *মুকুন্দ*, ১৬০০।

অপমিত [স] *বিণ* অপমৃত। 'এক জন্তু এক বড়শিঙ্গা হরিণের দ্বারা অপমিত হইল।' *তারিণী*, ১৮০৩।

অপমৃত [স] *বিণ* অস্বাভাবিক মৃত্যুপ্রাপ্ত। 'অপমৃত বিধাতার লগ্নভ্রষ্ট প্রেত যেন কাঁদে।' *সুধীন্দ্র*, ১৯৩৮।

অপমৃত্যু [স] *বি* অস্বাভাবিক মৃত্যু। 'বিষপানে কাহার না অপমৃত্যু ঘটে।' *অক্ষয়*, ১৮৪৯।

অপযশ [স] ১ *বি* অপবাদ। 'আদ্যাপিহো অপযশ তার পরচরে।' *বড়ু*. ১৪৫০। ২ *বি* কলঙ্ক। 'তোহারি বচনে কৈছে করব পিরীত। হাম শিশুমতি তাহে অপযশ ভীত।' *বিদ্যাপতি*, ১৪৬০। ৩ *বি* নিন্দা। 'যাহার লাগেয়া সব তেয়াগিনু লোকে অপযশ কয়।' *দ্বিজী*, ১৬০০। ৪ *বি* অখ্যাতি। 'অপযশে কোন দিগন্তর।' *মুকুন্দ*, ১৬০০।

অপযশশূন্য [স] *বিণ* নিন্দাযোগ্য নয় এমন। 'রামচন্দ্র হনূমানের অপযশশূন্য, ব্যাকরণশুদ্ধ, বিশুদ্ধ শিষ্টালাপের ... প্রশংসা করেন।' *অক্ষয়*, ১৮৪৯।

অপয়মন্ত [স] *বিণ* অপয়া। 'আমি তো শিশুকাল হইতেই অপয়মন্ত।' *রবীন্দ্র*, ১৯০৬।

অপয়া [স] *বিণ* অশুভজনক। *বিদ্যা*, ১৮৯১: 'তুই বড় অপয়া।' *শরৎ*, ১৯১৭।

অপর [স] ১ *বিণ* অন্য। 'তপন দক্ষিণ অপর চন্দ।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ এদিকে। 'অপর মোকাম কলিকাতা হইতে আমার তলবে লোক আসিয়াছে।' *ওর্সা*, ১৭৮২। ৩ *অব্য* তাছাড়া। 'অপর কোন অধ্যক্ষের সমভিব্যাহারে গমনব্যতীত উক্ত সভাতে প্রবেশ হইবার রীতি নাই।' *কৌমুদী*, ১৮৩০।

অপরঞ্চ [স] ১ *অব্য* আরও। 'তুমি জল তুমি স্থল অপরঞ্চ বুদ্ধিবল।' *রূপরাম*, ১৭৫০। ২ *অব্য* তাছাড়া। 'অপরঞ্চ দিন যাপনের এক সুনিয়ম করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮২৫।

অপরতন্ত্র [স] *বিণ* স্বাধীন। 'তাঁহারা ... স্ব স্ব সামর্থ্যানুসারে সুখসমৃদ্ধি লাভ করিয়া অপরতন্ত্রভাবে জীবন যাপন করে।' *অক্ষয়*, ১৮৫০।

অপরন্তু [স] *অব্য* আরও। 'অপরন্তু কোন২ সম্বাদ পত্র কত সংখ্যক লোক ...।' *দর্পণ*, ১৮৩৮।

অপরপক্ষ [স] *বি* অন্য পক্ষ। 'একপক্ষ হইতে ইঁট এবং অপরপক্ষ হইতে পাটকেল বর্ষণ ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অপরপক্ষে *ক্রিবিণ* অন্য দিকে। 'একেই বলে জড়তত্ত্ব ... অপরপক্ষে পাশ্চাত্য জাতির মধ্যে বিপদের লক্ষণ ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

অপরবিধ [স] *বিণ* অন্যপ্রকার। 'মধ্যে মধ্যে অপরবিধ রচনা শ্রবণ করা পাঠকদিগের আবশ্যক।' *বঙ্কিম*, ১৮৯২।

অপরবোধ্য [স] *বিণ* অন্যের বোধগম্য। 'র‍্যাম্বো এবং রিল্‌কে-কেও তাঁদের কবিতা অপরবোধ্য ভাষায় লিখতে হয়েছে।' *শিব*, ১৯৭৩।

অপরমুখী [স] *বিণ* অন্যের সঙ্গে মিশতে চায় এমন। 'আসঙ্গের অনারত, অনিবার্য, জৈব অভিকর্ষে ব্যক্তিমাত্রই অপরমুখী।' *শিব*, ১৯৫৬।

অপরা [স অপর>] ১ *বিণ* অপর। 'অভয়বরদ অপরা হাত।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *সর্ব স্ত্রী* অপর। 'প্রফুল্ল অপরাকে তখন বলিল, তোমার নাম কি গা?' *বঙ্কিম*, ১৮৮২।

অপরাপর [স অপর-অপর] *বিণ* অন্যান্য। 'প্রণয়ের স্থলে অপমান, প্রবঞ্চনা ও অপরাপর অনিষ্ট ঘটনার অসম্ভাবনা ভাবিয়া ...।' *অক্ষয়*, ১৮৪৯।

অপরবশ্য [স] *বিণ* স্বাধীনচেতা। 'তীব্র আত্মমর্যাদাবোধ, অপরবশ্য স্বভাব, নিজস্ব সম্পর্কে চৈতন্য ...।' *রমেন*, ১৯৭০।

অপরশ [স স্পর্শ>] *ক্রিবিণ* স্পর্শহীনভাবে। 'অপরশ যায় গোসাঞি মন্দ্য-গহনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অপরাগ [স] *বিণ* অনাগ্রহী। 'হিন্দুরা চিরকাল রণে অপরাগ।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অপরাজিত [স] ১ *বিণ* অদমিত। 'তাঁহাদের দল এখনও অপরাজিত ও অক্ষুণ্ণ।' *বঙ্কিম*, ১৮৮৭। ২ *বি* পরাজিত হয়নি যে জন। 'ভাঙিলে দ্বার কোণ সে ক্ষণ অপরাজিত হে।' *রবীন্দ্র*, ১৯২৬। ৩ *বিণ* হার মানে না এমন। 'সায়াঙ্গ, তার প্রধান লক্ষণ হচ্ছে জ্ঞানের জন্যে অপরাজিত যত্ন।' *রবীন্দ্র*, ১৯২৯।

অপরাজিতা [স] ১ *বি স্ত্রী* হিন্দুদের দেবী দুর্গা। 'অভয়া অপরাজিতা অচ্যুত অনুজা।' *ভারত*, ১৭৬০। ২ *বি* ফুলবিশেষ। 'কাঞ্চন কস্তুরী বক, অপরাজিতা চম্পক।' *রামপ্রসাদ*, ১৭৮০।

অপরাজেয় [স] ১ *বিণ* পরাজিত হয়নি এমন। 'সাত্যকি ও অভিমন্যু যুদ্ধে প্রায় অপরাজেয় হইয়াছিলেন।' *বঙ্কিম*, ১৮৮৬। ২ *বিণ* পরাজিত করা যায় না এমন। 'সত্যদর্শীর দৃষ্টি লইয়া অপরাজেয় বীর!' *রবীন্দ্র*, ১৯১৬। ৩ *বিণ* খ্যাতিমান। 'প্রায় অপরাজেয়

AMARBOI.COM

কথাশিল্পীদের মতোই বানাতে পেরেছিলে।' *শিবরাম*, ১৯৫০।

অপরাদ [স অপরাধ] *বি* পাপ; দোষ। 'এই অপরাদে ব্রত হইব বিফলে।' *মালাধর*, ১৫০০।

অপরাদ্ধ [স অপরাধী] *বিণ* অপরাধী। 'মহা অপরাদ্ধ হৈলা শান্তিপুরনাথ।' *বৃন্দা*, ১৫৮০।

অপরাধ [স] **১** *বি* অন্যায়। 'আবে দিনে দিনে পেম ভেল থোল/ কএ অপরাধ বোলব কত বোল।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* অনুশোচনা। 'ব্যর্থ বাক্যব্যয় করে অপরাধ পায়।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* দোষ। 'অপরাধ ক্ষম পূর্ব্বে যে কৈনু নিন্দন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'অপরাধ ক্ষম কৃপাময়।' *মুকুন্দ*, ১৬০০।

অপরাধক্ষয় [স] *বি* পাপক্ষয়; দোষনাশ। 'প্রণতিতে হবে ইহার অপরাধক্ষয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অপরাধ গড়া *ক্রি* অপরাধ করা। 'অপরাধ গড়িয়া তুলিতেছে অনেকে মিলিয়া, প্রায়শ্চিত্ত করিতেছে ইহারাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

অপরাধগ্রস্ত [স] *বিণ* অপরাধী। 'জালের অপরাধগ্রস্ত হইতে পারে।' *বঙ্কিম*, ১৮৭৮।

অপরাধজনিত [স] *বিণ* অপরাধমূলক। 'অপরাধজনিত কার্যকলাপ সম্পূর্ণরূপে কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীনে রহিয়াছে।' *আজাদ*, ১৯৭০।

অপরাধতত্ত্ববিদ [স] *বি* অপরাধবিষয়ক বিশেষজ্ঞ। 'এ জন্য অপরাধতত্ত্ববিদ, মনস্তাত্ত্বিক, আইনজ্ঞ, ডাক্তার ...।' *আজাদ*, ১৯৫৫।

অপরাধপ্রবণতা [স] *বি* আইনবিরুদ্ধ কাজে আসক্তি। 'সকল স্তরে অপরাধপ্রবণতা বিরোধী হাওয়া ...।' *আজাদ*, ১৯৫৬।

অপরাধবোধ [স] *বি* অপরাধ হয়েছে এমন বোধ। 'লক্ষণের সেই প্রচণ্ড ক্ষোভ, গভীর দুঃখ আর অপরাধবোধ ...।' *মুখুর্জেস*, ১৯৭৪।

অপরাধব্যূহ [স] *বি* অপরাধবেষ্টনী। 'অপরাধব্যূহ হইতে নির্গমনের কূটকৌশল।' *রবীন্দ্র*, ১৯৮৮।

অপরাধভীরু [স] *বি* অপরাধ করার কারণে ভীত ব্যক্তি। 'বাড়িতে সর্বদাই অপরাধভীরুর মতো যে ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

অপরাধমূলক [স] *বিণ* অপরাধবিশিষ্ট। 'অশ্লীল ও অপরাধমূলক ছবি প্রচার।' *আজাদ*, ১৯৬৮।

অপরাধমোচন [স] *বি* দোষক্ষালন। 'তবু অপরাধ মোচন হইবে, বাধা জীর্ণ হইবে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অপরাধহীন [স] *বি* নিরপরাধ ব্যক্তি। 'নিষ্ঠুর অন্যায় ঘটে অপরাধহীনের প্রতি।' *রবীন্দ্র*, ১৯৩৪।

অপরাধিন [স অপরাধিন্] *বি* অপরাধী ব্যক্তি। 'এই গুরুতর অপরাধিন যেন পরম দয়ালু খোদাতালার ক্ষমার পাত্র হন।' *মশাররফ*, ১৮৮৯।

অপরাধিনী [স] *বিণ* স্ত্রী দোষী। 'তাঁহার নিকট ... অপরাধিনী হইয়াছিলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

অপরাধী [স] **১** *বিণ* দোষী। 'মোর বাড়া আর প্রভু নাহি অপরাধী।' *বৃন্দা*, ১৫৮০; 'অপরাধী না রাখ মোহোরে তোরা সবে।' *সুলতান*, ১৭০০; 'ইহারা অত্যন্ত অপরাধী হইলেও, বধার্হ নহে।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* অভদ্র। 'এরূপ বিষয়ের বিবেচনা-ক্লেশ গ্রহণ করিতে অনুরোধ করাতে অপরাধী হইতেছি কি না, জানি না।' *অক্ষয়*, ১৮৫৬। **৩** *বি* দোষারোপ। 'মিথ্যা আমি অপরাধী করেছি তোমায়। *রবীন্দ্র*, ১৮৯০। **৪** *বি* আসামি। 'অপরাধী খালাস পাইলেও ক্ষতি নাই।' *রবীন্দ্র*, ১৯০৮।

অপরাপর *দ্র* অপর

অপরাবিদ্যা [স] *বি* বিজ্ঞান; ব্যবহারিক সত্য। 'অপরাবিদ্যা সম্পূর্ণ আয়ত্ত না হলে কারো পক্ষে পরাবিদ্যা লাভের ...।' *প্রমথ*, ১৯১৩।

অপরাভক্তি [স] *বি* গৌণ ভক্তি। 'আমাদের মতে ভক্তি পরাপ্রীতি, আর প্রীতি অপরাভক্তি।' *প্রমথ*, ১৯১৮।

অপরামর্শ [স] *বি* খারাপ পরামর্শ। 'নাগা সৈন্য সংগ্রহ করা অপরামর্শ নহে।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অপরার্ধ, অপরার্দ্ধ [স] *বিণ* বাকি অর্ধেক। 'কেবল টাকার শ্রাদ্ধ, মেলে হবে অপরার্দ্ধ।' *ভবানী*, ১৮২৫।

অপরাজিত [স] *বি* অপরাজিত জন। 'চিনেও চেনে না শ্বাবলম্বী অসহিষ্ণু/ সমবায়ী অপরাজিতে।' *সুধীন্দ্র*, ১৯৩৯।

অপরাহত [স] *বিণ* অপরাজিত। 'দুরূহ নিরুপায়তাকেও উপেক্ষা করিয়া অপরাহত ধৈর্য।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অপরাহ্ণ [স] *বি* বিকাল। 'অপরাহ্ণে আসিয়া হইল পরকাশ।' *বৃন্দা*, ১৫৮০।

অপরাহ্ণকাল [স] *বি* বিকাল বেলা। 'অপরাহ্ণকালে, জলসেক করিতাম তরু-আলবালে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অপরাহ্ণবেলা [স] *বি* শেষ সময়। 'আমার এই ভবঘুরে জীবনের অপরাহ্ণ বেলায়।' *শরৎ*, ১৯১৭।

অপরাহ্ণিক [স] *বিণ* বৈকালিক। 'কর্তা অন্তঃপুরমধ্যে অপরাহ্ণিক নিদ্রার সুখে অভিভূত।' *বঙ্কিম*, ১৮৮২।

অপরিচয় [স] *বি* পরিচয়ের অভাব। 'পরস্পরের মাঝখানে অপরিচয়ের দূরত্ব নাই।' *রবীন্দ্র*, ১৯০৫।

অপরিচিত [স] **১** *বিণ* অচেনা। 'এক অপরিচিত ব্রাহ্মণতনয়কে উপবিষ্ট দেখিয়া জিজ্ঞাসা করিল ...।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* অজানা। 'হিন্দু পুরাবৃত্তানুসন্ধায়ী মহাশয়েরা এ বিষয়ে অপরিচিত রাখিলেন না।' *অক্ষয়*, ১৮৪৯।

অপরিচিতা [স] *বি* স্ত্রী পরিচিত নয় এমন ব্যক্তি। 'জন্ম মোর বাঁধা আছে কী রহস্য-ডোরে তোমা সাথে হে অপরিচিতা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

অপরিচ্ছন্ন [স] **১** *বিণ* পরিপাটি নয় এমন। 'রাত্রিবস্ত্র প'রে ... অর্ধসভ্যতার অপরিচ্ছন্ন শৈথিল্য এবং আরাম উপভোগ করছি।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বিণ* অপরিষ্কার। 'আবর্জনাময় অপরিচ্ছন্ন ক্ষুদ্র ঘরে।' *ওয়ালী*, ১৯৪২।

অপরিচ্ছন্নতা [স] **১** *বি* পরিপাটি নয় এমন অবস্থা। 'একান্ত অপরিচ্ছন্নতার ভিতর দিয়েও নবাবী আমলের চেহারা।' *রবীন্দ্র*, ১৯৩১। **২** *বি* অস্বচ্ছতা। 'চিন্তার আবেগময়তা এবং অপরিচ্ছন্নতার জন্যে সে ভুল অনেকের কাছে ...।' *উমর*, ১৯৬৭।

অপরিচ্ছিন্ন [স] *বিণ* অসীম। 'এই এক সিদ্ধান্ত তাঁহাদের বিশ্বাসক্ষেত্রে বদ্ধমূল হইয়াছিল যে, পৃথিবী অচলা ও অপরিচ্ছিন্ন বিশ্বের কেন্দ্রভূতা।' *বিদ্যা*, ১৮৪৯।

অপরিজ্ঞাত [স] *বিণ* অজ্ঞাত; জানা নেই এমন। 'সেই অপরিজ্ঞাত কালে হিন্দু জাতি কতদূর সভ্যতারূঢ় ছিল।' *অক্ষয়*, ১৮৪৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অপরিজ্ঞেয় [স] *বিণ* অজ্ঞেয়; ভালোভাবে জানা যায় না এমন। 'অপরিজ্ঞেয় ও অনির্ব্বচনীয়-স্বরূপ পরমেশ্বরই মানব-জাতির পরম ভক্তিভাজন।' *অক্ষয়*, ১৮৫৪।

অপরিণত [স] **১** *বিণ* পরিণত হয়নি এমন। 'তাঁর ক্ষুদ্র অপরিণত নাসিকাটি প্রবেশ করিয়ে দিয়ে ...।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বিণ* অপরিপক্ব। 'ভাব যতক্ষণ মনের মধ্যে অস্ফুট অপরিণত আকারে থাকে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৩** *বিণ* অর্বাচীন। 'বাংলা অপেক্ষাকৃত অপরিণত ভাষা।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৪** *বিণ* অদক্ষ। 'বিদেশী নাবিক মাতাল এবং অপরিণত।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অপরিণতবুদ্ধি [স] *বিণ* বুদ্ধি বিকশিত হয়নি এমন। 'ক্লাসিক রোমান্টিককে অবজ্ঞা করেন অপরিণতবুদ্ধি বলে।' *শিব*, ১৯৫০।

অপরিণতি [স] *বি* অপূর্ণতা। 'একটুখানি অপরিণতি তার গোলটার মধ্যে থেকেই যায়।' *অবন*, ১৯২৫।

অপরিণামদর্শী [স] **১** *বিণ* ভবিষ্যতের কথা ভাবে না এমন। 'অপরিণামদর্শী ... কুসন্তানেরা জন্মভূমিকে উঁহাদিগের নিকট বিক্রয় করিল!' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বিণ* অবিবেচক; পরিণাম বিবেচনা করে না এমন। 'অপরিণামদর্শী ক্ষুৎক্ষামোদর অনেক জমিদার।' *গ্রামবার্তা*, ১৮৭৩।

অপরিণামদর্শিতা [স] *বি* পরিণামের কথা বিবেচনা না করা। 'তাঁদের অপরিণামদর্শিতা ও একগুয়েমীই এর প্রধান কারণ।' *সওগাত*, ১৯২৯।

অপরিণীতা [স] *বিণ স্ত্রী* অবিবাহিতা। 'অপরিণীতা শকুন্তলা মিরন্দার অনুরূপিণী।' *বঙ্কিম*, ১৮৮৭।

অপরিতৃপ্ত [স] **১** *বিণ* অতৃপ্ত। 'আমাদের হৃদয় অপরিতৃপ্ত থাকে।' *রবীন্দ্র*, ১৮৮৭। **২** *বিণ* অপূর্ণ। 'ইচ্ছাটা অপরিতৃপ্ত থাকলেও তার ভিতরে এক রকম সুখ আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অপরিতৃপ্তি [স] *বি* অতৃপ্তি। 'এই-সমস্ত সুলভ আনন্দের মধ্যে অপরিতৃপ্তি জীবনের হিসাবে প্রতিদিন বেড়ে উঠছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

অপরিতোষণীয়া [স] *বিণ স্ত্রী* অতৃপ্ত। 'অপরিতোষণীয়া আকাঙ্ক্ষার বৃদ্ধিতে যন্ত্রণা হয়।' *বঙ্কিম*, ১৮৭৫।

অপরিত্যাজ্য [স] *বিণ* পরিত্যাগ করা যায় না এমন। 'গ্রাম্য মনের অপরিত্যাজ্য সংস্কারে ...।' *মানিক*, ১৯৩৬।

অপরিপক্বতা [স] *বি* অভিজ্ঞতার অভাব। 'অক্ষমতা এবং অপরিপক্বতা পদে পদে প্রকাশ পাইবার কথা।' *রবীন্দ্র*, ১৯০৮।

অপরিপাটী [স] *বিণ* অগোছালো। 'লোকটি নেহাৎ অসজ্জিত ঢিলেঢালা অপরিপাটী –।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অপরিপুষ্ট [স] *বিণ* পুষ্ট হতে পারেনি এমন। 'ম্যালেরিয়ায় জীর্ণ অপরিপুষ্ট দেহ।' *রবীন্দ্র*, ১৯৩১।

অপরিপুষ্টিতা [স] *বি* পরিপুষ্টির অভাব। 'শিশুদের অপরিপুষ্টিতা ও স্বাস্থ্যহীনতা দেখা দিচ্ছে।' *বেগম*, ১৯৭১।

অপরিপূর্ণতা [স] *বি* অসম্পূর্ণতা। 'এরা রবীন্দ্রনাথের "ঐকতান" কবিতার অংশবিশেষ উদ্ধৃত ক'রে রবীন্দ্রনাথের অপরিপূর্ণতা প্রমাণ করতে চান।' *মোতাহের*, ১৯৫০।

অপরিবর্ত, অপরিবর্ত্ত [স] *বি* অপরিবর্তনীয়তা। 'লোকে তাহাই অপরিবর্তসহ সর্ব্বোত্তম বলিয়া গ্রহণ করিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৫৪।

অপরিবর্তন [স] *বিণ* আগের মতো; পূর্ববৎ। 'অপরিবর্তন অর্ঘ্য তোমার উদ্দেশে।' *রবীন্দ্র*, ১৯২৮।

অপরিবর্তনীয়, অপরিবর্ত্তনীয় [স] **১** *বিণ* পরিবর্তন করা যায় না এমন। 'তাহারা অপরিবর্তনীয় থাকিবে।' *দর্পণ*, ১৮৩৪; 'এসলাম ধর্ম্মের সহিত অপরিবর্তনীয় সম্বন্ধবদ্ধ ওজু, গোছল ...।' *ইমান*, ১৯০০। **২** *বিণ* চিরন্তন। 'অপরিবর্তনীয় পুরাতন বারংবার মানবের ঘরে শিশুমূর্তি ধরিয়া জন্মগ্রহণ করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অপরিবর্তনীয়তা [স] *বি* পরিবর্তন হয় না এমন অবস্থা। 'তার মধ্যে এমন একটা অপরিবর্তনীয়তা থাকা সম্ভব।' *মানিক*, ১৯৩৬।

অপরিবর্তিত [স] *বিণ* পরিবর্তনহীন। 'মনুষ্যের দশা এ জগতে সর্বদা অপরিবর্তিত থাকে না।' *মাইকেল*, ১৮৭৩।

অপরিমাণ [স] **১** *বিণ* অঢেল। 'বাংলার কয়লা অপরিমাণ।' *নজরুল*, ১৯২৭। **২** *বিণ* অনন্ত। 'তা আমার ওই অপরিমাণ ক্ষুধারই কল্যাণে।' *নজরুল*, ১৯৩১।

অপরিমার্জিত, অপরিমার্জ্জিত [স] *বিণ* অমার্জিত। 'এ ভাষাও অপেক্ষাকৃত দরিদ্র, দুর্ব্বল এবং অপরিমার্জ্জিত।' *বঙ্কিম*, ১৮৯২।

অপরিমিত [স] **১** *বিণ* অঢেল। 'অপরিমিত ধন সঞ্চয় করিয়াও ...।' *কেরি*, ১৮১২। **২** *বিণ* বেহিসেবি। 'আপনারদের অপরিমিত ব্যয়ে দরিদ্র হইয়াছেন।' *দর্পণ*, ১৮২৯। **৩** *বিণ* অধিক। 'অধ্যক্ষগণেরা অপরিমিতরূপে নিযুক্ত হইবেন প্রতি শনিবার সভা স্থাপন করিবেন।' *কৌমুদী*, ১৮৩০।

অপরিমিতরূপে *ক্রিবিণ* অধিক হারে। 'এই প্রত্যাশা যে ইংগ্রেজীয় বিদ্যাতে তদধ্যক্ষগণ মধ্যে অপরিমিতরূপে বৃদ্ধি হয়।' *দর্পণ*, ১৮৩০।

অপরিমিতি [স] *বি* অসীমতা। 'আর্টিস্টের অন্তর্নিহিত অপরিমিতি (বা ইনফিনিটি) আর্টিস্টের স্বতন্ত্রতা ...।' *অবন*, ১৯২৫।

অপরিমেয় [স] *বিণ* পরিমাণ স্থির করা যায় না এমন। 'অপরিমেয় প্রণয়রসাস্বাদে প্রফুল্লচিত্ত।' *বিদ্যা*, ১৮৪৯।

অপরিমোচনীয় [স] *বিণ* মোছা যায় না এমন। 'অপরিমোচনীয় অক্ষরে লিপিবদ্ধ হয়ে গেছে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অপরিম্লান [স] *বিণ* মলিন নয় এমন। 'চিরবালকটির হাস্যমধুর জীবন, রোগে শোকে অপরিম্লান।' *রবীন্দ্র*, ১৯১২।

অপরিরক্ষণ [স] *বি* অসংরক্ষণ। 'মন্ত্রণার অপরিরক্ষণ, মঙ্গল কার্য্যের অপ্রয়োগ ও প্রত্যুত্থান, এই চতুর্দশ রাজদোষ।' *বঙ্কিম*, ১৮৮৭।

অপরিশুদ্ধ [স] *বিণ* পরিশুদ্ধ নয় এমন। 'সমুদয় বিদ্যাই প্রথমে অপরিশুদ্ধ ভ্রান্তিসঙ্কুল থাকিয়া লোকের অন্তঃকরণ কুসংস্কার-পাশে বদ্ধ করিয়া রাখে।' *অক্ষয়*, ১৮৫৪।

অপরিশোধনীয় [স] *বিণ* পরিশোধ করা কঠিন এমন। 'কৃতজ্ঞতার অপরিশোধনীয় ঋণে আবদ্ধ।' *নবনূর*, ১৯০৬; 'উপাধ্যায়ের কাছে আমার অপরিশোধনীয় কৃতজ্ঞতা স্বীকার করি।' *রবীন্দ্র*, ১৯৩৪।

অপরিশোধ্য [স] *বিণ* পরিশোধ করা যায় না এমন। 'জগৎকে অপরিশোধ্য ঋণে বাঁধিয়া রাখিয়াছে।' *ফজলল*, ১৯১৩।

অপরিশ্রান্ত [স] *বিণ* অক্লান্ত। 'সেই রৌদ্রে অপরিশ্রান্ত ভাবে মুহূর্ত বিশ্রাম না করিয়া অশ্বারোহণে ...।' *রবীন্দ্র*, ১৮৭৭।

অপরিষ্কার [স] **১** *বিণ* পরিষ্কার করা হয়নি এমন অবস্থা। 'দুই তীর্থ স্থান অপরিষ্কারে জঙ্গল হইয়া লুপ্তপ্রায়।' *দর্পণ*, ১৮২০। **২** *বি* অস্পষ্টতা। 'তাহার চিত্রে কিছুই অপরিষ্কার নাই।' *হরপ্রসাদ*, ১৮৭৮।

অপরিসর [স] *বিণ* সংকীর্ণ। 'অপরিসর বালুময় নাবাল জমির ওপারে।' *বিভূতি*, ১৯৩৮।

অপরিসীম [স] *বিণ* সীমাহীন। 'তদ্দর্শনে অপরিসীম হর্ষ প্রাপ্ত হইয়া ...।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বিদ্যা, ১৮৪৯।

অপরিসীমানা [স] *বি* স্বাধীনতা; সীমানা থেকে মুক্তি। 'সৃষ্টি – যা অভিজ্ঞতার অপরিসীমানা চায়।' *জীবন*, ১৯৩১।

অপরিস্ফুট [স অপরিস্ফুট] ১ *বিণ* অস্পষ্ট। 'অপরিস্ফুট বচনে পুনঃপুন কহিতে লাগিল।' *এডুকেশন*, ১৮৭৩। ২ *বিণ* অস্ফুটন্ত। 'কুঁড়ির ক্ষীণ সবুজটি সাদা চোখে এখনো অপরিস্ফুট।' *কায়সার*, ১৯৬২।

অপরিস্ফুটতা [স] ১ *বি* অসম্পূর্ণতা। 'তাহা হইলে মানুষের অপরিস্ফুটতা সমস্ত প্রাণীসংসারে কোথাও পাওয়া যাইত না।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* ফুটে না ওঠার অবস্থা। 'যাহা অপরিস্ফুটতার ব্যাকুলতা।' *রবীন্দ্র*, ১৯১২।

অপরিস্ফুরণ [স] *বি* অস্ফুটতা; বিকাশের অভাব। 'তাহা বুদ্ধিবৃত্তির অপরিস্ফুরণমাত্র।' *রবীন্দ্র*, ১৯০২।

অপরিহরণীয় [স] *বিণ* এড়ানো যায় না এমন। 'দীর্ঘকাল নরলোকবাসিনী হইলে, অপরিহরণীয় পরিণয়পাশে বদ্ধ হইয়া ...।' *বিদ্যা*, ১৮৯২।

অপরিহার্য, অপরিহার্য্য [স] ১ *বিণ* অপরিত্যাজ্য। 'উক্ত সাহেব অপরিহার্য্য অনিবার্য্য স্বীয় গুণ সমূহ সংঘোষণা ...।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৮। ২ *বিণ* ব্যবহার না করে পারা যায় না এমন। 'অতএব নবন্যাস কথাটি সম্পূর্ণরূপে অপরিহার্য।' *হরপ্রসাদ*, ১৮৮১। ৩ *বিণ* না করে পারা যায় না এমন। 'যথার্থ দৃঢ় বিশ্বাস থাকিলে প্রচারকার্য অপরিহার্য হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৮৯৮। ৪ *বিণ* স্বাভাবিক। 'বিচিত্র পারিপার্শ্বিকের আকস্মিক ও অপরিহার্য সমবায়ে ক্রমশ পরিণত হয়ে উঠেছে।' *রবীন্দ্র*, ১৯০৭। ৫ *বিণ* অবশ্যপালনীয়। 'মুহলমানের পক্ষে ফরজ বা অপরিহার্য্য ধর্ম্মবিধান।' *মোহাম্মদী*, ১৯৩৬।

অপরিহার্যতা, অপরিহার্য্যতা [স] *বি* প্রয়োজনীয়তা। 'গণতন্ত্রের স্বতঃস্ফূর্ত বিকাশের পথ উন্মুক্ত করিয়া দেওয়ার অপরিহার্য্যতাই স্বীকার করিয়া লইতে হইবে।' *আজাদ*, ১৯৭১।

অপরিহার্যতাবোধ, অপরিহার্য্যতাবোধ [স] *বি* অত্যাবশ্যকতার বোধ। 'ঐক্যের অপরিহার্য্যতাবোধ রহিয়াছে।' *আজাদ*, ১৯৬৪।

অপরীক্ষিত [স] *বিণ* যাচাই করা হয়নি এমন। 'অসম্পূর্ণ বা অপরীক্ষিত জ্ঞানকে নিজের অভিজ্ঞতার ভিতর দিয়ে যাচাই ক'রে ...।' *মোতাহার*, ১৯৩৭।

অপরূব [স অপরূপ] *বিণ* অতিসুন্দর। 'অপরূব কথা মোএঁ কহিবোঁ কাহারে।' *বড়ু*, ১৪৫০।

অপরূপ [স] ১ *বিণ* খুব সুন্দর; অতুলনীয়। 'সুধাময়ী কো বিহি নিরমিল বালা। অপরূপ রূপ মনোভবমঙ্গল ত্রিভুবন বিজয়ী মালা।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* অপূর্ব। 'দেখ বিমল সরসী-আরসীর পরে অপরূপ রূপরাশি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অপরূপ গতি [স] *বি* বিস্ময়কর চলাচল। 'তরুণ তরুণী বুকে নিত্য তাই আমাদের অপরূপ গতি।' *নজরুল*, ১৯২৮।

অপরূপতা [স] ১ *বি* বিহ্বলতা। 'তাহার চক্ষে দ্বিগুণ অপরূপতা ধারণ করিল।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বি* অতুলনীয় রূপ। 'ওয়ার্ডসোয়ার্থ প্রকৃতির অপরূপতার সঙ্গে অভিন্নভাবে দেখেছেন বিশ্বব্রহ্মাণ্ডের নিয়ন্তার মহিমা।' *ওদুদ*, ১৯৪৬।

অপরূপধারী [স] *বিণ* অপরূপকে ধারণ করে এমন। 'কত রূপ ধর তুমি অপরূপধারী।' *অশ্বিনী*, ১৯২০।

অপরূপরূপ [স] *বিণ* অপূর্ব সুন্দর। 'অপরূপ রূপ মনোভবমঙ্গল ত্রিভুবন বিজয়ী মালা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অপরূপা [স] *বিণ* স্ত্রী অপূর্ব। 'রূপে রূপে, অপরূপা, খুঁজেছি তোমায়।' *নজরুল*, ১৯২৮।

অপরূপশী [স অপ+স রূপীয়সী>] *বি* অতিরূপসী। 'এ অপরূপশী কো নিরমায়ল কো বিধি বিদগ্ধরাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অপরেন্দ্রিয় [স] *বি* অন্যের ইন্দ্রিয়। 'আত্মেন্দ্রিয় প্রীতিকে অপরেন্দ্রিয় প্রীতিরূপে অনুভব করেন।' *হাই*, ১৯৫৪।

অপরোক্ষ [স] *বিণ* প্রত্যক্ষ; সরাসরি। 'ঘেরিল তস্বীর তনু অপরোক্ষ স্নেহে।' *সুধীন্দ্র*, ১৯৩২।

অপরোক্ষানুভূতি [স] *বি* প্রত্যক্ষ অনুভূতি। 'ব্রহ্মসত্যের অপরোক্ষানুভূতি তখনও তাঁর কাছে মূল্যবান ছিল।' *শিব*, ১৯৫০।

অপর্চুনিটি [ই] *বি* সুযোগ। 'ঠাকুরদাদার বয়সী হইয়াও নেতৃত্বের অপর্চুনিটি পাইতেছেন না।' *মনসুর*, ১৯৪০।

অপর্ণ [স] *বিণ* পাতাহীন। 'কালবৈশাখীর প্রহারে প্রহারে অপর্ণ সে-উপবন।' *সুধীন্দ্র*, ১৯২৯।

অপর্ণা [স] *বি* স্ত্রী (পাতাও ভক্ষণ করেননি যিনি) হিন্দুদেবী দুর্গা। 'অন্নপূর্ণা অপর্ণা অন্নদা অষ্টভুজা।' *ভারত*, ১৭৬০।

অপর্ণাব্রত *বি* গাছের পাতা পর্যন্ত খাওয়া যায় না এমন ব্রত। 'জাত যাবার ভয়ে তিনি সেই যাওয়া-আসাটা সেরেছিলেন নিরম্বু, অপর্ণাব্রতে।' *মুজতবা*, ১৯৫৮।

অপর্যাপ্ত, অপর্য্যাপ্ত [স] ১ *বিণ* প্রচুর। 'অপর লোকও অপর্য্যাপ্ত হইয়া থাকে।' *দর্পণ*, ১৮২৫। ২ *বিণ* অঢেল। 'সেই সমস্ত বর্ণনা করিতে করিতে অপর্যাপ্ত প্রীতি প্রাপ্ত হইতেন।' *বিদ্যা*, ১৮৪৯। ৩ *বিণ* প্রবল। 'অপর্যাপ্ত অবজ্ঞার স্বরে কহিলেন, আ মরে যাই।' *রবীন্দ্র*, ১৮৯২। ৪ *বিণ* অনন্ত। 'তারা আঁট-কালের মানুষ এসে পড়েছে অপর্যাপ্ত-কালের দেশে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অপর্যাপ্ত-কাল [স] *বি* অনন্তকাল। 'তারা আঁট-কালের মানুষ এসে পড়েছে অপর্যাপ্ত-কালের দেশে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অপর্যাপ্তি [স] *বি* ব্যাপকতা। 'আমাদের ভূতং ভবিষ্যৎ সেই সত্তারই অপর্যাপ্তিতে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অপলক [স] *বিণ* পলকহীন। 'সে কার মেঘ-ভরা বেদনাপ্লুত অপলক দৃষ্টি।' *নজরুল*, ১৯২২।

অপলাপ [স] ১ *বি* অস্বীকার। 'কি জানি সে ছোট লোক, সোনার লোভে পাছে অপলাপ করে।' *মদনমোহন*, ১৮৪৯। ২ *বি* গোপন। 'বাদীর সাক্ষী কোন বিষয় অপলাপ করিলে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। ৩ *বি* অবমাননা; বিকৃতি। 'স্বার্থসিদ্ধির জন্যই লোকে সত্যের অপলাপ করে।' *প্রমথ*, ১৯১২; 'স্থূল মাটির কাছে ঘটিয়ো না তোমার সত্যের অপলাপ।' *রবীন্দ্র*, ১৯৩২।

অপলাপী [স] *বিণ* অবমাননাকর। 'ফিরেছি ধনীর দ্বারে অপলাপী চীবরে সজ্জিত।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অপশব্দ [স] *বি* অশালীন শব্দ। 'অপশব্দ ব্যবহার করিও না।' *মদনমোহন*, ১৮৪৯।

অপশরী [স অপ্সরা] *বি* অপ্সরা। 'যক্ষ পরী অপশরী মানব মধ্যেতে।' *ফয়জুল্লেসা*, ১৮৭৬।

অপসঞ্চয় [স] *বি* অতিরিক্ত সঞ্চয়। 'অপব্যয় বলিয়া যেমন একটা ব্যাপার আছে অপসঞ্চয়ও তেমনি একটি উৎপাত।' *রবীন্দ্র*, ১৯০৪।

অপসর [স অবসর] ১ *বি* অপেক্ষা। 'দ্বাদস দিবস এথা অপসর করি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* সুযোগ। 'অচিরাৎ অপসরে আবার আসিব।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মানিকরাম, ১৭৮১। ৩ *বি* কর্মহীন। 'এখন অপসর হইয়াছী।' *ওসাঁ*, ১৭৮২।

অপসর[২] [স অপ্সরা] *বি* স্ত্রী অপ্সরা। 'সুরাসুর রাক্ষস গন্ধর্ব অপসর।' *আলাওল*, ১৬৮০।

অপসরী [স অপ্সরা] *বি* স্ত্রী অপ্সরা। 'সুর অপসরী কিয়ে লগ কুমারী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অপসর[৩] [স অপসরণ] *বিণ* অপসৃত। 'পরাশর অপসর তোরে জন্ম দিয়া।' *ভারত*, ১৭৬০।

অপসরণ [স] *বি* সরে যাওয়া। 'এই পশ্চাৎ অপসরণের রীতি থামুক নিমেষ লাগি।' *ফররুখ*, ১৯৪৬।

অপসারণ [স] ১ *বি* দূরীকরণ। 'আন্তরিক যাতনাভোগের সম্পূর্ণরূপ অপসারণ করিয়াছে।' *বিদ্যা*, ১৮৯২। ২ *বি* স্থানান্তরিতকরণ। 'রেললাইনের অপসারণ ও গতি পরিবর্ত্তনের কথা কতবার ঘোষিত হইল।' *আজাদ*, ১৯৫৬।

অপসারা [স অপসারণ>] *ক্রি* দূর করা। 'রমণ কাতর লাজভয় অপসারিয়া।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'বিঘ্ন দাও অপসারি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অপসারিত [স] ১ *বিণ* দূরীকৃত। 'সহসা বোধসুধাকরের উদয় হওয়াতে, সন্ন্যাসীর মোহান্ধকার অপসারিত হইল।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* বিতাড়িত। 'এইরূপে পিসানগর হইতে অপসারিত হইয়া ...।' *বিদ্যা*, ১৮৪৯।

অপসাহিত্য [স] *বি* বিকৃত রুচির সাহিত্য। 'আমাদের জিহাদ করতে হবে এই অপসাহিত্যের বিরুদ্ধে।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

অপসিদ্ধান্ত [স] *বি* ভুল সিদ্ধান্ত। 'আমরা অপসিদ্ধান্ত বোধ করিলেও তাহাদের সিদ্ধান্ত বস্তুতঃ অভ্রান্ত হইতে পারে ...।' *বিদ্যা*, ১৮৫১।

অপসিদ্ধান্তমূলক [স] *বিণ* ভুল সিদ্ধান্তমূলক। 'এই প্রশ্নগুলিকেও আমরা অপসিদ্ধান্তমূলক বা falacious বলিয়া মনে করি।' *মোহাম্মদী*, ১৯৩১।

অপসৃত [স] ১ *বিণ* প্রস্থান করেছে এমন। 'তথা হইতে অপসৃত হইয়া স্বামীর নিকটে গিয়া কহিল।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* দূরীভূত। 'বিষের তেজ শরীর হইতে একেবারে যে নির্দোষভাবে অপসৃত হইয়াছে, ...।' *মশাররফ*, ১৮৮৫। ৩ *বিণ* বিলুপ্ত। 'পৃথিবী হইতে অপসৃত হইয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯১।

অপসৃতা [স] *বিণ* স্ত্রী প্রস্থান করেছে এমন। 'তথা হইতে অপসৃতা হইয়া, গবাক্ষদ্বার দিয়া রাজপথ নিরীক্ষণ করিতে লাগিল।' *বিদ্যা*, ১৮৪৭।

অপসৃয়মাণ [স] *বিণ* সরে যাচ্ছে এমন। 'ওর অপসৃয়মাণ ছায়াটির দিকে তাকিয়ে ...।' *কায়সার*, ১৯৬৫।

অপসৃষ্টি [স] *বি* অশুভ সৃষ্টি। 'মানুষের মনে যুদ্ধ প্রবৃত্তি কি ঐ জাতীয় একটা প্রক্ষিপ্ত অপসৃষ্টি?' *প্রমথ*, ১৯২১।

অপস্মার [স] *বি* মৃগী রোগ। 'তাঁহার অপস্মার রোগ অর্থাৎ মৃগী রোগ ছিল।' *দর্পণ*, ১৮২১।

অপহত [স] ১ *বিণ* নিহত। 'কোন গাড়ীর কোন বস্ত্র গাত্রে লাগিয়া আহত ও অপহত হইবার সম্ভাবনা।' *অক্ষয়*, ১৮৫৫। ২ *বিণ* দূরীভূত। 'অপহত শঙ্কা।' *রবীন্দ্র*, ১৯২২।

অপহরণ [স] ১ *বি* জোর করে কেড়ে নেওয়া। 'আপনাদিগের কালহরণ ও দিনপাত প্রায় অপহরণ ও লুটতরাজের দ্বারা করিত।' *ফরস্টার*, ১৭৯৬। ২ *বি* চুরি। 'তাহা কোন নষ্ট লোকে অপহরণ করিয়াছে।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* আত্মসাৎ। 'শেষে নিজ পত্নীর গাত্রের অলঙ্কারাদি অপহরণ করিবার মনঃস্থ করিয়া ...।' *ভবানী*, ১৮২৫। ৪ *বি* মোচন। 'স্বয়ং মহাদেব নিজে সব দোষ অপহরণ করেন।' *গিরিশ*, ১৮৮৬।

অপহরণকারী [স] *বি* যে অপহরণ করে। 'শিশু অপহরণকারীদের মৃত্যুদণ্ড অথবা যাবজ্জীবন কারাদণ্ড দানের দাবি।' *বেগম*, ১৯৬৩।

অপহরণনৈপুণ্য [স] *বি* লুণ্ঠনদক্ষতা। 'অপহরণনৈপুণ্যে নিজের সংযমে আমি নিজেই বিস্মিত হই।' *রবীন্দ্র*, ১৯৩১।

অপহরা [স অপহরণ>] ১ *ক্রি* লোপ করা। 'পিত্ত, শ্লেষ্মা, বায়ু বলে কভু আক্রমিছে অপহরি জ্ঞান তার।' *মাইকেল*, ১৮৬১। ২ *ক্রি* দূর করা। 'ভয় অপহরি রাখো এ জনায়।' *রবীন্দ্র*, ১৮৮৫। ৩ *ক্রি* অপহরণ করা। 'সামান্য যা আছে আমার লয় তা অপহরি।' *রবীন্দ্র*, ১৯১০।

অপহর্তা [স] *বি* অপহরণকারী। 'তবে অপহর্তাকে কি আমি তিরস্কার করি না?' *মাইকেল*, ১৮৫৯।

অপহারক [স] *বি* লুণ্ঠনকারী। 'টাকা অপহারক বলিতেছে ...।' *মশাররফ*, ১৮৮৫।

অপহারী [স] *বি* অপহরণকারী। 'আপনার ... জয়নাব-কুসুমের বিধিসঙ্গত অপহারী।' *মশাররফ*, ১৮৮৫।

অপহৃত [স] ১ *বিণ* লুণ্ঠিত। 'বিদ্যা দস্যুকর্তৃক অপহৃত হইতে পারে না।' *কৌমুদী*, ১৮৩০। ২ *বিণ* গ্রাসকৃত। 'নিশাকর দ্বারা অপহৃত প্রায় ঐ শুভ্রবর্ণ আকাশের সঙ্গে সম্মিশ্রিত হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৩।

অপহৃত-চেতনা [স] *বিণ* অচেতন। 'শৈবলিনী অপহৃত চেতনা হইয়া, অর্দ্ধ নিদ্রাভিভূত, অর্দ্ধ জাগ্রতাবস্থায় রহিল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অপহৃত-মানস [স] *বিণ* মনকে হরণ করে এমন। 'জুলিয়ার মনোহারী বদনশোভা দর্শন করিলে কেই বা অপহৃত-মানস না হইত।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

অপহৃতা [স] *বিণ* স্ত্রী অপহরণ করা হয়েছে এমন। 'অপহৃতা নারীটাও মুসলমান।' *বুলবুল*, ১৯৩৩।

অপহেলা [স অবহেলা] ১ *বি* উপেক্ষা। 'তাহার পরামর্শ অপহেলা করিয়া এ বিষয়ে আপনারা কিছু পরিশ্রম করিলেক না।' *তারিণী*, ১৮০৩। ২ *বি* অবজ্ঞা। 'নারী জাতি অপহেলার পাত্রী।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

অপহ্নব [স] ১ *বি* অস্বীকার। 'তাহাও আমরা অপহ্নব করিতে পারি না।' *দর্পণ*, ১৮৩৩। ২ *বি* মিথ্যাচারিতা। 'কত বিবাহ করিয়াছেন তদ্বিবরণ অর্পণ করাতে অপহ্নবের কথা বিলক্ষণ প্রামাণিকই হইল।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৯।

অপহ্নবকারী [স সন্ধিতে হ্-কার] *বি* সত্যের অপলাপকারী; অসৎ ব্যক্তি। 'ঐ অপহ্নবকারিদিগের অবিহিত দান কোনরূপে সিদ্ধ থাকিতে পারে না।' *দর্পণ*, ১৮৩৬।

অপহ্নুতি [স] *বি* কাব্যালঙ্কারবিশেষ। 'অপহ্নুতি, শুদ্ধাপভ্রংশ, শাব্দী, কালসার প্রহেলিকা প্রভৃতি অদ্ভুত শব্দচাতুরী।' *রবীন্দ্র*, ১৮৯২।

অপা [স আত্মা] *বি* আত্মা। 'অপণে অপা বুঝ তু নিঅমণ।' *চর্যা* ৩২, ১২০০।

অপাংক্তেয় [স] ১ *বিণ* একঘরে। 'আবদুর রহমান বরঞ্চ অপাংক্তেয় হতে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পারে।' *মুজতবা*, ১৯৪৯। ২ *বিণ* বেমানান। 'এক কোণে একটি আলু অপাংক্তেয় হওয়ার দুঃখে ডুবে মরার চেষ্টা করছে।' *মুজতবা*, ১৯৪৯। ৩ *বিণ* অগ্রহণযোগ্য। 'অবিমিশ্র শব্দাবলীর ব্যবহার বাংলায় অপাংক্তেয়।' *হাই*, ১৯৫৪। ৪ *বিণ* নিম্নমানের। 'তাদের ভাষাও ছিল অপাংক্তেয়।' *হাই*, ১৯৫৪। দ্র **অপাঙ্‌ক্তেয়**

অপাক [স] ১ *বি* রান্না করা উচিত নয় এমন খাবার। 'নব বিবি ... স্বপাকে অপাক আহার করেন।' *ভবানী*, ১৮২৮। ২ *বি* বদহজম। 'কেবল অরুচি এবং অপাক হয়।' *রবীন্দ্র*, ১৯০৯।

অপাকা [স অপক্ব] *বিণ* পাকা নয় এমন। 'অপাকা কঠিন ফলের মতন,/ কুমারী, তোমার প্রাণ।' *রবীন্দ্র*, ১৯৪১।

অপাঙ্‌ক্তেয় [স] *বিণ* অসমকক্ষ। 'স্টীমারের কোণে অপ্রতিভ, অপাঙ্‌ক্তেয়, অনাহূত অতিথির মতো।' *সুধীন্দ্র*, ১৯৩৩। দ্র **অপাংক্তেয়**

অপাঙ্গ [স] ১ *বি* বৃক্ষবিশেষ। 'ওতড়া ধুথুরা কাটে অপাঙ্গ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* কটাক্ষ। 'ময়মত্ত-তৃণ অপাঙ্গবাণ।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* চোখের প্রান্ত। 'অপাঙ্গ ইঙ্গিতে হএ মুনি মন ভঙ্গ।' *আলাওল*, ১৬৮০।

অপাঙ্গবাণ [স] *বি* কটাক্ষরূপ তির। 'ময়মত্ত-তৃণ অপাঙ্গবাণ।' *মুকুন্দ*, ১৬০০।

অপাঙ্গরঙ্গরঙ্গিণী [স] *বি স্ত্রী* কটাক্ষ বাণ নিয়ে খেলা করে যে। 'অপাঙ্গরঙ্গরঙ্গিণী, আমার চিরকৌমার্যের কথা শুনিয়া বলিয়া গিয়াছে, "আহা আমি যদি কাণা হইতাম!"' *বঙ্কিম*, ১৮৭৪।

অপাঙ্গলোচন [স] *বি* আড়চোখ। 'অপাঙ্গলোচনে দেখি/ মোহযুতা বিধুমুখী।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অপাজ্ঞ [স অপার্থ] *বিণ* অসমর্থ। *বিদ্যা*, ১৮৯১।

অপাজ্ঞমান [স অপার্থমাণ] *বিণ* অসমর্থ। *বিদ্যা*, ১৮৯১।

অপাট [স] *বি* অনিয়ম। 'আমি অপাট করেছি তাই বুঝি ঠাকরুণ খেতে দেবে না?' *গিরিশ*, ১৮৮৯।

অপাঠ [স] *বি* পাঠ না-করা। 'অনেক২ বিশিষ্ট ব্যক্তি ব্যাকরণাদি শাস্ত্র অপাঠ হেতু।' *দর্পণ*, ১৮১৮।

অপাঠ্য [স] ১ *বিণ* পাঠের অযোগ্য। 'যাহারদিগের অপাঠ্য বোধ হয় তৎক্ষণাৎ তাহাসকল ত্যাগ করুন।' *দর্পণ*, ১৮৩২। ২ *বিণ* পড়া উচিত নয় এমন। 'যাহা অপাঠ্য, তাহা বালক প্রণীত হউক বা বৃদ্ধ প্রণীত হউক, তুল্যরূপে পরিহার্য্য।' *বঙ্কিম*, ১৮৫১। ৩ *বিণ* পাঠ্যপুস্তক নয় এমন। 'অপাঠ্য সব পাঠ্য কেতাব সামনে আছে খোলা।' *রবীন্দ্র*, ১৯০০।

অপাণ্ডুর [স] *বিণ* পাণ্ডুর নয় এমন। 'বিরহ-তপ্ত অপাণ্ডুর ক্লান্ত ভালে তাঁর ঈষদার্দ্র মল্লিকাধর স্পর্শ করে ...।' *মুজতবা*, ১৯৬০।

অপাতক [স] *বিণ* নিষ্পাপ। 'অপাতক হৃতচিত্তে দেহ কুতূহল।' *মুকুন্দ*, ১৬০০।

অপাতিয়ান [স অপ্রত্যয়] *বিণ* অবিশ্বাস্য। *মানোএল*, ১৭৪৩।

অপাতিয়ারা *বিণ* অবিশ্বাসী। *মানোএল*, ১৭৪৩।

অপাত্র [স] ১ *বি* অসৎ পাত্র। 'মাগে বা না মাগে কেহ পাত্র বা অপাত্র।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'পাত্রে নাহি দিল দান অপাত্রে করিল মান।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* দুর্জন। 'অপাত্রে বিশ্বাস করিলে, অবিলম্বেই প্রতিফল পাইতে হয়।' *অক্ষয়*, ১৮৫৫। ৩ *বি* অযোগ্য পাত্র। 'অপাত্র! বিলক্ষণ! আপনাদের মতো সৎপাত্র পাব কোথায়।' *রবীন্দ্র*, ১৯০৮।

অপান [স] *বি* (যোগ) মানবদেহের কল্পিত পঞ্চবায়ুর অন্যতম। 'প্রাণ অপান ব্যান উদান সমান।' *চণ্ডী*, ১৫৫০।

অপান বায়ু [স] *বি* নিম্নগামী বাতাস। 'বাতায়ন-পথে যাহা বহিতেছে, তাহা অপান বায়ু।' *বঙ্কিম*, ১৮৭৫।

অপাপ [স] *বিণ* নিষ্পাপ। 'খুল্লনারে ধনপতি বুঝিল অপাপ।' *মুকুন্দ*, ১৬০০।

অপাপপুরুষ [স] *বি* নিষ্পাপ ব্যক্তি। 'ওহে অপাপপুরুষ, দীনহীন আমি এসেছি পাপের কূলে।' *রবীন্দ্র*, ১৯০৯।

অপাপবিদ্ধ [স] *বিণ* নিষ্পাপ। 'যিনি অপাপবিদ্ধ তিনি পাপপুণ্যময় মনের অধিপতি হইয়াছেন।' *রবীন্দ্র*, ১৯১৬।

অপাপবিদ্ধা [স] *বি স্ত্রী* নিষ্পাপ নারী। 'গৃহিণী নিজেকে মনে করেছে গৃহত্যাগিনীর তুলনায় দেবী, অপাপবিদ্ধা।' *অন্নদা*, ১৯২৮।

অপাবৃণু [স] *বি* আবরণহীন। 'হে পূষণ, হে পরিপূর্ণ, হে অপাবৃণু, তোমার হিরণ্ময় পাত্রের ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

অপাবৃত [স] *বিণ* আবরণমুক্ত; উন্মোচিত। 'এই কালে তনু মেঘাবরণদ্বারা শশী অপাবৃত হইলেন।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

অপায় [স] ১ *বিণ* নিঃশেষিত। 'মধুমাস অপায় মাধব পরবেশ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* অমঙ্গল। 'উপায় থাকে না বটে কিন্তু অপায় থাকিয়া যায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

অপার [স] ১ *ক্রিবিণ* সীমাহীনভাবে। 'সভে পাষণ্ডীয়ে মন্দ বোলয়ে অপার।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* অসীম। 'প্রভুর সন্তোষ অপার।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'অপার সংসার নাহি পার পার।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৩ *বিণ* অনিঃশেষ। 'তোমার মহিমা/ অপার অসীমা।' *মানিকরাম*, ১৭৮১।

অপারক [স] *বিণ* অপারগ; অসমর্থ। 'আমি ইহাতে অপারক নহি।' *রামরাম*, ১৮০১।

অপারগ [স] ১ *বিণ* অসমর্থ। 'জমীদারের আমলা মসীজীবী গ্রামের প্রজা কৃষিজীবী অস্ত্রধারণে অপারগ।' *দর্পণ*, ১৮৩৪। ২ *বিণ* অদক্ষ। 'মৃত্যু হল সন্তানের জন্ম দিতে গিয়ে তবু, অপারগ ধাত্রীর হাতে।' *জীবন*, ১৯৩০।

অপারণ [স অপর>] *সর্ব* অপর। 'ইহাতে অপারণ সাধারণ দরোবস্ত লোকেরি আনন্দ।' *রামরাম*, ১৮০১।

অপারনিমান *বি* অপমান। 'এহাতে তোমারদিগের শাস্ত্রে অপারনিমান নাহি?' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

অপারমিতা [স] *বিণ* অপরিমেয়। 'অলোকসম্ভব তাঁর সাধনা, অপারমিতা তাঁর প্রতিভা।' *অচিন্ত্য*, ১৯৫০।

অপারী [স অপার] *বি* পার হতে পারে না যে। 'দয়ালচাঁদের দয়া হইলে পারে যায় অপারী।' *লালন*, ১৮৯০।

অপারেটর [ই] *বি* যে যন্ত্রাদি চালনা করে। 'অপারেটর খবর দিল, ফোনে কে ডাকছে ...।' *নরেন্দ্র*, ১৯৪৮।

অপারেশন [ই] *বি* অস্ত্রোপচার। 'অপারেশন, ইনজেকশন, ব্যবস্থা-পত্রের ছড়াছড়ি।' *রোকেয়া*, ১৯২১।

অপারেশন করা [ই অপারেশন+করা] *ক্রি* অস্ত্রোপচার করা। 'জেলার ডাক্তার এসে অপারেশন করল শেষটায়।' *শিবরাম*, ১৯৫০।

অপারেশন টেবিল [ই] *বি* অস্ত্রোপচারের টেবিল। 'অপারেশন

AMARBOI.COM

টেবিলে শুইয়া গোপি কপিলার হাত শক্ত করিয়া ধরিয়াছিল।' *মানিক*, ১৯৩৬।

অপার্থিব [স] **১** *বিণ* স্বর্গীয়। 'প্রেমের দুই মূর্তি – অপার্থিব ও পার্থিব।' *ফজলল*, ১৯১৩। **২** *বিণ* অলৌকিক। 'পিতার যত্ন স্নেহ ইত্যাদি অপার্থিব সম্পত্তি।' *রোকেয়া*, ১৯২১।

অপার্থিবা [স] *বিণ স্ত্রী* পৃথিবীর বস্তুস্পর্শশূন্য। 'নারী হয়ে রক্তমাংসহীন অপার্থিবা।' *বুদ্ধ*, ১৯৪৪।

অপার্থিয়া [স প্রার্থনা>] *বিণ* হাঘরে। *মানোএল*, ১৭৪৩।

অপাল্য [স] *বিণ* পালন করা যায় না এমন। 'এ অনুরোধ অপাল্য।' *অচিন্ত্য*, ১৯৫০।

অপি [স] *অব্য* পুনরায়। 'আত্মারামা অপি অপি গর্হা অর্থ কয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অপিক্ষা [স অপেক্ষা] *বি* দেরি। *ক্যালগে*, ১৭৯২; 'সর্ব্বনাশ হওয়ার সময় উপস্থিত জানিও তাহারও আর বিস্তর কাল অপিক্ষা নেই।' *রামরাম*, ১৮০১।

অপিক্ষে [স অপেক্ষা] *বি* অপেক্ষা। 'দোষ নয় তো যেন সাবান হাতে তুলে গায়ে মাখার অপিক্ষে।' *শক্তি*, ১৯৬৯।

অপিচ [স] *অব্য* অধিকন্তু। 'অপিচ এক্ষণে যে কএক জন বাঙ্গালি সম্বাদপত্র সম্পাদক হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩১।

অপিধান [স] *বি* আড়াল। 'অন্তরে রাখিল মোরে অপিধান করি।' *মানিকরাম*, ১৭৮১।

অপিনিয়ন [ই] *বি* মতামত। 'কৌন্সেলির নিকট হইতে অপিনিয়ন লইতে হয়।' *দর্পণ*, ১৮৩১।

অপিস [ই] *বি* দফতর। 'তিনি বোট অপিসের মাঝি ছিলেন।' *ভবানী*, ১৮২৫।

অপিস-টাইম [ই] *বি* অফিসে কাজের সময়। 'সবারই অফিস-টাইম এখন।' *শিবরাম*, ১৯৭০।

অপুত্র [স] *বিণ* পুত্রহীন। 'একমাত্র অপুত্র বঞ্চিত মনোরথ।' *বাহরাম*, ১৬৫০।

অপুত্রক [স] *বিণ* পুত্র সন্তান নেই এমন। 'সুনিএগ্রা অপুত্রক রাজা তারে আইল দেখিবারে।' *মালাধর*, ১৫০০।

অপুত্রবতী [স] *বিণ স্ত্রী* পুত্রসন্তান নেই এমন। 'শশীকে যে অপুত্রবতী রমণী গভীরভাবে স্নেহ করে।' *মানিক*, ১৯৩৬।

অপুত্রা [স অপুত্র] *বিণ* পুত্রহীন। 'অপুত্রা নৃপতিএ পাউক পুত্রবর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অপুরন [স অপূর্ণ] *বি* অপূর্ণ থাকা; বাকি থাকা। 'জে অপুরন হয় সমাচার লিখিবে।' *তাঁতি*, ১৭৯২।

অপুরুব [স অপূর্ব] *বিণ* খুব সুন্দর। 'অপুরুব কুচ চক্রবাক যুগল।' *বড়ু*, ১৪৫০।

অপুষ্ট [স] *বিণ* পুষ্টিহীনতায় ভুগছে এমন। 'আহারাভাবে বঙ্গসন্তানের শরীরটা যেমন অপুষ্ট থাকিয়া যায়, মানসিক পাকযন্ত্রটাও তেমনি পরিণতি লাভ করিতে পারে না। *রবীন্দ্র*, ১৮৯২।

অপুষ্টাঙ্গী [স অপুষ্ট+স অঙ্গী] *বিণ* রোগা-পটকা। 'কিন্তু তাই বলে অপুষ্টাঙ্গী নয়।' *নরেন্দ্র*, ১৯৪৯।

অপুষ্টিকর [স] *বিণ* পুষ্টি কম আছে এমন। 'অপুষ্টিকর খাদ্য গ্রহণ।' *আজাদ*, ১৯৫৫।

অপুষ্পক [স] **১** *বিণ* ফুলহীন। 'ফণিমনসায় ধরিল যে-অপুষ্পক শীষ।' *সুধীন্দ্র*, ১৯৩২। **২** *বিণ* নিষ্ফল। 'অপুষ্পক সময় বইছে, পুনর্জন্ম নেই আর।' *মাহমুদ*, ১৯৬৬।

অপূজ্য [স] *বিণ* পূজার অযোগ্য। 'লোকের নিকট অপূজ্য হইলেন।' *রবীন্দ্র*, ১৯০২।

অপূরণীয় [স] *বিণ* পূরণ করা যায় না এমন। 'এরূপ একজন নেতাকে হারাইয়া দেশের অপূরণীয় ক্ষতি হইল।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অপূর্ণ [স] **১** *বিণ* অনূর্ধ্ব। 'অপূর্ণ ষোড়শ বৎসর বয়স্কপর্য্যন্ত।' *দর্পণ*, ১৮৩৮। **২** *বিণ* পরিপূর্ণ নয় এমন। 'অপূর্ণ স্বপন-সৃষ্ট মানুষেরা ... এই আশা, এই তার একমাত্র পণ।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৩** *বিণ* অসমাপ্ত। 'দুর্বল মোরা, কত ভুল করি, অপূর্ণ সব কাজ।' *রবীন্দ্র*, ১৮৯০। **৪** *বি* অপূর্ণতা। 'অপূর্ণ যখন চলেছে পূর্ণের দিকে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অপূর্ণতা [স] *বি* পূর্ণতার অভাব। 'আছে এক সীমাহীন অপূর্ণতা, অনন্ত মহৎ।' *রবীন্দ্র*, ১৮৯২।

অপূর্ণাঙ্গ [স অপূর্ণ–অঙ্গ] *বিণ* পূর্ণাঙ্গ নয় এমন। 'স্বামীর সহায়তা ছাড়া স্ত্রীর জীবন অপূর্ণাঙ্গ।' *বেগম*, ১৯৪৮।

অপূর্ব, অপূর্ব্ব [স] **১** *বিণ* অভূতপূর্ব। 'বিজয় দেখেন অতি অপূর্ব সমস্ত।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* অত্যন্ত সুস্বাদু। 'অপূর্ব্ব মোচার ঘন্ট তাহা যে খাইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* চমৎকার। 'দেখিল অপূর্ব্ব কত দুর্গা ভাঞি ঠাঞি।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৪** *বিণ* অতি উৎকৃষ্ট। 'আমাকে এই অপূর্ব্ব নীতি কহিয়া গেল।' *তারিণী*, ১৮০৩। **৫** *বিণ* আশ্চর্য। 'তাঁহার আর এক অপূর্ব যুক্তি দেখ।' *অক্ষয়*, ১৮৪৭। **৬** *বিণ* সুন্দর। 'সেথায় কি চুপে চুপে অপূর্ব নূতন রূপে হয় সে সফল।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৭** *বি* ভবিষ্যৎ। 'ভুলায়ে পূর্বের পথ অপূর্বের পথে দ্বার খোলা।' *রবীন্দ্র*, ১৯২৫।

অপূর্বকলা, অপূর্ব্বকলা [স] *বি* (সংগীত) তালবিশেষ। 'রাগ বরাড়ী। অপূর্ব্বকলা।' *বড়ু*, ১৫৭০।

অপূর্বতা [স] *বি* অভিনবত্ব। 'তাহার অপূর্বতা প্রবন্ধে প্রকাশ করা কঠিন।' *রবীন্দ্র*, ১৯০৫।

অপূর্বত্ব [স] *বি* অভিনবত্ব। 'একটি সামান্য নারীমাত্র অবশিষ্ট রহিল – তাহার কোনো অপূর্বত্ব রহিল না।' *রবীন্দ্র*, ১৯০৩।

অপূর্বলব্ধ [স] *বিণ* অভূতপূর্বভাবে অর্জিত। 'জ্যোতির্ময় অভিজ্ঞান, অপূর্বলব্ধ বৈভব।' *মুজতবা*, ১৯৬০।

অপূর্বসুন্দরী, অপূর্ব্বসুন্দরী [স] *বিণ* অত্যন্ত রূপসী। 'এক অপূর্ব্বসুন্দরী অপ্সরাকে ... অবলোকন করিতে লাগিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

অপেক্ষন [স অপেক্ষণ] *বি* তত্ত্বাবধান। 'বুঝিয়া শ্রীরাম তার কৈল অপেক্ষন।' *মালাধর*, ১৫০০।

অপেক্ষমাণ [স] *বিণ* অপেক্ষা করছে এমন। 'মুখোমুখি দেখা করবার জন্যে অপেক্ষমাণ।' *ওয়ালী*, ১৯৪৫।

অপেক্ষা [স] **১** *বি* প্রতীক্ষা। 'সহিতে অপেক্ষা বিষম পরীক্ষা দিলাঙ যুবতিজনে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* খাতির। 'তোমার অপেক্ষা হেতু ক্ষমি শুধু আমি।' *কাশীরাম*, ১৬৫০। **৩** *বি* আপ্যায়ন। 'উপযুক্ত অন্য কালে অপেক্ষা আদর।' *ঘনরাম*, ১৭১১। **৪** *অব্য* চেয়ে; থেকে। 'তাহা অপেক্ষা বড়।' *কেরি*, ১৮০২। **৫** *বি* তুল্য। 'এ বিবাহে তোমার তাহার অপেক্ষা নাই।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **৬** *বিণ* অবশিষ্ট। 'আর যদি কিছু অপেক্ষা থাকে তাহাও হইয়া উঠিবেক।' *ভবানী*,

AMARBOI.COM

১৮২৫। **৭** *বি* প্রত্যাশা। 'কমিটি হইতে যে লিপির অপেক্ষা আছে তাহার অভাবে এই পুস্তকে অনেক উপকার হইবেক।' *দর্পণ*, ১৮৩৭। **৮** *বি* প্রয়োজন। 'এদেশের বিষয়ে আরও কিছু বিবেচনা করিবার অপেক্ষা আছে।' *অক্ষয়*, ১৮৪৯।

অপেক্ষাকৃত [স] *ক্রিবিণ* তুলনামূলকভাবে। 'ইতিহাসাদি অধ্যয়নের সময় যে অপেক্ষাকৃত অল্প তাহার সন্দেহ নাই।' *অক্ষয়*, ১৮৪৯।

অপেক্ষাতুর [স] *বিণ* অপেক্ষা করছে এমন। 'আলোর মুখে অপেক্ষাতুর বসে থাকা।' *জীবন*, ১৯৪০।

অপেক্ষারতা [স] *বিণ স্ত্রী* প্রতীক্ষা করে আছে এমন। 'পাতা আর ফুলে নক্সা বানায়ে তারি অপেক্ষারতা।' *জসীম*, ১৯৫১।

অপেক্ষার্থী [স] **১** *বিণ* অপেক্ষারত। 'কোন এক অনুঘটকের অপেক্ষার্থী।' *শওকত*, ১৯৪৬। **২** *বিণ* অপেক্ষাকারী। 'আর কী যেন প্রশ্নের জবাবের অপেক্ষার্থী।' *শওকত*, ১৯৭২।

অপেক্ষী [স] *বিণ* প্রতীক্ষারত। 'কোথাও প্রাচীন ছায়াবটের তলে খেয়াতরীর অপেক্ষী দুটি চারিটি পারের যাত্রী।' *রবীন্দ্র*, ১৯০৬।

অপেক্ষা[২] [স অপেক্ষণ>] *ক্রি* অপেক্ষা করা। 'স্বর্গ অপেক্ষিয়া আছে তোমা-তরে আজ।' *রবীন্দ্র*, ১৮৯৯।

অপেয় [স] *বিণ* পানের অযোগ্য। 'অধিকন্তু দোষ তাহে অপেয় সে নীর।' *রামপ্রসাদ*, ১৭৮০।

অপেয়পান [স] *বি* নিষিদ্ধবস্তু পান। 'সর্ব্বদা গীত গানে বেশ্যাভবনে অগম্যা গমনে অপেয় পানে মূর্তিমন্ত এক অধর্ম্ম।' *ভবানী*, ১৮২৮।

অপেরণ [স] *বি* নৈতিক বিচ্যুতি। 'তার অপেরণে অপচারী দ্রষ্টাই প্রকট।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অপেরা [ই] *বি* গীতিনাট্য। 'সেদিন "মানভঞ্জন" অপেরা অভিনয় হইতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অপেরাগ্লাস [ই] *বি* নাটক অথবা অপেরা দেখার জন্যে ব্যবহৃত ছোটো দূরবিন। 'আমি অপেরাগ্লাস আনাইয়া দেখিলাম, বিভূতি, ১৯৩৮।

অপেরাপার্টি [ই] *বি* যাত্রাদল। 'বিনোদিনী অপেরাপার্টি ... অভিনয় করার সময়।' *মানিক*, ১৯৩৬।

অপেরাদী [স অপরাধী] *বিণ* অপরাধী। '... সেইয়া রাজাই এ অপেরাদী তাহা মাথা কাটে না।' *আস্তোনিয়ো*, ১৭৪৩।

অপোগণ্ড [স] **১** *বিণ* অল্পবয়স্ক। 'অপোগণ্ড বালকের ধন রক্ষণে নিযুক্ত করিতেছেন ...।' *সেবধি*, ১৮৩৯। **২** *বি* শিশু। 'ভদ্রলোকের সাত ছেলে-মেয়ে এবং অপোগণ্ড কোলে একজন ঝি।' *শিবরাম*, ১৯৪০।

অপোজিশন [ই] *বি* বিরোধী পক্ষ। 'সে-ই অপোজিশন লিড করছে মুসলমান তরফ থেকে।' *নজরুল*, ১৯৩০।

অপোরাদ [স অপরাধ] *বি* অপরাধ। 'আমার অপোরাদ কি?' *আস্তোনিয়ো*, ১৭৪৩।

অপৌরুষ [স] **১** *বিণ* কাপুরুষতা। 'আমাদের অপৌরুষ করে না কি ক্ষমা গৃধ্নু নিষাদের হাতে বারংবার তোমার নিপাত।' *সুধীন্দ্র*, ১৯৩২। **২** *বিণ* অলৌকিক। 'সংক্ষিপ্ত চেষ্টাই রটে অপৌরুষ বিবর্তের দুনে।' *সুধীন্দ্র*, ১৯৪৫।

অপৌরুষেয় [স] **১** *বিণ* আলৌকিক। 'মীনরূপধারণ করিয়া, ধর্মমূল অপৌরুষেয় বেদের রক্ষা করিয়াছেন।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* অতিমানবিক। 'এ গ্রন্থ কাহারও প্রণীত নহে, ইহা নিত্য এবং অপৌরুষেয়।' *বঙ্কিম*, ১৮৮৭।

অপৌরুষেয়ত্ববাদ [স] *বি* অলৌকিক বিশ্বাসনির্ভর মতবাদ। 'অপৌরুষেয়ত্ববাদ, সম্মতিবাদ, এবং অনুকৃতিবাদ এ তিনটি যুক্তিসঙ্গত হইয়া ওঠে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অপৌরুষেয়া [স] *বিণ স্ত্রী* অলৌকিকভাবে আগত। 'ভাষা অপৌরুষেয়া বা ঈশ্বর প্রদত্তা।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অপ্যাণা [স আত্মন] *সর্ব* নিজ। 'দিসই পর অপ্যাণা।' *চর্যা* ৩৯, ১২০০।

অপ্রকট [স] *বিণ* অস্পষ্ট। 'এ প্রকার সন্ধি সঙ্কট ঘটনার বিকট রচনায় প্রকট ভাষাও অপ্রকট হয়।' *দর্পণ*, ১৮৩০।

অপ্রকটিত [স] *বিণ* অপ্রকাশিত। 'এই পুস্তক প্রস্তুত হইয়া উপায়াভাবে কিয়ৎকাল অপ্রকটিত ছিল।' *অক্ষয়*, ১৮৪১।

অপ্রকল্প্য [স] *বিণ* কল্পনা করা যায় না এমন। 'তাহার পর কত সৌর-জগৎ পার হইয়া নিরাত ... নিঃশব্দ, অপ্রতর্ক্য, অপ্রকল্প্য, শূন্যময় অনন্তে উপনীত হইলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

অপ্রকাশ [স] **১** *বি* গোপন। 'কি নিমিত্ত অপ্রকাশ রূপে এমত মহাপূজা করিয়াছেন।' *দর্পণ*, ১৮১৯। **২** *বিণ* অপ্রকাশিত। 'সুতরাং এমত মহাপুরুষের "জীবনচরিত" অপ্রকাশ থাকাতে অনেকেই ক্ষুব্ধ হইতে পারেন।' *গুপ্ত*, ১৮৫৫।

অপ্রকাশরূপে *ক্রিবিণ* গোপনে। 'অপ্রকাশরূপে পুষ্পবনে পশ্চিমাস্য হইয়া ও কাছা খুলিয়া যবনের মত নমাজ করিতে লাগিল।' *দর্পণ*, ১৮২০।

অপ্রকাশলোক [স] *বি* অদৃশ্যমান জগৎ। 'প্রকাশলোকের অন্তরে অন্তরে যে অপ্রকাশলোক, মানুষ সেই গহনে প্রবেশ ক'রে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অপ্রকাশিত [স] **১** *বিণ* সুপ্ত। 'তাঁহার গুণ ও বিজ্ঞতা অনেককাল পর্য্যন্ত অপ্রকাশিত থাকিয়া ...।' *দর্পণ*, ১৮৩২। **২** *বিণ* গোপন। 'মন্ত্রণা, ষট্ কর্ণে প্রবিষ্ট হইলে, অপ্রকাশিত থাকে না।' *বিদ্যা*, ১৮৪৭।

অপ্রকাশিতব্য [স] *বিণ* প্রকাশ করার অনুপযুক্ত। 'পছন্দ না থাকাই কর্তব্য এবং থাকলেও তা অপ্রকাশিতব্য।' *বেগম*, ১৯৪৭।

অপ্রকাশ্য [স] **১** *বি* গোপন। 'কোন সন্ধানে প্রকাশ্যে বা অপ্রকাশ্যে ... হাত না দিবে।' *ডানকান*, ১৭৮৪। **২** *বিণ* গোপনীয়। 'তাহা অপ্রকাশ্য থাকাই উচিত।' *দর্পণ*, ১৮৩২।

অপ্রকৃৎ [স অপ্রকৃত] *বিণ* অসত্য। 'কোন নালিস অপ্রকৃৎ ঠাহরিলে সমোচিত সাস্তি হবেক।' *চেরী*, ১৭৯২।

অপ্রকৃত [স] **১** *বিণ* যথার্থ নয় এমন। 'এ কিছু অপ্রকৃত কার্য্য নহে।' *রামরাম*, ১৮০১। **২** *বিণ* মিথ্যা। 'তাহার মধ্যে অধিকাংশ কথা অপ্রকৃত হইলেও, দুই একটা সত্য কথা পাওয়া যায়।' *বঙ্কিম*, ১৮৭৪।

অপ্রকৃতানুমান [স অপ্রকৃত-অনুমান] *বি* অপ্রকৃত ধারণা। 'তদনানুমান অপ্রকৃতানুমান জ্ঞান করেন।' *জ্ঞানাঙ্কুরোদয়*, ১৮৫২।

অপ্রকৃতিস্থ [স] **১** *বিণ* অস্বাভাবিক। 'কর্তব্যের নামে যখন অকর্তব্য প্রবল হয় তখন দেখিতে দেখিতে সমস্ত দেশ অপ্রকৃতিস্থ হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *বি* মানসিক সুস্থতা হারিয়ে ফেলেছে যে। 'ছবি অপ্রকৃতিস্থের মতো বলল।' *জালাউদ্দিন*, ১৯৬০।

অপ্রকৃতিস্থা *বিণ স্ত্রী* অস্বাভাবিক। 'সেই অপ্রকৃতিস্থা প্রকৃতির শঙ্কা, বেদনা, ভীতি।' *মণীশ*, ১৯৩৯।

অপ্রকৃষ্ট [স] *বিণ* নিকৃষ্ট। 'মোক্তারেরা অবিরত অপ্রকৃষ্ট কার্য্যে রত।' *দীনবন্ধু*, ১৮৬০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অপ্রখর [স] *বিণ* প্রখর নয় এমন। 'একতারার মতো অপ্রখর নদী-স্রোতের মৃদুল গুঞ্জন।' *নজরুল*, ১৯৩০।

অপ্রগল্‌ভ [স] ১ *বিণ* সম্ভ্রম রক্ষা করে কথা বলে এমন। 'কেবলই বিক্ষিপ্ত হয়ে উদ্ভ্রান্ত হয়ে বেড়ান না, তাঁরা অপ্রগল্‌ভ অপ্রমত্ত ধীর হন।' *রবীন্দ্র*, ১৯১৬। ২ *বিণ* অপ্রকট। 'তাঁর এই সহায়তা ছিল অপ্রগল্‌ভ, কিন্তু সকল প্রকারেই খুব খাঁটি।' *রবীন্দ্র*, ১৯২৮। ৩ *বিণ* লাজুক। 'অপ্রগল্‌ভ সূর্যাস্ত-আভার।' *রবীন্দ্র*, ১৯৪০।

অপ্রগল্‌ভা [স] *বিণ স্ত্রী* অল্পভাষী। 'যে স্ত্রী ... প্রিয়ভাষিণী ও অপ্রগল্‌ভা।' *দর্পণ*, ১৮২২।

অপ্রচল [স] *বিণ* অচল। 'বৈরিতার অপ্রচল প্রকীর্তি।' *সুধীন্দ্র*, ১৯৩১।

অপ্রচলন [স] *বি* অচলন। 'ছবির মূর্তির অপ্রচলনের সঙ্গে সঙ্গে তাদের ভাষা বোঝাও দুঃসাধ্য।' *অবন*, ১৯২৫।

অপ্রচলিত [স] *বিণ* প্রচলিত নয় এমন। 'সেই কথা-কয়টি বিস্মৃত অক্ষরে অপ্রচলিত ভাষায় আজও উচ্চারণ করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অপ্রচার [স] *বিণ* প্রচলিত নয় এমন। 'হিন্দু বিধবার বিয়া আছে অপ্রচার।' *গুপ্ত*, ১৮৫৮।

অপ্রচুর [স] *বিণ* সামান্য। 'কিন্তু তা হলেও সমস্যার তুলনায় এ প্রচেষ্টা কত অপ্রচুর।' *মাহেনও*, ১৯৪৯।

অপ্রজ্বল [স] *বিণ* অনুজ্জ্বল। 'যা ছিল অপ্রজ্বল ধোঁয়ার গোপন আচ্ছাদনে তাও নিবল।' *রবীন্দ্র*, ১৯২৫।

অপ্রণয় [স] ১ *বি* বিবাদ। 'তাহার সহিত শিবানন্দের অপ্রণয় হইয়া ...।' *রামরাম*, ১৮০১। ২ *বি* অসদ্ভাব। 'বিদ্যানের সহিত প্রাচীন সম্প্রদায়ী ধর্ম-ব্যবসায়ীর আন্তরিক অপ্রণয় উৎপন্ন হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বি* বিদ্বেষ। 'অপ্রণয় হয় এবং প্রজাগণও বিদ্রোহ মত আশ্রয় করিতে চলে।' *সুলভ*, ১৮৭৩। ৪ *বি* প্রেমহীনতা। 'কেবল প্রণয় নয়, অপ্রণয় তব সেও আমি সব অকাতরে, রোষানল লব বক্ষ পাতি।' *রবীন্দ্র*, ১৮৮৯।

অপ্রতর [স] ১ *বিণ* স্রোতহীন। 'আপনারে করেছি একেলা, নিঃস্ব অপ্রতর পরিখার মাঝে।' *সুধীন্দ্র*, ১৯৩২। ২ *বিণ* বদ্ধ। 'তবু স্তব্ধ বিধাতাকে সাধি – মেনে নিতে পারি যেন অপ্রতর অসীমের ব্যূহ।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অপ্রতর্ক্য [স] *বিণ* তর্ক দ্বারা স্থির করতে পারা যায় না এমন। 'তাহার পর কত সৌর-জগৎ পার হইয়া ... নিঃশব্দ, অপ্রতর্ক্য, অপ্রকল্প্য, শূন্যময় অনন্তে উপনীত হইলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

অপ্রতিখণ্ডিত [স] *বিণ* খণ্ডন করা হয়নি এমন। 'অভিযোগ আজও কম-বেশি অপ্রতিখণ্ডিত রয়ে গেছে।' *শিব*, ১৯৫০।

অপ্রতিগ্রহ [স] *বিণ* দানগ্রহণে অস্বীকৃতি জানায় এমন। 'জনসন বিদ্যাসাগরের মতই অপ্রতিগ্রহ এবং স্বকীয়তন্ত্রী ছিলেন।' *রমেন*, ১৯৭০।

অপ্রতিজ্ঞা [স] *বি* অঙ্গীকারের অভাব। 'ওরকম সব প্রতিজ্ঞা অপ্রতিজ্ঞার কোনো মানে নেই।' *জীবন*, ১৯৩১।

অপ্রতিদ্বন্দ্ব [স] *বিণ* প্রশ্নাতীত। 'যাঁরা... বাংলা সাহিত্যে অপ্রতিদ্বন্দ্ব বিকাশ ঘটান তাঁদের সকলেরই ইংরেজি ভাষার দখল ছিল।' *শিব*, ১৯৫৬।

অপ্রতিদ্বন্দ্বিত [স] *বিণ* অপ্রতিহত। 'এমন অতুলনীয় অপ্রতিদ্বন্দ্বিত ক্ষমতার অধিপতিকে কবিসম্রাট বলা যায় বৈকী।' *আইয়ুব*, ১৯৭৩।

অপ্রতিদ্বন্দ্বী [স] *বিণ* সমকক্ষতাহীন। 'দেবলোকে পুরন্দর যেরূপ অপ্রতিদ্বন্দ্বী, নরলোকে আমিও তদ্রূপ।' *বঙ্কিম*, ১৮৮৫।

অপ্রতিবদ্ধ [স] *বিণ* অসংযত। 'দুই বাংলাতেই প্রাকচিন্তাহীন, অপ্রতিবদ্ধ জনসংখ্যা বৃদ্ধির চাপ...।' *শিব*, ১৯৫৬।

অপ্রতিবিধেয় [স] ১ *বিণ* প্রতিবিধান করা যায় না এমন। 'স্বীয় প্রিয় বয়স্যের এবংবিধ অপ্রতিবিধেয় স্মরদশার প্রাদুর্ভাব দেখিয়া, নিরতিশয় বিষণ্ণমনা হইল।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* নিবারণ করা যায় না এমন। 'দেবতারা যে এদের প্রতিকূল, এই-ই দেখচি অপ্রতিবিধেয় ব্যাধি।' *মাইকেল*, ১৮৭৩।

অপ্রতিভ [স] ১ *বিণ* বিব্রত। 'অপ্রতিভ না হইয়া জিজ্ঞাসকের উপরে রাগাসক্ত।' *দর্পণ*, ১৮২১। ২ *বিণ* অপ্রস্তুত। 'স্বীয় ক্ষমতায় অপ্রতিভ ও বিস্ময়ে একান্ত স্তম্ভিত হইয়া পড়ে।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বিণ* বিরক্ত। 'হাস্যপরিহাস করতেন তা হলে তিনি মহা অপ্রতিভ হয়ে বলে উঠতেন ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

অপ্রতিভভাবে [স] *ক্রিবিণ* অপ্রস্তুতভাবে। 'ভদ্রলোক অপ্রতিভভাবে মিটিমিটি চাহিতে লাগিলেন।' *বনফুল*, ১৯৩৬।

অপ্রতিভমুখ [স] *বি* অপ্রস্তুত মুখ। 'অপ্রতিভমুখে খানিকক্ষণ চুপ করিয়া রহিলেন।' *বনফুল*, ১৯৩৬।

অপ্রতিভতা [স] *বি* অপ্রস্তুত অবস্থা। 'অপু এবার একটু অপ্রতিভতার সুরে বলিল।' *বিভূতি*, ১৯২৯।

অপ্রতিম [স] *বিণ* অতুলনীয়। 'তাহা সঙ্কলিত ও প্রথিত করিয়া অপ্রতিম ধর্মগ্রন্থের কণ্ঠদেশে লম্বমান করা কর্তব্য।' *অক্ষয়*, ১৮৫৪।

অপ্রতিযোগ্য [স] *বিণ* প্রতিদ্বন্দ্বিতার অযোগ্য। 'আপনাকে আপন অরির অপ্রতিযোগ্য জানিয়া এক মনুষ্যের নিকট সহায়তা প্রার্থনা করিলেক।' *তারিণী*, ১৮৩৩।

অপ্রতিরথ [স] *বিণ* অপ্রতিদ্বন্দ্বী। 'পত্রসাহিত্যেও রবীন্দ্রনাথ অপ্রতিরথ।' *অচিন্ত্য*, ১৯৫০।

অপ্রতিরোধ [স] *বি* কোনো রকম বাধা না দেওয়া। 'অনেকের ধারণা অপ্রতিরোধের দ্বারা শত্রুর অভিপ্রায় ব্যর্থ করতে পারা সম্ভব।' *অন্নদা*, ১৯৩৭।

অপ্রতিরোধ্য [স] *বিণ* বাধাহীন। 'উচ্ছৃঙ্খল মনোবৃত্তি কিছুটা অপ্রতিরোধ্য রূপেই দেখা দেয়।' *বেগম*, ১৯৪৯।

অপ্রতিষ্ঠ [স] *বিণ* ক্ষমতাহীন। 'আর্তির সংক্রাম কেটে গেল ... রাজপথ থেকে স্ফীত বুকে অপ্রতিষ্ঠ পৌরুষের ঝেড়ে।' *সুধীন্দ্র*, ১৯৩২।

অপ্রতিহত [স] ১ *বিণ* বাধাহীন। 'অপ্রতিহত প্রভাবে ... মানসম্ভ্রম ও ধনৈশ্বর্য্য বিভূষিত হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বিণ* অব্যর্থ। 'অপ্রতিহত বুদ্ধিশক্তির প্রভাবে কল্পনা করিয়া, ঐরূপ পাঠ তুলিয়াছেন।' *বিদ্যা*, ১৮৭৩। ৩ *বিণ* প্রতিহত করা যায় না এমন। 'জগদীশ্বরের জগদীশ্বরতা তাঁর অপ্রতিহত শক্তির প্রমাণে, ন্যায়পরতার বিধানে নয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অপ্রতিহতগামিনী [স] *বিণ স্ত্রী* অবাধে চলে এমন। 'অপ্রতিহত-গামিনী ভাষা ও ভাবের অনুরোধে বলিতে হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অপ্রতিহতচিত্ত [স] *বিণ* বাধা মানে না এমন মনের অধিকারী। 'পূর্বকালে অপ্রতিহতচিত্ত মহোৎসাহী হিন্দুরা স্থলপথে ও জলপথে ... গমনাগমন করিতেন।' *অক্ষয়*, ১৮৪৯।

অপ্রতীত [স] *বিণ* অদ্ভুত। 'গ্রাম্য পদের ন্যায় অপ্রতীত পদ কাব্যে অব্যবহার্য।' *প্রমথ*, ১৯২৯।

অপ্রতুল [স] ১ *বি* অভাব; টানাটানি। *ওসী*, ১৭৮২। ২ *বিণ* কমতি।

AMARBOI.COM

'তোমার কাযের কোন বিষয় অপ্রতুল হবে না।' *কেরি*, ১৮০২। ৩ *বি* অনটন। 'নবাব সাহেবের নিকট আত্মরাজ্যের অপ্রতুল নিবেদন করিয়া ...।' *রাজীব*, ১৮০৫। ৪ *বিণ* অসমৃদ্ধ। 'ঘুমন্ত কুঁড়ির মতো কতদিন রবে তুমি শান্ত অপ্রতুল।' *মাহেনও*, ১৯৪৯।

অপ্রতুলতা [স] *বি* অপর্যাপ্ততা। 'রাজকোষের অপ্রতুলতা দূরকরণ।' *দর্পণ*, ১৮৩৫।

অপ্রত্যক্ষ [স] *বিণ* সরাসরি দৃষ্টিগোচর নয় এমন। 'অপ্রত্যক্ষ পুরুষের শক্তিকে কল্পনা করা সে ব্যর্থ মাত্র।' *অক্ষয়*, ১৮৪৩।

অপ্রত্যক্ষীভূত [স] *বিণ* অগোচর। 'নভোমণ্ডলে নরলোকের অপরিজ্ঞাত ও অপ্রত্যক্ষীভূত থাকিয়া, ... ভ্রমণ করিলেন।' *অক্ষয়*, ১৮৫০।

অপ্রত্যয় [স] *বি* অবিশ্বাস। 'কাক কেহ অপ্রত্যয় নাহিক সর্বথাএ।' *সুলতান*, ১৭০০।

অপ্রত্যাশিত [স] ১ *বিণ* প্রত্যাশা করা হয়নি এমন। 'অপ্রত্যাশিত এই কণ্ঠস্বরে আত্মসংবরণ করিতে পারিল না।' *রবীন্দ্র*, ১৮৯৮। ২ *বিণ* আকাঙ্ক্ষিত নয় এমন। 'একেবারে অপ্রত্যাশিত।' *নজরুল*, ১৯২৭।

অপ্রত্যাশিততা [স] *বি* আকস্মিকতা। 'তৃতীয় কারণ, চিঠিটার অপ্রত্যাশিততা।' *সুকান্ত*, ১৯৪৩।

অপ্রত্যাশিতভাবে ১ *ক্রিবিণ* আকস্মিকভাবে। 'সেই কথাটাই আজ অর্ধরাত্রে অপ্রত্যাশিতভাবে কে মধুসূদনকে দিয়ে বলিয়ে নিলে।' *রবীন্দ্র*, ১৯২৯। ২ *ক্রিবিণ* অনাকাঙ্ক্ষিতভাবে। 'শস্যসংগ্রহ-কাল ছাড়া বা অপ্রত্যাশিতভাবে কোনো বৈষয়িক ব্যাপারে।' *ওয়াদী*, ১৯৬৮।

অপ্রধান [স] *বিণ* মুখ্য নয় এমন। 'কৃষি জিনিষটিও আজ ইউরোপের চোখে অতি অপ্রধান শিল্প।' *সবুজ*, ১৯২০।

অপ্রফুল্ল [স] *বিণ* নিরানন্দ। 'কুমুদিনীরও চন্দ্রস্পর্শে অপ্রফুল্ল থাকা তো উচিত নয়।' *মাইকেল*, ১৮৫৯।

অপ্রফুল্লকর [স] *বিণ* প্রফুল্লকর নয় এমন। 'অপ্রফুল্লকর স্থানে নবকুমার সঙ্গিগণকর্তৃক পরিত্যক্ত হইয়াছিলেন।' *বঙ্কিম*, ১৮৬৬।

অপ্রবল [স] *বিণ* দুর্বল। 'ভাববাদের প্রভাব এখানে অপেক্ষাকৃত অপ্রবল।' *শিব*, ১৯৫০।

অপ্রবুদ্ধ [স] *বিণ* অনুপলব্ধ। 'নিজের নিকটে অপ্রবুদ্ধ এবং বাহিরের নিকটে অজ্ঞাত হইয়া বিরাজ করিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

অপ্রবৃত্ত [স] *বিণ* নিরুৎসাহী। 'অসম্বদ্ধ, অপ্রবৃত্ত, ইতোভ্রষ্ট, স্ততোনষ্ট – যা মনে আসে বলে যাও।' *মোতাহার*, ১৯৩৭।

অপ্রবৃত্তি [স] ১ *বি* অনিচ্ছা। 'সে সকল বিষয়ে অপ্রবৃত্তি ও অশ্রদ্ধা জন্মে।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বি* অরুচি। 'নিজের পেশার ওপর তার অপ্রবৃত্তি জন্মে গেছে।' *নরেন্দ্র*, ১৯৫৩।

অপ্রমত্ত [স অপ্রমত্ত] *বিণ* প্রমাদ নেই এমন। 'বিকল হইয়া চিত্ত কহে অপ্রমত্তা তত্ত্ব।' *মানিকরাম*, ১৭৮১।

অপ্রমত্ত [স] ১ *বিণ* সংযমী। 'রাজদণ্ড ফিরে যাক নিজ অপ্রমত্ত মর্ত-অধিকার-মাঝে।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বিণ* নিরাসক্ত। 'অপ্রমত্ত দর্শক চারি দিকের সংসারের সঙ্গে মিলাইয়া দেখিলেই তাহার বীভৎসতা বুঝিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বিণ* বিবেচনাপ্রসূত। 'অপ্রমত্ত বুদ্ধি নিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৪।

অপ্রমাণ [স] ১ *বি* মিথ্যা কথা। 'অপ্রমাণ নাহি কহি সভার ভিতরে।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* বাতিল। 'দলীল অপ্রমাণ করিবার নিমিত্ত।' *বিদ্যা*, ১৮৬৩। ৩ *বিণ* অপ্রমাণিত। 'তাঁহাদের কথা অপ্রমাণ হইয়া যায়।' *রবীন্দ্র*, ১৯০৫।

অপ্রমাণিক [স অপ্রামাণিক] *বিণ* নকল। 'সে ব্যক্তি অপ্রমাণিক নহে।' *চন্দ্রিকা*, ১৮৪৪।

অপ্রমাদ [স] *বি* সুবিবেচনা। 'তাহাদের বুদ্ধিতে অপ্রমাদ, তাহাদের কল্পনাবৃত্তিতে সুসংযম।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অপ্রমিত [স] *বিণ* অপরিমেয়। 'বর্ণন না যায় যার গুণ অপ্রমিত।' *কাশীরাম*, ১৬৫০।

অপ্রমুদিত [স] *বিণ* বিষাদপূর্ণ। 'আমাদের মন সংকুচিত বা অপ্রমুদিত হয়।' *অচিন্ত্য*, ১৯৫০।

অপ্রমেয় [স] ১ *বিণ* অপরিমেয়। 'চর্ব্য চুষ্য লেহ্য পেয় পাতে পাতে অপ্রমেয়।' *ভারত*, ১৭৬০। ২ *বিণ* প্রমাণ করা যায় না এমন। 'তুমি অপ্রমেয়, এজন্য তোমার পক্ষে প্রমাণ নাই।' *বঙ্কিম*, ১৮৭৪।

অপ্রযুক্ত [স] *বিণ* অনুচিত। 'অপ্রযুক্ত দণ্ড এ যে।' *সত্যেন্দ্র*, ১৯২৪।

অপ্রযোজ্য [স] *বিণ* প্রযোজ্য নয় এমন; অপ্রাসঙ্গিক। 'প্রথম কারণ আমাদের দেশে অপ্রযোজ্য।' *মাহেনও*, ১৯৪৯।

অপ্রয়োগ [স] *বি* অপ্রচলন। 'মঙ্গল কার্যের অপ্রয়োগ ও প্রত্যুত্থান ...।' *বঙ্কিম*, ১৮৮৭।

অপ্রয়োজনীয় [স] ১ *বিণ* অনাবশ্যক। 'বাবুর প্রয়োজনীয় অপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রী ...।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বিণ* অগুরুত্বপূর্ণ। 'প্রয়োজনের ভিন্ন কোনোপ্রকার অপ্রয়োজনীয় ব্যাপার দেখিতে পারে না।' *রবীন্দ্র*, ১৯০২।

অপ্রশংসা [স] *বি* নিন্দা। 'আমি দীনবন্ধুর অপ্রশংসা করিতেছি।' ১৮৭৫।

অপ্রশস্ত [স] ১ *বিণ* প্রতিকূল। 'এ অনুকূল গলহস্ত, অপ্রশস্ত নহে।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* প্রশস্ত নয় এমন। 'বড় অপ্রশস্ত সিঁড়ি গড়া মায়া-বলে।' *মাইকেল*, ১৮৬৬। ৩ *বিণ* সংকীর্ণ। 'হৃদয় অপ্রশস্ত অন্ধকার গভীরতা খুঁজে ক্রমাগত যেতেছিল রসাতল পানে।' *রবীন্দ্র*, ১৮৮৯। ৪ *বিণ* সরু। 'একটি অপ্রশস্ত খামখেয়ালী ঝরনা নানা ভঙ্গীতে ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

অপ্রশস্ততা [স] *বি* সংকীর্ণতা। 'গৃহ সমুদায়ের অপ্রশস্ততা ও অস্বচ্ছলতা, এ রাজধানীর উৎসেদ দশা প্রাপ্তির উপক্রম হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৯।

অপ্রসন্ন [স] ১ *বিণ* অনাগ্রহী। 'রসিকতার প্রতি বড় অপ্রসন্ন।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বিণ* অসন্তুষ্ট। 'ভগবতী বনদেবী কখনই আমাদের প্রতি অপ্রসন্ন হবেন না।' *মাইকেল*, ১৮৭৩। ৩ *বিণ* প্রতিকূল। 'কবি ভাবে, বিধি অপ্রসন্ন, বিপদ আজিকে হেরি আসন্ন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অপ্রসন্নতা [স] *বি* ১ *বি* দুর্যোগ। 'আকাশে যখন অপ্রসন্নতা তখন তার আর শান্তি নাই।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ অসন্তোষ। 'উপকারিতার অভাব লইয়া অপ্রসন্নতা প্রকাশ করিয়া থাকেন।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বি* বিদ্বেষ। 'মনের মধ্যে অপ্রসন্নতা রেখো না।' *রবীন্দ্র*, ১৯০৯।

অপ্রসন্নতাব্যঞ্জক [স] *বিণ* অপ্রসন্নতা প্রকাশ করে এমন। 'তাদের অপ্রসন্নতাব্যঞ্জক মুখভঙ্গী দেখে...।' *মোতাহের*, ১৯৫০।

অপ্রসিদ্ধ [স] ১ *বিণ* অপ্রতিষ্ঠিত। 'স্ত্রীজাতির স্বাধীনতা কোন কালেই অপ্রসিদ্ধ ...।' *ভবানী*, ১৮২৮। ২ *বিণ* অজ্ঞাত। 'যে সপ্তাহে প্রেরিতপত্র না আইসে এমত সপ্তাহই প্রায় অপ্রসিদ্ধ।' *দর্পণ*, ১৮৩১। ৩ *বিণ* অপ্রামাণ্য। 'অযুক্ত, অপ্রসিদ্ধ, কাল্পনিক বাক্যেতে পরিপূর্ণ যে

AMARBOI.COM

পত্রিকা তাহার অভিপ্রায় সকল ...।' *অক্ষয়*, ১৮৪৫।

অপ্রস্তুত [স] ১ *বিণ* বিহ্বল। 'অপ্রস্তুত করএ অতি সকরুণা ভাষে।' *বাহরাম*, ১৬৫০। ২ *বিণ* অসম্পূর্ণ। 'অপ্রস্তুত মেপের মূল্য ৮ টাকা।' *দর্পণ*, ১৮২৫। ৩ *বিণ* (কোনো অবস্থার জন্যে) তৈরি নয় এমন। 'আমরা অর্থাৎ খোশনবীস কোম্পানী কিছু অপ্রস্তুত নহি।' *বঙ্কিম*, ১৮৭৫। ৪ *বিণ* বিব্রত। 'করুণা অপ্রস্তুত হইয়া তেবাচেকা খাইয়া আরো কতকগুলি ভুল করিল।' *রবীন্দ্র*, ১৮৭৭। ৫ *বিণ* অপ্রতিভ। 'তিনি অপ্রস্তুত হয়ে বললেন, 'আমার অন্যরূপ মাপ করবেন।' *রবীন্দ্র*, ১৮৮০। ৬ *বি* বিব্রতকর অবস্থা। 'মাঝে থেকে আমি অত্যন্ত অপ্রস্তুতে পড়ে যেতেম।' *রবীন্দ্র*, ১৮৮১।

অপ্রস্তুতমুখে [স] *ক্রিবিণ* কথা বলতে প্রস্তুত নয় এমন মুখে। 'গৃহিণীর নিকট প্রায় প্রত্যহই বকুনি খান এবং অপ্রস্তুতমুখে চুপ করিয়া বসিয়া থাকেন।' *বনফুল*, ১৯৩৬।

অপ্রাকৃত [স] ১ *বিণ* অপার্থিব। 'অপ্রাকৃত ব্রহ্মের নেত্র মন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* সৎ প্রকৃতির। 'অপ্রাকৃত ব্যক্তিকেই যথার্থ সাধু বলা যায়।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বিণ* অযথার্থ। 'ব্রাহ্মণ শূদ্র অপ্রাকৃত বৈষম্য।' *বঙ্কিম*, ১৮৭৯। ৪ *বিণ* অবাস্তব। 'অন্যদেশী সমালোচক তাঁহাদের কাব্যবিচারের আদর্শ-অনুসারে অপ্রাকৃত বলেন।' *রবীন্দ্র*, ১৯০৭। ৫ *বিণ* অস্বাভাবিক। 'বাঙ্গলা তাঁদের হাতে অপ্রাকৃত হলেও, সংস্কৃত তাঁদের হাতে বিকৃত হয়নি।' *প্রমথ*, ১৯১৭।

অপ্রাকৃতিক [স] *বিণ* অলৌকিক। 'তার মহিমার প্রধান পরিচয় এই যে, সে অপ্রাকৃতিক।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অপ্রাচীন [স] *বিণ* নিকট-অতীত। 'অপ্রাচীন দার্শনিক যুগে যে দেশে অন্নাভাব ও অন্নচিন্তা ছিল না।' *সবুজ*, ১৯১৭।

অপ্রাচুর্য, অপ্রাচুর্য্য [স] ১ *বি* অভাব। 'ইংলণ্ডীয় সকলেতেও এ দৃষ্টান্তের অপ্রাচুর্য্য ছিল না।' *বঙ্গদূত*, ১৮২৯। ২ *বি* স্বল্পতা। 'আর ভুলবেন না গ্রেভির অপ্রাচুর্য হলে, সব সময়ই ওটা আলাদা করে অর্ডার দেওয়া যায়।' *মুক্তবা*, ১৯৫৮।

অপ্রাণ [স] *বি* রক্ষণশীলতা। 'অতি গুরুভার অপ্রাণ চারি দিকে গদা উদ্যত করে দাঁড়িয়ে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অপ্রাণ লোক [স] *বি* অতীন্দ্রিয় জগৎ। 'মানুষ যেন প্রাণীরাজ্যের রাজা হলেও অপ্রাণ লোকেরই অধিবাসী।' *সবুজ*, ১৯১৭।

অপ্রাণী [স] *বি* প্রাণ নেই যার। 'বৈজ্ঞানিক-বুদ্ধিতে প্রাণী ও অপ্রাণীর ভেদ একান্ত হইয়া উঠিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

অপ্রাপঞ্চিক [স] *বিণ* মায়া সৃষ্টি করে না এমন। 'প্রাপঞ্চিক ইন্দ্রিয়বিশিষ্ট যেরূপ অস্মদাদি আছে তেঁহ এমত না হইলে অপ্রাপঞ্চিক ইন্দ্রিয়যুক্ত মানিতে হবেক।' *দর্পণ*, ১৮২১।

অপ্রাপণীয় [স] *বি* যা পাওয়া যায় না। 'অপ্রাপণীয়ের সে দীর্ঘনিশ্বাস, দুরূহ দুরাশার সে অনুচ্চারিত ভাষা।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অপ্রাপণীয়া [স] *বিণ স্ত্রী* পাওয়া যায় না এমন। 'ভ্রমর অপ্রাপণীয়া।' *বঙ্কিম*, ১৮৭৮।

অপ্রাপ্ত [স] *বিণ* অপ্রাপ্তবয়স্কের মতো। 'অপ্রাপ্ত ব্যবহার।' *দর্পণ*, ১৮২০।

অপ্রাপ্ত-বয়ঃ [স] *বিণ* অপ্রাপ্তবয়স্ক। 'অপ্রাপ্ত-বয়ঃ-পৌর-কন্যা ... কাছেই আদর পায়।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অপ্রাপ্তবয়স্ক [স] *বিণ* প্রাপ্তবয়স্ক হয়নি এমন। 'আমার সভ্যেরা সমস্তই প্রায় অপ্রাপ্তবয়স্ক।' *রবীন্দ্র*, ১৮৯২।

অপ্রাপ্তবয়স্কা [স] *বিণ স্ত্রী* প্রাপ্তবয়স্ক নয় এমন। 'অপ্রাপ্তবয়স্কা বালিকাকে লইয়া স্বাধীন গৃহস্থাপন ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

অপ্রাপ্তব্য [স] *বিণ* পাওয়ার মতো নয় এমন। 'যে অপ্রাপ্তব্য অলব্ধব্য– যার মুখ দেখা যায় না প্রত্যক্ষ-চক্ষে।' *অচিন্ত্য*, ১৯৫০।

অপ্রাপ্ত ব্যবহারাশ্রম [স] *বি* কোর্ট অব ওয়ার্ড; যে কর্তৃপক্ষ অপ্রাপ্তবয়স্ক শিশুদের সম্পদাদি রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করে। 'অপ্রাপ্ত ব্যবহারাশ্রম।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অপ্রাপ্তি [স] ১ *বি* অভাব। 'অপ্রাপ্তি নিমিত্তে মানস পূর্ণ হইতে পারে না।' *দর্পণ*, ১৮২৫। ২ *বি* অসন্তোষ। 'ইহাতেও ঐ সকল লোকের অপ্রাপ্তি।' *বঙ্গদূত*, ১৮২৯।

অপ্রাপ্য [স] ১ *বিণ* পাওয়া যায় না এমন। 'এই পুস্তক এ দেশে অপ্রাপ্য।' *বিদ্যা*, ১৮৭৩। ২ *বিণ* অলভ্য। 'দান্তের ন্যায় তাঁহার লরাও অপ্রাপ্য অনধিগম্য।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বিণ* অনধিগম্য। 'আমাকে বেষ্টন করে এতখানি নিবিড় নিস্তব্ধতা। তাই আমি অপ্রাপ্য, আমি অচেনা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অপ্রাপ্যতা [স] ১ *বি* অভাব। 'পয়সার অপ্রাপ্যতা প্রযুক্ত দীন দুঃখিরদিগের অতিশয় ক্ষতি হয়।' *দর্পণ*, ১৮২৯। ২ *বি* অপ্রাপ্তি। 'পুরাতন স্মৃতির যে সৌন্দর্য তাহা কেবল অপ্রাপ্যতা-নিবন্ধন নহে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অপ্রামাণিক [স] *বিণ* কোনো প্রমাণ নেই এমন। 'আমি যে অপ্রামাণিক বাক্য সকল কহিয়াছিলাম সে কেবল তোমার দৃঢ়তা বুঝিবার কারণ।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অপ্রামাণ্য [স] ১ *বিণ* ভুল প্রমাণিত। 'এ সমাচার অপ্রামাণ্য হইল।' *রামরাম*, ১৮০২। ২ *বিণ* ভিত্তিহীন। 'তিনি সূর্যসিদ্ধান্ত ও জ্যোতির্কার্ণবের যে রচনাকাল নির্ণয় করিয়াছেন তাহা উভয়ই অপ্রামাণ্য।' *অক্ষয়*, ১৮৪৭।

অপ্রামাণ্যহেতু *ক্রিবিণ* প্রমাণসিদ্ধ না হওয়ায়। 'এই গ্রন্থের প্রতিপাদ্য এই যে রায় কৃত গ্রন্থের অপ্রামাণ্যহেতু দোষকথন।' *দর্পণ*, ১৮৩০।

অপ্রার্থনীয় [স] *বিণ* অপ্রত্যাশিত। 'এই অপ্রার্থনীয় অবস্থার নিমিত্ত একা ছোট কর্ত্তাই দায়ী।' *ঢাকাপ্রকাশ*, ১৮৭৩।

অপ্রার্থিত, অপ্রার্থিত [স] ১ *বিণ* তুলনামূলক কম বাঞ্ছিত। 'আলকিমিটাই তাহার মনোগত উদ্দেশ্য, কেমিস্ট্রি তাহার অপ্রার্থিত।' *রবীন্দ্র*, ১৯১৬। ২ *বিণ* অনাকাঙ্ক্ষিত। 'এই অপ্রার্থিত অপর্যাপ্ত সৃষ্টি আর রস ...।' *অবন*, ১৯২৫; 'অপ্রার্থিত, অনাবিকৃত, এই, এইই চায় সে।' *জীবন*, ১৯৩১।

অপ্রাসঙ্গিক [স] ১ *বিণ* পারম্পর্যহীন। 'এ স্থলে তাঁহার বিষয় কিছু বলা অপ্রাসঙ্গিক ও অনুপযুক্ত।' *অক্ষয়*, ১৮৪৭। ২ *বিণ* অসঙ্গত। 'অন্যান্য বহুবিধ প্রাসঙ্গিক ও অপ্রাসঙ্গিক দোষত্রুটি।' *রবীন্দ্র*, ১৯০৫। ৩ *বিণ* বাড়তি। 'টাকা করিবার পথে তাহার অনেক অপ্রাসঙ্গিক বাধা আছে।' *রবীন্দ্র*, ১৯০৫। ৪ *বিণ* আলোচ্য বিষয়ের বাইরে। 'অপ্রাসঙ্গিক কথা বলবার জো থাকে না।' *রবীন্দ্র*, ১৯০৭।

অপ্রাসঙ্গিকতা [স] *বি* অবান্তর অবস্থা। 'প্রশ্নের অপ্রাসঙ্গিকতায় স্তব্ধ হয়ে গেল।' *জীবন*, ১৯৩২।

অপ্রিয় [স] ১ *বিণ* অপছন্দের। 'যম ... এ আমার প্রিয়, এ আমার অপ্রিয়, বিবেচনা কিছুই করেন না।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ২ *বিণ* রূঢ়। 'অপ্রিয় সত্য কহিবেক না।' *সেবধি*, ১৮৩৯। ৩ *বিণ* অরুচিকর। 'আমি ... এরূপ ভূরি ভূরি অপ্রিয় ব্যাপার আর কত দেখাইব?' *অক্ষয়*, ১৮৪৯। ৪ *বিণ* ভর্ৎসনামূলক। 'গুরু লোক প্রীতিভরে অপ্রিয় কথা বলেন বটে কিন্তু ... সমাদরও করিয়া থাকেন।' *রবীন্দ্র*, ১৮৭৭। ৫ *বিণ*

AMARBOI.COM

বিরোধিতাপূর্ণ। 'তাঁহারা অপ্রিয় বা বিরুদ্ধ সত্যকে স্বীকার করিবেন না ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অপ্রিয়তা [স] *বি* অপ্রীতিকর অবস্থা। 'সে কোনো অপ্রিয়তাকে ডরায় না।' *রবীন্দ্র*, ১৯০৯।

অপ্রিয়দর্শন [স] *বিণ* দেখতে প্রীতিকর নয় এমন। 'এরকম বিকলাঙ্গ ও অপ্রিয়দর্শন বহু লোক আছে।' *প্রমথ*, ১৯৪১।

অপ্রিয়বাদিনী [স] *বিণ স্ত্রী* অপ্রিয় কথা বলে এমন। 'অপ্রিয়বাদিনী যৌবন ধন্ধ।' *মুকুন্দ*, ১৬০০।

অপ্রিয়বাদী [স] *বিণ* কটুভাষী। 'সেইরূপ রাজপুরুষেরা অপ্রিয়বাদী, আত্মমতভক্ত।' *বঙ্কিম*, ১৮৮৭।

অপ্রীত [স] *বিণ* অসন্তুষ্ট। 'প্রীতি বহি অপ্রীত নাহিক কোন ক্ষণ।' *বৃন্দা*, ১৫৮০।

অপ্রীতি [স] ১ *বি* বিরাগ। 'অপ্রীতি করিতে পারি কাম কামকামিনী।' *ভারত*, ১৭৬০। ২ *বি* অসদ্ভাব। 'তাহারদিগের অপ্রীতি হইবার বিলক্ষণ সম্ভাবনা।' *অক্ষয়*, ১৮৪২। ৩ *বি* মনোমালিন্য। 'উভয়ের অপ্রীতি ও তেজোহানি ঘটিতে লাগিল।' *বঙ্কিম*, ১৮৮৭। ৪ *বি* ঘৃণা। 'কুকুরের প্রতি আমার যে পরিমাণ অপ্রীতি ছিল।' *প্রমথ*, ১৯৩১।

অপ্রীতিকর [স] ১ *বিণ* প্রীতিকর নয় এমন। 'এই প্রকার অপ্রীতিকর ব্যাপার সমুদায় দৃষ্টি করিয়া আমি অতিশয় ম্রিয়মাণ হইলাম।' *অক্ষয়*, ১৮৫০। ২ *বিণ* খুব দৃষ্টিনন্দন নয় এমন। 'কেমন একটা অপ্রীতিকর মেটে লাল রং।' *বিভূতি*, ১৯৩১।

অপ্রীতিপাত্র [স] *বিণ* বিরাগভাজন। 'তাঁহার বিশেষ অপ্রীতিপাত্র হইল।' *বঙ্কিম*, ১৮৯২।

অপ্রীতিভাজন [স] *বিণ* বিরাগভাজন। 'বন্ধুবর্গের অপ্রীতিভাজন হইব।' *বঙ্কিম*, ১৮৯২।

অপ্রেম [স] ১ *বি* অসন্তোষ; বিরাগ। 'তাহাদের যে বদ্ধমূল অপ্রেম প্রকাশ হইয়া থাকে।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* প্রেমহীনতা। 'প্রেম অপ্রেম থেকে দূরে।' *জীবন*, ১৯৪২।

অপ্রেমিক [স] *বি* প্রেমহীন ব্যক্তি। 'অপ্রেমিক অধার্মিক এ জগতে একপ্রকার সুখী।' *মশাররফ*, ১৮৯০।

অপ্রেমিকা [স] *বি স্ত্রী* প্রেম নেই যার। 'নিজেকে অপ্রেমিকার উপেক্ষিত স্বামী বোধ করে।' *জীবন*, ১৯৩২।

অপ্রৌঢ়া [স] *বি* যুবতী। 'অপ্রৌঢ়া বিধবা হইলে পুনরায় বিবাহ হইতে পারে।' *দর্পণ*, ১৮৩৭।

অপ্সর [স অপ্সরা] *বি* সুরসুন্দরী। 'অপ্সর কিন্নর কিবা।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অপ্সর-রমণী [স অপ্সরা+স রমণী] *বি* অপ্সরা। 'শব্দময়ী অপ্সর-রমণী গেল চলি।' *রবীন্দ্র*, ১৯১৬।

অপ্সরা [স] ১ *বি* সুরসুন্দরী; স্বর্গবেশ্যা। 'ইন্দ্রের সভাতে গন্ধর্ব্বেরা গান করিতেছে এবং অপ্সরারা নৃত্য করিতেছে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ২ *বি* সুন্দরী। 'যত অপ্সরারা আছেন সকলি প্রায় নৃত্য করিতেছেন।' *দর্পণ*, ১৮২১।

অপ্সরাকুল [স] *বি* সুরসুন্দরীবৃন্দ। 'নাচিত অপ্সরাকুল, যবে শচীপতি, স্বরীশ্বর।' *মাইকেল*, ১৮৬০।

অপ্সরাচয় [স] *বি* সুরসুন্দরীরা। 'অদৃশ্যে অপ্সরাচয় নাচিছে অম্বরে।' *মাইকেল*, ১৮৬৬।

অপ্সরী [স অপ্সরা] ১ *বি* স্বর্গসুন্দরী। 'কিবা দেব কন্যা তুমি নওবা অপ্সরী।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বিণ* সুরসুন্দরীর মতো। 'লক্ষ্মী আপনি, অপ্সরী কি কিন্নরী!' *গিরিশ*, ১৮৮৯।

অপ্সুদীক্ষা [স অপ্সু+স দীক্ষা] *বি* খ্রিস্টধর্মে দীক্ষাগ্রহণের অনুষ্ঠান; জর্ডন নদীর জল দিয়ে পবিত্রীকরণ; ব্যাপ্টিজম। 'অপ্সুদীক্ষা বা ব্যাপটিজ্‌ম্ হবার পূর্বে কোনো শিশুর মৃত্যু হলে ...।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অফ করা [ই অফ+করা] *ক্রি* নিভানো। 'সুইচ অফ করে এখন শুলেই হয়।' *শিবরাম*, ১৯৪০।

অফ-ডিউটি [ই] *বিণ* দায়িত্বরত নয় এমন। 'যারা এ সময়ে অফ-ডিউটি তারাও উর্দি পরে।' *মুজতবা*, ১৯৪৯।

অফর [ই] *বি* প্রস্তাব। 'আর যদি আমার অফর গ্রহণ না করে আমাকে ইলস্ট কর ...।' *দীনবন্ধু*, ১৮৬৬।

অফলন্ত [স] *বিণ* শস্য বা ফল ধরেনি এমন। 'অফলন্ত, ফলন্ত এবং সুপক্ব শস্যের উৎসব-অনুষ্ঠান।' *অবন*, ১৯১৯।

অফলপ্রসূ [স] *বিণ* নিষ্ফল। 'জবরদস্তি অবশ্য নিন্দনীয় এবং শেষ পর্যন্ত অফলপ্রসূ।' *আইয়ুব*, ১৯৭৩।

অফলা [স] ১ *বিণ* ফল ধরে না এমন। 'অফলা গাছের মতো আমাদের ডালে পালায় ...।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বিণ* ফল ধরবে না এমন। 'ডানদিকেতে অফলা এক পিচের শাখা ভরে ফুল ফোটে আর ফুল পড়ে যায় ঝরে।' *রবীন্দ্র*, ১৯৩২। ৩ *বি* ফল ধরে না এমন উদ্ভিদ। 'অফলার মূলে ঢেলেছি জল।' *মাহমুদ*, ১৯৬৩।

অফলিত [স] *বিণ* কোনো ফল হয়নি এমন। 'অফলিত প্রতীক্ষার সেই গাথা আজি কবিরে পশ্চাতে ফেলি শূন্যপথে চলিয়াছে বাজি।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অফসাইড [ই] *বি* (ফুটবল) বল ও খেলোয়াড়দের অবস্থানের পরিপ্রেক্ষিতে কোনো খেলোয়াড়ের নিয়মবিরুদ্ধ অবস্থানে থাকা। 'মোহনবাগান হুইসেল দিয়েছে অফসাইড বলে।' *অচিন্ত্য*, ১৯৫০।

অফিত [আ ফাতাহ্> *বিণ* অজেয়। *মানোএল*, ১৭৪৩।

অফিস [ই] *বি* কার্যালয়। 'সিংগি বাবু সে সময় অফিসে বেরুচ্ছিলেন।' *হুতোম*, ১৮৬১।

অফিসনিষ্ঠ [ই অফিস+স নিষ্ঠ] *বিণ* অফিসের প্রতি নিষ্ঠাশীল। 'এমন যে অফিসনিষ্ঠ সুব্রত, সে পর্যন্ত হার মানল।' *নরেন্দ্র*, ১৯৪৯।

অফিস-ফেরত [ই অফিস+ফেরত] *বিণ* অফিস থেকে ঘরে ফিরেছে এমন। 'অফিস-ফেরত কেরানি বাবুরা কোনোমতে তাদের ক্লান্ত চরণ টেনে টেনে গৃহের সোপানে তুললেন।' *রশীদ*, ১৯৬৩।

অফিসার [ই] *বি* কর্মকর্তা। 'নিম্নশ্রেণীর সামরিক অফিসার, খাজাছারা, গোয়েন্দা কর্মচারী প্রভৃতি ফাঁসিকাষ্ঠে প্রাণ দিয়াছেন।' *প্রচারক*, ১৯০৮; 'আমার কমাণ্ডিং অফিসার সাহেব বলেছেন...।' *নজরুল*, ১৯২২; 'অফিসারকে দেখে জওয়ান দুজন মিলিটারি কায়দায় স্যালুট দিয়ে উঠে দাঁড়িয়ে পড়ল...।' *শওকত*, ১৯৭২।

অফিসিয়াল [ই] *বিণ* অফিস-সংক্রান্ত। 'অফিসিয়াল ভিজিট যা তা না।' *শিবরাম*, ১৯৪০।

অফিসিয়েট [ই] *বি* বিকল্প। 'সোনার চাবির শিকলী কোঁচা কামিজের উপর ঘড়ির চেনের অফিসিয়েট হয়েচে।' *হুতোম*, ১৮৬১।

অফিসিয়েটিং [ই] *বিণ* কারও অনুপস্থিতিতে তার দায়িত্ব পালন করে এমন। 'লর্ড জ্যাকব দেশের অফিসিয়েটিং লাট হলেন।' *মনসুর*, ১৯৪৩।

অফিসিয়েল [ই] *বি* আমলা। 'প্রধান-প্রধান অফিসিয়েল ও গণ্যমান্য

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভদ্রলোকেরা অনুষ্ঠানে যোগ দেন।' *মনসুর*, ১৯৫৫।

অফিসী [ই অফিস>] *বিণ* কার্যালয়ে কর্মরত। 'ভীরু অফিসী কেরানীরা আর নাবলোনা ঘাটের সিঁড়ি বেয়ে।' *হাফিজুর*, ১৯৫৩।

অফুট [স অস্ফুট] **১** *বিণ* অপ্রস্ফুটিত। 'বারমাস গোলাপ অফুট।' *সত্যেন্দ্র*, ১৯০৮। **২** *বিণ* আবছা। 'দেখেছিলেম অফুট প্রদোষে।' *রবীন্দ্র*, ১৯২৩। **৩** *বিণ* না-ফোটা। 'তাহার চেয়ে অনেক মধুর প্রেমিক-জনের শ্বাস অফুট।' *নজরুল*, ১৯৪১।

অফুটো [স অস্ফুট] *বিণ* ফোটেনি এমন। 'সোনেলা আঙুলগুলি, অফুটো চাঁপার কলি।' *অমৃতলাল*, ১৯০০।

অফুরন্ত [অ+ফুরা>] **১** *বিণ* শেষ হয় না এমন। 'অফুরন্ত প্রাণ।' *রবীন্দ্র*, ১৯০৬। **২** *বিণ* সীমাহীন। 'দুধারে শুধু অফুরন্ত জলাভূমি।' *জহির*, ১৯৬৪।

অফুরান [অ+ফুরা>] **১** *বিণ* ক্লান্ত। 'অফুরান হল গৃহ-কাজে।' *দ্বিজেন্দ্র*, ১৬০০। **২** *বিণ* অশেষ; অন্তহীন। 'অফুরান পথ, অফুরান রাতি।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৩** *বিণ* অম্লান। 'পাথেয় দোহার সঙ্গ অফুরান হয়ে রবে ...।' *রবীন্দ্র*, ১৯১০। **৪** *বিণ* অনির্বাণ। 'তোমার অন্তরে তারা আজিও জাগিছে অফুরান।' *রবীন্দ্র*, ১৯১৬।

অফেন্সিভ [ই] *বিণ* আক্রমণাত্মক। 'অফেন্সিভ খেলা খেলতে শুরু করে দিলাম।' *নজরুল*, ১৯৩১।

অফেরু *বি* এক রকমের ফল। 'চেরু বেরু অফেরু।' *বচু*, ১৪৫০।

অ-ফোটা *বিণ* ফোটেনি এমন। 'মনস্কামনার ফুল, বলে, হায় অ-ফোটা কোরক!' *শক্তি*, ১৯৬১।

অব [স] *ক্রিবিণ* এখন। 'তৈখন লঘু শুরু কিছু নহি গুনল অব পচতাবকে জাঙ্গি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবং *বিণ* নিরেট বোকা। 'কেউ বলে, উ একটা অবং।' *হাসান*, ১৯৮৫।

অবংস [স অব-অংস] *বি* নিচু-কাঁধ। 'অভিমুখ অবংসে হইয়া উড়বড়।' *মানিকরাম*, ১৭৮১।

অবকল্পনা [স] *বি* সুপ্ত কল্পনা। 'মাল্যবানের অবকল্পনা আছে, অবপ্রতিভাও।' *জীবন*, ১৯৪৮।

অবকাশ [স] **১** *বি* স্থান। 'ভণই তাড়ক এথু নাহিঁ অবকাশ।' *চর্যা* ৩৭, ১২০০। **২** *বি* বিরাম। 'বিবাদাস্পদ দ্রব্য হরণ করিতে অবকাশ দেয়।' *তারিণী*, ১৮০৩। **৩** *বি* সুযোগ। 'যখন অবকাশ পাইব তখন কএক বিগ্রহ চুরি করিব।' *চণ্ডীচরণ*, ১৮০৫। **৪** *বি* অবসর। 'তাহারদের এত ধন নাই ও এত অবকাশ নাই।' *দর্পণ*, ১৮১৮। **৫** *বি* ছুটি। 'অধ্যাপকেরা তাহাদিগকে রচনা করিবার সময়ে বাটী যাইতে অবকাশ দিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৫০। **৬** *বি* ফাঁক। 'গোলযোগের অবকাশে ফ্রেণ্ডরা পুলিসের ভয়ে সকলেই চম্পট দিলেন।' *হুতোম*, ১৮৬১। **৭** *বি* ব্যবস্থা। ঘরে আছে সময়ের অবসর, ঘরে আছে স্থানের অবকাশ।' *রবীন্দ্র*, ১৮৯১। **৮** *বি* বিশ্রাম। 'হৃদয় অবকাশ দাবি করে।' *রবীন্দ্র*, ১৯১৬।

অবকাশক্রমে [স] *ক্রিবিণ* অবসরকালে। 'অবকাশক্রমে ঐ দুই দিন অবশ্যই এই চিকিৎসালয়ে গিয়া তৎকর্ম্ম শিক্ষা করিবেন।' *দর্পণ*, ১৮২৪।

অবকাশপথ [স] *বি* ফাঁকা স্থান। 'তরুশ্রেণীর অবকাশপথে অনেকখানি সবুজমাঠ চোখে পড়ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অবকাশপ্রাপ্ত [স] *বিণ* সুযোগপ্রাপ্ত। 'পরিচিত হইতে অবকাশপ্রাপ্ত হয় নাই।' *নবনূর*, ১৯০৩।

অবকাশভোগী [স] *বি* অবকাশযাপনকারী। 'অবকাশভোগীর দল একেবারে অন্তর্ধান করেছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

অবকাশযাপন [স] *বি* অবসর সম্ভোগ। 'চিত্তবিনোদন ও অবকাশযাপন করিতে চায়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অবকাশরঞ্জন [স] *বি* অবসরযাপন। 'হুতোমের নকশা আদর করে পড়ে সর্ব্বদাই অবকাশ রঞ্জন করেন।' *হুতোম*, ১৮৬১।

অবকাশরঞ্জিনী [স] *বিণ* স্ত্রী অবসর যাপনের উপযোগী। 'মনে রাখা উচিত যে, যা অবকাশরঞ্জিনী তা কাব্য নয়।' *প্রমথ*, ১৯১৭।

অবকাশশূন্য [স] *বিণ* ফাঁক নেই এমন। 'কলিকাতার দক্ষিণ প্রান্তরীয় নির্ম্মল বায়ু অবকাশ-শূন্য নিবিড় গৃহশ্রেণী দ্বারা প্রতিবদ্ধ।' *অক্ষয়*, ১৮৪৮।

অবকাশ-সম্ভোগ [স] *বি* অবকাশযাপন। 'কুলির পিঠের উপর চাপিয়েছি নিজেদের সম্পদ থেকেই অবকাশ-সম্ভোগের উপকরণ।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অবকাশহারা [স] *বিণ* অবকাশ নেই এমন। 'শোনো তুমি অবকাশহারা গূঢ় ব্যথায় আরক্ত-চিত্ত।' *শঙ্খ*, ১৯৫৫।

অবকাশে [স] *ক্রিবিণ* অবসর সময়ে। 'পাঠকবর্গেরা অবকাশে পরিশ্রম স্বীকার করিয়াও যদ্যপি এই পত্র অবলোকন করেন।' *দর্পণ*, ১৮৩১।

অবকীর্ণ [স] *বিণ* বিকৃত। 'সুন্দর বস্তু অবকীর্ণ করিয়া এই নাটকখানি শোভিত করেছেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

অবগুব্য [স] *বিণ* ব্যক্ত করা যায় না এমন। 'মহাকৌশলীর লীলা অবগুব্য।' *মশাররফ*, ১৮৮৫।

অবক্র [স] *বিণ* সোজা। 'নির্ভয়ে অবক্রপথে গমন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

অবক্রপথ [স] *বি* সোজা পথ। 'নির্ভয়ে অবক্রপথে গমন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

অবক্ষয় [স] *বি* ক্ষয়প্রাপ্তি। 'অন্তহীন অবক্ষয়ে ... ইতিহাস-পটভূমি অনিকেত না কি?' *জীবন*, ১৯৪০।

অবক্ষর *বি* হেফাজত। *মানোএল*, ১৭৪৩।

অবক্ষীণ [স] *বিণ* ক্ষীণতর। 'জীবনের সঙ্গে যোগ হারিয়ে জীবন হল বিশীর্ণ, অবক্ষীণ।' *শিব*, ১৯৭৩।

অবক্ষেপ [স] *বি* নিম্নে নিক্ষেপ। 'অনন্ত অপ্ ব্যোমের অবক্ষেপে।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অবগত [স] *বিণ* জ্ঞাত। 'তোমার বিবরণ অবগত কর আমাকে তবে আমার প্রাণ স্থির হয়।' *রামরাম*, ১৮০১।

অবগত হওয়া [স অবগত+হওয়া] *ক্রি* জানা। 'অবগত হইয়া যে বাকি আপনকার বিচার সম্মত হয় দেওয়াইয়া দিবেন।' *রামরাম*, ১৮০২।

অবগতি [স] **১** *বি* বিশ্বাস। 'ইতিহাসে কর অবগতি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* শ্রবণ। 'অপূর্ব্ব আমার দুঃখ কর অবগতি।' *ভারত*, ১৭৬০। **৩** *বি* অধোগতি; অধোগমন। 'শিখতে হবে এর নানারকম গতি অবগতি।' *রবীন্দ্র*, ১৯৩২।

অবগম [স অবগত] *বিণ* জ্ঞাত। 'ইঙ্গলেণ্ড হইতে শেষ সম্বাদ পহুঁছিয়াছে তদ্দ্বারা অবগম হইল যে ...।' *দর্পণ*, ১৮৩৭।

অবগলি *বি* সুগন্ধি কাঠবিশেষ। 'মহাপ্রভু বাহির হইলে অবগলি নামে সুগন্ধিকাষ্ঠ বাহির করে।' *দর্পণ*, ১৮২৫।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অবগা ১ *ক্রি* শান্ত করা। 'এহি কর দেখি রোখ অবগাই।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রি* বিশ্রাম করা। 'বোলইতে বচন অলপ অবগাই।' *জ্ঞান*, ১৬০০।

অবগাঢ় [স] *বিণ* নিবিড়। 'অবগাঢ় শর্বরীর গ্রন্থের পাতায় ...।' *সিকান্দার*, ১৯৪৬।

অবগাঢ়া [স অবগাঢ়] *ক্রি* অভিভূত হওয়া। 'শুনলু সতী পতিভয় অবগাঢ়ি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবগাহ [স] *বি* ডুব দিয়ে স্নান। 'ঘৃচায় কর্মের ক্লেদ পত্নীস্ত্রীর সান্ধ্য অবগাহ।' *সুধীন্দ্র*, ১৯৩২।

অবগাহন [স] *বি* শরীর ডুবিয়ে স্নান। 'গঙ্গাস্নানে ... পুরুষের সাক্ষাতে স্ত্রীলোকেরা দর্শনাবগাহন [দর্শন+অবগাহন] করেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৩; 'নদী মধ্যে অবগাহনে ... নানাবিধ জলক্রীড়া করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৩।

অবগাহন করা *ক্রি* নিমগ্ন হওয়া। 'আমি তার মধ্যে অবগাহন করে অসীম মানসলোকে একলা বসে থাকি।' *রবীন্দ্র*, ১৮৯১।

অবগাহনস্নান [স] *বি* গোটা দেহ ডুবিয়ে স্নান। 'সকালের আকাশে ওদের এই অবগাহনস্নান।' *রবীন্দ্র*, ১৯২৯।

অবগাহনি [স অবগাহন>] *বিণ* অবগাহন করায় এমন। 'এ কী স্নিগ্ধ শ্যামল ছায়া নয়ন-অবগাহনি।' *রবীন্দ্র*, ১৯১৪।

অবগাহা [স অবগাহন>] **১** *ক্রি* অবগাহন করা। 'অপনেহু মনে হুনি বুঝ অবগাহি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রি* অনুধাবন করা। 'এতদিন অছলহু আন ভান হম অব বুঝল অবগাহি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবগাহিত [স] *বিণ* স্নাত। 'অপরিমাণ প্রীতির উৎস-ধারায় অবগাহিত শুদ্ধ ...।' *মাহেনও*, ১৯৪৯।

অবগুণ্ঠন [স] **১** *বি* ঘোমটা। 'অবগুণ্ঠনের কিয়দংশ অপসৃত করিয়া ... দৃষ্টি করিতেছিলেন।' *বঙ্কিম*, ১৮৬৫। **২** *বি* মেঘের ঢাকনা। 'একবার অবগুণ্ঠন খোলো, গহন মেঘমায়ায় বিজন বনছায়ায় ...।' *রবীন্দ্র*, ১৯২৪।

অবগুণ্ঠনবতী [স] *বিণ* ঘোমটা দ্বারা আবৃত। *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫; 'তিনি অবগুণ্ঠনবতীও ছিলেন না।' *বিভূতি*, ১৯৩৮।

অবগুণ্ঠনবিরহিতা [স] *বিণ স্ত্রী* ঘোমটাহীন। 'চঞ্চলা, চপলা, উগ্রা, অবগুণ্ঠনবিরহিতা।' *দীপিকা*, ১৮৮৭।

অবগুণ্ঠনাবৃতা [স] *বিণ স্ত্রী* ঘোমটা-দেওয়া। 'সার্দ্ধেক হস্তপরিমিত-অবগুণ্ঠনাবৃতা।' *দীপিকা*, ১৮৮৭।

অবগুণ্ঠবতী [স] *বিণ স্ত্রী* ঘোমটার দ্বারা মুখ আবৃত রয়েছে এমন। 'শ্রী আসিয়া দ্বারদেশে দাঁড়াইল। অবগুণ্ঠবতী, বেপমানা।' *বঙ্কিম*, ১৮৮৪।

অবগুণ্ঠিকা [স] *বি* ঘোমটা। 'লজ্জাকে আবাহন করিয়া অবগুণ্ঠিকার মধ্যে স্থান দিয়া ...।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

অবগুণ্ঠিত [স] **১** *বিণ* আবৃত। 'রাত্রি হইল, ক্রমশঃ বিশ্বব্রহ্মাণ্ড গাঢ়তর তিমিরে অবগুণ্ঠিত হইতেছে।' *রামনারায়ণ*, ১৮৫৪। **২** *বিণ* ঢেকে আছে এমন। 'এখানে দূরের দৃশ্যগুলি প্রায়ই বাষ্পে অবগুণ্ঠিত।' *রবীন্দ্র*, ১৯২৯।

অবগুণ্ঠিতা [স] *বি স্ত্রী* যে ঘোমটায় আবৃত। 'হে শর্বরী, হে অবগুণ্ঠিতা! তোমার আকাশ জুড়ি যুগে যুগে জপিছে যাহারা।' *রবীন্দ্র*, ১৯০০।

অবগ্রহ [স] *বি* অনাবৃষ্টি। 'অবগ্রহপ্রযুক্ত প্রায় যাবদ্দেশে কোন শস্য না জন্মিবাতে ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অবচনীয় [স] *বিণ* কথা দিয়ে বোঝানো যায় না এমন। 'তত বড় অবচনীয় অবসাদ।' *জীবন*, ১৯৩২।

অবচয়া [স অবচয়>] *ক্রি* সংগ্রহ করা। 'দয়াময়ী বনদেবী ফুল অবচয়ি রেখেছেন নিবারিতে পরিশ্রম মম।' *মাইকেল*, ১৮৬২।

অবচেতন [স] **১** *বিণ* চেতনার আড়ালে থাকা অস্পষ্ট চেতনাবিশিষ্ট। 'মধুসূদন তার অবচেতন মনে নিজের অগোচরে ...।' *রবীন্দ্র*, ১৯২৯। **২** *বিণ* অর্ধচেতন। 'সাহিত্য অবচেতন চিত্তের সৃষ্টি।' *রবীন্দ্র*, ১৯৪০।

অবচেতনগত [স] *বিণ* অবচেতন মন থেকে জাত। 'সন্তানবতী নারীদের উপর বন্ধ্যা পশুর একটা অবচেতনগত হিংসা আছে।' *তারা*, ১৯৪২।

অবচেতনিক [স] *বিণ* অবচেতন মনের। 'তার আভিধানিক অর্থ তখন গৌণ হয়ে অবচেতনিক ব্যঞ্জনা মুখ্য হয়ে ওঠে।' *শিব*, ১৯৭৩।

অবচেতনা [স] **১** *বি* সুপ্ত চেতনা। 'অবচেতনার তলে গুমরে কী জাতিস্মর কথা?' *সুধীন্দ্র*, ১৯৩৩। **২** *বি* অর্ধচেতনা। 'শতাব্দীর পুরাতন তরুটির মূক অবচেতনার সঙ্গে ...।' *মানিক*, ১৯৩৬।

অবচেতনিক *দ্র* **অবচেতন**

অবচ্ছায় [স] *বি* আড়াল। 'জীবন হবে ব্যয় অখ্যাতির অবচ্ছায়ে।' *সুধীন্দ্র*, ১৯৫৬।

অবচ্ছিন্ন [স] **১** *বিণ* ব্যর্থ। 'তাহাদের ধরিবার সম্ভাবনা, সকলই অবচ্ছিন্ন করিয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৮। **২** *বিণ* ছড়িয়ে ছিটিয়ে আছে এমন। 'অবচ্ছিন্ন তারারাশি, ওরা চিরদিনকার চেনা।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অবছায়া [স অপচ্ছায়া] *বি* আবছায়া; ছায়ামূর্তি। 'মুড়ি ভাজে ময়রাণী দেখে অবছায়া।' *রূপরাম*, ১৭৫০।

অবজননকর [স] *বিণ* প্রজননে বাধা প্রদানকারী। 'দমনপ্রাপ্ত না হইলে যে সকল অবজননকর শক্তি লোক ধ্বংস করিবে।' *রবীন্দ্র*, ১৯১৭।

অবজস [স অপযশ] *বি* কলঙ্ক। 'জুদ্ধে পলাইলে অবজস ঘুসিব সংসার।' *মালাধর*, ১৫০০।

অবজ্ঞান [স অবজ্ঞান] *বি* অবজ্ঞা। 'বুঝিআ কার্যের তত্ত্ব নিবেদয়ে ভাঁড়ুদত্ত পশ্চাৎ করিআ অবজ্ঞান।' *মুকুন্দ*, ১৬০০।

অবজ্ঞিত [স অবজ্ঞাত] *বিণ* উদ্ধত। *মানোএল*, ১৭৪৩।

অবজেকটিভ [ই] *বিণ* বস্তুনিষ্ঠ। 'কবিতা আগাগোড়া অবজেকটিভ।' *প্রমথ*, ১৯১৬।

অবজেকশন [ই] *বি* আপত্তি। 'ডাকাতিতে আমার মরাল অবজেকশন নেই।' *মুজতবা*, ১৯৪৯।

অবজেক্ট ড্রইং [ই] *বি* বাস্তব বিষয় নিয়ে আঁকা ড্রইং। 'স্যার বলেন অবজেক্ট ড্রইং।' *মণীশ*, ১৯৬৩।

অবজ্ঞা [স] **১** *বি* উপেক্ষা। 'অবজ্ঞা করিয়া বাপে পুজ্যা না করিল।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *ক্রি* উপেক্ষা করা। 'অবজ্ঞিয়া অন্ধ অবজ্ঞারে/ ঐশ্বর্যের ছদ্মবেশী ধূলির দুঃসহ অন্ধকারে।' *রবীন্দ্র*, ১৯৩১।

অবজ্ঞাজনক [স] *বিণ* অপমানজনক। 'ইহা কিরূপ অবজ্ঞাজনক ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অবজ্ঞাত [স] **১** *বিণ* অবজ্ঞা করা হয়েছে এমন। 'সামান্য লোক দ্বারা অবজ্ঞাত ও অপমানিত হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৩। **২** *বিণ* অবহেলিত। 'যে ভাষা দেশের উচ্চশ্রেণীর অবজ্ঞাত ছিল।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শহীদুল্লাহ, ১৯৩১।

অবজ্ঞান [স] *বি* অবজ্ঞা। 'ক্রোধাবেশে প্রভু তারে কৈল অবজ্ঞান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অবজ্ঞানজনিত [স] *বিণ* তাচ্ছিল্যকর। 'সংস্কৃতের প্রতি অবজ্ঞানজনিত নয়।' *মুজতবা*, ১৯৫৯।

অবজ্ঞাপরতা [স] *বি* তাচ্ছিল্য। 'এইরূপ রূঢ়তা ও অবজ্ঞাপরতার বিরুদ্ধে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবজ্ঞাপরায়ণ [স] *বিণ* তাচ্ছিল্যপ্রবণ। 'তার ভিত্তি অন্য জাতির প্রতি অবজ্ঞাপরায়ণ পার্থক্যবোধের উপরে প্রতিষ্ঠিত।' *রবীন্দ্র*, ১৯৩২।

অবজ্ঞাপূর্ণ [স] *বিণ* তাচ্ছিল্যপূর্ণ। 'অনেকে অবজ্ঞাপূর্ণ উপহাসের সহিত বলিবেন।' *রবীন্দ্র*, ১৯০৫।

অবজ্ঞাপ্রসূত [স] *বিণ* অবজ্ঞাজনিত। 'অবজ্ঞাপ্রসূত প্রাদেশিক বিদ্বেষ তাহলে ঘুচবে কবে।' *মুজতবা*, ১৯৫৯।

অবজ্ঞাভরে *ক্রিবিণ* অবহেলার সাথে। 'বই কাড়িয়া লইয়া অবজ্ঞাভরে দূরে ফেলিয়া দিত।' *রবীন্দ্র*, ১৯০১।

অবজ্ঞাভাজন [স] **১** *বিণ* তাচ্ছিল্যের পাত্র। 'ভদ্রজনের অবজ্ঞাভাজন।' *রবীন্দ্র*, ১৯০২। **২** *বিণ* অশ্রদ্ধেয়। 'উচ্চতম সত্যের কথা অবজ্ঞাভাজন হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অবজ্ঞাসূচক [স] *বিণ* তাচ্ছিল্যপূর্ণ। 'অনুগৃহীতদের প্রতি অবজ্ঞাসূচক বিশেষণ প্রয়োগ-পূর্বক।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবজ্ঞেয় [স] *বিণ* অবজ্ঞার যোগ্য। 'তাঁহারা অবজ্ঞেয় নহেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবঞ্চক [স] *বিণ* প্রবঞ্চনা করে না এমন। 'তথাপি তাহারা ভালো মানুষ, অবঞ্চকস্বভাব এবং অতিথিপরায়ণ।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবণা গবণা, অবণাগমণ, অবণা গমণা [স *অয়নক-গমন] *বি* আনাগোনা। 'জেঁণ তুটঅ অবণা গবণা।' *চর্যা* ২১, ১২০০; 'ঘোরিঅ অবণাগমণ বিহন।' *চর্যা* ৩৬, ১২০০; 'তবেঁ তুটই অবণা গমণা।' *চর্যা* ৪৬, ১২০০।

অবতংস [স] **১** *বি* অলংকার। 'কর্ণে অবতংস করি কন্যার ফুলে রহিল।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* শ্রেষ্ঠ। 'ত্রিভুবনে অবতংস।' *মুকুন্দ*, ১৬০০।

অবতংসা [স অবতংস] *ক্রি* শ্রেষ্ঠ করা। 'ভাবে তুয়া শুদ্ধমতি সেই জন মহাসতি রাখ সতিজন অবতংসি।' *মুকুন্দ*, ১৬০০।

অবতত [স] *বিণ* সংহত। 'তার আদিম অবতত দেহের অনেক যন্ত্রকে রোগদুঃখ ভোগ করতে হয়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অবতরণ [স] *বি* নামা। 'সর্বাপেক্ষা নিকটবর্তী নদীতে অবতরণ করিয়া আপনার ও সন্তানের অঙ্গ প্রক্ষালন করে।' *অক্ষয়*, ১৮৪৯।

অবতরণশীল [স] *বিণ* নামতে উদ্যত। '... পর্বত হইতে অবতরণশীল শস্ত্রপাণি তেজসিংহের মূর্তি।' *বিভূতি*, ১৯২৯।

অবতরণিকা [স] **১** *বি* সূচনার আভাস। 'আলোকের অবতরণিকা পূর্ব আকাশে।' *রবীন্দ্র*, ১৯২৯। **২** *বি* ভূমিকা। 'পুরানো কথা দিয়ে অবতরণিকা শেষ করে বললেন।' *মুজতবা*, ১৯৪৯।

অবতরা [স অবতরণ>] **১** *ক্রি* অবতরণ করা। 'ভাগবত অবতরি হিতের কারন।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* অবতীর্ণ হওয়া। 'আমি দেব শ্রীহরি/ মথুরাতে অবতরি।' *বড়ু*, ১৫৭০; 'অবতরিবারে প্রভু করিলা উদ্যোগ।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *ক্রি* আবির্ভূত হওয়া। 'আপনী গোধিকা বেশে অবতরি বনদেশে।' **মুকুন্দ**, ১৬০০। **অবতরে** *ক্রি* অবতরণ করে। 'ভক্তের ইচ্ছাই অবতরে ধর্মসেতু।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **অবতরি** *ক্রি* অবতরণ ক'রে। 'পৃথিবীতে অবতরি করিমু নানারঙ্গে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অবতার [স] **১** *বি* অবতরণ। 'আল রাধা পৃথিবীত কর অবতার।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* হিন্দু মতে ঈশ্বরের প্রতিনিধি। 'বেদ উদ্ধারিতে কৈলোঁ মীন অবতার।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* বর্ষণ। 'সব ঘরে অন্ন বৃষ্টি কর অবতার।' *বৃন্দা*, ১৫৮০। **৪** *বি* প্রস্তাব। 'মূঢ় না বুজয়ে গূঢ় অবতার।' *শেখর*, ১৬০০। **৫** *বি* জন্ম। 'যাবৎ না হয় কার্ত্তিকের অবতার।' *মুকুন্দ*, ১৬০০। **৬** *বি* ইংরেজ। 'ভাঙামেজাজি রাস্তানেত্র, রাস্তাকলেবর অবতারেরা।' *প্রভাকর*, ১৮৫৮। **৭** *বি* ত্রাণকর্তা। 'নীলকর সায়েবরা দ্বিতীয় রিভোলিউসন হবে বিবেচনা করে ... অবতার হয়ে পড়লেন।' *হুতোম*, ১৮৬১। **৮** *বি* আবির্ভূত বিশিষ্ট ব্যক্তি; কেউকেটা। 'সহরের হঠাৎ অবতার।' *হুতোম*, ১৮৬১। **৯** *বি* সংস্করণ। 'রবিনহুডের নব অবতার ফিরিয়া বেড়াইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবতারতত্ত্ব [স] *বি* অবতারবাদ। 'এই অবতারতত্ত্ব ও বৈষ্ণবীয় প্রেমভক্তির বন্যায় সেদিন ...।' *হাই*, ১৯৫৪।

অবতারত্ব [স] **১** *বি* জীবদেহ নিয়ে দেবতার পৃথিবীতে আবির্ভাবের ধারণা। 'ঈশ্বরের অবতারত্ব সম্ভব কি না এ প্রশ্ন উত্থাপন করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বি* মূর্তিমানতা। 'মহাত্মার আর তাঁর অবতারত্বের প্রমাণ।' *নজরুল*, ১৯২৩।

অবতারবাদ [স] *বি* ঈশ্বরের মানুষ হিসেবে জন্মলাভ, এই হিন্দু বিশ্বাস। 'জাতিভেদ, পুনর্জন্মবাদ, অবতারবাদ প্রভৃতি হিন্দু সভ্যতার বৈশিষ্ট্য ...।' *সওগাত*, ১৯২৮।

অবতারলীলা [স] *বি* দেবতার দেহ ধারণ ও জীবনযাপন। 'দেবতার অবতারলীলা লইয়াই যে এ কাব্য রচিত তাহাও নহে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অবতারা [স অবতার] *বি* অবতার। 'গগনে উগয়ে কত তারা। চাঁদ আনহি অবতারা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবতারী [স অবতার] *বিণ* অবতরণ করেছে এমন। 'অবতারী কৃষ্ণ যৈছে কর অবতার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অবতারণ [স] *বি* উত্থাপন। 'অভিমানিনী মেয়েকে আমার কল্পনারাজ্যে অবতারণ করা গেছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অবতারণা [স] *বি* উপস্থাপনা। 'করুণ ও হাস্যরসের অবতারণায় বিলক্ষণ পটুতা দেখাইয়াছেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অবতীন্তো [স অবতীর্ণ] **১** *বিণ* অবতীর্ণ। 'দৈববাণী ছিলো, যে পূর্ণো ব্রর্মো অবতীন্তো হইলেন।' *আন্তোনিয়ো*, ১৭৪৩। **২** *বি* অংশ-অবতার। 'আর আর অবোতার অন্যো কার্যো করিয়াছিলো, একারোণ কহিলাম অবতীন্তো।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

অবতীর্ণ [স] **১** *বিণ* আবির্ভূত। 'যে প্রভু কৃপায় অবতীর্ণ পৃথিবীতে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* উপস্থিত। 'তাঁহারা স্বর্গগত হইলে দ্বিতীয় শ্রেণিতেও অনেক পণ্ডিত মহাশয়গণ অবতীর্ণ হইয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩৮।

অবতীর্ণ করানো *ক্রি* নামানো। 'দুই জন সৈনিক পুরুষ অধিরোহিণী দ্বারা অতি কষ্টে করণ্ডক অবতীর্ণ করিল।' *বিদ্যা*, ১৮৪৯।

অবতীর্ণা [স] *বিণ* স্ত্রী আবির্ভূত। 'এতাদৃশী বাকপটুতা বোধ হয় স্বয়ং

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বাগদেবীই অবনীতে অবতীর্ণা।' *মাইকেল*, ১৮৫৯; 'পাপত্মার পরিত্রাণ হেতু আপনি কি মোহিনী মূর্ত্তি ধারণ করে অবনীতে অবতীর্ণা হলেন।' *দীনবন্ধু*, ১৮৬৬।

অবথা [স অবস্থা>] *বি* অবস্থা। 'দিবসে দিবসে থিনী বালী চান্দ অবথাওেঃ জাই।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবদমিত [স] *বিণ* অজ্ঞাতসারে স্বাভাবিক ইচ্ছা দমন হয়েছে এমন। 'কণ্ঠস্বরের অবদমিত নিষ্ঠুরতায় এবং আকস্মিক বিক্ষুব্ধ এবং বিস্ফোরণে ...।' *মুনীর*, ১৯৬৬।

অবদাত [স] **১** *বিণ* গুণান্বিত। 'তার সুত রঘুনাথ রূপে গুণে অবদাত।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* উজ্জ্বল। 'দশদিক হইল অবদাত।' *মুকুন্দ*, ১৬০০।

অবদীর্ণ [স] *বিণ* ভগ্নদশায় আক্রান্ত। 'গ্রামের কেন্দ্রে প্রাচীন এবং অবদীর্ণ অট্টালিকা সমুচ্চয়ের উষালোকে ...।' *শিব*, ১৯৫৬।

অবদ্ধ [স] *বিণ* মুক্ত। 'লঙ্ঘিয়াছে বাক্যের শাসন, নিয়েছে অবুদ্ধিলোকে অবদ্ধ ভাষণ।' *রবীন্দ্র*, ১৯৪০।

অবদ্য [স অবধ্য] *বিণ* বধের অযোগ্য। 'দেবতার অবদ্য হই এই বর মাগিলা।' *মালাধর*, ১৫০০।

অবধা [স প্রবোধ] *ক্রি* প্রবোধ দেওয়া। 'অবধিয়া বান রাজা হরসিত মনে।' *মালাধর*, ১৫০০।

অবধান [স] **১** *বি* বিবেচনা। 'আস্কার বচনে তোহ্মে কর অবধান।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* শ্রবণ। 'সুপুরুখ বচন কএল অবধান।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *বি* অবগতি। 'দুঃখ করো অবধান দুঃখ করো অবধান আমানি খাবার গর্ত দেখো বিদ্যমান।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *বি* সম্মানিত ব্যক্তিকে অভিবাদন; প্রণাম। 'কর্তা মহাশয় অবধান।' *দীনবন্ধু*, ১৮৬০। **৫** *বি* খেয়াল। 'বুকের উপর দিয়া যাস তুই মাড়াইয়া, কিছু না করিস অবধান।' *রবীন্দ্র*, ১৮৮৫।

অবধারণ [স] **১** *বি* বরাদ্দ। 'সংসারাধ্যক্ষের অন্যূন ৫০০০৲ টাকা ব্যয় করিতে অবধারণ করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৩। **২** *বি* অনুসরণ। 'প্রাচীন অধ্যাপকেরা যাহা স্থির করিয়া দেন সেই ধারাই অবধারণ করেন।' *চন্দ্রিকা*, ১৮৩৫। **৩** *বি* উপলব্ধি। '... এই চমৎকার কৌশল অবধারণ করিতে পারেন নাই।' *প্রভাকর*, ১৮৪৭। **৪** *বি* নিরূপণ। 'ঐ সমুদয় সম্প্রদায়ের মতে, তাহার আর অধিক অবধারণ করিবার সম্ভাবনা নাই।' *অক্ষয়*, ১৮৫৪।

অবধারা [স অবধারণ>] **১** *ক্রি* বুঝতে পারা। 'হমে অবধারল সুন সুন কাহ্ন।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রি* ধারণা করা। 'সরস কবি বিদ্যাপতি গাওল নিজ মনে অবধারি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবধারিত [স] **১** *বিণ* নির্ধারিত। 'কি প্রকারে ইহা অবধারিত হইল।' *হরপ্রসাদ রায়*, ১৮১৫। **২** *বিণ* নিশ্চিত। 'যত দিন অবধারিত না হয় ...।' *দর্পণ*, ১৮২৬।

অবধি [স] **১** *বিণ* অবশিষ্ট। 'তিন বানে মদন জিতল তিন ভুবনে অবধি রহল দউ বানে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* চূড়ান্ত। 'রূপের অবধি তুমি গুনের সে সিমা।' *মালাধর*, ১৫০০। **৩** *ক্রিবিণ* পর্যন্ত। 'তাহার সেবিব পদ জনম অবধি।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *বি* আধার। 'সুবর্ণের পুষ্প সেই গন্ধের অবধি।' *কাশীরাম*, ১৬৫০। **৫** *বি* সুযোগ। 'মোকাবিলায় অবধি হইতেছে না।' *ওসাঁ*, ১৭৮২। **৬** *ক্রিবিণ* এক সময় থেকে অন্য সময় পর্যন্ত। *ওসাঁ*, ১৭৮২। **৭** *বি* সীমা। 'পালমিরার যশসৌরভ ও ধন সম্পত্তির অবধি ছিল না।' *অক্ষয়*, ১৮৪৭। **৮** *ক্রিবিণ* তখন থেকে। 'মেয়েটি অন্ধ দেখিয়া অবধিই আমার সন্দেহ হইয়াছিল।' *বঙ্কিম*, ১৮৭৪।

অবধূত [স অবধূত] *বি* যোগী। 'রাজার বচন সুনি অবধূত হাসে।' *মালাধর*, ১৫০০।

অবধূই [স অবধূতী] *বি* স্ত্রী মহাসুখাধার নাড়ি; সুষুম্না। 'চালিউঅ ষষহর মাগে অবধূই।' *চর্যা* ২৭, ১২০০।

অবধূত [স] **১** *বি* সংস্কারমুক্ত সন্ন্যাসী। 'ভ্রষ্ট অবধূত তুমি উদর ভরিতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* যোগী। 'কেহ অবধূত হই/ সর্ব্বাঙ্গে লেপিয়া ছাই ...।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৩** *বি* শৈব সম্প্রদায়বিশেষ। 'কখন গৃহস্থ কখন ভিখারী অবধূত জটাধর হে।' *ভারত*, ১৭৬০। **৪** *বি* হিন্দু পদবি-বিশেষ। 'পঞ্চ অবধূত যে টাকা আনিয়াছে সকল জমা খরচ করিয়া ...।' *চিঠিপত্রে*, ১৭৬১।

অবধূতী [স] *বি* স্ত্রী মহাসুখাধার নাড়ি; সুষুম্না। 'অণহা দাণ্ডী বাকি কিঅত অবধূতী।' *চর্যা* ১৭, ১২০০।

অবধৌত [স অবধূত>] *বি* সংসারত্যাগী সন্ন্যাসী। 'আমি অবধৌত জন হরিভক্তি মোর মন।' *মুকুন্দ*, ১৬০০।

অবধ্য [স] **১** *বি* বধের যোগ্য নয় এমন প্রাণী। 'অবধ্য বধ করি ঘরে মাংস রান্ধাইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* বধের অযোগ্য। 'যদ্যপি অবধ্য হও বধিমু তোমারে।' *আলাওল*, ১৬৮০।

অবনত [স] **১** *বিণ* বিনম্র। 'অবনত আনন কএ হম রহলিহ্।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* নোয়ানো। 'পুচ্ছ অবনত স্থির হয়ে দাঁড়াইল পার্বতীর পাশে।' *রবীন্দ্র*, ১৮৯৬। **৩** *বিণ* ব্যতিব্যস্ত। 'জননীর প্রতিনিধি কর্তাদের-অবনত অতি ছোটো দিদি।' *রবীন্দ্র*, ১৮৯৬। **৪** *বিণ* বিনত। 'সবিষাদে অবনত নয়ন তাহার।' *রবীন্দ্র*, ১৯০৭। **৫** *বিণ* নুয়ে পড়েছে এমন। 'ভারে তাই সে অবনত।' *রবীন্দ্র*, ১৯১৪।

অবনতমস্তকে [স] *ক্রিবিণ* মাথা নিচু ক'রে। 'অবনতমস্তকে ভূমিষ্ঠ হইয়া ভক্তিশ্রদ্ধা সম্বলিত প্রণিপাত সহকারে ...।' *অক্ষয়*, ১৮৫০।

অবনত মুখ [স] *বি* নোয়ানো মুখ। 'ঊর্ধ্বমুখে, কখনো বা অবনত মুখে, বিগলিত কেশপাশ ...।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অবনতশির [স] *বিণ* মাথা নিচু হয় এমন। 'যেখানেই তা দেখতে পেয়েছেন সেখানেই শ্রদ্ধায় অবনতশির হয়েছেন।' *মোতাহের*, ১৯৫০।

অবনতশিরে *ক্রিবিণ* মাথা নিচু ক'রে। 'অবনতশিরে যুক্তকরে ললাট স্পর্শ করিয়া বলিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮; 'সম্ভ্রমভরে রয়েছি দাঁড়ায়ে দূরে অবনতশিরে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অবনতা [স] **১** *বিণ* স্ত্রী বিনতা। 'জীবন-লতা অবনতা তব চরণে।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বিণ* স্ত্রী অবনমিত। 'ধৈর্যে অবনতা।' *রবীন্দ্র*, ১৯১০।

অবনতি [স] *বি* অবনুন্নতি। 'রোষযুত ভগবতী হৈল মোর অবনতি।' *মুকুন্দ*, ১৬০০।

অবনতিকর [স] *বিণ* হানিকর। 'সাময়িক সাহিত্য, লেখকের পক্ষে অবনতিকর।' *বঙ্কিম*, ১৮৯২।

অবনতিশীল [স] *বিণ* অবনতির দিকে এগোচ্ছে এমন। 'উন্নতিশীলই হই আর অবনতিশীলই হই – আমরা গতিশীল।' *প্রমথ*, ১৯১৪।

অবনমিত [স] **১** *বিণ* নত। 'বৃদ্ধ সস্নেহে শ্রদ্ধাভরে ঈষৎ অবনমিত হইয়া নীরবে মনোযোগ সহকারে ...।' *রবীন্দ্র*, ১৮৯৮। **২** *বিণ* অবনত করা হয়েছে এমন। 'উচ্চতাকে অবনমিত করেননি।' *অচিন্ত্য*, ১৯৫০।

অবনমিতা [স] *বিণ* স্ত্রী অবনত হয়েছে এমন। 'অবনমিতা উমা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সঞ্চারিণী পল্লবিনী লতার ন্যায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

অবনম্র [স] *বিণ* বিনয়ী। 'তিনি সতর্ক, সুকোমল, সুন্দর এবং সম্পূর্ণ অবনম্র।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অবনি, অবনী [স] **১** *বি* পৃথিবী। 'অবনী মণ্ডলে গীয়া নিজ নিজ অংশ হয়্যা।' *মালাধর*, ১৫০০। **২** *বি* ভূভাগ। 'ময়না নগর বাড়ী দক্ষিণ অবনী।' *ঘনরাম*, ১৭১১। **৩** *বি* মাটি। 'কৃতাঞ্জলি হয়ে অবনি লোটায়ে।' *মানিকরাম*, ১৭৮১।

অবনিতল [স] *বি* পৃথিবী। 'নাচএ অবনিতলে প্রেত ভূত দানা।' *মুকুন্দ*, ১৬০০।

অবনিমণ্ডল, অবনীমণ্ডল [স] *বি* ভূমণ্ডল। 'অবনিমণ্ডলে যশ বাড়িল বিশাল।' *মুকুন্দ*, ১৬০০; 'অবনীমণ্ডলে সভে পাইল পুন্পজল।' *রূপরাম*, ১৭৫০।

অবনীনাথ [স] *বি* রাজা। 'অবনীনাথ। এ অধীনের একটি নিবেদন।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

অবনিবনা [অ+হি বনিবনাও] *বি* মিলমিশ হচ্ছে না এমন অবস্থা। 'তার স্বপ্নের সঙ্গে বাস্তবের অবনিবনায়।' *অচিন্ত্য*, ১৯৫০।

অ-বনিবনাও [হি বনিবনাও] *বি* মিলমিশের অভাব; মনোমালিন্য। 'শিক্ষিতদের ক্রমশই একটি অ-বনিবনাও হইয়া আসিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবন্তিকা [স] *বি* স্ত্রী অবন্তীবাসী নারী। 'এমনি করেই দেখা দিত অন্যযুগের অবন্তিকা।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অবন্ধ [স অবন্ধ্য] *বিণ* সফল। 'অশয় শয়নে সদা অবন্ধ দিবস।' *মানিকরাম*, ১৭৮১।

অবন্ধনা [স, সম্বোধনে-এ] *বিণ* স্ত্রী বন্ধনহীন। 'তবু আশা জেগে থাকে প্রাণের ক্রন্দনে/ অয়ি অবন্ধনে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অবন্ধিত [স] *বিণ* মুক্ত। 'কাব্যে বন্ধনকেই অবন্ধিত করে রূপকে ত্যাগ করে না।' *রবীন্দ্র*, ১৮৮৫।

অবন্ধু [স] **১** *বি* বন্ধু নয় যে। 'আমার সেই অন্দরের ঘরটাকেও আমার বন্ধু, অনতিবন্ধু ও অবন্ধুরা দুর্গম বলে গণ্য করেন না।' *রবীন্দ্র*, ১৮৯১। **২** *বি* খারাপ বন্ধু। 'বন্ধুভাগ্য যেমন ওঁর বেশি, অবন্ধুও কম নয়।' *অবন*, ১৯৪১। **৩** *বিণ* বন্ধুসুলভ নয় এমন। 'অবন্ধু সংসারের নির্দয় রুক্ষতায় পদে-পদে বিপন্ন।' *অচিন্ত্য*, ১৯৫০।

অবন্ধুত্ব [স] *বি* বন্ধুহীনতা। 'রমণী-সমস্যা নয়, অর্থকষ্ট অবন্ধুত্ব তোমাদের হোক।' *শক্তি*, ১৯৬১।

অবন্ধুর [স] *বিণ* উঁচু-নিচু নয় এমন। 'পথ চলেছে এঁকেবেঁকে সেটা মোটর-রথের পক্ষে প্রশস্ত ও অপেক্ষাকৃত অবন্ধুর।' *রবীন্দ্র*, ১৯৩২।

অবন্ধ্য [স] **১** *বিণ* সার্থক। 'নিজের রূপকে অবন্ধ্য করিতে ইচ্ছা করিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বিণ* উৎপাদনশীল। 'অর্থব্যবহারশাস্ত্র শ্রমকে দুইভাগে বিভক্ত করিয়াছে – বন্ধ্য এবং অবন্ধ্য।' *রবীন্দ্র*, ১৯০৭।

অবপ্রতিভা [স] *বি* সুপ্ত প্রতিভা। 'মাল্যবানের অবকল্পনা আছে, অবপ্রতিভাও।' *জীবন*, ১৯৪৮।

অবপ্রাণনা [স] *বি* অনুপ্রেরণা। 'প্রথম অবপ্রাণনায় জেগে ...।' *জীবন*, ১৯৪০।

অববাহিকা [স] *বি* নদীর উভয় পাশের যে ভূমির উপর দিয়ে এসে জল নদীতে পড়ে। 'পৃথিবীর রাজপথে – রক্তপথে – অন্ধকার অববাহিকায়।' *জীবন*, ১৯৪২।

অবভাসিত [স] *বিণ* প্রতীয়মান। 'অত্যন্ত অবিহিত চরিত্র অন্তঃকরণে দেদীপ্যমান অবভাসিত হইতে লাগিল।' *অক্ষয়*, ১৮৪৯।

অবমন্তা [স] *বি* অবজ্ঞাকারী; তিরস্কারকারী। 'অবমন্তা ঋণমুক্ত হবে অপমানে।' *সিকান্দার*, ১৯৪২।

অবমর্দিত [স] *বিণ* অবদলিত। 'সেই শক্তি নিরশনক্ষীণতায় অবমর্দিত হলে, তাতে শুধু ভারতকে কেন ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

অবমান [স] **১** *বি* অপমান। 'শাস্ত্রে তো বলে "স্বকার্য্যমুদ্ধরেৎ" তার আবার মান অবমান কি?' *হরপ্রসাদ*, ১৮৮১। **২** *বি* অসম্মান। 'করিতেছ অবমান।' *রবীন্দ্র*, ১৮৯৯। **৩** *বিণ* ছোটো। 'তোমারে আপন সাথে করিয়া সমান/ যে বামণগণ করে অবমান/ কে তাদের দেবে মান।' *রবীন্দ্র*, ১৯০১। **৪** *বিণ* অবনমিত। 'সত্যের এরূপ অবমান দশায় ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবমানন [স] *বি* অসম্মান। 'প্রাণের দারুণ অবমানন/ ঘটিয়ে দিলি জড়ের হাতে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অবমাননা [স] *বি* অসম্মান। 'তাঁহার পদচ্যুতি ও অবমাননার বিষয় অবগত হইয়া ... দুঃখিত হইলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

অবমাননাকর [স] *বিণ* অসম্মানজনক। 'অবমাননাকর শাস্ত্র সৃষ্টি হয়েছিল।' *নজরুল*, ১৯৩১।

অবমানিত [স] **১** *বিণ* অসম্মানিত। 'তুমি যে অবমানিত হইয়াছ তাহার প্রতিকারার্থ কোন বর প্রার্থনা কর।' *অক্ষয়*, ১৮৪৭; 'অবমানিত করিয়াছেন?' *বঙ্কিম*, ১৮৬৬। **২** *বিণ* মর্যাদাহীন। 'যাহা আমাদের ছিল তাহাকে অবমানিত করি।' *রবীন্দ্র*, ১৯০৮। **৩** *বিণ* মানহীন। 'যে অবমানিত, তাহাকে আরও অবমানিত করিতে লোকে কুণ্ঠিত হয় না।' *রবীন্দ্র*, ১৯০৮। **৪** *বি* অপমানিত ব্যক্তি। 'আমি অবমানিতের মরম-বেদনা ...।' *নজরুল*, ১৯২২। **৫** *বিণ* অবমাননাজনিত। 'ডুবিল তারই সাথে অবমানিত দুঃখভার অবহেলার রাতে।' *রবীন্দ্র*, ১৯৩২। **৬** *বিণ* ম্লান। 'কুয়াশার জড়িমায় অবমানিত হেমন্তের বেলা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অবমানিতা [স] *বি* স্ত্রী যাকে অপমান করা হয়েছে। 'ধূলিলুণ্ঠিতা অবমানিতারে অপমান তুমি কোরো না আর।' *রবীন্দ্র*, ১৮৯৯।

অবয়প্রাপ্তা [স অবয়ঃপ্রাপ্তা] *বিণ* স্ত্রী নাবালিকা। 'উক্ত নফরচন্দ্র সিংহ আত্মজা অবয়প্রাপ্তা অবিবাহিতা সদুহিতাদ্বয় ...।' *চিঠিপত্রে*, ১৮৪৪।

অবয়ব [স] **১** *বি* আকৃতি। 'শূন্য অবয়ব তার প্রাণ তোমা ঠামে।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* অঙ্গ। 'অন্ধকারে যখন দেখিতে পাওয়া যায় না, তখন হস্ত ও অন্যান্য অবয়ব দ্বারা স্পর্শ করিয়া ...।' *বিদ্যা*, ১৮৫১।

অবয়বধারী [স] *বিণ* দেহধারী। 'ক্রমে পরিস্ফুট হয়ে উঠতে থাকে অবয়বধারী জীব।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অবয়বহীন [স] **১** *বিণ* সুনির্দিষ্ট আকারহীন। 'পুরুভুজ জাতীয় আদিম জীব অবয়বহীন, ইংরেজিতে যাকে বলে amorphous। *রবীন্দ্র*, ১৯৩৮। **২** *বিণ* দেহহীন। 'অবয়বহীন কালো পাহাড়ের মত কখনো তাকে দেখা যায়।' *হাসান*, ১৯৬৭।

অবয়বিক [স] *বিণ* আকৃতিগত। 'সেই নায়িকার সঙ্গে কোনোপ্রকার অবয়বিক সদৃশতা এই দুর্বিনীত বিশ্বাসের হেতু নয়।' *রশীদ*, ১৯৬৩।

অবর [স অপর] *অব্য* আর; এবং। 'তান্তি বিকণঅ ডোম্বী অবর না চঙ্গেতা।' *চর্যা ১০*, ১২০০; 'রাআ রাআ রাআরে অবর রাঅ মোহোরা বাধা।' *চর্যা ৩৪*, ১২০০।

অবরিতা [স] *বিণ স্ত্রী* বরণ করা হয়নি এমন। 'অবরিতা নৃপবালা হেন।'

দুনিয়ার পাঠক এক হও!,,,~ www.amarboi.com ~

সত্যেন্দ্র, ১৯০৮।

অবরুদ্ধ [স] **১** *বিণ* বাধাপ্রাপ্ত। 'একথা নিঃসংশয়ে বলা যাইতে পারে যে ... এই স্রোতের গতি অবরুদ্ধ হইতে পারিবে না।' *ভারত সংস্কারক*, ১৮৭৩। **২** *বিণ* আটক। 'টেলর সাহেবের নিকট অবরুদ্ধ আছেন।' *এডুকেশন*, ১৮৭৩। **৩** *বিণ* বিধি-নিষেধে আবদ্ধ। 'শিশুকালে কোণের মধ্যে অত্যন্ত বেশি অবরুদ্ধ ছিলাম।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অবরুদ্ধকণ্ঠ [স] *বিণ* বাকরুদ্ধ। 'এই অবরুদ্ধকণ্ঠ ভক্তের হয়ে আমি মার্জনা প্রার্থনা করি।' *রবীন্দ্র*, ১৯০৭।

অবরুদ্ধস্বর [স] *বি* অস্ফুট স্বর। 'পার্বতী দেবদাসের পায়ের উপর মাথা রাখিয়া অবরুদ্ধস্বরে বলিয়া উঠিল।' *শরৎ*, ১৯১৭।

অবরেণ্য [স] *বি* যা বরণীয় নয়। 'মজিনু বিফল তপে অবরেণ্যে বরি।' *মাইকেল*, ১৮৬৬।

অবরে সবরে [ফা আবর+আ সবর] *ক্রিবিণ* কালেভদ্রে; কখনো কখনো। 'হাত কাটারি মানুষ থাকিলে অবরে সবরে হয়।' *গৌর*, ১৮২২।

অবরোধ [স] **১** *বি* বেষ্টন। 'এক প্রবল প্রতিপক্ষ রাজা, চতুরঙ্গিণী সেনা লইয়া, তদীয় রাজধানীর অবরোধ করিলে ...।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বি* অন্তঃপুর। 'স্ত্রীলোকপরম্পরা সকলে অবরোধ-মধ্যে সতত অবরুদ্ধ।' *অক্ষয়*, ১৮৫৫। **৩** *বি* আটক। 'যবন ... মাধ্যমিকদিগকে অবরোধ করিয়াছিল।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **৪** *বি* পর্দা। 'আমাদের ত বিশ্বাস যে অবরোধের সহিত উন্নতির বেশী বিরোধ নেই।' *রোকেয়া*, ১৯০৪। **৫** *বিণ* রুদ্ধ। 'দাঁড়িয়েছে আজ মাথা তুলে পথ অবরোধ করি।' *রবীন্দ্র*, ১৯১০। **৬** *বি* বাধা। 'আমরাও মানসিক অবরোধ কেটে বেরিয়ে আসব।' *রবীন্দ্র*, ১৯২২। **৭** *বি* আড়াল। 'তেমনি সোনার ফসল চলে গেল অন্ধকারের অবরোধে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অবরোধঘেরা [স] *বিণ* নিষেধের বেড়া-দেওয়া। 'আমাদের এই অবরোধ-ঘেরা সমাজে।' *নজরুল*, ১৯৩০।

অবরোধদশা [স] *বি* অন্তঃপুরে অবরুদ্ধ অবস্থা। 'সংকুচিতশীলতা আসে নিরাপত্তাবোধের অভাব থেকে, আসে অবরোধদশা থেকে।' *সিরাজুল*, ১৯৭৪।

অবরোধপ্রথা [স] *বি* নারীদের অন্তঃপুরে বাস করার রীতি। 'পূর্ব্বে অবরোধপ্রথা সর্ব্ববাদিসম্মত ছিল, সুতরাং তাহার ক্ষমতা অক্ষুণ্ন ছিল।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবরোধবাসিনী [স] *বি* স্ত্রী অন্তঃপুরে বাস করে যে। 'প্রকাশ্য রাজপথে পুরজন সমক্ষে উক্ত অবরোধবাসিনীগণের বহিরাগমনের যে পার্থক্য।' *প্রমথ*, ১৯২০।

অবরোধমূলক [স] *বিণ* চার দেয়ালের বাইরে যাওয়া যাবে না এমন। 'সমাজের অবরোধমূলক মনোভাব ও রক্ষণশীলতা ... সর্ববিধ প্রগতির অন্তরায় হয়ে রয়েছে।' *বেগম*, ১৯৫১।

অবরোধা [স অবরোধ>] *ক্রি* অবরুদ্ধ করা। 'অবরোধে যথা কুলবধূ ললিতা।' *মাইকেল*, ১৮৬০।

অবরোপিত [স] *বিণ* অপসারিত। 'আমাদের এই অতি মনোহর আশাবৃক্ষ ... যুক্তিক্ষেত্রে অবরোপিত।' *অক্ষয়*, ১৮৪৬।

অবরোহণ [স] *বি* অবতরণ। 'তাহাতে আরোহণ ও তাহা হইতে অবরোহণ করা কর্তব্য নহে।' *অক্ষয়*, ১৮৫৪।

অবরোহী [স] **১** *বি* অবতরণকারী। 'অবরোহীদের মধ্যে অক্ষয়ের চিহ্ন নাই।' *রবীন্দ্র*, ১৯০৬। **২** *বিণ* নিম্নমুখী। 'ঘটেছিল কম্প্র তাপে অবরোহী আলোর বিকার।' *সুধীন্দ্র*, ১৯৩১। **৩** *বিণ* আবির্ভূত। 'অবরোহী সন্ধ্যার শিশিরে অনুপূর্ব অভ্যুদিত মানুষের চিত্তের প্রসাদ।' *সুধীন্দ্র*, ১৯৪০। **৪** *বিণ* অধম। 'নিখিল সর্বনাশ কোন অবরোহী পাতকের শাস্তিতে?' *সুধীন্দ্র*, ১৯৪৫।

অবর্জনীয় [স] *বিণ* বর্জন করা যায় না এমন। 'কোনো দুঃখকেই অবর্জনীয় বলিয়া উদাসীন হওয়া মনুষ্যোচিত নহে।' *রবীন্দ্র*, ১৯১৬।

অবর্ণনীয় [স] *বিণ* বর্ণনা করা শোভন নয় এমন। 'কতকগুলি রমণীয় চিত্র – কিন্তু কতকগুলি সুরুচিবিগর্হিত – অবর্ণনীয়।' *বঙ্কিম*, ১৮৭৮।

অবর্ণনীয়তা [স] *বি* বর্ণনা করা যায় না এমন অবস্থা। 'দাঁতগুলোর আকাট অবর্ণনীয়তায় ... তাকিয়ে রইল।' *জীবন*, ১৯৪৮।

অবর্ণনীয়া [স] *বিণ* স্ত্রী বর্ণনাতীত। 'বাসররাতের মতোই অবর্ণনীয়া হয়ে উঠেছে।' *জীবন*, ১৯৩২।

অবর্ণ্য [স] *বিণ* বর্ণনাতীত। 'অলক্ষ্য অবর্ণ্য রূপ সেই এক কর্তা।' *আলাওল*, ১৬৮০।

অবর্তমান, অবর্ত্তমান [স] **১** *বি* মৃতাবস্থা। 'আমি অবর্ত্তমানে তুমি মালিক হইবে।' *মেয়র্স*, ১৭৬৬। **২** *বিণ* মৃত। 'ঐ রায় মজুকুর অবর্ত্তমান হৈলে পর তাঁহার পুত্র ... ভোগ করিলেন।' *চিঠিপত্রে*, ১৮০০। **৩** *বি* অনুপস্থিতি। 'ওসাগ্‌নেসি সাহেবের অবর্ত্তমানে কিমিয়া বিদ্যাতে ছাত্রেরদিগকে ইঙ্গরেজী ভাষায় শিক্ষা দিয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩৯। **৪** *বিণ* অস্তিত্বহীন। 'ধন ও অধনের একটা মস্ত বিভেদ তখন ছিল অবর্তমান।' *রবীন্দ্র*, ১৯৩১। **৫** *বিণ* উধাও। 'যে পথ্যটা তবে বিশেষ রুচিকর ... হঠাৎ দেখা যায় অবর্তমান।' *রবীন্দ্র*, ১৯৩২।

অবর্তমানতা, অবর্ত্তমানতা [স] *বি* অনুপস্থিতি। 'কাপ্তান থোর্সবি ... কর্ণল কব সাহেবের অবর্ত্তমানতায় ... নিযুক্ত হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৩।

অবর্তমানাবস্থা [স অবর্তমান-অবস্থা] *বি* বেঁচে নেই এমন অবস্থা। 'ভ্রমরের অবর্তমানাবস্থায় গোবিন্দলাল ঐ অর্ধাংশ পাইবে।' *বঙ্কিম*, ১৮৭৮।

অবর্তমানে, অবর্ত্তমানে [স] *ক্রিবিণ* মারা যাওয়ার পর। *মেয়র্স*, ১৭৬৬।

অবর্ষ [স] *বিণ* বর্ষাকাল নয় এমন। 'অবর্ষ সময় উত্তর ও পশ্চিম হইতে যত দ্রব্য কলিকাতায় আইসে তাহারা ...।' *দর্পণ*, ১৮১৮।

অবল [স] **১** *বিণ* অক্ষম। 'অবল হৈলো তোর সখি করি পারে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* দুর্বল। 'কুঠিয়াল সাহেবেরাই অবল প্রজাদের সর্ব্বনাশ করিতেছেন।' *প্রভাকর*, ১৮৫৮।

অবলণ্ড [হি] *বিণ* চারকোনা; আয়তাকার। 'বিস্তৃত প্রাসাদে তারা দেয়ালের অবলণ্ড ছবি।' *জীবন*, ১৯৪২।

অবলম্ব দ্র অবলম্বন

অবলম্বন [স] **১** *বি* আশ্রয়। 'তুআ পদপল্লব করি অবলম্বন তিল এক দেহ দীনবন্ধু।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* সমর্থন। 'বিরুদ্ধপক্ষ অবলম্বন করিলেন।' *দর্পণ*, ১৮৩৩। **৩** *বি* নির্ভর। 'তাহাকে কৃষিকর্ম অবলম্বন করিতে হইবেক।' *বিদ্যা*, ১৮৪৯। **৪** *বি* গ্রহণ। 'স্থলযাত্রীরা আপনাদিগের সুবিধার জন্য নানাবিধ উপায় অবলম্বন করিত।' *অক্ষয়*, ১৮৫০। **৫** *বি* পদক্ষেপ গ্রহণ। 'প্রজার হিতার্থে নানা উপায় অবলম্বন করিতেছেন।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯। **৬** *বি* বিশ্বাস। 'লেখক নিজেই এই প্রবন্ধের সকল কথা আন্তরিক অবলম্বন করেন না।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **৭** *বি* অনুসরণ। 'লেখনী স্বভাবতই একটা সুনির্দিষ্ট পথ অবলম্বন করিতে চাহে।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৮** *বি* মাধ্যম। 'জর্মান

AMARBOI.COM

ভাষা অবলম্বন করিয়া বিজ্ঞান শিক্ষা দেওয়া হইত।' *রবীন্দ্র*, ১৯০৭। ৯ *বি* স্থল। 'কালীসিংহ কর্তৃক অনুবাদিত মহাভারত আমার অবলম্বন।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবলম্ব [স অবলম্বন] *বি* অবলম্বন। 'কটিক গৌরব পাওল নিতম্ব। ইহ্কিে খীন উন্‌কে অবলম্ব।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবলম্বন করা ১ *ক্রি* আশ্রয় করা। 'তাঁহারা যে পথ অবলম্বন করেন সে পথ ত্যাগ করিতে আমরা ইচ্ছুক নহি।' *দর্পণ*, ১৮৩৪। ২ *বি* অনুসরণ। 'এই গ্রন্থে সেই রীতি অবলম্বন করা হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯১৭।

অবলম্বনকারী [স] ১ *বিণ* নির্ভরশীল। 'প্রথম প্রথা অবলম্বনকারী বৃদ্ধ মনুষ্যের সহিত ...।' *রাজ*, ১৮৭৪। ২ *বিণ* গ্রহণ করে এমন। 'জীবিকার জন্য তাঁরা ... কোনও না কোনও নির্দিষ্ট পেশা অবলম্বনকারী।' *শিব*, ১৯৫৬।

অবলম্বনশূন্য [স] *বিণ* সহায়হীন। 'অবলম্বনশূন্য হইয়া পড়ে।' *বিভূতি*, ১৯৩১।

অবলম্বনস্বরূপ [স] *বিণ* সম্বলরূপ। 'ব্রাহ্মসমাজের ভাবী অবলম্বনস্বরূপ জ্ঞান করিত।' *রবীন্দ্র*, ১৯০৯।

অবলম্বনহীন [স] ১ *বিণ* সহায়হীন। 'অবলম্বনহীন মেঘরাজ্যে আর তো ভালো লাগে না।' *রবীন্দ্র*, ১৮৯৮। ২ *বিণ* তলহীন। 'সে গহ্বরের সিক্ত অতল, আর তার অবলম্বনহীন অনন্ত সোপানাবলী।' *সবুজ*, ১৯২১।

অবলম্বনীয় [স] ১ *বিণ* অবলম্বন করার যোগ্য। 'যুদ্ধই একমাত্র অবলম্বনীয়।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬। ২ *বিণ* আশ্রয় করতে হয় এমন। 'কেবল নীচবৃত্তি তাহার অবলম্বনীয়।' *বঙ্কিম*, ১৮৭৯। ৩ *বিণ* গ্রহণযোগ্য। 'বাচস্পতি মহাশয়ের ব্যবস্থাই অবলম্বনীয় স্থির হইল।' *বিদ্যা*, ১৮৯১।

অবলম্বিত [স] ১ *বিণ* দীক্ষা নিয়েছেন এমন। 'রাজা ... অবলম্বিত অভিনব ধর্মের বহুল প্রচার করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* অনুসৃত। 'উইলসনের অবলম্বিত বিচারপদ্ধতি অনুসারে।' *অক্ষয়*, ১৮৫০। ৩ *বিণ* নির্ভর করা হয়েছে এমন। 'শিল্প ও বাণিজ্য বিশিষ্ট রূপে অবলম্বিত হইতেছে না।' *রাজ*, ১৮৭৪। ৪ *বিণ* সমর্থিত। 'এই দুইটির একটি উপায়ও অবলম্বিত হইতে পারে না।' *বঙ্কিম*, ১৮৭৯। ৫ *বিণ* গৃহীত। 'তিনি ... অবলম্বিত বৃত্তি দ্বারা অবলীলাক্রমে, দিনপাত করিতে পারিতেন।' *বিদ্যা*, ১৮৯১। ৬ *বিণ* অন্তর্নিহিত। 'কবির সহিত কবিতার অবলম্বিত বিষয়টির প্রত্যক্ষ পরিচয়।' *রবীন্দ্র*, ১৯০০।

অবলম্বী [স] ১ *বিণ* অনুসারী। 'এই ধর্ম্মের অবলম্বী জাতিরা এক্ষণে শারীরিক ও মানসিক উৎকর্ষবিষয়ে সর্ব্বশ্রেষ্ঠ।' *কৃষ্ণকমল*, ১৮৫৮। ২ *বিণ* অবলম্বনকারী। 'শুধু যুক্তি, অভিজ্ঞতা ও বিবেকের ওপরে নির্ভর না করে শাস্ত্রীয় প্রাধিকারমূলক বিচার-প্রণালীর অবলম্বী।' *শিব*, ১৯৫৬।

অবলম্ব্য [স] *বিণ* অবলম্বন করা হয়েছে এমন। 'সাহিত্যে অবলম্ব্য বিষয়ের প্রতি ততটা মনোযোগ দেয় না।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অবলা [স] ১ *বিণ* অসহায়; দুর্বল। 'একে কুলবতী ধনী তাহে সে অবলা।' *দ্বিজশ্রী*, ১৬০০। ২ *বি* গৃহিণী। 'প্রেমবতী ব্যাধের অবলা।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* নারী। 'চলিল অবলা, পরে কাণবালা।' *ভবানী*, ১৮২৫।

অবলাকুল [স] *বি* নারী জাতি। 'অবলাকুলের প্রতি যতদূর সাধ্য কঠিন নিয়ম।' *বামাবোধিনী*, ১৮৭০।

অবলাজন [স] *বি* নারীকুল। 'পবন জিনিআ অতি বেগে বহে নীর কেমতে অবলাজন ইথে হয় স্থির।' *মুকুন্দ*, ১৬০০।

অবলাজাতি [স] *বি* নারী জাতি। 'সহজ মধুর সুনিশ্চিত ভাবে অবলাজাতির সঙ্গে বাক্যালাপ করতে পারি নে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অবলাত্ব [স] *বি* নারীসুলভ অসহায়তা। 'অবলাত্বের গণ্ডি আমরা এখনো অতিক্রম করতে পারিনি।' *বেগম*, ১৯৪৭।

অবলাবান্ধব [স] *বিণ* নারীদরদি। 'অবলাবান্ধব পত্রিকা'। *দ্বারকানাথ গাঙ্গুলি*, ১৮৬৯; 'কোনো সমাজহিতৈষী অবলাবান্ধব নিন্দা করছিল পুরুষদের।' *রবীন্দ্র*, ১৯২৮।

অবলিপ্ত [স] *বিণ* আবৃত। 'সত্য মোর অবলিপ্ত সংসারের বিচিত্র প্রলেপে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অবলীন [স] *বিণ* সম্পূর্ণ লয়প্রাপ্ত। 'ধরার ইঙ্গিত যেথা স্তব্ধ রহে শূন্যে অবলীন।' *রবীন্দ্র*, ১৯৩১।

অবলীল [স] *বিণ* স্বচ্ছন্দ। 'সেই নিরন্তর হাসি অবলীল গতিচ্ছন্দে বাজে।' *রবীন্দ্র*, ১৯৩১।

অবলীলা [স] ১ *বি* অসংকোচ। 'করি চণ্ডী অবলীলা বুকের ঘুচাইল শিলা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* স্বচ্ছন্দ। 'নিজ গুণে অবলীলা রাধিকা সুন্দরী।' *রূপরাম*, ১৭৫০।

অবলীলাক্রমে [স] ১ *ক্রিবিণ* অনায়াসে। 'তাহার অঙ্গস্পন্দনও হইল না, অবলীলাক্রমে সহগমন করিল।' *দর্পণ*, ১৮২১। ২ *ক্রিবিণ* দ্বিধাসংকোচে। 'তৎক্ষণাৎ অবলীলাক্রমে লেহন করতে প্রবৃত্ত হল।' *রবীন্দ্র*, ১৮৯১।

অবলীলায় *ক্রিবিণ* অতি সহজে। 'আকাশের দিকে ছুঁড়ে দিয়েছে অবলীলায়।' *শিবরাম*, ১৯৭০।

অবলীলায়িত [স] *বিণ* অনায়াসজাত। 'সমস্তটা ব্যঙ্গের সুরে অবলীলায়িত ভঙ্গীতে লিখিত।' *রবীন্দ্র*, ১৯৩১।

অবলুণ্ঠন [স] *বি* গড়াগড়ি। 'বিজন বনছায়ায় তোমার আলসে অবলুণ্ঠন সারা হোলো।' *রবীন্দ্র*, ১৯২৪।

অবলুণ্ঠিত [স] *বিণ* ভূলুণ্ঠিত; গড়াগড়ি দিচ্ছে এমন। 'তাহার অবলুণ্ঠিত মাথায় দুই হাত বুলাইয়া কহিলেন।' *রবীন্দ্র*, ১৯০৯।

অবলুণ্ঠিতা [স] *বিণ* স্ত্রী গড়াগড়ি দিচ্ছে এমন। 'মধুকরভরকুণ্ঠিতা লুব্ধপবন-ক্ষুব্ধ-লোভন মল্লিকা অবগুণ্ঠিতা।' *রবীন্দ্র*, ১৯০৭।

অবলুপ্ত [স] *বিণ* ঢেকে গেছে এমন; অদৃশ্য। 'নিশীথের তারা শ্রাবণগগনে ঘন মেঘে অবলুপ্ত।' *রবীন্দ্র*, ১৮৯৯।

অবলুপ্তি [স] *বি* বিলুপ্তি। 'এর অবলুপ্তির কারণ ছিল সুচিন্তিত বিরাট ধ্বংসকাণ্ড।' *মাহেনও*, ১৯৪৯।

অবলেপ [স] *বি* তেজ। 'ত্রিশূলসদৃশ জিহ্বা লুলি অবলেপে।' *মাইকেল*, ১৮৬১।

অবলেপন [স] *বি* প্রলেপন। 'তার উপরে কোনো জীর্ণ যুগের শাস্ত্রীয় অবলেপন ঘটেনি।' *রবীন্দ্র*, ১৯০৪।

অবলেশ [স] ১ *বিণ* চূড়ান্ত। 'অকবির অবলেশ আমি।' *জীবন*, ১৯৪০। ২ *বি* সামান্যতম উপস্থিতি। 'একটিও বোলতার নেই অবলেশ।' *জীবন*, ১৯৪২। ৩ *বি* অংশ। 'এ-রকম ভাবনার কিছু অবলেশ তাদের হৃদয়ে আছে হয়তো বা।' *জীবন*, ১৯৪৪।

অবলেহ [স] *বি* লেহন; জিহ্বা দ্বারা আস্বাদন। 'আজও করি অবলেহ!' *নজরুল*, ১৯২৮।

AMARBOI.COM

অবলেহন [স] *বি* জিহ্বা দ্বারা আস্বাদন; চাটা। 'সেই হস্ত গৃহপালিত কুরঙ্গিণী আনন্দে অবলেহন করে।' *দীনবন্ধু*, ১৮৬৩।

অবলোকন [স] ১ *বি* দর্শন। 'এক অপূর্ব্বসুন্দরী অন্সরাকে দেখিয়া অত্যন্ত কামাতুর হইয়া মুহুর্মুহু অবলোকন করিতে লাগিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ২ *বি* পর্যবেক্ষণ। 'মাথা চুলকাইতে চুলকাইতে চারি দিক অবলোকন করিতেছেন।' *রবীন্দ্র*, ১৮৭৮।

অবলোকিত [স] *বিণ* দৃষ্ট। 'অথচ অঙ্কুর পর্যন্ত অবলোকিত হইল না।' *বিদ্যা*, ১৮৬৩।

অবশ [স] ১ *বিণ* অসাড়। 'অবশ শরীর হৃদয় অস্থির।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বিণ* পরিতৃপ্ত। 'সকলে ভোজন করি আনন্দে অবশ।' *ভারত*, ১৭৬০। ৩ *বিণ* অবাধ্য। 'প্রায় সকল ছেলেগুলি একত্তরে অবশ অধৈর্য্য।' *চন্দ্রিকা*, ১৮৩০। ৪ *বিণ* বিকল। 'এক হাত এক পা অবশ হইয়া পড়িল।' *প্যারী*, ১৮৫৯। ৫ *বিণ* বিহ্বল। 'শোকে ভয়ে অবশ সে সুকোমল হিয়া।' *রবীন্দ্র*, ১৮৭৯। ৬ *বিণ* শক্তিহীন। 'আপনি অবশ হলি, তবে বল দিবি তুই কারে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অবশচিত্ত [স] *বিণ* অসাড় চিত্ত এমন। 'অবশচিত্ত এবং সমবেত চেষ্টা ও শৌর্য্য প্রকাশে অসমর্থ হইয়া আসিল।' *অক্ষয়*, ১৮৫০।

অবশতা [স] *বি* নিশ্চলতা। 'এক অদ্ভুত অবশতা ছাড়া আর কিছুই নয়।' *হাই*, ১৯৪৬।

অবশাঙ্গ [স] *বিণ* ক্লান্তদেহী। 'ক্লান্তিতে আমি অবশাঙ্গ।' *রবীন্দ্র*, ১৯২৮।

অবশীভূত [স] *বিণ* অবাধ্য। 'ছেলেটি অবশীভূত অদম্য হইল কিন্তু অনেক শাস্ত্র জানিতেছে।' *চন্দ্রিকা*, ১৮৩০।

অবশেন্দ্রিয় [স] *বিণ* ইন্দ্রিয় দমনে শক্তি নেই এমন। 'আমিও অতি অধম ও অবশেন্দ্রিয়।' *বিদ্যা*, ১৮৪৭।

অবশিষ্ট [স] *বিণ* বাকি। 'যেবা অবশিষ্ট আগে করিব প্রকাশ।' *কৃত্তিবাস*, ১৫৮০।

অবশিষ্টাংশ [স] *বি* বাকি অংশ। 'প্রবন্ধের অবশিষ্টাংশ পঠিত হইল।' *বঙ্কিম*, ১৮৭৪।

অবশেখ [স অবশেষ] *বিণ* চূড়ান্ত। 'এ সুন্দরী দেখ বিরহীর অবশেখ।' *বাহরাম*, ১৬৫০।

অবশীভূত দ্র অবশ

অবশেন্দ্রিয় দ্র অবশ

অবশেষ [স] ১ *বি* যা উচ্ছিষ্ট। 'কেহ বলে আমি অবশেষ নাহি চাই।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* অবশিষ্ট। 'চৈতন্যের শেষলীলা রহিল অবশেষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *ক্রিবিণ* অবশেষে। 'দ্বাদশ বর্ষ বেদাধ্যয়ন করিয়া অবশেষে দারপরিগ্রহ করিতেন।' *অক্ষয়*, ১৮৪৯।

অবশেষে [স] ১ *ক্রিবিণ* শেষ পর্যন্ত। 'অবশেষে বড় সরা পুর্য়া দিল কাঁজি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *ক্রিবিণ* অবসানকালে। 'বেলী অবশেষে আইল দেশব ষড়ানন।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *ক্রিবিণ* সব শেষে। 'মনোযোগ দিলেন অবশেষে যে পাদরি হইলেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

অবশ্য [স] ১ *ক্রিবিণ* নিশ্চয়। 'অবশ্য করিব প্রতিকার।' *মালাধর*, ১৫০০। ২ *অব্য* তবে। 'অবশ্য, সেটা প্রমাণ এবং ইংরাজ জজ ও জুরির বিচার ও বিশ্বাসের কথা।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবশ্যই *ক্রিবিণ* নিশ্চিতরূপে। 'ইহাতে অবশ্যই সুফল দর্শিবে।' *দর্পণ*, ১৮৩৩।

অবশ্যকরণীয় [স] *বিণ* না করে পারা যায় না এমন। 'নানাবিধ লৌকিক-আচার ধর্ম্মের অবশ্যকরণীয় অনুষ্ঠানে পরিণত হইয়া পড়ে।' *বেগম*, ১৯৪৮।

অবশ্যকর্ত্তব্য, অবশ্যকর্ত্তব্য [স] *বি* অবশ্য করণীয় কাজ। 'তিনি এমত লিখিয়া গেলেন যে সতীরীতি নিবারণ করা অবশ্যকর্ত্তব্য।' *দর্পণ*, ১৮৩৪; 'আমোদপ্রমোদ করে কাটানো এখানকার পরিবারের অবশ্যকর্তব্যের মধ্যে।' *রবীন্দ্র*, ১৮৮১।

অবশ্যকর্তব্যতা [স] *বি* অবশ্যই পালনীয় দায়িত্ব। 'অবশ্যকর্তব্যতার পরিধি প্রহরে প্রহরে বেড়েই চলে।' *রবীন্দ্র*, ১৯২৮।

অবশ্যকৃত্য [স] *বিণ* অবশ্যই করতে হবে এমন। 'compulsory হল অবশ্যকৃত, voluntary হল স্বেচ্ছাকৃত্য।' *রবীন্দ্র*, ১৮৮৫।

অবশ্যকৃত্যতা [স] *বি* অবশ্যকর্তব্যতা। 'বিবাহ করার অবশ্যকৃত্যতা সম্বন্ধে কন্যা ও বরের অবস্থার অসাম্য।' *রবীন্দ্র*, ১৯২৭।

অবশ্যগ্রহণীয় [স] *বিণ* অবশ্যই গ্রহণীয়। 'তবে তাহা শুধু অবশ্যগ্রহণীয় নয়।' *এসলাম*, ১৯৩৫।

অবশ্যপাঠ্য [স] *বিণ* পাঠ না করে পারা যায় না এমন। 'তাদের বিশ্ববিদ্যালয়ে ইংরেজি অবশ্যপাঠ্য করেনি।' *মুক্তবা*, ১৯৫৮।

অবশ্যপ্রতিপাল্য [স] *বিণ* অবশ্য পালন করতে হয় এমন। 'তাহাকে নিতান্তই অবশ্যপ্রতিপাল্য একটি অকর্মণ্য ছোটো ভাইয়ের মতো গ্রহণ করেন।' *রবীন্দ্র*, ১৮৯৮।

অবশ্যপ্রয়োজনীয় [স] *বিণ* অত্যন্ত জরুরি। 'উপাদান ও অবস্থার সমাবেশ... তার পক্ষে অবশ্যপ্রয়োজনীয়।' *আইয়ুব*, ১৯৭৩।

অবশ্যপ্রয়োজনীয়তা [স] *বি* অপরিহার্যতা। 'বাহিরের কোনো-কিছুরই যে অবশ্য প্রয়োজনীয়তা আছে ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অবশ্যবাধ্যতা [স] *বি* বাধ্যবাধকতা। 'সকলকেই যে গানে ওস্তাদ হইতে হইবে এমন কোনো অবশ্যবাধ্যতা নাই।' *রবীন্দ্র*, ১৯০৫।

অবশ্যভাবী [স অবশ্যম্ভাবী] *বিণ* নিশ্চিত। 'মৃত্যু অবশ্যভাবী।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অবশ্যযোগ [স] *বি* অনিবার্য যোগ। 'পরস্পরের মধ্যে কোনো অবশ্যযোগ নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

অবশ্যরূঢ়তা [স] *বি* অনিবার্য রূঢ়তা। 'এই অবশ্যরূঢ়তাটুকু যদি একটি সুন্দর সবিনয় প্রণাম দিয়ে না মুছে দিয়ে যেত ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অবশ্যশিক্ষা [স] *বি* বাধ্যতামূলক শিক্ষা। 'একদা মহাত্মা গোখলে যখন সার্বজনিক অবশ্যশিক্ষার প্রবর্তনে উদ্যোগী হয়েছিলেন ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অবশ্যম্ভব [স] *বিণ* নিশ্চয় ঘটতে পারে এমন। 'মৃত্যু যখন প্রত্যেক জীবের পক্ষে অনিবার্য অবশ্যম্ভব ঘটনা ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অবশ্যম্ভাবনা [স] *বি* নিশ্চয় ঘটবে এমন অবস্থা। 'অবশ্যম্ভাবনার বিরুদ্ধে বৃথা পরিতাপ পরিত্যাগ করে আপনাকে ... সমস্ত কার্যের জন্যে প্রস্তুত করে নিতে হবে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অবশ্যসহচর [স] *বিণ* নিত্যসঙ্গী। 'কোমলতার অবশ্যসহচর দুর্বলতা দ্বারা তাহারা অসহায় এবং পরাধীন।' *রবীন্দ্র*, ১৯০৫।

অবশ্যসহ্য [স] *বিণ* সহ্য করা ছাড়া উপায় নেই এমন। 'বিধির বিধানের স্বরূপ নীরবে অবশ্যসহ্য বলিয়া স্থির করিব না।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবশ্যস্বীকার্য [স] *বিণ* অবশ্যই স্বীকার করতে হবে এমন। 'এ কথা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অবশ্যস্বীকার্য যে, আগে আসে খনিকার, তারপর মণিকার।' *প্রমথ*, ১৯১৪।

অবশ্যম্ভব [স] *বিণ* নিশ্চয় ঘটবে এমন। 'গ্রন্থের এই বিচিত্র পরিণাম অবশ্যম্ভব হইয়া উঠিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

অবশ্যম্ভাবিতা [স] *বি* নিশ্চিততা। 'বিধাতার অলঙ্ঘনীয় বিধির অবশ্যম্ভাবিতা কে নিবারণ কত্তে পারে।' *মাইকেল*, ১৮৭৩।

অবশ্যম্ভাবী [স] *বিণ* নিশ্চয় ঘটবে এমন। 'কর্ণধার-বিহীন ঝটিকাগ্রস্ত তরণীর ন্যায় বিনাশ অবশ্যম্ভাবী।' *অক্ষয়*, ১৮৪৮।

অবশ্যি [স অবশ্য] *অব্য* অবশ্য। ' তোর অদৃষ্টে যদি কোনো নিমাই থাকে তা হলে অবশ্যি তাকে ভালোবাসবি।' *রবীন্দ্র*, ১৮৯২।

অবশ্যপোষ্য [স অবশ্যপোষ্য] *বিণ* অবশ্যই পোষণ করতে হবে এমন। 'তৃতীয় অবশ্যপোষ্য শ্রীদয়ারামদাস।' *ওসী*, ১৭৮২।

অবস [স অবশ্য] *ক্রিবিণ* অবশ্য। 'অবস করিআ ভববল ভিত্তা।' *চর্যা* ১২, ১২০০।

অবসই *ক্রিবিণ* নিশ্চয়। 'হংস সরোবর পাইলেঁ অবসই হরিএঁ ভুঞ্জে কমল।' *বড়ু*, ১৪৫০।

অবসউ *ক্রিবিণ* অবশ্য। 'অবসউ দিন এক দেত বিহসিয়া।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবসও *ক্রিবিণ* অবশ্য। 'অবসও রহব আঁউধি ভই লাজে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবসত [অ+স বসতি] *বি* নির্জন দেশ। *মানোএল*, ১৭৪৩।

অবসন্ন [স] **১** *বিণ* অবসাদগ্রস্ত। 'বহির্দেশে গমন করিয়া সেখান হইতে আসিয়া কহিলেন আমার শরীর অবসন্ন হইতেছে।' *দর্পণ*, ১৮২৭। **২** *বিণ* অবলুপ্ত। 'সত্য কি কদাপি মিথ্যা দ্বারা অবসন্ন হয়।' *অক্ষয়*, ১৮৪৫। **৩** *বিণ* বিষণ্ন। 'কিছু অবসন্ন হইলাম।' *বঙ্কিম*, ১৮৭৫। **৪** *বিণ* শক্তিহীন। 'তিনি নিতান্ত অবসন্ন হইয়া পড়িয়াছিলেন।' *বিদ্যা*, ১৮৯১।

অবসন্নতা [স] *বি* ক্লান্তি; অবসাদ। 'জীবনযাত্রার ভার বাড়িয়া গেছে বলিয়াই যে এতটা অবসন্নতা।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবসন্না [স] *বিণ স্ত্রী* অবসান। 'রজনী অবসন্না হইল।' *বিদ্যা*, ১৮৪৭।

অবসর [স] **১** *বি* ফুরসত; সুযোগ। 'নিশাশ এড়িতে মোকে দেহ অবসর।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* বিশ্রাম। 'খুব একটি ঢিলে অবসরের মধ্যে প্রবেশ করা যায়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অবসরক্লান্ত [স] *বিণ* অবসরে থেকে থেকে ক্লান্ত হয়েছে এমন। 'শিল্পচর্চা অবসরক্লান্ত মানুষের বিলাসিতা নয়।' *উমর*, ১৯৬৮।

অবসরচিন্তা [স] *বি* অবসরের চিন্তা। 'যা অবসরচিন্তা তা দর্শন নয়।' *প্রমথ*, ১৯১৭।

অবসরদৈত্য [স] *বি* অবসররূপ দৈত্য। 'অবসরদৈত্য তার মনে চেপে আছে বিপুল ভারিত্বে।' *ওয়ালী*, ১৯৪৬।

অবসর-প্রতীক্ষা [স] *বি* সুযোগের অপেক্ষা। 'বক্তৃতার অবসর-প্রতীক্ষায় আছেন।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অবসরপ্রাপ্ত [স] *বিণ* চাকরির মেয়াদ শেষ হয়েছে এমন। 'ঐ কর্ম্ম হইতে অবসর প্রাপ্ত হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩২।

অবসরপ্রাপ্তি [স] *বি* অবসর গ্রহণ। 'অবসরপ্রাপ্তিতে তাই তাঁর আনন্দের সীমা থাকে নাই।' *ওয়ালী*, ১৯৬৪।

অবসরবিলাসী [স] *বিণ* অবসরপ্রিয়। 'আজকের সাহিত্য অবসরবিলাসীর চিত্তবিনোদনের জন্যে নয়।' *শরীফ*, ১৯৬৮।

অবসরভোগী [স] *বি* অবসর যাপনকারী। 'খেজুর বীথির পাশে পাশে এই দৃশ্য অবসরভোগীর আশীর্বাদ।' শওকত, ১৯৬২।

অবসরমত [স] *ক্রিবিণ* সুযোগ অনুযায়ী; ফাঁক বুঝে। 'অবসরমত একটা খবরের কাগজে ... সংবাদ পড়ছে।' *রবীন্দ্র*, ১৮৮১।

অবসরে *ক্রিবিণ* সুযোগে। 'সব দেবগণে মেলি সেহি অবসরে।' *বড়ু*, ১৪৫০।

অবসরের বেড়া *বি* অবকাশের বেষ্টনী। 'কোনো জিনিস যথার্থ উপভোগ করতে গেলে তার চতুর্দিকে অবসরের বেড়া দিয়ে ঘিরে নিতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অবসরি জাওয়া [স অপসরিত্ব যাতি] *ক্রি* অপসৃত হওয়া। 'দুজ্জন সাঙ্গে অবসরি জাই।' *চর্যা* ৩২, ১২০০।

অবসা [স অবশ] *বিণ* অবশ। 'কি কথা কহিব তবে অবসা পরাণী।' *দ্বিজী*, ১৬০০।

অবসাদ [স] **১** *বি* পরাজয়। 'কোই না মানই জয় অবসাদ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* মনোবেদনা। 'আজি পাঠাইব তারে দিয়া অবসাদ।' *মালাধর*, ১৫০০। **৩** *বি* দুঃখ। 'অপবিত্র স্থানে বৈস কিবা অবসাদ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বি* বিষণ্ন ভাব। 'সাত মাসে বন্ধুগণ দেই তারে সাদ, নয় মাসে প্রসববেদনা অবসাদ।' *মুকুন্দ*, ১৬০০। **৫** *বি* অপমান। 'নাগরথে গেলা দেবী হয়্যা অবসাদ।' *বিজয়*, ১৬৫০।

অবসাদ করা *ক্রি* পরাজিত করা। 'ধমিলেঁ কএল তাকর অবসাদ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবসাদক [স] *বিণ* অবসাদজনক। 'অবসাদক পদার্থ ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

অবসাদগ্রস্ত [স] *বিণ* শ্রান্ত। 'তাহার পর শরীর মনটা কিছু অবসাদগ্রস্ত হইয়া থাকিত।' *রবীন্দ্র*, ১৮৯৮।

অবসাদভগ্ন [স] *বিণ বিণ* শ্রান্তিবশত শক্তিহীন। 'অবসাদ-ভগ্ন ডানা।' *নজরুল*, ১৯২৪।

অবসাদ-প্রদায়ক [স] *বিণ* অবসাদ প্রদান করে এমন। 'অবসাদ-প্রদায়ক ঔষধ প্রয়োগে বৃক্কে রসচাপের হ্রাস পায়।' *জগদীশ*, ১৯২৬।

অবসাদিত [স] *বিণ* অবসাদাক্রান্ত। 'অন্য হুল অবসাদিত হয়।' *জগদীশ*, ১৯১৬।

অবসান [স] **১** *বিণ* অবসন্ন। 'পাসরিতে সরীর হোয়ে অবসান। কহইত ন লয় বুঝহ অবধান।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রিবিণ* অবশেষে। 'ভাল মন্দ দুঅ বুঝ অবসান।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *বি* শেষ। 'লোকের সংঘট্টে দিন হৈল অবসান।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'নির্মাণ করিতে হইল নিশি অবসান।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *বি* অন্তেবাসী। 'দেশের বাহিরে যেন অবসান জাতি।' *কাশীরাম*, ১৬৫০। **৫** *বিণ* গত। 'বসন্ত অবসান, কখন বসন্ত গেল, এবার হল না গান।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অবসান-গান [স] *বি* সমাপ্তি সংগীত। 'অবসান-গান আশেপাশে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অবসানদশা [স] *বি* লুপ্তাবস্থা। 'মহৎপ্রতাপের অবসানদশার জন্য একটি স্নিগ্ধ করুণা ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

অবসানা [স অবসান] *বি* শেষ। 'কত চতুরানন মরি মরি জাওত ন তুয়া আদি অবসানা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবসিত [স] *বিণ* অবসান হয়েছে এমন। 'উদারতার সীমা উদরের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চারি পার্শ্বের মধ্যেই অবসিত।' *রবীন্দ্র*, ১৮৮৭।

অবসার [স] *বি* অবমূল্যায়ন। 'তাঁরা আপন-আপন নির্ণায়ক প্রয়োগের দ্বারা রেনেসাঁসী উত্তরলব্ধির অবসারে প্রবৃত্ত।' *শিব*, ১৯৫৬।

অবসৃত [স] *বিণ* অবসরপ্রাপ্ত। 'পেন্সন লইয়া স্বকর্ম্ম হইতে অবসৃত হইলেন।' *বঙ্কিম*, ১৮৮৪।

অবসৃতা [স] *বিণ স্ত্রী* অবসর দেওয়া হয়েছে এমন। 'গৃহকার্য্য হইতে তাহাকে অবসৃতা করা হইল।' *হালিসহর*, ১৮৭১।

অবসৃতি [স] *বি* অবনতি। 'হিন্দুদের অগ্রগতির ইতিহাস এবং মুসলমানদের অবসৃতির।' *মাহেনও*, ১৯৪৯।

অবসেখ [স অবশেষ] *বি* নিঃশেষ। 'মারতি রহত পোখ অবসেখ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবস্কর [স] *বি* জঞ্জাল। *রবীন্দ্র*, ১৯১৬; 'ধরিত্রীর ভার অনশ্বর অবস্করে পরিপুষ্ট করিবে আবার।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অবস্তু [স] *বি* অনুভব করার বিষয়। 'শব্দ স্বাদ বর্ণ প্রভৃতি অবস্তুর কি নাম নেই?' *রবীন্দ্র*, ১৯০৭।

অবস্থা [স] ১ *বিণ* দুর্দশাগ্রস্ত। 'অবস্থা করিল মোকে সেই জগন্নাথে।' *বড়ু*, ১৫৭০। ২ *বি* দশা। 'বাঙ্গলা পাঠশালা সকলের বর্ত্তমান অবস্থা যতকাল থাকিবে ...।' *অক্ষয়*, ১৮৪৮; 'জন্মভূমির হীন অবস্থা মোচনের যত্ন না করিয়া তাহার প্রতি অনাদর করা ...।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বি* আর্থিক সচ্ছলতা। 'যে অল্প ব্যক্তির স্বচ্ছন্দ অবস্থা ..।' *অক্ষয়*, ১৮৪৮। ৪ *বি* মান। 'অধ্যাপনার রীতি পদ্ধতি অত্যন্ত নিকৃষ্ট অবস্থায় অবস্থিত।' *অক্ষয়*, ১৮৪৯। ৫ *বি* পরিস্থিতি। 'এই শোচনীয় অবস্থা নিরাকরণের প্রতি গভর্নমেন্টের বিশেষ মনোযোগী হওয়া কর্তব্য।' *অক্ষয়*, ১৮৫৫। ৬ *বি* মর্যাদা। 'বিবাহিতা স্ত্রীলোকের অবস্থা সেকালে কি রূপ ছিল।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবস্থাগত [স] *বিণ* পরিস্থিতিজাত। 'যেখানে প্রকৃতিগত এবং অবস্থাগত বৈষম্য।' *রবীন্দ্র*, ১৯০৫।

অবস্থাগতিকে [স] *ক্রিবিণ* পারিপার্শ্বিক অবস্থার চাপে। 'অবস্থাগতিকে যখন রাধিকাও আসছেন না ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অবস্থাঘটিত [স] *বিণ* অবস্থার ওপর নির্ভরশীল। 'সেটা বাহ্য অবস্থাঘটিত ব্যাপার।' *রবীন্দ্র*, ১৯২৯।

অবস্থাদৈন্য [স] *বি* অবস্থার দীনতা। 'সে আছে তার অবস্থাদৈন্যের মধ্যে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবস্থাধীন [স অবস্থা+স অধীন] *বিণ* অবস্থার অধীন। 'বাঙ্গালী কার্য্যকারকের তদ্রূপ অবস্থাধীন তাদৃক্ বটেন।' *বঙ্গদূত*, ১৮২৯।

অবস্থান্তর [স অবস্থা-অন্তর] *বি* অন্য অবস্থা। 'বাঙ্গালি কর্ম্মকারিরা যাবৎ দুরবস্থা হইতে অবস্থান্তর প্রাপ্ত না হয়।' *বঙ্গদূত*, ১৮২৯।

অবস্থান্বিত [স অবস্থা-অন্বিত] *বিণ* অবস্থাপ্রাপ্ত। 'তাতার, তুর্কমান ও তাদৃশ অবস্থান্বিত অপরাপর অনেক জাতির মধ্যে এইরূপ ব্যবহার ...।' *অক্ষয়*, ১৮৫০।

অবস্থাপন্ন [স অবস্থা-আপন্ন] ১ *বিণ* অবস্থাপ্রাপ্ত। 'সুলোচনাকে ঈদৃশ অবস্থাপন্ন দেখিয়া ...।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। ২ *বিণ* আর্থিক সংগতিপূর্ণ। 'ছোটবৌয়ের ভাইয়েরা অবস্থাপন্ন।' *শরৎ*, ১৯১৬।

অবস্থাপিত [স] *বিণ* সন্নিবিষ্ট। 'সাতিশয় শোচনীয় অবস্থায় অবস্থাপিত হইয়াছি।' *বিদ্যা*, ১৮৯২।

অবস্থা ফেরানো *ক্রি* উন্নতি সাধন করা। 'শরীরের জোরেই মোটামুটি অবস্থা ফিরিয়েছে নিজের।' *শওকত*, ১৯৭৩।

অবস্থাবচ্ছেদে [স অবস্থা-অবচ্ছেদে] *ক্রিবিণ* অবস্থাগতিকে; অবস্থার প্রেক্ষিতে। 'অবস্থাবচ্ছেদে যাবতীয় জমিদার এই সমস্ত অত্যাচারে দূষিত নহেন।' *এডুকেশন*, ১৮৭২।

অবস্থাবিপাকে [স] *ক্রিবিণ* ঘটনাক্রমে। 'অবস্থাবিপাকে যেটা বাহিরে গড়িয়া উঠে ... সেইটেই সত্য।' *রবীন্দ্র*, ১৯০২।

অবস্থাবিশেষে [স] ১ *ক্রিবিণ* অবস্থাগতিকে। 'অবস্থা বিশেষে পুরুষের ২৮ বৎসরে ... বিবাহ হইতে পারে।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *ক্রিবিণ* বিশেষ অবস্থায়। 'অবস্থাবিশেষে তাও দীর্ঘকাল হইয়া ওঠে।' *মানিক*, ১৯৩৬।

অবস্থাবৈগুণ্য [স] *বি* অবস্থার প্রতিকূলতা। 'অবস্থাবৈগুণ্যে এ রকম মনের ভাব ঘটে সে কথা স্বীকার করা যাক।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অবস্থাভিজ্ঞ [স অবস্থা-অভিজ্ঞ] *বিণ* অবস্থা সম্পর্কে অভিজ্ঞ। 'পাছে সমস্ত অবস্থাভিজ্ঞ অধিকাচরণ তাহার কোনো অনিষ্ট করে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অবস্থাভেদ [স] *বি* অবস্থার পার্থক্য। 'উভয়ের এরূপ অবস্থাভেদের কারণ কি।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

অবস্থাভেদে *ক্রিবিণ* অবস্থাবিশেষে। 'অবস্থাভেদে তাহা পুণ্যত্ব পাপত্ব প্রাপ্ত হয় না।' *বঙ্কিম*, ১৮৮৭।

অবস্থাশালী [স] *বিণ* ধনী। 'গ্রামের সকলে বিশেষ করিয়া অবস্থাশালী।' *মনসুর*, ১৯৩৫।

অবস্থাসংকট [স] *বি* দুর্গতি। 'তাহার এই অকস্মাৎ অবস্থাসংকট।' *রবীন্দ্র*, ১৯০৯।

অবস্থাহীন [স] *বিণ* বিত্তহীন। 'দরিদ্র ও অবস্থাহীন কৃষকগণ পাটের আবাদ ইচ্ছার বিরুদ্ধে কম করিলেও ...।' *জামায়াত*, ১৯৩৯।

অবস্থোন্নতি [স] *বি* অবস্থার উন্নতি। 'আমাদের বর্ত্তমান অবস্থোন্নতির পথ প্রদর্শক হইবে।' *প্রচারক*, ১৯০৩।

অবস্থান [স] ১ *বি* স্থিতি। 'কণ্ঠামুজবধি চতুর্ম্মলে অবস্থান।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বি* বিরাজ। 'বর্তমান কাল ভবিষ্যৎ ও অতীত কালের সীমান্তে অবস্থান করে।' *রবীন্দ্র*, ১৯২২। ৩ *বি* বিন্যাস। 'ভাবভঙ্গি সমস্ত লইয়া কেশের অবস্থান এবং পদাঙ্গুলির ...।' *রবীন্দ্র*, ১৯৪১।

অবস্থানভূমি [স] *বি* অবস্থান করার জায়গা। 'অন্যদিকে কয়েদীর অবস্থানভূমি।' শওকত, ১৯৬২।

অবস্থিত [স] ১ *বিণ* অবস্থানরত। 'রামমোহন রায় যে সময়ে লিবরপুলনগরে অবস্থিত ...।' *দর্পণ*, ১৮৩১। ২ *বিণ* অবস্থান করছে এমন। 'যাহারা সমাজের নিম্নতলে অবস্থিত।' *অক্ষয়*, ১৮৪৬।

অবস্থিতি [স] ১ *বি* নিবাস। 'কি নাম তোমার কোন দেশে অবস্থিতি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* অবস্থান। 'সমস্তেরি অবস্থিতি যশহরে হইল।' *রামরাম*, ১৮০১। ৩ *বি* স্থিতি; স্থিরতা। 'জ্যোতিষ্কের গতি ও অবস্থিতির ভিতরে রয়েছে একটা বিরাট শৃঙ্খলা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অবস্থিতি করা *ক্রি* বাস করা। 'আবাসবাটী সর্বাঙ্গসুন্দর করিয়া তাহার মধ্যে সুখে অবস্থিতি করে।' *অক্ষয়*, ১৮৫৪।

অবস্থোন্নতি দ্র অবস্থা

অবশ্য [স অবশ্য] *ক্রিবিণ* নিশ্চয়। 'অবস্য তাঁহার ঠাঞি জাইতে জুয়ায়।' *মালাধর*, ১৫০০।

অবস্যপোস্য [স অবশ্যপোষ্য] *বিণ* অবশ্যপালনীয়। *বোগল*, ১৭৭০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অবহনীয় [স] *বিণ* বহন করা যায় না এমন। 'জীবন তাঁহার পক্ষে অবহনীয়, অসহনীয় ভার হইয়া উঠিয়াছিল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অবহিত [স] **১** *বিণ* নিবিষ্ট। 'একান্ত অবহিতভাবে শাস্ত্রাদি-আলোচনায় তাঁহারা জগৎসংসারে অনেকটা বেশি নির্লিপ্ত ছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বিণ* অবগত। 'প্রাণ-অণুর সন্ধান করা ও তাহার স্পন্দনের স্বরূপ অবহিত হওয়া আবশ্যক।' *জগদীশ*, ১৯২৬।

অবহিতি [স] *বি* জ্ঞান। 'এই অবহিতিটা সম্বন্ধে একটু বিশেষ সজাগ।' *মাহেনও*, ১৯৪৯।

অবহু *ক্রিবিণ* এখনও। 'অবহু মধু ঋতু সকল শুভ হেতু দখিনে উয়ল দ্বিজরাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবহুঁ *ক্রিবিণ* আবার। 'অবহুঁ পলটি ন আইসএ।' *বাহরাম*, ১৬৫০।

অবহেলন [স] *বি* উপেক্ষা। 'ভগবদ্গীতাকে অবহেলন করিয়া ...।' *দর্পণ*, ১৮৩০।

অবহেলা [স] **১** *বি* অবজ্ঞা। 'দিল তোরে দিব্য মাল্য তারে কর অবহেলা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *ক্রি* তুচ্ছজ্ঞান করা। 'অবহেলে পাণিপুটে পান কৈলে কালকূটে।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* অমান্য। 'পুত্র হয়ে পিতার আজ্ঞা অবহেলা করে।' *মাইকেল*, ১৮৭৩। **৪** *বি* অযত্ন। 'শরীরের প্রতি সে অত্যন্ত অবহেলা করিত।' *রবীন্দ্র*, ১৮৯১। **৫** *ক্রি* পরোয়া না করা। 'অবহেলি জলধির ভৈরব গর্জন।' *নজরুল*, ১৯২২।

অবহেলাক্রমে [স] *ক্রিবিণ* অবজ্ঞা বা তাচ্ছিল্যের সঙ্গে। 'অবলীলাক্রমে রচনা করা আর অবহেলাক্রমে রচনা করা ...।' *প্রমথ*, ১৯১৩।

অবহেলিত [স] **১** *বিণ* অবজ্ঞাত। 'সে অবহেলিত অবমানিত পরিত্যক্ত স্ত্রী, কিন্তু ভবু ...।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* অবহেলা করা হয়েছে এমন। 'আহার-নিদ্রা অবহেলিত হইল।' *মনসুর*, ১৯৩৫।

অবাঁধা [স অবন্ধন] *বিণ* ফ্রেমে আটকানো নয় এমন। 'সাথী-অবাধা ওয়াটার কালার, অয়েল পেন্টিং প্রভৃতি।' *মানিক*, ১৯৩৬।

অবাক [স] **১** *বিণ* বিস্মিত। 'অবাক হইনু হাটে দেখিয়া গুবাক।' *ভারত*, ১৭৬০। **২** *বিণ* বিচলিত। 'অবাক হউক পল্লী সভয়ে, বিস্ময়ে।' *রবীন্দ্র*, ১৮৭৯। **৩** *বিণ* নির্বাক। 'নীরদ অবাক রহি কিছুক্ষণ পরে বালিকারে সম্বোধিয়া কহে ...।' *রবীন্দ্র*, ১৮৭৯। **৪** *বিণ* বিস্ময়কর। 'অবাক শ্যামলতার তলে শিখর হতে শাখে শাখে ...।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অবাক-জলপান *বি* কয়েক প্রকার খাদ্যবস্তুকে ভেজে মরিচ, লবণ, মশলা প্রভৃতি মিশ্রণে প্রস্তুত হালকা খাবারবিশেষ। 'অবাক-জলপান কিনিয়া খাইয়া ... অবাক হইয়া গেল।' *বিভূতি*, ১৯৩১।

অবাকপটু [স] *বিণ* কথা বলায় অদক্ষ। 'লজ্জাবনত বধূ নহে, অবাকপটু বালিকাও নহে।' *শরৎ*, ১৯১৭।

অবাক-পারা [স অবাকপ্রায়] *ক্রিবিণ* বিস্মিত। 'একে একে সাঁঝের তারা গান শুনে তার অবাক-পারা।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অবাক মানা *ক্রি* অবাক হওয়া। 'চেয়েছি অবাক মানি তার পানে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অবাঙালি, অবাঙ্গালী [অ+স বঙ্গ>] **১** *বিণ* বাংলা ভাষায় কথা বলে না এমন। 'কতিপয় অ-বাঙ্গালী মোসলমান ...।' *এসলাম*, ১৯১৭। **২** *বিণ* বাংলা ভাষায় চালু নেই এমন। '"সুখে"র এ-কারকে অবাঙালি রীতিতে দীর্ঘ করা হয়েছে।' *রবীন্দ্র*, ১৯২৯। **৩** *বি* বাঙালি ভিন্ন অন্য সম্প্রদায়ের লোক। 'বাংলার বাইরে বহু অবাঙালির মুখে শুনেছি।' *ধূর্জটি*, ১৯৩১; 'বাঙ্গালা বাঙ্গালীর নয়, সম্পূর্ণ অবাঙ্গালীর হাতে।' *জামায়াত*, ১৯৩৭; 'কারবার বেশীর ভাগ অ-বাঙালীর হাতে।' *মুজতবা*, ১৯৪৯।

অবাঙালিত্ব [অবাঙালি+স ত্ব] **১** *বি* বাঙালির বৈশিষ্ট্য নেই এমন পরিচয়। 'তাতে করে অবাঙালিত্ব বা রঙ্গোত্তণ প্রমাণ হয় না; তাতে প্রমাণ হয় প্রতিভার প্রাণবত্তা।' *রবীন্দ্র*, ১৯৩৬। **২** *বি* বাংলাভাষী না হওয়া। 'যেহেতু অবাঙালিত্বই ছিলো তখন আভিজাত্যের মাপকাঠি।' *মুরশিদ*, ১৯৭১।

অবাঙ্গালী *দ্র* **অবাঙালি**

অবাঙ্মানসগোচর [স] **১** *বি* যা ভাষা ও বোধের অগোচর। 'একটা অনন্তের অনির্দেশ্যের অবাঙ্মানসগোচরের ইঙ্গিত।' *সবুজ*, ১৯২১। **২** *বি* বাক্য ও মনের অগোচরতা। 'নির্গুণ অবাঙ্মানসগোচরে ব্রহ্ম যেমন ...।' *নজরুল*, ১৯২৮।

অবাঙ্মুখ [স] *বিণ* নতমুখ। 'অবাঙ্মুখ হয়ে বসে থাকতে-থাকতে ...।' *ওয়ালী*, ১৯৪২।

অবাঙ্শাখ [স] *বিণ* নিম্নমুখী শাখাযুক্ত। 'আমাদের শাস্ত্রে বলে, সংসারটা উর্ধ্বমুখ অবাঙ্শাখ।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অবাচী [স] *বি* দক্ষিণ দিক। 'ছড়ায়ে রয়েছে প্রাচী, অবাচীর, উদীচীর দিকে।' *জীবন*, ১৯৩০।

অবাচ্য [স] *বিণ* অকথ্য। 'অবাচ্য উচ্চ বাচ্য যাহা মুখে আসিত তাহাই কহিতেন।' *দর্পণ*, ১৮৩৭।

অবাছাই [অ+বাছাই] *বি* উচ্ছিষ্ট। 'ফরাসী সরকার কেছানবাবীর অবাছাই কুড়াইতেছেন মাত্র।' *আজাদ*, ১৯৫৫।

অবাঞ্ছনীয় [স] **১** *বিণ* কাম্য নয় এমন। 'ইউরোপীয় হালচাল আমি ... অবাঞ্ছনীয় মনে করি।' *প্রমথ*, ১৯০৫। **২** *বিণ* অনাকাঙ্ক্ষিত। 'ইহা তাঁহাদের পক্ষে অবাঞ্ছনীয়।' *বুলবুল*, ১৯৩৬।

অবাঞ্ছিত [স] *বিণ* অকাম্য। 'অবাঞ্ছিত চাটুলুব্ধ জনতায় যে তপস্যা নির্মম লাঞ্ছিত।' *রবীন্দ্র*, ১৯২৯; 'ভাবল কোথা থেকে অবাঞ্ছিত কাঙালটারে আনল ঘরে ডেকে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অবাঞ্ছিতা [স] *বিণ* স্ত্রী অকাম্য। 'সে অনাহূতা, অবাঞ্ছিতা।' *নরেন্দ্র*, ১৯৫৩।

অবাধ [স] **১** *ক্রিবিণ* বিরতিহীনভাবে। 'এমন এমন লোকও আছে, যে অবাধে শত বৎসর পরিশ্রম করিলেও ...।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বিণ* মুক্ত। 'যত গীতগন্ধ লয়ে বিশ্ব পশেছিল তোর অবাধ আলয়ে।' *রবীন্দ্র*, ১৯০০। **৩** *বিণ* সীমাহীন। 'মিশে যাব অবাধ সুখে।' *রবীন্দ্র*, ১৯০৬। **৪** *বিণ* অগাধ। 'ওর ভালোবাসার উপর অবাধ ভরসা মনকে করেছে রসসিক্ত।' *রবীন্দ্র*, ১৯৩৬। **৫** *বিণ* বাধাহীন। 'রুদ্ধ আরোগ্যের পথে রোগের অবাধ অভিঘাত।' *রবীন্দ্র*, ১৯৪০।

অবাধগতি [স] *বিণ* বাধাহীন গতিসম্পন্ন। 'পাণ্ডবেরা স্ফীত, অখণ্ড, অবাধগতি।' *রবীন্দ্র*, ১৮৯৯।

অবাধ-বাণিজ্য [স] *বি* মুক্তবাজার; বিধিনিষেধহীন বাণিজ্য। 'দুর্ভিক্ষের সময়ে যাহাতে অবাধ-বাণিজ্য রহিত হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

অবাধসঞ্চরণ [স] *বি* বাধাহীন চলাফেরা। 'আমার অবাধসঞ্চরণের কোনো ব্যাঘাত করিত না।' *রবীন্দ্র*, ১৯১২।

অবাধিত [স] *বিণ* বাধাহীন। 'অবাধিতরূপে ঐ সকল বিদেশীয় যাত্রিকেরদের উপর আপন পরাক্রম প্রকাশ করিয়াছে।' *দর্পণ*,

AMARBOI.COM

১৮২৪।

অবাধে *ক্রিবিণ* অবিরাম। 'পুস্তক নিয়মমতে অবাধে বিতরণ করিতেছেন।' *চন্দ্রিকা*, ১৮৩২।

অবাধ্য [স] **১** *বিণ* বিদ্রোহী। 'অল্পকালেই তোমার মন্ত্রীগণ অবাধ্য হইয়া উঠিবে।' *অক্ষয়*, ১৮৫০; 'হাতে তুলে লব বিজয়বাদ্য, আমি অশান্ত, আমি অবাধ্য।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* অমান্য করে এমন। 'নিকৃষ্ট প্রবৃত্তি প্রবল হইয়া ধর্ম্মপ্রবৃত্তি সমুদায়ের অবাধ্য হইয়া উঠে।' *অক্ষয়*, ১৮৫২। **৩** *বিণ* কথা শোনে না এমন। 'তুমি আমার অবাধ্য।' *দীনবন্ধু*, ১৮৬৭। **৪** *বিণ* প্রবল। 'অন্তরিন্দ্রিয়ের আক্ষেপ উত্তরোত্তর অবাধ্য হয়ে উঠেছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

অবাধ্যতা [স] *বি* আদেশ অমান্যকরণ। 'অবাধ্যতারূপে সে স্ত্রী আত্মপ্রতিজ্ঞাতে দৃঢ়া রহিল।' *দর্পণ*, ১৮২৩।

অবাধ্যতামূলক [স] *বিণ* বাধ্যবাধকতা নেই এমন। 'আমরা চালাব অবাধ্যতামূলক বে-আইন।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অবাধ্যপনা [স] *বি* অবাধ্যতা। 'অবাধ্যপনায় নফরকেষ্ট রেগে গেল।' *মনোজ*, ১৯৬১।

অবাধ্যা [স] *বিণ স্ত্রী* অনুগত নয় এমন। 'সাধ্য সাধনা করিলেও কাহার সাধ্য যে অবাধ্যাকে বাধ্যা করিয়া রাখে।' *ভবানী*, ১৮২৮।

অবাধ্যি [স অবাধ্য>] *বিণ* অন্যথা। 'জমীদার যা বলেন কোন মতেই তার অবাধ্যি হইতে পারে না।' *মশাররফ*, ১৮৬৯।

অবান্তর [স] **১** *বি* বৃত্তান্ত। 'জানিল দেবতাগণ সব অবান্তর।' *কাশীরাম*, ১৬৫০। **২** *বি* সংবাদ। 'শুনিয়া হনুর মুখে সে সব অবান্তর।' *মানিকরাম*, ১৭৮১। **৩** *বিণ* অপ্রধান। 'আর আর অবান্তর সম্রাট রাজাদের প্রত্যেক বিবরণ সম্প্রতি লিখি।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **৪** *বিণ* অপ্রাসঙ্গিক। 'কেহবা অবান্তর কলহের কাহিনী ... করেন।' *জ্ঞানাঙ্কুরোদয়*, ১৮৫২। **৫** *বিণ* ভিত্তিহীন। 'অবান্তর উদ্দেশ্য ভিতরে ভিতরে থাকিয়া যায়।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবান্তরিত [স] *বিণ* অন্তর্হিত। 'দেশাত্মবোধ জাগ্রত হলে 'ছোট আমি' অবান্তরিত হবে।' *ধূর্জটি*, ১৯৩১।

অবায়ু [স] *বিণ* বায়ুশূন্য; বাতাসহীন। 'যেন পথ হারায় অন্ধ অবায়ু চিরায়ু মহাশূন্যের যাত্রী।' *বুদ্ধ*, ১৯৪০।

অবায়ুস্পর্শ [স] *বিণ* গায়ে বাতাস লাগেনি এমন। 'অসূর্যম্পশ্যরূপ অবায়ুস্পর্শদেহ হয়ে ছয়টা দিন কেবল বেঁচে ছিলেম।' *রবীন্দ্র*, ১৮৮১।

অবারণ [স] **১** *বিণ* নিষেধহীন। 'অলক্ষিত চরণের অকারণ অবারণ চলা।' *রবীন্দ্র*, ১৯১৬। **২** *বিণ* অনাবিল। 'নির্ঝরিণী অকারণ অবারণ সুখে।' *রবীন্দ্র*, ১৯৩৫। **৩** *বিণ* বিপুল। 'অবারণ বেদনার ভার ঘনায়ে এসেছে তব মনের সীমায়।' *মাহেনও*, ১৯৪৯।

অবারা [স অবারণ>] *ক্রি* মুক্ত করা। 'এ আনন্দে আজ গীত গাহে মোর হৃদয় সব অবারি।' *রবীন্দ্র*, ১৮৮০।

অবারিত [স] **১** *বিণ* উন্মুক্ত। 'সাম্বৎসরিক শ্রাদ্ধের দিবসে অবারিত দ্বার।' *রামরাম*, ১৮০১। **২** *ক্রিবিণ* অবাধে। 'রাজারদিগের মস্তকে আমি অবারিত বইসি।' *তারিণী*, ১৮০৩। **৩** *বিণ* বিশাল। 'কুঠির সম্মুখবর্তী অবারিত শস্যক্ষেত্রের উপরে আকাশ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অবারিতভাবে [স] *ক্রিবিণ* বাধাহীনভাবে। 'অবারিতভাবে ঝড়-ঝাপটা, ধূলি-ধোঁয়া আসিয়া তাহাকে বিপর্যস্ত করিয়া তুলিল।' *বনফুল*, ১৯৩৬।

অবারোহ [স] *বি* গাছের ঝুরি; ডালপালা। 'অপনীত অবারোহ করিয়ে সকলে/ সাঁগা দিয়ে তুলে লয়ে শাল ঘরে ফেলে।' *মানিকরাম*, ১৭৮১।

অবাস্তব [স] **১** *বিণ* বাস্তবতাবর্জিত; কাল্পনিক। 'অনেকে কেবল অবাস্তব উপাখ্যান অধ্যয়ন করাইতেই ভালবাসেন।' *অক্ষয়*, ১৮৫৪; 'কারখানার গাড়িটাই যেন সত্য, আর প্রাণবেদনায় পূর্ণ সমস্ত দেশটাই যেন অবাস্তব।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *বি* মায়া। 'সেই সৃষ্টিকেই যদি অবাস্তব বল তা হলে অনাসৃষ্টি।' *রবীন্দ্র*, ১৯১৫। **৩** *বিণ* যুক্তিহীন। 'বুদ্ধিমান তাহার সেই দাবিটাকে অবাস্তব ও তুচ্ছ বলিয়া..।' *রবীন্দ্র*, ১৯২৫।

অবাস্তবতা [স] **১** *বি* বাস্তবের সঙ্গে অসঙ্গতি। 'আমাদের রাষ্ট্রীয় ঐক্যসাধনার মূলে একটা মস্ত জাতীয় অবাস্তবতা আছে।' *রবীন্দ্র*, ১৯২৩। **২** *বি* অসত্যতা। 'তাতে তার অবাস্তবতা আরো বেশি করেই ঘোষণা করে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অবাস্তবিক [স] *বিণ* বাস্তব নয় এমন। 'অবাস্তবিক বিধি লইয়া যাঁহারা তর্কবিতর্ক করেন ... তাঁহারাই ধন্য!' *অক্ষয়*, ১৮৪৬।

অবিকম্প [স] *বিণ* অবিচল। 'সাড়া দেয় অবিকম্প মন।' *মাহেনও*, ১৯৪৯।

অবিকম্পিত [স] *বিণ* কম্পিত নয় এমন। 'অবিকম্পিত কণ্ঠে বলিতে লাগিল।' *বঙ্কিম*, ১৮৭৮।

অবিকল [স] **১** *বিণ* সম্পূর্ণ। 'অবিকল সকল রচনা করে অজ।' *শিবায়ন*, ১৬৫০। **২** *বিণ* হুবহু। 'ইহা দেখে কবিতা রচিবে অবিকল।' *মানিকরাম*, ১৭৮১; 'অনুবাদ অবিকল।' *রবীন্দ্র*, ১৮৮২। **৩** *বিণ* অন্ধ। 'একদিকে অবিকল অনুকরণ, একদিকে উচ্ছৃঙ্খল স্বাধীনতা।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবিকলেন্দ্রিয় [স অবিকল-ইন্দ্রিয়] *বিণ* ইন্দ্রিয় বিকল নয় এমন; অবিকলাঙ্গ। 'অবিকলেন্দ্রিয় ব্যক্তিরা যদ্রূপ আপনার জীবনোপায় কর্ম্মক্ষম।' *দর্পণ*, ১৮৩০।

অবিকার [স] *বিণ* অচঞ্চল। 'জগৎরূপ হয় ঈশ্বর তবু অবিকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অবিকৃত [স] **১** *বিণ* বিকৃত নয় এমন। 'মণি যৈছে অবিকৃত প্রসবে হেমভার।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'শত ছাগ মুণ্ড ও দ্বাদশ মহিষ মুণ্ড ইত্যাদি অবিকৃত আছে।' *দর্পণ*, ১৮১৯। **২** *বিণ* অপরিবর্তিত। 'আস্ত একটা প্রাণীকে অবিকৃত আকারে টেবিলে এনে দিলে।' *রবীন্দ্র*, ১৮৮১।

অবিক্রয় [স] *বিণ* বিক্রি হয়নি এমন। 'শর্করাঘটিত মিষ্টান্ন অবিক্রয় হওয়াতে অতিদুর্দশা ঘটিয়াছে।' *দর্পণ*, ১৮৩৮।

অবিক্রীত [স] *বিণ* বিক্রয় করা হয়নি এমন। 'অবিক্রীত অবস্থায় পড়িয়া রহিয়াছে।' *সাম্যবাদী*, ১৯২৪।

অবিক্রেয় [স] *বিণ* সহজে বিক্রয়যোগ্য নয় এমন। 'সুবিক্রেয় এবং অবিক্রেয় পুস্তক।' *বঙ্কিম*, ১৮৭৫।

অবিক্ষুব্ধ [স] *বিণ* ক্ষুব্ধ নয় এমন। 'একটা বড় কিছুর কাছে আত্মসমর্পণ করে এরা নিজেদের অবিক্ষুব্ধ রাখে।' *মোতাহের*, ১৯৫০।

অবিগীত [স] *বিণ* প্রশংসিত। 'চিরকালানুষ্ঠিত অবিগীত ভারতবর্ষীয় চতুর্বর্ণ ধর্ম্মের যথার্থ রূপে সমন্বয় ...।' *দর্পণ*, ১৮৪০।

অবিচল [স] **১** *বিণ* দ্বার্থহীন। 'অবিচল বচন আস্কার।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* বিচলিত নয় এমন; অটল। *এডমন*, ১৭৯০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অবিচলপত্র [স] *বি* দলিল। 'শ্রীকৃষ্ণচন্দ্র শর্ম্মা অবিচল পত্র মিদং কার্য্যঞ্চ আগে ...।' *চিঠিপত্রে*, ১৭৬১।

অবিচলিত [স] ১ *বিণ* স্থির। 'তাঁহারা পরস্পর অবিচলিত সদ্ভাবে ... কালযাপন করিয়াছিলেন।' *বিদ্যা*, ১৮৪৯। ২ *বিণ* দৃঢ়। 'হাঁড়ির মতো গলা করিয়া অবিচলিত গম্ভীরমুখে জিজ্ঞাসা করিল ...।' *রবীন্দ্র*, ১৮৯২। ৩ *বিণ* কুণ্ঠাহীন। 'লেখক অবিচলিত মুখভাব ধারণ করিয়া বলিয়া যায়, অজাতশত্রু ছিল তিনজন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অবিচার [স] ১ *বি* নির্বিচার। 'এখনী পরাণ তোর লৈবৌ অবিচারে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* অবাঞ্ছিত। 'এক রাজ্যে দুই রাজা বড় অবিচার।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* অন্যায্য বিচার। 'অবিচারে জন্যেজয় প্রতিজ্ঞা করিল।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৪ *বি* অনাচার। 'কালে কালে কি হইল, একি অবিচার।' *এডুকেশন*, ১৮৫৭।

অবিচারক [স] *বিণ* বিচার-বিবেচনাহীন। 'রাজ্যাধিপতিকে অধার্থিক অবিচারক বলিয়া নানাবিধ ভর্ৎসনাকরণে কি তাৎপর্য্য।' *দর্পণ*, ১৮৩৫।

অবিচারপ্রসূত [স] *বিণ* অবিবেচনাজাত। 'আমরা এই অবিচারপ্রসূত সুপারিশের বিরুদ্ধে পূর্ববাংলার মেয়েদের প্রতিবাদ জানাতে অনুরোধ করি।' *বেগম*, ১৯৫১।

অবিচারমূলক [স] *বিণ* বিবেচনাহীন। 'বিশ্ববিদ্যালয়কে দোষী করা যেমন ঠিক নয়, তেমনি অবিচারমূলক।' *আজাদ*, ১৯৩৬।

অবিচারিণী [স] *বিণ স্ত্রী* অবিচারকারী। 'সেই অত্যাচারিণী অবিচারিণী মা।' *রবীন্দ্র*, ১৮৯২।

অবিচারিত [স] *বিণ* অবিবেচিত। 'সর্ব্বদা অবিচারিত কর্ম্ম অকর্ত্তব্য।' *রামরাম*, ১৮০২।

অবিচারী [স] ১ *বিণ* ব্যভিচারী। 'কামাতুর, কুবোধি, অবিচারী, হিংসক, অগ্যান, গৃহস্তো বীর্যের শরীর নাশী।' *আন্তোনিয়ো*, ১৭৪৩। ২ *বিণ* বিচারহীন। 'বোঝে না মন আপন মরণ একি অবিচারী।' *লালন*, ১৮৯০।

অবিচারে [স] *ক্রিবিণ* নির্বিচারে; না জেনেই। 'অবিচারে মার যদি দৈবেতে মরিব।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অবিচিত্র [স] *বিণ* বৈচিত্র্যহীন। 'এই ভাবের অবিচিত্র জীবনযাত্রা অনেক মানুষকে যে নির্বাহ করতে হচ্ছে না তা নয়।' *অবন*, ১৯২৫।

অবিচ্ছিন্ন [স] ১ *বিণ* অবিরাম। 'অবিচ্ছিন্ন হরিধ্বনি সর্বলোকে করে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* নিবিড়। 'উচ্চ এবং নীচের মধ্যে একটা অবিচ্ছিন্ন সম্বন্ধ।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *বিণ* অবিচ্ছেদ্য। 'রাজা ও প্রজা উভয়েরই প্রকৃতি স্বার্থ অবিচ্ছিন্ন অবিরোধী।' *রবীন্দ্র*, ১৯০১।

অবিচ্ছিন্নতা [স] *বি* ধারাবাহিকতা। 'গতিবেগের অবিচ্ছিন্নতা রক্ষা করিয়া ... পথ অনুসরণ করিতে হয়।' *প্রমথ*, ১৯১৪।

অবিচ্ছিন্নভাবে [স] *ক্রিবিণ* বিরামহীনভাবে। 'এই বর্বর দম্পতি অর্ধনগ্ন দেহে অবিচ্ছিন্নভাবে বিচরণ করিয়া বেড়াইত।' *বনফুল*, ১৯৩৬।

অবিচ্ছেদ [স] ১ *ক্রিবিণ* অবিরাম। 'মৃগমদ তার গন্ধ যৈছে অবিচ্ছেদ অগ্নি জ্বালাতে যৈছে নাহি কভু ভেদ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* বিরামহীনতা। 'সর্বকাল ভক্তিভেদে লেখিলেন অবিচ্ছেদে।' *মানিকরাম*, ১৭৮১। ৩ *ক্রিবিণ* ছেদহীনভাবে। 'মিটায়ে মনের খেদ গেঁথে গেছে অবিচ্ছেদ পরিচ্ছেদে পরিচ্ছেদে মিছে মন-গড়া।' *রবীন্দ্র*, ১৮৯০।

অবিচ্ছেদ্য [স] *বিণ* নিবিড়; প্রগাঢ়। 'এরকম অবিচ্ছেদ্য বন্ধুত্ব এ-পৃথিবীতে সকল সময় সমাদৃত হয় না।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অবিচ্ছেদ্যভাবে [স] ১ *ক্রিবিণ* অভিন্নরূপে। 'একত্র অবিচ্ছেদ্যভাবে বৃদ্ধি পায় না বলিয়াই য়ুরোপীয় ভাবের যথার্থ নিকট সংসর্গ আমরা লাভ করি না।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *ক্রিবিণ* অপরিহার্যভাবে। 'প্রতীকতন্ত্রী মাল্যর্মে ব্যঞ্জনাকে অবিচ্ছেদ্যভাবে যুক্ত করলেন বৈদগ্ধের সঙ্গে।' *শিব*, ১৯৭৩।

অবিচ্যুত [স] *বিণ* অবিচলিত। 'তবু সুরেশ অবিচ্যুত।' *অচিন্ত্য*, ১৯৫০।

অবিজিত [স] *বিণ* অপরাজিত। 'ভারতবর্ষ আজ পর্য্যন্ত অবিজিতই রহিয়া গেল।' *বুলবুল*, ১৯৩৬।

অবিজ্ঞেয় [স] *বিণ* জ্ঞান নেই এমন। 'কোন ক্রূর পিশাচের অবিজ্ঞেয় অঙ্গুলিনির্দেশে।' *জীবন*, ১৯৩০।

অবিতর্ক [স] *বি* নিঃসংশয়। 'গণ্ডিটুকু অবিতর্কে রক্ষিত হয়।' *রবীন্দ্র*, ১৯০৫।

অবিদগ্ধ [স] *বিণ* অচতুর। 'অবিদগ্ধ বিধি ভাল না জান সৃজন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অবিদগ্ধা [স] *বিণ স্ত্রী* সংস্কৃতিমনা নয় এমন। 'আমাদের অভিনেত্রীরা অবিদগ্ধা, বাঈজী আর ভাস্কর্য আমাদের নেই।' *অন্নদা*, ১৯২৯।

অবিদিত [স] *বিণ* অজানা। 'তোহ্মা অবিদিত/ নাহিক কিঞ্চিত।' *বাহরাম*, ১৬৫০; 'অবিদিত নেই তো তোমার রবিকাকা কুঁড়ের হদ্দ।' *রবীন্দ্র*, ১৮৯০।

অবিদূর [স] *বি* নিকট। 'এই গালিচার অবিদূরে প্রকাণ্ড অট্টালিকা।' *সমাচার*, ১৮৮১।

অবিদ্বান [স] ১ *বিণ* (বিনয়) অপণ্ডিত। 'আমি অবিদ্বান।' *প্রমথ*, ১৯২৭। ২ *বি* যে বিদ্যাহীন। 'বিদ্যার সাহায্যে বিদ্বান অনেক বেশি শক্তিশালী হয় অবিদ্বানের চেয়ে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অবিদ্য [স] *বিণ* অপণ্ডিত। 'অবিদ্য সবিদ্য যত ব্রাহ্মণ সমান।' *ভবানী*, ১৮২৫।

অবিদ্যা [স] ১ *বি* মায়া। 'যে যশ শ্রবণে আদি অবিদ্যা বিনাশ।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* অজ্ঞানতা। 'পুস্তকানুশীলনদ্বারা ইউরোপীয় নারীগণের বিদ্যাভ্যাস ও অবিদ্যা নাশ ও মনের উল্লাস হয়।' *দর্পণ*, ১৮৩১। ৩ *বি* অজ্ঞতা। 'অবিদ্যায় অবসন্ন মানবের মন।' *গুপ্ত*, ১৮৫৮। ৪ *বি* ইহজাগতিকতা। 'যাহারা কেবলমাত্র অবিদ্যা অর্থাৎ সংসারকর্মের উপাসনা করে।' *রবীন্দ্র*, ১৯০১। ৫ *বি* ভ্রমজ্ঞান। 'তাঁরা কস্মিনকালেও অবিদ্যাকে পরাবিদ্যা বলে ভুল করেন নি।' *প্রমথ*, ১৯১৩।

অবিদ্যা-বন্ধন [স] *বি* মায়ার বন্ধন। 'যার দৃষ্টি মাত্র ছাড়ে অবিদ্যা-বন্ধন।' *বৃন্দা*, ১৫৮০।

অবিদ্যমান [স] *বি* অনুপস্থিতি; অভাব। 'এই সকলের অবিদ্যমানে কলির কিরূপে অবস্থান হইবেক।' *দর্পণ*, ১৮২৯।

অবিধি [স] ১ *বিণ* শাস্ত্রবিরুদ্ধ; অবৈধ। 'আমিষ অবিধি বোলে যে করেছে গোল।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বিণ* অনুচিত। 'ও ঘরে রাখাই অবিধি হইয়াছিল।' *দীনবন্ধু*, ১৮৬০। ৩ *বিণ* নিয়মবিরুদ্ধ। 'তাহার উত্তর অন্যার্থ প্রত্যয় করা অবিধি।' *বিদ্যা*, ১৮৭৩। ৪ *বি* অন্যায়। 'বিধি ও অবিধির নির্যাতনে নিপীড়িত জাতি।' *আজাদ*, ১৯৪৫।

অবিধেয় [স] ১ *বিণ* বেআইনি। 'অবিধেয় প্রতিবাসরিক এক সমাচার পত্র কিয়দংশপর্য্যন্ত প্রকাশ করিয়া তাহাতে বিরত হইয়া ...।' *দর্পণ*, ১৮৩২। ২ *বিণ* অপ্রাসঙ্গিক। 'তরঙ্গমালার আলোচনা অবিধেয় নয়।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বঙ্কিম, ১৮৭৫। ৩ *বিণ* অনুচিত। 'ব্রাহ্মণের ছেলেকে শুধু জল দেওয়া অবিধেয়।' *রবীন্দ্র*, ১৯০৭।

অবিনএ [স অবিনয়] *বি* অবিনয়; বিনয়ের অভাব। 'মোরি অবিনএ যত পরলি খেএোব তত।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবিনয় [স] ১ *বি* অনাদর। 'সেবকের ঠাঞী কি প্রভুর অবিনয়।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* সহৃদয়তার অভাব। 'অবিনয় বা অস্নেহ নাই।' *বঙ্কিম*, ১৮৮৭। ৩ *বি* বেয়াদবি। 'সে বিনয় এত কঠিন যে অবিনয় তাহা অপেক্ষা অধিক কঠিন নহে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৪ *বি* ঔদ্ধত্য। 'এটাকে রাজসভায় যদি অবিনয় বলিয়া জ্ঞান করেন তবে আঘাতটা সম্বন্ধেও বিবেচনা করিতে হয়।' *রবীন্দ্র*, ১৯০৮। ৫ *বি* সৌজন্যের অভাব। 'আশ্চর্য হয়েছ আমার অবিনয়ে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অবিনয়া [স] *বিণ স্ত্রী* উদ্ধত; অশিষ্ট। 'অবিবেকী অবিনয়া আদরভাজন।' *গুপ্ত*, ১৮৫৮।

অবিনয়ী [স] *বিণ* অভদ্র। 'অনন্তর মত এমন দাম্ভিক অবিনয়ী ছেলে আর নেই।' *নরেন্দ্র*, ১৯৫২।

অবিনশ্বর [স] ১ *বিণ* ধ্বংস হয় না এমন। 'আচারব্যবহার প্রকাশক অবিনশ্বর কীর্ত্তিপতাকা মহারত্ন বেদ।' *অক্ষয়*, ১৮৪৭। ২ *বিণ* চিরন্তন। 'ধনস্তের কেন্দ্রবর্তী সেই অবিনশ্বর মানুষটির সাক্ষাৎ কে লাভ করিবে!' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বিণ* চিরস্থায়ী। 'ইজিপ্ট মৃতদেহকে অবিনশ্বর করিবার চেষ্টা করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অবিনশ্বরতা *বি* অমরত্ব। 'আত্মার অবিনশ্বরতা বুঝবার জন্য তাঁকে অন্য উপমার আশ্রয় খুঁজতে হত।' *নরেন্দ্র*, ১৯৫০।

অবিনাশ [স] ১ *বিণ* বিনাশহীনতা। 'আমি নিরন্তর পাণ্ডবগণের অবিনাশ হিত ... বাসনা করি।' *বঙ্কিম*, ১৮৭৫।

অবিনাশপুর [স] *বি* স্বর্গ। 'ঝাটৈত অবিনাশপুরে করিতে গমন।' *সুলতান*, ১৭০০।

অবিনাশী [স] ১ *বিণ* অবিনশ্বর। 'অবিনাশী চন্দ্রকলা থাকে যেই স্থান।' *সুলতান*, ১৭০০। ২ *বিণ* চিরস্থায়ী। 'কৃপার শাস্তোর পালিবেক, নিজো-নাম অবিনাশী।' *আন্তোনিয়ো*, ১৭৪৩। ৩ *বিণ* বিনাশ নেই এমন। 'এ দিকে আপনাকে অবিনাশী অনন্ত বলিয়া বিশ্বাস করে, ওদিকে ... ।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অবিনিবিলম্বিত [স অবনী+স বিলম্বিত] *বিণ* বিস্তীর্ণ। 'অলিকুলচুম্বিত অবিনিবিলম্বিত বনি বনমাল বিটঙ্ক।' *গোবিন্দ*, ১৬০০।

অবিনীত [স] ১ *বিণ* বিনীত নয় এমন। 'বাঁদেলারোষ-নিবাসী অবিনীত অসভ্য লোকেরা ...।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বিণ* ঔদ্ধত্যপূর্ণ। 'উপেক্ষাপূর্ণ অবিনীত ব্যবহার করিয়া থাকি।' *রবীন্দ্র*, ১৯১৭।

অ-বিন্দু [স] *বি* (বাউল) শুক্র। 'অ-বিন্দু উথলিয়ে নীর হয়েছিল নৈরাকার।' *লালন*, ১৮৯০।

অবিন্যস্ত [স] ১ *বিণ* অগোছালো। 'সব যেন অবিন্যস্ত, উঁচু-নিচু ...।' *আহসান*, ১৯৫৯। ২ *বিণ* সুসংবদ্ধ নয় এমন অগোছালো। 'নিতান্ত শ্রীবর্জিত, অবিন্যস্ত ও তারসাম্যহীন বাঙলা গদ্য ভাষাকে তিনিই সর্বপ্রথম ... ।' *শরীফ*, ১৯৭০।

অবিবাদ [স] *বি* নির্বিবাদ। 'আপনি অবিবাদে কাছাড় রাজত্ব অর্পণ কত্তে সম্মত হলেন।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অবিবাদী [স] *বিণ* নির্বিরোধ; শান্ত। 'ওই দ্যাখো কয়েকটি অবিবাদী স্থির অভিন্নকল্পনাবুদ্ধি যুবক-যুবতী হেঁটে যায়।' *নীরেন*, ১৯৬১।

অবিবাদে [স] *ক্রিবিণ* নির্বিবাদে। 'আপনি অবিবাদে কাছাড় রাজত্ব অর্পণ কত্তে সম্মত হলেন।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অবিবাহ [স] *বিণ* অবিবাহিত। 'অবিবাহ কুন্তি দেবি কুন্তভোজ ঘরে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অবিবাহিত [স] ১ *বিণ* বিয়ে হয়নি এমন। *ওসাঁ*, ১৭৮২; 'দর্পণপত্রের স্থানান্তরে অবিবাহিত ব্রাহ্মণস্য ইতিস্বাক্ষরিত যে এক পত্র দৃষ্ট হইবে।' *চন্দ্রিকা*, ১৮৩০; 'অবিবাহিত বলে পরিচয় দিলে এখানকার অবিবাহিতাদের সঙ্গে মিশে ... ।' *রবীন্দ্র*, ১৮৮০। ২ *বিণ* কুমারী। 'কন্যা যতদিন অবিবাহিত থাকে তাহাকে ... ।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বিণ* অবিবাহিত অবস্থাকালীন। 'এই তবে আমাদের অবিবাহিত বন্ধুত্বের শেষ মিলন।' *রবীন্দ্র*, ১৯২৯।

অবিবাহিতা [স] ১ *বিণ স্ত্রী* বিয়ে হয়নি এমন। 'একাদশ বৎসর পর্য্যন্ত অবিবাহিতা থাকে।' *অক্ষয়*, ১৮৪৩। ২ *বিণ* কুমারী। 'অবিবাহিত বলে পরিচয় দিলে এখানকার অবিবাহিতাদের সঙ্গে মিশে ... ।' *রবীন্দ্র*, ১৮৮০।

অবিবাহী [স] *বিণ* অবিবাহিত। 'যোগ্য কন্যা অবিবাহী।' *কেতকা*, ১৬৫০।

অবিবেক [স] *বি* বিবেকহীনতা। 'যৌবন ধন সম্পত্তি অবিবেক ইহার যদি এক থাকে।' *গোলোক*, ১৮০১।

অবিবেকতা [স] *বি* বিবেকহীনতা। 'অনেক বিশিষ্ট সন্তান যৌবন ধন প্রভৃতি অবিবেকতা প্রযুক্ত কুসংসর্গগ্রস্ত হইয়া ... ।' *দর্পণ*, ১৮২২।

অবিবেকী [স>] ১ *বিণ* বিবেকহীন। 'অবিবেকী প্রমাদবিশিষ্ট আর বিত্তনিমিত্ত অজ্ঞানেতে আচ্ছন্ন যে লোক তাহারা ... ।' *রামমোহন*, ১৮১৭। ২ *বিণ* অবিবেচক। 'অবিবেকী অন্তর্যামী।' *সুধীন্দ্র*, ১৯৩৯।

অবিবেচক [স] ১ *বি* যে বিবেচনা করে না। 'তাঁহাকে একেবারে হেয়জ্ঞান করেন ইহার তুল্য অবিবেচক আর নাই।' *দর্পণ*, ১৮৩১। ২ *বিণ* বিচারবুদ্ধিহীন। 'ক্ষীণবুদ্ধি অবিবেচক অধিকাংশ লোক।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

অবিবেচনা [স] ১ *বি* বিবেকহীনতা। 'আমি, সবিশেষ ... অবিবেচনার কর্ম করিয়াছি।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বি* অবিচার। 'ন্যায়রত্নের পক্ষে অবিবেচনা হয়েছে এই বলিয়া ... ।' *বিদ্যা*, ১৮৭৩। ৩ *বি* বিচার বুদ্ধির অভাব। 'সমস্তই আপনার অবিবেচনার ফল।' *রবীন্দ্র*, ১৯০৯। ৪ *বি* পরিণাম বিচার না করা। 'যাহারা আকাশযানে উড়িতে উড়িতে আকাশ হইতে ... তাহাদের মধ্যে সেই দুরন্ত অবিবেচনা কাজ করিতেছে।' *রবীন্দ্র*, ১৯১৪। ৫ *বি* অন্যায়। 'সে-বাগানে আমাদের মন যদি উৎসাহিত না হয় তা হলে মালী সেটাকে আমাদের অবিবেচনা মনে করে না।' *রবীন্দ্র*, ১৯২৫।

অবিবেচনাপ্রসূত [স] *বিণ* অপরিকল্পিত। 'কর্তৃপক্ষের এই সিদ্ধান্ত যে একান্তই অবিবেচনাপ্রসূত।' *আজাদ*, ১৯৬৯।

অবিবেচনীয় [স] *বিণ* অগ্রহণযোগ্য। 'এই অবিবেচনীয় ব্যবহারে ...।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৩।

অবিভক্ত [স] ১ *বিণ* ভাগ করা নেই এমন। 'দশ প্রহরের দ্বারা অবিভক্ত এই ভূতলগত চিররাত্রির মধ্যে মৃত্যুঞ্জয় আর-একবার ঘুমাইয়া লইল।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বিণ* অখণ্ড। 'এ সংগ্রাম শুরু হয়েছিল যুগ যুগ আগে অবিভক্ত ভারতে।' *হাফিজুর*, ১৯৫৩।

অবিভাই [স অবিবাহী] *বিণ* অবিবাহিত। 'এত বড় যোগ্য কন্যা কেন অবিভাই।' *কেতকা*, ১৬৫০।

অবিভাজ্য [স] *বিণ* ভাগ করা যায় না এমন। 'অ্যাটম অর্থাৎ পরমাণুকে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জগতের সূক্ষ্মতম অবিভাজ্য উপাদান বলে মনে করা হতো।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অবিভাজ্যতা [স] *বি* অখণ্ডতা। 'সত্তার অবিভাজ্যতা আরও কঠিনতর সত্য।' *উমর*, ১৯৬৮।

অবিভাতি [স] *বিণ* অবিবাহিত। 'অবিভাতি কন্যা প্রায় লয় মোর মনে।' *কাশীরাম*, ১৬৫০।

অবিভীষিকা [স] *বি* অভয়। 'ঘোরতর বিভীষিকা সামনে দেখছি, আবার অবিভীষিকা কোথায়!' *গিরিশ*, ১৮৮৯।

অবিমর্ষা [স] *ক্রি* আনন্দিত হওয়া। 'অবিমর্ষি কহি বাণী।' *আলাওল*, ১৬৮০।

অবিমিশ্র [স] ১ *বিণ* খাঁটি। 'অবিমিশ্র বিমল সত্য।' *বঙ্কিম*, ১৮৭৯। ২ *বিণ* বিশুদ্ধ। 'অবিমিশ্র উচ্চ ধর্মতত্ত্ব রহিল।' *রবীন্দ্র*, ১৯১৬। ৩ *বিণ* কেবলমাত্র। 'অবিমিশ্র বাংলাভাষায় শিক্ষা দেবার একটা সরকারি ব্যবস্থা ছিল।' *রবীন্দ্র*, ১৯২৩। ৪ *বিণ* নির্ভেজাল। 'অবিমিশ্র হাস্যরসের উৎসধারা বাংলা সাহিত্যকে অভিষিক্ত করেছে।' *রবীন্দ্র*, ১৯২৩। ৫ *বিণ* নিরবচ্ছিন্ন। 'আজকাল ওর ঘুমটা আর অবিমিশ্র নয়।' *রবীন্দ্র*, ১৯২৮। ৬ *বিণ* আন্তরিক। 'এমন অবিমিশ্র শ্রদ্ধা, অবিচলিত অকৃত্রিম প্রীতি।' *রবীন্দ্র*, ১৯৪১।

অবিমিশ্রিত [স] *বিণ* একান্ত। 'সে অসীমের দিকে চাহিলে যে অবিমিশ্রিত সুখ হয় তাহা নহে।' *রবীন্দ্র*, ১৮৭৯।

অবিমিশ্রতা [স] *বি* বিশুদ্ধতা। 'রক্তের অবিমিশ্রতা কোথাও যদি দেখতে পাই, তা হলে বর্বর জাতির মধ্যে যেতে হয়।' *রবীন্দ্র*, ১৯১৯।

অবিমৃশ্য, অবিমৃষ্য [স] *বিণ* অসহনশীল। 'অবিমৃশ্য জনের জল্পনায় বিষায়ে সংকীর্ণ সৌধ।' *সুধীন্দ্র*, ১৯৩২।

অবিমৃষ্যকারিতা [স] *বি* হঠকারিতা। 'অবিমৃষ্যকারিতা ও অর্ব্বাচীনতায় তাহা হইতে ... বঞ্চিত হতেছেন।' *অক্ষয়*, ১৮৪৬।

অবিমৃষ্যকারী [স] ১ *বিণ* অবিবেচক। 'নবানুরাগপরবশ যুবকজনের মত উদ্ধত ও অবিমৃষ্যকারী ছিলেন না।' *বিদ্যা*, ১৮৪৯। ২ *বি* গোঁয়ার। 'অবিমৃষ্যকারীর মত ছুটে গিয়ে তার কোদালটা নিয়ে ফিরে আসে।' *হাসান*, ১৯৬৭।

অবিষধারী [স] *বিণ* ছায়াহীন। 'ওনেছি মা তুমি অবিষধারী।' *লালন*, ১৮৯০।

অবিয়াত [স অবিবাহিত] *বিণ* অবিবাহিত। 'পাইলে কি আর নিজে অবিয়াত থাকি মিয়া।' *জহির*, ১৯৬৪।

অবিরক্ত [স] *বিণ* বিরক্তিহীন। 'একে একে তৎপরীক্ষণ অবিরক্ত চিত্তে করিয়াছিলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

অবিরত [স] *ক্রিবিণ* অনবরত। 'প্রলয়কালের মত ঝড়বৃষ্টি অবিরত।' *মুকুন্দ*, ১৬০০।

অবিরল [স] ১ *ক্রিবিণ* বিরতিহীনভাবে। 'অবিরল নয়ন গলএ জলধার।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* সম্পূর্ণ। 'ঢেলে দিস অবিরল ছোটো মনখানি ভরে ভরে।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *বিণ* সারাক্ষণ। 'চন্দ্র সূর্য জাগে অবিরল।' *রবীন্দ্র*, ১৮৯০। ৪ *ক্রিবিণ* অব্যাহতভাবে। 'অবিচ্ছিন্ন অবিরল চলে নিরবধি।' *রবীন্দ্র*, ১৯১৬। ৫ *বিণ* অন্তহীন। 'অবিরল ঘাস শুধু ছড়ায়ে রয়েছে মাটি-কাঁকড়ের পর।' *জীবন*, ১৯৩২; 'অবিরল গুপুরির সারি।' *জীবন*, ১৯৩২। ৬ *বিণ* বিশ্রামহীন। 'অবিরল কয়েকটি কাক।' *আহসান*, ১৯৬২।

অবিরাজ [স] *বিণ* অদৃশ্য। 'মহরমের চান্দ মাঝ/ দশদিন অবিরাজ।' *বাহরাম*, ১৬৫০।

অবিরাম [স] ১ *ক্রিবিণ* অনবরত। 'স্ফুরুক আমার হৃদয়েতে অবিরাম।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* সমস্ত। 'প্রাণে তার খেলাতেম অবিরাম নিশি নিশি।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *বিণ* বিরতিহীন। 'আনন্দের লীলা অবিরাম।' *গিরিশ*, ১৮৮৭। ৪ *ক্রিবিণ* বিশ্রামহীনভাবে। 'অমঙ্গল কাক যেথা ডাকে অবিরাম।' *রবীন্দ্র*, ১৯০৭। ৫ *বি* সার্বক্ষণিক। 'ভাব হতে রূপে অবিরাম যাওয়া-আসা।' *রবীন্দ্র*, ১৯১৪। ৬ *ক্রিবিণ* শ্রান্তিহীনভাবে। 'আকাশে উঠিছে অবিরাম অমেয় প্রেমের মন্ত্র – বুদ্ধের শরণ লইলাম।' *রবীন্দ্র*, ১৯৩২।

অবিরোধ [স] *বি* বিরোধহীনতা। 'অবিরোধে চল বেটা পাটসাল ছাড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

অবিরোধী [স] ১ *বিণ* বিরোধহীন। 'লেখা আছে যে কোন লোক ধনী অবিরোধী অজাতশত্রুল্য এবং সন্তানকে অধিক স্নেহ করে।' *ভবানী*, ১৮২৫। ২ *বিণ* শত্রুহীন। 'ঠাকুরের দ্বিতীয় পুত্র অতিশিষ্ট অবিরোধী প্রিয়ভাষী।' *দর্পণ*, ১৮৩২। ৩ *বিণ* বিরোধিতাহীন। 'রাজা ও প্রজা উভয়েরই প্রকৃত স্বার্থ অবিচ্ছিন্ন অবিরোধী।' *রবীন্দ্র*, ১৯০৮। ৪ *বিণ* বিরোধ নেই এমন। 'সুন্দর অবিরোধী উপমা বাংলায় – ডানা-কাটা পরী।' *অবন*, ১৯২৫।

অবিলম্ব [স] *বি* বিলম্বহীনতা। 'অবিলম্বে পাবে তুমি স্বামী ফুলধনু।' *মুকুন্দ*, ১৬০০; 'অবিলম্বে চলি গেল চান্দের গোচর।' *বিজয়*, ১৬০০।

অবিলম্বিত [স] *বিণ* মাত্র এসেছে এমন। 'ক্ষমতা আছে একমাত্র অবিলম্বিত, অনপচয়িত, সুস্থ ও শুদ্ধ যৌবনের।' *মানিক*, ১৯৩৫।

অবিলম্বে [স] ১ *ক্রিবিণ* তাড়াতাড়ি। 'অবিলম্বে পাবে তুমি স্বামী ফুলধনু।' *মুকুন্দ*, ১৬০০। ২ *ক্রিবিণ* অবশ্যই। 'স্পর্শ করিলে তোমাকে অবিলম্বে সমাজচ্যুত হইতে হইবে, কিন্তু শঠতা করো, ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অবিলাম [স অবিলম্ব] *ক্রিবিণ* অবিলম্বে; দেরি না করে। 'মায়ের তাহার ভীষণ অসুখ আসে যেন অবিলাম।' *জসীম*, ১৯৫১।

অবিলাস [স অভিলাষ] *বি* অভিলাষ; ইচ্ছা। 'সর্ব্বক্ষন বিরোদ অবিলাস।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অবিশদ [স] *বিণ* সংক্ষিপ্ত; বিস্তৃত নয় এমন। 'ইঁহাদের সাম্প্রদায়িক গ্রন্থের যেরূপ নিগূঢ় ভাব ও তাহার রচনা যেরূপ অস্পষ্ট ও অবিশদ, তাহা ...।' *অক্ষয়*, ১৮৫০।

অবিশাল [স] *বিণ* বিরাট। 'এইহেতু চণ্ডী রণ কৈল অবিশাল।' *মুকুন্দ*, ১৬০০

অবিশুদ্ধ [স] ১ *বিণ* মলিন। 'শতরঞ্জের আনন্দ অবিশুদ্ধ হয় কিসে।' *বঙ্কিম*, ১৮৮৭। ২ *বিণ* ত্রুটিপূর্ণ। 'আর ইংরেজি যে অবিশুদ্ধ তাও নয়।' *রবীন্দ্র*, ১৯২৫।

অবিশেষ [স] *বিণ* বিশেষ নয় এমন; সাধারণ। 'আমাদের অন্ধকার আলো এনেছে অনেক কিছু অবিশেষ, অকিঞ্চিৎকর।' *জীবন*, ১৯৩০।

অবিশ্বাস [স] *বি* বিশ্বাসের অভাব। 'চিত্তে তান কিছু জন্মিয়াছে অবিশ্বাস।' *বৃন্দা*, ১৫৮০।

অবিশ্বাসনীতি [স] *বি* অবিশ্বাসের নীতি। 'ভারতবর্ষের পলিটিক্সে অবিশ্বাসনীতি ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

অবিশ্বাসপ্রবণতা [স] *বি* অবিশ্বাস করার স্বভাব। 'এ যুগের মানুষের অবিশ্বাসপ্রবণতা ...।' *মানিক*, ১৯৩৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অবিশ্বাসযোগ্য [স] *বিণ* বিশ্বাসযোগ্য নয় এমন। 'পুরাণের বংশকীর্তন এককোলে অবিশ্বাসযোগ্য নহে।' *অক্ষয়*, ১৮৪৭।

অবিশ্বাসি [স অবিশ্বাসী] *বিণ* বিশ্বাসঘাতক। 'অনঙ্গ কহিছে হাসি, নাহি ছিলে অবিশ্বাসি।' *ভবানী*, ১৮২৫।

অবিশ্বাসিনী [স] *বিণ স্ত্রী* বিশ্বাসঘাতক। 'অবিশ্বাসিনী স্ত্রীর মা আর বোনেরা আমার অন্নাশ্রিত হয়েই রইল।' *নরেন্দ্র*, ১৯৫৮।

অবিশ্বাসী [স] ১ *বিণ* বিশ্বাসযোগ্য নয় এমন। 'অবিশ্বাসী উত্তর।' *দর্পণ*, ১৮২৭। ২ *বি* বিশ্বাসঘাতক। 'স্ত্রীলোককে সর্ব্বশাস্ত্রেই অবিশ্বাসী ও খল কহিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৮। ৩ *বিণ* অবিশ্বাসকারী। 'অবিশ্বাসী গদ্যজীবী লোকেরা এতটা কবিত্ব বিশ্বাস করে না।' *রবীন্দ্র*, ১৯০৭। ৪ *বিণ* ধর্মে বিশ্বাস করে না এমন। 'সেই সময়ে ধর্ম্মবিশ্বাসী বা অবিশ্বাসী যে হউক ...।' *রবীন্দ্র*, ১৯১৭। ৫ *বিণ* বিশ্বাস নেই এমন। 'অবিশ্বাসী ভীরু, অসত্যভারাবনত মূঢ়, আজ ঘরের লোকেদের লইয়া ...।' *রবীন্দ্র*, ১৯১৭। ৬ *বিণ* বিশ্বাস বিচূর্ণ করে দেয় এমন। 'পদচিহ্নগুলি পদে পদে মুছে নিল সর্বনাশী অবিশ্বাসী ধূলি।' *রবীন্দ্র*, ১৯২৫। ৭ *বি* অবিশ্বাসকারী ব্যক্তি। 'বৈষয়িক অবিশ্বাসী ঢালে যদি বিষাক্ত বিদ্রূপ ... তবুও কেমনে, কবি, অস্বীকার করিবি সুন্দরে।' *সুধীন্দ্র*, ১৯২৮।

অবিশ্বাস্য [স] *বিণ* বিশ্বাসের অযোগ্য। 'কথাটা অবিশ্বাস্য হইলেও তাহার মনিব তাহাই শুনিতে চাহে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অবিশ্যি [স অবশ্য>] ১ *ক্রিবিণ* নিশ্চয়। 'যদি চন্দ্র যত্ন করে তবে কি পদ্মিনীকে দেখতে পায় না? অবিশ্যি পায়।' *রামনারায়ণ*, ১৮৫৪। ২ *অব্য* তবে। 'সমুদ্রপীড়া কাকে বলে অবিশ্যি জানো কিন্তু কী রকম তা জান না।' *রবীন্দ্র*, ১৮৮০। ৩ *অব্য* অবশ্য। 'আজকাল অবশ্যি সুদূর পল্লী অঞ্চলেও স্ত্রী শিক্ষা প্রসার লাভ করেছে।' *বেগম*, ১৯৭০।

অবিশ্রান্ত [স] ১ *ক্রিবিণ* অনবরত। 'অবিশ্রান্ত পড়ে চোট করে হানাহানি।' *হ্যালহেড*, ১৭৭৮। ২ *বিণ* শ্রান্তিহীন। 'গরম ঘরের মধ্যে অবিশ্রান্ত নৃত্যে রত।' *রবীন্দ্র*, ১৮৮০। ৩ *বিণ* অক্লান্ত। 'কৃষককুল অবিশ্রান্তরূপে পরিশ্রম করিয়া ..।' *প্রভাকর*, ১৮৯২। ৪ *বিণ* বিরতিহীন। 'অবিশ্রান্ত বৃষ্টিধারায় ভেসে যায় রে দেশ।' *রবীন্দ্র*, ১৯০০। ৫ *বিণ* অব্যাহত। 'ঝড় অবিশ্রান্ত, তুমি পান্থ আমি পান্থ জয়, জয়, জয়।' *রবীন্দ্র*, ১৯২৫।

অবিশ্রান্তভাবে [স] *ক্রিবিণ* ক্লান্তিহীনভাবে। 'দুটো কাক ডাকাডাকি করে অবিশ্রান্তভাবে।' *ওয়ালী*, ১৯৪৮।

অবিশ্রাম [স] *ক্রিবিণ* অবিরাম। 'হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কহে অবিশ্রাম।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কায়মনে প্রভুক ভাবিলা অবিশ্রাম।' *সুলতান*, ১৭০০।

অবিশ্রামগতি [স] *বি* বিরতিহীন গতি। 'অবিশ্রামগতিতে ... গদ্যপদ্যের ঝুড়ি হাঁকাইয়া চলিয়াছি।' *রবীন্দ্র*, ১৯১২।

অবিষণ্ন [স] *বিণ* বিষণ্ন নয় এমন। 'তিনি অবিষণ্ন-হৃদয়ে ... নানা বিষয়ে উপদেশ দিয়া কালহরণ করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

অবিষ্ট [স অভীষ্ট] *বি* বাসনা। 'তোহ্মার অবিষ্ট জেন বাঞ্ছা পূর্ণ করি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অবিষ্টী [স অভীষ্ট] *বি* ইষ্টদেব। 'আমি আপন বিত্তি আপন অবিষ্টীকে দিঞাছি।' *চিঠিপত্রে*, ১৮১৬।

অবিসংবাদিত, অবিসম্বাদিত [স] *বিণ* মতভেদ নেই এমন; সর্বসম্মত। 'এ উক্তি অবিসংবাদিত সত্য।' *অক্ষয়*, ১৮৪৫; 'তরুণ বাঙ্গলা সাহিত্যের অবিসম্বাদিত নায়ক নজরুল ইসলাম।' *সওগাত*, ১৯৪১।

অবিসংবাদিতরূপে [স] *ক্রিবিণ* সর্বসম্মতভাবে। 'প্রকৃত কারণ অবিসংবাদিতরূপে স্থিরীকৃত হওয়া দুঃসাধ্য।' *অক্ষয়*, ১৮৫৪।

অবিসংবাদীভাবে [স] *ক্রিবিণ* অবাধভাবে। 'দিদির চেয়ে ঢের বেশ অবিসংবাদী ভাবে লাভ করতে পারত।' *জীবন*, ১৯৩১।

অবিসম্বাদী [স] ১ *বিণ* সর্বসম্মত। 'যার রূপ নেই তা যে কাব্য নয়, এ কথা অবিসম্বাদী।' *প্রমথ*, ১৯২৯। ২ *বিণ* সন্দেহাতীত। 'কোনো অবিসম্বাদী ভালবাসার অঙ্কুরকে চেপে রাখতে পারে না।' *জীবন*, ১৯৩১। ৩ *বিণ* অপ্রতিদ্বন্দ্বী। 'মোহলেম-ভারতের অবিসম্বাদী নেতা মিঃ জিন্না।' *আজাদ*, ১৯৩৭।

অবিসার [স অভিসার] *বি* কর্মোদ্যোগ। 'পাঠাইলেন আমাকে করিতে অবিসার।' *মানিকরাম*, ১৭৮১।

অবিশ্রাম [স অবিশ্রাম] *ক্রিবিণ* অবিরাম। 'বিরহসাগরে দুঃখ ভুঞ্জি অবিশ্রাম।' *মালাধর*, ১৫০০।

অবিস্‌স [স অবশ্য] *ক্রিবিণ* অবশ্য। 'অবিস্‌স তাহার কাজ সিদ্ধ হএ ফলে।' *রামাই*, ১৭১০।

অবিহিত [স] ১ *বিণ* অবৈধ। 'অবিহিত গতি তোর হব থিতিতলে।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* অনুচিত। 'ঐ অপহ্নবকারিদিগের অবিহিত দান কোনরূপে সিদ্ধ থাকিতে পারে না।' *দর্পণ*, ১৮৩৬। ৩ *বিণ* অবাঞ্ছিত। 'সকলের সঙ্গে কৌতুকের সহিত হাস্যালাপ করিয়া আসিত, কিছুই মনে হইত না, আজ তাহা অবিহিত।' *রবীন্দ্র*, ১৯০৪।

অবীরা [স অবীর>] ১ *বি স্ত্রী* নিঃসন্তান বিধবা নারী। 'কর্পূর কহেন অবীরার কণ্ঠহার।' *ঘনরাম*, ১৭১১। ২ *বিণ স্ত্রী* অভিভাবক নেই এমন। 'একদিন তিনি ঐ অবীরা কন্যা সমভিব্যাহারে করিয়া গুরু-দর্শনে গমন করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪৭।

অবুজ [স বুধ>] *বিণ* অবুঝ; নির্বোধ। *বিদ্যা*, ১৮৯১।

অবুঝ [স বুধ>] ১ *বি* নির্বোধ ব্যক্তি। *ওসাঁ*, ১৭৮৫; 'এখানকার লোকেরা আমাকে নিতান্ত অবুঝের মতো মনে করে।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বিণ* প্রবোধ মানে না এমন। 'বড়ো অবুঝ মন বাবা ...।' *রবীন্দ্র*, ১৯০৯। ৩ *বি* দুরন্ত তরুণ। 'ওরে সবুজ, ওরে অবুঝ, আধমরাদের ঘা মেরে তুই বাঁচা।' *রবীন্দ্র*, ১৯১৬।

অবুদ্ধি [স বুদ্ধি>] ১ *বি* কুবুদ্ধি। *ওসাঁ*, ১৭৮৫; 'অবুদ্ধির প্রভাবে স্ববুদ্ধির প্রতি আস্থা হারিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭। ২ *বিণ* নির্বোধ। *ওসাঁ*, ১৭৮৫; 'কোন অবুদ্ধি বালক পথের দিশা করতে পারেনি।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

অবুদ্ধিমান [স] *বিণ* বোকা। 'অসার, অবুদ্ধিমান, উচ্ছ্বাসসর্বস্ব তো এই ছেলেটি।' *জীবন*, ১৯৪৮।

অবুদ্ধিয়া [স অবুদ্ধি>] *বিণ* অবুঝ। 'কূপজলে ডুবি মরে অবুদ্ধিয়া নরে।' *সুলতান*, ১৭০০।

অবুদ্ধিলোক [স] *বি* বুদ্ধিহীনতা। 'লজ্জিয়াছে বাক্যের শাসন নিয়েছে অবুদ্ধিলোকে অবদ্ধ ভাষণ।' *রবীন্দ্র*, ১৯৪০।

অবুধ [স অবোধ] ১ *বিণ* অবুঝ। 'আঞ্চলত না ধরহ গুণ অবুধ।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* নির্বোধ। 'না কর আরতি এ অবুধ নহে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবুধি [স অবুদ্ধি] *বিণ* বুদ্ধিহীন। 'তবধরি অবুধি মুগুধি হম নারি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবৃত্তিভোগি [স অবৃত্তিভোগী] *বিণ* অর্থসাহায্য পায় না এমন।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'গবর্ণমেন্টের অবৃত্তিভোগি পূর্ব্ব২ পণ্ডিত।' *দর্পণ*, ১৮৩৩।

অবৃষ্টি [স] *বিণ* বৃষ্টিহীন। 'অবৃষ্টিসংরম্ভ সমারোহ।' *রবীন্দ্র*, ১৯৩১।

অবৃষ্টিসংরম্ভ [স] *বিণ* বৃষ্টির সম্ভাবনাহীন। 'আকাশে অবৃষ্টিসংরম্ভ মেঘ এবং চতুর্দিকে কোনো একটি আসন্ন প্রতীক্ষার নিস্তব্ধতা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অবৃহৎ [স] *বিণ* ক্ষুদ্র। *মানিকরাম*, ১৭৮১।

অবে *ক্রিবিণ* এখন। 'তুহুঁ মান ধএলি অবিচারে। অবে কী করব প্রতিকারে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অবেক্ষণ [স] *বি* দর্শন। 'দুই জায়া ঘরে মোর নাহী অবেক্ষণ।' *মুকুন্দ*, ১৬০০।

অবেক্ষা [স] *বি* পর্যবেক্ষণ। 'সসম্ভ্রম আদর অবেক্ষা পরিত্যাগ করিয়া অত্যালাপ ও ইতর ব্যবহার করেন না।' *অক্ষয়*, ১৮৪৯।

অবেদন [স] *বিণ* বেদনাহীন। 'অবেদন বিশ্ব, নির্লিপ্তি, রুক্ষ দ্বারে তব তৃপ্তি।' *অমিয়*, ১৯৩৯।

অবেদ্য [স] *বিণ* অবোধ্য; বুদ্ধির অগম্য। 'অবেদ্য বিস্ময় তারে ক'রে দিক অনির্বচনীয়।' *সুধীন্দ্র*, ১৯২৯।

অবেভার [স অব্যবহার] *বি* অশালীন ব্যবহার। 'কেন নির্দ্দয় হইয়া বল অবেভার।' *মালাধর*, ১৫০০।

অবেলা [স] ১ *বি* অসময়। 'অবেলায় রাখ পায় ঘুচাও বিষাদ।' *গিরিশ*, ১৮৮৭। ২ *বি* অমঙ্গলজনক সময়। 'তাহাকে অবেলা অযাত্রা প্রভৃতি ভুজুর ভয় দেখাইয়া শান্ত করিয়া রাখে।' *রবীন্দ্র*, ১৯১২। ৩ *বি* শেষ বেলা। 'অবেলায় যদি এসেছ আমার ঘরে।' *রবীন্দ্র*, ১৯২৫।

অবৈজ্ঞানিক [স] *বিণ* বিজ্ঞানসম্মত নয় এমন। 'এ মতও অবৈজ্ঞানিক ও অগ্রাহ্য।' *বঙ্কিম*, ১৮৯২।

অবৈতনিক [স] *বিণ* বিনা বেতনের। 'এইস্থানে দুইটা অবৈতনিক পাঠশালা।' *দর্পণ*, ১৮৩৬।

অবৈদিক [স] *বিণ* বেদানুসারী নয় এমন। 'বৌদ্ধধর্ম অবৈদিক ধর্ম।' *প্রমথ*, ১৯১৫।

অবৈধ [স] ১ *বিণ* বৈধ নয় এমন। 'অবৈধ পাণিগ্রহণের ফল কেবল দম্পতীর দুঃখ ভোগ মাত্রে পর্য্যাপ্ত হয় না।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বিণ* নিষিদ্ধ। 'যদি অবৈধ অপবিত্র আমোদ হইত ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বিণ* বেআইনী। 'উনপঞ্চাশ পবনের চপেটাঘাতকে, বৈধ বা অবৈধ আন্দোলনের দ্বারা ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ৪ *বিণ* অসমীচীন। 'অন্তস্বর লোক করা অবৈধ হবে বলে মনে করি।' *রবীন্দ্র*, ১৯১০।

অবৈধ্য [স অবধ্য] *বিণ* বধ করা যায় না এমন। 'অবৈধ্য ব্রাহ্মণ জাতি কি করিব তোকে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অবৈয়াকরণ [স] *বিণ* ব্যাকরণ জ্ঞানহীন। 'মাসেক না চাহিলে হয় অবৈয়াকরণ।' *বৃন্দা*, ১৫৮০।

অবৈষ্ণব [স] *বিণ* বৈষ্ণব নয় এমন। 'সহজেই অবৈষ্ণব রামচন্দ্র খান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অবৈস্য [স অবশ্য] *ক্রিবিণ* নিশ্চিতভাবে। 'আহুতিলে অবৈস্য করিতে চাহি রন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অবৈহিত [স] *বিণ* অবৈধ। 'অবৈহিত ধন ও উৎকোচ।' *দর্পণ*, ১৮৩২।

অবোধ [স] ১ *বিণ* অশিক্ষিত। 'মিশ্র বলে তুমি তো অবোধ বিপ্রসুতা।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* নির্বোধ। 'সে তোমাকে অবোধজ্ঞান করিয়া অবশ্যই বলে তাহার মূল্য একটা কলিকার তুল্য নহে।' *ভবানী*, ১৮২৩। ৩ *বি* মূর্খ। 'কএক জন অবোধ এবং কএক জন ধনহীন কেহ বা তাঁহার অধীন ঐ মতাবলম্বী হইল।' *দর্পণ*, ১৮৩১। ৪ *বিণ* বোধগম্য নয় এমন। 'কষ্টিপাথরের সেই ছেলেবেলা, অবোধ আড়াল।' *শক্তি*, ১৯৬৯।

অবোধগম্য [স] *বিণ* বোধগম্য নয় এমন। 'নবকুমারের অবোধগম্য কোন উপায়ে একখণ্ড কাষ্ঠে অগ্নি জ্বালিত করিল।' *বঙ্কিম*, ১৮৬৬।

অবোধতা [স] *বি* অজ্ঞানতা। 'জ্ঞানের উন্মীলন হইলে অবোধতা দূর হইবে।' *দর্পণ*, ১৮৩১।

অবোধতাসূচক [স] *বিণ* অবোধ্য। 'আমরা তাঁহারদের কিছু অবোধতাসূচক উক্তি প্রকাশ করিলাম।' *দর্পণ*, ১৮৩৩।

অবোধসম [স] *বিণ* নির্বোধের ন্যায়। 'রব অবোধসম।' *রবীন্দ্র*, ১৯১৪।

অবোধা [স অবোধ>] *ক্রি* অবোধের মতো করা। 'আমি কি এমন বাক্যে অবোধিয়ে ভুলি।' *মানিকরাম*, ১৭৮১।

অবোধিনি [স অবোধিনী, সম্বোধনে ই-কার] *বিণ* স্ত্রী অবোধ। 'প্যারি, প্রেমময়ি, অবোধিনি!' *দীনবন্ধু*, ১৮৭৩।

অবোধিয়া [স অবোধ>] *বিণ* বোধহীন। 'অবোধিয়া জরাসন্দ মহাসন্য লইল।' *মালাধর*, ১৫০০।

অবোধ্য [স] *বিণ* দুর্বোধ্য। 'সেটা ... বক্তৃতার চেয়েও অবোধ্য হয়ে উঠেছিল।' *রবীন্দ্র*, ১৯২৮।

অবোল [অ+হি বোল] *বি* কুকথা। 'অবোল বুলিতে তাক নাহিঁ কিছু ভএ।' *বড়ু*, ১৪৫০।

অবোলা [অ+হি বোল>] ১ *বিণ* স্ত্রী অসহায়। 'তেঞি যে অবোলা নারী।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বিণ* বাকশক্তিহীন। 'অবোলা দুর্বল জীব প্রাণভয়ে কাঁপে থরথর।' *রবীন্দ্র*, ১৮৯০। ৩ *বি* বোল বা বাক্য নেই যার। 'ও ভিখারির ধন, ও অবোলার বোল।' *রবীন্দ্র*, ১৯১১।

অবজ্ঞেকসন [ই] *বি* আপত্তি। 'এতে দেখছি কারো অবজ্ঞেকসন নাই।' *মাইকেল*, ১৮৬০।

অব্দ [স] *বি* বৎসর। 'এই মতে একাদশ অব্দ গঞি গেল।' *আলাওল*, ১৬৮০।

অব্দি [স অবধি] *অব্য* পর্যন্ত। 'এমন মাড়োয়াড়ি অব্দি নেই।' *জীবন*, ১৯৩২।

অব্ধি [স অবধি] *বি* সমুদ্র। 'একে একে পার হয়ে সপ্ত অব্ধি, চলিলা মরুৎকুলনিধি অবিশ্রান্ত।' *মাইকেল*, ১৮৬০।

অব্বর [স অভ্র] *বি* অভ্র। 'প্রথমে কাগজের ও অব্বরের হাত ঝাড়।' *হুতোম*, ১৮৬১।

অব্যক্ত [স] ১ *বিণ* গোপন। 'অব্যক্ত হইয়া কৃষ্ণ অর্জ্জুন সংহতি।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বিণ* অর্থহীন। 'কেবল এক প্রকার অব্যক্ত শব্দ ও চীৎকার করে।' *বিদ্যা*, ১৮৫১। ৩ *বি* বলা হয়নি যা। 'অব্যক্ত থেকে ব্যক্তি, অসমাপ্ত থেকে সমাপ্তি।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৪ *বিণ* অস্পষ্ট। 'অব্যক্ত ধ্বনির পুঞ্জ অন্ধকারে উঠেছে গুমরি।' *রবীন্দ্র*, ১৯১৫।

অব্যক্তকণ্ঠ [স] *বি* অস্ফুট স্বর। 'বিছানার উপরে পড়িয়া অব্যক্তকণ্ঠে কাঁদিতেছে।' *রবীন্দ্র*, ১৯০২।

অব্যক্তব্য [স] *বি* প্রকাশ করার মতন নয় এমন বিষয় বা কথা। 'ব্যক্তব্য এবং অব্যক্তব্য উভয়ই তিনি স্বকৃত নাটকমধ্যগত করিয়াছেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

অব্যক্তস্বর [স] *বি* অস্পষ্ট বাক্য। 'সে অব্যক্তস্বরে কহিল।' *শরৎ*,

AMARBOI.COM

১৯১৭।

অব্যক্তি [স] *বি* অপ্রকাশ। 'অব্যক্তির শবাচ্ছাদে দুরাশার কঙ্কাল আবরে।' *সুধীন্দ্র*, ১৯২৭।

অব্যক্তিক [স] *বিণ* ব্যক্তিনিরপেক্ষ। 'সরকারের অব্যক্তিক উদ্যমের দ্বারা।' *রবীন্দ্র*, ১৯০৫।

অব্যতিরিক্ত [স] *বিণ* তুলনামূলক বড়ো। 'আত্মহৃদয় হইতে অব্যতিরিক্ত মনে করিতে লাগিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

অব্যবচ্ছেদ [স] *বিণ* সাবলীল। 'ভাষার অনাবিল ভাব, অব্যবচ্ছেদ গতি ও বর্ণনা কৌশলে ঈরাণীকুঞ্জ মনে পড়ে।' *হেলেতান*, ১৯২৪।

অব্যবধান [স] *বি* ব্যবধানহীনতা। *সেবধি*, ১৮৩৯।

অব্যবসায়ী [স] ১ *বি* ব্যবসায়ী নয় এমন ব্যক্তি। 'ব্যাপারটা কী তাহা আমার মতো অব্যবসায়ীর পক্ষে বোঝা এবং বোঝানো শক্ত।' *রবীন্দ্র*, ১৮৯৮। ২ *বিণ* অনভিজ্ঞ। 'আমি সমাজসংস্কার ব্যাপারে অব্যবসায়ী।' *প্রমথ*, ১৯১৪।

অব্যবস্থ [স] *বিণ* অস্থির। 'অব্যবস্থ মন কি করে একাগ্র হবে।' *অচিন্ত্য*, ১৯৫০।

অব্যবস্থচিত্ততা [স] *বি* অস্থিরমতিত্ব। 'বুদ্ধিজীবীদের এই অব্যবস্থ-চিত্ততা সম্বন্ধে পূর্ববাংলার, বোধহয় সবচেয়ে সাহসী, সংস্কৃতিসেবী ...।' *মুরশিদ*, ১৯৭১।

অব্যবস্থা [স] ১ *বি* অসন্তোষজনক বন্দোবস্ত। 'আমার পিতার কাছে অব্যবস্থা হইবে তবে আর কোথায় সুব্যবস্থা হয়।' *দর্পণ*, ১৮২১। ২ *বি* বিশৃঙ্খলা। 'এই দ্বন্দ্ব অশান্তি অব্যবস্থা ও দুর্বলতার কারণ।' *রবীন্দ্র*, ১৯০৫। ৩ *বি* অরাজকতা। 'এখন যা চলছে তার নাম অব্যবস্থা।' *অন্নদা*, ১৯৩৭। ৪ *বি* অনিয়ম। 'ক্যান্টিনে নানা অব্যবস্থা।' *বেগম*, ১৯৭০।

অব্যবস্থিত [স] ১ *বিণ* চঞ্চল। 'বেঙেরা, যাহাদিগের জাতি অস্থির, অধৈর্য্য এবং অব্যবস্থিত।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* বিশৃঙ্খল। 'মহাশয় তাঁহার অব্যবস্থিত গৃহ পরিষ্কৃত ও সজ্জিত করিবার নিমিত্ত নানা ...। *রবীন্দ্র*, ১৮৭৭। ৩ *বিণ* অদম্য। 'অব্যবস্থিত ইচ্ছাশক্তির বড়ো একটা প্রভাব আকর্ষণ আছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অব্যবস্থিতচিত্ত [স] ১ *বিণ* অস্থির। 'পত্তর স্বভাব প্রাপ্ত হইয়া নিতান্ত অব্যবস্থিত-চিত্ত হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৫০। ২ *বিণ* অস্থিরচিত্ত। 'আমরা যে কতদূর অব্যবস্থিতচিত্ত হয়ে পড়েছি তার প্রমাণ।' *প্রমথ*, ১৯২০।

অব্যবস্থিতচিত্ততা [স] *বি* অস্থিরচিত্ততা। 'সীতার পরিগ্রহণ করবার সিদ্ধান্তকে রামের অব্যবস্থিতচিত্ততা সাব্যস্ত করে।' *মুখলেস*, ১৯৭০।

অব্যবহার [স] ১ *বি* অনাচার। 'তোমা বিদ্যমানে কেন হেন অব্যবহার।' *মালাধর*, ১৫০০। ২ *বি* অপপ্রয়োগ। 'সৃষ্টিশক্তির এমন চরম অব্যবহার আর অপচয়ের জন্যে কত আফশোস করে মরেছি।' *নরেন্দ্র*, ১৯৫৬।

অব্যবহার্য, অব্যবহার্য্য [স] ১ *বিণ* ব্যবহারের অনুপযোগী। 'আমাকে অব্যবহার্য্য করিবে।' *দর্পণ*, ১৮২০। ২ *বিণ* ব্যবহার করা অনুচিত এমন। 'পুরুষেরা তাহা আপনাদের অনুপযোগী ও অব্যবহার্য্য বলিয়া জ্ঞান করিত।' *অক্ষয়*, ১৮৪৭। ৩ *বিণ* অচল। 'কে বলিতে পারে, সভ্যাভিমানী ইউরোপীয়দিগের বর্ত্তমান নিয়মসমূহ সময়ে অব্যবহার্য্য হইবে না।' *তত্ত্বলুক*, ১৮৭৪।

অব্যবহিত [স] ১ *বিণ* ব্যবধানহীন। 'উক্ত রূপান্তর প্রকাশানন্তর পাঠকবর্গের নিশ্চয় সন্তোষকর হইবেক যেহেতুক অব্যবহিত পুরা মুদ্রাঙ্কিত গ্রন্থদ্বয়ে ...।' *দর্পণ*, ১৮৩০। ২ *বিণ* স্বল্প। 'সন্ধ্যার অব্যবহিত পরেই বৈঠকখানায় আসিয়া থাকেন।' *দর্পণ*, ১৮২১। ৩ *বিণ* ঠিক। 'ইহার অব্যবহিত উত্তরপ্রান্তে গগনচুম্বী ... কারাকোরামনাম্নী শাখা অবস্থিতা।' *অক্ষয়*, ১৮৫৪। ৪ *বিণ* যথাযথ। 'তাহার যেন অব্যবহিত স্পর্শ পাওয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অব্যবহিত পরে *ক্রিবিণ* ঠিক পরক্ষণে। 'সন্ধ্যার অব্যবহিত পরেই বৈঠকখানায় আসিয়া থাকেন।' *দর্পণ*, ১৮২১।

অব্যবহিতপূর্ব [স] *ক্রিবিণ* ঠিক আগে। 'স্নানের অব্যবহিত পূর্বেই আমাদের শরীরের মধ্যে ভৌতিক বারণশক্তির উত্তেজনা হয়।' *রবীন্দ্র*, ১৯০৭।

অব্যভার [স অব্যবহার] *বি* অভদ্রতা। 'সবে একখানি করিয়াছ অব্যভারে।' *বৃন্দা*, ১৫৮০।

অব্যভিচারী [স] *বিণ* অবিচ্যুত। 'অব্যভিচারী দায়িত্ববোধ আর তারই সঙ্গে... পরিবেশের... অনুকূলতা।' *শিব*, ১৯৫৬।

অব্যয় [স] ১ *বিণ* অশেষ। 'আচার্য্যগোসাঞির ভাণ্ডার অক্ষয় অব্যয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* (ব্যাকরণ) বাক্যে ব্যবহারের সময়ে যে পদের কোনো রূপান্তর হয় না। 'প্রশ্নসূচক অব্যয় সম্বন্ধে পূর্বেই আলোচনা করেছি।' *রবীন্দ্র*, ১৯৩৮। ৩ *বিণ* অনন্ত। 'অব্যক্তের অব্যয় আবাসে।' *মণীশ*, ১৯৩৯। ৪ *বিণ* কালজয়ী। 'রয়েছে অব্যয় ছবি তিন জন চার জন একান্ত শিল্পীর।' *জীবন*, ১৯৪০।

অব্যয়ধ্বনি [স] *বি* আবেগপ্রকাশক ধ্বনি। 'চারিদিক থেকে মাঝে-মাঝেই শিস, চীৎকার, অব্যয়ধ্বনি, উৎসাহদান উত্থিত হতে লাগলো।' *মান্নান*, ১৯৬৮।

অব্যয়ীভাব [স] *বি* ক্ষয়হীনতার প্রবণতা। 'শক্তির অব্যয়ীভাবে তুল্যমূল্য ঘাত-প্রতিঘাত।' *সুধীন্দ্র*, ১৯৪১।

অব্যর্থ [স] ১ *বিণ* লক্ষ্যভ্রষ্ট হয়নি এমন। 'ধনুর্বাণ অব্যর্থ দ্বিরদ সৈন্য ভেদি।' *আলাওল*, ১৬৮০। ২ *বিণ* অমোঘ। 'আমরা পুনঃপুনঃ তাঁহার অব্যর্থ আজ্ঞা অবহেলন করিয়া ...।' অক্ষয়, ১৮৫০। ৩ *বিণ* কখনো বিফল হয় না এমন। 'একেবারে একটা ব্রহ্ম অস্ত্র অব্যর্থ সন্ধানে ত্যাগ করুন দেখি।' *উমেশ*, ১৮৫৭। ৪ *বিণ* নিশ্চিতভাবে কার্যকর। 'ফুল-উঠে-যাওয়া-নিবারক অব্যর্থ ওষুধ রয়েছে।' *রবীন্দ্র*, ১৮৮০। ৫ *বিণ* স্থিরলক্ষ্য। 'সঁপিয়া অব্যর্থ গতি সহস্র চেষ্টায় এক নিত্য ভক্তিবলে।' *রবীন্দ্র*, ১৯০০। ৬ *বিণ* লক্ষ্যভেদী। 'অব্যর্থ বাণের ন্যায় বিদ্ধ হইতে লাগিল।' *মনোরঞ্জন*, ১৯০৮। ৭ *বিণ* সার্থক। 'এতবড় অব্যর্থ ভবিষ্যদ্বাণী জীবনে আর কোনোদিন কর্ণগোচর হয় নাই।' *রবীন্দ্র*, ১৯১২। ৮ *বিণ* অনড়। 'নিয়ম একেবারে অব্যর্থ।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অব্যর্থভাবে [স] *ক্রিবিণ* কখনো বিফল হয় না এরূপে। 'স্পন্দন জাগিয়ে অব্যর্থভাবে যে স্টিমার এসেছে।' *ওয়ালী*, ১৯৬৮।

অব্যর্থ-লক্ষ্য [স] ১ *বিণ* নিশানা অনুযায়ী শিকারে ব্যর্থ হয় না এমন। 'দুঁদে ও অব্যর্থ-লক্ষ্য আলভারেজ।' *বিভূতি*, ১৯৩৭। ২ *বি* কখনো বিফল হয় না এরূপ লক্ষ্য। 'অব্যর্থলক্ষ্য শব্দটি সরাসরি চাঁদমারি বিদ্ধ করে।' *ওয়ালী*, ১৯৬৪।

অব্যর্থসন্ধান [স] *বিণ* লক্ষ্যবস্তুতে নির্ঘাৎ আঘাত হানতে সক্ষম। 'অব্যর্থসন্ধান গ্রীক বীরগণের শরাদি অস্ত্রক্ষেপে ভীত।' *অক্ষয়*, ১৮৫৪।

অব্যহার [স অব্যবহার] *বি* অনাচার। 'অব্যহার জত কর কহিতে না জাই।' *মালাধর*, ১৫০০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অব্যাকুল [স] *বিণ* স্থির; শান্ত। 'গ্রোশ্যাসের পত্নী অব্যাকুল চিত্তে উত্তর করিলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

অব্যাকুলচিত্ত [স] *বি* দুশ্চিন্তাহীন মন। 'দুই-এক গ্রাস ঘাস পাতা ছিঁড়ে নিয়ে অব্যাকুলচিত্তে মৃদুমন্দগমনে খানিকটা দূরে সরে যায়।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অব্যাকুলিত [স] *বিণ* ব্যাকুল নয় এমন। 'অব্যাকুলিত স্থিরচিত্তে এ সকল বর্ণনা করা কাহার সাধ্য?' *অক্ষয়*, ১৮৪৮।

অব্যাখ্যাত [স] *বিণ* ব্যাখ্যা পাওয়া যাবে না এমন। 'সে দৃষ্টির অর্থ তবু অব্যাখ্যাত থেকে যাবে।' *হাসান*, ১৯৭৪।

অব্যাখ্যান [স] *বি* নিন্দা। 'অব্যাখ্যান কহিতে।' *মানোএল*, ১৭৪৩।

অব্যাঘাত [স] ১ *বি* বাধাহীন অবস্থা। 'অব্যাঘাতে ও অনাকুলিত চিত্তে এই সমস্ত বিদ্যায় কৃতকার্য হইয়াছিলেন।' *বিদ্যা*, ১৮৪৯। ২ *ক্রিবিণ* বাধাহীনভাবে। 'সুচরিতার পড়াশুনা অব্যাঘাতে চলিতেছে না।' *রবীন্দ্র*, ১৯০৯।

অব্যাজ [স] *ক্রিবিণ* অবিলম্বে। 'রিপুবধ কর অব্যাজে।' *ভারত*, ১৭৬০।

অব্যামোহী [স ব্যামোহ>] *বিণ* সহজ। *মানোএল*, ১৭৪৩।

অব্যাহত [স] ১ *বিণ* সক্রিয়। 'অন্তিম ক্ষণ পর্যন্ত তাঁহার দর্শনশক্তি অব্যাহত ছিল।' *বিদ্যা*, ১৮৪৯। ২ *বিণ* চলমান। 'অশ্রান্ত সত্যবৎ বর্ণনা করিবার অধিকার তাঁহাদের অবাধ ও অব্যাহত।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বিণ* অসীম। 'রৌদ্রালোকিত প্রাতঃকাল, মুক্ত বাতায়ন, অব্যাহত আকাশ।' *রবীন্দ্র*, ১৮৯১। ৪ *বিণ* বাধাহীন। 'দেখিতে পায় অব্যাহত স্থির।' *রবীন্দ্র*, ১৯০০। ৫ *বিণ* বজায়। 'সংসারের কল্যাণ অব্যাহত রেখে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৬ *বিণ* অপ্রতিহত। 'দরদ নাই অথচ ক্রোধ আছে এবং শক্তিও অব্যাহত।' *রবীন্দ্র*, ১৯১৭। ৭ *বিণ* প্রতিবন্ধকতাহীন। 'শূদ্রের প্রতি অধর্মাচরণ করার অব্যাহত অধিকারে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অব্যাহতভাবে [স] *ক্রিবিণ* বিরতিহীনভাবে। 'সত্যের প্রতিবিম্ব তোর ভিতরে বেশ অব্যাহতভাবে প্রতিফলিত হয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অব্যাহতি [স] ১ *বি* ক্ষমা। 'দোসে সাঁপ হৈল গোসাঞি কর অব্যাহতি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* মুক্তি। 'ঘরে বসে চিন্তে তা সভার অব্যাহতি।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'পায়ে তাহে অব্যাহতি।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* ক্ষান্তি। 'মহাবীর রণে অব্যাহতি।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* নিস্তার। 'কিন্তু দালালের অব্যাহতি নাই।' *হুতোম*, ১৮৬১। ৫ *বি* পরিত্রাণ। 'ইহা হইতে কোনোমতেই অব্যাহতি ছিল না।' *রবীন্দ্র*, ১৯১২।

অব্যাহতি পাওয়া *ক্রি* নিস্তার পাওয়া। 'আমার একটা কর্তব্যদায় হইতে অব্যাহতি পাইয়া বাঁচিলাম।' *রবীন্দ্র*, ১৮৯২।

অব্যুৎপত্তিকৃত [স] *বিণ* জ্ঞানবর্জিত। 'অব্যুৎপত্তিকৃত দোষে তার রস ফিকে, তার প্রতীয়মানতা ক্ষীণ।' *শিব*, ১৯৭৩।

অব্রণ [স] *বিণ* নিখুঁত। 'এ কল্পনা নিত্য, অজর, অব্রণ।' *শিব*, ১৯৫০।

অব্রাহ্ম [স] ১ *বিণ* ব্রাহ্ম-সমাজ ভুক্ত নয় এমন। 'লোককে যদি আপনি অব্রাহ্ম বলে দেখেন।' *রবীন্দ্র*, ১৯০৯। ২ *বি* ব্রাহ্মসম্বন্ধীয় নয় এমন। 'পৃথিবীতে কোন জিনিসটা ব্রাহ্ম এবং কোনটা অব্রাহ্ম ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

অব্রাহ্মণ [স] *বি* ব্রাহ্মণ ভিন্ন অন্য জাতি। 'ব্রাহ্মণের দোষ অব্রাহ্মণেই কহিয়া থাকে।' *দর্পণ*, ১৮৩০।

অব্রুবাণ [স] *বিণ* কথা বলতে পারে না এমন। 'যদি অব্রুবাণ সন্তানগণকে প্রতিপালন করা কর্তব্য হয় ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অভকত [স অভক্ত] *বিণ* ভক্ত নয় এমন। 'পুত্র যদি হয় শত ভক্ত কিবা অভকত ...।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অভক্ত [স] *বিণ* ভক্ত নয় এমন। 'অভক্ত উষ্ট্রের হৈথে না প্রবেশ তবে চিত্তে হয় মোর আনন্দ বিশেষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'অভক্ত সন্ন্যাসী নহে তার সমান।' *রূপরাম*, ১৭৫০।

অভক্তি [স] ১ *বি* অশ্রদ্ধা। 'অভক্তিতে বিস্তর দিলে সেই অপমান।' *মালাধর*, ১৫০০। ২ *বি* অভক্তি। 'মাহুদ্যার অভক্তিয়ে অর্ধ অঙ্গ জ্বলে।' *মানিকরাম*, ১৭৮১। ৩ *বি* বিরক্তি। 'নিজের প্রতি তাহার অভক্তি জন্মিল।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অভক্তিয়া [স অভক্তি>] *বিণ* নিন্দার্হ। *মানোএল*, ১৭৪৩।

অভক্ষ [স অভক্ষ্য] *বি* খাওয়ার অযোগ্য এমন দ্রব্য। 'মুগ্ডইল ভাঁড়ুর মুণ্ডে অভক্ষ ভরিআ ভুণ্ডে।' *মুকুন্দ*, ১৬০০।

অভক্ষ্য [স] *বি* খাওয়ার অযোগ্য বস্তু। 'অভক্ষ্য খাইল হেন জানিঅ নিশ্চএ।' *সুলতান*, ১৭০০।

অভগ্ন [স] *বিণ* ভেঙে পড়েনি এমন। 'এখনও দুই চারিটা ঘর অভগ্ন আছে।' *বঙ্কিম*, ১৮৮২।

অভঙ্গ [স] *বিণ* বিরামহীন। 'নিজেকে নিজে নিয়ে বসে রইবার একটা অভঙ্গ অবসর।' *জীবন*, ১৯৩১।

অভদ্দরলোক [স অভদ্র] *বিণ* অসভ্য। 'যে দেশের ভদ্দর লোকেরা এখনও এমন অভদ্দর।' *হুতোম*, ১৮৬১।

অভদ্র [স] ১ *বি* অশিষ্ট। 'অভদ্রের সহবাস ত্যাগ করা উচিত।' *মদনমোহন*, ১৮৪৯। ২ *বিণ* ভদ্র নয় এমন; অসভ্য। 'যাঁহাদিগকে আচরণে অভদ্র দেখিতেন ... ভদ্রলোক বলিয়া জ্ঞান করিতেন না।' *বিদ্যা*, ১৮৯১। *বিণ* অশালীন। 'আগাগোড়া এক প্রকার অভদ্র ভঙ্গি দেখা যায়।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভদ্রজনোচিত [স] *বিণ* অভদ্র ব্যক্তির উপযুক্ত। 'অভদ্রজনোচিত শব্দ প্রয়োগ করেন এবং অশোভন উক্তি করেন।' *আজাদ*, ১৯৬৫।

অভদ্রতা [স] *বি* ভদ্রতার অভাব; অসৌজন্য। 'তাহারদিগকে সেই অভদ্রতা হইতে কেন না মুক্ত কর।' *অক্ষয়*, ১৮৪৪।

অভদ্র-দর্শন [স] *বিণ* অমার্জিত। 'চোয়াড়ে চেহারার অশিক্ষিত অভদ্র-দর্শন একটি লোক।' *নরেন্দ্র*, ১৯৫৬।

অভদ্রপনা [স] *বি* অসভ্যতা। 'ফের যদি অমন অভদ্রপনা কর, তোমাকে এমন দূরে পাঠিয়ে দেব ...।' *নরেন্দ্র*, ১৯৫২।

অভদ্রোচিত [স] *বিণ* অভদ্রসুলভ। 'এরূপ জঘন্য, অশ্লীল ও অভদ্রোচিত উক্তি করাকে "চরম ধৃষ্টতা" ছাড়া আর কিই-বা বলা যাইতে পারে।' *আজাদ*, ১৯৬৫।

অভব [স] *বিণ* অজাগতিক। 'ভব মধ্যে অভব ভাবেত মনোভব।' *বাহরাম*, ১৬৫০।

অভব্য [স] *বি* অশিষ্টতা। 'ভোজরাজ অভব্য ও লজ্জাতে অধোমুখ হইয়া মৌনেতেই সম্মতি দিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

অভব্যতা [স] ১ *বি* সৌজন্যহীনতা। 'মেয়ের এই অভব্যতা দেখে মনে মনে ভারি চটলেন।' *নরেন্দ্র*, ১৯৫৫। ২ *বি* অভদ্রতা। 'তখন নিজের অভব্যতায় চকিত হয়ে উঠে সিকান্দার সাইফার দৃষ্টি অনুসরণ করে।' *মান্নান*, ১৯৬৮।

অভয় [স] ১ *বি* সাহস। 'সভাকে অভয় দিল দেব গদাধর।' *মালাধর*,

AMARBOI.COM

১৫০০। ২ *বি* অনুগ্রহ। 'দেবের অভয় তারে আছয়ে নিশ্চয়।' মুকুন্দ, ১৬০০। ৩ *বিণ* ভয়হীন। 'চারু অতি চারি কর ধরয় অভয়বর।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৪ *বিণ* ভয়মুক্ত। 'ভয় বাধা সব অভয়।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৫ *বিণ* অভয় দেয় এমন। 'অভয় চরণ কাড়লি কই?' *রবীন্দ্র*, ১৮৯০। ৬ *বি* আশ্রয়। 'ভয় হতে তব অভয় মাঝে।' *রবীন্দ্র*, ১৮৯৯। ৭ *বি* নির্ভয়তা। 'অভয় দাও তো বলি আমার উইশ কি।' *রবীন্দ্র*, ১৯০০।

অভয়-আশ্রয় [স] *বি* নিরাপদ ঠাঁই। 'ঘেরি তোরে নিত্য রাজে সেই অভয়-আশ্রয়।' *রবীন্দ্র*, ১৮৯৯।

অভয়ংকর [স] *বিণ* অভয়জনক। 'আনো অভয়ংকর শুভ বারতা।' *নজরুল*, ১৯৩১।

অভয়-কবচ [স] *বি* অভয়রূপ কবচ। 'তাহারই নিকটে মৃত্যুঞ্জয়ী অভয় কবচ আছে।' *নজরুল*, ১৯৪১।

অভয়ঙ্কর [স] *বিণ* শঙ্কাহীন। 'ছুটিতে আছিনু মাতৈ-মন্ত্রী ঘোষি অভয়ঙ্কর।' *নজরুল*, ১৯২৪।

অভয়-চিত্ত [স] *বিণ* নির্ভয় হৃদয়বিশিষ্ট। 'অভয়-চিত্ত ভাবনা-মুক্ত যুবারা, শুন!' *নজরুল*, ১৯২৮।

অভয়-তরবারি [স] *বি* যে তরবারি শত্রুভয়কে দূর করে। 'এই ভূমিকম্পের কম্পিতা ধরণিকে অভয়-তরবারি এনে সান্ত্বনা দেবে।' *নজরুল*, ১৯২৭।

অভয়দান [স] *বি* সাহস দেওয়া। 'মাজিষ্ট্রেটকে জানানোতে তিনি অভয়দান করিয়াছেন।' *সাধারণী*, ১৮৭৪।

অভয়পত্রী [স] *বি* বিশ্বস্ততা। 'আমাকে নির্বাচন করার মধ্যেই আমার সম্বন্ধে একটি অভয়পত্রী প্রচ্ছন্ন আছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভয়প্রদান [স] *বি* সাহস দেওয়া। 'তাহাকে অভয়প্রদান করিয়া তিনি বলিলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

অভয়বরদ [স] *বিণ* অভয় বরদাতা। 'অভয়বরদ অপরূপ হাত।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অভয়বাণী [স] *বি* আশ্বাসসূচক কথা। 'যুগে যুগে মহাপুরুষের কণ্ঠ হইতে যে-সকল অভয়বাণী অমৃতবাণী উৎসারিত হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অভয়-মন [স] *বি* নিঃশঙ্ক চিত্ত। 'অভয়-মনে কণ্ঠ ছাড়ি।' *রবীন্দ্র*, ১৯১৪।

অভয়মূর্তি [স] *বি* নির্ভীক রূপ। 'গম্ভীর অভয়মূর্তি মরণের/ তব কলধ্বনিমাঝে গান ঢেলে দিক তরণের।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অভয়-শঙ্খ [স] *বি* অভয়সূচক শঙ্খের ধ্বনি। 'অভয়-শঙ্খ বাজে নিখিল অম্বরে সুগম্ভীর।' *রবীন্দ্র*, ১৮৯২।

অভয়া [স] *বি* হিন্দুদেবী দুর্গা। 'জয় মা, অভয়া, জয়।' *রবীন্দ্র*, ১৮৯০; 'মা অভয়া এসেছে রে দশ হাতে তাঁর বর।' *নজরুল*, ১৯৩৫।

অভয়ে *ক্রিবিণ* নির্ভয়ে। 'যুঝিব আমরা অভয়ে।' *মাইকেল*, ১৮৬১।

অভরন, অভরণ [স আভরণ] *বি* অলংকার। 'অঙ্গে হৈতে খসিয়া পড়ে জত অভরন।' *মালাধর*, ১৫০০; 'পরিধান বাঘছাল গলাএ রঙ্গিল মাল চারি ভুজে নানা অভরণ।' মুকুন্দ, ১৬০০।

অভরস [অ+হি ভরসা>] *বি* অবিশ্বাস। 'অভরস না কর সত্য আক্ষে বুইল।' *বড়ু*, ১৪৫০।

অভরসা [অ+হি ভরসা] *বি* ভয়। 'মুই থাকিতে তোমার কিসের অভরসা।' *বিজয়*, ১৬৫০।

অভাগ [স অভাগ্য] *বিণ* ভাগ্যহীন। 'ভাবে ভণই অভাগে লই আ।' *চর্যা*, ১২০০।

অভাগতজন [স] *বি* যিনি গৃহে এসেছেন। '"এটা আপনার বাড়ি" বলার পর অভাগতজন আদেশ করবেন।' *মুজতবা*, ১৯৬০।

অভাগলি [স অভাগিনী] *বিণ স্ত্রী* ভাগ্যহীন। 'মোয়েঁ অভাগলি নহি জানল রে সঙ্গহি জইতঁহ সেহ দেস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অভাগা [স] ১ *বিণ* হতভাগ্য। 'অভাগা উদ্যোদওয়ারেরা যে যত টাকা আনিয়াছিলেন তাহা খরচ করিলেন।' *দর্পণ*, ১৮২১। ২ *বিণ* নিন্দুক। 'অভাগা মাগীগুলা কতই কয়; এত কি প্রাণে সয়।' *ভবানী*, ১৮২৮। ৩ *বিণ* দুর্ভাগা। 'অভাগা দেশের হইবে কি!' *দ্বিজেন্দ্র*, ১৯০০। ৪ *বিণ* ভাগ্যহীন। 'যদি কেউ কথা না কয় ওরে ওরে ও অভাগা!' *রবীন্দ্র*, ১৯০৫।

অভাগি [স অভাগী] *বিণ স্ত্রী* হতভাগ্য। 'পাসরিলে অভাগি খুল্লনি।' *মুকুন্দ*, ১৬০০।

অভাগিনি [স অভাগিনী] *বিণ স্ত্রী* ভাগ্যহীন। 'অভাগিনি নারি আমি গোসাঞি বঞ্চিল।' *মালাধর*, ১৫০০।

অভাগিনী [স] ১ *বি স্ত্রী* হতভাগা। 'মুঞি অভাগিনীর এইমাত্র দরশন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'এথ দুঃক্ষ পাই মুই দিমু অভাগিনী।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বিণ* ভাগ্যহীনা। 'কেন এলে অভাগিনী রমণীর কোমল হৃদয়ে।' *রবীন্দ্র*, ১৮৯০। ৩ *বিণ স্ত্রী* দুর্ভাগা। 'পিতা কন্যার বিবাহের পণ সম্বন্ধে কোনো ত্রুটি করিলে অভাগিনী কন্যাকে তাহার জন্য বিস্তর লাঞ্ছনা ভোগ করিতে হয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভাগিয়া [স অভাগ্য] ১ *বিণ* হতভাগ্য। 'আবদুল্লাহ্ দিনার ছিল বড় অভাগিয়া।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* অভাবগ্রস্ত যে। 'বেচিয়া খাইলে গিধি বড় অভাগিয়া।' *গরীব*, ১৭৬৫।

অভাগী [স] ১ *বিণ স্ত্রী* হতভাগা। 'রাজা যদি বধে/ শুনিয়া কেমতে/ জীবেক বিদ্যা অভাগী।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বিণ স্ত্রী* ভাগ্যহীন। 'অপরাধ ক্ষেমা কর অভাগী দেখিয়া।' *রূপরাম*, ১৭৫০।

অভাগ্য [স] ১ *বিণ* হতভাগ্য; ভাগ্যহীন। 'অভাগ্য করিয়া মানে আপন জিবন।' *মালাধর*, ১৫০০। ২ *বি* দুর্ভাগা। 'আমি অভাগ্য এনেছি বহিয়া নয়নজলে ব্যর্থ সাধনখানি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অভাজন [স] ১ *বিণ* হতভাগ্য। 'আমি অভাজন না কইল পালন ছাগল রাখিলে বনে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* শ্রদ্ধার অযোগ্য। 'জায়া হয়্যা হইল অভাজন।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* অবাধ্য। 'অভাজন পুত্র হইলে ছাড়ে বাপ মায়।' *বিজয়*, ১৬৫০। ৪ *বিণ* তুচ্ছ। 'তুচ্ছি ভাগ্যধর আচ্ছি নহি অভাজন।' *আলাওল*, ১৬৮০। ৫ *বি* সাধারণ মানুষ। 'আমি অভাজন, বক্তৃতা দিয়ে রাষ্ট্রমঞ্চে দাঁড়িয়ে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অভাব [স] ১ *বি* অনস্তিত্ব। 'ভাব ন হোই অভাব ণ জাই।' *চর্যা* ২৯, ১২০০। ২ *বি* অনটন। 'লোকেরা অত্যন্ত অভাব বা কোন আপদে পড়িলে ... ধার করে।' *সত্যার্ণব*, ১৮৫৫। ৩ *বি* শূন্যতা। 'তাতে কেবল আমারই অভাবের অভাব প্রকাশ পায়।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৪ *বি* অপ্রেম। 'মানুষের যদি এইরূপ ভাবের দ্বারা অভাব ঢাকিবার ক্ষমতা না থাকিত তবে এতদিনে সে পশুর অধম হইয়া যাইত।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অভাব অনটন [স] *বি* দারিদ্র্য। 'অভাব অনটন সমস্ত সংসারকে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গিলে ধরেছে।' *নরেন্দ্র*, ১৯৪৫।

অভাব-অভিযোগ [স] **১** *বি* আর্থিক টানাটানি ও অসুবিধা। 'তখন গ্রামের লোকদের অভাব-অভিযোগ ... নিত্য চোখের সম্মুখে দেখে ...।' *রবীন্দ্র*, ১৯৩৫। *বি* দারিদ্র্য। 'সাময়িক অভাব-অভিযোগ মিটবে।' *বেগম*, ১৯৪৭। **২** *বি* চাহিদা। 'মেয়েদের সুখসুবিধা, অভাব-অভিযোগ মেয়েরাই ভাল বোঝেন।' *বেগম*, ১৯৪৮।

অভাব-ক্লিষ্ট [স] *বিণ* অভাবে জর্জরিত। 'বলো বেদনাতুর অভাব-ক্লিষ্ট নর-নারী।' *নজরুল*, ১৯২৭।

অভাবগ্রস্ত [স] *বিণ* দরিদ্র। 'যাহাতে অভাবগ্রস্ত লোকদিগকে কৃষিঋণ, টেষ্টরিলিফ ইত্যাদি দেওয়ার ব্যবস্থা হয়।' *জামায়াত*, ১৯৩৯।

অভাবগ্রস্তা [স] *বিণ স্ত্রী* দরিদ্র। 'যে-শ্রেণীতেই থাকুক তারা সমানভাবে অভাবগ্রস্তা।' *সিরাজুল*, ১৯৭৪।

অভাব-ছোঁওয়া *বিণ* অভাবী। 'অভাব-ছোঁওয়া সংসারে এই মূক পশুরাই তাহাদের সম্বল।' *শওকত*, ১৯৫৮।

অভাবজনিত [স] *বিণ* অভাবের কারণে উদ্ভূত। 'তাহার রবিপ্রকাশের অভাবজনিত কোন অসুবিধা অস্বচ্ছন্দই ভোগ করে না।' *অক্ষয়*, ১৮৫৪।

অভাবজীর্ণ [স] *বিণ* দৈন্যজীর্ণ। 'এই অপরিচ্ছন্ন মলিন অভাবজীর্ণ অকিঞ্চনতার মধ্যে কিছুতেই ...।' *রবীন্দ্র*, ১৯৩৪।

অভাবতঃ [স] *ক্রিবিণ* স্বাভাবিকভাবে। 'সুরাণী সকল গণিলে অভাবতঃ ২৪টি সুর হয়।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অভাবতাড়িত [স] *বি* দৈন্যপীড়িত। 'আত্মার তৃপ্তিকর কর্ম, কিন্তু অভাবতাড়িতের কর্ম নয়।' *রবীন্দ্র*, ১৯১৬।

অভাবত্রুটি [স] *বি* অভাবজনিত দুর্বলতা। 'অভাবত্রুটি সত্ত্বেও আমাদের আত্মসম্মানের পথ খুলে দিয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অভাব-দস্যু [স] *বি* অভাবরূপ ডাকাত। 'অভাব-দস্যু স্বেচ্ছায় ঘরে সব লুণ্ঠন করে।' *জসীম*, ১৯৫১।

অভাবপূরণ [স] *বি* অভাব নিরসন। 'অভাবপূরণ করিয়া লইবার জন্য ... আসিত।' *রবীন্দ্র*, ১৯১২।

অভাববশত [স] **১** *ক্রিবিণ* আর্থিক অনটনের কারণে। 'যদি কোনো বিষয়ে কিছু ত্রুটি ঘটিত তবে সেটা যে অভাববশত ঘটিয়াছে সে কথা তিনি কোনোমতেই ...।' *রবীন্দ্র*, ১৯১১। **২** *ক্রিবিণ* স্বল্পতার কারণে। 'জ্ঞানের অভাববশত আমরা ইউরোপীয় সাহিত্যে ...।' *প্রমথ*, ১৯১৪।

অভাববোধ [স] *বি* অভাবের অনুভূতি। 'যাহাদের অভাববোধ অল্প, যাহারা আপনার চারিদিকের অবস্থার সহিত সম্পূর্ণ বনিবনাও করিয়া থাকিতে পারে ...। *রবীন্দ্র*, ১৮৯২।

অভাবমুক্ত [স] *বিণ* সচ্ছল। 'অভাবমুক্ত, প্রসন্নচিত্ত মুসলমানের বুকে কোনো বেদনার সঞ্চার হইতেছে কিনা।' *জয়ন্তী*, ১৯৪৫।

অভাবমোচন [স] *বি* অভাব দূরীকরণ। 'নিজের দেশের অভাবমোচন ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

অভাবহরা [স] *বিণ* অভাব দূরকারী। 'মা'র আঁচলের পরশ যেন সকল অভাব-হরা।' *জসীম*, ১৯৫১।

অভাবহেতু [স] *ক্রিবিণ* অভাবের কারণে। 'নিরাপত্তার অভাবহেতু অসভ্যদের ভেবে-চিন্তে চলার সময় নেই।' *মোতাহের*, ১৯৫০।

অভাবাত্মক[১] [স অভাব+আত্মক] *বিণ* নেতিবাচক। 'এমন একটা অভাবাত্মক গুণসমষ্টির সম্বন্ধে যদি প্রশ্ন করা যায়।' *রবীন্দ্র*, ১৮৮২।

অভাবার্থক [স অভাব-অর্থক] *বিণ* নেতিবাচক। 'এই দিকটা অভাবার্থক, এই দিকে তার ক্ষতির বিভাগ।' *রবীন্দ্র*, ১৯০৭।

অভাবার্থসূচক [স অভাব-অর্থ-সূচক] *বিণ* নাস্তি নির্দেশক; না-বাচক। 'ই উ যফলা ঝফলা ক্ষ পরে থাকিলেও অভাবার্থসূচক অ-এর বিকার হয় না।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভাবী [স] *বিণ* অভাবগ্রস্ত। 'ওরা অভাবী লোক।' *বিভূতি*, ১৯৩১।

অভাবনীয় [স] **১** *বিণ* ভাবা যায় না এমন। 'এমন অঘ্রাদজনক অভাবনীয় বিষয়ে কোলাকুলি করি।' *তারিণী*, ১৮০৩। **২** *বিণ* কল্পনাতীত। 'অভাবনীয় লাবণ্য বিস্ফুরিত হইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯২। **৩** *বিণ* অপ্রত্যাশিত। 'অভাবনীয় লোকসমাগম দেখিয়া গৃহস্বামীর বুক দমিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০০। **৪** *বি* ভাবনাতীত বিষয়। 'এমন নিবিড় করে অভাবনীয়কে এত কাছে পাওয়া যাবে না।' *রবীন্দ্র*, ১৯২৮।

অভাবনীয়তা [স] *বি* ভাবা যায়নি এমন অবস্থা। 'হাস্যরসের প্রধান দুটি উপাদান, অবাধ দ্রুতবেগ এবং অভাবনীয়তা।' *রবীন্দ্র*, ১৯০৭; 'কোনো অভাবনীয়তা নেই।' *শামসুল*, ১৯৫৬।

অভাবাত্মক[২] [অ+স ভাবাত্মক] *বিণ* ভাবের অভাবসূচক। 'প্রেম-পদার্থটি ভাবাত্মক, অভাবাত্মক নহে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভাবার্থক, অভাবার্থসূচক দ্র অভাব

অভাবিত[১] [স] **১** *বি* ভাবা হয়নি যা। 'নইলে অভাবিতের দেখা ঘটত না তো কোনোমতে।' *রবীন্দ্র*, ১৯১৪। **২** *বিণ* অপ্রত্যাশিত। 'কেন দয়িতের মিনতিকে অভাবিত উচ্চহাস্যে ...।' *রবীন্দ্র*, ১৯২৯। **৩** *বিণ* ভাবা হয়নি এমন। 'পরিচয়ধারা-মাঝে তরঙ্গিয়া অপরিচয়ের অভাবিত রহস্যের ভাষা।' *রবীন্দ্র*, ১৯৪১।

অভাবিতপূর্ব, অভাবিতপূর্ব্ব [স] **১** *বিণ* পূর্বে ভাবা হয়নি এমন। 'ইহা মহেন্দ্রের পক্ষে অভাবিতপূর্ব।' *রবীন্দ্র*, ১৯০২; 'তাহা বাংলার ইতিহাসে অভাবিতপূর্ব্ব বলা যাইতে পারে।' *আজাদ*, ১৯৪২। **২** *বিণ* অপ্রত্যাশিত। 'পাছে পিছনের দিক হইতে অভাবিতপূর্ব একটা কিছু ঘটে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অভাবী দ্র অভাব

অভাব্য [স] *বিণ* অপ্রত্যাশিত। 'মহাকাব্য সেই অভাব্য দুর্ঘটনায়।' *রবীন্দ্র*, ১৯০০।

অভালবাসা [স] *বি* ভালোবাসাহীনতা। 'অবিচার, অভালবাসা যদি শুকিয়ে যায়।' *জীবন*, ১৯৪৮।

অভালবাসিত [স] *বিণ* কারো ভালোবাসা পায়নি এমন। 'অভালবাসিত, বিড়ম্বিত মানুষ।' *জীবন*, ১৯৪৮।

অভাষিক [স] *বি* যার এখনো ভাষা ফোটেনি। 'হে অভাষিক, হে আধুনিক, এই আমার বুঝতে-পারা-ভাষার সহজ সীমানা থেকেই ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

অভিকর্তা [স] *বি* অভিভাবক। 'অন্নদাতা অভিকর্তা আমার আপনি।' *মানিকরাম*, ১৭৮১।

অভিক্রম [স] *বি* অগ্রগতি। 'সরল হইতে ক্রমে দুরূহে অধিরোহণ করাই শিক্ষার অভিক্রম।' *রবীন্দ্র*, ১৯২০।

অভিক্ষেপ [স] *বি* গতিপথ। 'জমাট মেঘ উড়ে এল, যার অভিক্ষেপগুলো কৌণিক ও তীক্ষ্ণ।' *ওয়ালী*, ১৯৪৩।

অভিখ্যা [স] *বি* উপাধি। 'নিজেকে তরুণ বলে অভিখ্যা দিলে।' *অচিন্ত্য*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৫০।

অভিগত [স] *বিণ* সন্নিহিত। 'কেহই আমার নয়। আমি কার অভিগত রেখা?' *শক্তি*, ১৯৬১।

অভিগমন [স] *বি* সম্মুখে গমন। 'ঘোটকীরা যেমন যুদ্ধে যায় তদ্রূপ এই বায়ুর প্রতি অভিগমন করে।' *অবন*, ১৯২৫।

অভিগ্রস্ত [স] *বিণ* আক্রান্ত। 'অভিগ্রস্ত তার পদশব্দ শোনা যায়।' *শামসুল*, ১৯৬৯।

অভিঘাত [স] **১** *বি* আঘাত। 'ঘৃণার অভিঘাত পাইয়া তাহার মনে ...।' *রবীন্দ্র*, ১৯০২। **২** *বি* আক্রমণ। 'বর্বর জাতির অভিঘাতে তাহা ভাঙিয়া টুকরা হইয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৫। **৩** *বি* বিনাশ। 'অপরাধের অভিঘাত ব্যতীত মঙ্গল তাহার শাশ্বত দীপ্তি ও শক্তি লাভ করে না।' *রবীন্দ্র*, ১৯০৭।

অভিচার [স] *বি* নিজের কল্যাণ এবং অন্যের অকল্যাণ সাধনের তান্ত্রিক প্রক্রিয়া। 'ব্রহ্ম-পরিমর-কর্ম প্রভৃতি অভিচারের দ্বারাই সে কামনা সিদ্ধ হত।' *প্রমথ*, ১৯১৫।

অভিচারী [স] *বিণ* অনিষ্টকারী। 'অভিচারী বাতাসে বুক লবণ-বিলুণ্ঠিত হলে আবার আমার কাছে।' *জীবন*, ১৯৪০।

অভিজাত [স] **১** *বিণ* সশ্রদ্ধ। 'তাঁহাকে অভিজাতপ্রণাম করিল।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বিণ* আভিজাত্যবিশিষ্ট। 'প্রাচীন অভিজাত শব্দ বাংলাদেশে অপরিচিত।' *রবীন্দ্র*, ১৯০৮। **৩** *বি* বনেদি বংশে জাত ব্যক্তি। 'রাজা বল, পণ্ডিত বল, অভিজাত বল।' *রবীন্দ্র*, ১৯১৬। **৪** *বিণ* বিদগ্ধ। 'তাঁর অভিজাত মনের অনন্যতা, গাঁথা হয়েছে উজ্জ্বল ভাষার শিল্পে।' *রবীন্দ্র*, ১৯৪১।

অভিজাততন্ত্র [স] *বি* সর্বোত্তমের দ্বারা শাসন। 'যেমন রাজনীতিক্ষেত্রে অভিজাততন্ত্র এবং গণতন্ত্র।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

অভিজাতবংশীয় [স] *বিণ* বনেদি বংশের। 'তখন অভিজাতবংশীয় মুসলমানেরা ধর্মনিষ্ঠ হিন্দুকে শ্রদ্ধা করত।' *রবীন্দ্র*, ১৯৪১। 'আমি প্রাচীন অভিজাতবংশীয়।' *বিভূতি*, ১৯৩৮।

অভিজাতসুলভ *বিণ* আভিজাত্যোচিত। 'এমন অভিজাতসুলভ ঔদাসীন্যভরে দিলে যে, কিসমিসকুমারী আত্মহারা হয়ে গেলেন।' *বনফুল*, ১৯৩৬।

অভিজিৎ [স] *বি* নক্ষত্রবিশেষ; ভেগা নক্ষত্র। 'কালপুরুষ অভিজিৎ সিরিয়াস যেন লণ্ঠন।' *জীবন*, ১৯৪৮।

অভিজ্ঞ [স] **১** *বিণ* প্রত্যক্ষ জ্ঞানের অধিকারী। 'বিষয়কার্যে সেরূপ অভিজ্ঞ ও অনুরক্ত নহেন।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বিণ* জ্ঞানী। 'সে ব্যক্তি বনচারী সিংহ ও শাখারূঢ় বিহঙ্গ অপেক্ষায় অধিক অভিজ্ঞ নয়।' *অক্ষয়*, ১৮৫৪। **৩** *বিণ* বিশেষজ্ঞ। 'নানাভাষা ও কলায় অভিজ্ঞ ব্যক্তি দূত পদে প্রতিষ্ঠিত হইতেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **৪** *বিণ* বহুদর্শী। 'স্বদেশ সম্বন্ধে অভিজ্ঞ বৃদ্ধদের কাছে তাহারা পরামর্শ চায় না।' *রবীন্দ্র*, ১৯০০। **৫** *বিণ* ঝানু। 'যে লোক পাটের অভিজ্ঞ যাচনদার সে রসসিক্ত পাট চায় না।' *রবীন্দ্র*, ১৯০২। **৬** *বিণ* হাতেকলমে পূর্বজ্ঞান আছে এমন। 'যাঁরা অভিজ্ঞ গ্রামের রোগ নিবারণ কাজে তাঁহারা সহায়তা করুন।' *রবীন্দ্র*, ১৯২৩।

অভিজ্ঞতা [স] **১** *বি* প্রত্যক্ষ সংযোগের মাধ্যমে অর্জিত জ্ঞান। 'গ্রন্থকারের অভিজ্ঞতা এবং সহানুভূতি পূর্ণ মাত্রায় যোগ দিয়াছিল।' *বঙ্কিম*, ১৮৭৫; 'নিজের অভিজ্ঞতা থেকে আপাতত কিছু বলব।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বি* হাতে-কলমে কাজ করার জ্ঞান। 'বিদ্যালয়ের কাজে আমার যেটুকু অভিজ্ঞতা তাতে ...।' *রবীন্দ্র*, ১৯০৮। **৩** *বি* লব্ধবিদ্যা। 'তখনকার অভিজ্ঞতা হইতে যে শিক্ষা লাভ করিয়াছি।' *রবীন্দ্র*, ১৯১২। **৪** *বি* সম্যক ধারণা। 'আরো অভিজ্ঞতা সঞ্চয় করতে পারতুম।' *রবীন্দ্র*, ১৯৪০।

অভিজ্ঞতাগ্রাহ্য [স] *বিণ* অভিজ্ঞতা দিয়ে বোঝা যায় এমন। 'সেটি কেউ যুক্ত ও অভিজ্ঞতাগ্রাহ্য বৈশদ্যে ব্যাখ্যা করেছেন বলে জানা নেই।' *শিব*, ১৯৫৬।

অভিজ্ঞতানির্ভর [স] *বিণ* অভিজ্ঞতাজাত। 'মানুষের জ্ঞান অভিজ্ঞতানির্ভর।' *শিব*, ১৯৫৬।

অভিজ্ঞতাপ্রসূত [স] *বিণ* অভিজ্ঞতালব্ধ। 'কাউন্সিল বর্জনের দাবি ... অভিজ্ঞতাপ্রসূত।' *নজরুল*, ১৯২৬।

অভিজ্ঞতাবিহীন [স] *বিণ* অভিজ্ঞতা নেই এমন। 'বিবাহের অভিজ্ঞতাবিহীন ভালো একটা কুমার বর।' *মানিক*, ১৯৪০।

অভিজ্ঞতাসন্নিবেশ [স] *বি* অভিজ্ঞতার বিন্যাস। 'অভিজ্ঞতা-সন্নিবেশের পদ্ধতিগুলি পরিমার্জিত হওয়ার ফলে...।' *শিব*, ১৯৫৬।

অভিজ্ঞতাসমষ্টি [স] *বি* অভিজ্ঞতার সমাহার। 'কোনও অভিজ্ঞতা বা অভিজ্ঞতাসমষ্টি বিশ্বপ্রকৃতির... সীমাহীন বিস্তৃতিকে আত্মস্থ করতে পারে না।' *শিব*, ১৯৫৬।

অভিজ্ঞতাসম্পন্ন [স] *বি* অভিজ্ঞ ব্যক্তি। 'অভিজ্ঞতাসম্পন্নদের কথায়ই আপনি কান পাতবেন, অভিজ্ঞতাহীনদের কথায় নয়।' *মোহনের*, ১৯৫০।

অভিজ্ঞতাসাপেক্ষ [স] *বিণ* অভিজ্ঞতার উপর নির্ভরশীল। 'গৃহকর্মশিক্ষা নিয়ত অভ্যাস ও অভিজ্ঞতাসাপেক্ষ।' *রবীন্দ্র*, ১৯০২।

অভিজ্ঞাত [স] *বিণ* অভিজ্ঞতালব্ধ। 'অন্যের অভিজ্ঞাত ও পরীক্ষিত জ্ঞান।' *রবীন্দ্র*, ১৯১৫।

অভিজ্ঞান [স] **১** *বি* স্মারক; নিদর্শন। 'বেঁধেছ আমারে তুমি; অভিজ্ঞানরূপে।' *মাইকেল*, ১৮৬২। **২** *বিণ* পরিচয়সূচক। 'কাবুল রেডিয়ো দুই সন্ধ্যা আপন অভিজ্ঞান-বাণী প্রচারিত করে।' *মুজতবা*, ১৯৪৯।

অভিজ্ঞানপত্র [স] *বি* পরিচয়পত্র। 'বের করো অভিজ্ঞানপত্র – আইডেন-টিফিকেশন কার্ড।' *মুজতবা*, ১৯৬৬।

অভিদ্যোতিত [স] *বিণ* প্রকাশিত। 'তাঁর বাস্তবমূর্তি অভিদ্যোতিত হল।' *অচিন্ত্য*, ১৯৫০।

অভিধর্ম [স] *বি* বৌদ্ধদের ধর্মীয় গ্রন্থ ত্রিপিটকের তৃতীয় পিটক। 'মহাস্থবির প্রজ্ঞাকারের কাছে তিনি অধ্যয়ন করেছিলেন অভিধর্ম।' *মুজতবা*, ১৯৬০।

অভিধা [স] *বি* শব্দের মূল অর্থের বোধ। '... একটা-একটা শব্দের সঙ্গে একটা-একটা অভিধা গায়ের জোরে চাপিয়ে দেয় না।' *অবন*, ১৯২৫।

অভিধা-বৃত্তি [স] *বি* শব্দের ব্যুৎপত্তিগত অর্থ। 'অভিধা-বৃত্তি ছাড়ি শব্দের করহ লক্ষণা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অভিধেয় [স] **১** *বি* অভিধা। 'সম্বন্ধ অভিধেয় প্রয়োজন নাম। এই তিন অর্থ সর্বসূত্রে পর্য্যবসান।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* সংজ্ঞাযুক্ত। 'এই সমুদয়ের অভিধেয় বৃত্তান্ত দ্বারা জ্ঞাত হইয়াছে যে ...।' *অক্ষয়*, ১৮৪৭।

অভিধান [স] **১** *বি* নাম। 'এই হেতু অপর্ণা ধরিলা অভিধান।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* শব্দকোষ। 'কাছাড়িল অমর জুমর অভিধান।' *রূপরাম*, ১৭৫০। **৩** *বি* পরিচয়। ' পোষ্টমাষ্টার বাবু তখন আপনার

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উচ্চপদ ও ডিপুটি অভিধান স্মরণপূর্বক অতিশয় গম্ভীর হইয়া বসিলেন।' *বঙ্কিম*, ১৮৯৪।

অভিধানতিরস্কৃত [স] *বিণ* অভিধান-বহির্ভূত। 'ছবি খুঁজিতে হইলে আমাদের অভিধানতিরস্কৃত শব্দগুলি ঘাঁটিয়া দেখিতে হয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভিধান-বর্জিত [স] *বিণ* অভিধানে অন্তর্ভুক্ত হয়নি এমন। 'অভিধান-বর্জিত বলে মানে আমাদের কাছে সাদা।' *রবীন্দ্র*, ১৯৪০।

অভিধানসম্মত [স] *বিণ* অভিধান-অনুমোদিত। 'তাঁহাদিগের ভাষাও যে বিশেষ প্রকারে অভিধানসম্মত ছিল।' *বঙ্কিম*, ১৮৮৭।

অভিধানে-ধরা *বিণ* অভিধানে রয়েছে এমন। 'অভিধানে-ধরা নানা কথার মতো।' *অবন*, ১৯২৫।

অভিধাবিত [স] *বিণ* সামনের দিকে গমন করেছে এমন। 'অনেক নদ দুই মুখে বিভক্ত ও অভিধাবিত হয়ে পরিশেষে সাগরদ্বারে।' *মাইকেল*, ১৮৭৩।

অভিন [স অভিন্ন] *বিণ* অভিন্ন। 'সুন করুণরি অভিনচারেঁ কাঅবাক্চিঅ।' *চর্যা ৩৪*, ১২০০।

অভিনন্দন [স] ১ *বি* আনন্দবার্তা। 'হিন্দুরাজারা তদ্বিষয়ে অভিনন্দন প্রদানার্থে তাঁহার নিকট দূত প্রেরণ করেন।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বি* সংবর্ধনা। 'এবার আলোকের অভিনন্দন পেলুম না।' *রবীন্দ্র*, ১৮৯১। ৩ *বিণ* উৎসাহিত। 'আকাঙ্ক্ষাই আপন প্রত্যাশা নিয়ে আমাকে অভিনন্দন করছে।' *রবীন্দ্র*, ১৯২৭। ৪ *বি* প্রশংসা। 'তাহারই জন্য অভিনন্দন প্রকাশ না করিয়া থাকিতে পারিতেছি না।' *রবীন্দ্র*, ১৯০৮। ৫ *বি* অভিনন্দনপত্র। 'দ্রুতবেগে কারামুক্তির অভিনন্দন পড়িয়া যাইতে আরম্ভ করিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

অভিনন্দনপত্র [স] ১ *বি* প্রশংসাপত্র। 'তাহার আলাপী পরিচিত অনেকে তাহাকে অভিনন্দন-পত্র লিখিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৬; 'একখানি সম্মানসূচক অভিনন্দনপত্র পাঠালেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬। ২ *বি* কারো আগমন বা বিদায় উপলক্ষে দেওয়া মানপত্র। 'অভিনন্দনপত্র পাঠ করেন।' *বেগম*, ১৯৭২।

অভিনন্দিত [স] ১ *বিণ* অভ্যর্থনাপ্রাপ্ত। 'শিশিরস্নিগ্ধ বাতাসের দ্বারা সর্বাঙ্গমনে অভিনন্দিত।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বিণ* আনন্দের সঙ্গে অনুমোদিত। 'তাহারা বঙ্গে মুসলিম শাসনকে অভিনন্দিত করিয়াছে।' *এনামুল*, ১৯৫৫। ৩ *বিণ* প্রশংসিত। 'যে বিধি জারি করা হইয়াছে তাহা সর্বত্র অভিনন্দিত হইয়াছে।' *আজাদ*, ১৯৭০।

অভিনব [স] ১ *বিণ* অপূর্ব। 'অভিনব তোর রূপ যৌবন।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* নতুন। 'প্রতিঘরে গীত নাট অভিনব জেন দ্বারাবতী।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* তরুণ (বয়স)। 'অভিনব কাল হতে বুদ্ধি মতিমন্ত।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৪ *বিণ* অভূতপূর্ব। 'বংশিধ্বনি পুনঃপুন কর্ণগোচর হওয়াতে অভিনব উৎসাহ সঞ্চার ও সাহসবৃদ্ধি হইল।' *অক্ষয়*, ১৮৪৯। ৫ *বিণ* নব। 'কহ সান্ত্বনার বাক্য অভিনব আষাঢ়ের জলদ মন্দ্রের মতো।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৬ *বিণ* নিত্যনতুন। 'চিরচলমান স্রোতে জাগাইছে প্রাণ অভিনব এ-বঙ্গের চিত্তক্ষেত্রে।' *রবীন্দ্র*, ১৯০০।

অভিনবত্ব [স] *বি* নূতনত্ব। 'অভিনবত্ব প্রযুক্ত ভূরি ভূরি শ্রোতৃসমাগম হইল।' *বিদ্যা*, ১৮৪৯।

অভিনবপত্র [স] *বি* নতুন সংবাদপত্র। 'উক্ত সম্বাদ সৌদামিনীসংজ্ঞক অভিনবপত্র প্রকাশকরণে উদ্যোগানন্তর।' *দর্পণ*, ১৮৩১।

অভিনবিত [স] *বিণ* অভিনব। 'কবির কল্পিত আশীর্বাদ বা অভিনবিত পুরস্কারের পরিবর্তে তাঁহার ভাগ্যে কি ভয়াবহ অভিসম্পাত নামিয়া আসিত।' *দর্শন*, ১৯২০।

অভিনয় [স] ১ *বি* অঙ্গভঙ্গি। 'শ্রীহস্ত-যুগে করে গীতের অভিনয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* কৃত্রিম ভাব প্রকাশ। 'মুখে নেত্রে অভিনয় করে প্রকটন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* নাটকের মঞ্চায়ন। 'এই প্রহসনের আদ্যোপান্ত পাঠ বা অভিনয় দর্শন প্রীতিকর।' *বঙ্কিম*, ১৮৭৪। ৪ *বি* নাটকের কোনো চরিত্রের রূপদান। 'একটি অভিনেত্রীকে যেমন সুন্দর দেখতে তিনি তেমনি সুন্দর অভিনয় করেছিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৫ *বি* ভান। 'দেশে বিদেশে রাজভক্তির অভিনয় ও আড়ম্বর।' *রবীন্দ্র*, ১৯০৫।

অভিনয়শিল্প [স] *বি* অভিনয়কলা। 'অভিনয়শিল্প ছাড়া সাহিত্য-ক্ষেত্রেও বনানীর সৃজনী প্রতিভার পরিচয় পাওয়া যায়।' *বেগম*, ১৯৪৯।

অভিনয়ের আখড়া [স অভিনয়>+আখড়া] *বি* মহড়াকক্ষ। 'অভিনয়ের আখড়ায় দেখা দিল না।' *রবীন্দ্র*, ১৯০৯।

অভিনীত [স] ১ *বিণ* অভিনয় করা হয়েছে এমন। 'দুটিই এক সময়ে ও একই স্থলে অভিনীত হইল।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বিণ* মঞ্চায়িত। 'বাল্মীকিপ্রতিভা গীতি-নাট্য বিদ্বজ্জন সমাগম উপলক্ষে রচিত ও অভিনীত।' *রবীন্দ্র*, ১৮৮১।

অভিনেতা [স] ১ *বি* অভিনয়শিল্পী। 'আমিও এই ঝড়-বৃষ্টি-বাদলের সুবিশাল গীতিনাট্যের একজন প্রধান অভিনেতার মধ্যে দাঁড়িয়ে গেলুম।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বি* ভানকারী। 'সংস্কারের অভিনেতারূপে কর্মক্ষেত্রে আবির্ভূত।' *বঙ্গসুর*, ১৯২২।

অভিনেতৃ [স] *বি* অভিনেতা। 'ভুবন বিজয়ী অভিনেতৃগণ, সময়ের গর্ভে হইয়াছে লয়।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অভিনেত্রী [স] *বি* স্ত্রী অভিনয়শিল্পী। 'একটি অভিনেত্রীকে যেমন সুন্দর দেখতে তিনি তেমনি সুন্দর অভিনয় করেছিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অভিনেয় [স] *বিণ* অভিনীত। 'তাহাদের অভিনেয় অংশকে ...।' *সুলভ*, ১৮৭৩।

অভিনিবিষ্ট [স] *বিণ* একাগ্রচিত্ত। 'অভিনিবিষ্ট স্থিরকর্ণে সমস্ত বিশ্বাতীত সংগীত শুনতে প্রবৃত্ত করছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অভিনিবিষ্টা [স] *বিণ* স্ত্রী একাগ্রচিত্ত। 'ব্রতনিবদ্ধ অভিনিবিষ্টা মোহিত পরম মণিকার মূর্তি।' *জীবন*, ১৯৩২।

অভিনিবেশ [স] ১ *বি* আগ্রহ। 'বিষয়তে খুবি অভিনিবেশ অতএব ইহাকে দরবার করণের ছলে দিল্লিতে পাঠাও।' *রামরাম*, ১৮০১। ২ *বি* একাগ্রতা। 'অভিনিবেশ পূর্বক বিবেচনা করিয়া দেখিলে ...।' *বিদ্যা*, ১৮৪৯। ৩ *বি* মনোনিবেশ। 'বিজ্ঞান সম্বন্ধীয় ... আলোচনায় অভিনিবেশ করিতে পারা যায়।' অক্ষয়, ১৮৫০।

অভিনির্দেশ [স] *বি* আকর্ষণ। 'তৎপ্রতি লোকের মনোযোগ অভিনির্দেশ করিতেছেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভিন্ন [স] ১ *বিণ* হুবহু। 'অভিন্ন কার্তিক যেন সর্বাঙ্গসুন্দর।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* ভিন্ন নয় এমন। 'জীবাত্মার সহিত পরমাত্মার অভিন্ন স্বরূপ অঙ্গীকার করিতে পারেন না।' *অক্ষয়*, ১৮৫৫।

অভিন্নকল্পনাবুদ্ধি [স] *বিণ* একই রকম ধ্যান-ধারণাসম্পন্ন। 'ওই দ্যাখো কয়েকটি অবিবাদী স্থির অভিন্নকল্পনাবুদ্ধি যুবক-যুবতী হেঁটে যায়।' *নীরেন*, ১৯৬১।

অভিপ্রায় [স] ১ *বি* উদ্দেশ্য। 'ইহা বই শ্লোকের আছে আর অভিপ্রায়।'

AMARBOI.COM

কৃষ্ণদাস, ১৫৮০: 'অভিপ্রায় বীরের বুঝিআ ভগবতী আকাশ বিমানে বসি বলেন ভারতী।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* গমন। 'অভিপ্রায় করি তারে দিলেন উত্তর।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *অব্য* অর্থাৎ। 'অভিপ্রায়, আমরা আপন আপন অসাবধানের মন্দ ফল প্রযুক্ত সর্ব্বদা কপালের দোষ দিতে প্রস্তুত।' *তারিণী*, ১৮০৩। **৪** *বি* বক্তব্য। 'কাল্পনিক বাক্যেতে পরিপূর্ণ যে পত্রিকা তাহার অভিপ্রায় সকল বিশেষ রূপে খণ্ডন করিবার কোন প্রয়োজন নাই।' *অক্ষয়*, ১৮৪৫। **৫** *বি* ইচ্ছা। 'তাহার প্রয়োজন সিদ্ধি করা তাঁহাদিগের অভিপ্রায় নহে।' *অক্ষয়*, ১৮৪৮। **৬** *বি* মতামত। 'উত্থাপিত প্রস্তাব সম্বন্ধে পূর্ণবাবুর অভিপ্রায় জানতে পারলে ...।' *রবীন্দ্র*, ১৯০৮। **৭** *বি* বাসনা। 'প্রকৃতির মধ্যে একটি অনিদ্র অভিপ্রায় কেবলই তাকে তার ভাবী উৎকর্ষের দিকে কঠিন বলে আকর্ষণ করে।' *রবীন্দ্র*, ১৯১৬।

অভিপ্রাএ [স অভিপ্রায়] *বি* অভিপ্রায়; উদ্দেশ্য। 'অভিপ্রাএ বুঝিআ আইলা ভগবতী।' *মুকুন্দ*, ১৬০০।

অভিপ্রায়-চালিত [স] *বিণ* ইচ্ছানুযায়ী পরিচালিত। 'কর্মীরা ছিলেন প্রবর্তনাদাতা সে ঈশ্বরেরই অভিপ্রায়-চালিত নিমিত্তমাত্র।' *শরীফ*, ১৯৭০।

অভিপ্রায়বিরুদ্ধ [স] *বিণ* ইচ্ছার পরিপন্থী। 'আমি রাষ্ট্রিক চর্চায় থাকি, এ তার অভিপ্রায়বিরুদ্ধ।' *রবীন্দ্র*, ১৯২৯।

অভিপ্রায়মতে [স] *ক্রিবিণ* ইচ্ছানুযায়ী। 'আপন অভিপ্রায়মতে সেই রিপোর্ট পরিশোধ।' *ডানকান*, ১৭৮৪।

অভিপ্রায়সিদ্ধি [স] *বি* ইচ্ছাপূরণ। 'হিংসা অভিপ্রায়সিদ্ধির জন্য যুদ্ধ করে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অভিপ্রায়ানুসারে [স অভিপ্রায়+স অনুসারে] *ক্রিবিণ* ইচ্ছা অনুসারে। 'এই পরম অভিপ্রায়ানুসারে কার্য্য করিলে এ দেশের বিস্তর উপকার দর্শিত ...।' *অক্ষয়*, ১৮৪৯।

অভিপ্রায়ি [স অভিপ্রায়>] *বি* ইচ্ছা। 'কুরিয়র সম্পাদক মহাশয় রাজবিদ্রোহ অভিপ্রায়িস্বরূপ জ্ঞান করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৪।

অভিপ্রেত [স] **১** *বিণ* ইচ্ছামতো। 'সকলের অভিপ্রেত না হওয়াতে সে বিষয় স্থির হইল না।' *দর্পণ*, ১৮২২। **২** *বিণ* বাঞ্ছিত। 'অভিপ্রেত পথ দিয়া জল নির্গত হয় না।' *দর্পণ*, ১৮২৩। **৩** *বি* লক্ষ্য। 'ডুবাল ... আপন অভিপ্রেত একপ্রকার সিদ্ধ করিয়া ...।' *বিদ্যা*, ১৮৪৯। **৪** *বি* উদ্দেশ্য। 'ম্যুনিসিপ্যাল-বিল পাস করা যদি কর্তৃপক্ষের অভিপ্রেত হয় তবে ...।' *রবীন্দ্র*, ১৯০৮। **৫** *বিণ* অভীষ্ট। 'কথাটি বলে শ্রোতার মনে তার অভিপ্রেত একটি ফল জন্মিয়ে দেওয়াই তাঁর মুখ্য অভিপ্রায়।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভিপ্রেতা [স] *বিণ স্ত্রী* বাঞ্ছিত। 'যে আমার চিরদিন অভিপ্রেতা।' *সুকান্ত*, ১৯৪৮।

অভিবন্দনা [স] **১** *বি* বন্দনা। 'চিরসুন্দরের অভিবন্দনা।' *রবীন্দ্র*, ১৯৩৫। **২** *বি* অভিনন্দন। 'মুগ্ধচিত্তে আমার অভিবন্দনা জানাতে পারলাম।' *নজরুল*, ১৯৩৮।

অভিবাদন [স] **১** *বি* সম্মান-জ্ঞাপন। 'অভিবাদন করিয়া তাঁহার হস্তে একখানি পত্র দিলেন।' *বঙ্কিম*, ১৮৬৫। **২** *বি* সম্মান। 'অভিবাদন জানাইয়া বিদায় গ্রহণ করিলাম।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৩** *বি* অভিনন্দন। 'আজিকার বসন্তের আনন্দ-অভিবাদন পাঠায়ে দিলাম তার করে।' *রবীন্দ্র*, ১৮৯৬। **৪** *বি* স্বাগত জানানো। 'হে নবঘনশ্যাম আমরা তোমাকে অভিবাদন করি। এস, এস ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

অভিব্যক্ত [স] *বিণ* প্রকাশিত। 'কার্য্য রূপে এবং কারণ রূপে অভিব্যক্ত সকলের ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অভিব্যক্তি [স] **১** *বি* উদ্বর্তন। 'অভিব্যক্তির ইতিহাসে মানুষের একটা অংশ তো গাছপালার সঙ্গে জড়ানো।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বি* বিবর্তন। 'তা হলে বিজ্ঞানের অভিব্যক্তি কেবল একটা শব্দমাত্র হত।' *রবীন্দ্র*, ১৯১৯। **৩** *বি* প্রকাশ। 'ব্যক্তিগত মতের অভিব্যক্তি হয়নি।' *মাহেনও*, ১৯৪৯।

অভিব্যক্তিতত্ত্ব [স] *বি* বিবর্তনবাদ। 'ডারউইনিয়ান অভিব্যক্তিতত্ত্ব প্রভৃতির নিদর্শন তাঁর রচনায় যথেষ্টই পাওয়া যায়।' *মোতাহের*, ১৯৫০।

অভিব্যক্তিবাদ [স] *বি* ক্রমবিবর্তনের মতবাদ। 'অদৃষ্টবাদ অথবা অভিব্যক্তিবাদ সম্বন্ধে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অভিব্যক্তিবাদী [স] *বি* সমস্ত সৃষ্টি বিবর্তনের মাধ্যমে বর্তমান রূপ লাভ করেছে – এই মতবাদে বিশ্বাসী। 'যেরকম বদলেছে, তার সঙ্গে বোধহয় অভিব্যক্তিবাদীর জন্মান্তরই তুলনীয়।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অভিব্যঞ্জনা [স] **১** *বি* দ্যোতনা। 'তাঁহার বিশেষ ভাবটির প্রকাশ বা অভিব্যঞ্জনা।' *সবুজ*, ১৯২০। **২** *বি* অভিব্যক্তি। 'মুখে কোনো অভিব্যঞ্জনা নেই।' *মানিক*, ১৯৩৫।

অভিব্যঞ্জমান [স] *বিণ* প্রকাশমান। 'যিনি অভিব্যঞ্জমান নন, যিনি আপনাতে পরিসমাপ্ত ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

অভিব্যাপ্ত [স] *বিণ* সর্বতোভাবে বিস্তৃত। 'অভিব্যাপ্ত ক্ষুধা মম অবরোধে ঘিরেছে তাহারে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অভিভূত [স] *বিণ* পরাজিত। 'বিশাল মানবপ্রাণ মোর মাঝে বর্তমান দেশ কাল করি অভিভব।' *রবীন্দ্র*, ১৮৯০।

অভিভাব [স] *বি* ভাবাবেশ। 'রেণু, বেণু, কদাচ ধেনুও, মিলে, ক্রমাগত অভিভাবে আত্মোপলব্ধির অভাব লুকিয়ে রাখে।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অভিভাবক [স] **১** *বি* তত্ত্বাবধায়ক। 'পিতা কিম্বা অভিভাবকেরদিগের আনন্দজনক হইবেক।' *দর্পণ*, ১৮৩৫। **২** *বি* পুরুষ। 'মেয়ের পুরী, একটা কি অভিভাবক আছে?' *গিরিশ*, ১৮৮৬। **৩** *বি* পরিচালক। 'দেশের যারা অভিভাবক।' *রবীন্দ্র*, ১৮৯০।

অভিভাবকতা [স] *বি* অভিভাবকত্ব। 'উকিলের অভিভাবকতায় কলেজে পড়াশুনা করিত।' *রবীন্দ্র*, ১৯০০।

অভিভাবকত্ব [স] **১** *বি* মালিকানা। 'সম্পত্তির অভিভাবকত্ব লইয়া বিভিন্ন শরীকে মামলা মোকদ্দমা করিয়া ...।' *ছায়াবীথি*, ১৯৩৪। **২** *বি* অভিভাবকের গুণ। 'নিজের স্নেহবলিষ্ঠ অভিভাবকত্বের গুণে।' *অচিন্ত্য*, ১৯৫০। **৩** *বি* অভিভাবকসুলভ ভাব। 'অভিভাবকত্ব ঘুচে গেল।' *মণীশ*, ১৯৬৩।

অভিভাবকবিহীন [স] *বিণ* অভিভাবক নেই এমন। 'মেয়েরা এখন একা বা অভিভাবকবিহীন।' *নজরুল*, ১৯৩৬।

অভিভাবকশূন্য [স] *বিণ* অভিভাবক নেই এমন। 'অভিভাবকশূন্য নিঃসহায় অবস্থা তাঁর।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

অভিভাবকসুলভ [স] *বিণ* অভিভাবকের মতো। 'ছাত্রদের প্রতি তাহারা প্রকৃত অভিভাবকসুলভ মনোভাবের পরিচয় দিন।' *আজাদ*, ১৯৬৯।

অভিভাবকস্বরূপ [স] *বিণ* অভিভাবকের মতো। 'হারানবাবু তাহার অভিভাবকস্বরূপ।' *রবীন্দ্র*, ১৯০৯।

অভিভাবকহীন [স] *বিণ* আশ্রয়দাতাহীন। 'অসহায় এবং অভিভাবক-হীন নারীর সমস্যাই সমাজের চোখে প্রধান সমস্যা।' *বেগম*, ১৯৭১।

অভিভাবিকা [স] *বি স্ত্রী* তত্ত্বাবধায়ক। 'তারাপদর একটি প্রবীণা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অভিভাবিকা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অভিভাবনা [স] *বি* ব্যাকুলতা। 'ফিরে গিয়ে – অভিভাবনায়।' *জীবন*, ১৯৪০।

অভিভাষণ [স] *বি* বক্তৃতা। 'অভিভাষণের উপসংহারে বলিয়াছিলাম।' *রবীন্দ্র*, ১৯০৭।

অভিভুক [স অভিভাবক] *বি* অভিভাবক। 'রচিল মানিক নিজ অভিভুক সদা সখা নিরঞ্জন।' *মানিকরাম*, ১৭৮১।

অভিভূত [স] **১** *বিণ* মোহিত। 'আমি ... মিথ্যা শঙ্কা-পিশাচীতে অভিভূত হইয়া এমন হতবুদ্ধি হইলাম যে, ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **২** *বিণ* আক্রান্ত। 'এক ব্যক্তি জ্বররোগেতে অভিভূত হইয়া নয় দিবস পর্য্যন্ত শয্যাগত।' *দর্পণ*, ১৮৩০। **৩** *বিণ* কাতর। 'বুভুক্ষায় অভিভূত হইয়া, ক্রোধভরে এই শাপ দিলেন।' *বিদ্যা*, ১৮৪৭। **৪** *বিণ* নিমজ্জিত। 'তাহারা অজ্ঞান নিদ্রায় অভিভূত রহিয়াছে!' *অক্ষয়*, ১৮৪৮। **৫** *বিণ* বিহ্বল। 'এক প্রতিবেশী, তাহাকে শোকে অভিভূত ও নিতান্ত কাতর দেখিয়া, কারণ জিজ্ঞাসিল ...।' *বিদ্যা*, ১৮৫৬। **৬** *বিণ* দুর্বল। 'এত অভিভূত হইলেন, যে আর তাঁহার চলিবার ক্ষমতা রহিল না।' *বিদ্যা*, ১৮৯১। **৭** *বিণ* কাবু। 'এক আঘাতে অভিভূত করিয়া দিতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অভিভূতা [স] **১** *বিণ স্ত্রী* অবশ। 'ঘোর নিদ্রায় অভিভূতা।' *মশাররফ*, ১৮৮৩। **২** *বিণ স্ত্রী* বিহ্বল। 'অভিভূতা মাতা শুধু করুণ-কাতর চক্ষে পুত্রের পানে চাহিয়াছিলেন।' *নজরুল*, ১৯৩১।

অভিভূতি [স] *বি* বিহ্বলতা। 'তখন অভিভূতির ভাব কাটিয়া গিয়া আমরা মাথা তুলিতে পারি।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভিভোজন [স] *বি* অতিরিক্ত আহার। 'মনুষ্যের ন্যায় পুনঃপুনঃ অভিভোজন করিয়া পীড়িত হয় না।' *অক্ষয়*, ১৮৫২।

অভিমত [স] **১** *বিণ* মনের মতো। 'ভনই বিদ্যাপতি নারী সেই ধন্য। অপনুক অভিমত উকুতি বুঝাব।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* উদ্দেশ্য। 'অভিমত সিদ্ধ হউক বর তারে দিল।' *মালাধর*, ১৫০০। **৩** *বি* সম্মতি। 'শাস্ত্রোক্ত বলিয়া তাহাতেই অভিমত প্রকাশ করেন।' *অক্ষয়*, ১৮৪৬। **৪** *বি* মত। 'লেখকের অভিমত কিনা তাহা স্পষ্ট বুঝা গেল না।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভিমতরূপ [স] *ক্রিবিণ* ইচ্ছানুসারে। 'হাত পায়ের গতিও ঠিক অভিমতরূপ হয় না।' *বঙ্কিম*, ১৮৮২।

অভিমতি [স] *বি* সম্মতি। 'তাঁহারদের ভাবতেরই উক্ত বিষয়ে অভিমতি আছে।' *কৌমুদী*, ১৮৩১।

অভিমাত্রা [স] *বি* অতিরিক্ততা। 'গাছ ফলমূল-উৎপাদনের অভিমাত্রায় নিজের শক্তিকে নিঃশেষিত করে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অভিমান [স] **১** *বি* লজ্জা। 'কৃচযুগ দেখি তার অতি মনোহরে অভিমান পাঅঁ পাকা দাড়িম বিদরে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* অহঙ্কার। 'সুরেশ্বর অভিমানে তোমা না চিনিল।' *মালাধর*, ১৫০০। **৩** *বি* বিবেচনা। 'তোমা সবাকে করোঁ মুঞি বালক অভিমান।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বি* মনের ক্ষোভ। 'দুবলার বচনে লহনা অভিমান মন দিআ দুয়া মোর সাধহ সম্মান।' *মুকুন্দ*, ১৬০০। **৫** *বি* মর্যাদাবোধ। 'লেখাপড়া করিয়াছিল এই অভিমানে এবং অনভ্যাস বশে মজুরী বা রাখালী করে না।' *চন্দ্রিকা*, ১৮৩২। **৬** *বি* দুঃখ। 'অভিমানের কারণ হইয়া ...।' *সেবধি*, ১৮৩৯। **৭** *বি* প্রিয়জনের অনাদরে সাময়িক রাগ। 'যদি কেহ অভিমানকে স্পর্শমাত্র করে, ক্রোধ তৎক্ষণাৎ উপস্থিত হইয়া তাহার বৈরনির্য্যাতন করিতে উদ্যত হয়।' *অক্ষয়*, ১৮৪৯; 'যদি পত্নী অভিমানে নিরুত্তরা থাকে তবে অভিমান ভঞ্জনার্থ দুই চারিটা মিষ্ট কথা কহিল।' *বঙ্কিম*, ১৮৭৫। **৮** *বি* মিথ্যা সম্মানবোধ। 'আজ ছাড়ি অভিমান, তেয়াগিয়া লাজ ...।' *রবীন্দ্র*, ১৮৭৭। **৯** *বি* অন্তঃসারশূন্য বড়ো কথা। 'এ সমস্তই কন্‌গ্রেসি চাল – কেবল মুখের অভিমান, কেবল বাক্যের বড়াই।' *রবীন্দ্র*, ১৯০৮। **১০** *ক্রিবিণ* বিচার-বিবেচনাবর্জিত সম্মানবোধ। 'নিজের দক্ষতার প্রতি অন্ধ-অভিমানবশত যে যুগে এবং যে ক্ষেত্রে সত্যকে ...।' *রবীন্দ্র*, ১৯০৮। **১১** *বি* আমিত্ববোধ। 'হার মানাপে গো, ভাঙিলে অভিমান।' *রবীন্দ্র*, ১৯২৫।

অভিমানক্রন্দন [স] *বি* অভিমান মিশ্রিত কান্না। 'পিছু অভিমান-ক্রন্দন।' *নজরুল*, ১৯২৭।

অভিমানক্ষুণ্ন [স] *বিণ* অভিমানে ব্যথিত। 'কমলার অভিমানক্ষুণ্ন মুখের দিকে তাকাইয়া সে ধীরে ধীরে আপন কক্ষে চলিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৬।

অভিমান-ক্ষোভ [স] *বি* অভিমানের ক্ষোভ। 'এই হিম-নিরেট প্রাণ অভিমান-ক্ষোভে গুমরিয়া উঠিতে পারিত না।' *নজরুল*, ১৯২২।

অভিমানতপ্ত [স] *বিণ* অভিমানপূর্ণ। 'অভিমানতপ্ত চিঠি।' *নজরুল*, ১৯২৮।

অভিমানত্যাগী [স] *বিণ* স্বাজাত্যবোধহীন। 'জাতির বিষয় অভিমানত্যাগী উপদেশ কথা হইলেই nonsense কহে।' *চন্দ্রিকা*, ১৮৩০।

অভিমানবশে *ক্রিবিণ* অভিমানে আহত হয়ে। 'অভিমানবশে ভবভূতি লিখিছিলেন পৃথিবী বিপুল এবং কাল নিরবধি।' *শিব*, ১৯৭৩।

অভিমানবিধুর [স] *বিণ* অভিমানে কাতর। 'এই অভিমান-বিধুর অকরুণ কথার উৎস কোথায় দেখতে পেতে।' *নজরুল*, ১৯২২।

অভিমানভরা *বিণ* অভিমানপূর্ণ। 'তরুণী গৃহিণীর অভিমানভরা মিষ্ট মুখখানির খাতিরে 'যা থাকে কপালে' বলিয়া...।' *কফল*, ১৯৩৬।

অভিমানভরে *ক্রিবিণ* মনোবেদনা সহকারে। 'দীপ্তি অভিমানভরে কহিল –।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অভিমানমলিন [স] *বিণ* অভিমানে ম্লান। 'ব্যথিত বালিকার অভিমানমলিন মুখের শেষ স্মৃতিটি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অভিমানরুদ্ধ [স] *বিণ* অভিমানে গলা আটকে-যাওয়া। 'নারীর অভিমানরুদ্ধ কণ্ঠের আমেজ আসছে যেন একটু একটু।' *নরেন্দ্র*, ১৯৪৭।

অভিমানি [স অভিমানী] *বিণ* অহংকারী। 'তদনুরূপ অভিমানি তৎসংসর্গি গড্ডলিকা বলিকাবৎ ...।' *দর্পণ*, ১৮২২।

অভিমানিনী [স] *বিণ স্ত্রী* অভিমান করে আছে এমন। 'হা অভিমানিনী নারী।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অভিমানী [স] **১** *বিণ* প্রিয়জনের আচরণে ব্যথিত। 'রামা অভিমানী শেষ নিশীথিনি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* অহংকারী। 'যৌবন গরবে নাচ হইআ অভিমানী।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বিণ* ক্ষুব্ধ। 'অভিমানী হয়্যা নাচ করিয়া কল্পনা।' *রূপরাম*, ১৭৫০। **৪** *বিণ* অল্পতেই মনে কষ্ট পায় এমন। 'অভয় কিছু অভিমানী।' *দীনবন্ধু*, ১৮৭২।

অভিমানোক্তি [স অভিমান-উক্তি] *বি* খেদোক্তি। 'তবে ভবভূতির অভিমানোক্তির যাথার্থ্য কোথায়?' *শিব*, ১৯৭৩।

অভিমুখ [স] **১** *বি* উদ্দেশ। 'সূর্য অভিমুখ কর্য্যা গমন সতুর।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বিণ* সম্মুখীন। 'আমাদিগকে সেই ঐক্যের আশ্রয়ের অভিমুখ করিবার জন্য ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অভিমুখতা [স] *বি* আগ্রহ। 'একান্ত অভিমুখতা এবং একান্ত বিমুখতায় ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভিমুখিন [স] *বিণ* সম্মুখীন। 'একই লক্ষ্যের অভিমুখিন করিয়া দেওয়া।' *রবীন্দ্র*, ১৯০৫।

অভিমুখী [স] ১ *বিণ* উদ্দেশে গমনশীল। 'সকলেরই মানসিক গতি একই কেন্দ্রের অভিমুখী হওয়া চাই।' *প্রমথ*, ১৯০৫। ২ *ক্রিবিণ* দিকে। 'একের অভিমুখী আর-এক এই নিয়ে চলল কাজ বিশ্বরচনার।' *অবন*, ১৯২৫।

অভিযাত্রী [স] *বিণ* ভ্রমণকারী। 'তাদের এই অভিযাত্রী স্বভাব বদলায়নি, বদলাবে না।' *মাহেনও*, ১৯৪৯।

অভিযান [স] ১ *বি* আবিষ্কারের জন্য সদলবলে যাত্রা। 'নতুন পথের পথিক চালাও অভিযান।' *নজরুল*, ১৯২৮। ২ *বি* যাত্রা। 'দেশকালের বুক চিরে অতলস্পর্শের উপর দিয়ে তার অভিযান।' *রবীন্দ্র*, ১৯২৯। ৩ *বি* অভিযাত্রা। 'কৃষিকে বহন করে ক্ষত্রিয়দের যে অভিযান হয়েছিল, সে সহজ হয়নি।' *রবীন্দ্র*, ১৯২৯।

অভিযুক্ত [স] *বিণ* অভিযোগ করা হয়েছে এমন। 'অনেকেই অস্বচ্ছ চিন্তা করার দায়ে অভিযুক্ত করবেন।' *উমর*, ১৯৬৭।

অভিযোক্তা [স] *বিণ* অভিযোগকারী। 'অভিযোক্তা অথবা প্রতিপক্ষ ব্যক্তির মধ্যে যদি কোন সন্দেহের কারণ ঘটিত।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অভিযোগ [স] ১ *বি* আপত্তি। 'তাহার কি অভিযোগ হইতে নিধন।' *সুলতান*, ১৭০০। ২ *বি* নালিশ। 'অভিযোগ করিতে গেলে তিনি নানা কৌশলে তাহাদিগকে ক্লেশ প্রদান করেন।' *অক্ষয়*, ১৮৫০।

অভিযোগকারী [স] *বি* বাদী। 'বিচার বিলম্বিত হইতে থাকিলে যথার্থই অভিযোগকারী ও অভিযুক্ত উভয়েই দুর্ভোগ ভুগিতে থাকে।' *আজাদ*, ১৯৬৯।

অভিযোগপত্র [স] *বি* অভিযোগ ক'রে লেখা দরখাস্ত। 'তাদের পক্ষ থেকে একটা অভিযোগপত্র।' *ওয়ালী*, ১৯৬২।

অভিযোজন [স] *বি* উদ্দেশ্য সাধনের উপযোগীকরণ। 'অভিজ্ঞানে অভিজ্ঞা মতই স্পষ্ট হোক না কেন; তার মর্যাদা অভিযোজনে।' *সুধীন্দ্র*, ১৯৬০।

অভিরত [স] *বিণ* অত্যন্ত যত্নবান। 'কি প্রকারে ... জাতি ধ্বংস করিবেন তাহাতেই অবিরত অভিরত আছেন।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

অভিরাজ [স] *বিণ* মনোহর। 'ভুরুযুগ অভিরাজ সীমা হৈল দুই মাঝ।' *বাহরাম*, ১৬৫০।

অভিরাম [স] *বিণ* মনোহর। 'অগ্নি যৈছে নিজধাম দেখাইয়া অভিরাম পতঙ্গীরে আকর্ষিয়া মারে।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কালা গায়ে হেমহার গলে অভিরাম।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অভিরামা [স] *বিণ* স্ত্রী সুন্দরী। 'কি আরে নব জৌবন অভিরামা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অভিরুচি [স] ১ *বি* ইচ্ছা। 'যেমন অভিরুচি হয় তেমত করিতে অবধান হউক।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। ২ *বি* প্রবৃত্তি। 'মনুষ্যেরা আপন আপন অভিরুচি বা নিপুণতানুসারে ... উপভোগ্য বস্তু উৎপন্ন করিতে লাগিলেন।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বি* পক্ষপাত। 'স্মৃতির চেয়ে আসলটিতেই আমার অভিরুচি।' *রবীন্দ্র*, ১৯০০। ৪ *বি* মর্জি। 'সে আপনার অভিরুচি অনুসারে কত কী বাদ দেয়, কত কী রাখে!' *রবীন্দ্র*, ১৯১২। ৫ *বি* বাসনা। 'হৃদয়ের গূঢ় অভিরুচি, কত স্বপ্নমূর্তি আঁকে।' *রবীন্দ্র*, ১৯৩২। ৬ *বি* মত। 'আমার অনুকূল অভিরুচি ব্যক্ত করতে গিয়ে হঠাৎ ঠোক্কর খেয়ে দেখলুম ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

অভিরোষ [স] *বি* অভিমানজনিত ক্রোধ। 'দূর কর অভিরোষ।' *মুকুন্দ*, ১৬০০।

অভিরোস [স অভিরোষ] *বি* অভিমানজনিত ক্রোধ। 'নাহি করি তার দোস তবে কেন অভিরোস।' *মালাধর*, ১৫০০।

অভিলাষ [স] *বি* বাসনা। 'অভিলাষ পুরিল জৌতুকে।' *মুকুন্দ*, ১৬০০।

অভিলষণীয় [স] *বিণ* বাঞ্ছনীয়; কাম্য। 'অশন, বসন, অথবা অন্যবিধ অভিলষণীয় বস্তু লাভ বিষয়ে ...।' *বিদ্যা*, ১৮৫১।

অভিলষিত [স] ১ *বিণ* কাঙ্ক্ষিত। 'আপনার অভিলষিত শাস্ত্র পড়িবার নিমিত্তে সেই শাস্ত্রের অধ্যাপকের নিকটে নিযুক্ত হইবেন।' *দর্পণ*, ১৮২১। ২ *বিণ* আগ্রহী। 'অনেকেই তদ্দর্শনে অভিলষিত হইয়াছেন।' *হুতোম*, ১৮৬৮। ৩ *বিণ* ইঙ্গিত। 'অভিলষিত কণ্ঠে মালাও উঠিল না, অভিলষিত মুখে চোখও তুলিতে পারিল না।' *রবীন্দ্র*, ১৮৯২।

অভিলাষি [স অভিলাষী] *বিণ* আগ্রহী। 'হইয়া বিদ্যার অভিলাষি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অভিলাষিণী [স] ১ *বিণ* স্ত্রী আগ্রহী। 'রাজকুমারী, উপবনবিহারে অভিলাষিণী হইয়া, পিতার অনুমতি প্রার্থনা করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* স্ত্রী ইচ্ছুক। 'পুরবাসিনীগণ সচরাচর তাহা দেখিতে অভিলাষিণী হন।' *মশাররফ*, ১৮৬৯।

অভিলাষী [স] ১ *বিণ* আগ্রহী। 'দুই পুত্র তিন দাসী দেখি হর অভিলাষী।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* পেতে ইচ্ছুক। 'আগমন বিদ্যা অভিলাষী।' *রামপ্রসাদ*, ১৭৮০।

অভিলাস [স অভিলাষ] *বি* বাসনা। 'পুত্র অভিলাসে রাজা হইছে ব্রহ্মারিসি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অভিশপ্ত [স] ১ *বিণ* ভর্ৎসিত। 'কেহ জগদীশ্বরকে অভিশপ্ত করিতেন।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বিণ* অভিশাপ দেওয়া হয়েছে এমন। 'এ যেন রে অভিশপ্ত প্রেতের পিপাসা।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৩ *বিণ* ঘৃণিত। 'চলে যাব তোমার এ অভিশপ্ত দগ্ধ রাজ্য হতে।' *রবীন্দ্র*, ১৮৯০।

অভিশপ্তা [স] *বিণ* স্ত্রী শাপগ্রস্ত। 'অভিশপ্তা অহল্যার মতো।' *সুধীন্দ্র*, ১৯২৭।

অভিশাপ [স] *বি* শাপ। 'দোষ অনুরোধি মোরে দিলা অভিশাপ।' *মুকুন্দ*, ১৬০০।

অভিশাপগ্রস্ত [স] *বিণ* অভিশপ্ত। 'অভিশাপগ্রস্ত বাড়িতে যে ঘটনাটি ঘটিয়াছিল তাহারই বিস্তারিত বর্ণনা করিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৮।

অভিশাপশিখা [স] *বি* অভিশাপরূপ আগুন। 'দেবতার বিদ্যুতের অভিশাপশিখা দহিবে আঁধার নিদ্রা বিমল অনলে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অভিশাপশ্বাস [স] *বি* অভিশাপপূর্ণ দীর্ঘশ্বাস। 'অভিশাপশ্বাস দমকা বাতাস।' *নজরুল*, ১৯৩০।

অভিসাঁপ [স অভিশাপ] *বি* অভিসম্পাত। 'খেলায় উন্মত্ত সুত কইল জ্ঞত পাপ আজি অবশ্য হর দিব অভিসাঁপ।' *মুকুন্দ*, ১৬০০।

অভিশেক [স অভিষেক] *বি* সিংহাসনে আরোহণের অনুষ্ঠান। 'মহারাজার অভিশেক করিয়া চকের মধ্য স্থলে ... আসন করাইলেন।' *রামরাম*, ১৮০১।

অভিশ্রুতি [স] *বি* (ব্যাকরণ) শব্দের অভ্যন্তরীণ একাধিক স্বরধ্বনির পরিবর্তন প্রক্রিয়া। 'রাইখ্যা (অপিনিহিত) > রেখে (অভিশ্রুতি)। ... বাঙ্গালা চলিত-বাষার লক্ষণীয় বৈশিষ্ট্য এই অভিশ্রুতি।' *সুনীতি*, ১৯৩৯।

অভিষিক্ত [স] ১ *বিণ* অধিষ্ঠিত। 'মালুয়াদেশের রাজত্বে ভর্তৃহরিকে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অভিষিক্ত করিয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ২ *বিণ* (কোনো কর্মে) নিযুক্ত। *দর্পণ*, ১৮১৯; 'তিন জন য়োরোপীয় মহাশয় তৎপদে অভিষিক্ত হইয়াছেন।' *বঙ্গদূত*, ১৮২৯। ৩ *বিণ* সিক্ত। 'সমস্ত গাত্র ও বস্ত্র শোণিতে অভিষিক্ত হইয়াছে।' *বিদ্যা*, ১৮৪৭। ৪ *বিণ* স্নাত। 'একটি ভাঙা মন্দির শান্তিময় সুন্দর মহিমায় অভিষিক্ত হয়ে গেছে।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'দেশের রসিক-অরসিক সকল লোকই তার সেই অমৃতধারায় অভিষিক্ত হয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অভিষেক [স] ১ *বি* সিক্তকরণ। 'কি করব জল অভিষেকে।' *মুরারি*, ১৫৭০। ২ *বি* স্নান। 'অভিষেক করিতে সভার হৈল মন।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* দায়িত্ব গ্রহণের অনুষ্ঠান। 'অভিষেক করাইল বসাইয়া খাটে ...।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* অধিষ্ঠান। 'মা'র অভিষেকে এসো এসো তুরা।' *রবীন্দ্র*, ১৯১০। ৫ *বি* অভিবাদন। 'চির শক্তির নির্ঝর নিত্য ঝরে, লও সেই অভিষেক ললাট 'পরে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অভিষেখ [স অভিষেক] *বি* রাজসিংহাসনে বসার অনুষ্ঠান। 'উগ্রসেনে অভিষেখ মথুরা নগরে।' *মালাধর*, ১৫০০।

অভিসংযোগ [স] *বি* ঘনিষ্ঠ সম্পর্ক। 'ইহারা প্রতিকূল অবস্থার সহিত অভিসংযোগ সাধনের সুবিদিত দৃষ্টান্তস্থল।' *রবীন্দ্র*, ১৯১৭।

অভিসন্ধারী [স] *বিণ* বিচরণকারী। 'জননীর সন্তান, পিতার আত্মজ, গৃহ-সংসারে অভিসন্ধারী তাঁর রক্ত-মাংসে-গড়া মানুষের দেহ।' *মাহেনও*, ১৯৪৯।

অভিসন্ধি [স] ১ *বি* অভিপ্রায়। 'অকপটে কহ বন্দি নিজ অভিসন্ধি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* গুপ্ত মতলব। 'তাহারা তাঁহার অনুকম্পা সূচক অভিসন্ধি বুঝিতে না পারিয়া ...।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* খারাপ উদ্দেশ্য। 'যদি তাহার কোনো অভিসন্ধি থাকে?' *রবীন্দ্র*, ১৮৮৩। ৪ *বি* কৌশল। 'চাঁদেরে করিতে বন্দী মেঘ করে অভিসন্ধি।' *রবীন্দ্র*, ১৯৪১।

অভিসম্পাত, অভিসম্পাৎ [স] *বি* অভিশাপ। 'প্রতাপাদিত্যকে অভিসম্পাত করিলেন।' *রামরাম*, ১৮০১; 'গৌড়ীয় ব্রাহ্মণের অভিসম্পাৎ ও চোবরাঙ্গানিকে ভয় না করিয়া ...।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

অভিসার [স] ১ *বি* গোপন মিলনের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত স্থানে যাওয়া। 'চল চল সুন্দরি হরি অভিসার।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* দূরীভূত। 'প্রকাশিত অঙ্গ যনু অতি মনোহর তনু তপন তরণি অভিসার।' *রূপরাম*, ১৭৫০। ৩ *বি* যাত্রা। 'সেজেগুজে রেলপথে করো অভিসার।' *রবীন্দ্র*, ১৮৯০। ৪ *বি* আগমন। 'আজি ঝড়ের রাতে তোমার অভিসার পরান সখা বন্ধু হে আমার।' *রবীন্দ্র*, ১৯১০। ৫ *বি* গন্তব্য। 'তার ঠিকানা নেই, তার অভিসার দিগন্তের পারে।' *রবীন্দ্র*, ১৯৩৫। ৬ *বি* মিলন। 'ওগো ক্ষণিকা, পুব-অভিসার ফুরাল কি আজি তব।' *নজরুল*, ১৯২৯।

অভিসারক [স] *বিণ* অগ্রগামী। 'জয় কপালধারক কপালমালক চিতাভিসারক শুভঙ্কর।' *ভারত*, ১৭৬০।

অভিসারকামী [স] *বিণ* অভিসার কামনা করছে এমন। 'অভিসারকামী নরনারীর মাঝ দিয়ে কি ভাবে মেঘ ঘুরে ফিরে যায়।' *হাই*, ১৯৪৯।

অভিসার-যাত্রাপথ [স] *বি* যে-পথে অভিসারে যাওয়া হয়। 'অয়ি মালবিকা অভিসার-যাত্রাপথে কখনো বহনি দীপশিখা।' *রবীন্দ্র*, ১৯৪০।

অভিসারযাত্রী [স] *বিণ* অভিসারে যাত্রা করেছে এমন। 'সম্মুখে যোজন-যোজন অভিসারযাত্রী প্রান্তর।' *শওকত*, ১৯৫৮।

অভিসারিকা [স] ১ *বিণ স্ত্রী* মিলনের জন্যে গমনকারী। 'সুশীলা শিখণ্ডিবাহনের অভিসারিকা।' *দীনবন্ধু*, ১৮৭৩। ২ *বি স্ত্রী* গোপন-মিলনের উদ্দেশ্যে গমনকারী। 'কোথা বিরহিণী, কোথা তোরা অভিসারিকা।' *রবীন্দ্র*, ১৯০০।

অভিসারিণী [স] *বি স্ত্রী* প্রেমিকের সঙ্গে মিলনের উদ্দেশ্যে গমনকারী। 'যে সুরে আপনি তিনি উন্মাদিনী অভিসারিণীরে।' *রবীন্দ্র*, ১৯২৫।

অভিসেখ [স অভিষেক] *বি* স্নান। 'সুরভির দুগ্ধে কৃষ্ণে অভিসেখ কৈল।' *মালাধর*, ১৫০০।

অভিসেচন [স] *বি* সিঞ্চিতকরণ। 'শিক্ষার অভিসেচনক্রিয়া সমাজের উপরের স্তরকেই দুই এক ইঞ্চিমাত্র ভিজিয়ে দেবে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভিহত [স] *বিণ* আঘাত পেয়েছে এমন; আহত। 'অপমানে বারংবার অভিহত হইতেই হইবে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অভিহিত [স] ১ *বিণ* সংজ্ঞায়িত। 'আলোকচিত্র বা ফটোগ্রাফ নামে অভিহিত।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বিণ* বিবেচিত। 'প্রেম সাধারণ ভালোবাসা নামে অভিহিত হইতে পারে না।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বিণ* পরিচিত। 'আমরা বাক্যবাগীশ নামে অভিহিত হইতে রাজি আছি, তথাপি ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভীক [স] *বিণ* নির্ভীক। 'অভীক তোমার চটুল তোমার সহজ প্রাণের বাণী।' *রবীন্দ্র*, ১৯৪০।

অভীত [স] *বিণ* অশঙ্কিত। 'সমরে অভীতচিত।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অভীপ্সা [স] *বি* প্রবল বাসনা। 'রানীরে দুর্জেয় জেনে বাঁদীর সন্ধানে ফিরিব অভীপ্সা ভুলে সমীকর আঁধারের নীচে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অভীপ্সিত [স] *বিণ* প্রার্থিত। 'আমাকে পূজিলে পাবে অভীপ্সিত বর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অভীষ্ট [স] ১ *বি* আকাঙ্ক্ষা। 'মনের অভীষ্ট সিদ্ধি হয়ে মোর বরে।' *বিজয়*, ১৬৫০। ২ *বি* বাসনা। 'কেবল নিষ্ঠাবৃত্তি শিখিলেই অভীষ্ট সিদ্ধ হয় না।' *রামনারায়ণ*, ১৮৫৪। ৩ *বিণ* উদ্দিষ্ট। 'পত্রের বিহারীই যে বিনোদিনীর অভীষ্ট বিহারী, এ কথা মনে করিবার কোনো হেতু ছিল না।' *রবীন্দ্র*, ১৯০২। ৪ *বিণ* কাঙ্ক্ষিত। 'আপনি সর্বদা আমাদিগকে অভীষ্ট ফল দান করিয়া থাকেন।' *রবীন্দ্র*, ১৯১৭।

অভীষ্টপূরণ [স] *বি* মনোবাসনা পূরণ। 'সেই দুই প্রভুর করি চরণ বন্দন যাহা হইতে বিঘ্ননাশ অভীষ্টপূরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অভীষ্টসাধন [স] *বি* ইচ্ছাপূরণ। 'আপনার অভীষ্টসাধনের পথ পরিষ্কার করেন।' *অক্ষয়*, ১৮৫১।

অভুক্ত [স] ১ *বিণ* অনাহারী। 'যেন কেহ অভুক্ত থাকে না।' *রাজীব*, ১৮০৫। ২ *বি* ক্ষুধার্ত যে। 'বেশবিন্যাস পূর্বক অভুক্ত উত্তম গাড়িতে আরোহণ করিলেন।' *দর্পণ*, ১৮২১।

অভুগ্ন [স] *বি* শীর্ণ। 'বিশীর্ণ গোলকচাঁপা-গাছে পাতাশূন্য ডাল অভুগ্নের ক্লিষ্ট ইশারার মতো।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অভুঞ্জিত [স] *বিণ* অনাস্বাদিত। 'প্রভাতে অভুঞ্জিত সুধাভাণ্ড অর্পিলাম মোহিনীর হাতে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অভূতপূর্ব, অভূতপূর্ব্ব [স] ১ *বিণ* অতুলনীয়। 'শান্তিসরোবরে অবগাহন করিয়া অভূতপূর্ব্ব আনন্দনীরে নিমগ্ন হইতেছিলাম।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বিণ* পূর্বে ঘটেনি এমন। 'তাঁহার অন্তঃকরণ কি অভূতপূর্ব চমৎকার ও অনির্বচনীয় আনন্দে পরিপূর্ণ হইল ...।' *বিদ্যা*, ১৮৪৯; 'যখনি কোনও একটা বিদ্যার হঠাৎ অভূতপূর্ব্ব উন্নতি হইয়াছে ...।' *সবুজ*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯১৭। ৩ *বিণ* আগে শোনা যায়নি এমন। 'সন্তানদের জন্যে অভূতপূর্ব নূতন নাম চেয়ে পাঠান।' *রবীন্দ্র*, ১৮৯২। ৪ *বিণ* পূর্বে দেখা যায়নি এমন। 'অভূতপূর্ব ব্যবহারের কোনো তাৎপর্য বুঝিতে পারিল না।' *রবীন্দ্র*, ১৮৯৮। ৫ *বিণ* অদ্ভুত। 'মহেন্দ্রের এই অভূতপূর্ব ব্যবহারে অভিমানিনী মাতা ...।' *রবীন্দ্র*, ১৯০২। ৬ *বিণ* নতুন। 'অভূতপূর্ব কোনো-একটা কিছুর সন্ধানে ঘুরিয়া বেড়াইতাম।' *রবীন্দ্র*, ১৯১২। ৭ *বিণ* নজিরবিহীন। 'হৈমই এরূপ অভূতপূর্ব স্পর্ধায় আমাকে প্রবর্তিত করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯১৪। ৮ *বিণ* অসাধারণ। 'তুরস্কের যে অভূতপূর্ব্ব উন্নতি হয়েছে সে কথা বললেই সব বলা হলো না।' *সওগাত*, ১৯৩৩। ৯ *বিণ* বিরল। 'অভূতপূর্ব প্রেরণা।' *উমর*, ১৯৬৮।

অভূষিত [স] *বিণ* ভূষণহীন। 'যদি অভূষিত ধূলিমলিন শিশুটিকে ...।' *রবীন্দ্র*, ১৯০২।

অভেজাল [অ+ভেজাল] *বিণ* প্রকৃত। 'জেরুজালেমের অভেজাল ঐতিহাসিক মূল্যও আছে।' *মুজতবা*, ১৯৫৯।

অভেদ [স] *বিণ* অভিন্ন। 'নিত্যানন্দস্বরূপের অভেদশরীর।' *বৃন্দা*, ১৫৮০।

অভেদবর্ণ [স] *বি* মৌলিক বর্ণ। 'ভেদবর্ণ সুবন্ত অভেদবর্ণ পড়ি।' *রূপরাম*, ১৭৫০।

অভেদাঙ্গ [স] *বিণ* অভিন্ন শরীরবিশিষ্ট। 'অভেদাঙ্গ হরগৌরী আপনারে যেন বারম্বার।' *রবীন্দ্র*, ১৯১৪।

অভেদাত্মা [স] *বিণ* একাত্ম। 'সেখানে সূর্য আর সূর্যমণি ফুলে অভেদাত্মা।' *রবীন্দ্র*, ১৯২৯।

অভেদ্য [স] ১ *বিণ* ভেদ করা যায় না এমন। 'অভেদ্য কিনিল বর্ম।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* অবিচ্ছিন্ন। 'রাজ্যের মন্ত্রিপুত্রের অভেদ্য প্রণয় ছিল।' *মশারফ*, ১৮৬৯।

অভোজ্যান্ন [স] *বি* অখাদ্য খাবার। 'অভোজ্যান্ন বিপ্র যদি নিমন্ত্রণ করে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অভৌতিক [স] *বিণ* অলৌকিক। 'জলধারায় এমন অভৌতিক জাদুশক্তির সঞ্চার হয় যাতে স্নানকারীর ...।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অভ্যস্ত [স] *বিণ* নিকটস্থ। 'হে আমার অভ্যস্ত পদধ্বনি।' *শরৎ*, ১৯১৭।

অভ্যঙ্গ মর্দন, অভ্যঙ্গ মর্দ্দন [স] *বি* তেলজাতীয় পদার্থ দ্বারা অঙ্গমর্দন। 'স্বহস্তে করান তাঁর অভ্যঙ্গ মর্দ্দন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অভ্যন্তর [স] *বি* ভিতর। 'অভ্যন্তরে গিয়া তবে দেব শ্রীহরি।' *মালাধর*, ১৫০০।

অভ্যন্তরপ্রদেশ [স] *বি* তলদেশ। 'সমুদ্রজলের উপরিভাগ ও অভ্যন্তরপ্রদেশ দিয়া গমনাগমনকারী বহুবিধ জলযান পরিচালিত হইতেছে।' *অক্ষয়*, ১৮৫৪।

অভ্যন্তরভাগ [স] *বি* মধ্যবর্তী অঞ্চল। 'ভারতীয় এলাকার অভ্যন্তরভাগেই তাহাদের যুদ্ধ চলিতেছে।' *আজাদ*, ১৯৬৫।

অভ্যন্তরীণ [স] *বিণ* ভিতরের। 'আফগানপতি স্বীয় রাজ্যের অভ্যন্তরীণ উন্নতির কার্য্যে প্রাণপণে চেষ্টা করিতেছেন।' *প্রচারক*, ১৯০৭।

অভ্যবহার [স] *বি* ভোজন; আহার। '... দৌহিত্রমুখ নিরীক্ষণের পূর্ব্বে জামাতৃগৃহে অভ্যবহারেও বিমুখ থাকেন।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অভ্যর্থন [স] *বি* সাদরে আহ্বান। 'রিক্ত করে শূন্য ঘরে করো অভ্যর্থন।' *রবীন্দ্র*, ১৯০৬।

অভ্যর্থনা [স] ১ *বি* সাদরে আহ্বান। 'অভ্যর্থনা করিয়া বাবুকে নিয়মিত সিংহাসনরূপ মহলন্দী মসনদে বসাইলে।' *দর্পণ*, ১৮২১। ২ *বি* সমাদর। 'পানওয়ালী মোগলের অভ্যর্থনা জন্য তাহা সজ্জিতকরণে প্রস্তুত হইল।' *বঙ্কিম*, ১৮৭৮। ৩ *বি* স্বাগত সম্ভাষণ। 'স্নিগ্ধ হাসে আমাকে করিল অভ্যর্থনা।' *রবীন্দ্র*, ১৯২৫। ৪ *বি* সাজসজ্জা। 'ফুলের ভাষায় করি তার অভ্যর্থনা।' *রবীন্দ্র*, ১৯৩৫। ৫ *বি* শুভেচ্ছা। 'অজানার অভ্যর্থনা নিয়ে আসে ঘরের দুয়ারে।' *রবীন্দ্র*, ১৯৪১। ৬ *বি* সংবর্ধনা। 'টাকা পয়সা অভ্যর্থনা কমিটির সম্পাদিকার নিকট পাঠাইতে হইবে।' *বেগম*, ১৯৪৯। ৭ *বি* আচরণ। 'মেয়েরা পরিবারের বিরূপ অভ্যর্থনা লাভ করতো।' *বেগম*, ১৯৬৮।

অভ্যর্থনা কমিটি [স+ই] *বি* সংবর্ধনা দেওয়ার জন্যে গঠিত কমিটি। 'টাকাপয়সা অভ্যর্থনা সম্পাদিকার নিকট পাঠাইতে হইবে।' বেগম, ১৯৪৯।

অভ্যর্থনাসজ্জা [স] *বি* সংবর্ধনা দেওয়ার সাজ। 'বৎসরের পর বৎসর অভ্যর্থনাসজ্জা সাজাইয়া প্রতীক্ষা করিয়াছে।' *বিভূতি*, ১৯২৯।

অভ্যর্থিত [স] *বিণ* অভ্যর্থনা করা হয়েছে এমন। 'সহস্র মুসলমান কর্তৃক অভ্যর্থিত হইয়া।' *প্রচারক*, ১৯০৬; 'রবীন্দ্রনাথকে পারস্যবাসী কর্তৃক অভ্যর্থিত হইতে দেখিয়া ...।' *মোহাম্মদী*, ১৯৩২।

অভ্যস্ত [স] ১ *বিণ* নিত্য ব্যবহৃত। 'অভ্যস্ত নানা আয়ুধের অনুশীলন করিয়া মল্লশালাতে ব্যায়াম করিয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ২ *বিণ* সহনীয়। 'সকল ক্লেশের ন্যায় শোকও অভ্যস্ত হইয়া যায়।' *রবীন্দ্র*, ১৯৩৭। ৩ *বিণ* আয়ত্ত। 'কৌশলটি অভ্যস্ত হইল।' *বঙ্কিম*, ১৮৭৮; 'বেহারাদের সংসর্গে যেটুকু হিন্দী অভ্যস্ত হইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৮। ৪ *বিণ* চিরাচরিত। 'গতিকু কেবল চিত্তহীন অর্থহীন অভ্যস্ত আচার।' *রবীন্দ্র*, ১৯০১; 'প্রত্যহের অভ্যস্ত কথার মূল্য যায় ঘুচে।' *রবীন্দ্র*, ১৯৩৫। ৫ *বিণ* স্বচ্ছন্দ। 'ইংরেজি ভাষা ব্যবহারে অভ্যস্ত হয়েছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৮। ৬ *বিণ* পরিচিত। 'এই রসের অভ্যস্ত নেশার জন্যেও সেইরকম নানা প্রকার আয়োজন করি।' *রবীন্দ্র*, ১৯১৬। ৭ *বিণ* প্রচলিত। 'প্রাণহীন অভ্যস্ত লোকাচারের জড় আবরণের মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

অভ্যাগত [স] ১ *বি* অতিথি। 'প্রভু বোলে আমি তোমার আইলাম অভ্যাগত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* আগন্তুক। 'অতীত অভ্যাগত লোকেরদেরও উত্তরণের স্থান।' *রামরাম*, ১৮০১।

অভ্যাগতজন [স] *বি* অতিথি। 'অভ্যাগতজন এই দরিদ্র আয়োজন দেখিয়া দীর্ঘনিশ্বাস ফেলিয়া সাবেক কালের কথা পাড়িল।' *রবীন্দ্র*, ১৯০৭।

অভ্যাগতা [স] *বি* স্ত্রী অতিথি। 'অভ্যাগতাদের জন্য সেমাইসহ জলযোগের সুব্যবস্থা।' *বেগম*, ১৯৪৯।

অভ্যাগম [স] *বি* আগমন। 'বসন্তের প্রথম অভ্যাগমে যখন বনভূমিতলে।' *রবীন্দ্র*, ১৯০২।

অভ্যাস [স] ১ *বি* অনুশীলন। 'কাব্যপ্রকাশ পড়ি অভ্যাস করিল বড়ি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* জ্ঞান। 'কিতাব কোরানে কিছু আছেত অভ্যাস।' *বিজয়*, ১৬৫০। ৩ *বি* নিত্য আচরণজাত স্বভাব। 'আরবের অভ্যাস হাঁটিতে দুই কর মুষ্ট বান্ধিয়া রাখে পৃষ্ঠের উপর।' *সুলতান*, ১৭০০। ৪ *বি* শিক্ষা। 'আমি লাটিন অভ্যাস করিলাম তিন বৎসর।' *কেরী*, ১৮০১।

অভ্যাসক্ষেত্র [স] *বি* মহড়া। 'হার মানিয়া অভ্যাসক্ষেত্রে ললিতাকে বাদ দিয়াই কাজ চালাইতে হইল।' *রবীন্দ্র*, ১৯০৯।

অভ্যাসগত [স] *বিণ* অভ্যাস দ্বারা আয়ত্ত। 'তৎকারণ পরিশ্রমে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অনিচ্ছা অভ্যাসগত হয়।' *বঙ্কিম*, ১৮৯২।

অভ্যাসদোষ [স] *বি* স্বভাবগত দোষ। 'ওটাই আমি অভ্যাসদোষ বলি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অভ্যাসপরতা [স] *বি* প্রতিদিনকার আচরণজাত স্বভাব। 'সেই অন্তঃকরণের কাছে তার পুরো দাবি, জড় অভ্যাসপরতার কাছে নয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অভ্যাস পাকা *ক্রি* অভ্যাস আয়ত্ত হওয়া। 'তাঁহাদের অনুরোধের উত্তরে "না" বলিবার অভ্যাস এখনো পাকে নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

অভ্যাসবশত, অভ্যাসবশতঃ [স] *ক্রিবিণ* স্বভাববশত। 'অভ্যাস-বশত সামান্যকে আমরা তুচ্ছ বলিয়াই জানি।' *রবীন্দ্র*, ১৯০৭; 'আমি অভ্যাসবশতঃ কেবলি আলোর কথা বলে ফেলি।' *শামসুর*, ১৯৬৬।

অভ্যাসবিরুদ্ধ [স] *বিণ* স্বভাবের প্রতিকূল। 'বুদ্ধির ভাষা মান্য করা যদি বহুদিন থেকে দেশের অভ্যাসবিরুদ্ধ হয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অভ্যাসমতো [স] ১ *ক্রিবিণ* চিরাচরিত রীতি অনুযায়ী। 'বালির লোকেরা অভ্যাসমতো যেসব পূজানুষ্ঠান করে তার মানে তারা কিছুই বোঝে না।' *রবীন্দ্র*, ১৯২৯। ২ *ক্রিবিণ* অভ্যাসবশত। 'বরাবরকার অভ্যাসমতো শোবার ঘরের কেদারায় গিয়ে বসলুম।' *রবীন্দ্র*, ১৯৪১।

অভ্যাসরচিত [স] *বিণ* চর্চা দ্বারা সৃষ্ট। 'প্রত্যেক পথই যে আমার অভ্যাসরচিত পথ তা না হতেও পারে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অভ্যাসশূন্য [স] *বিণ* অভ্যাস নেই এমন। 'অভ্যাসশূন্য ব্যক্তি যেমন পলাণ্ডু ভোজনে বিরক্ত ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অভ্যাসা [স অভ্যাস>] *ক্রি* চর্চা করা। 'নানা বিদ্যা অভ্যাসিল মন্ত্রের প্রধান।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অভ্যাসাশ্রয়িতা [স অভ্যাস+স আশ্রয়িতা] *বি* অভ্যাস নির্ভরতা। '...উৎকর্ষের মহৎ আকাঙ্ক্ষা যাকে কখনও তামসিক অভ্যাসাশ্রয়িতায় নামতে দেয় না।' *শিব*, ১৯৬০।

অভ্যাসাশ্রয়ী [স অভ্যাস+স আশ্রয়ী] *বিণ* অভ্যাসনির্ভর। 'তাঁর রচনায় কাজকর্মে রক্ষণশীল জাত্যাভিমান এবং অভ্যাসাশ্রয়ী ধর্মসংস্কারের মনোভাব... চোখে পড়ে।' *শিব*, ১৯৫০।

অভ্যাসিক [স] *বিণ* অভ্যাসগত। 'নির্বিবাদে গিয়ে পড়ে প্রৌঢ়ত্বের অভ্যাসিক যৌথ জতুঘরে।' *বিষ্ণু*, ১৯৪১।

অভ্যুক্ষণ [স] *বি* সেচন। 'গঙ্গা জলের অভ্যুক্ষণ করিলেন।' *দর্পণ*, ১৮২১।

অভ্যুত্থান [স] ১ *বি* সম্মানার্থে আসন থেকে ওঠা। 'ঠাকুর দেখি দুই ভাই কৈল অভ্যুত্থান।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'সম্ভ্রমে উঠিয়া সবে কৈলা অভ্যুত্থান।' *ভারত*, ১৭৬০। ২ *বি* বিদ্রোহ। 'যদি একত্র হয়ে মহারাজের প্রতিপক্ষে অভ্যুত্থান করেন।' *মাইকেল*, ১৮৭৩। ৩ *বি* জাগরণ। 'যদি সামান্য অন্তরায়গুলি নষ্ট করিয়া ভাষা ও সাহিত্যসূত্রে বাঙালির সহিত মিশিতে পারে, তবে বাঙালি জাতির অভ্যুত্থান আশাজনক হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৪ *বি* উত্তরোত্তর উন্নতি। 'অমলের যখন অভ্যুত্থান আরম্ভ হইল তখন মন্দার একটু চমক লাগিল।' *রবীন্দ্র*, ১৯০১। ৫ *বি* আবির্ভাব। 'ইতিহাসে নব নব মতের অভ্যুত্থান।' *রবীন্দ্র*, ১৯১৬।

অভ্যুত্থানকারী [স] *বি* বিদ্রোহী। 'এই অভিজ্ঞতাকে কাজে লাগিয়েছিল অভ্যুত্থানকারীরা তিনবছর বাদে।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

অভ্যুত্থিত [স] *বিণ* অভ্যুত্থান করানো হয়েছে এমন। 'প্রজাদিগকে রাজবিদ্রোহে অভ্যুত্থিত করিয়াছে।' *বিদ্যা*, ১৮৬৩।

অভ্যুৎপাত [স] *বি* দুর্বিপাক। 'আকস্মিক কোনো অভ্যুৎপাতকে আমাদের বুদ্ধি মানতে চায় না।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অভ্যুদয় [স] ১ *বি* আবির্ভাব। 'পশ্চিমদিক হইতে এমন একটি জাতির অভ্যুদয় হইল ...।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বি* উদয়। 'রাত্রে শত সহস্র নক্ষত্রের নিঃশব্দ অভ্যুদয় হচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৮৯। ৩ *বি* বিকাশ। 'ইউরোপে অকস্মাৎ সেইরূপ অভ্যুদয় হইল।' *বঙ্কিম*, ১৮৯২। ৪ *বি* উত্থান। 'কন্সার্ভেটিব গবর্মেন্ট গিয়া লিবারেল গবর্মেন্টের অভ্যুদয় হইবে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অভ্যুদয়শালী [স] *বিণ* উন্নত। 'অনেক অভ্যুদয়শালী মহাজাতির পতন হয়েছে অহংকারে অন্ধ হয়ে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অভ্যুদিত [স] *বিণ* উত্থিত। 'অবরোহী সন্ধ্যার শিশিরে অনুপূর্ব অভ্যুদিত মানুষের চিত্তের প্রসাদ।' *সুধীন্দ্র*, ১৯৪০।

অভ্যুদ্যত [স] *বিণ* অভিমুখে উদ্যত। 'নৃপতি যখন আত্মকর্তব্য বিষয়ের পরিসমাপ্তি বিধানে অভ্যুদ্যত কিন্তু শারীরিক ব্যাপার বিরহিত ...।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অভ্যেস [স অভ্যাস] *বি* চর্চা। 'কাজটা অত্যন্ত দুরূহ, বোধ হয় অনেক অভ্যেসে দুরন্ত হয়।' *রবীন্দ্র*, ১৮৮১।

অভ্র [স] ১ *বি* সাদা রঙের খনিজ পদার্থবিশেষ; মাইকা। 'মধ্যে মধ্যে অভ্র পাঁতি জিনিয়া দর্পণ জ্যোতি।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* মেঘ। *মানেএল*, ১৭৪৩।

অভ্র-আবিরি [স অভ্র+আ আবীর>] *বিণ* আবিরে রাঙানো। 'জ্বলিয়া উঠিল অভ্র-আবিরি ফাগুয়ায় হোমশিখা।' *নজরুল*, ১৯২৭।

অভ্রংলিহ [স] *বিণ* গগনস্পর্শী। 'মানুষের প্রগল্‌ভতা ডুবায় চকিতে অভ্রংলিহ পরাক্রমে।' *সুধীন্দ্র*, ১৯৩১।

অভ্রচিকণ [স অভ্র+স চিক্কণ] *বিণ* অভ্রের মতো উজ্জ্বল। 'অভ্র-চিকণ টিকলি জলের ঝলমলিয়ে যায় বাতাসে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

অভ্রচুম্বিত [স] *বিণ* মেঘচুম্বিত। 'অভ্রচুম্বিত আলোকমালার প্রাসাদ ...।' *রবীন্দ্র*, ১৯২৩।

অভ্রবিজ্ঞান [স] *বি* মেঘ সংক্রান্ত বিদ্যা। 'অভ্রবিজ্ঞানের পুঁথিতে আবর্ত সংবর্ত ইত্যাদি নামরূপ দিয়ে মেঘগুলো ধরা হয়েছে।' *অবন*, ১৯২৫।

অভ্রভেদ [স] *বি* আকাশভেদ। 'একদিন অভ্রভেদ করিয়া উঠিয়াছিল।' *জগদীশ*, ১৮৯৫।

অভ্রভেদী [স] ১ *বিণ* আকাশচুম্বী। 'উপাদি অভ্রভেদী মহীরুহ, হানে গিরিশিরে ঝড়ে।' *মাইকেল*, ১৮৬১। ২ *বিণ* বিশাল। 'অভ্রভেদী মানবহৃদয়ের ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বিণ* অসীম। 'তাঁহারা আপন অভ্রভেদী মহিমার উপযোগী আর যে কিছু ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ৪ *বিণ* আকাশের মতো সুউচ্চ। 'নিষ্কলঙ্ক নীহারের অভ্রভেদী আত্মবিসর্জনে।' *রবীন্দ্র*, ১৯১৪। ৫ *বিণ* আকাশজোড়া। 'হে নিস্তব্ধ গিরিরাজ, অভ্রভেদী তোমার সঙ্গীত তরঙ্গিয়া চলিয়াছে ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

অভ্রান্ত [স] ১ *বিণ* নির্ভুল। 'ভ্রান্ত কি অভ্রান্ত এই ভ্রান্তি ঘুচাইতে।' *ভারত*, ১৭৬০। ২ *বিণ* সঠিক। 'পশ্চিমের শিক্ষা ভ্রান্ত শিক্ষা, মনু অভ্রান্ত ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বিণ* নিরাসক্ত। 'এ বিষয়ে অভ্রান্ত বিচার করা আমার ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অভ্রান্তরূপে *ক্রিবিণ* নির্ভুলভাবে। 'ইঙ্গলণ্ডীয়েরা যেমন স্বভাষা অভ্রান্তরূপে সংগ্রহপূর্ব্বক লেখেন।' *দর্পণ*, ১৮৩১।

AMARBOI.COM

অভ্রান্তিকতা [স] *বি* নির্ভুলতা। 'গুরুবাক্যের অভ্রান্তিকতার উপরে স্বাধীন বুদ্ধি জয়লাভ করে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অমঙ্গল [স] **১** *বি* বিপদ। 'যত অমঙ্গল সকল যাউক দূরে।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বি* অকল্যাণ। 'কোন অমঙ্গল নাহি যায় তথাকারে।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* অনিষ্ট। 'ইহা ভাবিয়া কেহ কেহ পিতা মাতারও অমঙ্গল ইচ্ছা করে।' *অক্ষয়*, ১৮৪৮। **৪** *বিণ* অশুভ। 'অদিন ও অক্ষণে যাত্রা করিলে রোগাদি অমঙ্গল ঘটনা, ও দেবতা বিশেষের ...।' *অক্ষয়*, ১৮৪৯। **৫** *বি* অনিষ্টপাত। 'ঈশ্বরের যে বিষয়ক নিয়ম উল্লঙ্ঘন করিবে তদ্দ্বারা সেই বিষয় ঘটিত অমঙ্গল হইবে।' *অক্ষয়*, ১৮৫৩। **৬** *বিণ* অমঙ্গলসূচক। 'অমঙ্গল কাক যেথা ডাকে অবিরাম।' *রবীন্দ্র*, ১৯০৮। **৭** *বিণ* মন্দ। 'অমঙ্গল ও মঙ্গলকে, শয়তান ও ঈশ্বরকে দুই বিপরীত শ্রেণীতে ভুক্ত করা হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৮।

অমঙ্গলকর [স] *বিণ* অকল্যাণকর। 'ঈশ্বরপ্রদত্ত ইন্দ্রিয় অমঙ্গলকর বা অশ্রেয় মনে করা তাঁহাদের অকর্তব্য।' *বঙ্কিম*, ১৮৮৭।

অমঙ্গলজনক [স] *বিণ* অশুভ। 'ধূমকেতু বাস্তবিকই অলক্ষুণে বা অমঙ্গলজনক।' *নজরুল*, ১৯২২।

অমঙ্গলবিশিষ্ট [স] *বিণ* অকল্যাণজনক। 'যে স্থানে কলের দ্বারা দ্রব্যাদি প্রস্তুত হয় সেই২ দেশ পশ্চাৎ অবশ্যই অমঙ্গলবিশিষ্ট হইয়া থাকে।' *দর্পণ*, ১৮৩০।

অমঙ্গলময়ী [স] *বি স্ত্রী* অমঙ্গল করে যে। 'তম্ব করে দেবে ওই অশুচি, অমঙ্গলময়ীকে।' *মণীশ*, ১৯৬৩।

অমঙ্গলসূচক [স] *বিণ* অকল্যাণ বয়ে আনে এমন। 'তাঁর ওই ঢেঁকি অমঙ্গলসূচক ছিল।' *নজরুল*, ১৯২৭।

অমঙ্গুলে [স অমঙ্গল>] *বিণ* অলক্ষুণে। 'এ বেটা অমঙ্গুলে যোগভঙ্গের অনুসন্ধান করে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অমজবুত [অ+আ মজবুত] *বিণ* মজবুত নয় এমন। 'ক্ষেমঙ্করীর দেহ-গ্রন্থিগুলি কেমন যেন অমজবুত ধরনের।' *বনফুল*, ১৯৩৬।

অমণ [স মন>] *বিণ* অন্যমনস্ক। 'গজণে উঠি চরঅ অমণ ধাণ।' *চর্যা* ২১, ১২০০।

অমত [স] **১** *বি* অসম্মতি। 'এরিয়ানার প্রস্তাবে অমত ও অবজ্ঞা প্রদর্শন করিলেন।' *বিদ্যা*, ১৮৬৩। **২** *বি* আপত্তি। 'হিতবাদমতে অমত করি না।' *বঙ্কিম*, ১৮৭৫। **৩** *বি* অপছন্দ। 'তোমাদের যদি এতে এতই অমত হয় তা হলে অন্য জায়গাতেই বাড়ি ভাড়া করতে ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

অমত্ত [স] *বিণ* স্থির; অচঞ্চল। 'চিত্ত রবে পরিপূর্ণ অমত্ত গম্ভীর।' *রবীন্দ্র*, ১৯০১।

অমধুর [স] **১** *বিণ* একঘেয়ে। 'সারা দিনমান শুনি ওই সুর লাগে না যেন গো কভু অমধুর।' *সত্যেন্দ্র*, ১৯০৮। **২** *বিণ* রূঢ়। 'কর্তৃপক্ষের সঙ্গে ঝগড়া করে আসবে অমধুর ভাষায়।' *রবীন্দ্র*, ১৯৩২।

অমন *বিণ* অতোটা। 'বাদসাহের নিকট অমন পরিচিত নহেন।' *রামরাম*, ১৮০১।

অমনতরো, অমনতর **১** *বিণ* ঠিক ওই রকম। 'তুমি অমনতরো দুপুরবেলা আকাশের দিকে গদ্‌গদ হইয়া তাকাইয়া থাক কেন।' *রবীন্দ্র*, ১৯০২। **২** *বিণ* ও রকম। 'অমনতরো নাম তো শুনিনি।' *রবীন্দ্র*, ১৯৩৩; 'অমনতর রূপলোক ফুটিয়া উঠে।' *বিভূতি*, ১৯৩৮।

অমনযোগী [স অমনোযোগী] *বিণ* মনোযোগী নয় এরূপ। 'তাঁহার পিতৃব্য, তাঁহাকে অলস ও অমনযোগী স্থির করিয়া ...।' *বিদ্যা*, ১৮৫৬। *দ্র* **অমনোযোগী**

অমনস্ক [স] *বিণ* আন্তরিকতাহীন। 'অমনস্ক যান্ত্রিক বাহ্যিক আচারের বিরোধী।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অমনস্যন্ত [স অমনুষ্যত্ব] *বিণ* অমানবিক। 'অমনস্যন্ত কৃয়ার বারণ।' *ক্যালগে*, ১৭৯৪।

অমনি **১** *ক্রিবিণ* তখনই। 'ধমকে অমনি ভূত ভাগে।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'অমনি ৩/৪ হাজার লোক তাহাদিগের অনুগত হয়।' *সোমপ্রকাশ*, ১৮৭৩। **২** *ক্রিবিণ* অমন। 'গোড়াসুদ্ধ উপাড়ে অমনি।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৩** *ক্রিবিণ* সে রকমই। 'তারার বাঁশ দেওয়ালের গায়ে অমনি লাগান আছে।' *দর্পণ*, ১৮২২। **৪** *ক্রিবিণ* কোনো প্রয়াস ছাড়া। 'হাতের কাছে অমনি এল, অমনি যাবে!' *রবীন্দ্র*, ১৮৮১। **৫** *ক্রিবিণ* এমনিতেই। 'পুলিসদার ভেদ জানতে পারলে/ নবুয়ত তার অমনি মেলে।' *লালন*, ১৮৯০।

অমনি অমনি *ক্রিবিণ* কোনোভাবে। 'তোমরা তাকে অমনি অমনি বিদায় করে দিতে পার নি।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অমনিবাস, অম্নিবাস [হ] **১** *বি* বড়ো মোটরবাস। 'মোটর-রথ, মোটর-বিশ্বমহ (অম্নিবাস), মোটর-মালগাড়ি লণ্ডনের ...।' *রবীন্দ্র*, ১৯১২; 'অভিসারে যেতে হয় পটলডাঙার অমনিবাসে চড়ে।' *রবীন্দ্র*, ১৯৩২। **২** *বি* বৃহদায়তন গ্রন্থসংকলন। 'কোনো বিশেষ প্রসঙ্গ যার মালেক নয় এমন একটা রচনা পেলেই সেটাকে অম্নিবাস গাড়ি করে তোলে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অমনুষ্যত্ব [স] *বিণ* মনুষ্যত্বহীনতা। 'তাঁহার মর্ম্ম বেদনা প্রদান করা নিতান্ত অমনুষ্যত্ব।' *তমোলুক*, ১৮৭৪।

অমনোনিবেশ [স] *বি* উদাসীনতা। 'পুরুষনারী হারিয়ে গেছে শম্প নদীর অমনোনিবেশে।' *জীবন*, ১৯৪০।

অমনোনীতা [স] *বি স্ত্রী* অনির্বাচিত যে। 'তুমি মনোনীতাই হয়েছ, অমনোনীতাদের দলে পড়নি?' *নরেন্দ্র*, ১৯৪৯।

অমনোমত [স] *বিণ* মনের মতো নয় এমন। 'রেফারি যদি একটা অমনোমত রায় দেয় অমনি আবার উচ্চঘোষ।' *অচিন্ত্য*, ১৯৫০।

অমনোযোগ [স] *বি* মনোযোগের অভাব। 'যাহা মহৎ ব্যক্তির কর্ত্তব্য তাহা কেবল অমনোযোগ মাত্র।' *তারিণী*, ১৮০৩।

অমনোযোগিতা [স] *বি* যত্নের অভাব। 'ইহা তো কেবল অমনোযোগিতা, কিন্তু গার্ডের ইহা অপেক্ষাও অন্যায় কাজ করিয়া থাকেন।' *রবীন্দ্র*, ১৮৮১।

অমনোযোগিতাময় [স] *বিণ* অনবধানতাপূর্ণ। 'সকল মুহূর্তে এক অমনোযোগিতাময় সিঁড়ি আমারে উদ্ধার দিতে বারংবার কাছে এসেছিলো।' *শক্তি*, ১৯৭০।

অমনোযোগী [স] **১** *বিণ* অনাগ্রহী। 'বিষয় কর্ম্ম আর অন্য প্রকরণে সুস্থি এবং অমনোযোগী দীর্ঘসূত্রী।' *চন্দ্রিকা*, ১৮৩০। **২** *বিণ* অযত্নবান। 'তাহার প্রতি আর অমনোযোগী না হইয়া ... বিদ্যালয়ে যাইতে বাধ্য করুন।' *সুলভ*, ১৮৭১। **৩** *বিণ* অন্যমনস্ক। 'স্কুলে এতবড় নির্বোধ এবং অমনোযোগী বালক আর ছিল না।' *রবীন্দ্র*, ১৮৯২। **৪** *বিণ* উদাসীন। 'কাজকর্মের অবকাশকালে ... প্রণয়চর্চায় অমনোযোগী ছিল না।' *রবীন্দ্র*, ১৯০৬। **৫** *বিণ* অসহানুভূতিশীল। 'রাজা অমনোযোগী হইলেই দেশের জলপাত্র রিক্ত হইয়া যাইত না।' *রবীন্দ্র*, ১৯০৮।

অমন্ত্র [স] *বিণ* মন্ত্রপাঠহীন। 'যিনি অমন্ত্র ও সমন্ত্র শরপ্রয়োগ করিতে সমর্থ।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অমন্দ্র [স] *বিণ* অগম্ভীর। 'অমন্দ্র শঙ্খধ্বনিতে বাণী এল – প্রস্তুত হও।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অময়াসন [স অময়া+আসন] *বি* অকপট যোগ (যম আসন)। 'জপিলে অময়াসন আর প্রনামে।' *মালাধর*, ১৫০০।

অমর [স] ১ *বি* অমরত্ব। 'জে বর মাগহ সবে অমর এড়িয়া।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* মৃত্যুহীন; চিরজীবী। 'বিষ হয় জীর্ণ দেহ হয়ত অমর।' *বৃন্দা*, ১৫৮০; 'খাইয়া হউক লোক অজর-অমরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কেহই অমর নহে, সকলকেই মরিতে হইবে।' *বিদ্যা*, ১৮৫১। ৩ *বিণ* অসীম। 'অমর সাহসে সবে শূর।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৪ *বিণ* চিরস্মরণীয়। 'অমরকীর্ত্তি পাণ্ডুপুত্র ও যুদ্ধদুর্মদ রাজপুত্রদিগের নামোচ্চারণ মাত্র ...।' *অক্ষয়*, ১৮৪৮। ৫ *বিণ* সর্বকালীন। 'অসাধারণ শক্তিসম্পন্ন অমর লেখকগণ উদিত হইতে লাগিলেন।' *অক্ষয়*, ১৮৫৫। ৬ *বি* দেবতা। 'অমরবৃন্দ যার ভুজবলে কাতর।' *মাইকেল*, ১৮৬১। ৭ *বিণ* জীবন্ত। 'মরার পরে চাইরে ওরে অমর হতে।' *রবীন্দ্র*, ১৯০০। ৮ *বিণ* উজ্জীবিত। 'অমর হব আঁখির তব সুধার স্রোতে।' *রবীন্দ্র*, ১৯০০।

অমরকারিণী [স] *বি স্ত্রী* অমর করে যে। 'অমর করিলা তোমা অমরকারিণী।' *মাইকেল*, ১৮৬৬।

অমরকীর্তি, অমরকীর্ত্তি [স] *বিণ* চিরঞ্জীব। 'অমরকীর্ত্তি পাণ্ডুপুত্র ও যুদ্ধদুর্মদ রাজপুত্রদিগের ...।' *অক্ষয়*, ১৮৪৮।

অমরকোষ [স] *বি* অমরসিংহ প্রণীত সংস্কৃত শব্দকোষ। 'ইংরেজী সমেত অমরকোষ ছাপা হইতেছে।' *দর্পণ*, ১৮২২।

অমরতা [স] ১ *বি* অবিনশ্বরতা। 'হেন অমরতা আমি, কহ, গো, শ্যামা জন্মদে।' *মাইকেল*, ১৮৭৩। ২ *বি* চিরকালের স্মরণযোগ্যতা। 'গানের সুরের ধারা তুচ্ছ কথাগুলো যেমন অমরতা প্রাপ্ত হয়।' *রবীন্দ্র*, ১৮৯৪; 'এতদিন যে দিনরাত্রির মালা গেঁথেছি বসে বসে তার জন্যে অমরতার দাবি করব না তোমার দ্বারে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অমরতালোক [স] *বি* মৃত্যুহীনতার জগৎ। 'মরণের অমরতালোকে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অমরত্ব [স] ১ *বি* অমরতা। 'স্বকীয় পুণ্যবলে শ্রীবৃদ্ধি পাইয়া অমরত্ব-পদ প্রাপ্ত হইলেন।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* স্থায়িত্ব। 'তুমি আমার নামকে যে অমরত্ব দিয়াছ, তাহাতে যেমন সন্তুষ্ট হইয়াছিলাম এমন আর কিছুতে না।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বি* মৃত্যুহীনতা। 'অহং আপনার মৃত্যুর দ্বারাই আত্মার অমরত্ব প্রকাশ করে।' *রবীন্দ্র*, ১৯০৯।

অমরত্বলাভ [স] *বি* চিরস্মরণীয় হওয়া। 'সমাজে প্রতিষ্ঠালাভের দুর্বল কামনা বা অমরত্বলাভের বাসনা থেকে তাঁর কর্মে প্রবৃত্তি জন্মেনি।' *শরীফ*, ১৯৭০।

অমরপুর [স] *বি* স্বর্গ। 'অমরপুরত নাহিঁ হএ হেন রামা।' *বড়ু*, ১৪৫০।

অমরপুরী [স] *বি* (হিন্দুপুরাণ) স্বর্গ। 'দেবতারা অমরপুরীতে স্ফূর্তিতে বাস করেন।' *প্রমথ*, ১৯০২।

অমরফল [স] *বি* অমরত্ব লাভ হয় যে ফল খেলে। 'তিনি, আপন উপাস্য দেবতার নিকট বরস্বরূপ এক অমরফল পাইয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭।

অমরবাঞ্ছিত [স] *বিণ* অমরত্বের কামনাযুক্ত। 'অমরবাঞ্ছিত এই সুন্দরী-নগরী।' *গিরিশ*, ১৮৮৭।

অমরবাণী [স] *বি* চিরন্তন বা শাশ্বত বাণী। 'সাধকের অমরবাণী-ধারা প্রবাহিত আছে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অমরলোক [স] *বি* স্বর্গ। 'তেজিলে অমরলোক মাতা তোমার করে শোক।' *মুকুন্দ*, ১৬০০।

অমরসুন্দর [স] *বিণ* চিরসুন্দর। 'একটি অমরসুন্দর মানবাত্মা এর মধ্যে বাস করে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অমরী [স] ১ *বিণ স্ত্রী* কখনো মৃত্যু হয় না এমন। 'যথা অমরী ব্রততী, অমর সুতরুকুল।' *মাইকেল*, ১৮৬০। ২ *বি* দেবী। 'হে অমরী অমর করিয়া দাও মোরে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অমরখ [স অমর্ষ] *বি* ক্রোধ। 'সুপুরুস বচন সবহুঁ বিধি ফূর। অমরখে বিমরখ ন করিঅ দূর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অমরা [স] *বি* স্বর্গ; অমরাবতী। 'মনোভব মনোরম অমরা নগর সম সাধু সৎ অনেক নিবাস।' *বাহরাম*, ১৬৫০।

অমরাপুরি [স অমরাপুরী, সম্বোধনে ই-কার] *বি* স্বর্গলোক। 'রে অমরাপুরি, কনক-নগরি।' *মাইকেল*, ১৮৬০।

অমরাপুরী [স] *বি* স্বর্গলোক। 'কোথা সে অমরাপুরী কনকনগরী?' *মাইকেল*, ১৮৬০।

অমরাবতী [স] ১ *বি* স্বর্গলোক। 'অমরাবতীর তুল্য মনোহর স্থান।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* জগৎ। 'ক্ষুদ্র আমার এই অমরাবতী– আমরা দুটি অমর, দুটি অমর।' *রবীন্দ্র*, ১৯০০। ৩ *বি* সুখ। 'অমরার মাঝে আপন অমরাবতী চিরদিন গোপনে বিরাজে।' *রবীন্দ্র*, ১৯১৬। ৪ *বি* সভা। 'নিরাসক্ত গিয়েছি তোমার নিমন্ত্রণে তোমার অমরাবতী সুপ্রসন্ন সেই শুভক্ষণে মুক্তদ্বার।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অমরারি [স অমরা+স অরি] *বি* স্বর্গের শত্রু; অসুর। 'তা হতে হইবে নষ্ট দুষ্ট অমরারি।' *মাইকেল*, ১৮৬০।

অমর্ত [স অমৃত] *বিণ* সুধাময়। 'অমর্ত গুটিকা দিলা জোড়া নারিকল।' *রামাই*, ১৭১০।

অমর্ত, অমর্ত্য [স] ১ *বিণ* অপার্থিব। 'মৃত্যু দিয়ে বিরচিল অমর্ত্য নরের রাজধানী।' *রবীন্দ্র*, ১৯৩২। ২ *বি* স্বর্গ। 'কোন পথে নিয়ে যাবে টানি/ অমর্ত্যের আলোক সন্ধানী।' *সুকান্ত*, ১৯৪৮। ৩ *বিণ* অবিনাশী। 'সব স্মৃতি সেই প্রাণে বুঝি মুছে যায় যে-প্রাণ হারায় সেই অমর্ত্য গানে।' *নীরেন*, ১৯৫১।

অমর্তলোক [স] *বি* পরলোক। 'অমর্তলোকের বিশ্বাসে, অমৃত-তত্ত্বের সাধনায় অপ্রামাণ্য সত্তায় যে জীবন কাটে ...।' *রমেন*, ১৯৭০।

অমর্দিত, অমর্দ্দিত [স] *বিণ* মাড়াই করা হয়নি এমন। 'ইত্যবসরে শৃগাল অমর্দ্দিত শুষ্ক শস্যস্তূপে ... লুণ্ঠাইত হইয়া থাকিল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

অমর্যাদা, অমর্য্যাদা [স] ১ *বি* অবজ্ঞা। 'তাহা যদি না মানেন তবে আমার যথেষ্ট অমর্য্যাদা।' *কেরি*, ১৮০২। ২ *বি* অসম্মান। 'ভালো জিনিসের অমর্যাদা করা হয়।' রবীন্দ্র ১৯০৮।

অমর্যাদাপন্ন, অমর্য্যাদাপন্ন [স] *বিণ* অসম্মানজনক। 'আপন লাভের নিমিত্ত অমর্য্যাদাপন্ন করে।' *চন্দ্রিকা*, ১৮৩০।

অমর্ষ [স] *বি* ক্রোধ। 'কিন্তু হর্ষ, অমর্ষ প্রভৃতি ব্যভিচারী ভাব।' *বঙ্কিম*, ১৮৮৭।

অমল [স] ১ *বিণ* পরিষ্কার। 'প্রসাদ বলে আমার হৃদয় অমল কমল সাঁচ।' *রামপ্রসাদ*, ১৭৮০। ২ *বিণ* বিশুদ্ধ। 'তোমার অমল অমৃত পড়িছে ঝরিয়া।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বিণ* প্রশান্ত। 'নেই যে কোথাও সান্ত্বনার অমল উদ্যান।' *শামসুর*, ১৯৭২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অমল-ছবি [স] *বি* শুভ্রমূর্তি। 'হেথায় সাড়া পেল বাহির হল অমল-ছবি।' *রবীন্দ্র*, ১৯১৪।

অমলধারা [স] *বিণ* নির্মল প্রবাহবিশিষ্ট। 'অমলধারা ঝরনা যেমন স্বচ্ছ তোমার প্রাণ।' *রবীন্দ্র*, ১৯৪১।

অমলবরণী [স অমলবর্ণ>] *বিণ স্ত্রী* ফরসা রঙবিশিষ্ট। 'অমলবরণী নবনীত জিনি – জিনি বরফের গুঁড়া।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

অমলশুভ্র [স] *বিণ* ধবধবে সাদা। 'অমলশুভ্র শাড়িটি মাথার উপর টেনে দেওয়া।' *রবীন্দ্র*, ১৯২৯।

অমলশ্বেতকান্তি [স] *বিণ* সম্পূর্ণ সাদা রঙের। 'দুই অমলশ্বেতকান্তি বলদ ঐ শকট বহন করিতেছিল।' *বঙ্কিম*, ১৮৭৪।

অমলা [স] **১** *বিণ স্ত্রী* অমলিন। 'অমলা কমল হৈল পদ্মা করিবর।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ স্ত্রী* নির্মল। 'অমলা পদ্মাবতী লইআ তুরা গতি।' *রামাই*, ১৭১০।

অমলকি, অমলখি [স আমলকী] *বি* আমলকী। 'তুলসি মালতি জাতি অমলকী কুন্দ জুতি।' *মালাধর*, ১৫০০; 'লয়্যা তৈল অমলখি স্নান কর গিআ নদীজলে।' *মুকুন্দ*, ১৬০০।

অমলতা [স] *বি* শুভ্রতা। 'সেই মল্লিকার অমলতা।' *বঙ্কিম*, ১৮৭৫।

অমলা দ্র **অমল**

অমলিন [স] *বিণ* নিষ্কলঙ্ক। 'দশ দিকে দেও মন যথা পাও অমলিন কুল।' *মুকুন্দ*, ১৬০০।

অমলিনা [স] **১** *বিণ স্ত্রী* নিষ্কলঙ্ক। 'সে সম্পদ থাক অমলিনা।' *রবীন্দ্র*, ১৯৩২। **২** *বিণ স্ত্রী* অম্লান। 'গরবিনী, তাই সেই শক্তি গেছে ঘুচি আপনার অন্তরে রহিতে অমলিনা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অমলিনী [স] *বিণ স্ত্রী* নিষ্কলঙ্ক। 'অমলিনী নারী, গ্রাসে করী যথা, নিয়ত নেহারে মন।' *গিরিশ*, ১৮৮৩।

অমলেট [ই] *বি* ডিম ভাজা। 'চায়ের সঙ্গে রুটিটোস্ট, অমলেট খাইতে কথাটা পাড়লে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অমহিমা [স] **১** *বি* অখ্যাতি। 'ঘরে অকুমারী কন্যা বড় অমহিমা।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* অসম্মান। 'এমত কথাএ অমহিমা পরমেশ্বরের।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

অমা [স] **১** *বি* অমাবস্যা। 'ভেদি অমা নিশীথের গাঢ় অন্ধকার।' *রবীন্দ্র*, ১৮৮০। **২** *বি* রাত্রি। 'নিবিড় অমা-তিমির হতে দোল লেগেছে এবার।' *রবীন্দ্র*, ১৯৩১।

অমাতট [স] *বি* অমাবস্যার অন্ধকার। 'দীপহীন অমাতটে নাচে একা প্রাণ-খদ্যোতিকা!' *জীবন*, ১৯৩০।

অমানিশা [স] *বি* অমাবস্যার রাত। 'একের পৌর্ণমাসীরজনী, অন্যের ঘোর তমসাচ্ছন্ন অমানিশা।' *অক্ষয়*, ১৮৪৯।

অমানিশি [স] *বি* অমাবস্যার অন্ধকার। 'সম্মুখেতে চির অমানিশি।' *রবীন্দ্র*, ১৮৮১।

অমানিশীথ [স] *বি* অমাবস্যার রাত্রি। 'অমানিশীথের বার্তা আনিছে বহিয়া।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অমাবিভাবরী [স] *বি* অমাবস্যার রাত। 'আমি অমাবিভাবরী আলোকহারা।' *রবীন্দ্র*, ১৯৪০।

অমা-ভরা [স অমা+ভরা] *বিণ* অন্ধকারপূর্ণ। 'মৃত্যুর অমা-ভরা শত শত কৃষ্ণ পতাকা।' *নজরুল*, ১৯২২।

অমাময় [স] *বিণ* অন্ধকারে আচ্ছন্ন। 'ভারতের অমাময় স্পন্দহীন বিহ্বল শ্মশানে।' *জীবন*, ১৯২৭।

অমাময়ী [স] *বিণ স্ত্রী* অমাবস্যায় আচ্ছন্ন। 'অমাময়ী নিশি যদি সৃজনের শেষ কথা হয়।' *জীবন*, ১৯৪০।

অমামেঘ [স] *বি* অমাবস্যার রাতের মতো অন্ধকার মেঘ। 'আমার নিদাঘদাহে অমামেঘের নীল অমিয়া ঢালো।' *নজরুল*, ১৯২৫।

অমাযামিনী [স] *বি* অমাবস্যা রাত্রি। 'অরুণে জাগায় অমাযামিনীর কোলে।' *নজরুল*, ১৯৩১।

অমারজনী [স] *বি* অমাবস্যার রাত। 'অমারজনীর মদিরায় নেই নীড়-আকাশ।' *বিষ্ণু*, ১৯৪১।

অমারাত [স অমারাত্রি] *বি* অন্ধকার রাত। 'পুঞ্জে পুঞ্জে খুঁজব না অমারাতে।' *সুধীন্দ্র*, ১৯৩৪।

অমারাতি [স অমারাত্রি] *বি* অমাবস্যার রাত। 'সূর্য যেন গো দেখিয়াছে – তার পিছনের অমারাতি।' *নজরুল*, ১৯২৮।

অমারাত্রি [স] *বি* অমাবস্যার রাত্রি। 'আজি অমারাত্রির দুর্গতোরণ যত ধূলিতলে হয়ে গেল ভগ্ন।' *রবীন্দ্র*, ১৯৪১।

অমাকা *বিণ* অত্যাচারী। *মানোএল*, ১৭৪৩।

অমাতৃভাষা [স] *বি* ভিন্নজাতির ভাষা। 'অমাতৃভাষা উর্দু আমদানী করা কতদূর যুক্তিসঙ্গত।' *মোহাম্মদী*, ১৯৪০।

অমাত্য [স] **১** *বি* পারিষদ। 'ভৃত্য অমাত্য সম্বাষিয়া আনন্দ পুরিল।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *বি* সহচর। 'ঐ স্থানে সৈন্য ও সামন্ত ও অমাত্য ও ভৃত্য ...।' *দর্পণ*, ১৮২১। **৩** *বি* মন্ত্রী। 'নৃপতি আপন এক অমাত্যকে তাঁহার নিকটে পাঠাইলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

অমাত্য-প্রধান [স] *বি* প্রধানমন্ত্রী। 'যা কহিলে সত্য, ওহে অমাত্য-প্রধান।' *মাইকেল*, ১৮৬১।

অমাত্যসুত [স] *বি* মন্ত্রীপুত্র। 'তাহান অমাত্যসুত মুই সে পামর।' *আলাওল*, ১৬৮০।

অমান *বি* কৃতঘ্নতা। *মানোএল*, ১৭৪৩।

অমানবিক [স] **১** *বিণ* মানুষের জন্যে অনুকূল নয় এমন। 'বর্তমান সভ্যতার এই অমানবিক অবস্থায় বলশেভিক নীতির অভ্যুদয়।' *রবীন্দ্র*, ১৯৩১। **২** *বিণ* মানুষের জন্য স্বাভাবিক নয় এমন। 'রাগের কারণ থাকলে রাগ না করাটা অমানবিক।' *রবীন্দ্র*, ১৯৩৪। **৩** *বিণ* অমানুষিক। 'অমানবিক নিষ্ঠুরতা দেখা দিচ্ছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অমানবিকতা [স] *বি* মনুষ্যত্বহীনতা। 'চারি দিকে থেকে থেকে মানব ও অমানবিকতা।' *জীবন*, ১৯৪০।

অমানান [অ+ফা মানান্দা] *বি* পার্থক্য। 'প্রচলিত রীতিপদ্ধতির সঙ্গে যাদের অমানান বিস্তর।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অমানুষ [স] **১** *বিণ* মনুষ্যত্বহীন। 'অমানুষ সন্তানের জন্য দেশত্যাগী!' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বি* খারাপ মানুষ। 'এতবড়ো অমানুষ আমি নই।' *রবীন্দ্র*, ১৯১৬। **৩** *বিণ* মনুষ্যেতর। 'মানুষকে তলিয়ে রেখে, অমানুষ করে রেখে ...।' *রবীন্দ্র*, ১৯৩১। **৪** *বিণ* বর্বর। 'একদিন তুর্কিকে অমানুষ বলে গঞ্জনা দিয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অমানুষতা [স] *বি* পাশবিকতা। 'নগ্ন করল আপন নির্লজ্জ অমানুষতা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অমানুষি [অ+স মানুষ>] **১** *বিণ* অমানুষিক। 'যত অমানুষি কর্ম নিরবধি করে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* অসামান্য। 'দেখি অতি অমানুষি বিবাহসম্ভার।' *বৃন্দা*, ১৫৮০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অমানুষিক [স] ১ *বিণ* অসহ্য। 'হতভাগ্য মরণ-যন্ত্রণায় অমানুষিক কাতরস্বরে শব্দ করিতেছিল।' *বঙ্কিম*, ১৮৬৮। ২ *বিণ* অমানবিক। 'যদিও আমি প্রভু হোসেনের সহিত অমানুষিক ব্যবহার করিয়াছি।' *মশাররফ*, ১৮৮৫। ৩ *বিণ* অলৌকিক। 'অমানুষিক সাহায্যপ্রাপ্ত।' *বঙ্কিম*, ১৮৮৭। ৪ *বিণ* পাশবিক। 'তাঁদের যে একটা অমানুষিক শক্তিই রয়েছে।' *নজরুল*, ১৯২৭।

অমানুষিকতা [স] ১ *বি* অমানবিক আচরণ। 'নিজ পুত্রদিগের অমানুষিকতায় গাত্রস্থিত অলঙ্কারগুলি পরায়ত্ত হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বি* নিষ্ঠুরতা। 'এমন জনকে রিক্তহস্তে বিদায় করা অমানুষিকতা।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

অমানুষী [স] *বিণ* মনুষ্যতৃহীন। 'বর্তমান যুদ্ধ নিতান্ত অমানুষী ব্যাপার।' *প্রমথ*, ১৯১৪।

অমান্য [স] ১ *বিণ* পূজনীয় নয় এমন। 'আপনাকে হয় মোর অমান্য সমান।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* অবাধ্য। 'সেই দাঁত অমান্য হইল যে অহার কারণ এক গ্রাসও চাবাইব না।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* উপেক্ষা। 'সব ঠাঁই আদর অমান্য নাই কভু।' *গুপ্ত*, ১৮৫৮। ৪ *বি* অবজ্ঞা। 'তাকে অমান্য করা দীনতা এ কথা জানি।' *রবীন্দ্র*, ১৯০৮।

অমান্যকারী [স] *বিণ* লঙ্ঘনকারী। 'আইন-অমান্যকারীর দল যতদিন থাকবে।' *শরিয়ত*, ১৯৩৩।

অমান্যি [স অমান্য] *বি* অসম্মান। 'এঁচড়ে পাকা ছেলের মত একটু ঠাট্টা-অমান্যির হাসি।' *জীবন*, ১৯৪৮।

অমাবস্যা, অমাবশ্যা [স] *বি* চান্দ্রমাসের যে তিথিতে রাতে চাঁদ সম্পূর্ণ অদৃশ্য থাকে। 'চতুর্দশী অমাবস্যা হৈল।' *সুলতান*, ১৭০০; *বিণ* 'অমাবশ্যা রাত হৈল জানিবে অধিক।' *গরীব*, ১৭৬৫।

অমায়া [স] *বি* কাতরতা প্রকাশ। 'এতরূপে লাউসেন করেন অমায়া।' *মানিকরাম*, ১৭৮১।

অমায়ায়ে *ক্রিবিণ* সরলভাবে। 'সেই দিন অমায়ায়ে কহিলেক কথা।' *বৃন্দা*, ১৫৮০।

অমায়িক [স] ১ *বিণ* সরল। 'অমায়িক স্বভাব, অমায়িক মুখশ্রী মিসেস ক।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বিণ* নিরহঙ্কার। 'বিদ্যাভূষণ মহাশয়ের মত, অমায়িক, পরোপকারী ... দেখিতে পাওয়া যায় না।' *বিদ্যা*, ১৮৯১। ৩ *বিণ* ভদ্র ও আন্তরিকতাপূর্ণ। 'আহা, কী অমায়িক প্রকৃতি!' *রবীন্দ্র*, ১৯০৭। ৪ *বিণ* চোখজুড়ানো। 'শিশিরে উজ্জ্বল কোনো অমায়িক পাখির মতন আমি আসি।' *জীবন*, ১৯৩০। ৫ *বিণ* মমতাময়ী। 'অমায়িক দেবী যেন এক।' *মাহমুদ*, ১৯৬৩।

অমায়িকভাবে [স] *ক্রিবিণ* অকপটভাবে। 'অমায়িকভাবে তিনি হাসেন।' *শিবরাম*, ১৯৫০।

অমায়িকতা [স] ১ *বি* ভদ্রতা। 'এই কি অমায়িকতা।' *দীনবন্ধু*, ১৮৬৭। ২ *বি* মধুর ব্যবহার। 'স্নেহ, দয়া, সৌজন্য, অমায়িকতা, সদ্বিবেচনা প্রভৃতি সদগুণ।' *বিদ্যা*, ১৮৯১। ৩ *বি* অনুকূল অবস্থা। 'এ ঘরের আবহাওয়ার অমায়িকতা যেন নিশ্বাসে গ্রহণ করা যায়।' *মানিক*, ১৯৩৬।

অমারজনী *দ্র* **অমা**

অমার্জনীয়, অমার্জ্জনীয় [স] *বিণ* ক্ষমার অযোগ্য। 'শব্দের কোনোরূপ অসংগত প্রয়োগ সেকালে অমার্জনীয় দোষ বলে গণ্য হত।' *প্রমথ*, ১৯১২; 'এ গর্হিতই অমার্জ্জনীয়।' *আজাদ*, ১৯৪৯।

অমার্জনীয়তা [স] *বি* ক্ষমার অযোগ্যতা। 'রামলোচনকেও সে সকল দোষের অমার্জনীয়তা স্বীকার করিয়া অবিলম্বে তাহাকে ছাড়াইয়া দিতে হয়।' *বনফুল*, ১৯৩৬।

অমার্জিত [স] ১ *বিণ* অবিন্যস্ত। 'গৃহিণী ফিরিয়া আসিয়া গৃহের যেরূপ দুরবস্থা দেখিলেন – সমস্ত অমার্জিত, মলিন ...।' *রবীন্দ্র*, ১৯০২। ২ *বিণ* অশিষ্ট; অভব্য। 'নিজের অর্জিত অমার্জিত রুক্ষতা তাকে স্পর্শ করেনি।' *মানিক*, ১৯৩৫।

অমিঅ [স অমৃত] *বি* অমিয়; সুধা। *বিদ্যা*, ১৮৯১।

অমিআ [স অমৃত] *বি* সুধা। 'অমিআ আচ্ছন্তে বিস গিলেসিরে।' *চর্যা* ৩৯, ১২০০।

অমিখিয় [অনিমিখ] *বি* পলকহীনতা। 'আহা মরি অমিখিয়ে জুড়াইল আঁখি।' *মানিকরাম*, ১৭৮১।

অমিঞা [স অমৃত] *বি* সুধা। 'অমিঞা সত্তার চিত্ত কাম রতিপতি।' *মুকুন্দ*, ১৬০০।

অমিত [স] *বিণ* অপরিমেয়। 'অমিত ধনরাশি।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অমিততেজা [স] *বিণ* অসীম ক্ষমতাবান। 'অমিততেজা অজাতশত্রু মণিপুরেশ্বরের অনুমাত্র আশঙ্কা নাই।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অমিতপরাক্রম [স] *বিণ* অপরিমিত শক্তির অধিকারী। 'কালিদাসের শ্রেষ্ঠ নায়করা তাই শক্তিমান সৈনিক – অমিতপরাক্রম।' *ওদুদ*, ১৯৪৬।

অমিতবলধারী [স] *বিণ* অত্যধিক শক্তির অধিকারী। 'রামায়ণের অমিতবলধারী বীর।' *বঙ্কিম*, ১৮৮৭।

অমিতবারি [স] *বি* প্রচুর বৃষ্টিপাত। 'এমন অমিতবারি আর কখনও বুঝি নেমে আসেনি পৃথিবীতে।' *কায়সার*, ১৯৬২।

অমিতবিক্রম [স] *বিণ* অপরিমেয় শক্তির অধিকারী। 'তুমিই অমিতবিক্রম।' *রবীন্দ্র*, ১৯২৯।

অমিতব্যয়িতা [স] ১ *বি* বেহিসাবি খরচের অভ্যাস। 'পিতা ... উচ্ছৃঙ্খলতা ও অমিতব্যয়িতা দ্বারা নিতান্ত নিঃস্ব হইয়া গিয়াছিলেন।' *বিদ্যা*, ১৮৫৬। ২ *বি* অপচয়। 'আশু কর্তব্যের বাইরে অন্য কর্তব্যের মধ্যে নিজেকে জড়িত করা শক্তির অমিতব্যয়িতা।' *রবীন্দ্র*, ১৯২৮। ৩ *বি* অযথা কালক্ষেপণ। 'পাঙ্কুচুয়াল হতে গিয়ে সময় নষ্ট করা আমাদের পক্ষে অমিতব্যয়িতা।' *রবীন্দ্র*, ১৯২৮।

অমিতব্যয়ী [স] *বিণ* বেহিসাবি। 'আত্মসুখরত, অমিতব্যয়ী জীব।' *নবনূর*, ১৯০৩।।

অমিতভাষণ [স] *বি* সংযমহীন কথাবার্তা। 'তাহার অমিতভাষণেই প্রমাণ হয় তাহার অমূলকতা।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অমিতমানব [স] *বি* মুক্ত মানুষ। 'তার মধ্যে আছে অমিতমানব।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অমিতাচার [স] *বি* অসংযম। 'তখন তার সেই অমিতাচারে ধৈর্য রক্ষা করা কঠিন হয়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অমিতাচারী [স] *বিণ* অসংযমী। 'সেই অমিতাচারী বালকটি দুই বৎসরের মধ্যেই পরিবার ধ্বংস সম্পূর্ণ অব্যবহার্য করিয়া তুলিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

অমিতোদ্যম [স অমিত-উদ্যম] *বিণ* সীমাহীন উৎসাহপূর্ণ। 'কী অমিতোদ্যম স্বাস্থ্যচর্চা বলচর্চা যৌবনচর্চা!' *অন্নদা*, ১৯২৯।

অমিতাভ [স] ১ *বি* অমিত আভা যার; বুদ্ধ। 'চিত্ত হেথা মৃতপ্রায়, অমিতাভ, তুমি অমিতায়ু।' *রবীন্দ্র*, ১৯৩২। ২ *বিণ* তেজোময়। 'ধ্যানী বুদ্ধ, কঙ্কালসার বুদ্ধ, অমিতাভ বুদ্ধ – যত রকমের মূর্তি চান।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মূজতবা, ১৯৪৯।

অমিতি [স] *বি* অপরিমিতি। 'অমিতির অখণ্ড মণ্ডল নিরুপাখ্য কী আনন্দে ভরা।' *সুধীন্দ্র*, ১৯৩১।

অমিতোদ্যম দ্র **অমিত**

অমিত্র [স] *বি* শত্রু। 'আমি কি তোর অমিত্র, মনে তব ছিল পুত্র।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

অমিত্রাক্ষর [স অমিত্র-অক্ষর] *বি* যে পয়ার ছন্দে অন্ত্যানুপ্রাস ও যতির নিয়ম রক্ষিত হয় না। 'মিত্রাক্ষর অমিত্রাক্ষর বিশেষ করিয়া বলিবেন।' *বঙ্কিম*, ১৮৭৫।

অমিয় [স অমৃত] *বি* অমিয়; সুধা। 'অমিয় ভখঅ মুসা করঅ আহারা।' *চর্যা* ২১, ১২০০।

অমিয়-কণ্ঠ [স অমৃত-কণ্ঠ] *বিণ* সুধাময় কণ্ঠের অধিকারী। 'তুমি দেখা দিলে অমিয়-কণ্ঠ বাণীর কমল-বনে।' *নজরুল*, ১৯২৫।

অমিয়মাখা [স অমৃত+মাখা] *বিণ* অমৃত-মাখানো। 'ভাসিয়া যাই ধীরে, পিক কুহরে তীরে অমিয়মাখা।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অমিয়রচন [স অমৃত-বচন] *বি* অমৃত রচনা। 'অমিয়রচন সোহাগবচন অনেক রয়েছে বাকি।' *রবীন্দ্র*, ১৯০০।

অমিয়া [স অমৃত>] *বি* সুধা। 'অমিয়া বলিয়া গরল কিনিয়া।' *চণ্ডী*, ১৫৫০।

অমিয়াময়ী [স অমৃতময়ী] *বিণ* অমৃততুল্য। 'মরি কী অমিয়াময়ী লাবণ্যপ্রতিমা।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অমিরতি [স অমৃত] *বি* মিষ্টিবিশেষ; অমৃতি। 'অমিরতি দেই?' *শায়সুল*, ১৯৬২।

অমিল [স] ১ *বিণ* অমূল্য। 'সে সবে অমিল নীধি দএ সন্দেস।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* মিল না থাকা। *ওসাঁ*, ১৭৮২। 'এরকম অমিল অথচ সংসার বেশ চলে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৯৩১। ৩ *বি* দ্বিমত। 'একটা খুব গোড়ার কথা আমাদের হয়তো অমিল আছে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৪ *বি* অসঙ্গতি। 'জীবনতত্ত্বে একটা জায়গায় আমাদের গভীরতর অমিল আছে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৫ *বি* অসদ্ভাব। 'জাতের অমিল নিয়ে এ সংসারে ...।' *রবীন্দ্র*, ১৯৩৫। ৬ *বিণ* দুর্লভ। 'চাকরী ত' এক রকম অমিল হয়ে পড়েছে।' *জামায়াত*, ১৯৩৮।

অমিল-কণ্ঠ [স] *বি* পরস্পরের সঙ্গে সুরের মিলহীন কণ্ঠ। 'আমাদের এই অমিল-কণ্ঠ সমবায়ের চোটে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অমিলা [স] *বি* মিলিত না হওয়া। 'মিলা অমিলা দুই রসের লক্ষণ।' *চণ্ডী*, ১৫৫০।

অমিশুক [অ+মিশুক] *বিণ* অসামাজিক। 'তেমনতরো অমিশুক নয় – মানুষের ইতিহাসের প্রথম থেকেই তার পরিচয় চলেছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অমিশ্র [স] *বিণ* নির্ভেজাল। 'রাত্রের জগৎটা আমাদের ভারতবর্ষীয় সংগীত, একটি বিশুদ্ধ করুণ গম্ভীর অমিশ্র রাগিণী।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অমিশ্রিত [স] ১ *বিণ* ভেজালহীন। 'অমিশ্রিত রৌপ্য, মুদ্রা ও মদ্য এই সকল দ্রব্য লইয়া আসিত।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বিণ* বিশুদ্ধ। 'বাঙ্গালী অমিশ্রিত বা বিশুদ্ধ আর্য্য নহে।' *বঙ্কিম*, ১৮৯২।

অমীবা [ই] *বি* আদি এককোষী প্রাণী। 'সেইগুলির একশ্রেণীর নাম দেওয়া হয়েচে অমীবা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অমীমাংসা [স] *বি* মীমাংসাহীনতা। 'সাম্প্রদায়িক সমস্যার অমীমাংসা।' *আজাদ*, ১৯৩৯।

অমীমাংসিত [স] *বিণ* সমাধান হয় না এমন। 'কিছুই অমীমাংসিত থাকে না।' *রবীন্দ্র*, ১৯০৮।

অমুক [স/পা] ১ *সর্ব* অজ্ঞাতনামা ব্যক্তি। *মানোএল*, ১৭৪৩; 'অমুকের স্থানে বিক্রয় করিয়াছে।' *ক্যালগে*, ১৭৮৫। ২ *সর্ব* বিশেষ একজন; ফলনা। *ওসাঁ*, ১৭৮৫। ৩ *বিণ* নাম জানা নেই এমন। 'অমুক পরগণায় পলাইয়া গিয়াছে।' *রামরাম*, ১৮০২।

অমুকস্য [স] *বিণ* অমুকের। 'এই লিখিতং শ্রী অমুকস্য।' *মেয়ার*, ১৮৮৬।

অমুখ[১] [স] *বি* অপ্রসন্ন মুখ। 'অমুখে বিরূপ হল্যা বিক্রোধে কালিকা।' *মানিকরাম*, ১৭৮১।

অমুখ[২] [পা অমুক] *বিণ* অনির্দিষ্ট। 'প্রতিবাদীগণের সহিত জোটবদ্ধ হইয়া অমুখ তারিখে ...।' *মশাররফ*, ১৮৬৯।

অমুছলমান [অ+ফা মুসলমান] *বি* ইসলাম ধর্মের অনুসারী নয় এমন ব্যক্তি। 'ট্যাক্সদাতাদিগের মধ্যে অমুছলমানের তুলনায় মুছলমানের সংখ্যা কম কখনই নহে।' *মোহাম্মদী*, ১৯৩২। দ্র **অমুসলমান**

অমুছলমানী [অ+ফা মুসলমান>] *বিণ* অমুসলিম। 'মুছলমান চিত্রতারকা অমুছলমানী নাম গ্রহণ করে ...।' *জামায়াত*, ১৯৪২।

অমুদ্রিত[১] [স] *বিণ* মুদ্রিত বা ছাপা হয়নি এমন। 'অমুদ্রিত সাহিত্য কিস্তিটি কি?' *প্রমথ*, ১৯১২।

অমুদ্রিতব্য [স] *বিণ* মুদ্রণের অনুপযোগী। 'এই লোকটি বিশ্রী অমুদ্রিতব্য দুর্বাক্য উচ্চারণ করে।' *হাসান*, ১৯৬৭।

অমূর্ল্ল [স অমূল্য] *বিণ* মূল্য দিয়ে কেনা যায় না এমন। 'অমূর্ল্ল রত্তন হাড়ি কিসের ফুড়ান।' *মালাধর*, ১৫০০।

অমুসলমান [অ+ফা মুসলমান>] *বি* যারা মুসলমান নয়। 'অমুসলমান মনে করিতে পারি।' *সাম্যবাদী*, ১৯২৩। দ্র **অমুছলমান**

অমুসলমানী [অ+ফা মুসলমান>] *বিণ* ইসলাম সমর্থিত নয় এমন। 'তাহাদের মধ্যে প্রাচীন রীতি ... আচার, ব্যবহার প্রভৃতি অনেক অমুসলমানী বস্তু প্রচলিত থাকে।' *এনায়ুল*, ১৯৫৫।

অমুসলিম [অ+আ মুসলিম] *বি* যারা মুসলমান নয়। 'তাহারও বেশীর ভাগ আজ অমুসলিমদের শাসনাধীনে চলিয়া গিয়াছে।' *সওগাত*, ১৯২৮।

অমুক [পা অমুক] *বিণ* অনির্দিষ্ট। 'আমার যে কিছু সংস্থান আছে, অমুক অমুক ভূমিতে সন্ধান করিলে, পাইবে।' *বিদ্যা*, ১৮৫৬।

অমূর্ত [স] ১ *বিণ* অদৃশ্য। 'জগতের ভিতরে অথবা বাহিরে কোথাও অমূর্ত ফোয়ারা নিত্যকাল উৎসারিত।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বিণ* নিরাকার। 'একটা কোন অনির্দিষ্ট অমূর্ত মিথ্যার স্বপ্নের, অন্ধকারের জাল ছিন্নবিচ্ছিন্ন করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৬। ৩ *বিণ* মূর্তিহীন। 'অমূর্ত উপাসনা প্রচার করিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৮। ৪ *বিণ* দেহহীন। 'ওই শোনো সংখ্যাহীন সংজ্ঞাহীন অজানা ক্রন্দন অমূর্ত আঁধারে ফিরে।' *রবীন্দ্র*, ১৯২৫।

অমূর্ততা [স] *বি* বিমূর্ততা। 'রসের অমূর্ততা মূর্তকে যেখানে মুক্ত করেছে।' *অবন*, ১৯২৫।

অমূর্ত-বিজ্ঞান [স] *বি* পরোক্ষ বিজ্ঞান। 'কি মূর্ত-বিজ্ঞান, কি অমূর্ত-বিজ্ঞান ... আত্মসাৎ করতে পারেনি।' *প্রমথ*, ১৯১৫।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অমূর্তি [স] *বি* নিরাকার যিনি। 'ভালোমন্দ সব মূর্তির মধ্যে অমূর্তি বিরাজ করছেন।' *অবন*, ১৯২৫।

অমূল [স অমূল্য] *বিণ* অমূল্য। 'অমূল মণি নূপুর বাজের গমনে।' *বড়ু*, ১৪৫০; 'অমূল রতনে রামের, ভিখারী রাম অর্পিছে তোমারে।' *মাইকেল*, ১৮৬১।

অমূলক [স] **১** *বিণ* অপ্রয়োজনীয়। 'তাহাতে অনেক অমূলক বিষয় লিখিয়াছেন।' *দর্পণ*, ১৮৩০; 'অন্যান্য প্রকার অমূলক সংস্কার অনেকের অশেষ অসুখের হেতু হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বিণ* ভিত্তিহীন। 'ভাষার শোধন কি প্রকারে সম্ভব এ সন্দেহ অমূলক।' *দর্পণ*, ১৮৩০। **৩** *বিণ* মিথ্যা। 'এই সকল কথা অমূলক।' *দর্পণ*, ১৮৩১। **৪** *বিণ* কাল্পনিক। 'ভূতের ভয়, ডাইনের আশঙ্কা, অমূলক অলক্ষণ, শুভাশুভ দিন ক্ষণ ... ব্যাপ্ত হইয়া রহিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯। **৫** *বিণ* সফল হওয়ার মতো নয় এমন। 'কত অমূলক আশা, অশেষ কামনা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অমূলকতা [স] *বি* ভিত্তিহীনতা। 'পরামর্শের অমূলকতা অতিশয় প্রকাশ পাইয়াছে।' *দর্পণ*, ১৮২৭।

অমূলজ [স] *বিণ* দেশে যার মূল নেই এমন। 'জবনদিগের অমূলজ ভাষা প্রচলিত রাখিয়া কেন ঢেরা সহী দেন।' *দর্পণ*, ১৮৩৫।

অমূলতরু [স] *বি* শিকড়হীন গাছ; পরগাছা। 'দুঃখের মাদ্ধাতা, ফটোগ্রাফ/ অমূলতরুর ফুল সবই কত তুচ্ছ, মূল্যবান!' *শক্তি*, ১৯৬৯।

অমূল্য [স] **১** *বিণ* মূল্য দিয়ে পাওয়া যায় না এমন। 'হৃদএ মুকুতা হার অমূল্য রতন।' *বড়ু*, ১৫৭০। **২** *বিণ* মূল্যহীন। 'কারখানার যে জিনিসপত্র তাহাও অমূল্য নহে।' *দর্পণ*, ১৮৩৪। **৩** *বিণ* মূল্য দিয়ে পাওয়া যায় না এমন। 'সেই সর্বলভ্য সুখ অমূল্য দুর্লভ সবচেয়ে।' *রবীন্দ্র*, ১৯০১। **৪** *বিণ* অত্যন্ত মূল্যবান। 'যাহা কিছু লিখি অমূল্য বলে অ-মূল্যে নেন।' *নজরুল*, ১৯২৬।

অ-মূল্য [স] *ক্রিবিণ* মূল্যহীনভাবে। 'যাহা কিছু লিখি অমূল্য বলে অ-মূল্যে নেন।' *নজরুল*, ১৯২৬।

অমূল্যতর [স] *বিণ* অতিশয় মূল্যবান। 'অমূল্যতর জীবনের ওপর প্রতীক্ষিত সে।' *জীবন*, ১৯৩২।

অমূল্যতা [স] *বি* অমূল্য হওয়ার বৈশিষ্ট্য। 'মূল্যের সঙ্গে অমূল্যতার সামঞ্জস্য হল।' *রবীন্দ্র*, ১৯২৯।

অমৃত [স] **১** *বি* সুধা (যা খেলে অমরত্ব লাভ করা যায়)। 'দ্বাদসে ধন্বন্তরি অমৃত মথিল।' *মালাধর*, ১৫০০; 'সৃষ্টির শেষ রহস্য, ভালোবাসার অমৃত।' *রবীন্দ্র*, ১৯৩৬। **২** *বিণ* অতি মধুর। 'আমি প্রীতিরূপ অমৃতরসে অভিষিক্ত হইলাম।' *অক্ষয়*, ১৮৪৯। **৩** *বিণ* অমর। 'মৃতকে অমৃত করে অমৃতের কোষ।' *গুপ্ত*, ১৮৫৮; 'মৃত্যুরে লব অমৃত করিয়া তোমার চরণ ছোঁয়ায়ে।' *রবীন্দ্র*, ১৯২৫। **৪** *বিণ* অমৃততুল্য সুখকর। 'পুরিবে সকল কাম নিভৃত অমৃত আলয়ে।' *রবীন্দ্র*, ১৮৯৯। **৫** *বি* মধু। 'আর কি পারিবি ঢালিবারে তুই অমৃত আমার চিতে?' *রবীন্দ্র*, ১৯১৭। **৬** *বিণ* চিরন্তন। 'সত্যের অমৃত রূপ করুক প্রকাশ।' *রবীন্দ্র*, ১৯৪১। **৭** *বি* স্বর্গ। 'খুঁজে নেবে অমৃতের হরিণীর ভিড় থেকে ইন্দিতেরে তার।' *জীবন*, ১৯৪২।

অমৃতগন্ধ [স] *বি* সুগন্ধ। 'গোপন মিলন অমৃতগন্ধ ঢালা।' *রবীন্দ্র*, ১৯১৯।

অমৃতগুটিকা [স] *বি* মিষ্টান্নবিশেষ। 'পিঠাপানা অমৃতগুটিকা দেহ ভক্তগণে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অমৃতচরিত [স অমৃতচরিত্র] *বি* দেবচরিত্র। 'শ্রীমুখে মাধবপুরীর অমৃতচরিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অমৃতছবি [স] *বি* অমৃতরূপ ছবি। 'বিশ্বের অমৃতছবি আজিও তো দেখা দেয় মোরে।' *রবীন্দ্র*, ১৯২৫।

অমৃততরঙ্গ [স] *বি* অতি সুন্দর আলোড়ন। 'ঈষৎ হর্সিতকান্তি অমৃততরঙ্গ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অমৃতত্ব [স] *বি* অমরতা। 'তার লক্ষ্য হচ্ছে হয় অমৃতত্ব নয় মৃত্যু।' *প্রমথ*, ১৯১৪।

অমৃতধারা [স] *বি* অমিয়ধারা। 'দেশের রসিক-অরসিক সকল লোকই তার সেই অমৃতধারায় অভিষিক্ত হয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অমৃতধুনী [স] *বি* অমৃতনদী। 'পাইয়া অমৃতধুনী পিয়ে বিষগর্ত্ত-পানি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অমৃত-নদী [স] *বি* অমৃতময় নদী। 'অপূর্ব্ব অমৃত-নদী বহে তোমার মুখে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অমৃতনিন্দক [স] *বিণ* অমৃতের চেয়ে ভালো। 'অমৃতনিন্দক পঞ্চবিধ তিক্ত ঝালে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অমৃতনির্ঝর [স] *বি* সুধার ঝরনাধারা। 'ব্যথিত করুক স্নান তোমার নয়নে, করুণার অমৃতনির্ঝরে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অমৃত-নিষ্যন্দী [স] *বিণ* অমৃত ক্ষরণকারী। 'দরবেশের সে ব্যাকুল বাণী অমৃত-নিষ্যন্দী।' *নজরুল*, ১৯৩৯।

অমৃতপথ [স] *বি* স্বর্গপথ। 'জাগিল অমৃতপথযাত্রী।' *রবীন্দ্র*, ১৯১৮।

অমৃতপরশ [স অমৃত+স স্পর্শ] *বি* অমৃতের স্পর্শ। 'তোমারি ওই অমৃতপরশে আমার হিয়াখানি।' *রবীন্দ্র*, ১৯১১।

অমৃতপাত্র [স] *বি* অমৃতপূর্ণ পাত্র। 'হয় সে অমৃতপাত্র।' *রবীন্দ্র*, ১৯২৫।

অমৃতপায়ী [স] *বিণ* অমৃত পান করে এমন। 'নয়নের জল মোছ, মা! তুমি যে/ অমর অমৃতপায়ী।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

অমৃতপিপাসা [স] *বি* অমৃতের জন্যে পিপাসা। 'অমৃতপিপাসা ও অমৃতসন্ধানের পথে ঐশ্বর্য একটি প্রধান অন্তরায়।' *রবীন্দ্র*, ১৯০৭; 'শাশ্বত আত্মার অমৃতপিপাসা।' *অচিন্ত্য*, ১৯৫০।

অমৃতফল [স] *বি* আম। 'কেহ ক্ষুধাতুর, পাড়িয়া অমৃতফল ক্ষুধা নিবারিলা।' *মাইকেল*, ১৮৬০।

অমৃতবমন [স] *বি* সুধানিঃসরণ। 'সর্প বিষোদ্‌গার ব্যতিরেকে অমৃতবমন কদাচ করে না।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অমৃতবর্ষিণী [স] *বিণ স্ত্রী* অমৃত বর্ষণকারী। 'সই অমৃতবর্ষিণী মধুর ভাষা ...।' *মাইকেল*, ১৮৫৯।

অমৃতবর্ষী [স] *বিণ* অতিশয় মধুর। 'তুমি, এই অমৃতবর্ষী মনোহর বাক্য দ্বারা আমায় প্রাণদান করিলে।' *বিদ্যা*, ১৮৪৭।

অমৃতবাণী [স] *বি* অমৃতময় বাণী। 'করো ত্রাণ, মহাপ্রাণ, আনো অমৃতবাণী।' *রবীন্দ্র*, ১৯২৭।

অমৃতবারি [স] *বি* সঞ্জীবনী সুধা। 'ভঙ্গুর মাটির ভাণ্ডে গুপ্ত আছে যে অমৃতবারি মৃত্যুর আড়ালে।' *রবীন্দ্র*, ১৯২৫; 'জীবন-সিন্ধু মথিয়া যে-কেহ আনিবে অমৃতবারি।' *নজরুল*, ১৯২৫।

অমৃতভরা [স অমৃত+ভরা] *বিণ* সুধাময়; সুধাপূর্ণ। 'আমি পেয়েছি ক্ষণে ক্ষণে অমৃতভরা মুহূর্তগুলিকে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অমৃতভাণ্ড [স] *বি* অমৃতপূর্ণ ভাণ্ড। 'লক্ষ্মীর হাতে অমৃতভাণ্ড।'

AMARBOI.COM

নজরুল, ১৯৩০।

অমৃতভাষিণী [স] ১ *বিণ স্ত্রী* মিষ্টভাষী। 'নিদ্রাদেবী তবে উত্তর করিলা সতী অমৃতভাষিণী।' *মাইকেল*, ১৮৬০। ২ *বিণ স্ত্রী* দেবী সরস্বতী। 'কহ, হে দেবি, অমৃতভাষিণী!' *মাইকেল*, ১৮৬১।

অমৃতমণ্ডা [স] *বি* মিষ্টি স্বাদের লাড়ুবিশেষ। 'অমৃতমণ্ডা ছানার বড়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অমৃতমধুর [স] *বিণ* অমৃতের ন্যায় মিষ্ট। 'পাকিল যে প্রেমফল অমৃতমধুর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অমৃতমন্ত্র [স] *বিণ* অমরত্বের বাণী। 'বিশ্বের তরে অমৃতমন্ত্র বীর-বাণী গেলে থুয়ে।' *নজরুল*, ১৯২৫।

অমৃতময় [স] *বিণ* সুধাপূর্ণ। 'বাহ্যে বিষজ্বালা ভিতরে অমৃতময় কৃষ্ণপ্রেমার অদ্ভুত চরিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অমৃতময়তা [স] *বি* অমৃতের মতো স্বাদ। 'উপলব্ধি করলুম ওর সঙ্গে কথা বলার অমৃতময়তা।' *সুকান্ত*, ১৯৪২।

অমৃতময়ী [স] *বিণ স্ত্রী* সুধাময়ী। 'আয় মা অমৃতময়ী!।' *রবীন্দ্র*, ১৮৯০।

অমৃতমাখা [স অমৃত+মাখা] *বি* সুধা মিশ্রিত আছে এমন গান। 'দোয়েল দুলায়ে শাখা/ গাহিছে অমৃতমাখা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অমৃতমুরতিমতী [স অমৃতমূর্তিমতী] *বিণ স্ত্রী* অপরূপ। 'নিভৃতবাসিনী বীণাপাণি, অমৃতমুরতিমতী বাণী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অমৃতযোগ [স] *বি* শুভক্ষণ। 'সমস্ত অমৃতযোগের অন্তরীক্ষে।' *জীবন*, ১৯৪০।

অমৃত-রস [স] ১ *বি* সুধা। 'কাব্যরূপ অমৃতরসের আস্বাদন ও সজ্জনের সহিত সমাগম।' *অক্ষয়*, ১৮৫০। ২ *বি* অধরসুধা। 'গড়িলা অধর বিম্বফল দিয়া, মাখিয়া অমৃতরসে।' *মাইকেল*, ১৮৬০। ৩ *বি* বাউলদের গুহ্য সাধনাবিশেষ। 'কীসে হবে নাগিনী বশ সাধব কীসে অমৃত-রস।' *লালন*, ১৮৯০।

অমৃতরেখা [স] *বি* অপরূপ ঝিলিক। 'হঠাৎ চমক দিয়ে গেল তোমার মুখে একটি অমৃতরেখা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অমৃতলক্ষ্মী [স] *বি* অমৃতরূপ লক্ষ্মী। 'আমার পণ এই অমৃতলক্ষ্মী।' *নজরুল*, ১৯৩১।

অমৃতলোক [স] *বি* স্বর্গ। 'অমৃতলোক প্রথম আবিষ্কার করিয়া যে যে মহাপুরুষ যে-কোনোদিন আপনার চারি দিকে মানুষকে ডাক দিয়া বলিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

অমৃতসদন [স] *বি* অমৃতের উৎস: অমৃতের আলয়। 'মধুর বদন অমৃতসদন।' *রবীন্দ্র*, ১৮৭৭।

অমৃতসুধা [স] *বি* মৃত্যুঞ্জয়ী সুধা। 'তোমার মাটির পাত্রে কি গো মা ধরে না অমৃতসুধা?' *নজরুল*, ১৯২৫।

অমৃতসূর্য [স] *বি* মৃত্যুঞ্জয়ী আলোর উৎস। 'অগ্নিপরিধির মাঝে সহসা দাঁড়িয়ে শুনেছি কিন্নরকণ্ঠ দেবদারু গাছে, দেখেছি অমৃতসূর্য আছে।' *জীবন*, ১৯৪২।

অমৃতস্নান [স] *বি* অমৃতের সুধায় স্নান। 'প্রেমের অমৃতস্নানে সে যে, অয়ি প্রিয়ে, হারায়েছে সীমা।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অমৃতাঞ্জন [স অমৃত-অঞ্জন] *বি* অমৃতরূপ অঞ্জন। 'নয়ন স্নিগ্ধ অমৃতাঞ্জন পরশে।' *রবীন্দ্র*, ১৯২৭।

অমৃতান্ন [স অমৃত+স অন্ন] *বি* অতি মধুর অন্ন। 'এত বলি অমৃতান্ন মুখে তুলি দিলা।' *ভারত*, ১৭৬০।

অমৃতাভিলাষী [স অমৃত+স অভিলাষী] *বিণ* অমৃত লাভের আকাঙ্ক্ষা আছে এমন। 'অমৃতাভিলাষী ব্যক্তির কি কখনও মধুতে তৃপ্তি জন্মে।' *মাইকেল*, ১৮৫৯।

অমৃতাভিষিক্ত [স অমৃত+স অভিষিক্ত] *বিণ* অমৃত দ্বারা সিক্ত হয়েছে এমন। 'ঐ বাক্যে অমৃতাভিষিক্ত হইয়া সেই ঘাটে গেল।' *দর্পণ*, ১৮২১।

অমৃতাভিসারী [স অমৃত+স অভিসারী] *বিণ* অমৃত সন্ধান করে এমন। 'আমি অমৃতাভিসারী, মরণ ভয় আমার নেই।' *মোতাহের*, ১৯৫০।

অমৃতের পুত্র *বি* ঈশ্বরের সন্তান। 'শোনো বিশ্বজন, শোনো অমৃতের পুত্র যত দেবগণ দিব্যধামবাসী।' *রবীন্দ্র*, ১৯০১।

অমৃতোপম [স অমৃত+উপমা] *বিণ* অমৃততুল্য। 'সংসার-বৃক্ষের অমৃতোপম ফল।' *প্রমথ*, ১৯১৮।

অমৃতি, অমৃতী [স অমৃত>] ১ *বি* জিলাপির মতো মিষ্টি খাদ্যবিশেষ। 'ডালিমা মরিচালাড়ু নবাত অমৃতি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* গলা-সরু পাত্রবিশেষ। 'এত বলি ঝারি বাটা অমৃতীটি লয়।' *ভারত*, ১৭৬০; 'অমৃতি ১।' *চিঠিপত্রে*, ১৭৮৪।

অমেধ্য [স] ১ *বিণ* অপবিত্র। 'অমেধ্য সদ্রস বস্তু তাহা নাহি শুনি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* মলমূত্রাদি। 'সর্ব্ব অঙ্গে অমেধ্য পঙ্কের পরকাশ।' *বৃন্দা*, ১৫৮০।

অমেয় [স] ১ *বিণ* অপরিমেয়। 'অমেয় যৌবনসমুদ্রে আমাদের জীর্ণ জীবন।' *রবীন্দ্র*, ১৯০৫। ২ *বিণ* সীমাহীন। 'আকাশে উঠিছে অবিরাম অমেয় প্রেমের মন্ত্র বুদ্ধের শরণ লইলাম।' *রবীন্দ্র*, ১৯৩২।

অমেরতো [স অমৃত] *বি* অমৃত। 'অমেরতেরে অমেরতো কহি।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

অমোঘ [স] ১ *বিণ* অসাধারণ খ্যাতিসম্পন্ন। 'অমোঘপণ্ডিত হস্তিগোপাল চৈতন্যবল্লভ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* অব্যর্থ। 'বিসেস অমোঘ অস্ত্র দিলেন্ত তাহারে।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৩ *বিণ* অদম্য। 'অমোঘ ইচ্ছাবলে কখনো কখনো বৃষ্টি কখনো বজ্র বর্ষণ করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৪ *বিণ* অটল। 'ইতিহাসকে যিনি অমোঘ ইঙ্গিতের দ্বারা চালনা করেন ...।' *রবীন্দ্র*, ১৯০৫। ৫ *বিণ* অনড়। 'ইহা বস্তুসৃষ্টির মতোই একটা অমোঘ নিয়মের অধীন।' *রবীন্দ্র*, ১৯০৭।

অমোঘতা [স] *বি* অব্যর্থতা। 'অস্ত্র সঞ্চালনের অমোঘতা দর্শনে অবশিষ্ট পর্তুগীজ ও হিন্দু দস্যুগণ ভয়ে কাঁপিতে লাগিল।' *সিরাজী*, ১৯১৮।

অমোঘত্ব [স] *বি* চিরন্তনতা। 'ধর্মনীতিক নিয়মের অমোঘত্বে য়ুরোপ শ্রদ্ধা হারাইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অমোঘ বাণী [স] *বি* অব্যর্থ কথা। 'উচ্চারণ করেছিলেন সেই অমোঘ বাণী।' *পাশা*, ১৯৭১।

অমোছলমান [অ+ফা মুসলমান] *বি* মুসলমান বাদে অন্যান্য ধর্মাবলম্বী। 'অমোছলমানদিগের একচেটিয়া করিয়া রাখিয়াছে।' *এসলাম*, ১৯১৯। দ্র **অমুসলমান**

অমোছলমানী [অ+ফা মুসলমান>] *বিণ* মুসলিম বিধান-বিরুদ্ধ। 'অমোছলমানী পোষাক।' *হোলতান*, ১৯২৪।

অম্নি *ক্রিবিণ* তখনই। 'জল পাই যেন অম্নি সুসাম্য হইলা।' *বৃন্দা*, ১৫৮০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অম্বিবাস [হি] *বি* বাস গাড়ি। মোটর-রথ, মোটর-বিশ্বম্বহ (অম্বিবাস) মোটর মালগাড়ি লন্ডনের ...।' *রবীন্দ্র*, ১৯১২।

অম্বিবাস গাড়ি [হি অম্বিবাস+হি গাড়ি] *বি* (অমনিবাসের মতো) বৃহদায়তন রচনা-সংগ্রহ; রচনাবলি। 'একটা রচনা পেলেই সেটাকে অম্বিবাস গাড়ি করে তোলে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অম্বর[১] [স] ১ *বি* আকাশ। 'শর ছাড়িয়া দিতে দেবী উঠিলা অম্বর।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* পোশাক। 'পরিধান শতছিন্ন মলিন অম্বর।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* আবরণ। 'ছিন্ন করে ফেলো ওই চিরস্থির আচ্ছাদন অনন্ত অম্বর।' *রবীন্দ্র*, ১৮৯৬। ৪ *বি* বিশ্ব। 'তব নির্মল নীরব হাস্য হেরি অম্বর ব্যাপিয়া।' *রবীন্দ্র*, ১৯০০।

অম্বর-ডম্বা [স] *বি* আকাশরূপ ঢাক। 'অম্বর-ডম্বার ডামাডোল।' *নজরুল*, ১৯২৪।

অম্বরতল [স] *বি* ভূমি। 'শিহরি অম্বরতলে সাষ্টাঙ্গে পড়িল।' *মাইকেল*, ১৮৬০।

অম্বরপথ [স] *বি* আকাশপথ। 'উঠিল অম্বরপথে হৈম ব্যোমযান মহাবেগে।' *মাইকেল*, ১৮৬০।

অম্বরব্যাপী [স] *ক্রিবিণ* আকাশজুড়ে। 'অম্বরব্যাপী ঝরে তব কৃপা-বিন্দু।' *নজরুল*, ১৯৩৩।

অম্বরসাগর [স] *বি* আকাশরূপ সমুদ্র। 'রজত কনক দ্বীপ অম্বর-সাগরে।' *মাইকেল*, ১৮৬০।

অম্বরি[১] [স অম্বর] *বিণ* বসনা; বসনযুক্ত। 'মৌলি অম্বরি বিহল নায়রি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অম্বরি[২] [আ আম্বরী] *বিণ* অম্বর দ্বারা সুবাসিত। 'অম্বরি তামাকের ধোঁয়ার একটি ক্ষীণ ধারা বেরোচ্ছিল।' *প্রমথ*, ১৯১৮।

অম্বল [স অম্ল] ১ *বি* টক। 'জরুয়া দেখিয়া যেন রুচক অম্বল পড়ু, ১৫৭০। ২ *বি* এক প্রকার টক স্বাদযুক্ত ঝোল। 'অম্বল খাইয়া পিলা জল ঘটী ঘটী।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* অম্লরোগ। 'অম্বলের ব্যামোটি বাধাও।' *রবীন্দ্র*, ১৮৯২।

অম্বলিআ [স অম্ল>] *বিণ* অম্লরসযুক্ত। *বিদ্যা*, ১৮৯১।

অম্বষ্ঠ [স] *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ; বৈদ্য। 'কেহ বিশুদ্ধ আর্য্য, যেমন অম্বষ্ঠ, কায়স্থ।' *বঙ্কিম*, ১৮৯২।

অম্বিকামঙ্গল [স] *বি* হিন্দুদেবী দুর্গার মঙ্গলগীত। 'অম্বিকামঙ্গল কবিকঙ্কণ গান।' *মুকুন্দ*, ১৬০০।

অম্বু [স] *বি* জল। 'নিনাদ ভৈরব, অম্বু-উথলা।' *গিরিশ*, ১৮৮৩।

অম্বুজ [স] *বি* পদ্ম। 'যথা অম্বুজের শিখা পক্ষী যেন ধরে পাখা।' *আলাওল*, ১৬৮০।

অম্বুজনয়ন [স] *বি* পদ্মের মতো চোখ। 'অনিবার বহে ধারা অম্বুজনয়নে।' *মানিকরাম*, ১৭৮১।

অম্বুদ [স] *বি* মেঘ। 'অনাথপিণ্ডদ কহিলা অম্বুদ নিনাদে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

অম্বুনিধি [স] *বি* সমুদ্র। 'বারিদ যেমতি অম্বুনিধি সেবি সদা।' *মাইকেল*, ১৮৬০।

অম্বুপতি [স] *বি* সমুদ্র। 'কিম্বা তুমি, অম্বুপতি, গম্ভীর স্বননে।' *মাইকেল*, ১৮৬৬।

অম্বুবতী [স] *বি* স্ত্রী বারুণী; সুরা দেবী। 'আর পদ্মে সমুদ্রে আছে অম্বুবতী।' *মানিকরাম*, ১৭৮১।

অম্বুবাচন [স] *বি* মেঘগর্জন। 'এদিকে অম্বুবাচীর আকাশ অম্বুবাচনে মুখর হয়ে উঠেছে।' *রবীন্দ্র*, ১৮৮৫।

অম্বুবাচী [স] *বি* হিন্দু আচারবিশেষ। 'অম্বুবাচীতে সেখানে দুধ খেলে সাপের ভয় ঘোচে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অম্বুবালা [স] *বি* লক্ষ্মী। 'হীনা, সদা মতি চঞ্চলা, অম্বুবালা হও মা অচলা।' *গিরিশ*, ১৮৮৩।

অম্বুবিম্ব [স] *বি* জলবিম্ব; জলের বুদ্বুদ। 'কে না জানে অম্বুবিম্ব অম্বুমুখে সদ্যঃপাতি।' *মাইকেল*, ১৮৭৩।

অম্বুভৃৎ [স] *বি* মেঘ। 'অম্বুভৃৎ সঙ্গে রঙ্গে আনন্দে ঐমনি।' *মানিকরাম*, ১৭৮১।

অম্বুরাশি [স] *বি* জলরাশি; সমুদ্র। **অম্বুরাশি-রব** [স] *বি* সমুদ্রের গর্জন। 'নাদিল কম্বু অম্বুরাশি-রবে।' *মাইকেল*, ১৮৬১।

অম্বুরি, অম্বুরী [স অম্বর>] *বি* সুগন্ধি তামাকবিশেষ। 'আদি হুকা পানদান গুল টীকা তামাকু ভেলসা অম্বুরি।' *ভবানী*, ১৮২৫; 'যে উত্তম২ তামাকু ভেলসা অম্বুরী, কড়া, মিঠেকড়া সাজিয়া আলবোলাগুড়গুড়ি হুকা ... যোগাইতে থাকিবেক।' *ভবানী*, ১৮২৮।

অম্বুরী তামাক *বিণ* সুবাসিত তামাক। 'এক ছিলিম অম্বুরী তামাক।' *মাইকেল*, ১৮৬০।

অম্ভ(ঃ) *বি* জল। 'প্রলয়জলধি অম্ভ ।' *মুকুন্দ*, ১৬০০।

অম্ভে [স অস্মাভিঃ] *সর্ব* আমি। 'অম্ভে ন জাণহুঁ অচিন্ত জোই।' *চর্যা* ২২, ১২০০।

অম্ভোজা [স] *বিণ* সমুদ্র হতে উত্থিতা। 'সাজিল মেনকা; আমি অম্ভোজা ইন্দিরা।' *মাইকেল*, ১৮৬২।

অম্ভোরাশি [স] *বি* জলরাশি; সমুদ্র। 'স্বর্ণকুম্ভে পূত অম্ভোরাশি গাঙ্গেয়।' *মাইকেল*, ১৮৬১।

অম্ভোরুহঅম্ভ্রি [স] *বি* পাদপদ্ম; চরণরূপ পদ্ম। 'অম্ভোরুহঅম্ভ্রি যুগে আমার প্রণাম।' *মানিকরাম*, ১৭৮১।

অম্রসার [স] *বি* আমের পাতা বা শাখা। 'দরজার দুই দিগে পূর্ণকুম্ভ ও অম্রসার দেওয়া হয়েছে।' *হুতোম*, ১৮৬১।

অম্ল [স] ১ *বি* টক। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* টক স্বাদযুক্ত খাবার। 'বড়া আর পাকা কলার অম্ল হইয়াছিল।' *কেরি*, ১৮০২। ৩ *বিণ* টক স্বাদযুক্ত। 'তেঁতুল অম্ল বোধ হয়।' *বিদ্যা*, ১৮৫১। ৪ *বি* অম্লরোগ। 'তুষ্ট জরদ্গব জুড়ায় অম্লের জ্বালা কণ্টকিত দ্বারদেশে বসে।' *সুধীন্দ্র*, ১৯৩৭।

অম্লগন্ধী [স] *বিণ* টক গন্ধযুক্ত। 'তরকারির গন্ধে বাতাস অম্লগন্ধী।' *রবীন্দ্র*, ১৯২৯।

অম্লজান [স] *বি* অক্সিজেন। 'বায়ুতে অম্লজান ও যবক্ষারজানের সামান্য যোগ।' *বঙ্কিম*, ১৮৭৫।

অম্লত্ব [স] *বি* টক স্বাদ। 'প্রথম অবস্থায় তীব্র অম্লত্ব পক্ব অবস্থায় পরিহার করে।' *রবীন্দ্র*, ১৯০২।

অম্লমধুর [স] *বিণ* মিষ্ট কিন্তু ঈষৎ অম্লস্বাদযুক্ত। 'নূতন প্রেমে নূতন বধূ আগাগোড়া কেবল মধু, পুরাতনে অম্লমধুর একটুকু ঝাঁঝালো।' *রবীন্দ্র*, ১৮৯২।

অম্লরসিক [স] *বি* টক পছন্দ করে যে। 'বাঁদরের মতো অম্লরসিকও

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

যদি এ আম খাইতে সাহস করে বোবা হইয়া যাইবে।' *বনফুল*, ১৯৩৬।

অম্লরোগ [স] *বি* পাকস্থলীতে শরীরের প্রয়োজনের অতিরিক্ত অ্যাসিড তৈরি হয় এমন রোগ। 'বাঙালি জাতির অম্লরোগ হইল বলিয়া বাঙালি কেরানিগিরি ছাড়িতে পারিল না।' *রবীন্দ্র*, ১৮৮৭।

অম্লরোগী [স] *বি* অতিরিক্ত অ্যাসিড-জনিত পেটের পীড়া হয়েছে এমন ব্যক্তি। 'অম্লরোগী নির্ঘর্মা জমিদারও নয়।' *শরৎ*, ১৯১৭।

অম্লশূল [স] *বি* অম্লের আধিক্যজনিত পেটের ব্যথা। 'বাংলা দেশে, পিলে যকৃত অম্লশূল ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

অম্লস্বাদ [স] *বি* টকস্বাদ। 'অম্লস্বাদ বিশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র ফলোৎপত্তি হইতে পারে।' *অক্ষয়*, ১৮৪৬।

অম্লান [স] ১ *বিণ* অমলিন। 'অম্লান বদনে ও অক্রোধে স্বামিসেবা যে করে ...।' *গৌর*, ১৮২২। ২ *বিণ* উজ্জ্বল। 'কতিপয় যুবা পুরুষ অম্লান বদনে কহিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বিণ* উদীপ্ত। 'ব্রহ্মগুপ্ত ও ভাস্করাচার্য অম্লান ভাবে প্রসন্ন মনে বিরাজ করিতেছিলেন।' *অক্ষয়*, ১৮৪৯। ৪ *বিণ* নির্মল। 'শেষ নিমেষের পেয়ালা ভরা অম্লান সাস্ত্বনা।' *রবীন্দ্র*, ১৯১৪। ৫ *বিণ* অক্ষয়। 'অতি বৃহৎ বিশ্ব, অম্লান তার মহিমা।' *রবীন্দ্র*, ১৯৩২। ৬ *বিণ* উজ্জ্বল। 'বিদায় নেবার কালে এ সত্য অম্লান হয়ে মৃত্যুরে করিবে অস্বীকার।' *রবীন্দ্র*, ১৯৪১।

অম্লানকুসুম [স] *বি* অমলিন ফুল। 'অবশেষে স্বপ্নাকাশের অম্লানকুসুমে পরিণত হবে।' *ওয়ালী*, ১৯৬৪।

অম্লানপ্রফুল্লা [স] *বিণ স্ত্রী* অম্লানভাবে প্রস্ফুটিত। 'লাবণ্যলেখা ... অম্লানপ্রফুল্লা কাশবনশ্রীর মতো হাস্যে ও হিল্লোলে ঝলমল করিতেছিল।' *রবীন্দ্র*, ১৮৯৮।

অম্লানবদন [স] *বি* অমলিন মুখ। 'অম্লান বদনে ও অক্রোধে স্বামিসেবা যে করে ...।' *গৌর*, ১৮২২।

অযতন [স অযত্ন] *বি* যত্নহীনতা। *মনোএল*, ১৭৪৩; 'আগেকে আমার, আমার, শেষে অযতন।' *দীনবন্ধু*, ১৮৬৩।

অযতনে [স] *ক্রিবিণ* অনায়াসে। 'অযতনে আভা লাভ করিবে, দেবেশ!' *মাইকেল*, ১৮৬০।

অযত্ন [স] ১ *বি* অবহেলা। 'যদি স্বামীর প্রতি অযত্ন ও অবজ্ঞা প্রদর্শন করিয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বি* যত্নের অভাব। 'অধ্যক্ষদিগের অযত্ন ও অমনোযোগ অতি স্পষ্টরূপে প্রতীত হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

অযত্নপ্রসূত [স] *বিণ* অবহেলায় সৃষ্ট। 'অক্ষম হস্তের অযত্নপ্রসূত গান।' *প্রমথ*, ১৯১৭।

অযত্নবান [স] *বিণ* নিশ্চেষ্ট। 'রাজা ... ব্রাহ্মণের অন্নসংস্থানের পক্ষে অযত্নবান হইতেন না।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অযত্নবিন্যস্ত [স] *বিণ* অগোছালো। 'সকলেরই শিরে অযত্নবিন্যস্ত কেশভার।' *বনফুল*, ১৯৩৬।

অযত্নম্লান [স] *বিণ* যত্নের অভাবে মলিন। 'একটি অযত্নম্লান ফোটোগ্রাফ।' *রবীন্দ্র*, ১৯২৮।

অযত্নরক্ষিত [স] *বিণ* অনাদরে রাখা হয়েছে এমন। 'দুটি অযত্নরক্ষিত খাতা নিয়ে দেখতে দিলেন।' *নজরুল*, ১৯২৮।

অযত্নলালিতা [স] *বিণ স্ত্রী* বিনা যত্নে লালন করা হয়েছে এমন। 'সেই অযত্নলালিতা অনাথার মস্তকে স্বামী স্বহস্তে লক্ষ্মীর মুকুট ...।' *রবীন্দ্র*, ১৯০২।

অযত্নশীল [স] *বিণ* যত্নহীন। 'অধিকাংশ লোক কন্যার প্রতি বড়ই অযত্নশীল।' *তমোলুক*, ১৮৭৪।

অযত্নসুলভ [স] *বিণ* অবহেলিত। 'কিন্তু এ-সব অনুপ্রাস অযত্নসুলভ।' *প্রমথ*, ১৯২৭।

অযথা [স] ১ *বিণ* অপ্রকৃত। 'কোনও জন্তুকেই অযথা নামে ডাকা উচিত নহে।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বিণ* যথার্থ নয় এমন। 'ভক্তি ভালোবাসা স্নেহ অযথা পরিমাণে এবং অযোগ্য পাত্রে পড়লেও ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অযথা-কচি [স অযথা+কচি] *বিণ* অযৌক্তিকভাবে অপরিণত। 'বাঙালির মন এখন অর্ধেক অকালপক্ব এবং অর্ধেক অযথা-কচি।' *প্রমথ*, ১৯১৪।

অযথাভূত [স] *বিণ* নিয়ম বহির্ভূত। 'মানদণ্ডকে অযথাভূত রূপে চালনা করিয়া পোনর কাঠায় বিঘা মাপিয়া জমা বৃদ্ধি করা হয়।' *এড়ুকেশন*, ১৮৭২।

অযথারূপে *ক্রিবিণ* অসঙ্গত উপায়ে। 'তোমরাও কি আমাদিগকে অযথারূপে বাড়াইয়া তুলিতেছ না?' *রবীন্দ্র*, ১৮৯৭।

অযথার্থ [স] ১ *বিণ* অনুচিত। 'অধিক মাসুল ভারতবর্ষের উৎপন্ন দ্রব্যের উপরে লওয়া অযথার্থ।' *বঙ্গদূত*, ১৮২৯। ২ *বিণ* মিথ্যা। 'তাহা যে অযথার্থ নহে ইহা কহিতে আমারদের সঙ্কোচ নাই।' *দর্পণ*, ১৮৩১।

অযথার্থতা [স] *বি* অবাস্তবতা। 'যুক্তির অযথার্থতা ভালোরূপেই দেখানো হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অযথার্থোক্তি [স অযথার্থ+স উক্তি] *বি* অন্যায্য কথা। 'জানিয়া শুনিয়া কোন অযথার্থোক্তি করিব না।' *বঙ্কিম*, ১৮৯২।

অযশ [স] *বি* অখ্যাতি; অপযশ। 'তোমার অযশ অতি ভরিল ভুবন।' *বাহরাম*, ১৬৫০।

অযশস্কর [স] *বিণ* নিন্দা বা অপবাদ হয় এমন। 'ইহাকে তাঁহাদের অত্যন্ত অযশস্কর অধর্মের মধ্যে গণিত করিতে হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

অযাচক [স] *বিণ* প্রার্থনা করে না এমন। 'অযাচক লক্ষ লক্ষ বাসনা সাযুজ্য মোক্ষ ভক্ষণ কেবল মাত্র বায়ু।' *রামপ্রসাদ*, ১৭৮০।

অযাচিত [স] ১ *বিণ* অপ্রার্থিত। 'অযাচিত ক্ষীরপ্রসাদ যদি অল্প পাই।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* চেয়ে নিতে হয় না এমন। 'পাই জননীর অযাচিত স্নেহ।' *রবীন্দ্র*, ১৮৮৫। ৩ *বিণ* অপ্রত্যাশিত। 'কোথায় এখানকার বিশ্বৌচ-নিঃসৃত অজস্র মধুধারা, যা অযাচিতভাবে মদিরার মতো শিরায় শিরায় প্রবেশ করে।' *রবীন্দ্র*, ১৮৯১; 'বয়ের অযাচিত সম্ভাষণে আমি চমকে যাই।' *শিবরাম*, ১৯৭০।

অযাচিতবৃত্তি [স] *বি* ভিক্ষাবৃত্তি। 'অযাচিতবৃত্তি কিংবা শাক ফল খাইবে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অযাচিতভাবে [স] *ক্রিবিণ* গায়ে প'ড়ে। 'গহর মিস্ত্রী একদিন অযাচিতভাবে আলাপ আরম্ভ করিল।' *শওকত*, ১৯৫৮।

অযাত্রা [স] *বি* অশুভ যাত্রা। 'জনেক যমদর্শক চিকিৎসক সহকারে অযাত্রা।' *দর্পণ*, ১৮২৮।

অযাত্রিক [স] *বিণ* যাত্রা অশুভের লক্ষণযুক্ত। 'সুবর্ণ গোধিকা দেখি চিত্তে বীর হইলা দুখী অযাত্রিক পাপ দরশন।' *মুকুন্দ*, ১৬০০।

অযুকত [স অযুক] *বিণ* অযৌক্তিক। 'অযুকত কথা কহে উন্মত আহ্মার।' *সুলতান*, ১৭০০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অযুক্ত [স] **১** *বিণ* অন্যায্য। 'অযুক্ত অশাস্ত্র কর্ম পুনঃ২ প্রচার হইলে ...।' *দর্পণ*, ১৮২২। **২** *বিণ* মৌলিক। 'এই তাবৎ বর্ণ ইঙ্গরেজী ২৪ অযুক্ত বর্ণের দ্বারা প্রতিরূপিত হইতে পারে।' *দর্পণ*, ১৮৩৪। **৩** *বিণ* যুক্তিহীন। 'অযুক্ত বিবেচনা বিলুপ্ত হইবে।' *দর্পণ*, ১৮৩৫। **৪** *বিণ* কাল্পনিক। 'অসম্ভব ও অযুক্ত বর্ণনাদি যথোপযুক্তরূপে পরিত্যাগ করা অবশ্য বিবেচনার কর্ম।' *অক্ষয়*, ১৮৪৭।

অযুক্তধর্ম, অযুক্তধর্ম্য [স] *বি* অযৌক্তিক ধর্ম। 'অযুক্তধর্ম্য বিনাশার্থ আমারদের যে অভিপ্রায়।' *দর্পণ*, ১৮৩১।

অযুক্তধর্মি, অযুক্তধর্ম্মি [স অযুক্তধর্মী] *বি* অযৌক্তিক মত পোষণ করে যে। 'সেই বিদ্যায় নিপুণ ঐ অযুক্তধর্ম্মি অথচ স্বীয় মতমাত্রে আসক্ত।' *দর্পণ*, ১৮৩২।

অযুক্তি [স] *বিণ* যুক্তিহীন। 'এমত অযুক্তি শাস্ত্র কদাচ করিতেন।' *দর্পণ*, ১৮৪০।

অযুক্তিমূলক [স] *বিণ* যুক্তিহীন। 'অশেষবিধ অযুক্তিমূলক ক্রিয়াকলাপের কল্পনা করিয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

অযুক্তো [স অযুক্ত] *বিণ* অযোগ্য। 'সকোল কার্য্যো অযুক্তো।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

অযুত [স] **১** *বিণ* দশ হাজার। 'দিলীপ করিল তপ অযুত বৎসর।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* সংখ্যাহীন। 'সুপ্ত পীতাম্বর শিরে অনন্ত যেমতি (ফণীন্দ্র) অযুত ফণা ধরেন যতনে।' *মাইকেল*, ১৮৬০।

অযুতো [স অযুক্ত] *বিণ* অযৌক্তিক। 'তোমি জিগাসো কোনো কার্য্যো কৃঞ্চো অযুতো করিয়াছেন, আমি বুঝাই।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

অযুদ্ধশীল [স] *বিণ* যুদ্ধ-সংঘাত করে না এমন। 'অযুদ্ধশীল দেশের শান্তি কিছু ভঙ্গ হয় নাই।' *দর্পণ*, ১৮৩৪।

অযুধ্যমান [স] *বিণ* যুদ্ধরত নয় এমন। 'যে নিরস্ত্র, যে অযুধ্যমান, তাকেও মারবে না।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অযোগ [স অযোগ্য] *বিণ* অক্ষম। 'হেন তিরী মারির্তে অযোগ্য দীনমণী।' *বড়ু*, ১৪৫০।

অযোগ্য [স] **১** *বিণ* অনুপযুক্ত। 'এভোঁহো অযোগ্য বোল রাধা পরিহর।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* অনুচিত। 'সেই দেবতার প্রতি অযোগ্য বাক্য প্রয়োগ করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৭। **৩** *বিণ* অক্ষম। 'আপনাদিগের পরিত্রাণার্থ অধিকতর বল-বীর্য্য প্রকাশে অযোগ্য হওয়ায় ...।' *অক্ষয়*, ১৮৫০।

অযোগ্যতম [স] *বি* যা অতিশয় অযোগ্য। 'আমাদের অযোগ্যতমকেও একমনে পূজা করিয়া আসিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৯।

অযোগ্যতর [স] *বিণ* অতিশয় অযোগ্য। 'অন্তর দিয়ো না তারে যে তব অযোগ্যতর।' *নজরুল*, ১৯৩০।

অযোগ্যতা [স] **১** *বিণ* অন্যায়। 'এমত মজ্জু সনে অযোগ্যতা কাজ।' *বাহরাম*, ১৬৫০। **২** *বি* অক্ষমতা। 'মানুষের অযোগ্যতার সেই একটা প্রধান লক্ষণ – অকৃতজ্ঞতা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অযোগ্যা [স] *বিণ স্ত্রী* অনুপযুক্ত। 'আমি অযোগ্যা তাই তার মান রাখতে পারিনি।' *মুনীর*, ১৯৬১।

অযোনি [স] **১** *বিণ* স্বয়ম্ভূ। 'হে বিভো জগৎযোনি, অযোনি আপনি, জগদন্ত নিরন্তক।' *মাইকেল*, ১৮৬০। **২** *বি* (বাউল) পরমেশ্বর। 'অযোনি সহজ রূপ সংকার স্বরূপে দুই রূপ হয় নিহার।' *লালন*, ১৮৯০।

অযোনিজ [স] *বিণ* স্ত্রীজননেন্দ্রিয় জাত নয় এমন। 'স্বয়ং মহেন্দ্র, অযোনিজ অগ্নি, কালান্তক যম।' *বুদ্ধ*, ১৯৪৩।

অযোনিসম্ভবা [স] *বিণ স্ত্রী* গর্ভজাত নয় এমন। 'অযোনিসম্ভবা তুমি কল্যাণদায়িনী।' *কেতকা*, ১৬৫০।

অযোনিক [গ্রীক] *বি* গ্রীক জাতি। 'গ্রীক অযোনিক, হিব্রু যবন, পারসীক ও আরবী যুনানি, প্রাচীন পারসীক যুনা, পালি যোন, এবং সংস্কৃত যবন শব্দ এক গ্রীক প্রতিপাদক।' *অক্ষয়*, ১৮৪৭।

অযৌক্তিক [স] *বিণ* যুক্তিহীন। 'অযৌক্তিক মত।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

অযৌক্তিকতা [স] *বি* যুক্তিবিরুদ্ধতা। 'তখনও তিনি, সেই অযথাভূত দর্শনশাস্ত্রের অযৌক্তিকতা সপ্রমাণ করিবার নিমিত্ত ...।' *বিদ্যা*, ১৮৪৯।

অযৌক্তিকতাবাদ [স] *বি* ভাববাদ। 'বর্তমানকালের অযৌক্তিকতা-বাদের মন্ত্রদাতা তিনি।' *আইয়ুব*, ১৯৭৩।

অয়ন [স] **১** *বি* সূর্যের গতির নির্দিষ্ট সময়কাল। 'হইল ঋতু অয়ন বৎসর।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* রাস্তা। 'অশ্ব রাখেন লাউসেন অয়নে উতারি।' *মানিকরাম*, ১৭৮১।

অয়নাংশ [স] *বি* বিষুব রেখার উত্তরে ও দক্ষিণে সাড়ে ২৩ ডিগ্রি পর্যন্ত সূর্যের আপাত চলাচলের অংশ। 'অয়নাংশ মতে আষাঢ়মাসান্ত দিনে মাধ্যাহ্নিক ছায়ার শূন্যত্বহেতুক ছায়া পাদতলে আসিয়া থাকে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

অয়রান [আ হায়রান] **১** *বিণ* নাজেহাল; পীড়িত। 'যে নিষ্ঠুরতা ও শক্তি করিত সেকারণ উচ্ছট ও অয়রান হইত।' *ফরস্টার*, ১৭৯৬। **২** *বিণ* বিধ্বস্ত। 'কুমার বাহাদুর পিতার মৃত্যুর মাসেকের মধ্যে বাগানখানি অয়রান করে ফেল্লেন।' *হুতোম*, ১৮৬১।

অয়স্কঠিন [স] *বিণ* কঠোর। 'অয়স্কঠিন ব্রত কোনো জন্ম নিতে চায়।' *প্রেমেন্দ্র*, ১৯৪৬।

অয়স্কান্ত [স] *বি* লোহা আকর্ষণকারী গুণবিশিষ্ট মণিবিশেষ। 'সতীত্ব, কুলমহিলার অয়স্কান্ত মণি।' *দীনবন্ধু*, ১৮৬০।

অয়ি [ধ্বন্যা] *অব্য* স্নেহসূচক সম্বোধনবিশেষ। 'অয়ি বালিকে।' *বিদ্যা*, ১৮৬৩।

অয়ে [ধ্বন্যা] *অব্য* ভক্তিসূচক সম্বোধনবিশেষ। 'অয়ে বুড়া বামন তোমারে ভয় নাই।' *বৃন্দা*, ১৫৮০।

অয়েল [ই] **১** *বিণ* তেলতেলে। 'অয়েলক্লথের উপর দিয়ে যেরকম জল গড়িয়ে যায়।' *প্রমথ*, ১৯২০। **২** *বি* তেল। 'ইঞ্জিন রুমের অয়েলম্যান।' *কায়সার*, ১৯৬২।

অয়েলকাপড় [ই অয়েল+কাপড়] *বি* পানি নিরোধক কাপড়বিশেষ; অয়েলক্লথ। 'অয়েলকাপড়ে গন্ধ, বিষ!' *শক্তি*, ১৯৬১।

অয়েলক্লথ [ই] *বি* জল প্রবেশ করতে পারে না এমন কাপড়। 'অয়েলক্লথের উপর দিয়ে যেরকম জল গড়িয়ে যায়।' *প্রমথ*, ১৯২০।

অয়েলপেন্টিং, অয়েলপেন্টিং [ই] *বি* তেলরঙের চিত্র। 'দেয়ালে পূর্বপুরুষদের অয়েলপেন্টিং।' *রবীন্দ্র*, ১৯২৯; 'দেওয়ালে প্রকাণ্ড কয়েকটা অয়েলপেন্টিং।' *মানিক*, ১৯৩৬।

অয়েলম্যান [ই] *বি* ইঞ্জিনে তেল সরবরাহের কাজ করে যে। 'ইঞ্জিন রুমের অয়েলম্যান।' *কায়সার*, ১৯৬২।

অয়েন্ড [ই] *বিণ* তৈলচর্চিত; তেল মাখানো। 'সেই আবার রোজই 'অয়েন্ড' হচ্ছে, তার কোথাও একটু জং ধরে না।' *নজরুল*, ১৯২২।

AMARBOI.COM

অয়োময় [স] *বিণ* লৌহময়। 'সংস্কৃতে এই সকল শব্দের স্থলে অয়োময়, সোঢ়া, সোঢা ইত্যাদি প্রচলিত আছে।' *অক্ষয়*, ১৮৪৮।

অরংসাই [ফা আওরঙ্গ+ফা শাহ্] *বি* আওরঙ্গজেবের আমলের মুদ্রা। 'সিক্যা তিন অরংসাই।' *চিঠিপত্রে*, ১৭৫১।

অরকিড [ই] ১ *বি* ফুলবিশেষ। 'সরলা ঘরে ঢুকল। তার হাতে একটি অরকিড।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* গাছবিশেষ। 'তারি মাঝে এ বালক অরকিড-তরুকার মতো।' *রবীন্দ্র*, ১৯৪০।

অরকেরিয়া [ই] *বি* ফুলবিশেষ। 'ডালিয়া, বিগোনিয়া, সাইপ্রেস, অরকেরিয়া আনিয়া পুতিয়াছিল।' *বঙ্কিম*, ১৮৭৫।

অরকেস্ট্রা, অরকেস্ট্রা [ই] *বি* ঐকতান। 'অরকেস্ট্রা গঠন করিতে সময় সময় আড়াই শত হইতে তিন শত লোকের ...।' *মোতাহার*, ১৯৩৭; 'অরকেস্ট্রা কিন্তু ঢাক ঢোল কত্তাল বাজিয়ে হুঙ্কার দিচ্ছে।' *মুজতবা*, ১৯৫২। দ্র **অর্কেস্ট্রা**

অরক্ষণশীল [স] *বিণ* মুক্তমনা; পরিবর্তনপন্থী। 'যারা অরক্ষণশীল তারা হল শ্যাম-পন্থী।' *প্রমথ*, ১৯১৮।

অরক্ষণীয় [স] ১ *বিণ* অস্থির। 'আমাকেও তিনি প্রায় অরক্ষণীয় করিয়া তুলিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বি* যা রক্ষা করা যায় না। 'তিনি অরক্ষণীয়ের সৃষ্টি করেন কেন।' *বঙ্কিম*, ১৮৯২।

অরক্ষণীয়া [স] ১ *বিণ স্ত্রী* মা-বাবাহারা এবং বিবাহযোগ্য। 'তাঁহার একটি অরক্ষণীয়া আত্মীয়া কন্যা।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বিণ স্ত্রী* বিবাহযোগ্য। 'যদি অরক্ষণীয়া হয়ে থাকেন তো আমি আছি।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বিণ স্ত্রী* বয়স বেড়ে যাচ্ছে কিন্তু বিয়ে হচ্ছে না এমন। 'অরক্ষণীয়া।' *শরৎ*, ১৯১৬; 'অরক্ষণীয়া মেয়ে থাকলে মায়ের মহা বিপদ।' *মুজতবা*, ১৯৪৯।

অরক্ষা [স] *বিণ* অনিরাপত্তাজনিত। 'নইলে অরক্ষাভয়ের কান্না কোনোমতেই থামবে না।' *রবীন্দ্র*, ১৯১৬।

অরক্ষিত [স] ১ *বিণ* নিরাপদ নয় এমন। 'বাস্তবিক মনুষ্যজাতি যেরূপ অরক্ষিত ...।' *বঙ্কিম*, ১৮৭৪। ২ *বিণ* প্রহরাবিহীন। 'আমাদের হৃদয়ের প্রবেশ-দ্বার অরক্ষিত।' *রবীন্দ্র*, ১৮৮৩; 'ক্ষুধিত বিহঙ্গশিশু অরক্ষিত নীড়ে চেয়ে থাকে মা-র প্রত্যাশায়।' *রবীন্দ্র*, ১৮৯০। ৪ *বিণ* অসুস্থতাপ্রবণ। 'পুষ্টি-অভাবে আমাদের শরীর অরক্ষিত।' *রবীন্দ্র*, ১৯০৬। ৫ *বিণ* নিরাপত্তাহীন। 'তখন মনুষ্যসমাজ অনেকটা অসহায় অরক্ষিত ছিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

অরগুণ *বি* ভালো গুণ। 'বড় মানুষদের মধ্যে অনেকের অরগুণ নাই বরগুণ আছে।' *হুতোম*, ১৮৬১।

অরচিত [স] *বিণ* এখনো সৃষ্টি হয়নি এমন। 'তার তরে কোথা রচে ঠাঁই অরচিত দূর যজ্ঞভূমে।' *রবীন্দ্র*, ১৯১৬।

অরজল [স অর্জন] *বি* অর্জন। 'হুহি অরজল অপজস অপকার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অরণি [স] *বি* যে কাঠ ঘষে আগুন জ্বালানো হয়। 'আদি অরণির যুগ থেকে শুরু।' *জীবন*, ১৯৪২।

অরণ্য [স] *বি* বন। 'অরণ্যে প্রবিষ্ট মুঞি হইমু সর্বথা।' *বৃন্দা*, ১৫৮০।

অরণ্যকম্পিত [স] *বিণ* অরণ্য কেঁপে ওঠে এমন। 'তৃষ্ণার্ত নিশায় শুনি অরণ্যকম্পিত ডাক শিরায় শিরায়।' *হোসেন*, ১৯৬৯।

অরণ্যচর [স] *বি* বনবাসী। 'সরলস্বভাব, শ্রমশীল অরণ্যচরগণ তুঙ্গগিরিচ্যুত নদের ন্যায়।' *সৎসঙ্গ*, ১৮৯৮।

অরণ্যচারী [স] ১ *বিণ* বন-জঙ্গলে বিচরণকারী। 'আমরা অরণ্যচারী মনুষ্য।' *মাইকেল*, ১৮৫৯। ২ *বিণ* বনে বাসকারী। 'অরণ্যচারী কবি বনের দুটি সুন্দর ডানাওয়ালা পাখির মতো করিয়া সসীমকে ও অসীমকে গায়ে গায়ে মিলাইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

অরণ্যজ [স] *বিণ* বনজ। 'অবিশ্যি অরণ্যজ শীতলতা এখানে আরামদায়ক।' *শওকত*, ১৯৭২।

অরণ্যতট [স] *বি* বনভূমি। 'প্রাণের অরণ্যতট হতে।' *রবীন্দ্র*, ১৯২৫।

অরণ্যদেবতা [স] *বি* অরণ্যের কল্পিত নিয়ন্ত্রকসত্তা। 'অরণ্যদেবতার প্রাচীন বনস্পতি মূর্তিটি সুস্পষ্ট হয়ে উঠছে।' *অবন*, ১৯২৫।

অরণ্য-নিবিড় [স] *বিণ* বনের মতো ঘন। 'ছায়াঘন, অরণ্য-নিবিড় আমাকে দেখ।' *সুকান্ত*, ১৯৪৮।

অরণ্যফুল [স] *বি* বনফুল; বনে ফোটা ফুল। 'রচিল অরণ্যফুলে অদৃশ্যের পূজা-আয়োজন।' *রবীন্দ্র*, ১৯৪১।

অরণ্যবাস [স] *বি* অরণ্যে বসবাস। 'এ নির্জন অরণ্যবাস হইতে মুক্তি পাইব।' *বিভূতি*, ১৯৩৮।

অরণ্যবাসর [স] *বি* বনের মধ্যে অবস্থান। 'কণ্টকিত প্রতীক্ষায় আমাদের অরণ্যবাসর।' *সুকান্ত*, ১৯৪৮।

অরণ্যবাসী [স] *বিণ* বনবাসী। 'অরণ্যবাসী হিংস্র পশুদিগের আশঙ্কায় দিবাভাগেও লোক গতায়াত করিতে শঙ্কিত হইত।' *অক্ষয়*, ১৮৪৬।

অরণ্যভূমি [স] *বি* বনভূমি। 'সুন্দরী অরণ্যভূমি সহস্র বৎসর ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অরণ্যমতী [স] *বিণ স্ত্রী* বনে থাকে এমন। 'দেয়ালে টানানো হরিণের ছালে অরণ্যমতী জীবনের গাঢ় কান্না।' *শামসুর*, ১৯৫৯।

অরণ্যময় [স] *বিণ* জঙ্গলাকীর্ণ। 'অরণ্যময় অঞ্চলে ...।' *বিভূতি*, ১৯৩৮।

অরণ্যলোক [স] *বি* বনাঞ্চল। 'কার সঙ্গীতে কাঁপে অরণ্যলোক।' *মাহমুদ*, ১৯৬৩।

অরণ্যশীর্ষ [স] *বি* বনের উপরিভাগ। 'অরণ্যশীর্ষে হালকা মেঘের আড়ালে তৃতীয়ার চাঁদ।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

অরণ্যসঙ্কুল [স] *বিণ* জঙ্গলাকীর্ণ। 'সেই অরণ্যসঙ্কুল পাহাড়ে বাঘের ভয় অত্যন্ত বেশি।' *সুকান্ত*, ১৯৪১।

অরণ্যসমাচ্ছন্ন [স] *বিণ* অরণ্যে ঢাকা। 'আফ্রিকার নিভৃত অরণ্যসমাচ্ছন্ন কৃষ্ণত্ব ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

অরণ্যা [স] *বিণ স্ত্রী* অরণ্যে বাস করে এমন। 'ছন্দের বন্যা হরিণী অরণ্যা/ নাচে গিরিকন্যা চঞ্চল ঝরনা।' *নজরুল*, ১৯৩৩।

অরণ্যাকীর্ণ [স অরণ্য+স আকীর্ণ] *বিণ* জঙ্গলপূর্ণ। 'বিরাট অরণ্যাকীর্ণ উপত্যকা।' *বিভূতি*, ১৯৩৭।

অরণ্যানী [স] *বি* বিশাল বন। 'পরিশেষে সেই অরণ্যানীতে প্রবেশিয়া দেখিলেন ...।' *বিদ্যা*, ১৮৪৭।

অরণ্যে ক্রন্দন *বি* বৃথা অনুনয়। 'অরণ্যে ক্রন্দন সে তো বালকের কাজ।' *রবীন্দ্র*, ১৮৮৯।

অরণ্যে রোদন *বি* বৃথা অনুনয়। 'তাহারদিগের এ আকিঞ্চন কেবল অরণ্যে রোদন মাত্র।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অরণ্যে রোদিত [স] *বিণ* নিষ্ফল। 'কৃষ্ণনামাবিশিষ্টমন সদা হরিদাস / অরণ্যে রোদিত হৈল স্ত্রীভাব-প্রকাশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অরতি [স] *বি* অপ্রেম। 'নামুক অরতি অতএব মোর শরীরে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অরতী [স রতি>] *বি* যৌনকামনা। 'অরতী বাধিত হআঁ পাপ করিবেঁ।' *বড়ু*, ১৪৫০।

অরথিত [স অর্থিত] ১ *বিণ* উপযাচিত। 'অপন অপন কাজ কহইত অধিক লাজ অরথিত আদর হানী।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* প্রার্থিত। 'তঁই অরথিত উপচিত ভেলি সে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অরন্ধন [স] *বি* বিশেষ দিনে রান্না না করার হিন্দু আচারবিশেষ; ভাদ্রসংক্রান্তি। 'শ্রীরামপুরের পঞ্জিকামতে ভাদ্রে অরন্ধন সংক্রান্তির সম্ভাবনা হইলেও হইতে পারে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অরন্য [স অরণ্য] *বি* বন; জঙ্গল। 'সকল অরন্য ভ্রমিঞা না পাইল জল।' *মালাধর*, ১৫০০।

অরপা [স অর্পণ] *ক্রি* অর্পণ করা। 'আপনার স্বর্ণবীণা অরপিলা করে।' *মাইকেল*, ১৮৬৬।

অরফ্যান [ই] *বিণ* অনাথ; এতিম। 'অরফ্যান ছেলের দল এবারেও ক্যাম্প পেতেছিলো।' *শক্তি*, ১৯৭০।

অরব [স] *বিণ* নিঃশব্দ। 'সেই বিজয়শঙ্খ রেখে গেছে অরব ধ্বনি।' *রবীন্দ্র*, ১৯৩২।

অরবিন্দ [স] *বি* পদ্ম। 'তহিক লাগি ফুলল অরবিন্দ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অরবিন্দবদনী [স] *বি* স্ত্রী পদ্মের মতো সুন্দর মুখ যে নারীর 'অরবিন্দবদনীর মুখ অরবিন্দ।' *দীনবন্ধু*, ১৮৬৩।

অরমণীয় [স] *বিণ* অসুন্দর। 'এ উপত্যকাভূমিতে যে নিতান্ত অরমণীয় তাও নয়।' *মাইকেল*, ১৮৫৯।

অররু [স] *বি* শত্রু। 'কে আছে সীতার আর এ অররু-পুরে।' *মাইকেল*, ১৮৬১।

অরসজ্ঞ [স] *বিণ* রসজ্ঞানশূন্য। 'অরসজ্ঞ কাক চুম্বে জ্ঞান-নিম্বফলে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অরসিক [স] ১ *বিণ* আরাধ্যের প্রতি আসক্তিহীন। 'অরসিক অভক্ত অধম লোকে হাসে।' *রামপ্রসাদ*, ১৭৮০। ২ *বিণ* রসিকতা জ্ঞানহীন। 'মহাশয় আমি অরসিক।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অরসিকতা [স] *বি* ব্যর্থ রসিকতা। 'সাম্যান্য রসিকতা কিম্বা অরসিকতাতেও লোকেরা, মেয়েরা হো হো করে দমকা হাসি ছাড়ছে।' *ইলিয়াস*, ১৯৭২।

অরসিকা [স] *বিণ* স্ত্রী রসবোধহীন। 'চারুর ইচ্ছা নহে অরসিকা মন্দার কাছে অমল পড়ে।' *রবীন্দ্র*, ১৯০১।

অরসী [স আদর্শিকা] *বি* দর্পণ। 'আবে তোহি সুন্দরি মনে নহি লাজ। হাথক কাকন অরসী কাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অরহর [স আঢ়কী] *বি* কলাই জাতীয় শস্য। 'ধান চালু মাষ মুগ ছোলা অরহর।' *ভারত*, ১৭৬০।

অরা *সর্ব* তারা। 'পূজার নামে অরা তাঁদেরে অপমান করছে।' *নজরুল*, ১৯২৭।

অরাজক [স] ১ *বিণ* বিশৃঙ্খল। 'রাজ্য হইল অরাজক নাহিক নৃপতি।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বিণ* রাজা নেই এমন। 'অরাজক কে বলিবে? সহস্ররাজক।' *রবীন্দ্র*, ১৮৮৯। ৩ *বিণ* শাসনহীন। 'স্বর্গ ও মর্তের মাঝখানে একটা অনির্দেশ্য অরাজক স্থান আছে।' *রবীন্দ্র*, ১৯০৯। ৪ *বিণ* অত্যাচারী। 'মম বিষ-নিশ্বাসে মারীভয় হানে অরাজক যত রাজ্যয়।' *নজরুল*, ১৯২২।

অরাজকতা [স] ১ *বি* নৈরাজ্য। 'অরাজকতানিবন্ধ ভদ্রলোকের ধন প্রাণ সঙ্কটাপন্ন হইয়া উঠিয়াছে।' *সোমপ্রকাশ*, ১৮৭৩। ২ *বি* বিশৃঙ্খলা। 'বুদ্ধির রাজ্যে একটা অরাজকতা ঘটেছে। কী করে লিখব, ভালো মনে আসছে না।' *রবীন্দ্র*, ১৮৮০। ৩ *বিণ* বিশৃঙ্খলাপূর্ণ। 'তাঁর স্নেহ না পেলে সেই অরাজকতা-কালে আমাকে বিষম দুঃখ ...।' *রবীন্দ্র*, ১৯২৫।

অরাজকতানিবন্ধন [স] *ক্রিবিণ* বিশৃঙ্খলার জন্যে। 'অরাজকতা-নিবন্ধন ভদ্রলোকের ধন প্রাণ সঙ্কটাপন্ন হইয়া উঠিয়াছে।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

অরাজকত্ব [স] *বি* শাসনশূন্য অবস্থা। 'অস্থানে তাঁর অরাজকত্ব।' *রবীন্দ্র*, ১৯২৯।

অরাজনৈতিক [স] *বিণ* রাজনীতি বিষয়ক নয় এমন। 'অরাজনৈতিক দাবী সম্পর্কেই বা কনভেনশন মোছলেম লীগের নীতি ও ভূমিকা কি?' *আজাদ*, ১৯৬৮।

অরাজি, অরাজী [অ+আ রাজি] *বিণ* অসম্মত। 'সেও অরাজি নয়।' *মানিক*, ১৯৩৬; 'অতসীর স্বামী ছেলের বাবা হতে অরাজী হয়েছেন।' *নবেন্দু*, ১৯৪৮।

অরাতি [স] *বি* শত্রু। 'অরাতি অবধি পক্ষ অচেতন জনে।' *মানিকরাম*, ১৭৮১।

অরাতিকুল [স] *বি* শত্রুপক্ষ। 'বীরগণের বামপার্শ্বে ঝুলিয়া অরাতিকুলের সন্ধান লইতেছে।' *মশাররফ*, ১৯০৮।

অরাধা [স আরাধন>] *ক্রি* আরাধনা করা। 'জনম জনম হরগৌরি অরাধলোঁ সিব ভেল সকতি বিভোর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অরাল [স] *বিণ* বাঁকা। 'লীলায়িত অরাল ভুজের আলিঙ্গনে।' *সুধীন্দ্র*, ১৯২৬।

অরি [স] *বি* শত্রু। 'আপনার দম্ভদুটা আপনার অরি।' *মুকুন্দ*, ১৬০০।

অরি-দমী [স] *বিণ* শত্রু নাশ করে এমন। 'গন্ধর্ব-কুলের রাজা চিত্ররথ রথী/ কামিনীর মনোরথ, নিত্য অরি-দমী দৈত্য-রণে।' *মাইকেল*, ১৮৬৩।

অরিদল [স] *বি* শত্রুদল। 'চলো চলো অরিদল করিছে ভ্রমণ।' *গিরিশ*, ১৮৮৩।

অরিপুর [স] *বি* শত্রুপুরী। 'তাহে অরিপুরে কেহ নাহি তাঁর।' *গিরিশ*, ১৮৮৭।

অরিজিনাল [ই] *বিণ* অভিনব; মৌলিক। 'ভারী অরিজিনাল আইডিয়া তো।' *মুজতবা*, ১৯৬০।

অরিজিন্যালিটি [ই] *বি* মৌলিকত্ব। 'সাহিত্যে যাহার অরিজিন্যালিটি অত্যন্ত অধিক।' *রবীন্দ্র*, ১৮৯৮।

অরিন্দম [স] *বি* শত্রুদমনকারী। 'পরে বিনাশিয়া পিতৃ-অরি অরিন্দম।' *মাইকেল*, ১৮৬২।

অরিষ্ট [স] ১ *বিণ* অমঙ্গলের। 'উল্কাপাত হইল কীবা অরিষ্ট লক্ষণ।' *মালাধর*, ১৫০০। ২ *বি* উপদ্রব। 'সেই কালে অরিষ্ট হইল বহুতর।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* সূতিকাগার। 'অরিষ্ট আলয় আলো কৈল অঙ্গচ্ছবি।' *মানিকরাম*, ১৭৮১।

AMARBOI.COM

অরিষ্ট-আলয় [স] *বি* সূতিকাগার। 'অরিষ্ট আলয় আল্যে কৈল অঙ্গচ্ছবি।' *মানিকরাম*, ১৭৮১।

অরিষ্টবাস [স] *বি* সূতিকাগার। 'আভায় অরিষ্টবাস অন্ধকারে আল।' *মানিকরাম*, ১৭৮১।

অরু[১] [পা অরু (আঘাত)] *বি* রাগবিশেষ। 'রাগ অরু।' *চর্যা ৪*, ১২০০।

অরু[২] [হি ঔর] *বি* আর। 'অরু দিন নাম ধর মুরলি বাজায়।' *বিদ্যাপতি*, ১৫৮০।

অরুগী [স রোগ>] *বিণ* রোগহীন। 'মুমীন যেহেন অরুগী জীবন্ত।' *সুলতান*, ১৭০০।

অরুগ্ন, অরুগ্‌ণ [স] *বিণ* সুস্থ। 'রোগের বীজ আহরণ করে তারা অরুগ্‌ণ চোখে গিয়ে বসে।' *রবীন্দ্র*, ১৮৮১; 'অরুগ্ন উল্লাসে আত্মপ্রকাশের আশায় ভবিষ্যতের পথ চেয়ে ...।' *সনৎ*, ১৯৭০।

অরুচি [স] **১** *বি* খাওয়ায় অনিচ্ছা। *ওসাঁ*, ১৭৮৫; 'অরুচিতে আহার করা জানতে পায় সে সব ধারা।' *লালন*, ১৮৯০। **২** *বি* বিতৃষ্ণা। 'বে অরুচির রুচি, যদি পাই রূপার কুচি।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অরুচিকর [স] **১** *বিণ* বিরক্তিকর। 'ইংরাজের কাছে অত্যন্ত অধিক এবং অরুচিকর।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *বিণ* বিস্বাদ। 'বেবুনের মাংস অসহ্য ও অরুচিকর হয়ে উঠেছে।' *বিভূতি*, ১৯৩৩।

অরুঝা ১ *ক্রি* জড়ানো। 'ভাঁগি জাইতি মনসিজে ধরি রাখলি ত্রিবলি লতা অরুঝাই।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রি* যুক্ত করা। 'তা অরুঝাএল হারা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অরুণ [স] **১** *বিণ* ভোরের সূর্যের আলোর মতো লাল; রক্তবর্ণ। 'দেহকান্তি গৌর কভু দেখিয়ে অরুণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'ঊর্ধ্বমুখে দৃষ্টি কৈল অরুণ লোচন।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* সূর্য। 'রতন কুণ্ডল কর্ণে ঝলমল অরুণের যেন জ্যোতি।' *আলাওল*, ১৬৮০। **৩** *বিণ* রক্তিম। 'শরৎ তোমার অরুণ আলোর অঞ্জলি।' *রবীন্দ্র*, ১৯১৪।

অরুণ-আলো [স] *বি* সূর্যের আলো। 'অরুণ-আলোর আশিস লয়ে ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

অরুণকর [স] *বি* সূর্যের কিরণ। 'অরুণকর দিয়ে মুকুট দেন শিরে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অরুণকিরণকণিকা [স] *বি* লাল আলোর কণা। 'তাহার অরুণকিরণ-কণিকা।' *রবীন্দ্র*, ১৯১৪।

অরুণ-চন্দ্রাপীড় [স] *বি* অরুণরূপ শিরোভূষণ। 'হারানো প্রিয়ারে খুঁজিছে আকাশে অরুণ-চন্দ্রাপীড়।' *নজরুল*, ১৯৪৫।

অরুণ-চরণ [স] *বি* অরুণরূপ চরণ। 'এসো অরুণ-চরণ কমল-বরন তরুণ উষার কোলে।' *রবীন্দ্র*, ১৮৮৭।

অরুণচ্ছটা [স] *বি* সূর্যের কিরণ। 'নবপ্রভাতের অরুণচ্ছটার যে স্তবগান।' *রবীন্দ্র*, ১৯০৭।

অরুণতরী [স] *বি* সূর্যের আলো। 'অরুণতরী তব পুরবে ছেড়ে দাও।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অরুণদীপ্ত [স] *বিণ* নবোদিত সূর্যের আলোয় দীপ্তিমান। 'কী জাগে অরুণদীপ্ত আভাসে।' *রবীন্দ্র*, ১৯১৪।

অরুণধূসর [স] *বিণ* ভোরের আবছা আলোয় ধূসর। 'এমন সময়ে অরুণধূসর পথে তরুণ পথিক দেখা দিল রাজরথে।' *রবীন্দ্র*, ১৯০০।

অরুণ-বরন [স অরুণবর্ণ] *বিণ* সূর্যরাঙা। 'অরুণবরন পারিজাত লয়ে হাতে।' *রবীন্দ্র*, ১৯১০।

অরুণবরনী [স অরুণবর্ণ>] *বিণ* ভোরের সূর্যের মতো লাল রঙের। 'পবন হত সুরার মতো সুরভি – পরান হত অরুণবরনী।' *রবীন্দ্র*, ১৯০০।

অরুণবসন [স] *বি* রক্তিম পোশাক। 'সূর্য্য-শত-সম-কান্তি অরুণবসন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অরুণবহ্নি [স] *বি* সূর্যের আগুন। 'অরুণবহ্নি জ্বালাও চিত্ত-মাঝে –।' *রবীন্দ্র*, ১৯১৪।

অরুণবীণা [স] *বি* অরুণরূপ বীণা। 'সুর উঠেছে অরুণবীণার তারে তারে।' *রবীন্দ্র*, ১৯১৭।

অরুণময় [স] *বিণ* লাল রঙে পূর্ণ। 'অশোক ফুলে অরুণময় ক্ষেত্র!' *সত্যেন্দ্র*, ১৯১১।

অরুণময়ী [স] *বিণ* স্ত্রী সূর্যের দীপ্তিপূর্ণ। 'অরুণময়ী তরুণী উষা জাগিয়ে দিল গান।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অরুণ-যান [স] *বি* অরুণরূপ যান। 'রবির পথ অরুণ-যান কিরণ-পথ ছুবায় মেঘ মহার্ণব।' *নজরুল*, ১৯২৫।

অরুণরথ [স] *বি* সূর্যরূপ রথ। 'অরুণরথচূড়া আধেক যায় দেখা।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অরুণরথচূড়া [স] *বি* সূর্যরথের চূড়া। 'অরুণরথচূড়া আধেক যায় দেখা।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অরুণরাগ [স] *বি* সূর্যের মতো লাল রং। 'রক্ত আমার রঙিয়ে আছে তব অরুণরাগে।' *রবীন্দ্র*, ১৯১৪; 'তারি লাগি আকাশ রাঙা আঁধার-ভাঙা অরুণরাগে।' *রবীন্দ্র*, ১৯২৮।

অরুণ-রাঙা [স অরুণ+রাঙা] *বিণ* উদীয়মান সূর্যের মতো লাল। 'অরুণ-রাঙা চরণ ফেলে।' *রবীন্দ্র*, ১৯১০।

অরুণরাঙিমা [স অরুণ+রাঙা>] *বি* সূর্যের লাল আভা। 'অরুণরাঙিমা দিগন্তে গেল ঘুচে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অরুণরুচি [স] *বিণ* ভোরের সূর্যের মতো উজ্জ্বল। 'অরুণরুচি আসনে চরণ তব বাজে।' *রবীন্দ্র*, ১৯৩০।

অরুণরেখা [স] *বি* লাল রেখা। 'সিঁথিতে সিঁদুরের অরুণরেখা।' *রবীন্দ্র*, ১৯৩২।

অরুণরেণু [স] *বি* সূর্যের রক্তিম আলো। 'তোমার সুর অশোকশাখে অরুণরেণুরাগে।' *রবীন্দ্র*, ১৯২৫।

অরুণলিখা [স] *বি* নবোদিত সূর্যের আলো। 'নতুন অরুণলিখা যবে দিবে যাত্রার ইঙ্গিত।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অরুণলেখা [স] *বি* সূর্যোদয়কালীন আলোক-রেখা। 'নূতন উষার প্রথম-অরুণলেখাটির মতো।' *রবীন্দ্র*, ১৯১৫।

অরুণসারথি [স] *বি* অরুণরূপ সারথি। 'তোমরা তাহারই অরুণ-সারথি।' *রবীন্দ্র*, ১৯০৭।

অরুণসুধা [স] *বি* আলোকরূপ অমৃত। 'করুণ আঁখি করিছে প্রাণে/ অরুণসুধা দান।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অরুণাম্বর [স অরুণ-অম্বর] *বি* লাল বসন। 'অরুণাম্বরবসনা অরুণলেখা সেদিন হাস্যে লজ্জায় এবং অলংকারে আড়াল হইতে ঝকমক করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৮।

অরুণালোক [স অরুণ-আলোক] *বি* প্রভাত সূর্যের আলো। 'স্বামী স্ত্রী প্রেমোন্মেষের প্রথম অরুণালোকে পরস্পরের কাছে ...।' *রবীন্দ্র*, ১৯০১।

AMARBOI.COM

অরুণোজ্জ্বল [স অরুণ-উজ্জ্বল] *বিণ* সূর্যের আলোতে উজ্জ্বল। 'লেখাগুলিকে আরও অরুণোজ্জ্বল করে দিলে।' *নজরুল*, ১৯২৪।

অরুণোদয় [স অরুণ-উদয়] *বি* সূর্যোদয়। 'অরুণোদয় কালে হৈল প্রভুর আগমন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অরুণিত [স] *বিণ* রক্তবর্ণ-প্রাপ্ত। 'মণি-মঞ্জীর বাজে অরুণিত চরণে সখী।' *নজরুল*, ১৯৩৩।

অরুণিম [স অরুণিমা] *বিণ* অরুণাভ। 'অরুণিম অধরে সুধারস বরিখত বচন অমিয়া তহু মাঝ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অরুণিমা [স] **১** *বি* লালচে আভা। 'নতুন পাতার অরুণিমা সবুজ থেকে ক্রমে শুকনো পাতারা গেরুয়াতে গিয়ে পৌঁছয়।' *অবন*, ১৯২৫। **২** *বি* উজ্জ্বলতা। 'প্রণয়ের অরুণিমা আনিত জীবনে তার স্বপনের আকাশ-কুসুম।' *আহসান*, ১৯৪৪।

অরুন্তুদ [স] *বিণ* মর্মান্তিক। 'পাওয়ার ব্যথাটাই হচ্ছে সবচেয়ে **অরুন্তুদ**।' *নজরুল*, ১৯২২।

অরুন্ধতী [স] *বি* সপ্তর্ষিমণ্ডলের অন্যতম নক্ষত্র। 'অরুন্ধতী নক্ষত্র তাহার নয়নে পড়িল না।' *মশাররফ*, ১৮৮৭।

অরুস [স অরোষ] *বি* ক্রোধ। 'অরুসে যুগল আঁখি অরুণ বরণ।' *মানিকরাম*, ১৭৮১; 'ঐমনি অরুসে অনল বরিষে দশনে অধর দাপে।' *মানিকরাম*, ১৭৮১।

অরূন, অরুন [স অরুণ] *বি* সূর্য। 'তাহি নব পল্লব অরুনক ভাঁতি।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'রাঙ্গামুখ খান তার অরুন কীরন।' *মালাধর*, ১৫০০;

অরূপ [স] **১** *বিণ* নিরাকার। 'স্বরূপ অরূপ প্রভু অনন্ত সুরতী।' *বাহরাম*, ১৬৫০। **২** *বিণ* রূপোত্তীর্ণ। 'রূপসাগরে ডুব দিয়েছি অরূপ রতন আশা করি।' *রবীন্দ্র*, ১৯১০। **৩** *বি* যার কোনো রূপ নেই। 'অরূপ, তোমার রূপের লীলায় জাগে হৃদয়পুর।' *রবীন্দ্র*, ১৯১৫। **৪** *বিণ* অলৌকিক। 'ছিলে রত তপস্যায় অরূপরশ্মির অন্বেষণে।' *রবীন্দ্র*, ১৯১৪। **৫** *বিণ* অদৃশ্য। 'আমি যে রূপের পদ্মে করেছি অরূপমধু পান।' *রবীন্দ্র*, ১৯২৫। **৬** *বিণ* অপরূপ। 'তোমার প্রেমের অরূপ মূর্তি দেখাও ভুবনতলে।' *রবীন্দ্র*, ১৯২৮।

অরূপ-ফাঁসি [স অরূপ+স পাশ] *বি* অরূপের বন্ধন। 'শব্দ গন্ধ বর্ণ হেথায় পেতেছে অরূপ-ফাঁসি।' *নজরুল*, ১৯২৫।

অরূপরতন [স অরূপ+স রত্ন] *বি* পরমব্রহ্ম। 'রূপসাগরে ডুব দিয়েছি অরূপ রতন আশা করি।' *রবীন্দ্র*, ১৯১০।

অরূপলোক [স] *বি* নিরাকার জগৎ। 'নবপ্রভাতের উদয়সীমায়/ অরূপলোকের দ্বারে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অরূপা [স] *বিণ স্ত্রী* নিরাকার। 'অরূপা লো! রতি হয়ে এলে মনে।' *নজরুল*, ১৯২৮।

অরূপী [স] *বিণ* নিরাকার। 'পুরুষের প্রাধান্য গণনায় অরূপী ব্রহ্ম কহেন এ বিধানে ঈশ্বরের একতু সম্পাদন ...।' *দর্পণ*, ১৮২১।

অরে [ধ্বন্যা] *অব্য* ওরে। 'কবি ভন বিদ্যাপতি অরেরে সুনু জুবতি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অরেখ [স] *বিণ* রেখাহীন। 'অরেখ সাদার বুকের উপর যেখানে রেখা-কালীর নৃত্য সেখানে এই রংগুলি যোগিনী।' *রবীন্দ্র*, ১৯১৬।

অরেঞ্জ [ই] *বি* কমলালেবু। **অরেঞ্জস্কোয়াশ** [ই] *বি* কমলালেবুর রস। 'লেমোনেড, ভীমটো, অরেঞ্জস্কোয়াশ এই সব।' *শিবরাম*, ১৯৫০।

অরেটরি [ই] *বি* বাগ্মিতা। 'পশ্চিমে ডিনারের পর স্পীচ, লাঞ্চের পর অরেটরি।' *মুক্ততরা*, ১৯৪৯।

অরেরে [ধ্বন্যা] *অব্য* ওরে। 'ভনই বিদ্যাপতি অরেরে গোআরি/ বড়ে পুনে সম্ভব আদর মুরারি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অরোগী [স] **১** *বি* সুস্থ ব্যক্তি। 'ধনীকে দান দেয় তবে তাহার ফল হয় যেমত অরোগীকে ঔষধ দেওন।' *রামরাম*, ১৮০২। **২** *বিণ* রোগমুক্ত। 'জাহাজে অন্য দেশে যাইয়া অরোগী হইয়া আইসেন।' *দর্পণ*, ১৮১৮।

অরোগি [স অরোগী] *বি* সুস্থ মানুষ। 'এপাশে ওপাশে রোগি-অরোগিতে মহা-কলরব করে।' *জসীম*, ১৯৫১।

অরোচক [স] *বি* রুচিহীনতা। 'অরোচক ইত্যাদি গর্ভের চিহ্ন নির্গত হইল।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

অরোচী [স অরুচি] *বি* রুচি না থাকা; খাওয়ার ইচ্ছা লোপ পাওয়া। *ওসাঁ*, ১৭৮২।

অরোরা [ই] *বি* মেরুজ্যোতি; মেরু অঞ্চলে আকাশে দেখা যায় এমন আলোকবিশেষ। 'আকাশে যখন অরোরার রঙিন ছটার আন্দোলন ঘটতে থাকে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অর্ক [স] *বি* সূর্য। 'অর্ক চন্দ্র পরশএ।' *আলাওল*, ১৬৮০।

অর্কফলা [স] *বি* শিখা; টিকি। 'তর্ক যাদের অর্কফলার তুমুল আন্দোলন।' *সত্যেন্দ্র*, ১৯১২।

অর্কহীন [স] *বিণ* আলোকহীন। 'পরস্পর প্রতিশ্রুত ছিন্নভিন্ন আমি অর্কহীন চাই ঊর্ধ্বগা।' *শক্তি*, ১৯৬১।

অর্কিড [ই] *বি* রজনীগন্ধার মতো ডাঁটাবিশিষ্ট বিচিত্র রঙের ফুলবিশেষ। 'বিচিত্র রঙের অর্কিড।' *বিভূতি*, ১৯৩১।

অর্কেস্ট্রা [ই] *বি* ঐকতান। 'অর্কেস্ট্রা।' *সুধীন্দ্র*, ১৯৩২।

অর্গল [স] **১** *বি* দরজা। 'ভিতর হইতে অর্গল আবদ্ধ করিল।' *বঙ্কিম*, ১৮৬৫। **২** *বি* খিল। 'যার দ্বারে অর্গল নেই সেই অগত্যা চোরকে সাধুভাবে ধর্মোপদেশ দিতে বসে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অর্গলবদ্ধ [স] *বিণ* খিল দেওয়া হয়েছে এমন। 'সীতারাম দ্বার অর্গলবদ্ধ করিয়া ভৃত্যকে আদেশ করিলেন।' *বঙ্কিম*, ১৮৮৪।

অর্গলহীন [স] *বিণ* খিলবিহীন। 'এই অর্গলহীন কাশডাঁটার বেড়ার আগড়-দেওয়া।' *বিভূতি*, ১৯৩৮।

অর্গলিত [স] *বিণ* দরজা বন্ধ আছে এমন। 'ভারতের সম্মুখে যে দ্বার অর্গলিত ছিল।' *জগদীশ*, ১৯১৭।

অর্গান, অর্গ্যান [ই] *বি* হারমোনিয়ামের মতো কিন্তু হারমোনিয়ামের চেয়ে অনেক বড়ো বাদ্যযন্ত্রবিশেষ। 'একটা প্রশস্ত আশার সংগীত শুনতে পাই, যেন দূরে আকাশব্যাপী একটা অর্গান থেকে আসছে।' *রবীন্দ্র*, ১৮৯২; 'তারপর বেজে ওঠে অর্গ্যান।' *শ্যামসুল*, ১৯৬২।

অর্গানস [ই] *বি* শরীরের অঙ্গ-প্রত্যঙ্গবিষয়ক বিদ্যা। 'নিজেই অর্গানস, ফিজিওলজি ... পড়াতেন।' *শ্যামসুল*, ১৯৬২।

অর্গানাইজ করা [ই অরগানাইজ+করা] *ক্রি* সংগঠিত করা। 'নীডাররা ফ্রন্টে যাবে তো অর্গানাইজ করবে কারা?' *ইলিয়াস*, ১৯৭৫।

অর্গানাইজার [ই] *বিণ* সংগঠক। 'বোম্বে মিউচুয়েল লাইফ এশিওরেন্স সোসাইটি লিমিটেড'-এর অর্গানাইজার।' *মোয়াজ্জিন*, ১৯৩২।

অর্গানিজেশন [ই] *বি* সংস্থা। 'একটা লটারি অর্গানিজেশন।' *জীবন*, ১৯৩২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অর্গোর [স অগুরু] *বি* সুগন্ধিবিশেষ। 'গঙ্গাজল বিল্বদল অর্গোর চন্দন।' *মানিকরাম*, ১৭৮১।

অর্গ্যান দ্র অর্গান

অর্ঘ্য [স] **১** *বি* তর্পণ। 'পিতৃগনে অর্ঘ্য আমি মরুতে পবন।' *মালাধর*, ১৫০০। **২** *বি* পা ধোওয়ার জল। 'পাদ্য অর্ঘ্যে আচমনী দিলেক আসন।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৩** *বি* উপহার। 'এনেছি মোদের শ্রেষ্ঠ অর্ঘ্য তোমারে করিতে দান।' *রবীন্দ্র*, ১৯১৪। **৪** *বি* পূজার উপচার। 'মানুষ মানবসমাজকে অর্ঘ্য সাজাইয়া পূজা করে নাই।' *রবীন্দ্র*, ১৯১৬। **৫** *বি* সম্মান। 'সেই উপহারে পেয়েছে আপন অর্ঘ্য ধরণীর সকল সুন্দর।' *রবীন্দ্র*, ১৯৩৫। **৬** *বি* আত্মসমর্পণ। 'অরণ্য তাহারি তলে উর্ধ্বে বাহু মেলি আপন শ্যামল অর্ঘ্য নিঃশব্দে করিছে নিবেদন।' *রবীন্দ্র*, ১৯৪১।

অর্ঘ্য-উপচার [স] *বি* পূজার উপকরণাদি। 'নিত্যনূতন পূজাপদ্ধতি, অর্ঘ্য-উপচার আর মন্দিরের বেদী স্পর্শ করবে না।' *সুকান্ত*, ১৯৪৮।

অর্চক [স] *বি* আরাধনাকারী। 'ঈশ্বর-চিত্ত অর্চকের তপোবলে নির্দোষ হয়ে ওঠে।' *অবন*, ১৯২৫।

অর্চনা, অর্চ্চনা [স] **১** *বি* পূজা। 'সপ্তদ্বীপে যুগে যুগে তোমার অর্চনা আগে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* উপাসনা। 'দেবালয়ে যাইয়া দেবতারদের পূজা অর্চ্চনা করি।' *চণ্ডীচরণ*, ১৮০৫। **৩** *বি* আহ্নিক। 'সন্ধ্যা-অর্চনা কিছুই করো না?' *রবীন্দ্র*, ১৯০৯। **৪** *বি* আনন্দ সংগীত। 'আছে তাহে ভৈরবীতে বিদায়ের বিষণ্ন মূর্ছনা, আছে ভৈরবের সুরে মিলনের আসন্ন অর্চনা।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অর্চনীয়া [স] *বিণ স্ত্রী* পূজনীয়। 'এই অর্চনীয়া বধূটির অনুগত ঠাকুরপো হয়ে সে যাবে বুড়িয়ে।' *জীবন*, ১৯৩২।

অর্চা [স অর্চন>] *ক্রি* বন্দনা করা। 'দ্রোপদে অর্চিল পঞ্চ পাণ্ডব নন্দন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অর্চন, অর্চ্চন [স অর্চন] *বি* পূজা। 'ক্ষান্তমতি হয়ে আছে দেবের অর্চ্চনে।' *ভবানী*, ১৮২৫।

অর্জনস্পৃহা, অর্জ্জনস্পৃহা [স] *বি* লাভের আশা। 'ধন লোভ দ্বারা অর্জ্জনস্পৃহা ক্ষণকালের নিমিত্ত চরিতার্থ হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

অর্জনীয় [স] *বিণ* অর্জন করতে হয় এমন। 'বাস্তবিকতা চিত্রকলায় অর্জনীয়।' *প্রমথ*, ১৯১৩।

অর্জা [স অর্জন] *ক্রি* অর্জন করা। 'বর্জিল ভয়, অর্জিল জয়, সার্থক হল কাজে।' *রবীন্দ্র*, ১৯০৬।

অর্জিত, অর্জ্জিত [স] **১** *বিণ* প্রয়াস দ্বারা প্রাপ্ত। 'কি প্রকারে তাহা অর্জ্জিত হইতে পারে।' *বঙ্কিম*, ১৮৯২। **২** *বিণ* সঞ্চিত। 'রাখে সে অর্জিত নিত্যকালের রতন-কণ্ঠহার।' *রবীন্দ্র*, ১৯৪০।

অর্জুত, অর্জ্জুত [স অযুত] *বিণ* দশ হাজার। 'পুনরপি অর্জ্জুত পন বলদেব কৈল।' *মালাধর*, ১৫০০।

অর্জুতেক, অর্জ্জুতেক [স অযুত+স এক] *বিণ* এক অযুত; দশ হাজার। 'অর্জ্জুতেক ধেনু দিলাঙ দুহাঁর চরনে।' *মালাধর*, ১৫০০।

অর্জুন, অর্জ্জুন [স] *বি* বৃক্ষবিশেষ। 'অর্জুন খর্জুর খিরি গয়া আম্বত বোহারি।' *মালাধর*, ১৫০০; 'একটা অর্জুন গাছের ডালে।' *নজরুল*, ১৯৩১।

অর্জ্যা [স আর্যা] *বি স্ত্রী* মাননীয়। 'তুমি গো সেনের তরুণী অর্জ্যা।' *মানিকরাম*, ১৭৮১।

অর্ডর, অর্ডার [ই] **১** *বি* ফরমাশ। 'বিলেত থেকে অর্ডর দিয়ে সাজ আনিয়ে প্রতিমে সাজান হয়।' *হুতোম*, ১৮৬১। **২** *বি* নির্দেশ। 'হাবিলদার-মেজর পথ খুঁজিয়া ফিরিয়া অর্ডার দিল।' *নজরুল*, ১৯২২। **৩** *বি* ফরমাশ। 'কয়েকটা বড় অর্ডার এসেছিল।' *শামসুল*, ১৯৫৬।

অর্ডার দেওয়া [ই অর্ডার+দেওয়া] *ক্রি* আদেশ দেওয়া। 'ছারপোকার অর্ডার দেব।' *শিবরাম*, ১৯৪০।

অর্ডার-সাপ্লাই [ই] *বি* ফরমাশ সরবরাহ। 'সে অর্ডার-সাপ্লায়ের কাজ করে।' *শিবরাম*, ১৯৫০।

অর্ডিনারী [ই] *বিণ* সাধারণ। 'দু একটা জামা-কাপড় মাত্র ... অর্ডিনারী চার্জে।' *নরেন্দ্র*, ১৯৪৮।

অর্ডিন্যান্স [ই] *বি* অধ্যাদেশ। 'যে অর্ডিন্যান্সের খড়্গ খাড়া করিয়াছেন তদ্দ্বারা পাটচাষীদের যে কি উপকার হইবে ...।' *জাম্যমাত*, ১৯৩৯।

অর্ণব [স] **১** *বি* সমুদ্র। 'রাজা অর্ণবপ্রবাহে লক্ষপ্রদানপূর্বক, অল্পক্ষণমধ্যে, ঐ বৃক্ষে আরোহণ করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বি* অসীম আধার। 'কামের কামিনী সমা কোন বামা ধরে রবাব, সঙ্গীত-রস-রসিত অর্ণব।' *মাইকেল*, ১৮৬০।

অর্ণবকূল [স] *বি* সমুদ্রের তীর। 'প্রত্যাগমনকালে অর্ণবকূলে এক অপূর্ব দেবালয় দেখিতে পাইল।' *বিদ্যা*, ১৮৪৭।

অর্ণবতরী [স] *বি* সমুদ্রগামী জাহাজ। 'এই ভগ্ন ভেলাই সেই অর্ণবতরী।' *রবীন্দ্র*, ১৮৯৬।

অর্ণবতীর [স] *বি* সমুদ্রের পাড়। 'উভয়ে ... অর্ণবতীরে উপস্থিত হইয়া, সেই দেবালয়ে প্রবেশ করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অর্ণবপোত [স] *বি* সমুদ্রগামী জাহাজ। 'আমি, কতিপয় অর্ণবপোত লইয়া, সিংহল দ্বীপে বাণিজ্য করিতে যাইতেছিলাম।' *বিদ্যা*, ১৮৪৭।

অর্ণবপ্রবাহ [স] *বি* সমুদ্রের প্রবাহ। 'রাজা অর্ণবপ্রবাহে লক্ষপ্রদানপূর্বক, অল্পক্ষণমধ্যে, ঐ বৃক্ষে আরোহণ করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অর্ণববাহন [স] *বি* সমুদ্রগামী জাহাজ। 'ভাসানো নেই কারো কোনো অর্ণববাহন।' *মাহমুদ*, ১৯৬৬।

অর্ণবযান [স] *বি* সমুদ্রগামী জাহাজ। 'বৃহৎ বৃহৎ অর্ণবযান ও বাষ্পীয় পোত প্রস্তুত করিয়া ...।' *অক্ষয়*, ১৮৫২।

অর্ণা [স অরণ্য>] *বিণ* বুনো বা বুনো জন্তুর ন্যায় বিশাল আকৃতির। 'তিনটে বড় বড় অর্ণা মোষ।' *হুতোম*, ১৮৬১।

অর্থ [স] **১** *বি* বক্তব্য। 'ভাগবত অর্থ জত পয়ারে বাঁধিয়া।' *মালাধর*, ১৫০০। **২** *বি* শব্দের মানে বা অর্থ। 'কেহ না বুঝিল অর্থ সবে চমকিত।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* টাকাপয়সা। 'আর আর যুগেতে অর্থ ব্যয় যতঃ করি।' *বৃন্দা*, ১৫৮০; *মেয়ার*, ১৭৮৯; 'অর্থই অনর্থ।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৪** *বি* সার। 'সিরাজ সাঁই কয় অর্থবচন [সার কথা]।' *লালন*, ১৮৯০। **৫** *বি* তাৎপর্য। 'সেদিন তুমি গাইতে যে-সব গান/ কোনো অর্থ তাহার কে জানত।' *রবীন্দ্র*, ১৯১০।

অর্থ-অনর্থ [স] *বি* অর্থ ও অনর্থ। 'কেই বা অর্থ-অনর্থ নিয়ে মাথা ঘামায়।' *অচিন্ত্য*, ১৯৫০।

অর্থই অনর্থের মূল – সম্পদই সংসারে সব দুঃখের কারণ। 'চিরপ্রবাদ আছে যে, সময় বিশেষে অর্থই অনর্থের মূল হইয়া উঠে।' *অক্ষয়*, ১৮৪৯।

অর্থউজীর [স অর্থ+আ ওয়াজির] *বি* অর্থমন্ত্রী। 'অর্থউজীর জনাব ...।' *আজাদ*, ১৯৫৬।

AMARBOI.COM

অর্থকথা [স] *বি* মর্মার্থ। 'ইহার অর্থকথা পালিভাষায় সিংহলদ্বীপবাসীগণের জন্য প্রস্তুত করেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অর্থ করা *ক্রি* তাৎপর্য বের করা। 'রাসলীলার এক শ্লোক যবে পড়ে শুনে / পূর্ববৎ তবে অর্থ করেন আপনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অর্থকরী [স] *বিণ* অর্থ উপার্জনে সহায়ক। 'অর্থকরী বিদ্যা শিক্ষা করা অবশ্য কর্তব্য।' *ভবানী*, ১৮২৩।

অর্থকরীবৃত্তি [স] *বি* টাকাপয়সা উপার্জনের পেশা। 'অর্থকরীবৃত্তিকে প্রধান বৃত্তি বলিয়া জানেন।' *অক্ষয়*, ১৮৫৪।

অর্থকৃচ্ছ্রতা [স] *বি* আর্থিক টানাটানি। 'এই অর্থকৃচ্ছ্রতার দিনে দেখিতে দেখিতে বাঙ্গলার বুকে অনেকগুলি কাপড়ের কল প্রতিষ্ঠিত হইল।' *হেদায়েত*, ১৯৩৫।

অর্থগত [স] *বিণ* অর্থ লাভ হয় না এমন। 'খেলার আনন্দ নিরর্থক অর্থাৎ অর্থগত নয়।' *প্রমথ*, ১৯১৫।

অর্থগর্ভ [স] *বিণ* অন্তর্নিহিত অর্থ আছে এমন। 'তাই অর্থগর্ভ ও ব্যঞ্জনাবহ নতুন নতুন শব্দ তৈরি হয়।' *শরীফ*, ১৯৬৮।

অর্থগৃধ্নু [স] *বিণ* টাকাপয়সার প্রতি অত্যন্ত লোভী। 'চোর স্বভাবতঃ অর্থগৃধ্নু।' *বিদ্যা*, ১৮৪৭; 'জমিদারেরা এমত অর্থগৃধ্নু হইয়া পড়িয়াছেন।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

অর্থগৃধ্নুতা [স] *বি* টাকাপয়সার প্রলোভন। 'অর্থগৃধ্নুতাও তাই – কিন্তু এসব মূল্যবোধহীন সংস্কারমুক্তিরই ফল।' *মোতাহের*, ১৯৫০।

অর্থগৌরব [স] *বি* অর্থের গভীরতা; ব্যঞ্জনা। 'তার অস্পষ্ট আভাস নাটকটির অর্থগৌরব আরো বাড়িয়ে তোলে।' *আইয়ুব*, ১৯৭৩।

অর্থগ্রহ [স] *বি* অর্থ উপলব্ধি। 'কেবল তিনজন লোক গানের অর্থগ্রহ করিয়াছিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

অর্থগ্রাহী [স] *বিণ* অর্থগ্রহণকারী। 'তাঁহারও এক২ জন সামান্য অর্থগ্রাহী নহেন।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

অর্থগ্রাহ্য [স] *বিণ* অর্থপূর্ণ। 'তা হলেই শব্দ বা বাক্য অর্থগ্রাহ্য হয়।' *শরীফ*, ১৯৬৮।

অর্থচিন্তা [স] *বি* টাকাপয়সার চিন্তা। 'চিন্তার মধ্যে অর্থচিন্তাটাই সবচেয়ে বড়ো।' *নজরুল*, ১৯২৬।

অর্থতত্ত্ব [স] *বি* অর্থনীতি। 'অর্থতত্ত্বেও তাই।' *রবীন্দ্র*, ১৯৩২।

অর্থতাত্ত্বিক [স] *বিণ* ধনতত্ত্বী। 'বলগর্বিত অর্থতাত্ত্বিক কোনো জারের মুখেই শোভা পায় না।' *রবীন্দ্র*, ১৯৩১।

অর্থদণ্ড [স] *বি* জরিমানা। 'অর্থদণ্ডসহ তিন বছর মিয়াদ দিয়াছেন।' *এডুকেশন*, ১৮৭৩।

অর্থদান [স] *বি* স্বত্ব ত্যাগ করে অর্থ দেওয়া। 'ভাগ্যবান মহাশয়েরা ... অর্থদান করিতে ইচ্ছুক হইবেন।' *দর্পণ*, ১৮২৬।

অর্থদোহন [স] *বি* অর্থসম্পদ আত্মসাৎকরণ। 'ভারতবর্ষের অর্থদোহন করিয়া বহু দূরস্থ সম্বন্ধবিহীন জাঞ্জিবারের দাসবিক্রয় প্রথা ...।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

অর্থদ্বৈধ [স] *বি* দ্ব্যর্থবোধকতা; দু রকমের অর্থের দ্বন্দ্ব। 'ন্যাশনাল শব্দ বাংলায় চলিয়া গেলে অনেক অর্থদ্বৈধ-ভাবদ্বৈধের হাত এড়ানো যায়।' *রবীন্দ্র*, ১৯০৫।

অর্থনাশ [স] *বি* টাকাপয়সার অপচয়। 'মোকদ্দমা করিয়া অর্থনাশ, সর্ব্বনাশ।' *নবনূর*, ১৯০৩।

অর্থনীতি [স] *বি* অর্থনৈতিক অবস্থা। 'অর্থনীতি প্রভৃতি বিচিত্র বিষয়ে দেশে জ্ঞানবিস্তারের ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

অর্থনীতিক [স] ১ *বিণ* অর্থ সংক্রান্ত। 'অর্থনীতিক ও স্বাস্থ্য সম্বন্ধীয় দুর্দ্দশাগ্রস্ত মুসলমান।' *আজাদ*, ১৯৩৬। ২ *বিণ* অর্থনীতিবিদ। 'অর্থনীতিক ডাঃ খানোন্তিকার হইতে আরম্ভ করিয়া অনেকে ...।' *আজাদ*, ১৯৪১।

অর্থনীতিবিদ [স] *বি* অর্থনীতিজ্ঞ। 'অর্থনীতিবিদেরা বুঝতে পারলেন।' *মাহেনও*, ১৯৪৯।

অর্থনীতিশাস্ত্র [স] *বি* অর্থনীতি সম্পর্কিত বিদ্যা। 'অর্থনীতিশাস্ত্রের মহামহোপাধ্যায়েরাও আবিষ্কার করতে পারবেন না।' *সবুজ*, ১৯২০।

অর্থনৈতিক [স] ১ *বিণ* অর্থনীতি-সংক্রান্ত। 'তাহা রাজনৈতিক ও আনুষ্ঠানিক অর্থনৈতিক ...।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বিণ* অর্থ-সংক্রান্ত। 'অর্থনৈতিক বৈষম্য ...।' *বেগম*, ১৯৪৭।

অর্থনৈতিক সাম্য [স] *বি* সম্পদের সমবণ্টন ব্যবস্থা। 'অর্থনৈতিক সাম্যের উপর প্রতিষ্ঠিত ভারতের পূর্ণ-স্বাধীনতাসূচক স্বরাজ্য লাভই ...।' *নজরুল*, ১৯২৬।

অর্থ-পিপাসা [স] *বি* অর্থের লোভ। 'তদ্ভিন্ন তাঁহার অর্থ-পিপাসা সম্যক চরিতার্থ হয় না।' *অক্ষয়*, ১৮৫০।

অর্থপিশাচ [স] ১ *বিণ* অর্থ উপার্জনে ন্যায়-অন্যায় বিচার করে না এমন। 'চোরেরা অর্থপিশাচ।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বি,বিণ* দারুণ অর্থলোভী। 'তীর্থের অর্থপিশাচ পাণ্ডা পূজার জন্যে কাড়াকাড়ি করে।' *রবীন্দ্র*, ১৯১৪; 'দিকে দিকে আজ অর্থপিশাচ খুঁড়িয়াছে গড়খাই।' *নজরুল*, ১৯২৫।

অর্থপুস্তক [স] *বি* নোট বই; সহায়ক গ্রন্থ। 'অর্থপুস্তক দেখিয়া গল্পের বাংলাটা বুঝিয়া লয়।' *বিভূতি*, ১৯২৯।

অর্থপূর্ণ [স] ১ *বিণ* অর্থযুক্ত। 'তাহার সে অর্থপূর্ণ হিজিবিজি ছাপা হইল না।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বিণ* সার্থক। 'মৃত্যু কি ভরিয়া সাজি তারে গাঁথিয়াছে আজি অর্থপূর্ণ করি।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বিণ* তাৎপর্যপূর্ণ। 'সমস্তই প্রশস্ত হয়ে সত্য হয়ে অর্থপূর্ণ হয়ে উঠবে।' *রবীন্দ্র*, ১৯১৬। ৪ *বিণ* ইঙ্গিতবহ। 'সে হাসি যেন অর্থপূর্ণ।' *নজরুল*, ১৯৩১।

অর্থবচন [স] *বি* সার কথা। 'সিরাজ সাঁই কয় অর্থবচন।' *লালন*, ১৮৯০।

অর্থবর্ষণ [স] *বি* অর্থাগম। 'তাঁহার কৃপায় অর্থবর্ষণ হইতেছে।' *বঙ্কিম*, ১৮৯২।

অর্থবল [স] *বি* ধনবল। 'বাহুবল, অর্থবল লইয়া মূর্খেরাই দর্প করে।' *মশাররফ*, ১৮৮৫।

অর্থবহতা [স] *বি* অর্থপূর্ণতা। 'তার ভিতরে ... মানবীয় অর্থবহতা খুঁজে না পাওয়া পর্যন্ত তাঁর শান্তি নেই।' *শিব*, ১৯৫৬।

অর্থবাদ [স] *বি* ব্যাখ্যা। 'শুনি এক পড়ুয়া তাহা অর্থবাদ কৈল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অর্থবান [স] ১ *বিণ* অর্থসম্পদের অধিকারী। 'প্রজাদের তুলনায় কোটিগুণে অর্থবান।' *সোমপ্রকাশ*, ১৮৮২। ২ *বিণ* অর্থবিশিষ্ট। 'গদ্যে প্রধানত অর্থবান শব্দকে ব্যূহবদ্ধ করে কাজে লাগাই।' *রবীন্দ্র*, ১৯৩৭; 'স্বরবর্ণ কেবল যে অর্থবান শব্দের বানানের কাজে লাগে তা নয়।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অর্থবিচার [স] *বি* শব্দের তাৎপর্য নির্ণয়। 'শব্দগঠন, বাগ্‌বিধি,

AMARBOI.COM

অর্থবিচার এবং প্রয়োগ।' *রবীন্দ্র*, ১৯০৯।

অর্থবিজ্ঞান [স] *বি* অর্থনীতি। 'অর্থবিজ্ঞানের নিয়ম ধরেই তাতে মায়াঞ্জন লাগিয়ে তিনি তার দিক নির্ণয় করেছেন।' *হাই*, ১৯৫৪।

অর্থবিত্তশালী [স] *বিণ* ধনবান। 'অর্থবিত্তশালী অযোগ্য লোকদের জন্য কোন কনডোলেন্স না হয়।' *মনসুর*, ১৯৪০।

অর্থবিহীন [স] ১ *বিণ* অর্থশূন্য। 'বিধাতার এক অর্থবিহীন প্রলাপবচন-সম।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বিণ* তাৎপর্যশূন্য। 'অর্থবিহীন কথার ছন্দ।' *রবীন্দ্র*, ১৯১৪।

অর্থ-বৈচিত্র্য [স] *বি* অর্থের বিভিন্নতা। 'যখন অজস্র Norman শব্দ তাদের নানা অর্থ-বৈচিত্র্য নিয়ে ...।' *সবুজ*, ১৯১৭।

অর্থবোধ [স] *বি* অর্থ অনুধাবন। 'ইহাতে সকলেই অনায়াসে অর্থবোধ করিতে পারিবেন।' *দর্পণ*, ১৮২৬।

অর্থব্যক্তি [স] *বি* অর্থপ্রকাশ। 'গদ্যের যা কিছু গুণ অর্থব্যক্তি, প্রসাদগুণ, ওজবিতা, গাঢ়বন্ধতা ...।' *সুনীল মুখো*, ১৯৭০।

অর্থব্যঞ্জনা [স] *বি* শব্দের অর্থপ্রকাশক গুণ। 'পদটি বিভিন্ন অর্থব্যঞ্জনা দান করেছে।' *শরীফ*, ১৯৬৮।

অর্থব্যয় [স] *বি* টাকা-পয়সা খরচ। 'অর্থব্যয় করা হোক আমার তাতে আপত্তি নেই।' *রবীন্দ্র*, ১৮৯১।

অর্থব্যাখ্যা [স] *বি* অর্থের বিশদ বিবরণ। 'স্বপ্নের প্রকৃত অর্থ-ব্যাখ্যা করিবার নিমিত্ত অনুরোধ ...।' *রবীন্দ্র*, ১৮৮১; 'পাঠোদ্ধার করে তার অর্থব্যাখ্যা করে দিতে পারবেন ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

অর্থভাণ্ডার [স অর্থ-ভাণ্ডার] *বি* কোষাগার। 'অর্থভাণ্ডার ও নৃত্যশালা প্রভৃতির শোভা বর্দ্ধন করিয়া রাখিতেছেন।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

অর্থময় [স] *বিণ* অর্থপূর্ণ। 'যে চায় অশ্রুর বুকে জীবনের অর্থময় ভাষা।' *ফররুখ*, ১৯৬৩।

অর্থমাধুর্য [স] *বি* অর্থগত সৌন্দর্য। 'শব্দ সংযোজন যে অর্থমাধুর্য সৃষ্টি করে।' *হাই*, ১৯৫৪।

অর্থমোহ [স] *বি* অর্থের জন্য লোভ। 'জমিদারেরা অর্থমোহে অন্ধ হইয়া তাহার কিছুই গ্রাহ্য করেন না।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

অর্থরত্ন [স] *বি* অর্থরূপ রত্ন। 'নাহি জানি চালাইতে লেখনী, পশিতে শব্দার্ণবে অর্থরত্ন-লোভে।' *মাইকেল*, ১৮৬০।

অর্থরাশি [স] *বি* বিপুল অর্থ। 'মোক্তারদের কুপরামর্শে তোমরা অর্থরাশির শ্রাদ্ধ করিতেছ।' *এডুকেশন*, ১৮৭৩।

অর্থলগ্নি [স] *বি* বিনিয়োগ। 'অর্থলগ্নি করার ব্যাপারে ব্যাঙ্ক নূতন ... নীতি অনুসরণ করিতেছে।' *আজাদ*, ১৯৬৯।

অর্থলাভ [স] ১ *বি* আর্থিক লাভ। 'অন্যজন অর্থলাভ মাত্র অভিলাষ করেন।' *অক্ষয়*, ১৮৫৫। ২ *বি* অর্থ উপার্জন। 'অর্থলাভ জ্ঞানলাভ এবং সৌন্দর্যভোগ সম্বন্ধে আমাদের একটা ঔদাসীন্যজড়িত ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অর্থলালসা [স] *বি* টাকাপয়সার প্রতি লোভ; ধনলোভ। 'ইন্ডলের অর্থলালসা অত্যন্ত প্রবল।' *বিদ্যা*, ১৮৬৩; 'রাজনীতির নির্মল ক্ষেত্র স্বার্থপরতা, অর্থলালসা ও আত্ম-পিপাসার পূতিগন্ধময় পঙ্কে ...।' *রবীন্দ্র*, ১৯০০।

অর্থলিপ্সা [স] *বি* টাকাপয়সার প্রতি লোভ। 'তাহাদের অর্থলিপ্সার সার্থকতা।' *বিভূতি*, ১৯৩১।

অর্থলোভ [স] *বি* অর্থের লালসা। 'অর্থ-লোভে আসে কত জন।' *গিরিশ*, ১৮৮৭।

অর্থলোভী [স] ১ *বিণ* টাকাপয়সার প্রতি লোভ আছে এমন। 'আমি তোমার মত স্বার্থপর অর্থলোভী নহি।' *মশাররফ*, ১৮৮৫। ২ *বিণ* শব্দের অর্থ খুঁজে বেড়ায় এমন। 'ছেলেমেয়েরা অর্থ নিয়ে নালিশ করবে না, খেলা করবে ধ্বনি নিয়ে। ওরা অর্থলোভী জ্ঞাত নয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অর্থলোলুপ [স] *বিণ* অর্থলোভী। 'কতকগুলি স্বার্থান্ধ তোষামোদপ্রিয় অর্থলোলুপ পারিষদবর্গ।' *প্রচারক*, ১৮৯৯।

অর্থশক্তি [স] *বি* টাকা-পয়সার ক্ষমতা। 'প্রজা ও জমিদারের অর্থশক্তির কথা।' *তারা*, ১৯৪২।

অর্থশালী [স] *বিণ* ধনবান। 'কোন কোন সময় দুই একজন অর্থশালী ভোগবিলাসী মহোদয়ের মুখে শুনা যায় যে ...।' *মশাররফ*, ১৮৮৯।

অর্থশাস্ত্র [স] *বি* অর্থনীতি। 'সেই অর্থশাস্ত্রবিদ উপাধ্যায় সুধস্বার ত অবমাননা কর না?' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অর্থশাস্ত্রবিৎ [স] *বি* অর্থনীতিবিদ। 'যাঁরা অর্থশাস্ত্রবিৎ তাঁদের ভাবতে হবে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অর্থশাস্ত্রবিদ [স] *বি* অর্থনীতিক। 'সেই অর্থশাস্ত্রবিদ উপাধ্যায় সুধস্বার ত অবমাননা কর না?' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অর্থশাস্ত্রবেত্তা [স] *বি* অর্থনীতিক। 'এই তিনটি নিয়মের দ্বারা অর্থশাস্ত্রবেত্তাদিগের আপত্তির মীমাংসা হইতেছে।' *বঙ্কিম*, ১৮৮৭।

অর্থশাস্ত্রিক [স] *বি* অর্থনীতিবিদ। 'এই চিত্তবৃত্তি অর্থশাস্ত্রিকের না, রাষ্ট্রতাত্ত্বিকের নয়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অর্থশাস্ত্রিকতত্ত্ব [স] *বি* অর্থনীতিসংক্রান্ত তত্ত্ব। 'কাপড় ব্যবহার বা বর্জন ব্যাপারে অর্থশাস্ত্রিকতত্ত্বের ঘনিষ্ঠ যোগ আছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অর্থশূন্য [স] ১ *বিণ* অর্থহীন। 'গানের কথা অত্যন্ত শ্রীহীন এবং অর্থশূন্য হইয়া পড়ে।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বিণ* হাস্যকর। 'অর্থশূন্য অঙ্গভঙ্গিময় ভাঁড়ামি হইয়া পড়ে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বিণ* অকারণ। 'দৌড়াদৌড়ি আগাগোড়া অর্থশূন্য এবং উদ্দেশ্য-বিহীন।' *প্রমথ*, ১৯১৫। ৪ *বিণ* অযৌক্তিক। 'যেরূপ বিকৃত ও অর্থশূন্য বানান করিয়া বাঙ্গালায় লিখিতেছেন।' *হোলতান*, ১৯২৩। ৫ *বিণ* ব্যর্থ। 'জীবনকে কতখানি অর্থশূন্য করে ফেললে।' *জীবন*, ১৯৩২।

অর্থশোষণ [স] *বি* জোরপূর্বক অন্যায়ভাবে অর্থ গ্রহণ। 'যেমত বলেন, তদনুসারে অর্থশোষণ করিয়া থাকেন।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

অর্থসংগীত [স] *বি* তাৎপর্যময় ভাবগম্ভীর সংগীত। 'কাশীতে সর্বক্ষেত্রেই অর্থসংগীত ...।' *ধূর্জটি*, ১৯৩১।

অর্থসংগ্রহ [স] *বি* টাকাকড়ি আদায়। 'তখন রক্ষকটি সঙ্গে করিয়া অর্থসংগ্রহের জন্য দোকানে গিয়া উপস্থিত হইলেন।' *রবীন্দ্র*, ১৮৯১।

অর্থ-সঙ্কট [স] *বি* টাকাপয়সার অভাবজনিত সমস্যা। 'অর্থ-সঙ্কট উপস্থিত হইলে, বিজ্ঞ-লোকেই সর্ব্বতোভাবে ...।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অর্থসঙ্গতি [স] *বি* অর্থ সঞ্চয়। 'ভিক্ষাপুত্র গুরুশিষ্যভাবে কিঞ্চিত অর্থসঙ্গতি করিয়া ...।' *ভবানী*, ১৮২৫।

অর্থসচিব [স] *বি* অর্থমন্ত্রণালয়ের প্রধান কর্মকর্তা। 'অর্থসচিব শ্রীযুক্ত ওয়েস্টল্যান্ড বাহাদুর।' *রবীন্দ্র*, ১৮৯৪; 'অর্থসচিব ... রোল্যাঙ্গের কয়েক বার আলোচনাও চলিয়াছিল।' *সওগাত*, ১৯৪৬।

অর্থসঞ্চয় [স] *বি* ধনসংগ্রহ। 'কিঞ্চিৎ অর্থসঞ্চয় করিয়া ...।' *বিদ্যা*,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৬৩।

অর্থসমৃদ্ধ [স] *বিণ* অর্থপূর্ণ। 'এই অর্থসমৃদ্ধ রূপ কি মানুষের সৃজনক্ষম ব্যক্তিসত্তার যথেষ্ট প্রমাণ নয়?' *শিব*, ১৯৬০।

অর্থসমৃদ্ধি [স] *বি* ব্যঞ্জনা। 'ভাষান্তরের ফলে ঐ শব্দদুটির অর্থসমৃদ্ধি খণ্ডিত হবার আশঙ্কা অত্যন্ত বেশি।' *শিব*, ১৯৫০।

অর্থসম্পদ [স] *বি* অর্থের গভীরতা। 'শুধু অর্থসম্পদের দ্বারাও কোনও বাক্য পাঠককে আনন্দ দিতে পারে।' *শিব*, ১৯৭৩।

অর্থসম্পন্ন [স] *বিণ* সার্থক। 'জীবনটাকে অর্থসম্পন্ন করে তুলতাম।' *জীবন*, ১৯৩২।

অর্থসাধ্য [স] *বিণ* ব্যয়সাধ্য। 'এ সকল ব্যাপার অর্থসাধ্য।' *দর্পণ*, ১৮২৩।

অর্থসামর্থ্য [স] *বি* অর্থ জোগানের ক্ষমতা। 'ইহার যৌবনধন ও অর্থসামর্থ্য সমস্ত ব্যর্থ হইয়া এক্ষণে অনর্থ ঘটিল।' *ভবানী*, ১৮২৮।

অর্থসৌন্দর্য [স] *বি* অর্থগত সৌন্দর্য। 'বাগ্বিধির অর্থসৌন্দর্যও সেদিক থেকে রবীন্দ্রনাথের দৃষ্টি এড়ায়নি।' *হাই*, ১৯৫৪।

অর্থহারা [স] **১** *বিণ* সুনির্দিষ্ট অর্থ নেই এমন। 'যাহা মুখে আসে অর্থহারা ভাবে-ভরা ভাষা।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বিণ* গুরুত্বহীন। 'অর্থহারা বাঁধনগুলোর গর্বে, ঠাকুর, থাকো তুমি কঠিন হয়ে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অর্থহীন [স] **১** *বিণ* ধনহীন। 'প্রজাকুল অর্থহীন – অর্থহীন বলিয়া তাহারা সহায়হীন।' *সাধারণী*, ১৮৮৩। **২** *বিণ* তাৎপর্যহীন। 'অর্থহীন অনির্দেশ্য উত্তর কানে এসে বাজতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৩** *বিণ* অপ্রয়োজনীয়। 'নিজের শরীরের চারি দিকেই অর্থহীন জিনিষপত্রের ঘোঁষাঘেঁষিটা বড়ো শ্রান্তিজনক।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৪** *বিণ* অবাস্তব। 'রেসপনসিবিলিটি উইদাউট রাইট, নিতান্তই অর্থহীন।' *মনসুর*, ১৯৪৩।

অর্থহীনতা [স] *বি* অনর্থকতা। 'অর্থহীনতায় ভয়ংকর।' *প্রেমেন্দ্র*, ১৯৪০।

অর্থহীনভাবে [স] *ক্রিবিণ* অকারণে। 'চোখে আরো পানি আসে, হু হু করে, অর্থহীনভাবে।' *ওয়ালী*, ১৯৪৮।

অর্থহীনা [স] *বিণ স্ত্রী* গুরুত্বহীন। 'রেখা অপ্রগল্‌ভা, অর্থহীনা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অর্থাংশ [স অর্থ-অংশ] *বি* সারাংশ। 'বক্তৃতার অর্থাংশ।' *বিভূতি*, ১৯৩১।

অর্থাকাঙ্ক্ষী [স অর্থ-আকাঙ্ক্ষী] *বিণ* টাকাপয়সা কামনা করে এমন। 'পরিবারদিগের উদর ভরণ পোষণার্থে কিঞ্চিৎ অর্থাকাঙ্ক্ষী হইয়া কলিকাতায় আসিয়াছেন।' *ভবানী*, ১৮২৩।

অর্থাগম [স অর্থ-আগম] *বি* ধনপ্রাপ্তি। 'তৎকালে বিদ্যালয়ের বৃত্তি ও অধ্যাপকের বেতন এতদ্ব্যতিরিক্ত তাঁহার আর কোনও প্রকার অর্থাগম ছিল না ...।' *বিদ্যা*, ১৮৪৯।

অর্থাঞ্জলি [স অর্থ-অঞ্জলি] *বি* দুহাত ভরা অর্থ। 'অর্থাঞ্জলি না পাইলে আর প্রজার দিকে দৃকপাত করেন না।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

অর্থাত্মক [স অর্থ-আত্মক] *বিণ* অর্থ আছে এমন। 'ইংরেজি ভাষার desolate প্রভৃতি অর্থাত্মক শব্দ।' *রবীন্দ্র*, ১৯০৮।

অর্থানুকূল্য [স] *বি* অর্থসাহায্য। '... মজুমদারের অর্থানুকূল্যে এ মুদ্রণকার্য শুরু হতে পেরেছিল।' *মুরশিদ*, ১৯৭০।

অর্থান্তর [স অর্থ-অন্তর] *বি* অন্য অর্থ। 'অন্য এক দেশ হইলে অর্থান্তর হয়।' *আলাওল*, ১৬৮০।

অর্থান্বিত [স অর্থ-অন্বিত] *বিণ* অর্থপূর্ণ। 'একটি সম্পূর্ণ অর্থান্বিত শব্দ।' *অচিন্ত্য*, ১৯৫০।

অর্থান্বেষণ [স অর্থ-অন্বেষণ] *বি* টাকাপয়সার খোঁজ। 'তাহারা তাহার কাছে অর্থান্বেষণ করিত।' *বিভূতি* ১৯২৯।

অর্থাপত্তি [স অর্থ-আপত্তি] *বি* প্রকারান্তরে আপত্তি। 'স্পষ্ট অথবা অর্থাপত্তিক্রমে স্ত্রীদের লিখন পঠনকরণ নিষেধ ছিল।' *দর্পণ*, ১৮৩৪।

অর্থাপহরণ [স অর্থ-অপহরণ] *বি* বলপ্রয়োগ করে অর্থ কেড়ে নেওয়া। 'প্রবঞ্চনা করিয়া তাহারদিগের নিকট হইতে অর্থাপহরণ করে।' *অক্ষয়*, ১৮৪৬।

অর্থাভাব [স অর্থ-অভাব] *বি* টাকাপয়সার অভাব। 'বহুকষ্ট শ্রেষ্ঠে অর্থাভাবে সপ্তাহিক বঙ্গদূত নাম এক পত্র মৃতপ্রায় হইয়াছিল।' *দর্পণ*, ১৮৩৯; 'অর্থাভাব বুঝি মনুষ্যত্বটাকেও কেড়ে নেয় শেষে।' *নজরুল*, ১৯২৬।

অর্থাভাবগ্রযুক্ত [স অর্থ-অভাব-প্রযুক্ত] *ক্রিবিণ* টাকা পয়সার অভাবের কারণে। 'বেকার ভৈরব অর্থাভাবপ্রযুক্ত সে শখ মিটাইতে পারে নাই।' *বনফুল*, ১৯৩৬।

অর্থাভাবী [স অর্থ-অভাবী] *বিণ* অর্থের অভাব আছে এমন। 'দরিদ্র অর্থাভাবী কৃষককুলের বাস্তবিক পাট-নিয়ন্ত্রণ দ্বারা কোনও উপকার গভর্নমেন্টের উদ্দেশ্য ...।' *জামায়াত*, ১৯৩৯।

অর্থাভিমান [স অর্থ-অভিমান] *বি* ধনসম্পদের অহংকার। 'তাঁহাদের অর্থাভিমান এত প্রবল হইয়া উঠে যে ... প্রজার দিকে দৃকপাত করেন না।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

অর্থের শ্রাদ্ধ হওয়া *ক্রি* টাকাপয়সার অপচয় হওয়া। 'বিদেশী রকমে ঘর সাজানোতে যে আমাদের কি পর্যন্ত অর্থের শ্রাদ্ধ হয়।' *প্রমথ*, ১৯০৫।

অর্থোৎপত্তি [স অর্থ-উৎপত্তি] *বি* আর্থিক উৎপাদন। 'দেশে শিক্ষাদান এবং অর্থোৎপত্তির ব্যবস্থা।' *রবীন্দ্র*, ১৯৩১।

অর্থোদ্ধার [স অর্থ-উদ্ধার] *বি* লেখার অর্থ নির্ণয়। 'বাঙ্গালী পণ্ডিত তাহার পাঠোদ্ধার ও অর্থোদ্ধার করিতেছে।' *সবুজ*, ১৯১৭।

অর্থোপপত্তি [স অর্থ-উপপত্তি] *বি* অর্থগত মীমাংসা। '... ঘটনা-সংসৃতির অর্থোপপত্তিই প্রকৃতপক্ষে ব্যহত হয়।' *শিব*, ১৯৫৬।

অর্থোপার্জন, অর্থোপার্জ্জন [স অর্থ-উপার্জন] *বি* রোজগার। 'ইহাদের নানারূপ ক্রীড়াপ্রদর্শন দ্বারা অর্থোপার্জন করে।' *অক্ষয়*, ১৮৫৪; 'তাহারা বেশ অর্থোপার্জ্জন করিত।' *সৎসঙ্গ*, ১৮৯৮।

অর্থাৎ [স] *অব্য* এর মানে। 'অর্থাৎ আমদানী খরচ জমা এ সকল বড়ো লেঠা ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

অর্থি [স অর্থী] *বিণ* যাচক; অভিলাষী। 'অর্থি প্রার্থি কংসনারি মগধকুমারী।' *মালাধর*, ১৫০০।

অর্থী [স] **১** *বিণ* অভিলাষী। 'অর্থী ও স্বার্থপর খোশামুদে মিষ্ট মুখো।' *দর্পণ*, ১৮২১। **২** *বি* প্রার্থী। 'অর্থীজনের দীন প্রার্থনা যে পার পূরণ কর।' *সত্যেন্দ্র*, ১৯১০।

অর্থোৎপত্তি, অর্থোদ্ধার, অর্থোপার্জন, অর্থোপার্জ্জন দ্র **অর্থ**

অর্দ, অর্দ্ধ [স অর্ধ] *বিণ* আধা। 'জলে মজাইআ সভ অর্দ্ধ মড়া করে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অর্দচন্দ্র, অর্দ্ধচন্দ্র [স অর্ধচন্দ্র] *বি* অর্ধচন্দ্র; অর্ধ প্রকাশিত চন্দ্র। 'কপালেত অর্দ্ধচন্দ্র শ্রীবৎস উজ্জ্বলা।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অর্দন, অর্দ্দন [স] *বি* হন্তা। 'কৈতঁ অর্দ্দন গোপিকাগণ মোহন।' *ভারত*, ১৭৬০।

অর্ধ, অর্দ্ধ [স] **১** *বিণ* অর্ধেক। 'পূরিত হৈল অর্দ্ধ উপবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* আধা। 'জলে মজাইআ সব অর্দ্ধ মড়া করে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অর্ধঅবিশ্বাস [স অর্ধ-অবিশ্বাস] *বিণ* পুরোপুরি অবিশ্বাস্য নয় এমন। 'অর্ধবিশ্বাস অর্ধঅবিশ্বাসে তাহা দেখিয়া রোমাঞ্চিত হইয়া উঠিল।' *মাহেনও*, ১৯৪৯।

অর্ধ-অচেতনভাবে *ক্রিবিণ* প্রায় অচেতনভাবে। 'বলিতেছিনু, কী জানি, প্রেয়সী, অর্ধ-অচেতনভাবে মনোমাঝে পশি স্বপ্নমুগ্ধ-মতো।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অর্ধ-অনুভব [স] *বি* আংশিক অনুভূতি। 'শুধু অর্ধ-অনুভব তারি ব্যাকুল ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অর্ধ-অভুক্ত [স] *বিণ* প্রায় অনাহারী। 'ছাত্ররা অধ্যাপকেরা অর্ধ-অভুক্ত শীতক্লিষ্ট অবস্থায় দল বেঁধে যা কিছু রক্ষাযোগ্য জিনিস সমস্ত ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

অর্ধ-উপবাসী [স] *বিণ* প্রায় অনাহারী। 'অর্ধ-উপবাসী দরিদ্রের রিক্ত উদরের উপরে লাথি বসিয়ে দাও ...।' *রবীন্দ্র*. ১৮৯১।

অর্ধ-উলঙ্গ [স] *বিণ* প্রায় উলঙ্গ। 'আদিম অর্ধ-উলঙ্গ কৃষ্ণবর্ণ মানুষ বসতি বাঁধিয়াছে।' *তারা*, ১৯৪০।

অর্ধকায়, অর্দ্ধকায় [স] *বি* রাহু। 'নগরেত সুরগুরু মিথুনে অর্দ্ধকায়।' *মালাধর*, ১৫০০।

অর্ধকুক্কুটী-ন্যায়, অর্দ্ধকুক্কুটী-ন্যায় [স] *বি* একটি মুরগির অর্ধেক কম বয়সী এবং অর্ধেক বেশি বয়সী – এমন অসঙ্গত যুক্তি। 'অর্দ্ধকুক্কুটী-ন্যায় তোমার প্রমাণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অর্ধক্ষিপ্ত, অর্দ্ধক্ষিপ্ত [স] *বিণ* অর্ধ উন্মাদ। 'ইংলণ্ড ... অর্দ্ধক্ষিপ্ত রুশিয়ার সঙ্গে বাণিজ্যের প্রণয়পাশে আবদ্ধ হবার জন্য ...।' *প্রমথ*, ১৯২০।

অর্ধগজ [স অর্ধ+ফা গজ] *বিণ* এক হাত বা ১৮ ইঞ্চি পরিমাণ। 'অর্ধগজ দীর্ঘল আছিল তার দাড়ি।' *সুলতান*, ১৭০০।

অর্ধগুপ্ত [স] *বিণ* অর্ধেক গোপন থাকে এমন। 'অর্ধগুপ্ত অনাচার।' *রবীন্দ্র*, ১৯০৮।

অর্ধঘণ্টা, অর্দ্ধঘণ্টা [স] *বি* আধ ঘণ্টা। 'অর্দ্ধঘণ্টা কাল অতীত সময়ে উপস্থিত সভ্যেরা ...।' *অক্ষয়*, ১৮৪৭।

অর্ধঘুমন্ত [স] *বিণ* তন্দ্রাচ্ছন্ন। 'তার অর্ধঘুমন্ত মুখে সে চুলের বাহার।' *ওয়ালী*, ১৯৬৪।

অর্ধচক্র [স] *বিণ* অর্ধবৃত্তের ন্যায়। 'দর্শকেরা অর্ধচক্র আকারে মাঠ ঘেরিয়া দাঁড়াইয়া আছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অর্ধচক্রাকার [স অর্ধচক্র+স আকার] *বিণ* অর্ধবৃত্তের আকারবিশিষ্ট। 'অর্ধচক্রাকারে প্রসারিত দুই বাহুতে।' *ওয়ালী*, ১৯৪৮।

অর্ধচন্দ্র, অর্দ্ধচন্দ্র[১] [স] **১** *বি* অর্ধচন্দ্রাকৃতিবিশিষ্ট বাণবিশেষ। 'অর্দ্ধচন্দ্রে কাটে কারে কারে বিন্ধে বুকে।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* আধখানা চাঁদের মতো। 'ত্রিনয়ন অর্দ্ধচন্দ্র ললাটে উজ্জ্বল।' *ভারত*, ১৭৬০।

অর্ধচন্দ্র[২], **অর্দ্ধচন্দ্র**[২] *বি* গলাধাক্কা। 'কেবল অর্দ্ধচন্দ্রের ভয়েতে ঘুস খাও না।' *দীনবন্ধু*, ১৮৬৬: 'সমাংশ করিয়া, দুইজনকেই, এক এক অর্দ্ধচন্দ্র দিয়া, সন্তুষ্ট করিয়া বিদায় করা উচিত।' *বিদ্যা*, ১৮৮৪; 'চাইলুম চাঁদা, পেলুম অর্ধচন্দ্র!' *রবীন্দ্র*, ১৯০৭।

অর্ধচন্দ্রলাঞ্ছিত [স] *বিণ* খণ্ডিত চাঁদকে হার মানায় এমন। 'তাহার শূন্য নত শিরে আবার অর্ধচন্দ্রলাঞ্ছিত কৃষ্ণশিখ ফেজের রক্ত-রাগ।' *নজরুল*, ১৯২২।

অর্ধচন্দ্রাকার [স অর্ধচন্দ্র+স আকার] *বিণ* আধখানা চাঁদের ন্যায় আকৃতিবিশিষ্ট। 'সামনে সমুদ্রের অর্ধচন্দ্রাকার তটসীমা।' *রবীন্দ্র*, ১৯২৯।

অর্ধচন্দ্রালোক [স অর্ধচন্দ্র+স আলোক] *বি* পূর্ণরূপে প্রকাশিত নয় এমন চাঁদের আলো। 'জীবনের কত দিন সূর্যোদয় ও সূর্যাস্তে, কৃষ্ণপক্ষের অর্ধচন্দ্রালোকে ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অর্ধজগৎ, অর্দ্ধজগৎ [স] *বি* অর্ধেক জগৎ। 'এক কটাক্ষে অর্দ্ধজগৎকে অবলোকন করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৩।

অর্ধজাগ্রত, অর্দ্ধজাগ্রত [স] *বিণ* অর্ধচেতন। 'শৈবলিনী অপহৃত চেতনা হইয়া, অর্দ্ধ নিদ্রাভিভূত, অর্দ্ধজাগ্রতাবস্থায় [অর্দ্ধ-জাগ্রত-অবস্থায়] রহিল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অর্ধজীবী [স] *বিণ* আধমরা। 'বদ্ধ সমাজের অর্ধজীবী নারীনর এহেন সত্য স্বীকার করবে জানি।' *অন্নদা*, ১৯২৯।

অর্ধতাল, অর্দ্ধতাল [স] *বি* (সংগীত) অর্ধমাত্রা। 'দুই স্তম্ভের মধ্যে লিখিত হইলে অর্দ্ধতাল অথবা দ্ব্যর্দ্ধ তাল ইত্যাদি বুঝাইবেক।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অর্ধত্যক্ত [স] *বিণ* অর্ধেক পরিত্যক্ত। 'ভক্তেরা উপস্থিত সমুৎপন্ন সর্বনাশে অর্ধত্যক্ত পরস্ব কুড়াতে।' *সুধীন্দ্র*, ১৯৩৮।

অর্ধদগ্ধ [স] *বিণ* অর্ধেক পোড়া। 'নখাগ্রে নক্ষত্রপল্লী; টাঁকে টুকরো অর্ধদগ্ধ বিড়ি।' *সুভাষ*, ১৯৪০।

অর্ধদণ্ড, অর্দ্ধদণ্ড [স] *বি* আধ ঘণ্টা। *ওসাঁ*, ১৭৮৫।

অর্ধনগ্ন, অর্দ্ধনগ্ন [স] *বিণ* প্রায় উলঙ্গ। 'অশিক্ষিত ভারতবাসীর মনের এ চেহারা নয় – সে মূর্তি হচ্ছে অর্দ্ধনগ্ন।' *প্রমথ*, ১৯২০; 'মহিলাদের অর্দ্ধনগ্নভাবে বিলাতী পোষাক পরাইয়া মাঠে ময়দানে ছাড়িয়া দিতেছেন।' *এসলাম* ১৯৩৪।

অর্ধনগ্নরূপ [স] *বি* আধা উলঙ্গ চেহারা। 'যে অভিনেত্রীর অর্ধনগ্নরূপ একমাস ধরিয়া দেওয়ালে দেওয়ালে কাগজে কাগজে ...।' *বনফুল*, ১৯৩৬।

অর্ধনমিত, অর্দ্ধনমিত [স] *বিণ* অর্ধেক নামানো। 'পতাকা অর্দ্ধনমিত।' *মাহেনও*, ১৯৪৯।

অর্ধনারী [স] *বিণ* নারীসুলভ বৈশিষ্ট্যসম্পন্ন। 'আমি অর্ধ-নারী বলে পুরুষালি রাজ্যের চিন্তা নিয়ে মরি।' *নজরুল*, ১৯৩১।

অর্ধনারীশ্বর, অর্দ্ধনারীশ্বর [স] **১** *বি* অর্ধেক পুরুষ অর্ধেক নারী এমন মূর্তি; হরগৌরী। 'তাঁহাদের মুদ্রাসমূহে ... অর্দ্ধনারীশ্বর প্রভৃতির আকার অঙ্কিত আছে।' *অক্ষয়*, ১৮৫০। **২** *বি* অর্ধেক নারী এবং অর্ধেক পুরুষ। 'দেশ বৃদ্ধশিশুদের মা নয়, দেশ অর্ধনারীশ্বর – নারীপুরুষের মিলনে তার উপলব্ধি।' *রবীন্দ্র*, ১৯৩৪।

অর্ধনারীশ্বর গড়া *ক্রি* জোড়াতালি দিয়ে তৈরি করা। 'এর আধখানা এবং ওর আধখানা জোড়া দিয়ে অর্ধনারীশ্বর গড়া হেগেলের পদ্ধতি নয়।' *প্রমথ*, ১৯১৪।

AMARBOI.COM

অর্ধনিঃস্ব, অর্দ্ধনিঃস্ব [স] *বিণ* প্রায় সম্বলহীন। 'আর্থিক অবস্থা অত্যন্ত শোচনীয় হইয়া পড়িয়াছে – তারা অর্দ্ধনিঃস্ব।' *সওগাত*, ১৯৪৬।

অর্ধনিদ্রিত, অর্দ্ধনিদ্রিত [স] *বিণ* তন্দ্রাচ্ছন্ন। 'অর্দ্ধনিদ্রিত অবস্থাতেই, ক্ষুদ্র হস্ত প্রসারণ করিয়া ...।' *বঙ্কিম*, ১৮৭৪।

অর্ধনিমগ্ন [স] *বিণ* অর্ধাংশ ডুবে আছে এমন। 'একটা অর্ধনিমগ্ন নৌকার গলুইয়ের উপরে চড়িয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

অর্ধ-নিমীলিত [স] *বিণ* আধ-বোজা। 'বক্ষ বাঁধি বাহুপাশে স্কন্ধে মুখ রাখি হাসিয়ে নীরবে অর্ধ-নিমীলিত আঁখি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অর্ধনিলীন [স] *বিণ* চোখ আধখোলা এমন। 'মেয়েরা অর্ধনিলীন অবস্থায় কেউ বা নভেল পড়ছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অর্ধনিশি [স] *ক্রিবিণ* মাঝরাতে। 'পড়িবারে লাগিলা উঠিয়া অর্ধনিশি।' *সুলতান*, ১৭০০।

অর্ধপক্ব [স] *বিণ* কষানো; কম রান্না-করা। 'কেহ অর্ধপক্ব মাংস পছন্দ করে, কেহ পূর্ণপক্ব।' *মুজতবা*, ১৯৫৯।

অর্ধপথ [স] *বি* মাঝপথ। 'অর্ধপথে উপস্থিত হইলে, শরাবিষ্ট বেতাল বিক্রমাদিত্যকে জিজ্ঞাসিল।' *বিদ্যা*, ১৮৪৭; 'ব্রহ্মশাপ ফিরাইলি অর্ধপথ হতে।' *রবীন্দ্র*, ১৮৯০।

অর্ধপরিচিত [স] *বিণ* সামান্য পরিচিত। 'পরিচিত ও অর্ধপরিচিত অনাত্মীয় মানুষগুলির উত্তেজনাই যেন ...।' *মানিক*, ১৯৩৭।

অর্ধ-পরিক্ষত [স] *বিণ* খুব পরিচ্ছন্ন নয় এমন। 'অর্ধ-পরিক্ষত ন্যাকড়ায় প্রস্তুত কাঁথার উপর যেন পদ্মফুল ...।' *শওকত*, ১৯৫৮।

অর্ধপৃথিবীশ্বরী [স] *বিণ স্ত্রী* পৃথিবীর অর্ধাংশের রানী। 'অর্ধপৃথিবীশ্বরী মহারানির মনে শান্তি ছিল না।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

অর্ধপ্রবিষ্ট [স] *বিণ* অর্ধেকটা প্রবেশ করেছে এমন। 'সে শীতকালের সাপের মতো বিবরের মধ্যে অর্ধপ্রবিষ্ট হয়ে সুদীর্ঘ শীতনিদ্রায় প্রতিদিন ক্ষীণতর হয়ে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অর্ধপ্রস্ফুটিত [স] *বিণ* পুরোপুরি ফোটেনি এমন। 'এমন চাঁদিনী-রাতে কৈশোরের সেই অর্ধপ্রস্ফুটিত প্রণয়প্রসূন সহসা পূর্ণপ্রস্ফুটিত হইতে পারে কি?' *বনফুল*, ১৯৩৬।

অর্ধবয়সী [স] *বিণ* মাঝবয়সী; প্রৌঢ়। 'একটি অর্ধবয়সী ভদ্রলোক।' *রবীন্দ্র*, ১৮৯২।

অর্ধবাহ্য, অর্দ্ধবাহ্য [স] *বিণ* আধো আধো; বাধো বাধো। 'কৃষ্ণনাম লৈতে তোমার অর্দ্ধবাহ্য হৈল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অর্ধবিকশিত [স] *বিণ* আধ-ফোটা। 'সকল ফুল অর্ধবিকশিত।' *প্রমথ*, ১৯১৪।

অর্ধবিদগ্ধ [স] *বিণ* পুরোপুরি বিদগ্ধ নয় এমন। 'অর্ধবিদগ্ধ পাঠকের পক্ষে রবীন্দ্রনাথের মর্ম উপলব্ধি সম্ভব হয় না।' *মোতাহের*, ১৯৫০।

অর্ধবিবৃত [স] *বিণ* অর্ধেক প্রকাশ করে এরূপ। 'সংবৃত স্বরধ্বনি ই বা উ তার পূর্ববর্তী অর্ধবিবৃত ...।' *হাই*, ১৯৫৪।

অর্ধবিশ্বাস [স] *বি* আংশিক বিশ্বাস। 'অর্ধবিশ্বাস অর্ধঅবিশ্বাসে তাহা দেখিয়া রোমাঞ্চিত হইয়া উঠিল।' *মাহেনও*, ১৯৪৯।

অর্ধবিশ্বাস্য [স] *বিণ* পুরোপুরি বিশ্বাসযোগ্য নয় এমন। 'আমার অর্ধবিশ্বাস্য স্মরণশক্তি বলেছে।' *মুজতবা*, ১৯৫৮।

অর্ধবিস্মৃত [স] *বিণ* পুরো মনে নেই এমন। 'কলেজের অর্ধবিস্মৃত সেই দিনগুলি আবার মনের মধ্যে ভিড় করিতে লাগিল।' *বনফুল*, ১৯৩৬।

অর্ধবৃত্ত [স] *বি* অপূর্ণ বৃত্ত। 'স্থলের দর্প প্রবালপুঞ্জে চূর্ণ; অর্ধবৃত্ত অবশেষে পরিপূর্ণ।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অর্ধবৃত্তাকার, অর্দ্ধবৃত্তাকার [স অর্ধবৃত্ত-আকার] **১** *বিণ* আধখানা বৃত্তের আকারবিশিষ্ট। 'অর্দ্ধবৃত্তাকার অত্যুজ্জ্বল দীপ্তিময় আয়তন ক্রমশঃ ক্ষীণপ্রভ হইয়া আসে।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বি* আধখানা বৃত্তের আকার। 'অর্ধবৃত্তাকারে তারা নাচে।' *মুজতবা*, ১৯৫৯।

অর্ধবৃদ্ধ [স] *বিণ* আধবুড়ো। 'অর্ধবৃদ্ধ রবীন্দ্রনাথই অবশ্য তাঁর বানপ্রস্থের আবাসভূমির মায়া কাটিয়ে ...।' *হাই*, ১৯৫৪।

অর্ধ-বেনে-রাজেশ্বর [স অর্ধ+বা বেনে+স রাজেশ্বর] *বি* অর্ধেক বেনে অর্ধেক রাজেশ্বর যে। 'যাকে বলে অর্ধ-বেনে-রাজেশ্বর।' *রবীন্দ্র*, ১৯৩২।

অর্ধভুক্ত, অর্দ্ধভুক্ত [স] *বিণ* আধখানা খাওয়া। 'এজন্য অর্দ্ধভুক্ত ছাগে তাহা পরিতৃপ্ত করিলাম।' *বঙ্কিম*, ১৮৭৪।

অর্ধভুক্ত [স] *বিণ* অর্ধেক খাওয়া হয়েছে এমন। 'স্বামী অর্ধভুক্ত ভাতের থালা ফেলিয়া রাখিয়া।' *শরৎ*, ১৯১৬।

অর্ধমগ্ন [স] *বিণ* অর্ধেক ডুবন্ত। 'আমাদের বোট অর্ধমগ্ন ধানের উপর দিয়া সর সর শব্দ করিতে করিতে চলিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অর্ধমনস্ক [স] *বিণ* কম মনোযোগী; অসচেতন। 'অনেক ছেলের মা যেমন অর্ধমনস্ক অথচ নিশ্চল সহিষ্ণুভাবে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

অর্ধমলিন [স] *বিণ* আধময়লা। 'অর্ধমলিন-পরিচ্ছদধারী এক ভদ্রলোক বলিলেন ...।' *বনফুল*, ১৯৩৬।

অর্ধমাগধী [স অর্ধমাগধীয়] *বি* প্রাচীন কালের পূর্ব-ভারতের প্রাকৃত ভাষাবিশেষ। 'মাগধী, অর্ধমাগধী, দাক্ষিণাত্যা, উৎকলী।' *রবীন্দ্র*, ১৯০৭।

অর্ধমুদ্রিত [স] *বিণ* অর্ধেক বুজে আছে এমন। 'চোখ অর্ধমুদ্রিত।' *বিমল*, ১৯৫৩।

অর্ধমুষ্টি [স] *বিণ* আধা-মুঠা পরিমাণ। 'অর্ধমুষ্টি তণ্ডুলও স্বদেশবলিস্বরূপে উৎসর্গ করিতে পারিবেন না?' *রবীন্দ্র*, ১৯০৫।

অর্ধমৃত, অর্দ্ধমৃত [স] *বিণ* মৃতপ্রায়। 'অর্দ্ধমৃত জর্ম্মাণী আর অর্দ্ধক্ষিপ্ত রুসিয়ার সঙ্গে বাণিজ্যের প্রণয়পাশে আবদ্ধ হবার জন্য ...।' *প্রমথ*, ১৯২০।

অর্ধমৃতবৎ [স] *ক্রিবিণ* অর্ধেক মরে গেছে এমন অবস্থায়। 'পুষ্পবৃক্ষ সেই জঙ্গলের মধ্যে অর্ধমৃতবৎ আছে।' *বঙ্কিম*, ১৮৭৮।

অর্ধমৃতা [স] *বিণ স্ত্রী* প্রায় মৃত। 'বিবশা জননী ঘৃণালজ্জায় অর্ধমৃতা।' *মণীশ*, ১৯৩১।

অর্ধরতি [স] *বিণ* অতিসামান্য পরিমাণ। 'তোমার বুদ্ধি নাই কো অর্ধরতি।' *লালন*, ১৮৯০।

অর্ধরাত [স অর্ধরাত্রি] *বি* মাঝরাত। 'অর্ধরাতে দীপ-নেবা অন্ধকারে।' *রবীন্দ্র*, ১৯১৬।

অর্ধরাত্র, অর্দ্ধরাত্র [স] *বি* মাঝরাত। 'অর্দ্ধরাত্রে দুই ভাই আইলা প্রভুর স্থানে।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'তিনি, অর্ধরাত্র সময়ে, নগরে প্রবেশ করিতেছেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অর্ধরাত্রি, অর্দ্ধরাত্রি [স] **১** *ক্রিবিণ* মাঝরাতে। 'ভাবিতেছি অর্ধরাত্রি অনিদ্রনয়ান।' *রবীন্দ্র*, ১৮৯০। **২** *বি* রাত দুপুর। 'অর্দ্ধরাত্রি অবধি তাহাদের কত গল্প হইত।' *প্রভাত*, ১৮৯৬; 'প্রত্যুষ হইতে অর্ধরাত্রি

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পর্যন্ত সারগম সাধিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *বি* অর্ধেক রাত। 'হাস্যে পরিহাসে গানে আলোচনে অর্ধরাত্রি কেটে গেল বন্ধুজন সনে।' *রবীন্দ্র*, ১৯০১।

অর্ধ-লিবারেল [স অর্ধ+ই লিবারেল] *বিণ* পুরোপুরি উদারপন্থী নয় এমন। 'চরমপন্থী নব্যদল যাঁরা রামমোহনকে কেবল অর্ধ-লিবারেলরূপে আখ্যায়িত করেছেন।' *মুরশিদ*, ১৯৭০।

অর্ধলুপ্ত [স] ১ *বিণ* অনেকাংশে লোপ পেয়েছে এমন। 'আমাদের সঙ্গীত সে-দেশে আপন অর্ধলুপ্ত গৌরব পুনরায় উদ্ধার করতে সক্ষম হবে।' *মুজতবা*, ১৯৫৮। ২ *বিণ* প্রায় ধ্বংসপ্রাপ্ত। 'জরা-জীর্ণ অর্ধলুপ্ত বাড়ির নীচে লুকনো।' *মুজতবা*, ১৯৬০।

অর্ধশত *বিণ* পঞ্চাশ সংখ্যক। 'অর্ধশতবর্ষ ধরে এই শঙ্খধ্বনি।' *বীরেন্দ্র*, ১৯৬৭।

অর্ধশতক [স] *বি* শতাব্দীর অর্ধেক – পঞ্চাশ বছর। 'অর্ধশতক করে যাবে উত্যক্ত।' *মাহমুদ*, ১৯৬৩।

অর্ধশতাব্দীকাল [স] *বি* আধাশতক সময়। 'প্রায় অর্ধশতাব্দীকাল ধরে সে দেশে যে নবীন ভাবান্দোলন প্রবল ...।' *শিব*, ১৯৫০।

অর্ধশব্দস্ফুট [স] *বিণ* অর্ধ শব্দযুক্ত। 'অর্ধশব্দস্ফুট একটি বিশেষ হাসি আছে সুবোধের।' *অচিন্ত্য*, ১৯৫০।

অর্ধশয়ন, অর্দ্ধশয়ন [স] *বি* আধশোয়া। 'বারান্দায় ইজিচেয়ারে অর্দ্ধশয়নাবস্থায় আলবোলার নলটি মুখে দিয়া ...।' *প্রভাত*, ১৮৯৫।

অর্ধশিক্ষিত, অর্দ্ধশিক্ষিত [স] *বিণ* স্বল্পশিক্ষিত। 'আমাদের দেশস্থ অর্দ্ধশিক্ষিত ব্যক্তিগণ।' *হালিসহর*, ১৮৭১; 'যে দেশের লোক অর্ধসভ্য, অর্ধশিক্ষিত, যাহাদের ধর্মনীতির আদর্শ উন্নত নহে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অর্ধশিক্ষিতা [স] *বিণ স্ত্রী* অল্পশিক্ষিত। 'শিক্ষিতা, অর্ধশিক্ষিতা এবং সম্পূর্ণ অশিক্ষিতা, সর্ববিধ মেয়েরাই ...।' *বেগম*, ১৯৪৮।

অর্ধশুষ্ক [স] *বিণ* অর্ধেক শুকিয়ে গেছে এমন। 'একটু বর্ষাউ এবং অর্ধশুষ্ক তৃণ উঠেছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

অর্ধশূন্য [স] *বিণ* অর্ধেক খালি। 'সামনে অর্ধশূন্য কফির পেয়ালা।' *মুজতবা*, ১৯৫২।

অর্ধশেষ, অর্দ্ধশেষ [স] *বিণ* আধা সমাপ্ত। 'কোন দ্রব্য অর্দ্ধশেষ করিয়া রাখে না।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

অর্ধসত্য [স] ১ *বি* যা অংশত সত্য। 'প্রতিদিন অসত্য ও অর্ধসত্য আমাদের তত গুরুতর অনিষ্ট করে না।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বিণ* আংশিক সত্য। 'স্বদেশ আমাদের কাছে অর্ধসত্য হয়ে আছে।' *রবীন্দ্র*, ১৯০৯।

অর্ধসভ্য[১] [স] *বিণ* পুরোপুরি সভ্য নয় এমন। 'যে দেশের লোক অর্ধসভ্য, অর্ধশিক্ষিত, যাহাদের ধর্মনীতির আদর্শ উন্নত নহে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অর্ধ-সভ্য[২] [স] *বি* পূর্ণ সদস্যপদ পায়নি যে। 'সভ্য শ্রেণীভুক্ত না হলেও অর্ধ-সভ্য হিসাবে কিছু খাতির ...।' *মোতাহার*, ১৯৩৭।

অর্ধসভ্যতা [স] *বি* অনানুষ্ঠানিকতা। 'জিনের রাত্রিবস্ত্র প'রে ... অর্ধসভ্যতার অপরিচ্ছন্ন শৈথিল্য এবং আরাম উপভোগ করছি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অর্ধসমাপ্ত [স] *বিণ* অর্ধেক লেখা হয়েছে এমন। 'আজ একটি অর্ধসমাপ্ত পোলিটিকাল প্রবন্ধ শেষ করতে হবে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অর্ধসম্বিত [স] *বিণ* অর্ধচেতন। 'সেই অর্ধসম্বিতেও আমার মনে হল প্রসন্ন অভিবাদন জানালেন।' *মুজতবা*, ১৯৬০।

অর্ধসিক্ত [স] *বিণ* অর্ধেক ভিজে গেছে এমন। 'ভিজা ছাতা মুড়িয়া অর্ধসিক্ত অবস্থায় তাহাদের গাড়িবারান্দায় দাঁড়াইয়া আছেন।' *রবীন্দ্র*, ১৮৯১।

অর্ধস্তিমিত [স] *বিণ* আধবোঁজা। 'অর্ধস্তিমিত-লোচনে ধীরে ধীরে চোয়াল নাড়িতে লাগিলেন।' *বনফুল*, ১৯৩৬।

অর্ধস্ফুট, অর্দ্ধস্ফুট [স] ১ *বিণ* আধফোটা। 'শৈশব কালের অর্দ্ধস্ফুট মধুর বাক্য ভাষণে মাতাপিতার হাস্যাননে করিয়াছিলাম।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বিণ* অস্পষ্ট উচ্চারিত। 'অর্দ্ধস্ফুট সুমিষ্ট শব্দ সকলও শ্রুত হয় না।' *অক্ষয়*, ১৮৫২; 'অনেক কথা অর্ধস্ফুট আকারে আসে যায় মিলায়।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *বিণ* অর্ধেক প্রকাশিত। 'পরশিল মোর ভাল চুপে চুপে অর্ধস্ফুট স্বপ্নমূর্তিরূপে।' *রবীন্দ্র*, ১৯৩২। ৪ *বিণ* খানিকটা। 'তার চোখেমুখে লেগে রয়েছে অর্ধস্ফুট হাসি।' *প্রমথ*, ১৯৩৫।

অর্ধ-হতজ্ঞান [স] *বিণ* প্রায় জ্ঞান হারিয়েছে এমন। 'গোলমালে অর্ধ-হতজ্ঞান হইয়া বালিসে ঠেস দিয়া পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অর্ধাঅর্ধি, অর্দ্ধাঅর্দ্ধি [স অর্ধ>] *বিণ* অর্ধেক অর্ধেক। 'তাহা দুহে অর্দ্ধাঅর্দ্ধি দিব।' *ওসা*, ১৭৮২।

অর্ধাংশ, অর্দ্ধাংশ [স অর্ধ-অংশ] *বি* অর্ধেক অংশ। 'তাহার অর্দ্ধাংশ ... স্বকীয় দোষে উৎপাদিত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৪; 'ভ্রমরের অর্দ্ধোনাবস্থায় গোবিন্দলাল ঐ অর্ধাংশ পাইবে।' *বঙ্কিম*, ১৮৭৮।

অর্ধাঙ্গ, অর্দ্ধাঙ্গ [স অর্ধ-অঙ্গ] ১ *বিণ* অর্ধেক নগ্ন। 'হইআ রামা অর্ধাঙ্গ কৈল মোর ব্রতভঙ্গ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* শরীরের অংশতুল্য। 'মনুষ্য হইয়া অর্দ্ধাঙ্গ স্ত্রীকে যে পশুভাবে রাখা এ কোন্ ধর্ম।' *প্রভাকর*, ১৮৩১। ৩ *বি* শরীরের অর্ধেক। 'আমার মেলা পাঁচটা অর্ধাঙ্গ জুড়িলেও তাহার আয়তনে কুলায় না।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৪ *বি* স্বামী। 'অতএব এ স্থলে আমার অর্ধাঙ্গের সরাই ভালো।' *রবীন্দ্র*, ১৮৯২।

অর্ধাঙ্গিনী [স অর্ধ-অঙ্গিনী] *বিণ স্ত্রী* অর্ধাঙ্গের মতো। 'স্ত্রী স্বামীর অর্ধাঙ্গিনী।' *বেগম*, ১৯৪৮।

অর্ধাঙ্গী, অর্দ্ধাঙ্গী [স অর্ধ-অঙ্গী] *বি স্ত্রী* অর্ধাঙ্গের মতো যে; স্ত্রী। 'তিনি রামচন্দ্রের অর্দ্ধাঙ্গী।' *রোকেয়া*, ১৯২১।

অর্ধাবৃতা [স অর্ধ-আবৃতা] *বিণ স্ত্রী* অর্ধেক আবৃত। 'স্ত্রীমূর্তি অর্ধাবৃতা।' *বঙ্কিম*, ১৮৭৮।

অর্ধাশন, অর্দ্ধাশন [স অর্ধ-অশন] *বি* অর্ধভোজন; আধপেটা আহার। 'অর্দ্ধাশন করে প্রভু গোবিন্দ অর্দ্ধাশন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'অধিকাংশ মানুষ চিরকালই অর্ধাশনে কাটাবেই।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অর্ধাশনক্লিষ্ট [স অর্ধ-অশনক্লিষ্ট] *বিণ* আধপেটা খেয়ে কাতর। 'বহুকালের অর্ধাশনক্লিষ্ট মানুষ সামগ্রিকতার কাছ থেকে ...।' *ওদুদ*, ১৯৪৮।

অর্ধাশনশীর্ণ [স অর্ধ-অশনশীর্ণ] *বিণ* আধপেটা আহারে শুকিয়ে গেছে এমন। 'দেশের অর্ধাশনশীর্ণ পাঠকের মুখে জল আসবার মতো।' *রবীন্দ্র*, ১৯৪০।

অর্ধাহারী, অর্দ্ধাহারী [স অর্ধ-আহারী] *বি* আধপেটা খেতে পায় যে। 'অনাহারী-অর্দ্ধাহারীদের পেট ভরিবে না।' *আজাদ*, ১৯৫৭।

অর্ধেক, অর্দ্ধেক [স অর্ধ-এক] ১ *বিণ* দুই ভাগের এক ভাগ। 'অর্দ্ধেকখান খাইব তৈলেতে ভাজিয়া।' *বিজয়*, ১৬৫০, 'অর্ধেক যে আছিল কথা করিমু প্রচার।' *সুলতান*, ১৭০০। ২ *বি* আধখানা অংশ।

AMARBOI.COM

'খরিদা অর্দ্ধেকের রওয়ানা ও ছাড় চিঠী ঢাকা মোকামের ...।' *ক্যালগে*, ১৭৯৬।

অর্ধোৎপাটিত [স অর্ধ-উৎপাটিত] *বিণ* অর্ধেক উপড়ে গেছে এমন। 'প্রচণ্ড ঝড়ে অর্ধোৎপাটিত ও প্রায় ভূমিশায়ী হইয়া পড়িয়া আছে।' *তারা*, ১৯৪২।

অর্ধোলঙ্গ [স অর্ধ-উলঙ্গ] *বিণ* পরনে অল্প কাপড় আছে এমন; অর্ধনগ্ন। 'অর্ধোলঙ্গ অবস্থায় সে রাস্তায় রাস্তায় ঘুরিয়া ফিরিতেছিল।' *মনসুর*, ১৯৫৫।

অর্নচিত্ত [স অন্যচিত্ত] *বি* অপরের হৃদয়। 'অর্নচিত্ত চুর করি কুন সকি বোলে।' *মালাধর*, ১৫০০।

অর্ন্ন [স অন্ন] *বি* ভাত। 'মিষ্ট অর্ন্নপান দিয়া তৃপ্তাইল তারে।' *মালাধর*, ১৫০০।

অর্ন্নপানি [স অন্ন+পানি] *বি* দানাপানি। 'তেজিয়াছো অর্ন্নপানি তাহার ধেআনে।' *মালাধর*, ১৫০০।

অর্নর্থ [স অনর্থ] *বি* অনিষ্ট। 'নহে পুনি অর্ন্নর্থ হইব তবে জলে।' *মালাধর*, ১৫০০।

অর্পণ [স] *বি* প্রদান। 'মহাবিদ্যা গুরু তারে করিল অর্পণ।' *রূপরাম*, ১৭৫০।

অর্পিত [স] ১ *বিণ* অর্পণ করা হয়েছে এমন। 'তেমন পাত্র না হইলে অর্পিত দ্রব্যাদির হানি হয়।' *ভবানী*, ১৮২৩। ২ *বিণ* আরোপিত। 'তাঁহারদের প্রতি কোন দোষ অর্পিত হয় নাই।' *দর্পণ*, ১৮৩৩।

অর্পা [স অর্পণ] ১ *ক্রি* সমর্পণ করা। 'ভিখারী রাম অর্পিছে তোমারে।' *মাইকেল*, ১৮৬১। ২ *ক্রি* প্রেরণ করা। 'অর্পিলেন মাতা মোরে তোমার চরণে।' *গিরিশ*, ১৮৮৭। ৩ *ক্রি* নিবেদন করা। 'শূন্যভবনে বসি তব পায়ে অর্পিব আপনারে।' *রবীন্দ্র*, ১৯০১।

অর্বাচীন, অর্ব্বাচীন [স] ১ *বিণ* বুদ্ধি পাকা নয় এমন। ২ অর্বাচীন অহংজ্ঞানমূঢ় মনুষ্য।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বিণ* বিবেচনাশক্তিহীন; বোকা। 'অতি অপদার্থ তুমি অতি অবাচীন।' *বিদ্যা*, ১৮৭৩। ৩ *বিণ* অপরিণতবুদ্ধি। 'অজ্ঞাত-শ্মশ্রুদিগকে অর্বাচীন জ্ঞান করেন, অবশ্যই তাহার মূল আছে।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৪ *বিণ* কমবয়সের। 'নিতান্ত অর্বাচীন হইতে ভীমরতিগ্রস্ত পর্যন্ত কাহাকেও ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ৫ *বিণ* আধুনিক। 'অর্বাচীন বাংলার ইতিহাস ব্যাখ্যায় ওই শব্দটির প্রযোজ্যতা নিয়ে বিচার সহজতর হয়।' *শিব*, ১৯৫৬।

অর্বাচীনতা, অর্ব্বাচীনতা [স] *বি* মূর্খতা। 'অর্ব্বাচীনতায় তাহা হইতেও ক্রমশঃ বঞ্চিত হইতেছেন।' *অক্ষয়*, ১৮৪৬।

অর্বুদ, অর্ব্বুদ [স] ১ *বিণ* কোটি কোটি। 'অনন্ত অর্বুদ লোক গেল দেখিবারে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* অসংখ্য। 'অর্বুদ অর্বুদ লোক শুনি সেইক্ষণে।' *বৃন্দা*, ১৫৮০; 'অনন্ত অর্ব্বুদ লোক হৈল খেয়া ঘাটে।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* দশ কোটি। 'ইহা ভিন্ন অর্বুদ, বৃন্দ, খর্ব প্রভৃতি আরও কতকগুলি সংখ্যা আছে ...।' *বিদ্যা*, ১৮৫১।

অর্যমা [স] *বি* সূর্য। 'বিধি হরিহর তুমি অর্যমা অনন্ত।' *মানিকরাম*, ১৭৮১।

অর্শ [স] *বি* পয়োনালির রোগবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'বাত অর্শ হরে করে বল বিতরণ।' *গুপ্ত*, ১৮৫৮।

অর্শা, অর্সা [ফা ওয়ারিশ] ১ *ক্রি* খাটা। 'যাহার উপর এই আইন না অর্শিবে ...।' *দর্পণ*, ১৮২৫। ২ *ক্রি* বর্তানো। 'স্ত্রীর রক্ষণাবেক্ষণের ভারও তাঁদের উপর আইন মত অর্সায়।' *হুতোম*, ১৮৬১।

অর্হ [স] *বি* অর্জন। 'তাহারদিগের আলস্য কিম্বা হঠতা ঘটায় তাহাই তাহারা অর্হে।' *তারিণী*, ১৮০৩।

অর্হনীয় [স] *বিণ* পূজনীয়। 'আগুন তাই অর্হনীয়।' *অচিন্ত্য*, ১৯৫০।

অর্হা [স অর্হ>] *ক্রি* মান্য করা। 'অবোধ পুরুষদিগকে বই আর কাহাকে অর্হিতে পারে।' *সুধাকর*, ১৮৩১।

অলংকার[১] [স] *বি* গয়না। 'দিব্য অলংকার সোভে সোন্দর সরির।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অলংকারশিল্প [স] *বি* গহনার নির্মাণকলা। 'অলংকারশিল্পে এই সুদৃশ্য রেখা ব্যবহার করা হয়।' *অবন*, ১৯২৫।

অলংকার[২]**, অলঙ্কার** [স] ১ *বি* উপমা। 'সেটাকে আবার আর-একটা বলিলে তাহাকে একটা অলঙ্কার বলিয়া গ্রহণ করিতে পারি।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বি* কাব্যের উপমা-রূপকাদি। 'অলংকারশাস্ত্রে কৃত্রিম আইনের জোরেই ...।' *রবীন্দ্র*, ১৯০৭। দ্র **অলঙ্কার**

অলংকারশাস্ত্র [স] *বি* কাব্য বা সাহিত্যের অলংকারসংক্রান্ত বিদ্যা। 'অলংকারশাস্ত্রে কৃত্রিম আইনের জোরেই ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অলংকৃত [স] *বিণ* সজ্জিত। 'অলংকৃত সুসজ্জিত সহাস্য শ্রেণীবদ্ধ ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

অলংঘনীয় [স] *বিণ* লঙ্ঘন করা যায় না এমন। 'ব্যাঙ্কের এই অলংঘনীয় ব্যবস্থা।' *দর্পণ*, ১৮১৯।

অলঙ্ঘ্য [স] *বিণ* লঙ্ঘন করা অসম্ভব এমন। 'অলংঘ্য দেবীর বর/ তবু প্রাণনাথ মোর ...।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অলক [স] ১ *বি* কানের পাশ, কপাল ও গাল ছুঁয়ে থাকা ছোটো চুল। 'অলক কপোলে যেন কমলেত অলি।' *আলাওল*, ১৬৮০; 'আঁধার-অলক কপোলের শোভা করিতেছিল গো পান।' *রবীন্দ্র*, ১৮৮৫। ২ *বি* শরীরে লাগানো কুমকুম। 'অলকগন্ধ উড়িছে মন্দ বাতাসে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অলকগোছা [স অলক+গোছা] *বি* চুলের গুচ্ছ। 'কস্তুরীর মতো কালো পশমিনা অলকগোছা দুলিয়ে দুলিয়ে বললে ...।' *নজরুল*, ১৯২২।

অলকতিলক [স] *বি* অলকের কাছে আঁকা তিলক। 'অলক তিলক করে কেহো পরএ কজ্জল।' *মালাধর*, ১৫০০।

অলকদাম [স] *বি* কানের পাশের চুলের গুচ্ছ। 'অলকদাম রত্নরাজিতে শোভিত হয়।' *বঙ্কিম*, ১৮৭৯।

অলক-বন্ধন [স] *বি* খোঁপা। 'আমার লতার একটি মুকুল ... রেখো তোমার অলক-বন্ধনে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অলকবিলম্বিত [স] *বিণ* কপাল ও কপোলের দু ধারে ঝুলে থাকে এমন। 'সুরেশ্বরী শচীর অলকবিলম্বিত মুক্তার মালার মতো।' *রবীন্দ্র*, ১৯০১।

অলকস্তবক [স] *বি* চুলের গোছা। 'অলকস্তবক অতৃপ্ত নিঃশ্বাসে শুষে বললুম ...।' *মুজতবা*, ১৯৬০।

অলকান্ত [স অলক-অন্ত] *বি* কেশগুচ্ছের প্রান্তভাগ। 'হেরি সুন্দরীরে, তুরা অলকান্ত তুলি, রহিলেন একদৃষ্টে চাহি তার পানে।' *মাইকেল*, ১৮৬০।

অলকাতিলক, অলকাতিলকা [স অলক>+স তিলক] *বি* অলকের কাছে কপালে অঙ্কিত তিলক। 'পহিলহি অলকাতিলকা করি সাজ

AMARBOI.COM

বঙ্কিম লোচনে কাজর রাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'অলকা তিলক কিবা ভালের উপরে।' *বড়ু*, ১৫৭০।

অলকাবলী [স অলক-আবলী] *বি* কেশরাশি। 'মুক্ত অলকাবলী উড়িয়া উড়িয়া দোল খাইতেছে।' *সিরাজী*, ১৯১৮।

অলকা[১] [স আলেখ্য] **১** *বি* কপালে ব্যবহৃত অলঙ্করণ-বিশেষ। 'মৃগমদ পঙ্ক অলকা।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* অলক। 'কপোলে দুলিছে কিবা শ্যামল অলকা।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অলকা[২] [স] *বি* (পুরাণ) হিমালয়ের উপরে অলকানন্দা নদীর তীরে অবস্থিত কুবেরের পুরী। 'যাও লক্ষ্মী অলকায়, যাও লক্ষ্মী অমরায়।' *রবীন্দ্র*, ১৮৮১।

অলকা-ভবন [স] *বি* কুবেরের বাড়ি। 'বাহিতে বারতা তার অলকা-ভবনে।' *মাইকেল*, ১৮৬৬।

অলকানন্দা [স] *বি* পুরাণোক্ত স্বর্গে অবস্থিত নদীবিশেষ। 'আশার অলকানন্দা বহায়িলে।' *সুধীন্দ্র*, ১৯২৮।

অলকাপুরী [স] *বি* পুরাণোক্ত ধনদেবতা কুবেরের পুরী। 'সে আমাকে কোন অলকাপুরীতে, কোন চিরযৌবনের রাজ্যে ... আকর্ষণ করিতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অলকাতিলকা *দ্র* **অলকা**[২]

অলকুস *বি* আলজিভ। 'ওনিনের অলকুসের উপরে চাইপা বইল।' *হাসান*, ১৯৬৪।

অলক্‌খ [স অলক্ষ্য] *বিণ* অগোচরীভূত। 'সঅসম্বেঅণ সরুঅ বিআরেঁতে অলক্‌খলক্‌খণ ন জাই।' *চর্যা ১৫*, ১২০০।

অলক্ত [স] *বি* আলতা। 'এক ঘটি জলে কিঞ্চিৎ অলক্ত গুলিলে ...' *অক্ষয়*, ১৮৫২।

অলক্ত-আভাস [স] *বি* আলতা রঙের আভাস। 'নিঃশব্দে পড়িবে ধরা আরক্তিম অলক্ত-আভাসে।' *রবীন্দ্র*, ১৯১৪।

অলক্তরাগ [স] *বি* লাল আভা। 'অধরে ও কপোলে অলক্তরাগ চিত্রিত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অলক্তাক্ত [স] *বিণ* আলতায় রঞ্জিত। 'অলক্তাক্ত ভাল ভাগ কার কাছে পাও হে।' *ভারত*, ১৭৬০।

অলক্তক [স] *বি* আলতা। 'চুপড়িতে ঘসা ঝামা আর অলক্তক।' *ভবানী*, ১৮২৫।

অলক্তকরঞ্জিত [স] *বিণ* আলতা-রাঙা। 'অলক্তকরঞ্জিত চরণ দুইখানির সরম-মন্থর গমন-ভঙ্গিমা ...' *বনফুল*, ১৯৩৬।

অলক্ষ[১] [স অলক্ষ্য] *বিণ* অগোচরীভূত। 'অলক্ষলখচিত্তা মহাসুহে।' *চর্যা ৩৪*, ১২০০।

অলক্ষ[২] [স অলক্ষী] *বিণ* শ্রীহীন। 'পুর্ব্বরূপ সোভা নাঞি অলক্ষ চরিত।' *মালাধর*, ১৫০০।

অলক্ষণ [স] **১** *বিণ* অশুভ। 'অতএব সখি একি অলক্ষণ রীতি।' *মদনমোহন*, ১৮৩৪। **২** *বি* অশুভ লক্ষণ। 'ভূতের ভয়, ডাইনের আশঙ্কা, অমূলক অলক্ষণ, শুভাশুভ দিন ক্ষণ ... ব্যাপ্ত হইয়া রহিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯; ইংরেজরা এক টেবিলে তেরোজন খাওয়া অলক্ষণ মনে করে।' *রবীন্দ্র*, ১৮৮১।

অলক্ষণা [স] *বিণ* অপয়া। 'কিবা শুভ ক্ষণে হৈল অলক্ষণা ঘর।' *ভারত*, ১৭৬০।

অলক্ষণী [স অলক্ষণীয়া] *বিণ* স্ত্রী অলক্ষণযুক্তা। 'অলক্ষণী বলা রীতি আছে।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

অলক্ষণে [স অলক্ষণ>] *বিণ* অলক্ষণযুক্ত। 'হিজড়ের মুখ দেখে যাত্রার মতো অলক্ষণে কোনো কিছু আছে কিনা জানি না।' *নজরুল*, ১৯২৪।

অলক্ষন [স অলক্ষণ] *বি* কুলক্ষণ। 'খণ্ডিব সকল মিথ্যা অসুভ অলক্ষন।' *মালাধর*, ১৫০০।

অলক্ষিত [স] **১** *বিণ* দিশেহারা। 'কোন দিকে যাইমু আক্ষি হই অলক্ষিত।' *সুলতান*, ১৭০০। **২** *বিণ* নজরে পড়েনি এমন। 'বিপক্ষবর্গের অলক্ষিত হইয়া কাফররাজের সৈন্যমধ্যে প্রবেশ করিলেন।' *হরপ্রসাদ রায়*, ১৮১৫।

অলক্ষিতভাবে [স] *ক্রিবিণ* অগোচরে। 'ভিতরে ভিতরে অলক্ষিতভাবে সমাজ বিশ্লিষ্ট হইয়া পড়িতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

অলক্ষিতে [স] *ক্রিবিণ* অজ্ঞাতসারে। 'যমুনার ভ্রমে প্রভু ধাইয়া চলিলা/ অলক্ষিতে যাই সিন্ধুজলে ঝাঁপ দিলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'অলক্ষিতে সূর্জ্জ আসী মিলিল পাসএ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অলক্ষুণে, অলুক্ষুনে [স অলক্ষণ>] **১** *বিণ* অপয়া। 'অলক্ষুণে মেয়ে। দেখো না মাঠের মতো কপাল ...।' *রবীন্দ্র*, ১৯২৪; 'কি অলুক্ষুণে ডাক।' *বনফুল*, ১৯৩৬। **২** *বি* যার লক্ষণ খারাপ এমন ব্যক্তি। 'অলুক্ষুনের চেহারা দেখে মন খারাপ হয়ে যাবে যে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অলক্ষ্মী [স] **১** *বি* স্ত্রী দুর্ভাগ্য। 'অলক্ষ্মী ধাইল লৈয়া যত দুঃখ ক্লেশ।' *আলাওল*, ১৬৮০। **২** *বিণ* স্ত্রী কুলক্ষণযুক্ত। 'আমরা অলক্ষ্মী হয়ে যদি কাজের মতন একটা কিছু করতে পারি।' *রবীন্দ্র*, ১৯৪১।

অলক্ষ্মী-আশ্রিত [স] *বিণ* দুষ্ট। 'কোন অলক্ষ্মী-আশ্রিত বালক ইহার রেণুমাত্র নষ্ট না করিতে পারে।' *শরৎ*, ১৯১৭।

অলক্ষ্মী বিদায় [স] *বি* পূজাবিশেষ। 'ঘরের বাহিরে একটি পূজা চলে; তাকে বলা হয় অলক্ষ্মী বিদায়।' *অবন*, ১৯১৯।

অলক্ষ্মীয়া [স অলক্ষ্মী>] *বিণ* অলক্ষুণে। *ওসা*, ১৭৮৫।

অলক্ষ্য [স] **১** *বিণ* লক্ষগোচর নয় এমন। 'মহাতেজ ধরি বেশ অলক্ষ্য লক্ষণ।' *সুলতান*, ১৭০০। **২** *বিণ* অদৃশ্য। 'কোনো অলক্ষ্য কেন্দ্রের চতুষ্পার্শ্বে আবর্তক্রমে ... ক্রমাগত ঘুরিতেছে।' *হরপ্রসাদ*, ১৮৮১। **৩** *ক্রিবিণ* অগোচরে। 'এক সময় অলক্ষ্যে কাহারও নিকট বিদায় না লইয়া বাড়ি চলিয়া আসিল।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৪** *বিণ* অজ্ঞাত। 'অন্তরের গভীরতম অলক্ষ্য প্রদেশের সেই যুদ্ধের ইতিহাসই ...।' *রবীন্দ্র*, ১৯১২। **৫** *বি* শূন্য। 'ছন্দে গানে উঠিয়াছে অলক্ষ্যের পানে।' *রবীন্দ্র*, ১৯১৬। **৬** *বি* যাকে দেখা যায় না। 'হে অলক্ষ্য, তোমার প্রসাদ আমি মাগি।' *রবীন্দ্র*, ১৯৩২। **৭** *বি* যা দেখা যায় না। 'বারবার হাঁকে, চাই, আমি চাই। ছোটে অলক্ষ্য পানে।' *রবীন্দ্র*, ১৯৩৬। **৮** *বিণ* অজানা। 'সাজো সাজো, ডাকে কোনো অলক্ষ্য আদেশ।' *প্রেমেন্দ্র*, ১৯৪৬।

অলক্ষ্যত [স অলক্ষ্য>] *ক্রিবিণ* অলক্ষ্যে। 'বিচিত্র দাবি ইচ্ছায় অনিচ্ছায় লক্ষ্যত অলক্ষ্যত ধনীরা মিটিয়ে থাকে।' *রবীন্দ্র*, ১৯৩১।

অলক্ষ্যতম [স] *বিণ* লক্ষ করা অত্যন্ত কঠিন এমন। 'বিশ্বের সূক্ষ্মতম পদার্থের অলক্ষ্যতম মর্ম বিদীর্ণ করবার জন্য ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অলক্ষ্যপুর [স] *বি* অন্তস্তল। 'ওর চিত্তের অলক্ষ্যপুরে এসরাজে মূলতানের মিড়ে মূর্ছনায় ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

অলক্ষ্যে [স] *ক্রিবিণ* লক্ষ্যহীনভাবে। 'একটিমাত্র আইডিয়া

অলক্ষ্যভাবে ... অধিকার করিয়া আসিয়াছে।' *রবীন্দ্র*, ১৯১২।

অলক্ষ্যে [স] *ক্রিবিণ* অগোচরে। 'অলক্ষ্যে সাম্প্রদায়িকতা এসে তোমাকে বেষ্টন করে ধরে।' *রবীন্দ্র*, ১৯৩১।

অলখ [স অলক্ষ্য] **১** *বিণ* দৃষ্টির অগোচর। 'অলখ নিরঞ্জন মহারব উঠে বন্ধন টুটে করে ভয়ভঞ্জন।' *রবীন্দ্র*, ১৮৯৯। **২** *বিণ* দেখা যায় না এমন। 'চাঁদের মতো অলখ টানে জোয়ারে ঢেউ তোলাব।' *রবীন্দ্র*, ১৯১০। **৩** *বিণ* অচেনা। 'অলখ দেশে হৃদয় টানে।' *রবীন্দ্র*, ১৯২৩। **৪** *বিণ* গোপন। 'নয় ওরে খুঁজে বেড়ায় পায় না ঠিকানা, অলখ পথেই যাওয়া আসা।' *রবীন্দ্র*, ১৯২৭।

অলখডোর [স অলক্ষ্য>] *বি* অদৃশ্য বন্ধন। 'মালিকাটি নিয়ে মোর/ একী বাঁধিলে অলখডোর।' *সুকান্ত*, ১৯৪৮।

অলখবিহারী [স অলক্ষ্যবিহারী] *বিণ* দৃষ্টির বাইরে বিচরণকারী। 'তিমিরবিদারী অলখবিহারী।' *নজরুল*, ১৯৩১।

অলখিত [অলক্ষিত] *বিণ* আড়ালে আছে এমন। 'বাজে অলখিত তারি চরণে ... নূপুর ধ্বনি।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অলখিতে [অলক্ষিতে] *ক্রিবিণ* অজান্তে। 'অলখিতে হমে হেরি বিহসলি থোর। জনি রয়নি ভেল চাঁদ উজোর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অলঙ্কার[১] [স] **১** *বি* গহনা। 'নানা মণি অলঙ্কার শোভিত শরীরে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* গৌরব। 'উক্ত সাহেব আসিয়াটিক সোসৈটির বহুকালাবধি অলঙ্কার স্বরূপ ছিলেন।' *দর্পণ*, ১৮৩৭। **৩** *বি* উপহার। 'তোমার বুকে শোভা পাবে আমার দুখের অলঙ্কার।' *রবীন্দ্র*, ১৯০৮। দ্র **অলংকার**

অলঙ্কারপত্র [স] *বি* গয়নাগাঁটি। 'বিয়েতে যৌতুক দেবার জন্য অলঙ্কারপত্র তৈরী করিয়ে রাখেন।' *বেগম*, ১৯৬৮।

অলঙ্কৃত [স] *বিণ* সজ্জিত। 'নানাবিধ জন্তুর প্রতিমূর্তিতে অলঙ্কৃত স্থিল।' *বিদ্যা*, ১৮৪৯।

অলঙ্কারা [স অলঙ্কার] *ক্রি* অলঙ্কৃত ক'রে। 'অলঙ্কারি কর্ণমূল কুবলয়-দলে।' *মাইকেল*, ১৮৬০।

অলঙ্কার[২] [স] *বি* ভাষার সৌন্দর্য বাড়ায় এমন গুণাবলি । 'কাব্য, অলঙ্কার, দর্শন ইত্যাদিতে এঁদের পাণ্ডিত্য ছিল।' *মুজতবা*, ১৯৫২।

অলঙ্কারগ্রন্থ [স] *বি* অলঙ্কারশাস্ত্র বিষয়ক গ্রন্থ। 'সরস্বতী কণ্ঠাভরণ নামক প্রসিদ্ধ অলঙ্কার গ্রন্থ রচনা করেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অলঙ্কারপ্রিয় [স] *বিণ* সাজসজ্জা পছন্দ করে এমন। 'অসভ্যমাত্রেই অত্যন্ত অলঙ্কারপ্রিয়।' *প্রমথ*, ১৯২০।

অলঙ্কারবর্জিত [স] *বিণ* কারুকার্যহীন। 'কবরটি ... এতই অলঙ্কারবর্জিত যে তার বর্ণনা দিতে পারেন।' *মুজতবা*, ১৯৪৯।

অলঙ্কারবাগীশ [স] *বি* সংস্কৃত পণ্ডিতদের উপাধিবিশেষ। *সেবধি*, ১৮৪০।

অলঙ্কারভক্ত [স] *বিণ* সাজসজ্জাপ্রিয়। 'পুরুষেরাও যথেষ্ট পরিমাণে অলঙ্কারভক্ত।' *প্রমথ*, ১৯২০।

অলঙ্কারশাস্ত্র [স] *বি* কবিতার অলঙ্কার সংক্রান্ত বিদ্যা। 'অলঙ্কারশাস্ত্র বিলক্ষণ বুঝিতেন।' *বঙ্কিম*, ১৮২২; 'তুমি যে অলঙ্কার-শাস্ত্রের ছায়দেরও ছাড়িয়ে উঠলে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অলঙ্কৃত [স] **১** *বিণ* ভূষিত। 'দিয়া মাল্য চন্দন নানা রত্ন-আভরণ অলঙ্কৃত করিব সকল।' *কৃত্তিবাস*, ১৫৮০। **২** *বিণ* গুণান্বিত। 'তিনি যেন সর্বগুণে অলঙ্কৃত হন।' *বিদ্যা*, ১৮৪৭।

অলঙ্গ [স অনঙ্গ] *বি* কামভাব। 'অঙ্গনার অলঙ্গে উলঙ্গ হয় গা।' *মানিকরাম*, ১৭৮১।

অলঙ্ঘনীয় [স] **১** *বিণ* লঙ্ঘন করা যায় না এমন। 'বিধাতার অলঙ্ঘনীয় বিধির অবশাম্ভাবিতা কে নিবারণ কত্তে পারে।' *মাইকেল*, ১৮৭৩। **২** *বিণ* অবশ্য পালনীয়। 'তাঁহার আদেশ অলঙ্ঘনীয়।' *মশারফ*, ১৮৮৫।

অলঙ্ঘ্য [স] **১** *বিণ* লঙ্ঘন করা কঠিন এমন। 'অলঙ্ঘ্য সাগর রহিতে নাহী স্থল।' *মুকুন্দ*, ১৬০০; 'অলঙ্ঘ্য নিয়মপথে ভ্রমি।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *বিণ* লঙ্ঘন করা অনুচিত এমন। 'অলঙ্ঘ্য পহুঁত মুঞি করিনুঁ প্রবেশ।' *সুলতান*, ১৭০০।

অলজ্জ [স অলজ্জ] *বিণ* নির্লজ্জ। 'বিজ্ঞানের অপ্রতিহত প্রভাবে অলজ্জ কৌতূহলবৃত্তি দুঃশাসনমূর্তি ধরে ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অলজ্জতা [স অলজ্জা>] *বি* নির্লজ্জতা। 'আক্রোটাই দৌর্বল্য, নির্বিচার অলজ্জতাই আর্টের পৌরুষ।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অলজ্জা [স] *বি* লজ্জাহীনতা। 'ত্রস্ত অলজ্জায় চেয়েছিলে অযাচিত উপহার দিতে।' *সুধীন্দ্র*, ১৯২৯।

অলজ্জ্য [স অলজ্জা] *বি* লজ্জাহীনতা। *মানোএল*, ১৭৪৩।

অলজ্জাল [স অলম্+জাল] *বি* উপদ্রব; উৎপাত। 'ছাড়হ অলজ্জাল না কর কচাল।' *বড়ু*, ১৪৫০।

অলড়িত [স অ-নর্তিত] *বিণ* অনড়। 'ধন্ধ হই রহিল শরীর অলড়িত।' *শ্যামাওল*, ১৬৮০।

অলপ [স অল্প] *বিণ* কম। 'ধনী অলপ বয়সী বালা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অলবড্যা [স অল্পবুদ্ধি] *বিণ* কাজ ফেলে রাখে এমন; অলস। 'মেয়ে বড় অলবড্যা।' *প্যারী*, ১৮৬০।

অলবণ [স] *বিণ* লবণহীন; আলুনি। 'হাসিআ পরশে অলবণ রান্ধে।' *মুকুন্দ*, ১৬০০।

অলব্ধ [স] *বি* পাওয়া যাবে না যা। 'অলব্ধ লাভের চেষ্টা উচিত নয়।' *মদনমোহন*, ১৮৪৯; 'অলব্ধ লাভ ও লব্ধ রক্ষা দুষ্কর হইয়া উঠে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অলব্ধব্য [স] *বিণ* লাভ করা যায় না এমন। 'যে অপ্রাপ্তব্য অলব্ধব্য – যার মুখ দেখা যায় না প্রত্যক্ষ-চক্ষে।' *অচিন্ত্য*, ১৯৫০।

অলভ্য [স] *বিণ* অপ্রাপ্য। 'সিদ্ধিমাত্রেই আমাদের অলভ্য।' *অন্নদা*, ১৯২৮।

অলমতি বিস্তরেণ [স] *বি* চিঠির সমাপ্তিসূচক শব্দ। 'অলমতি বিস্তরেণ।' *দর্পণ*, ১৮২৫।

অলম্পট [স] *বিণ* লম্পট নয় এমন। 'মিশ্র বৈষ্ণব শান্ত/ অলম্পট শুদ্ধ দান্ত/ ধনভোগে নাহি অভিমান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অলম্বিডিআ *বিণ* এলোমেলো। *বিদ্যা*, ১৮৯১।

অলম্বুষ [স] *বি* পৌরাণিক রাক্ষসবিশেষ (গালি হিসেবে ব্যবহৃত)। 'এই কি প্রণয়-নিবেদন রীতি/ জংলি বাঁদর অলম্বুষ!' *নজরুল*, ১৯৩৯।

অলম্বুষা [স] *বি* (তন্ত্র) দেহের দশটি নাড়ির মধ্যে একটি। 'গান্ধারী পুষ্যা হস্তী জিহ্বা যশস্কীণা অলম্বুষা কুণ্ডলিনী আর শঙ্খিনী এই দশ নাড়ী হোন্তে প্রধান দুই পুনি।' *সুলতান*, ১৭০০।

অলরাইট [ই] – ঠিক আছে। 'অলরাইট! গুড মর্নিঙ স্যার, বলে এস্টেসন মাষ্টার নিশেনটা তুল্লেন।' *হুতোম*, ১৮৬১।

অলরাউন্ড [ই] *বিণ* সব বিষয়ে অভিজ্ঞ। 'যিনি সবার উপরওয়ালা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সবসেরা অলরাউন্ড ফিজিসিয়ান।' *শিবরাম*, ১৯৭০।

অলর্জা [স অলজ্জা] *বিণ* নির্লজ্জ। *মানোএল*, ১৭৪৩।

অলস [স] ১ *বি* আলস্য। 'জথাতথা সয়ন অলস সুবেস কত।' *মালাধর*, ১৫০০; 'অলসে অবশ অঙ্গ।' *ভারত*, ১৭৬০। ২ *বি* উদ্যমহীনতা। 'অতনু অলসে, রহিল বসি।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৩ *বিণ* অকর্মণ্য। 'তাহারা সাতিশয় ভোগশালী অলস মনুষ্যদিগের ভোগ্য।' *অক্ষয়*, ১৮৪৮। ৪ *বিণ* মন্থর। 'কোন্ ছায়াতে কোন্ উদাসী দূরে বাজায় অলস বাঁশি।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৫ *বিণ* মৃদু। 'দুই পাশের আহত নীল জল নাড়া পেয়ে অলস আপত্তির ক্ষীণ কলস্বরে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৬ *বি* অবসর। 'অলস-বেলার খেলার সাথি।' *রবীন্দ্র*, ১৯১২; 'ভালোবাসা আহ্লাদের অলস সময়।' *জীবন*, ১৯৩৬। ৭ *বিণ* অচল। 'অলস যেন না রয় ডানা দুটি।' *রবীন্দ্র*, ১৯২৬। ৮ *বিণ* কাজকর্ম নেই এমন। 'অলস দুপুর ধীরে-ধীরে চলে গড়িয়ে।' *নীরেন*, ১৯৫০।

অলসতা [স] *বি* আলসেমি। 'স্বীয় সম্পত্তি রক্ষণাবেক্ষণে অযত্ন ও অলসতা।' *প্রচারক*, ১৯০৩।

অলসপনা [স অলস-পণ] *বি* অলসতা। 'তাইতে কি অলসপনা দেখি তারে।' *লালন*, ১৮৯০।

অলস-পাখা [স অলসপক্ষ] *বিণ* গমনে মন্থর। 'লালসে অলস-পাখা অলির মতন।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অলসবেলা [স] *বি* কাজহীন সময়। 'রৌদ্র-মাখানো অলসবেলায়।' *রবীন্দ্র*, ১৯০১।

অলসিত [স] ১ *বিণ* আলস্যপূর্ণ। 'মুদিত নয়নে দুটি উলসিত অলসিত অরবিন্দের মতো, শ্যামের কোলে রাখা।' *রবীন্দ্র*, ১৮৮৫। ২ *বিণ* জড়িমাজড়িত। 'এখনো কেন অলসিত অঙ্গ।' *রবীন্দ্র*, ১৮৯৮।

অলস্টার [ই অলস্টার] *বি* দীর্ঘ শীতবস্ত্র; ওভারকোট। 'শ্যামের অলস্টারটা একবার খুলে মকিং ক্যাপটা মাথায় ভালো করে এঁটে দিলাম।' *সাদত*, ১৯৬৭।

অ-লাজুক [অ+লাজুক] *বিণ* লজ্জাহীন। 'লাজুক ও অ-লাজুক।' *জগদীশ*, ১৯১৬।

অলাত [স] *বি* জ্বলন্ত কয়লা। 'চক্রভ্রমি ভ্রমে যৈছে অলাত আকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অলাতচক্র [স] *বি* জ্বলন্ত কাঠ বা অঙ্গার ঘোরালে আগুনের যে চক্র সৃষ্টি হয়। 'জানি, জানি, এই অলাতচক্রে চক্রমণ।' *বিষ্ণু*, ১৯৩৭।

অলাদ [আ আওলাদ] *বি* সন্তান। 'শ্রীফাজীল অলাদে নিজাম।' *হ্যালহেড*, ১৭৭২।

অলাবু [স] *বি* লাউ। 'অলাবুর সহ তার অধিক প্রণয়।' *গুপ্ত*, ১৮৫৮।

অলাভ [স] ১ *বি* অপ্রাপ্তি। 'প্রিয়তমার অলাভে হতাশ।' *কৃষ্ণকমল*, ১৮৫৮। ২ *বি* লোকসান; ক্ষতি। 'প্রজাদের প্রকৃত প্রস্তাবে অলাভ হয় নাই।' *ভারত সংস্কারক*, ১৮৭৩।

অলাভজনক [স] *বিণ* লাভ নেই এমন। 'পাট-চাষ কৃষকের পক্ষে অলাভজনক কারবার হইয়া দাঁড়াইতে বাধ্য।' *সওগাত*, ১৯৪৩।

অলালচি [স অলালস] *বিণ* নির্লিপ্ত। *মানোএল*, ১৭৪৩।

অলি[১] [পা আলি (বাঁধ)] *বি* শ্বাস। 'অলিএঁ কালিএঁ বাট রুন্ধেলা।' *চর্যা* ৭, ১২০০।

অলি[২] [স] *বি* ভ্রমর। 'ধাওল অলিকুল মাধবি পন্থ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অলিকুল [স] *বি* ভ্রমরের ঝাঁক। 'ধাওল অলিকুল মাধবি পন্থ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অলিজাল [স] *বি* ভ্রমরপুঞ্জ। 'বিচিত্র করবি-মাল ফিরে তায় অলিজাল।' *মুকুন্দ*, ১৬০০।

অলিদল [স] *বি* ভ্রমরের ঝাঁক। 'জুটল অলিদল লুটল পরিমল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অলিপঙ্‌ক্তি [স] *বি* ভ্রমরের দল। 'অনুচর, জোগাইয়া বিবিধ ভূষণ / অলিপঙ্‌ক্তি – রতিপতি-ধনুকের গুণ।' *মাইকেল*, ১৮৬০।

অলিরাজ [স] *বি* বড়ো ভ্রমর। 'অলিরাজ আইল কি বা নব জলধর।' *মালাধর*, ১৫০০।

অলি[৩] [আ] *বি* দরবেশ। 'যথ নবী অলিগণ সব পূজ্যমান।' *আলাওল*, ১৬৮০।

অলি[৪] [স গল>] *বি* সংকীর্ণ পথ। 'সহরে অলিতে গলিতে শুঁড়ীর দোকান।' *গিরিশ*, ১৮৮৯।

অলিকুল দ্র অলি[২]

অলিখিত [স] ১ *বিণ* লিখিত নয় এমন। 'অলিখিত মহাশাস্ত্র, নীল পত্রগুলি দিক হতে দিগন্তরে নাহি রাখি খুলি।' *রবীন্দ্র*, ১৮৯৬। ২ *বিণ* যা এখনো লেখা হয়নি। 'বঙ্গের ভবিষ্যৎ ইতিহাসের অলিখিত পৃষ্ঠায় এই-সকল ঘটনা ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বিণ* মৌখিক। 'হিন্দুই তাহার একটা অলিখিত নিয়ম আছে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৪ *বিণ* স্ত্রী শূন্য। 'জন্মের প্রথম গ্রন্থ নিয়ে আসে অলিখিত পাতা।' *রবীন্দ্র*, ১৯৪১।

অলিখিত লিপি [স] *বি* বাণী। 'কোন অলিখিত লিপি দক্ষিণের উদ্ভ্রান্ত সমীর এনেছিল চিত্তে তব।' *রবীন্দ্র*, ১৯২৯।

অলিগলি [ই অ্যালি? +হি গলি] ১ *বি* শব্দদ্বৈতের নমুনা। 'বিকৃতিটা আগে এবং মূলশব্দটা পরে, যেমন: আশপাশ অন্ধিসন্ধি অলিগলি।' *রবীন্দ্র*, ১৯০৯। ২ *বি* শিরা-উপশিরা। 'মগজের অলিগলি।' *সত্যেন্দ্র*, ১৯১৭। ৩ *বি* গলিঘুঁজি। 'যে সকল অলিগলি জানিনি কখনো।' *রবীন্দ্র*, ১৯৩৯। ৪ *বি* গহীন কোণ। 'খুঁজে নেব মানসের সব অলিগলি।' *আহসান*, ১৯৪৪।

অলিনী [স] *বি* ভ্রমরী। 'সঙ্গেতে অলিনী বিহাস নলিনী।' *মুকুন্দ*, ১৬০০।

অলিন্দ [স] *বি* বারান্দা। 'মন্দুরা হইতে আনে অলিন্দের কাছে।' *মাইকেল*, ১৮৬১।

অলিন্দ-ওয়ালা [স অলিন্দ+হি ওয়ালা] *বিণ* বারান্দাযুক্ত। 'অলিন্দ-ওয়ালা কুঞ্জকুটিরটি আমার ভারি মনে লেগে গেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অলিভ [ই] *বি* জলপাই। 'ছিন্ন অলিভ শাখা নিয়ে এসে উপস্থিত।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অলিভ ওয়েল [স] *বি* জলপাইয়ের তেল। 'স্নেহ জাতীয় পদার্থ সংযোগ করতে গিয়ে অলিভ ওয়েল ঢাল।' *মুজতবা*, ১৯৫৯।

অলিয়েম [আ] *বি* অলি; দরবেশ। 'কোরানে ছাপ শুনিতে পাই অলিয়েম মুরশিদ সাঁই।' *লালন*, ১৮৯০।

অলীক [স] ১ *বিণ* অমূলক। 'সকলি অলীক তুই বড় ঠোঁটা লোক।' *কেরি*, ১৮০২; 'কথাটি অলীক বলিয়া মনে করিবেন।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বিণ* অসার। 'ঐ সকল অলীক আনন্দ।' *দর্পণ*, ১৮৩৮। ৩ *বিণ* মিথ্যা। 'অলীক বারতা কহিয়া বিজয় কারা হতে বাহিরিল।' *রবীন্দ্র*, ১৮৮০। ৪ *বিণ* কৃত্রিম। 'দামিনী, তুমি কি মোরে ভালোবাসা বালা? অলীক-শরম-রোষে ভ্রূকুটি করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৮৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অলীকত্ব [স] *বি* অসারত্ব। 'ধর্ম্মের মূলের অলীকত্ব দেখিতে পায়।' *বঙ্কিম*, ১৮৮৭।

অলীকভাষী [স] *বিণ* মিথ্যাবাদী। 'তাহারা অলীকভাষী কিংবা অজ্ঞ অন্ধ অচেতন।' *সুধীন্দ্র*, ১৯২৭।

অলীন [স] *বি* পুং ভ্রমর। 'অলীন ভ্রমর তার কোলে।' *গুপ্ত*, ১৮৫৮।

অলুক্ষুনে, অলুক্ষুণে দ্র **অলক্ষুণে**

অলুণ্ঠিতব্য [স] *বিণ* লুট করা যায় না এমন। 'কুবেরের অলুণ্ঠিতব্য ধনাগার।' *সিকান্দার*, ১৯৬৩।

অলুব্ধ [স] *বিণ* লোভহীন। 'অলুব্ধভাবে সমাজের এই পরমধনটি ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

অলুনা [অ+স লবণ>] *বি* লবণ খায় না যারা। 'যাঁহারা লবণবর্জিত ভোজন করেন, তাঁহাদিগকে সচরাচর অলুনা বলিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫০।

অলেখক [স] *বি* লেখক নয় এমন ব্যক্তি। 'অলেখকদের ঠাট্টায় আমাদের কিছু এসে যায় না।' *নরেন্দ্র*, ১৯৫০।

অলেখিকা [স] *বি স্ত্রী যে* লেখালেখি করে না। 'অলেখিকার কাছ থেকে লেখা আদায়ের দুশ্চেষ্টা ছেড়ে দিলাম।' *সুকান্ত*, ১৯৪১।

অলেখা [স] ১ *বিণ* অদৃশ্য। 'সেই পদ্ম পরে শোভে অলেখা ভ্রমর।' *সুলতান*, ১৭০০। ২ *বিণ* লেখা হয়নি এমন। 'অর্ধেক পড়া বইগুলি তার লেখা ও অলেখা খাতা।' *জসীম*, ১৯৫১।

অলো [ধ্বন্যা] *অব্য* (সম্বোধন) ওলো। 'বাজই অলো সহি হেরুঅ বীণা।' *চর্যা* ১৭, ১২০০।

অলোক [স] *বিণ* অসাধারণ; অলৌকিক। 'অলোকসুন্দর শ্যামস্নিগ্ধ মরণের আকাঙ্ক্ষায় সমস্ত প্রাণ।' *রবীন্দ্র*, ১৮৯২।

অলোকসম্ভব [স] *বিণ* অসাধারণ। 'অলোকসম্ভব তাঁর সাধনা, অপরিমিতা তাঁর প্রতিভা।' *অচিন্ত্য*, ১৯৫০।

অলোকসাধারণ [স] *বিণ* অসাধারণ। 'অলোকসাধারণ ক্ষমতা দেখাইয়া গিয়াছেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অলোকসামান্য [স] *বিণ* অসাধারণ। 'অলোকসামান্য বুদ্ধিশক্তি, মহোৎসাহশীলতা ও অবিচলিত অধ্যবসায় প্রভাবে ...।' *বিদ্যা*, ১৮৪৯।

অলোকসামান্যতা [স] *বি* অসামান্যতা। 'কোনো বয়স্ক লোক কখনোই এরূপ অলোকসামান্যতার পরিচয় দিত না।' *রবীন্দ্র*, ১৮৯১।

অলোকসামান্যা [স] ১ *বিণ স্ত্রী* অসাধারণ। 'তাঁহার অলোকসামান্যা সর্বগুণালঙ্কৃতা রূপবতী এক কন্যা ছিল।' *মাইকেল*, ১৮৭৩। ২ *বিণ* লোকেদের মধ্যে সচরাচর দেখা যায় না এমন। 'এত বড়ো অলোকসামান্যা ন্যায়ভীরুতা আমার নাই।' *রবীন্দ্র*, ১৯০৮।

অলোকসুন্দরী [স] *বি স্ত্রী* অসামান্য সুন্দর। 'তোমার গানে সেই অলোকসুন্দরীকে দেখতে পাই।' *রবীন্দ্র*, ১৯১০।

অলোন্দাজ [ফ] *বি* ওলন্দাজ; ডাচ। *ওসী*, ১৭৮৫। **অলোন্দাজের বিলাত** [ফ >+আ বিলায়ত] *বি* হল্যান্ড। *ওসী*, ১৭৮৫।

অলোভ [স] *বিণ* লোভ নেই এমন। 'সাধ্য ধৃতি ক্ষমা অলোভ।' *রামরাম*, ১৮০২।

অলৌকিক [স] ১ *বিণ* অস্বাভাবিক। 'অতি অসম্ভব অলৌকিক সব।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বিণ* অদ্ভুত। 'অলৌকিক শব্দ কেহ উচ্চ করি বোলে।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বিণ* লৌকিক নয় এমন। 'অলৌকিক প্রেম চিত্তে লাগে চমৎকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অলৌকিকতা [স] ১ *বি* অভদ্রতা। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* অপার্থিব অবস্থা। 'অলৌকিকতার কুহেলিকায় আচ্ছন্ন।' *রবীন্দ্র*, ১৯০৮।

অলৌকিকত্ব [স] *বি* লৌকিক নয় এমন ক্ষমতা। 'পীর পয়গম্বরদের মাজেজা ও অলৌকিকত্ব।' *হাই*, ১৯৫৪।

অল্টারনেটিভ [ই] *বি* বিকল্প বিষয়। 'চিন্তা করো কোন অল্টারনেটিভ বাইর করতে পারি নাই।' *মনসুর*, ১৯৪৫।

অল্প [স] ১ *বিণ* কম। 'জেহেন অর্জ্জুন দেখি সিসু অল্প বএ।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* অসম্ভ্রান্ত। 'আমরাও নাহি অল্প মানুষের সুত।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বিণ* সামান্য। 'অকস্যাত সাক্ষাতে দেখিলা অল্প পাপ।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৪ *বিণ* স্বল্পমেয়াদি। 'অল্প পাঠার্থিদিগের ২ টাকা কিম্ব কেতাব ছাড়া।' *চন্দ্রিকা*, ১৮৩০। ৫ *বিণ* সীমিত; সীমাবদ্ধ। 'মানুষের ব্যক্ত করিবার ক্ষমতা অতিশয় অল্প।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৬ *বি* সীমিত সঞ্চয়। 'অল্প লইয়া থাকি তাই মোর যাহা যায়, তাহা যায়।' *রবীন্দ্র*, ১৯০১।

অল্প অল্প [স] ১ *ক্রিবিণ* ধীরে ধীরে। 'অল্প অল্প তিন বারে পিঅন কুশল।' *আলাওল*, ১৬৮০। ২ *ক্রিবিণ* আবছাভাবে। 'বাপকে অল্প অল্প মনে আছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

অল্পকাল [স] *বি* কম সময়। 'অতি অল্পকালে মদন পাইবেক জীবন।' *মুকুন্দ*, ১৬০০।

অল্পকালে *ক্রিবিণ* কম সময়ের মধ্যে। 'এই প্রযুক্ত যক্ষ্মারোগগ্রস্ত হইয়া অল্পকালে পরলোক গত হইলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

অল্পক্ষণ [স] *বি* কিছু সময়। **অল্পক্ষণমধ্যে** [স] *ক্রিবিণ* কিছু সময়ের মধ্যে। 'রাজা অর্ণবপ্রবাহে লম্ফপ্রদানপূর্বক, অল্পক্ষণমধ্যে, ঐ বৃক্ষে আরোহণ করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অল্পছিদ্র [স] *বি* সামান্য দোষ-ত্রুটি। 'সন্ন্যাসীর অল্পছিদ্র সর্ব্বলোকে গায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অল্পজল [স] *বিণ* সামান্য জল আছে এমন। 'অল্পজল নদী পায়ে হেঁটে পেরিয়ে যায়।' *রবীন্দ্র*, ১৯৩২।

অল্পজানা *বিণ* কম শিক্ষিত। 'অল্পজানা ও বেশিজানা তৃষিত গর্দভ গেল সরোবরতীরে।' *রবীন্দ্র*, ১৯৩০।

অল্পজীবী [স] *বিণ* অল্পকাল স্থায়ী। 'তিনিই আবার সেই শোককে অল্পজীবী করেছেন।' *মাইকেল*, ১৮৬১।

অল্পজ্ঞতা [স] *বি* অল্প জ্ঞান। 'ধর্ম্মশাস্ত্রে ... অল্পজ্ঞতা ছিল।' *অক্ষয়*, ১৮৫০।

অল্পজ্ঞান [স] *বিণ* কম বুদ্ধিসম্পন্ন। 'সেহ জদি অল্প জ্ঞান করিল আমারে।' *মালাধর*, ১৫০০।

অল্পতা [স] ১ *বি* স্বল্পতা। 'বৈঠকি আলাপের অল্পতা আর পরিশ্রমের বাহুল্য।' *ভবানী*, ১৮২৩। ২ *বি* ঘাটতি। 'পিতামাতার মনোযোগের অল্পতা আছে বটে।' *ভবানী*, ১৮২৩। ৩ *বি* অগভীরতা। 'জলের অল্পতাপ্রযুক্ত, তাহার কোনও চেষ্টাই সফল হইল না।' *বিদ্যা*, ১৮৫৬। ৪ *বি* কম মাত্রা। 'তাপের অল্পতাকেই শীতলতা বলি।' *বঙ্কিম*, ১৮৭৫। ৫ *বি* অভাব। 'কেবলমাত্র অনুভাবকতার অল্পতা তাহার কারণ নহে।' *রবীন্দ্র*, ১৮৮০।

অল্পদর্শী [স] *বিণ* অদূরদর্শী। 'অল্পদর্শী পণ্ডিতাভিমানিদিগের প্রগল্‌ভ

AMARBOI.COM

বচন শ্রবণে ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অল্পদিন [স] **১** *বি* কিছুদিন। 'অল্পদিনে দ্বাদশ-ফলা অক্ষর শিখিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* কিছু কাল। 'অল্পদিনে অতিসুকঠিন সংস্কৃত শাস্ত্রে কৃতবিদ্য হইয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩৪।

অল্পদূর [স] *বি* নিকট। 'স্টেশন হইতে অল্পদূরে একটি বস্তি।' *বিভূতি*, ১৯৩১।

অল্পপ্রসবী [স] *বিণ* কম সন্তান প্রসব করে এমন। 'হস্তীর অপেক্ষা অল্পপ্রসবী কোন জীবই নহে।' *বঙ্কিম*, ১৮৯২।

অল্পপ্রাণতা [স] *বি* অল্পকাল বাঁচে এমন অবস্থা। 'কেউ তবু হাড়ে হাড়ে আমাদের অল্পপ্রাণতাকে চিনে জেনে নিতে গিয়ে ব্যথিত করেনি।' *জীবন*, ১৯৩০।

অল্পবয়স [স] *বি* তরুণ বয়স। 'অল্প বয়সে জামাঞি হইয়াছ ঢেটা।' *মুকুন্দ*, ১৬০০।

অল্পবয়সী [স] *বিণ স্ত্রী* তরুণী। 'অল্পবয়সী বউয়ের অন্তহীন ন্যাকামি।' *মানিক*, ১৯৪০।

অল্পবয়স্ক [স] **১** *বি* কমবয়সী ব্যক্তি। 'অল্পবয়স্ক কিম্বা বাতুল অথবা আজন্ম অজ্ঞান রহে।' *ফরস্টার*, ১৭৯৮। **২** *বিণ* কমবয়সী। 'একটি কোনো অল্পবয়স্ক ছাত্র কাপড়ের কল তৈরি করিবার চেষ্টায় প্রবৃত্ত।' *রবীন্দ্র*, ১৯১২।

অল্পবয়স্কা [স] **১** *বিণ স্ত্রী* কমবয়সী। 'একটি অতি অল্পবয়স্কা কন্যা সমুদ্রে পতিত হইল।' *বিদ্যা*, ১৮৬৩। **২** *বিণ* অপ্রাপ্তবয়স্ক। 'অল্পবয়স্কা বিধবা কন্যা একাদশীর দিবস উপবাস করিবে।' *তত্ত্বমোলুক*, ১৮৭৪।

অল্পবিত্ত [স] *বিণ* দরিদ্র। 'অল্পবিত্ত মুমূর্ষুদের জন্যে কটা আরোগ্যাশ্রম আছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

অল্পবিদ্যা [স] *বি* অপূর্ণ শিক্ষা। 'তবে অল্পবিদ্যা ভয়ঙ্করী।' *মুয়াজ্জিন*, ১৯৩২।

অল্পবিস্তর [স] *বিণ* কমবেশি। 'তাহার অল্পবিস্তর বিবরণ পাওয়া যায়।' *অক্ষয়*, ১৮৪৯; 'সকলেই অল্পবিস্তর বিলেতি মধু পান করেছেন।' *প্রমথ*, ১৯০৫।

অল্পবিস্তরেণ [স] *বিণ* কমবেশি। 'মুছে নেবো ছোটখাটো পাপবোধ অল্পবিস্তরেণ ...।' *শামসুর*, ১৯৬৩।

অল্পবুদ্ধি [স] **১** *বি* সামান্য বুদ্ধিসম্পন্ন ব্যক্তি। 'বিমর্ষি চাহিলুঁ পাছে মুঞি অল্পবুদ্ধি।' *আলাওল*, ১৬৮০। **২** *বিণ* সামান্য বুদ্ধিসম্পন্ন; বোকা। 'স্ত্রীলোকের বুদ্ধির পরীক্ষা কোন কালে লইয়াছেন, যে অনায়াসেই তাহারদিগকে অল্পবুদ্ধি কহেন।' *রামমোহন*, ১৮১৯।

অল্পবৃষ্টি [স] *বি* কম বৃষ্টি। 'এর মধ্যবর্তী দেশ অল্পবৃষ্টির দেশ।' *প্রমথ*, ১৯২৫।

অল্পবেতনভুক্ত [স] *বিণ* অল্প বেতনে নিযুক্ত। 'অল্পবেতনভুক্ত এদেশীয় কর্মচারীদিগকে সততই অসুস্থ দেখা যায়।' *অক্ষয়*, ১৮৫৬।

অল্পবৈতনিক [স] *বিণ* কম বেতনে কাজ করে এমন। 'অল্পবৈতনিক কাজে নিযুক্ত আছেন।' *দর্পণ*, ১৮৩৩।

অল্পব্যয়ী [স] *বিণ* অল্প ব্যয় করে এমন। 'ওলন্দাজেরা পরিশ্রমী, অল্পব্যয়ী, এবং পরিচ্ছন্ন।' *অক্ষয়*, ১৮৪১।

অল্পভাষী [স] *বিণ* অল্প কথা বলে এমন। *সেবধি*, ১৮৩৯; 'অল্পভাষী দিবাকরের কথার গুরুত্ব বুঝিতেন।' *শরৎ*, ১৯১৭।

অল্পমতি [স] *বিণ* অল্প বুদ্ধিসম্পন্ন। 'তিহোঁ তোমার দাস মানুষ অল্পমতি।' *মালাধর*, ১৫০০।

অল্পমসৃণ [স] *বিণ* খুব মসৃণ নয় এমন। 'তক্তপোষের উপর পাতা মাদুরের অল্পমসৃণ সমতল ...।' *শওকত*, ১৯৭৩।

অল্পমাত্র [স] *বিণ* কমসংখ্যক। 'এরূপ কৃষক এদেশে অল্পমাত্র দৃষ্ট হয়।' *সোমপ্রকাশ*, ১৮৬৮।

অল্পমূল্য [স] *বি* কম মূল্য। 'ন্যায়দর্শন প্রভৃতি সকল দর্শন টীকা সহিত অল্পমূল্যে পাওয়া যায়।' *ভবানী*, ১৮২৩।

অল্পযায়ী [স] *বিণ* অস্থায়ী। 'সৌরভ অল্পযায়ী বা অল্পজীবী নয়।' *অচিন্ত্য*, ১৯৫০।

অল্পরাত্র [স] *বি* সন্ধ্যার পরবর্তী সময়। 'মজলিস অল্পরাত্রে বরখাস্ত হইল।' *দর্পণ*, ১৮২১।

অল্পশিক্ষা [স] *বি* সামান্য পরিমাণ শিক্ষা। 'অল্প শিক্ষা ও অল্প বলের ... সহজ নিয়ম আর খাটে না।' *রবীন্দ্র*, ১৮৮৮।

অল্পশিক্ষিত [স] *বিণ* কম শিক্ষাপ্রাপ্ত। 'আমাদের শিক্ষকেরা সাধারণত এত অল্পশিক্ষিত যে ভাষার সঙ্গে সঙ্গে ভাব ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অল্পশিক্ষিতা [স] *বিণ স্ত্রী* বেশি শিক্ষিত নয় এমন। 'রূপেও তিনি তাহাকে এই অল্পশিক্ষিতা মেয়েটির কাছে ম্লান করিতে চান।' *রবীন্দ্র*, ১৯২১।

অল্পশ্রমী [স] *বিণ* কম পরিশ্রমী। 'বহুশ্রমী এবং অল্পশ্রমী।' *বঙ্কিম*, ১৮৭৯।

অল্পসংখ্যক [স] *বিণ* কম সংখ্যক। 'মসজিদটি ছিল কলিকাতার অল্পসংখ্যক আহলে-হাদিস মসজিদের অন্যতম।' *মনসুর*, ১৯৩৫।

অল্পসময় [স] *বি* কিছুক্ষণ। 'অল্পসময়ের জন্যে অন্যমনস্কভাবে যোগ দিয়ে উকিল সাহেব।' *ওয়ালী*, ১৯৬৮।

অল্পস্বল্প [স] *বিণ* সামান্য। 'অল্প-স্বল্প মাহিনাতে একজন মাস্টার দিতে পারো?' *প্যারী*, ১৮৫৮।

অল্পা [স] *বিণ স্ত্রী* সামান্যা। 'সে যে অনামিকা অনিত্যা মৃন্ময়ী অল্পা।' *সুধীন্দ্র*, ১৯৩০।

অল্পাক্ষরে [স অল্প-অক্ষর] *ক্রিবিণ* সংক্ষেপে। 'বক্তব্যবাহুল্য গ্রন্থ-বিস্তারের ডরে বিস্তারি না বর্ণি সারার্থ কহি অল্পাক্ষরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অল্পাধিক [স অল্প-অধিক] *বিণ* কম-বেশি। 'এই আইনের অল্পাধিক আলোচনা হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯০।

অল্পাবশিষ্ট [স অল্প-অবশিষ্ট] *বিণ* অল্প বাকি আছে এমন। 'পরে যাহা বাকি রহিল – অল্পাবশিষ্ট, অল্প খুদের খুদ।' *বঙ্কিম*, ১৮৯২।

অল্পায়াস [স অল্প-আয়াস] *বি* কম পরিশ্রম। 'ব্যক্তিরদিগের অল্পায়াসে তদুপকার হয়।' *দর্পণ*, ১৮২৬।

অল্পায়াসসাধ্য [স অল্প-আয়াস-সাধ্য] *বিণ* অল্প চেষ্টায় করা যায় এমন। 'যাহা অল্পায়াসসাধ্য এবং বহুফলপ্রদ।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অল্পায়ু [স অল্প-আয়ু] *বিণ* অল্প আয়ুবিশিষ্ট। 'অল্পায়ু করিবে বুঝি ভাবিয়াছ মনে।' *ভারত*, ১৭৬০।

অল্পাশী [স অল্প+স আশা>] *বিণ* অল্প আশা আছে এমন। 'এরূপ অল্পাশী ব্যক্তিরা অনশনে প্রাণত্যাগ করে।' *অক্ষয়*, ১৮৪৬।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অল্পাহার [স অল্প-আহার] *বি* অল্প আহার। 'সে দেশের লোকের অল্পাহার আবশ্যক।' *বঙ্কিম*, ১৮৯২।

অল্পাহারী [স অল্প-আহারী] *বিণ* অল্প আহার করে এমন। 'প্রণয় নিমিত্ত তিনি অল্পাহারী।' *তমোলুক*, ১৮৭৪।

অল্পে অল্পে *ক্রিবিণ* ধীরে ধীরে। 'অল্পে অল্পে বাউ তবে অধে চালাইব।' *মালাধর*, ১৫০০।

অল্পের উপর দিয়া যাওয়া – তুলনামূলক কম ক্ষতি হওয়া। 'এবারে বোধহয় অল্পের উপর দিয়ে যাবে।' *সুকান্ত*, ১৯৪৪।

অল্পোন্নত [স অল্প-উন্নত] *বিণ* বেশি উঁচু নয় এমন। 'উচ্চভূমি এবং অল্পোন্নত মেদও ...।' *বঙ্কিম*, ১৮৭৫।

অল্পেয়ে [স অল্প>] *বিণ* অল্পায়ু। 'ও রে বুড়ো আঁটকুড়া নারদা অল্পেয়ে।' *ভারত*, ১৭৬০।

অশক্ত [স] ১ *বিণ* শক্তিহীন। 'নাড়িতে নারএ হস্ত অশক্ত হইল।' *বাহরাম*, ১৬৫০। ২ *বিণ* মজবুত নয় এমন। *ওসাঁ*, ১৭৮৫। ৩ *বিণ* অক্ষম। *ওসাঁ*, ১৭৮৫; 'আপনার কাজ আপনি করিতে অশক্ত।' *তারিণী*, ১৮০৩; 'বাষ্পের গুণ অনভিজ্ঞ থাকাতে দ্রুতগামী বাষ্পীয় পোত নির্মাণে অশক্ত ছিলেন।' *অক্ষয়*, ১৮৫০। ৪ *বি* ভিতু ব্যক্তি। 'হায় অশক্ত, ভয়ে থাকিস পিছে।' *রবীন্দ্র*, ১৯১৪। ৫ *বিণ* দুর্বল। 'বাহিরে অশক্ত সে শিশুচিত্ত মা খুঁজিয়া ফেরে।' *রবীন্দ্র*, ১৯৪১।

অশক্তা [স] *বিণ* স্ত্রী অসমর্থ। 'শ্রান্তা শবরী অশক্তা বহিবারে।' *মণীশ*, ১৯৩৯।

অশক্তি [স] *বি* দুর্বলতা। 'লাগলে সেবায় অশক্তি তোর আপনি হবে মিছে।' *রবীন্দ্র*, ১৯১৪।

অশক্য [স] ১ *বিণ* অসত্য। 'কহিতে অশক্য কথা না যাএ কহন।' *আলাওল*, ১৬৮০। ২ *বিণ* অসাধ্য। 'যদি সে অশক্য কর্ম করিবারে পারে।' *সুলতান*, ১৭০০।

অশঙ্ক [স] *বিণ* শঙ্কাহীন। 'কণ্টক-অশঙ্ক রে নির্ভীক।' *নজরুল*, ১৯২৪।

অশঙ্কিনী [স] *বিণ* স্ত্রী শঙ্কাহীন। 'আমারে প্রেমের বীর্যে করো অশঙ্কিনী।' *রবীন্দ্র*, ১৯২৯।

অশঙ্কিত [স] *বিণ* শঙ্কিত নয় এমন। 'তথাপি তিনি, অশঙ্কিত ও অসঙ্কুচিত চিত্তে, শিষ্যদিগকে আনুষঙ্গিক সেই সকল বিষয়ে শিক্ষা দিতে লাগিলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

অশঙ্কেত [স অসঙ্কেত] *বিণ* পূর্বনির্ধারিত (মিলনস্থান)। 'তথাহো চাহিআঁ চাইহ অশঙ্কেত থানে।' *বড়ু*, ১৪৫০।

অশথ [স অশ্বত্থ] *বি* অশথ গাছ। 'অতিদূর অশথের ছায়ে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

অশথতল [স অশ্বত্থতল] *বি* অশথ গাছের তলা। 'পথের ধারে অশথতলে মেয়েটি খেলা করে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অশন [স] ১ *বি* আহার। 'পবন অশন করে জানহ ভুজঙ্গ।' *ভারত*, ১৭৬০। ২ *বি* খাদ্য। 'যদি তাঁহারদিগের নিকর ভূমির উপস্থত কর্তৃক অশন বসনের উপায় হয়।' *দর্পণ*, ১৮৩৬।

অশনপ্রথা [স] *বি* ভোজনপ্রণালি। 'ধন্যাঢ্যের অশনপ্রথা, বসনপ্রথা, শয়নপ্রথা কিরূপ।' *বঙ্কিম*, ১৮৯২।

অশনবসন [স] *বি* অন্নবস্ত্র। 'ঘরে যেরূপ অশনবসনের প্রথা তাহাতে খুব যে বেশি ব্যয় হইয়াছে তাহা নহে।' *রবীন্দ্র*, ১৮৯১।

অশনা [স] *বি* ক্ষুধা। 'হায় রে, গ্রাসক যথা কাল, তবু সদা অশনায় পীড়িত।' *মাইকেল*, ১৮৬০।

অশনি [স] ১ *বি* বজ্র। 'মহাযোগী অশনি সহিতে পারে বুকে।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* বিপদ। 'অশনি সংকেত।' *বিভূতি* ১৯৫৯।

অশনিনিনাদ [স] *বি* বজ্রপাতের শব্দ। 'গভীর অশনিনিনাদে সমস্ত অবনীমণ্ডল বিকম্পিত হইয়া উঠে।' *অক্ষয়*, ১৮৫৪।

অশনিপাত [স] *বি* বজ্রপাত। 'ঘোর ঝটিকার রাতে দারুণ অশনিপাতে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অশনি-মহানিনাদ [স] *বি* বজ্রের ভয়ানক শব্দ। 'গাও রে শত অশনি-মহানিনাদে।' *রবীন্দ্র*, ১৮৭৮।

অশনি-রণ [স] *বি* বজ্রের যুদ্ধ। 'শনির সহিত অশনি-রণ।' *নজরুল*, ১৯৩০।

অশনি সঙ্কেত [স] ১ *বি* ভয়ানক সংকটের আভাস। 'অশনি সঙ্কেত।' *বিভূতি*, ১৯৪৪। ২ *বি* বিজলির আলো। 'পার হতে পারো যদি একবার অশনি সঙ্কেতে।' *মাহমুদ*, ১৯৬৬।

অশনিসম্পাত [স] *বি* বজ্রপাত। 'অশনিসম্পাতশব্দ হইতে ... ভীমতর কোলাহল।' *বঙ্কিম*, ১৮৭৫।

অশব্দ [স] *বিণ* শব্দ নয় এমন। 'অনেক স্বর আমাদের নিকট অশব্দ।' *জগদীশ*, ১৮৯৫।

অশমিত [স] *বিণ* অপ্রশমিত। 'অশমিত নিশ্বাসে পুত্রের জন্য কাঁদিতে লাগিল।' *বঙ্কিম*, ১৮৭৮।

অশরিফ [অ+আ শরিফ] *বিণ* সম্ভ্রান্ত নয় এমন। 'অশরিফ মোছ্লমানগণকে ...।' *এসলাম*, ১৯১৯।

অশরীর [স অশরীরী] *বিণ* দেহহীন। 'যাহা অশরীর ভাবরূপে নিরাশ্রয় হইয়া ফিরে।' *রবীন্দ্র*, ১৯০৪।

অশরীরি [স অশরীরী] *বিণ* নিরাকার। *সেবধি*, ১৮৩৯; 'প্রেতনীর অশরীরি হাসির মতো ভয়ঙ্কর।' *হাফিজুর*, ১৯৫৩।

অশরীরী [স] ১ *বিণ* নিরাকার। 'এমন অশরীরী আত্মার বক্ষঃস্থল কিরূপে যে অশ্রুজলে আর্দ্র হইয়াছিল ...।' *রবীন্দ্র*, ১৮৭৭। ২ *বি* কায়াশূন্য যা। 'অনন্তকে অশরীরীকে অতীন্দ্রিয়কে তিনিও এই সকলের মধ্য দিয়াই ফুটাইয়া ধরিয়াছেন।' *সবুজ*, ১৯২১। ৩ *বিণ* বাস্তবতাহীন; কল্পিত। 'প্রেম নামক আকাশকুসুমের অশরীরী গন্ধে আমরা ঈষৎ মাতোয়ারা হয়ে উঠেছিলুম।' *প্রমথ*, ১৯৩৩।

অশাত [স অসত্য] *বিণ* নিদারুণ। 'শুনিয়া স্বামীর তুণ্ডে বচন অশাত।' *মানিকরাম*, ১৭৮১।

অশান্ত [স] ১ *বিণ* ভয়ানক। 'অশান্ত বসন্ত রোগের আগমন।' *দর্পণ*, ১৮২৭। ২ *বিণ* অস্থির। 'ভ্রান্ত ও অশান্ত স্বান্ত হইয়া ... চৌর্য্যাদি বৃত্তিতেই বীর্য্য প্রকাশ করেন।' *ভবানী*, ১৮২৮। ৩ *বিণ* আবেগ-আকুল। 'রুধিয়া রেখেছি আমি অশান্ত হৃদয়।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৪ *বি* চাঞ্চল্যপূর্ণ তরুণ। 'আয় অশান্ত, আয় রে আমার কাঁচা।' *রবীন্দ্র*, ১৯১৬।

অশান্তি [স] ১ *বি* শান্তি নেই যেখানে। 'বিব্রত হয়ে সে অশান্তির মধ্যে থেকে চলে এসে বেঁচেছি।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* অস্থিরতা। 'মনের ভিতরে একটা অশান্তি এবং বিদ্রোহের ভাব উপস্থিত হয়।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বি* কষ্ট। 'তাহারা অনেক অশান্তি অনেক বিঘ্নবিপদ সহ্য করে।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৪ *বি* সংক্ষুব্ধ অবস্থা। 'পারিবারিক অশান্তির মূল কারণ আমাদের অদূরদর্শিতা।' *বেগম*, ১৯৪৭।

অশান্তি-ঐশ্বর্য [স] *বি* অশান্তিরূপ ঐশ্বর্য। 'প্রবাল হার পরা নীলাক্ষী

AMARBOI.COM

নীলাম্বুজের ঝড়-ঝঞ্ঝার অশান্তি-ঐশ্বর্য আমি চাইনি।' *মুজতবা*, ১৯৬০।

অশান্তিকর [স] ১ *বিণ* যন্ত্রণাদায়ক। 'একটু অশান্তিকর বলেই মনে হয়।' *নজরুল*, ১৯৩১। ২ *বিণ* অশান্তিপূর্ণ। 'অশান্তিকর পরিস্থিতির সৃষ্টি করতে থাকে।' *বেগম*, ১৯৪৮।

অশান্তি-ভরা [স অশান্তি+ভরা] *বিণ* কলহপূর্ণ। 'বেড়ার ও ধারে অশান্তি-ভরা মস্ত সংসারটি।' *মানিক*, ১৯৪০।

অশান্তিমন্ত্র [স] *বি* অশান্তি সৃষ্টির মন্ত্র। 'অশান্তিমন্ত্র পেয়েছ তুমি।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অশান্তিময় [স] *বিণ* অস্থিতিশীল। 'পূর্বোক্ত দেশগুলি অশান্তিময়; অন্তর্বিপ্লব, অরাজকতা প্রভৃতি ...।' *ওয়াজেদ*, ১৯৪৩।

অশান্তির আগুন *বি* অস্থিরতার যন্ত্রণা। 'অশান্তির আগুন জ্বালিয়ে গেলে আমার প্রাণে।' *নজরুল*, ১৯২২।

অশালীন [স] ১ *বিণ* অশিষ্ট; অশোভন। 'অশালীন হামলার প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের ...।' *বেগম*, ১৯৬৯। ২ *বিণ* ক্ষতিকর। 'পা থেকে মাথায় ওঠে অশালীন বীজাণুবিস্তার।' *শহু*, ১৯৭৩। ৩ *বিণ* অশ্লীল। 'কলিম আওড়াল কয়েকটি অশালীন শব্দ।' *জালাউদ্দিন*, ১৯৭৫।

অশালীনতা [স] *বি* অভদ্রতা। 'সর্বপ্রকার অশ্লীলতা, অশালীনতা ও বেহায়াপনার কঠোরভাবে মূলোৎপাটন করিতে হইবে।' *আজ্জাদ*, ১৯৬৮।

অশাসনীয় [স] *বিণ* শাসন করা যায় না এমন। 'প্রাকৃতিক শক্তিসকল অতি প্রবল, স্থির, অশাসনীয়।' *বঙ্কিম*, ১৮৮৭।

অশাসিত [স] *বিণ* শাসনবহির্ভূত। 'অশাসিত রাজ্যের ন্যায় বহুগ্রাম এবং সৎপল্লী রাজধানীত্যাদিতে স্বেচ্ছাচার।' *সুধাবর্ষণ*, ১৮৫৫।

অশাস্ত্র [স] *বিণ* শাস্ত্রবিরুদ্ধ। 'অনেক লোক অশাস্ত্র চিকিৎসা করিয়া থাকে।' *দর্পণ*, ১৮২১।

অশাস্ত্রজ্ঞ [স] *বিণ* শাস্ত্র জানে না এমন। 'এ বিষয়ে অশাস্ত্রজ্ঞ ব্যক্তিরও কিছু বক্তব্য থাকিতে পারে।' *বঙ্কিম*, ১৮৯২।

অশাস্ত্রীয় [স] ১ *বিণ* শাস্ত্রসম্মত নয় এমন। 'অশাস্ত্রীয় প্রতিবন্ধক দেখাইয়া ব্যবহার দুষ্ট বলিয়া মানা করান।' *গৌর*, ১৮২২। ২ *বিণ* ধর্মবিরোধী। 'এক স্ত্রীকে পাঁচ ভাইয়ে মিলে বিবাহও তেমনি অদ্ভুত ও অশাস্ত্রীয়।' *রবীন্দ্র*, ১৯২৯। ৩ *বিণ* চিকিৎসাশাস্ত্রে অনুমোদিত নয় এমন। '... যতরকম অশাস্ত্রীয় চিকিৎসার সন্ধানে উৎসাহী।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অশাস্ত্রীয়তা [স] *বি* শাস্ত্রবিরুদ্ধতা। 'বহুবিবাহের অশাস্ত্রীয়তা সম্বন্ধে একখানি পুস্তক প্রচার করেন।' *বঙ্কিম*, ১৮৯২।

অশিক্ষা [স] ১ *বি* লেখাপড়া না-জানা। 'অশিক্ষা সত্ত্বেও চাতুর্য্যপটু বলিয়া পরিহাস করিলেন।' *বঙ্কিম*, ১৮৮৪। ২ *বি* বিকৃতি। 'নিয়মিত বেসুরো গান শোনা মানুষের পক্ষে যেমন অশিক্ষা।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বি* শিক্ষার অভাব। 'তুমি বলিবে সেটার কারণ অশিক্ষা।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অশিক্ষাপটু [স] *বিণ* শিক্ষার অভাব সত্ত্বেও দক্ষ। 'অশিক্ষাপটু অভিনেত্রী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অশিক্ষিত [স] *বিণ* শিক্ষা নেই এমন। 'তাহা অশিক্ষিত লোকের কদাচ অনুভূত হইবার বিষয় নাই।' *অক্ষয়*, ১৮৪৯।

অশিক্ষিতপটু [স] *বিণ* আনুষ্ঠানিক লেখাপড়া না-থাকা সত্ত্বেও দক্ষ। 'আদিম যুগের অশিক্ষিতপটু সভ্যতা।' *বিভূতি*, ১৯৩৮।

অশিক্ষিতপটুত্ব [স] *বি* শিক্ষাহীন দক্ষতা। 'তাহার অশিক্ষিতপটুত্ব।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অশিক্ষিতা [স] ১ *বি স্ত্রী* যার শিক্ষা লাভ হয়নি। 'অশিক্ষিতা পক্ষপাতময়ী বঙ্গভূমিতে আসিয়া জন্মগ্রহণ করিল।' *বিনোদিনী*, ১৮৭৫। ২ *বিণ স্ত্রী* শিক্ষা পায়নি এমন। 'তাঁহার অশিক্ষিতা গৃহকার্যরতা স্ত্রীর অপেক্ষা বিদ্যাবুদ্ধি রূপগুণ সর্ব বিষয়েই শ্রেষ্ঠতর ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অশিথিলীকৃত [স] *বিণ* শিথিল বা মন্থর করা হয়নি এমন। 'অশিথিলীকৃত বেগে চলিলেন।' *বঙ্কিম*, ১৮৬৬।

অশিব [স] *বিণ* অমঙ্গল আনয়নকারী; অশুভ। 'অশিবমন্ত্র পড়তে পড়তে রাস্তা দিয়ে চলেছে।' *রবীন্দ্র*, ১৯১৫।

অশিবনাশিনী [স] *বিণ স্ত্রী* অশুভকে ধ্বংসকারী। 'অশিবনাশিনী চণ্ডীরূপ।' *নজরুল*, ১৯২২।

অশিষ্ট [স] ১ *বিণ* অভব্য। 'নর সব ভোলাই কহে বচন অশিষ্ট।' *সুলতান*, ১৭০০। ২ *বিণ* শিষ্টাচারবর্জিত। 'পর্ব্বতস্থ চোয়াড় লোকেরা নিতান্ত অশিষ্ট।' *ফরস্টার*, ১৭৯৬। ৩ *বিণ* উগ্র। 'অশিষ্ট অপ্রিয় ব্যবহার যাদের স্বভাবত আসে ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

অশিষ্টতা [স] *বি* অভদ্রতা। 'গ্রিফিন যখন সেই অশিষ্টতা অবলম্বন করিয়াছেন ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অশিষ্টাচার [স অশিষ্ট-আচার] *বি* অভদ্র আচরণ। 'তিনি যে মাত্রাজ্ঞের সহিত এরূপ উন্মার্গগামী জনের ন্যায় অশিষ্টাচার করেছেন।' *মাইকেল*, ১৮৭৩।

অশীতি [স] *বিণ* আশি। 'ইহার মূল্য অশীতি টাকা হইবে।' *কেরি*, ১৮১২।

অশীতিপর [স] *বিণ* আশি বছরেরও বেশি বয়সী। 'যদি একটি অশীতিপর বৃদ্ধও হয় তবু আপত্তি নেই।' *অন্নদা*, ১৯২৮।

অশীতিবর্ষবয়স্ক [স] *বিণ* আশি বছর বয়সী। 'অশীতিবর্ষবয়স্ক ঐ যাত্রা মহোৎসব ...।' *দর্পণ*, ১৮৩৩।

অশীল [স] *বিণ* অশালীন। 'অশীল নটীপনা জেগেছে প্রাণে প্রাণে।' *সুধীন্দ্র*, ১৯৩২।

অশুচি [স] ১ *বি* অপবিত্র ব্যক্তি। 'শচী আসি কহে কেনে অশুচি ছুঁইলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* তথাকথিত অস্পৃশ্য সম্প্রদায়ভুক্ত। 'অধিকারীরা অশুচি ...।' *দর্পণ*, ১৮১৮।

অশুচিজ্ঞান [স] *বি* অপবিত্র মনে করা। 'অশুচিজ্ঞানে গঙ্গাতীরে অবগাহন করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৭।

অশুচিতা [স] ১ *বি* অপবিত্রতা। 'এই প্রায়শ্চিত্ত কেবল জেলখানার অশুচিতার প্রায়শ্চিত্ত নহে।' *রবীন্দ্র*, ১৯০৯। ২ *বি* অপরাধ। 'এই দুঃখভোগের যে তামসিক অশুচিতা, আজ তাহার প্রায়শ্চিত্ত করিতে হইবে।' *রবীন্দ্র*, ১৯১৭।

অশুচিবোধ [স] *বি* অপবিত্রতার অনুভূতি। 'এই অশুচিবোধ অনেকটা কাটিয়া গেল।' *মানিক*, ১৯৪০।

অশুদ্ধ [স] ১ *বিণ* ভুল। 'অশুদ্ধ পড়েন লোকে করে উপহাসে।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'এহি সে অশুদ্ধ কর্ম কর তোরা সব।' *সুলতান*, ১৭০০। ২ *বিণ* সঙ্গত নয় এমন। 'নানান কুযুক্তি দিয়া অশুদ্ধ কার্যেত নিয়া ...।' *সুলতান*, ১৬৫০। ৩ *বিণ* ভ্রমপূর্ণ। 'সমুদায় অশুদ্ধ বিষয়ে বিরাগ জন্মে, শিক্ষালয় সংক্রান্ত সমস্ত বিষয়েরই সেইরূপ বিধান করা কর্তব্য।' *অক্ষয়*, ১৮৫০। ৪ *বিণ* অশুচি। 'ইহাতে তোমাদের

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মহাভারত কি অশুদ্ধ হইল?' *রবীন্দ্র*, ১৮৮১; 'ভাগীরথী উদার ধারায় সমুদ্রে এসে মিলেছে, তার সঙ্গে পথে বহু উপানদীর মিশ্রণ ঘটেছে বলে অশুদ্ধ ও অপবিত্র ...।' *রবীন্দ্র*, ১৯২৯। **৫** *বিণ* ব্যাকরণসম্মত নয় এমন। 'গা'র শব্দটিকে অশুদ্ধ প্রয়োগের দৃষ্টান্তস্বরূপে উল্লেখ করেছেন।' *রবীন্দ্র*, ১৯০৯। **৬** *বিণ* নিখুঁত নয় এমন। 'নিশ্চয়ই তোমাদের মন্ত্র-উচ্চারণ অশুদ্ধ হচ্ছে।' *রবীন্দ্র*, ১৯১২।

অশুদ্ধতা [স] **১** *বি* ভ্রান্তি। 'শিশুর ভাষার এই অশুদ্ধতা এবং সংকীর্ণতা দেখে যদি শাসন করে দেওয়া যায় ...।' *রবীন্দ্র*, ১৯১৬। **২** *বি* অপবিত্রতা। 'সেটা মনের আময়, অশুদ্ধতা।' *অচিন্ত্য*, ১৯৫০।

অশুদ্ধা [স] *বিণ স্ত্রী* ভুল। 'তৎসম্পাদক কি নিমিত্ত এ অশুদ্ধা কবিতা ব্যবহার করিতেছেন।' *দর্পণ*, ১৮৩৬।

অশুভ [স] **১** *বি* অমঙ্গল। 'অশুভ নিকটে আইলে নানা দৈব লাগে।' *বিজয়*, ১৬৫০। **২** *বিণ* খারাপ। 'এই অশুভ সম্বাদে আমরা অত্যন্ত দুঃখিত।' *দর্পণ*, ১৮২৯। **৩** *বিণ* ক্ষতিকর। 'অশুভপ্রবৃত্তি প্রয়োজনটুকু সিদ্ধ করিয়াই অন্তর্ধান করে না।' *রবীন্দ্র*, ১৯০৮। **৪** *বিণ* অকল্যাণকর। 'এই লক্ষণ অশুভ নহে।' *ময়ামঙ্গল*, ১৯৩২। **৫** *বিণ* অমঙ্গলজনক। 'ধ্বনিতেছে যেন কি এক অশুভ বাণী।' *জসীম*, ১৯৩৩।

অশুভগমন [স] *বি* অকল্যাণকর যাত্রা। 'অশুভগমনের প্রতীক্ষায় নিজেকে পথের কান্ডাল করিয়া রাখে না।' *রবীন্দ্র*, ১৯০৭।

অশুভত্ব [স] *বি* অনিষ্টকরতা। 'কখন২ কালের অশুভত্বপ্রযুক্ত অশেষ ক্লেশ ভোগ করিতে হয়।' *দর্পণ*, ১৮৩৩।

অশুভবিষয় [স] *বি* অমঙ্গলজনক বিষয়। 'ঐ নাম করিলে তাবৎ অশুভবিষয় স্মরণে আইসে।' *দর্পণ*, ১৮৩৩।

অশুভানুধ্যায়ী [স অশুভ-অনুধ্যায়ী] *বিণ* অকল্যাণকামী। 'ভগবতী অরুন্ধতী দেবী কি আমার অশুভানুধ্যায়ী?' *মাইকেল*, ১৮৭৩।

অশুষ্ক [স] *বিণ* সজল। 'হাস্যমুখরা তরল উষার গালের একটেরে এক কণা অশুষ্ক অশ্রুর মতো।' *নজরুল*, ১৯২২।

অশেষ [স] **১** *বিণ* অনেক। 'অশেষ মঙ্গলধাম খুল্লনা যুবতি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* অন্তহীন। 'কত অমূলক আশা, কত অশেষ কামনা।' ১৮৯৪। **৩** *বিণ* সীমাহীন। 'স্ত্রী যদি পতিপ্রাণা না-হয়, তবে অশেষ অসুখের কারণ হয়।' *রবীন্দ্র*, ১৯০৮। **৪** *বিণ* অনিঃশেষ। 'আমারে তুমি অশেষ করেছ, এমনি লীলা তব; ফুরায়ে ফেলে আবার ভরেছ জীবন নব নব।' *রবীন্দ্র*, ১৯১২। **৫** *বি* অসীম সত্তা। 'অশেষ সেথা খোলে আপন দ্বার।' *রবীন্দ্র*, ১৯১৪। **৬** *বি* পরম সত্তা। 'আমি যে অশেষের পূজারী।' *মোতাহের*, ১৯৫০।

অশেষতঃ [স] *ক্রিবিণ* সীমাহীনভাবে। 'ঐ পত্রের সৃষ্টি হইয়া ... হিন্দুধর্ম্ম বিদ্বেষতা অশেষতঃ প্রকাশ হইতেছে।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

অশেষপ্রকার [স] *বিণ* নানা প্রকার। 'অন্তঃকরণে অশেষপ্রকার কল্পনা করিতে লাগিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অশেষবিধ [স] *বিণ* নানা প্রকার। 'আমি তোমার সবিশেষ পরিচয় দিয়া ও অশেষবিধ প্রশংসা করিয়া বলিলাম।' *বিদ্যা*, ১৮৪৭।

অশেষ-বিশেষ [স] **১** *বি* বিবিধ কৌশল। 'চূর্ণ করো মায়া তার অশেষ বিশেষে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* নানা উপায়। 'সর্ব্ব শেষে অশেষবিশেষাবশে বাবু বাই বিবি সঙ্গে লইয়া ...।' *দর্পণ*, ১৮২৫।

অশেষ-বিশেষে [স] *ক্রিবিণ* বিবিধ প্রকারে; বিলক্ষণরূপে। 'তেঁহো ভক্তি প্রচারিল অশেষ-বিশেষে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অশেষমতে *ক্রিবিণ* দারুণভাবে। 'অশেষমতে খরচান্ত হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৪।

অশেষশাস্ত্রার্থবেত্তা [স অশেষ-শাস্ত্র-অর্থবেত্তা] *বিণ* অনেক শাস্ত্রে পণ্ডিত। 'হে মহারাজ! আপনি অশেষশাস্ত্রার্থবেত্তা, আপনি যে এরূপ ব্যবহার করেন সে বড় আশ্চর্য্য।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

অশেষোপকার [স অশেষ-উপকার] *বি* বহু উপকার। 'তাহা প্রকাশ হইলে অনেকের অশেষোপকার হইবার সম্ভাবনা।' *দর্পণ*, ১৮৩৮।

অশেস [স অশেষ] *বিণ* সীমাহীন। 'দিগম্বর হইয়া অশেস মন্দ বোলে।' *বৃন্দা*, ১৫৮০।

অশোক[১] [স] **১** *বিণ* সুখী। 'যে সুখের কণালেশে সবেই অশোক।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* শোকহীন। 'অশোক শিশুর প্রায় এত হাসে এত গায়, কাঁদিতে দেয় না অবসর।' *রবীন্দ্র*, ১৮৮৬। **৩** *বিণ* আনন্দময়। 'অশোক অভয় তব প্রেমমুখ।' *রবীন্দ্র*, ১৮৯৬। **৪** *বি* প্রাচীন ভারতের মগধ রাজ্যের প্রসিদ্ধ সম্রাট। 'বিম্বিসার অশোকের ধূসর জগতে।' *জীবন*, ১৯৪২।

অশোক[২] [স] *বি* ফুলবিশেষ। 'অশোক কিংশুক চুআঁ চিতা খঞ্জী।' *বড়ু*, ১৪৫০।

অশোক-কানন [স] *বি* অশোক বন। 'একাকিনী-শোকাকুলা, অশোক-কাননে, কাঁদেন রাঘব-বাঞ্ছা।' *মাইকেল*, ১৮৬১।

অশোকতবক [স অশোকস্তবক] *বি* অশোক ফুলের গুচ্ছ। 'অশোকতবক করযুগলে।' *বড়ু*, ১৪৫০।

অশোকফুল [স অশোক+ফুল] *বি* গাঢ় লালবর্ণের ফুলবিশেষ। 'তুলনা কি হয় কভু তার অশোকফুলের সাথে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অশোকবন [স] *বি* অশোক বৃক্ষে পরিপূর্ণ বন। 'সীতাকে ... সে অশোকবনে রেখেছিল।' *রবীন্দ্র*, ১৯১৫।

অশোকরঙা [স অশোক+রঙা] *বিণ* অশোক ফুলের মতো গাঢ় লাল। 'শ্বেত-পদ্মিনীর কপোলে অশোকরঙা লজ্জার মতো।' *অন্নদা*, ১৯২৯।

অশোকস্তম্ভ [স] *বি* সম্রাট অশোক কর্তৃক স্থাপিত অনুশাসনলিপিযুক্ত প্রস্তর স্তম্ভ। 'প্রাচীন তাম্রশাসন, অশোকস্তম্ভ ও অন্যান্য জয়স্তম্ভ লিপি ...।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অশোচ্যতা [স] *বি* আনন্দ। 'অট্টালিকায় আপনি যেমন অত্যুত্তম অশোচ্যতার সহিত নির্ব্বাহ করিত।' *তারিণী*, ১৮০৩।

অশোভন [স] **১** *বিণ* শোভাহীন। *সেবধি*, ১৮৩৯। **২** *বিণ* অনাকাঙ্ক্ষিত। 'অশোভন অশ্রুজলার্দ্র বিলাপ।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৩** *বিণ* বেমানান। 'মেয়েরা রসিকতা করতে গিয়ে যদি মুখরা হয়ে পড়ে তবে সেটা ভারী অশোভন দেখতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯২। **৪** *বিণ* অশিষ্ট। 'আপনারা বয়োজ্যেষ্ঠ থাকতে আমার অগ্রসর হওয়া অশোভন হবে।' *রবীন্দ্র*, ১৯১০; 'তার প্রতি অশোভন মুখবিকৃতি করা, যে-কোনো মানুষ না পারে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অশোভনতা [স] *বি* শোভা পায় না এমন আচরণ। 'সংসারের আন্তরিক অশোভনতায় প্রত্যহই কুমুর সমস্ত শরীরমনকে সংকুচিত করে তুলেছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অশোভনভাবে *ক্রিবিণ* নির্লজ্জভাবে। 'অশোভনভাবে সেলাম করিতেছে, কোথায় বসিবে ভাবিয়া পাইতেছে না।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অশোভনরূপে [স] *ক্রিবিণ* দৃষ্টিকটুভাবে। 'কথায় ও কাজে অশোভনরূপে বাহির হইয়া থাকে।' *রবীন্দ্র*, ১৯০৯।

অশোয়ার [ফা শুমার>] *বিণ* অসংখ্য। 'অশোয়ার পেলে বাগ কালকেতু

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

লোফে।' মুকুন্দ, ১৬০০।

অশোয়াস [স আশ্বাস] *বি* আশ্বাস। 'বহুল লজ্জিত তানে দিবা অশোয়াস।' *সুলতান*, ১৭০০।

অশৌচ [স] **১** *বি* মৃতের জন্যে পালনীয় হিন্দু আচারবিশেষ। 'অশৌচের চিহ্নার্থে কেবল চুলধারণ মাত্র করেন।' *ভবানী*, ১৮২৩। **২** *বি* অশুদ্ধিকাল। 'ততক্ষণ আমাদের অশৌচ।' *রবীন্দ্র*, ১৯১১।

অশৌচগ্রস্ত [স] *বিণ* গ্লানিযুক্ত। 'লোকমাতা বসুন্ধরাকে বারম্বার অশৌচগ্রস্ত করিয়াছে।' *অক্ষয়*, ১৮৫৫।

অশৌচদশা [স] *বি* আপনজনের মৃত্যুজনিত কারণে দেহ অপবিত্র এমন অবস্থা। 'পিতৃবিয়োগে ধোবা-নাপিত-বর্জিত অশৌচদশার মতো শয্যাসনশূন্য ভাব।' *রবীন্দ্র*, ১৯৩১।

অশ্চন [স অর্চন] *বি* অর্চনা। 'সাক্ষাতে সেই প্রভু করহ অশ্চন।' *মালাধর*, ১৫০০।

অশ্ব [স] **১** *বি* ঘোড়া। 'অশ্বপতি গজপতি নর নৌকাপতি।' *বাহরাম*, ১৬৫০; 'আইসন্ত রাউত সব অশ্বে আরোহণ।' *সুলতান*, ১৭০০। **২** *বি* যন্ত্রের শক্তি পরিমাপের একক; হর্স পাওয়ার। 'বিশেষতঃ দুই কল ৪০ অশ্ব ও এক কল ২৪ অশ্ব।' *দর্পণ*, ১৮৩৪।

অশ্বকুশলতা [স] *বি* ঘোড়া চালানোর দক্ষতা। 'আপ্তের অশ্বকুশলতার সম্বন্ধে নানা কাহিনী শোনা যায়।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

অশ্বক্ষুরধ্বনি [স] *বি* ঘোড়ার ক্ষুরের আওয়াজ। 'অবিরাম অশ্বক্ষুর-ধ্বনি।' *প্রেমেন্দ্র*, ১৯৪০।

অশ্বচর্য্যা [স] *বি* ঘোড়ার নাচ। 'যাঁহারা অশ্বচর্য্যা অর্থাৎ ঘোড়ার নাচ দৃষ্টি করিয়াছেন, তাঁহারা দেখিয়া থাকিবেন ...।' *অক্ষয়*, ১৮৪৬।

অশ্বচিকিৎসক [স] *বি* ঘোড়ার চিকিৎসা করে যে। 'তাঁর আদেশে অশ্বচিকিৎসক এলেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

অশ্বডিম [স অশ্বডিম্ব] *বি* কাল্পনিক বস্তু; ঘোড়ার ডিম। 'গালটেবিল করবে সার্ভ অশ্বডিম।' *নজরুল*, ১৯৩১।

অশ্বডিম্ব [স] *বি* অলীক কল্পনা; ঘোড়ার ডিম। 'একটি অস্বাভাবিক অশ্বডিম্বে পরিণত করিয়া বসেন।' *নজরুল*, ১৯২২।

অশ্বতর [স] *বি* খচ্চর। 'সে জাতে অশ্ব হলেও গুণে অশ্বতর ছিল।' *নজরুল*, ১৯২৭।

অশ্বতরী *বি স্ত্রী* খচ্চরী। 'হিরণ্য, অশ্বতরীযুক্ত রথ প্রভৃতি যে শিল্প সমস্তই দেবশিল্পের অনুকরণমাত্র।' *অবন*, ১৯২৫।

অশ্বতুল্য [স] *বিণ* ঘোড়ার ন্যায়। 'অশ্বতুল্য বল এই যন্ত্রের।' *দর্পণ*, ১৮৩৪।

অশ্বনিদ্রা [স] *বি* আধো ঘুম। 'ভোজনান্তে একবার অশ্বনিদ্রার ন্যায় গড়াগড়ি যান।' *ভবানী*, ১৮২৮।

অশ্বপতি [স] *বি* অশ্বারোহী। 'অশ্বপতি গজপতি নর নৌকাপতি।' *বাহরাম*, ১৬৫০।

অশ্বপাল [স] *বি* ঘোড়ার তত্ত্বাবধায়ক। 'দুষ্ট অশ্বপাল, লাভের লোভে, অশ্বের আহারদ্রব্য প্রত্যহ ...।' *বিদ্যা*, ১৮৫৬।

অশ্বপৃষ্ঠ [স] *বি* ঘোড়ার পিঠ। 'কয়েকদিন কাটিয়া গিয়াছে অশ্বপৃষ্ঠে।' *শওকত*, ১৯৫৮।

অশ্ববল্গা [স] *বি* ঘোড়ার লাগাম। 'অশ্ববল্গা দন্তে আবদ্ধ করিলেন।' *মশাররফ*, ১৮৮৫।

অশ্ববার [স] *বি* অশ্বারোহী। 'মহাবেগে সরাকে চালাই অশ্ববার।' *সুলতান*, ১৭০০।

অশ্ববিদ্যা [স] *বি* ঘোড়ায় চড়া ও নিয়ন্ত্রণের কলাকৌশল। 'বক্কেশ্বর অশ্ববিদ্যায় অদ্বিতীয়।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অশ্বমেধ [স] *বি* কোনো রাজার সার্বভৌমত্ব প্রমাণের উদ্দেশে কৃত যজ্ঞবিশেষ। 'কোটি অশ্বমেধ এক কৃষ্ণনাম-সম যেই কহে সে পাষণ্ডী দণ্ডে তারে যম।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'ত্রিপাদ ধরণী দান আইলা দৈত্যরাজ-ধাম অশ্বমেধ অবসান-দিনে।' *মুকুন্দ*, ১৬০০।

অশ্বরশ্মি [স] *বি* ঘোড়ার লাগাম। 'বাম করে অশ্বরশ্মি ধরি অবহেলে।' *রবীন্দ্র*, ১৮৯২।

অশ্বারূঢ়া [স] *বিণ স্ত্রী* ঘোড়ায় চড়ে আছে এমন। 'অশ্বারূঢ়া কেহ; কেহ বা ভূতলে।' *মাইকেল*, ১৮৬১।

অশ্বশাল [স] *বি* আস্তাবল। 'অশ্বশালে জাগিল ঘোড়া।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অশ্বশালা [স] *বি* আস্তাবল। 'অশ্বশালা পতিত।' *দর্পণ*, ১৮৩৩।

অশ্বশ্বসা [স] *বিণ* ঘোড়ার নিশ্বাস উঠে যায় এমন। 'শ্রান্ত অশ্বশ্বসা-গতি।' *নজরুল*, ১৯২৫।

অশ্বসেনা [স] *বি* অশ্বারোহী সৈনিক। 'পদাতিক, অশ্বসেনা, শস্ত্রপুঞ্জ, শিবির, বাহক আমাদের সকলই হৃতাত।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অশ্বসৈন্য [স] *বি* ঘোড়সওয়ার বাহিনী। 'কয়েক দল অশ্বসৈন্য অগ্রগামী সৈন্যদলের সহিত আসিয়া বিদ্রোহীদের গতিবিধি পর্য্যবেক্ষণ করিতে থাকে।' *হিতৈষি*, ১৮৯৫।

অশ্বস্বামী [স] *বি* ঘোড়ার মালিক। 'ইহা দেখিয়া, অশ্বস্বামী উহাকে কৃষিকর্মে নিযুক্ত করিয়া দিল।' *বিদ্যা*, ১৮৫৬।

অশ্বারূঢ় [স অশ্ব-আরোহী] *বিণ* ঘোড়ায় চড়ে আছে এমন। *সেবধি*, ১৮৩৯।

অশ্বারোহী [স অশ্ব-আরোহী] *বি* ঘোড়ায় আরোহণকারী। '... এবং অশ্বারোহী সহিত, নদীতে লম্ফ প্রদান করিল।' *বিদ্যা*, ১৮৬৩।

অশ্বত্থ [স অশ্বত্থ] *বি* অশত্থ গাছ। 'লইল অশ্বত্থপাত বিশাশয় ঠুলি।' *রূপরাম*, ১৭৫০।

অশ্বত্থ [স] *বি* অশত্থ গাছ। 'চতুর্দিগে অশ্বত্থমণ্ডলী মনোহর।' *বৃন্দা*, ১৫৮০।

অশ্বত্থগাছ [স অশ্বত্থ+গাছ] *বি* বট জাতীয় গাছবিশেষ; অশত্থ গাছ। 'অশ্বত্থগাছের তলে কোন্ দূরদেশ হইতে এক সন্ন্যাসী আসিয়া আশ্রয় লইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অশ্বিনী [স] **১** *বি স্ত্রী* ঘোড়া। 'অশ্বিনী তর্জন করি ধাইল ইন্দ্রাণী।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* নক্ষত্রবিশেষ। 'অশ্বিনী ভরণী কৃত্তিকা রোহিণী।' *বঙ্কিম*, ১৮৭৮।

অশ্বিনীকুমার [স] *বি* হিন্দুপুরাণমতে স্বর্গের চিকিৎসক যমজ দুই ভাই। 'অশ্বিনীকুমার মহাশয়।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অশ্বিনীনাগর [স] *বি* চন্দ্র। 'সোনার বরণ তনু অশ্বিনীনাগর জনু।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অশ্বেত [স] **১** *বিণ* শ্বেতাঙ্গ নয় এমন। 'নানা জাতির অশ্বেত মানুষদের একেবারে নির্মূল করে উচ্ছেদ করতে পারে।' *সবুজ*, ১৯২০। **২** *বিণ* রং সাদা নয় এমন; যা পুষতে বেশি ব্যয় হয় না। 'ভারতের শ্বেত-অশ্বেত হস্তীগুলিকে পুষিবার জন্য ...।' *সওগাত*, ১৯৪৬।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অশ্রারী [স] *বি* পাথুরি নামক রোগ। 'ওর অশ্মরী হয়েছে স্যার।' *শিবরাম*, ১৯৪০।

অশ্রদ্ধা [স] **১** *বি* বিরক্তি। 'অশ্রদ্ধা করিতে।' *মানোএল*, ১৭৪৩; 'অশ্রদ্ধা হইতে।' *মানোএল*, ১৭৪৩। **২** *বি* ঘৃণা। 'বিদ্যার চর্চা থাকিলে পাপ কর্ম্মে অশ্রদ্ধা ও ধর্ম্মে মতি হয়।' *গৌর*, ১৮২২। **৩** *বি* তাচ্ছিল্য। 'তাঁহার প্রতি কোনও প্রকারে অশ্রদ্ধা বা অনাদর প্রদর্শন করে ...।' *বিদ্যা*, ১৮৪৭; 'যিশু আমাদের মধ্যে দীনতমের প্রতিও অশ্রদ্ধা প্রকাশ করেননি যখন তিনি বলেছেন ...।' *রবীন্দ্র*, ১৯১৬। **৪** *বি* অবহেলা। 'জননীর জীর্ণ শরীর সুস্থ না করিয়া তাঁহার প্রতি অশ্রদ্ধা করা ...।' *অক্ষয়*, ১৮৪৮। **৫** *বি* অভক্তি। 'অধর্মের প্রতি অশ্রদ্ধা ও ঘৃণা জন্মে।' *অক্ষয়*, ১৮৪৯। **৬** *বি* বিরাগ। 'ধর্ম্মব্যবসায়ীদিগেরও স্বীয় ধর্ম্মে অশ্রদ্ধা উপস্থিত হইল।' *অক্ষয়*, ১৮৫৪। **৭** *বি* অসম্মান। 'একটা আন্তরিক অশ্রদ্ধা।' *বিভূতি*, ১৯৩১।

অশ্রদ্ধাকর [স] *বিণ* অসম্মানজনক। 'এমনতরো অদ্ভুত অশ্রদ্ধাকর আচরণে আমাদিগকে প্রবৃত্ত হইতে হইত না।' *রবীন্দ্র*, ১৯০৫।

অশ্রদ্ধিত [স] *বিণ* অশ্রদ্ধেয়। 'ইউরোপীয় বিজ্ঞানবিৎ পণ্ডিতদিগের মধ্যে এই মত ক্রমশঃ অশ্রদ্ধিত হইয়া আসিতেছে।' *অক্ষয়*, ১৮৪৮।

অশ্রদ্ধেয় [স] **১** *বিণ* অত্যন্ত আপত্তিকর। 'এ প্রকার অশ্রদ্ধেয় হেয় অভিপ্রায় উল্লিখিত হয়।' *অক্ষয়*, ১৮৫১। **২** *বিণ* শ্রদ্ধার অযোগ্য। 'তাঁহারা অবশ্য দয়ার পাত্র, অশ্রদ্ধেয় নহেন।' *তত্ত্বলুক*, ১৮৭৪।

অশ্রদ্ধেয়তা [স] *বি* অশ্রদ্ধার ভাব। 'স্বামীর এই অশ্রদ্ধেয়তা শর্মিলাকে রোগের বেদনার চেয়েও ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

অশ্রান্ত [স] **১** *বিণ* অক্লান্ত। 'জল অশ্রান্ত – অনন্ত – ক্রীড়াময়।' *বঙ্কিম*, ১৮৭৩। **২** *বিণ* বিরামহীন। 'তখনও অশ্রান্ত বৃষ্টি চলছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৩** *বিণ* শ্রান্ত নয় এমন। 'করুণ মিনতিস্বরে অশ্রান্ত কোকিল অন্তরের আবেদনে ভরিছে নিখিল।' *রবীন্দ্র*, ১৮৯৬।

অশ্রান্তি [স] *বি* ক্লান্তিহীনতা। 'প্রত্যেক আনন্দের সঙ্গে এনেছে অশ্রান্তি এবং অতৃপ্তি এবং অসীমতার আস্বাদ দেয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অশ্রাব্য [স] **১** *বিণ* শোনা অনুচিত এমন। 'হিন্দুর অশ্রাব্য যে সব বিষয় তাহাই কেবল উদিত হইতেছে।' *প্রভাকর*, ১৮৩১। **২** *বিণ* শোনা অপ্রীতিকর এমন। 'তাঁহারা অধীনস্থ ব্যক্তিদিগের প্রতি ... অশ্রাব্য শব্দসকল প্রয়োগ করিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৫৪। **৩** *বিণ* শোনার অযোগ্য। 'খবরের কাগজে অশ্রাব্য কাপুরুষতার বিস্তার করিয়া থাকি।' *রবীন্দ্র*, ১৯০৮। **৪** *বিণ* অশ্লীল। 'পাহারাওয়ালার দল তাহাকেও অশ্রাব্য গালি দিতেই ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

অশ্রু [স] *বি* চোখের জল। 'অশ্রু কম্প লোমহর্ষ সঘন হুঙ্কার।' *বৃন্দা*, ১৫৮০।

অশ্রু-আবিল [স] *বিণ* অশ্রুভারাক্রান্ত। 'তাঁহার দুই চক্ষু পুনঃ পুনঃ অশ্রু-আবিল হইয়া উঠিতে লাগিল।' *শরৎ*, ১৯২৬।

অশ্রু-আর্দ্র [স] *বিণ* অশ্রুসিক্ত। 'আমাদের অশ্রু-আর্দ্র এ স্মরণখানি।' *নজরুল*, ১৯২৬।

অশ্রুকণা [স] *বি* অশ্রুবিন্দু। 'রাতের দুচোখে ঝরে শবনাম অশ্রুকণা তার।' *ফরুরুখ*, ১৯৬৩।

অশ্রুকাতর [স] *বিণ* অশ্রুতে কাতর। 'যে প্রশংসা-ভরা স্নেহকল্যাণময় অশ্রুকাতর দৃষ্টি।' *নজরুল*, ১৯২২।

অশ্রু-কুহেলি [স] *বি* অশ্রুরূপ কুয়াশা। 'তোদের সে-আলো আমার অশ্রু-কুহেলি-মলিন চোখে/ লইলাম পুরি।' *নজরুল*, ১৯২৯।

অশ্রুগঙ্গা [স] *বি* চোখের অবিরাম জল; অশ্রুরূপ নদী। 'আউলায় সর্ব্ব-অঙ্গ অশ্রু-গঙ্গা বয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অশ্রুগদগদ, অশ্রুগদ্‌গদ [স] *বিণ* শোকাতিশয্যে প্রায় রুদ্ধ। 'বড়দিদির বাড়ি গিয়া অশ্রুগদগদ কণ্ঠে আক্ষেপ করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৮; 'সেই স্নেহের ডাকে যখন তাহারা অশ্রুগদ্‌গদ কণ্ঠে সাড়া দিল না।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অশ্রুগলিত [স] *বিণ* শুনে কান্না পায় এমন। 'মুগ্ধ ললিত অশ্রুগলিত গীতে।' *রবীন্দ্র*, ১৯২৮।

অশ্রুঘন [স] *বিণ* অশ্রুপূর্ণ। 'অশ্রুঘন কুহেলিকায় লুকায় কোণে কোণে।' *রবীন্দ্র*, ১৯২৫।

অশ্রুচোখ [স অশ্রু-চক্ষু] *বি* অশ্রুসিক্ত চোখ। 'নহে প্রেয়সীর অশ্রুচোখ।' *রবীন্দ্র*, ১৯১৬।

অশ্রুজড়িত [স] *বিণ* অশ্রুমাখা। 'বোলো অশ্রুজড়িত কণ্ঠে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অশ্রুজল [স] *বি* চোখের জল। 'অশ্রুজলে করে সম্মার্জন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অশ্রুজলবর্ষণ [স] *বি* অশ্রুপাত। 'মানুষের বহুদিনের আনন্দালোকও অশ্রুজলবর্ষণে অঙ্কুরিত হইয়া তাহাকে ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অশ্রুজল-লেখা [স] *বি* চোখের জলের চিহ্ন। 'খোকার কপালে পড়া তার মায়ের অশ্রুজল-লেখা মুছিয়ে দিলে।' *নজরুল*, ১৯৩০।

অশ্রুজলস্নাত [স] *বিণ* চোখের জলে ভেজা। 'শ্রীশের প্রতি অশ্রুজলস্নাত কটাক্ষপাত করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অশ্রুঢালা [স অশ্রু+ঢালা] *বিণ* অশ্রুধৌত। 'সহসা ঝরনা নামিল অশ্রুঢালা।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অশ্রুতপ্ত [স] *বিণ* উষ্ণ অশ্রু মেশানো। 'এস বীর এস, ললাটে এঁকে দি অশ্রুতপ্ত লাল রুধির।' *নজরুল*, ১৯২৪।

অশ্রুতরঙ্গ [স] *বি* অশ্রুরূপ তরঙ্গ। 'একটা অশ্রুতরঙ্গ পলকের মধ্যে উচ্ছ্বসিত ...।' *রবীন্দ্র*, ১৯০২।

অশ্রুধার [স] **১** *বি* চোখের জলের ধারা। 'নাম লৈলে প্রেম দেন বহে অশ্রুধার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* জলধারা। 'হৃদয় চাতক হয়ে চাবে অশ্রুধার।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অশ্রুধারা [স] *বি* চোখের পানির প্রবাহ। 'চক্ষু হইতে অনবরত অশ্রুধারা পতিত হইতেছে।' *অক্ষয়*, ১৮৫৬।

অশ্রুধারাপ্লাবিত [স] *বিণ* চোখের পানিতে ভেসে গেছে এমন। 'সংশয়বিহীন অশ্রুধারাপ্লাবিত দুই চক্ষুর সম্মুখে।' *রবীন্দ্র*, ১৯০৯।

অশ্রুধৌত [স] *বিণ* অশ্রুসিক্ত। 'অনন্ত আকাশ তাহার অশ্রুধৌত অন্তঃকরণের মধ্যে নিঃশব্দ শান্তিমন্ত্র উচ্চারণ করিল।' *রবীন্দ্র*, ১৯০৬।

অশ্রুনদী [স] *বি* প্রবল দুঃখের নদী। 'অশ্রুনদীর সুদূর পারে ঘাট দেখা যায় ঐ ওপারে।' *রবীন্দ্র*, ১৯১৮।

অশ্রুনয়ন [স] *বি* সজল চোখ। 'অশ্রুনয়নে বৃথা শিরে কর হানি/ যাত্রায় নাহি দিব বাধা।' *রবীন্দ্র*, ১৯২৯।

অশ্রুনয়ান [স অশ্রুনয়ন] *বি* সজল চোখ। 'চিন্তায় চিন্তিত সাধু অশ্রুনয়ান।' *মুকুন্দ*, ১৬০০।

অশ্রুনির্ঝর [স অশ্রুনির্ঝর] *বি* অশ্রুর ঝরনা। 'এমনি টুটিয়া মর্মপাথর ছুটিবে আবার অশ্রুনির্ঝর।' *রবীন্দ্র*, ১৮৯৫।

AMARBOI.COM

অশ্রুনিমগন [স] *বিণ* অশ্রুতে নিমগ্ন। 'প্রশান্ত গভীর স্তব্ধ বাক্যহারা অশ্রুনিমগন।' *রবীন্দ্র*, ১৯১৪।

অশ্রুনিরুদ্ধ [স] *বিণ* কান্নায় রুদ্ধ হয়েছে এমন। 'মাতার অশ্রুনিরুদ্ধ কণ্ঠ আবদুল্লাহকে বিচলিত করিয়া তুলিল।' *ইমদাদুল*, ১৯২০।

অশ্রুনিষিক্ত [স] *বিণ* চোখের জলে সিক্ত। 'বিবশ বিহ্বল হইয়া সেই অশ্রুনিষিক্ত বিম্বাধরে ...।' *বঙ্কিম*, ১৮৮২।

অশ্রুনীর [স] *বি* চোখের জল। 'কেন নিবাইবে এ রোষাগ্নি অশ্রুনীরে।' *মাইকেল*, ১৮৬১; 'নিঃশব্দে পৈলিতে চাহে রুদ্ধ অশ্রুনীর।' *রবীন্দ্র*, ১৮৯৬।

অশ্রুনেত্র [স] *বি* সজল চোখ। 'মায়ের হাত ধরিয়া অশ্রুনেত্রে কহিলেন।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অশ্রুপতন [স] *বি* অশ্রুপাত। 'শ্রবণ অথবা কীর্তন মাত্রেই অশ্রুপতন ও রোমাঞ্চ হইতে থাকে।' *রাজ*, ১৮৭৪।

অশ্রুপরিষিক্ত [স] *বিণ* অশ্রুভেজা। 'অশ্রুপরিষিক্ত বাৎসল্যের কী অপরূপ দৃশ্য।' *রবীন্দ্র*, ১৯০৮।

অশ্রুপাংশু [স] *বিণ* অশ্রুতে বিবর্ণ। 'বসুধার অশ্রুপাংশু আতপ্ত সৈকত।' *জীবন*, ১৯২৭।

অশ্রুপাত [স] **১** *বি* চোখের পানি। 'দিবাকরে অর্ঘ্য দেই বহে অশ্রুপাত।' *রূপরাম*, ১৭৫০। **২** *বি* কান্না। 'নীলকরের দৌরাত্ম্য শ্রবণ করিলে পাষাণ সদৃশ মনুষ্যেরও অশ্রুপাত হয়।' *প্রভাকর*, ১৮৫৩।

অশ্রুপাথার [স অশ্রু+স প্রাস্তর] *বি* অশ্রুর সমুদ্র। 'পউষ এল অশ্রুপাথার হিমপারাবার পারায়ে।' *নজরুল*, ১৯২৩।

অশ্রুপূজাঞ্জলি [স] *বি* চোখের জলে পূজার নৈবেদ্য। 'স্নেহপুত্তলি ভোগ দেব মা, অশ্রুপূজাঞ্জলি।' *নজরুল*, ১৯৩৫।

অশ্রুপূর্ণ [স] *বিণ* জলপূর্ণ। 'চিত্রের পুথলির ন্যায় দুই চক্ষু অশ্রুপূর্ণ।' *রামরাম*, ১৮০১।

অশ্রুপূর্ণনেত্র [স] *বি* জলভরা চোখ। 'রাজা ... অতিশয় করুণাবিষ্ট ... হইয়া অশ্রুপূর্ণনেত্রে মন্ত্রী প্রভৃতির দিগে চাহিয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

অশ্রুপ্লাবিত [স] *বিণ* অশ্রুপূর্ণ। 'অশ্রুপ্লাবিত দুই চক্ষু।' *রবীন্দ্র*, ১৯০৯।

অশ্রুপ্লুত [স] *বিণ* অশ্রুপূর্ণ। 'সমালোচকের চক্ষু অশ্রুপ্লুত।' *রবীন্দ্র*, ১৯০৭।

অশ্রুবদ্ধ [স] *বিণ* কান্নাজড়িত। 'কম্পিত কাতর কণ্ঠে অশ্রুবদ্ধ বাণী।' *রবীন্দ্র*, ১৮৮৯।

অশ্রু-বন্যা [স] *বি* অশ্রুধারা। 'সৃজনের বুকে আনে অশ্রু-বন্যা ব্যথা উতরোল।' *নজরুল*, ১৯২৪।

অশ্রুবর্ষণ [স] **১** *বি* কান্না; ক্রন্দন। 'কিছু পূর্বে সে অশ্রুবর্ষণ করিয়া লইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০২। **২** *বি* অশ্রুজল বিসর্জন। 'অশ্রুবর্ষণ করিয়া অগ্নিদাহ নিবারণের চেষ্টার মতো।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অশ্রুবারি [স] *বি* চোখের জল। 'মূক ব্যক্তিও বাক্‌শক্তির অভাবে অশ্রুবারি বিসর্জন ... করে।' *অক্ষয়*, ১৮৫৫; 'নেত্রে অশ্রুবারি ঝরে।' *রবীন্দ্র*, ১৮৮৪। *একটি* বিরল অশ্রুবারি ধীরে ওঠে, ধীরে ঝরে যায়।' *রবীন্দ্র*, ১৯১৭।

অশ্রুবারিধার [স] *বি* চোখের জলধারা। 'মুছ অশ্রুবারিধার।' *মাইকেল*, ১৮৬১; 'ও করুণ নয়নের অশ্রুবারিধার একবারো মনে নাহি পড়িল আমার?' *রবীন্দ্র*, ১৮৮৪।

অশ্রুবারিধারা [স] *বি* চোখের জলের প্রবাহ। 'আয় রে কাঁদিয়া লই, শুকাবে দু-দিন বই এ পবিত্র অশ্রুবারিধারা।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অশ্রুবাষ্প [স] *বি* চোখের জল। 'সুভার সমস্ত হৃদয় অশ্রুবাষ্পে ভরিয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯২।

অশ্রুবিকৃত [স] *বিণ* অশ্রুরুদ্ধ হয়ে বিকৃত। 'অশ্রুবিকৃত রোদনের কণ্ঠে বলিলেন।' *শরৎ*, ১৯১৬।

অশ্রুবিন্দু [স] **১** *বি* চোখের জলের ফোঁটা। 'অশ্রুবিন্দু, ইন্দ্রের চরণে শোভিল।' *মাইকেল*, ১৮৬০। **২** *বি* মুক্তা। 'ঝিনুকের দুটি খোলা, মাঝখানটুকু ভরা থাক একটি নিরেট অশ্রুবিন্দু দিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অশ্রুবিসর্জন [স] *ক্রি* চোখের জল ফেলা; কান্না। 'অশ্রুবিসর্জন করিয়া বিদায় লইলেন, তাঁহার স্ত্রী তাঁহার সঙ্গে গেলেন।' *রবীন্দ্র*, ১৮৮৬; 'অশ্রুবিসর্জন তাহার নিত্যক্রিয়ার মধ্যে দাঁড়াইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

অশ্রুবিহীন [স] *বিণ* অশ্রু নেই এমন। 'অশ্রুবিহীন বিপুল দুখে/ শুকায়ে উঠিছে বিপুল হুতাশে।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

অশ্রুবৃষ্টি [স] *বি* অশ্রুবর্ষণ। 'অশ্রুবৃষ্টিতে অভিষিক্ত হইতেছে।' *বামা*, ১৮৮৩।

অশ্রুব্যাকুল [স] *বিণ* কান্নায় আকুল। 'অশ্রুব্যাকুল স্বরে কহিল।' *শরৎ*, ১৯১৭।

অশ্রুভরা [স] **১** *বিণ* অশ্রুপূর্ণ। 'একটি নোলকপরা অশ্রুভরা ছোটোখাটো মেয়ে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বিণ* সকরুণ। 'অশ্রুভরা বেদনা দিকে দিকে জাগে।' *রবীন্দ্র*, ১৯২৬। **৩** *বিণ* ক্রন্দনোন্মুখ। 'ভোরের বেলায় অশ্রুভরা অধীর অভিমান ভৈরবীতে জাগিয়েছিল গান।' *রবীন্দ্র*, ১৯২৬। **৪** *বিণ* অশ্রুভারাক্রান্ত। 'ভীরু মেয়ে মনের কোণে কখন গেছে আঁকি অবর্ষিত অশ্রুভরা ডাগর দুটি আঁখি।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অশ্রু-ভাঙা [স অশ্রু+ভাঙা] *বিণ* অশ্রুঝরা। 'আশাহীন ভালোবাসা, ভাষা অশ্রু-ভাঙা।' *নজরুল*, ১৯২৬।

অশ্রুভার [স] *বি* চোখের জলের ভার। 'কভু ঢুলে পড়া আঁখি কভু অশ্রুভারে নত।' *রবীন্দ্র*, ১৮৮১।

অশ্রুভারাক্রান্ত [স] *বিণ* চোখের জলে ভারী। 'মাতা অশ্রুভারাক্রান্ত কণ্ঠে বলিলেন।' *নজরুল*, ১৯৩১।

অশ্রুভারাতুর [স] *বিণ* অশ্রুভারাক্রান্ত। 'হৃদয় অলস উদাস করা অশ্রুভারাতুর।' *নজরুল*, ১৯৩৫।

অশ্রুমণি [স] *বি* অশ্রুরূপ মণি। 'অশ্রুমণির হার গেঁথেছি।' *নজরুল*, ১৯৩০।

অশ্রুমতি [স অশ্রুমতী] *বি* স্ত্রী ক্রন্দনরত নারী। 'মার চোখের অশ্রুমতির জলে।' *জসীম*, ১৯৫১।

অশ্রুমতী [স] **১** *বিণ* স্ত্রী কান্নারত। 'অশ্রুমতী।' *জ্যোতিরিন্দ্র*, ১৮৭৯। **২** *বি* যে কান্না করে। 'সায়রে দুলে আমার অশ্রুমতী।' *নজরুল*, ১৯২৮।

অশ্রুমন্থর [স] *বিণ* অশ্রুর কারণে মন্থর। 'অশ্রুমন্থর বাতাসে বাতাসে তোমার হৃদয় টলটল।' *রবীন্দ্র*, ১৯৩৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অশ্রুময় [স] **১** *বিণ* জলপূর্ণ। 'কাঁদিয়া কাঁদিয়া, নীরবিলা চন্দ্রাননা অশ্রুময় আঁখি।' *মাইকেল*, ১৮৬০; 'পথিকেরও আঁখিদ্বয় হল আহা অশ্রুময়।' *রবীন্দ্র*, ১৮৮৪। **২** *বিণ* করুণ। 'অশ্রুময় সে প্রার্থনাগুলি আর কেহ শুনে নাই অন্তর্যামী ছাড়া।' *রবীন্দ্র*, ১৮৮৫।

অশ্রুময়ী [স] *বিণ* স্ত্রী অশ্রুপূর্ণ। 'সেই জেব-উন্নিসা এখন বিনীতা, দর্পশূন্যা, স্নেহশালিনী, অশ্রুময়ী।' *বঙ্কিম*, ১৮৮২।

অশ্রুমাখা [স] *বিণ* অশ্রুসিক্ত। 'বৃষ্টিধৌত প্রভাতের আলোকহিল্লোলে অশ্রুমাখা হাসি তার।' *রবীন্দ্র*, ১৮৯৬।

অশ্রুমিনতি [স অশ্রু+আ মিন্নত>] *বি* অশ্রুপূর্ণ প্রার্থনা। 'পায়ের নীচে এক তরুণী অশ্রুমিনতি-ভরা ভাষায় সাধছে।' *নজরুল*, ১৯২৪।

অশ্রুমুকুতা [স অশ্রু+স মুক্তা] *বি* মুক্তার ন্যায় অশ্রুবিন্দু। 'ঢেকেছ মোতির জালে দেহ-বেদী তার/ অশ্রুমুকুতা-সমতুল।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

অশ্রুমুখ [স] *বিণ* অশ্রুসিক্ত। 'পরের দেখিয়া দুঃখ **হই** আমি অশ্রুমুখ।' *মুকুন্দ*, ১৬০০।

অশ্রুমুখী [স] *বিণ* স্ত্রী ছলছল চোখ এমন। 'বিদায় **বিলম্ব** দেখি ধনপতি অশ্রুমুখী।' *মুকুন্দ*, ১৬০০।

অশ্রুমোচন [স] *বি* চোখের জল বিসর্জন। 'পোলাডের দুঃখে অশ্রুমোচন করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৮; 'অন্ধকার-কারাগৃহে অশ্রুমোচন করিয়া আসিয়াছি ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অশ্রুযমুনা [স] *বি* অশ্রুরূপ যমুনা। 'বহিছে উজান **অশ্রুযমুনায়**।' *নজরুল*, ১৯৩১।

অশ্রু-রাঙা [স অশ্রু+রাঙা] *বিণ* অশ্রু দ্বারা রঞ্জিত। 'হিংসা-রক্ত-আঁখি মোর অশ্রু-রাঙা বেদনার রসে যেত ছেয়ে।' *নজরুল*, ১৯২৩।

অশ্রুরুদ্ধ [স] *বিণ* কান্নার আবেগে চাপা। 'অশ্রুরুদ্ধ কণ্ঠে বলিতে লাগিলেন ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

অশ্রুরেখা [স] *বি* চোখের জলের দাগ। 'চোখে তার অশ্রুরেখা একটু দেছে কি দেখা।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অশ্রুলোর [স] *বি* চোখের পানি। 'তুই মায়ের আশিস, মাথার মানিক, চোখ ছেপে বয় অশ্রু-লোর।' *নজরুল*, ১৯২৪।

অশ্রুসংবরণ [স] *বি* চোখের জল নিবারণ। '... অশ্রুসংবরণ করিতে দ্রুতপদে চলিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০২।

অশ্রুসজল [স] *বিণ* চোখের জলে ভেজা। 'আষাঢ়ের অশ্রুসজল ঘনঘোর শ্যামল মেঘের মতো।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অশ্রুসঞ্চার [স] *বি* অশ্রুবর্ষণ। 'সুন্দরী ষোড়শীর নয়নপল্লবে অশ্রুসঞ্চারের কারণ প্রেম হইতে পারে।' *বনফুল*, ১৯৩৬।

অশ্রুসমুজ্জ্বল [স] *বিণ* অশ্রুতে উজ্জ্বল। 'অশ্রুসমুজ্জ্বল বিজয়মাল্য।' *নজরুল*, ১৯২৪।

অশ্রুসাগর [স] *বি* চোখের জলের সাগর। 'যাহার লাগি চক্ষু বুজে বহিয়ে দিলাম অশ্রুসাগর।' *রবীন্দ্র*, ১৯০০।

অশ্রুসায়র [স অশ্রুসাগর] *বি* অশ্রুসাগর। 'অশ্রুসায়রে তুমি অমল-শরীর।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

অশ্রুসিক্ত [স] *বিণ* চোখের জলে ভেজা। 'সর্বরিক্ত অশ্রুসিক্ত দৈন্যের দীক্ষার দীর্ঘকাল, ব্রহ্ম মুহূর্তের প্রতীক্ষায়।' *রবীন্দ্র*, ১৯০২।

অশ্রুহারা [স] *বিণ* অশ্রুহীন। 'অশ্রু-হারা কঠিন আঁখি।' *নজরুল*, ১৯২৩।

অশ্রুহাসি [স] *বি* অশ্রুপূর্ণ হাসি। 'অশ্রুহাসির অভ্র আবীর আঁখির আলোয় উজ্জ্বলি।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

অশ্রুহিম [স] *বিণ* চোখের জলের মতো ঠাণ্ডা। 'বাসে না অশ্রুহিম কুহেলিরে ভালো।' *জীবন*, ১৯৩০।

অশ্রুহীন [স] **১** *বিণ* নিরাবেগ। 'তাহা বিষাদকে গুরুভার এবং নৈরাশ্যকে অশ্রুহীন করিয়া তোলে।' *রবীন্দ্র*, ১৯০২। **২** *বিণ* অশ্রুহারা। 'এই অশ্রুহীন কান্নার তিক্ত বিষ।' *নজরুল*, ১৯২৭।

অশ্রুত [স] **১** *বিণ* আগে শোনা যায়নি এমন। 'যে অশ্রুত বাক্য অর্থাৎ সুখ সে আমারদিগের দত্ত।' *দর্পণ*, ১৮২০। **২** *বিণ* শোনা যায় না এমন। 'অশ্রুত কোন গানের ছন্দে অদ্ভুত এই দোল।' *রবীন্দ্র*, ১৯১৪। **৩** *বিণ* শ্রবণের অতীত। 'অশ্রুত সেই তালে বাজে করতালি।' *রবীন্দ্র*, ১৯১৯।

অশ্রুতচর [স] *বিণ* আগে শোনা যায়নি এমন। 'তোমার অদৃষ্টচর আচরণ দর্শনে ও অশ্রুতচর বচন শ্রবণে ... পুলকিত হইয়াছি।' *বিদ্যা*, ১৮৬৩।

অশ্রুতপূর্ব [স] *বিণ* পূর্বে কখনও শোনা যায়নি এমন। 'আমি এক অদৃষ্টচর, অশ্রুতপূর্ব আশ্চর্য দর্শন করিয়াছি।' *বিদ্যা*, ১৮৪৭।

অশ্রুত-বাণী [স] *বি* শোনা হয়নি এমন কথা। 'শুনলেম অশ্রুতবাণী।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অশ্রুতিগম্য [স] *বিণ* শোনা যায় না এমন। 'তাহাও আমাদের মনের সহিত সম্পূর্ণ সংক্রান্ত করিয়া অশ্রুতিগম্য একটি সংগীত রচনা করে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অশ্রেয় [স] *বিণ* অশুভ। 'পঞ্চালাধিপতির প্রস্তাবে অসম্মত হওয়া নিতান্ত অশ্রেয় কার্য।' *মাইকেল*, ১৮৭৩।

অশ্রেয়স্কর [স] *বিণ* অকল্যাণকর। 'রাজপরিবারের আজ্ঞা অবহেলা করা নীতিবিরুদ্ধ ও অশ্রেয়স্কর।' *মাইকেল*, ১৮৭৩।

অশ্রোতব্য [স] *বিণ* শ্রবণযোগ্য নয় এমন। 'নিঃসন্দেহে অশ্রোতব্য শ্রোতব্য হবে।' *ওয়ালী*, ১৯৬৪।

অশ্রোতব্যভাবে [স] *ক্রিবিণ* শ্রুতিগোচর হয় না এমনভাবে। 'শব্দগুলি অনর্গল ধারায় কিন্তু অশ্রোতব্যভাবে ঝরতে থাকে।' *ওয়ালী*, ১৯৬৪।

অশ্লীল [স] **১** *বিণ* অশিষ্ট। 'কাহারও অশ্লীল ও অসাধু ভাষা মুখে আনা উচিত নহে।' *বিদ্যা*, ১৮৫১। **২** *বিণ* অশ্রাব্য। 'যে গালি অশ্লীল নহে, তাহা কেহ গালি বলিয়া গণ্য করিত না।' *বঙ্কিম*, ১৮৭২। **৩** *বিণ* যৌনতাক্রান্ত। 'ভারতচন্দ্র অশ্লীল; কেননা তা কেবল আংশিক অনাবরণ।' *রবীন্দ্র*, ১৯০৮।

অশ্লীলতম [স] *বিণ* সবচেয়ে অনৈতিক। 'পত্নের জন্য কদর্যতম অশ্লীলতম ভবিষ্যৎ উপজীবিকার ...।' *তারা*, ১৯৪২।

অশ্লীলতা [স] **১** *বি* অশোভনতা। 'ভীরুতা, নিষ্ঠুরতা, অশ্লীলতা ... দমন করা আবশ্যক।' *অক্ষয়*, ১৮৫২। **২** *বি* অশিষ্টতা। 'এই আবরণের নিষ্ফল চেষ্টাতেই প্রকৃত অশ্লীলতা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অশ্লীলতাদোষ [স] *বি* অশালীনতাজনিত ত্রুটি। 'অশ্লীলতা দোষের উদাহরণ পাওয়া যাইবে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অশ্লেষা [স] *বি* অশুভ সূচনাকারী কল্পিত নক্ষত্র। 'অশ্লেষা মঘাকে ছাড়িয়া দেও।' *বঙ্কিম*, ১৮৭৫।

অষুধ [স ঔষধ] *বি* ঔষধ। 'একটু ভাল অষুধ দিয়ে পরাণ দান দিয়ে যাও।' *দীনবন্ধু*, ১৮৬০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অষুসার [স অসুসার] *বি* অসুবিধা; টানাটানি। 'বরচপত্রে জখন অষুসার হইবেক আমাকে লিখীবা।' *ওসাঁ*, ১৭৮২।

অষুস্ত [স অসুস্থ] *বিণ* অসুস্থ। 'আমী অষুস্ত হইয়াছি।' *মেয়র্স*, ১৭৭০।

অষুস্থ [স] *বি* অসুস্থতা। 'বাটীর সকলের অষুস্থের কথা যুনিয়া বড়ই ভাবিত হইলাম।' *ওসাঁ*, ১৭৮২।

অষ্ট [স] *বিণ* আট সংখ্যক। 'কাহাকে মিলিল আজি অষ্ট মহাসিধী।' *বড়ু*, ১৪৫০।

অষ্ট-অঙ্গ [স] *বি* মাথা, গলা, বুক, পাঁজর, পিঠ, পেট, হাত ও পা – এই আট অঙ্গ। 'অষ্ট অঙ্গ সুলক্ষণ ভুবন মোহন।' *বাহরাম*, ১৬৫০।

অষ্টকুলাচল [স] *বি* পুরাণে উল্লিখিত আটটি পর্বত। 'ধরণী তরণি বন্দো অষ্ট কুলাচল।' *রূপরাম*, ১৭৫০।

অষ্টকুষ্টি [স কুষ্ঠ; ও আঠুকুড়া] *বি* কুষ্ঠরোগী; মেয়েলি গালিবিশেষ। 'চক্ষুখাদিকা, ভর্তার পরমায়ুহন্ত্রী, অষ্টকুষ্টির পুত্রী।' *রবীন্দ্র*, ১৮৯১।

অষ্টতাল [স] *বি* ফুলবিশেষ। 'ফুল সমে অষ্টতাল গন্ধে সুবাসিত।' *সুলতান*, ১৭০০।

অষ্টদল [স] *বিণ* আট পাপড়িযুক্ত। 'গোমঞে লেপি সন্ন অষ্টদল পদ্ম।' *মুকুন্দ*, ১৬০০।

অষ্টধাতু [স] *বি* সোনা, রুপা, তামা, পিতল, কাঁসা, রাং, সীসা ও লোহা – এই আট ধাতু। 'ব্রজ ধাতু অষ্টধাতুই ত জানি।' *বঙ্কিম*, ১৮৯২।

অষ্ট-নায়িকা [স] *বি* হিন্দুদেবী দুর্গার অষ্টরূপ – উগ্রচণ্ডা, প্রচণ্ডা, চণ্ডোগ্রা, চণ্ডনায়িকা, অতিচণ্ডা, চামুণ্ডা, চণ্ডা এবং চণ্ডবতী। 'পুস্তিকা অষ্ট নায়িকা।' *মুকুন্দ*, ১৬০০।

অষ্টপ্রহর [স] **১** *বি* দিনরাত। 'অষ্টপ্রহরের পর এককালে তাহার অধিক বৃদ্ধি দেখিয়া চিত্তে আনন্দ জন্মে।' *অক্ষয়*, ১৮৪৬ **২** *ক্রিবিণ* সর্বক্ষণ; সর্বদা। 'রোজ অষ্টপ্রহর কষ্ট ভুগে।' *গুপ্ত*, ১৮৫৮।

অষ্টবর্গ [স] *বি* জন্মকালীন শুভাশুভ ফলসূচক চক্রবিশেষ। 'ষড়বর্গ অষ্টবর্গ সর্ব্ব সুলক্ষণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অষ্টবিধ [স] *বিণ* আট প্রকার। 'অষ্টবিধ কুলীনদিগের ঊনবিংশতি পুত্রের সমীকরণ করেন।' *রামনারায়ণ*, ১৮৫৪।

অষ্টবেঁকি [স অষ্ট-বক্র>] *বিণ* আট স্থানে বাঁকানো। 'অষ্টবেঁকি গুজরি কড়া, পায়েতে ঘুঙ্গুর জড়া।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

অষ্টভুজা [স] *বিণ স্ত্রী* আট হাতবিশিষ্ট। 'অষ্টভুজা রূপধরি বলএ রাজারে।' *মালাধর*, ১৫০০; 'অন্নপূর্ণা অপর্ণা অন্নদা অষ্টভুজা।' *ভারত*, ১৭৬০।

অষ্টভুজাকার [স] *বিণ* আট বাহুবিশিষ্ট (ক্ষেত্র)। 'বাম ভাগ চতুর্ভুজাকার, ডান ভাগ অষ্টভুজাকার।' *মুনীর*, ১৯৬৬।

অষ্টমঙ্গলা [স] *বি* দুর্গা দেবী। 'অষ্ট মঙ্গলারে ষোড়শ উপচারে নৃপতি পুজে পুণ্যবান।' *মুকুন্দ*, ১৬০০।

অষ্টমাংস [স] *বি* আট ভাগ। 'আপন মুনাফা থেকে অষ্টমাংস ফেলে দেয়।' *মুজতবা*, ১৯৫৯।

অষ্টমাস [স] *বি* আটমাস। 'অষ্টমাস রহি ভিক্ষা দেন কোন দিনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অষ্টলোকপাল [স] *বি* ইন্দ্রাদি অষ্ট দিকপালগণ। 'অষ্টলোকপাল আইলা ভূর্ত্ত দেখিবারে।' *মালাধর*, ১৫০০।

অষ্টসিদ্ধি [স] *বি* হিন্দুমতে অণিমা, মহিমা, গরিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, ঈশিত্ব, বশিত্ব – যোগের এই অষ্ট অঙ্গ। 'তাহাতে অষ্টসিদ্ধি লাভ হইবেক।' *বিদ্যা*, ১৮৪৭।

অষ্টআশি, অষ্টআশী [স অষ্টাশীতি] *বিণ* ৮৮ সংখ্যক। 'এগারো জনে অষ্টআশী টাকার সহী করেন।' *দর্পণ*, ১৮৩০; 'বয়স হল অষ্টআশি চিমসে গায়ে ঠুনকো হাড়।' *সুকুমার*, ১৯২০।

অষ্টচত্বারিংশৎ [স] *বিণ* আটচল্লিশ সংখ্যক। 'অষ্টচত্বারিংশৎ কথা।' *তারিণী*, ১৮০৩।

অষ্টত্রিংশৎ [স] *বিণ* আটত্রিশ সংখ্যক। 'অষ্টত্রিংশৎ কথা।' *তারিণী*, ১৮০৩।

অষ্টদশ [স অষ্টাদশ] *বি* ১৮ সংখ্যা। 'অষ্টদশ ভেদিলে সে সিদ্ধি পদ পাএ।' *সুলতান*, ১৭০০।

অষ্টবিংশ [স] *বি* ২৮ সংখ্যা। 'অষ্টবিংশ ভেদিলে হএ যেহেন গোচর।' *সুলতান*, ১৭০০।

অষ্টবিংশতি [স] *বিণ* আটাশ সংখ্যক। 'অষ্টবিংশতি কথা।' *তারিণী*, ১৮০৩।

অষ্টম [স] *বিণ* আট সংখ্যার পূরক। 'যে হৈবেক দৈবকীর গর্ভ অষ্টম।' *বড়ু*, ১৪৫০; 'অষ্টমমাসীয় জীবদিগকে অস্ত্রাঘাতে ... নষ্ট করে।' *দর্পণ*, ১৮৩৪; 'অষ্টম শ্রেণীর ৪০,০০০ তারা।' *বঙ্কিম*, ১৮৭৫।

অষ্টমে *ক্রিবিণ* অষ্টমত। 'অষ্টমে রামচন্দ্র পুরীর আগমন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'অষ্টমে তোহ্মার গুণ সদাএ নীরব।' *বাহরাম*, ১৬৫০।

অষ্টমেত *ক্রিবিণ* অষ্টমত। 'অষ্টমেত জড়রূপে ভরথ অবতরি।' *মালাধর*, ১৫০০।

অষ্টমী [স] **১** *বি স্ত্রী* তিথিবিশেষ। 'অষ্টমীত রহে চান্দ নাভি কুণ্ডলে।' *সুলতান*, ১৭০০। **২** *বিণ* অষ্টম তিথির। 'অষ্টমী চাঁদ হেরিয়া হেলিয়া ওপারে হইল গত।' *জসীম*, ১৯২৯।

অষ্টমি [স অষ্টমী] *বি স্ত্রী* তিথিবিশেষ। 'ভাদ্র মাসে কৃষ্ণ পক্ষে অষ্টমি সুভতিথি।' *মালাধর*, ১৫০০।

অষ্টাক্ষর [স অষ্ট-অক্ষর] *বি* অবশ্যপাঠ্য আটটি শব্দরূপ। 'সর্বক্ষণ চিন্ত্য চণ্ডী অষ্টাক্ষর পড়।' *মুকুন্দ*, ১৬০০।

অষ্টাঙ্গ [স অষ্ট-অঙ্গ] *বি* দেহের আটটি অঙ্গ (দুই হাত, দুই পা, দুই চোখ, কপাল, বক্ষ)। 'অষ্টাঙ্গে প্রনিপাত কৈল বিসাদিত হৈয়া।' *মালাধর*, ১৫০০।

অষ্টাঙ্গ প্রণাম [স অষ্ট-অঙ্গ-প্রণাম] *বি* শরীরের আটটি অঙ্গ ভূমিতে লাগিয়ে প্রণাম; সাষ্টাঙ্গ প্রণাম। 'অষ্টাঙ্গে প্রণাম করে লুটিয়া ভূমিত।' *সুলতান*, ১৭০০।

অষ্টাদশ [স] *বিণ* আঠারো সংখ্যক। 'অষ্টাদশ অর্থ কৈল অভিপ্রায় লইয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'সেই ঘর্মে অষ্টাদশ হাজার আলাম/ সৃজন করিল প্রভু অতি অনুপাম।' *সুলতান*, ১৭০০।

অষ্টাদশবর্ষীয় [স] *বিণ* আঠারো বছর বয়সী। 'অষ্টাদশবর্ষীয় যুবক পুত্র ...।' *বনফুল*, ১৯৩৬।

অষ্টাদস [স অষ্টাদশ] *বিণ* আঠারো সংখ্যক। 'অষ্টাদসে শ্রীরাম রূপে দসরথের ঘরে।' *মালাধর*, ১৫০০।

অষ্টাধ্যায়ী [স] *বিণ* আট অধ্যায়বিশিষ্ট। 'এই অষ্টাধ্যায়ী ইতিহাসের প্রথম দু অধ্যায় বাণরচিত।' *প্রমথ*, ১৯৩০।

অষ্টাপদ [স] *বি* সোনা। 'কাঠের সেঁউতী মোর হৈল অষ্টাপদ।' *ভারত*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৭৬০।

অষ্টাবক্র [স] ১ *বি* হিন্দু পুরাণে বর্ণিত বিকলাঙ্গ মুনিবিশেষ। 'অষ্টাবক্রের মতো বাঁকিয়া চুরিয়া গিয়াছি।' *রবীন্দ্র*, ১৮৮৪। ২ *বিণ* বহু স্থানে বাঁকা। 'এরা নিতান্ত লক্ষ্মীছাড়া, কায়ক্লেশে অষ্টাবক্র হয়ে দাঁড়িয়ে আছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অষ্টাশী [স অষ্টাশীতি] *বিণ* আটাশি সংখ্যক। 'একবাগে অষ্টাশী যোজন বেদ্ধেছিল।' *মানিকরাম*, ১৭৮১।

অষ্টাসি [স অষ্টাশীতি] *বিণ* আটাশি সংখ্যক। *বিদ্যা*, ১৮৯১।

অষ্টাহ [স অষ্ট-অহ] *বি* আট দিন। 'দ্বিতীয়া অস্থিত অষ্টাহ সঙ্গীত বিসর্জ্জন নবমীতে।' *ভারত*, ১৭৬০।

অষ্টোত্তরশত [স অষ্ট-উত্তর-শত] *বিণ* একশত আট সংখ্যক। 'চাণক্য মুনিকৃত প্রচলিত অষ্টোত্তর শত শ্লোক।' *দর্পণ*, ১৮৩০।

অষ্ট্রেলীয় দ্র অস্ট্রেলীয়

অস্ম [স অশ্ব] *বি* অশ্ব। 'অশ্বহস্তি দেখিয়া ব্রাহ্মন বিস্মিত।' *মালাধর*, ১৫০০।

অষ্যজ্জ্য [স ঐশ্বর্য] *বি* ধনসম্পদ। 'আমার পিতা অষ্যজ্জ্য রহিত ছিলেন।' *চিঠিপত্রে*, ১৭৯৩।

অসংকুচিত [স] *বিণ* জড়তাহীন; কুণ্ঠাহীন। 'অতি অসংকুচিত স্বরে কথাবার্তা আরম্ভ করে দিলেন।' *রবীন্দ্র*, ১৮৮১।

অসংকোচ [স] ১ *বিণ* উদ্ধত; নির্লজ্জ। 'সাদা মুখ আর উগ্র অসংকোচ সৌন্দর্য।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বিণ* সঙ্কোচহীন। 'স্বাধীন সে অসংকোচ বল।' *রবীন্দ্র*, ১৮৯২।

অসংকোচে *ক্রিবিণ* নির্দ্বিধায়। 'অসংকোচে বলে যাও।' *রবীন্দ্র*, ১৮৯০।

অসংক্ষত, অসংক্ষাত [স অসংখ্যাত] *বিণ* অগণিত। 'এক সূর্য্য জল ভির্দ্ধে অসংক্ষত ছায়া।' *মালাধর*, ১৫০০; 'অসংক্ষাত পানি পাদ সসক্ষাত সির।' *মালাধর*, ১৫০০।

অসংখ্য [স] ১ *বিণ* অনেক। 'উপরি উপরি শাখা অসংখ্য হইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'ও চরণে আমার অসংখ্য দণ্ডবত।' *মানিকরাম*, ১৭৮১। ২ *বিণ* অতিশয়। 'তাহাতেই তিনি অসংখ্য ধনশালী হইলেন।' *দর্পণ*, ১৮২১। ৩ *বিণ* বিবিধ। 'অসংখ্যপ্রকার নয়নমনোহর সুরম্য পুষ্পও এই নিসর্গসুন্দর স্থানের রমণীয়তা ...।' *অক্ষয়*, ১৮৫৪। ৪ *বি* সর্বজন। 'আমার সে নয়, সে অসংখ্যের।' *রবীন্দ্র*, ১৯৩২।

অসংখ্যক [স] *বিণ* বহু। 'অসংখ্যক পাঠকের মধ্যে কেহ লিখিয়া ব্যক্ত করিলে উপকৃত হইব।' *দর্পণ*, ১৮২৯।

অসংখ্যগুণ [স] *বি* অনেক গুণ। 'নেত্রীর চাইতে নেতার সংখ্যা অসংখ্যগুণে বেশি।' *বেগম*, ১৯৪৮।

অসংখ্যতা [স] *বি* অজস্রতা। 'সংসারের অসংখ্যতাও যে জায়গায় মানুষকে লেশমাত্র সঙ্গ দিতে পারে না।' *রবীন্দ্র*, ১৯১৫।

অসংখ্যাত [স] *বিণ* অগণিত। 'ঈশ্বর-ইচ্ছায় দ্রব্য হৈল অসংখ্যাত।' *বৃন্দা*, ১৫৮০।

অসংখ্যেয় [স] *বিণ* অসংখ্য; অগণ্য। 'রাজা কাশীশ্বর অসংখ্যেয় সেনা সহিত ...।' *হরপ্রসাদ রায়*, ১৮১৫।

অসংগত [স] ১ *বিণ* অযৌক্তিক। 'ইহার মন্তব্যিশ্য বলিলে অসংগত হয় না।' *হরপ্রসাদ*, ১৮৮৬। ২ *বিণ* অবান্তর। 'এমন-সকল সম্পূর্ণ অর্থহীন অসংগত প্রশ্ন।' *রবীন্দ্র*, ১৮৯১। ৩ *বিণ* বেমানান। 'কুয়ো থেকে, ঘাট থেকে জল তুলে নিয়ে যাওয়া কোনো কালেই মেয়েদের পক্ষে অসংগত মনে হয় না।' *রবীন্দ্র*, ১৮৯২। ৪ *বিণ* অস্বাভাবিক। 'সতীশ কিছুই অসংগত মনে করিত না।' *রবীন্দ্র*, ১৯০৯।

অসংগতি [স] *বি* হেরফের; সংগতির অভাব। 'তাহার অসংগতি আমাদের কাছে পীড়াজনক হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অসংঘট [স] *বিণ* অঘটনীয়। 'অসংঘট কাজ পুন সংঘট করাএ।' বড়ু, ১৪৫০।

অসংঘটিত [স] *বিণ* ঘটেনি এমন। 'ফ্রান্সের সঙ্গে তুলনীয় ... বিপ্লব ইতালিতে রেনেসাঁসের পরেও দীর্ঘকাল অসংঘটিত।' *শিব*, ১৯৫৬।

অসংজ্ঞাত [স] *বিণ* অনিরূপিত। 'ভয়ানককে মেনে নিতে অসংজ্ঞাত প্রতিরোধ রয়ে গেল নাটকের শেষ পাতা পর্যন্ত।' *আইয়ুব*, ১৯৭৩।

অসংবদ্ধ [স] ১ *বিণ* পূর্বাপর সম্পর্করহিত। 'শূন্যতামূলক স্বাধীনতায় মানুষকে পীড়া দেয়। এর কারণ হচ্ছে, অসংবদ্ধ মানুষ সত্য নয়।' *রবীন্দ্র*, ১৯২৩। ২ *বিণ* বিহ্বল। 'নিকুণে মুমূর্ষার প্ররোচনা অসংবদ্ধ প্রাণের গহনে?' *সুধীন্দ্র*, ১৯২৯। ৩ *বিণ* হতবাক। 'অবাক অসংবদ্ধ হয়ে তাকিয়ে রইল সে।' *জীবন*, ১৯৩২।

অসংবৃত [স] *বিণ* এলোমেলো; বেসামাল। 'অসংবৃত, কপিশ অলক চুম্বন বিথারি যায়।' *সুধীন্দ্র*, ১৯২৯।

অসংবৃতি [স] *বি* নগ্নতা। 'উত্তরচ্ছদে অসংবৃতির সীমানা এখন অলিজ্জতার অভিমুখে।' *রবীন্দ্র*, ১৯২৮।

অসংযত [স] ১ *বিণ* সংযমহীন। 'হৃদয়ের সৌন্দর্য লইয়া যদি এই সমাজের মধ্যে এই অসংযত কার্যস্বরূপের মধ্যে আসিয়া দাঁড়াও।' *রবীন্দ্র*, ১৮৯৭। ২ *বিণ* অশান্ত। 'আমাদের দুজনকে অসংযত করে না তোলেন।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বিণ* অনিয়ন্ত্রিত। 'বিদ্যুৎশিখার মতো বিশৃঙ্খল অসংযত উদ্দেশহীন।' *অবন*, ১৯২৫। ৪ *বিণ* অবিন্যস্ত। 'কটা ফিকে দাড়ি অসংযত দৌর্বল্যে ঝুলে থাকে।' *ওয়ালী*, ১৯৪৮।

অসংযত-গোছ [স অসংযত+গোছ] *বিণ* অগোছালো। 'নেহাত তেড়াবাঁকা অসংযত-গোছ হইয়া বিদায় লইতে বিলম্ব করে না।' *রবীন্দ্র*, ১৯০৭।

অসংযম [স] ১ *বি* সংযমের অভাব। 'অসংযম ... প্রাণসংশয়করী অবস্থার মধ্যে পাতিত করে।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* অনিয়ন্ত্রণ। 'গড়িয়া তুলিতে সংযম দরকার হয়, নষ্ট করিতে অসংযম।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বি* ধৈর্যহীনতা। 'এমন অসংযম তো সে পূর্বে কোনোদিন প্রকাশ করে নাই।' *রবীন্দ্র*, ১৯০৯।

অসংযমিত [স] *বিণ* অবিন্যস্ত। 'অসংযমিত চূর্ণকুন্তল ললাটের উপর আসিয়া পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

অসংযমী [স] *বি* উচ্ছৃঙ্খল ব্যক্তি। 'কূপমণ্ডুক 'অসংযমীর' আখ্যা দিয়াছে যারে।' *নজরুল*, ১৯২৯।

অসংযুক্ত [স] *বিণ* বিযুক্ত। 'পরস্পর অসংযুক্ত নানা খণ্ডদেশ।' *প্রমথ*, ১৯১৫।

অসংলগ্ন [স] ১ *বিণ* এলোমেলো; পারম্পর্যবিহীন। 'যাহা স্থূল, অসঙ্গত, অসংলগ্ন, বিপর্যস্ত, তাহা তাহারই ইঙ্গিত মাত্রেরও অধীন।' *বঙ্কিম*, ১৮৮৬। ২ *বিণ* অর্থহীন; অপ্রাসঙ্গিক। 'বাজে-বকুনি-ভরা অসংলগ্ন প্রকাণ্ড অপাঠ্য গ্রন্থ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অসংলগ্নতা [স] *বি* পারম্পর্যহীনতা। 'জোয়ার ফুলে ওঠে, ভেসে চলে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ফেনিয়ে-ওঠা অসংলগ্নতা।' *রবীন্দ্র*, ১৯৪১।

অসংশয় [স] *বিণ* সংশয়হীন। 'মনের সমস্ত বাসনা ভাবনা, ভালোই হোক মন্দই হোক, বেশ অসংশয় অসংকোচ এবং প্রশস্ত।' *রবীন্দ্র*, ১৮৯২।

অসংসক্ত [স] *বিণ* ঝুরঝুরে। 'বালুকারাশি পরস্পর অসংসক্ত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অসংসারী [স] *বিণ* সংসারধর্ম পালন করে না এমন। 'তোমাকে অসংসারী দেখিয়াই কি আমাকে প্রাণ পরিত্যাগ করিতে হইবে।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

অসংসাহসিক [স] *বিণ* অত্যন্ত সাহসী। 'এই অসংসাহসিক নির্দেশ কেবল ... উন্মত্তপ্রয়াস মাত্র।' *বিদ্যা*, ১৮৭৩।

অসংসাহসী [স] *বিণ* খুব সাহস আছে এমন। 'সারস তাহার আপন অত্যন্ত লম্বা গলা তাহার গলার ভিতর প্রবেশ করিতে অসংসাহসী করিলেক।' *তারিণী*, ১৮০৩।

অসংস্কার [স] *বি* কুসংস্কার। 'সর্বসাধারণ কর্ম্মে অজ্ঞতা অথবা অসংস্কার প্রযুক্ত অধীনদের সহিত ...।' *দর্পণ*, ১৮৩০।

অসংস্কৃত [স] ১ *বিণ* অবিন্যস্ত। 'অসংস্কৃত কুন্তলরাশি ও লম্বমান মুক্তকেশ সমূহ ধারণ করিবে।' *অক্ষয়*, ১৮৫০। ২ *বিণ* অমার্জিত। 'মানব জাতির বুদ্ধিবৃত্তি ... অত্যন্ত অসংস্কৃত ছিল।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বি* ভর্ৎসনা। 'সংস্কৃত বাক্যে অসংস্কৃত করিলেন।' *বঙ্কিম*, ১৮৭৪। ৪ *বিণ* সংস্কৃত ভাষার নয় এমন। 'নবদ্বীপবাসীর ব্যবহৃত অসংস্কৃত শব্দ ব্যবহার করিতে বাধ্য হইবে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৫ *বিণ* বৈদগ্ধবর্জিত। 'সেই চেনা সংসারে অসংস্কৃত পল্লীরূপসীর মতো।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অসংস্কৃতি [স] *বি* অপসংস্কৃতি। 'তাই তাদের জীবন ও ব্যবহার অসংস্কৃতির গন্ধমুক্ত হতে পারে না।' *মোতাহের*, ১৯৫০।

অসংহতি [স] *বি* অনৈক্য। 'হয়তো অমনই অঙ্গভঙ্গি চিত্রার্পিত অসংহতির সঙ্গী।' *সুধীন্দ্র*, ১৯৩৮।

অসকাল [স] ১ *বি* সন্ধ্যা। 'বেলি অসকালে দেখিনু ভালে পথেতে যাইতে সে।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বিণ* সুসময় নয় এমন। 'পার কর সদাগরে অসকাল বেলা।' *মুকুন্দ*, ১৬০০।

অসখ্য [স] *বি* শত্রু। 'ঢেকুরের ইছা ঘোষ আমার অসখ্য।' *মানিকরাম*, ১৭৮১।

অসঙ্কুচিত, অসংকুচিত [স] ১ *বিণ* সংকোচহীন; স্বতঃস্ফূর্ত। 'তথাপি তিনি, অশঙ্কিত ও অসঙ্কুচিত চিত্তে, শিষ্যদিগকে আনুষঙ্গিক সেই সকল বিষয়ে শিক্ষা দিতে লাগিলেন।' *বিদ্যা*, ১৮৪৯। ২ *বিণ* স্বাভাবিক। 'ইঙ্গবঙ্গ বন্ধুগণ তার সঙ্গে অতি অসংকুচিত স্বরে কথাবার্তা আরম্ভ করে দিলেন।' *রবীন্দ্র*, ১৮৮০। ৩ *বিণ* অকুণ্ঠিত। 'পৃথিবীর বুকে গতি তার অসঙ্কুচিত।' *তারা*, ১৯৪৩।

অসঙ্কোচ [স] ১ *বিণ* সংকোচহীন। 'অন্তঃকরণে ... অসঙ্কোচ অনির্ব্বচনীয় সন্তোষের উদ্রেক হয়।' *অক্ষয়*, ১৮৫২। ২ *ক্রিবিণ* বিনা সংকোচে। 'যা বলবার বলতে পারেন আমায় অসঙ্কোচে।' *শিবরাম*, ১৯৭০।

অসঙ্কোচে *ক্রিবিণ* দ্বিধাহীনভাবে। 'খাঁটি মানুষ অসঙ্কোচে দোষঘাট স্বীকার করে।' *ওয়াজী*, ১৯৬৪।

অসঙ্গত [স] ১ *বিণ* অনুচিত। 'তবে তাহার বিচার সেই হিসাবের অসঙ্গত।' *ডানকান*, ১৭৮৫। ২ *বিণ* অন্যায্য। 'অসঙ্গত নালিশ।' *ফরস্টার*, ১৭৯৮। ৩ *বিণ* অমানুষিক; নৃশংস। 'রাজপুরুষেরা যেরূপ অসঙ্গত অত্যাচার আরম্ভ করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫১। ৪ *বিণ* অযৌক্তিক। 'অসঙ্গত অর্থ সম্পর্ক থাকাতে, ... বিলক্ষণ ব্যাঘাত জন্মিতেছে।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

অসঙ্গতরূপে [স] *বিণ* সামঞ্জস্যহীনভাবে। 'খাজনা অসঙ্গতরূপে বৃদ্ধি।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

অসঙ্গতি [স] *বিণ* অমিল। 'ঐ অনুমানের সহিত তাঁহার কথার অসঙ্গতি হয় না।' *অক্ষয়*, ১৮৫২; 'নাকে নস্য দিলে তো হাঁচি আসিবারই কথা। কিন্তু এখানেও ইচ্ছার সহিত কার্যের অসঙ্গতি।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অসঙ্গতিপূর্ণ [স] *বিণ* সঙ্গতিহীন। 'যে বৈষম্যের পরিচয় পাওয়া গিয়েছে তা খুবই অসঙ্গতিপূর্ণ।' *বেগম*, ১৯৭০।

অসচরাচর [স] *বিণ* অসাধারণ। 'অসচরাচর গ্রীসের হাজার হাজার বছরের শৌখিন সমাধিস্তবক।' *শক্তি*, ১৯৬৯।

অসচ্চরিত্রা [স] *বিণ স্ত্রী* মন্দ স্বভাববিশিষ্ট। 'এমন অসচ্চরিত্রা স্ত্রী কি আর দুটি আছে।' *মাইকেল*, ১৮৫৯।

অসচ্ছল [স] *বিণ* সচ্ছল নয় এমন। 'ততদিন তাহাদের অসচ্ছল অবস্থা কিছুতেই ঘুচিবে না।' *রবীন্দ্র*, ১৯০৮।

অসচ্ছলতা [স] ১ *বি* অসচ্ছল অবস্থা। 'গৃহ সমুদায়ের অপ্রশস্ততা ও অসচ্ছলতা, এ রাজধানীর উৎসেদ দশা প্রাপ্তির উপক্রম হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বি* অভাব। 'তার অনিশ্চয়তা ও অসচ্ছলতা সে দৃষ্টি করেছে নিজের লাঙলের চাষে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অসজ্জন [স] *বিণ* সজ্জন নয় এমন। 'স্বার্থপর অসজ্জন ব্যক্তি।' *শরৎ*, ১৯১৭।

অসজ্জিত [স] *বিণ* সাজানো নয় এমন। 'সে অত্যন্ত অসজ্জিত এলোমেলো আটপৌরে ভাবেই মেয়ের ভালোবাসার কাছে ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

অসজ্জিতা [স] *বিণ স্ত্রী* সাজগোজ নেই এমন। 'এই অসজ্জিতা সুন্দরীর মহিমা ওকে বিস্মিত করে দিয়েছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অসৎ [স] ১ *বিণ* অপরাধমূলক। 'অসৎক্রিয়া না হইতে পারিবার কারণ।' *ফরস্টার*, ১৭৯৬। ২ *বিণ* অসাধু। 'কিন্তু সকলে অসৎ।' *কেরি*, ১৮০২। ৩ *বিণ* মিথ্যা। 'প্রকৃত যে শরীর, সেই বস্তু সৎ; ... প্রতিবিম্বের ন্যায় জীববস্তু অসৎ।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৪ *বিণ* অসংগত। 'আপনাদের অসৎ বাসনা সম্পাদনরূপ বিষমব্রতে তাহাদিগকে ব্রতি করিলেন।' *অক্ষয়*, ১৮৪৮। ৫ *বিণ* অনৈতিক। 'অসৎ উপায় অবলম্বন করিয়া তৎপ্রতিফল প্রাপ্ত হইতে হয়।' *অক্ষয়*, ১৮৫০। ৬ *বিণ* খারাপ। 'অসৎ অভিসন্ধি আবিষ্কার করিয়া অনেক বিজ্ঞ অনেক সৎকার্যকে অঙ্কুরে দলিত ...।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৭ *বিণ* অপ্রকৃত। 'জগৎটা প্রকৃতপক্ষে অসৎ নহে।' *রবীন্দ্র*, ১৯০০। ৮ *বিণ* গ্লানিযুক্ত। 'অসৎ স্বাক্ষরিত অস্পষ্টতাকে নিঃশেষ করবার জন্যে।' *জীবন*, ১৯৪০।

অসৎক্রিয়া [স] *বি* অনুচিত কাজ। 'অসৎক্রিয়া না হইতে পারিবার কারণ।' *ফরস্টার*, ১৭৯৬।

অসৎপরামর্শ [স] *বি* মন্দ উপদেশ। 'আমি কখনো সাধ্যমত অসৎপরামর্শ দিতে পারিনে।' *রবীন্দ্র*, ১৯০৯।

অসৎসঙ্গ [স] *বি* খারাপ লোকের সঙ্গ। 'অসৎসঙ্গ এবং অসাধু দৃষ্টান্ত বিষম অনর্থের মূল।' *অক্ষয়*, ১৮৪৫।

অসত [স অসৎ] *বিণ* অসাধু। 'অসত অশেষ দোষ যার।' *রামনারায়ণ*, ১৮৫৪।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অসতর্ক [স] *বিণ* অসাবধান। '... কথাটাই অসতর্ক মুহূর্তে ছাড়া উচ্চারিত হয় না।' *আজাদ*, ১৯৫৭।

অসতী [স] **১** *বিণ* কুলটা। 'না হবি অসতী।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বিণ স্ত্রী* সতীত্ব নেই এমন। 'নলিনী অসতী বড়, নাহি করে মুখ দরশন।' *বঙ্কিম*, ১৮৫৫; 'স্ত্রী অসতী হইলে আমরা ইচ্ছামত তাহাকে ত্যাগ করিয়া যত ইচ্ছা বিবাহ করিতে পারি ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অসতীত্ব [স] **১** *বি* অসততা। 'এই অন্তচিতার মধ্যে, এই আন্তরিক অসতীত্বে?' *রবীন্দ্র*, ১৯২৯। **২** *বি* সতীত্বের হানি। 'ওর যে সম্বন্ধ বাবা স্বয়ং স্থির করে দিয়েছেন তার প্রতি খাঁটি না হতে পারাকে ও অসতীত্ব বলে মনে করে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অসতীপণা [স অসতী+স পণ>] *বি* অসতীর কাজ। 'তার পরে চায় সারা দেশময় অসতীপণা।' *অচিন্ত্য*, ১৯৫০।

অসত্য [স] **১** *বিণ* মিথ্যা। 'অসত্য না বোলো বোলো সত্য পরমান।' *বড়ু*, ১৪৫০; 'কবিগণ নির্দোষের সহিত অসত্য বর্ণন করিতে পারিতেন না।' *অক্ষয়*, ১৮৪২। **২** *বি* ভ্রান্তি। 'অনাদিপরম্পরা ক্রমে অসত্যকে সত্য বলিয়া স্বীকার করিলেও ...।' *অক্ষয়*, ১৮৫০। **৩** *বিণ* অলীক। 'যে-সমস্ত অসত্য বিষয়ে তাহার যেরূপ বিশ্বাস আছে।' *অক্ষয়*, ১৮৫৩।

অসত্যকলঙ্ক [স] *বি* মিথ্যা অপবাদ। 'অসত্যকলঙ্ক ... লোপ করিতেই বা কেন পরাঙ্মুখ হইবে?' *অক্ষয়*, ১৮৫৫।

অসত্য-জাল [স] *বি* অসত্যরূপ জাল। 'অসত্য-জাল দ্বারা কি সত্যকে একেবারে আচ্ছন্ন রাখা যায়।' *অক্ষয়*, ১৮৫০।

অসত্যতা [স] *বি* ভ্রান্তি। 'শাস্ত্রের অসত্যতা প্রমাণ দর্শাইবার জন্য।' *সুধাকর*, ১৮৯৩।

অসত্যপরতা [স] *বি* অসততা। 'অসত্যপরতা দূষণীয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

অসত্যপাশ [স] *বি* মিথ্যার বন্ধন। 'আনন্দে যারা চলিতে চাহিছে ছিঁড়ি অসত্যপাশ।' *রবীন্দ্র*, ১৮৯০।

অসত্যবাদী [স] *বিণ* মিথ্যাবাদী। 'আমি অতিশয় অসত্যবাদী পামর।' *বিদ্যা*, ১৮৪৭।

অসত্যভাষী [স] *বিণ* মিথ্যাবাদী। 'এমন কি অসত্যভাষীও কখন হয়েছে তাও নিজেই জানে না।' *হোসেন*, ১৯৬৯।

অসত্যমূলক [স] *বিণ* মিথ্যার উপর নির্ভরশীল। 'তাহা অসত্যমূলক ও অধর্ম্মময়।' *বঙ্কিম*, ১৮৯২।

অসদভিপ্রয়াস [স অসৎ-অভিপ্রয়াস] *বি* অসৎ ইচ্ছা। 'অসদভিপ্রয়াস-সাধনে প্রবৃত্ত হইয়াছে।' *গ্রামবার্ত্তা*, ১৮৭৩।

অসদভিসন্ধি [স অসৎ-অভিসন্ধি] *বি* অসাধু মতলব। 'এরূপ অসদভিসন্ধি ছিল না।' *বঙ্কিম*, ১৮৭৮।

অসদভিসন্ধিৎসু [স অসৎ-অভিসন্ধিৎসু] *বিণ* খারাপ ইচ্ছা বা অভিপ্রায় অন্বেষণকারী। 'অসদভিসন্ধিৎসু নর।' *বঙ্কিম*, ১৮৭৫।

অসদাচরণ [স অসৎ-আচরণ] *বি* মন্দ আচরণ। 'তাদৃশ অসদাচরণে দূষিত হইয়াছিলেন।' *বিদ্যা*, ১৮৬৩; 'বুড়া বয়সে এরূপ অসদাচরণ করিতে লজ্জা করেন কি না জিজ্ঞাস করিলেন।' *রবীন্দ্র*, ১৮৭৮।

অসদালাপ [স অসৎ-আলাপ] *বি* মন্দ কথা। 'অসদালাপ দ্বারা ক্রমে২ ঐ পথবর্ত্তী হন।' *দর্পণ*, ১৮২৫।

অসদুপদেশ [স অসৎ-উপদেশ] *বি* কুমন্ত্রণা। 'কাব্যে অসদুপদেশ দেওয়া অকর্ত্তব্য।' *প্রমথ*, ১৯২৯।

অসদুপায় [স অসৎ-উপায়] *বি* নিন্দনীয় পন্থা। 'এইসব অসদুপায়ে অর্থ সংগ্রহের চেষ্টা কেন তার?' *মানিক*, ১৯৩৬।

অসদ্ব্যবহার [স অসৎ-ব্যবহার] *বি* অসৌজন্যমূলক আচরণ। 'কিন্তু তা বলে আমাদের পরস্পরে কি কোন অসদ্ব্যবহার করা উচিত।' *মাইকেল*, ১৮৬১।

অসদ্ব্যয় [স অসৎ-ব্যয়] *বি* অযথার্থভাবে ব্যয়। 'পৈতৃক ধন কি২ রূপ অসদ্ব্যয়ে না নষ্ট করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩১।

অসদ্ভাব [স অসৎ-ভাব] **১** *বি* অভাব। 'আমার কোন হর্ষের অসদ্ভাব না থাকে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২; 'অন্নাদির ত অসদ্ভাব নাই?' *বঙ্কিম*, ১৮৫৫; 'সেখানে উপযুক্ত পরিমাণে আহার্য দ্রব্যের অসদ্ভাব ঘটিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বি* বিরূপ মনোভাব। 'যখন ইহাদের সঙ্গে যুদ্ধে প্রবৃত্ত হইতেছি, এবং অসদ্ভাব যতদূর হইতে হয় হইয়াছে, তখন ...।' *বঙ্কিম*, ১৮৭৫। **৩** *বি* মনোমালিন্য। 'তিনি অসদ্ভাবও করেন না, অতএব তাঁহাকে সকলেই ভক্তি করে।' *হরপ্রসাদ*, ১৮৮১। **৪** *বি* সদ্ভাব নেই এমন অবস্থা। 'আপনাদের প্রতি অসদ্ভাব কল্পনা করে এঁদের আরো লজ্জিত করবেন না।' *রবীন্দ্র*, ১৯০৭।

অসদ্ভাবহেতু [স অসৎ-ভাব-হেতু] *ক্রিবিণ* অভাববশত। 'প্রমাণের অসদ্ভাবহেতু এ কিংবদন্তিতে ...।' *প্রমথ*, ১৯১৭।

অসদৃশ [স] *বিণ* মিল নেই এমন। 'দুটো অসদৃশ স্বরবর্ণকে ঠেলে দিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অসন্তুষ্ট [স] *বিণ* নাখোশ। 'তাঁহার প্রতি অসন্তুষ্ট থাকিতেন।' *দর্পণ*, ১৮৩১।

অসন্তুষ্টি [স] *বি* সন্তোষের অভাব। 'অসন্তুষ্টি দর্শাইয়া কোন ব্যক্তি বাঙ্গাল হরকরা নামক ইংরাজী সমাচার পত্রে যাহা প্রকাশ করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৭।

অসন্তোষ [স] **১** *বি* বিরাগ। 'অদ্বৈতে বলিলেন আই কোন অসন্তোষে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* ক্ষোভ। 'ছাগল রাখিলে বনে অসন্তোষ পায়্যা মনে।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বিণ* ক্রুদ্ধ। 'পদ্মা বলে বেউলা তুমি কেনে অসন্তোষ।' *বিজয়*, ১৬৫০। **৪** *বিণ* অখুশি। 'ইষ্টগণে তোহ্মাকে হইবে অসন্তোষ।' *বাহরাম*, ১৬৫০।

অসন্তোষজনক [স] *বিণ* বিরক্তিকর। 'কত অসন্তোষজনক বস্তু মন্দ হইলেও আমরা তাহা সহ্য করি।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অসন্দিগ্ধ [স] *বিণ* সন্দেহহীন। *সেবধি*, ১৮৩৯; 'যাঁহারা অসন্দিগ্ধ চিত্তে তাঁহাকে পতিসমভিব্যাহারে কারাগারে বাস করিবার অনুমতি দিয়াছিলেন ...।' *বিদ্যা*, ১৮৪৯; 'অসন্দিগ্ধ বিশ্বাসের দৃঢ়তার সঙ্গে।' *রবীন্দ্র*, ১৯০৯।

অসন্দিগ্ধচিত্ত [স] *বি* সংশয়হীন মন। 'তৎক্ষণাৎ অসন্দিগ্ধচিত্তে কা কা করিয়া ডাকিয়া উঠিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৮৪।

অসন্ধান [স] *বি* নিখোঁজ। 'অতৃপ্ত তৃষা তথা কুতূহল, এবং দুরাপ, দূর দিগন্ত – মূর্ত অসন্ধান।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

অসফলতা [স] *বি* ব্যর্থতা। 'অসহযোগ আন্দোলনের অসফলতার অভিজ্ঞতাপ্রসূত জ্ঞানে বোঝা যাইতেছে।' *নজরুল*, ১৯২৬।

অসবর্ণ [স] **১** *বিণ* পাত্র ও পাত্রী উভয় একই বর্ণের নয় এমন। 'অসবর্ণ বিবাহ হইতেছে।' *রাজ*, ১৮৭৪; 'অসবর্ণ বিবাহে তোমার আপত্তি থাকে, তবে পূর্ব্বরাগমূলক বিবাহকে খবরদার প্রশ্রয় দিও না।' *রবীন্দ্র*, ১৮৮৮। **২** *বি* ভিন্ন বর্ণের ব্যক্তি। 'বৈধ বিবাহ ব্যতীতও

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অসবর্ণ সংযোগে সন্তানাদি জন্মিত।' *বঙ্কিম*, ১৮৯২।

অসবর্ণবিবাহ [স] *বি* ভিন্ন বর্ণে বিবাহ। 'আমি অসবর্ণবিবাহ পছন্দ করিনে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অসবুদ্ধি [স] *বি* খারাপ চিন্তা। 'অসবুদ্ধিতে পরপুরুষের নামোচ্চারণ না করে।' *প্যারী*, ১৮৬০।

অসব্য [স] *বি* ডান দিক। 'অসব্য রহিল গ্রাম দীঘি উচালন।' *মানিকরাম*, ১৭৮১।

অসভ্য [স] **১** *বিণ* সভ্য নয় এমন। 'এতদ্দেশীয় লোক অসভ্য ও অভব্য ছিলেন।' *দর্পণ*, ১৮২৯; 'প্রচলিত রীতি রক্ষা করিলে কি তাহাকে অসভ্য কহিতে হইবে।' *দর্পণ*, ১৮৩৬। **২** *বিণ* অশিষ্ট। 'অসভ্য মূর্খ ভরত।' *বঙ্কিম*, ১৮৭৪। **৩** *বিণ* অনুন্নত। 'অসভ্য অবস্থায় সন্তানের প্রতি মাতার কর্তব্য অপেক্ষাকৃত লঘু ও ক্ষণস্থায়ী।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৪** *বিণ* অসামাজিক। 'এমনি আমি স্বভাবতঃ অসভ্য – মানুষের ঘনিষ্ঠতা আমার পক্ষে নিতান্ত দুঃসহ।' *রবীন্দ্র*, ১৮৯২।

অসভ্যতা [স] *বি* অভদ্রতা। 'অসভ্যতা ও অজ্ঞতা লোপপূর্বক সভ্যতা ও জ্ঞানোদয় হইতে পারে।' *দর্পণ*, ১৮২৮।

অসভ্যাবস্থা [স অসভ্য-অবস্থা] *বি* সভ্যতাবর্জিত অবস্থা। 'অনুচিত-রূপে চিরদিন অসভ্যাবস্থায় থাকা সম্বন্ধে সমর্থন ...।' *প্রমথ*, ১৯২০।

অসম [স] **১** *বিণ* অস্বাভাবিক। 'অসম সাহস তিন অতুল গভির।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* অসমান। 'অসমবয়সী বন্ধুর মধ্যে পুরাতন সরল পরিহাস চলিতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯২।

অসমকক্ষ [স] *বিণ* অসমান। 'ইহারা আমাদের অসমকক্ষ নহে – আমরাও দুর্বল, ইহারাও দুর্বল।' *রবীন্দ্র*, ১৯০৮।

অসমকক্ষতা [স] *বি* শক্তির অসমতা। 'অসমকক্ষতা আছে বলিয়াই যে মার খায় ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অসমতল [স] *বিণ* উঁচুনিচু। 'সেই ক্ষুদ্র গরাদে-দেওয়া ঘর, সেই অসমতল গ্রাম্যপথ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অসমতা [স] *বি* বৈষম্য। 'দুর্বলের দিকে চাপান দিয়া যে-একটা অসমতার সৃষ্টি করিতেছে তাহাতে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অসমবয়সী [স] *বিণ* অসমান বয়স্ক। 'অসমবয়সী বন্ধুর মধ্যে পুরাতন সরল পরিহাস চলিতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯২।

অসমসাময়িক [স] *বিণ* সময়ের তুলনায় অগ্রগামী। 'বুদ্ধিতে বাক্যে ব্যবহারে তিনি ছিলেন তাঁর বয়সের লোকদের অসমসাময়িক।' *রবীন্দ্র*, ১৯২৮।

অসমসাহস [স] *বি* অতুলনীয় সাহস। 'তোমার মতো অসমসাহস আমার নেই।' *রবীন্দ্র*, ১৯০২।

অসমসাহসিক [স] *বিণ* নির্ভীক। 'তিনি এক প্রকার অসমসাহসিক কর্ম করিয়া উঠেন।' *অক্ষয়*, ১৮৪৯।

অসমসাহসিকতা [স] *বি* অতুলনীয় সাহসিকতা। 'অচিন্ত্য অপূর্ব অসমসাহসিকতা নিয়ে যুদ্ধ করছে দারা।' *নজরুল*, ১৯২২।

অসমসাহসী [স] *বিণ* কোনো কিছুতে ভয় করে না এমন। 'অসমসাহসী লেখকের পক্ষে ঠিক তার উলটো।' *প্রমথ*, ১৯০৫।

অসমজ্ঞ [স] *বি* অবজ্ঞার পাত্র। 'না পারিলে পাছে লোকে হয় অসমজ্ঞ।' *মানিকরাম*, ১৭৮১।

অসমঞ্জস [স] *বিণ* অসংগত। 'আপনকার নিকটে কোন বিষয় অসমঞ্জস হইতে পারিবে না।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

অসমন্বিত [স] *বিণ* সমাজচ্যুত। 'অসমন্বিত এক তাঁতির সমন্বয় করিবার কারণ ...।' *দর্পণ*, ১৮২১।

অসময় [স] **১** *বি* দুঃসময়। 'অসময় কালে পক্ষ হওত সদয়।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* অনুপযুক্ত সময়। 'ওলো এর কি আর সময়-অসময় আছে।' *রবীন্দ্র*, ১৮৯০।

অসময়ী [স] *বিণ* উপযুক্ত সময়ের নয় এমন। 'শীতের সন্ধ্যায় এ অসময়ী ঝড়।' *ওয়ালী*, ১৯৬৪।

অসময়ে *ক্রিবিণ* দুঃসময়ে। 'আমি তোমায় অসময়ে নগরে প্রবেশ করিতে দিব না।' *বিদ্যা*, ১৮৪৭।

অসময়োপযোগী [স অসময়-উপযোগী] *বিণ* সময়োচিত নয় এমন। 'এ ধরনের একটি অসময়োপযোগী চেষ্টা অযোগ্য।' *আজাদ*, ১৯৭০।

অসমর্থ [স] **১** *বিণ* অক্ষম। 'নিতান্ত অসমর্থ হইয়া ... শুইয়া থাকিল।' *তারিণী*, ১৮০৩। **২** *বিণ* ব্যর্থ। 'সসম্ভ্রমে কালযাপন করিতে অসমর্থ হয়।' *অক্ষয়*, ১৮৪৮; 'আত্মরক্ষা-অসমর্থ যারা নিশ্চিন্তে ঘটায় তারা পরের বিপদ।' *রবীন্দ্র*, ১৮৯০।

অসমর্থতা [স] *বি* সামর্থ্যহীনতা। 'দ্রুত মাল খালাসে অসমর্থতাই এ সমস্যার ...।' *আজাদ*, ১৯৫৭।

অসমর্থা [স] *বিণ স্ত্রী* সামর্থ্য নেই এমন। 'তাহা বর্ণনে বর্ণাভাবপ্রযুক্ত লেখনী অসমর্থা।' *দর্পণ*, ১৮২৮।

অসমাজতান্ত্রিক [স] *বিণ* সমাজতান্ত্রিক শাসনব্যবস্থা চালু নেই এমন। 'এরাই সমাজের দরিদ্র অংশ। ধনী-নির্ধন সকল অসমাজতান্ত্রিক দেশে।' *সিরাজুল*, ১৯৭৪।

অসমাধ্য [স] *বিণ* সমাধানের অনুপযুক্ত। 'সর্ব্বাপেক্ষা অসমাধ্য সমস্যা।' *মোহাম্মদী*, ১৯৩৬।

অসমান [স] **১** *বিণ* অনুপাত সমান নয় এমন। 'ছবির হাত পা, দেহের পরিমাণ, খুব অসমান আছে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বিণ* সমান নয় এমন। 'ভাগটা ওজনে অসমান হবে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অসমানতা [স] *বি* সমান নয় এমন অবস্থা। 'আমরা যাহাকে নিটোল গোল বলি তাহাকে সহস্রগুণ বাড়াইয়া দেখিলে তাহার অসমানতা ধরা পড়িয়া যায়।' *রবীন্দ্র*, ১৯০৮।

অসমাপিকা [স] *বিণ স্ত্রী* সমাপ্ত করে না এমন। 'একটা অসমাপিকা ক্রিয়ার মতো এই হাতে-খড়ি ব্যাপারটা।' *অবন*, ১৯২৭।

অসমাপ্ত [স] **১** *বিণ* অসম্পূর্ণ। 'মাথার মধ্যে কত টুকরো টুকরো লাইন এবং কত অসমাপ্ত ভাব যাতায়াত করছে।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বি* শেষ হয়নি এমন অবস্থা। 'অব্যক্ত থেকে ব্যক্তি, অসমাপ্ত থেকে সমাপ্তি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অসমাপ্তভাবে [স] *ক্রিবিণ* অসম্পূর্ণরূপে। 'তাহার অত্যন্ত বৃহত্ত্ব বুঝাইবার জন্য তাহাকে অসমাপ্তভাবেই দেখাইতে হইবে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অসমাপ্তি [স] *বি* শেষ হয় না এমন অবস্থা। 'অমরতা অসমাপ্তিই তাহার সর্বপ্রধান যাথার্থ্য।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অসমীচীন [স] *বিণ* সমীচীন বা উচিত নয় এমন। 'ইহাদিগকে আমিষাশী প্রাণীদলমধ্যে গণ্য করা অযৌক্তিক ও অসমীচীন নহে।' *অক্ষয়*, ১৮৫৪।

অসম্পন্ন [স] *বিণ* অসম্পূর্ণ। 'ওবর্লিন পরোপকাররূপ পবিত্রব্রতের কোন অঙ্গ অসম্পন্ন রাখিবার লোক ছিলেন না।' *অক্ষয়*, ১৮৫৪।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অসম্পর্কীয় [স] *বিণ* অনাত্মীয়; সম্পর্কহীন। 'নিতান্ত অসম্পর্কীয় কিংবা দূরসম্পর্কীয় মানবজাতির প্রতিও দূর থেকে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অসম্পাদকীয় [স] *বিণ* সম্পাদকের উপযুক্ত নয় এমন। 'অসম্পাদকীয় বেশে নজরুল বসে আছে তক্তপোশে।' *অচিন্ত্য*, ১৯৫০।

অসম্পূর্ণ [স] ১ *বিণ* অপূর্ণ। 'রাজনীতি ও ধর্মনীতি, এ দুই বিদ্যা অদ্যাপি অতি অপকৃষ্ট ও অসম্পূর্ণ অবস্থায় আছে।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বিণ* অসমাপ্ত। 'সাম্যতত্ত্ব বুঝাইতে গিয়া সে বৈষম্য না দেখাইলে কথা অসম্পূর্ণ থাকিয়া যায়।' *বঙ্কিম*, ১৮৭৫।

অসম্পূর্ণতা [স] ১ *বি* সম্পূর্ণতার অভাব। 'বৈদিক ধর্মের অসম্পূর্ণতা ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বি* অপূর্ণতা। 'স্থানে স্থানে তাহার ব্যতিক্রম করিয়া শিক্ষার অসম্পূর্ণতা প্রকাশ করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৮০। ৩ *বি* খুঁত। 'ভালো করিয়া দেখিলে পৃথিবীর দ্রব্যে নাকি নানা প্রকার অসম্পূর্ণতা দেখা যায়।' *রবীন্দ্র*, ১৮৮১।

অসম্পৃক্ত [স] *বিণ* সংযোগহিন্ন। 'উদ্‌গাতা জ্যোতিষ্ক যেন বৃত্তির নিজস্বে পূর্ণ করে অসম্পৃক্ত অয়নাংশ।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অসম্বদ্ধ [স] ১ *বিণ* অসংলগ্ন। 'দুই একজন সুরাপহৃতবুদ্ধি কামিনীর অসম্বদ্ধ গীতিশব্দ।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বিণ* আপাতদৃষ্টিতে পারম্পর্যহীন। 'কবিতার মধ্যে যাহা অসম্বদ্ধ প্রলাপ, যাহার অর্থ হয় না, লোকে তাহার মধ্যে মাধুর্য কল্পনা করে।' *রবীন্দ্র*, ১৮৮১।

অসম্বদ্ধতা [স] *বি* অসংলগ্নতা। 'সুন্দর অসম্বদ্ধতা – সুন্দর অযত্নবিন্যাস।' *অচিন্ত্য*, ১৯৫০।

অসম্বরণীয় [স] ১ *বিণ* সংযত করা যায় না এমন। 'অসম্বরণীয় বেগে ছুটিল।' *বঙ্কিম*, ১৮৮৭। ২ *বিণ* সংবরণ করা যায় না এমন। 'আমার অসম্বরণীয় অশ্রু রুদ্ধতে গিয়ে দেখলুম।' *নজরুল*, ১৯২২।

অসম্বরা [স অসম্বরণ] *বিণ* সংবরণ করতে পারেনি এমন। 'প্রেম আবিষ্কারের অসম্বরা বাণী তাঁর কণ্ঠভেদ ক'রে আপনি ফুটেছিল।' *অন্নদা*, ১৯২৯।

অসমৃত [স] ১ *বিণ* অনাবৃত। 'ভদ্রলোকদের অর্ধেক রাত্রে উর্ধ্বশ্বাসে অসমৃত অবস্থায় বিছানার বাইরে দৌড় করানো কি কম মজা!' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বিণ* যথেষ্ট পরিমাণে বিন্যস্ত নয় এমন। 'বাঙালি স্ত্রীলোক যথেষ্ট আবৃত নহে এবং সর্বদাই অসমৃত – তাহার কারণ, সে ঘরেই আছে।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *বিণ* বেসামাল। 'কেহ বা অসমৃত অবস্থায় নদীর জলের মধ্যে পড়িয়া যাইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৯। ৪ *বিণ* অসংযত। 'কি অসমৃত অশ্রু ঝরে পড়ছিল তোমার।' *নজরুল*, ১৯২২। ৫ *বিণ* অনাচ্ছাদিত। 'অসমৃত সুনীল জলধি।' *জীবন*, ১৯২৭। ৬ *বিণ* উদ্দাম। 'অসমৃত কামনার কারাগারে বারবার হারায়েছে দিশা।' *জীবন*, ১৯৩০।

অসমৃতা [স] *বিণ* স্ত্রী শরীরের কাপড় এলোমেলো এমন। 'অসমৃতা তার লুণ্ঠিত চঞ্চল অঞ্চল সমৃত হলো।' *নজরুল*, ১৯২২।

অসম্ভব [স] ১ *বিণ* সম্ভব নয় এমন। 'অতি অসম্ভব অলৌকিক সব।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বিণ* অভাবনীয়। 'তাহার অসম্ভব লভ্য সংখ্যা করে।' *তারিণী*, ১৮০৩। ৩ *বিণ* অত্যন্ত। 'অসম্ভব প্রশংসার সহিত তাহাকে পুরস্কার দিলেক।' *তারিণী*, ১৮০৩। ৪ *বিণ* অকল্পনীয়। 'যাঁহার সহকার ভিন্ন সৃষ্টির উপক্রমই অসম্ভব।' *অক্ষয়*, ১৮৪৩। ৫ *বিণ* হওয়া সম্ভব নয় এমন। 'অসম্ভব ও অযুক্ত বর্ণনাদি যথোপযুক্তরূপে পরিত্যাগ করা অবশ্য বিবেচনার কর্ম।' *অক্ষয়*, ১৮৪৭। ৬ *বিণ* অবাস্তব। 'শরীর না থাকিলে অশ্রুজল থাকা অসম্ভব।' *রবীন্দ্র*, ১৮৭৭। ৭ *বিণ* অবিশ্বাস্য। 'সহস্র রকমের সম্ভব অসম্ভব গল্প তৈরি হচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৮ *বিণ* শক্ত। 'ইহার বাংলা অনুবাদ অসম্ভব।' *রবীন্দ্র*, ১৯১৭।

অসম্ভবতা [স] *বি* অস্বাভাবিকতা। 'কথাটার অসম্ভবতা বুঝিতে পারিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অসম্ভবপ্রায় [স] *বিণ* অসম্ভবের মতো। 'এমন অসম্ভবপ্রায় কথা কোনো একজন ক্ষীণকায় মানুষ ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

অসম্ভবরকম [স অসম্ভব+আ রকম] ১ *বিণ* খুব। 'আমার ছুটির নথিও অসম্ভব রকম ভারী হয়ে উঠল।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বিণ* প্রয়োজনের অতিরিক্ত। 'ছেলেবেলা থেকেই এত অসম্ভব-রকম বেশি পড়েছি যে, পাশ করতে পারিনি।' *রবীন্দ্র*, ১৯১৭; 'এখানে অস্ত্যেষ্টিক্রিয়ায় এত অসম্ভবরকম ব্যয় হয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

অসম্ভবরূপ [স] *বিণ* অস্বাভাবিক রকম। 'অনেকে আবার অসম্ভবরূপ বিরক্ত হইয়াছিলেন।' *প্রমথ*, ১৯১৪।

অসম্ভব্য [স] *বিণ* অলৌকিক। 'কৃষ্ণো বিস্তর কার্যো করিয়াছেন অসম্ভব্য।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

অসম্ভাবনা [স] *বি* সম্ভাবনাহীনতা। 'বিনাশ হইবে ইহারই বা অসম্ভাবনা কি আছে।' *সুধাকর*, ১৮৩১।

অসম্ভাবনীয় [স] *বিণ* ঘটার সম্ভাবনা নেই এমন। 'নিবিড় অরণ্যমধ্যে, অসম্ভাবনীয় নরচরণচিহ্ন দেখিয়া, বিস্ময়ান্বিত চিত্তে ...।' *বিদ্যা*, ১৮৪৭।

অসম্ভাবিত [স] ১ *বিণ* অপ্রত্যাশিত। 'প্রভুর এবম্ভূত অসম্ভাবিত ভাবি অমঙ্গল শ্রবণে বিষাদসাগরে মগ্ন হইয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* অবাস্তব। 'সেই-সকল অসম্ভাবিত কল্পনার পথে সুখালোচনাকে সুদীর্ঘ ...।' *রবীন্দ্র*, ১৯০৩।

অসম্ভাব্য [স] *বিণ* অসম্ভবপর। 'চৈতন্যচন্দ্রের কিছু অসম্ভাব্য নহে।' *বৃন্দা*, ১৫৮০।

অসম্ভাল [হি] *বি* বেসামাল অবস্থা। 'অসম্ভালে ছিল রাজা গদাজুদ্ধ জিনি।' *মালাধর*, ১৫০০।

অসম্ভাষ [স] *বি* ক্ষমতা-হ্রাস। *মানোএল*, ১৭৪৩।

অসম্ভূত [স] *বিণ* অভূতপূর্ব। 'তুমি, আমি আর এ আদিম অরণ্যানি ... অসম্ভূত রাত একা জাগে।' *সুধীন্দ্র*, ১৯৩৮।

অসম্ভূতি [স] *বি* যার উৎপত্তি নেই; অনুৎপত্তি। 'অসম্ভূতি ও সম্ভূতিকে এক করে জানলেই তবে সত্য জানা হয়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অসম্ভ্রম [স] ১ *বি* অসম্মান। 'এমত দুষ্কর্ম করি নাই যে আমার অসম্ভ্রম করেন ...।' *দর্পণ*, ১৮২২। ২ *বিণ* প্রত্যাখ্যাত। 'এক দ্বারে অসম্ভ্রম হইলে সুতরাং অন্যদ্বারে অসম্ভ্রম হইতে পারে।' *ভবানী*, ১৮২৫। ৩ *বি* নির্ভয় অবস্থা। 'ভ্রম অসম্ভ্রমে শূন্যে ! কহ, হে আমারে।' *মাইকেল*, ১৮৬৬। ৪ *বি* অন্যায়। 'চন্দ্রকে নিষ্কলঙ্ক বলিয়া তাহার মিথ্যা আদর বৃদ্ধি করিতে গেলেই তাহার প্রতি অসম্ভ্রম করা হয়।' *রবীন্দ্র*, ১৯০৭। ৫ *বি* সম্মানহানি। 'এমন কোনো মহিলা নেই আমাদের অপরিচ্ছন্নতায় যাঁর অসম্ভ্রম হতে পারে।' *রবীন্দ্র*, ১৯২০।

অসম্ভ্রান্ত [স] *বিণ* অপমানিত। 'বেশ্যারদিগের নিকট অসম্ভ্রান্ত হইয়া বাঁশতলার গলি নিবাসিনী পতিতপাবন কারিণী ...।' *ভবানী*, ১৮২৫।

অসম্মত [স] ১ *বিণ* নারাজ। 'কিন্তু উভয় পক্ষীয় মধ্যস্থ সাহেবেরা অসম্মত হইলেন।' *দর্পণ*, ১৮২২। ২ *বিণ* অনাগ্রহী। 'সে বরঞ্চ উপকার করিতে অসম্মত নহে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অসম্মতা [স] *বিণ* স্ত্রী সম্মত নয় এমন। 'সে তাহাতে অসম্মতা হইয়া কহিল।' *বিদ্যা*, ১৮৪৭।

AMARBOI.COM

অসম্মতি [স] ১ *বি* সম্মতির অভাব। 'কাহাকেও অসম্মতিতে বলক্রমে পৌস্তের চাস না-করাইবার ...।' *ফরস্টার*, ১৭৯৮। ২ *বি* ভিন্নমত। 'এক এক করিয়া সকলেই এ বিষয়ে অসম্মতি প্রকাশ করিল।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বি* অনিচ্ছা। 'কিসে তোমার সম্মতি বা অসম্মতি?' *রবীন্দ্র*, ১৮৯৭।

অসম্মান [স] *বি* অপমান। 'কেবল দেবতা নহে মানবচরিত্রের পক্ষেও কতখানি অসম্মানজনক তাহা কি পাঠকেরা ...।' *রবীন্দ্র*, ১৮৭৭।

অসম্মানকর [স] *বিণ* সম্মানহানিকর। 'স্ত্রীলোকের পক্ষে অসম্মানকর।' *রবীন্দ্র*, ১৯০৯।

অসম্মানজনক [স] ১ *বিণ* অপমানজনক। 'কেবল দেবতা নহে মানবচরিত্রের পক্ষেও কতখানি অসম্মানজনক তাহা কি পাঠকেরা ...।' *রবীন্দ্র*, ১৮৭৭। ২ *বিণ* সম্মানহানিকর। 'ব্যাপারটা লাবণ্যর কাছে বিস্বাদ ও অসম্মানজনক হয়ে দাঁড়াল।' *রবীন্দ্র*, ১৯২৯। ৩ *বিণ* সম্মান ক্ষুণ্ণ করে এমন। 'এইরূপ অসম্মানজনক পত্রাদি।' *নজরুল*, ১৯৩১।

অসম্মানসূচক [স] *বিণ* অপমানজনক। 'পেছনে এমন অসম্মানসূচক কথা আজহার পছন্দ করে না।' *শওকত*, ১৯৫৮।

অসম্মিলন [স] *বি* অনৈক্য। 'দারিদ্র্য মানুষের অসম্মিলনে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অসরল [স] *বিণ* কপট। 'অনেকে তাহারদিগকে অসরল এবং কূনীতিবিশিষ্ট কহেন।' *অক্ষয়*, ১৮৪১।

অসরলতা [স] *বি* কপটতা। 'চতুর্দিকে পানদোষ, অসরলতা, স্বার্থপরতা ও সুখপ্রিয়তা প্রবল।' *রাজ*, ১৮৭৪।

অসর্বজ্ঞ, অসর্বজ্ঞ [স] *বিণ* সব বিষয় জানে না এমন। 'যিনি বদ্ধ, তিনি অসর্বজ্ঞ বলিয়া তৎপক্ষে অক্ষম।' *বঙ্কিম*, ১৮৮৭।

অসর্বজ্ঞতা, অসর্বজ্ঞতা [স] *বি* সব বিষয়ে অজ্ঞতা। 'এই অসম্পূর্ণতা শক্তির অভাবের ফল – অসর্বজ্ঞতার ফল নাই।' *বঙ্কিম*, ১৮৯২।

অসসথ [স অশ্বত্থ] *বি* অশথ। 'অসসথ বেল পলাস মোউলর পাত।' *রামাই*, ১৭১০।

অসস্যয় *বিণ* নিষ্ক্রিয়। *মানোএল*, ১৭৪৩।

অসহ [স] ১ *বিণ* অসহ্য। 'এ কুসুমমালা হয়েছে অসহ।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বি* বিরক্ত। 'অসহ যোগীও করিবে না তাড়া রে।' *নজরুল*, ১৯২৪। ৩ *বিণ* তীব্র। 'তাহার সুরেতে ছিল অসহ উচ্ছ্বাস।' *আহসান*, ১৯৪৪।

অসহকার [স] *বি* অসহযোগ। 'আজ অসহকার আন্দোলনে হিন্দুর সঙ্গে মুসলমান যোগ দিয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অসহনিয়া [স অসহনীয়] *বিণ* অসহ্য। *মানোএল*, ১৭৪৩।

অসহনীয় [স] ১ *বিণ* অসহ্য। 'মুখদর্শন তাঁহার অসহনীয়।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বিণ* তীব্র। 'তোমাকে পাবার ইচ্ছা আমার অসহনীয়।' *আহসান*, ১৯৫৯।

অসহমান [স] *বিণ* অসহ্য। 'রাজা দেখিয়া, একান্ত অসহমান হইয়া ... তথায় উপস্থিত হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অসহযোগ [স] ১ *বি* সংযোগহীনতা। 'কালের রাজত্বে থেকেও কালের সঙ্গে যার অসহযোগ সে কোথায়।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* সহযোগিতার অভাব। 'বৈরাজ্য – সেইটের বিরুদ্ধে আমাদের অসহযোগ।' *রবীন্দ্র*, ১৯২৫। ৩ *বি* অসহযোগিতামূলক মনোভাব। 'বাঙালি মহিলাকে পুলিস-সার্জেন্ট দিলে ধাক্কা। মুহূর্তের মধ্যেই আমার অহিংস অসহযোগের ভাবখানা প্রবল দুঃসহযোগে পরিণত হল।' *রবীন্দ্র*, ১৯২৫। ৪ *বিণ* রাজনীতিতে অসহযোগিতামূলক। 'মহাত্মার অসহযোগ আন্দোলনের ভিত্তি।' *নজরুল*, ১৯২৬। ৫ *বি* যোগাযোগের অভাব বা ঘাটতি। 'যেখানে তার সঙ্গে আমাদের চিত্তের আমাদের শিক্ষার অসহযোগ সেইখানেই আমাদের পরাভব।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অসহযোগ আন্দোলন [স] *বি* রাষ্ট্রশাসনে সরকারকে সহায়তা না করার আন্দোলন। 'মহাত্মাজিকে বলো এখনি তিনি লাগিয়ে দেবেন অসহযোগ আন্দোলনে।' *রবীন্দ্র*, ১৯২৬; 'অসহযোগ আন্দোলনের ভিত্তি।' *নজরুল*, ১৯২৬; 'তোমাদের নির্বাচন, অসহযোগ আন্দোলন – এ সবের কোনটা দিয়ে তুমি মধ্যযুগে ক্ষমতায় যেতে পারতে শুনি।' *পাশা*, ১৯৭১।

অসহযোগকারী [স] *বিণ* অসহযোগ আন্দোলন করছে এমন। 'অহিংস অসহযোগকারী বীর কংগ্রেসের দেশ সেবকেরা।' *নজরুল*, ১৯২৬।

অসহযোগপন্থী [স] *বিণ* অসহযোগ আন্দোলনকারী। 'অসহযোগপন্থী কংগ্রেস বাংলার আমলাতন্ত্র গবর্ণমেন্টের সহিত সহযোগ করিয়া ...।' *আজাদ*, ১৯৩৯।

অসহযোগিতা [স] *বি* সহযোগিতার অভাব। 'অসহযোগিতার মৌসুম না আসিলেও।' *নজরুল*, ১৯২২।

অসহযোগী [স] *বি* অসহযোগ আন্দোলনে যোগদান করে যে। 'এসেছে শুধু আত্মত্যাগী অহিংস অসহযোগীদের জন্যে।' *নজরুল*, ১৯২৩।

অসহজতা [স] *বি* অসরলতা। 'একটা আলঙ্কারিক অসহজতায় – অস্বাভাবিকতাও বিরক্ত।' *জীবন*, ১৯৪৮।

অসহন [স] *বিণ* অধীর। 'কোন দুর্গম তূর পাহাড়ের ডাকে অসহন হল কারা।' *ফররুখ*, ১৯৪৬।

অসহযোগ, অসহযোগী দ্র অসহ

অসহায় [স] *বিণ* সহায়হীন। 'এই বলিয়া, বাঘ ঐ অসহায়, দুর্বল মেষশাবকের প্রাণসংহার করিল।' *বিদ্যা*, ১৮৫৬।

অসহায়তা [স] ১ *বি* অসহযোগিতা। 'তাহাদিগের অসহায়তায় সে উপবাস করিলেক।' *তারিণী*, ১৮০৩। ২ *বি* সহায়হীনতা। 'নারী জীবনে প্রত্যহ অসহায়তা বা দুঃস্থতার প্রশ্ন না থাকতে পারে।' *বেগম*, ১৯৪৯।

অসহায়ত্ব [স] *বি* সহায়হীনতা। 'নারীর এই অসহায়ত্বকেই তার সবচাইতে বড় গুণ ও মাধুর্য্য বলে ঘোষণা করেছে।' *বেগম*, ১৯৪৮।

অসহায়া [স] *বিণ স্ত্রী* সহায়হীন। 'তাদের সামনে পশু অসহায়া স্ত্রীর এই দশা।' *মানিক*, ১৯৩৬।

অসহায়িনী [স] *বিণ স্ত্রী* নিঃসঙ্গ। 'এই যুবতী, অসহায়িনী হইয়া, নিশীথ সময়ে, নির্জয়ে কোথায় যাইতেছে।' *বিদ্যা*, ১৮৪৭।

অসহিষ্ণু [স] ১ *বিণ* সহ্য করা যায় না এমন। 'অসহিষ্ণু শিরোবেদনার সহিত জ্বরের আরম্ভ ...।' *দর্পণ*, ১৮২৫। ২ *বিণ* সহ্যশক্তিহীন। 'আমাদের অসহিষ্ণু লেডি।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বিণ* অধৈর্য। 'ইহাকেই আমরা বাসনার দৌরাত্ম্য বলিয়া অসহিষ্ণু হইয়া উঠি।' *রবীন্দ্র*, ১৯০৫।

অসহিষ্ণুতা [স] *বি* সহনশক্তিহীনতা। 'পরপ্রশংসার অসহিষ্ণুতা।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অসহ্য [স] *বিণ* অসহনীয়। 'অসহ্য বেদনা দুঃখে জ্বলয়ে অন্তর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অসহ্যতর [স] *বিণ* অতিশয় অসহ্য। 'অসহ্য হতে অসহ্যতর হয়ে উঠেছিল।' *প্রমথ*, ১৯১৫।

অসাংসারিক [স] *বিণ* সংসার সম্পর্কিত নয় এমন। 'দুটো অসাংসারিক কথা বলবার অবকাশ যেন পাই।' *নরেন্দ্র*, ১৯৫০।

অসাক্ষাৎ [স] ১ *বি* অনুপস্থিতি। 'আমার অসাক্ষাতে যাহা হয় তাহা আমাকে জানাইও।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* কাছে নেই এমন। 'বন্ধু অসাক্ষাৎ, শীত দূরীভূত/ কে করিবে আলিঙ্গনে।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬। ৩ *বি* অগোচরতা। 'পিতার অসাক্ষাতে ফেলনাও যে সেই কৌতুকালাপে যোগ দিত ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

অসাক্ষাত [স অসাক্ষাৎ] *বিণ* অনুপস্থিত। 'অসাক্ষাত সাক্ষির সাক্ষিপত্রের দ্বারায় প্রমাণ হয়।' *ডানকান*, ১৭৮৪।

অসাক্ষাতে [স] *ক্রিবিণ* অনুপস্থিতিতে। 'আমি ওঁর অসাক্ষাতে ছেলেকে ডেকে শাসন করে দিলাম।' *নরেন্দ্র*, ১৯৫২।

অসাচ্ছল্য [স] *বি* অনটন; দারিদ্র্য। 'আর্থিক অসাচ্ছল্য এবং সাংসারিক বিপর্যয় ...।' *তারা*, ১৯৪২।

অসাজন্ত [ফা সাজ>] ১ *বিণ* বেমানান; সামঞ্জস্যহীন। 'ক্রীড়া কৌতুকের এক অসাজন্ত কৃত্রিমতার সহিত।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* অযোগ্য। 'আমি কি প্রাণ ধরে অসাজন্ত বরে দিতে পারি।' *দীনবন্ধু*, ১৮৬৩।

অসাড় [স] ১ *বিণ* অচল। 'লেখনী অসাড় হইতেছে।' *মশাররফ*, ১৮৮৫। ২ *বিণ* চেতনাহীন। 'বেদনাবিহীন অসাড় বিরাগ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অসাড়তা [স] *বি* চেতনাহীনতা। 'এক রকম দুঃখহীন অনুভূতিহীন অসাড়তার অন্তঃশীলা ব্যথা আছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

অসাড়ে *ক্রিবিণ* অঘোরে। 'অসাড়ে ঘুমোয় মোতালেফ।' *মুকুন্দ*, ১৯৪৭।

অসাদ্য [স অসাধ্য] *বিণ* করা সম্ভব নয় এমন। 'কোন কার্জ্জ অসাদ্য তোহ্মার প্রিথিবিতে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অসাধ [স] *বি* অনিচ্ছা। 'আমার কি অসাধ যে, তোমায় নিয়ে ঘর করি?' *বঙ্কিম*, ১৮৮২।

অসাধারণ [স] ১ *বিণ* আন্তরিক। 'ডেবিড হেয়ার সাহেব ... অসাধারণ ধন্যবাদ করিলেন।' *দর্পণ*, ১৮২৪। ২ *বিণ* অসামান্য। 'অনেকানেক অসাধারণ গুণ অপেক্ষা করে।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বিণ* অকল্পনীয়। 'এ অসাধারণ অজ্ঞান নিরাকরণ না হইলে এ দেশের মঙ্গোলন্নতি জন্য কোন চেষ্টা সফল হইবে না।' *অক্ষয়*, ১৮৪৮। ৪ *বিণ* অতুলনীয়। 'আপনাদিগের অসাধারণ মানসিক বীর্য্যোদ্ভব রচনা সকল প্রকাশ করিয়া মানব জাতিকে চমৎকৃত করিতে লাগিলেন।' *অক্ষয়*, ১৮৪৮। ৫ *বিণ* অভিনব। 'পরন্তু আর এক অসাধারণ ব্যাপার দেখিয়া সাতিশয় বিস্ময়াপন্ন হইলাম।' *অক্ষয়*, ১৮৪৯। ৬ *বিণ* অতিরিক্ত। 'পরিবারের মধ্যে গাঢ় প্রণয় না হইয়া বরং অসাধারণ বৈরিতা এবং ভয়ানক জ্ঞাতিবিরোধ জন্মে।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ৭ *বিণ* অস্বাভাবিক। 'হাঁ-কে বড়ো করিয়া না করা যায় এ কথা বিশ্বাস করিতে যেরূপ অসাধারণ মানসিক প্রকৃতির আবশ্যক ...।' *রবীন্দ্র*, ১৮৯২। ৮ *বিণ* অগাধ। 'সঙ্গীতের জ্ঞান অসাধারণ ছিল কিন্তু আমার সেই কাঁচা বয়সের রচিত ছেলেমানুষি গান তিনি আদর করে শুনতেন।' *রবীন্দ্র*, ১৯৪১।

অসাধারণতা [স] *বি* অসামান্যতা; বিশেষত্ব। 'শাসনকার্যের একটি অসাধারণতা আমার অন্তরকে স্পর্শ করেছিল।' *রবীন্দ্র*, ১৯৪১।

অসাধারণত্ব [স] ১ *বি* বিশিষ্টতা। 'আপনার অসাধারণত্ব প্রমাণ হয় না।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* অসামান্যতা। 'অন্তত এ ব্যাপারে তোমার অসাধারণত্ব স্বীকার করতে হয়।' *নরেন্দ্র*, ১৯৪৮।

অসাধু [স] ১ *বিণ* অকথ্য। 'উভয়ে পরস্পর বিবাদজনক অসাধু ভাষাতে পরস্পর নিন্দা স্ব২ কাগজে ছাপাইতেছেন।' *দর্পণ*, ১৮২২। ২ *বিণ* গর্হিত। 'অসৎসঙ্গ এবং অসাধু দৃষ্টান্ত বিষম অনর্থের মূল।' *অক্ষয়*, ১৮৪৫। ৩ *বিণ* অসৎ। 'তাহাদের সেই অসাধু দৃষ্টান্তে মানবশিশুর চিত্ত চঞ্চল হইয়া উঠিত।' *রবীন্দ্র*, ১৮৯১। ৪ *বিণ* চলিত। 'আমাদের সাধু ভাষার কাব্যে এই অসাধু ভাষাকে একেবারেই আমল দেওয়া হয় নাই।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অসাধুতা [স] *বি* অসততা। 'অসাধুতা ও অনাচারের সমবায়ে সত্য সত্যই এ জীবন আস্তাবলে পরিণত হইয়া আছে।' *আজাদ*, ১৯৩৯।

অসাধুবাদ [স] *বি* অপবাদ; নিন্দা। 'লোকে কেহ কষ্ট করিয়া অসাধুবাদ করে না।' *বঙ্কিম*, ১৮৭৯।

অসাধুভাষা [স] ১ *বি* অমার্জিত ভাষা। 'অসাধুভাষা ব্যবহার করিয়া অসাধুর ন্যায় হাস্যাস্পদ না হয়েন।' *দর্পণ*, ১৮৩৮। ২ *বিণ* চলিত। 'আমাদের সাধু ভাষার কাব্যে এই অসাধু ভাষাকে একেবারেই আমল দেওয়া হয় নাই।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অসাধুসঙ্গ [স] *বি* অসাধুর সংস্পর্শ। 'সাধুসঙ্গ যেমন গুণকারী, অসাধুসঙ্গ তেমনি অগুণকারী।' *অক্ষয়*, ১৮৫৫।

অসাধুপদেশ [স অসাধু-উপদেশ] *বি* কুপরামর্শ। 'অসাধুপদেশেরও জগতে স্থান আছে।' *প্রমথ*, ১৯২৯।

অসাধ্বী [স] *বিণ* অসতী। 'যোগের ও ভোগের অভিলাষে অন্যবাসে প্রবাস করিলে তাঁহার স্ববাসের সাধ্বীও অসাধ্বী হয়।' *ভবানী*, ১৮২৮।

অসাধ্য [স] ১ *বিণ* চেষ্টা করেও করা যায় না এমন; চেষ্টার অতীত। 'সখীর অসাধ্যসাধ্য সুন্দরের ভয়।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বিণ* সহজে আয়ত্ত হয় না এমন। 'য়ুরোপে গলা সাধাটাই মুখ্য, সেই গলার স্বরে তাহারা অসাধ্য সাধন করে।' *রবীন্দ্র*, ১৯১২।

অসাধ্যসাধক [স] *বিণ* অসাধ্য সাধনকারী। 'শিশিরকুমার যে কত বড় অভিনেতা, কত বড় অসাধ্যসাধক।' *অচিন্ত্য*, ১৯৫০।

অসাধ্য-সাধন [স] *বি* অসম্ভবকে সম্ভব করা। 'অসাধ্য সাধন যত তপস্যায় হয় কত।' *ভারত*, ১৭৬০।

অসাধ্যি [স] *বিণ* করতে পারে না এমন। 'সাজসও হতে পা'রে, মদেরও অসাধ্যি কাজ নেই।' *গিরিশ*, ১৮৮৯।

অসান [স অসাড়] *বিণ* বোধশূন্য। *বিদ্যা*, ১৮৯১।

অসাফল্য [স] *বি* ব্যর্থতা। 'অসাফল্যের কালো ছায়া।' *মাহেনও*, ১৯৪৯।

অসাবধান [স] ১ *বিণ* অসতর্ক। 'আপন কপালের প্রতিকূল্য হইতে অসাবধান হইয়া পড়ি।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* বেখেয়ালি। 'স্বভাবত ভোলামন অসাবধান লোক; এই জন্য আশার প্রতি ...।' *রবীন্দ্র*, ১৯০৩। ৩ *বিণ* অমনোযোগী। 'ইন্দ্রিয়কে এমন অলস এবং বুদ্ধিকে এমন অসাবধান করিয়া রাখিলে ...।' *রবীন্দ্র*, ১৯০৫। ৪ *বিণ* অসতর্ক। 'অসাবধান হয়ে তোমার খাবার দুধ পুড়িয়ে ফেলেছে।' *রবীন্দ্র*, ১৯১৫।

অসাবধানতা [স] *বি* অসতর্কতা। 'রক্ষকের অসাবধানতাহেতুক উক্ত পত্রপ্রাপ্ত হওয়া যাইতেছে না।' *কৌমুদী*, ১৮৩০।

অসাবধানী [স] ১ *বি* অসতর্ক ব্যক্তি। 'অনেক অসাবধানী এমন

AMARBOI.COM

আলগা করিয়া তাস ধরেন, তাঁহাদের ...।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বিণ* অসতর্ক। 'অসাবধানী পাঠকের অন্তরে তাঁর যে ব্যক্তিত্ব রচনা করে, তা শুষ্ককঠিন পাণ্ডিত্যের।' *মুরশিদ*, ১৯৭০।

অসাব্যস্ত [স] *বিণ* অমীমাংসিত। 'আদালতের সাহেবানের কর্তৃত্ব আছে জে তাহা সাব্যস্ত রাখা কি অসাব্যস্ত করা।' *ফরস্টার*, ১৭৯৩।

অসামঞ্জস্য [স] ১ *বি* বিশৃঙ্খলা। 'সেখানে অসামঞ্জস্য অনেক উপস্থিত হইয়াছিল।' *দর্পণ*, ১৮২০। ২ *বি* অমিল। 'দুই ভাবের মধ্যে এমন অসামঞ্জস্য যে, উভয়ে পাশাপাশি ঘেঁষাঘেঁসি থাকিয়াও ...।' *রবীন্দ্র*, ১৮৮০। ৩ *বি* যোগাযোগের স্বল্পতা। 'সারথির সঙ্গে গাড়িঘোড়ার এমন অসামঞ্জস্য যে কী বলব!' *রবীন্দ্র*, ১৮৮১। ৪ *বি* অসঙ্গতি। 'কথার অসামঞ্জস্য বাংলার গণবিবেক সম্যকভাবে বুঝিতে পারিয়াছে।' *আজাদ*, ১৯৩৯।

অসাময়িক [স] *বিণ* অসময়ের। 'কিন্তু এ অসাময়িক স্মরণের কারণটি অনুভূত হচ্ছে না।' *মাইকেল*, ১৮৭৩। ২ *বিণ* চিরন্তন। 'আরণ্যসমাজ সম্বন্ধে একটা অসাময়িক তত্ত্বোপদেশ।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *বিণ* অকাল। 'যজ্ঞেশ্বরকে এই অসাময়িক বৃষ্টির জন্য জবাবদিহি করিতে হইবে।' *রবীন্দ্র*, ১৯০১। ৪ *বিণ* সময়ের জন্যে বেমানান। 'পুরাতন দস্যু যদি দুর্ভাগ্যক্রমে বিংশ শতাব্দীতে জন্মগ্রহণ করে তবে তাহার আবির্ভাব নিতান্ত অসাময়িক হইয়া পড়ে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৫ *বিণ* অসমকালীন। 'মনুর সময়ে যাহা সাময়িক আমাদের সময়ে তাহা অসাময়িক।' *রবীন্দ্র*, ১৯০৮। ৬ *বিণ* সাময়িক নয় এমন। 'সাময়িক পত্র, অসাময়িক পত্র, চাঁদার খাতা।' *রবীন্দ্র*, ১৯২৯।

অসামরিক [স] *বিণ* সামরিক নয় এমন। 'তোমাদের অসামরিক লোকের পক্ষে এক রকম অসম্ভব ব্যাপার।' *নজরুল*, ১৯২৭।

অসামর্থ্য [স] ১ *বি* অপারগতা। 'টাকা দেওনের অসামর্থ্য জন্যে ...।' *ডানকান*, ১৭৮৪। ২ *বি* সীমাবদ্ধতা। 'বুদ্ধির অসামর্থ্য, আশ্রয়ে হতসিদ্ধি ও একটা কার্য-সূত্রের হঠাৎ মাঝখানে ছেদ হওয়ার নাম comedy।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বি* অক্ষমতা। 'সে হতভাগ্যের দারিদ্র্য অসামর্থ্য কাহারও অগোচর ছিল না।' *রবীন্দ্র*, ১৯৫৩।

অসামাজিক [স] ১ *বিণ* অশিষ্ট। 'অশুদ্ধ ও অসামাজিক বিবেচনা করিতেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বিণ* সমাজের সাধারণ মানুষ থেকে বিচ্ছিন্ন। 'আমরা বড় অসামাজিক।' *বঙ্কিম*, ১৮৭৪। ৩ *বিণ* লৌকিতার অভাব আছে এমন। 'তাদের কাছ থেকে নিতান্ত অসামাজিকভাবে দূরেও থাকেন না।' *রবীন্দ্র*, ১৮৮০। ৪ *বিণ* সৌজন্যহীন। 'ললিতার এই অসামাজিক হঠকারিতায় রাগ করিবেন ...।' *রবীন্দ্র*, ১৯০৯। ৫ *বিণ* সমাজস্বীকৃত নয় এমন। 'সার্থক হোক দুজনের অন্যায় অসামাজিক প্রেম।' *মানিক*, ১৯৩৬। ৬ *বিণ* অমিশুক। 'অসামাজিক বলে তার মনের পরিচয় পাওয়া দুষ্কর।' *ওয়ালী*, ১৯৬৪।

অসামাজিকতা [স] ১ *বি* নিয়মের ব্যত্যয়। 'ত্রাস শব্দটা চলতি ভাষার সামগ্রী নয়, এই জন্যে ওর সম্বন্ধে কিঞ্চিৎ অসামাজিকতা ডিমক্রাসিও খাতির করে।' *রবীন্দ্র*, ১৯৪১। ২ *বি* অভদ্রতা। 'সেটা অসামাজিকতা হল।' *জীবন*, ১৯৪৮।

অসামান্য [স] ১ *বিণ* অসাধারণ। 'কেরি সাহেবেকে অসামান্য গুণবান করিয়া সামান্যরূপে সকলেই জ্ঞাত আছেন।' *দর্পণ*, ১৮৩৪। ২ *বিণ* অতিশয়। 'ইংরেজি বিদ্যায় অসামান্য পণ্ডিত ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বিণ* মহাপ্রাণ। 'বাংলাদেশের এই একজন অসামান্য মনস্বী পুরুষ মৃত্যুর পরে দেশের লোকের নিকট হইতে বিশেষ কোনো সম্মান লাভ করেন নাই।' *রবীন্দ্র*, ১৯১২। ৪ *বিণ* মনোমুগ্ধকর। 'কথা বলবার কী অসামান্য ভঙ্গি।' *রবীন্দ্র*, ১৯৩২।

অসামান্যতা [স] ১ *বি* অতুলনীয়তা। 'অনেক বিষয়ে অসামান্যতা ছিল সন্দেহ নাই।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* সামান্য নয় এমন অবস্থা। 'পুত্রের বিদ্যাবুদ্ধির অসামান্যতা অনুভব করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯১২।

অসামান্যতাহীন [স] *বিণ* অতি সাধারণ। 'অসামান্যতাহীন স্বামীকে দেবতা বলিয়া ভক্তি করেন।' *রবীন্দ্র*, ১৯০৫।

অসামান্যা [স] *বি* স্ত্রী সাধারণ নয় যে। 'পাঁচ-সাতজন অসামান্যার সঙ্গে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অসামাল [অ+হি সম্ভাল>] ১ *বিণ* সামলানো যায় না এমন; অসংবৃত। 'আমার কাপড় অসামাল হলো, কাপড় পরি, ছেড়ে দিন।' *মশাররফ*, ১৮৬৯। ২ *বিণ* অনিয়ন্ত্রিত। 'কিন্তু, মধ্যে মধ্যে, বিলক্ষণ অসামাল হয়ে পড়ে।' *বিদ্যা*, ১৮৭৩। ৩ *বিণ* দিশেহারা। 'মানুষের নাকি ওটা অবৈধ পাওনা, এই জন্যে ঐটের লোভে তাদের অসামাল করে।' *রবীন্দ্র*, ১৯১৭। ৪ *বিণ* অসংযত। 'দুধের বাটিটার পরেও তার অসামাল রকমের টান ছিল।' *রবীন্দ্র*, ১৯৪০।

অসামুরিয়া *বিণ* বেসুরো। *মানোএল*, ১৭৪৩।

অসাম্প্রদায়িক [স] ১ *বিণ* সম্প্রদায়নিরপেক্ষ। 'দারাশিকো সংস্কার-বর্জিত অসাম্প্রদায়িক সত্যসাধনায় সিদ্ধিলাভ করিলেন।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বিণ* বিশেষ সম্প্রদায়ের মধ্যে সীমাবদ্ধ নয় এমন। 'এর মূল ছিল তার অসাম্প্রদায়িক অকৃত্রিম ঈশ্বরভক্তির মধ্যে।' *রবীন্দ্র*, ১৯৪১।

অসাম্প্রদায়িকতা [স] *বি* সম্প্রদায় নিরপেক্ষতা। 'পাঁচপুঁথির বাণীমন্দির : অসাম্প্রদায়িকতার পীঠস্থান।' *নজরুল*, ১৯৩১।

অসাম্য [স] ১ *বি* অসমতা। 'অবস্থার অসাম্য থাকিবেই।' *রবীন্দ্র*, ১৯০৫। ২ *বি* ভেদাভেদ। 'শক্তির অসাম্য মানুষের অন্তর্নিহিত।' *রবীন্দ্র*, ১৯৪১। ৩ *বি* অর্থনৈতিক অসমবণ্টন। 'আজকের দিনে যে অসাম্য ও দুর্নীতির অভিশাপ আমাদের জীবনকে রাহুগ্রস্ত করে রেখেছে।' *বেগম*, ১৯৭০।

অসার [স] ১ *বিণ* কুটিল। 'অন্তরে অসার বাঁশী বাহিরে সরল।' চণ্ডী, ১৫৫০। ২ *বিণ* মূল্যহীন। 'নীচজাতি দেহ মোর অত্যন্ত অসার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বিণ* অবোধ। 'তাঁর আজ্ঞা লঙ্ঘি চলে সেই ত অসার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৪ *বিণ* অর্থহীন। 'তোমার বিহনে মম অসার জীবন।' *কেতকা*, ১৬৫০। ৫ *বি* অক্ষম ব্যক্তি। 'অসারের তর্জ্জন গর্জ্জন সার।' *মদনমোহন*, ১৮৪৯। ৬ *বিণ* তুচ্ছ। 'এ অসার সংসার স্বভাবতঃ শোক দুঃখেতেই পরিপূর্ণ।' *অক্ষয়*, ১৮৪৯। ৭ *বিণ* নিকৃষ্ট। 'ব্রহ্মজ্ঞানী যেমন পৌত্তলিক, কৃশ্চান ও মোসলমানদের অপদার্থ ও অসার বলে জানেন।' *হুতোম*, ১৮৬১। ৮ *বিণ* ভিতরে ফাঁপা এমন। 'স্ত্রীলোক এমন অসারই বটে।' *বঙ্কিম*, ১৮৭৮। ৯ *বিণ* অপুষ্টিকর। 'ভাত অতি অসার খাদ্য।' *বঙ্কিম*, ১৮৮৭। ১০ *বিণ* বাজে। 'কোন্ যুক্তি বলে গোকুল রক্ষকগণ এরূপ অসার তর্ক উপস্থিত করিতেছেন।' *মশাররফ*, ১৮৮৯।

অসারতা [স] ১ *বি* দুর্বলতা। 'তাহার অসারতা বুঝিতে পারিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১। ২ *বি* তুচ্ছতা। 'ক্রীড়ার অসারতা সম্বন্ধে নীরবে চিন্তা করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯২।

অসারত্ব [স] *বি* তুচ্ছতা। 'সংসারের অসারত্ব।' *বিভূতি*, ১৯৩১।

অসারবত্তা [স] *বি* অসারতা। 'তোমরা ... আপনাদের অসারবত্তাও প্রকাশ করিতে সমর্থ হও।' *অক্ষয়*, ১৮৫২।

অসারবান [স] *বিণ* অর্বাচীন। 'নবপ্রেমমুগ্ধ অসারবান যুবকের কথা।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বঙ্কিম, ১৮৮৭।

অসার্থক [স] ১ *বিণ* অসফল। 'মহিলা দেহনিবন্ধ সতীত্বের অত্যাচারে সমাজছাড়া হয়ে প্রেম ও সম্মানের অভাবে অসার্থক হচ্ছেন।' *অন্নদা*, ১৯২৮; 'শব্দকে ব্যূহবদ্ধ করে সাজিয়ে তোলা হয়। ব্যূহ শব্দটা এখানে অসার্থক নয়।' *রবীন্দ্র*, ১৯৩৪। ২ *বিণ* ব্যর্থ। 'অসার্থক অপব্যয়ে আপনারে ঘিরে।' *সুধীন্দ্র*, ১৯৩৩। ৩ *বিণ* অযৌক্তিক। 'পাঁচিলের দরজা পেরিয়ে এক চিলতে জায়গা, যাকে ঠিক উঠোন বলা অসার্থক।' *আলাউদ্দিন*, ১৯৫৭।

অসার্থকতা [স] *বি* ব্যর্থতা। 'এ অসার্থকতা ব্যথা একান্তই তার নিজের।' *জীবন*, ১৯৩২।

অসাহস [স] *বি* বোকামি। 'অমন অসাহসের কাজ করিতে গিয়াছিল।' *বঙ্কিম*, ১৮৭৫।

অসাহসী [স] *বিণ* সাহসহীন। 'পশু অচরিতার্থ অসাহসী জীবনের জ্বালাভার ভিতর দিয়ে ...।' *জীবন*, ১৯৩১।

অসাহিত্য [স] *বি* সাহিত্যগুণহীন রচনা। 'এক সময়ে 'গল্পগুচ্ছ' বুর্জোয়া লেখকের সংসর্গদোষে অসাহিত্য বলে অস্পৃশ্য হবে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অসাহিত্যিক [স] *বি* সাহিত্যিক নন এমন ব্যক্তি। 'এর উত্তরে অসাহিত্যিকরা বলবেন, – এ সব দর্শনের কথা, অর্থাৎ গাঁজাখুরি।' *প্রমথ*, ১৯১৭।

অসি [স] *বি* তলোয়ার। 'নন্দি চলিলা অসি লইয়া খুরধার।' *মুকুন্দ*, ১৬০০।

অসিকোষ [স] *বি* তলোয়ারের খাপ। 'সেই তৎক্ষণাৎ অসিকোষ দূরে নিক্ষেপ করবে।' *মাইকেল*, ১৮৬১।

অসিচর্ম [স] *বি* তলোয়ার ও ঢাল। 'রাজপুত-হস্তে অসিচর্ম থাকিতে তোমাদিগের পদে কুশাঙ্কুরও বিঁধিবে না।' *বঙ্কিম*, ১৮৬৫।

অসিজীবী [স] *বিণ* অস্ত্রধারণ করে জীবিকা নির্বাহকারী। 'থানার আমলারা অসিজীবী।' *দর্পণ*, ১৮৩৪।

অসিধার [স] *বি* তরবারির ধার। 'আর দেখ কার হস্তে থাকে অসিধার।' *আলাওল*, ১৬৮০।

অসিবর্ণ [স] *বিণ* স্বচ্ছ। 'তার কণ্ঠে ঢেলে দেয় অসিবর্ণ ওজস্বী মদিরা।' *বুদ্ধ*, ১৯৭১।

অসিমুক্ত [স] *বিণ* তরবারিহীন। 'অসিমুক্ত মসিলিপ্ত হস্তে সদর্পে তোমায় যুদ্ধে আহ্বান করছি।' *নজরুল*, ১৯২৭।

অসিমুণ্ড [স] *বিণ* তরবারি ধরে আছে এমন। 'অসিমুণ্ড বাম কর দক্ষিণে অভয়বর।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অসিলতা [স] *বি* তরবারির ফলা। 'যে হস্ত অসিলতা ধারণ করিয়া প্রাণ সংহার করিতে যায়।' *দীনবন্ধু*, ১৮৬৩।

অসিত [স] *বিণ* কালো। 'শিরোরুহ অসিত চামর।' *মুকুন্দ*, ১৬০০।

অসিতচর্ম [স] *বিণ* কালো চামড়ার। 'সেই জনসমষ্টির মধ্যে মধ্য-এশিয়ার অসিতচর্ম মানুষও আছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

অসিদ্ধ [স] ১ *বিণ* যুক্তিতর্কের দ্বারা সমর্থিত নয় এমন। 'এই কথা কেহ অসিদ্ধ বলিতেও পারিবেন না।' *দর্পণ*, ১৮৩৩। ২ *বিণ* সিদ্ধ করা হয়নি এমন। 'অসিদ্ধান্ন ও সামান্য শাকাদি ভোজনেই সংতৃপ্ত।' *প্রভাকর*, ১৮৫৪। ৩ *বিণ* অশুদ্ধ। 'গুড ইভনিং স্যার বললে তোমাদের হিঁদু শাস্ত্র অসিদ্ধ হয়ে যাবে না।' *রবীন্দ্র*, ১৯০৯। ৪ *বিণ* অসফল। 'আত্মনির্ভরে অনভ্যস্ত, আত্মরক্ষায় অক্ষম, আত্মকল্যাণসাধনে অসিদ্ধ।' *রবীন্দ্র*, ১৯১৭। ৫ *বিণ* বিফল। 'দলে দলে যেথা মোর অকৃতার্থ আশাগুলি, অসিদ্ধ সাধনা।' *রবীন্দ্র*, ১৯২৫।

অসিদ্ধান্ন [স অসিদ্ধ-অন্ন] *বি* অসিদ্ধ ধান থেকে উৎপন্ন চালের ভাত। 'অসিদ্ধান্ন ও সামান্য শাকাদি ভোজনেই সংতৃপ্ত থাকে।' *প্রভাকর*, ১৮৫৪।

অসিদ্ধি [স] *বিণ* অসফল; ব্যর্থ। 'অসিদ্ধি হইলে কেবল শ্রমই থাকে।' *গৌর*, ১৮২২।

অসিলা [আ ওয়াসিলা] *বি* বাহানা। 'অসিলা করে হাজারবার আমাদের বাড়ি আসা।' *নজরুল*, ১৯২৭।

অসীম [স] ১ *বিণ* সীমাহীন। 'কৃষ্ণের প্রভাবে রাজা মহিমা অসীম।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বি* সীমাহীনতা। 'তোমার অসীমে প্রাণমন লয়ে যত দূরে আমি ধাই।' *রবীন্দ্র*, ১৯০০। ৩ *বি* অনন্ত শক্তি। 'সসীমকে ও অসীমকে গায়ে গায়ে মিলাইয়া বসিয়া থাকিতে দেখিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৫। ৪ *বি* যার সীমা নেই। 'সীমার মাঝে, অসীম, তুমি বাজাও আপন সুর।' *রবীন্দ্র*, ১৯১০। ৫ *বি* অসীমতা। 'রূপেরে আনিল ডাকি অরূপের অসীমেতে জ্যোতিঃসীমা আঁকি।' *রবীন্দ্র*, ১৯৪০।

অসীমক [স] *বিণ* সীমাহীন। 'ইহারা কেহ নাস্তিক কেহ বা চার্ব্বাক ... ইঙ্গরেজী ব্যবহার ও চলনে অসীমক ভক্তি।' *চন্দ্রিকা*, ১৮৩০।

অসীমকাল [স] ১ *বি* অনন্তকাল। 'অসীমকাল পর্য্যন্ত পরপুরুষের নিবাসের সম্ভাবনা আছে।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বি* চিরন্তনতা। 'অসীম কালের যে হিল্লোলে জোয়ার-ভাঁটায় ভুবন দোলে।' *রবীন্দ্র*, ১৯২৫।

অসীমচুম্বনী [স] *বিণ* স্ত্রী অসীমকে চুম্বন করে আছে যে। 'অসীমচুম্বনী, তবু চুম্বনের অতীত; অতীবা।' *বুদ্ধ*, ১৯৪৪।

অসীমতর [স] *বিণ* সীমাহীন। 'অসীম দুঃখকে আত্মসাৎ করে সে অসীমতর আপনাকে জানতে জানতে চললো।' *অন্নদা*, ১৯২৮।

অসীমতা [স] *বি* সীমাহীনতা। 'তাঁহার করুণার অসীমতা জানিয়া ... নিরাশতা নাই।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

অসীমদেশ [স] *বি* অনন্ত জগৎ। 'জীবন-নদী কূল ছাপিয়ে ছড়িয়ে গেল অসীমদেশে।' *রবীন্দ্র*, ১৯১৪।

অসীমনীল [স] *বিণ* সীমাহীন নীল। 'তাহার অসীমনীল ললাটে বুদ্ধির রেখামাত্র নাই।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অসীমশক্তিশালী [স] *বিণ* সীমাহীন শক্তির অধিকারী। 'অসীম-শক্তিশালী ভগবানের বিচিত্র লীলারহস্যের মর্ম্মোদ্ঘাটনে ...।' *অক্ষয়*, ১৮৫৪।

অসীমশরণ [স] *বি* চির-আশ্রয়। 'তাপহরণ তোমার চরণ অসীমশরণ দীনজনার।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অসীমসুন্দর [স] *বিণ* সীমাহীন সুন্দর। 'মিথ্যা বলেই এমন অনন্তবেদনাময় এবং এমন অসীমসুন্দর।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অসীমা [স] ১ *বিণ* স্ত্রী সীমাহীন। 'তোমার মহিমা/ অপার অসীমা।' *মানিকরাম*, ১৭৮১; 'স্বচ্ছ অতল স্নিগ্ধ নয়ননীলিমা স্থির হাসিখানি উষালোকসম অসীমা।' *রবীন্দ্র*, ১৮৯৬। ২ *বি* স্ত্রী সীমাহীনতা। '(মোরা) দূচি নয়ন-প্রদীপ জ্বেলে/ খুঁজি সেই অসীমার সীমা।' *নজরুল*, ১৯৩৫।

অসীমায়তনতা [স] *বি* অসীমতা। 'তাহা অসীমায়তনতা বা আয়তনের অসীম অভাব।' *রবীন্দ্র*, ১৮৮৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অসু [স] *বি* প্রাণ। 'জীবের জীবিকা দিয়া রক্ষা করে অসু।' *গুপ্ত*, ১৮৫৮।

অসুক্ষণ [স অসুখ>] *বিণ* দুঃখিত। 'শুনে চিত্ত হলো অসুক্ষণ।' *মানিকরাম*, ১৭৮১।

অসুখ [স] ১ *বি* দুঃখ। 'কেন অসুখ রাজা ইন্দ্র জদি হয়।' *মালাধর*, ১৫০০। ২ *বি* অস্বস্তি। 'যে আঘ্রাণে অসুখ ও ঘৃণাবোধ হয়, তাহাকে দুর্গন্ধ বলে।' *বিদ্যা*, ১৮৫১। ৩ *বি* সুখের অভাব। 'প্রতিবেশীদিগের মধ্যে সর্বদা সদ্ভাব থাকা উচিত, পরস্পর কলহ ও বিবাদ করিলে অসুখের বৃদ্ধি হয়।' *বিদ্যা*, ১৮৫১। ৪ *বি* রোগ। 'মা গুহিগে বড় অসুখ করেছে।' *উমেশ*, ১৮৫৭। ৫ *বি* অশান্তি। 'পরিণতবয়স্কা স্ত্রী বিবাহ করিলে একান্নবর্তী পরিবারে অসুখ ঘটিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৬ *বিণ* অসুস্থ। 'আমার অসুখ অবস্থায় স্নেহাস্পদ শ্রীযুক্ত ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অসুখকর [স] *বিণ* আরামদায়ক নয় এমন। 'ইংরেজি পোশাক আমাদের পক্ষে শুধু যে অসুখকর এবং দৃষ্টিকটু ...।' *প্রমথ*, ১৯০৫।

অসুখবিসুখ [স] *বি* রোগব্যাধি। 'আমার একটু অসুখবিসুখ হলে তিনি ভয়ে কাঁপতেন।' *রবীন্দ্র*, ১৯১৫।

অসুখিনী [স] *বিণ স্ত্রী* দুঃখী। 'সর্বজীব সুখী, তখন আমরা অসুখিনী হব কেন?' *মাইকেল*, ১৮৭৩।

অসুখী [স] ১ *বিণ* অতৃপ্ত। 'ইহাতে অসুখী বড় শান্তিপুর-নাথ।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* বিপদগ্রস্ত। 'রাজত্বের ভার লইয়া অসুখী হইব, আর গাছের উপর প্রধানত্ব করিব?' *তারিণী*, ১৮০৩। ৩ *বিণ* দুঃখী। 'মুহূর্তসুখের তোরে দিয়া প্রলোভন অসুখী করিবে কেন।' *রবীন্দ্র*, ১৮৭৮। ৪ *বিণ* ব্যথিত। 'তোমাকে কখনো সুখী, কখনো অসুখী করিয়াছি।' *রবীন্দ্র*, ১৮৭৮।

অসুচ [স অশুচি] *বিণ* অপবিত্র। 'অসুচ অসুভ স্বপ্ন দেখিল বিকটে।' *মালাধর*, ১৫০০।

অসুজনতা [স] *বি* অসৌজন্যতা। 'দত্ত বাবুর সহিত আত্মীয়তা বা অসুজনতা কিছুই প্রকাশ পায় নাই।' *চন্দ্রিকা*, ১৮৩৩।

অসুতিয়া *বিণ* বেসুরো। *মানোএল*, ১৭৪৩।

অসুদ [স ঔষধ] *বি* বিশ্বাদের বস্তু। 'স্কুল যাওয়া বাপ মার ভয়ে অসুদ গেলা গোছ।' *হুতোম*, ১৮৬১।

অসুন্দর [স] ১ *বিণ* যা সুন্দর নয় এমন। 'যাহা সুন্দর তাহাই বাছিয়া লইয়া, যাহা অসুন্দর তাহা ...।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বি* সৌন্দর্যহীনতা। 'অসুন্দরের সংঘর্ষে ও সংযোগে যাহা কঠিন, যাহা অতিসৌষম্যে অতিললিত অতিনিখুঁত নয়।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *বিণ* কুৎসিত। 'কাঁটার মতো দেশের চারদিকে পুঁতে রাখা যে বর্বরতা, সেটা যে অসুন্দর, সে-কথা জাপানের বোঝা উচিত ছিল।' *রবীন্দ্র*, ১৯১৯। ৪ *বি* অশোভনতা। 'আসছে নবীন – জীবন-হারা অ-সুন্দরে করতে ছেদন।' *নজরুল*, ১৯২২। ৫ *বি* সুন্দর নয় যে। 'অসুন্দরের পরম বেদনায় সুন্দরের আহ্বান।' *রবীন্দ্র*, ১৯৩১। ৬ *বি* জীবনের কদর্য দিক। 'শেষ ব্যঙ্গ নাহি হানে জীবনের পানে অসুন্দর।' *রবীন্দ্র*, ১৯৪০।

অসুন্দরী [স] *বি স্ত্রী* সুন্দরী নয় যে। 'বিশেষত যদি চরণপাত বেছে বেছে অসুন্দরীদের হয়।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অসুবিধা [স] ১ *বি* ঝামেলা। '... তাহাতে অনেক অসুবিধা ঘটিত।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বি* প্রতিকূলতা। 'পার্বত্য যুদ্ধে তাহাতে অসুবিধা হইল।' *বঙ্কিম*, ১৮৭৮। ৩ *বি* অমত। 'যাঁহারা গুণ দেখিয়া কন্যা বিবাহ করিতে চান, বাল্যবিবাহে তাহাদের সম্পূর্ণ অসুবিধা।' *রবীন্দ্র*, ১৯০৮। ৪ *বি* টানাটানি। 'যখন দেখিলেন জলের অসুবিধা তখন তিনি রন্ধন একেবারে ছাড়িয়াই দিলেন।' *রবীন্দ্র*, ১৯০৯। ৫ *বি* প্রতিবন্ধকতা। 'ইহাতে কিছু অসুবিধা আছে বটে কিন্তু সহজ করিবার চেষ্টা করিলে অসুবিধা আরো ...।' *রবীন্দ্র*, ১৯১২। ৬ *বি* সমস্যা। 'বাংলা বাক্যের অসুবিধা এই যে, সবুজপত্রে প্রকাশিত সাধু ভাষায় লিখিত পাঠ ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অসুবিধাকর [স] *বিণ* অসুবিধা হয় এমন। 'বীরত্ব জিনিসটা কোথাও বা সুবিধাকর কোথাও বা অসুবিধাকর হইতেও পারে।' *রবীন্দ্র*, ১৯১২।

অসুবিধাজনক [স] ১ *বিণ* বাধা সৃষ্টি করে এমন। 'রোদ জিনিসটা প্রহারকারীর পক্ষে অত্যন্ত অপ্রিয় এবং অসুবিধাজনক।' *রবীন্দ্র*, ১৯১২। ২ *বিণ* প্রতিকূল। 'বর্তমান যুদ্ধের অসুবিধাজনক অবস্থার সুযোগ গ্রহণ করিয়া ...।' *আজাদ*, ১৯৪১।

অসুবিধাবোধ [স] *বি* ঝামেলার সৃষ্টি। 'তাহার যে কতখানি বিস্ময়, বিরক্তি এবং অসুবিধা বোধ হইবে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

অসুভ [স অশুভ] *বিণ* অমঙ্গলজনক। 'অসুচ অসুভ স্বপ্ন দেখিল বিকটে।' *মালাধর*, ১৫০০।

অসুর [স] ১ *বি* দেবতাদের শত্রুদল (হিন্দুপুরাণ)। 'দেব অসুর নরগণে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* আর্য নয় এমন জাতিবিশেষ। 'আদিমবাসী দস্যু, রাক্ষস, অসুর, বা পিশাচ প্রভৃতি কৃষ্ণবর্ণ বর্ব্বরজাতিদিগকে ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

অসুরত্ব [স] *বি* দানবত্ব। 'অসুরত্বের বদনামটুকু সহ্য করে নিতে হয়।' *নজরুল*, ১৯২৬।

অসুরদল [স] *বিণ* অসুরকে দলনকারী। 'আহ্বে অসুরদল কাহে।' *বড়ু*, ১৪৫০।

অসুরনাশিনী [স] *বিণ স্ত্রী* দেবকুলের শত্রু বিনাশকারী। 'অসুরনাশিনী জগন্মাতার অকাল উদ্‌বোধনে।' *নজরুল*, ১৯২৫।

অসুরপুর [স] *বি* শত্রুর শিবির। 'অসুরপুরে শোর উঠেছে।' *নজরুল*, ১৯২২।

অসুরবিনাশী [স] *বিণ স্ত্রী* অসুর বিনাশকারী। 'অসুরবিনাশী উদ্যত অসি।' *নজরুল*, ১৯৩১।

অসুরভাব [স] *বি* অসুরসুলভ স্বভাব। 'এমন কি অসুরভাবের কথা পর্য্যন্ত যিনি ভুলিতে বলিয়াছেন।' *সবুজ*, ১৯২০।

অসুরমারণ [স] *বি* দানব হত্যা। 'আনুষঙ্গ কর্ম্ম এই অসুরমারণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অসুরা [স] *বি স্ত্রী* অসুর। 'মারিব অসুরা আজি বাহুর হাওাল।' *মালাধর*, ১৫০০।

অসুরারি [স অসুর-অরি] *বি* (হিন্দু পুরাণ) ইন্দ্র। 'হেরি অসুরারি দেবে শোকের সাগরে মগ্ন।' *মাইকেল*, ১৮৬০।

অসুরী [স] *বি স্ত্রী* অসুর। 'তারা তো অসুরী নন।' *মাহমুদ*, ১৯৬৩।

অসুলভ [স] *বিণ* সহজলভ্য নয় এমন। 'ঈদৃশ অসুলভ সুখসম্ভোগে কালহরণ করিতেছি।' *বিদ্যা*, ১৮৪৭।

অসুসার [অ+সুসার] *বি* প্রতিবন্ধকতা। 'বাসরঘরে অসুসার গেল না।' *দর্পণ*, ১৮২১।

অসুস্ত, অসুস্থ [স অসুস্থ] *বিণ* অসুস্থ। 'অসুস্ত।' *মেয়র্স*, ১৭৫৭; 'আমি সংকটাপন্ন অসুস্ত কি জানি কোন ভদ্রাভদ্রি হয়।' *মেয়র্স*, ১৭৭৩।

অসুস্থ [স] ১ *বিণ* রোগাক্রান্ত। 'সুস্থ মর্ম জানএ অসুস্থ যার গাএ।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আলাওল, ১৬৮০। ২ *বিণ* পীড়াদায়ক। 'শ্রান্ত হৃদি দিবানিশি করে হাহাকার! অসুস্থ আশার সেই মুমূর্ষু-নিশ্বাসে ...।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৩ *বিণ* অশান্ত। 'শরীরের সঙ্গে সঙ্গে মন ছিল অসুস্থ।' *রবীন্দ্র*, ১৯৩৪। ৪ *বিণ* অপ্রকৃতস্থ। 'তার মধ্যে সম্পূর্ণ প্রকাশ পায় না বলেই অসুস্থ হয়ে পড়ে, বিকৃতি ঘটে তার।' *রবীন্দ্র*, ১৯৩৪।

অসুস্থকর [স] *বিণ* বিকারগ্রস্ত। 'যেখানে যাহা কিছু অসুস্থকর অস্বস্তিকর ...।' *সবুজ*, ১৯২০।

অসুস্থতা [স] *বি* রোগগ্রস্ততা। 'রাজার অসুস্থতাজনিত অব্যবস্থিত অবস্থার সুযোগ নিয়ে ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

অসুস্থতাজনিত [স] *বিণ* অসুস্থতার ফলে সৃষ্ট। 'রাজার অসুস্থতাজনিত অব্যবস্থিত অবস্থার সুযোগ ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

অসুস্থ হওন *বি* অসুস্থ হওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

অসুস্থা [স] *বিণ স্ত্রী* অসুস্থ। 'কল্যাণ আমার পাছে অসুস্থা হন।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অসূয়া [স] *বি* হিংসা; দ্বেষ। 'জনসমাজের অসূয়া।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

অসূয়াদীর্ণ [স] *বিণ* ঈর্ষাকাতর। 'হয়নি অসূয়াদীর্ণ, তারও চোখ রূপ খোঁজে, অথচ আপন মুখ ভয়ে।' *শামসুর*, ১৯৫৯।

অসূয়াপরবশ [স] *বিণ* ঈর্ষান্বিত। 'সে ব্যক্তি নীচপ্রকৃতি ও অসূয়াপরবশ।' *বিদ্যা*, ১৮৫১।

অসূর্য [স] *বি* অন্ধকার। 'তবু পরিবর্তনে তোমার অসূর্য পেয়েছে ছাড়া।' *সুধীন্দ্র*, ১৯৩১।

অসূর্যম্পশ্য [স] ১ *বিণ* সূর্যের মুখ পর্যন্ত দেখা হয়নি এমন। 'অসূর্যম্পশ্যরূপ অবায়ুস্পর্শদেহ হয়ে ছয়টা দিন কেবল বেঁচে ছিলেম।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *ক্রিবিণ* সূর্যের মুখও না দেখে। 'বিচিত্রিত যবনিকা পত্রপুষ্পজালে বিবিধ বর্ণের লেখা, তারি অন্তরালে রহিয়া অসূর্যম্পশ্য ...।' *রবীন্দ্র*, ১৮৯০।

অসূর্যম্পশ্যা [স] *বিণ স্ত্রী* সূর্যের মুখ পর্যন্ত দেখেনি এমন; অন্তঃপুরবাসিনী। 'অন্তঃপুরচারিণী অসূর্যম্পশ্যা মহিলাদিগের প্রকাশ্য দরবারে প্রবেশ।' *সওগাত*, ১৯১৯।

অসূর্যলোক [স] *বি* অন্ধকার জগৎ। 'আত্মহা অসূর্যলোক, নক্ষত্রেও লেগেছে নিদুটি।' *সুধীন্দ্র*, ১৯৩৮।

অসূর্য্যম্পশ্যরূপা [স] *বি* সূর্য দেখেনি এমন রূপবতী নারী। 'অসূর্য্যম্পশ্যরূপারা ক্রমে দ্বিপ্রহরের রৌদ্রস্নাত রেলওয়ে-মঞ্চে গিয়া দেখা দিতেছেন।' *সবুজ*, ১৯১৭।

অসৃষ্ট [স] *বিণ* সৃষ্টি হয়নি এমন। 'সেই অসৃষ্ট সামগ্রীই বোধ হয় ঐশী শক্তির সীমানির্দেশক।' *বঙ্কিম*, ১৮৯২।

অসেতুবন্ধ্য [স] *বিণ* ঘোচানো সম্ভব নয় এমন। 'যাঁরা মনে করেন ঈশ্বর ও জগতের মধ্যে অসেতুবন্ধ্য ব্যবধান ..।' *আইয়ুব*, ১৯৭৩।

অসেতুসম্ভব [স] *বিণ* সেতুবন্ধনযোগ্য নয় এমন। 'যুক্তিবাদী ও ধর্মবিশ্বাসীদের মধ্যে অসেতুসম্ভব বিরোধ স্বাভাবিক।' *শিব*, ১৯৫৬।

অসেব্য [স] *বিণ* সেবন করা উচিত নয় এমন। 'যাহা অপকারী তাহাই অসেব্য।' *মশাররফ*, ১৮৮৯।

অসেস [স অশেষ] *বিণ* অন্তহীন। 'অসেস গভির আমি তোমার প্রীজিত।' *মালাধর*, ১৫০০।

অসৈনিক [স] *বিণ* অসামরিক। 'অসৈনিক জীবনযাত্রা নিরীক্ষণ করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯১৭।

অসৈরণ [স স্বৈরিণী>] *বি* রীতিবহির্ভূত আচার-ব্যবহার। 'অসৈরণ সইতে নারী মহাশয়।' *হুতোম*, ১৮৬১।

অসোক, অসোগ [স অশোক] *বি* অশোক। 'কুন্দবল্লী তরু ধএল নিসান। পাটল তূন অসোক দল বান।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'অরুন অসোগ দীপ দীহু আনি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অসোয়াস [স আশ্বাস] *বি* আশ্বাস। 'সত সম্ভাসে ন বচন পরগাসব জেহন কৃপন অসোয়াসে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অসোয়াস্ত [স অস্বস্তি] *বি* অস্বস্তি। 'লইয়া বিকল মন ... চিন্তিতে মনেতে অসোয়াস্ত।' *বিজয়*, ১৬৫০।

অসোয়াস্তি [স অস্বস্তি] *বি* অস্বস্তি। *মানোএল*, ১৭৪৩: 'সে হোটেলেও বোধ করি তেমনি অসোয়াস্তি হয়।' *রবীন্দ্র*, ১৮৮১।

অসোয়াস্তিকর [স] *বিণ* স্বস্তিকর নয় এমন। 'বর্তমান পরিস্থিতি তার কাছে অসোয়াস্তিকর ঠেকে।' *শওকত*, ১৯৭২।

অসোস্তি [স অস্বস্তি] *বি* শারীরিক উদ্বেগ বা অস্বাচ্ছন্দ্য। *ওসাঁ*, ১৭৮৫।

অসৌজন্য [স] ১ *বি* অশিষ্টতা। 'এ স্থলে কি আপনাদের এরূপ অসৌজন্য প্রকাশ করা উচিত।' *মাইকেল*, ১৮৬১। ২ *বি* রূঢ়তা। 'তাঁদের লেখায় শাসন ছিল, অসৌজন্য ছিল না লেশমাত্র।' *রবীন্দ্র*, ১৯৪০।

অসৌন্দর্য্য [স] *বি* সৌন্দর্যহীনতা। 'সমাজ বা অর্থনীতির কথা ভেবে সে নিজের অসৌন্দর্য্যকে ক্ষমা করে না।' *মোতাহের*, ১৯৫০।

অসৌভাগ্য [স] *বি* দুর্ভাগ্য। 'আপনার অসৌভাগ্য আজি হৈল জ্ঞান/ জগতে নাহি জগদানন্দ সম ভাগ্যবান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অসৌহৃদ্য [স] *বি* সহৃদয়তার অভাব। 'আসিরিয়ার লোকের অসৌহৃদ্য উপস্থিত হইলে ...।' *অক্ষয়*, ১৮৪৭।

অস্খলিত [স] *বিণ* বিচ্যুত হয়নি এমন। 'অস্খলিতসঙ্কল্পে সে মাতার আজ্ঞাপালনার্থে ধীরে ধীরে যাইতেছিল।' *বঙ্কিম*, ১৮৭৩।

অস্ট্রিচ [ই] *বি* উটপাখি। 'অস্ট্রিচ পাখি যে-রকম ভয় পেয়ে বালুতে মাথা গুঁজে ভাবে ...।' *মুজতবা*, ১৯৫৮।

অস্ট্রিয়ান, অস্ট্রীয়ান [ই] ১ *বিণ* অস্ট্রিয়ার অধিবাসী। 'সে ডাক জর্মান শুনেছে, ইংরাজ শুনেছে, ফরাসি শুনেছে, বেলজিয়াম শুনেছে, অস্ট্রিয়ান শুনেছে, রাশিয়ান শুনেছে।' *রবীন্দ্র*, ১৯১৬। ২ *বিণ* অস্ট্রিয়া সম্পর্কিত। 'প্রথম মহাসমরের পূর্বেকার অস্ট্রীয়ান-সাম্রাজ্য ...।' *ওয়াজেদ*, ১৯৪৩।

অস্ট্রেলিয়ান [ই] *বি* অস্ট্রেলিয়ার অধিবাসী। 'নিঃসহায় দুর্বল অস্ট্রেলিয়ানদের মেয়েদের পর্যন্ত ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অস্ট্রেলীয় [ই অস্ট্রেলিয়া+স ঈয়] *বিণ* অস্ট্রেলিয়ার। 'অস্ট্রেলীয় সরকারের আমন্ত্রণ।' *বেগম*, ১৯৬৩।

অস্ত [স] ১ *বি* অবসান। 'দিন অস্ত গেল নিশি প্রথম প্রহর।' *মালাধর*, ১৫০০। ২ *বি* ডোবা। 'হেন কালে নিশি হইল অস্ত গেল রবি।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৩ *বিণ* শেষ। 'আশঙ্কার সময় অস্ত হইতেছে।' ১৮৪৪।

অস্ত-অচল [স] *বি* সূর্য যেখানটায় অস্ত যায় বলে মনে হয়। 'চেয়ে দেখো ওই অস্ত-অচলের পানে।' *রবীন্দ্র*, ১৮৯০।

অস্ত-আকাশ [স] *বি* অস্তায়মান সূর্যের আভাযুক্ত আকাশ। 'সোফায় বসিয়া অস্ত-আকাশের রং-এর খেলা দেখিতে লাগিল।' *নজরুল*,

AMARBOI.COM

১৯৩১।

অস্তকাল [স] *বি* সূর্য ডোবার সময়। 'মধ্যাহ্ন কালাবধি অস্তকাল পর্যন্ত।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

অস্তগগন [স] *বি* সূর্যাস্তের সময়ের আকাশ। 'ধূসর আলোকে মুদিবে নয়ন অস্তগগন রে।' *রবীন্দ্র*, ১৯০৬।

অস্তগত [স] *বিণ* অস্তাচলগত। 'দিনমণি অস্তগতে নলিনী মুদিত।' *বাহরাম*, ১৬৫০।

অস্তগতা [স] *বিণ* স্ত্রী অস্ত গিয়েছে এমন। 'কোটি তারকা কি হয়নি অস্তগতা।' *অন্নদা*, ১৯২৭।

অস্তগমন [স] *বি* ডুবে যাওয়া। 'নিতান্ত উৎসুক চিত্তে, সূর্যদেবের অস্তগমন প্রতীক্ষা করিতে লাগিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

অস্তগমনছায়া [স] *বি* অস্তমিত হওয়ার সময়। 'জীবনসূর্যের অস্তগমনছায়ায় বেশী করিয়া মনে পড়িতেছে।' *হাই*, ১৯৫৪।

অস্তগামি [স অস্তগামী] *বিণ* অস্ত যাচ্ছে এমন। 'অস্তগামি-ভানু-প্রভা-সদৃশ বিতরি।' *মাইকেল*, ১৮৬৬।

অস্তগামী [স] *বিণ* অস্ত যাচ্ছে এমন। 'অস্তগামী তপনেরে করিব বীক্ষণ।' *রবীন্দ্র*, ১৮৮০।

অস্তগিরি [স] *বি* সূর্যাস্তের স্থান হিসেবে কল্পিত পাহাড়। 'মেঘচুম্বিত অস্তগিরির চরণতলে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অস্তগোধূলি [স] *বিণ* সূর্য ডোবার সময়কার। 'জাগো অস্তগোধূলি-বেলা দিবাঅবসান।' *নজরুল*, ১৯৩০।

অস্তঘাট [স] *বি* অস্ত যাওয়ার স্থান। 'সেই মিলনের ভরাট পুলক অস্তঘাটে ডুবে।' *নজরুল*, ১৯২৩।

অস্তচাঁদ [স অস্ত+স চন্দ্র] *বি* ডুবে যাওয়া চাঁদ। 'অস্তচাঁদের বাসনা ভোলাতে অরুণ অনুরাগে।' *নজরুল*, ১৯৩৫।

অস্ত-তারা [স] *বি* সন্ধ্যাতারা। 'আমাদের উভয়ের অস্ত-তারা উষা-তারার উদয়-তারার মিলন হবে কিনা বলতে পারি না।' *নজরুল*, ১৯২৩।

অস্ততোরণ [স] *বি* বিদায়ের দরজা। 'অস্ততোরণ হতে আমি তাকে যে বিস্মিত ...।' *নজরুল*, ১৯৩৮।

অস্তদিগন্ত [স] *বি* শেষ বয়স। 'মানুষের আয়ুতে ষাটের কোঠা অস্তদিগন্তের দিকে হেলে-পড়া।' *রবীন্দ্র*, ১৯২৯।

অস্তদিঘি [স অস্ত+স দীর্ঘিকা] *বি* অস্তদিগন্ত। 'মৃত্যু তোমায় ভয় পেয়েছে, রাত্রি এল অস্তদিঘির পার।' *শঙ্খ*, ১৯৫৫।

অস্তদেশ [স] *বি* যেদিকে সূর্য অস্ত যায়; পশ্চিম দিক। 'পুবের পরিরে নিয়া অস্তদেশ পানে।' *নজরুল*, ১৯২৫।

অস্তপথ [স] **১** *বি* অস্তাচলের পথ। 'কেন অস্তপথ-পানে সঙ্গে নাহি নিয়ে গেল ছায়ার মতন?' *রবীন্দ্র*, ১৮৮৯। **২** *বি* পশ্চিম আকাশ। 'ধূসর প্রদোষে আজি অস্তপথ জুড়ে নিশাচর মিথ্যা চলে উড়ে।' *রবীন্দ্র*, ১৯২৯।

অস্ত-পল্লী [স] *বি* অস্তাচল। 'আকাশ পথ বেয়ে অস্ত-পল্লীর পথে চলতে লাগল।' *নজরুল*, ১৯২৪।

অস্তপাট [স] *বি* সূর্য যেখানটাতে অস্ত যায় বলে ধারণা করা হয়; অস্তাচল। 'আজও আছ অস্তপাট আলো করি আমাদেরই রবি।' *নজরুল*, ১৯২৯।

অস্তপার [স] *বি* অস্তাচল। 'অস্তপারের সন্ধ্যাতারায় আমার খবর পুছবে।' *নজরুল*, ১৯২৩।

অস্তপ্রায় [স] **১** *বিণ* ডুবে যাচ্ছে এমন। 'পূর্বগগনের মূলে যেন অস্তপ্রায়।' *রবীন্দ্র*, ১৮৯০। **২** *বিণ* প্রায় শেষ। 'তখন পারস্য শিক্ষা অস্তপ্রায়, ইংরাজি শিক্ষার অরুণোদয় হইতেছে মাত্র।' *রবীন্দ্র*, ১৯০৯।

অস্ত-বাতায়ন [স] *বি* অস্তাচল। 'আকাশের অস্ত-বাতায়নে অনন্ত দিনের কোন্ বিরহিণী কনে।' *নজরুল*, ১৯২৩।

অস্তমান [স] *বিণ* অস্ত যাচ্ছে এমন। 'শুকতারা স্নেহমাখা করুণ-নয়ানে চেয়ে থাকে অস্তমান যামিনীর পানে।' *রবীন্দ্র*, ১৮৮১; 'অস্তমান রবি।' *রবীন্দ্র*, ১৮৮৬।

অস্তমিত [স] **১** *বিণ* অস্ত গিয়েছে এমন। 'দিবাকর অস্তমিত হইল প্রদোষ।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বিণ* বিগত। 'গত শতাব্দীর বর্ষশেষের পশ্চিম দিগন্তসীমায় অকালে অস্তমিত হইলেন।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৩** *বিণ* সাঙ্গ। 'তাহার জীবন অস্তমিত হইল।' *রবীন্দ্র*, ১৯০৮।

অস্ত যাওয়া [স অস্ত+যাওয়া] *ক্রি* সূর্য ডোবা। 'সূর্য অস্ত গেলেন।' *বঙ্কিম*, ১৮৭৮।

অস্তযাত্রা [স] *বি* অস্ত যাওয়ার উদ্দেশে যাত্রা। 'সূর্যের অস্তযাত্রার আয়োজনে ব্যস্ত।' *রবীন্দ্র*, ১৯২৯।

অস্তরবি [স] *বি* অস্তগামী সূর্য। 'অস্তরবির সোনার কিরণে নতুন বরনে লেখা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অস্তরবিকর [স] *বি* অস্তগামী সূর্যের আলো। 'অস্তরবিকরে সুবর্ণ-সমুদ্রসম সমতলভূমি গেছে চলে নিরুদ্দেশ কোন বিশ্ব-পানে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

অস্তরাগ [স] **১** *বি* সূর্যাস্তকালের রং। 'অস্তরাগের মেঘের চুমায় রেঙে।' *জীবন*, ১৯২৭। **২** *বি* সমাপ্তি লগ্ন। 'জেনেছি আজন্ম তাই মুমুক্ষু কালের অস্তরাগে।' *শামসুর*, ১৯৫৯।

অস্তশিখর [স] *বি* অস্তাচল। 'অস্তশিখরশিরে চাইল রবি শেষ-চাওয়া তার।' *রবীন্দ্র*, ১৯২৭।

অস্তশিখরী [স] *বি* অস্তাচল। 'কোথায় তোমার উদয়াচল, কোথায় বা তোমার অস্তশিখরী তাহা প্রশ্ন করিতও সকলে বিস্মৃত হইল।' *রবীন্দ্র*, ১৯০৭।

অস্তসবিতা [স] *বি* অস্তায়মান সূর্য। 'উঠিছে রক্তিম হ'য়ে রক্তরাগে অস্তসবিতার।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

অস্তসাগর [স] *বি* যে সাগরের অন্তরালে সূর্য অস্ত যায়। 'আলোকের খেয়া হয়ে গেল দেয়া অস্তসাগর পারায়ে।' *রবীন্দ্র*, ১৯১০।

অস্তসিন্ধু [স] *বি* সমুদ্ররূপ যে স্থানে সূর্য অস্ত যায়। 'পৃথিবীর মাঝখানে উদয়সমুদ্র হতে অস্তসিন্ধুপানে প্রসারিয়া আপনারে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অস্তসূর্য [স] *বি* অস্তায়মান সূর্য। 'আমার এই পথযাত্রার ছবি অস্তসূর্য আকাশে এঁকে দিল।' *রবীন্দ্র*, ১৯২২।

অস্তহীন [স] **১** *বিণ* কখনো অস্তমিত হয় না এমন। 'ভোরের অস্তহীন – অবর্ণনীয় জলের বেবিলন।' *জীবন*, ১৯৩২। **২** *বিণ* অন্তহীন। 'নিয়ত স্পন্দিত করি দ্যুলোকের অস্তহীন রাত।' *রবীন্দ্র*, ১৯৪০।

অস্তাক্ত [স] *বিণ* অস্তগামী সূর্যের মতো রক্তিম। 'পাগড়ি বেঁধে অস্তাক্ত আলোকে।' *জীবন*, ১৯৪০।

অস্তাচল [স অস্ত-অচল] *বি* পশ্চিম দিকের কল্পিত পর্বত, সূর্য যেখানে আড়াল হয়। 'পূর্বে উদয়ে গিরি বন্দম পশ্চিমে অস্তাচলে।' *বিজয়*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬৫০।

অস্তাচলচূড়াবলম্বী [স অস্ত-অচল-চূড়াবলম্বী] *বিণ* অস্তাচলে যাচ্ছে এমন। 'সূর্য অস্তাচলচূড়াবলম্বী।' *বিভূতি*, ১৯৩৮।

অস্তায়মান [স] *বিণ* অস্ত যাচ্ছে এমন। 'অস্তায়মান সূর্যের রশ্মি ছড়িয়ে সূর্যাস্তকালীন দৃশ্য পরিস্ফুট করতে হয়।' *শরীফ*, ১৯৬৮।

অস্তোন্মুখ [স] *বিণ* অস্ত যাচ্ছে এমন। 'আমার যশঃসূর্য পশ্চাতে অস্তোন্মুখ হইল।' *রবীন্দ্র*, ১৮৯৮।

অস্তর [স অস্ত্র] ১ *বি* অস্ত্র বানানোর ছুরি। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* অস্ত্র। 'অস্তরের মধ্যে টেবিল ও পেননাইফ ব্যবহার করে থাকেন।' *হুতোম*, ১৮৬১। দ্র **অস্ত্র**

অস্তি [স] *বি* বিদ্যমানতা। **অস্তি-নাস্তি** [স] *বি* থাকা না-থাকা। 'অস্তি-নাস্তি ন জানাস্তি আমি বেটা মরি খেটে।' *গুপ্ত*, ১৮৫৮।

অস্তিকোটর [স] *বি* মাথা। 'অস্তিকোটরের মধ্যে দুঃখ-নামক একটা ব্যাপারের উদ্ভব হবে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অস্তিবাদী [স] ১ *বিণ* আস্তিক। 'সম্প্রতি সে অস্তিবাদী, গ্রন্থে ভরপুর, উসকো খুসকো চুল।' *শামসুর*, ১৯৬৮। ২ *বিণ* রক্ষণশীল। 'আমাদের সর্ব কারুকাজে, অস্তিবাদী জিরাফেরা বাড়িয়েছে ব্যক্তিগত গলা।' *মাহমুদ*, ১৯৭৩।

অস্তিবাচক [স] *বিণ* ইতিবাচক। 'বাক্যগুলিকে অস্তিবাচক করো।' *রবীন্দ্র*, ১৯৪০।

অস্তিত্ব [স] ১ *বি* বিদ্যমানতা। 'আকারশূন্য পরমাণুসমষ্টির অস্তিত্ব।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বি* সত্তা। 'তাহার হৃদয়ে সন্ধ্যার একটি স্বতন্ত্র জীবন্ত অস্তিত্ব আছে।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বি* উপস্থিতি। 'অমঙ্গলের মধ্যেও যে মঙ্গলের অস্তিত্ব দেখা যায় তাহাতে সন্দেহ নাই।' *রবীন্দ্র*, ১৯০৮। ৪ *বি* ছড়াছড়ি। 'আমাদের সমাজে এরূপ শাশুড়ির বিশেষ অস্তিত্ব কেহ অস্বীকার করেন না।' *রবীন্দ্র*, ১৯০৮।

অস্তিত্বগত [স] *বিণ* অস্তিত্ব সম্পর্কিত। 'ব্যক্তির অস্তিত্বগত বোধবুদ্ধি, কল্পনা, ইচ্ছা, উদ্যম পরিবর্তনের একটি প্রধান উৎস।' *শিব*, ১৯৫৬।

অস্তিত্বজ্ঞান [স] *বি* বিদ্যমান আছে এমন বোধ। 'যে জ্ঞানের নিমিত্ত মনুষ্যেরা ... ঈশ্বরের অস্তিত্বজ্ঞান লাভ করিয়াছেন ...।' *মশাররফ*, ১৮৬৯।

অস্তিত্বতন্ত্রী [স] *বিণ* অস্তিত্ববাদী। 'শেষ পর্যন্ত তাঁর অস্তিত্বতন্ত্রী শিল্পী-প্রকৃতিই জয়ী হলো।' *শিব*, ১৯৫০।

অস্তিত্বতান্ত্রিক [স] *বিণ* অস্তিত্ববাদ সম্পর্কিত। 'রেনেসাঁসের এই অস্তিত্বতান্ত্রিক দৃষ্টিভঙ্গি গোয়েটের উপরে বর্তায়।' *শিব*, ১৯৫০।

অস্তিত্বধারা [স] *বি* অস্তিত্বমানতা। 'অস্তিত্বধারার বৃহৎ স্মৃতি আলোকোদ্ভাসিত মানবাত্মাকে অবলম্বন করিয়া ...।' *হাই*, ১৯৫৪।

অস্তিত্ব-পট [স] *বি* সত্তার পর্দা। 'ব্যথা হয়ে বাজে মাঝে মাঝে তারও চোখ আমার অস্তিত্ব-পটে।' *শামসুর*, ১৯৬৩।

অস্তিত্ব-প্রতিপাদক [স] *বিণ* যুক্তি দ্বারা বিদ্যমানতা নির্ণায়ক। 'উপরিকথিত নির্ম্মাণ-কৌশল ঈশ্বরের অস্তিত্ব-প্রতিপাদক হয় না।' *বঙ্কিম*, ১৮৯২।

অস্তিত্ব-বাচক [স] *বিণ* ইতিবাচক। 'প্রথম বাক্যের দুই অংশই অস্তিত্ববাচক, শেষ বাক্যের দুই অংশই কর্তৃত্ববাচক।' *রবীন্দ্র*, ১৮৯২।

অস্তিত্ববাদ [স] *বি* সৃষ্টিকর্তা আছেন এই মতবাদে বিশ্বাস। 'গোলা দাগেন ঈশ্বরের অস্তিত্ববাদের উপরে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অস্তিত্ববিহীন [স] *বিণ* অস্তিত্বশূন্য। 'সেই গতিহারা ঝঞ্ঝা ধূলিলীন অস্তিত্ববিহীন।' *ফররুখ*, ১৯৪৩।

অস্তিত্বশূন্য [স] *বিণ* অস্তিত্বহীন। 'সত্ত্বশূন্য সময়ঘড়ির অস্তিত্বশূন্য আলোর দেশ।' *জীবন*, ১৯৩২।

অস্তিত্বহীন [স] *বিণ* অস্তিত্বশূন্য। 'অস্তিত্বহীন অস্তিত্বকে সে বয়ে বেড়িয়েছে।' *মানিক*, ১৯৩৫।

অস্তিত্বহীনা [স] *বিণ স্ত্রী* অস্তিত্ব নেই এমন। 'এক অত্যাশ্চর্য অস্তিত্বহীনা মানবী।' *মানিক*, ১৯৩৬।

অস্থির [স অস্থির] *বিণ* অস্থির। 'এমত কাঁচা ছাওয়াল বর্বর অস্তির।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

অস্তীতিবাদী [স] *বিণ* অর্থহীন জগতে মানুষ স্বাধীনভাবে এবং নিজের দায়িত্বে যা কিছু করতে পারে এমন ধারণায় বিশ্বাসী। 'তাঁর মানবতাবোধ অস্তীতিবাদী বললে বোধ হয় অতিকথন হয় না।' *রমেন*, ১৯৭০।

অস্তুত [স স্তুতি] *বি* স্তুতি। 'কহি গুণ যত করিয়া অস্তুত।' *আলাওল*, ১৬৮০।

অস্তেব্যস্তে [স অস্তব্যস্ত] *ক্রিবিণ* তাড়াতাড়ি। 'অস্তেব্যস্তে গেলা নারী ছাওয়ালের কাছে।' *সুলতান*, ১৭০০।

অস্তেয় [স] *বি* অন্যায়ভাবে পরদ্রব্য গ্রহণ না করা; চুরি না করা। 'সত্য, ক্ষমা, দয়া, অস্তেয় প্রভৃতি কতিপয় ঈশ্বর বিহিত ধর্ম।' *অক্ষয়*, ১৮৮৮।

অস্তোন্মুখ দ্র **অস্ত**

অস্ত্যর্থ [স] *বিণ* বিদ্যমান। 'অস্থিমধ্যে অস্ত্যর্থ জীবন।' *ভারত*, ১৭৬০।

অস্ত্যর্থ [স] *বিণ* আছে এই অর্থবোধক। 'তাহার উত্তর অস্ত্যর্থ প্রত্যয় করা অবিধি।' *বিদ্যা*, ১৮৭৩।

অস্ত্র [স] ১ *বি* হাতিয়ার। 'অজেয় অচ্ছেদ অস্ত্র সেইত মৃদ্গর।' *মালাধর*, ১৫০০; 'ধৈর্যই সৌন্দর্যের অস্ত্র।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বি* উদ্দেশ্য সাধনে ব্যবহারের উপযোগী অবলম্বন। 'খলতা আর অন্যায় ক্ষমতার অস্ত্র ধারণ।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* যুদ্ধাস্ত্র। 'পাণ্ডুপুত্র ও ধৃতরাষ্ট্রপুত্রদিগের অস্ত্র পরীক্ষা।' *অক্ষয়*, ১৮৪৮। ৪ *বি* উপায়। 'দেহ হইতে সেই প্রাণটুকু স্বতন্ত্র বাহির করিয়া আয়ত্তের মধ্যে আনিবার জন্য কোনো অস্ত্র বাহির হয় নাই।' *রবীন্দ্র*, ১৯০৭। ৫ *বি* প্রতিকার। 'এই ঘৃণাই তখন অস্ত্র।' *রবীন্দ্র*, ১৯১৬।

অস্ত্রকরণ [স] *বি* রক্তপাত ঘটানো। *ওসাঁ*, ১৭৮৫।

অস্ত্র করা [স অস্ত্র+করা] *ক্রি* অস্ত্রোপচার করা। 'রাত্রেই গোপীর হাঁটুতে আবার অস্ত্র করা হয়।' *মানিক*, ১৯৩৬।

অস্ত্রকার [স] *বি* অস্ত্রনির্মাতা। 'নিপুণ অস্ত্রকার এমন সূক্ষ্ম তরবারি নির্মাণ করিতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অস্ত্রক্ষেপ [স] *বি* অস্ত্র ক্ষেপণ। 'অব্যর্থসন্ধান গ্রীক বীরগণের শরাদি অস্ত্রক্ষেপে ভীত।' *অক্ষয়*, ১৮৫৪।

অস্ত্রখেলা [স] *বি* অস্ত্র চালনা। 'পিতা হাতে তার দ্যান হাতিয়ার শেখান অস্ত্রখেলা।' *সত্যেন্দ্র*, ১৯১০।

অস্ত্রচালনা [স] *বি* যুদ্ধ। 'আমেরিকাবাসিরা এই সমুদায় দুঃসহ দুর্ব্ব্যবহার অসহমান হইয়া অস্ত্রচালনা দ্বারা এ বিবাদের নিষ্পত্তি করণার্থ প্রতিজ্ঞারূঢ় হইল।' *অক্ষয়*, ১৮৫০।

অস্ত্রচিকিৎসা [স] *বি* শল্যচিকিৎসা। *ওসাঁ*, ১৭৮৫; 'দেহতত্ত্ব অনুসারে য়ুরোপে অস্ত্রচিকিৎসা চলে সেটা য়ুরোপীয়।' *রবীন্দ্র*,

AMARBOI.COM

১৯১৭।

অস্ত্রজাতি [স] *বি* ক্ষত্রিয়। 'জল মৈত্রে প্রবেসিয়া দেখিলা অস্ত্র জাতি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অস্ত্রত্যাগ [স] *বি* অস্ত্রসমর্পণ। 'অস্ত্রত্যাগ পূর্ব্বক বশীভূত হইয়া গবর্ণমেন্টের প্রসাদ লইবেক।' *সুধাবর্ষণ*, ১৮৫৫।

অস্ত্রদীক্ষা [স] *বি* অস্ত্রচালনার শিক্ষা। 'রামের অস্ত্রদীক্ষা যেমন বিশ্বমিত্রার কাছে থেকে ... ।' *রবীন্দ্র*, ১৯২৯।

অস্ত্রধারণ [স] *বি* হাতিয়ার গ্রহণ। 'এতদ্দেশীয় প্রজারদের মধ্যে যুদ্ধোৎসাহ কি বাবু লোকেরদিগকে অস্ত্রধারণের প্রবোধ কখনই দিতে পারিবেন না।' *দর্পণ*, ১৮৩৪।

অস্ত্রধারি [স অস্ত্রধারী] *বিণ* সশস্ত্র। 'অস্ত্রধারি লোক স্থানে২ নিয়োজিত হইল।' *রামরাম*, ১৮০১।

অস্ত্রধারী [স] *বিণ* সশস্ত্র। 'চতুর্দিকে অস্ত্রধারী পদাতিক রাখে।' *বৃন্দা*, ১৫৮০।

অস্ত্রপরীক্ষা [স] *বি* অস্ত্রচালনার দক্ষতা পরীক্ষা। 'দুই বিবাহেরই গোড়ায় অস্ত্রপরীক্ষা অথচ সেই পরীক্ষা বিবাহযোগ্যতা প্রসঙ্গে নিরর্থক।' *রবীন্দ্র*, ১৯২৯।

অস্ত্রবরিষণ [স অস্ত্রবর্ষণ] *বি* অস্ত্রনিক্ষেপ। 'চতুর্দ্দিকে ঘিরিয়া অবিরত অস্ত্র বরিষণ করিতে লাগিল।' *মশারফ*, ১৯০৮।

অস্ত্র-বর্ম-সজ্জিত [স] *বিণ* অস্ত্র ও বর্ম দিয়ে সাজানো। 'ইংরেজ শাসকদের অস্ত্র-বর্ম-সজ্জিত কোন প্রহরী অন্তত কিছুদিন তাহাদের সন্ধান পাইবে না।' *শওকত*, ১৯৫৮।

অস্ত্রবর্ষণ [স] *বি* অস্ত্রনিক্ষেপ। 'নিরস্ত্র শত্রুদের প্রতি বায়ুরথ থেকে অস্ত্রবর্ষণ প্রভৃতি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অস্ত্রবল [স] *বি* অস্ত্রের শক্তি। 'অস্ত্রবল অপেক্ষা বাক্যবল গরীয়ান।' *বঙ্কিম*, ১৮৭৯।

অস্ত্রবিদ্যা [স] *বি* অস্ত্র ব্যবহার বিদ্যা। 'সত্যবাদী জিতেন্দ্রিয় অস্ত্রবিদ্যাতেও তৎপর।' *রামরাম*, ১৮০১।

অস্ত্রবৈদ্য [স] *বি* শল্যচিকিৎসক। *ওঝা*, ১৭৮২।

অস্ত্রমণি [স] *বি* শ্রেষ্ঠ অস্ত্র; তলোয়ার। 'অস্ত্রমণি উপরে উদ্যান দিয়া কাঁপে।' *মানিকরাম*, ১৭৮১।

অস্ত্রলেখা [স] *বি* আঘাতের চিহ্ন। 'পৃষ্ঠে নাহি অস্ত্রলেখা।' *মাইকেল*, ১৮৬১।

অস্ত্রশস্ত্র [স] **১** *বি* আক্রমণ করা এবং আক্রমণ ঠেকানো যায় এমন বিবিধ অস্ত্র। 'রাজপুরুষ অস্ত্রশস্ত্রাদি সম্বলিত বহুলোক সমভিব্যাহারে তথায় আসিয়া।' *বঙ্গদূত*, ১৮২৯। **২** *বি* যন্ত্রপাতি। 'চর্ম্মকারের ... স্বীয় ব্যবসায়ের অস্ত্রশস্ত্রাদি লইয়া জীবিকার্থ যত্ন পাইতেছিলেন।' *দর্পণ*, ১৮৩৪।

অস্ত্রশালা [স] *বি* অস্ত্রাগার। 'এই দেশে টুলো নামক স্থানে, সৈন্যসংক্রান্ত অস্ত্রশালা ছিল।' *বিদ্যা*, ১৮৬৩।

অস্ত্রশস্ত্র [স] *বি* অস্ত্রাদি। 'অস্ত্রে শস্ত্রে বিশারদ অতুল প্রমাণ।' *বাহরাম*, ১৬৫০।

অস্ত্রসঞ্চালন [স] *বি* অস্ত্র চালনা। 'অস্ত্রসঞ্চালনপূর্ব্বক ঐ বিচারাগার আক্রমণ করিল।' *অক্ষয়*, ১৮৪৬।

অস্ত্রসজ্জ [স অস্ত্রশস্ত্র] *বি* অস্ত্রশস্ত্র। 'অস্ত্রসজ্জ বিশারদ মহিমা অপার।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অস্ত্র হওয়া [স অস্ত্র+হওয়া] *ক্রি* অস্ত্রোপচার হওয়া। 'ছেলেবেলায় অস্ত্র হবার দরুন বাঁ পা টা একটু টেনে চলত।' *শরৎ*, ১৯১৭।

অস্ত্রহীন [স] *বিণ* অস্ত্র নেই এমন। 'নারী, অস্ত্রহীন, বলহীন, নিরুপায়, অসহায় – আমি কি ভীষণ এত।' *রবীন্দ্র*, ১৮৯০।

অস্ত্রাগার [স অস্ত্র-আগার] *বি* অস্ত্র রাখার ভবন। 'সকল চিত্র, অস্ত্রাগার, চিত্রিত বস্ত্র ... আমার অন্তঃকরণকে অত্যন্ত আকর্ষণ করিয়াছে।' *অক্ষয়*, ১৮৪২।

অস্ত্রাঘাত [স অস্ত্র-আঘাত] **১** *বি* অস্ত্রের আঘাত। 'অষ্টমমাসীয় জীবদিগকে অস্ত্রাঘাতে ... নষ্ট করে।' *দর্পণ*, ১৮৩৪। **২** *বি* অস্ত্রোপচার। 'অস্ত্রাঘাতে ক্ষতচিকিৎসার ন্যায় সামাজিক অনিষ্টের ... ইষ্টসাধন করিতে হইল।' *বঙ্কিম*, ১৮৭৯।

অস্ত্রালয় [স অস্ত্র-আলয়] *বি* অস্ত্রশালা। 'ধায় ব্যাধ যথা অস্ত্রালয়ে, বাছি বাছি লইতে সতুরে ... ।' *মাইকেল*, ১৮৬১।

অস্ত্রী [স] **১** *বিণ* অস্ত্রধারী। 'অস্ত্রী-দল-অপবাদ ঘুচাইব আজি।' *মাইকেল*, ১৮৬১। **২** *বি* অস্ত্র চালনাকারী। 'বিমুখ ব্রহ্মাস্ত্র আসি অস্ত্রীকেই বধে।' *রবীন্দ্র*, ১৮৯২।

অস্ত্রোপচার [স অস্ত্র-উপচার] *বি* দেহে ছুরি-কাঁচি ইত্যাদি অস্ত্র চালিয়ে চিকিৎসা; শল্যচিকিৎসা। 'রাষ্ট্রবিপ্লবের অস্ত্রোপচারই করো, পৃথিবীর জোয়ান জাতিগুলোর সঙ্গে সব বিষয়ে পাল্লা দিয়ে ...?' *অন্নদা*, ১৯২৮।

অস্থ [স] *বিণ* গভীর। 'তার অস্থ তুষ্টি-রুষ্টি যন্ত্রবৎ সমানুপাতিক।' *সুধীন্দ্র*, ১৯৪০।

অস্থান [স] *বি* অনুপযুক্ত জায়গা। 'অস্থানে পতিত ভালো জিনিসও জঞ্জাল।' *রবীন্দ্র*, ১৯০৫।

অস্থাবর [স] **১** *বিণ* এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যাওয়া যায় এমন। 'অস্থাবর তাবৎ সম্পত্তি বিক্রীত হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৬। **২** *বিণ* অস্থির। 'অস্থাবর প্রমোদের শব অনুর্বর সাম্প্রতেরে করিবারে চায় পরাভব।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অস্থায়ী [স] *বিণ* সাময়িক। 'অস্থায়ীভাবে নিম্ন বেতনের চাকুরী।' *দর্শন*, ১৯২৪।

অস্থায়িত্ব [স] *বি* স্থায়ী না হওয়া। 'জগতের অস্থায়িত্ব বুঝিয়া নশ্বর মানব-শরীর ... ।' *মশারফ*, ১৮৮৫।

অস্থি [স] *বি* হাড়। 'অস্থি-গ্রন্থি ভিন্ন চর্ম্ম আছে মাত্র তাত।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'ছয় মাসের পচামড়া অস্থি আর মাংস ছাড়া।' *কেতকা*, ১৬৫০।

অস্থিচর্ম [স] *বি* হাড় ও চামড়া। 'পেশী স্নায়ু অস্থিচর্ম বৃহৎ স্থান অধিকার করে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

অস্থিচর্মসার, অস্থিচর্ম্মসার [স] *বিণ* কেবল হাড় ও চামড়া অবশিষ্ট আছে এমন। 'বিবর্ণ হইলা শচী অস্থিচর্ম সার।' *বৃন্দা*, ১৫৮০; 'সেই সব পিতৃ মাতৃহীন অস্থিচর্ম্মসার শিশুদিগের প্রতি ... ।' *সবুজ*, ১৯২১।

অস্থিজ [স] *বিণ* অস্থি থেকে জাত। 'সেই অস্থিজ জীবকে আবার মানুষ করবার জন্য উদগ্রীব।' *প্রমথ*, ১৯২৭।

অস্থিজর্জর [স] *বিণ* হাড়জীর্ণ। 'একজন অস্থিজর্জর অর্ধ-উপবাসী ... ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

অস্থিদাহকারী [স] *বিণ* অতি জ্বালাতনকারী; অতি দুষ্ট। 'এই অস্থিদাহকারী দস্যু-মেয়েকে ঘরে আনার জন্য তাহাকে যথেষ্ট গঞ্জনা করিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অস্থিপঞ্জর [স] *বি* হাড়গোড়। 'তাহার অস্থিপঞ্জর ঢাকা দিবার সময় কোথায়?' *শরৎ*, ১৯১৬।

অস্থিবিদ্যা [স] *বি* অস্থিবিষয়ক শাস্ত্র। 'ক্যাম্বেল স্কুলের এক ছাত্রের কাছে অস্থিবিদ্যা পড়িতাম।' *রবীন্দ্র*, ১৮৯১।

অস্থি-বুদ্‌বুদ [স] *বি* মগজ। 'দুশ্চিন্তা, দুরাশা, অনিদ্র ও শিরঃপীড়া ঐ মাথার খুলিগুলোর ঐ গোলাকার অস্থি-বুদ্‌বুদগুলোর মধ্যে থেকে অব্যাহতি ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

অস্থিমজ্জা [স] ১ *বি* মনোলোক। 'কিছু-না-কিছু লোকের অস্থিমজ্জায় প্রবেশ করে।' *হরপ্রসাদ*, ১৮৭৮। ২ *বি* অভ্যন্তর। 'দেশের দুরবস্থার কারণ তাহার অস্থি-মজ্জার মধ্যে নিহিত রহিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অস্থিমজ্জাগত [স] ১ *বিণ* সর্বাঙ্গীণ। 'দেশের অস্থি-মজ্জাগত উন্নতি হইবে না।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* সহজাত ও বদ্ধমূল। 'অস্থিমজ্জাগত অবজ্ঞা।' *রবীন্দ্র*, ১৯১৫।

অস্থিময় [স] *বিণ* হাড়সর্বস্ব। 'স্রোতোবাহিত কঙ্কালমালা, অস্থিময় কুম্ভীরগণ, সকলই ভীষণান্ধকারে দেখা যাইতেছে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অস্থিমাংস [স] *বি* অঙ্গপ্রত্যঙ্গ। 'নিজের অস্থিমাংস দিয়ে সেই প্রতাপের ইন্ধন জোগায়।' *রবীন্দ্র*, ১৯৩১।

অস্থিমালা [স] *বি* হাড়ের তৈরি মালা। 'সেই অস্থিমালা গলে দেহ ফুলমালা।' *গিরিশ*, ১৮৮৭।

অস্থিমাস [স অস্থিমাংস] *বি* হাড় ও মাংস। 'আত্মা আমার! খুলতে যদি পারতিস এই অস্থিমাস।' *নজরুল*, ১৯৫৯।

অস্থিশুষ্ক *বিণ* হাড়ের মতো শুষ্ক। 'এই অস্থিশুষ্ক খরভূমিতে পল্লবঘন বীথিকা নির্মাণ করতে পেরেছিল।' *মুজতবা*, ১৯৬০।

অস্থিসংস্থান [স] *বি* অস্থির বিন্যাস। 'এ কথা বলার অর্থ হাড় অস্থিসংস্থান, পেশীর বন্ধন প্রভৃতি।' *প্রমথ*, ১৯১৩।

অস্থিসঞ্চারিণী [স] *বি* ভাঙা হাড় জোড়া লাগানোর ঔষধিবিশেষ। 'মৃত্যুসঞ্জীবনী নাম অস্থিসঞ্চারিণী।' *মুকুন্দ*, ১৬০০।

অস্থিসন্ধি [স] *বি* হাড়ের জোড়া। 'অস্থিসন্ধি ছুটিল চর্ম্ম করে নড়বড়ে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অস্থিসর্বস্ব *বিণ* কঙ্কালসার। 'দুর্বল, অস্থিসর্বস্ব, শিরাওঠা বিনীত সেই হাতটা।' *হাসান*, ১৯৬৬।

অস্থিসার [স] *বিণ* হাড় ও তৃক-সর্বস্ব। 'শরীর শুখাইয়া অস্থিসার হইল।' *তারিণী*, ১৮০৩।

অস্থিতপঞ্চ [স] *বি* কঠিন সমস্যা। 'অস্থিতপঞ্চে পড়িচি।' *দীনবন্ধু*, ১৮৬৭।

অস্থিতি [স] *বি* অনুপস্থিতি। 'তাহলেও তোমার অস্থিতি নিয়েছে হরণ ক'রে ব্রহ্মাণ্ডের কেন্দ্রস্থ প্রমিতি।' *সুধীন্দ্র*, ১৯৩১।

অস্থির [স] ১ *বিণ* ছত্রভঙ্গ। 'লড়িল তাড়নে দৈত্য করিল অস্থির।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* কাতর। 'নিতে নারে ডেড়ি ভার হইল অস্থির।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* অপ্রস্তুত। 'আমীর শুনিয়া হইল লজ্জায় অস্থির।' *বাহরাম*, ১৬৫০। ৪ *বিণ স্ত্রী* চঞ্চল। 'কদাপি পিঞ্জরবদ্ধ বিহঙ্গের ন্যায় অস্থিরা হইয়া গবাক্ষ দ্বারে দৃষ্টি করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৪। ৫ *বিণ* অধৈর্য। 'তিনিও বিরক্ত ও অস্থির হয়েন।' *অক্ষয়*, ১৮৪৯। ৬ *বিণ* উদ্বিগ্ন। 'তাঁহারা সর্বদাই অস্থির আছেন।' *অক্ষয়*, ১৮৫০। ৭ *বিণ* অতিষ্ঠ। 'দুঃসহ গাত্রদাহে ... অস্থির হইয়া মুহুর্মুহু পার্শ্বপরিবর্তন করিতেছে।' *অক্ষয়*, ১৮৫০। ৮ *বিণ* ছটফট। 'অস্থির বিকট শব্দ নিশার নিশ্বাসে।' *রবীন্দ্র*, ১৮৮০। ৯ *বিণ* ব্যস্ত। 'বীরত্ব ফলাইবার জন্য সকলেই অস্থির হইয়া উঠিয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৮৩। ১০ *বিণ* ব্যস্তব্যাকুল। 'বেশবিন্যাসে আলপিনটি কম হইলে বাস্তবিক অস্থির হইয়া পড়ে।' *রবীন্দ্র*, ১৮৮৩। ১১ *বিণ* এলোমেলো। 'অস্থির পবনে গাছপালা দুলছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ১২ *বিণ* আকুল। 'শুনে কথা জগৎমাতা কাঁদিয়া অস্থির।' *রবীন্দ্র*, ১৯০৭। ১৩ *বিণ* চিন্তিত। 'আমরা ভয়ে ভাবনায় অস্থির হইয়া দেশময় চীৎকার করিয়া বেড়াইতেছি।' *রবীন্দ্র*, ১৯০৮; 'আমার লেখা কে পড়িল, কে কী বলিল, ইহা লইয়া অস্থির হইয়া উঠা ...।' *রবীন্দ্র*, ১৯১২। ১৪ *বিণ* বিচলিত। 'নাহি মরে উপেক্ষায় অপমানে না হয় অস্থির।' *রবীন্দ্র*, ১৯২৫। ১৫ *বিণ* পরিবর্তনশীল। 'অস্থির সত্তার রূপ ফুটে আর টুটে।' *রবীন্দ্র*, ১৯৩২। ১৬ *বিণ* গতিশীল। 'উদ্দেশ্যহীন জোয়ার-ভাঁটায় অস্থির নীর।' *রবীন্দ্র*, ১৯৩৫। ১৭ *বিণ* কুটিকুটি। 'তুমি তো হেসে অস্থির।' *রবীন্দ্র*, ১৯৩৭। ১৮ *বিণ* প্রলুব্ধ। 'হেঁশেলের পন্থার ব্যঞ্জন-চিন্তায় অস্থির মন তার।' *রবীন্দ্র*, ১৯৩৭। ১৯ *বিণ* প্রবল। 'বাতাসে অস্থির দোলা লেগেছে পাশাপাশি দুটি নারিকেলশাখায়।' *রবীন্দ্র*, ১৯৪১।

অস্থিরচিত্ত [স] *বিণ* অস্থির মানসিকতা প্রকাশ পায় এমন। 'ইহা অপেক্ষা বৃটিশ সরকারের দুর্বল ও অস্থিরচিত্ত নীতির পরিচয় আর কী হইতে পারে?' *আজাদ*, ১৯৪১।

অস্থিরতা [স] ১ *বি* স্থিরতার অভাব। 'অস্থিরতা ও ফেরফার না হইয়া' *ফরস্টার*, ১৭৯৩। ২ *বি* অনিশ্চয়তা। 'কোনও সমাজই [illegible]র্ণ আর সাম্পর্কিক অস্থিরতা থেকে মুক্ত নয়।' *শিব*, ১৯৫৬। ৩ *বি* বিহ্বলতা। 'অশান্তির অস্থিরতা চিরদিন সূর্যের প্রপাতে।' *আহসান*, ১৯৫৯।

অস্থিরবুদ্ধি [স] *বিণ* চিন্তা-ভাবনায় স্থির নয় এমন। 'তাঁদের অসংযমী কি অস্থিরবুদ্ধি বলে অভিযুক্ত করা নিশ্চয়ই যুক্তিসঙ্গত নয়।' *শিব*, ১৯৫০।

অস্থিরা [স] *বিণ স্ত্রী* চঞ্চল। 'সুস্থিরা লক্ষ্মী অস্থিরা হইলেন।' *দর্পণ*, ১৮২২।

অস্থিরী [স অস্থির>] *বি* অস্থিরতা। *ওসাঁ*, ১৭৮৫।

অস্থৈর্য, অস্থৈর্য্য [স] *বি* অস্থিরতা। 'মানসিক অস্থৈর্য্য।' *বঙ্কিম*, ১৮৭৫; 'অন্তিম অস্থৈর্য মোর চাহিব না করিতে গোপন।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

অস্নাত [স] *বিণ* স্নান করেনি এমন। 'অস্নাত অনাহারী গোবিন্দলাল।' *বঙ্কিম*, ১৮৭৮।

অস্নেহ [স] ১ *বি* ভালোবাসার অভাব। 'অবিনয় বা অস্নেহ নাই।' *বঙ্কিম*, ১৮৮৭। ২ *বি* প্রীতিহীনতা। 'অণুমাত্র অস্নেহ বা অনাদরের আস্পদ হইতে হইল না।' *বিদ্যা*, ১৮৯২।

অস্পন্দ [স] *বিণ* স্পন্দনহীন; অনড়। 'বক্ষঃস্থল অস্পন্দ।' *মশাররফ*, ১৮৮৫।

অস্পর্শ্য [স] *বিণ* ছোঁয়া যায় না এমন। 'যত পুরুষ যত নারী সকলেই পরস্পরের কাছে অলক্ষ্য অস্পর্শ্য।' *অন্নদা*, ১৯২৯।

অস্পষ্ট [স] ১ *বিণ* পলাতক। 'সে ব্যক্তি অস্পষ্ট হইয়াছে।' *ডানকান*, ১৭৮৪। ২ *বিণ* গোপন। 'আপন নাম সেই জিনিষ যে বিক্রয় করিয়াছে তাহার নিকট অস্পষ্ট রাখে।' *ক্যালগে*, ১৭৮৫। ৩ *বিণ* চুপচাপ। 'কিছুদিন অস্পষ্ট থাকহ।' *দর্পণ*, ১৮২১। ৪ *বিণ* স্পষ্ট নয় এমন। 'তাহার রচনা যেরূপ অস্পষ্ট ও অবিশদ, তাহা ...।' *অক্ষয়*, ১৮৫০। ৫ *বিণ* হালকা। 'কিসের একটা অস্পষ্ট গন্ধ।' *রবীন্দ্র*, ১৯৩২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অস্পষ্ট ছায়া *বি* ঝাপসা ছায়া। 'ডানার অস্পষ্ট ছায়া বাদুড়ের ক্লান্ত হয়ে চলে যদি।' *জীবন*, ১৯৩২।

অস্পষ্টত [স] *ক্রিবিণ* অস্পষ্টরূপে। 'স্পষ্টত অথবা অস্পষ্টত মিশ্রিত থাকে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

অস্পষ্টতর [স] *বিণ* ঝাপসা। 'আমার স্মৃতিপথ ক্রমেই অস্পষ্টতর হয়ে কুহেলিকাময়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অস্পষ্টতা [স] ১ *বি* অস্বচ্ছতা। 'অস্পষ্টতার মধ্য হইতে আপনিই একটি মানসরূপ ...।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* রহস্যময়তা। '... সৌন্দর্য সকালবেলার মতো, তাতে অস্পষ্টতার মোহ নেই।' *রবীন্দ্র*, ১৯২৮। ৩ *বি* মায়া। 'রঙিন আভার অস্পষ্টতা।' *রবীন্দ্র*, ১৯৩৫। ৪ *বি* অনিশ্চয়তা। 'অসৎ স্বাক্ষরিত অস্পষ্টতাকে নিঃশেষ করবার জন্যে।' *জীবন*, ১৯৪০।

অস্পষ্টভাবে [স] ১ *ক্রিবিণ* মৃদুভাবে। 'প্রাণশব্দে স্পষ্ট ভাবে হৌক অস্পষ্টভাবে হৌক এই মিথুন নির্দিষ্ট হইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৪। ২ *ক্রিবিণ* আবছাভাবে। 'তাহার শিশুদৃষ্টি অস্পষ্টভাবে সে পথের সন্ধান পাইত।' *বিভূতি*, ১৯২৯। ৩ *ক্রিবিণ* অপরিস্ফুটভাবে। 'অস্পষ্টভাবে তাঁর ঠোঁট নড়ে।' *ওয়ালী*, ১৯৬৪।

অস্পৃশ্য [স] ১ *বিণ* হিন্দুদের জাতিভেদ প্রথা অনুযায়ী স্পর্শের অযোগ্য। 'অস্পৃশ্য পামর মুঞি না ছুঁইহ মোরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* স্পর্শহীন। 'তাঁহার চিত্ত রাগদ্বেষকামক্রোধাদির অস্পৃশ্য।' *বঙ্কিম*, ১৮৭৩। ৩ *বি* অস্পৃশ্যতা অনুযায়ী স্পর্শের অযোগ্য মানুষ। 'অস্পৃশ্যকে স্পর্শ করা।' *রবীন্দ্র*, ১৯০৮।

অস্পৃশ্যতা [স] *বি* কোনো কোনো জাতের মানুষকে স্পর্শ করলে কোনো কোনো জাতের মানুষের অপবিত্রতা জন্মে বলে হিন্দুসমাজের প্রচলিত বিশ্বাস। 'এইখানেই শ্রেণীতে শ্রেণীতে অস্পৃশ্যতা।' *রবীন্দ্র*, ১৯০৮।

অস্পৃশ্যতাজনিত [স] *বিণ* স্পর্শের অযোগ্যতাবশত দারিদ্র্যের অস্পৃশ্যতাজনিত জীবনের সঙ্কোচনেই সে বেশী নিস্তেজ হয়ে যাচ্ছে।' *তারা*, ১৯৪৩।

অস্পৃশ্যশ্রেণী [স] *বি* অস্পৃশ্যতার সংস্কার অনুযায়ী স্পর্শের অযোগ্য পেশাজীবী সম্প্রদায়। 'সমাজ যাদের অস্পৃশ্যশ্রেণীতে গণ্য করেছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অস্পৃশ্যা [স] *বিণ* স্ত্রী স্পর্শের অযোগ্য। 'অস্পৃশ্যা নারীর মতো বর্ণাশ্রম শৃঙ্খলে পীড়িত।' *ফররুখ*, ১৯৬৩।

অস্ফুট [স] ১ *বিণ* পুরোপুরি ফোটেনি এমন। 'অস্ফুট কদম্ব কলি শিহরিল গা।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বিণ* অস্পষ্ট। 'একটা অস্ফুট জনশ্রুতি প্রচারিত হল।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বিণ* অনুচ্চারিত। 'অস্ফুট বচন।' *রবীন্দ্র*, ১৮৯০।

অস্ফুটকণ্ঠ [স] *বি* অস্পষ্ট কণ্ঠস্বর। 'সে অস্ফুটকণ্ঠে প্রশ্ন করলে।' *ওয়ালী*, ১৯৪৮।

অস্ফুটতা [স] ১ *বি* অস্পষ্টতা। 'প্রেম অস্ফুটতামাখা, অস্ফুটতা স্বপ্নমাখা, স্বপ্নে-মাখা অস্ফুটিত জ্যোতি।' *রবীন্দ্র*, ১৮৮০। ২ *বি* না-ফোটা অবস্থা। 'অস্ফুটতা হইতে পরিস্ফুটতা, বিচ্ছিন্নতা হইতে সংশ্লিষ্টতার জন্য আমাদের মনে ভিতরে যেন লাগিয়া আছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

অস্ফুটিত [স] *বিণ* না-ফোটা। 'ফুটায়েছে হৃদয়ের অস্ফুটিত কলি।' *রবীন্দ্র*, ১৮৮০।

অস্বচ্ছ [স] ১ *বিণ* অস্পষ্ট। 'তারা ঘেঁষাঘেঁষি করে থাকলে অস্বচ্ছ দেয়ালের মতো আমাদের চার দিক থেকে রুদ্ধ করে রাখে।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বিণ* আলো চলাচল করতে পারে না এমন। 'ইট-পাটকেল অস্বচ্ছ।' *জগদীশ*, ১৮৯৫। ৩ *বিণ* কুয়াশাচ্ছন্ন। 'হেমন্তের অস্বচ্ছ আকাশে তারাগুলি বাষ্পাচ্ছন্ন।' *রবীন্দ্র*, ১৯০৯। ৪ *বিণ* অপরিচ্ছিন্ন। 'বিক্ষুব্ধ নিদ্রার আলোড়নে ধ্যান তার অস্বচ্ছ আবিল।' *রবীন্দ্র*, ১৯৩৫।

অস্বচ্ছতা [স] *বি* আলো চলাচল করতে পারে না এমন অবস্থা। 'সেই অস্বচ্ছতা, সেই অস্পষ্টতার আবছায়া ডিংগিয়ে জেগে ওঠে ...।' *কায়সার*, ১৯৬২।

অস্বচ্ছন্দ [স] *বি* স্বাচ্ছন্দ্যের অভাব। 'তাহারা রবিপ্রকাশের অভাবজনিত কোন অসুবিধা অস্বচ্ছন্দই ভোগ করে না।' *অক্ষয়*, ১৮৫৪।

অস্বচ্ছন্দতা [স] ১ *বি* জড়তা। 'মনের অস্বচ্ছন্দতা প্রাপ্ত হয় ...।' *সেবধি*, ১৮৩৯। ২ *বি* আড়ষ্টতা। 'নির্বাক নিশ্চলতায় কেমন একটা অস্বচ্ছন্দতা।' *ওয়ালী*, ১৯৪৫। ৩ *বি* স্বতঃস্ফূর্ততা নেই এমন অবস্থা। 'যুবক শিক্ষক বসে, মনে অস্বচ্ছন্দতা।' *ওয়ালী*, ১৯৬৪।

অস্বত [স অশ্বত্থ] *বি* অশথ গাছ। 'বিদ্যামধ্যে বিদ্যা আমি তরুতে অস্বত।' *মালাধর*, ১৫০০।

অস্বতন্ত্র [স] *বিণ* পরাধীন। 'কি করিব প্রভু মুঞি অস্বতন্ত্র মতি।' *বৃন্দা*, ১৫৮০।

অস্বভাবত [স] *ক্রিবিণ* অস্বাভাবিকভাবে। 'স্বভাবত দূরত্ব বাঁচানো, না অস্বভাবত?' *রবীন্দ্র*, ১৯৪০।

অস্বভাবী [স] *বিণ* প্রকৃতি-বিরুদ্ধ। 'বিশ শতকের অস্বভাবী ও স্বাভাবিক একজন ভাঁড়ের পরিচয়-চিহ্ন।' *মান্নান*, ১৯৬৮।

অস্বরন *বি* মতভেদ। *মানোএল*, ১৭৪৩।

অস্বরাজী [অ+স স্বরাজ>] *বিণ* স্বরাজ চায় না এমন। 'অস্বরাজী ও অখেলাফতী নেতৃবৃন্দের এক সভা আহূত হইল।' *মনসুর*, ১৯৩৫।

অস্বস্তি [স] ১ *বি* অস্বাচ্ছন্দ্য। 'তাহার মনের মধ্যে ভারি একটা অস্বস্তি এবং সংকোচ বোধ হইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০৯। 'বসিয়া থাকিতেও যেন অস্বস্তি বোধ করিতেছে।' *শরৎ*, ১৯১৭। ২ *বি* অসামঞ্জস্য। 'এর পিঠের উপর যেমন-তেমন করে যুগ্মধ্বনির সওয়ার চাপালে অস্বস্তি ঘটে।' *রবীন্দ্র*, ১৯৩১। ৩ *বি* উদ্বেগ। 'অত্যন্ত অস্বস্তির সঙ্গে দেখছিল।' *জীবন*, ১৯৩২।

অস্বস্তিকর [স] *বিণ* অশান্তি সৃষ্টি করে এমন। 'যেখানে যাহা কিছু অসুস্থকর অস্বস্তিকর ...।' *সবুজ*, ১৯২০।

অস্বহস্তী [স অশ্বহস্তী] *বিণ* ঘোড়া এবং হাতি চালিত। 'নানা রত্নে অস্বহস্তি রথ মনোহর।' *মালাধর*, ১৫০০।

অস্বাচ্ছন্দ্য [স] *বি* অস্বস্তি। 'অভিব্যক্তিতে সে অস্বাচ্ছন্দ্য বোধ করে।' *জীবন*, ১৯৩২।

অস্বাচ্ছন্দ্যকর [স] *বিণ* অস্বস্তিকর। 'অস্বাচ্ছন্দ্যকর দীপ্ত নীল আভা।' *বিভূতি*, ১৯৩১।

অস্বাদিত [স] *বিণ* স্বাদ গ্রহণ করা হয়নি এমন; অনাস্বাদিত। 'অস্বাদিত মধু যেমন যূথী অনাঘ্রাতা।' *রবীন্দ্র*, ১৯০০।

অস্বাধ্যায় [স] *বিণ* বেদপাঠ নিষিদ্ধ এমন। '... অমাবস্যা পূর্ণিমা এই কয়েক অস্বাধ্যায় দিনে পাঠ নাই।' *দর্পণ*, ১৮২৪।

অস্বাভাবিক [স] ১ *বিণ* স্বাভাবিক নয় এমন। 'যাঁহারদিগের এরূপ অস্বাভাবিক ও বিপরীত রীতি হইল।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বিণ* অসঙ্গত। 'তাতে বিশেষ অস্বাভাবিক কিছু দেখতে পাই নে।' *রবীন্দ্র*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৮১। ৩ *বিণ* কৃত্রিম। 'অন্যের কাছে অস্বাভাবিক আতিশয্য বলে মনে হতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অস্বাভাবিকতা [স] *বি* স্বাভাবিক নয় এমন অবস্থা। 'অস্বাভাবিকতা আমার ভাল লাগে না।' *জীবন*, ১৯৩২।

অস্বামিক [স] *বিণ* মালিকহীন; বেওয়ারিশ। 'অস্বামিক ধন প্রাপ্ত হইলে ঐ ধনের প্রকৃত উত্তরাধিকারী নির্দ্ধারণ নিমিত্ত তিন বর্ষ পর্য্যন্ত কাল দেওয়া যাইত।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

অস্বার্থপর [স] *বিণ* নিঃস্বার্থ। 'স্বার্থপর, অস্বার্থপর নানাবিধ প্রবল বিরোধীভাবমালা যুগপৎ মনোমধ্যে উদয় হইয়া ...।' *হরপ্রসাদ*, ১৮৮১।

অস্বাস্থ্যকর [স অস্বাস্থ্যকর] *বিণ* স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। 'অস্বাস্থ্যকর স্থান সূতিকালয়ে রমণীগণের অকাল মৃত্যু।' *তমোলুক*, ১৮৭৪।

অস্বাস্থ্য [স] ১ *বি* পীড়া। 'খাপরেল ঘরে অধিক তাপ লাগে বা অস্বাস্থ্য জন্মে।' *দর্পণ*, ১৮৩৩। ২ *বি* অসুস্থতা। 'আমার অস্বাস্থ্য ও অনবকাশ-সত্ত্বেও তাঁহার কথা আমি অমান্য করিতে পারি নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

অস্বাস্থ্যকর [স] ১ *বিণ* স্বাস্থ্যের পক্ষে হানিকর। 'সেখানকার জল ও বায়ু অতিশয় অস্বাস্থ্যকর।' *বিদ্যা*, ১৮৫৬। ২ *বিণ* স্বাস্থ্যসম্মত নয় এমন। 'গ্রামগুলি এমন অস্বাস্থ্যকর আরামহীন আকার ধারণ করে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৩ *বিণ* অস্বস্তিকর। 'অস্বাস্থ্যকর অনুভূতি তাহাকে বিষণ্ন ও খিটখিটে করিয়া রাখিল।' *মানিক*, ১৯৪০। ৪ *বিণ* প্রতিকূল। 'এক অদ্ভুত অস্বাস্থ্যকর পরিবেশের সম্মুখীন হয়।' *মাহেনও*, ১৯৪৯।

অস্বাস্থ্যগ্রস্ত [স] ১ *বিণ* অসুস্থ। 'বর্ষা ঋতুতে অস্বাস্থ্যগ্রস্ত হইয়া ...।' *দর্পণ*, ১৮৩৪। ২ *বিণ* রোগাক্রান্ত। 'অস্বাস্থ্যগ্রস্ত হইয়া সাহেবের ইহলোক ত্যাগ করিতে হইল।' *দর্পণ*, ১৮৩৯।

অস্বাস্থ্যতা [স] *বি* অপরিচ্ছন্নতা। 'সেই অঞ্চলের অস্বাস্থ্যতা নিবৃত্ত হইয়াছে।' *দর্পণ*, ১৮২৯।

অস্বাস্থ্যদায়ক [স] *বিণ* স্বাস্থ্যের উপযোগী নয় এমন। 'অস্বাস্থ্যদায়ক বায়ুসেবন ইত্যাদি ভূরি ভূরি কারণে কলিকাতার লোক রুগ্ন ও জীর্ণশরীর হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

অস্বাস্থ্যবতী [স] *বিণ* স্ত্রী রোগা। 'নারী জাতিই যদি অশিক্ষিত ও অস্বাস্থ্যবতী থাকে তবে দেশের উন্নতি কিছুতেই হতে পারে না।' *বেগম*, ১৯৪৮।

অস্বীকর্ত্তব্য [স] *বিণ* স্বীকার করা যায় না এমন। 'অস্বীকর্ত্তব্য দুষ ধাতুর গুণ হইয়াই দোষ হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৮।

অস্বীকার [স] ১ *বি* অসম্মতি প্রকাশ। 'রাধাকান্ত সরাসরি একথা অস্বীকার করেন।' *গৌর*, ১৮২২। ২ *বিণ* অসম্মত। 'তিনি ... তা আমাদের কাছে বলতে অস্বীকার।' *দীনবন্ধু*, ১৮৭৩।

অস্বীকৃত [স] *বিণ* অসম্মত। 'যে তিন হাজার টাকার অকুলান হইয়াছে ইহা দিতে অস্বীকৃত হন।' *দর্পণ*, ১৮৩২।

অস্বীকৃতা *বিণ* স্ত্রী মতের বিরুদ্ধ। 'পিতার অস্বীকৃতা হইলাম।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

অস্বীকৃতি [স] ১ *বিণ* অসম্মত। 'তুমি অস্বীকৃতি হইয়াছ।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬। ২ *বি* অগ্রহণ। 'পৃথিবীর দেয়ালি-উৎসবে ভারতের যে প্রদীপ জ্বলবে সেই প্রদীপশিখার যেন অস্বীকৃতি না ঘটে।' *রবীন্দ্র*, ১৯১৬। ৩ *বি* অসম্মতি জ্ঞাপন। 'ভিগরস্ প্রোটেস্ট জানাচ্ছি, বলবান অস্বীকৃতি।' *রবীন্দ্র*, ১৯৩৮। ৪ *বি* অস্বীকার। 'অস্বীকৃতির সংশয়বাক্য তোমার কাছ থেকে শুনিনি।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অস্বান *বিণ* বিত্তহীন; দরিদ্র। '... কুমার ঠাকুর অস্বান নহেন।' *দর্পণ*, ১৮৩২।

অস্মৎ [স] *সর্ব* আমাদের। 'অস্মৎ সমাজীয় সামাজিকেরা তাদৃশ নিরীক্ষণদ্বারা সভা ভঙ্গে ভীত।' *দর্পণ*, ১৮৩০।

অস্মৎকালে [স] *ক্রিবিণ* বর্তমান কালে। 'অস্মৎকালেও সর্ব্বত্র দেখা যাইতেছে।' *দর্পণ*, ১৮৩৪।

অস্মদ [স] *সর্ব* আমাদের। 'অস্মদ দেশের মধ্যে অনেকে ইঙ্গলণ্ডীয় ভাষা অবগত নহেন।' *দর্পণ*, ১৮৩১।

অস্মদাদি [স] ১ *সর্ব* আমাদের। 'অতএব অস্মদাদির সদৃশ মরণ তুল্য অপমানগ্রস্ত ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। ২ *বি* আমিত্ব। 'প্রাপঞ্চিক ইন্দ্রিয়বিশিষ্ট যেরূপ অস্মদাদি আছে তেঁহ এমত না হইলে অপ্রাপঞ্চিক ইন্দ্রিয়যুক্ত মানিতে হবেক।' *দর্পণ*, ১৮২১।

অস্মদীয় [স] *সর্ব* আমাদের। 'অস্মদীয় সমাজে যদ্যপি বিশিষ্ট শিষ্ট বর্দ্ধিষ্ণু জনেরা সভাদিদৃক্ষু হইয়া আগমন করেন।' *দর্পণ*, ১৮৩০।

অস্মদ্দেশ [স] *বি* এই দেশ। 'অস্মদ্দেশে এই এক নূতন সৃষ্টির দৃষ্টি হইল।' *বঙ্গদূত*, ১৮২৯।

অস্মদ্দেশীয় [স] *বিণ* এই দেশের। 'অস্মদ্দেশীয় ভাষা ও অক্ষর।' *দর্পণ*, ১৮২৯।

অস্মর্য্যমান [স] *বিণ* স্মৃতিভ্রষ্ট হয়ে যাচ্ছে এমন। 'সম্প্রদায়বিচ্ছেদে বৈদকর্ত্তা অস্মর্য্যমান।' *বঙ্কিম*, ১৮৮৭।

অস্মহস্তি [স অশ্বহস্তি] *বি* ঘোড়া এবং হাতি। 'অস্মহস্তি দেখিয়া ব্রাহ্মন বিস্মিত।' *মালাধর*, ১৫০০।

অস্মাদৃশ [স] *বিণ* আমাদের মতো। 'জগতীতল এক্ষণে অস্মাদৃশ বিয়োগী ব্যক্তির হৃদয়ে নিজতাপ সমূহ সমর্পিত করিয়াই কি স্বয়ং সুশীতল হইল?' *রামনারায়ণ*, ১৮৫৪।

অস্মিতা [স] *বি* আমিত্ব। 'এ কখানা জীর্ণ কাঠে অস্মিতার অসম্ভব দাবি।' *সুধীন্দ্র*, ১৯৩৯।

অস্মিতামণ্ডিত [স] *বিণ* বুদ্ধির অনন্যতায় বিশিষ্ট। '... প্রভৃতি চারিত্রিক বেশ কয়েকজনকে যেভাবে অস্মিতামণ্ডিত করেছে।' *শিব*, ১৯৫৬।

অস্মিতাময় [স] *বিণ* ব্যক্তিত্বপূর্ণ। 'তাঁর অস্মিতাময় চোখের পানে তাকিয়ে মনে শ্রদ্ধা জাগে।' *ওয়ালী*, ১৯৪২।

অস্মিতাসূচক [স] *বিণ* ইতিবাচক। 'দুঃখের তীব্র উপলব্ধি আনন্দকর কেননা সেটা নিবিড় অস্মিতাসূচক।' *রবীন্দ্র*, ১৯৩৬।

অহংকার [স] ১ *বি* অহমিকা; গর্ব। 'অহংকার করিয়া বোলে জিনিমু বসতি।' *রবীন্দ্র*, ১৬৮৯; 'দার্শনিক বা বৈজ্ঞানিক বলিয়া অহংকার করিয়া বেড়ান।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* আমিত্ব-সচেতনতা। 'সে রাহুটি আর কেহ নহে, সে তার অঙ্গহীন আমি, তার অপরিতৃপ্ত ক্ষুধিত অহংকার।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *বি* নিজেকে বড়ো মনে করার ভাব। 'সকল অহংকার হে আমার ডুবাও চোখের জলে।' *রবীন্দ্র*, ১৯১০। *দ্র* **অহঙ্কার**

অহংকারবশত [স] *ক্রিবিণ* গর্বের কারণে। 'নিতান্ত অহংকারবশতই পারিনে।' *রবীন্দ্র*, ১৯০৯।

অহংকৃত [স] *বিণ* অহমিকাসম্পন্ন। 'দাউদ মদে মত্ত হইয়া অতিশয় অহংকৃত হইলে ...।' *রামরাম*, ১৮০১।

AMARBOI.COM

অহংকেরে [স অহংকার>] *বিণ* অহংকারী। 'ঐ যে তোমার অহংকেরে পাল।' *রবীন্দ্র*, ১৯৪১।

অহংজ্ঞান [স] *বি* অহংবোধ। 'অর্বাচীন অহংজ্ঞানমূঢ় মনুষ্য।' *অক্ষয়*, ১৮৫৪।

অহংজ্ঞানমূঢ় [স] *বিণ* অহংকারে অন্ধ। 'অর্বাচীন অহংজ্ঞানমূঢ় মনুষ্য।' *অক্ষয়*, ১৮৫৪।

অহংতেজ [স] *বি* অহংকারবোধ। 'এমন-ই অহংতেজে সে-চটি প্রদীপ্ত ছিল।' *রমেন*, ১৯৭০।

অহংবৃত্তি *বি* দম্ভ করার প্রবৃত্তি। 'যাবতীয় ইচ্ছার মূলেই রয়েছে অহংবৃত্তি।' *মোতাহার*, ১৯৩৭।

অহং-বেড়া [স অহং+বেড়া] *বি* অহংকারের বাধা। 'তাকে অহং-বেড়ায় বিচ্ছিন্ন সীমাবদ্ধ করে দেখি।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অহংবোধ *বি* অহংকারের চেতনা। 'আমার অহংবোধ ব্যর্থ।' *মাহমুদ*, ১৯৭৩।

অহংভাব [স] *বি* আমিত্ব ভাব। 'বিশ্বের প্রতি মৈত্রীভাবনাতেই এই অহংভাব লুপ্ত হয়।' *রবীন্দ্র*, ১৯৩২।

অহংমন্যমান [স] *বিণ* অহংকার করছে এমন। 'কেবল এম-এ, কেবল বি-এ, কেবল অহংমন্যমান।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

অহংসীমা [স] *বি* আমিত্বের সীমানা। 'অহংসীমার মধ্যে আত্মার নিরুদ্ধ অবস্থা আত্মার সত্য অবস্থা নয়।' *রবীন্দ্র*, ১৯৩২।

অহংসীমাবদ্ধ [স] *বিণ* অহংকারে গণ্ডীবদ্ধ। 'যে পাপ অহংসীমাবদ্ধ স্বভাবের তার থেকে বিরত হলে ...।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অহঙ্কার [স] *বি* অহমিকা; গর্ব। 'ভাঙ্গিল আমার পূজা করি অহঙ্কার।' *মালাধর*, ১৫০০। *দ্র* **অহংকার**

অহঙ্কারিণী [স] *বিণ স্ত্রী* অহংকার করে এমন। 'ঐ অহঙ্কারিণী ব্রাহ্মণকন্যাকে কি কুমুদিনী বলা যায়।' *মাইকেল*, ১৮৫৯

অহঙ্কারিয়া [স অহঙ্কার>] *বিণ* অহঙ্কারী। *মানোএল*, ১৭৪৩।

অহঙ্কৃত [স] *বিণ* অহঙ্কারী। 'অতি ক্ষুদ্র লোকেরা প্রায় অতি অহঙ্কৃত হয়।' *তারিণী*, ১৮০৩।

অহদেদার [আ আহদ+ফা দার] *বি* চুক্তিবদ্ধ ভূমির মালিক। 'কোন প্রকারের ভৌমিক ও ইজারাদার ও তালুকদার ও অহদেদার।' *ডানকান*, ১৭৮৪।

অহনা [স] *বি* উষা। 'সুমধ্যমা কুমারী, অহনা, আর ফিরে আসিবে না অলঙ্ক্ষিত স্বচ্ছ শ্বেতাম্বরে।' *সুধীন্দ্র*, ১৯৩৭।

অহনিস [স অহর্নিশ] *ক্রিবিণ* দিনরাত্রি। 'অহনিস জপ হরি নাম তোহারী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

অহনিসি [স অহর্নিশ] *ক্রিবিণ* সর্বদা। 'কারন অহনিসি সিরোস্থিতা শ্রীযুত ...।' *ওঝা*, ১৭৮২।

অহন্যেক [স অনেক] *বিণ* দ্রুত। 'গোসাঞী পণ্ডিত আইল অহন্যেক গতি।' *রামাই*, ১৭১০।

অহম[১] [অ] *বি* অহমিয়া ভাষা। 'আসামদেশে শৌমারপীঠ ও কামপীঠ নামে দুই ভাগে ... ভাষাতে দুই ভাগকে অহম ও ঢেকেরি কহে।' *দর্পণ*, ১৮২৯।

অহম[২] [স] *বি* আমিত্ব। 'এই অহম-জ্ঞান আত্মজ্ঞান অহংকার নয়।' *নজরুল*, ১৯২৬।

অহমণি [স] *বি* সূর্য। 'অহমণি জ্যোতিহানি ভ্রষ্ট সন্ধ্যারাগে।' *আলাওল*, ১৬৮০।

অহমিকা [স] **১** *বি* অহঙ্কার। 'নিউটন পরিশ্রম, প্রজ্ঞা, সুশীলতা ও অহমিকাশূন্য আচরণ দ্বারা ...।' *বিদ্যা*, ১৮৪৯। **২** *বি* গর্ব। 'যৌবনের মত্ত অহমিকা মুহূর্তে মিলায়ে গেল মায়াকুহেলিকা খররৌদ্রকরে।' *রবীন্দ্র*, ১৮৯৬। **৩** *বি* আমিত্ব। 'আমার জীবনটা যেভাবে প্রকাশ পাইয়াছে, তাহাই ... লিখিবার চেষ্টা করিব। ইহাতে যে অহমিকা প্রকাশ পাইবে ...।' *রবীন্দ্র*, ১৯১২। **৪** *বি* আত্মসম্মানবোধ। 'হৃদয়ের অহমিকা পৃথিবীর সবকিছুর উপরে।' *রবীন্দ্র*, ১৯৪০।

অহমিকাতৃপ্তি [স] *বি* অহঙ্কার প্রকাশের ফলে অনুভূত আনন্দ। 'একথা প্রমাণ করতে চাওয়ার উদ্দেশ্যই হচ্ছে অহমিকাতৃপ্তি।' *মোতাহের*, ১৯৫০।

অহমিকাবাণী [স] *বি* অহঙ্কারপূর্ণ কথা। 'তখন চেতনাসঞ্চারের জন্য অহমিকাবাণীর দরকার হয়ে পড়ে।' *মোতাহের*, ১৯৫০।

অহমিকামুক্তি [স] *বি* অহঙ্কার থেকে মুক্তি। 'কেননা সংস্কৃতি মানেই অহমিকামুক্তি।' *মোতাহের*, ১৯৫০।

অহমিকাক্ষীতি [স] *বি* অহঙ্কারের আতিশয্য। 'তাদের কাছে সাধারণতঃ বড় হয়ে ওঠে আল্লার হুকুম আর অহমিকাক্ষীতি, সত্যকার মনুষ্যতৃপ্রীতি নয়।' *মোতাহের*, ১৯৫০।

অহরহ, অহরহঃ [স] **১** *বিণ* নিত্য। 'তাঁহার ভৃত্যেরা অহরহর্ভক্ষণীয় [অহরহঃ+ভক্ষণীয়] প্রস্তুত করে।' *দর্পণ*, ১৮৩১; 'অহরহঃ পঞ্চসহস্র ব্রাহ্মণ বৈষ্ণব লোককে অন্নদান ও ধনদান।' *দর্পণ*, ১৮৩৩। **২** *ক্রিবিণ* নিরন্তর। 'বিশ্বের সমস্ত চলা অহরহ চলেছে।' *রবীন্দ্র*, ১৯৩৭। **৩** *ক্রিবিণ* বিশ্রামহীনভাবে। 'কী তাহারে মন্ত্র দেয়, নারী একমনে ধায় অহরহ।' *রবীন্দ্র*, ১৯০০।

অহরাত্র [স অহোরাত্র] *ক্রিবিণ* দিনরাত। 'মহাশএর শ্রীচরণ সুজানুধ্যান অহরাত্রদিবা করিতেছী।' *ওঝা*, ১৭৮২।

অহর্নিশ [স] *ক্রিবিণ* সবসময়ে। 'অহর্নিশ বাল্যভাবে বাহ্য নাহি জানে।' *বৃন্দা*, ১৫৮০।

অহর্নিশি [স] *ক্রিবিণ* সারাক্ষণ। 'লায়লীর রূপ নিরীক্ষএ অহর্নিশি।' *বাহরাম*, ১৬৫০।

অহর্নিসি [স অহর্নিশ] *ক্রিবিণ* দিনরাত। 'অহর্নিসি রতি করে না পুরএ আস।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অহল্যা [স] *বিণ* হাল চালনার অনুপযোগী; অনাবাদি। 'অহল্যা ভূমিকে হলযোগ্য করেছিলেন রাম।' *রবীন্দ্র*, ১৯৩৯।

অহা *সর্ব* সে; উহা। 'সেও অহাকে তুচ্ছ জ্ঞান করে।' *তারিণী*, ১৮০৩।

অহাকে *সর্ব* তাকে। 'সেও অহাকে তুচ্ছ জ্ঞান করে।' *তারিণী*, ১৮০৩।

অহাদিগের *সর্ব* তাদের। 'জিহ্বা দুষ্ট ভাষাতে অহাদিগের দুঃখ বিস্তারিত কহিলেক।' *তারিণী*, ১৮০৩।

অহার *সর্ব* তার। 'তবে আর অতি ক্ষুধার্ত্ত ঝাঁক অহার পশ্চাৎ আসিবেক।' *তারিণী*, ১৮০৩।

অহার [স আহার] *বি* খাদ্য গ্রহণ। 'চিত্তরাঅ মঁই অহার কএলা।' *চর্যা ৩৫*, ১২০০।

অহারা [স আহার>] *ক্রি* আহার করা। 'তুলা ধুণি ধুণি সুনে অহারিউ।' *চর্যা ২৬*, ১২০০; 'মই অহারিল গঅণত পণিআঁ।' *চর্যা ৩৫*, ১২০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অহারী [স আহারিত] *বিণ* আহারকৃত। 'মোহভঙ্গার লই সঅলা অহারী।' *চর্যা* ৩৬, ১২০০।

অহাস [স অহাস্য] *বিণ* বিরক্ত। 'কি করি এখন বল পারণ করিলে ভাল অহাস অতিথি হন্য প্রায়।' *মানিকরাম*, ১৭৮১।

অহি[১] [স] *বি* সাপ। 'আশ্রয় করিয়া অহি শয়ন করিলা নারায়ণ।' *মুকুন্দ*, ১৬০০।

অহি-নকুল [স] *বি* সাপ ও বেজি; দারুণ শত্রুতা। 'অহি-নকুলের যে বিষম বিদ্বেষ ভাব ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

অহিনকুলভাব [স] *বি* শত্রুতা। 'হিন্দু মুসলমানের অহিনকুলভাব ক্রমশঃই বর্ধিত হইতে লাগিল।' *এডুকেশন*, ১৮৮৫।

অহিপতি [স] *বি* সাপের রাজা। 'বাসুকী তক্ষক লিখে শেষ অহিপতি।' *মুকুন্দ*, ১৬০০।

অহিমুণ্ড [স] *বি* সাপের মাথা। 'জানতে পারে রসিক যারা অহিমুণ্ডে উভয় ধীর হলে।' *লালন*, ১৮৯০।

অহিরাজ [স] *বি* সর্পরাজ। 'সুরধুনী শিখরে বিহরে অহিরাজ।' *রূপরাম*, ১৭৫০।

অহি[২] *সর্ব* সেই। 'তবে অহি নারী আসি মনেত গৌরব বাসি আবদুল্লাক হেরিতে লাগিলা।' *সুলতান*, ১৭০০।

অহি[৩], **অহী** [আ] *বি* ওহি; (ইসলামি শাস্ত্রমতে) সৃষ্টিকর্তার প্রেরিত বাণী; দৈববাণী। 'যাহাকে এহলাম কিম্বা অহি বলে।' *রোকেয়া*, ১৯২২।

অহিংস [স] ১ *বিণ* বল প্রয়োগে অনিচ্ছুক। 'এসেছে শুধু আত্মত্যাগী অহিংস অসহযোগীদের জন্যে।' *নজরুল*, ১৯২৩। ২ *বিণ* হিংসাপন্থী নয় এমন। 'কোনো বাঙালি মহিলাকে পুলিস-সার্জেন্ট দিলে ধাক্কা মুহূর্তের মধ্যেই আমার অহিংস অসহযোগের ভাবখানা প্রবল দুঃসহযোগে পরিণত হল।' *রবীন্দ্র*, ১৯২৫; 'এটা অহিংস, গৃহীর ভাবে, নয় চরকার গান কেন গাবে?' *নজরুল*, ১৯২৬। ৩ *বিণ* রক্তপাতহীন। 'তোমার সঙ্গে অহিংসযুদ্ধ করা চলে না।' *নজরুল*, ১৯৩১।

অহিংসক [স] *বিণ* হিংসাহীন। 'অহিংসক আশুশূন্য মর্যাদা অধিক।' *আলাওল*, ১৬৮০; 'জীবনের পবিত্রতা ও প্রাণহিংসার অকর্তব্যতা সম্বন্ধে অহিংসক ভারতবর্ষকে উপদেশ দিতে থাকে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অহিংসা [স] ১ *বি* দ্বেষহীনতা। 'অহিংসা, মনুষ্যের পক্ষে, সর্বপ্রধান ধর্ম।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* হিংসাহীন। 'ইঁহাদের অহিংসাধর্ম্ম জগদ্বিখ্যাত।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* সংঘাতে না যাওয়ার নীতি। 'কাজেই এই অহিংসার অবতারের কাছে বেহুদা দৌড়াইয়া লাভ আছে?' *আজাদ*, ১৯৩৯।

অহিংসামূলক [স] *বিণ* হিংসাবর্জিত। 'জৈন বৌদ্ধ প্রভৃতি অহিংসামূলক ধর্ম।' *প্রমথ*, ১৯২০।

অহিংসার অবতার [স অহিংসা+স অবতার] *বি* অহিংসা-বাণীর প্রচারক। 'এই অহিংসার অবতারের কাছে বেহুদা দৌড়াইয়া লাভ আছে?' *আজাদ*, ১৯৩৯।

অহিংস্র [স] *বিণ* অন্যের ক্ষতি বা আঘাত করে না এমন। 'তথায় গো মনুষ্যাদি ক্ষুদ্রাশয় অহিংস্র পশুগণই বাস করে।' *বঙ্কিম*, ১৮৭৪।

অহিংস্রক [স] *বিণ* অন্যের ক্ষতি বা আঘাত করে না এমন। 'আমাদের অহিংস্রক শিকারীদের মধ্যে একজন প্রধান উৎসাহী।' *রবীন্দ্র*, ১৯১২।

অহিংস্রভাব [স] *বি* হিংসা করে না এমন ভাব। 'তার প্রতি অহিংস্রভাব রক্ষা করা আমার পক্ষে কঠিন হতো।' *রবীন্দ্র*, ১৯৩৭।

অহিক [স] *বিণ* ঐহিক। 'মহাশয় আমার অহিক পার্থিকের মালিক।' *ওসাঁ*, ১৭৮২।

অহিণিসি [স অহর্নিশ] *ক্রিবিণ* দিনরাত। 'অহিণিসি সুরঅ পসংগে জাঅ।' *চর্যা* ১৯, ১২০০।

অহিত [স] ১ *বি* অশুভ কথা। 'অহিত না বোলোঁ মোএঁ রাধা ল।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* ক্ষতি। 'নিতান্ত প্রাণান্ত সম করেছে অহিত।' *রামনারায়ণ*, ১৮৫৪। ৩ *বি* অমঙ্গল। 'গৃহবিচ্ছেদের মতো এতবড়ো অহিত আর কিছুই নাই।' *রবীন্দ্র*, ১৯০৮।

অহিতকর [স] ১ *বিণ* ক্ষতিকারক। 'দেশের অহিতকর হইলেও ... ব্যবস্থা দিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বিণ* অনিষ্টকর। 'ঐ বায়ু অতিশয় অহিতকর।' *মদনমোহন*, ১৮৪৯। ৩ *বিণ* অমঙ্গলজনক। 'এইরূপ প্রেমগানের প্রচার সাধারণ লোকের পক্ষে বিপজ্জনক এবং সমাজের পক্ষে অহিতকর হইতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অহিতকারী [স] *বিণ* ক্ষতি বা অপকার করে এমন। 'বড়ই অহিতকারী তুই এ ভুবনে।' *মাইকেল*, ১৮৬৬।

অহিতজনক [স] *বিণ* অকল্যাণকর। 'তাহা সমাজের হিতকর কি অহিতজনক ...।' *প্রচারক*, ১৯০৩।

অহিতবন [স] *বি* অশুভ জঙ্গল। 'দহিতে অহিতবন ছিল দারা সুতগণ।' *কৃষ্ণরাম*, ১৭২০।

অহিতবুদ্ধি [স] *বি* অশুভ মনোবৃত্তি। 'মানুষের আপন অহিতবুদ্ধি তাঁদেরও দেবতার ধারণাকে কিরকম নিদারুণভাবে অধিকার করতে পারে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

অহিতসাধন [স] *বি* অপকার। 'তাহার অহিতসাধন করিব।' *বিদ্যা*, ১৮৬৩।

অহিতাচরণ [স অহিত-আচরণ] ১ *বি* অসৌজন্যমূলক আচরণ। 'কুলীন মহাশয়দিগের দৌরাত্ম্যে এবং অহিতাচরণপ্রযুক্ত এতদ্দেশীয় যোত্রহীন শ্রোত্রিয় ...।' *চন্দ্রিকা*, ১৮৩১। ২ *বি* অপকর্ম। 'ইহারদিগের অহিতাচরণে তদ্দেশস্থ তাবল্লোক জীবিতাবস্থায় শবাকার হইয়া থাকে।' *প্রভাকর*, ১৮৫৩।

অহিতাচার [স অহিত-আচার] ১ *বি* খারাপ অভ্যাস। 'কর্জের সুদ সাগরে মগ্ন হইয়া থাকেন ... এবং তাহাতে অহিতাচার ও মহা ক্লেশ উভয়ই জন্মে।' *দর্পণ*, ১৮৩০। ২ *বি* অনিষ্টকর আচরণ। 'কুলোকদিগের কুহক চক্রে ও কুপরামর্শে এই অহিতাচারে প্রবিষ্ট হইয়াছিল।' *সুধাবর্ষণ*, ১৮৫৫।

অহিনকুলভাব দ্র **অহি**[১]

অ-হিন্দি [অ+ফা হিন্দি] *বিণ* হিন্দি ভাষাভাষী নয় এমন। 'অ-হিন্দি অঞ্চলের আপন ভাষা – যথা বাংলা, মারাঠি, দক্ষিণী ...।' *মুজতবা*, ১৯৫৮।

অহিন্দু [স অ+ফা হিন্দু] *বি* হিন্দু ব্যতীত অন্য ধর্মাবলম্বী। 'হিন্দুধর্ম্ম অহিন্দুর পক্ষে গ্রহণীয় নহে।' *বঙ্কিম*, ১৮৯২।

অহিপতি দ্র **অহি**[১]

অহিফেন, অহিফেণ [আ অফইয়ন] *বি* আফিম। 'বাণিজ্যোপযোগি দ্রব্য চিনি চাউল এবং লবণ অহিফেণ প্রভৃতি।' *অক্ষয়*, ১৮৪১; 'চীনেশ্বরের হিতবাক্য অবহেলনপূর্বক তাহার প্রজাদিগকে অহিফেনরূপ বিষম বিষ ভক্ষণ করাইয়া কি মহাপাপই করিতেছেন।'

AMARBOI.COM

অক্ষয়, ১৮৫০।

অহিফেনসেবী *বিণ* আফিমে আসক্ত। 'সাহিত্যসেবী এবং অহিফেনসেবী একই শ্রেণীর জীব নয়।' *প্রমথ*, ১৯১৩।

অহী [স আভীর] *বি* (সংগীত) রাগবিশেষ। *আলাওল*, ১৬৮০। দ্র **অহি**

অহুআরী [স বধূ>] *বি* যুবতী বধূ। 'বড়ার অহুআরী তোহ্মে আইহনের রাণী।' *বড়ু*, ১৪৫০।

অহে [ধ্বন্যা] *অব্য* সম্বোধন অর্থে; ওহে। 'অহে রাম অহে কৃষ্ণ করহ উপাএ।' *মালাধর*, ১৫০০।

অহেই [স আখেট] *বি* মৃগয়া। 'জই তুমহে ভুসুকু অহেই জাইবেঁ মারিহ সি পঞ্চজণা।' *চর্যা* ২৩, ১২০০।

অহেতু [স] *বিণ* অকারণ। 'সেই মান অহেতু সহেতু দুই ভেদ।' *ভারত*, ১৭৬০।

অহেতুক [স] *বিণ* অকারণ। 'অহেতুক নেচে-চলা ঘূর্ণিবায়ু-পারা।' *নজরুল*, ১৯২৩।

অহেতুকি, অহেতুকী [স অহেতুক>] *বিণ স্ত্রী* অকারণ। 'এই সৃষ্টিকাব্য ভগবানের অহেতুকী-আনন্দ হতে জন্মলাভ করেছে।' *সবুজ*, ১৯১৭; 'আমাদের এই অহেতুকি মাথাব্যথা।' *নজরুল*, ১৯৩১।

অহের [স আখেট] *বি* শিকার। 'হামজা আব্বাস গিয়াছিল মৃগের অহেরে।' *সুলতান*, ১৭০০।

অহেরী [স আখেটিক] *বিণ* শিকারি। 'খনহ ন ছাড়অ ভুসুকু অহেরী।' *চর্যা* ৬, ১২০০।

অহৈতুক [স অহেতুক>] *বিণ* অকারণ। 'এই অহৈতুক পালনে এবং অহৈতুক বিনাশে সাধু-অসাধুর ভেদ নাই।' *রবীন্দ্র*, ১৯০২।

অহৈতুকি [স অহেতুক>] *বিণ স্ত্রী* কারণশূন্য। 'বাংলাভাষা ও সাহিত্যের প্রতি তাঁর একটা অহৈতুকি প্রেম ছিল।' *মাহেনও* ১৯৪৯।

অহৈতুকী [স অহেতুক>] ১ *বিণ* নিষ্কাম। 'এই যাঁহা নাহি সেই ভক্তি অহৈতুকী।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ স্ত্রী* উদ্দেশ্যহীন। 'এ অনুরাগ অহৈতুকী প্রীতি হওয়া চাই।' *প্রমথ*, ১৯১৪। ৩ *বিণ স্ত্রী* অকারণ। 'আমার ঐ বিজয়ার প্রীতিসম্ভাষণ ... অহৈতুকী আনন্দের বর্ণে তা রঞ্জিত।' *প্রমথ*, ১৯২০।

অহো [ধ্বন্যা] ১ *বি* সম্বোধনসূচক শব্দ। 'অহো মহাশয় আপনি কোথায় গিয়াছিলেন।' *দর্পণ*, ১৮২১। ২ *অব্য* খেদ, বিস্ময় প্রভৃতি ভাব প্রকাশক ধ্বনি। 'অহো আস্পর্ধা এ কী তোদের নরাধম।' *রবীন্দ্র*, ১৮৮১।

অহোনিশি [স অহর্নিশ] *ক্রিবিণ* সারাক্ষণ। 'অহোনিশি দহে সকল পরাণ।' *বড়ু*, ১৪৫০।

অহোন্নিসি [স অহর্নিশি] *ক্রিবিণ* অহর্নিশি। 'অহোন্নিসি গোপিগন তোমা চিন্তে মনে।' *মালাধর*, ১৫০০।

অহোরাত্র [স] *ক্রিবিণ* রাতদিন। 'আমার আলয়ে অহোরাত্র সঙ্কীর্তন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

অহোরাত্রি [স] *ক্রিবিণ* দিনরাত। 'অহোরাত্রি করে জেবা হরিসংকীর্তন।' *মুকুন্দ*, ১৬০০।

অহোর্নিসি [স অহর্নিশি] *ক্রিবিণ* দিনরাত; সবসময়। 'অহোর্নিসি দেখএ সপনে।' *মালাধর*, ১৫০০।

অহোভাগ্য [স অহো+স ভাগ্য] *বিণ* দুর্ভাগ্যজনক। '... অজ্ঞান মুখে অহোভাগ্য জ্ঞানে উদর পূরণ করিয়া থাকেন।' *জ্ঞানাঙ্কুরোদয়*, ১৮৫২।

অহ্মি *সর্ব* আমি। 'অহ্মি কি করিতে পারি বাক্য না ধরিলে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

অ্যা *সর্ব* এ ব্যক্তি। 'স্মরণসাধন শিক্ষা অ্যা হতে কি হবে।' *মানিকরাম*, ১৭৮১।

অ্যাংলো-ইন্ডিয়ান [ই] *বি* ব্রিটিশ ও ভারতবর্ষীয় পিতামাতার মিশ্র সন্তান। 'এমন একজন ভারতদ্বেষী অ্যাংলো-ইন্ডিয়ানও করেন না।' *রবীন্দ্র*, ১৮৮১।

অ্যাংলো-স্যাকসন [ই] *বি* প্রাচীন ইংরেজি ভাষা। 'অ্যাংলো-স্যাকসন এবং নর্দান-ফ্রেঞ্চ, এই দুটি সম্পূর্ণ বিভিন্ন ভাষার মিশ্রণে ...।' *প্রমথ*, ১৯১৬।

অ্যাক [স এক] *বিণ* এক। 'অ্যাক দিন সে আর নতুন ভাঁড়ামো খুঁজে পায় না।' *হুতোম*, ১৮৬২।

অ্যাকচেটে [স এক+চাট>] *বিণ* প্রতিদ্বন্দ্বীহীন। 'বেসির ভাগই অ্যাকচেটে।' *হুতোম*, ১৮৬২।

অ্যাকবার [স এক+স বার] *ক্রিবিণ* একবার। 'অ্যাকবার ক্যান, শতেক বার মুক্ত কণ্ঠে বলবো।' *হুতোম*, ১৮৬৮।

অ্যাকটর [ই] *বি* অভিনয়শিল্পী। 'থিয়েটারে একজন নূতন অ্যাকটর এসেছে।' *রবীন্দ্র*, ১৮৮১।

অ্যাকটিং [ই] *বি* অভিনয়। 'অ্যাকটিং করবি আর কি।' *শিবরাম*, ১৯৭০।

অ্যাকশান [ই] *বি* নাটকীয়তা। 'বহু বহু ছড়া প্রেফ হাস্যরস, তাতে অ্যাকশান নেই, গল্প নেই।' *মুজতবা*, ১৯৫৮।

অ্যাকসেন্ট [ই] *বি* উচ্চারণের ঝোঁক। 'না দিলেন কোনো অ্যাকসেন্ট না কোনো ভাব বা কিছু।' *অবন*, ১৯৪১।

অ্যাকাউন্ট [ই] *বি* হিসাব। 'কোনো ব্যাঙ্কে অ্যাকাউন্ট খুলে দিচ্ছি না হয়।' *শিবরাম*, ১৯৭০।

অ্যাকাউন্টেন্ট [ই] *বি* হিসাবরক্ষক। 'শীটখানা ঠিকমত টানতে পারেন ক'টি ঝানু অ্যাকাউন্টেন্ট।' *মুজতবা*, ১৯৫৮।

অ্যাকুডক্ট [ই aqua duct] *বি* জলপ্রণালি। 'দোকানের ভিতর থেকে বেরিয়ে এসে রাস্তার ধারে অ্যাকুডক্টের উপর বার দিয়ে বসেচে।' *হুতোম*, ১৮৬১।

অ্যাকৌন্ট [ই] *বি* হিসাব। 'প্রণামীর টাকা বাবুর অ্যাকৌন্টে ব্যাঙ্কে জমা হয়।' *হুতোম*, ১৮৬১।

অ্যাক্ট [ই] *বি* অভিনয়। 'অ্যাক্ট করার প্রতিভা আছে।' *মানিক*, ১৯৩৬।

অ্যাক্রোব্যাট [ই] *বি* সার্কাসের কসরতবাজ। 'আমি কি কম অ্যাক্রোব্যাট।' *জীবন*, ১৯৩১।

অ্যাখনকার *বিণ* এখনকার। 'পূর্ব্বকার দুর্গোৎসব ও অ্যাখনকার দুর্গোৎসবে অনেক ভিন্ন।' *হুতোম*, ১৮৬১।

অ্যাঙ্গল [ই অ্যাংগল] *বি* ইংরেজ; নর্মানবিজয়ের পূর্ববর্তী ইংল্যান্ডের অধিবাসী। 'কেল্ট রোমান অ্যাঙ্গল জুট ডেন স্যাকসন নর্মান প্রভৃতি বিচিত্র ভিন্ন জাতি ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

অ্যাঙ্গেল [ই] *বি* কোণ। 'বেদান্ত শিরোমণি ওকে রাইট অ্যাঙ্গেলে স্থাপন করে বললেন "যা বলেছ"।' *শিবরাম*, ১৯৪০।

অ্যাজিটেশন [ই] *বি* বিক্ষোভ। 'তুমি ওঠো, পোলিটিকাল অ্যাজিটেশন করো।' *রবীন্দ্র*, ১৯০৮।

অ্যাটটুন [এতটুকুন] *বিণ* এই সামান্য। 'আমি যত বড় কেন অ্যাটটুন বড়

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

লেখকও নই।' *মুজতবা*, ১৯৬৬।

অ্যাটম [ই] **১** *বি* পরমাণু। 'য়ুরোপীয় শাস্ত্রে বলে অ্যাটম।' *রবীন্দ্র*, ১৯৩৭। **২** *বি* পারমাণবিক বোমা। 'নিনেভে রোম হিরোশিমায় পৌঁছে অ্যাটমের ...।' *জীবন*, ১৯৫০।

অ্যাটম বোমা [ই] *বি* পারমাণবিক বোমা। 'অ্যাটম বোমা! – বুঝলে? অ্যাটম বোমা।' *সুকান্ত*, ১৯৪৮।

অ্যাটমসফিয়ার [ই] *বি* পরিবেশ। 'সেখানকার অ্যাটমসফিয়ার কেমন?' *শিবরাম*, ১৯৫০।

অ্যাটর্নি, অ্যাটর্নী [ই] *বি* উকিল। 'হাইকোর্টের অ্যাটর্নীর বাড়ির প্যায়দা ও মালী পর্যন্ত আইনবাজ।' *হুতোম*, ১৮৬১; 'অ্যাটর্নি আপিসের বাবুদের সঙ্গে স্ট্যাম্প-দেওয়া দলিলের শর্ত সম্বন্ধে আলোচনা হইয়া থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

অ্যাটাচি কেস, অ্যাটাচে কেশ [ই অ্যাটাশে কেইস] *বি* চামড়ায় তৈরি এবং হাতে বহনের উপযোগী বাক্সবিশেষ। 'চামড়ার ছোট অ্যাটাচে কেশ।' *জীবন*, ১৯৩২; 'বাক্স তোরঙ্গ নাড়াচাড়া করে যেন অ্যাটাচি কেস।' *মুজতবা*, ১৯৪৯।

অ্যাডভান্স [ই] *বি* অগ্রিম হিসেবে প্রদত্ত অর্থ। 'অ্যাডভান্সের অঙ্ক শুনে আর এগোননি।' *নরেন্দ্র*, ১৯৫৫।

অ্যাডভার্টিজমেন্ট [ই] *বি* বিজ্ঞাপন। 'তার অ্যাডভার্টিজমেন্ট পড়লে মনে যা হয়, তার নাম লোভ।' *প্রমথ*, ১৮৯৮।

অ্যাডভেঞ্চার [ই] **১** *বি* দুঃসাহসিকতা। 'মনের কোনও অ্যাডভেঞ্চার নেই।' *বিভূতি*, ১৯৩১। **২** *বি* দুঃসাহসিক রোমাঞ্চকর অভিযান। 'ভাবছিল তার জীবনের এই অ্যাডভেঞ্চারের কথা।' *বিভূতি*, ১৯৩৭।

অ্যাডমিনিস্ট্রেশন [ই] *বি* প্রশাসন। 'আইবি অ্যাডমিনিস্ট্রেশনে এমনটি আর ঘটেনি কখনো।' *সাদত*, ১৯৬৭।

অ্যাডিশনাল [ই] *বি* পরিশিষ্ট সংকলন। 'আনসিন প্যাসেজ তো আমাদের থাকে অ্যাডিশনালে।' *শিবরাম*, ১৯৪০।

অ্যাডিশনাল জজ [ই] *বি* অতিরিক্ত বিচারক। 'যিনি নূতন অ্যাডিশনাল জজ হইয়া আসিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০০।

অ্যাড্রেস [ই] *বি* বক্তৃতা। 'অ্যাড্রেস-শ্রবণ তদুত্তরে বিনতিপ্রকাশ।' *রবীন্দ্র*, ১৯২৯।

অ্যাত [এতো] *বিণ* অনেক। 'অ্যাত ঘরঘ্যাশা করে এনেও।' *হুতোম*, ১৮৬৮।

অ্যাদ্দিন [এতোদিন] *ক্রিবিণ* এতোদিন। 'তিনি অ্যাদ্দিন সহরে আচেন ... তাও তিনি জানেন না।' *হুতোম*, ১৮৬১।

অ্যানথ্রপলজি [ই] *বি* নৃবিজ্ঞান। 'অ্যানথ্রপলজি নামক বিজ্ঞান আমি জানিনে।' *প্রমথ*, ১৯২৫।

অ্যানথ্রপলজিস্ট [ই] *বিণ* নৃবিজ্ঞানী। 'আজ এক অ্যানথ্রপলজিস্ট যা বলেন।' *প্রমথ*, ১৯২৫।

অ্যানাটমি [ই] *বি* অঙ্গসংস্থান-বিদ্যা। 'তোমার অ্যানাটমির নোট কি ঐ দেয়ালের গায়ে লেখা আছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

অ্যানার্কি [ই] *বি* ব্যক্তিক বিশৃঙ্খলা; নৈরাজ্য। 'ইনডিভিজুয়ালিজমের পরিণতি হল অ্যানার্কিতে এবং স্টেট মিলিটারি সোশ্যালিজমে গিয়ে দাঁড়ালো।' *রবীন্দ্র*, ১৯২১।

অ্যানার্কিস্ট [ই] *বিণ* নৈরাজ্যবাদী। 'তুই বুঝি অ্যানার্কিস্ট?' *মুজতবা*, ১৯৪৯।

অ্যান্টিক [ই] *বিণ* পুরানো ধাঁচের। 'অ্যান্টিক কাগজে ছাপা কবিতার বই।' *রবীন্দ্র*, ১৯৩২।

অ্যান্টিকংগ্রেস [ই] *বিণ* কংগ্রেসবিরোধী। 'লোকটা শুনেছি অ্যান্টিকংগ্রেস প্রোপাগান্ডা করছে।' *বনফুল*, ১৯৩৬।

অ্যাপয়েন্টমেন্ট, অ্যাপয়েন্টমেন্ট [ই] *বি* সাক্ষাতের সময় নির্দিষ্টকরণ। 'মিঃ মিত্রের সাথে অ্যাপয়েন্টমেন্ট করে আসতে।' *জীবন*, ১৯৩২; 'আমাদের খুব জরুরি একটা অ্যাপয়েন্টমেন্ট আছে।' *নীরেন*, ১৯৬৩।

অ্যাপয়েন্টমেন্ট লেটার [ই] *বি* চাকরিতে নিয়োগের পত্র। 'অ্যাপয়েন্টমেন্ট লেটার আনিয়ে দিচ্ছি।' *বিভূতি*, ১৯৩৮।

অ্যাপলজি [ই] *বি* ক্ষমা প্রার্থনা। 'একটা রিটন অ্যাপলজি আগে দিক।' *রবীন্দ্র*, ১৯০৭।

অ্যাপলিকেশন [ই] *বি* আবেদন। 'ছুটির জন্যে অ্যাপলিকেশন করেছি যে ...।' *শিবরাম*, ১৯৫০।

অ্যাপেনডিসাইটিস, অ্যাপেণ্ডিসাইটিস [ই] *বি* উপান্ত্রের প্রদাহ। 'একজনের অ্যাপেণ্ডিসাইটিস ... একজনের আলসার।' *নজরুল*, ১৯২৬; 'বছর দুই আগে একবার অ্যাপেনডিসাইটিস হয়েছিল।' *বনফুল*, ১৯৩৬।

অ্যাপোলো [ই] *বি* (গ্রীক পুরাণ) সূর্যদেব। 'তুমি পাষাণ অ্যাপোলো।' *নজরুল*, ১৯৩০।

অ্যাপ্রন [ই] *বি* ঊর্ধ্বাঙ্গের বস্ত্র আচ্ছাদনকারী ঢোলা জোব্বা। **অ্যাপ্রনসুন্দরী** [ই] *বি* সেবিকা; নার্স। 'দুজন আছেন অ্যাপ্রনসুন্দরী।' *শঙ্খ*, ১৯৭০।

অ্যাপ্রিনটিস, অ্যাপ্রেনটিস, অ্যাপ্রেন্টিস [ই] *বি* শিক্ষানবিশ। 'বামুনরা অ্যাপ্রিনটিস নিতে লাগলেন।' *হুতোম*, ১৮৬১; 'সেক্রেটারিয়েট আপিসের অ্যাপ্রেন্টিস।' *রবীন্দ্র*, ১৯০৮; 'কেবল খাওয়াপরার চুক্তিতে অ্যাপ্রেনটিস নিযুক্ত হয়ে গেল।' *শিবরাম*, ১৯৫০।

অ্যাপ্রেন্টিসি [ই] *বি* শিক্ষানবিশির কাজ। 'আজ পর্যন্ত ও অ্যাপ্রেন্টিসি শুরু করেনি।' *রবীন্দ্র*, ১৯৪০।

অ্যাপ্রুভড [ই] *বিণ* অনুমোদিত। 'অ্যাপ্রুভড লিস্টে নাম উঠল।' *সাদত*, ১৯৬৭।

অ্যাফিডেভিট [ই] *বি* শপথনামা। 'অ্যাফিডেভিট করে যে নাম তিনি গ্রহণ করেছিলেন।' *পাশা*, ১৯৭১।

অ্যাবডিকেট করা [ই অ্যাবডিকেট+করা] *ক্রি* ক্ষমতা ত্যাগ করা। 'সিংহাসন থেকে ওরা অ্যাবডিকেট করলেন একে একে।' *শিবরাম*, ১৯৫০।

অ্যাবসেন্ট [ই] *বিণ* অনুপস্থিত। 'পরদিন সমীর ফের অ্যাবসেন্ট।' *শিবরাম*, ১৯৪০।

অ্যাবস্ট্রাক্ট [ই] *বিণ* বিমূর্ত। 'অ্যাবস্ট্রাক্ট ব্যাপার হইয়া না দাঁড়ায়।' *রবীন্দ্র*, ১৯০৮।

অ্যাবস্ট্রাকশনস [ই] *বি* বিমূর্ত ভাব। 'আমরা কংক্রিটের জ্ঞান হারাই এবং তাহার পরিবর্তে পাই শুধু অ্যাবস্ট্রাকশনস।' *প্রমথ*, ১৯১৪।

অ্যাবাউট-টার্ন [ই] *ক্রি* পিছন ফেরা। 'তার অ্যাটেনশান, তার অ্যাবাউট-টার্ন, তার ফলইন সে যে কি জিনিষ, না দেখলে বোঝা যায় না।' *শিবরাম*, ১৯৪০।

অ্যাভয়েড করা [ই] *ক্রি* এড়িয়ে চলা। 'তাকে খালি অ্যাভয়েড করেছে।'

AMARBOI.COM

শ্যামল, ১৯৬৭।

অ্যামন কি *অব্য* অধিকন্তু। 'অ্যামন কি, অ্যাত ঘরঘ্যাশা করে এনেও অনেকে আপনারে বা আপনার চিরপরিচিত বন্ধুরে নকশায় চিনতে পারেন না।' *হুতোম*, ১৮৬৮।

অ্যামিবা [ই] *বি* ক্ষুদ্র এককোষী প্রাণী। 'জলে হয়তো অ্যামিবা আত্মপ্রত্যয়ে নিজেকে বিভক্ত করে ফেলেছে।' *মানিক*, ১৯৩৫।

অ্যামেরিকান [ই] *বিণ* আমেরিকার নাগরিক। 'ব্রিটিস সহবাসে, ব্রিটিস শিক্ষায় ও ব্যবহারেও অ্যামেরিকানদের মত হতে পারেননি।' *হুতোম*, ১৮৬১।

অ্যাম্বার [ই] *বি* স্বচ্ছ হলুদাভ বাদামি পাথরবিশেষ। 'প্রবালে অ্যাম্বারে মেশানো মালা।' *রবীন্দ্র*, ১৯২৮।

অ্যাম্বিশন, অ্যামবিসন [ই] *বি* তীব্র আকাঙ্ক্ষা; উচ্চাকাঙ্ক্ষা। 'ব্রাহ্মধর্ম কাঁদতে লাগলেন দেখে ... অ্যামবিসন হাঁসতে লাগলেন!' *হুতোম*, ১৮৬১; 'আমার একটি মাত্রই অ্যাম্বিশন।' *শামসুল*, ১৯৭৩।

অ্যাম্বুলেন্স [ই] *বি* রোগীবাহী যান। 'অ্যাম্বুলেন্স গাড়ি আনাইয়া।' *বিভূতি*, ১৯৩১।

অ্যায়সা *অব্য* এমন। 'অ্যায়সা চাটনি বানায় শলুপ মেখে টোকো কুলে।' *মণীশ*, ১৯৩৯।

অ্যারাইভ্যাল [ই] *বি* পৌছানো। 'ত্যামন ত্যামন আত্মীয় স্থলে (সেফ অ্যারাইভ্যালের জন্য) রেজষ্টরী করে পাঠান যাবে।' *হুতোম*, ১৮৬১।

অ্যারারুট [ই] *বি* অ্যারারুট গাছের কন্দ থেকে তৈরি খাদ্যের উপকরণ। 'আরারুট ও ময়দা সহযোগে সুখাদ্য হইয়া উঠিল।' *শরৎ*, ১৯১২।

অ্যারিস্টক্রাট, অ্যারিস্টোক্রাট [ই] *বি* অভিজাত শ্রেণীর লোক। 'খুদে খুদে অ্যারিস্টক্রাটে পৃথিবী ছেয়ে গেল।' *রবীন্দ্র*, ১৯২৮; (বিদ্রূপ) 'আমরা এই তথাকথিত অ্যারিস্টোক্রাট বা 'আড়ষ্ট-কাক' ছিলাম।' *নজরুল*, ১৯২৮।

অ্যারিস্টক্রেসি [ই] *বি* অভিজাততন্ত্র। 'ডিমোক্রাসি আজ যেখানে-সেখানে যত টুকরো অ্যারিস্টক্রেসির পুজো বসিয়েছে।' *রবীন্দ্র*, ১৯২৮।

অ্যারিস্টোক্রাটিক [ই] *বিণ* আভিজাত্যপূর্ণ। 'সেকালের সভ্যতা ছিল অ্যারিস্টোক্রাটিক।' *প্রমথ*, ১৯১৮।

অ্যারেস্ট [ই] *বি* গ্রেফতার। 'ওরা খুব সম্ভব আমায় অ্যারেস্ট করবে।' *নজরুল*, ১৯৩১।

অ্যারোড্রাম [ই] *বি* বিমানবন্দর। 'মৌলানা বউকে নিয়ে অ্যারোড্রামে গেলেন।' *মুজতবা*, ১৯৪৯।

অ্যারোপ্লেন [ই] *বি* উড়োজাহাজ। 'সাহেব অ্যারোপ্লেন নিয়ে হিন্দুস্থান চলে গিয়েছেন।' *মুজতবা*, ১৯৪৯।

অ্যালকোহল [ই] *বি* মদ। 'সেও ভি আচ্ছা, মরব পিষে মৃত্যু-শোণিত-অ্যালকোহল।' *নজরুল*, ১৯২৪।

অ্যালজেব্রা, অ্যালজাব্রা [ই] *বি* বীজগণিত। 'অ্যালজেব্রার বইয়ের গায়ে সিগারেটটা ঠেকিয়ে রেখে।' *রবীন্দ্র*, ১৯২৮; 'আমাকে এখন অ্যালজাব্রার ফরমুলা জিজ্ঞেস করাও যা, প্রেমের গল্প বলতে বলাও তাই।' *বনফুল*, ১৯৩৬।

অ্যালফাবেট [ই] *বি* বর্ণমালা। 'অ্যালফাবেটের অনেকগুলি অক্ষর জোড়া তাঁর নাম।' *রবীন্দ্র*, ১৯৪০।

অ্যালবাম, অ্যালবম [ই] *বি* ছবি লাগিয়ে রাখার খাতা। 'অ্যালবম খুলে ছবি দেখানো ইত্যাদি।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'একটা অ্যালবাম, ছবি কেটে কেটে জুড়েছে।' *রবীন্দ্র*, ১৯৩২।

অ্যালসেশিয়ান, অ্যালসেসিয়ান [ই] *বি* নেকড়ের মতো দেখতে এক জাতের বড়ো কুকুর। 'অ্যালসেশিয়ান কুকুরের মত ঝাঁপিয়ে পড়বে দোকানীর ঘাড়ে।' *হাফিজুর*, ১৯৫৩; 'বারান্দায় অ্যালসেসিয়ান আর চেঁচালো না।' *শ্যামল*, ১৯৬৭।

অ্যালাউয়েন্স, অ্যালাওয়েন্স [ই] ১ *বি* অনুমতি। 'পূজোর দালানে জুতো নিয়ে ওঠবার অ্যালাওয়েন্স থাকে।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* ভাতা। 'ভালো খবর দিলে অ্যালাউয়েন্স বাড়ানো যাবে।' *সাদত*, ১৯৬৭।

অ্যালায়েন্স [ই] *বি* জোট; কতোগুলো দেশ বা সংগঠনের জোট। 'অ্যালায়েন্স হয়েও হল না, বিরোধ ঘটল।' *রবীন্দ্র*, ১৯২১।

অ্যালার্ম [ই] *বি* নির্দিষ্ট সময়ে ঘড়ির সংকেতধ্বনি। 'অ্যালার্ম দিয়ে রাখবি।' *শামসুল*, ১৯৬২।

অ্যালুমিনিয়াম, অ্যালুমিনিয়ম [ই] *বি* ধূসর-শ্বেতবর্ণের হালকা ধাতু-বিশেষ, যা দিয়ে বিশেষ করে হাঁড়ি তৈরি করা হয়। 'অ্যালুমিনিয়াম ধাতুর এক বেলুন প্রস্তুত করেন।' *জগদীশ*, ১৮৯৫; 'অ্যালুমিনিয়মের গেলাশে ... খানিকটা জল গড়িয়ে নিয়ে।' *জীবন*, ১৯৩২।

অ্যালোপ্যাথ [ই] *বি* রোগ নিরাময়ের বিজ্ঞানভিত্তিক চিকিৎসাপদ্ধতি। 'অ্যালোপ্যাথ হোমিওপ্যাথ সকল রকমের চিকিৎসক।' *রবীন্দ্র*, ১৯১৫।

অ্যালোপ্যাথি [ই] *বি* রোগ নিরাময়ের পাশ্চাত্য বিজ্ঞানভিত্তিক চিকিৎসা পদ্ধতি। 'আপনি কি অ্যালোপ্যাথি-মতে চিকিৎসা করাচ্ছেন?' *রবীন্দ্র*, ১৯০৭।

অ্যাশট্রে, অ্যাসট্রে [ই] *বি* সিগারেটের ছাইদানি। 'গ্লাস ও অ্যাশট্রেগুলো লাফিয়ে ঝনঝনাৎ করে উঠল।' *মনসুর*, ১৯৩৫; 'সিগারেটের ছাই অ্যাসট্রেতে ঝেড়ে ...।' *সাদত*, ১৯৬৭।

অ্যাসিড [ই] *বি* রাসায়নিক অম্লবিশেষ। 'অ্যাসিড দিয়া পোড়াইয়াছি।' *জগদীশ*, ১৮৯৫।

অ্যাসিডিটি [ই] *বি* অম্বল। 'শ্যামপেন খেয়েচ অ্যাসিডিটি হবে।' *দীনবন্ধু*, ১৮৬৬।

অ্যাসিস্টেন্ট, অ্যাসিস্টান্ট, অ্যাসিস্ট্যান্ট [ই] ১ *বিণ* সহকারী। 'দিদিমণি তোমার অ্যাসিস্টেন্ট মালী নাকি।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* সহায্য করে যে। 'ডাক্তারের অ্যাসিস্টান্ট এসে জানালো রুগী এসেছে।' *মুজতবা*, ১৯৫২; 'ব্যামো হইলে অ্যাসিস্ট্যান্ট-সার্জনকে ডাকা হইত।' *রবীন্দ্র*, ১৮৯৮।

অ্যাসেট [ই] *বি* সম্পদ। 'অ্যাসেটটা অন্তত আপনাদের দেখানো তো দরকার।' *শিবরাম*, ১৯৫০।

অ্যাস্ট্রনমার [ই] *বি* জ্যোতির্বিদ। 'অ্যাস্ট্রনমার ভুল বলেছে।' *রবীন্দ্র*, ১৯২৮।

অ্যাস্ট্রনমি [ই] *বি* জ্যোতির্বিদ্যা। 'আজকাল কি তুমি ডাক্তারি ছেড়ে অ্যাস্ট্রনমি ধরেছ।' *রবীন্দ্র*, ১৮৯২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আ[১] *বি* বাংলা স্বরবর্ণের দ্বিতীয় বর্ণ। 'অকার হকার বর্ণে আকার সংযুক্ত।' *রামপ্রসাদ*, ১৭৮০। দ্র **আকার**[২]

আ[২] [ধ্বন্যা] ১ *অব্য* ক্রোধ, বিরক্তি, খেদ প্রভৃতি প্রকাশে ব্যবহৃত শব্দ। 'আ মর! টগরে ছোড়া বলে বেড়ায় দাদা কুসঙ্গ ছাড়লে ...।' *প্যারী*, ১৮৫৮। ২ *অব্য* আনন্দ প্রকাশে ব্যবহৃত শব্দ। 'আ মরি কমলপুতলা।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *অব্য* প্রশংসাসূচক শব্দ। 'মোদের গরব, মোদের আশা, আ মরি! বাংলা ভাষা।' *অতুল*, ১৯৩৪।

আঅড় [স অন্তরাল>] *বি* আড়াল। 'চক্ষের আঅড় তিল না করেন যার।' *মানিকরাম*, ১৭৮১।

আঅন [স আত্মন্] *বিণ* আপন; আপনার। *বিদ্যা*, ১৮৯১।

আঅর [স অপর] *অব্য* আর। 'আঅর গাছিআঁ নৈল মাহী।' *বড়ু*, ১৪৫০।

আই[১] [স আদি] *বি* আদি। 'আইএ অণুঅনাএ জগরে ভাংতিএঁ সো পতিহাই।' *চর্যা ৪১*, ১২০০।

আই[২] [স আর্যিকা] *বি* মাতা। 'গাইল বড়ু চণ্ডীদাস বাসলীআই।' *বড়ু*, ১৪৫০।

আই[৩] [স আয়ু] *বি* আয়ু। 'হইআ প্রসন্ন যারে দিব অন্ন/ তার বাড়িবেক আই।' *মুকুন্দ*, ১৬০০।

আই আই [ধ্বন্যা] *অব্য* হায় হায়। 'আই আই পড়েছে রূপে কাজরের শোভা।' *চণ্ডী*, ১৫৫০।

আইএ [ই] *বি* ইন্টারমেডিয়েট আর্টস; উচ্চমাধ্যমিক। 'সতেরো সবে পেরিয়েছে। এই বছরেই আই. এ. দেবে।' *রবীন্দ্র*, ১৯২৫।

আইও [স অবিধবা] *বি* এয়ো। 'লইয়া শতকে আইও জ্ঞাত পাতাইল।' *কেতকা*, ১৬৫০।

আইকন [ই] *বি* (খ্রিস্টান সমাজ) পুণ্যবান ব্যক্তির পবিত্র মূর্তি। 'আইকনের সামনে বিড়বিড় করে নানা মন্ত্র পড়বেন।' *মুজতবা*, ১৯৪৯।

আইজকাইল [স অদ্য-কল্য] *ক্রিবিণ* আজকাল; বর্তমান কালে। 'আইজকাইল আর তেমন কোনও চর্চা নাই।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

আইট [স অষ্ট] *বিণ* আট। 'আইট থানে লইবু ফোটা ধর্মপূজার কালে।' *রামাই*, ১৭১০।

আইটেম [ই] *বি* তালিকায় অন্তর্ভুক্ত করা স্বতন্ত্র বস্তু। 'দিবাস্বপ্নে তো বিলকুল এ আইটেমটা স্থান পায়নি।' *মুজতবা*, ১৯৬০।

আইডিয়া [ই] ১ *বি* অভিনব ধারণা। 'আমাদের দেশে যার মাথায় দুটো-চারটে আইডিয়া আছে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বি* ভাবনা। 'আইডিয়াকে রিয়ালিটির চেয়ে কম সত্য মনে করা আমাদের একটা মোহ মাত্র।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বি* পরিকল্পনা। 'আইডিয়াটা এত সুন্দর যে সংসারে সেটা চালাতে সাহস হয় না।' *রবীন্দ্র*, ১৯০৭। ৪ *বি* কল্পনা। 'তাঁহারা মনে করেন এ-সমস্ত নিছক আইডিয়া।' *রবীন্দ্র*, ১৯১৬। ৫ *বি* অবাস্তব চিন্তা। 'কী আইডিয়া! গ্র্যাণ্ড! আমার আসন রাখে পেতে নিদ্রাগহন মহাশূন্য।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আইডিয়া-বাহী [ই আইডিয়া+স বাহী] *বিণ* নতুন নতুন ধারণা বহনকারী। 'পুরুষকে আমাদের সমাজ আইডিয়া-বাহী কল করেনি।' *অন্নদা*, ১৯২৮।

আইডিয়াল [ই] *বি* আদর্শ। 'খুব যে একটা উঁচু আইডিয়াল তা নয়।' *রবীন্দ্র*, ১৮৯১।

আইডিয়ালিজম [ই] ১ *বি* ভাববাদ। 'আইডিয়ালিজমের বিরুদ্ধে খড়্গহস্ত হয়েই ...।' *প্রমথ*, ১৯১৪। ২ *বি* আদর্শবাদ। 'ওর আইডিয়ালিজম যে গোপনে ডিম পাড়ছে।' *রবীন্দ্র*, ১৯৩২।

আইডিয়ালিস্ট [ই] ১ *বিণ* ভাববাদী। 'একাধারে রিয়ালিস্ট এবং আইডিয়ালিস্ট।' *প্রমথ*, ১৯১৪। ২ *বিণ* আদর্শবাদী। 'একজন আইডিয়ালিস্ট হোকরা।' *বিভূতি*, ১৩৩১।

আইডেন্টিটি [ই] *বি* পরিচয়। 'আমার বন্ধুর আইডেন্টিটি ধরা পড়ল ...।' *সাদত*, ১৯৬৭।

আইটাই [স অস্থির] ১ *বি* ছটফট। 'আইটাই করে খাই পাখার বাতাস।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বিণ* ব্যাকুল। 'আই টাই মার প্রাণ।' *জসীম*, ১৯২৭।

আইদ [স আদ] *বিণ* আদি। 'আইদ গাঁঠি উরধ গাঁঠি বন্ধগাঁঠি মূলে।' *রামাই*, ১৭১০।

আইদ্য [স আদ্য] *অব্য* ইত্যাদি। 'শুল্ল আইদ্য খারুয়া তোরল বিরাজিত।' *আলাওল*, ১৬৮০।

আইন[১] [আ আইন] ১ *বি* বিধিবিধান। 'আইনের মতে নির্দিষ্টিয়া জারী করিলেন।' *ফরস্টার*, ১৭৯৩; 'কোন২ মনস্য আইন ও দস্তুরের বেতিকৃমে ঐ দিপে দাষত্বে বিক্রী হইয়াছে।' *ফরস্টার*, ১৭৯৩। ২ *বি* সরকারপ্রণীত অবশ্য পালনীয় বিধি। 'সং সাহেব অশ্লীলতা নিবারণ জন্য আইন প্রচারে যত্নবান ও কৃতকার্য্য হয়েন।' *বঙ্কিম*, ১৮৭২। ৩ *বি* ওকালতি বিদ্যা। 'আইন পড়িতেছ, ডাক্তারির তুমি কী বোঝ।' *রবীন্দ্র*, ১৯০০।

আইনওয়ালা [ফা আইন+হি ওয়ালা] *বি* আইন শাস্ত্রবিদ; আইনজ্ঞ। 'তিনজন আইনওয়ালা মিলে দলিলপত্র ঘেঁটে...।' *রবীন্দ্র*, ১৯৪০।

আইন-কানুন [ফা আইন+আ কানুন] ১ *বি* বিধি-ব্যবস্থা। 'তখনকার গ্রেপ্তারি পরওয়ানার জন্য বড় আইন-কানুন খুঁজিতে হইত না।' *বঙ্কিম*, ১৮৮২। ২ *বি* ধরাবাঁধা নিয়ম। 'সেখানে কোনো আইন কানুন নেই – মেঘরাজ্যের মতো।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আইনকারক [ফা আইন+স কারক] *বিণ* আইন প্রণয়নকারী। 'কোথাও আইনকারক ঢেঁকি...।' *বঙ্কিম*, ১৮৭৫।

আইন খবরদার [ফা আইন+আ খবর+ফা দার] *বিণ* আইন বিশেষজ্ঞ। 'আদালতের রীতিজ্ঞ অর্থাৎ আইন খবরদার হয়েন।' *ভবানী*, ১৮২৫।

আইনগত [ফা আইন+স গত] *বিণ* আইনসংক্রান্ত। 'অসবর্ণ বিবাহের আইনগত বিঘ্ন দূর করার প্রস্তাব হবা মাত্র হিন্দুসমাজপতি ...।' *রবীন্দ্র*, ১৯২৩।

আইনঘটিত [ফা আইন+স ঘটিত] *বিণ* আইনি। 'আইনঘটিত ত্রুটি থাকতে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

আইনজীবী [ফা আইন+স জীবী] *বি* আইন ব্যবসায়ী। 'তিনি কর্মশূন্য উমেদার ও মক্কেলশূন্য আইনজীবী নহেন।' *রবীন্দ্র*, ১৮৯৮।

আইনজ্ঞ [ফা আইন+স জ্ঞ] *বি* আইনশাস্ত্রবিদ। 'পক্ষের আইনজ্ঞরা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আশা দিলেন।' *রবীন্দ্র*, ১৯১৪।

আইনত [ফা আইন+স ত] *ক্রিবিণ* আইন অনুযায়ী। 'তাকেই আইনত সাদা বাজার বলা হয়।' *ধূর্জটি*, ১৯৩১।

আইনপেশা [ফা আইন+ফা পেশাহ্] *বি* আইন ব্যবসা। 'আইনপেশার পেশকারিতে মানটা গেল ঘেটে।' *হেম*, ১৮৭০।

আইনবহির্ভূত [ফা আইন+স বহির্ভূত] *বিণ* আইনের অন্তর্গত নয় এমন। 'যা ইসলামের আইনবহির্ভূত।' *বেগম*, ১৯৬৩।

আইনবাজ [ফা] *বি* আইনজ্ঞ। 'হাইকোর্টের অ্যাটর্নীর বাড়ির প্যায়দা ও মালী পর্যন্ত আইনবাজ।' *হুতোম*, ১৮৬১।

আইনবিরুদ্ধ [ফা আইন+স বিরুদ্ধ] *বিণ* আইন ভঙ্গ হয় এমন অবস্থা। 'আমি লজ্জা সরম ও আইনবিরুদ্ধের নিমিত্ত ... প্রকাশ করিতে পারিলাম না।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

আইনবেত্তা [ফা আইন+স বেত্তা] *বি* আইনজ্ঞ। 'আইনবেত্তা বহুল গুরু পাপে লঘু দণ্ড।' *ক্ষয়সার*, ১৯৬২।

আইন-ভাঙা [ফা আইন+ভাঙা] *বিণ* বিধি লঙ্ঘনকারী। 'আইন-ভাঙা কয়েদীদের কয়েদখানায় পৌঁছে দেবার যন্তর নেই।' *হাফিজুর*, ১৯৫৩।

আইনমন্ত্রী [ফা আইন+স মন্ত্রী] *বি* আইনবিষয়ক মন্ত্রী। 'তখন আইনমন্ত্রী ছিলেন তিনি।' *মুজতবা*, ১৯৫৮।

আইনমাফিক [ফা আইন+আ মওয়াফিক] *ক্রিবিণ* যথানিয়মে। 'আইনমাফিক নিরিখ দে না তাতে কেন তোর ইতরপনা।' *লালন*, ১৮৯০।

আইনসঙ্গত [ফা আইন+স সঙ্গত] *বিণ* আইন অনুযায়ী। 'আমিই তোমার আইনসঙ্গত পিতা।' *প্রভাত*, ১৮৯৮।

আইনসভা [ফা আইন+স সভা] *বি* সংসদ। 'এখানকার এই আইন-সভার স্বাধীনতা অসীম হওয়া উচিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আইনসম্মত [ফা আইন+স সম্মত] *ক্রিবিণ* আইন অনুসারে। 'আইনসম্মত রাজার যে দণ্ড বিহিত হয় তাহা এড়াইতে চাহেন।' *দর্পণ*, ১৮৪০।

আইনসিদ্ধ [ফা আইন+স সিদ্ধ] *বিণ* আইন অনুযায়ী বৈধ। 'প্রজা-শোষণের এই উপায়টিকে কেন আইনসিদ্ধ করা হইলে ...।' *সওগাত*, ১৯২৮।

আইনহীন [ফা আইন+স হীন] *বিণ* আইন নেই এমন। 'আইনহীন রসাতলের নিরালোক ধামে পাঠানো হয়।' *রবীন্দ্র*, ১৯১৭।

আইনানুগ [ফা আইন+স অনুগ] *বিণ* আইনসম্মত। 'সাধারণ নির্বাচন অনুষ্ঠানের জন্য যে আইনানুগ কাঠামো স্থির করা হবে ...।' *বেগম*, ১৯৭০।

আইনানুসারে [ফা আইন+স অনুসারে] *ক্রিবিণ* আইনের ধারা অনুসারে। 'উপরোক্ত আইনানুসারে কত জমিদারের কত আদালতে শাস্তি হইয়া গিয়াছে।' *সমাচার*, ১৮৭০।

আইনী-বেআইনী [ফা আইন>] *বিণ* বৈধ ও অবৈধ। 'আইনী-বেআইনী সকল উপায় অবলম্বন করিতে বাধ্য হইতেছে।' *চাষী*, ১৯৩৬।

আইনে-বাঁধা [ফা আইন>+বাঁধা] *বিণ* বিধিসম্মত। 'ভারী ছাঁটাছোঁটা গড়াপেটা আইনে-বাঁধা মজবুত রকমের ভাব।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আইনের শাসন [ফা আইন>+স শাসন] *বি* আইন অনুযায়ী শাসন। 'আইনের শাসন যদি না চলে।' *পাশা*, ১৯৭১।

আইন্দা [ফা আয়ান্দা>] *বিণ* আগামী। 'তাতিলোককে কহিবা আইন্দা দাদনের টাকা আড়ঙ্গে পাঠাইতে।' *তাঁতি*, ১৭৯২।

আইন্দাতে [ফা আয়ান্দা>] *ক্রিবিণ* আগামীতে। *ক্যালগে*, ১৭৯২।

আইন্দাম [ফা আয়ান্দা>] *বিণ* অগ্রিম। 'আইন্দাম জমা খরচী কাজ দূর করিবার কারন।' *হ্যালহেড*, ১৭৭৩।

আইপন্থ [স আর্যিকাপন্থ] *বি* গোরক্ষনাথ যোগীর মতবিশেষ। 'আইপন্থ ও লহরিপা ও কনিপা ও রপটনাথ ও মঙ্গলনাথ ও হুগুনাথ ইত্যাদি দ্বাদশ মত আছে।' *দর্পণ*, ১৮২২।

আইবড়, আইবড়ো, আইবুড়, আইবুড়া, আইবুড়ি, আইবুড়ো [স অব্যূঢ়] **১** *বি স্ত্রী* অবিবাহিত নারী। 'আইবড়র চুলের জল আশী-হাটার লোন।' *মুকুন্দ*, ১৬০০; 'বৈঠকখানা লোকারণ্য ... উমেদার, কন্যাদায়, দালাল, আইবুড়, অন্নদাস গিস গিস কচ্চে।' *হুতোম*, ১৮৬১; 'ও লো হিমের চুমু হার মেনেছে এইটুকু আইবুড়িকে।' *নজরুল*, ১৯২৬। **২** *বি যে* অবিবাহিত। 'যত আদবুড়া ও পৌন বুড়া আইবুড়া ছিল।' *দর্পণ*, ১৮২১। **৩** *বিণ* অবিবাহিত। 'আইবুড়ো থেকে মোর বয়স হইল ভোর।' *রামনারায়ণ*, ১৮৫৪; 'আইবড়ো মেয়েকে উদ্ধার করলে মহাপুণ্য।' *রবীন্দ্র*, ১৯০৮।

আইবড় ভাত, আইবুড় ভাত [স অব্যূঢ়+ভাত] *বি* হিন্দুদের বিবাহের পূর্বে পাত্রপাত্রীর অবিবাহিত অবস্থায় সর্বশেষ অন্নগ্রহণের অনুষ্ঠান। 'প্রদীপ জ্বেলে, শাঁক বাজিয়ে আইবুড় ভাত খাবার মত ... কুটুম্ব বন্ধু বান্ধবকে সঙ্গে নিয়ে ভোজন করে থাকি।' *হুতোম*, ১৮৬১; 'মিত্রদের ছেলের বিবাহে আইবড়-ভাত পাঠানো ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আইবুড়ো ভাত খাওয়া *ক্রি* অশিষ্ট আমোদ-প্রমোদ করা। 'এগোনের গারনাল সাহেব কুটি২ আইবুড়ো ভাত খেয়ে বেড়য়েলো ক্যামন করে?' *দীনবন্ধু*, ১৮৬০।

আইভি [ই] *বিণ* (আইভি লতার মতো) গাঢ় সবুজ। 'মাথায় আইভি মুকুট পরে সগর্বে দুলতে লাগল।' *মুজতবা*, ১৯৪৯।

আইমা [স আর্যিকা>+মা] *বি স্ত্রী* মায়ের মা; মাতামহী। 'আমার আইমার বাড়িঘর বিক্রি হয়ে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৯৪০।

আইয [স অদ্য] *ক্রিবিণ* আজ। 'কি বলে জানিঞা আইয তোমার ছোট মা।' *মুকুন্দ*, ১৬০০।

আইয়াম [আ আইয়াম] *বি* সময়। 'ফয়সল কারন ত্রিয়া আবরিল যুদ্ধা তোমাকে আইয়ামের ফোরসত।' *হ্যালহেড*, ১৭৭৩।

আইয় [স আয়ুষ্মতী>] *বি* সধবা স্ত্রীলোক; এয়ো। 'আইয় মুখ্য শত শত আনিলা ডাকিয়া।' *মালাধর*, ১৫০০।

আইয়তি [স আয়ুষ্মতী>] *বিণ* সধবা। 'আইয়তি লক্ষণ তোর শরীরে প্রকটে।' *আলাওল*, ১৬৮০।

আইয়াত [স আয়ুষ্মতী>] *বি* সধবার চিহ্ন। 'অপরাধ ক্ষেমি রাখ দাসীর আইয়াত।' *মুকুন্দ*, ১৬০০।

আইয়াম [আ] *বি* সময়। 'তোমাকে আইয়ামের ফোরসত খুব মিলিবেক [তোমার সময় যথেষ্ট মিলবে]।' *হ্যালহেড*, ১৭৭৩।

আইরন-সেফ [ই] *বি* লোহার আলমারি। 'দেখলেন আইরন-সেফ খোলা।' *পাশা*, ১৯৭১।

আইরিশ [ই] *বি* আয়ারল্যান্ডবাসী। 'গোল আলু যেমন আইরিশদিগের প্রধান আহার ...।' *রাজ*, ১৮৭৪।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আইরিশম্যান [ই] *বি* আয়ারল্যান্ডের অধিবাসী। 'এক আইরিশম্যান আরেক আইরিশম্যানকে জিজ্ঞেস করেছিল।' *মুজতবা*, ১৯৪৯।

আইরিস [ই] *বি* একটি গ্রহাণুর নাম। 'প্রধান নয় গ্রহ ব্যতিরিক্ত ফোরা, ... আইরিস ... ক্ষুদ্র গ্রহ।' *অক্ষয়*, ১৮৫৪।

আইল [স আল] *বি* জমির বাঁধ। 'আইল ছাড়া হইলে জল যেমন।' *ঢাকাপ্রকাশ*, ১৮৭৩।

আইশব্দ [স আর্যিকা+স শব্দ] *বি* মায়ের ভাষা; মাতৃভাষা। 'আইশব্দ প্রভাবে তাহার দুঃখ নাই।' *বৃন্দা*, ১৫৮০।

আইশা *ক্রি* আসা। 'আইশহ তবে মারা পড়িবে।' *ওসা*, ১৭৮২। **আইশে** *ক্রি* আসে। 'অদ্যাবধি আইশে নাই মনে করি।' *ওসা*, ১৭৮২।

আইশাশ [স আর্যিকা+স শ্বশ্রূ] *বি* শাশুড়ির মা। 'এ বড় আনন্দ মাসী আইশাশ হবে।' *ভারত*, ১৭৬০।

আইষা *ক্রি* আসা। 'গ্রামের কোটাল নিকট আইষে।' *ওসা*, ১৭৭৬।

আইস[১] [স ঈদৃশ] *বিণ* এমন। 'আইস সহার্বে জই জগ বুঝষি তুট বাষণা তোরা।' *চর্যা ৪১*, ১২০০।

আইস ভাবে *ক্রিবিণ* এমনভাবে। 'আইস ভাবে বিলসই কাহ্নিল জোই।' *চর্যা ৪২*, ১২০০।

আইস[২] [আ আইশ] *বি* আরাম; আয়েশ। 'তপস্যায় ছাড়ি সরির আইস করিলাম।' *মালাধর*, ১৫০০।

আইস[৩] [ই] *বি* বরফ। 'কেবল চাইস ভরা আইসের পরে।' *গুপ্ত*, ১৮৫৮।

আইসক্রিম, আইসক্রীম [ই] *বি* ঠাণ্ডা করে জমানো দুধের খাবারবিশেষ। 'আইসক্রীম খাইয়ে আনবেন।' *রবীন্দ্র*, ১৯০২; 'আইসক্রিম একে একে আসছিল।' *জীবন*, ১৯৩২।

আইসক্রিমওলা [ই আইসক্রিম+হি ওয়ালা] *বি* আইসক্রিম বিক্রেতা। 'আইসক্রিমওলা সওদা নিয়ে হাজির।' *রশীদ*, ১৯৬৩।

আইসবার্গ [ই] *বি* সমুদ্রে ভাসমান বিশাল হিমশিলা। 'মৃত্যুজ্যোতি আইসবার্গ ভাঙনের গভীর আর্তনাদ।' *হোসেন*, ১৯৪০।

আইস ব্যাগ [ই] *বি* রোগীর শুশ্রূষায় ব্যবহারযোগ্য বরফের থলে। 'টের পাইলাম, সেটা আইস ব্যাগ।' *শরৎ*, ১৯১৭।

আইসা[১] *ক্রি* আসা। **আই** *ক্রি* আয়। 'বাপ বলি ডাকে কেহ বলে আই ভাই।' *মালাধর*, ১৫০০। **আইঅ** *ক্রি* এসো। 'আইঅ সব মেলি করিয়া হুলাহুলি।' *মুকুন্দ*, ১৬০০। **আইহি** *ক্রি* এসেছি। 'সরযূর কুলে আমি দিতে আইহি খেওয়া।' *বিজয়*, ১৬৫০। **আইনু** *ক্রি* এলাম। 'শুনিয়া আইনু মুঞি পাতকী এথায়।' *বৃন্দা*, ১৫৮০। **আইয়** *ক্রি* এসো। 'আগে আইয় চল যাই লখাইতে বরিতে।' *বিজয়*, ১৬৫০। **আইয়া** *ক্রি* এসে। 'গণক আইয়া নাম থুইল কালকেতু।' *মুকুন্দ*, ১৬০০। **আইল** *ক্রি* এলো। 'আইল গরাহক অপণে বহিআ।' *চর্যা ৩*, ১২০০। **আইল** *ক্রি* এলো। 'নিদান দেখিয়া আইল পুন।' *দ্বিজশ্রী*, ১৬০০। **আইলা ১** *ক্রি* এলো। 'জে জে আইলা তে তে গেলা।' *চর্যা ৭*, ১২০০। **২** *ক্রি* এলে। 'কথা হৈতে আইলা তোহ্মে কিবা তোর কাজে।' *বড়ু*, ১৪৫০। **৩** *ক্রি* এলাম। 'তে কারণে চলি আইলা একদসি লক্ষে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আইলাও** *ক্রি* এলাম। 'দূত হৈয়া আইলাও তোমার নগরি।' *মালাধর*, ১৫০০। **আইলাঙ** *ক্রি* এলাম। 'জানিঞা আইলাঙ এথা আমিত সতুর।' *মালাধর*, ১৫০০। **আইলাত** *ক্রি* এলো। 'আইলাত জথা গোবিন্দাই।' *মালাধর*, ১৫০০। **আইলাম** *ক্রি* এলাম। 'ভালে আইলাম আমি জগৎ তারিতে।' *বৃন্দা*, ১৫৮০। **আইলাহা** *ক্রি* এলে। 'আন্ধার/ থানক আইলাহা।' *বড়ু*, ১৪৫০। **আইলাহোঁ** *ক্রি* এলাম। 'বিহাণ আইলাহোঁ হৈল সাঁঝ উপসন।' *বড়ু*, ১৪৫০। **আইলী** *ক্রি* এলো। 'ঘরক আইলী বড়ায়ি আতি বড় ঝাঁটে।' *বড়ু*, ১৪৫০। **আইলু** *ক্রি* এলাম। 'আইলু মুঞি বড় আশে।' *বড়ু*, ১৪৫০। **আইলুঁ** *ক্রি* এলাম। 'হারিয়া আইলুঁ জুর্জ নারিলুঁ সহিবারে।' *মালাধর*, ১৫০০। **আইলে** *ক্রি* এলে। 'কোন দেশ হইতে আইলে দেহ পরিচয়।' *রূপরাম*, ১৭৫০। **আইলেঁ** *ক্রি* এসেছো। 'জথাঁ আইলেঁ সি তথা জানী।' *চর্যা ৪৪*, ১২০০। **আইলেক** *ক্রি* এলো। 'হেন কালে রখবানি আইলেক দ্বারে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আইলেন** *ক্রি* এলেন। 'আইলেন সন্য মাঝে পথব্রজ হৈয়া।' *মালাধর*, ১৫০০। **আইলেন্ত** *ক্রি* উপস্থিত হলেন। 'অলক্ষিতে আইলেন্ত আবদুল্লার ঘরে।' *সুলতান*, ১৭০০। **আইলো** *ক্রি* এলাম। 'কিকে আইলো বড়ায়ি গো।' *বড়ু*, ১৪৫০। **আইলোঁ** *ক্রি* এলাম। 'তেকারণে আইলোঁ মোএঁ যমুনার তীরে।' *বড়ু*, ১৪৫০। **আইস** *ক্রি* এসো। 'আইস রাধা/ কহোঁ তোহ্মার।' *বড়ু*, ১৪৫০। **আইসক** *ক্রি* এসো। 'দেখিয়া আইসক শীঘ্র মোর রায়বার।' *আলাওল*, ১৬৮০। **আইসন ১** *ক্রি* আসেন। 'আইসন।' *মানোএল*, ১৭৪৩। **২** *ক্রি* আসা। *ডানকান*, ১৭৮৪। **আইসন্ত** *ক্রি* আসে। 'আইসন্ত নৃপছায়া তল।' *আলাওল*, ১৬৮০। **আইসহ** *ক্রি* এসো। 'আইসহ প্রাণের সই বৈস গো বহিনি।' *মুকুন্দ*, ১৬০০। **আইসিবে** *ক্রি* আসবে। 'কালি আইসিবে।' *মানোএল*, ১৭৪৩। **আইসিষ** *ক্রি* আসিস। 'বুড়ি আইসিষ আমার পিণ্ড-শ্রাদ্ধ দিনে।' *মুকুন্দ*, ১৬০০। **আইসু** *ক্রি* আসুক। 'ছত্র ধরি আইসু কাহ্নাঞি দিবোঁ আলিঙ্গনে।' *বড়ু*, ১৪৫০। **আইসে ১** *ক্রি* আসে। 'দধি দুধ বিকণিআঁ রাধা আইসে ঘরে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* এসে। 'আর রাত্রেতে আইসে উপস্থিত হইবো।' *শিবায়ন*, ১৭৯৭। **আইসেন** *ক্রি* আসেন। 'জখন আইসেন কৃষ্ণ ছাওয়ালের সঙ্গে।' *মালাধর*, ১৫০০। **আএ** *ক্রি* আগমন করো। 'কেহ বলে রহো রহো ফিরিয়া ঘরে আএ।' *বিজয়*, ১৬৫০। **আএল** *ক্রি* এলো। 'সামর সুন্দর এঁ বাট আএল তাঁ মোরি লাগলি আঁখি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **আও** *ক্রি* এসো। 'ঝট জানি আও তবে চলিব আপনি।' *বৃন্দা*, ১৫৮০। **আওব** *ক্রি* আসবে। 'আওব ঐসে হমর মন মান।' *বিদ্যাপতি*, ১৪৬০। **আওল** *ক্রি* এলো। 'বসন্ত আওল ফুটল মাধবী লতা।' *বড়ু*, ১৪৫০; 'আওল ঋতুপতি রাজবসন্ত।' *বিদ্যাপতি*, ১৪৬০। **আয়িলা** *ক্রি* এসেছিলে। 'আয়িলা দেবের সুমতি গুণী।' *বড়ু*, ১৪৫০। **আয়িলাহোঁ** *ক্রি* এলাম। 'কাহ্ন বিণি আয়িলাহোঁ আহ্মে কদম্বের তল।' *বড়ু*, ১৪৫০। **আয়িস** *ক্রি* এসো। 'আয়িস ল বড়ায়ি রাখহ পরাণ।' *বড়ু*, ১৪৫০। **আয়ে** *ক্রি* আসে। 'নেতা বলে ধনপতি লড়ে ধাইয়া আয়ে।' *বিজয়*, ১৬৫০।

আইসা[২] *বি* আগমন। 'যদ্যপি সাক্ষির আইসা যাওয়াতে খরচান্ত হয় ...।' *ডানকান*, ১৭৮৪।

আইসিএস [ই] *বি* ইন্ডিয়ান সিভিল সার্ভিস। 'নামটা ভবতোষ মজুমদার আই. সি. এস., ঠিকানা ছাপরা।' *রবীন্দ্র*, ১৯৪০।

আই-স্পেশ্যালিষ্ট [ই] *বি* চক্ষু-বিশেষজ্ঞ। 'হ্যাঁ, আই-স্পেশ্যালিষ্ট তিনি।' *জীবন*, ১৯৩২।

আউ [স আয়ুঃ] **১** *বি* প্রাণ। 'আউ থাকিতেঁ কাহ্নাঞি মরণ ইছসি।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* আয়ু। 'আচার করিলে আউ হয় চিরকাল।' *মালাধর*, ১৫০০।

আউই [আ আওয়াল] *বি* পর্বের প্রথম দিন। *মানোএল*, ১৭৪৩।

আউচ [স আদিত্য] *বি* এক রকমের ফুল; আচ। 'আউচ চাঁপা কাঞ্চন কেশর।' *মুকুন্দ*, ১৬০০।

আউঞ্জালি *বিণ* উত্তাল। 'গঙ্গা বড় আউঞ্জালি।' *মুকুন্দ*, ১৬০০।

আউট[১] [স অর্ধচতুর্থ] *বিণ* সাড়ে তিন। **আউটহস্ত** [স অর্ধচতুর্থ+স হস্ত] *বিণ* সাড়ে তিন হাত। 'আউটহস্ত প্রমান আমার সরিরে।' *মালাধর*,

AMARBOI.COM

১৫০০।

আউট[২] [ই] ১ *বিণ* বখাটে। 'ও ছেলে একেবারে আউট হয়ে গেছে।' *শরৎ*, ১৯১৭। ২ *বি* ক্রিকেটে ব্যাটসম্যানের বাদ পড়া। 'খেলতে গেলে ক্রিকেট *সে*/ প্রথম বলেই আউট।' *অন্নদা*, ১৯৪১।

আউট করা [ই আউট+করা] *ক্রি* ফুটবল খেলায় বল মাঠের বাইরে মারা। 'কর্নারের বল কেড়ে নিয়ে আমিই আউট করে দিই।' *শিবরাম*, ১৯৪০।

আউটডোর [ই] *বিণ* হাসপাতালের বহির্বিভাগ সংক্রান্ত। 'আউটডোর ডিউটিটাই বোধ হয় বেশি আপনার এখানে?' *নরেন্দ্র*, ১৯৪৯।

আউটপোস্ট [ই] ১ *বি* পর্যবেক্ষণ ফাঁড়ি। 'আউটপোস্টের ব্যবস্থা না করিলে চলিবে না।' *এডুকেশন*, ১৮৭৩। ২ *বি* রাস্তার পাশে স্থাপিত দিকনির্দেশক ফলক। 'রাস্তার আউটপোস্ট মোটরের পথ নির্দেশ করে দিচ্ছে।' *জীবন*, ১৯৩১।

আউটানো [স আবর্তন>] ১ *ক্রি* জ্বাল দেওয়া। 'তাক হাথে করী দুধ না আউটোঁ।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* ঘন করা। 'পিতল আউটি কৈল হেম দশবান।' *আলাওল*, ১৬৮০। **আউটিয়া** *ক্রি* ঘন ক'রে রান্না করা। 'উদর পূরিয়া খাইত আউটিয়া জাউ।' *মানিকরাম*, ১৭৮১।

আউড় [স অন্তরাল] *বি* আড়াল। 'সত্যভামাকে বাউ করেন সখির আউড় হৈয়া।' *মালাধর*, ১৫০০।

আউড়ানো [স আবর্তন>] *ক্রি* বারবার আবৃত্তি করা। 'অনেকেই শুদ্ধভাবে অত্যন্ত মন্ত্র আউড়িয়ে কল-টেপা আর্গিনের মতো গান গেয়ে যাচ্ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আউড়ে যাওয়া *ক্রি* বলে যাওয়া। 'আউড়ে গেছে কতো সত্যপীর।' *শামসুর*, ১৯৫৯।

আউড়ি [স অন্তরাল>] *বি* শস্যাদির আধার-বিশেষ। 'আউড়ি খরিদ' *চিঠিপত্রে*, ১৮৩৯।

আউদড়, আউদর [স আকুল] *বিণ* আলুলায়িত; আলুথালু। 'সুনিঞা ধাইল রাজা আউদড় চুলে।' *মালাধর*, ১৫০০।

আউদরচুলি [স আকুল+চুল>] *বিণ* চুল খোলা এমন। 'ঘটক দেখিল তারে আউদরচুলি।' *কেতকা*, ১৬৫০।

আউন [স অগ্নি] *বি* আগুন। *বিদ্যা*, ১৮৯১।

আউনি [স অগ্নি>] *বি* পৌষ সংক্রান্তির আগের রাতের হিন্দু আচারবিশেষ। 'বাউনি আউনি ঝড়া পোড়া আখ্যা আর।' *গুপ্ত*, ১৮৫৮।

আউল [ই] *বি* পরিমাণবিশেষ; প্রায় ২৭ গ্রাম। 'দশ আউন্স ওজনে ভারি।' *বঙ্কিম*, ১৮৭৯।

আউয়াল, আউয়ল [আ] ১ *বি* প্রথম। 'আউয়ালে তাহার নাম পুরুষ পুরান।' *বাহরাম*, ১৬৫০। ২ *বিণ* উৎকৃষ্ট। 'একখানা আউয়ল জমি।' *তারা*, ১৯৪২।

আউয়াস [স আবাস] *বি* আবাস। 'হরিষ হইয়া লখাই চলিল আউয়াসে।' *বিজয়*, ১৬৫০।

আউরত, আউরথ [আ আওরত] *বি* নারী। 'আউরথ মরধ এক সাথ।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'এই আউরত পয়লা গোনাহ করেছে।' *কায়সার*, ১৯৬৫।

আউরানো [স অন্তরাল>] *ক্রি* শুকিয়ে যাওয়া। 'আউরে গেছে মু খানি ওর।' *নজরুল*, ১৯৩০।

আউরি [স আবর্তন>] *বি* চক্রবৃদ্ধি। 'ঐ টাকার শুদ শকলের আউরি দিব।' *চিঠিপত্রে*, ১৮৬৭।

আউল[১] [স আকুল] ১ *বিণ* উৎসুক। 'আউল নয়ন তরঙ্গে।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* এলোমেলো। 'অরুণ বরণ আঁখি আউল চিকুর।' *সুলতান*, ১৭০০।

আউলেকেশী [স আকুল>+স কেশী] *বিণ* কেশ এলোমেলো এমন; হিন্দুদেবী কালী। 'লালন কয় সে আউলেকেশী বুকে পা দিয়ে কিসের লাগি।' *লালন*, ১৮৯০।

আউল[২] [স অন্তরাল] *বি* গর্ভ। 'আউল ভাঙ্গিতে [সন্তান প্রসব করতে]।' *মানোএল*, ১৭৪৩।

আউল[৩] [আ আউলিয়া] ১ *বি* ধর্মোপাসক সম্প্রদায়বিশেষ। 'কলিকাতার শ্যামবাজারে কতকগুলি আউলের সাক্ষাৎ পাওয়া যাইত।' *অক্ষয়*, ১৮৫০। ২ *বি* ঐশী শক্তিসম্পন্ন ব্যক্তি। 'নবি আউল-আখের-বাতেন-জাহের।' *লালন*, ১৮৯০।

আউলিয়া [আ] *বি* দরবেশ। 'আউলিয়া সবের বহুল গোরস্থান।' *আলাওল*, ১৬৮০।

আউলা, আউলা [স আকুল>] ১ *ক্রি* এলোমেলো হওয়া। 'বাঁশীর শবদে মো আউলাইলোঁ রান্ধন।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* এলোমেলো করা। 'আপণার গুণ কহ আউলাআঁ রান্ধন।' *বড়ু*, ১৪৫০। ৩ *ক্রি* আকুল হওয়া। 'আউলায় সর্ব্ব-অঙ্গ অশ্রু-গঙ্গা বয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৪ *ক্রি* উতলা হওয়া। 'দরশ পরশ লাগি আউলাইছে গা।' *জ্ঞান*, ১৬০০; 'পরশে পরশে মোর আউলাইবে গা।' *দ্বিজী*, ১৬০০।

আউলি [আ আকুল>] ১ *বি* বিশৃঙ্খলা। 'হাসেন চণ্ডিকা দেখি ঠাটের আউলি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* লাবড়া; ঘন্ট। 'সূপ ঘন্ট মোচা ঘন্ট কদলীর আউলি।' *অবন*, ১৯২৫।

আউলিয়া *দ্র* **আউল**[৩]

আউষ [স আশু>] ১ *বিণ* আগে উৎপন্ন। 'আউষ ধানের ক্ষেতের উপর খুব সজল শ্যামল অবনত মেঘ।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বি* বর্ষাকালে উৎপন্ন হয় এমন এক প্রকার ধান। 'আউষের ক্ষেত জলে ভরভর।' *রবীন্দ্র*, ১৯০০।

আউস [স আশু>] *বি* বর্ষাকালে উৎপন্ন এক প্রকার ধান। *বিদ্যা*, ১৮৯১; 'জল হতে মাথা তুলে, আউস হরষে দুলে।' *সুধীন্দ্র*, ১৯২৫।

আউস্থান [স আয়ুষ্মান] *বি* শুভক্ষণবিশেষ। 'সিত পক্ষ ত্রিয়োদশী ... তথি যোগ নাম আউস্থান।' *মুকুন্দ*, ১৬০০।

আএ[১] [স অহম] *সর্ব* আমি। 'কাকুতি করিয়া বলে আএ পুণ্যবান।' *আলাওল*, ১৬৮০।

আএ[২] [ধ্বন্যা] *অব্য* ওহে। 'কহে সৈদ সুলতান আএ নরগণ।' *সুলতান*, ১৭০০।

আএত [আ আয়াত] *বি* শ্লোক; বাক্য বা বাক্যাংশ। 'অনেকেই পবিত্র কোরাণশরীফের আএত দ্বারা সপ্রমাণ ...।' *মশাররফ*, ১৮৮৯।

আএব [আ আয়ব] *বি* ত্রুটি। 'বুনিবার সময় ভরনিরম্বুতেও কোন ফড়্যাদিগর আএব না থাকে।' *হ্যালহেড*, ১৭৭৩।

আএস [আ আইশ] *বি* আরাম; আয়েশ। *বিদ্যা*, ১৮৯১।

আওআজ [ফা] *বি* শব্দ; বুলি। *বিদ্যা*, ১৮৯১।

আওআজি [ফা আওয়াজ>] *বি* ছোটো জানালা। *বিদ্যা*, ১৮৯১।

আওকাত [আ] *বি* অবস্থা। 'নিজের আওকাতের কি সে আন্দাজ পাইছিল

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

না।' *মনসুর*, ১৯৫৫।

আওজন [স আয়োজন] *বি* উদ্যোগ। 'আওজন নাশিতে হইল বীরের প্রয়াণ।' *মুকুন্দ*, ১৬০০।

আওট [স আবর্তন>] *বিণ* গভীর। 'আওট রাতি চন্দ্র হও শুন তার কথা।' *সুলতান*, ১৭০০।

আওটন [স আবর্তন>] *বি* মন্থন। *মানোএল*, ১৭৪৩।

আওটানো [স আবর্তন>] *ক্রি* জ্বাল দিয়ে গাঢ় করা। 'বিকালে আনিয়া দুগ্ধ আওটিয়া দিব।' *ভবানী*, ১৮২৫।

আওড় [স আবর্তন>] *বি* জলের আবর্ত বা পাক। 'সেখানে একটা আওড় আছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

আওড়া [স আবর্তন>] ১ *ক্রি* আবৃত্তি করা। 'আসর গরম করা গোটা কতক কথা শিখে আসেন, তাই আওড়ান।' *দীনবন্ধু*, ১৮৬৩। ২ *ক্রি* বারবার বলা। 'মনুষ্যত্বের উচ্চ অধিকার লইয়া মুখস্থ বুলি আওড়ান।' *রবীন্দ্র*, ১৯০৫।

আওতা [আ ইহাতাহ্] ১ *বি* ছায়া। 'তাহার আওতায় গোলাপের কেয়ারি মরিয়া যাইতে পারে।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বি* প্রভাব। 'এত বেশি আদরের আওতায় সে যেন কেমন ক্ষীণ এবং ...।' *রবীন্দ্র*, ১৯০০। ৩ *বি* অধীন। 'বাণিজ্যব্যবসায়ে প্রকাণ্ড মূলধন এক জায়গায় মস্ত করিয়া তাহার আওতায় ছোটো ছোটো ...।' *রবীন্দ্র*, ১৯০৫। ৪ *বি* পরিধি। 'প্রকৃতির আওতা ছাড়িয়ে যতই সে বাড়ে।' *অন্নদা*, ১৯২৮।

আওতাত [আ আহ্যাতাত] *ক্রিবিণ* আওতায়; সাধ্যের মধ্যে। 'পইদাষ খুব কিফাতের আওতাত বটে।' *ক্যালগে*, ১৭৯১।

আওতাভুক্ত [আ ইহাতাহ্+স ভুক্ত] *বিণ* অন্তর্ভুক্ত। 'সরকারী অনুষ্ঠানাদিকে ইহার আওতাভুক্ত করা না হইলেও ...।' *আজাদ*, ১৯৬৮।

আওনা-যাওনা *বি* আসা যাওয়া; যাতায়াত। 'আজগুবি তার আওনা-যাওনা কারণবারির যোগ বিশেষে।' *লালন*, ১৮৯০।

আওবাস [স আবাস] *বি* আবাসস্থল। 'ধান চালু সরিসাতে পুরিবে আওবাস।' *মুকুন্দ*, ১৬০০।

আওয়া *ক্রি* আসা। **আউতি** *ক্রি* এসো। 'বিদ্যাপতি কহ অপনেহি আউতি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **আও** *ক্রি* আগমন করো। 'নিতি নিতি নিওর আও।' *বিদ্যাপতি*, ১৪৬০। **আওব** *ক্রি* আসবো। 'অঙ্গনে আওব যব রসিয়া।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আওয়াজ [ফা] ১ *বি* শব্দ। 'আওয়াজ বন্দুকের।' *মানোএল*, ১৭৪৩। ২ *বি* চিৎকার। 'তলওয়ার মারিতে আলী আওয়াজ করিল।' *গরীব*, ১৭৬৫। ৩ *বি* আদেশ। 'তখন আমার দীনবন্ধু আওয়াজ করে এ ভেদ বলতে মানা।' *লালন*, ১৮৯০।

আওয়াদানি [ফা আওয়াজ>] *বি* হৈচৈ। 'সকাল সাতটা থেকেই শুরু হয়ে যায় ওদের আওয়াদানি।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

আওয়াম [আ] *বিণ* সাধারণ। 'আওয়াম লোককে হেদায়েত করিবার জন্য ...।' *মনসুর*, ১৯৫০।

আওয়ামীলীগার [আ আওয়ামী+ই লিগ>] *বি* যারা আওয়ামী লীগের রাজনীতি করে। 'বুদ্ধিজীবী, আওয়ামীলীগার, কমিউনিস্ট ও হিন্দু।' *পাশা*, ১৯৭১।

আওয়ারি [স আবারিক] *বি* আবাসস্থান। 'দেখিতে সুসারি সারি ব্রাহ্মণের আওয়ারি।' *মুকুন্দ*, ১৬০০।

আওয়াল[১] [স অন্তরাল] *বি* আড়াল। 'আরের আওয়ালে।' *মানোএল*, ১৭৪৩।

আওয়াল[২] [আ আওয়াল] *বিণ* প্রথম। 'সকালে আওয়াল ওয়াক্তে ফজরের নামাজ পড়িয়া ...।' *মনসুর*, ১৯৫৩।

আওয়াস [স আবাস] *বি* আবাস। 'উত্তম আওয়াস শিবে দিল হেমদান।' *মুকুন্দ*, ১৬০০।

আওর [হি] *অব্য* আর। 'তোর মুখে সুণী রাধিকার রূপ আওর নব যৌবনে।' *বড়ু*, ১৪৫০।

আওরাত, আওরাৎ [আ আওরত] *বি* স্ত্রীলোক। 'লায়েক আওরত যে ছাড়িল নেক্‌কারে।' *গরীব*, ১৭৫০; 'আওরাৎ তো বাবু বন গিয়া!' *গিরিশ*, ১৮৮৯।

আওরাত-লোলুপ [আ আওরত+স লোলুপ] *বিণ* নারীর প্রতি লালায়িত। 'আওরাত-লোলুপ রাইফেলধারিদের আবির্ভাব।' *পাশা*, ১৯৭১।

আওল[১] [আ আউয়াল] ১ *বিণ* উত্তম। 'আওল সুরত আল্লা পয়দা কৈল তারে।' *গরীব*, ১৭৬৫। ২ *বিণ* আদিম। 'সত্য যুগের মড়া আর আওল যুগের মাটি।' *বিভূতি*, ১৯২৯।

আওল[২] [স আকুল] *বিণ* এলোমেলো। 'আওল বিছানা পড়ে বৈসে গিয়া তার।' *গরীব*, ১৭৬৫।

আওলা [স আর্দ্রল] *বিণ* অপরিচ্ছন্ন। 'বাহির ঘর, অন্দর ঘর, গোয়াল ঘর, আওলা-ঘর।' *ওয়ালী*, ১৯৪৮।

আওলাৎ [আ হাওয়ালাহ্] ১ *বি* ফলবান বৃক্ষাদি। 'পাঁচ বিঘা আওলাৎ ঘেরা ভদ্রাসন বাড়ী।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* স্থাবর ও অস্থাবর সম্পত্তি। *বিদ্যা*, ১৮৯১।

আওলাদ [আ] *বি* সন্তান-সন্ততি। 'নবীর আওলাদ মদিনায় আছে যত।' *গরীব*, ১৭৬৫।

আওলানো [স আকুল>] *বিণ* অবিন্যস্ত; এলোমেলো। 'দেয়ালের হুকে যার আওলানো শাড়ি।' *মাহমুদ*, ১৯৬৩।

আওহাল [আ আহওয়াল] *বি* দশা। 'আমার এই আওহাল, তোমরা সব আপনারা রয়ে বসে বেচে কিনে নাও।' *গিরিশ*, ১৮৮৯।

আওারি [স আবারিক] *বি* বসতবাড়ি। 'আড়কুলি কত কৈল আওারি আওারি।' *মালাধর*, ১৫০০।

আওাষ [স আবাস] *বি* বাসস্থান। 'তুরুকের আওাষে রহিয়া হিন্দুয়ানি মানে।' *বিজয়*, ১৬৫০।

আংকল [হি] *বি* পিতৃব্য। 'আংকল মানে খুড়ো।' *শিবরাম*, ১৯৫০।

আংকোরা [হি আনকোরা; ই এনকোর] *বিণ* সম্পূর্ণ নতুন। 'এক ঘণ্টার মধ্যে আংকোরা মশারি।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

আংটা [স অঙ্গুষ্ঠ] *বি* লোহার বলয় বা অর্ধবৃত্তাকার হাতল। 'বালতির আংটায় মজবুত দড়ি বাঁধিয়া উহা কুয়ার মধ্যে নামাইয়া দিল।' *মনসুর*, ১৯৫০।

আংটি, আংটী [স অঙ্গুরীয়] *বি* অঙ্গুরী। 'হীরার আংটি ইত্যাদি প্রদান করিয়া তুষ্ট করিবা।' *ভবানী*, ১৮২৫; 'দু হাতে দশটা আংটী।' *হুতোম*, ১৮৬১।

আংটিশূন্য [স অঙ্গুরীয়-শূন্য] *বিণ* আংটিবিহীন। 'আংটিশূন্য অনামিকাটা উঁচু করে দেখাল সেবা।' *নরেন্দ্র*, ১৯৫২।

আংরা [স অঙ্গার] *বিণ* ছারখার। 'সমস্ত দেশ আংরা হয়ে গেল।' *ফজলল*, ১৯১৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আংরাখা [স অঙ্গরক্ষা] *বি* লম্বা ও ঢোলা জামাবিশেষ। 'গায়ে তোমার আজকেরি মতো ফুলো-আংরাখা।' *মণীশ*, ১৯৩১।

আংরেজ [প ইংলেজ] *বিণ* ইংরেজ। *ওসাঁ*, ১৭৮৫; 'আংরেজ হারামখোর।' *নজরুল*, ১৯৩১।

আংশিক [স] *বিণ* খানিকটা। 'তাহা আংশিক আলোচিত হইল।' *বিদ্যা*, ১৮৭৩।

আংশিকভাবে [স] *ক্রিবিণ* অংশত। 'তাদের আমরা আংশিকভাবে দেখি, তারা যতটুকু প্রতীয়মান কেবল ততটুকু।' *রবীন্দ্র*, ১৮৯২।

আঃ [ধ্বন্যা] ১ *অব্য* বিরক্তিসূচক ধ্বনিবিশেষ। 'আঃ কিছু আর ভাল লাগতেছে না কেন?' *উমেশ*, ১৮৫৭। ২ *অব্য* বিস্ময়, সুখ ইত্যাদি সূচক ধ্বনিবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

-আঁ অসমাপিকা ক্রিয়াবিভক্তি। 'মেদনী বিদার দেউ পসিআঁ লুকাওঁ।' *বড়ু*, ১৪৫০।

আঁইস [স আমিষ] *বি* আঁশ। 'মৎস্যের ... ছালের উপর মসৃণ চিক্কণ শল্ক অর্থাৎ আঁইস আছে।' *বিদ্যা*, ১৮৫১।

আঁউড় [স অন্তরাল] *বি* আড়াল। 'কুমকুম পাহাড়ে তাহারে দেখে চাঁদ আঁউড়ে গেল গো।' *নজরুল*, ১৯৩০।

আঁউধি [স অন্ধ] *বিণ* অন্ধ। 'অবসও রহব আঁউধি ভই লাজে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আঁউমাউ [ধ্বন্যা] *বি* উঁচস্বরে কান্না। *বিদ্যা*, ১৮৯১।

আঁউরানো [স অন্তরাল>] *ক্রি* শুকিয়ে যাওয়া। 'থলকমলি আঁউরে যেত তপ্ত ও-গাল ছুঁই।' *নজরুল*, ১৯২৫।

আঁও [স অনীষিত] *বিণ* নতুন। 'আঁও হাঁড়ি আঁও সরা আড়াই হালী বেনা।' *কেতকা*, ১৬৫০।

আঁও মাঁও [ধ্বন্যা] *বি* উঁচস্বরে কান্না। 'দুই-একজন পাড়াগেঁয়ে মেয়েমানুষ শুনিবামাত্র আঁও মাঁও করিয়া উঠল।' *প্যারী*, ১৮৫৮।

আঁওলা [স আমলক] *বি* আমলকী গাছ। 'আঁওলা কমলা পাণিআল লবলী বদরী।' *বড়ু*, ১৪৫০।

আঁক[১] [স অঙ্ক] *বি* কোল। 'আঁকম নামে রহএ হিঅ হারি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আঁক[২] [স অঙ্ক] ১ *বি* আঁচড়; দাগ। 'কালির আঁক পাড়লে ধার কর্জ্জ হয় জানিস নে?' *রামনারায়ণ*, ১৮৫৪। ২ *বি* অঙ্ক; সংখ্যাসূচক চিহ্ন। *বিদ্যা*, ১৮৯১; 'খড়ি পাতিয়া আঁক কষে।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'মদনমোহন কি রকম আঁক শেখায় রে?' *মুক্ততরা*, ১৯৫২।

আঁক কষা ১ *ক্রি* সংখ্যাবিষয়ক প্রশ্নের সমাধান করা। 'খড়ি পাতিয়া আঁক কষে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *ক্রি* হিসাব করা। 'আঁক কষে আমার ঠিক বয়েস বলে দিলেন।' *প্রমথ*, ১৯৩৩।

আঁককষা *বিণ* চূড়ান্ত। 'একেবারে আঁককষা সত্য।' *প্রমথ*, ১৯২২।

আঁককাটা *বিণ* দাগযুক্ত। 'তাকে বিচিত্র আঁককাটা অজানা একটি প্রাণী বলে মনে হচ্ছিল।' *হাসান*, ১৯৬৭।

আঁকজোঁক [স অঙ্ক>+মু জোকা] *বি* এলোমেলো দাগ। 'যে সমস্ত আঁকজোঁক পড়িত তাহার সঙ্গে প্রাচীন ঈজিপ্টের চিত্রলিপি ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

আঁকড় [স অঙ্কোট] *বি* ওষধি গাছবিশেষ। 'আঁকড় কাটে সিঅলি নেহালী।' *মুকুন্দ*, ১৬০০।

আঁকড়া [স আকর্ষণী] ১ *বি* এঁটে বাঁধার উপকরণ; বাকল্স। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* বড়শি। *ওসাঁ*, ১৭৮৫। ৩ *বি* কড়া; আংটা। *বিদ্যা*, ১৮৯১।

আঁকড়াআকড়ি [স আকর্ষণী>] *বি* জড়াজড়ি; টানাটানি। *বিদ্যা*, ১৮৯১।

আঁকড়ানো [স আকর্ষণী>] *ক্রি* জড়িয়ে ধরা। 'বাহু প্রসারিয়া চলিতে চলিতে নিজেরে আঁকড়ি ধর।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আঁকড়ি [স আকর্ষণী] *বি* আঁকশি। 'পড়িয়ে ধরি গেড়ে গুড়ি ছেঁচেলে কত আঁকড়ি।' *লালন*, ১৮৯০।

আঁকনপট [স অঙ্কনপট] *বি* ছবির পট হিসেবে ব্যবহৃত মোটা কাপড়। 'তব আঁকনপটের পরে ...।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আঁকপাঁক [স অঙ্কবঙ্ক] *বি* অতিশয় ব্যাকুলতা প্রকাশ। 'বহু দিন ধরি করি আঁকপাঁক।' *নজরুল*, ১৯৩১।

আঁকর [স অক্ষর] *বি* অক্ষর; বর্ণ। 'ঠিকুজি খানা জীর্ণ হয়েছে, আঁকর বোঝা যায় না।' *রামনারায়ণ*, ১৮৫৪।

আঁকশী [স অক্ষশলাকা] *বি* যে দণ্ডকে আশ্রয় করে টেঁকি ওঠানামা করে। 'আঁকশী পোয়া মোনা গড়ে মেকামেকি।' *ভারত*, ১৭৬০।

আঁকশি, আঁকসি [স আকর্ষণী] ১ *বি* কণ্ঠা। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* ফুল-ফল-লতা ইত্যাদি পাড়ার জন্য আংটা লাগানো বা মাথা বাঁকানো দণ্ড। 'আঁকসি।' *বিদ্যা*, ১৮৯১; 'আঁকশি যোগাড় করিয়া আনিয়া ...।' *বিভূতি*, ১৯৩১।

আঁকা[১] [স অঙ্কন>] ১ *বিণ* অঙ্কিত। 'বিশ্ব যেন চিত্রপট, আমি যেন আঁকা।' *রবীন্দ্র*, ১৮৮৬। ২ *ক্রি* অঙ্কন করা; রেখা টানা। *বিদ্যা*, ১৮৯১।

আঁকাজোকা, আঁকাজোখা [স অঙ্কন>+মু জোকা] *বি* পারস্পর্যহীনভাবে অঙ্কিত রেখা। 'হিজিবিজি আঁকাজোকা ব্লটিঙের 'পরে।' *রবীন্দ্র*, ১৯৩২; 'তোর কি ঐ-সব আঁকাজোখা ... সত্যিই ভালো লাগে?' *রবীন্দ্র*, ১৯৩২।

আঁকাড়ানো [স আকর্ষণী>] *ক্রি* জড়িয়ে ধরা। 'বীর আঁকাড়ি করিয়া আটি ভাঙ্গিল পাঁজরকাঠি।' *মুকুন্দ*, ১৬০০।

আঁকাবাঁকা [স অঙ্কবঙ্ক>] ১ *বিণ* এদিক ওদিক। 'আহা কেবল পাড়াপড়সির মেয়্যাছেলে দেখে আঁকাবাঁকা করিলে কি হবে।' *গৌর*, ১৮২২। ২ *বিণ* প্যাঁচানো। 'শতলক্ষ আঁকাবাঁকা শিকড়ের ভিতর দিয়া পৃথিবীর সমস্ত তরুলতা।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *ক্রি* বেঁকেচুরে যাওয়া। 'একে একে খুলে পাক, আঁকিবাঁকি কোথা যায় ভাগি।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৪ *ক্রিবিণ* এঁকেবেঁকে। 'সাপ আঁকিয়া-বাঁকিয়া প্রায় সমস্ত উঠান জুড়িয়া আছে।' *শরৎ*, ১৯১৭। ৫ *বিণ* বিভিন্ন স্থানে বাঁকা। 'আঁকাবাঁকা সরু রাস্তা।' *রবীন্দ্র*, ১৯২৮।

আঁকি-জুঁকি [স অঙ্কন>] *বি* আঁক-জোঁক। 'এক টুকরা কাগজে আঁকি-জুঁকি করিতেছিলেন।' *মনসুর*, ১৯৫৫।

আঁকি-জুঁকি করা *ক্রি* হিজিবিজি দাগ কাটা। 'এক টুকরা কাগজে আঁকি-জুঁকি করিতেছিলেন।' *মনসুর*, ১৯৫৫।

আঁকিবুঁকি [স অঙ্কবঙ্ক>] ১ *বি* কারুকার্য। 'আকাশে মেঘের খেলাঘরে কত রঙ্গ কত ছাঁদ কত আঁকিবুঁকি।' *বুদ্ধ*, ১৯৪০। ২ *বি* আঁকজোঁক। 'মুহূর্তের মধ্যে হিজিবিজি আঁকিবুকির মধ্যে প্রবেশ করেছে।' *আলাউদ্দিন*, ১৯৬০।

আঁকিবুকি কাটা *ক্রি* ছবি আঁকা। 'ব্যথা-বেদনা আঁকিবুকি কাটে।' *ওয়াশী*, ১৯৪৮।

আঁকিয়ে [স অঙ্কন>] ১ *ক্রি* এঁকে। 'জোছনা মাখিয়ে কে রেখেছে আঁকিয়ে

AMARBOI.COM

আ মরি কমলপুতলা।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* চিত্রশিল্পী। 'কী জানি সেই দিনগুলি সব কোন আঁকিয়ের লেখা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আঁকুড়ি [স আকর্ষণী] *বি* বাঁকা দণ্ড। 'সাজী আঁকুড়ি হাতে চলিলা কানন পথে।' *মুকুন্দ*, ১৬০০।

আঁকুপাঁকু, আঁকুপাকু [স অঙ্কবঙ্ক] ১ *বি* ব্যাকুলতাসূচক ভাব। 'কিয়ৎকাল আঁকুপাঁকু করিয়াছিলেন।' *প্যারী*, ১৮৬০। ২ *বি* ছটফট। 'মধুসূদনের মা আঁকুপাকু করছেন।' *মনোজ*, ১৯৬১।

আঁকুবাঁকু [স অঙ্কবঙ্ক] ১ *বি* উদ্বেগ। *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* উচাটন। 'মনের মধ্যে প্রবেশলাভের জন্য আঁকুবাঁকু করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আঁকুর [স অঙ্কুর] *বি* অঙ্কুর। 'মদন আঁকুর ভাঁগ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আঁকুশি, আঁকুষি [স আকর্ষণী] *বি* ফল-ফুল পাড়ার জন্য বাঁকামুখো লাঠি। 'বড় ওণ্ডদিন আজি লইয়া আঁকুশি সাজি।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'ভারী আঁকুষিটা দুই হাতে আঁকড়াইয়া ধরিয়াও তুলিতে পারে না।' *বিভূতি*, ১৯২৯।

আঁকোড় [স অঙ্কোট] *বি* বৃক্ষবিশেষ। 'সাহড় আঁকোড় কুহয় বহড়া।' *বড়ু*, ১৪৫০।

আঁকোস্বাত [স অকস্মাৎ] *ক্রিবিণ* হঠাৎ; আকস্মিক। *ওসাঁ*, ১৭৮২।

আঁক্ষ, আঁক্ষি [স অক্ষি] *বি* চোখ। 'আঁক্ষের কটাক্ষে ভাঙ্গি আনে সর্ব পাড়া।' *মুকুন্দ*, ১৬০০; 'আঁক্ষি স্থির হলে প্রাণ করিবে গমন।' *ভবানী*, ১৮২৫।

আঁখ [স অক্ষি] *বি* চোখ। 'অবিচার অঞ্জন খঞ্জন আঁখে দিল।' *মানিকরাম*, ১৭৮১।

আঁখর [স অক্ষর] ১ *বি* কীর্তন গানে মূল গীতির সঙ্গে জুড়ে দেওয়া পদাবলী। *ওসাঁ*, ১৭৮২; 'আমরা পদাবলীর মর্মগত ভাবরসটিকেই নিজস্ব আঁখরের মধ্য দিয়ে বিশেষ করে নিবিড়ভাবে গ্রহণ করি।' *রবীন্দ্র*, ১৯২৫। ২ *বি* হরফ; বর্ণ। 'আঁধারের বুকে সোনার আঁখর চলিল টানি।' *জসীম*, ১৯৩৩। ৩ *বি* রেখা; ছাপ। 'আলতা-ছোপান পায়ের আঁখর টানি।' *জসীম*, ১৯৩৩।

আঁখরবন্দি [স অক্ষরবন্দী] *বিণ* অক্ষরবন্দি। *বিদ্যা*, ১৮৯১।

আঁখরিয়া [স অক্ষর>] *বি* লিপিকর। 'শ্রীবিজয়দাস নাম প্রভুর আঁখরিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আঁখি [স অক্ষি] *বি* চোখ। 'সামর সুন্দর ঐ বাট আএল তাঁ মোরি লাগলি আঁখি।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'আঁখির নিমিসে তোর কাটি পাড়ো মাথা।' *মালাধর*, ১৫০০।

আঁখি কাড়া *ক্রি* দৃষ্টি আকর্ষণ করা। 'কাড়িতে জানে না তারা পথিকের আঁখি উদাসীন।' *রবীন্দ্র*, ১৯২৫।

আঁখি-ছায়া [স অক্ষি>+স ছায়া] *বি* চোখের দৃষ্টি। 'তব রাগ-অরুণ-আঁখি-ছায়া।' *নজরুল*, ১৯২৩।

আঁখিজল [স অক্ষি>+স জল] *বি* অশ্রু। 'কেন আজ আঁখিজল দেখা দিল নয়নে।' *রবীন্দ্র*, ১৮৮০।

আঁখিজলপাত [স অক্ষি>+স জল+স পাত] *বি* অশ্রুপাত। 'করিব কি তাহে আঁখিজলপাত।' *রবীন্দ্র*, ১৯১৪।

আঁখিজল মোছা *ক্রি* সান্ত্বনা দান। 'আঁখিজল মুছাইলে জননী – অসীম স্নেহ তব।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আঁখিজ্যোতি [স অক্ষি>+স জ্যোতি] *বি* চোখের আলো। 'আঁখিজ্যোতি ভেদ করে সঘন গহন তিমির রাতি।' *রবীন্দ্র*, ১৮৮৬।

আঁখিঠার [স অক্ষি>+ঠার] *বি* চোখের ইঙ্গিত। 'আঁখিঠার অনুসারে ধনী কহে বড়াইরে।' *বড়ু*, ১৪৫০।

আঁখি ঠারা *ক্রি* আড়চোখে ইশারা করা। 'এল কি চলে গেল দেখো আঁখি ঠেরে।' *গিরিশচন্দ্র*, ১৮৮৩।

আঁখিতারকা [স অক্ষি>+স তারকা] *বি* চোখের মণি। 'অক্ষিগোলকের সাথে আঁখিতারকার সব সমাহার এক দেখে।' *জীবন*, ১৯৪৮।

আঁখিতারা [স অক্ষি>+স তারা] *বি* চোখের মণি। 'ইহাতে নিবিড় কেশভার, ঘনকৃষ্ণ আঁখিতারা, সুগোল মৃণাল ভুজ নাই।' *রবীন্দ্র*, ১৮৮০; 'দেবতার আঁখিতারা জেগে থাকে রাতে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

আঁখিতে আঁখিতে ১ *ক্রিবিণ* সবসময় চোখের সামনে। 'রাখিব আঁখিতে আঁখিতে।' *রবীন্দ্র*, ১৮৮৪। ২ *ক্রিবিণ* চোখে চোখ রেখে। 'কবে আর হবে থাকিতে জীবন আঁখিতে আঁখিতে মদির মিলন।' *রবীন্দ্র*, ১৮৮৭।

আঁখি-দীপ [স অক্ষি>+স দীপ] *বি* চোখরূপ প্রদীপ। 'পূজারিণী! আঁখিদীপে-জ্বালা তব সেই স্নিগ্ধ সকরুণ আলো।' *নজরুল*, ১৯২৩।

আঁখিধারা [স অক্ষি>+স ধারা] *বি* অশ্রুধারা। 'বিষাদের আঁখিধারা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আঁখি না ফিরা *ক্রি* মুগ্ধতার কারণে কোনোকিছু থেকে চোখ ফেরাতে না পারা। 'তোমায় দেখে দেখে আঁখি না ফিরে।' *রবীন্দ্র*, ১৯০৫।

আঁখিনীর [স অক্ষি>+স নীর] *বি* চোখের জল। 'সে কথা আঁখিনীরে মিশিয়া যাবে ধীরে।' *রবীন্দ্র*, ১৮৯০; 'হাসি যাবে পুন আঁখি-নীরে ভেসে।' *নজরুল*, ১৯২২।

আঁখিপল্লব [স অক্ষি>+স পল্লব] *বি* চোখের পাতা। 'আঁখিপল্লব বাষ্পসজল, তাই সে রোমাঞ্চিত।' *রবীন্দ্র*, ১৯২৬।

আঁখিপাখি, আঁখিপাখী [স অক্ষি>+স পক্ষী>] *বি* আঁখিরূপ পাখি। 'নীল নীড়ে হায় আঁখি-পাখীর আছে কি বাসা?' *সত্যেন্দ্র*, ১৯১২।

আঁখিপাত [স অক্ষি>+স পত্র] ১ *বি* চোখের পাতা। 'ঘুম এনে দেয় আঁখিপাতে।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বি* দৃষ্টিপাত। 'আমারে যদি জাগালে আজি নাথ, ফিরো না তবে ফিরো না, করো করুণ আঁখিপাত।' *রবীন্দ্র*, ১৯১০।

আঁখিপাতা [স অক্ষি>+স পত্র] *বি* চোখের পাতা। 'ঈষৎ মেলিয়া আঁখিপাতা।' *রবীন্দ্র*, ১৮৮১।

আঁখিপুট [স অক্ষি>+স পুট] *বি* চোখের পাতা। 'কখনো ফুল দুটো আঁখিপুট মেলিত।' *রবীন্দ্র*, ১৮৯০।

আঁখি ফোটা *ক্রি* চোখ খুলে যাওয়া। 'ওদের যতই আঁখি রক্ত হবে মোদের আঁখি ফুটবে।' *রবীন্দ্র*, ১৯০৫।

আঁখিবারি [স অক্ষি>+স বারি] *বি* অশ্রু। 'দুজনের আঁখিবারি গোপনে গেল বয়ে।' *রবীন্দ্র*, ১৮৮৪; 'সতিনীর আঁখিবারি অমৃতের ধারা।' *গিরিশ*, ১৮৮৭।

আঁখি ভেঙে আসা *ক্রি* চোখ বুঁজে আসা। 'ঘুমে আঁখি আসে ভাঙিয়া।' *নজরুল*, ১৯৩৫।

আঁখিয়া [স অক্ষি>] *বি* চোখ। 'আধমুকুলিত আঁখিয়া।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আঁখির কোণে ডাকা *ক্রি* চোখের ইশারায় আহ্বান করা। 'মনে হল

AMARBOI.COM

আঁখির কোণে আমায় যেন ডেকে গেছে সে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আঁখির পলকে *ক্রিবিণ* অতি অল্প সময়ের জন্যে। 'ক্ষণিক আলোকে আঁখির পলকে তোমায় যবে পাই।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আঁখির সুধা *বি* চোখের সৌন্দর্য। 'কেবল আঁখি দিয়ে আঁখির সুধা পিয়ে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

আঁখিলোর [স অক্ষি>+স লোর] *বি* অশ্রু। 'নিশীথে বহাবে আখিলোর।' *নজরুল*, ১৯২৯।

আঁখি শীতল করা *বি* চোখ জুড়ায় যে। 'এসো হে এসো পিপাসা-হরা, এসো হে এসো আঁখি শীতল করা।' *রবীন্দ্র*, ১৯১০।

আঁখিসলিল [স অক্ষি>+স সলিল] *বি* অশ্রু। 'এখন হতে আমার পূজা লহো গো আঁখিসলিলে।' *রবীন্দ্র*, ১৯১৪।

আঁগ [স অগ্নি] *বি* আগুন। 'দোজখের আঁগরে কি ডরাও না?' *ওয়ালী*, ১৯৪৮।

আঁচ[১] [স অঞ্চ>] **১** *বি* আভাস; ইঙ্গিত। *বিদ্যা*, ১৮৯১। **২** *বি* প্রভাব। 'বড়দিদির অদৃষ্টের আঁচ লেগেছে আর-কি।' *রবীন্দ্র*, ১৯০৬; 'সর্বদাই সন্তর্পণে ছিলাম, পাছে দেব-আদর্শে মানবভাবের কোনো আঁচ লাগে।' *রবীন্দ্র*, ১৯০৬। **৩** *বি* ছোঁওয়া। 'একজন কেরানির হাতে পড়ে তাতে গরিবি ভদ্রতার অল্প একটু আঁচ লেগেছিল।' *রবীন্দ্র*, ১৯২৯। **৪** *বি* উত্তেজনা। 'তারপর লোকে যাকে বলে গপ্পো, এতে তারও কোনো আঁচ নেই।' *রবীন্দ্র*, ১৯৩৭। **৫** *বি* নাগাল। 'সাবধানে তুই রাখিস যেন না কেউ পায় তার আঁচ।' *জসীম*, ১৯৫১। **৬** *বি* অনুমান। 'আগেই জামাল সাহেবরা আঁচ করেছিলেন।' *পাশা*, ১৯৭১।

আঁচ[২] [স অর্চিঃ] **১** *বি* জ্বাল। 'নরম আঁচে সদ্য-দুধের ফেনার রাশি।' *সত্যেন্দ্র*, ১৯১২। **২** *বি* উষ্ণতা। 'তারি তপ্ত আঁচ লাগছে আমার মনে।' *ওয়ালী*, ১৯৩৯। **৩** *বি* উত্তাপ। 'যৌবনের আঁচ লাগে, তারও মনে, তুলত তাকে তাতিয়ে কামনার তপ্তবাষ্পে।' *রবীন্দ্র*, ১৯৪৩।

আঁচড় [স আকর্ষ>] **১** *বি* নখের আঘাত। 'চরণে কণ্টক ভুকে শতেক আঁচড় বুকে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* লেখা। 'মেয়েমানুষের কলমের এক আঁচড়েই উড়িয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৯। **৩** *বি* শাড়ির প্রান্তভাগ; আঁচল। 'ও শাড়ির আঁচড়ে উজোর সোনা লুকানো আছে।' *প্রমথ*, ১৯১৬। **৪** *বি* প্রভাব। 'ওর উপরে দুঃসময়ের আঁচড় পড়েছে।' *রবীন্দ্র*, ১৯২২। **৫** *বি* দাগ। 'পেন্সিলের আঁচড় দিয়ে কেটে দিয়েছে।' *রবীন্দ্র*, ১৯২২। **৬** *বি* রেখা। 'নওয়াসের দুই *ঠোঁটে* হঠাৎ মৃদু হাসির আঁচড় দেখা গেল।' *শওকত*, ১৯৬২।

আঁচড় কাটা *ক্রি* সামান্য চেষ্টা করা। 'আমাদের দেশের মতো এ দেশের জমিতে আঁচড় কাটলেই শস্য হয় না।' *রবীন্দ্র*, ১৮৮১।

আঁচড়কাটা [স আকর্ষ>] *বিণ* দাগ কেটে কেটে আঁকা। 'আঁচড়-কাটা সেই হিসাবের খাতা, সেই কখানা পাতা, আজকে আমার মুখের পানে চেয়ে আছে তারি চোখের মতো।' *রবীন্দ্র*, ১৯১৮; 'কালি-কলমে একখানা আঁচড়কাটা ছবি আঁকছিল।' *রবীন্দ্র*, ১৯৪০।

আঁচড়-পিঁচড় [স আকর্ষ>] *বি* দৌড়ঝাঁপ। 'আঁচড়-পিঁচড় করিয়া একেবারে সেই বেড়ার উপর ...।' *শরৎ*, ১৯১৭।

আঁচড়াআঁচড়ি [স আকর্ষ>] *বি* খামচাখামচি। *বিদ্যা*, ১৮৯১।

আঁচড়াওন [স আকর্ষ>] *ক্রি* আঁচড়ানো। *ওসী*, ১৭৮৫।

আঁচড়ে কামড়ে *ক্রিবিণ* ক্ষতবিক্ষত ক'রে। 'আঁচড়ে কামড়ে ছিঁড়ে ফেলতে ইচ্ছে করত।' *রবীন্দ্র*, ১৯১০।

আঁচড়া, আঁচড়ানো[১] [স আকর্ষ>] **১** *ক্রি* চুল পরিপাটি করা। 'করেতে চিরুনি ধরি আঁচড়ও কেশ।' *মুকুন্দ*, ১৬০০; 'কাঁকই দিয়ে আঁচড়ায় লম্বা চুল।' *রবীন্দ্র*, ১৯৩২। **২** *ক্রি* চাঁছা। 'আঁচড়িতে।' *মানোএল*, ১৭৪৩। **৩** *ক্রি* নখ দিয়ে আঁচড় কাটা। 'এক ছোট কুকুরের ডাকে এবং মাটি আঁচড়নে ত্রাসিত হইল।' *তারিণী*, ১৮০৩; 'কৃষ্ণচূড়ার গায়ে নখ আঁচড়াচ্ছে।' *জীবন*, ১৯৪২। **৪** *ক্রি* চাষ করা। 'মাটি আঁচড়াইলেই শস্য *জন্মে*।' *বঙ্কিম*, ১৮৭৯। **৫** *বিণ* আঁচড়িয়ে পরিপাটি করা হয়েছে এমন। 'চুলটি বেশ পরিষ্কার করে আঁচড়ানো থাকবে।' *রবীন্দ্র*, ১৮৮১। **৬** *ক্রি* বিশ্লেষণ করা। 'শব্দকে আঁচড়ালেই তার ভিতর থেকে আহ্লে বিলেতি ভাব বেরিয়ে পড়ে।' *প্রমথ*, ১৯২২। **আঁচড়এ** *ক্রি* আঁচড়ায়। 'করেতে চিরুনি ধরি আঁচড়এ কেশ।' *মুকুন্দ*, ১৬০০। **আঁচড়িআ** *ক্রি* আঁচড় কেটে। 'লাফে লাফে ধায় বাঘা আঁচড়িআ খিতি।' *মুকুন্দ*, ১৬০০। **আঁচড়িয়া** *ক্রি* চিরুনি দ্বারা কেশবিন্যাস ক'রে। 'আঁচড়িয়া কুন্তল করিল সমতুল।' *রূপরাম*, ১৭৫০। **আঁচড়ে** *ক্রি* নখাঘাত ক'রে। 'আথালি পাথালি তার সর্বাঙ্গ আঁচড়ে ...।' *রূপরাম*, ১৭০০।

আঁচমন [স আচমন] *বি* আচার অনুযায়ী জল দ্বারা হিন্দুদের দেহশুদ্ধি করণ; আচমন। 'আঁচমন আসন আদি ধেয়ান সমাধি।' *মালাধর*, ১৫০০।

আঁচর [স অঞ্চল] *বি* আঁচল। 'আধ আঁচর খসি আধ বদন হসি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আঁচল[১] [স অঞ্চল] **১** *বি* শাড়ির বেরিয়ে-থাকা প্রান্তভাগ। 'আঁচলে না ধর কাহ ডরে কাঁপে গাত্র।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* দেখানো পথ। 'প্রাচীন কবিদের আঁচল ধরিয়া থাকিব ... পরিবর্তনের কোনো প্রভাব লক্ষিত হইবে না ...।' *রবীন্দ্র*, ১৮৮২। **৩** *বি* আচ্ছাদন। 'মরণের অমরতালোকে ধূসর আঁচল মেলি ফিরে তারা গেরুয়া আলোকে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আঁচল-আড় [আঁচল+স অন্তরাল>] *বি* আঁচলের আড়াল। 'আঁচল-আড়ে দীপের মতো একটুখানি হাসি।' *রবীন্দ্র*, ১৯৪০।

আঁচলকোণ [আঁচল+স কোণ] *বি* আঁচলের প্রান্ত। 'লাজে সাজুর ইচ্ছা করে লুকায় আঁচলকোণে।' *জসীম*, ১৯২৯।

আঁচলচাপা [আঁচল+চাপা] *বিণ* ঢাকা। 'সে যে কিছুতেই আঁচলচাপা থাকবে না।' *নজরুল*, ১৯২৪।

আঁচলধরা *বিণ* একান্ত অনুগত; স্ত্রৈণ। 'একেবারে স্ত্রীর আঁচলধরা হয়ে পড়েছ।' *নরেন্দ্র*, ১৯৪৬।

আঁচল পূর্ণ করা *ক্রি* দারিদ্র্য মোচন করা। 'যদি ইংরেজ-রাজ আমাদের জীর্ণ আঁচল পূর্ণ করিয়া দান করেন তবু কি আমরা যথার্থ বড়ো হইব।' *রবীন্দ্র*, ১৯০৮।

আঁচলবাঁধা *বিণ* কোমরে-জড়ানো রুমালবিশেষ। 'এখানকার দাসীদের কোমরে এক আঁচল-বাধা থাকে, সেইটি দিয়ে তারা না পোছে, এমন পদার্থ নেই।' *রবীন্দ্র*, ১৮৭৯।

আঁচল-বাঁধা করা *ক্রি* করায়ত্ত করা। 'এই ভয়ে সেটিকে এমন আঁচলবাঁধা করেন।' *অন্নদা*, ১৯২৮।

আঁচল-বীণ [আঁচল+স বীণা] *বি* আঁচলরূপ বীণা। 'আঁচল-বীণ চাবির রিং।' *নজরুল*, ১৯২৩।

আঁচল লুটানো *ক্রি* আচ্ছন্ন করা। 'এসো গো গগনে আঁচল লুটায়ে, এসো গো সকল স্বপন ছুটায়ে।' *রবীন্দ্র*, ১৯০০।

আঁচলের নিধি *বি* স্বামী। 'কোন প্রাণে তুই কেড়ে নিয়ে গেলি তার

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আঁচলের নিধি।' *জসীম*, ১৯২৯।

আঁচলা [আঁচল>] *বি* আঁচল। 'পাতনী পাত্যাছে তথি পামরি আঁচলা।' *মুকুন্দ*, ১৬০০।

আঁচলাদার [আঁচল>+ফা দার] *বিণ* আঁচলবিশিষ্ট। 'কুসুমে রঙ্গান ভাল বড় আঁচলাদার।' *ভবানী*, ১৮২৫।

আঁচা[১] [স আচমন>] *ক্রি* খাওয়ার পর হাত-মুখ ধোওয়া। 'এখানকার লোকেরা খাবার পরে আঁচায় না।' *রবীন্দ্র*, ১৮৭৯।

আঁচা[২] [ফা আন্দাজ] *ক্রি* আন্দাজ করা। 'আঙুল ফুলে কলাগাছ কিনা – সেটাও এঁচো ভাই।' *অবন*, ১৯২৫।

আঁচা[৩] [স আচ্ছাদ>] *বি* নারকেলের মালা। 'একটা বাঁশের মাথায় নারিকেলের আঁচা বাঁধিয়া ...।' *জসীম*, ১৯৬০।

আঁচাআঁচি [স আচমন>] *বি* পরস্পরের মনের ভাব বিনিময়ের মাঝে নিজ কাজ সফলের ইঙ্গিত। 'কথার পেঁচাপেচিতে যেন আসল কর্ম্মের আঁচাআঁচি থাকে।' *ভবানী*, ১৮২৮।

আঁচানো [স আচমন>] ১ *ক্রি* খাবার পর হাত মুখ ধোয়া। 'আঁচাবার সঙ্গে সঙ্গেই সূর্য্যদেব অস্ত যেতেন।' *হুতোম*, ১৮৬১। ২ *বিণ* আঁচানো হয়েছে এমন। 'এখানকার লোকেরা আঁচায় না, কেননা আঁচানো-জল মুখ থেকে পড়ছে সে অতি কুশ্রী দেখায়।' *রবীন্দ্র*, ১৮৭৯।

আঁচিল [স চর্মকীল] *বি* ব্রণের মতো ছোটো মাংসপিণ্ড। 'বামনাসা উপরে আঁচিল।' *মুকুন্দ*, ১৬০০।

আঁচিলওয়ালা [আঁচিল+হি ওয়ালা] *বিণ* শরীরে আঁচিল আছে এমন। 'বড় আঁচিলওয়ালা ছেলেটি ...।' *বিভূতি*, ১৯২৯।

আঁচুড়ানো [স আকর্ষ>] *ক্রি* আঁচড়ানো। 'আঁচুড়ে চাঁচর চুলে বাঁধিল লোটন।' *মানিকরাম*, ১৭৮১।

আঁচোর [স অঞ্চল>] *বি* আঁচল। 'কে জানে সে ফুল তোলে কিনা কেউ ভরি আঁচোর।' *রবীন্দ্র*, ১৮৯০।

আঁচোরা [স অঞ্চল>] *বি* আঁচল। 'আঁচোরা না গায়ে দিব, চলে গরমি হাওয়া।' *গিরিশ*, ১৮৮৩।

আঁছু [স অশ্রু>] *বি* অশ্রু। 'তাদের আঁছু কায়েদের শরীর ভিজিয়ে দিবে।' *মাহেনও*, ১৯৪৯।

আঁজন [স অঞ্জন] *বি* কাজল। 'শাঙনের দেয়া বঁধু নীল আঁজনে।' *শাহাদাত*, ১৯৪০।

আঁজল[১] [স উজ্জ্বল] *বিণ* রঞ্জিত। 'অলপে কাজরে নয়ন আঁজল ননমি দেখিয় আঁখি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আঁজল[২] [স অঞ্জলি>] *বি* অঞ্জলি। 'আঁজল ভরে সোনা দিতে।' *রবীন্দ্র*, ১৯০৬।

আঁজলা [স অঞ্জলি] ১ *বি* দুহাত। 'রফা করিব তায়, আঁজলা পুরে দিতে চায়।' *ভবানী*, ১৮২৫। ২ *বি* অঞ্জলি। 'আঁজলা ভরে তেষ্টা নেয় মিটিয়ে।' *রবীন্দ্র*, ১৯৪০।

আঁজি, আঁজী [স আদ্য>] *বি* দাগ। 'তাঁতি যখন কাপড়ের কিনারায় নানা রঙের আঁজী টানে।' *অবন*, ১৯২৫; 'সবুজ আর রাঙা আঁজি কাটা গায়ে।' *বিভূতি*, ১৯৩৮।

আঁজির [ফা আনজির] *বি* পেয়ারা গাছ; পেয়ারা ফল। *বিদ্যা*, ১৮৯১।

আঁট[১] [স আনদ্ধ] ১ *বিণ* কঠিন। 'স্বর্গের কপাট অতি বড় আঁট।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* গায়ের সঙ্গে লেগে থাকে এমন টানটান মাপের; আঁটসাঁট। 'আজকাল নোবিলিটি আঁট প্যান্টলুন পরেন।' *রবীন্দ্র*, ১৮৮০; 'পরতে গেলে আঁট হবে যে আমার।' *রবীন্দ্র*, ১৯০৯। ৩ *বি* কষণ। 'আঁট বেঁধে একটিমাত্র সূচ্যগ্র বিন্দুতে।' *রবীন্দ্র*, ১৯০৭। ৪ *বিণ* দৃঢ়। 'যখনই তাহার মনুষ্যত্বের উপর বন্ধন আঁট হইয়া আসে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৫ *বিণ* অস্বস্তিকর। 'মাসির বাড়ি দামিনীর পক্ষে ভয়ংকর আঁট হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯১৪। ৬ *বি* বাঁধন। 'আগে বড়ো শক্ত আঁট ছিল।' *রবীন্দ্র*, ১৯১৬। ৭ *বিণ* জমাট। 'জল আঁট হয়ে হিমালয়ের চূড়ায় বসে রইলো।' *অবন*, ১৯২৫। ৮ *বিণ* শক্ত। 'আমরা কি ওদের দরকারের গায়ে আঁট করে লাগানো, যেন ধানের গায়ে তুঁষ?' *রবীন্দ্র*, ১৯২৬। ৯ *বিণ* পর্যাপ্ত। 'তারা আঁট-কালের মানুষ এসে পড়েছে অপর্যাপ্ত-কালের দেশে।' *রবীন্দ্র*, ১৯২৯। ১০ *বিণ* যুক্ত। 'দূতিনটে শব্দ পাশাপাশি আঁট করে দিয়ে তাদের বিশেষ ব্যবহারে লাগিয়ে দেয়।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আঁট করা *ক্রি* শক্ত করা। 'আঁট করে গিণ্ডণ টানিলা আর বড়।' *মানিকরাম*, ১৭৮১।

আঁটঘাঁট বাঁধা *ক্রি* জোরেশোরে প্রস্তুতি নেওয়া। 'সারা দিনমান আঁট ঘাঁট বেঁধে জটিলা কুটিলা ঘোরে।' *জসীম*, ১৯৩০।

আঁটন *বি* দৃঢ়বন্ধন। *বিদ্যা*, ১৮৯১।

আঁটনি *বি* দৃঢ় বাঁধুনি। 'গাঁথনি আঁটনি কত।' *চণ্ডী*, ১৫৫০।

আঁট বাঁধা ১ *ক্রি* দৃঢ় হওয়া। 'কোনোমতে কিছুই আঁট বাঁধে না।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *ক্রি* জমাটবদ্ধ হওয়া। 'সমস্ত যাগযজ্ঞ ধ্যানধারণা আঁট বেঁধে গেল।' *রবীন্দ্র*, ১৯৪০।

আঁটবাঁধা [স আনদ্ধ>+স বন্ধন>] *বিণ* শক্ত গাঁথুনিবিশিষ্ট। 'ধ্বনি নিয়ে আঁটবাঁধা শব্দই ভাষার ইট।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আঁটসাঁট, আঁটসাঁটো ১ *বিণ* মজবুত। 'ছিপছিপে লম্বা – আঁটসাঁট, অনেকটা ইংরেজ মেয়েদের মতো।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বিণ* ঢিলা নয় এমন। 'তেরপালের মতো মোটা নীলচে কাপড়ের আঁটসাঁটো প্যান্ট ...।' *আলাউদ্দিন*, ১৯৬০।

আঁট হওয়া *ক্রি* কষে লেগে থাকা। 'গলায় একটি রূপার হার আঁট হয়ে আছে।' *ওয়ালী*, ১৯৬৪।

আঁট[২] [স আত্ত>] ১ *বি* দম্ভ। 'মনে ভয় মাথা হেঁট মুখে করে আঁট।' *মানিকরাম*, ১৭৮১। ২ *বি* যত্ন; মনোযোগ। *বিদ্যা*, ১৮৯১।

আঁটকুড়া, আঁটকুড়ি, আঁটকুড়ী, আঁটকুড়ে, আঁটকুড়ো [ও আস্টুকুড়া] ১ *বিণ* নিঃসন্তান। 'আঁটকুড়া সোমঘোষ বংশ নাঞি কোলে।' *রূপরাম*, ১৭৫০; 'রাজার সভায় ভাই আঁটকুড়ি কয়।' *রূপরাম*, ১৭৫০; 'কোথা হতে এলো মড়া ঘটাইল ঘটক আঁটকুড়ো।' *রামনারায়ণ*, ১৮৫৪; 'রাজ-দম্পতির আঁটকুড়ে নাম ঘুচাইয়া মনোহরের জন্ম হয়।' *এনায়ুল*, ১৯৫৫। ২ *বিণ* ফলাফলহীন। 'খেলা তখনো আঁটকুড়ী – গোল হয়নি।' *মুজতবা*, ১৯৫৯।

আঁটা[১] [স আনদ্ধ>] ১ *ক্রি* যথেষ্ট হওয়া। 'জত দড়ি আনে জসোদা বান্ধিতে না আঁটে।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রি* পারা। 'তা সবান মহিমা কহিতে নহি আঁটি।' *আলাওল*, ১৬৮০। ৩ *ক্রি* মানিয়ে নিতে পারা। 'বলে না আঁটি আম্কি এ সব সহিত।' *সুলতান*, ১৭০০। ৪ *ক্রি* বাঁধা। 'কবরী আঁটিল ধান্য কামনী জটায়।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৫ *ক্রি* বিঁধানো। 'বিশ্বকর্ম্মা পাটে পাটে লোহার পেরেক আঁটে।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৬ *ক্রি* জুড়ে দেওয়া। 'মুণ্ড দক্ষস্কন্ধে দিলেক আঁটিয়া।' *ভারত*, ১৭৬০। ৭ *ক্রি* উদ্ভাবন করা। 'মনে মনে নতুন ফিকির আঁটতে আঁটতে চলেচেন।' *হুতোম*, ১৮৬১; 'এখন বুঝি এ-সমস্ত মতলব আঁটা হচ্ছে।' *রবীন্দ্র*, ১৯০৯। ৮ *ক্রি* আঁটসাঁট করে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বাঁধা। 'জামাটা আলগা হয়ে গিয়েছে, এঁটে দিচ্ছি।' *গিরিশ*, ১৮৮৭। **৯** *বিণ* বন্ধ রয়েছে এমন। 'পোষ-মানা এ প্রাণ, বোতাম-আঁটা জামার নীচে শান্তিতে শয়ান।' *রবীন্দ্র*, ১৮৯০। **১০** *ক্রি* ধরানো; কুলানো। *বিদ্যা*, ১৮৯১। **১১** *ক্রি* আটকানো। 'ঘরের দ্বারে শিকল আঁটিয়া দিয়া।' *রবীন্দ্র*, ১৮৯৫। **১২** *ক্রি* রুদ্ধ করা। 'কণ্ঠ আমার যতই আঁটো বলব তবু উচ্চ সুরে।' *রবীন্দ্র*, ১৯০০। **১৩** *ক্রি* পরা। 'বসিল সবে চশমা চোখে আঁটি।' *রবীন্দ্র*, ১৯০০; 'চশমা আঁটা, এক কোণে তার ফেটে গেছে বাঁয়ের পরকলাটা।' *রবীন্দ্র*, ১৯৩২। **১৪** *ক্রি* লাগানো। 'ময়দা দিয়া আঁটা সরা-ঢাকা হাঁড়ি।' *রবীন্দ্র*, ১৯০৭; 'একখানি ছবি সিদ্ধিদাতা গণেশের দরজার পরে আঁটা।' *রবীন্দ্র*, ১৯৩২।

আঁটিয়া উঠা *ক্রি* পেরে ওঠা। 'তাঁহার সহিত কথায় আঁটিয়া উঠিতে পারেন না।' *রবীন্দ্র*, ১৮৯১।

আঁটা[২] [স আনদ্ধ>] **১** *বিণ* বন্ধ-করা। 'ছিপি-আঁটা মসীপাত্র উল্টাইয়া ভাঙ্গিয়া ফেলিল।' *রবীন্দ্র*, ১৯০৩। **২** *বিণ* আবদ্ধ। 'নানা প্রয়োজনে আঁটা, আমির পর্দাটাকে মাঝে মাঝে সরিয়ে ফেলতে পারলেই তখনই চার দিকে দেখতে পাব জগৎ।' *রবীন্দ্র*, ১৯১৬। **৩** *বিণ* মোড়ানো। 'পিতল-আঁটা লাঠি কাঁধে গালেতে গালপাট্টা। *রবীন্দ্র*, ১৯৩৭।

আঁটাআঁটি [স আনদ্ধ>] **১** *বি* জোরাজুরি। 'একান্ত আঁটাআঁটি করিলে পেটের সাড়া জানাইবা।' *ভবানী*, ১৮২৮। **২** *বিণ* টানাটানির। 'খরচের এই আঁটাআঁটি সময়ে ...।' *দর্পণ*, ১৮৩৩। **৩** *বি* কড়াকড়ি। 'বিলক্ষণরূপে দলের আঁটাআঁটি থাকিতে পারে তাহা হইলে লোক কুপথগামী হইতে পারে না।' *চন্দ্রিকা*, ১৮৩৩। **৪** *বি* অপরিবর্তনীয় নিয়ম। 'কুলের বড়ই আঁটাআঁটি।' *রামনারায়ণ*, ১৮৫৪। **৫** *বি* কষাকষি। 'আঁটাআঁটি সব মোর কর্ম্ম।' *উমেশ*, ১৮৫৭। **৬** *বি* বিধিনিষেধ। 'বাবা, এত আঁটাআঁটি।' *রবীন্দ্র*, ১৯১৩।

আঁটাল [স আনদ্ধ>] *বিণ* শক্ত; কঠিন; আঁটযুক্ত। *বিদ্যা*, ১৮৯১।

আঁটি[১] [স গ্রন্থি>] **১** *বি* ধান, খড় ইত্যাদির গোছা। *ওসাঁ*, ১৭৮৩; 'চারা উপড়ে নিয়ে আঁটি করে করে বাঁধছে।' *রবীন্দ্র*, ১৮৯১। **২** *বি* ঐক্য। 'নচেৎ দলের আঁটি থাকে না।' *দর্পণ*, ১৮২৫।

আঁটিবাঁধা [স গ্রন্থি>+বাঁধা] *বিণ* গুচ্ছ করে বাঁধা। 'আঁটিবাঁধা কতকগুলো শুকনো কাঠ।' *শরৎ*, ১৯১৭।

আঁটি[২]**, আঁটী** [স অস্থি>] **১** *বি* ফলের বিচি। 'আঁটী।' *ওসাঁ*, ১৭৮২; 'এ যে কুল কুল নয় সার মাত্র আঁটি।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বি* হোতা। 'আঁটি তারা বজ্জাতের।' *নজরুল*, ১৯২৬।

আঁটিসার ক'রে [স অস্থি>+স সার>] *ক্রিবিণ* আঁটি মাত্র অবশিষ্ট রেখে; নিঃশেষিত ক'রে। 'চুষিয়া আঁটিসার করিয়া খাইবার ক্ষমতা রাখে।' *বিভূতি*, ১৯৩১।

আঁটির বাঁশী [স অস্থি>+স বংশী>] *বি* আঁটি দিয়ে বানানো বাঁশি। 'সে যে আমের আঁটির বাঁশীটিরে।' *জসীম*, ১৯২৭।

আঁটু[১] [স আনদ্ধ>] *বি* বন্ধন। 'কণ্ঠে আঁটু দিয়া বির তার প্রান লএ।' *মালাধর*, ১৫০০।

আঁটু[২] [স অষ্টি] *বি* হাঁটু। 'সমরের মাজে জুজে পাত্যা দুই আঁটু।' *মুকুন্দ*, ১৬০০।

আঁটুনি [স আনদ্ধ>] *বি* দৃঢ়বন্ধন। 'আঁটুনি করিয়া আর চোরেরে লুকায়।' *কৃষ্ণরাম*, ১৭২০।

বল্ল আঁটুনি ফসকা গেরো – কাজের আয়োজনে কড়াকড়ি হলেও পরিণামে শিথিল অবস্থা। 'বল্ল আঁটুনি ফসকা গেরো? তা হয় হোক তাড়াতাড়িতে!' *নজরুল*, ১৯৩১।

আঁটুবাঁটু [স অষ্টি>] *বি* বার্ধক্যজনিত কারণে জড়সড় ভাব। 'পাকা পাকা গোঁফ দাড়ি/ পায়ে পড়ে দিলে ছাড়ি/ চলনে কতক আঁটুবাঁটু।' *ভারত*, ১৭৬০।

আঁটো [স আনদ্ধ>] *বিণ* শক্ত। 'তারপর ওপর নিচু দুসারি দাঁত আঁটো হয়ে বসে যায়।' *হাসান*, ১৯৬৭।

আঁঠালো [স গ্রন্থি>] *বিণ* আঠাযুক্ত। 'জোনাক পোকায় আঁঠালো লতায় বেঁধে মালা করে পরবো সুন্দর।' *মাহমুদ*, ১৯৬৬।

আঁঠি [স অস্থি>] **১** *বি* ফলের মধ্যস্থ বড়ো বীজ। 'আঁঠিতে যে গাছটা হয়েছে, সেটা বিষম টেকো ও পোকা-খেকো।' *বিদ্যা*, ১৮৭৩। **২** *বি* আঁটি; বোঝা। 'ভিজে কাঠের আঁঠি বেঁধে/ চলছে ছুটে কাঠুরে।' *রবীন্দ্র*, ১৯৪১।

আঁঠিয়া [স অস্থি>] *বিণ* আঁটিযুক্ত। 'বত্রিশা আঁঠিয়া কলার আঙ্গটিয়া পাতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আঁঠ্যা [স অস্থি>] *বিণ* আঁটিওয়ালা। 'আঁঠ্যা চোপা খাইলে নহে কুলের বাঁখার।' *মুকুন্দ*, ১৬০০।

আঁঠু *বি* [স অষ্টি] *বি* হাঁটু। 'চণ্ডীর কৃপায় হইল এক আঁঠু জল।' *মুকুন্দ*, ১৬০০।

আঁঠ্যা *দ্র* আঁঠি

আঁড়িআঁড়ি অও] *বি* এঁড়ে বাছুর। *বিদ্যা*, ১৮৯১।

আঁত [স অন্ত্র] **১** *বি* পেট। 'উত্তরি আঁতের নাড়ি কুম্ভরচর্ম্মের শাড়ি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* নাড়িভুঁড়ি। 'কোঠরের পেঁচা আন্য গোধিকার আঁত।' *মুকুন্দ*, ১৬০০।

আঁত উঠা *ক্রি* বমির ভাব হওয়া। 'বাঘছাল পরে বুড়া আঁত উঠে গন্ধে।' *ভারত*, ১৭৬০।

আঁতে আঁতে *ক্রিবিণ* ভিতরে ভিতরে। 'সন্দেহ ছিল ওর আঁতে আঁতে।' *রবীন্দ্র*, ১৯৪০।

আঁত[২] [স আত্ম] *বি* মন। 'হাতের মার আর আঁতের মারে তফাত কী।' *মণীশ*, ১৯৬৩।

আঁতকা, আঁৎকা, আঁতকানো [স আতঙ্ক>] **১** *ক্রি* আতঙ্কিত হওয়া। *বিদ্যা*, ১৮৯১; 'আতঙ্কে আঁৎকাইয়া উঠিয়া ...।' *দর্শন*, ১৯২৪; 'দেখে যেই আঁতকে ওঠা কুকুরও জুড়ল ছোটা।' *নজরুল*, ১৯২৬। **২** *ক্রি* চমকানো। 'হঠাৎ দেখলে আচমকা আঁতকে উঠতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'আঁৎকে উঠে হাত পা ছুঁড়ে চোখটি করে গোল।' *সুকুমার*, ১৯১৮।

আঁতটান [স অন্ত্র>+টান] *বি* রক্তের টান। *বিদ্যা*, ১৮৯১।

আঁতড়ি, আঁৎড়ী [স অন্ত্র>] *বি* নাড়িভুঁড়ি। 'মড়ার আঁতড়ি কেহ করিয়া উত্তরী।' *মুকুন্দ*, ১৬০০; 'তোমার হাসি থামাও, নচেৎ এখনই তোমার আঁৎড়ী বেরিয়ে পড়বে।' *শওকত*, ১৯৬২।

আঁতর [স অন্তর] **১** *বি* ব্যবধান। 'হৃদয়হু হার আঁতর নহি দেল।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* অকর্ষিত জমির অভ্যন্তর ভাগ। 'না পারে চষিতে খোড়া সাত বাড়ি করে জোড়া আঁতরে পাঁতরে রোপে কলা।' *মুকুন্দ*, ১৬০০।

আঁতাত [ফা] *বি* পারস্পরিক সমঝোতা। 'ফ্রান্স স্পেন করি আঁতাত ... হায়ওয়ান সাথে মিলাল হাত।' *নজরুল*, ১৯২৯।

আঁতিপাঁতি [স অন্ত>+স প্রান্ত>] *বিণ* তন্ন তন্ন। 'প্রত্যেকের শরীর

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আঁতিপাঁতি করে খুঁজলো।' *হাসান*, ১৯৭৪।

আঁতিপাতি করে খোঁজা *ক্রি* পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করা। 'আঁতিপাতি করে খুঁজেও সেই খাতাটা আবিষ্কার করতে পারনি।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

আঁতুড় [স অন্তঃকুটী] *বি* সূতিকা ঘরের অগ্নিকুণ্ড। 'চাল খড়ে আঁতুড় জ্বালিল সন্নিধান।' *রূপরাম*, ১৭৫০।

আঁতুড়ঘর [স অন্তঃকুটী+ঘর] *বি* সন্তান প্রসবের ঘর। 'আঁতুড়ঘর দেখে বিরক্ত হয়ে বকাবকি করেছিল।' *রবীন্দ্র*, ১৯১৪।

আঁতুড়ঘর করা *ক্রি* সন্তান প্রসব করে আলাদা ঘরে কয়েকদিন থাকা। 'মা বছরের সাত-আট দিন আঁতুড়ঘর করে।' *সেলিনা*, ১৯৬৯।

আঁতুড়-ঘরেই মারা যাওয়া *ক্রি* অঙ্কুরে বিনষ্ট হওয়া। 'তাঁহার সৃষ্ট সাহিত্য আঁতুড়-ঘরেই মারা যাইবে।' *নজরুল*, ১৯২২।

আঁতুড়ি [স অন্তঃকুটী] *বি* সূতিকা ঘরের অগ্নিকুণ্ড। 'চালের পাড়িয়া খড় জ্বালিল আঁতুড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

আঁতুড়িআ [স অন্তঃকুটী>] *বিণ* আঁতুড় সম্বন্ধীয়। *বিদ্যা*, ১৮৯১।

আঁতুড়ে [স অন্তঃকুটী>] *বিণ* সদ্যোজাত। 'আঁতুড়ে ছেলের হাঁটিয়া বেড়াইবার কথা।' *বিভূতি*, ১৯৩৮।

আঁদাড় [স আধার] *বি* আস্তাকুঁড়। 'প্রয়োজন-মতো বাড়ে গো/ সমানে আঁদাড়ে বনে ও বাদাড়ে পগারে পুকুরপাড়ে গো!' *নজরুল*, ১৯৩১।

আঁদাড়-পাঁদাড় [স আধার] *বি* খারাপ জায়গা। 'আঁদাড়ে পাঁদাড়ে রিপয়কে দেখে।' *অবন*, ১৯২৫।

আঁদার [স অন্ধকার] *বি* আঁধার; অন্ধকার। 'না ভাই, যে আঁদার, বড় ডর লাগে।' *মাইকেল*, ১৮৬০।

আঁদি [হি আঁধী] *বি* ঝড়ো হাওয়া। 'নৌকা আঁদিতে এগিয়ে পড়ে, মাঝিরা কিছুই ঠাহর করতে পারে নাই।' *প্যারী*, ১৮৫৮।

আঁদিসাঁদি [স অন্ধি-সন্ধি] *বি* শৃঙ্খলা। 'ঝাঁকড় মাকড় চুল নাহি আঁদি সাঁদি।' *ভারত*, ১৭৬০।

আঁধমহল [ফা অন্দর>+আ মহল] *বি* ভিতরবাড়ি। 'দে দৌড় চোঁ চাঁ আঁধমহলে পাঁচিল হতে নেমে।' *নজরুল*, ১৯২৬।

আঁধল [স অন্ধ>] *বিণ* অন্ধ। 'দুই আঁখি মিলিলেন্ত আঁখল আকৃতি।' *বাহরাম*, ১৬৫০।

আঁধলা [স অন্ধ>] *বি* অন্ধ ব্যক্তি। 'আঁধলারে দেখাইলে নাহি পাপ পুণ্য।' *ভারত*, ১৭৬০।

আঁধা [স অন্ধ>] ১ *বিণ* অন্ধ। 'কাঁদিয়া কাঁদিয়া আঁধা আজি গো শ্যামের রাধা।' *মাইকেল*, ১৮৬১; 'ধুলায় যবে নয়ন আঁধা।' *রবীন্দ্র*, ১৯৩৫। ২ *বিণ* পরিত্যক্ত। 'আঁধা পুকুরের পচা কাল জলে।' *জসীম*, ১৯৩১। ৩ *বিণ* কানা; এক-মাথা বন্ধ। 'ইংরাজি ভাষায় যাকে আঁধা গলি বলে জীবিকাসাধনার পক্ষে এ সেরকম পথ নয়।' *রবীন্দ্র*, ১৯৪১।

আঁধার [স অন্ধকার] ১ *বিণ* অন্ধকার। 'সূর্য নাহি উদয় করে ভুবন আঁধার।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* রাত। 'ডুবিছে তপন, আসিছে আঁধার।' *রবীন্দ্র*, ১৮৮০। ৩ *বিণ* কালো। 'আঁধার কাকের দল।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৪ *বি* দুঃখময়তা। 'এখনো আঁধার রয়েছে, হে নাথ ... শান্তি কোথা।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৫ *বিণ* ম্লান। 'ওগো মৃত্যু, ... তার সব ভালোবাসা আঁধার করিতে চাস তুই ভালোবেসে?' *রবীন্দ্র*, ১৮৯৩। ৬ *বিণ* বিষণ্ন। 'আমার আঁধার মনে ক্ষীণ আলো ফেলে।' *সিকান্দার*, ১৯৪৪।

আঁধার-অঞ্জন [আঁধার+স অঞ্জন] *বি* অন্ধকাররূপ কাজল। 'উজ্জ্বল আলোর চোখে আঁকা হবে আঁধার-অঞ্জন।' *সুকান্ত*, ১৯৪৮।

আঁধার-করা ১ *বিণ* অন্ধকারাচ্ছন্ন। 'ভাঙন-ধরা আঁধার-করা পিছন-পানে।' *রবীন্দ্র*, ১৯৩১। ২ *বিণ* অন্ধকার করা হয়েছে এমন। 'এসো, দুজনেই আঁধার-করা টেবিলের তলে সেঁধিয়ে পড়ি।' *শক্তি*, ১৯৬৯।

আঁধার ঘরের রাজা *বি* অন্ধকার দূর করে যে-প্রিয়তম। 'গভীর রাতে এসেছে আজ আঁধার ঘরের রাজা।' *রবীন্দ্র*, ১৯০৬।

আঁধার-জড়ানো [আঁধার+জড়ানো] *বিণ* অন্ধকারাচ্ছন্ন। 'আকাশ-হারানো আঁধার-জড়ানো দিন।' *বুদ্ধ*, ১৯৫৫।

আঁধার-ঢালা [আঁধার+ঢালা] *বিণ* অন্ধকারাচ্ছন্ন। 'নিবিড়-আঁধার-ঢালা আমবাগানের ফাঁকে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আঁধার-পরপার *বি* আঁধারের ওপার। 'দৃষ্টি তার আঁধার-পরপারে।' *রবীন্দ্র*, ১৯২৮।

আঁধারবরণ [আঁধার+স বর্ণ>] *বিণ* অন্ধকারাচ্ছন্ন। 'আঁধারবরণ সেই আফ্রিকাকেও জানি।' *প্রেমেন্দ্র*, ১৯৪০।

আঁধার-ভরা *বিণ* রহস্যময়। 'শুনব বসে আঁধার-ভরা গভীর বাণী।' *রবীন্দ্র*, ১৯১৯।

আঁধার-ভাঙা [আঁধার+স ভঙ্গ>] *বিণ* আঁধারকে দূর করেছে এমন। 'তারি লাগি আকাশ রাঙা আঁধার-ভাঙা অরুণরাগে।' *রবীন্দ্র*, ১৯২৮।

আঁধারমাণিক [আঁধার+স মাণিক্য] *বি* অন্ধকারে উজ্জ্বল যে মানিক। *বিদ্যা*, ১৮৯১।

আঁধারমুখী [স অন্ধকারমুখী] *বিণ* অন্ধকারাচ্ছন্ন। 'গহন জলদে দিবা হয়েছে আঁধারমুখী।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আঁধার-শালা [স অন্ধকারশালা] *বি* অন্ধকার ঘর। 'দিনান্তে হইলা বন্দী আঁধার-শালায়।' *মাইকেল*, ১৮৬৫।

আঁধারা[১] [স অন্ধকার>] ১ *ক্রি* অন্ধকার করা। 'কার ঘর আঁধারিলি, নিবাইয়া এবে প্রেম-দীপ।' *মাইকেল*, ১৮৬১। ২ *ক্রি* অন্ধকার হওয়া। 'পথ আঁধারিয়া পড়েছে সমুখে নিজের দেহের ছায়া।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আঁধারা[২] [আঁধার>] *বিণ স্ত্রী* অন্ধকারাচ্ছন্ন। 'রজনী আঁধারা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আঁধারি [স অন্ধকার>] *বি* অন্ধকারাচ্ছন্ন অবস্থা। 'আঁধারিটা যেন থিতিয়ে গেছে ওদের চোখে।' *কায়সার*, ১৯৬২।

আঁধি[১] [স অন্ধ>] *বি* চামচিকা। *মানোএল*, ১৭৪৩।

আঁধি[২] [তুল হি আন্ধী>] ১ *বি* ধুলার ঝড়। *মানোএল*, ১৭৪৩; 'ঘুম ভাঙাইবার আঁধি তুমি নিজে।' *বঙ্কিম*, ১৮৮২। ২ *বি* অন্ধকার। 'ধুলানিবিড় আঁধি ক্ষণকালের জন্যে সূর্যকে পরাভূত করে।' *রবীন্দ্র*, ১৯২৯। ৩ *বি* দৃষ্টিকে আচ্ছন্ন করে এমন বস্তু। 'সেই তো আঁধি, সেই তো ধাঁধা।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আঁধিআর [স অন্ধকার] ১ *বি* অন্ধকার। 'এ রে মানিনি পলটি নিহার। অরুন পিবএ লাগল আঁধিআর।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* অন্ধকারময়। 'কখন আসিবে আঁধিয়ার রাতি/ আঁধারে আর্দ্র নিশাস ফেলে?' *সত্যেন্দ্র*, ১৯১০।

আঁধিয়ারা [স অন্ধকার>] *বিণ* অন্ধকারাচ্ছন্ন। 'আঁধিয়ারা হয়ে গেছে দশ দিশি, ঝরে মুখে খুন-ঝারা।' *নজরুল*, ১৯২৪।

আঁধুলি [স অন্ধ>] *বি* ঘোর। 'মসানে আঁধুলি লাগে সভার নয়ানে।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মুকুন্দ, ১৬০০।

আঁব [স অম্র] *বি* আম। *মানোএল*, ১৭৪৩: 'কথায় বলে আঁব ফুরালে আমশী যৌবন ফুরালে কাঁদে বসি।' *উমেশ*, ১৮৫৭।

আঁববাগান [স অম্র+বাগান] *বি* আমবাগান। 'তুই সাঁজের বেলা ঐ আঁববাগানে যাস।' *মাইকেল*, ১৮৬০।

আঁবর [স অম্বর] *বি* আকাশ। 'বস্ত্র বিষ্টু ন ছিল ন ছিল আঁবর।' *রামাই*, ১৭১০।

আঁবুই [স অম্বা>] *বি* ভাই বা বোনের শাশুড়ি। *বিদ্যা*, ১৮৯১।

আঁমসি [স অম্রপেশী] *বি* শুকনো আমের টুকরা। 'প্রাণ পাই পাইলে আঁমসি।' মুকুন্দ, ১৬০০।

আঁশ', আঁষ, আঁস [স আমিষ>] *বি* মাছের শল্ক; মাছের গায়ের শক্ত আবরণ। 'আঁষ।' *ওসাঁ*, ১৭৮৫; 'প্রাণে নাহি দেরি সয় কাঁটা আঁশ বাছ্য।' গুপ্ত, ১৮৫৮; 'আঁস।' *বিদ্যা*, ১৮৯২।

আঁশটে, আঁসটে [স আমিষ>] *বিণ* মাছের গন্ধযুক্ত। 'আধসেদ্ধ মাছ – আঁশটে।' *জীবন*, ১৯৩২: 'মেঝেতে আঁসটে গন্ধ।' *শ্যামল*, ১৯৬৭।

আঁশবঁটি [স আমিষ>+মু বইনটি] *বি* যে বঁটিতে মাছ কোটা হয়। 'পাঁচি। আঁশবঁটি।' *দীনবন্ধু*, ১৮৭২।

আঁশি [স আমিষ>] *বি* মাছের আঁশ। *মানোএল*, ১৭৪৩।

আঁষটে [স আমিষ>] *বিণ* মাছের গন্ধযুক্ত। 'পুকুরের পানা শ্যালা – আঁষটে গায়ের ঘ্রাণ গায়ে।' *জীবন*, ১৯৩৬।

আঁষরান্না [স আমিষ>+রান্না] *বি* মাছ, মাংস, ডিম ইত্যাদি আমিষ রান্না। 'সকালবেলার আঁষরান্নাটা।' *শরৎ*, ১৯১৬।

আঁশ' [স অংশ] *বি* ফল বা বীজের তন্তুযুক্ত অংশ যা রস ধরে রাখে। 'সমস্ত আঁঠি আঁশ এবং জলীয় অংশ পরিহার করা যায়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আঁশমানি [ফা আসমান>] *বিণ* আকাশি নীল। 'আঁশমানি রঙের কাপড় পরা।' *প্রমথ*, ১৮৯৮।

আঁশু [স অশ্রু] *বি* চোখের জল। 'উজাড় করে দেওয়া আঁশুয়ে ভেজা উপাধান।' *নজরুল*, ১৯২৪।

আঁসু' [স অংশু] *বি* আঁশ। 'তুলা ধুণি ধুণি আঁসুরে আঁসু।' *চর্যা* ২৬, ১২০০।

আঁসু' [স অশ্রু] **১** *বি* চোখের জল। 'নয়ন বেয়ে আঁসু ঝরছে।' *নজরুল*, ১৯২২। **২** *বিণ* অশ্রুপূর্ণ। 'আঁসু চোখ দুটি তার যাচ্ছে ভেসে।' *নজরুল*, ১৯২২।

আঁস্তাকুড় [স উৎসৃষ্টকুণ্ড>] **১** *বি* আবর্জনা বা অপ্রয়োজনীয় জিনিসপত্র ফেলার স্থান। 'বাবু আঁস্তাকুড়ের কুকুরের মত ইচ্ছা অনুসারে আসে পাশে মুক দিচ্চেন।' *হুতোম*, ১৮৬১। **২** *বি* আবর্জনা। 'আগুন জ্বালিয়ে দেব দেশের যত জমানো আঁস্তাকুড়।' *রবীন্দ্র*, ১৯৪১।

আঁস্তাকুড়ে সোণার চাঙ্গড় *বি* অস্থানে দুর্লভ বস্তুর জন্ম। 'এ যে আঁস্তাকুড়ে সোণার চাঙ্গড়।' *মাইকেল*, ১৮৬০।

আক [স ইক্ষু] *বি* আখ। 'মহৎ কে আছে আর আকের মতন।' গুপ্ত, ১৮৫৮।

আকের টিকলি *বিণ* নীরস। 'তোমার কথাগুলিন যেন আকের টিকলি।' *দীনবন্ধু*, ১৮৬৩।

আককারা [স অক্রেয়] *বি* দুর্মূল্যতা। 'সবাই বাজার আককারার কথা বলছে।' *মনসুর*, ১৯৪৫।

আকক্ষ [স] *ক্রিবিণ* পেট পর্যন্ত। 'দুজন পেড়োর আয়মাদার আকক্ষ লম্বিত শ্বেতশুশ্রু সহ বিরাজ করায় ...।' *হুতোম*, ১৮৬১।

আকচার [আ আকসার] *ক্রিবিণ* হরহামেশা। 'বানরের আকচার ছোলাভাজা চিবোবার মত।' *জীবন*, ১৯৪৮।

আকছা-আকছি [আ আখস>] *বি* রেষারেষি। 'হেডমাস্টারের ছেলের সঙ্গে আমার একটু আকছা-আকছি ছিল।' *সুনীল*, ১৯৭০।

আকছার [আ] *ক্রিবিণ* হরহামেশা; প্রায়ই। 'হাসপাতালে আকছার ছানি কাটিয়ে আসছে লোকে।' *তারা*, ১৯৪২।

আকট [ই] *বি* অ্যাক্ট; আইন। '১৮৩৫ সালের ১৭ আকট।' *দর্পণ*, ১৮৩৫।

আকটবিকট [স আকৃতি-বিকৃতি] *বি* মুখবিকৃতি। 'আকট বিকট করে পাইয়া তরাসে।' *কৃত্তিবাস*, ১৬৫০।

আকটা [স আস্ফোণ] *বি* নাছোড় আবদার। 'শিশুর আকটা হর ভাঙ্গিতে নারিয়া।' মুকুন্দ, ১৬০০।

আকটোবর [ই] *বি* অক্টোবর। '১১ আকটোবর বুধবারে কলিকাতার স্কুলবুক সোসয়িটীর ...।' *দর্পণ*, ১৮২০।

আকড়া [স অক্ষবাট>] *বি* যেখানে যাত্রা-থিয়েটার সম্প্রদায় গীত-অভিনয় অনুশীলন করে; আখড়া। 'ওদিকে আকড়াঘরে বেঁউড়ের উতোর প্রস্তুত হচ্ছে।' *হুতোম*, ১৮৬১।

আকড়াধারী [স অক্ষবাট>+স ধারী] *বিণ* আখড়ার প্রধান। 'ফকীর আকড়াধারী প্রভৃতি পঞ্চাশ হাজার।' *দর্পণ*, ১৮২২।

আকণ্ঠ [স] **১** *বিণ* কণ্ঠ পর্যন্ত। 'কৃষক তাঁহাকে মেষপুরীষরাশিতে আকণ্ঠ মগ্ন করিয়া রাখিল ...।' *বিদ্যা*, ১৮৪৯। **২** *ক্রিবিণ* কণ্ঠ পর্যন্ত ডুবে গেছে এমন। 'অছিমদ্দি যখন দেনার মধ্যে আকণ্ঠ নিমগ্ন।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'রমণী আকণ্ঠ পঙ্কের মধ্যে নিমজ্জিত হইয়া রহিল।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৩** *বিণ* সর্বোচ্চ। 'নিজেরা "মজ্জাসে" আকণ্ঠ ভোগের মধ্যে থাকিয়া ...।' *নজরুল*, ১৯২২। **৪** *ক্রিবিণ* কানায় কানায়। 'জাহাজ আকণ্ঠ বোঝাই।' *রবীন্দ্র*, ১৯২৯।

আকণ্ঠপূর্ণ [স] *বিণ* সবকিছু গ্রাস করে ফেলেছে এমন। 'আকণ্ঠপূর্ণ দানবের মতো।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আকণ্ঠমগন [স] *বিণ* কণ্ঠদেশ পর্যন্ত ডুবন্ত। 'অঞ্চল ভাসায়ে জলে আকণ্ঠমগন করিছে কৌতুকালাপ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আকতা [ফা আখতা] *বিণ* অণ্ডকোষ ছিন্ন করা হয়েছে এমন। 'আকতা ঘোড়া।' *ওসাঁ*, ১৭৮৫।

আকদ দ্র **আক্দ**

আকন [তু আখুন্‌চি; ফা আখন্দ] *বি* বিদ্যালয়ের শিক্ষক। *ওসাঁ*, ১৭৮৫।

আকনি [ফা য়খনী] *বি* পোলাও রান্না করার জন্য মসলা-সিদ্ধ পানি। *বিদ্যা*, ১৮৯১।

আকন্দ [স] **১** *বি* অর্ক ফল। 'আকন্দ বদলে মাকন্দ পাব হরিতাল বদলে হিরা।' মুকুন্দ, ১৬০০। **২** *বি* ফুলবিশেষ; অর্ক ফুল। 'সব পিছে রহিলে আকন্দ।' *রবীন্দ্র*, ১৯২৫।

আকন্দফুল [স] *বি* আকন্দ গাছের ফুল। 'আকন্দফুলের কালো ভীমরুল।' *জীবন*, ১৯৩২।

আকন্দাঞ্জলি [স] *বি* আকন্দ ফুলের অঞ্জলি। 'বিশীদার যদি ভালো-মন্দ কিছু একটা হয়ে যায় তবে আমার আকন্দাঞ্জলির প্রয়োজন হয়ে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

যেতে পারে।' *মুজতবা*, ১৯৫৯।

আকন্যাকুমারীহিমাচল [স] *বিণ* হিমালয় থেকে কন্যাকুমারী পর্যন্ত বিস্তৃত। 'আকন্যাকুমারীহিমাচল কপালে জ্যোৎস্নার পঙ্ক মেখে জেগে ওঠে অতলান্ত অন্ধকার সমুদ্রের থেকে।' *নীরেন*, ১৯৫৪।

আকপট [স অকপট] *ক্রিবিণ* অকপটে। 'তোর থানে আকপট কহিলোঁ সরূপ।' *বড়ু*, ১৪৫০।

আকবত, আখবত [আ আকিবাত] **১** *বি* পরিণাম। 'আপন ঈমান গুণে/ দুঃখ পায় জনে জনে/ আকবতে হবে পেরেশান।' *হামজা*, ১৮০৭। **২** *বি* পরকাল। 'তাতে আর কারুর আখবতের কাজ হবে না।' *ইমদাদুল*, ১৯২০।

আকবরী [আ আকবর>] **১** *বিণ* সম্রাট আকবরের নামাঙ্কিত। 'আকবরী মোহর পোরা লক্ষীর খুঁচীর নিত্য সেবা হয়ে থাকে।' *হুতোম*, ১৮৬১। **২** *বিণ* আকবরের নামে প্রচলিত। 'আকবরী পোলাওয়ের নাম গল্পে শুনিয়াছিলাম, আজ তা পেটে গেল।' *নজরুল*, ১৯৩৬।

আকবার [আ আখবার] *বি* খবরের কাগজ। 'ইঙ্গলণ্ড দেশের বাদশাহের দরবারের আকবারে ... এই লেখে যে।' *দর্পণ*, ১৮৩১।

আকম্পমান [স] *বিণ* ঈষৎ কম্পনশীল। 'নার্সের আকম্পমান অধর দুইটি হইতে হাসি উপচাইয়া পড়িতে লাগিল।' *বনফুল*, ১৯৩৬।

আকম্পিত [স] **১** *বিণ* ঈষৎ কম্পমান। 'আকম্পিত ঘনপল্লববিতানে।' *রবীন্দ্র*, ১৮৯৮। **২** *বিণ* প্রতিধ্বনিত। 'ঝিল্লিরবে আকম্পিত সন্ধ্যাবেলাকার ...।' *রবীন্দ্র*, ১৯১৬। **৩** *বিণ* বেঁকে-যাওয়া। 'আমার এ চৈতন্যের শেষ সূক্ষ্ম আকম্পিত রেখার এ ধারে।' *রবীন্দ্র*, ১৯৩২।

আকর[১] [স] **১** *বি* কারণ। 'সভে হয় দোষের আকর।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* উৎস। 'দোষের আকরসুদ্ধ উৎপাটন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭। 'পুণ্যবান কবি-কাব্য পুণ্যের আকর।' *রবীন্দ্র*, ১৮৮০। **৩** *বি* খনি। 'তোমরা এই সমুদায় ধাতুর আকর ও মণির খণি খনন করিতেছ।' *অক্ষয়*, ১৮৪৯। **৪** *বি* আধার। 'কফ শুক্র আম পিত্ত চেরের আকর।' *গুপ্ত*, ১৮৫৮।

আকরজাত [স] *বিণ* খনিজাত। 'গন্ধক, প্লাটিনম প্রভৃতি যাবতীয় প্রকার আকরজাত বস্তু সঙ্কলন করিয়া রাখা বিধেয়।' *অক্ষয়*, ১৮৪৯।

আকর স্থান [স] **১** *বি* প্রাপ্তিস্থান। 'পুস্তকের আকর স্থান গবর্ণমেন্ট সংস্থাপিত সংস্কৃত বিদ্যামন্দির।' *দর্পণ*, ১৮৩৮। **২** *বি* উৎপত্তিস্থান। 'অনেক ভাগে তাহারও আকর স্থান ভারতবর্ষ।' *অক্ষয়*, ১৮৪৭।

আকরস্বরূপ [স] *বিণ* খনিতুল্য। 'জ্ঞানরূপ মহারত্নের আকরস্বরূপ বিদ্যামন্দির।' *অক্ষয়*, ১৮৫৪।

আকরিক [স] **১** *বিণ* খনিজ। 'যিনি ... আকরিক বস্তুর মূল্য নির্ধরণ বিষয়ে পটু।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **২** *বি* খনি-কর্মী। 'আকরিক।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আকরীয় [স] *বিণ* খনিজ। 'তথায় কি কি দ্রব্য উৎপন্ন হয়, কি কি আকরীয় বস্তু প্রাপ্ত হওয়া যায়।' *অক্ষয়*, ১৮৪৯।

আকর[২] [আ আখবার] *বি* লিখিত সংবাদ। 'তোমার আকর চাহিএ তাহাতে ...।' *চিঠিপত্রে*, ১৭৬৫।

আকর্ণ [স] *ক্রিবিণ* কান পর্যন্ত। 'বাঘ দেখি আকর্ণ পূরিত কৈল বাণ।' *মুকুন্দ*, ১৬০০।

আকর্ণন [স] **১** *বি* শ্রবণ। 'বিলাপরাব্য আকর্ণন করিয়া আমাদের হৃদয় বিদীর্ণ হইয়া গেল।' *বিদ্যা*, ১৮৪৯। **২** *বি* উপলব্ধি। 'কটা কথা লিখেছেন ভাব আকর্ণনে।' *রঙ্গ*, ১৮৫৮।

আকর্ণ-পূরিত [স] *বিণ* কান পর্যন্ত বিস্তৃত। 'বিংশতি কোটি লোক আকর্ণ-পূরিত গোঁফ নাপিতের ভীষণ আক্রমণ হইতে রক্ষা করিয়া রাখিবে ...।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আকর্ণবিশ্রান্ত [স] *বিণ* কান পর্যন্ত বিস্তৃত। 'আকর্ণবিশ্রান্ত লোচন।' *দীনবন্ধু*, ১৮৬৭।

আকর্ণ-বিস্তৃত [স] *বিণ* কান পর্যন্ত প্রসারিত। 'নিজের আকর্ণ-বিস্তৃত নয়ন মেলিয়া দিল।' *শওকত*, ১৯৫৮।

আকর্ন [স আকর্ণ] *ক্রিবিণ* কান পর্যন্ত। 'চক্ষু আকর্ন পর্য্যন্ত।' *হ্যালহেড*, ১৭৭৩।

আকর্ষ [স আকর্ণ] *ক্রিবিণ* কান পর্যন্ত। 'কাটিল সভার অন্ত আকর্ষ পুরিয়া।' *মালাধর*, ১৫০০।

আকর্ষক [স] *বিণ* আকর্ষণ করে এমন। 'যতই উজ্জ্বল ও দৃষ্টি-আকর্ষক হউক।' *রবীন্দ্র*, ১৮৯৮।

আকর্ষণ [স] **১** *বি* টান। 'সময়ক্রমে কল আকর্ষণ করিলে পুল উঠিয়া দ্বার বন্ধ করে।' *রামরাম*, ১৮০১। **২** *বি* শোষণ। 'সূর্য্য আটমাস পৃথিব্যাশ্রিত বৃক্ষাদি যাহাতে নষ্ট না হয় এমন করিয়া পৃথিবী হইতে রসের আকর্ষণ করেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **৩** *বি* প্রেমের টান। 'গেটে লিলির সবল আকর্ষণ তো ছিঁড়িলেন।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৪** *বি* মাধুর্য। 'শূন্যগর্ভ কথার কোনো আকর্ষণ নাই – না তাহার অর্থ আছে, না তাহা কাণে মিঠা লাগে।' *রবীন্দ্র*, ১৮৮৫। **৫** *বি* আহ্বান। 'পুনশ্চ আকর্ষণ করিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

আকর্ষণ করা **১** *ক্রি* টানা। 'হেয় বিকৃত অমরতা লাভ করিয়া সে তলে তলে সমাজকে ধ্বংসের পথে আকর্ষণ করিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *ক্রি* প্রভাবিত করা। 'যিনি আমার অভ্যাসকে আকর্ষণ করেন অন্যের অভ্যাসকে পীড়িত করেন ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

আকর্ষণকেন্দ্র [স] *বি* ভরকেন্দ্র। 'এক-একজন কবির কল্পনা এক-একটি আকর্ষণকেন্দ্রের মতো।' *রবীন্দ্র*, ১৯০৭।

আকর্ষণজীবী [স] *বিণ* শোষণজীবী। 'কর্ষণজীবী এবং আকর্ষণজীবী এই দুই জাতীয় সভ্যতার মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

আকর্ষণবিকর্ষণ [স] *বি* সমমুখী ও বিপরীতমুখী প্রতিক্রিয়া বা টান। 'আকর্ষণবিকর্ষণ-গ্রহণবর্জনের নিয়মে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আকর্ষণ-মন্ত্র [স] *বি* কাছে টানার মন্ত্র। 'উচ্চারিছে আকর্ষণ-মন্ত্র কোন গুণী।' *নজরুল*, ১৯২৪।

আকর্ষণময় [স] *বিণ* আকর্ষণীয়। 'আপনি সব দিক থেকে ভয়ানক আকর্ষণময়।' *ওয়ালী*, ১৯৪৩।

আকর্ষণশক্তি [স] *বি* আকর্ষণ করার ক্ষমতা। 'ওর চেহারায় আছে একটা কঠিন আকর্ষণশক্তি।' *রবীন্দ্র*, ১৯৩৪।

আকর্ষণশীল [স] *বিণ* আকর্ষণীয়। 'মন থাকে অত্যন্ত আবেদনময়, ছন্দময় ও আকর্ষণশীল।' *বেগম*, ১৯৭২।

আকর্ষণী [স] *বিণ স্ত্রী* আকর্ষণ করে এমন। 'আকর্ষণী শক্তি বলে গৃহাভিমুখে ধাবিত হও।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

আকর্ষণীয় [স] *বিণ* মনকে আকৃষ্ট করে এমন। 'সহজ ও আকর্ষণীয় সমাজবুদ্ধি যে আলোড়ন তোলে।' *হাই*, ১৯৫৪।

আকর্ষণীয়তা [স] **১** *বি* আকর্ষণ-শক্তি। 'রাষ্ট্রভাষার মর্যাদা ও আকর্ষণীয়তা বৃদ্ধি পাবে।' *মাহেনও*, ১৯৪৯। **২** *বি* আকর্ষণ করার গুণ। 'উভয়কেই আকর্ষণীয়তা, আদর্শ-পরায়ণতা, সমঝোতা ও সহযোগিতা শিখিতে হইবে।' *বেগম*, ১৯৫৩।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আকর্ষা [স আকর্ষণ>] *ক্রি* আকর্ষণ করা। 'শ্রবণে দর্শনে আকর্ষয়ে সর্ব্বমন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আকর্ষিক [স] *বিণ* আকর্ষিত। 'তাহা নিকটবর্তী এক বা একাধিক নক্ষত্র দ্বারা আকর্ষিক হইতেছে।' *মোতাহার*, ১৯৩৭।

আকর্ষিতা [স] *বিণ স্ত্রী* আহ্বান করা হয়েছে এমন। 'সপ্তগ্রামের ধনলক্ষ্মীকে আকর্ষিতা করিতেছিলেন।' *বঙ্কিম*, ১৮৬৬।

আকর্ষী [স] *বি* আঁকশি; অঙ্কুশের মতো আগাবিশিষ্ট লম্বা লাঠি। 'অন্য ফল আকর্ষী দিয়া পাড়া যায়।' *বঙ্কিম*, ১৮৭৫।

আকল [আ] **১** *বি* যাচাই। 'আকল করিয়া দেখ হএ কি না হএ।' *সুলতান*, ১৭০০। **২** *বি* বুদ্ধি। *মানোএল*, ১৭৪৩।

আকলা [আ আকল>] *ক্রি* বিবেচনা করা। 'আপনাকে সব হৈতে হীন আকলিও।' *আলাওল*, ১৬৮০; 'মনেত আকলি যুক্তি কহিলা সত্বর।' *সুলতান*, ১৭০০।

আকলিয়া [আ আকল>] *বিণ* বুদ্ধিমান। 'প্রাণে না মারিল ধাই বড় আকলিয়া।' *আলাওল*, ১৬৮০।

আকল্প [স] *বি* কল্পনা। 'মন্দিরের স্বর্ণচূড়া পশ্চিম দিগন্তে যায় দেখা, চিনতে পারে নিজেদেরই মনের আকল্প।' *রবীন্দ্র*, ১৯৩২।

আকসার [আ] *ক্রিবিণ* প্রায়ই। 'সে কথাটা কথাবার্তায় চালচলনে আকসারই অস্বীকার ক'রে যায়।' *মুজতবা*, ১৯৫২।

আকসির [আ] **১** *বি* পরশমণি। 'তৌহিদের কল্যাণে মাটি তখন হয় আকসিরে পরিণত।' *মোস্তফা*, ১৯৪২। **২** *বি* মহৌষধ। 'তার শ্রান্তির আকসির জানো তুমি।' *ফররুখ*, ১৯৬৬।

আকসীকোরান [আ] *বি* মুদ্রিত কোরান। 'তাই একটা আকসীকোরান দেওয়া হয়েছে।' *ইমদাদুল*, ১৯২০।

আকসী[১] [আ আকসী] *বিণ* মুদ্রিত। 'একটা আকসী কোরান দেওয়া হয়েছে।' *ইমদাদুল*, ১৯২০।

আকসী[২] [স আকর্ষী] *বি* ফুল-ফল পাড়ার কাজে ব্যবহৃত লাঠিবিশেষ। 'আকসী দিয়ে পাড়তে পারি চাঁদের চুমো।' *জসীম*, ১৯৫১। *দ্র* আঁকশি

আকস্মিক [স] **১** *বিণ* হঠাৎ। 'তড়িৎপ্রবাহের আকস্মিক গতিপরিবর্তনাদি হইতেই ইহার আবির্ভাব সংঘটিত হয়।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বিণ* অপ্রত্যাশিত। 'সৃষ্টি ব্যাপারটা আকস্মিক মহামারীর মতো।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৩** *বিণ* অভাবিত। 'এই আকস্মিক গৃহবিপ্লবের কোনো তাৎপর্য না বুঝিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০২। **৪** *বিণ* ব্যতিক্রমী। 'কেবল দুই-একটা আকস্মিক অবস্থার উপর ইহার নির্ভর।' *রবীন্দ্র*, ১৯০৮; 'ভয়জাত আকস্মিক দুর্বলতার কথাও গ্রহণযোগ্য।' *ওয়ালী*, ১৯৬৪। **৫** *বিণ* চকিত। 'আমার মনের মধ্যে ক্ষণে ক্ষণে একটা আকস্মিক আনন্দের হাওয়া ...।' *রবীন্দ্র*, ১৯১২। **৬** *বিণ* অস্বাভাবিক। 'যেসব বাঙালি ছেলে স্বাভাবিক বা আকস্মিক কারণে ইংরেজি ভাষা দখল করিতে পারিল না।' *রবীন্দ্র*, ১৯১৬। **৭** *বিণ* কাকতালীয়। 'যে চৈতন্যজ্যোতি প্রদীপ্ত রয়েছে মোর অন্তরগগনে নহে আকস্মিক বন্দী প্রাণের সংকীর্ণ সীমানায়।' *রবীন্দ্র*, ১৯৪১।

আকস্মিকতা [স] *বি* প্রত্যাশা করা হয়নি এমন অবস্থা। 'প্রয়োজনের কিংবা আকস্মিকতার ছুতোটুকু পর্যন্ত রাখলে না।' *রবীন্দ্র*, ১৯১৫।

আকস্মিকভাবে [স] *ক্রিবিণ* হঠাৎ ক'রে। 'চোখেও আকস্মিকভাবে বৃষ্টির ঝাপটার মতো পানি আসে।' *ওয়ালী*, ১৯৬৪।

আকস্মিক রশ্মি [স] *বি* মহাজাগতিক রশ্মি। 'কসমিক রশ্মি। বলা যেতে পারে আকস্মিক রশ্মি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আকা[১] [স উখা] *বি* চুলা। 'সে তোমার মুখে বাসি আকার ছাই তুলে দেয় না।' *দীনবন্ধু*, ১৮৭২।

আকা[২] *বি* আসামের নৃগোষ্ঠীবিশেষ। 'আসামে মিরি, মিশমি, আবর, আকা, দফলা কুকী ... সভ্য, অসভ্য জাতি আছে।' *মুজতবা*, ১৯৫৯।

আকাইলেক [স অকায়িক] *বিণ* আলুলায়িত। 'আকাইলেক কেশ তোর মুঠি এক মাঝা।' *বড়ু*, ১৪৫০।

আকাঁড়া [স অ+স কদ্>] **১** *বিণ* ভালোভাবে ভানা হয়নি এমন। *বিদ্যা*, ১৮৯১; 'আ-কাঁড়া চালের অন্ন-লবণ।' *নজরুল*, ১৯২৪। **২** *বিণ* অমার্জিত। 'মোর মামা একটা আকাঁড়া চাষা।' *সেলিনা*, ১৯৭৫।

আকাঙ্ক্ষা [স] **১** *বি* ইচ্ছা। 'গঙ্গাএ আকাঙ্ক্ষা কপি মনস্কাম করি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *বি* সঙ্গলাভের ইচ্ছা। 'আপন পতি ভিন্ন অন্য পুরুষের আকাঙ্ক্ষা করেন তাহাকেই ছেনাল কহেন।' *ভবানী*, ১৮২৮। **৩** *বি* প্রত্যাশা। 'তিনি প্রজাবর্গের চিত্তে ... আকাঙ্ক্ষা সঞ্চারিত করিয়া দেন।' *অক্ষয়*, ১৮৫৪। **৪** *বি* তৃষ্ণা। 'যত পান করিতেছি, আমার আকাঙ্ক্ষা নিবৃত্ত হইতেছে না।' *বিদ্যা*, ১৮৫৬। **৫** *বিণ* বাসনার। 'তাই ডুবিতেছি অতল আকাঙ্ক্ষা পারাবারে।' *রবীন্দ্র*, ১৮৯০। **৬** *বি* লক্ষ্য। 'দেশহিতের আকাঙ্ক্ষা সত্য হয়ে মনের মধ্যে জেগে ওঠে না।' *রবীন্দ্র*, ১৯১৬। **৭** *বি* বাসনা। 'একটা আশা ও সুকাঙ্ক্ষা বিশ্বমানবের বিচিত্র কণ্ঠে আজ ফুটে উঠছে।' *রবীন্দ্র*, ১৯১৬।

আকাংক্ষা, আকাংক্ষ্যা [স আকাঙ্ক্ষা] *বি* আশা। 'দুষ্টমতি আকাংক্ষ্যা করিল।' *মালাধর*, ১৫০০; 'আমরা আকাংক্ষা করি।' *দর্পণ*, ১৮৩৯।

আকাঙ্ক্ষা-পাখি *বি* আকাঙ্ক্ষারূপ পাখি। 'আকাঙ্ক্ষা-পাখি মরিতেছে মাথা খুঁড়ে পঞ্জরপিঞ্জরে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

আকাঙ্ক্ষাপূর্ণ [স] *বিণ* প্রত্যাশাপূর্ণ। 'তাহার মধ্যে একটি আকাঙ্ক্ষাপূর্ণ মানবহৃদয়।' *রবীন্দ্র*, ১৯০০।

আকাঙ্ক্ষাহীনা [স] *বিণ স্ত্রী* আকাঙ্ক্ষা নেই এমন। 'বধূকেও কেন সে এমন দীনা আকাঙ্ক্ষাহীনা থাকতে বলবে?' *জীবন*, ১৯৩২।

আকাঙ্ক্ষিক [স আকাঙ্ক্ষী] *বিণ* আকাঙ্ক্ষাকারী। 'ভদ্র মহাশয়েরা দেশের ভদ্র আকাঙ্ক্ষিক হন।' *দর্পণ*, ১৮৩২।

আকাঙ্ক্ষিত [স] **১** *বিণ* ইচ্ছুক। 'অনেকে তদ্‌গ্রন্থ গ্রহণে আকাঙ্ক্ষিত আছেন।' *দর্পণ*, ১৮২৫। **২** *বিণ* বাঞ্ছিত। 'উক্ত ব্যবসায়ীর আকাঙ্ক্ষিত সমস্ত মূল্য প্রদানে সমর্থ হইতেছেন না।' *অক্ষয়*, ১৮৫৪। **৩** *বিণ* প্রার্থিত। 'তাহাকে তাহার বহুদিনের আকাঙ্ক্ষিত স্বর্গলোকাভিমুখে লইয়া চলিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আকাঙ্ক্ষিতা [স] *বি স্ত্রী* যাকে পাওয়ার আকাঙ্ক্ষা করা হয়। 'আমার সেই গোপন আকাঙ্ক্ষিতার বাষ্পরুদ্ধ চাপাকান্নার আকুলতা।' *নজরুল*, ১৯২৪।

আকাঙ্ক্ষী [স] *বিণ* অভিলাষী। 'খ্যাতির আকাঙ্ক্ষী ছিলেন।' *দর্পণ*, ১৮৩০।

আকাঙ্ক্ষীয় [স আকাঙ্ক্ষা] *বিণ* কাম্য। 'আকাঙ্ক্ষীয় উত্তম আহারীয় দ্রব্যাদি।' *দর্পণ*, ১৮৩৭।

আকাঙ্খা [স আকাঙ্ক্ষা>] *ক্রি* আকাঙ্ক্ষা করা। 'আকাঙ্খিয়া পতিব্রতা করিল শয়ন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আকাচা [অকাচা>] *বিণ* ধোয়া হয়নি এমন। *বিদ্যা*, ১৮৯১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আকাট [স অকাণ্ড>] **১** *বিণ* অত্যন্ত; নিরেট। *বিদ্যা*, ১৮৯১; 'দাঁতগুলোর আকাট অবর্ণনীয়তায় ... তাকিয়ে রইল।' *জীবন*, ১৯৪৮। **২** *বিণ* নির্ভেজাল। 'গ্রুফ কপির আকাট লাবণ্য।' *অবন*, ১৯২৫। **৩** *বিণ* পুরোপুরি। 'আকাট চাষা।' *তারা*, ১৯২৯।

আকাটমূর্খ [স অকাণ্ড>+স মূর্খ] *বিণ* নিরেট মূর্খ। 'পড়াশোনায় এতই ডডনং এবং আকাটমূর্খ ছিল।' *মূজতবা*, ১৯৪৯।

আকাটা [স অকর্তন>] *বিণ* কাটা হয়নি এমন। *বিদ্যা*, ১৮৯১।

আকাদেমি, আকাদিমি [ফ] *বি* শিক্ষাপ্রতিষ্ঠান। 'মৃত ড্রজ্ সাহেবের স্মরণার্থ চিহ্ন স্থাপনকরণ বিষয়ে পারেস্তাল আকাদেমিতে অনেকের সমাগম হয়।' *দর্পণ*, ১৮৩২; 'শান্তিপুরের আকাদিমি।' *দর্পণ*, ১৮৩২।

আকাম কুকাম [স অকর্ম-কুকর্ম] *বি* নিন্দনীয় কাজ। 'আকাম কুকাম কইরো না মেগ্রা।' *নরেন্দ্র*, ১৯৪৭।

আকামত [আ ইকামত] *বি* উদ্বোধন। 'বিপুল সমারোহের সহিত নূতন মসজিদের আকামত পর্ব শেষ হইল।' *ইমদাদুল*, ১৯২০।

আ-কামানো [স অকর্ম>] *বিণ* দাড়ি কামানো হয়নি এমন। 'আ-কামানো মুখ।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আকার[১] [স] **১** *বি* আকৃতি। 'চরণযুগল থলকমল আকারে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* মতো। 'মড়ার আকার হইয়া রহিলাম ছাতায়।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৩** *বি* ছবি। *মানোএল*, ১৭৪৩। **৪** *বি* মূর্তি। 'যাহাদিগের অতি কুৎসিত বীভৎস আকার দর্শন করিয়াছিলাম।' *অক্ষয়*, ১৮৪৯। **৫** *বি* লক্ষণ। 'বাঁচিবার আকার নহে।' *বঙ্কিম*, ১৮৭৩। **৬** *বি* চেহারা। 'কাঁদিতে কাঁদিতে অতি বিষণ্ন আকার।' *রবীন্দ্র*, ১৮৭৮। **৭** *বি* অবয়ব। 'বর্তমান ক্রিসখ্যক সাধনা হইতে গ্রাহকগণ ত্রৈমাসিক সাধনার আকার আয়তন খানিকটা বুঝিতে পারিবেন।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৮** *বি* গড়ন। 'কিন্তু তাহার সেই গোলাপ গন্ধ, সেই শোভন আকার কোথায়?' *রবীন্দ্র*, ১৮৯৭। **৯** *বি* বিশিষ্টতা। 'পূর্ণাঙ্গ ইউরেপীয়ান স্বপ্ন এঁদের চেতনায় আকার পায়নি।' *আনোয়ার*, ১৯৭০।

আকার-ইঙ্গিত [স] *বি* আভাস-ইশারা। 'চিরবিচিত্র আকার-ইঙ্গিতে কেবলমাত্র সারসংগ্রহ করিয়া লইতে হইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আকারগ্রাসী [স] *বিণ* অবয়বকে গ্রাস করে এমন। 'রেখে যাব এই নামগ্রাসী, আকারগ্রাসী, সকল পরিচয়-গ্রাসী নিঃশব্দ মহাগোধূলিরাশির মধ্যে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আকারধারণ [স] *বি* রূপ গ্রহণ। 'প্রাচীন আকার ধারণ করে তিনি তাহা নানাবিধ উপায়ে পরীক্ষা করিতেন।' *রবীন্দ্র*, ১৮৮২।

আকার প্রকার [স] **১** *বি* চেহারা ও বৈশিষ্ট্য। 'সে ব্যক্তির আকার প্রকার বয়ঃক্রম ঐ ব্যক্তি হইতে দেড় হইবেক।' *দর্পণ*, ১৮২৫। **২** *বি* ভাবভঙ্গি। 'তাঁহারদের আকারপ্রকার ও শিষ্টালাপেতে কলিকাতাস্থ পাঠশালার ছাত্রেরদের অপেক্ষাও উত্তম বোধ হয়।' *দর্পণ*, ১৮৩৭।

আকারপ্রকারবিহীন [স] *বিণ* বৈশিষ্ট্যবর্জিত। 'কোনো সভ্যতাই আকারপ্রকারবিহীন হইতে পারে না।' *রবীন্দ্র*, ১৯০৫।

আকারপ্রকারহীন [স] *বিণ* বৈশিষ্ট্যবর্জিত। 'নির্বস্তুক শব্দগুলো আকার-প্রকারহীন গুণদোষের আকর।' *হ্যই*, ১৯৫৪।

আকারপ্রাপ্ত [স] *বিণ* মূর্ত। 'তাহা সুস্পষ্ট জীবন্ত এবং আকারপ্রাপ্ত হইয়া উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আকারবদ্ধ [স] *বিণ* ছন্দবদ্ধ; কাঠামো-দেওয়া। 'তাকে আকারবদ্ধ করা হল না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আকারবিশিষ্ট [স] *বিণ* অবয়ববিশিষ্ট। 'সে একটি দৃশ্যমান আকারবিশিষ্ট মানুষ মাত্র।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আকারশূন্য [স] *বিণ* নিরাকার। 'আকারশূন্য পরমাণুসমষ্টির অস্তিত্ব।' *বঙ্কিম*, ১৮৭৫।

আকারে-প্রকারে *ক্রিবিণ* চালচলনে। 'আকারে-প্রকারে বিশেষ যে মিল তাও নয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

আকার[২] [স] **১** *বি* 'আ' নামের স্বরবর্ণ। 'অকার হকার বর্ণে আকার সংযুক্ত।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *বি* কারচিহ্ন ' া '। 'আকার ই-কারের অনুপস্থিতি এখনও আমার চোখে লাগে।' *মাহমুদ*, ১৯৭৩।

আকারণ [স অকারণ] *ক্রিবিণ* কারণ ছাড়াই। 'ভার এড়িতে তোহ্মে চাহ আকারণ।' *বড়ু*, ১৪৫০।

আকাল[১] [স অকাল] **১** *বি* দুর্ভিক্ষ। *ওর্সা*, ১৭৮২; '৭৩/৭৫ সালে আমাদের দেশে যে দুই আকাল গিয়াছে।' *এডুকেশন*, ১৮৭৩; 'দেশে যেবার আকাল, মগের মুলুক থেকে চাল আনিয়ে বেচে ওর টাকা।' *রবীন্দ্র*, ১৯২৯। **২** *বি* অভাব। 'বাজারে ফুলের আকাল পড়ে যেত।' *রবীন্দ্র*, ১৯৪১।

আকালিক [স] *বিণ* অসময়ে আগত। 'তপোবনে আকালিক বসন্ত উদয়।' *মোহিত*, ১৯৪০।

আকাশ [স] **১** *বি* গগন। 'বালুআতেলেঁ সসরসিংগে আকাশে ফুলিলা।' *চর্যা*[৪১], ১২০০। **২** *বি* স্বর্গ। 'লাফ দিঅাঁ খণে আকাশ ধরে।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* অতি দুর্লভ বস্তু। 'আকাশবাণীতে হাতে পাইলা আকাশ।' *ভারত*, ১৭৬০। **৪** *বিণ* দৈব। 'সত্যের জয়! সত্যের জয়! বলিয়া ঘন ঘন আকাশ বাণী হইতে লাগিল।' *অক্ষয়*, ১৮৪৯। **৫** *বি* ভুবন। 'নয়নে দেখেছি তব নূতন আকাশ।' *রবীন্দ্র*, ১৮৮৬। **৬** *বি* নড়াচড়ার অবকাশ। 'তাহার পক্ষে অনেকখানি ফাঁকা অনেকখানি আকাশ আবশ্যক।' *রবীন্দ্র*, ১৯০৭। **৭** *বি* উচ্চতা। 'ইমারতের আকাশ হইতে আলী মজহার খাঁর বংশধরেরা আজ খড়োঘরের মাটিতে নামিয়াছে।' *শওকত*, ১৯৫৮।

আকাশ হাতে পাওয়া – অতি কাঙ্ক্ষিত বস্তু লাভ করা। 'আকাশবাণীতে হাতে পাইলা আকাশ।' *ভারত*, ১৭৬০।

আকাশ-আঁচড়া [স আকাশ>+স আকর্ষ>] *বিণ* আকাশস্পর্শী। 'নিউইয়র্কের আকাশ-আঁচড়া বাড়ি আমাদের পলিমাটির উপরে বসিয়ে দিলে সেটা তার অধিবাসীদের কবর হয়ে উঠবে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আকাশকুসুম [স] **১** *বিণ* অবাস্তব। 'সে আমার আকাশকুসুম বোধ হয়।' *দীনবন্ধু*, ১৮৬৭; 'কত আর করিবে গো বসিয়া বিরলে আকাশকুসুমবনে স্বপন চয়ন।' *রবীন্দ্র*, ১৮৮৬। **২** *বি* কল্পনার ফসল। 'আমি কেবলি স্বপন করেছি বপন বাতাসে, তাই আকাশকুসুম করেছি চয়ন হতাশে।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৩** *বি* অযৌক্তিক ব্যাপার। 'আপনাকে যদি তাহার রচনা করিতে হয় তবে সে একটা পাগলামি, একটা আকাশকুসুম।' *রবীন্দ্র*, ১৯১৬।

আকাশকোণ [স] *বি* আকাশের প্রান্ত। 'আকাশ-কোণে যায় শোনা কি।' *রবীন্দ্র*, ১৯২৮।

আকাশগঙ্গা [স] **১** *বি* ছায়াপথ। 'আকাশগঙ্গা অবশ্য কাল্পনিক পদার্থ।' *প্রমথ*, ১৯১৪। **২** *বি* আকাশের অন্ধকার। 'আকাশ-গঙ্গা নামিয়া এসেছে সন্ধ্যারানীর রূপে।' *নজরুল*, ১৯৩১। **৩** *বি* আকাশরূপ গঙ্গা। 'আমার লীলার কর্ণধার তারার ফেনা ফেনিয়ে তোলে আকাশগঙ্গার।' *রবীন্দ্র*, ১৯৪০।

AMARBOI.COM

আকাশ-গরাসী [স আকাশ-গ্রাস>] *বিণ* আকাশ গ্রাস করে এমন। 'গ্রাসিতে এসেছে তোরে আকাশ-গরাসী তার কায়া।' *রবীন্দ্র*, ১৮৮১।

আকাশ-গলা [স আকাশ+গলন>] *বিণ* আকাশ থেকে গলে পড়ছে এমন; স্বর্গীয়। 'চিত্তে নামে আকাশ-গলা আনন্দিত মন্ত্র রে।' *রবীন্দ্র*, ১৯০৬।

আকাশ-গাঙ [স আকাশগঙ্গা] *বি* আকাশগঙ্গা। 'আকাশ-গাঙে জাগবে জোয়ার।' *নজরুল*, ১৯২৮।

আকাশগামী [স] *বিণ* শূন্যগামী। 'বিদ্যাসাগর আকাশগামী ভাবুকতার ভূরিপরিমাণ সজল বাষ্প সৃষ্টি করিতে বসেন নাই।' *রবীন্দ্র*, ১৯৪০।

আকাশগুহা [স] *বি* মহাশূন্যের গহ্বর। 'সে প্রেম দেউল রচি আকাশগুহায়।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আকাশগেহ [স আকাশগৃহ] *বি* আকাশরূপ গৃহ। 'চলিব যখন তোমার আকাশগেহে।' *রবীন্দ্র*, ১৯০১।

আকাশগোলক [স] *বি* আকাশরূপ গোলক। 'পূর্বযুগে আকাশগোলক যখন সংকীর্ণ ছিল তখন তারায় তারায় ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আকাশগ্রন্থি [স] *বি* জ্যোতিষ্কমণ্ডলী। 'বৃহস্পতি, কালপুরুষ, অনন্ত আকাশগ্রন্থি।' *জীবন*, ১৯৪২।

আকাশগ্রাসী [স] *বিণ* আকাশ গ্রাস করে এমন। 'অনন্ত আকাশগ্রাসী অনলসমুদ্রমাঝে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আকাশ-ঘণ্টা [স] *বি* আকাশরূপ ঘণ্টা। 'বাজিল আকাশ-ঘণ্টা, বসুধা-কাঁসর।' *নজরুল*, ১৯২৪।

আকাশচর [স] *বিণ* আকাশে উড়ে বেড়ায় এমন; আকাশচারী। 'আকাশচর কল্পনা উড়ে গেল মেঘের পথে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আকাশ-চাওয়া [স] *বিণ* আকাশের দিকে চেয়ে অপেক্ষমাণ। 'অনেক দিনের আকাশ-চাওয়া/ আসবে ছুটে দখিন হাওয়া।' *রবীন্দ্র*, ১৯১৪।

আকাশচারণ [স] *বি* আকাশে চলাচল। 'কাকপক্ষীর আকাশচারণও হবে অসম্ভব।' *উমর*, ১৯৬৮।

আকাশচারী [স] ১ *বিণ* আকাশে বিচরণকারী। 'পূর্বে আমি এক আকাশচারী বিদ্যাধর ছিলাম।' *রবীন্দ্র*, ১৯১৭। ২ *বিণ* কাল্পনিক। 'সমস্ত আকাশচারী পরিকল্পনা ও দাবীকে ধূলিসাৎ করিয়া দিয়াছে।' *মোহাম্মদী*, ১৯৪০।

আকাশচিহ্ন [স] *বি* আকাশের ছবি। 'রক্তিম আকাশচিহ্ন সবেগে প্রস্থান করে যূথ ব্যঞ্জনায়।' *সুকান্ত*, ১৯৪৮।

আকাশচুমী [স আকাশচুম্বী] *বিণ* আয়ত্তের বাইরে। 'সরষের ফুল দেখছ চোখে/ মূল্য আকাশচুমী।' *অন্নদা*, ১৯৭২।

আকাশচেরা [স আকাশ>+স চীর্ণ>] *বিণ* আকাশ বিদীর্ণ করে এমন। 'আকাশচেরা চিৎকারের এতটুকু কী তাঁর কানে গেল না?' *নজরুল*, ১৯২৪।

আকাশচ্যুত [স] *বিণ* আকাশ থেকে পতিত। 'নিষ্ঠুর বিদ্রূপের মতো পিছনে ফেলে/ আকাশচ্যুত এক উল্কত চিলকে।' *সুকান্ত*, ১৯৪৮।

আকাশ-ছাওয়া *বিণ* সমস্ত আকাশজুড়ে বিস্তৃত। 'ঐ আকাশ-ছাওয়া কাহার চাওয়া।' *রবীন্দ্র*, ১৯২১।

আকাশ-ছোঁচা *বিণ* আকাশ সিঞ্চন-করা। 'আজানুকেশ ভিজিয়ে নিচ্ছো আকাশ-ছোঁচা জলে।' *শক্তি*, ১৯৬৫।

আকাশছোঁয়া [স আকাশ+ছোঁয়া] *বিণ* গগনস্পর্শী। 'আকাশছোঁয়া বালাখানার এক-একখানা ইট ... একেবারে ধসিয়া পড়ে।' *মনসুর*, ১৯৫৫।

আকাশ ছোঁয়ান [স আকাশ+ছোঁয়া>] *বিণ* আকাশচুম্বী; অনেক উঁচু। 'আকাশ ছোঁয়ান তাল গাছগুলি।' *জসীম*, ১৯৩১।

আকাশচারী [স] *বিণ* আকাশে উড়ে বেড়ায় এমন। 'আকাশচারী মনটা মাঝে মাঝে আবার যদি এই ভূচর মনের সঙ্গে মিলতে পারে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আকাশ-জড়ানো *বিণ* আকাশস্পর্শী। 'আকাশ-জড়ানো ঘন বন।' *মাহেনও*, ১৯৪৯।

আকাশজুড়ে [স আকাশ-যুক্ত>] *ক্রিবিণ* সমস্ত আকাশব্যাপী। 'আকাশ জুড়ে শুনিনু ওই বাজে তোমারি নাম।' *রবীন্দ্র*, ১৯১৮।

আকাশ-জোড়া [স আকাশ-যুক্ত>] ১ *বিণ* আকাশ-ভরা। 'আষাঢ়ের প্রথম দিন তার সমস্ত আকাশ-জোড়া ঐশ্বর্য নিয়ে উদয় হয়।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *ক্রিবিণ* আকাশজুড়ে। 'সমস্ত আকাশজোড়া গরজে ইন্দ্রের ঘোড়া।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আকাশ-ঠেকা *বিণ* আকাশ স্পর্শ করেছে এমন। 'সামনে বিরাট শক্ত পাহাড় আকাশ-ঠেকা।' *সুকান্ত*, ১৯৪৮।

আকাশডাঙা *বি* আকাশমণ্ডল। 'আকাশডাঙা বনবনানী শান্তি বাঁধে শান্তি বাঁধে কার।' *শঙ্খ*, ১৯৫৫।

আকাশতল [স] *বি* আকাশপট। 'আকাশতলে উঠল ফুটে আলোর প্রতিদল।' *রবীন্দ্র*, ১৯১০।

আকাশ থেকে পড়া *ক্রি* বিস্ময়ে অভিভূত হওয়া। 'তুমি একেবারে আকাশ থেকে পড়লে যে।' *রবীন্দ্র*, ১৮৯২।

আকাশ থেকে পাড়া *ক্রি* উপর থেকে টেনে নামানো। 'আকাশ হৈতে পাড়িয়া তার প্রাণ হরি।' *মালাধর*, ১৫০০।

আকাশদুহিতা [স] *বি* প্রতিধ্বনি। 'বংশীধ্বনি শুনি ধনী – আকাশ-দুহিতা।' *মাইকেল*, ১৮৬০।

আকাশদেশ [স] *বি* মহাশূন্য। 'তিনি স্বদেশ বিদেশ এবং আকাশদেশের রাজা হতে পারতেন।' *প্রমথ*, ১৯১৫।

আকাশনন্দিনী [স] *বি* প্রতিধ্বনি। 'বুঝিলাম এতক্ষণে কে তুমি ডাকিছ আকাশনন্দিনী।' *মাইকেল*, ১৮৬১।

আকাশনিম [স] *বি* গাছবিশেষ, যাতে সবুজাভ সাদা ফুল ফোটে। 'যে আকাশনিম বীথিকার তলায় রেবতী রথিবার কাটায়।' *রবীন্দ্র*, ১৯৪০।

আকাশনীলা [স] *বি* আকাশের নীল; নীলিমা। 'অচেনা আকাশনীলা অতিক্রম করার প্রয়াসে।' *ফররুখ*, ১৯৬৩।

আকাশপট [স] *বি* আকাশের আঙিনা। 'নক্ষত্রগণ চিত্রার্পিতবৎ আকাশপটে বিরাজ করিতে লাগিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

আকাশপতিতাগত [স] *বিণ* আকাশ থেকে পড়েছে এমন। 'জমি কি আকাশপতিতাগত।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

আকাশপথ [স] ১ *বি* আকাশে চলাচলের পথ। 'গন্ধর্বসেন ... দেবদেহ হইয়া আকাশপথে স্বর্গে প্রস্থান করিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ২ *বি* আকাশমণ্ডল। 'যাকে চোখে দেখা যায় না সেই উত্তাপ কখন আকাশপথ থেকে মাটির আড়ালে চলে যায়।' *রবীন্দ্র*, ১৮৯১।

আকাশপদ্ম [স] *বি* আকাশরূপ পদ্ম। 'আকাশ পদ্মের মাঝে একান্ত

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

একেলা বসে আছি।' *রবীন্দ্র*, ১৯২৫।

আকাশপরিধি [স] *বি* আকাশের সীমানা। 'নিহিত পাতালছায়া ভরে ছিল আকাশপরিধি।' *শঙ্খ*, ১৯৬৬।

আকাশপরিপ্লাবী [স] *বিণ* আকাশ প্লাবিত করে এমন। 'এই আকাশ-পরিপ্লাবী অজস্র আলোককে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

আকাশপাড়া [স আকাশ+স পাটক] *বি* আকাশমণ্ডল। 'আকাশ-পাড়ার শ্যাম-সায়রে যায় বলাকা।' *সত্যেন্দ্র*, ১৯১২।

আকাশপাত [স] *বি* আকাশের আঙ্গিনা। 'এমন কত-না প্রাতে চাহিয়া আকাশপাতে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

আকাশপাতাল [স] ১ *বিণ* সর্বত্রবিস্তৃত। 'তাহাতে কি করে তোমার আকাশপাতাল নাম আছে।' *কেরি*, ১৮০২। ২ *বি* আকাশ ও পাতালের পার্থক্য। 'পূর্ববাবস্থা আর বর্তমান সময়ে বিদ্যার আলোচনা উপলব্ধি করিলে আকাশ পাতালের ন্যায় প্রভেদ জ্ঞান করা উচিত হয়।' *কৌমুদী*, ১৮৩০। ৩ *বিণ* বিস্তর। 'উভয়ের মধ্যে আকাশপাতাল প্রভেদ।' *রবীন্দ্র*, ১৯০৮। ৪ *ক্রিবিণ* অসংলগ্নভাবে। 'আকাশপাতাল গল্প কর দিনরাত।' *জীবন*, ১৯৩২। ৫ *ক্রিবিণ* সমস্ত বিষয়ে। 'আকাশ-পাতাল গবেষণা করলেও তার শ্রেণীচরিত্রের ...।' *উমর*, ১৯৬৮।

আকাশপাতাল প্রভেদ [স] *বি* দুস্তর পার্থক্য। 'শিষ্য হওয়া এবং দাস হওয়ার ভিতর আকাশপাতাল প্রভেদ।' *প্রমথ*, ১৯০৫।

আকাশ পাতাল ভাবনা – এলোমেলো চিন্তা। 'প্রস্তাবিত বিষয় পাঠ করিয়া আকাশ পাতাল ভাবনা করিতেছেন।' *অক্ষয়*, ১৮৪২।

আকাশপানে [স আকাশ+স প্রবণ>] *ক্রিবিণ* শূন্যের দিকে। 'আকাশপানে চাহিয়া থাকে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আকাশপার [স] *বি* আকাশের অন্য প্রান্ত। 'আকাশ-পারে কে যেন ব'সে।' রবীন্দ্র, ১৮৮৩।

আকাশপুর [স] *বি* আকাশ। 'পালিয়ে যখন যায় সে দূরে আকাশ পুরে।' *রবীন্দ্র*, ১৯২৬।

আকাশপ্রদীপ [স] ১ *বি* (হিন্দু-আচার) দণ্ডের মাথায় উঁচুতে তুলে দেবতার উদ্দেশে জ্বালানো প্রদীপ। 'আকাশপ্রদীপ শূন্যে দিব তুলে।' *রবীন্দ্র*, ১৯০৬। ২ *বি* চাঁদ। 'নির্জন সেই আকাশপ্রদীপে, শিশিরের জল কাঁপছে।' *শামসুর*, ১৯৫৯।

আকাশপ্রমাণ [স] *বিণ* আকাশচুম্বী। 'আকাশপ্রমাণ লঙ্কার গড়।' বড়ু, ১৪৫০।

আকাশ-প্রার্থনা [স] *বি* আকাশের দিকে হাত তুলে প্রার্থনা। 'ঊর্ধ্বমুখী এতক্ষণ বসেছিল। হয়ত কোনো আকাশ-প্রার্থনায়।' *শওকত*, ১৯৭২।

আকাশ-প্রিয়া [স] *বি* আকাশরূপ প্রিয়া। 'চাঁদের শাম্পানে চড়ি চলিছে আকাশ-প্রিয়া।' *নজরুল*, ১৯২৮।

আকাশপ্লাবিনী [স] *বিণ* আকাশকে প্লাবিত করে এমন। 'জ্যোৎস্না যতই আকাশপ্লাবিনী হোক না কেন ...।' *বনফুল*, ১৯৩৬।

আকাশফাটা [স আকাশ+ফাটা] *বিণ* গগনবিদারী। 'স্থানে স্থানে অভাব অনটনের আকাশ-ফাটা ধ্বনি উত্থিত হইতেছে।' *জাময়াত*, ১৯৩৯।

আকাশবাণী [স] ১ *বি* দৈববাণী। 'শুনিয়া আকাশবাণী সর্ব ভক্তগণ।' *বৃন্দা*, ১৫৮০; 'আকাশবাণীতে হাতে পাইলা আকাশ।' *ভারত*, ১৭৬০। ২ *বি* বেতারসংকেত। 'সেই ঢেউ বেয়ে চলে আকাশবাণী, যাকে বলে রেডিয়োবার্তা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আকাশবিমান [স] *বি* আকাশচারী দেবরথ। 'আকাশবিমানে বসি বলেন ভারতী।' *মুকুন্দ*, ১৬০০।

আকাশবিহারী [স] ১ *বিণ* আকাশে বিচরণশীল। 'আমার নয়ন-কোণে আকাশ-বিহারী ধূমকেতুর আবির্ভাব হইতে লাগল।' *দীনবন্ধু*, ১৮৭৩; 'আকাশবিহারী পাখি উড়িত আকাশে – মাটি হতে ব্যাধ তারে মারিয়াছে বাণ।' *রবীন্দ্র*, ১৮৮৪। ২ *বিণ* কাল্পনিক। 'আকাশে বাস করবার চেষ্টা করলে আকাশবিহারী দেবতার সয় না।' *রবীন্দ্র*, ১৯০৯। ৩ *বিণ* কল্পনাপ্রবণ। 'সৃষ্টিকালে শিল্পী আকাশবিহারী হন।' *উমর*, ১৯৬৮।

আকাশ-বীণা [স] *বি* আকাশরূপ বীণা। 'আকাশ-বীণার তারে তারে জাগে তোমার আগমনী।' *রবীন্দ্র*, ১৯০৮।

আকাশ-বেঁধা [স আকাশ+বেঁধা] *বিণ* আকাশ ফুঁড়ে উঠেছে এমন। 'আকাশ-বেঁধা শুভ্র চূড়া করেছে নির্ব্বাক!' *সত্যেন্দ্র*, ১৯১২।

আকাশব্যাপী [স] *বিণ* আকাশজুড়ে বিস্তৃত। 'একটা আকাশব্যাপী প্রকাণ্ড অলৌকিক "বাইসন" মোষ যেন ক্ষেপে উঠে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

আকাশভরা [স আকাশ>+ভরা] *বিণ* আকাশজুড়ে বিস্তৃত। 'এই আকাশ-ভরা সোনার রৌদ্রটি আজ আমারও মনের উপর।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আকাশ-ভাঙা [স আকাশ>] *বিণ* আকাশ ভেঙে পড়ছে এমন। 'আকাশ-ভাঙা আকুল ধারা কোথাও না ধরে।' *রবীন্দ্র*, ১৯০৯।

আকাশ ভাঙ্গিয়া পড়া – আকস্মিক বিপদে পতিত হওয়া। 'হেন বাক্য হইল যদি অভয়ার তুণ্ডে আকাশ ভাঙ্গিয়া পড়ে ফুল্লরার মুণ্ডে।' *মুকুন্দ*, ১৬০০।

আকাশভীরু [স] *বিণ* আকাশকে ভয় পায় এমন। 'পাখিকে খাঁচায় বন্দী করে তাকে আকাশভীরু করে তোলা হয়েছে।' *রবীন্দ্র*, ১৯২৫।

আকাশভীরুতা [স] *বি* আকাশকে ভয় পাওয়ার ভাব। 'আকাশভীরুতা তার স্বভাব নয়।' *রবীন্দ্র*, ১৯২৫।

আকাশ ভেঙে পড়া *ক্রি* বিপদে পড়া। 'সকলের মাথায় আকাশ ভেঙে পড়ে।' *হাই*, ১৯৫৪।

আকাশভেদী [স] *বিণ* আকাশ ভেদ করে যাবে এমন। ' ছেলেগুলো আকাশভেদী চীৎকারশব্দে বানরের মতো ডালে ডালে লুটপাট ...।' *রবীন্দ্র*, ১৮৮৭।

আকাশমণি [স] *বি* বৃক্ষবিশেষ। 'আকাশমণির চারা, দেখে গেছো সেগুন-মঞ্জরী।' *শক্তি*, ১৯৬৬।

আকাশমণ্ডপ [স] *বি* আকাশমণ্ডল। 'চতুর্দিকের আকাশমণ্ডপে কালো মেঘের পর্দা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আকাশমণ্ডল [স] ১ *বি* দৃশ্যমান আকাশ বা বায়ুস্তর। 'ধূলিতে আকাশমণ্ডল আচ্ছন্ন হইয়াছিল।' *দর্পণ*, ১৮১৯। ২ *বি* আকাশ পথ। 'আকাশ-মণ্ডলে উৎক্ষিপ্ত হইয়া ... বর্ষিত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৫।

আকাশমণ্ডলী [স] *বি* স্ত্রী নভোমণ্ডল। 'যথা আকাশমণ্ডলী নিনাদবাহিনী, তথা তুমি, শক্তিশ্বেরী।' *মাইকেল*, ১৮৬০।

আকাশময় [স] *ক্রিবিণ* আকাশজুড়ে। 'সমস্ত দিন আকাশময় আনাগোনা করিয়া বেড়াইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আকাশমার্গ [স] *বি* আকাশপথ। 'ব্যোমযান অর্থাৎ বেলুনযন্ত্র আরোহণ করিয়া আকাশমার্গে উড্ডীয়মান হইতেছেন।' *অক্ষয়*, ১৮৫২।

আকাশমুখী [স] **১** *বি* ঊর্ধ্বমুখে থাকেন এমন সন্ন্যাসী। 'ঊর্ধ্ববাহু, আকাশমুখী, পঞ্চধূনী প্রভৃতি বিবিধ উপাধি গ্রহণ করেন।' *অক্ষয়*, ১৮৫০। **২** *বিণ* আকাশের দিকে মুখ করে আছে এমন। 'চিত্ত মোর নিমেষগত, ঊর্ধ্বমুখী শিখার মতো।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আকাশযাত্রা [স] *বি* আকাশভ্রমণ; আকাশে উড়া। 'তাঁহাদের আকাশ-যাত্রার বৃত্তান্ত শ্রবণ করিলে পুলকিত হইতে হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

আকাশযান [স] *বি* উড়োজাহাজ। 'আজ যাহারা আকাশযানে উড়িতে উড়িতে পড়িয়া চুরমার হইয়া মরিতেছে ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

আকাশরাশি [স] *বি* সীমাহীন আকাশ। 'ঝাঁপ দিয়েছি আকাশ-রাশিতে।' *রবীন্দ্র*, ১৯১৫।

আকাশরেখা [স] *বি* দিগন্তরেখা। 'কোন দূর – নীরব – আকাশরেখার সীমানায়।' *জীবন*, ১৯৪৪।

আকাশলেখ [স] *বি* আকাশের লেখা। 'পুনর্বার তুলেছি দ্যাখো আকাশলেখ তীক্ষ্ণ কলীনিকা।' *শক্তি*, ১৯৬১।

আকাশসভা [স] *বি* আকাশমণ্ডল। 'ধোঁয়াটে রঙের আবরণ দিয়ে আকাশসভার তৈজসপত্র দিল মুড়ে।' *রবীন্দ্র*, ১৯২৯।

আকাশ-সম্ভবা [স] *বি স্ত্রী* প্রতিধ্বনি। 'শুনি আকাশ-সম্ভবা – ভারতী, পবন পানে চাহিয়া কহিলা।' *মাইকেল*, ১৮৬০।

আকাশ-সাগর [স] *বি* আকাশরূপ সাগর। 'আকাশেরই আবর্ত জগৎরূপে আকাশ-সাগরে ভাসিয়া রহিয়াছে।' *জগদীশ*, ১৮৯৫।

আকাশসিন্ধু [স] *বি* আকাশরূপ সাগর। 'যেন আকাশসিন্ধুর ঢেউয়ের পর ঢেউ পাহাড়ের পর পাহাড় হয়ে উঠেছে।' *অন্নদা*, ১৯২৯।

আকাশস্থ [স] *বিণ* আকাশে অবস্থিত। 'মুগ্ধ হইয়া পৃথিবীস্থ, আকাশস্থ, ব্রহ্মাণ্ডস্থ, অনন্তস্থ জনগণ এই গান শ্রবণ করিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

আকাশস্পর্শী [স] *বিণ* আকাশ স্পর্শ করে এমন উঁচু। 'মনে আবার আকাশস্পর্শী আশা।' *মানিক*, ১৯৩৬।

আকাশ হতে পড়া – রাতারাতি। 'বিলাতি য়ুনিভার্সিটিগুলাও একেবারে আকাশ হইতে পড়িয়া ... পূর্ণপরিণত হইয়া উঠে নাই।' *রবীন্দ্র*, ১৯০৫।

আকাশ-হারানো [স আকাশ>+হারানো] *বিণ* আকাশ অদৃশ্য হয়ে গেছে এমন। 'সকাল থেকেই বৃষ্টির পালা শুরু, আকাশ-হারানো আঁধার-জড়ানো দিন।' *বুদ্ধ*, ১৯৫৫।

আকাশী [স] **১** *বিণ* আকাশস্পর্শী। 'আকাশী স্বপ্ন সে ছুঁয়েছে তার মাটিতে গড়া দুই হাতে।' *নীরেন*, ১৯৫৬। **২** *বিণ* স্বপ্নজগতের। 'দেখে রাখি আকাশী কোন বিষণ্নতা ছড়িয়ে যায় দিকে-দিকে।' *নীরেন*, ১৯৫৭।

আকাশীয় [স] *বিণ* আকাশ সম্বন্ধীয়। 'আকাশীয় তরল পদার্থের ...।' *বঙ্কিম*, ১৮৭৫।

আকাশে আকাশে *ক্রিবিণ* বিস্তৃত শূন্য জুড়ে। 'কোথা হতে যেন শুনতে পাই/ আকাশে আকাশে বলে, যাই।' *রবীন্দ্র*, ১৯২১।

আকাশের ফুল *বি* দুর্লভ বস্তু। 'যখন পাওয়া যায়, যায় অতি সহজেই, আবার কখনো কখনো সে আকাশের ফুল।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

আকাস [স আকাশ] *বি* শূন্য। 'কংসকে বুলিলে কণ্যা আকাসে থাকিআঁ।' *বড়ু*, ১৪৫০।

আকাসবানি [স আকাশবাণী] *বি* দৈববাণী। 'হইল আকাস বানি সুনিল যকলে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আকিক, আকীক [আ] *বি* মূল্যবান পাথরবিশেষ। 'দুয়জ্জে আকিক এক জুতিমন্ত অতি।' *আলাওল*, ১৬৮০; 'আকীকের অঙ্গুরি রাখিঅ নিজ করে।' *আলাওল*, ১৬৮০।

আকিকা, আকীকা [আ] *বি* মুসলিম রীতিতে নবজাতকের নামকরণ অনুষ্ঠান। 'আকিকা দিবেক তার গায়ের বদল।' *আলাওল*, ১৬৮০; 'আকীকা কোরবাণীর রেওয়াজ আজও ... পুরোদস্তুর বজায়।' *মাহেনও*, ১৯৪৯।

আকিঞ্চন [স] **১** *বি* অভিলাষ। 'সেই নবদ্বীপে বৈসে মহা আকিঞ্চন।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* চেষ্টা। 'বর্ণনায় ব্যর্থ আকিঞ্চন।' *রঙ্গ*, ১৮৫৮। **৩** *বি* নির্ধনতা; দীনতা। *বিদ্যা*, ১৮৯১।

আকিঞ্চন্য [স] *বি* নিঃস্বতা। 'আমরা কি আকিঞ্চন্যের সেই চরম বর্বরতায় এসে ঠেকেছি যার কেবল অভাবই আছে ঐশ্বর্য নেই।' *রবীন্দ্র*, ১৯২১।

আকির [আ আখির] *বি* শেষ। 'আকিরের মকর্দ্দমা দুই এক রোজের মর্দ্ধে হইবেক।' *চিঠিপত্রে*, ১৮২৯।

আকীম [আ হাকীম] *বি* হাকিম; বিচারক। 'জদ্যবি ইস্তবা দিয় তবে আকীম কহিবেক তুমি কাহীল ...।' *ওসা*, ১৭৭৯।

আকীর্ণ [স] **১** *বিণ* পূর্ণ। 'এই সভা নানা গুণরত্নমণ্ডিত পণ্ডিত জনে আকীর্ণ।' *রামনারায়ণ*, ১৮৫৪। **২** *বিণ* উজ্জ্বল। 'সন্ধের সময় সেগুলো আলোয় আকীর্ণ হয়ে যায়।' *রবীন্দ্র*, ১৮৮১।

আকুঞ্চন [স] **১** *বিণ* কোঁচকানো। 'কলেবর আকুঞ্চন টিপ দিয়া টান।' *সুলতান*, ১৭০০। **২** *বি* সংকোচন। 'সকলই জড় পদার্থের আকুঞ্চন সম্প্রসারণ মাত্র।' *বঙ্কিম*, ১৮৭৫।

আকুঞ্চা [স আকুঞ্চন>] *ক্রি* কোঁচকানো। 'ভুরু কেন আকুঞ্চিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

আকুঞ্চিত [স] **১** *বিণ* বিকৃত। 'বড়ো-মানুষের ঘরের দাসী প্রতি মুহূর্তে মনে মনে নাসাগ্র আকুঞ্চিত করিতে থাকিবে।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বিণ* সংকুচিত। 'তাহার হস্ত পদ আকুঞ্চিত হয়।' *জগদীশ*, ১৯১৭। **৩** *বিণ* ভাঁজ হয়ে থাকা। 'আকুঞ্চিত দুটি হাতে আঙুলে আঙুলে তুমি টেনে নেবে গান।' *শঙ্খ*, ১৯৫৫।

আকুড়ুসি [স অঙ্কুশ] *বি* আঁকশি। 'রুপার আকুড়ুসি হাথে রুপার পুষ্পসাজি।' *রামাই*, ১৭১০।

আকুতি [স] **১** *বি* অভিপ্রায়। 'কি হেন আকুতি তার বামভিতে লইয়া বসাএল মোরে।' *জ্ঞান*, ১৬০০। **২** *বিণ* আকুল। 'তাঅ নেবে তুলি পদ্ম হইএ আকুতি।' *মানিকরাম*, ১৭৮১। **৩** *বি* আবেদন। 'আজ তোমার সাজের মধ্যে কোনো আকুতি নেই।' *রবীন্দ্র*, ১৯৩৫। **৪** *বি* আকুলতা। 'আত্মনিবেদনের অশ্রুগদ্গদ আকুতি থেকে।' *রবীন্দ্র*, ১৯৩৬। **৫** *বি* প্রবণতা। 'গুটিকয়েক রঙের বোধকে ধ্বনি দিয়ে প্রকাশ করায় বাংলা ভাষার একটা আকুতি দেখতে পাওয়া যায়।' *রবীন্দ্র*, ১৯৩৮। **৬** *বি* নিবেদন। 'নীপকুঞ্জের জানাল আকুতি রেণুভাবে মন্থর পবন।' *রবীন্দ্র*, ১৯৪০।

আকুতিমিনতি [স আকুতি+আ মিন্নত>] *বি* আকুল প্রার্থনা।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'কান্নাসজল কণ্ঠের আকুতি-মিনতি।' *ওয়ালী*, ১৯৪৮।

আকুল [সা] **১** *বিণ* আচ্ছন্ন। 'নিন্দে আকুল গোকুলের লোক ভৈল।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* অভিভূত। 'দুহুঁ মুখ হেরইতে দুহুঁ সে আকুল।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *বিণ* উতলা। 'বিরহে পুড়িয়া কান আকুল বিকল।' *বড়ু*, ১৫৭০। **৪** *বিণ* অশান্ত। 'দুকূল আকুল ভবনদী।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৫** *বিণ* কাতর। 'অসহায় শিশুর প্রতি আমাদের যেরূপ মমতা জন্মে, ভয় ও বিষাদে আকুল ইন্দ্র বেচারীর উপর আমাদের সেইরূপ জন্মিতেছে।' *রবীন্দ্র*, ১৮৭৭। **৬** *বিণ* সারা। 'মাধবী মালতী কেঁদে আকুল।' *রবীন্দ্র*, ১৮৮২। **৭** *বিণ* বিভোর। 'গন্ধে পথ আকুল হয়ে আছে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৮** *বিণ* অবিশ্রাম। 'কালকে ছিল এমন ঘন রাত, আকুল ধারে এমন বারিপাত।' *রবীন্দ্র*, ১৯০০। **৯** *বিণ* উত্তাল। 'তোমায় নিয়ে একলা নায়ে পার হব না ওই আকুল যমুনায়।' *রবীন্দ্র*, ১৯০০। **১০** *বিণ* অঝোর। 'কাঁদি আকুল ধারে।' *রবীন্দ্র*, ১৯১৪। **১১** *বিণ* হতভম্ব। 'এ কথা স্মরিলে মনে মহান বিস্ময় আকুল করিয়া দেয়।' *রবীন্দ্র*, ১৯১৪। **১২** *বিণ* ব্যাকুল। 'অমরশিখা আকুল হল মর্তশিখায় উঠতে জ্বলে।' *রবীন্দ্র*, ১৯৩৩। **১৩** *বিণ* দিশেহারা। 'ফুল নেব, না অশ্রু নেব ভেবে হই আকুল।' *নজরুল*, ১৯৩৫।

আকুলচিত্ত [সা] *বিণ* অস্থিরমনা। 'এই আশঙ্কায় আকুলচিত্ত হইয়া ... বারংবার বলিতেছ।' *বিদ্যা*, ১৮৯২।

আকুলতা [সা] **১** *বি* ঔৎসুক্য। 'কত কী কাহিনী তার কত আকুলতা!' *রবীন্দ্র*, ১৮৯৬। **২** *বি* চঞ্চলতা। 'এই যে আলোর আকুলতা।' *রবীন্দ্র*, ১৯১৪।

আকুলনয়ন [সা] *বি* কোনো কিছু দেখার জন্যে ব্যস্ত চোখ। 'আমি নিশি-নিশি কত রচিব শয়ন আকুলনয়ন রে!' *রবীন্দ্র*, ১৮৮৬।

আকুল হওয়া *ক্রি* উচ্ছ্বসিত হওয়া। 'সুদূর হইতে সুদূরে উধাও আকুল হইয়া চায়।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আকুলা [স আকুল>] **১** *ক্রি* আকুল হওয়া। 'হরিতে কাঁচুলি অধিক আকুলি উঠিল কামিনী কাঁপিয়া।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *ক্রি* উচ্ছ্বসিত হওয়া। 'আকুলি উঠেছে প্রাণ।' *রবীন্দ্র*, ১৮৮৬।

আকুলি, আকুলী [স আকুল>] *বিণ* ব্যাকুল। 'বিরহে আকুলী ভৈলা আপণার দোষে।' *বড়ু*, ১৪৫০; 'স্বামীর গমনে রামা পরম আকুলি।' *মুকুন্দ*, ১৬০০।

আকুলিত [স] *বিণ* ব্যাকুল। 'শোকে অভিভূত অশ্রুজলে আকুলিত হইতে হয়।' *বিদ্যা*, ১৮৫৬।

আকুলি বিকুলি [স আকুল>] **১** *বি* উৎকণ্ঠা। 'আকুলি বিকুলি কত চুকুলির লাগি।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বি* টগবগ। 'একটা চাপা উত্তেজনা আকুলি বিকুলি করতে থাকে।' *মণীশ*, ১৯৬৩।

আকুশ [স অঙ্কুশ] *বি* নোঙর। *মানোএল*, ১৭৪৩।

আকুষি [স আকর্ষী] *বি* আঁকশি। 'সত্য সত্য বেগুনগাছে আকুষি দিবে না কি?' *রাজ*, ১৮৭৪।

আকুল[১] [স আকুল] *বিণ* ব্যাকুল। 'সো জন আকুল তুয়া লাগি সুন্দরি কী ফল কঠিন স্বভাব।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আকুল[২] [স অকূল] *বিণ* কূলহীন। 'ডুবিলুম আকুল সাগরে।' *বাহরাম*, ১৬৫০।

আকুলা [স] *বিণ স্ত্রী* উত্তাল। 'অধীরা যমুনা তরঙ্গ-আকুলা অকূলা রে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আকৃতি [স] **১** *বি* চেহারা। 'জেমত আকৃতি জার জেমন বএসে।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* আকারের। 'নখর আকৃতি ছুরি।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* ধরন। 'বাঙ্গালিরা এক আকৃতিরই হয়।' *দর্পণ*, ১৮২৭। **৪** *বি* অবয়ব। 'আকৃতিসামঞ্জস্যহেতু ইহারা বিড়ালশ্রেণীর অন্তর্ভুক্ত।' *অক্ষয়*, ১৮৫৪।

আকৃতিগত [স] *বিণ* গঠনগত। 'শব্দসকলের আকৃতিগত স্বাতন্ত্র্য যত সুস্পষ্ট তাহার অর্থও সেই পরিমাণে ...।' *প্রমথ*, ১৮৯০।

আকৃতিধারী [স] *বিণ* আকার ধারণ করে আছে এমন। 'সৃষ্টিকর্তার সৃষ্টিছাড়া ভুলে দেহের আকৃতিধারী এমন একটা অপদার্থ তৈরি হয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আকৃতিপ্রকৃতি [স] *বি* চেহারা ও স্বভাব। 'সেই শিক্ষকের নামধাম আকৃতিপ্রকৃতি আমার কিছুই মনে নাই।' *রবীন্দ্র*, ১৯১২।

আকৃতিবান [স] *বিণ* আকারবিশিষ্ট। 'বনস্পতির দেহ বিচিত্ররূপে আকৃতিবান।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আকৃতিবিশিষ্ট [স] *বিণ* আকারসম্পন্ন। 'তারকা আকৃতিবিশিষ্ট দুর্গটিকে গোলাবারুদ, রসদ, অস্ত্রশস্ত্র ইত্যাদির গুদাম ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

আকৃতিবিহীন [স] *বিণ* নিরাকার। 'আকৃতিবিহীন কুজ্ঝটিকা হইতে পরিণত নক্ষত্রের এবং ...।' *মোতাহার*, ১৯৩৭।

আকৃতিমতী [স] *বিণ স্ত্রী* আকারবিশিষ্ট। 'স্থানে স্থানে দৈবাৎ এক-একটা আকৃতিমতী মূর্তির মতো দেখা যায়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আকৃতিমান [স] *বিণ* আকারবিশিষ্ট। 'আমাদের চৈতন্যকে গতিমান আকৃতিমান করে তুলছে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আকৃতিসামঞ্জস্য [স] *বিণ* গড়নে সাদৃশ্য আছে এমন। 'আকৃতি-সামঞ্জস্যহেতু ইহারা বিড়ালশ্রেণীর অন্তর্ভুক্ত।' *অক্ষয়*, ১৮৫৪।

আকৃতিহীন [স] *বিণ* নিরাকার। 'আর প্রকাশের আকৃতিহীন রূপ নিষ্প্রাণ।' *শিব*, ১৯৫০।

আকৃষ্ট [স] **১** *বিণ* অনুরাগী। 'মন ঈশ্বরের প্রতি আকৃষ্ট হইল।' *দর্পণ*, ১৮৩৪। **২** *বিণ* চাষ করা হয়নি এমন। 'গ্রামে একটি লোক নাই, ভূমি আকৃষ্ট পড়িয়া রহিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮১। **৩** *বিণ* আকর্ষণ করা হয়েছে এমন। 'আনন্দকলরবে আকৃষ্ট হইয়া মোক্ষদা আসিয়া দরিদ্র পিতার পূজার উপহার দেখিলেন।' *রবীন্দ্র*, ১৮৯২। **৪** *বিণ* মুগ্ধ। 'তখন আমার সমস্ত চিত্ত আকৃষ্ট হয় এবং উপকার হয়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আকৃষ্টচিত্ত [স] *বি* মুগ্ধচিত্ত। *সেবধি*, ১৮৩৯।

আকৃষ্টিপরতা [স] *বি* নিবিড় সংশ্লিষ্টতা। 'ইহাই জীবনের প্রতি কীটের আকৃষ্টিপরতা সপ্রমাণ করে।' *রবীন্দ্র*, ১৯১৭।

আকেডেমিক [ই অ্যাকাডেমিক] *বিণ* শিক্ষাগ্রহণ ও শিক্ষাদান সম্বন্ধীয়। 'পারেন্টল আকেডেমিক ইনষ্ট্রিচুসন।' *দর্পণ*, ১৮৩৫।

আকেলদার [আ আকল+ফা দার] *বিণ* বুদ্ধিমান। *মানোএল*, ১৭৪৩।

আকৈশোর [স] *ক্রিবিণ* কিশোর বয়স থেকে। 'আমার আকৈশোর বন্ধু ...।' *প্রমথ*, ১৯১৮।

আকোরল [স অক্ষোট] *বি* আখরোট। 'আকোরল জিঙ্গালরু দ্রাক্ষা সুদর্শন।' *বড়ু*, ১৪৫০।

আক্কারা [স অক্রেয়া] *বিণ* দুর্মূল্য। 'সোনার প্রদীপটাই আক্কারা ঠেকছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আক্কেল [আ আকল] **১** *বি* বুদ্ধি। 'দেখিল দুনিয়া বিচে আক্কেল হইতে।'

AMARBOI.COM

গরীব, ১৭৬৫। ২ *বি* শিক্ষা। 'মণিরামপুরের ব্যাপারেতে ভালো আক্কেল পাইছি।' *প্যারী*, ১৮৫৮। ৩ *বি* দুর্বুদ্ধি। 'মগজে গজিয়ে উঠে আক্কেল।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৪ *বি* নির্বুদ্ধিতা। 'তোরও তো বেশ আক্কেল দেখিতেছি!' *রবীন্দ্র*, ১৯০৬। ৫ *বি* কাণ্ডজ্ঞান। 'তুমি বুড়ো বয়সে আক্কেল খুইয়ে বসেছ!' *রবীন্দ্র*, ১৯০৭।

আক্কেল খোয়ানো [আ আকল>] *ক্রি* কাণ্ডজ্ঞান হারানো। 'মিনসে তুমি বুড়ো বয়সে আক্কেল খুইয়ে বসেছ।' *রবীন্দ্র*, ১৮৮৭।

আক্কেল গুড়ুম [আ আকল+ধ্বন্যা গুড়ুম] *বি* হতভম্ব অবস্থা; অবাক হওয়া। 'পূজা অবধি বিবাহ পর্য্যন্ত ব্যয়ের খাতা দেখিলে বা শুনিলে আক্কেল গুড়ুম হয়।' *ভবানী*, ১৮২৩।

আক্কেল দাঁত [আ আকল+দাঁত] *বি* পরিণত বয়সে-ওঠা মাড়ির প্রান্তবর্তী দাঁত। 'আক্কেল দাঁত যখন *ঠেলিয়া* উঠিতে থাকে তখন বেদনায় অস্থির করে।' *রবীন্দ্র*, ১৯০৫।

আক্কেলদাঁত ওঠা *ক্রি* পরিণত বুদ্ধির অধিকারী হওয়া। 'আক্কেলদাঁত উঠেছে।' *রবীন্দ্র*, ১৯৪০।

আক্কেলমন্ত [আ আকল+ফা মন্দ] *বিণ* বুদ্ধিমান। *বিদ্যা*, ১৮৯১।

আক্কেলমন্দ [আ আকল+ফা মন্দ] *বিণ* বুদ্ধিমান। 'সরদার জ্ঞানী আক্কেলমন্দ *লোক*।' *মনসুর*, ১৯৫৫।

আক্কেলমিঞা [আ আকল+ফা মিয়াঁ] *বি* (ব্যঙ্গ) অতি-বুদ্ধিমান। 'জবাব দিতে আক্কেলমিঞা একেবারে আক্কেলহারা।' *শহীদুল্লাহ*, ১৯৪০।

আক্কেলসেলামি [আ আকল+আ সালাম>] *বি* বোকামির শাস্তি। 'উপযুক্তরূপ আক্কেলসেলামি পাইয়া ... আক্রমণ করিতে সাহস হইত না।' *বিদ্যা*, ১৮৯১।

আক্কেলহারা [আ আকল+স হার>] *বিণ* (ব্যঙ্গ) বুদ্ধি লোপ পেয়েছে এমন। 'জবাব দিতে আক্কেলমিঞা একেবারে আক্কেলহারা।' *শহীদুল্লাহ*, ১৯৪০।

আক্টোবর [ই অক্টোবর] *বি* খ্রিস্টীয় পঞ্জিকার দশম মাস। 'চাটিগ্রামে ১৩ আক্টোবর অবধি বিশ দিন পর্য্যন্ত চারিবার ভূমিকম্প হইয়াছে।' *দর্পণ*, ১৮১৯।

আক্তি [স আসক্তি] *বি* আসক্তি। 'নিজ আক্তি মধুবৃত্তি কৈলে মাত্র দোষ।' *আলাওল*, ১৬৮০।

আক্দ, আকদ [আ আক্ত] *বি* বিবাহ-বন্ধন। 'পরে বিবাহের শর্তে আমার আক্দ হইল।' *রোকেয়া*, ১৯২৪।

আক্দবন্ত [আ আক্ত+ফা বন্ত] *বি* বিবাহের চুক্তি। 'আক্দবন্ত-এর তিন বৎসর পরে হাজী সাহেব জামাতাকে লিখিলেন।' *রোকেয়া*, ১৯২৪।

আক্রম [স] ১ *বি* বিক্রম। 'বিপুল আক্রমে নাশ তারে।' *মাইকেল*, ১৮৬২। ২ *বি* আক্রমণ। 'ব্যাঘ্রের আক্রমে মৃগসম।' *রবীন্দ্র*, ১৮৯০।

আক্রমা [স আক্রমণ>] *ক্রি* আক্রমণ করা। 'বায়ুসখা সহ বায়ু আক্রমিলে কানন, তাহারে কে পারে রোধিতে।' *মাইকেল*, ১৮৬০; 'কহি-ফলসখে শিলীমুখ, আসি তুমি আক্রম গুপ্তরি এ পোড়া অধর পুনঃ ...।' *মাইকেল*, ১৮৬২।

আক্রমিত [স] *বিণ* আক্রান্ত। 'পক্ষাঘাত রোগে আক্রমিত।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৫।

আক্রমণ [স] ১ *বি* জোরাজুরি। 'ইহার কারণ কাহারো পর আক্রমণ না করিবেন।' *ডানকান*, ১৭৮৪। ২ *বি* আটক। 'ছোকরাদিগকে আক্রমণ করিয়া আনা গিয়াছে।' *রামরাম*, ১৮০১। ৩ *বি* হামলা। 'সেখান হইতে এক ভয়ানক আক্রমণ তাহার নাসিকারন্ধ্রে করিলেক।' *তারিণী*, ১৮০৩। ৪ *বি* অধিকার করার উদ্দেশ্যে অভিযান। 'তাহারা দিল্লীর সিংহাসন আক্রমণ করিতে পারে নাই।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৫ *বি* প্রভাব। 'অধর্মের আক্রমণ নিরাকরণার্থ অসৎসঙ্গ পরিত্যাগপূর্বক ...।' *অক্ষয়*, ১৮৫৫। ৬ *বি* বিরূপ সমালোচনা। 'বঙ্কিমবাবুকে আক্রমণ ও গালিগালাজ করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৮। ৭ *বি* বিস্তার লাভ। 'সংক্রামক ভাব যদি সমাজের সর্ব্বত্রই আক্রমণ করিয়া থাকে ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ৮ *বিণ* আঘাত। 'মিথ্যা ও অন্যায় চারদিক থেকে তাদের আক্রমণ করলে ...।' *রবীন্দ্র*, ১৯১৯।

আক্রমণকারী [স] *বিণ* হামলাকারী। 'আক্রমণকারী বৈদ্যুতের দলকে ছিটকে ফেললে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আক্রমণমূলক [স] *বিণ* আক্রমণাত্মক। 'আক্রমণমূলক পন্থা আরম্ভ করা সমীচীন হইবে।' *শওকত*, ১৯৫৮।

আক্রমণাত্মক [স] *বিণ* আক্রমণ করতে চায় এমন। 'কোন আক্রমণাত্মক মনোভাব নিয়ে লিখিনি।' *মাহেনও*, ১৯৪৯।

আক্রমা *দ্র* আক্রম

আক্রা [স অক্রয়] *বিণ* দুর্মূল্য। *ওসাঁ*, ১৭৮২; 'ধানের দর পাঁচ সিকে-দেড় টাকা, আর অন্য জিনিসপত্র আক্রা।' *তারা*, ১৯৪২।

আক্রান্ত [স] ১ *বিণ* পীড়িত। 'যাহাতে অদ্যাবধি আমি আক্রান্ত ছিলাম।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* আক্রমণ করা হয়েছে এমন। 'পুরুষ আক্রান্ত হইয়া ...।' *সেবধি*, ১৮৩৯।

আক্রান্তজন [স] *বি* আক্রান্ত ব্যক্তি। 'ব্যাধির দ্বারা আক্রান্তজনদের বাদ দিলে সব মানুষের ভিতরেই মননের সামর্থ্য বিদ্যমান।' *শিব*, ১৯৫৬।

আক্রান্তহৃদয় [স] *বিণ* ব্যথিতচিত্ত। 'আজ অপমানের গোপনভারে আক্রান্তহৃদয় হইয়া কমলা চুপ করিয়া তরকারি কুটিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০৬।

আক্রান্তা [স] *বিণ* স্ত্রী নির্মজ্জিত। 'মহা-পাপে আক্রান্তা জ্ঞাএদার ভার সকাতরে সহ্য করিবে?' *মশারফ*, ১৮৮৫।

আক্রাম [আ ইকরাম] *বি* আয়োজন। 'জখন জেমত হুকুম করিয়াছেন তদ অনুরূপ আক্রাম করিয়াছি।' *ভেরলি*, ১৭৯৪।

আক্রোশ [স] ১ *বি* আক্রমণ। 'ব্যাধির আক্রোশ সহিবার কোন আবশ্যক নাই।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৬। ২ *বি* রাগ। 'আমার অণুমাত্র আক্রোশ নাই।' *বিদ্যা*, ১৮৭৩; 'সেটার উপরে তিনি আক্রোশ প্রকাশ করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৯৮।

আক্রোশধৃত [স] *বিণ* রাগ করে ধরা হয়েছে এমন। 'তার ডান হাতে শাণিত টাংগিটি আক্রোশধৃত।' *হাসান*, ১৯৬৭।

আক্রোশবাক্য [স] *বি* ক্রোধপূর্ণ উক্তি। 'ভয়ানক আক্রোশবাক্যটির চেয়ে বহুগুণ উচ্চ একটি মেঘগর্জন।' *হাসান*, ১৯৬৭।

আক্রোশিত [স] *বিণ* ক্রুদ্ধ। 'এত শুন্যা আক্রোশিত ইছাই সুন্দর।' *মানিকরাম*, ১৭৮১।

আক্ষ [স ইক্ষু] *বি* আখ। 'এখানে আক্ষের ক্ষেত্র নহে।' *কেরি*, ১৮০২।

আক্ষটি [স আখেটক] ১ *বি* শিকারি। 'দেখিল ছাওাল বন্দি আক্ষটির স্থানে।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* শিকারজীবী। 'প্রথমে কলির অংশে জন্মাবে আক্ষটি বংশে।' *মুকুন্দ*, ১৬০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আক্ষতি [স অখ্যাতি] *বি* অখ্যাতি। 'এক্ষানে আমার এমত অপজষ করিয়া আক্ষতি করিতেছেন ...।' *চিঠিপত্রে*, ১৮১৫।

আক্ষমা [স অক্ষমা] *বি* ক্রোধ। 'মারিতে না পারে দৈন্য আক্ষমা সে করে।' *মালাধর*, ১৫০০।

আক্ষরিক [স] **১** *বিণ* কেতাবি। 'পাণ্ডিত্য দুর্লভ নয়, যে পাণ্ডিত্য আক্ষরিক।' *রবীন্দ্র*, ১৯৩০। **২** *বিণ* আনুষ্ঠানিক। 'আক্ষরিক কোন শিক্ষাই নাই।' *তারা*, ১৯৪২। **৩** *বিণ* সত্যিকার। 'প্রচ্ছন্ন স্বপন মোর আক্ষরিক মিথ্যার পাষাণ।' *সুকান্ত*, ১৯৪৮।

আক্ষি [স অক্ষি] *বি* চোখ। 'ছল২ আক্ষিতে রোদন করিলেন।' *রামরাম*, ১৮০১।

আক্ষিপ্ত [স] *বিণ* বিক্ষিপ্ত। 'এই পাগল তাহাকে আক্ষিপ্ত করিয়া কুণ্ডলী-আকার করিয়া তুলিতেছেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

আক্ষেপ [স] **১** *বি* আফসোস; দুঃখ। 'আপন মন্দ কপালের প্রতি আক্ষেপ।' *তারিণী*, ১৮০৩। **২** *বি* ক্ষোভ। 'এ সামান্য বিষয়ে এত আক্ষেপ করেন কেন।' *মাইকেল*, ১৮৬১। **৩** *বি* খিঁচুনি। 'গ্রহণী রোগীর ন্যায় তাঁহার হাতে পায়ে আক্ষেপ ধরিতে থাকে, গলার শির ফুলিয়া ওঠে, চোখ দুটা বাহির হইয়া আসিতে চায়।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৪** *বিণ* ক্ষুব্ধ। 'যে স্থানে উদ্ধৃত করিয়াছেন, তাহা গালি নহে তাহা আক্ষেপ উক্তি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আক্ষেপজনক [স] *বিণ* খেদপ্রসূত। 'আমারদিগের এই আক্ষেপজনক সদুপদেশে বিরক্ত হইবেন না।' *প্রভাকর*, ১৮৪৭।

আক্ষেপবাক্য [স] *বি* খেদোক্তি। 'রাজকুমারের ঈদৃশ আক্ষেপবাক্য কর্ণগোচর করিয়া ... বিবেচনা করিতে লাগিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

আক্ষেপা [স আক্ষেপ>] **১** *ক্রি* হাত পা ছোঁড়া। 'আক্ষেপিয়া কান্দিতে লাগিল।' *আলাওল*, ১৬৮০। **২** *ক্রি* আক্ষেপ করা। 'কুপথে আক্ষেপি বোলে সুনএ সমাজ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আক্ষেপোক্তি [স] *বি* খেদোক্তি। 'ঐ একটা আক্ষেপোক্তি মাত্র।' *রবীন্দ্র*, ১৯০৯।

আখ [স ইক্ষু] *বি* ইক্ষু। 'আখের গুড় জ্বাল দেওয়া আরম্ভ হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯১১।

আখপেষা [আখ+পেষা] *বিণ* মাড়াই করা আখের মতো পিষ্ট। 'আখপেষা হয়ে বাহির হতেছে ভুখারি মানবদল।' *নজরুল*, ১৯২৫।

আখমাড়া [আখ+মাড়াই>] *বিণ* আখ মাড়াই করা হয় এমন। 'আখমাড়া কলের মধ্য দিয়া।' *রবীন্দ্র*, ১৯০৮।

আখখুটে [স আখেটক] *বিণ* সহজে ছাড়ে না এমন। 'কী রকম আখখুটে মেয়ে আমি ...।' *জীবন*, ১৯৩১।

আখছা-আখছি [আ আখজ] *বি* শত্রুতা। 'কাজের নেশাতে এতেই এত মারামারি, কাটাকাটি, আখছা-আখছি ...।' *প্রেমেন্দ্র*, ১৯৫০।

আখছার [আ আকসার] *ক্রিবিণ* সচরাচর। 'এমনি তো আখছার হচ্ছে।' *মনোজ*, ১৯৬১।

আখটি [স অখট্টিকা] *বি* ঝগড়া। 'কড়ি পাইবারে কত করিনু আখটি।' *রঙ্গ*, ১৮৫৮।

আখড়া [স অক্ষবাট>] **১** *বি* মল্লবিদ্যা অভ্যাসের স্থানবিশেষ। 'করিআ আখড়া ঘরে দণ্ডযুদ্ধ কেহ করে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* উনিশ শতকের কলকাতায় প্রচলিত কবিগানের অনুরূপ প্রশ্নোত্তরমূলক গানবিশেষ। 'বাটীতে আখড়া গানের দুই দলে যুদ্ধ হইয়াছিল ...।' *দর্পণ*, ১৮২৩। **৩** *বি* আশ্রম। 'আখড়ায় থেকে আজি বাবাজীর বেশে।' *ভবানী*, ১৮২৫। **৪** *বি* বাউল বা বৈষ্ণব সন্ন্যাসীদের মিলনকেন্দ্র। 'দশনামী সন্ন্যাসীদের আখড়ার গুরু দত্তাত্রেয়ের পদচিহ্ন থাকে শুনিয়াছি।' *অক্ষয়*, ১৮৪৯। **৫** *বি* অনুশীলন কেন্দ্র। 'জিমন্যাস্টিক আখড়ার মাস্টার।' *শরৎ*, ১৯১৭। **৬** *বি* ঘাঁটি। 'বিদেশী সওদাগরদের প্রধান আখড়া।' *রবীন্দ্র*, ১৯২৯।

আখড়াই [স অক্ষবাট>] **১** *বি* আঠারো ও উনিশ শতকের নবদ্বীপ ও কলকাতাকেন্দ্রিক বৈঠকী গানবিশেষ। কবিগানের অনুরূপ এই গান নিধুবাবুর হাতে উৎকর্ষ লাভ করে। 'মনিয়া বুলবুল আখড়াই গান।' *ভবানী*, ১৮২৫। **২** *বি* মহড়া। 'মনের সুখে সাহিত্যিকগিরির আখড়াই দেওয়া।' *অচিন্ত্য*, ১৯৫০।

আখড়াধারী [স অক্ষবাট>] **১** *বি* মঠ বা আশ্রমের প্রধান। 'আখড়াধারী বসে আছে অতি বড় সৎ।' *ভবানী*, ১৮২৫। **২** *বিণ* আখড়াবাসী। 'কোন কোন আখড়াধারী বাউল বিগ্রহস্থাপন করিয়া থাকে বটে।' *অক্ষয়*, ১৮৫০।

আখড়াফেরত [স অক্ষবাট>+হি ফিরত] *বিণ* আখড়া হতে প্রত্যাগত। 'কুস্তির আখড়াফেরত পালোয়ানের মত।' *তারা*, ১৯৪৩।

আখণ্ড [স] **১** *বিণ* অখণ্ডিত। 'বাসন্তিকা আখণ্ড শ্রীফল।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* অচ্ছিন্ন। 'আখণ্ড কলার পাতে অষ্ট উপহার।' *যানিকরাম*, ১৭৮১।

আখণ্ডল [স] *বি* দেবরাজ ইন্দ্র। 'আখণ্ডল পাঠান ভাসাতে ভূমণ্ডলে প্রলয়ে।' *মাইকেল*, ১৮৬০।

আখণ্ডল-ধনু [স] *বি* রংধনু; ইন্দ্রধনু। 'আখণ্ডল-ধনু লাজে পালাবে অমনি।' *মাইকেল*, ১৮৬১।

আখতা [ফা আখতাহ্] *বিণ* ছিন্নাণ্ড। 'বিটী আখতা ভাতারের [illegible]।' *দীনবন্ধু*, ১৮৬৬।

আখন[১] [এই+স ক্ষণ>] *ক্রিবিণ* এখন। 'আখন আমি সভারে করিব নিস্তার।' *বিজয়*, ১৬৫০।

আখন[২] [তু আখুনচি; ফা আখন্দ] *বি* শিক্ষক। 'বালকে ফারসী পড়ে আখন হুজুরে ...।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আখনজী [তু আখুনচি] *বি* আখুনজি; বিদ্যালয়ের শিক্ষক। *বিদ্যা*, ১৮৯১।

আখবার [আ] *বি* খবরের কাগজ। 'আখবারে এসলামিয়া।' *আখবার*, ১৮৭৭।

আখর [স অক্ষর] **১** *বি* অক্ষর; বর্ণ। 'কাল আখরে তীন ভুবন বিচার।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* কথা। 'একই আখরে মো বুঝিলোঁ তোর ঠাই।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* কীর্তন গানে মাধুর্যের জন্য সংযোজিত অতিরিক্ত পদ। 'আখরই দিন আর যাই দিন ...।' *প্রমথ*, ১৯১৮। **৪** *বি* লেখা। 'হারিয়ে গিয়েছে তোমার আখরগুলি।' *রবীন্দ্র*, ১৯২৬।

আখর দেওয়া *ক্রি* কীর্তন গানের সময়ে গায়ক-গায়িকা কর্তৃক ভাবব্যাখ্যামূলক অতিরিক্ত কথা বা পদ জুড়ে দেওয়া। 'ওঁর ভাবোল্লাস হয়েছে তাই উনি আখর দিচ্ছেন।' *প্রমথ*, ১৯১৮।

আখরিয়া [স অক্ষর>] *বি* লিপিকার; নকলনবিশ। 'শ্রীবিজয়দাস নাম প্রভুর আখরিয়া।' *বৃন্দা*, ১৫৮০।

আখরাজাত [আ খরজ] *বি* খরচসমূহ। 'তাহার লোকসান ও আখরাজাত প্রথম খরিদারানকে লাগিবেক।' *ক্যালগে*, ১৮০১।

আখরোট [স অক্ষোট] *বি* একপ্রকার পার্বত্য ফল ও বৃক্ষ। 'আখরোট ফল।' *মানোএল*, ১৭৪৩।

আখা [স উখা] *বি* উনান। *বিদ্যা*, ১৮৯১; 'এরে আজ চালা করে ধরাইব

AMARBOI.COM

আখা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আখাম্বা [স স্তম্ভ>] *বিণ* দীর্ঘাকৃতি। *বিদ্যা*, ১৮৯১; 'অসুরের মতো আখাম্বা ঢ্যাঙা সাহেব।' *পরশু*, ১৯৪০।

আখায়িল [স আক্ষালিত] *বিণ* ধৌত। 'আখায়িল ঘাঅত বিষ জ্বালিল কাহ্নাঞি।' *বড়ু*, ১৪৫০।

আখাল *বি* গোয়াল। 'বাপুর আখালে আছে দুগ্ধবতী গাই।' *বিজয়*, ১৬৫০।

আখি, আখী [স অক্ষি] *বি* চোখ। 'ঘাট ন শুমা খড়তড়ি নো হোই আখি বুজিঅ বাট জাইউ।' *চর্যা ১৫*, ১২০০; 'এবেঁ দেখ মোর মুখ তুলী দুয়ি আখী।' *বড়ু*, ১৪৫০।

আখি-ঠার [স অক্ষি>+স স্তার>] *বি* চোখের ইশারা। 'আখি-ঠারে লহনা সইয়ের সনে হাসে।' *মুকুন্দ*, ১৬০০।

আখিনি [স উখা>] *বিণ* ভাপে রান্না। **আখিনি পলাহ্** *বিণ* ভাপে রান্না করা পোলাও। 'আখিনি পলাহ্ রান্ধে ঘৃতের মিশাল।' *বিজয়*, ১৬৫০।

আখিরি [আ আখির] *বি* অবসান। 'যৌবনের আখিরি করিয়া ফারখতি লইতে পারি নাই।' *বঙ্কিম*, ১৮৭৫।

আখিরি কবচ [আ আখির+আ কবজ্] *বি* ছাড়পত্র। 'বাকি স্বীকার না করিলে সে আখিরি কবচ পায় না।' *বঙ্কিম*, ১৮৭৯।

আখু [স] *বি* ইঁদুর। 'গণেশের কাছে পুনঃ আখু চল্যা যাকু।' *কেতকা*, ১৬৫০।

আখুজী [আ আখজ্] *বি* শত্রুতা। 'আখুজী করিল বেনে তাহার কারণে।' *মুকুন্দ*, ১৬০০।

আখুট [স অখট্টিকা] *বি* জেদ। 'একটু বেশি আহ্লাদি হয়েছে মেয়েটা — বড্ড আখুট।' বৃদ্ধ, ১৯৪৯।

আখুটি [স অখট্টিকা] *বি* জেদ। 'যে আখুটি করে তা ঈশান সম্ভব।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আখুটে [স অখট্টিক] *বিণ* আবদারে। 'কাল-ভোলা মেয়েলিপনা আর আখুটে অভিমান আমায় জোড়া হাতেই বেঁধেছে আজ।' *শক্তি*, ১৯৬৯।

আখুট্টি [স অখট্টিকা] *বি* আখুটি; বায়না; আবদার। *বিদ্যা*, ১৮৯১।

আখুরিয়া [স অক্ষর>] *বিণ* নকলনবিশ। 'নীলকরদের তৈয়ারি ও প্রসাদাবশিষ্ট খোট আখুরিয়া গোমস্তারা।' *এডুকেশন*, ১৮৭৩।

আখেআতি [স অখ্যাতি] *বি* দুর্নাম। 'না পাইল কুঞ্জল বড় হইল আখেআতি।' *মালাধর*, ১৫০০।

আখেজ [ফা খাওয়াহিশ] ১ *বি* অভিমান। 'ধর্মের পর আখেজ করিয়া বৃন্দাবন হইতে ...।' *চিঠিপত্রে*, ১৭৩১। ২ *বিণ* বাঞ্ছনীয়। 'নামের একতা সর্ত্তি আখেজ।' *তাঁতি*, ১৭৯২। ৩ *বি* শত্রুতা; আক্রোশ। *বিদ্যা*, ১৮৯১।

আখেট [স আখেটক] ১ *বি* শিকার। 'আখেটে করএ গতি।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* শিকার-করা প্রাণী। 'আখেটের মাংস বিনে ভোজনে নাহিক আনে।' *আলাওল*, ১৬৮০।

আখেটি [স আখেটক] *বি* ব্যাধ। 'আখেটির ফাঁদ।' *মুকুন্দ*, ১৬০০।

আখের [আ আখির] ১ *বিণ* শেষ। 'আখের রসুল এহি জান সর্বজন।' *সুলতান*, ১৬৫০। ২ *বি* পরিণাম। 'একা আমি কি করিব আখেরে অবলা।' *মানিকরাম*, ১৭৮১। ৩ *বি* অন্তিম কাল। 'আমার প্রায় আখের হইয়া আইল।' *রামরাম*, ১৮০১। ৪ *বি* পরকাল। 'নবি আউল আখের বাতেন জাহের।' *লালন*, ১৮৯০।

আখেরতক [আ আখির+হি তক] *ক্রিবিণ* শেষ পর্যন্ত। 'গলা সাফ করিয়া ... আখেরতক পাঠ করিলেন।' *মনসুর*, ১৯৩৫।

আখেরে *ক্রিবিণ* শেষ পর্যন্ত; অন্তিমে। 'আখেরে তাহার নাম রহিম নিধান।' *বাহরাম*, ১৬৫০; 'পড়াশুনো করবে না? আখেরে ওর হবে কী?' *রবীন্দ্র*, ১৯২৯।

আখেরাত [আ আখিরাত] *বি* ইসলামি বিশ্বাস অনুযায়ী পরকাল। 'আমার দুনিয়া ও আখেরাত দুই হবে বরবাদ।' *নজরুল*, ১৯৪০।

আখেরাতের গেট [আ আখিরাত>+ই গেইট] *বি* কবরস্থান। 'গাড়ী টেনে নিয়ে চললো আখেরাতের গেট কবরপুরের দিকে।' *মাহেনও*, ১৯৪৯।

আখেরি, আখেরী [আ আখির>] *বিণ* শেষ। 'আখেরী পয়গম্বর।' *গরীব*, ১৭৬৫; 'বাকি দালালের জিম্মে আখেরি মৌশুমে হইবেক।' *হ্যালহেড*, ১৭৭৩।

আখেরী জামানা [আ আখির>+আ জমানাহ্] *বি* শেষ যুগ; কলিকাল। 'আমাদের আখেরী জামানার পয়গাম্বর মোহাম্মদ মোস্তাফা সাল্লাল্লাহু আলায়হিস সালাম।' *রোকেয়া*, ১৯৩০।

আখোট [স অখট্টিকা] *বি* আবদার। 'অকারণ আখোট করে।' *নজরুল*, ১৯৩০।

আখোটি [স অখট্টিকা] *বি* আবদার। 'যেন কতকালের আখোটি।' *অচিন্ত্য*, ১৯৫০।

আখোলা [অ+খোলা] *বিণ* খোলা হয়নি এমন। 'একটি আখোলা চিঠি।' *রবীন্দ্র*, ১৯৩২।

আখ্যা [স] ১ *বি* সংজ্ঞা। 'স্ত্রীর নামেও ঐ আখ্যাতে প্রতিপাদ্য হয়।' *দর্পণ*, ১৮২৯। ২ *বি* পদবি। 'কতিপয় আখ্যা আছে ও এই প্রকার এক নামমালাও আছে।' *দর্পণ*, ১৮২৯। ৩ *বি* অভিধা। 'ইহাদের এই অপরূপ রূপই সম্ভবতঃ ইহাদের এইরূপ দিব্যবিহঙ্গ আখ্যায় আখ্যাত হইবার কারণ।' *অক্ষয়*, ১৮৫৪। ৪ *বি* উপাধি। 'বাবুর এমন উপযুক্ত আখ্যা আর কোনখানে শুনি নাই।' *রাজ*, ১৮৭৪।

আখ্যাত [স আখ্যায়িত] ১ *বিণ* সংজ্ঞায়িত। 'মনীষিগণ ... এই ষট্প্রবৃত্তিকে ষড়রিপু নামে আখ্যাত করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বিণ* অভিহিত। 'ইহাদের এই অপরূপ রূপই সম্ভবতঃ ইহাদের এইরূপ দিব্যবিহঙ্গ আখ্যায় আখ্যাত হইবার কারণ।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বিণ* কথিত। 'একারণ সেই স্থান "পেঁড়োর গড়" নামে আখ্যাত হইয়াছিল।' *গুপ্ত*, ১৮৫৫।

আখ্যাধারী [স] *বিণ* উপাধিধারী। 'ভদ্র এই আখ্যাধারী মহাশয়েরা ...।' *অক্ষয়*, ১৮৫৪।

আখ্যাপত্র [স] *বি* বইয়ের শুরুতেই যে পৃষ্ঠায় বই ও লেখকের নাম থাকে। 'গ্রন্থের আখ্যাপত্রে লেখকের নাম না থাকার জন্য ...।' *গৌর*, ১৮২২।

আখ্যাদিম [গ্রি অ্যাকাদেমিয়া] *বি* শিক্ষাপ্রতিষ্ঠান। 'ইণ্ডিয়ান আখ্যাদিমের ছাত্রেরদের ... পরীক্ষা হইল।' *দর্পণ*, ১৮৩৫।

আখ্যান [স] ১ *বি* কাহিনি। 'অতঃপর কহি কিছু পুরাণ আখ্যান।' *মানিকরাম*, ১৭৮১। ২ *বি* নাম। 'লুইচন্দ্র বল্যে তার থুইবে আখ্যান।' *মানিকরাম*, ১৭৮১।

আখ্যানকাব্য [স] *বি* কাহিনিকাব্য। 'আখ্যানকাব্য অথবা মহাকাব্য।' *বঙ্কিম*, ১৮৮৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আখ্যানবর্ণনা [স] *বি* কাহিনির বিবরণ। 'ছন্দ থাকলে তাতে আখ্যানবর্ণনা চলে না।' *রবীন্দ্র*, ১৯২৯।

আখ্যানবস্তু [স] *বি* কাহিনির বিষয়। 'তার সঙ্গে সংখ্যার ও আখ্যানবস্তুর সম্বন্ধ আছেই আছে, অন্তত পটভূমিতে তো রয়েইছে।' *ধূর্জটি*, ১৯৩৫।

আখ্যানভাগ [স] *বি* কাহিনি অংশ। 'আখ্যানভাগ কোনো সমাজবিশেষে দেশবিশেষে বদ্ধ নহে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আখ্যায়িকা [স] **১** *বি* কাহিনি। 'সংস্কৃত আখ্যায়িকা গ্রন্থের নীতিকথা।' *গৌর*, ১৮২২। **২** *বি* বৃত্তান্ত। 'যুদ্ধবিগ্রহাদি সম্পর্কীয় নানা আখ্যায়িকা হইতেই ইতিহাসের সূত্রপাত হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

আগ[১] [ধ্বন্যা] *অব্য* ওগো। 'কি না বিধি আগ বড়ায়ি লেখিল কপালে।' *বড়ু*, ১৪৫০।

আগ[২] [স অগ্নি] *বি* আগুন। 'বন পোড়ে আগ বড়ায়ি জগজনে জাণী।' *বড়ু*, ১৪৫০।

আগ[৩] [স অগ্র] **১** *ক্রিবিণ* সামনে। 'আগ পাছ করি কাজ কর মাহাজন।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* অগ্রভাগ। 'কেশের আগ চুম্বয়ে টাগ।' *চণ্ডী*, ১৫৫০। **৩** *বিণ* উঁচু। 'যেন আগডালের পাতার মধ্যে এক জন মানুষ নড়িতেছে।' *মদনমোহন*, ১৮৪৯।

আগওরা [স অগ্র] *বিণ* অগ্রিম। 'পরান দাসের আগওরা খাজনা।' *চিঠিপত্রে*, ১৮৭৪।

আগডাল [স অগ্র>+ডাল] *বি* মগডাল; গাছের সবচেয়ে উঁচু ডাল। 'যেন আগডালের পাতার মধ্যে এক জন মানুষ নড়িতেছে।' *মদনমোহন*, ১৮৪৯।

আগপাছ [স অগ্রপশ্চাৎ] **১** *বি* পূর্বাপর বিবেচনা। 'আগ পাছ করি কাজ কর মাহাজন।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* পূর্বাপর। 'এখন নেজে হস্তে বিষ দিতেও একটু আগপাছ চাহিতেছি না।' *মশাররফ*, ১৮৮৫।

আগ বাড়া *ক্রি* এগিয়ে যাওয়া। 'গ্রাম ছাড়িয়ে আগ বাড়িয়ে নামল মাঠে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

আগবাড়ান [স অগ্র>+বাড়ানো] *বি* এগিয়ে নেওয়া। 'হাজারদশেক সেনা তাহার আগবাড়ান জন্য পাঠান গেল।' *রামরাম*, ১৮০২।

আগ বাড়িয়ে বলা *ক্রি* যেচে আলাপ করা। 'কারও সঙ্গে আগ বাড়িয়ে কথা বলবেন না।' *শ্যামল*, ১৯৬৭।

আগে তুলা দিয়া সহাই পাছে লোহা দিয়া বহাই – ধীরে ধীরে গা-সওয়া করে তোলা। 'আগে তুলা দিয়া সহাই পাছে লোহা দিয়া বহাই।' *গৌর*, ১৮২২।

আগতোলা [স অগ্র>+তোলা] *বিণ* চূড়াকৃতির। 'ময়রা দুর্গামণ্ডা ও আগতোলা সন্দেশের ওজন দিতে আরম্ভ কল্লে।' *প্যারী*, ১৮৫৮।

আগক [স অগ্র>] *ক্রিবিণ* সামনে। 'কংসের আগক নারদ মুনী।' *বড়ু*, ১৪৫০।

আগডুম-বাগডুম [মালয়ালম আগডম-বাগডম] *বি* খেলাবিশেষ। 'আগডুম-বাগডুম খেলা রাখিয়া জানালার ধারে ছুটিয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯১।

আগড় [স অর্গল] **১** *বি* বহন করার জন্য ব্যবহৃত খাটিয়াবিশেষ। 'আগড়ে করিয়া অতিথি লাগাইয়া দিলাম।' *চিঠিপত্রে*, ১৭৮৭। **২** *বি* ঢাকনা। 'প্রস্তর ও ইষ্টকাতে ... ঝনৎ শব্দে আগড় খুলিয়া গেল।' *মধু*, ১৮৫৭। **৩** *বি* দরজার পরিবর্তে ব্যবহৃত ঝাঁপ। 'গোহালঘরের আগড়ের [illegible] উঁকি মারিত।' *বঙ্কিম*, ১৮৭৫। **৪** *বি* বাধা। *বিদ্যা*, ১৮৯১; 'নানা আগড় অতিক্রম করে ...।' *মনোজ*, ১৯৫১। **৫** *বি* দরজার খিল। 'রাজবাড়িতে আগড় দেওয়া।' *নজরুল*, ১৯২৬।

আগড়-বাগড় *বিণ* আবোল-তাবোল। 'আগড়-বাগড় কথা।' *ওয়ালী*, ১৯৬২।

আগড়ম-বাগড়ম [হি আওড়ম-বওড়ম] *বি* অর্থহীন অসংলগ্ন কথা। 'আগড়ম-বাগড়ম যা কিছু বলেছেন, তার উত্তর দেবার দায় আর আপনার রইল না।' *মুজতবা*, ১৯৫৮।

আগড়া [স অগ্র] *বি* তুষ; ভুসি। *বিদ্যা*, ১৮৯১।

আগত[১] [স অগ্র>] **১** *অব্য* থেকে। 'আহ্মার আগত বীর নাহিঁ কোণ জন।' *বড়ু*, ১৪৫০। **২** *অব্য* কাছে। 'তোহ্মার আগত সত্যে বুয়িলোঁ বড়ায়ি।' *বড়ু*, ১৪৫০।

আগত[২] [স] **১** *বিণ* এসেছে এমন। 'আগত মাত্রেতে ইন্দ্র সুবিষ্টি হইল।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* আগামী। 'আগত ২৯ কাত্তীক সোমবার ...।' *চিঠিপত্রে*, ১৮৭০।

আগত কল্য [স] *ক্রিবিণ* আগামীকাল। 'আগত কল্য যে কার্য্য হইবে।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

আগত কাল [স আগত+স কল্য] *বি* আগামীকাল। *ওসাঁ*, ১৭৮৫।

আগতপ্রায় [স] *বিণ* আসন্ন; প্রায় এসে গেছে এমন। 'মধ্যাহ্নকাল আগতপ্রায়।' *বিদ্যা*, ১৮৪৭।

আগত হওয়া *ক্রি* আসা। 'ঐ ক্ষুদ্র বাষ্পের জাহাজ প্রথম আগত হয়।' *দর্পণ*, ১৮৩১।

আগতা [স] *বিণ স্ত্রী* উপস্থিত। 'দিবাবসান হইয়া বিভীষিকাময়ী রজনী আগতা হইল।' *অক্ষয়*, ১৮৪৯।

আগতি [স আগত>] *বি* আগমন। 'পতির আগতি বার্তা শুনি দূতমুখে।' *মুকুন্দ*, ১৬০০।

আগতি-বার্তা [স আগত>+স বার্তা] *বি* আগমনের খবর। 'তোমার আগতি-বার্তা পাইআ লহনা।' *মুকুন্দ*, ১৬০০।

আগত্রা [স আগত>] *বিণ* অগ্রিম। 'তাহার আগত্রা টাকা জে লাগে তাহার কারন ...।' *চিঠিপত্রে*, ১৮৩৯।

আগন্তুক [স] **১** *বিণ* নবাগত। 'নগরের মধ্যে আগন্তুক লোক।' *দর্পণ*, ১৮৩৭। **২** *বি* নবাগত ব্যক্তি। *সেবধি*, ১৮৩৯; 'বাহির থেকে কোনো আগন্তুক এসে ঘুম ভাঙিয়ে দেয়।' *রবীন্দ্র*, ১৯১৬। **৩** *বিণ* ভাবী। 'আমার কোনো একটি আগন্তুক কবিতা মনের মধ্যে এসে পৌঁছবার আগেই তার ধুয়োটা এসে পৌঁচেছে।' *রবীন্দ্র*, ১৮৯১। **৪** *বি* অতিথি। 'আগত ও আগন্তুকদের মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৯০৩। **৫** *বি* দর্শনার্থী। 'এমন সময়ে যদি অন্য আগন্তুক তাঁহার সহিত সাক্ষাৎ প্রার্থনা করিয়া পাঠায়...।' *রবীন্দ্র*, ১৯০৮। **৬** *বি* অপরিচিত দূত। 'আমি আগন্তুক, আমি জনগণেশের প্রচণ্ড কৌতুক। খোলো দ্বার বার্তা আনিয়াছি বিধাতার।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আগম[১] [স] *বি* শৈবশাস্ত্র। 'সো কইসে আগম বেএঁ বখাণী।' *চর্যা* ২৯, ১২০০।

আগম নিগম [স] *বি* তন্ত্র বেদ ইত্যাদি শাস্ত্র। 'আগম নিগমে শুনি পতিত পাবনী তুমি।' *কমলাকান্ত*, ১৮২০।

আগম পোথী [স আগম+পুস্তিকা] *বি* আগম-পুথি। 'আগম পোথী ইহামালা।' *চর্যা ৪০*, ১২০০।

আগম বে [স আগম+বেদ] *বি* আগম ও বেদ। 'সো কইসে আগম বেএঁ বখাণী।' *চর্যা* ২৯, ১২০০।

AMARBOI.COM

আগম[১] [স] *বিণ* প্রাথমিক। 'প্রেমের আগম পহু অতি মনোরম।' *বাহরাম*, ১৬৫০।

আগমন [স] ১ *বি* উপস্থিত। 'হেনকালে নারদ মুনি কইল আগমন।' *মালাধর*, ১৫০০। ২ *বি* আসা। 'তোমার নিমিত্তে মোর এথা আগমন।' *বৃন্দা*, ১৫৮০।

আগমন করা *ক্রি* প্রাদুর্ভাব হওয়া। 'ওলাওঠা রোগ আগমন করিয়াছে।' *দর্পণ*, ১৮২৫।

আগমনপূর্বক, আগমনপূর্ব্বক [স] *ক্রিবিণ* আসার পর। 'বাবুর বাটীতে আগমনপূর্ব্বক ...।' *দর্পণ*, ১৮৩৩।

আগমনবার্তা [স] *বি* উপস্থিতির সংবাদ। 'সন্ন্যাসীর আগমনবার্তা গ্রামে রাষ্ট্র হইয়া পড়িল।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আগমনানন্তর [স আগমন-অনন্তর] *ক্রিবিণ* আগমনের পর। 'সকলের আগমনানন্তর অপূর্ব্ব গান বাদ্যোদ্যম হইতে লাগিল।' *দর্পণ*, ১৮২৪।

আগমনান্তরে [স] *ক্রিবিণ* আগমন শেষে। 'সকলের আগমনান্তরে বাবু জনসমাজ পূজ্যা বারাঙ্গনাগণধন্যা।' *ভবানী*, ১৮২৫।

আগমনাবধি [স আগমন-অবধি] *ক্রিবিণ* আগমনের সময় থেকে। 'ইঙ্গলণ্ডীয়েরদের আগমনাবধি লার্ড হেষ্টিংস সাহেবের আমল পর্য্যন্ত ...।' *দর্পণ*, ১৮৩২।

আগমনী [স আগমন>] ১ *বি* হিন্দুদেবী দুর্গার স্বামীগৃহ থেকে পিতার গৃহে আগমনের গান। 'হিন্দুরা আগমনী শুনিলে কাঁদেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বি* জমিদারিতে অবস্থান উপলক্ষে নিরূপিত কর। 'কিছুদিন জমিদারিতে থাকিবেন, আগমনী দিতে হইবে।' *সুলভ*, ১৮৭৩। ৩ *বিণ* আগমন সম্বন্ধীয়। *বিদ্যা*, ১৮৯১: 'গাহিছে মুহু মুহু আগমনী কুহু।' *নজরুল*, ১৯৩১। ৪ *বি* আগমনের বার্তা। 'শীরর তোমার চরণধ্বনি শুনায় তারে আগমনী।' *রবীন্দ্র*, ১৯২৮। ৫ *বি* আগমনের। 'আমার সংসারে, বক্ষে মোর আগমনী পদধ্বনি বাজে।' *রবীন্দ্র*, ১৯৩২।

আগমোন [স আগমন] *বি* আগমন। 'কীজন্য আগমোন হইয়াছে এখানে।' *হ্যালহেড*, ১৭৭৩।

আগয়ান [স অজ্ঞান] *বিণ* অবোধ। 'কেনে হইলে আগয়ান।' *চণ্ডী*, ১৫৫০।

আগর[১] [স অগুরু] *বি* সুগন্ধি দ্রব্যবিশেষ; অগুরু। 'আগর চন্দন আঙ্গে মাখী।' *বড়ু*, ১৪৫০।

আগরবাতি [স অগুরু+প্রা বত্তি] *বি* ধূপকাঠি। 'চারিদিকে আগরবাতি জ্বালাইয়া দেওয়া হইল।' *মনসুর*, ১৯৩৫।

আগর[২] [স আগার] *বিণ* আধার। 'তুহুঁ রস আগর নাগর টীট।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আগর[৩] [স অগ্র>] *বিণ* প্রধান। 'সে নর নাগর আগর সব গুণে।' *জ্ঞান*, ১৬০০।

আগরওয়ালা [হি] *বি* ভারতের হরিয়ানার (পূর্ববর্তী পাঞ্জাবের) আগর অঞ্চল থেকে উদ্ভূত ব্যবসায়ী সম্প্রদায়বিশেষ। 'ইহারাই ... আর্য্যাবর্ত্তে আগরওয়ালা বা মারওয়ারি বা কাঁইয়া।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

আগর-বাগর [হি অগড়বগড়] *বি* নানা প্রকার বাজে জিনিস। 'দুদিন ধরে আগর-বাগর হচ্ছে নানান জোগাড় তারি।' *জসীম*, ১৯৩৩।

আগরি[১], **আগরী** [স অগ্র>] *বিণ* প্রধান। 'সে হেন সুন্দরী রূপে গুণে আগরী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আগরি[২] [স উগ্র] *বি* উগ্রক্ষত্রিয় নামের হিন্দু জাতিবিশেষ। '... কুরী কামার কুমার আগরি প্রভৃতি আর নাগরী যতেক।' *ভারত*, ১৭৬০।

আগরী[১] *দ্র* **আগরি**

আগরী[২] [স অঘোর] *বিণ* অচেতন। 'পরশে নাগরী হইলা আগরী পড়িলা বেণ্যানী কোড়ে।' *মুকুন্দ*, ১৬০০।

আগরু [স অগরু] *বি* অগুরু চন্দন। 'দেবদারু আগরু।' *বড়ু*, ১৪৫০।

আগল[১] [স আকর] ১ *বিণ* প্রধান। 'নিত্যানন্দ অবধূত সবাতে আগল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* পটু। 'তুমি বিবাদে আগল।' *বিজয়*, ১৬৫০।

আগল[২] [স অলগ্ন] *বিণ* আলগা। **আগল-ছাঁদ** [স অলগ্ন+স ছন্দ] *বিণ* শিথিল ছন্দের। 'বেণীর বাঁধ আগল-ছাঁদ।' *নজরুল*, ১৯২৩।

আগল[৩] [স অর্গল] ১ *বি* খিল। 'এল যেই এল আমার আগল টুটে।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* বন্ধন। 'যেদিন ভবের মেয়াদ ফুরোবে ভাই আগল যাবে সরে ...।' *রবীন্দ্র*, ১৯০৯। ৩ *বি* পার্শ্বক্য। 'তিনশো পঁয়তাল্লিশ বছরের আগল তুমি ঘুচিয়েছ।' *রবীন্দ্র*, ১৯১১। ৪ *বি* বেড়া। 'কুঞ্জদুয়ারে আগল পড়েছে আঁধারিয়া বনতলে।' *শাহাদাৎ*, ১৯৪০। ৫ *বি* লাগাম। 'মুখের তোমার কোনো আগল নেই।' *নরেন্দ্র*, ১৯৪৪।

আগল-ছাড়া [স অর্গল+ছাড়া] *বিণ* বন্ধনহীন। 'ঝড়ো হাওয়ার সাথে মেঘে আগল-ছাড়া পাগল মেঘের ঐ একরোখা শব্দ, রিম-ঝিম-রিম।' *নজরুল*, ১৯২২।

আগলভাঙা [স অর্গল+ভাঙা] *বিণ* খিলভাঙা। 'হাওয়ার ঠেলায় শব্দ করে আগলভাঙা দ্বার।' *রবীন্দ্র*, ১৯৩৯।

আগলানো [স অর্গল>] ১ *ক্রি* পাহারা দেওয়া। 'শস্যক্ষেত আগলিছে চাষি।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *ক্রি* রক্ষণাবেক্ষণ করা। 'তপোবন আগলানোর জন্য স্বয়ং ...।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *ক্রি* রোধ করা। 'ওদের পথ আগলানো হবে না?' *রবীন্দ্র*, ১৯২৯। ৪ *ক্রি* সামলানো। 'মহড়া নিয়ে দরজা আগলাচ্ছে দেখা যায়।' *শিবরাম*, ১৯৫০।

আগলা[১] [স অলগ্ন] ১ *বি* ঝুড়ি। *মানোএল*, ১৭৪৩। ২ *বিণ* মুক্ত; খোলা। *বিদ্যা*, ১৮৯১।

আগলা[২] [স অগ্র] *বিণ* উৎকৃষ্ট। 'এক লক্ষ ছাগল নিল উরণ আগলা।' *মানিকরাম*, ১৭৮১।

আগলি[১], **আগলী** [স অগ্র>] ১ *বিণ স্ত্রী* বেশি। 'ডোংবিত আগলি গাহি ছিণালী।' *চর্যা ১৮*, ১২০০। ২ *বিণ স্ত্রী* শ্রেষ্ঠ। 'সব গুনেঁ আগলী।' *বড়ু*, ১৪৫০। ৩ *বিণ স্ত্রী* অগ্রগণ্য। 'সৌভাগ্য আগলি হৈল জিনিঞা সতিনি।' *মালাধর*, ১৫০০। ৪ *বিণ* অগ্রবর্তী। 'ভাল মন্দ না বুঝিব বিবাদে আগলি।' *বিজয়*, ১৬৫০।

আগলি[২] [স অলগ্ন] *বি* ঝুড়ি। *মানোএল*, ১৭৪৩।

আগস [ফা আগাজ] *ক্রিবিণ* প্রথমে। 'আগস নাহিক অনুমতি করি আমি।' *মানিকরাম*, ১৭৮১।

আগস্ট [ই] *বি* খ্রিস্টাব্দের অষ্টম মাসের নাম। 'আগস্ট এবং সেপ্টেম্বর মাস/ এবারের মতো মুছে যাক ইতিহাসে।' *সুকান্ত*, ১৯৪৮।

আগস্ত [ই] *বি* আগস্ট মাস। '১৭৫৪ সালের ১৪ আগস্ত শ্রীক্রপারাম মিত্র বিবি রাষ সাহেবের নিকট গিয়া...।' *মেয়র্স*, ১৭৫৭; '১৮১৮ সালে ২২ আগস্ত সাধারণ ঘরে এই বিষয় এক সম্প্রদায় নিযুক্ত হইল।' *দর্পণ*, ১৮১৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আগা [স অগ্র] **১** *বি* অগ্রভাগ। 'যত পুষ্পের আগা ভাঙ্গে মোচড়ে কলিকা।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* ভূমিকা। 'কিতাবের আগায় ...।' *আলাওল*, ১৬৮০। **৩** *বি* মাথা। 'নিন্দুকের কলমের আগার মত ঠোঁটটাকে খরধার করিয়া আসিয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৪** *বি* অগ্রভাগ। 'যে কথাটা মুখের আগার কাছে এসে থেমে যেত ...।' *রবীন্দ্র*, ১৯১৭।

আগাগোড়া [স অগ্র>] **১** *ক্রিবিণ* প্রথম থেকে শেষ পর্যন্ত। 'আগাগোড়া তেঁতুলের মাছ দিয়া ভাত মারিতে...।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *ক্রিবিণ* সম্পূর্ণত। 'আগাগোড়াই মিথ্যে কথা, মিথ্যেবাদীর কোলাহল।' *রবীন্দ্র*, ১৮৮৬। **৩** *বি* আকার। 'কী যে দেখেছিনু মনে নাহি পড়ে, ছিল নাকো আগাগোড়া।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৪** *ক্রিবিণ* সমস্তটা জুড়ে। 'আগাগোড়া কেবল রাজনীতি আর সমাজনীতি।' *রবীন্দ্র*, ১৯০৮। **৫** *বিণ* পুরোপুরি। 'বাতাস যখন স্তব্ধ তখন তাহা আগাগোড়া এক হইয়া আছে।' *রবীন্দ্র*, ১৯১৬। **৬** *ক্রিবিণ* আপাদমস্তক। 'আজ তুমি রাঙাচেলি দিয়ে মোড়া আগাগোড়া।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আগা গোড়া পাস্তলা – অগ্র-পশ্চাৎ বিষয়। 'কর্তারা ... তাহার আগা গোড়া পাস্তলা কিছুই দৃষ্টি করেন না।' *প্রভাকর*, ১৮৫২।

আগাতোলা [স অগ্র>+তোলা] *বিণ* চূড়া-করা। 'চণ্ডীমণ্ডপে বারকোসের উপর আগাতোলা মোণ্ডাওয়ালা নৈবিদ্দি সাজান হলো।' *হুতোম*, ১৮৬১।

আগাপাছা [স অগ্রপশ্চাৎ] *ক্রিবিণ* আগাগোড়া। 'আগা পাছা সুঠান করি সাজাইল নাও।' *বিজয়*, ১৬৫০।

আগাপাশতলা [স অগ্র-পশ্চাৎ-তল] *বি* আপাদমস্তক। 'উৎপলার আগাপাশতলায় চোখ দুটোকে বেশ খানিকক্ষণ ...।' *জীবন*, ১৯৪৮।

আগামাথা [স অগ্র+স মস্তক] *বি* বিষয়বস্তু। 'সে গল্প আগামাথা কিছুই মতি বুঝিতে পারে না।' *মানিক*, ১৯৩৬।

আগাঁথা [স অগ্রন্থন>] *বিণ* গাঁথা হয়নি এমন। *বিদ্যা*, ১৮৯১।

আগাছা [অগাছ>] **১** *বি* অপ্রয়োজনীয় গাছ বা লতাপাতা। 'নিকটবর্তি আগাছা সকল ছেদন করা যাইবেক।' *দর্পণ*, ১৮২৯। **২** *বি* জঞ্জাল। 'সাময়িকী পত্রিকায় কবিতার যে আগাছা দেখেছিলাম।' *নজরুল*, ১৯২৮।

আগাড় [স অগ্র>] *বি* মরা নদীর শেষভাগ। *বিদ্যা*, ১৮৯১।

আগাড়ি [স অগ্রিম] **১** *বি* ঘোড়ার সামনের পায়ে বাঁধা দঁড়ি। 'আগাড়ি পিছাড়ি দড়ি ঘুড়ীর এলায়।' *ঘনরাম*, ১৭১১। **২** *বিণ* অগ্রিম। *বিদ্যা*, ১৮৯১; 'আজই তোমাকে টাকা দিয়ে যাব আগাড়ি।' *অচিন্ত্য*, ১৯৫০।

আগাতোলা *দ্র* **আগা**

আগানবাগান [বাগান>] *বি* স্থান ও অস্থান। 'দিনে রাতে আগানেবাগানে সব সময়ই দুই দুই করে ঘুরছে।' *জীবন*, ১৯৩১।

আগানো [স অগ্রসর>] *ক্রি* অগ্রসর হওয়া। 'গরগর করে ঘন আগায় পিছায়।' *রূপরাম*, ১৭৫০; 'চললেন গুরু আগিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩২। **আগাই** *ক্রি* অগ্রসর হই। *বিদ্যা*, ১৮৯১। **আগানি** *ক্রি* অগ্রসর হয়ে। *বিদ্যা*, ১৮৯১।

আগাপাশতলা *দ্র* **আগা**

আগাম [স অগ্রিম] **১** *বিণ* অগ্রিম। 'মুই আগাম টাকা দিব তাকে।' *কেরি*, ১৮০২। **২** *ক্রিবিণ* আগেই। 'তোকে তো গোটছড়াটা আগাম দিয়েছি।' *রবীন্দ্র*, ১৯০৯। **৩** *বিণ* আগে থেকে দেওয়া। 'সেধায় আগাম-বায়না-নেওয়া খেলনা যত আছে ...।' *রবীন্দ্র*, ১৯৩৯। **৪** *বিণ* আগামী। 'আগাম হপ্তায় দরগায় যেতে হবে।' *অচিন্ত্য*, ১৯৫০। **৫** *বি* বায়না। 'একমাত্র আগামের টাকাটারই ব্যবস্থা হয়েছে।' *কায়সার*, ১৯৬৫।

আগামি[১] [স আগামী] *বিণ* পরবর্তী। 'আগামি মাঘের ৭ রোজের মধ্যে চালান করিতে চাহ।' *হ্যালহেড*, ১৭৭৩।

আগামিতে [স আগামী>] *ক্রিবিণ* ভবিষ্যতে। 'ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ পাইবেক।' *বঙ্গদূত*, ১৮২৯।

আগামি[২]**, আগামী** [স অগ্রিম] **১** *বিণ* অগ্রিম। 'কেহ আগামি মাহিনা খরচ করিবে না।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *ক্রিবিণ* আগেই। 'আগামী কিছু গ্রহণ কর।' *বঙ্কিম*, ১৮৭৮।

আগামিক [স অগ্রিম] *বিণ* আসছে এমন। 'উদ্দেশে নিজেরে সঁপে আগামিক প্রেমে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আগামিনী [স] *বিণ স্ত্রী* ভবিষ্যৎ। 'আগামিনী যামিনীর আভাস মলিন।' *মোহিত*, ১৯৪০।

আগামী[১] [স] **১** *বিণ* ভবিষ্যতে আসবে এমন। 'আগামী বৎসর কথা গণক বুঝানে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* পরবর্তী। 'আগামী বারে আমি অমুক অমুক বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করব।' *রবীন্দ্র*, ১৮৮০।

আগামী কল্য [স] *ক্রিবিণ* আগামীকাল; আগামী দিন। 'কন্যাকে আগামী কল্য সায়ংকালে রাজপুরীতে প্রেরণ করবেন।' *মাইকেল*, ১৮৬৬।

আগামী[২] *দ্র* **আগামি**[২]

আগার [স] **১** *বি* গৃহ। 'ঝাট নির্মাইআ দেহ ভৌয়ের আগার।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* দপ্তর। 'মোক্তারদিগের আগার ও ঘাট, বাট, বাঙ্গার।' *এডুকেশন*, ১৮৭৩। **৩** *বি* স্থান। 'কেমনে বা পিশাচিনী এল এ আগারে।' *গিরিশ*, ১৮৮৭।

আগার-পাগার [আগার+স প্রাকার>] *বি* উঁচু নিচু স্থান। 'আগার পাগার আছে তোমার ঠিকেতে ঠিক করা।' *লালন*, ১৮৯০।

আগারি [স অগ্র>] *বিণ* অগ্রিম। 'ম্যানেজার বললে একশ টাকা লাগবে, আগারি কিছু চাইলে অন্তত কুড়ি-পঁচিশ।' *জীবন*, ১৯৩২।

আগালে [স আগার] *বি* মাটি কাটার কাজে ব্যবহৃত ঝুড়ি। 'নিয়ে আয় দিকি ঐ বড় আগালেডা।' *বিভূতি*, ১৯২৯।

আগি [স অগ্নি] **১** *বি* আগুন। 'ডাহ ডোমী ঘরে লাগেলি আগি।' *চর্যা* ৪৭, ১২০০। **২** *বিণ* অগ্নিমূর্তি। 'ঘরে শুরু দুরুজন ননদিনী আগি।' *চণ্ডী*, ১৫৫০।

আগিছা [ফা বাগিচা] *বি* বাগান। *মানোএল*, ১৭৪৩।

আগিনা [স অঙ্গন>] *বি* অঙ্গন; উঠান। 'ফাটিকের স্তম্ভ সব বিচিত্র আগিনা।' *মালাধর*, ১৫০০।

আগিনী [স অগ্নি] *বি* আগুন। 'সঘন ঘটাঘট বিজলী ছটাছট দশদিশ বরিক্ষয় আগিনী।' *আলাওল*, ১৬৮০।

আগিল [স অগ্র>] *বিণ* অগ্রিম। 'আদরে জানিঅ আগিল কাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আগিলা [স অগ্র>] **১** *বিণ* প্রথমে জাত। 'আগিলা কুসুম অধিক অভিলাষ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* সামনের। 'আগিলা ঘাটে সে নায়।' *চণ্ডী*, ১৫৫০।

আগিলাহ্ [স অগ্র>] *বিণ* আগেকার। 'আগিলাহ্ পেম দেখিঅ অবে

AMARBOI.COM

আধ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আগী [স অগ্নি>] *বি* আগুন। 'চীর চাঁদন ভেল আগী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আগু [স অগ্র] **১** *বিণ* অগ্রগামী। 'আগু হউ রাধা পাছেঁ লইউ আক্ষে ভার।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* আগে। 'আগু গেলি সতুর গমনে।' *বড়ু*, ১৪৫০। **৩** *ক্রিবিণ* সামনে। 'আগু করী বড়ায়িক চন্দ্রবালী জাএ।' *বড়ু*, ১৪৫০। **৪** *বিণ* প্রথম। *বিদ্যা*, ১৮৯১।

আগুআন ১ *বিণ* অগ্রসর। 'একলি চললি ধনি হোই আগুআন।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রিবিণ* তাড়াতাড়ি। 'আগুআন লড় মুনি জুদ্ধ দেখিবারে।' *মালাধর*, ১৫০০।

আগুআনী *বিণ* অগ্রগামী। 'কেহে তাহাত হয়িলা আগুআনী।' *বড়ু*, ১৪৫০।

আগুছিআঁ [স অগ্র>] *ক্রিবিণ* আগে এসে। 'আগুছিআঁ বাটে তবেঁ কাহ্নাঞি রহাএ।' *বড়ু*, ১৪৫০।

আগুদল [স অগ্রদল] *বি* সম্মুখবর্তী দল। 'আগুদলে যুবরাজ ধায় লঘুগতি।' *মুকুন্দ*, ১৬০০।

আগু পাছ [স অগ্রপশ্চাৎ] *ক্রিবিণ* পূর্বাপর। 'গুণী আগু পাছ আপণ মনে।' *বড়ু*, ১৪৫০।

আগুপাছু [স অগ্রপশ্চাৎ] *ক্রিবিণ* আগেপিছে। 'আগুপাছু জায় ভার দেখ্যা লোকে চমৎকার।' *মুকুন্দ*, ১৬০০।

আগুপিছু [স অগ্রপশ্চাৎ] **১** *বি* আগামাথা। 'কেহ তার নাহি বুঝে আগুপিছু।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বি* অগ্রপশ্চাৎ। 'পা দুখানা ... গুটিয়ে রাখব কি ছড়িয়ে রাখব কি আগুপিছু করে রাখব।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আগুবড়ি [স অগ্র>] *ক্রিবিণ* আগেভাগে। 'আগুবড়ি বাটি আনিয়াস্তে পাঠাএ নরপতী।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আগুবাড়া [স অগ্র>] **১** *ক্রি* অগ্রসর হওয়া। 'ইন্দ্র আদি দেব আইসে আগুবাড়ান।' *মুকুন্দ*, ১৬০০; 'এথা হোম্তে এক কাঞ্চি আগুবাড়ি যবে।' *সুলতান*, ১৭০০। **২** *ক্রি* এগিয়ে আসা। 'বশিষ্ঠ বহুদূর হইতে তাঁহাকে আগু বাড়াইয়া লইয়া আসিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

আগু বাড়ানো *ক্রি* এগিয়ে যাওয়া। 'আগু বাড়িয়ে নিতে এসে গাঁজা টেনে চিৎ হয়ে আছে।' *শামসুল*, ১৯৬২।

আগুবাড়ি [স অগ্র>] *ক্রিবিণ* এগিয়ে গিয়ে। 'আগুবাড়ি আসিয়া করিলা দরশন।' *বাহরাম*, ১৬৫০; 'নৃপতি কুমার সবে আগু বাড়ি আনি।' *আলাওল*, ১৬৮০।

আগুবাঢ়া [স অগ্র>] *ক্রি* অগ্রসর হওয়া। 'আগু বাঢ়ায়িআঁ থোএ যমুনার কূলে।' *বড়ু*, ১৪৫০।

আগুবালি [স অগ্র>] *ক্রিবিণ* এগিয়ে গিয়ে। 'আট দিকে আগুবালি পড়ে বজ্র দাবা সিলি।' *মুকুন্দ*, ১৬০০।

আগুয়ান ১ *ক্রিবিণ* অগ্রসর হ'য়ে। 'কার্তিক আইলা আগুয়ান।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* অগ্রবর্তী। 'কে আছ জওয়ান, হও আগুয়ান, হাঁকিছে ভবিষ্যৎ।' *নজরুল*, ১৯২৬। 'কে আছ জোয়ান হও আগুয়ান, হাঁকিছে ভবিষ্যৎ।' *নজরুল*, ১৯২৬। **৩** *বিণ* মুখোমুখি। 'কাফের সৈন্য গিয়া হও আগুয়ান।' *গরীব*, ১৭৬৫।

আগুয়ানী [স অগ্রবর্তিনী] *বিণ* অগ্রবর্তিনী। 'তোহ্মে কেহ্নে তাহাত হয়িলা আগুয়ানী।' *বড়ু*, ১৪৫০।

আগুয়ানো [স অগ্রসর>] *ক্রি* অগ্রসর হওয়া। 'আগুয়াইল তবকী নামে রণজিতা।' *মুকুন্দ*, ১৬০০। **আগুয়াইতে** *ক্রি* অগ্রসর হইতে। *মানোএল*, ১৭৪৩। **আগুয়াইল** *ক্রি* এগিয়ে গেল। 'আগুয়াইল তবকী নামে রণজিতা।' *মুকুন্দ*, ১৬০০। **আগুয়াওঁ** *ক্রি* অগ্রসর হও। *ওসাঁ*, ১৭৮২। **আগুয়ায়** *ক্রি* এগিয়ে যায়। 'ক্ষেনে আগুয়ায় রাখাল ক্ষেনে পাছুয়ায়।' *বিজয়*, ১৬৫০।

আগুয়ে পাছুয়ে *ক্রিবিণ* এগিয়ে পিছিয়ে। 'সাহস করিয়া নাচে আগুয়ে পাছুয়ে আঁটে।' *মানিকরাম*, ১৭৮১।

আগুড়ি [স অগ্র>] *ক্রিবিণ* নির্দিষ্ট সময়ের আগে। 'ছাপানো নকল আগুড়ি পাঠিয়ে দেওয়া হল।' *অচিন্ত্য*, ১৯৫০।

আগুণ [স অগ্নি] **১** *বি* আগুন। 'একে দহদহ ঘসির আগুণ।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* দুঃখের জ্বালা। 'শূল ধরে সে বাতুল কপালে আগুণ।' *রামনারায়ণ*, ১৮৫৪। দ্র **আগুন**

আগুণি, আগুণী, আগুনি [স অগ্নি] *বি* আগুন। 'আগুণি জ্বালিল দেহে তখন দক্ষিণপবনে।' *বড়ু*, ১৪৫০; 'খেড়ু আগুণী এক করিআঁ।' *বড়ু*, ১৪৫০; 'বিস্বরূপ হৈয়া কৃষ্ণ পিলেন আগুনি।' *মালাধর*, ১৫০০।

আগুত [স অগ্রতঃ] *ক্রিবিণ* প্রথমে। 'আগুত চলিলী মোর সুন্দরি নাতিনী।' *বড়ু*, ১৪৫০।

আগুন [স অগ্নি] **১** *বি* অগ্নি। 'মশল্লা আনিনু আগুনে চঢ়ানু বিছুরিনু আপন ভার।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* জ্যোতি। 'অতিবড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ কোনো গুণ নাই তার কপালে আগুন।' *ভারত*, ১৭৬০। **৩** *বি* অগ্নিপিণ্ড। 'হারেস উপরে পরে আগুন মতন।' *গরীব*, ১৭৬৫। **৪** *বি* দুর্ভোগ। 'মরণ নাহিক মোর কপালে আগুন।' *ভবানী*, ১৮২৫। **৫** *বিণ* উজ্জ্বল। 'শর্ষের ক্ষেতে বিকশিত শর্ষে ফুল একেবারে যেন আগুন করে রয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৬** *বিণ* ক্রুদ্ধ। 'তাহাকে সোনাবাবু চাঁদবাবু বলিয়া খেপাইয়া আগুন করিয়া তুলিত।' *রবীন্দ্র*, ১৯০৭। **৭** *বি* রুদ্র; স্রষ্টার রুদ্ররূপ। 'ওরে আগুন আমার ভাই, আমি তোমারি গান গাই।' *রবীন্দ্র*, ১৯০৯। **৮** *বি* নেশা। 'তুমি যে সুরের আগুন লাগিয়ে দিলে মোর প্রাণে।' *রবীন্দ্র*, ১৯১৩। **৯** *বি* অগ্নিশিখা। 'আগুনের পরশমণি ছোঁয়াও প্রাণে, এ জীবন পুণ্য কর দহন-দানে।' *রবীন্দ্র*, ১৯১৪। **১০** *বিণ* অগ্নিমূর্তি। 'আগুন হয়ে বাপ/ বারে বারে দিলেন অভিশাপ।' *রবীন্দ্র*, ১৯১৮। **১১** *বি* উত্তাপ। 'এই শ্রাবণের বুকের ভিতর আগুন আছে।' *রবীন্দ্র*, ১৯২২। **১২** *বি* আলো। 'তারার আগুনে পথ বেছে নেয় স্বপ্নেরা সারা রাত।' *ফররুখ*, ১৯৪৩। **১৩** *বি* রোদের তাপ। 'ক্ষুধাতৃষ্ণাতুর যাত্রীদের মাথার উপরে আগুন ঢালছিল।' *মণীশ*, ১৯৫৭। **১৪** *বি* ধ্বংস। 'দেশ আগুনের পথে যাহাতে যাইতে না পারে।' *আজাদ*, ১৯৭০।

আগুন-খই [আগুন+খই] *বি* আগুনের গোলা; বোমা। 'আশমান হতে রীফবাসীর শিরে ছড়াইল আগুন-খই।' *নজরুল*, ১৯২৯।

আগুন খাওয়া *ক্রি* সহমরণে যাওয়া। 'একদিন পদ্মলোচনের বাপ মলেন, তাঁর মা আগুন খেয়ে গ্যালেন।' *হুতোম*, ১৮৬১।

আগুনখাকি [আগুন+খাকি] *বিণ স্ত্রী* আগুন খায় এমন। *বিদ্যা*, ১৮৯১।

আগুন-খেলা [আগুন+খেলা] *বি* আগুনের মতো যন্ত্রণাদায়ক খেলা। 'আপন মনে আগুন-খেলা পরানময়-দাহনি।' *রবীন্দ্র*, ১৯২৫।

আগুন-ছোড়া *বিণ* জ্বালাময়ী। 'বহু বক্তা আগুন-ছোড়া বক্তৃতা করেন।' *মনসুর*, ১৯৫৫।

আগুন-জ্বলা [আগুন+জ্বলা] *বিণ* রাগান্বিত; রাগে লাল রং ধারণ করেছে এমন। 'দুটো আগুন-জ্বলা চোখ।' *রবীন্দ্র*, ১৯৩২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আগুনঝুরি [আগুন+ঝুরি] *বি* আগুনের স্ফুলিঙ্গ। 'পাগলা আবেগের হাউই-ফাটা আগুনঝুরি।' *রবীন্দ্র*, ১৯৪০।

আগুন ঢালা *ক্রি* উত্তাপ বর্ষণ করা। 'মাথার উপরে সূর্য আগুন ঢালিতেছে।' *মানিক*, ১৯৪০।

আগুনতাঁতা [স অগ্নিতপ্ত] *বিণ* আগুনে উত্তপ্ত। 'আগুনতাঁতা সাঁড়াশি দিয়ে তোমরা উপড়ে ফেলো আমার দুটি চোখ।' *হাফিজুর*, ১৯৫৩।

আগুনতাতা [আগুন+স তপ্ত>] *বিণ* আগুনের তাপের মতো উত্তাপযুক্ত। 'মশারির ভেতর আগুনতাতা রাতে ... সে অঘোরে ঘুমিয়ে এসেছে।' *জীবন*, ১৯৩২।

আগুনদরিয়া [আগুন+ফা দরিয়া] *বি* আগুনের সমুদ্র; অসীম দাহ। 'বুকের আগুনদরিয়া যাবে কোথায়।' *নজরুল*, ১৯২৭।

আগুনদানা [আগুন+ফা দানাহ্] *বি* আগুনের ফুলকি। 'আগুনদানা ফাটে।' *জীবন*, ১৯২৭।

আগুন ধরা *ক্রি* উত্তপ্ত হওয়া। 'আমার রক্তে যেন আগুন ধরে যেত।' *নজরুল*, ১৯৩১।

আগুনপূজক [আগুন+স পূজক] *বিণ* আগুনের উপাসক। 'এভাবেই আগুনপূজক ইরানির ভাষা হয় ইসলামি।' *শরীফ*, ১৯৬৮।

আগুন পোয়ানো *ক্রি* আগুনের কাছে বসে তাপ নেওয়া। 'তারপর যত খুশি আগুন পোয়াবেন।' *মুজতবা*, ১৯৪৯।

আগুন-বরন [আগুন+স বর্ণ>] *বিণ* আগুনের মতো লাল রঙের। 'ললাট-নেত্র আগুন-বরন।' *রবীন্দ্র*, ১৯০৫।

আগুন-বাতাস [আগুন+হি বতাস] *বি* আগুনের মতো উত্তপ্ত বাতাস। 'আগুন-বাতাসে সূর্য কাঁপে, সন্ধ্যা নামবে কখন।' *নীরেন*, ১৯৪৪।

আগুন-বোমা [আগুন+ই বোমা] *বি* ফাটার সঙ্গে সঙ্গে আগুন জ্বলে ওঠে এমন বোমা। 'কোথায় ফাটছে আগুন-বোমা।' *নীরেন*, ১৯৫৭।

আগুনভরা [আগুন+ভরা] ১ *বিণ* জাগিয়ে দেয় এমন। 'আমি এলেম, এল তোমার আগুনভরা আনন্দ।' *রবীন্দ্র*, ১৯১৬। ২ *বিণ* তেজোদীপ্ত। 'খাকি পোশাকের ম্লান আবরণে এ কোন আগুনভরা প্রাণ চাপা রয়েছে।' *নজরুল*, ১৯২৪। ৩ *বিণ* রোষযুক্ত। 'আগুনভরা দুচোখ হতে গোলা বারুদ যায় উড়িয়া।' *জসীম*, ১৯২৯।

আগুনরঙ [আগুন+রঙ] *বি* আগুনের মতো রং। 'উজ্জ্বল আগুনরঙ মাজাদার (জানে না অনেকে)।' *ফররুখ*, ১৯৬৩।

আগুনরাঙা [আগুন+রাঙা] *বিণ* আগুনের মতো রংবিশিষ্ট। 'আগুনরাঙা ফুলে ফাগুন লালে-লাল।' *নজরুল*, ১৯৩২।

আগুন লাগা *ক্রি* বিশৃঙ্খলার সৃষ্টি হওয়া। 'দেখতে দেখতে সমস্ত দেশে আগুন লেগে যাবে।' *রবীন্দ্র*, ১৯১৫।

আগুনশিখা [আগুন+স শিখা] *বি* আগুনের শিখা। 'আগুনশিখা কি মস্তরে খেলছে শরীরময়।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

আগুনী [স অগ্নি>] *বি* আগুন। 'আগুনী জ্বালিল দেহে।' *বড়ু*, ১৪৫০।

আগুনে ১ *বিণ* অগ্নিময়। 'কলিকাতার উপর হাজার হাজার আগুনে বোমা পড়িতে পারে।' *আজাদ*, ১৯৪০। ২ *বিণ* প্রচণ্ড উত্তাপযুক্ত। 'শীতরাতে শান্তর মার আগুনে খাপরার মত কেমন একটা ...।' *জীবন*, ১৯৪৮।

আগুনে-গড়া *বিণ* আগুনের তৈরি। 'কেউ যেন আগুনে-গড়া হাতের আঙুলের ঘা মেরে বাজিয়ে দেয় ...।' *তারা*, ১৯৪৬।

আগুনে জ্বলা *বিণ* রক্তিম। 'সূর্য তার তুলির লম্বা লম্বা সোনালি টান লাগিয়েছে – আগুনে-জ্বলা যে-সব রঙের আভা ফুটে উঠছে।' *রবীন্দ্র*, ১৯২৮।

আগুনে পোড়া *বিণ* অগ্নিদগ্ধ। 'গরম হয়ে ওঠে আগুনে-পোড়া লোহার মতো।' *তারা*, ১৯৪৬।

আগুনের খাপরা *বি* আগুন রাখার পাত্র। 'চিরটা কাল আগুনের খাপরা বুকে নিয়ে কাল কাটাতে হবে।' *নজরুল*, ১৯২৪।

আগুর [স অগ্র] *ক্রিবিণ* নির্দিষ্ট সময়ের পূর্বে। 'আগুর বুনেছে যেই ক্ষেতে তায় বাড়িয়া উঠেছে গাছ।' *বন্দে*, ১৯৬০।

আগুলানো [স অর্গল] ১ *ক্রি* রোধ করা। 'কুব্জ হৈয়া গুরুজন পথ আগুলিল।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রি* বেষ্টন করা। 'চৌদিকে রাজার সেনা আগুলে স্মরণি।' *মানিকরাম*, ১৭৮১। ৩ *ক্রি* রক্ষণাবেক্ষণ করা। 'প্রভুর দ্রব্য সামগ্রী অতি সাবধানে আগুলিত।' *মদনমোহন*, ১৮৪৯। ৪ *ক্রি* দেখাশোনা করা। 'এই বাড়ী আগুলিয়া কত কষ্টে, কতদিন খাইয়া ...।' *বিভূতি*, ১৯২৯। ৫ *ক্রি* এগিয়ে আসা। 'বাহু আগুলিয়া লইল আমারে।' *সুফিয়া*, ১৯৫১।

আগুলি [স অগ্র>] *বিণ* শ্রেষ্ঠ। 'রূপে গুণে যৌবনে ভুবনে আগুলি।' *জ্ঞান*, ১৬০০।

আগুল্ফ [স] *ক্রিবিণ* গোড়ালি পর্যন্ত। 'সংসর্পিত, রাশীকৃত, আগুল্ফলম্বিত কেশভার।' *বঙ্কিম*, ১৮৬৬।

আগুল্ফবিলম্বিত [স] *বিণ* গোড়ালি পর্যন্ত লম্বা। 'নিজে তপ্তকাঞ্চন গৌর, তৎপশ্চাৎ আগুল্ফবিলম্বিত পিঙ্গল বর্ণ জটাজুটভার।' *হরপ্রসাদ*, ১৮৮১।

আগুল্ফলম্বিত [স] *বিণ* গোড়ালি পর্যন্ত লম্বা। 'সংসর্পিত, রাশীকৃত, আগুল্ফলম্বিত কেশভার।' *বঙ্কিম*, ১৮৬৬।

আগুসর, আগুসার [স অগ্রসর] ১ *ক্রিবিণ* প্রথমে। 'কহিল কুমার আগুসার।' *মালাধর*, ১৫০০। ২ *বি* অগ্রসরণ। 'কেনি বা তোমার আগুসার।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* অগ্রসর। 'বিজয়ে গোত্তে বলে গাইন হও আগুসর।' *বিজয়*, ১৬৫০।

আগুসরা, আগুসারা [স অগ্রসর>] *ক্রি* অগ্রসর হওয়া। 'আগুসরি আসি কানু বলে এস রাই।' *দ্বিজী*, ১৬০০।

আগুসারি, আগুসারী [স অগ্রসর>] *ক্রিবিণ* অগ্রসর হয়ে। 'এমত বিনয় করি কহে ধর্ম আগুসারি।' *কবীন্দ্র*, ১৬৮৯; 'জামাতাকে আগুসারি আনিতে সত্বর।' *ফয়জুল্লেসা*, ১৮৭৬; 'শুনে তাড়াতাড়ি, হয়ে আগুসারী।' *ফয়জুল্লেসা*, ১৮৭৬।

আগে [স অগ্র>] ১ *ক্রিবিণ* সামনে। 'তোহ্মে গেলা আহ্মার আগে।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রিবিণ* প্রথমে। 'কেন সব সখীগণে আগে কৈলে পার।' *বড়ু*, ১৫৭০। ৩ *ক্রিবিণ* কাছে। 'নৃপ আগে মিথ্যা কহে কাহার শকতি।' *আলাওল*, ১৬৮০। ৪ *ক্রিবিণ* পরে। 'যাহারা বিভাও করে তাহারা বিভাওর আগে কী করিবে।' *মানোএল*, ১৭৪৩। ৫ *ক্রিবিণ* শুরুতে। 'তোমার অর্চনা আগে।' *রূপরাম*, ১৭৫০। ৬ *ক্রিবিণ* পূর্বে। 'তাঁহার আগে ফাহিয়ান্ নামক চীনযাত্রী আসিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪৮। ৭ *ক্রিবিণ* সামনের দিকে। 'আগে চল ভাই! পড়ে থাকা পিছে, মরে থাকা মিছে ...।' *রবীন্দ্র*, ১৮৮৭। ৮ *ক্রিবিণ* প্রাক্কালে। 'বিদায় নেবার আগে তাই ডাক দিয়ে যাই দানবের সাথে যারা সংগ্রামের তরে...।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আগে আগে *ক্রিবিণ* সামনে সামনে। 'যাবে ওর আগে আগে প্রেতসম, ও চলিবে পিছু ক্ষীণালোকে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আগে [স অগ্রে] *ক্রিবিণ* সম্মুখে। 'আগে সুনা ঘটে নারী হাঁহী জিঠিহো না বারী।' *বড়ু*, ১৪৫০।

আগেকার [স অগ্র>] *বিণ* অতীত কালের। 'আগেকার লোক কিছু মোটা কাজ ভালবাসিত; এখন সরুর উপর লোকেদের অনুরাগ।' *বঙ্কিম*, ১৮৭৬; 'আগেকার মতো করে স্নেহে তার নাম ধরে উচ্ছ্বসিবে বসন্তপবন?' *রবীন্দ্র*, ১৮৮৬।

আগেপিছে [স অগ্রপশ্চাৎ] **১** *ক্রিবিণ* পূর্ববর্তী ও পরবর্তী। 'তব বিজয়োদ্ধত ধ্বজপট সে কি আগে-পিছে কেহ রবে না?' *রবীন্দ্র*, ১৯১৭। **২** *ক্রিবিণ* সামনে ও পিছনে। 'কোমরে দড়ি বাঁধিয়া আগেপিছে দুই জন পুলিস ... আদালতের দিকে লইয়া যায়।' *মনসুর*, ১৯৫৫।

আগেভাগে [স অগ্র>] *ক্রিবিণ* পূর্বেই। 'খরচের টাকা আগেভাগে চাহিবা।' *ভবানী*, ১৮২৮।

আগেয়ানী [স অজ্ঞানী>] *বিণ* অজ্ঞান। 'বিদ্যাপতি কহ তুহুঁ আগেয়ানী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আগো [স অঘো; ধ্বন্যা] *সর্ব* ওগো। 'গোবিন্দ কহেন হেসে গোপীগণ আগো।' *মানিকরাম*, ১৭৮১।

আগোছালো [স অ+স গুচ্ছ>] *বিণ* এলোমেলো। 'পুরুষ মানুষ খানিকটা আগোছালো।' *বেগম*, ১৯৪৮।

আগোড়-বাগোড় [হি অগড়বগড়] *বি* এটা ওটা। 'চিনি সন্দেশ আগোড়-বাগোড় এই গে ধরো বারো।' *জসীম*, ১৯২৯।

আগোনা [স গণনা>] *ক্রিবিণ* হিসাব ছাড়া। 'মোত্তার ঘরে আগোনা খাই।' *দীনবন্ধু*, ১৮৬৩।

আগোরা [স অর্গল>] **১** *ক্রি* আবৃত করা। 'কোরে আগরি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রি* বেষ্টন করা। 'আগোরল বটে।' *চণ্ডী*, ১৫৫০।

আগোরি [স অগ্র>] *বি স্ত্রী* ডালি। 'হেদেলো সুন্দরি প্রেমের আগোরি, গুনহ নাগর কথা।' *চণ্ডী*, ১৫৫০।

আগোলা [স অর্গল>] *ক্রি* রোধ করা। 'মিছাই কাহ্নাঞি তোঁ আগোলসি বাটে।' *বড়ু*, ১৪৫০।

আগ্নিক [স] *বি* অগ্নি উপাসক। 'প্রাচীন কালে দ্রুইড, পোপ, পাদরি, আগ্নিক ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

আগ্নেয় [স] **১** *বিণ* আগুনচালিত। 'আগ্নেয় ব্যোমযান বর্ষেল হইতে প্রেরণ করিতেন।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বিণ* উষ্ণ। 'একদিন একটা সমারোহের আগ্নেয় উচ্ছ্বাস উদ্গীরিত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯০৫। **৩** *বিণ* উত্তেজক। 'পাপড়ি যায় না দেখা, আজ শ্রান্ত ধমনীর আগ্নেয় উৎসব।' *ফররুখ*, ১৯৪৩।

আগ্নেয়গিরি [স] *বি* আগ্নেয় গহ্বর। 'আগ্নেয়গিরি হইতে ধূম, ভস্ম, অগ্নি-শিখাদি নির্গত ...।' *অক্ষয়*, ১৮৫২।

আগ্নেয়তা [স] *বি* আগুনের বৈশিষ্ট্য; পোড়ানোর ক্ষমতা। 'দাহ্যবস্তু থাকলেও ওর তরফে আগ্নেয়তা নিরাপদে সুরক্ষিত।' *রবীন্দ্র*, ১৯২৮।

আগ্নেয় পর্বত [স] *বি* যে পর্বত থেকে আগুন, লাভা ইত্যাদি উৎক্ষিপ্ত হয়। 'সেই সকল পর্বতের নাম আগ্নেয় পর্বত।' *অক্ষয়*, ১৮৫২।

আগ্নেয়বাণ [স] *বি* মশাল। 'আগ্নেয়বাণ বনশাখাতলে জ্বলিছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

আগ্নেয়স্রাব [স] *বি* লাভা। 'এ এসেছে যেন অগ্নিগিরির আগ্নেয়স্রাব।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আগ্নেয়াদ্রি [স] *বি* আগুন, লাভা ইত্যাদি উদ্গিরণকারী পাহাড়; আগ্নেয়গিরি। 'আমি বসুধা-বক্ষে আগ্নেয়াদ্রি।' *নজরুল*, ১৯২২।

আগ্নেয়াস্ত্র [স] *বি* অগ্নিবর্ষী অস্ত্র। 'বর্ত্তমানকালীন সমরব্যাপারে আগ্নেয়াস্ত্র প্রভৃতির প্রচলনে ...।' *অক্ষয়*, ১৮৫৪।

আগ্নেয়ী [স] *বি স্ত্রী* পুরাণোক্ত অগ্নির স্ত্রী স্বাহা। 'অগ্নি উগারি ওড়ে আগ্নেয়ী জুড়িয়া নীলাম্বর।' *নজরুল*, ১৯৪১।

আগ্যা [স আজ্ঞা] *বি* আদেশ; হুকুম। 'আগ্যা অনুসারে দূত দস দিগে যাব।' *মালাধর*, ১৫০০।

আখ্যানো [স অগ্রসর>] *ক্রি* অগ্রসর হওয়া। 'কর্পূর আখ্যায়্যা আস্যা দিলেন সংবাদ।' *মানিকরাম*, ১৭৮১।

আগ্র [স] **১** *বিণ* অগ্রবর্তী। 'তাহারা আগ্র হইয়া তাহাকে, জিজ্ঞাসিলেক এ কি পাখি।' *তারিণী*, ১৮০৩। **২** *বিণ* আগ্রহী। 'বড় আগ্র হইয়া সম্মত হইল।' *তারিণী*, ১৮০৩।

আগ্রণ [স অগ্র+হায়ন] *বি* বাংলা মাসের নাম। 'আগ্রণের শেষ পৌষ আর অর্ধ মাঘ।' *আলাওল*, ১৬৮০।

আগ্রহ [স] **১** *বি* উৎসাহ। 'তাঁহার হস্তাক্ষর সকলে আগ্রহ করিয়া লইল।' *দর্পণ*, ১৮২০; 'তার কথা শুনতে মানুষের অসীম আগ্রহ।' *রবীন্দ্র*, ১৯৩৫। **২** *বি* লোভ। 'পাত্তোয়া আছে, বোঁদে আছে। ... তার খাবার আগ্রহ দেখিনে।' *রবীন্দ্র*, ১৯৩০।

আগ্রহপূর্ণ [স] *বিণ* আগ্রহ আছে এমন। 'আগ্রহপূর্ণ চঞ্চল হাতের পরিচয়ে প্রথমে তাহা কুঞ্চিত হইয়া গেল।' *রবীন্দ্র*, ১৯১২।

আগ্রহবেগ [স] *বি* আগ্রহের তীব্রতা। 'কর্মের ক্ষেত্রে মিলনের জন্য আগ্রহবেগ দেশের ভিতরে জাগ্রত হয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩২।

আগ্রহভরা [স আগ্রহ+ভরা] *বিণ* আগ্রহপূর্ণ। 'তাহার আগ্রহভরা কাব্যপ্রীতি।' *বিভূতি*, ১৯৩১।

আগ্রহভরে *ক্রিবিণ* সাগ্রহে। 'কঠিন আগ্রহভরে ধরি তারে প্রাণপণে আগ্রহভরে – মুঠির ভিতরে টুটি যায়।' *রবীন্দ্র*, ১৮৯৬।

আগ্রহশীল [স] *বিণ* আগ্রহী। 'আমরা কাহারও চাইতে কম আগ্রহশীল নই।' *আজাদ*, ১৯৩৬।

আগ্রহশীলা [স] *বিণ স্ত্রী* আগ্রহী। 'অধিকার লাভের জন্য আগ্রহশীলা।' *বেগম*, ১৯৫৩।

আগ্রহসম্পন্ন [স] *বিণ* আগ্রহী। 'আগ্রহসম্পন্ন লোকদিগকে সমিতির কার্যকলাপে দীক্ষিত করিয়া।' *প্রচারক*, ১৯০৩।

আগ্রহসম্পন্না [স] *বিণ স্ত্রী* আগ্রহ আছে এমন। 'জীবনে কোনো আগ্রহসম্পন্না আত্মীয়ও জোটেনি তার।' *জীবন*, ১৯৩২।

আগ্রহসহকারে [স] *ক্রিবিণ* আগ্রহের সঙ্গে। 'আগ্রহসহকারে তথায় গমনে সম্মত হইলেন।' *বঙ্কিম*, ১৮৭৮।

আগ্রহাতিশয্য [স আগ্রহ-আতিশয্য] *বি* অতিশয় আগ্রহ। 'সে আগ্রহাতিশয্যে সুফি সাহেবের হাত চাপিয়া ধরিয়া ...।' *মনসুর*, ১৯৩৫।

আগ্রহাতিশয় [স আগ্রহ-অতিশয়] *বি* অতিশয় আগ্রহ। 'আগ্রহাতিশয় ও শঙ্কার কারণে ঘন ঘন গুরুশ্বাস বহিতেছিল।' *বঙ্কিম*, ১৮৬৬।

আগ্রহান্বিত [স আগ্রহ-অন্বিত] *বিণ* আগ্রহী। 'সকলকেই তিনি আগ্রহান্বিত করে তুলেছেন।' *রবীন্দ্র*, ১৯২৯।

আগ্রহোজ্জ্বল [স আগ্রহ-উজ্জ্বল] *বিণ* অত্যন্ত উৎসুক। 'আগ্রহোজ্জ্বল মুখের দিকে চাহিয়া।' *বিভূতি*, ১৯৩১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অগ্রহায়ণ [স অগ্র+হায়ন] *বি* বাংলা মাসের নাম; অগ্রহায়ণ। 'গত সোমবার ৩ অগ্রহায়ণ।' *দর্পণ*, ১৮২৩।

আগ্রিকলতুরাল [ই এগ্রিকালচারাল] *বিণ* কৃষিবিষয়ক। 'আগ্রিকলতুরাল সোসৈটির সংস্থাপকই তিনি ছিলেন।' *দর্পণ*, ১৮৩৪।

আগ্রীবা [স] *ক্রিবিণ* ঘাড় পর্যন্ত। 'এই বেদনার কপট কাঁধে আগ্রীবা মুখ গুঁজে আমি তখন।' *শক্তি*, ১৯৬১।

আঘরি [স উগ্র] *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ; আগুরী। 'আঘরি নিবসে পুরে আপনার বৃত্তি করে।' *মুকুন্দ*, ১৬০০।

আঘাট[১] [স অঘাত] *বিণ* নিরাপদ। 'মনসার বরে তুমি আঘাট আকূট।' *বিজয়*, ১৬৫০।

আঘাট[২] [স অঘট্ট] *বি* পরিত্যক্ত ঘাট। 'মর গিয়া আলো বিদ্যা আঘাটে উলিয়া।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আঘাটা [স **অঘট্ট**>] *বি* ব্যবহারের অযোগ্য ঘাট। 'ঘাটে আঘাটায় লাগায় ভাবের ভরা।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

আঘাটী [স অঘট্ট>] *বি* অব্যবহার্য ঘাট। *বিদ্যা*, ১৮৯১।

আঘাত [স] **১** *বি* করাঘাত। 'কপালে আঘাত হানি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* কামড়। 'দশন আঘাত করি বধিয়া দুরন্ত অরি।' *মানিকরাম*, ১৭৮১। **৩** *বি* চোট। 'চক্ষু অতি কোমল বস্তু, অতএব কি জানি কোন অল্প আঘাত দ্বারা তাহার ...।' *অক্ষয়*, ১৮৪৩। **৪** *বি* কেটে দেওয়া। 'সেই বৃক্ষে আঘাত করিলে খুব পরিষ্কার জল নির্গত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৩। **৫** *বি* দুঃখ। 'আঘাতক্লেশ, শারীরিক পীড়া, ... নানা প্রকার অনিষ্ট ঘটনা।' *অক্ষয়*, ১৮৫৪। **৬** *বি* শব্দ। 'কোনো অতিথি রুদ্ধদ্বারে আঘাত করিয়া বিফলমনোরথ হইয়া ফিরিয়া যাইবে না।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৭** *বি* কষ্ট। 'পাছে তাহার মনে আঘাত লাগে।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৮** *বি* ব্যথা। 'আরো আঘাত সইবে আমার, সইবে আমারো।' *রবীন্দ্র*, ১৯১০। **৯** *বি* হতাশা। 'আমার সকল ভালোবাসায় সকল আঘাত সকল আশায়।' *রবীন্দ্র*, ১৯১৩। **১০** *বি* অভিমান। 'তোমার প্রেমে আঘাত আছে, নাই কো অবহেলা।' *রবীন্দ্র*, ১৯১৩; 'আঘাত করে নিলে জিনে, কাড়িলে মন দিনে দিনে।' *রবীন্দ্র*, ১৯১৪। **১১** *বি* প্রণয়াঘাত। 'আঘাত খেয়ে বাঁচি কিম্বা আঘাত খেয়ে মরি।' *রবীন্দ্র*, ১৯১৪। **১২** *বি* টোকা। 'আমার বীণাতারে তোমার আঘাত লাগল বারে বারে, তাই তো আমার নানা সুরের তালে ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

আঘাতজনক [স] *বিণ* কষ্টদায়ক। 'আমার নির্জনজীবনের পক্ষে ভারী আঘাতজনক।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আঘাত-জর্জর [স] *বিণ* আঘাতে জর্জরিত। 'আঘাত-জর্জর জলধারার বুকে জেগে রইল রক্তের লাল।' *সুকান্ত*, ১৯৪১।

আঘাত লাগা *ক্রি* ক্ষতি হওয়া। 'দেশীয় লোকদিগের স্বার্থে অতিশয় আঘাত লাগিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৭।

আঘাতন [স] *বি* আঘাতকরণ। 'তীক্ষ্ণ তীর আঘাতনে ধরণী ফাটিল।' *মাইকেল*, ১৮৭৩।

আঘাতি [স আঘাত>] *বিণ* আঘাতপ্রাপ্ত; আহত। 'শত্রুঅস্ত্রে আঘাতি হইয়া শাহানা বেশ!' *মশাররফ*, ১৮৮৫।

আঘাতিত [স] *বিণ* আহত। 'একজন ভদ্রলোক এক আঘাতিত ব্যক্তিকে ক্রোড়ে করিয়া বসিয়া আছেন।' *প্যারী*, ১৮৫৮।

আঘাতিনী [স] *বিণ স্ত্রী* আঘাতপ্রাপ্ত। 'নতুবা সব্যগুনাধার তাহার প্রতি নিক্ষিপ্ত হইয়া আঘাতিনী হয়েন।' *জ্ঞানাঙ্কোদয়*, ১৮৫২।

আঘাতী [স] *বিণ* আহত; আঘাতপ্রাপ্ত। 'ভূমিকম্পে ... তিন শত বিশ লোক আঘাতী হইয়াছে।' *দর্পণ*, ১৮১৯।

আঘাসা [স অঘাস>] *বি* হীনজাতীয় ঘাস। *বিদ্যা*, ১৮৯১।

আঘূর্ণিত [স অঘূর্ণিত] *বিণ* আবর্তনরত। *সেবধি*, ১৮৩৯।

আঘোর [স অঘোর] *বিণ* ঘোর। 'আঘোর পার্পে তোর্ এ গায় বেআপিবেঁ।' *বড়ু*, ১৪৫০।

আঘ্রাণ [স] **১** *বি* গন্ধগ্রহণ। 'অদ্রূপ আঘ্রাণ শক্তি যদি অধিক হইত ...।' *অক্ষয়*, ১৮৪৪। **২** *বি* সুবাস। 'অলি কি মধুমালতীর আঘ্রাণে পলায়ন করে।' *মাইকেল*, ১৮৫৯; 'নবীন ধানের আঘ্রাণে আজি আঘ্রাণ হল মাত।' *নজরুল*, ১৯২৮। **৩** *বি* আদর। 'হেরি তারে বক্ষে টানি আঘ্রাণ করিয়া শির ...।' *রবীন্দ্র*, ১৮৯৬।

আঙ [স অঙ্গ] **১** *বিণ* কাঁচা। 'আঙসরা আনে আর গন্ধবের দই।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* অঙ্গ। *বিদ্যা*, ১৮৯১।

আঙসরা [স আম+স সরাব] *বি* কাঁচা মাটির সরা। 'আঙসরা আনে আর গন্ধবের দই।' *মুকুন্দ*, ১৬০০।

আঙহাড়ি [স আম+স হণ্ডী] *বি* আপোড়া হাঁড়ি। 'আঙহাড়ি আনিবে এক অচাক নির্মাণ।' *মানিকরাম*, ১৭৮১।

আঙট [স অখণ্ড] *বিণ* অখণ্ড। *বিদ্যা*, ১৮৯১।

আঙটা [স অঙ্গুরীয়] *বি* আংটা; লোহার বা পিতলের কড়া। *বিদ্যা*, ১৮৯১।

আঙটি, আঙটী [স অঙ্গুরীয়] *বি* আংটি; আঙুলে পরার অলঙ্কার-বিশেষ। 'হীরের আঙটী তো তোমায় দিতেই হবে।' *গিরিশ*, ১৮৮৯; 'আঙটি।' *বিদ্যা*, ১৮৯১; 'প্লাটিনমের আঙটির মাঝখানে যেন হীরে।' *রবীন্দ্র*, ১৯৩২।

আঙড়া [স অঙ্গার] *বি* জ্বলন্ত কয়লা। 'হাঁড়ির ভেতরে আঙড়া আগুনের দুটো গোলা জ্বলছে।' *মাহেনও*, ১৯৪৯।

আঙন [স অঙ্গন] *বি* আঙিনা; প্রাঙ্গণ। 'ভাঙন-ভরা আঙনে তোর।' *নজরুল*, ১৯২৬।

আঙরটানা [স অঙ্গার] *বি* জ্বলন্ত কয়লা টেনে জড়ো করার হাতিয়ারবিশেষ; চিমটা। 'তারপর আঙরটানা দিয়ে আগুন বার বার ...।' *অচিন্ত্য*, ১৯৫০।

আঙরা [স অঙ্গার] *বি* জ্বলন্ত কয়লা। *বিদ্যা*, ১৮৯১; 'পুড়ে আঙরা উঠবে যে।' *শরৎ*, ১৯১২।

আঙরাখা [স অঙ্গরক্ষা] *বি* ঢিলা জামাবিশেষ। *বিদ্যা*, ১৮৯১; 'শ্যামের ... গায়ে আঙরাখা।' *প্রমথ*, ১৯১৮।

আঙলা[১] [স আমলক] *বি* আমলকী। 'আঙলা বকুল মালি মধুকর করে কেলি।' *মালাধর*, ১৫০০।

আঙলা[২] [স অঙ্গার] *বি* কয়লা। 'হাটে হাটে তোর বাপে বেচিত আঙলা।' *মুকুন্দ*, ১৬০০।

আঙলা[৩] [স অঙ্গুলি] *বি* আঙুল। 'খ্যাঙরা-কাটি আঙলাগুলো।' *নজরুল*, ১৯২৬।

আঙার [স অঙ্গার] *বি* জ্বলন্ত কয়লা। *বিদ্যা*, ১৮৯১।

আঙার-ধানী [স অঙ্গারধানী] *বি* জ্বলন্ত কয়লা রাখার পাত্র। 'যেন আঙার-ধানীর বাষ্প বিভোল খসিছে সকল খানে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

আঙিনা [স অঙ্গন>] **১** *বি* উঠান। 'আমার বঁধুয়া আন বাড়ী যায় আমার আঙিনা দিয়া।' *চিচ্ছী*, ১৬০০। **২** *বি* ঘর। 'ছিন্নশয়ন টেনে এসে আঙিনা তোর সাজা।' *রবীন্দ্র*, ১৯১৭। **৩** *বি* প্রান্তর। 'আশমানের

AMARBOI.COM

আঙিনা।' *নজরুল*, ১৯২২। **৪** *বি* প্রান্ত। 'অকালে যখন বসন্ত আসে শীতের আঙিনা পরে।' *রবীন্দ্র*, ১৯২৭। **৫** *বি* চারপাশ। 'সত্যের সুরে মধুময় করুক আঙিনা।' *রবীন্দ্র*, ১৯৩৬।। **৬** *বি* এলাকা। 'বিজ্ঞানের আঙিনায় তাদের প্রবেশ করা অত্যাবশ্যক।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আঙিনা-ঘেরা *বিণ* চারদিকে বারান্দা-বিশিষ্ট। 'আঙিনা-ঘেরা চৌকো বারান্দা।' *রবীন্দ্র*, ১৯২৯।

আঙিয়া [স অঙ্গরক্ষিকা] *বি* ছোটো জামা। 'ডোরা লাগান আঙিয়া তোমাকে দিতেছি।' *মধু*, ১৮৫৭।

আঙুঠি [স অগ্নি>] *বি* লোহার তৈরি আলগা চুলা। 'ঘরের ভিতর একটা প্রকাণ্ড আঙুঠি জ্বালিয়ে ...।' *প্রমথ*, ১৯২৬।

আঙুর [ফা আংকুর] *বি* সুমিষ্ট ফলবিশেষ। *ওর্সা*, ১৭৮৫; 'আঙুর, বেদানা প্রভৃতি ফল কাবুল হইতে আইসে।' *বিদ্যা*, ১৮৫১।

আঙুর-পেষা [ফা আংকুর+স পেষণ>] *বিণ* আঙুর পিষ্ট-করা। 'এই পৃথিবীরে মনে হয় যেন শিরাজি আঙুর-পেষা।' *নজরুল*, ১৯৪৫।

আঙুর-মউ [ফা আংকুর+স মধু>] *বি* আঙুর থেকে তৈরি সুরা বা মদ। 'হায় যদি সে গিলতে পেত বিন্দু-প্রমাণ আঙুর-মউ।' *নজরুল*, ১৯৫৯।

আঙুরলতা [ফা আংকুর+স লতা] *বি* আঙুর ফলের লতা। 'তার কপাটের মাথায় আঙুরলতা।' *রবীন্দ্র*, ১৯৩২।

আঙুল [স অঙ্গুলি] *বি* হাতের প্রত্যঙ্গবিশেষ; অঙ্গুলি। 'বেঙের গায়ের আঙুল।' *মদনমোহন*, ১৮৪৯।

আঙুল ফুলে কলাগাছ – রাতারাতি আর্থিক অবস্থার বিশেষ উন্নতি। 'আঙুল ফুলে কলাগাছ হলে এমনই করে মানুষ!' *মানিক*, ১৯৩৬।

আঙুল-মটকানো [স অঙ্গুলি+ধ্বন্যা মট>] *ক্রি* আঙুল টেনে বা মোচড় দিয়ে মটমট শব্দ করা। 'হাঁচি কাশি তুড়ি আঙুল-মটকানো প্রভৃতি।' *রবীন্দ্র*, ১৯০৭।

আঙোটজ্যুতি [স অথণ্ড>+স জ্যোতি>] *বি* কলাগাছের অখণ্ড পাতা। 'গোটা গ্রামের লোকের আঙোটজ্যুতি আমাকে সারা বছর যোগাতে হয়।' *তারা*, ১৯৪২।

আঙ *বি* অনুনাসিক বর্ণ সহযোগে গঠিত যুক্তবর্ণ; যেমন ঙ্ক, ঙ্খ। 'পড়এ সাধুর বালা ক খ আঠার ফলা আঙ্ক আঙ্ক সিদ্ধ বানান।' *মুকুন্দ*, ১৬০০।

আঙ্কল [ই] *বি* পিতা-মাতার ভাই বা বন্ধু। 'আমি কেবল তারই আঙ্কল আর্থার হই।' *রবীন্দ্র*, ১৮৮১।

আঙ্কিক [স] *বি* গণিতবিদ। 'আঙ্কিক বলছেন ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আঙ্কুড়ী [স অঙ্কশ] *বি* আঁকশি। 'মোর বনতরুডালে সজায়িআঁ আঙ্কুড়ী।' *বড়ু*, ১৪৫০।

আঙ্কুরা, আঙ্কোরা [স অঙ্কুশ] *বি* আঁকশি; বগল্‌স। *মানোএল*, ১৭৪৩।

আঙ্কুশ [স অঙ্কুশ] *বি* হাতি তাড়ানোর লৌহদণ্ড। 'লাজ আঙ্কুশে তাক নিবারিতে নারী।' *বড়ু*, ১৪৫০।

আঙ্গ [স অঙ্গ] *বি* দেহ। 'আগর চন্দন আঙ্গে মাখী।' *বড়ু*, ১৪৫০।

আঙ্গটি [স অঙ্গুরীয়] *বি* আংটি। 'আপনার হাতে আঙ্গটি আছে?' *বঙ্কিম*, ১৮৬৫।

আঙ্গটিয়া [স *অঙ্গেষ্ঠিক] *বিণ* আস্ত। **আঙ্গটিয়া পাত** [স *অঙ্গেষ্ঠিক-পত্র] *বি* কলাগাছের অখণ্ড পাতা। 'বত্রিশা আঁঠিয়া কলার আঙ্গটিয়া পাতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আঙ্গণ [স অঙ্গন] *বি* অঙ্গন। 'আঙ্গণ ঘরপণ সুনভো বিআতী।' *চর্যা* ২, ১২০০।

আঙ্গদ [স অঙ্গদ] *বি* বাহুর অলঙ্কার। 'আঙ্গদ যুগল হাথে।' *বড়ু*, ১৪৫০।

আঙ্গনা [স অঙ্গন>] *বি* গাছবিশেষ। 'সিমুলি ছাতিন আঙ্গনা নিম।' *মুকুন্দ*, ১৬০০।

আঙ্গভঙ্গ [স অঙ্গভঙ্গি] *বি* অঙ্গভঙ্গি। 'আঙ্গভঙ্গ কৈলেঁ কেহ্নে মোর বিদ্যমানে।' *বড়ু*, ১৪৫০।

আঙ্গরখা [স অঙ্গরক্ষা] *বি* আঙরাখা; চাপকানজাতীয় লম্বা ঝুলের জামাবিশেষ। 'আঙ্গরখার (অঙ্গরক্ষা) ভিতরের জেব থেকে বগাস চিঠি বের করে।' *মুজতবা*, ১৯৬৬।

আঙ্গরাখা [স অঙ্গরক্ষা] *বি* জামা। 'মাথায় খালি আঙ্গরাখা গায় মালা নাই।' *প্রভাকর*, ১৮৩১।

আঙ্গস্তরী [ফা] *বি* আংটি; অঙ্গুরীয়। 'কোন কুহকিনী আঙ্গস্তরী স্মৃতি।' *ফররুখ*, ১৯৪৩।

আঙ্গস্থা [স অঙ্গার>] *বি* আগুনের পাত্র। *মানোএল*, ১৭৪৩।

আঙ্গা [স আজ্ঞা] *বি* আদেশ। 'আঙ্গা দিল দিনমণি ভুবন ঈশ্বর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আঙ্গাম [ফা হাঙ্গামা] *বি* হাঙ্গামা। 'গজশালে গজ মরে হাত্যারা আঙ্গাম কত।' *মুকুন্দ*, ১৬০০।

আঙ্গার [স অঙ্গার] *বি* কয়লা। 'দেখি পল্লব শয়নে আঙ্গাররাশি সমানে।' *বড়ু*, ১৪৫০।

আঙ্গারা [স অঙ্গার] *বি* কয়লা। *মানোএল*, ১৭৪৩।

আঙ্গারিক [স] *বিণ* অঙ্গার সংক্রান্ত। 'সেই হল কার্বনের অর্থাৎ আঙ্গারিক বস্তুর পরমাণু।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আঙ্গারিক গ্যাস [স আঙ্গারিক+ই গ্যাস] *বি* কার্বন-ডাই-অক্সাইড গ্যাস। 'ওখানে যে গ্যাসের স্পষ্ট চিহ্ন পাওয়া যায় সে হচ্ছে আঙ্গারিক গ্যাস।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আঙ্গিক [স] **১** বহিরঙ্গ। 'আর্টের একটা বাইরের দিক আছে সেটা হচ্ছে আঙ্গিক।' *রবীন্দ্র*, ১৯২৯। **২** *বি* অঙ্গসম্পর্কিত বৈশিষ্ট্য। 'জাভার আঙ্গিক নয়; জাভার আনুষঙ্গিক।' *রবীন্দ্র*, ১৯২৯।

আঙ্গিনা [স অঙ্গন] *বি* উঠান। 'আমার বঁধুয়া আন বাড়ী যায় আমার আঙ্গিনা দিয়া।' *চিচ্ছী*, ১৬০০।

আঙ্গিয়া[১] [স অঙ্গী>] *ক্রিবিণ* অঙ্গীকার ক'রে। 'জবন রাজার সঙ্গে যুদ্ধ সে আঙ্গিয়া।' *মালাধর*, ১৫০০।

আঙ্গিয়া[২] [স অঙ্গরক্ষিকা] *বি* মেয়েদের পরিধেয় চেলির মতো বস্ত্রবিশেষ। 'আঙ্গিয়া, বিলিতি সোণার শীল আংটি ও চুলের গার্ড চেনেরও অসঙ্গত খদ্দের।' *হুতোম*, ১৮৬১।

আঙ্গুটি, আঙ্গুটী [স অঙ্গুরীয়] *বি* আংটি। 'আঙ্গুটী।' *মেয়র্স*, ১৭৬২; 'হীরার আঙ্গুটি হাতে দিয়া সাহেব ভদ্র সমাজে ফিরিতে লাগিলেন।' *প্যারী*, ১৮৫৮।

আঙ্গুঠী [স অঙ্গুরীয়] *বি* আংটি। 'হাথের শিরি আঙ্গুঠী।' *বড়ু*, ১৪৫০।

আঙ্গুর [ফা আংকুর] *বি* মিষ্টি রসালো ফলবিশেষ। 'চিনি আদি সর্করা আঙ্গুর খোরমান।' *সুলতান*, ১৭০০।

আঙ্গুরের খেত *বি* যে খেতে আঙুর চাষ করা হয়। *ওর্সা*, ১৭৮৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আঙুল [স অঙ্গুলি] **১** *বি* আঙুল। 'সাপের মুখেতে কেহে আঙুল দেসী।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* এক ইঞ্চি পরিমাণ। 'আঙুল।' *ওসাঁ*, ১৭৮৫।

আঙুল চালানো *ক্রি* হাত বোলানো। 'স্বামীর মাথার চুলে একটু আঙুল চালিয়েও দিতে হবে।' *বেগম*, ১৯৪৮।

আঙুল ফুলিয়া কলা গাছ হওয়া – হঠাৎ ধনী হওয়া। 'এ আঙুল ফুলিয়া কলা গাছ হইয়াছে।' *কেরি*, ১৮০২।

আঙুলহীন [স অঙ্গুলিহীন] *বিণ* আঙুল নেই এমন। 'তার সামনে আঙুলহীন হাত বাড়াইয়া ভিক্ষা মাগিতেছে।' *মনসুর*, ১৯৫৫।

আঙুলের ফাঁসা দিয়ে জল না গলা – অত্যন্ত কৃপণতা করা। 'সংসারের তো প্রতুল এই, তাহাতে আবার কর্ত্তাটির আঙুলের ফাঁসা দিয়া জল গলে না।' *গৌর*, ১৮২২।

আঙুলি, আঙুলী [স অঙ্গুলি] *বি* আঙুল। 'জংঘ পদ আঙুলিত সাজে।' *বড়ু*, ১৪৫০; 'আঙুলী চম্পককলিকাজালে।' *বড়ু*, ১৪৫০।

আঙুস্তি [ফা আঙুস্তরী] *বি* আংটি। *মানোএল*, ১৭৪৩।

আঙ্গেটি [স অখণ্ড] *বি* মালসা। 'খাটিয়ার নীচে আঙ্গেটি।' *রোকেয়া*, ১৯৩১।

আঙ্গোটপাত [স অখণ্ড-পত্র] *বি* অখণ্ড পাতা। 'রত্নগর্ভা জননী আঙ্গোটপাত পেতে বসলেন।' *দীনবন্ধু*, ১৮৭২।

আচকান [ফা] *বি* এক ধরনের লম্বা জামা। 'আমাদের দেশের আচকানকে সম্পূর্ণ মনের মতো ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আচক্রবালবিস্তৃত [স] *বিণ* দিগন্তবৃত্ত পর্যন্ত বিস্তৃত। 'তাহলে আচক্রবালবিস্তৃত এই সুন্দরী ধরণীর সম্পূর্ণ সৌন্দর্য একসঙ্গেই দেখতে পেতুম।' *মুজতবা*, ১৯৫২।

আচট *বিণ* আচষা; অকর্ষিত। 'শুন নাই আচট ভূমের ভাঙ্গে খীল।' *রামপ্রসাদ*, ১৭৮০।

আচড় [স আকর্ষ>] *বি* নখাঘাত। 'সিংহ চাহে কোপদৃষ্টে বীরের আচড়ে পিষ্টে।' *মুকুন্দ*, ১৬০০।

আচড়ানো[১] [স আকর্ষ>] *ক্রি* আঁচড় কাটা। 'মার্জারী আসিয়া কোলে/ আচড়িল পয়োধরযুগে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আচড়ানো[২] [স চপেট] *ক্রি* চড়ানো। 'আচড়াইতে'; 'চড়াইতে।' *মানোএল*, ১৭৪৩।

আচড়াপিচড়ি [আ আসার>] *বি* গড়াগড়ি। 'তোমার সেই ভাঙ্গা ঘরের মেজেয় পড়ে কামিনীর আচড়াপিচড়ি করে কান্না।' *দীনবন্ধু*, ১৮৭২।

আচণ্ডাল [স] *ক্রিবিণ* উচ্চ-নীচ জাতিনির্বিশেষে। 'আচণ্ডাল নাচুক তোর নাম-গুণ লৈয়া।' *বৃন্দা*, ১৫৮০।

আচমকা [হি আচানক] **১** *ক্রিবিণ* হঠাৎ। *বিদ্যা*, ১৮৯১; 'হঠাৎ দেখলে আচমকা আঁতকে উঠতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বিণ* ব্যতিক্রমী। 'যক্ষপুরে তুমি সেই আচমকা আলো।' *রবীন্দ্র*, ১৯২৬। **৩** *ক্রিবিণ* অপ্রত্যাশিতভাবে। 'যেখানে সেখানে আচমকা আমাকে বক্তৃতা করতে বলে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

আচমন [স] **১** *বি* হিন্দুরীতি অনুযায়ী দেহ শুদ্ধ করার জল। 'পাদ্য অর্ঘ্য আচমন দিল হেম আসন নিবেদন করিল অঞ্জলি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* খাওয়ার পর হাতমুখ ধোয়া। 'পিতলের ডাবরে করিল আচমন।' *বিজয়*, ১৬৫০।

আচমন করা *ক্রি* হিন্দুধর্মমতে জল দ্বারা দেহ পরিশুদ্ধ করা। 'ব্রাহ্মণ পূজা সমাপনপূর্বক, আচমন করিয়া দেবীর সঙ্গে কথোপকথনে প্রবৃত্ত হইলেন।' *বঙ্কিম*, ১৮৮২।

আচমনি, আচমনী [স আচমনীয়] *বি* হাত-মুখ ধোয়ার জল। 'পাদ্য অর্ঘ্যে আচমনী দিলেক আসন।' *রবীন্দ্র*, ১৬৮৯; 'আচমনি।' *বিদ্যা*, ১৮৯১।

আচম্বিত [স আশ্চর্যান্বিত] *ক্রিবিণ* হঠাৎ। 'আচম্বিত বুটী দেখি বৃন্দাবন মাঝে।' *বড়ু*, ১৪৫০।

আচম্বিতে [স আশ্চর্যান্বিত>] *ক্রিবিণ* হঠাৎ। 'আচম্বিতে বনে আজ রাখাল আইল।' *দীচণ্ডী*, ১৫৫০।

আচম্মিত [স সম্বিত] *বি* চেতনা; বোধোদয়। 'জাঁহার প্রসাদে মোর হৈল আচম্মিত।' *মালাধর*, ১৫০০।

আচর[১] [স অঞ্চল>] *বি* আঁচল। 'আচরে কাঞ্চন ঝলকে মুখে।' *জ্ঞান*, ১৬০০।

আচর[২] [স আকর্ষ>] *বি* আঁচড়। 'নখের আচর দেখি পয়োধর বেড়ি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আচরণ [স] **১** *বি* শিষ্ট ব্যবহার। 'তুমি বাবু কর আচরণ।' *ভবানী*, ১৮২৫। **২** *বি* ব্যবহার। 'কি জানি অন্য কেহ তাঁহার এই আচরণ দৃষ্টি করেন।' *অক্ষয়*, ১৮৪৮। **৩** *বি* চালচলন। 'বিশেষতঃ, গুরুজনদিগের যেরূপ আচরণ দেখিতে পায়।' *অক্ষয়*, ১৮৪৯। **৪** *বি* অভ্যাস। 'পানদোষ আপনার দল বল সহকারে কি অহিত আচরণ করিতেছে।' *অক্ষয়*, ১৮৫০। **৫** *বি* ভাব। 'তাহাদের সমক্ষে সতত তদ্রূপ আচরণ প্রকাশ করিতে হইবে।' *অক্ষয়*, ১৮৫৩। **৬** *বি* পালন। 'আজ হতে শুদ্ধচিত্তে উপবাসব্রত করো আচরণ।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আচরণবিধি [স] *বি* ব্যবহারবিধি। 'নির্বাচনী আচরণবিধি যদি গ্রহণ করা হয়।' *আজাদ*, ১৯৭০।

আচরণীয় [স] **১** *বি* অনুসরণীয়। 'আমরা শিক্ষার জাতিবিচার করে তাকে আচরণীয় কিংবা অনাচরণীয়ের কোঠায় ফেলতে চাইনে।' *প্রমথ*, ১৯২০। **২** *বিণ* আচরণের যোগ্য। 'ব্যাপ্ত জীবটা ভদ্র কবিতায় জল-আচরণীয় নয়, এ কথা মানবার দিন গেছে।' *রবীন্দ্র*, ১৯৩০। **৩** *বিণ* গ্রহণযোগ্য। 'এমনকি পারিভাষিক শব্দও আচরণীয় কিনা।' *সুধীন্দ্র*, ১৯৫৩। **৪** *বিণ* পালনীয়। 'তাদের আদর্শচরিত্র ও সমাজের আচরণীয় বিধিবিধান।' *হাই*, ১৯৫৪। **৫** *বিণ* ব্যবহৃত। 'উচ্চবর্ণের হিন্দুর আচরণীয় দেবভাষা থেকে মহাভারতের বিষয়বস্তু।' *হাই*, ১৯৫৪।

আচরন [স আচরণ] *বি* ব্যবহার। 'কোন ধর্ম্মে থাকী কেমন আচরন করিব।' *মালাধর*, ১৫০০।

আচরা [স আচরণ>] **১** *ক্রি* আচরণ করা। 'আর যদি নিন্দা-কর্ম কভু না আচর।' *বৃন্দা*, ১৫৮০। **২** *ক্রি* পালন করা। 'পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি।' *মাইকেল*, ১৮৬৫।

আচরিজ [স আশ্চর্য] *বিণ* অবাক। 'হেন আচরিজ বাণী।' *বড়ু*, ১৪৫০।

আচরিত[১] [স চরিত্র>] *বিণ* অতিশয়। 'ফকিরে কহিল তুই দুষ্ট আচরিত।' *গরীব*, ১৭৬৫।

আচরিত[২] [স] *বিণ* অনুসৃত। 'পিতৃপিতামহাদির আচরিত ও ব্যবহৃত ধর্ম্মকর্ম্মানুষ্ঠান।' *দর্পণ*, ১৮৩২।

আচর্যো [স আশ্চর্য] *বিণ* আশ্চর্য। 'হএ, এ বরো আচর্যো নহে।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

আচল [স অঞ্চল] *বি* বসনের প্রান্তভাগ; আঁচল। 'ফুটকলাই কিনি দিল

AMARBOI.COM

বড়াই আচল।' *মালাধর*, ১৫০০।

আচসা [স অকর্ষিত] *বিণ* আচষা: চাষ করা হয়নি এমন। *বিদ্যা*, ১৮৯১।

আচা [স আচ্ছাদ] *ক্রি* নারকেলের মালা। 'নারিকেলে জলের সঞ্চার আচার কি বাহার।' *লালন*, ১৮৯০।

আচানক [হি] **১** *ক্রিবিণ* আকস্মিকভাবে। 'হেনকালে আচানক আইল এক উট।' *গরীব*, ১৭৬৫। **২** *বিণ* আকস্মিকভাবে আগত। 'আচানক (হঠাৎ) পীরের উদ্দেশ্যে রোজা রাখা হয়।' *রোকেয়া*, ১৯০৪।

আচানো [স আচমন>] *ক্রি* আহারান্তে হাত ধোয়া। 'ছেলে পিলে খাওয়াইয়া আচিয়া দেয়।' *কেরি*, ১৮০২।

আচান্ত [স আচমন] *বিণ* পরিশুদ্ধ। 'আসন করিয়া বসে আচান্ত হইয়া।' *মানিকরাম*, ১৭৮১।

আচাভুআ, আচাভুএগ্রা, আচাভুয়া [স অত্যদ্ভুত] **১** *বিণ* অদ্ভুত। 'মোর আগে চলি যাও বড় আচাভুএগ্রা।' *বিজয়*, ১৬৫০; 'ওঝা ধন্বন্তরি বেটা বড় আচাভুয়া।' *বিজয়*, ১৬৫০। **২** *বিণ* হতবুদ্ধি; নির্বোধ। 'আচাভুআ।' *বিদ্যা*, ১৮৯১।

আচাভো [স অত্যদ্ভুত] *বিণ* কিম্ভূতকিমাকার। 'আচাভো বোম্বাচাক প্রভৃতি সং প্রস্তুত হতো।' *হুতোম*, ১৮৬১।

আচাভো বোম্বাচাক [স অত্যদ্ভুত>] *বি* অদ্ভুত বিষয়। 'আচাভো বোম্বাচাক প্রভৃতি সং প্রস্তুত হতো।' *হুতোম*, ১৮৬১।

আচায্য [স আচার্য] *বি* গুরু। 'ঐ সকল গ্রামের ক্রীয়া সকলের আচায্য বরন ...।' *চিঠিপত্রে*, ১৮৪৮।

আচার[১] [প] *বি* রুচিবর্ধক খাবার। 'সহস্র প্রকার ব্যঞ্জন আচার রাই সমাপন করে।' *শেখর*, ১৬০০।

আচার[২] [স] **১** *বি* আচরণ। 'এ তোর কমণ আচার এ।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* রীতি। 'বুঝিনু পিরীতির হয় শতদ্ভ আচার।' *চণ্ডী*, ১৫৫০। **৩** *বি* সংস্কার। 'করিল জতেক কর্ম্ম নারির আচার।' *কবীন্দ্র*, ১৬৮৯

আচার অনুষ্ঠান [স] *বি* উৎসব। 'সামাজিক আচার অনুষ্ঠান উপলক্ষে নির্বিবাদে রাস্তাঘাটে বাজনা বাজায়।' *উমর*, ১৯৬৮।

আচারতত্ত্ব [স] *বি* শাস্ত্রীয় ও সামাজিক বিধিবিধান সম্পর্কিত জ্ঞান। 'শাস্ত্রবিধি আচারতত্ত্ব প্রভৃতি সম্বন্ধে ঠিক সূক্ষ্মবিচারে তাহার উৎসাহ।' *রবীন্দ্র*, ১৯১২।

আচারদ্রোহিণী [স] *বিণ স্ত্রী* নিয়মভঙ্গকারী। 'আচারদ্রোহিণী মাকেই গোরা তাহার জীবনের সমস্ত ভক্তি ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

আচারনিষ্ঠ [স] **১** *বিণ* আচারের প্রতি নিষ্ঠাবান। 'শ্বশুরগণ আচারনিষ্ঠ পরম হিন্দু।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* রক্ষণশীল। 'কৃষ্ণদয়াল ঘোরতর আচারনিষ্ঠ হইয়া উঠিলেন।' *রবীন্দ্র*, ১৯০৯। **৩** *বিণ* আনুষ্ঠানিকতায় বিশ্বাসী। 'আচারনিষ্ঠ ধার্মিকদের কুটিল ভ্রূকুটি।' *রবীন্দ্র*, ১৯৩২।

আচারনিষ্ঠতা [স] *বি* আচারের প্রতি আনুগত্য। 'আমাদের দেশ আচারনিষ্ঠতার দেশ বলেই দেবতার চেয়ে পাণ্ডার পা-পূজার পরে আমাদের ভরসা বেশি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আচারনিষ্ঠা [স] *বি* আচারের প্রতি আনুগত্য। 'ওর পিসির আচারনিষ্ঠা একেবারে নিরেট।' *রবীন্দ্র*, ১৯৪০।

আচারপরায়ণ [স] *বিণ* আচারসর্বস্ব। 'তাঁহারা অতিশয় আচারপরায়ণ।' *শরৎ*, ১৯২৬।

আচারপরায়ণা [স] *বিণ স্ত্রী* আচারসর্বস্ব। 'এই আচারপরায়ণা হতভাগিনীকে আজ সে নূতন চক্ষে দেখিল।' *শরৎ*, ১৯১৭।

আচারপ্রধান [স] *বিণ* অন্যকিছুর তুলনায় আনুষ্ঠানিকতাই প্রাধান্য পায় এমন। 'চিরদিন আমাদের ধর্ম আচারপ্রধান হইয়া থাকিবে না।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আচারবন্ত [স] *বিণ* আচারযুক্ত। 'এতাদৃশাচারবন্ত ব্যক্তিরদিগের স্কান্দ ও মহাভারত বচনানুসারে কি বক্তব্য।' *দর্পণ*, ১৮২২।

আচারবাঁধা [স আচার>] *বিণ* আচার-অনুষ্ঠান দিয়ে নিয়ন্ত্রিত। 'এইরকম নিরেট আচারবাঁধা সনাতনী ঘরের ফাটল ফুঁড়ে ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

আচারবাদী [স] *বিণ* আচারের প্রতি নিষ্ঠাবান। 'লক্ষ লক্ষ আচারবাদী তাকে যদি সংকুচিত করে, খণ্ড খণ্ড করে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

আচারবান [স] *বিণ* আচারের প্রতি অনুগত। 'এ ব্যক্তি হিন্দুশাস্ত্রবিহিত আচারবান নহে।' *বঙ্কিম*, ১৮৭৫।

আচার-বিচার [স] **১** *বি* বাছবিচার। 'আচার-বিচার আর কিছুই না করে।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বি* শাস্ত্রসম্মত বাছবিচার। 'যার নাই আচার বিচার বেদ পড়িয়ে গোল বাধায়।' *লালন*, ১৮৯০। **৩** *বি* ধর্মীয় রীতিনীতি। 'উভয় জাতির আচারবিচার-পূজাপদ্ধতি মিশিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

আচার ব্যবহার [স] **১** *বি* রীতিনীতি। 'দেশের রীত্যনুসারে আচার ব্যবহার ও পোষাক ত্যাগ করিলেক।' *দর্পণ*, ১৮২১। **২** *বি* স্বভাবচরিত্র। 'আচারব্যবহার প্রকাশক অবিনশ্বর কীর্ত্তিপতাকা মহারত্ন বেশ্যা অক্ষয়, ১৮৪৮। **৩** *বি* আচার-আচরণ। 'তোমাদের আচার-ব্যবহার কথাবার্তা ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আচার-ব্যাভার [স আচার-ব্যবহার] *বি* আচার-ব্যবহার; চালচলন। 'মুসলমানের আবার আচার-ব্যাভার?' *মশাররফ*, ১৮৬৯।

আচার-ভীরু [স] *বিণ* আচারকে ভয় পায় এমন। 'আচারভীরু নারী ...।' *রবীন্দ্র*, ১৯১০।

আচার-ভ্রংশ [স] *বি* প্রথাচ্যুতি। 'আচার-ভ্রংশ।' *গুপ্ত*, ১৮৫৮।

আচারভ্রষ্ট [স] *বিণ* শাস্ত্রীয় নিয়ম লঙ্ঘনকারী। 'অনেক লোক আচারভ্রষ্ট হইয়াছেন।' *ভবানী*, ১৮২৩।

আচারমুক্ত [স] *বিণ* প্রথাহীন; সংস্কারহীন। 'ওরা ... আচারমুক্ত, ওরা সহজ।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আচারহীনতা [স] *বি* ধর্মীয় ও সামাজিক রীতিনীতি অমান্য করার অবস্থা। 'আচারহীনতার বিরুদ্ধে লড়াই করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৯।

আচারা [স আচরণ>] *ক্রি* আচরণ করা। 'কাটারী গ্রহিয়া ধৈর্য আচারি রহিল।' *আলাওল*, ১৬৮০; 'শিশুসম আচারে প্রবীণ।' *গিরিশ*, ১৮৮৭।

আচারিক [স] **১** *বিণ* আচারমূলক। 'আমাদের আচারিক ও আনুষ্ঠানিক ইসলামের কথা।' *শরীফ*, ১৯৬৮। **২** *বিণ* সংস্কারমূলক। 'বিশ্বাসী মানুষের জীবন নিয়ন্ত্রিত হয় শাস্ত্রীয় শাসনে ও আচারিক আনুগত্যে।' *শরীফ*, ১৯৭০।

আচারী [স] *বি* আচার পালনকারী। 'বহুরূপী হইয়ো নারে, কপট আচারী।' *অশ্বিনী*, ১৯২০।

আচার্য, আচার্য্য [স] **১** *বি* শিক্ষাগুরু। 'আচার্য্য হইলা কেহ উপগতগতা।' *মালাধর*, ১৫০০; 'বুঝিলেন আচার্য হইলা শান্তচিত।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* দৈবজ্ঞ; গণক ব্রাহ্মণ। 'উজানিতে পদবী আচার্য রত্নাকর।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* মহন্ত। 'চারি মঠের প্রত্যেকের এক

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

একটি আচার্য্য ও ব্রহ্মচারী নির্দ্দিষ্ট আছেন।' *অক্ষয়*, ১৮৫০। ৪ *বি* পথপ্রদর্শক। 'বিশুদ্ধ জ্ঞানই আমাদের আচার্য্য।' *অক্ষয়*, ১৮৫৫। ৫ *বি* অধ্যাপক। 'মনে ভাবছি মরলোকে বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্বের আচার্য হয়ে জন্মাতে পারি।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৬ *বি* শিক্ষাপ্রতিষ্ঠানের প্রশাসনিক প্রধান। 'আচার্য ও উপাচার্যের প্রবেশ।' *রবীন্দ্র*, ১৯১১। ৭ *বি* বিশেষজ্ঞ পণ্ডিত। 'আচার্য লেভির বিদায়ের পূর্বে তাঁকে সম্বর্ধনা করা হলো।' *রবীন্দ্র*, ১৯২১।

আচার্যগৃহ [স] *বি* গুরুর বাড়ি। 'চলিলা আচার্যগৃহে গঙ্গায়ে ভাষিয়া।' *বৃন্দা*, ১৫৮০।

আচিতা [স] *বিণ* মারাত্মক। 'কে চাইবে রোদ আচিতা অনল, কে চিরবৃষ্টি?' *শক্তি*, ১৯৬১।

আচির [স প্রাচীর] *বি* বেড়া। 'ফুলের আচির ফুলের প্রাচীর ফুলেতে ছাইল ঘর।' *চণ্ডী*, ১৫৫০।

আচেতন [স অচেতন] *বিণ* অজ্ঞান। 'সুণিআঁ নন্দ যশোদা ভৈলা আচেতন।' *বড়ু*, ১৪৫০।

আচেনতা [স চেতনা>] *বি* চিন্ত। *মানোএল*, ১৭৪৩।

আচোট ১ *বিণ* বাধাহীন। 'সকালবেলার আচোট আলোয় আসছে পাহাড় ফুঁড়ে।' *সত্যেন্দ্র*, ১৯১৫। ২ *বিণ* অক্ষত। *বিদ্যা*, ১৮৯১; 'কি লিখি ভেবে না পাই আচোট পাতে।' *সত্যেন্দ্র*, ১৯১৭। ৩ *বিণ* অনাহত। 'আচোট হৃদি যে আৎকে উঠিছে।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

আচর্যি [স আশ্চর্য] *বিণ* বিস্ময়কর। 'ওমা কি আচর্যি, ইরি মদ্যি ভাত খাবি লিকিন?' *হাসান*, ১৯৬২।

আচ্ছন্ন [স] ১ *বিণ* আবিষ্ট। 'তাতে ধর্মমায়া তায় হয়েছে আচ্ছন্ন।' *মানিকরাম*, ১৭৮১। ২ *বিণ* সমাচ্ছন্ন। 'তাহার ধূলিতে আকাশমণ্ডল আচ্ছন্ন হইয়াছিল।' *দর্পণ*, ১৮১৯। ৩ *বিণ* লুক্কায়িত। 'অসত্য জাল দ্বারা কি সত্যকে একেবারে আচ্ছন্ন রাখা যায়।' *অক্ষয়*, ১৮৫০। ৪ *বিণ* বিশেষরূপে বিস্তৃত। 'অগ্নিশিখায় সমস্ত স্থান এরূপ আচ্ছন্ন হইয়াছিল।' *বিদ্যা*, ১৮৬৩। ৫ *বিণ* অস্পষ্ট। 'তাদের সৌন্দর্য পূর্ণিমারাত্রির মতো উজ্জ্বল অথচ আচ্ছন্ন।' *রবীন্দ্র*, ১৯২৮। ৬ *বিণ* ঢাকা। 'তোমার হিরণ্ময় পাত্রে সত্যের মুখ আচ্ছন্ন, উন্মুক্ত করো সেই আবরণ।' *রবীন্দ্র*, ১৯৩৫। ৭ *বিণ* তন্দ্রাচ্ছন্ন। 'ঘুমিয়ে পড়েছিল, আচ্ছন্ন হয়েছিল।' *শামসুল*, ১৯৫৬। ৮ *বি* ঘোরের মধ্যে আছে এমন ব্যক্তি। 'আচ্ছন্নের মতো ঘরময় পায়চারী করতে থাকি।' *আলাউদ্দিন*, ১৯৬০।

আচ্ছন্নতা [স] *বি* আবেশ। 'একটা আচ্ছন্নতায় চিত হয়ে পড়ে রইল।' *মাহেনও*, ১৯৪৯।

আচ্ছন্নতাকারী [স] *বিণ* আচ্ছন্ন করে এমন। 'হিতাহিতবুদ্ধি আচ্ছন্নতাকারী দ্রব্য বিক্রয়ে অনুৎসাহ দেওয়া শ্রেয়স্কল্প।' *অক্ষয়*, ১৮৫৪।

আচ্ছন্না [স আচ্ছন্ন] *বিণ* স্ত্রী আড়াল হয়ে থাকে এমন। 'স্তম্ভের দ্বারা আচ্ছন্না থাকে।' *দর্পণ*, ১৮২১।

আছা[১] *ক্রি* থাকা। 'অমিআ আচ্ছন্তে বিস গিলেসিরে।' *চর্যা* ৩৯, ১২০০।

আছা[২] ১ *অব্য* সম্মতিসূচক উক্তি; ভালো। *ওসাঁ*, ১৭৮২; 'তোর নাম কি রে? ... শ্রীকান্ত? আচ্ছা।' *শরৎ*, ১৯১৭। ২ *বিণ* নিয়ন্ত্রণহীন। *ভবানী*, ১৮২৩; 'ঐ বাচ্ছা পত্র আচ্ছা হইয়া হিন্দু ধর্ম্মের হানি করিবেক।' *দর্পণ*, ১৮৩১। ৩ *বিণ* আশ্চর্যজনক। 'আব্বা আচ্ছা মানুষ যা হোক।' *নজরুল*, ১৯৩০।

আচ্ছা করিয়া *ক্রিবিণ* খুব ভালো ক'রে। 'মনের মধ্যে আমদ করিয়া আচ্ছা করিয়া লিখনপড়ন সিখীবা।' *ওসাঁ*, ১৭৮২।

আচ্ছাদন [স] ১ *বি* আবরণ। 'আচ্ছাদন পদ্মদলে থুইল পূজার স্থলে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* ঢাকা যায় এমন। 'আচ্ছাদন থালখানি দিলেন উপরে।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* ছাউনি। 'বড়ে আচ্ছাদন উড়ে বিষ্টি জলে ডিঙ্গা বুড়ে।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* ছায়া দান। 'মেঘের ছত্তর সদাএ করে আচ্ছাদন।' *সুলতান*, ১৭০০। ৫ *বিণ* আবৃত। 'কি কারণে সে বদনে করে আচ্ছাদন।' *মদনমোহন*, ১৮৩৪। ৬ *বি* পোশাক। 'আচ্ছাদন-বিভূতি কেবল।' *গিরিশ*, ১৮৮৭। ৭ *বি* ব্যবধান। 'সবাই মিলে দিই ঘুচিয়ে পুরানো আচ্ছাদন।' *রবীন্দ্র*, ১৯২৫। ৮ *বি* মলিনতা। 'সদ্য গেছে নামি সত্তা হতে প্রত্যহের আচ্ছাদন।' *রবীন্দ্র*, ১৯৩৮। ৯ *বি* অন্ধকার। 'আবার সে আচ্ছাদন মাঝে-মাঝে নেমে আসে স্বপ্নের সংকেত।' *রবীন্দ্র*, ১৯৪০।

আচ্ছাদনী [স] *বি* চাঁদোয়া। 'ঘাসের মাথায় যেন আচ্ছাদনী প্রস্তুত করিয়া রাখিয়াছে!' *তারা*, ১৯৪০।

আচ্ছাদা [স আচ্ছাদন>] *ক্রি* আচ্ছাদন করা। 'নিজ অঙ্গ আচ্ছাদিয়া রাখন্ত সম্বরি।' *সুলতান*, ১৭০০; 'আর হাথে ফলাখানা আচ্ছাদিল মাথে।' *মানিকরাম*, ১৭৮১।

আচ্ছাদিত [স] ১ *বিণ* অবরুদ্ধ। 'গুজরাটে ধায় সেনা আচ্ছাদিত পথ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* আচ্ছন্ন; ছেয়ে ফেলেছে এমন। 'ধূমেতিহতের শরীর ধূমেতে আচ্ছাদিত হয়।' *দর্পণ*, ১৮২০। ৩ *বিণ* ঢাকা। 'মৎস্য সকল মাংসেতে আচ্ছাদিত বড়িশী অজ্ঞানতা প্রযুক্ত খাইয়া বিপদে পড়ে।' *গৌর*, ১৮২২।

আচ্ছি [হি] *বিণ* খুব। 'ওলো এ আচ্ছি যে লো।' *নজরুল*, ১৯২৬।

আছওয়ার [ফা সওয়ার] *বি* অশ্বারোহী সৈন্য। 'রোসাঙ্গে আসিয়া হৈলুং রাজ আছওয়ার।' *আলাওল*, ১৬৮০।

আছড়ানো [আ আসার] ১ *ক্রি* আছাড় দেওয়া। 'গুণ্ডে ধরি মাতঙ্গ গজ আছড়িআ মারে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *ক্রি* খড় থেকে ধান আলাদা করা। 'ধান পালা দিয়া, আছড়াইয়া, গোলায় তুলিয়া ...।' *বঙ্কিম*, ১৮৯২।

আছড়ে পড়া *ক্রি* তীব্র বেগে এসে আঘাত করা। 'দু-কানের তীরে এসে বারবার আছড়ে পড়ে।' *সেলিনা*, ১৯৬৯।

আছমান [ফা আসমান] *বি* আকাশ। 'আছমান জমিন আদি চৌদ্দ ভুবন।' *গরীব*, ১৭৬৫।

আছলী [আ আসল>] *ক্রিবিণ* আসলে। 'ভদ্র মাস থেকে ছায়া আছলী এক-এক কদম করে বেড়ে যায়।' *ওয়াজী*, ১৯৪৮।

আছা *ক্রি* থাকা। 'আহর্নু চউখণ সংবোহী।' *চর্যা ৪৪*, ১২০০। **আছ** *ক্রি* রয়েছো। 'কি কারণে দ্বাদশ বৎসর আছ বন্দি।' *মুকুন্দ*, ১৬০০। **আছউক** *ক্রি* থাকুক। 'আছউক ভোলাইমু উম্মত তাহান।' *সুলতান*, ১৭০০। **আছএ** *ক্রি* আছে। 'তোহ্মাত আছএ যবেঁ রতি পতিআস।' *বড়ু*, ১৪৫০; 'আছএত মনিরত্ন আমার মন্দিরে।' *মালাধর*, ১৫০০। **আছন্ত** *ক্রি* আছে। 'এহী মতে কতকাল কৌতুকে আছন্ত।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আছম** *ক্রি* আছি। 'কান্দিতে আছম মুঞি হইয়া বিকল।' *সুলতান*, ১৭০০। **আছয়** *ক্রি* আছে। 'রাজাগন আনিতে এক উপায় আছয়।' *মালাধর*, ১৫০০। **আছয়ে** *ক্রি* আছে। 'তোমার চরণে জার আছয়ে ভকতি।' *মুকুন্দ*, ১৬০০। **আছর্নু** *ক্রি* আছি। 'আছর্নু চউখণ সংবোহী।' *চর্যা ৪৪*, ১২০০। **আছহ** *ক্রি* আছো। 'কুশলে কি আছহ নাতিনী।' *বড়ু*, ১৪৫০। **আছি** *ক্রি* রয়েছি। 'আছি গোপরূপ ধরী।'

AMARBOI.COM

বড়ু, ১৪৫০। **আছিনু** *ক্রি* ছিলাম। 'আছিনু কাঁচা নিন্দে।' *মুকুন্দ*, ১৬০০। **আছিল** *ক্রি* ছিলো। 'শকত আছিল নাঅ এখনে।' বড়ু, ১৪৫০। **আছিলা ১** *ক্রি* ছিলো। 'পরাশর নামে ঋষি আছিলা বিশাল।' বড়ু, ১৪৫০। **২** *ক্রি* ছিলে। 'মুনি বোলে অন্ধ হইয়া আছিলা তখন।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আছিলাঙ** *ক্রি* ছিলাম। 'আছিলাঙ একাকিনী বসিয়া কাননে।' *মুকুন্দ*, ১৬০০। **আছিলাম** *ক্রি* ছিলাম। 'তারি স্নেহবশে রাত্রিদিন আছিলাম আপনা-বিস্মৃত।' *রবীন্দ্র*, ১৮৯৯। **আছিলাহা** *ক্রি* ছিলো। 'কথা না আছিলাহা হেন আছিদর ভারী।' বড়ু, ১৪৫০। **আছিলাহোঁ** *ক্রি* ছিলাম। 'যবেঁ আছিলাহোঁ আন্দো অতিশয় বাণী।' বড়ু, ১৪৫০। **আছিলুঁ** *ক্রি* ছিলাম। 'পুরুষ আছিলুঁ নারী কি কারণে হৈলুঁ।' *সুলতান*, ১৭০০। **আছিলে** *ক্রি* ছিলে। 'কৌতুকে শুতি আছিলে দৈবকীর কোলে।' *মুকুন্দ*, ১৬০০। **আছিলেক** *ক্রি* ছিলো। 'আছিলেক চিরকাল হইয়া কুণ্ডলী।' *সুলতান*, ১৭০০। **আছিলোঁ** *ক্রি* ছিলো। 'আহিলোঁ বা তোর নারী।' বড়ু, ১৪৫০। **আছীল** *ক্রি* ছিলো। 'সর্প আর গড়ুরে আছীল দুই ভাই।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আছু** *ক্রি* থাকুক। 'আছু নর লোক/ দেব লোক তোষে।' বড়ু, ১৪৫০। **আছু** *অব্য* আর। 'আছু আন কাম তাক না করোঁ যতনে।' বড়ু, ১৪৫০। **আছুক** *ক্রি* থাকুক। 'মনুস্যের কাজ আছুক দেবতাএ ত্রাস।' *মালাধর*, ১৫০০। **আছে ১** *ক্রি* অবস্থান করছে। 'বকুলতলাতে আছে সে সুন্দরী সতী।' বড়ু, ১৪৫০। **২** *ক্রি* বিদ্যমান আছে। 'ঘরের সামী মোর/ সর্ব্বাঙ্গে সুন্দর/ আছে সুলক্ষণা দেহা।' বড়ু, ১৪৫০। **৩** *ক্রি* জীবিত আছে। 'কি হে রেজিষ্ট্রার, নন্দী বুড়ো গেছে না আছে।' *গিরিশ*, ১৮৮৬। **আছেএ** *ক্রি* আছে। 'আছেএত পূজা জোগ্য তৃদস ইশ্বর।' *মালাধর*, ১৫০০। **আছেন্ত** *ক্রি* আছে। 'তলাত বসিআঁ/ আছেন্ত নাগর কাহ্নে।' বড়ু, ১৪৫০। **আছের** *ক্রি* আছে। 'কত না রাগ রাধা আছের মনে।' বড়ু, ১৪৫০। **ছিত** *ক্রি* ছিলো। 'ছিত অভাগির এক পেটরাড়ু পো পাম্বুরির কেমেত্তে। তাহার মায়া মো।' *মুকুন্দ*, ১৬০০। **ছিতে** *ক্রি* থাকতে; বিদ্যমানে। 'তোঁ হেন বড়ায়ি ছিতে মোর হএ ডরে।' বড়ু, ১৪৫০। **ছিনু** *ক্রি* ছিলাম। 'এই হেতু দ্বাদশ বৎসর ছিনু বন্দি।' *মুকুন্দ*, ১৬০০। **ছিল, ছিলো** *ক্রি* ছিলো। 'কথা ছিল আছিদর কাহ্নে।' বড়ু, ১৪৫০; 'দৈবোবাণী ছিলো।' *আন্তোনিয়ো*, ১৭৪৩। **ছিল টেকি হল তুল, কাটতে কাটতে নির্মূল** – বৈষয়িক অবস্থার ক্রম-অবনতি। *নজরুল*, ১৯৩১। **ছিলা** *ক্রি* ছিলে। 'এত ধন কথা ছিলা।' বড়ু, ১৪৫০। **ছিলাম** *ক্রি* আছ ক্রিয়ার অতীতকালের উত্তম পুরুষের রূপ। 'কোকিলা বলিয়া পুষে ছিলাম উহারে।' *মদনমোহন*, ১৮৩৪। **ছিলুম, ছিলেম** *ক্রি* ছিলাম। 'মায়ের অত্যন্ত ব্যামো হয়েছে, তাঁর নিকটেই কএক দিন ছিলেম।' *উমেশ*, ১৮৫৭; 'আমি একবার এখানকার একটি বোট-যাত্রা ও পিকনিক পার্টিতে ছিলুম।' *রবীন্দ্র*, ১৮৮১। **ছুক** *ক্রি* থাকুক। 'ধিক ছুক কাহ্নাঞি সে কালীনাগে।' বড়ু, ১৪৫০।

আছাঁটা [স অশাত] **১** *বিণ* ছাঁটা বা কাঁড়ানো হয়নি এমন। *বিদ্যা*, ১৮৯১। **২** *বিণ* কাটা হয়নি এমন। 'ঘাড়ের চুল আছাঁটা।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

আছাড় [আ আসার] **১** *বি* পিছলে পড়া। 'আছাড় খায়েন হরিদাস প্রেমরসে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* উপরে তুলে মাটিতে সজোরে নিক্ষেপ। 'পায়ে ধরি পাক দিয়া মারিল আছাড়।' *ঘনরাম*, ১৭১১।

আছাড় খাওয়া ১ *ক্রি* পা পিছলে মাটি বা নীচে পড়ে যাওয়া। 'আছাড় খাইয়া কাঁদিতে লাগিলেন।' *রবীন্দ্র*, ১৮৯১। **২** *ক্রি* বিপদে পড়া। 'পদে-পদে আছাড় খায়, দুঃখ পায়।' *ওয়ালী*, ১৯৪৮।

আছাড় মারা *ক্রি* উপরে তুলে মাটিতে জোরে নিক্ষেপ করা। 'এক্ষণি আছাড় মারে যায় যমঘর।' *মানিকরাম*, ১৭৮১; 'উপরে তুলিয়া ... আছাড় মারিয়া ফেলে না।' *রবীন্দ্র*, ১৯০৮।

আছাড়-লাগা *বিণ* বেগে পতিত হয়েছে এমন। 'যেন মাস্তুল-ভাঙা, পাল-ছেঁড়া, টোল-খাওয়া, তুফানে আছাড়-লাগা জাহাজ।' *রবীন্দ্র*, ১৯২৯।

আছাড়ানো [আ আসার>] **১** *ক্রি* উপরে তুলে সজোরে নীচে ফেলা। 'কংশে কন্যা মায়িল শিলাপাটে আছাড়িআঁ।' বড়ু, ১৪৫০। **২** *ক্রি* ছোড়াছুড়ি করা। 'হাত পা আছাড়ি রাজা ছাড়িল সরিরে।' *মালাধর*, ১৫০০।

আছাড়িপিছাড়ি, আছাড়ি-বিছাড়ি [আ আসার>] *বি* মাটিতে গড়াগড়ি। 'নিস্তেল দীপের মতো মানুষের নিরাশ্রয় মন আছাড়ি-পিছাড়ি নেবে।' *সুধীন্দ্র*, ১৯৩৩; 'ছোট বউ কাঁদিয়া কাটিয়া আছাড়ি পিছাড়ি খাইয়া উত্তর করিল।' *জসীম*, ১৯৬০।

আছান [ফা আহসান] *বি* নিরাময়। 'ফুক দিতে আছান খাতিরে।' *গরীব*, ১৭৬৫।

আছানা [স শাবক>] *বিণ* ছানা হয়নি এমন। *বিদ্যা*, ১৮৯১।

আছিত্ব [আছি+স ত্ব] *বি* অস্তিত্ব। 'লোপ পেয়ে যায় তার আছিত্ব।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আছিদর [স অছিদ্র] *বিণ* ধূর্ত। 'আতিবড় হৈলা আছিদর।' বড়ু, ১৪৫০।

আছিদরী [স অছিদ্র>] *বিণ স্ত্রী* চতুর। 'তীন ভুবনে নাহিঁ হেন আছিদরী।' বড়ু, ১৪৫০।

আছী *ক্রি* 'আছি' শব্দের বানানভেদ। 'আমী কবুল আছী।' *মেয়র্স*, ১৭৫৭।

আছুক [হি অচানক] *ক্রিবিণ* হঠাৎ। 'আছুক চড়িমু সে পরস না করিব।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আছোঁয়া [স অস্পর্শ>] *বিণ* অমলিন। 'শুধু ধপধপ করছে আছোঁয়া শাদা বরফ।' *অবন*, ১৯২৫।

আছোলা [অছোলা>] *বিণ* খোসা ছাড়ানো হয়নি এমন। 'আছোলা আলুর ঘেঁট।' *নজরুল*, ১৯২৭।

আজ[১] [স আর্য] *বি* আর্য। 'আজদেব নিরালে রাজই।' *চর্যা* ৩১, ১২০০।

আজ[২] [স অদ্য] **১** *ক্রিবিণ* অদ্য। 'বধিএ তোমাকে আজ বাড়ির নির্বৃতি।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বি* বর্তমান। 'নতুনের ভিড়ে বেড়াই ধাক্কা খেয়ে, যেখানে আজ আছে কাল নেই।' *রবীন্দ্র*, ১৯৩২।

আজকা [স অদ্য>] *ক্রিবিণ* আজ। 'দেখুম আজকা তর হগল পুংটামি।' *মাহমুদ*, ১৯৭৩।

আজকাল [স অদ্য>] *ক্রিবিণ* ইদানীং। 'ঠাকুরঝিকে আজকাল ভাল করে দেখেছ?' *উমেশ*, ১৮৫৭।

আজ-কাল করা *ক্রি* তালবাহানা করা। 'এতদিন কোনোমতে আজ-কাল করে চালিয়ে আসছি।' *অচিন্ত্য*, ১৯৫০।

আজকালকার [স অদ্য>] *বিণ* এই সময়ের। 'বিপিনবিহারী আজকালকার একজন সুশিক্ষিত বি.এ.।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আজকেকার [স অদ্য>] *বিণ* এখনকার। 'আমার আজকেকার এই চঞ্চল হৃদয় তখনকার ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আজো *ক্রিবিণ* এখন পর্যন্ত; আজও। 'আজো তোমার কিরণপাতে।' *রবীন্দ্র*, ১৯০৬।

আজগবি, আজগবী [ফা আজ+আ গায়বী] **১** *বিণ* রহস্যময়। 'ভাবের আজগবি কল গৌরচাঁদের ঘরে ...।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *বিণ* অদ্ভুত।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বিদ্যা, ১৮৯১। ৩ *বিণ* অবিশ্বাস্য। 'এমনতর আজগবি ফন্দি খাটায় যে আমাদের কাছে নিতান্ত সৃষ্টিছাড়া ঠেকিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯২। ৪ *বিণ* আকস্মিক। 'হঠাৎ এক-এক জায়গায় একটা আজগবি ঘূর্ণি বাতাস দাঁড়িয়ে উঠে ...।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৫ *বিণ* অবাস্তব। 'অসংখ্য আজগবী গল্প।' *সওগাত*, ১৯২৯।

আজগায়েব [ফা আজ+আ গায়বী] *ক্রিবিণ* হঠাৎ। 'আজগায়েব সেইখানে আইল দুই সাপ।' *গরীব*, ১৭৬৫।

আজগুব [ফা আজ+আ গায়বী] *বিণ* ভিত্তিহীন। 'কলকেতার নিত্য নতুন নতুন হুজুক, সকল গুলিই সৃষ্টি ছাড়া ও আজগুব!' *হুতোম*, ১৮৬১।

আজগুবি, আজগুবী [ফা আজ+আ গায়বী] ১ *বিণ* ভিত্তিহীন। 'বাঙ্গালা কাগজ ওয়ালারা ... আজগুবী কথায় কাগজ পোরাতে লাগলেন।' *হুতোম*, ১৮৬১; 'আজগুবি কথা লইয়া ভিরকুটি করে।' *হরপ্রসাদ*, ১৮৭৮। ২ *বিণ* কল্পিত। 'আজগুবী গল্পের ছায়াবলম্বনে লিখিত।' *এসলাম*, ১৯১৯।

আজগৈবি [ফা আজ+আ গায়বী] *বিণ* আজগুবি। 'উঠেছে রে আজগৈবি আওয়াজ/ সাত তালা ভেদিয়ে।' *লালন*, ১৮৯০।

আজড়ানো [হি উজাড়না] *ক্রি* প্রকাশ করা। 'পল্লীকাহিনী না আজড়াইয়া মনের ফাঁপর দূর করিতে পারিল না।' *ওদুদ*, ১৯৫১।

আজদাহা [ফা] ১ *বিণ* বিশাল ও ভয়ানক। 'বড়ই আজদাহা সাপ দম নাহি ছাড়ে।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* বড়ো সাপবিশেষ। 'রোষে ফুলে ওঠে কালাপানি যেন সুবিশাল আজদাহা।' *ফররুখ*, ১৯৬৬।

আজনম [স আজন্ম] ১ *ক্রিবিণ* চিরকাল। 'কেহ আজনম না রহে অধম।' *সত্যেন্দ্র*, ১৯০৮। ২ *ক্রিবিণ* জন্ম থেকে। 'পদে পদে বাধা আজনম – বুঝি আমরণ।' *সত্যেন্দ্র*, ১৯১২।

আজনাই [অ আজিনাই] *বি* টিকটিকিজাতীয় প্রাণীবিশেষ। 'বিলাস ধেড়ে মূষা ছুঁচা আজনাই।' *ভারত*, ১৭৬০।

আজন্ম [স] ১ *ক্রিবিণ* জন্ম থেকে। 'আজন্ম কাশীতে বাস সভেই যশস্বী।' *বৃন্দা*, ১৫৮০। ২ *ক্রিবিণ* আজীবন। 'অল্পবয়স্ক কিম্বা বাতুল অথবা আজন্ম অজ্ঞান রহে।' *ফরস্টার*, ১৭৯৮।

আজন্মকাল [স] *ক্রিবিণ* সারাজীবন ধ'রে। 'আজন্মকাল তোমার চেলা হয়ে আমি থাকব।' *গিরিশ*, ১৮৮৭।

আজন্মপরিচিত [স] *বিণ* চিরচেনা। 'এই ফলশস্যসুন্দরা বসুন্ধরা হইতে পিতৃপিতামহসেবিত আজন্মপরিচিত বাস্তুগৃহ।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আজন্মবিধবা [স] *বিণ* শিশুকাল থেকে বিধবা। 'আজন্মবিধবা তারি একপ্রান্তে রয়েছি একাকী।' *রবীন্দ্র*, ১৯২৫।

আজন্মলব্ধ [স] *বিণ* জন্ম থেকে প্রাপ্ত। 'স্বধর্মের ও স্বদেশের আজন্মলব্ধ বিশ্বাস সংস্কার তিনি গায়ে-লাগা ধুলোর মতো ফুঁ দিয়ে ঝেড়ে ফেলতে পেরেছিলেন।' *শরীফ*, ১৯৭০।

আজন্মাবধি [স] *ক্রিবিণ* জন্ম থেকে। 'আজন্মাবধি সত্যবাদী পরিমিত ভাষী মিথ্যাদ্বেষী যথার্থলাপী।' *চন্দ্রিকা*, ১৮৩৫।

আজব [আ] *বিণ* অদ্ভুত। 'বাহিরে দেখিনু এক আজব ছুরত।' *গরীব*, ১৭৬৫।

আজবঘর [আ আজব+ঘর] *বি* জাদুঘর। 'সুদূর পশ্চিমে উহাকে আজবঘর বলে।' *হরপ্রসাদ*, ১৮৮১।

আজবতর [আ আজব+স তর] *বিণ* অতিবিস্ময়কর। 'বিধাতার এক আজবতর সৃষ্টি।' *মোজাম্মেল*, ১৯৬০।

আজবোজ [আড়+বোঝ] *বিণ* অবুঝ। 'বুঝিল বেটা আজবোজ।' *ভারত*, ১৭৬০।

আজমাইস [ফা আজমায়িশ] *বি* পরীক্ষা; গবেষণা। *বিদ্যা*, ১৮৯১।

আজমানো [ফা আজমান>] *ক্রি* পরীক্ষা করা। 'আজমাইতে।' *মানোএল*, ১৭৪৩।

আজমুদা [ফা আজমুদান] *বিণ* পরীক্ষিত। 'বড়ই আজমুদা দারু কহি তেরা ঠাই।' *গরীব*, ১৭৬৫।

আজরাইল [আ] *বি* (ইসলামি মতে) মৃত্যুদূত। 'আজরাইল কহে নবী শুন দিল দিয়া।' *গরীব*, ১৭৫০।

আজরাল [আ আজরাইল] *বি* (ইসলামি মতে) মৃত্যুদূত। 'আজরাল যদি সামনে দাঁড়ায়।' *জসীম*, ১৯৩৩।

আজল [স আদর] *বিণ* ন্যাকা। 'হেন সে আজল দেবরাজে।' *বড়ু*, ১৪৫০।

আজলকাজল *বিণ* ঘন কালো। 'নীলনীলিমা ললাট এমন আজলকাজল অন্ধকারে।' *শব্দ*, ১৯৬৬।

আজলা [স অঞ্জলি] *বি* অঞ্জলি। 'মেয়ের কলসি থেকে আজলা ভরে পানি খাচ্ছেন।' *শ্যামসুল*, ১৯৬২।

আজলী *বিণ* আদরিণী। 'আজলী রাধা তোঁ আবালী বড়ী।' *বড়ু*, ১৪৫০।

আজা [স আর্যক] ১ *বি* মাতামহ। 'চক্রবর্তী সম্বন্ধে হাম আজা করি মানে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* পিতামহ। *মানোএল*, ১৭৪৩; 'শুন্যাছি বাপার মুখে কয়েছিস আজা।' *মানিকরাম*, ১৭৮১।

আজাজিল, আজাজীল [আ] *বি* শয়তান। 'আজরাইলও সে পারেনি এগুতে যে আজাজিলের আগে।' *নজরুল*, ১৯২৮; 'টুটি চেপে ধরি, জ্বালাই, উড়াই, মাড়াই দিগ্বিদিকে কোটি আজাজীল।' *মাহেনও*, ১৯৪৯।

আজাড় [হি উজাড়] *বিণ* শূন্য; খালি। *বিদ্যা*, ১৮৯১।

আজাড়া [হি উজাড়>] *ক্রি* শূন্য করা। *বিদ্যা*, ১৮৯১।

আজাড়ি [হি উজাড়া] *বিণ* শূন্য। *মানোএল*, ১৭৪৩।

আজাদ [ফা] ১ *বিণ* মুক্ত। 'এক দাসী কিনি তবে করিব আজাদ।' *আলাওল*, ১৬৮০। ২ *বিণ* সার্বভৌম। 'স্বাধীন এ দেশ! আজাদ মোরা!' *নজরুল*, ১৯২২।

আজাদি, আজাদী [ফা] ১ *বি* স্বাধীনতা। 'আজাদীর কথা ভুলায় কে?' *সাধনা*, ১৯২১; 'এই আজাদির সাড়া না পাইলে আমাদের জীবনে ... স্বেচ্ছাচারিতা দেখা দিত না।' *নজরুল*, ১৯২২। ২ *বিণ* মুক্তি। 'ফিরে আসে আজাদ পাকিস্তানে নারীর আজাদী।' *বেগম*, ১৯৪৭। ৩ *বিণ* স্বাধীনতা সম্পর্কিত। 'আগামী সংখ্যা বিশেষ আজাদী সংখ্যারূপে আগষ্টের প্রথম সপ্তাহেই প্রকাশিত হচ্ছে।' *মাহেনও*, ১৯৪৯।

আজান[১] [আ] *বি* মুসলমানদের পাঁচ বেলা উপাসনার জন্য আহ্বান। 'বহু পুণ্য পঞ্চ অক্ত আজান কহিলে।' *আলাওল*, ১৬৮০।

আজান[২] *বি* এক জাতের ধান। 'আজানে সাজান কৈল তাড় দুই বাহে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আজান[৩] [স অজ্ঞাত] *বিণ* অচেনা; অজ্ঞাত। 'আজান গাঁয়ের কৃষাণ কুমারী।' *জসীম*, ১৯৩১।

আজানা [স অজ্ঞাত] *বিণ* অজ্ঞাত; অপরিচিত। *বিদ্যা*, ১৮৯১।

AMARBOI.COM

আজানু [স] *বিণ* হাঁটু পর্যন্ত। 'আজানু লম্বিত বাহু সাজে বনমালা।' *মালাধর*, ১৫০০।

আজানুচুম্বিত [স] *বিণ* হাঁটু স্পর্শ করেছে এমন। 'এখন সে কাঁপিছে উল্লাসে আজানুচুম্বিত মুক্ত কৃষ্ণ কেশপাশে।' *রবীন্দ্র*, ১৮৯০।

আজানুবাহু [স] *বিণ* হাঁটু পর্যন্ত প্রসারিত বাহুবিশিষ্ট। 'মহাবল, পরাক্রান্ত আজানুবাহু।' *কেরি*, ১৮১২।

আজানুলম্বিত [স] *বিণ* হাঁটু পর্যন্ত দীর্ঘ। 'আজানুলম্বিত বনমালা।' *মুকুন্দ*, ১৬০০।

আজানুলম্বিতবাহু [স] *বি* হাঁটু পর্যন্ত দীর্ঘ হাত যার। 'আজানুলম্বিতবাহু দূর্বাদলশ্যাম।' *কৃত্তিবাস*, ১৬৫০।

আজানুসমুত্থিত [স] *বিণ* হাঁটু পর্যন্ত তোলা। 'আজানুসমুত্থিত বুট কিনিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

আজাব [আ] *বি* শাস্তি। 'বহুত আজাব পাইবে মউত নিদানে।' *গরীব*, ১৭৬৫।

আজার [ফা] **১** *বি* আঘাত। 'আজার জ্বলনে মর্দ্ম যায় গড়া গড়ি।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* দুঃখ। 'ইউছফ পুছিল তুঝে কি আছে আজার।' *গরীব*, ১৭৬৫।

আজারি[১] [ফা আজার>] *বি* মোটা ও তালি-দেওয়া। 'আজারির কাপড়।' *ওসাঁ*, ১৭৮৫।

আজারির কাপড় *বি* ক্যানভাস; তালি-দেওয়া মোটা কাপড়। *ওসাঁ*, ১৭৮৫।

আজারি[২] [ফা] *বি* রোগ; অসুস্থতা। 'এমন সময় এল মুসাফির গায়ে আজারির চিন।' *নজরুল*, ১৯২৫।

আজারিয়া [ফা আজার>] *বিণ* অদরকারি। '... প্রগতির ফলে বাতিল হতে পারেন এমন প্রস্তাব নেহায়েতই আজারিয়া।' *শিব*, ১৯৫৬।

আজালা [স জ্বাল>] *বিণ* জ্বালা হয়নি এমন। *বিদ্যা*, ১৮৯১।

আজি[১], **আজী** [স অদ্য>] **১** *ক্রিবিণ* এখন। 'আজি হৈতে বড়ায়ি দেব বনমালী তোহ্মার ভয়িলা দাসে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* আজ। 'আজী না সুনিমু আহ্মি কার সমাচার।' *কবীন্দ্র*, ১৬৮৯; 'সে মাল আজী তাগাদী বিক্রি হয়ে নাই।' *মেয়র্স*, ১৭৫৭; 'তবে আজি যাও, কল্য আসিও।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

আজিকার, আজীকার [স অদ্য>] **১** *বিণ* আজকের। 'আমাকে মারিবারে হৈল আজিকার রাতি।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* এখনকার। 'আজীকার প্রজার স্থানে খাজানা ওয়াসীল করা বড় দায় হইয়াছে।' *ওসাঁ*, ১৭৮২।

আজি কালি, আজী কালী [স অদ্য>+স কল্য>] **১** *ক্রিবিণ* সম্প্রতি। 'আজী কালী যদি না দেখাও মহাবীর খড়গেতে কাটিয়া তোরে করিব দুই চির।' *মুকুন্দ*, ১৬০০। **২** *ক্রিবিণ* আজকের দিনে। 'বঙ্গদেশের কৃষকের দুর্দ্দশা আজি কালি হয় নাই।' *বঙ্কিম*, ১৮৭৯।

আজি কালিকার [স অদ্য>+স কল্য>] *বিণ* সাম্প্রতিক কালের। 'আজি কালিকার, বৌ ঝিরা রন্ধনকার্য্যে সম্পূর্ণরূপে বিরক্ত।' *দীপিকা*, ১৮৮৭।

আজী নাগদী *ক্রিবিণ* আজ পর্যন্ত। 'অসুস্থ হইয়াছেন আজী নাগদী তিন মাহা।' *ওসাঁ*, ১৭৭৯।

আজি[২] [স আর্ষিকা] *বি* পিতামহী। *মানোএল*, ১৭৪৩।

আজিকা [স অদ্য>] *বিণ* আজকে। 'রাজাকে ভেটিবে আমি আজিকা বৈকালে।' *বিজয়*, ১৬৫০।

আজিগিস [স আজিগীষা] *বি* জয়ের আকাঙ্ক্ষা। 'অপরঞ্চ ধনুঃশর আজিগিস চড়া।' *মানিকরাম*, ১৭৮১।

আজিজ [আ] *বিণ* কাহিল। 'আপন মুনাফার জন্যে তাতির খতরা করিয়া তাহাদিগকে আজিজ করিয়াছে ...।' *হ্যালহেড*, ১৭৭৩। *দ্র* **আজেজ**

আজিজি, আজিজী [আ আজিজ] **১** *বি* বিনয়। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বি* প্রীতি; খাতির। 'আজিজি করিনু তব না রাখিলা বাত।' *হামজা*, ১৮০৭।

আজিম [আ] *বিণ* খুব বড়ো। 'আজিম দরখত এক দেখিবারে পায়।' *হামজা*, ১৮০৭।

আজিমাবাদি *বিণ* আজিমাবাদের। 'পাচ সিন্দুক আফিম আজিমাবাদি।' *ক্যালগে*, ১৭৮৭।

আজির [ফা আনজির] *বি* ডুমুর জাতীয় ফল। *ওসাঁ*, ১৭৮৫।

আজী, আজীকার, আজী কালী, আজী নাগদী *দ্র* **আজি**

আজীব[১] [স] *বি* জীবিকা। 'আমাদিগের আজীব, আরাম ও সৌকার্য্যার্থে যে সকল বস্তু আবশ্যক, পৃথিবীতে ...।' *বিদ্যা*, ১৮৫১।

আজীব[২] [আ আজব] *বিণ* আজব। 'আজীব ছিল মোদের আগে এই দুনিয়ার হাল।' *মাহেনও*, ১৯৪৯।

আজীবক [স] *বি* ভিক্ষুক। 'একজন আজীবক সন্ন্যাসী।' *বিভূতি*, ১৯৩১।

আজীবন [স] *ক্রিবিণ* জীবনব্যাপী। 'আজীবন বিবাহ না করিয়া স্বদেশের জন্য মরিব।' *রবীন্দ্র*, ১৮৯২।

আজীবনকাল [স] *বি* সারা জীবন। 'অপর মানুষের সঙ্গে যোগসাধন না ঘটলে ... প্রত্যেকে আজীবনকাল ... আপন আপন কক্ষেই ঘুরে মরতাম।' *শিব*, ১৯৫৬।

আজু [স অদ্য] *বিণ* আজকের। 'শুন সখী আজু নিশি স্বপ্নে অতুলিত।' *আলাওল*, ১৬৮০।

আজুক [স অদ্য>] *বিণ* আজকের। 'কি কহব রে সখি আজুক আনন্দ ওর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আজুকা [স অদ্য>] *ক্রিবিণ* আজ। 'আজুকা খণ্ডিল কর্ণ চক্ষের বিবাদ।' *আলাওল*, ১৬৮০।

আজুকার [স অদ্য>] *বিণ* আজকের; এই সময়ের। 'কহিলাম এই আজুকার বিবরণে।' *বৃন্দা*, ১৫৮০।

আজুগার [স অদ্য>] *বিণ* আজকের। 'ঘাদস বৎসর অন্ত আজুগার দিনে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আজুদিন [স অদ্য>+স দিন] *বি* আজকের দিন। 'আজুদিনে সুরঙ্গ করিয়া সাবধানে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আজুনিশি [স অদ্য>+স নিশি] *ক্রিবিণ* আজ রাতে। 'আজুনিশি না শুনিলুঁ তাম্রচূড় নাদ।' *বাহরাম*, ১৬৫০।

আজুরা [আ আজর] *বি* মজুরি। 'আজুরা না লই যদি এই কর্ম করে।' *আলাওল*, ১৬৮০।

আজেজ [আ আজিজ] **১** *বিণ* দুর্বল। 'নেহাত আজেজ আছে নবী পয়গম্বর।' *গরীব*, ১৭৬৫। **২** *বিণ* হতবুদ্ধি। 'আজেজ হইল মর্দ হয়বতে পড়িয়া।' *হামজা*, ১৮০৭।

আজেবাজে [ফা বাজে>] *বিণ* তুচ্ছ; নিরর্থক। 'কোনোদিন আজেবাজে লিখে সময় নষ্ট করিনি।' *জীবন*, ১৯৩১।

AMARBOI.COM

আজেলিয়া [ই] *বি* রডোড্রেনডন গোত্রের বড়ো আকারের গোলাপি, বেগুনি, সাদা বা হলুদ ফুল। 'হাসি বহি দেখা দিল আজেলিয়া।' *রবীন্দ্র*, ১৯২৭।

আজৈব *বি* আচার ইত্যাদি রাখার পাত্র। *মানোএল*, ১৭৪৩।

আজ্ঞপ্ত [স] *বিণ* আদিষ্ট। 'ইহাও আজ্ঞপ্ত হইল যে, কোনও ব্যক্তি উপঢৌকন লইতে পারিবেন না।' *বিদ্যা*, ১৮৯১।

আজ্ঞা [স] **১** *বি* আদেশ। 'প্রসেনেরে দিয়া কৈল আজ্ঞা লংঘনে।' *মালাধর*, ১৫০০। **২** *বি* ইচ্ছা। 'সাহেব খামীন্দ সাক্ষাত তজবিজ আজ্ঞা হএ।' *হ্যালহেড*, ১৭৭৩। **৩** *বি* সম্মতি। 'আসতে আজ্ঞা হউক বসতে আজ্ঞা হউক।' *প্যারী*, ১৮৫৮।

আজ্ঞা করা *ক্রি* আদেশ করা। 'বাবুজী কত টাকা চাহি আজ্ঞা করুন।' *ভবানী*, ১৮২৫।

আজ্ঞাকারি [স আজ্ঞাকারী] *বি* আদেশ পালন। 'কার তেজ ধর তুমি কর আজ্ঞাকারি।' *মুকুন্দ*, ১৬০০।

আজ্ঞাকারিণী [স] *বিণ স্ত্রী* আদেশ পালনকারী। 'যদি প্রিয়তমের আজ্ঞাকারিণী থাকি তবে স্বামী ত্যাগ করিবেন।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

আজ্ঞাকারী [স] **১** *বিণ* বাধ্য। *মানোএল*, ১৭৪৩; 'তারাই সবে ইন্দ্র রাজার আজ্ঞাকারী।' *লালন*, ১৮৯০। **২** *বিণ* আদেশদাতা; নির্দেশক। 'কহে কোন নারী হয় আজ্ঞাকারী।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'তব পাশে সদা আমি আছি আজ্ঞাকারী।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

আজ্ঞাধারী [স] *বি* আদেশ পালনকারী। 'সদা আজ্ঞাধারী তার মদন আপনি।' *মদনমোহন*, ১৮৩৪।

আজ্ঞাধিনী [স] *বিণ স্ত্রী* আদেশের অধীন। 'তব আজ্ঞাধিনী আজ্ঞা পালিব যতনে।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

আজ্ঞাধীন [স] *বিণ* আদেশের অধীন। 'একটিকে অধিনায়করূপে নির্বাচিত করিয়া নিয়ত তাহারই আজ্ঞাধীন থাকে।' *অক্ষয়*, ১৮৫৪।

আজ্ঞানুবর্তন, আজ্ঞানুবর্ত্তন [স] *বি* আজ্ঞা অনুসারে চলা। 'পিতৃ মাতৃ রাজপ্রভৃতির আজ্ঞানুবর্ত্তন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

আজ্ঞানুবর্তী, আজ্ঞানুবর্ত্তী [স, সমাসে ই-কার] **১** *বিণ* আদেশ পালন করে এমন; অনুগত। 'নবাব সাহেবেরদিগের আজ্ঞানুবর্ত্তী হইয়া প্রাধান্য রূপে পুরুষানুক্রমে কালক্ষেপণ করিতেছি।' *রাজীব*, ১৮০৫; 'আমার আজ্ঞানুবর্তী হয়ে যেমন বলি তেমন চলো।' *অবন*, ১৯২৫। **২** *বি* অনুগত যে। 'কতলু খাঁর আজ্ঞানুবর্তিগণ এই লিপি প্রতিপালন করিবে।' *বঙ্কিম*, ১৮৬৫।

আজ্ঞানুবর্তিনী, আজ্ঞানুবর্ত্তিনী [স] *বিণ স্ত্রী* আদেশ পালনকারী। 'আমি তোমার আজ্ঞানুবর্তিনী হইব।' *বিদ্যা*, ১৮৪৭; 'পত্যনুরক্তা – আজ্ঞানুবর্ত্তিনী।' *দীপিকা*, ১৮৮৭।

আজ্ঞানুসারী [স] *বিণ স্ত্রী* আদেশ পালনকারী; বাধ্যগত। 'স্বামির আজ্ঞানুসারী হইতেন।' *গৌর*, ১৮২২।

আজ্ঞানুসারে [স] *ক্রিবিণ* আদেশ অনুযায়ী। 'সত্যবতীর আজ্ঞানুসারে ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮০২।

আজ্ঞাপত্র [স] *বি* চিঠি (বিনয়ে)। 'মহাশএর আজ্ঞাপত্র পাইয়া সবিশেষ জ্ঞাতো হইলাম।' *ওসাঁ*, ১৭৮২।

আজ্ঞাপত্রি [স আজ্ঞাপত্রী] *বি* হুকুমনামা; আদেশপত্র। 'আজ্ঞাপত্রি।' *ডানকান*, ১৭৮৫।

আজ্ঞাপাল [স] *বিণ* আজ্ঞা পালনকারী। 'আশ্রিত আল্লার হই আজ্ঞাপাল দাস।' *সুলতান*, ১৭০০।

আজ্ঞাপেক্ষা করা [স আজ্ঞা-অপেক্ষা>] *ক্রি* অনুমতি লাভের চেষ্টা করা। 'স্ত্রী সহগমন করণার্থে আজ্ঞাপেক্ষা করিয়া তথাকার জজ সাহেবের নিকটে আসিয়াছিল।' *দর্পণ*, ১৮২১।

আজ্ঞাপ্রতিপালন [স] *বি* নির্দেশ পালন। 'আজ্ঞাপ্রতিপালন, সুখ্যাতি সুযশ, শত সহস্রকণ্ঠে ঘোষিত হইতে থাকে।' *মশাররফ*, ১৯০৮।

আজ্ঞাপ্রাপ্ত [স] *বিণ* আদেশ পেয়েছে এমন। 'শ্রীশ্রীযুতের আজ্ঞাপ্রাপ্ত হইয়াছেন।' *দর্পণ*, ১৮২২।

আজ্ঞাবর্তী, আজ্ঞাবর্ত্তী [স] *বিণ* আজ্ঞাবহ। *সেবধি*, ১৮৩৯।

আজ্ঞাবহ [স] *বিণ* অনুগত। *ওসাঁ*, ১৭৮৫; 'সেখানকার লোক অনিচ্ছাপূর্ব্বক আজ্ঞাবহ ছিল।' *তারিণী*, ১৮০৩।

আজ্ঞাবাহী [স] *বিণ* আদেশ পালনকারী। 'পবন যাদের ব্যজনী দুলায় হইয়া আজ্ঞাবাহী।' *নজরুল*, ১৯২৯।

আজ্ঞাবিরোধিনী [স] *বিণ স্ত্রী* নির্দেশ অমান্যকারী। 'আজ্ঞাবিরোধিনী রসিকতাপ্রয়াসিনী।' *দীপিকা*, ১৮৮৭।

আজ্ঞামতে [স আজ্ঞা>] *ক্রিবিণ* আদেশ অনুযায়ী। 'আদালতের আজ্ঞামতে সে ব্যক্তির সাক্ষীর খরচ ...।' *ডানকান*, ১৭৮৪।

আজ্ঞা হওয়া *ক্রি* ইচ্ছা হওয়া। 'আসতে আজ্ঞা হোক।' *রবীন্দ্র*, ১৯০৭।

আজ্ঞে [স আজ্ঞা>] *অব্য* সম্মতিসূচক শব্দ। 'নেপথ্যে। আজ্ঞে যাই।' *মাহেরকল*, ১৮৬০।

আজ্ঞেয়ক [স] *বিণ* অজ্ঞেয়বাদী। 'নাস্তিক বা আজ্ঞেয়িকও কেহ কেহ থাকিতে পারেন।' *রবীন্দ্র*, ১৯৩৯।

আজ্য [স] *বি* ঘি। 'আজ্য আর আগুনে জীবন জ্ঞেন জ্বলে।' *রূপরাম*, ১৭৫০।

আঝর [স অজস্রধার] *ক্রিবিণ* অবিরাম। 'আঝর ঝরএ মোর নয়নের পাণী।' *বড়ু*, ১৪৫০।

আঝাড়া [অঝাড়া>] *বিণ* অপরিষ্কৃত। *বিদ্যা*, ১৮৯১; 'অন্ধকার ঘরে আঝাড়া বিছানায় টান হয়ে শুয়ে পড়ল।' *নরেন্দ্র*, ১৯৫৩।

আঝালা *বিণ* ঝালশূন্য। *বিদ্যা*, ১৮৯১।

আঞ্চল [স অঞ্চল] *বি* আঁচল। 'রাধার আঞ্চলে ধরি মনে মনে হাসে।' *বড়ু*, ১৪৫০।

আঞ্চলিক [স] *বিণ* অঞ্চল সংক্রান্ত। 'ধর্মীয় প্রভাবের মতো আঞ্চলিক প্রভাবও মানুষের দৈনন্দিন জীবনযাত্রার ক্ষেত্রে যথেষ্ট কার্যকরী।' *উমর*, ১৯৬৭।

আঞ্চলিকতা [স] *বি* কোনো অঞ্চলের প্রতি পক্ষপাত। 'যারা প্রাদেশিকতা ও আঞ্চলিকতার প্রতি দোহাই দেন।' *বেগম*, ১৯৫২।

আঞ্জন [স অঞ্জন] *বি* কাজল। 'শ্রবণে কুণ্ডল আদি নয়ানে আঞ্জন।' *আলাওল*, ১৬৮০।

আঞ্জনেয় [স] *বি* হনুমান। 'তাহলেও আঞ্জনেয়রা সরস্বতীর পুত্র নয়।' *সুধীন্দ্র*, ১৯৩৫।

আঞ্জমন, আঞ্জুমান [ফা আঞ্জুমান] *বি* সংগঠন; সমিতি। 'ইহার প্রযত্নে ক্রমান্বয়ে ৪টি আঞ্জমান স্থাপিত হইয়াছে।' *প্রচারক*, ১৮৯৯; 'নগরের মুসলমান আঞ্জমনসমূহ ... ঘোর প্রতিবাদ করিয়াছে।' *প্রচারক*, ১৯০৭। দ্র **আঞ্জুমান**

আঞ্জলী [স অঞ্জলি] *বি* অঞ্জলি। 'আঞ্জলী বান্ধিআঁ/ সন্ধারে কাহাঞি।' *বড়ু*, ১৪৫০।

AMARBOI.COM

আঞ্জাম [আ] ১ *বি* আয়োজন। 'অর্দ্ধেক জে সাহেব কাজের আঞ্জাম করিয়াছে সেই পাইবেক।' *ক্যালগে*, ১৭৮৪; 'আপন সাধ্যক্রমে ... তাহার সরবরাহ ও আঞ্জাম করিব।' *ডানকান*, ১৭৮৫। ২ *বি* ব্যবস্থা। 'আমা দিয়া ইহার আঞ্জাম কি মতে হইতে পারে।' *রামরাম*, ১৮০১। ৩ *বি* সামগ্রী। 'তাঞ্জাম ভরা আঞ্জাম এ যে কিছুই রাখোনি বাকি।' *নজরুল*, ১৯৩০।

আঞ্জাম-আয়োজন [আ আঞ্জাম+স আয়োজন] *বি* বন্দোবস্ত; জোগাড়-যন্ত্র। 'অনেক আঞ্জাম-আয়োজন করিয়া এদিক ওদিক চাইয়া।' *মনসুর*, ১৯৫৫।

আঞ্জি [স আদ্য] *বি* মাঙ্গলিক চিহ্ন (বঁ)। 'ছেলেরা আঞ্জি ক খ পড়ে।' *দক্ষিণা*, ১৯৪০।

আঞ্জিরবৃক্ষ [ফা আঞ্জীর+স বৃক্ষ] *বি* ডুমুর জাতীয় ফলের গাছ। 'আঞ্জিরবৃক্ষ বীজ হোস্তে অক্ষর প্রচার।' *সুলতান*, ১৭০০।

আঞ্জির, আঞ্জীর [ফা] *বি* ডুমুর জাতীয় সুমিষ্ট ফল। 'আঞ্জীর বদরী বৃক্ষ অতি বহুতর।' *সুলতান*, ১৭০০; 'আঞ্জির শাখার মতো অন্ধকারে তুমি।' *জীবন*, ১৯৩০।

আঞ্জুমান [ফা] *বি* সমিতি। 'মওলানা সাহেব আঞ্জুমনে-তবলিগুল ইসলাম নামক একটি আঞ্জুমান কায়েম করিয়াছেন।' *মনসুর*, ১৯৩৫। *দ্র* আঞ্জমন

আট [স অষ্ট, পা অট্ঠ] *বিণ* ৮ সংখ্যক। 'আকাশ, বায়ু, তেজ, জল, ভূমি, এই পঞ্চভূতের মধ্যে পৃথিবীর আট আনা।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

৮ *বিণ* আট সংখ্যক। 'আগামি মঙ্গলবার ৮ জুন...।' *দর্পণ*, ১৮১৯।

আটই *বিণ* অষ্টম (দিন)। *ওসাঁ*, ১৭৮৫।

আটকড়াইয়া [আট+স কলায়>] *বি* শিশুর জন্মের অষ্টম দিনে আট প্রকার কলাই ভাজা বিতরণের লৌকিক সংস্কার। 'আট দিনে আট কড়াইয়া করিল ধর্মকেতু।' *মুকুন্দ*, ১৬০০।

আটকলা *বি* আট রকমের ছল-চাতুরী। 'আট কলা হেকমত আমাদের মনে মনে।' *জসীম*, ১৯৬৪।

আটকলাইআ [আট+স কলায়>] *বি* শিশুর জন্মের অষ্টম দিনে আট প্রকার কলাই ভাজা বিতরণের লৌকিক সংস্কার। 'আটকলাইআ তার কইল আট দিনে।' *মুকুন্দ*, ১৬০০।

আটকুঠরী *বি* দেহের আট মোকাম; লাহুদ, নাসুদ, মালকুত, জবরুদ, মোকাম আরোয়া প্রভৃতি। 'আটকুঠরী নয় দরজা আঁটা।' *লালন*, ১৮৯০।

আটচালা [আট+স চাল] ১ *বি* আট চালাবিশিষ্ট ঘর। 'মাঝে আটচালা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* উৎসবাদির জন্য নির্মিত আট চালাবিশিষ্ট মণ্ডপ। 'এক আটচালা পরিপূর্ণ পিত্তলের বাসন উৎসর্গ করিয়েছেন।' *দর্পণ*, ১৮১৮; 'নূতন আটচালা বাঁধিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০০।

আটতালা [আট+স তাল>] *বি* সংগীতের তালবিশেষ। বড়ু, ১৪৫০।

আটনম্বরী [আট+ই নম্বর>] *বি* আট নম্বর মাপে তৈরি (জুতো)। 'আমার ছনম্বরী পা-কে আটনম্বরী পরাতে যাব নাকি?' *মুজতবা*, ১৯৫৯।

আটপলা [আট+ফা পহল>] *বিণ* আটটি পরতবিশিষ্ট। 'কিবে গিলে-করা গলা/ ঢেউ-তোলা আট-পলা।' *নজরুল*, ১৯৩৩।

আটপহরে [স অষ্টপ্রহর>] *বিণ* আটপৌরে; সবসময়ে ব্যবহৃত। 'আটপহরে নামটাতে দোষ কী হল।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আট-পেজি [আট+ই পেজ>] *বিণ* আট পৃষ্ঠাবিশিষ্ট। 'ওর ভিতরও আট-পেজি, বারো-পেজি, ষোলো-পেজি আছে।' *প্রমথ*, ১৯১৮।

আটপ্রহর [স অষ্টপ্রহর>] *ক্রিবিণ* সারাক্ষণ। 'দিবানিশি আট প্রহরে একরূপে চার রূপ ধরে।' *লালন*, ১৮৯০।

আটহাতি *বিণ* আট হাত মাপের। 'পরনে খদ্দরের আটহাতি ধুতি, পায়ে চাপলি।' *ধূর্জটি*, ১৯৩১।

আট-হেতো *বিণ* আট হাত দৈর্ঘ্যের। 'রেলির লাটুমার্কা আট-হেতো কোরা ধুতি ...।' *প্রমথ*, ১৯৪১।

আটকল *বি* হিংসা। *মানোএল*, ১৭৪৩।

আটকলা[১] *বিণ* নির্বাচিত। *মানোএল*, ১৭৪৩।

আটকলা করা *ক্রি* নির্বাচন করা। 'আটকলিতে আটকল করিতে।' *মানোএল*, ১৭৪৩।

আটকলা[২] *দ্র* আট

আটক [হি] ১ *বিণ* বাধাগ্রস্ত। 'কাম ক্রোধ প্রবেশিত হইল আটক।' *বাহরাম*, ১৬৫০। ২ *বি* বাধা। 'যাইতে আটক তায় না করে দরানি ...।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৩ *বি* বন্দি করে রাখা। 'ফাটকে আটক আটাআটি।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'আঁধার আলয়ে তার হয়েছে আটক।' *রবীন্দ্র*, ১৮৮২। ৪ *বি* সঞ্চয়। 'রাজ্য রক্ষণের নিমিত্তে আমাদিগের ধনাংশ আটক করি।' *তারিণী*, ১৮০৩। ৫ *বিণ* আবদ্ধ। 'মাল থানায় আটক করতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯১। ৬ *বি* গোপন। 'তাঁতখানি আগে আটক করে রাখব।' *রবীন্দ্র*, ১৮৯২। ৭ *বি* প্রতিরোধ। 'একসার গোরুর গাড়ি আসিয়া তাহার গাড়ি আটক করিল।' *রবীন্দ্র*, ১৯০১। ৮ *বি* আটকে পড়া। 'শৈবালেতে আটক পড়ল তরী।' *রবীন্দ্র*, ১৯০৬। ৯ *বিণ* বন্ধ। 'এক ফের ফিরিতেই তালওয়ালা পথ আটক করিয়া বসিল।' *রবীন্দ্র*, ১৯১৭। ১০ *বিণ* অবরুদ্ধ। 'প্রাচীন অনেক পুঁথি মঠে মঠে আটক পড়ে আছে।' *রবীন্দ্র*, ১৯৩১। ১১ *বি* প্রতিরোধ। 'সোডিয়াম গ্যাস সূর্যের আলো আটক করে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আটক করা *ক্রি* মজুদ করা। 'তাহা প্রথমে মহাজন আটক করে।' *বঙ্কিম*, ১৮৯২।

আটকা[১] [হি আটক>] ১ *বিণ* আটককৃত। *মানোএল*, ১৭৪৩। ২ *বিণ* আবদ্ধ। 'আটকা বস্ত্র।' *মানোএল*, ১৭৪৩।

আটকা[২], **আটকানো**[১] [হি আটক>] *ক্রি* আটক করা। *বিদ্যা*, ১৮৯১।

আটকিআ *ক্রি* আটক ক'রে। *বিদ্যা*, ১৮৯১। **আটকে-পড়া** *বিণ* অবরুদ্ধ। 'আমার সেই আটকে-পড়া দিনটির গায়ে ...।' *রবীন্দ্র*, ১৯৩৫। **আটকে যাওয়া** *ক্রি* বন্ধ হওয়া। 'শ্রেষে কথা আটকে গেল।' *ওয়ালী*, ১৯৪৬। **আটকে রাখা** ১ *ক্রি* বন্দি করা। 'কেবল আটকে রাখাতে অথবা নজরবন্দী করায় কি হইতে পারে?' *প্যারী*, ১৮৫৮। ২ *ক্রি* ধরে রাখা। 'লতা তারে আটকে রেখে তারি কাছে হাসতে শেখে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আটকানো[২] [হি আটক>] *বিণ* বন্ধ। 'দরজাটা আটকানো ছিল।' *জীবন*, ১৯৩৩।

আটকিল *বিণ* আঁটসাঁট। *মানোএল*, ১৭৪৩।

আটকুটে [ও আর্দ্ধকুড়া] *বিণ* আটকুঁড়ে; নিঃসন্তান। 'যত জুটছে আটকুটে বরা খুরে।' *গিরিশ*, ১৮৮৬।

আটকুড়া, আটকুড়ে [ও আর্দ্ধকুড়া] ১ *বিণ* সন্তান হয় না এমন। 'আটকুড়া দোষ কর দূর।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬। ২ *বি* যার সন্তান হয় না। 'চুরি করুক আটকুড়ের বেটি।' *রশীদ*, ১৯৬৩।

AMARBOI.COM

আটকৌড়ি [স অষ্ট+স কলায়>] *বি* সন্তান জন্মের পর অষ্টম দিনে ছোলা, মটর, বরবটি, বীরি, মুগ, মুসুর, হনুমনে ও মাষকলাই, সাধারণত এই আট প্রকার কলাইভাজা বিতরণের হিন্দু আচারবিশেষ। 'প্রতিবেশীর ঘরে ডাক পড়ত আটকৌড়ির নেমন্তন্নে।' *রবীন্দ্র*, ১৯৪০।

আটকৌড়ে [স অষ্ট+স কলায়>] *বি* সন্তান জন্মের পর অষ্টম দিনে পালিত হিন্দু আচারবিশেষ। 'আমার ছেলের আটকৌড়ের দিন আসিস।' *দীনবন্ধু*, ১৮৬০।

আটখানা [স অষ্ট>] *বিণ* অতি উৎফুল্ল। 'আহ্লাদে আটখানা হয়ে বলতে এসেছে।' *গিরিশ*, ১৮৮৯।

আটঘাট [স অষ্ট>+স ঘট্ট>] *বি* বিস্তৃত বিবরণ। 'জানি সব আটঘাট, গেজেটে করেছি পাঠ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আটঘাট ঘেরা *ক্রি* সমস্ত পথ বন্ধ করা। 'কারও পালাবার পথ কি রেখেছ? আটঘাট ঘিরে ফেলেছ যে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আটঘাট বাঁধা ১ *ক্রি* সমস্ত পথ বন্ধ করে রাখা। 'কাহাকেও কাছে আসিতে দিত না, সে আপনার চারিদিকে আটঘাট বাঁধিয়া রাখিত।' *রবীন্দ্র*, ১৯০৬। **২** *বিণ* সুসংবদ্ধ। 'তত্ত্বের সিদ্ধান্তের মত ছাঁটাছোঁটা, চাঁছাছোলা, আটঘাট-বাঁধা নয়।' *রবীন্দ্র*, ১৯০৭। **৩** *বিণ* বিধিবিধান দিয়ে বন্দি। 'রাধাকৃষ্ণের সমাজবিদ্রোহ প্রেমগান যে আমাদের এই আটঘাট বাঁধা সমাজের ...।' *রবীন্দ্র*, ১৯০৭। **৪** *ক্রি* বিচার-বিবেচনা করা। 'আপনি আটঘাট বেঁধেই তো কাজ করেছিলেন, তার মধ্যেও কোথা থেকে কিন্তু এসে ঢুকে পড়ল।' *রবীন্দ্র*, ১৯১০।

আটচল্লিশ, আটচল্লিষ [পা অট্ঠচত্তালীসা] *বিণ* ৪৮ সংখ্যক। 'আট চল্লিষ তঙ্কা আমী বিবির নামে খরচ লিখি।' *মেয়র্স*, ১৭৫৮; 'আটচল্লিশ হাজার টাকা লাগিবে।' *দর্পণ*, ১৮১৮।

আটত্রিস [পা অট্ঠতিংসা] *বিণ* ৩৮ সংখ্যক। *বিদ্যা*, ১৮৯১।

আটন *বি* ঘরের চালে ব্যবহৃত বাখারিবিশেষ। 'পিরীত আটন পিরীত ছাটন পিরীতির দুখানা চাল।' *জসীম*, ১৯৩৩।

আটপউরে [স অষ্টপ্রহর>] *বিণ* সর্বদা ব্যবহারের উপযুক্ত। 'আনিলা থেকে একখানি আটপউরে কাপড় নিয়ে ...।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

আটপহুরে *দ্র* **আট**

আটপিঠে *বিণ* নানা ধরনের কাজে দক্ষ। 'নিরুপম সত্যিই আটপিঠে।' *নরেন্দ্র*, ১৯৫২।

আটপৌরে [স অষ্টপ্রহর>] **১** *বিণ* সব সময়ে ব্যবহৃত। 'অমনি সে আটপৌরে ধুতি চাদর ছাড়িয়া বৃন্দাবনী চাপকানে ...।' *রবীন্দ্র*, ১৮৮৮। **২** *বিণ* গতানুগতিক। 'আটপৌরে লেখা।' *রবীন্দ্র*, ১৯২৯। **৩** *বিণ* শ্রেণীভেদহীন। 'আটপৌরে কাপড়ে শ্রেণীভেদ থাকে না।' *রবীন্দ্র*, ১৯৩১। **৪** *বিণ* যেমন-তেমন। 'একলার ব্যবহারে সে আটপৌরে, দলের ব্যবহারে সুসজ্জিত।' *রবীন্দ্র*, ১৯৩৮। *দ্র* **আটপহুরে**

আটম্বরী [স আত্মম্বরী] *বি* বাগাড়ম্বর। 'পাঁচ পণ বেচিতে এক পণ করে চুরি সভা মাঝে বসিআ নুন্যার আটম্বরী।' *মুকুন্দ*, ১৬০০।

আটরু *বি* আট দিন। 'কলে বলে কিবা আটরু রয়।' *ভবানী*, ১৮২৫।

আটলাই *বি* একপ্রকার ধানবিশেষ। 'হাসি কলমি আর আটলাই, পাশপাই ধান।' *ফররুখ*, ১৯৬৩।

আটলান্টিক, আটলান্টিক [ই] *বি* একদিকে আফ্রিকা-ইউরোপ ও অন্যদিকে আমেরিকা – এর মধ্যবর্তী মহাসাগর। 'আটলান্টিক বা উত্তর মহাসাগর অতিক্রম করিয়া জর্ম্মানি দেশে উপনীত হইয়াছিল।' *অক্ষয়*, ১৮৪৯; 'আটলান্টিক সাগরের তরঙ্গ ঘণ্টায় প্রায় ৩০ মাইল।' *বঙ্গিম*, ১৮৭৫।

আটসট্টি [পা অট্ঠসট্ঠি] *বিণ* ৬৮ সংখ্যক। *বিদ্যা*, ১৮৯১।

আটসাট্যা *বিণ* আঁটসাঁট; সংক্ষিপ্ত। 'রকমওয়ারি আটসাট্যা ফর্দ এ পত্র পাইয়া পাচ রোজের মধ্যে তৈয়ার করিয়া পাঠাইবে।' *তাঁতি*, ১৭৯২।

আটহত্তরি [স অষ্ঠসত্ততি>] *বিণ* ৭৮ সংখ্যক। 'তিন শত আটহত্তরি টাকা দিয়াছেন।' *দর্পণ*, ১৮২২।

আটা[১] [স অট্ট] **১** *বি* চালের গুঁড়া। 'নির্মাণ করিত পিঠা বিশা দরে কিনে আটা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* গমের গুঁড়া। *মানোএল*, ১৭৪৩; 'চাল ডাল লবণ আটা প্রভৃতি ভিন্ন ভিন্ন বস্তু।' *অক্ষয়*, ১৮৫০।

আটা[২] **১** *ক্রি* জিততে পারা। 'তাইফার লোকে যদি রণে না আটিল।' *সুলতান*, ১৭০০। **২** *ক্রি* স্থান সংকুলান করতে পারা। 'মক্কার গৃহেত আর মনুষ্য না আটে।' *সুলতান*, ১৭০০। **৩** *ক্রি* টেকা। 'থাকুক মানুষ দেও না পারে আটিতে।' *গরীব*, ১৭৬৫। **৪** *ক্রি* আঁটা। 'যোএ পেয়ে মহামদা সেনে কয় এটে।' *মানিকরাম*, ১৭৮১।

আটাআটী *বি* বাঁধাবাঁধি; চাপাচাপি। 'ফাটকে আটক আটাআটী।' *রামপ্রসাদ*, ১৭৮০।

আটাইশ, আটাইস [পা অট্ঠবীসতি] *বিণ* ২৮ সংখ্যক। 'আঁটিয়া বসিল আটাইশ জমাদার।' *ভারত*, ১৭৬০; 'আটাইস।' *বিদ্যা*, ১৮৯১।

আটাকাঠি *বি* পাখি ধরার জন্য আঠাযুক্ত দণ্ডবিশেষ। 'আটাকাঠিটা পেলে ঠিক হইতো কিন্তু রিদয়ের বাবা সেটা চালের মটকায় তুলে রেখেছেন।' *ভবন*, ১৯২৫।

আটাগাঁটি [স অষ্টগ্রন্থি] *বি* অষ্টগ্রন্থি। *মানোএল*, ১৭৪৩।

আটাত্তর [পা অট্ঠসত্ততি] *বিণ* ৭৮ সংখ্যক। *বিদ্যা*, ১৮৯১।

আটানব্বই [পা অট্ঠনবুতি] *বিণ* ৯৮ সংখ্যক। *বিদ্যা*, ১৮৯১।

৯৮ *বি* সংখ্যা আটানব্বই। 'ফারেনহাইটের তাপমান অনুসারে রক্তের তাপাংশ ৯৮ আটানব্বই।' *অক্ষয়*, ১৮৫৪।

আটানয়ি [পা অট্ঠনবুতি] *বিণ* আটানব্বই। *হ্যালহেড*, ১৭৭৮।

আটান্ন [পা অট্ঠপঞ্ঞাসা] *বিণ* ৫৮ সংখ্যক। 'আটান্ন প্রকার আওয়াজ বাহির হইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আটার [পা অট্ঠারস] *বিণ* ১৮ সংখ্যক। 'আটার হাজার টাকা হয় সর্ব্ব শুদ্ধা।' *দর্পণ*, ১৮১৮।

আটাল [হি আঁটা] *বিণ* আঠাযুক্ত। *বিদ্যা*, ১৮৯১।

আটালা *বি* আড়ম্বর। 'উচ্ছবের আটালায় আঁটে না।' *দক্ষিণা*, ১৯৪০।

আটাশ [পা অট্ঠবীসতি; স অষ্টাবিংশ] *বিণ* ২৮ সংখ্যক। 'চারিসাতে রচিল আটাশপদী গীতি।' *মুকুন্দ*, ১৬০০।

২৮ *বিণ* আটাশ সংখ্যক। 'যুধিষ্ঠিরদেবের অধস্তন ২৮ পুরুষে বংশ বিচ্ছেদ হইল এবং ... বংশরূপ চন্দ্র অস্ত হইল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

আটাশপদী [স>] *বিণ* আটাশ চরণবিশিষ্ট ছন্দের। 'চারিসাতে রচিল আটাশপদী গীতি।' *মুকুন্দ*, ১৬০০।

আটাসি [পা অট্ঠাসীতি] *বিণ* ৮৮ সংখ্যক। *বিদ্যা*, ১৮৯১।

আটি ১ *বিণ* একত্র। 'বীর আঁকাড়ি করিয়া আটি ভাঙ্গিল পাঁজরকাঠি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* তৃণ বা শস্যাদির গুচ্ছ; গোছা। *মানোএল*, ১৭৪৩; 'বোঝার উপর শাক আটিটার মত ...।' *গৌর*, ১৮২২।

আটু [স অষ্টি] *বি* হাঁটু। **আটুজল** [স অষ্টি+স জল] *বি* হাঁটু পরিমাণ জল।

AMARBOI.COM

'রহিল গোপিকা সব রহিল আটুজল।' *মালাধর*, ১৫০০।

আটুনি *বি* আঁটুনি। 'কোটাল রুষিয়া বলে করিয়া আটুনি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আটুয়ালি [স অষ্টপদী] *বি* এঁটুলি। *মানোএল*, ১৭৪৩।

আটুল্থি [স অষ্টপদী] *বি* আঠার মতো লেগে থাকে যে কীট। 'সাপের আটুথি আনে খুজ্যা বাদ্যাঘরে রুহিত মৎস্যের পিত্ত মঙ্গল বাসরে।' *মুকুন্দ*, ১৬০০।

আটেকা *বিণ* আঁটো। *মানোএল*, ১৭৪৩।

আটেলা *বি* অনুসন্ধান। 'পাছবাড়ি আটেলা কর মনচোরা রে চিনে ধর।' *লালন*, ১৮৯০।

আটোপ [স] *বিণ* অহঙ্কারপূর্ণ। 'শুনয়ে মুরারিগুপ্ত আটোপ টঙ্কার।' *বৃন্দা*, ১৫৮০; 'ক্রোদ হইয়া বিস্য কৈল আটোপ টঙ্কার।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আটোপ টঙ্কার [স] *বি* আস্ফালন। 'শুনয়ে মুরারিগুপ্ত আটোপ টঙ্কার।' *বৃন্দা*, ১৫৮০।

আট্টা [পা অট্ঠ] *বি* আট ফৌটাবিশিষ্ট তাস। 'চারি রঙ্গ যদি এইরূপেই হইল, তবে সাত্তা আট্টা এ সব কি?' *বঙ্গদর্শন*, ১৮৭২।

আঠ [পা অট্ঠ] *বিণ* আট। 'আঠ চারি বরিষের বালা।' *বড়ু*, ১৪৫০।

আঠকপালী [স আর্তকপাল>] *বিণ* হতভাগী। 'আক্ষে দুখমতী নারী আঠকপালী।' *বড়ু*, ১৪৫০।

আঠতালা [পা অট্ঠ+স তাল] *বি* (সংগীত) তালবিশেষ। *বড়ু*, ১৪৫০।

আঠা [হি আঁঠা] *বি* আঠালো পদার্থ। *মানোএল*, ১৭৪৩; 'কোনও কোনও বৃক্ষের নির্যাস বা আঠা অনেক প্রয়োজন লাগে।' *বিদ্যা*, ১৮৫১।

আঠাকাঠি [হি আঁঠ>+কাষ্ঠ>] *বি* পাখি ধরার জন্য আঠাযুক্ত কাঠি। *বিদ্যা*, ১৮৯১; 'হাতে আমার বাঁশের নল ও আঠা-কাঠি।' *বিভূতি*, ১৯৩৮।

আঠারো, আঠার [পা অট্ঠারস] **১** *বিণ* ১৮ সংখ্যক। 'দেহলা পাতিল আঠার খালি জুলি।' *মুকুন্দ*, ১৬০০; 'আমল আঠারো ভাটীর।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'এক সও ছয় বিঘা আঠারো কাঠা জমিন লাখেরাজি।' *ক্যালগে*, ১৭৮৪। **২** *বি* তারুণ্য। 'এ দেশের বুকে আঠারো আসুক নেমে।' *সুকান্ত*, ১৯৪৮।

১৮ *বিণ* আঠারো সংখ্যক। 'লঘু ১৮ কলা পরে গুরু এবং সকলে ৬৫ পঁয়ষট্টি কলা।' *বড়ু*, ১৫৭০; 'জমিদারদিগের ১৮ ইঞ্চ মাপ প্রচলিত।' *সমাচার*, ১৮৭৩।

আঠারঞি [পা অট্ঠারস>] *বি* আঠারো তারিখ। 'আঠারঞির আজ্ঞামতে।' *ডানকান*, ১৭৮৪।

আঠার মোকাম [আঠারো+আ মাকাম] *বি* (বাউল) লোম, রক্ত, চামড়া, মাংস, হাড়, রগ, মগজ, শুক্র, দৃষ্টি, বাক, শ্রবণ, ঘ্রাণ, জ্ঞান, মন, বুদ্ধি, তেজ, শক্তি ইত্যাদি। 'আঠার মোকামে তাই কায়েমী।' *লালন*, ১৮৯০।

আঠারোই, আঠারই [পা অট্ঠারস>] *বিণ* আঠারোতম (তারিখ)। *ওসাঁ*, ১৭৮৫।

আঠারো-ভাটী [আঠারো+অ ভাটী] *বি* গঙ্গার অববাহিকায় অবস্থিত দক্ষিণ বঙ্গ। 'আমল আঠারো ভাটীর।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আঠালি[১] [স অষ্টপদী] *বি* এঁটুলি। *মানোএল*, ১৭৪৩।

আঠালি[২] *বি* নোনা আতা। *মানোএল*, ১৭৪৩।

আঠালু [স অষ্টপদী>] *বি* পশুর শরীরে লেগে থাকা এক ধরনের কীট; এঁটুলি। 'উকুন আঠালু ঠোকরিয়া খায় লেজের পালক নেড়ে।' *বন্দে*, ১৯৬০।

আঠালুয়া *বি* সাপের নাম। 'উদয় নাগ আঠালুয়া পানক প্রধান।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

আঠাষ [পা অট্ঠবীসতি; স অষ্টাবিংশ] *বিণ* আটাশ সংখ্যক। 'এক সও আঠাষ মোন পচিষ সের।' *বোগল*, ১৭৭৩।

আঠাসি [পা অট্ঠাসীতি] *বিণ* আটাশি। 'উপবাসী আছি খাইআ আঠাসি কোটি মড়া।' *মুকুন্দ*, ১৬০০।

আঠিয়াকুড় [স উৎসৃষ্ট-কুণ্ড] *বি* আঁস্তাকুড়। *মানোএল*, ১৭৪৩।

আঠু [স অষ্টি] *বি* হাঁটু। 'সৃগালিত আগু জাএ আঠু এক পানি।' *মালাধর*, ১৫০০।

আঠুলে [আঠালো>] *বিণ* এঁটেল। 'আঠুলে মাটি।' *অচিন্ত্য*, ১৯৫০।

আঠ্যা [স স্থা] *ক্রিবিণ* শক্ত ক'রে। 'ঊর্ধ্বমুখে চাহে শাখী বধে নানাজাতি পাখি সাতনলা জাল আঠ্যা ফান্দে।' *মুকুন্দ*, ১৬০০।

আডর [হি অর্ডার] *বি* ড্রাফটের অনুরূপ অর্থ দেওয়ার আদেশপত্র। 'ড্রাপ ও তেরেজরি আডর।' *ক্যালগে*, ১৭৮৫।

আড্ডা [হি] **১** *বি* ঘাট। 'কোন২ স্থানে ইহার আড্ডা হইবেক।' *দর্পণ*, ১৮২৫। **২** *বি* স্টেশন। 'কলিকাতা হইতে কাশী পর্য্যন্ত আড্ডায়২ এক২ ঘর ...।' *দর্পণ*, ১৮২৬। **৩** *বি* বসতি। 'সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট আড্ডার মধ্যে যাইয়া একটী উত্তম সুসজ্জিত বাটী ভাড়া লইল।' *মধু*, ১৮৫৭। **৪** *বি* মজলিস। 'আড্ডায় পা দিবামাত্র ধুনি জ্বালাইয়া দিতেন।' *প্যারী*, ১৮৫৯। **৫** *বি* থাকার জায়গা। 'একটা আড্ডা ত আছে?' *বঙ্কিম*, ১৮৭৪। **৬** *বি* আখড়া। 'পূর্ব্বে প্রত্যেক গ্রামে এক এক কৃত্তির আড্ডা ছিল।' *রাজ*, ১৮৭৪। **৭** *বি* একত্র অবস্থান। 'তারই উপর যত লম্বচঞ্চু মাছরাঙার আড্ডা।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৮** *বি* কেন্দ্র। 'কলিকাতা ম্যুনিসিপ্যালিটি কেবল দিশি লোকের আড্ডা হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯০৮। **৯** *বি* মিলনস্থান। 'আমাদের দুইজনের সেখানে গল্প করিবার আড্ডা ছিল।' *রবীন্দ্র*, ১৯১২; 'তার ঘরে বড়ো ছেলেদের আড্ডা ছিল – যতরকম অদ্ভুত অসম্ভব খোশগল্প করতে এর জুড়ি কেহ ছিল না।' *রবীন্দ্র*, ১৯২৯। **১০** *বি* আস্তানা। 'সন্ধ্যার প্রাক্কালে যে জায়গায় আমাদের আড্ডা পড়িল।' *শরৎ*, ১৯১৭। **১১** *বি* আসর। 'ওদের মাঝখানে গিয়ে পড়তে হবে, যেখানে ওদের নেশার আড্ডা।' *রবীন্দ্র*, ১৯৩৪। **১২** *বি* বিমানবন্দর; বিমানছাউনি। 'দমদমে উড়ো জাহাজের আড্ডা ঐ দেখা যায়।' *রবীন্দ্র*, ১৯৩৬। **১৩** *বি* গল্পগুজব। 'খালি আড্ডা আর খাওয়া।' *শামসুল*, ১৯৬২।

আড্ডা করা *ক্রি* ঘাঁটি গাড়া। 'তাহারাও আত্মীয়তা করিয়া তাঁহার বৈঠকখানায় আড্ডা করিল।' *বঙ্কিম*, ১৮৭৫।

আড্ডাখানা [হি আড্ডা+ফা খানাহ] *বি* আস্তানা। 'দুর্বৃত্তদের গুপ্ত আড্ডাখানায় আকস্মিকভাবে হানা দিয়া ...।' *আজাদ*, ১৯৭০।

আড্ডা গাড়া *ক্রি* বাসা বাঁধা। 'যেখানেতে বাস একটা নিজ আড্ডা গেড়ে।' *গুপ্ত*, ১৮৫৮।

আড্ডাগোত্র [হি আড্ডা+স গোত্র] *বি* আড্ডা দেয় এমন লোকের দল। 'আড্ডাগোত্রের মিশরী নিকষ্যি মহাশয়রা বলেন।' *মুজতবা*, ১৯৫২।

আড্ডা দেওয়া *ক্রি* আশ্রয় গ্রহণ করা। 'বৃন্দাবন থেকে এক বাবাজি এসে হঠাৎ আমার হেড কনস্টেবলের বাড়িতে আড্ডা দিলে।' *রবীন্দ্র*, ১৯৪১।

আড্ডাধারী [হি আড্ডা+স ধারী] *বিণ* আড্ডায় অংশগ্রহণ করে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এমন। 'বৈঠকের আড্ডাধারী সবাই বাইরের বারান্দায় জমায়েত হয়েছেন।' *মণীশ*, ১৯৬৩।

আড্ডাবাজ [হি আড্ডা+ফা বাজ্] *বিণ* গল্পগুজব করতে ভালোবাসে এমন। 'পাঠানরা বড্ড আড্ডাবাজ।' *মূজতবা*, ১৯৪৯।

আড্ডা মারা *ক্রি* গল্পগুজব করা। 'কেবল আড্ডা মারে দেখলাম।' *শ্যামল*, ১৯৬৭।

আড় [স অর্ধ] **১** *বিণ* বাঁকা। 'চাহিল রাধা কাহ্নক আড় নয়নে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* আড়াআড়ি ধরে বাজাতে হয় এমন। 'নান্দের নান্দন কাহ্ন আড়বাঁশী বাএ।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* আড়াল। 'না করে আঁখির আড় নিজ পতি জন।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৪** *বিণ* অন্য। 'আড়কুলি কত কৈল আওারি আওারি।' *মালাধর*, ১৫০০। **৫** *বি* বাঁধ। 'সমুদ্রের আড়ে আইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৬** *বি* লুকানোর জায়গা। 'উকটিয়া ঝোপকাড় নেহালি পর্বত আড়।' *মুকুন্দ*, ১৬০০। **৭** *বি* প্রস্থ। 'আড়ে দশ বেঙ্ক দিঘে প্রমাণ বিশাল।' *মুকুন্দ*, ১৬০০। **৮** *বিণ* লম্বা। 'আড় হইয়া বোড়া ক্ষেত্রমধ্যে পড়ে।' *বিজয়*, ১৬৫০। **৯** *বি* পাড়। 'চানক দিল মানিক ভাণ্ডার পুথুর আড়র উপর।' *রামাই*, ১৭১০। **১০** *বি* জড়তা। 'এই দুই জাতির জিহ্বায় অবশ্য কোনরূপ আড় থাকিবে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **১১** *বিণ* তেরছা। 'সোফায় অত্যন্ত আড় হয়ে বসতেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **১২** *বিণ* আড়াআড়ি। 'মাঝখানে আড়-করা একটা করে পা রাখবার কাঠের টুকরো বাঁধা।' *রবীন্দ্র*, ১৯৪০।

আড়কাটা [আড়+স কাষ্ঠ>] *বি* কড়িকাঠ। *ক্যালগে*, ১৭৮৯।

আড়কাটি [আড়+স কাষ্ঠ>] *বি* কুলির ঠিকাদার। 'নির্ব্বিরোধী ভারত-প্রজা আড়কাটিদের অত্যাচারে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আড়কাঠ [আড়+স কাষ্ঠ>] *বি* কড়িকাঠ। *ওর্সা*, ১৭৮৫।

আড়কাঠি [আড়+স কাষ্ঠ>] *বি* নৌযান চলাচলের পথপ্রদর্শক। 'ষ্টীমার লাইনের আড়কাঠি – টেলিগ্রাফের কোড ...।' *ফাতেহার*, ১৯৩৭।

আড়কুলি [আড়+স কুল>] *বি* অন্যদিক। 'আড়কুলি কত কৈল আওারি আওারি।' *মালাধর*, ১৫০০।

আড়কোলা [আড়+স ক্রোড়>] *ক্রিবিণ* পিঠ ও জানুর নীচে ধরে কোলে ক'রে। 'বাঘা তাহাকে বলপূর্বক আড়কোলা করিয়া তুলিয়া লইয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯২।

আড়খেমটা [আড়+খেমটা] *বি* সংগীতের তালবিশেষ। 'আমারদিগের সর্ব্বাঙ্গে বিবস্ত্র করিয়া খেমটা আড়খেমটা চৌতাল ঝাঁপতাল বাজাইলে ছেনাল বলে না।' *ভবানী*, ১৮২৮।

আড়খেয়া [আড়+খেয়া] *বি* পারাপারের ছোটো খেয়া। 'আড়খেয়া পাটুনীরা সিকি পয়সায় ও আধপয়সায় পার কত্তে লাগলো।' *হুতোম*, ১৮৬১।

আড়গড়া [আড়+স ঘোটক] *বি* ঘোড়া রাখার জায়গা। 'ঘোড়া ধরিয়া আড়গড়ায় পাঠাইয়া দিল।' *দর্পণ*, ১৮২১।

আড়ঘোমটা [আড়+স গুণ্ঠন>] *বি* অর্ধেক ঘোমটা। 'সেও সুন্দরী, মুখে আড়ঘোমটা।' *বঙ্কিম*, ১৮৮২।

আড়চক্ষ [আড়+স চক্ষু] *বি* বাঁকা দৃষ্টি। 'আড় চক্ষে চাচ্ছেন।' *হুতোম*, ১৮৬১।

আড়চোখ [আড়+স চক্ষু] **১** *বি* কটাক্ষ। 'ইতিমধ্যে আড়চোখে একবার দেখে নিলুম।' *প্রমথ*, ১৯১৫। **২** *বি* তীক্ষ্ণ দৃষ্টি। 'আড়চোখে ব্যাপারির পানে তাকিয়ে দেখে।' *ওয়ালী*, ১৯৪৮।

আড়চোখো [আড়+স চক্ষু>] *বিণ* বাঁকা দৃষ্টিপূর্ণ। 'ঈষৎ আড়চোখো চাউনিতে আমাদের মাথা একেবারে বিগড়ে যায়।' *নজরুল*, ১৯২৭।

আড়নয়ন [আড়+স নয়ন] *বি* বাঁকা দৃষ্টি। 'আড় নয়নের চাউনি গেল কোথায়?' *দীনবন্ধু*, ১৮৬৩।

আড়পার [আড়+স পার] *বি* অপর তীর। 'চন্দনপুরের আড়পারে চৌকীদার শ্রীমাধব রাজবংশী নিতিকা হইলে।' *ভেরবি*, ১৭৮০।

আড়বাঁকা [আড়+স বক্র>] *বিণ* আংশিক বাঁকা। *বিদ্যা*, ১৮৯১।

আড়বাঁশি, আড়বাঁশী [আড়+স বংশী] *বি* আড়াআড়ি ক'রে ভূমির সমান্তরাল রেখে বাজানো হয় এমন বাঁশি। 'নান্দের নান্দ কাহ্ন আড়বাঁশী বাএ।' *বড়ু*, ১৪৫০; 'সে আড়বাঁশি বাজায় আড় চোখে তাকায়।' *নজরুল*, ১৯৩৫।

আড়বাড়ি [আড়+স বৃদ্ধি>] *বি* দরজার খিল। *মানোএল*, ১৭৪৩।

আড়বেড়ি [আড়+স বেষ্টনী>] *বি* বন্দিদের আটকে রাখার লোহার বেষ্টনীবিশেষ। 'দুহাতে দুপায়ে আড়বেড়ি দেওয়া।' *নজরুল*, ১৯২৮।

আড়ভাঙা [আড়+স ভঙ্গ>] *বিণ* সোজা। *বিদ্যা*, ১৮৯১।

আড়ভাঙ্গা [আড়+স ভঙ্গ>] *বিণ* আবাদযোগ্য। 'আড়ভাঙ্গা সালি জমী।' *চিঠিপত্রে*, ১৮২৫।

আড়ভাবে [আড়+স ভাব>] *ক্রিবিণ* তির্যকভাবে। 'অত্যন্ত নির্লিপ্ত আড়ভাবে একটু ঘাড় বাঁকিয়ে যোগমায়াকে নিরীক্ষণ করতে লাগল।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আড়মাদলা [আড়+স মধ্য>] *বিণ* যা দৈর্ঘ্যে ও আড়ে প্রায় সমান। *বিদ্যা*, ১৮৯১।

আড়মাল *বিণ* খ্যাপা। 'মনটা আড়মাল ষাঁড়ের মতো রুখে ওঠে।' *সেলিনা*, ১৯৭৫।

আড়মোড়া *বি* শরীরের আড়ষ্টভাব বা জড়তা। 'একবার আড়মোড়া ভাঙ্গিয়া হাই তুলিল।' *বঙ্কিম*, ১৮৭৫।

আড় হয়ে পড়া *ক্রি* উদারভাবে ঝাঁপিয়ে পড়া। 'তাদের কোন দায় দফা পড়লে বাবু আড় হয়ে পড়ে আফোতের তামাম করেন।' *হুতোম*, ১৮৬১।

আড়হাতে [আড়+স হস্ত>] *ক্রিবিণ* উঠেপড়ে। 'বাবুর দল আড়হাতে লাগিয়াছেন।' *এসলাম*, ১৯১৭।

আড়-হাসি [আড়+স হাস্য>] *বি* বাঁকা হাসি। 'মুখে পড়ল একটা আড়-হাসির রেখা।' *রবীন্দ্র*, ১৯২৯।

আড়ে আড়ে *ক্রিবিণ* আড়ালে আবডালে। 'বাই আড়ে আড়ে চেয়ে হাসচে।' *হুতোম*, ১৮৬১।

আড়ে ওড়ে *ক্রিবিণ* আড়ালে লুকিয়ে। 'নজদিকে না আইসে কেহ থাকে আড়ে ওড়ে।' *গরীব*, ১৭৬৫।

আড়ে গেলা *ক্রি* সম্পূর্ণ গিলে ফেলা বা অর্ধেক চিবানো অবস্থায় গিলে ফেলা। 'দালালেরা শীকার ধরে আনে – বাবু আড়ে গেলেন!' *হুতোম*, ১৮৬১।

আড়েদিগে *ক্রিবিণ* আড়েদিঘে; দৈর্ঘ্যে-প্রস্থে। 'চারিদিকে দশ ক্রোশ প্রমাণে আড়েদিগে চল্লিশ ক্রোশ।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

আড়ে-দিঘে [স অর্ধ>+স দীর্ঘ>] *ক্রিবিণ* দৈর্ঘ্যে-প্রস্থে। 'একটা আড়ে-দিঘে প্রমাণ ঘর।' *জীবন*, ১৯৪৮।

AMARBOI.COM

আড়েহাতে ১ *ক্রিবিণ* সজোরে; বিষমভাবে। *বিদ্যা*, ১৮৯১। ২ *ক্রিবিণ* উৎসাহের সঙ্গে। 'শিক্ষিত সম্প্রদায় সাহিত্য হতে তৎসম শব্দের উচ্ছেদের জন্য যে আড়েহাতে লেগেছিলেন।' *প্রমথ*, ১৯১৭।

আড়কাট *বি* আওরঙজেবের রাজত্বকালে মদ্রাজের আরকাটে তৈরি রৌপ্যমুদ্রা-বিশেষ। '৭৫০ সাড়ে সাত সও টাকা আড়কাট মাল রাখহ।' *মেয়র্স*, ১৭৫৭; 'ভাঙ্গাইয়া আড়কাট এমনি লাগায় ঠাট।' *ভারত*, ১৭৬০।

আড়ঙ, আড়ঙ্গ [ফা আওরঙ্গ] ১ *বি* আড়ত; গঞ্জ। 'সদর আড়ঙ্গ দ্বারহাটায় তুমি আপন দস্তে দালাল কিম্বা দালালের গোমাস্তার মোকাবিল্যায় তাতিকে দাদনি করিবা।' *হ্যালহেড*, ১৭৭৩; 'আড়ঙ।' *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* মেলা। 'ভাদ্দর মাসের আড়ঙটি বড় ধুমে হইয়া যাবে।' *প্যারী*, ১৮৫৮; 'আড়ঙের দিনে পুতুল কিনিতে পয়সা জোটেনি তাই।' *জসীম*, ১৯৩০।

আড়চক্ষ, আড়চোখ দ্র আড়

আড়ত, আড়ৎ [হি] ১ *বি* ক্রয়-বিক্রয়ের বড়ো কেন্দ্র। 'হাটখোলায় গদি; দশ বারটা খন্দ মালের আড়ত।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* গুদাম; মালখানা। 'মারণাস্ত্র খোঁজে গুরা অলিতে গলিতে, গাছতলায়, আড়তে, ছায়াচ্ছন্ন প্রাঙ্গণে, পুকুরে।' *শ্যামসুর*, ১৯৭২।

আড়তদার [হি আড়ত+ফা দার] *বি* যে ব্যক্তি অন্যের মাল নিজের গোলায় রেখে বিক্রির ব্যবস্থা করে। 'এবার তেলেঙ্গার জাহাজের আড়তদার হইয়াছে।' *কেরি*, ১৮০২।

আড়তদারি, আড়তদারী [হি আড়ত+ফা দারি] *বি* আড়তদারের পেশা। 'বাণিজ্য, তেজারাতি, আড়দারী ... লাগিয়া যাও।' *রওশন*, ১৯২৫; 'হঠাৎ সে আড়তদারি ফেঁদে বসল কিসে।' *মনোজ*, ১৯৫১।

আড়তিয়া [হি আড়ত] *বিণ* আড়তদার। 'আড়তিয়া সাহেবান।' *ফরস্টার*, ১৭৯৭।

আড়দার [হি আড়ত+ফা দার] *বি* যে অন্যের মাল নিজের গোলায় রেখে দালালি বা কমিশনের বিনিময়ে বিক্রি করে। 'আড়দার, মহাজন, এবং অন্যান্য ব্যবসায়ীরা আসিয়া শ্যামপুরে অধিষ্ঠান করিল।' *বঙ্কিম*, ১৮৮৪।

আড়ন [হি] *বি* ঢাল। 'রাধার নিতম্ব মণ্ডল আড়ন রোমাবলী কিরিপানে।' *বড়ু*, ১৪৫০।

আড়নয়ন, আড়বাঁকা, আড়বাঁশি, আড়বাঁশী, আড়বাড়ি, আড়বেড়ি, আড়ভাঙা, আড়ভাঙ্গা, আড়-মাদলা, আড়মাল, আড়মোড়া দ্র আড়

আড়মাছ [স অণ্ড-মৎস্য] *বি* মাছবিশেষ। 'আড়মাছের ভাঙা সুক্ত।' *মণীশ*, ১৯৬৩।

আড়ম্ব [স আড়ম্বর] *বিণ* গর্জন। 'সিংহের আড়ম্ব দর্পে আইসে মহাবলী।' *আলাওল*, ১৬৮০।

আড়ম্বর [স] ১ *বি* রণবাদ্য। 'গড়ের আড়ম্বর শুনিঞা বীরবর বাহির হইল সত্বর।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* জাঁকজমক। 'গজপীঠে বাজে দামা সাজিল রাজার মামা আড়ম্বরে পুরিআ গগন।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* সমারোহ। 'বাণিজ্যের আড়ম্বর, মনোহর শোভা, জন-সমারোহ।' *অক্ষয়*, ১৮৪৮। ৪ *বি* বাগাড়ম্বর। 'আড়ম্বর করি, কাজ করি না; যাহা অনুষ্ঠান করি তাহা বিশ্বাস করি না।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৫ *বি* গর্ব। 'যাহার যোগ্যতা যত অল্প তাহার আড়ম্বর তত বেশি।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৬ *বি* বাড়াবাড়ি। 'বিহারীকে বশে রাখিবার জন্য অন্নপূর্ণা স্নেহের আড়ম্বর করিতেছেন।' *রবীন্দ্র*, ১৯০৩। ৭ *বি* অতিরঞ্জন। 'তাহাকে কপটতার আড়ম্বর বলিয়াও গণ্য করিয়া থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭। ৮ *বি* বাহ্যাড়ম্বর। 'হয় সত্যই তপস্যা করো, নয় তপস্যার আড়ম্বর ছাড়ো।' *রবীন্দ্র*, ১৯০৮। ৯ *বি* বিলাসিতা। 'নিজের কোনো আরাম, কোনো আড়ম্বর পরিত্যাগ করিতে পারিব না?' *রবীন্দ্র*, ১৯০৮।

আড়ম্বরপূর্ণ [স] ১ *বিণ* সমারোহপূর্ণ। 'অকারণ গায়ে পড়া রূঢ় ব্যবহার ও আড়ম্বরপূর্ণ আস্ফালনের সামান্য অবসর পাইলেই আপনাদিগকে মহাবীর বলিয়া মনে ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ জাঁকজমকপূর্ণ। 'স্থানীয় অধিবাসীদের পোষাক স্বল্প হলেও আড়ম্বরপূর্ণ।' *মাহেনও*, ১৯৪৯।

আড়ম্বরপূর্বক, আড়ম্বরপূর্ব্বক [স] *ক্রিবিণ* গুরুত্বের সঙ্গে। 'প্রেরিত পত্র প্রণালীতে বিশেষ আড়ম্বরপূর্ব্বক প্রকাশ করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩১।

আড়ম্বরপ্রিয়তা [স] *বি* বিলাসিতা। 'আড়ম্বরপ্রিয়তাও অতিরিক্ত হইয়া উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আড়ম্বররহিত [স] *বিণ* অনাড়ম্বর। 'আড়ম্বররহিত পোষাক ব্যবহার করিবেন।' *রোকেয়া*, ১৯০৪।

আড়ম্বরশূন্যতা [স] *বি* বাহুল্যহীনতা। 'আর্টের একটা লক্ষণ আড়ম্বরশূন্যতা।' *অবন*, ১৯২৫।

আড়ম্বরহীন [স] *বিণ* সাদাসিধা। 'আড়ম্বরহীন পোশাকে ধনুক হস্তে পার্শ্বে দণ্ডায়মান।' *মুনীর*, ১৯৬৬।

আড়ম্বরি [স আড়ম্বর>] *বি* গর্জন; হুংকার। 'আড়ম্বরি করে উঠে বৃষের উপর।' *মানিকরাম*, ১৭৮১।

আড়ম্বরী [স আড়ম্বর>] *বিণ* আড়ম্বরপূর্ণ। 'আড়ম্বরী আদর অভ্যর্থনা।' *সাদত*, ১৯৬৭।

আড়ম্ভিল [স আরম্ভ>] *ক্রি* আরম্ভ করলো। 'তবেত দ্রৌপদ রাজা জৈজ্ঞ আড়ম্ভিল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আড়ষ্ট [স] ১ *বিণ* অসাড়। 'সঙগুলির মত আড়ষ্ট হয়ে বসে রইলেন।' *হুতোম*, ১৮৬১। ২ *বিণ* জড়সড়। 'আড়ষ্ট হয়ে দাঁড়িয়ে রইলেন।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বিণ* অসন্ত্রষ্ট। 'আপনার প্রতি আড়ষ্ট হয়েছি।' *গিরিশ*, ১৮৮৯।

আড়ষ্টকর [স] *বিণ* অবশকারী। 'আড়ষ্টকর পাকে জড়িত ...।' *রবীন্দ্র*, ১৯১৫।

আড়ষ্টতা [স] ১ *বি* অসৌন্দর্য। 'প্রাণের ও যৌবনের নমনীয়াতা কমনীয়তা চলে যায়, জরা ও মৃত্যুর যে-আড়ষ্টতা, তাই উৎকট হয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৯১৬। ২ *বি* কুণ্ঠা। 'কোথাও ... অক্ষমতা, ও আড়ষ্টতা না থাকে।' *নজরুল*, ১৯২৭। ৩ *বি* দৈন্য। 'নেই ক্ষুদ্রতা তুচ্ছতা কল্পনার আড়ষ্টতা চিন্তার জড়তা।' *জীবন*, ১৯৩২।

আড়ষ্টতামুক্ত [স] *বিণ* অসাড়তামুক্ত। 'দুটি গ্রন্থকেই অনুবাদ গ্রন্থের আড়ষ্টতামুক্ত করে স্বাধীন রচনার পর্যায়ে উন্নীত করেছে।' *জিল্লুর*, ১৯৭০।

আড়া[১] [স আঢ়ক] ১ *বি* ধান ইত্যাদি মাপার ধামা জাতীয় পাত্র। 'আড়ায় ভরিআ ধান নিলেক মাপিয়া।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* আকৃতি; গড়ন। 'হাসি হাসি মুখখানি অপরূপ আড়া।' *গুপ্ত*, ১৮৫৮।

আড়া[২] [হি ওয়ার] ১ *বি* বাঁধ। 'চারিখান আড়া কৈল জেন মহীধর।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* পাড়। 'আছএ শুখান শুধু সরোবর-আড়া।' *মুকুন্দ*, ১৬০০।

আড়া[৩] *ক্রি* ঘিরে রাখা। 'বনে গিয়া জাল আড়ি ঝাড়ে মারে বাড়ী।' *মুকুন্দ*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬০০।

আড়া[৪] *বি* (সংগীত) তালবিশেষ। 'রাগিণী মল্লার – তাল আড়া।' *মশারফ*, ১৮৬৯।

আড়াঠেকা *বি* (সংগীত) তালবিশেষ। 'তাল আড়াঠেকা।' *দীনবন্ধু*, ১৮৬৭।

আড়া[৫] [স অর্ধ] **১** *বি* প্রস্থ। 'যে জমির নাই আড়া-দিঘলতা/ কীরূপ কালি করে সেথা।' *লালন*, ১৮৯০। **২** *বি* আড়াআড়ি বসানো কাঠ। 'আড়া থেকে ঝুলছে কয়েক জোড়া বার্নিশের জুতো।' *অবন*, ১৯২৫।

আড়াআড়ি [স অর্ধ>] **১** *ক্রিবিণ* তির্যকভাবে। 'ভারত কহে আড়াআড়ি ...।' *ভারত*, ১৭৬০। **২** *বি* প্রতিযোগিতা। 'কিছু দিনের জন্য, আড়াআড়ি মূলতুবি রাখিব।' *বিদ্যা*, ১৮৭৩। **৩** *বি* শত্রুতা। 'পরস্পরের সঙ্গে আড়াআড়ি করিলে যেমন দেখিতে হইত এও ঠিক সেই রকম।' *রবীন্দ্র*, ১৯০০। **৪** *বি* দ্বন্দ্ব। 'অভিমানটি নিয়ে শুধু জীবন-ভরে চলল আড়াআড়ি।' *নজরুল*, ১৯৩৯।

আড়া কাঠ [স অর>+স কাষ্ঠ] *বি* দরজার খিল। *মানোএল*, ১৭৪৩।

আড়াই [স অর্ধতৃতীয়া *প্রিণ* দুই ও আধ। 'টাকা আড়াই আনি কম।' *মুকুন্দ*, ১৬০০।

আড়াই কাটি [আড়াই+স কাষ্ঠ>] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'গম্ভীর নিনাদে সাঁওতালের আড়াইকাটি বাজিল।' *সৎসঙ্গ*, ১৮৯৮।

আড়াই গজী আড়াই+ফা গজ>] *বিণ* খুব লম্বা এমন। 'এ-রকম আড়াইগজী শব্দ মুখস্থ করতে পারবো।' *মুজতবা*, ১৯৫২।

আড়াইটা *বিণ* দুইটা বেজে ত্রিশ মিনিট; ২.৩০। 'তখন রাত্রি আড়াইটা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আড়াইসেরি [আড়াই+সের>] *বিণ* আড়াইসের ওজনের। 'একটা প্রায় আড়াইসেরি কালিবোস মাছ ধরেছিলাম।' *সুনীল*, ১৯৭০

আড়াকাঠ *দ্র* **আড়া**[৫]

আড়াঠেকা *দ্র* **আড়া**[৪]

আড়ানা *বি* (সংগীত) রাগিণীবিশেষ। **আড়ানাবাহার** *বি* রাগিণীবিশেষ। 'রাগিণী আড়ানাবাহার – তাল আড়খেমটা।' *গুপ্ত*, ১৮৫৮।

আড়ানি, আড়ানী [হি] *বি* বড়ো পাখা। 'ছত্র দণ্ড আড়ানী চামর মোরছল।' *ভারত*, ১৭৬০; 'আড়ানি।' *বিদ্যা*, ১৮৯১।

আড়ামোড়া [স>] *বি* আলস্য। 'আড়ামোড়া দিয়ে উঠে।' *জীবন*, ১৯৩৩।

আড়াল [স অন্তরাল] **১** *বি* ঢাল। *ওঝা*, ১৭৮৫। **২** *বি* আবডাল। 'যদি তোমার ভয় হয়, তবে না হয় আড়াল হইতে শুনিও।' *বঙ্কিম*, ১৮৭২। **৩** *বি* পর্দা। *বিদ্যা*, ১৮৯১; 'স্তবের বাণীর আড়াল টানি তোমায় ঢাকি।' *রবীন্দ্র*, ১৯১৩। **৪** *বি* তুচ্ছতা। 'প্রতিদিনের আড়াল ভেঙে কবে আমি দেখব তাকে।' *রবীন্দ্র*, ১৯১৪। **৫** *বি* আবরণ। 'মাটির আড়াল করে ভেদন, স্বর্গলোকের আনে বেদন।' *রবীন্দ্র*, ১৯৪০।

আড়াল-আবডাল [স অন্তরাল>] **১** *বি* অন্তরাল। 'বিশ্বপ্রকৃতিকে আড়াল-আবডাল হইতে দেখিতাম।' *রবীন্দ্র*, ১৯১২। **২** *বি* রাখঢাক। 'দামিনীর কাছে আর আড়াল-আবডাল রহিল না।' *রবীন্দ্র*, ১৯১৪।

আড়ালকারী [স অন্তরাল>+স কারী] *বিণ* আড়াল করে এমন। 'যদি আড়ালকারী নক্ষত্র অপেক্ষাকৃত অনুজ্জ্বল না হত ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আড়ালবাঁক [স অন্তরাল>+স বঙ্ক>] *বি* নদীর বাঁকের আড়াল। 'আড়ালবাঁকে কিশোরী চাল, ছিটকে সরে মুখের জ্যোতি।' *শঙ্খ*, ১৯৬৬।

আড়াল হওয়া *ক্রি* আত্মগোপনে থাকা। 'এখন একটু আড়াল হওয়াই ভাল।' *বঙ্কিম*, ১৮৭৪।

আড়ালে ঢোকা *ক্রি* লুকিয়ে পড়া। 'তেমন তেমন দেখলে, বাবা, ঢুকবো আড়ালে।' *রবীন্দ্র*, ১৮৮১।

আড়ালা *বিণ* আতপ। 'আড়ালা চাউলের ভাত ক্ষীর নদীর পানি।' *মর্তুজা*, ১৭৫০।

আড়ালি [স অন্তরাল] *বি* স্ত্রী আড়ালে আছে যে। 'শুনে কোন আড়ালির ডাক।' *নজরুল*, ১৯২৮।

আড়াসি [স অন্তরাল] *বি* আড়ি। 'এই বেলা গিয়ে ঘুলঘুলিতে আড়াসি পেতে বসে থাকি।' *অবন*, ১৯২৫।

আড়ি[১] [স আলি] *বি* আইড় মাছ। 'মাগুর গাগর আড়ি বাটা বাচা কই।' *ভারত*, ১৭৬০।

আড়ি[২] [স অন্তরাল] **১** *বি* শত্রুতা। 'করিছে দারুন আড়ি কমজাত কুফরে।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* জুয়াখেলার বাজি। '... আড়ি ঘুড়ি কানন ভোজন এই নবধা বাবুর লক্ষণ।' *ভবানী*, ১৮২৫। **৩** *বি* আড়াল। 'ঘরের কপাট ঠেলে দিয়ে ফাঁক থেকে আড়ি পেতে উঁকি মাত্তে লাগলো।' *হুতোম*, ১৮৬১। **৪** *বি* ভেদ। 'স্বর্গের উপর আড়ি করে আমি আমার দরিদ্র মায়ের ঘর আরো বেশি ভালোবাসি।' *রবীন্দ্র*, ১৮৯১। **৫** *বি* অভিমান। 'সোনামণির সহিত চারুর মর্মান্তিক আড়ি হইয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৬** *বি* ক্রোধ। 'অবুঝ হইয়া হউক আর আড়ি করিয়াই হউক ...।' *বঙ্গীয়*, ১৯১৮। **৭** *বি* কথা না বলার প্রতিজ্ঞা। 'সব ছেড়ে দিয়ে করিলাম বিয়ে, হিন্দুরা কন, আড়ি চাচা।' *নজরুল*, ১৯২৬।

আড়িতোলা *বি* শত্রুতাসাধন। *বিদ্যা*, ১৮৯১।

আড়ি দেওয়া *ক্রি* কথাবার্তা বন্ধ করা। 'তোর সাথে এবার দেখছি সত্যিকার আড়ি দিতে হবে।' *নজরুল*, ১৯২৭।

আড়ি পাতা *ক্রি* আড়াল থেকে গোপনে অন্যের কথা শোনা। 'ঘরের কপাট ঠেলে দিয়ে ফাঁক থেকে আড়ি পেতে উঁকি মাত্তে লাগলো।' *হুতোম*, ১৮৬১।

আড়িমারা *ক্রি* গোপনে অন্যের কথা শোনা। *বিদ্যা*, ১৮৯১।

আড়ি[৩] [স আঢ়ক] **১** *বি* মাপবিশেষ। 'দর সাড়ে ১০ আড়ি।' *চিঠিপত্রে*, ১৮৩৬। **২** *বি* পাত্রবিশেষ। 'টাকার আড়ি হুড় হুড় করিয়া ঢালিয়া দেন।' *নজরুল*, ১৯২২।

আড়ুলি [স অর্ধ>] *বি* নদীর পাড়। 'পেরুতে আড়ুলি ভাঙ্গি পড়ে যেন জলে।' *ঘনরাম*, ১৭১১।

আড়্যা [স অণ্ড>] *বি* এঁড়ে; বলদ। *হ্যালহেড*, ১৭৭৮।

আঢাকা [অঢাকা>] *বিণ* খোলা; ঢাকা নয় এমন। 'একটা আঢাকা পাথরের খোরায়।' *বিভূতি*, ১৯৩৮।

আঢুল [স অদোল>] **১** *বিণ* মৃদু। 'অলস আঢুল হাওয়া।' *জীবন*, ১৯২৭। **২** *বিণ* তন্দ্রালস; ঢুলুঢুলু। 'মোর দেহ ছেনে গেছে অলস – আঢুল কুমারী আঙুল।' *জীবন*, ১৯২৭।

আঢেল [স অ+নেপালি ধের, হি ঢের] *বিণ* প্রচুর। 'আঢেল শিরনি দিয়াছে।' *নজরুল*, ১৯২৮।

আঢ্য [স] *বি* **১** পদবিবিশেষ। 'দয়ালচাঁদ আঢ্য অনেক দিবস পূজার সময়ে নাচ করিয়াছেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩২। **২** *বিণ* ধনী। 'আঢ্য

AMARBOI.COM

লোক সুখে থাকে।' *মদনমোহন*, ১৮৪৯।

আদ্যপরিষদ [স] *বি* ধনাঢ্য সমিতি বা সংসদ। 'কোনো-একটি আদ্যপরিষদের শাসনাধীন থাকিলে ...।' *প্রমথ*, ১৯১৪।

আঢ়ক [স] *বি* সরু আমন ধান। 'আঢ়ক হাতে লক্ষ্মী ...।' *সুধীন্দ্র*, ১৯৩৫।

আঢ়ুয়ি *বি* পিচ জাতীয় গাছ। 'কড়ুয়ি আঢ়ুয়ি রাজে।' *বড়ু*, ১৪৫০।

আঢ়াই [স অর্ধতৃতীয়] *বিণ* দুই এবং আধ। 'তণ্ডুল আঢ়াই সের দিব জন প্রতি।' *আলাওল*, ১৬৮০।

আণব [স] *বিণ* অণুসংক্রান্ত; আণবিক। 'আকর্ষণ বিকর্ষণ পুরুষ প্রকৃতি/ আণব চৌম্বকবলে আকৃতি বিকৃতি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আণুতু [স অনুত্তর] *বিণ* অনুত্তর। 'উতুকে কিঅ আণুতু ধাম।' *চর্যা* ১৯, ১২০০।

আণবিক [স] *বিণ* অণু সংক্রান্ত। 'আলো পতিত হইলে সহসা আণবিক পরিবর্তন ঘটিয়া থাকে।' *জগদীশ*, ১৮৯৫।

আণবিক বোমা *বি* আণবিক শক্তিবিশিষ্ট মারণাস্ত্র-বিশেষ। 'আণবিক বোমার আঘাতেই মিছমার হলো।' *মাহেনও*, ১৯৪৯।

আণা [স আনয়ন>] *ক্রি* আনা; আনয়ন করা। 'তবেঁ তাক আণো গোআলিনী।' *বড়ু*, ১৪৫০। **আণাওঁ** *ক্রি* আনয়ন করো। 'ঝাঁট গিআঁ আণাওঁ আইহন কংস রাএ।' *বড়ু*, ১৪৫০। **আণায়িলি** *ক্রি* আনলি। 'আকারণে এহা পথে আণায়িলি মোরে।' *বড়ু*, ১৪৫০। **আণি** *ক্রি* এনে। 'মোহোর করমেঁ তোহ্মা আণি দিল বিধী।' *বড়ু*, ১৪৫০। **আণিআঁ** *ক্রি* এনে। 'কাহ্নাঞি মোরে আণিআঁ দে।' *বড়ু*, ১৪৫০। **আণিআর** *ক্রি* আনয়ন করো। 'মুকুলিল কুঞ্জ নেআলী/ আনিআর বনমালী।' *বড়ু*, ১৪৫০। **আণিএঁা** *ক্রি* এনে। 'আণিএঁা মেলাইলো তোর থানে।' *বড়ু*, ১৪৫০। **আণিবার** *ক্রি* আনার। 'যমুনাক মাহ ছলে পাণী আণিবার।' *বড়ু*, ১৪৫০। **আণিবোঁ** *ক্রি* এনেবো। 'জৈসাণে রতি জাণিবোঁ/ তেসাণে কাহ্ন আণিবোঁ।' *বড়ু*, ১৪৫০। **আণিল** *ক্রি* আনলো। 'বসুল আণিল ঘরে যশোদার বাণী।' *বড়ু*, ১৪৫০। **আণিলেঁ** *ক্রি* আনলে। 'মিছাই আণিলেঁ বড়ায়ি তার ফুল পানে।' *বড়ু*, ১৪৫০। **আণিলেহেঁ** *ক্রি* আনয়ন করলে। 'ভাল ভারী আণিলেহেঁ সংসারে বাহিআঁ।' *বড়ু*, ১৪৫০। **আণো** *ক্রি* আনো। 'তবেঁ তাক আণো গোআলিনী।' *বড়ু*, ১৪৫০।

আণুকুল [স অনুকূল] *বি* আনুকূল্য; সহযোগিতা। 'তখন কি বুঝিআঁ না কৈলে আণুকুল।' *বড়ু*, ১৪৫০।

আণুবীক্ষণিক [স] ১ *বিণ* অতি ক্ষুদ্র। 'আণুবীক্ষণিক জীব জৈবনিকাদি কিছুই দেখিতে পাই না।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বিণ* সূক্ষ্ম। 'আকাশকে আরও অনেক বেশি আণুবীক্ষণিক করে দেখতে পারলে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

আণুমতী [স অনুমতি] *বি* অনুমতি। 'তোহ্মাক দেখাওঁ লআঁ কর আণুমতী।' *বড়ু*, ১৪৫০।

আণ্ডা [স অণ্ড] *বি* ডিম। 'সাহেবের মুর্গি আণ্ডা ঘৃত দুগ্ধ জোগাইতে লাগিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আণ্ডাওয়ালা [স অণ্ড+হি ওয়ালা] *বি* ডিম বিক্রেতা। 'ওখানে একদিন রুটিওয়ালা আণ্ডাওয়ালা আর থাকবে না।' *মুজতবা*, ১৯৫৮।

আণ্ডাওলা [স অণ্ড+হি ওয়ালা] *বি* ডিম বিক্রেতা। 'গ্রামের লাকড়ীওলা, সবজীওলা, আণ্ডাওলা।' *মুজতবা*, ১৯৪৯।

আণ্ডাবাচ্চা [স অণ্ড>+স বৎস>] *বি* ছোটো ছেলেমেয়ে। 'ঘরের আণ্ডাবাচ্চা মায় বাড়ির ঝি পুঁটি ...।' *নজরুল*, ১৯২৭।

আণ্ডা বাচ্ছা [স অণ্ড>+স বৎস>] *বি* ছোটো ছেলেমেয়ে। 'আণ্ডা বাচ্ছা কাউকে ছাড়তাম না।' *নজরুল*, ১৯২৫।

আণ্ডাময় [স অণ্ডময়] *বিণ* ডিমওয়ালা; ডিমে পূর্ণ। 'বাপ রে সে কি বিরাট মাছ উদর আণ্ডাময়।' *মুজতবা*, ১৯৫২।

আণ্ডালু *বিণ* ডিম দিচ্ছে এমন। 'চারটে আণ্ডালু হাঁস বিক্রি করে দিয়েছে।' *ইসহাক*, ১৯৫৫।

আণ্ডার [ই] *বিণ* অনুত্তীর্ণ। 'গ্রাজুয়েট ও আণ্ডার গ্রাজুয়েট মহিলা উপস্থিত ছিলেন।' *রোকেয়া*, ১৯২৬।

আণ্ডারওয়ার [ই] *বিণ* অন্তর্বাস। 'মায় আণ্ডারওয়ার তল্লাশি করিবার পর।' *মনসুর*, ১৯৪০।

আণ্ডারওয়ার্ল্ড [ই] *বি* অপরাধজগৎ। 'টেরোরিস্টদের আণ্ডারওয়ার্ল্ডের মতো গুপ্ত খবর।' *সাদত*, ১৯৬৭।

আণ্ডারগ্রাউণ্ড [ই] *বি* আত্মগোপন। 'যুবক-যুবতীরা আণ্ডারগ্রাউণ্ডে লুকিয়েছে।' *সাদত*, ১৯৬৭; 'পালাতে হলে তো আণ্ডারগ্রাউণ্ডে যেতে হয়।' *পাশা*, ১৯৭১।

আণ্ডিআ [স অণ্ড>] *বিণ* একগুঁয়ে; জেদি। 'পুরুষে আধিক তিরী আণ্ডিআ।' *বড়ু*, ১৪৫০।

আণ্ডিস [ই] *বি* আন্দিজ পর্বতমালা। 'আণ্ডিস বা হিমাদ্রি, আলটাই বা অল্পস-' *সাধারণী*, ১৮৭৫।

আণ্ডীজ [স আণ্ডীর] *বিণ* ধনবান। 'প্রিয় বস্তু পরকে ব্যবহার করতে দিয়ে আজ আণ্ডীল হয়ে অনেক চাল চালছেন।' *হুতোম*, ১৮৬১।

আৎ [স রাত্রি] *বি* রাত। 'নমীর আৎ বুঝি পোয়ালো।' *দীনবন্ধু*, ১৮৬০।

আতকা *ক্রিবিণ* হঠাৎ। *মানোএল*, ১৭৪৩।

আতঙ্ক [স] *বি* ত্রাস। 'দেবপুরে হইল আতঙ্ক।' *মুকুন্দ*, ১৬০০।

আতঙ্কগ্রস্ত [স] *বিণ* আতঙ্কিত। 'দেখিলাম আতঙ্কগ্রস্ত কাফ্রিরা ছুটিয়া পালাইবার চেষ্টা করিতেছে।' *রবীন্দ্র*, ১৯১৬।

আতঙ্কজনক [স] *বিণ* ভয়াবহ। 'তেমনই ভীষণ আতঙ্কজনক।' *প্রচারক*, ১৯০৩।

আতঙ্কা *বি* স্ত্রী ভয়। 'তদ্রূপ ঐ গৃহস্থ চন্দ্রবদনার কুসঙ্গিনী চঞ্চালিনী দূতীর আতঙ্কা হয়।' *ভবানী*, ১৮২৮।

আতঙ্কিত [স] *বিণ* ভীত। 'ক্ষমতা দেখিয়া মহাভয়ে আতঙ্কিত হইলেন।' *মশাররফ*, ১৯০৮।

আতঙ্গ [স আতঙ্ক] *বি* ভয়; বিস্ময়। *মানোএল*, ১৭৪৩; 'তোর কথায় কথায় আতঙ্গ।' *দীনবন্ধু*, ১৮৬৭।

আতঙ্গা *ক্রি* বিস্মিত হওয়া। 'আতঙ্গিতে।' *মানোএল*, ১৭৪৩।

আতজিআ *বি* গাছবিশেষ। 'আতভড়ি আতজিআ আপৃত বণে।' *বড়ু*, ১৪৫০।

আতণ্ডি *বি* গাছবিশেষ। 'বেউচ সাঅড়া কাটিল আতণ্ডি।' *মুকুন্দ*, ১৬০০।

আতত [স অতথ্য] *বিণ* অসত্য। 'তোহ্মার বচন রাধা সবই আতত।' *বড়ু*, ১৪৫০।

আততায়ী [স] ১ *বি* দস্যু। 'ব্রাহ্মণাদি আততায়ী হইলেও বধের যোগ্য নহে।' *গৌর*, ১৮২২। ২ *বি* দুর্বৃত্ত। 'আততায়ির দমন নিমিত্ত ক্রোধ দিলেন।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বি* আঘাতকারী অথবা প্রাণনাশী ব্যক্তি। 'আততায়ীর শঙ্কা আর নাই।' *শরৎ*, ১৯১৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আততি [স] *বি* বিস্তৃতি। 'আততির আবর্ত ...।' *বিষ্ণু*, ১৯৩৩।

আতনু [স] *ক্রিবিণ* শরীর পর্যন্ত। 'তোমার শোভাতে আতনু মগন থাকি।' *অন্নদা*, ১৯২৯।

আতপ [স] **১** *বি* সূর্যের তাপ। 'আতপে তাপিত সীতল জানি কহু/ সেওল মলয়গিরি ছাহে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* সিদ্ধ করে প্রক্রিয়াজাত নয় এমন। 'আতপ তণ্ডুল ফুল লুচি ও পকান্ন।' *কেতকা*, ১৬৫০। **৩** *বি* রৌদ্র। 'চৈত্র বৈশাখ মাসে আতপতাপে উন্মত্ত হইয়া উঠি।' *দীনবন্ধু*, ১৮৬০। **৪** *বি* যন্ত্রণা। 'বিষের আতপে নীল প্রাণাধার করে থরো থরো।' *মাহমুদ*, ১৯৭৩।

আতপক্লান্ত [স] *বিণ* রোদের তাপে ক্লান্ত। 'তথায় উপস্থিতি মাত্র, শ্রান্ত ও আতপক্লান্ত ব্যক্তির শ্রান্তি ও ক্লান্তি দূর হয়।' *বিদ্যা*, ১৮৪৭।

আতপচ্ছায়া [স] *বি* আলো ও ছায়া। 'মধ্যাহ্ন কালে আতপচ্ছায়ার প্রভেদ যে প্রকার পরিষ্কৃত রূপে দৃষ্ট হয়।' *অক্ষয়*, ১৮৪৬।

আতপতণ্ডুল [স] *বি* অসিদ্ধ ধানের চাল। 'আর সন্ধ্যাকালে সিদ্ধপক্ব আতপতণ্ডুলের অন্ন আহার।' *ভবানী*, ১৮২৫।

আতপতপ্ত [স] *বিণ* সূর্যের তাপে পীড়িত। 'আতপতপ্ত পুরুষ-পথিকের পথে মরূদ্যান রচনা করছি।' *নজরুল*, ১৯২৭।

আতপতাপ [স] *বি* রৌদ্রের উষ্ণতা। 'চৈত্র বৈশাখ মাসে আতপতাপে উন্মত্ত হইয়া উঠি।' *দীনবন্ধু*, ১৮৬০।

আতপত্র [স] *বি* রোদ থেকে রক্ষাকারী ছাতা। 'আতপত্রে শোভে রাঙ্গা ভাটী।' *মুকুন্দ*, ১৬০০।

আতপ্ত [স] *বিণ* অল্প গরম। 'আতপ্ত পবনে তীর উপবন হতে কভু আসে বহি আম্রমুকুলের গন্ধ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আতভড়ি [স অস্ত্র>] *বি* আতমোড়ি গাছ। 'আতভড়ি আতজিআ আপুই বণে।' *বড়ু*, ১৪৫০।

আতয়ী *বি* পাপড়ি। 'রোমরাজী তাত আতয়ীগণে।' *বড়ু*, ১৪৫০।

আতর [আ আতর] **১** *বি* সুগন্ধিবিশেষ। 'লোবান সিপন্থ আর আবীর আতর।' *সুলতান*, ১৭০০। **২** *বি* সুগন্ধ। 'আতর বিলায় বায়ু বাতাবি নেবুর।' *নজরুল*, ১৯২৮।

আতরওয়ালা [আ আতর+হি ওয়ালা] *বি* আতরবিক্রেতা। 'আতরওয়ালা, তামাকওয়ালা, দানাওয়ালা ও অন্যান্য পাওনাদার মহাজনরা বাইরে বারাণ্ডায় ঘুচ্চে।' *হুতোম*, ১৮৬১।

আতরগন্ধী [আ আতর+স গন্ধী] *বিণ* আতরের গন্ধযুক্ত। 'তাঁর ব্যবহারের আতরগন্ধী জল নেবার জন্য ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

আতরদান [আ আতর+ফা দান] *বি* সুগন্ধির পাত্র। 'দুলিচা গালিচা আদি শোভাযুত আতরদান গোলাপপাশ।' *ভবানী*, ১৮২৫।

আতরদানি [আ আতর+ফা দানি] *বি* আতরের পাত্র। 'আনো আতরদানি গুলবাগে।' *নজরুল*, ১৯৩৫।

আতরমাখা *বিণ* সুগন্ধিযুক্ত। 'গলায় ... আতরমাখা রুমাল জড়ানো।' *ইলিয়াস*, ১৯৭২।

আতর-সিক্ত [আ আতর+স সিক্ত] *বিণ* আতরে ভেজা। 'সুফি সাহেব আতর-সিক্ত মুখমণ্ডলের ...।' *মনসুর*, ১৯৩৫।

আতরাফ, আৎরাফ [আ] **১** *বি* (মুসলমান সমাজে) নিম্নশ্রেণীর জনগোষ্ঠী। 'আশরাফ আতরাফের পার্থক্য বঙ্গদেশীয় মুসলমান সমাজে অত্যন্ত প্রবল।' *এসলাম*, ১৯১৯। **২** *বি* অঞ্চল। 'সে-আতরাফের লোকজনেরা খবর পাইয়া সেখানে আসিয়া ভিড় করিল।' *মনসুর*, ১৯৫০।

আতলস্পর্শ [স] *বিণ* তলা পর্যন্ত পরিষ্কার। 'মাল্যবানের আতলস্পর্শ বেকুবি।' *জীবন*, ১৯৪৮।

আতশ [ফা আতিশ] **১** *বি* তুবড়ি, হাউই, পটকা প্রভৃতি বাজি। 'গান ও বাদ্য ও আতশ নানাবিধ।' *দর্পণ*, ১৮১৯। **২** *বি* আগুন। 'মুসলমান পঞ্চভূতের পরিবর্তে আব, আতশ, খাক, বাত এই চারিটি ভূত বিশ্বাস করে।' *দর্শন*, ১৯২১।

আতশ কাঁচ [ফা আতিশ+স কাচ] *বি* যে কাচে সূর্যরশ্মি কেন্দ্রীভূত করে আগুন জ্বালানো যায়; কনকেভ লেনস। 'চোখে আতশ কাঁচের চশমা।' *রবীন্দ্র*, ১৯৪০।

আতশবাজি, আতশবাজী [ফা আতিশ+ফা বাজী] *বি* তুবড়ি, হাউই ইত্যাদি বাজি। 'আমরা আতশবাজির মতো এক মুহূর্তে ভারতভূতল পরিত্যাগ করে ...।' *রবীন্দ্র*, ১৯০৮; 'আতশবাজী, ব্যান্ড পার্টি না হইলে ধনী দরিদ্র কাহারও উৎসব জমে না।' *মোহাম্মদী*, ১৯৩২।

আতশি, আতশী [ফা আতিশ>] *বিণ* অগ্নিময়। 'আয় প্রতি আতশী আলাপন।' *আলাওল*, ১৬৮০; 'জিবরাইলেরই আতশি পাখা সে ভেঙে যেন খানখান।' *নজরুল*, ১৯২৪।

আতশী কাঁচ [ফা আতিশ+স কাচ] *বি* যে কাচে সূর্যরশ্মি কেন্দ্রীভূত করে আগুন জ্বালানো যায়; কনকেভ লেনস। 'একখানা আতশী কাঁচের জোরে সূর্যরশ্মিকে তেজস্কর ওষুধে পরিণত করে ...।' *মানিক*, ১৯৫৬।

আতস [ফা আতিশ] *বি* আগুন। 'আতসে বোলএ আব হৈল মোর মনস্তাপ বাতে না ফুকে মোরে নিত।' *সুলতান*, ১৭০০।

আতসগড়া [ফা আতিশ>] *বিণ* আগুনের তৈরি। 'শোকের আতসগড়া তুমি কী সুন্দর মজ্জাহীন।' *শঙ্খ*, ১৯৬৯।

আতসবাজি, আতসবাজী [ফা আতিশ+ফা বাজি] *বি* তুবড়ি, হাউই ইত্যাদি বাজি। 'বায়ু করি বল আপনি অনল হইলা আতস বাজি।' *ভারত*, ১৭৬০; 'এই বিবাহে অতিশয় সৌষ্ঠব নাচ তামাসা বাদ্য রোশনাই আতস বাজী প্রভৃতি হইয়াছিল।' *দর্পণ*, ১৮২২; 'বিনা পয়সায় ভোজন আর রাত্রিকালে আতসবাজী দর্শন।' *রোকেয়া*, ১৯৩০।

আতা [প] *বি* ফলবিশেষ। 'ফলসা বাদাম আতা নেয়া ও পেয়ারা ...।' *কেরি*, ১৮০২।

আতাফল [প আতা+স ফল] *বি* পর্তুগিজদের-আনা গুটিবিশিষ্ট মিষ্টি ফলবিশেষ; কাস্টার্ড আপেল। 'রসশস্যপূর্ণ আতাফল পাকানো।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আতাবন [প আতা+স বন] *বি* আতা গাছের বাগান। 'যেখানে গতীর ভোরে নোনাফল পাকিয়াছে – আছে আতাবন।' *জীবন*, ১৯৩২।

আতাই [স আত্যয়িক] **১** *বি* শব্দচিল। 'দেখে চেয়ে আতাই শাবকে লয়ে যায়।' *মানিকরাম*, ১৭৮৯। **২** *বি* রাগ-সংগীতের শিল্পীবিশেষ। 'কত কত কলায়ত, ধাড়ি ও আতাই বীণা, মৃদঙ্গ, রবাব ... ও নক্কগুলে মশগুল হইয়া আছে।' *প্যারী*, ১৮৫৮।

আতান্তর [স অবস্থান্তর] **১** *বি* মতবিরোধ। 'তাহে কেন এত আতান্তর।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* বিপদ। 'নৈলে কি এরকম আতান্তর ফেলে কেউ বিদেশে যায়?' *বিভূতি*, ১৯২৯।

আতাম্র [স] *বিণ* ঈষৎ তাম্রবর্ণ। 'আতাম্রকুন্তলা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

AMARBOI.COM

আতি [স অতি] *বিণ* অত্যধিক; অতিশয়। 'আতি নেহেঁ করিআঁ চুম্বনে।' *বড়ু*, ১৪৫০; 'আতি ক্ষেপে সদাগরে নাহি করে ভূষা।' *মুকুন্দ*, ১৬০০।

আতিপাঁতি *বিণ* তন্ন তন্ন। 'চারদিকের ঝোঁপ জঙ্গল আতিপাঁতি করে খুঁজতে দেখেছি আমরা।' *সাদত*, ১৯৬৭।

আতিত[১] [স অতি] *বিণ* অতিশয়। 'আতিত প্রচণ্ড তেজ সহিবারে নারি।' *মালাধর*, ১৫০০।

আতিত[২] [স অতিথি] *বি* অতিথি। 'কহিলেন আমি আতিত।' *হ্যালহেড*, ১৭৭৩।

আতিথেয় [স] *বিণ* অতিথির সেবা করে এমন। 'নারোয়ের লোক অসভ্য কিন্তু আতিথেয় এবং নীতিজ্ঞ।' *অক্ষয়*, ১৮৪১।

আতিথেয়তা [স] *বি* অতিথি সেবা। 'আতিথেয়তা বিষয়ে পৃথিবীতে কোনও জাতিই আরবদিগের তুল্য নহে।' *বিদ্যা*, ১৮৬৩।

আতিথেয়ী [স] *বিণ স্ত্রী* অতিথিপরায়ণ। 'তুমি এমনই আতিথেয়ী, যে সম্ভাষণ দ্বারাও, আমার সংবর্ধনা করিলে না।' *বিদ্যা*, ১৮৪৭।

আতিথ্য [স] ১ *বি* অতিথির সেবাযত্ন। 'তাঁর যথাবিধি আতিথ্য করা হয়েছে।' *মাইকেল*, ১৮৭৩। ২ *বি* নিমন্ত্রণ। 'তাকে সেই অভাগিনীর সহিত শমনগৃহে আতিথ্য স্বীকার কর্তে হয়।' *মাইকেল*, ১৮৭৩। ৩ *বি* আতিথেয়তা। 'তাঁহার নিকট আতিথ্য গ্রহণ করিলেন।' *বঙ্কিম*, ১৮৭৫। ৪ *বি* গ্রহণযোগ্যতা। 'সকলের প্রাণের মধ্যেই যে ব্যক্তি আতিথ্য পায়।' *রবীন্দ্র*, ১৮৮২। ৫ *বি* সমাদর। 'আজ রাজপুরুষ তাঁর প্রতি অপ্রসন্ন, অন্যান্য প্রদেশে তার সম্বন্ধে আতিথ্য সংকুচিত।' *রবীন্দ্র*, ১৯০৮। ৬ *বি* আশ্রয়। 'কত কাল এই বসুন্ধরা আতিথ্য দিয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আতিথ্যবাস [স] *বি* অতিথি-আবাস। 'এ শৈল-আতিথ্যবাসে বসে নেপালী ভক্ত এসেছিল মোর বার্তা শুনে।' *রবীন্দ্র*, ১৯৪০।

আতিথ্যসৎকার [স] *বি* অতিথিসেবা। 'বিশ্বামিত্র' তাঁহাকে মহাসমাদরে আপন শিবিরে লইয়া গিয়া মহাসমারোহে তাঁহার আতিথ্যসৎকার করিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

আতিথ্যস্বীকার [স] *বি* আতিথেয়তা গ্রহণ। 'আপাতত মনোভাব গোপন করিয়া আতিথ্যস্বীকার করিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

আতিথ্যাভিলাষ [স আতিথ্য-অভিলাষ] *বি* অতিথি হওয়ার ইচ্ছা বা বাসনা। '... পথপ্রান্ত পথিকের ন্যায় আতিথ্যাভিলাষে কি পশ্চিমাচল-চূড়ার প্রতি ধাবমান হইতেছেন।' *রামনারায়ণ*, ১৮৫৪।

আতিপাতি [স অতিব্যস্ত] *ক্রিবিণ* তন্নতন্ন। 'হৃদয় পরাণ আতিপাতি করি ধরিতে তোমারে পারিব নাকি?' *সত্যেন্দ্র*, ১৯১০।

আতিবড় [স অতি>+বড়] *বিণ* অতিশয় বড়ো। 'আতিবড় হৈলা আছিদর।' *বড়ু*, ১৪৫০।

আতিবিতি [স অতিব্যস্ত] *ক্রিবিণ* অতি তাড়াতাড়ি। 'আতিবিতি লইলাম বেসাতি ফুরায়।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আতিশয্য [স] ১ *বি* সংখ্যাতিরিক্ততা। 'দ্রব্যাদির আতিশয্যের সীমা কি।' *চন্দ্রিকা*, ১৮৩২। ২ *বি* অতিরেক। *সেবধি*, ১৮৩৯; 'যখন আমাদের কার্য্যকালে কোন বৃত্তির আতিশয্য হয়।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* সংখ্যাধিক্য। 'তাহারা উৎসাহ সহকারে অন্যের মাংস ভোজন করিয়া জীবসংখ্যার আতিশয্য নিবারণ করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৯। ৪ *বি* বাড়াবাড়ি। 'এক পক্ষে আত্মশ্লাঘাপ্রবৃত্তির উৎকট আতিশয্য।' *বিদ্যা*, ১৮৭৩; 'পাঠনিষ্ঠায় অন্যায় পরিমাণ আতিশয্য দেখা যায়।' *রবীন্দ্র*, ১৯১২। ৫ *বি* বৃদ্ধি। 'গোবর্ধন তাহার প্লীহার আতিশয্য লইয়া চুলায় যাক।' *রবীন্দ্র*, ১৮৮৫। ৬ *বি* অতিরিক্ততা। 'ভালো সন্দেশে যেমন চিনির আতিশয্য থাকে না, তেমনি ...।' *রবীন্দ্র*, ১৮৮৭। ৭ *বি* অতিরঞ্জন। 'সকল জাতির মধ্যেই অত্যুক্তি ও আতিশয্য আছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

আতিশয্যচক্র [স] *বি* একটার পর একটা আতিশয্য; রুটিনবদ্ধ আতিশয্য। '*যে*-সব আতিশয্যচক্র হয়ে গেছে উৎপলার জীবনে।' *জীবন*, ১৯৪৮।

আতিশয্যতা [স] *বি* বাহুল্য। 'ইঁহারদিগের বিচক্ষণতা ও স্বধর্মপরিপালকতা ও পরিশ্রমের আতিশয্যতা ...।' *দর্পণ*, ১৮৩৬।

আতিশয্যবিকার [স] *বি* আতিশয্যের বিকার। 'তাহার আতিশয্যবিকার দূর হইতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আতিশয্যবিহীন [স] *বিণ* বাড়াবাড়িহীন। 'বিচলিত রাজার মনোভাব আতিশয্যবিহীন, সংযত ভাষায় প্রকাশ করেছেন।' *মুখলেস*, ১৯৭০।

আতিশয় [স অতিশয়] *বিণ* অতিরিক্ত। 'যবেঁ আছিলাহেঁ আহ্মে আতিশয় বালী।' *বড়ু*, ১৪৫০।

আতী [স অতি] *বিণ* অতি। 'নাসা তিলফুল তোর আতী আনুপামা।' *বড়ু*, ১৪৫০।

আতুড় [স অন্তঃকুটী] *বি* জন্মস্থান। 'আবাল্য শুনেছি মেয়ে বাংলাদেশ জ্ঞানীর আতুড়।' *মাহমুদ*, ১৯৭৩।

আতুড়ি [স অন্তঃকুটী] *বি* সূতিকাঘরের অগ্নিকুণ্ড। 'ফেড়িআ চালের বড় জালিল আতুড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

আতুর [স] ১ *বি* আর্তজন। 'বাতুল আতুর যথ পালিলেন্ত অবিরত দান ধর্ম করিলা বিশেষ।' *বাহরাম*, ১৬৫০। ২ *বিণ* পঙ্গু। *হ্যালহেড*, ১৭৭৮। ৩ *বিণ* কাতর। 'সাংসারিক সুখার্থে আতুর হইয়াছেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ৪ *বি* বিকলতা। 'কাণা, খোঁড়া, অন্ধ, আতুর, এ সমস্ত ত আমার শরীরের আভরণ।' *রামনারায়ণ*, ১৮৫৪।

আতুরতা [স] *বি* কাতরতা। 'সে তাকানোতে ... কী নিদারুণ আতুরতা!' *মুজতবা*, ১৯৫২।

আতুরা [স] *বিণ স্ত্রী* কাতর। 'রাজকন্যা স্বামীবিরহে অত্যন্ত আতুরা ছিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

আতুরাশ্রম [স আতুর-আশ্রম] *বি* আর্তপীড়িতদের বিনামূল্যে থাকার স্থান। 'আতুরাশ্রমের কোণে কোণে মুমূর্ষুদের হিক্কা-দিয়া নাভিশ্বাস উঠিয়াছে।' *সবুজ*, ১৯২০।

আতুরি [স অন্ত্র>] *বি* নাড়িভুঁড়ি। 'বের করে দেন আতুরিটা।' *শামসুল*, ১৯৬২।

আতুরী[১] [স আতুর>] *বিণ* আকুল। 'খঞ্জন-গমনী হৈল বিরহে আতুরী।' *বাহরাম*, ১৬৫০।

আতুরী[২] *বি* মাদকবিশেষ। 'নবীন আতুরী, আনিস, রম ও গাঁজার ভার নিলেন।' *দ্রুতোম*, ১৮৬১।

আতুল [স অতুল] *বিণ* তুলনাহীন। 'আতুল মহন্ত পাইলা জ্ঞান-সত্য-বল।' *আলাওল*, ১৬৮০।

আতুলি [স অতুল>] *বিণ* তুলনাহীন। 'শুক বিদারিদ যুকত কামিনী সোহি হরিল আতুলি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আতুলিত [স অতুলিত] *বিণ* তুলনাহীন; তুলনা করা হয়নি এমন। 'ত্রিভুবন মোহিনী সহজে আতুলিত।' *আলাওল*, ১৬৮০।

আতেক্কা *বিণ* হঠাৎ। 'আতেক্কা আক্রমণে মানুষের যা হয়।' *মনসুর*, ১৯৫৩।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আতেক্ষেপ [স আক্ষেপ] *বি* ক্ষোভ; আক্ষেপ। 'এত বলি বিপ্রনারি আতেক্ষেপ করে।' *মালাধর*, ১৫০০।

আতেখাই [স আক্ষেপ] *বি* ক্ষোভ; আক্ষেপ। 'সিসু দেখি করে আতেখাই।' *মালাধর*, ১৫০০।

আতোর [আ ঈতর] *বি* সুগন্ধিবিশেষ। 'বাবু আতোর, পান, গোলাব ও তোররা দিয়ে খাতির কচ্চেন।' *হুতোম*, ১৮৬১।

আতোষ [স তোষণ>] *বি* অসন্তোষ। 'যত কিছু করিলোঁ মোঞি রাধার আতোষে।' *বড়ু*, ১৪৫০।

আত্তমা [স আত্ম>] *বি* আত্মীয়। 'দেখিলা আত্তমাগণ তথা পাইলা দরশন।' *সুলতান*, ১৭০০।

আত্তার [আ আতর>] *বি* আতরবিক্রেতা। 'আত্তারগণ প্রত্যেক লোকের জন্য উৎকৃষ্ট গোলাবী আতর সাজাইয়া রাখিয়াছে।' *সিরাজী*, ১৯১৮।

আত্তি [স আর্তি] *বি* আগ্রহ। 'পরছিদ্র আত্তি করি শুনে যেই জন।' *আলাওল*, ১৬৮০।

আত্তীকরণ [স] *বি* আত্মস্থকরণ; অঙ্গীভূতকরণ। 'একদিক থেকে এটা অনুকরণ, আর এক দিক থেকে এটা আত্তীকরণ।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আত্তো [স আত্মা] *বি* নিজ। **আত্তো বিক্রী** [আত্মবিক্রয়] *বি* নিজেকে বিক্রি করা; ক্রীতদাস হওয়া। 'মাহমদের এস্থানে আত্তো বিক্রী হইয়া লইয়া মাহাজোনের কর্জ্জ আদায় করিলাম।' *হ্যালহেড*, ১৭৭২।

আত্তাম [স আত্মা] *বি* আত্মা। 'তাহার আত্তাম সেই ব্যতে মহা কালেতে লইয়া গেলো।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

আত্ম [স] *বিণ* নিজের। 'দুঁ মন মিছ দেখে আত্ম সম পর দেখে।' *বড়ু*, ১৪৫০।

আত্ম-অগোচর [স] *বিণ* নিজের অজানা। 'কোন তরুণ প্রাণে করিয়াছে ভর, অন্তর্গূঢ় সে প্রহর আত্ম-অগোচর।' *রবীন্দ্র*, ১৯২৯।

আত্ম-অপকার [স] *বি* নিজের ক্ষতি। 'স্বাধীনতার মধ্যে আত্ম-অপকারের স্বাধীনতাও আছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

আত্ম-অপমান [স] *বি* নিজের অপমান। 'কেহ ভালোবাসে কেহ নাহি বাসে ... আত্ম-অপমান।' *রবীন্দ্র*, ১৮৯০।

আত্ম-অবমান [স] *বি* নিজের অপমান। 'দণ্ডে পলে পলে এই আত্ম-অবমান।' *রবীন্দ্র*, ১৯০১।

আত্ম-অবহেলা [স] *বি* নিজের প্রতি অবহেলা। 'তাহার আত্ম-অবহেলা।' *নজরুল*, ১৯৩১।

আত্ম-অবিশ্বাস [স] *বি* নিজের প্রতি আস্থাহীনতা। 'আমাদের আত্ম-উপহাস আত্ম-অবিশ্বাস অতি অনায়াসে তিরস্কৃত।' *রবীন্দ্র*, ১৯০৫।

আত্ম-অবিশ্বাসী [স] *বিণ* নিজের প্রতি সন্দিগ্ধ। 'আমরা আত্মায় কৃপণ রয়েছি, আত্ম-অবিশ্বাসী না হই।' *অন্নদা*, ১৯২৮।

আত্ম-অভিজ্ঞতা [স] *বি* নিজের অর্জিত অভিজ্ঞতা। 'অথচ তার আত্ম-অভিজ্ঞতাকে প্রবল এবং বহুল করবার জন্যে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

আত্ম-অভিমান [স] *বি* অহংকার। 'অতি তীক্ষ্ণ অতিক্ষুদ্র আত্ম-অভিমান সহিতে পারে না হায় তিল অপমান।' *রবীন্দ্র*, ১৮৮৬।

আত্ম-আদর্শ [স] *বি* নিজের আদর্শ। 'ভারতবর্ষের যে পরাভব সে তাহার আত্ম-আদর্শ নহে।' *রবীন্দ্র*, ১৮৯৮।

আত্ম-আবিষ্কার [স] *বি* নিজেরর পরিচয় উপলব্ধি। 'আপন অক্ষমতা সম্বন্ধে আত্ম-আবিষ্কার প্রায় সম্পূর্ণ হয়েছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

আত্ম-আহুতি [স] *বি* আত্মবিসর্জন। 'কত বীর দিল আত্ম-আহুতি, ভগ্ন শঙ্খ শাঁখা।' *জসীম*, ১৯৫১।

আত্ম-ইচ্ছা-প্রণোদিত [স] *বিণ* নিজের ইচ্ছায় উদ্ভূত। 'আত্ম-ইচ্ছা-প্রণোদিত হইয়া অযাচিত ও অকস্মাৎ এ আইনের অবতারণা করেন নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

আত্ম-উৎকর্ষ [স] *বি* আত্মোন্নতি। 'সমজদারির হাতেই আত্ম-উৎকর্ষের ভার, ক্রিয়েটিভিটির হাতে নয়।' *মোতাহের*, ১৯৫০।

আত্ম-উদ্দীপনা [স] *বি* নিজের প্রেরণা। 'আত্ম-উদ্দীপনার গান ওরে ঝড় নেমে আয়, আয়রে আমার শুকনো পাতার ডালে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আত্ম-উপলব্ধি [স] *বি* আত্মজ্ঞান। 'আত্ম-উপলব্ধির ... চেতনালব্ধ সহজ সত্যের সরল স্বীকারোক্তি।' *নজরুল*, ১৯২৩।

আত্ম-উপহাস [স] *বি* নিজেকে অবজ্ঞা। 'আমাদের আত্ম-উপহাস আত্ম-অবিশ্বাস অতি অনায়াসে তিরস্কৃত।' *রবীন্দ্র*, ১৯০৫।

আত্মঋণ [স] *বি* নিজের ঋণ। 'যবে শুধিবেন তিনি নিজহস্তে আত্মঋণ।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আত্মকথা [স] **১** *বি* নিজের বানানো কথা। 'দুই-একটি আত্মকথা এবং আসল কথার আলোচনা করিয়া থাকি।' *রবীন্দ্র*, ১৮৯১। **২** *বি* নিজের জীবনকথা। 'সংগোপনে যদি দুই-একটি আত্মকথা এবং আসল কথার আলোচনা করিয়া থাকি ...।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'তাঁর আত্মকথায় লিখেছেন যে ...।' *প্রমথ*, ১৯১৭।

আত্মকন্যা [স] *বি* নিজের মেয়ে। 'সমাদার আত্মকন্যার ন্যায় রাণীকে পালন করিতে প্রবর্ত্ত।' *রাজীব*, ১৮০৫।

আত্মকরুণা [স] *বি* নিজের প্রতি নিজের কৃপা। 'আমরা সবাই ... ভাবালু আত্মকরুণায় আছি মগ্ন।' *বুদ্ধ*, ১৯৪২।

আত্মকর্তৃত্ব [স] **১** *বি* আত্মবিশ্বাস। 'আত্মকর্তৃত্বের উপর নিষ্ঠা হারাবার এমন সাধনা আর নেই।' *রবীন্দ্র*, ১৯৩৭। **২** *বি* নিজের অধিকার। 'তিনি তখন এমনি আত্মকর্তৃত্ব হারিয়ে বসেছেন।' *মুজতবা*, ১৯৪৯।

আত্মকলহ [স] *বি* নিজেদের মধ্যে বিবাদ। 'তাহারদের আপনারদের মধ্যে আত্মকলহ।' *রামরাম*, ১৮০১।

আত্মকল্যাণ [স] *বি* নিজেদের কল্যাণ। 'আত্মকল্যাণসাধনে অসিদ্ধ।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আত্মকাহিনী [স আত্ম+স কথনিকা] *বি* নিজের কাহিনি। 'আত্মকাহিনী।' *রূপরাম*, ১৭৫০।

আত্মকিরণ [স] *বি* নিজের রশ্মি। 'চন্দ্র ষোড়শকলাতে সম্পূর্ণ হইয়া আত্মকিরণ বিতরণ করিয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

আত্মকীয়তা [স] *বি* আপন স্বরূপ। 'আত্মার চরম সত্য তথ্যে নয়, আত্মার আত্মকীয়তায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

আত্মকুল [স] *বি* প্রেতাত্মাসকল। 'দেখাইব আজি হে তোমারে কি দশায় আত্মকুল জীবে আত্মদেশে।' *মাইকেল*, ১৮৬১।

আত্ম-কেন্দ্র [স] *বিণ* নিজেকে নিয়ে ব্যস্ত। 'সারাদেশ ঘিরে আছে আত্ম-কেন্দ্র চিন্তার বিলাস।' *সিকান্দার*, ১৯৫৮।

আত্মকেন্দ্রিক [স] *বিণ* নিজেকে কেন্দ্র করে আবর্তিত। 'তোমার আদর্শবাদী সুবিধাবাদের আত্মকেন্দ্রিক স্বার্থপরতার অজুহাতে?' *মানিক*, ১৯৪৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আত্মকেন্দ্রিত [স] *বিণ* নিজেকে ঘিরে আবর্তিত। 'এই আত্মকেন্দ্রিত বৈরাগীকে ঘিরে প্রাত্যহিক সংসার নানারূপে ...।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আত্মকেন্দ্রী [স] *বিণ* স্বার্থপর। 'আত্মকেন্দ্রী এবং পরবিমুখ।' *বুলবুল*, ১৯৩৬।

আত্মক্ষতি [স] *বি* নিজের ক্ষতি। 'পরিত্রাণহীন আত্মক্ষতি মিটায় জীবনযজ্ঞে মরণের ক্ষুধা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আত্মক্ষয় [স] *বি* আত্মহত্যা। 'আত্মক্ষয় মহাপাপ বিরহ বিউপ।' *বাহরাম*, ১৬৫০।

আত্মক্ষয়ী [স] *বিণ* আত্মঘাতী। 'মধ্যবিত্ত শ্রেণীতে যে সব আত্মক্ষয়ী প্রবণতা দেখা দিয়াছে।' *আজাদ*, ১৯৬২।

আত্মখণ্ডন [স] ১ *বি* নিজেকে বিভক্তকরণ। 'জীবনের গতি স্বভাবতই রহস্যময়, তাহার মধ্যে অনেক আত্মখণ্ডন।' *রবীন্দ্র*, ১৮৯৭। ২ *বি* আত্মবিচ্ছেদ। 'এ কি অদ্ভুত আত্মখণ্ডন!' *রবীন্দ্র*, ১৯১২।

আত্মগত [স] ১ *বিণ* আপনাতে নিমগ্ন। 'আত্মগত হৃদয়ের তীব্রতা ধীরে ধীরে শান্ত হয়ে আসছে।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বিণ* আত্মকেন্দ্রিক। 'আত্মগত ক্লিষ্ট জীবনের কুহেলিকা তাহার বিশ্বের দৃষ্টিকে করিছে হরণ।' *রবীন্দ্র*, ১৯৪১।

আত্মগরিমা [স] ১ *বি* অহংকার। 'আত্মগরিমা-পরবশ ... ভারতবর্ষীয়দিগের রণনৈপুণ্য মীমাংসা করা যাইতে পারে না।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বি* আত্মগৌরব। 'আমাদের মধ্যে আত্ম-গরিমা প্রকাশের ইদানীং ইয়ত্তা নাই।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আত্মগর্ব, আত্মগর্ব্ব [স] *বি* অহঙ্কার। 'যাহা বলি তাহাতে মনঃসংযোগ কর, কেবল আত্মগর্ব্বে থাকিলেই কি হবে।' *উমেশ*, ১৮৫৭।

আত্মগুণ [স] *বি* নিজের গুণ। 'আত্মগুণ তার দোষ ...।' *জ্ঞানতুঙ্গ*, ১৭৬০।

আত্মগোপন [স] ১ *বি* লুকিয়ে থাকা। 'আত্মগোপন প্রথা তাহার অভ্যাস নাই।' *রবীন্দ্র*, ১৮৮৩; 'সাধ্যানুসারে আত্মগোপন করিলেন।' *মশাররফ*, ১৮৮৫। ২ *বি* নিজেকে জাহির না-করা। 'সেখানে কেবল নম্রতা অথচ দৃঢ়তা, আত্মগোপন ও আত্মত্যাগ।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বি* অপ্রকাশ। 'তাঁর মধ্যে কতবড়ো একটা জোর আত্মগোপন করিয়া আছে।' *রবীন্দ্র*, ১৯০৯। ৪ *বি* নিজেকে গোপন করা। 'তোমার কাছে আর আত্মগোপন করব না।' *নজরুল*, ১৯৩৮।

আত্মগোপনকারী [স] *বিণ* গা ঢাকা দিয়েছে এমন। 'আত্মগোপনকারী নেতাদের মধ্যে ৮ জনকে গ্রেফতার করে নেয়।' *হাফিজুর*, ১৯৫৩।

আত্মগৌরব [স] *বি* অহঙ্কার। 'এই জাতই ... ইংরাজদের কপি করেন ও আত্মগৌরবে অন্ধ হন।' *হুতোম*, ১৮৬১।

আত্মগৌরবী [স] *বি* অহঙ্কার। 'তাঁহার আত্মগৌরবী জন্য অন্ধতা ক্রমশঃ নষ্ট হয়।' *প্যারী*, ১৮৬০।

আত্মগ্রাস [স] *বি* আত্মসাৎ। 'কর্পোরেশনের কর্তৃত্ব পাইয়া তিনি আত্মগ্রাস নীতির পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছেন।' *দর্পন*, ১৯২৪।

আত্মগ্লানি [স] *বি* আফসোস। 'তাহার তখন আর কোনরূপ আত্মগ্লানি থাকে না।' *অক্ষয়*, ১৮৫৪।

আত্মগ্লানিপূর্ণ [স] *বিণ* অনুশোচনায় কাতর। 'যে অজিতেন্দ্রিয় সেই দুঃখী সাহসশূন্য এবং আত্মগ্লানিপূর্ণ।' *হরপ্রসাদ*, ১৮৭৮।

আত্মঘাই [স আত্মঘাতী] *বি* আত্মহত্যা; নিজ হাতে নিজের প্রাণনাশ। 'বিসাদ করিয়া দিজ করে আত্মঘাই।' *মালাধর*, ১৫০০।

আত্মঘাত [স] ১ *বি* আত্মহত্যা। 'বিষাদি খাইয়া হরিদাস আত্মঘাত কৈল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* নিজের শরীরে আঘাত। 'ইহা বলি নিরন্তর করে আত্মঘাত।' *বৃন্দা*, ১৫৮০।

আত্মঘাতি [স আত্মঘাতী] *বি* আত্মহত্যা। 'ভাসিআ লোচনজলে করে আত্মঘাতি।' *মুকুন্দ*, ১৬০০।

আত্মঘাতিনী [স] *বিণ* স্ত্রী আত্মহত্যাকারী। 'দগ্ধা হইয়া মরিলে আত্মঘাতিনী হইবা ...।' *দর্পণ*, ১৮২১।

আত্মঘাতী [স] ১ *বি* আত্মহত্যা। 'দিবওঁ পরাণ মোঁ করিবো আত্মঘাতী।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* নিজেকে হত্যা করে এমন। 'সকলেই এক এক করিয়া আত্মঘাতী হইল।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বিণ* আত্মঘাতের সময়কার। 'ও কি দাবাগ্নিবেষ্টিত মহারণ্যের আত্মঘাতী প্রলয়নিনাদ।' *রবীন্দ্র*, ১৯৩২। ৪ *বিণ* নিজেকে আঘাত করে এমন। 'চিত্তের গহনে যেথা দুরন্ত কামনা লোভ ক্রোধ আত্মঘাতী মত্ততায় করিছে ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আত্মঘোষণা [স] *বি* আত্মপ্রচার। 'ইংরাজ কবি কেবল আত্মঘোষণা করিবেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

আত্মঘ্ন [স] *বিণ* আত্মঘাতী। 'জরাবিগলিত দেহে আত্মঘ্ন যন্ত্রণা বিজিগীষা।' *সুধীন্দ্র*, ১৯৩৯।

আত্মচরিত [স] *বি* আত্মজীবনী। 'রাজনারায়ণ বসুর আত্মচরিত।' *রফিক*, ১৮৯৯।

আত্মচিন্তা [স] *বি* নিজের সম্পর্কে চিন্তা। 'একটু আত্মচিন্তা কর তো বাপু।' *মানিক*, ১৯৩৫।

আত্মচেতনা [স] *বি* সচেতনতা। 'সমাজের আত্মচেতনা তাহাকে অবলম্বন করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

আত্মচৈতন্য [স] *বি* আত্মজ্ঞান। 'এবারে আমার আত্মচৈতন্য লোপ পেয়ে ...।' *মুজতবা*, ১৯৬০।

আত্মজ [স] *বি* পুত্র। 'এই বালকদ্বয়ই বীরবর মোসলেমের হৃদয়ের সার, প্রিয় আত্মজ।' *মশাররফ*, ১৮৮৫।

আত্মজন [স] *বি* স্বজন। 'কেহ বা ক্রন্দন করে ছাড়ি ঊর্ধ্বডাক ডাকি আত্মজনে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আত্মজনা [স আত্মজন] *বি* স্ত্রী আপনার লোক। 'আত্মজনার কর গতি।' *রামপ্রসাদ*, ১৭৮০।

আত্মজয় [স] *বি* নিজেকে জয়। 'আমি তোমার বলে আত্মজয় করিব।' *বঙ্কিম*, ১৮৭৮।

আত্মজা [স] *বি* স্ত্রী কন্যা। 'উক্ত লফরচন্দ্র সিংহ আত্মজা অবয়ঃপ্রাপ্তা অবিবাহিতা সদুহিতাম্বর পত্নী শ্রীমত্যা হরমুন্দরী দাস্যা ...।' *চিঠিপত্রে*, ১৮৪৪।

আত্মজাগরণ [স] *বি* বোধোদয়। 'এদের আত্মজাগরণ হয়নি।' *নজরুল*, ১৯২৭।

আত্মজাগৃতি [স] *বি* আত্মজাগরণ। 'এ আমাদের দেহভোগের বিলাস লালসা নয় – এ আমাদের আত্মজাগৃতির দাবী।' *বেগম*, ১৯৬৩।

আত্মজাতি [স] *বি* স্বজাতি। 'মনুষ্যেরা সর্বদা আত্মজাতির হিংসা করিয়া থাকে।' *বঙ্কিম*, ১৮৭৪।

আত্মজাহির [স আত্ম+আ জহির] *বি* নিজেকে বড়ো করে প্রকাশ। 'কত ভাবে করতে চাইলো আত্মজাহির।' *হাই*, ১৯৪৭।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আত্মজীবন [স] *বি* নিজের জীবন। 'আপন পতি বলিয়া জানিয়া তাহার নিকট মনে মনে আত্মজীবন উৎসর্গ করিয়া দিলেন।' *রবীন্দ্র*, ১৯০৬।

আত্মজীবনচরিত [স] *বি* নিজের জীবনের ইতিহাস। 'বিদ্যাসাগর মহাশয়ের আত্মজীবনচরিতের কয়েক পৃষ্ঠা বাহির হইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

আত্মজীবনাত্মক [স] *বিণ* আত্মজীবনীমূলক। 'কাহিনীটি আবীরচাঁদ রূপচাঁদের আত্মজীবনাত্মক।' *নরেন্দ্র*, ১৯৪৬।

আত্মজীবনী [স] *বি* নিজের জীবনী। 'আত্মজীবনী লিখিবার বিশেষ ক্ষমতা বিশেষ লোকেরই থাকে, আমার তাহা নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

আত্মজীবনীমূলক [স] *বিণ* আত্মজৈবনিক। 'রবীন্দ্রনাথের আত্মজীবনীমূলক রচনা গোয়েটের তুলনায় অনেক সংক্ষিপ্ত।' *শিব*, ১৯৫০।

আত্মজৈবনিক [স] *বিণ* আত্মজীবনীমূলক। 'সমালোচকরা ভেবে পাচ্ছেন না ঠিক কী বলবেন। একটা কিছু সংজ্ঞা দিতে হবে, তাই বলছেন আত্মজৈবনিক।' *রবীন্দ্র*, ১৯৩৫; 'তাঁর এখনকার লেখা হয়তো একটু ক্লেশকর রকমের আত্মজৈবনিক।' *সুধীন্দ্র*, ১৯৩৫।

আত্মজ্ঞান [স] ১ *বি* স্বার্থচিন্তা। 'গৃহবাস তেজিল তেজিল আত্মজ্ঞান।' *বাহরাম*, ১৬৫০। ২ *বি* আত্মা ও পরমাত্মা-বিষয়ক জ্ঞান বা তত্ত্ব। 'এই স্থির করিয়া মোক্ষপ্রতিপাদক শুদ্ধধর্মের বীজরূপ আত্মজ্ঞানের আরোপণ করিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

আত্মজ্যোতি [স] *বি* নিজস্ব আলো। 'কাদাবালি মেখে সস্তা তারায় আত্মজ্যোতি।' *শামসুর*, ১৯৫৯।

আত্মতত্ত্ব [স] *বি* আত্মা সম্পর্কিত জ্ঞান। 'অন্য গোলমাল ছাড় আত্মতত্ত্ব বিচার ধোড়।' *লালন*, ১৮৯০।

আত্মতত্ত্ববিজ্ঞান [স] *বি* নিজের অস্তিত্ব, আত্মা ও অধ্যাত্মবাদ। 'তদীয় সাহায্যে তর্ক বিদ্যা, আত্মতত্ত্ববিজ্ঞান ও ব্রহ্মতত্ত্ব নিরূপণ হইত।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

আত্মতা [স] *বি* চারিত্রিক বৈশিষ্ট্য। 'তার জোর হচ্ছে আপন সুনিশ্চিত আত্মতা নিয়ে ইংরেজিতে যাকে বলে ক্যারেক্টর।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আত্মতাম্ত্রিক [স] *বিণ* স্বার্থপর। 'সে দেশে কবিকে আত্মতাম্ত্রিক বলে নিন্দা করা বড়োই আশ্চর্যের বিষয়।' *প্রমথ*, ১৯১৪।

আত্মতুল্য *বিণ* নিজের অবস্থানের সমান। 'বয়স, ধন এবং গৃহ বিষয়ে আত্মতুল্য, অর্থাৎ আমাদিগের তুল্য।' *অক্ষয়*, ১৮৪৯।

আত্মতুষ্ট [স] *বিণ* অহংকারী। 'দাবী লইয়া ইংরেজ জাতি যদি আত্মতুষ্ট হইয়া উঠিত।' *আজাদ*, ১৯৬৮।

আত্মতুষ্টি [স] *বি* নিজেকে নিয়ে তুষ্টি। 'ব্যর্থ আত্মতুষ্টির ওপর বসায় মর্চের দাগ।' *মাহমুদ*, ১৯৭৩।

আত্মতৃপ্ত [স] *বিণ* নিজে পরিতৃপ্ত। 'সেই আত্মতৃপ্ত মানবাত্মার বিরাট বিপুল শান্তি আকাশকে অধিকার করিল।' *রবীন্দ্র*, ১৯১২।

আত্মতৃপ্তি [স] *বি* নিজের সন্তুষ্টি। 'পবিত্র কার্য করিতে গেলে যে-আত্মতৃপ্তি অনুভব করা যায়।' *নজরুল*, ১৯২২।

আত্মত্যাগ [স] ১ *বি* নিজের প্রাণ উৎসর্গ। 'ভ্রাতার জন্য ভ্রাতার আত্মত্যাগ।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* নিজের স্বার্থ রিসর্জন। 'কুশীর আত্মত্যাগে সুন্দরের সার্থকতা।' *রবীন্দ্র*, ১৯৩২।

আত্মত্যাগী [স] ১ *বিণ* নিজের জীবন উৎসর্গকারী। 'আত্মত্যাগী সাধকরাই আনিবেন।' *নজরুল*, ১৯২৭। ২ *বিণ* নিজের স্বার্থ ত্যাগ করতে পারে যে। 'এই সরল আত্মত্যাগী মানুষটিকে আমরা ভালোবেসেছি।' *রবীন্দ্র*, ১৯২৯।

আত্মদমন [স] *বি* আত্মসংযম। 'আত্মদমন করিয়া ... বসিয়া রহিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

আত্মদম্ভ [স] *বি* দেমাক। 'কথাটায় আত্মদম্ভ লক্ষ করে একটু লজ্জিত হয়ে যোগ দেন।' *ওয়ালী*, ১৯৬৪।

আত্মদর্শন [স] *বি* নিজ আত্মার স্বরূপ বোধ। 'আত্মদর্শন (Introspection) থেকেই আমাদের এ ধারণা গড়ে ওঠে।' *মাহেনও*, ১৯৪৯।

আত্মদান [স] ১ *বি* অন্যের জন্যে নিজের জীবন উৎসর্গকরণ। 'নবধা দানের মাঝে আত্মদান বড়।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* আত্মত্যাগ। 'তখন আত্মদানের উচ্ছ্বাসে তরুলতা পাগল হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আত্মদাহ [স] *বি* অনুশোচনা। 'থাক আত্মদাহ, থাক বিচার বিবেক।' *রবীন্দ্র*, ১৮৯০।

আত্মদাহী [স] *বিণ* নিজেকে দগ্ধকারী। 'আত্মদাহী কল্পনায় খেলায়েছি কত।' *রবীন্দ্র*, ১৮৮১।

আত্মদীনতা [স] *বি* নিজস্ব হীনম্মন্যতা; নিজেকে ছোটো মনে করার মনোভাব। 'মেয়েদের মধ্য থেকে আত্মদীনতার এই ভাবটিকে দূর করবার জন্যে।' *বেগম*, ১৯৪৭।

আত্মদীপ [স] *বি* নিজের জ্ঞানবুদ্ধিতে চলা যায় এমন সামর্থ্য। 'এ দায়িত্ব সেই শিল্পী এবং মনীষীরাই পালন করতে পারবেন যাদের আত্মদীপ অকম্প্র ...।' *শিব*, ১৯৬০।

আত্মদুঃখ [স] *বি* আপন মনস্তাপ। 'আমরা আত্মদুঃখ নিবেদন করিতে শিখি।' *রবীন্দ্র*, ১৯০৮।

আত্মদৃষ্টি [স] *বি* নিজের স্বরূপ সম্বন্ধে বোধ। 'চিত্তদর্শী সর্বপ্রাণীতে আত্মদৃষ্টি দ্বারাই হয়।' *বঙ্কিম*, ১৮৯২।

আত্মদেশ [স] *বি* প্রেতলোক। 'দেখাইব আজি হে তোমারে কি দশায় আত্মকুল জীবে আত্মদেশে।' *মাইকেল*, ১৮৬১।

আত্মদ্বন্দ্ব [স] *বি* নিজেদের মধ্যে বিরোধ। 'আমরা আত্মদ্বন্দ্ব, আত্মকলহ, সামাজিক বাদ প্রতিবাদ এবং পরস্পর দ্বেষ ও হিংসা বহ্নিতে দগ্ধীভূত হইতেছি।' *প্রচারক*, ১৮৯৯।

আত্মদ্রোহ [স] *বি* আত্মপীড়ন। 'বিশুদ্ধ আত্মদ্রোহের স্বাদ তো পেলে।' *অচিন্ত্য*, ১৯৫০।

আত্মধন [স] *বি* নিজের সম্পদ। 'তদীয় আশৈশবকাল পর্যন্ত সমুদায় স্বচক্ষে প্রত্যক্ষ করিয়া আত্মধন নির্বিশেষে রক্ষণাবেক্ষণ করিতে হইত।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

আত্মধিক্কার [স] *বি* নিজের প্রতি ধিক্কার। 'তুমি আমাকে আত্মধিক্কার থেকে বাঁচিয়েছ।' *রবীন্দ্র*, ১৯২৮।

আত্মধ্বংস [স] *বি* আত্মহত্যা। 'অন্যথায় আত্মধ্বংসই হবে সার।' *আলাউদ্দিন*, ১৯৬০।

আত্মন [স] *সর্ব* স্বয়ং। 'হে আত্মন, করো উন্মোচন।' *রবীন্দ্র*, ১৯৪১।

আত্মনাশ [স] *বি* আত্মঘাত। 'আত্মনাশ করে।' *ফজলল*, ১৯১৩।

আত্মনাশী [স] *বিণ* আত্মঘাতী। 'বনবাসী আত্মনাশী উন্মত্ত উন্মাদ।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বাহরাম, ১৬৫০।

আত্মনিগ্রহ [স] *বি* আত্মপীড়ন। 'তাহার ত্যাগ দৈন্য আত্মনিগ্রহ আধুনিক কবির হৃদয়কে আকর্ষণ করিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আত্মনিন্দা [স] *বি* নিজের নিন্দা। 'আত্মনিন্দা করি লৈল প্রভুর শরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আত্মনিন্দুক [স>] *বি* নিজের নিন্দা করে যে। 'আত্মনিন্দুক দলেরা অধিকাংশ এই শ্রেণীর লোক।' *রবীন্দ্র*, ১৮৮৫।

আত্মনিবেদন [স] **১** *বি* বিনয় প্রকাশ। 'ক্রমে ২ রাজা সকলের নিকট রাত্রে গমন করিয়া আত্মনিবেদন করিলেন।' *রাজীব*, ১৮০৫। **২** *বি* সমর্পণ। 'মহাদেবের নিকট দাসীভাবে আত্মনিবেদন করা পার্ব্বতীর পৌরাণিক চরিত্রে ...।' *রবীন্দ্র*, ১৮৭৭। **৩** *বি* সবকিছু বিসর্জন করে নিজেকে সমর্পণ করা। 'বাগবাজারের একটি বিশেষ গলির কাছে তিনি আত্মনিবেদন করিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯১৬।

আত্মনিবেদনপরা [স] *বিণ স্ত্রী* আত্মনিবেদনশীল। 'নারীর সহজ শক্তি আত্মনিবেদনপরা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আত্মনিমগ্ন [স] *বিণ* নিজের ভাবে বিভোর। 'আমার এই কল্পনাপ্রিয় অকর্মণ্য আত্মনিমগ্ন বিস্তৃত-আকাশ-পূর্ণ মনের ভাবটি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আত্মনিমগ্নতা [স] *বি* আত্মমগ্নতা। 'আত্মনিমগ্নতার অন্য পিঠ হচ্ছে বিচ্ছিন্নতাবোধ।' *আইয়ুব*, ১৯৭৩।

আত্মনিয়ন্ত্রণ [স] *বি* নিজেকে নিয়ন্ত্রণ। 'লীগের আত্মনিয়ন্ত্রণের দাবী অস্বীকার করিতে যাওয়াও অনুচিত।' *আজাদ*, ১৯৪২।

আত্মনিয়ন্ত্রণশীল [স] *বিণ* নিজেরা নিজেদের পরিচালনা করতে পারে এমন। 'তাদের আত্মনিয়ন্ত্রণশীল এক একটি রাজ্যের (Dominion) অধিকার দেওয়া দরকার।' *ওয়াজেদ*, ১৯৪৩।

আত্মনিয়ন্ত্রণাধিকার [স আত্মনিয়ন্ত্রণ-অধিকার] *বি* নিজেকে নিজে পরিচালনা করার ক্ষমতা: স্বাধিকার। 'পাকিস্তান-প্রস্তাবে ভারতীয় মুছলমান জাতির যে আত্মনিয়ন্ত্রণাধিকার দাবী করা হইয়াছে।' *আজাদ*, ১৯৪২।

আত্মনিয়োগ [স] *বি* নিজেকে নিয়োজিত করা। 'কর্ম যতই বিচিত্র, বৃহৎ এবং প্রবল, আত্মনিয়োগ এবং আত্মচর্চা ততই অধিক।' *রবীন্দ্র*, ১৯০৮।

আত্মনিরোধ [স] *বি* আত্মসংযম। 'এই অর্ন্তদ্বন্দ্ব আর আত্মনিরোধের অন্ত কবে হবে?' *নরেন্দ্র*, ১৯৪৩।

আত্মনির্বাসন [স] *বি* স্বেচ্ছায় চলে যাওয়া। 'শয়নালয় হইতে একেবারে মাসিমার ঘরে আত্মনির্বাসন।' *রবীন্দ্র*, ১৯০২।

আত্মনির্ভর [স] *বি* স্বনির্ভরতা। 'ঘরের ছেলের প্রাণ যখন কণ্ঠাগত তখন আত্মনির্ভর সম্বন্ধে ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

আত্মনির্ভরক্ষম [স] *বিণ* স্বাবলম্বী। 'পরবর্তী তিন শতকেও ইতালিতে পুঁজিবাদী শ্রেণী ও সংস্কৃতির আত্মনির্ভরক্ষম ব্যাপক প্রতিষ্ঠা ঘটেনি।' *শিব*, ১৯৫৬।

আত্মনির্ভরতা [স] *বি* স্বাবলম্বন। 'স্বজাতিভক্তি এবং আত্মনির্ভরতা তাহাতে বাড়ে না।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আত্মনির্ভরতাশূন্য [স] *বিণ* পরনির্ভর। 'তাঁর ধর্মজিজ্ঞাসা ছিল সাহিত্যসৌখিন এবং আত্মনির্ভরতাশূন্য।' *আইয়ুব*, ১৯৭৩।

আত্মনির্ভরপর [স] *বিণ* আত্মনির্ভরশীল। 'আত্মনির্ভরপর উন্নতবলিষ্ঠ চরিত্রের ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

আত্মনির্ভরশীল [স] *বিণ* স্বনির্ভর। 'দেশের পল্লীগুলি আত্মনির্ভরশীল ও ব্যূহবদ্ধ হয়ে উঠলেই ...।' *রবীন্দ্র*, ১৯২৩।

আত্মনির্ভরশীলতা [স] *বি* আত্মনির্ভরতা। 'এই আত্মনির্ভরশীলতাই ভারতীয় জীবনযাত্রার অন্যতম প্রধান বৈশিষ্ট্য।' *উমর*, ১৯৬৬।

আত্মনির্ভরশীলা [স] *বিণ স্ত্রী* স্বাবলম্বী। 'সে আত্মনির্ভরশীলা হইতে শিখে।' *বেগম*, ১৯৪৮।

আত্মনির্ভরশূন্য [স] *বিণ* নিজের উপর ভরসা নেই এমন। 'সে অন্যমনস্ক, আত্মনির্ভরশূন্য।' *শরৎ*, ১৯১৩।

আত্মনির্যাতন [স] *বি* নিজের উপর পীড়ন। 'তার জীবনে আত্মনির্যাতন আছে, আত্মনিয়ন্ত্রণ নেই।' *মোতাহের*, ১৯৫০।

আত্মনিষ্কৃতি [স] *বি* নিজের মুক্তি। 'ইহারা পরম্পরা সম্বন্ধে রাজকর দিয়া আত্মনিষ্কৃতি সম্পাদন করেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

আত্মনিষ্ঠ [স] *বিণ* আত্মমগ্ন। 'যার কাছে শ্রেয়স্কর আত্মনিষ্ঠ অনন্তের চেয়ে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

আত্মপক্ষ [স] *বি* নিজের পক্ষ। 'ধর্মাধিকরণে প্রথম বারেই এমন অসাধারণ রূপে আত্মপক্ষ সমর্থন করিলেন যে ...।' *বিদ্যা*, ১৮৪৯।

আত্মপঞ্চজন [স] *বি* পঞ্চেন্দ্রিয়। 'ঘরে আছে পাঁচপাঞ্জাতন, ওরে আত্মপঞ্চজন আত্মায় আত্মার করে ভজন।' *লালন*, ১৮৯০।

আত্মপতন [স] *বি* নিজের অধঃপতন। 'শৃগালের মতো আত্মপতনের বীজ রক্ষাই করিনি।' *শঙ্খ*, ১৯৬৯।

আত্মপদ [স] *বি* পদাশ্রয়। 'আত্মপদ যারে দিলা শ্রীগৌরসুন্দর।' *বৃন্দা*, ১৫৮০।

আত্মপবিত্রতা [স] *বি* নিজের পরিশুদ্ধি। 'আত্মপবিত্রতা হেতু লিখিল কত জন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আত্মপর [স] **১** *বি* শত্রুমিত্র। 'সর্ব্বভূতে সমভাব আত্মপর দয়া।' *মালাধর*, ১৫০০। **২** *বি* আপন ও পর। 'বসিয়া বসিয়া আত্ম-পরের মধ্যে সহস্র সেতু নির্মাণ করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আত্মপরতা [স] *বি* স্বার্থপরতা। 'আত্মপরতা অপেক্ষা স্বদেশপ্রেম যাহার বেশি সেই প্রাণ ...।' *রবীন্দ্র*, ১৯০৮; 'সেটাও নষ্টমার অলসতাজনিত আত্মপরতা।' *মনসুর*, ১৯৫৫।

আত্মপরায়ণ [স] *বিণ* স্বার্থপর। 'তুমি আত্মপরায়ণ হইও না।' *বঙ্কিম*, ১৮৮৭।

আত্মপরায়ণতা [স] *বি* আত্মকেন্দ্রিকতা। 'বিলাসিতা ও আত্মপরায়ণতা পূর্ণ মাত্রায় রাজত্ব করিত।' *রোকেয়া*, ১৯২২।

আত্মপরায়ণা [স] *বিণ স্ত্রী* স্বার্থপর। 'সে স্ত্রী এমনই সক্ষম ও আত্মপরায়ণা যে ...।' *তারা*, ১৯৫৩।

আত্মপরিচয় [স] **১** *বি* নিজের পরিচয়। 'দূত আত্মপরিচয় দিয়া কহিল তুমি মহারাজকে সম্বাদ দেহ।' *রাজীব*, ১৮০৫। **২** *বি* নিজের পরিচয়। 'মহাকবি রামের মুখে অনেক স্থলে "ভিখারী" বলে আত্মপরিচয় বসিয়েছেন।' *রবীন্দ্র*, ১৮৯১। **৩** *বি* জাতিসত্তা। 'তাই বিশ্বরূপকে প্রতিষ্ঠিত করে আমরা আত্মপরিচয় লাভ করব এবং আমাদের বাণী বিশ্বকে দেব।' *রবীন্দ্র*, ১৯২১।

আত্মপরিতৃপ্ত [স] *বিণ* আত্মতৃপ্তিপূর্ণ। 'এই আত্মপরিতৃপ্ত মিলনটিকে লক্ষ্য করেই গীতা ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

আত্মপরিতৃপ্তি [স] *বি* নিজের সন্তুষ্টি। 'ইংরেজ আত্মপরিতৃপ্তির জন্য পূর্বের চেয়ে অনেক বেশি খরচ করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আত্মপরিবর্ধনা [স] *বি* নিজের বৃদ্ধি। 'সজীব গাছের চারার মধ্যে তার আত্মচালনা-আত্মপরিবর্ধনার তত্ত্ব ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

আত্মপরিবার [স] *বি* নিজের পরিবার। 'কৃষিকার্য্য করিয়া আত্মপরিবার ... অলীক ব্যয়ভার সহ্য করিতে পারে।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

আত্মপরীক্ষা [স] *বি* নিজের দোষগুণ ও সামর্থ্যাদি বিচার। 'যুগে যুগে নূতন করে আত্মপরীক্ষা দেবার জন্যে যুবকদের মল্লযুদ্ধে আহ্বান করেন।' *রবীন্দ্র*, ১৯২২।

আত্ম-পিপাসা *বি* স্বার্থপরতা। 'আত্ম-পিপাসার পূতিগন্ধময় পঙ্কে কলুষিত হইতে দেওয়া কিছুতেই কর্তব্য নহে।' *রবীন্দ্র*, ১৮৯৮।

আত্মপীড়ক [স] *বিণ* নিজেকে পীড়ন করে এমন। 'আত্মপীড়ক অলস কবিত্ব ...।' *বঙ্কিম*, ১৯৪০।

আত্মপীড়ন [স] *বি* নিজেকে কষ্ট দেওয়া। 'ধর্ম্ম আত্মপীড়ন নহে।' *বঙ্কিম*, ১৮৯২।

আত্মপীড়া [স] *বি* নিজেকে কষ্ট দেওয়া। 'কেন এত আত্মপীড়া।' *রবীন্দ্র*, ১৮৮৯।

আত্মপুত্র [স] *বি* নিজের ছেলে। 'রাজা প্রজাকে আত্মপুত্র সদৃশ জ্ঞান করিতেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

আত্মপুষ্টি [স] *বি* নিজের বিকাশ। 'কথা বলে লোককে চমকে দেওয়ার জন্য তারা বই পড়ে, আত্মপুষ্টির জন্য নয়।' *মোতাহের*, ১৯৫০।

আত্মপ্রকটন [স] *বি* নিজেকে প্রকাশ। 'বিক্ষুব্ধ সম্পাতে করে আত্মপ্রকটন।' *সুধীন্দ্র*, ১৯২৭।

আত্মপ্রকাশ [স] **১** *বি* প্রবেশ। 'প্রাপ্তবয়স্ক লোকদের আমোদপ্রমোদ এবং কার্যসভায় সর্বদা আত্মপ্রকাশ করতে দিলে তাদের উন্নতির পথ রুদ্ধ হয়।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বি* নিজেকে প্রকাশ। 'আত্মপ্রকাশের তৃপ্তির জন্য এই-সমস্ত বাজে কাঁও করিতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭। **৩** *বি* আত্মবিকাশ। 'ত্যাগের দ্বারাই আমাদের আত্মপ্রকাশ হয়।' *রবীন্দ্র*, ১৯১৬।

আত্মপ্রকাশধর্মী [স] *বিণ* আত্মপ্রকাশে আগ্রহী। 'বেশ কিছু ব্যক্তির আত্মপ্রকাশধর্মী সার্থক প্রয়াসের একটি সাধারণ নাম ...।' *শিব*, ১৯৫৬।

আত্মপ্রকাশহীন [স] *বিণ* আত্মস্ফুরণ থেকে বিরত; গোপন। 'যে জনমন একদা ছিল অখ্যাত আকারে আত্মপ্রকাশহীন অকৃতিত্বে লুপ্তপ্রায়, সে আজ ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

আত্মপ্রকৃতি [স] *বি* নিজের স্বভাব। 'সে আত্মপ্রকৃতিতেই সফল হইল।' *রবীন্দ্র*, ১৯০৫।

আত্মপ্রচার [স] *বি* নিজের বিষয়ে প্রচার। 'আমি আত্মপ্রচার করিতে আসি নাই।' *রবীন্দ্র*, ১৯০৫।

আত্মপ্রচারণা [স] *বি* নিজের বিষয়ে প্রচার। 'আত্মপ্রচারণার কোনো অসদুদ্দেশ্য এর পিছনে ছিলো না।' *শরীফ*, ১৯৭০।

আত্মপ্রতারক [স] *বিণ* নিজের সাথে প্রতারণাকারী। 'সে আত্মপ্রতারক মূর্খ।' *বিভূতি*, ১৯৩১।

আত্মপ্রতারণা [স] *বি* আত্মবঞ্চনা। 'যেখানে আত্মপ্রতারণা নাই।' *বঙ্কিম*, ১৮৭৮।

আত্মপ্রতিজ্ঞা [স] *বি* নিজ সংকল্প। 'অবাধ্যতারূপে সে স্ত্রী আত্ম-প্রতিজ্ঞাতে দৃঢ়া রহিল।' *দর্পণ*, ১৮২৩।

আত্মপ্রতিবাদ [স] *বি* নিজের ভিতর থেকে প্রতিরোধ। 'আজ হঠাৎ আত্মপ্রতিবাদের যে কোনো কারণ ঘটিয়াছে তাহা বোধ হয় না।' *রবীন্দ্র*, ১৯০৮।

আত্মপ্রতিষ্ঠা [স] *বি* নিজের গৌরব। 'আত্মলাভ আত্মপ্রতিষ্ঠা হইতে দূরে রাখিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

আত্মপ্রতিষ্ঠাকামী [স] *বিণ* নিজ প্রতিষ্ঠা লাভে ইচ্ছুক। 'আত্ম-প্রতিষ্ঠাকামী মানুষের প্রাণে সত্যবার্তা পৌঁছে দেওয়া সম্ভব এই পথেই।' *সুনীল মুখো*, ১৯৭০।

আত্মপ্রতিষ্ঠিত [স] *বিণ* নিজ মর্যাদায় প্রতিষ্ঠাপ্রাপ্ত। 'নারীকে সমাজে আত্মপ্রতিষ্ঠিত হবার সুযোগ দেওয়া যে ন্যায়সঙ্গত ...।' *বেগম*, ১৯৫৯।

আত্মপ্রত্যয় [স] *বি* আত্মবিশ্বাস। 'আত্মপ্রত্যয়।' *রবীন্দ্র*, ১৯১৬; 'আত্মস্বরিতা ও আত্মপ্রত্যয় সে বিষয়ে তাহাকে অন্ধ করিয়া রাখে।' *বিভূতি*, ১৯৩১।

আত্মপ্রত্যয়হীনতা [স] *বি* আত্মপ্রত্যয়ের অভাব। 'সর্বত্র ... আত্মপ্রত্যয়হীনতা, হৃতসামর্থ্য প্রথাপ্রকরণের নির্বোধ অনুসরণ, জগৎ সম্পর্কে কৌতূহলহীনতা।' *শিব*, ১৯৫৬।

আত্মপ্রবঞ্চক [স] *বিণ* নিজের সঙ্গে প্রতারণাকারী। 'বলে সাধুতা তলে তলে আত্মপ্রবঞ্চক।' *রবীন্দ্র*, ১৯৩২।

আত্মপ্রবঞ্চনা [স] *বি* নিজেকে ঠকানো। 'ও কেবল ইচ্ছাকৃত আত্মপ্রবঞ্চনা।' *রবীন্দ্র*, ১৮৮৯।

আত্মপ্রবঞ্চিত [স] *বিণ* নিজেকে প্রতারণা করে এমন। 'তাঁহারা ভ্রান্ত, আত্মপ্রবঞ্চিত।' *আজাদ*, ১৯৩৭।

আত্মপ্রবর্তনা [স] *বি* নিজের ভিতরকার উদ্দীপনা। 'মনুষ্যোচিত সেই আত্মপ্রবর্তনার চর্চা থেকে প্রথম হতেই বঞ্চিত।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আত্মপ্রবৃত্তি [স] *বি* নিজের কামনা-বাসনা। 'এই আত্মপ্রবৃত্তিসকলকে ... সুনিয়ন্ত্রিতভাবে রক্ষা করাই আত্মসংযম।' *অক্ষয়*, ১৮৫৪।

আত্মপ্রয়োগ [স] *বি* নিজের ক্ষেত্রে প্রয়োগ। 'সত্য আত্মপ্রয়োগে তাহাকে খাটাইতে হইবে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আত্মপ্রসন্ন [স] *বিণ* আত্মতুষ্ট। 'বড়লোকের নাম নিয়ে আত্মপ্রসন্ন হতে ভালো লাগে না।' *ধূর্জটি*, ১৯৩১।

আত্মপ্রসাদ [স] *বি* আত্মতৃপ্তি। 'ইহাতে কি প্রকারেই বা আত্মপ্রসাদ ও মনস্তুষ্টি লাভ করেন?' *অক্ষয়*, ১৮৪৯।

আত্মপ্রসার [স] *বি* আত্মবিস্তার। 'কাশী তার সেই আত্মপ্রসার-উদ্যমের একটি প্রধান কেন্দ্রস্থান হতে পারে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আত্মপ্রসূতা [স] *বিণ* স্ত্রী স্ব-উদ্ভূত। 'বাঙ্গালা ভাষা আত্মপ্রসূতা নহে।' *বঙ্কিম*, ১৮৯২।

আত্মপ্রস্তুতি [স] *বি* নিজেকে প্রস্তুতকরণ। 'আত্মপ্রস্তুতি সচেতন প্রয়াসসাপেক্ষ।' *শিব*, ১৯৫০।

আত্মপ্রাধান্য [স] *বি* নিজের গুরুত্ব। 'মনের ক্ষীত ভাব বা উন্মত্ত ভাব নিয়ত আত্মপ্রাধান্যের স্থাপনে উদ্যুক্ত।' *অক্ষয়*, ১৮৫৪।

আত্মপ্রীতি [স] *বি* নিজের প্রতি ভালোবাসা। 'জাগতিক প্রীতির সঙ্গে আত্মপ্রীতি বা স্বজনপ্রীতি বা দেশপ্রীতির কোন বিরোধ নাই।' *বঙ্কিম*, ১৮৭৫; 'আর্যজাতির মনে দেশপ্রীতির চাইতে আত্মপ্রীতি ঢের বেশি।' *প্রমথ*, ১৯১৫।

আত্ম-প্রেস্টিজ [স আত্ম+ই প্রেস্টিজ] *বি* আত্মগৌরব। 'এক পক্ষের

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আত্মসম্মানের চেয়ে অপর পক্ষের আত্ম-প্রেস্টিজ বেশী।' *অন্নদা*, ১৯২৮।

আত্মবঞ্চক [স] *বিণ* নিজেকে বঞ্চিত করে এমন। 'আত্মবঞ্চক ও মর্তুকাম এদের নায়ক-নায়িকারা অস্তিত্বের মধ্যে শুধু জরা আর মৃত্যুকেই ...।' *শিব*, ১৯৬০।

আত্মবঞ্চনা [স] *বি* নিজের সঙ্গে বঞ্চনা। 'তপস্যা করিয়া কেবল আত্মবঞ্চনা করিলাম।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

আত্মবৎ [স] *বিণ* নিজের মতো। 'কেহ ... আত্মবৎ সেবার অনুষ্ঠান দ্বারা, তদীয় প্রসন্নতা লাভার্থে উৎসুক হইতেছেন।' *অক্ষয়*,, ১৮৫৫।

আত্মবধ [স] *বি* আত্মহত্যা; নিজেকে হত্যা। 'কোন ব্যক্তি ইচ্ছাধীন এমত সঞ্চিত ধন জলাঞ্জলি দিয়া আত্মবধ করিতে চাহে।' *অক্ষয়*, ১৮৫০।

আত্মবধি [স আত্মবধী] *বিণ* নিজেকে বধকারী। 'বুলিলেন্ত আত্মবধি নহ কদাচিত।' *সুলতান*, ১৭০০।

আত্মবধী [স] *বিণ* নিজেকে বধকারী। 'আত্মবধী হইমু নিশ্চএ।' *বাহরাম*, ১৬৫০।

আত্মবর্গ [স] *বি* আপনজন। 'অধিবাস করিলেন আত্মবর্গগণে।' *বৃন্দা*, ১৫৮০।

আত্মবল [স] *বি* নিজের শক্তি। 'আত্মবলে ... প্রতিষ্ঠা লাভ করিতে সচেষ্ট হও।' *প্রচারক*, ১৯০৪।

আত্মবলি [স] *বি* নিজেকে বলি দেওয়া। 'আত্মবলি দিয়া দিয়া আপনারে করেছি নিঃশেষ।' *নজরুল*, ১৯২৮; 'শাখায় শাখায় মহানিঃশব্দের পায়ে রচি দিল আত্মবলি তার।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আত্মবলিদান [স] *কি* নিজেকে মহৎ কাজে উৎসর্গ করা। 'তাহার নিষ্ঠা অত্যন্ত আশাহীন আত্মবলিদানের ন্যায় প্রতিভাত হইতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আত্মবশ [স] *বিণ* নিজের বশবর্তী। 'আত্মবশ হইয়া স্নেহ ও বাৎসল্য বিসর্জ্জন করা গর্হিত কর্ম্ম।' *অক্ষয়*, ১৮৫২।

আত্মবশ হওয়া *ক্রি* নিজেকে নিয়ন্ত্রণ করা। 'আত্মবশ হওয়া সুখের বিষয় বটে।' *অক্ষয়*, ১৮৫০।

আত্মবান [স] *বি* উদারচিত্ত ব্যক্তি। 'এ পথে আত্মবানের আত্মাকে রক্ষা নয়, আত্মাকে প্রকাশ।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আত্মবাসনা [স] *বি* নিজের ইচ্ছা। 'কোন ভক্তিভাজন দণ্ডি-সন্নিধানে উপস্থিত হইয়া আত্মবাসনা অবগত করেন।' *অক্ষয়*, ১৮৪৯।

আত্মবিকার [স] *বি* নিজের বিকৃতি। 'মধুপানে আত্মবিকার হইয়াছে।' *মশাররফ*, ১৮৮৫।

আত্মবিকাশ [স] *বি* আত্মস্ফুরণ; নিজের বিকাশ। 'সমাজের প্রত্যেক লোকের আত্মবিকাশ আচ্ছন্ন হইতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আত্মবিক্রয় [স] **১** *বি* নিজেকে সমর্পণ। 'সে যদি এখন তাঁহার নিকট আত্মবিক্রয় করে, তবে কি তিনি আনন্দিত হইবেন না?' *সিরাজী*, ১৯১৮। **২** *বিণ* আত্মমর্যাদা ত্যাগ। 'ভদ্র-সম্প্রদায় আত্মবিক্রয় করে শহরে উঠে এসেছেন।' *নজরুল*, ১৯২৫; 'ত্যাগের মহিমাকে মলিন করিল না আত্মবিক্রয়ের অর্থ দিয়ে।' *নজরুল*, ১৯২৬।

আত্মবিক্রীত [স] *বিণ* অন্যের নিকট নিজেকে উৎসর্গ করার মতো কৃতজ্ঞ। 'কিংবা যদি ... স্নেহ কিংবা সখ্য লাভ করিতে পারে তবে তাহার নিকট আত্মবিক্রীত হইয়া থাকে।' *রবীন্দ্র*, ১৮৯২।

আত্মবিখণ্ডিত [স] *বিণ* বিক্ষিপ্ত। 'এ-খোঁজার শেষ হবে না শুধু তাই নয়, শেষ হবে এমন চিন্তাই আত্মবিখণ্ডিত।' *আইয়ুব*, ১৯৭৩।

আত্মবিঘাতক [স] *বিণ* আত্মঘাতী। 'আমি এ আত্মবিঘাতক অপবাদে কলুষিত হয়ে আর কি ... লীলাবতীর দিকে দৃষ্টিপাত কত্তে পারি?' *দীনবন্ধু*, ১৮৬৭।

আত্মবিচ্ছেদ [স] *বি* অভ্যন্তরীণ কোন্দল। 'আত্মবিচ্ছেদ ঘটাইয়া লঙ্কাপুরী ছারখার করিয়া দিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

আত্মবিড়ম্বনা [স] *বি* নিজেকে ঠকানো। 'অযোগ্যের কত আরাধনা, সার্থক সাধনা কত, কত ব্যর্থ আত্মবিড়ম্বনা ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

আত্মবিদ্রোহ [স] **১** *বি* অভ্যন্তরীণ বিদ্রোহ। 'ঘরে-বাইরে প্রতিকূলতা, তাদের মধ্যে আত্মবিদ্রোহ সমর্থন করবার জন্যে ...।' *রবীন্দ্র*, ১৯৩১। **২** *বি* আত্মসংযম ভেঙে যাওয়ার অবস্থা। 'কোনো কোনো মেয়ের আত্মবিদ্রোহ দেখা দিল।' *রবীন্দ্র*, ১৯৪১।

আত্মবিনাশী [স] *বিণ* নিজেই নিজের ধ্বংস করে এমন। 'আত্মবিনাশী জিতেন্দ্রিয় পুরুষ কোনোদিনও পারবে না।' *জীবন*, ১৯৩২।

আত্মবিনোদন [স] *বি* আত্মতৃপ্তি। 'কলহ অক্ষমের উত্তেজনা-প্রকাশ, তাহা অকর্মণ্যের একপ্রকার আত্মবিনোদন।' *রবীন্দ্র*, ১৯০৯।

আত্মবিপ্লব [স] *বি* নিজের সঙ্গে দ্বন্দ্ব। 'মানবধর্মের মধ্যে যে-আত্মবিপ্লব ঘটে, তাতে দাসেরই যদি জয় হয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

আত্মবিবরণ [স] *বি* নিজের পরিচিতি। 'বীজগণিতের ভূমিকায় ... আত্মবিবরণ লিখিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৭।

আত্মবিমুখ [স] *বিণ* উদাসীন। 'বর্তমান পরমুখী ও আত্মবিমুখী মানসিকতার জন্য ...।' *মোহাম্মদী*, ১৯৩৬।

আত্মবিরহী [স] *বিণ* স্বেচ্ছায় বিরহ বরণকারী। 'রয়েছ আত্মবিরহী গৃহকোণে বিরহের ব্যথা নেই মনে।' *রবীন্দ্র*, ১৯৪০।

আত্মবিরোধ [স] **১** *বি* নিজেদের মধ্যে দ্বন্দ্ব। 'দেবতার ইচ্ছা ক্রমে এক রাত্রি দাউদের লস্করে আত্মবিরোধ উপস্থিত।' *রামরাম*, ১৮০১। **২** *বি* স্ববিরোধিতা। 'এরূপ অদ্ভূত আত্মবিরোধ কেন দেখিতেছি?' *রবীন্দ্র*, ১৯০৯। **৩** *বি* অসঙ্গতি। 'স্বভাবে একটা আত্মবিরোধ ছিল – ওকালতির কাজে ছিলেন প্রবীণ, কিন্তু ঘরের কাজে বিষয়বুদ্ধি ছিল না।' *রবীন্দ্র*, ১৯২৯।

আত্মবিরোধী [স] *বিণ* স্ববিরোধী। 'ফাসিজমের জন্মভূমিই হচ্ছে সভ্যতার আত্মবিরোধী এই-সব জেলখানায়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আত্মবিলয় [স] *বি* আত্মনাশ। 'নির্বিকার ও নির্বিচার আত্মসমর্পণ তথা আত্মবিলয় দাবী করতে পারে না।' *শরীফ*, ১৯৬৮।

আত্মবিলুপ্তি [স] *বি* নিজের কর্তৃত্ব লোপ। 'স্বেচ্ছায় আত্মবিলুপ্তিই কি শেষ পর্য্যন্ত আত্মরক্ষার শ্রেষ্ঠ পন্থা নয়?' *সওগাত*, ১৯৪৪।

আত্মবিলোপ [স] **১** *বি* স্বার্থত্যাগ। 'লক্ষ্মণ রামের জন্য সর্বপ্রকারে আত্মবিলোপ সাধন করিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯০০। **২** *বি* আত্মলোপ। 'দুর্বলের নিয়তি আত্মবিলোপে, সবলের তৃপ্তি আত্মোল্লাসে।' *শরীফ*, ১৯৬৮।

আত্মবিশ্বাস [স] *বি* নিজের শক্তির উপরে আস্থা। 'ক্রমে ক্রমে আমাদের আত্মবিশ্বাস জাগ্রত করিয়া, আমাদের আশা উদ্রেক ...।' *রবীন্দ্র*, ১৮৯০; 'নিকটবর্তী দেশসমূহে আত্মবিশ্বাস ও আশার আলো জ্বালিয়া দিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯৩২।

AMARBOI.COM

আত্মবিশ্বাসহীন [স] *বিণ* আত্মপ্রত্যয়হীন। 'জনসাধারণের আত্মবিশ্বাসহীন চিরাচরিত চলার পথ।' *হাই*, ১৯৫৪।

আত্মবিশ্লেষণ [স] *বি* আত্মসমালোচনা। 'নিজের রচনা উপলক্ষে আত্মবিশ্লেষণ শোভন হয় না। তাকে অন্যায় বলা যায় এইজন্যে যে ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

আত্মবিষয় [স] *বি* নিজের বিষয়। 'আত্মবিষয়ে যত্ন, ও স্বাধীনতাতে অনুরাগ সঞ্চার ইত্যাদি বিষয়ের নিমিত্ত ...।' *অক্ষয়*, ১৮৪৯।

আত্মবিষয়ক [স] *বিণ* নিজের সম্বন্ধীয়। 'আত্মবিষয়ক কর্ত্তব্যকর্ম্ম।' *অক্ষয়*, ১৮৫০।

আত্মবিষয়ীকৃত [স] *বিণ* নিজের ক'রে-নেওয়া। 'সেই বৃহৎ মানবকে আমরা আত্মবিষয়ীকৃত করি।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আত্মবিসর্জন [স] **১** *বি* নিজের ক্ষতি স্বীকার। 'পরের জন্য আত্মবিসর্জন ...।' *বিনোদিনী*, ১৮৭৫। **২** *বি* আত্মত্যাগ। 'আমরা যখন খুব বড়ো রকমের আত্মবিসর্জন করি সেটা কেন করি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আত্মবিসর্জনপর [স] *বিণ* আত্মোৎসর্গপরায়ণ। 'তাঁহার সেই আত্মবিসর্জনপর মধুর নম্রতা ...।' *রবীন্দ্র*, ১৯১২।

আত্মবিস্তার [স] *বি* নিজের বিকাশ। 'দুর্বলের ধর্ম আত্মসংকোচন আর সবলের বিলাস আত্মবিস্তারে।' *শরীফ*, ১৯৬৮।

আত্মবিস্মরণ [স] **১** *বি* নিজেকে ভুলে থাকা। 'যেন গো আমারি তুমি আত্মবিস্মরণ।' *রবীন্দ্র*, ১৮৮৬। **২** *বি* আত্মবিস্মৃতি। 'হেরি সেই স্নেহপ্লুত আত্মবিস্মরণ, মধুর মঙ্গলচ্ছবি মৌন অবিচল ...।' *রবীন্দ্র*, ১৯০০।

আত্মবিস্মৃত [স] **১** *বিণ* আপন-ভোলা। 'আনন্দে আছেন আত্মবিস্মৃত হইয়া।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* নিজের সম্বন্ধে অচেতন। 'স্ত্রী-পুরুষ উভয়ে নিতান্ত আত্মবিস্মৃত ও বাহ্যজ্ঞানশূন্য।' *অক্ষয়*, ১৮৫০।

আত্মবিস্মৃতা [স] *বিণ স্ত্রী* নিজেকে ভুলে আছে এমন। 'আত্মবিস্মৃতা সৌন্দর্যলক্ষ্মী।' *বিভূতি*, ১৯৩১।

আত্মবিস্মৃতি [স] *বি* নিজেকে ভুলে থাকা। 'যদি কোনোদিন কোনো আত্মবিস্মৃতির দুর্যোগে এঁর দেখা না পাই ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

আত্মবিহারী [স] *বিণ* হৃদয়ে স্থানপ্রাপ্ত। 'আত্মবিহারী তিনি, হৃদয়ে উদয় তাঁর।' *রবীন্দ্র*, ১৮৯২।

আত্মবিহ্বল [স] *বিণ* আত্মবিভোল। 'একজন সুন্দরী ... ঝড়বৃষ্টির মাঝে আত্মবিহ্বল হয়ে স্বপ্নগতার মতো চলেছেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

আত্মবুদ্ধি [স] *বি* নিজের বুদ্ধি। 'জীবের দেহে আত্মবুদ্ধি সেই মিথ্যা হয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আত্মবুদ্ধে [স আত্মবুদ্ধি>] *ক্রিবিণ* নিজের বুদ্ধিতে। 'আত্মবুদ্ধে পরবুদ্ধে প্রশ্ন জেই হরে।' *মালাধর*, ১৫০০।

আত্মবৃত্তান্ত [স] *বি* নিজের কথা; নিজের বৃত্তান্ত। 'আমার নিকট আত্মবৃত্তান্ত বর্ণন করিতেছেন।' *বিদ্যা*, ১৮৬৩।

আত্মবৃত্তি [স] *বি* নিজপেশার মাধ্যমে আয়। 'আত্মবৃত্তি করি করে কুটুম্ব-ভরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আত্মবেদ [স] *বি* আত্মজ্ঞান। 'তার অনভ্যস্ত অভ্যাঘাতে অতর্কিত বুদ্ধির আত্মবেদ ঘোচেনি।' *সুধীন্দ্র*, ১৯৩৫।

আত্মবোধ [স] **১** *বি* আত্মজ্ঞান। 'আমাদের আত্মবোধ অপূর্ণ বলিয়াই আমরা আত্মাকে এবং অন্য সমস্তকে বিভিন্ন করিয়াই জানি।' *রবীন্দ্র*, ১৯০৯। **২** *বি* নিজস্ব চেতনা। 'সমস্ত দেহের আত্মবোধ অঙ্গপ্রত্যঙ্গের বোধের সম্মিলনে সম্পূর্ণ হয়।' *রবীন্দ্র*, ১৯৩১। **৩** *বি* নিজস্বতা বোধ। 'আমাদের আত্মবোধ যত প্রবল, গণবোধ তত সাবলীল নয়।' *শরীফ*, ১৯৬৮।

আত্মভর্ৎসন [স] *বি* অনুশোচনা; নিজেকে তিরস্কার। 'বিকট আর্তনাদ ও উৎকট আত্মভর্ৎসন আরম্ভ করিল।' *বিদ্যা*, ১৮৬৩।

আত্মভাব [স] *বি* নিজের মনের ভাব। 'হেনমতে মুরারিগুপ্তের আত্মভাব।' *বৃন্দা*, ১৫৮০।

আত্মভাবতন্ময়তা [স] *বি* নিজ চিন্তায় বিভোরতা। 'ব্যক্তিস্বাতন্ত্র্য, আত্মভাবতন্ময়তা প্রভৃতি।' *আনিস*, ১৯৬৪।

আত্মভাষা [স] *বি* মাতৃভাষা। 'আত্মভাষা অপেক্ষা পরভাষা শিক্ষার নিমিত্তে চতুর্গুণ ধনের প্রয়োজন।' *অক্ষয়*, ১৮৪৮।

আত্মভাষাপ্রেমিক [স] *বিণ* নিজ ভাষাকে ভালোবাসে এমন। 'পুরাবৃত্তবেত্তারা আত্মভাষাপ্রেমিক।' *অক্ষয়*, ১৮৪৮।

আত্মভোলা [স আত্মবিহ্বল] *বি* নিজের মধ্যে ডুবে আছে যে। 'ওরে মত্ত, ওরে মুগ্ধ, ওরে আত্মভোলা।' *রবীন্দ্র*, ১৯০১।

আত্মমগ্নতা [স] *বি* নিজের ভাবে বিভোর থাকা। 'ভাল লাগে না আমার এই প্রাণস্পর্শহীন আত্মমগ্নতা।' *সুকান্ত*, ১৯৪১।

আত্মমঙ্গল [স] *বি* নিজের কুশল। 'আত্মমঙ্গল সমাচার লিখিয়া লিখিবেন ভাই সাহেবের এক পত্র পাইয়া পরম ...।' *রাজীব*, ১৮০৫।

আত্মমত [স] *বি* নিজের মত। 'যাহার যেমত স্বেচ্ছা হয় সেইমত আত্মমত জানিয়া প্রেমালিঙ্গন দিবা।' *ভবানী*, ১৮২৮।

আত্মমর্যাদা, আত্মমর্য্যাদা [স] *বি* নিজের মর্যাদা; আত্মসম্মান। 'আমাদিগের আত্মমর্য্যাদাবোধ ...।' *অক্ষয়*, ১৮৪৯; 'আমাদের আত্মমর্যাদা বৃদ্ধি পাইবে; তখন আমরা স্বদেশে বাস করিব স্বজাতিকে ভাই বলিব।' *রবীন্দ্র*, ১৮৮৪; 'লেখায় যদি বা কোনো কারণে উদারতার অভাব লক্ষিত হয় তথাপি তাহার মধ্যে একটা সংযত আত্মমর্যাদা থাকে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আত্মমর্যাদাজ্ঞান [স] *বি* আত্মসম্মানবোধ। 'তখন আমাদের দেশের লোকের আত্মমর্যাদাজ্ঞান বাস্তবিক হৃদয়ের মধ্যে অঙ্কুরিত হইতে থাকিবে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আত্মমর্যাদাবোধ, আত্মমর্য্যাদাবোধ [স] *বি* নিজের মানমর্যাদা সম্পর্কে ধারণা। 'আমাদিগের আত্মমর্য্যাদাবোধ ...।' *অক্ষয়*, ১৮৪৯; 'সকলেরই রাজপুরুষ নির্বাচনের অধিকার জন্মিয়াছে। প্রত্যেকেরই আত্মমর্যাদাবোধ জাগ্রত হইয়া উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আত্মমর্যাদাসম্পন্ন [স] *বিণ* আত্মসম্মানবোধ আছে এমন। 'আত্মমর্যাদাসম্পন্ন লোক এই অবস্থায় ওজারতের গদি আঁকড়াইয়া থাকিতে পারেন না।' *জামায়াত*, ১৯৩৮।

আত্মমান [স] *বি* নিজের মর্যাদা। 'রাজার সহিত সাক্ষাৎ করিয়া আত্মমানের গৌরব যথেষ্ট জন্মাইলেন।' *রাজীব*, ১৮০৫।

আত্মমার্জিতি [স] *বি* আত্মপরিশীলন। 'আত্মমার্জিতির দিকে নয়, আত্মপ্রকাশের দিকেই সকলের ঝোঁক।' *মোতাহের*, ১৯৫০।

আত্মমুখ [স] *বি* নিজের মুখ। 'বাগ্‌যুদ্ধে স্ত্রীকে আত্মমুখে পরাজয় স্বীকার করাইতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯১।

আত্মমুখিনতা [স] *বি* নিজেকে নিয়ে ব্যস্ত থাকার প্রবণতা;

AMARBOI.COM

আত্মকেন্দ্রিকতা। 'কার্তিক, তোমার আত্মমুখিনতা তুচ্ছ হয়ে গেলো।' *শক্তি*, ১৯৬৯।

আত্মমূর্তিধ্যান [স] *বি* নিজের স্বরূপ সম্পর্কে চিন্তা। 'সেদিনকার ভারতবর্ষের সেই আত্মমূর্তিধ্যান ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

আত্মমূল্য [স] *বি* নিজের মূল্য। 'আত্মমান আত্মমূল্য চেতনায় বেশ খুশি।' *জীবন*, ১৯৩২।

আত্মম্ভর [স] *বিণ* স্বার্থপর। 'তবু লিখছি তোমাকে আজ : লিখছি আত্মম্ভর আশায়।' *সুকান্ত*, ১৯৪৮।

আত্মম্ভরি [স] *বিণ* অহংকারী। 'তার জন্য যদি তাকে আত্মম্ভরি বল তাতে তিনি আত্মনির্ভরতা ত্যাগ করবেন না।' *প্রমথ*, ১৯১৪।

আত্মম্ভরিতা [স] ১ *বি* স্বার্থপরতা। 'কোম্পানির কর্মকারদিগের আত্মম্ভরিতা দোষে ...।' *বিদ্যা*, ১৮৫৬; 'আত্মম্ভরিতা কোথাও এসে বলতে জানে না, "এইবার বস্ হয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বি* গর্ব। 'তাঁহার মনে বড়লোকের আত্মম্ভরিতাটুকু পুরামাত্রায় বিরাজ করিত।' *ইমদাদুল*, ১৯২০।

আত্মম্ভরী [স আত্মম্ভরি] *বি* আত্মসাধনে ব্যস্ত। 'আমরা আত্মম্ভরী আমাদিগকে আত্মবিসর্জন দিতে শিখাও।' *রবীন্দ্র*, ১৮৮৫।

আত্মম্মন্যতা [স] *বি* আত্মনিমগ্নতা। 'আন্তরিকতার আত্মম্মন্যতা নিয়ে ... তলিয়ে গিয়েছিল।' *জীবন*, ১৯৪৮।

আত্মরক্ষণক্ষম [স] *বিণ* নিজেকে রক্ষায় সক্ষম। 'সেটা যতক্ষণে না সবল ও আত্মরক্ষণক্ষম হয়ে উঠবে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আত্মরক্ষণেচ্ছা [স] *বি* আমিত্ব রক্ষার ইচ্ছা। 'সে যে ক্ষুদ্র আত্মরক্ষণেচ্ছার নিকট আত্মসম্মান বলি দেয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

আত্মরক্ষা [স] *বি* নিজেকে বাঁচানো। 'আত্মরক্ষা মহাধর্ম কর বৃথা ভোগ।' *বাহরাম*, ১৬৫০।

আত্মরক্ষামূলক [স] *বিণ* নিজকে রক্ষা করার বিষয়সম্পর্কিত। 'আত্মরক্ষামূলক ব্যবস্থার ক্ষেত্রে আক্রমণের প্রকারভেদ করা সম্ভব নহে।' *আজাদ*, ১৯৬২।

আত্মরচিত [স] *বিণ* নিজের তৈরি। 'আত্মরচিত কারাগারে অপেক্ষা করিতেছি।' *রবীন্দ্র*, ১৯০৮।

আত্মরতি [স] *বি* আত্মমগ্নতা। 'আত্মরতি নিগ্রহের পথে ঘুমের আবেশ।' *জীবন*, ১৯৩২।

আত্মরূপ [স] *বি* নিজের রূপ; স্বরূপ। 'তাহার আত্মরূপ ত্যাগ করিয়া আমাদের কলেবরের সহিত একাত্ম হইয়া যায়।' *রবীন্দ্র*, ১৯০৫।

আত্মরূপা [স] *বিণ স্ত্রী* (হিন্দুপুরাণ) ব্রহ্মময়ী। 'আত্মরূপা আশা পূরাহ আসিয়া।' *ভারত*, ১৭৬০।

আত্মরূপান্তর [স] *বি* নিজের পরিবর্তন। 'মানুষই একমাত্র জীব যার ... আত্মরূপান্তরের ক্ষমতা অপরিসীম।' *শিব*, ১৯৬০।

আত্মরোল [স] *বি* বিপদগ্রস্ত অবস্থায় চিৎকার। 'সবে করে আত্মরোল।' *আলাওল*, ১৬৮০।

আত্মলাঘব [স] *বিণ* আত্মমর্যাদা হানিকর। 'সেটাতে লাবণ্যকে বড়ো বেশি আত্মলাঘব-দুঃখ দিয়েছিল।' *রবীন্দ্র*, ১৯২৮।

আত্মলাভ [স] *বি* নিজের উন্নতি। 'আত্মলাভ, দম্ভ, খাদ্যসুখ, যশোলাভ প্রভৃতিকে ইহার মূলকারণ বলিয়া ব্যক্ত করিলেন।' *অক্ষয়*, ১৮৪২।

আত্মলোক [স] *বি* নিজের জগৎ। 'এক আত্মলোকে সকল আত্মার অভিমুখে আত্মার সত্য।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আত্মলোপী [স] *বিণ* আপন ভোলা। 'চরাচরে আত্মলোপী অলীক নির্দেশে। শাশ্বত সে।' *শামসুর*, ১৯৫৯।

আত্মশক্তি [স] *বি* নিজের ক্ষমতা। 'আত্মশক্তি একটি বিশেষ স্থানে সঞ্চয় করা।' *রবীন্দ্র*, ১৯০৫।

আত্মশক্তিপ্রতিষ্ঠ [স] *বিণ* নিজের ক্ষমতায় প্রতিষ্ঠিত। 'যুগ যুগ ধরিয়া আত্মশক্তিপ্রতিষ্ঠ মানুষ বিচরণ করিয়া আসিয়াছে।' *হাই*, ১৯৫৪।

আত্মশক্তিহীন [স] *বিণ* নিজের শক্তি নেই এমন। 'তখন যে-সমস্ত আত্মশক্তিহীন রাষ্ট্রনৈতিক সভা ও খবরের কাগজের আন্দোলন প্রচলিত হইয়াছিল। *রবীন্দ্র*, ১৯১২।

আত্মশত্রুতা [স] *বি* নিজেদের মধ্যে শত্রুভাব। 'আত্মশত্রুতা খোঁপা আর এলোচুলে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আত্মশাসন [স] ১ *বি* নিজেকে দমন। 'স্থানীয় আত্মশাসন ও স্থানবিশেষে আত্মশাসন।' *বঙ্কিম*, ১৮৭২। ২ *বি* স্বায়ত্তশাসন। 'আমাদের আত্মশাসন ব্যাপারে অপক্ষপাত সমালোচনা করিয়া অকপট চিত্তে বলনু দেখি ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আত্মশ্লাঘা [স] ১ *বি* আত্মপ্রশংসা। 'বিশেষ কহাতে আত্মশ্লাঘা পরস্থানি হয়।' *দর্পণ*, ১৮২১। ২ *বি* আত্মগৌরব। 'বাবুর নিকট আত্মশ্লাঘাপূর্বক কহিলেন।' *দর্পণ*, ১৮২২। ৩ *বি* অহংকার। 'আত্মশ্লাঘা করিয়া কি হইবে, যদি তুই সম্মুখযুদ্ধে তিষ্ঠিতে পারিস, তবেই তোর বলবীর্যের পরিচয় পাইব।' *রবীন্দ্র*, ১৮৭৭।

আত্মশ্লাঘী [স] *বিণ স্ত্রী* নিজের প্রশংসা নিজে করে এমন; অহংকারী। 'নিজেরে জ্ঞানান দেয় তীব্রকণ্ঠে আত্মশ্লাঘী সতী।' *রবীন্দ্র*, ১৯৪০।

আত্মসংকোচ [স] *বি* নিজের জড়তা। 'যে আত্মসংকোচ নিত্য গুপ্ত হয়ে রয়।' *রবীন্দ্র*, ১৯২৫।

আত্মসংকোচন [স] *বি* নিজেকে গোটানো। 'আত্ম-সংকোচনের অচৈতন্যের মধ্যেও তাহার আত্মপ্রসারণের উদ্বোধন চেষ্টা ক্ষণে ক্ষণে ঝুঁকিয়াছে।' *রবীন্দ্র*, ১৯১৬।

আত্মসংবরণ [স] *বি* নিজেকে নিয়ন্ত্রণ। 'তাড়াতাড়ি নিজেকে আত্মসংবরণ করিয়া চাহিয়া দেখিল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আত্মসংবৃত [স] *বিণ* নিজেকে লুকিয়ে রাখে এমন। 'আত্মসংবৃত প্রেম সমস্ত সংসারের অনুকূল।' *রবীন্দ্র*, ১৯০৭।

আত্মসংযম [স] *বি* নিজেকে নিয়ন্ত্রণ। 'এই আত্মপ্রবৃত্তিসকলকে ... সুনিয়ন্ত্রিতভাবে রক্ষা করাই আত্মসংযম।' *অক্ষয়*, ১৮৫৪।

আত্মসংযমী [স] *বি* নিজেকে নিয়ন্ত্রণকারী। 'তাহাকে বিক্ষুব্ধ করিবার জন্য প্রলোভন প্রেরণ করিলেন। কিন্তু সেই আত্মসংযমী অবিচলিত রহিলেন।' *রবীন্দ্র*, ১৯১৭।

আত্মসংলাপ [স] *বি* নিজের সঙ্গে কথোপকথন। 'সবাই আত্মসংলাপে মগ্ন।' *শওকত*, ১৯৭২।

আত্মসচেতন [স] ১ *বিণ* ভিতরে চেতনা আছে এমন। 'মনুষ্যের আত্মসচেতন পদার্থ, যত দূর বিকৃত হইতে পারে, আমাদের বিষয়ে তাহার আর কিছুই অবশিষ্ট নাই।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বি* নিজের সম্পর্কে সচেতন। 'এ-পরিবারে আত্মসচেতন হবার যেমন উপায় নেই।' *ওয়ালী*, ১৯৪৭।

আত্মসচেতনতা [স] *বি* নিজের অবস্থা সম্পর্কে গর্ব। 'স্বল্পকালীন ধনসম্পদের আত্মসচেতনতা অনেক সময়েই দুঃসহ অহংকারের সঙ্গে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

... ।' *রবীন্দ্র*, ১৯৪০।

আত্মসদৃশ [স] *বিণ* নিজের মতো। 'সুরাসক্ত স্ত্রীগণ আত্মসদৃশ সন্তান সকল প্রসব করে।' *অক্ষয়*, ১৮৪৯।

আত্মসন্তান [স] *বি* নিজের সন্তান। 'আত্মসন্তানের ন্যায় সপত্নী সন্তানকে কে স্নেহ করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৮।

আত্মসন্তোষ [স] *বি* আত্মতৃপ্তি। 'আত্মরক্ষা ও আত্মসন্তোষই মনুষ্যের সমুদায় কার্য্যের প্রয়োজন।' *অক্ষয়*, ১৮৪৯।

আত্মসমর্থন [স] ১ *বি* আত্মরক্ষা। 'এই শক্তি নিতান্ত ক্ষীণ হত তবে তার সাহিত্য ভালো করে আত্মসমর্থন করতে পারত না।' *রবীন্দ্র*, ১৯৩৬। ২ *বি* নিজের পক্ষ অবলম্বন। 'রসিকের মনে অনুতাপ, আত্মসমর্থন, দ্বিধা ... আলোড়ন চলিতেছিল।' *মানিক*, ১৯৪০।

আত্মসমর্পণ [স] *বি* নিজেকে অন্যের কাছে সমর্পণ করা। 'তুমি মোরে করিয়াছ আত্মসমর্পণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আত্মসমর্পণজনিত [স] *বিণ* নিজের সমর্পণ সংশ্লিষ্ট। 'বিশ্বস্রষ্টার কাছে আত্মসমর্পণজনিত তাঁহার শেষ পদটি।' *হাই*, ১৯৫৪।

আত্মসমস্যা [স] *বি* নিজের সমস্যা। 'মন আত্মসমস্যা লইয়া ব্যাপৃত থাকে।' *বিভূতি*, ১৯৩১।

আত্মসমালোচনা [স] *বি* নিজের সমালোচনা। 'আত্মসমালোচনায় নিমগ্ন হয়েছিল।' *জীবন*, ১৯৩২।

আত্মসমাহিত [স] ১ *বিণ* আত্মমগ্ন। 'বিনোদিনীর আত্মসমাহিত মূর্তি।' *রবীন্দ্র*, ১৯০২। ২ *বিণ* ধ্যানমগ্ন। 'মৃত্যুভয়হীন আত্মসমাহিত শক্তি।' *রবীন্দ্র*, ১৯০৫। ৩ *বিণ* নিজের দ্বারা নিজে নিয়ন্ত্রিত। 'রিপু ও ইন্দ্রিয়াদি আত্মসমাহিত হইয়া উঠে।' *হাই*, ১৯৫৪।

আত্মসমাহিতি [স] *বি* আত্মমগ্নতা। 'ন্যায়-সিদ্ধ জীবনের আত্মসমাহিতি।' *আহসান*, ১৯৫৯।

আত্মসমীক্ষণ [স] *বি* নিজেকে বিশেষভাবে পর্যবেক্ষণ। 'বহুদিন এই দেশে তেমন যথার্থ আলো নেই ... নেই আত্মসমীক্ষণ।' *শক্তি*, ১৯৬৬।

আত্মসমীপস্থ [স] *বিণ* নিজের কাছে সমর্পিত। 'যে ব্যক্তি আত্মসমীপস্থ লোকেরদিগকে নিজ তুল্য করেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

আত্মসমৃদ্ধি [স] *বি* আত্মবিকাশ। 'আত্মসমৃদ্ধির জন্য একদিকে চাই প্রকৃতির সঙ্গে ব্যাপক এবং ঘনিষ্ঠ পরিচয় ...।' *শিব*, ১৯৫৬।

আত্মসম্বন্ধ [স] *বি* নিজের ব্যাপার। 'আত্মসম্বন্ধে সর্বদা একটা সন্দেহ ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

আত্মসম্বন্ধী [স] *বিণ* আত্ম-সংশ্লিষ্ট। 'বস্তুতঃ ধর্ম্মকে আত্মসম্বন্ধী এবং পরসম্বন্ধী, এরূপ বিভাগ করা উচিত নহে।' *বঙ্কিম*, ১৮৯২।

আত্মসম্বরণ [স] *বি* নিজের আবেগ দমন। 'তাহার কিরূপ মেজাজ হইয়া যায় কিছুতেই আত্মসম্বরণ করিতে পারে না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আত্মসম্ভ্রম [স] *বি* নিজের সম্মান। 'ভদ্রলোকের আত্মসম্ভ্রম রক্ষা করিয়া চলিতে পূর্বাপেক্ষা চারগুণ খরচ পড়ে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আত্মসম্মান [স] ১ *বি* নিজস্ব গৌরব বা মর্যাদা। 'কিন্তু আমাদের যথার্থ আত্মসম্মান তলে তলে নষ্ট করে ফেলে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বি* নিজের সম্মান। 'জাতীয় সম্মান বিক্রয় করিয়া আত্মসম্মান ক্রয় করা।' *রবীন্দ্র*, ১৯০৮।

আত্মসম্মানজ্ঞান [স] *বি* আত্মমর্যাদাবোধ। 'তোমাদের আত্মসম্মান-জ্ঞান আছে।' *নজরুল*, ১৯২২।

আত্মসম্মানবস্তা [স] *বি* আত্মমর্যাদাবোধ। 'মুখের ওপর আত্ম-সম্মানবস্তার এমন সুস্পষ্ট ছাপ অন্য কোনো জাতের মধ্যে লক্ষ্য করিনি।' *অন্নদা*, ১৯২৯।

আত্মসম্মানবোধ [স] *বি* আত্মমর্যাদার জ্ঞান। 'আমাদের যথার্থ আত্ম-সম্মানবোধের উদ্রেক হয়।' *রবীন্দ্র*, ১৯০৫।

আত্মসম্মানশূন্য [স] *বিণ* নিজের প্রতি শ্রদ্ধা নেই এমন। 'আত্মসম্মানশূন্য ঘৃণ্য কাপুরুষের মতো।' *নজরুল*, ১৯২২।

আত্মসম্মানহীন [স] *বিণ* আত্মসম্মান নেই এমন। 'পল্লীবাসীর মন অসহায় ও আত্মসম্মানহীন হয়ে পড়েছে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

আত্মসম্মানী [স] *বিণ* আত্মসম্মানবোধ আছে এমন। 'আত্মসম্মানী খুড়োও নবাবগঞ্জের জমিদারবাড়িতে যাতায়াত বন্ধ করিয়াছেন।' *বনফুল*, ১৯৩৬।

আত্মসর্বস্ব [স] *বিণ* স্বার্থই সবচেয়ে গুরুত্বপূর্ণ এমন। 'আত্মসর্বস্ব পাশ্চাত্য জাতীয়তাবাদের নিষ্ঠুরতা প্রলয়ংকর বিপদের দিকে চলিয়াছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

আত্মসাৎ [স] ১ *বিণ* আয়ত্ত। 'এ তিন ঠাকুর গৌড়ীয়াকে করিয়াছে আত্মসাৎ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* হস্তগত। 'নন্দবংশজাত বিশারদ ... তাঁহার মন্ত্রী রাজকীয় যাবৎ লোককে আত্মসাৎ করিয়া আপনি রাজা হইলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৩ *বি* স্বীকরণ। 'পশ্চিমের ভাবকে আত্মসাৎ করিতে পারিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

আত্মসাৎ করা *ক্রি* খাওয়া। 'ফলমূল যাহা আছে, আত্মসাৎ করিতে পারে।' *বঙ্কিম*, ১৮৬৬।

আত্মসাৎকৃত [স] *বিণ* অন্যায়ভাবে হস্তগত করা হয়েছে এমন। 'তাহাদের নিকট হইতে আত্মসাৎকৃত সমুদয় অর্থ ফেরত লইতে হইবে।' *আজাদ*, ১৯৬৭।

আত্মসাধনা [স] *বি* ব্যক্তিনিষ্ঠতা। 'সমগ্র প্রাচ্যই আত্মসাধনা ও অধ্যাত্মবাদের দিক দিয়ে মৃতপ্রায়।' *মাহেনও*, ১৯৪৯।

আত্মসান্ত্বনা [স] *বি* নিজেকে সান্ত্বনা দেওয়া। 'অভ্যাস আর আত্মসান্ত্বনার খেলা।' *মানিক*, ১৯৩৫।

আত্মসুখ [স] *বি* নিজের সুখ। 'লজ্জা ধৈর্য্য দেহসুখ আত্মসুখ মর্ম্ম।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'আত্মসুখে বিশ্বসুখকে বাদ দিলে আত্মসুখ অতি ক্ষুদ্র হইয়া ...। *রবীন্দ্র*, ১৯০০।

আত্মসুখরত [স] *বিণ* নিজে সুখে থাকে এমন। 'আত্মসুখরত, অমিতব্যয়ী জীব।' *নবনূর*, ১৯০৩।

আত্মসেবা [স] ১ *বি* নিজের সেবা। 'সে ত আমাদের আত্মসুখ, আমাদের আত্মসেবা, তাহাতে দেবতার কর্মসাধন হয় না।' *রবীন্দ্র*, ১৯০১। ২ *বি* স্বার্থপরতা। 'নিজের বাপ-মারে নিয়া ব্যস্ত থাকাটা আমার কাছে আত্মসেবার শামিল ঠেকতেছে।' *মনসুর*, ১৯৫৫।

আত্মসৌজন্য [স] *বি* নিজের প্রশংসা। 'পাঠকগণ আত্মসৌজন্যে বিরক্তি বোধ না করিয়া শ্রবণ করিবেন।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

আত্মস্তুতি [স] *বি* নিজের প্রশংসা। 'আত্মস্তুতি কড়া মাল।' *মণীশ*, ১৯৩১।

আত্মস্ত্রী [স] *বি* নিজের স্ত্রী। 'উদ্ধত যুবা পুরুষও অনায়াসে আত্মস্ত্রী বিসর্জ্জন দিতে সক্ষম হইত না।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

আত্মস্থ [স] *বিণ* আত্মগত। 'তাকে যে ধীরেরা আত্মস্থ দেখেন।' *রবীন্দ্র*, ১৯১৬। ২ *বিণ* আপনাতে নিমগ্ন। 'সুবিশাল সময়কে সেবা করে আত্মস্থ হতাম।' *জীবন*, ১৯৪০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আত্মস্বার্থরহিত [স] *বিণ* নিজ স্বার্থ নিয়ে মগ্ন নয় এমন। 'নির্লোভ ও শিষ্ট ও ধর্ম্মবিশিষ্ট ও আত্মস্বার্থরহিত।' *বঙ্গদূত*, ১৮২৯।

আত্মহত্যা [স] *বি* নিজেকে হত্যা। 'যদি প্রাণত্যাগ করি তাহলে এককালে আত্মহত্যা ও ভ্রূণহত্যা এই দুই মহাপাপ হইবে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

আত্মহত্যাকারী [স] *বি* স্বেচ্ছায় নিজের প্রাণনাশ করে যে। 'আত্মহত্যাকারীরা সাধারণত যা লিখে যায়।' *নরেন্দ্র*, ১৯৫২।

আত্মহত্যে [স আত্মহত্যা] *বি* আত্মহত্যা। 'যতদিন আমি রয়েছি বর্তে দেব না করতে আত্মহত্যে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আত্মহা [স] *বিণ* আত্মঘাতী। 'কাঁদিছে আত্মহা পাপী হাহাকার রবে।' *মাইকেল*, ১৮৬১।

আত্মহানি [স] *বি* নিজের ক্ষতিসাধন। 'যে চেষ্টা রোগের অবস্থায় সর্বদেহের শক্রুহননে নিজেদের আত্মহানিও ঘটায়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আত্মহারা [স] **১** *বিণ* বিহ্বল। 'নাহি চাও আত্মহারা প্রেম।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বিণ* আত্মবিস্মৃত। 'আত্মহারা হইয়া জড়বৎ দণ্ডায়মান থাকিতে হইতেছে।' *মশাররফ*, ১৯০৮। **৩** *বিণ* উত্তাল। 'বন্যপ্রকৃতি এখানে আত্মহারা, লীলাময়ী।' *বিভূতি*, ১৯৩৩।

আত্মহারানো *বিণ* আত্মভোলা; আত্মবিহ্বল। 'হে নিঃশঙ্কিতা, আত্মহারানো রুদ্রতালের নূপুর ঝংকৃতা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আত্মহারাবৎ [স] *বিণ* আত্মভোলার ন্যায়। 'ওই কারা আত্মহারাবৎ।' *রবীন্দ্র*, ১৮৯০।

আত্মহিত [স] *বি* নিজের কল্যাণ। 'তোমাদের আত্মহিত ও সংসারের উপকারার্থে সচেষ্ট হওয়া সর্বতোভাবে বিধেয়।' *অক্ষয়*, ১৮৪৯।

আত্মহীন [স] *বিণ* স্বার্থহীন। 'দিনের পর দিন এই আত্মহীন কর্চিস শুশ্রুষা।' *অচিন্ত্য*, ১৯৫০।

আত্মহৃদয় [স] *বি* নিজের মন। 'আত্মহৃদয় হইতে অব্যতিরিক্ত মনে করিতে লাগিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

আত্মহোম [স] *বি* মুক্তির জন্যে আত্মাহুতি। 'আত্মহোমের বহ্নি জ্বালা।' *রবীন্দ্র*, ১৯২৬।

আত্মাদর [স আত্ম-আদর] *বি* স্বার্থপরতা। 'আত্মাদর ... বৃত্তি যে পরহিত চেষ্টার প্রতি কারণ নহে, তাহা।' *অক্ষয়*, ১৮৪৯।

আত্মাধিকার [স আত্ম-অধিকার] *বি* নিজস্ব অধিকার। 'তাহাদের পূর্ণ আত্মাধিকার দেওয়া উচিত।' *বেগম*, ১৯৪৯।

আত্মানুকরণ [স আত্ম-অনুকরণ] *বি* নিজেকে অনুকরণ। 'সে আত্মানুকরণ করে মাত্র।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

আত্মানুগ [স আত্ম-অনুগ] *বিণ* নিজ ইচ্ছার অনুরূপ। 'তিনি শেষ পর্যন্ত একান্ত আত্মানুগ সৌন্দর্য সাধনা থেকে নিজেকে অনেকটা মুক্ত যে না করতে পেরেছেন তা নয়।' *হাই*, ১৯৫৪।

আত্মানুভূতি [স আত্ম-অনুভূতি] *বি* নিজস্ব উপলব্ধি। 'বাঙ্গালীর জাতীয় জীবনে প্রবল আত্মানুভূতি।' *শহীদুল্লাহ*, ১৯৩১; 'এতেই আছে বেগবান অভিজ্ঞতায় ব্যক্তিপুরুষের প্রবল আত্মানুভূতি।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আত্মানুরূপ [স আত্ম-অনুরূপ] *বিণ* নিজের পছন্দমতো। 'কাম্বেল সাহেব আত্মানুরূপ ব্যক্তিকে স্বীয় মন্ত্রিত্বে বরণ করিয়াছেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

আত্মান্বেষণ [স আত্ম-অন্বেষণ] *বি* নিজেকে জানা। 'আত্মজ্ঞানির তীব্রতা ও আত্মান্বেষণে ব্যাকুলতা...।' *সনৎ*, ১৯৭০। *পৃ.* ১০৬।

আত্মাপহারক [স আত্ম-অপহারক] *বি* নিজেকে অপহরণ করে যে। 'সেখানেই মৃত্যুঞ্জয় যৌবনের প্রভু, বার্ধক্যের আত্মাপহারক।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

আত্মাবনতি [স আত্ম-অবনতি] *বি* নিজের হীনাবস্থা। 'এই আত্মাবমাননাজনক আত্মাবনতিকর মোহ থেকে সর্বপ্রকারে দূরে থাকা উচিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আত্মাবনতিকর [স আত্ম-অবনতিকর] *বিণ* নিজের অবনতি ঘটায় এমন। 'এই আত্মাবমাননাজনক আত্মাবনতিকর মোহ থেকে সর্বপ্রকারে দূরে থাকা উচিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আত্মাবমাননা [স আত্ম-অবমাননা] *বি* নিজের অসম্মান। 'বাঙ্গালায় পড়িয়া আত্মাবমাননার প্রয়োজন কি।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

আত্মাবমাননাজনক [স আত্ম-অবমাননা-জনক] *বিণ* নিজেকে অসম্মান করে এমন। 'এই আত্মাবমাননাজনক আত্মাবনতিকর মোহ থেকে সর্বপ্রকারে দূরে থাকা উচিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আত্মাভিমান [স আত্ম-অভিমান] *বি* অহংকার। 'আত্মাভিমানে পূর্ণ।' *দর্পণ*, ১৮২১।

আত্মাভিমানী [স আত্ম-অভিমানী] *বিণ* অহংকারী। 'শত শত আত্মাভিমানী বহুভাষী ছাত্র এই শ্রেণীতে ভুক্ত।' *অক্ষয়*, ১৮৪৯; 'কেহ একই এমন আত্মাভিমানী আছে যে, নিজেকেই সমস্ত কথা সমস্ত জীবের লক্ষ্য মনে করে।' *রবীন্দ্র*, ১৯০০।

আত্মাভিষেক [স আত্ম-অভিষেক] *বি* নিজেকে কর্মে নিযুক্তকরণ। 'মৃতা সতীনের শূন্য সিংহাসনে আত্মাভিষেকের আয়োজনে।' *মানিক*, ১৯৪০।

আত্মাহুতি [স আত্ম-আহুতি] *বি* আত্মবিসর্জন। 'আমার আত্মাহুতি গ্রহণ করিবার জন্য সে এখনো কোন দুর্গম নির্জন যজ্ঞবেদীতে ঊর্ধ্বশিখা হইয়া জ্বলিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৮।

আত্মেন্দ্রিয় [স আত্ম-ইন্দ্রিয়] *বি* নিজের ইন্দ্রিয়। 'আত্মেন্দ্রিয় প্রীতি ইচ্ছা তারে বলি কাম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আত্মোক্তি [স আত্ম-উক্তি] *বি* আত্মকথা। 'রাধিকার দেহদানের নিঃসঙ্কোচ আত্মোক্তি ও সাজসজ্জার সমারোহের মধ্যে।' *হাই*, ১৯৫৪।

আত্মোৎসর্গ [স আত্ম-উৎসর্গ] *বি* আত্মত্যাগ। 'আত্মোৎসর্গের চরমোৎকর্ষের একান্ত পক্ষপাতী।' *প্রচারক*, ১৮৯৯।

আত্মোৎসর্জন [স আত্ম-উৎসর্জন] *বি* আত্মোৎসর্গ। 'এই যে নিরন্তর বেদনায় তার আত্মোৎসর্জন ...।' *রবীন্দ্র*, ১৯০৪।

আত্মোন্নত [স আত্ম-উন্নত] *বিণ* নিজ গুণে সমৃদ্ধ। 'আত্মোন্নত শিক্ষিতা নারী কখন সতিনের ঘর করতে রাজি হবে না।' *বেগম*, ১৯৫২।

আত্মোন্নতি [স আত্ম-উন্নতি] *বি* নিজের উন্নতি। 'এইরূপে সকলেই ঘুরিয়া ঘুরিয়া আত্মোন্নতি সমাজোন্নতি মনুষ্যোন্নতি সাধনার্থ ব্যস্ত হইয়া বেড়াইতেছে।' *হরপ্রসাদ*, ১৮৮১; 'নিজেদের প্রকৃত অবস্থা অনুধাবন করিয়া দেখিলে আত্মোন্নতি সাধনের যথার্থ উপায় নির্ণয় হইতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯০।

আত্মোন্মোচন [স আত্ম-উন্মোচন] *বি* নিজেকে প্রকাশকরণ। 'আত্মোন্মোচনের তার আর দ্বিতীয় পথ ছিল না।' *মানিক*, ১৯৪০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আত্মোপকার [স আত্ম-উপকার] *বি* নিজের উপকার। 'আত্মোপকার অধিক হয় না।' *দর্পণ*, ১৮২২।

আত্মোপলব্ধি [স আত্ম-উপলব্ধি] *বি* নিজেকে উপলব্ধি। 'ভারতবর্ষের আত্মোপলব্ধি একটা সত্যসাধনা ছিল।' *রবীন্দ্র*, ১৯২৯।

আত্মা [স] **১** *বি* আপন সত্তা। 'ব্রহ্মপরকাশে আত্মা আপনি ধেআব।' *মালাধর*, ১৫০০। **২** *বি* চিত্ত। 'ব্রহ্মাকে জিজ্ঞাসা করিলেন যে, আমাদের আত্মা ... কি?' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **৩** *বি* প্রাণ। 'আত্মা ও মায়ার এ দুয়ের প্রাধান্য সমান।' *দর্পণ*, ১৮২১। **৪** *বি* বিবেক। 'আমার আত্মা বলিতেছে – তিনি আছেন।' *রবীন্দ্র*, ১৯০১।

আত্মা-পাখী [স আত্মা+পাখি] *বি* আত্মারূপ পাখি। 'দেহখাঁচা ভেঙ্গে গেলে যদি আত্মা-পাখী সত্যিই উড়ে যায়।' *প্রমথ*, ১৯২১।

আত্মাপুরুষ [স] *বি* প্রাণ। 'তাঁহার আত্মাপুরুষ শুষ্ক হইয়া গেল।' *হরপ্রসাদ*, ১৮৮১।

আত্মাপ্রাণী [স] *বি* আত্মারূপ প্রাণী। 'তার বুকের ভিতরও আত্মাপ্রাণী কাঁদতে শুরু করে দিল।' *প্রমথ*, ১৯১৮।

আত্মারাম [স] **১** *বি* প্রাণ। 'তৎপদ প্রাধান্যে আত্মারাম মিলাইয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* প্রাণরূপ পাখি। 'মনকে ডাকি, হে আত্মারাম, ছুটক তোমার কবিতু।' *রবীন্দ্র*, ১৯২৫।

আত্মারাম খাঁচা-ছাড়া হওয়া *ক্রি* অতিশয় বিচলিত হওয়া; প্রাণ চলে যাওয়ার মতো হওয়া। 'আমার আত্মারাম তো খাঁচা-ছাড়া হবার যো হয়েছিল।' *নজরুল*, ১৯৩১।

আত্মিক [স] **১** *বিণ* আত্মা সম্বন্ধীয়। 'মানুষের আত্মিক সৃষ্টি কেন, প্রাকৃতিক সৃষ্টিতেও ...।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* হৃদয়গত। '**কিন্তু** এ বেদনা আত্মিক।' *জীবন*, ১৯৪৪।

আত্মীয় [স] **১** *বি* স্বজন। 'নিতান্ত আত্মীয় অন্তরঙ্গ লোকের উপর রাগ করা আছে।' *কেরি*, ১৮০২। **২** *বি* রক্ত অথবা বিবাহসূত্রে সম্পর্ক আছে এমন ব্যক্তি। 'আত্মীয়-স্বজনের পরামর্শক্রমে রাজদ্বারেও ইহার প্রতীকার-চেষ্টা করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪৯। **৩** *বিণ* কল্যাণকামী। 'যিনি তোমার সহিত আত্মীয়তা করিবার বাসনা করেন, তিনি আপনি আপনার আত্মীয় কি না, বিচার করিয়া দেখ।' *অক্ষয়*, ১৮৫৪। **৪** *বি* আপনজন। 'যাঁহাকে তুমি খুব ভালোবাস, যাঁহাকে নিতান্ত আত্মীয় মনে করা যায় ...।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৫** *বিণ* অন্তরের সঙ্গে যুক্ত। 'আমাদের হৃদয়ের দূর সম্পর্কীয় অথচ আত্মীয়।' *রবীন্দ্র*, ১৯০৭। **৬** *বিণ* মমতার। 'তরুলতা পশুপাখীর সঙ্গে মানুষের আত্মীয় সম্পর্ক স্বাভাবিক।' *রবীন্দ্র*, ১৯০৯। **৭** *বি* কাছের মানুষ। 'তাঁকে আত্মীয় এবং স্তুতি-নিন্দায়-সর্বদা-কম্পিত রক্তমাংসের মানুষ বলে মনে করতে কল্পনাশক্তি বাধা পায়।' *মুরশিদ*, ১৯৭০।

আত্মীয়কুটুম্ব [স] *বি* আত্মীয়স্বজন। **আত্মীয়কুটুম্বপরিপূর্ণ** [স] *বিণ* আত্মীয়স্বজনে ভরা। 'এ কথা লইয়া আত্মীয়কুটুম্বপরিপূর্ণ বাড়িতে একটা টী টী পড়িয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আত্মীয়কুটুম্বিতা [স] *বি* আত্মীয়তা। 'লোকলৌকিকতা-আত্মীয়কুটুম্বিতা পরিপূর্ণ বৃহৎ সংসার।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আত্মীয়জন [স] *বি* আপনজন। 'মুমূর্ষু বা জরাজর্জর আত্মীয়জনের প্রতি।' *ওয়ালী*, ১৯৪৮।

আত্মীয়তা [স] **১** *বি* কুটুম্বিতা। 'জগদানন্দে পিয়াও আত্মীয়তা সুধারস।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'ভীত ব্যক্তি কদাচিত আত্মীয়তার যোগ্য নহে।' *তারিণী*, ১৮০৩। **২** *বি* বন্ধুত্ব। 'যিনি তোমার সহিত আত্মীয়তা করিবার বাসনা করেন ...।' *অক্ষয়*, ১৮৫৪। **৩** *বি* জ্ঞাতিত্ব। 'সেই আত্মীয়তা কোন নবদ্বৈপায়ন আবিষ্কার করিবে।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৪** *বি* সম্পর্ক। 'যার সনে আত্মীয়তা নাই স্বচ্ছন্দ দেহের কিংবা স্বতন্ত্র বুদ্ধির।' *সুধীন্দ্র*, ১৯৩৩। **৫** *বি* হৃদয়ের যোগ। 'মানুষের ও জগতের সহিত আমাদের আত্মার আত্মীয়তা।' *রবীন্দ্র*, ১৯৪১।

আত্মীয়তাবোধ [স] *বি* আত্মীয় বলে বিবেচনা করার মনোভাব। 'এত হুল্লোড়, আত্মীয়তাবোধ পৃথিবীর আর কোথাও নেই।' *নজরুল*, ১৯২৭।

আত্মীয়পরশহীন [স আত্মীয়+স স্পর্শ+স হীন] *বিণ* আত্মীয়তার সংস্পর্শ নেই এমন। 'যেতে হবে আত্মীয়পরশহীন দেশে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আত্মীয়পরিজন [স] *বি* জ্ঞাতিতুল্য আপন লোকজন। 'তাহার আত্মীয়পরিজনের সংবাদ জিজ্ঞাসা করিতে লাগিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আত্মীয়বৎসলতা [স] *বি* আত্মীয়ের মতো স্নেহ বা অনুরাগ। 'এই পৃথিবীর উপর আমার যে-একটি আত্মীয়বৎসলতার ভাব আছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

আত্মীয়বন্ধু [স] *বি* আত্মীয়স্বজন। 'বিনয় যে আত্মীয়বন্ধু সকলের দ্বারা পরিত্যক্ত হইয়া নিতান্ত লক্ষ্মীছাড়ার মতো ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

আত্মীয়বর্গ [স] *বি* আত্মীয়স্বজন। 'পাত্র মিত্র আত্মীয়বর্গের সমূহ আনন্দ হইল।' *রাজীব*, ১৮০৫।

আত্মীয়বিচ্ছেদ [স] *বি* আত্মীয় থেকে বিচ্ছিন্নতা। 'সমস্ত নিন্দাগ্লানি ও আত্মীয়বিচ্ছেদ।' *রবীন্দ্র*, ১৯০৯।

আত্মীয়মহল [স] *বি* আত্মীয়স্বজন; আত্মীয়সমাজ। 'আত্মীয়মহলের যুবক সম্প্রদায় ভাবের যেসব ফানুস উড়িয়ে দিত।' *রশীদ*, ১৯৬৩।

আত্মীয়সংহার [স] *বি* আপনজনকে বিনাশ। 'তাই সে আত্মহা আজ, তার ধর্ম আত্মীয়সংহার।' *সুধীন্দ্র*, ১৯৪০।

আত্মীয়সন্দর্শন [স] *বি* আত্মীয়ের সঙ্গে সাক্ষাৎ। 'ভগিনীপতি আত্মীয়সন্দর্শন উপলক্ষে গ্রামে উপস্থিত হইয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আত্মীয়সমাজ [স] *বি* আত্মীয়তার বন্ধনে আবদ্ধ ব্যক্তিবর্গ। 'আত্মীয়সমাজে পটল নামে খ্যাত এই মেয়েটি।' *রবীন্দ্র*, ১৯০২।

আত্মীয়সম্পর্ক [স] *বি* আত্মীয়তার বন্ধন। 'উভয়ের মধ্যে একটি আত্মীয়সম্পর্ক বাঁধিয়া দিতে ইচ্ছা করে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আত্মীয়স্বজন [স] *বি* রক্ত অথবা বিবাহসূত্রে সম্পর্কিত আপনজন। 'আত্মীয় স্বজনের সঙ্গে আলাপ।' *দর্পণ*, ১৮৩৪।

আত্মীয়-স্বজনপ্রিয় [স] *বিণ* আত্মীয়স্বজনকে ভালোবাসে এমন। 'আত্মীয়-স্বজনপ্রিয় ওর চেয়ে কাউকে জানি না।' *শক্তি*, ১৯৬৯।

আত্মীয়-স্বজাতি [স] *বি* আত্মীয় ও স্বজাতির লোক। 'আমাদের ক্ষুদ্র ক্ষুদ্র কুরুক্ষেত্রের মধ্যে তাঁহাদের আত্মীয়-স্বজাতি আছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আত্মীয়া [স] *বিণ স্ত্রী* আপনজন। 'একটি অরক্ষণীয়া আত্মীয়া কন্যার সহিত বিবাহের জন্য মাঝে মাঝে অনুরোধ করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০০।

আত্মীয়াজন [স আত্মীয়জন] *বি স্ত্রী* আত্মীয়স্বজন। 'অন্যান্য আত্মীয়াজনের অসহ্য হইয়া উঠিল।' *হাপিসহর*, ১৮৭১।

আত্মীয়াধিক [স আত্মীয়-অধিক] *বিণ* আত্মীয়ের চেয়েও প্রিয়।

AMARBOI.COM

'আমার শ্রেয়তম আত্মীয়াধিক বন্ধু।' *নজরুল*, ১৯৩০।

আত্মৌপম্য [স] *বি* নিজের সদৃশতা। 'আমি যাব আত্মৌপম্য সমাহিত সন্ততিতে রেখে।' *সুধীন্দ্র*, ১৯৪১।

আত্যন্তিক [স] ১ *বিণ* নিতান্ত। 'আপনার সুখের কারণ অনেকের আত্যন্তিক মন্দ।' মৃত্যুঞ্জয়, ১৮০২। ২ *বিণ* অত্যন্ত বেশি। 'ইংরাজি ভাষার যেরূপ আত্যন্তিক চর্চা ও অনুশীলন হইতেছে।' *অক্ষয়*, ১৮৫৫। ৩ *বিণ* বেশি মাত্রায়। 'রাষ্ট্রীয় স্বার্থকে য়োরোপীয় সভ্যতা এতই আত্যন্তিক প্রাধান্য দিতেছে ...।' *রবীন্দ্র*, ১৯০৬। ৪ *বিণ* প্রবল। 'ফেনিয়ে গল্পবলার আত্যন্তিক নেশা কাটে না।' *ওয়ালী*, ১৯৬৪।

আত্যন্তিকতা [স] *বি* প্রগাঢ়তা। 'যে পদার্থ প্রাণত্যাগ করে তাহার সহিত প্রীতির আত্যন্তিকতা।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

আত্যন্তিকী [স] *বিণ স্ত্রী* অত্যধিক। 'গণিকার সহিত রাজ্ঞীর আত্যন্তিকী প্রীতি ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

আত্যি *বি* আস্তি; সমাদর। 'তার আত্যির সীমানা ত খুব ছোট।' *শওকত*, ১৯৪৬।

আৎরাফ দ্র আতরাফ

আৎলান্তিক [হ] *বি* আটলান্টিক মহাসাগর। 'করে না কি স্বচ্ছন্দে নিক্ষেপ উন্মত্ত, উদ্বেল আৎলান্তিকে।' *সুধীন্দ্র*, ১৯৩২।

আৎসা [স আচ্ছাদন] *ক্রি* আবৃত করা। 'দক্ষিন হস্ত গোপিগন স্তন আৎসা দিয়া।' *মালাধর*, ১৫০০।

আৎসাদা [স আচ্ছাদন] *ক্রি* আচ্ছাদন করা। 'মায়াপাতি আৎসাদিল দেব চক্রপানি।' *মালাধর*, ১৫০০।

আৎসাদিত [স আচ্ছাদিত] *বিণ* আবৃত। 'মেঘে আৎসাদিত হৈল গগন মণ্ডল।' *মালাধর*, ১৫০০।

আথ [স অস্ত] *বি* অস্ত। 'পুবের সুরুজ পশ্চিমে আথ জা এখন বড়ু, ১৪৫০।

আথাই [অথৈ>] *বিণ* অথৈ; থই পাওয়া যায় না এমন। 'আথাই পানির কোনো দিশপাশ নেই।' *সেলিনা*, ১৯৭৫।

আথান্তর [স অবস্থান্তর] *বি* দুশ্চিন্তা। 'আজী কৈলি আথান্তর করিবেক রাধা।' বড়ু, ১৪৫০।

আথাল [স অস্থল] *বি* গোয়ালঘর। 'আথালে দুইটি জোয়ান বলদ সারা মাঠ পানে চাহি।' *জসীম*, ১৯২৭।

আথালি পাথালি [স অস্থল প্রস্থল] *ক্রিবিণ* চারদিকে। 'আথালি পাথালি কাটি মুণ্ডন মালা।' *বিজয়*, ১৬৫০।

আথালি-পাথালি খাওয়া *ক্রি* ছোটাছুটি করা। 'হাজার আথালি-পাথালি খেয়েও পথ পাবে না পলিয়ে যাবার।' *কায়সার*, ১৯৬২।

আথিবিথি [স অতিব্যস্ত] *বিণ* ব্যস্তসমস্তভাবে। 'আথিবিথি সুন্দরে দেখিতে ধনী ধায়।' *ভারত*, ১৭৬০।

আথেনীয় *বিণ* অ্যাথেন্সের। 'আথেনীয় নগররাষ্ট্রের যে আদর্শ রূপটি প্রতিফলিত, ব্যক্তিস্বাতন্ত্র্যের স্বতঃসিদ্ধতা তার কেন্দ্রীয় প্রত্যয়।' *শিব*, ১৯৫৬।

আথে ব্যথে [স অতিব্যস্ত] *ক্রিবিণ* অস্থিরভাবে। 'আথে ব্যথে নারীগণ জয় জয় পূরে।' *বৃন্দা*, ১৫৮০।

আদ[১] [স আদি] *বিণ* আদি; মূল। *বিদ্যা*, ১৮৯১।

আদ[২] *অব্য* হ্যাঁ। *মানোএল*, ১৭৪৩।

আদ[৩] [স অর্ধ] *বিণ* অর্ধেক। 'যোগিনী মাগএ ভিক্ষা আদখানি লাউ।' *মুকুন্দ*, ১৬০০।

আদকপালিআ [স অর্ধকপাল>] *বি* কপালের একদিকে ব্যথা এমন রোগ; মাইগ্রেন। *বিদ্যা*, ১৮৯১।

আদখান [স অর্ধ>] *বিণ* অর্ধেক। 'বাতা আদখান।' *মেয়র্স*, ১৭৬২।

আদখানি [স অর্ধ>] *বিণ* অর্ধেক পরিমাণ। 'যোগিনী মাগএ ভিক্ষা আদখানি লাউ।' *মুকুন্দ*, ১৬০০।

আদখেঁচরা [স অর্ধ>] *বিণ* অসম্পূর্ণ। *বিদ্যা*, ১৮৯১।

আদপথ [স অর্ধপথ] *বি* মাঝামাঝি পথ। 'আনন্দে তরলমনা আদপথে লোফে দানা।' *মুকুন্দ*, ১৬০০।

আদবইসি [স অর্ধবয়সী] *বিণ* মধ্যবয়স্ক। 'আদবইসি মাগিরা খাতায় খাতায় ... রাস্তা যুড়ে চলেচে।' *হুতোম*, ১৮৬১।

আদবুড়া, আদবুড়ো [স অর্ধবৃদ্ধ>] *বিণ* প্রায় বৃদ্ধ। 'যত আদবুড়া ও পৌন বুড়া আইবুড়া ছিল।' *দর্পণ*, ১৮২১; 'আদবুড়ো বেতোরা মর্নিং ওয়াকে বেরুচ্চেন।' *হুতোম*, ১৮৬১।

আদমারা [স অর্ধমৃত] *বিণ* আধ-মরা। 'আগে খাঁচার ভিতর যাক, তার পর খুঁচয়ে আদমারা করবো।' *দীনবন্ধু*, ১৮৬৩।

আদয[১] [স অদয়া] *বিণ* দয়াহীন। 'আদয় দঙ্গালে দেশ লুড়িউ।' *চর্যা ৪৯*, ১২০০।

আদয়[২] [স অদ্বয়] *বিণ* অদ্বিতীয়। 'আদয় ফিড়ি টাঙ্গী নিবাণে কোহিঅ।' *চর্যা ৫*, ১২০০।

আদড়া [স আদর্শ>] *বি* নকশা। 'বিশ্বকর্মা ভারতবর্ষের আদড়াটা প্রায় শেষ করেছিলেন।' *অবন*, ১৯২৫।

আদত[১] [আ আদত] *বি* স্বভাব; অভ্যাস। *ভবানী*, ১৮২৩; 'শরিফ ঘরের মেয়ের উপযুক্ত আদত-খাসিয়ত অনুসারে বিনা কলহে স্বামীর ঘর করিতেছিলেন।' *মনসুর*, ১৯৫০।

আদত-মাফিক [আ আদত+আ মওয়াফিক] *ক্রিবিণ* স্বভাবমতো। 'আমার চীনা বন্ধুটি আদত-মাফিক মিষ্টি মৌরী হাসি হাসলেন।' *মুজতবা*, ১৯৫২।

আদত[২], **আদৎ** [আ আদত] ১ *বিণ* বড়ো। 'নাতিদের একটা পণি, আর আদত চারিটা।' *বঙ্কিম*, ১৮৭৪। ২ *ক্রিবিণ* গোড়ায়। 'আদত তিনি যাহা ছিলেন তাহাই থাকিবেন।' *হরপ্রসাদ*, ১৮৭৮। ৩ *বিণ* মৌলিক। 'ওর মধ্যে আদত কথা কিছুই নেই।' *রবীন্দ্র*, ১৯০৯। ৪ *বিণ* আসল; প্রকৃত। 'আদত কথা বলতে গেলে, আমাদের আবিষ্কার করলেন বাংলার পণ্ডিতমশাই।' *অচিন্ত্য*, ১৯৫০; 'বাঁকড়ো জেলায় ছেল আদৎ বাড়ি।' *মণীশ*, ১৯৫৭।

আদতে *ক্রিবিণ* আসলে। 'আদতে কিন্তু সবচেয়ে জরুরি।' *শামসুল*, ১৯৫৬।

আদদ [আ আদত] *বিণ* আসল। 'কএক আদদ জড়াও দ্রব।' *ক্যালগে*, ১৭৮৫; 'আদদ জড়াও দ্রব্য ও হিরা ও জমরদ।' *ক্যালগে*, ১৭৮৫।

আদনা *বিণ* সামান্য; তুচ্ছ। 'তাহাদের দুই পরিবারের মধ্যে বিবাদ, বিষয় সম্পত্তিগত নেহাৎ আদনা ব্যাপার লইয়া।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

আদপ [আ আদত] *বি* বাস্তবতা। 'কংগ্রেস ও খিলাফতের এই মিলনটার ভিতর সহৃদয়তা আদপেই নেই।' *প্রমথ*, ১৯২০।

আদব [আ] ১ *বিণ* সবিনয়। 'পুছিলে উত্তর দিব আদব প্রমাণে।' *আলাওল*, ১৬৫৯। ২ *বি* সম্মান। 'এই লোকটিকে রীতিমতো আদব

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

করে চলতে হবে।' *নজরুল*, ১৯২৭। ৩ *বি* সম্মান প্রদর্শন। 'কররে আদব হেথায় হাফিজ।' *শহীদুল্লাহ*, ১৯৪০।

আদবকায়দা [আ আদব-কায়দাহ্] ১ *বি* শিষ্টাচার। 'লেডি তাঁদের আদবকায়দায় তিলমাত্র ব্যতিক্রম সইতে না পেরে ... অভিভূত হন।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* রীতিনীতি। 'এখানকার আদব-কায়দা আমার ভালো জানা নেই।' *রবীন্দ্র*, ১৮৮৭।

আদবকেতা [আ আদব+আ কিতাহ্] *বি* আদবকায়দা। 'আদবকেতা তোমায় মানায় না।' *মনীশ*, ১৯৫৭।

আদব বাজানো *ক্রি* কুর্নিশ করা। 'রাজা প্রতাপপাদিত্য আদব বাজাইয়া নিবেদন করিলেন।' *রামরাম*, ১৮০১।

আদবী [আ আদব>] *বিণ* শিষ্টাচারসম্পন্ন। 'আদবী মানুষ।' *ওসাঁ*, ১৭৮৫।

আদবে *ক্রিবিণ* মোটেই। 'সেগুলো খেতে আদবেই ভালো লাগত না।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আদবইসি দ্র আদঁ

আদবুড়া, আদবুড়ো দ্র আদঁ

আদভুত, আদভূত [স অদ্ভুত] *বিণ* বিস্ময়কর। 'আতি আদভুত বড়ায়ি কাহ্নের কাহিণী।' *বড়ু*, ১৪৫০; 'আর আদভূত/ দেখৌঁ চন্দ্রবাণী।' *বড়ু*, ১৪৫০।

আদম [আ] ১ *বি* ইহুদী, খ্রিস্টীয় ও ইসলামী বিশ্বাস অনুযায়ী আদিমানব। 'আদমেত দিলা প্রভু এ সব সম্পদ।' *সুলতান*, ১৭০০। ২ *বি* মানুষ। 'যন্ত্রের মতো বসে বসে পাখা টানতে গেলেই আদমের সন্তানের চোখে ঘুম আসবেই।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আদমগাড়ি [আ আদম+গাড়ি] *বি* মানুষে টানা রিকশা। 'আমার দিনগুলো ... আদমগাড়ির মতন একঘেয়ে।' *নজরুল*, ১৯২৭।

আদমশুমারী [আ আদম+ফা শুমার>] *বি* লোকগণনা। 'আদমশুমারীর রিপোর্টে literacy বা বর্ণজ্ঞানের যে হিসাব...।' *মোহাম্মদী*, ১৯৩৩।

আদম-সুমারি [আ আদম+ফা শুমার>] *বি* লোকগণনা। 'তাহার আদম-সুমারি করিতে হইলে কেরানি রাখিতে হয়।' *রবীন্দ্র*, ১৯১৪।

আদমসুরাত, আদমসুরাত [আ আদম+আ সুরাত] *বি* মানুষের আকৃতিবিশিষ্ট নক্ষত্রপুঞ্জ; কালপুরুষ। 'সেই স্ত্রীলোক চন্দ্র ও আদম সুরাতের (নরাকার নক্ষত্রের) প্রতি বার বার দৃষ্টিপাত করিতেছে।' *মশাররফ*, ১৮৮৫; 'মরু-শর্বরী পাড়ি দিয়ে যবে নেমে এল নীচে আদম-সুরাত।' *ফররুখ*, ১৯৪৬।

আদমি, আদমী [আ আদম>] ১ *বি* মানুষ। 'আদমীতে বনাইয়া জীউ দেয় যারে।' *ভারত*, ১৭৬০। ২ *বি* স্বামী। 'একটা নামজাদা লোকের বেটি না আনলে আদমির কাছে বহুত শরমের বাত।' *প্যারী*, ১৮৫৮; 'আমার আদমি একথা টের পাল্যি আমাগো দুজনকেই গলা টিপে মেরে ফেলাবে।' *মাইকেল*, ১৮৬০।

আদর [স] ১ *বি* মর্যাদা। 'তাহার বোলত কেহ্নে তোহ্মার আদর।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* যত্ন। 'বহুবিধ আদরে পহুক কাতর লখি ...।' *বিচণ্ডী*, ১৬০০। ৩ *বি* কদর। 'নিশাকালে দীপের আদর।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* সুসম্পর্ক। 'বন্ধুর সহিত বন্ধুর নাহিক আদর।' *বাহরাম*, ১৬৫০। ৫ *বি* স্নেহ; সোহাগ। 'জন্মে আদরে পুত্র পালিবা সাগরে।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৬ *বি* আসক্তি। 'সুধায় আদর নাই খুধা গেল তল।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৭ *বিণ* পছন্দের। 'কুকুরকে আদরের অতি উত্তমপদ ভোগ করিতে দেখিয়া ...।' *তারিণী*, ১৮০৩। ৮ *বি* আগ্রহ। 'নৈমিত্তিক বিবাহে বিশেষ আদর।' *বঙ্কিম*, ১৮৭৪।

আদর-অভ্যর্থনা [স] *বি* সমাদর ও যত্ন। 'খুব আদর-অভ্যর্থনা করিল সকলে।' *বিভূতি*, ১৯৩১।

আদর-আপ্যায়ন [স] *বি* আতিথেয়তা। 'গেলে খুব আদর-আপ্যায়ন করে কমলারা।' *নরেন্দ্র*, ১৯৪৯।

আদর-আবদার [স আদর+ফা আবদার] *বি* সোহাগ ও বায়না। 'প্রতিদিন মান-অভিমান আদর-আবদারের অন্ত ছিল না।' *রবীন্দ্র*, ১৯০২।

আদর কাড়া *ক্রি* স্নেহ আদায় করা। 'মধুসূদন ভাবলে এ সমস্ত কেবল আদর কাড়বার জন্যে।' *রবীন্দ্র*, ১৯২৯।

আদর কুড়োনো *বিণ* আদর পাওয়া। 'ওগুলো লোকের আদর কুড়োনো।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আদরণীয় [স] ১ *বিণ* গ্রহণযোগ্য। 'তদবধি তিনি তন্নগরের অতি আদরণীয় চিকিৎসক হইয়া উঠিলেন ...।' *বিদ্যা*, ১৮৪৯। ২ *বিণ* সম্মানিত। 'বিদ্বান লোক আদরণীয় হয়।' *মদনমোহন*, ১৮৪৯। ৩ *বিণ* আদরের যোগ্য। 'ন্যায়-পথাশ্রয়ী সরলস্বভাব কৃষক ... আদরণীয় ও পূজনীয়।' *অক্ষয়*, ১৮৫৪। ৪ *বিণ* মূল্যবান। 'নিজের অপেক্ষা আর কিছুকেই আদরণীয় মনে হয় না।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আদরণীয়তা [স] *বি* শ্রদ্ধা; ভক্তি। 'ব্যবহারে তাদের সম্বন্ধে আদরণীয়তার তারতম্য থাকলেও ...।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আদরণীয়া [স] *বিণ* স্নেহময়ী। 'তাঁহার জীবন ফাতেমাময় করিয়া দেখাইয়াছেন – কন্যা কিরূপ আদরণীয়া।' *রোকেয়া*, ১৯২১।

আদরন [স আদর] *বিণ* গৃহীত। 'এখানে জে মকদ্দমা সালিসি আদরন হইয়াছে ...।' *চিঠিপত্রে*, ১৮৪৫।

আদরভাজন [স] *বিণ* আদরের যোগ্য। 'অবিবেকী অবিনয় আদরভাজন।' *গুপ্ত*, ১৮৫৮।

আদর-যত্ন [স] *বি* খাতির যত্ন। 'আদর-যত্ন করেই রাখব।' *রবীন্দ্র*, ১৯০৯।

আদরশূন্য [স] *বিণ স্ত্রী* আদর হতে বঞ্চিত। 'কন্যা ... স্নেহশূন্যা, আদরশূন্যা, অনুগ্রহশূন্যা।' *বিনোদিনী*, ১৮৭৫।

আদরসিংহাসন [স] *বি* ব্রতবিশেষ। 'আদরসিংহাসন ব্রত, একটি সম্পূর্ণ মেয়েলি ব্রত।' *অবন*, ১৯১৯।

আদরসিক্ত [স] *বিণ* আদরের। 'তোমার আদরসিক্ত ছোটোভাই, নুরু।' *নজরুল*, ১৯৩০।

আদরিআ [স আদর>] *বিণ* অন্যের নিকট আদর পায় এমন। *বিদ্যা*, ১৮৯১।

আদরিণি [স আদরিণী, সম্বোধনে ই-কার] *বি স্ত্রী* স্নেহ বা আদরের পাত্রী। 'কাঁদ কেন আদরিণি আনন্দ-আননি।' *দীনবন্ধু*, ১৮৬৭।

আদরিণী [স] *বিণ স্ত্রী* স্নেহ বা আদরের যোগ্য। 'তোদের ছোটো বোন আদরিণী কিশরী কোথায় রে?' *রামনারায়ণ*, ১৮৫৪।

আদরিতা [স] *বিণ স্ত্রী* সমাদৃত। 'যাঁহারা পুরুষের নিকটে কখন আদরিতা না হন।' *তমোলুক*, ১৮৭৪।

আদরী [স] *বিণ* আদরের। 'মণির মোহন মালা মানিক আদরী।' *মানিকরাম*, ১৭৮১।

আদরে *ক্রিবিণ* সম্মানের সঙ্গে। 'আসিয়াছে দূত তোরে লইতে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আদরে।' *গিরিশ*, ১৮৮৭।

আদরের ১ *বিণ* পছন্দের। 'সারা দিন বসে পাশে/ একটি শুধু আদরের গান গায়।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *বিণ* প্রিয়। 'বনপুষ্প সকল নন্দনকাননের পুষ্প হইতেও আদরের।' *মশাররফ*, ১৯০৮।

আদরা[১] [স আদর>] *ক্রি* আদর করা। 'শাকর খাইতে তোহ্মে আদরাহ কেহ্নে।' *বড়ু*, ১৪৫০; 'সিধ্যাগন বচনে প্রমাণ আদরিল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আদরা[২] [স আদর্শ>] *বি* নকশা। 'আদরা শুধু আখটা দেখি ঘুমতী নদীর তীর ঘুরে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আদর্য্য [স] *বিণ* আদরণীয়। 'মহা আদর্য্য কত২ লোক তাহাকে ক্রোড়ে করিতে ইচ্ছা করে।' *দর্পণ*, ১৮২১।

আদর্শ [স] **১** *বি* দৃষ্টান্ত। 'যাহাতে তাহার আদর্শ গ্রহণ করিয়া কুপথগামি না হয়।' *অক্ষয়*, ১৮৪৫। **২** *বিণ* অনুসরণযোগ্য ব্যক্তি। 'তিনি আমাদের পথ-প্রদর্শক ও জীবিতবান আদর্শ স্বরূপ হইয়া ...।' *অক্ষয়*, ১৮৪৮। **৩** *বি* উদাহরণ। 'এরূপ আদর্শ দর্শাইয়া কি কখন কোন জাতিকে স্বধর্মাবলম্বী করা যায়?' *অক্ষয়*, ১৮৫০।

আদর্শক [স] *বিণ* পথপ্রদর্শক। 'রামমোহন রায়কে আদর্শক জ্ঞান করিয়া ... মহাশয়েরা যে ইঙ্গলণ্ড দেশে আগমন করিবেন।' *দর্পণ*, ১৮৩১।

আদর্শচরিত্র [স] *বি* অনুকরণীয় চারিত্রিক গুণাবলী। 'সর্বত্রই একটি গাম্ভীর্য, সৌন্দর্য ও ঔদার্য রক্ষা না করাতে বর্ণনীয় আদর্শচরিত্রের উজ্জ্বলতা নষ্ট ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আদর্শচ্যুত [স] *বিণ* আদর্শভ্রষ্ট; লক্ষ্যচ্যুত। 'কোম্পানির লাগিই আমি আমার জীবনের আদর্শচ্যুত হৈছি।' *মনসুর*, ১৯৫৫।

আদর্শচ্যুতি [স] *বি* আদর্শ থেকে পতন। 'একদিকে মানসিক দায়হীন অন্যদিকে স্পর্শিত ঔদ্ধত্য। সর্বপ্রকার আদর্শচ্যুতিই ইহার লক্ষণ।' *রবীন্দ্র*, ১৯০৮।

আদর্শদাতা [স] *বিণ* আদর্শ প্রতিষ্ঠাকারী। 'রবীন্দ্রনাথের মূল্য সৌন্দর্যস্রষ্টা হিসেবেই, নীতি প্রচারক বা আদর্শদাতা হিসেবে নয়।' *মোতাহের*, ১৯৫০।

আদর্শনিষ্ঠ [স] *বিণ* আদর্শের প্রতি নিষ্ঠাবান। 'নিস্বার্থপর, নির্লোভ, আদর্শ-নিষ্ঠ ... নেতা।' *মাহেনও*, ১৯৪৯।

আদর্শনিষ্ঠা [স] *বি* আদর্শের প্রতি নিষ্ঠা। 'তাঁহার বড় ভাল লাগে এই ধারার আদর্শনিষ্ঠার কথা।' *তারা*, ১৯৪০।

আদর্শ-পরায়ণতা [স] *বি* আদর্শের প্রতি নিষ্ঠা। 'উভয়কেই আকর্ষণীয়তা, আদর্শ-পরায়ণতা, সমঝোতা ও সহযোগিতা শিখিতে হইবে।' *বেগম*, ১৯৫৩।

আদর্শপাগল [স] *বিণ* আদর্শবাদী। 'সে বরাবরই আদর্শপাগল।' *মনসুর*, ১৯৫৫।

আদর্শপুরুষ [স] *বি* অনুসরণযোগ্য গুণ আছে এমন ব্যক্তি। 'পরমযোগী আদর্শপুরুষ কোনো উত্তর করিলেন না।' *রবীন্দ্র*, ১৮৯৫; 'তিনি তখন সিদ্ধপুরুষ, রবীন্দ্র-মানসের আদর্শপুরুষ।' *আইয়ুব*, ১৯৭৩।

আদর্শপূত [স] *বিণ* আদর্শভাবাপন্ন। 'আমাদের কাজ কেবল সাহিত্য সৃষ্টি – ইসলামী আদর্শপূত সাহিত্য সৃষ্টি।' *মোহাম্মদী*, ১৯২৮।

আদর্শবাদ [স] **১** *বি* উচ্চ আদর্শ ও নীতি দ্বারা জীবন নিয়ন্ত্রিত করার মতবাদ। 'আমাদের দেশের সাহিত্যবিচারকের হাতে সর্বদাই দেখতে পাই আদর্শবাদের নিক্তি।' *রবীন্দ্র*, ১৯৩০। **২** *বি* শ্রেয়তাবোধ। 'এইটুকু আদর্শবাদ ও রোমান্টিকতা প্রচ্ছন্ন না থাকলে সাহিত্যের উদ্দেশ্যই যাবে ব্যর্থ হয়ে।' *শরীফ*, ১৯৭০। **৩** *বি* সবকিছুর বিনিময়ে আদর্শসিদ্ধির উগ্রবিশ্বাস। 'আদর্শবাদের নামে মনুষ্যত্ব বিসর্জন ...।' *মুরশিদ*, ১৯৭১।

আদর্শবাদিতা [স] *বি* মহৎ আদর্শ ও নীতি দ্বারা জীবন নিয়ন্ত্রিত করার মতবাদ। 'সদিচ্ছা, আদর্শবাদিতার অভাব না থাকিলেও ...।' *আজাদ*, ১৯৪১।

আদর্শবাদী [স] **১** *বিণ* উচ্চ আদর্শ ও নীতিসম্পর্কিত। 'কিন্তু এই আদর্শবাদী, ভাবাশ্রয়ী ... আলোচনার বিপদ এইখানেই।' *ধূর্জটি*, ১৯৩১। **২** *বিণ* কোনো বিশেষ মতবাদ অথবা আদর্শে বিশ্বাসী। 'তাঁদের চেষ্টার মধ্যে বাস্তববাদীর বুদ্ধি যতখানি ছিল, তার চাইতে অনেক বেশী ছিল আদর্শবাদীর স্বাপ্নিকতা।' *আজাদ*, ১৯৩৬। **৩** *বিণ* উচ্চ আদর্শ ও নীতির অনুসারী। 'স্যর সুরেন্দ্রনাথ ছিলেন আদর্শবাদী মানুষ।' *আজাদ*, ১৯৪১।

আদর্শবিচ্যুত [স] *বিণ* আদর্শ থেকে সরে গেছে এমন। 'আদর্শবিচ্যুত জাতি জীবন্মৃত জাতিরই নামান্তর।' *মাহেনও*, ১৯৪৯।

আদর্শবিরোধী [স] *বিণ* নীতির পরিপন্থী। 'প্রচার যন্ত্রগুলিকে ... জাতির আদর্শবিরোধী ভূমিকায় সবিশেষ তৎপর দেখা গিয়াছে।' *আজাদ*, ১৯৭০।

আদর্শবোধ [স] *বি* নীতিবোধ। 'জ্বলন্ত আদর্শবোধ ও সুষ্ঠু পুরকল্পনা লইয়া লীগের ভিতর প্রবেশ করিতে হইবে।' *আজাদ*, ১৯৪৯।

আদর্শভিত্তিক [স] *বিণ* সুনির্দিষ্ট নীতির উপর প্রতিষ্ঠিত। '... একটা আদর্শভিত্তিক রাষ্ট্র।' *আজাদ*, ১৯৬৪।

আদর্শ-ভূমি [স] *বি* তীর্থস্থান। 'অশিক্ষিত পুরাণপুরির উৎসাহ ... তোমাদের আদর্শ-ভূমি হইয়া রহিয়াছে।' *অক্ষয়*, ১৮৫২।

আদর্শভ্রষ্ট [স] *বিণ* আদর্শ থেকে বিচ্যুত। 'নকল করিতে হইলে, আদর্শভ্রষ্ট হইয়া কিম্ভূতকিমাকার একটা ব্যাপার হইয়া পড়ে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আদর্শমূলক [স] **১** *বিণ* আদর্শভিত্তিক। 'মহারাষ্ট্রী নামক পদ্য ভাষা শৌরসেনী অপভ্রংশ অপেক্ষা প্রাচীন আদর্শমূলক হওয়া অসম্ভব নহে।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* উন্নত আদর্শবাদী। 'আদর্শমূলক সাহিত্য দূরবীক্ষণের মত লেখকের ...।' *শহীদুল্লাহ*, ১৯৩১। **৩** *বিণ* দৃষ্টিভঙ্গিভিত্তিক। '... আদর্শমূলক ঐক্য।' *ওয়াজেদ*, ১৯৪৩।

আদর্শরূপে [স] *ক্রিবিণ* উন্নতরূপে। 'জাতিকে আবার আদর্শরূপে গড়িয়া তুলিবে।' *এসলাম*, ১৯৩৫।

আদর্শলোক [স] *বি* আদর্শের জগৎ। 'সংসারের তুচ্ছতা ও ক্ষুদ্র স্বার্থের মধ্যে এক মহত্ত্বের আদর্শলোক ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আদর্শশিল্প [স] *বি* মানোত্তীর্ণ শিল্প। 'প্রতিভাহীন কবিরা আদর্শ শিল্পকলার সেবা দ্বারা অমরত্ব লাভের প্রয়াস না করে ...।' *মাহেনও*, ১৯৪৯।

আদর্শসম্মত [স] *বিণ* আদর্শের সঙ্গে সঙ্গতিপূর্ণ। 'তা কতখানি ইসলামের আদর্শসম্মত।' *আনিস*, ১৯৬৪।

আদর্শস্থল [স] *বিণ* আদর্শস্থানীয়। 'যে যত প্রেমিক হইবে সে ততই আদর্শস্থল হইবে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আদর্শস্থানীয় [স] *বিণ* উন্নত আদর্শ আছে এমন। 'তাঁহাকে অনেক পরিমাণে আমাদের আদর্শস্থানীয় করিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আদর্শস্বরূপ *বিণ* অনুসরণীয়; আদর্শরূপে গণ্য। 'তিনি আমাদের পথ-প্রদর্শক ও জীবিতবান আদর্শ স্বরূপ হইয়া ...।' *অক্ষয়*, ১৮৪৮।

আদর্শানুযায়ী [স আদর্শ-অনুযায়ী] *ক্রিবিণ* আদর্শ অনুসারে। 'মনোগত আদর্শানুযায়ী এক একটি গুণের ভার বহন করে চলেছে।' *আনিস*, ১৯৬৪।

আদর্শিক [স] *বিণ* আদর্শবাদী। 'আদর্শিক কাজ, যা মানবের/ নয় রক্তপূজা কালীর অথবা কলির।' *অমিয়*, ১৯৩৯।

আদল [আ] **১** *বি* সাদৃশ্য। 'পূর্বেকার মহেন্দ্রের কোনো আদল আছে কিনা।' *রবীন্দ্র*, ১৮৮৫। **২** *বি* রূপ। 'ডুবে মধ্যদিনের সূর্য ভীমা অমাবস্যার আদলে।' *সুধীন্দ্র*, ১৯৩২।

আদলি [স অর্ধ>] *বি* অর্ধভঙ্গ হাঁড়ি। 'আদলি উপরে কেবা কদলী রোপল রে।' *দ্বিজী*, ১৬০০।

আদষা [স আদেশ>] *ক্রি* দয়া করা। 'দাসী বলি রাখিবে আদষি।' *মুকুন্দ*, ১৬০০।

আদা[১] [স আর্দ্রক] *বি* মসলা হিসেবে ব্যবহৃত কন্দবিশেষ। 'দেউল-প্রসাদ আদা চাকি লেম্বু সলবণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'মান বেসারি আদা ঝাল।' *মুকুন্দ*, ১৬০০।

আদাজল খাওয়া *ক্রি* যথাসাধ্য চেষ্টা করা। 'টাকা তোল তোরা আদাজল খেয়ে।' *নজরুল*, ১৯৩১।

আদাজল খেয়ে লাগা *ক্রি* প্রবল উৎসাহ নিয়ে কাজ করা। 'তাহারা আদাজল খাইয়া তাহাই করিতে লাগিলেন।' *মশাররফ*, ১৮৮৯।

আদারস [স আর্দ্রক-রস] *বি* বাটা আদার রস। 'মরিচ গুড় দিআ আদারসে।' *মুকুন্দ*, ১৬০০।

আদা[২] [স অর্ধ>] *বিণ* অর্ধেক। 'মারে মণ্ডা আদা ছেনা, সদা থাকে বাবুআনা।' *ভবানী*, ১৮২৫।

আদাএ [আ আদায়] *বি* আদায়। 'ফরিজা আদাএ কর হই এক মতি।' *আলাওল*, ১৬৮০।

আদাওত [আ] *বি* শত্রুতা। 'রাশিয়া লালচ ও আদাওতের সববে রুমের 'পরে চড়াই করিয়াছে।' *আখবার*, ১৮৭৭।

আদাওতি [আ] *বি* শত্রুতা। 'যেইরূপে কাফের করিল আদাওতি।' *গরীব*, ১৭৬৫।

আদাখ্যাচড়া [স অর্ধ>+স খেচর>] *বি* তালবাহানা। 'দশ কুড়ো করলাম, তার দাম দিতি আদাখ্যাচড়া কল্লে ...।' *দীনবন্ধু*, ১৮৬০।

আদাগা [ফা দাগ>] *বিণ* দাগানো হয়নি এমন; অচিহ্নিত। *বিদ্যা*, ১৮৯১।

আদাড় [স আধার] *বি* আস্তাকুঁড়। 'তাকে ঢুকতে হলো শ্বাসরুদ্ধ করা ঘেরাটোপে, আর পড়লো আদাড়ের জঞ্জালের পর্যায়ে।' *মাহেনও*, ১৯৪৯।

আদাড়মালী *বি* গাছবিশেষ। 'ঝোকড়া ঝাউ কাটে আদাড়মালী।' *মুকুন্দ*, ১৬০০।

আদান [স] *বি* গ্রহণ। 'কুলীনেরা যে কেবল কুলীনেরদের মধ্যেই আদানপ্রদান করিবেন।' *দর্পণ*, ১৮৩০; 'দান চোখে দেখা যায়, কিন্তু আদান হৃদয়ের ভিতর লুকানো।' *রবীন্দ্র*, ১৯০৬।

আদানপ্রদান [স] **১** *বি* মেলামেশা। 'যাত্রাওয়ালার সহিত আদান প্রদান ...।' *দর্পণ*, ১৮২৫। **২** *বি* লেনদেন। 'কুলীনেরা যে কেবল কুলীনেরদের মধ্যেই আদানপ্রদান করিবেন।' *দর্পণ*, ১৮৩০। **৩** *বি* যোগাযোগ। 'প্রাণগত মনোগত মিলনের ও আদানপ্রদানের উপায়স্বরূপে ...।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আদাব [আ] *বি* অভিবাদন। 'জিবরিল নবীর আগে রাখিল আদাব।' *গরীব*, ১৭৬৫।

আদায় [আ] **১** *বি* পরিশোধ। 'যখন টাকা আদায় করিতে পারি।' *হ্যালহেড*, ১৭৭২; 'জদ্যপি বাকি মযকুরে আদায় না করে ... তবে নিলামে বিক্রী হবেক।' *ক্যালগে*, ১৭৮৭। **২** *বি* উদ্ধার। 'মবলগ বাকি পড়িয়াছে তাহার কিছুই আদায় করিতে পারে না।' *হ্যালহেড*, ১৭৭৩।

আদায় করা *ক্রি* প্রার্থনা করে পাওয়া। 'বাবা যদি টের পান আমি মেসোর কাছ হতে কাপড় আদায় করেছি।' *রবীন্দ্র*, ১৯২০।

আদায়কারিণী [আ আদায়+স কারিণী] *বিণ স্ত্রী* আদায় করে এমন। 'জরিমানা আদায়কারিণী বউকে এরকম কেউ কি দেয়?' *মানিক*, ১৯৪০।

আদায়কারী [আ আদায়+স কারী] *বিণ* সংগ্রহকারী। 'মাদ্রাসার চাঁদা আদায়কারী মৌলবী সাহেব।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

আদায়-তশিল [আ আদায়+আ তাহসীল] *বি* খাজনা আদায়। 'তোমার নয় আদায়-তশিল, ধারকর্জ।' *শক্তি*, ১৯৬৯।

আদায়পত্র [আ আদায়+স পত্র] *বি* সংগ্রহের কাজ। 'গোমস্তার উপর আদায়পত্রের ভার ছিল।' *ইমদাদুল*, ১৯২০।

আদায়বিদায় [আ] *বি* আয়-ব্যয়। 'প্রচুর ওদের জমিজমা, গোরুবাছুর, জনমজুর, পালপার্বণ, আদায়বিদায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

আদায়ীকৃত [আ আদায়+স কৃত] *বিণ* সংগ্রহ করা হয়েছে এমন। 'সাহায্যবাবদ আদায়ীকৃত ২৩০ টাকা।' *বেগম*, ১৯৪৯।

আদার [স অর্ধাহার] **১** *বি* মাছ ধরার জন্যে ব্যবহৃত টোপ। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* হাঁসমুরগির খাবার। 'হাঁড়ি-পাতিল ধোয়া, হাঁস-মুরগির আদার দেয়া –।' *কায়সার*, ১৯৬২।

আদার দেওয়া *ক্রি* মাছ ধরার জন্য টোপ ফেলা। *মানোএল*, ১৭৪৩।

আদার-পাঁদাড় [স আধার>] *বি* চলাচল করা কষ্টকর এমন পথ। 'আমি কত কাদামাঠ আদার-পাঁদাড় ভেঙে প্র্যাকটিস করেছি।' *জীবন*, ১৯৩২।

আদালত [আ] **১** *বি* বিচারের স্থান; বিচারালয়। 'সেই কাগজ আদালতে দাখিল আছে।' *মেয়র্স*, ১৭৫৭; 'আদালতের রষুম কারণ পঞ্চতুরা হিসাবে ফিসতে ৫ পাচ টাকার হিসাবে ১০ দষ টাকা লইশাম।' *ওসাঁ*, ১৭৮১। **২** *বি* বিচার। *ওসাঁ*, ১৭৮৫; 'সুপ্রীমকোর্টে তাহার আদালত হইল।' *দর্পণ*, ১৮২২। **৩** *বি* বিচার কাজ। 'ভূমিকর, ষ্টাম্পের কর, আদালতের খরচা, লবণের কর, আফিমের কর, বাণিজ্য দ্রব্যের মাসুল ইত্যাদি নানা উপায় দ্বারা যে বিপুলার্থ উপার্জ্জন হইয়া থাকে ...।' *প্রভাকর*, ১৮৫০।

আদালত কর্তা, আদালত কর্ত্তা [আ আদালত+স কর্তা] *বি* বিচারক। *এডমন*, ১৭৯৩।

আদালতখরচা [আ আদালত+আ খরজ>] *বি* মামলা পরিচালনার খরচপত্র। 'আদালতখরচা তিনিই বহন করিবেন।' *রবীন্দ্র*, ১৮২৪।

আদালতজীবী [আ আদালত+স জীবী] *বি* আদালতে কাজ ক'রে যে জীবিকা অর্জন করে। 'আমার বাপ উক্ত আদালতজীবীদিগকে অত্যন্ত সম্মান করিতেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

আদালত সাহেব [আ আদালত+আ সাহিব] *বি* (সম্মানার্থে)

AMARBOI.COM

আদালতের বিচারক। 'আদালত সাহেব মেহেরবানগি করিয়া আমার হিসাবি বাকী ১৪২৫ তঙ্কা আড়কাট ব্যাজযুদ্ধা দেওয়াইয়া দেও।' *মেয়র্স*, ১৭৫৭; 'আমার পাওনা আদালতসাহেব দেওয়াইয়া দেও।' *মেয়র্স*, ১৭৫৭।

আদালত সাহেব লোক [আ আদালত+আ সাহিব+হি লোক] *বি* আদালত কর্তৃপক্ষ; বিচারক। 'আদালত সাহেব লোক তজবিজ করিবেন।' *মেয়র্স*, ১৭৫৭।

আদালতের অপমান *বি* আদালতের অবমাননা। 'যদি কেহ আদালতের অপমান করে।' *ডানকান*, ১৭৮৪।

আদি[১] [স] **১** *বি* সূচনা। 'কত চতুরানন মরি মরি জাওত ন তুয়া আদি অবসানা।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* পূর্ব। 'যে যশ শ্রবণে আদি অবিদ্যা বিনাশ।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* প্রথম। 'অতএব আদিখণ্ডে গণি চারি ভেদ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আদিঅন্ত [স আদি-অন্ত] *ক্রিবিণ* প্রথম থেকে শেষ পর্যন্ত। 'নিবেদিনুঁ মরম বেদন আদিঅন্ত।' *বাহরাম*, ১৬৫০।

আদি-অন্ত-শূন্য [স] *বিণ* শুরু ও শেষ নেই এমন। 'রহস্যময় আদি-অন্ত-শূন্য প্রশ্নোত্তরহীন নিরুদ্দেশ মহাসমুদ্রের ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আদিঅন্তহীন [স] *বিণ* শুরু ও শেষ নেই এমন। 'এখনই যা-কিছু বিশ্লিষ্ট হয়ে একটা আদি-অন্তহীন বিশৃঙ্খলতায় ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

আদি আন্ত [আদি-অন্ত] *ক্রিবিণ* আদ্যন্ত। 'আদি আন্ত এখো বোল না বোলসি ভাল।' *বড়ু*, ১৪৫০।

আদিকবি [স] *বি* প্রথম কবি। 'বাল্মীকিচরণ বন্দো মহা আদিকবি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আদিকর্তা [স] *বি* প্রথম রাষ্ট্রপতি। 'নব জর্মানির আদিকর্তা ফ্রেডারিক দি গ্রেট।' *প্রমথ*, ১৯১৭।

আদিকল্পক [স] *বিণ* প্রথম পরিকল্পনাকারী। 'শ্রীযুত হেস্টি সাহেব কালেজের আদিকল্পক।' *দর্পণ*, ১৮৩২।

আদিকাল [স] *বি* প্রাচীনতম কাল। 'প্রাকৃতিক সৃষ্টিতেও আদিকাল থেকে মূল আদর্শের সঙ্গে বাহ্য প্রকাশের সাংঘাতিক দ্বন্দ্ব ...।' *রবীন্দ্র*, ১৮৯৬।

আদি-ক্ষেত্রি [স আদি-ক্ষত্রিয়>] *বি* মুখ্য বীর। 'আদি-ক্ষেত্রি তুমি বাঘ কে তোমার পায় লাগ।' *মুকুন্দ*, ১৬০০।

আদিগঙ্গা [স] **১** *বি* গঙ্গা নদীর পুরানো ধারা। 'কালীঘাটের নীচবর্তি আদিগঙ্গা।' *দর্পণ*, ১৮২২। **২** *বি* মূলধারা। 'চিন্তাস্রোত ভাবস্রোত প্রাণস্রোতের আদিগঙ্গা শুকাইয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আদিছন্দ [স] *বি* ভালোবাসার সুর। 'আদিছন্দ আছে অনাবিল আমাদের মিল/ তোমার আমার মর্মতলে/ একটি সে সুর চলে/ প্রবাহ তাহার অন্তঃশীল।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আদিজাতি [স] *বি* আদিম নৃগোষ্ঠী। 'আদিজাতিদের বাদ দিলে কোনও সমাজের ঐতিহ্যই কি সমসত্ত্ব?' *শিব*, ১৯৫৬।

আদিজ্যোতি [স] *বি* সৃষ্টির প্রথম আলো। 'উদয়শিখরে তার দেখো আদিজ্যোতি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আদিদেব [স] *বি* আদিম দেবতা। 'আদিদেব খুলিলা নয়ান।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আদিপর্ব [স] *বি* প্রথম অধ্যায়। 'কেবল আছে, আদিপর্ব, বিরাটপর্ব, উদ্যোগপর্ব ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

আদি-পাপ [স] *বি* মধ্যপ্রাচ্যের তিন প্রধান ধর্মের মতে, স্বর্গে নিষেধ অমান্য করে আদমের আপেল খাওয়ার পাপ। 'তারে বলো আদি-পাপ নারী নহে, সে যে নর-শয়তান।' *নজরুল*, ১৯২৫।

আদি-পিতা [স] *বি* প্রথম পূর্বপুরুষ। 'এই বংশের তিনিই আদি-পিতা।' *শওকত*, ১৯৫৮।

আদিপুরুষ [স] **১** *বি* ধর্মীয় বিশ্বাস অনুযায়ী প্রথম মানুষ। 'আদম – যিনি আদিপুরুষ ...।' *মশাররফ*, ১৮৮৫। **২** *বিণ* জনক। 'নব্যবঙ্গের আদিপুরুষ রামমোহন রায়ের দূরপ্রসারিত বিষাদদৃষ্টি ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

আদিপ্রাণ [স] *বি* প্রাণের সূচনা। 'তুমি বৃক্ষ, আদিপ্রাণ; ঊর্ধ্বশীর্ষে উচ্চারিলে আলোকের প্রথম বন্দনা ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

আদিপ্রেম [স] *বি* প্রথম ভালোবাসা। 'সেই আদিপ্রেমের জের বরাবরই টেনে এনেছি।' *প্রমথ*, ১৯৩৭।

আদিবাসী [স] *বি* আদিবাসিন্দা। 'কলিকাতার কয়েকটী অঞ্চলের আদিবাসীরা কিছুকাল যাবৎ জলাভাব জনিত বিশেষ অসুবিধা ভোগ করিতেছেন।' *আজাদ*, ১৯৪১।

আদিমানবী [স] *বি* প্রাচীন রমণী। 'সাঁওতালসজ্জের আদিমানবীর চোখ।' *শঙ্খ*, ১৯৬৯।

আদিমূল [স] *ক্রিবিণ* আগাগোড়া। 'তবেসি কহিহ সব কথা আদিমূল।' *বড়ু*, ১৪৫০।

আদিযাত্রী [স] *বি* আদিম মানব। 'পরিবর্তনের শাখা-প্রশাখার মধ্য দিয়ে আদিযাত্রীরা চলে এসেছে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আদিযুগ [স] *বি* প্রথম যুগ। 'হে নিষ্ঠুরা বধিরা ঊর্বশী! আদিযুগ পুরাতন এ জগতে ফিরিবে কি আর।' *রবীন্দ্র*, ১৮৮৬।

আদিরস [স] **১** *বি* যৌনতা। 'আদিরসঘটিত যে২ গ্রন্থ ছাপা হইয়াছে।' *দর্পণ*, ১৮২৩। **২** *বি* শৃঙ্গার রস। 'এইজন্যই ত শাস্ত্রে আদিরসকে রসশ্রেষ্ঠ বলেছে।' *মোতাহার*, ১৯৩৭।

আদিরস-ঘটিত [স] *বিণ* আদিরসাত্মক। 'তিনি ইহার আদিরস-ঘটিত ব্যাখ্যা করিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

আদি-সম্ভূতা [স] *বি* পৃথিবী। 'হে আদি-সম্ভূতা, আজি বন্দিব তোমায়।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

আদি সম্ভুর *বি* প্রথম শ্বশুর। *ওসী*, ১৭৮২।

আদিসুপ্তি [স] *বি* আদিম নিদ্রা। 'ধরণীর আদিসুপ্তি ভেঙে দিয়ে যেথা যাও চলে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আদিস্রষ্টা [স] *বি* সৃষ্টিকর্তা। 'আদিস্রষ্টা নারী জাতিকে সৃজন করিয়াছেন।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

আদিহীন [স] *বিণ* অনাদি। 'আদিহীন অন্তহীন কাল!' *রবীন্দ্র*, ১৮৮৬।

আদি[২] [স] **১** *অব্য* প্রমুখ। 'কেশি আদি আসুর পাঠাইল আনন্তরে।' *বড়ু*, ১৪৫০। **২** *অব্য* ইত্যাদি। 'কাসন্দি আদি আচার অনেক প্রকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আদিআনা *বি* সংগীত। 'স্বর্গে আদিআনা বসে যথেক দেবতা।' *আলাওল*, ১৬৮০।

আদিখ্যেতা [স আধিক্যতা] **১** *বি* বাড়াবাড়ি। 'তোমাদের সব আদিখ্যেতা।' *শরৎ*, ১৯১৬। **২** *বিণ* লোক-দেখানো। 'এমন আদিখ্যেতার সাঁতারে আমায় আজ আর ভাসতে হবে না।' *শক্তি*,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৬৯।

আদিগন্ত [স] *ক্রিবিণ* দিগন্ত পর্যন্ত। 'নীচে আদিগন্ত মুক্ত সুদূর, তারও নীচে বাঘবন্দী নকশার মতো জমিগুলি।' *আলাউদ্দিন*, ১৯৫৪।

আদিতেয় [স] *বি* দেবতা। 'আদিতেয়-দলে বিষম সংগ্রামে, বসিয়াছে দেবাসনে পামর দেবারি।' *মাইকেল*, ১৮৬০।

আদিত্ত [স আদিত্য] *বি* সূর্য। 'বার আদিত্ত বার ভাই।' *রামাই*, ১৭১০।

আদিত্য [স] *বি* (হিন্দুপুরাণ) কশ্যপপত্নী অদিতির গর্ভজাত দ্বাদশ পুত্র। 'কুণ্ডলে আদিত্য যেহ্ন রবির সংঘাত।' *বড়ু*, ১৪৫০।

আদিবস [স অদিবস] *বি* কৃষ্ণপক্ষ। 'কেহ্নে হেন কৈলে কাহ্নাঞি মোর আদিবসে।' *বড়ু*, ১৪৫০।

আদিম [স] ১ *বিণ* সভ্যতাপূর্ব সময়কার; প্রাগৈতিহাসিক। 'আদিম মানবাচার ও পশ্বাচারের কি কোন প্রভেদ ছিল না?' *অক্ষয়*, ১৮৪৭। ২ *বিণ* প্রাক-আধুনিক কালের। 'আমেরিকার আদিম লোক, নিগ্রো ও অন্যান্য অসভ্য জাতীয় স্ত্রীদিগের অত্যন্ত ...।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বিণ* প্রথম। 'গীত হওয়াই গীতিকাব্যের আদিম উদ্দেশ্য।' *বঙ্কিম*, ১৮৮৭। ৪ *বিণ* আদি। 'আদিম মানব স্বর্গভ্রষ্ট হইয়া মরণধর্ম লাভ করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৫ *বিণ* বন্য। 'বাঁশির বর্বর কান্না, মৃদঙ্গের আদিম উচ্ছ্বাস।' *সুধীন্দ্র*, ১৯২৯। ৬ *বিণ* জান্তব। 'সহসা আদিম স্পন্দ সঞ্চারিল তোর রক্তস্রোতে।' *রবীন্দ্র*, ১৯৩৩। ৭ *বিণ* বার্ধক্যপীড়িত। 'তার আদিম অবতত দেহের অনেক যন্ত্রকে রোগদুঃখ ভোগ করতে হয়।' *রবীন্দ্র*, ১৯৩৩। ৮ *বিণ* বর্বর। 'আদিম বন্যতা তার উদ্বারিয়া উদ্দাম নখর।' *রবীন্দ্র*, ১৯৪০। ৯ *বিণ* তীব্র। 'কোথা আছে ঘুমের আফিম আদিম ক্লান্তিতে যেটা আমার শরীর বেয়ে নামে।' *মাহমুদ*, ১৯৬৩।

আদিমতা [স] ১ *বি* প্রাচীন বৈশিষ্ট্য। 'ভারতবর্ষ হইতে সুদূরে থাকিয়া আপন আদিমতা রক্ষা করে নাই।' *রবীন্দ্র*, ১৮৯৮। ২ *বি* প্রাগৈতিহাসিকতা। 'কবিতাটি আদিম বা তাহার মধ্যে আদিমতা আছে বলিলে ঠিক ভাবটি বোঝায়।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বি* প্রাচীনত্ব; বন্যতা। 'অস্ট্রেলীয় জাতির আদিমতা আর ঘুচল না।' *রবীন্দ্র*, ১৯১৯। ৪ *বি* রহস্যময়তা। 'উপরে শান্ত নভোমণ্ডল আদিমতার দুর্জ্ঞেয় শ্লোক-গাথার সঙ্গীত পরিবেশন করে।' *মাহেনও*, ১৯৪৯।

আদিমধর্মী [স] *বিণ* আদিম বৈশিষ্ট্যসম্পন্ন; জান্তব। 'অমার্জিত আদিমধর্মী মানুষও হার মানলে।' *মানিক*, ১৯৩৫।

আদিম-নিবাসী [স] *বি* আদিকাল থেকে বসবাস করছে এমন। 'তাহারাই আদিম-নিবাসী বলিয়া উল্লিখিত হইল।' *অক্ষয়*, ১৮৪৯।

আদিমবাসী [স] *বিণ* আদিবাসী; আদিকাল থেকে বাস করে আসছে এমন। 'তাহারা দাক্ষিণাত্যের আদিমবাসী।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

আদির্ত্ত [স আদিত্য] *বি* সূর্য। 'আদির্ত্ত উদয় ভেল আখি মেলি চাঅ।' *মালাধর*, ১৫০০।

আদিষ্ট [স] ১ *বিণ* আদেশ দেওয়া হয়েছে এমন। 'এই সকল নিয়ম রাজকর্তৃক আদিষ্ট হইয়া একেবারে দেশমধ্যে ব্যবস্থার ন্যায় দৃঢ় হইল।' *দর্পণ*, ১৮৩০। ২ *বিণ* আদেশপ্রাপ্ত। 'তারা ... সাহেবের আদিষ্ট হয়ে দ্বারদেশে অপেক্ষা করে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আদিষ্টা [স] *বিণ স্ত্রী* আদেশপ্রাপ্ত। 'অরুন্ধতী কর্তৃক আদিষ্টা হইয়া রামকে স্পর্শ করিলেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

আদী [স আদি] *অব্য* ইত্যাদি। *মেয়ার*, ১৭৮৯।

আদুড় [স উদার] *বিণ* অনাবৃত। 'হিয়ায় কাপড় নাহী দেয় আদুড় মাথার কেশ।' *মুকুন্দ*, ১৬০০।

আদুরি [স আদর>] *বিণ* প্রিয়। 'দাদুরির আদুরি কাজরি।' *নজরুল*, ১৯২৪।

আদুরিআ [স আদর>] *বিণ* অতি আদরের। *বিদ্যা*, ১৮৯১।

আদুরে [স আদর>] ১ *বিণ* অতি আদরের। 'বদমেজাজি বা আদুরে মেয়ে।' *বঙ্কিম*, ১৮৭৪। ২ *বিণ* শৌখিন। 'যদি তাহার সম্বন্ধে একটা সামান্য অপ্রিয় কথা বলে, অমনি আদুরে স্বদেশানুরাগ ফুলিয়া, ফাঁপিয়া, কাঁদিয়া, মুষ্টি উত্তোলন করিয়া অনর্থপাত করিয়া দেয়।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* আবদেরে। 'প্রয়োজনের জোগান দেওয়ার দ্বারা ছেলেদের মনটাকে আদুরে করে তোলা ...।' *রবীন্দ্র*, ১৯৩৬। ৪ *বিণ* স্নেহযুক্ত। 'যাবা এমন আদুরে গলায় ডাকতে পারেন।' *হুমায়ুন*, ১৯৭২।

আদুল [স উদার] ১ *বিণ* খালি। 'আদুল গায়ে যাচ্ছে কারা।' *সত্যেন্দ্র*, ১৯১২; 'ভেজা পাতায় ওই কাঁপে তার আদুল ঢলঢল কায়া।' *নজরুল*, ১৯২৫। ২ *বিণ* অবিন্যস্ত। 'আদুল চুলের খোঁপাটি ঘেরিবে আমার বিনুনী দিয়া।' *বন্দে*, ১৯৬০।

আদুলি [স অর্ধ-] *বি* এক টাকার অর্ধেক মূল্যের মুদ্রা। *ওর্মা*, ১৭৮২; 'পয়সা বা সিকি আদুলি।' *দর্পণ*, ১৮৩১।

আদৃত [স] ১ *বিণ* আদরের যোগ্য। 'যে বস্তু কাজুয়া নহে তাহা প্রকৃত আদৃত নহে।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* সম্মানিত। 'কিম্বা আদৃত অতিথি হয়।' *তারিণী*, ১৮০৩। ৩ *বিণ* গৃহীত। 'অনেক চেষ্টাতে শতাব্দি গ্রন্থ শিষ্টবিশিষ্ট লোকদ্বারা আদৃত হওয়াতে ...।' *দর্পণ*, ১৮৩১।

আদৃতা [স] *বিণ স্ত্রী* আদরণীয়া। 'পিতামাতার ক্রোড়ে আদৃতা রহিয়া ... লালিতা হয়।' *অক্ষয়*, ১৮৪৬।

আদর্শ [স আদর্শ] *বি* আদর্শ। *মানোএল*, ১৭৪৩।

আদেক [স অর্ধেক] *বিণ* অর্ধেক; আধাআধি। *বিদ্যা*, ১৮৯১।

আদেখ [স অ+স দৃশ্>] *বিণ* অদৃশ্য। 'এখনে কেমনে বড়ায়ি হয়িল আদেখ।' *বড়ু*, ১৪৫০।

আদেখা [স অ+স দৃশ্>] *বিণ* দেখা হয়নি এমন। 'কতক দেখা নিই, কতক আদেখা নিই।' *দীনবন্ধু*, ১৮৬৩।

আদেঙ্গা *বিণ* অসম্পূর্ণ। *বিদ্যা*, ১৮৯১।

আদেশ [স] ১ *বি* হুকুম। 'আইহনের মাএর আদেশে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* দাবি। 'সমাজের আদেশ : দশের মধ্যে এক হও, এগারো হয়ো না।' *মোতাহের*, ১৯৫০।

আদেশক্রমে [স] *ক্রিবিণ* আদেশ অনুসারে। 'রাজকুমারের আদেশক্রমে পারসীক ভাষাতে উদ্ধৃত হইল।' *অক্ষয়*, ১৮৪৭।

আদেশনামা [স] *বি* বিজ্ঞপ্তি। 'আট শো স্কুল উঠিয়ে দেওয়ার আদেশনামা জারি করেছেন।' *বেগম*, ১৯৪৮।

আদেশপালক [স] *বিণ* আদেশ পালনকারী। 'আমি আদেশপালক ভৃত্য মাত্র।' *রবীন্দ্র*, ১৯১০।

আদেশবিরুদ্ধ [স] *বিণ* আদেশের বিপক্ষে যায় এমন। 'উহা খোদাতালার আদেশবিরুদ্ধ না হয়।' *মোসলেম*, ১৯২৮।

আদেশমত *ক্রিবিণ* আদেশের সঙ্গে সামঞ্জস্য রেখে। 'রাজার আদেশমত প্রজাদের অসন্তোষের কারণ অনুসন্ধানের জন্য নক্ষত্ররায় স্বয়ং ...।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আদেশা [স আদেশ>] *ক্রি* নির্দেশ করা; আদেশ দেওয়া। 'যবেঁ বড়ায়ি আদেশিব মোরে তবেঁ জাইবোঁ তোর পাশে।' *বড়ু*, ১৪৫০;

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'আবু জেহেল সভানে আদেশিলা।' *সুলতান*, ১৭০০; 'সৃষ্টি বিনাশিতে যবে আদেশেন ধাতা।' *মাইকেল*, ১৮৬০।

আদেশাধীন [স আদেশ-অধীন] *বিণ* আজ্ঞা পালনকারী। 'সদাসর্বদা আদেশাধীন।' *ওয়ালী*, ১৯৬৪।

আদেশানুসারে [স আদেশ-অনুসারে] *ক্রিবিণ* আদেশ অনুযায়ী। 'তদীয় আদেশানুসারে নানা দেশ ভ্রমণ ... সাকার দেবতার উপাসনা করেন।' *অক্ষয়*, ১৮৫০।

আদেস [স আদেশ] *বি* হুকুম। 'রাজার আদেসে তৃনাবর্ত মহাসুরে।' *মালাধর*, ১৫০০।

আদেসা [স আদেশ>] *ক্রি* আদেশ করা। 'দ্রোনাচার্জ্জে আদেসিল করিবার রন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আদেষ্টা [স] *বি* আদেশ দানকারী। 'আদেষ্টা প্রশস্তি।' *আলাওল*, ১৬৮০।

আদো [স আদ্য>] *অব্য* পত্রের আরম্ভসূচক শব্দ। 'দণ্ডবতৎ প্রণামা নিবেদনঞ্চ আদো ...।' *চিঠিপত্রে*, ১৮২২।

আদৌ [স] *ক্রিবিণ* মোটেই। 'শ্রুতি স্মৃতি ও দর্শন অধ্যয়নে স্ত্রী জাতির আদৌ অধিকার নাই।' *প্রভাকর*, ১৮৩১।

আদ্দাশ, আদ্দাস [আ আরজ্+ফা দাশ্‌ত] **১** *বি* আবেদন। 'হনুমানে বলে কিছু বিনয় আদ্দাস।' *রূপরাম*, ১৭৫০। **২** *বি* অভিযোগ। '... হৌসের সম্মুখে আসিয়া রোদন বদনে অতিশয় কাতর হইয়া কাকুক্তি দ্বারা আদ্দাস করিয়াছে।' *প্রভাকর*, ১৮৫২; 'আদ্দাশ।' *বিদ্যা*, ১৮৯১।

আদ্দি [স আর্ধিক] *বি* সূক্ষ্ম ও মিহি কাপড়বিশেষ। 'তাঁর পরনে ফর্সা আদ্দির পাঞ্জাবি।' *রশীদ*, ১৯৬৩।

আদ্দেক [স অর্ধ>] *বি* অর্ধেক। 'আধুলিটা ছিনিয়ে নিয়ে বললে আমার আদ্দেক।' *অচিন্ত্য*, ১৯৫০।

আদ্ধা [স অর্ধ>] *বি* ষোলো মাত্রার তালবিশেষ। 'পিলু-বারোঁয়া, আদ্ধা কাওয়ালি।' *নজরুল*, ১৯৩২।

আদ্য[১] [স] **১** *ক্রিবিণ* প্রথমে। 'তাহাতে মগণ আদ্যে বুঝ কবি কুল।' *আলাওল*, ১৬৮০। **২** *বিণ* শ্রেষ্ঠ। 'এই ভূমণ্ডলই সমগ্র মানবজাতির আদ্য পুস্তক।' *অক্ষয়*, ১৮৪৬। **৩** *বিণ* আদিম। 'লালন কয় আদ্য ধরম আদম চিনলে হয়।' *লালন*, ১৮৯০।

আদ্যকাল [স] *বি* আদিম কাল। 'আদ্যকালে ... মুনি ঋষিদিগের আশ্রম সমস্ত সংস্থাপিত ছিল।' *অক্ষয়*, ১৮৪৭।

আদ্যকালীন [স] *বিণ* প্রাচীনকালের। 'আদ্যকালীন মনুষ্যেরা অনেক বিষয়ে অজ্ঞ ও কুসংস্কার পাশে বদ্ধ ছিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

আদ্যকৃত্য [স] **১** *বি* হিন্দুদের আদ্য শ্রাদ্ধ। 'মধুসূদন পালের মাতার আদ্যকৃত্য হইয়াছে।' *চন্দ্রিকা*, ১৮৩১। **২** *বি* বিনাশ। 'একটু ব্রান্ডি খাও অ্যাসিডিটির আদ্যকৃত্য হয়ে যাবে।' *দীনবন্ধু*, ১৮৬৬। **৩** *বি* প্রথমে করণীয় কাজ। 'কেউ ধরে নেয় যে নিরীহনিগ্রহের প্রতিবিধানই হিতৈষণার আদ্যকৃত্য।' *সুধীন্দ্র*, ১৯৩৫।

আদ্যপূজা [স] *বি* আদ্য শ্রাদ্ধ; অন্ত্যেষ্টিক্রিয়ার বিশেষ আচার। 'মদনা তাহার রাণী চক্ষে না পড়িল পানি আদ্যপূজা দিল সাবধানে।' *রূপরাম*, ১৭৫০।

আদ্য-বরা [স আদ্য-বরাহ] *বি* আদি বরাহ। 'ধরণী লোটাইয়া কান্দে বীর আদ্য-বরা।' *মুকুন্দ*, ১৬০০।

আদ্যমূল [স] *ক্রিবিণ* প্রথমত। 'আদ্যমূল রসুল মহিমা কল্পতরু।' *বাহরাম*, ১৬৫০।

আদ্যরস [স] *বি* অকুলীন কায়স্থ কর্তৃক কুলীন কায়স্থদের (ঘোষ, বসু, গুহ ও মিত্র) জ্যেষ্ঠপুত্রের কাছে কন্যা সমর্পণ। 'আদ্যরস প্রায় উঠে গেল।' *দীনবন্ধু*, ১৮৭২। *দ্র* **আদ্যিরস**

আদ্যশক্তি [স] *বি* আদি শক্তি। 'তুমি ভক্তি তুমি মুক্তি অনাদির আদ্যশক্তি।' *লালন*, ১৮৯০।

আদ্যশ্রাদ্ধ [স] *বি* অন্ত্যেষ্টিক্রিয়ার অংশ হিসেবে হিন্দুসমাজে প্রচলিত মৃতের উদ্দেশে করা আচারবিশেষ। 'তাঁহার আদ্য শ্রাদ্ধে ও সপিণ্ডীকরণে সাত লক্ষ টাকার অধিক ব্যয়।' *দর্পণ*, ১৮৩০।

আদ্যস্থান [স] *বি* জন্মস্থান। 'বিক্রমপুর বন্দির তোমার আদ্যস্থান।' *রূপরাম*, ১৭৫০।

আদ্য[২] [স] *অব্য* ইত্যাদি। 'জাজপুর আদ্যের দেহারা।' *রূপরাম*, ১৭৫০।

আদ্যক্ষর [স] *বি* প্রথম অক্ষর। 'আপন নামের আদ্যক্ষর ত্যাগ করিলে ...।' *দর্পণ*, ১৮৩৭।

আদ্যন্ত [স] *ক্রিবিণ* আগাগোড়া। 'চন্দ্র হেন তেজ তার আদ্যন্ত উজ্বল।' *সুলতান*, ১৭০০।

আদ্যন্তমধ্য [স] *বি* আদি অন্ত এবং মধ্যভাগ। 'ভারতবর্ষের আদ্যন্তমধ্যে অশান্তির আক্ষেপ।' *রবীন্দ্র*, ১৯০৮।

আদ্যন্তমধ্যে *ক্রিবিণ* শুরু, শেষ এবং মাঝখানে। 'আদ্যন্তমধ্যে আমরা একসঙ্গে সকলে অনুভব করিয়াছি।' *রবীন্দ্র*, ১৯০৫।

আদ্যপান্ত [স আদ্যোপান্ত] *বি* আগাগোড়া বিষয়। 'সে সকল আদ্যপান্ত আপনার মনুস্য জ্ঞবানীতে জ্ঞাত হবেন।' *বোগল*, ১৭৭০।

আদ্যা [স] *বি* হিন্দুদেবী চণ্ডী। 'আদ্য আদ্যা সনে/ তিরোধান মনে।' *মানিকরাম*, ১৭৮১।

আদ্যাশক্তি [স] **১** *বি* মহামায়া। 'আদ্যাশক্তি আরাধি ধরিব সেই ধার।' *সুলতান*, ১৭০০। **২** *বি* প্রেরণা-শক্তি। 'নরসমাজে নারীশক্তিকে বলা যেতে পারে আদ্যাশক্তি।' *রবীন্দ্র*, ১৯৩২।

আদ্যাপিহো [স অদ্যাপি>] *ক্রিবিণ* আজও। 'আদ্যাপিহো অপযশ তার পরচরে।' *বড়ু*, ১৪৫০।

আদ্যিকাল [স আদ্যকাল] *বি* পুরানো কাল। 'তুমি তো আমাদের আদ্যিকালের বদ্যি বুড়ো তোমার সঙ্গে কার তুলনা।' *রবীন্দ্র*, ১৮৯২।

আদ্যিকালীন [স আদ্যকালীন] *বিণ* প্রাচীন। 'আদ্যিকালীন কাব্যের নায়ীর রূপ-বর্ণনায় রূপ প্রত্যক্ষ করা দূরে থাক ...।' *শরীফ*, ১৯৬৮।

আদ্যিরস [স আদ্যরস] *বি* অকুলীন কায়স্থ কর্তৃক কুলীন কায়স্থদের (ঘোষ, বসু, গুহ ও মিত্র) জ্যেষ্ঠপুত্রের কাছে কন্যা সমর্পণ। 'আমি আদ্যিরস কত্তে চাই।' *দীনবন্ধু*, ১৮৭২। *দ্র* **আদ্যরস**

আদ্যোপলীয় [স আদ্য-উপলীয়] *বিণ* আদি পাথর-যুগের। 'সেখানে যা দুর্লভ তা এক বিশেষ প্রকৃতির অনুভব – অনতিক্রম্য শূন্যতার, আদ্যোপলীয় আপজাত্যের, ট্রাজিক বিষঙ্গের।' *শিব*, ১৯৫০।

আদ্যোপান্ত [স] **১** *ক্রিবিণ* প্রথম থেকে শেষ পর্যন্ত। *ফরস্টার*, ১৭৯৩; 'আদ্যোপান্ত সমুদায় একেবারে আবৃত্তি করিতে পারিতেন।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বি* খুঁটিনাটি বিষয়। 'আদ্যোপান্ত তোর কাছে পাঠিয়ে দেওয়া একটা প্রাণপণ আবশ্যকীয় কাজ।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৩** *ক্রিবিণ* পা থেকে মাথা পর্যন্ত। 'নারায়ণসিংটি তেমনি আদ্যোপান্ত কেবলমাত্র একখানি আস্ত নারায়ণসিং।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আদ্রক [স আর্দ্রক] *বি* আদা। *মানোএল*, ১৭৪৩।

আধ [স অর্ধ] *বিণ* অর্ধেক। 'আনত কপাল তার আধ শশি জিনী।' *বড়ু*,

AMARBOI.COM

১৪৫০।

আধ আধ *বি* অস্ফুট কথা। 'কচি মুখে আধ আধ কথা পড়িতেছে ফুটি।' *রবীন্দ্র*, ১৮৮১।

আধআনী [আধ+স আনক>] *বি* দুই পয়সার মুদ্রাবিশেষ। 'বহুকালাবধি রেজকী অর্থাৎ সিকি দোআনী আনী আধআনী প্রভৃতি সোণা রূপার চলিত ছিল।' *চন্দ্রিকা*, ১৮৩০।

আধকপালি, আধকপালী [আধ+স কপাল>] **১** *বি* মাথা-ধরা রোগবিশেষ; মাইগ্রেন। *মানোএল*, ১৭৪৩। **২** *বিণ* কপালের অর্ধেক জুড়ে আছে এমন। 'আধকপালী দরদ।' *ওসাঁ*, ১৭৮৫; 'আধকপালী ব্যথা।' *ওসাঁ*, ১৭৮৫।

আধকপালে *বিণ* আধ-কপালের। 'শিরোর্দ্ধবেদনা অর্থাৎ আধকপালে বেদনা বোধ হইল।' *দর্পণ*, ১৮২৫।

আধকাঁচা [আধ+কাঁচা] *বিণ* পুরোপুরি শুষ্ক নয় এমন। 'আধকাঁচা ঘাস ও বাঁশের গন্ধ।' *বিভূতি*, ১৯৩৮।

আধকামারিয়া [আধ+স কর্ম>] *বিণ* অর্বাচীন। 'ইহাকে একজন আধকামারিয়া উকিল বলিয়া জানিতাম।' *বিদ্যা*, ১৮৫৬।

আধখানা [স অর্ধ>] **১** *বি* অর্ধেক। 'আধখানা বৈ পুরা দেখিতে পাইলাম না।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বিণ* খণ্ডিত। 'আমরা দেশটাকে আধখানা করে দেখি।' *রবীন্দ্র*, ১৯০৯। **৩** *বিণ* অর্ধেকমাত্র। 'একতারাতে আধখানা গান গাওয়া।' *রবীন্দ্র*, ১৯১৮।

আধখানি [স অর্ধ>] *বিণ* অর্ধেক। 'মিলনের বাসনার মাঝে আধখানি চাঁদের বিকাশ –।' *রবীন্দ্র*, ১৮৮৬।

আধখেঁচড়া *বিণ* এলোমেলো। 'আধখেঁচড়া শিকারের জন্য দু'চার দল পাখিও আস্তে আস্তে ফিরে আসছে।' *মুজতবা*, ১৯৪৯।

আধখোলা [আধ+খোলা] **১** *বিণ* অর্ধেক খোলা। 'তাতে যেন আধখোলা একটা ছুরির ঝলক থাকে।' *রবীন্দ্র*, ১৯২৯। **২** *বিণ* সুষুপ্তির খোলা নয় এমন। 'প্রাণের আধখোলা জানলায়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আধঘণ্টা [আধ+স ঘণ্টা] *বি* ত্রিশ মিনিট সময়। 'গহ্বরটি উত্তীর্ণ হতে প্রায় আধঘণ্টা লাগল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আধঘণ্টা-টাক *বি* আধঘণ্টা খানেক। 'আধঘণ্টা-টাক কেটে যাওয়ার পর লা মার্তা ...।' *মুজতবা*, ১৯৫২।

আধ-ঘুম [আধ+ঘুম] *বি* আংশিক ঘুমন্ত অবস্থা। 'আধ-ঘুমে সে শুনতে পায়।' *রবীন্দ্র*, ১৯৩২; 'আধ-ঘুমে আধ-জাগায় মন চলে যায় চিহ্নবিহীন পস্টারিটির পথে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

আধ-ঘুমানো [আধ+ঘুম>] *বিণ* অর্ধেক ঘুমন্ত। 'আধ-ঘুমানো অবস্থায় সে স্বপ্ন দেখিতে থাকে।' *মানিক*, ১৯৩৬।

আধঘুমো [আধ+ঘুম] *বিণ* পুরোপুরি ঘুমন্ত নয় এমন। 'তখন ছিল দখিন হাওয়া/ আধ-ঘুমো আধ-জাগা।' *রবীন্দ্র*, ১৯০০।

আধঘুমোটাওয়ালা [স অর্ধগুণ্ঠন>+হি ওয়ালা] *বিণ* অর্ধেক ঢাকা এমন। 'তাঁদের গাড়ি ছিল তকমা-আঁকা চামড়ার আধঘোমটা-ওয়ালা।' *রবীন্দ্র*, ১৯৪০।

আধ-চেনা [আধ+চেনা] *বি* অল্প জানাশুনা। 'তোমার আমার মাঝখানে ছিল আধ-চেনার যবনিকা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আধছেঁড়া *বিণ* প্রায় ছিঁড়ে গেছে এমন। 'পরনে ... ময়লা-পড়া আধছেঁড়া কাপড়।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

আধ-জাগা [আধ+জাগা] *বিণ* পুরোপুরি জাগ্রত নয় এমন। 'তখন ছিল দখিন হাওয়া/ আধ-ঘুমো আধ-জাগা।' *রবীন্দ্র*, ১৯০০।

আধ-ডাঁশা [আধ+ডাঁশা] *বিণ* আধপাকা। 'রোদ-পাকা আধ-ডাঁশা ডালিম।' *নজরুল*, ১৯২৫।

আধ-ঢাকা [আধ+ঢাকা] *বিণ* অর্ধেক আবৃত। 'আধ-ঢাকা কুঞ্চিত জোড়া ভুরু।' *নজরুল*, ১৯২২।

আধ-নিমীলিত [আধ+স নিমীলিত] *বিণ* আধবোজা। 'আধ-নিমীলিত পাপড়ি আমার।' *সত্যেন্দ্র*, ১৯১১।

আধ-ন্যাংটা [আধ+স নগ্নাট>] *বিণ* পরনে অল্প কাপড় আছে এমন; অর্ধনগ্ন। 'আধ-ন্যাংটা বেগুনসিদ্ধ মৃত মুখওয়ালা চাষা মজুর।' *নজরুল*, ১৯২৬।

আধপয়সা [আধ+পয়সা] **১** *বি* টাকাপয়সা। 'স্বজাতির ধর্ম-তহবিলের সিকিপয়সা আধপয়সা আগালাইয়া বসিয়া আছেন। *রবীন্দ্র*, ১৯০০। **২** *বি* ছোটোখাটো বিষয়। 'এ দেশের আধপয়সা পাইপয়সা প্রভৃতি তাঁহার জানা নাই।' *রবীন্দ্র*, ১৯১৭।

আধপর [আধ+স প্রহর] *বিণ* দিন বা রাতের মাঝামাঝি। 'শিমুলের গাছে আধপর রাতে শকুনী ঝাপটে ডানা।' *বন্দে*, ১৯৬০।

আধপাগল [আধ+স পাগল] **১** *বি* প্রায়-পাগল। *মানোএল*, ১৭৪৩। **২** *বিণ* পাগলাটে। 'ইংরেজের কাছে সে আধ-পাগল।' *মুজতবা*, ১৯৪৯।

আধ-পাগলা *বিণ* পাগলাটে। 'পুরোহিতের আধপাগলা ছেলেটা।' *রবীন্দ্র*, ১৯১২; 'আমার বন্ধু আধ-পাগলা।' *মুজতবা*, ১৯৪৯।

আধ-পুরনো *বিণ* প্রায় পুরানো। 'আলনা থেকে নামিয়ে নিল নিজের আধ-পুরনো সাদা সেমিজটা।' *নরেন্দ্র*, ১৯৪৬।

আধপেটা [স অর্ধ>+স পেট>] *বিণ* অর্ধেক পেট ভ'রে। 'ভাত, লুণ, লঙ্কা দিয়া আধপেটা খাইবে।' *বঙ্কিম*, ১৮৭৯।

আধপোড়া [আধ+পোড়া] **১** *বিণ* ঝলসানো। 'একটু আধপোড়া মাংসে পেট ভরে?' *অবন*, ১৮৯৬। **২** *বি* ছ্যাঁকা। 'যুবক-দুটোকে দেখা দিয়ে আধপোড়া করে ছেড়ে দাও।' *রবীন্দ্র*, ১৯০৭। **৩** *বিণ* আংশিক নিঃশেষিত। 'ঘাসে আধপোড়া সিগারেট, অদূরে নিশ্চুপ ঝারি।' *শ্যামসুর*, ১৯৭০।

আধপোষা [আধ+পোষা] *বিণ* পুরোপুরি পোষমানা নয় এমন। 'তবু তোমার বক্ষের পাতাল থেকে আধপোষা নাগদানব ক্ষণে ক্ষণে উঠছে ফণা তুলে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আধফালি আধ+স ফালি] *বিণ* অর্ধেক। 'ললাটের আধফালি ঘোমটায় ঢেকে।' *নজরুল*, ১৯২৪।

আধফুট [স অর্ধস্ফুট>] *বিণ* অর্ধেক ফুটেছে এমন। 'আধফুট জুইগুলি যতনে আনিয়া তুলি।' *রবীন্দ্র*, ১৮৮৮।

আধফুটন্ত [স অর্ধস্ফুট>] *বিণ* অর্ধেক প্রস্ফুটিত। 'আধফুটন্ত রক্তলাল ফুলের সমারোহ নিয়ে ... মাটিতে এসে নামলো।' *হাফিজুর*, ১৯৫৩।

আধফোটা [স অর্ধস্ফুট>] **১** *বিণ* অর্ধেক ফুটেছে এমন। 'চুমিয়া চুমিয়া ফুটাইব আধফোটা হাসির কুসুম।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বিণ* অর্ধেক উন্মুক্ত। 'আধফোটা অধরে হাসি ফুটিবে কি।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আধবয়সী ১ *বিণ* মধ্যবয়সী। 'আপনি বুড়ো আধবয়সী ভাঙধুতুরায় মত্ত।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বিণ* অল্পবয়সী। 'একটা আধবয়সী মেয়ে বেরিয়ে এলো ডিপা হাতে।' *শওকত*, ১৯৫৮।

আধবয়েসি [স অর্ধবয়সী>] *বিণ* মধ্যবয়স্ক। 'আধবয়েসি

AMARBOI.COM

মেয়েমানুষ?' *জীবন*, ১৯৩২।

আধবুড়ো [আধ+স বৃদ্ধ>] *বিণ* প্রায় বৃদ্ধ; মাঝবয়সী। 'ডাক্তার ম – একজন আধবুড়ো চিকিৎসাব্যবসায়ী।' *রবীন্দ্র*, ১৮৮১।

আধবোজা [আধ+বোজা] *বিণ* পুরোপুরি বন্ধ নয় এমন। 'সিংহের মতো আধবোজা চোখে আমি কেবলি দেখছি।' *সুকান্ত*, ১৯৪৮।

আধবোতল [আধ+ই বোতল] *বি* অর্ধেক বোতল। *ওসী*, ১৭৮৫।

আধবোনা [আধ+বোনা] *বিণ* অর্ধাংশ বোনা হয়েছে এমন। 'আধবোনা চাটাইটা বিছিয়ে নিল চৌকির সুমুখে মাটির মেঝেতে।' *কায়সার*, ১৯৬২।

আধভাঙা [আধ+ভাঙা] *বিণ* প্রায় ভেঙে গেছে এমন। 'আধভাঙা গাড়ি চড়ে শহর দেখতে বের হলেম।' *রবীন্দ্র*, ১৮৮১।

আধভাষী [আধ+স ভাষী] *বিণ* নতুন কথা বলতে শিখছে এমন। 'আধভাষী শিশু।' *বঙ্কিম*, ১৮৭৫।

আধ-ভিজা [আধ+ভিজা] *বিণ* ঈষৎ সিক্ত। 'আধ-ভিজা গামছা দিয়া মুছিতে-মুছিতে একটি জলচৌকি নিয়া আসে।' *মনসুর*, ১৯৫৫।

আধভেজানো [আধ+ভেজানো] *বিণ* পুরোপুরি বন্ধ নয় এমন। 'আধভেজানো জানালায় নিঃসঙ্গ একটি আলো।' *মানিক*, ১৯৪০।

আধমণি [আধ+আ মন>] *বিণ* আধ মন ওজনবিশিষ্ট; প্রায় ১৯ কিলোগ্রাম। 'আধমণি পাথর আবার কোথায়?' *ইমদাদুল*, ১৯২০।

আধমন [আধ+আ মন] *বিণ* এক মনের অর্ধেক পরিমাণ; ২০ সের পরিমাণ; প্রায় ১৯ কিলোগ্রাম পরিমাণ। 'রাখালবাবুর বাড়ি আধমন চাল নিয়েছে।' *মানিক*, ১৯৪০।

আধময়লা [আধ+ময়লা] *বিণ* প্রায় অপরিষ্কার। 'আধময়লা কাপড় পরনে।' *বিভূতি*, ১৯৩১।

আধমরা [আধ+মরা] ১ *বিণ* মৃতপ্রায়। 'এক নেকড়িয়া শীতে আধমরা অসাবধানে এক সামর্থী পুষ্ট কুকুরের পথে উপস্থিত হইল।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* নির্জীব। 'আধমরা ভদ্রসন্তানটি পুনশ্চ নবজীবন লাভ করিতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯১।

আধরশি [আধ+আ রিশা] *বিণ* অর্ধেক রশি পরিমাণ; প্রায় ৪৫ হাত পরিমাণ। 'আধরশি পথের ব্যবধানে।' *বিভূতি*, ১৯৩৮।

আধ-রাত [আধ+স রাত্রি>] *বি* মধ্যরাত। 'ব্যথা-গীত গেয়েছিনু সেই আধ-রাতে।' *নজরুল*, ১৯২৩।

আধ-লেংটা [আধ+স নগ্নাট] *বিণ* অর্ধউলঙ্গ। 'কঙ্কালসার আধ-লেংটা হাজার হাজার নর-নারী।' *মনসুর*, ১৯৩৫।

আধল্যাংটা *বিণ* পরনে অল্প কাপড় আছে এমন। 'সে জনতা প্রায় সবাই আধল্যাংটা।' *মনসুর*, ১৯৫৫।

আধশুকনো *বিণ* অর্ধেক শুকিয়ে গেছে এমন। 'আধশুকনো খাল, অজন্মা ও অনাবাদী ...।' *হাসান*, ১৯৭৪।

আধসেদ্ধ [আধ+স সিদ্ধ] *বিণ* অর্ধেক সিদ্ধ। 'আধসেদ্ধ মাছ – আঁশটে।' *জীবন*, ১৯৩২।

আধসের [আধ++প্রা সের] *বি* এক সেরের অর্ধেক; প্রায় ৪৭৫ গ্রাম। 'বাজার হইতে আনিয়াছি তাই আধসের খানি গজা।' *জসীম*, ১৯২৯।

আধস্পষ্ট [স অর্ধস্পষ্ট] *বিণ* অস্পষ্ট। 'অশ্রুসিক্ত কণ্ঠে কয়েকটি কথা আধস্পষ্ট গুঞ্জরিত শুধু হয় নাই।' *শওকত*, ১৯৫৮।

আধ-হাঁড়ি *বিণ* হাঁড়ির অর্ধেক পরিমাণ। 'যে গাছ থেকে রস পড়তো আধ-হাঁড়ি, রাজেকের হাতে পড়লে সে রস গলা-হাঁড়িতে উঠতো।' *নরেন্দ্র*, ১৯৪৭।

আধ-হাত [স অর্ধহস্ত] *বিণ* ৯ ইঞ্চি লম্বা। 'মাটি হইতে আধ-হাত উঁচু।' *মনসুর*, ১৯৫৫।

আধম [স অধম] *বিণ* অধম। 'যে পুণি আধম জন আন্তরে কপট।' *বড়ু*, ১৪৫০।

আধর [স অধর] *বি* নীচের ঠোঁট। 'চউঠ পহরে কাহ্ন করিল আধর পান।' *বড়ু*, ১৪৫০।

আধলা [স অর্ধ>] ১ *বি* আধপয়সা। 'একজন তাহাকে পয়সা অথবা আধলা দেয়।' *মানিক*, ১৯৩৭। ২ *বিণ* অর্ধেক ভাঙা। 'করোগেটে আধলা ইট চাপিয়ে ছাদ বানানো।' *শ্যামল*, ১৯৬৭।

আধলা-পয়সা *বি* আধপয়সা। 'একটা আধলা-পয়সা দেও বাবু।' *বিমল*, ১৯৫৩।

আধা [স অর্ধ>] *বিণ* অর্ধেক। 'রাধা সুতনু তনুর আধা।' *ভারত*, ১৭৬০।

আধা-আধি [স অর্ধ>] ১ *বিণ* অসম্পূর্ণ। 'মনে আমাদের যে ছবিটা উদয় হয় তা প্রায় আধাআধি।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* অর্ধেক পরিমাণ। 'চোখ দু'টো আধাআধি নষ্ট হয়ে গেছে।' *জীবন*, ১৯৩২।

আধা-ইংরেজ [আধা+প ইংলেজ] *বি* ইংরেজি চালচলন অনুসরণকারী ভারতবর্ষীয়। 'পাশে বসেছে একজন আধা-ইংরেজ।' *রবীন্দ্র*, ১৯৩২।

আধাকালা *বিণ* প্রায় বধির। 'আধাকালা মানুষের সঙ্গে চেঁচিয়ে কথা কইতে হয়।' *মাহেনও*, ১৯৪৯।

আধা-খেঁচড়া [আধা+স খেচর>] ১ *বিণ* অর্ধসম্পাদিত। 'কোনো গতিকে সেইটেই আধা-খেঁচড়া ক'রে করে যেতে পারলেই লোকে জীবনকে সার্থক জ্ঞান করে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বিণ* কোনোমতে নিষ্পন্ন। 'কোনো কাজ হাতে নিয়ে তা আধাখেঁচড়া ভাবে করা ...।' *প্রমথ*, ১৯১৬। ৩ *বিণ* বিশৃঙ্খল। 'আধাখেঁচড়া ব্যবস্থা।' *প্রমথ*, ১৯১৯।

আধাডজন [আধা+ই ডজন] *বিণ* ছয়টি। 'অন্তত আধাডজন দোকানে সাইনবোর্ডে বাখরখানী লেখা রয়েছে।' *মুজতবা*, ১৯৫৮।

আধাপরিচিত [আধা+স পরিচিত] *বিণ* আংশিক পরিচয় আছে এমন। 'পরিচিত, আধাপরিচিত – ভবেশ যার দিকেই তাকায় মনে হয়।' *নরেন্দ্র*, ১৯৫৪।

আধাবয়সী [আধা+স বয়সী] *বিণ* মাঝবয়সী। 'একজন আধাবয়সী লোক কাছে আসিয়া বলিল।' *বিভূতি*, ১৯৩১।

আধাবৃত্ত [স অর্ধবৃত্ত] *বি* অর্ধবৃত্ত। 'পাঁচজনে একটা আধাবৃত্ত বানিয়ে নেয়।' *হাসান*, ১৯৭৪।

আধা বেকার [আধা+ফা বেকার] *বিণ* প্রায় কর্মহীন। 'তোমার ব্যাঙ্ক যাওয়ার পর এখন তো প্রায় আধা বেকার হয়ে আছ।' *নরেন্দ্র*, ১৯৫১।

আধাসরকারি, আধাসরকারী [আধা+ফা সরকার>] *বিণ* সম্পূর্ণরূপে সরকারি নয় এমন। 'উহার উপরও সরকারী ও আধাসরকারী ভাগ আছে।' *ইস্লাম*, ১৯৪৫; 'এই নীতি সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং আধা স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের চাকরির ক্ষেত্রে প্রযোজ্য হবে।' *বেগম*, ১৯৭২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আধা স্বায়ত্তশাসিত [স অর্ধ>+স স্বায়ত্তশাসিত] *বিণ* নিজস্ব আইনে পরিচালিত হলেও কিছু সরকারি নিয়ন্ত্রণ রয়েছে এমন। 'এই নীতি ... স্বায়ত্তশাসিত এবং আধা স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের চাকরির ক্ষেত্রে প্রযোজ্য হবে।' *বেগম*, ১৯৭২।

আধান [স] **১** *বি* ধারণ। 'গৌরী কোলে করিল আধান।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* সঞ্চার। 'প্রকৃতিতে তেজ প্রভু করিলা আধান।' *মুকুন্দ*, ১৬০০।

আধানশক্তি [স] *বি* ধারণ করার শক্তি। 'উত্তানবাবুর সঙ্গে আধানশক্তির যোগ হয়ে যখন ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

আধা বাধা [স বাধা>] *বি* প্রতিবন্ধকতা। 'আধা বাধা কাজে কাজে দূরীভূত হবে।' *দীনবন্ধু*, ১৮৬৭।

আধার[১] [স] **১** *বি* আশ্রয়। 'তুমি সর্ব্ব আধার তুমি সাগর পর্ব্বত।' *মালাধর*, ১৫০০। **২** *বি* অবলম্বন। 'আধার হন।' *সেবধি*, ১৮৩৯। **৩** *বি* আশ্রয়স্থল। 'তত্ত্বজ্ঞানের আধার।' *রবীন্দ্র*, ১৯০৯। **৪** *বি* কাঠামো। 'আমার কাব্যজিজ্ঞাসায় আধার আধেয়ের অগ্রগণ্য।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

আধার[২] [স অর্ধাহার] *বি* খাদ্য। 'হায়ের জন্যে আনিলাম আধার।' *লালন*, ১৮৯০।

আধারি [স অন্ধকার] *বি* কুঁড়েঘর। 'আধারি এড়িয়া পাইলা উহারি মেহারি।' *ফয়জুল্লাহ*, ১৭৫০।

আধালা, আধিলি [স অর্ধ>] *বি* অর্ধ আনার মুদ্রা। *হ্যালহেড*, ১৭৭৮।

আধি[১] [স] **১** *বি* বিপদ। 'ভনহি বিদ্যাপতি আর নহ আধি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* ঝড়। *মানোএল*, ১৭৪৩। **৩** *বি* দুশ্চিন্তা। 'ব্যাধির চেয়ে আধি হলো বড়ো।' *রবীন্দ্র*, ১৯১৮।

আধি[২] [স অর্ধ>] *বি* ফসলের অর্ধেকের বিনিময়ে অন্যকে দিয়ে জমি চাষের ব্যবস্থা। 'জমি বর্গা বা আধি দিয়া যে শস্যাদি প্রাপ্ত হন।' *নজিবর*, ১৯২০।

আধিক [স অধিক] *বিণ* অধিক। 'আস্বাত আধিক কোণ দেহ আর্ছে।' *বড়ু*, ১৪৫০।

আধিকার [স অধিকার] **১** *বি* আধিপত্য; শাসন। 'এ তীন ভুবনে তোহ্মার আধিকার।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* অধিকার। 'তোহ্মে এথা দিলেঁ আধিকার।' *বড়ু*, ১৪৫০।

আধিকারী [স অধিকার>] *বিণ* অধিকারী। 'আহ্মে ত্রিভুবনে আধিকারী।' *বড়ু*, ১৪৫০।

আধিকেঁ [স আধিক্য>] *ক্রিবিণ* অধিকভাবে। 'আধিকেঁ বড়ায়ি দহে মদনে।' *বড়ু*, ১৪৫০।

আধিক্য [স] *বি* আতিশয্য। 'উদ্বেগের মধ্যে অতি আধিক্য অপেক্ষা সুখের সহিত নির্ধনত্ব ভাল।' *তারিণী*, ১৮০৩।

আধিক্যতা [স] *বি* বাহুল্য। 'একে এই ন্যূনতা তাহাতে ভিন্ন দেশে দ্রব্যাদি প্রেরণের এই আধিক্যতা।' *দর্পণ*, ১৮৩০।

আধিক্যিতা [স আধিক্যতা] *বি* আদিখ্যেতা; বাড়াবাড়ি। 'সতর্ক সজাগ থাকা বেহায়াপনা, আধিক্যিতা।' *বেগম*, ১৯৪৯।

আধিক্ষীণা [স] *বিণ স্ত্রী* মনোবেদনায় কাতর। 'আধিক্ষীণা দুঃখিনী তাঁহার পানে চাহে কি না।' *বঙ্কিম*, ১৮৬৫।

আধিছিরি [স আধি>] *বি, বিণ* আধপাগল। *মানোএল*, ১৭৪৩।

আধিজৈবিক [স] *বি* জাগতিক বিষয় বা বস্তু। 'অতএব সে সময়ে আধিজৈবিকের ধ্যান অত্যাবশ্যক।' *সুধীন্দ্র*, ১৯৩৫।

আধিদৈবিক [স] **১** *বিণ* স্বাভাবিক। 'তাঁহাদিগের আধিদৈবিক উদরপূর্ত্তি।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বিণ* দৈবজাত। 'এই নবাগত অতীন্দ্রিয় আধিদৈবিক ভাবের সঙ্গে মিলিয়া সকলেরই মনের মধ্যে একটা প্রকাণ্ড কাণ্ড ঘটাইয়া উঠিল।' *হরপ্রসাদ*, ১৮৮১।

আধিন [স অধীন] *বিণ* অধীন। 'কাহারো আধিন নহে দেব বনমালী।' *বড়ু*, ১৪৫০।

আধিপতী [স অধিপতি] *বি* প্রভু; মালিক। 'তেঁসি না চিহ্নসি আহ্মা দেব আধিপতী।' *বড়ু*, ১৪৫০।

আধিপত্য [স] **১** *বি* কর্তৃত্ব। 'কল্পতরু তুল্য ভূপ, আধিপত্য নানারূপ।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *বি* রাজত্ব। 'গ্রীকেরা যখন দক্ষিণ এসিয়াতে আধিপত্য স্থাপন করিয়াছিল।' *অক্ষয়*, ১৮৪৯। **৩** *বি* অধিকার। 'মঠের উপর তদীয় মহন্তের সম্পূর্ণ আধিপত্য থাকে।' *অক্ষয়*, ১৮৫০।

আধিব্যাধি [স] **১** *বি* অসুখ-বিসুখ। 'আধিব্যাধি নাহি হয় সর্পের দংশন।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* শারীরিক ও মানসিক রোগ। 'মহাত্মব্যক্তির শরীর সর্ব্বদা স্বোপার্জ্জিত পুণ্যে পবিত্র, তাহাতে আধিব্যাধির বাধা কদাচ সম্ভবে না বটে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

আধিব্যাধিজীর্ণ [স] *বিণ* মানসিক ও শারীরিক রোগে জর্জরিত। 'আধিব্যাধিজীর্ণ হতাশাপ্রপীড়িত অবসাদমগ্ন ইন্দ্রিয়ের লীলা ক্ষেত্র এই আমাদের আধুনিক জগতের প্রতিনিধি।' *সবুজ*, ১৯২১।

আধিভব [স আধি+অভিভব>] *বি* অসম্মান; গ্লানি। 'বিব্রত হইল প্রজার পেয়ে আধিভব।' *মানিকরাম*, ১৭৮১।

আধিভৌতিক [স] *বিণ* পার্থিব; ইহজাগতিক। 'বিশ্বের আধিভৌতিক নিয়ম যৎকিঞ্চিৎ যাহা জ্ঞাত আছে ...।' *অক্ষয়*, ১৮৪৮।

আধিমানসিক [স] *বিণ* বুদ্ধিবৃত্তিক। 'আধিমানসিক ও রাজনৈতিক অবস্থা।' *উমর*, ১৯৬৮।

আধিয়ার [স অর্ধ>] *বি* বর্গাচাষি। 'উত্তরবঙ্গের একজন দরিদ্র ভূমিহীন আধিয়ার।' *উমর*, ১৯৬৭।

আধুনিক [স] **১** *বিণ* হালের। 'এই গ্রন্থ আধুনিক বাবুজী মহাশয়েরদিগের নিকটে লইয়া গেলে ...।' *দর্পণ*, ১৮২৩। **২** *বিণ* নতুন। 'পূর্ব্বের ব্যবহারাতিরিক্ত আধুনিক ব্যবহার করেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৩। **৩** *বিণ* এ-কালের। 'আধুনিক বঙ্গীয় কবিতা দেশকালপাত্র-বহির্ভূত হইতেছে।' *রবীন্দ্র*, ১৮৮২।

আধুনিক গান [স] *বি* সমকালে জনপ্রিয় লঘুসংগীতবিশেষ। 'আধুনিক গানের মত হইত।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আধুনিকতর [স] *বিণ* অপেক্ষাকৃত বেশি আধুনিক। 'তবুও অধিক আধুনিকতর চরিত্রের বল।' *জীবন*, ১৯৪০।

আধুনিকতা [স] **১** *বি* সাম্প্রতিক সময়। 'আধুনিকতা নামত অপরূপ পদার্থকে গুরু করিয়া তাহার নিকট হইতে কতগুলা বাঁধা মন্ত্রকে কানে লয়।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *বি* বর্তমান সময়ের সঙ্গে সাদৃশ্যপূর্ণ বিষয়। 'আধুনিকতা সেখানে সপ্তমীর চাঁদের মতো অর্ধেক আলোয় অর্ধেক অন্ধকারে খণ্ডিত হয়ে নেই।' *রবীন্দ্র*, ১৯৩০।

আধুনিকতাবোধ [স] *বি* আধুনিক চেতনা। 'ঊনবিংশ শতাব্দীর আধুনিকতাবোধ হতে সৃষ্ট।' *সনৎ*, ১৯৭০।

আধুনিকত্ব [স] *বি* আধুনিকতা। 'সে কেবল সেই তন্ত্রের আধুনিকত্বের নিদর্শন।' *অক্ষয়*, ১৮৪৭।

আধুনিক সঙ্গীত [স] *বি* লঘু সংগীত। 'উচ্চাঙ্গ ও আধুনিক সঙ্গীত।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বেগম, ১৯৬৮।

আধুনিকা [স] ১ *বি* স্ত্রী সাম্প্রতিক কালের নারী। 'আধুনিকার চোখ নেই তার।' *জীবন*, ১৯৩২। ২ *বিণ* চলাফেরার প্রচলিত রীতিকে অগ্রাহ্যকারী। 'একটি আধুনিকা মেয়ে কবি গত যুগের সুন্দরীকে খুব স্পষ্ট ভাষায় যে-সম্ভবষণ করেছেন ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

আধুনিকায়ন [স] *বি* যুগোপযোগী করা। 'শিক্ষার আধুনিকায়নের জন্যে দিনরাত চিন্তা করেছেন।' *উমর*, ১৯৭০।

আধুনিকী [স] *বিণ* সাম্প্রতিক। 'আমাদের দেশে প্রবাসিনী আধুনিকী বিদ্যা তেমন নয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

আধুনিকীকরণ [স] *বি* বর্তমানের উপযোগী করা। 'ইহার আধুনিকী-করণের প্রয়োজনীয়তা স্বীকৃত হইয়াছে।' *আজাদ*, ১৯৬৩।

আধুনিকোত্তম [স আধুনিক-উত্তম] *বিণ* সবচেয়ে আধুনিক। 'এক কথায় তিনিই ছিলেন আধুনিকোত্তম।' *অচিন্ত্য*, ১৯৫০।

আধুলি, আধুলী [স অর্ধ>] *বি* আধ-টাকার মুদ্রা। 'রেজকীর মধ্যে কেবল আধুলি সিকিমাত্র আছে।' *চন্দ্রিকা*, ১৮৩০; 'দাখলে প্রতি এক আধুলী।' *জসীম*, ১৯৩৩।

আধুলিলম্বিত [স] *বিণ* ধুলা পর্যন্ত প্রসারিত; অসাধারণ প্রভাববিশিষ্ট। 'তাঁর বাহু আধুলিলম্বিত ছিল সে পরিচয় পূর্বেই ...।' *রবীন্দ্র*, ১৯২৬।

আধেক [স অর্ধেক] *বিণ* অর্ধেক। 'আধেক রজনী গেল।' *দ্বিচণ্ডী*, ১৬০০।

আধেক-অজানা *বিণ* অর্ধেক জানা নেই এমন। 'তাদের হৃদয়খানি আধো-জানা আধেক-অজানা।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আধেক-আঁখি *বি* অর্ধেক চোখ। 'পুরানো জানিয়া চেয়ো না আমারে আধেক-আঁখির কোণে।' *রবীন্দ্র*, ১৯২৬।

আধেকখানি *বিণ* অর্ধেকমাত্র। 'কোলে আধেকখানি মালা গাঁথা।' *রবীন্দ্র*, ১৯২৫।

আধেক-খোলা *বিণ* অর্ধেক খোলা আছে এমন। 'অনাহত দাঁড়িয়ে আছ আধেক-খোলা বাতায়নের ধারে।' *রবীন্দ্র*, ১৯০৬।

আধেক-চাওয়া *বিণ* পুরোপুরি চাওয়া হয়নি এমন। 'আধেক-চাওয়ায় ভুলে যাওয়ায় ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

আধেক-জানা *বিণ* পুরোপুরি জানা নয় এমন। 'গেছে সুদূর পানে আধেক-জানা সুরে।' *রবীন্দ্র*, ১৯১৪।

আধেক-দুয়ার *বি* আধখানা দরজা। 'শ্রাবণমেঘের আধেক দুয়ার ওই খোলা।' *রবীন্দ্র*, ১৯২২।

আধেক-দেখা *বিণ* অর্ধেক দেখা হয়েছে এমন। 'ছায়ায়-ঢাকা আধেক-দেখা তোমার বাতায়নে ...।' *রবীন্দ্র*, ১৯২৫।

আধেক পোড়া *বিণ* অর্ধেক পুড়ে গেছে এমন; আধপোড়া। *ওসাঁ*, ১৭৮৫।

আধেকলীন [স অর্ধেক–লীন] *বিণ* অর্ধেক লুপ্ত হয়ে গেছে এমন। 'আধেকলীন – হৃদয়ে দূরগামী ব্যথার মাঝে ঘুমিয়ে পড়ি আমি।' *শক্তি*, ১৯৬৫।

আধেকলীনা [স অর্ধেক–লীন>] *বিণ স্ত্রী* অর্ধেক দেখা যাচ্ছে এমন। 'সুন্দরী আধেকলীনা, দ্বিতীয়ার চক্ররেখা চাঁদ বাগানে দাঁড়িয়ে আছে।' *শক্তি*, ১৯৬৯।

আধেক শশী *বি* আধখানা চাঁদ। 'রাতে যখন আধেক শশী তারার মধ্যখানে ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

আধেয় [স] *বি* বিষয়বস্তুর ভাব। 'আমার কাব্যজিজ্ঞাসায় আধার আধেয়ের অগ্রগণ্য।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

আধো [স অর্ধ>] ১ *বিণ* অস্ফুট। 'শরমের আধো হাসি সোহাগের আধো বাণী।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *ক্রিবিণ* আংশিক। 'তাই আধো শুয়ে আধো বসিয়ে।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *বিণ* সামান্য। 'নিয়ে আধো-লাজ আধো-ভয়।' *রবীন্দ্র*, ১৮৯০। ৪ *বিণ* অর্ধেক। 'আধো-ঢাকা আধো-খোলা ওই তোর মুখ/ রহস্যনিলয়।' *রবীন্দ্র*, ১৮৯০। ৫ *বিণ* মধ্য। 'আধো রাতে যদি ঘুম ভেঙে যায়, চাঁদ নেহারিয়া প্রিয়।' *নজরুল*, ১৯৩৫। ৬ *বিণ* পুরোপুরি নয় এমন। 'আমাদের আধোচেনা ... পৃথিবী।' *জীবন*, ১৯৪০।

আধো-অচেতন [স অর্ধ-অচেতন] *বিণ* প্রায় চেতনাশূন্য। 'ঘরের মধ্যে শুধু দুজন আধো-অচেতন হুটকুবাবু আর শশী।' *বিমল*, ১৯৫৩।

আধো আধো ১ *বিণ* অসম্পূর্ণ। 'আধো আধো বচনরচন।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বিণ* প্রায়। 'আধো-আধো ঘুমঘোর।' *রবীন্দ্র*, ১৮৭৮।

আধো-ভেজা *বিণ* অর্ধেক ভিজা এমন। 'তারই চাটাইয়ে আটকে গেছে বাপুর আধো-ভেজা শাড়ি।' *মাহেনও*, ১৯৪৯।

আধোমুখ [স অর্ধমুখ] *বি* অর্ধেক ঢাকা মুখ। 'রামা হাসে লাজ বাসে/ আধোমুখে বিধুমুখ ঢাকে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

আধোলীন [স অর্ধলীন] *বিণ* অর্ধেক বিলুপ্ত এমন। 'ডুবিয়াছিল নদীর ধার আকাশে আধোলীন।' *শক্তি*, ১৯৬৫।

আধো-শোয়া *বিণ* আংশিক শুয়ে আছে এমন। 'আধো-শোয়া ভাবে কি উল্টা বই পড়ছিল চিন্মোহন।' *নরেন্দ্র*, ১৯৪৩।

আধ্যাত্মিক [স] ১ *বিণ* আত্মিক। 'অন্যান্য ভৌতিক, আধ্যাত্মিক বা সামাজিক ব্যাপার নৈসর্গিক নিয়মের ফল ...।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বিণ* পারমার্থিক। 'জড়ের বন্ধন হইতে মুক্ত হইয়া স্বাধীন আধ্যাত্মিক সভ্যতায় উন্নীত।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *বিণ* মানসিক। 'আমার আধ্যাত্মিক অসুবিধা হয়।' *শিবরাম*, ১৯৭০।

আধ্যাত্মিকতত্ত্ববিৎ [স] *বি* আধ্যাত্মিকতা বিষয়ে জ্ঞানী। 'বৈজ্ঞানিক, ইতিহাসবেত্তা, আধ্যাত্মিকতত্ত্ববিৎ।' *বঙ্কিম*, ১৮৮৭।

আধ্যাত্মিকতা [স] ১ *বি* অন্তর্মুখিতা। 'আধ্যাত্মিকতার উদাহরণ Wordsworth।' *বঙ্কিম*, ১৮৮৭। ২ *বি* অসীমের অনুভূতি। 'অনন্ত দেশ ও অনন্ত কালের সহিত আমাদের যে যোগ আছে, আমরা যে বিচ্ছিন্ন স্বতন্ত্র ক্ষুদ্র নহি, ইহাই অনুভব করা আধ্যাত্মিকতার একটি লক্ষণ।' *রবীন্দ্র*, ১৯০৮।

আধ্যাত্মিকতাবাদ [স] *বি* পরমাত্মা সবকিছুর মূল এই মতবাদ। 'বিশ শতকের প্রথমার্ধে ভারতীয় হিন্দু-মুসলমানের ধর্মপ্রীতির আতিশয্যের উৎস আধ্যাত্মিকতাবাদ।' *উমর*, ১৯৬৬।

আধ্যাত্মিকতামুক্ত [স] *বিণ* আধ্যাত্মিকতার প্রভাব থেকে বেরিয়ে এসেছে এমন। 'এ দৃষ্টি স্পষ্ট করেই আধ্যাত্মিকতামুক্ত।' *শিব*, ১৯৫৬।

আধ্যাত্মিকী [স] *বিণ* অধ্যাত্মচেতনাসম্পন্ন। 'সেই পুচ্ছ আধ্যাত্মিকী ... সেই টিকি ... কালো ঝিকিমিকি।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আন[১] [স অন্য] *বি* অন্য। 'আন পাণী বুকে/ একো না ভাএ।' *বড়ু*, ১৪৫০।

আন[২] [স অন্য] ১ *বিণ* অন্য। 'বড়ায়ি চলিলী আন পথে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* অন্যথা। 'তোহ্মার বোলত আহ্মে না করিব আন।' *বড়ু*, ১৪৫০। ৩ *বিণ* অধিক। 'বড় ভাই রত্নেশ্বর বুদ্ধি হৈল আন।' *রূপরাম*, ১৭৫০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আনকথা [স অন্যকথা] *বি* চাতুর্যপূর্ণ বাক্য। 'আনকথাতে মন গলে না।' *সুকুমার*, ১৯২০।

আনগতি [স অন্যগতি] *বি* অন্যগতি; অন্য পথ। 'মুঞি বিনে উমতের নাহি আনগতি।' *বাহরাম*, ১৬৫০।

আনচর [স অন্যচর] *বি* অন্য চর। 'চর হতে আনচরে সেই গান গাই।' *নজরুল*, ১৯২৯।

আনছল [স অন্য+স ছল] *বি* গোপন; অন্য ছল। 'আনছলে পুন চাহে ফিরিয়া ফিরিয়া।' *হ্যালহেড*, ১৭৭৫।

আনজন [স অন্য-জন] *বি* অন্য লোক। 'আমি সব থাকীতে পাঠায় আনজন।' *মালাধর*, ১৫০০।

আন জনম [স অন্য-জন্ম] *বি* পরজন্ম। 'হাম সাগরে তেজব পরাণ আন জনমে হোয়ব কান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আনপথ [স অন্যপথ] *বি* বিপথ। 'বিরামবিহীন রাত্রি ও দিন পথ হতে আনপথে।' *নজরুল*, ১৯২৯।

আনবাড়ী *বি* অন্য প্রেমিকার নিকট। 'আমার বঁধুয়া আনবাড়ী যায় আমারি আঙিনা দিয়া।' *দ্বিজচণ্ডী*, ১৬০০।

আনরূপ [স অন্যরূপ] *বিণ* নবরূপপ্রাপ্ত। 'আনরূপ ব্যাধসুত দিবসে দিবসে।' *মুকুন্দ*, ১৬০০।

আনস্থান [স অন্যস্থান] *বি* অন্য জায়গা। 'কেহ কিনে কেহ বেচে যাএ আনস্থান।' *বাহরাম*, ১৬৫০।

আন[৩] [ফা আইন] *বিণ* বাধ্য। 'তোমাকে বেআন আন করিতেছে।' *ওসী*, ১৭৮২।

আনইন্টারেস্টিঙ [ই] *বিণ* আগ্রহব্যঞ্জক নয় এমন। 'সেটা অত্যন্ত আনইন্টারেস্টিঙ।' *রবীন্দ্র*, ১৯৪০।

আন-এমপ্লয়মেন্ট [ই] *বি* বেকারত্ব। 'তখন আন-এমপ্লয়মেন্ট দারুণ প্রবলেম হয়ে উঠেছে।' *সাদত*, ১৯৬৭।

আনওান [আ আন+ফা আইন>] *বি* আইন। 'আনওান মত কাইক সাজাই করিবা।' *হ্যালহেড*, ১৭৭৩।

আনকথা দ্র **আন**[২]

আনকা [হি অনোখা] *বিণ* অভিনব। 'একটি কথা আনকা শুনি পিতা-পুত্রে এক রমণী।' *লালন*, ১৮৯০।

আনকো [হি অনোখা] *বিণ* অস্পষ্ট। 'আনকো আলোয় যায় দ্যাখা ওই পদ্মকলির হাই তোলা।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আনকোরা [হি] ১ *বিণ* সম্পূর্ণ নতুন। *বিদ্যা*, ১৮৯১; 'ওষুধ দিয়ে আনকোরা একটা ব্যারামের আমদানি না করলে কি।' *শিবরাম*, ১৯৪০। ২ *বিণ* টাটকা। 'স্বামীর খুনের ছোপ-দেওয়া, তায় ডগডগে আনকোরা।' *নজরুল*, ১৯২২। ৩ *বিণ* অনভিজ্ঞ। 'আনকোরা যত নন-ভায়োলেন্ট ননকো-র দলও নন খুশি।' *নজরুল*, ১৯২৬।

আনখ [স] *ক্রিবিণ* নখ থেকে। 'আমি তারে যত জানি আনখ-সমুদ্দুর।' *শক্তি*, ১৯৬৫।

আনখা [হি অনোখা] *বিণ* অদেখা; অপরিচিত। *বিদ্যা*, ১৮৯১।

আনগতি দ্র **আন**[২]

আনগ্ন [স] *বিণ* প্রায় নগ্ন। 'বাহিরায় মদনাগ্নি জ্বালি আনগ্ন নাগরীসাথে।' *সুধীন্দ্র*, ১৯২৮।

আনচর দ্র **আন**[২]

আনচান [স অন্য+স ছন্ন] ১ *বি* প্রলাপ। 'উঠিআঁ সব বোলে আনচান।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* ছটফট। 'জীউ করে আনচান।' *মুরারি*, ১৫৭০। ৩ *বি* আকুলি বিকুলি। 'মা বলিতে প্রাণ করে আনচান।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আনজাম [ফা] *বি* আয়োজন। 'চলে আনজাম দোলে তানজাম।' *নজরুল*, ১৯২৪।

আনজির [ফা] *বি* ডুমুর জাতীয় সুমিষ্ট ফল। 'কাটা শাশা, পাপিতা, কাটা আনজির, কাগজি লেবু, আদা ...।' *রশীদ*, ১৯৬৩।

আনট [স অঙ্গুষ্ঠ] *বি* পায়ের আঙুলের আংটি। 'শোভিত নেপুর রত্ন আনট বিছিয়া।' *আলাওল*, ১৬৮০।

আনত [স] ১ *বিণ* অবনত। 'আনত কপাল তার আধ শশি জিণী।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রিবিণ* অন্যদিকে। 'আনত হেরি ততই দেই কানে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আনত-আনন [স] *বিণ* মুখ নত করে আছে এমন। 'আনত আননে বালা ফুলদল গুণিছে।' *রবীন্দ্র*, ১৮৮৫।

আনত দৃষ্টি [স] *বি* নিচু চোখে চাওয়া। 'হাসিমাখা তব আনত দৃষ্টি আমারে করিছে নূতন সৃষ্টি ...।' *রবীন্দ্র*, ১৮৯৬।

আনতনয়ন [স] *বি* কিছুটা অবনত চোখ; ঈষৎ নত চোখ। 'চেয়ে শুধু রোস মুখপানে অনিমেষ আনত নয়নে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আনতমুখ [স] *বি* অবনত মুখ। 'পার্বতী বসিল না, আনতমুখে দাঁড়াইয়া রহিল।' *শরৎ*, ১৯১৭।

আনতশির [স] *বিণ* অবনতমস্তক। 'লজ্জায় আনতশির ক্ষত্রিয়সমাজ।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আনতাঙ্গী [স] *বিণ* স্ত্রী শরীর সামনের দিকে ঝুঁকে আছে এমন। 'আনতাঙ্গী বালিকার শোভাসৌভাগ্যের সার নয়নযুগল।' *রবীন্দ্র*, ১৯০০।

আনদ্ধ [স] *বিণ* চামড়ায় তৈরি বাদ্যযন্ত্র থেকে উদ্ভূত। 'কাজ নাই আনদ্ধ ঝঙ্কারে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আনন [স] ১ *বি* মুখ। 'অবনত আনন কএ হম রহশিহু।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* মুখমণ্ডল। 'সেই হাসিটি তাহার সমস্ত আনন তার রাখিত উজ্জ্বলি।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *বি* হাসি; আনন্দ। 'এই দুঃখকেই তিনি আনন্দ দিয়া, তিনি আপনাকে দিয়া পূর্ণ করিয়া দেন – নহিলে তিনি আনন ঢালিবেন কোনখানে?' *রবীন্দ্র*, ১৯০৯।

আননশোভা [স] *বি* মুখমণ্ডলের সৌন্দর্য। 'রূপসুষমার আননশোভা।' *নজরুল*, ১৯৩০।

আনন্তর [স অনন্তর] *অব্য* অতঃপর। 'কেশি আদি আসুর পাঠাইল আনন্তরে।' *বড়ু*, ১৪৫০।

আনন্তিক [স] *বিণ* অসীম। 'আনন্তিক প্রাণের রাস্তাঘাট সংসার।' *অমিয়*, ১৯৩৯।

আনন্ত্য [স] *বি* অসীমতা; অমরত্ব। 'যাহারা স্বর্গ বা আনন্ত্য কামনা করে, ইহাই তাহাদিগের শরণ।' *বঙ্কিম*, ১৮৮৭।

আনন্দ [স] ১ *বি* স্ফূর্তি। 'বিসঅ বিউদ্ধি মই বুঝিঅ আনন্দে।' *চর্যা* ৩০, ১২০০। ২ *বি* পুলক। 'পাইবে পরম ব্রহ্ম অতুল আনন্দ।' *মালাধর*, ১৫০০। ৩ *বি* উল্লাস। 'তাঁহার সকল আনন্দ ও সমুদায় উৎসাহ নষ্ট হয়।' *অক্ষয়*, ১৮৪৮। ৪ *বি* পরমানন্দ। 'নিষ্কলঙ্ক রূপ লাবণ্য নিরীক্ষণ করিয়া অন্তঃকরণ অপার আনন্দ অনুভূত হইতে লাগিল।' *অক্ষয়*, ১৮৪৯। ৫ *বি* বিশ্বব্যাপী অবিষাদ। 'আনন্দধারা বহিছে

AMARBOI.COM

ভুবনে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৬ *বি* মনের ভারমুক্ত অবস্থা। 'মনের বোঝাটা যে অবস্থায় অনুভব করি না সেই অবস্থাটাকে বলি আনন্দ।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৭ *বিণ* আনন্দময়। 'জীবনের আনন্দ দীপালি।' *নজরুল*, ১৯৩১।

আনন্দ-অমৃত [স] *বি* আনন্দরূপ অমৃত। 'তখন আনন্দ-অমৃতে তব ধন্য হব চিরদিনের তরে।' *রবীন্দ্র*, ১৯১৩।

আনন্দ-আননি [স আনন্দ-আনন>] *বি স্ত্রী* হাসিমাখা মুখের অধিকারী। 'কাঁদ কেন আদরিণি আনন্দ-আননি।' *দীনবন্ধু*, ১৮৬৭।

আনন্দ-উৎস [স] *বি* আনন্দ আসে যেখান থেকে। 'স্বাধীন আনন্দ-উৎস হইতে উৎসারিত।' *রবীন্দ্র*, ১৯০৫।

আনন্দকর [স] *বিণ* আনন্দজনক। 'দয়াসিন্ধুর নিয়ম সুদ্ধ আনন্দকর।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

আনন্দকলহ [স] *বি* মধুর ঝগড়া। 'তাহা লইয়া বালিকার আনন্দকলহ এবং মৌখিক অভিমান।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আনন্দকানন [স] *বি* আমোদ-ফুর্তি করতে ব্যবহৃত বাগান। 'সেই আনন্দকাননেই দিবারাত্র আহারবিহার হইতে পারে।' *ভবানী*, ১৮২৮।

আনন্দকারী [স] *বিণ* আনন্দময় করে এমন। 'ধন্য ধন্য ধন্য আজি দিন আনন্দকারী।' *জ্যোতিরিন্দ্র*, ১৮৮১।

আনন্দকোলাহল [স] *বি* খুশির কলরব। 'ছন্দোমুক্ত জগতের উন্মত্ত আনন্দকোলাহল।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আনন্দগান [স] *বি* আনন্দের গান। 'গাও রে আজি নিশীথ-রাতে অকূল-পাড়ির আনন্দগান।' *রবীন্দ্র*, ১৯০৬।

আনন্দ-গীত [স] *বি* আনন্দের গান। 'সে কোন দেশের আনন্দ-গীত বাজল তারই কানে।' *নজরুল*, ১৯৩৯।

আনন্দগুঞ্জন [স] *বি* হর্ষধ্বনি। 'কলকল ছলছল এক আনন্দগুঞ্জন।' *কায়সার*, ১৯৬২।

আনন্দ-গুল [স আনন্দ+ফা গুল] *বি* আনন্দের ফুল। 'আনন্দ-গুল প্রস্ফুটিত করতে পারে ঘুম কি তোর?' *নজরুল*, ১৯৪২।

আনন্দগৌরব [স] *বি* আনন্দ মেশানো গৌরব। 'আজিকার আনন্দগৌরব প্রশান্ত গভীর স্তব্ধ ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

আনন্দঘন [স] *বিণ* আনন্দে পূর্ণ। 'আনন্দঘন বিভু, তুমি যার স্বামী।' *রবীন্দ্র*, ১৮৮৭।

আনন্দচঞ্চল [স] *বিণ* খুশিতে ব্যাকুল। ' নোঙরটাকে গভীর পঙ্কতল হইতে তুলিয়া আনন্দচঞ্চল তরঙ্গের পথে হাল ধরিয়া বসিবেন।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আনন্দচিত্ত [স] *বি* আনন্দপূর্ণ মন। 'সে আনন্দচিত্তে কহিল ...।' *রবীন্দ্র*, ১৯০২।

আনন্দজনক [স] ১ *বিণ* আনন্দ পাওয়া যায় এমন। 'আনন্দজনক শব্দ উচ্চারণ করিলেন।' *দর্পণ*, ১৮২৫। ২ *বিণ* সুখকর। 'পিতা কিম্বা অভিভাবকেরদিগের আনন্দজনক হইবেক।' *দর্পণ*, ১৮৩৫। ৩ *বিণ* তৃপ্তিকর। 'আনন্দজনক কোমল চন্দ্রকিরণ তাহাকে দূরীকরণ করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৩। ৪ *বিণ* আনন্দদায়ক। 'প্রবল অনুভূতি মাত্রই আনন্দজনক, কেননা সেই অনুভূতি দ্বারা প্রবলরূপে আমরা আপনাকে জানি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আনন্দতড়িৎ [স] *বিণ* খুশির ঝিলিকপূর্ণ। 'আনন্দতড়িৎ নৃত্যে অণুসূর্য মাতে।' *বিষ্ণু*, ১৯৪১।

আনন্দতরঙ্গ [স] *বি* আনন্দের ঢেউ। 'এই তুমুল আনন্দতরঙ্গে সেই কানাকানি চাওয়াচাওয়ি ভাঙিয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯২।

আনন্দদান [স] *বি* মনোরঞ্জন। 'স্ত্রীলোকেরও প্রধান কার্য আনন্দদান করা।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আনন্দদায়ক [স] *বিণ* আনন্দ দেয় এমন। 'ছন্দোবিশিষ্ট রচনাই আনন্দদায়ক।' *বঙ্কিম*, ১৮৮৭।

আনন্দদায়িনী [স] *বিণ স্ত্রী* আনন্দদান করে এমন। 'মনোহরা শারদপূর্ণিমা কাহার না আনন্দদায়িনী।' *রবীন্দ্র*, ১৮৯১।

আনন্দদীপ [স] *বি* আনন্দরূপ প্রদীপ। 'মৃত্যুদূত নিয়ে গেছে আমার আনন্দদীপগুলি।' *রবীন্দ্র*, ১৯৪০।

আনন্দদুলালি [স আনন্দ+হি দুলালী] *বি* আনন্দময়ী। 'মায়ার এ খেলাঘর/ ভেঙে দে মা আনন্দদুলালি।' *নজরুল*, ১৯৩৫।

আনন্দধন [স] *বি* আনন্দের ধন। 'সবার তুমি আনন্দধন, হে প্রিয়।' *রবীন্দ্র*, ১৯১০।

আনন্দধাম [স] ১ *বি* সুখের আশ্রয়। 'ভূমণ্ডল নিরবচ্ছিন্ন আনন্দধাম ছিল।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বি* শান্তির আলয়। 'আর কত দূরে আছে সে আনন্দধাম।' *রবীন্দ্র*, ১৮৯৬।

আনন্দধারা [স] *বি* আনন্দের স্রোত। 'আনন্দধারা বহিছে ভুবনে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আনন্দধ্বনি [স] ১ *বি* আনন্দসূচক ধ্বনি। 'মধুকর-নিকর আনন্দধ্বনি করি।' *মাইকেল*, ১৮৬০; 'সকলে আনন্দধ্বনি করিতে লাগিল।' *বিদ্যা*, ১৮৬৩। ২ *বি* আনন্দের গান। 'আনন্দধ্বনি জাগাও গগনে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আনন্দনন্দিত [স] *বিণ* আনন্দিত। 'আনন্দনন্দিত দেহে কামনার কুৎসিত দংশন।' *বুদ্ধ*, ১৯৩০।

আনন্দনর্তন [স] *বি* আনন্দপূর্ণ নাচ। 'আনন্দনর্তনপর ভোঁদরের ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

আনন্দনাড়ু [স আনন্দ+স লড্ডুক>] *বি* মিষ্টান্নবিশেষ। 'ঢেঁকিতে আনন্দনাড়ু কাটিতে শুরু করেন।' *রবীন্দ্র*, ১৯২৮।

আনন্দনিকেতন [স] *বি* আনন্দের কেন্দ্র। 'বাড়ির মধ্যে এই ঘরটিই ছিল আনন্দনিকেতন।' *রবীন্দ্র*, ১৯০২।

আনন্দ-নিনাদ [স] *বি* আনন্দধ্বনি। 'শুনি পুনঃ বিহঙ্গের আনন্দ-নিনাদ।' *গিরিশ*, ১৮৮৭।

আনন্দনিশ্বাস [স] *বি* আনন্দপূর্ণ নিশ্বাস। 'চারি দিক হতে এল তোমা-'পরে আনন্দনিশ্বাস।' *রবীন্দ্র*, ১৯১৪।

আনন্দনীর [স] *বি* আনন্দরূপ নীর। 'বিশুদ্ধ সুখ-স্বরূপ উপলব্ধি করিয়া অপার আনন্দনীরে নিমগ্ন হইব।।' *অক্ষয়*, ১৮৪৯।

আনন্দপরিধি [স] *বি* আনন্দের সীমা। 'মনুষ্যত্বের আনন্দপরিধির বিপুলতা।' *রবীন্দ্র*, ১৯০৭।

আনন্দপারাবার [স] *বি* আনন্দের সাগর। 'নিস্তরঙ্গ রহিয়াছে অনন্ত আনন্দপারাবার।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আনন্দপ্রদ [স] *বিণ* আনন্দদায়ক। 'একদিকে যেমন আনন্দপ্রদ ...।' *প্রচারক*, ১৯০৩।

আনন্দপ্রবাহ [স] *বি* সুখের সাগর। 'বহুদিনের পর, রাজসন্দর্শন প্রাপ্ত হইয়া, আনন্দপ্রবাহে মগ্ন হইল।' *বিদ্যা*, ১৮৪৭।

আনন্দ-প্রেয়সী [স] *বি* আনন্দ দানকারী প্রিয়তমা। 'কোন আনন্দ-

AMARBOI.COM

প্রেয়সীরে পেয়ে, হে চির-ব্রহ্মচারী!' *নজরুল*, ১৯৪১।

আনন্দবন্ধন [স] *বি* সুখের বাঁধন। 'এ যে আনন্দ-বন্ধন, ক্রন্দন নয়।' *নজরুল*, ১৯৩১।

আনন্দবন্যা [স] *বি* আনন্দরূপ বন্যা। 'জীবনে আনন্দ বন্যার লহর ছোটে।' *হাই*, ১৯৪৭।

আনন্দবর্ধক [স] *বিণ* আনন্দ বৃদ্ধি করে এমন। 'আমরা পৃথিবীমধ্যে যে যে বিষয়কে আনন্দবর্ধক বলিয়া জানি ...।' *অক্ষয়*, ১৮৪২।

আনন্দবর্ধন [স] *বি* আনন্দের বৃদ্ধি। 'জনক-জননীর শোকাপনোদন ও আনন্দবর্ধন কর।' *বিদ্যা*, ১৮৬৩।

আনন্দবর্ষণকাব্য [স] *বি* আনন্দের উদ্রেক করে এমন কাব্য। 'আনন্দবর্ষণকাব্য লিখিতেছে পত্রপুঞ্জে তার।' *রবীন্দ্র*, ১৯১৪।

আনন্দবাজার [স আনন্দ+ফা বাজার] *বি* আনন্দময় বাজার, এখানে পৃথিবী। 'আনন্দবাজারে এলে ব্যাপারে লাভ করব বলে।' *লালন*, ১৮৯০।

আনন্দবাণ হানা [স আনন্দবাণ>] *ক্রি* রোমাঞ্চিত করা। 'বাতাস আমায় আনন্দবাণ হানে গো।' *রবীন্দ্র*, ১৯১৪।

আনন্দবাণী [স] *বি* আনন্দময় কথা। 'আকাশের আনন্দবাণী হৃদয় মাঝে বেড়ায় ঘুরে।' *রবীন্দ্র*, ১৯১৪।

আনন্দবাদী [স] *বিণ* সৌন্দর্যবাদী। 'রবীন্দ্রনাথ আনন্দবাদী।' *ওদুদ*, ১৯৪৬।

আনন্দবায় [স আনন্দবায়ু] *বি* মধুর বায়ু। 'চিত্তকমল ফুটিল আনন্দবায়ে।' *রবীন্দ্র*, ১৯০৩।

আনন্দবারতা [স আনন্দবার্তা] *বি* খুশির খবর। 'ভুবনময় জানিয়ে দিতে চায় ওর এই আনন্দবারতা।' *কায়সার*, ১৯৬২।

আনন্দবারি [স] *বি* আনন্দরূপ বারি। 'বিগলিত প্রেমের আনন্দবারি সে যে, এসেছে বৈকুণ্ঠধাম ত্যেজে।' *রবীন্দ্র*, ১৯১২৫।

আনন্দবিকার [স] *বি* খুশিতে বিহ্বল। 'বেণুকে মানি নিজজাতি/ আর্য্যের যেন পুত্র-নাতি/ বৈষ্ণব হৈল আনন্দবিকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আনন্দবিধান [স] *বি* আনন্দ দান। 'তাঁহারা ছেলেদের আনন্দবিধান করিতেছেন।' *রবীন্দ্র*, ১৯১২।

আনন্দবিধায়ক [স] *বিণ* আনন্দ দেয় এমন। 'বিশ্বনিয়ন্তার ইচ্ছাক্রমে যাহা সুন্দর ও আনন্দবিধায়ক হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

আনন্দবিধায়কত্ব [স] *বি* আনন্দ দেয় এমন গুণ। 'তাহার সে সৌন্দর্য্য আনন্দবিধায়কত্ব বিনষ্ট হইবার নহে।' *অক্ষয়*, ১৮৫৪।

আনন্দবিধায়িনী [স] *বিণ স্ত্রী* আনন্দ দান করে এমন। 'লক্ষ্মীস্বরূপিণী আনন্দবিধায়িনী অন্নপূর্ণা।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আনন্দবিপ্লব [স] *বি* আনন্দের অতিশয়তা। 'তরুণী ঊষার শিশিরস্নানের কালে/ আলো-আঁধারের আনন্দবিপ্লবে।' *রবীন্দ্র*, ১৯৪০।

আনন্দ-বিলাসী [স] *বিণ* সুখভোগে রত। 'এঁরা সকলেই আনন্দ-বিলাসী।' *নজরুল*, ১৯৩০।

আনন্দবিহীন [স] *বিণ* নিরানন্দ; বিষাদময়। 'কেমন যেন আনন্দবিহীন ভারাক্রান্ত হইয়া উঠিল।' *সিরাজী*, ১৯১৮।

আনন্দবিহ্বল [স] *বিণ* আনন্দে বিভোর। 'বাহিরে জড়িমা অন্তরে আনন্দবিহ্বল।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'অধিরথ আনন্দবিহ্বল।' *রবীন্দ্র*, ১৯০০।

আনন্দবিহ্বলতা [স] *বি* উল্লাসে আত্মহারা অবস্থা। 'আসেকজান আনন্দবিহ্বলতায় বিস্মৃত হইয়াছিল।' *শওকত*, ১৯৫৮।

আনন্দবেদনা [স] *বি* সুখদুঃখ। 'সেই মুহূর্তের আনন্দবেদনা বেজে উঠল কালের বীণায়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আনন্দবোধ [স] *বি* আনন্দ অনুভব। 'ইংরেজ যে আমাদের মধ্যে ঐক্যবন্ধনে পোলিটিকাল হিসাবে আনন্দবোধ করিবে না ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

আনন্দ-ব্যথা [স] *বি* আনন্দযুক্ত কষ্ট। 'জাগিল আনন্দ-ব্যথা জাগিল জোয়ার।' *নজরুল*, ১৯২৮।

আনন্দব্রহ্ম [স] *বি* উচ্চমার্গীয় আনন্দ। 'যাকে বলা যায় বিজ্ঞানব্রহ্মের, আনন্দব্রহ্মের রাজ্য।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আনন্দ ভবন [স] *বি* আনন্দের আবাস। 'কে পারে পশিতে আনন্দ ভবনে।' *রবীন্দ্র*, ১৮৯২।

আনন্দভাণ্ডার [স আনন্দ+স ভাণ্ডাগার] *বি* সুখের আধার। 'অফুরন্ত আনন্দভাণ্ডারের এক অণুর সন্ধান পাইয়া ...।' *বিভূতি*, ১৯২৯।

আনন্দভাব [স] *বি* পুলকিত ভাব। 'একটা অভূতপূর্ব ব্যথাবিদীর্ণ আনন্দভাব ছেয়ে আসে।' *ওয়াশী*, ১৯৪৮।

আনন্দভূমি [স] *বি* আনন্দের স্থান। 'তোমার শোচনীয় দশা দর্শন করিয়া আনন্দভূমি বিষাদক্ষেত্রে পরিণত হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

আনন্দভোজ [স] *বি* প্রীতিভোজ। 'উপরের মহালে আনন্দভোজের মনোহর আয়োজন করিতেছেন।' *অক্ষয়*, ১৮৫৪।

আনন্দমগ্ন [স] *বিণ* আনন্দে বিভোর। 'গম্ভীর আনন্দমগ্ন স্বরে আমি বললাম।' *আলাউদ্দিন*, ১৯৬০।

আনন্দমঠ [স] *বিণ* আনন্দমঠ উপন্যাসবর্ণিত। 'অবশেষে আনন্দমঠী আদর্শের পূর্ণ জয়-জয়াকার।' *বঙ্কিম*, ১৮৮২; 'মুহম্মানকে প্রকাশ্য-ভাবে আনন্দমঠী পরিকল্পনার ধমক দিতে কুণ্ঠিত হন নাই।' *আজাদ*, ১৯৩৬।

আনন্দমন্ত্র [স] *বি* আনন্দরূপ মন্ত্র। 'বিশ্বহৃদয়ের সেই আনন্দমন্ত্র – 'ভালোবাসি'।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আনন্দমন্দির [স] *বি* আনন্দপূর্ণ জগৎ। 'অনন্তের আনন্দমন্দিরে ছন্দের শঙ্খ বাজিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আনন্দময় [স] **১** *বিণ* আনন্দে পরিপূর্ণ। 'জগৎ আনন্দময় দেখি মনে সবিস্ময়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* আনন্দস্বরূপ মনের মানুষ। 'সরোবরে আসন করে রয়েছে আনন্দময়।' *লালন*, ১৮৯০। **৩** *বি* ঈশ্বর। 'আনন্দই উপাসনা আনন্দময়ের।' *রবীন্দ্র*, ১৮৯৬।

আনন্দময় কোষ [স] *বি* বেদান্ত দর্শনে পরমাত্মার পঞ্চকোষের মধ্যে অন্যতম। 'বিজ্ঞানময় কোষ এবং আনন্দময় কোষ।' *র* ১৮৯৪।

আনন্দময়ী [স] **১** *বিণ* আনন্দোজ্জ্বল। 'আষাঢ়ের প্রভাতে এই জীবময়ী আনন্দময়ী ধরণীর দিকে চাহিয়া দীর্ঘনিশ্বাস ফেলিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *বিণ স্ত্রী* আনন্দপূর্ণ। 'বিবাহসভা সম্পূর্ণরূপেই আনন্দময়ী।' *মশাররফ*, ১৮৮৫। **৩** *বিণ* আনন্দ জাগায় এমন। 'আনন্দময়ী মদিরা সম্মুখে।' *মশাররফ*, ১৮৯০। **৪** *বি* হিন্দুদেবী দুর্গা। 'আয় এবার আনন্দময়ী।' *নজরুল*, ১৯২২।

আনন্দমর্মর [স] *বি* আনন্দের ধ্বনি। 'কানে কানে রটাইবে আনন্দমর্মর।' *রবীন্দ্র*, ১৯০১।

আনন্দমাখা [স আনন্দ>] *বিণ* আনন্দিত। 'তোমার আনন্দমাখা নয়ন

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বলচে জারজ।' *দীনবন্ধু*, ১৮৭৩।

আনন্দমুখর [স] *বিণ* আনন্দপূর্ণ। 'আনন্দমুখর উদ্‌বোধন।' *রবীন্দ্র*, ১৯৩২।

আনন্দমুগ্ধ [স] *বিণ* আনন্দে অভিভূত। 'একজন দেখে – দূরে – কথনো দেখেনি আগে/ এমন আনন্দমুগ্ধ দেশ।' *শঙ্খ*, ১৯৭৩।

আনন্দমেলা [স আনন্দ+মেলা] *বি* আনন্দমুখর সমাবেশ। 'কতকগুলো ক্ষ্যাপা লোকের আনন্দমেলা নেই!' *রবীন্দ্র*, ১৮৯২।

আনন্দ যজ্ঞ [স] *বি* আনন্দময় মহোৎসব। 'জগতে আনন্দ যজ্ঞে আমার নিমন্ত্রণ।' *রবীন্দ্র*, ১৯০৯।

আনন্দরশ্মি [স] *বি* ভালো লাগার বোধ। 'একটা নূতন অপরিচিত আনন্দরশ্মি প্রবেশলাভ করিত।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আনন্দরস [স] *বি* আনন্দরূপ রস। 'অন্তঃকরণে স্বতঃই আনন্দরসের সঞ্চার হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৪।

আনন্দরাগ [স] *বি* আনন্দপূর্ণ সংগীত। 'মিলনের আনন্দরাগ।' *নজরুল*, ১৯২৭।

আনন্দরাশি [স] *বি* একরাশ আনন্দ। 'কি আনন্দ রাশি আমার সম্মুখে দণ্ডায়মান দেখিতেছি।' *অক্ষয়*, ১৮৪৩।

আনন্দরূপ [স] *বি* আনন্দঘন রূপ। 'সত্যের আনন্দরূপ এই তো জাগিছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আনন্দলহরী [স] *বি* আনন্দের ঢেউ। 'যে পরম আনন্দলহরী ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

আনন্দলাভ [স] **১** *বি* পুলক অনুভব। 'সেইজন্যই স্ত্রীলোক স্তুতিবাদে বিশেষ আনন্দলাভ করে।' *রবীন্দ্র*, ১৮৯৭। **২** *বি* তৃপ্তিলাভ। 'অথচ তাঁহারই অভিন্ন সত্তার নিকট হইতে আনন্দলাভ করিতেছেন।' *হক*, ১৯৫৪।

আনন্দলীলা [স] *বি* আনন্দপূর্ণ কার্যকলাপ। 'জগতের আনন্দলীলাকেও আমরা যতই পূর্ণতররূপে দেখি।' *রবীন্দ্র*, ১৯০৭।

আনন্দলোক [স] **১** *বি* আনন্দময় সুন্দর ভুবন। 'আনন্দ-লোকে মঙ্গলালোকে বিরাজো সত্য সুন্দর।' *রবীন্দ্র*, ১৮৮৪। **২** *বি* আনন্দের কল্পলোক। 'কবির আনন্দলোকে নাই দুঃখ-শোক।' *নজরুল*, ১৯২৬।

আনন্দশক্তি [স] *বি* আনন্দরূপ শক্তি। 'আমাদের আনন্দশক্তি রসের সৃষ্টি করিয়া চলিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আনন্দসংবাদ [স] *বি* খুশির সংবাদ। 'বীর্যশালী বাহুর নববিজয় মহিমার আনন্দসংবাদ।' *সিরাজী*, ১৯১৮।

আনন্দসঞ্চয় [স] *বি* আনন্দের সঞ্চিতি। 'আমার দুর্লভ জীবনের আনন্দসঞ্চয়গুলি যেন জন্মজন্মান্তরের অক্ষয় হইয়া থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আনন্দ-সদন [স] *বি* আনন্দদায়ক বাড়ি। 'কেন নিরানন্দ তুমি আনন্দ-সদনে।' *মাইকেল*, ১৮৬০।

আনন্দসন্ধ্যা [স] *বি* আনন্দপূর্ণ সন্ধ্যা। 'আজি এ আনন্দসন্ধ্যা সুন্দর বিকাশে, আহা।' *রবীন্দ্র*, ১৯০৯।

আনন্দ-সভা [স] *বি* আনন্দের সমারোহ। 'বাহিরের আনন্দ-সভায় – সুরে সুরে যেত মোরে ডাকি।' *নজরুল*, ১৯২৪।

আনন্দসম্ভোগ [স] *বি* আনন্দ উপভোগ। '... অনুভব করিয়া আনন্দসম্ভোগ করিবার জন্য উৎসুক হইয়া বসিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯১২।

আনন্দসলিল [স] *বি* মদ। 'পান করি আনন্দসলিল।' *রবীন্দ্র*, ১৮৯০।

আনন্দসাগর [স] *বি* আনন্দরূপ সাগর। 'আনন্দসাগরে পূর্ণ হই করে স্তুতি।' *বৃন্দা*, ১৫৮০।

আনন্দসিন্ধু [স] *বি* খুশির সাগর। 'সহসা আনন্দসিন্ধু হৃদয়ে উঠিল উথলিয়া।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আনন্দ-সুধা [স] *বি* আনন্দরূপ সুধা। 'জ্ঞানামৃত-রস সম্বলিত অপর্য্যাপ্ত আনন্দ-সুধা পান করিতে থাকে।' *অক্ষয়*, ১৮৫২।

আনন্দসূর্য [স] *বি* আনন্দরূপ সূর্য। 'মেঘে বাতাসে মর্ম্মরিত আনন্দসূর্য।' *জীবন*, ১৯৩২।

আনন্দস্তোত্র [স] *বি* আনন্দময় শ্লোক। 'ঋতুসংহার প্রকৃতির আবেগপ্রাবল্যের স্তোত্রও বটে আনন্দস্তোত্রও বটে।' *ওদুদ*, ১৯৪৬।

আনন্দস্বর [স] *বি* আনন্দময় সুর। 'এ আনন্দস্বরে কে রয়েছে ঘরে।' *রবীন্দ্র*, ১৮৮৭।

আনন্দস্মৃতি [স] *বি* আনন্দময় স্মৃতি। 'সেই আনন্দস্মৃতিতে পবিত্র ঘরটিতে মহেন্দ্র অপমান করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০২।

আনন্দস্রোত, আনন্দস্রোতঃ [স] *বি* আনন্দধারা; অপরিমেয় আনন্দ। 'সেই আনন্দস্রোতঃ বন্ধু-বান্ধব, আত্মীয়স্বজন, দাসদাসী, অনুচর পর্য্যন্ত বিস্তারিত হয়।' *তমোলুক*, ১৮৭৪; 'নূতন আনন্দস্রোতে নব প্রাণে ফিরাইয়া দিতে।' *রবীন্দ্র*, ১৯১৪।

আনন্দহাস্য [স] *বি* উল্লাস। 'বর্ষার কয়েক মাস আনন্দহাস্য করতে করতে তার আত্মীয় লোকালয়গুলির তত্ত্ব নিতে আসে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আনন্দহীন [স] *বিণ* নিরানন্দ। 'মানুষ আনন্দহীন নিশিদিন।' *রবীন্দ্র*, ১৮৯৬।

আনন্দাঙ্গন [স আনন্দ-অঙ্গন] *বি* আনন্দময় আঙিনা। 'জয়ধ্বনি বেজে উঠেছে বেহেশতের আনন্দাঙ্গনে।' *মুজতবা*, ১৯৬০।

আনন্দাতিশয্য [স আনন্দ-আতিশয্য] *বি* আনন্দের অতিশয়তা। 'আনন্দাতিশয্যে পরস্পরকে প্রীতি আলিঙ্গন করেন।' *জাম্যায়াত*, ১৯৩৮।

আনন্দানুভূতি [স আনন্দ-অনুভূতি] *বি* সুখানুভূতি। 'এক অব্যক্ত আনন্দানুভূতি অনুভব করছে।' *ওয়াজেদ*, ১৯৪৩।

আনন্দামৃত [স] *বি* আনন্দরূপ অমৃত। 'অন্তঃকরণ আনন্দামৃতরসে অভিসিক্ত হইল।' *অক্ষয়*, ১৮৪৯।

আনন্দার্ণব [স আনন্দ-অর্ণব] *বি* আনন্দরূপ সাগর। 'আশ্চর্য কৌশল অবগত হইয়া আনন্দার্ণবে মগ্ন হন।' *অক্ষয়*, ১৮৪৯।

আনন্দালোক [স আনন্দ-আলোক] *বি* খুশির ঝলক। 'মানুষের বহুদিনের আনন্দালোক ও অশ্রুজলবর্ষণে অঙ্কুরিত হইয়া তাহাকে আচ্ছন্ন করিয়া ফেলে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আনন্দাশ্রু [আনন্দ-অশ্রু] *বি* আনন্দজনিত অশ্রু। 'নয়নযুগল হইতে আনন্দাশ্রু নির্গত হইতে লাগিল।' *বিদ্যা*, ১৮৬৩।

আনন্দি [স আনন্দ>] *বি* হর্ষ; আহ্লাদ। 'দেখিআ শ্রীপতি হইল হৃদএ আনন্দি।' *মুকুন্দ*, ১৬০০।

আনন্দিত [স] *বিণ* পুলকিত; আহ্লাদিত। 'আনন্দিত হৈয়া রহে গোপগোপিগন।' *মালাধর*, ১৫০০।

আনন্দিতা [স] *বিণ স্ত্রী* আনন্দে পূর্ণ। 'শুভবার্তা পাইআ রামা হইল

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আনন্দিতা।' *মুকুন্দ*, ১৬০০।

আনন্দিতা হওয়া *ক্রি* খুশি হওয়া। 'পুত্রের সম্বাদ শুনিয়া আনন্দিতা হইলেন।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

আনন্দিনী [স] *বিণ স্ত্রী* আনন্দময়ী। 'তবু আনন্দিনী নন্দিনী মোর দেয় রে করতালি।' *নজরুল*, ১৯৩৫।

আনন্দীত [স আনন্দিত] *বিণ* খুশি। *ওর্সা*, ১৭৮২।

আনন্দে আটখানা হওয়া [স] *ক্রি* আনন্দে উচ্ছ্বসিত হওয়া। '... দেখিয়া অমৃতবাজার পত্রিকা আনন্দে আটখানা হইয়া পড়িয়াছেন।' *আজাদ*, ১৯৩৭।

আনন্দে ভাসা *ক্রি* আনন্দে প্লাবিত হওয়া। 'শুনেছে সে, মা এসেছে ঘরে, তাই বিশ্ব আনন্দে ভেসেছে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

আনন্দোচ্ছ্বাস [স আনন্দ-উচ্ছ্বাস] *বি* আনন্দের ভাবাবেগ। 'সহসা আনন্দোচ্ছ্বাসে আলোড়িত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৯২।

আনন্দোজ্জ্বল [স আনন্দ-উজ্জ্বল] **১** *বিণ* আনন্দে উচ্ছলিত। 'আনন্দোজ্জ্বল তরঙ্গ।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* অতিশয় আনন্দিত। 'কন্যার আনন্দোজ্জ্বল মুখ।' *নজরুল*, ১৯৩১।

আনন্দোত্থিতা [স আনন্দ-উত্থিতা] *বিণ স্ত্রী* আনন্দে অভিভূত। 'সীতা কখন বিস্ময়স্তিমিতা; কখন আনন্দোত্থিতা।' *বঙ্কিম*, ১৮৮৭।

আনন্দোৎফুল্ল [স আনন্দ-উৎফুল্ল] *বিণ* অত্যন্ত আনন্দিত। 'তাহার আনন্দোৎফুল্ল মূর্তি।' *বিভূতি*, ১৯৩৮।

আনন্দোৎসব [স আনন্দ-উৎসব] *বি* আনন্দদায়ক অনুষ্ঠান। 'এমনি কলরব আনন্দোৎসবের মধ্যে বাঁশিতে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

আনন্দোদয় [স আনন্দ-উদয়] *বি* আনন্দের উদ্রেক। 'বিন্দুমাত্রও তাহার আনন্দোদয় হইল না।' *শরৎ*, ১৯১৬।

আনন্দোদ্ভব [স আনন্দ-উদ্ভব] *বিণ* আনন্দজনক। 'কর্মকে পরিত্যাগ করাই মুক্তি নয়, কর্মকে আনন্দোদ্ভব কর্ম করাই মুক্তি।' *রবীন্দ্র*, ১৯১৬।

আনন্দোন্মত্ত [স আনন্দ-উন্মত্ত] *বিণ* আনন্দে উন্মত্ত। 'আমারদিগে এতো আনন্দোন্মত্ত করিতে কখন ...।' *তারিণী*, ১৮০৩।

আনন্দোন্মত্ততা [স আনন্দ-উন্মত্ততা] *বি* খুশির উৎফুল্লতা। 'রাধিকা হৃদয়ের আনন্দোন্মত্ততার সঙ্গে।' *হাই*, ১৯৫৪।

আনন্দোল্লাস [স আনন্দ-উল্লাস] *বি* পরম আনন্দ। 'বিদ্রূপ বাণ নিক্ষেপে তাদের সাড়ম্বর আনন্দোল্লাস।' *মাহেনও*, ১৯৪৯।

আনবেঁধা [স অবিদ্ধ] *বিণ* অগ্রথিত। 'যথ পাইল আন-বেঁধা মুক্তা।' *আলাওল*, ১৬৮০।

আনমন [অন্যমনস্ক] *বি* উদাস মন। 'শুয়ে শুয়ে আনমনে দিবানিশি তাই শুনি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আনমনী [স অন্যমনস্ক] *বি স্ত্রী* আনমনা। 'উছলিতে থাকে একতানে/ আনমনীর কানে কানে।' *রবীন্দ্র*, ১৯৪০।

আনমনা [স অন্যমনস্ক] **১** *বিণ* অন্যমনস্ক। 'খ্যাপার মতন আছি চিরদিন উদাসীন আনমনা।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *ক্রিবিণ* অন্যমনস্কভাবে। 'ঘাটে বসে আছি আনমনা যেতেছে বহিয়া সুসময়।' *রবীন্দ্র*, ১৯০১। **৩** *বি* উদাসীন যে। 'আনমনা, আনমনা, তোমার কাছে আমার বাণীর মাল্যখানি আনব না।' *রবীন্দ্র*, ১৯২৫। **৪** *বিণ* বিষণ্ন। 'মেঘ দেখলে সুখী মানুষও আনমনা হয়ে যায়।' *রবীন্দ্র*, ১৯২৬। **৫** *বিণ* শিথিল। 'আনমনা কলমের কালিপড়া ফ্রেস্কো দিয়েছে বিস্তর দাগ ভূতুড়ে রেখার।' *রবীন্দ্র*, ১৯৩৯। **৬** *বিণ* অন্যমনস্কভাবে রচিত। 'যখন বীণায় মোর আনমনা সুরে গান বেঁধেছিনু বসি একা।' *রবীন্দ্র*, ১৯৪১।

আনমনাভাব [স অন্যমনস্ক] *বি* অবনিবনা। *মানোএল*, ১৭৪৩।

আনমনে **১** *ক্রিবিণ* নির্লিপ্তভাবে। 'কত ভাবিতেছে আনমনে।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *ক্রিবিণ* অন্যমনস্কভাবে। 'আর্ধেক-আনমনে তোকে চিঠি লিখে যাচ্ছি।' *রবীন্দ্র*, ১৮৯২।

আনমিখ [স অনিমেষ] *বিণ* অনিমেষ। 'আনমিখ নয়নে নাহ মুখ নিরখিতে তিরপিত ন হয়ে নয়ান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আনমিত [স] **১** *বিণ* আনত। 'তব আনমিত মুখখানি সুখে থুয়েছিনু বুকে আনি।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* নিচু। 'সমীর অত্যন্ত বিনম্রমনোহর হাস্যে গ্রীবা আনমিত করিয়া কহিল।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আনম্র [স] *বিণ* বিনীত। 'তেজস্বী তরুণ তরুসম, বায়ুভরে আনম্র সুন্দর।' *রবীন্দ্র*, ১৮৯২।

আনম্রসুন্দর [স] *বিণ* নম্রতার কারণে সুন্দর। 'আমাকে আনম্রসুন্দর নমস্কার করিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৮।

আনয়ন [স] *বি* আনা। 'লোকেরদিগকে আদর পূর্ব্বক সপরিবারে আনয়ন করিয়া ...।' *রামরাম*, ১৮০১।

আনয়নকারী [স] *বিণ* উত্থাপনকারী। 'অভিযোগ আনয়নকারী বহু রাজ্ঞী মরেছে।' *নজরুল*, ১৯২৩।

আনয়নপূর্বক, আনয়নপূর্ব্বক [স] *ক্রিবিণ* নিয়ে এসে। 'নানাজাতি প্রমোদিনী বিবিধ বিলাসিনী বারাঙ্গনা আনয়নপূর্ব্বক আপন খুসি করিতেছেন।' *ভবানী*, ১৮২৫।

আনয়নার্থ [স] *ক্রিবিণ* নিয়ে আসার জন্য। 'কৃষ্ণকে আনয়নার্থ তাঁহার নিকট সখী প্রেরণ করিলেন।' *প্রমথ*, ১৮৯০।

আনরবল, আনরবিল [ই] *বিণ* সম্মানিত। 'শ্রীযুত আনরবিল সর এডবার্ড রৈয়ন সাহেবের।' *দর্পণ*, ১৮৩০; 'বহরমপুরে গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট শ্রীযুত আনরবল ডবলিউ মেলবিল।' *দর্পণ*, ১৮৩৭।

আনরিলায়েবল [ই] *বিণ* নির্ভরযোগ্য নয় এমন। 'ব্ল্যাক বুকেও নাম উঠে গেল আনরিলায়েবল বলে।' *সাদত*, ১৯৬৭।

আনর্থ্য [স] *বি* ব্যর্থতা। 'তার এই আনর্থ্য ...।' *অচিন্ত্য*, ১৯৫০।

আনল [স অনল] **১** *বি* অগ্নি। 'তাত হৈতে আনল শীতলে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* সূর্য। 'পূর্বে থু আনল উঠি পশ্চিমে যাইব।' *সুলতান*, ১৭০০।

আনলকুণ্ড [স অনলকুণ্ড] *বি* অগ্নিকুণ্ড। 'আনলকুণ্ডত কিবা তনু তেআগিবোঁ।' *বড়ু*, ১৪৫০।

আনলমুখ [স অনলমুখ] *বি* আগুনের মুখ। 'জ্বব কোই বেরি আনলমুখ আনি/ খীর দণ্ড দেই নিরসত পানি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আনল সাগর [স অনল-সাগর] *বি* আগুনের সাগর। 'আনলসাগর মধ্যে হইল মরণ।' *বাহরাম*, ১৬৫০।

আনলিক [স] *বিণ* অগ্নিজাত। 'কি বৈদ্যুতিক, কি আনলিক যে কোন আলোকের সাহায্যে ...।' *অক্ষয়*, ১৮৫৪।

আনলা [স আলম্বন>] *বি* কাপড় রাখার আসববিবিশেষ; আলনা। 'আনলা থেকে একখানি আটপউরে কাপড় নিয়ে ...।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

আনসাড়ে [স সার>] *বিণ* সারহীন। 'সেথায় পদার্থ হীন উইপোকারা ...

AMARBOI.COM

আনসাড়ে আরসুলোর দল।' *হুতোম*, ১৮৬১।

আনসার [আ আনসার] *বি* স্বেচ্ছাসেবক বাহিনীবিশেষ। 'একটি মহিলা আনসার ... গঠিত হয়।' *বেগম*, ১৯৫২।

আনসারী [আ আনসারী] *বি* সাহায্যকারী। 'আনসারী সকল যদি হয়ন্ত সহাএ।' *সুলতান*, ১৭০০।

আনসেফ [ই] *বিণ* ঝুঁকিপূর্ণ। 'ওকে রিমুভ করা আনসেফ হয়ে পড়বে।' *ইয়দাদুল*, ১৯২০।

আনা[১] **১** *ক্রি* নিয়ে আসা। 'আইহন আনাআঁ তোর লইবোঁ পরাণ।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* রুজু করা। 'ট্রেসপাসের দাবি দিয়ে পুলিস-কেস আনব।' *রবীন্দ্র*, ১৯০৭। **আন** *ক্রি* নিয়ে এসো। 'আন গিআঁ চন্দ্রাবলী।' *বড়ু*, ১৪৫০। **আনয়ে** *ক্রি* নিয়ে আসে। 'সাঁজুড়িয়া পালে পালে আনয়ে চামরি।' *মুকুন্দ*, ১৬০০। **আনল** *ক্রি* আনলো। 'আনল অনুরোধি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **আনলি** *ক্রি* আনলো। 'কতি সহ্য রূপ ধনি আনলি চোরি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **আনহ** *ক্রি* আনো। 'আমার নাম করিয়া অন্ন আনহ মাগিয়া।' *মালাধর*, ১৫০০। **আনাআঁ** *ক্রি* এনে। 'আইহন আনাআঁ তোর লইবোঁ পরাণ।' *বড়ু*, ১৪৫০। **আনাইআঁ** *ক্রি* আনিয়ে; এনে। 'আনাইআঁ যানাইল সব গোআলিনী সহী।' *বড়ু*, ১৪৫০। **আনাইব** *ক্রি* নিয়ে আসবো। 'আনাইব জননি তব সত্ত-মায়।' *মুকুন্দ*, ১৬০০। **আনাইব** *ক্রি* আনবো। 'কোন ছলে আনাইব আপনভবন।' *কৃষ্ণরাম*, ১৭২০। **আনাইবা** *ক্রি* কারও মাধ্যমে নিয়ে আসবে। 'নিমন্ত্রণ করিয়া বাগানে আনাইবা।' *ভবানী*, ১৮২৫। **আনাইবোঁ** *ক্রি* আনাবো। 'বৃন্দাবন মাঝেঁ আনাইবোঁ দামোদরে।' *বড়ু*, ১৪৫০। **আনাইলেক** *ক্রি* আনয়ন করালেন। 'একারণ আপন প্রিয়তমকে এইখানে আনাইলেক।' *চণ্ডী*, ১৮০৫। **আনাও** *ক্রি* নিয়ে এসো। 'আনাও ধর্মরাজ বিলম্বে নাইক কাজ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আনা গিয়াছে** *ক্রি* নিয়ে আসা সম্ভব হয়েছে। 'ছোকরাদিগকে আক্রমণ করিয়া আনা গিয়াছে।' *রামরাম*, ১৮০১। **আনানো** *ক্রি* কারো মাধ্যমে নিয়ে আসা। 'নিমন্ত্রণ করিয়া বাগানে আনাইবা।' *ভবানী*, ১৮২৫। **আনায়া** *ক্রি* আনিয়ে। *বেগম*, ১৭৭০। **আনায়িল** *ক্রি* আনলো। 'ডাক দিআঁ আনায়িল বড়ায়ি।' *বড়ু*, ১৪৫০। **আনাহ** *ক্রি* আনো। 'আনাহ সকল সখিজন।' *বড়ু*, ১৪৫০। **আনি** *ক্রি* এনে। 'পরতেক দেখাইল আনি সেই নারি।' *মালাধর*, ১৫০০। **আনিঅ** *ক্রি* নিয়ে এসো। 'মোর কাছে ছাওয়াল আনিঅ প্রতিদিন।' *সুলতান*, ১৭০০। **আনিআ** *ক্রি* এনে। 'শুভযোগে নক্ষত্রের আনিআ ন-কার।' *অজাওল*, ১৬৮০। **আনিঙা** *ক্রি* এনে। 'আনিঙা দুহার কৈল নাম করন।' *মালাধর*, ১৫০০। **আনিছিল** *ক্রি* এনেছিলো। 'আজ নিশি আনিছিল আকাশ উপর।' *সুলতান*, ১৭০০। **আনিঞা** *ক্রি* এনে। 'আনিঞা সিত্যাএ রাম পরিক্ষাএ সুধিল।' *মালাধর*, ১৫০০। **আনিঞাঁ** *ক্রি* এনে। 'চাহিলে আনিঞা দেই দেষর‍্যা ব্রাহ্মণে।' *মুকুন্দ*, ১৬০০। **আনিঞাছি** *ক্রি* এনেছি। 'আনিঞাছি হরিণ দিআ দধি এক জাড়ি।' *মুকুন্দ*, ১৬০০। **আনিনু** *ক্রি* আনলাম। 'মশল্লা আনিনু আগুনে চ্যানু বিছুরিনু আপন ভার'। *চণ্ডী*, ১৫৭০। **আনিনুঁ** *ক্রি* আনলাম। 'তোর দুঃখ দেখি তাই চাহিয়া আনিনুঁ।' *বৃন্দা*, ১৫৮০। **আনিব** *ক্রি* আনবো। 'কাটীয়া আনিব কাষ্ঠ রাজা সর্ব্বদাএ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আনিবম** *ক্রি* আনবো। 'তবে সর্ন্ন আনিবম জিনি বিভীষণ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আনিবার** *ক্রি* আনবার। 'রাম কৃষ্ণ আনিবারে সড়ঙ্গে পুজিয়া।' *মালাধর*, ১৫০০। **আনিবার** *ক্রি* নিয়ে আসার। 'গাণ্ডু আনিবার তরে পাঠাইল দূত।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আনিমু** *ক্রি* আনবো। 'সে তাহানে মর্ত্য হোন্তে আনিমু এথাত।' *সুলতান*, ১৭০০। **আনিয়** *ক্রি* এনো। 'সেই কন্যা না আনিয় কহিল নিশ্চএ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আনিয়া** *ক্রি* এনে। 'সান্তনুরে আনিয়া নিশ্চিতে কৈল সজ্জ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আনিয়াছে** *ক্রি* এনেছে। 'গোপীনাথ লাগি আনিয়াছে গৌড় হৈতে।' *বৃন্দা*, ১৫৮০। **আনিল ১** *ক্রি* আনলো। 'অতি ভয়ঙ্কর সপ্ত বলদ আনিল।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* স্থাপন করলো। 'আশ্চি সব রসুলত আনিল ইমান।' *সুলতান*, ১৭০০। **আনিলা** *ক্রি* নিয়ে এলো। 'পুত্রক আনিলা ঘরে যতন রচনে।' *বাহরাম*, ১৬৫০। **আনিলে** *ক্রি* আনলে। 'কোণ বিবুধি/ এহেন পথে/ আনিলে দারুণী বুঢ়ী।' *বড়ু*, ১৪৫০। **আনিলেক** *ক্রি* আনলে। 'অকালেতে দুর্গোৎসব আনিলেক ঘরে।' *বৃন্দা*, ১৫৮০। **আনিলোঁ** *ক্রি* আনলো; নিয়ে এলো। 'আনিলোঁ আনিলোঁ বলি ডাকে বার বার।' *বৃন্দা*, ১৫৮০। **আনী** *ক্রি* নিয়ে আসি। 'দেশের বারতা আনী সাত দিনে উজবনি।' *মুকুন্দ*, ১৬০০। **আনীয়া ছিলাম** *ক্রি* 'আনিয়াছিলাম'-এর অপ্রচলিত বানান। *হ্যালহেড*, ১৭৭২। **আনু** *ক্রি* এলাম। 'প্রায় পুণ্য ফলে প্রাণ লয়ে আনু ভগবান।' *মানিকরাম*, ১৮৮১। **আনে** *ক্রি* আনয়ন করে। 'ঘরে ঘরে আনে দড়ি বান্ধে তার পেটে।' *মালাধর*, ১৫০০। **আনেছে** *ক্রি* এনেছে। *কৃষ্ণরাম*, ১৭২০। **আন্তে** *ক্রি* আনতে। 'তুই ভাই আন্তে পারিস ...।' *কেরি*, ১৮০২। **আন্য** *ক্রি* আনো। 'ঘরদল হয় জদি আন্য মোর পুর।' *মুকুন্দ*, ১৬০০। **আন্যা** *ক্রি* এনে। 'অবিলম্বে আন্যা দিব তোমার কোঙর।' *মুকুন্দ*, ১৬০০। **আন্যাছি** *ক্রি* এনেছি। 'বদলাশে নানাধন আন্যাছি সিংহল।' *মুকুন্দ*, ১৬০০। **এনু** *ক্রি* এলাম। 'জুড়াইতে আমি এনু তাই।' *রবীন্দ্র*, ১৮৯০। **এনেছিলুম** *ক্রি* এনেছিলাম। 'সাহিত্যের মধ্যে দুটি মাত্র গল্পের বই এনেছিলুম।' *রবীন্দ্র*, ১৮৯১। **এন্যা** *ক্রি* এনে। 'তৈল নাই ঘরে তবে এন্যা এঠোল মাটী।' *মানিকরাম*, ১৮৮১।

আনা [ফা আনি] *বি* এক টাকার ষোলো ভাগের এক ভাগ। 'টাকা দ্রব্য দশ দশ আনা।' *মুকুন্দ*, ১৬০০।

আনাতিনেক *বি* প্রায় তিন আনা। 'ভুলেছি জ্যোৎস্না হারিয়ে হরিৎ ধান্য/ এখানে বন্দী আনাতিনেকের বালুবে।' *সুভাষ*, ১৯৪০।

আনাগোনা ১ *বি* যাওয়া-আসা। 'তাহারা কেবল আনাগোনা করিয়া ও নজর সেলামী দিয়া ক্রমে ক্রমে প্রস্থান করিল।' *প্যারী*, ১৮৫৮। **২** *বি* আদান-প্রদান। 'প্রেমের প্রথম আনাগোনা, সেই হাতে হাতে ঠেকা, সেই আধো চোখে দেখা।' *রবীন্দ্র*, ১৮৯০।

আনাচ [আ কুনাসাহ>] **১** *বি* আড়াল। 'আনাচে কানাচে ঘুরিয়া মরে।' *ভবানী*, ১৮২৫। **২** *বি* কোণ। 'মনের আনাচে, কানাগলিতে গজিয়ে উঠেছে বিশ্রী চিন্তার চারাগাছ।' *সেলিনা*, ১৯৬৯।

আনাচ কানাচ [আ কুনাসাহ>] **১** *বি* আড়াল-আবডাল। 'আনাচে কানাচে ঘুরিয়া মরে।' *ভবানী*, ১৮২৫। **২** *ক্রিবিণ* আশেপাশে। 'দোষ যারই থাক, খিড়কির আনাচে-কানাচে ঘোরে ভূতের পেয়াদা।' *রবীন্দ্র*, ১৯২২। **৩** *বিণ* লাগোয়া। 'একটি কুঁড়ের আনাচেকানাচে তাহারই নির্ধারিত কম খাজনার জমিটুকুতে আরেকটি কুঁড়ে উঠিতে পায়।' *মানিক*, ১৯৩৬। **৪** *ক্রিবিণ* লুকানো জায়গায়। 'তখন ভূতপ্রেত ছিল গল্পে-গুজবে, ছিল মানুষের মনের আনাচে-কানাচে।' *রবীন্দ্র*, ১৯৪০। **৫** *বি* গলিঘুঁজি। 'দফতরের আনাচে-কানাচে ঘোরার কটু দৃশ্য দেখতে হয় না বলে।' *মুজতবা*, ১৯৫৮।

আনাজ [স অন্ন>] *বি* শাকসবজি; কাঁচা তরকারি। *মানোএল*, ১৭৪৩; 'এই সমে আনাজ সকল করিবেক জমা।' *গরীব*, ১৭৬৫।

আনাজঘর *বি* রান্নাঘর। 'পাশের জানালা দিয়ে দেখা যায় আনাজঘরের এক টুকরো মেঝে।' *বিমল*, ১৯৫৩।

আনাড় [স অজ্ঞান>] *বিণ* গুপ্ত; নিভৃত। *বিদ্যা*, ১৮৯১।

আনাড়ি, আনাড়ী [স অজ্ঞানী>] *বিণ* দক্ষ নয় এমন; অপটু। 'তাহা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নিতান্ত আনাড়ির মত হইয়াছে।' *বিদ্যা*, ১৮৭৩; 'নিতান্ত আনাড়ী।' *বিভূতি*, ১৯৩১।

আনাড়ীপনা [স অজ্ঞানী>] *বি* আনাড়ির আচরণ। 'আনাড়ীপনার দরুন কথার মধ্যে ...।' *বিভূতি*, ১৯৩১।

আনাথ [স অনাথ] *বিণ* অসহায়। 'গোপযুবতী সব আনাথ করিআঁ।' *বড়ু*, ১৪৫০।

আনাথী [স অনাথী] *বিণ স্ত্রী* অনাথ; অসহায়। 'আনাথী নারীক কত থাকে আভিমান।' *বড়ু*, ১৪৫০।

আনান [স আনয়ন>] *বি* আনানো; নিয়ে আসা। 'বধূকে এ বাটীতে ... আনান গিয়াছে।' *ওসাঁ*, ১৭৮২।

আনাম [আ] *বিণ* সম্পূর্ণ। 'একটা আনাম রসগোল্লা গিলতে গিয়ে গলায় *ঠেকে*।' *ইব্রাহীম*, ১৯৬০।

আনায় [স] *বি* জাল। 'যথা ব্যাধ বধয়ে শার্দূল, আনায়-মাঝারে তারে আনিয়া কৌশলে –।' *মাইকেল*, ১৮৬০।

আনায়ণ [স আনয়ন] *বি* আনয়ন। 'পৃথিবীর যাবতীয় রাজকুমারকে আনায়ণ করিব।' *প্যারী*, ১৮৬০।

আনার [ফা] *বি* ডালিম। 'আনারে লইয়া হাত ইমামেরে দিলেন রাহুল।' *গরীব*, ১৭৬৫।

আনারকলি [ফা] *বি* ডালিমের কুঁড়ি। 'ছুটছে নিখিল মক্ষী হয়ে তোমার আনন-আনারকলির।' *নজরুল*, ১৯৩০।

আনারস [প আনানাস] *বি* পর্তুগিজদের নিয়ে-আসা মিষ্টি রসালো ফলবিশেষ। 'আম্র ও আনারস ...।' *কেরি*, ১৮০২; 'আনারস ফুলে ভোমরা উড়িছে শুনি।' *জীবন*, ১৯৩২।

আনারসঝোপ [প আনানাস+ঝোপ] *বি* আনারস গাছের ঝাড়। 'আনারস-ঝোপে ঐ মাছরাঙা।' *জীবন*, ১৯৩২।

আনারসা [প আনানাস>] *বি* মিষ্টান্নবিশেষ। 'পুরাণপুরী, শীতল এবং আনারসা ভোজন করে ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

আনাল হক [আ] *বি* আমিই সত্য। 'আগে জান গা কালুল্লা আনাল হক আল্লা যারে মানুষ বলে।' *লালন*, ১৮৯০।

আনি[১], **আনী** [ফা] **১** *বি* এক টাকার ষোলো ভাগের এক ভাগ। 'টাকা আড়াই আনি কম।' *মুকুন্দ*, ১৬০০; 'বহুকালাবধি রেজকী অর্থাৎ সিকি দোআনী আনী আধআনী প্রভৃতি সোণা রূপার চলিত ছিল।' *চন্দ্রিকা*, ১৮৩০। **২** *বি* কোনো কিছুর ষোলো ভাগের এক ভাগ। 'দশানি ছয় আনি ভাগের নিরাকরণ কাগজ পত্র ...।' *রামরাম*, ১৮০১।

আনি[২] *ক্রি* কালি। 'কৃচাগ্রেতে আনি পড়ে পেটে নড়ে ছেলে।' *মানিকরাম*, ১৭৮১।

আনি[৩] *বি* ব্যূহ; সৈন্যসমাবেশ। 'সাহেবের লাঠীয়ালেরা ... আপন আপন আয়ত্ত ও সুবিধা মত আনি বান্ধিয়া দাঁড়াইয়াছিল।' *মশাররফ*, ১৮৯০।

আনিস [ফ anisette] *বি* এক প্রকার মদ। 'নবীন আতুরী, আনিস, রম ও গাঁজার ভার নিলেন।' *হুতোম*, ১৮৬১।

আনীত [স] *বিণ* আনা হয়েছে এমন। 'জলপথে আনীত বাণিজ্যদ্রব্যের মাসুল বিষয়ে নতুন আইন হয়।' *দর্পণ*, ১৮২৬।

আনীল [স] *বিণ* নীলাভ। 'অধিকাংশ আনীল নয়ন নিদ্রাবিষ্ট।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'আ-নীল গগনপঙ্কজ-ছোঁয়া।' *নজরুল*, ১৯৩০।

আনীললোচনা [স] *বি স্ত্রী* নীলাভ চোখবিশিষ্ট। 'আনীললোচনা দুগ্ধফেনশুভ্রা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আনীস [ফ anisette] *বি* এক প্রকার মদ। 'আমিরিকান রম (মার্কিন আনীস) নামক মদে জল দেবামাত্র সাদা দুদের মত হয়ে যায়।' *হুতোম*, ১৮৬১।

আনু [স অন্য] *বিণ* অপর। 'এতদিনে আনু ভানে ...।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আনুকা [হি আনোখা] *বিণ* নতুন। 'এ গাঁয়ে তার আনুকা আগমন সকলের চোখে পড়েছে।' *সেলিনা*, ১৯৭৫।

আনুকূল [স অনুকূল] *বি* সম্মতি। 'কাহাঞির বচনে তোহ্মে দেহ আনুকূল।' *বড়ু*, ১৪৫০।

আনুকূল্য [স] **১** *বি* সহায়তা। *মানোএল*, ১৭৪৩; 'এ কর্ম্মের আনুকূল্য করিলে উত্তম হয়।' *দর্পণ*, ১৮১৮। **২** *বি* সহযোগিতা। 'উভয়পক্ষের পরস্পর আনুকূল্য দ্বারা সাধারণ সমাজের মধ্যেও ...।' *অক্ষয়*, ১৮৪২। **৩** *বি* সাহায্য। 'অনেকের অনুরাগ ও আনুকূল্য দ্বারা ইহা স্থায়ী হইবার সম্ভাবনা হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৭। **৪** *বি* অনুগ্রহ। 'কবিদিগকে সেরূপ কাহারও আনুকূল্য অপেক্ষা করিতে হয় নাই।' *অক্ষয়*, ১৮৪৯। **৫** *বি* উপকার। 'ধন, ঐশ্বর্য্য ও সুখ-সৌভাগ্য সমুন্নতি বিষয়ে বিস্তর আনুকূল্য হইত।' *অক্ষয়*, ১৮৫০। **৬** *বি* সুসঙ্গতি। 'আমার অন্তর্জগতের সঙ্গে আমার বহির্জগতের পরস্পর আনুকূল্য নেই।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৭** *বি* অনুকূল পরিবেশ। 'তাহার প্রকৃতি স্বাভাবিকভাবে বিকশিত হইবার আনুকূল্য পায় নাই।' *রবীন্দ্র*, ১৯০৭। **৮** *বি* পৃষ্ঠপোষকতা। 'প্রত্যেক সমিতির আনুকূল্য ও শুভ ইচ্ছা আদান-প্রদানের জন্য চেষ্টিত হইয়াছি।' *জগদীশ*, ১৯১৮।

আনুকূল্যার্থ [স] *বি* সাহায্যের জন্য। '১১৩ ব্যক্তি পাঠশালার আনুকূল্যার্থে ... এককালীন দান স্বীকার করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪২।

আনুকূল্যে [স] *ক্রিবিণ* সহায়তায়। 'ইংগ্লণ্ডীয় স্ত্রীগণের আনুকূল্যে কন্যারদিগের পাঠার্থে যে পাঠশালা হইয়াছে ...।' *দর্পণ*, ১৮২২।

আনুক্রম [স অনুক্রম] *বি* যথাক্রম। 'তাহারদের বরাদ্দ আনুক্রমে চালু সরু মোটা আতপ উসনা কলাই।' *রামরাম*, ১৮০১।

আনুখর [স অনক্ষর] *বি* কটুকথা। 'ঝাট গেলে কেহো না বুলিব আনুখর।' *বড়ু*, ১৪৫০।

আনুগতী [স অনুগত>] *বিণ স্ত্রী* অনুগত। 'আনুগতী ভকতী আনাথি আক্ষি নারী।' *বড়ু*, ১৪৫০।

আনুগত্য [স] **১** *বি* বশ্যতা। 'কিন্তু যথেষ্ট আনুগত্য ও সম্ভ্রমের বাহুল্য ...।' *রামরাম*, ১৮০১। **২** *বি* অন্ধ অনুসরণ। 'উপকার প্রত্যাশায়, অথবা অন্য কোনও কারণে, তিনি কখনও পরের উপাসনা বা আনুগত্য করিতে পারেন নাই।' *রবীন্দ্র*, ১৮৯৮।

আনুগত্যহীন [স] *বিণ* অনুগত নয় এমন। 'দলের প্রতি আনুগত্যহীন না হয়ে ইহা সহজেই করতে পারতেন।' *বেগম*, ১৯৫৫।

আনুচর্য [স] *বি* আনুগত্য। 'আমি থাকি এই ইচ্ছার আনুচর্য সমস্ত বিশ্ব করছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আনুপাতিক [স] **১** *বিণ* সঙ্গতিপূর্ণ। 'আমরা যেভাবে জীবন-নির্বাহ করিব আমাদের শিক্ষা তাহার আনুপাতিক নহে।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বিণ* অনুপাতভিত্তিক। 'আনুপাতিক হিসাবে কর্ম্মচারী নিয়োগ করা হউক।' *মোহাম্মদী*, ১৯৩৫।

আনুপাম [স অনুপাম] *বিণ* অতুলনীয়। 'সাতশুটি বিদ্ধ তাত করি

AMARBOI.COM

আনুপাম।' বড়ু, ১৪৫০।

আনুপামা [স অনুপাম] *বিণ স্ত্রী* অতুলনীয়। 'নাসা তিলফুল তোর আতী আনুপামা।' বড়ু, ১৪৫০।

আনুপূর্ব, আনুপূর্ব্য [স] *ক্রিবিণ* ধারাবাহিকভাবে। 'আনুপূর্ব্য।' *সেবধি*, ১৮৩৯: 'তবুও জন্তুগুলো আনুপূর্ব – অতিবৈতনিক/ বস্তুত কাপড় পরে লজ্জাবশত।' *জীবন*, ১৯৪৮।

আনুপূর্বক, আনুপূর্ব্বক [স আনুপূর্বিক] **১** *ক্রিবিণ* আগাগোড়া। 'সকল বস্তব্য আনুপূর্বক কহিলেন।' *রামরাম*, ১৮০১। **২** *ক্রিবিণ* প্রথম থেকে। 'আনুপূর্বক না জানিলেতে ক্ষোভিত হয়।' *রামরাম*, ১৮০১।

আনুপূর্বিক, আনুপূর্ব্বিক [স] **১** *বিণ* আগাগোড়া। 'তাহারই আনুপূর্ব্বিক বিবরণ করা শারীরস্থান ও শারীরবিধান বিদ্যার প্রয়োজন।' *অক্ষয়*, ১৮৫০; 'আনুপূর্বিক আত্মপরিচয় দিতে লাগিলেন।' *বঙ্কিম*, ১৮৬৬। **২** *বিণ* ধারাবাহিক। 'একটা ঘটনার মধ্যে উপস্থিত থাকিয়াও তাহার সমস্ত আনুপূর্বিক পরম্পরা আমাদের মনে মুদ্রিত হইয়া যায় না।' *রবীন্দ্র*, ১৯০৮।

আনুপূর্বিকতা [স] *বি* পরম্পরা; ধারাবাহিকতা। 'তা সমস্তই ভারতবর্ষের সেই ঐতিহাসিক অন্ধরজনীর কাহিনী; তাহার আনুপূর্বিকতা প্রচ্ছন্ন।' *রবীন্দ্র*, ১৯০৭; 'তিনি শুধু সভ্যতার আনুপূর্বিকতা দেখিয়েছেন।' *সুধীন্দ্র*, ১৯৩৫।

আনুপূর্বী, আনুপূর্ব্বী [স] *বিণ* আগাগোড়া। 'বৈঠকের আনুপূর্ব্বী তাবৎ বৃত্তান্ত বিশেষ২ করিয়া লিখিতে ...।' *দর্পণ*, ১৮২৩।

আনুবন্ধে [স অনুবন্ধ] *ক্রিবিণ* অবিচ্ছেদে। 'আতি চির আনুবন্ধে রতি কৈল নানা বন্ধে।' বড়ু, ১৪৫০। *দ্র* **অনুবন্ধ**

আনুভব্য [স] *বিণ* অনুভব করার উপযুক্ত। 'এমত ভাব কোন মতে আনুভব্য নহে।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

আনুমতী [স অনুমতি] *বি* আদেশ। 'উচিত মজুরী দিতে কর আনুমতী।' বড়ু, ১৪৫০।

আনুমতীএঁ *ক্রিবিণ* সম্মতির আশায়। 'তোহ্মার আনুমতীএঁ মাণিকে হিরা বিন্ধে।' বড়ু, ১৪৫০।

আনুমানিক [স] **১** *বিণ* মোটামুটি। 'তবে আনুমানিক সিদ্ধান্ত এই হচ্ছে যে ...।' *মাইকেল*, ১৮৭৩। **২** *বিণ* অনুমানভিত্তিক। 'এ-সমস্ত সম্পূর্ণ আনুমানিক কালনির্দেশ আমরা অসংগত জ্ঞান করি।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৩** *বিণ* অনুমান-করা। 'গৃহ যাহাতে পবিত্র থাকে, দাম্পত্যধর্মে আনুমানিক কাল্পনিক কলঙ্কও লেশমাত্র স্পর্শ না করে ...।' *রবীন্দ্র*, ১৯০১।

আনুযাত্রিক [স] *বি* পিছনে পিছনে আসে যে। 'সৈন্যদলের পশ্চাতে যেমন একদল আনুযাত্রিক থাকে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আনুযায়ি [স অনুযায়ী] *ক্রিবিণ* অনুসারে। 'পুত্রদের আরজদাস্ত আনুযায়ি কাননগো দপ্তরে মুহরিগিরিতে পদার্পণ হইলেন।' *রামরাম*, ১৮০১।

আনুরক্তি [স অনুরক্তি] **১** *বি* আনুগত্য। *সেবধি*, ১৮৩৯। **২** *বি* অনুরাগ। 'এক বিষয়ে প্রবৃত্তি ও এক কার্য্যে আনুরক্তি থাকে।' *অক্ষয়*, ১৮৫৫।

আনুরূপ [স অনুরূপ] *বিণ* অনুরূপ; উপযুক্ত। 'সুপুরুষ গর্ব্ভ ধরল আনুরূপ।' বড়ু, ১৪৫০।

আনুরূপ্য [স] *বি* অনুরূপতা; সাদৃশ্য। 'বিশেষ যখন স্বরূপে ঘটে আনুরূপ্য।' *অচিন্ত্য*, ১৯৫০।

আনুশ্রবিক [স] *বিণ* বেদবিহিত। 'তপঃস্বাধ্যায়াদি আনুশ্রবিক ক্রিয়াকলাপে নিরন্তর ব্যাপৃত থাকাতে ...।' *হরপ্রসাদ*, ১৮৮১।

আনুষঙ্গ [স] *বিণ* গৌণ। 'আনুষঙ্গ ফল করে সংসারের ক্ষয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আনুষঙ্গিক [স] **১** *বিণ* গৌণ। 'আনুষঙ্গিক ফল নামের মুক্তি পাপনাশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* প্রাসঙ্গিক। 'কেবল জ্ঞান কাণ্ডবিষয়ক প্রকাশ না করিয়া আনুষঙ্গিক কর্ম্ম কাণ্ড বিষয়ক কিছু প্রকাশ করেন।' *দর্পণ*, ১৮৩১। **৩** *বিণ* একই সময় হয় এমন। 'আনুষঙ্গিক ঝড়, বৃষ্টি ও কখন কখন শিলাবৃষ্টিও হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫২। **৪** *বিণ* সম্পর্কযুক্ত। 'জাভার আঙ্গিক নয়; জাভার আনুষঙ্গিক।' *রবীন্দ্র*, ১৯২৯। **৫** *বি* সংশ্লিষ্ট বিষয়। 'আনুষঙ্গিকের তাড়নায় ...।' *বুদ্ধ*, ১৯৪০।

আনুসঙ্গিক [স আনুষঙ্গিক] *বিণ* সংশ্লিষ্ট। 'আনুসঙ্গিক সাময়িক বাত্যা।' *গ্রামবার্ত্তা*, ১৮৭৩।

আনুষ্ঠানিক [স] **১** *বিণ* বিহিত অনুষ্ঠান-সংক্রান্ত। 'তৎসময়ে আনুষ্ঠানিক কর্ম্মসকল নির্ব্বাহকরণার্থ ...।' *দর্পণ*, ১৮৩১। **২** *বিণ* প্রাতিষ্ঠানিক। 'যে-সকল তর্ক উপস্থিত করিয়াছিলেন তাহা রাজনৈতিক ও আনুষ্ঠানিক অর্থনৈতিক হিসাবে এত ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আনুষ্ঠানিকতা [স] *বি* অনুষ্ঠানের আচার প্রথা ইত্যাদি। 'বুদ্ধির দীপ্তিতে তাঁর মধ্যে ব্যক্ত হয়েছিল আনুষ্ঠানিকতার বন্ধন-বিমুক্ত মন।' *রবীন্দ্র*, ১৯৩০।

আনুষ্ঠানিকী [স] *বিণ* বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে প্রদান করা হয় এমন। 'এইরূপ শিক্ষা দান করাই আনুষ্ঠানিকী প্রণালীর উদ্দেশ্য।' *অক্ষয়*, ১৮৪৯।

আনুসর [স অনুসরণ] *বি* অনুগমন। 'দূর আনুসর সুন্দরি রাহী।' বড়ু, ১৪৫০।

আনুসারে *ক্রিবিণ* অনুসারে। 'জাইবোঁ তার আনুসারে।' বড়ু, ১৪৫০।

আনেওয়ালা *বি* যারা আসছে। 'আনেওয়ালাদের নির্বিচারে পাতে পড়তে দিয়ো, নিশ্চিত হবে উপাদেয় অর্থাৎ ইন্টারেস্টিং।' *রবীন্দ্র*, ১৯০৮।

আনেক [স অনেক] *বিণ* প্রচুর। 'আনেক ভকতি কৈলোঁ পাসরিলেঁ কিকে।' বড়ু, ১৪৫০।

আনের [স অন্য>] *সর্ব* অন্যের। 'তার সনে কিরূপে আনের হৈব মেল।' *বাহরাম*, ১৬৫০।

আনোআনি *বি* পক্ষাপক্ষ। 'আনোআনি গালাগালী দুই বীর রোষে।' *মুকুন্দ*, ১৬০০।

আনোনা *বিণ* লবণাক্ত নয় এমন। 'একেবারে আনোনা হয়ে যায়নি।' *ওয়ালী*, ১৯৪৮।

আন্ডার-ওয়্যার [ই] *বি* অন্তর্বাস। 'খাসা আন্ডার-ওয়্যার হবে।' *শিবরাম*, ১৯৫০।

আন্ডারগ্রাউন্ড [ই] *বিণ* মাটির তল দিয়ে বাহিত। 'ট্রেন চালু হলেই আন্ডারগ্রাউন্ড কানেকশন দেবে।' *শ্যামল*, ১৯৬৭।

আন্ডারগ্রাজুয়েট [ই] *বি* স্নাতক উত্তীর্ণ হয়নি যে। 'আন্ডারগ্রাজুয়েটের অভাব নাই।' *ইমদাদুল*, ১৯২০।

আন্ডারলাইন [ই] *বি* কোনো লেখার নীচে টানা রেখা। 'মোটা পেন্সিলে আন্ডারলাইন করা হয়েছে।' *অচিন্ত্য*, ১৯৫০।

আন্ত [স অন্ত] **১** *বি* তীর। 'দুআন্তে চিখিল মাঝে ন থাহী।' *চর্যা ৫*, ১২০০। **২** *বিণ* শেষ। 'আদি আন্ত কথা সব কহিল তোহ্মাতে।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বড়ু, ১৪৫০।

আন্তঃ [স] *বিণ* অভ্যন্তরস্থ। **আন্তঃকক্ষ** [স] *বিণ* কক্ষের ভিতরে। 'কলেজের মহিলা আন্তঃকক্ষ ক্রীড়া প্রতিযোগিতায় ...।' *বেগম*, ১৯৬৮।

আন্তঃপ্রাণিক [স] *বিণ* প্রাণীদের মধ্যে পারস্পরিক। 'আজ যে আন্তঃপ্রাণিক ও আন্তর্জৈবিক যুগে তার যোগ্য আসন ...।' *আজাদ*, ১৯৫৫।

আন্তঃপ্রাদেশিক [স] *বিণ* প্রদেশসমূহের পারস্পরিক। 'আন্তঃ-প্রাদেশিক চাকুরী-বাকুরীর ব্যাপারও আছে।' *আজাদ*, ১৯৬৪।

আন্তঃসত্তা [স] *বি* হৃদয়জাত সত্তা। 'এভাবে বাগ্‌বদ্ধ হয় মানুষের আন্তঃসত্তা।' *শরীফ*, ১৯৬৮।

আন্তঃস্কুল [স আন্তঃ+ই স্কুল] *বিণ* সব স্কুলের মধ্যে অনুষ্ঠিত। 'আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে ...।' *বেগম*, ১৯৬৯।

আন্তর [স অন্তর] **১** *বি* হৃদয়। 'মদনে বেধিল আন্তর।' বড়ু, ১৪৫০। **২** *বি* ভিতর; অন্দর। 'আন্তর হতে সদাগর হইল বাহির।' *বিজয়*, ১৬৫০। **৩** *বিণ* দূর। *মানোএল*, ১৭৪৩।

আন্তরসত্তা [স] *বি* নিজস্বতা। 'প্রত্যেক জিনিষের বাহ্যিকতার ঊর্ধ্বে তার আন্তরসত্তাকে তুলে ধরেছেন।' *মাহেনও*, ১৯৪৯।

আন্তরে *অব্য* জন্যে। 'দানের আন্তরে কাহ্নাঞি বলুক বচন।' বড়ু, ১৪৫০।

আন্তরিক [স] **১** *বিণ* হৃদয়গত। 'প্রেম যাহা করিতে হয় তাহা মনুষ্য সকলের আন্তরিক নহে প্রায় বাচনিকই।' *ভবানী*, ১৮২৮। **২** *বিণ* অভ্যন্তরীণ। 'দেশের প্রায় সমস্ত আন্তরিক বাণিজ্য তাহারদের হস্তে।' *বঙ্গদূত*, ১৮২৯। **৩** *বিণ* নিগূঢ়। 'তাহা চিন্তা করিলেই তাঁহাদিগের আন্তরিক অভিপ্রায় সুন্দর প্রকাশ পায়।' *অক্ষয়*, ১৮৪৯। **৪** *বিণ* মানসিক। 'আন্তরিক ক্লেশের বিস্তর লাঘব দেখিয়া তাহার সবিশেষ বিবরণ লিখিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৯। **৫** *বিণ* সত্যিকার। 'তাঁহার প্রত্যেক কার্য্যে তাহার সেই আন্তরিক প্রেম প্রকাশ পায়।' *অক্ষয়*, ১৮৫৫; 'আমার যা মত অধিকাংশ লোকেরই আন্তরিক তাহাই মত।' *রবীন্দ্র*, ১৮৮২। **৬** *বিণ* নিজস্ব। 'এই কথাগুলো নিজের আন্তরিক অভিজ্ঞতার সাহায্যে ...।' *রবীন্দ্র*, ১৯০৮। **৭** *বিণ* সহৃদয়। 'মনুষ্যত্বের প্রতি কী সুগভীর আন্তরিক ভক্তি প্রকাশ হইয়া পড়ে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আন্তরিকতা [স] **১** *বি* সহৃদয়তা। 'চাহিয়াছি স্বর্গ, পাইয়াছি নরক; চাহিয়াছি আন্তরিকতা, পাইয়াছি বাহ্যাড়ম্বর।' *রবীন্দ্র*, ১৮৮৮। **২** *বি* অন্তরঙ্গতা। 'আমরা পরস্পরের যে শুভকামনা করি তার ভিতর ... আন্তরিকতাও থাকে।' *প্রমথ*, ১৯২০। **৩** *বি* অকৃত্রিমতা। 'লীলার আন্তরিকতা।' *বিভূতি*, ১৯৩১।

আন্তরিকতাপূর্ণ [স] *বিণ* আন্তরিকতা আছে এমন। 'আন্তরিকতাপূর্ণ কোন রকম ... আয়োজন হয় নাই।' *বেগম*, ১৯৫৩।

আন্তরিকতাহীনতা [স] *বি* আন্তরিকতা না থাকার অবস্থা। 'সমস্তটাই আন্তরিকতাহীনতা ... ও প্রহসনে পরিণত হইবে।' *আজাদ*, ১৯৬৪।

আন্তরীণাবদ্ধ [স অন্তরীণ-আবদ্ধ] *বিণ* গৃহবন্দি। 'আন্তরীণাবদ্ধ যুবকদিগের অন্ন সমস্যা সমাধানে খুবই তৎপর।' *আজাদ*, ১৯৩৬।

আন্তর্জাতিক, আন্তর্জ্জাতিক [স] **১** *বিণ* বিভিন্ন জাতি সম্পর্কিত। 'রাজারা জয়েপরাজয়ে, রাজচক্রবর্তী হয়েও, এমনি করে আন্তর্জাতিক সম্বন্ধকে স্বীকার করেছেন।' *ব্রজেন্দ্রনাথ শীল*, ১৯২১। **২** *বিণ* সব জাতি বা রাষ্ট্রের মধ্যে প্রচলিত। 'তার উচ্চারণেরও একটা আন্তর্জ্জাতিক বিধি আছে।' *মাহেনও*, ১৯৪৯; 'মহিলা সমিতির আন্তর্জাতিক ক্লাবে বক্তৃতা প্রসঙ্গে।' *বেগম*, ১৯৫৩।

আন্তর্জাতিকতা [স] *বি* বিভিন্ন জাতির মধ্যকার ঐক্যমূলক আদর্শ। 'গোরা দারোগাকে দেখে ব্যাখ্যা করে আন্তর্জাতিকতা।' *অমিয়*, ১৯৩৯।

আন্তর্জাতিক বাণিজ্য [স] বি বৈদেশিক বাণিজ্য। 'তার কৃষিপণ্যও আন্তর্জাতিক বাণিজ্যের পথে ইংল্যান্ডে রপ্তানি হতে থাকলো।' *সনৎ*, ১৯৭০।

আন্তর্জৈবিক, আন্তর্জ্জৈবিক [স] *বিণ* জীবজগতের মধ্যে পারস্পরিক। 'আজ যে আন্তর্প্রাণিক ও আন্তর্জ্জৈবিক যুগে তার যোগ্য আসন ...।' *আজাদ*, ১৯৫৫।

আন্তর্দেশিক [স] *বিণ* এক দেশের সঙ্গে অন্য দেশের যোগাযোগ আছে এমন; আন্তর্জাতিক। 'আন্তর্দেশিক বাণিজ্য ... প্রবলভাবে চলিতেছিল।' *অক্ষয়*, ১৮৪৯।

আন্তর্দ্বৈপিক [স] *বিণ* দুই দ্বীপের মধ্যকার। 'তাহাদের আন্তর্দ্বৈপিক পণ্যবিনিময় প্রথা হিন্দুস্থানী অথবা ইংরেজীয় মধ্যস্থতায় সম্পাদিত হয়।' *রবীন্দ্র*, ১৯১৭।

আন্তর্ভৌম [স] *বিণ* অভ্যন্তরীণ। 'দেশের আন্তর্ভৌম প্রাণধারা ভাবধারা অকস্মাৎ একটা কোনো ফাটল দিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আন্তর্মানবিক, আন্তর্মানবিক [স] *বিণ* মানুষের মধ্যে পারস্পরিক। 'সঙ্গীত-শিল্প আন্তর্মানবিক ও আন্তর্জাতিক যুগ অতিক্রম করিয়া আজ ...।' *আজাদ*, ১৯৫৫।

আন্তিকে [স অন্ত>] *ক্রিবিণ* শেষ পর্যন্ত। 'আন্তিকে রব তব যোগাইয়া জল।' *মানিকরাম*, ১৭৮১।

আন্ত্রিক [স] *বিণ* অন্তরের। 'মহৎ ব্যক্তিদের আন্ত্রিক গুণ ...।' *তারিণী*, ১৮০৩।

আন্দ বিশ্বাস [স অন্ধ বিশ্বাস] *বি* যুক্তিহীন বিশ্বাস। 'সে কথা থাক, আন্দ বিশ্বাসের মকদ্দমার কি হলো?' *মশাররফ*, ১৮৬৯।

আন্দর [ফা] **১** *বিণ* অন্দর। 'হেতাল কাদ্দেত করি চলিল আন্দর বাড়ি।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* আস্তানা। 'সেইত গ্রামেতে আছে গাজির আন্দর।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৩** *ক্রিবিণ* মধ্যে। 'জে উষুল হইবেক তাহা সাবেক দালালের দিগের বাকীর আন্দরে জমা করিয়া লইবা।' *হ্যালহেড*, ১৭৭৩।

আন্দাজ [ফা] **১** *বি* অনুমান। *ওসাঁ*, ১৭৮২; 'আন্দাজ করি ভূমি বিঘা চল্লিশেক হইতে পারে।' *কেরি*, ১৮০২। **২** *বি* পরিমাণ। 'যে আন্দাজ নমকের দাদনি লইয়াছে।' *ক্যালগে*, ১৭৮৯। **৩** *বিণ* প্রায়। 'তারপর নিজে যেটা খেলুম বারো-আনা আন্দাজ।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আন্দাজি, আন্দাজী [ফা আন্দাজ>] **১** *বিণ* আনুমানিক; আন্দাজকৃত। 'আন্দাজী ৯০০০ টাকা তাতিলোকের জিম্মে আছে।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *বিণ* ভিত্তিহীন। *বিদ্যা*, ১৮৯১। **৩** *বিণ* আন্দাজ-নির্ভর। 'আন্দাজি অভিযোগ সম্বন্ধে প্রতিবাদ করে কোনো লাভ নেই।' *রবীন্দ্র*, ১৯২৯। **৪** *বিণ* প্রমাণিত হয়নি এমন। 'এ সকল আন্দাজি মতকে নিশ্চিত প্রমাণের মধ্যে ধরে নেওয়া চলবে না।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আন্দাজে ঢিল ছোঁড়া – অনুমানে কিছু বলা। 'আন্দাজে ঢিল ছুঁড়ি যদি, হয় ত আমার গায়েই লাগবে।' *অচিন্ত্য*, ১৯৫০। *তুলনীয়*ঃ 'আন্দাজে শেল নিক্ষেপ করিয়া গ্রামময় তাহার সন্ধান করিতেছে।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রবীন্দ্র, ১৯৩০।

আন্দাম [ফা] *বি* শরীর। 'বারেক আন্দাম ঠাণ্ডা হইলে কাফের।' *গরীব*, ১৭৬৫।

আন্দামান *বি* বঙ্গোপসাগরের দ্বীপপুঞ্জ, যেখানে ব্রিটিশ আমলে কঠিন শাস্তি দেওয়ার জন্যে অপরাধীদের পাঠানো হতো। (এখানে) আন্দামানের মতো নিরানন্দ স্কুল। 'দশটা-চারটার আন্দামানে। সাড়ে চারটের পর ফিরে আসি ইস্কুল থেকে।' *রবীন্দ্র*, ১৯৪০।

আন্দামানফেরত [আন্দামান+ফেরত] *বিণ* বঙ্গোপসাগরের আন্দামান দ্বীপে কারাদণ্ড ভোগ করে ফিরে এসেছে এমন। '*লেঠেল* দুজনেই আন্দামানফেরত।' *প্রমথ*, ১৯৪১।

আন্দামান হওয়া *ক্রি* শাস্তি হিসেবে আন্দামানে নির্বাসিত হওয়া। 'আঠার বছর বয়সে আন্দামান হয়েছিল।' *মণীশ*, ১৯৬৩।

আন্দারমানিক [স অন্ধকার>+স মাণিক্য>] *বি* আতশবাজিবিশেষ। 'ওজোনের আন্দারমানিক –।' *চিঠিপত্রে*, ১৮৬৮।

আন্দাস [ফা আন্দাজ] *বি* অনুমান। 'গৌড়ে হৈতে আনে সেনা আন্দাস করিয়া।' *রূপরাম*, ১৭৫০।

আন্দি [স অন্ধ] *বি* অন্ধ ব্যক্তি। 'দেখলি তো ভাই, কানা আন্দি কত টাকা পেলে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আন্দিশা [ফা আন্দীশাহ্] *বি* ভাবনা। 'বহুৎ আন্দিশা করেও তিনি কোনো ফৈসালা করে উঠতে পারলেন না।' *মুজতবা*, ১৯৫২।

আন্দেশা, আন্দেসা [ফা আন্দীশাহ্] ১ *বি* দুশ্চিন্তা। 'হোসেন কাতর হইল না কর আন্দেসা।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* সন্দেহ। 'আন্দেসা।' *ভবানী*, ১৮২৩; 'নেশা যত লাগে অনুরাগে, বুকে তত জাগে আন্দেশা।' *নজরুল*, ১৯৪২। ৩ *বি* চিন্তা। 'কোনো কৌশলে দুটো ডাব কিংবা চারটি ডালিম পাঠানো যায় কিনা তার আন্দেশা করতেন।' *মুজতবা* ১৯৫২।

আন্দোলন [স] ১ *বি* আলোড়ন। 'সম্বাদের আন্দোলন হইয়াছিল তাহার কোন প্রসঙ্গ করেন।' *বঙ্গদূত*, ১৮২৯। ২ *বি* খোঁজাখুঁজি। 'বিষয় অন্বেষণ করিতে হইলে ন্যূনা গ্রন্থ আন্দোলন করিতে হইত।' *চন্দ্রিকা*, ১৮৩৫। ৩ *বি* আলাপ-আলোচনা। 'সেই সময়ে ভারতবর্ষের ভবিষ্যৎ শাসনের আন্দোলন হইতেছিল।' *অক্ষয়*, ১৮৪২। ৪ *বি* হৈচৈ। 'স্বদেশের মঙ্গলোন্নতি জন্য কত আন্দোলন ও কত প্রস্তাব উত্থাপন করিয়াছি।' *অক্ষয়*, ১৮৪৫। ৫ *বি* মন্থন। 'অন্তঃকরণে নানারূপ ভাবের আন্দোলন করিতেছি।' *অক্ষয়*, ১৮৪৮। ৬ *বি* কম্পন। 'নিম্ন হইতে ঊর্দ্ধ উৎক্ষেপণবৎ গতিসহ পৃথিবীতলের মুহুর্মুহুঃ আন্দোলন।' *অক্ষয়*, ১৮৫৪। ৭ *বি* বিচার। 'এক কচ্ছপ ... মনে মনে আন্দোলন করিয়া, স্থির করিল, যদি কেহ আমায় ...।' *বিদ্যা*, ১৮৫৬। ৮ *বি* উত্তেজনা। 'আনন্দের আন্দোলনে ঘন ঘন বহে শ্বাস।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৯ *বি* নাড়ানো। 'ট্রেন ছাড়বার সময়ে আমাদের সহযাত্রিগণ তাদের প্রতি অনেক টুপি রুমাল আন্দোলন, অনেক চুম্বন-সংকেত-প্রেরণ ...।' *রবীন্দ্র*, ১৮৯৩। ১০ *বি* লক্ষ্য সিদ্ধির জন্য রাজনৈতিক সংগ্রাম। 'কংগ্রেসের ... গত পাঁচ বছরের আন্দোলনের ইতিহাসে প্রমাণ হয়ে গেছে।' *নজরুল*, ১৯২৬। ১১ *বি* দোলা। 'মন মোর ধায় তারি মত্ত প্রবাহে ক্ষুব্ধ শাখার আন্দোলনে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

আন্দোলন করা *ক্রি* দোলানো। 'সেই হতভাগ্যেরা বারবার মুণ্ড আন্দোলন করে বলছে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

আন্দোলনকারী [স] *বি* বিশেষ উদ্দেশ্য সিদ্ধির জন্যে আলোচনা এবং বিক্ষোভের মাধ্যমে জনমত সৃষ্টিকারী। 'আন্দোলনকারীদের সক্রিয় ভূমিকার কথা কারো ভুলে যাওয়া উচিত নয়।' *বেগম*, ১৯৭০।

আন্দোলন-তরঙ্গ [স] *বি* রাজনৈতিক অসন্তোষের ঢেউ। 'পুলিস রেগুলেশন বিলে বিস্তৃত আন্দোলনতরঙ্গ উত্তোলন করিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আন্দোলা [স আন্দোলন>] *ক্রি* আন্দোলিত করা। 'মৃণালভুজ আনন্দে আন্দোলি চন্দ্রাননা।' *মাইকেল*, ১৮৬১।

আন্দোলিত [স] ১ *বিণ* দোলায়িত। 'তদ্বিষয়ে আন্দোলিত চিত্ত থাকিলাম।' *দর্পণ*, ১৮৩১। ২ *বিণ* উত্তেজিত। 'ক্ষোভ, ক্রোধ, অভিমান প্রভৃতি রিপুর আক্রমণে তাঁহারদিগের চিত্ত যেরূপ আন্দোলিত হয়।' *অক্ষয়*, ১৮৪২। ৩ *বিণ* কম্পিত। 'সহসা জাহাজ আন্দোলিত হইলে ... পতিত হইল।' *বিদ্যা*, ১৮৬৩। ৪ *বিণ* বিক্ষুব্ধ। 'তখন ভয়াবহ বিপ্লবে সমগ্র ইংলন্ড আন্দোলিত হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৫ *বিণ* বিচলিত। 'আমরা জন্মমরণের অধীন। আমরা স্তুতিনিন্দায় আন্দোলিত।' *রবীন্দ্র*, ১৯১৬। ৬ *বিণ* চঞ্চল। 'সমস্ত দেশের মেয়ে পুরুষ নাচের হাওয়ায় আন্দোলিত।' *রবীন্দ্র*, ১৯২৯। ৭ *বিণ* স্পন্দিত। 'রাত্রিদিন সংগীত তরঙ্গে আন্দোলিত।' *রবীন্দ্র*, ১৯৪১।

আন্দোলিতহৃদয় [স] *বিণ* অন্তরে দোলাচল আছে এমন। 'আশা ও নিরাশায় আন্দোলিতহৃদয় রাম মনে মনে এইরূপ প্রচুর তর্ক বিতর্কের পর স্থির করলেন ...।' *মুখলেস*, ১৯৭০।

আন্ধকার [স অন্ধকার] *বিণ* অন্ধকার। 'নিশি আন্ধকার ঘন বারি বরিষে।' *বড়ু*, ১৪৫০।

আন্ধল [স অন্ধ] *বিণ* অন্ধ। 'কামে আন্ধল হআঁ বাট নাহিঁ দেখ।' *বড়ু*, ১৪৫০।

আন্ধিসন্ধি [স সন্ধি>] *বি* ফাঁকফোকর। 'এত আন্ধসন্ধি, এত এন্তেজাম আয়োজন করার দরকারই বা কি আছে!' *আজাদ*, ১৯৬৪।

আন্ধাচক্কর [স অন্ধকার+স চক্র] *বি* গোলকধাঁধা। 'তিনি যেন আন্ধাচক্করে পড়িয়েছেন।' *মনসুর*, ১৯৫৫।

আন্ধার [স অন্ধকার] *বি* অন্ধকার। 'খুড়া দেখি ঘুচিল আন্ধার।' *মুকুন্দ*, ১৬০০।

আন্ধারী [স অন্ধকার] *বিণ* অন্ধকারে আচ্ছন্ন। 'মেঘ আন্ধারী অতি ভয়ঙ্কর নিশী।' *বড়ু*, ১৪৫০।

আন্ধিআরী, আন্ধিয়ারি [স অন্ধকার] *বিণ* অন্ধকারময়। 'নিশি আন্ধিআরী তাহাত কেমনে নারী।' *বড়ু*, ১৪৫০; 'রজনী ভীম আন্ধিয়ারি।' *বাহরাম*, ১৬৫০

আন্ধেলা [স অন্ধ>] *বি* অন্ধকার। 'আন্ধেলায় চক্ষু যেন দিলেক খোদায়।' *গরীব*, ১৭৬৫।

আন্নাকালী [আর-না-কালী] *বি* আর যেন কন্যাসন্তান না জন্মায় – হিন্দুদেবী কালীর কাছে এই প্রার্থনা জানিয়ে সর্বসাম্প্রতিক কন্যার নামকরণ। 'যত বলি আন্নাকালী ততই কি আমদানি।' *নজরুল*, ১৯৩২।

আন্নিদার *বি* নারীর পোশাকবিশেষ। 'আপন২ পসন্দ মত পোষাক বিবিধ প্রকার প্রস্তুত করে, যথা পাজামা, কুরতি, দোপাট্টা, ... আন্নিদার জোড়া।' *ভবানী*, ১৮২৮।

আন্বীক্ষিকী [স] *বি* ন্যায়শাস্ত্র। 'আন্বীক্ষিকী ও জ্যোতির্বিদ্যা ও ভূগোলবিদ্যা ও পারমার্থিকবিদ্যা যাহা পূর্ব্বে জ্ঞানবান লোকেরা সংগ্রহ করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৪।

আপ[১] [স অপ্] *বি* জলরাশি। 'পঞ্চভূত ক্ষেত্র তেজ মরুৎ ব্যোম আপ।' *চণ্ডী*, ১৫৫০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আপ[১] [হি] **১** *সর্ব* নিজ। 'সকলের কার্য আপে করিছে সুসম।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* প্রধান পূজনীয়। 'গোসাঞী আপকি কহে আপ।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আপে হতে *সর্ব* আপন। 'আপে হতে আপনি অভেদ।' *মানিকরাম*, ১৭৮১।

আপকরা *বি* পাত্রবিশেষ। 'আপকরা ১টী –।' *চিঠিপত্রে*, ১৮৩৪।

আপকু [স] *বিণ* প্রায় পাকা। 'এক দিকে আপকুধান্যভারনম্র তোমার শস্যক্ষেত্র।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আপক্ষিত [স অপেক্ষা>] **১** *বিণ* নন্দিত। 'পরম সাচার সর্ব লোকে আপক্ষিত।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* অপেক্ষমাণ। 'দুর্জ্জোধন আপক্ষিত থাকে সর্ব্বদাএ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আপচয় [স অপচয়] *বি* ক্ষতি। 'সব ঠায়ি আপচয় কৈল মোর হরী।' *বড়ু*, ১৪৫০।

আপচ্ছান্তি [স আপৎ+স শান্তি] *বি* বিপদের মধ্যে শান্তির কথা। আমার অন্তরে হৃদয় বলে পদার্থটি নেই। আপচ্ছান্তি।' *প্রমথ*, ১৯২৭।

আপজাত্য [স] *বি* বংশীয় উৎকর্ষ থেকে বিচ্যুতি। 'আজ যে এতটা আপজাত্য ঘটেছে তার মূল কারণ হচ্ছে ধর্ম-সম্বন্ধে অজ্ঞতা।' *ওয়ালী*, ১৯৪২।

আপটুডেট [ই] *বিণ* অত্যাধুনিক। 'মেয়েটি বেশ স্মার্ট। আপটুডেট ...।' *শিবরাম*, ১৯৭০।

আপণ[১] [স আত্মন্] *সর্ব* স্বয়ং। 'মাএর গর্ব্ভপাত ছল করিআঁ/ আপণে রহিলা রোহিণীগর্ব্ভ গিআঁ।' বড়ু, ১৪৫০।

আপণ আপণে *ক্রিবিণ* পরস্পর। 'সঙ্কে আলিঙ্গন কৈল আপণ আপণে।' বড়ু, ১৪৫০।

আপণা *সর্ব* নিজ। 'আপণাক রাখি/ যে কাজ করে/ তাক বলিএ সিআমী।' বড়ু, ১৪৫০।

আপণার *বিণ* নিজের। 'নাহিঁ জাণ এবেঁ তোঁ আপণার শীশ।' বড়ু, ১৪৫০।

আপণে *সর্ব* নিজে। 'আসিআঁ নারদ তবেঁ সতুরে আপণে।' বড়ু, ১৪৫০।

আপণেঞি *সর্ব* নিজেই। 'আপণেঞি গুণ কাহাঞি আপণ হৃদএ।' বড়ু, ১৪৫০।

আপণ[২] [স] *বি* দোকান। 'মাদক দ্রব্যের বিক্রয়াধিক্যের জন্য সুসজ্জিত আপণশ্রেণী বিদ্যমান রহিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৬।

আপণশ্রেণী [স] *বি* সারিবদ্ধ দোকান। 'মাদক দ্রব্যের বিক্রয়াধিক্যের জন্য সুসজ্জিত আপণশ্রেণী বিদ্যমান রহিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৬।

আপতিক [স] *বিণ* আকস্মিক। *রবীন্দ্র*, ১৯১৬; 'সে-বিস্ময় আপতিক অধৈর্যের দান।' *সুধীন্দ্র*, ১৯৩১।

আপতিত [স] **১** *বিণ* সাময়িক। 'একটা আপতিত নিরবচ্ছিন্নতার ভেতর ... ডুবে যেতে লাগল।' *জীবন*, ১৯৪৮। **২** *বিণ* সহসা সংঘটিত। 'খেলার মতই আপতিত হচ্ছে কী সহজে।' *জীবন*, ১৯৪৮। **৩** *বিণ* নিপতিত। 'অগ্নিস্ফারকার্যের ভেতরে আপতিত শিশির-ফোঁটার মতো খচিত।' *জীবন*, ১৯৪৮।

আপৎকাল [স] *বি* বিপদের সময়। 'আপৎকালে অসহযোগ করো, না হয় ঘরে বসে মরবে।' *অন্নদা*, ১৯৩৭।

আপত্তি [স] **১** *বি* অসম্মতি। 'তাহাতে কাহারো আপত্তি নাই।' *রামমোহন*, ১৮১৭। **২** *বি* অভিযোগ। 'আমার যে২ আপত্তি আছে তাহা পশ্চাৎ লিখিব।' *দর্পণ*, ১৮৩০। **৩** *বি* বিধিনিষেধ। 'পুস্তকালয়ের অংশিতৃকরণেতে আপত্তি আছে।' *দর্পণ*, ১৮৩৫। **৪** *বি* দ্বিমত। 'গ্রীকেরা যে যবন জাতি তাহার প্রতি কোন আপত্তি নাই।' *অক্ষয়*, ১৮৪৭।

আপত্তিকর [স] **১** *বিণ* আপত্তিজনক। 'আপত্তিকর জিনিসটে সম্পূর্ণ গ্রাহ্য করে নেওয়াই বুদ্ধিমানের কার্য।' *প্রমথ*, ১৯১২। **২** *বিণ* বিতর্কিত। 'আপত্তিকর ধর্ম্মকর্ম্ম ও আচার অনুষ্ঠানগুলি ত্যাগ করিতে হইবে।' *বঙ্গনূর*, ১৯১৯। **৩** *বিণ* সমর্থনের অযোগ্য। 'যেসব কথা নিতান্ত আপত্তিকর বা গোপনীয় সেসব কথা আমি আন্দাজেই বুঝে নেব।' *নজরুল*, ১৯২৭।

আপত্তিকারী [স] *বি* দ্বিমত পোষণ করে যে। 'কোন কোন আপত্তিকারী তাহাও স্বীকার করিতে পারেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

আপত্তিজনক [স] *বিণ* আপত্তিকর। 'আমার তো আরও ঐটেই সর্বাপেক্ষা আপত্তিজনক মনে হয়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আপত্তিমাত্র [স] *বি* একটুও অসম্মতি। 'তোমার মুখে যে একটি আপত্তিমাত্র শুনি না।' রবীন্দ্র, ১৮৯২।

আপত্য [স আপত্তি] *বি* অসম্মতি। 'যে কথার পর বিষয়ের আপত্য বুঝা-জায়।' *ডানকান*, ১৭৮৪।

আপদ [স] **১** *বি* বিপদ। 'অধিক আপদ ধৈরজ করব/ কবি বিদ্যাপতি ভাণা' *বিদ্যাপতি*, ১৪৬০; 'সকল আপদ খণ্ডে মোহর স্মরণে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* ঝামেলা। 'গেছে যদি আপদ গেছে।' *রবীন্দ্র*, ১৯০০।

আপদকাল [স] *বি* বিপদের সময়। 'সরিয় আপদকালে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আপদগ্রস্ত [স] *বিণ* বিপদে পড়েছে এমন। 'লোক আপদগ্রস্ত হইয়া মৃত্যু প্রার্থনা করে।' *তারিণী*, ১৮০৩।

আপদ ঘুচা *ক্রি* বিপদমুক্ত হওয়া। 'এবার বোধ হয় সে আপদ ঘুচিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

আপদ ছোটা *ক্রি* আপদ দূর হওয়া। 'গান ভোলা তুই গান ফিরে নে, যাক সে আপদ ছুটে।' *রবীন্দ্র*, ১৯২৬।

আপদ বালাই [স আপদ+আ বালা] **১** *বি* বিপদ ও ঝামেলা। 'খুড়র আপদ বালাই লইয়া, এই দণ্ডে মরিয়া যাই।' *বিদ্যা*, ১৮৭৩। **২** *বি* বিরক্তিকর ব্যক্তি। 'আপদবালাই একটা কোত্থেকে এসে জুটেছে।' *বিভূতি*, ১৯২৯।

আপদ-বিপদ [স] *বি* নানা রকম বিপত্তি। 'আপদ বিপদ যথ খণ্ডিব নিশ্চএ।' *বাহরাম*, ১৬৫০।

আপদ মেটা *ক্রি* দুর্দশা দূর হওয়া। 'এখানে আসিয়াও আপদ মিটিল না।' *রবীন্দ্র*, ১৮৯২।

আপদুদ্ধার [স আপদ-উদ্ধার] *বি* আপদ থেকে উদ্ধার। 'তাহার আপদুদ্ধারের চেষ্টা করেন।' *দর্পণ*, ১৮২১।

আপন [স আত্মন্] **১** *বিণ* নিজের। 'রাখহ আপন মাণে।' বড়ু, ১৪৫০; 'আপনহি পেম তরুঅর বাঢ়ল/ কারণ কিছু নহি ভেলা!' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* একান্ত নিজের। 'তখন সাদি আপনার সুকোমল মধুরক্ষীত উপদেশ পুস্তকের সহিত উদয় হইলেন।' অক্ষয়, ১৮৪৮। **৩** *সর্ব* নিজেকে। 'অগ্নিকুণ্ডে ঘৃতাহুতি অর্পণ করিয়া আপনাকে কৃতার্থবোধ করিতেছেন।' *অক্ষয়*, ১৮৫৫। **৪** *বি* আত্মকেন্দ্রিকতা। 'আপন হতে বাহির হয়ে বাইরে দাঁড়া।' *রবীন্দ্র*, ১৯১৪।

AMARBOI.COM

আপন আপন *বিণ* নিজ নিজ। 'আপন আপন পাপানুযায়ী শাস্তি পাইবেক।' *ফরস্টার*, ১৮০১।

আপনকার *সর্ব* নিজের। 'জে বাকী থাকীবেক আপনকার পাওনায় লইবেন ইহাতে জে কমী হয় আমাকে খালাষ দিবেন।' *মেয়র্স*, ১৭৭০; 'অত্র কুসল আপনকার কুসল মঙ্গল হামেসা বাঞ্ছাতেই অত্রানন্দ।' *বোগল*, ১৭৭০।

আপনকারা *সর্ব* আপনারা। 'আপনকারা আমাকে অনুমতি করিতেছেন পরামর্শ দিতে।' *রাজীব*, ১৮০৫।

আপনকৃত [আপন+স কৃত] *বিণ* নিজে করেছে এমন। 'ঈশ্বরও আপনকৃত কার্য্যসকল সম্পূর্ণ এবং দোষশূন্য করিতে পারেন নাই।' *বঙ্কিম*, ১৮৯২।

আপনগড়া [আপন+গড়া] *বিণ* নিজের তৈরি। 'অনাসৃষ্টি সৃষ্টি আপনগড়া।' *রবীন্দ্র*, ১৯৩২।

আপনজন [আপন+স জন] *বি* আত্মীয়স্বজন। 'আয়রে আমার ... আপনজনহারা মুক্ত খ্যাপার দল।' *নজরুল*, ১৯২৫।

আপনজনহারা [আপন+স জন+স হারা] *বিণ* আপনজন হারিয়েছে এমন। 'আয়রে আমার ... আপনজনহারা মুক্ত খ্যাপার দল।' *নজরুল*, ১৯২৫।

আপনদেশ [আপন+স দেশ] *বি* নিজের মাতৃভূমি। 'স্বার্থানুরোধে আপনদেশ ও আপনাদিগকেও বিক্রয় করিতে প্রস্তুত হইত।' *অক্ষয়*, ১৮৫০।

আপনধ্বনি [আপন+স ধ্বনি] *বি* নিজের গুণকীর্তন। 'ধনী মহাশয়েরা চতুর্দ্দিক হইতে আপনধ্বনির প্রতিধ্বনি শুনিতেই ভালবাসেন।' *অক্ষয়*, ১৮৫৪।

আপনপুরুষ [আপন+স পুরুষ] *বি* স্বামী। 'তোর ভাই! যেমন কর্ম্ম – পরপুরুষ আপনপুরুষ, কি লো?' *রামনারায়ণ*, ১৮৫৪।

আপন বশ [আপন+স বশ] *বিণ* নিজের অধীন। 'আপন বশে থাকিব।' *ভবানী*, ১৮২৮।

আপন-বিভোল [আপন+স বিহ্বল] *বিণ* আত্মভোলা। 'আয়রে পাগল আপন-বিভোল খুশির খেয়ালি।' *নজরুল*, ১৯৩০।

আপনভবন [আপন+স ভবন] *বি* নিজ বাড়ি। 'কোন ছলে আনাইব আপনভবন।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আপনভাবে ১ *ক্রিবিণ* নিজের মতো। 'সকলে আপনভাবে জানে।' *হ্যালহেড*, ১৭৭৮। **২** *ক্রিবিণ* ঘনিষ্ঠভাবে। তাহাদের সঙ্গে আপনভাবে মিলিয়া কথাবার্তা কওয়া আমাদের শিক্ষিতলোকদের পক্ষে ক্রমশই কঠিন হইয়া উঠিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৬।

আপন-ভাষণ [আপন+স ভাষণ] *বি* নিজের কথা। 'কবিতা কি আপন-ভাষণ?' *শ্যামসুন্দর*, ১৯৬৯।

আপন ভাষা [আপন+স ভাষা] *বি* স্বদেশীয় ভাষা; মাতৃভাষা। 'সাধ্যানুসারে আপন ভাষায় শিক্ষা প্রদান করা ... আবশ্যক হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৩।

আপন-ভোলা [আপন+ভোলা] **১** *বিণ* নিজেকে ভুলিয়ে দেয় এমন। 'আপনভোলা স্বপন এসে সকল পণই গেল ভেসে।' *সত্যেন্দ্র*, ১৯১১। **২** *বিণ* আত্মবিস্মৃত। 'আপন-ভোলা মধুর ভুল।' *সত্যেন্দ্র*, ১৯১২। **৩** *বিণ* আত্মহারা। 'ইরাবতীর মোহানামুখ কেন আপন-ভোলা।' *রবীন্দ্র*, ১৯৩২।

আপন মনে [আপন+স মন] **১** *ক্রিবিণ* মনে মনে। 'কুজ্ঞান উদয় হইলে আপন মনে বিচার করিল।' *রামরাম*, ১৮০১। **২** *ক্রিবিণ* নিজ মনে। 'আপন মনে বেড়ায় গান গেয়ে।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৩** *ক্রিবিণ* একান্ত মনে। 'টেবিলের উপর পা তুলে দিয়ে আপন-মনে ... নিমগ্ন হয়ে থাকি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আপনমুগ্ধ [আপন+স মুগ্ধ] *বিণ* নিজেকে বিমোহিত করে এমন। 'এমন আপনমুগ্ধ ঢল নামে, তার পাশে/ এমন শরীরসঙ্গহারা।' *শঙ্খ*, ১৯৭৩।

আপন-রচা [আপন+স রচনা>] *বিণ* নিজের রচিত। 'আমার আপন-রচা কল্পরূপ ব্যাপ্ত দেশে কালে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

আপন-লীন [আপন+স লীন] *বিণ* নিজের ভেতরে বিলীন। 'জানি নে কিছু, আছি আপন-লীন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আপনলোক [আপন+স লোক] *বি* স্বজন। 'যাহাদিগকে আপন লোক বলিয়া কখনো কাছে টানি নাই।' *রবীন্দ্র*, ১৯০৮।

আপনসৃষ্ট [আপন+স সৃষ্ট] *বিণ* নিজ বংশধর। 'আপনসৃষ্ট নাতনিও তাঁর ছিল অনেকগুলি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আপনহারা [আপন+স হারা] **১** *বিণ* আত্মহারা। 'আনন্দে হল রে আপন-হারা।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *বিণ* আত্মভোলা। 'এসো হে আপনহারা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আপনা [স আত্মন্>] **১** *সর্ব* স্বয়ং। 'আপনা পাসরিলা জাতে দেব নারায়নে।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রিবিণ* আপনা আপনি; নিজে নিজে। 'তাহারা আপনারা পরমেশ্বরের নিয়মকে অবহেলা করিয়া ক্ষান্ত নহে।' *অক্ষয়*, ১৮৪৫। **৩** *সর্ব* নিজ। 'আপনা হইতে অগ্র হইয়া ইহার কার্য্যসিদ্ধি জন্য যত্ন করিতেন।' *অক্ষয়*, ১৮৪৬। **৪** *সর্ব* আপনাকে। 'উঠুক চিত্ত করিয়া নৃত্য বিস্মৃত হয়ে আপনা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আপনা-আপনি ১ *ক্রিবিণ* সহজে। 'আপনা আপনি মন বুঝাইতে পরতীত নাহি হয়।' *ছিচণ্ডী*, ১৬০০। **২** *ক্রিবিণ* স্বতঃপ্রবৃত্ত হয়ে। 'আপনা আপনি এই কথা কহিতে লাগিল।' *তারিণী*, ১৮০৩। **৩** *ক্রিবিণ* নিজে নিজে। 'বসি একাকিনী আপনা-আপনি কহিতাম ধীরে কত কথা!' *রবীন্দ্র*, ১৮৮০।

আপনা-আপনিই *ক্রিবিণ* নিজে নিজেই। 'এক রকমের সাড়া আছে যাহা আপনা-আপনিই হইয়া থাকে।' *জগদীশ*, ১৯২০।

আপনাকে *সর্ব* নিজেকে। 'আপনাকে আপনি চিন্তে জোগে মন দিয়া।' *মালাধর*, ১৫০০।

আপনাগোর *সর্ব* আপনাদের। 'আপনাগোর মত লোক পালি তো সে বাঁচি যায়।' *গিরিশ*, ১৮৮৬।

আপনাদিগের *সর্ব* নিজেদের। 'আপনাদিগের কালহরণ ও দিনপাত প্রায় অপহরণ ও লুটতরাজের দ্বারা করিত।' *ফরস্টার*, ১৭৯৬।

আপনাদের *সর্ব* নিজেদের। 'সেখানে আপনাদের অনেক শত্রুপক্ষ লোকেরা বিপক্ষতা করণের উদ্যত।' *রামরাম*, ১৮০১।

আপনা নেওয়া *ক্রি* নিজেকে আলাদা করা। 'আপনা নিয়ে দাঁড়িয়ে শুধু আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আপনাপন [আপন+আপন] *বিণ* নিজ নিজ। 'লেখকেরা আপনাপন প্রবন্ধমধ্যে ...।' *বঙ্কিম*, ১৮৭৫।

আপনা-বিভোল [আপন>+স বিহ্বল] *বিণ* আত্মভোলা। 'উল্লাসে নাচি আপনা-বিভোল, নব আশায়।' *নজরুল*, ১৯২৮।

আপনা-বিস্মৃত [আপন>+স বিস্মৃত] *বিণ* নিজেকে ভুলে যায় এমন।

AMARBOI.COM

'তারি স্নেহবশে রাত্রিদিন আছিলাম আপনা-বিস্মৃত।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আপনা ভুলা *ক্রি* উদাসীন হওয়া। 'কলস ভাসায়ে জলে বসিয়া থাকিতে চাও আপনা ভুলে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আপনা-ভোলা [আপন>+ভোলা] **১** *বিণ* আত্মহারা। 'আপনা-ভোলা সরল হাসি ঝরে পড়েছে রাশি রাশি।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *বিণ* উদাসীন। 'আপনা-ভোলা মনখানি তার অধীর হয়ে উঁকি মারে।' *রবীন্দ্র*, ১৯৩২।

আপনা-মতলবী [আপন+আ মতলব>] *বিণ* স্বার্থপর। 'লোকটা আপনা-মতলবী না।' *মনসুর*, ১৯৫৫।

আপনা-মাঝারে *ক্রিবিণ* নিজের অন্তরে। 'আপনা-মাঝারে গোপন রাজারে মন যেন তোর পায় রে।' *রবীন্দ্র*, ১৯৩২।

আপনা হতে *ক্রিবিণ* নিজের ইচ্ছায়। 'আপনা হতে এসেছে যে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আপনাহারা [আপন>+স হারা] *বিণ* আত্মভোলা। 'চেয়ে আছেন মোদের পানে আপনাহারা?' *সত্যেন্দ্র*, ১৯১২।

আপনে *সর্ব* নিজ। 'আপনে লড়িতে।' *মানোএল*, ১৭৪৩।

আপনার [আপন>] **১** *বিণ* নিজের। 'সুস্ত কর আপনার হিয়া।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* আত্মীয়। 'তোমরা আপনার জন তাই বলি।' *দীনবন্ধু*, ১৮৬০।

আপনার করা *ক্রি* আপন করে নেওয়া। 'প্রথমটা তাকে পোষ মানিয়ে আপনার করে নিতে কিছু সময় যায়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আপনার জন *বি* আপনজন। 'তোমরা আপনার জন তাই বলি।' *দীনবন্ধু*, ১৮৬০।

আপনার ঢিপেয় কুকুর রাজা – নিজের ঘরে শক্তিশালী। *নজরুল*, ১৯২৭।

আপনারদিগকে *সর্ব* আপনাদেরকে। 'আমি সাধনা করি আপনারদিগকে বিদায় করুন ...।' *রামরাম*, ১৮০১।

আপনার মাথায় কাঁঠাল ভাঙ্গা – নিজের সর্বনাশ নিজে করা। 'তার মনে জাগছিল আপনার মাথায় কাঁঠাল ভাঙার কথা।' *হাই*, ১৯৫৩।

আপনার লোক *বি* আপনজন। 'ওরা মোর আপনার লোক।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আপনারা *সর্ব* নিজেরা। 'আপনারা সকলে থাকিয়া গতি করিবো।' *ওসাঁ*, ১৭৭৬।

আপনারে *সর্ব* নিজেকে। 'নরজ্ঞান আপনারে সভার জনিল।' *বৃন্দা*, ১৫৮০।

আপনি [স আত্মন্] **১** *সর্ব* নিজে। 'আপনি হানি জে কুলক লাঘব/ কিছু ন গুনল তবে।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'আপনিত অবতার শ্রীহরি করিল।' *মালাধর*, ১৫০০; 'তিনি আপনি আপনার আত্মীয় কি না, বিচার করিয়া দেখ।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *সর্ব* সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষ বা শ্রোতাপক্ষ; তুমি। 'আপনি কোন জায়গায় গহনাগাটী বন্দক রাখিয়া ... বাটীর খরচ করিবা।' *ওসাঁ*, ১৭৮২; 'আপনি শিক্ষক নহেন, কেবল ব্যাখ্যাতা মাত্র।' *অক্ষয়*, ১৮৪৮। **৩** *ক্রিবিণ* অকারণে। 'কেন নয়ন আপনি ভেসে যায় জলে।' *রবীন্দ্র*, ১৮৯২।

আপনি-নিমগন [আপনি+স নিমগ্ন] *বিণ* স্বয়ং-নিমগ্ন। 'আপন-সুরে আপনি নিমগন।' *রবীন্দ্র*, ১৯১৮।

আপনি বাঁচলে বাপের নাম – পরের কথা ভাবার আগে নিজের স্বার্থ দেখা। 'আমি শপথ করেছি বটে আর মদ ছোঁব না, কিন্তু প্রাণটাতো বাঁচাতে হবে? আপনি বাঁচলে বাপের নাম!' *প্যারী*, ১৮৫৯।

আপনি শুতে ঠাঁই পায় না, শঙ্করাকে ডাকে – নিজের শোয়ার জায়গা মেলে না এ অবস্থায় অন্যকে আশ্রয় দেওয়ার জন্য ডেকে আনা; অবিবেচনা। 'আক্কেল দেখ না! আপনি শুতে ঠাঁই পায় না, শঙ্করাকে ডাকে।' *মনোজ*, ১৯৬১।

আপনী [স আত্মন্>] **১** *সর্ব* নিজে। 'আপন সাক্ষিতে বেটা হারিল আপনী।' *মুকুন্দ*, ১৬০০। **২** *সর্ব* সম্মানীয় মধ্যম পুরুষ। 'আপনী সেইরুপ তত্ত করিবেন এই করারে টরনীনামা পত্র দিলাম।' *মেয়র্স*, ১৭৬৬।

আপনে [স আত্মন্>] **১** *সর্ব* নিজে। 'লেখা করে কাহ্নাঞি আপনে খড়ী পাড়ী।' *বড়ু*, ১৪৫০। **২** *সর্ব* আপনি। 'আপনে না ভুঁজ পরাক না কর দানে।' *বড়ু*, ১৪৫০।

আপনে আপনি *ক্রিবিণ* নিজ থেকে; স্বতঃপ্রবৃত্ত হয়ে। 'ছায়াময়ী মূর্তিখানি আপনে আপনি মিশি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আপন্ন [স] *বিণ* বিপন্ন। 'দুই হাতে আপন্ন সংসার ...।' *শঙ্খ*, ১৯৬৯।

আপমান [স অপমান] *বি* লাঞ্ছনা। 'সুণহ নটক কাহ্ন কেহ্ন কর আপমান।' *বড়ু*, ১৪৫০।

আপযশ [স অপযশ] *বি* কলঙ্ক; কুখ্যাতি। 'আপযশ থাকিল তোর তীন ভুবন।' *বড়ু*, ১৪৫০।

আপর [স অপর] *বিণ* অন্য। 'পুরুব আপর কথা রাধা মণে গুন।' *বড়ু*, ১৪৫০।

আপরাধ, আপরাধা [স অপরাধ] *বি* দোষ। 'দূতী আপরাধ কৈল/ আন্ধারে কেহ্নে না বুইল।' *বড়ু*, ১৪৫০; 'নাহিঁ করোঁ কিছু আপরাধা।' *বড়ু*, ১৪৫০। **আপরাধে** *ক্রিবিণ* অপরাধের কারণে। 'কোণ আপরাধে মাইলেঁ চন্দ্রাবলী রাহী।' *বড়ু*, ১৪৫০।

আপরুচি [হি] *বিণ* নিজের পছন্দমতো। 'পেট আপনার সেখানে আপরুচি খানা।' *অবন*, ১৯২৫।

আপরেল [ই এপ্রিল] *বি* খ্রিস্টীয় পঞ্জিকার চতুর্থ মাস; এপ্রিল। '১৭৮৪ সনের আপরেল মাসের পহিলা তক।' *ক্যালগে*, ১৭৮৪। *দ্র* **এপ্রিল**

আপশোশ, আপশস, আপশোষ [ফা আফসোস] *বি* অনুশোচনা; খেদ। 'আমার বড়ই আপশস হইল।' *বঙ্কিম*, ১৮৭৫; 'এ কী রে আপশোশ থোড়া, এল বুড়ো।' *গিরিশ*, ১৮৮৩; 'এ নিতান্তই আপশোষের কথা।' *প্রমথ*, ১৯১৭। *দ্র* **আপসোস**

আপস [ফা] **১** *বি* আপোস; মীমাংসা। *মেয়র্স*, ১৭৫৭; 'আমরা আপসে শ্রীরামদেব হালদার ও শ্রীরামকানাই নন্দী।' *ওসাঁ*, ১৭৮২। **২** *বি* সমাধান। 'তিনি এমন একটা আপস করিতে চেষ্ট করিলেন যেটাতে ধৃতিও ক্ষুণ্ন হইল না, পায়জামাও প্রসন্ন হইল না।' *রবীন্দ্র*, ১৯১২। *দ্র* **আপোস**

আপসনিষ্পত্তি [ফা আপস+স নিষ্পত্তি] *বি* উভয় পক্ষের সম্মতিক্রমে সমস্যার সমাধান। 'এই আপসনিষ্পত্তি সবল-দুর্বলের একান্ত ভেদ থাকলে হতেই পারে না।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আপসরফা [ফা আপস+আ রিফা] *বি* মিটমাট। 'বোঝাপড়া, আপসরফা, যাই করতে হয় মাস্টার করুক।' *কায়সার*, ১৯৬৫।

আপসে নিষ্পত্তি *বি* উভয়ের সম্মতিতে সমাধান। 'সেই রফা-অনুসারে আপসে নিষ্পত্তি হইয়া যাইত।' *রবীন্দ্র*, ১৯০৪।

AMARBOI.COM

আপসা-আপসি *বি* লুকোচুরি। 'কী তোর প্রেম যে তাই নিয়ে হর-হামেশা আপসা-আপসি করছিস।' *মুজতবা*, ১৯৬০।

আপসানো [ফা আফশান] *ক্রি* আস্ফালন করা। 'রেগে ডানা আপসে ঘোড়া এমনি তেজে উড়ে চললো যে ...।' *অবন*, ১৯২৫।

আপসে-আপ *ক্রিবিণ* নিজ থেকে। 'সময়ে সেগুলি আপসে-আপ মিলাইয়া যাইবে।' *আজাদ*, ১৯৬৪।

আপসেট [ই] *বিণ* বিচলিত। 'আজ একেবারেই আপসেট।' *শিবরাম*, ১৯৫০।

আপসোস [ফা] *বি* খেদ; মনস্তাপ; অনুশোচনা। *বিদ্যা*, ১৮৯১; 'সেটা যে কেবল ঘরের পক্ষে আপসোসের বিষয় হয় তাহা নহে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আপা [তু] *বি* বড়ো বোন। 'আপা না বলিয়া বুবু বলিয়াই ডাকে।' *নজরুল*, ১৯৩১।

আপাং, আপাঙ [স অপাঙ্গক] *বি* বৃক্ষবিশেষ। 'এক জায়গায় ছিল কয়েকটা আপাং।' *খগেন্দ্র*, ১৯৫০; 'আপাঙ।' *বিদ্যা*, ১৮৯১।

আপাত, আপাতঃ [স] **১** *বিণ* বাহ্যত। 'এই সকল আপাত অনর্থক অঙ্গ হতেই অনুমান করা যায়।' *রবীন্দ্র*, ১৯১৬। **২** *বিণ* সাময়িক। 'আদর্শকে কোনরূপ আপাতঃ সুবিধার দিকে সংযুক্ত করার বিরোধী।' *আজাদ*, ১৯৪৭। **৩** *ক্রিবিণ* আপাতত। 'পথের আপাতঃ কোন বিরোধ নাই।' *আজাদ*, ১৯৬৪।

আপাতদৃষ্টিতে [স] *ক্রিবিণ* বাহ্যদৃষ্টিতে। 'আপাতদৃষ্টিতে বিশ্বসাধারণের কাছে যাহা অসন্দিগ্ধ সত্য বলিয়া খ্যাত ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

আপাতক [স আপাততঃ] *ক্রিবিণ* আপাতত। 'আপাতক একজন বাঙ্গালী ওস্তাদ তত্ত্ব করিয়া আনো।' *ভবানী*, ১৮২৮।

আপাতত [স আপাততঃ] **১** *ক্রিবিণ* এখনকার মতো। 'আপাতত ফল কিছু হইয়াছে মাত্র।' *বৃন্দা*, ১৫৮০; 'আপাতত ভবিষ্যৎ সুখই আমার আবশ্যক বলিয়া বোধ হইতেছে।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *ক্রিবিণ* এখন। 'আপাতত বজ্রপাত মস্তকেতে সয়।' *মদনমোহন*, ১৮৩৪।

আপাততঃ [স] **১** *ক্রিবিণ* এ মুহূর্তে। 'আপাততঃ তাঁহাদিগের মধ্যে এরূপ এক সম্প্রদায়ভেদ হইয়াছে বটে।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *ক্রিবিণ* এখনকার মতো। 'বস্তু সকল স্থূলদৃষ্টিতে আপাততঃ যেরূপ প্রতীয়মান হয় ...।' *বিদ্যা*, ১৮৪৯।

আপাত দৃঢ়তা [স] *বি* বাহ্যিক কাঠিন্য। 'তাঁর ভাষার আপাত দৃঢ়তা, তৎসম শব্দের প্রাচুর্য ...।' *মুরশিদ*, ১৯৭০।

আপাতদৃশ্যমান [স] *বিণ* আপাত দৃষ্টিতে দেখা যায় এমন। 'সমাজের বুকে আপাতদৃশ্যমান এই ভাঙাগড়ার খেলা কি ইতিহাসের মূল ধারাতে কোন জলোচ্ছ্বাস ঘটায়।' *সনৎ*, ১৯৭০।

আপাতদৃশ্যমানতা [স] *বি* আপাত দৃষ্টিতে দেখতে পাওয়া। 'ঘটনাপ্রবাহের আপাতদৃশ্যমানতা অনেক সময়ে ছদ্মবেশী প্রতারক।' *সনৎ*, ১৯৭০।

আপাতদৃষ্টি [স] *বি* সাধারণভাবে দেখা; বাহ্যদৃষ্টি। 'আপাতদৃষ্টিতে ইহাদের বিপুলায়তন দেহ অতি প্রকাণ্ড।' *অক্ষয়*, ১৮৫৪; 'আপাতদৃষ্টিতে বিশ্বসাধারণের কাছে যাহা সত্য বলিয়া খ্যাত, তাহাকেই কঠিন প্রমাণের দ্বারা বারংবার বিচিত্রভাবে পরীক্ষা করিয়া দেখিতে হয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

আপাত-নিরীহ [স] *বিণ* আপাত দৃষ্টিতে নিরীহ মনে হয় এমন। 'এঁদের বহু আপাত-নিরীহ সামাজিক আন্দোলনের মৌল প্রেরণা রাজনৈতিক বুদ্ধিসঞ্জাত।' *আনোয়ার*, ১৯৭০।

আপাতপ্রতীয়মান [স] *বিণ* বাহ্যত মনে হয় এমন। 'সমস্ত আপাতপ্রতীয়মান বিরোধের মধ্যেও দৃঢ়ভাবে যে আছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

আপাতপ্রত্যক্ষ [স] *বিণ* বাহ্যত চোখে পড়ে এমন। 'আপাতপ্রত্যক্ষ প্রসাদের উপরও আর আস্থা রাখা চলে না।' *রবীন্দ্র*, ১৯০৮।

আপাতবিশৃঙ্খল [স] *বিণ* সাধারণভাবে বিশৃঙ্খল মনে হয় এমন। 'বর্তমানের আপাতবিশৃঙ্খল অভিজ্ঞতা সমূচয়ের বিশ্লেষণ করে তা থেকে অর্থের আবিষ্কার...।' *শিব*, ১৯৫৬।

আপাতমূর্খতা [স] *বি* বাহ্যত নির্বুদ্ধিতা। 'উৎপলার আপাতমূর্খতার অতৃপ্তিতে ...।' *জীবন*, ১৯৪৮।

আপাতসুলভ [স] *বিণ* আপাতদৃষ্টিতে সহজলভ্য। 'কেননা আপাতসুলভ জ্ঞানে এ বিশ্ব একটি ভাঙাচোরা ...।' *প্রমথ*, ১৯১৪।

আপাতাল [স] *ক্রিবিণ* পাতাল পর্যন্ত। 'গ্রন্থরহস্য মধ্যে মন্দার পর্বতের মতো আপাতাল-নিমজ্জিত হওয়ারই নাম অন্তরঙ্গ পর্যালোচনা।' *প্রমথ*, ১৯২৭।

আপাতাল-নিমজ্জিত [স] *বিণ* পাতাল পর্যন্ত নিমগ্ন; গভীরভাবে নিমগ্ন। 'গ্রন্থরহস্য মধ্যে মন্দার পর্বতের মতো আপাতাল-নিমজ্জিত হওয়ারই নাম অন্তরঙ্গ পর্যালোচনা।' *প্রমথ*, ১৯২৭।

আপাদ [স] *বিণ* পা পর্যন্ত। 'আপাদলম্বিত কেশ কস্তুরী সৌরভ।' *আলাওল*, ১৬৮০।

আপাদকবরী [স] *ক্রিবিণ* পা থেকে চুল পর্যন্ত। 'স্বয়ং আপাদকবরী প্রেমরসার্দ্রা হইল।' *বঙ্কিম*, ১৮৭৩।

আপাদ-গ্রীবা [স] *ক্রিবিণ* পা থেকে গলা পর্যন্ত। 'আপাদ-গ্রীবা সতরঞ্চি মুড়ি দিয়ে উবু হয়ে বসল।' *মণীশ*, ১৯৫৭।

আপাদমস্তক [স] *ক্রিবিণ* পা থেকে মাথা পর্যন্ত। 'আপাদমস্তক কৃষ্ণ ঘন ঘন চায়।' *দীচণ্ডী*, ১৫৫০।

আপাদমাথা [স আপাদমস্তক] *ক্রিবিণ* পা থেকে মাথা পর্যন্ত। 'পরাজয়ে হয় না আপাদমাথা কালো।' *শক্তি*, ১৯৬৫।

আপাদলম্বিত [স] *বিণ* পা পর্যন্ত লম্বা। 'আপাদলম্বিত কেশ কস্তুরী সৌরভ।' *আলাওল*, ১৬৮০।

আপামর [স] *বিণ* সকল শ্রেণীর। 'আপামর সাধারণ লোক নানাবিধ ভক্ষণ সামগ্রীতে তৃপ্ত হইয়াছে।' *দর্পণ*, ১৮১৯; 'তদ্দেশবাসি আপামর সাধারণ লোক।' *দর্পণ*, ১৮৩৯।

আপামরজন [স] *বি* সমস্ত লোকজন। 'আপামরজনে আমি কহাইব আজ।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আপামরসাধারণ [স] *বি* উঁচু-নিচু সকল শ্রেণীর লোক। *বিদ্যা*, ১৮৯১; 'আপামরসাধারণ সবাই আজ রাতারাতি বড়োমানুষ হতে চায়।' *প্রমথ*, ১৯১৯।

আপার[১] [স অপার] *বিণ* অত্যন্ত। 'একসরী বনে ভয় পাইলোঁ আপারে।' *বড়ু*, ১৪৫০।

আপার[২] [ই] *বিণ* অপেক্ষাকৃত উঁচু। 'আপার শিলঙে বেড়াতে যাব।' *রবীন্দ্র*, ১৯২৮।

আপার হাউস [ই] *বি* সংসদের উচ্চতর কক্ষ। 'মন্ত্রণা পরিষদ, আপার হাউস, লোয়ার হাউস, স্পীকার, প্রেসিডেন্ট।' *হাই*, ১৯৫৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আপিম [আ আফিউন] *বি* আফিম। 'চুপিচুপি আপিমের ব্যবসা করে হোসেন?' *মানিক*, ১৯৩৬।

আপিল, আপীল [ই অ্যাপিল] **১** *বি* আবেদন। 'সদর দেওয়ানি আদালত আপিলের কচহরি হৈর্য্য হইয়াছিল।' *ঢানকান*, ১৭৮৪; 'সে মকদ্দমা বিলাত আপীল হইয়া ...।' *দর্পণ*, ১৮১৯। **২** *বি* পুনরায় বিচারের আবেদন। 'সেই আপীলের দরখাস্তী আরজী।' *ফরস্টার*, ১৭৯৫। **৩** *বিণ* পুনরায় বিচার হয় এমন। 'সদর দেয়ানী কোর্ট আপিল প্রভৃতি আদালতে গমন।' *ভবানী*, ১৮২৫।

আপিলান্ট [ই] *বি* রায় পুনর্বিবেচনা করার জন্যে আবেদন জানায় যে। *বিদ্যা*, ১৮৯১। *দ্র* **আপীলেন্ট, আপেলান্ট**

আপিলি [ই অ্যাপিল>] *বিণ* আপিল বিষয়ক। *বিদ্যা*, ১৮৯১।

আপীলহীন [ই অ্যাপিল+স হীন] *বি* পুনর্বিবেচনার সুযোগ নেই এমন। 'এমন আপীলহীন ফল বেরুত।' *শওকত*, ১৯৪৬।

আপিশ [ই অফিস] *বি* দাপ্তরিক কাজকর্ম। 'এক জামা পরে সপ্তাহের ছ'দিন আপিশ করবেন।' *বুদ্ধ*, ১৯৪৯। *দ্র* **আপিস**

আপিশ করা *ক্রি* দাপ্তরিক কাজকর্ম করা। 'এক জামা পরে সপ্তাহের ছ'দিন আপিশ করবেন।' *বুদ্ধ*, ১৯৪৯।

আপিস, আপীস [ই অফিস] *বি* দপ্তর। 'এই আপিসে আসিয়া সওদা করহ।' *ক্যালগে*, ১৭৮৪; 'ভট্টাচার্যের আপীসে কিম্বা মোং শ্রীরামপুরের কাছারি বাটীর নিকট।' *দর্পণ*, ১৮১৮। *দ্র* **আপিশ**

আপিস-কোটা [ই অফিস+স কোষ্ঠ] *বি* অফিস-ঘর। 'বিষম রাক্ষস ওটা, মেলিয়া আপিস-কোটা গ্রাস করে গোটা গোটা বন্ধুবান্ধবেরে –।' *রবীন্দ্র*, ১৮৯০।

আপিসঘর [ই অফিস+ঘর] *বি* অফিসকক্ষ। 'এখন ইহা আমারই আপিস-ঘর বৈঠকখানা-দরদালানের শামিল হইয়া পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আপিস-সম্রাট [ই অফিস+স সম্রাট] *বি* অফিসের প্রধান। 'হোতো ভদ্র বাঙালীর বড়ো কর্তা, আপিস-সম্রাট।' *অমিয়*, ১৯৩৯।

আপিসর [ই অফিসার] *বি* কর্মকর্তা; অফিসার। 'এক জন আপিসর ... অনেক ধন প্রদান করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৯।

আপিসী [ই অফিস>] *বিণ* অফিসে পরার উপযোগী। 'সারাদিনের আপিসী কাপড় চোপড়ের উষ্ণ সুখস্পর্শ ...।' *হাই*, ১৯৫৮।

আপিসোর [ই অফিসার] অফিসার। *ক্যালগে*, ১৮০০।

আপীল, আপীলহীন *দ্র* **আপিল**

আপীলেন্ট [ই] *বি* যে আপিল করেছে; আবেদনকারী। 'তাহাতে যদি সেই আপীলেন্ট তাহার মোকদ্দমা ...।' *ফরস্টার*, ১৭৯৫।

আপু [স আত্মন্>] *সর্ব* স্বয়ং; আপনি। 'সবে পরীহরি তোহি ইহ হরি আপু সরাহরি পুন।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আপুণী [স আত্মন্>] *সর্ব* নিজে। 'কাহের সকল দোষণ খণ্ডিবোঁ আপুণী।' *বড়ু*, ১৪৫০।

আপুনি [স আত্মন্>] *সর্ব* স্বয়ং। 'কংসের পাপ চেষ্টা দেখিয়া আপুনি।' *মালাধর*, ১৫০০।

আপুষ্ট [স অপুষ্ট] *বিণ* অপক্ব। 'মর্ম্মর উঠিছে কভু আপুষ্ট শস্যের শীষে শীষে।' *সত্যেন্দ্র*, ১৯১০।

আপুষ্যপুত্র [স পোষ্যপুত্র] *বি* পুষ্যপুত্র। 'শ্রীমোহনলাল মণ্ডলকে সোপরোর্দ্ধ করি আপুষ্য পুত্র রাখিলাম।' *চিঠিপত্রে*, ১৮০১।

আপূত *বি* গাছবিশেষ। 'আতভড়ি আতজিআ আপূত বণে।' *বড়ু*, ১৪৫০।

আপূনি [স আত্মন্>] *সর্ব* স্বয়ং। 'কেবল আপুনি একা।' *হ্যালহেড*, ১৭৭৩।

আপে [স আত্মন্>] *সর্ব* নিজে। 'আপনা রূপের ভাবে আপে হৈল লীন।' *আলাওল*, ১৬৮০।

আপেক্ষা [স অপেক্ষা>] *ক্রি* তত্ত্বাবধান করা। 'তুহ্মি তানে আপেক্ষি রাখিবা যত্ন করি।' *সুলতান*, ১৭০০; 'প্রথমে আপনা ভগ্নী রাখ আপেক্ষিয়া।' *সুলতান*, ১৭০০।

আপেক্ষিক [স] **১** *বিণ* অন্য বিষয়ের উপর নির্ভরশীল। 'ভ্রান্তি শুধু আপেক্ষিক, নির্বিকার প্রকৃতি প্রময়ে।' *সুধীন্দ্র*, ১৯২৮। **২** *বিণ* তুলনামূলক। 'ধর্ম-অধর্ম সবই আপেক্ষিক গুণাগুণ।' *মনসুর*, ১৯৫৫।

আপেক্ষিক গুরুত্ব [স] *বি* পরস্পর ওজন সম্পর্কে তুলনা। 'আপেক্ষিক গুরুত্ব অনুসারে পদার্থের ওপর পৃথিবীর আকর্ষণ বেশি সংখ্যা কিংবা কম।' *জগদীশ*, ১৮৯৫।

আপেক্ষিক তত্ত্ব [স] *বি* আইনস্টাইনের মতবাদ; বিশ্বব্রহ্মাণ্ডে সমস্ত গতি তুলনামূলক এবং মহাশূন্যের চতুর্থ মাত্রা হলো সময় – এই মতবাদ। 'আপেক্ষিক তত্ত্ব প্রমাণ করতে বসবে।' *মানিক*, ১৯৩৮।

আপেক্ষিকতা [স] *বি* পরস্পর নির্ভরশীলতা। 'জ্ঞানমাত্রেরই আপেক্ষিকতা লইয়া ...।' *পরশু*, ১৯৪০।

আপেনাশ [স আপ্তনাশ] *বিণ* বিলুপ্ত। 'তার সঙ্গে মন্দ কর্ম আপেনাশ হয়।' *আলাওল*, ১৬৮০।

আপেল [ই আপ্‌ল] *বি* ফলবিশেষ। 'আপেল পিচ প্রভৃতি অনেক প্রকার ফল ধরে আছে।' *রবীন্দ্র*, ১৮৮১।

আপেলান্ট [ই] *বিণ* আবেদনকারী। 'আপেলান্ট অর্থাৎ হিন্দুরদের সপক্ষে ডাক্তর ... সাহেবেরা বিতণ্ডাকারী।' *দর্পণ*, ১৮৩২।

আপোঙষ [স অপযশ] *বিণ* অপমানিত। 'মোএঁ আপোঙষ হৈবোঁ তোহ্মে জাইবেঁ মার।' *বড়ু*, ১৪৫০।

আপোদ [স আপদ] *বি* বিপদ। 'সে অনুমতিপত্রখান ছিঁড়ে ফেল, আপোদ যাক।' *দীনবন্ধু*, ১৮৬৩।

আপোন [স আত্মন্>] *সর্ব* আপন। 'আপোন ইচ্ছায় তাহারে যত পাড়ে গালি।' *বিজয়*, ১৬৫০।

আপোনার *সর্ব* আপনার। 'নাগরথে চড়িয়া গেলা আপোনার ঘর।' *বিজয়*, ১৬৫০।

আপোষ[১] [স আপোষ্য] **১** *বি* প্রহার। 'সুণিলেঁ আইহন মোরে করিব আপোষে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* বিতাড়িত। 'কংসে সুধি পাইলেঁ হইবেঁ তোহ্মে আপোষে।' *বড়ু*, ১৪৫০।

আপোষ[২], **আপোস** [ফা আপস] *বি* পারস্পরিক সম্মতি। 'বিবাদ আপোসে মিটাইয়া দেওয়া পরামৃশ্য।' *দর্পণ*, ১৮২৯।

আপোষ-নিষ্পত্তি [ফা আপস+স নিষ্পত্তি] *বি* মীমাংসা। 'নূতন নূতর অবস্থার সম্বন্ধে নূতন করে বারে বারে আপোষ-নিষ্পত্তি না করলে...।' *রবীন্দ্র*, ১৯২৩।

আপোষবিহীন [ফা আপস+স বিহীন] *বিণ* মীমাংসা না ক'রে। 'আপোষবিহীন সংগ্রাম চালাইবার জন্য আবেদন।' *বেগম*, ১৯৪৯।

আপোষহীন [ফা আপস+স হীন] *বিণ* আপস করতে অসম্মত। 'আরেকটি দিকে আপোষহীন, পাকাবুড়ি ছাড়া চাকরাণী রাখেন না।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

AMARBOI.COM

আপোষহীনভাবে [ফা আপস+স হীনভাবে] *ক্রিবিণ* মীমাংসাহীনভাবে। 'ততদিন তাঁদিগকে আপোষহীনভাবে কর্তব্য পালন করিয়া যাইতে হইবে।' *আজাদ*, ১৯৬০।

আপোসনামা [ফা] *বি* উভয় পক্ষের সম্মতিতে লিখিত শর্তযুক্ত দলিল। 'এই শর্তে আপোসনামা লেখাপড়া হইয়াছে।' *মনসুর*, ১৯৫৫।

আপোষ-রফা [ফা আপস+আ রিফা] *বি* আলাপ-আলোচনার মাধ্যমে সমাধান। 'গবর্ণমেন্ট আপোষ-রফার সুখ-স্বপ্নই দেখিয়াছিলেন।' *আজাদ*, ১৯৪২।

আপ্ত [স] ১ *বি* আত্মীয়। 'ধাইয়া আইলা সবে যত আপ্তগণ।' *বৃন্দা*, ১৫৮০। ২ *সর্ব* আঘাত। 'আপনার শিরে সাধু করে আপ্তঘাতি।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* শুমরে ওঠে এমন। 'হৃদএ জন্মিল আপ্তরোল।' *বাহরাম*, ১৭০০। ৪ *বিণ* গোপন। 'আপ্ত কথা ব্যক্ত কৈলা এই দুখে মরি।' *হ্যালহেড*, ১৭৭৫। ৫ *বিণ* স্বতঃসিদ্ধ। 'তিনি সেই শাস্ত্রকেই পরমেশ্বরের প্রণীত অভ্রান্ত আপ্তবাক্য বলিয়া অঙ্গীকার করেন।' *অক্ষয়*, ১৮৫৪। ৬ *বি* আত্মা। 'আপ্ততত্ত্বে ফাজেল যে জনা সেই জ্ঞানে সাঁইজির নিগূঢ় কারখানা।' *লালন*, ১৮৯০।

আপ্তকাম [স] *বিণ* মনস্কামনা চরিতার্থ হয়েছে এমন। 'তাতে সে আপ্তকাম নয়।' *অচিন্ত্য*, ১৯৫০।

আপ্তঘাত [স] *বি* আত্মহত্যা। 'আপ্তঘাত মহাপাপ সংসার ভিতর।' *আলাওল*, ১৬৮০।

আপ্তঘাতি [স আপ্তঘাত>] *বিণ* আঘাত। 'আপনার শিরে সাধু করে আপ্তঘাতি।' *মুকুন্দ*, ১৬০০।

আপ্ততত্ত্ব [স] *বি* আত্মতত্ত্ব; আত্মা সম্পর্কিত জ্ঞান। 'আপ্ততত্ত্বে ফাজেল যে জনা সেই জ্ঞানে সাঁইজির নিগূঢ় কারখানা।' *লালন*, ১৮৯০।

আপ্ততা [স] *বি* আত্মীয়তা। 'যেন মিত্র রাখিয়া আপ্ততা হৈল ভঙ্গ।' *আলাওল*, ১৬৫১।

আপ্তনাশ [স] *বি* আত্মবিনাশ; নিজের সর্বনাশ। 'প্রেম ফান্দে বাজিলে মুক্তি নাহি আশ। যবে করে ভাবকে সমূলে আপ্তনাশ।' *আলাওল*, ১৬৮০।

আপ্তবাক [স] *বি* নির্ভুল বলে দাবিকৃত। 'পালমহাশয়ের আপ্তবাক আমরা বৈজ্ঞানিক সত্য বলে গ্রাহ্য করতে বাধ্য নই।' *প্রমথ*, ১৯১৪।

আপ্তবাক্য [স] *বি* প্রশ্ন না করে নির্ভুল সত্য বিবেচনা করে পালনীয় আদেশ। 'তিনি সেই শাস্ত্রকেই পরমেশ্বরের প্রণীত অভ্রান্ত আপ্তবাক্য বলিয়া অঙ্গীকার করেন।' *অক্ষয়*, ১৮৫৪; 'বিশ্বের সমস্ত জ্ঞাতব্য ও মন্তব্য সম্বন্ধে মানুষের জিজ্ঞাসার প্রবণতা আজ বৈজ্ঞানিক। আপ্তবাক্যে মোহ তার কেটে গেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আপ্তবাণী [স] *বি* অপৌরুষেয় বাণী। 'আমাদের জ্ঞান আপ্তবাণীর ভাষ্যে।' *সুধীন্দ্র*, ১৯৩৯।

আপ্তবিশ্রুতি [স] *বি* আত্মবিস্মৃতি। 'আমার আপ্তবিশ্রুতি হবে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

আপ্তভাব [স] *বিণ* আত্মীয়ের মতো। 'কামিলা না পায়্যা তথা আমারে পাঠাইলে এথা আপ্তভাব করিআ তোমারে।' *মুকুন্দ*, ১৬০০।

আপ্তভাষী [স] *বিণ* প্রামাণিক তত্ত্বদর্শী। 'অসামান্য ধী-শক্তিসম্পন্ন তর্কদর্শী পণ্ডিতদিগকেও ভ্রান্তিশূন্য আপ্তভাষী বলিয়া বিশ্বাস করেন না।' *অক্ষয়*, ১৮৫৪।

আপ্তরক্ষা [স] *বি* আত্মরক্ষা। 'আপ্তরক্ষার নিমিত্তে যে কোন দুটি যুক্তি এবং ছল ব্যবহার করিতে পারি।' *তারিণী*, ১৮০৩।

আপ্তরোল [স] *বি* চাপাকান্না। 'হৃদএ জন্মিল আপ্তরোল।' *বাহরাম*, ১৬৫০।

আপ্তশ্রুতি [স] *বি* কিংবদন্তি। 'এরূপ আপ্তশ্রুতি আছে ...।' *বিদ্যা*, ১৮৫১।

আপ্তোপদেশ [স আপ্ত-উপদেশ] *বি* নির্বিচারে গ্রহণীয় বিধান। 'বেদেই আপ্তোপদেশ।' *বঙ্কিম*, ১৮৮৭।

আপ্তারে *বি* আতশবাজিবিশেষ। 'ওজোনের আপ্তারে।' *চিঠিপত্রে*, ১৮৬৮।

আপ্তোপদেশ *দ্র* আপ্ত

আপ্যায়ন [স] ১ *বি* আতিথেয়তা। 'আপ্যায়নের ত্রুটি দেখিয়ে বেইজ্জতির অজুহাতে চক্ষু দুটো উষ্ণ কটাহের মতো গরম করে ...।' *নজরুল*, ১৯২৭। ২ *বি* ভদ্রতার কথাবার্তা। 'আহার ও আলাপ-আপ্যায়ন সেরে আমাদের নিমন্ত্রণকর্তা রাজার সঙ্গে তাঁর মোটরগাড়িতে চড়ে ...। *রবীন্দ্র*, ১৯২৯। ৩ *বি* স্বাগত জানানো। '... মুখে আপ্যায়নের মেকি হাসি নেই।' *সেলিনা*, ১৯৭৫।

আপ্যায়িত [স] ১ *বিণ* পরিতৃপ্ত। 'মোর রূপে আপ্যায়িত করে ত্রিভুবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* তুষ্ট। 'আপ্যায়িত হওয়া গেল।' *রামরাম*, ১৮০২। ৩ *বিণ* অভ্যর্থিত। 'সর্বত্র তদভিজ্ঞ জনকে প্রদানপূর্বক আপ্যায়িত করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৪; 'গবর্ণমেন্ট নিমন্ত্রণে যান, বিনীত সম্ভাষণে আপ্যায়িত হন, লন্‌টেনিস খেলেন ...।' *রবীন্দ্র*, ১৮৯০। ৪ *বিণ* আনন্দিত। 'এ বিষয়ে কুত্রাপি কাহারও যত্ন দেখিলে পরম আপ্যায়িত হওয়া যায়।' *অক্ষয়*, ১৮৪৮।

আপ্রাণ [স] *বিণ* যথাসাধ্য। 'চোখের জল মুছবার জন্য সত্যিই তিনি আপ্রাণ চেষ্টা করলেন।' *নরেন্দ্র*, ১৯৪৫।

আপ্রিল [ই] *বি* খ্রিস্টাব্দের চতুর্থ মাস; এপ্রিল। 'গত ১ আপ্রিল অবধি কলিকাতা কুরিয়র সমাদপত্র প্রত্যহ প্রকাশ হইতে লাগিল।' *দর্পণ*, ১৮৩৩। *দ্র* **এপ্রিল**

আপ্রেল [ই] *বি* খ্রিস্টাব্দের চতুর্থ মাস; এপ্রিল। '১ আপ্রেল ১৮৩৭ অবধি।' *দর্পণ*, ১৮৩৮।

আপ্লাবিত [স] *বিণ* সিক্ত। 'অঙ্গ হল্য আপ্লাবিত নয়নের লোহে।' *মানিকরাম*, ১৭৮১।

আপ্লুত [স] *বিণ* ভিজা; সিক্ত। 'গন্ধর্ব্বসেন জল হইতে গাত্রোত্থান করিয়া জলেতে আপ্লুত গন্ধভশরীরেতে সভার মধ্যে উপস্থিত ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

আফওয়াই [আ] *বি* গুজব। 'সহর বাজারে মিলে ওড়িল আফওয়াই।' *গরীব*, ১৭৬৫।

আফগান [ফা] ১ *বিণ* আফগানিস্তানে অনুষ্ঠিত। 'আফগান যুদ্ধের বিষয়ে তুমি কী বিবেচনা কর।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* আফগানিস্তানের অধিবাসী। 'আফগান মারে ঘাপটি।' *নজরুল*, ১৯৩১।

আফগানি, আফগানী [ফা] ১ *বিণ* আফগানি-সুলভ। 'দারাজ দিলীর আফগানি দিল।' *নজরুল*, ১৯২৮। ২ *বি* আফগানিস্তানের অধিবাসী। 'জাতিভাই আফগানীদিগকে নিমন্ত্রণ দিয়ে ...।' *মোহাম্মদী*, ১৯৩৯।

আফত, আফৎ [আ] ১ *বি* বিপদ। 'আফত ঘটিবে আজ আমা সবাকার।' *হামজা*, ১৮০৭। ২ *বি* দুর্দশা। 'আফৎগুলি মুসলমানকে পাইয়া বসিতে লাগিল।' *মোহাম্মদী*, ১৯৩২। *দ্র* **আফদ**

AMARBOI.COM

আফতা [ফা আফতাবা] *বি* কলস। *মানোএল*, ১৭৪৩।

আফতাব [ফা] *বি* সূর্য। 'ইমামের মুখেতে লাগে আফতাবের তাফ।' *গরীব*, ১৭৬৫।

আফতাবা [ফা] *বি* পানির পাত্র। 'চিলমচী আনিল বান্দি আফতাবায় পানি।' *গরীব*, ১৭৬৫।

আফদ [স আপদ] *বি* আপদ। 'আফদ তো মরদের হয়।' *প্যারী*, ১৮৫৮।

আফলন্ত [স অফলবন্ত>] *বিণ* ফল হয় না এমন। *বিদ্যা*, ১৮৯১।

আফলা [স ফল>] *বিণ* ফল ধরে না এমন। *বিদ্যা*, ১৮৯১।

আফলাতুন [ফা] *বিণ* বুদ্ধিমতী। 'এ আফলাতুন মেয়ের জ্বালুমে মায়েরও পরমার্থ-চিন্তা অনেক কমাতে হয়েছে।' *নজরুল*, ১৯২৭।

আফশাঁ [আ ইফশা] *বি* সূক্ষ্ম সোনালি বা রুপালি চূর্ণবিশেষ। 'আটা সংযোগে আফশাঁ ও চুমকি বসান হইয়াছে।' *রোকেয়া*, ১৯২১।

আফসা [ফা আফশান; আ ইফশা] *বি* সূক্ষ্ম রুপালি বা সোনালি গুঁড়া, যা স্ত্রীলোকেরা প্রসাধনীরূপে মুখে ব্যবহার করে। 'গাল দুটি আফসা জড়িত হইয়া ঝকমক করিতেছে।' *রোকেয়া*, ১৯৩০।

আফশোশ, আফশোস, আফশোষ [ফা আফসোস] **১** *বি* অনুশোচনা; খেদ। *ভবানী*, ১৮২৩; 'আফশোশ করে আর ফল কি এখন।' *শিবরাম*, ১৯৪০। 'অপচয়ের জন্যে কত আফশোস করে মরেছি।' *নরেন্দ্র*, ১৯৫৬। **২** *বি* অনুতাপ। 'হুকুম মানে না ঘোড়া! অন্তর শুষিছে আফশোষ।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

আফসোস [ফা] **১** *বি* অনুতাপ। 'আফসোস করে দেবরাজ।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* দুঃখ। 'মহাদুঃখে জার জার কাঁদেন আফসোসে।' *গরীব*, ১৭৬৫। **৩** *বি* আক্ষেপ। 'তোমার দৌলতে আমার মনো আফসোস মিটুক।' *ভবানী*, ১৮২৮।

আফাটা [অফাটা>] **১** *বিণ* ফাটা নয় এমন। *বিদ্যা*, ১৮৯১। **২** *বিণ* মূর্খ। 'আটকুড়ে কোটালের আফাটা কপাল।' *দক্ষিণা*, ১৯৪০।

আফার [আ আফা>] *বি* লোকসান; বিনাশ। 'পাইলে মূল আফারে।' *বদু*, ১৪৫০।

আফালি *বি* লাফানি; লাফঝাঁপ। 'খানিক পরে চালের উপর যথারীতি মাছের আফালি।' *মনোজ*, ১৯৬১।

আফিং, আফিঙ, আফিঙ্গ [আ আফিউন] *বি* পোস্ত ফল থেকে তৈরি মাদকদ্রব্য; আফিম। 'আর কাজী খাইছে আফিঙ্গ।' *বিজয়*, ১৬৫০; 'আফিঙ।' *বিদ্যা*, ১৮৯১; 'তার চেয়ে খানিকটা আফিং তুঁতের জলে গুলে হরতেল মিশিয়ে খান-না কেন?' *রবীন্দ্র*, ১৯০৭; 'আমরা নিজেকে ভুলিয়ে আফিঙের ঘুম ঘুমাই।' *রবীন্দ্র*, ১৯৩৭। *দ্র* **অহিফেন, আফিম**

আফিংখোর [আ আফিউন+ফা খোর] *বি* আফিম সেবনকারী। 'ছোটো-ছোটো রাজ্যের রাজারা সব রাজপুত, আর সকলেই আফিংখোর।' *প্রমথ*, ১৯৪০।

আফিডেবিট [ই] *বি* এফিডেভিট; হলফনামা। 'আফিডেবিট অর্থাৎ হলফনামারূপে এক লিপি প্রস্তুত করিয়া ...।' *দর্পণ*, ১৮২৩।

আফিণ [আ আফিউন] *বি* আফিম। 'আফিণের দ্বারা সরকারের যে আয় আছে।' *ফরস্টার*, ১৭৯৭। *দ্র* **আফীন**

আফিম [আ আফিউন] *বি* মাদকবিশেষ। *ক্যালগে*, ১৭৮৫; 'ডেড় ভরি আফিম, ডেড় শ ছিলিম গাঁজা।' *হুতোম*, ১৮৬১। *দ্র* **আফিং**

আফিমখোর [আ আফিউন+ফা খোর] *বি* আফিম-আসক্ত। 'ঝিমোচ্ছে নিঃশব্দে কোনো আফিমখোরের মতো।' *শামসুর*, ১৯৫৯।

আফিমি [আ আফিউন>] *বিণ* আফিমের; আফিম সম্পর্কিত। *বিদ্যা*, ১৮৯১।

আফিস [ই অফিস] *বি* সরকারি দফতর। 'কলিকাতার পুলিস আফিসের জষ্টীস সাহেবান হুকুম দেন।' *মিলার*, ১৭৯৭।

আফিসর [ই] *বি* কর্মকর্তা। 'এক আফিসরের হিস্যার মধ্যে।' *ক্যালগে*, ১৮০০।

আফীন [আ আফিউন] *বি* আফিম। 'আফীন হইতে নিষেধের আইন।' *ফরস্টার*, ১৭৯৬; 'কোম্পানি বাহাদুরের তরফ আফীনের কর্ম্মের দেওয়ান ছিলেন।' *দর্পণ*, ১৮৩০। *দ্র* **আফিণ**

আফুটা [অফুটা>] *বিণ* ফোটেনি এমন। *বিদ্যা*, ১৮৯১।

আফুলা [স অফুল্ল>] *বিণ* ফুল ধরে না এমন। *বিদ্যা*, ১৮৯১।

আফীস [ই] *বি* অফিস; দফতর। *দর্পণ*, ১৮২৮।

আফোত [আ] *বি* বিপদ। 'বাবু আড় হয়ে পড়ে আফোতের তামাম করেন।' *প্যারী*, ১৮৫৮। *দ্র* **আফত, আফদ**

আফ্রিকা [ই] *বি* এশিয়ার পশ্চিমে এবং ইউরোপের দক্ষিণে অবস্থিত মহাদেশ। 'আফ্রিকা ও আমেরিকা বাসী ... ব্যবসায় করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৮।

আফ্রিকানিবাসী [ই আফ্রিকা+স নিবাসী] *বি* আফ্রিকায় বাসকারী। 'আফ্রিকানিবাসীরা তাহাদিগকে ভর্জন করিয়া ভক্ষণ করে।' *অক্ষয়*, ১৮৫৪।

আফ্রিদি *বি* পাকিস্তানের নৃগোষ্ঠীবিশেষ। 'আফ্রিদি যদি হতাম আমি রে আজ।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আব[১] [ফা] *বি* জল। 'কাপড় উপরে ধোরা ঢেলে দেও আব।' *গরীব*, ১৭৬৫।

আব[২] [হি] *ক্রিবিণ* এখন; এই মুহূর্তে। 'সব-কুছ আব দূর রহো!' *নজরুল*, ১৯২২।

আব[৩] [অর্বুদ] **১** *বি* গাছের কাণ্ডের কোথাও ফুলে ওঠা অংশ। 'বাওবাব গাছ ... গায়ে যেন বড় বড় আঁচিল কি আব বেরিয়েছে।' *বিভূতি*, ১৯৩৩। **২** *বি* অর্বুদ; টিউমার;। 'টাকের উপর আলুর মতো বড় আবটি দেখিয়া হাসি পায়।' *মানিক*, ১৯৩৬।

আবওয়াব, আবওাব [আ আবোয়াব] *বি* জমিদারদের একপ্রকার অনৈতিক আদায়। 'বেহারের মোকররি আবওাব বেশী।' *এডমন*, ১৭৯৩; 'আবওয়াব অর্থাৎ বাজে আদায় দ্বারা অনেক লাভ করিয়া থাকেন।' *সুলভ*, ১৮৭০।

আবকারি, আবকারী [ফা আবগারি] *বিণ* মাদকদ্রব্য বিষয়ক। 'লোভ ভারী আবকারী যুক্ত করি কর।' *গুপ্ত*, ১৮৫৮; 'হিন্দু রাজাদিগের আমলে আবকারির আইন ... প্রচার হইত না।' *বঙ্কিম*, ১৮৭৫। *দ্র* **আবগারি**

আবক্ষ [স] *ক্রিবিণ* বুক পর্যন্ত। 'আবক্ষ ডুবায়ে জলে বসিয়া সুন্দরী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আবখুদি [হি আপ+ফা খোদ>] *বিণ* জেদি; নিজের ইচ্ছায় চলে এমন। *ওসাঁ*, ১৭৮৫।

আবখোরা [ফা আবখোরাহ্] *বি* পানি পানের পাত্রবিশেষ। 'তিনি মহাব্যস্তে আবখোরা পরিষ্কার করিয়া সোরাহীর শীল ভগ্ন করিলেন।' *মশাররফ*, ১৮৮৫।

AMARBOI.COM

আবগারি, আবগারী [ফা আবগারি] *বিণ* মাদকদ্রব্য ব্যবসায় সংক্রান্ত। 'গরলময় আবগারিতন্ত্র আমাদিগের সর্ব্বনাশের হেতু ...।' *অক্ষয়*, ১৮৪৮; 'আবগারীর আইন অনুসারে মদের দোকানের সদর দরজা বন্ধ হয়েছে।' *হুতোম*, ১৮৬১। দ্র **আবকারি**

আবগারিতন্ত্র [ফা আবগারি+স তন্ত্র] *বি* মাদকদ্রব্যাদি ব্যবহারের রীতি। 'গরলময় আবগারিতন্ত্র আমাদিগের সর্ব্বনাশের হেতু ...।' *অক্ষয়*, ১৮৪৮।

আবগাহ [স অবগাহন] *ক্রি* জলে নিমজ্জিত হওয়া। 'মোর বোল সুণ আবগাহী।' *বড়ু*, ১৪৫০।

আবছা [স অপচ্ছায়া] ১ *বিণ* অস্পষ্ট। 'বেহেশতে কে আনলে এমন আবছা ব্যথার রেশ।' *নজরুল*, ১৯২৬। ২ *বিণ* হালকা। 'আবছা-হলুদ লালচে-হলুদ।' *জসীম*, ১৯৩১। ৩ *বিণ* অস্পষ্ট। 'উপছায়া-চলা বনে বনে মন আবছা পথের যাত্রী।' *রবীন্দ্র*, ১৯৩৯।

আবছা-আবছা *ক্রিবিণ* অস্পষ্টভাবে। 'আবছা-আবছা নজরে পড়ে ঘাটে বাঁধা ছইশূন্য ভারি খেয়া নৌকাটা।' *ওয়াসী*, ১৯৪৫।

আবছা-দেখা *বিণ* অস্পষ্টভাবে দেখা যায় এমন। 'আবছা-দেখা সড়কের জগৎ।' *শওকত*, ১৯৫৮।

আবছায়া [স অপচ্ছায়া] ১ *বিণ* অস্পষ্ট। 'নীলেতে লালেতে মিশে এমন আবছায়া হয়ে এল।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বি* অস্পষ্ট আকার। 'এ যেন আর-কোনো-একটা দিনের আবছায়া।' *রবীন্দ্র*, ১৯৩২।

আবছায়াবাজি [স অপচ্ছায়া>+ফা বাজি] *বি* আলো আঁধারির খেলা। 'জাতিকে অতীতের আবছায়াবাজির তামাসা দেখাতে পারা ...।' *অবন*, ১৯২৫।

আবছায়াভরা [স অপচ্ছায়া>] *বিণ* রহস্যময়। 'ও বড় আবছায়াভরা শব্দ।' *জীবন*, ১৯৩২।

আব-জমজম [আ] *বি* জমজম কূপের পানি। 'কাঁখের কলসে আবজমের ভর, হাতে আব-জম-জম-জাম।' *নজরুল*, ১৯২৪।

আবজোস [ফা আবজোশ] *বি* সিদ্ধ করে প্রস্তুত কোনো জিনিসের ঘন নির্যাস। 'আবজোস কিসমিস খোরমা বহে বোঝা বোঝা।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

আবডাল [স অন্তরাল] ১ *বি* আড়াল। 'পেত্র আবডাল হইতে।' *মানোএল*, ১৭৪৩। ২ *বি* ফাঁক-ফুকর। 'বিশ্বপ্রকৃতিকে আড়াল-আবডাল হইতে দেখিতাম।' *রবীন্দ্র*, ১৯১২।

আবতার [স অবতার] ১ *বি* আবির্ভূত দেবতা। 'এবেসি জাণিল ভৈল কলি আবতার।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* অবতরণ। 'আবতার করি করে ধরণীত কেলি।' *বড়ু*, ১৪৫০।

আবথা [স অবস্থা] *বি* দুর্দশা। 'অকোপ হআঁ মোর আবথা দেখ।' *বড়ু*, ১৪৫০।

আবদার [ফা] *বি* অযৌক্তিক অনুরোধ। 'বিপিন আবদার নিচলো তাকে শান্ত করে্য বাইরে দিয়ে এলাম।' *দীনবন্ধু*, ১৮৬০।

আবদার করা *ক্রি* অসঙ্গত অনুরোধ করা। 'রাখাল বালকেরা এসেছ ... আবদার করতে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আবদারমাখা *বিণ* আবদেরে। 'বধূর আবদারমাখা কণ্ঠস্বর।' *বনফুল*, ১৯৩৬।

আবদার-মিশ্রিত [ফা আবদার+স মিশ্রিত] *বিণ* বায়নাপূর্ণ; সবিনয়। 'সকলের কাছ থেকে আবদার-মিশ্রিত ফরমায়েস এল।' *নরেন্দ্র*, ১৯৪৪।

আবদারি [ফা আবদার>] *বি* আবহাওয়া। *মানোএল*, ১৭৪৩।

আবদারিআ [ফা আবদার>] *বিণ* আবদার বা বায়না ধরে এমন। *বিদ্যা*, ১৮৯১।

আবদেরে [ফা আবদার>] *বিণ* আবদার করে বা বায়না ধরে এমন। 'বড় আবদেরে গো বড় আবদেরে।' *গিরিশ*, ১৮৮৭।

আবদেরেপনা [ফা আবদার>] *বি* যথেচ্ছ আবদার। 'ঈশ্বরের করুণা ভিক্ষা করার মধ্যে একপ্রকার শিশুসুলভ আবদেরেপনা আছে।' *আইয়ুব*, ১৯৭৩।

আবদ্ধ [স] ১ *বিণ* যুক্ত। 'দাম্পত্যবন্ধনে আবদ্ধ হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* ঐক্যবদ্ধ। 'বর্ণবিভিন্নতা প্রচলিত ... ভারত একতাসূত্রে আবদ্ধ হইবে না।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বিণ* বাধিত। 'তাঁহারা হিন্দুদিগের নিকট নানা বিষয়ে ... ঋণপাশে আবদ্ধ আছেন।' *অক্ষয়*, ১৮৪৮। ৪ *বিণ* আটক। 'রোহিণী সে রাত্রে আবদ্ধ রহিল।' *বঙ্কিম*, ১৮৭৮। ৫ *বি* বন্ধক। 'নিজের বিষয় আবদ্ধ রাখিয়া টাকা উঠাইবার চেষ্টা করিবেন।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৬ *বিণ* বাঁধা। 'বক্ষে অতিপিনদ্ধ জরির ফুলকাটা কাঁচুলি আবদ্ধ।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৭ *বিণ* অন্তর্ভুক্ত। 'সমস্ত কথা ... অনতিকাল পরেই গ্রন্থাকারে আবদ্ধ হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৫। ৮ *বিণ* জড়িত। 'সহৃদয়তা কুহক-জালেও আর আবদ্ধ হইতে হয় না।' *মশাররফ*, ১৯০৮। ৯ *বিণ* সঞ্চিত। 'হিমালয়ের চূড়ায় চূড়ায় যে ধনধারা আবদ্ধ আছে, ভগীরথের মতো সমতলভূমিতে নামিয়ে এনে তাকে...।' *মোতাহের*, ১৯৫৩।

আবদ্ধা [স] *বিণ* স্ত্রী অবরুদ্ধ। 'আমি দাসীতৃশৃঙ্খলে আবদ্ধা।' *মাইকেল*, ১৮৫৯।

আবদ্ধি [স আবদ্ধ] *বি* ঢাকনা। 'আবদ্ধি দিয়া পুষ্পের সাজি ঢাকিল।' *বিজয়*, ১৬৫০।

আবদ্ধীয় [স] *বিণ* বন্ধক আছে এমন। 'তাঁহার নিকট আবদ্ধীয় জমির সংলগ্ন হইয়া চর উঠিয়াছে।' *তারা*, ১৯৪০।

আবধৌতিক [স] *বিণ* সন্ন্যাসী সম্প্রদায়-বিশেষ। 'কবিরাজিও নারাজ হবে তখন আবধৌতিকের বড়ি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

অ-বনেদি [অ+ফা বুনিয়াদ>] *বিণ* সম্ভ্রান্ত নয় এমন। 'অ-বনেদি মেয়েদের আবেষ্টনীর মধ্যে যামিনীকে মানুষ হইতে হইয়াছিল।' *মানিক*, ১৯৪০।

আবায়া [স আয়তি>] *ক্রি* আসা। 'জাই ণ আবয়ি রে ণ তঁহি ভাবাভাব।' *চর্যা* ৪৩, ১২০০।

আবর[১] [স অবর] *বিণ* অবোধ। 'সাধিলে সিদ্ধির ঘরে/ আবর শুনি পায় না তারে।' *লালন*, ১৮৯০।

আবর[২] [স] *বি* আবরণ। 'একটি মেঘের আবর আসিয়া সুরুজের মুখ ঢাকিয়া দিল।' *মনসুর*, ১৯৫০।

আবরক [স] *বিণ* রক্ষক। 'বাল্যকালে পিতা, যৌবনে পরিণেতা, এবং পতির লোকান্তর হইলে পুত্রগণ, স্ত্রী জাতির আবরক হইবে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

আবরণ [স] ১ *বি* আড়াল। 'চন্দ্রবিম্বের আবরণ দ্বারা সূর্য গ্রহণের সংঘটনা হয়।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বিণ* আবৃত। 'সর্ব্বাঙ্গের আবরণ বস্ত্র কম্পিত করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* ঢাকনা। 'চক্ষুর উপর দুইখানি আবরণ আছে।' *বিদ্যা*, ১৮৫১। ৪ *বি* পর্দা। 'এ মোহ আবরণ খুলে দাও, দাও হে।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৫ *বি* উপকরণ। 'শাস্ত্রে আছে অনেকগুলি আবরণের দ্বারা আমরা নির্মিত।' *রবীন্দ্র*,

AMARBOI.COM

১৮৯৪। ৬ *বি* রাখঢাক। 'মেয়েদের ব্যবহারে অনেক আবরণ আভাস-ইঙ্গিত থাকা চাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

আবরণবিরলতা [স] *বি* বসন-স্বল্পতা। 'এখানে আবরণবিরলতার স্বাভাবিক আবরু সুন্দর।' *রবীন্দ্র*, ১৯২৯।

আবরণমুক্ত [স] *বিণ* খোলা। 'আবরণমুক্ত আবছা পা দুটো দেখে হৃৎপিণ্ড ঢিব ঢিব করে উঠল।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

আবরণ-শূন্য [স] *বিণ* ছাউনি নেই এমন। 'বাষ্পীয় রথ-শ্রেণীর পশ্চাদ্ভাগে কতকগুলি আবরণ-শূন্য শকট থাকে।' *অক্ষয়*, ১৮৫৪।

আবরণহীন [স] *বিণ* অকৃত্রিম। 'এদের স্বভাব প্রথম যুগের আদম ইভের মতো আবরণহীন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আবরণী [স] *বি* ঢাকনা। 'কৃষ্ণের আবরণী উন্মুক্ত করিল।' *পরশু*, ১৯৪০।

আবরা [স আবরণ>] ১ *ক্রি* ঢাকা। 'বাউ মেঘে আবর গিআ গোকুল নগর।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রি* ঘিরে রাখা। 'এই মতে শিশু আবরিয়া সর্বজন।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *ক্রি* আবৃত করা। 'আবরি বদন আমি ঘোমটায়।' *মাইকেল*, ১৮৬১। **আবর** *ক্রি* আবরণ করো। 'বাউ মেঘে আবর গিআ গোকুল নগর।' *মালাধর*, ১৫০০। **আবরি** *ক্রি* ঢাকি। 'আবরি বদন আমি ঘোমটায়।' *মাইকেল*, ১৮৬১। **আবরিয়া** *ক্রি* ঘিরে রেখে। 'এই মতে শিশু আবরিয়া সর্বজন।' *বৃন্দা*, ১৫৮০। **আবরিল** *ক্রি* আবৃত করলো। 'দ্রোন্ন অস্ত্র সান্ধিল আবরিল ভুমিতল।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আবরে** *ক্রি* আবৃত করে। 'সর পুঞ্জে ধন পুঞ্জে আবরে ষকল।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আবরেন** *ক্রি* আবরণে জড়ায়। 'অভেদ্য কবচে ধর্ম আবরেন তারে।' *মাইকেল*, ১৮৬১।

আবরিত [স] *বিণ* আবৃত। 'আবরিত যাতে আমি হব অচিরাৎ।' *দীনবন্ধু*, ১৮৬৭।

আবরিল', আবরীল [হি এপ্রিল] *বি* এপ্রিল। 'ফয়সল কার্য্য বিষা আবরিল।' *হ্যালহেড*, ১৭৭৩; 'ইঙ্গরেজী সন ১৭৯২ তারিখ ২৫ আবরীল।' *তাঁতি*, ১৭৯২। *দ্র* **এপ্রিল**

আবরু [ফা] *বি* পর্দা; আবরণ। 'পরিধানে মলিন বসনা আবরু।' *মশাররফ*, ১৮৮৫।

আবরুপর্দাহীন, আবরুপর্দ্দাহীন [ফা আবরু-পর্দা+স হীন] *বিণ* আবরণহীন। 'ইহাকে আবরুপর্দ্দাহীন নির্লজ্জ বস্তুতান্ত্রিকতা ছাড়া আর কোন নাম দিতে ইচ্ছা করে কি?' *সবুজ*, ১৯২০।

আবর্জন [স] *বি* বর্জন। 'স্থলে তুমি নানা গান উৎক্ষেপে করেছ আবর্জন।' *রবীন্দ্র*, ১৯২৫।

আবর্জনা, আবর্জ্জনা [স] ১ *বি* বর্জ্য পদার্থ। 'মানবগৃহের আবর্জনা সমস্ত চার দিকে ভাসতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বি* তুচ্ছ দ্রব্যাদি। 'ধূলিময়লা আবর্জ্জনা – প্রকৃত সুসন্তান পক্ষে স্বর্ণ রজত অপেক্ষাও মূল্যবান।' *মশাররফ*, ১৯০৮; 'দুহাত ভরিয়া ছিটাইছে পথে/ মলিন আবর্জনা।' *নজরুল*, ১৯৩০। ৩ *বি* অবাঞ্ছিত অংশ। 'ভালোবাসার আবর্জনা।' *শরৎ*, ১৯১৭।

আবর্জনাকুণ্ড [স] *বি* ময়লার স্তূপ। 'সারভাগ আবর্জনাকুণ্ডে ফেলিলাম।' *রবীন্দ্র*, ১৯০১।

আবর্জনাময় [স] *বিণ* ময়লাযুক্ত। 'আবর্জনাময় অপরিচ্ছন্ন ক্ষুদ্র ঘরে।' *ওয়াসী*, ১৯৪২।

আবর্জনাশকট [স] *বি* আবর্জনা বহন করার গাড়ি। 'ম্যুনিসিপালিটির আবর্জনাশকট পরিপূর্ণ।' *রবীন্দ্র*, ১৮৯৮।

আবর্জনাস্তূপ [স] *বি* জঞ্জাল। 'সেই আবর্জনাস্তূপ সরিয়ে দিয়ে গতিধারাকে মুক্ত করাই প্রগতির কাজ।' *মোতাহের*, ১৯৫০।

আবর্জিত [স] *বিণ* বর্জিত। 'আমার রচনার আবর্জিত অংশ অনেকদিন আমি প্রচ্ছন্ন রেখেছিলুম।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আবর্ত, আবর্ত্ত [স] ১ *বি* মেঘের নামবিশেষ। 'আবর্ত মেঘরাজ করহ চণ্ডীর কাজ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* ঘূর্ণি। 'সাগর বা মহাসাগরের জল যে স্থানে অত্যন্ত ঘূর্ণায়মান হয় সেই স্থানকে আবর্ত্ত কহা যায়।' *অক্ষয়*, ১৮৪১; 'কোথাও সফেন শুভ্র, কোথাও বা আবর্ত আবিল।' *রবীন্দ্র*, ১৮৯০।

আবর্ত-আঘাত [স] *বি* আবর্তজনিত আঘাত। 'ছন্দে ছন্দে পদে পদে অঞ্চলের আবর্ত-আঘাতে উড়ে হোক ক্ষয়।' *রবীন্দ্র*, ১৯০০।

আবর্তক, আবর্ত্তক [স] ১ *বিণ* আবৃত্তিকার। 'পিটর পিণ্ডরের কাব্য আবর্ত্তক হরিহর মুখোপাধ্যায় যেরূপে আবৃত্তি করিলেন।' *দর্পণ*, ১৮৩১। ২ *বি* মেঘের নাম। 'কোথায় পুষ্কর, আবর্তক – ঘনেশ্বর?' *মাইকেল*, ১৮৬০।

আবর্তচঞ্চলা [স] *বিণ* জলের পাকে অশান্ত। 'আবর্তচঞ্চলা নর্মদা ভ্রুকুটি রচনা করিয়া চলিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আবর্তন, আবর্ত্তন [স] ১ *বি* ঘোরাঘুরি। 'ত্যজি আবর্তন হই আগুয়ান।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বি* ঘূর্ণন। 'চন্দ্রও ... পৃথিবী প্রদক্ষিণ করিতে করিতে ... আবর্তন করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বি* পরিভ্রমণ। 'বিবর্তন আবর্তন সম্বর্তন আদি জীবশক্তি শিবশক্তি করে বিসংবাদী।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আবর্তন-গতি [স] *বি* ঘূর্ণনগতি। যে সম্পদ পাচ্ছে তারা তা ফিরিয়ে দিয়ে আবর্তন-গতিকে সম্পূর্ণতা দান করছে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আবর্তন-বিবর্তন [স] *বি* পরিবর্তন। 'রাজনৈতিক আবর্তন বিবর্তনের সহিত ভাষার আবর্তন বিবর্তন বিশেষভাবে বিজড়িত।' *মাহেনও*, ১৯৪৯।

আবর্তবহ্নি [স] *বি* ঘূর্ণায়মান অগ্নি। 'দক্ষিণ আবর্তবহ্নি।' *নজরুল*, ১৯৩১।

আবর্তবিভ্রম [স] *বি* ঘটনাচক্রের ভ্রান্তি। 'এত কাণ্ড, এত গোল, বিচিত্র এ কলরোল সংসারের আবর্তবিভ্রমে –।' *রবীন্দ্র*, ১৮৯০।

আবর্তশালী [স] *বিণ* ঘূর্ণায়মান। 'যমুনায় আবর্তশালী বিষম করালী।' *মুকুন্দ*, ১৬০০।

আবর্তসঙ্কুল [স] *বিণ* আলোড়নযুক্ত। 'আবর্তসংকুল বহু দীর্ঘ কালস্রোতের সকল পরীক্ষা সকল সংকট উত্তীর্ণ হয়েও যদি তার এগিয়ে চলা বন্ধ না হয় ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

আবর্তা [স আবর্তন>] ১ *ক্রি* বারে বারে বলা। 'গম্ভীর জলদমন্দ্রে বারম্বার আবর্তিয়া মুখে নব ছন্দ।' *রবীন্দ্র*, ১৮৯৯। ২ *ক্রি* আবর্তন করা। 'আবর্তিছে বহ্নিচক্র কোটি কোটি নক্ষত্রের পথে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আবর্তিত [স] *বিণ* ঘুরপাক খাচ্ছে এমন। 'লক্ষ লক্ষ চরণের শব্দ ... আবর্তিত হয়।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আবল-তাবল [হি আনবোল] *বি* অর্থহীন বাক্য। 'আবল-তাবল বকতে বকতে হঠাৎ গম্ভীর হয়ে ঘাড়টি কাৎ করে বলে।' *নজরুল*, ১৯২২। *দ্র* **আবোল তাবোল**

-আবলি, -আবলী [স] ১ বহুবচনসূচক প্রত্যয়। 'গাত্রময় লোমাবলি [লোম+আবলি] প্রযুক্ত তাহারা শীত দ্বারা ক্লিষ্ট হয় না।' *অক্ষয়*,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৪৩; 'তুঙ্গ শৃঙ্গধরাকারে তরঙ্গ-আবলী।' *মাইকেল*, ১৮৬১। ২ *বি* দল। 'ওরা যেমন আবলি ভেঙে এপাশ ওপাশ ছুটে থমকে দাঁড়ায়।' *সেলিনা*, ১৯৭৫।

আবলিত [স] *বিণ* বাঁকা। 'বনকরীযূথের ন্যায় রাজগণ মুখ আবলিত করিয়া তদভিমুখে দৃষ্টিপাত করিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

আবলুশ, আবলুস [আ আবলুস] ১ *বি* কালো রঙের ভারী ও শক্ত কাঠবিশেষ। 'আবলুস।' *ওসাঁ*, ১৭৮২; 'দারুচিনি, মুক্তা, আবলুস কাষ্ঠ ... প্রভৃতি পাওয়া যায়।' *অক্ষয়*, ১৮৪১; 'একটি আবলুশকাঠের ক্রুশে আঁটা রুপোর ক্রাইস্ট তার বুকের উপর অষ্টপ্রহর ঝুলত।' *প্রমথ*, ১৯১৫। ২ *বিণ* আবলুশ কাঠের মতো কালোরঙের। 'পীচঢালা রাস্তার আবলুশ বুকটা।' *হাফিজুর*, ১৯৫৩।

আবলুস-ঘন [আ আবলুস+স ঘন] *বিণ* আবলুশ কাঠের ন্যায় কালো। 'আবলুস-ঘন আঁধারে পেখম খুলেছে রাতের শিখী।' *ফররুখ*, ১৯৪৩।

আবল্লি [স অবল>] *বি* অবসাদজনিত তন্দ্রার ভাব। 'যেন একটু আবল্লির মত এসেছে।' *অমৃত*, ১৯০০।

আবশেষ [স অবশেষ] *বিণ* সমাপ্ত। 'রতী আবশেষ ভৈল রাধার তরাসে।' *বড়ু*, ১৪৫০।

আবল্য [স অবল>] *বি* দৌর্বল্য। 'তখন আবল্য থেকে নিজেকে টেনে বের করতে আমাদের আর ইচ্ছাও থাকে না।' *রবীন্দ্র*, ১৯১৬।

আবশ্যক [স] ১ *বিণ* প্রয়োজনীয়। 'সর্ব্বাপেক্ষা অগ্রে এই ক্রিয়া আবশ্যক।' *ফরস্টার*, ১৭৯৫। ২ *বি* প্রয়োজন। 'লিপ্তিতে আমার কর দেওনের আবশ্যক নাই।' *রামরাম*, ১৮০১। ৩ *বি* কর্তব্য। 'তাহাদের প্রতিপালনও তোমার আবশ্যক।' *রামরাম*, ১৮০১। ৪ *বিণ* অপরিহার্য। 'প্রথমে বাঙ্গালা ভাষা ও এইং লেখা পড়া আবশ্যক।' *কেরি*, ১৮০২।

আবশ্যকতা [স] ১ *বি* প্রাসঙ্গিকতা। 'সেই ব্যক্তির সাক্ষ্য ঐ বিষয় আবশ্যকতা রাখে ...।' *ডানকান*, ১৭৮৪। ২ *বি* চাহিদা; দাবি। 'তৃতীয় ভাগ আমার আলয়ের আবশ্যকতা প্রযুক্ত ছাড়িতে পারি না।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* প্রয়োজনীয়তা। 'তাহা বর্ণনা করিবার আবশ্যকতা নাই।' *দর্পণ*, ১৮২৩। ৪ *বি* গুরুত্ব। 'পৃথিবীতে সেই ভালোবাসার আবশ্যকতা কি নাই?' *রবীন্দ্র*, ১৮৯৭।

আবশ্যকত্ব [স] *বি* প্রয়োজনীয়তা। 'তরঙ্গমার আবশ্যকত্ব স্থাপনা করে এখন কি উপায়ে আমরা সে বিষয়ে কৃতকার্য হব।' *প্রমথ*, ১৯১২।

আবশ্যকবাদী [স] *বিণ* প্রয়োগবাদী। 'তোমরা তো আবশ্যকবাদী, আবশ্যকের এক ইঞ্চি এদিক ওদিক যাও না।' *রবীন্দ্র*, ১৮৮৫।

আবশ্যকহীন [স] *বিণ* অপ্রয়োজনীয়। 'যত বড়ো তত শূন্য, তত আবশ্যকহীন।' *রবীন্দ্র*, ১৮৯০।

আবশ্যকাতিরিক্ত [স] *বিণ* প্রয়োজনের চেয়ে বেশি। 'আমাদের যা আবশ্যকাতিরিক্ত তাই আমরা বর্জন করবো।' *অন্নদা*, ১৯২৮।

আবশ্যকি [স আবশ্যক>] *বিণ* দরকারি। 'সাহেব আবশ্যকি চাকর এই কয় জন ... .।' *কেরি*, ১৮০২।

আবশ্যকীয় [স] ১ *বিণ* প্রয়োজনীয়। 'আবশ্যকীয় খাদ্য অধিকাংশ লোকেই সংগ্রহ করিতে পারে না।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বিণ* অবশ্যকরণীয়। 'আদ্যোপান্ত তোর কাছ পাঠিয়ে দেওয়া একটা প্রাণপণ আবশ্যকীয় কাজ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আবশ্যিক [স] *বিণ* দরকারি। 'শক্তিহীন স্ত্রীকে স্বামীর উপদ্রব থেকে বাঁচাবার জন্যে কোনো আবশ্যিক পন্থা রাখা হয়নি।' *রবীন্দ্র*, ১৯২৯।

আবশ্যিকতা [স] *বি* প্রয়োজনীয়তা। 'মানুষ যাতে মুক্ত হয় একান্ত আবশ্যিকতা থেকে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আবশ্যিকরণীয় [স] *বিণ* অপরিহার্য। 'পুলিশ বাহিনীর কর্মতৎপরতা বৃদ্ধির জন্য কতকগুলি কাজ আবশ্যিকরণীয় হইয়া রহিয়াছে।' *আজাদ*, ১৯৭০।

আবসই [স অবশ্য] *ক্রিবিণ* অবশ্যই। 'এত খনে আবসই হৈত দরসনে।' *বড়ু*, ১৪৫০।

আবসি [স অবশ্য] *ক্রিবিণ* নিশ্চিতরূপে। 'এবেঁ মোর হাথে তোর আবসি মরনে।' *বড়ু*, ১৪৫০।

আবসে [স অবশ্য] *ক্রিবিণ* অবশ্যই। 'রাধার বচন আহ্মে পালিব আবসে।' *বড়ু*, ১৪৫০।

আবন্তী *বি* প্রাচীন ভারতের ভাষাবিশেষ। 'এই বঙ্গভাষা ... দাক্ষিণাত্যা পৈশাচী আবন্তী শৌরসেনী এই শাস্ত্রীয় অষ্টাদশ ভাষা হইতে নির্গতা হইয়াছে।' *দর্পণ*, ১৮৩০।

আবস্থা [স অবস্থা] *বি* দুর্গতি। 'হিন জনে কৈল মোর সংগ্রামে আবস্থা।' *মালাধর*, ১৫০০।

আবস্থানিক [স] *বিণ* অবস্থানগত। 'নারীদের আবস্থানিক উন্নতি।' *বেগম*, ১৯৫০।

আবস্যক [স আবশ্যক] *বিণ* দরকারি। *ডানকান*, ১৭৮৬।

আবহ [স] ১ *বি* বায়ুমণ্ডল। 'পৃথিবীর আবহ-আস্তরণের মতোই তার সব কাজ, সব দান সকলকে নিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৮। ২ *বি* চারপাশের ভাব-পরিমণ্ডল। 'সেই নামে প্রশান্ত আবহে অদ্য আমি পূর্ণকাম।' *আহসান*, ১৯৫০। ৩ *বি* বোধ। 'জীবনে নতুন আবহ আনা।' *বেগম*, ১৯৫৩। ৪ *বি* পরিবেশ। 'বাসি ফুলের মত হয়ে থাকে যেন সারাটা আবহ।' *শামসুল*, ১৯৫৬।

আবহতত্ত্ব [স] *বি* আবহাওয়া সংক্রান্ত বিদ্যা। 'এশিয়ার দুর্গম মরুপ্রদেশে আবহতত্ত্ব পর্যবেক্ষণের উপায় করবার জন্য ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

আবহমান [স] ১ *বিণ* চিরপ্রচলিত। *সেবধি*, ১৮৩৯। ২ *বিণ* আগে থেকে চলে এসেছে এমন। 'আবহমান কাল পর্য্যন্ত ভূপতিগণ আপন আপন রাজ্যের ...।' *অক্ষয়*, ১৮৪২। *দ্র* **আবহোমান**

আবহমানকাল [স] *ক্রিবিণ* চিরকাল। 'আবহমানকাল বলবীর্য্যবিশিষ্ট দুর্দ্ধর্ষ লোকে বীর্য্যহীন ক্ষীণ লোকের উপর আক্রমণ ও অত্যাচার ... করিয়া আসিতেছে।' *অক্ষয়*, ১৮৪৮।

আবহসঙ্গীত [স] *বি* নেপথ্যসংগীত। 'অতি প্রত্যূষে বাতাস জটিল আবহসঙ্গীতের ন্যায় ঘুরঘুর।' *হাসান*, ১৯৬৭।

আবহাওয়া [ফা] ১ *বি* জলবায়ু। 'প্রায় আবহাওয়া নিয়ে কথার আরম্ভ।' *রবীন্দ্র*, ১৮৮০। ২ *বি* সময়। 'যে রকম আবহাওয়া পড়েছে তাতে য়ুরোপে বিবাহিত নারীর পদবী পরিবর্তন বেশিদিন টিকবে বলে বোধ হয় না।' *রবীন্দ্র*, ১৯১৫। ৩ *বি* পরিস্থিতি। 'পাইতেছি সেই একই অধ্যাত্ম জগৎ, রহস্যলোক মিস্টিক আবহাওয়া।' *সবুজ*, ১৯২১। ৪ *বি* পরিবেশ। 'ওদের বাড়ির আবহাওয়া থেকে নিজেকে বাঁচানো উর্মির পক্ষে বিশেষ দরকার।' *রবীন্দ্র*, ১৯৩২।

আব-হায়াত [আ] *বি* সঞ্জীবনী সুধা। 'সন্ধান তার মিলবে আশেক দিল-পিয়ারার ওষ্ঠ চুমায়।' *নজরুল*, ১৯২৬।

আবহোমান [স আবহমান] *বিণ* চিরস্থায়ী। 'পাট্টা মোকররি আবহোমান।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মেয়ার, ১৭৮৭। দ্র **আবহমান**

আবা[১] *ক্রি* আসা। 'ভব জাই ণ আবই এসু কোই।' *চর্যা ৪২*, ১২০০। **আব** *ক্রি* আসবে। 'রাখবি রস জনু পুন পুন আব।' *বিদ্যাপতি*, ১৪৬০। **আবই** *ক্রি* আসে। 'ভব জাই ণ আবই এসু কোই।' *চর্যা ৪২*, ১২০০। **আবথি** *ক্রি* আসে। 'রাহু দূরি বসু নিয়রো না আবথি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আবা[২] *বি* গলা থেকে হাঁটু পর্যন্ত লম্বা বুক খোলা এক প্রকার জামা। 'বজরা, পাগড়ী ও আবা, কাবা দেখিলেই মুগ্ধ হয়।' *দর্শন*, ১৯২০।

আবাঁধা [স বন্ধন>] *বিণ* খোলা। 'আবাঁধা চুল উড়তেছিল।' *রবীন্দ্র*, ১৯০০।

আবাঁধানো [স বন্ধন>] *বিণ* ধাতব পাত দিয়ে বাঁধানো নয় এমন। 'কোন রকম হুঁকোয় কার সম্মান রক্ষা হয় – বাঁধানো, আবাঁধানো, না গুড়গুড়ি।' *রবীন্দ্র*, ১৯২৯।

আবাগী [স অভাগ্য>] *বিণ স্ত্রী* হতভাগা। 'তুই আবাগী কোন দিন মজাবি দেকছি।' *দীনবন্ধু*, ১৮৬০; 'কোন চোখখাগী আবাগীর বেটীর বুকে বসে।' *নজরুল*, ১৯২৪।

আবাগে [স অভাগ্য>] *বি* হতভাগা যে। 'ও আবাগের বেটা ভূত।' *রবীন্দ্র*, ১৯০৭।

আবাছা [অবাছ্য>] *বিণ* বাছা হয়নি এমন। *বিদ্যা*, ১৮৯১।

আবাজ [ফা আওয়াজ] *বি* আওয়াজ; শব্দ। 'গম গম তোপ আবাজে।' *ভারত*, ১৭৬০।

আবাদ [ফা] **১** *বি* বাসযোগ্য করণ। 'মুলুক আবাদ কর শহর বাজার।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* চাষাবাদ। 'আবাদ করলে ফলত সোণা।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৩** *বি* বসতি স্থাপন। 'সুন্দরবন আবাদ করলে আপন মুক্তিয়ারিতে ... করিবেন।' *ক্যালগে*, ১৭৮৫। **৪** *বি* চাষযোগ্য জমি। 'সুন্দরবনে একখানি আবাদ রাখিয়া গিয়াছিলেন।' *প্যারী*, ১৮৬০।

আবাদযোগ্য [ফা আবাদ+স যোগ্য] *বিণ* আবাদের উপযোগী। 'আবাদযোগ্য হইবার আগেই ... সরকার চরটি পত্তন লইয়াছেন।' *মনসুর*, ১৯৫৫।

আবাদান [ফা আবাদ>] *বি* চাষবাস। 'জোত আবাদান করিয়া ভোগ করহ।' *চিঠিপত্রে*, ১৬১০।

আবাদী [ফা আবাদ>] *বিণ* চাষযোগ্য। 'আর মহল আবাদি কি গর আবাদি।' *কেরি*, ১৮০২।

আবাবিল [আ] *বি* ছোটো আকারের পাখিবিশেষ। 'আবাবিলের প্রস্তর-বৃষ্টি হইল না।' *নজরুল*, ১৯২৭।

আবার [স অপর>+ফা বার>] **১** *ক্রিবিণ* পুনরায়। 'অষ্টম গর্ভে তার জন্ম হব আবার।' *মালাধর*, ১৫০০। **২** *অব্য* অধিকন্তু। 'একে ত রাজকন্যা স্বামীবিরহে অত্যন্ত আতুরা ছিলেন, তাহাতে আবার চৌকিদারেরা ঘর ঘেরিল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

আবাল [স] *বিণ* বালক। 'আবাল গোপাল না কর জঞ্জাল।' *বড়ু*, ১৪৫০।

আবালবৃদ্ধবনিতা [স] *বি* বালক, বৃদ্ধ ও নারীসহ সকল ব্যক্তি। *দর্পণ*, ১৮২৩; 'তদ্বিস্তার এতদ্দেশীয় আবালবৃদ্ধবনিতা ...।' *দর্পণ*, ১৮৩৫।

আবালবৃদ্ধরমণী [স] *বি* বালক-বৃদ্ধ-স্ত্রীলোক পর্যন্ত সকলেই। 'মিলিয়া সকলে মহৎ ক্ষুদ্র খুলেছে জীবনযজ্ঞ রুদ্র আবালবৃদ্ধরমণী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আবালী [স আবাল্য] *বিণ স্ত্রী* অপ্রাপ্তবয়স্ক। 'আজলী রাধা তোঁ আবালী বড়ী।' *বড়ু*, ১৪৫০।

আবাল্য [স] *ক্রিবিণ* বাল্যকাল থেকে। 'বিনোদিনীর আবাল্য পরিচিত।' *রবীন্দ্র*, ১৯০২।

আবাল্য-পরিচিত [স] *বিণ* বাল্যকাল থেকে চেনা। 'বিদায়কালে আবাল্য-পরিচিত গৃহাঙ্গন, স্বহস্তে রোপিত দু'চারটি ফুল ও ফলের গাছ ...।' *মুখলেস*, ১৯৭০।

আবাস [স] **১** *বি* বাসের ঘর। 'সকল আবাস ক্রমে করিল শোধন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* বসবাসের স্থান। 'বহুল করিব মান্য দিবেক আবাস।' *সুলতান*, ১৭০০।

আবাস-গ্রহ [স] *বি* পৃথিবী। 'আমাদের আবাস-গ্রহের তরুণাবস্থায় বোধহয় এই কীটগণ ...।' *রবীন্দ্র*, ১৯০০।

আবাসবাটী [স] *বি* বসতবাড়ি। 'আবাসবাটী সর্বাঙ্গসুন্দর করিয়া তাহার মধ্যে সুখে অবস্থিতি করে।' *অক্ষয়*, ১৮৫৪।

আবাস-ব্যবস্থা [স] *বি* বাসস্থানের ব্যবস্থা। 'এই যে চাষীদের জন্যে আবাস-ব্যবস্থা হয়েছে।" *রবীন্দ্র*, ১৯৩১।

আবাসভবন [স] *বি* বসবাসের ঘর। 'এক বিরাট বিস্তৃত আবাসভবন নির্মাণ করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আবাসভূমি [স] *বি* বসবাসের জায়গা। 'ভারতমহাসাগর মধ্যবর্ত্তী ... দ্বীপপুঞ্জ ইহাদের আবাসভূমি।' *অক্ষয়*, ১৮৫০।

আবাসস্থল [স] *বি* বাসস্থান। 'বর্বরতা মানুষের আবাসস্থলে কিছুতেই শোভা পায় না।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আবাসিক [স] *বিণ* বাসস্থান সংবলিত। 'আবাসিক ছাত্রদের বেতন কুড়ি টাকা।' *রবীন্দ্র*, ১৯১৬।

আবাহন [স] **১** *বি* অভ্যর্থনা। 'সখা ভাই ব্যজন শয়ন আবাহন।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* আহ্বান। 'চল সহচরী সবে কুথা আছে সে মাধবে সঙ্কেত লই আবাহন।' *দ্বিজী*, ১৬০০।

আবাহনা [স আবাহন] *বি* আহ্বান। 'স্বস্তিক বাচন করএ দ্বিজগণ গণেশ কৈল আবাহনা।' *মুকুন্দ*, ১৬০০।

আবাহনী [স] *বি* অভ্যর্থনা-সংগীত। 'বদ্ধ দ্বারে বসন্তের বৈতালিক যবে উচ্চারিবে আবাহনী।' *সুধীন্দ্র*, ১৯২৭; 'যখন ডাকব তোমাকে ঘরে সে হবে যেন আবাহনী।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আবি [আ আবীর] *বি* আবির; রং। 'কেহ২ বিলাতী বক মসলিন ও মলমল এবং পেয়াজি, ধনি, আবি বসন্তি, ইত্যাদি।' *ভবানী*, ১৮২৮।

আবিচারে [স অবিচার>] *ক্রিবিণ* অলক্ষিতে। 'আবিচারে হারায়িবি পরাণ।' *বড়ু*, ১৪৫০।

আবিতি [স অবিবাহিত] *বিণ* অবিবাহিত। 'লুব্দরের কিন্তু সব আবিতি মেয়ে।' *কায়সার*, ১৯৬২।

আবিয়াস্ত [স অবিবাহিত] *বিণ* অবিবাহিত। 'স্ত্রী আবিয়াস্ত।' *মানোএল*, ১৭৪৩।

আবির, আবীর [আ] **১** *বি* রঙিন গুঁড়াবিশেষ। 'দ্বিজ চণ্ডীদাস আবীর ফোগাওত সকল সখিগণ সাথে।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বি* সূর্যের লাল আলো। 'আবির রুধির তায়, কি শোভা হয়েছে গায়।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৩** *বি* সুগন্ধি রঞ্জক দ্রব্য। 'আবির দ্বারা অতি ভয়ঙ্কর রক্তবর্ণ হইয়া ...।' *দর্পণ*, ১৮৪০।

আবিরাক্ত [আ আবির>] *বিণ* আবিরে রাঙানো হয়েছে এমন।

AMARBOI.COM

'তাহারদের গাত্রও আবিরাক্ত করিল।' *দর্পণ*, ১৮৪০।

আবির্ভাব [স] **১** *বি* জন্ম। 'আবির্ভাব তিরোভাব মাত্র কহে বেদ।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* আগমন। 'নিরন্তর আবির্ভাব রাঘবের ঘরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'বর্ষার আবির্ভাব।' *গুপ্ত*, ১৮৫৮। **৩** *বি* উদয়। 'তাঁহার অন্তঃকরণে নিরন্তর যে-সকল ভাবের আবির্ভাব হয়।' *অক্ষয়*, ১৮৪৮। **৪** *বি* প্রকাশ। 'যার মধ্যে দেশের ব্যাপক আবির্ভাব আছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আবির্ভূত [স] **১** *বিণ* বশবর্তী। 'লোভে আবির্ভূত মতি বিকর্মে সভায় গতি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* হাজির। 'তোমাকে অত্যন্ত চিন্তাকুল দেখিয়া এখানে আবির্ভূত হইয়াছি।' *অক্ষয়*, ১৮৪৯। **৩** *বিণ* উদিত। 'এই বিস্ময়াবহ আলোকজ্যোতি তত্রত্য গগনমণ্ডলে মধ্যে মধ্যে আবির্ভূত হয়।' *অক্ষয়*, ১৮৫৪। **৪** *বিণ* প্রকাশিত। 'আমার আচরণে, বিলক্ষণ আবির্ভূত হইত।' *বিদ্যা*, ১৮৯১।

আবির্ভূতা [স] **১** *বিণ স্ত্রী* অবতীর্ণ। 'ভগবতী কাত্যায়নী, তৎক্ষণাৎ আবির্ভূতা হইয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ স্ত্রী* প্রকাশিত হয়েছে এমন। 'আবির্ভূতা হৃদপদ্মাসনে।' *রঙ্গ*, ১৮৫৮। **৩** *বিণ স্ত্রী* উপস্থিত। 'আবির্ভূতা বনে বনদেবী।' *সত্যেন্দ্র*, ১৯১২।

আবিল [স] **১** *বিণ* ঘোলা। 'কোথাও সফেন শুভ্র, কোথাও বা আবর্ত আবিল।' *রবীন্দ্র*, ১৮৯০। **২** *বিণ* কলঙ্কিত। 'কলিকাতার কলুষে আবিল করি না।' *রবীন্দ্র*, ১৯১৪। **৩** *বিণ* ম্লান। 'আঁধারে আলো আবিল করে।' *রবীন্দ্র*, ১৯২৫। **৪** *বিণ* ফিকে। 'প্রাগ্রসর রক্তিম মশাল অমাকে আবিল করে।' *সুধীন্দ্র*, ১৯৩৮।

আবিলতা [স] *বি* মলিনতা। 'কলকাতার আবিলতার মধ্যে সেই মায়াশক্তি কোথায় অন্তর্ধান করে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আবিলবুদ্ধি [স] *বিণ* কলুষিত বুদ্ধিসম্পন্ন। 'আবিলবুদ্ধি মূঢ়মতি পুরুষ দেশে যে কম আছে তা নয়।' *রবীন্দ্র*, ১৯৩২।

আবিশ্ব [স] *ক্রিবিণ* বিশ্বময়। 'আবিশ্ব জিজ্ঞাসা এক চোখে মুখে ছড়ায় রঙিন/ সংশয় স্পন্দিত স্বপ্ন।' *সুকান্ত*, ১৯৪৮।

আবিষ্কার [স] **১** *বি* উদ্ভাবন। 'টেলিস্কোপের আবিষ্কার অসম্ভবকে সম্ভব করিয়া তুলিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৬। **২** *বি* অজ্ঞাত কিছুর সন্ধান। 'অসৎ অভিসন্ধি আবিষ্কার করিয়া অনেক বিজ্ঞ অনেক সৎকার্যকে অঙ্কুরে দলিত ...।' *রবীন্দ্র*, ১৮৮৮। **৩** *বি* উপলব্ধি। 'হঠাৎ আবিষ্কার করা যায় যে, বহুপূর্বেই সে আমার কথাটা বুঝিয়া লইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আবিষ্কারক [স] *বি* কোনো কিছুর প্রথম সন্ধানদাতা। 'গ্রহগতির নিয়ম-আবিষ্কারক কেপলারই সর্বপ্রধান ছিলেন।' *রবীন্দ্র*, ১৯১৬।

আবিষ্কার করা **১** *ক্রি* উপলব্ধি করা। 'তুমি আমাকে আবিষ্কার করিয়াছ।' *রবীন্দ্র*, ১৮৮২। **২** *ক্রি* দেখতে পাওয়া। 'কী মূল্য করেছে আবিষ্কার আপন সহজ বোধে মানবস্বরূপে।' *রবীন্দ্র*, ১৯৪১।

আবিষ্কারকর্তা [স] *বি* উদ্ভাবক ব্যক্তি। 'আবিষ্কারকর্তার অধিকার সকলের উপরে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আবিষ্কৃত [স] **১** *বিণ* উদ্ভাবিত। 'এইরূপে গুরুত্বের নিয়ম আবিষ্কৃত হইল।' *বিদ্যা*, ১৮৪৯। **২** *বিণ* প্রকাশিত। 'আঘাতের ভিতর দিয়ে, সত্যকে নূতন করে আবিষ্কৃত হতে হবে।' *রবীন্দ্র*, ১৯০৯।

আবিষ্কৃতা [স] *বিণ স্ত্রী* আবিষ্কার করা হয়েছে এমন। 'কলম্বস-আবিষ্কৃতা, বিদেশিনী মহাশ্বেতা।' *বিষ্ণু*, ১৯৪১।

আবিষ্কৃতি [স] *বি* আবিষ্কার। 'এই সহজ কথার নতুন আবিষ্কৃতির দুটি উজ্জ্বল দৃষ্টান্ত দেখেছি ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

আবিষ্ক্রিয়া [স] *বি* উদ্ভাবন। 'নানাবিধ আবশ্যকীয় দ্রব্য আবিষ্ক্রিয়া ও রচনার উৎপত্তি হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

আবিষ্ট [স] **১** *বিণ* মগ্ন। 'হেনই সময়ে গুপ্ত আবিষ্ট হইয়া।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* আবেগাপ্লুত। 'জগন্নাথের দেউল দেখি আবিষ্ট হইলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* আচ্ছন্ন। 'কৃষ্ণজাতি রাত্রির ন্যায় ... স্বপ্নকুহকে আবিষ্ট।' *রবীন্দ্র*, ১৯০৮। **৪** *বিণ* মজা। 'আবিষ্ট পুকুর থেকে সিঙাড়ার ফল।' *জীবন*, ১৯৪২। **৫** *বিণ* মুগ্ধ। 'আবিষ্ট নয়নে চেয়ে দেখে ... দরোজাটি বন্ধ হয়ে গেল।' *আলাউদ্দিন*, ১৯৬৬।

আবিষ্টতা [স] *বি* বিহ্বলতা। 'স্পর্শে এমন আবিষ্টতা কিন্তু চোখের জল ছাড়া কি আর কোন ভাষা রাবেয়ার জানা নেই?' *নরেন্দ্র*, ১৯৪৫।

আবিস্বক [স আবশ্যক] *বিণ* প্রয়োজনীয়। *ক্যালগে*, ১৭৮৯।

আবিস্যক [স আবশ্যক] *বি* প্রয়োজন। 'অতি সুন্দর মতে বনাইতে আবিস্যক আছে।' *ক্যালগে*, ১৭৮৭।

আবুধ [স অবোধ] *বিণ* অবুঝ। 'ভালমতেঁ বোধাহ আবুধ বনমালী।' *বড়ু*, ১৪৫০।

আবুধী [স অবুদ্ধি] *বিণ স্ত্রী* বুদ্ধিহীন। 'তোহ্মে ত গোআলী রাধা বড়ই আবুধী।' *বড়ু*, ১৪৫০।

আবুয়াব [আ আবোয়াব] *বি* নির্ধারিত করের অতিরিক্ত দেয় কর। 'উচিত খাজনার উপর নানারূপ বে-আইনী আবুয়াব, তহরী ও চাঁদা প্রভৃতি ধার্য্য ...।' *এসলাম*, ১৯৩২। দ্র **আবোয়াব**

আবৃত [স] **১** *বিণ* পর্দাঘেরা। 'ধাররাজ ... নারীগণকে আবৃত স্থানে রাখাইয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **২** *বিণ* পরিব্যাপ্ত। 'সপ্ত গ্রহের সপ্ত কক্ষাতে ও নক্ষত্র-মণ্ডল কক্ষাতে উপরিভাগে আবৃত পাঞ্চভৌতিক এই ভূমিগিণ্ড।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **৩** *বিণ* আচ্ছন্ন। 'অজ্ঞানে যে আবৃত তাহাকে পথ প্রদর্শন ব্যর্থই হয়।' *রামমোহন*, ১৮১৯। **৪** *বিণ* নিয়োজিত। 'গৃহ মার্জনাদি কর্মে আবৃত থাকেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৩। **৫** *বিণ* সমাচ্ছন্ন। 'অসীম-সম বিস্তারিত মরুভূমি ঘোরতর রজনীচ্ছায়াতে আবৃত রহিয়াছে!' *অক্ষয়*, ১৮৪৮; 'সমুদ্র চিরান্ধকারে আছিল আবৃত।' *রবীন্দ্র*, ১৮৮১। **৬** *বিণ* ঢাকা। 'আমাদের গাত্র চর্ম্মে আবৃত।' *অক্ষয়*, ১৮৫০। **৭** *বিণ* আচ্ছাদিত। 'তাহাদিগকে ঘন লোমাবলি দ্বারা আবৃত করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৫।

আবৃতমুখী [স] *বিণ* মুখাচ্ছাদিত। 'জীবনে যে আবৃতমুখী মৃত্যুতে সে উন্মোচিতা।' *অচিন্ত্য*, ১৯৫০।

আবৃতা [স] *বিণ স্ত্রী* ঢাকা। 'কৃষ্ণচতুর্দশীর রাত্রি সহজেই ঘোরতর অন্ধকারে আবৃতা।' *বিদ্যা*, ১৮৪৭।

আবৃতি [স] *বি* আবরণ। 'সব ভয় ভ্রম ভাবনার চরমা আবৃতি হে নমি নমি।' *রবীন্দ্র*, ১৯০০।

আবৃত্তি [স] **১** *বি* পাঠ। 'বালকেরা ব্যাকরণের অর্দ্ধেক ও ত্র্যংশ ও চতুর্থাংশ আবৃত্তি করিল।' *দর্পণ*, ১৮২২। **২** *বি* চর্চা। 'কেবল শ্রুতির আবৃত্তি মাত্রেই লোক তত্ত্বজ্ঞানী হয় না।' *রামমোহন*, ১৮২৩। **৩** *বি* মুখস্থ পাঠ। 'পুস্তক না দেখিয়া ... আবৃত্তি করিতে পারিতেন।' *অক্ষয়*, ১৮৫৪। **৪** *বি* পুনরুক্তি। 'তাহা হয়তো দশের মতো অভ্যস্ত আবৃত্তিমাত্র।' *রবীন্দ্র*, ১৯০৭।

আবৃত্তিকর্তা [স] *বি* আবৃত্তিকার। 'আবৃত্তিকর্তার আকার দেখিয়া রাজকুমারের কিছু কৌতুক জন্মিল।' *বঙ্কিম*, ১৮৬৫।

আবৃত্তিকার [স] *বি* আবৃত্তি করে যে। 'বাঙালি আবৃত্তিকার সাধুভাষা-প্রচলিত ছন্দেও নিজের উচ্চারণসম্মত মাত্রা ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

AMARBOI.COM

আবৃত্তিকারক [স] *বি* যে আবৃত্তি করে। 'কবিতা আবৃত্তিতে ভালো আবৃত্তিকারকের সম্বন্ধে শ্রোতার মনে একটা বিশেষ মোহ উৎপন্ন করে।' *রবীন্দ্র*, ১৯০৯।

আবৃত্তিপ্রসূত [স] *বিণ* মুখ দিয়ে উচ্চারণের ফলে সৃষ্ট। 'পরীক্ষার্থীর মুখভঙ্গী সহকারে লিখিত বিষয়ের আবৃত্তিপ্রসূত বিড়বিড় শব্দ।' *মোতাহার*, ১৯৩৭।

আবৃত্তি-ভাবাপন্ন [স] *বিণ* কথার ঢঙে উচ্চারিত। 'কতকটা আবৃত্তি-ভাবাপন্ন হলেও স্বরের ব্যঞ্জনা থাকাতে রবীন্দ্রসঙ্গীত নির্জীব ও একঘেয়ে হয়ে পড়ে না।' *মোতাহার*, ১৯৩৭।

আবে [হি] *ক্রিবিণ* এখন। 'আবে মোরা মরম লাগল পঁচবানে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আবে-কওসর [আ] *বি* (ইসলামিমতে) স্বর্গীয় সরোবর। 'এ-তৃষ্ণা আবে-জমজম আবে-কওসরেও মিটবার নয়।' *নজরুল*, ১৯২৭।

আবেক্ষণ [স অবেক্ষণ] *বি* মনোযোগ। 'আবেক্ষণ দিল লোক কংশ মহাবীর।' *বড়ু*, ১৪৫০।

আবেগ [স] *বি* তীব্র অনুভূতি। 'প্রাণের আবেগ রুধিয়া রাখিতে নারি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আবেগতীব্র [স] *বিণ* আবেগাপ্লুত; আবেগে অভিভূত। 'তাহার ঘনকৃষ্ণ বিপুল চক্ষুতারকায় সুগভীর আবেগতীব্র বেদনাপূর্ণ অগ্রহকটাক্ষপাত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আবেগপরিপূর্ণ [স] *বিণ* উৎকণ্ঠাপূর্ণ। 'সুচরিতা আবেগপরিপূর্ণ হৃদয় লইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

আবেগপ্রধান [স] *বিণ* আবেগ মুখ্য এমন। 'ভক্তি প্রেম ও আবেগ-প্রধান সাধনার পথ।' *হাই*, ১৯৫৪।

আবেগপ্রবণ [স] *বিণ* ভাবপ্রবণ। 'আবেগপ্রবণ ছাত্রসমাজকে হয়ত আইন ভঙ্গের জন্য ... প্ররোচনা দেওয়া হইয়াছে।' *আজাদ*, ১৯৬৯।

আবেগপ্রবাহ [স] *বি* আবেগের ধারা। 'সংগীতমুখর সেই আবেগপ্রবাহ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আবেগপ্লাবিত [স] *বিণ* ভাবাচ্ছন্ন। 'সৈনিকের আদর্শ মনোবৃত্তি আবেগপ্লাবিত ভারভূমিতে পড়ে ...।' *হাই*, ১৯৫৪।

আবেগবন্ধুর [স] *বিণ* আবেগরুদ্ধ। 'সপ্তর্ষি প্রশ্ন কোটি হৃদয়ে আবেগবন্ধুর জিজ্ঞাসার অনুরণন তোলে।' *শঙ্খ*, ১৯৫৫।

আবেগবিলাসী [স] *বিণ* আবেগপ্রবণ। 'তার মন কেড়েছিলেন আবেগবিলাসী দেশপ্রেমী কবি শিলার।' *শিব*, ১৯৫০।

আবেগ-বিহ্বল [স] *বিণ* আবেগ-আপ্লুত। 'বাতাসের আকুলতাকে আর একটু আবেগ-বিহ্বল করে।' *মোতাহার*, ১৯৩৭।

আবেগবিহ্বলতা [স] *বি* আবেগআপ্লুত অবস্থা। 'সঙ্গীতে এমন একটু আবেগবিহ্বলতা আছে।' *মোতাহার*, ১৯৩৭।

আবেগ-ভরা [স আবেগ+ভরা] *বিণ* আকুলতাপূর্ণ। 'নঈমার সুরে আবেগ-ভরা মিনিতি ফুটিয়া উঠে।' *মনসুর*, ১৯৫৫।

আবেগভরে *ক্রিবিণ* আবেগময় কণ্ঠে। 'ভবেশ আবেগভরে 'স্বর্গ হতে বিদায়' আবৃত্তি করিতেছে।' *বনফুল*, ১৯৩৬।

আবেগমথিত [স] *বিণ* আবেগে আন্দোলিত। 'আবেগমথিত স্বরে প্রবীর তাহাকে ভালবাসিতে থাকে।' *মানিক*, ১৯৩৬।

আবেগময় [স] *বিণ* ব্যাকুল; আবেগপূর্ণ। 'শুধু আবেগময় অহংকারে মাতিয়া কখনো এই অনুষ্ঠানের তাৎপর্যকে লঘু করিয়া ফেলিব না।' *রবীন্দ্র*, ১৯২৫।

আবেগময়তা [স] *বি* ব্যাকুলতা। 'চিন্তার আবেগময়তা এবং অপরিচ্ছন্নতার জন্যে সে ভুল অনেকের কাছে সাধারণতঃ ধরা পড়ে না।' *উমর*, ১৯৬৭।

আবেগময়ী [স] *বিণ* স্ত্রী অনুভূতির প্রাবল্যযুক্ত। 'এক গভীর আবেগময়ী আনন্দের সমুদ্রে ডুবিয়ে রাখে।' *বেগম*, ১৯৪৮।

আবেগরুদ্ধ [স] *বিণ* আবেগহীন। 'তারপর হঠাৎ আবেগরুদ্ধ স্বরে বলে উঠলেন।' *নরেন্দ্র*, ১৯৫১।

আবেগসর্বস্ব [স] *বিণ* আবেগই একমাত্র উপজীব্য। 'চৈতন্যের মধ্যে তাহা আবেগসর্বস্ব হইয়া উঠিল।' *হাই*, ১৯৫৪।

আবেগহীন [স] *বিণ* আবেগশূন্য। 'অমন নিরুত্তেজ আবেগহীন অবস্থায় কী করিয়াছিল?' *মানিক*, ১৯৪০।

আবেগাতিশয্য [স আবেগ-আতিশয্য] *বি* আবেগের অতিশয়তা। 'ভাষার মধ্যে যখন আবেগাতিশয্যে দ্রবীভূত হৃদয়ের ওঠানামা অনুভব করা যায় ...।' *সুনীল মুখো*, ১৯৭০।

আবেগার্দ্র [স আবেগ-আর্দ্র] *বিণ* আবেগে আপ্লুত। 'আবেগার্দ্র শোনাল ওর গলা।' *নরেন্দ্র*, ১৯৫০।

আবে-জমজম [আ] *বি* মুসলমানদের কাছে পবিত্র-বিবেচিত মক্কার জমজম কূপের পানি। 'এ-তৃষ্ণা আবে-জমজম আবে-কওসরেও মিটবার নয়।' *নজরুল*, ১৯২৭।

আবেদন [স] ১ *বি* চাকরির জন্য দরখাস্ত। 'কর্মাকাঙ্ক্ষি ব্যক্তিরদিগকে তদর্থ আবেদন করিতে বিজ্ঞাপন দ্বারা আহ্বান করা গিয়াছে।' *দর্পণ*, ১৮৩৫। ২ *বি* অনুরোধ। 'অপরাপর সকলের আবেদন অগ্রাহ্য করিলেন।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* নিবেদন; আর্জি। 'হুগেরি নিবাসীগণ অষ্ট্রিয়ার সম্রাটের নিকট আবেদন করিয়া ...।' *অক্ষয়*, ১৮৫৫। ৪ *বি* প্রার্থনা। 'কহ, জানাইব তব আবেদন, দেবি, রাঘবের পদে।' *মাইকেল*, ১৮৬১। ৫ *বি* আকুলতা। 'অশ্রান্ত কোকিল অন্তরের আবেদনে ভরিছে নিখিল।' *রবীন্দ্র*, ১৮৯৬। ৬ *বি* আকর্ষণ। 'সুর আপনার আবেদন অনায়াসে প্রকাশ করিতে পারে।' *রবীন্দ্র*, ১৯১২।

আবেদনকারী [স] *বি* প্রার্থী; প্রার্থনাকারী। 'কাগজে আবেদনকারীর নাম লিখে দিতে হয়।' *রবীন্দ্র*, ১৮৮১।

আবেদন-নিবেদন [স] *বি* অনুনয়-বিনয়। 'সভা-সমিতি আবেদন-নিবেদন আলোচনা-আন্দোলন বাদ-প্রতিবাদে ... মুখরিত হইয়া উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৫।

আবেদনপত্র [স] *বি* দরখাস্ত। 'এক আবেদনপত্র সমভিব্যাহারে ইংলণ্ডে গমন করিতে অনুরোধিত হইয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪২।

আবেভার [স অব্যবহার] *বি* কুব্যবহার; কদাচরণ। 'গুরুগর্ব্বিতে মন্দ বলি আবেভার।' *মালাধর*, ১৫০০।

আবেশ [স] ১ *বি* আচ্ছন্নতা। 'রতি রসের আবেশে/ রাধা অঙ্গ সে পরশে।' *বড়ু*, ১৫৭০। ২ *বি* আবেগ। 'এই শ্লোক পড়ি প্রভু ভাবের আবেশে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* অভিনিবেশ। 'মিছা কাজে করিলে আবেশ।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* আসক্তি। 'শিশুকাল হইতে তার কোন্দলে আবেশ।' *ভারত*, ১৭৬০। ৫ *বি* নেশা। 'কী আবেশে কিসের কথায় ফিরেছি হে যথায় তথায়।' *রবীন্দ্র*, ১৯১০।

আবেশ-বন্ধ [স] *বি* ভাবাবেশের বন্ধন। 'মুগ্ধ প্রাণের আবেশ-বন্ধ টুটে।' *রবীন্দ্র*, ১৯২৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আবেশবশ [স] *বিণ* ভাবাবেগের অধীন। 'সুখের শয়নে শ্রান্ত পরান আলসরসে/ আবেশবশে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আবেশবাণ [স] *বি* আবেশরূপ বাণ। 'জর্জর আবেশ-বাণে।' *রবীন্দ্র*, ১৯১৬।

আবেশবিহ্বল [স] *বিণ* ভাবোন্মত্ত। 'কেন আন বসন্তনিশীথে আঁখিখরা আবেশ-বিহ্বল – যদি বসন্তের ...।' *রবীন্দ্র*, ১৮৯০।

আবেশভর [স] *বি* বিহ্বলতার ভার। 'আবেশভরে ধূলায় পড়ে কতই করে ছল।' *রবীন্দ্র*, ১৯১৪।

আবেশ-হিল্লোল [স] *বি* আবেশরূপ তরঙ্গ। 'তুমি বসন্তের আবেশ-হিল্লোলে পুষ্পদল চুমি ...।' *রবীন্দ্র*, ১৯০০।

আবেশাচ্ছন্ন [স আবেশ-আচ্ছন্ন] *বিণ* বিহ্বলতাপূর্ণ। 'তার শীর্ণমুখ আবেশাচ্ছন্ন।' *ওয়ালী*, ১৯৬৪।

আবেশিনী [স] *বিণ স্ত্রী* বিহ্বল। 'প্রেম পরশমণি, পরশে আবেশিনী।' *ক্ষীরোদপ্রসাদ*, ১৯২৫।

আবেশী [স আবেশিক] *বি* রাতের অতিথি। 'হাড়ীত ভাত নাঁহি নিতি আবেশী।' *চর্যা* ৩৩, ১২০০।

আবেস [স আবেশ] *বিণ* ভাবাবেগপূর্ণ। 'কৃষ্ণের বিরহে গোপি হইলা আবেস।' *মালাধর*, ১৫০০।

আবেষ্টন [স] *বি* ঘের; ছায়া। 'সে আছে কলকাতায়, দাদার নির্মল স্নেহের আবেষ্টনে।' *রবীন্দ্র*, ১৯২৯।

আবেষ্টনী [স] ১ *বি* বেড়া। 'এই আবেষ্টনীর মধ্যে দুই পাশে দুইখানি ...।' *তারা*, ১৯২৯। ২ *বি* পারিপার্শ্বিক অবস্থা। 'এ কি অসঙ্গতি নন্দ ও নন্দর আবেষ্টনীর মধ্যে?' *মানিক*, ১৯৩৬। ৩ *বি* বন্ধনী। 'সর্বাঙ্গীণ বিপন্নতার আবেষ্টনীতে অভিনেতার মুখের মতো।' *মানিক*, ১৯৩৭। ৪ *বি* পরিধি। 'সন্তানের মাংসল আবেষ্টনীর মধ্যে গোপন।' *মানিক*, ১৯৩৭।

আবেস *দ্র* **আবেশ**

আবেস্তা [ফা আবিস্তা] *বি* প্রাচীন পারস্যে জারাথুস্ত্র প্রতিষ্ঠিত ধর্মের শাস্ত্রগ্রন্থ। 'বহু সহস্র চর্মপত্রে রূপালি সোনালি অক্ষরে তাদের ধর্মগ্রন্থ আবেস্তা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আবে-হায়াত, আবে হায়াৎ [আ] *বি* [ইসলামিমতে] জীবনবারি। 'এই অজানার এই যে হাত আনতে পারে আবে-হায়াত।' *নজরুল*, ১৯২২; 'আবে-হায়াৎ বিলিয়ে দিয়ে জহর নিজে পান করলে।' *শওকত*, ১৯৬২। *দ্র* **আব-হায়াত**

আবোয়াব [আ] *বি* নির্ধারিত খাজনা অথবা করের অতিরিক্ত কর। 'হরবার আবোয়াবে ঐ জমার দেড়া দ্বিগুণ।' *এডুকেশন*, ১৮৭৩। *দ্র* **আবওয়াব**

আবোল [আ+হি বোল] ১ *বি* খারাপ কথা; বাজে কথা। 'নিকট না আইস লোক বুলিব আবোল।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* বাকহীন। 'সদয় ব্যবহারের মূল্য আবোল পশুর জৌলুশ মাখানো চকচকে চামড়ার পরতেও নির্ভুলভাবে ধরা পড়ে।' *মাহেনও*, ১৯৪৯।

আবোল তাবোল ১ *বি* এলোমেলো অর্থহীন কথা। 'কি আবোল তাবোল বকে।' *বঙ্কিম*, ১৮৭৪। ২ *বি* শৈথিল্য; অসম্বদ্ধতা। 'লেখার বেশ একটি বাঁধুনি আছে, আবোল তাবোল নাই।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *ক্রিবিণ* বেসুরোভাবে। 'আয়রে পাগল আবোল তাবোল মন্ত্র মাদল বাজিয়ে আয়।' *সুকুমার*, ১৯১৬।

আব্দার [ফা আবদার] *বি* বায়না। 'ছেলে মানুষ, আব্দার করেছে।' *উমেশ*, ১৮৫৭। *দ্র* **আবদার**

আব্দারে *বিণ* আব্দারপূর্ণ। 'আব্দারে গলায় আয়েশা নাজমাকে ডাকলে।' *ওয়ালী*, ১৯৪২। *দ্র* **আবদেরে**

আব্বা [আ আব] *বি* পিতা। 'রেখেছে আব্বা ইবরাহিম সে আপনা রুদ্র পণ।' *নজরুল*, ১৯২২।

আব্রহ্ম [স] *ক্রিবিণ* ব্রহ্মা থেকে আরম্ভ ক'রে সমস্ত সৃষ্টি। 'অব্রহ্ম পর্যন্ত সব দেখে জ্যোতির্ময়।' *বৃন্দা*, ১৫৮০।

আব্রু [ফা] ১ *বি* আড়াল। 'সেইটেই একটা আব্রু।' *রবীন্দ্র*, ১৮৯৮। ২ *বি* আভিজাত্য। 'জীবনে আব্রু, মরণে পর্দা নাই।' *মোহিত*, ১৯৪০। ৩ *বি* পর্দা। 'মাথায় কাপড় নেই। আব্রুর কোনো বালাই নেই আর।' *শওকত*, ১৯৬২।

আভ [স অভ্র] ১ *বি* মেঘ। *মানোএল*, ১৭৪৩; 'আকাশ আসিয়া আভে ঘিরিল।' *দক্ষিণা*, ১৯৪০। ২ *বি* অভ্র। 'কোথায় নাকি খনি পেয়েছে আভের।' *অচিন্ত্য*, ১৯৫০।

আভএ [স অভয়] *বি* অভয়। 'আন্ধারে দিলেঁ আভএ।' *বড়ু*, ১৪৫০।

আভঙ্গ *বি* এক প্রকার জনপ্রিয় মারাঠী ভক্তিগীতি। 'মারহাট্টারা গাইতেন আভঙ্গ।' *ধূর্জটি*, ১৯৩১।

আভয় [স অভয়] *বি* ভয় নেই – এই আশ্বাস। 'আপণার মুখে মোকে দিআর আভয়।' *বড়ু*, ১৪৫০।

আভরণ, আভরণা ১ *বি* অলঙ্কার। 'রবিশশি কুণ্ডল কিউ আভরণে।' *চর্যা* ১১, ১২০০। ২ *বি* সম্পদ। 'ইহাই তাঁহার প্রধান আভরণ।' *অক্ষয়*, ১৮৫৫। ৩ *বি* শৃঙ্খল। 'দীনবেশ ফেলে যেয়ো পাছে, দাসত্বের আভরণ।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৪ *বি* পোশাক। 'দীনহীন বেশ ফেলে যেয়ো পাছে, দাসত্বের আভরণ।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৫ *বি* সৌন্দর্য। 'সরলতা স্বচ্ছতা আর্টের যথার্থ আভরণ।' *রবীন্দ্র*, ১৮৯১। ৬ *বি* ফুল ও পাতা। 'আজ গাছপালা তাহার সমস্ত আভরণ খসাইয়া ফেলিয়াছে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

আভরণহীন [স] *বিণ* অলঙ্কারশূন্য। 'ছায়াসম বিষাদ-বিলীন নববধূ সীতা আভরণহীন উঠিলা বিদায়-রথে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আভা [স] ১ *বি* প্রভা; উজ্জ্বলতা। 'ভুরুর বলনী কামধনু জিনি ইন্দ্রধনুকের আভা।' *ষ্টিচণ্ডী*, ১৬০০। ২ *বি* শোভা। 'শতবান সোনা জিনি চরণের আভা।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* আলো। 'উহার উপর সূর্য্যের আভা পতিত।' *অক্ষয়*, ১৮৪৯। ৪ *বি* আলোকচ্ছটা। 'বিজুলি শুধু ক্ষণিক আভা হানে।' *রবীন্দ্র*, ১৯০৯।

আভাখানি *বি* আভাস। 'আমার কথার আভাখানি পেয়েছ কি মনে?' *রবীন্দ্র*, ১৯২৯।

আভাস্বিত [স] *বিণ* দীপ্তিময়। 'সে তো আভাস্বিত করে না, কম্পান্বিত করে।' *অন্নদা*, ১৯২৮।

আভাময় [স] *বিণ* দীপ্তিময়। 'আভাময় যার চারু-রত্ন-কান্তিছটা।' *মাইকেল*, ১৮৬০।

আভাময়ী [স] *বিণ স্ত্রী* দীপ্তিমান। 'ত্রিদিবের শোভা, ভব-ললাটের শোভা শশিকলা যথা আভাময়ী।' *মাইকেল*, ১৮৬০।

আভাযুক্ত [স] *বিণ* দীপ্তিযুক্ত। 'কতকগুলি পীতের আভাযুক্ত লোহিতবর্ণ।' *অক্ষয়*, ১৮৫৪।

আভাগিনী [স অভাগিনী] *বিণ স্ত্রী* দুর্ভাগা। 'কাহ্ন বিনী আভাগিনী গোপযুবতী।' *বড়ু*, ১৪৫০।

আভাগী [স অভাগী] *বিণ স্ত্রী* ভাগ্যহীন। 'তোহ্মাক না পাইল মোঞ্জ ত বড়

AMARBOI.COM

আভাগী।' *বড়ু*, ১৪৫০।

আভাগ্যা [স অভাগ্য>] *বিণ* হতভাগা। 'মর আভাগ্যা।' *কেরি*, ১৮০২।

আভাঙ [স অভ্যঙ্গ] *বি* অঙ্গ-প্রত্যঙ্গে তেল মাখা। *বিদ্যা*, ১৮৯১।

আভাঙা, আভাঙ্গা [স অভঙ্গ] **১** *বিণ* অপরিবর্তিত। 'আভাঙা সংস্কৃত শব্দ।' *হরপ্রসাদ*, ১৮৮১। **২** *বিণ* অটুট; অখণ্ড। *বিদ্যা*, ১৮৯১; 'আভাঙা আলস্য।' *অচিন্ত্য*, ১৯৫০। **৩** *বিণ* আসল। 'লোকে বুঝুক বা না বুঝুক, আভাঙ্গা সংস্কৃত চাই।' *বঙ্কিম*, ১৮৯২।

আভাত [স] *বিণ* প্রতিফলিত। 'কবিতায় বিপ্লব আভাত হয়েছে।' *অচিন্ত্য*, ১৯৫০।

আভানা [স আহ্বান>] *বিণ* আহ্বান করা। 'এত বলি ধীরে কল্পনারানী/ বীণায় আভানি তান/ বাজাইল বীণা আকাশ ভরিয়া।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আভাষ [স] *বি* ভূমিকা। 'যদ্রূপ করিতে মনস্থ করিয়াছি তাহার আভাষ লিখিতেছি।' *দর্পণ*, ১৮৩১।

আভাষণ [স] *বি* ইঙ্গিত। 'তার আভাষণ ফেলে কভু ছায়া তোমার হৃদয়তলে।' *রবীন্দ্র*, ১৯২৯।

আভাস [স] **১** *বি* পরিধি। 'বিদ্যার আভাস দেখি হইল বিস্ময়।' *হ্যালহেড*, ১৭৭৮। **২** *বি* ইঙ্গিত। 'আভাসে কিঞ্চিত হল শাস্ত্র আলাপন।' *মানিকরাম*, ১৭৮১। **৩** *বি* আবির্ভাব। 'সুগভীর তামসীর ছিদ্রপথে যেন জ্যোতির্ময় তোমার আভাস।' *রবীন্দ্র*, ১৮৯০। **৪** *বি* অস্পষ্ট প্রকাশ। 'হয়তো আমার লেখার মধ্যে মাঝে মাঝে আভাসের মতো প্রকাশ পেয়ে থাকবে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৫** *বি* ঝিলিক। 'আমার চোখের 'পরে আভাস দিয়ে যখনি যাও গো।' *রবীন্দ্র*, ১৯২১।

আভাসমাত্র [স] *বি* ইঙ্গিত। 'রবীন্দ্রজীবনীতে কিছু কিছু আভাস আছে, কিন্তু তা শুধু আভাসমাত্র।' *শিব*, ১৯৫০।

আভাসমান [স] *বিণ* প্রতীয়মান। 'তাহার অভ্যন্তরে এক পুরুষচ্ছায়া প্রত্যক্ষবৎ আভাসমান হইল।' *অক্ষয়*, ১৮৪৮।

আভাসমুক্ত [স] *বিণ* চিহ্নমুক্ত। 'ভ্রান্তিবিলাস পরাশ্রয়িতার আভাসমুক্ত ও স্বতঃস্ফূর্ত।' *জিল্লুর*, ১৯৭০।

আভাসা [স আভাস>] *ক্রি* স্পষ্ট হওয়া। 'কী মূরতি তব নীলাকাশশায়ী নয়নে উঠে গো আভাসি।' *রবীন্দ্র*, ১৯১৪।

আভাসিত [স] *বিণ* প্রকাশিত। 'আমাদের হৃদয়বৃত্তির বিচিত্র রসে নানা ভাবে আভাসিত হইয়া উঠিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আভাসিনী [স] *বিণ* ইঙ্গিতবহ। 'যখন প্রহর শান্ত, মধ্যম, নিবিড় আভাসিনী।' *শঙ্খ*, ১৯৬৬।

আভিঘাত [স অভিঘাত] *বি* অভিঘাত; বিঘ্ন। 'যেজন আমার আসরে করে আভিঘাত।' *মানিকরাম*, ১৭৮১।

আভিজাতিক [স] **১** *বিণ* কুল বা বংশ পরিচায়ক। 'ডুবাল কহিলেন ... কুলাদর্শনুযায়ী ভাষায় নিজ আভিজাতিক চিহ্ন বর্ণন করুন।' *বিদ্যা*, ১৮৪৯। **২** *বিণ* আভিজাত্য প্রকাশক। 'বিশুদ্ধ তার আভিজাতিক ছন্দে এক দিকে নির্জন পর্বতের স্মৃতি।' *রবীন্দ্র*, ১৯৩২।

আভিজাত্য [স] **১** *বি* বংশমর্যাদা। 'আভিজাত্য আছে বড় মানুষের পুত্র।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* মর্যাদা। 'যাহার সম্ভ্রম ও আভিজাত্য ও অবস্থা মতে ... মানহানি হয়।' *ডানকান*, ১৭৮৪। **৩** *বি* সংযত সৌন্দর্য। 'তাঁর চিত্তবৃত্তির বাহুল্যবর্জিত আভিজাত্য, সেটা উজ্জ্বল হয়ে প্রকাশ পায় ...।' *রবীন্দ্র*, ১৯২৯। **৪** *বি* বড়োলোকি। 'মাসে মাসে গাত্রবস্ত্র পার্সেল-পোস্টে ফরাসি ধোবার বাড়িতে ধুইয়ে আনানো – এসব দেখে ওর আভিজাত্য সম্বন্ধে দ্বিরুক্তি করতে সাহস হয় না।' *রবীন্দ্র*, ১৯২৯। **৫** *বি* উন্নত রুচি। 'মানুষের রসবোধে যে-আব্রু আছে সেইটেই নিত্য; যে-আভিজাত্য আছে রসের ক্ষেত্রে সেইটেই নিত্য।' *রবীন্দ্র*, ১৯৩৬। **৬** *বি* উন্নত অবস্থা। 'মোটর হাঁকাইয়া বেড়ানোর ফ্যাশন প্রচলিত করার আভিজাত্য এ পথটির নাই।' *মানিক*, ১৯৩৭।

আভিজাত্য-অভিমান [স] *বি* বংশমর্যাদার অহংকার। 'আমাদের মধ্যে ধর্ম-বিদ্বেষ নাই ... আভিজাত্য-অভিমান নাই।' *নজরুল*, ১৯২২।

আভিজাত্যচ্ছায়া [স] *বি* ঘন আচ্ছাদন। 'আসন-গাঁথা বৃদ্ধ মহানিম, নিবিড় গম্ভীর তার আভিজাত্যচ্ছায়া।' *রবীন্দ্র*, ১৯৪০।

আভিজাত্যবোধ [স] *বি* মর্যাদাবোধ। 'পরভাষাশ্রিত আভিজাত্য-বোধকে অকস্মাৎ আঘাত করতে কুণ্ঠিত হলেন।' *রবীন্দ্র*, ১৯৪১।

আভিজাত্যমত্ত [স] *বিণ* বংশমর্যাদা নিয়ে গর্ব করে এমন। 'আভিজাত্যমত্ত পরিবারের মেয়েদের বাইরের লোক পায়ের নখ পর্যন্তও যদি দেখে ফেলে ...।' *বেগম*, ১৯৪৮।

আভিধানিক [স] **১** *বিণ* অভিধানসম্মত। 'গাথা শব্দের একটি আভিধানিক অর্থ সঙ্গীত বা গেয়-শ্লোক।' *অক্ষয়*, ১৮৪৭। **২** *বিণ* অভিধানসম্পর্কিত। 'উত্তর কালে (আভিধানিক কালে) পণ ধাতুর চিহ্ন পণ্‌য়িয়া ...।' *রবীন্দ্র*, ১৯০০। **৩** *বিণ* ব্যুৎপত্তিগত। 'আধ্যাত্মিক শব্দের আভিধানিক অর্থ "আত্মা সম্বন্ধীয়"।' *রবীন্দ্র*, ১৯০৮। **৪** *বিণ* পণ্ডিতী। 'প্রদোষ ব্যবহার করবার আভিধানিক দোষ কেটে যায়।' *রবীন্দ্র*, ১৯৩২।

আভিমান [স অভিমান] *বি* অহঙ্কার। 'অনাথী নারীক কত থাকে আভিমান।' *বড়ু*, ১৪৫০।

আভিমানবাণী [স অভিমানবাণী] *বি* অভিমানের কথা। 'আনেক বুইল মোরে আভিমানবাণী।' *বড়ু*, ১৪৫০।

আভিমুখ্য [স] *বি* দিকনির্দেশনা। 'তার ভিতরে অভিমুখ্য, মানবীয় অর্থবহতা খুঁজে না পাওয়া পর্যন্ত তাঁর শান্তি নেই।' *শিব*, ১৯৫৬।

আভিরোষ [অভিরোষ] *বি* রাগ। 'কিকে কর আভিরোষে।' *বড়ু*, ১৪৫০।

আভিল [স ভী>] *বি* ভীতি; আশঙ্কা। 'তুমি বন্দী হতে হল আমার আভিল।' *মানিকরাম*, ১৭৮১।

আভিলাস [অভিলাষ] *বি* বাসনা। 'পুরী চির আভিলাসে।' *বড়ু*, ১৪৫০।

আভিসার [অভিসার] *বি* মিলনের জন্যে পূর্ব নির্ধারিত গোপন স্থানে গমন। 'তোর রতি আশোআশে গেলা আভিসারে।' *বড়ু*, ১৪৫০।

আভিহাস [স অভিলাষ] *বি* অভিলাষ; বাসনা। 'কেহে করহ হেন আভিহাসে।' *বড়ু*, ১৪৫০।

আভীর [স] *বি* গোয়ালা জাতি। 'অনার্য আভীর গোপজাতির লোকপ্রচলিত দেবলীলার বিচিত্র কথা।' *রবীন্দ্র*, ১৯১৬।

আভীরবালা [স] *বি* গোপকন্যা। 'আভীর-বালারা দুধাল গাভীরে দোহায় না, কাঁদে শুয়ে।' *নজরুল*, ১৯২৮।

আভীরী [স আভীর>] **১** *বি* প্রাচীন ভারতের ভাষাবিশেষ। 'আভীরী শ্রাবন্তী দ্রাবিড়ী ঔড্রীয় পাশ্চাত্যা প্রাচ্যা বাহ্লিক্যারন্তিকা দাক্ষিণাত্যা এই শাস্ত্রীয় অষ্টাদশ ভাষা হইতে নির্গতা হইয়াছে।' *দর্পণ*, ১৮৩০। **২** *বি* গোপ নারী। 'সৈরিন্ধ্রী, নাগকন্যা, আভীরী ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

AMARBOI.COM

আভূমি [স] *ক্রিবিণ* ভূমিসংলগ্ন; ভূমি পর্যন্ত। 'আভূমিপ্রণত সেলাম।' *বঙ্কিম*, ১৮৭৫; 'ওমরাহ দল আভূমি তসলিম করিয়া ...।' *বিভূতি*, ১৯৩১।

আভূমিনত [স] **১** *ক্রিবিণ* ভূমি পর্যন্ত নত হয়ে। 'লম্বা লম্বা ঋণের গণ টেনে আভূমি নত হয়ে চালাতে হচ্ছিল আমার আপন ...।' *রবীন্দ্র*, ১৯৩৭। **২** *বিণ* পায়ে মাথা ঠেকিয়ে ভক্তি জ্ঞাপক। 'একদল দিল্লী এসে আভূমিনত প্রণতি জানালেন।' *আনিস*, ১৯৬৪।

আভূমিপ্রণত [স] *বিণ* মাটিতে গড় হয়ে ভক্তি জ্ঞাপক। 'আভূমিপ্রণত সেলাম।' *বঙ্কিম*, ১৮৭৫।

আভোগ *বি* ধ্রুপদাঙ্গ সংগীতের চতুর্থ তুক বা স্তবক। 'বাজাও তো একটি নটনারায়ন– আস্থায়ী, অন্তরা, আভোগ, সঞ্চারী পুরোপুরি ?' *প্রমথ*, ১৯৩৮।

আভোগী *বি* ধ্রুপদাঙ্গ সংগীতের চতুর্থ স্তবক বা অংশ। 'হঠাৎ আভোগীতে কোমল ধৈবত।' *ধূর্জটি*, ১৯৩১।

আভ্যন্তরিক [স] **১** *বিণ* অন্তর্গত। 'সহজেই মনের গতি আভ্যন্তরিক হয়।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **২** *বি* প্রত্যক্ষজাত জ্ঞান বা সহজ জ্ঞান। 'কান্তীয় আভ্যন্তরিক মতের প্রধানতম প্রতিদ্বন্দ্বী জন স্টুয়ার্ট মিল।' *বঙ্কিম*, ১৮৮৭। **৩** *বিণ* অভ্যন্তরীণ। 'বৃক্ষের আভ্যন্তরিক পরিবর্তন আমরা কি করিয়া জানিব।' *জগদীশ*, ১৮৯৫। **৪** *বিণ* স্বভাবজাত। 'শকুন্তলার সরলতা আভ্যন্তরিক।' *রবীন্দ্র*, ১৯০৭। **৫** *বিণ* বাহ্যিক। 'তাতে আভ্যন্তরিক তৃপ্তিটা কিছু বেশি হয়েছে। *রবীন্দ্র*, ১৯২৬। **৬** *বিণ* মানসিক। 'এক দল আভ্যন্তরিক বলে বলী।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আভ্যুদয়িক [স] *বি* হিন্দু বিবাহাদি উপলক্ষে করণীয় শ্রাদ্ধবিশেষ। 'জোবানবন্দীর আভ্যুদয়িক আছে না কি।' *বঙ্কিম*, ১৮৭৫।

আম[১] [স আম্র] *বি* ফল বা বৃক্ষবিশেষ। 'ফলহীন আম জাম কাটিল কুলি' *মুকুন্দ*, ১৬০০।

আমও যাবে, ছালাও যাবে – সর্বস্ব হারাতে হবে। 'সাবধান হতে হয়। না হলে আমও যাবে, ছালাও যাবে।' *সাদত*, ১৯৬৭।

আমওয়ালা [আম+হি ওয়ালা] *বি* আম বিক্রেতা। 'আমওয়ালা বুড়ো হে/ আম ভরা ঝাঁকা।' *অন্নদা*, ১৯৬৪।

আমকাঠ [স আম্রকাষ্ঠ] *বি* আমগাছের কাঠ। 'কখন কারা এসে আমকাঠে।' *জীবন*, ১৯৩২।

আমচুর [স আম্রচূর্ণ] *বি* কাঁচা আমের শুকনা ফালি। *বিদ্যা*, ১৮৯১; 'আমসত্ত্ব আচুর: সের-দুই দুধ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আমপল্লব [স আম্রপল্লব] *বি* আমের পাতা। 'আমপল্লব তাহে কিঙ্কিনি সুঝম্পে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আমবন [স আম্রবন] *বি* আম গাছের বন। 'অন্যপারে বাঁশবন, আমবন।' *রবীন্দ্র*, ১৯৩২।

আম[২] [স] *বিণ* কাঁচা। 'প্রায় আম মাংস আহার করিয়া জীবন ধারণ করে।' *অক্ষয়*, ১৮৪৭।

আমমাংস [স] *বি* কাঁচা মাংস। 'নরমাংস, আমমাংস ও মৃত্তিকা ভোজন করা।' *অক্ষয়*, ১৮৫০।

আমমাংসভোজী [স] *বিণ* কাঁচা মাংস খায় যে। 'আর্যজাতি এককালে ছিল আমমাংসভোজী।' *অবন*, ১৯২৫।

আম[৩] [স] *বি* আমাশয়। 'কফ শুক্র আম পিত্ত চেরের আকর।' *গুপ্ত*, ১৮৫৮।

আমজ্বর [স] *বি* আমাশয়ের ফলে সৃষ্ট জ্বর। 'কফ আমজ্বর হরে শুদ্ধ করে মুখ।' *গুপ্ত*, ১৮৫৮।

আমবাত [স] *বি* সাধারণত কোনো কিছুর প্রতি দেহের অসহনীয় অবস্থাহেতু চামড়ায় তীব্র চুলকানি-সহ ফোলাফোলা যে অবস্থার সৃষ্টি হয়, সেই রোগ; নেট্‌ল র‍্যাশ; আর্টিকেরিয়া। *ওসাঁ*, ১৭৮৫।

আমরক্ত [স] *বি* রক্ত-আমাশয়। *বিদ্যা*, ১৮৯১।

আম[৪] [আ] *বিণ* সাধারণ। **আম দরবার** [আ আয়াম+ফা দরবার] **১** *বি* সাধারণ সভা। 'মহারাজ আম দরবার বরখাস্ত করিয়া ...।' *মশাররফ*, ১৮৮৫। **২** *বি* সর্বসাধারণের প্রবেশযোগ্য বৈঠকখানা। 'এদের শৌখিনতার আমদরবারে দানদাক্ষিণ্য, খাসদরবারে ভোগবিলাস।' *রবীন্দ্র*, ১৯২৯।

আমমোক্তার [আ] *বি* বিষয়সম্পত্তি-সংক্রান্ত কাজ দেখাশোনার জন্য আইন অনুসারে নিযুক্ত কর্মচারী। 'দাঁ মহাশয়ের আমমোক্তার কানাইধন বাবু।' *হুতোম*, ১৮৬১।

আমগ্ন [স] *বিণ* বিশেষভাবে মগ্ন। 'সহসা আমগ্ন কি স্বপ্নাবিষ্ট ঘুমে?' *সুধীন্দ্র*, ১৯৩৩।

আমজাম [ফা আনজাম] *বি* আয়োজন। 'তাহা আমজাম হইল না।' *চিঠিপত্রে*, ১৮৩০।

আমট [স অম্ল>] *বি* আমসত্ত্ব। 'উত্তম আমটের আমদানি আসিয়াছিল।' *চিঠিপত্রে*, ১৮৬৬।

আমটবিছা [স আম্র>] *বি* কটিভূষণবিশেষ। 'আমটবিছা –।' *চিঠিপত্রে*, ১৭৫৭।

আমড়া [স আম্রাতক] *বি* টক ফলবিশেষ। 'আমড়া বয়ড়া হরিড়া ধব।' *মুকুন্দ*, ১৬০০।

আমড়াগাছিআ *বিণ* চাটুকর। *বিদ্যা*, ১৮৯১।

আমড়াগাছী *বি* চাটুকারিতা। 'লোকটির চেষ্টা ছিল, আপনাকে খুব আমড়াগাছী করে ...।' *ইমদাদুল*, ১৯২০।

আমড়াতলা [আমড়া+স তল] *বি* আমড়া গাছের মূল-সংলগ্ন স্থান। 'আমড়াতলায় পাড়ার প্রৌঢ়দের তাসপাশার আড্ডা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আমড়াতে করা *ক্রি* সৌন্দর্যহীন করা। 'ন্যাড়া করে দেয় মাথা হায় আমড়াতে করে।' *নজরুল*, ১৯৩২।

আমতা[১] [স অম্ল>] *বি* আমসত্ত্ব। *বিদ্যা*, ১৮৯১।

আমতা[২] [আমি+তা>] *বি* ইতস্তত ভাব। **আমতা-আমতা** [আমি+তা>] *বিণ* ইতস্তত। 'সরবরাহমন্ত্রী আমতা-আমতা করিয়া বলিলেন।' *মনসুর*, ১৯৪৫।

আমতা আমতা ক'রে *ক্রিবিণ* ইতস্তত করা। 'মাপ তাকে চাইতেই হল নতশিরে আমতা আমতা করে।' *রবীন্দ্র*, ১৯৪০।

আমদ[১] [স আমোদ] **১** *বি* আনন্দ; উৎসাহ। 'মনের মধ্যে আমদ করিয়া ... লিখনপড়ন সিখীবা।' *ওসাঁ*, ১৭৮২। **২** *বিণ* সুরভিত। 'পুষ্প তাহাতে সুগন্ধ আমদ করে।' *রামরাম*, ১৮০১।

আমদ[২] [ফা আমদ] *বি* আমদানি। 'গঙ্গার আমদ রপ্তিতে।' *ক্যালগে*, ১৭৮৯।

আমদানি, আমদানী [ফা] *বি* **১** পণ্যের সমাগম। 'এ সন কলিকাতায় বিস্তর কাপড়ের আমদানি।' *ওসাঁ*, ১৭৮২। **২** *বি* অন্য দেশ বা জায়গা থেকে পণ্য নিয়ে আসা। 'আপন মুলুকে আমদানি হবেক।' *চেরী*, ১৭৮৮; 'বেবাক আমদানী হইয়া সদর দাখীল অবস্য হইতে

AMARBOI.COM

চাহি।' *তাঁতি*, ১৭৯২। ৩ *বি* আয়। 'অর্থাৎ আমদানী খরচ জমা এ সকল বড়ো লেঠা ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। ৪ *বি* আগমন। 'পড়াশুনা আরম্ভ হইলেই নভেল-নাটকের আমদানি হইবে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৫ *বি* আনা। 'যতখানি দুগ্ধ আমদানী হয়।' *রোকেয়া*, ১৯২১।

আমদানি কর [ফা>] *বি* অন্যদেশ থেকে আমাদানি করার জন্যে প্রদত্ত কর। 'আমদানি-কর এবং মাঞ্চিষ্টারের মন রাখবার জন্য এ দেশে এক্সাইজ কর বসাইয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আমদানিকারক, আমদানীকারক [ফা আমদানি+স কারক] *বিণ* বিদেশ থেকে মাল আমদানিকারী। 'আমদানীকারক, ডিলার প্রভৃতি পর্য্যায় অতিক্রম করার পর উহা ক্রেতাদের হাতে আসে।' *আজাদ*, ১৯৬৮।

আমদানি শুল্ক [ফা আমদানি+স শুল্ক] *বি* অন্যদেশ থেকে আমাদানি করার জন্যে প্রদত্ত কর। 'ব্যবহার্য দ্রব্যের উপর আদমানি শুল্ক সংস্থাপনে সভীব জাতির যেরূপ ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আমন [স হৈমন] *বিণ* আমন ধানের চাল। 'আসু বোরো আমন রাব্বিলা ক্রমে ক্রমে।' *ভারত*, ১৭৬০।

আমন ধান, আমনধান্য [স হৈমন-ধান্য>] *বি* হেমন্ত কালে পাকে এমন ধানবিশেষ। 'মাঠের চারিদিকে নতুন আমন ধান।' *রবীন্দ্র*, ১৮৯৪; 'গাঢ় শ্যামল আমনধান্যের আন্দোলন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আমনা গমনা [স আগমন নির্গমন] *বি* আসা যাওয়া। 'যেই ভাবে ভাবি করে আমনা গমনা।' *সুলতান*, ১৭০০।

আমনি [স অমুস্মিন্>] *ক্রিবিণ* তৎক্ষণাৎ। 'সাংসুর ভোক্তা আমনি।' *রামাই*, ১৭১০।

আমনুষ্য [স অমনুষ্য] *বিণ* অমানুষ। 'আমনুষ্য অন্তরে অভাগী কেঁদে মরি।' *মানিকরাম*, ১৭৮১।

আমন্ত্রণ [স] ১ *বি* নিমন্ত্রণ। 'প্রিথিবির জত রাজা কৈল আমন্ত্রণ।' *কৃত্তিবাস*, ১৬৮৯। ২ *বি* গান। 'এখানে বুলবুলের আমন্ত্রণ নেই, ক্লান্তিরও নেই।' *রবীন্দ্র*, ১৮৯০। ৩ *বি* আকর্ষণ। 'আনন্দ-উৎসবে আমন্ত্রণ করে এনেছে।' *রবীন্দ্র*, ১৯১৬। ৪ *বি* নিমন্ত্রণ। 'আমন্ত্রণ আমি পূর্বেই গ্রহণ করেছি।' *রবীন্দ্র*, ১৯১৯। ৫ *বি* ডাক। 'পথেরও ছিল আমন্ত্রণ।' *রবীন্দ্র*, ১৯৩২। ৬ *বি* আহ্বান। "অজ্ঞাতের আমন্ত্রণ অদৃশ্য সংকেতে ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

আমন্ত্রণক্রমে *ক্রিবিণ* নিমন্ত্রণ অনুযায়ী। '... ছাত্র সমিতির আমন্ত্রণ-ক্রমে তাদের এক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ...।' *বেগম*, ১৯৬৬।

আমন্ত্রণ-দিন [স] *বি* যে দিনের জন্যে আমন্ত্রণ জানানো হয়েছে। 'আমন্ত্রণ-দিনে, শ্রাবণের ঝিল্লিমন্দ্রঘন সন্ধ্যায়, মুখরিত প্লাবনের অশান্ত নিশীথ রাত্রে ...।' *রবীন্দ্র*, ১৯২৪।

আমন্ত্রণ-পত্র [স] *বি* নিমন্ত্রণ-জানানো চিঠি। 'শাস্ত্রী মহাশয়ের আমন্ত্রণ-পত্র পেয়েছিলুম।' *রবীন্দ্র*, ১৯২৩।

আমন্ত্রণ-বিছানো *বিণ* আমন্ত্রণে ঢাকা। 'পাহাড়ের উপত্যকা-নিচে সবুজের আমন্ত্রণ-বিছানো পাতায়।' *রবীন্দ্র*, ১৯৪০।

আমন্ত্রণলিপি [স] *বি* আমন্ত্রণপত্র। 'আপনার সাদর আমন্ত্রণলিপি।' *নজরুল*, ১৯২৭।

আমন্ত্রণা [স আমন্ত্রণা] *ক্রি* আমন্ত্রণ করা। 'বিষ্ণুমন্ত্র আমন্ত্রিয়া জুড়িল ধনুতে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আমন্ত্রিত [স] *বিণ* আমন্ত্রণ জানানো হয়েছে এমন। 'আমন্ত্রিত দেবদেবীগণ, সায়নাচার্যের ভাষ্য, পাশ্চাত্য ঐতিহাসিকদের পুরাতত্ত্ব ...।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'অনুসন্ধান প্রণালী প্রদর্শন করাইবার জন্য আমন্ত্রিত হই।' *জগদীশ*, ১৯২৬।

আমন্থর [স মন্থর>] *বিণ* মৃদুমন্দ। 'গন্ধভারে আমন্থর বসন্তের উন্মাদন-রসে।' *রবীন্দ্র*, ১৯২৫।

আমন্থা [স মন্থন] *ক্রি* মন্থন করা। 'পেয়েছি অমিত সুধা আমন্থিয়া কালের বারিধি।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

আমপারা [আ আম+ফা পারাহ্] *বি* কোরানের ত্রিশতম অধ্যায়। 'আমপারা ও পান্দেনামা হাতে লইয়া মাদুরাসন হইতে উঠিয়া আসিল।' *ইমদাদুল*, ১৯২০; 'আমপারা-পড়া হামবড়া মোরা।' *নজরুল*, ১৯২৬।

আমবাত দ্র আম[৩]

আমব্রা [ই] *বি* কোনো গ্রহ বা উপগ্রহের ছায়ার কেন্দ্রীয় গাঢ় অন্ধকার অঞ্চল। 'এর কেন্দ্রপ্রদেশ ঘোর কালো, তার নাম আমব্রা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আমমোক্তার দ্র আম[৪]

আময় [স] *বি* রোগ। 'সেটা মনের আময়, অশুদ্ধতা।' *অচিন্ত্য*, ১৯৫০।

আময়দা [ফা] *বিণ* প্রচুর; অনেক। *বিদ্যা*, ১৮৯১; 'আময়দা আমদানীওয়ালা স্বামীর বন্ধ্যা স্ত্রীর অন্তরে ভবিষ্যতের ...।' *কেদার*, ১৯৫০।

আমরণ[১] [স] *ক্রিবিণ* মরণ পর্যন্ত। 'আমরণ তিনি রাম বা যুধিষ্ঠিরকে জ্যেষ্ঠতা বলিয়া মনে মনে উপাসনা করিতেন।' *হরপ্রসাদ*, ১৮৭৮।

আমরণান্ত [আ] *ক্রিবিণ* মরণ পর্যন্ত। 'আমরণান্ত বিধবা করিতে থাকিবেন।' *দর্পণ*, ১৮৩০।

আ-মরণ[২] [স মরণ>] *অব্য* বিস্ময়সূচক শব্দ। 'আ-মরণ! পোড়াকপালী বলে কী।' *রবীন্দ্র*, ১৮৯২।

আমরা [স অস্মাকম্>] *সর্ব* আমি এবং আমার সঙ্গী। 'গোপজাতি আমরা অরণ্যে করি ঘর।' *মালাধর*, ১৫০০।

আ মরি [স মরণ>] ১ *অব্য* বিস্ময়সূচক শব্দ। 'আ মরি যেমন গুরু তেমন চেলা।' *প্যারী*, ১৮৫৮। ২ *অব্য* প্রশংসাসূচক শব্দ। 'মোদের গরব, মোদের আশা, আ মরি, বাংলা ভাষা।' *অতুলপ্রসাদ*, ১৯৩৪।

আমরিতি [স অমৃতা] *বি* জিলিপি জাতীয় খাবারবিশেষ। 'জুম্মার নামাজের পর এই মসজিদে জিলিপি কখনো-বা আমরিতি বা বালুশাহী শিন্নির মতো বিলি করা হতো।' *রশীদ*, ১৯৬৩।

আমরিষ [স অমর্ষ] *বি* ক্রোধ। 'কিকে কাহ্ন করে আমরিষে।' *বড়ু*, ১৪৫০।

আমরুদ *বি* পেয়ারা। 'কোলের কাছে আমরুদ বা কালোজাম।' *রশীদ*, ১৯৬৩।

আমরুল [স অম্ললোমী] *বি* মুখরোচক শাকবিশেষ। 'আমরুল শাকের বনে।' *বিভূতি*, ১৯৩১।

আমরুলী [স অম্ললোমী] *বি* মুখরোচক শাকবিশেষ। 'পানাপুকুরের চারধার আমরুলী শাকের সবুজ পাতায় ছেয়ে গিয়েছে।' *অবন*, ১৯২৫।

আমর্দন [স অমর্দন] *বি* পিষ্টকরণ। 'তিনবার আলিঙ্গিলা আমর্দন করি।' *সুলতান*, ১৭০০।

আমল [আ] ১ *বি* শাসনকাল। 'রূঢ়ি রাজ্য যত আর হিন্দুর আমল।' *আলাওল*, ১৬৮০; 'নবাবী আমল শীতকালের সূর্য্যের মত অস্ত

AMARBOI.COM

গ্যালো।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* ইবাদত। 'মদিনা শহরে যে আমল গিয়া করে।' *গরীব*, ১৭৬৫। ৩ *বি* দখলি জমি। 'আমার মুনাফা দিয়া আমল আবাদ করিয়া পরম সুখে ভোগ করহ।' *হ্যালহেড*, ১৭৭২। ৪ *বি* জমিদারের অধীনস্থ কর্মচারী। 'ইজারাদার ও আমল কোন দফাতে প্রজালোকের উপর আখজ ও বেশি করিতে না পারিবেক।' *মেয়ার*, ১৭৮৭। ৫ *বি* দখল। 'নিখরচা বাটী আমল পাইবেক।' *ক্যালগে*, ১৭৯১। ৬ *বি* বিবেচনা। 'দাউদের আসন্ন কালক্রমে তাহা আমলে আনিল না।' *রামরাম*, ১৮০১। ৭ *বি* সময়। 'আপনার আমলে আমরা অনেক উপকার পাইয়াছি।' *দর্পণ*, ১৮২২। ৮ *বি* অধিকার। *ভবানী*, ১৮২৩। ৯ *বি* নেশা। 'কৃষ্ণকান্তের আফিমের আমল হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৮। ১০ *বি* সম্মান; গুরুত্ব। 'ততক্ষণ ওদের কাছে আমার কোনো আমল নেই।' *রবীন্দ্র*, ১৮৯৩। ১১ *বি* প্রশ্রয়। 'বাহিরের ক্ষুদ্র লালিত্যকে যাঁহারা আমল দিতে চান না।' *রবীন্দ্র*, ১৯০৭। ১২ *বি* গুরুত্ব। 'তাহলে তাকে একদিনও আমল দিল না কেন?' *হাসান*, ১৯৬৩।

আমলদার [আ আমল+ফা দার] *বিণ* ধর্মীয় আচার-অনুষ্ঠান পালনকারী। 'ইমানদার ও আমলদার হও।' *রওশন*, ১৯২৫।

আমলদারি, আমলদারী [আ আমল+ফা দারি] ১ *বি* শাসন। 'আমলদারি।' *বিদ্যা*, ১৮৯১; 'ইংরাজ আমলদারীর প্রথম সময় হইতেই চালাইয়া আসিতেছেন।' *মোহাম্মদী*, ১৯৩৮। ২ *বি* শাসনামল। 'ইহা ইংরেজ আমলদারীর বিগত শতাব্দীর গড়ান বাঙ্গালা ভাষার নূতন সংস্করণ নামে অভিহিত হইতে পারে।' *এসলাম*, ১৯১৫। ৩ *বি* কার্যপ্রণালী। 'বিশ্ববিদ্যালয়ের আমলদারীতে বাঙ্গলা ভাষার মোহলেমীকরণ।' *মোহাম্মদী*, ১৯৩৬।

আমল দেওয়া *ক্রি* পাত্তা দেওয়া। 'বিনোদিনী আমল দিল না।' *রবীন্দ্র*, ১৯০২।

আমলনামা [আ আমল+ফা নামাহ্] *বি* সম্পত্তি ভোগ দখল নেওয়ার লিখিত আদেশপত্র। *বিদ্যা*, ১৮৯১।

আমল পাওয়া *ক্রি* সুযোগ পাওয়া। 'গান না শিখলে তো আর তোমার সন্ন্যাসী দলে আমল পাওয়া যাবে না।' *রবীন্দ্র*, ১৯০০।

আমল লওয়া *ক্রি* মেনে নেওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

আমলে আনা *ক্রি* বিবেচনা করা। 'দাউদের আসন্ন কালক্রমে তাহা আমলে আনিল না।' *রামরাম*, ১৮০১।

আমলকি [স আমলকী] ১ *বি* ছোটো টক ফলবিশেষ। 'চুয়া যে চন্দন আমলকি বর্ত্তন।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বি* চুল পরিচর্যার জন্য ব্যবহৃত বাটা আমলকির গুলি। 'শিরে দিআ আমলকি তোলা জলে স্নান করায়।' *মুকুন্দ*, ১৬০০।

আমলকী [স] *বি* ছোটো টক ফলবিশেষ। 'তুলসি মালতি জাতি আমলকী কুন্দ জুতি।' *মালাধর*, ১৫০০।

আমলকীদ্বাদশী [স] *বি* ব্রতবিশেষ। 'কামনা চরিতার্থ করবার উপায় ও অনুষ্ঠান বা ক্রিয়া অনেকটা একই, যেমন – আমলকীদ্বাদশী ব্রত।' *অবন*, ১৯১৯।

আমলা[১] [স আমলক] *বি* আমলকী। 'আমলা কমল হইল পদ্মা করিকর হাসিতে লাগিলা শতদলের উপর।' *মুকুন্দ*, ১৬০০।

আমলা[২] [আ] ১ *বি* জমিদার অথবা সরকারের কর্মচারী। 'গোমাস্তা ও কোটীর দোসরা আমলাহায়ের সঙ্গে এক এতফাক হইয়া ...।' *হ্যালহেড*, ১৭৭৩। ২ *বি* আদালতের কর্মচারী। ' যেন রাঙ্গা আমলা তুলে মামলা গামলা ভাঙ্গে না।' *গুপ্ত*, ১৮৫৮। ৩ *বি* কেরানি। 'আসামী, ফৈরাদি, সাক্ষী, কয়েদী, উকিল ও আমলা সকলেই উপস্থিত আছে।' *প্যারী*, ১৮৫৮।

আমলাতন্ত্র [আ আমলা+স তন্ত্র] ১ *বি* সরকারি কর্মচারী নিয়ন্ত্রিত শাসন ব্যবস্থা। 'আমলাতন্ত্র অর্থাৎ ব্যুরোক্রেসি উঁচুদরের জিনিস হইতে পারে না।' *রবীন্দ্র*, ১৯১৭। ২ *বি* রাজকর্মচারীদের শাসন। 'আমলাতন্ত্র হইতেছে ছাগল!' *নজরুল*, ১৯২২। ৩ *বি* রাজকর্মকর্তা। 'কংগ্রেসওয়ালারা আমলাতন্ত্রের কাছে কখনো নিয়ে যেতেন না আবেদন-নিবেদনের ডালা।' *রবীন্দ্র*, ১৯৩২।

আমলাতন্ত্রমূলক [আ আমলা+স তন্ত্রমূলক] *বিণ* রাজকর্মচারীদের শাসনভিত্তিক। 'তখনকার যুগের ভারতীয়েরা আমলাতন্ত্রমূলক ইংরেজ-শাসনকে ...।' *ওয়াজেদ*, ১৯৪৩।

আমলাতান্ত্রিক [আ আমলা+স তান্ত্রিক] *বিণ* আমলা কর্তৃক পরিচালিত। 'এ নিয়মের বিরুদ্ধে সেরেস্তায় একটু আমলাতান্ত্রিক আন্দোলন হয়েছিল।' *প্রমথ*, ১৯১৯।

আমলাদার [আ আমলা+ফা দার] *বি* কর আদায়কারী। 'আমলাদারানং চাকেলে মুরাদাবাদ হদ্দ নাগাদি রাজগঞ্জ প্রতিবেদানন্দ।' *ওসাঁ*, ১৭৮২।

আমলা ফয়লা [আ] *বি* ছোটো বড়ো কর্মচারী, কেরানি প্রভৃতি। 'পশ্চাৎ আমলা ফয়লা ও ঘরজামাইয়ে ভগিনীপতিরা।' *হুতোম*, ১৮৬১।

আমলা হায় [আ আমলা+ফা বহুবচনজ্ঞাপক বিভক্তি হায়] কর্মচারীরা। 'তুমি ও নাএব ও আমলা হায় জে কেহ সরকারে মাহিনা পায় ...।' *হ্যালহেড*, ১৭৭৩।

আমলাতি [স আমলকী] *বি* আমলকী। 'আদেষ পাকড়ি গাছ হাই আমলাতি।' *মুকুন্দ*, ১৬০০।

আমলেট [ই] *বি* অমলেট; ভাজা মাছ। 'ডেটকী ভাঙন বাটা পারিসার ঝাক/ আমলেট আদি করি মাছের কি জাঁক।' *গুপ্ত*, ১৮৫৮।

আমশী [স আম্রপেশী] *বি* কাঁচা আমের শুকনা ফালি। 'কথায় বলে আঁব ফুরালে আমশী যৌবন ফুরালে কাঁদে বসি।' *উমেশ*, ১৮৫৭। দ্র **আমসি**

আমসত্ত, আমসত্ব, আমসত্ত্ব [স আম্রসত্ত্ব] *বি* আমের মণ্ড রোদে শুকিয়ে তৈরি করা মিষ্টি খাদ্য। 'আম আমসত্ব আর আমসী আচার।' *ভারত*, ১৭৬০; 'আমসত্ব।' *বিদ্যা*, ১৮৯১; 'আমসত্ত্ব আমচুর; সের-দুই দুধ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আমসত্ত্বভাজা [স আম্রসত্ত্ব+ভাজা] *বি* পাকা আমের রস শুকিয়ে প্রস্তুত খাবারবিশেষ। 'অবশ্য আমসত্ত্বভাজা কী তা আমাকে বুঝিয়ে বলতে হয়েছিল।' *মুজতবা*, ১৯৫৮।

আমসি [স আম্রপেশী] ১ *বি* কাঁচা আমের শুকনা ফালি। 'কুল জোব্দা আমসি আচারে যায় মন।' *রূপরাম*, ১৭৫০। ২ *বিণ* নীরস। 'শুকিয়ে আমসি হয়ে গেছে।' *পরশু*, ১৯৪০। দ্র **আমশী**

আমসিপানা [স আম্রপেশী>] *বিণ* কাঁচা আমের শুকনা ফালির মতো। 'বুড়ির আমসিপানা মুখখানা।' *ওয়ালী*, ১৯৪৮।

আমসিপারা [আ আম+ফা সিপারা] *বি* কোরানের ত্রিংশ পরিচ্ছেদ। 'ন্যাংটা ছেলেও আমসিপারা পড়ে।' *ওয়ালী*, ১৯৪৮। দ্র **আমপারা**

আমস্তক [স] *বিণ* মাথা পর্যন্ত বিস্তৃত। 'আমস্তক কপালে যেন টাকা ও টাকের প্রতিদ্বন্দ্বিতার ক্ষেত্র।' *নজরুল*, ১৯৩১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আমা [স অস্মদ্] **১** *সর্ব* আমাকে। 'কান্ধে করি লেহ আমা বলিল তোমারে।' *মালাধর*, ১৫০০। **২** *সর্ব* আমার। 'আমা সনে কানাঞি তেজু পরিহাস।' *বড়ু*, ১৫৭০।

আমাএ *সর্ব* আমাকে। 'আমাএ ভকতি করি বড় তপ কৈল।' *মালাধর*, ১৫০০।

আমাক *সর্ব* আমাকে। 'উগ্রতপে অনেক কাল আমাক পূজিল।' *মানিকরাম*, ১৭৮১।

আমাকার *সর্ব* আমার। 'যুনহ রাধিকা তুমি আমাকার কথা।' *মালাধর*, ১৫০০।

আমাকে *সর্ব* কর্মকারকে দ্বিতীয়া বিভক্তিতে 'আমি' শব্দের রূপ। 'আমাকে না কর কানাঞি অধিক যতন।' *বড়ু*, ১৫৭০।

আমাগত *বিণ* আমার সঙ্গে একাত্ম। 'আমাগত শৈবলিনীর জীবন।' *দীনবন্ধু*, ১৮৭৩।

আমাত *সর্ব* আমার। 'লোকেরে জানায় ভাব হইল আমাত।' *বৃন্দা*, ১৫৮০।

আমাতে *সর্ব* আমাকে। 'কৃষ্ণ উপদেশি কৃপা করহ আমাতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আমাদিগের *সর্ব* আমাদের। 'কালকালাতি আমারা কিম্বা আমাদিগের ওয়ারিষ কেহ কোন দাওয়া করি ...।' *মেয়র্স*, ১৭৫৬।

আমাদের *সর্ব* আমিসহ এক বা একাধিক ব্যক্তির। 'নূর মুহম্মদ হোস্তে কিছু এক অংশ আমাদের ললাটেত হৈল অবতংস।' *সুলতান*, ১৭০০।

আমাপ্রতি *ক্রিবিণ* আমার প্রতি। *ওর্সা*, ১৭৮২।

আমায় **১** *সর্ব* আমাকে। 'তুমি সৃজিলে আমায় খলরূপ করি।' *মালাধর*, ১৫০০। **২** *সর্ব* আমি। 'তস্যপর তোমায় আমায় ঐক্য হইয়া পূর্ব্ব ফারখত উভয়ত করিয়াহী।' *মেয়র্স*, ১৭৭৩।

আমার *সর্ব* সম্বন্ধকারকে ষষ্ঠী প্রত্যয় যোগে "আমি" শব্দের রূপ। 'ভাঙ্গিল আমার পূজা করি অহঙ্কার।' *মালাধর*, ১৫০০।

আমারত্ব *বি* নিজস্বতা; স্বকীয়তা। 'সেইটেই আমার প্রকৃত আমারত্ব।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আমারদিগকে *সর্ব* আমাদেরকে। 'আমারদিগের অনর্থক ক্রোধ আমারদিগকে অশক্ত করিলেক।' *তারিণী*, ১৮০৩।

আমারদিগের *সর্ব* আমাদের। 'পিতা আমারদিগের।' মানোএল, ১৭৪৩।

আমারদের *সর্ব* আমাদের। 'আমারদের পুত্র রাজা হইল।' *রামরাম*, ১৮০১।

আমারা *সর্ব* আমরা শব্দের পুরানো বানানভেদ। *মেয়র্স*, ১৭৫৭; *ওর্সা*, ১৭৮২।

আমারে **১** *সর্ব* আমার; নিজের। 'বিরূপ দেখিয়া হাসি পাইল আমারে।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রিবিণ* আমার উপর। 'তুষ্ট হৈয়া অতুষ্ট দেবি হইল আমারে।' *মালাধর*, ১৫০০। **৩** *সর্ব* আমাকে। 'অতি জ্ঞানহীন তাহে অভাজন আমারে ত্যাজিও নাঞি।' *মানিকরাম*, ১৭৮১।

আমাসনে *ক্রিবিণ* আমার সাথে। 'আমাসনে ইৎসা আছে কৃড়া করিবারে।' *মালাধর*, ১৫০০।

আমা সভা *সর্ব* আমাদের। 'আমা সভা বান্দি দিতে পাণ্ডবের স্থান।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আমাংলা *বিণ* অযাচিত। 'বৌকে পাঠালে অনেক আমাংলা কথা শোনাতে লাগল।' *জালালউদ্দিন*, ১৯৭১।

আমাড়া [স অমৃষ্ট>] *বিণ* মাড়াই করা হয়নি এমন ধান। 'খামারে গিয়া খোলায় আমাড়া ধানের গাদির আড়ে মেইর নিকটে লুকাইয়া থাকিল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

আমাত্য [স অমাত্য] *বি* রাজকর্মচারী। 'আমাত্য আইল তার পরে।' *মুকুন্দ*, ১৬০০।

আমান[১] [স অমান্য] *বি* উপেক্ষা। 'কেহ্নে আমান করসী।' *বড়ু*, ১৪৫০।

আমান[২] [আ] *বি* আশ্রয়। 'সাবানের চন্দ্র ভরি মাগিব আমান।' *আলাওল*, ১৬৬৩।

আমান[৩] *বিণ* অথগু। 'বড় বড় আমান হরফে তার কাছে যে পত্র লেখতা।' *মনসুর*, ১৯৫৫।

আমানত [আ] **১** *বিণ* জমা; সঞ্চিত; গচ্ছিত। 'মেং এঙ্গ সাহেবের স্থানে আমানত কাপড় হরেক রকমের।' *মেয়র্স*, ১৭৫৭। **২** *বি* অর্পিত দায়িত্ব। 'আমার নিকট মনজুর আমানতে খেয়ানত করহ নিসা করীবা।' *হ্যালহেড*, ১৭৭২। **৩** *বি* গচ্ছিত বস্তু। 'সমর্পিত তার হাতে নবীজীর পুণ্য আমানত।' *সিরাজী*, ১৯২৩।

আমানতকারী [আ আমানত+স কারী] *বি* সঞ্চয়কারী। 'ব্যাঙ্কের বড় একজন আমানতকারী।' *মাহেনও*, ১৯৪৯।

আমানতি, আমানতী [আ আমানত>] *বিণ* আমানত রাখা হয়েছে এমন; গচ্ছিত। 'বিমার আমানতী টাকাদৃষ্টে তাহার মূল্য দিবেন।' *দর্পণ*, ১৮২৮; 'আমানতি সদরখাজনা, অথবা আমলাবর্গের বেতন প্রভৃতি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আমানি, আমানী [স অম্লপানীয়] *বি* পান্তা ভাতের পানি। 'এক শ্বাসে তিন হাণ্ডি আমানী উজাড়ে।' *মুকুন্দ*, ১৬০০; 'ওলো তুই বুঝিস না। বড় হাঁড়ির আমানি ভাল।' *গৌর*, ১৮২২।

আমান্ন [স আতপ-অন্ন] **১** *বি* অসিদ্ধ চাল। 'মোদক রসাল আমান্নে পুরি থাল।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* আতপ চাল। 'সিন্দুর শ্বেতধান্য আমান্ন আদি অন্ন।' *মানিকরাম*, ১৭৮১।

আমাবস্যা [স অমাবস্যা] *বিণ* অমাবস্যা রাতের মতো কালো। 'বর্ণে আমাবস্যা নিশাহারে।' *ভবানী*, ১৮২৫।

আমামা [আ] *বি* পাগড়ি। 'চাপকান, পাজামা, পাপোষ, পাগড়ী আমামা, লাড়ুদার, মোড়াসা, চাকা বাকা ইত্যাদি।' *ভবানী*, ১৮২৫।

আমায় *দ্র* **আমা**

আমার *দ্র* **আমা**

আমারি, আমারী, আমিরী [আ আমারি] *বি* হাতির পিঠের আসনবিশেষ। 'করিবর উপর আমিরীমাঝে বসি।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'হাতীর আমারী ঘরে বসিয়া আমীর।' *ভারত*, ১৭৬০; 'হাতির আমারি পিঠে বাঘাই কোটাল।' *রামপ্রসাদ*, ১৭৮০।

আমারিঘর [আ আমারি+ঘর] *বি* হাতির পিঠের উপর চারদিক ঘেরা ও ছাউনিযুক্ত আসন। 'প্রবল সিফাইবর উপরে আমারিঘর।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আমাল *বি* নিশান। 'শুভক্ষণে বান্ধিল আমাল।' *সুলতান*, ১৭০০।

আমাশয় [স] *বি* পেটের রোগবিশেষ। 'শনিবার রাত্রিতে আমাশয়াদি রোগোপলক্ষে সুরধুনী তীরনীরে তনুত্যাগ করিয়াছিলেন।' *দর্পণ*,

AMARBOI.COM

১৮২৯।

আমাশা, আমাসয় [স আমাশয়] *বি* আমাশয়; অন্ত্রাশয়ের রোগবিশেষ। 'আমাসয়।' *বিদ্যা*, ১৮৯১; 'পেটে কৃমি হবে, আমাশা হবে।' *মানিক*, ১৯৩৬।

আমি, আমী [স অহম্] **১** *সর্ব* আমরা। 'সুরপুরে জত বৈসে কৈল আমি অদেসে।' *মালাধর*, ১৫০০; 'তাঁহার পরীক্ষা আমি কৈল দুই জনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *সর্ব* ব্যক্তিসূচক সর্বনাম-বিশেষ; বক্তা নিজে। 'নিজোজি তোমারে আমি।' *মুকুন্দ*, ১৬০০; 'অথচে কেমনে আমী দিব কন্যা দান।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* আমিরূপ অহংকার। 'ওগো মরুক না এই আমি।' *রবীন্দ্র*, ১৯১০। **৪** *বি* আমিত্ব। 'সেই যে আমার কাছে আমি ছিলো সবার চেয়ে দামি।' *রবীন্দ্র*, ১৯১৯। **৫** *বি* সত্তা। 'ব্যক্তির ভেতরের 'আমি'কে সুন্দর করে তোলাই তার কাজ।' *মোতাহের*, ১৯৫০।

আমিতর [স অহম্>+স তর] *বিণ* একান্তই আমি। 'তাহার মধ্যে আমি যেন আমিতর হইয়া উঠি।' *রবীন্দ্র*, ১৯০৭।

আমিত্ব [স অহম্>+স ত্ব] **১** *বি* নিজত্ব। 'তবে আমার আমিত্ব একেবারে বস্তুশূন্য হয়ে পড়ে।' *রবীন্দ্র*, ১৯১৬। **২** *বি* অহমিকা। 'আমিত্ব বলে যে সুদুর্ভেদ্য আবরণ আমাকে সকলের সঙ্গে অত্যন্ত বিভক্ত করে রেখেছিল ...।' *রবীন্দ্র*, ১৯১৬। **৩** *বি* নিজস্বতা। 'আমার আমিত্বকে এপথ থেকে মুখ ফিরাতে দেব না।' *নজরুল*, ১৯২৭।

আমিত্ববোধ [স অহম্>+স ত্ব+স বোধ] *বি* অহংকার। 'যার ফল আমার আমিত্ববোধ, ব্যক্তিসত্তা।' *বুদ্ধ*, ১৯৭১।

আমি-ময় [স অহম্>+স ময়] *বিণ* 'আমি'তে পরিপূর্ণ। 'আমি-ময় সে আমার/ আমারে সে-ময় করেছে রে।' *ক্ষীরোদ*, ১৯২৫; 'সে হৃদয়ে আমার ছবি, সকল হিয়া আমিময়।' *নজরুল*, ১৯৩২।

আমিহ **১** *সর্ব* আমিও। 'আমিহ না জানি তাহা না জানে গোবীগণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *সর্ব* আমিই। *ওসাঁ*, ১৭৮২।

আমিআঁ [স অমৃত] *বি* সুধা। 'আধরে আমিআঁ পীওঁ।' *বড়ু*, ১৪৫০।

আমিন[১], **আমীন** [আ] **১** *বি* যে জমি জরিপ করে; যে জমি মাপে। *হ্যালহেড*, ১৭৭৩; *ওসাঁ*, ১৭৮২; 'নিষ্কর ভূমি মাল বলিয়া আমীন লিখিয়া লইয়াছে।' *সাধারণী*, ১৮৭৪। **২** *বি* তত্ত্বাবধায়ক। 'মোং হরিপাল আমিন ও গোমাস্তা।' *হ্যালহেড*, ১৭৭৩।

আমিনি [আ আমিন>] *বিণ* আমিনের কাজ; পেশা। 'সরকারকে আমিনি কাজে বহাল করিয়া পাঠান জাইতেছে।' *তাঁতি*, ১৭৯২।

আমিন[২] [আ] **১** *অব্য* তাই হোক; প্রার্থনা পূর্ণ হোক। 'বিবাহের কথা উপস্থিত হইলে লোকে আমিন বলে বসে।' *প্যারী*, ১৮৫৮। **২** *বিণ* বিশ্বাসী। 'যুবক নবীরে আমিন বলিয়া ডাকিত।' *নজরুল*, ১৯২২। দ্র **আমেন**

আমিনী [স কামিনী] *বি* ধর্মপূজার সহায়িকা। 'শিরে বন্দো রাউলের বত্তিশ আমিনী।' *রূপরাম*, ১৭৫০।

আমিয়া [স অমৃত] *বি* সুধা। 'আমরা সরল পিরীতি গরল লাগিল আমিয়াময়।' *চণ্ডী*, ১৫৫০।

আমির, আমীর [আ] **১** *বি* বাদশা। 'আমীর উমরা হৈলা যত অবতার।' *ভারত*, ১৭৬০। **২** *বিণ* বিত্তবান। 'আমির লোক ও মনছবদার ও রাজোড়া লোক অনেকের সহিত পরিচয় হইয়াছে।' *রামরাম*, ১৮০১। **৩** *বি* সেনাপতি। 'পুত্র জন্মিলে তাহাকে পাঁচ হাজার ঘোড়সওয়ারের উপরে আমীর করিব।' *দর্পণ*, ১৮২১।

আমির-ওমরা [আ] *বি* প্রভাবশালী ব্যক্তিবর্গ। 'বাঙালি কমিশনারগণ দেশের আমির-ওমরাও দলের না হইতে পারেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

আমিরজাদি [আ আমির+ফা জাদি] *বি* বড়োলোকের মেয়ে। 'তোমরাই ওকে অমন আমিরজাদির মতন শাহানশাহি মেজাজের করে তুলেছ।' *নজরুল*, ১৯২৭।

আমিরানা [আ আমির>] *বি* নবাবি; বড়োলোকি। *বিদ্যা*, ১৮৯১।

আমিরানাশান [আ আমির+ফা আনা+আ শান] *বিণ* অভিজাতসুলভ। 'ময়লা কাপড় ছেড়ে খুব আমিরানাশানের জামা জোড়া পরে আসে।' *নজরুল*, ১৯২৪।

আমিরি, আমীরি [আ আমির>] **১** *বি* বড়লোকি। 'পরের ধন হলে অত আমিরি করে? *বঙ্কিম*, ১৮৮২; 'আমার মতো গরীবের পক্ষে অতটা আমীরি পোষায় না।' *ইমদাদুল*, ১৯২০; 'গরিবের চোখে দেখা দিল হাল-আমলের আমিরী।' *রবীন্দ্র*, ১৯৮০। **২** *বিণ* আমিরের মতো। 'মেয়েরা এখনো শেখেনি আমিরী দুস্তর কোনো।' *রবীন্দ্র*, ১৮৯৭; আমিরী ভঙ্গীতে ইব্রাহিম লাগাম ধরে জুড়ি চালাচ্ছে।' *বিমল*, ১৯৫৩; 'মাথায় একটি আমিরি ধরনের উঁচু টুপি।' *মান্নান*, ১৯৬৮।

আমিরি-চাল [আ আমির>+স চাল] *বি* আমিরসুলভ হাবভাব। 'মৌলবি সাহেব ... আমিরি-চালে যাইয়া বসিলেন।' *জসীম*, ১৯৬০।

আমিরী [আ আমির>] *বি* আমিরের কাজ। 'কুফাতে আসিয়া তুমি করহ আমিরী।' *গরীব*, ১৭৬৫।

আমিরিকান [ই] *বিণ* আমেরিকায় উৎপন্ন। 'আমিরিকান রম (মার্কিন আনীস) নামক মদে জল দেবামাত্র সাদা দুদের মত হয়ে যায়।' *হুতোম*, ১৮৬১।

আমিল [আ আমোয়াল] **১** *বি* সম্পত্তির মালিক। *মেয়ার*, ১৭৮৭। **২** *বি* কর্মচারী। 'ঢাকায় দেওয়ান বকসীর আমিলরূপে কাটাইয়া চিত্রিসারের গৃহে ফিরিলেন।' *গোপাল*, ১৯৬০।

আমিষ [স] **১** *বিণ* মাছের গন্ধযুক্ত; আঁষটে। 'গায়ের আমিষ গন্দ জোজনেক জায়।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *বি* মাছ-মাংস-ডিমজাতীয় খাদ্য। 'আমিষ ভোজনের প্রতিষেধক পক্ষে যে সকল যুক্তি আছে।' *অক্ষয়*, ১৮৫৩।

আমিষধারা [স] *বি* আমিষ থেকে বেরনো তরল। 'দরবিগলিত দুর্গন্ধ আমিষধারায় পণ্ডিতের নাক মুখ চোখ যে ভাব প্রকাশ করিয়াছিল...।' *বনফুল*, ১৯৩৬।

আমিষভোজন [স] *বি* আমিষ খাবার গ্রহণ। 'আমিষভোজন আমাদের ধর্মপ্রবৃত্তির অভিপ্রেত নহে।' *অক্ষয়*, ১৮৫০।

আমিষভোজী [স] *বিণ* মাছ-মাংস-ডিম আহারকারী। 'অধিক সংখ্যক আমিষভোজীর খাদ্য উৎপন্ন হইতে পারে।।' *অক্ষয়*, ১৮৫৩।

আমিষলোলুপতা [স] *বি* আমিষের লোভ। 'আমিষলোলুপতা জাগিলে নরেশের ভোজনশালায় ফিরিয়া যাইতেও তাহার বাধিত না।' *বনফুল*, ১৯৩৬।

আমিষাশী [স] **১** *বিণ* মাছ-মাংস-ডিমভোজী। 'একটি প্রবল আমিষাশী জাতির দেহমনের সাতিশয় পুষ্টি অস্থিমজ্জায় অনুভব করিয়া আসিতেছি।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *বিণ* মাছ-মাংস সংক্রান্ত। 'আমিষাশী তরবার হয়ে তার প্রভাতকে কাটে।' *জীবন*, ১৯৩০।

আমিষ্য [স] *বিণ* আমিষযুক্ত। 'কেমনে আমিষ্য অন্ন করিব ভোজন।' *মুকুন্দ*, ১৬০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আমিস [স আমিষ] *বি* আমিষ। 'মায়ের আইয়ত হাথে ভোজন আমিস।' *মুকুন্দ*, ১৬০০।

আমিস্য [স আমিষ] *বি* আমিষ। 'ভাজা পোড়া পরপাক না খাব আমিস্য।' *রামাই*, ১৭১০।

আমী[২] [আ আম>] *বিণ* সর্বসাধারণের। 'আমী জমি।' *ওসাঁ*, ১৭৮২।

আমীন *দ্র* **আমিন**[১]

আমীরী [আ আমির>] *বি* নবাবি। 'জমীদারী ও জমাদারী ও আমীরী।' *দর্পণ*, ১৮৩১।

আমীলিত [স] *বিণ* সামান্য খোলা। 'কুররীকুল তরুমূলে শয়ন করিয়া আমীলিত নয়নে রোমন্থ করিতেছে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

আমুণ্ডনখাগ্র [স] *ক্রিবিণ* মাথা থেকে নখের প্রান্ত পর্যন্ত। 'মেয়েটি খিলখিল করে হেসে উঠছে আমুণ্ডনখাগ্র সমস্ত শরীর কাঁপিয়ে।' *মান্নান*, ১৯৬৮।

আমুদে [স আমোদ>] *বিণ* কৌতুকপ্রিয়। 'সুলোচনা ভাই বড় আমুদে মানুষ।' *উমেশ*, ১৮৫৭।

আমুলিঅ [স আমলক] *বি* আমলকী। 'ধাতকী আমুলিঅ করবীরে।' *বড়ু*, ১৪৫০।

আমূল[১] [স অমূল্য] *বিণ* অমূল্য। 'নেহ আমূল রতনে পালহ মোর বচনে।' *বড়ু*, ১৪৫০।

আমূল[২] [স] **১** *বিণ* আদ্যোপান্ত মহিমা। 'মুঞি পাপী কি কহিমু তোহ্মার আমূল।' *সুলতান*, ১৭০০। **২** *বিণ* মূল পর্যন্ত; পুরো। 'চকিতের মধ্যে সেই ছুরি আমূল তাহার হৃদয়ে নিহিত করিলেন।' *রবীন্দ্র*, ১৮৮৪। **৩** *বিণ* আগাগোড়া। 'যাঁহারা আমূল-সংস্কারপ্রিয়, তাঁহারা সকলই ভাঙিতে চান।' *রবীন্দ্র*, ১৯০৮।

আমূলত [স] *ক্রিবিণ* সম্পূর্ণত। 'প্রথম দল যখন কোনো একটা লোকাচার আমূলত বিনাশ করিতে চায় ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

আমূলভাবে [স] *ক্রিবিণ* সম্পূর্ণভাবে। 'জীবনযাপনের ভিত্তিকেই আমূলভাবে পরিবর্তন করা।' *উমর*, ১৯৬৮।

আমূল সংস্কারক [স] *বি* সম্পূর্ণ সংস্কারকারী। 'ইহাই দেখিয়া অদূরদর্শীগণ আমূল সংস্কারকদিগকে বলিয়া থাকে ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

আমূলক[১] [স অমূলক] *ক্রিবিণ* অমূলক। 'আমূলক অবান্তর কহিল সকল।' *মানিকরাম*, ১৭৮১।

আমূলক[২] [স] *ক্রিবিণ* আদ্যোপান্ত। 'অষ্টদিন আমূলক পড়্যা অভিধান।' *মানিকরাম*, ১৭৮১।

আমৃত [স অমৃত] **১** *বি* অমৃত। 'বেকত আমৃত তোর মধুর বচন।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* অতি সুস্বাদু। 'বাগী আমৃত কাহ্নড়ী।' *বড়ু*, ১৪৫০।

আমৃত্যু [স] *বিণ* মৃত্যুর আগ পর্যন্ত। 'আমৃত্যুকাল এ খবর ধরা পড়ে না।' *রবীন্দ্র*, ১৯১৪।

আমৃশ [স আমৃষ্ট] *বি* আলিঙ্গন। 'আমৃশে অবনিপতি আনন্দে আত্মজে।' *মানিকরাম*, ১৭৮১।

আমেজ [ফা আমিজ] **১** *বি* ভাব। 'তার মধ্যে না-পাওয়ার আমেজ নেই।' *রবীন্দ্র*, ১৮৯১; 'একটু দেয় নতুনের আমেজ।' *রবীন্দ্র*, ১৯৪০। **২** *বি* রেশ। 'এ পর্যন্ত দাদার গায়ে বসন্তের আমেজ লাগল না।' *রবীন্দ্র*, ১৯১৬। **৩** *বি* স্পর্শ। 'ভিজল কুঁড়ির বক্ষ-পরাগ হিম-শিশিরের আমেজ পেয়ে।' *নজরুল*, ১৯২৬। **৪** *বি* আভাস। 'ভুলে-যাওয়া খবরের আমেজ আসে এমন লাইনও পাওয়া যায়।' *রবীন্দ্র*, ১৯৪০।

আমেন [হিব্রু] *অব্য* (ইহুদী ও খ্রিস্টানদের প্রার্থনার শেষে উচ্চারিত: ইসলামমতে 'আমীন') তাই হোক। 'আমেন যেশুস।' *মানোএল*, ১৭৪৩।

আমেরিকা [ই] *বি* মার্কিন দেশ। 'আফ্রিকা ও আমেরিকা বাসী ... ব্যবসায় করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৮।

আমেরিক [ই] *বি* আমেরিকার অধিবাসী। 'আমেরিকগণের মতো উৎসাদিত হইল না।' *রবীন্দ্র*, ১৯০৫।

আমেরিকাখণ্ড [ই আমেরিকা+স খণ্ড] *বি* আমেরিকার নানা দেশ। 'আমেরিকাখণ্ডে যে কত চেষ্টা হইতেছে তাহার সন্ধান কে রাখে?' *অক্ষয়*, ১৮৫০।

আমেরিকান [ই] **১** *বি* আমেরিকার অধিবাসী। 'একবার একজন আমেরিকান পাদ্রি কাইফংফু নগরে গিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বিণ* আমেরিকা দেশীয়। 'বহি পড়িয়া আমেরিকান সভ্যতা সম্বন্ধে জ্ঞান লাভ করিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

আমেরিকানী [ই আমেরিকান+স ঈ] *বি* মার্কিন নারী। 'রাজার চোখে পড়ল এক অকুলীন আমেরিকানী।' *রবীন্দ্র*, ১৯৩৯।

আমেরিকানিবাসিনী [ই আমেরিকা+স নিবাসিনী] *বিণ স্ত্রী* আমেরিকায় বাস করে এমন। 'আমেরিকানিবাসিনী ... বিদ্যাবতী অবলাদিগকে উদাহরণ স্বরূপ উপস্থিত করিতেছি।' *অক্ষয়*, ১৮৫০।

আমেরিকাবাসিনী [ই আমেরিকা+স বাসিনী] *বিণ স্ত্রী* আমেরিকায় বাস করে এমন। 'ইংলণ্ড ও আমেরিকাবাসিনী খ্রীষ্টান-মহিলাগণের সাহায্যে অন্তঃপুরবাসিনী বয়স্থা রমণীগণ পাঠ ও শিল্প-কার্য্য শিখিতেছেন।' *তমোলুক*, ১৮৭৪।

আমেরিকাবাসী [ই আমেরিকা+স বাসী] *বি* আমেরিকার অধিবাসী। 'ইংরাজেরা ... আমেরিকাবাসীদিগের ওপর অত্যাচার করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫০।

আমেরিকীয় [ই আমেরিকা+স ঈয়] *বিণ* আমেরিকা দেশীয়। 'আমেরিকীয় কার্পাস।' *দর্পণ*, ১৮৩৬।

আমেল [আ আমোয়াল] *বি* সম্পত্তির মালিক। 'আমেল ও তহসিলদার ও এতমামদার কিম্বা আর যে কেহ।' *ডানকান*, ১৭৮৪।

আমেশা [ফা হামীশাহ] *ক্রিবিণ* হামেশা। 'তথাচো মুক্তি পথ না থাকাএ আমেশা মন্দো রাএ।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

আমোছলমান [স অ+ফা মুসলমান] *বি* মুসলমান নয় যে। 'চিরকাল আমোছলমান মোছলমান হইয়াছে।' *ছোলতান*, ১৯২৩।

আমোদ [স] **১** *বি* সুগন্ধ। 'আমোদ অগুরুমেদ মৃগমদবেশ।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* আনন্দ। 'সংকীর্তনে আমোদ প্রমোদ সদাকাল।' *মানিকরাম*, ১৭৮১। **৩** *বিণ* আনন্দিত। 'বাসন্ত আমোদ মন পূরি নিরন্তর।' *মাইকেল*, ১৮৬৬। **৪** *বি* মজা। 'শান্তিরক্ষকেরা কি চুপ করিয়া আমোদ দেখিতেছেন?' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

আমোদ-আহ্লাদ [স] **১** *বি* ক্রীড়াকৌতুক। 'বাড়ীটা যেন শান্ত হইয়াছে। করুণার আমোদ-আহ্লাদ থামিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৭৭। **২** *বি* ফূর্তি। 'বিলাতী সঙ্গীদের সঙ্গে আমোদ-আহ্লাদ করেন।' *রবীন্দ্র*, ১৯০২।

আমোদ করা *ক্রি* আনন্দ করা। 'তাঁর মেয়ে আর বৌ লুকয়ে এসে, সমস্ত রাত কত আমোদ করলে।' *উমেশ*, ১৮৫৭।

আমোদক্ষেত্র [স] *বি* উৎসবের স্থান। 'বালককে নীচ আমোদক্ষেত্র

AMARBOI.COM

হইতে বলপূর্ব্বক লইয়া যাইতেছেন।' *রাজ*, ১৮৭৪।

আমোদজনক [স] **১** *বিণ* আকর্ষণীয়। 'স্ত্রীলোকদের শিল্পগঠন বড় আমোদজনক হয়।' *প্যারী*, ১৮৬০। **২** *বিণ* কৌতুককর। 'বালকের কাছ থেকে উপদ্রব অনেক সময় আমোদজনক লীলার মতো মনে হয়।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৩** *বিণ* আনন্দময়। 'শৌখিন চোর দুটির চৌর্যপরিহাস মন্দার কাছে আমোদজনক বোধ হইত না।' *রবীন্দ্র*, ১৯০১।

আমোদপ্রমোদ [স] **১** *বি* প্রদর্শনী। 'চারি পাঁচ স্থানে ইহার আমোদপ্রমোদ হইয়াছিল।' *দর্পণ*, ১৮২৭। **২** *বি* ফুর্তি। 'আমোদপ্রমোদ প্রায় সর্ব্বদা হইয়া থাকে।' *দর্পণ*, ১৮৩০। **৩** *বি* আনন্দ। 'নানা প্রকার আমোদ প্রমোদ ও হাস্যকৌতুক করতঃ পরম সুখে কাল যাপন করে।' *অক্ষয়*, ১৮৪৯।

আমোদ-শামোদ [স আমোদ>] *বি* আনন্দ-উৎসব। 'প্রজারা বছরে একবার একটু আমোদ-শামোদ করুক।' *মনসুর*, ১৯৫৫।

আমোদস্ফূর্তি [স] *বি* আনন্দ-উল্লাস। 'হাসিঠাট্টা আমোদস্ফূর্তির বেলায় যেন আর এক মানুষ।' *নরেন্দ্র*, ১৯৪৯।

আমোদা [স আমোদ>] *ক্রি* স্ফূর্তি করা। **আমোদি** *ক্রি* আনন্দিত করে। 'কোকিল গাইল কলে আমোদি কানন।' *মাইকেল*, ১৮৬৫। **আমোদিছে** *ক্রি* গন্ধে ভরে যাচ্ছে। 'ধূমদানে পুড়ি, আমোদিছে দেশ, মিশিয়া সুরভি কুসুম-বাসের সহ।' *মাইকেল*, ১৮৬১। **আমোদিয়া** *ক্রি* আমোদিত হয়ে। 'মহা আমোদিয়া নাথ করেন ভোজন।' *বৃন্দা*, ১৫৮০।

আমোদিত [স] **১** *বিণ* সুরভিত। 'ধূপে আমোদিত করে স্থলে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* প্রফুল্ল। 'নলিনী আমোদিত।' *বাহরাম*, ১৬৫০। **৩** *বিণ* উৎসবমুখর। 'তা২ থৈ২ নৃত্য গীতে আমোদিত।' *রামরাম*, ১৮০১।

আমোদিনি [স আমোদ>] *বি স্ত্রী* আনন্দ দেয় যে। 'আমোদিনি জান না জান না।' *গিরিশ*, ১৮৮৭।

আমোদিনী [স] *বিণ স্ত্রী* আনন্দিত। 'শোকার্ত এ ভূমি করো আমোদিনী।' *গিরিশ*, ১৮৮৩।

আমোদী [স আমোদ>] **১** *বিণ* আনন্দিত। 'মুখে আমাদের রব, অধিক আমোদী সব।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বিণ* আমুদে; কৌতুকপ্রিয়। 'সরল প্রকৃতি এবং ঘোর আমোদী।' *মশাররফ*, ১৮৯০।

আমোনিয়া [ই] *বি* তীব্র গন্ধযুক্ত শক্তিশালী বর্ণহীন গ্যাস। 'জলজানে আমোনিয়া নামক প্রসিদ্ধ তেজস্বী ঔষধ হইয়া থাকে।' *বঙ্কিম*, ১৮৭৫।

আম্ব [স অম্র] *বি* আম। 'আম্ব ডালিম্ব ডৌহাকু।' *বড়ু*, ১৪৫০।

আম্বডাল [স অম্র+ফা ডাল] *বি* আম গাছের শাখা। 'আম্বডালে বসী কুয়িলী কুহলে।' *বড়ু*, ১৪৫০।

আম্বক [আ আহমক] *বিণ* নির্বোধ। 'কোপে কহেন গাজী কাঁহাকা আম্বক পাজি।' *কৃষ্ণরাম*, ১৭২০। *দ্র* **আহাম্মক, আহাম্মুক**

আম্বড়া [স অম্রাতক] *বি* আমড়া। 'জাম্বু জাম্বীর আম্বড়া।' *বড়ু*, ১৪৫০।

আম্বর, আম্বরী [আ আম্বর] *বিণ* সুগন্ধি। 'কর্পূর কস্তুরী আদি আম্বর আতর।' *আলাওল*, ১৬৮০; 'কোথা দূর হতে আম্বরী ঘ্রাণ আসে।' *ফররুখ*, ১৯৪৬।

আম্বল [স অম্ল] *বিণ* টক। 'ঘৃত দুধ নঠ হয়ে আম্বল দহী।' *বড়ু*, ১৪৫০।

আম্বলিয়া [স অম্ল>] *বিণ* দুষ্ট। *মানোএল*, ১৭৪৩।

আম্বা [স অহম্ভাব>] *বিণ* বড়াই। 'আম্বা করি পুনঃ ঢালিলা।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আম্বাজী [স অহম্ভাব>] *বিণ* তেজস্বী। 'সম্মুখ যুদ্ধে আমাদের আম্বাজী সৈন্যগণ সুদক্ষ।' *মশাররফ*, ১৮৮৫।

আম্বাড়া *বিণ* বীরত্বসূচক। 'সিক্তকেশ শুকিয়ে বেঁধেছেন আম্বাড়া ছন্দে।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

আম্বারি [আ আমারি] *বি* উটের পিঠে রাজকীয় আসন। 'আম্বারির চারিদিকে কতিবের বেড়া।' *সুলতান*, ১৬৫০।

আম্বিয়া [আ] *বি* ধর্মগুরুগণ। 'নবী আদি আউলিয়া আম্বিয়া রসুলি।' *আলাওল*, ১৬৮০।

আম্বিলি [স অম্ল] *বি* তেঁতুল। *মানোএল*, ১৭৪৩।

আম্বু [স অম্র] *বি* আম। 'আম্বু লেম্বু ডালিম্ব।' *বড়ু*, ১৪৫০।

আম্মারি [আ আমারি] *বি* উটের পিঠে রাজকীয় আসন। 'আম্মারিতে নারীগণ হইলেন্ত আরোহণ।' *সুলতান*, ১৬৫০।

আম্মা [স অম্বা, হি অম্মা] *বি* মা। 'আম্মা। লা'ল তেরি খুন কিয়া খুনিয়া।' *নজরুল*, ১৯২২।

আম্র [স] **১** *বি* আম। 'দুগ্ধ আম্র পনসাদি করি কৃষ্ণাসাৎ।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* আমগাছ। 'এ সব সিদ্ধান্তরস আম্রের পল্লব।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আম্র-আঠা *বি* আমের কষ। 'কৃষ্ণ-তনু যেন আম্র-আঠা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আম্রকানন [স] *বি* আম গাছের বাগান। 'তীরে আম্রকাননের নীচে যেখানে কচুবন জন্মিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আম্রকূট [স] *বি* পর্বতবিশেষ। 'কোথা আছে সানুমান আম্রকূট।' *রবীন্দ্র*, ১৮৯০।

আম্রছায়া [স] *বি* আম গাছের ছায়া। 'আম্রছায়ায় কালো দিঘিটায় এক হাঁটু জলে দাঁড়িয়েছো ঠায়।' *শামসুর*, ১৯৭০।

আম্রবৃক্ষ [স] *বি* আম গাছ। 'নারঙ্গ ছোলঙ্গ আম্রবৃক্ষের আকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আম্রমঞ্জরী [স] *বি* আমের মুকুল; বোল। 'আম্রমঞ্জরী ধরে।' *রবীন্দ্র*, ১৯১৭।

আম্রমুকুল [স] *বি* আমের মঞ্জরী; বোল। 'ফাল্গুনের প্রথম পূর্ণিমায় আম্রমুকুলের গন্ধ লইয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

আম্রসার [স] *বি* আমের পাতা। 'পূর্ণঘট শোভে নারিকেল আম্রসারে।' *বৃন্দা*, ১৫৮০।

আম্রাতক [স] *বি* আমড়া। 'কিঞ্চিত অজীর্ণ দোষ আম্রাতক ধরে।' *গুপ্ত*, ১৮৫৮।

আম্ল [স অম্ল] *বি* টক। 'তার এক ব্যঞ্জন করিলা আম্লনাম।' *বৃন্দা*, ১৫৮০।

আয়গৈবী [ফা আজ+আ গায়েব] *বিণ* অবিশ্বাস্য; আজগুবি। 'আয়গৈবী অনেক গল্পও তিনি এই সঙ্গে ছড়াইয়া দেন।' *মনসুর*, ১৯৫৫। *দ্র* **আজগুবি**

আয়ল [আ] *বি* অদৃষ্ট। 'আয়লের লেখা ঘোরে কিভাবে পশ্চাতে।' *ফররুখ*, ১৯৬৬।

আযা [স অদ্য] *বি* আজ। 'জ্ঞান নবী আযা হোন্তে হইলা সুধীর।' *আলাওল*, ১৬৮০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আযাত্রা [স অযাত্রা] *বি* অশুভক্ষণে যাত্রা। 'আযাত্রাঞ গোকুল কইলৈ গমনে।' *বড়ু*, ১৪৫০।

আযিযি [আ] *বি* অনুনয়-বিনয়। 'করুন আযিযি করিয়া আরেকটা দিন সময় চাইলেন।' *মনসুর*, ১৯৫০।

আযুগত [স অযুক্ত] *বিণ* অনুচিত। 'এবেঁ আযুগত রাধা বিলম্ব গমনে।' *বড়ু*, ১৪৫০।

আযোগ [স অযোগ] *বিণ* আযুক্ত; নিযুক্ত। 'আজ্ঞা মাত্র এখুনি আযোগ হব কাছে।' *মানিকরাম*, ১৭৮১।

আযোড় যোড়ন [স যোগ>] *বি* যা জোড়া লাগার নয়, তাকে জোড়া লাগানো। 'আযোড় যোড়ন আহ্কে করিবাক পারি।' *বড়ু*, ১৪৫০।

আয় [স] *বি* উপার্জন। 'ফুরায় নদীর বালি আয় বিনে যদি করি পণ।' *মুকুন্দ*, ১৬০০।

আয়কর [স] *বি* আয়ের উপর ধার্য কর। 'তাহার উপর আবার আয়কর, শবকণ্ঠে খড়্গাঘাত।' *অক্ষয়*, ১৮৫৫।

আয়করদাতা [স] *বি* আয়কর প্রদান করে যে। 'আয়করদাতাদিগের মধ্যে মুছলমানের সংখ্যা অপেক্ষাকৃত কম।' *মোহাম্মদী*, ১৯৩২।

আয়জন [স আয়োজন] *বি* আয়োজন। 'একটী সিব স্থাপন বাটীতে করিব বাসনা করিয়া আয়জন করিয়াছী।' *চিঠিপত্রে*, ১৭৮৪।

আয়ড় [স অন্তরাল] *বি* আড়াল। 'চিত্রসেনে না করিবে চক্ষের আয়ড়।' *মানিকরাম*, ১৭৮১।

আয়ড়ে *ক্রিবিণ* আড়ালে। 'ওষধির আয়ড়ে আছিল চূড়াধর।' *মানিকরাম*, ১৭৮১।

আয়ত[১] [স আয়ুষ্মতী] *বি* এয়ো; সধবা নারী। 'আয়তের চিহ্ন হাতে লোহা একগাছি।' *ভারত*, ১৭৬০।

আয়ত[২] [স] ১ *বি* টানাটানা। 'আয়ত অরুণ দুই লোচনের ভাঁতি।' *কৃষ্ণ*, ১৫৮০। ২ *বিণ* বিস্তৃত। 'বন এমত আয়ত যে তাহার প্রায় সীমা করা যায় না।' *দর্পণ*, ১৮২৬।

আয়তক্ষেত্রাকার [স] *বিণ* আয়তক্ষেত্রের আকৃতিবিশিষ্ট। 'সাধারণ আয়তক্ষেত্রাকার বা বর্গ ক্ষেত্রাকার না করে জ্যামিতিক নিয়মে এদের নমুনা করা হয়।' *মাহেনও*, ১৯৪৯।

আয়তচক্ষু [স] *বি* বড়ো চোখ। 'সে আয়তচক্ষু মেলিয়া জিজ্ঞাসা করিল।' *নজরুল*, ১৯৩১।

আয়তনেত্র [স] *বি* টানাটানা চোখ। 'আয়ত নেত্র অধিকতর বিস্ফারিত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৮২।

আয়তলোচনা [স] *বিণ স্ত্রী* টানাটানা চোখবিশিষ্ট। 'কোথায় পৌলোমী সতী, অনন্ত-যৌবনা ... আয়তলোচনা।' *মাইকেল*, ১৮৬০।

আয়তসুন্দর [স] *বিণ* টানাটানা ও সুন্দর। 'আরতির আয়তসুন্দর চোখ দুটি জলে ভরে উঠেছে।' *নরেন্দ্র*, ১৯৪৯।

আয়তন [স] ১ *বি* বিস্তার। 'তাহার দীর্ঘ প্রস্থ এক২ দিগে পাঁচ২ ক্রোশ আয়তন।' *রামরাম*, ১৮০১। ২ *বি* দেবালয়। 'কামাখ্যা দেবীর আয়তনের নিকটে আসিয়া থাকিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ৩ *বি* ক্ষেত্রমান। 'সেখানে একটা লুপ্তপ্রায় বাটী আছে তাহার আয়তন অতিবড়।' *দর্পণ*, ১৮১৮। ৪ *বি* ঘনফল। 'উহার আয়তন সমুদায় গ্রহের আয়তন-সমষ্টির প্রায় ৬০০ গুণ।' *অক্ষয়*, ১৮৪৭। ৫ *বি* পরিসর। 'ইহা অর্দ্ধবৃত্তাকার অত্যুজ্জ্বল দীপ্তিময় আয়তন ক্রমশঃ ক্ষীণপ্রভ হইয়া আসে।' *অক্ষয়*, ১৮৫৪। ৬ *বি* আকার। 'আয়তন বৃহৎ হইলেই কিছু তাহাকে মহাকাব্য বলা যায় না।' *রবীন্দ্র*, ১৮৮২। ৭ *বি* মাপ। 'পটের আয়তন তো ছোটো, অথচ ছবির বিষয় বিচিত্র।' *রবীন্দ্র*, ১৯১৯।

আয়তনখর্বতা [স] *বি* আয়তনের স্বল্পতা। 'পরমাণুর সেই আয়তনখর্বতা অনুসারে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আয়তনবান [স] *বিণ* প্রসারিত। 'আয়তনবান এই দশ দিক বায়বীয় স্বরে।' *শঙ্খ*, ১৯৬৯।

আয়তনহীন [স] *বিণ* সীমাহীন। 'আয়তনহীন এই দশ দিকে আজ আর আমার দুঃখের কোনো ভারতবর্ষ নেই।' *শঙ্খ*, ১৯৬৯।

আয়তি[১], **আয়তী** [স আয়ুষ্মতী] *বি* এয়ো; সধবা নারী। 'ব্রাহ্মণ যত জন আশিস ঘনে ঘন আয়তি দিল জয়জয়।' *রূপরাম*, ১৭৫০; **জন্মযুগ আয়তী**। কে তুমি।' *দক্ষিণা*, ১৯৪০।

আয়তি[২] [স আয়ত>] *বিণ* বিস্তৃতি। 'বনস্পতির অঙ্গের আয়তি ঐ তো দেয় বাড়িয়ে ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আয়ত্ত [স] ১ *বিণ* অধিকৃত। 'ইংলণ্ডীয় সৈন্য কর্তৃক গোয়াহাটী আয়ত্ত হয়।' *দর্পণ*, ১৮২৫। ২ *বিণ* বশীভূত। 'অপরাপর সমুদায় বৃত্তি তাহাদের আয়ত্ত থাকে।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বি* অর্জন। 'বুদ্ধি ও ধর্ম্মের আয়ত্ত না করিয়া বিদ্যামদে গর্ব্বিত হইয়া প্রাচীন লোকদিগকে অনাদর করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫০। ৪ *বি* রপ্ত। 'সেও নববধূর ন্যায় প্রকৃতিকে আয়ত্ত করিবার চেষ্টা করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৫ *বি* বিশ্বাস। 'সূক্ষ্ম বৈজ্ঞানিক তত্ত্বসকল আয়ত্ত করেছি।' *রবীন্দ্র*, ১৯০৭।

আয়ত্ত করা ১ *ক্রি* বশবর্তী করা। 'আয়ত্তও করতে পারিনে, অথচ এর হাতও কিছুতেই এড়াতে পারিনে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *ক্রি* চর্চার মাধ্যমে আত্মস্থ করা। 'ইতিমধ্যে পাণিনি অমরকোষ এবং ধাতুপাঠ আয়ত্ত করিয়া লইতে হইবে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আয়ত্তগত [স] *বিণ* আয়ত্তে আছে এমন। 'অবসরগুলিকে আপনার আয়ত্তগত করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আয়ত্তগম্য [স] ১ *বিণ* বশ করা যায় এমন। 'আমাদের ইন্দ্রিয়ের দ্বারা আয়ত্তগম্য নহে।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বিণ* অধিগম্য। 'তাহাদের লক্ষ্যগোচর ও আয়ত্তগম্য হয় নাই।' *রবীন্দ্র*, ১৯১২।

আয়ত্তগোচর [স] *বিণ* আয়ত্তাধীন। 'সামান্য পল্লীগ্রামের লোকেরও আয়ত্তগোচরে।' *রবীন্দ্র*, ১৯৩১।

আয়ত্তচ্যুত [স] *বিণ* নিয়ন্ত্রণের বাইরে এমন। 'আয়ত্তচ্যুত এই মেয়েটির মোহ ...।' *রবীন্দ্র*, ১৯০০।

আয়ত্তাতীত [স আয়ত্ত-অতীত] *বিণ* আয়ত্ত করা যায় না এমন। 'তাহা প্রত্যহই সাধারণ লোকের আয়ত্তাতীত হইয়া উঠিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

আয়ত্তাধীন [স আয়ত্ত-অধীন] *বিণ* আয়ত্তের মধ্যে আছে এমন। 'যত কিছু সুখ পাওয়া যায়, তাহাই যে রাখালের আয়ত্তাধীন।' *রবীন্দ্র*, ১৮৮৫।

আয়ত্তের অতীত *বিণ* অধিকারের বাইরে এমন; নাগালের বাইরে এমন। 'গুপ্ত নির্ঝরিণী একেবারে আয়ত্তের অতীত হইয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৯২।

আয়ত্তি [স আয়ত্ত] *বি* আয়ত্ত। **আয়ত্তিগম্য** [স আয়ত্তগম্য] *বিণ* আয়ত্তাধীন। 'তাহাকে বিশেষ আয়ত্তিগম্যরূপে সহজ করিতে চেষ্টা করিতে গেলে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আয়ত্তিসাধ্য [স আয়ত্তসাধ্য] *বিণ* আয়ত্ত করা যায় এমন। 'আপেক্ষিক সত্য মানুষের আয়ত্তিসাধ্য।' *শিব*, ১৯৫০।

আয়ন [স অয়ন] *বি* পৃথিবী নিজের কক্ষের ওপর খানিকটা হেলে সূর্য প্রদক্ষিণ করার সময়ে পৃথিবী থেকে লক্ষিত সূর্যের আপাতগতি। 'শ্রাবণ সংক্রান্তিতে দক্ষিণে আয়ন।' *সুলতান*, ১৭০০।

আয়না [ফা আইনাহ্] *বি* আরশি। 'আয়না, দেয়ালগিরি ইত্যাদি সামগ্রী রহিয়াছে।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

আয়ব্যয় [স] ১ *বি* লেনদেন। 'বহুকালাবধি রেজকী ... চলিত ছিল তাহাতে লোকের আয় ব্যয় বিষয়ের সুবিধা হইত।' *চন্দ্রিকা*, ১৮৩০। ২ *বি* জমাখরচ। 'সংসারে আয়ব্যয়ের ধারাটা বইত একই খাদে।' *রবীন্দ্র*, ১৯৩২।

আয়ব্যয় বিদ্যা [স] *বি* হিসাবশাস্ত্র। 'ক্ষেত্র পরিমাণ বিদ্যা আয় ব্যয় বিদ্যা ইঙ্গরেজী রচনা।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৬।

আয়মা [আ আইম্মা] *বি* মুসলমান ধার্মিক ব্যক্তিকে দেওয়া নিষ্কর জমি। 'দেবোত্তর ও ব্রহ্মোত্তর ও মহোত্রাণ ও আয়মা ও লাখরাজ।' *ওসী*, ১৭৮২।

আয়মাদার [আ আইম্মা+ফা দার] *বি* শাসকের কাছ থেকে পাওয়া নিষ্কর জমি ভোগ করে যে মুসলমান। 'নূজন পেঁড়োর আয়মাদার আবক্ষ লম্বিত শ্বেতশ্মশ্রু সহ বিরাজ করায় ...।' *হুতোম*, ১৮৬১।

আয়র [হি আওর] *অব্য* আর। 'না জাণো আয়র কিবা করএ আন্ধারে।' *বড়ু*, ১৪৫০।

আয়রণ, আয়রন [ই] *বিণ* লোহার তৈরি। 'ব্যাগটি লইয়া তখনই আয়রন-সেফের মধ্যে রাখিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

আয়রণচেষ্ট [ই] *বি* লোহার তৈরি সিন্দুক। 'হোটেলের ক্যাশবাক্সে এবং ক্যাশবাক্স হইতে আয়রণচেষ্টে।' *প্রত্যত*, ১৮৯৬।

আয়রিশ [ই] *বি* আয়ারল্যান্ডের অধিবাসী। 'আয়রিশ অর্থাৎ আয়র্লণ্ডীয়েরা সাহসী।' *অক্ষয়*, ১৮৪১।

আয়র্লণ্ডীয় [ই] *বি* আয়ারল্যান্ডের অধিবাসী। 'আয়রিশ অর্থাৎ আয়র্লণ্ডীয়েরা সাহসী।' *অক্ষয়*, ১৮৪১।

আয়লা [স আল>] *বি* আগুন রাখার মাটির পাত্র। 'ঘরের বারান্দায় আয়লায় আগুন তাপাইতেছিল।' *মনসুর*, ১৯৫৩।

আয়সী [স] *বি* বর্ম। 'আয়সী-আবৃত দেহ, আইল কাতারে।' *মাইকেল*, ১৮৬১।

আয়া [প] *বি স্ত্রী* শিশুর পরিচারিকা। 'আয়ার কোলে মাথা রেখে পা ছড়িয়ে নিদ্রা আরম্ভ করে দিলে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

আয়াত[১] [স আয়ুষ্মতী>] *বি* এয়োতি; সধবাত্ব। 'চারি ছুঁড়ি বধূর আয়াত ঘুচে করে।' *ঘনরাম*, ১৭১১।

আয়াত[২] [আ] ১ *বি* কোরানের বাক্য বা বাক্যাংশ। 'আয়াত পড়িল দুইটি নয়ন জলেতে ভরি।' *জসীম*, ১৯৩৩। ২ *বি* মন্ত্র। 'চাষীর মত এ সমস্ত প্রাকৃতিক আয়াত শিখেছি।' *মাহমুদ*, ১৯৬৬।

আয়াষা [স আকাশ] *বি* আকাশ। 'ক্রমে ক্রমে বাড়ে অগ্নি জুড়িল আয়াষা।' *মুকুন্দ*, ১৬০০।

আয়াস [স] ১ *বি* ক্লান্তি। 'আয়াস খণ্ডিল কিছু শীতল পবনে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* আরাম। 'আয়াস অলস ঘুমে প্রেমালাপে বাসধামে।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* খাটুনি। 'ইহা প্রতিপাদন করিবার নিমিত্তে অধিক আয়াস আবশ্যক করে না।' *অক্ষয়*, ১৮৪৯। ৪ *বি* চেষ্টা। 'ইহার ফলভোগ করা অতিশয় আয়াস-সাধ্য।' *অক্ষয়*, ১৮৪৯। ৫ *বি* যত্ন। 'লেখক অনায়াসেই লিখিতে পারে, কিন্তু লিখিবার জন্য পদে পদে আয়াস স্বীকার করিয়া থাকে।' *রবীন্দ্র*, ১৯০১।

আয়াসলভ্য [স] *বিণ* লঙ্ঘন করতে কষ্ট হয় এমন। 'আয়াসলভ্য দুর্গের বিশাল স্তূপ দেখিতে পাইবেন।' *বঙ্কিম*, ১৮৬৫।

আয়াস-সাধ্য [স] *বিণ* কষ্টসাধ্য। 'তাহা অত্যল্প আয়াস-সাধ্য হইতে পারে।' *দর্পণ*, ১৮৩১।

আয়াসিনী [স আয়াস>] *বিণ স্ত্রী* শ্রান্ত। 'আয়াসিনী ভৈলা আজি তোহ্মে কি কারণে।' *বড়ু*, ১৪৫০।

আয়ি [স আর্যিকা] *বি* পিতামহী। 'নাতিনী আয়ি ফেলিয়া বৌ দেখিতে গেল।' *বঙ্কিম*, ১৮৮২।

আয়ি বুড়ি *বি* দাদি। 'আয়ি বুড়ি একেবারে।' *মণীশ*, ১৯৬৩।

আয়িন [ফা] *বি* আইন। 'যে আয়িন প্রস্তুত করিয়াছেন ...।' *দর্পণ*, ১৮২৪।

আয়িলা, আয়িলাহোঁ, আয়িস দ্র আইসা

আয়ী [স আর্যিকা] *বি* মাতা। 'গাইল বড়ু চণ্ডীদাস বাসলী আয়ী।' *বড়ু*, ১৪৫০।

আয়ু, আয়ুঃ [স] *বি* জীবনকাল। 'চৌ চৌ যুগ আয়ু লঙ্কার রাবণ।' *বড়ু*, ১৪৫০; 'আপন আয়ুঃশেষ জানিয়া কালীঘাটে আগমনপূর্বক ...।' *দর্পণ*, ১৮২৪।

আয়ুষ্ক্ষয় [স] *বি* জীবনের সময় ব্যয়। 'তাহাতে তিনি অনেক আয়ুঃক্ষয় ও ধন ব্যয় করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৪।

আয়ুঃশেষ [স] *বি* মৃত্যু। 'থাকে যদি আয়ুঃশেষ বিস্তারিব লীলাশেষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আয়ুকাল [স আয়ুষ্কাল] *বি* জীবনকাল। 'মানুষের আয়ুকালের তুলনায় তার প্রাগৈতিহাসিক যুগ তার ঐতিহাসিক যুগের চেয়ে অন্তত লাখ গুণ বেশী লম্বা।' *সবুজ*, ১৯২১।

আয়ুক্ষয় [স] *বি* জীবনীশক্তি ব্যয়। 'পরীক্ষায় অনুত্তীর্ণ হইলে ... আমাদের দেশের সুকুমারী বালিকাদেরও আয়ুক্ষয় করিতে থাকিবে?' *রবীন্দ্র*, ১৮৯২।

আয়ুক্ষয়কর [স] *বিণ* আয়ু কমিয়ে দেয় এমন। 'আয়ুক্ষয়কর অনিয়মটা ঘটবে কেন।' *রবীন্দ্র*, ১৯১১।

আয়ুক্ষীণ [স] *বিণ* ক্ষীণজীবী; অতি দুর্বল। 'আয়ুক্ষীণ দীপমুখে শিখা নিব-নিব।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আয়ুরেখা [স] *বি* আয়ুর লক্ষণসূচক হাতের রেখা। 'আয়ুরেখা তেলোর ইসপার উসপার, হেড-লাইন নেই।' *মুজতবা*, ১৯৪৯।

আয়ুর্দায় [স আয়ুঃ-দায়] *বি* বেঁচে থাকার সময়সীমা। 'তোমার আয়ুর্দায় সম্পূর্ণ ভোগ হইবে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

আয়ুর্বল [স আয়ুঃ-বল] *বি* জীবনীশক্তি। 'আমরা আয়ুর্বলে কোন প্রকারে পলাইয়া প্রাণ পাইয়াছি।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

আয়ুর্ভোগ [স আয়ুঃ-ভোগ] *বি* জীবনযাপন। '৬৯ বৎসর ৭ মাস ১৫ দিন আয়ুর্ভোগ করিয়া ইহলোক পরিত্যাগ করিলেন।' *দর্পণ*, ১৮৩৭।

আয়ুষ্কর [স] *বিণ* পরমায়ুবর্ধক। 'ইহা আয়ুষ্কর।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

আয়ুষ্কাল [স আয়ুঃ-কাল] *বি* জীবনকাল। 'আজ আমার আয়ুষ্কাল শেষপ্রায়, পথের অন্য প্রান্তে পৌঁছে পথের আরম্ভসীমা দেখবার সুযোগ ...।' *রবীন্দ্র*, ১৯২১।

আয়ুষ্মতী [স আয়ুঃ+স মতুপ্ *বিণ স্ত্রী* দীর্ঘায়ু। 'মা, আয়ুষ্মতী হও।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রবীন্দ্র, ১৮৮৪।

আয়ুষ্মন্ [স আয়ুঃ+মতুপ, সম্বোধন অ] *বি* দীর্ঘ জীবনের অধিকারী। '(স-উল্লাসে) হে আয়ুষ্মন! বিধাতা আপনাকে দীর্ঘজীবী ও চিরজয়ী করুন।' *মাইকেল*, ১৮৭৩।

আয়ুষ্মান [স আয়ুঃ+মতুপ] *বিণ* জীবনকালসম্পন্ন; জীবনযুক্ত। 'যদি পরমেশ্বর ইহাকে অধিক আয়ুষ্মান করিতেন।' *দর্পণ*, ১৮৩৪।

আয়ুস্রোত [স আয়ু-স্রোত] *বি* জীবনস্রোত। 'আয়ুস্রোতে ভাসি যবে আঁধারে আলোতে তীরে তীরে অতীত কীর্তির পানে।' *রবীন্দ্র*, ১৯৪০।

আয়ু-হরণকারী [স] *বিণ* জীবনীশক্তিকে ধ্বংস করে এমন। 'আর কতকাল আমরা এমনি নিঃশব্দে ডাকব/ আয়ু-হরণকারী তিল তিল অপঘাতকে?' *সুকান্ত*, ১৯৪৮।

আয়ুহীন [স আয়ু-হীন] *বিণ* আয়ু কমে যাচ্ছে এমন। 'দিন দিন আয়ুহীন হীনবল দিন দিন।' *মাইকেল*, ১৮৭৩।

আয়ুধ [স] *বি* অস্ত্র। 'নানা আয়ুধের অনুশীলন করিয়া মল্লশালাতে ব্যায়াম করিয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

আয়ুর্বেদ, আয়ুর্ব্বেদ [স] *বি* ভারতবর্ষীয় চিকিৎসাবিদ্যা; কবিরাজি চিকিৎসা। 'চিকিৎসা করয়ে পড়ে কাব্য আয়ুর্ব্বেদ।' *ভারত*, ১৭৬০; 'আয়ুর্বেদ যেরকম লিখেছে।' *রবীন্দ্র*, ১৯১১।

আয়ুর্বেদনিষিদ্ধ [স আয়ুর্বেদ-নিষিদ্ধ] *বিণ* আয়ুর্বেদে শাস্ত্রে নিষিদ্ধ এমন। 'সুরাপান বেদবিহিত এবং আয়ুর্বেদনিষিদ্ধ।' *প্রমথ*, ১৯০৫।

আয়ুর্বেদশাস্ত্র, আয়ুর্ব্বেদশাস্ত্র [স আয়ুর্বেদ-শাস্ত্র] *বি* কবিরাজি চিকিৎসাবিদ্যা। 'ঐ বিদ্যালয়ে আয়ুর্ব্বেদশাস্ত্রাধ্যাপনার্থে এক পণ্ডিত নিযুক্ত ছিলেন।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

আয়ুর্বৈদিক [স আয়ুর্বেদ+ইক] *বিণ* আয়ুর্বেদ সম্বন্ধীয়। 'সম্প্রতি মল্লিক কোম্পানির আয়ুর্বৈদিক বাগানে দেখে এসেছে ঘোরতালা হাওয়াযন্ত্র।' *রবীন্দ্র*, ১৯৩৪।

আয়েত, আয়েৎ [আ আয়াত] *বি* বাক্য বা বাক্যাংশ। 'কোরাণ হইতে গৃহীত কৃষ্ণবর্ণ অক্ষরে অনেক আয়েৎ খোদিত আছে।' *দর্পণ*, ১৮৩৩; 'তাঁহারা কোরানের আয়েত অনুসারে ফাহেক, জালেম, কাফের।' *মশারফ*, ১৮৮৯।

আয়েন্দা [ফা] *বিণ* আগামী। 'আয়েন্দা জুম্মার দিনে হইবেক বেহা।' *গরীব*, ১৭৬৫।

আয়েব [আ] **১** *বি* দোষ। 'ভাতের কি কব পান পানীর আয়েব।' *ভারত*, ১৭৬০। **২** *বি* বদনাম। 'বাপ-মায়ের বাড়িতে বেশি দিন থাকা আয়েব বটে।' *নজরুল*, ১৯২৭। দ্র **আএব**

আয়েশ, আয়েস [আ আয়েশ>] **১** *বি* আনন্দ। 'আমরা এখন রং চাই – মজা চাই – আয়েস চাই।' *প্যারী*, ১৮৫৮। **২** *বি* আরাম। 'তিনি সন্ধ্যার পর দুদণ্ড আয়েস করে থাকেন।' *হুতোম*, ১৮৬১। **৩** *বি* স্বাচ্ছন্দ্য। 'হেঁটে যায় সহজ আয়েসে।' *মাহমুদ*, ১৯৬৩।

আয়েশী [আ আয়েশ>] *বিণ* আরামপূর্ণ। 'পার হয়ে যাও আয়েশী রাতের ফাঁদ।' *ফরুখ*, ১৯৪৩।

আয়েস-শূন্য [আ আয়েশ>+স শূন্য] *বিণ* প্রয়াসহীন। 'সহসা সে আবিষ্কার করে একটা আয়েস-শূন্য সন্তর্পণ সাবধানতা।' *মানিক*, ১৯৩৭।

আয়েসি [আ আয়েশ>] *বি* আরামপ্রিয় যে। 'যে সমাজের আয়েসির দলও কাব্যকলার আদর করে।' *প্রমথ*, ১৯১৫।

আয়ো [স আয়ুষ্মতী] *বি* সধবা। 'আয়ো শয্যা কৈল সবে হরষিত মতি।' *আলাওল*, ১৬৮০।

আয়োজন [স] **১** *বি* প্রস্তুতি। 'নানা আয়োজন বিবিধ প্রকারে।' *মালাধর*, ১৫০০। **২** *বি* সংগৃহীত খাদ্যসামগ্রী। 'ঘরে জায় ধর্মকেতু চাহিয়া আনিল অয়োজন।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* ব্যবস্থা। 'উহার অপেক্ষা ভাল আয়োজন করা একেবারে অসম্ভব।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

আয়োজন করা *ক্রি* উদ্যোগ করা। 'শীতকালের সুদীর্ঘ নিদ্রার আয়োজন করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

আয়োজনভার [স] *বি* আয়োজন সম্ভার। 'জাদু করিবার কত পুষ্পপত্র আয়োজনভার।' *রবীন্দ্র*, ১৯১৪।

আয়োজিত [স] *বিণ* আয়োজন করা হয়েছে এমন। 'ক্লাব হলে আয়োজিত এক ঘরোয়া অনুষ্ঠানে ... সংগৃহীত দ্রব্যাদি প্রদর্শন করা হয়।' *বেগম*, ১৯৬৩।

আয়োডিন [ই] *বি* রাসায়নিক মৌল পদার্থবিশেষ। 'অথ আয়োডিন-ঘটিত।' *শিবরাম*, ১৯৫০।

আয়োধন [স] *বি* যুদ্ধ। 'আয়োধন দেখিতে উরিলা সিংহরথে।' *মানিকরাম*, ১৭৮১।

আয়্য [স আয়ুষ্মতী>] *বি* এয়ো; সধবা। 'আয়্য নাম আর্তি কর্য্যা শুন বন্ধুজন।' *মানিকরাম*, ১৭৮১।

আয়্যত [স আয়ুষ্মতী] *বি* সধবার চিহ্ন। 'মায়ের আয়্যত হাতে আয়িষ্ক ভোজন।' *মুকুন্দ*, ১৬০০।

-আর = -র, -এর; ষষ্ঠী বিভক্তি। 'তরগুন্তে হরিণার খুর ন দীসঅ।' *চর্যা* ৬, ১২০০।

আর [স অপর; হি আওর] **১** *অব্য* এবং। 'চাম্পা নাগেশর আর নেআলী মল্লী।' *বড়ু*, ১৪৫০। **২** *অব্য* পুনরায়। 'না দেখো আর তোর মুখ।' *বড়ু*, ১৪৫০। **৩** *বিণ* অন্য। 'আর দিন গেলা প্রভু সে বিপ্র-ভবনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *অব্য* এর চেয়ে বেশি। 'আমরা সকল তবে না সহিব আর।' *বৃন্দা*, ১৫৮০। **৫** *বিণ* আরও। 'আও হইয়া আর বর মাগিল সত্বর।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৬** *সর্ব* কার। 'আরের আওয়ালে।' *মানোএল*, ১৭৪৩। **৭** *ক্রিবিণ* এমন পরিমাণ। 'সরস চরস ও মোহনী গাজা আর দিবেক যে সে ধুমে যেন মহাধুম লাগিয়া যায়।' *ভবানী*, ১৮২৮। **৮** *ক্রিবিণ* অন্য। 'এ কাজ তোমাকে ছাড়া আর কাউকে দেওয়া যায় না।' *রবীন্দ্র*, ১৮৮৯; 'তুমি আর-কাউকে আদর করলে আমি কোনোদিন ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

আর আর *ক্রিবিণ* অন্যান্য। 'আর আর যুগেতে অর্থব্যয় যতঃ করি।' *বৃন্দা*, ১৫৮০।

আর এক **১** *ক্রিবিণ* অন্য একটি। 'অবতারের আর এক আছে মুখ্য বীজ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* অন্য একজন। 'আর এক ঢঙ্গ বিপ্র থাকে সেই খানে।' *বৃন্দা*, ১৫৮০।

আর একটা *বিণ* অন্য একটা। *ওসী*, ১৭৮৫।

আরও *বিণ* এবং। 'নেআলী মাল্লী আরও নানা ফুল।' *বড়ু*, ১৪৫০।

আরখান *সর্ব* অন্যটি। 'একখান কাচিয়া পিন্ধে আরখান মাথায় বান্ধে।' *বিজয়*, ১৬৫০।

আরজন *সর্ব* অপরজন। 'আরজন ফিরাইয়া আনে।' *রবীন্দ্র*, ১৯১৬।

আর জনম [আর+স জন্ম] *বি* পূর্বজন্ম। 'মোরা আর জনমে হংস-মিথুন ছিলাম।' *নজরুল*, ১৯৩৫।

আরজন্ম [আর+স জন্ম] *বি* অন্য জন্ম। 'আরজন্মে দুই জনে সেবিল চক্রপানি।' *মালাধর*, ১৫০০।

AMARBOI.COM

আর জন্মে *ক্রিবিণ* অন্য জন্মে। 'এ জন্মে না পাই যদি পাব আর জন্মে।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

আরদিন *ক্রিবিণ* অন্য দিন। 'আরদিনে মৌনজজ্ঞ করিল গদাধর।' *মালাধর*, ১৫০০।

আর বছর [আর+স বৎসর>] *ক্রিবিণ* বিগত বছরে। 'মুই আর বছর তার বাড়ী কায করিয়াছিলাম।' *কেরি*, ১৮০২।

আর বৎসর [আর+স বৎসর] *ক্রিবিণ* বিগত বৎসরে। 'বাঙ্গালায় পৌঁছিলাম আর বৎসর শ্রাবণ মাসে।' *কেরি*, ১৮০২।

আরবার ১ *ক্রিবিণ* আবার। 'তোক দেখি আরবার মন না জাএ।' বড়ু, ১৪৫০; 'আরবার এ ভারতে কে দিবে গো আনি সে মহা আনন্দমন্ত্র ...। *রবীন্দ্র*, ১৯০১। **২** *ক্রিবিণ* বার বার। 'নূতন করিয়া লহো আরবার চিরপুরাতন মোরে।' *রবীন্দ্র*, ১৮৯৬; 'বাঁশী বাজে আর নোলক যে দোলে, বউ কহে আর বার।' *জসীম*, ১৯২৯।

আরক [আ] **১** *বি* ঝাঁঝওয়ালা নির্যাস। 'ডাক্তার সাহেব এক আরক নিয়ে তার নাকের গোড়ায় ধরে।' *হুতোম*, ১৮৬১। **২** *বি* রাসায়নিক-বিশেষ। 'ক্যামেরা মেরামত করিয়া আরক কিনিয়া ছবি তুলিতে শুরু করিল।' *রবীন্দ্র*, ১৯০২। **৩** *বি* চোয়ানো মদ। 'পিপা পিপা সুরা আরক উজাড়ি।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আরকলি *বি* ঘোড়ার প্রজাতিবিশেষ। 'সুমন্দ আরকলি লকুম একহর।' *আলাওল*, ১৬৮০।

আরকুলি [স অন্য কূল] *বি* অন্যকূল। 'এককুলি আরকুলি দিসা নাহি পাই।' *মালাধর*, ১৫০০।

আরক্ত [স] *বিণ* রক্তিম। 'ক্রোধে আরক্ত চক্ষুর্দ্বয়ে ব্যাঘ্রীর দিকে কটমট করিয়া চাহিয়া ...। *মৃত্যুঞ্জয়*, ১৮১৩; 'অভাবিত মিলনের আরক্ত আভাস।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আরক্তচিত্ত [স] *ক্রিবিণ* আহত হৃদয়ে। 'শোনো তুমি অরক্তাধরা গূঢ় ব্যথায় আরক্ত-চিত্ত।' *শঙ্খ*, ১৯৫৫।

আরক্তবর্ণ [স] *বিণ* রক্তবর্ণ। 'এই যে সূর্য্যমণ্ডল দেখিতে দেখিতে আরক্তবর্ণ হইল।' *রামনারায়ণ*, ১৮৫৪।

আরক্তমুখ [স] *বি* রক্তিম আভাপূর্ণ মুখ। 'চারু আরক্তমুখে ভূপতির হাত হইতে কাগজখানা কাড়িয়া লইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০১।

আরক্তিম [স] *বিণ* লালচে। 'রোষে আরক্তিম মুখখানি ...।' *রবীন্দ্র*, ১৮৮২।

আরক্তিমা [স] *বি* রক্তের ন্যায় বর্ণ। 'দুই চক্ষু আরক্তিমাতে রুদ্যমান হইয়া পুটাঞ্জলি রূপেতে নিবেদন করিতেছেন।' *রামরাম*, ১৮০১।

আরজ [আ] *বি* আর্জি; প্রার্থনা। 'ইংরেজীতে আরজ ঘুনিবেন।' *মেয়র্স*, ১৭৫৭।

আরজ দাস্ত [আ আরজ+ফা দস্ত] **১** *বি* রাজা বা কর্মকর্তার পত্র। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* আবেদনপত্র; স্মারকপত্র। 'পুত্রদের আরজদাস্ত আনুযায়ি কাননগো দপ্তরে মুহরিগিরিতে পদার্পণ হইলেন।' *রামরাম*, ১৮০১।

আরজবেগ [আ আরজ+তু বেগ] *বি* আদালতের পেশকার। *বিদ্যা*, ১৮৯১।

আরজবেগী [আ আরজ+তু বেগ>] **১** *বিণ* বিচারকের সামনে দরখাস্ত পড়ে শোনায় বা বাদী প্রতিবাদীর উক্তি জানায় এমন। 'আমার আরজবেগী পতি বড় গুণী।' *ভারত*, ১৭৬০। **২** *বিণ* বাগ্মী। *ওসাঁ*, ১৭৮৫।

আরজি, আরজী [আ আরজ>] **১** *বি* অনুরোধ; প্রার্থনা। 'আরজীর আটি ফরিয়াদিগণ সঙ্গে।' *ভারত*, ১৭৬০; 'আরজি।' *বিদ্যা*, ১৮৯১। **২** *বি* আবেদনপত্র; দরখাস্ত। 'তাতিলোকের আরজীতে খবর মালুম হইল।' *তাঁতি*, ১৭৯২।

আরণ [স অরণ্য] *বি* জঙ্গল। 'যবেঁ কাড়ায়িলি বাট দুসহ আরণে।' বড়ু, ১৪৫০।

আরণ্য [স] **১** *বিণ* অরণ্যের। 'আরণ্য রাজা তাহারদিগের কথায় কৃপাপূর্ব্বক মনোযোগ করিলেক।' *তারিণী*, ১৮০৩। **২** *বিণ* অরণ্যে বাস করে এমন। 'পর্ব্বতীয় ও আরণ্য বিকটাকৃতি মনুষ্য সকল বিদ্যমান আছে।' *অক্ষয়*, ১৮৪৭। **৩** *বি* বন্য প্রাণী। 'সম্রাট এবং আরণ্যের মধ্যে একটা সাদৃশ্য আছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

আরণ্যপ্রদেশ [স] *বি* বনভূমি অঞ্চল। 'আরণ্যপ্রদেশ, কর্ষণোপযুক্ত ক্ষেত্রে পরিণত করিতে যে সময় লাগিত।' *সৎসঙ্গ*, ১৮৯৮।

আরণ্যসমাজ [স] *বি* বনজীবী সমাজ। 'আরণ্যসমাজ সম্বন্ধে একটা অসাময়িক তত্ত্বোপদেশ।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আরণ্যক [স] **১** *বিণ* পৃথিবী যখন অরণ্যপূর্ণ ছিল সে রকম। 'সেই আরণ্যক যুগের বর্বর ব্যক্তি স্বাতন্ত্র্যই প্রবল দেহ নিয়ে আজ দেখা দিল।' *রবীন্দ্র*, ১৯১৫। **২** *বি* অরণ্যে স্থাপিত শিক্ষাকেন্দ্র। 'পূর্বে যে সঙ্ঘ ও বিহারের দ্বারা ভারতের সার্থকতা-সাধন হয়েছিল, তাদেরই এ যুগের উপযোগী করে সেই পুরাতন আরণ্যককে বিশ্বভারতী-রূপে এখানে পত্তন করা হয়েছে।' *রবীন্দ্র*, ১৯২১। **৩** *বি* নিভৃতচারী। 'নিশ্চিত স্বভাবত আমি আরণ্যক তবু আমার কর্মস্থানের কুহক সংকৌতুকে আমাকে ...।' *রবীন্দ্র*, ১৯২৪। **৪** *বি* অরণ্যবাসী। 'একদল আরণ্যক।' *অবন*, ১৯২৫। **৫** *বি* আদিম। 'ওর চেয়ে আরণ্যক তীব্র হিংসা সেও শতগুণে শ্রেয়।' *রবীন্দ্র*, ১৯৩৫। **৬** *বিণ* বুনো। 'কঙ্কার শব্দের শর আরণ্যক আত্মার আদেশ।' *মাহমুদ*, ১৯৭৩।

আরণ্যিক [স] **১** *বিণ* অরণ্য সম্বন্ধীয়। 'অরণ্যের মাটি তাই হয়ে ওঠে আরণ্যিক ...।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *বিণ* অমার্জিত। 'অজাতসংস্কার, মনমত্ত, আরণ্যিক আমার যৌবন।' *সুধীন্দ্র*, ১৯২৯।

আরতা [স আরতি>] *ক্রি* আরতি করা। 'তোহ্মার কারণে আরতিল জগন্নাথ।' বড়ু, ১৪৫০।

আরতি, আরতী [স অরতি>আর্তি] **১** *বি* রতির আকাঙ্ক্ষা। 'আরতি লয়িআঁ কাহ্ন মাঝ বৃন্দাবনে।' বড়ু, ১৪৫০। **২** *বিণ* অনুরাগপূর্ণ। 'এখনে তেজহ কাহ্নাঞি আরতী বচন।' বড়ু, ১৪৫০। **৩** *বি* প্রার্থনা। 'উসার আরতি দেখি চিত্রলেখা জাএ।' *মালাধর*, ১৫০০। **৪** *বি* প্রদীপ ধূপধুনা ও প্রণাম সহযোগে হিন্দুধর্মীয় বিধিবিশেষ। 'আরতির কালে দুই প্রভু বোলাইল।/ প্রভু সঙ্গে সবে আসি আরতি দেখিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৫** *বি* আদেশ। 'পান দিআ ভগবতী দিলেন আরতি।' *মুকুন্দ*, ১৬০০। **৬** *বি* আবদার। 'পুরাণ্ড পিতার পুত্রের আরতি।' *বাহরাম*, ১৬৫০। **৭** *বি* কামনা। 'সইচ্ছাএ কর দিতে সবার আরতি।' *আলাওল*, ১৬৮০। **৮** *বি* আর্তি; আগ্রহ। 'কৈলাসে জানিলা ধর্ম সেনের আরতি।' *মানিকরাম*, ১৭৮১। **৯** *বি* স্তব। 'তাঁহারে আরতি করে চন্দ্র তপন, দেব-মানব বন্দে চরণ।' *রবীন্দ্র*, ১৮৮৪। **১০** *বি* অরুচি। 'বটের ফলে আরতি তার, রয়েছে লোভ নিমের তরে।' *রবীন্দ্র*, ১৯৩১।

আরতিঘণ্টা [স] *বি* প্রার্থনার আহ্বানে বাজানো ঘণ্টা; শঙ্খধ্বনি। 'আরতিঘণ্টা ধ্বনিল প্রাচীন রাজদেবালয় ঘরে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আরতিদীপ [স] *বি* পূজার প্রদীপ। 'মোর জীবন হবে আরতিদীপ।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নজরুল, ১৯৩৫।

আরতিশঙ্খ [স] *বি* উপাসনার মঙ্গলধ্বনি। 'একদা নামিবে সন্ধ্যা, বাজিবে আরতিশঙ্খ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আরদালি, আরদালী [ই] *বি* চাপরাশি; পিয়ন। 'আমি যখন আরদালি ছিলাম দেখিয়াছি।' *দীনবন্ধু*, ১৮৬০; 'উকিল, মোক্তার, পেস্কার, কনষ্টেবল, চাষা, আরদালী, দর্শকগণ ইত্যাদি।' *মশাররফ*, ১৮৬৯।

আরদ্র [স হরিদ্রা] *বি* হলুদ। 'আরদ্র মাখিয়া কেবা সারদ্র বনাইল রে।' *ছিজী*, ১৬০০।

আরন্দ [স অরন্ধন] *বি* অরন্ধন। 'ভাদ্দর মাসের আরন্দটি বড় ধূমে গ্যাচে।' *হুতোম*, ১৮৬১।

আরন্ধ [স অরন্ধন] *বি* যে দিন রান্না নিষেধ। *বিদ্যা*, ১৮৯১।

আরপা [স আরোপ>] *ক্রি* স্থাপন করা। 'আরপিল হেম পাট শোভের জঘনে।' *বড়ু*, ১৪৫০।

আরফাত [আ] *বি* ময়দান। 'এই বাংলায় তোমরা আনিয়ো মুক্তির আরফাত।' *নজরুল*, ১৯৪২।

আরব[১] [স] **১** *বি* শব্দ। 'অপূর্ব আরব করে আর পক্ষবৃন্দে।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বি* উচ্চধ্বনি; গর্জন। 'কাঁপিল বসুধা; দেশ পূরিল আরবে।' *মাইকেল*, ১৮৬১।

আরব[২] [আ] **১** *বি* আরব দেশের অধিবাসী; আরবি ভাষী। 'আরব সবেরে আবু জেহেল কহিল।' *সুলতান*, ১৭০০। **২** *বিণ* আরব দেশের। 'তিনি ... আরব লোককে গ্রীশ দেশীয় গণিতবিদ্যা প্রথমতঃ উপদেশ করিলেন।' *অক্ষয়*, ১৮৪৭।

আরবদেশীয় [আ আরব+স দেশীয়] *বিণ* আরব দেশের। 'তিনি আরবদেশীয় লোকদিগকে হিন্দুগণিত শাস্ত্রের উপদেশ করেন।' *অক্ষয়*, ১৮৪৭।

আরববাসী [আ আরব+স বাসী] *বি* আরবদেশের অধিবাসী। 'আরববাসীদিগের আহারের দৃষ্টান্ত ...।' *মশাররফ*, ১৮৮৮।

আরবভূম [আ আরব+স ভূমি] *বি* আরবদেশ। 'আমীর এ বৎসর পবিত্র হজ্জব্রত সম্পাদনের জন্য আরবভূমে গমনেচ্ছুক ছিলেন।' *প্রচারক*, ১৯০৩।

আরব-রবি [আ আরব+স রবি] *বি* আরব অঞ্চলে উদিত সূর্য। 'লোহিত সাগরে সিনান করিয়া/ উদিল আরব-রবি।' *নজরুল*, ১৯৪১।

আরবাভিমুখ [আ আরব+স অভিমুখ] *বিণ* আরবের উদ্দেশে গমনোদ্যত। 'একটি আরবাভিমুখ, অপরটি ভারতাভিমুখ।' *অন্নদা*, ১৯৩৭।

আরবি, আরবী [আ আরব>] **১** *বি* আরব দেশের অধিবাসী। 'আরবী মিসরী সামী তুরকী হাবসী রুমী খোরাসানী উজবেকী সকল।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* আরব দেশের ভাষা। 'আরবী ফারসী আদ্য নসরানি এহুদী।' *আলাওল*, ১৬৮০; 'পারসি আরবি কয়, কভু নাহি মৃত্যু ভয়।' *রামপ্রসাদ*, ১৭৮০।

আরবীগ্রন্থ [আ আরব>+স গ্রন্থ] *বি* আরবি ভাষায় লেখা বই। 'আরবীগ্রন্থ অনুসারে তাঁহার গ্রন্থ সকল প্রায় ১১৫০ শকে ভারতবর্ষে প্রচলিত ছিল।' *অক্ষয়*, ১৮৪৭।

আরবীয় [আ আরব+স ঈয়] **১** *বিণ* আরব দেশীয়। 'পারস্যেতেও আরবীয় রীতিক্রমে ব্যাকরণ রচিত হয়।' *দর্পণ*, ১৮৩০। **২** *বি* আরবি ভাষা। 'বিদ্যাধ্যাপনীয় কমিটি আরবীয় ও সংস্কৃত ও পারস্য অধ্যয়নকরণবিষয়ে যে সাহায্য করিতেছেন।' *দর্পণ*, ১৮৩৪। **৩** *বি* আরব দেশের লোক। 'আরবীয়েরা ইহার দুগ্ধ পান করে।' *মদনমোহন*, ১৮৫০।

আরবীয়তা [আ আরব+স ঈয়তা] *বি* আরব দেশীয় বৈশিষ্ট্য। 'তারা ... আরবীয়তা থেকে সবলে মুক্ত হতে চায়।' *অন্নদা*, ১৯৩৭।

আরবান [ফা] *বি* আকাঙ্ক্ষা। 'তবেত দেলে মেরা না থাকে আরবান।' *গরীব*, ১৭৬৫।

আরব্ধ [স] **১** *বি* আরম্ভ। 'ওস্তাদের নিকট পঠিতে আরব্ধ করিলেন।' *রামরাম*, ১৮০১। **২** *বিণ* অনুষ্ঠিত। 'যুবা মহাশয়েরদের কর্তৃক আরব্ধ হইয়াছিল তাহা এইক্ষণে স্থগিত হইয়াছে।' *দর্পণ*, ১৮৩০। **৩** *বিণ* উন্মুখ। 'অশ্লীল আরব্ধ বিষ তুলেছে ফণায়।' *মাহমুদ*, ১৯৬৬।

আরব্বি, আরব্বী [আ আরব>] **১** *বি* আরবের অধিবাসী। 'হাকিয়া কহিল শুন আরব্বী সবায়।' *গরীব*, ১৭৬৫। **২** *বিণ* আরবি ভাষায় রচিত। 'বালক আরব্বী ও পারস্য শাস্ত্রের সমুদায় পুস্তক ...।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

আরব্য [আ আরব+স য] **১** *বিণ* আরবদেশে প্রচলিত। 'আরব্য ভাষা।' *দর্পণ*, ১৮৩৪। **২** *বি* আরব জাতি। 'আরব্য, তুরকী এবং পাঠান এই তিন জাতি।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **৩** *বিণ* আরবি ভাষা সংক্রান্ত। 'আরব্য গ্রন্থের প্রচার হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৮৭। **৪** *বিণ* আরবদেশে সৃষ্ট। 'সোনালী-রৌদ্রে-ভরা দুপুর বেলা দিয়ে আরব্য উপন্যাস তৈরি হয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৫** *বি* আরবি ভাষা। 'পারস্য এবং আরব্য দেশীয় ডামাস্ক, সমরকন্দ, বুখারা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আরব্য উপন্যাস [আ আরব>+স উপন্যাস] *বি* আরব্য রজনীর গল্প। 'সোনালী-রৌদ্রে-ভরা দুপুর বেলা দিয়ে আরব্য উপন্যাস তৈরি হয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আরব্য সাগর [আ আরব>+স সাগর] *বি* ভারতের পশ্চিম উপকূল ও আফ্রিকার মধ্যবর্তী সাগর। 'আরব্য সাগর হইতে যে রাশি রাশি ধন আসিত।' *অক্ষয়*, ১৮৪৮।

আরমাণি [ই] *বি* আরমেনিয়ার ভাষা। 'বাঙ্গলা ইঙ্গরেজী লেটিন আরমাণি জর্ম্মাণি ফ্রান্সিস ফিরিঙ্গিসকলেরি লিখনের এক ভঙ্গী।' *দর্পণ*, ১৮৩৫।

আরমাদ [প আরমাডা] *বি* নৌবহর। *ওসাঁ*, ১৭৮৫।

আরমান [ফা] *বি* ইচ্ছা। 'দেখিতে ইমামের শির করিল আরমান।' *গরীব*, ১৭৬৫।

আরমানি, আরমানী [ই] **১** *বি* আরমেনিয়ার ভাষা। 'নাগরী ফিরিঙ্গী আরমানি ইত্যাদি।' *দর্পণ*, ১৮২১। **২** *বিণ* আরমেনিয়া জাতি সংক্রান্ত। 'চুঁচুড়াতে এক আরমানী গ্রিজ্জাঘর আছে।' *দর্পণ*, ১৮২২; 'আরমানিরদিগের আরমানি গোরস্থান।' *দর্পণ*, ১৮২৬।

আরমেনিয়ান [ই] *বিণ* আর্মেনিয়া সংক্রান্ত। 'ইংলিশ, আর্মেনিয়ান, জার্ম্যান।' *গিরিশ*, ১৮৮৬।

আরম্ভ [স] *বি* সূত্রপাত। 'জুদ্ধে আসি সাম্ভাইল করিয়া আরম্ভ।' *মালাধর*, ১৫০০।

আরম্ভ-অংশ [স] *বি* প্রারম্ভিক ভাগ। 'অত্যন্ত বেসুরে একটা মেঠো-রাগিণীর আরম্ভ-অংশ।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আরম্ভ করণ [স] *বি* আরম্ভ করা। *ওসাঁ*, ১৭৮৫।

আরম্ভকাল [স] *বি* সূচনাকাল। 'এই দ্বন্দ্ব মানব-ইতিহাসের আরম্ভকাল থেকেই প্রবলবেগে চলছে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আরম্ভণ [স] *বি* আরম্ভ। 'বৃহস্পতি আনি যজ্ঞ করিল আরম্ভণ।'

AMARBOI.COM

মুকুন্দ, ১৬০০।

আরম্ভন [স আরম্ভণ] *বি* আরম্ভ। 'কৃষ্ণ অবতার খেলা করে আরম্ভন।' *রূপরাম*, ১৭৫০।

আরম্ভ-রেখা [স] *বি* সূচনারেখা। 'দুই দিকের পার পৃথিবীর দুটি আরম্ভ-রেখার মতো বোধ হচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

আরম্ভাবধি [স আরম্ভ-অবধি] *ক্রিবিণ* শুরু থেকে। 'এইরূপে কলির আরম্ভাবধি শকাদিত্য পাহাড়ীয়া রাজার সাম্রাজ্য পর্যন্ত ... বৎসর গত হইল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০; 'শুক্লপক্ষের আরম্ভাবধি চন্দ্রের কলা যদিও প্রতি নিমেষে বৃদ্ধি পায়।' *অক্ষয়*, ১৮৪৬।

আরম্ভা [স আরম্ভ>] ১ *ক্রি* আরম্ভ করা। 'ক্ষণেক বিশ্রাম করি নৃত্য আরম্ভিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *ক্রি* সূচিত হওয়া। 'আরম্ভিছে শীতকাল পরিছে নীহারজাল।' *রবীন্দ্র*, ১৮৮১। **আরম্ভনে** *ক্রি* আরম্ভ করে। 'শুভ কাজ আরম্ভনে।' *কৃষ্ণরাম*, ১৭২০। **আরম্ভিয়া** *ক্রি* শুরু ক'রে। 'সে সবে বারতা পাইলে যুদ্ধ আরম্ভিয়া।' *সুলতান*, ১৭০০। **আরম্ভিল** ১ *ক্রি* আরম্ভ করলো। 'ক্ষণেক বিশ্রাম করি নৃত্য আরম্ভিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *ক্রি* আরম্ভ হলো। 'বেচাকেনা আরম্ভিল বাজার বিস্তর।' *রূপরাম*, ১৭৫০। **আরম্ভিলা** *ক্রি* আরম্ভ করলে। 'শুনিয়া কীর্তন আরম্ভিলা মহানৃত্য।' *বৃন্দা*, ১৫৮০।

আরশ [আ] *বি* সিংহাসন; ইসলামি মতে খোদার আসন। 'আরশ কুরসী যথ ভুবন ছাপান।' *আলাওল*, ১৬৮০; 'খোদার আসন আরশ ছেদিয়া উঠিয়াছি চিরবিস্ময় আমি বিশ্ববিধাতৃর। *নজরুল*, ১৯২২।

আরশ-ধাম [আ আরশ+স ধাম] *বি* (ইসলামিবিশ্বাস অনুযায়ী) যেখানে আল্লাহর আসন রয়েছে। 'ওই নামেরই বাতি জ্বেলে দেখি লোহ আরশ-ধাম।' *নজরুল*, ১৯৩২।

আরশি [স আদর্শিকা] ১ *বি* আয়না। *ওসাঁ*, ১৭৮৫; 'বিপুল আরশি সম ছিলে স্বচ্ছ, ছিলে স্থির।' *নজরুল*, ১৯২৮। ২ *বি* প্রতিফলন। 'সাহিত্য ঠিক প্রকৃতির আরশি নহে।' *রবীন্দ্র*, ১৯০৭। *দ্র* **আরসি, আরসী**

আরশিনগর [স আদর্শ>+স নগর] *বি* কাল্পনিক স্থান। 'বাড়ীর পাশে আরশিনগর সেথা এক পড়শী বসত করে।' *লালন*, ১৮৯০।

আরশুলা, আরশুলো, আরশোলা [স অসপদা] *বি* তেলাপোকা। 'ফড়িঙের কটা ঠ্যাং, আরশুলা কি কি খায়।' *সুকুমার*, ১৯১৮; 'ফরফর করে আরশোলা উড়ছে।' *জীবন*, ১৯৩২; 'রাতে আমাদের সাথী ছারপোকা, মশা আর আরশুলো।' *নজরুল*, ১৯৪১; *দ্র* **আরসুলা, আরসোলা**

আরশোলাময় [আরশোলা+স ময়] *বিণ* তেলাপোকায় পরিপূর্ণ। 'মাকড়সা, আরশোলাময় অন্ধকার ঘরে বসে।' *শামসুর*, ১৯৬৮।

আরসা [স রস>] *বিণ* নীরস; রসহীন। *বিদ্যা*, ১৮৯১।

আরসি, আরসী [স আদর্শিকা>] *বি* আয়না। *ওসাঁ*, ১৭৮২; 'নকশাখানিকে আমি একদিন আরসি বলে পেস করেও কত্তে পাত্তেম।' *হুতোম*, ১৮৬১; 'আরসী ধত্তে আর সাহস হয় না।' *হুতোম*, ১৮৬১।

আরসীর মুখ দেখা - আয়নাতে নিজেই নিজের মুখ দেখা। 'ইহাকেই বলে, আরসীর মুখ দেখা।' *বিদ্যা*, ১৮৭৩।

আরসোলা, আরসুলা [স অসপদা] *বি* তেলাপোকা। *ওসাঁ*, ১৭৮২; 'উড়ি উড়ি আরসুলা দ্যায় তুড়িলাফ।' *সত্যেন্দ্র*, ১৯১৭; 'ছিল শুধু ইঁদুর ও টুঁচো, টিকটিকি ও আরসোলা।' *প্রমথ*, ১৯৩৭। *দ্র* **আরশুলা**

আরহণ [স আহরণ] *বি* আহরণ। 'ফল-মূল কাষ্ঠ আরহণ করেন।' *প্যারী*, ১৮৬০।

আরাকড় [ফা আরাকশ] *বি* করাতি। 'আরাকড় খরচ –।' *চিঠিপত্রে*, ১৮৭০।

আরাকান *বিণ* আরাকান দেশীয়। 'ধীবর আরাকান ভাষায় আমিনার নূতন নামকরণ করিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

আরাত্রিক [স] *বি* আরতি। 'পূজাদি কর্ম্ম ও আরাত্রিক কর্ম্ম নির্ব্বাহ করেন।' *ভবানী*, ১৮২৫।

আরাধন [স] *বি* অনুশীলন। 'নৃত্য গিত বাদ্য সভে করিল আরাধন।' *মালাধর*, ১৫০০।

আরাধনা [স] ১ *বি* পূজা। 'কুলদেবতার আরাধনা করিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ২ *বি* উপাসনা। 'ধর্ম্মের আরাধনায় নিয়ত নিযুক্ত থাকিব।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* উপরোধ। 'তুমি জ্ঞান চট্টোপাধ্যায় মহাশয় আমাকে আরাধনা করে নিয়ে এসেছে।' *দীনবন্ধু*, ১৮৬৭।

আরাধনাশীল [স] *বিণ* আরাধনারত। 'মনীষার বইগুলো আরো স্থির-শান্ত-আরাধনাশীল।' *জীবন*, ১৯৪০।

আরাধনার্থে [স আরাধনা-অর্থে] *ক্রিবিণ* আরাধনার লক্ষ্যে। 'ঈশ্বরের আরাধনার্থে শিষ্টাচারি লোকসকলের...।' *দর্পণ*, ১৮৩০।

আরাধা [স আরাধন>] *ক্রি* আরাধনা করা। 'নিরাহারে তপ করি আরাধে সঙ্করে।' *মালাধর*, ১৫০০। **আরাধনে** *ক্রি* আরাধনা ক'রে। 'দেব আরাধনে কৈন্যা পাইছি বিসিস্ট।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আরাধি** *ক্রি* উপাসনা করি। 'না জানি কি ক'রে আরাধি হে বিশ্বারাধ্যা তোমায়।' *মাইকেল*, ১৮৬৬। **আরাধিয়া** *ক্রি* আরাধনা ক'রে। 'অধিক সাধিয়া ধর্ম আরাধিয়া/ পাইলুঁ গুণের ধাম।' *বাহরাম*, ১৭০০। **আরাধিলা** *ক্রি* আরাধনা করলা। 'পুত্র লাগি আরাধিলা বিষ্ণুর চরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **আরাধিলুঁ** *ক্রি* আরাধনা করলাম। 'জনমে জনমে দেব-ধর্ম আরাধিলুঁ।' *বাহরাম*, ১৬৫০। **আরাধে** *ক্রি* আরাধনা করে। 'নিরাহারে তপ করি আরাধে সঙ্করে।' *মালাধর*, ১৫০০। **আরাধেন্ত** *ক্রি* আরাধনা করে। 'নৃপ কুলে বহু যত্নে দেব আরাধেন্ত।' *আলাওল*, ১৬৮০।

আরাধিত [স] *বিণ* আরাধনা করা হয়েছে এমন। 'পবিত্র সুন্দর শিশু আরাধিত কাঙ্ক্ষিত সন্ততি।' *অন্নদা*, ১৯২৭।

আরাধ্য [স] ১ *বি* আরাধনা। 'চতুর্থ যে ভক্ততত্ত্ব আরাধ্য করি জানি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* আরাধনার যোগ্য। 'পরমেশ্বরই মানবজাতির পরম ভক্তিভাজন আরাধ্য বস্তু।' *অক্ষয়*, ১৮৫৫। ৩ *বিণ* উপাস্য। 'জগতে আরাধ্য গুরু, চরণ তোমার।' *গিরিশ*, ১৮৮৭।

আরাধ্যা [স] *বিণ* স্ত্রী আরাধনার যোগ্য। 'আরাধ্যা দেবীর পূজার অর্ঘ্য লইয়া এখানে আসিয়াছি।' *জগদীশ*, ১৯১৭।

আরান্দো [স অরন্ধন] *বি* ভাদ্র মাসে অনুষ্ঠেয় হিন্দু পর্ববিশেষ। 'তোর বাবুর বাড়ী কি আমি আরান্দো খেতে এইচি?' *দীনবন্ধু*, ১৮৬৬।

আরাব [স] ১ *বি* রব; শব্দ। 'নাচে বিদ্যাধরী ত্রিলোকসুন্দরী আরাব করয়ে গান।' *মানিকরাম*, ১৭৮১। ২ *বি* উচ্চধ্বনি। 'পশিল সে স্থলে আরাব; চমকি সতী চাহিলা চৌদিকে।' *মাইকেল*, ১৮৬১।

আরাবি, আরাবী [আ আরাব] ১ *বিণ* আরবি ভাষাভাষী। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বিণ* আরবদেশীয়। 'একটা বড় সুবুরী সিংহির বাচ্চা আরাবী মুলুকের ইহার কিম্মত সিক্কা ২০০০।' *ক্যালগে*, ১৭৯৫।

আরাম [ফা] ১ *বি* শান্তি। 'রাছুলের আজ্ঞার বড়া নাহিক আরাম।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* আয়েশ। 'সেখানে কিছু আরাম বোধ হইবাতে অদ্য দিবস পাচ ছয় বাটীকে ...।' *চিঠিপত্রে*, ১৭৮৯। ৩ *বি* বিশ্রাম। 'আমি ঘরে গিয়া কিছু খাইয়া আরাম কর্য্যা কাপড় পরিয়া আশীবো।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মিশার, ১৭৯৭। ৪ *বিণ* আরোগ্য। 'তোপচিনি মারকুরি প্রভৃতি খাইয়া আরাম হইলেন।' *ভবানী*, ১৮২৫; 'লভিয়া আরাম আমি উঠিলাম; তাহারে ধরিল জ্বরে।' *রবীন্দ্র*, ১৮৯৬। ৫ *বি* সুখ। 'অপূর্ব্ব আরাম, প্রচুর ঐশ্বর্য্য, শোভন সভা, মনোহর বস্ত্র, উত্তমা স্ত্রী ...।' *অক্ষয়*, ১৮৪৭। ৬ *বি* স্বস্তি। 'ভারি আরাম পাইল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আরাম-আমোদ *বি* আয়েশ ও আনন্দ। 'আরাম-আমোদ, আলাপ-আলোচনা, সমস্তই আমাদের কাছ হইতে ...।' *রবীন্দ্র*, ১৯১২।

আরাম-আয়েস [ফা আরাম+আ আয়েশ] *বি* সুখ-স্বাচ্ছন্দ্য। 'আরাম-আয়েস এবং বিলাসব্যসন ত্যাগ করে ... যেতে হবে ঘরে ঘরে।' *বেগম*, ১৯৪৮।

আরাম করণ [ফা আরাম+স করণ] *বি* আরাম করা। *ওর্সা*, ১৭৮৫।

আরাম-কামরা [ফা আরাম+প কামরা] *বি* বিশ্রামকক্ষ। 'বাইরের আরাম-কামরাতেই রোগীর থাকবার ব্যবস্থা হয়েছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

আরাম-কুর্সী [ফা আরাম+আ কুরসী] *বি* ঈজি চেয়ার; আরাম-কেদারা। 'একখানা আরাম কুর্সীতে বসিয়া ভাবিতেছেন।' *সিরাজী*, ১৯২৩।

আরাম-কেদারা [ফা আরাম+প কেদারা] *বি* ঈজি চেয়ার। 'আরাম-কেদারার উপরে পা ছড়িয়ে দিয়ে অর্ধশয়ান।' *রবীন্দ্র*, ১৮৯১।

আরামচৌকি [ফা আরাম+স চতুষ্কী>] *বি* আরামে বসার চেয়ার; ঈজি চেয়ার; সোফা। 'শেখর একটা গদিআঁটা আরাম চৌকির উপর হেলান দিয়া ...।' *শরৎ*, ১৯১৪।

আরামজনক [ফা আরাম+স জনক] ১ *বিণ* সুখকর। 'আমাদের অলস মনের আরামজনক বিশ্বাস-সকল বিজ্ঞানের ...।' *প্রমথ*, ১৯১৪। ২ *বিণ* স্বস্তিদায়ক। 'অত ইতর লোকের সংঘর্ষটা আমার পক্ষে তেমন আরামজনক হয়নি।' *প্রমথ*, ১৯২৪।

আরামদায়ক [ফা আরাম+স দায়ক] *বিণ* আয়েশি; সুখকর। 'একটা আরামদায়ক অবসাদে অবশ।' *বিভূতি*, ১৯৩৭।

আরামদায়ী [ফা আরাম+স দায়ী] *বিণ* সুখদায়ক। 'ভালর ভাল সে সর্ব্ব কালের/ চরমে আরামদায়ী।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

আরামনিদ্রা [ফা আরাম+স নিদ্রা] *বি* আরামদায়ক ঘুম। 'আরামনিদ্রার রসাতলে লইয়া ফেলিতেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

আরামপুলক [ফা আরাম+স পুলক] *বি* স্বস্তিকর আনন্দ। 'গ্রামগুলি এমন একটি আরামপুলকের ভাব প্রকাশ করছে!' *রবীন্দ্র*, ১৮৯৪।

আরামপ্রদ [ফা আরাম+স প্রদ] *বিণ* সুখ প্রদানকারী। 'গাড়িটার স্বচ্ছন্দ গতির চেয়েও সহজ ও আরামপ্রদ।' *মানিক*, ১৯৩৭।

আরামপ্রিয় [ফা আরাম+স প্রিয়] *বিণ* আয়েশি; আরামে থাকতে চায় এমন। 'বৈশ্যযুগে মানুষ আরামপ্রিয় ও ভোগবিলাসী হয়ে পড়ে।' *প্রমথ*, ১৯১৪; 'শুনতে পাই, এখানকার পুরুষরা অলস ও আরামপ্রিয়।' *রবীন্দ্র*, ১৯১৯।

আরামপ্রিয়তা [ফা আরাম+স প্রিয়তা] *বি* বিলাসিতা। 'মায়ের আরামপ্রিয়তা আর অসাবধানতায় সন্তান যদি জীবনে ব্যর্থ হয়।' *বেগম*, ১৯৪৭।

আরামবাগ [ফা] *বি* প্রমোদ-উদ্যান। 'শহরে সাধারণের জন্য একটি আরামবাগ খোলা হয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

আরামবিদ্যা [ফা আরাম+স বিদ্যা] *বি* চিকিৎসাবিদ্যা। 'কৃষিবিদ্যা ও আরামবিদ্যা বর্ধনার্থক ... অতিবাঞ্ছনীয়।' *দর্পণ*, ১৮২০।

আরামবোধ [ফা আরাম+স বোধ] *বি* সুখ অনুভব। 'সুচরিতা অত্যন্ত আরামবোধ করিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

আরামব্যারাম [ফা আরাম+ফা বে-আরাম] *বি* সুখ ও অসুখ। 'ক্ষুধাতৃষ্ণা ঝগড়াঝাঁটি আরামব্যারাম ... এইগুলিই প্রত্যেক বর্তমান মুহূর্তকে কণ্টকিত করে তুলছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আরাম-ভাঙা *বিণ* আরাম ভেঙে দেয় এমন। 'আরাম-ভাঙা উদাস সুরে আমার বাঁশির শূন্য হৃদয় কে দিল আজ ব্যথায় পূরে।' *রবীন্দ্র*, ১৯২৭।

আরামসিক্ত [ফা আরাম+স সিক্ত] *বিণ* আরাম বোধ হচ্ছে এমন। 'গরুটার চোখে যেমন আরামসিক্ত ঘুম আসছে।' *ওয়ালী*, ১৯৪৫।

আরামস্পৃহা [ফা আরাম+স স্পৃহা] *বি* আয়েশ কামনা। 'আমাদের আরামস্পৃহা, আমাদের সৌন্দর্যবোধ ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

আরামি [ফা আরাম>] *বিণ* সুখী। 'পায়ের মাংস আরামি লোকের কায়দায় ফুলে থাকে।' *শ্যামল*, ১৯৬৭।

আরামচেয়ার [ই আর্মড চেয়ার] *বি* হাতলওয়ালা চেয়ার। 'ঘরে ঘরে সেই ভ্রমণবিলাসী ভাবনা/ আরামচেয়ারে আনে দুপুরের নিদ্রা।' *সুভাষ*, ১৯৪০।

আরাম্ভ [স আরম্ভ] *বি* আরম্ভ; শুরু। *ক্যালগে*, ১৭৮৭।

আরাস্তা [ফা] *বিণ* সজ্জিত। 'বেহেশত সব আরাস্তা আজ, সেথা মহা ধুম-ধাম।' *নজরুল*, ১৯২৪।

আরাধন [স আরাধন>] *ক্রি* আরাধনা করা। 'সরস কবি সুরস ভনে প্রকৃতির চতুরপনে নারি আরাহিতই পঞ্চবানা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আরি[১] [স আলি] *বি* পাড়; তীর। 'ও আরিতে পার হতাঁ বিকণিবোঁ দধী।' *বড়ু*, ১৪৫০।

আরি[২] [স অরি] *বি* শত্রু। 'হিত মিত তুমি সে আরি।' *আলাওল*, ১৬৮০।
দ্র আরী

আরিন্দা [ফা আরিন্দাহ] *বি* পেয়াদা। 'মজুমদারের ঘরে সেই আরিন্দা ব্রাহ্মণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আরিন্দা খরচ [ফা আরিন্দাহ+আ খরজ] *বি* পাঠানোর খরচ। 'তবে তোর আরিন্দা খরচা দিতে হবেক।' *কেরি*, ১৮০২।

আরিন্দাগিরি [ফা আরিন্দাহ+ফা গিরি] *বি* পেয়াদাগিরি। 'গৌড়ে রহে পাৎশা আগে আরিন্দাগিরি করে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আরিয়ল খাঁ *বি* নদীর নামবিশেষ। 'আরিয়ল খাঁ নদীর ধারে ছোট্ট গ্রাম।' *নজরুল*, ১৯৩১।

আরী [স অরি] *বি* শত্রু। 'তোহ্মে দেব কংশের আরী।' *বড়ু*, ১৪৫০।

আরু [অ] *অব্য* আরও। 'উল্লুক বোলেন্ত আরু সুনহ নারাঅন।' *রামাই*, ১৭১০।

আরুচা [স অরুচি] *বি* অরুচি। 'আরুচা করিল বল উদন বেগুন জাল।' *মুকুন্দ*, ১৬০০।

আরুষ [স রোষ>] *বি* রোষ। 'কৈটভে বধিতে যেন কৃষ্ণের আরুষ।' *মানিকরাম*, ১৭৮১।

আরূঢ় [স] ১ *বিণ* আবির্ভূত। 'তখন, পূর্বকৃত মানসিক স্মৃতিপথে আরূঢ় হওয়াতে ... এই আলোচনা করিতে লাগিল।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* আরোহণ করেছে এমন। 'শিক্ষার্থীবৃন্দ ... পরীক্ষায় কৃতিত্ব লাভ করিয়াই মনে করেন, তাঁহারা উন্নতিমার্গে আরূঢ় হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বিণ* দৃঢ়প্রতিজ্ঞ; কৃতসংকল্প। 'এইরূপ অধ্যবসায়ে আরূঢ়

AMARBOI.COM

হইয়া ...।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

আরে[১] [ধ্বন্যা] ১ *অব্য* সম্বোধনে (বিস্ময়ে)। 'আরে কে না জালে ফুকে।' *বড়ু*, ১৪৫০। ২ *অব্য* ওগো। *মানোএল*, ১৭৪৩।

আরে[২] [হি আওর] *ক্রিবিণ* তার উপরে। 'একে দেবদাসী আরে সুন্দরী তরুণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আরে [আর>] *সর্ব* অন্যজনকে। 'একে চাহিলে আরে পায়িলে।' *বড়ু*, ১৪৫০।

আরেক [আর+স এক] *বিণ* অন্য এক। 'দেখতে দেখতে আরেকটা উৎসব এসে পড়ল।' *রবীন্দ্র*, ১৮৮০।

আরেকজন [আর+স এক+জন] *বি* অন্য একজন। 'রামপ্রসাদ সেন আরেকজন পৃথিবীর প্রসিদ্ধ গীতি কবি।' *বঙ্কিম*, ১৮৮৭।

আরেকজনা [আর+স এক+স জন>] *বি* অন্য ব্যক্তি। 'আর আরেকজনা গোপনে।' *রবীন্দ্র*, ১৯৩২।

আরো [তুল. অ আরু] *বিণ* অধিকতর। 'উলটিয়া আরো কফ বাড়িল দেহেতে।' *বৃন্দা*, ১৫৮০।

আরোক [আ] *বি* পথ্য। 'তোমাকে যে আরোক দিয়াছি উহা খাওয়াইলে অবশ্যই নিব্ব্যাধি হইবে।' *দীনবন্ধু*, ১৮৬০।

আরোগ্য [স] ১ *বিণ* সুস্থ। 'কেহ বা স্নান দ্বারা আরোগ্য করিতেছেন।' *দর্পণ*, ১৮৩১। ২ *বিণ* রোগমুক্ত। 'বর্তমান পীড়া কিসে আরোগ্য হয়, তাহাই চিন্তা করা আবশ্যক হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বিণ* নিরাময়। 'দেহ ভগ্ন হইলে একটি পীড়া আরোগ্য করিবার সময় অন্য পীড়া আসিয়া পড়ে।' *অক্ষয়*, ১৮৪৮। ৪ *বি* সুখ। 'তাহা পালন করিলেই পরম আরোগ্য উপভোগ করা যায়।' *অক্ষয়*, ১৮৫০। ৫ *বি* রোগমুক্তি। 'রোগীকে বধ করে রোগ আরোগ্য করা সে কেমনতরো আরোগ্য?' *রবীন্দ্র*, ১৮৮৪। ৬ *বি* রোগহীনতা। 'দেহে আরোগ্য, জীবনযাত্রায় জড় বাধার উপর কর্তৃত্ব ...।' *রবীন্দ্র*, ১৯২৮।

আরোগ্যকামী [স] *বিণ* রোগমুক্তি লাভে ইচ্ছুক। 'আরোগ্যকামী বহু যাত্রী।' *বিভূতি*, ১৯৩১।

আরোগ্যতত্ত্ব [স] *বি* রোগমুক্তিবিষয়ক তত্ত্ব। 'সহজ স্বাস্থ্য ও আরোগ্যতত্ত্ব আছে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আরোগ্য-নিকেতন [স] *বি* চিকিৎসালয়। 'আরোগ্য-নিকেতন অর্থাৎ চিকিৎসালয়।' *তারা*, ১৯৫৩।

আরোগ্যবিধান [স] *বি* রোগমুক্তির বিধান। 'নিশ্চেষ্টপ্রায় থাকত তার আরোগ্য বিধান।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আরোগ্যভবন [স] *বি* চিকিৎসালয়। 'আসন্নতা ভিত্তি গড়ে আরোগ্যভবনে, শিশুকেন্দ্রে, কৃষিসমবায়ে।' *অমিয়*, ১৯৩৯।

আরোগ্যলক্ষ্মী [স] *বি* রোগনিরাময়ের দেবী। 'বিশ্বের আরোগ্যলক্ষ্মী জীবনের অন্তঃপুরে যার ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

আরোগ্যান্তে [স আরোগ্য-অন্তে] *ক্রিবিণ* সুস্থ হওয়ার পরে। 'আরোগ্যান্তে আলী আবার যুদ্ধক্ষেত্রে প্রবেশ করিলেন।' *এনায়ুল*, ১৯৫৫।

আরোগ্যালয় [স আরোগ্য-আলয়] *বি* রুগ্নদের নিরাময়ের নিবাস। 'এই স্বাস্থ্যনিবাসের সঙ্গে সঙ্গে থাকে আরোগ্যালয়।' *রবীন্দ্র*, ১৯৩১।

আরোগ্যাশ্রম [স আরোগ্য-আশ্রম] *বি* আরোগ্য লাভের আশ্রম; চিকিৎসালয়। 'অল্পবিত্ত মুমূর্ষুদের জন্যে কটা আরোগ্যাশ্রম আছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

আরোগ্য-সুখ [স] *বি* সুস্থতাজনিত সুখ। 'অনুপম আরোগ্য-সুখ সম্ভোগ করিতে অবশ্যই সমর্থ হওয়া যায়।' *অক্ষয়*, ১৮৫০।

আরোজ [আ আরজ] *বি* আবেদন। 'ইহা আরোজ করিলাম।' *ভেরেলি*, ১৮০০।

আরোপ [স] ১ *ক্রি* স্থাপন করা। 'চরণপল্লব আরোপ রাধা মোর মাথার উপরে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* লেপন। 'তিনি আমার বুদ্ধিবৃত্তির উপর কলঙ্ক আরোপ করে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বি* অর্পণ। 'আমরা তাহাতে মনঃকল্পিত মূর্তি আরোপ করি।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৪ *বি* চাপিয়ে দেওয়া। 'এরূপ কলঙ্ক আরোপ করা সম্পূর্ণ অমূলক ও অন্যায়।' *রবীন্দ্র*, ১৯০৮। ৫ *বি* ধারণা। 'মানুষের স্পর্শে অশুচিতার আরোপ করে অবশেষে সেই স্পর্শে দেবতারও শুচিতানাশ কল্পনা করি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আরোপণ [স] ১ *বি* স্থাপন। 'স্বাভাবিক দাসীভাব করে আরোপণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* প্রবর্তন। 'এই স্থূল শরীর যে, সেই আত্মা – এই নিশ্চয় করিয়া ... দেহাত্মবাদের আরোপণ করিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৩ *বি* চাপিয়ে দেওয়া। 'অসত্যকলঙ্ক আরোপণপূর্ব্বক সুখ্যাতি লোপ করিতেই ...।' *অক্ষয়*, ১৮৫৫।

আরোপা [স আরোপ>] ১ *ক্রি* স্থাপন করা; রাখা। 'এথাত্রিঁ শিয়রে বাঁশী আরোপিআঁ।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* শয়ন করা। 'আপণে আরোপ গিআঁ পল্লবশয়নে।' *বড়ু*, ১৪৫০। ৩ *ক্রি* অর্পণ করা। 'শিরে আরোপিআ পাণি চণ্ডী দিলা কোলে।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *ক্রি* ধারণ করা; পরিধান করা। 'অঙ্গুলেতে আরোপিলা কেশ কুশাঙ্গরি।' *মুকুন্দ*, ১৬০০। **আরোপ** *ক্রি* শয়ন করো। 'আপণে আরোপ গিআঁ পল্লবশয়নে।' *বড়ু*, ১৪৫০। **আরোপি** *ক্রি* স্থাপন ক'রে। 'জলের উপরে ক্ষিতি আরোপি ভুবনপতি।' *মুকুন্দ*, ১৬০০। **আরোপিআ** *ক্রি* অর্পণ ক'রে। 'শিরে আরোপিআ পাণি চণ্ডী দিলা কোলে।' *মুকুন্দ*, ১৬০০। **আরোপিআঁ** *ক্রি* রেখে। 'এথাত্রিঁ শিয়রে বাঁশী আরোপিআঁ।' *বড়ু*, ১৪৫০। **আরোপিব** *ক্রি* আরোপ করবো। 'আরোপিব রঘুকুলে কলঙ্ক কেমনে।' *মুকুন্দ*, ১৬০০। **আরোপিয়া** *ক্রি* আরোপ ক'রে। 'আহ্নি এথা থাকিব কতুক আরোপিয়া।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আরোপিল** *ক্রি* স্থাপন করলো। 'প্রভুর চরন লৈয়া বুকে আরোপিল।' *মালাধর*, ১৫০০। **আরোপিলা** *ক্রি* পরলে। 'অঙ্গুলেতে আরোপিলা কেশ কুশাঙ্গরি।' *মুকুন্দ*, ১৬০০। **আরোপী** *ক্রি* ধারণ ক'রে। 'একপদে আরোপী নূপুর।' *মুকুন্দ*, ১৬০০।

আরোপিত [স] ১ *বিণ* কল্পিত। 'যেখানে আরোপিত কথা প্রবেশ করে সেখানে জ্ঞান গোচর লোপ পায়।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* নিয়োজিত। 'পরমেশ্বর ... ইক্ষ্বাকুনামে অশ্বত্থবৃক্ষ রূপে রাজাকে সত্যযুগে প্রথমতঃ আরোপিত করিয়াছিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৩ *বিণ* চাপিয়ে-দেওয়া। লর্ড এলগিন ইঙ্গিতে বোধ হয় মাঞ্চিষ্টারের ইষ্ট সিদ্ধির আরোপিত পক্ষপাতকে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আরোয়া *বিণ* আতপ চাল থেকে প্রস্তুতকৃত। 'চারি কুণ্ডী আরোয়া চিড়া রাখিলা ডাহিনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আরোস [ফা আরাইশ] *বি* প্রলেপ। 'মেহেদী কি অন্য কোন প্রকারে আরোস শরীরে লেপন, যাহাতে সৌন্দর্য্য বৃদ্ধি করে।' *মশাররফ*, ১৮৮৫।

আরোহক [স] *বি* আরোহণকারী। 'আরোহকের ঘড়ীর সঙ্গে যদি ঠিক মেলে।' *দর্পণ*, ১৮২৫।

আরোহণ [স] ১ *বি* উপরে ওঠা বা চড়া। 'আরোহণ বৃষবরে সিঙ্গা ডমুর করে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* অতিক্রম। 'আমরা সেই সকল সোপান আরোহণ করিয়াছি।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* বিকাশ। 'মানসিক

AMARBOI.COM

উন্নতি বলিতে গেলে, মনের বর্তমান জ্ঞানস্তরের উপরিতন স্তরসমূহে পরপর আরোহণই নির্দেশ করে।' *অক্ষয়*, ১৮৫৪। **৪** *বি* উন্নতি। 'অসাধারণ শ্রীবৃদ্ধিসোপানে আরোহণ করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৫। **৫** *বি* অধিষ্ঠান। 'উইলিয়াম যখন নর্ম্যাণ্ডির সিংহাসনে আরোহণ করিলেন।' *রবীন্দ্র*, ১৮৮১।

আরোহণক্লেশ [স] *বি* উপরে ওঠার কষ্ট। 'তাহারা আরোহণক্লেশ ও প্রখর রৌদ্র ভোগে একান্ত ক্লান্ত হইয়া ...।' *অক্ষয়*, ১৮৫০।

আরোহণপূর্বক, আরোহণপূর্ব্বক [স] *ক্রিবিণ* চ'ড়ে। 'একজন সাংগ্রামিক কর্মচারীকে সমভিব্যাহারে করিয়া, ব্যোম-যান আরোহণপূর্ব্বক ...।' *অক্ষয়*, ১৮৪৯।

আরোহা [স আরোহণ>] *ক্রি* আরোহণ করা। 'আরোহিল তীর গাণ্ডিব লইআ হাতে।' *বাহরাম*, ১৬৫০; 'মৃদু মন্দ গন্ধবহ-বাহনে আরোহি।' *মাইকেল*, ১৮৬০।

আরোহি [স আরোহী, সন্ধিতে হ্রস্ব ই] *বি* আরোহণকারী। 'আরোহিবর্গ ... স্বপদস্থ হইলেন।' *বঙ্কিম*, ১৮৮২। দ্র **আরোহী**

আরোহিণী [স] *বি স্ত্রী* আরোহণকারী। 'ওই ভেসে-যাওয়া পারের খেয়ার আরোহিণী।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আরোহিত [স] **১** *বিণ* চড়ানো হয়েছে এমন। 'তিন দিন, শূলে আরোহিত ছিল।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* আরোহণ করা হয়েছে এমন। 'হতভাগা নারী শিশু সন্তান সহিত নৌকায় আরোহিত।' *বিদ্যা*, ১৮৬৩।

আরোহী [স] *বি* যাত্রী। 'কোনও আরোহীর একটি অতি অল্পবয়স্কা কন্যা সমুদ্রে পতিত হইল।' *বিদ্যা*, ১৮৬৩।

আর্কফলা [স] *বি* টিকি। 'বাবাজীর মস্তকোপরি আর্কফলা।' *দর্পণ*, ১৮২২।

আর্কমার্কা [স আর্ক+প মার্কা] *বিণ* টিকিওয়ালা। 'আমাদের আর্কমার্কা পণ্ডিতমশাই।' *নজরুল*, ১৯২৪।

আর্কিটেক্ট [ই] *বি* স্থপতি। 'আর্কিটেক্ট ইঞ্জিনিয়ার মার্টিন কোম্পানি-আগাগোড়া বাড়িখানা তার।' *জীবন*, ১৯৩২।

আর্গিন [ই] *বি* বাদ্যযন্ত্রবিশেষ; অর্গান। 'একটা নিয়মের হস্ত অবিশ্রাম আর্গিন যন্ত্রের হাতা ঘোরাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

আর্চ [ই] *বি* দরজা-জানালার উপরকার অর্ধবৃত্তাকার খিলান। 'জানালার আর্চ হতে বাদুড়ের হাতে এ-রাত্রি ভরেছে অকস্মাতে।' *শক্তি*, ১৯৬৫।

আর্জব, আর্জ্জব [স] *বি* ঋজুতা। 'সাধুগণের পূজা, বেদাধ্যয়ন ও আর্জ্জব, এই কয়েকটি প্রধান ধর্ম্ম।' *বঙ্কিম*, ১৮৯২।

আর্জা, আর্জ্জা [স আর্য>] *বি* হেঁয়ালি ছড়া। 'আর্জ্জা তর্জ্জা পড়ে প্রভু অরুণ নয়ন।' *বৃন্দা*, ১৫৮০।

আর্জি, আর্জ্জি [আ] **১** *বি* আবেদনপত্র। 'আর্জি ও খত ও টর্ণিনামা ও হিতোপদেশ প্রভৃতি আছে।' *দর্পণ*, ১৮১৮। **২** *বি* আবেদন। 'নিদ-মহলে বন্ধু! আমার আর্জ্জি হবে পেশ।' *সত্যেন্দ্র*, ১৯১২।

আর্জুন, আর্জ্জুন [স অর্জুন] *বি* অর্জুন গাছ। 'জমল আর্জ্জুন তরু উপাড়িল আম্মে।' *বড়ু*, ১৪৫০।

আর্জেন্ট [ই] **১** *বিণ* জরুরি। 'একটি আর্জেন্ট টেলিগ্রাম আনিয়া দিল।' *রোকেয়া*, ১৯২২। **২** *বি* জরুরিভাবে করতে হবে যা। 'আর্জেন্ট আর ইমিডিয়েটের ভিড় বাড়ে সন্ধ্যের পর।' *সাদত*, ১৯৬৭।

আর্ট [ই] **১** *বি* ললিতকলা। 'আর্টের একটা প্রধান আনন্দ হচ্ছে স্বাধীনতার আনন্দ।' *রবীন্দ্র*, ১৮৯২: 'সুন্দররূপে জীবন ধারণ করাটাকে যদি একটা আর্টের মধ্যে গণ্য করতে হয় ...।' *রবীন্দ্র*, ১৮৯৪। **২** *বিণ* চিত্রসংক্রান্ত। 'ভাঁজ করিয়া কাগজের মোড়ক খুলিয়া আর্ট স্টুডিয়োর রঙকরা ...।' *রবীন্দ্র*, ১৮৯২। **৩** *বি* কৌশল। 'চিঠি লেখাটারও একটা আর্ট আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৪** *বি* সৌন্দর্যচর্চা। 'দাম্পত্যটা একটা আর্ট, প্রতিদিন ওকে নূতন করে সৃষ্টি করা চাই।' *রবীন্দ্র*, ১৯২৯। **৫** *বি* সৌন্দর্য। 'দেহ নিয়েই নানারকম ব্যাপার ... তার ভিতরেও কোনো আর্ট নেই।' *জীবন*, ১৯৩৩। **৬** *বি* চারুকলা। 'আর্ট স্কুলের ছাত্রী সে।' *শিবরাম*, ১৯৭০।

আর্টকলেজ [ই] *বি* চিত্রাঙ্কন মহাবিদ্যালয়। 'ইউনিভার্সিটি ও আর্টকলেজসমূহে মুছলমান ছাত্রসংখ্যা শতকরা ১৪.২ হইতে ১৩.৩ জনে নামিয়াছে।' *মোহাম্মদী*, ১৯৩৩।

আর্টপিপাসু [ই আর্ট+স পিপাসু] *বিণ* চিত্রকলা উপভোগ করে এমন। 'বিজ্ঞানীর চোখে আর্টপিপাসুর দৃষ্টি।' *রবীন্দ্র*, ১৯৪০।

আর্টপেপার [ই] *বি* ছবি ছাপার চকপকে কাগজ। 'মূল্যবান আর্টপেপারে ছাপা এই এশতেহারটি ...।' *আজাদ*, ১৯৬৪।

আর্টপ্রদর্শনী [ই আর্ট+স প্রদর্শনী] *বি* চিত্রপ্রদর্শনী। 'হপ্তায় দুটো করে আর্টপ্রদর্শনী।' *মুক্তধারা*, ১৯৫৮।

আর্টশিক্ষা [ই আর্ট+স শিক্ষা] *বি* চারু ও সুকুমার শিল্পকলার চর্চা। 'ছবি গোপনে আনিয়ে নেয় যা আর্টশিক্ষার আনুকূল্য করে।' *রবীন্দ্র*, ১৯৪৬।

আর্টশূন্য [ই আর্ট+স শূন্য] *বিণ* শিল্পগুণ নেই এমন। 'নিতান্ত হালকা ও আর্টশূন্য।' *বঙ্গীয়*, ১৯১৯।

আর্ট-সরস্বতী [ই আর্ট+স সরস্বতী] *বি* শিল্পকর্মের কল্পিত দেবী। 'আর্ট-সরস্বতীর অনুসরণে য়ুরোপের অনেক বড়ো বড়ো শহরের ...।' *রবীন্দ্র*, ১৯২৮।

আর্টস্কুল [ই] *বি* ললিতকলা বিদ্যালয়। 'যে ছেলের কিছু হবার নয় তাকে আর্টস্কুলে পাঠানো হয়।' *প্রমথ*, ১৯০৫।

আর্ট স্টুডিয়ো [ই] *বি* চিত্রশিল্পীর কর্মস্থান। 'আর্ট স্টুডিয়োর রঙকরা দশমহাবিদ্যার ছবি বাহির করিয়া আলোর দিকে ফিরাইয়া গৃহিণীর সম্মুখে ধরিলেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

আর্টহীন [ই আর্ট+স হীন] *বিণ* সৌন্দর্যরসহীন। 'প্রথম তিন শত বৎসরের ফরাসি সাহিত্য আর্টহীন।' *প্রমথ*, ১৯১৬।

আর্টিকেল [ই] *বি* প্রবন্ধ। 'ইংরাজি কাগজে আর্টিকেল লেখেন।' *হুতোম*, ১৮৬১।

আর্টিকেল ক্লার্ক [ই] *বি* সলিসিটর হওয়ার জন্য প্রশিক্ষণরত কেরানি। 'উনি মেডিকেল কলেজে ঢুকলেন, আমি আর্টিকেল ক্লার্ক হলেম।' *গিরিশ*, ১৮৮৬।

আর্টিষ্ট [ই] *বি* অভিনয় শিল্পী। 'তেমন জোর বই নেই – আর্টিষ্টও নেই।' *জীবন*, ১৯৩২।

আর্টিস্ট [ই] **১** *বি* শিল্পী। 'সেইটুকু ছেঁকে নেওয়া, সাজিয়ে তোলা আর্টিস্টের কাজ।' *রবীন্দ্র*, ১৮৯৪। **২** *বি* চিত্রশিল্পী। 'আর্টিস্ট লোকে বলে, দৃশ্য হিসাবে পোড়ো বাড়ির একটা সৌন্দর্য আছে।' *রবীন্দ্র*, ১৯০০।

আর্টিস্টিক, আর্টিস্টিক [ই] *বিণ* শৈল্পিক। 'ইংরেজের হাতগড়া জিনিস প্রায়ই আর্টিস্টিক হয় না।' *প্রমথ*, ১৯০৫; 'ভাঙন কিন্তু আর্টিস্টিক।' *রবীন্দ্র*, ১৯৩৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আর্টিলরি [ই] *বি* গোলন্দাজ বাহিনী। '৭ সংখ্যক আর্টিলরি দলের ৫ কোমপানি।' *সুধাবর্ষণ*, ১৮৫৫।

আর্ত, আর্ত্ত [স] ১ *বিণ* কাতর। 'বহুদূর হইতে আইলাম হঞা বড় আর্ত্ত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* বিপন্ন। 'আর্তের ভিক্ষা আর কি।' *বঙ্কিম*, ১৮৭৮। ৩ *বি* দুঃখী মানুষ। 'যে লেখনী আর্ত্তের উপকারার্থ না লিখিল, সে লেখনী নিষ্ফলা হউক।' *বঙ্কিম*, ১৮৯২।

আর্তকণ্ঠ [স] *বি* কাতর স্বর; বিপদসূচক ক্রন্দনধ্বনি। 'তাদের আর্তকণ্ঠ নীরব হইবার পর।' *মানিক*, ১৯৪০।

আর্তকোলাহল [স] *বি* আর্তচিৎকার। 'মর্তলোকের বহু যুগের বহু দুঃখের আর্তকোলাহল।' *রবীন্দ্র*, ১৯২৯।

আর্তজন [স] *বি* পীড়িত ব্যক্তি। '... শব্দটা কোনো আর্তজনের।' *শওকত*, ১৯৭২।

আর্তত্রাণ [স] *বি* বিপন্নকে রক্ষা। 'আর্তত্রাণের জন্যে যে কৃপাণ খুলেছিলে।' *রবীন্দ্র*, ১৯২৯।

আর্তত্রাণব্রত [স] *বি* দুর্গতদের ত্রাণ করার ব্রত। 'আর্তত্রাণব্রত গ্রহণ করিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৫।

আর্তধ্বনি [স] *বি* আর্তের চিৎকার। 'আজ অগণন ক্ষুধিত মুখের আর্তধ্বনি।' *ফররুখ*, ১৯৪৩।

আর্তনাদ, আর্ত্তনাদ [স] ১ *বি* কাতর চিৎকার। 'আর্তনাদ সুনি কৃষ্ণ ধাইলা সত্বরে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* চিৎকার। 'পাগল চরিত্র কেহ করে আর্তনাদ।' *বাহরাম*, ১৬৫০।

আর্তনাদী [স] ১ *বিণ* আর্তনাদযুক্ত। 'শোকে আর্তনাদী মড়াকান্না জুড়েছেন।' *মানিক*, ১৯৩৮। ২ *বিণ* আর্তনাদ করছে এমন। 'আর্তনাদী বন্ধুবর্গের এবং তাঁহাদের ভাড়াটিয়া তর্জ্জাওয়ালাদের হেউড়ে-রুচিহীনতায় তাহা ...।' *আজাদ*, ১৯৩৯।

আর্তপীড়িত [স] *বিণ* বিপন্ন। 'আর্তপীড়িত কোটি কোটি মজলুম ফরিয়াদ করছে।' *নজরুল*, ১৯৩৬।

আর্তমানবতা [স] *বি* বিপদগ্রস্ত মানবতা। 'এই প্রথম আর্তমানবতার সেবা-কার্যের জন্য ...।' *মনসুর*, ১৯৩৫।

আর্তরব, আর্ত্তরব [স] *বি* বিপদগ্রস্তের ভয়সূচক চিৎকার। 'উঠল কেঁপে আর্তরবে।' *রবীন্দ্র*, ১৯০০; 'শুনেছে মনের কানে মুমূর্ষু জনের আর্ত্তরব।' *সত্যেন্দ্র*, ১৯১২।

আর্তরাগিণী [স] *বি* কাতর সুর। 'শুনতে পায় এক বীণাধ্বনির আর্তরাগিণী।' *রবীন্দ্র*, ১৯৩২।

আর্তরোল [স] *বি* কাতর চিৎকার। 'শুনি সবে সেই রোল কান্দি সবে আর্তরোল।' *সুলতান*, ১৭০০।

আর্তস্বর [স] ১ *বি* ভয়ার্ত চিৎকার। 'অনেকগুলো আর্তস্বর উঠতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৮৯। ২ *বি* কাতরোক্তি। 'যদি জননীর স্নেহ মনে তোর আসে শুনি আর্তস্বর।' *রবীন্দ্র*, ১৮৯৬।

আর্তি, আর্ত্তি [স] ১ *বি* কাতরতা। 'প্রভুর দেখিয়া আর্তি কান্দে সর্বজন।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* আকুতি। 'হৃদয়ের আর্তিতে এবং ক্ষেত্রবিশেষে আধ্যাত্মিক অনুভূতিতে ...।' *হাই*, ১৯৫৪।

আর্তিচ্ছেদ [স] *বি* দুঃখ মোচন। 'আর্তগণের আর্তিচ্ছেদ, দেশের শিল্পসাহিত্যের পালন-পোষণের উপর নির্ভর করিত।' *রবীন্দ্র*, ১৯০৮।

আর্তিকা [স] *বিণ স্ত্রী* কাতর। 'এত শুনে কানড়া আর্তিকা শোকমনে।' *মানিকরাম*, ১৭৮১।

আর্থগ্রেফি [ই] *বি* ভূগোলবিদ্যা। *দর্পণ*, ১৮২৫; 'আর্থগ্রেফি অর্থাৎ ভূগোল বিদ্যা ও এষ্ট্রোনামক খগোল বিদ্যা এবং অন্যান্য ...।' *দর্পণ*, ১৮৩০।

আর্থনীতিক [স] *বিণ* অর্থনীতি সংক্রান্ত। 'দেশের আর্থনীতিক প্রাণকেন্দ্র।' *পাশা*, ১৯৭১।

আর্থরাজনৈতিক [স] *বিণ* অর্থনৈতিক ও রাজনৈতিক। 'এই বোধ উদারতান্ত্রিক সমাজদর্শনের এবং আর্থরাজনৈতিক ব্যবস্থার মধ্যে আকার পেতে থাকে।' *শিব*, ১৯৫০।

আর্থি [স আর্ত] *বিণ* ব্যাকুল; পীড়িত। 'আর্থি হৈয়া ইন্দ্র আসি লইল সরন।' *মালাধর*, ১৫০০।

আর্থিক [স] *বিণ* ধনসম্পদ বিষয়ক। 'আমার উত্তরোত্তর আর্থিক শ্রীবৃদ্ধি ঘটিতেছিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

আর্দালি, আর্দালী [ই অর্ডারলি] *বি* চাপরাশি। 'আর্দালীরা দূর থেকে হাঁক দিয়া বলিল, গাড়ী তয়ার রাখ।' *প্যারী*, ১৮৫৯; 'বড় সাহেবের আর্দালি আসিয়া জানায়।' *মনসুর*, ১৯৫৫।

আর্দাশ, আর্দ্দাশ [আ আরদ+ফা দাশ্‌ত] *বি* আবেদন। 'তাদের আর্দ্দাশ নাহি শুনিলেন কানে।' *গুপ্ত*, ১৮৫৮।

আর্দাস [আ আরদ+ফা দাশ্‌ত] *বি* অভিযোগ। 'আর্দাস করএ জত চামরির ঘটা ভাবএ বিষাদ নেজ সভাকর কাটা।' *মুকুন্দ*, ১৬০০।

আর্দ্ধ [স অর্ধ] *বিণ* অর্ধ। 'হর আর্দ্ধ আঙ্গে গৌরী শিরে গঙ্গা ধরে।' *বড়ু*, ১৪৭০।

আর্দ্র [স] ১ *বিণ* ভেজা। 'আর্দ্র কৌপীন দূর করি শুষ্ক পরাইয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* করুণ। 'এত শুনি সেই ম্লেচ্ছের মন আর্দ্র হইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বিণ* মমতাপূর্ণ। 'তৎকালের দুরবস্থা অবলোকন করিয়া চিত্ত আর্দ্র হইল।' *দর্পণ*, ১৮২৭। ৪ *বিণ* সিক্ত। 'ভারতবর্ষের লোক কৃতজ্ঞতা রসে আর্দ্র রহিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৫। ৫ *বিণ* ভক্তিপূর্ণ। 'জগদীশ্বরের প্রেমামৃত রসে চিত্ত আর্দ্র রাখা।' *অক্ষয়*, ১৮৪৮। ৬ *বিণ* জল-ভেজা। 'যেন আর্দ্র সমীরণে তোমার আহ্বান বাজে।' *রবীন্দ্র*, ১৯০১। ৭ *বিণ* সিক্ততার ফলে কোমল। 'স্তন তার করুণ শঙ্খের মতো – দুধে আর্দ্র।' *জীবন*, ১৯৪২।

আর্দ্রচিত্ত [স] ১ *বিণ* কোমল হৃদয়সম্পন্ন। 'স্বরূপেরে কহে কৃপা-আর্দ্রচিত্ত হইয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* আবেগপূর্ণ। 'শৌখিনদের মতো ভাবালুতায় আর্দ্রচিত্ত নই।' *রবীন্দ্র*, ১৯৪০।

আর্দ্রা [স] *বিণ স্ত্রী* সিক্ত। '... দীন দুঃখিদিগের দুঃখ বিবরণ বর্ণন করিতে আমারদিগের কাষ্ঠের লেখনী করুণা রসে আর্দ্রা হইতেছে।' *প্রভাকর*, ১৮৫১।

আর্দ্রীভূত [স] ১ *বিণ* স্নেহসিক্ত। 'তাঁহার দয়ার্দ্র চিত্ত আরও আর্দ্রীভূত হইল।' *বঙ্কিম*, ১৮৬৫। ২ *বিণ* সিক্ত। 'কাব্যরসে আর্দ্রীভূত হইয়া ...।' *বঙ্কিম*, ১৮৭৪।

আর্দ্রা[১] [স] *বি* নক্ষত্রবিশেষ; কালপুরুষ নক্ষত্রমণ্ডলীর অন্যতম নক্ষত্র। 'আর্দ্রা পুনর্বসু মানিঞা পরম অংশু পুষ্যা কৈল অনেক পালন।' *চণ্ডী*, ১৫৫০।

আর্দ্রা[২] দ্র আর্দ্র

আর্ধেক [স অর্ধেক] *বিণ* অর্ধেক। 'আমি আমার আর্ধেক রাজত্ব দিয়ে ফেলতে পারতুম।' *রবীন্দ্র*, ১৮৯২।

আর্ম-চেয়ার [ই] *বি* হাতলওয়ালা চেয়ার। 'কখনও আর্ম-চেয়ারে বসে আমার কাছের চেয়ারটা ...।' *মুজতবা*, ১৯৬০।

আর্মানি, আর্ম্মানি [ই] ১ *বি* তুরস্ক ও ইরাকের পড়শি দেশ আর্মেনিয়া।

AMARBOI.COM

'স্বদেশ পরিত্যাগপূর্বক আর্ম্মানি দেশে গিয়া বসতি করেন।' *অক্ষয়*, ১৮৪৭। ২ *বি* আরমানি দেশের অধিবাসী। 'বাহ্লীক প্রদেশে জন্মিয়া আর্ম্মানিগণ যে চেষ্টায় প্রবৃত্ত হইয়াছে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

আর্মারি [ই] *বি* অস্ত্রাগার। 'ব্যাঙ্ক লুট, আর্মারি লুট।' *জীবন*, ১৯৪৮।

আর্য, আর্য্য [স] ১ *বিণ শ্রেষ্ঠ*। 'বিপ্র বলে মিশ্র তুমি জগতের আর্য।' *বৃন্দা*, ১৫৮০; 'বৈষ্ণবের গুরু তেঁহো জগতের আর্য্য।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* রাণী। 'বিপ্র বলে মিশ্র তুমি বড় দেখি আর্য্য।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* দক্ষ। 'প্রশ্নেতে পারগ বড় গণনাতে আর্য্য।' *দ্বিজশ্রী*, ১৬০০; 'আর্য সনাতন জিষ্ণু ইন্দ্র অজ মহাবিষ্ণু।' *মানিকরাম*, ১৭৮১। ৪ *বি* প্রাচীনকালে ইরান থেকে ভারতে আগত জাতিবিশেষ। 'আর্য্যেরা ভারতবর্ষে আসিয়া শূদ্র নামক অনার্য্য জাতিবিশেষকে আপনাদের সমাজভুক্ত করিয়া লন।' *অক্ষয়*, ১৮৫৫।

আর্যকুল, আর্য্যকুল [স] *বি* আর্যজাতি। 'আদিম জাতি অর্থাৎ আর্য্যকুলের পুরাবৃত্তের প্রথম পরিচ্ছেদ প্রকটিত হইয়াছে বলিলে অত্যুক্তি হয় না।' *অক্ষয়*, ১৮৫৫।

আর্যত্ব [স] ১ *বি* আর্যজাতির বৈদগ্ধ্য। 'দেহে মনে ও সমাজে কতক পরিমাণ আর্যত্ব আরোপিত হয়েছে।' *প্রমথ*, ১৯১৪। ২ *বি* আর্যজাতির বিশিষ্টতা। 'দেশের ম্লেচ্ছত্বদোষ কিংবা আর্যত্বগুণ নেই।' *প্রমথ*, ১৯১৫।

আর্যধর্ম, আর্য্যধর্ম্ম [স] *বি* আর্য জাতির ধর্ম। 'আর্য্যধর্ম্ম সেইরূপ ক্রমে ক্রমে পরিবর্তিত ও রূপান্তরিত হইয়া ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন রূপ ধারণ করিয়াছে।' *অক্ষয়*, ১৮৫৫; 'আমি আর্য – আর্যধর্ম সম্বন্ধে লিখব।' *রবীন্দ্র*, ১৯০৭।

আর্যনারী [স] *বি* আর্য জাতিভুক্ত নারী। 'আর্যনারীর এ কেমন প্রথা।' *রবীন্দ্র*, ১৮৯০।

আর্যপদলেহী [স] *বিণ* আর্যদের অন্ধ অনুকারী। 'অন্যান্য নিম্নশ্রেণি তাহাকে আর্যপদলেহী গৃহশত্রু বলিয়া সন্দেহ করিতেন।' *বনফুল*, ১৯৩৬।

আর্যপুত্র, আর্য্যপুত্র [স] *বি* (সম্বোধনে) স্বামী। 'আর্য্যপুত্র! এই আমি আসিলাম, আজ্ঞা করুন কি করিব?' *রামনারায়ণ*, ১৮৫৪।

আর্যবংশ [স] *বি* আর্যজাতি। 'আপনিও তো ভুবনবিদিত আর্যবংশে জন্মগ্রহণ ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

আর্যবংশীয়, আর্য্যবংশীয় [স] ১ *বিণ* আর্য বংশের। 'আদিম আর্য্যবংশীয়দিগের ধর্ম্মের অবস্থা ... পরিজ্ঞাত হইলে ভাল হয়।' *অক্ষয়*, ১৮৫৫। ২ *বি* আর্যবংশের লোকজন। 'আর্যবংশীয়েরা তেল মাখার পূর্বে অশ্বত্থামাকে স্মরণ করে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আর্যভাষা, আর্য্যভাষা [স] *বি* আর্য জাতির ভাষা; প্রাকৃত ও সংস্কৃত ভাষা। 'আর্য্যবংশীয়দিগের আদিম আর্য্যভাষা ... বিভিন্ন প্রকার ভাষায় পরিণত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৫।

আর্যভূমি, আর্য্যভূমি [স] *বি* আর্যজাতির আবাসস্থল। 'পশ্চিমে মিডিয়া পূর্ব্বে এরিয়া বা আর্য্যভূমি।' *অক্ষয়*, ১৮৪৭।

আর্যরক্ত [স] *বি* আর্যজাতির রক্ত। 'স্বাভাবিক আর্যরক্তের তেজে আমি ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

আর্যশোণিত [স] *বি* বংশগৌরব; আর্যরক্ত। 'উভয়পক্ষেরই আর্যশোণিত আকস্মিক উন্মাদনায় মস্তিষ্ক অশ্রয় করিয়াছে।' *বনফুল*, ১৯৩৬।

আর্যশ্রেষ্ঠ [স] *বিণ* (ব্যঙ্গে) বিশিষ্ট পণ্ডিত। 'আপনি আর্যশ্রেষ্ঠ কুটুমশায়ের জ্ঞানগর্ভ কথা শুনতে দিলেন না!' *রবীন্দ্র*, ১৯০৭।

আর্যসত্য [স] *বি* জগৎ দুঃখময় – এই মত। 'বিসংবাদ, বিকর্ষণ আর্যসত্য জাগ্রত জগতে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

আর্যসভ্যতা [স] *বি* আর্যদের প্রতিষ্ঠিত সভ্যতা: 'আর্যসভ্যতায় বিকার উৎপাদন না করিয়া থাকিতে পারে না।' *রবীন্দ্র*, ১৯০৮।

আর্যসমাজসম্মত [স] *বিণ* আর্যসমাজ নামক শুদ্ধবাদী হিন্দু আন্দোলন কর্তৃক অনুমোদিত। 'সে আর্যসমাজসম্মত নয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আর্যসমাজী [স] *বি* আর্যসমাজ নামক শুদ্ধবাদী হিন্দু সংগঠনের সদস্য। 'গো-রক্ষা আন্দোলনের প্রবর্তক আর্যসমাজীরা হিন্দুদিগকে বলিল ...।' *মনসুর*, ১৯৩৫।

আর্যসমাজীয় [স] *বি* আর্যসমাজ নামক হিন্দু সংগঠনের সদস্য। 'আর্যসমাজীয়দের আগে সে ভাষাকে শুদ্ধ করতে হবে।' *প্রমথ*, ১৯২২।

আর্যেতর [স আর্য-ইতর] *বিণ* আর্য নয় এমন। 'আর্যেতর যাঁরা তাঁদের সঙ্গে আর্যগণ কীরূপ সম্বন্ধে বদ্ধ তারও সাক্ষ্য দিচ্ছে চতুর্বেদ।' *অবন*, ১৯২৫।

আর্যা[১], আর্য্যা[১] [স] ১ *বি স্ত্রী* শ্রদ্ধেয় নারী। 'অদ্বৈত আচার্য্য ভার্য্যা/ জগৎপূজিতা আর্য্যা/ নাম তাঁর সীতা ঠাকুরাণী।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি স্ত্রী* (সম্বোধনে ব্যবহৃত) মাননীয়। 'দেখুন আর্য্যা, আমাদের দেশে দুটো ভাষা।' *রবীন্দ্র*, ১৯২৮।

আর্যা[২], আর্য্যা[২] [স] *বি* ছড়ার আকারে রচিত গণিতের সূত্র। 'নামতার আর্য্যার মত সে টাকা বেড়ে উঠেছে।' *সবুজ*, ১৯২০।

আর্যাচ্ছন্দ [স] *বি* সংস্কৃত ছন্দবিশেষ। 'সূর্যের দিকে মুখ করিয়া সারঙ্গ রাগিণীতে আর্য্যাচ্ছন্দে স্তোত্র পাঠ করিত।' *বঙ্কিম*, ১৮৭৪।

আর্যাবর্ত, আর্য্যাবর্ত্ত [স] *বি* আর্য অধ্যুষিত প্রাচীন ভারতের উত্তরাঞ্চল। 'উত্তরে হিমালয় ও দক্ষিণে বিন্ধ্যাচল এবং পূর্ব্বে পূর্ব্ব সমুদ্র ও পশ্চিমে পশ্চিম সমুদ্র এই চতুঃসীমাবদ্ধ যে দেশ তাহার নাম আর্য্যাবর্ত্ত।' *অক্ষয়*, ১৮৪৭; 'আর্যাবর্তে ভরত মুনি হচ্ছেন গানের প্রথম ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

আর্যাবর্তীয়, আর্য্যাবর্ত্তীয় [স] *বিণ* আর্যবর্তের অন্তর্গত। 'আর্য্যাবর্ত্তীয় লোকের বাসস্থাপনের এতদ্রূপ আখ্যান সকল প্রাপ্ত হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৮।

আর্যামি, আর্যামী [স আর্য>] ১ *বিণ* (ব্যঙ্গ) রক্ষণশীল হিন্দুয়ানির ভাববিশিষ্ট। 'আর্যামী এবং সাহেবিয়ানা পুস্তিকাখানি আমরা পাঠকগণকে পড়িতে সবিনয় অনুরোধ করি।' *রবীন্দ্র*, ১৮৯৭। ২ *বি* আর্যত্ব নিয়ে বড়াই; আর্যের ভাব (ব্যঙ্গ)। 'আর জীবনে হয় সাহেবিয়ানা নয় আর্যামি করি।' *প্রমথ*, ১৯১৪।

আর্যেতর দ্র **আর্য**

আর্শি, আর্শী [স আদর্শিকা] *বি* আয়না। 'চুপড়ি মালা আর্শি চিরণ কৌটা ইত্যাদি এ সকল দ্রব্যের মাসুল আমদানি কালে মহাজনেরা দিয়াছে।' *চন্দ্রিকা*, ১৮৩১; 'চাঁদের আর্শী।' *সত্যেন্দ্র*, ১৯১৫। দ্র **আরশি, আরসি, আর্সি**

আর্ষ [স] ১ *বিণ* ঋষিপ্রদত্ত। 'আর্ষ বিজ্ঞবাক্যে নাহি এইসব দোষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* ঋষির ব্যাকরণবিরুদ্ধ উক্তি। 'একটিও আর্ষ প্রয়োগ থাকত না।' *প্রমথ*, ১৯২৭।

আর্সলা [স অস্ত্রপদা] *বি* তেলাপোকা। 'আর্সলা সপরিবারে চতুর্দিকে ছড়িয়ে পড়লেন।' *রবীন্দ্র*, ১৮৯০। দ্র **আরশুলা, আরসোলা,**

AMARBOI.COM

আর্সুলা

আর্সি [স আদর্শিকা] *বি* আয়না। 'আমি আর্সি আমার বাক্সে রাখবো।' *বিভূতি*, ১৯২৯।

আর্সুলা [স অস্রপদা] *বি* তেলাপোকা। 'অজাগর ক্ষুধিত হলে আর্সুলা খায় না।' *হুতোম*, ১৮৬৮।

আর্সেনিক [ইং] *বি* খনিজ যৌগিক পদার্থবিশেষ, যা এক প্রকার তীব্র বিষ; সেঁকো। 'জলে খনিজ আর্সেনিক মেশানো আছে।' *বিভূতি*, ১৯৩৩।

আল[১] [ধ্বন্যা] *অব্য* সম্বোধনে 'ওগো।' 'আল জানাও রতি সকল।' *বড়ু*, ১৪৫০।

আল[২] [স আলোক] *বিণ* আলোকিত। 'মদনমোহন রূপে ঘর করিয়াছে আল।' *মুকুন্দ*, ১৬০০।

আল[৩] [স] ১ *বি* দরজার কব্জা। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* বিঁধনাস্ত্র। 'চর্মখণ্ডকে মসৃণ করিয়া কাগজ করিয়া লইতাম, এবং ভোঁতা আল লইয়া কলম করিতাম।' *বিদ্যা*, ১৮৫৬। ৩ *বি* কাঁটা। 'রেখে গেলে গলার আল।' *মুজতবা*, ১৯৪৯।

আল[৪] [স অল>] ১ *বি* জমির সীমানার ছোটো বাঁধ। *ওসাঁ*, ১৭৮৫; 'এখনো সাধ আছে তোমার আল *ঠেল* বলে।' *লালন*, ১৮৯০; 'মানুষ মাঠের আলে আলে হাঁটিয়া গ্রাম হইতে গ্রামান্তরে যায়।' *মানিক*, ১৯৩৬। ২ *বি* দেয়াল। 'তোমরা আনিয়া প্রাণের প্রবাহ ভেঙেছ মাটির আল।' *রবীন্দ্র*, ১৮৯০। ৩ *বি* উঁচু পথ। 'উঠছে আলে নামছে গাড়ায়।' *সত্যেন্দ্র*, ১৯১৬। ৪ *বি* তীর। 'গঙ্গার আলে বসত আমরা বাঙ্গালী।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আল-আমিন [আ] *বিণ* বিশ্বস্ত। 'মরু মক্কার চোখের মণি সে সত্য দীপ্ত আল-আমিন।' *ফররুখ*, ১৯৪৬।

আলএ [স আলয়া] ১ *বি* উৎস। 'নয়ান হইল তান জলের আলএ।' *বাহরাম*, ১৬৫০। ২ *বি* গৃহ; বাড়ি। 'পুত্র লইয়া গেল রাজা আপনা আলএ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আলংকারিক [স] *বিণ* অলংকার শাস্ত্রে বিশেষজ্ঞ। 'শাস্ত্রকার মনু রঘুচন্দন নয়; আলংকারিক দণ্ডী বিশ্বনাথ।' *প্রমথ*, ১৯১৪।

আলক [স অলক] *বি* কপাল এবং দু-কানের পাশে লেগে-থাকা চুলের গুচ্ছ। 'বদন কমল শোভে আলক ভ্রমল।' *বড়ু*, ১৪৫০। দ্র **অলক**

আলকপাতী [স অলক+স পঙ্‌ক্তি] *বি* কপাল এবং দু কানের পাশে লেগে-থাকা চুলের গুচ্ছ। 'কাল আলকপাতী শোভএ কপোলে।' *বড়ু*, ১৪৫০।

আল করা *ক্রি* এলোমেলো করা। *মানোএল*, ১৭৪৩।

আলকাতরা [প] *বি* কয়লা থেকে তৈরি ঘন কালো তরলবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'ষড় আলকাতরায় অভিষেক হয়েছে।' *দীনবন্ধু*, ১৮৬৩।

আল-কিমিয়া [আ] *বি* মধ্যযুগের আরবদের রসায়নশাস্ত্র। 'মুক্তি পাবে মদখোরের এই আল-কিমিয়ার পাত্র চেটে।' *নজরুল*, ১৯২৬।

আলকুশি, আলকুশী [স আল+স শুক্র>] *বি* হুলের মতো আলযুক্ত লতাগাছ। 'আলকুশি দেও তায় বালিশ ধরিয়া।' *গুপ্ত*, ১৮৫৮; 'হাত দিও না হাত দিও না – আলকুশী আলকুশী।' *বিভূতি*, ১৯২৯।

আলকুসি [স আল+স শুক্র>] *বি* গুঁয়াপোকার রোঁয়ার ন্যায় কাঁটাযুক্ত ফলের লতাগাছ। *বিদ্যা*, ১৮৯১।

আলকে তিলক [স অলক+তিলক] *বি* কপাল এবং দু কানের পাশে লেগে-থাকা চুলের গুচ্ছের নীচে আঁকা তিলক। 'আলকে তিলক তোর শোভএ ললাট।' *বড়ু*, ১৪৫০।

আলখাল্লা, আলখিল্লা, আলখেল্লা [আ আলখলক] *বি* লম্বা ঢিলা জামাবিশেষ। 'আলখেল্লা দিয়া ও ঝুলি, লাঠি ও কিস্তি সঙ্গে লইয়া ভিক্ষা করিতে যায়।' *অক্ষয়*, ১৮৫০; 'আলখাল্লার প্রান্তভাগ ধরিয়া, বাষ্পগদগদস্বরে বলিতে লাগিলেন।' *বঙ্কিম*, ১৮৮৪; 'আলখাল্লা-পরা একটা বাউল নিকটে দোকানের সামনে দাঁড়াইয়া গান গাহিতে ...।' *রবীন্দ্র*, ১৯০৯; 'আলখিল্লা পরে তসবীহ টিপতে থাকলেই যে সে আমাদের সেজদার পাত্র হয়ে ওঠে।' *সওগাত*, ১৯২৯।

আলগ [স অলগ্ন>] ১ *বিণ* বিচ্ছিন্ন। 'পৃথিবীর আলগ হইয়া ক্ষণে গরজায়।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* শিথিল; ঢিলা। 'করিবে আলগ প্রেমের বাঁধন খোঁপার গিরা।' *নজরুল*, ১৯৩১। দ্র **আলগা**

আলগছ [স অলগ্ন>] *বিণ* অবলম্বনহীন। *বিদ্যা*, ১৮৯১।

আলগরজ [আ] *ক্রিবিণ* সংক্ষেপে। 'আলগরজ, ইহাও খোদার এক শানে-আজিম।' *মনসুর*, ১৯৫৫।

আলগল *বি* বৃষরাশির একটি নক্ষত্রবিশেষ। 'আলগলের ম্লানিমা লক্ষ্য করিয়া ঘড়ি ঠিক করিয়া লইতে পারেন।' *মোতাহার*, ১৯৩৭।

আলগা [স অলগ্ন] ১ *বিণ* শিথিল; অদৃঢ়। *ওসাঁ*, ১৭৮২; 'মনে হল গ্রন্থি হয়েছে আলগা গুরুর কৃপায়।' *রবীন্দ্র*, ১৯৩২। ২ *বিণ* পৃথক। 'ইঙ্গলণ্ডীয়েরদের ভারতবর্ষীয় রাজ্য কিছু আলগা হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৪। ৩ *বিণ* উদাসীন। 'ছোট পুত্রটি হিন্দুয়ানী বিষয়ে আলগা আলগা রকম।' *প্যারী*, ১৮৫৮। ৪ *বিণ* অতিরিক্ত। 'গদ্য যেন এক বস্তা আলগা জিনিস।' *রবীন্দ্র*, ১৮৯২। ৫ *বিণ* খুলে গেছে এমন; ঢিলেঢালা। 'তার আলগা পাতা।' *রবীন্দ্র*, ১৯২৯। ৬ *বিণ* বাড়তি। 'নদী থাকলে চেহারায় একটা আলগা লালিত্য আসে।' *হুমায়ুন*, ১৯৭২। ৭ *বিণ* মেকি; লোক দেখানো। 'মুখে মুখে আলগা দরদ।' *সেলিনা*, ১৯৭৫।

আলগা-মলাট [আলগা+স মলপট্ট>] *বিণ* মলাট খোলা। 'আলগা-মলাট বইয়ের দাগি পাতায়।' *রবীন্দ্র*, ১৯৪০।

আলগামুখ [আলগা+স মুখ] *বিণ* বেশি কথা বলে এমন। 'আজ আলগামুখ হয়ে মনে মনে নাস্তানাবুদ হচ্ছিলেন।' *মণীশ*, ১৯৬৩।

আলগুছি [স অলগ্ন] *বি* বাতিদান। *মানোএল*, ১৭৪৩।

আলগোছ [স অলগ্ন>] ১ *বিণ* দূরস্থ বজায় থাকে এমন। 'ইংরেজ দেশীয় সমাজ হতে আলগোছ হয়ে থাকেন।' *প্রমথ*, ১৯০৫। ২ *বিণ* অস্পষ্ট। 'মনে হয় নেই অথচ কেমন আলগোছে অবশ্য রয়েছে।' *ওয়ালী*, ১৯৪৫।

আলগোচে *ক্রিবিণ* উপর উপর। 'চটের থলিয়াতে পোরা চিঠি পত্রাদি আল্‌গোচে আল্‌গোচে লইয়া গেল।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

আলগোছে [স অলগ্ন>] ১ *ক্রিবিণ* অনায়াসে। 'আলগোছে এমত রান্ধিলে কোনমতে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *ক্রিবিণ* অতি সাবধানে। 'অত্যন্ত আলগোছে আছেন পাছে জ্ঞানে বা অজ্ঞানে কোনোদিক থেকে নিয়মভঙ্গের কণামাত্র ধুলো তাতে স্পর্শ করে।' *রবীন্দ্র*, ১৯০৯। ৩ *ক্রিবিণ* সযত্নে। 'আলগোছে কেবল তাহার উচ্চতাটুকু লইয়া বাকি আর সমস্তই আড়াল করিতে পারে না।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আলগোছি [স অলগ্ন>] *বি* শিশুর প্রথম দাঁড়ানো। 'আলগোছি দেয় দশ মাসে।' *মুকুন্দ*, ১৬০০।

আলঙ্কার [স অলঙ্কার] *বি* অলঙ্কার। 'আর নঠ না করিহ সব আলঙ্কারে।' *বড়ু*, ১৪৫০।

আলঙ্কারহীন [স অলঙ্কারহীন] *বিণ* অলঙ্কারহীন। 'আলঙ্কারহীন কৈল মোর সব দেহে।' *বড়ু*, ১৪৫০।

আলঙ্কারিক [স] ১ *বি* অলঙ্কার শাস্ত্রের পণ্ডিত। 'এক কবি ও

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আলঙ্কারিক ও এক অঙ্ক পণ্ডিত।' *দর্পণ*, ১৮২২। ২ *বি* অতিশয়োক্তিপূর্ণ। 'নিত্যনূতন-নামক যে শব্দটা কবিরা ব্যবহার করিয়া থাকেন সেটাকি নিতান্ত একটা কথার কথা, একটা আলঙ্কারিক উক্তি মাত্র!' *রবীন্দ্র*, ১৮৮৪।

আলঙ্গ [ফা] *বি* আস্তানা। 'উমরা সবারে দিল আলঙ্গ বাটিয়া।' *আলাওল*, ১৬৮০।

আল চাউল [স আতপ তণ্ডুল] *বি* আলোচাল; আতপ চাল। 'আল চাউল বেঁড়ে কলা ভুলাইয়া খায়।' *ভারত*, ১৭৬০।

আল-চালু [স আতপ-তণ্ডুল] *বি* আতপ চাল। 'আল-চালু ডালি বড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

আলজিভ, আলজিহ্ব [স অলিজিহ্বা] *বি* উপজিহ্বা। *বিদ্যা*, ১৮৯১; 'হাঁ করো, আ-আলজিভ চুমু খাও, শব্দ হোক ব্রহ্মাণ্ড পাতালে।' *সুনীল*, ১৯৬৬; 'সেটি এতই ব্যাদিতবদন যে তার আলজিহ্বা পর্যন্ত দেখা যায়।' *হাসান*, ১৯৬৭।

আলজেবরী [ই] *বি* বীজগণিত। 'ফিলাসফি মেথেমেটিক্স এণ্ড আলজেবরী ... ইত্যাদি শাস্ত্র পূর্ণরূপে শিক্ষার্থে ...।' *চন্দ্রিকা*, ১৮৩০।

আলজ্জ [স] *বিণ* ঈষৎ লজ্জিত। 'দেখিলা চাহিয়া নব গৌরতনুতলে আরক্তিম আলজ্জ আভাস।' *রবীন্দ্র*, ১৮৯২।

আলজ্জতা [স] *বি* ঈষৎ লজ্জাশীলতা। 'উত্তরচ্ছদে অসংবৃতির সীমানা এখনো আলজ্জতার অভিমুখে।' *রবীন্দ্র*, ১৯২৮।

আলজ্জিত [স] *বিণ* ঈষৎ লজ্জিত। 'নলিনাক্ষ আলজ্জিত হেমনলিনীর মুখের দিকে একবার চাহিয়া কহিল ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

আলজ্জিতভাবে [স] *ক্রিবিণ* ঈষৎ লজ্জিতভাবে। 'আলজ্জিতভাবে খাইতে বসিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০২।

আলটপকা [হি টপকা] *ক্রিবিণ* হঠাৎ। 'একটা ঢিল তুলে নেয় আলটপকা আর সজোরে ছুঁড়ে মারে।' *অচিন্ত্য*, ১৯৫০।

আলটিমেট [ই] *বিণ* চূড়ান্ত। 'গণবিপ্লবই আপনের আলটিমেট গোল।' *মনসুর*, ১৯৫৫।

আল্ট্রা [ই] *বিণ* অতিরিক্ত; উগ্র। 'আমাদের এই আল্ট্রার এত সংকোচ কিসের।' *রবীন্দ্র*, ১৮৯৮।

আল্ট্রা-ঐতিহাসিক [ই আল্ট্রা+স ঐতিহাসিক] *বিণ* (ব্যঙ্গ) অতি-ঐতিহাসিক। 'তাকে প্রাগৈতিহাসিক বলব না, সে আল্ট্রা-ঐতিহাসিক।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আল্ট্রা কনসার্ভেটিব [ই] *বি* অতিরক্ষণশীল যারা। 'কেবল আল্ট্রা কনসার্ভেটিভ বলিয়া স্বাক্ষর করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৯৮।

আল্ট্রা ভায়োলেট [ই] *বি* অতিবেগুনি রশ্মি। 'এই রোদে আলট্রা ভায়োলেট ঢের আছে।' *জীবন*, ১৯৩২।

আলত পালত [হি ফালতু>] *বিণ* আজেবাজে। 'আলত পালত কথাতেই পত্র পুরুতেন।' *হুতোম*, ১৮৬১।

আলতা [স অলক্ত] *বি* পায়ের পাতা সাজানোর জন্যে ব্যবহৃত লাল রঙের তরল পদার্থ। 'চরণ যুগল জিনিয়া কমল আলতা রঞ্জিত তায়।' *দ্বিজকবি*, ১৬০০।

আলতা-চরণ [আলতা+স চরণ] *বি* আলতা-রাঙানো পা। 'এবারও সেই আলতা-চরণ দেখতে প্রথম পায়নি নয়ন!' *নজরুল*, ১৯২৫।

আলতা-ছোপান *বিণ* আলতা দিয়ে রাঙানো। 'আলতা-ছোপান পায়ের আঁখর টানি।' *জসীম*, ১৯৩৩।

আলতাপরা *বিণ* আলতা রাঙানো। 'আলতাপরা ছোট পায়ের গুজরী পঞ্চম।' *বঙ্কিম*, ১৮৭৫।

আলতাপাটি [আলতা+স পঙ্‌ক্তি>] *বিণ* লাল প্রান্তবিশিষ্ট। 'মেঘের সীমায় রোদ জেগেছে/ আলতাপাটি শিম।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আলতাপাত [আলতা+স পত্র>] *বি* আলতা রাখার বাটি। 'ছোঁয় গোপনে তোমার হাত/ সিঁদুর কৌটা আলতাপাত।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আলতি *বি* একপ্রকার কচু। 'আলতি ১ এক মণ লইআ আসীবে।' *চিঠিপত্রে*, ১৮৭৩।

আলতু-ফালতু [হি ফালতু] *বিণ* আজেবাজে। 'আলতু-ফালতু লোকের পোলাপান এলেবিলে পাস করছে।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

আলতো [মালয়লম আলঙ্গ>] ১ *বিণ* হালকা। 'আলপনা দেয় আলতো বাতাস ভোরাই সুরে মনভোলা।' *সত্যেন্দ্র*, ১৯১৬। ২ *বিণ* আলগোছ। 'মসৃণ কপালে ছোঁয়াবে আলতো হাত।' *শামসুর*, ১৯৬০।

আলনা [স আলম্বন] ১ *বি* কাপড়-চোপড় রাখার দীর্ঘ পায়াযুক্ত দণ্ডবিশেষ। *বিদ্যা*, ১৮৯১; 'আলনার উপরে হিমাংশুর স্কুলের ছাড়াকাপড় ঝুলিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বি* আড়া। 'উঠানে বাঁশের আলনায় মাছ ধরিবার জাল শুকাইতে দিয়াছে।' *বিভূতি*, ১৯৩১।

আলপ [স অল্প] *বিণ* অল্প। 'আলপ বএসে তেহ্ন বিরহের চিন্তা।' *বড়ু*, ১৪৫০।

আলপ কাল [স অল্পকাল] *বি* অল্প বয়স। 'গুরু পাপে বেঢ়িলের আলপ কালে।' *বড়ু*, ১৪৫০।

আলপমতীঞ [স অল্পমাত্র] *ক্রিবিণ* কেবলমাত্র। 'আলপমতীঞ তোহ্মাতে শরণ।' *বড়ু*, ১৪৫০।

আলপথ [স] *বি* জমির সীমানা নির্দেশকারী বাঁধ। 'কালিজিরা ধানশালি রূপশালির ক্ষেতের আলপথ।' *জীবন*, ১৯৪৮।

আলপনা [স আলিম্পন] ১ *বি* আতপ চালের গুঁড়া, চক, রং ইত্যাদির মণ্ড দিয়ে ঘরের মেঝে, আঙিনা ইত্যাদিতে অঙ্কিত নকশা। 'ছাঁদনা তলায় ... আলপনা দিয়ে একটি পীড়ে রাখা হয়েছিল।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* মৃদু গুঞ্জন। 'বাতাসে আঁকছে শব্দের অস্ফুট আলপনা।' *রবীন্দ্র*, ১৯৩৫। ৩ *বি* হাতছানি। 'ছাদের উপর সারি সারি গাছের ছায়া যেন স্বপ্নের আলপনা।' *রবীন্দ্র*, ১৯৪০। ৪ *বি* নকশা। 'ঝিনুকের গায়ে আলপনা।' *জীবন*, ১৯৪২।

আলপনা-কাটা *বিণ* আলপনা-অঙ্কিত। 'জলের উপর সূর্যাস্তের আলপনা-আঁকা আসনটি ...।' *রবীন্দ্র*, ১৯১৯।

আলপাউ [স অল্প+আয়ু] *বিণ* ক্ষণজীবী। 'হেন সে যৌবন রাখা সব আলপাউ।' *বড়ু*, ১৪৫০।

আলপাকা [ই] ১ *বি* ছাগজাতীয় পশু। 'আমেরিকায় আলপাকা নামে একপ্রকার জন্তু আছে।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বি* আলপাকা নামক প্রাণীর লোম থেকে প্রস্তুত বস্ত্রবিশেষ। 'এই লোমে যে বস্ত্র প্রস্তুত হয়, তাহাকেও আলপাকা বলে।' *বিদ্যা*, ১৮৫১।

আলপিন [প] *বি* পিন; সূক্ষ্ম ও অতিক্ষুদ্র কীলকবিশেষ। *বিদ্যা*, ১৮৯১; 'বেশবিন্যাসে আলপিনটি কম হইলে বাস্তবিক অস্থির হইয়া পড়ে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আলফা-কণা [ই আলফা+স কণা] *বি* তেজস্ক্রিয় আলোককণাবিশেষ। 'সেই জোর আছে আলফাকণার।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আলফাজ [আ] *বি* শব্দ। 'দরকারবশতঃ লম্বা চৌড়া আরবী ফার্সী

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আলফাজ এস্তেমাল করিতেও বিন্দুমাত্র কসুর করিব না।' *এসলাম*, ১৯১৭।

আলফাটা *বিণ* প্রচণ্ড। 'আলফাটা হাসিতে ফেটে পড়লেন।' *মাহেনও*, ১৯৪৯।

আলফারশ্মি [ই আলফা+স রশ্মি] *বি* তেজস্ক্রিয় রশ্মিবিশেষ। 'আলফারশ্মিতে সে যে কণিকাগুলি প্রবাহিত হয় ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আলফা সেন্টারাই [ই] *বি* আকাশের তৃতীয় উজ্জ্বলতম নক্ষত্র, পৃথিবী থেকে ৪.৩ আলোকবর্ষ দূরে অবস্থিত। 'আলফা সেন্টারাই নামক নক্ষত্রের প্রভাবশালিতা সূর্য্যের ২.৩২ গুণ।' *বঙ্কিম*, ১৮৭৫।

আলবৎ, আলবাত [আ] *অব্য* অবশ্যই। 'ইমাম এজিদ জঙ্গ হইবে আলবত।' *গরীব*, ১৭৬৫; 'আলবৎ হুজুর, আলবৎ।' *নজরুল*, ১৯২৪। *দ্র* **আলবাত**

আল-বদর [আ] *বি* বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সময়ে পাকিস্তানী বাহিনীকে সহায়তাকারী গোষ্ঠীবিশেষ। 'পাকবাহিনীর দোসর আল-বদর বাহিনীর সদস্যরা ...।' *বেগম*, ১৯৭২।

আলবলা [ফা] *বি* দীর্ঘ নলওয়ালা হুঁকাবিশেষ। 'হুক্কাবরদার আলবলা আনিয়া দিল।' *প্যারী*, ১৮৫৮। *দ্র* **আলবোলা**

আলবাঁধা [স আল+বাঁধা] *বিণ* মাটির উঁচু সীমানা চিহ্নিত। 'আলবাঁধা টুকরো জমিতে ফসল ফলানো।' *রবীন্দ্র*, ১৯৩১।

আলবাটী *বি* পিকদানি। 'দুই দিকে আলবাটী জলে পুর্য়া গাড়ু ঘটী।' *মুকুন্দ*, ১৬০০।

আলবাত [আ আলবাত্তাহ্] *অব্য* নিশ্চয়। 'হেমেন বললে, আলবাত খাবে।' *জীবন*, ১৯৩২।

আলবাট্রোস [ই] *বি* অ্যালবাট্রস নামক লম্বা চঞ্চুবিশিষ্ট সামুদ্রিক পাখিবিশেষ; সমুদ্রশকুন। 'সারেঙরা মজা দেখার জন্য আলবাট্রোস পাখীদের ধরে পাটাতনের ওপরে ছেড়ে দেয়।' *শিব*, ১৯৫৫।

আলবাল [স অল্প>] *বি* গাছের গোড়ায় জল ধরে রাখার জন্য চারধারে যে বাঁধ দেওয়া হয়। 'তেঁই গুথাইল জলপূর্ণ আলবাল অকাল নিদাঘে।' *মাইকেল*, ১৮৬১।

আলবুরুজ [আ] *বি* মিনারবিশেষ। 'আলবুরজের চূড়া যেন এক উড়ে আসে কালো ঢেউ।' *ফররুখ*, ১৯৪৩।

আলবোলা [ফা] *বি* হুঁকাবিশেষ। 'কেহ সোনাবান্ধা হুঁকাতে, কেহ গুড়গুড়িতে, কেহবা আলবোলাতে তামাক খাইতে আরম্ভ করিলেন।' *ভবানী*, ১৮২৫। *দ্র* **আলবলা**

আলম [আ] *বি* দুনিয়া। 'আলম তামাম কান্দে আরব শহর।' *গরীব*, ১৭৬৫।

আলমানাক [ই অ্যালম্যানাক] *বি* বর্ষপঞ্জী। 'দাদুর নাকে টাঙাতে আলমানাক গঙ্গাল ঠুকে দেছেন।' *নজরুল*, ১৯২৬।

আলমারি, আলমারী [প আরমারিও] *বি* কাপড়চোপড়-সহ ঘরের জিনিসপত্র রাখার কপাট-লাগানো উঁচু বড়ো বাক্সবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'ঐশ্বর্য্য প্রকাশ কারণ কতকগুলি পুস্তক প্রস্তুত করিয়া আশ্চর্য্য আলমারির মধ্যে রাখিয়াছেন।' *ভবানী*, ১৮২৩; 'বাক্স, আলমারী যাহা পূর্ব্ব হইতে জরাজীর্ণ ছিল।' *মশাররফ*, ১৮৯০।

আলমাস [আ] *বি* হীরা। 'আনি আলমাস, গওহর লুটে আনি জামরুদ লাল।' *ফররুখ*, ১৯৪৩।

আলমোশ *বি* উদ্ভিদবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

আলম্পনা, আলম্পানা [আ আলম+ফা পানাহ্] *বি* বাদশাহ; জাহাঁপনা। 'আলম্পনা সালমত কহি জনাবেতে।' *গরীব*, ১৭৬৫; 'শুন শুন আলম্পানা বাদশা নামদার।' *হামজা*, ১৮০৭।

আলম্ব [স] *বি* নিশান। 'ধবল আলম্ব উড়ে ধর্ম্মর দুআরে।' *রামাই*, ১৭১০।

আলম্বন [স] ১ *বি* আশ্রয়। 'যদ্যপি সে নাহি আলম্বন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* আলিঙ্গন। 'কতক দয়িতা করে স্কন্ধ-আলম্বন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আলম্বা [স আলম্বন] *ক্রি* জড়িয়ে ধরা। 'হরিচন্দনের স্কন্ধে হস্ত আলম্বিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আলম্বিত [স] ১ *বিণ* ঝুলে পড়েছে এমন। 'তাঁহার কর্ণোৎপল ঈষৎ আলম্বিত।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বিণ* দীর্ঘ। 'আলম্বিত রাতের আকাশ আলোয় অন্বেষণ।' *জীবন*, ১৯৪০।

আলয় [স] ১ *বি* বাড়ি। 'যাত্রা করি আইলেন আচার্য আলয়ে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* বাসা। 'সুখের আলয় পাতার কুঁড়ে।' *রবীন্দ্র*, ১৮৭৮। ৩ *বি* আশ্রয়। 'আমারি বুকে আলয় পেয়ে/ হাসিয়া কুটিকুটি।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৪ *বি* সদন। 'জীবনের অনন্ত আলয়।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৫ *বি* পৃথিবী। 'ওরে আলয়ে আজ মহালয়া, মা এসেছে ঘর।' *নজরুল*, ১৯৩৫।

আলল [স অনল] *বি* আগুন। 'প্রদিপ আলল সাক্ষি জত দেবগন।' *মৈমনসিংহ*, ১৫০০।

আলস [স অলস] ১ *বিণ* ঢুলু ঢুলু। 'আলস লোচন দেখি কাজলে উজল।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* আলস্য। 'যমের ভিতরে আলসের বসতি।' *চণ্ডী*, ১৫৫০।

আলসভরে ১ *ক্রিবিণ* অলসভাবে। 'এই-যে মধুর আলস-ভরে মেঘ ভেসে যায়।' *রবীন্দ্র*, ১৯০৯। ২ *ক্রিবিণ* আলস্যের সঙ্গে। 'বাদলভরা আলসভরে ঘুমায়ে আছে রাত।' *রবীন্দ্র*, ১৯১০।

আলসরস [স আলস্য-রস] *বি* অলসতা। 'সুখের শয়নে শ্রান্ত পরান আলসরসে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আলসিয়া [স অলস>] *বিণ* আলসেমি করে এমন। *ওসাঁ*, ১৭৮২।

আলসে [স আলস্য] *বিণ* অলস। 'এলায়ে কোমল তনু কমল কাননে/ আলসে দিকের বালা মগন স্বপনে।' *রবীন্দ্র*, ১৮৮৫।

আলসেখানা [স অলস+ফা খানাহ্] *বি* অলসপুরী। 'খোরপোষ দিয়ে আলসেখানায় নাম করা আলসে পুষে রাখতেন।' *মাহেনও*, ১৯৪৯।

আলসেমি [স আলস্য>] *বি* কুঁড়েমি। 'চিঠিটা ... আলসেমি করে আর ডাকে দিইনি।' *নজরুল*, ১৯২৭।

আলস[২] [স আলি>] *বি* ছাদের প্রান্তস্থ অনুচ্চ প্রাচীর। 'আমি এই উচ্চ আলসের উপর বসে ... চিন্তামনির ধ্যান করি।' *দীনবন্ধু*, ১৮৬৩।

আলসার [ই] *বি* শরীরের ভেতরের বা বাইরের ক্ষত; অম্লের আধিক্যবশত পাকস্থলীর পীড়া। 'একজনের অ্যাপেণ্ডিসাইটিস, ... একজনের আলসার।' *নজরুল*, ১৯২৬।

আলস্টার [ই আয়ারল্যান্ডের আলস্টার শহরের নামানুসারে] *বি* শীতের মোটা লম্বা পোশাকবিশেষ; ওভারকোট। 'গরমের সময় আলস্টার নেবার কোনো দরকার থাকে না।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আলস্য [স] *বি* অলসতা। 'গাত্র মোড়িএ কাহ্নাঞি আলস্য কারণে।' *বড়ু*, ১৪৫০; 'আলস্য তেজিয়া জাল দিবে দুই দণ্ড।' *মুকুন্দ*, ১৬০০।

আলস্য-কটাক্ষ [স] *বি* আলস্য জড়িত আড়চোখের দৃষ্টি। '...

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আলস্য-কটাক্ষ নিক্ষেপ করিতেছিল।' *শরৎ*, ১৯১৭।

আলস্যক্রমে [স] *ক্রিবিণ* অলসতাবশত। 'আলস্যক্রমে পোস্ট-মাস্টারের আর রাঁধিতে ইচ্ছা করিত না।' *রবীন্দ্র*, ১৮৯১।

আলস্যক্লান্ত [স] *বিণ* অবসাদপূর্ণ। 'অনেক আলস্যক্লান্ত দিনরজনীর উপেক্ষিত ছিন্নখণ্ড।' *রবীন্দ্র*, ১৯১৪।

আলস্যজাল [স] *বি* অলসতার বন্ধন। 'আলস্যজালে বিজড়িত মুসলমানগণ জাগরিত হইয়া ...।' *প্রচারক*, ১৯০৩।

আলস্যদোষ [স] *বি* কুঁড়েমি। 'কেবল আলস্যদোষ নয়।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

আলস্য-পরতন্ত্র [স] *বিণ* আলস্যের অধীন। 'ঐশ্বর্য্যবান ব্যক্তি আলস্য-পরতন্ত্র হইয়া শান্তিসমুদায় প্রাপ্ত হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

আলস্যপরতা [স] *বি* আলসেমি। 'এ দেখা তো নিষ্ক্রিয় আলস্যপরতা নয়।' *রবীন্দ্র*, ১৯০৪।

আলস্যপরায়ণ [স] *বিণ* অলস; শ্রমবিমুখ। 'আলস্যপরায়ণ হওয়ায় দীনদুঃখীর ন্যায় ... কাল্যাতিপাত করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৮।

আলস্যপ্রসূত [স] *বিণ* অলসতাজনিত। 'অসংখ্য মানসিক আলস্যপ্রসূত বিশ্বাস ত্যাগ করতে হবে।' *প্রমথ*, ১৯১৪।

আলস্যভরা [স] *বিণ* অলসতাপূর্ণ। 'আলস্যভরা ভঙ্গিতে আছি শুয়ে।' *শক্তি*, ১৯৬১।

আলস্যমন্থর [স] *বিণ* ধীরগতিবিশিষ্ট। 'নৌকাটি সমস্তদিন আলস্যমন্থর গমনে ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আলস্যময় [স] *বিণ* অবসাদগ্রস্ত। 'কোনো কোনো দিন বিকেলে আলস্যময় হাত।' *শামসুর*, ১৯৭৪।

আলস্য-মুখর [স] *বিণ* কর্মহীন। 'আলস্য-মুখর অদ্ভুত বিশ্বাস আকাঙ্ক্ষা আজহার খাঁর মেরুদণ্ডে ঘা দিয়া গেল।' *শওকত*, ১৯৫৯।

আলস্যস্রোত [স] *বি* আলস্যরূপ স্রোত। 'আমার দিনগুলি রথীর কাগজের নৌকোর মতো আলস্যস্রোতে একটি একটি করে ভাসিয়ে দিচ্ছি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আলস্যি [স আলস্য>] *বি* অলসতা। 'বে কর্ত্তে কি আলস্যি হয়?' *রামনারায়ণ*, ১৮৫৪।

আলা[১] [স আলোক] ১ *বি* আলোক। 'আলার ভিতরে কালাটি রয়েছে।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বিণ* আলোকিত। 'তাম্বুল সাজালুঁ দীপ উজারলুঁ মন্দির হইল আলা।' *দ্বিজমাধব*, ১৬০০।

আলা[২] [স আকুল>] ১ *বিণ* পরিশ্রমবিহীন; পড়ে-পাওয়া। 'ভাঙ্গাইয়া আড়কাট এমনি লাগায় ঠাট বলে শালা আলা টাকা মোর।' *ভারত*, ১৭৬০। ২ *বিণ* সম্পর্করহিত। 'ভালোবেসে হয়েছি আলা।' *হেম*, ১৮৭০। ৩ *বিণ* ক্লান্ত; অবসন্ন। 'একটুখানি রূপের হাসি আঁধারেতে ঘুমিয়ে আলা।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আলা[৩] [আ] *বিণ* শ্রেষ্ঠ। 'যেদিন আজরাইলে আলা তেজিবে চোপদার।' *গরীব*, ১৭৬৫।

আলাআলি [স আল>] *বি* বিরোধ। 'দুই দলে আলাআলি চুলাচুলি গালাগালি বরযাত্রী দেউটী না ছাড়ে।' *মুকুন্দ*, ১৬০০।

আলাইবালাই [আ ইল্লত+আ বালা] *বি* আপদ-বিপদ। 'তোমার আলাইবালাই লইয়া মরি এই আমার বাঞ্ছা।' *ভবানী*, ১৮২৮।

আলাগন [স অলগ্ন] *বিণ* অসংলগ্ন। 'হেন আলাগন কথা শুণী কোণ রাজে।' *বড়ু*, ১৪৫০।

আলাজালা, আলাঝালা [স অলকম্ জালকম্] ১ *বি* বাজে আড়ম্বর; জালজঞ্জাল। 'জো মণগোএর আলাজালা।' *চর্য্য*, ১২০০। ২ *বিণ* এলোমেলো। 'রচিলু পুস্তক বহু নানা আলাঝালা।' *আলাওল*, ১৬৮০।

আলাএা [স অলগ্ন] *ক্রি* এলিয়ে। 'আলাএা দিয়াছে বেণী।' *চণ্ডী*, ১৫৫০।

আলাতপালাত [ও আলতপালত] *বিণ* অসংলগ্ন; এলোমেলো। 'আলাতপালাত কথায় পত্র পরিপূর্ণ করিয়া প্রকাশ করেন।' *দর্পণ*, ১৮৩৬।

আলাতপালাত কথা *বি* এলোমেলো কথা। 'আলাতপালাত কথায় পত্র পরিপূর্ণ করিয়া প্রকাশ করেন।' *দর্পণ*, ১৮৩৬।

আলাদা [আ আলাহিদা] ১ *বিণ* পৃথক। 'সেখানকার আলাদা কোটী ছাড়াইয়া দ্বারহাটার সামিল করিবা।' *হ্যালহেড*, ১৭৭৩। ২ *বিণ* ভিন্ন প্রসঙ্গের। 'থাক, সে হল আলাদা কথা।' *জীবন*, ১৯৩৩।

আলাদা করণ *বি* আলাদা করা। *মানোএল*, ১৭৪৩।

আলাদিন [আ] *বি* আরব্যরজনী নামে পরিচিত উপাখ্যানের বিখ্যাত চরিত্র। 'বোগদাদে তাই যাবে আলাদিন।' *রবীন্দ্র*, ১৯৪১।

আলাদিনের প্রদীপ *বি* (আরব্যরজনীর কাহিনি অবলম্বনে) আশ্চর্য জাদুময় প্রদীপ, যা দিয়ে অসাধ্য সাধন করা যায়। 'অক্ষমের লোভ আলাদিনের প্রদীপের গুজব শুনলেই একেবারে লাফিয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আলাদুলা [হি আলাল>] *বি* ঢলাঢলি। 'অত্যানন্দে আলাদুলা করে অনুক্ষণ।' *মানিকরাম*, ১৭৮১।

আলান [স] ১ *বি* নৌকা বাঁধবার খুঁটি। 'রাখ ডিঙ্গা পুতিআ আলান।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* বেঁধে রাখার খুঁটি। 'কালিপদ মরকত আলানে মন কুঞ্জরের বাঁধ এঁটে ...।' *রামপ্রসাদ*, ১৭৮০।

আলানো [স আকুল] *ক্রি* খোলা। 'সাধুর নিকটে তার আলাইও পাঁজি।' *মুকুন্দ*, ১৬০০।

আলাপ [স] ১ *বি* কথাবার্তা। 'পাসও আলাপে কিবা কৃষ্ণ পাসরিলে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* আলোচনা। 'যোগীর নিয়ম ধর্ম আলাপ করিয়া ...।' *আলাওল*, ১৬৮০। ৩ *বি* সংগীতের সুর ভাঁজা। 'নানা যন্ত্র বাদ্যশীলা আলাপে দরবে শিলা।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৪ *বি* যোগাযোগ। 'তাহারদিগের সহিত বড় আলাপ করিবা [না] তাহারা কেবল প্রতারক।' *ভবানী*, ১৮২৫। ৫ *বি* (সংগীত) রাগের বিস্তার। 'রাগরাগিণী আলাপ, ভাষাহীন সংগীত।' *রবীন্দ্র*, ১৮৮১। ৬ *বি* আভাস। 'তারি লাগি পাখির গানে নবীন আশার আলাপ জাগে।' *রবীন্দ্র*, ১৯২৮।

আলাপ-আলোচনা [স] ১ *বি* দেখাসাক্ষাৎ ও কথাবার্তা। 'বাউল দলের সঙ্গে আমার সর্বদাই দেখাসাক্ষাৎ ও আলাপ-আলোচনা হত।' *রবীন্দ্র*, ১৯৩৮। ২ *বি* ব্যাখ্যা-বিশ্লেষণ। 'যেসব নগ্নমনস্তত্ত্বের আলাপ-আলোচনা করতে লাগল, ঘন সিগারেটের ধোঁয়া জমল তার কালিমা আবৃত করে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আলাপ করা ১ *ক্রি* আলোচনা করা। 'যোগীর নিয়ম ধর্ম আলাপ করিয়া ...।' *আলাওল*, ১৬৮০। ২ *ক্রি* কথা বলা। 'তাহার সহিত আর আলাপ করিলেন না।' *চন্দ্রীচরণ*, ১৮০৫; 'ব্যভিচারিণী স্ত্রীর সহিত আলাপ করিবে না।' *গৌর*, ১৮২২।

আলাপচারী [স] *বি* কথাবার্তা। 'দেখা করতে এলে তাদের সঙ্গে আলাপচারী করা গৃহিণীর কাজ।' *রবীন্দ্র*, ১৮৭৯।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আলাপ জোড়া *ক্রি* সংগীতে রাগের বিস্তার করা। 'শোনা গেল রসনচৌকি আলেয়া রাগিণীতে করুণস্বরে আলাপ জুড়িয়া দিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আলাপন [স] ১ *বি* কথোপকথন। 'রামানন্দের গলা ধরি করেন আলাপন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* পরিচয়। 'কোনকালে দেখা নাই, যেন কত আলাপন আছে।' *ভবানী*, ১৮২৫। ৩ *বি* সংগীতের সুর ভাঁজা। 'ধ্রুপদের আলাপনে অকস্মাৎ ধরেছি খেউড়।' *মাহমুদ*, ১৯৭৩।

আলাপ-নিপুণা [স] *বিণ স্ত্রী* আলাপচারিতায় দক্ষ। 'তবু ধনী আমি, আমি রূপবতী,/ আলাপ-নিপুণা, হাস্যরতা।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

আলাপনিরত [স] *বিণ* আলাপরত। 'পরস্পর-আলাপনিরত ক্ষিপ্র পশু।' *নীরেন*, ১৯৬৪।

আলাপ-পরিচয় [স] *বি* পারস্পরিক জানাশোনা। 'আলাপ-পরিচয় ও দেখা-সাক্ষাৎ হইলে ...।' *অক্ষয়*, ১৮৫৪।

আলাপ-প্রলাপ [স] *বি* বহু লোকের আলাপ; আবোল-তাবোল আলাপ। 'আলাপ-প্রলাপ চলে দেদারই।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আলাপ বিলাপ [স] *বি* আলাপ-আলোচনা। 'একাসনে বসিয়া আলাপ বিলাপ করিতেছেন।' *রামরাম*, ১৮০১।

আলাপ-সালাপ [স আলাপ>] *বি* পরস্পর কথোপকথন। 'খাওয়ার আগেতক মামুলী আলাপ-সালাপ চলে।' *মনসুর*, ১৯৫৫।

আলাপা [স আলাপ>] ১ *ক্রি* আলাপ-আলোচনা করা। 'এইসভ আলাপিতে দিবস হইল।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *ক্রি* গান করা। 'আলাপিতে।' *মানোএল*, ১৭৪৩। ৩ *ক্রি* সংগীতের সুর ভাঁজা। 'রুদ্র রাগ আলাপিয়া গড়ায়ে পড়িছে হিমরাশ।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আলাপি [স আলাপী] *বিণ* মিশুক। 'আলাপি ফিমেল ফ্রেন্ডেরা নিমন্ত্রিত হয়ে থাকেন।' *হুতোম*, ১৮৬১। *দ্র* **আলাপী**

আলাপিত [স] *বিণ* পরিচিত। 'আত্মীয় অন্তরঙ্গ আলাপিত যে কেহ আছে প্রায় সকলেরই স্থানে কিঞ্চিৎ২ ঋণ হইল।' *ভবানী*, ১৮২৮।

আলাপিতা [স] *বি স্ত্রী* আলাপ-পরিচয় আছে এমন কেউ। 'যে কোনো আলাপিতার সঙ্গেই কথা বলে বিশেষ পক্ষপাতের সুর লাগায়।' *রবীন্দ্র*, ১৯২৮।

আলাপিনী [স] *বি* সংগীতের একটি শ্রুতি। 'আলাপিনী।' *নজরুল*, ১৯৩৫।

আলাপী [স] ১ *বি* কথাবার্তা বলার উপযোগী বকুস্থানীয় লোক। 'আমাদের দুই-একটি করে আলাপী হতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বিণ* বাকপটু। 'পুরোনো শিশির আচার পাকায় আলাপী জিভের তরে।' *জীবন*, ১৯৪৪। ৩ *বিণ* মিশুক। 'এমন আলাপী বউ পাড়ায় আর নেই।' *নরেন্দ্র*, ১৯৪৮। *দ্র* **আলাপি**

আলাপী লোক [স] *বি* পরিচিত ব্যক্তি। 'প্রথমে গ্রামের একটি আলাপী লোকের বাসায় ছিলাম।' *রবীন্দ্র*, ১৮৯২।

আলাপ্য [স] *বিণ* আলোচনাযোগ্য। 'অসৎ লোক কদাচ আলাপ্য নহে।' *মদনমোহন*, ১৮৪৯।

আলাপমতী [স অল্প+মতি] *বিণ* কম বুদ্ধিসম্পন্ন। 'আলাপমতীঞ তোহ্মাতে শরণ।' *বড়ু*, ১৪৫০।

আলাভোলা [হি] *বিণ* বোকা। 'নরই সরই নুলা ঝুলা/ পেঁচ পচী আলাভোলা।' *লালন*, ১৮৯০।

আলাম[১] [স আলম্ব] *বি* দণ্ড। 'ধবল আলাম উড়ে ধবল পতাকা।' *মানিকরাম*, ১৭৮১।

আলাম[২] [আ আলিম] *বি* জ্ঞানীলোক। 'সেই ঘর্মে অষ্টাদশ হাজার আলাম/ সৃজন করিল প্রভু অতি অনুপাম।' *সুলতান*, ১৭০০।

আলামত [আ] ১ *বি* নিদর্শন। 'তবে শেষে আলামত দেখিবি।' *নজরুল*, ১৯৩১। ২ *বি* অলৌকিক কাণ্ড। 'গাছের ওপরে সন্ন্যাসী তারা দেখিয়াছে আলামত।' *বন্দে*, ১৯৬০।

আলালা [স আলুল্>] *ক্রি* এলায়িত করা। 'আলালিলা পদ্মজা কেন হাথ পা।' *রামাই*, ১৭১০।

আলালি ভাষা, আলালী ভাষা [হি আলাল>] *বি* প্যারীচাঁদ মিত্র তাঁর আলালের ঘরের দুলাল (১৮৫৮) গ্রন্থে যে ভাষা ব্যবহার করেছেন তার অনুরূপ ভাষা। 'আলালী ভাষা সম্প্রদায় বিশেষ মনোরঞ্জিকা।' *বঙ্কিম*, ১৮৯২; 'আলালি ভাষাকে আমাদের শোধন করে নিতে হবে।' *প্রমথ*, ১৯১৩।

আলাহিদা, আলাহীদা [আ] *বিণ* আলাদা; ভিন্ন। 'আলাহিদা হরিএক জায়গা হইতে মাসাহেরার তঙ্কা অর্দ্ধেক নগদ ...।' *ক্যালগে*, ১৭৮৬; 'মোকাম মজকুরের কাপড় আলাহীদা ইনবাসে সদর চালান হইয়া ...।' *তাঁতি*, ১৭৯২। *দ্র* **আলাদা**

আলি[১] [স আল] *বি* জমির সীমানা নির্দেশক বাঁধ; আইল। 'কার কাঁচ আলিতে না দেওঁ মোএঁ পাএ।' *বড়ু*, ১৪৫০।

আলি[২] [ত্র আলি] *বি* সখী। 'আলি আলিঙ্গন চাহে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আলি[৩] [আ আলী] *বিণ* উদার। 'গুরুদাসের মেজাজ আলি হয়ে গ্যাচে।' *প্যারী*, ১৮৫৮।

আলিখিত [স লিখিত] *বিণ* অঙ্কিত। 'মহানির্ব্বাণ তন্ত্রের এই শ্লোক দ্বারা আলিখিত যান ...।' *রাজ*, ১৮৭৪।

আলিঙ্গণ [স আলিঙ্গন] *বি* প্রীতিভরে বুকে জড়িয়ে ধরা। 'কাহাঞিঁ পাইলেঁ দিবোঁ আলিঙ্গণে।' *বড়ু*, ১৪৫০।

আলিঙ্গন [স] ১ *বি* প্রীতিভরে বুকে জড়িয়ে ধরা। 'আলিঙ্গন কৈল কাহাঞিঁ নানা পরকার।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* স্পর্শ। 'উতল বাতাস আসি করে আলিঙ্গন।' *রবীন্দ্র*, ১৮৯৬। ৩ *বি* বেষ্টন। 'স্তব্ধেরে করেছে আলিঙ্গন সফেন চঞ্চল নৃত্য।' *রবীন্দ্র*, ১৯১৪। ৪ *বি* মিলন। 'অঙ্গবিহীন আলিঙ্গনে সকল অঙ্গ ভরে।' *রবীন্দ্র*, ১৯২৬। ৫ *বি* আভাস। 'সেই গন্ধে পায় মন বহুদিনরজনীর সকরুণ স্নিগ্ধ আলিঙ্গন।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আলিঙ্গনপাশ [স] *বি* আলিঙ্গন বন্ধন। 'সে আলিঙ্গনপাশে ধরা না দিয়া কহিল ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

আলিঙ্গন-মালা *বি* আলিঙ্গনরূপ মালা। 'যেখানে পরেছি আমি অগ্নিবাহী বৈশাখের আলিঙ্গন-মালা।' *সিকান্দার*, ১৯৪৬।

আলিঙ্গনসুধা [স] *বি* আলিঙ্গনরূপ সুধা। 'অন্তরালে থেকে আমারে করিছ দান অমূল্য চুম্বনরত্ন, আলিঙ্গনসুধা।' *রবীন্দ্র*, ১৮৯২।

আলিঙ্গনাবদ্ধ [স আলিঙ্গন-আবদ্ধ] *বিণ* বাহুবদ্ধ। 'ঈষৎ স্থূলাঙ্গী এক রমণীর আলিঙ্গনাবদ্ধ অবস্থায় ...।' *মানিক*, ১৯৪০।

আলিঙ্গনা [স আলিঙ্গন>] *ক্রি* আলিঙ্গন করা। 'কাহ্ন আলিঙ্গিআঁ সকল দেহ জুড়ায়িবোঁ।' *বড়ু*, ১৪৫০। **আলিঙ্গনে** *ক্রি* আলিঙ্গন করে। 'কেহ বেশ্যামুখ চুম্বনে কেহ আলিঙ্গনে।' *ভবানী*, ১৮২৫। **আলিঙ্গয়ে** *ক্রি* আলিঙ্গন করে। 'আলিঙ্গয়ে অঙ্গনার চারু কুশোদরে।' *মাইকেল*, ১৮৬০। **আলিঙ্গি** *ক্রি* আলিঙ্গন ক'রে। 'আলিঙ্গি কুমারে, চুমি শিরঃ।' *মাইকেল*, ১৮৬১। **আলিঙ্গিয়া, আলিঙ্গিআঁ** *ক্রি*

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আলিঙ্গন ক'রে। 'কাহ্ন আলিঙ্গিআঁ সকল দেহ জুড়ায়িবোঁ।' *বড়ু*, ১৪৫০; 'কর্ণবীর আলিঙ্গিয়া বলিল বিস্তর।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আলিঙ্গিয়ে** *ক্রি* আলিঙ্গন ক'রে। 'আলিঙ্গিয়ে বাদশায়, লয়ে যান করিয়া বিনয়।' *রঙ্গ*, ১৮৫৮। **আলিঙ্গিল** *ক্রি* আলিঙ্গন করলো। 'ধ্বজ দিয়া হনুমন্তে তাকে আলিঙ্গিল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আলিঝালি [স আকুল] **১** *ক্রিবিণ* অস্পষ্টভাবে। 'হয়তোবা তাকে আলিঝালি দেখল।' *ওয়ালী*, ১৯৪৮। **২** *ক্রিবিণ* এলোমেলোভাবে। 'প্রথম বিয়ের প্রাণমাতোয়ারা উন্মাদনার কথা স্মরণ হয় আলিঝালি।' *ওয়ালী*, ১৯৬০।

আলি নসিব [আ আলি+আ নসিব] *বি* সৌভাগ্য। 'আলি নসিব মিয়ার সব দিক দিয়েই আলি নসিব।' *নজরুল*, ১৯৩১।

আলিপন [স আলিম্পন] *বি* আলপনা। 'চিত্রলিখায় জানি আমি জানি তব আলিপনলিপ্তি।' *রবীন্দ্র*, ১৯৩২। *দ্র* **আলপনা**

আলিপনলিপ্তি [স আলিম্পন+স লিপ্ত>] *বি* আলপনা লেপন। 'চিত্রলিখায় জানি আমি জানি তব আলিপনলিপ্তি।' *রবীন্দ্র*, ১৯৩২।

আলিপনা [স আলিম্পন] *বি* মেঝে, দেয়াল ইত্যাদি স্থানে অঙ্কিত নকশা। 'গোমঞ্চে লেপিআ মাটি আলিপনা পরিপাটী।' *মুকুন্দ*, ১৬০০। *দ্র* **আলপনা**

আলিম, আলীম [আ] *বি* পণ্ডিত। 'মোল্লা আলীম ফকির।' *দৌলত*, ১৬৩৮; 'আলিম সবের মনে অমূল্য মাণিক।' *আলাওল*, ১৬৮০।

আলিমকুল [আ আলীম+স কুল] *বি* (ইসলাম) ধর্ম সম্পর্কে জ্ঞানী সম্প্রদায়। 'যদি আমাদের আলিমকুল কুফুরী ফৎওয়ারূপ প্রচণ্ড দণ্ড দ্বারা ...।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

আলিমপন [স আলিম্পন] *বি* আলপনা। 'অপরাহ্ণ যখন আমাদের বাড়ির বারান্দায় আলোছায়া – আলিমপনের মাদুর বিছিয়ে দিত।' *রশীদ*, ১৯৬৩।

আলিম্পন [স] *বি* আলপনা। 'শুভ-আলিম্পনে প্রত্যহ রাখিব অঙ্কি চুম্বিমে চন্দনে কল্পনার লেখা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আলিম্পনলিপি [স] *বি* আলপনার ছবি। 'রবিকররেখা লেপিল আলিম্পনলিপি-লেখা।' *রবীন্দ্র*, ১৯২৭।

আলিম্পনা [স আলিম্পন] *বি* আলপনা। 'তোমার দূতীরা আঁকে ভুবন-অঙ্গনে আলিম্পনা।' *রবীন্দ্র*, ১৯২৫। *দ্র* **আলপনা**

আলিয়া *বি* তাওয়া বা কড়াই। *মানোএল*, ১৭৪৩।

আলিশ [স আলস্য] *বি* আলস্য। 'সম অবলম্বন বালিশ আলিশ।' *ভারত*, ১৭৬০।

আলিশা [স আলি>] *বি* কার্নিশ। 'আলিশার উপরে ...।' *বঙ্কিম*, ১৮৭৩।

আলিশান [আ আলী-শান] *বিণ* বিরাট। *ওসাঁ*, ১৭৮৫: 'সাত আলিশান চাঁদোয়ার নীচে যেন এ গোর আজাব।' *ফররুখ*, ১৯৪৩।

আলিস[১] [স আলস্য] **১** *বি* জড়তা। 'আলিসের পরসাদে দুখমুখ নাহি জাণ।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* আলস্য। 'বালিশ শুয়ে আলিস করে মানুষের কাজ হাঁটা।' *নজরুল*, ১৯২২। *দ্র* **আলিসা**[১]

আলিস[২] *বি* তাওয়া বা কড়াই। *মানোএল*, ১৭৪৩।

আলিসা[১] [স আলস্য] *বিণ* অলস। *ওসাঁ*, ১৭৮৫। *দ্র* **আলিস**[১]

আলিসা[২] [স আলি>] *বি* কার্নিশ। 'ছাদের আলিসার উপর হইতে পতিত হইয়া প্রাণত্যাগ করিলেন।' *প্যারী*, ১৮৬০।

আলিসান [আ আলী-শান] *বিণ* মহামহিম। 'এজন্যে সাহেবাণ আলিসান ...।' *চিঠিপত্রে*, ১৮১১। *দ্র* **আলিশান**

আলিসাবিহীন [আলিসা+স বিহীন] *বিণ* ছাদের প্রান্তস্থ অনুচ্চ প্রাচীরবিহীন। 'আলিসাবিহীন নেড়া ছাদে ঘুড়ি উড়াইতে ...।' *বিভূতি*, ১৯৩১।

আলিসিয়া [স আলস্য] *বি* অলস। *মানোএল*, ১৭৪৩।

আলিস্য, আলিস্যি, আলিস্যো [স আলস্য] *বি* আলস্য। 'লোভ মোহা মদো মার্থিয়ে আলিস্যো এহার কিছুই নাহি?' *আত্তোনিয়ো*, ১৭৪৬; 'তুমি আমার কর্মে আলিস্য করিতেছ।' *দর্পণ*, ১৮২৪; 'এখন ওঠ: আর আলিস্যি করিস নে।' *ইমদাদুল*, ১৯২০। *দ্র* **আলস**[১]

আলিহুকুম [আ আলি+আ হুকুম] *বি* দরাজ অনুমতি। 'এত আলিহুকুম উচিত আজ্ঞি নয়।' *ঘনরাম*, ১৭১১।

আলী [আ] *বিণ* উদার। 'গুরুদাসের মেজাজ আলী হয়ে গ্যাছে।' *হুতোম*, ১৮৬১।

আলী-আলী [ধ্বন্যা, আ আলী] *বি* (মুসলমানদের) রণধ্বনিবিশেষ। 'চলল পাছে হাজার লেঠেল, আলী-আলী শব্দ করি।' *জসীম*, ১৯২৯।

আলীবকসী [আ আলী+ফা বখশী] *বি* আলীবক্স-সৃষ্ট। 'তাজখানী খেয়াল কিংবা আলীবকসী খেয়াল গাওয়া হতো।' *ধূর্জটি*, ১৯৩১।

আলীম *দ্র* **আলিম**

আলীশান [আ আলি>] *বিণ* বিরাট। 'যাবদীয় সাহেবান আলীশান ও বহরমন্দ্রী ওগয়রহ ...।' *দর্পণ*, ১৮১৯। *দ্র* **আলিশান**

আলু [মু আলু] **১** *বি* মেটে আলু। 'পটোল বার্তাকু থোড় আলু শাক মান।' *কবীন্দ্র*, ১৫৮০। **২** *বি* গোল আলু। 'তাহারা আলু পটলের মত ক্রয় বিক্রয় করে।' *বঙ্কিম*, ১৮৭৯; 'বিলাতি আলু, কপি, কাবুলি মেওয়া প্রভৃতিও এখন বিলক্ষণ প্রচলিত হইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

আলু-গোস্ত [মু আরু+ফা গোশ্ত] *বি* আলু দিয়ে রান্না করা মাংস। 'ঢাকাই পরোটা, মুরগী-মুসল্লম, আলু-গোস্ত।' *মুজতবা*, ১৯৪৯।

আলুদম [মু আরু+ফা দম] *বি* মসলাযোগে তৈরি আলুর ব্যঞ্জনবিশেষ। 'নাই রুটি, নাই আলুদম।' *রবীন্দ্র*, ১৯৩৮। *দ্র* **আলুর দম**

আলুদোষ [মু আরু+স দোষ] *বি* চরিত্রদোষ। *বিদ্যা*, ১৮৯১।

আলু পটল [মু আরু+স পদতল>] *বি* সহজলভ্য বস্তু। 'তাহারা আলু পটলের মত ক্রয় বিক্রয় করে।' *বঙ্কিম*, ১৮৭৯।

আলু-পোস্তা [মু আরু+ফা পুস্ত>] *বি* আলু বিক্রয়ের আড়ত। 'আলু-পোস্তায় আলুর চালান লইয়া আসে।' *বিভূতি*, ১৯৩১।

আলুফিস [মু আরু+ই ফিস] *বি* আলু-সহযোগে রান্না মাছের ব্যঞ্জন। 'করি ডিম আলুফিস ডিসপোরা কাছে।' *গুপ্ত*, ১৮৫৮।

আলুভাজা [মু আরু+ভাজা] *বি* আলুর ব্যঞ্জনবিশেষ। 'আরো কত ছিল পাতে আলুভাজা ঘুগুনি।' *সুকুমার*, ১৯১৮।

আলুভাতে [মু আরু+ভাত>] *বি* আলুভর্তা। 'আলুভাতে ডিমভাতে আর ভাত।' *বিভূতি*, ১৯৩১।

আলুমূল [মু আরু+স মূল] *বি* আলু জাতীয় খাবার। 'গোঁফ ফুলাইয়া সে গম্ভীর কণ্ঠে বলিল, আলুমূল খাওয়া হচ্ছে।' *শওকত*, ১৯৫৮।

আলুর চপ *বি* আলু ও বিভিন্ন মসলাযোগে তৈরি তেলেভাজা বড়াবিশেষ। 'মস্ত তাওয়ায় বিছিয়ে রাখা আলুর চপ দেখছে।' *ইলিয়াস*, ১৯৭২।

আলুর দম *বি* স্বল্প ঝোলবিশিষ্ট আলুর একপ্রকার ব্যঞ্জন। 'সঙ্গে ছিল লুচি, আলুর দম আর পাঁঠার মাংস।' *রবীন্দ্র*, ১৯৩০। *দ্র* **আলুদম**

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আলুহাটা [মু আরু>+হাট>] *বি* আলুর বাজার। 'বালুর চরে আলুহাটা – হাতে বেতের চুপড়ি।' *রবীন্দ্র*, ১৯৪১।

আলুটী *বি* (সংগীত) তালবিশেষ। 'রাগিণী বাগশ্রী। আলুটী।' *বঙ্গ*, ১৫৭০।

আলুতা *বিণ* এঁটো। 'আলুতা চারটী থাল আছিল।' *চিঠিপত্রে*, ১৮৪৩।

আলুথালু [স আলুলায়িত] **১** *বিণ* অবিন্যস্ত। 'আলু থালু কেশ বাস ঘন ঘন বহে শ্বাস।' *ভারত*, ১৭৬০; 'আলুথালু চুল একটু পরিপাটি করতে করতে বললে।' *রবীন্দ্র*, ১৯২৯। **২** *বিণ* সুপরিকল্পিত নয় এমন। 'আলুথালু অবকাশের অবুঝ লেখা।' *রবীন্দ্র*, ১৯৩৫। **৩** *বিণ* অসম্বদ্ধ। 'মান মুখখানি কাঁদুনিক – আলুথালু ভাষা।' *রবীন্দ্র*, ১৯৩৬। **৪** *ক্রিবিণ* এলোমেলো ক'রে। 'সমস্ত আকাশটা ডেকে উঠল যেন কেশর-ফোলা সিংহ, তার লেজের ঝাপটে ডালপালা আলুথালু করে হতাশ বনস্পতি ...।' *রবীন্দ্র*, ১৯৩৬। **৫** *বিণ* ঝিমিয়ে পড়া। 'ধড়মড় করে জেগে ওঠে আলুথালু ষ্টেশন।' *হোসেন*, ১৯৪০।

আলুথালুবসনা [স আলুলায়িত-বসনা] *বিণ স্ত্রী* পোশাক এলোমেলো এমন। 'আলুথালুবসনা মিসেস বোস পাশের ঘর হইতে ছুটিয়া আসিলেন।' *বনফুল*, ১৯৩৬।

আলুদা [ফা] *বিণ* মাখানো। 'জহর আলুদা তীর মারিল কাফির।' *গরীব*, ১৭৬৫।

আলুনি [স অলবণ>] **১** *বিণ* লবণহীন। 'মনে আছে সব আলুনি?' *বিভূতি*, ১৯৩১। **২** *বিণ* লাবণ্যহীন। 'যদি মেয়েগুলোর শরীর ভাল থাকে, আলুনি না হয়ে যায়।' *অচিন্ত্য*, ১৯৫০।

আলুপটল, আলুপোস্ত, আলুপোস্তা, আলুফিস দ্র **আলু**

আলুবখরা [ফা আলুবুখারাহ্] *বি* টক স্বাদের ফলবিশেষ; প্রুন। 'আলুবখরার টকও তেম্নি।' *জীবন*, ১৯৩২।

আলুবুখারা, আলুবোখারী [ফা আলুবুখারাহ্] *বি* আফগানিস্তানের টক স্বাদের ফলবিশেষ। 'আখরোট কিসমিস আলুবুখারা খুঁজতবা, ১৯৪৯; 'হাত দিয়ে ছিঁড়ে ছিঁড়ে আপেল এপ্রিকট, আলুবোখারী খেয়েছি।' *মাহেনও*, ১৯৪৯।

আলুমিনা [ই অ্যালুমিনিয়াম] *বি* একপ্রকার হালকা রুপালি ধাতু। 'সিলিকন এবং আলুমিনার সঙ্গে অম্লজানের সংযোগ নানাবিধ মৃত্তিকা।' *বঙ্গিম*, ১৮৭৫।

আলুয়া [আ] *বি* হালুয়া। *মানোএল*, ১৭৪৩।

আলুয়ানো [স আলুলায়িত>] **১** *ক্রি* শিথিল হওয়া। 'অবধানে আলুয়ায় দৃঢ়বন্ধন দড়ি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *ক্রি* এলোমেলো করা। 'আলুয়াইতে।' *মানোএল*, ১৭৪৩।

আলুলায়িত [স] *বিণ* এলোমেলো। 'আলুলায়িত কেশ।' *দীনবন্ধু*, ১৮৬৬।

আলুলায়িতকুন্তলা [স] *বিণ* কেশরাশি এলোমেলো এমন। 'শ্লথবসনা, আলুলায়িতকুন্তলা শ্রীমতী রাধামণি।' *সাদত*, ১৯৬৭।

আলুলায়িতা [স] *বিণ স্ত্রী* এলোমেলো। 'এক গোধূলি-লগ্নে সদ্যস্নাতা আলুলায়িতা-কেশা।' *নজরুল*, ১৯২৭।

আলুস্থালু [স আলুলায়িত>] *বিণ* আলুথালু; এলোমেলো। 'প্রথম ফুল ফোটার দিনে একঝলক কিশোরীর আলুস্থালু অলিগলি পেরিয়ে পেয়েছিলাম তোমার, কবিতার সিঁড়ি।' *শক্তি*, ১৯৬৯।

আলুন [স] *বিণ* সম্পূর্ণ ছেদ করা হয়েছে এমন। *বিদ্যা*, ১৮৯১।

আলে [স অলেন] *ক্রিবিণ* বৃথা। 'আলে গুরু উএসই সীস।' *চর্যা ৪০*, ১২০০।

আলেকম *সর্ব* আপনাকে। *বিদ্যা*, ১৮৯১।

আলেক লতা [স আলোকলতা] *বি* স্বর্ণলতা। 'এই মানুষে মানুষ গাঁথা গাছে যেমন আলেক লতা।' *লালন*, ১৮৯০।

আলেখিয়া *বি* বৈষ্ণবসম্প্রদায়ের অনুসারী ধর্মসম্প্রদায়। 'ইহারা অলখ্ নাম উচ্চারণপূর্ব্বক ভিক্ষা করিয়া অন্যান্য সন্ন্যাসীকে ভোজন করায়, এই নিমিত্ত ইহাদের নাম আলেখিয়া।' *অক্ষয়*, ১৮৫০।

আলেখ্য [স] **১** *বি* চিত্রপট; ছবি। 'বস্তু সকলকে স্বভাবতঃ যেরূপ দেখা যায়, আলেখ্যে অর্থাৎ চিত্রপটে ...।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বি* প্রতিমূর্তি। 'কোনও নিপুণতর চিত্রকর দ্বারা, সেই অবস্থার ব্যঞ্জক এক আলেখ্য প্রস্তুত করাইলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

আলেখ্যদর্শন [স] *বি* চিত্র দর্শন। 'আলেখ্যদর্শন বিষয়টি রামায়ণে নেই।' *মুখলেস*, ১৯৭০।

আলেখ্যলোক [স] *বি* চিত্র; চিত্র-ভুবন। 'অমৃত সাগরতীরে রেখার আলেখ্যলোকে আনিয়াছি তোকে।' *রবীন্দ্র*, ১৯৩২।

আলেফ [আ আলিফ] *বি* আরবি বর্ণমালার প্রথম হরফ। 'আজ পড়েগা আলেফ রে।' *নজরুল*, ১৯৩১।

আলেম [আ আলিম] **১** *বি* ইসলাম ধর্মের তত্ত্বজ্ঞ; পণ্ডিত। 'মুসলমান আলেম মণ্ডলীও যে জাতীয় দুর্গতি নিবারণে দৃঢ়প্রতিজ্ঞ হইয়াছেন।' *প্রবোধ*, ১৯০৬। **২** *বি* মাদ্রাসা শিক্ষায় মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক স্তরের পরীক্ষা। '... এ বৎসর আলেম পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন।' *বেগম*, ১৯৪৮।

আলেম-ওলামা [আ আলিম+উলেমা] *বি* ইসলাম ধর্মতত্ত্ব বিষয়ে পণ্ডিতবর্গ। 'আলেম-ওলামাদের তরফ থেকে বহু সমালোচনা।' *মাহেনও*, ১৯৪৯।

আলেমদার [আ এলেম+ফা দার] *বিণ* বিদ্বান। 'ফার্সিতে সত্যই আলেমদার।' *গোপাল*, ১৯৬০।

আলেমান [আ আলিম] *বি* পণ্ডিতবর্গ। 'মধ্য থেকে আলেমান কোত্থেকে এসে জুটল।' *প্রমথ*, ১৯২২।

আলেয়া[১] [স আলোক>] **১** *বি* জলাভূমিতে মিথেন গ্যাসের আলো। 'আলেয়া-সংক্রান্ত নানাবিধ অদ্ভুত কথা।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বি* প্রহেলিকা। 'আঁধার মুহূর্ত-তরে হাসে যথা প্রাণপণে/ আলেয়ার হাস।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আলেয়াশিখা [স আলোকশিখা] *বি* মায়াময় আলোর শিখা। 'আলেয়াশিখা আজও জ্বলিতেছে।' *জীবন*, ১৯৪০।

আলেয়া[২] *বি* (সংগীত) আলাহিয়া রাগ, যা পূর্বাহ্নে গাওয়া হয়। 'শোনা গেল রসনচৌকি আলেয়া রাগিণীতে করুণস্বরে আলাপ জুড়িয়া দিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আলো[১] [ধ্বন্যা] *অব্য* ওহে। 'আলো ডোম্বি তোএ সম করিবে ম সাঙ্গ।' *চর্যা ১০*, ১২০০।

আলো[২] [ধ্বন্যা] *অব্য* ওলো। *মানোএল*, ১৭৪৩।

আলো[৩] [স আলোক] **১** *বি* আলোকিত। 'শিবতালে চাঁদ অগ্নি আলো করে তায়।' *শিবায়ন*, ১৭৫০। **২** *বি* দীপ। 'আলো নিবাইনু সবে দারুণ লজ্জায়।' *ভারত*, ১৭৬০। **৩** *বি* জ্ঞানালোক (উপহাসে)। 'অনেকের চাল ফুঁড়ে আলো বেরুতে লাগলো।' *হুতোম*, ১৮৬১। **৪** *বি* সূর্য। 'দেখো না গহনে, রূপের কিরণে/ গগনে উঠিছে আলো।' *গিরিশ*, ১৮৮৩। **৫** *বিণ* উজ্জ্বল। 'সোনার লতাটি আহা বন করেছিল

AMARBOI.COM

আলো।' *রবীন্দ্র*, ১৮৭৭। ৬ *বি* বিদ্যুতিক যোগাযোগ। 'পোস্টে চড়ে তার এসেছে – কিন্তু আলো আসেনি।' *শ্যামল*, ১৯৬৭।

আলো-আঁধার [স আলোক+স অন্ধকার] *বিণ* খানিকটা আলোকিত এবং খানিকটা অন্ধকারময়। 'আলো-আঁধার পর্দা টেনে।' *নজরুল*, ১৯৩৫।

আলোআঁধারি, আলোআঁধারী [স আলোক+স অন্ধকার>] ১ *বিণ* দুর্বোধ্য। 'আলোকে আলো-আঁধারি' *রবীন্দ্র*, ১৮৮০; 'সেই ফরিয়াদই অস্পষ্ট আলোআঁধারী ভাষাতে নিষ্ফল।' *হাই*, ১৯৫৪। ২ *বি* অস্পষ্ট আলো। 'আলোআঁধারিতে রাস্তার মোড়ে সে দাঁড়িয়ে থাকতে আরম্ভ করল।' *হাসান*, ১৯৬২।

আলো আঁধারি লাগা *ক্রি* আলো-আঁধারের মিশ্রণে ধাঁধা লাগা। 'দেখ যেন আলো আঁধারি লাগে না।' *দীনবন্ধু*, ১৮৬৭।

আলো-আহত [স আলোক-আহত] *বিণ* আলোকতাড়িত; আলোর স্পর্শ পেয়েছে এমন। 'আলো-আহত পদার্থের স্বাভাবিক গুণ পরিবর্তিত হয়।' *জগদীশ*, ১৮৯৫।

আলোওলা *বিণ* আলোযুক্ত। 'জ্বলজ্বলে আলোওলা পোড়ারমুখো মোটর এসে সামনে দাঁড়াল।' *মুজতবা*, ১৯৬০।

আলো-করা *বিণ* আলোকিত। 'এরি গোপন হৃদয়-পরে স্বর্গ বিরাজ করে দুঃখে আলো-করা।' *রবীন্দ্র*, ১৯১৪।

আলোগ্রস্ত [স আলোকগ্রস্ত] *বিণ* আলোকিত। 'আলোগ্রস্ত ঘরবারান্দা।' *ইলিয়াস*, ১৯৭৫।

আলোচাল [স আলোক>+চাল] *বি* আতপ চাল। 'আপনি আলোচাল হাতে করো মোর ক্ষেত্রমণিরি দেকতি আসবেন।' *দীনবন্ধু*, ১৮৬০।

আলোছায়া [স আলোক-ছায়া] *বি* আলো ও আঁধার। 'হাসিকান্না লঘুকায়া শরতের আলোছায়া।' *রবীন্দ্র*, ১৮৮৬।

আলোদীপ্ত [স আলোকদীপ্ত] *বিণ* আলোকোজ্জ্বল। 'চে-পথের আলোদীপ্ত প্রাণদ ঈগল।' *ফররুখ*, ১৯৪৬।

আলো-ধরা [স আলোক+ধরা] *বিণ* আলোকে শোষণ করে এমন। 'ফোটোগ্রাফ-ফলকের আলো-ধরা শক্তি চোখের শক্তির চেয়ে ঢের বেশি স্থায়ী।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আলো-নকিব [স আলোক>+আ নকিব] *বি* সূর্য। 'এই আগমনের খবরটি জানাতে আলো-নকিবের মিনিট আষ্টেক দেরি হল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আলো-বছর [স আলোক+স বৎসর] *বি* দূরত্বের এককবিশেষ; এক বছরে আলো যে দূরত্ব অতিক্রম করে (১৮৬০০০×৬০×৬০× ২৪×৩৬৫ মাইল); আলোকবর্ষ। 'আমাদের নক্ষত্রজগতের ব্যাস আন্দাজ একলক্ষ আলো-বছরের মাপে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আলো-বীণা [স আলোক+স বীণা] *বি* আলোরূপ বীণা। 'কাঁপবে তোমার আলো-বীণার তালে সে।' *রবীন্দ্র*, ১৯১৪।

আলোময় [স আলোকময়] *বিণ* আলোকিত; উজ্জ্বল। 'কালো মুখ তার হলো আলোময়।' *নজরুল*, ১৯২৫।

আলো-মুখ [স আলোক+স মুখ] *বি* উজ্জ্বল মুখ। 'ভয়ে কালো হয়ে গেল আলো-মুখ তার।' *নজরুল*, ১৯২৪।

আলোয়-পাগল *বিণ* আলোক-বিহ্বল। 'আলোয়-পাগল প্রভাত-হাওয়া।' *রবীন্দ্র*, ১৯১৫।

আলোয়-ভরা *বিণ* আলোকিত। 'সন্ধ্যাবেলায় এমন আলোয়-ভরা লোকজন-ভরা শহরের পথ দিয়ে সে হেঁটে চলেছে।' *নরেন্দ্র*, ১৯৫৩।

আলোসাগর [স আলোক+স সাগর] *বি* আলোর সাগর। 'আলোসাগরের গান।' *জীবন*, ১৯৩০।

আলোস্নাত [স আলোকস্নাত] *বিণ* আলোকিত। 'সম্মুখে কোথাও অন্ধকার আছে বলে কী এই নদীর স্রোতদল শহরের আলোস্নাত এক জায়গায় থমকে দাঁড়ায়?' *শওকত*, ১৯৬২।

আলোহীন [স আলোকহীন] ১ *বিণ* আলোকবঞ্চিত। 'আলোহীন সেই বিশাল হৃদয়ে আমার বিজন বাস।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* বিভ্রান্ত। 'আলোকতীর্থ পথে আলোহীন সেই যাত্রীদল ...।' *রবীন্দ্র*, ১৯১৬। ৩ *বিণ* আশাহীন। 'আলোহীন গানহীন হৃদয়ের গহন গভীরে।' *রবীন্দ্র*, ১৯৩৫। ৪ *বিণ* আলো নেই এমন। 'যেখানে অথগু দিন আলোহীন অন্ধকারহীন।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আলোক [স] ১ *বি* দীপ্তি। 'সমাচার চন্দ্রিকার আলোকে আলোকিত হইল।' *দর্পণ*, ১৮২২। ২ *বি* অবলোকন। 'গত ১২ ফালগুণ চন্দ্রিকায় আলোক করা গিয়াছে ঐ কাগজে তৎপ্রকাশকের নাম প্রকাশ হয় নাই।' *দর্পণ*, ১৮৩০। ৩ *বি* জ্যোতি। 'নিউটন আলোক ও বর্ণ এই দুই পদার্থের স্বরূপ নির্ণয় করিয়াছেন।' *বিদ্যা*, ১৮৪৯। ৪ *বি* সত্যতা। 'সত্যের আলোক আমার নিকটে রুদ্ধ করিতে পারি, কিন্তু সত্যকে মিথ্যা করিতে পারি না।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৫ *বি* বাতি। 'জ্বলিছে আলোক বাজিছে বাজনা।' *রবীন্দ্র*, ১৮৮৫। ৬ *বি* প্রভাব। 'সাহিত্যসূর্যের আলোক প্রথমে অত্যুচ্চ পর্বতের শিখরের উপরেই পতিত হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আলোকগম্য [স] *বিণ* অনায়াসে আলো ঢুকতে পারে এমন। 'বায়ু ও আলোকগম্য বাসযোগ্য সুদৃঢ় গৃহই আইডিয়াল।' *রবীন্দ্র*, ১৯০৮।

আলোক-ঘটা *বি* আলোর মালা। 'আলোক-ঘটা নানাবর্ণ ভূষিত ও সর্বলোকের সুখদৃশ্য করিয়া, বিকীর্ণ করিলেন।' *অক্ষয়*, ১৮৪৮।

আলোকচর [স] *বিণ* আলোতে বিচরণ করে এমন। 'বিজ্ঞ লোকেরা নিশাচর পাপকে আলোকচর সাধুতার অপেক্ষা বেশি বাস্তব বলিয়া তাহার গুরুত্ব অনুভব করে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আলোকচিত্র [স] *বি* আলোর সাহায্যে তোলা ছবি; ফোটোগ্রাফ। 'আলোকচিত্র বা ফটোগ্রাফ নামে অভিহিত।' *অক্ষয়*, ১৮৫৪।

আলোকচিত্রাঙ্কন [স] *বি* আলোর সাহায্যে ছবি তোলা। 'পূর্ব্বে সূর্য্যালোক সাহায্যেই এই আলোকচিত্রাঙ্কন সমাহিত হইত।' *অক্ষয়*, ১৮৫৪।

আলোকচিত্রাঙ্কনবিদ্যা [স] *বি* আলোর সাহায্যে ছবি তোলার জ্ঞান; ফোটোগ্রাফি। 'আলোকচিত্রাঙ্কনবিদ্যার আবিষ্কারের পর হইতে ... সাধিত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

আলোক-চোরা [স আলোক+স চোর>] *বি* আলোকে ভয় করে যে। 'আলোক-চোরা লুকিয়ে এল ওই।' *রবীন্দ্র*, ১৯২৯।

আলোকচ্ছটা [স] ১ *বি*. আলোকরশ্মি। 'এই জ্যোতির্ময়ী আলোকচ্ছটার বর্ণ ক্ষণে ক্ষণে রূপান্তর ধারণ করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* জ্যোতি। 'প্রভাত আলোকচ্ছটা শুভ্র তব ...।' *রবীন্দ্র*, ১৯২৫।

আলোকচ্যুত [স] *বিণ* দীপ্তিহীন। 'আত্মার আলোকচ্যুত জড়তা-শিলায়।' *ফররুখ*, ১৯৪৬।

আলোক-ছায়া [স] *বি* আলো ও অন্ধকার। 'আলোক-ছায়ার সিংহাসনে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আলোক-জ্বালা [স] *বিণ* আলোকোজ্জ্বল। 'চিরদিনের আলোক-জ্বালা নীল আকাশের নীচে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আলোকজ্যোতি [স] *বি* আলোর পিণ্ড। 'এই বিস্ময়াবহ আলোকজ্যোতি তত্রত্য গগনমণ্ডলে মধ্যে মধ্যে আবির্ভূত হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

আলোকটিকা [স আলোক-তিলক] *বি* আলোর তিলক। 'নৈরাশ্যের কুহেলিকা উষার আলোকটিকা ক্ষণে ক্ষণে মুছে দিতে চায়।' *রবীন্দ্র*, ১৯৩২।

আলোকতত্ত্ব [স] *বি* আলোক বিজ্ঞান। 'আলোকতত্ত্বের চর্চা করা।' *বিভূতি*, ১৯৩১।

আলোকতরঙ্গ [স] *বি* আলোক-রশ্মি। 'যুগযুগান্তরের আলোকতরঙ্গ ... নানা দিকে আঘাত করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আলোক-তরবারি [স] *বি* আলোক রূপ তরবারি। 'যখন আনেন তমোহারী আলোক-তরবারি।' *রবীন্দ্র*, ১৯১৪।

আলোকতীর্থ [স] *বি* আলোক রূপ তীর্থ। 'আলোকতীর্থের পথে আলোহীন সেই যাত্রীদল ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

আলোকত্ব [স] *বি* দীপ্তিময়তা; আলোকের গুণ। 'ঈশ্বরের কম্পনে মানুষ আলোকত্ব আরোপ করে না।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আলোকদাতা [স] *বিণ* আলো দেয় এমন। 'আমাদের আলোকদাতা সবিতা।' *নজরুল*, ১৯২২।

আলোকদাত্রী [স] *বিণ স্ত্রী* আলো দানকারী। 'বিশ্ববিধাত্রী আলোকদাত্রী।' *নজরুল*, ১৯৩৫।

আলোক-দিঠি [স আলোকদৃষ্টি] *বি* আলোর দৃষ্টি। 'তব পলকহারা আলোক-দিঠি মরম-'পরে রাখো।' *রবীন্দ্র*, ১৯১৪।

আলোকদূতী [স] *বিণ স্ত্রী* আলোর দূত। 'আলোকদূতী বেণুকা রোকেয়া সাখাওয়াৎ হোসেনের নামোল্লেখ করতে পারি।' *বেগম*, ১৯৫১।

আলোকধারা [স] *বি* আলোর প্রবাহ। 'তোমার আকাশ উদার আলোকধারা।' *রবীন্দ্র*, ১৯১০।

আলোক-ধেনু [স] *বি* আলোকরূপ ধেনু। 'এই তো তোমার আলোক-ধেনু সূর্যতারা দলে দলে।' *রবীন্দ্র*, ১৯১৪।

আলোকনিষ্ঠ [স] *বিণ* নিরবচ্ছিন্ন আলো দিচ্ছে এমন। 'আমরা দিগন্তগ্রাসী তামসিকতার মাঝখানে আলোকনিষ্ঠ প্রদীপের মতো জ্বলবো।' *অন্নদা*, ১৯২৮।

আলোক-পাখা [স আলোকপক্ষ] *বি* আলোকরূপ পাখা। 'তখনো ধ্যানের আলোক-পাখায় মহাজ্ঞান করো অন্বেষণ।' *ফররুখ*, ১৯৪৬।

আলোকপাত [স] **১** *বি* জ্ঞান পরিবেশন। 'তাঁদের মতে সাহিত্য-ক্ষেত্রে পুরাতনের পরে নূতন আলোকপাতের চেষ্টা – অনধিকারচর্চা।' *প্রমথ*, ১৯১৭। **২** *বি* আলো এসে পড়া। 'তার অস্ফুট চিত্তকমলের উপর আলোকপাত হয়েছে, তাকে উদ্‌বোধিত করবার প্রয়াসের বিরাম নেই।' *রবীন্দ্র*, ১৯২৪। **৩** *বি* দৃষ্টি দেওয়া। 'এই দিকটাতেই কিছু আলোকপাতের চেষ্টা করব।' *বেগম*, ১৯৪৮।

আলোক-পাথারে [স] *বি* আলোকরূপ সমুদ্র। 'তোমারি দেখা পেলে সহজ ক্ষেমে ডুববে আলোক-পাথারে।' *রবীন্দ্র*, ১৯১৭।

আলোকপিপাসু [স] *বিণ* আলোপ্রত্যাশী। 'অন্ধ দাঁড়িয়ে তার আলোকপিপাসু দুই চক্ষুর সূর্যের দিকে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

আলোকপিপাসী [স আলোকপিপাসী] *বিণ* আলো-প্রত্যাশী। 'মধুর বেদনায় আলোকে পিয়াসী অশোক মুঞ্জরিল।' *রবীন্দ্র*, ১৯৩৮।

আলোকপূর্ণ [স] *বিণ* আলোময়। 'সূর্য্য ... প্রখর কিরণ বিকীর্ণ করিয়া চতুর্দ্দিক আলোকপূর্ণ করেন।' *অক্ষয়*, ১৮৫০।

আলোকপ্রপাত [স] *বি* আলোর ক্রমাগত বিচ্ছুরণ। 'পরিপূর্ণ সত্যমুক্তির আলোকপ্রপাত।' *নজরুল*, ১৯২৭।

আলোকপ্রাপ্ত [স] **১** *বিণ* আলোকিত। 'শিক্ষার আলোকপ্রাপ্ত যুগে তথাকথিত আতরাফরা যখন শিক্ষার আলোক পাইতে লাগিলেন।' *বেগম*, ১৯৪৮। **২** *বি* শিক্ষিত ব্যক্তি। 'মার্জিত আলোকপ্রাপ্তরা কালচারের মারফতেই নিজেদের নিয়ন্ত্রিত করে।' *মোতাহের*, ১৯৫০।

আলোকপ্রাপ্তা [স] *বিণ স্ত্রী* আলোকিত। 'যাঁরা আধুনিক শিক্ষায় আলোকপ্রাপ্তা।' *বেগম*, ১৯৪৮।

আলোকপ্রিয়তা [স] *বি* বাস্তবতাপ্রীতি। 'এই আলোকপ্রিয়তার ফলে সে সাহিত্য অপূর্ব স্বচ্ছতা ...।' *প্রমথ*, ১৯১৬।

আলোকপ্লাবন [স] *বি* আলোর বন্যা; আলোর প্রাচুর্য। 'হেমন্তের তুষারনির্মল আলোকপ্লাবন।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আলোকবর্তিকা [স] *বি* প্রদীপ। 'কর্তব্য হচ্ছে, তাদের মধ্যে আলোকবর্তিকা বয়ে নিয়ে যাওয়া।' *বেগম*, ১৯৪৭।

আলোকবর্ষ [স] *বি* জ্যোতির্বিদ্যায় ব্যবহৃত দূরত্বের এককবিশেষ; এক বছরে আলো যে দূরত্ব অতিক্রম করে (১৮৬০০০x৬০x২৪x৩৬৫ মাইল)। 'অবহিত আলোকবর্ষের নক্ষত্রেরা।' *জীবন*, ১৯৪০।

আলোকবসনা [স] **১** *বি স্ত্রী* আলোরূপ বস্ত্র পরিধানকারী। 'আলোকবসনা ওগো, নীরবভাষিণী।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বিণ স্ত্রী* প্রভাময়ী। 'বিশ্বজগতের আলোকবসনা সতীলক্ষ্মী ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

আলোকবিন্দু [স] *বি* আলোকরশ্মি। 'গ্রামে দু-একটি আলোকবিন্দু সঞ্চরণ করছে।' *মানিক*, ১৯৩৫।

আলোকবিন্দুবৎ [স] *বিণ* আলোকবিন্দুর মতো। 'আত্যন্তিক দূরতাবশতঃ আলোকবিন্দুবৎ দেখায়।' *বঙ্কিম*, ১৮৭৫।

আলোকবোধ [স] *বি* আলো সম্পর্কিত ধারণা। 'জন্মান্ধের যেমন আলোকবোধ থাকে না আমাদের তেমনি নারীবোধ নেই।' *অন্নদা*, ১৯২৯।

আলোকব্যগ্রতা [স] *বি* আলোর জন্য ব্যাকুলতা। 'দেখিলাম শূন্যমাঝে আঁধারের আলোকব্যগ্রতা।' *রবীন্দ্র*, ১৯২৫।

আলোক-মণ্ডল [স] *বি* আলোক রশ্মি। 'শতেক যোজন বেড়ি আলোক-মণ্ডল শোভিল আকাশে।' *মাইকেল*, ১৮৬০।

আলোকময় [স] **১** *বিণ* আলোকপূর্ণ। 'জলাভূমিতে ও সমাধিক্ষেত্রে সচরাচর যে আলোকময় বস্তু দৃষ্ট হইয়া থাকে ...।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বিণ* উদ্ভাসিত। 'আলোয় আলোকময় করে হে এলে আলোর আলো।' *রবীন্দ্র*, ১৯০৯।

আলোকময়ী [স] *বিণ স্ত্রী* আলোকজ্বল। 'সুর-সুরধুনী আলোকময়ী, উজলি কনক বালুকারাশি।' *রবীন্দ্র*, ১৮৭৫।

আলোক-মাতাল [স] *বিণ* আলোকাচ্ছন্ন। 'ওই আলোক-মাতাল স্বর্গসভার মহাঙ্গন।' *রবীন্দ্র*, ১৯১৪।

আলোকমালা [স] *বি* মালার মতো পাশাপাশি সজ্জিত বাতি। 'রঙ্গমঞ্চের সম্মুখবর্তী আলোকমালা উজ্জ্বলতর হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আলোকরশ্মি [স] *বি* আলোকচ্ছটা। 'নিমেষে নিমেষে আলোকরশ্মি।' *রবীন্দ্র*, ১৮৯০।

আলোকরাজ্য [স] *বি* আলোর রাজ্য। 'চারিদিকে বেলুরের ঝড়ে প্রতিভাত হইয়া এক অভিনব আলোকরাজ্য রচনা করিয়া ফেলিয়াছে।' *রোকেয়া*, ১৯০৪।

আলোকরেখা [স] *বি* আলোর রেখা। 'নয়নে আঁধার রবে, ধেয়ানে আলোকরেখা।' *রবীন্দ্র*, ১৯২২।

আলোকলতা [স] *বি* হলুদ রঙের পরজীবী লতাবিশেষ; স্বর্ণলতা। 'হৃদয়তরুর শাখায় শাখায় আলোকলতা জড়িয়েছে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আলোকলোক [স] *বি* গগনমণ্ডল। 'ধূলি ও মাটি সেই তো খাঁটি, আলোকলোক ফাঁকা।' *রবীন্দ্র*, ১৯৪১।

আলোকশিখা [স] **১** *বি* প্রদীপ। 'একটি আলোকশিখা সমুখে ধরিলে নীরবে করে সে পলায়ন।' *রবীন্দ্র*, ১৮৮৬। **২** *বি* আগুনের শিখ। 'একটা অনাবৃত আলোকশিখা দেখে দৃষ্টিগুলো যেন ... লম্ফ দিয়ে পড়ছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আলোকসজ্জিত [স] *বিণ* আলোক দ্বারা সাজানো হয়েছে এমন। 'তখন নগরীর পথ আলোকসজ্জিত।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

আলোক-সপ্তক [স] *বি* সাত রঙের আলোর সমষ্টি। 'গতির সঙ্গে সঙ্গে আলোক-সপ্তকের সুরও একটু ওঠা-নামা করে।' *মোতাহার*, ১৯৩৭।

আলোকসভা [স] *বি* আলোর সমাবেশ। 'প্রভাতে প্রভাতে আনন্দে আলোকসভা মাতে।' *রবীন্দ্র*, ১৯৪০।

আলোকসম্পাত [স] **১** *বি* আলোকপাত। 'শিখরে যখন আলোকসম্পাত হয় তখন নিম্নভূমি গভীর অন্ধকারে আবৃত থাকে।' *রবীন্দ্র*, ১৯১৬। **২** *বি* আলো ফেলা; অজ্ঞাত বস্তু জ্ঞাত করা। 'প্রকৃত ঘটনার উপর আলোক সম্পাত করার চেষ্টা করিয়াছেন।' *আজাদ*, ১৯৪০।

আলোকসাগর [স] **১** *বি* আলোকরূপ সাগর। 'সুখে পশি আলোকসাগরে, কর বাস।' *মাইকেল*, ১৮৬০। **২** *বি* দিনের আলো। 'আলোকসাগরে আকাশের তারা তেয়াগে কায়।' *রবীন্দ্র*, ১৮৮০।

আলোকসুধা [স] *বি* আলোরূপ সুধা। 'অন্তরে তার গভীর ক্ষুধা, গোপনে চায় আলোকসুধা।' *রবীন্দ্র*, ১৯২৭।

আলোকসুন্দরী [স] *বিণ স্ত্রী* আলোর ন্যায় উজ্জ্বল সুন্দর। 'স্বপ্নসম্ভবা আলোকসুন্দরী রাজকুমারী।' *রবীন্দ্র*, ১৮৯২।

আলোকস্তম্ভ [স] *বি* বাতিঘর। 'ঐখানেতে আলোকস্তম্ভ দাঁড়িয়ে আছে ঢের।' *জীবন*, ১৯৪০।

আলোক-স্নান [স] *বি* আলোতে স্নান। 'আয় আলোক-স্নানের যাত্রীরা আয়।' *নজরুল*, ১৯২৬।

আলোকহারা [স] *বিণ* আলোবিহীন। 'তোমাদের মুখ ভ্রুকুটিকুটিল/ নয়ন আলোকহারা।' *রবীন্দ্র*, ১৮৯০।

আলোকহীন [স] *বিণ* অন্ধকার। 'সেই বায়ুহীন আলোকহীন মহাগহ্বর হইতে ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

আলোকা [স আলোক] **১** *ক্রি* আলোকিত করা। 'গগন-অঙ্গন-আলোকে উদার দীপ-দীপ্তিমা।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *ক্রি* আলোকিত হওয়া। 'সে ক্ষণকালের দীপে চিরকাল উঠিত আলোকি।' *রবীন্দ্র*, ১৯২৫।

আলোকাকীর্ণ [স আলোক-আকীর্ণ] *বিণ* আলোকিত। 'প্রকাণ্ড ঘর, গ্যাসের আলোয় আলোকাকীর্ণ।' *রবীন্দ্র*, ১৮৮২।

আলোকাভা [স আলোক-আভা] *বি* আলোর দীপ্তি। 'হৃদয়ের অন্ধকার দূরে সরিয়া উজ্জ্বল আলোকাভা ফুটিয়া ওঠে।' *মশাররফ*, ১৯০৮।

আলোকিত [স] *বিণ* উজ্জ্বল। 'সমাচার চন্দ্রিকার আলোকে আলোকিত হইল।' *দর্পণ*, ১৮২২।

আলোকীয় [স] *বিণ* আলোক সম্বন্ধীয়। 'আলোকীয় আন্দোলনের গতি বর্ত্তমান।' *বঙ্কিম*, ১৮৭৫।

আলোকোদ্ভাসিত [স আলোক-উদ্ভাসিত] *বিণ* আলোকোজ্জ্বল। 'অস্তিত্বধারার বৃহৎ স্মৃতি আলোকোদ্ভাসিত মানবাত্মাকে অবলম্বন করিয়া ...।' *হাই*, ১৯৫৪।

আলোচক [স] *বি* আলোচনাকারী। 'এতদূর উৎকর্ষ সত্ত্বেও আলোচকের ক্ষোভ নিবারণ হয় না।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

আলোচনা [স] **১** *বি* চর্চা। 'কার্য্যের অবকাশে আগে যাহা শিখিয়াছে তাহার আলোচনা করিয়া বেড়াইতে পারে।' *গৌর*, ১৮২২। **২** *বি* অনুভব। 'মনোমধ্যে পুনঃপুন তাহা আলোচনা করিয়া সুখী হইতে থাকে।' *অক্ষয়*, ১৮৪৩। **৩** *বি* কথোপকথন। 'ব্রাহ্মধর্ম্মের উন্নতির বিষয় আলোচনা করিয়া অত্যন্ত প্রফুল্ল হইতেছি।' *অক্ষয়*, ১৮৪৭। **৪** *বি* ব্যাখ্যা। 'প্রাচীন কালিক পুরাবৃত্ত সমস্ত আলোচনা করেন।' *অক্ষয়*, ১৮৪৭। **৫** *বি* পর্যালোচনা। 'এই সমস্ত উপাখ্যান আলোচনা করিলে তাহারা অসভ্য নরজাতি ব্যতীত আর কি সম্ভব হয়?' *অক্ষয়*, ১৮৪৭। **৬** *বি* বিবেচনা। 'বিরলে বসিয়া এ বিষয়ে আলোচনা করিলে বিস্ময় সাগরে মগ্ন হইতে হয়।' *অক্ষয়*, ১৮৫০। **৭** *বিণ* রচনা। 'বাংলা ছন্দ সম্বন্ধে যত কিছু আলোচনা করেছি এই গ্রন্থে প্রকাশ করা হল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আলোচনাধীন [স] *বিণ* আলোচিত হচ্ছে এমন। 'একটি সংশোধনী মুসাবিদা বর্ত্তমানে আইন পরিষদের আলোচনাধীন আছে।' *সওগাত*, ১৯৩৯।

আলোচনাপরায়ণ [স] *বি* আলাপরত ব্যক্তি। 'কর্তামা এই দুটি আলোচনাপরায়ণের যে অনুরাগ লক্ষ্য করেছেন।' *রবীন্দ্র*, ১৯২৮।

আলোচনামূলক [স] *বিণ* আলোচনাধর্মী। 'এই বিতর্ক আলোচনামূলক ও শিক্ষামূলক।' *আজাদ*, ১৯৬৮।

আলোচনীয় [স] *বিণ* আলোচনার যোগ্য; আলোচ্য। 'বিবিধ আলোচনীয় পুস্তক প্রত্যহ পাঠ হইতেছে।' *দর্পণ*, ১৮৩৮।

আলোচা [স আলোচনা>] *ক্রি* আলোচনা করা। 'আনেক যতন করি আলোচিআঁ কাজে।' *বড়ু*, ১৪৫০।

আলোচিত [স] **১** *বিণ* বিবেচনাকৃত। 'ভোগ্যদ্রব্যসমূহের অকিঞ্চিৎকরতা ... আলোচিত প্রত্যালোচিত করা যায়।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বিণ* চর্চা করা হয়েছে এমন। 'তাহা আংশিক আলোচিত হইল।' *বিদ্যা*, ১৮৭৩।

আলোচ্য [স] **১** *বিণ* বলা হবে এমন। 'অনুমান হয় আলোচ্য গ্রন্থখানি তাহার পূর্ব্বে লিখিত।' *অক্ষয়*, ১৮৪৭। **২** *বিণ* আলোচনার যোগ্য। 'আলোচ্য গ্রন্থ সকলের পৌর্ব্বাপর্য্য এইরূপ অবধারিত হয়।' *বঙ্কিম*, ১৮৮৬। **৩** *বিণ* বিবেচনাধীন। 'মৌলিক মহাভারতে তাঁহার কিরূপ চরিত্র প্রচারিত হইয়াছিল, ইহাই আমাদের আলোচ্য।' *বঙ্কিম*, ১৮৮৬। **৪** *বি* আলোচনার বিষয়। 'কোন বিধানকর্তা কী বলিয়াছেন তাহাই আলোচ্য।' *রবীন্দ্র*, ১৯০৮।

আলোছায়া *দ্র* আলো

AMARBOI.COM

আলোড়ন [স] ১ *বি* আবর্তন। 'তাহারি আলোড়নে অনেকক্ষণ থাকেন।' *রামরাম*, ১৮০১। ২ *বি* মন্থন। 'বাঙ্গালি জাতির ইতিহাস কিছু স্থির হইতে পারে বলিয়া আমরা এ বিষয়ের আলোড়ন করিতেছি।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ৩ *বি* উৎসবমুখর পরিবেশ; উৎসবের আমেজ। 'সীজনের সময় লন্ডনে এইরকম আলোড়ন।' *রবীন্দ্র*, ১৮৮১।

আলোড়া [স আলোড়ন>] ১ *ক্রি* আবর্তন করা। 'রাধিকা চাহিল কানু আলোড়িআঁ জলে।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* আলোড়ন তোলা। 'আকাশে আলোড়ি শিখার শুণ্ড।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আলোড়িত [স] ১ *বিণ* অনুপুঙ্খ গবেষণা করা হয়েছে এমন। 'ইউরোপের প্রাণীবিদ্যা, পদার্থবিদ্যা, দর্শন, বিজ্ঞান প্রভৃতি আলোড়িত করিয়া ...।' *অক্ষয়*, ১৮৫০। ২ *বিণ* আন্দোলিত। 'সহসা আনন্দোচ্ছ্বাসে আলোড়িত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৯২। ৩ *বিণ* আবর্তিত। 'মা মা ক্রন্দন ... বালকের অন্তরে কেবলি আলোড়িত হইত।' *রবীন্দ্র*, ১৮৯২। ৪ *বিণ* শিহরিত। 'তরুণ দেহের রক্তলহরী উন্মাদনায় আলোড়িত হইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৫ *বিণ* বিক্ষুব্ধ। 'প্রণয়বঞ্চিত চিত্তকে সর্বদাই আলোড়িত করিয়া তুলিত।' *রবীন্দ্র*, ১৯০২।

আলোদীপ্ত *দ্র* আলো

আলোনা [স অলবণ>] *বিণ* লবণহীন। 'এখানে আলোনা মাটিতে সমুদ্রের স্পর্শমাত্র নেই।' *রবীন্দ্র*, ১৯৩১।

আলোপ [স অ+স লোপ>] *বিণ* লোপ পেয়েছে এমন। 'কুহু রাহু করে চন্দ্র আলোপ গরাস।' *আলাওল*, ১৬৮০।

আলোপন [স অ+স লোপ>] *বিণ* অদৃশ্য। 'ধাত্রিএর কোলেথু শিশু হৈল আলোপন।' *সুলতান*, ১৭০০।

আলোপা [স অ+স লোপ>] *ক্রি* অদৃশ্য হওয়া। 'বুলিলা গুরাল কোল হোন্তে আলোপিল।' *সুলতান*, ১৭০০।

আলো-পোলো [স পলব>] *বি* মাছ ধরার পোলো-বিশেষ। 'আলো-পোলোয় শাল-শোল, বান-বোয়াল শেষ।' *শ্যামল*, ১৯৬৭।

আলোয়ান [আ] *বি* চাদরবিশেষ। 'ছিঁড়লে সেদিন আস্ত আলোয়ান।' *নজরুল*, ১৯২৬; 'ছাই রঙের আলোয়ান গায়ে।' *রবীন্দ্র*, ১৯২৮।

আলোল [স লোল>] *বিণ* অসংযত। 'কিশোর আষাঢ় যদি আপন আলোল কুন্তলে নবমালতীর মালা ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

আলোল বিলোল [স অ+স লোল+স বি+স লোল] *বিণ* চঞ্চল। 'মধুর মূরতি পতি আলোল বিলোল গতি।' *বাহরাম*, ১৬৫০।

আলোসাগর *দ্র* আলো

আল্ট্রামডার্ন [ই] *বিণ* অত্যাধুনিক। 'সঙ্গে এক আল্ট্রামডার্ন যুবতী।' *সাদত*, ১৯৬৭।

আল্প [স অল্প] *বিণ* অল্প। *মানোএল*, ১৭৪৩।

আল্পস [ই আল্প্স্] *বি* ইউরোপের সবচেয়ে বড়ো পর্বতমালা। 'আন্ডিস বা হিমাদ্রি, আলটাই বা আল্পস।' *সাধারণী*, ১৮৭৫।

আল্পাকা [ই] *বি* প্রধানত দক্ষিণ অ্যামেরিকার পেরু, চিলি ইত্যাদি এলাকায় পালিত মেষের মতো জন্তুবিশেষ, এর লোম দিয়ে পশম তৈরি হয়। 'আস্তীন আল্পাকা চাপকান।' *বঙ্কিম*, ১৮৮৪।

আল্বানো [স আলুল>] *ক্রি* শিথিল করা। 'অবধানে আল্বাইল দৃঢ়বন্ধন দড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

আল্যা [স আহ্লাদ] *বি* আদর। 'আল্যা করি কোলে বসি ছেঁদে ধরি গলে।' *ভারত*, ১৭৬০।

আল্যানো [স আলুল>] ১ *ক্রি* এলোমেলো করা। 'বসন আল্যায় সোম আপনি পরায়।' *রূপরাম*, ১৭৫০। ২ *ক্রি* আলুথালু করা। 'আল্যায়া মাথার কেশ মুখে মাখে ধুলা।' *মানিকরাম*, ১৭৮১।

আল্লা [আ আল্লাহ] *বি* (ইসলাম ধর্মমতে) সৃষ্টিকর্তা ও সর্বশক্তিমান; আল্লাহ। 'ইছিলাম তোমার মৃত্যু গোচরে আল্লার।' *বাহরাম*, ১৬৫০। *দ্র* আল্লাহ

আল্লার ঘর [আ আল্লাহ>+ঘর] *বি* মক্কায় অবস্থিত কাবাঘর। 'দেখিতে আল্লার ঘর চলিলেন্ত পয়গাম্বর নিশঙ্কাএ বহু মনুরঙ্গে।' *সুলতান*, ১৭০০।

আল্লাদি [স আহ্লাদী] *বিণ* আদুরে। 'ফুফুর আল্লাদী দরদী এই ভাইজিটি।' *নজরুল*, ১৯২৭।

আল্লাবাল্লে *বি* একপ্রকার মসলিন কাপড়। 'আবেরাওয়াঁ, আল্লাবাল্লে, তাঞ্জেব, তরন্দাম, তুনসুক বা নয়নসুক।' *মাহেনও*, ১৯৪৯।

আল্লাহ [আ] *বি* (ইসলাম ধর্মমতে) সৃষ্টিকর্তা ও সর্বশক্তিমান; ঈশ্বর। 'আল্লাহর গৌরবদৃষ্টি তাহার উপরে।' *বাহরাম*, ১৬৫০। *দ্র* আল্লা

আল্লাহতালা [আ আল্লাহ+আ তায়ালা] *বি* (ইসলাম ধর্মমতে) সর্বশক্তি-মান ঈশ্বর; আল্লাহ। 'পরম দয়াময় আল্লাহতালা।' *প্রচারক*, ১৮৯৬।

আশ[1] [স আশা] ১ *বি* আশা। 'রাধিকা মানআঁ বড়ায়ি পুর মোর আশ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* আশ্বাস। 'এতেক বুলিআঁ তার না পাইলোঁ আশ।' *বড়ু*, ১৪৫০। ৩ *বি* ভরসা। 'শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ/ চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৪ *বি* আকাঙ্ক্ষা। 'ভঙ্গী নব শিখিবার আশে।' *মুকুন্দ*, ১৬০০।

আশ[2] [স অংশু] *বি* (মাকড়শার) জাল। 'মাকড়ার আশে বন্দী সে জল।' *লালন*, ১৮৯০।

আশংসা [স] *বি* সন্দেহ; সংশয়। 'প্রাচীনেরদের সর্বজ্ঞতৃ বিষয়ে আশংসা করিলে মহাপাপ জ্ঞান করেন।' *দর্পণ*, ১৮৩৭।

আশক [আ আশেক] ১ *বি* আসক্তি। 'বাবুরদিগের মনের আশক মেটে।' *ভবানী*, ১৮২৮। ২ *বিণ* আসক্ত। 'বিবিরা যদি কেউ দেখে হয় আশক।' *নজরুল*, ১৯৩১।

আশকারা [ফা আশকারা] ১ *বি* রহস্য উদ্‌ঘাটন। 'চুরির কোনো আশকারা হল না কি?' *রবীন্দ্র*, ১৯১৫। ২ *বি* প্রশ্রয়। 'ওকে আর আশকারা দিতে হবে না।' *জীবন*, ১৯৩২।

আশক্তি [স শক্তি>] *বি* গভীর অনুরাগ। 'সুযোগে আশক্তি যারে টলাইতে নারে।' *গিরিশ*, ১৮৮৭।

আশঙ্ক [স শঙ্কা] *বি* আশঙ্কা; ভয়। 'গুরুএ দেখিব অঙ্গ মনেত আশঙ্ক।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আশঙ্কা [স] ১ *বি* ভয়। 'অনিষ্ট আশঙ্কা বিনা মনে নাহি আন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* সন্দেহ। 'তথাপি আমারদিগের এই আশঙ্কা যে ... একেবারে সমূলোৎপাটন করা অসাধ্য।' *দর্পণ*, ১৮৩০। ৩ *বি* সংশয়। 'এই ভয়ে পৃথিবীতে পাদক্ষেপণ কত্যেও আশঙ্কা হচ্যে।' *মাইকেল*, ১৮৬১।

আশঙ্কাকুল [স] *বিণ* ভয়ে আকুল; শঙ্কিত। 'ভাসমান সন্তানদের জন্য ভূমিমাতার আশঙ্কাকুল জাগ্রত দৃষ্টি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আশঙ্কাজনক [স] *বিণ* ভীতিকর। 'এই আশঙ্কাজনক অবস্থার মাঝখানে বিনয়ের সুকুমার শীলতার পরিচয় ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আশঙ্কাজনকরূপে [স] *ক্রিবিণ* ভয়ঙ্কররূপে। 'প্রতিক্রিয়াশীল চক্র আশঙ্কাজনকরূপে তৎপর হয়ে উঠেছেন।' *বেগম*, ১৯৬৩।

আশঙ্কাবশতঃ [স] *ক্রিবিণ* ভীত হয়ে। 'সৈন্য সংগ্রহ অনুমোদন করচি কিন্তু ব্রহ্মভূপতির সেনাসংখ্যার অধিকতা আশঙ্কাবশতঃ নয়।' *দীনবন্ধু*, ১৮৭৩।

আশঙ্কাশূন্য [স] *বিণ* সংশয়হীন। 'এই আশঙ্কাশূন্য অনুদ্বেগই রাজলক্ষ্মীর কাছে বড়ো কঠিন।' *রবীন্দ্র*, ১৯০২।

আশঙ্কিত [স] *বিণ* ভয় করা হচ্ছে এমন। 'মহিষীকে স্বপ্নের কথা ও আশঙ্কিত উৎপাতের কথা বলিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০০এ

আশঙ্কিতা [স] *বিণ স্ত্রী* সংশয়িত। 'মিসেস কেনী ভয়ে ভীতা ও আশঙ্কিতা।' *মশারফ*, ১৮৯০।

আশনাই [ফা] ১ *বি* পরিচয়। 'আপনার নাম কহ আমাকে আশনাই দেহ।' *হামজা*, ১৮০৭। ২ *বি* অবৈধ প্রণয়। 'আমার সহিত আশনাই হওাতে গর্ভ হইআছে।' *চিঠিপত্রে*, ১৮৪৮। ৩ *বি* প্রেম। 'মন যত বলে আশা নাই, হৃদে তত জাগে আশনাই।' *নজরুল*, ১৯৪২। ৪ *বি* বন্ধুত্ব। 'আতরওয়ালার সঙ্গে আশনাই হলে গায়ে কিঞ্চিৎ খুশবাই লাগবে।' *মুজতবা*, ১৯৫২।

আশপড়শী [স পার্শ্ব-প্রতিবেশী] *বি* পাড়া-প্রতিবেশী। 'আশপড়শীগণ গুরুগরবিত জন।' *ভবানন্দ*, ১৮০০।

আশপাশ [স পার্শ্ব>] ১ *বিণ* নিকটে অবস্থিত। 'আশ-পাশ লোক যত ভিজিল সকল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* নিকটস্থ। 'আশপাশ গ্রামের লোক দেখিতে আইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আশে পাশে [স পার্শ্ব>] ১ *ক্রিবিণ* কাছাকাছি। 'প্রভুকে ধরিতে বুলে আশে পাশে ধাওা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *ক্রিবিণ* চারদিকে। 'আশে পাশে পড়ে শ্বেত চামরের বা।' *মুকুন্দ*, ১৬০০।

আশ পাস [স পার্শ্ব>] *ক্রিবিণ* এদিক ওদিক। 'আশ পাস থেকে মেয়েরা উঁকী মাচ্চে।' *হুতোম*, ১৮৬১।

আশবাব [আ আসবাব] *বি* আসবাব; ঘরসজ্জার উপকরণ। 'এই আশবাব-ঠাশা হাঁশফাঁশ-করা গুমোট ঘরে!' *বুদ্ধ*, ১৯৪৩।

আশমান[১] [স অসমান] *বি* অবহেলা। 'তভৌ মোর আশমান কৈলে বারে বারে।' *বড়ু*, ১৪৫০।

আশমান[২] [ফা আসমান] *বি* আকাশ। 'জমীন আশমান ফারাক।' *বঙ্কিম*, ১৮৭৮।

আশমান-ঠেকা [ফা আসমান+ঠেকা] *বিণ* অত্যন্ত উঁচু; আকাশে ঠেকে গেছে এমন। 'সেটাকে বাড়িয়ে আশমান-ঠেকা করে ছাড়লে।' *নজরুল*, ১৯৩১।

আশমানি [ফা আসমান>] *বিণ* আকাশী বা নীল রঙের। 'শাড়ি তার আশমানি।' *রবীন্দ্র*, ১৯৩২।

আশ মেটা [স আশা>] *ক্রি* ইচ্ছা পূরণ হওয়া। 'আর ভাই এত ঘুমও ছিল, ঘুমিয়ে আর আশ মেটে না।' *উমেশ*, ১৮৫৭।

আশয় [স] ১ *বি* অভিপ্রায়। 'তোমার দ্বারা করাইবেন বুঝিল আশয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* চিত্ত। 'নির্ব্বিকার হরিদাস গম্ভীর-আশয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* সুনাম। 'ডিসমিসে তাঁর আশয় ভারি।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৪ *বি* আশা। 'অনেক আশয় করে করেছি পালন।' *মানিকরাম*, ১৭৮১। ৫ *বি* চিত্ত। 'আশয়ে অরুষ হএ তোমার মস্তক লয়ে।' *মানিকরাম*, ১৭৮১।

আশয়হীন [স] *বিণ* ধন-সম্পত্তি নেই এমন। 'আশয়হীন লোককে মহাশয় বললে গাল দেওয়া হয়।' *তারা*, ১৮৪০।

আশরত [আ] *বি* স্ফূর্তি। 'কেটেছে নরম আয়েশে আশরত বহুদিন।' *ফররুখ*, ১৯৬৬।

আশরফ [আ] *বি* সম্ভ্রান্ত ব্যক্তি। 'তান পাত্র আশরফ লক্ষ উজীরে।' *আলাওল*, ১৬৮০।

আশরফি, আশরাফী [আ আশরফ>] *বি* স্বর্ণ মুদ্রা; মোহর। 'কত বাদশাহি আশরফিতে পূর্ণ।' *নজরুল*, ১৯৩১; 'মুঠা মুঠা আশরাফী রাস্তার দুদিকে ছুঁড়ে ছুঁড়ে ফেলতেন।' *মুজতবা*, ১৯৪৯।

আশরুপি, আশরোপি [আ আশরফ] *বি* স্বর্ণ মুদ্রা; মোহর। 'শত আশরুপি কাঙ্গালি লোকেরদিগকে দিয়া জলযোগ করিত।' *রামরাম*, ১৮০১; 'যে ভাল করবে, লাখ আশরোপি দিব।' *গিরিশ*, ১৮৮৭।

আশরাফি [ফা আশরফ] *বি* স্বর্ণমুদ্রা। 'এখন আশরাফিগুলো আমাকে দিতে হুকুম হয় হুজুরের।' *শিবরাম*, ১৯৭০।

আশরীর [স] *ক্রিবিণ* সমস্ত শরীর নিয়ে। 'ওরা আশরীর চমকে উঠলো সবাই।' *মান্নান*, ১৯৬৮।

আশশেওড়া, আশশ্যাওড়া [স আস্যশাখোট] *বি* শেওড়া গাছ। 'আশশেওড়া বনে ...।' *বিভূতি*, ১৯২৯; 'বেত আশশ্যাওড়া ভাঁটের জঙ্গলের ভিতর।' *জীবন*, ১৯৩২।

আশা[১] [পা] ১ *বি* ইচ্ছা। 'এহাত ছয় লক্ষ দানের আশা।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* ভরসা। *ওসাঁ*, ১৭৮৫; 'দেশহিতৈষী ব্যক্তির চিত্তে স্বদেশের সৌভাগ্যের আশা প্রবল হয়।' *অক্ষয়*, ১৮৪৪। ৩ *বি* প্রার্থিত বস্তু পাওয়ার সম্ভাবনা আছে এমন বিশ্বাস। 'অনন্তকালেও পরিত্রাণ পাইবার আশা ও ভরসা নাই।' *অক্ষয়*, ১৮৫৫। ৪ *বি* লোভ। 'আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়।' *মাইকেল*, ১৮৬১। ৫ *বি* মনোবাঞ্ছা। 'ধন নয়, মান নয়, কিছু ভালোবাসা করেছিনু আশা।' *রবীন্দ্র*, ১৯২৫। ৬ অবাস্তব বাসনা। 'মর্মে যবে মত্ত আশা সর্পসম ফোঁসে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আশা-আকাঙ্ক্ষা [স] *বি* সাধ-আহ্লাদ। 'দুনিয়ায় কি তোর সব আশা-আকাঙ্ক্ষা মিটে গেছে।' *নজরুল*, ১৯৩১।

আশা-আশঙ্কা [স] *বি* প্রত্যাশা ও ভীতি। 'মানুষের হাসিকান্না আশা আশঙ্কা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আশা-কুসুম [স] *বি* আশারূপ ফুল। 'হায় ঝরে যায় মোর আশা-কুসুম বারেবারে।' *নজরুল*, ১৯৩৩।

আশা-গীতি [স] *বি* আশা জাগানিয়া গান। 'উৎসারিত নব জীবন-নির্ঝর উচ্ছ্বাসিত আশা-গীতি।' *রবীন্দ্র*, ১৮৯০।

আশাজনক [স] *বিণ* আশা জাগায় এমন। 'দ্বিতীয় অবস্থাটা আমাদের পক্ষে আশাজনক।' *রবীন্দ্র*, ১৯০৫।

আশাজীবী [স] *বিণ* ইচ্ছে পূরণের আশায় বেঁচে থাকে এমন। '... আশাজীবী লোকের সংশিত মানসাকাশে ইষ্টচন্দ্রের উদয় হয় না।' *মশারফ*, ১৮৮৫।

আশা-ঝুলি [স আশা+মু ঝোলা] *বি* আশারূপ ঝুলি। 'আশা-ঝুলি স্কন্ধের উপর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আশা-তরিকা [স] *বি* আশারূপ নৌকা। 'তটভূমি টেনে চলে তব আশা-তরিকার গুণ।' *নজরুল*, ১৯২৮।

আশাতরী [স] *বি* আশারূপ তরী। 'যদি এজিদের জয়নাব লাভে... আশাতরী বিষাদ-সিন্ধু হইতে উদ্ধার করিতে চাও।' *মশার...*, ১৮৮৫।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আশাতিরিক্ত [স আশা-অতিরিক্ত] *বিণ* প্রত্যাশার চেয়ে বেশি। 'হাওয়াটা কিছু বেশি খাইয়ে দিলে, একেবারে আশাতিরিক্ত।' *রবীন্দ্র*, ১৮৯১।

আশাতীত [স আশা-অতীত] *বিণ* যা আশা করা হয়েছিলো তার চেয়ে বেশি। 'খেলার আরম্ভেই এইরূপ আশাতীত ফললাভ করিয়া অন্যান্য সকলেরা বিশেষ হৃষ্ট হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

আশাতৃষা [স] *বি* প্রবল আকাঙ্ক্ষা। 'কোনো মুখ, কোনো সুখ, আশাতৃষা কোনো ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

আশা দান [স] *বি* আশ্বাস দান। 'লোকে করি আশা দান, কেবল লোকের অপমান।' *ভবানী*, ১৮২৫।

আশা দান করা *ক্রি* আশ্বস্ত করা। 'লোকে করি আশা দান, কেবল লোকের অপমান।' *ভবানী*, ১৮২৫।

আশাদীপ [স] *বি* আশার আলো। 'তোমার তারায় মোর আশাদীপ।' *রবীন্দ্র*, ১৯১৪।

আশাধারী [স] *বিণ* আশা ধারণ করে আছে এমন। 'পাব বলে প্রাণ আছে হয়ে আশাধারী।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

আশানুরূপ [স আশা-অনুরূপ] *বিণ* যেমন আশা করা যায় তেমন। 'আমগাছগুলা কাটিয়া ফেলিয়া আপেলগাছ রোপণ করিলে তবেই আমরা আশানুরূপ ফললাভ করিব।' *রবীন্দ্র*, ১৯০৫।

আশানৈরাশ্য [স] *বি* আকাঙ্ক্ষা ও হতাশা। 'আমার আশানৈরাশ্য হইতে সে বহুদূরে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আশান্বিত [স] *বিণ* আশায় উৎসাহিত। 'তাহা দেখিয়া আশান্বিত হইয়া উঠা অক্ষমের লুব্ধতামাত্র।' *রবীন্দ্র*, ১৯০৫।

আশাপট [স] *বি* বাসনারূপ পট। 'আমাদের আশাপটে অঙ্কিত হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আশাপথ [স] **১** *বি* ভবিষ্যতের পথ। 'করে প্রেমব্রত, চেয়ে ভবিষ্যৎ আশাপথ ...।' *মদনমোহন*, ১৮৩৪। **২** *বি* অপেক্ষার পথ। 'এই আশাপথ চেয়ে বসেছিনু।' *রবীন্দ্র*, ১৯০৯।

আশাপূর্ণ [স] *বিণ* আশান্বিত; আশাযুক্ত। 'আশাপূর্ণ অতৃপ্তির প্রায়।' *রবীন্দ্র*, ১৮৮৩।

আশাপ্রদ [স] *বিণ* আশার সঞ্চার করে এমন। 'আমরা সকলে মিলিয়া আপত্তি তুলিয়াছি বলিয়া সেটা যে আমাদের পক্ষে আশাপ্রদ হইয়াছে, তাহা বলিতে পারি না।' *রবীন্দ্র*, ১৯০৮।

আশাবতী [স] *বিণ স্ত্রী* আশা করে এমন। 'যে তাঁহার উচ্চ আশায় আশাবতী।' *বঙ্কিম*, ১৮৮৪।

আশাবরি, আশাবরী [আ আশাওয়ারি] *বি* (সংগীত) প্রভাতী রাগবিশেষ। 'সিন্ধুরা বা আশাবরি।' *আলাওল*, ১৬৮০; 'আশাবরী-সুরে ঝুরে সানাই।' *নজরুল*, ১৯২৮; 'তার সুরটি আশাবরী।' *রবীন্দ্র*, ১৯২৯।

আশাবাক্য [স] *বি* আশার কথা। 'হয় ত বল্লই অনুকূল হয়ে আমার আশাবাক্যের পোষকতা কল্লে।' *মাইকেল*, ১৮৭৩।

আশাবাণী [স] *বি* আশার কথা। 'এই আশাবাণী অন্তরে মানি।' *সত্যেন্দ্র*, ১৯১২।

আশা-বাতি [স আশাবর্তিকা] *বি* আশার প্রদীপ। 'বুকে যে জ্বলে মরে হেথা মোর আশা-বাতি।' *নজরুল*, ১৯৪১।

আশাবাদ [স] **১** *বি* প্রত্যাশা। 'পুরুষের এই আশাবাদকে অব্যাহত রাখিতে পারে।' *বেগম*, ১৯৪৭। **২** *বি* আশাজ্ঞাপক উক্তি। 'যুক্ত বিবৃতিতে এই আশাবাদ প্রকাশ করা হয়।' *বেগম*, ১৯৬২।

আশাবাদিতা [স] *বি* আশাবাদ। 'শিক্ষায় তোলা আশাবাদিতার একটি কণাও মুসলিম সমাজ জীবনে ...।' *ইসলাম*, ১৯৪৫।

আশাবাদী [স] *বিণ* আশা পোষণ করে এমন। 'সে খুব আশাবাদী ... মেয়ে বলে নয়।' *জীবন*, ১৯৩২।

আশাবায়ু [স] *বি* আশারূপ বায়ু। 'নাপিত আশাবায়ুতে মুগ্ধ হইয়াছে।' *প্যারী*, ১৮৫৮।

আশা-বাসনা [স] *বি* আশা-আকাঙ্ক্ষা। 'আশা-বাসনার অত্যুচ্চতার স্বাদ।' *জীবন*, ১৯৩১।

আশাবৃক্ষ [স] *বি* আশারূপ বৃক্ষ। 'আমাদের এই অতি মনোহর আশাবৃক্ষ ... আমাদের প্রকৃতিমূলক।' *অক্ষয়*, ১৮৪৬।

আশাব্যঞ্জক [স] *বিণ* আশাপ্রদ। 'বর্ত্তমান অবস্থা আশাব্যঞ্জক নহে।' *এসলাম*, ১৯৩৫।

আশাভঙ্গ [স] *বি* নিরাশ। 'গবর্মেণ্ট যে মাঝে মাঝে আমাদের আশাঙ্গ করিয়া দেন, আমাদের প্রার্থনা বিফল করিয়া দেন ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আশাভরসা [স] **১** *বি* আশা-আকাঙ্ক্ষা। 'উহার উন্নতির আশাভরসা একেবারে বিনষ্ট হইবে।' *অক্ষয়*, ১৮৫৫। **২** *বি* আশার স্থল। 'আমাদের কিছুই নাই এবং তোমরাই আমাদের একমাত্র আশাভরসা।' *রবীন্দ্র*, ১৯১১।

আশাভরসাবিহীন [স] *বিণ* নিরাশ। 'নিতান্ত আশাভরসাবিহীন হইয়া ভগ্নচিত্ত হইয়াছিলেন।' *এডুকেশন*, ১৮৮৬।

আশাভরা [স আশা+ভরা] *বিণ* আশাপূর্ণ। 'যেন আঁখিদুটি মোর পানে ফুটি আশা-ভরা দুটি কথা কয়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আশা মরা *ক্রি* নিরাশ হওয়া। 'আমাদের আশা কোনোক্রমেই মরিতে চায় না।' *রবীন্দ্র*, ১৯০৫।

আশা-মুকুলিকা [স] *বি* আশারূপ ছোটো কুঁড়ি। 'সীতার আশা-মুকুলিকা বৃন্তচ্যুত হল।' *মুখলেস*, ১৯৭০।

আশা-মুখর [স] *বিণ* আশায় চঞ্চল। 'বিচিত্র আশা-মুখর মাশুক খুলতো না তার রুদ্ধ দিল।' *ফররুখ*, ১৯৪৬।

আশাযুক্ত [স] *বিণ* আশাবাদী। 'অন্য প্রকার আশাযুক্ত লোকের ধনই প্রাণ।' *হরপ্রসাদ রায়*, ১৮১৫।

আশায় বুক বাঁধা *ক্রি* আশান্বিত হওয়া। 'আজও কি তাঁহারা এই আশায় বুক বাঁধিয়া আছেন।' *আজাদ*, ১৯৩৭।

আশায়াত [স আশা>] *বিণ* আশান্বিত। 'দেখিয়া সেনেকার মন বড় আশায়াত।' *বিজয়*, ১৬৫০।

আশার ছলনা *বি* প্রলোভন। 'আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়।' *মাইকেল*, ১৮৬১; 'বাসনা নয়তো বশে, বোঝে না আশার ছলনা।' *গিরিশ*, ১৮৮৩।

আশার বচন *বি* আশা দেয় এমন কথা। 'আশার বচন গেছে রেখে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

আশালতা [স] *বি* আশারূপ লতা। 'তাঁহাদিগের আশালতা কদাচ ফলবতী হইবেক।' *চন্দ্রিকা*, ১৮৩১।

আশালুব্ধ [স] *বিণ* আশান্বিত। 'প্রতারিত করেছ ওঁদের আশালুব্ধ মনকে।' *নজরুল*, ১৯২৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আশালোক [স] *বি* স্বপ্নের জগৎ। 'ছেলেদের তরে কোন সুখনীড় আঁকিছে বা আশালোকে।' *জসীম*, ১৯৫১।

আশাশীল [স] *বিণ* আশাপূর্ণ। 'আশাশীল রাত্রি আসে চিরায়িত আশা ভালোবেসে।' *জীবন*, ১৯৪০।

আশাশূন্য [স] *বিণ* আশা নেই এমন। 'আশাশূন্য, প্রয়োজনশূন্য জীবন।' *বঙ্কিম*, ১৮৭৮।

আশাসিন্ধু [স] *বি* আশারূপ সিন্ধু। 'আশাসিন্ধু এখনও পার হই নাই।' *মশাররফ*, ১৮৮৫।

আশাস্পদ [স] *বি* আশা-ভরসার স্থল। 'ভারতবর্ষের এই-সমস্ত ভাবী আশাস্পদদিগের ব্যাকরণের ভ্রম ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

আশাহারা [স] *বি* আশা হারিয়ে ফেলেছে যে। 'আশাহারা বিচ্ছেদের তাপ দুঃসহ দাহনে তার দীপ্ত করি ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আশাহীন [স] **১** *বিণ* নিরাশ। 'মন-উদাসীন ওই আশাহীন/ ওই ভাষাহীন কাকলি।' *রবীন্দ্র*, ১৮৯০। **২** *বিণ* ফলবতী হওয়ার আশা নেই এমন। 'আশাহীন কত সাধ, ভাষাহীন কথা।' *রবীন্দ্র*, ১৮৯০।

আশাহীনা [স] *বিণ* স্ত্রী হতাশাপূর্ণ। 'বুকে বাজে আশাহীনা ক্ষীণ-মর্মর বীণা।' *রবীন্দ্র*, ১৯১৯।

আশা[২] [আ] **১** *বি* লাঠি। 'সাপ মারিবারে যায় আশা হাতে লইয়া।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* রাজদণ্ড। 'তদঙ্গীভূত আশা শোটা প্রভৃতি নানাপ্রকার সজ্জা গিয়াছিল।' *দর্পণ*, ১৮২৬।

আশাওল [আ আসা+হি ওয়ালা] *বি* লাঠিয়াল। 'আশাওল মল্ল ঢালী চেলা খানেজাদ।' *ভারত*, ১৭৬০।

আশাবরদার [আ আশা+ফা বরদার] *বি* রাজদণ্ড বহনকারী। 'বহুসংখ্যক চোপদার ও আশাবরদার বড় জাঁকের পোষাক করিয়া...।' *বঙ্কিম*, ১৮৮২।

আশাসোঁটা, আশাসোটা [আ আসা+স যষ্টি] *বি* মাথায় গুটিযুক্ত ছোটো লাঠিবিশেষ। 'পেয়াদা ও চোপদারেরা বল্লম, আশাসোঁটা, তলোয়ার ...।' *প্যারী*, ১৮৫৮; 'এক হাতে আশাসোটা আর একহাতে চামর।' *জসীম*, ১৯৬১।

আশা[৩] *ক্রি* আগমন করা। **আশিতেহী** *ক্রি* আসছি। 'ত্বরাতেই আশিতেহী মহাশয়।' *ওসাঁ*, ১৭৭৯। **আশীবেক** *ক্রি* আসবে ('আসিবেক' শব্দের বানানভেদে)। *ওসাঁ*, ১৭৮২। **আশীয়া** *ক্রি* এসে। 'আশীর্ব্বাদ করিবেন জ্ঞেন ভালয় ভালয় দেশে আশীয়া পৌঁছি।' *ওসাঁ*, ১৭৮২। **আশীয়াছি** *ক্রি* এসেছি। 'শ্রীযুত জগন্নাথ মিত্রকে নিকট রাখিয়া আশীয়াছি।' *বোগল*, ১৭৭০। **আশ্চে** *ক্রি* আসছে। 'তদবধি এই বার বৎসর, রামলীলার ম্যালা চলে আশ্চে।' *হুতোম*, ১৮৬১।

আশান [ফা আসান] *বি* উদ্ধার। 'হেথায় তোমার আশান।' *জীবন*, ১৯২৭।

আশি, আশী [স অশীতি] *বিণ* আশি সংখ্যক। 'আশীখান চলিয়াছে সোনার চৌদল।' *বিজয়*, ১৬৫০; 'আশি।' *মানোএল*, ১৭৪৩।

আশিক [আ] *বি* প্রেমিক। 'মাশুকের বাহু ছাড়ায়ে আশিক কসম করিছে হবে শহিদ।' *নজরুল*, ১৯২৮।

আশিন [স আশ্বিন] *বি* বাংলা পঞ্জিকা অনুযায়ী ষষ্ঠ মাস – আশ্বিন মাস। 'আশিন মাসের শেষে নিবড়ে বারিষী।' *বড়ু*, ১৪৫০।

আশিয়া [হি] *বি* এশিয়া। 'ইউরোপ, আশিয়া এবং আফ্রিকাখণ্ডের ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

আশিরগোড়ালিনখ [স আ-শির+গোড়ালি+স নখ] *ক্রিবিণ* মাথা থেকে পায়ের নখ পর্যন্ত। 'এ কি আলিঙ্গন? এ কি সভ্যতার জড়ানো চত্বালে আশিরগোড়ালিনখ।' *শক্তি*, ১৯৭০।

আশির্বাদ, আশির্ব্বাদ [স আশীর্বাদ] *বি* মঙ্গল কামনা। 'তোরে আশির্ব্বাদ প্রিয়ে পরম পিরিতি।' *মুকুন্দ*, ১৬০০। দ্র আশীর্বাদ

আশিষ [স আশিস] *বি* আশীর্বাদ। 'কেমনে আশিষ আমি করি হাশয়।' *মুকুন্দ*, ১৬০০।

আশিস [স] *বি* আশীর্বাদ। 'আশিস করিআ ঘরে জাই।' *মুকুন্দ*, ১৬০০।

আশিস-বচন [স] *বি* আশীর্বাদ-বাক্য। 'পাব না শুনিতে আশিস-বচন।' *রবীন্দ্র*, ১৮৯০।

আশিসবৃষ্টি [স] *বি* আশীর্বাদরূপ বৃষ্টি। 'নিত্য তার অভিষেক নিখিলের আশিসবৃষ্টিতে।' *রবীন্দ্র*, ১৯৩২।

আশিসমধু [স] *বি* আশীর্বাদরূপ মধু। 'মাগো ... দাও আশিসমধু।' *নজরুল*, ১৯৩১।

আশিসা [স আশিস>] *ক্রি* আশীর্বাদ করা। 'আশিসিয়া বোলে শিব বৈস তপোবন।' *বিজয়*, ১৬৫০; 'আশিসি দিলেন চণ্ডী থাকিবে আনন্দে।' *মানিকরাম*, ১৭৮১; 'সেইক্ষণে পরম গরবে বীর বলি যে তোমারে ওগো বীরমণি, আশিসিল।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আশী[১] [স] *বি* সাপ। 'তাঁর শমনস্বরূপ আশীবিষ।' *দীনবন্ধু*, ১৮৭৩।

আশীবিষ [স] *বি* সাপের বিষ। 'তাঁর শমনস্বরূপ আশীবিষ।' *দীনবন্ধু*, ১৮৭৩।

আশীর্ব্বাদ দ্র আশি

আশীর্বচন [স] *বি* আশীর্বাদ বাণী। 'তাহার আশীর্বচন শ্রবণার্থে অপেক্ষা করিলেন না।' *অক্ষয়*, ১৮৫৪।

আশীর্বাণী [স] *বি* আশীর্বচন। 'রঙ্গালয় পত্রিকার প্রতি আশীর্বাণী।' *নজরুল*, ১৯২৫।

আশীর্বাদ, আশীর্ব্বাদ [স] *বি* কল্যাণ কামনা। 'সন্তোষে সন্ন্যাসী করে বহু আশীর্বাদ।' *বৃন্দা*, ১৫৮০; 'দেখি বালকের মূর্ত্তি আশীর্ব্বাদ করে সুখ পাওগ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আশীর্বাদক, আশীর্ব্বাদক [স] *বিণ* আশীর্বাদকারী। 'আমি তোমার নিয়ত আশীর্বাদক।' *উমেশ*, ১৮৫৭; 'এ আশীর্বাদক কেবল রাজকুমারী কৃষ্ণার নাম শ্রুত আছে।' *মাইকেল*, ১৮৬১।

আশীর্বাদনীর [স] *বি* আশীর্বাদরূপ জল। 'ধ্যানমগ্ন গিরিতপস্বীর বিগলিত করুণার প্রবাহিত আশীর্বাদনীর তোমারে দিতেছে প্রাণধারা।' *রবীন্দ্র*, ১৯৩২।

আশীর্বাদপত্র, আশীর্ব্বাদপত্র [স] *বি* আশীর্বাদপুষ্ট পত্র। 'মহাশএর আশীর্ব্বাদপত্র পাইয়া এ খরিদানফর বড়ই ভিতু হইল।' *ওসাঁ*, ১৭৮২।

আশীর্বাদবঞ্চিত [স] *বিণ* আশীর্বাদহীন। 'তাদের আশীর্বাদবঞ্চিত দাম্পত্য-জীবনও কি সুখের হবে?' *বনফুল*, ১৯৩৬।

আশীর্বাদমালা [স] *বি* আশীর্বাদস্বরূপ মালা। 'এই আশীর্বাদ মালা পেয়ে।' *নজরুল*, ১৯২৬।

আশীর্বাদস্বরূপ [স] *ক্রিবিণ* আশীর্বাদের মতো। 'নিপীড়িত মানবতার নিকট ইসলাম হইয়াছিল বিধাতার আশীর্বাদস্বরূপ।' *হাই*, ১৯৫৪।

আশীর্বাদী, আশীর্ব্বাদী [স] **১** *বিণ* (ব্যঙ্গ) শুভকামনাযুক্ত। 'না শুনিলেই ঘ্রেছ ... আশীর্ব্বাদী বিশেষণে বিশেষিত হইতে হয়।' *অক্ষয়*, ১৮৪৬। **২** *বিণ* আশীর্বাদের সঙ্গে দেওয়া হয় এমন।

AMARBOI.COM

'সন্ন্যাসী ... বাবুর মাথায় আশীর্ব্বাদী ফুল ছোঁয়ালেন।' *হুতোম*, ১৮৬১। ৩ *বিণ* আশীর্বাদপুষ্ট। 'করি শির নত দেবতার আশীর্বাদী কুসুমের মতো।' *রবীন্দ্র*, ১৮৯৬।

আশীর্বাদ[২] [স আশীর্বাদ>] *ক্রি* আশীর্বাদ করা। 'আশীর্বাদি যাহ সবে চলি নিজ স্থানে, প্রাণীদল।' *মাইকেল*, ১৮৬১।

আশীর্ষণ [স] *বি* আশীর্বাদ। 'এস বজ্র মহাসনে মাতৃ-আশীর্ষাষণে।' *রবীন্দ্র*, ১৯১৭।

আশীষ [স আশিস্] ১ *বি* আশীর্বাদ। 'দূর্ব্বা ধান্য দিল শীর্ষে কৈল বহু আশীষে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* সম্ভাষণ। 'তফাত থাকিয়া আশীষ ফোকারিলে মহারাজা জিজ্ঞাসা করিলেন ...।' *রামরাম*, ১৮০১।

আশীষা [স আশিস্>] *ক্রি* আশীর্বাদ করা। 'বালকেরে আশীষিয়া সর্ব নারীগণ।' *বৃন্দা*, ১৫৮০।

আশু[১] [হি আঁসু] *বি* চোখের জল। 'রাত দিন আশু বহে জয়নাব কারণে।' *গরীব*, ১৭৬৫।

আশু[২] [স] ১ *ক্রিবিণ* সদ্য। 'আশু ভাবিকালে ...।' *দর্পণ*, ১৮২৮। ২ *ক্রিবিণ* সম্প্রতি। 'নব্য সম্প্রদায় যাহারা পাঠশালা হইতে আশু নির্গত ও স্বাভাবিক রাগত ...।' *বঙ্গদূত*, ১৮২৯। ৩ *বিণ* সাময়িক। 'পূজা নৃত্য গীতাদি নানা আশু সন্তোষক ব্যাপার।' *দর্পণ*, ১৮৩৮। ৪ *ক্রিবিণ* দ্রুত। 'মিথ্যাচরণের অভ্যাসে আশু নিপুণ হয়।' *অক্ষয়*, ১৮৪৮। ৫ *ক্রিবিণ* সত্বর। 'আশু কোন ফল হবে না।' *দীনবন্ধু*, ১৮৬৭। ৬ *ক্রিবিণ* তাৎক্ষণিক। 'যাহার কর্মের ফলাফল সকল সময় আশু প্রত্যক্ষগোচর নহে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

আশুকারণ [স] *বি* প্রধান কারণ। 'এই রকম অমানুষিক দুর্ব্যবহারের আশুকারণ যাই হোক ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

আশুগ [স] *বিণ* শীঘ্রগামী। 'তখনি প্রভঞ্জন শূন্যপথে উড়িলা সুমতি আশুগ।' *মাইকেল*, ১৮৬০।

আশুগতি [স] ১ *বিণ* দ্রুত গতিবিশিষ্ট। 'কোথায় গজেন্দ্র, তুরাবত? উচ্চৈঃশ্রবাঃ হয়েশ্বর, আশুগতি।' *মাইকেল*, ১৮৬০। ২ *বি* যার গতি ক্ষিপ্র। 'আঁখির নিমিষে চলি গেলা আশুগতি।' *মাইকেল*, ১৮৬০।

আশুচেতন [স] *বিণ* অকালপক্ব। 'আশুচেতন শিশু প্রথমে বিবশ বালকে পরিণামে বিদ্রোহী যুবকে বদলাতে বাধ্য।' *সুধীন্দ্র*, ১৯৩৫।

আশুতর [স] *বিণ* ক্ষিপ্রতর। 'পবন অমনি চালাইয়া আশুতরে সে শব্দবাহকে।' *মাইকেল*, ১৮৬১।

আশুতোষ [স] ১ *বি* দ্রুত আনন্দ। 'তাঁহার আশুতোষ হইল।' *বঙ্গদূত*, ১৮২৯। ২ *বিণ* অল্পে তুষ্ট। 'লোকে তাঁহাকে আশুতোষ কহে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

আশুদৃষ্টি [স] *বি* দ্রুত পদক্ষেপ। 'আমরা বৃটিশ সরকারের আশুদৃষ্টি কামনা করিতেছি।' *এসলাম*, ১৯৩৭।

আশুমুক্ত [স] *বিণ* শীঘ্র মুক্তিপ্রাপ্ত। 'ক্রমবর্ধিষ্ণু দ্রব্যমূল্যের চাপ হইতে আশুমুক্ত করা প্রয়োজন।' *আজাদ*, ১৯৬০।

আশুশুষ্কণি [স আশু+স শুষ্ক>] *বি* আশুন। 'চৌদিকে মঙ্গলধ্বনি দক্ষিণে আশুশুষ্কণি দধি দধি ডাকে গোয়ালিনী।' *মুকুন্দ*, ১৬০০।

আশু সমাধান [স] *বি* দ্রুত সমাধান। 'জল সমস্যার আশু সমাধানের বিশেষ কোনো ভরসা পাইতেছি না।' *আজাদ*, ১৯৪১।

আশুরা [আ] *বি* মহরম মাসের দশ তারিখ। 'আরফা আশুরা জুম্মা দুই ঈদ নিশি।' *আলওল*, ১৬৮০।

আশুষ্ক [স অশুষ্ক>] *বিণ* সামান্য শুষ্ক। 'আশুষ্ক পুরীষস্তূপকে শূকর উল্টেপাল্টে দিলে।' *মুজতবা*, ১৯৬০।

আশেক [আ] ১ *বি* আসক্তি। 'নিন্দের আশেকে শুইয়া রহে গাহ তলা।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* প্রণয়ী; প্রেমিক। 'সত্যিকে মিথ্যা দিয়ে ঢেকে 'আশেক'কে কষ্ট দেব না।' *নজরুল*, ১৯২২।

আশেষে বিশেষে [স অশেষ বিশেষ] *ক্রিবিণ* বিলক্ষণরূপে। 'এতেকে এ সব কাজের প্রকার জাণহ আশেষে বিশেষে।' *বড়ু*, ১৪৫০।

আশৈশব [স] *ক্রিবিণ* শিশুকাল থেকে। 'আশৈশব পরকালের কাজ করিবে।' *বঙ্কিম*, ১৮৭৫।

আশৈশবকাল [স] *ক্রিবিণ* শৈশবকাল। 'তদীয় আশৈশবকাল পর্যন্ত সমুদায় স্বচক্ষে প্রত্যক্ষ করিয়া ...।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

আশোআর [স অশ্ববার] *বি* ঘোড়সওয়ার। 'দেখি লাগএ ধন্ধা তুরগ তবল-বন্ধা আশোআর কবচমণ্ডিত।' *মুকুন্দ*, ১৬০০।

আশোআশ দ্র **আশোয়াস**

আশোক [স অশোক] *বি* অশোক; রক্তিম ফুলবিশেষ। 'আশোক কিংশুক চুআঁ চিতা খঞ্জী।' *বড়ু*, ১৪৫০।

আশোকতবক [স অশোকস্তবক] *বি* অশোকগুচ্ছ। 'আশোকতবক কবযুগলে।' *বড়ু*, ১৪৫০।

আশোয়ার, আশোবার [স অশ্ববার] *বি* অশ্বারোহী। 'আশোয়ার ছুটায় ঘোড়া দানাগণে লোফে।' *মুকুন্দ*, ১৬০০; 'দেখিয়াছি আশোবার অনেক অনেক।' *রঙ্গ*, ১৮৫৮।

আশোয়ারি [আ আশাওয়ারি] *বি* (সংগীত) রাগিণীবিশেষ; আশাবরী। 'শানাইতে আশোয়ারি রাগিণী ভাঁজছিল।' *নজরুল*, ১৯২২। দ্র **আশাবরী**

আশোয়াস, আশোআশ [স আশ্বাস] ১ *বি* আশ্বাস; প্রবোধ। 'আশোআশ দিআঁ তোহ্মে হৈলা এক ভীতে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* আশ্বস্ত। 'যব ধনী পাওল হই আশোয়াস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আশ্চয্যি [স আশ্চর্য] *বিণ* আশ্চর্য। 'আর সবচেয়ে আশ্চয্যি হচ্ছি।' *নজরুল*, ১৯২৪।

আশ্চর্য, আশ্চর্য্য [স] ১ *বি* বিস্ময়। 'শুনি দেখি সর্ব্বলোক আশ্চর্য্য মানিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* বিস্ময়কর। 'তাঁর তত্ত্ব নাম গুণ সকল আশ্চর্য্য।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বিণ* অদ্ভুত। 'ঠাকুরানী দক্ষিণে তার বড়ই আশ্চর্য।' *মানিকরাম*, ১৭৮১; 'তাঁহার আশ্চর্য্য কার্য্যের বিষয় পর্য্যালোচনা করিবার ...।' *অক্ষয়*, ১৮৪৯। ৪ *বিণ* অস্বাভাবিক। 'আত্মভাষার উচ্ছেদ মানস করা তাঁহারদিগের পক্ষে আশ্চর্য্য নহে।' *অক্ষয়*, ১৮৪৮। ৫ *বিণ* অবাক। 'মামাকে আশ্চর্য করে দিতে হবে।' *রবীন্দ্র*, ১৯২২।

আশ্চর্যকর [স] *বিণ* বিস্ময়কর। 'সুবিধার গতি পরিবর্তন হওয়াও আশ্চর্যকর নহে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আশ্চর্য জানা *ক্রি* বিস্ময় প্রকাশ করা। 'রমেশ আশ্চর্য জানাইয়া কহিল, বল কী? বইয়ে লেখা আছে।' *রবীন্দ্র*, ১৯০৬।

আশ্চর্যজ্ঞান করা, আশ্চর্য্যজ্ঞান করা *ক্রি* বিস্ময়কর মনে করা। 'সকলেই আশ্চর্য্যজ্ঞান করিলেন।' *দর্পণ*, ১৮২৬।

আশ্চর্যতর [স] *বিণ* আরও বিস্ময়কর। 'আশ্চর্য এই নিম্নমধ্যবিত্ত মন, আর আশ্চর্যতর এদের সম্ভ্রমবোধ।' *নরেন্দ্র*, ১৯৪৯।

আশ্চর্যবোধ [স] *বি* বিস্ময়ের অনুভূতি। 'জল খাইতে খোকার কিছুই আশ্চর্যবোধ হইল না।' *রবীন্দ্র*, ১৮৯২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আশ্চর্যবোধক চিহ্ন, আশ্চর্য্যবোধক চিহ্ন [স] *বি* বিস্ময়সূচক চিহ্ন। 'জিজ্ঞাসা ও আশ্চর্য্যবোধক চিহ্ন ... অবগত হইবার উপকার হিন্দুস্থানীয় ভাষাতে নাই।' *দর্পণ*, ১৮৩৪।

আশ্চর্যরকম [স আশ্চর্য+আ রকম] *বিণ* বিস্ময়ের উদ্রেক করে এমন। 'পূর্বেই জানতেন। তা হবে, কিন্তু আশ্চর্যরকম গোপন করে রেখেছিলেন।' *রবীন্দ্র*, ১৯১৭।

আশ্চর্যরূপ, আশ্চর্য্যরূপ [স] *বি* বিস্ময়কর রূপ। 'আশ্চর্য্যরূপ যেন সেই স্থানকে আলোকিত করিয়া রাখিয়াছে।' *প্রভাত*, ১৮৯৫।

আশ্চর্যান্বিত, আশ্চর্য্যান্বিত [স আশ্চর্য-অন্বিত] *বিণ* বিস্মিত। 'শুনিয়া আশ্চর্য্যান্বিত হইলাম।' *গ্রামবার্তা*, ১৮৭৩।

আশ্চর্যি [স আশ্চর্য] *বি* অবাক করা ব্যাপার। 'এ তো ভারি আশ্চর্যি।' *মানিক*, ১৯৩৯।

আশ্চর্য্য মানা *ক্রি* বিস্মিত হওয়া। 'শুনি দেখি সর্ব্বলোক আশ্চর্য্য মানিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আশ্ব [স আশা] *বি* আশা। 'এহা জানী ছাড় কাহাঞি আশ্বার আশ্বে।' *বড়ু*, ১৪৫০।

আশ্বস্ত [স] *বিণ* আশ্বাস পেয়েছে এমন। 'অগত্যা, চোরকে আদর আশ্বস্ত করিয়া পালঙ্কে বসাইলাম।' *বঙ্কিম*, ১৮৭৫; 'প্রিয়াসমাগমপাশে আশ্বস্ত হইয়া সহর্ষে কহিলেন।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

আশ্বস্তা [স] *বিণ স্ত্রী* ভরসা পেয়েছে এমন। 'রাম তাহাকে আশ্বস্তা করিলেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

আশ্বস্তি [স] *বি* সান্ত্বনা। 'কনখলের মনে আশ্বস্তির প্রলেপ পড়ে।' *মণীশ*, ১৯৬৩।

আশ্বাষ [স আশ্বাস] *বি* প্রবোধ। 'তাহার আশ্বাষ আছে [তিনি] আশ্বাস দিয়েছেন]।' *ওসী*, ১৭৮২।

আশ্বাস [স] ১ *বি* আশা দান। 'এত কহি আচার্য্য তাঁরে করিয়া আশ্বাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* আশ্বস্ত। 'এত কহি তারে রাখিল আশ্বাস করিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* ভরসা। 'সংবংশে মজিলাম মাতা তোমার আশ্বাসে।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* উৎসাহ। 'তাঁহাদিগকে আশ্বাস প্রদান করিয়াছেন।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

আশ্বাস-গান [স] *বি* আশ্বাসপূর্ণ গান। 'সেই হারা-ক্রন্দনের আশ্বাস-গান শুনে ...।' *নজরুল*, ১৯২৭।

আশ্বাসন [স] *বি* আশ্বাস দান। 'তবে প্রভু মাতা-পিতার কৈল আশ্বাসন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আশ্বাসনা [স] *বি* সান্ত্বনা বাণী। 'তাদের সেবিকাদের মুখে আশ্বাসনা।' *অন্নদা*, ১৯২৯।

আশ্বাসপত্র [স] *বি* ভরসা-দেওয়া চিঠি। 'আমাদের একটা আশ্বাসপত্র দিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

আশ্বাসবাণী [স] *বি* আশ্বাসের বাক্য। 'প্রতি পলে পলে আসিবে না আর/ সেই আশ্বাসবাণী।' *রবীন্দ্র*, ১৮৯০।

আশ্বাসা [স আশ্বাস>] ১ *ক্রি* আশ্বাস দেওয়া। 'আশ্বাসিয়া মহাবীর সব জনে করে স্থির।' *মুকুন্দ*, ১৬০০। ২ *ক্রি* শেখানো। 'তাহাকে আনিআ ধনুর্বিদ্যা আশ্বাসিল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আশ্বাসিকা [স] *বিণ স্ত্রী* আশ্বাস দান করে এমন। 'আগুনই জ্বাললে এবার আশ্বাসিকা শিখা।' *অচিন্ত্য*, ১৯৫০।

আশ্বাসিত [স] *বিণ* আশ্বস্ত। 'মদনসেনার বাক্যে আশ্বাসিত হইয়া, বিশ্বসিত মনে, গৃহে গমন করিল।' *বিদ্যা*, ১৮৪৭।

আশ্বিন [স] *বি* বাংলা পঞ্জিকার ষষ্ঠ মাস। 'আশ্বিনে অম্বিকা-পূজা প্রতি ঘরে ঘরে।' *মুকুন্দ*, ১৬০০।

আশ্রএ [স আশ্রয়] *বি* আশ্রয়। 'বৃক্ষের আশ্রএ জল সমীর শীতল।' *বাহরাম*, ১৬৫০।

আশ্রদ্ধা [স অশ্রদ্ধা] *বি* বিপরীত ভাব। *মানোএল*, ১৭৪৩।

আশ্রম [স] ১ *বি* থাকার জায়গা। 'উত্তম আশ্রম দিল রত্ন বস্ত্রদানে।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বি* আস্তানা। 'তাহার দক্ষিনে জম পুরির আশ্রম।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৩ *বি* মঠ। '... সম্মুখে একটা মনোরম আশ্রম।' *প্যারী*, ১৮৫৮।

আশ্রমপালিতা [স] *বিণ স্ত্রী* আশ্রমে পালিত হয়েছে এমন। 'আশ্রমপালিতা উদ্ভিন্ননবযৌবনা শকুন্তলা।' *রবীন্দ্র*, ১৯০৭।

আশ্রমবালক [স] *বি* আশ্রমে থাকে এমন বালক। 'আশ্রমবালক-বালিকাদের দিনকৃত্য।' *রবীন্দ্র*, ১৯৩৬।

আশ্রমবাস [স] *বি* আশ্রমে বসবাস। 'এখন আশ্রমবাসের খরচ জোগানো ছেলে দুটির পক্ষে অসম্ভব।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আশ্রমবাসিনী [স] *বিণ স্ত্রী* আশ্রমের অধিবাসী। 'ইহারা আশ্রমবাসিনী।' *বিদ্যা*, ১৮৫৪।

আশ্রমবাসী [স] *বিণ* আশ্রমে বাস করে এমন। 'আমি তপস্বীর আচার পরিহার করি, এবং আশ্রমবাসী হই।' *দীনবন্ধু*, ১৮৬৩।

আশ্রমমৃগ [স] *বি* আশ্রমে পালিত হরিণ। 'এ আশ্রমমৃগ; বধ করিবেন না, বধ করিবেন না।' *বিদ্যা*, ১৮৫৪।

আশ্রমলক্ষ্মী [স] *বি* আশ্রমের অধিষ্ঠাত্রী দেবী। 'আমাদের আশ্রমলক্ষ্মী বোধ হয় আমার অদৃষ্টের সঙ্গে ষড়যন্ত্র করে আমার বিদেশ যাওয়া কাটিয়ে দিয়েছেন।' *রবীন্দ্র*, ১৯২৮।

আশ্রমাচার [স আশ্রম-আচার] *বি* আশ্রমধর্ম। 'তথাপি আশ্রমাচার না করেন কেনে।' *বৃন্দা*, ১৫৮০।

আশ্রমিক [স] *বিণ* আশ্রমবাসী। 'এখানকার জন্য আশ্রমিক পশুপাখির সঙ্গে বর্ণভেদ ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

আশ্রমী [স] *বিণ* আশ্রমনিবাসী। 'তোমার জননীর মতো করে তুমি আশ্রমী হও।' *দীনবন্ধু*, ১৮৬৩।

আশ্রয় [স] ১ *বি* ঠাঁই। 'তিলার্দ্ধেকো যে তোমার করয়ে আশ্রয়।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* রক্ষক। 'বৈষ্ণবনিন্দকগণ যাহার আশ্রয়।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* রক্ষণ। 'সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ, আশ্রয়, এই ছয় রাজগুণে ... অতিশয় কুশল হও।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৪ *বি* আধার। 'আপনি সকল গুণের আশ্রয়।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ৫ *বি* সহায়। 'সত্য আমারদিগের আশ্রয়।' *অক্ষয়*, ১৮৪৫। ৬ *বি* আনুকূল্য। 'ধর্মশাস্ত্র প্রযোজকেরাও ... ঐশী শক্তির আশ্রয় লাভে সমর্থ হন নাই।' *অক্ষয়*, ১৮৫৪। ৭ *বি* অবলম্বন। 'ইতিহাস আশ্রয় করে পরীক্ষার প্রবন্ধ লিখবে।' *রবীন্দ্র*, ১৯২৮।

আশ্রয় করা ১ *ক্রি* অবস্থান করা। 'বেতাল সে দেশে আশ্রয় করিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ২ *ক্রি* গ্রহণ করা। 'বৈরাগ্য ধর্ম্ম আশ্রয় করিয়াছেন।' *দর্পণ*, ১৮২০।

আশ্রয়গ্রহণকারী [স] *বি* আশ্রয়ী। 'এই সময় ইহারা আশেপাশের ঘর-বাড়ীতে আশ্রয়গ্রহণকারীদের উপরও হামলা চালায়।' *আজাদ*, ১৯৬৮।

আশ্রয়চ্যুত [স] *বিণ* নিরাশ্রয়। 'আশ্রয়চ্যুত সমাজকে সনাথ করি।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রবীন্দ্র, ১৯০৫।

আশ্রয়দণ্ড [স] *বি যার* উপরে দাঁড়ানো যায়; দাঁড়। 'আমাদের ন্যায় হীনবীর্য ভীরুদের পক্ষে একটি অভয় আশ্রয়দণ্ড।' *রবীন্দ্র*, ১৯০৭।

আশ্রয়দাতা [স] *বি* আশ্রয় দেন যিনি। 'চির স্নেহশীল মুরুব্বি এবং আশ্রয়দাতা।' *নজরুল*, ১৯৩৫।

আশ্রয়দাত্রী [স] *বি স্ত্রী* আশ্রয় দেয় যে। 'আশ্রয়দাত্রী ও রক্ষাকর্ত্রী যাহাকে জানিত ...।' *মশাররফ*, ১৮৯০।

আশ্রয়প্রাপ্ত [স] *বিণ* আশ্রিত। 'তাহার পেটকাপড় হইতে একটি ময়লা ছিটের থলির মধ্যে আশ্রয়প্রাপ্ত হইয়া ...।' *প্রভাত*, ১৮৯৬।

আশ্রয়প্রার্থিনী [স] *বি স্ত্রী* আশ্রয় প্রার্থনা করে যে। 'সমস্ত ভারতীয় আশ্রয়প্রার্থিনীর জায়গা হতে পারত।' *মুজতবা*, ১৯৪৯।

আশ্রয়প্রার্থী [স] *বিণ* আশ্রয়ের জন্য আবেদন করে এমন; শরণার্থী। 'তাঁহাদের উচিত যাহারা আশ্রয়প্রার্থী তাহাদের আশ্রয় দেওয়া।' *আজাদ*, ১৯৪১।

আশ্রয়বঞ্চিত [স] *বিণ* আশ্রয়চ্যুত। 'নিরাশ্রয় হারেস মায়ের আশ্রয়বঞ্চিত।' *শওকত*, ১৯৪৬।

আশ্রয়ভিখারি [স আশ্রয়+ভিখারি] *বি* আশ্রয় ভিক্ষা করে যে। 'অমৃত আশ্রয়ভিখারি হইয়া আসে নাই।' *মানিক*, ১৯৩৭।

আশ্রয়ভিখারিনি [স আশ্রয়+ভিখারিনি] *বি স্ত্রী* আশ্রয় ভিক্ষা করে যে। 'লতার মতো আশ্রয়ভিখারিনি।' *মানিক*, ১৯৩৮।

আশ্রয়ভূত [স] *বিণ* অন্তর্গত। 'সকল কর্মের আশ্রয়ভূত কর্মনীতিকেই ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

আশ্রয়ভূমি [স] *বি* আবাসস্থল। 'আশ্রয়ভূমির সহিত সংযুক্ত করিয়া না দেখিলে আমাদের সামঞ্জস্যবোধ পীড়িত হইবে।' *রবীন্দ্র*, ১৯০৫।

আশ্রয়রহিত [স] *বিণ* আশ্রয়হীন। 'শুদ্ধ অতি শব্দশাস্ত্র আশ্রয়রহিত।' *দর্পণ*, ১৮১৯।

আশ্রয়-স্তম্ভ [স] *বি* আশ্রয়স্থল। 'যে-রাষ্ট্রবুদ্ধি জমিদারকে আশ্রয়-স্তম্ভ ভেবে প্রাণপণে তাকেই বাঁচাবার চেষ্টা করে এসেছে।' *বুলবুল*, ১৯৩৭।

আশ্রয়স্থল [স] **১** *বি* জীবনস্বরূপ। 'প্রেম রমণীর পক্ষে বাস্তবিক আশ্রয়স্থল।' *রবীন্দ্র*, ১৮৮৮। **২** *বি* অবলম্বন। 'হিংসাই যদি জগতের আশ্রয়স্থল হইত, তবে জগৎ এক মুহূর্তও বাঁচিত না।' *রবীন্দ্র*, ১৯০৫। **৩** *বি* ভরসা। 'তাহাদের আর্তনাদের একমাত্র আশ্রয়স্থল ব্রিটিশ পার্লামেন্ট ও ব্রিটিশ প্রজা।' *রবীন্দ্র*, ১৯০৫। **৪** *বি* বাহন। 'শিল্প ও বাণিজ্যই হচ্ছে ইউরোপীয় সভ্যতার প্রধান আশ্রয়স্থল।' *প্রমথ*, ১৯১৪। **৫** *বি* বাসস্থান। 'বিভিন্ন শ্রেণীর ভিক্ষুকদের জন্য ছয়টি আশ্রয়স্থল নির্ম্মিত হইবে।' *আজাদ*, ১৯৪২।

আশ্রয়হারা [স] *বিণ* আশ্রয়হীন। 'গরিব কাঙাল নিরন্ন বস্ত্রহীন আশ্রয়হারা।' *নজরুল*, ১৯৪১।

আশ্রয়হীন [স] **১** *বিণ* অবলম্বনহীন। 'উৎসাহ যেন আশ্রয়হীন লতার মতো।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বিণ* নিরাশ্রয়। 'তাহারা গ্রীকদের দ্বারা অত্যাচারিত, অন্নহীন, গৃহহীন, আশ্রয়হীন।' *সওগাত*, ১৯২৬।

আশ্রয়হীনা [স] *বিণ স্ত্রী* নিরাশ্রয়। 'স্বামী অভাবে সংপূর্ণ রূপে আশ্রয়হীনা হয়।' *উমেশ*, ১৮৫৭।

আশ্রয়া [স আশ্রয়>] *ক্রি* অবলম্বন করা। 'আশ্রয়ি পুখুর-আড়া নৈবেদ্য শালুক-নাড়া।' *মুকুন্দ*, ১৬০০।

আশ্রয়াগার [স] *বি* আশ্রয়কেন্দ্র। 'দুঃস্থ ও অসহায়া মেয়েদের জন্যে একটি আশ্রয়াগার ...।' *বেগম*, ১৯৪৯।

আশ্রয়ার্থী [স] *বিণ* আশ্রয়প্রার্থী। 'কিন্তু আম্বিয়া আশ্রয়ার্থী, সে ধীরে ধীরে দরিয়াবিবির পাশে আসিয়া বসিল।' *শওকত*, ১৯৫৮।

আশ্রয়ী [স] *বিণ* নির্ভর করে আছে এমন। 'ন্যায়পথাশ্রয়ী সরলস্বভাব কৃষক ... সহস্রগুণে আদরণীয় ও পূজনীয়।' *অক্ষয়*, ১৮৪৯।

আশ্রয়ে *ক্রিবিণ* আড়ালে। 'এ ঘনঘটার বারি নহে – স্বর্গীয় শান্তিবারি মেঘের আশ্রয়ে ঝরিতেছে।' *মশাররফ*, ১৯০৮।

আশ্রিত [স] **১** *বিণ* আশ্রয় পেয়েছে এমন। 'তোমরা আমার আশ্রিত।' *রাজীব*, ১৮০৫। **২** *বি* আশ্রয় পেয়েছে যে জন। 'দয়াময়, আশ্রিতেরে স্মরণে কি নাই?' *সুধীন্দ্র*, ১৯৩২।

আশ্রিতজন [স] *বি* আশ্রয়প্রাপ্ত ব্যক্তি। 'আশ্রিতজনের প্রতি তোমার সত্যই বড় কৃপা।' *বিভূতি*, ১৯৩৮।

আশ্রিতা [স] *বিণ স্ত্রী* আশ্রয়প্রাপ্ত। 'পুরুষের আশ্রিতা হইয়াই ধনভাগিনী হইতে হইবে।' *বঙ্কিম*, ১৮৭৯।

আশ্রী[১] [স আশ্রয়>] *ক্রি* আশ্রয়লাভ করা। 'সর্ব্বভাবে আশ্রিয়াছে চৈতন্যচরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আশ্রী[২] [স আশ্রয়] **১** *বি* উপবেশন। 'ইমামের বুকেত বসিল আশ্রা দিআ।' *বাহরাম*, ১৬৫০। **২** *বি* আশ্রয়। 'সতীত্ব রহিব মোর তার আশ্রা লৈলে।' *আলাওল*, ১৬৮০।

আশ্রাএ[১] [স আশ্রয়] *বি* আশ্রয়। 'বিনে আশ্রাএ কিছু রহে না।' *জ্যোতিনিয়ো*, ১৭৪৩।

আশ্রুত [স] *বিণ* প্রতিশ্রুত। 'আশ্রুত তারক অন্যত্রও অনাগত।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

আশ্লিষ্ট [স] **১** *বিণ* জড়িত। 'আমি, সেই শাপে, এই পাপে আশ্লিষ্ট ছিলাম।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* আলিঙ্গনাবদ্ধ। 'প্রাণ আর জড় আবার তাদের মধ্যে আশ্লিষ্ট অশ্লীল সহবাসে।' *সুধীন্দ্র*, ১৯৩৮।

আশ্লেষ [স] *বি* আলিঙ্গন। 'ভোগবতী ধারার আশ্লেষে।' *জীবন*, ১৯২৭।

আশ্লেষধন্য [স] *বিণ* আলিঙ্গন তৃপ্ত। 'কবিতার লেখে-লেখে সুন্দর-আশ্লেষধন্য মেঘকুঞ্জ কথার প্রণয়ী।' *শঙ্খ*, ১৯৫৫।

আষন [স আসন] *বি* আসন। 'অপূর্ব্ব আষন বশীতে দীলেন।' *হ্যালহেড*, ১৭৭৩। *দ্র* **আসন**[১]

আষরফি [ফা আশরাফি] *বিণ* মোহর। 'বাঙ্গালার আষরফি জরব টাকসালে মওকুপ হইবেক।' *ক্যালগে*, ১৭৮৭। *দ্র* **আশরাফি**

আষা [আ আসা] *বি* লাঠিবিশেষ; আসা। 'তবে আবু জেহেলে লইয়া আষা করে/ সপ্তবার সে মূর্তি প্রদক্ষিণ করে।' *সুলতান*, ১৭০০। *দ্র* **আশা**[৩], **আসা**[১]

আষাঢ় দণ্ড [আ আসা+স দণ্ড] *বি* সন্ন্যাসীর ব্যবহৃত লাঠি। 'করঙ্গ, আষাঢ় দণ্ড, জটা বিলম্বিত।' *দীনবন্ধু*, ১৮৬৭।

আষাড় [স আষাঢ়] *বি* আষাঢ় মাস। 'আষাড়ে গর্জ্জএ ঘন নাচএ মউর।' *মুকুন্দ*, ১৬০০।

আষাড়িয়া [স আষাঢ়>] *বিণ* আষাঢ়ে। 'আষাড়িয়া মেঘমাঝে জেমন বিজুলি সাজে।' *মুকুন্দ*, ১৬০০।

আষাঢ় [স] *বি* বাংলা পঞ্জিকার তৃতীয় মাস। 'আষাঢ় শ্রাবণ মাসে।' *বড়ু*, ১৪৫০।

আষাঢ়স্য [স] *বিণ* আষাঢ় মাসের। 'আষাঢ়স্য চতুর্থ দিবসীয় স্বীয়

AMARBOI.COM

পত্রে হিন্দুধর্ম্ম বিষয়ে উপহাস ...।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

আষাঢ়ান্ত [স আষাঢ়-অন্ত] *বিণ* আষাঢ়ের শেষ। 'আষাঢ়ান্ত বেলার সন্ধ্যার মত।' *হুতোম*, ১৮৬১।

আষাঢ়িয়া [স আষাঢ়>] *বি* আষাঢ় মাসে জন্মে যা। 'একে একে ভাঙ্গে আষাঢ়িয়া যেন ভ্রূকুণ্ডা।' *মুকুন্দ*, ১৬০০।

আষাঢ়ীয় [স আষাঢ়>] *বিণ* আষাঢ় মাসে ঘটে এমন। 'গত ১৭ আষাঢ়ীয় চন্দ্রিকায় ...।' *দর্পণ*, ১৮২৯।

আষাঢ়ে [স আষাঢ়>] ১ *বিণ* অবিশ্বাস্য। 'নিষ্কর্ম্মা লোকেরা যে আষাঢ়ে হুজুক তুলবে।' *হুতোম*, ১৮৬১। ২ *বিণ* অমূলক। 'পড়াশুনো করো, ছাড়ো শাস্ত্র আষাঢ়ে, মেজে ঘষে তোল রে বাপু স্বভাব চাষাড়ে।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৩ *বিণ* আষাঢ় মাসের। 'অম্লান প্রাণটিকে দেখলেম এই আষাঢ়ে সকালে, ওই বটগাছটিতে।' *রবীন্দ্র*, ১৯২২। ৪ *বিণ* আষাঢ় মাসে অনুষ্ঠিত হয় এমন। 'আষাঢ়ে রথযাত্রা হিন্দুর সর্বজনীন উৎসব।' *তারা*, ১৯৪২।

আষাঢ়ে গল্প *বি* অবিশ্বাস্য কাহিনি। 'এমন আষাঢ়ে গল্প তোমায় কে শোনায়।' *বঙ্কিম*, ১৮৭৪।

আষুরা [আ আশুরা] *বি* শিয়া মুসলমানদের শোক অনুষ্ঠানবিশেষ। 'জমীদারেরা ... আষুরা খরচ তলপ করে।' *তাঁতি*, ১৭৯২। দ্র **আশুরা**

আষ্ট [স] *বিণ* অষ্ট; আট (৮) সংখ্যক। 'বিহড়িল আষ্ট ধাতু আয়িল তাহার।' *বড়ু*, ১৪৫০।

আষ্ট ধাতু [স অষ্টধাতু] *বি* সোনা, রুপা, তামা ইত্যাদি আট রকমের ধাতুর সমাহার। 'বিহড়িল আষ্ট ধাতু আয়িল তাহার।' *বড়ু*, ১৪৫০।

আষ্টম [স অষ্টম] *বিণ* আট সংখ্যার পূরক। 'আষ্টম গর্ব্ভ হৈব দেব নারায়ণে।' *বড়ু*, ১৪৫০।

আষ্টমী [স অষ্টমী] *বিণ স্ত্রী* অষ্টমী। 'রোহিণী আষ্টমী তিথি পূর্ণ।' *বড়ু*, ১৪৫০।

আষ্টেক [স অষ্ট+স একা] ১ *বিণ* আট সংখ্যক। 'আনা আষ্টেক করে দিন পোষায়।' *গিরিশ*, ১৮৮৯। ২ *বিণ* আটখানার মতো। 'ওরে, খান-আষ্টেক পিঠে দিয়ে যা।' *রবীন্দ্র*, ১৯০৭।

আষ্টেপিষ্টে [স অষ্ট-পৃষ্ঠ>] *ক্রিবিণ* আচ্ছামতো। 'তোকে আষ্টেপিষ্টে গাল দিয়ে তবে ক্ষান্ত হতাম।' *নজরুল*, ১৯২৭।

আষ্টেপৃষ্ঠে [স অষ্ট-পৃষ্ঠ>] ১ *ক্রিবিণ* সারা গায়ে। 'আষ্টেপৃষ্ঠে কত ছাপ নিয়েই বেচারা ঠিক সময়ে এসে উপস্থিত হয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *ক্রিবিণ* ওতপ্রোতভাবে। 'বাহির হইতে আষ্টেপৃষ্ঠে বন্ধন পড়িয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

আশ্বিন [স আশ্বিন] *বি* আশ্বিন। 'মাহ আস্নিনের তলবে খাজনায় দাখিল করিয়া দিলাম।' *মেয়র্স*, ১৭৭৪।

আশ্বিনের তলব *বি* আশ্বিন মাসে দিতে হবে এই শর্ত। 'মাহ আস্নিনের তলবে খাজনায় দাখিল করিয়া দিলাম।' *মেয়র্স*, ১৭৭৪।

আস[১] [স আশা] ১ *বি* আশা। 'এড়ি এউ ছান্দক বান্ধ করণক পাটের আস।' *চর্যা* ১, ১২০০। ২ *বি* আশ্রয়। 'শুনরাজ খাঁন বলে হরিপদে আস।' *মালাধর*, ১৫০০।

আস[২] [স আশু] *বি* আউশ। 'যখন আসধানের পালা সাঙ্গাতো বোধ হতো যেন চন্দন বিলে পদ্মফুল ফুটে রয়েছে।' *দীনবন্ধু*, ১৮৬০।

আস-ইষু [স] *বি* তীর-ধনুক। 'আস-ইষু গদার প্রহারে গদাধর।' *মানিকরাম*, ১৭৮১।

আসওয়ার [ফা সওয়ার] ১ *বিণ* আরোহী। 'বোরাকের পূর্বে নবী হৈল আসওয়ার।' *হেয়াত*, ১৮০০। ২ *বি* অশ্বারোহী। 'হাইদরি-হাঁক হাঁকি দুলদুল-আসওয়ার।' *নজরুল*, ১৯২২।

আসক [স আসক্ত] *বি* আসক্তি। 'আসক উকত সবে দুরগত।' *চণ্ডী*, ১৫৫০।

আসকারা [ফা আশকারা] *বি* প্রশ্রয়। *বিদ্যা*, ১৮৯১।

আসকিআ *বি* পিঠাবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

আসক্ত [স] ১ *বিণ* ব্যাপৃত। 'আফিনের ক্রয় ও বিক্রয়াদি ব্যাপারে আসক্ত হইলে।' *ফরস্টার*, ১৭৯৭। ২ *বিণ* নেশাগ্রস্ত। 'তিনি অত্যন্ত স্ত্রীসম্ভোগে আসক্ত হইলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৩ *বিণ* অতিশয় অনুরক্ত। 'পরমপ্রিয় মিত্ররত্নে প্রগাঢ় রূপে আসক্ত হয়।' *অক্ষয়*, ১৮৪৯। ৪ *বিণ* সংলগ্ন। 'ইন্দু-কিরণচ্ছটার ন্যায় একটি শুভ্র কেতকীপত্র আসক্ত।' *রবীন্দ্র*, ১৯০৭। ৫ *বিণ* আকৃষ্ট। 'সে কি তলে তলে সকলের চেয়ে ধনের প্রতি আসক্ত নয়?' *রবীন্দ্র*, ১৯১৬। ৬ *বিণ* অভ্যস্ত। 'বিলাসে আসক্ত হয়ো না।' *রবীন্দ্র*, ১৯১৬।

আসক্তা [স] *বিণ স্ত্রী* অনুরক্ত। 'ঐ স্ত্রী কোন অন্য পুরুষের প্রতি আসক্তা হয়।' *দর্পণ*, ১৮২৭।

আসক্তি [স] *বি* লিপ্সা; ভোগবিলাস। 'যাহাতে আসক্তি যাঁর, সেই শক্তি সঙ্গে তাঁর।' *গুপ্ত*, ১৮৫৮।

আসক্তিবিহীন [স] *বিণ* নিরাসক্ত। 'ব্রাহ্মণবালক আসক্তিবিহীন ... বিশ্বপৃথিবীর নিকট চলিয়া গিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আসগাড়ু পাসগাড়ু [স পার্শ্ব>+স গড়ু>] *বি* আশপাশের বালিস। 'আসগাড়ু পাসগাড়ু সিয়রে মেচলা।' *মুকুন্দ*, ১৬০০।

আসঙ্কা [স আশঙ্কা] *বি* সংশয়। 'এই আসঙ্কা প্রযুক্ত তোমাকে লিখিয়া দিতেছী।' *মেয়র্স*, ১৭৭৩।

আসঙ্গ [স] ১ *বি* মিলন। 'নাসিকা মন্দমন্দ/ ঘন [বেন] আসঙ্গ।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বিণ* আসক্ত। 'ঘূর্ণচক্র জনতাসংঘ/ বন্ধনহীন মহা-আসঙ্গ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আসঙ্গপ্রসঙ্গ [স] *বি* ভোগবিলাস। 'ইংরাজ তাহাদের আমোদপ্রমোদ আহারবিহার আসঙ্গপ্রসঙ্গ ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

আসঙ্গলিপ্সা [স] *বি* সঙ্গ-কামনা। '[স্বামী-স্ত্রী] আসঙ্গলিপ্সার বিষয় মিত্র।' *অক্ষয়*, ১৮৪৯।

আসছে *বিণ* আগামী। 'আসছে বারে যেদিন এই রকম ঘটনা হবে ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আসছে-বার *ক্রিবিণ* পরবর্তী বার। 'আসছে-বার যখন দেখা হবে চর পাঠিয়ে খোঁজ নিয়ে আসব।' *রবীন্দ্র*, ১৯৪০।

আসটা [ধ্বন্যা] *অব্য* ইত্যাদি। 'ইয়ার বক্সির লিভারটা আসটাও আছে।' *গিরিশ*, ১৮৮৬।

আসত [স আশা>] *ক্রিবিণ* আশায়। 'আসত নিফল দুখ সহন না জাএ।' *বড়ু*, ১৪৫০।

আসতাড়া [স আস-তাড়ন] *বি* অস্ত্র চালনা। 'এইরূপ অনেক করিল আসতাড়া।' *মানিকরাম*, ১৭৮১।

আসত্তিদোষ [স] *বি* বাক্যে পরস্পর অন্বিত পদসমূহের সন্নিহিত অবস্থান। 'আমার প্রার্থনা যদি গ্রন্থমধ্যে বর্ণভ্রম ও আসত্তিদোষ থাকে তবে ...।' *তত্ত্বাবী*, ১৮২৩।

আসন[১] [স] ১ *বি* বসার স্থান। 'গুরুর আসনে কিবা চাপিআঁ বসিলোঁ।'

AMARBOI.COM

বড়ু, ১৪৫০। ২ *বি* মর্যাদা। 'নিজ নব দলে করু আসন দান।' *বিদ্যাপতি*, ১৪৬০। ৩ *বি* সিংহাসন। 'ব্যাস দেখী নরপতী এড়িল আসন।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৪ *বি* অবস্থান। 'কোথা হৈতে আসন আসন কোন ঠাঁই।' *ভারত*, ১৭৬০। ৫ *বি* পিয়াল গাছ। 'তুঁত, আসন প্রভৃতি গাছের পাতায় গুটিপোকা অণ্ড প্রসব করিয়া থাকে।' *বিদ্যা*, ১৮৫১। ৬ *বি* যোগের প্রক্রিয়াবিশেষ। 'যে কটা আসন ছিল, তা মেরে দেওয়া গিয়েছে; যোগের আর বাকি কি।' *গিরিশ*, ১৮৮৭। ৭ *বি* স্বাগত জানানোর আয়োজন। 'গানের সুরের আসনখানি পাতি পথের ধারে।' *রবীন্দ্র*, ১৯১৫। ৮ *বি* স্থান। 'তোমার আসন শূন্য আজি, হে বীর, পূর্ণ কর।' *রবীন্দ্র*, ১৯২৯।

আসন গ্রহণ [স] *বি* উপবেশন। 'হাউসের সভ্যেরা আসন গ্রহণ করলেন।' *রবীন্দ্র*, ১৮৮১।

আসন দান করা *ক্রি* সাদরে গ্রহণ করা। 'পাঠকের হৃদয় অগ্রসর হইয়া তাহাদিগকে আসন দান করে।' *রবীন্দ্র*, ১৯০৭।

আসন পাতা *ক্রি* আয়োজন করা। 'গানের সুরের আসনখানি পাতি পথের ধারে।' *রবীন্দ্র*, ১৯১৫।

আসন-পিঁড়ি [স আসন+পিঁড়ি] *বিণ* এক পায়ের উপর অন্য পা মুড়ে বসেছে এমন। 'আসন-পিঁড়ি হয়ে সব ষষ্ঠী বুড়ি সেজে ...।' *বিভূতি*, ১৯৩১।

আসনপীড়া [স] *বি* আসনের কষ্ট। 'এই আইনের অধীনে যতক্ষণ পয়ারের এলাকায় থাকি ততক্ষণ আসনপীড়া ঘটে না।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আসনবেদী [স] *বি* আসনপাতা মঞ্চ। 'উপরের দিকে সেখানে বিরাটের আসনবেদী।' *রবীন্দ্র*, ১৯২৯।

আসনশুদ্ধি [স] *বি* ব্রতের অংশবিশেষ। 'প্রথমে সামান্যকাণ্ড – যেমন আচমন, স্বস্তিবাচন ... আসনশুদ্ধি।' *অবন*, ১৯১৯।

আসন-সংখ্যা [স] *বি* কতোজন প্রতিনিধি নির্বাচিত হবেন তার সংখ্যা। 'গ্রাম্য প্রতিনিধিদের আসন সংখ্যা অধিক করা হইয়াছে।' *আজাদ*, ১৯৩৬।

আসনা [স আসন>] *বিণ স্ত্রী* আসনবিশিষ্ট। 'জগতকমলবনে কমল-আসনা কতদিন পরে বুঝি তাই এল ফিরে!' *রবীন্দ্র*, ১৮৮৬।

আসন[২] *বি* আগমন। 'কোথা হৈতে আসন আসন কোন ঠাঁই।' *ভারত*, ১৭৬০।

আসন-যাওন *বি* আসা-যাওয়া। 'মধ্যে তারি আসন-যাওন করছে জেলের হিয়া।' *জসীম*, ১৯২৭।

আসনা [স অংশু] ১ *বি* তুলা থেকে সূতা তৈরির যন্ত্র। 'আসনা ও চরকায় সূতা কাটিতে আরম্ভ করিলাম।' *দর্পণ*, ১৮২৮। ২ *বিণ* আঁশযুক্ত। 'স্ত্রীলোকেরা চর্কা ও আসনা সূতা কাটে।' *প্যারী*, ১৮৬০।

আসনাই [ফা আশনাই] *বি* প্রেম; বন্ধুত্ব। *বিদ্যা*, ১৮৯১।

আসন্ন [স] ১ *বিণ* ঘনিষ্ঠ। 'দুর্দশাপন্ন আসন্ন জ্ঞাতিসন্তানকে অন্ন দেওয়া দুরূহ ব্যাপার নহে।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বিণ* প্রায় এসে গেছে এমন। 'ভাবী ভারতবর্ষ অপেক্ষা আসন্ন এগজামিনের তাড়া ঢের বেশি।' *রবীন্দ্র*, ১৮৯২।

আসন্ন কাল [স] ১ *ক্রিবিণ* আগত সময়ে। 'দাউদের আসন্ন কালক্রমে তাহা আমলে আনিল না।' *রামরাম*, ১৮০১। ২ *বি* মৃত্যুর কাছাকাছি অবস্থা। 'তাহার আসন্নকাল উপস্থিত।' *রামরাম*, ১৮০২।

আসন্নতা [স] *বি* নিকটবর্তিতা। 'আসন্নতা ভিত্তি গড়ে আরোগ্যভবনে, শিশুকেন্দ্রে, কৃষিসমবায়ে।' *অমিয়*, ১৯৩৯।

আসন্নপরাভব [স] *বি* আশু পরাজয়। 'গুলদাজ-আক্রমণে আসন্নপরাভবের আশঙ্কা।' *রবীন্দ্র*, ১৯২৯।

আসন্নপ্রসবা [স] *বিণ স্ত্রী* প্রসবকাল নিকটবর্তী এমন অবস্থায় উপনীত। 'তাঁর স্ত্রী আসন্নপ্রসবা।' *মুজতবা*, ১৯৪৯।

আসন্নবর্ষণ [স] *বিণ* শিগগিরই বৃষ্টি হবে এমন। 'আসন্নবর্ষণ কোন শ্রাবণপ্রভাতে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

আসন্নবিচ্ছেদশঙ্কিত [স] *বিণ* বিচ্ছেদ আসন্ন ভেবে শঙ্কিত। 'আজ আসন্নবিচ্ছেদশঙ্কিত বঙ্গভূমিতে দাঁড়াইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

আসন্ন-মৃত্যু [স] *বিণ* মুমূর্ষু। 'প্রায় আসন্ন-মৃত্যু রোগীর মত চেরা-কণ্ঠে ইয়াকুব ডাকিল।' *শওকত*, ১৯৫৮।

আস পাশ [স পার্শ্ব>] ১ *ক্রিবিণ* আশে পাশে। 'আসপাশ চৌদিগের সমস্ত পরগনায় ঢেঁড়ি দিলেন।' *রামরাম*, ১৮০১। ২ *বি* চারপাশ। 'আস পাশ আলো করে ... চলে গ্যালো।' *হুতোম*, ১৮৬১। ৩ *বি* এদিক ওদিক। 'দাঁড়িপালা, চ্যাটা, কুলো ও চালুনীরে গণি ব্যাগ ও ছেঁড়া চটের আস পাশ থেকে উঁকী ঝুঁকী মাচ্চে।' *হুতোম*, ১৮৬১।

আসব [স] *বি* চোলাই করা মদ। 'তন্মধ্যে নরকপালপূর্ণ আসব রহিয়াছে।' *বঙ্কিম*, ১৮৬৬।

আসব মাতা [স আসব+মত্ত] *বিণ* মদমত্ত। 'কাহ্ন বিলসঅ আসব মাতা।' *চর্যা ৯*, ১২০০।

আসবরিক্ত [স] *বিণ* নেশাহীন। 'বৃত্রের জিঘাংসা আজ পর্জন্যের সর্বশক্তি কাড়ে বাসব আসবরিক্ত।' *মুজতবা*, ১৯৪৯।

আসবাব [আ] ১ *বি* ফরমায়েশি বস্ত্র। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* দৈহিক বৈশিষ্ট্য। 'জগদম্বার আসবাবের মধ্যে মুলো দাঁত, আর মনিপুরী নাক।' *দীনবন্ধু*, ১৮৬৩। ৩ *বি* সরঞ্জাম। 'কতমতো লেখার আসবাব।' *রবীন্দ্র*, ১৯৩২।

আসবাব-আড়ম্বর [স] *বি* বিলাসিতা। 'আমাদের সাজসজ্জা আসবাব-আড়ম্বরে কমতি পড়ে।' *রবীন্দ্র*, ১৯০৫।

আসবাবনিরপেক্ষ [আ আসবাব+স নিরপেক্ষ] *বিণ* আসবাবের উপর নির্ভর করে না এমন। 'কিন্তু আসবাবনিরপেক্ষ হয়ে কী করে বাহিরে কর্মকুশলতা ও অন্তরে আপন সম্মানবোধ ...।' *রবীন্দ্র*, ১৯১৫।

আসবাবপত্র [আ আসবাব+স পত্র] *বি* গৃহসজ্জার উপকরণ। 'ঘরে অল্পস্বল্প যে সমস্ত আসবাবপত্র ছিল।' *রবীন্দ্র*, ১৯০২।

আসবাবপাঁতি [আ আসবাব+স পঙ্‌ক্তি] *বি* গৃহসজ্জার উপকরণাদি। 'বাড়ির সমস্ত সাজ-সরঞ্জাম আসবাবপাতি ক্রোক হইল।' *মনসুর*, ১৯৫৫।

আসবাববিহীন [আ আসবাব+স বিহীন] *বিণ* তৈজসপত্রছাড়া। 'নেবানো চুল্লীর জন্য কারো খেদ, কেউ আসববিহীন।' *সুনীল*, ১৯৬৬।

আসমান [ফা] *বি* আকাশ। 'আফিঙ খাইয়া তারা আসমান হাতে পায়ে।' *বিজয়*, ১৬৫০।

আসমানগামী [ফা আসমান+স গামী] *বিণ* আকাশচারী। 'এখানে মতামত নামক আসমানগামী ডানা দুটো খোলসা আছে বটে ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

আসমান চাপা [ফা আসমান+স চাপ>] *ক্রি* সীমাহীন ভার পড়া। 'আসমান চাপিল যেন ছাতির উপর।' *গরীব*, ১৭৬৫।

আসমান জমিন [ফা] ১ *বি* সমগ্র পৃথিবী। 'আসমান জমিন বরাবর

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

একজন।' *গরীব*, ১৭৬৫। ২ *বিণ* দারুণ, আকাশ-পাতাল। 'জিনিস দুইটায় কিন্তু আসমান-জমিন তফাত।' *নজরুল*, ১৯২২।

আসমানদার [ফা] *বিণ* বাস্তবতাবর্জিত। 'কবিতা নিতান্তই আসমানদার নয়।' *রবীন্দ্র*, ১৮৮৫।

আসমানদারি [ফা] *বি* কল্পনাবৃত্তি। 'আমার জন্মগত পেশা জমিদারি, কিন্তু আমার স্বভাবগত পেশা আসমানদারি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

আসমান-ফাটা [ফা আসমান+ফাটা] *বিণ* গগনবিদারী। 'আসমান-ফাটা জিকির দিয়া মিছিল করিয়া ফিরিয়া চলে।' *মনসুর*, ১৯৫৫।

আসমান ফাটানো *ক্রি* প্রচণ্ড জোরে শব্দ করা। 'আল্লাহু-আকবর ধ্বনি আসমান ফাটাইল।' *মনসুর*, ১৯৩৫।

আসমান-মুখো [ফা আসমান+স মুখ>] *বিণ* আকাশের দিকে মুখ করে আছে এমন। 'একজন পাগলা আসমান-মুখো হয়ে শুধু লাফ মারছে।' *নজরুল*, ১৯২২।

আসমানশুদ্ধ [ফা আসমান+স শুদ্ধ] *ক্রিবিণ* আকাশসমেত। 'আইজ বুঝিন আসমানশুদ্ধ ভাইঙ্গা পড়ব।' *ইসহাক*, ১৯৫৫।

আসমানি, আসমানী [ফা] ১ *বিণ* নীল। *ওসাঁ*, ১৭৮২। ২ *বিণ* ধর্মীয়। 'আসমানি এক আইন দিয়ে আমাদের সব আনলে রাহে।' *লালন*, ১৮৯০। ৩ *বি* অলৌকিক। 'এক আসমানি চোর ভবের শহর লুটছে সদাই।' *লালন*, ১৮৯০। ৪ *বিণ* হালকা নীল রঙের। 'বসনখানি বৃষ্টি-ধোওয়া আকাশ যেন নবীন আসমানী।' *রবীন্দ্র*, ১৯১৬। ৫ *বিণ* স্বর্গীয়। 'আসমানী সেই রাজ-দাবাড়ে চালায় যেমন চলছি তাই।' *নজরুল*, ১৯৪১।

আসমুদ্র [স] ১ *ক্রিবিণ* সমুদ্র পর্যন্ত। 'ইহাতে সুখ্যাতির ধ্বনি দেশ বিদেশ আসমুদ্র হইল।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* সমুদ্র পর্যন্ত বিস্তৃত। 'আপন প্রচণ্ড বলে আসমুদ্র আহিমাচল বিপুল ভারতভূমিকে করতলন্যস্ত ...।' *রবীন্দ্র*, ১৮৯০।

আসমুদ্রবিস্তৃত [স] *বিণ* সমুদ্র পর্যন্ত বিস্তৃত। 'অসংখ্যবিস্তৃত নদীপর্বত।' *রবীন্দ্র*, ১৯০৯।

আসমুদ্রহিমাচল [স] *বিণ* সমুদ্র থেকে হিমালয় পর্যন্ত বিস্তৃত। 'আসমুদ্র হিমাচল ভারতবর্ষের সর্বত্র বিদেশি শাসকের ধ্বজা সুদৃঢ় আশ্বাসে প্রোথিত।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

আসমুসি *বিণ* অস্থিরচিত্ত। 'তোর পারা আসমুসি কে আছে সংসারে।' *মানিকরাম*, ১৭৮১।

আসম্মতী [স অসম্মতি] *বি* অমত; অস্বীকার। 'কাহু কিকে কর আসম্মতী ল।' *বড়ু*, ১৪৫০।

আসর[১] [আ আশর] ১ *বি* মজলিশ। 'উর ধর্ম আমার আসরে।' *রূপরাম*, ১৭৫০। ২ *বি* জলসা। 'আসরে আসিয়া উপস্থিত হইলেন প্রথমতঃ বাগবাজারবাসিরা গানারম্ভ করিবেন।' *দর্পণ*, ১৮২৯।

আসর[২] [আ আসর] *বি* মুসলমানদের বৈকালিক নামাজের সময়। 'আসরেত 'আসসুরা ও' বেআ, মাগরিবে।' *আলাওল*, ১৬৮০।

আসর[৩] [আ আছর] *বি* আশ্রয়। 'মেয়েলোকের উপর জিনের আসর হইলে তিনি জিন ছাড়াইতে পারিতেন।' *মনসুর*, ১৯৩৫।

আসরফি, আসরফী [ফা আশরফ] *বি* স্বর্ণমুদ্রা-বিশেষ। 'আসরফী বস্ত্র অলঙ্কার আদি যত।' *ভারত*, ১৭৬০; 'হাজার আসরফি জরিমানা দিবে।' *বঙ্কিম*, ১৮৮৪। *দ্র* **আশরাফি**

আসল [আ] ১ *বি* মূল বস্তু। 'নানামতে সাবধানে রাখিল আসল।' *ভারত*, ১৭৬০। ২ *বিণ* মূল। 'নকল বমজীম আসল।' *বোগল*, ১৭৭০। ৩ *বিণ* খাঁটি; সত্যিকার; নকল নয় এমন। *ওসাঁ*, ১৭৮২। ৪ *বি* মূলধন। 'রিণের সুদ আসল হইতে অধিক।' *ডানকান*, ১৭৮৪। ৫ *বিণ* প্রকৃত। 'আসল কথা, আমার চারি দিকে আমি একটি সৌন্দর্যের সামঞ্জস্য দেখতে চাই।' *রবীন্দ্র*, ১৮৯২।

আসলে *ক্রিবিণ* প্রকৃতপক্ষে। 'আসলে কুশল নাই শুধু উঁকিঝুঁকি।' *গুপ্ত*, ১৮৫৮।

আসশেওড়া [স আস্যশাখোট] *বি* এক ধরনের জংলা গাছ। 'আসশেওড়ার-বেড়া-দেওয়া।' *রবীন্দ্র*, ১৯৩২।

আস-সরদার [ফা সরদার>] *বি* প্রধান লাঠিয়াল। 'চুঙ্গিঘরের পাইক বরকন্দাজ, ডাঙ্গা-বরদার, আস-সরদার বেবাক চাকর-নফর বিলকুল বেমালুম গায়েব।' *মুজতবা*, ১৯৫৮।

আসসালাম [আ] *বি* অভিনন্দন। 'ঈদ মোবারক! আসসালাম!' *নজরুল*, ১৯২৮।

আসসালামু আলাইকুম [আ] ইসলামি রীতি অনুযায়ী শান্তিকামনা প্রকাশক অভিবাদনবিশেষ। 'আসসালামু আলাইকুম বলিয়া সুফি সাহেব সোজা ...।' *মনসুর*, ১৯৩৫।

আসহন [স অসহনীয়] *বিণ* অসহ্য; সহ্য যায় না এমন। 'আসহন বোলহ সকলে।' *বড়ু*, ১৪৫০।

আসহাবা [আ] *বি* সঙ্গী। 'জন চার-পাঁচেক আসহাবা লইয়া তীরবেগে গ্রামে তশরিফ আনিলেন।' *মনসুর*, ১৯৩৫।

আসা[১] [আ] *বি* দণ্ড; লাঠি। 'অভিশাপ 'আসা' গর্জিয়া আসে।' *নজরুল*, ১৯২৮। *দ্র* **আশা**[১]**, আষা**

আসাবরদার [আ আসা+ফা বরদার] ১ *বি* লাঠিয়াল। 'চকের মুড়া পর্যন্ত দোকাতারি আসাবরদার ও চাপদার।' *রামরাম*, ১৮০১। ২ *বি* রাজদণ্ড বহনকারী। 'সোটাবরদার আসাবরদার ও বাদবরদার ও গুরুজবরদার ও নওবত ইত্যাদি।' *দর্পণ*, ১৮১৯।

আসাবাড়ি [আ আসা>] *বি* ফকিরের লাঠি বা দণ্ড। 'অপূর্ব অদ্ভুত মূর্তি আসাবাড়ি হাতে।' *মানিকরাম*, ১৭৮১।

আসাসোটা [আ আসা+স শৌণ্ড] ১ *বি* রাজদণ্ড। 'সেপাই পাহারা, আসা সোটা ও রাজা খেতাপ ... রাস্তায়, পাদাড়ে ও ভাগাড়ে গড়াগড়ি যেতে লাগলো।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* সোনার বা রুপার দণ্ডবিশেষ; মাথায় গুটিনিযুক্ত ছোটো লাঠিবিশেষ। 'সেকালের সব জিনিসপত্র আসাসোটা-গুলো চমরছত্র।' *রবীন্দ্র*, ১৮৯৯।

আসা[২] [স আশা] *বি* আশা। 'আসা বহল পাতহ বাহা।' *চর্যা ৪৫*, ১২০০।

আসা[৩] ১ *ক্রি* আগমন করা। 'উদ্দেশ্য আসার মূল এথা আছ তুমি।' *বৃন্দা*, ১৫৮০। ২ *ক্রি* গর্ভ হওয়া। 'গঙ্গারের বাচ্চা আসিয়াছে।' *দর্পণ*, ১৮১৯। ৩ *ক্রি* আহ্বানে সাড়া দেওয়া। 'যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলো রে।' *রবীন্দ্র*, ১৯০৫। ৪ *ক্রি* সৃষ্টি হওয়া। 'রাতের বেলা গান এল মোর মনে।' *রবীন্দ্র*, ১৯১৬। **আলঙ** *ক্রি* এলাম। 'বিভা করিবারে আলঙ তোমার নগর।' *মালাধর*, ১৫০০। **আলি** *ক্রি* এলি। 'ছিলি কোথা আলি হেথা।' *লালন*, ১৮৯০। **আলিছিল** *ক্রি* এসেছিল। 'আল আলিছিল নান্দের নন্দন।' *বড়ু*, ১৪৫০। **আলুম** *ক্রি* এলাম। 'কিছু না কহিএ আলুম অন্তিকে তোমার।' *মানিকরাম*, ১৭৮১। **আলেন** *ক্রি* এলেন। 'থুবথুরে বুড়ো কিন্তু টাকা পেলে বে করতে আলেন না।' *প্যারী*, ১৮৫৮। **আল্য** *ক্রি* এলো। 'ফুল্লরা করুণ ভাষে আল্য বীর সকাশে প্রিয়ভাষে বলেন বচন।' *মুকুন্দ*, ১৬০০। **আল্যা** *ক্রি* এলে। 'বরূণের পুরি হৈতে দুর্হে আল্যা ঘর।' *মালাধর*, ১৫০০। **আসবার** *ক্রি* আসার। 'ভূত আসবার

AMARBOI.COM

প্রোগ্রাম স্থির হলো।' *হুতোম*, ১৮৬১। **আসম** *ক্রি* আসতাম। 'মুঞি সে আসম যাম তা সবার কাছে।' *সুলতান*, ১৭০০। **আসি ১** *ক্রি* এসেছি। 'গোঠে হৈতে আসি আহ্নি বুঢ়ী গোআলিনী।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* এসে। 'দৈবযোগে আসি এবার রাধা পড়িলা আন্ধার হাথে।' *বড়ু*, ১৪৫০। **আসিআঁ** *ক্রি* এসে। 'আসিআঁ নারদ তবেঁ সত্বরে আপণে।' *বড়ু*, ১৪৫০। **আসিআছ** *ক্রি* এসেছো। 'কি কারণে আসিআছ জিজ্ঞাসা করিলা।' *বাহরাম*, ১৬৫০। **আসিআছিল** *ক্রি* এসেছিলো। 'বীরঘাঁটা আদি জত আসিআছিল দানা।' *মুকুন্দ*, ১৬০০। **আসিইয়া** *ক্রিবিণ* এসে। 'আনন্দে আসিইয়া ইন্দ্র কুম্ভিএ প্রবেস।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আসিএ** *ক্রিবিণ* এসে। 'একজনা পণ্ডিত আসিএ উপনীত।' *মানিকরাম*, ১৭৮১। **আসিএন** *ক্রি* আসেন। 'আসিএন উগ্রসেন জুদ্ধ করিবারে।' *মালাধর*, ১৫০০। **আসিছ** *ক্রি* এসেছো। 'সুত পুত্র হইয়া কেনে আসিছ রনেতে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আসিছি** *ক্রি* এসেছি। 'আসিছি গৌড় দেশে।' *কৃষ্ণরাম*, ১৭২০। **আসিছেনি** *ক্রি* অবতীর্ণ হয়েছে কি। 'আসিছেনি কিতাব বোল তান বিদ্যমান।' *সুলতান*, ১৭০০। **আসিঞা** *ক্রিবিণ* এসে। 'আসিঞা মুনিগণ করিল শুভক্ষণ।' *মুকুন্দ*, ১৬০০। **আসিতে** *ক্রিবিণ* আসতে। 'পাশে আসিতে কেন চাহসি আমার।' *বড়ু*, ১৫৭০। **আসিব** *ক্রি* আসবো। 'কংসে ণণী আসিব সাজিআঁ।' *বড়ু*, ১৪৫০। **আসিবা** *ক্রি* আসবে। 'তা সবা লইয়া তুমি আসিবা সত্বর।' *বৃন্দা*, ১৫৮০। **আসিবাম** *ক্রি* আসবো। 'দূত গেলে আসিবাম সুন নরনাথ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আসিবার** *ক্রিবিণ* আসার জন্য। 'আসিবার বেলেঁ দিবোঁ রতী।' *বড়ু*, ১৪৫০। **আসিবোঁ** *ক্রি* আসবো। 'তবেঁ কেহ্নে আসিবোঁ মো তোহ্মার সংহতী।' *বড়ু*, ১৪৫০। **আসিয়** *ক্রি* এসো। 'প্রভাতে আসিয় তুহ্মি এহী গঙ্গা তীর।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আসিয়া** *ক্রিবিণ* এসে। 'আসিয়া মিলিলা নাহি জানি কোথা হনে।' *বৃন্দা*, ১৫৮০। **আসিয়াছে** *ক্রি* এসেছে। 'কেহো জানি আসিয়াছে বাড়ির ভিতরে।' *বৃন্দা*, ১৫৮০। **আসিয়ে** *ক্রিবিণ* এসে। 'রসনায় রঙ্কিণী আসিয়ে কৈল খেলা।' *মানিকরাম*, ১৭৮১। **আসিলাম** *ক্রি* এলাম। 'প্রভু বড়ে হেন দেশে আসিলাম কেনে।' *বৃন্দা*, ১৫৮০। **আসিহ** *ক্রি* এসো। 'আসিহ মোহোর কাছে নামাঞ্জ গুজারি।' *সুলতান*, ১৭০০। **আসী** *ক্রি* আসি। 'তোর সঙ্গে নিতী আসী।' *বড়ু*, ১৪৫০। **আসী** *ক্রি* এসে। 'বুলিতেঁ চাহিলোঁ আসী রাধার দোষে।' *বড়ু*, ১৪৫০। **আসীয়** *ক্রি* আসে। 'পঞ্চদস বৎসর বহি আসীয় সর্গেতে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **আসীয়াছীলা** *ক্রি* এসেছিলে। *ওসা*, ১৭৮২। **আসু** *ক্রি* আগমন করুক। 'হাথে ধরী ধনু বাণে কাহ্ন আসু বিদ্যমানে।' *বড়ু*, ১৪৫০। **আসে** *ক্রি* আগমন করে। 'ধৈর্য নাই ধ্বনি শুনে সকলে ধেয়ে আসে।' *মানিকরাম*, ১৭৮১। **আস্য** *ক্রি* এসো। 'ভাত নাহি খায় কেন নাঞি আস্য ঘর।' *মালাধর*, ১৫০০। **আস্য আস্য** *ক্রি* এসো এসো। 'কমল ওরে সনাতন আস্য আস্য বাপধন।' *মানিকরাম*, ১৭৮১। **আস্যহ** *ক্রি* এসো। 'আস্যহ সুন্দরী বষ্য লেখা করি দান।' *বড়ু*, ১৪৫০। **আস্যা** *ক্রি* এসে। 'আশ পূরি হের আস্যা ধনি।' *বড়ু*, ১৫৭০। **আস্যাছি** *ক্রি* এসেছি। 'বৈদিশী সাধু আমি আস্যাছি সিংহল।' *মুকুন্দ*, ১৬০০। **আস্যাছিল** *ক্রি* এসেছিলো। 'শঙ্খদত্ত আদি জেবা আস্যাছিল এথা অন্তরে গণিঞা সভে হেট কৈল মাথা।' *মুকুন্দ*, ১৬০০। **আস্যাছে** *ক্রি* এসেছে। 'আস্যাছে তোমার পতি/ সুন্দর সুন্দর অতি।' *কৃষ্ণরাম*, ১৭২০। **আস্যে** *ক্রি* আসে। 'গলে মুনি দিয়া আস্যে দ্বারিকা নগর।' *মালাধর*, ১৫০০। **আহিল** *ক্রি* এলো। 'উপকার জুঝিতে আহিল মোহাসয়।' *কবীন্দ্র*, ১৬৮৯। **এয়েছে** *ক্রি* এসেছে। 'এয়েছে রবির কর!' *রবীন্দ্র*, ১৮৮৩। **এলি** *ক্রি* 'এলে' [আসিলে' ক্রিয়ার তুচ্ছার্থ রূপ]। 'কোথা হতে কাল এলি তুই ভেড়ের ভেড়ে।' *কেতকা*, ১৬৫০। **এলুম** *ক্রি* এলাম। 'সকলই তো বলেছি আর ওদিকেও সকল যোগাড় করে এলুম।' *মশাররফ*, ১৮৬৯। **এলেন** *ক্রি* আগমন করলেন। 'সমীপে এলেন দ্বিজ সাক্ষাৎ শমন।' *মানিকরাম*, ১৭৮১। **এলেম** *ক্রি* এলাম। 'পবার আঠার ষোল যুগে যুগে এলেম ভাল।' *রামপ্রসাদ*, ১৭৮০। **এল্যা** *ক্রি* এলে। 'পুনর্বার পরাৎপর পূর্বরূপে এল্যা।' *মানিকরাম*, ১৭৮১। **এল্যাম** *ক্রি* এলাম। 'আমিহ এল্যাম তিনি রহিলেন বসে।' *মানিকরাম*, ১৭৮১। **এসেচেন** *ক্রি* এসেছেন। 'পায়ে দিয়ে এসেচেন।' *হুতোম*, ১৮৬৮। **এস্য** *ক্রি* এসো। 'মরি এস্য দুভায়ে গলায় দিয়ে কাতি।' *মানিকরাম*, ১৭৮১। **এস্যাচি** *ক্রি* এসেছি। 'সেই যে এস্যাচি না গেলাম অদ্যাবধি।' *মানিকরাম*, ১৭৮১।

আসতে কাটে যেতে কাটে – সব দিক দিয়ে ক্ষতি করে। 'ওরা তো তাই চায়, আসতে কাটে যেতে কাটে।' *গিরিশ*, ১৮৮৯।

আসাপথ [আসা+স পথ] *বি* আগমনের পথ। 'অনুজ্ঞার আসাপথ নিরীক্ষণ করিয়া রহিলাম।' *হুতোম*, ১৮৬৮।

আসামাত্র *ক্রিবিণ* আসার সঙ্গে সঙ্গে। 'কেবল আশার আশা ভবে আসা আসামাত্র হলো।' *রামপ্রসাদ*, ১৭৮০।

আসা-যাওয়া *বি* যাতায়াত। 'এত কাছাকাছি করে আসা-যাওয়া।' *রবীন্দ্র*, ১৮৯৯; 'আসা-যাওয়ার পথের ধারে গান গেয়ে মোর কেটেছে দিন।' *রবীন্দ্র*, ১৯২১।

আসিবামাত্র [আসিবা+স মাত্র] *ক্রিবিণ* আসার সঙ্গে সঙ্গে। 'আসিবামাত্র হৃষ্টচিত্ত হইয়া প্রিয়তমার নিকট গমন করিলেন।' *ভবানী*, ১৮৮৭।

এসে দাঁড়ানো *ক্রি* উপস্থিত হওয়া। 'যদি তার বিচরণের স্থানে মানুষ এসে দাঁড়ায় তা হলে ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

এসে পড়া ১ *ক্রি* বিনা ডাকে আসা। 'আলয় না পেয়ে পড়েছে আসিয়ে আমার প্রাণের পর।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *ক্রি* উপস্থিত হওয়া। 'সে জায়গায় হঠাৎ মানুষ এসে পড়লে ভারী একটা গোলোযোগ বেধে যায়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

আসাঁতলা, আসাঁতলান [স সন্তল>] *বিণ* তেলে ভাজা হয়নি এমন। *বিদ্যা*, ১৮৯১।

আসাঢ় [স আষাঢ়] **১** *বি* আষাঢ়। 'জ্যৈঠ গেলে আসাঢ় মাস মিথুন রাসি।' *রামাই*, ১৭১০। **২** *বি* আষাঢ় মাস। 'সন ১২৪৯ সাল – তাং ২০ আসাঢ়।' *চিঠিপত্রে*, ১৮৪২।

আসাঢ়িআ [স আষাঢ়>] *বিণ* আষাঢ় মাসে জন্মে এমন। 'শ্রীমন্তের অঙ্গে একে একে ভঙ্গে জেন আসাঢ়িআ ডুরকুণ্ডা।' *মুকুন্দ*, ১৬০০।

আসাঢ় [স আষাঢ়] *বি* আষাঢ়। 'আসাঢ় মাসে নব মেঘ গরজএ।' *বড়ু*, ১৪৫০।

আসাঢ়িআ [স আষাঢ়>] *বিণ* আষাঢ়ে জাত। 'আস্নই আসাঢ়িআ ভূমিচম্পক চম্পক।' *বড়ু*, ১৪৫০।

আসান[১] [ফা] **১** *বিণ* সহজ। 'আসান বস্তু।' *মানোএল*, ১৭৪৩। **২** *বি* শান্তি। 'নেকালিব জান তার করিয়া আসান।' *গরীব*, ১৭৬৫। **৩** *বি* মুক্তি। 'মাবিয়া আজার হইতে আসান পাইল।' *গরীব*, ১৭৬৫। **৪** *বি* সুবিধা; স্বস্তি। 'তাঁতিলোকের আসানের কারণ।' *মেয়ার*, ১৭৮৭। **৫** *বি* শৈথিল্য। *ভবানী*, ১৮২৩।

আসান[২] *বি* গাছবিশেষ। 'উঠানের চারিধারে বড় বড় আসান ও অর্জুন গাছ।' *বিভূতি*, ১৯৩৮।

আসানকাঠ [আসান+স কাষ্ঠ] *বি* সহজে জ্বলে এমন কাঠ। 'আসানকাঠের ডালপালা জ্বালাইয়া।' *বিভূতি*, ১৯৩৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আসাব্বা [আ আসহাব] *বি* নবির সঙ্গী। 'কোন কোন আসাব্বা রহিব সেহিক্ষণ।' *বাহরাম*, ১৬৫০।

আসামি[১], আসামী[১] [আ] ১ *বি* অভিযুক্ত যে। 'জামিন দেয়া তাগাদি আসামিকে কয়েদ থাকিতে হবেক।' *ডানকান*, ১৭৮৪। ২ *বি* যার বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে। 'তলবচিঠী ফরিয়াদি ও আসামী যাহার নিবেদনে লেখাজায়।' *ক্যালগে*, ১৭৮৪। ৩ *বি* দাতা। *দর্পণ*, ১৮২২; 'আসামী – আদদ – রুপেয়া –।' *চিঠিপত্রে*, ১৮২৪। ৪ *বিণ* প্রতিশ্রুতিবদ্ধ। 'বিদ্যালয়ের ব্যয়ার্থে যিনি যত টাকা স্বাক্ষর করিলেন তাহার বিবরণ। আসামী পরগণে বৈকুণ্ঠপুরের রাজা শ্রীযুত সর্ব্বদে রায়কত ... ৩০০ ...।' *দর্পণ*, ১৮৩২।

আসামিওার [আ আসামি>] *ক্রিবিণ* ঋণগ্রহীতা অনুযায়ী। 'লিখিবা মাষ২ কতো দাদনি করহ তাহার আসামিওার নামনবিসি।' *হ্যালহেড*, ১৭৭৩।

আসামিহায় [আ আসামি>] *বি* ঋণগ্রহীতারা। 'সে টাকা লইয়া আসামিহায়ের দিগে পরন জ্ঞাত করিয়াছি।' *ওসাঁ*, ১৭৭৯।

আসামীয়ান [আ আসামি>] *বি* অপরাধীবৃন্দ; ঋণগ্রহীতারা; ক্রেতারা। *ফরস্টার*, ১৭৯৩।

আসামি[২], আসামী[২] *বি* আসামের অধিবাসী। 'মিশ্রজাতীয় নেপালী, আসামী ... সকলে আপন।' *রবীন্দ্র*, ১৯০৫।

আসার[১] [স অসার] *বিণ* বৃথা। 'এ ধন যৌবন বড়ায়ি সবই আসার।' *বড়ু*, ১৪৫০।

আসার[২] [স] ১ *বি* বৃষ্টি। 'নিবারয়ে মেঘ যথা আসার বরষি দাবানল।' *মাইকেল*, ১৮৬০। ২ *বিণ* জলপ্রবাহ। 'ভাসিতাম দিবানিশি নয়ন-আসারে।' *কায়কো*, ১৯০৪।

আসাসোটা দ্র আসা[১]

আসি, আসী [স অশীতি] *বিণ* আশি সংখ্যক। 'আসি তোলায় এক হয়।' *ওসাঁ*, ১৭৮৪; 'আড়কাট ৮০ আসী তঙ্কা।' *মেয়র্স*, ১৭৫৮; 'কলিকাতায় বাজারী ৮০ আসী সিক্কা ওজন।' *ক্যালগে*, ১৮০০।

আসিংহল [স] *ক্রিবিণ* সিংহল পর্যন্ত। 'কীর্ত্তি খ্যাতি জাগছে তোমার আসিংহল।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

আসিক [আ আশিক] *বিণ* প্রেমিক। 'চির পিপাসুক, তব প্রেম-বারি আসিক, চাতক, শ্রীজ্ঞালাল ভিক্ষুক।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

আসিকা [স আসেকিম] *বি* পিঠাজাতীয় খাবার। 'আসিকা পীযূষী পুরী পুলী।' *ভারত*, ১৭৬০।

আসিখ [স আশিস] *বিণ* আশিস। 'দ্বিজকুল আন পঢ় আসিখ মন্ত্র।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আসিড [ই অ্যাসিড] *বি* তীব্র অম্ল রাসায়নিকবিশেষ। 'কার্ব্বলিক আসিড নামক দ্রাবক বীজঘাতী।' *বঙ্কিম*, ১৮৭৫।

আসিন [স আশ্বিন] *বি* বাংলা পঞ্জিকার ষষ্ঠ মাস – আশ্বিন। 'ভাদ্দর গেলে আসিন মাস কন্না রাসি।' *রামাই*, ১৭১০।

আসিয়া [ই] *বি* এশিয়া মহাদেশ। 'ইউরোপ ও আসিয়া ও আফ্রিকা ও আমেরিকা এই চারি খণ্ডের তাবৎ শিষ্ট ও পণ্ডিত লোকদিগের নিকট সে অক্ষর বিদিত আছে।' *দর্পণ*, ১৮৩৪।

আসিয়াখণ্ড [ই এশিয়া+স খণ্ড] *বি* এশিয়া ভূখণ্ড। 'আসিয়াখণ্ডের বহুস্থান খসিল (সংস্কৃত চীন) নামে খ্যাত ছিল।' *অক্ষয়*, ১৮৪৭।

আসিয়াটিক [ই] ১ *বি*, *বিণ* এশীয়; হিন্দু। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বিণ* এশিয়াটিক; এশিয়া সংক্রান্ত। *দর্পণ*, ১৮২২; 'আসিয়াটিক রিসর্চ্চ গ্রন্থের দ্বাদশ খণ্ডের ...।' *অক্ষয়*, ১৮৪৮।

আসিরিয়া [ই] *বি* প্রাচীন মেসোপটেমীয় সভ্যতার উত্তরাংশ। 'আসিরিয়ার লোকের অসৌহৃদ্য উপস্থিত হইলে ...।' *অক্ষয়*, ১৮৪৭।

আসিরীয় [ই আসিরিয়া>] *বিণ* প্রাচীন ইরাকের উত্তরাঞ্চলীয় সাম্রাজ্যসম্পর্কিত। 'আসিরীয়, পারসিক ও আলেক্‌জাণ্ডারের সাম্রাজ্যকে কোনো নেশনের সাম্রাজ্য বলা যায় না।' *রবীন্দ্র*, ১৯০১; 'ইউফ্রেটিস টাইগ্রিসের পারে আসিরীয় বেবিলনীয় সভ্যতা।' *মুজতবা*, ১৯৪৯।

আসির্ব্বাদ [স আশীর্বাদ] *বি* মঙ্গল কামনা। 'পুত্রক তুষিয়া দেবি আসির্ব্বাদ করি।' *কবীন্দ্র*, ১৬৮৯। দ্র আশীর্বাদ

আসিলা [আ ওয়াসিলা] *বি* বাহানা; উপলক্ষ। 'তোরা হাজার ছল-ছুতো আসিলা করে খুব মস্ত মাথা নাড়া দিয়ে ...।' *নজরুল*, ১৯২৭।

আসিষ [স আশিস] *বি* আশীর্বাদ। 'আসিষ করিতে আইলা দনাই পণ্ডিত।' *মুকুন্দ*, ১৬০০। দ্র আশিস

আসিষ্টাণ্ট, আসিষ্টেন্ট [ই] *বিণ* সহকারী। 'তাঁহারা আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্মে নিযুক্ত।' *দর্পণ*, ১৮৩৩; 'ম্যানেজার বা তাঁর আসিষ্টেন্ট দৌড়ে নিকটস্থ হয়ে বোজাতে লাগলেন।' *হুতোম*, ১৮৬১।

আসীন [স] ১ *বিণ* উপবিষ্ট। 'সন্ন্যাসী, যোগাসনে আসীন হইয়া, দুই হস্তে দুই স্তনকপাল লইয়া, বাদ্য করিতেছেন।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* উপবিষ্ট। 'জ্ঞানলিকতা পরিহার পূর্ব্বক সভ্যতাসনে আসীন হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৮।

আসীনা [স] ১ *বিণ* স্ত্রী আসনে বসে আছে এমন; উপবিষ্ট। 'কমলাসনে আসীনা দেউলে ভারতী।' *মাইকেল*, ১৮৬৩। ২ *বিণ* স্ত্রী স্থিত। 'থাক হৃদয়-আসীনা অন্তরের মাঝখানে যে বাজায় বীণা।' *রবীন্দ্র*, ১৮৯৬।

আসুই *বি* পিয়াশাল গাছ। 'আসুই আসাঢ়িআ।' *বড়ু*, ১৪৫০।

আসুখ [স অসুখ] *বি* দুঃখ। 'আসুখ না কর তোহ্মে শুন গোআলী।' *বড়ু*, ১৪৫০।

আসুখিল [স অসুখী] *বিণ* অসুখী। 'আসুখিল হআঁ মোক পাঠায়িল কাহ্নে।' *বড়ু*, ১৪৫০।

আসুখিলী *বিণ* স্ত্রী অসুখী। 'আসুখিলী হেন দেখি কমণ কারণ।' *বড়ু*, ১৪৫০।

আসুদা [ফা আসুদাহ] *বিণ* তৃপ্ত। 'তারা সকলে আসুদা হইয়া নিয়ামত খাইল।' *মনসুর*, ১৯৫০।

আসুভ [স অশুভ] *বিণ* অমঙ্গলজনক। 'কোণ আসুভ খনে পাঅ বাড়ায়িলোঁ।' *বড়ু*, ১৪৫০।

আসুর [স অসুর] *বি* দানব। 'তোহ্মে নানা রূপ কইলে আসুরের খএ।' *বড়ু*, ১৪৫০।

আসুরিক [স] ১ *বিণ* বিশালাকৃতির। 'ডেকার্টর নামে আসুরিক ঘটে সংস্থাপিতা হইলেন।' *বঙ্কিম*, ১৮৭৩। ২ *বিণ* অতি ভীষণ। 'চেয়েছিলি করিতে নির্মাণ সমুচ্চ সুবর্ণলঙ্কা; আসুরিক সে মহাপ্রয়াস।' *সুধীন্দ্র*, ১৯২৮। ৩ *বিণ* অসুরের মতো। 'প্রচণ্ড আসুরিক শক্তি।' *রবীন্দ্র*, ১৯৪০। ৪ *বিণ* বিপুল। 'কারখানায় আসুরিক উৎপাদন, অথচ ক্ষুধার্ত শ্রমিক।' *হোসেন*, ১৯৪০।

আসুরিকতা [স] *বি* অসুরের ভাব। 'সমস্ত আসুরিকতার বলে সর্বজয়াদের জীর্ণ কোঠাটার পিছনে ধাক্কা দিতেছে।' *বিভূতি*, ১৯২৯।

AMARBOI.COM

আসুরীয় [ই অ্যাসিরিয়ান] *বি* প্রাচীন ইরাক অঞ্চলের জাতিবিশেষ। 'আসুরীয় মিদি প্রভৃতি কোন জাতিই ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

আসেক [আ আশিক] *বি* প্রেমভাব। 'আসেক হইয়াছে তার কমলার উপর।' *জহির*, ১৯৬৪।

আসেপাশে, আসে পাসে [স পার্শ্ব>] *ক্রিবিণ* চারদিকে। 'আসেপাশে সমুখে সব নৃত্যকী নাচএ।' *মালাধর*, ১৫০০; 'আসে পাসে বান্ধ্যা দিল বিচিত্র দাপনি।' *মুকুন্দ*, ১৬০০।

আসেব [ফা আসীব] *বি* প্রেতাত্মা। 'বলে আসেবের আসর হয়েছে উহার উপরে দেখ চেয়ে।' *নজরুল*, ১৯২৭।

আসেস [স অশেষ] *বিণ* সমস্ত; অনেক। 'তেজিলো সুখ আসেস।' *বড়ু*, ১৪৫০।

আসেসরী [ই অ্যাসেসর] *বি* কর নির্ধারক কর্মচারীর পদ। 'ছেলেপুলের আসেসরী ও ডেপুটী মেজেষ্টরীর জন্য সাদা দেবতার উদ্দেশে কঠোর তপস্যায় নিযুক্ত হলেন।' *হুতোম*, ১৮৬১।

আসোআর *দ্র* **আসোয়ার**

আসোআস্ত [স আশ্বস্ত] *বি* ভরসা। জেহের দক্ষিনা বাত সেহ করে আসোআস্ত।' *মালাধর*, ১৫০০।

আসোয়াস্তি [স আশ্বস্ত] *বি* অস্বস্তি। 'সাহেবসুবোদের সঙ্গে এক গাড়িতে যেতে আসোয়াস্তি বোধ করি।' *প্রমথ*, ১৯৩৮।

আসোমার [ফা শুমার] *বিণ* অসংখ্য। 'জবনিএা আসোমার জবন সওয়ার ... করে মার মার।' *মুকুন্দ*, ১৬০০।

আসোয়ার, আসোআর [ফা সওয়ার; স অশ্ববার] *বি* অশ্বারোহী। 'রোসাঙ্গে আসিআ হৈলু রাজ আসোআর।' *আলাওল*, ১৬৮০; 'কত নিগ্রহিয়া রাখে সেই আসোয়ার।' *আলাওল*, ১৬৮০।

আসোয়ারী [আ] *বি* (সংগীত) প্রভাতী রাগিণীবিশেষ। *বাহরাম*, ১৬৮৩। *দ্র* **আশাবরি**

আসোর [আ] *বি* আসর। 'কোন দোষে .. আসোরে এলেন?' *হুতোম*, ১৮৬৮।

আস্ক *বি* উশ্বর্ণাদি সহযোগে গঠিত যুক্তবর্ণ। 'পড়এ সাধুর বালা ক খ আঠার ফলা আঙ্ক আস্ক সিদ্ধ বানান।' *মুকুন্দ*, ১৬০০।

আস্কন্দা [স] *ক্রি* লাফিয়ে চলা। 'মন্দগতি আস্কন্দিতে নাচে বাজী-রাজী।' *মাইকেল*, ১৮৬১; 'আস্কন্দিল হরবৃন্দ; ঝনঝনিল কৃপাণ পিধানে।' *মাইকেল*, ১৮৬১।

আস্কারা [ফা আশকারা] **১** *বি* প্রশ্রয়। 'তাতেই ত তোমার দাসী আস্কারা পেলে।' *দীনবন্ধু*, ১৮৬৬। **২** *বি* রহস্য উদ্‌ঘাটন। 'কিন্তু চুরির আস্কারা হইল না।' *নজিবর*, ১৯২০। *দ্র* **আশকারা**

আস্কে [স আসেকিম] *বি* পিঠাবিশেষ। 'একটা আস্কে পিঠে গড়বার মুচি।' *বিভূতি*, ১৯৩১।

আস্ত[১] [স অস্ত] *বি* অস্ত। 'আস্ত জাএ সূর।' *বড়ু*, ১৪৫০।

আস্ত[২] [স অস্তি>] **১** *বিণ* সম্পূর্ণ। *মানোএল*, ১৭৪৩; 'দিনটা তাঁর হাতে আস্ত পড়ে থাকে।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বিণ* গোলাকার। 'একজন বালক যদি অসাধারণ কাল্পনিক হয়, তবে পূর্ণচন্দ্রকে একটি আস্ত লুচি ও অর্ধচন্দ্রকে ক্ষীরপুলি মনে করিতে পারে।' *রবীন্দ্র*, ১৮৮০। **৩** *বিণ* পুরোদস্তর। 'আমাদের জাহাজে একটি আস্ত জনবুল ছিলেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **৪** *বিণ* নিরেট। 'এমনতরো আস্ত নির্বোধ সমস্ত শহর খুঁজিলে মিলে না।' *রবীন্দ্র*, ১৮৯১। **৫** *বিণ* অক্ষুর্ণ। 'মসলা আস্ত রাখিয়া যিনি ব্যঞ্জনের স্বাদ দিতে পারেন ...।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৬** *বিণ* পূর্ণাঙ্গ। 'আমাদের এখনই একটি আস্ত বিশ্ববিদ্যালয় চাই, কালই সেখানে পরীক্ষা দিতে যাইব।' *রবীন্দ্র*, ১৯০৮। **৭** *বিণ* অখণ্ড। 'ছিঁড়লে সেদিন আস্ত আলোয়ান।' *নজরুল*, ১৯২৬।

আস্ত আস্ত *বিণ* বড়ো বড়ো। 'আসরের মধ্যে আস্ত আস্ত গাছ আনিয়া ফেলিবার কী দরকার আছে।' *রবীন্দ্র*, ১৯০২।

আস্ত না রাখা *ক্রি* নির্মমভাবে প্রহার করা। 'তোর চুল বাঁধা টিপ পরা দেখলে কাকেও আস্ত রাখবেন না।' *উমেশ*, ১৮৫৭।

আস্তবল [আ ইস্তবল; ই স্টেবল] *বি* আস্তাবল। 'সামগ্রী রাখিবার ঘর ও আস্তবল।' *ক্যালগে*, ১৭৮৪।

আস্তবেস্ত [স অস্তব্যস্ত] *ক্রিবিণ* খুব ব্যস্ততার সঙ্গে। 'আস্তবেস্ত হয়া খুলে মাথার পাগুড়ি।' *হেয়াত*, ১৮০০।

আস্তব্যস্তে [স অস্তব্যস্ত>] *ক্রিবিণ* তটস্থভাবে। 'সেইক্ষণে আস্তব্যস্তে হাট মধ্যে গিআ।' *বাহরাম*, ১৬৫০। *দ্র* **আস্তেব্যস্তে**

আস্তর [ফা অস্তর] **১** *বি* পলেস্তারা; ইটের উপর সিমেন্ট ও বালির আবরণ। *ওসী*, ১৭৮২। **২** *বি* স্তর। 'চার-পাঁচ আস্তর ছন লাগিয়ে গেছিল কদম।' *কায়সার*, ১৯৬২।

আস্তরণ [স] **১** *বি* আবরণ। 'শয্যা হইতে গাত্রোত্থান করিবার পরে, উহার আস্তরণাদি তুলিয়া বায়ু সেবিত করা।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বি* পদার্থের প্রলেপ। 'কৌশলবিশেষ দ্বারা উক্ত প্রতিবিম্বিত প্রতিরূপকে বিশেষ আস্তরণের উপরে স্থায়ীভাবে ধরিয়া রাখা যায়।' *অক্ষয়*, ১৮৫৪। **৩** *বি* পোশাক। 'আমার ক্ষুদ্রতা যত ঢাকিয়াছ আজ তব রাজ-আস্তরণে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আস্তরণোপরি [স] *ক্রিবিণ* আস্তরণের উপরে। 'একটি যন্ত্রের প্রতিরূপ-প্রতিবিম্বন আস্তরণোপরি চতুারিংশৎ-কোটি পরিমাণ নক্ষত্রপুঞ্জের প্রতিরূপ অঙ্কিত হইতে পারে।' *অক্ষয়*, ১৮৫৪।

আস্তা[১] [স অস্তি] *বিণ* সম্পূর্ণ। *মানোএল*, ১৭৪৩।

আস্তা[২] [স আস্থা] *বি* বিশ্বাস। 'এই ধর তীর্থজল আস্তা করা খা।' *মানিকরাম*, ১৭৮১।

আস্তাই [স অস্তি] *বিণ* সম্পূর্ণ। *মানোএল*, ১৭৪৩।

আস্তাকুঁড় [স উৎসৃষ্ট-কুণ্ড] *বি* উচ্ছিষ্ট বা আবর্জনা ফেলবার জায়গা। 'আস্তাকুঁড় ধ'রে দেও করুক আহার।' *গুপ্ত*, ১৮৫৮।

আস্তান [ফা আস্তানা] *বি* আস্তানা। 'কালিনী বাহিল যদি দেখি দারিকেশ্বর নদী বামদিগে পীরের আস্তান।' *রূপরাম*, ১৭৫০।

আস্তানা [ফা] **১** *বি* আখড়াবিশেষ; থানকা। 'ভূস্বামীরা নিজে স্থান দিয়া পীরের আস্তানা প্রস্তুত করিয়া দেন।' *অক্ষয়*, ১৮৫০। **২** *বি* বাসস্থান। 'সেখানটা বিষাক্ত সাপের আস্তানা।' *মানিক*, ১৯৩৬।

আস্তানা-ভূমি [ফা আস্তানা+স ভূমি] *বি* আখড়া। 'পীর সাহেবের বহুবিস্তৃত আস্তানা-ভূমি পরিপূর্ণ হইয়া যায়।' *অক্ষয়*, ১৮৫০।

আস্তানি [ফা আস্তিনা] *বি* জামার আস্তিন। *মানোএল*, ১৭৪৩।

আস্তাবল [আ ইস্তবল, তুল ই স্টেবল] **১** *বি* ঘোড়া রাখার ঘর। *ওসী*, ১৭৮৫; 'ঐ বাটীর অন্তঃপাতি গুদাম ও বাবুর্চিখানা ও আস্তাবল প্রভৃতি আছে।' *দর্পণ*, ১৮৩০; 'আস্তাবলে কাঠের মেঝের উপর।' *রবীন্দ্র*, ১৯০৯। **২** *বি* পশু রাখবার স্থান। 'বাড়ীর বাইরে আস্তাবল ...।' *বঙ্কিম*, ১৮৭৩।

আস্তাবলবাড়ি [আ ইস্তবল+গাড়ি] *বি* ঘোড়া রাখার ঘর। 'আস্তাবলবাড়ির কার্নিসের ওপর একটা চিল চুপ করে বসে ছিল।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বিমল, ১৯৫৩।

আস্তিক[১] [স] **১** *বিণ* পরকালে বিশ্বাসী। 'স্নান করি জপ করে আস্তিক জননী।' *কেতকা*, ১৬৫০। **২** *বিণ* স্থির। *ওসাঁ*, ১৭৮৫। **৩** *বি* সাধু। *ওসাঁ*, ১৭৮৫। **৪** *বি* বিশ্বাসী। 'তুমি এই নাস্তিককে আস্তিক করিয়া তুলিবে।' *রবীন্দ্র*, ১৯১৬।

আস্তিকতা [স] *বি* ধর্মপরায়ণতা। 'কালী দুর্গা ইত্যাদি নাম উচ্চারণপূর্ব্বক অঙ্গুলি ধ্বনি করিয়া আস্তিকতা জানাইবেক।' *চন্দ্রিকা*, ১৮৩১।

আস্তিক্য [স] *বি* স্রষ্টার অস্তিত্বে বিশ্বাস। 'আস্তিক্যধর্মকে ডুবাইয়া দেওয়াই জগমোহনের ধর্ম ছিল।' *রবীন্দ্র*, ১৯১৪।

আস্তিক্যচিহ্নিত [স] *বিণ* আস্তিকতার লক্ষণযুক্ত। 'এমনকি তাঁর শেষযুগের কবিতাও অধিকাংশ ক্ষেত্রে আস্তিক্যচিহ্নিত।' *শিব*, ১৯৫০।

আস্তিত্বিক [স] *বিণ* বিশ্বাসগত। 'রেনেসাঁসী নায়ক সব মানুষের আস্তিত্বিক পারস্পরিকতার প্রতি ... উদাসীন।' *শিব*, ১৯৬০।

আস্তিক[২] [স আত্মীয়>] *বি* আপ্যায়ন; যত্নআত্তি। 'না, চাচী, আমারে এমন আস্তিকের কোনোই প্রয়োজন নাই।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

আস্তিন [ফা] *বি* কোর্তা, জামা ইত্যাদির হাতা। 'প্রবেশ করউক গিয়া আস্তিন ভিতরে।' *সুলতান*, ১৭০০।

আস্তিনহীন [ফা] *বিণ* হাতা নেই এমন। 'গায়ে আস্তিনহীন নিমা।' *মনসুর*, ১৯৫৫।

আস্তৃত [স] *বিণ* আস্তীর্ণ; আচ্ছাদিত। 'তাহার তলদেশ নিরন্তর হরিৎ শষ্পাস্তরণে আস্তৃত।' *অক্ষয়*, ১৮৫৪।

আস্তে [ফা আহিস্তা] **১** *ক্রিবিণ* ধীরে। *মানোএল*, ১৭৪৩। **২** *ক্রিবিণ* অনুচ্চ স্বরে। *ওসাঁ*, ১৭৮২। **৩** *ক্রিবিণ* ক্রমে। 'আস্তে আস্তে ... ভারতবর্ষের শেষ তটরেখা মিলিয়ে গেল।' *রবীন্দ্র*, ১৮৮১

আস্তে আস্তে **১** *ক্রিবিণ* ধীরে ধীরে। 'জয়হরি পুনঃপুনঃ নিরাশ হইয়া হেদো পুষ্করিণীর তীরে আস্তে আস্তে পাইচারি করিতেছেন।' *প্যারী*, ১৮৫৯। **২** *ক্রিবিণ* নিঃশব্দে; নীরবে। 'এই নিস্তব্ধতার মাঝখান দিয়ে আস্তে আস্তে যাই।' *রবীন্দ্র*, ১৮৯৩। *দ্র* **আস্তে আস্তে**

আস্তেধীরে [ফা আহিস্তা+স ধীরে] *ক্রিবিণ* তাড়াহুড়া না ক'রে। 'নাস্তা খাওয়ার পর আস্তেধীরে বেরুলাম।' *আলাউদ্দিন*, ১৯৬০।

আস্তেব্যস্তে, আস্তে বেস্তে [ফা আহিস্তা>] **১** *ক্রিবিণ* ব্যস্তভাবে। 'আস্তেব্যস্তে জানাইল কংস বরাবরে।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রিবিণ* তাড়াতাড়ি। 'আস্তে-ব্যস্তে ... তাকে লৈল কোলে।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'শিবের বচনে নন্দী যায়ে আস্তে বেস্তে।' *বিজয়*, ১৬৫০। *দ্র* **আস্তব্যস্তে**

আস্ত্রিচ [ই অস্ট্রিচ] *বি* উটপাখি। 'আস্ত্রিচ নামক পক্ষির পক্ষ ক্রয় করে।' *অক্ষয়*, ১৮৪১।

আস্থবেস্থ [ফা আহিস্তা>] *বিণ* অতিশয় ব্যস্ত। 'আস্থবেস্থ দুলিআ চৌদল করে কান্দে।' *মুকুন্দ*, ১৬০০। *দ্র* **আস্তব্যস্তে, আস্তেব্যস্তে**

আস্থা [স] **১** *বি* বিশ্বাস। 'যাহারা আস্থা রাখিলো।' *আস্তোনিয়ো*, ১৭৪৩। **২** *বি* নির্ভরতা; ভরসা। 'ভূপতির আস্থা আছে, যাতায়াত নিত্য কাছে।' *রামপ্রসাদ*, ১৭৮০; *ওসাঁ*, ১৭৮৫।

আস্থাজ্ঞাপন [স] *বি* নির্ভরতা প্রকাশ। 'জ্যোতিষে বিশ্বাসস্থাপন, ভবিষ্যদ্বাণীতে আস্থাজ্ঞাপন, শীতলা প্রভৃতির পূজা।' *আনিস*, ১৯৬৪।

আস্থাবান [ই] *বিণ* বিশ্বাসী। 'অধিকাংশই প্রচলিত খৃষ্টানধর্মে আস্থাবান নহেন।' *রবীন্দ্র*, ১৯১২; 'উক্ত রূপকথায় কি এতই আস্থাবান যে উক্ত পরিহাস তাঁদের অসহ্য।' *প্রমথ*, ১৯২৮।

আস্থাভাজন [স] *বিণ* বিশ্বস্ত। 'তাঁহারা জনসাধারণের আস্থাভাজন ...।' *আজাদ*, ১৯৪২।

আস্থাশীল [স] *বিণ* ভরসা রাখতে পারে এমন। 'নির্বাচন সম্পর্কে জনসাধারণ অনেকটা আস্থাশীল হইয়া উঠিতে পারিবে।' *আজাদ*, ১৯৬৪।

আস্থাশূন্য [ই] *বিণ* আস্থাহীন। 'সনাতন বেদাদি শাস্ত্রে আস্থাশূন্য হয়।' *বিদ্যা*, ১৮৪৭।

আস্থাহীন [স] *বিণ* অবিশ্বাসী। 'বিদ্যাসাগর আবাল্য দেব-দ্বিজে আস্থাহীন।' *শরীফ*, ১৯৭০।

আস্থাহীনতা [ই] **১** *বি* অবিশ্বাস। 'আস্থাহীনতা নহে।' *ইসলাম*, ১৯০৪। **২** *বি* আত্মবিশ্বাসের অভাব। 'মজ্জায় মজ্জায় আপনার 'পরে আস্থাহীনতার দৈন্য।' *রবীন্দ্র*, ১৯৩১।

আস্থায়ী [স স্থায়ী>] *বি* (সংগীত) গানের প্রথম কলি; গানের শুরুর যে অংশ বারবার গাওয়া হয়। 'এক-একটা গান যেমন আছে যার আস্থায়ীটা বেশ, কিন্তু অন্তরাটা ফাঁকি –।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আস্থি [স অস্থি] *বি* হাড়। 'আস্থি চর্ম্ম মাত্র আছে।' *ওসাঁ*, ১৭৮২।

আস্থে আস্থে [ফা আহিস্তা>] *ক্রিবিণ* ধীরে ধীরে। 'আস্থে২ নবাবজাদার সঙ্গে ঐ দুহার বড়ই এক হৃদতা হইল।' *রামরাম*, ১৮০১। *দ্র* **আস্তে আস্তে**

আস্নই *বি* পিয়াশাল বৃক্ষ। 'আস্নই আসাঢ়িআ।' *বড়ু*, ১৪৫০।

আস্পদ [স] *বি* পাত্র। 'তাহার ন্যায় প্রেমের আস্পদ ... আর কোথায় পাইব।' *অক্ষয়*, ১৮৪৯।

আস্পর্দা *দ্র* **আস্পর্ধা**

আস্পর্ধা, আস্পর্দ্ধা [স স্পর্ধা] *বি* স্পর্ধা। 'আস্পর্দ্ধা করিয়া দেবতার আরাধনা করিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২; 'তবে সেটা তার পক্ষে আস্পর্ধা হইবে।' *রবীন্দ্র*, ১৯১৭।

আস্পর্দ্ধা [স স্পর্ধা] *বি* অহঙ্কার। 'তোর এতদূর আস্পর্দ্ধা?' *মশাররফ*, ১৮৬৯।

আস্পেক্ট [ই] *বি* রূপ; দিক। 'হঠাৎ হুজুরের কম্যান্ডিং আস্পেক্ট দেখে অ্যাক্‌দিন "ইনি কে হে?" বলে অভ্যাগত লোকে পরস্পর হুইস্‌পর কত্তে পারে।' *হুতোম*, ১৮৬১।

আস্ফাল [স] *বি* জোরে সঞ্চালন। 'লেজে দেই কুম্ভীর সঘনে আস্ফাল।' *রূপরাম*, ১৭৫০।

আস্ফালন [স] *বি* অহংকার; দম্ভ। 'আস্ফালন দূরে গেল হইল বিমুক।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আস্ফালা [স আস্ফালন>] **১** *ক্রি* আস্ফালন করা। 'বহু আস্ফালয়ে ভিম বিক্রমেত অসীম।' *কবীন্দ্র*, ১৬৮৯; 'আস্ফালিয়া কহে আবু জেহেল দুর্মতি।' *সুলতান*, ১৭০০। **২** *ক্রি* দম্ভের সঙ্গে প্রকাশ করা। 'ধর্মরাজ ফিরে জনশ্রুত স্বৈরিতার অপ্রচল প্রকীর্তি আস্ফালি।' *সুধীন্দ্র*, ১৯৩১।

আস্ফালিত [স] *বিণ* সঞ্চালিত। 'বেত্রখণ্ড জোরে জোরে আস্ফালিত করিতেছিলেন।' *রবীন্দ্র*, ১৯২১।

আস্ফোট [স] **১** *বি* মল্লক্রীড়ায় তাল ঠোকা। 'সহস্র বাহুর আস্ফোটে বজ্রনিনাদ হইতে লাগিল।' *বঙ্কিম*, ১৮৮০। **২** *বি* প্রতিধ্বনি।

AMARBOI.COM

'একমুঠো উড়ন্ত ধুলোয় আজ সময়ের আক্ষেপ রয়েছে।' *জীবন*, ১৯৪৮।

আস্বচ্ছ [স অ+স স্বচ্ছ] *বিণ* অংশত স্বচ্ছ। 'হেমন্তের পক্ব পত্রসম, আস্বচ্ছ বসন তব।' *সুধীন্দ্র*, ১৯২৯।

আস্বত [স অশ্বত্থ] *বি* অশত্থ গাছ। 'অর্জুন খর্জুর খিরি গয়া আস্বত বোহারি।' *মালাধর*, ১৫০০।

আস্বাদ [স] **১** *বি* স্বাদ। 'তবে সে গ্রন্থের অর্থ পাইবে আস্বাদ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* অনুভূতি। 'মহাপ্রলয়ের তীরে দাঁড়াইয়া অনন্ত আনন্দের আস্বাদ পাইয়াছি।' *রবীন্দ্র*, ১৮৯২। **৩** *বি* স্বাদগ্রহণ। 'তাহাক কাহারো আস্বাদ করিয়া দেখিবার ইচ্ছা আছে কি না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আস্বাদন [স] **১** *বি* উপভোগ। 'আস্বাদন করে রসিক যারা।' *চণ্ডী*, ১৫৫০; '*যে ঋষি* ব্রহ্মের অমৃতরস আস্বাদন করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০১। **২** *বি* স্বাদ গ্রহণ; খাওয়া। 'এই মহাপ্রসাদ অন্ন করে আস্বাদন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বি* স্বাদ। 'ভুলিতে না পারে আর তার আস্বাদন।' *গুপ্ত*, ১৮৫৮। **৪** *বি* নেশা। 'ভারতবর্ষে আসিয়া যে এক সুতীব্র ক্ষমতা-মদিরার আস্বাদন পায় তাহাতেই ...।' *রবীন্দ্র*, ১৯০৭। **৫** *বি* ভোগ। 'বীরপুরুষ একবার ব্যতীত আর মৃত্যু আস্বাদন করে না।' *রবীন্দ্র*, ১৯০০।

আস্বাদনশক্তি [স] *বি* রস অথবা স্বাদ গ্রহণ ক্ষমতা। 'যে-কোন ব্যক্তির আস্বাদনশক্তি আছে।' *রবীন্দ্র*, ১৮৯৮।

আস্বাদময় [স] *বিণ* স্বাদপূর্ণ। 'তাই বিষাক্ত আস্বাদময় এ মর্তলোক।' *সুকান্ত*, ১৯৪৮।

আস্বাদযোগ্য [স] *বিণ* উপভোগ্য। 'স্বাদু কাব্য সাধারণের আস্বাদযোগ্য না হওয়াতে ...।' *মদনমোহন*, ১৮৩৪।

আস্বাদস্নিগ্ধ [স] *বিণ* পরিতৃপ্ত। 'সমস্ত শরীরকে আস্বাদস্নিগ্ধ করে ... নিশ্বাস ছাড়তে লাগল।' *জীবন*, ১৯৪৮।

আস্বাদা [স আস্বাদন] *ক্রি* স্বাদ গ্রহণ করা। 'রস আস্বাদিতে দোঁহেন হৈলা এক ঠাঁই।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কৃষ্ণধরামৃতের ফল শ্লোক আস্বাদিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আস্বাষ [স আশ্বাস] *বি* ভরসা; আশা। 'আস্বাষ করিয়া বলে মধুর বচন।' *হ্যালহেড*, ১৭৭৮। *দ্র* **আশ্বাস**

আশ্বীন [স আশ্বিন] বাংলা পঞ্জিকার ষষ্ঠ মাস। 'আশ্বীন মাহাতে বাটীর সকলের পরিধেয় বস্ত্র পাঠাইব।' *ওস্টা*, ১৭৮২।

আস্বোস [ফা আফসোস] *বি* আফসোস। 'চিন্তায়ে মনেতে আস্বোস।' *বিজয়*, ১৬৫০।

আস্য[১] [স] **১** *বি* মুখ। 'হের আস্য বিনোদিনি পরিহর লাজ।' *বড়ু*, ১৫৭০। **২** *বি* মুখগহ্বর। 'মোহনভোগ প্রস্তুত করিয়া তপস্বীর আস্যে অর্পিত করিল।' *বিদ্যা*, ১৮৫৬।

আস্যগহ্বর [স] *বি* মুখের ভিতর। 'সেগুলি যে কত লক্ষ পায়োরিয়াগ্রস্ত অধরোষ্ঠে এবং আস্যগহ্বরেও নিরন্তর যাতায়াত ...।' *মুজতবা*, ১৯৫৯।

আস্রএ [স আশ্রয়] *বি* বাসস্থান; সহায়। 'অস্রএ না দেখি আসি সিতা রূপবতি।' *মালাধর*, ১৫০০।

আস্রা [স আশ্রয়] *ক্রি* আশ্রয় করা। 'প্রকির্তি আস্রিয়া তেন মত মোর মায়া।' *মালাধর*, ১৫০০।

আহআল [আ আহওয়াল] *বি* অবস্থা; সমাচার। *বিদ্যা*, ১৮৯১।

আহওয়াল [আ] *বি* অবস্থা। 'বুঝাইয়া কহ মোরে তাহার আহওয়াল।' *হামজা*, ১৮০৭।

আহকাম [আ] *বি* আইনের বিধান। 'তাঁতিলোকের আসানের কারণ আহকাম মকরর।' *মেয়ার*, ১৭৮৭।

আহকাম-আরকান [আ] *বি* বিধিবিধান। 'তিনি শরিয়তের আহকাম-আরকান বুঝতে পারেন নাই।' *মনসুর*, ১৯৪৫।

আহঙ্কার [স অহঙ্কার] *বি* অহঙ্কার। 'বারেঁ বারেঁ তোক যত বুয়িলোঁ আহঙ্কারে।' *বড়ু*, ১৪৫০।

আহড় [স অন্তরাল] *বি* আড়াল। 'রহে ব্যাধ ঝোড়ের আহড়ে।' *মুকুন্দ*, ১৬০০।

আহড়ে বিহড়ে *ক্রিবিণ* আড়ালে আবডালে। 'আহড়ে বিহড়ে কপি মারে ঝাকিঝুকি।' *মুকুন্দ*, ১৬০০।

আহত [স] **১** *বিণ* আঘাতপ্রাপ্ত। 'অশেষ শুভ-সাধক বাশ্পীয় রথেও ... অনেক ব্যক্তি হত ও আহত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বিণ* ব্যথিত। 'আহত স্বরে বললুম।' *নজরুল*, ১৯২৪।

আহতজন [স] *বি* আঘাতপ্রাপ্ত ব্যক্তি। '...ধরাধরি করে আহতজনকে পোস্তার উপরে তুললে।' *শওকত*, ১৯৭২।

আহদ [আ] *বিণ* অদ্বিতীয়। 'ঘোষিল ওহদ, আল্লা আহদ!' *নজরুল*, ১৯২৮।

আহদেনামা [ফা] *বিণ* চুক্তিবদ্ধ। *মেয়ার*, ১৭৮৭।

আহব [স] *বি* যুদ্ধ। 'অন্তরীক্ষে আহবে অনিল যেন ছুটে।' *মানিকরাম*, ১৭৮১।

আহমক [আ] *বি* নির্বোধ। 'জুতার মালা গলায় দুলাইয়া আমরা আহমকের মতো দুনিয়ার স্বাধীন জাতিদের সামনে দাঁড়াইয়া ...।' *নজরুল*, ১৯২২। *দ্র* **আহাম্মক, আহাম্মুক**

আহমকি [আ আহমক>] *বি* বোকামি; মূর্খতা। 'উম্মতরা নিজেদের আহমকি বুঝিতে পারিল।' *মনসুর*, ১৯৫০।

আহমদী [আ] *বি* উনিশ শতকে পাঞ্জাবের কাদিয়ানে উদ্ভূত মুসলিম সম্প্রদায়বিশেষ। 'কাদিয়ানী বনাম আহমদী মতবাদের অভিযান।' *জামায়াত*, ১৯৩৮।

আহম্মক [আ আহমক] *বিণ* নির্বোধ। 'তুমি তো বলছ আহম্মক।' *জীবন*, ১৯৩২।

আহম্মুখী [আ আহমক] *বি* বোকামি। 'এইসব আহম্মুখী ... তৈরি হয়।' *জীবন*, ১৯৩২।

আহয়াল [আ আহওয়াল] *বি* অবস্থা; পরিস্থিতি। 'সেই আহয়ালে কুম্পানি ইংরেজ বাহাদুরের আমলাদিগকে সোপরদ্ধ করিবেন।' *এডমন*, ১৭৯৩।

আহরণ [স] **১** *বি* সংগ্রহ। 'শীতকালে শিশিরাভিসিক্ত পুষ্পাদি আহরণ।' *ভবানী*, ১৮২৫; 'আমি যাহার জন্য এই কপিসৈন্য আহরণ করিয়াছি।' *রবীন্দ্র*, ১৮৭৭। **২** *বি* অর্জন। 'লন্ডনে গিয়া সেখানকার বিজ্ঞান-আচার্য উপাধি আহরণ করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৭৮।

আহরণরত [স] *বিণ* সংগ্রহে নিয়োজিত। 'মিষ্টরস আহরণরত এই সব লুব্ধ দরিদ্র ঘরের বালকবালিকা ...।' *বিভূতি*, ১৯২৯।

আহরণীয় [স] *বিণ* সংগ্রহ করা হয় এমন। 'কষ্টে আহরণীয়।' *বঙ্কিম*, ১৮৭৯।

আহরা [স আহরণ>] *ক্রি* আহরণ করা। 'আহরিয়া কতমত, সবে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হয়ে সুখান্বিত, নানামত লাগিল খাইতে।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৬।

আহরিত [স] *বিণ* সংগৃহীত। 'আহরিত হইলে গঙ্গাজলে ...।' *বঙ্কিম*, ১৮৭৪।

আহর্ত্তা [স] *বি* জোগানদাতা। 'আমি সব কেবলমাত্র সামগ্রী-আহর্ত্তা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

আহল কলম [আ] *বি* কোম্পানির আইনি কেরানি। 'তবে জনেক আহল কলম সাহেব কোম্পানির চাকরে মধ্যে ঐ বিষয়েতে প্রবর্ত্ত হবেক।' *ডানকান*, ১৭৮৪।

আহল বিহল [স অন্তরাল] *বি* আড়াল আবডাল। 'আহল বিহল খোঁজে আন্ধারিআ কোণ।' *মুকুন্দ*, ১৬০০।

আহ্লুদিআ [স হরিদ্রা>] *বিণ* সামান্য হলুদ মিশ্রিত। *বিদ্যা*, ১৮৯১।

আহলে-হাদিস [আ] *বি* মুসলমান সম্প্রদায়বিশেষ। 'মসজিদটি ছিল কলিকাতার অল্পসংখ্যক আহলে-হাদিস মসজিদের অন্যতম।' *মনসুর*, ১৯৩৫।

আহা[১] [স আশা] *বি* আকাঙ্ক্ষা। 'সুরত সংভোগে তার না পুরিবে আহা।' *বড়ু*, ১৪৫০।

আহা[২] [ধ্বন্যা] ১ *অব্য* আক্ষেপসূচক শব্দ। 'আহা/ তোহ্মে জল তোহ্মে থল।' *বড়ু*, ১৪৫০। ২ *অব্য* শ্লেষসূচক শব্দ। 'গর্ব্বভ উটের রূপ দেখিয়া কহিল, আহা এ কি রূপ!' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৩ *অব্য* আনন্দসূচক শব্দ। 'দেখি সভাজন 'আহা-আহা' করে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আহা উহু [ধ্বন্যা] *অব্য* আক্ষেপসূচক শব্দ। 'আহা উহু করি জে কিছু কহল তাহা কি বিছুরি পার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

আহামরি *বিণ* অতিশয় প্রশংসনীয়। 'ঠিক যেন সদাশিব, আহামরি কেমন সুন্দর।' *ভবানী*, ১৮২৫।

আহাকার [স হাহাকার] *বি* হাহাকার। 'আহাকার শব্দ হইল বহুল সৈন্য বেড়ি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আহাজারি [আ] *বি* বিলাপ; শোকালাপ। 'শুনিতেছ নাকি সাহারার আহাজারি?' *নজরুল*, ১৯২৮।

আহাদ [আ] *বি* সৃষ্টিকর্তা। 'আহাদ আছিল এক।' *দৌলত*, ১৬৩৮।

আহাদনামা [আ আহাদ+ফা নামা] *বি* চুক্তিপত্র। 'নেপালের মহারাজার সহিত জে তেজারতের আহাদনামার তরজমা।' *ক্যালগে*, ১৭৯২।

আহা-দিল [আ আহা+ফা দিল] *বিণ* হৃদয় থেকে উৎসারিত। 'আমার নুরুকে কোনো আহা-দিল বদ-দোয়া দিসনে।' *নজরুল*, ১৯২৭।

আহাম্মক [আ আহমক] *বিণ* নির্বোধ। 'দুই-একজন লোক এমনি আহাম্মক আছে।' *হরপ্রসাদ*, ১৮৮১।

আহামক [আ আহমক] *বিণ* নির্বোধ। *বিদ্যা*, ১৮৯১।

আহামকি [আ আহমক>] *বি* বোকামি। *বিদ্যা*, ১৮৯১।

আহাম্মকি, আহাম্মকী [আ আহমক] *বি* বোকামি। 'বহুব্যয়সাধ্য আচার-ব্যবহারের অভ্যাস করা আহাম্মকি তো বটেই।' *প্রমথ*, ১৯০৫; 'পৃথিবীর ইতিহাসে অনেক আহাম্মকীর রেকর্ড আছে।' *অন্নদা*, ১৯৩৭।

আহাম্মখ [আ আহমক] *বিণ* নির্বোধ। 'ওনরে আহাম্মখ গিধি মেরি এক বাত।' *কৃষ্ণরাম*, ১৭২০।

আহাম্মুক [আ আহমক>] ১ *বিণ* হতবাক। 'বিশ্বজগৎকে একদম আহাম্মুক বানিয়ে দিয়েছে।' *মুজতবা* ১৯৫২। ২ *বি* নির্বোধ লোক। 'আমার মত কোন কোন আহাম্মুক এখনও ভুলতে পারেনি।' *মুজতবা*, ১৯৫৮।

আহাম্মুকি [আ আহমক>] ১ *বিণ* নির্বুদ্ধিতামূলক। 'আহাম্মুকি কাণ্ড দেখে হেসেই আমি খুন।' *সুকুমার*, ১৯২০। ২ *বি* দারুণ বোকামি। 'আমার আহাম্মুকির পরিমাণ অনুধাবন ক'রে ...।' *সাদত*, ১৯৬৭।

আহার [স] ১ *বি* খাদ্য। 'আযাচক জনে আমি দিয়ে ত আহার।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'আহার টুটান মাতা দিবসে দিবসে।' *মুকুন্দ*, ১৬০০; 'কাক পিক পক্ষী আদি/ শিবা সেজা চতুষ্পদী/ যোগাইলা সভান আহার।' *বাহরাম*, ১৬৫০। ২ *বি* শোষণ। 'আমরা প্রত্যহ কৃষকদিগের পরিশ্রম আহার করিয়া প্রাণ রক্ষা করিতেছি।' *অক্ষয়*, ১৮৪২।

আহারআশ্রম [স] *বি* লঙ্গরখানা। 'সুসজ্জিত সুন্দর রমণীয় আহার-আশ্রম খোলা হইয়াছে।' *সিরাজী*, ১৯২৩।

আহারদাতা [স] *বি* অন্নদাতা। 'রাজ্জাক আহারদাতা পালএ সয়াল।' *বাহরাম*, ১৬৫০।

আহারদ্রব্য [স] *বি* খাদ্যসামগ্রী। 'অশ্বের আহারদ্রব্যের কিয়ৎ অংশ বেচিয়া, বিলক্ষণ লাভ করিত।' *বিদ্যা*, ১৮৫৬।

আহারনিদ্রা [স] *বি* খাওয়া ও ঘুম। 'চিন্তায় তাহারদিগের আহারনিদ্রা হয় না।' *প্রভাকর*, ১৮৫৪।

আহার-পদ্ধতি [স] *বি* খাদ্য গ্রহণের প্রক্রিয়া। 'খড়ের উপর বসিয়া আমজাদ বাবার আহার-পদ্ধতি নিরীক্ষণ করে।' *শওকত*, ১৯৫৮।

আহারপরিতৃপ্ত [স] *বিণ* খাদ্য গ্রহণ করে তৃপ্ত। 'অদূরে আহারপরিতৃপ্ত পরিপুষ্ট গাভী।' *রবীন্দ্র*, ১৯০০।

আহারপর্ব [স] *বি* খাওয়ার আয়োজন। 'আহারপর্ব শুরু হয়।' *মণীশ*, ১৯৬৩।

আহারপুষ্ট [স] *বিণ* খাবার খেয়ে পরিপুষ্ট। 'দুর্ভিক্ষে যে লোক জীর্ণ হইয়া মরিতেছে তাহার কাছে আহারপুষ্ট লোক যদি ...।' *রবীন্দ্র*, ১৯০০।

আহারপ্রণালী [স] *বি* খাবারপ্রণালী। 'সকলে ঘিরিয়া বসিয়া আহারপ্রণালী পর্যবেক্ষণ করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯১২।

আহারবিহার [স] *বি* ভোজন ও বিশ্রাম। 'আহারবিহারাদি ব্যাপারে তাহাদেরই তুল্য ...।' *অক্ষয়*, ১৮৫৪।

আহাররত [স] *বিণ* খাদ্যগ্রহণ করছে এমন। 'আহাররত বুভুক্ষুদের কাতারে কাতারে হাটিয়া ... পরিচয় করাইয়া দেয়।' *মনসুর*, ১৯৫৫।

আহাররহিত [স] *বিণ* খাদ্য গ্রহণে অক্ষম। 'দিন২ ক্ষীণ ও আহাররহিত হইলেন।' *দর্পণ*, ১৮৩৪।

আহারসামগ্রী [স] *বি* খাদ্যবস্তু। 'কেহ কণামাত্র আহারসামগ্রী অর্পণ করিল না।' *অক্ষয়*, ১৮৫৫।

আহারস্থান [স] *বি* খাবার জায়গা। 'চারু পাখা হাতে আহারস্থানে উপস্থিত।' *রবীন্দ্র*, ১৯০১।

আহারা[১] [স আহার] *বি* আহার। 'অমিয় ভখঅ মুসা করঅ আহারা।' *চর্যা* ২১, ১২০০।

আহারা[২] [স আহার>] *ক্রি* আহার করা। 'সুখরূপ শশধরে আহারিল গ্রাসি।' *গুপ্ত*, ১৮৫৮।

আহারাদি [স আহার-আদি] *বি* খাওয়া-দাওয়া। 'স্বামি কাছে সুতে

AMARBOI.COM

গেল আহারাদি করিয়া।' *ভবানী*, ১৮২৫।

আহারান্ত [স আহার-অন্ত] *বি* ভোজন শেষ। 'সকল সম্ভ্রান্ত লোকই আহারান্তে নিদ্রাসুখ লাভ করে।' *রবীন্দ্র*, ১৮৯১।

আহারান্তে [স আহার-অন্তে] *ক্রিবিণ* খাওয়া শেষে। 'আহারান্তে দড়িতে ঝুলানো চাপকানটি পরিয়া, এক ছিলিম তামাক পানের সহিত ...। *রবীন্দ্র*, ১৮৯৩।

আহারান্বেষণ [স আহার-অন্বেষণ] *বি* খাদ্য অন্বেষণ। 'পশুরা বনে বনে আহারান্বেষণ করে।' *বিনোদিনী*, ১৮৭৫।

আহারাবসান [স আহার-অবসান] *বি* খাবার গ্রহণের কাজ সমাপ্ত করা। 'নিজ নিকেতনে প্রত্যাবর্ত্তন পূর্ব্বক আহারাবসানে শয়নমাত্রেই ...।' *রামনারায়ণ*, ১৮৫৪।

আহারার্থ [স আহার-অর্থ] *ক্রিবিণ* আহারের জন্য। 'ব্যাঘ্রদিগের আহারার্থে শরীরদান করাই মনুষ্যের কর্ত্তব্য।' *বঙ্কিম*, ১৮৭৪।

আহারীয় [স] ১ *বিণ* খাওয়ার যোগ্য। 'আকাঙ্ক্ষীয় উত্তম আহারীয় দ্রব্যাদি।' *দর্পণ*, ১৮৩৭। ২ *বি* খাদ্য। 'নানাবিধ আহারীয় প্রস্তুত করিয়া ভূপতিকে সংবাদ দিল।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

আহারোপযোগী [স আহার-উপযোগী] *বিণ* আহারের যোগ্য। 'তাহার আহারোপযোগী দ্রব্য উপঢৌকন দিয়া, চোর সম্মুখে কৃতাঞ্জলি দণ্ডায়মান রহিল।' *বিদ্যা*, ১৮৪৭।

আহার্য, আহার্য্য [স] ১ *বি* আহারের যোগ্য বস্তু। 'কোথায় গেলে আহার্য সামগ্রী পাইব অনুমতি করুন।' *বঙ্কিম*, ১৮৬৬। ২ *বিণ* খাওয়ার উপযোগী। 'সে গাছে আহার্য ফল না ধরলেও চলে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আহার্যতত্ত্ব, আহার্য্যতত্ত্ব [স] *বি* ভোজ্যবস্তু সংক্রান্ত জ্ঞান। 'আহার্য্যতত্ত্ব, প্রাথমিক চিকিৎসা ও শিক্ষামূলক চিত্ত-বিজ্ঞান সম্বন্ধে অধ্যয়নের ব্যবস্থা করতে হবে।' *বেগম*, ১৯৪৯।

আহার্যদ্রব্য [স] *বি* খাদ্যদ্রব্য। 'আহার্যদ্রব্য বিদেশ থেকে আমদানি করবার কোনোই দরকার নেই।' *প্রমথ*, ১৯০৫।

আহাহা [ধ্বন্যা] *অব্য* অনুকম্পা বা আনন্দ প্রকাশক শব্দ। 'আহাহা বাহা বাহা কহিছে কানে।' *মুকুন্দ*, ১৬০০।

আহিকপার্থিক [স ঐহিক-পারত্রিক] *বি* ইহকাল ও পরকাল। 'আহিকপার্থিকের অধর্ম্ম ইহা জানিবে।' *ওসাঁ*, ১৭৭৯।

আহিড়ি [স আখেট] *বি* শিকারি। 'উডমুখে ধাব সাধু জেমত আহিড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

আহিতাগ্নিক [স] *বি* অগ্নিহোত্রী ব্রাহ্মণ। 'জয় পুরোহিত আহিতাগ্নিক।' *জীবন*, ১৯২৭।

আহিমাচল [স] *বিণ* হিমাচল পর্যন্ত বিস্তৃত। 'আপন প্রচণ্ড বলে আসমুদ্র আহিমাচল বিপুল ভারতভূমিকে করতলন্যস্ত ...।' *রবীন্দ্র*, ১৮৯০।

আহির, আহীর [স আভীর] *বিণ* গোয়ালা জাতের। 'আহীর বালক মিলি করন্ত যে রাস কেলি।' *আলাওল*, ১৭৫০। 'আহির।' *বিদ্যা*, ১৮৯২।

আহিরিনী [স আভীর>] *বি* স্ত্রী গোয়ালা। 'রাস-বিলাসিনী আমি আহিরিনী।' *নজরুল*, ১৯৩২।

আহির ভৈরব *বি* (সংগীত) প্রাতঃকালীন রাগবিশেষ। 'আহির ভৈরব তেতালা।' *নজরুল*, ১৯৩২।

আহুকা *ক্রি* ছিটানো। 'মুকুট ধূয়িআঁ আহুকিতে ভাল।' *বড়ু*, ১৪৫০।

আহুঠ [স অর্দ্ধচতুর্থ] *বিণ* সাড়ে তিন। 'আহুঠ হাথ নাঅখানী তোর পাঁচ পাটে।' *বড়ু*, ১৪৫০।

আহুড়ি [স আহূত] *বিণ* দ্রুতগামী বার্তাবাহক। 'বিষম কটাক্ষ আহুড়ি-ঘাতক।' *আলাওল*, ১৬৫১।

আহুতা [স আহূতি>] *ক্রি* আহ্বান করা। 'পাণ্ডব আজ্ঞাএ কুন্তি ধর্ম্ম আহুতিল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আহুতি [স] ১ *বি* মহৎকাজে আত্মোৎসর্গ। 'বিপক্ষ নাশিতে ভৃগু দিলেক আহুতি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* (হিন্দুদের) পূজার হোম। 'জনম যজ্ঞের কুণ্ডে ... সম্প্রদানে না কইল আহুতি।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* বিসর্জন। 'তুমি প্রত্যহ অগ্নিকুণ্ডে শরীর আহুতি দিবা।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

আহুতিদান [স] *বি* দেবতার আশীর্বাদ লাভের জন্য আগুনে ঘি ঢালার হিন্দু আচার। 'অগ্নিতে আহুতিদান করিয়াই দিন কাটাইয়াছেন।' *রবীন্দ্র*, ১৯১২।

আহূত [স] *বি* নিমন্ত্রিত। 'আহূত অতিথি এলে নাহি পুরস্কার।' *ভারত*, ১৭৬০; 'মুকুট গ্রহণের জন্য আহূত হন।' *রবীন্দ্র*, ১৮৮০।

আহৃত [স] *বিণ* সংগৃহীত। 'তৎসমস্ত আহৃত হইতে লাগিল।' *বিদ্যা*, ১৮৬৩।

আহের[১] [স অহোরাত্র] *বি* (সংগীত) রাগবিশেষ। 'আহেররাগঃ।' *বড়ু*, ১৪৫০।

আহেরিয়া [স অহোরাত্র>] *বি* বসন্তের প্রথম দিনে উদ্‌যাপিত রাজসুতনার শিকার উৎসব। 'আহেরিয়া-উৎসবে দীর্ঘবর্শা হাতে ঘোড়ায় চড়িয়া ...।' *বিভূতি*, ১৯২৯।

আহেরা [স অহোরাত্র] *ক্রিবিণ* দিনে-রাতে। 'মাধব মনমথ ফিরত আহেরা।' *গোবিন্দ*, ১৬০০।

আহের[২] [স আখেট] ১ *বিণ* শিকারের। 'সম্মুখে আহের মৃগী যদি লাগ পায়।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* সংগ্রহ। 'ঐ জমী পূর্ব্ব মাটে আহের ...।' *চিঠিপত্রে*, ১৮৩৪।

আহেল [আ আহল] *বিণ* খাঁটি। 'আহেল বেলাত খাস করেছো বাস।' *গুপ্ত*, ১৮৫৮; 'তাঁরা আহেল বিলেতি ইঙ্গবঙ্গদের মতে কেপ্‌ড্রষ্ট।' *প্রমথ*, ১৯০৫।

আহেল বিলাত, আহেল বেলাত [আ আহল+আ বিলায়ত] ১ *বি* নতুন দেশ। 'আহেল বেলাত খাস করেছো বাস।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বিণ* খাঁটি বিলেতিয়ানার ভক্ত। 'আহেল বিলাত নবিশ সাহেব ধর্ম্ম অবতার।' *হেম*, ১৮৭০।

আহেলা [আ আহল] *বিণ* খাঁটি। 'ম্যাজিষ্ট্রেট সাহেব আহেলা বিলাতী।' *বঙ্কিম*, ১৮৭৮।

আহেলী [আ আহল] *বিণ* খাঁটি। 'আহেলী বিলাতি বোল।' *হেম*, ১৮৭০।

আহোআল [আ] *বি* অবস্থা; দশা। *বিদ্যা*, ১৮৯১।

আহোনিশি, আহোনিশী [স অহর্নিশ] *ক্রিবিণ* অহর্নিশ; সবসময়ে। 'আহোনিশি দহে সকল পরাণ।' *বড়ু*, ১৪৫০; 'তোহ্মা চিন্তি ঝুরোঁ আহোনিশী।' *বড়ু*, ১৪৫০।

আহ্নিক [স] ১ *বিণ* প্রাত্যহিক। 'যে ব্যক্তি আহ্নিক, মাসিক, অথবা বার্ষিক নিয়মে বেতন গ্রহণ পূর্ব্বক অন্যের কর্ম্ম করে, তাহাকে ভৃত্য কহে।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বি* হিন্দুদের প্রতিদিনের ধর্মীয় আচার। 'আহ্নিকের সময় খ্যালবার তাসের মত চ্যাটালো সোণার ইষ্টি কবচ পরে থাকেন।' *হুতোম*, ১৮৬১।

AMARBOI.COM

আহ্নিক গতি [স] *বি* পৃথিবীর নিজ অক্ষের উপর ২৪ ঘণ্টার আবর্তন। 'পৃথিবী যে গতি দ্বারা ২৪ ঘটিকায় ... একবার।' *অক্ষয়*, ১৮৪১।

আহ্বান [স] **১** *বি* আমন্ত্রণ। 'বঙ্গজ কায়স্থেরদিগকে আদর পূর্ব্বক আহ্বান করিয়া ...।' *রামরাম*, ১৮০১। **২** *বি* টান। 'সংসারের মধ্যে একটা অনিবার্য আহ্বান নেই।' *রবীন্দ্র*, ১৮৯৩।

আহ্বানগীত [স] *বি* নিমন্ত্রণবার্তা। 'যে শুনেছে কানে তাহার আহ্বানগীত, ছুটেছে সে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

আহ্বানধ্বনি [স] *বি* উপাসনার ডাক। 'প্রার্থনার আহ্বানধ্বনিকে বিদ্রূপ করাতে ... পরিহাস করিত।' *দর্পণ*, ১৮৩২।

আহ্বানপত্র [স] *বি* নিমন্ত্রণপত্র। 'ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়ের আহ্বানপত্রের দ্বারা আগমন করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩০।

আহ্বান-বাণী [স] *বি* ডাক। 'কত না আহ্বান-বাণী শুনিতাম লতা-পুষ্প-ঘাসে।' *নজরুল*, ১৯২৪।

আহ্বানময় [স] *বিণ* প্রলুব্ধকর। 'আহ্বানময় প্রত্যাখ্যান অপরূপ।' *বনফুল*, ১৯৩৬।

আহ্বানলিপি [স] *বি* আমন্ত্রণবাণী। 'জননী, তোমার আহ্বানলিপি পাঠায়ে দিয়েছ ভুবনে।' *রবীন্দ্র*, ১৯০০।

আহ্বানা [স আহ্বান>] *ক্রি* ডাকা। 'কহে সদা গদারে আহ্বানি কর কিরা পর্শি মোর পাণি।' *মাইকেল*, ১৮৭৩।

আহ্বানার্থ [স আহ্বান-অর্থ] *ক্রিবিণ* আমন্ত্রণ জানাতে। 'পণ্ডিত ও ভাগ্যবান লোকেরদের আহ্বানার্থ এক২ পত্র গিয়াছিল।' *দর্পণ*, ১৮১৯।

আহ্বায়ক [স] *বি* আহ্বানকারী। 'আহ্বায়ক শহীদ।' *মনসুর*, ১৯৪০।

আহ্বায়িকা [স] *বি স্ত্রী* সমিতি বা প্রতিষ্ঠানের সভা আহ্বান করতে পারে এমন গুরুত্বপূর্ণ ব্যক্তি। 'আহ্বায়িকা করে ...।' *বেগম*, ১৯৪৮।

আহ্মা [স অহম্] *সর্ব* আমাকে। 'আহ্মা এড়ি কেনমতেঁ ধরিলে পরাণী।' *বড়ু*, ১৪৫০।

আহ্মাক *সর্ব* আমাকে। 'আহ্মাক রুষ্ট বচনে/ তোহিহ রাধার মনে/ আহ্মে যবেঁ রোধিব বাটে।' *বড়ু*, ১৪৫০।

আহ্মাকে *সর্ব* আমাকে। 'আহ্মাকে পাঠায়িলে রাধা নান্দের নন্দনে।' *বড়ু*, ১৪৫০।

আহ্মাত *সর্ব* আমায়; আমাকে। 'মুনিএ অশক্য কথা কহিল আহ্মাত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আহ্মার *সর্ব* আমার। 'শুন তোহ্মে আহ্মার বচনে।' *বড়ু*, ১৪৫০।

আহ্মারা *সর্ব* আমাদের। 'সাফল্য জনম জান আহ্মারা সভান।' *বাহরাম*, ১৬৫০।

আহ্মি, আহ্মী [স অহম্] *সর্ব* আমি। 'গোঠে হৈতেঁ আসি আহ্মি বুঢ়ী গোআলিনী।' *বড়ু*, ১৪৫০; 'গালিহো সাসুড়ী স্থানে না পাইল আহ্মী।' *বড়ু*, ১৪৫০।

আহ্মি সবের *সর্ব* আমাদের। 'মন দিয়ে শুন আহ্মি সবের বচন।' *সুলতান*, ১৭০০।

আহ্মিসভ *সর্ব* আমরা। 'রাজ্জলোভে আহ্মিসভ তোহ্মা না ভজিল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

আহ্মে [স অস্মাভিঃ] *সর্ব* আমি। 'ভণই লুই আহ্মে সাণে দিঠা।' *চর্য্যা* ১, ১২০০।

আহ্মেহো *সর্ব* আমিও। 'আহ্মেহো ভাল গারুড়ী।' *বড়ু*, ১৪৫০।

আহ্লো *ক্রিবিণ* আরও। 'আহ্লো গালী দেহ মোরে রাধিকা নাগরী।' *বড়ু*, ১৪৫০।

আহ্লাদ [স] **১** *বি* আনন্দ। 'নিজপ্রেমাস্বাদে মোর হয় যে আহ্লাদ।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'রায় মজুমদারের আহ্লাদ।' *রাজীব*, ১৮০৫। **২** *বি* তৃপ্তি। 'প্রভুর শোণিত মাংস কাল্পনিক করি / আহারে আহ্লাদ পান যত মিশনরি।' *গুপ্ত*, ১৮৫৮।

আহ্লাদজনক [স] *বিণ* আনন্দদায়ক। 'যে যে কর্ম্ম এক ব্যক্তিতে আহ্লাদজনক ও সাজন্ত হয়।' *তারিণী*, ১৮০৩।

আহ্লাদপূর্ব্বক [স] *ক্রিবিণ* আনন্দের সঙ্গে। 'এক্ষণে আহ্লাদপূর্ব্বক প্রকাশ করিতেছি।' *দর্পণ*, ১৮২৬।

আহ্লাদ-সাগর [স] *বি* আনন্দের সাগর। 'শ্লোক শুনিবামাত্র কর্ত্তা আহ্লাদ-সাগরে মগ্ন হইলেন।' *ভবানী*, ১৮২৫।

আহ্লাদসৃষ্টি [স] *বি* সোহাগ সঞ্চার। 'শব্দ এবং অর্থ দুয়ের মধ্যেই আহ্লাদসৃষ্টির সম্ভাবনা আছে।' *শিব*, ১৯৭৩।

আহ্লাদি, আহ্লাদী [স আহ্লাদিত] **১** *বিণ* আমোদপ্রিয়। 'আহ্লাদি পিসি তাই শুনে হেসে যেন ফুটফাটা হয়ে যান।' *অবন*, ১৯২৫। **২** *বিণ* আদুরে। 'মর তুই আহ্লাদী মেয়ে।' *মানিক*, ১৯৩৬।

আহ্লাদিত [স] *বিণ* খুশি। 'আহ্লাদিত হইয়া সে চারিদিকে চায়।' *কেতকা*, ১৬৫০।

আহ্লাদিতা [স] *বিণ স্ত্রী* আনন্দিত। 'সে অত্যন্ত আহ্লাদিতা হইল।' *বিদ্যা*, ১৮৪৭।

আহ্লাদিনী [স] **১** *বিণ স্ত্রী* আনন্দিত। 'আহ্লাদে আহ্লাদিনী।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **২** *বি* মানুষের অন্যতম মানসিক বৃত্তি। 'কেবল আনন্দ অনুভূত করায়, সেগুলিকে আহ্লাদিনী বা চিত্তরঞ্জিনী বলা যাউক।' *বঙ্কিম*, ১৮৭৫।

আহ্লাদিয়া [স আহ্লাদ>] *বিণ* আমুদে। 'আহ্লাদিয়া লোকের নিকট থাকিলেই আহ্লাদে হয়।' *প্যারী*, ১৮৫৯।

আহ্লাদীয় [স] *বিণ* আনন্দের। 'ইহার তুল্য পৃথিবীর বিবরণের মধ্যে আহ্লাদীয় বিষয় নাই।' *দর্পণ*, ১৮২০।

আহ্লাদে *বিণ* আদুরে। 'যে ব্যক্তি নিজেকে জগতের আদুরে ছেলে মনে করে তাহাকে আহ্লাদে বলে।' *রবীন্দ্র*, ১৮৮৫।

আহ্লাদে আটখানা *বি* খুশিতে আত্মহারা। 'আমার আহ্লাদে প্রাণ আটখানা।' *অমৃত*, ১৯০০।

আহ্লাদের ফুটো ঘটি – আনন্দ ধরে রাখতে পারে না যে। *মুজতবা*, ১৯৬০।

আহ্‌লেখানা [আ আহল+হি খানা] *বি* দুস্থ অনাহারী মানুষের খাদ্য; লঙ্গরখানা। 'আহ্‌লেখানা দেখে কান্দে শোকে ছাতি ফাটে।' *গরীব*, ১৭৬৫।

AMARBOI.COM

ই[১] ১ *বি* বাংলা স্বরবর্ণের তৃতীয় বর্ণ। 'তদ্ভিন্ন অন্য অন্য সমুদায় স্থলেই হ্রস্ব ইকারান্ত লিখিত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৩। ২ *বি* 'ই'-এর কারচিহ্ন "ি"। 'অপরিচিত অক্ষরগুলি .. স্কন্ধের উপরে ইকার ঐকার রেফ উঁচাইয়া পাহারা দিত।' *রবীন্দ্র*, ১৮৯৪। *দ্র* **ই-কার**

-ই[২] *বিভক্তি*। ১ *প্রথমা বিভক্তি*। 'কানেট চৌরি [চৌর+ই] নিল অধরাতী।' *চর্যা* ২, ১২০০। ২ *পঞ্চমী বিভক্তি*। 'দিবসই বহুড়ী কাউই [কাউ+ই] ডরে ভাঅ।' *চর্যা* ২, ১২০০। ৩ *সপ্তমী বিভক্তি*। 'দিবসই [দিবস+ই] বহুড়ী কাউই ডরে ভাঅ।' *চর্যা* ২, ১২০০। ৪ *বি* পূরণবাচক প্রত্যয়বিশেষ। '৭ই অক্টোবর।' *প্রচারক*, ১৮৯১।

-ই[৩] [স অপি, হি ভি] ১ *অব্য* সর্বনাম পদের শেষে জোর নির্দেশক। 'নগর বারিহিরে ডোম্বি তোহোরি [তোহোর+ই] কুড়িআ।' *চর্যা* ১০, ১২০০। ২ *অব্য* ক্রিয়ার শেষে জোর নির্দেশক। 'রঅণহ সহজে কহেহ [কহে+ই]।' *চর্যা* ২৭, ১২০০।

ই[৪] ১ *বিণ* এই। 'ই বোল বলিতে কান না বাসসি লাজ।' *বড়ু*, ১৫৭০। ২ *সর্ব* এটা। 'ই বড় বিষম গণ্ডগোল।' *রামাই*, ১৭১০।

-ইআঁ *ক্রিয়াবিভক্তি*। 'পাণি ভরায়িআঁ ঘাটত উঠিআঁ।' *বড়ু*, ১৪৫০।

ইআদ [ফা] *বি* স্মরণ। *বিদ্যা*, ১৮৯১। *দ্র* **ইয়াদ**

ইআদদস্ত [ফা] *বি* স্মারকলিপি। *বিদ্যা*, ১৮৯১। *দ্র* **ইয়াদদস্ত**

ইআর [ফা] *বি* ইয়ার; বন্ধু। *বিদ্যা*, ১৮৯১। *দ্র* **ইয়ার**

ইআরকি [ফা ইয়ারগি] *বি* ইয়ারকি; রসিকতা। *বিদ্যা*, ১৮৯১।

ইউকেলেলি [হি] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'ইউকেলেলির বুক স্পর্শ করা ঝংকার।' *শ্যামসুন্দর*, ১৯৫৬।

ইউক্যালিপটাস, ইউকেলিপটস [হি] *বি* বিরাট বৃক্ষবিশেষ। 'ইউক্যালিপটাস আর দেবদারু তরুঘেরা।' *নজরুল*, ১৯৩১; 'সিগারেটে একফোঁটা ইউকেলিপটস তেল ঢেলে সেই সিগারেট ফুঁকে দেখুন।' *মুজতবা* ১৯৫২।

ইউজ [হি] *বি* গ্রহণ। 'ডাক্তারের রেকমেন্ডেসেন ছাড়া কি মিট, ড্রিঙ্ক লোকে কিছুই ইউজ করে না।' *গিরিশ*, ১৮৮৬।

ইউজলেস [হি] *বিণ* অর্থহীন। 'তোমাকে এসব কথা বলা ইউজলেস।' *ইলিয়াস*, ১৯৭২।

ইউটিলিটি [হি] *বি* উপযোগিতা। 'এদের নগর-স্থাপত্যে বিউটির চেয়ে বড় কথা ইউটিলিটি।' *অন্নদা*, ১৯২৯।

ইউটোপিয়া [হি] *বি* স্বপ্নরাষ্ট্র। 'এক-ভারতবর্ষ হচ্ছে এ যুগের শিক্ষিত লোকের ইউটোপিয়া।' *প্রমথ*, ১৯১৫।

ইউনান [আ] *বি* গ্রীসের প্রাচীন নাম। 'ইউনান (গ্রীস) নিকটে না হউক ...।' *মশাররফ*, ১৮৮৯।

ইউনানি, ইউনানী [আ য়ুনানী] *বি* গ্রীক। 'ইউনানিভাষে তারে সুশোভিত কৈলা।' *আলাওল*, ১৬৮০।

ইউনিট [হি] *বি* শাখা। 'মহিলা সমিতির ... পূর্ব্ব পাকিস্তান ইউনিটের কার্য্য।' *বেগম*, ১৯৫০।

ইউনিটি [হি] ১ *বি* সামঞ্জস্য। 'একেই আর্টের ভাষায় বলা হয় ইউনিটি।' *অবন*, ১৯২৫। ২ *বি* ঐক্য। 'পাঞ্জাবী গো মইধ্যে দারুণ ইউনিটি।' *সুনীল*, ১৯৭০।

ইউনিফর্ম, ইউনিফরম [হি] *বি* কোনো দল বা বাহিনীর নির্দিষ্ট পোশাক। 'আর্দালি-সমেত ইউনিফর্ম-পরা সাহেব দ্বারের কাছে আসিয়া দাঁড়াইয়াছে।' *রবীন্দ্র*, ১৯১৪; 'আমারও সৈনিক ছিল কিছু ... সবুজ ইউনিফরম পরা।' *শামসুর*, ১৯৭২।

ইউনিবর্সিটি [হি ইউনিভার্সিটি] *বি* বিশ্ববিদ্যালয়। 'সাইন্স বিদ্যায় উপদেশ প্রদানার্থে ইউনিবর্সিটি স্থাপন করিবেন।' *প্রভাকর*, ১৮৪৭। *দ্র* **ইউনিভার্সিটি**

ইউনিভার্সিটি, ইউনিভারসিটি, ইউনিভারসিটী [হি] *বি* বিশ্ববিদ্যালয়। 'যদি ইউনিভারসিটিতে বিএ ও বিএলের মত ফলারের ডিগ্রী স্থির হয় ...।' *হুতোম*, ১৮৬১; 'এন্ট্রান্স পরীক্ষায় ইউনিভার্সিটির তৃতীয় হয়েন।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

ইউনিয়ন [হি] ১ *বি* পাশাপাশি কয়েকটি গ্রাম নিয়ে নির্দিষ্ট প্রশাসনিক এলাকা। 'মহকুমা, ইউনিয়ন এবং গ্রাম্য পরিষদ গঠনের চেষ্টা করিবেন।' *নজরুল*, ১৯২৬। ২ *বি* ঐক্য। 'বাংলার মুছলমান সর্ব্বভারতীয় ইউনিয়নে সংযুক্ত থাকিতে প্রস্তুত নয়।' *আজাদ*, ১৯৪৭।

ইউনিয়ন জ্যাক [হি] *বি* ব্রিটিশ পতাকা। 'ইউনিয়ন জ্যাকের পরিবর্তে সাদা-সবুজ রাঙ্গা ঝাণ্ডা উড়ছে ঘরে ঘরে।' *হাফিজুর*, ১৯৫৩।

ইউনিয়ন বোর্ড [হি] *বি* ইউনিয়ন পরিষদ। 'ইউনিয়ন-বোর্ড, স্কুল-কাল-বোর্ড, ডিষ্ট্রিক্ট বোর্ড প্রভৃতি।' *আজাদ*, ১৯৩৯।

ইউফর্বিয়া [হি] *বি* ফুলের গাছবিশেষ। 'জিরানিয়ম, ভর্বিনা, ইউফর্বিয়া, চন্দ্রমল্লিকা, গোলাপ।' *বঙ্কিম*, ১৮৭৮।

ইউফ্রেটিস [হি] *বি* ইরাকের নদীবিশেষ; ফোরাত। 'টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীদ্বয়ের বদ্ধ মোহনাগুলি উন্মুক্ত করিয়া দিলেন।' *অক্ষয়*, ১৮৪৭।

ইউরিয়া [হি] *বি* স্বচ্ছ সাদা নাইট্রোজেন-বহুল জৈব পদার্থ। 'ইউরিয়া স্টিবামাইন।' *শিবরাম*, ১৯৪০।

ইউরেকা [হি] *অব্য* আনন্দসূচক ধ্বনিবিশেষ – পেয়েছি! 'ইউরেকা! ইউরেকা! ... পেয়েছি তার দেখা!' *অন্নদা*, ১৯৪২।

ইউরেনাস, ইউরেনস [হি] *বি* সৌরজগতের সপ্তম গ্রহ; শনি ও নেপচুনের মধ্যবর্তী গ্রহ। 'ইউরেনস নামক অতি দূরবর্ত্তী গ্রহের ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ইউরেশিয়া [হি] *বি* ইউরোপ এবং এশিয়ার মিলিত ভূখণ্ড। 'সে বস্তু ... ইউরেশিয়াতেই জন্মলাভ করেছে।' *প্রমথ*, ১৯২৫।

ইউরেশীয় [হি ইউরেশিয়া+স ঈয়] *বিণ* এশিয়া ও ইউরোপের মিশ্রণে উদ্ভূত। 'সেখানে এক ইউরেশীয় শিকারী।' *বিভূতি*, ১৯৩৩।

ইউরোপ [হি] *বি* এশিয়ার পশ্চিমে অবস্থিত মহাদেশের নাম। 'ইউরোপে এমত ব্যক্তিরদিগকে বিদ্যাদানের যে উপায় সৃষ্টি হইয়াছে ...।' *দর্পণ*, ১৮৩০। *দ্র* **ইয়ুরোপ, য়ুরোপ, য়োরোপ**

ইউরোপ-এজিদ [হি ইউরোপ+আ ইয়াজিদ] *বি* ইউরোপরূপ এজিদ। 'তব হাত হতে আব-হায়াত/ লুটে নিল ইউরোপ-এজিদ।' *নজরুল*, ১৯২৯।

ইউরোপখণ্ড [হি ইউরোপ+স খণ্ড] *বি* ইউরোপের নানা দেশ। 'পূর্ব্বদেশীয় পণ্য সামগ্রী সীরিয়াবাসীর দ্বারা ইউরোপখণ্ডে প্রেরিত।' *অক্ষয়*, ১৮৪৯।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ইউরোপখণ্ডস্থ [হি ইউরোপ+স খণ্ডস্থ] *বিণ* ইউরোপীয়। 'বীজগণিতের যে সকল প্রশ্নের সিদ্ধান্ত ইউরোপখণ্ডস্থ পণ্ডিতদিগের অজ্ঞাত ছিল।' *অক্ষয়*, ১৮৪৭।

ইউরোপস্থ [হি ইউরোপ+স স্থা *বিণ* ইউরোপের। 'ইউরোপস্থ সমস্ত দেশের প্রাচীন বা আধুনিক ইতিহাস।' *অক্ষয়*, ১৮৪৮।

ইউরোপিয়ান [হি] *বিণ* ইউরোপ সম্পর্কিত; ইউরোপবাসী। 'তা প্রধানত আসছে অন ইউরোপিয়ান লোকদের দেশ থেকে।' *সবুজ*, ১৯২০।

ইউরোপীয় [হি ইউরোপ+স ঈয়] *বিণ* ইউরোপে বসবাসকারী। 'ইউরোপীয় ও এতদ্দেশীয় লোকের গমনাগমনে অতিশয় উপকার।' *দর্পণ*, ১৮২৪।

ইউরোপীয়ান [হি] *বি* ইউরোপের অধিবাসী। 'অনেক মান্য ইউরোপীয়ান ... গমন করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩৭।

ইওল *বিণ* শীতল। 'নদীর বুকের উপর থেকে ইওল বাতাস ভেসে আসে।' *সেলিনা*, ১৯৭৫।

ইংগ্রেজি [প ইংলেজ] *বিণ* খ্রিস্টান্ধ। 'যে নিয়ম ও ধারা ইংগ্রেজি ১৭৭২ সনের আগস্ত মাসে বাঙ্গালা ১১৭৯ সালের ৮ ভদ্র নিরুপণ করিয়াছিলেন।' *ডানকান*, ১৭৮৪।

ইংগ্রণ্ড [হি] *বি* ইংল্যান্ড। 'শ্রীশ্রীযুত ইংগ্রণ্ডরাজার কৌন্সেলে আপীল করুন।' *দর্পণ*, ১৮৩০।

ইংগ্রণ্ডীয় [হি ইংল্যান্ড+স ঈয়] **১** *বি* ইংল্যান্ডের অধিবাসী। 'অনেক ভাগ্যবন্ত ইংগ্রণ্ডীয় ও হিন্দু মুসলমান আসিয়া ... শুনিলেন।' *দর্পণ*, ১৮১৮। **২** *বিণ* ইংল্যান্ডের। 'ইংগ্রণ্ডীয় নিউষপেপারে ছাপা গিয়াছে।' *দর্পণ*, ১৮১৯। **৩** *বিণ* ইংল্যান্ড থেকে আগত। 'ইংগ্রণ্ডীয় মহাশয়দিগের অধিকারস্থ হইয়াছি।' *দর্পণ*, ১৮৩১।

ইংগ্রেণ্ডীয় [হি ইংল্যান্ড+স ঈয়] *বিণ* ইংল্যান্ডের। 'সে বিবাহের অধ্যক্ষ প্রধান২ ইংগ্রেণ্ডীয় সাহেবেরা ছিলেন।' *দর্পণ*, ১৮২৮।

ইংরাজ [প ইংলেজ>] *বি* ইংল্যান্ডের অধিবাসী; ইংরেজ। 'অনেক২ ভাগ্যবন্ত ইংরাজ ও শহরস্থ ভাগ্যবন্ত বাঙ্গালী ... একত্রিত হইয়াছিলেন।' *দর্পণ*, ১৮১৯।

ইংরাজটোলা [প ইংলেজ>+হি টোলা] *বি* ইংরেজপাড়া। 'ইংরাজটোলায় গেলে নয়ন জুড়ায়।' *গুপ্ত*, ১৮৫৮।

ইংরাজরাজ [প ইংলেজ>+স রাজ্ঞ] *বি* ইংরেজ শাসক। 'কলিকাতাস্থ ইংরাজরাজ আমাদের ... অনুমোদন করিবেন।' *সংসঙ্গ*, ১৮৯৮।

ইংরাজরাহ্ [প ইংলেজ>+স রাহ্] *বি* ইংরেজরূপ রাহু। 'ইংরাজরাহু কর্তৃক জমিদারদের যদি অর্ধগ্রাস হইয়া থাকে।' *রবীন্দ্র*, ১৯০৮।

ইংরাজি, ইংরাজী [প ইংলেজ>] **১** *বি* ইংরেজি ভাষা। *রামমোহন*, ১৮১৬; 'ইংরাজী ভাষা ও এক২ শব্দের দুই তিন প্রকার অর্থ।' *দর্পণ*, ১৮১৯। **২** *বিণ* ইংল্যান্ডে তৈরি। 'তাহার মূল্য ইংরাজী কাগজে এক শত টাকা ও পাটনাই কাগজে আশী টাকা।' *দর্পণ*, ১৮১৯। **৩** *বিণ* ইংরেজি ভাষা শেখানো হয় এমন। 'ইংরাজী বিদ্যালয়ে সাধারণ ছাত্রদিগের জ্ঞানাভ্যাসে যে ব্যয় হয় ...।' *অক্ষয়*, ১৮৪৮। **৪** *বিণ* ইংরেজি ভাষায় লেখা। 'উত্তমোত্তম ইংরাজী সংবাদপত্র প্রকাশ করিতে পারেন।' *অক্ষয়*, ১৮৪৯। **৫** *বিণ* ব্রিটিশ। 'ইহার মূল কারণ ইংরাজি রাজনীতি।' *অমৃতবাজার*, ১৮৬৯। **৬** *বিণ* ইংরেজ; ইংরেজি ভাষার। 'এই জন্য ইংরাজি কবি মিলটন হইতে তাহার আংশিক সাদৃশ্য ...।' *রবীন্দ্র*, ১৮৭৭। **৭** *বিণ* রোমান। 'ইংরাজি বৎসরের আরম্ভের ইংরাজি প্রথা অনুসারে পরস্পরকে কুশল-লিপি প্রেরণ করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৮** *বিণ* ইংরেজসুলভ। 'বাংলা সাহিত্যযোগে ইংরাজিভাব যখন ঘরে ...।' *রবীন্দ্র*, ১৯০৭। **৯** *বি* ইংরেজি ভাষায়। 'ইংরাজি-শিক্ষিত অনেকের এমন মত আছে যে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

ইংরাজিতরো [প ইংলেজ>+আ তরহ] *বিণ* ইংরেজের মতো। 'ধরন ধারণে অতি অকারণে ইংরাজিতরো গন্ধ।' *রবীন্দ্র*, ১৯০০।

ইংরাজীওয়ালা [প ইংলেজ>+হি ওয়ালা] *বিণ* ইংরেজিভাষী। 'ঐরূপ সভায় ইংরাজীওয়ালারা পরস্পর এই বলিয়া নাম জিজ্ঞাসা করিতেন ...।' *রাজ*, ১৮৭৪।

ইংরিজি, ইংরিজী [প ইংলেজ>] **১** *বি* ইংরেজি। 'কেউ ইংরিজি লেখাপড়া শিখে বড় চাকরি বা স্বাধীন রোজগার পেয়ে ...।' *হুতোম*, ১৮৬১। **২** *বিণ* বিলাতি। 'এর পিছনে রাঙ্গা মুখো ইংরিজী বাঙ্গনা, সাজা সায়েব তুরুক সওয়ার।' *হুতোম*, ১৮৬১; 'কাফ্রি চেহারা, ইংরিজি দাঁত।' *নজরুল*, ১৯৩১।

ইংরেজ [প ইংলেজ>] *বি* ইংল্যান্ডের অধিবাসী। 'মিথিলার নিবাসীদিগকে মৈথিল, ইংলণ্ডের নিবাসীদিগকে ইংরেজ ...।' *বিদ্যা*, ১৮৫১।

ইংরেজত্ব [প ইংলেজ+স ত্ব] *বি* ইংরেজের বৈশিষ্ট্য। 'আসল ইংরেজত্ব হইতে আমাদিগকে দূরে লইয়া যায়।' *রবীন্দ্র*, ১৯০৫।

ইংরেজনবিশ [প ইংলেজ+ই নবিস] *বিণ* ইংরেজি ভাষা চর্চাকারী। 'ইংরেজনবিশ আর্য-সন্তানরাই বুঝতে পারেন না।' *প্রমথ*, ১৯১২। দ্র **ইংরেজিনবিশ**

ইংরেজনী [প ইংলেজ>] *বি* স্ত্রী ইংরেজ নারী। 'এক ইংরেজনী এসে ... অভিবাদন করলে।' *রবীন্দ্র*, ১৮৮১।

ইংরেজরাজ [প ইংলেজ>+স রাজ্ঞ] *বি* ইংরেজ শাসক। 'ইংরেজরাজের প্রভূত শক্তি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ইংরেজশাসিত [প ইংলেজ>+স শাসিত] *বিণ* ইংরেজদের শাসনাধীন। 'আমরা ইংরেজশাসিত বাঙালিরাও সেই ভাবে বলছি, 'নাহি কি বল এ ভুজমৃণালে।' *রবীন্দ্র*, ১৮৯১।

ইংরেজি, ইংরেজী [প ইংলেজ>] **১** *বিণ* ইংরেজি ভাষায় রচিত। 'নানাপ্রকার ইংরেজী কবিতা দ্বারা পরীক্ষা দিলেন।' *দর্পণ*, ১৮২৩। **২** *বি* ইংরেজি ভাষা। 'বড় বড় ইংরেজিনবীশ আসিয়াছেন।' *বঙ্কিম*, ১৮৮৪; 'ইংরেজিশিক্ষিত বাঙালি নিজের ইংরেজি লেখার অভিমানে বাংলা ভাষাকে অবজ্ঞা করিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯২।

ইংরেজিওয়ালা [প ইংলেজ>+হি ওয়ালা] *বিণ* ইংরেজি-জানা। 'দুটো দুর্ধর্ষ ইংরেজিওয়ালা নাস্তিককে দলে জুটাইয়া ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

ইংরেজিনবিশ, ইংরেজিনবীশ [প ইংলেজ+ই নবিস] *বিণ* ইংরেজি চর্চাকারী। 'বড় বড় ইংরেজিনবীশ আসিয়াছেন।' *বঙ্কিম*, ১৮৮৪; 'এই ইংরেজিনবিশ লেখকদিগের হস্তে ... নূতন মূর্তি ধারণ করিল।' *প্রমথ*, ১৯১৪।

ইংরেজি-পড়া [প ইংলেজ>+পড়া] *বিণ* ইংরেজি শিখেছে এমন। 'এদের মধ্যে একজন ছিল ইংরেজি-পড়া।' *রবীন্দ্র*, ১৯১৫।

ইংরেজিপ্রীতি [প ইংলেজ>+স প্রীতি] *বি* ইংরেজির প্রতি টান। 'বৈষয়িক উন্নতির আত্যন্তিক আকাঙ্ক্ষা থেকে এই ইংরেজিপ্রীতির জন্ম।' *মুরশিদ*, ১৯৭০।

ইংরেজিবাগীশ, ইংরেজীবাগীশ [প ইংলেজ>+স বাগীশ] *বিণ* ইংরেজি ভাষায় কথা বলতে দক্ষ। 'ইংরেজীবাগীশ ছোঁড়ারা বলে

AMARBOI.COM

পাইন্ট।' *মুজতবা*, ১৯৫৮।

ইংরেজিবেশী [প ইংলেজ>+স বেশী] *বিণ* ইংরেজের ন্যায় পোশাক পরিহিত। 'ইংরেজিবেশী বাঙালির মধ্যে এমন দৃষ্টান্ত।' *রবীন্দ্র*, ১৯০৮।

ইংরেজিয়ানা [প ইংলেজ>+ফা আনা] *বি* সাহেবিয়ানা। 'ইংরেজিয়ানার মোহে আমরা অদ্ভুতত্বের চর্চা করছিলুম।' *প্রমথ*, ১৯০৫।

ইংলণ্ড [ই ইংল্যান্ড] *বি* ইংল্যান্ড। 'ইংলণ্ডবাসীদিগের দুর্ব্যবহার এ বিষয়ের এক প্রধান উদাহরণ।' *অক্ষয়*, ১৮৫৫; 'ইংলণ্ডে বঙ্গমহিলা।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

ইংলণ্ডভূমি [ই ইংল্যান্ড+স ভূমি] *বি* ইংল্যান্ড ভূখণ্ড। '... কুমারের প্রাণদণ্ড হইয়া ইংলণ্ড-ভূমিকে অনপনেয় কলঙ্কে কলঙ্কিত করিয়া রাখিয়াছে।' *অক্ষয়*, ১৮৫৫।

ইংলণ্ডীয় [ই ইংল্যান্ড+স ঈয়] ১ *বিণ* ইংল্যান্ডে প্রচলিত। 'ইংলণ্ডীয় ভাষার বিদ্যাভ্যাসে ছাত্রদিগের বুদ্ধির প্রাখর্য্য হইতেছে বটে।' *অক্ষয়*, ১৮৪৪। ২ *বিণ* ইংল্যান্ডের। 'ইংলণ্ডীয় লোকের অর্থাৎ ইংরেজদিগের ভাষা, ইংরেজী।' *বিদ্যা*, ১৮৫১। ৩ *বিণ* ইংল্যাণ্ড থেকে আগত। 'ইংলণ্ডীয় সৈন্য দুই তিন পলটন।' *সুধাবর্ষণ*, ১৮৫৫।

ইংলিশ [ই] ১ *বিণ* ইংরেজ। 'অনুরূপকেরা সুসভ্য ইংলিশ সমাজের উদাহরণ স্বরূপ।' *সংগ্রহ*, ১৮৬১। ২ *বিণ* ইংল্যাণ্ডীয়। 'স্কটিশ চার্চে ও ইংলিশ চার্চে প্রভেদ থাকিলেও ...।' *রবীন্দ্র*, ১৯১৭। ৩ *বি* ইংরেজি ভাষা। 'সকালে পড়তে হত ইংলিশ রীডার।' *রবীন্দ্র*, ১৯৩২।

ইংলিশ চ্যানেল [ই] *বি* ইংল্যান্ড ও ফ্রান্সের মধ্যবর্তী প্রণালী। 'আর বঙ্গ-উপসাগর তো ইংলিশ চ্যানেল নয়।' *প্রমথ*, ১৯২৭।

ইংলিস [ই ইংলিশ] ১ *বিণ* ইংরেজি। 'নিজে তিনি গুণী বড়, ইংলিস ভাষায়।' *চন্দ্রিকা*, ১৮৩১। ২ *বিণ* ইংল্যান্ডে প্রচলিত। 'ইংলিস লা [ল = আইন] যে সকল গ্রন্থ তাহা ইঙ্গরেজী ভাষায় লিখিত বটে।' *দর্পণ*, ১৮৩১। ৩ *বিণ* বিলাতি। 'যে সকল বাঙালীর ইংলিস ফ্যাসন।' *গুপ্ত*, ১৮৫৮।

ইংলী *বি* ফলবিশেষ। 'ইংলী ফলের বনে ইংলী কুড়িয়ে নিলে।' *অবন*, ১৮৯৬।

ইঁচড় [স ইঞ্চাক>] *বি* কাঁচা কাঁঠাল। 'ইঁচড়ের আচার।' *রবীন্দ্র*, ১৯৪০।

ইঁচড়ে-পাকা [স ইঞ্চাক>] *বিণ* অকালপক্ব। 'কলিকাতার ইঁচড়ে-পাকা ছেলেদের মতো সকল জিনিসকেই পরিহাস করিতে শিখি নাই।' *রবীন্দ্র*, ১৮৯২।

ইঁচা [স ইঞ্চাক>] *বি* খুব ছোটো চিংড়ি। 'অন্য মাছ ধর না ধর, দুটো ইঁচা মাছ ধরবাই।' *কায়সার*, ১৯৬২।

ইঁচোড় [স ইঞ্চাক>] *বি* কাঁচা কাঁঠাল। 'কতগুলি কেবল ইঁচোড়ই থাকে।' *বঙ্কিম*, ১৮৭৪।

ইঁট [স ইষ্টক] *বি* আগুনে পোড়ানো মাটির শক্ত খণ্ড। 'ইটসুরকি, কড়িবরগা, বালিচুন যখন পর্বতপ্রমাণ।' *রবীন্দ্র*, ১৯০৮।

ইঁটখোলা [স ইষ্টক>+খোলা] *বি* মাটি পুড়িয়ে ইট তৈরির মাঠ। 'ইটখোলাটাকেই একটা পুকুর কাটিয়ে দিই।' *শরৎ*, ১৯১৭।

ইঁট-বের-করা [স ইষ্টক>] *বিণ* পলেস্তারা খসে ইট বের হয়ে আছে এমন। 'ইঁট-বের-করা সেই পাঁচালির 'পরে ছিল তার প্রত্যক্ষ কাহিনী।' *রবীন্দ্র*, ১৯৩২।

ইঁটসুরকি [স ইষ্টক+ফা সুরখী] *বি* ইটের গুঁড়া। 'ইঁটসুরকি, কড়িবরগা, বালিচুন যখন পর্বতপ্রমাণ।' *রবীন্দ্র*, ১৯০৮।

ইঁদ [আ] *বি* ঈদ। *বিদ্যা*, ১৮৯১।

ইঁদারা [স ইন্দ্রাগার] *বি* গভীর কুয়া। *বিদ্যা*, ১৮৯১; 'আমাদের ইঁদারার জন্যে আমেরিকা থেকে একটা বায়ুচল চক্রযন্ত্র এনেছিলুম।' *রবীন্দ্র*, ১৯৩১।

ইঁদুর [স উন্দুর] *বি* ধারালো দাঁতবিশিষ্ট ছোটো প্রাণীবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'দৈবাৎ এক ইঁদুর, সেই দিক দিয়া যাইতে যাইতে ...।' *বিদ্যা*, ১৮৫৬।

ইঁদুরছানা [স উন্দূর-শাবক] *বি* ইঁদুরের বাচ্চা। 'ইঁদুরছানার নাকের ডগা এ মদে একবার চুবিয়ে ...।' *মুজতবা*, ১৯৫২।

ইঁদুরেবুদ্ধি *বিণ* ইঁদুরের মতো বুদ্ধি আছে এমন। 'গণেশ-ভক্ত ইঁদুরেবুদ্ধি/ হস্তীকীর্ণ লম্বোদর।' *নজরুল*, ১৯৩০।

ইন্দুর [স উন্দূর] *বি* ইঁদুর। 'নগরীয় ও গ্রাম্য ইন্দুরের কথা।' *তারিণী*, ১৮০৩।

ইঁমা [আ] *বি* ইমান; ধর্মীয় বিধানে বিশ্বাস। 'ইমা আনি না বুঝিলে মহান্ত খবর।' *আলাওল*, ১৬৮০।

ইঁহা *সর্ব* এঁ। 'এখন ইঁহার এই অবস্থা উপস্থিত।' *বিদ্যা*, ১৮৬৩। **ইঁহাদের** *সর্ব* এঁদের। 'ইঁহাদের জন্য মন উচাটন হইতেছে।' *প্যারী*, ১৮৫৪। **ইঁহারা** *সর্ব* এঁরা। 'ইঁহারা পরদেশের ইতিহাস যথোচিত ভক্তাস করেন।' *অক্ষয়*, ১৮৪৮।

ইঁহো *সর্ব* ইনি। 'পরের দ্রব্য ইঁহো করিতে চাহেন বিনাশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ইকড়ি *বি* একপ্রকার শুল্ম। 'শর নল খাকড়া ইকড়ি টাঙ্গ।' *মুকুন্দ*, ১৬০০।

ইকড়ি মিকড়ি [আ ইকরার>] *বি* শিশুতোষ খেলাবিশেষ। 'ইকড়ি মিকড়ি, ঘুঁটি খেলার সময় আসত।' *অবন*, ১৯২৭।

ইকনমি [ই] *বি* অর্থনীতি। 'ইকনমি সম্বন্ধে দুই-চারি কথা বলিতে পারিব।' *রবীন্দ্র*, ১৯০৮।

ইকনমিক [ই] *বিণ* অর্থনৈতিক। 'ইকনমিক সিস্টেমের নিন্দা করলে।' *জীবন*, ১৯৩২।

ইকনমিকস, ইকনমিক্স [ই] *বি* অর্থনীতি। 'পলিটিক্সের ভিতর যখনই ইকনমিক্সের সমস্যা এসে পড়ে ...।' *প্রমথ*, ১৯২০; 'কার্ল মার্কসের ইকনমিকস-এর অঙ্ক। গোর্কি আজ ক্লান্ত শ্রান্ত।' *নজরুল*, ১৯৩২।

ইকনমিস্ট, ইকনমিষ্ট [ই] *বি* অর্থনীতিবিদ। 'ইকনমিষ্ট এই মতাবলম্বী।' *বঙ্কিম*, ১৮৯২; 'বিশুদ্ধ ইকনমিস্ট হতে পারলাম না।' *ধূর্জটি*, ১৯৩১।

ইকরারনামা [আ ইকরার+ফা নামা] *বি* চুক্তিপত্র। 'ইকরারনামা পত্র লিখিয়া দিলাম।' *ওসাঁ*, ১৭৮২।

ই-কার [স] ১ *বি* স্বরবর্ণ 'ই'। 'তদ্ভিন্ন অন্য অন্য সমুদায় স্থলেই হ্রস্ব ইকারান্ত লিখিত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৩। ২ *বি* স্বরবর্ণ 'ই'-এর কারচিহ্ন ' ি'। 'অপরিচিত অক্ষরগুলি .. স্কন্ধের উপরে ইকার ঐকার রেফ উঁচাইয়া পাহারা দিত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ই-কারান্ত [স] *বিণ* 'ই' বর্ণ শেষে আছে এমন। 'তদ্ভিন্ন অন্য অন্য সমুদায় স্থলেই হ্রস্ব ইকারান্ত লিখিত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৩।

ইকুটী [ই] *বি* সমতা বিধানের মামলা। 'তিন চারটি "ইকুটী" দুটী

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

"কমন্‌লা" আদালতে ঝুলছে।' *হুতোম*, ১৮৬১। দ্র **ইকুয়িটি**

ইকুন [স উৎকুণ] *বি* উকুন। *বিদ্যা*, ১৮৯১।

ইকুয়িটি [ই] *বি* সমতাবিধানের আইন। 'হাইকোর্টের চাপরাসীরাও ইকুয়িটি আর কমন-ল'র মার-প্যাঁচ বোঝে।' *মশাররফ*, ১৮৬৯। দ্র **ইকুটী**

ইকোয়েশন [ই] *বি* সমীকরণ। 'একটা ইকোয়েশন কষতে লেগে যাও।' *রবীন্দ্র*, ১৯৪০।

ইক্ষু [স] *বি* আখ। 'মত্তগজ ভাবগণ প্রভুর দেহ ইক্ষুবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'বালকে যেমন কাটে ইক্ষুর দণ্ড।' *মুকুন্দ*, ১৬০০।

ইক্ষুক্ষেত্র [স] *বি* আখখেত। 'সরস সঘন ইক্ষুক্ষেত্র।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ইক্ষুদণ্ড [স] *বি* আখের দণ্ড। 'চৈতন্যচরিত্র এই ইক্ষুদণ্ড সম/ চর্ব্বণ করিতে হয় রস-আস্বাদন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ইক্ষুপীড়ন [স] *বি* আখ মাড়াইয়ের কাজ। 'ইক্ষু পীড়নের মজুর খরচ –।' *চিঠিপত্রে*, ১৮২৩।

ইক্ষুবন [স] *বি* আখখেত। 'মত্তগজ ভাবগণ প্রভুর দেহ ইক্ষুবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ইক্ষুরস [স] *বি* আখের রস। 'মুগসুপে ইক্ষুরস কই ভাজে গণ্ডা দশ।' *মুকুন্দ*, ১৬০০।

ইখর *বি* নল-খাগড়া জাতীয় তৃণবিশেষ। 'অন্যদিকে ইখরের বেড়ার ভাঙাঘরে রাতের অনিশ্চয়তা।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

ইগ্নোরেন্ট [ই] *বিণ* অজ্ঞ। 'ইংরাজীতে ইগ্নোরেন্ট বলিলে মূর্খাপ্রাপ্ত হন।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইঙ্গবঙ্গ [ই অ্যাংলো+স বঙ্গ] *বি* ইংরেজের সাজসজ্জা ও চালচলন অনুকরণকারী বাঙালি। 'একজন ইঙ্গবঙ্গ তাঁর বাড়ির মেয়েদের মেজদিদি সেজদিদি বলে ডাকতেন।' *রবীন্দ্র*, ১৮৮১।

ইঙ্গবঙ্গসমাজ [ই অ্যাংলো+স বঙ্গ+স সমাজ] *বি* ইংরেজ প্রভাবিত বাঙালিসমাজ। 'একদিন সেই ইঙ্গবঙ্গসমাজে একটা পার্টি হবে।' *অবন*, ১৯৪১।

ইঙ্গবঙ্গসম্প্রদায় [ই অ্যাংলো+স বঙ্গ+স সম্প্রদায়] *বি* ইংরেজ ভাবাপন্ন বাঙালিসমাজ। 'সেই ইঙ্গবঙ্গসম্প্রদায়ের লোকেরাও যে আজ বাংলা বলেন।' *প্রমথ*, ১৯১৭।

ইঙ্গভারতীয় [ই অ্যাংলো+স ভারতীয়] *বিণ* ইংরেজ ও ভারতীয় মিশ্রবর্ণের; অ্যাংলো-ইন্ডিয়ান। 'ইঙ্গভারতীয় বিধবাটি প্রাতরাশ খাইবার জন্য ডাকিয়া পাঠাইলেন।' *রবীন্দ্র*, ১৯১২।

ইঙ্গরাজ [প ইংলেজ> রাজ শব্দের প্রভাবে] *বি* ইংরেজ। 'বিলাতে নিবাস জাতে ইঙ্গরাজ।' *রাজীব*, ১৮০৫।

ইঙ্গরাজী [প ইংলেজ>] *বি* ইংরেজি। *মেয়র্স*, ১৭৭১; 'তাঁহারা সকলে ইঙ্গরাজী ভাষা অভ্যাস করিয়াছেন।' *রাজীব*, ১৮০৫।

ইঙ্গরেজি, ইঙ্গরেজী [প ইংলেজ] *বি* খ্রিস্টাব্দ; ইংরেজ জাতির ব্যবহৃত। 'ইঙ্গরেজী ১৭৫৬ তারিখ ২২ মাঘ ২ ফেবরিল।' *মেয়র্স*, ১৭৫৬; 'ওগরহ মতাবকে তপসিল জয়েল জদি ইঙ্গরেজি সন ...।' *ক্যালগে*, ১৭৮৪।

ইঙ্গলণ্ড [ই] *বি* ইংল্যান্ড। 'ইঙ্গলণ্ড দেশে যে প্রকার বস্ত্র সুমূল্যে নির্ম্মিত হয়।' *দর্পণ*, ১৮৩১।

ইঙ্গলণ্ডীয় [ই ইংল্যান্ড+স ঈয়] ১ *বিণ* ইংল্যান্ডের অধিবাসী। 'ইঙ্গলণ্ডীয় বহুবিধ লোকের সমাগম হইয়াছিল।' *চন্দ্রিকা*, ১৮৩২। ২ *বিণ* ইংল্যান্ডের আদর্শে প্রতিষ্ঠিত। 'বরাহনগরে ইঙ্গলণ্ডীয় পাঠশালা স্থাপনের অনুক্রমণিকা।' *দর্পণ*, ১৮৩৯। ৩ *বিণ* ইংরেজি। 'গবর্ণমেন্ট ইঙ্গলণ্ডীয় উত্তম জ্ঞানি বোধ করিয়া যাহাকে নিযুক্ত করেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৯।

ইঙ্গলা [হি ইংগলা] *বি* ইড়া নাড়ি (শরীরের বামদিকে অবস্থিত আছে বলে কল্পিত)। 'ইঙ্গলা পিঙ্গলা আছে দুই তাহা বেড়ি।' *মালাধর*, ১৫০০।

ইঙ্গিচা [স হিলমোচিকা] *বি* হিঞ্চা শাক। 'ইঙ্গিচা পলতা গিমা বোআলি ঘাঁটিয়া কর পাক।' *মুকুন্দ*, ১৬০০।

ইঙ্গিত [স] ১ *বি* ইশারা। 'ইঙ্গিতকারে হারিল রাধা কাহ্নের বচনে।' *বড়ু*, ১৪৫০; 'শিবের ইঙ্গিত পায়া পাছে নন্দী যায় ধায়া।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* সুপারিশ। 'অর্ধরাজ্য দিব বাপে করায়্যা ইঙ্গিত।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* পূর্বাভাস। 'জোর্ডন সাহেবকে ইঙ্গিত দ্বারা তৎসমুদায় অবগত করেন।' *অক্ষয়*, ১৮৫৪; 'আলেয়া তারই ইঙ্গিত।' *নজরুল*, ১৯৩১। ৪ *বি* আভাস। 'নিদ্রাহীন চক্ষু খোঁজে আলোকের ইঙ্গিত।' *রবীন্দ্র*, ১৯৩২। ৫ *বি* সংকেতধ্বনি। 'তবু ভোর পাঁচটায় ঘড়ি করে ইঙ্গিত।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ইঙ্গিতকার [স] *বি* আকার ইঙ্গিত। 'ইঙ্গিতকারে হারিল রাধা কাহ্নের বচনে।' *বড়ু*, ১৪৫০।

ইঙ্গিতগ্রাম [স] *বি* সাংকেতিকতা। 'বোদলেয়ার সূক্ষ্মাতিসূক্ষ্ম ইঙ্গিত-গ্রামকে শব্দার্থের নিখুঁত অর্কেস্ট্রায় অভিব্যক্ত করে ...।' *শিব*, ১৯৭৩।

ইঙ্গিতজ্ঞ [স] *বিণ* ইঙ্গিতেই মনের ভাব বুঝতে পারে এমন। 'বর ইঙ্গিতজ্ঞ পণ্ডিতের যথাপ্রদর্শিত অভিনয় দ্বারা উত্তর করিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

ইঙ্গিতপাশ [স] *বি* ইঙ্গিতরূপ বন্ধন। 'মূক ইঙ্গিতপাশ হইতে তাহার ভাষাকে উদ্ধার করিয়া লইলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইঙ্গিতভরা [স ইঙ্গিত+ভরা] *বিণ* সংকেতপূর্ণ। 'ওই দেখাটা যেন কেমন আশঙ্কা জাগানো ইঙ্গিতভরা।' *কায়সার*, ১৯৬২।

ইঙ্গিতভাষা [স] *বি* সাংকেতিক ভাষা; সাইন ল্যাঙ্গুয়েজ। 'বুঝা যায় যেন কিছু কিছু মর্ম তার – বোবার ইঙ্গিতভাষা-হেন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ইঙ্গিতভাষা-হেন *বিণ* সাংকেতিক ভষার মতো। 'বুঝা যায় যেন কিছু কিছু মর্ম তার – বোবার ইঙ্গিতভাষা-হেন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ইঙ্গিতময় [স] *বিণ* সংকেতপূর্ণ। 'কোটনা-কুটনীর চোখের ঠারে বাঁকা হাসিতে ইঙ্গিতময় হয়ে ওঠে।' *কায়সার*, ১৯৬২।

ইঙ্গিতমাত্র [স] *ক্রিবিণ* ইশারা পাওয়ার সঙ্গে সঙ্গে। 'নতুবা ইঙ্গিতমাত্র তারা যারে করে।' *মদনমোহন*, ১৮৩৪।

ইঙ্গিতরস [স] *বি* ইশারার মর্ম। 'ইঙ্গিতরসে ধ্বনিয়া উঠিছে হাসি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ইঙ্গিতলীন [স] *বিণ* চিহ্নহীন। 'দিগ্‌বলয়ের ইঙ্গিতলীন...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ইঙ্গিতাবহ [স ইঙ্গিত-আবহ] *বিণ* ইঙ্গিতপূর্ণ। '...শব্দদ্বয়ের অনুপ্রাস নিঃসন্দেহে কৌতুককর এবং ইঙ্গিতাবহ।' *মুরশিদ*, ১৯৭০।

ইঙ্গিতেঁহে *ক্রিবিণ* ইঙ্গিতে। 'ইঙ্গিতেঁহে দেউ রাধা সুরতীর আশে।' *বড়ু*, ১৪৫০।

ইঙ্গিলা [হি ইংগলা] *বি* শরীরের বামদিকে অবস্থিত কল্পিত নাড়িবিশেষ;

AMARBOI.COM

ইড়া। 'ইঙ্গিলাত গেলে মন চৈতন্য করাএ।' *সুলতান*, ১৭০০।

ইঙ্গের [প ইংলেজ] *বিণ* ইংরেজ। 'এখানে ইঙ্গেরের সহিত কাপড় সওদা করিয়াছি।' *চিঠিপত্রে*, ১৭৯১।

ইচা [স ইঞ্চাক] *বি* খুব ছোটো চিংড়ি। 'তাপি আর ইচা মৎস্য না খাএ সুজনে।' *আলাওল*, ১৬৮০।

ইচলি [স ইঞ্চাক] *বি* খুব ছোটো চিংড়ি। 'থোড় উডুম্বর ইচলি মাছে।' *মুকুন্দ*, ১৬০০।

ইচাড়, ইচড় [স ইঞ্চাক] *বি* কাঁচা কাঁঠাল। *বিদ্যা*, ১৮৯১।

ইচাড়পাকা [স ইঞ্চাক>+স পক্ক>] *বিণ* অকালপক্ক। *বিদ্যা*, ১৮৯১।

ইচ্ছন [স ইচ্ছা>] *বি* অঙ্গীকার। *মানোএল*, ১৭৪৩।

ইচ্ছনি [স ইচ্ছা>] *বিণ* অঙ্গীকৃত। *মানোএল*, ১৭৪৩।

ইচ্ছা[১] [স ইচ্ছা>] **১** *ক্রি* ইচ্ছা করা। 'তাহা সভাকে কেন তুমি না ইচ্ছিলে বর।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* পছন্দ করা। 'হাছনে ইচ্ছিআ নিল নীল রঙ্গখানি।' *বাহরাম*, ১৬৫০। **৩** *ক্রি* কামনা করা। 'আপনার নিধন আপনে না ইচ্ছিমু।' *সুলতান*, ১৭০০। **ইচ্ছ** *ক্রি* কামনা করো। 'সন্তোষ হইয়া ইচ্ছ আপনা নিধন।' *সুলতান*, ১৭০০। **ইচ্ছসি** *ক্রি* ইচ্ছা করছো। 'আউ থাকিতে কানাঞি মরণ ইচ্ছসি।' *বড়ু*, ১৫৭০। **ইচ্ছি** *ক্রি* ইচ্ছা করি। 'আমি এই ইচ্ছি চিতে/ ভাষা-ছন্দ বিরচিতে।' *মানিকরাম*, ১৭৮১। **ইচ্ছিআ** *ক্রিবিণ* পছন্দ ক'রে। 'হাছনে ইচ্ছিআ নিল নীল রঙ্গখানি।' *বাহরাম*, ১৬৫০। **ইচ্ছিমু** *ক্রি* কামনা করবো। 'আপনার নিধন আপনে না ইচ্ছিমু।' *সুলতান*, ১৭০০। **ইচ্ছিল** *ক্রি* ইচ্ছা হলো। 'অখণ্ড মণ্ডলাকারে খণ্ডিতে ইচ্ছিল।' *সুলতান*, ১৭০০। **ইচ্ছিলা** *ক্রি* ইচ্ছা করলে। 'নয়ান অন্তরে পত্র রাখিতে ইচ্ছিলা।' *বাহরাম*, ১৬৫০। **ইচ্ছিলুম** *ক্রি* ইচ্ছা পোষণ করলাম। 'খণ্ডিতে উমতের পাপ/ ইচ্ছিলুম দোহন তাপ।' *বাহরাম*, ১৬৫০। **ইচ্ছিলে** *ক্রি* ইচ্ছা করলে। 'তাহা সভাকে কেন তুমি না ইচ্ছিলে বর।' *মালাধর*, ১৫০০। **ইচ্ছিলেন্ত** *ক্রি* ইচ্ছা করলেন। 'ইচ্ছিলেন্ত নিজ রূপ করিতে প্রচার।' *আলাওল*, ১৬৮০। **ইচ্ছেন** *ক্রি* ইচ্ছা প্রকাশ করেন। 'পুত্রের সৎক্রিয়া রাজা ইচ্ছেন সাধিতে যথাবিধি।' *মাইকেল*, ১৮৬১।

ইচ্ছা[২] [স] **১** *বি* প্রবৃত্তি। 'প্রভু বোলে তোমার নাহিক যাতে ইচ্ছা।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* অভিলাষ। 'যেই প্রভুর ইচ্ছা সেই শীঘ্র করিবারে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বি* উইল; সম্পত্তির উত্তরাধিকার সম্পর্কে নির্দেশ। *ওসাঁ*, ১৭৮৫।

ইচ্ছা করা **১** *ক্রি* আগ্রহ হওয়া। 'আজ তাহা বলিতে ইচ্ছা করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *ক্রি* গ্রহণ করা। 'মশায়, তামাক ইচ্ছে করুন।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইচ্ছাকৃত [স] *বিণ* নিজে সব জেনে করেছে এমন। 'ও কেবল ইচ্ছাকৃত আত্মপ্রবঞ্চনা।' *রবীন্দ্র*, ১৮৮৯।

ইচ্ছাক্রমে [স] *ক্রিবিণ* ইচ্ছা অনুযায়ী। 'দেবতার ইচ্ছাক্রমে এক রাত্রি দাউদের লস্করে আত্মবিরোধ উপস্থিত।' *রামরাম*, ১৮০১।

ইচ্ছাক্ষেত্র [স] *বি* ইচ্ছারূপ ক্ষেত্র। 'জানি এ লেহন বণিকের ইচ্ছাক্ষেত্রে দীপ্ত হয়ে আছে।' *আহসান*, ১৯৪৪।

ইচ্ছাচালনা [স] *বি* মনোবাসনা। 'প্রজাদের ইচ্ছাচালনার পথ ভিন্ন আকারে নানা উপায়ে প্রকাশ পাইত।' *রবীন্দ্র*, ১৯০৮।

ইচ্ছাতরী [স] *বি* ইচ্ছারূপ তরী। 'ইচ্ছাতরী ঘাটে এসে হায় গো ডুবে যায়।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

ইচ্ছা থাকিলে উপায় হয় – চেষ্টা থাকলে সাফল্য আসে। 'ইচ্ছা থাকিলেও উপায় হয়, আদতে আমরা ইচ্ছাই করিব না।' *নজরুল*, ১৯২২।

ইচ্ছাধারা [স] *বি* ইচ্ছারূপ প্রবাহ; সকল ইচ্ছা। 'বাসনা মোর, বিকৃতি মোর, আমার ইচ্ছাধারা।' *রবীন্দ্র*, ১৯১০।

ইচ্ছাধীন [স ইচ্ছা-অধীন] *বিণ* ইচ্ছার অধীন; স্বাধীন। 'কোন্ ব্যক্তি ইচ্ছাধীন এমত ...।' *অক্ষয়*, ১৮৫০।

ইচ্ছানন্দময় [স ইচ্ছা-আনন্দময়] *বিণ* স্বেচ্ছা-আনন্দপূর্ণ। 'সে সম্প্রতিমাত্র নিয়মহীন ইচ্ছানন্দময় স্বর্গলোক হইতে আসিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইচ্ছানিচ্ছা [স ইচ্ছা-অনিচ্ছা] *বি* ইচ্ছা ও অনিচ্ছা। 'আমাদের মতামত ইচ্ছানিচ্ছার দ্বারা রাজশাসন নিয়মিত হয় না।' *রবীন্দ্র*, ১৯০৮।

ইচ্ছানিরপেক্ষ [স] *বিণ* ইচ্ছার উপরে নির্ভর করে না এমন। 'আর আমাদের ইচ্ছানিরপেক্ষ বহিঃস্থিত সামান্য কতকগুলা জড় ঘটনা ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইচ্ছানুবর্তিনী, ইচ্ছানুবর্ত্তিনী [স] *বিণ স্ত্রী* অনুগত; বাধ্য। 'সে সময় তাঁহার ইচ্ছানুবর্ত্তিনী কিঙ্করীর ন্যায় থাকিতে হইবে।' *মশাররফ*, ১৮৮৯।

ইচ্ছানুযায়ী [স ইচ্ছা-অনুযায়ী] *ক্রিবিণ* ইচ্ছানুসারে। 'উপরিস্থ ব্যক্তির ইচ্ছানুযায়ী ভূমিস্বত্ব ক্রীতদাসত্বের আইনসঙ্গত নামান্তর মাত্র।' *নজরুল*, ১৯২৬।

ইচ্ছানুরূপ [স ইচ্ছা-অনুরূপ] *ক্রিবিণ* প্রত্যাশা অনুসারে। 'তোমায় ইচ্ছানুরূপ জল দিতে পারি নাই।' *বিদ্যা*, ১৮৯২।

ইচ্ছানুসারে [স ইচ্ছা-অনুসারে] *ক্রিবিণ* পছন্দ অনুযায়ী। 'আপনার ইচ্ছানুসারে পড়িতে পারিবেন না।' *দর্পণ*, ১৮২৫।

ইচ্ছাদ্ধতা [স ইচ্ছা-অদ্ধতা] *বি* স্বেচ্ছা-অন্ধত্ব। 'আমাদের মনের ইচ্ছান্ধতা ইচ্ছাবধিতার শক্তি আছে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইচ্ছান্বিত [স ইচ্ছা-অন্বিত] *বিণ* ইচ্ছুক; অভিলাষী। 'আমরা এই সভার সাফল্য হয় ইহাতে অতিশয় ইচ্ছান্বিত।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৮।

ইচ্ছাপত্র [স] *বি* সম্পত্তি দানের আনুষ্ঠানিক পত্র; দানপত্র। 'উইল বা ইচ্ছাপত্র অর্থাৎ আপন সম্পত্তি যাঁহাকে দেয় তাহা।' *দর্পণ*, ১৮৩০।

ইচ্ছা-পানি [স ইচ্ছা-পানীয়] *বি* আশীর্বাদরূপ জল। 'ভক্তিকল্পতরু হইল সিঞ্চি ইচ্ছা-পানি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ইচ্ছাপূর্বক, ইচ্ছাপূর্ব্বক [স] *ক্রিবিণ* সাধ ক'রে। 'কিছু ঝোল পড়িয়াছিল তাহা বড়ই ইচ্ছাপূর্ব্বক চাটিতেছিল।' *তারিণী*, ১৮০৩; 'সে ইচ্ছাপূর্বক নহে, ঘটনাধীন।' *বঙ্কিম*, ১৮৮২।

ইচ্ছাবতী [স] **১** *বিণ স্ত্রী* ইচ্ছুক। 'উপযোগে রুক্মিণী হল্যান ইচ্ছাবতী।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বি* ইহামতী নদী। 'সিংহনগরের নীচে ইচ্ছাবতী অর্থাৎ ইহামতী নদী।' *দর্পণ*, ১৮২৩।

ইচ্ছাবধিরতা [স] *বি* স্বেচ্ছা-বধিরতা; ইচ্ছা করে না-শোনা। 'আমাদের মনের ইচ্ছান্ধতা ইচ্ছাবধিরতার শক্তি আছে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইচ্ছাবল [স] *বি* ইচ্ছাশক্তি। 'অমোঘ ইচ্ছাবলে কখনো বৃষ্টি কখনো বজ্র বর্ষণ করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ইচ্ছাবিরুদ্ধ [স] *বিণ* অনিচ্ছুক। 'ইচ্ছাবিরুদ্ধ হইলেও ভর্তার আজ্ঞায় সাজিতে প্রস্তুত আছেন।' *তমোলুক*, ১৮৭৪।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ইচ্ছাব্যাকুলতা [স] *বি* বাসনার আকুতি। 'ইচ্ছাব্যাকুলতাঃ যেন তাকে নিয়ে থাকি।' *শামসুর*, ১৯৫৯।

ইচ্ছামত [স ইচ্ছা+স মত্ত>] *ক্রিবিণ* খেয়ালমাফিক। 'সজীব পদার্থের মধ্যে যাহারা ইচ্ছামত গমনাগমন করিতে পারে, তাহাদিগকে প্রাণী বলে।' *বিদ্যা*, ১৮৫১।

ইচ্ছামতী [স] **১** *বি* ইছামতি নদী। 'রামমোহনের পরিবারবর্গ তাঁহাকে প্রত্যূষে ইচ্ছামতী তীরে গমন করিতে নিষেধ করিলেন।' *এডুকেশন*, ১৮৮৬। **২** *বিণ* নিজের খেয়ালখুশি মতো চলে এমন। 'এখন তুমি কোথায় আছো জানি/ ইচ্ছামতী, সুদূরে রাজধানী এবং আছে ট্রেন।' *শক্তি*, ১৯৬৫।

ইচ্ছাময় [স] *বি* সৃষ্টিকর্তা। 'সকলই সেই ইচ্ছাময়ের ইচ্ছা।' *মশাররফ*, ১৮৯০।

ইচ্ছাময়ী [স] *বি স্ত্রী* যার ইচ্ছায় সব কাজ হয়। 'পাষাণতনয়া ইচ্ছাময়ী, সুখ দুঃখ তাঁরি ইচ্ছা।' *রবীন্দ্র*, ১৮৯০।

ইচ্ছামাত্র [স] *ক্রিবিণ* ইচ্ছা অনুযায়ী। 'তাহাকে ইচ্ছামাত্র সকল দিকে চালনা করা যায়?' *অক্ষয়*, ১৮৪৩।

ইচ্ছামৃত্যু [স] *বি* স্বেচ্ছায় মৃত্যু। 'ইচ্ছামৃত্যু হোক তোর পৃথিবি ভিতর।' *রবীন্দ্র*, ১৬৮৯।

ইচ্ছাশক্তি [স] *বি* ইচ্ছারূপ শক্তি। 'আমাদের ইচ্ছাশক্তিরও একটা গর্ব আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ইচ্ছাসংযম [স] *বি* ইচ্ছাধীন সংযম। 'যে দেবতা ইচ্ছাসংযমের আদর্শ ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইচ্ছাসকল [স] *বি* ইচ্ছাসমূহ। 'ভৃত্যদের কর্তৃক তার দুরন্ত বেগবান ইচ্ছাসকল ক্রমাগত প্রতিহত হয়ে প্রতি মুহূর্তেই তীব্র আর্তনাদে উচ্ছ্বসিত হয়ে উঠছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

ইচ্ছাস্বাতন্ত্র্য [স] *বি* ইচ্ছার স্বকীয়তা। 'নিজের দৃঢ় ইচ্ছাস্বাতন্ত্র্য প্রয়োগ করতে চেয়েছেন।' *সুনীল মুখো*, ১৯৭০।

ইচ্ছাহীন [স] *বিণ* নিয়ন্ত্রণহীন। 'সে সকলি ইচ্ছাহীন দৈবের ঘটনা।' *রবীন্দ্র*, ১৮৯০।

ইচ্ছিত [স] *বিণ* ঈপ্সিত। 'অনেকের ইচ্ছা আমাদের মধ্যে ইচ্ছিত হয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৯১৬।

ইচ্ছুক [স] **১** *বিণ* আগ্রহী। 'ইসপিসিএল অর্থাৎ বিশেষ জুরি হইতে ইচ্ছুক হন ...।' *দর্পণ*, ১৮২৫। **২** *বিণ* সম্মত। 'ভাগ্যবান মহাশয়েরা ... অর্থদান করিতে ইচ্ছুক হইবেন।' *দর্পণ*, ১৮২৬।

ইচ্ছে [স ইচ্ছা] *বি* বাসনা। 'বেঁধে রাখিবার ইচ্ছে। মনে রাখতে যে মেলাই কাঠ-খড় চাই।' *রবীন্দ্র*, ১৮৮৬।

ইচ্ছেজোয়ার [স ইচ্ছা+জোয়ার] *বি* কামনার উচ্ছ্বাস। 'ইচ্ছেজোয়ারে ভেসে-ভেসে তুমি ট্রেনের পথে।' *শামসুর*, ১৯৫৯।

ইছবগুল [ফা ইসপ-গুল] *বি* ঔষধি বীজবিশেষ। 'ভিজানো ইছবগুলের দানার মতো জলভরা।' *মাহমুদ*, ১৯৭৩।

ইছবি [আ ঈসা>] *বিণ* খ্রিস্টীয়। 'সতের শও সাতাশী ইছবি সালের জানের মাস।' *ডানকান*, ১৭৮৫।

ইছর্গ [স উৎসর্গ] *বি* উৎসর্গ। 'জমী এক বিঘা ইছর্গ করিয়া দিলাম।' *মেয়র্স*, ১৭৬৯।

ইছা[১] [স ইচ্ছা>] **১** *ক্রি* ইচ্ছা করা। 'আউ থাকিতেঁ কাহ্নাঞি মরণ ইছসি।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* কামনা করা। 'সবে পরীহরি তোহি ইছ হরি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *ক্রি* গ্রহণ করা। 'অঙ্গের ভূসন করি ইছিয়া লইল।' *মালাধর*, ১৫০০। **ইছ** *ক্রি* কামনা করো। 'সবে পরীহরি তোহি ইছ হরি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **ইছয়ে** *ক্রিবিণ* ইচ্ছায়। 'যদি আপনি ইছয়ে মহী ইন্দ্রের কুমার ...।' *মুকুন্দ*, ১৬০০। **ইছসি** *ক্রি* ইচ্ছা করো। 'আউ থাকিতেঁ কাহ্নাঞি মরণ ইছসি।' *বড়ু*, ১৪৫০। **ইছাএ** *ক্রিবিণ* ইচ্ছায়। 'ষোল শত গোপী জাএ আপণ ইছাএ।' *বড়ু*, ১৪৫০। **ইছিয়া** *ক্রিবিণ* ইচ্ছা ক'রে। 'অঙ্গের ভূসন করি ইছিয়া লইল।' *মালাধর*, ১৫০০। **ইছিয়াছি** *ক্রি* ইচ্ছা করছি। 'অঙ্গের ভূসন করি ইছিয়াছি চির্ত্তে।' *মালাধর*, ১৫০০। **ইছিলা** *ক্রি* ইচ্ছা করলাম। 'সেহি গতি ইছিলা আমি।' *মুকুন্দ*, ১৬০০। **ইছিলাম** *ক্রি* কামনা করলাম। 'ইছিলাম তোমার মৃত্যু গোচরে আল্লার।' *বাহরাম*, ১৬৫০। **ইছিলে** *ক্রি* ইচ্ছা করলো। 'হেন সব নৃপবর না ইছিলে মনে।' *মালাধর*, ১৫০০।

ইছা[২] [স ইচ্ছা>] *বি* ইচ্ছা। 'শাক খাইতে ইছা হইয়াছে মোর।' *বিজয়*, ১৬৫০।

ইছা[৩] [স ইঞ্চাক] *বি* চিংড়ি মাছ। **ইছা মাছ** [স ইঞ্চাক+স মৎস্য] *বি* চিংড়ি মাছ। 'কইয়া একডালা ইছামাছ দিলেন।' *মানিক*, ১৯৩৬।

ইছামতি, ইছামতী [স ইচ্ছামতী] *বি* নদীবিশেষ। 'তাহারা ইছামতি নদী দিয়া শিবনিবাস পর্য্যন্ত আইসে।' *দর্পণ*, ১৮১৮; 'সিংহনগরের নীচে ইচ্ছাবতী অর্থাৎ ইছামতী নদী।' *দর্পণ*, ১৮২৩।

ইছায়ী [আ ঈসা] *বিণ* ঈসায়ী; খ্রিস্টীয়। 'ইছায়ী সাল চতুর্দ্দশ শতাব্দী হইতে কাশ্মীর কাশ্মীরিদের দ্বারা শাসিত হয়ে আসছে।' *মাহেনও*, ১৯৪৯।

ইজম [ই] *বি* মতবাদ। 'কোনো সে ইজম কোনোরূপ রাজনীতি।' *নজরুল*, ১৯৪১।

ইজমালি [আ] *বিণ* সকলের। 'সাজরে তামাক, নামুক দেয়া, দুঃখু তো ইজমালি।' *নজরুল*, ১৯৩৫। দ্র **এজমালি**

ইজা [ফা] *বি* জের। 'ইজা – ১৭।' *চিঠিপত্রে*, ১৮৩৭।

ইজাজত [আ] *বি* সম্মতি। 'জীবদ্দশায় তাঁকে ইজাজত দেননি।' *মাহেনও*, ১৯৪৯।

ইজাদার [আ ইজারা+ফা দার] *বি* ইজারাদার। 'ধুল্যাপুর মৌজার ইজাদার কে ...।' *চিঠিপত্রে*, ১৮৩৮।

ইজাফা [আ ইজাফাহ্] *বিণ* অধিক। 'তিন সন ইজাফা দিয়াছি রাজ করে।' *ঘনরাম*, ১৭১০।

ইজাব [আ] *বি* প্রস্তাব। 'বিবাহের মূল কথাই এই যে, প্রস্তাব আর স্বীকার (ইজাব কবুল)।' *মশাররফ*, ১৮৮৫।

ইজাব কবুল [আ] *বি* বিবাহের প্রস্তাবে কন্যার সম্মতিসূচক বাক্য ও বরের গ্রহণে স্বীকারোক্তি। 'ইজাব কবুল ... প্রভৃতি খোশ-মেজাজে বহাল তবীয়তে হাজারো বৎসর যাবত বিবাহ-মজলিসে বিরাজমান।' *মাহেনও*, ১৯৪৯।

ইজার [আ] *বি* পাজামা। 'সদাই টুপী দেই মাথে ইজার পরয়ে দড় নাড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

ইজারবন্দ [আ ইজার+ফা বন্দ] *বি* পায়জামা বাঁধার ফিতা। 'রেশমী ইজারবন্দ আরও জরির ঝালর লাগাইয়া লম্বা কর।' *রোকেয়া*, ১৯৩১।

ইজারবন্ধ [আ ইজার+ফা বন্দ] *বি* পায়জামা বাঁধার ফিতা। 'জড়িত ইজারবন্ধ অধিক উজ্জ্বল।' *বাহরাম*, ১৬৫০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ইজারদার [আ ইজারা+ফা দার] *বি* যে ইজারা নিয়েছে। 'এক সালিস সদর ইজারদার করিয়া দিবে।' *হ্যালহেড*, ১৭৭৩।

ইজারদারি [আ ইজারা+ফা দার>] *বি* ইজারা নেওয়া জমিতে চাষাবাদের অধিকার। *বিদ্যা*, ১৮৯১।

ইজারা [আ] ১ *বি* খাজনার বিনিময়ে জমির মেয়াদি বন্দোবস্ত; ঠিকা। 'পরগণে মনোহর সাহি ওগয়রহ আপনকার ইজারা ছিল ইস্তক ...।' *মেয়র্স*, ১৭৬৭। ২ *বি* খামার। *ওসাঁ*, ১৭৮৫। ৩ *বি* এক চেটিয়া অধিকার। 'বাবুরামবাবু হুঁকা সম্মুখে পাইয়া একেবারে যেন ইজারা করিয়া লইলেন।' *প্যারী*, ১৮৫৮। ৪ *বি* এক জিনিসের বদলে অন্য জিনিস গ্রহণ। 'চাবির খেলো ও রুমালের জন্য ... দুখানি চৌকী ইজারা নেওয়া হলো।' *হুতোম*, ১৮৬১।

ইজারা দখল [আ ইজারা+আ দখল] *বি* একচেটিয়া অধিকার। 'ওঁর ওপর খুকির তখন ইজারা দখল!' *নজরুল*, ১৯২৭।

ইজারাদার [আ ইজারা+ফা দার] ১ *বি* খামার মালিক। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* যে ইজারা নিয়েছে। 'উপর্যুপরি জমিদার, পত্তনীদার, ইজারাদার ও দরইজারাদার ...।' *অক্ষয়*, ১৮৫০।

ইজারা-মহল [আ ইজারা+আ মহল] *বি* বিশেষ অধিকারভুক্ত সম্পত্তি। 'ব্রজেশ্বর ... সাগরের ইজারা-মহল হইয়া রহিলেন।' *বঙ্কিম*, ১৮৮২।

ইজার্দার [আ ইজারা+ফা দার] *বি* ইজারাদার। 'সেই গ্রামের ইজার্দার জমি বাজেয়াপ্ত করিয়াছে।' *ওসাঁ*, ১৭৭৯।

ইজিচেয়ার [ই] *বি* আরাম কেদারা। 'ইজিচেয়ারে পা ছড়াইয়া দিলেন।' *মশাররফ*, ১৮৯০।

ইজিপশিয়ন [ই] *বিণ* মিশরের তৈরি। 'সুগন্ধী ইজিপশিয়ন সিগারেট ডুবনবিখ্যাত।' *মুজতবা* ১৯৫২।

ইজিস্ট [ই] *বি* মিশর। 'অধীনস্থ ইজিস্ট আক্রমণে বাধা দিবার অধিকার ইংরাজের নাই ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ইজের [আ ইজার] *বি* পাজামা। 'ইজের পেন্টেপুন পরিলি তাহা মাফ করিলাম।' *রাজ*, ১৮৭৪। দ্র **ইজার**

ইজেরা [আ ইজারা] *বি* নির্দিষ্ট খাজনায় জমির মেয়াদি বন্দোবস্ত। 'ওগুলো ইজেরা দিয়ে দিও।' *কায়সার*, ১৯৬৫।

ইজেল [ই] *বি* ছবি আঁকার সময় ক্যানভাস ধরে রাখার কাঠের ফ্রেম। 'আমি ছিলাম ইজেলে সাঁটানো ক্যানভাসের সামনে।' *আলাউদ্দিন*, ১৯৬০।

ইজ্জত, ইজ্জৎ [আ] ১ *বি* সম্মান। 'আমার কত হুরমত – কত ইজ্জত।' *প্যারী*, ১৮৫৮; 'যুদ্ধের সময় ... ইংরাজের ইজ্জৎ রক্ষা করেন।' *নজরুল*, ১৯২২। ২ *বি* সম্ভ্রম। 'এ কাফের শালা কি মুসলমানের ইজ্জত মাত্যি চায়।' *মাইকেল*, ১৮৬০।

ইজ্জতমন্ত [আ ইজ্জত+ফা মন্দ] *বিণ* মানসম্মান আছে এমন। *বিদ্যা*, ১৮৯১।

ইজ্জৎ [আ] *বি* সম্মান। 'ইজ্জৎযুক্ত তাজ প্রভু দিলা মোর শিরে।' *আলাওল*, ১৬৮০। দ্র **ইজ্জত**

ইঞ্চ [ই] *বি* ইঞ্চি; মাপের এককবিশেষ; এক ফুটের বারো ভাগের এক ভাগ। '২৪ ইঞ্চ মাপ অতীব কৌতুকাবহ ও সৃষ্টিছাড়া।' *সুলভ*, ১৮৭৩।

ইঞ্চলা *বি* উচ্ছিষ্ট; এঁটো। 'ইঞ্চলা খাআঁ কাহ্ন বার পাড়িবে।' *বড়ু*, ১৪৫০।

ইঞ্চি [ই] *বি* দৈর্ঘ্য মাপার একক; এক ফুটের বারো ভাগের এক ভাগ। *ওসাঁ*, ১৭৮৫; 'ইঞ্চিদুই পলিমাটি 'পরে হঠাৎ-গজিয়ে-ওঠা।' *রবীন্দ্র*, ১৯৩২। দ্র **ইঞ্চ**

ইঞ্জিন [ই] *বি* রেলগাড়ি, কারখানা ইত্যাদি চালানোর যন্ত্র। 'ইঞ্জিনের ভয়ঙ্কর গর্জ্জনে যখন কানে তালা লাগিতেছিল।' *রোকেয়া*, ১৯৩২।

ইঞ্জিনম্যান [ই] *বি* ইঞ্জিনের চালক। 'সিপাইরা আর ইঞ্জিনম্যান কথা বলছে।' *মাহেনও*, ১৯৪৯।

ইঞ্জিনিয়ার, ইঞ্জিনীয়ার [ই] *বি* প্রকৌশলী। 'অনেক লব্ধপ্রতিষ্ঠ ইঞ্জিনীয়ার বা পূর্ত-বৈজ্ঞানিক ...।' *অক্ষয়*, ১৮৫৪; 'আর্কিটেক্ট ইঞ্জিনিয়ার মার্টিন কোম্পানি – আগাগোড়া বাড়িখানা তার।' *জীবন*, ১৯৩২।

ইঞ্জিনিয়ারিং, ইঞ্জিনীয়ারিং [ই] ১ *বি* প্রকৌশলবিদ্যা। 'যাহাতে তাহারা ইঞ্জিনিয়ারিং, খনির কাজ এবং অন্যান্য বিজ্ঞান-বিষয়ক শিক্ষা লাভ করিয়া ফিরিয়া আসিতে পারে।' *রোকেয়া*, ১৯২৯। ২ *বি* প্রকৌশল। 'নতুন কালের ইঞ্জিনীয়ারিং-এর নিদর্শন।' *তারা*, ১৯৫৩।

ইঞ্জিরি [প ইংলেজ>] *বি* ইংরেজি। 'দুপাতা ইঞ্জিরি পড়া ইঁচড়ে পাকা ডেঁপো ছেলেরা গুরুজনের ...।' *নজরুল*, ১৯২৭।

ইঞ্জিল [আ] *বি* বাইবেল। 'ইঞ্জিল কিতাব অতি পড়িয়া আছিল সতী।' *সুলতান*, ১৭০০।

ইঞ্জেকশন, ইঞ্জেকশান [ই] *বি* তরল পদার্থ ও ওষুধ ইত্যাদি সিরিঞ্জের সাহায্যে শরীরের মাংসপেশী অথবা ধমনীতে ঢোকানো; অন্তঃক্ষেপণ। 'সমাজ সংস্কারের ইঞ্জেকশানই দাও আর রাষ্ট্রবিপ্লবের অস্ত্রোপচারই করো।' *অন্নদা*, ১৯২৮; 'আবার ইঞ্জেকশন!' *সুনীল*, ১৯৭০।

ইট [স ইষ্টক] *বি* ইষ্টক। 'নানা ইট করএ নির্মাণ।' *মুকুন্দ*, ১৬০০।

ইটখোলা [স ইষ্টক>+খোলা] *বি* ইট তৈরি করার ও পোড়ানোর স্থান। *বিদ্যা*, ১৮৯১; 'ইটখোলার ছবি অপুর মনে উদয় হইত।' *বিভূতি*, ১৯৩১।

ইটগাড়া [স ইষ্টক>+আ গাড়>] *বি* পাকা ভবন নির্মাণ বাবদ কর। 'প্রজা ... আপনার ভিটায় ইট গাড়িবে, ইটগাড়া বলিয়া প্রণামী দিতে হইবে।' *সুলভ*, ১৮৭৩।

ইট পাটকেল [স ইষ্টক>+স পাটলখণ্ড] *বি* আস্ত ও টুকরা ইট। 'কখন বা পথিকদিগকে ইট পাটকেল মারিয়া পিটান দিতেছে।' *প্যারী*, ১৮৫৮।

ইটপাথর [স ইষ্টক+স প্রস্তর] *বি* ইট ও পাথর। 'সেইসব শহরের ইটপাথর।' *জীবন*, ১৯৪৪।

ইটবাঁধানো *বিণ* পাকা। 'ইটবাঁধানো উঠোনের ওপর ... একফালি আলো এসে পড়েছে।' *বিমল*, ১৯৫৩।

ইট ভিটা [স ইষ্টক+স ভিত্তি>] *বি* বসতভিটা। 'তবে কি তোর ইট ভিটা কিছু থাকিবে।' *কেরি*, ১৮০২।

ইটাল [স ইষ্টক>] *বি* ইটের খণ্ড বা ঢিল। 'গোহাড় ইটাল দিয়া ইট শূন্য হৈতে পড়ে।' *ভারত*, ১৭৬০।

ইটের পরিবর্তে পাটকেল চলা – আঘাত-প্রত্যাঘাত করা। 'ইটটির পরিবর্তে পাটকেলটি চলিতেছেই।' *রবীন্দ্র*, ১৯০৮।

ইটা [স ইষ্টক] *বি* আগুনে পুড়িয়ে তৈরি শক্ত মাটির খণ্ড। 'গোলমালের কারিগর ইটা মারে মুরুব্বির গায়।' *মাহমুদ*, ১৯৭৩।

ইটা খেত [স ইষ্টক+স ক্ষেত্র] *বি* ঢিলযুক্ত জমি। 'পথ থুয়ে রূপা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বেপথে চলিল, ইটা খেতে পাও মেলি।' *জঙ্গীম*, ১৯২৯।

ইটাখোলা *বি* ইটের ভাঁটি। 'একটা ইটাখোলার সব ইট লাগিয়া যায়।' *মনসুর*, ১৯৫৩।

ইটার্নাল [ই] *বিণ* চিরন্তন। 'টাইবারের পারে সেই ইটার্নাল সিটিতে।' *জীবন*, ১৯৩২।

ইটালিক [ই] ১ *বিণ* বাঁকা (হরফ)। 'ইঙ্গরেজী বর্ণমালায় বড় অক্ষর ও ইটালিক বর্ণ লিখনের দ্বারা ... প্রকাশ করিবার অধিক সুগম আছে।' *দর্পণ*, ১৮৩৪। ২ *বিণ* ইতালীয়; ইটালি দেশের। 'তিনি ইটালিক ভাষায় তাহার পরিচয় জিজ্ঞাসা করিলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

ইটালিয়ান [ই] ১ *বি* ইতালির নাগরিক। 'এ-পাশ থেকে ফরাসিরা ও-পাশ থেকে ইটালিয়ানরা।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বিণ* ইতালীয়। 'জর্মান, ফ্রেঞ্চ, ইটালিয়ান – তিন ভাষার সঙ্গেই ...।' *প্রমথ*, ১৯১৫।

ইটালীয় [ই ইটালি+স ঈয়] ১ *বিণ* ইটালি দেশীয়। 'ইটালীয় লোক সঙ্গীত, কবিতা, এবং চিত্রবিদ্যায় অতি নিপুণ।' *অক্ষয়*, ১৮৪১। ২ *বিণ* ইটালির অধিবাসী। 'ইটালীয়, এবং বর্তমান গ্রীকদিগের চরিত্র।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ইটি-উটি [স ইতি>] *বি* বিচিত্র বিষয়। 'আমাদের কত টুকিটাকি, কত ইটি-উটি।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ইটি সিটি *সর্ব* এটা সেটা। 'লয়ে পুঁথি দু-চারিটি নেড়ে চেড়ে ইটি সিটি/ এইমত কাটে দিনরাত।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ইটেল [স ইষ্টক>] *বিণ* এঁটেল; পিচ্ছিল ও চটচটে। 'ইটেল মাটির হোঁচট লেগে।' *জঙ্গীম*, ১৯৩১।

ইট্টাও *বি* বাড়ি। *মানোএল*, ১৭৪৩।

ইডুকেটেড [ই] *বিণ* বিদ্বান। 'বিলাতের ইডুকেটেড।' *দর্পণ*, ১৮৩২।

ইডিটর [ই] *বি* সম্পাদক। 'ইডিটর কলিকাতা জয়নেল আফিসে এক নূতন কাগজ প্রকাশ করিতেছেন।' *দর্পণ*, ১৮২৪।

ইডিবিডি *ক্রিবিণ* যেনতেন প্রকারে। 'এ ইডিবিডি করা নয়।' *রাজ*, ১৮৭৪।

ইডিয়ট, ইডিয়েট [ই] *বিণ* নির্বোধ। 'সেই ইডিয়টটার, মাস্টারির খর্পরে গিয়ে তো পড়তে পারেন না আর।' *শিবরাম*, ১৯৫০; 'তুমি একটা ইডিয়েট।' *মুজতবা*, ১৯৫২।

ইডিয়ম [ই] *বি* কোনো দেশ, এলাকা, জনগোষ্ঠী কিংবা ব্যক্তিবিশেষের বাগ্‌রীতি। 'বাঙাল ভাষার আসল জোর তার বাক্যভঙ্গী বা ইডিয়মে।' *মুজতবা*, ১৯৫৮।

ইডিয়মসমৃদ্ধ [ই ইডিয়ম+স সমৃদ্ধ] *বিণ* অনুবাক্যে সমৃদ্ধ। 'সুন্দর ইডিয়মসমৃদ্ধ বাংলায় নিজেদের ভাব প্রকাশে নিতান্তই অক্ষম।' *সুনীল মুখো*, ১৯৭০।

ইডিয়োলজি [ই] *বি* ভাবাদর্শ। 'পণ্ডিতেরা ভাজেন নজির/ খই ফোটে ইডিয়োলজির।' *অন্নদা*, ১৯৪২।

ইডেন [ই] *বি* স্বর্গের বাগান। 'আদম ও হাওয়া পূর্ব্বে ইডেন উদ্যানে থাকিতেন।' *রোকেয়া*, ১৯২২।

ইড়কি *বি* দ্রুত চলার জন্যে ঘোড়ার পাঁজরে আঘাতকরণ। 'ইড়কি দিতে চলে ইসারাতে।' *ঘনরাম*, ১৭১১।

ইড়বিশ [ধ্বন্যা] *ক্রিবিণ* ম্যাজ ম্যাজ। 'আবার জ্বর এল? ইড়বিশ ইড়বিশ করছে।' *জীবন*, ১৯৩১।

ইড়া [স] *বি* শরীরের তিন কল্পিত নাড়ীর অন্যতম। 'ইড়া পিঙ্গলা সুসমনা সঙ্খী।' *বড়ু*, ১৪৫০।

ইড়া-পিঙ্গলা [স] *বি* শরীরের তিন কল্পিত নাড়ীর মধ্যে দুটি, এখানে চেতনাপ্রবাহ। 'আমার ভেতর এই পূর্ব-পশ্চিমের ইড়া-পিঙ্গলা বইছে।' *ধূর্জটি*, ১৯৩১।

ইড়িক *বি* হিড়িক। 'সে সব সরণি মধ্যে খেলায় ইড়িক।' *রূপরাম*, ১৭৫০।

ইণ্টারভিউ [ই] *বি* সাক্ষাৎকার। 'আলো একফাঁকে কাকাতুয়াটার ইণ্টারভিউ নিতে সরে পড়েছিল।' *শিবরাম*, ১৯৪০।

ইণ্টারমিডিয়েট [ই] *বিণ* উচ্চমাধ্যমিক। 'আমাদের দেশে এমন হাই স্কুল কমই আছে যার সাথে এক বছর জুড়ে দিলে ইণ্টারমিডিয়েট শিক্ষার ব্যবস্থা করতে পারবে।' *মাহেনও*, ১৯৪৯।

ইণ্ডাইটমেন্ট [ই] *বি* অপরাধ করার অভিযোগ। 'প্রথমতঃ গ্রাণ্ডুরি, যাহারা পুলিশ-চালানি ও অন্যান্য লোক যে ইণ্ডাইটমেন্ট করে তাহা বিচারযোগ্য কি না ...।' *প্যারী*, ১৮৫৮।

ইণ্ডাষ্ট্রিয়াল [ই] *বিণ* শিল্প সম্বন্ধীয়। 'হিন্দুকে ইণ্ডাষ্ট্রিয়াল স্কুলে পুতুল গড়া শিখিতে হয়।' *বঙ্কিম*, ১৮৮৪।

ইণ্ডিপেণ্ডেন্স [ই] *বি* স্বাধীনতা; নিজস্বতা। 'ইণ্ডিপেণ্ডেন্স আমি য়্যাপ্রুভ করি।' *গিরিশ*, ১৮৮৬।

ইণ্ডিয়ান [ই] *বিণ* ভারতীয়। 'ইণ্ডিয়ান আখ্যাদিমের ছাত্রেরদের ... পরীক্ষা হইবে।' *দর্পণ*, ১৮৩৫।

ইতঃক্ষিপ্ত [স] *বিণ* ইতস্তত বিক্ষিপ্ত। 'চারিদিকে ইতঃক্ষিপ্ত নরমিছিল।' *শওকত*, ১৯৪৬।

ইতঃপর [স] *অব্য* অতঃপর। 'শিবের বিবাহ শুন ইতঃপর।' *ভারত*, ১৭৬০।

ইতঃপূর্বে [স] *ক্রিবিণ* এর আগে। 'সিংহ, ইতঃপূর্বে, যে ইঁদুরের প্রাণ রক্ষা করিয়াছিল ...।' *বিদ্যা*, ১৮৫৬।

ইতফাক [আ ইত্তিফাক] ১ *বি* জোট। 'ভাই ভায়াদ মহাপাত্রর্দের সহিত এক ইতফাক হইয়া ...।' *চিঠিপত্রে*, ১৮১১। ২ *বি* মিল। *বিদ্যা*, ১৮৯১।

ইতবার [আ ইতিবার] *বি* বিশ্বাস। *বিদ্যা*, ১৮৯১। দ্র **এতবার**

ইতবারি [আ ইতিবার>] *বি* বিশ্বস্ততা। *বিদ্যা*, ১৮৯১।

ইতর [স] ১ *বিণ* সাধারণ। 'ইতর জন নারিবে বুঝিতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'সাড়ে পনেরো-আনা লোক যে ইতর ...।' *রবীন্দ্র*, ১৯২৯। ২ *বিণ* অপর; অন্য। 'এতেক করিল যুক্তি ইতরে অধিকা।' *মানিকরাম*, ১৭৮১। ৩ *বিণ* দুর্মন। 'আনন্দে ইতর পথে হেসে নেচে যায়।' *মানিকরাম*, ১৭৮১। ৪ *বিণ* নিচু শ্রেণীভুক্ত। 'আমরা বিশিষ্ট লোক অমুক ইতর লোক।' *দর্পণ*, ১৮২১। ৫ *বিণ* অমার্জিত। 'ইদানীং ঐ সাধুভাষাতে অনেক ইতর ভাষার প্রবেশ হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৮: 'তাদের কাছে সম্মান রাখতে হলে ইতরের রাস্তাই ধরতে হয়।' *রবীন্দ্র*, ১৯২৯। ৬ *বিণ* নীচ। 'ইতর জন্তুর ন্যায় কেবল আহার বিহারাদি ...।' *অক্ষয়*, ১৮৪৮। ৭ *বিণ* কুরুচিপূর্ণ। 'ফোনোগ্রাফে থিয়েটারের নটীদের ইতরগান।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইতর-কথা [স] *বি* অভদ্রজনোচিত কথা। 'তাহার মধ্যে এত ইতর কথা মিশ্রিত থাকিত।' *রবীন্দ্র*, ১৮৯১।

ইতরজন [স] *বি* নীচ শ্রেণীর লোক। 'তোমার সৌন্দর্য ইতরজনের মিষ্টান্ন নয়।' *রবীন্দ্র*, ১৯৪০।

ইতরতা [স] *বি* নীচতা। 'বাড়াবাড়ি জিনিসটা সব ক্ষেত্রেই ইতরতার

AMARBOI.COM

পরিচায়ক।' *প্রমথ*, ১৯১২।

ইতরপনা [স ইতর>] **১** *বি* অবহেলা। 'আইনমাফিক নিরিখ দে না/ তাতে কেন তোর ইতরপনা।' *লালন*, ১৮৯০। **২** *বি* ইতরামি। 'তারা আগে থেকে খবর দিয়ে ডাকাতি করত, ইতরপনা করত না।' *রবীন্দ্র*, ১৯৪০।

ইতর বিশেষ [স] **১** *বি* পার্থক্য; ভিন্নতা। 'ব্যবহারে এবং বাক্যে কিছুই ইতর বিশেষ হয় না।' *দর্পণ*, ১৮২১। **২** *বি* বিশেষ তফাত। 'বিদ্যা, ধন, কৃতিত্ব প্রভৃতি বিবিধ বিষয়ের ইতর-বিশেষই শ্রেণীভেদের মূলীভূত।' *অক্ষয়*, ১৮৪৯। **৩** *বি* কোনো পার্থক্য। 'সকলে সমান নাই ইতর-বিশেষ।' *গুপ্ত*, ১৮৫৮।

ইতরবৃত্তি [স] *বি* নিম্নশ্রেণীর পেশা। 'এই ইতরবৃত্তিপরায়ণ কায়স্থের কন্যা কে বিবাহ করিবে?' *বঙ্কিম*, ১৮৭৪।

ইতরলোক [স] *বি* গুরুত্বহীন লোক। 'ইতরলোক অপেক্ষা মান্যলোকের কথা প্রায় সর্ব্বত্রই অধিক মান্য।' *দর্পণ*, ১৮২৭; 'ব্যাখ্যাত হোক, ইতরলোকের নিন্দাপ্রশংসার অতীত হোক।' *রবীন্দ্র*, ১৯২৯।

ইতর শব্দ [স] *বি* অশিষ্ট শব্দ। 'সকল ভাষাতেই গ্রাম্য ইতর শব্দ আছে।' *রবীন্দ্র*, ১৯৩০।

ইতরসাধারণ [স] *বি* সাধারণ মানুষ। 'ইতরসাধারণের প্রতি নিজের একান্ত ঔদাসীন্য ঘোষণা করিত।' *রবীন্দ্র*, ১৯০২।

ইতরাঙ্গ [ই ইতর-অঙ্গ] *বিণ* ইতর পর্যায়ের। 'কেহবা ইতরাঙ্গ রাগরঙ্গের বাহুল্য না করিয়া মুখ্যাঙ্গ হোম যাগ ... করেন।' *বঙ্গদূত*, ১৮২৯।

ইতরামি [স ইতর>] *বি* নীচতা; অমার্জিত লোকের মতো ব্যবহার। *বিদ্যা*, ১৮৯১। 'আমাদের দেশের আজকালকার ইতরামি যে কি অসহ্য ...।' *রবীন্দ্র*, ১৯৪১।

ইতরা [স ইতর>] *ক্রি* ইতরামি করা। 'ইতরিআ।' *বিদ্যা*, ১৮৯১।

ইতল বেতল *বি* ফুলবিশেষ। 'ইতল বেতল দুই ফুলে।' *অবন*, ১৯১৯।

ইতলাক[১] [আ ইত্তিলা] *ক্রি* জানানো। *হ্যালহেড*, ১৭৭২।

ইতলাক[২] *বি* সুদ। 'তোমাকে ডাণ্ডা সেওয়ায় রোজ ইতলাক সমেত ১০ দস টাকা দিলাম।' *হ্যালহেড*, ১৭৭২।

ইতস্তত, ইতস্ততঃ [স] **১** *ক্রিবিণ* এখানে-সেখানে। 'ইতস্ততঃ ভ্রমি কাঁহা রাধা না পাইয়া। বিষাদ করয়ে কাম-বাণে খিন্ন হৈয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *ক্রিবিণ* এদিকে ওদিকে। 'সচকিত নেত্রে ইতস্ততঃ পুনঃ পুনঃ অবলোকন করত।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩; 'কাতরভাবে ইতস্তত দৃষ্টিপাত করছে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৩** *ক্রিবিণ* সর্বত্র। 'আমরা ইতস্ততঃ যে সকল বস্তু দেখিতে পাই, সে সমুদয়কে পদার্থ বলে।' *বিদ্যা*, ১৮৫১; 'ইতস্তত দেয়ালের আয়নার উপর গ্যাসের আলো।' *রবীন্দ্র*, ১৮৮১। **৪** *বিণ* এদিক-সেদিক। 'তাহার রেখামাত্র ইতস্তত হইবার জো নাই।' *রবীন্দ্র*, ১৮৯২। **৫** *বি* দ্বিধা। 'তখন আমি অনেক ইতস্তত করেছিলেম।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ইতস্তত করা *ক্রি* কুণ্ঠা বোধ করা। 'তখন আমি অনেক ইতস্তত করেছিলাম।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ইতস্ততো [স ইতস্ততঃ] *ক্রিবিণ* এখানে-সেখানে। 'ইতস্ততো ভ্রমণ করিতে করিতে দেখিলেন।' *গৌর*, ১৮২২।

ইতালিয়ান [ই] *বিণ* ইতালির অধিবাসী। 'একটি ইতালিয়ান যুবতী সকৌতুক কৃষ্ণনেত্রে আমাদের গাড়ির গতি ...।' *রবীন্দ্র*, ১৮৯১; 'কেউ ইংরেজ কেউ জার্মান কেউ হাঙ্গেরিয়ান রুমেনিয়ান ফিন ইতালিয়ান ওলন্দাজ।' *অন্নদা*, ১৯২৯।

ইতালীয় [ই ইতালি+স ঈয়] *বিণ* ইতালি দেশের। 'ইতালীয় বালার কাছে বিচার্য্য নহে।' *বঙ্কিম*, ১৮৮৭।

ইতালীয়া [ই ইতালি+স ঈয়>] *বিণ স্ত্রী* ইতালির অধিবাসী। 'মাথায় রঙিন রুমাল বাঁধা ঐ ইতালীয়া যুবতীকে দেখে আমার মনে হচ্ছে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ইতি[১] [স] *অব্য* সমাপ্তিসূচক শব্দ। 'ইতি জন্মখণ্ডং সমাপ্তং।' *বচু*, ১৪৫০।

ইতি[২] [স] *বি* ইত্যাদি। 'বিস্যক জানাইল গীয়া জ্ঞত সভ ইতি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ইতিউতি [স ইতি] *ক্রিবিণ* এদিক সেদিক। 'স্তম্ভিত মুরারিগুপ্ত ইতিউতি চায়।' *বৃন্দা*, ১৫৮০।

ইতিকথা [স] **১** *বি* বৃত্তান্ত। 'কাল রাত্রে সেদিনকার ইতিকথার ছিন্নলিপি যখন পড়ে দেখছিলুম ...।' *রবীন্দ্র*, ১৯২১। **২** *বি* উপকথা। 'কেবল ইতিকথার দূরাগত ধ্বনিমাত্র।' *হাই*, ১৯৫৪।

ইতিকর্তব্য, ইতিকর্ত্তব্য [স] *বি* কর্তব্যকর্ম। 'বর্ত্তমান সঙ্কট-পরিস্থিতিতে মোছলেম ভারত ইতিকর্ত্তব্য সম্পর্কে যে-নির্দ্দেশের প্রতীক্ষায় উন্মুখ হইয়াছিল।' *আজাদ*, ১৯৪২; 'সে ইতিকর্তব্য ঠিক করে ফেলেছে।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

ইতিকর্তব্যতা, ইতিকর্ত্তব্যতা [স] **১** *বি* যথার্থতা। 'যাত্রার ইতিকর্ত্তব্যতা বেশভূষা বস্ত্র বাদ্যযন্ত্র প্রস্তুত হইতেছে।' *দর্পণ*, ১৮২২। **২** *বি* কর্মের ঔচিত্য। 'বেদবেদাঙ্গ পুরাণোপপুরাণাদি শ্লোকের প্রকৃতার্থ ও ফল এবং ব্রতাদির ইতিকর্ত্তব্যতা।' *দর্পণ*, ১৮৩০। **৩** *বি* করণীয় কাজ। 'এ বিষয়ের ইতিকর্তব্যতা এখন আপনাকেই স্থির কর্তে হবে।' *মাইকেল*, ১৮৭৩। **৪** *বি* আদব-কায়দা। 'সভ্যসমাজের সহস্রবিধ সম্বন্ধের ইতিকর্তব্যতা বিষয়ে তাহারা নিরলস ও সতর্ক।' *রবীন্দ্র*, ১৯০৮।

ইতিপূর্বে, ইতিপূর্ব্বে [স ইতঃপূর্বে] *ক্রিবিণ* এর আগে। 'ধর্ম্ম বিষয়ে ইতিপূর্বে যাহা কিছু নির্ণীত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৫; 'তিনি ইতিপূর্বে মায়াকাননের নাম এবং দেবীপ্রতিমার মাহাত্ম্য শুনেছিলেন।' *মাইকেল*, ১৮৭৩।

ইতিবাচক [স] *বিণ* হাঁ-বোধক। 'শেষোক্ত দুই প্রশ্নের উত্তরে ইতিবাচক ও নেতিবাচক দুই রূপই বলাইয়া লইতে হইবে।' *রবীন্দ্র*, ১৯০৪।

ইতিবাদী [স] *বিণ* ইতিবাচক চিন্তাভাবনা করে এমন। 'আমি একটু ইতিবাদী, কথার বেলা নয় অবশ্য।' *ধূর্জটি*, ১৯৩১।

ইতিবৃত্ত [স] **১** *বি* ইতিহাস। 'বর্ত্তমান সভ্য জাতিদিগের প্রাচীন ইতিবৃত্ত।' *অক্ষয়*, ১৮৪৭। **২** *বি* বিবরণ। 'তাঁহার জীবনের শ্লাঘ্যতম ভাগ ও বিজ্ঞানশাস্ত্রীয় ইতিবৃত্তের চিরস্মরণীয় ভাগ বলিয়া পরিগণিত হইয়াছে।' *বিদ্যা*, ১৮৪৯।

ইতিবৃত্তান্ত [ই] *বি* সমস্ত বিষয়; খবরাখবর। 'আপিসের ইতিবৃত্তান্ত কিছুই জানে না।' *রবীন্দ্র*, ১৯২৯।

ইতিমধ্যে [স ইতোমধ্য>] **১** *ক্রিবিণ* এর মধ্যে। 'ইতিমধ্যে লোভিষ্ট অনেক জন আছে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *ক্রিবিণ* এই সময়ের মধ্যে। 'ইতিমধ্যে প্রাতঃকাল হইল।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

ইতিসূচক [স] *বিণ* ইতিবাচক। 'ইতিসূচক স্বাধীনতাই মানুষের যথার্থ স্বাধীনতা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ইতিস্বাক্ষরিত [ই] *বিণ* চিঠির শেষে সইযুক্ত। 'হরকরাপত্রের সুধারাবিশিষ্ট

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এক জন হিন্দু ইতিস্বাক্ষরিত এক পত্রে প্রেরক লেখেন।' *দর্পণ*, ১৮৩১।

ইতিহ [স] *বিণ* ঐতিহ্যগত। 'ইতিহ-ভাগ্য জড়াক-না নাগপাশে।' *বিষ্ণু*, ১৯৩৭।

ইতিহাষ [স ইতিহাস] *বি* ইতিহাস। 'দান বিতরণ জত ইতিহাষ কথন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ইতিহাস [স] **১** *বি* প্রাচীন কথা। 'পাঠকসিংহ পড়ে ইতিহাস।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* তথ্য। 'তোমার বাপের কিছু জানি ইতিহাস।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* কুষ্ঠিগণনা। 'মহাজন ইতিহাসে কহিছে ভবিষ্য।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৪** *বি* বিভিন্ন দেশ, জাতি ও সভ্যতার কালানুক্রমিক বিবরণ। 'ভূগোল বৃত্তান্ত ইতিহাস ইত্যাদি বিষয়ে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৬। **৫** *বি* কাহিনি। 'আদিপর্বে এ প্রকার ইতিহাস আছে যে, দ্রোণ স্বীয় শিষ্যগণ দ্বারা ...।' *অক্ষয়*, ১৮৪৭। **৬** *বি* সাক্ষ্য। 'লোকদিগের মুখে ইতিহাস লইলে আপনাদের সংশয় দূর করিতে পারিবেন।' *অমৃতবাজার*, ১৮৭০। **৭** *বি* ইতিহাস-গ্রন্থ। 'সমস্ত ইতিহাসখানাই পোকায় কেটেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইতিহাস-কথা [স] *বি* ইতিহাস বর্ণিত কাহিনি। 'ইতিহাস কথায় বিরহীদিগের যেরূপ অবস্থা শুনিতে পাওয়া যায়।' *বিদ্যা*, ১৮৯১।

ইতিহাসকার [স] *বি* ইতিহাস লিপিবদ্ধ করে যে; ঐতিহাসিক। 'সাহিত্যের ইতিহাসকারগণ যে কৃতিত্ব এককভাবে বঙ্কিমচন্দ্রে আরোপ করেন ...।' *মুরশিদ*, ১৯৭০।

ইতিহাসখ্যাত [স] *বিণ* ঐতিহাসিকভাবে বিখ্যাত। 'ইতিহাসখ্যাত চৈত সিংহের যুদ্ধঘটনাজড়িত প্রাসাদের ...।' *সুকান্ত*, ১৯৪৪।

ইতিহাসগত [স] *বিণ* ইতিহাসের সূত্রে পাওয়া। 'নিজের কাছে নিজের পরিচয়টাকে বড়ো করবার চেষ্টাই সভ্যজাতির ইতিহাসগত চেষ্টা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ইতিহাসচর্চা [স] *বি* ইতিহাস অধ্যয়ন। 'পৃথিবীর সকল দেশের ইতিহাসচর্চায় গণদাদার অসাধারণ অনুরাগ ছিল।' *রবীন্দ্র*, ১৩১২।

ইতিহাসজ্ঞ [স] *বিণ* ইতিহাস জানে এমন। 'ইতিহাসজ্ঞ সুকুমারমতি বালকেরাও উহার উত্তর প্রদানে সক্ষম।' *অক্ষয়*, ১৮৪৬।

ইতিহাসদর্শন [স] *বি* ঐতিহাসিক দৃষ্টি। 'ইতালির মানস-ইতিহাসের এই সুসম্বদ্ধ বিবরণে বুর্কহার্টের ইতিহাসদর্শন পরিব্যাপ্ত।' *শিব*, ১৯৫৬।

ইতিহাসপর্ব [স] *বি* ঐতিহাসিক কালপর্যায়। 'ঐতিহাসিকরা ... বঙ্গদেশের উনিশ শতকী ইতিহাসপর্বকে রেনেসাঁস আখ্যায় চিহ্নিত করেন।' *শিব*, ১৯৫৬।

ইতিহাসপলাতক [স] *বিণ* ইতিহাসে স্থান পায়নি এমন। 'ইতিহাসপলাতক কাহিনীর কত সৃষ্টিছাড়া সৃষ্টি।' *রবীন্দ্র*, ১৯৩৯।

ইতিহাসপ্রিয় [স] *বিণ* ইতিহাসের প্রতি গভীর টান রয়েছে এমন। 'ইতিহাসপ্রিয় তাদের চেয়ে অনেকগুণ বেশী।' *হাই*, ১৯৫৮।

ইতিহাস-প্রীতি [স] *বি* ইতিহাসের প্রতি টান। 'ইংরেজের ইতিহাস-প্রীতির কথা বলতে গেলে শুধু মূর্তি কিংবা ভাস্কর্যেই তার পরিচয় শেষ হয় না।' *হাই*, ১৯৫৮।

ইতিহাসবিদ [স] *বি* ইতিহাসজ্ঞ ব্যক্তি। 'পরিণতির চেহারা দেখাইয়া দেওয়াই ইতিহাসবিদের কাজ।' *রবীন্দ্র*, ১৯০৫।

ইতিহাসবিদ্যা [স] *বি* ইতিহাসবিষয়ক বিদ্যা। 'ইতিহাসবিদ্যার পরাকাষ্ঠা-প্রদর্শক।' *অক্ষয়*, ১৮৫৫।

ইতিহাসবিশ্রুত [স] *বিণ* ইতিহাসখ্যাত। 'ইতিহাসবিশ্রুত যে-সকল মহাপুরুষ ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

ইতিহাসবেত্তা [স] *বি* ইতিহাস বিশেষজ্ঞ। 'রোমীয় ইতিহাসবেত্তাদিগের পুস্তকে।' *অক্ষয়*, ১৮৪৭।

ইতিহাসব্যাখ্যাতা [স] *বি* ইতিহাস বিশ্লেষক। 'ইতিহাসব্যাখ্যাতারা জোর দিয়েছিলেন মনস্বিতার ভূমিকা এবং ... তার প্রকাশের ওপরে।' *শিব*, ১৯৫৬।

ইতিহাসভণিতা [স] *বি* ইতিহাসের প্রারম্ভিক কথা। 'হয়ে যেত – তবুও নারীরা আজ ইতিহাসভণিতার থেকে।' *জীবন*, ১৯৪০।

ইতিহাসভিত্তিক [স] *বিণ* ইতিহাসনির্ভর। 'এ শতাব্দীর ভাষা আলোচনার প্রধান বৈশিষ্ট্য ছিল ইতিহাসভিত্তিক।' *হাই*, ১৯৫৪।

ইতিহাসমরু [স] *বি* ইতিহাসরূপ মরু। 'এই অগৌরবের ইতিহাসমরুতে রাজপুতদের ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

ইতিহাস-যবনিকা [স] *বি* পর্দা। 'ভারতবর্ষের ইতিহাস-যবনিকা সবলে ছিন্ন করিয়া উদ্ঘাটন করিল মুসলমান রাজত্বের ইতিহাস।' *রবীন্দ্র*, ১৮৯৮।

ইতিহাসলিপিহারা [স] *বিণ* ইতিহাসে লিপিবদ্ধ নেই এমন। 'ওদের এনেছ ডেকে আদিসমীরণে/ ইতিহাসলিপিহারা যেই কাল।' *রবীন্দ্র*, ১৯৩৮।

ইতিহাস-লেখক [স] *বি* ইতিহাস লেখেন যিনি। 'তিনি আধুনিক বাঙালি ইতিহাস-লেখকগণের শীর্ষস্থানীয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

ইতিহাস-সংস্কার [স] *বি* ইতিহাস সংশোধন। 'ইতিহাস-সংস্কারব্রত গ্রহণ করিতে আহ্বান করি।' *রবীন্দ্র*, ১৯০০।

ইতিহাস হওয়া *ক্রি বিণ্ড* হওয়া। 'আমার দেহের রক্তে নতুন শিশুকে করে যাব আশীর্বাদ, তারপর হব ইতিহাস।' *সুকান্ত*, ১৯৪৮।

ইতিহাসহারা [স] *বিণ* জন্মবৃত্তান্ত লেখা নেই এমন। 'কত জাতি নামহীন, ইতিহাসহারা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ইতিহাসাত্মক [ইতিহাস-আত্মক] *বিণ* ইতিহাস বিষয়ক। 'পঞ্চবিংশতি ইতিহাসাত্মক বেতাল পঞ্চবিংশতি।' *দর্পণ*, ১৮২৬।

ইতী [স ইতি] *অব্য* সমাপ্ত। ওর্সা, ১৭৮২।

ইতুরে [স ইতর>] *বিণ* সাধারণ মানুষের কথিত। 'সাধু ভাষার সহিত ইতুরে কথার মিশ্রিত খিচুড়ী পাকাইলে ...।' *দর্শন*, ১৯২১।

ইতে *অব্য* এতে। 'আপনি ভাবিয়া বুঝ ইতে দোষ নাই।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ইতোভ্রষ্ট [স] *বিণ* ইতস্তত বিপথগামী। 'অসম্বদ্ধ, অপ্রবৃত্ত, ইতোভ্রষ্ট, স্তুতোনষ্ট – যা মনে আসে বলে যাও।' *মোতাহার*, ১৯৩৭।

ইতোভ্রষ্ট ততো নষ্ট *বিণ* এলোমেলো। 'তারা ইতোভ্রষ্ট ততো নষ্ট অর্থাৎ ছিন্ন ভিন্ন হয়ে যায়।' *হাসান*, ১৯৬৭।

ইতোমধ্যে [স] *ক্রিবিণ* এ সময়ের মধ্যে। 'ইতোমধ্যে গন্ধর্বসেন আপন অন্তঃপুর হইতে নির্গত হইয়া ... কহিতে লাগিলেন ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

ইত্তেহাদ [আ ইত্তিহাদ] *বি* বন্ধুত্ব। 'মুসলমানে মুসলমানে এক জামাত, আত্মীয়তা আর ইত্তেহাদ।' *হাই*, ১৯৪৭।

ইত্থাক [আ ইত্তিফাক] *বি* প্রণয়। *ভবানী*, ১৮২৩।

ইত্যপকাশে [স ইত্যবকাশে] *ক্রিবিণ* ইতিমধ্যে। 'ইত্যপকাশে রাজা প্রতাপাদিত্য ... যশহর পুরী প্রবেশ করিলে।' *রামরাম*, ১৮০১।

AMARBOI.COM

ইত্যবধানে [স ইত্যবধান>] **১** *ক্রিবিণ* এ নিয়মে। 'ইত্যবধানে বিহিত করিবা।' *রামরাম*, ১৮০২। **২** *ক্রিবিণ* এরকম বিষয় অনুধাবনপূর্বক। 'ইত্যবধানে নব বিবিকে কহিতেছেন যে, বাছা তোমার আর তালিম লইবার প্রয়োজন নাই।' *ভবানী*, ১৮২৮।

ইত্যবসরে [স] **১** *ক্রিবিণ* এই সুযোগে। 'ইত্যবসরে কন্যা পুত্রকে বাটীর মধ্যে আনাইয়া ...।' *চণ্ডীচরণ*, ১৮০৫। **২** *ক্রিবিণ* ইতোমধ্যে। 'ব্রাহ্মণ ... স্নান করিতেছেন, ইত্যবসরে গন্ধর্ব্বসেন ... কহিলেন, হে ব্রাহ্মণ!' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

ইত্যবসান [স] *বিণ* সমাপ্ত; গ্রন্থ শেষ। *ফরস্টার*, ১৮০০।

ইত্যাকার [স] **১** *বিণ* এইরূপ। 'ইত্যাকার নানাপ্রকার কথোপকথনের পর ...।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* নানা রকমের। 'ইত্যাকার দুশ্চিন্তায় তীব্র তাম্রকূটবাসিত পরের কম্বলের উপর কাষ্ঠাসনে রাত্রি যাপন করলুম।' *রবীন্দ্র*, ১৮৯১

ইত্যাকারক [স] *বিণ* এই রকম। 'এই ধর্ম্ম ইত্যাকারক দৃষ্ট জ্ঞান হইয়া।' *দর্পণ*, ১৮৩১।

ইত্যাদি [স] **১** *অব্য* প্রভৃতি। 'সর্গের বিতরে সমুদ্রো, প্রথিবী আর যতো ইত্যাদি দেখি।' *আন্তোনিয়ো*, ১৭৪৩। **২** *অব্য* এইসব। 'ইত্যাদি বুঝিবা নায়কের অষ্ট অঙ্গ।' *ভারত*, ১৭৬০। **৩** *সর্ব* অন্যান্য। 'কাপ্তেন ও কর্ম্মচারী ইত্যাদিরা ইংরাজ।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

ইত্যাদি ইত্যাদি [স] *বিণ* এরকম আরও। 'ডবলকে ডবল ইত্যাদি ইত্যাদি বলে।' *বঙ্কিম*, ১৮৭৪।

ইত্যাদিক [স] *ক্রিবিণ* ইত্যাদি। 'ইত্যাদিক পূর্ব্বসঙ্গী বড় ভক্তগণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ইত্যি আদি [স ইত্যাদি] *বি* নানা বিষয়। 'ইত্যি আদির শুভ খবর দিনে দিনে যায় যে গাহি।' *জসীম*, ১৯৩১।

ইত্যুপলক্ষে [স] *ক্রিবিণ* এই উপলক্ষে। 'ইত্যুপলক্ষে উক্তস্থানস্থ সুরসিক গায়কদিগকে আহ্বান ...।' *চন্দ্রিকা*, ১৮৩২।

ইৎসা [স ইচ্ছা] *বি* বাসনা; ইচ্ছা। 'অনিরুদ্রে বিভা দিতে জনে ইৎসা কৈল।' *মালাধর*, ১৫০০। *দ্র* **ইচ্ছা**

ইৎস্যাপত্রী [স ইচ্ছাপত্র>] *বি* উইল। 'উইল সব্দ ইঙ্গরেজী ইহার বাক্যার্থ বাঙ্গলা সব্দে ইৎস্যাপত্রী।' *ক্যালগে*, ১৭৮৬।

ইথার, ইথর [ই] **১** *বি* স্পিরিটের মতো তরল রাসায়নিকবিশেষ। 'ষ্টপর ইন ইথরের মত একেবারে উপে গ্যালো।' *হুতোম*, ১৮৬১। **২** *বি* প্রাচীন ও মধ্যযুগের বিজ্ঞান অনুযায়ী মহাশূন্যকে যা বাতাসের মতো পূর্ণ করে রেখেছে এবং যার মধ্য দিয়ে আলোকতরঙ্গ ভ্রমণ করে। 'হৃদয়বিদারক সুরকে ইথার যেখানেই বয়ে নিয়েছে।' *মাহেনও*, ১৯৪৯।

ইথি[১] *অব্য* এই। 'ইথি দুহু মাঝ ...।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ইথে ১ *ক্রিবিণ* এতে। 'ইথে কিছু নাহিক সন্দেহা।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* এই বিষয়ে। 'অন্তক উষ্ট্রের ইথে না হয় প্রবেশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *ক্রিবিণ* এখানে। 'তোমা বিনে ইথে মোর কে আছে সহায়।' *মুকুন্দ*, ১৬০০।

ইথি[২] [স অত্র] *সর্ব* এর। 'ইথি লাগি আগে করি তাহার বিবরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ইথু *ক্রিবিণ* এখানে; অত্র। *বিদ্যা*, ১৮৯১।

ইথে *দ্র* **ইথি**[১]

ইথং [স ইথম] *অব্য* এই প্রকার। 'ইথং শব্দের ভিন্ন অর্থ গুণ ...।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ইথাদ্ভূত [স ইথম্ভূত] *বিণ* এই প্রকার জাত। 'ইথাদ্ভূতগণ শব্দের অর্থ পূর্ণানন্দময়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ইদ [আ] *বি* মুসলমানদের প্রধান ধর্মীয় উৎসব। 'কি ইদ, কি মহরম কোন মোসলমান ...।' *অক্ষয়*, ১৮৫০। *দ্র* **ঈদ**

ইদং[১] [স] *বি* জগৎ। 'ম্লেচ্ছ ভাষায় যাকে দুনিয়া বলে, হিন্দু দর্শনের ভাষায় তার নাম ইদং।' *প্রমথ*, ১৯১৪।

ইদং[২] [স] *সর্ব* এটা। 'ইদং অর্থাৎ এই-যে বলে যাকে স্বীকার করি।' *রবীন্দ্র*, ১৯৩৩।

ইদজ্জহা [আ] *বি* ঈদুল আজহা; ইসলাম ধর্মমতে সৃষ্টিকর্তার সন্তুষ্টির উদ্দেশে পশু কোরবানির উৎসব। 'সাধারণে জানে যে ইদজ্জহায় গুরু কোরবাণী না করিলে ধর্ম্ম বজায় থাকে না।' *মশারফ*, ১৮৮৯।

ইদম [স] *বিণ* জানা আছে এমন। 'সেই ডিমটাই তার একমাত্র ইদম।' *রবীন্দ্র*, ১৯৩৩।

ইদানিং [স ইদানীম্] *ক্রিবিণ* আজকাল। 'ইদানিং, একমাত্র তোমায় অবলম্বন করিয়া ... অমৃতময় বোধ করিতেছিলাম।' *বিদ্যা*, ১৮৯২। *দ্র* **ইদানীং**

ইদানী [স ইদানীম্] *ক্রিবিণ* ইদানীং; আজকাল। 'ইদানী অন্য জনোপজীবনে জীবিত কালযাপন কর ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

ইদানীং [স] *ক্রিবিণ* আজকাল। 'ইদানীং যাহারা ইঙ্গরেজী বিদ্যাভ্যাস করিয়াছে।' *চন্দ্রিকা*, ১৮৩১; 'আমাদের মধ্যে আত্ম-গরিমা প্রকাশের ইদানীং ইয়ত্তা নাই।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ইদানীংকার *বিণ* বর্তমান কালের। 'পাশাপাশি বসে ওনতে লাগলাম সাগরপুর এম. ই. স্কুল আর তাঁর ইদানীংকার ইতিহাস।' *নরেন্দ্র*, ১৯৪৯।

ইদানীন্তন [স] **১** *বিণ* আজকালকার। 'ইদানীন্তন ভাক্ত তত্ত্বজ্ঞানি ... ধর্ম্ম কর্ম্মে প্রবৃত্ত হইতেছেন।' *দর্পণ*, ১৮২২। **২** *বিণ* আধুনিক। *সেবধি*, ১৮৩৯।

ইদিকে *ক্রিবিণ* এদিকে। 'আমারও ইদিকে বছর বছর মাইনে বেড়ে যাচ্ছে।' *মনোজ*, ১৯৬১।

ইদুর [স উন্দুর] *বি* ইঁদুর। 'ইহারা ইদুর ধরিয়া খায়।' *মদনমোহন*, ১৮৪৯।

ইদ্দত [আ] *বি* বিধবা বা তালাকপ্রাপ্তা নারীর পুনর্বিবাহের পূর্ববর্তী মুসলিম শরিয়ত নির্দিষ্ট কাল। 'এ মারফতি নিকায় ইদ্দত পালনের প্রয়োজন হইবে না।' *মনসুর*, ১৯৩৫।

ইনইসটিটিউসন [ই] *বি* ইনস্টিটিউট; শিক্ষাপ্রতিষ্ঠান। 'হের সাহেবের স্কুল বেনিবোলেণ্ট ইনইসটিটিউসন।' *চন্দ্রিকা*, ১৮৩৪।

ইন্এফিসিয়েন্ট [ই] *বিণ* অদক্ষ। 'মামাতো ভাইরা অকেজো, ইনএফিসিয়েন্ট।' *রবীন্দ্র*, ১৯৪০।

ইন্কম্‌ট্যাক্স, ইন্কমটেক্স [ই] *বি* আয়কর। 'রসরাজ পুনরায় প্রচার হবার পূর্ব্বে ইন্কম্‌ট্যাক্সের হুজুক ওঠে।' *হুতোম*, ১৮৬১; 'ইনকম টেক্স তোমার কলঙ্ক।' *বঙ্কিম*, ১৮৭৪। *দ্র* **ইনকামট্যাক্স**

ইনকাম, ইনকম [ই] *বি* উপার্জন। 'ইনকম ট্যাক্স – জমিদারের ইনকম ট্যাক্স আদায় জন্য।' *ভারত সংস্কারক*, ১৮৭৪; 'আপনার অন্য মেলা সোর্স আছে ইনকামের।' *শামসুল*, ১৯৭৩।

ইনকাম ট্যাক্স, ইনকাম টেক্স [ই] *বি* আয়কর। 'জমিদারের ইনকম ট্যাক্স আদায় জন্য...।' *ভারত সংস্কারক*, ১৮৭৪; 'ইনকামটেক্স অফিসারকে ফাঁকি দেবার চেষ্টা করতে পারে।' *মুজতবা*, ১৯৫২।

AMARBOI.COM

ইনকিলাব [আ] *বি* বিপ্লব। 'ইনকিলাব জিন্দাবাদ!' *শিবরাম*, ১৯৫০।

ইনকোয়ারি [ই] *বি* তদন্ত। 'ইনকোয়ারির আদেশ না দিয়েই রিটায়ার করে গেছেন।' *মনসুর*, ১৯৩৫।

ইনক্রিমেন্ট [ই] *বি* বেতন বৃদ্ধি। 'চাকরিগত সুযোগ সুবিধা চায়, প্রমোশন চায়, ইনক্রিমেন্ট চায়।' *সেলিনা*, ১৯৭৫।

ইনচার্জ [ই] *বিণ* দায়িত্বে নিয়োজিত। 'ইনচার্জ অফিসারকে ততৎক্ষণাৎ জানাতে হবে।' *সাদত*, ১৯৬৭।

ইনছান [আ ইনসান] *বি* মানুষ। 'জিন ইনছান কোটি সন্তান গাহিল যে মহা গান।' *মাহেনও*, ১৯৪৯।

ইনজাংশন, ইনজাংকশন [ই] *বি* আইনী নিষেধাজ্ঞা। 'উচ্চ আদালত থেকে ডেপলিসের পিঠের উপর এক ইনজাংশন জারি হয়ে গেল।' *শিবরাম*, ১৯৪০; 'কোর্ট থেকে যদি ইনজাংকশন আনতে পারেন।' *সুনীল*, ১৯৭০।

ইনজেকশন [ই] *বি* সুচের সাহায্যে দেহে ওষুধ প্রয়োগ। 'অপারেশন, ইনজেকশন, ব্যবস্থা-পত্রের ছড়াছড়ি।' *রোকেয়া*, ১৯২১।

ইনজেক্ট করা [ই ইনজেক্ট+করা] *ক্রি* সিরিঞ্জ দিয়ে প্রবেশ করানো। 'এ মন্ত্র ইনজেক্ট করতে পারবি তোরা।' *নজরুল*, ১৯৩১।

ইনটেলেকচুয়াল [ই] *বিণ* মননশীল। 'অত্যন্ত বেশি ইনটেলেকচুয়াল।' *রবীন্দ্র*, ১৯৩২।

ইনডিভিজুয়াল [ই] **১** *বি* স্বতন্ত্র ব্যক্তি। 'রাষ্ট্রব্যবস্থার ফলে স্টেট ও ইনডিভিজুয়ালে বিরোধ বেধেছিল।' *রবীন্দ্র*, ১৯২১। **২** *বিণ* ব্যক্তিক। 'প্রত্যেকের ব্যক্তিগত জীবনে গ্রুপ পার্সোনালিটি এবং ইনডিভিজুয়াল পার্সোনালিটি জাগ্রত আছে।' *রবীন্দ্র*, ১৯২১।

ইনডিভিজুয়ালইজম [ই] *বি* ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ। 'ইনডিভিজুয়ালিজমের পরিণতি হল অ্যানার্কিতে এবং স্টেট মিলিটারি সোশ্যালিজমে গিয়ে দাঁড়ালো।' *রবীন্দ্র*, ১৯২১।

ইনডেকসিং [ই] *বি* নির্ঘণ্ট তৈরি। 'টাইপ হয়ে এলে ইনডেকসিং ও ফাইলিং ...।' *সাদত*, ১৯৬৭।

ইনতেজাম [আ ইনতিজাম] *বি* ব্যবস্থা। 'ইনতেজাম ভালোই ছিল।' *মাহেনও*, ১৯৪৯।

ইনতেজারী [আ ইনতিজার] *বি* প্রতীক্ষা। 'লেফটেন্যান্ট ... আমার জন্য ইনতেজারী করছিলেন।' *মাহেনও*, ১৯৪৯।

ইনফরমার [ই] *বি* গুপ্তচর। 'ইনফরমার হিসেবে ছেলে কটির নাম দিয়ে এসেছে পুলিশে।' *মণীশ*, ১৯৬৩।

ইনফেকশন [ই] *বি* রোগজীবাণুর সংক্রমণ। 'এই বয়সেই তো ইনফেকশনে ধরে।' *জীবন*, ১৯৩৩।

ইনফেন্ট [ই] *বি* শিশু। 'শিশুদিগের শিক্ষার্থ নেটীব ইনফেন্ট নামক এক পাঠশালা।' *দর্পণ*, ১৮৩৬।

ইনফ্লুয়েঞ্জা [ই] *বি* ঠাণ্ডা লাগার কারণে জ্বর। 'অম্বিকাচরণ ইনফ্লুয়েঞ্জায় পড়িলেন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ইনফ্লুয়েন্স [ই] *বি* প্রভাব। 'তোমার বাবা এত বড় ডাক্তার, অনেক ইনফ্লুয়েন্স তাঁর।' *সুনীল*, ১৯৭০।

ইনফ্যান্ট ক্লাস [ই] *বি* শিশু শ্রেণী। 'সেই সব নিচু ইনফ্যান্ট ক্লাসের, অ আ ক খ কিংবা বি এল এ ব্রে থেকে শুরু করতে হবে নাকি।' *শিবরাম*, ১৯৫০।

ইনবাস [ই ইনভয়েস] *বি* বিক্রির চালান। 'এক ইনবাস করিয়া কাপড় পাঠাইতে ...।' *তাঁতি*, ১৭৯২।

ইনভেলপ, ইনভেলাপ [ই] *বি* খাম। 'তাড়াতাড়ি ছিঁড়ে ফেলল ইনভেলপ।' *মাহেনও*, ১৯৪৯; 'একটি ইনভেলাপে পত্র আসিয়াছিল।' *শওকত*, ১৯৫৮।

ইনভেলিড [ই] *বি* শারীরিকভাবে অক্ষম যে। 'কি ইয়ারগোচের স্কুল বয়, কি বাহাদুরে ইনভেলিড, সকলেই হাফ আখড়াই শুনতে পাগল!' *হুতোম*, ১৮৬১।

ইনভ্যালিড পেনসন [ই] *বি* শারীরিক অথবা অন্য কোনো কারণে কর্মক্ষমতা হারালে যে পেনসন দেওয়া হয়। ইনভ্যালিড পেনসন নিয়ে প্রাকটিসে নামা যাবে।' *সাদত*, ১৯৬৭।

ইনভেস্টিগেশন [ই] *বি* তদন্ত। 'এখানে চাই সায়াণ্টাফিক ইনভেস্টিগেশন।' *সাদত*, ১৯৬৭।

ইনশালবেন্ট, ইনশালভেন্ট [ই] **১** *বিণ* দেউলিয়া; ঋণ পরিশোধে অসমর্থ। 'ইনশালবেন্ট অর্থাৎ যোত্রহীনের ব্যবস্থার উপকারে উপকৃত হওনের যোগ্য হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩০। **২** *বি* দেউলিয়া ঘোষণা। 'শেষে ইনশালভেন্ট নিয়ে ফরেশডাঙ্গায় গিয়ে বাস করেন।' *হুতোম*, ১৮৬১। *দ্র* **ইনসালবেন্ট**

ইনশিওর করা [ই] *বিণ* বিমাকৃত। 'তাঁহার ইনশিওর করা পত্র আসিল।' *রোকেয়া*, ১৯২৪।

ইনশিওরেন্স [ই] *বি* বিমা। 'এঁরা হয়ত ... কলেজে পড়ে, কেরানীগিরি করে, বেকার, কিংবা ইনশিওরেন্স এজেন্ট।' *মুজতবা*, ১৯৫২।

ইনষ্টিচুসন [ই] *বি* প্রতিষ্ঠান। 'পারেন্টল আকেডেমিক ইনষ্টিচুসন।' *দর্পণ*, ১৮৩৫।

ইনষ্টিটিউসন [ই] *বি* প্রতিষ্ঠান। 'হিন্দু বিনিবোলেন্ট ইনষ্টিটিউসন।' *প্রভাকর*, ১৮৩১।

ইনসপিরেশন [ই] *বি* প্রেরণা। 'সেটাতে আমার ইনসপিরেশন।' *রবীন্দ্র*, ১৯৪০।

ইনসপেকটর *দ্র* **ইনস্পেক্টর**

ইনসমনিয়া [ই] *বি* অনিদ্রা রোগ। 'ডাক্তার বাবু অনিদ্রা না বলে যদি ইনসমনিয়া বলেন।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ইনসান [আ] *বি* মানুষ। 'বাংলার ইনসানের অবস্থা আজ ভয়াবহ।' *হাই*, ১৯৪৭।

ইনসাপ, ইনসাফ, ইনসাব [আ ইনসাফ] *বি* সুবিচার। 'জবাব দেখিয়া হক ইনসাব করিয়া দিবেন ইহা আরজ করিলাম।' *মেয়র্স*, ১৭৫৮; 'ধর্ম অবতার গরিবের ভাগে হক ইনসাপ করিবেন।' *ওসী*, ১৭৮২; 'বিমজ্জিম নেক ইনসাফ ... হুকুম।' *মেয়ার*, ১৭৮৭।

ইনসালবেন্ট [ই] *বি* দেউলে ঘোষণা। 'জান সাহেব ইনসালবেন্ট লইয়া দালালি কর্ম আরম্ভ করিলেন।' *প্যারী*, ১৮৫৮। *দ্র* **ইনশালবেন্ট**

ইনসাল্ট [ই] *বি* অপমান। 'আপনিই না জেনে শুনে তাকে ইনসাল্ট করেছেন।' *নরেন্দ্র*, ১৯৪৯।

ইনসাল্লাহ [আ] *ক্রিবিণ* মুসলমানদের ভরসাসূচক উক্তি – আল্লাহ যদি চান। 'আমি হয়তো এক সপ্তাহের মধ্যেই বা পরেই কলকাতা যাব, ইনসাল্লাহ।' *নজরুল*, ১৯২৬।

ইনসিওর [ই] *বি* বিমা। 'গুদাম ইনসিওর করা ছিল তো?' *মণীশ*, ১৯৬৩।

ইনসিওরেন্স [ই] *বি* বিমা। 'সমীর আজকাল ইনসিওরেন্সের বড়

AMARBOI.COM

দালাল।' *বিভূতি*, ১৯৩১।

ইনস্টলমেন্ট [ই] *বি* কিস্তি। 'তোমার গাড়ির ইনস্টলমেন্টের বদলে গাড়ি খানাও কোম্পানির নামেই কিনা।' *মনসুর*, ১৯৫৫।

ইন্সট্রুমেন্ট [ই] *বি* সরঞ্জাম। 'অঙ্কের ইন্সট্রুমেন্ট বাক্সটা।' *বিভূতি*, ১৯৩১।

ইনস্পেকটর, ইনসপেকটর [ই] *বি* পরিদর্শক। 'স্কুলসমূহের এডিসনাল ইনস্পেকটর।' *বঙ্গীয়*, ১৯১৮; 'সঙ্গে ডেপুটি কমিশনার, ডাইরেকটর, ইনসপেকটর।' *মুজতবা*, ১৯৫২।

ইনস্পেকশন-বাংলা [ই ইনস্পেকশন+ই বাংলো] *বি* পর্যটন বাংলো। 'তাঁহাদিগকে ইনস্পেকশন-বাংলায় স্থান দেওয়া হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৯।

ইনস্পেক্টর [ই] *বি* পরিদর্শক। 'ইনস্পেক্টরের সহিত আবু মোল্লার প্রবেশ।' *মশাররফ*, ১৮৬৯। দ্র **ইন্সপেক্টর**

ইনা *বিণ* এই। 'কার তরে ইনা বেশে কর‍্যাছ পয়ান।' *মুকুন্দ*, ১৬০০।

ইনাম [আ] *বি* পুরস্কার। 'ইনাম বাড়ি তোলা ঘরে ...।' *মুকুন্দ*, ১৬০০।

ইনার সার্কেল [ই] *বি* ঘনিষ্ঠ মহল। 'পার্টির ইনার সার্কেলের মেম্বার ছিল সে ছোকরা।' *সাদত*, ১৯৬৭।

ইনি *সর্ব* এই ব্যক্তি। 'ইনি নইলে উনি।' *ওসাঁ*, ১৭৮৫।

ইনিয়ে *ক্রিবিণ* অনুনয় ক'রে। 'ইনিয়ে সেই ফাঁদের কথা ...।' *লালন*, ১৮৯০।

ইনিয়ে-বিনিয়ে ১ *ক্রিবিণ* ঘুরিয়ে ফিরিয়ে। 'প্রত্যেক কথায় কথায় ইনিয়ে-বিনিয়ে লতিয়ে-লতিয়ে জড়িয়ে-জড়িয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *ক্রিবিণ* গুছিয়ে। 'ভাবগুলিকে খুব মনের মতো ইনিয়ে-বিনিয়ে প্রকাশ করতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ইনিশিয়াল [ই] *বি* নামের আদ্যক্ষর। 'নীচে আবার ইনিশিয়াল আর জোর দিয়ে টাকাটা পকেটে ফেলে ...।' *সাদত*, ১৯৬৭।

ইনিষ্টিটিউশান, ইনিষ্টিটিউসন [ই] *বি* প্রতিষ্ঠান। 'গত বুধবার মেকানিকস ইনিষ্টিটিউসনের ষাণ্মাসিক সভা হইয়াছিল।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৯; 'এই নগর মধ্যে শিল্পবিদ্যার উপদেশ প্রদানার্থ মিকানিক ইনিষ্টিটিউশান নামক এক সভা হইয়াছিল।' *প্রভাকর*, ১৮৪৭।

ইনিস্পেক্টর, ইনিস্পেক্টার, ইনেস্পেক্টর [ই] *বি* পরিদর্শক। 'এ প্রদেশের ইনিস্পেক্টর বাবুটি অতি সজ্জন।' *দীনবন্ধু*, ১৮৬০; 'পুলিসের ইনিস্পেক্টারদের অনেক টাকা দিয়েছে।' *দীনবন্ধু*, ১৮৬৭; 'ইনেস্পেক্টর, জমাদার ও পাহারাওয়ালার প্রবেশ।' *গিরিশ*, ১৮৮৯।

ইন্টার [ই] *বিণ* আন্তঃ। **ইন্টার ক্লাশ, ইন্টার ক্লাস** [ই] *বি* ট্রেন ও জাহাজে ডেক এবং উচ্চশ্রেণীর মাঝখানকার শ্রেণী। 'আসাম মেলের একটা ইন্টার ক্লাস কামরায়।' *জীবন*, ১৯৩১।

ইন্টারন্যাশনাল [ই] *বিণ* আন্তর্জাতিক। 'জার্মানিও এই বিশ্বাসের জোরে ইন্টারন্যাশনাল আইনকে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ইন্টারন্যাশনালিজম [ই] *বি* আন্তর্জাতিকতাবাদ। 'তাদের উচ্চ সাধনার বিষয় হচ্ছে ইন্টার-ন্যাশনালিজম।' *প্রমথ*, ১৯০৫;

ইন্টারপ্রিটর [ই] *বি* দোভাষী। 'বহুকাল সুপ্রিম কোর্টের ইন্টারপ্রিটর থাকাতে ...।' *প্যারী*, ১৮৫৮।

ইন্টারফিয়ার [ই] *বি* হস্তক্ষেপ। 'আমাদের কাজে বিশেষ ইন্টারফিয়ার করেন না।' *তারা*, ১৯৪৩।

ইন্টারভিউ [ই] *বি* সাক্ষাৎকার। 'বিনা দর্শনীতে কাউকে ইন্টারভিউ দিব না।' *মনসুর*, ১৯৪৩।

ইন্টারভ্যাল [ই] *বি* বিরতি। 'থামো। ইন্টারভ্যালের আলো জ্বলুক।' *সাদত*, ১৯৬৭।

ইন্টারেস্টিং, ইন্টারেষ্টিং ১ *বিণ* আগ্রহব্যঞ্জক। 'সবজেক্টটা ইন্টারেস্টিং, পরে শুনে নেব তোর কাছ থেকে।' *রবীন্দ্র*, ১৯২৮। **২** *বিণ* উপভোগ্য। 'বেশ ইন্টারেষ্টিং করতে পারেন।' *জীবন*, ১৯৩২।

ইন্ডস্ট্রীয়ালিজম [ই] *বি* শিল্পতান্ত্রিক সমাজব্যবস্থা। 'য়ুরোপে ইন্ডস্ট্রীয়ালিজম গড়ে উঠেছে দীর্ঘকাল ধরে।' *রবীন্দ্র*, ১৯৪০।

ইন্ডাস্ট্রিজ [ই] *বি* শিল্পকারখানা। 'পূর্ববঙ্গে ইন্ডাস্ট্রিজ তেমন কিছু ছিল না।' *সুনীল*, ১৯৭০।

ইন্ডিয়া, ইন্ডিয়া [ই] *বি* ভারত। 'ইন্ডিয়া অথবা বেঙ্গল কৌন্সিলে আসন পাবার সম্মান যে একবার পেয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ইন্ডিয়ান [ই] *বিণ* ভারতীয়। 'বর্ণধর্ম-আচার-নির্বিশেষে এক বলে ধরা হয়েছে, সে ইন্ডিয়ান।' *রবীন্দ্র*, ১৯৩৮।

ইন্তিহাম [আ ইমতিহান] *বি* পরীক্ষা। *বিদ্যা*, ১৮৯১। দ্র **ইম্তেহাম**

ইন্তেকাল [আ ইনতিকাল] *বি* মৃত্যু। 'আজমের ইন্তেকাল ও পরবর্তী চল্লিশ দিবস।' *মাহেনও*, ১৯৪৯।

ইন্তেজাম [আ ইনতিজাম] *বি* ব্যবস্থাপনা। 'প্রোপাগাণ্ডার আয়োজন – ইন্তেজামের ভারও তাঁদেরই উপর পড়ল।' *মনসুর*, ১৯৩৫। দ্র **ইন্তেযাম**

ইন্তেজার [আ ইনতিজার] *বি* আগ্রহের সঙ্গে অপেক্ষা। 'মুসা চুপ করিয়া তাঁর পাশে ইন্তেজার করিতে লাগিলেন।' *মনসুর*, ১৯৫০।

ইম্তেহাম [আ ইমতিহান] *বি* পরীক্ষা। 'এই ইম্তেহামেতে বালকেরা ইংরাজী ভাষায় উত্তম পরীক্ষা দিয়াছিল।' *দর্পণ*, ১৮২৮। দ্র **ইন্তিহাম**

ইন্দর [স ইন্দ্র] *বি* ইঁদুর। 'অপেক্ষা করিয়া দেখিলেক যে ইন্দর নির্গত হইল।' *তারিণী*, ১৮০৩।

ইন্দারা [স ইন্দ্রাগার] *বি* বড়ো পাকা কুয়া। 'ইন্দারা খননের অধিকার দেওয়া হইয়াছে।' *মোয়াজ্জিন*, ১৯২৮।

ইন্দি [স ইন্দ্রিয়] *বি* ইন্দ্রিয়। 'মণতন্ত্র পাঞ্চ ইন্দি তসু সাহা।' *চর্যা ৪৫*, ১২০০।

ইন্দিঅবণ [স ইন্দ্রিয় পবন] *বি* ইন্দ্রিয় ও চিত্ত। 'জহি মণ ইন্দিঅবণ হো ণঠা।' *চর্যা ৩১*, ১২০০।

ইন্দিআল [স ইন্দ্রিয়জাল] *বি* ইন্দ্রিয়ের ফাঁদ। 'জাসু সুণন্তে তুট্টই ইন্দিআল।' *চর্যা ৩০*, ১২০০।

ইন্দিজানী [স ইন্দ্রিয়াণি] *বি* ইন্দ্রিয়। 'দুহুঁ সুখে সুখে একু করিআ ভুঞ্জই ইন্দিজানী।' *চর্যা ৩৪*, ১২০০।

ইন্দিয় [স ইন্দ্রিয়] *বি* ইন্দ্রিয়। 'এশান বনিতা তুমি ইন্দিয় সকল।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ইন্দিরা [স] *বি* (হিন্দুদেবী) লক্ষ্মী। 'কমলময়ী যেমনি কমল-বাসিনী ইন্দিরা।' *মাইকেল*, ১৮৬০।

ইন্দীবর [স] *বি* নীলপদ্ম। 'ইন্দীবর বর গরব বিমোচনা লোচন মনমথ ফান্দে।' *গোবিন্দ*, ১৬০০।

ইন্দু [স] *বি* চাঁদ। 'হরিন ইন্দু অরবিন্দ করিনি হেম পিক বুঝল অনুমানী।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'আকাশে সাজিল ইন্দু শশাঙ্ক বাহিনী।' *বাহরাম*, ১৬৫০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ইন্দুকিরণ [স] *বি* চাঁদের আলো। 'ঝলকিছে কত ইন্দুকিরণ, পুলকিছে ফুলগন্ধ।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ইন্দুনিভা [স] *বিণ স্ত্রী* চাঁদের মতো সুন্দর মুখবিশিষ্ট। 'মৌন শিখা স্পর্শে তব করেছিলে ইন্দুনিভা কত শত রূপসীর বদন পাণ্ডুর।' *জীবন*, ১৯৩০।

ইন্দুনিভাননী [স] *বি* চাঁদের মতো মুখমণ্ডলবিশিষ্ট নারী। 'শিখণ্ডিবাহন প্রতিজ্ঞা করেছিলেন ইন্দীবরাক্ষী ইন্দুনিভাননী ব্যতীত সহধর্মিণী করবেন না।' *দীনবন্ধু*, ১৮৭৩।

ইন্দুবদন [স] *বি* চাঁদের মতো মুখমণ্ডল। 'চাহি ইন্দিরার ইন্দুবদনের পানে।' *মাইকেল*, ১৮৬১।

ইন্দুমল্লী [স] *বি* চন্দ্রমল্লিকা। 'দক্ষিণের বাতায়নতলে মঞ্জরিত-ইন্দুমল্লী-বল্লরীবিতানে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ইন্দুমুখি [স ইন্দুমুখী, সম্বোধনে ই-কার] *বি* চাঁদের মতো মুখমণ্ডলবিশিষ্ট নারী। 'ইন্দুমুখি অঢ় ন কর পিয়হৃদয়খেদহর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ইন্দুলেখা [স] *বি* চাঁদের কলা বা রূপ। 'নব ইন্দুলেখা অলকে ঝলকে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ইন্দু[২] [ফা হিন্দু] *বি* হিন্দু। 'কিবা ইন্দু কিবা মোসোলমান কিবা কুচর।' *মানোএল*, ১৭৪৩।

ইন্দুর [স উন্দুর] *বি* ইঁদুর। 'কতেক ইন্দুর করয়ে দুরদুর গনারি মৃষার পাকে।' *মুকুন্দ*, ১৬০০।

ইন্দো-ইরানিয়ান [ই] *বিণ* ভারত ও ইরান-সংলগ্ন। 'আফগান ও ইন্দো-ইরানিয়ান ভূমি পারস্যের মধ্যে কোনো সীমান্তভূমি ছিল না।' *মুজতবা*, ১৯৪৯।

ইন্দ্র [স] **১** *বি* (হিন্দুপুরাণ মতে) দেবতাদের রাজা। 'কেন অপদার্থ রাজা ইন্দ্র জন্মি হয়।' *মালাধর*, ১৫০০; 'ইন্দ্রের কুমার মালাধর।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* একপ্রকার গাছ। 'সেবতি কর্কত্তি জুতি ইন্দ্র মূল তোলে জাতি।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* সূর্য। 'কিবা ইন্দ্র কিবা চন্দ্র কিবা পঞ্চবাণ।' *বাহরাম*, ১৬৫০।

ইন্দ্রচাপ [স] *বি* রংধনু। 'ইন্দ্রচাপ রূপ ধরি/ মেঘরাজ ধ্বজোপরি।' *মাইকেল*, ১৮৬১।

ইন্দ্রজাল [স] **১** *বি* ভোজবাজি। 'কীবা ইন্দ্রজাল কীবা কৃষ্ণের কারন।' *মালাধর*, ১৫০০। **২** *বি* মায়া। 'বিস্ময়ে ভরিল মন, এ কী এ প্রেমের ইন্দ্রজাল।' *রবীন্দ্র*, ১৯৩২। **৩** *বি* জাদু। 'আকাশে আকাশে নিত্য প্রসারে বস্তুর ইন্দ্রজাল।' *রবীন্দ্র*, ১৯৩৯।

ইন্দ্রজালক [স] *বি* জাদুকর। 'ইন্দ্রজালক কুসুম-সায়ক ...।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ইন্দ্রজালবিদ্যা [স] *বি* মায়া বিস্তার করার বিদ্যা। 'সংগীতের মতো এমন আশ্চর্য ইন্দ্রজালবিদ্যা জগতে আর কিছুই নেই।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ইন্দ্রজালিক [স] *বি* জাদুকর। 'পরশে কি তোর, ইন্দ্রজালিক, শূন্যে মিলাবে দানবী অলীক?' *সুধীন্দ্র*, ১৯২৬।

ইন্দ্রত্ব [স] **১** *বি* স্বর্গের আধিপত্য। 'নিতাই দাস জয়লাভ করিলে ইঁহারা যেন ইন্দ্রত্ব পাইতেন।' *রাজ*, ১৮৭৪। **২** *বি* অমরত্ব। 'একদা যে এঁকেছিলে ইন্দ্রত্বের টিকা।' *সুধীন্দ্র*, ১৯২৯। **৩** *বি* ইন্দ্রের পদ বা ঐশ্বর্য। '(তুই) সুরাসুরে ভুলিয়ে রাখিস ইন্দ্রত্বের মোহে।' *নজরুল*, ১৯৩৫। **৪** *বি* কর্তৃত্ব। 'স্কুলের ইন্দ্রত্ব কিছুতেই সে ছাড়তে রাজী নয়।' *নরেন্দ্র*, ১৯৪৯।

ইন্দ্রদেব [স] *বি* (হিন্দুপুরাণ মতে) দেবতার রাজা। 'ভারতবর্ষে অতি পূর্বেই ইন্দ্রদেব ... অর্চিত হইয়া আসিয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

ইন্দ্রধনু [স] *বি* রংধনু। 'কাঁহা সে চূড়ার ঠাম শিখিপুচ্ছের উড়ান/ নবমেঘ যেন ইন্দ্রধনু।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'দেখব তাদের যেথা ইন্দ্রধনু অকস্মাৎ ফুটে, সূর্যরশ্মি তার ললাটে পরায়ে ইন্দ্রধনু।' *রবীন্দ্র*, ১৯৩২।

ইন্দ্রধনুক [স] *বি* রংধনু। 'ভুরুর বলনী কামধনু জিনি ইন্দ্রধনুকের আভা।' *দ্বিজচণ্ডী*, ১৬০০।

ইন্দ্রনীল [স] *বি* নীলকান্তমণিবিশেষ; নীলা, স্যাফায়ার। 'তাহার ইন্দ্রনীল কান্তি তনু।' *চণ্ডী*, ১৫৫০।

ইন্দ্রপাত [স] *বি* ব্যাপক ধ্বংসযজ্ঞ। 'একটা ইন্দ্রপাত হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৮।

ইন্দ্রপুর [স] *বি* (হিন্দুপুরাণ মতে) স্বর্গ। 'ইন্দ্রপুরে গিয়া তবে আনিল অর্জ্জুন।' *মালাধর*, ১৫০০।

ইন্দ্রপুরি [স ইন্দ্রপুরী] *বি* স্বর্গলোক। 'জেন ইন্দ্রপুরি দেখী কুবের বরুণ লিখি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ইন্দ্রপ্রস্থ [স] **১** *বি* স্বর্গলোক। 'জুক্তি করি ইন্দ্রপ্রস্থে জতগৃহ করে।' *মালাধর*, ১৫০০। **২** *বি* মহাভারতে উল্লিখিত স্থান – প্রাচীন দিল্লি। 'দ্রৌপদি – ইন্দ্রপ্রস্থ ছাড়ি যাই দূর বনে।' *মাইকেল*, ১৮৬৬।

ইন্দ্রপ্রিয়া [স] *বি* (হিন্দুপুরাণ) ইন্দ্রপত্নী। 'ইন্দ্রপ্রিয়া পৌলোমী রূপসী পীনপয়োধরা।' *মাইকেল*, ১৮৬০।

ইন্দ্রবারি [স] *বি* বৃষ্টি। 'প্রেম-ইন্দ্রবারি ...।' *লালন*, ১৮৯০।

ইন্দ্রব্রত [স] *বি* রাজধর্মবিশেষ; রাজা ধন দিয়ে রাজভাণ্ডার পূর্ণ করার ব্রত। 'রাজার ইন্দ্রব্রত, সূর্য্যব্রত, ... পৃথিবীব্রত; এই সপ্ত ব্রত।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

ইন্দ্রলোক [স] *বি* স্বর্গলোক। 'ইন্দ্রলোকের রীত এ কি!' *সত্যেন্দ্র*, ১৯১৬।

ইন্দ্রসভা [স] *বি* (হিন্দুপুরাণ) দেবরাজ ইন্দ্রের সভা। 'লাল পরী গো! লাল পরী! ইন্দ্রসভার সুন্দরী।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

ইন্দ্রাণী [স] **১** *বি* নদীর নাম। 'উপনীত ইন্দ্রাণীর তটে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* (হিন্দুপুরাণ) ইন্দ্রের স্ত্রী। 'নররূপে জন্মিয়াছে ইন্দ্রের ইন্দ্রাণী।' *বাহরাম*, ১৬৫০।

ইন্দ্রালয় [স] *বি* (হিন্দুপুরাণ) দেবগৃহ। 'এমন ইন্দ্রালয় (ফিরদোস্ত) ইহার ভাড়া দশ টাকা!' *প্রভাত*, ১৮৯৬।

ইন্দ্রিতত্ব [স ইন্দ্রিয়তত্ত্ব] *বি* কর্মেন্দ্রিয়, জ্ঞানেন্দ্রিয় ও অন্তরেন্দ্রিয় ইত্যাদি তত্ত্বের জ্ঞান। 'পঞ্চ ইন্দ্রতত্ব তিহোঁ ভাঙ্গিয়া কহিল।' *মালাধর*, ১৫০০।

ইন্দ্রিয় [স] *বি* দেহের চোদ্দটি অঙ্গপ্রত্যঙ্গ ও শক্তি যা দিয়ে বাইরের বিষয় সম্পর্কে জ্ঞান ও অনুভূতি জন্মে এবং কর্ম সম্পন্ন করা যায়। 'সকল ইন্দ্রিয়কেই সুখনিমিত্ত আপন আপন কর্মে নিযুক্ত করিয়াছিল।' *ভবানী*, ১৮২৫।

ইন্দ্রিয়-অগ্রাহ্য [স] *বি* যা ইন্দ্রিয়ের সাহায্যে গ্রহণ করা যায় না। 'ইন্দ্রিয়অগ্রাহ্য কি কোনোদিন ইন্দ্রিয়গ্রাহ্য হইবে?' *জগদীশ*, ১৯২০।

AMARBOI.COM

ইন্দ্রিয়কার্য, ইন্দ্রিয়কার্য্য [স] *বি* ভোগবিলাস। 'ইন্দ্রিয় কার্য্য সম্পন্ন করাই জীবনের সমুদয় কার্য্য বোধ করে।' *অক্ষয়*, ১৮৪৮।

ইন্দ্রিয়গোচর [স] *বিণ* প্রত্যক্ষ। 'এই জগতের কিয়দংশ অনুমেয় মাত্র, ইন্দ্রিয়গোচর নহে।' *বঙ্কিম*, ১৮৮৭; 'যা ইন্দ্রিয়গোচর নয়, তা বিজ্ঞানের বিষয় হতে পারে না।' *প্রমথ*, ১৯০৫।

ইন্দ্রিয়গ্রাম [স] *বি* ইন্দ্রিয়সমূহ। 'প্রত্যক্ষ জ্ঞানের জন্য ইন্দ্রিয়গ্রামে মনঃসংযোগ করা চাই।' *প্রমথ*, ১৯১৪।

ইন্দ্রিয়গ্রামবাসী [স] *বিণ* ইন্দ্রিয়পরায়ণ। 'স্ত্রীপুত্র ও বিষয়ভোগী ইন্দ্রিয়গ্রামবাসী স্থির পূর্ব্বক বিভুত্ব মানিতেছেন।' *দর্পণ*, ১৮২১।

ইন্দ্রিয়গ্রাহ্য [স] *বিণ* ইন্দ্রিয় দিয়ে অনুভূত; প্রত্যক্ষ। 'ক্রমে যখন ভাবশান্তি হইয়া বাহ্যবস্তু ইন্দ্রিয়গ্রাহ্য হইল, তখন দেখিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ইন্দ্রিয়গ্রাহ্যতা [স] *বি* ইন্দ্রিয়ের সাহায্যে উপলব্ধির অবস্থা। 'ইন্দ্রিয়গ্রাহ্যতার স্তরে বিচার করলে দেখা যাবে যে, আমূল বিরোধ সত্ত্বেও মানুষের জীবনে ...।' *শিব*, ১৯৫০।

ইন্দ্রিয়চেতনা [স] *বি* ইন্দ্রিয়ানুভূতি। 'রূপলোকে ইন্দ্রিয়চেতনার পরিচয় পাওয়া গেলেও, ইন্দ্রিয়পরতার পরিচয় পাওয়া যায় না।' *মোতাহের*, ১৯৫০।

ইন্দ্রিয়-ছলনা [স] *বি* ইন্দ্রিয়ের মোহ। 'বুঝ না – বুঝ না, ইন্দ্রিয় ছলনা।' *গিরিশ*, ১৮৮৭।

ইন্দ্রিয়জ [স] *বিণ* ইন্দ্রিয়জাত। 'ইন্দ্রিয়জ প্রত্যক্ষ জ্ঞানই হচ্ছে সকল জ্ঞানের মূল।' *প্রমথ*, ১৯১৩।

ইন্দ্রিয়জাত [স] *বিণ* ইন্দ্রিয় দ্বারা সৃষ্ট। '... ইন্দ্রিয়জাত আবেগকে ভাবধৃত আবেগে রূপান্তরিত করে।' *শিব*, ১৯৭৩।

ইন্দ্রিয়তৃপ্তি [স] *বি* ইন্দ্রিয় দ্বারা সুখলাভ; সম্ভোগ। 'সুখবোধ ক্রমশ করিয়া ইন্দ্রিয়তৃপ্তি হইতে ক্রমে প্রসারিত।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইন্দ্রিয়দোষ [স] *বি* কামপ্রবৃত্তির প্রাবল্য; লাম্পট্য। 'সম্প্রদায়প্রবর্তক ইন্দ্রিয়দোষের ভূয়োভূয়ঃ নিষেধ করিয়া গিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫০।

ইন্দ্রিয়দ্বার [স] *বি* ইন্দ্রিয়ের ক্রিয়া। 'কোন কোন সম্প্রদায়ের লোকে ... ইন্দ্রিয়দ্বার রোধ করিবার চেষ্টা করেন।' *অক্ষয়*, ১৮৫০।

ইন্দ্রিয়নির্ভর [স] *বিণ* ইন্দ্রিয়ের ওপর নির্ভর করে এমন। 'এখানে শব্দ একাধারে বুদ্ধি এবং ইন্দ্রিয়নির্ভর।' *শিব*, ১৯৫৬।

ইন্দ্রিয়পরতন্ত্র [স] *বিণ* অতিরিক্ত ভোগবিলাসী। 'কোন রাজা ইন্দ্রিয়পরতন্ত্র, – অন্তঃপুরেই বাস করেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

ইন্দ্রিয়পরতা [স] *বি* ভোগবিলাসিতা। 'উদাহরণ, ঔদরিকতা একজাতীয় ইন্দ্রিয়পরতা।' *বঙ্কিম*, ১৮৯২।

ইন্দ্রিয়পরায়ণ [স] *বিণ* ইন্দ্রিয়ের দ্বারা চালিত। 'তিনি অতি নিষ্ঠুর, ইন্দ্রিয়পরায়ণ।' *অক্ষয়*, ১৮৪৮।

ইন্দ্রিয়পরায়ণতা [স] *বি* ভোগসুখে আসক্তি। 'উগ্র ইন্দ্রিয়পরায়ণতা, বিকৃত সমাজদৃষ্টি এবং কুৎসিত মনোবৃত্তির সৃষ্টি।' *উমর*, ১৯৬৮।

ইন্দ্রিয়বন্ধ [স] *বি* বোধশক্তি; ইন্দ্রিয়ের বাঁধন। 'এখনি ইন্দ্রিয়বন্ধ বুঝি টুটে টুটে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ইন্দ্রিয়বশ্যতা [স] *বি* ইন্দ্রিয়ের অধীনতা। 'তাহা হইলে বুঝা যাইত যে ইন্দ্রিয়বশ্যতা (Sensuality) এই দুষ্প্রবৃত্তিরই নাম কাম।' *বঙ্কিম*, ১৮৯২।

ইন্দ্রিয়-বিকার [স] *বি* ইন্দ্রিয়ের অস্বাভাবিকতা। 'ভালোবাসার গিল্টি করা ইন্দ্রিয়-বিকার।' *রবীন্দ্র*, ১৮৮৫।

ইন্দ্রিয়বুদ্ধি [স] *বি* বোধবুদ্ধি। 'মাঝখানের আয়তনটিই হইতেছে আমাদের পরিচিত ইন্দ্রিয় বুদ্ধির পরিচিত আয়তন।' *সবুজ*, ১৯২১।

ইন্দ্রিয়বৃত্তি [স] *বি* ইন্দ্রিয়ের শক্তি বা ক্রিয়া। 'ইন্দ্রিয়বৃত্তি ও নিকৃষ্ট প্রবৃত্তিজনিত বিহিত সুখেও আমাদের সম্পূর্ণ অধিকার আছে।' *অক্ষয়*, ১৮৫০।

ইন্দ্রিয়বোধ [স] *বি* ইন্দ্রিয়ের অনুভূতি। 'দর্শন ও শ্রবণাদি ইন্দ্রিয়বোধ, স্মরণ, চিন্তন ও তুলনাদির বুদ্ধি শক্তি ...।' *অক্ষয়*, ১৮৫০।

ইন্দ্রিয়ভীতি [স] *বি* ইন্দ্রিয় সম্ভোগ ক্ষতিকর এমন ভয়। 'ইন্দ্রিয়ভীতি সত্ত্বেও মানুষ ইন্দ্রিয়সর্বস্বতার দিকে ঝুঁকলে ...।' *মোতাহের*, ১৯৫০।

ইন্দ্রিয়সংযম [স] *বি* ইন্দ্রিয়দমন। 'তাঁহারা ইন্দ্রিয়সংযম ও রিপুদমন অবশ্যকর্তব্য বলিয়া উপদেশ দিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৫০।

ইন্দ্রিয়সর্বস্বতা [স] *বি* ভোগসর্বস্বতা। 'ইন্দ্রিয়ভীতি সত্ত্বেও মানুষ ইন্দ্রিয়সর্বস্বতার দিকে ঝুঁকলে ...।' *মোতাহের*, ১৯৫০।

ইন্দ্রিয়-সুখ [স] *বি* বাহ্য বিষয়ের জ্ঞান ও বিভিন্ন ক্রিয়াকর্মের প্রসার ও বিকাশে যে আনন্দ। 'আমাদের ইন্দ্রিয়-সুখেরও ক্রমশঃ উন্নতি হইয়া আসিতেছে।' *অক্ষয়*, ১৮৫৪।

ইন্দ্রিয়সুখাসক্ত [স] *বিণ* ইন্দ্রিয় দিয়ে যে সুখভোগ করা যায়, তাতে আসক্ত। 'ইন্দ্রিয়সুখাসক্ত ভোগবিলাসী ব্যক্তি।' *অক্ষয়*, ১৮৫২।

ইন্দ্রিয়-সেবন [স] *বি* ইন্দ্রিয়ের দ্বারা সুখ ভোগ করা। 'অবৈধ ইন্দ্রিয়-সেবন ...।' *অক্ষয়*, ১৮৫৪।

ইন্দ্রিয়সেবা [স] *বি* ইন্দ্রিয়সমূহের তৃপ্তিসাধন। 'নির্ধন লোক তাঁহাদের ইন্দ্রিয়সেবা সমাধার্থে ...।' *অক্ষয়*, ১৮৫৪।

ইন্দ্রিয়স্বভাব [স] *বি* ইন্দ্রিয়ের প্রকৃতি বা ক্রিয়া। 'মনুষ্য মাত্রেরই অঙ্গসংস্থান ও ইন্দ্রিয়স্বভাব এক প্রকার।' *অক্ষয়*, ১৮৫০।

ইন্দ্রিয়স্বরূপ [স] *বিণ* ইন্দ্রিয়ের মতো। 'ভাষা যদি ইন্দ্রিয়স্বরূপ হইয়া সেইটেকেই দেখাইতে পারে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইন্দ্রিয়াতিরিক্ত [স] *বিণ* ইন্দ্রিয়াদি দিয়ে অনুভব করা যায় না এমন। 'ইন্দ্রিয়াতিরিক্ত কোন জ্ঞিনিস নাই ...।' *মোতাহার*, ১৯৩৭।

ইন্দ্রিয়াতীত [স] *বি* যা ইন্দ্রিয়ের অগোচর। 'তাহারই উপর ভর দিয়া কি সূক্ষ্ম ইন্দ্রিয়াতীতে উঠিয়া গিয়াছেন।' *সবুজ*, ১৯২১।

ইন্দ্রিয়াসক্ত [স] *বিণ* ইন্দ্রিয়পরায়ণ। 'ইন্দ্রিয়াসক্ত মনুষ্যের সহিত ইতর প্রাণীর পার্থক্য কিসে?' *অক্ষয়*, ১৮৫৫।

ইন্দ্রিয়াসক্তি [স] *বি* ইন্দ্রিয়ভোগে আসক্তি। 'ইন্দ্রিয়াসক্তি সমলতা চিত্ত হইতে দূর করিয়া, যখন শান্তির প্রতি মনোনিবেশ করিলেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

ইন্ধন [স] ১ *বি* রান্নার কাঠ। 'বংশ কেরয়াল ইন্ধন পতবাল।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* অনুপ্রেরণার ভিত্তি। 'ভুলগুলিকে ইন্ধন করিয়া যদি উৎসাহের আগুন জ্বালিয়া থাকে।' *রবীন্দ্র*, ১৯১২। ৩ *বি* উদ্দীপনা। 'শপথে শপথে যোগাও ইন্ধন তার লাগি?' *সুধীন্দ্র*, ১৯২৯।

ইনফ্লুয়েনসল [হি] *বিণ* প্রভাবশালী। 'তুলোওয়ালা ইনফ্লুয়েনসল রিফরমড খোট্টার দলের সঙ্গেও সেখানে বাবুর সাক্ষাৎ হতে লাগ্‌লো।' *হুতোম*, ১৮৬১।

ইনফ্লুয়েন্স [হি] *বি* প্রভাব। 'আমার পার্সোনাল ইনফ্লুয়েন্সের দ্বারা অনেকটা উপকার সাধন করতে পারি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ইন্ ভাগান্ত শব্দ [সং] *বি* ইন্ (ঈ) প্রত্যয় শেষে আছে এমন শব্দ, যেমন, যোগিন্ (যোগী)। 'ইন্ ভাগান্ত শব্দ প্রয়োগ বিষয়ে তাহার অন্যথা করা কোনরূপেই যুক্তিসিদ্ধ নহে।' *অক্ষয়*, ১৮৫৩।

ইন্‌স্টিচুসেন [ই] *বি* প্রতিষ্ঠান। 'নেটিব মেডিকাল ইন্‌স্টিচুসেন অর্থাৎ চিকিৎসালয়।' *দর্পণ*, ১৮৩৫।

ইন্‌স্টিংক্ট [ই] *বি* সহজাত প্রবৃত্তি। 'যাহাকে ইংরেজিতে ইন্‌সটিংক্ট বলে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ইন্সটিটিউশন [ই] *বি* প্রতিষ্ঠান; সংস্থা। 'অল ইণ্ডিয়া এডুকেশনাল কনফারেন্স, অমুক ইন্সটিটিউশন, অমুক এসোসিয়েশন ইত্যাদি।' *রোকেয়া*, ১৯১৮।

ইন্ট্রাকশন [ই] *বি* নির্দেশ। 'অনেক ইন্ট্রাকশন দিতে লাগলেন।' *সাদত*, ১৯৬৭।

ইন্সপায়ার করা [ই ইন্সপায়ার+করা] *ক্রি* অনুপ্রাণিত করা। 'তোমার ভাবী ... এসব ব্যাপারে খুব ইন্সপায়ার করে।' *ইলিয়াস*, ১৯৭২।

ইন্‌সপিরিশন, ইন্‌স্পিরেশন [ই] *বি* অনুপ্রেরণা। 'ইংরেজিতে ইন্‌স্পিরিশন বলে।' *রবীন্দ্র*, ১৯০৭; 'মেয়েরা পুরুষের ইন্‌স্পিরেশন জাগাতে পারে।' *রবীন্দ্র*, ১৯৪০।

ইন্সপেকসন [ই] *বি* পরীক্ষণ। 'নীচে অন্ধকারে ঢোকে, ইন্সপেকসন।' *শ্যামল*, ১৯৬৭।

ইন্সপেক্টর, ইন্‌স্পেক্টার [ই] *বি* পরিদর্শক; পুলিশ কর্মকর্তা। 'ম্যাজিস্ট্রেট, ব্যারিষ্টার, ডাক্তার সাহেব, ইন্সপেক্টর ...।' *মশাররফ*, ১৮৬৯; 'লাফ দিয়ে নেমে পড়লেন ইন্‌স্পেক্টার বিজয়বাবু।' *রবীন্দ্র*, ১৯৪১।

ইন্সপেক্টরি [ই+বা ই] *বি* পরিদর্শকের কাজ। 'সে স্কুল-ইন্সপেক্টরি কাজে পেনসন নিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

ইন্সপেক্ট্রেস [ই] *বি* স্ত্রী নারী পরিদর্শক। 'স্কুলের ইন্সপেক্ট্রেস মহোদয়া।' *রোকেয়া*, ১৯২৭।

ইন্সলভেন্ট, ইন্সালবেন্ট [ই] **১** *বি* দেউলিয়াত্ব। 'ইজারাদারেরাও ইন্সালবেন্ট লইতে বাধ্য হইবেন।' *প্রভাকর*, ১৮৫৩। **২** *বিণ* দেউলিয়া সংক্রান্ত। 'এর মধ্যে একটি ইন্সলভেন্ট কেস পেয়েছিলাম।' *গিরিশ*, ১৮৮৬। *দ্র* **ইনসলবেন্ট, ইনসলবেন্ট**

ইন্সোরেন্স [ই] *বি* বিমা। 'ইন্সোরেন্স কোম্পানি নামক এক নূতন বিমা করিবার আপিস ...।' *দর্পণ*, ১৮২৬।

ইপিকা [ই] *বি* দক্ষিণ আমেরিকার ওষধিবিশেষের মূলের নির্যাস। 'তিনি রামসদয়ের জ্বরে কুইনাইন, কাসিতে ইপিকা ...।' *বঙ্কিম*, ১৮৭৪।

ইণ্ডার [আ ইফতার] *বি* ইফতার। 'উষ্ণকাল হইলে ইণ্ডার কর জলে।' *আলাওল*, ১৬৮০।

ইফতার [আ] *বি* ইসলামধর্ম মতে সারাদিন উপবাস করে সূর্যাস্তের পর খাদ্য ও পানীয় গ্রহণ। 'শরবত-শির্ণী-ইফতার-ওয়ালা রোজা নয়...।' *বেনজীর*, ১৯৪৫। *দ্র* **এফতার**

ইফতারি [আ ইফতার+বা ই] *বি* ইফতারের খাদ্য। 'প্রতি সন্ধ্যায় তার ইফতারি।' *হাই*, ১৯৪৭।

ইব[১] [সং] *বিণ* মতো। 'রাম রম্ভা ইব অতি সুগঠন উরু।' *মানিকরাম*, ১৭৮১।

ইব[২] [ই] *বি* ইভ; ইহুদী, খ্রিস্ট ও ইসলামধর্ম অনুযায়ী প্রথম মানবী; হাওয়া। 'এই কাব্যে যেখানে আদম ও ইবের কথা আছে ...।' *বঙ্কিম*, ১৮৮৭। *দ্র* **ইভ**

ইবনে [আ] *বি* অমুকের পুত্র। 'শ্রীগদাধার দত্ত ইবনে শ্রীরামদুলাল দত্ত [রামদুলালের পুত্র গদারাম]।' *ওসাঁ*, ১৭৮২। *দ্র* **এবনে**

ইবলিশ, ইবলিস [আ ইবলিস] **১** *বি* (ইসলাম-ধর্মমতে) শয়তান। 'রোয়ে ওযযা-হোবল ইবলিস খারেজিন, – কাঁপে জিন।' *নজরুল*, ১৯২৪। **২** *বিণ* দুষ্ট প্রকৃতির। 'সব চেয়ে ভাই ইবলিশ হয় যে ছেলেদের ঘাড় কোঁতা।' *নজরুল*, ১৯২৬। *দ্র* **ইব্লিশ**

ইবলিশী [আ ইবলিস>] *বিণ* বদ; মন্দ। 'এই ধরনের ইবলিশী খেয়ালের চিরাবসান কামনা করি।' *বেগম*, ১৯৫১।

ইবশালি [ফা ইমসাল] *বিণ* বর্তমান বছরের। *এডমন*, ১৭৯৩। *দ্র* **ইমশাল, ইমসন**

ইবার *ক্রিবিণ* এখন; এবার। 'রাখিব ইবার ইহোঁ পুত্র তোমারে।' *মালাধর*, ১৫০০।

ইবে **১** *ক্রিবিণ* এখন। 'ইবে পাপ কাজ লাগি সাধ মহাদানে।' *বড়ু*, ১৪৫০। **২** *সর্ব* এটা। 'বলহ বড়াই ইবে কোন বুদ্ধি করি।' *বড়ু*, ১৫৭০।

ইব্লিশ, ইব্লিস [আ] *বি* (ইসলাম-ধর্মমতে) শয়তান। 'ইব্লিস পাপিষ্ঠ তাকে ভোলাইতে নারিব।' *সুলতান*, ১৭০০; 'ইব্লিশ অর্থাৎ সয়তানের জন্যও পোষাক প্রস্তুত করিয়া দিতে পারি।' *প্রভাত*, ১৮৯৭। *দ্র* **ইবলিশ, ইবলিস**

ইভ[১] [সং] *বি* হাতি। 'কোপে সেন অগ্নি হেন ইভ যে জ্বন বাটং।' *মনিরাম*, ১৭৮১।

ইভ[২] [ই] *বি* ইহুদী, খ্রিস্ট ও ইসলাম ধর্ম অনুযায়ী প্রথম মানবী; হাওয়া। 'আডাম ও ইভ জ্ঞানবৃক্ষের ফল খাইবার পূর্বে যে সহজ বেশে ভ্রমণ করিতেন...।' *রবীন্দ্র*, ১৮৯৩। *দ্র* **ইব**[২]

ইভনিং ওয়াক [ই] *বি* সান্ধ্যকালীন হাঁটা। 'এই ইভনিং ওয়াকে এসেছিলাম।' *গিরিশ*, ১৮৮৬।

ইভোলিউশন [ই] *বি* বিবর্তনমূলক প্রক্রিয়া। 'এর রিফর্ম হবে ইভোলিউশন দিয়ে নয়।' *নজরুল*, ১৯৩২।

ইমতিহান [আ] *বি* পরীক্ষা। 'উইলসন সাহেব কর্তৃক ছাত্রেরদের ইমতিহান সম্পন্ন হইয়াছিল।' *দর্পণ*, ১৮৩০। *দ্র* **ইম্তিহাম, ইম্তেহাম**

ইমন[১] [আ] *বি* ঘোড়া। 'পুনরপি ইমনে চলিল শীঘ্রগতি।' *আলাওল*, ১৬৮০।

ইমন[২] [আ ইয়মন] *বি* (সংগীত) সন্ধ্যাকালীন রাগিণীবিশেষ। 'ইমনে কেদারায় বেহাগে বাহারে।' *রবীন্দ্র*, ১৯৩০।

ইমনকল্যাণ [আ ইয়মন+স কল্যাণ] *বি* ইমন ও কল্যাণ সুরের মিশ্রণে উদ্ভাবিত রাতের প্রথম প্রহরে গাওয়ার রাগ। 'মুলতান, ইমন-কল্যাণ, কেদারা প্রভৃতিতে কী কী সুর বাদী আর কী কী সুর বিসবাদী।' *রবীন্দ্র*, ১৮৮১।

ইমনকানড়া [আ ইয়মন+কানড়া] *বি* ইমন ও কানড়া যোগে উদ্ভাবিত রাগিণীবিশেষ। 'বাগশ্রী – ইমনকানড়া এবং বিলাওলের যোগে উৎপন্ন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ইমপ্রেস করা [ই] *ক্রি* মনে দাগ কাটা; কারও মনে অনুকূল ধারণা সৃষ্টি করা। 'মেয়েদের যদি ইমপ্রেস করতে চাও ...।' *রশীদ*, ১৯৬৩।

ইমসন [ফা ইম +আ সন] *ক্রিবিণ* এই বছর। 'আড়ঙ্গ মজকুরে ইমসন ফরমাইশ মবলগে ২৪৪০ থান।' *তাঁতি*, ১৭৯২।

ইমান [আ] *বি* ইমান; ধর্মীয় বিধানে বিশ্বাস। *ওসাঁ*, ১৭৮৫; 'ইমান ধন আখেরের পুঁজি।' *লালন*, ১৮৯০।

AMARBOI.COM

ইমানদার [আ ইমান+ফা দার] *বিণ* ধর্মবিশ্বাসী। *বিদ্যা*, ১৮৯১; 'ইমানদার ও আমলদার হও।' *রওশন*, ১৯২৫।

ইমানদারী [আ ইমান+ফা দারি] *বি* ধর্মশীলতা। 'চোখ বুঁজিয়া অনাচার দর্শন করার নাম ইমানদারী নহে।' *জামায়াত*, ১৯৪১।

ইমাম [আ] **১** *বি* মুসলমানদের নামাজ (উপাসনা) পরিচালনা করেন যিনি। 'আপনে ইমাম নবী পাছে সর্বজন।' *সুলতান*, ১৭০০। **২** *বি* ধর্মীয় নেতা। 'বন্দিনু ইমাম বার চৈদ্দ মাসুমে।' *গরীব*, ১৭৬৫।

ইমামতি [আ ইমামত>] *বি* নামাজ বা উপাসনা পরিচালনার কাজ। 'বাঙ্গ ইমামতি কিবা শিশুরে পড়াএ।' *আলাওল*, ১৬৮০।

ইমামবারা [আ ইমাম+ফা বারা] *বি* মহরমের অনুষ্ঠানের জন্য ব্যবহৃত গৃহবিশেষ। 'এক ইমামবারা।' *দর্পণ*, ১৮৩২।

ইমারত [আ] **১** *বি* অট্টালিকা; বড়ো দালান। 'ক্ষেতি পরে ইমারত করিল বিস্তর।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* বাড়ি। *মানোএল*, ১৭৪৩; 'ইমারত ও রাস্তা ও পুল।' *দর্পণ*, ১৮৩৩।

ইমারতখানা [আ ইমারত+ফা খানা] *বি* সৌধ। 'প্রিয়ার বিরহে কাতর হয়ে ইমারতখানা তৈরি করেছিলেন।' *মুজতবা*, ১৯৫৯।

ইমারতি, ইমারতী [আ ইমারত>] **১** *বিণ* বাড়ি সংক্রান্ত। 'ইমারতী খরচ ১৬০০০।' *দর্পণ*, ১৮২৮। **২** *বিণ* দালান নির্মাণ বিষয়ক। 'ইমারতি কর্ম।' *দর্পণ*, ১৮৩০।

ইমার্জেন্সি, ইমার্জেন্সী, ইমার্জেন্সী [ই] **১** *বিণ* জরুরি। 'ইমার্জেন্সী ফোর্সও মুছলমানশূন্য।' *আজাদ*, ১৯৪৭। **২** *বি* হাসপাতালের জরুরি বিভাগ। 'ইতিমধ্যে ইমার্জেন্সীতে এসে গেছি।' *হাফিজুর*, ১৯৫৩।

ইমিডিয়েট [ই] *বি* অবিলম্বে করতে হবে যা। 'আর্জেন্ট আর ইমিডিয়েটের ভিড় বাড়ে।' *সাদত*, ১৯৬৭।

ইমোশনাল [ই] *বিণ* আবেগতাড়িত। 'আমাদের মূল ত্রুটি হচ্ছে আমরা বড়ো একপেশে – ইমোশনাল।' *রবীন্দ্র*, ১৯২১।

ইম্পার্সোনাল, ইম্পার্সোন্যাল [ই] *বিণ* ব্যক্তিনিরপেক্ষ। 'ইংরেজিতে বলে ইম্পার্সোনাল।' *রবীন্দ্র*, ১৯২৯; 'আমার স্বভাবটা ইম্পার্সোন্যাল।' *রবীন্দ্র*, ১৯৩৪।

ইম্পীরিয়ল [ই] *বিণ* রাজকীয়। 'ইম্পীরিয়ল রথযাত্রার লম্বা দড়িতে ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ইম্পীরিয়ালিজম [ই] *বি* রাজনৈতিক প্রভাব এবং সামরিক শক্তির সাহায্যে আন্তর্জাতিক বিশ্বে কোনো দেশের প্রভাব বিস্তারের নীতি; সাম্রাজ্যবাদ। 'ইম্পীরিয়ালিজম স্বার্থজাল বিস্তার করাকেই মহত্ত্ব বলিয়া গণ্য করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

ইম্প্রেশনিস্ট [ই] *বিণ* ধারণাবাদী। 'নবযুগের সমালোচকেরা নিজেদের ইম্প্রেশনিস্ট বলে পরিচয় দেয়।' *প্রমথ*, ১৯২৭।

ইয়ামী [ফা] *বি* ফসল দিয়ে প্রদত্ত খাজানা। *ওসাঁ*, ১৭৮২। 'প্রজা কহে আমাদিগের ফসল ইয়ামী তলব সাবেক ইজারদার লইত।' *ওসাঁ*, ১৭৮২।

ইয়ং বেঙ্গল, ইয়ং বাঙাল, ইয়ং বাঙ্গাল [ই ইয়ং+ই বেঙ্গল] *বি* ১৮৩০-৪০ দশকের ইংরেজিশিক্ষিত পাশ্চাত্যপন্থী তরুণ বাঙালি সম্প্রদায়। 'সোনার বাঙাল করে কাঙাল, ইয়ং বাঙাল যত জনা।' *গুপ্ত*, ১৮৫৮; 'ইয়ং বাঙ্গালদের টেবিলে খাওয়া, পেন্টুলন (ভয়ানক গরমিতেও) বনাতের বিলাতি কট্ চাপকান পরা।' *হুতোম*, ১৮৬১; 'হিন্দু কলেজে শিক্ষাপ্রাপ্ত এজুরা বা ইয়ং বেঙ্গলেরাই অশিক্ষা, বাল্যবিবাহ, বহুবিবাহ ও বিধবাবিবাহ সম্বন্ধে ... আন্দোলনের সূচনা করেন।' *শরীফ*, ১৯৭০।

ইয়ংবেঙ্গালি [ই ইয়ং+ই বেঙ্গল>] *বিণ* ইয়ংবেঙ্গলসুলভ। 'ইয়ংবেঙ্গালি ঘুসি খেয়ে ... একেবারে ঘুরে পড়লেন।' *হুতোম*, ১৮৬১।

ইয়ঙ্গ ম্যান [ই] *বি* পাশ্চাত্যপন্থী তরুণ। 'তনলেম, আপনী একজন এডুকেটেড ইয়ঙ্গ ম্যান।' *গিরিশ*, ১৮৮৬।

ইয়ৎ [সা] *বিণ* এই। 'নীচে লিখিতব্য ইয়ৎ২ সংখ্যা।' *দর্পণ*, ১৮৩০।

ইয়ত্তা [সা] **১** *বি* সংখ্যা। 'ইহাতে ইয়ত্তা পরিমাণ কিছু নাই ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। **২** *বি* পরিমাপ। 'সমুদ্রের জলের ইয়ত্তা করা দুঃসাধ্য।' *বিদ্যা*, ১৮৫১। **৩** *বি* সীমা। 'আমাদের মধ্যে আত্ম-গরিমা প্রকাশের ইদানীং ইয়ত্তা নাই।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৪** *বি* আন্দাজ। 'একটি মানুষের সমস্ত কে ইয়ত্তা করিতে পারে? *রবীন্দ্র*, ১৮৯৭।

ইয়ল *বি* কুয়াশা। 'না উঠিতে পারি আমি ইয়লের লাগিয়া।' *অবন*, ১৯১৯।

ইয়া *বিণ* এই। 'সাধক ইয়া রূপ রহিলা ধেয়াই।' *সুলতান*, ১৭০০।

ইয়া উয়া *বি* এটা সেটা। 'ইয়া উয়া পরে সেজেছ সং।' *নজরুল*, ১৯২৪।

ইয়াকুত [আ] *বি* পদ্মরাগ মণি; চুনি। 'জড়ো করি লাল, পোখরাজ আর ইয়াকুত ভরা দিন।' *ফররুখ*, ১৯৪৩।

ইয়াঙ্কি [ই] *বি* মার্কিন যুক্তরাষ্ট্রের অধিবাসী। 'এক জন ইয়াঙ্কি আমার কাছে এসে দুঃখ করছিল।' *জীবন*, ১৯৩২।

ইয়াত্তা [স ইয়ত্তা] *বি* হিসাব। 'কত জননী সন্তান হারা হল তার ইয়াত্তা নেই।' *বেগম*, ১৯৫২।

ইয়াদ [ফা] **১** *বি* স্মরণ। 'এলাহীর বাত তুমি না কর ইয়াদ।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* যত্ন। 'খুব ইয়াদ রাখিয়া কার্য্য করিবা।' *তাঁতি*, ১৭৯২।

ইয়াদদস্ত, ইয়াদদাস্ত [ফা ইয়াদদাস্ত] **১** *বি* স্মারকলিপি। 'ইয়াদদস্ত।' *মেয়র্স*, ১৭৫৭। **২** *বিণ* লিপিবদ্ধ। 'উহাতে ইয়াদদাস্ত করিয়া রাখিয়াছি।' *বঙ্কিম*, ১৮৭৪।

ইয়াদ রাখা *ক্রি* খেয়াল রাখা। 'বুজীয়া কার্য্য করিবা এবং ইয়াদ রাখীবা।' *তাঁতি*, ১৭৯২।

ইয়াদা [ফা ইয়াদ] *বি* খেয়াল। *বিদ্যা*, ১৮৯১।

ইয়াদি, ইয়াদী [ফা ইয়াদ>] *বি* চিঠি শুরু করার গতবিশেষ। 'ইয়াদি ... সকল মঙ্গলালয় শ্রীযুত রাধাকৃষ্ণ পাল তেলি ঘুচরিতেষু।' *মেয়র্স*, ১৭৫৭।

ইয়াদিদাস্ত [ফা ইয়াদদাস্ত] *বি* স্মারকলিপি। 'ইয়াদিদাস্ত সাধুশ্রী তিলকরাম পাল ঘুচরিতেষু ...।' *মেয়র্স*, ১৭৫৭।

ইয়াদীকির্দ্দ – (দলিলপত্রে ব্যবহৃত শব্দ) মনে থাকে যেন। 'ইয়াদীকির্দ্দ সকল মঙ্গলালয় শ্রীলালবেহারী দাস।' *ওসাঁ*, ১৭৮২।

ইয়ার [ফা] **১** *বি* বন্ধু। 'ইমামের এই লেখা তোমার ইয়ার দেখা।' *গরীব*, ১৭৬৫। **২** *বিণ* অন্তরঙ্গ। *ওসাঁ*, ১৭৮৫। **৩** *বি* রসিক। 'ইয়ার গোচের ব্রাহ্মণেরা শহর-ঘেঁষা।' *প্যারী*, ১৮৫৮।

ইয়ারগিরি [ফা] *বি* বন্ধুত্ব। 'আপনার সঙ্গে আমার বেরাদরি, ইয়ারগিরি বহু বৎসরের।' *মুজতবা*, ১৯৫২।

AMARBOI.COM

ইয়ারঘেঁষা [ফা ইয়ার+ঘেঁষা] *বিণ* বন্ধুদের সঙ্গে চলে এমন রঙ্গ-রসিকতাপূর্ণ। 'ডিয়ারটাও একটু ইয়ার-ঘেঁষা।' *সত্যেন্দ্র*, ১৯১২।

ইয়ার-দুস্ত [ফা ইয়ার+ফা দোস্ত] *বি* ঘনিষ্ঠ বন্ধুবান্ধব। 'ইয়ার-দুস্ত এইসব ছাইড়া যাবার পার নাই।' *মনসুর*, ১৯৫৫।

ইয়ারবক্সি, ইয়ারবক্সী [ফা ইয়ার+ফা বখশী] *বি* তুচ্ছ ও হালকা আনন্দে বা কাজে সাহায্যকারী বন্ধুর দল। 'বরের সব ইয়ার বক্সি চলিয়াছে ...।' *প্যারী*, ১৮৫৮; 'ইয়ারবক্সীর সঙ্গে শুকনো রুটি চিবনো ভালো।' *মুজতবা*, ১৯৪৯।

ইয়ারবর্গ [ফা ইয়ার+স বর্গ] *বি* বন্ধুরা। 'খুড় মহাশয় উত্তর দানে বিমুখ হন, দুও দুও বলিয়া, হাত তালি দিয়া ইয়ারবর্গ লইয়া কিয়ৎক্ষণ আনন্দে নৃত্য করিব।' *বিদ্যা*, ১৮৭৩।

ইয়ারলোক [ফা ইয়ার+স লোক] *বি* বন্ধুজন। 'তাঁহারা ... দশজন চেটক ও যোটক ইয়ারলোক লইয়া গাঁজা চরস খান।' *ভবানী*, ১৮২৮।

ইয়ারি [ফা ইয়ার>] *বিণ* ইয়ার বা বন্ধুসম্পর্কিত। 'চার ইয়ারি কথা।' *প্রমথ*, ১৯১৬।

ইয়ারকি [ফা] *বি* রসিকতা; ফাজলামি। 'তুই টিপ কেটে আঁচল ধরে ইয়ারকি দিতে এইচিস।' *দীনবন্ধু*, ১৮৬৩। *দ্র* **ইয়ার্কি**

ইয়ারকি দেওয়া *ক্রি* বন্ধুর মতো মেলামেশা করা। 'মা যদি টের পান যে আমি একটি কালো লোকের সঙ্গে ইয়ারকি দিই ... বাড়ি ছাড়তে হবে।' *প্রমথ*, ১৯১৫।

ইয়ার ফোন [ই] *বি* কানে লাগিয়ে শোনার যন্ত্র। 'তাদের জন্য ঘরে ঘরে ইয়ার ফোনের ব্যবস্থা করা হয়েছে।' *মুজতবা*, ১৯৫২।

ইয়ারবুক [ই] *বি* বর্ষপঞ্জী। 'নোট লেখেন, ইয়ারবুক সংকলন করেন।' *নরেন্দ্র*, ১৯৫২।

ইয়ারিং [ই] *বি* কানের দুল। 'নায়েবের স্ত্রীর একজোড়া ইয়ারিং বাহির হইল।' *রবীন্দ্র*, ১৯০০।

ইয়ার্কি [ফা] *বি* লঘু রসিকতা; ফাজলামি। 'দীনবন্ধুর ইয়ার্কি মুখস্থ করে।' *হরপ্রসাদ*, ১৮৭৮।

ইয়ার্কি কাটা [ফা ইয়ার>+কাটা] *ক্রি* হাসি-তামাসা করা। 'সিগারেট টানছে, ইয়ার্কি কাটছে।' *জীবন*, ১৯৩২।

ইয়ার্ড [ই] ১ *বি* জাহাজ তৈরির কারখানা। 'ইহা মিং জেমস স্কাট কোম্পানির ইয়ার্ড অর্থাৎ জাহাজের কারখানা ছিল।' *দর্পণ*, ১৮৩০। ২ *বি* বন্দর-ঘাট। 'ব্রজর সম্প্রতি ইয়ার্ডে কর্ম হয়েচে বয়সও অল্প।' *হুতোম*, ১৮৬১।

ইয়ুনিটেরিয়ান [ই] *বি* ট্রিনিটি অর্থাৎ ত্রিত্বের পরিবর্তে এক ঈশ্বরে বিশ্বাসী খ্রিস্টান ধর্মসম্প্রদায়বিশেষ। 'খ্রিষ্টীয় ধর্মও রূপান্তরিত ও পরিশোধিত হইয়া ক্যাথলিক, প্রটেষ্টাণ্ট, ইয়ুনিটেরিয়ান প্রভৃতি বিবিধ সম্প্রদায়ে বিভক্ত হইল।' *অক্ষয়*, ১৮৫৪।

ইয়ুরোপ [ই ইউরোপ] *বি* ইউরোপ। **ইয়ুরোপীয়** [ই ইউরোপ+স ঈয়] *বিণ* ইউরোপ মহাদেশের। 'ইয়ুরোপীয় লোকের বুদ্ধিবৃত্তি ... মার্জিত হইতে লাগিল।' *অক্ষয়*, ১৮৫৪।

ইয়ে [ধ্বন্যা] অব্য মনে পড়ছে না এমন শব্দের পরিবর্তে ব্যবহৃত শব্দ। 'একটু ইয়ে হয়েছে বটে, বিশেষ কিছু নয়।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইয়েসমেন [ই ইয়েস-ম্যান] *বি* অন্ধ অনুসারী; মোশায়েব। 'দু-চারটে মোসাহেব ইয়েসমেন ছিল সন্দেহ নেই।' *মুজতবা*, ১৯৪৯।

ইয়োগুর্ৎ [ই ইয়োগার্ট] *বি* দই। 'ইয়োগুর্ৎ (দই) চিংড়ি, স্টাফট অলিভ, সিরকার পেঁয়াজ।' *মুজতবা*, ১৯৫২।

ইয়োরোপ [ই] *বি* এশিয়ার পশ্চিমে অবস্থিত মহাদেশ। 'ইয়োরোপ গ্রীস হতেছে উজ্জ্বল খৃষ্টান।' *জীবন*, ১৯৪২। *দ্র* **ইউরোপ, য়োরোপ**

ইয়োরোপীয়ন [ই] *বি* ইউরোপের অধিবাসী। 'এটা ইউরোপীয়নদের জন্য।' *মুজতবা*, ১৯৪৯।

ইয়োরোপীয় [ই ইয়োরোপ+স ঈয়] *বিণ* ইউরোপীয় ঢঙে চালিত। 'রেস্তোরাঁ প্রতিষ্ঠানটি মোটামুটি ইয়োরোপীয়।' *মুজতবা*, ১৯৫২।

ইরম্মদ [স] ১ *বি* মেঘ। 'উড়পতি গেল যেন ইরম্মদে ঢাকা।' *মানিকরাম*, ১৭৮১। ২ *বি* বজ্রাগ্নি। 'যার দ্রুত ইরম্মদে, গভীর গর্জনে, দেবকলেবর কাঁপে করি থরথর।' *মাইকেল*, ১৮৬০। ৩ *বি* হাতি। 'ইরম্মদাকৃতি বাঘ ধরিল মৃগীরে।' *মাইকেল*, ১৮৬১। ৪ *বি* বজ্র। 'ইরম্মদ-তেজা মর্মভেদী দেব-অস্ত্র শোভে হে দক্ষিণে।' *মাইকেল*, ১৮৬২।

ইররেগুলর [ই ইরেগুলার] *বিণ* অনিয়মিত। 'রামগর ইররেগুলর কাবেলরী দলের কিয়দংশ।' *সুধাবর্ষণ*, ১৮৫৫।

ইরশাল, ইরসাল [আ ইরসাল] *বি* খাজনার চালান। 'আজ্ঞি ত সবার শির করিব ইরসাল।' *গরীব*, ১৭৬৫; 'খাজনার টাকা, আদায় ইরশাল, হস্তবুদ।' *বিভূতি*, ১৯৩৮।

ইরাকি, ইরাকী [আ ইরাক] *বি* ইরাকের অধিবাসী। 'ইরাকি তুরকি তাজী।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'ইরাকী তুরকী তাজী আরবী জাহাজী।' *ভারত*, ১৭৬০।

ইরাণি, ইরাণী, ইরানি, ইরানী [ফা] *বিণ* ইরানীয়। 'থামে বাঁধা কত বাজী, ইরাণি তুরকি তাজি।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'অমুরি ও ইরানী তামাকের গোবর্দ্ধন হয়েচে।' *হুতোম*, ১৮৫৮; 'ঝুরে সুখীর ঘন লালী উষ্ণীষে ইরানি দূরানি তূর্কির।' *নজরুল*, ১৯২৪; 'মিসরী, তুর্কী, তাতারী, তুরাণী, ইরাণী, কাবুলী সবে।' *মাহেনও*, ১৯৪৯।

ইরাবতী [স] *বি* মিয়ানমারের নদীবিশেষ। 'ইরাবতী নদীর মধ্যবর্ত্তী স্থানে সঙ্গল নামে এক নগরের নাম উক্ত করেন।' *অক্ষয়*, ১৮৪৮।

ইরূপ *বি* এই রূপ। 'ইরূপ দেখিআ কেহ না মেলিল আখি।' *মালাধর*, ১৫০০।

ইরেগুলারিটি [ই] *বি* অনিয়ম। 'এ সময় ইরেগুলারিটি ভালো হবে না।' *নরেন্দ্র*, ১৯৪৯।

ইরেজার [ই] *বি* পেন্সিলের দাগ মোছা যায় এমন রবার-খণ্ডবিশেষ। 'রবার বোলো না, বোলো ইরেজার।' *মণীশ*, ১৯৬৩।

ইর্চা, ইর্চ্চা [স ইচ্ছা] *বি* বাসনা। 'তাহানে দেখিতে জাব ইর্চ্চা থাকে মনে।' *মালাধর*, ১৫০০।

-ইল *প্রত্যয়, ক্রিয়াবিভক্তি*। 'ফুটিল কদমফুল ভরে নৌআইল ডাল।' *বড়ু*, ১৪৫০।

ইলম [আ] *বি* বিদ্যা; জ্ঞান। 'তোমার চেয়ে অনেক বেশি ইলম বখশিশ করিয়াছি।' *মনসুর*, ১৯৫০। *দ্র* **এলেম**

ইলশা [স ইলীশ>] *বি* মাছবিশেষ; ইলিশ। *ওসাঁ*, ১৭৮৫। *দ্র* **ইলসা, ইলিশ**

ইলশা-কাটা [স ইলীশ>] *বিণ* কুটিকুটি করে কাটা এমন। 'বাবুর্চিখানার বঁটি দিয়া কোপাইয়া ইলশা-কাটা করিল।' *মনসুর*, ১৯৩৫।

ইলশেগুঁড়ি [স ইলীশ>] *বি* গুঁড়ি গুঁড়ি বৃষ্টি। 'কেয়া-ফুলের রেণুর সাথে ইলশে-গুঁড়ির কোলাকুলি।' *সত্যেন্দ্র*, ১৯১২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ইলসা [স ইলীশ] *বি* ইলিশ মাছ। 'ইলসা মাচের ভাজা ...।' *কেরি*, ১৮০২।

ইলসে গুড়ুনি [স ইলীশ>] *বি* গুঁড়ি গুঁড়ি বৃষ্টি। 'কখনও মুষলের ধার, কখনও ইলসে গুড়নি।' *বঙ্কিম*, ১৮৮৪।

ইলাস্টিক [ই] *বিণ* স্থিতিস্থাপক; রাবারের তৈরি। 'পাজামার ইলাস্টিক ব্যাণ্ড আলগা করে টেনে নাবিয়ে আনল।' *শ্যামসুন্দর*, ১৯৭৩।

ইলাহি, ইলাহী [আ] **১** *বি* প্রভু। 'ইলাহির সনে দেখা হৈল নি তোহ্মার।' *সুলতান*, ১৭০০। **২** *বি* বর্ষপঞ্জির নাম। 'মোগল সম্রাট আকবর, হিজিরা নামের পরিবর্তে ঐ শালকে ইলাহী নামে প্রতিষ্ঠিত করেন।' *বিদ্যা*, ১৮৫১। **৩** *বিণ* বিরাট। 'ইলাহি ঘর, আশ্চর্য সব আসবাবে সাজানো।' *শিবরাম*, ১৯৫০। *দ্র* **এলাহি**

ইলাহি ব্যাপার [আ ইলাহি+স ব্যাপার] *বি* বিরাট আয়োজন। 'গিয়ে দেখেন হৈহৈ রৈরৈ, ইলাহি ব্যাপার।' *মুজতবা*, ১৯৫২।

ইলিবিলি [আ ইলাহ>] *বিণ* হাবিজাবি। 'কথা কয় ইলিবিলি, মুখেতে পানের খিলি।' *গুপ্ত*, ১৮৫৮।

ইলিমিলি [আ ইলাহ>] *বি* অস্পষ্ট মন্ত্র। 'ইলিমিলি জপে সদা ছিলিমিলি মালে।' *ভারত*, ১৭৬০।

ইলিশ, ইলিস [স ইলীশ] *বি* সাদা আঁশযুক্ত প্রধানত লোনাপানির সুস্বাদু মাছবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'অসময়ের ইলিস মৎস্য।' *ভবানী*, ১৮২৩; 'বিরহ বিষাদিনী, মন দুঃখে কিনিল ইলিশ।' *বঙ্কিম*, ১৮৭৩।

ইলিশা [স ইলীশ] *বি* সাদা আঁশযুক্ত প্রধানত লোনাপানির সুস্বাদু মাছবিশেষ। 'খরশুস্তা তপসিয়া পাঙ্গাস ইলিশা।' *ভারত*, ১৭৬০।

ইলিশাস্থি [ই ইলীশ+অস্থি] *বি* ইলিশ মাছের কাঁটা। 'ফলে ইলিশাস্থি তাঁহার গলাস্থ হয়।' *মুজতবা*, ১৯৫৯।

-ইলেঁ *ক্রিয়াবিভক্তি*। 'এত কাল হাউঁ অচ্ছিলেঁ স্বমোহেঁ।' *চর্যা*, ১২০০।

ইলেকটিরি [ই ইলেক্ট্রিক] *বি* বৈদ্যুতিক মাধ্যম। 'পূর্ব পশ্চিমে মেন দেখন-হাসি, ইলেকটিরিতে খবর পাঠাল, না বয়স্কাউটের নিশানে নিশানে কথাবার্তা।' *মুজতবা*, ১৯৫৮।

ইলেকটোরাল [ই] *বিণ* নির্বাচনসংক্রান্ত। 'ইলেকটোরাল কলেজের সদস্যদের মনে এই প্রত্যয়।' *আজাদ*, ১৯৬৮।

ইলেকটোরেট [স] *বি* নির্বাচকমণ্ডলী। 'ভোট, ভেটো, নির্বাচন, ইলেকটোরেট ... নিত্য শুনে থাকি।' *হাই*, ১৯৫৮।

ইলেকট্রন [ই] *বি* পরমাণুর অবিভাজ্য তিন রকমের উপাদানের অন্যতম (অন্য দুটি প্রোটন ও পজিট্রন)। 'ইলেক্ট্রন-কণা যে বৈদ্যুতের বাহন সে নেগেটিভধর্মী।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ইলেক্ট্রিক, ইলেক্ট্রিক [ই] **১** *বিণ* বৈদ্যুতিক। 'তড়িদুৎপাদক যন্ত্র ইংরাজী ভাষায় ইলেক্ট্রিক ব্যাটারী।' *অক্ষয়*, ১৮৫০; 'অপিচ ভারতবর্ষে ইলেক্ট্রিক নির্ম্মাণ আরম্ভ হইয়াছে ...। *প্রভাকর*, ১৮৫৩; 'যেমন মনে করিয়াছিলাম তেমন করিয়া ইলেকট্রিক আলো জ্বালাইতে পারিলাম না।' *রবীন্দ্র*, ১৯১২। **২** *বিণ* বিদ্যুৎ-চালিত। 'ইলেকট্রিক লাইট, ফ্যান।' *রোকেয়া*, ১৯২১। **৩** *বি* বিদ্যুৎ বা বিদ্যুতের লাইন। 'ওপারে ইলেকট্রিক এসেছে।' *শ্যামল*, ১৯৬৭।

ইলেকট্রিক ট্রেন [স] *বি* বিদ্যুৎ-চালিত রেলগাড়ি। 'ইলেকট্রিক ট্রেন চালু হলেই ...।' *শ্যামল*, ১৯৬৭।

ইলেকট্রিক বেল [স] *বি* বৈদ্যুতিক ঘন্টা। 'ইলেকট্রিক বেল পর্যন্ত নেই।' *মুজতবা*, ১৯৬৬।

ইলেকট্রিক্যাল [ই] *বিণ* বৈদ্যুতিক। 'তাঁর ইলেকট্রিক্যাল গুডস-এর কারবার।' *শিবরাম*, ১৯৭০।

ইলেকট্রিসিটি [ই] *বি* বিদ্যুৎ। 'ইলেকট্রিসিটি ঠোকা-ঠুকির দরুনই এই বজ্র উৎপাতের সৃষ্টি।' *নজরুল*, ১৯২২।

ইলেক্ট্রিক ব্যাটারি [ই] *বি* বিদ্যুৎ-উৎপাদক রাসায়নিক ব্যবস্থা। 'এই তড়িদুৎপাদক যন্ত্র ইংরাজী ভাষায় ইলেক্ট্রিক ব্যাটারি নামে খ্যাত।' *অক্ষয়*, ১৮৫৪।

ইলেকশন, ইলেকশান [ই] *বি* ভোট দিয়ে প্রতিনিধি নির্বাচন প্রক্রিয়া। 'ইলেকশন ব্যাপারটার অর্থ কী।' *রবীন্দ্র*, ১৯০৫; 'তারাও পিছু হটলেন সামনের ইলেকশানে জনপ্রিয়তা হারাবার ভয়ে।' *বেগম*, ১৯৫৩।

ইলেমান [ফ] *বিণ* জর্মন। *ওসাঁ*, ১৭৮৫।

ইল্যান্ড [ই] *বি* এক জাতের হরিণ। 'ইল্যান্ড হরিণ শিকার করি।' *বিভূতি*, ১৯৩৩।

ইল্লত [আ] *বিণ* নোংরা। 'ইল্লত স্বভাব হলে পানিতে যায় না রে ধুলে।' *লালন*, ১৮৯০।

ইল্লত যায় ধুলে, আর খসলৎ যায় মলে – স্বভাবদোষ সবচেয়ে বড় দোষ। 'ইল্লত যায় ধুলে, আর খসলৎ যায় মলে এই ডাক-পুরুষে কথা।' *নজরুল*, ১৯২৭।

ইশ্‌ক [আ] *বি* প্রেম। 'খাই ইশ্‌কের, ঘাত-শমশের ফের নিই বুক নাঙ্গায়।' *নজরুল*, ১৯২২।

ইশ্কুল [ওল স্কোপেন] *বি* ইশকাপন। 'তুমিও এলে ইশকার বিবির মতন।' *মাহমুদ*, ১৯৬৩।

ইশকাপন, ইশকাফন [ওল] *বি* একটি বিশেষ রঙের তাসের নাম। 'ইশকাফন।' *ওসাঁ*, ১৭৮৫; 'এই হরতন, চিরিতন, রুহিতন, ইশকাপনের চারখানা তাস জুড়ে দিয়ে ভাঁজে ভাঁজে লটকে দিয়েছেন।' *মুজতবা*, ১৯৫৮।

ইশকুল [ই] *বি* বিদ্যালয়। 'সেই কবে ইশকুলের রোল নম্বরের স্মৃতি নিয়ে বেরিয়েছি পথে।' *শ্যামসুন্দর*, ১৯৭০।

ইশতিহার, ইশতাহার, ইশতেহার, ইশতহার [আ ইশতিহার] **১** *বি* বিজ্ঞাপন; নোটিস। 'অতএব ইশতহার দেওা জাইতেছে জে কেহো কড়ি ময়কুর মাষ২ খরিদ করিতে চাহো।' *ক্যালগে*, ১৭৮৭; 'জিনিসের আবশ্যক হইলে তাঁহারা তদ্বিষয়ে বিক্রেতারদিগকে আহ্বনার্থ ইশতেহার দেন।' *দর্পণ*, ১৮৩৩; 'লোকের সন্ধানে খবরের কাগজে ইশতাহার দিলেন।' *মনসুর*, ১৯৩৫; 'ঝটপট ইশতিহার বেরিয়ে গেল।' *মুজতবা*, ১৯৫২। **২** *বি* অনুলিপি। 'ইঙ্গলণ্ডীয় সম্বাদ পত্রে তৎপত্রের ইশতেহার প্রকাশ হয়।' *দর্পণ*, ১৮৩১। *দ্র* **ইস্তাহার**

ইশর [স ঈশ্বর] *বি* পরমেশ্বর। 'হেন মনে পরিভাব জগত ইশর।' *বড়ু*, ১৪৫০।

ইশারা [আ] **১** *বি* ইঙ্গিত। 'ইশারা পাইয়া পড়ে কুফর মাঝার।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* ব্যঞ্জনা। 'আমাদের ভাষার ইশারা নিয়েছে নূতন অর্থ তোমাদের মুখে।' *রবীন্দ্র*, ১৯৩২। **৩** *বি* আভাস। 'সবুজের গায়ে গায়ে এঁকে দিল হলদের ইশারা।' *রবীন্দ্র*, ১৯৩৫। **৪** *বি* আহ্বান। 'শুধু অসীমের ইশারা তাহারা এনেছে আঁখির কোণে।' *রবীন্দ্র*, ১৯৩৮। **৫** *বি* কটাক্ষ। 'কলকাতার লোকে যাকে ইশারা করে বলত ঠাকুরবাড়ির ভাষা।' *রবীন্দ্র*, ১৯৪০। **৬** *বি* হাতছানি। 'অবোধ বালকের পশ্চাতে প্রান্তরের ইশারা মাথা কুটিতে থাকে।' *শওকত*, ১৯৫৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ইশারাপাত [আ ইশারা+স পাত] *বি* ইঙ্গিত প্রদান। 'আমাকে ইশারাপাত করে গেলে।' *জীবন*, ১৯৪০।

ইচ্ছা [স ইচ্ছা>] *ক্রি* ইচ্ছা করা। 'বাহিনী সহিতে সাহা চলিতে ইচ্ছিল।' *আলাওল*, ১৬৮০।

ইশ্বর [স ঈশ্বর] *বি* ওষধি গাছবিশেষ। 'শিররে আছে মোর ঔষধের ঝুলি দেওলি বাঙ্খুলি আর ইশ্বরের মূলি।' *বিজয়*, ১৬৫০।

ইশ্বরপরায়ন [স ঈশ্বরপরায়ণ] *বিণ* ঈশ্বরভক্ত। 'ইশ্বরপরায়ন সত্র ক্ষয়কারী শ্বরনাপন্ন রক্ষিতা মহাশয়।' *ওসাঁ*, ১৭৮২।

ইষ [স ঈষা] *বি* লাঙলের ফলা। 'ইষ সম বিকটদশনা।' *মুকুন্দ*, ১৬০০।

ইষকপট *বি* চেতনা। 'তারের খবর ইষকপটে সহজ হলে হয় উদয়।' *লালন*, ১৮৯০।

ইষকারি [স ঈর্ষাকারী] *বিণ* হিংস্র। 'ইষকারি কুত্তা চলে দিতে চাহে ছোপ।' *বিজয়*, ১৭০০।

ইষকোয়ের [ই Esquire] *বি* নামের শেষে ব্যবহার্য সম্মানসূচক পদবি। 'আমি কখন জ্ঞান হালবেল ইষকোয়ের সাহেবের স্থানে কখন কোনো রেসম খরিদ করি নাই।' *মেয়র্স*, ১৭৫৭।

ইষপাত [প] *বি* কার্বন মিশিয়ে শক্ত-করা লোহা; ইস্পাত। 'ইষপাত ও লোহা ও নোঙ্গর ও স্বাফিল ইহাতে সকলে ১২৫০ তঙ্কা হইয়াছিল।' *মেয়র্স*, ১৭৫৭।

ইষারা [আ ইশারা] *বি* ইঙ্গিত। 'ইষারা করিবে।' *ভবানী*, ১৮২৫।

ইষিত [স ঈষৎ] *বিণ* ঈষৎ। 'ইষিত হাসিয়া তাকে দিলেক উত্তর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ইষু[১] [স] *বি* বাণ। 'প্রলয়ে যেমতি পিনাকী, পিনাকে ইষু বসাইয়া রোষে।' *মাইকেল*, ১৮৬১।

ইষুকার [স] *বি* যে তির তৈরি করে। 'মেধাবী তারে কহেন সিধা ইষুকারের তীরের প্রায়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

ইষু[২] [হি] *বি* ইস্যু; বিচার্যবিষয়। 'সে যুগের ভাষার মামলার ইষু ছিল সবে একটি।' *প্রমথ*, ১৯১৭।

ইষ্ট [স] **১** *বি* আত্মীয়। 'ইষ্ট মিত্র কাহো নাহিঁ চিহ্নে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* উপাস্য। 'তুমি ইষ্ট তুমি মৈত্র দেব নারায়ন।' *মালাধর*, ১৫০০। **৩** *বিণ* পছন্দসই। 'মুদগবড়া মাষবড়া কলাবড়া মিষ্ট/ ক্ষীরপুলী নারিকেল যত পিঠা ইষ্ট।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বি* কল্যাণ। 'অনিষ্ট হইতে যে ইষ্ট লাভ হয় সে প্রাপ্তি ভাল নহে।' *রামরাম*, ১৮০২। **৫** *বি* ইচ্ছা। 'এইক্ষণে তাঁহারদের ইষ্টসিদ্ধ হইতে পারে না।' *দর্পণ*, ১৮৩২।

ইষ্টকামনা [স] *বি* মঙ্গল আকাঙ্ক্ষা। 'তব ইষ্টকামনায় করেছি পীড়ন।' *গিরিশ*, ১৮৮৭।

ইষ্টকামী [স] *বিণ* কল্যাণ প্রত্যাশী। 'তোমরা যারা ইষ্টকামী।' *অন্নদা*, ১৯৫৪।

ইষ্টকুটুম [স ইষ্ট+স কুটুম্ব] *বি* আত্মীয়স্বজন। 'আমোদের ইষ্টকুটুম আমার সব।' *জীবন*, ১৯৪৮।

ইষ্টগোষ্ঠী [স] *বি* আত্মীয়স্বজন। 'ইষ্টগোষ্ঠী বিচার করি না করিহ রোষে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ইষ্টচিন্তা [স] *বি* পারলৌকিক ভাবনা। 'এখন ইষ্টচিন্তা করিয়া কাল কাটাইবার সময়।' *বিভূতি*, ১৯৩১।

ইষ্টদেব [স] *রি* উপাস্য দেবতা। 'ইষ্টদেব বন্দো মোর নিত্যানন্দ রায়।' *বৃন্দা*, ১৫৮০।

ইষ্টদেবতা [স] *বি* আরাধ্য দেবতা। 'ইষ্ট দেবতা সদয় ও সুপ্রসন্ন।' *রামরাম*, ১৮০১।

ইষ্টনাম [স] *বি* সৃষ্টিকর্তার নাম। 'সিংহগণ এই লোমহর্ষক সংঘর্ষের সাংঘাতিক পরিণতি চিন্তা করিয়া সভয়ে রুদ্ধশ্বাসে ইষ্টনাম জপ করিতেছে।' *বনফুল*, ১৯৩৬।

ইষ্টনিষ্ঠ [স] *বিণ* ধর্মীয় আচারাদির প্রতি নিষ্ঠাবান। 'অত্যাচারী ইংরাজগণও ধার্মিক ইষ্টনিষ্ঠ ভট্টাচার্যকে আদর করিত।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

ইষ্টবর [স] *বি* উপযুক্ত আশীর্বাদ। 'খাইয়া নৈবেদ্য তারে ইষ্টবর দিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ইষ্টমন্ত্র [স] *বি* উপাস্য মন্ত্র। 'জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী আমাদের ইষ্টমন্ত্র।' *নজরুল*, ১৯৩১।

ইষ্টমিত্র [স] *বি* আত্মীয়স্বজন। 'ইষ্টমিত্র সভান উল্লাস।' *সুলতান*, ১৭০০।

ইষ্টলাভ [স] **১** *বি* সফলতা লাভ। 'অধর্মের দ্বারা লোকে বৃদ্ধিপ্রাপ্তও হয়, তাতেই সে ইষ্টলাভ করে ... কিন্তু একেবারে মূলের থেকে বিনাশপ্রাপ্ত হয়।' *রবীন্দ্র*, ১৯১৬। **২** *বি* কল্যাণ লাভ। 'ব্যক্তিগত ইষ্টলাভের অনুকূল করা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ইষ্ট-সাধনা [স] *বি* মনোবাসনা পূরণ। 'শৈবদিগের সম্বিদাসেবন ইষ্ট-সাধনার একটি অঙ্গবিশেষ।' *অক্ষয়*, ১৮৫০।

ইষ্টসিদ্ধ [স] *বি* মনোবাসনা পূরণ। 'এইক্ষণে তাঁহারদের ইষ্টসিদ্ধ হইতে পারে না।' *দর্পণ*, ১৮৩২।

ইষ্টসিদ্ধি *বি* বাসনার সফলতা। 'মার্টিনসাহেবের ইষ্টসিদ্ধি হইবে।' *দর্পণ*, ১৮২৯।

ইষ্টানিষ্ট [স ইষ্ট-অনিষ্ট] *বিণ* ভালো-মন্দ। 'ইহার ইষ্টানিষ্ট বিবেচনাব্যতিরেকে ...।' *দর্পণ*, ১৮৩১।

ইষ্টাপত্তি [স ইষ্ট-আপত্তি] *বি* লাভ। 'বালকের প্রাণবধ করায় উহাদের কোন ইষ্টাপত্তি দেখিতেছি না।' *বিদ্যা*, ১৮৬৩।

ইষ্টইণ্ডিয়া [হ] *বিণ* ইস্ট ইণ্ডিয়া কোম্পানিতে কর্মরত। 'ইউরোপীয় বা ইষ্টইণ্ডিয়া ব্যক্তি।' *দর্পণ*, ১৮৩৬।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি [হ] *বি* ১৬০০ সালে ব্রিটেনে প্রতিষ্ঠিত ভারতকেন্দ্রিক ব্যবসায়ী প্রতিষ্ঠান। 'ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি পুরোণো বছরের মত বিদেয় হলেন।' *হুতোম*, ১৮৬১।

ইষ্টক [স] *বি* ইট। 'স্থানে২ মৃত্তিকার মধ্যে ইষ্টক ও প্রস্তর আছে।' *দর্পণ*, ১৮১৮।

ইষ্টকজর্জর [স] *বিণ* ইট ধ্বসে পড়েছে বা ক্ষয়প্রাপ্ত হয়েছে এমন। 'গলির ভিতরকার ইষ্টকজর্জর ... বাড়িগুলির।' *রবীন্দ্র*, ১৮৯২।

ইষ্টকনির্মিত [স] *বিণ* ইটের তৈরি। 'ইহাও একটি অত্যুৎকৃষ্ট ইষ্টকনির্মিত অট্টালিকা।' *মাহেনও*, ১৯৪৯।

ইষ্টকপাত [স] *বি* ইট স্থাপন। 'নূতন মৃত্তিকালেপ ও নূতন ইষ্টকপাত।' *রবীন্দ্র*, ১৯০৮।

ইষ্টকবদ্ধ [স] *বিণ* ইটের তৈরি। 'তাহার জলপ্রণালী সকল ইষ্টকবদ্ধ ও সমতল নহে।' *অক্ষয়*, ১৮৪৮।

ইষ্টকবন্ধন [স] *বি* ইটের তৈরি সবকিছুর বাঁধন। 'কলিকাতার ইষ্টকবন্ধন হইতে বাগানের মধ্যে ছাড়া পাইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ইষ্টকময় [স] *বিণ* ইটের তৈরি। 'তাহার মধ্যে এক ইষ্টকময় মঞ্চ।' *দর্পণ*, ১৮১৯।

ইষ্টকস্তূপ [স] *বি* ইটের তৈরি চিমনিবিশেষ, যা দিয়ে ধোঁয়া বের হয়। 'কল-কারখানার ধূমোদ্গারী বৃংহিতধ্বনিত ঊর্ধ্বমুখ ইষ্টকস্তূপ নেই।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ইষ্টকাচ্ছাদন [স ইষ্টক-আচ্ছাদন] *বি* ইটের তৈরি আবরণ। 'প্রথমতঃ জলোপরি সোপানশ্রেণী অর্থাৎ সিঁড়ী তদুপরি বিস্তৃত সমস্থলী তদুপরি স্তম্ভ সমূহোপরি ইষ্টকাচ্ছাদন।' *চন্দ্রিকা*, ১৮৩০।

ইষ্টকিং [ই] *বি* সুতি বা উলের তৈরি লম্বা মোজা। *বিদ্যা*, ১৮৯১।

ইষ্টাম্প [ই] *বি* স্ট্যাম্প; রাজস্ব-টিকিট। 'নূতন ইষ্টাম্প বিষয়ক আইন ...।' *দর্পণ*, ১৮২৫।

ইষ্টাম্প আপীস [ই] *বি* দলিলপত্রের স্ট্যাম্প বিক্রয়ের অফিস। 'ইষ্টাম্প আপীস এতদ্রূপ ... কাগজ ক্রয় করিতেন।' *দর্পণ*, ১৮৩৩।

ইষ্টার মনডে [ই] *বি* খ্রিস্টীয় পর্ববিশেষ; ঈস্টার রবিবারের পরের দিন। 'তাদের গুডফ্রাইডে, ইষ্টার মনডে, কৃসমাস এ সব আছে।' *হাই*, ১৯৫৮।

ইষ্টাশীন [ই] *বি* স্টেশন। 'জেলা বিরভূমের অন্তর্গত ইষ্টাশীন বোলপুর হইয়া ...।' *চিঠিপত্রে*, ১৮৭০।

ইষ্টি [স ইষ্ট] *বি* মন্ত্রদাতা গুরু। 'ইষ্টি আর পুরোহিত।' *রবীন্দ্র*, ১৯০৮।

ইষ্টি কবচ [স ইষ্ট-কবচ] *বি* ইষ্টনাম সংবলিত কবচ। 'আহ্নিকের সময় খ্যাল্‌বার তাসের মত চ্যাটালো সোণার ইষ্টি কবচ পরে থাকেন।' *হুতোম*, ১৮৬১।

ইষ্টি দেবতা [স ইষ্টদেবতা] *বি* পূজিত দেবতা। 'তোমরা কি রমেশ ভায়ার ইষ্টি দেবতা?' *গিরিশ*, ১৮৮৯।

ইষ্টিক [ই] *বি* লাঠি। 'নানা রকম বেশ কারুর কহ্ ও কলারওয়ালা কামিজ, ... কারো ইণ্ডিয়া রবর আর চায়না কোট, হাতে ইষ্টিক।' *হুতোম*, ১৮৬১।

ইষ্টিমার [ই] *বি* বাষ্পীয় জাহাজ। 'সেই ইষ্টিমারে আমিও পার হয়েছিলাম।' *হুতোম*, ১৮৬১।

ইষ্টুপিড [ই] *বি* নির্বোধ ব্যক্তি। 'এ ইষ্টুপিড কে?' *গিরিশ*, ১৮৮৯।

ইষ্টুর [ই স্টোর] *বি* ভাণ্ডার। 'কোম্পানির গেরিসনের ইষ্টুরের মধ্যে ...।' *ক্যালগে*, ১৭৮৪।

ইষ্টেট [ই] *বি* বিষয়সম্পত্তি। 'নিমাইচরণ মল্লিকের ইষ্টেট সংক্রান্ত যত টাকা।' *দর্পণ*, ১৮৩০।

ইষ্টেটমেন্ট [ই] *বি* প্রমাণপত্র; বিবরণপত্র। 'মাষ্টরের নিকট ঐ ছয় বাবুরা ... ইষ্টেটমেন্ট দাখিল করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩০।

ইষ্টেসন [ই] *বি* যানবাহন ছাড়ার বা থামার নির্ধারিত স্থান। *বিদ্যা*, ১৮৯১।

ইষ্টেসিয়ান [ই] *বি* স্টেশন। 'বহরমপুরে ইষ্টেসিয়ান অর্থাৎ ছাউনি হওয়াতে এ পর্য্যন্ত শহর আছে।' *দর্পণ*, ১৮২৮।

ইষ্টিশান-মাস্টার [ই স্টেশন-মাস্টার] *বি* স্টেশনের দায়িত্বপ্রাপ্ত প্রধান ব্যক্তি; স্টেশন মাস্টার। 'রাত্রি কেটে গেলে ভোর যদি ইষ্টিশান-মাস্টারের মেয়ের মতন মনে হয়!' *শক্তি*, ১৯৬১।

ইষ্টোর [ই স্টোর] *বি* গুদাম; স্টোর। 'ইষ্টোরের মধ্যে হরেক জিনিশ ...।' *ক্যালগে*, ১৭৮৪।

ইস্পীচ [ই] *বি* বক্তৃতা। 'ইস্পীচ ও গ্রামার ওগয়রহ ও ইম্পেলিং প্রভৃতি নানাপ্রকার পরীক্ষা।' *দর্পণ*, ১৮৩৭।

ইম্পেলিং [ই] *বি* বানান। 'গ্রামার ওগয়রহ ও ইম্পেলিং প্রভৃতি নানাপ্রকার পরীক্ষা।' *দর্পণ*, ১৮৩৭।

ইয়াস [স ইষু+আস] *বি* তির ও ধনুক। 'আয়ুধ আসার ইনি লইল ইয়াস।' *মানিকরাম*, ১৭৮১।

ইস[১] [স ঈষা] *বি* লাঙ্গলের অগ্রভাগ। 'লাঙ্গলের ইস জেন দন্ত সারি সারি।' *মালাধর*, ১৫০০।

ইস[২] [স ঈশ] *বি* প্রভু। 'উদর রাখুন দেব ইসে।' *মালাধর*, ১৫০০।

ইস[৩] [ধ্বন্যা] *অব্য* বিস্ময়সূচক ধ্বন্যাত্মক শব্দ। 'কিসের ইসের আড়ম্বর বাখানি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ইসকাতর [প] *বি* লেখার টেবিল। 'ইসকাতর ২।' *মেয়র্স*, ১৭৬২।

ইসকুল [ই] *বি* বিদ্যালয়। 'আরাতুন পিতৎরুস, ডিকরুস, কালস ইত্যাদি সাহেবের ইসকুলে গমনাগমন করেন।' *ভবানী*, ১৮২৫।

ইসত, ইসদ [স ঈষৎ] *বিণ* সামান্য। 'বৎসক মারিল কৃষ্ণ ইসত লিলাএ।' *মালাধর*, ১৫০০; 'বস্ত্র অলঙ্কার পৈরে ইসদ হাসিআ।' *মালাধর*, ১৫০০।

ইসপাত [প] *বি* রাসায়নিক প্রক্রিয়ায় শক্ত-করা লোহা। *বিদ্যা*, ১৮৯১।

ইসপার উসপার [হি] **১** *বি* শেষ মীমাংসা। 'আর রক্ষে নেই ... একবারেই ইসপার উসপার।' *নজরুল*, ১৯৩১। **২** *বি* ওলটপালট। 'ধাঁটা ইসপার উসপার হয়ে পড়লো।' *মুজতবা*, ১৯৫২।

ইসপার কি উসপার – ভালো কিংবা মন্দ। 'ইসপার কি উসপার! তার চানভানুকে চাই-ই-চাই।' *নজরুল*, ১৯৩১।

ইসপিস [ধ্বন্যা] *বি* অস্থিরতা নির্দেশক শব্দ। 'আমার গা ইসপিস করছে।' *গিরিশ*, ১৮৮৭।

ইসপিসিএল [ই] *বিণ* স্পেশাল; বিশেষ। 'ইসপিসিএল অর্থাৎ বিশেষ জুরি হইতে ইচ্ছুক হন ...।' *দর্পণ*, ১৮২৫।

ইসবি [আ ঈসা+ফা ঈ] *বিণ* খ্রিস্টীয়। '১৭৮৬ সাল ইসবি।' *মেয়ার*, ১৭৮৭।

ইসভ *বিণ* এইসব। 'ইসভ জিনিয়া ধন আনিল বিস্তর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ইসমনবিশী [আ ইসম+ফা নবিশী] *বিণ* নামঘোষক; চাটুকার। *মেয়ার*, ১৭৮৭।

ইসমুঠা [স ইষু>] *বি* তির রাখার আধার। 'অসি ঢাল ধনুক ইসমুঠা তীর।' *মানিকরাম*, ১৭৮১।

ইসর *বি* ওষধি গাছ। 'আছিল ইসর মূল তথি এক ফালি।' *মুকুন্দ*, ১৬০০।

ইসরাফিল [আ] *বি* ইসলামি বিশ্বাস অনুযায়ী যে ফেরেশতা প্রলয়ের শিঙ্গা বাজাবেন।। 'যতদিন না ইসরাফিলের প্রলয়-বিষাণ বাজে।' *নজরুল*, ১৯২২; 'ইসরাফিলের শিঙ্গার মহাহুঙ্কার।' *নজরুল*, ১৯২২।

ইসলাম [আ] **১** *বি* বিশ্বের অন্যতম প্রধান ধর্মীয় বিশ্বাস। 'দীন ইসলাম আর আয়ুভাগ্য বলে।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* মুসলমান। 'যে সবে ইসলাম হৈল সে সবের সনে।' *সুলতান*, ১৭০০।

ইসলাম-অবলম্বী [আ ইসলাম+স অবলম্বী] *বিণ* ইসলাম ধর্ম গ্রহণকারী। 'ইসলাম-অবলম্বী ইরাক ইরান মিশর তুর্কী ...।' *অন্নদা*, ১৯৩৭।

ইসলামসঙ্গত [আ ইসলাম+স সঙ্গত] *বিণ* ইসলাম ধর্মের সঙ্গে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সঙ্গতিপূর্ণ। 'প্রাচ্যজগতের নারীকুলের জন্য ইসলামসঙ্গত পর্দা ব্যবস্থাই হইবে বর্ত্তমানে সর্ব্বাপেক্ষা ...।' *বেগম*, ১৯৪৮।

ইসলামসম্মত [আ ইসলাম+স সম্মত] *বিণ* ইসলাম সমর্থিত। 'বর্ত্তমানে প্রচলিত পর্দ্দা প্রথা ইসলামসম্মত নয়।' *বেগম*, ১৯৪৭।

ইসলামি, ইসলামী [আ ইসলাম>] **১** *বিণ* ইসলাম সম্বন্ধীয়। 'শরীয়ত, তরীকত, ইসলামী খ্বীন।' *আলাওল*, ১৬৮০; 'গ্রামোফোন রেকর্ডে শত শত ইসলামি গান রেকর্ড করে।' *নজরুল*, ১৯২৭। **২** *বিণ* ইসলামের আইন মেনে চলে এমন। 'ইসলামী রাষ্ট্র পাকিস্তানের ব্যাঙ্কসমূহে।' *উমর*, ১৯৬৮।

ইসলামিক *বিণ* ইসলামি ভাবধারাপুষ্ট। 'এদেশের ভাষার মধ্যে ইসলামিক ভাষা প্রবেশ করাইয়া ...।' *হেদায়েত*, ১৯২৬; **সর্ব্বাঙ্গ** সুন্দর ইসলামী সাহিত্যের সৃষ্টি করিয়াছেন।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

ইসলামী সাহিত্য *বি* ইসলামি ভাবধারাপুষ্ট সাহিত্য। 'সর্ব্বাঙ্গ সুন্দর ইসলামী সাহিত্যের সৃষ্টি করিয়াছেন।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

ইসলামীয় [আ ইসলাম+স ঈয়] *বিণ* ইসলামী বিষয় সংশ্লিষ্ট। 'বিরাট ইসলামীয় কালচার গড়ে তুলেছিল।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

ইসলামিয়া [আ] *বি* মুসলমান সম্প্রদায়বিশেষ। 'ইসলামিয়া (খোজা) সম্প্রদায়ের নেতা।' *ইসলাম*, ১৯০৩।

ইসশর, ইস্বর [স ঈশ্বর] *বি* আরাধ্য। *ওসাঁ*, ১৭৮২।

ইসাই [আ ইসা>] *বিণ* ঈসা অর্থাৎ খ্রিস্ট-অনুসারী। 'বোধ করি ইসাই সমাজের ...।' *সুধাকর*, ১৮৯৩।

ইসাদ [আ ইশাদ] *বি* সাক্ষী। 'ইসাদ থাকিও **কর্ম্ম** কার্য্যকালে পাইব।' *ভারত*, ১৭৬০।

ইসাদী [আ ইশাদ] *বি* সাক্ষী। *মেয়র্স*, ১৭৫৬।

ইসান [স ঈশান] *বি* উত্তর-পূর্ব কোণ। *ওসাঁ*, ১৭৮৪।

ইসানকোন [স ঈশানকোণ] *বি* উত্তর-পূর্ব কোণ। 'তদনন্তরা উত্তর কোন এবং ইসানকোন।' *ওসাঁ*, ১৭৮৪।

ইসারা [আ ইশারা] *বি* ইঙ্গিত। 'ইসারায় উপপতি পিকডাকে ডাকিল।' *ভারত*, ১৭৬০। দ্র **ইশারা**

ইসিত [স ঈষৎ] *বিণ* ঈষৎ। 'এতেক সুনিয়া কৃষ্ণ ইসিত হাসিল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ইসিদা *বিণ* আশ্চর্যজনক; অবিশ্বাস্য। 'তরঙ্গে ভাসত গোপি ইসিদা লিলাএ।' *মালাধর*, ১৫০০।

ইসবগুল দ্র **ইসুবগুল**

ইসুমন্ত্র [প ইসু+স মন্ত্র] *বি* যিশুর মন্ত্র; খ্রিস্টীয় ধর্ম। 'রণজিৎ সিংহের পুত্র ... ইসুমন্ত্রে দীক্ষিত হয়েছেন।' *হুতোম*, ১৮৬১।

ইসেদ [স ঈষৎ] *বিণ* অল্প। 'বস্ত্র অলঙ্কার পৈরে ইসেদ হাসিআ।' *মালাধর*, ১৫০০।

ইসেরা [আ ইশারাহ] *বি* ইঙ্গিত। 'হু আমি ইসেরায় বুঝে নিছি।' *গিরিশ*, ১৮৮৭। দ্র **ইশারা**

ইস্কাতর [প] *বি* লেখার ডেস্ক। *মেয়র্স*, ১৭৬২; *ওসাঁ*, ১৭৮৫।

ইস্কাপান, ইস্কাবন [ওল ইস্কাপান] *বি* তাসের রং-বিশেষ। 'ইনি ইস্কাবনের দশ দিলেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২; 'ইহারা কোন গোত্র – ইস্কাবন, চিড়েতন, হরতন অথবা রুহিতন?' *রবীন্দ্র*, ১৮৯২।

ইস্কাপানের টেক্কা [ওল ইস্কাপান+হি টিক্কী] *বি* কালো পানের ছবি-আঁকা সর্বোচ্চ মানের তাস। 'বাবা ইস্কাপানের টেক্কায় হরতনের বিবি।' *দীনবন্ধু*, ১৮৬৭।

ইস্কাবনের গোলাম [ওল ইস্কাপান+আ গুলাম] *বি* কালো পানের ছবি-আঁকা তাসবিশেষ। 'গোটাকতক দাবার ঘুঁটি, একটি ইস্কাবনের গোলাম।' *রবীন্দ্র*, ১৮৯২।

ইস্কুল [হি] *বি* স্কুল; বিদ্যালয়। *দর্পণ*, ১৮২৬; 'ইস্কুলে ছুটি হলে আমরা বাড়িতে।' *হুতোম*, ১৮৬১। দ্র **স্কুল**

ইস্কুল-ঘর [হি স্কুল+ঘর] *বি* বিদ্যালয়-গৃহ। 'পশ্চিমের বারান্দার সব-শেষের ঘরে আমাদের ইস্কুল-ঘর ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ইস্কুল-পালানো [হি স্কুল+পালানো] *বিণ* স্কুল থেকে পালিয়ে-যাওয়া। 'আমি ইস্কুল পালানো ছেলে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

ইস্কুলবয় [হি] *বি* বিদ্যালয়ের ছাত্র। 'তা হলে ইস্কুলবয় ও আমাদের মত গাধাদের দ্বারা নাস্তানাবুদ হতে পেত না।' *হুতোম*, ১৮৬২।

ইস্কুল মাষ্টার, ইস্কুলমাস্টার [হি] *বি* বিদ্যালয়ের শিক্ষক। 'সেই হিড়ীকে এক জন ইস্কুল মাষ্টার ... দলে বাড়লো।' *হুতোম*, ১৮৬১; 'ইস্কুলমাস্টারের ব্যাখ্যাত দাম্পত্যনীতি।' *রবীন্দ্র*, ১৮৯৮।

ইস্কুলমাস্টারি [হি ইস্কুলমাস্টার>] *বি* স্কুলে শিক্ষকতার কাজ। 'বরাবর ইস্কুলমাস্টারি করে এসেছি।' *রবীন্দ্র*, ১৯৪০।

ইস্কু কল [হি স্কু>] *বি* চাপ দিয়ে পাটের গাঁট বাঁধার কারখানা। 'গহনার ইস্টিমারে অসংখ্য লোক ওঠাতে বাবাজীরা লোকের চপটানে স্টীমারের ফরমার ও ইস্কু কলের গাঁটের মত জাঁত সহ্য করে ...।' *হুতোম*, ১৮৬১।

ইস্কুপ [হি] *বি* প্যাঁচকাটা পেরেক। 'দাও এঁটে ইস্কুপ।' *রবীন্দ্র*, ১৯৩২। দ্র **স্কু**

ইস্টণ্ডিং [হি] *বিণ* স্ট্যান্ডিং; স্থায়ী। 'ইস্টণ্ডিং কমিটীতে অর্পণ করা যায়।' *বঙ্গদূত*, ১৮২৯। দ্র **স্ট্যান্ডিং**

ইস্টাম্প [হি] *বি* ডাকটিকিট। 'লেফাফা ফাটিয়া পড়ে, বেড়ে যায় ইস্টাম্পের দাম।' *রবীন্দ্র*, ১৯৩৮। দ্র **স্ট্যাম্প**

ইস্টিমার [হি] *বি* বাষ্পচালিত জলযান; জাহাজ। 'কালিদাসের সময়ে যখন রেলগাড়ি ইস্টিমার পোস্ট-আপিস ছিল না।' *রবীন্দ্র*, ১৮৯৩। দ্র **স্টিমার**

ইস্টিশান, ইস্টিশন, ইস্টেশন [হি] *বি* স্টেশন; রেলগাড়ি ইত্যাদি থামার নির্দিষ্ট স্থান। 'ইস্টিশনে লোক পাঠিয়ে দিন।' *রবীন্দ্র*, ১৯০৭; 'ওদিকে কি ইস্টিশান?' *বিভূতি*, ১৯২৯; 'ভোর হতে ধৈর্য ধরি বসি ইস্টেশনে।' *রবীন্দ্র*, ১৯৩৮। দ্র **স্টেশন**

ইস্টুপিড [হি] *বিণ* বোকা। 'ওরে লক্ষীছাড়া হতভাগা পাজি ছুঁচো ড্যাম শুয়ার ইস্টুপিড।' *রবীন্দ্র*, ১৯০৭।

ইস্টেশন [হি] *বি* রেলগাড়ি থামার নির্ধারিত স্থান। 'রেলওয়ে টেলিগ্রাফেরও শেষ গম্যস্থান হচ্ছে মানুষ – কোনো স্থানীয় ইস্টেশন বিশেষ নয়।' *রবীন্দ্র*, ১৯১৬। দ্র **স্টেশন**

ইস্তক [হি] **১** *অব্য* অবধি। 'কুরঙ্গ ইস্তক সবে নাচএ গোচর।' *বাহরাম*, ১৬৫০। **২** *ক্রিবিণ* পর্যন্ত। 'আপনকার ইজারা ছিল ইস্তক ১১৬৯ ঊনসত্তার সন নাগাদী।' *মেয়র্স*, ১৭৬৪। **৩** *বি* তাস খেলায় রঙের সাহেব বিবি। 'তাস খেলায় বিস্তি আছে, পঞ্চাশ আছে, শ আছে, ও ইস্তক আছে।' *বঙ্গদর্শন*, ১৮৭২। দ্র **ইস্তিক**

ইস্তক নাগাদ [হি ইস্তক+আ লাগায়াত] *ক্রিবিণ* প্রথম থেকে শেষ পর্যন্ত। 'জে২ দফা পাওনা ছিল ইস্তক নাগাদ অবধি টাকা ও

AMARBOI.COM

কাগজপত্র ... বুঝিয়া পাইলাম।' *ভেরেলি*, ১৭৮৯।

ইস্তফা, ইস্তাফা [আ ইস্তিয়াফা] ১ *বি* পদত্যাগপত্র। 'কাজের ইস্তফা লিখিয়া পাঠাইলেন।' *ক্যালগে*, ১৭৮৫; 'কোম্পানির কাজে আমার ইস্তাফা দেওয়া উচিত।' *মনসুর*, ১৯৫৫। ২ *বি* পদত্যাগ। *ক্যালগে*, ১৭৮৫; 'কর্মে ইস্তফা দিলে।' *দর্পণ*, ১৮৩২। ৩ *বি* ক্ষান্তি; বিরতি। 'জোট বেঁধে কাজে ইস্তফা দেব, দেখি তুমি নৌকো চালাও কী করে।' *রবীন্দ্র*, ১৯৪১। দ্র **ইস্তেফা, ইস্তবা**

ইস্তবা [আ ইস্তিয়াফা] ১ *বি* ইস্তফা। 'জদ্যবি ইস্তবা দিয় তবে আকীম কহিবেক তুমি কাহীল ...।' *ওসাঁ*, ১৭৭৯। ২ *বি* ত্যাগ করা; প্রত্যাহার করা; ছেড়ে দেওয়া। *ওসাঁ*, ১৭৮২। দ্র **ইস্তফা**

ইস্তহার, ইস্তাহারনামা দ্র **ইস্তাহার**

ইস্তাদার [আ ইস্তিমরার+ফা দার] *বি* জমির স্থায়ী মালিক। 'ইস্তাদার সাহেব বরাবরেষু।' *ভেরেলি*, ১৭৮৯।

ইস্তাফা দ্র **ইস্তফা**

ইস্তাহার [আ ইশতিহার] *বি* বিজ্ঞপ্তি। 'গবরণমেন্ত গেজেটে ইস্তাহার দিয়াছেন।' *দর্পণ*, ১৮২০; 'ম্যাজিষ্ট্রেট ইডেনের ইস্তাহারে ... রোগ সারতে পারেন?' *হুতোম*, ১৮৬১।

ইস্তহার [আ ইশতিহার] *বি* বিজ্ঞপ্তি। 'সকল লোককে ইস্তহার দেয়া জাইতেছে।' *ক্যালগে*, ১৭৮৭।

ইস্তহারনামা [আ ইশতিহার+ফা নামাহ] *বি* বিজ্ঞপ্তিপত্র। 'ব্যবস্থাপক সাহেব ইহার ইস্তহারনামা বাঙ্গলা ও পারসির অক্ষর লিখিয়া ... প্রকাশ্য স্থানে টানাইবেন।' *ডানকান*, ১৭৮৪।

ইস্তাহারি [আ ইশতিহার>] *বিণ* নিলাম বিক্রয় সম্বন্ধীয়। *বিদ্যা*, ১৮৯১।

ইস্তিক, ইস্তেক [হি ইস্তক] ১ *অব্য* পর্যন্ত। 'বিয়ে করে ইস্তিক সুখ তাকে বলে একদিনের তরে জানলুম না।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *অব্য* এমনকি। 'ইস্তেক জর্মনিতে পাস-করা ইহুদি ডাক্তারও বোম্বাইয়ে আছেন।' *মুজতবা* ১৯৫২।

ইস্তেফা [আ ইসতিফা] *বি* ত্যাগপত্র। 'চাকরিতে ইস্তেফা পাঠাইয়া দিলেন।' *বঙ্কিম*, ১৮৮৪।

ইস্তেমাল [আ ইসতিমাল] *বি* অনুশীলন। 'সমস্ত কায়দাগুলি ইস্তেমাল করিতেছে।' *জঙ্গীম*, ১৯৬৪।

ইস্ত্রি [প] ১ *বি* ধোয়া জামা-কাপড় মসৃণ করার জন্য তৈরি ধাতব যন্ত্রবিশেষ। *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* ধাতব যন্ত্র দিয়ে মসৃণ করা হয়েছে এমন অবস্থা। 'আমাদের সমস্ত দেশটাকে ঝেড়ে ঝেড়ে ধুয়ে নিঙড়ে ভাঙ্গ করে পাট করে ইস্ত্রি করে নিজের বাক্সর মধ্যে পুরে ...।' *রবীন্দ্র*, ১৯০৫; 'শার্টে ইস্ত্রি নাই।' *মানিক*, ১৯৩৬।

ইস্ট্রিট [হ] *বি* স্ট্রিট; শহরের চওড়া রাস্তা। 'এক ইঙ্গরেজী বিদ্যালয় উইলিস্টন ইস্ট্রিটে স্থাপিত।' *দর্পণ*, ১৮৩০। দ্র **স্ট্রিট, স্ট্রীট**

ইস্পাত [প] ১ *বি* কার্বনসহ ভিন্ন ধাতুর খাদ মিশিয়ে শক্ত-করা লোহা। *ওসাঁ*, ১৭৮৫: 'ইস্পাত নির্মিত অস্ত্র, যন্ত্র, কাচ, মৃৎপাত্র, কাগজ ... বহুবিধ দ্রব্য প্রাপ্ত হওয়া যায়।' *অক্ষয়*, ১৮৪১। ২ ইস্পাতের ধারালো হাতিয়ার। 'রূপা, সোনা বা আর কোনো ধাতু চাহি না, আমি এখন শাণিত ইস্পাত চাই।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ইস্পাতকঠিন [প ইস্পাত+স কঠিন] *বিণ* ইস্পাতের ন্যায় দৃঢ়। 'মাতৃভূমির আজাদী রক্ষার ইস্পাতকঠিন সংকল্প।' *আজাদ*, ১৯৬৫।

ইস্পাত-দৃঢ় [প ইস্পাত+স দৃঢ়] *বিণ* ইস্পাতের মতো অটল। 'ইস্পাত-দৃঢ় কঠিন শপথ।' *হাফিজুর*, ১৯৫৩।

ইস্পাত-বাঁধানো *বিণ* ইস্পাতের তৈরি। 'দুর্বলের বুকের উপর দিয়ে প্রবলের ইস্পাত-বাঁধানো বড়ো রাস্তা ...।' *রবীন্দ্র*, ১৯০৩।

ইস্পাতী *বিণ* ইস্পাতের মতো ভারী। 'দারুণ ইস্পাতী গন্ধ ভাসে শহরে ও গ্রামে।' *শামসুর*, ১৯৭২।

ইস্পাতের দৃষ্টি *বি* কঠোর দৃষ্টি। 'ইস্পাতের দৃষ্টি নিয়ে নেমে এলো যারা।' *আহসান*, ১৯৪৪।

ইস্পিচ [হ] *বি* বড়তা। 'ইংরাজি ইস্পিচ ও টেবিল চাপড়ান চল্লো।' *হুতোম*, ১৮৬১। দ্র **স্পিচ**

ইস্পিশাল [হ] *বিণ* স্পেশাল; বৈশিষ্ট্যপূর্ণ। 'এসব জাহাজ ইস্পিশাল।' *মুজতবা*, ১৯৫২।

ইস্প্রীং [হ] *বি* ধাতুর তৈরি স্থিতিস্থাপক এক প্রকার বলয়। 'ইস্প্রীংওয়ালা কৌচ।' *হুতোম*, ১৮৬১।

ইশ্বর [স ঈশ্বর] *বি* হিন্দুমতে কৃষ্ণ। 'এত বলি ইশ্বর সভাকে বুঝাইয়া।' *মালাধর*, ১৫০০।

ইস্রাফিল [আ] *বি* ইসলামি মতে অন্যতম ফেরেশতা। 'ইস্রাফিল আল্লাইল হৈল দুই সাক্ষী।' *সুলতান*, ১৭০০।

ইহ [স] *বিণ* এই। 'ইহ জন্মে কে বা পাতিআএ।' *বড়ু*, ১৪৫০।

ইহকাল [স] *বি* পার্থিব জীবনকাল। 'যে স্ত্রী ... লজ্জিতা ও পতিপরায়ণা ও ধর্মশীলা সে স্ত্রী ইহকালে ও পরকালে অপার সুখভাগিনী হয়।' *দর্পণ*, ১৮২২।

ইহজন্ম [স] *বি* এই জীবন; পার্থিব জীবন। 'ইহজন্ম, পরজন্ম, বহুজন্ম পরে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

ইহজীবন [স] *বি* জীবিতকাল। 'রূপতৃষ্ণায় তুমি ইহজীবন অতিবাহিত করিলে।' *বঙ্কিম*, ১৮৭৫।

ইহধাম [স] *বি* ইহলোক। 'কয়েক সপ্তাহ পূর্বেই ইহধাম পরিত্যাগ করিয়াছিলেন।' *রোকেয়া*, ১৯২২।

ইহপরকালহীন [স] *বিণ* চিরকালীন। 'ইহপরকালহীন বর্বর।' *নজরুল*, ১৯২৬।

ইহভুম [স] *বি* ইহজগৎ। 'সে রঙ ইহভুমের আর্টিস্টের পেলেটে তো নেই।' *মুজতবা*, ১৯৬০।

ইহমুখী [স] *বিণ* জাগতিক। 'আধুনিকতার কয়েকটি মূল লক্ষণ সব ক্ষেত্রেই মোটামুটি এক – যেমন ইহমুখী দৃষ্টিভঙ্গি।' *শিব*, ১৯৫০।

ইহলোক [স] *বি* মর্ত্যলোক; পৃথিবী। 'ইহলোকে পরলোকে তুমি যে রক্ষিতা।' *বৃন্দা*, ১৫৮০; 'ইহলোকে পরমেশ্বরের জ্ঞান ...।' *অক্ষয়*, ১৮৪৯।

ইহলৌকিক [স] *বিণ* পার্থিব। 'সে ইহলৌকিক চিত্তক্ষুধাদাহে একবারেই তুলিয়া বসিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯৮।

ইহসংসার [স] *বি* জগৎসংসার; ইহকাল। 'তবে ইহসংসারেও যশের ভাজন হইতে পারেন।' *বঙ্গদূত*, ১৮২৯।

ইহরাম [আ ইহরাম] *বি* হজের সময়ে হাজিদের পরার জন্য দুই টুকরা সাদা কাপড়। 'ইহরাম সমস্ত নরনারীকে তুল্য অবস্থায় রাখে – পুরুষ ও নারীর স্থান সমান।' *রোকেয়া*, ১৯৩২।

ইহা [স ইদম্>] ১ *সর্ব* এটা। 'বড়রূপে রাখিয় ইহা করিয়া সঙ্গতি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* এই কথা। 'ইহা জানি একমনে পূর মোর আশে।' *বড়ু*, ১৫৭০। **ইহাকে** *সর্ব* একে। *ওসাঁ*, ১৭৮২।

AMARBOI.COM

ইহাদিগের *সর্ব* এদের। 'ইহাদিগের মকর্দ্দমা রফা করিয়া দেও।' *মেয়র্স*, ১৭৫৭। **ইহাদের** *সর্ব* এদের। *ওসী*, ১৭৮২। **ইহানে** *সর্ব* একে; এই ব্যক্তিকে। 'ইহানে ত তাহা থুইবার যোগ্য নয়।' *বৃন্দা*, ১৫৮০। **ইহায়** *সর্ব* একে। 'কোন ভাগ্যবতি ইহায় উদরে ধরিল।' *মালাধর*, ১৫০০। **ইহার** *সর্ব* এর। 'ইহার মরণ হএ কমণ উপাএ।' *বড়ু*, ১৪৫০। **ইহারদের** *সর্ব* এদের। 'আমার পরে ইহারদের মধ্যে আত্ম কলহ যথেষ্ট হবেক।' *রামরাম*, ১৮০১। **ইহারা** *সর্ব* এরা। 'মান্ধাতা সগর দিল্লিপ ভরত ভগীরথ ইহারা সকলে পৃথিবীপতি।' *রামরাম*, ১৮০১। **ইহারার** *সর্ব* এদের। 'ইহারার পর বেরক্ত নহিবেন।' *বোগল*, ১৭৭০।

ইহাঁ [স ইদম্] **১** *সর্ব* এঁর। 'তে কারনে কৃষ্ণনাম থুইল ইহাঁর।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রিবিণ* এখানে। 'ইহাঁ আইস ইহাঁ আইস **তমহ শ্রীপাদ**।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ইহুদখানা [আ ইয়াহুদী+ফা খানা] *বি* ইহুদিদের প্রার্থনাগৃহ; সিনাগগ। 'মসজিদ মন্দির গির্জায় ইহুদখানায় মদ্রাসায়।' *নজরুল*, ১৯৫৯।

ইহুদী [আ ইয়াহুদী] *বি* পশ্চিম এশিয়ার একটি প্রধান ধর্মীয় সম্প্রদায়। 'যেই ইহুদীর সঙ্গে ছিল বিসম্বাদ।' *আলাওল*, ১৬৮০; 'ইহুদি।' *বিদ্যা*, ১৮৯১; 'ক্রমে এই মন্দির এমন একটি স্থান হইল যে, প্রত্যেক খাঁটি ইহুদী উৎসুক দৃষ্টিসহকারে তাহার দিকে তাকাইত।' *রবীন্দ্র*, ১৯১৭।

ইহুদীত্ব [আ ইয়াহুদী+স ত্ব] *বি* ইহুদিদের বৈশিষ্ট্য। 'এর মধ্যে ভারতীয়ত্ব যদি থাকে তবে ... আছে মার্কিনত্ব, চৈনিকত্ব, ইহুদীত্ব।' *অন্নদা*, ১৯৩৭।

ইহেঁত *সর্ব* এটা। 'ভাঙ্গাইয়া কেনে ক্রুদ্ধ ইহেঁত দোষায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ইহো [স ইদম>] *ক্রিবিণ* এই জন্য। 'ইহো ভিমসেন ইহো অর্জ্জুন মহামতি।' *মালাধর*, ১৫০০।

ইহোঁ [স ইদম>] *সর্ব* এই। 'রাখিব ইবার ইহোঁ পুত্র তোমারে।' *মালাধর*, ১৫০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঈ বাংলা স্বরবর্ণবিশেষ। 'উহার সকল বিভক্তি ও সকল বচনেই দীর্ঘ ঈকারান্ত লেখা উচিত।' *অক্ষয়*, ১৮৫৩।

ঈকার [স] *বি* 'ঈ' বর্ণ ও 'ঈ' বর্ণের কারচিহ্ন। **ঈকারান্ত** [স] *বিণ* 'ঈ' বর্ণ শেষে আছে এমন। 'উহার সকল বিভক্তি ও সকল বচনেই দীর্ঘ ঈকারান্ত লেখা উচিত।' *অক্ষয়*, ১৮৫৩।

ঈইন্দ্র *বিণ* স্বচ্ছন্দ। 'বিরহুঁ ঈইন্দ্রে।' *চর্যা* ৩৯, ১২০০।

ঈক্ষণ [স] *বি* দেখা; নিরীক্ষণ। 'নিমিত্তাংশে করে তেঁহো মায়াতে **ঈক্ষণ**।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঈগল [ই] *বি* অত্যন্ত ধারালো চঞ্চুবিশিষ্ট বৃহৎ আকারের বাজপাখির আকৃতিবিশিষ্ট শিকারি পাখিবিশেষ। 'অনন্তর সে এক ঈগল পক্ষীর নিকটে গিয়া কহিল, ভাই!' *বিদ্যা*, ১৮৫৬; 'নীড়চ্যুত তরুণ ঈগল পক্ষী যেমন স্বভাবতই ... শৈলকুলায়ের প্রতি ধাবমান হয় ...।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ঈগলস্বভাব [ই ঈগল+স স্বভাব] *বিণ* ঈগলের মতো হিংস্র স্বভাববিশিষ্ট। 'ঈগলস্বভাব তোর পূর্বপুরুষেরা।' *মাহমুদ*, ১৯৬৬।

ঈঙ্গুদী [স ইঙ্গুদ>] *বি* কাঁটাযুক্ত গাছবিশেষ; তাপসতরু। 'ঈঙ্গুদী তরুমূলে সতর্ক রাত্রি যাপন।' *বিভূতি*, ১৯৩১।

ঈজিপ্ট [ই] *বি* আফ্রিকার উত্তর-পূর্ব কোণে অবস্থিত দেশ – মিশর। 'ঈজিপ্ট-অভিযানে তখন তাঁর অনুপস্থিতিকালে সৌমতে বলে এক ব্যক্তি নিজেকে ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঈজিপ্সীয় [ই] *বিণ* মিশরীয়। 'হে সিগার ঈজিপ্সীয়! ঈপ্সিত সুন্দর।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

ঈড়া [স ইড়া] *বি* (আয়ুর্বেদ অনুযায়ী) শরীরের নাড়িবিশেষ। 'দক্ষ পার্শ্বেতে ঈড়া পিঙ্গলা রহে।' *চণ্ডী*, ১৫৫০।

ঈথর, ঈথার [ই] *বি* প্রাচীন ও মধ্যযুগের বিজ্ঞান অনুযায়ী মহাশূন্যে আলোকতরঙ্গ প্রবাহের কাল্পনিক মাধ্যম। 'বিশ্বব্যাপী ঈথর-সমুদ্রে যথোপযুক্ত তরঙ্গ উঠিলে তবে আমাদের চক্ষে আলোক প্রকাশ পায়।' *রবীন্দ্র*, ১৮৮০; 'উদ্বেল বিক্ষোভ তার পরিণত বিদেহ ঈথারে?' *সুধীন্দ্র*, ১৯৩৩।

ঈদ [আ] *বি* মুসলমানদের সবচেয়ে প্রধান ধর্মীয় উৎসব। 'জুম্মা দুই ঈদ আর আরফা সিনান।' *আলাওল*, ১৬৮০; 'রমজানেরই রোজার শেষে এল খুশির ঈদ।' *নজরুল*, ১৯৩২। *দ্র* **ইদ**

ঈদ-অল-ফিতর [আ] *বি* রমজানের পর পালনীয় মুসলমানদের প্রধান ধর্মীয় উৎসব। 'ঈদ-অল-ফিতর আনিয়াছে তাই নববিধান।' *নজরুল*, ১৯২৮।

ঈদগা [আ ঈদ+ফা গাহ্] *বি* ঈদের নামাজ পড়ার স্থান। 'ঈদগার মাঠে ইলেকশনের সভা হইয়া গিয়াছে।' *মনসুর*, ১৯৫৫।

ঈদগাহ [আ ঈদ+ফা গাহ] *বি* যে স্থানে ঈদের নামাজ পড়া হয়। 'শহিদী ঈদগাহে দেখ আজ জমায়ত ভারি।' *নজরুল*, ১৯৩২।

ঈদজ্জোহা [আ] *বি* মুসলমানদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব; ঈদ উল আযহা। 'ঈদজ্জোহার তকবির শোন ঈদগাহে।' *নজরুল*, ১৯৪১।

ঈদ মোবারক [আ ঈদ+আ মুবারক] *বি* শুভ ঈদ; ঈদের অভিনন্দন। 'ঈদ মোবারক! আসসালাম!' *নজরুল*, ১৯২৮।

ঈদরাত [আ ঈদ+স রাত্রি>] *বি* উৎসবমুখর রাত। 'ঈদরাত কভু দেয় নি যে হায় দেখা।' *জীবন*, ১৯২৭।

ঈদুজ্জোহা [আ] *বি* মুসলমানদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব। 'পবিত্র ঈদুজ্জোহা উপলক্ষে মহিলাদের জামাত হয়।' *বেগম*, ১৯৬৮।

ঈদুল আজহা [আ] *বি* মুসলমানদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব। 'ঈদুল আজহার দিনকেই ...।' *মোহাম্মদী*, ১৯৩১।

ঈদৃশ [স] *বিণ* এরূপ। 'ঈদৃশ পরোপকারতা তোমার যদি থাকে ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

ঈদৃশী [স] *বিণ* স্ত্রী এ রকম। 'কি কারণে তোমার ঈদৃশী দশা ঘটিয়াছে।' *বিদ্যা*, ১৮৪৭।

ঈপ্সা [স] *বি* আকাঙ্ক্ষা। 'ঈপ্সা বনাম সামর্থ্যে হবে লড়াই।' *শক্তি*, ১৯৬১।

ঈপ্সিত [স] *বিণ* আকাঙ্ক্ষিত। 'সবারই ঈপ্সিত মিলে ...।' *বঙ্কিম*, ১৮৭৫।

ঈভ [ই] *বি* বাইবেলে বর্ণিত সৃষ্টিজগতের প্রথম নারী। 'ঈভের মতো আজ হও না চঞ্চল।' *মাহমুদ*, ১৯৭৩। *দ্র* **ইভ**

ঈভনিং [ই] *বিণ* সান্ধ্য। 'একটা ঈভনিং পার্টিতে মিস – আমাকে জিজ্ঞাসা করেছিলেন।' *রবীন্দ্র*, ১৮৮০।

ঈভনিং পার্টি [ই] *বি* সান্ধ্য অনুষ্ঠান। 'ঈভনিং পার্টিতে পরেশবাবুর মেয়েদের দ্বারা অভিনয় ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

ঈভিল [ই] *বিণ* অশুভ। 'তবু সেটাকে কেউ ঈভিল বলে না, কারণ তা চিকিৎসার অঙ্গ, স্বাস্থ্যোদ্ধারের উপায়।' *আইয়ুব*, ১৯৭৩।

ঈমান [আ] **১** *বি* বিশ্বাস। 'এক করতার জ্ঞানি আনিল ঈমান।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* ধর্মের প্রতি অবিচল আস্থা। 'নিজেদের শক্তি-সামর্থ্য আর ঈমানের উপর সম্পূর্ণরূপে নির্ভর করিয়া।' *আজাদ*, ১৯৩৬। *দ্র* **ইমান**

ঈমানদার [আ ঈমান+ফা দার] *বিণ* বিশ্বস্ত। 'আদর্শ-নিষ্ঠ, দৃঢ়-চিত্ত, ঈমানদার ... নেতা।' *মাহেনও*, ১৯৪৯।

ঈমানদারী [আ ঈমান+ফা দারি] *বি* বিশ্বস্ততা; ধর্মশীলতা। 'ঈমানদারীর নতুন রঙে রেঙে উঠুক প্রাণ!' *মাহেনও*, ১৯৪৯।

ঈমান-হারা [আ ঈমান+স হারা] *বিণ* অবিশ্বাসী। 'আমরা যদি ঈমান-হারা, নও তুমি দিলদার।' *মাহেনও*, ১৯৪৯।

ঈমাম *দ্র* **ইমাম**

ঈয়াক [ই] *বি* চমরি গাই। 'ঈয়াকের দুধ থেকে লজেন্স সম্পূর্ণ হলে পরে বড়োরাও চুষে থাকে।' *শক্তি*, ১৯৬৬।

ঈরাণী *বিণ* ইরান দেশীয়; ইরানি। 'কোথায় ঈরাণী গুল্ এ ফুলের সমতুল।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ঈর্ষা [স] **১** *বি* হিংসা; দ্বেষ। 'ক্ষেত্রপতির উপর ঈর্ষা করিয়া দ্রোহ করিতে তার খামারে গিয়া ... লুকাইয়া থাকিল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। **২** *বি* প্রতিযোগিতা। 'নগরস্থ ধনি লোকেরা বিবাহোপলক্ষে ঈর্ষা করিয়া বাজী পোড়াইতে ত্রুটি করিতেন না।' *দর্পণ*, ১৮২৬। *দ্র* **ঈর্ষ্যা**

ঈর্ষাকাতর [স] *বিণ* বিদ্বেষপরায়ণ। 'সেই কারবারে যে-মূলধন খাটছে তা ঈর্ষাকাতর জনশ্রুতির চেয়ে অনেক কম হলেও ...।' *রবীন্দ্র*, ১৯১৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঈর্ষাকালিমা [স] *বি* ঈর্ষার কলঙ্ক। 'ঈর্ষাকালিমা হইতে মুক্ত।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঈর্ষাকুটিল [স] *বিণ* ঈর্ষাপরায়ণ। 'যুবকটি তাদের দিকে তখনো ঈর্ষাকুটিল চোখে তাকিয়ে আছে।' *নরেন্দ্র*, ১৯৪৮।

ঈর্ষাজর্জর [স] *বিণ* ঈর্ষায় কাতর। 'ঈর্ষাজর্জর মহেন্দ্র একবার প্রতিজ্ঞা করিল।' *রবীন্দ্র*, ১৯০২।

ঈর্ষাজাত [স] *বিণ* হিংসা থেকে উৎপন্ন। 'আমার মনের ঈর্ষাজাত লোভক্ষোভের জ্বালা জুড়োল।' *শরীফ*, ১৯৬৮।

ঈর্ষাতুর [স] *বি* অন্যের মঙ্গল সহ্য করতে পারে না যে। 'ঈর্ষাতুরের কুমন্ত্রণায় কোথায় যাবে?' *নজরুল*, ১৯৩০।

ঈর্ষানল [স ঈর্ষা-অনল] *বি* ঈর্ষার আগুন। 'দ্বেষ ও ঈর্ষানল প্রজ্বলিত হইয়া ...।' *অক্ষয়*, ১৮৫২।

ঈর্ষান্বিত [স] *বিণ* ঈর্ষায় কাতর। 'যে আমাকে বাইরের সংশ্রবে আসতে দেখলে ঈর্ষান্বিত হয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঈর্ষান্বিতা [স] *বিণ স্ত্রী* পরশ্রীকাতর। 'সে ঈর্ষান্বিতা হয়ে কৈকেয়ীকে গিয়ে বললে ...।' *রবীন্দ্র*, ১৯১৭; 'কেহ বা দুঃখ ক্ষোভে ঈর্ষান্বিতা হইলেন।' *হাই*, ১৯৫৪।

ঈর্ষাপঙ্ক [স] *বি* ঈর্ষারূপ পঙ্ক। 'ঈর্ষাপঙ্কে পঙ্কজ হয়ে ফুটুক এদের প্রাণ।' *নজরুল*, ১৯২৫।

ঈর্ষাপর [স] *বিণ* ঈর্ষাকাতর। 'মদস্রাবী, ঈর্ষাপর, সর্বনাশা কুঞ্জরে।' *সুধীন্দ্র*, ১৯৩২।

ঈর্ষাপরবশ [স] *বিণ* বিদ্বেষপরায়ণ। 'জমিদারদের প্রতি ঈর্ষাপরবশ।' *এডুকেশন*, ১৮৭৩।

ঈর্ষাপরায়ণা [স] *বিণ স্ত্রী* স্বভাবত ঈর্ষাকাতর। 'ইহা সেই ঈর্ষাপরায়ণা কন্যাটির সহ্য হইত না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঈর্ষাপাত্র [স] *বি* ঈর্ষণীয় ব্যক্তি। 'স্বদেশীয় লোকেরদের ঈর্ষাপাত্র ছিলেন।' *দর্পণ*, ১৮৩৪।

ঈর্ষাফেনিল [স] *বিণ* ঈর্ষামন্থিত ফেনাপূর্ণ। 'সেই রক্তকলুষিত ঈর্ষাফেনিল ষড়যন্ত্রসংকুল ভীষণোজ্জ্বল ঐশ্বর্যপ্রবাহে ভাসমান হইয়া।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঈর্ষাবশত [স] *ক্রিবিণ* ঈর্ষার কারণে। 'ইহা অন্যের উপরে অবজ্ঞা বা ঈর্ষাবশত নহে।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঈর্ষাবৃত্তি [স] *বি* হিংসামূলক প্রবৃত্তি। 'তিনি কোন গুপ্ত ঈর্ষাবৃত্তি চরিতার্থ করিবার জন্য ...।' *সওগাত*, ১৯১৯।

ঈর্ষাবোধ [স] *বি* হিংসাবোধ। 'ওকে দেখে দশ বছর পর সেই ঈর্ষাবোধ কিলবিল করে।' *ইলিয়াস*, ১৯৭২।

ঈর্ষাভাজন [স] *বি* ঈর্ষার পাত্র। 'তিনি দেবতাদের ঈর্ষাভাজন হলেন।' *মুজতবা*, ১৯৪৯।

ঈর্ষাসন্তপ্ত [স] *বিণ* ঈর্ষাযুক্ত। 'সেই সমাজের সূচিমুখ কন্টকখচিত ঈর্ষাসন্তপ্ত আসনে যাঁহাকে আসীন হইতে হইবে।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঈর্ষ্যা [স] ১ *বি* হিংসা। 'তাঁহাকে ... লেখা পড়া করিতে দেখিয়া, তাহাদের অতিশয় ঈর্ষ্যা জন্মিল।' *বিদ্যা*, ১৮৫৬। ২ *বি* বিদ্বেষ। 'কি কাজ ঈর্ষ্যায়?' *গিরিশ*, ১৮৮৭। *দ্র* ঈর্ষা

ঈর্ষ্যাপরবশ [স] *বিণ* বিদ্বেষপরায়ণ। 'নিউটনের নব নব আবিষ্ক্রিয়া নিবন্ধন অসাধারণ সম্মান দর্শনে ঈর্ষ্যাপরবশ হইয়া ...।' *বিদ্যা*, ১৮৪৯।

ঈশ [স] *বি* ঈশ্বর। 'সে প্রভুরে অজ ভব আদি ঈশগণে।' *বৃন্দা*, ১৫৮০।

ঈশ-গান [স ঈশ+গান] *বি* ঈশ্বরের গুণকীর্তন। 'পাখীরা ঈশ-গান গাহিতে গাহিতে জগৎ জাগাইয়া তুলিল।' *মশাররফ*, ১৮৮৭।

ঈশক [আ ইশক] *বি* প্রেম; প্রণয়। 'ঝড়ের মতন সারা তনুমন কাঁপে ঈশকের আগুন লেগে।' *ফররুখ*, ১৯৪৬। *দ্র* ইশক, এশেক

ঈশ্বর [স ঈশ্বর] *বি* ঈশ্বর। 'দেবাসুর নর ঈশর কাহ্নের না ভাঁগে আশে।' *বড়ু*, ১৪৫০।

ঈশান [স] ১ *বি* উত্তর-পূর্ব কোণ। 'ইন্দ্র অগ্নি দণ্ডধর জলাধিপ নিশাকর ঈশান কুবের সমীরণ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* শিব। 'সরস গান সহ ঈশান।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৩ *বি* হিন্দুমতে প্রলয়ের দেবতা। 'মত্ত ঈশান বাজায় বিষাণ।' *রবীন্দ্র*, ১৯২৩।

ঈশানকোণ [স] *বি* পূর্ব ও উত্তর দিকের মধ্যবর্তী কোণ। 'যে ঈশানকোণ পৃথিবী হইতে নক্ষত্ররাশিতে ভরা-ভরা দেখা যাইত ...।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ঈশানী [স] *বি স্ত্রী* দুর্গাদেবী। 'আনো আনো হিমালয়, ঈশানী ঈশান।' *গুপ্ত*, ১৮৫৮।

ঈশমন্ত্র [স ইষু+স মন্ত্র] *বি* তান্ত্রিক বিশ্বাস অনুযায়ী বাণের মন্ত্র। 'বাক্যের কুহক-যোগে ঈশমন্ত্র ছেড়ে।' *গুপ্ত*, ১৮৫৮।

ঈশ্বর [স] ১ *বি* প্রভু। 'ত্রিদশ ঈশ্বর হর।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* ক্ষমতাধিকারী। 'সপ্তগ্রামে বার লক্ষ মুদ্রার ঈশ্বর।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* প্রেমিক। 'পাইয়া ঈশ্বর-পত্র লায়লী অস্থির।' *বাহরাম*, ১৬৫০। ৪ *বি* আল্লাহ; সর্বশক্তিমান। 'যেই দিনে ঈশ্বরে দিলেক পয়গম্বরী।' *আলাওল*, ১৬৮০; 'ঈশ্বর যে এক বস্তু আছেন তিনি কাহার প্রত্যক্ষ।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ৫ *বি* ঊর্ধ্বতন কর্মকর্তা। 'আমার অফিসের ঈশ্বরের কাছে হাত কচলাই।' *হাসান*, ১৯৬৩।

ঈশ্বরকৃত [স] *বিণ* ঈশ্বরের ইচ্ছায় হয়েছে এমন। 'আমরা ঈশ্বরকৃত সেই ধর্মের বন্ধনবশত ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঈশ্বরচিন্তা [স] *বি* সৃষ্টিকর্তা বিষয়ক ভাবনা। 'কোন ঈশ্বরচিন্তা বা অধ্যাত্মজ্ঞান-প্রসূত নয়।' *রমেন*, ১৯৭০।

ঈশ্বরচেষ্টা [স] *বি* ঈশ্বরের কৃপা লাভের ইচ্ছা। 'অন্তরে ঈশ্বরচেষ্টা বাহিরে নির্দম্ভ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঈশ্বরতত্ত্ব [স] *বি* ঈশ্বরের স্বরূপ। 'ঈশ্বরতত্ত্ব সম্বন্ধে সাংখ্যদর্শনের একটি কথা বাকি রহিল।' *বঙ্কিম*, ১৮৮৭।

ঈশ্বরত্ব [স] *বি* ঈশ্বরের গুণ। 'সেই পত্রীতে লিখিয়াছেন এই ত লিখন ঈশ্বরত্বে আচার্যেরে করিয়াছে স্থাপন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঈশ্বরত্রয় [স] *বি* খ্রিস্টীয় বিশ্বাস অনুযায়ী তিন ঈশ্বর – ট্রিনিটি। 'জনকেশ্বর, তনয়েশ্বর ও কপোতেশ্বর, এই ঈশ্বরত্রয় খ্রীষ্টানদিগের উপাস্য দেবতা।' *অক্ষয়*, ১৮৫৫।

ঈশ্বরদত্ত [স] *বিণ* ঈশ্বরের দেওয়া; ঈশ্বরপ্রদত্ত। 'ঈশ্বরদত্ত হাস্য যাহা না থাকিলে এ সংসার বিষাদময় হইত।' *সাধারণী*, ১৮৮০।

ঈশ্বরনাম [স] *বি* বৈষ্ণব বিশ্বাস অনুযায়ী হরিনাম। 'হিন্দুশাস্ত্রে ঈশ্বরনাম মহামন্ত্র জানি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঈশ্বরনির্দিষ্ট [স] *বিণ* ঈশ্বরকর্তৃক নির্ধারিত। 'ইচ্ছেমত চালিয়ে বেড়ানো স্বামীরা ঈশ্বরনির্দিষ্ট অধিকার মনে করেন।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঈশ্বরপদ [স] *বি* স্রষ্টার পা। 'হৃদয়ে-ঈশ্বরপদ বিরাজিত।' *গিরিশ*, ১৮৮৭।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঈশ্বরপরায়ণ [স] *বিণ* ধার্মিক। 'অনেক ঈশ্বরপরায়ণ ব্যক্তি ঐ দর্শনের ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ঈশ্বরপূজক [স] *বি* ঈশ্বরের পূজা করে যে। 'তিনি দিবারাত্রি ও প্রাতে ও সন্ধ্যাতে ঈশ্বরপূজকেরদিগের নিকটে গমন করিয়া ...।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

ঈশ্বরপ্রতিম [স] *বিণ* দেবতাতুল্য। 'ঈশ্বরপ্রতিম তারা, স্বদেশ-প্রেমের দীপ্ত মহিমায়।' *বীরেন্দ্র*, ১৯৭১।

ঈশ্বরপ্রদত্ত [স] *বিণ* ঈশ্বরের কাছ থেকে প্রাপ্ত। 'ঈশ্বরপ্রদত্ত ইন্দ্রিয় অমঙ্গলকর বা অশ্রদ্ধেয় মনে করা তাঁহাদের অকর্ত্তব্য।' *বঙ্কিম*, ১৮৮৭।

ঈশ্বরপ্রদত্তা [স] *বিণ* স্ত্রী ঈশ্বরের কাছ থেকে প্রাপ্ত। 'ভাষা অপৌরুষেয়া বা ঈশ্বরপ্রদত্তা।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

ঈশ্বরপ্রাপ্তি [স] *বি* মৃত্যু। 'মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের ঈশ্বরপ্রাপ্তি হইল।' *রাজীব*, ১৮০৫।

ঈশ্বরবাদ [স] *বি* ঈশ্বরের অস্তিত্ব স্বীকৃতমূলক মত। 'গীতায় ঈশ্বরবাদ এর প্রতিষ্ঠা করতে গিয়ে ... বিবাদ-বিসম্বাদের সৃষ্টি করেছিলেন।' *প্রমথ*, ১৯১২।

ঈশ্বরবাদী [স] *বিণ* ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাসী। 'যাঁহারা ঈশ্বরবাদী, ঈশ্বরপ্রদত্ত ইন্দ্রিয় অমঙ্গলকর বা অশ্রদ্ধেয় মনে করা তাঁহাদের অকর্ত্তব্য।' *বঙ্কিম*, ১৮৮৭।

ঈশ্বরবৃত্তি [স] *বি* করবিশেষ; ব্যবসাদার লাভের যে অংশ ধর্মীয় কাজে ব্যয় করে। 'বাবুরা হালে টাকায় এক পয়সা ঈশ্বরবৃত্তির প্রচলন করিয়াছেন।' *তারা*, ১৯৪২।

ঈশ্বরসেবা [স] *বি* স্রষ্টার আরাধনা। 'ঈশ্বরসেবার কল্পনায় তিনি জীবসেবা করেননি।' *রমেন*, ১৯৭০।

ঈশ্বরানুগৃহীত [স] *বিণ* ঈশ্বর কর্তৃক অনুগৃহীত। 'এরা কেউ বা ব্রহ্মজ্ঞানী, কেই বা ঈশ্বরানুগৃহীত পুরুষ।' *শিব*, ১৯৫০।

ঈশ্বরানুগ্রহ [স ঈশ্বর-অনুগ্রহ] *বি* ঈশ্বরের দয়া। 'ঈশ্বরানুগ্রহে কিঞ্চিৎকাল স্বাস্থ্য পাইলেন।' *দর্পণ*, ১৮৩৪।

ঈশ্বরানুপ্রাণিত [স] *বিণ* ঈশ্বরের দ্বারা অনুপ্রাণিত। 'তিনি শ্রীকৃষ্ণকে ঈশ্বরানুপ্রাণিত পুরুষ বলে আখ্যা দিতে কুণ্ঠিত হননি।' *জানিস*, ১৯৬৪।

ঈশ্বরারাধনা [স] *বি* ঈশ্বরের উপাসনা। 'পুষ্প চন্দনাদি দ্বারা ঈশ্বরারাধনার বিধি দেন।' *অক্ষয়*, ১৮৫৫।

ঈশ্বরী [স] ১ *বি* প্রেমিকা। 'সৌরভ ঈশ্বরী বিনে গরল সমান।' *বাহরাম*, ১৬৫০। ২ *বি* আরাধ্যা দেবী। 'অমুয়ার ঘাটে বন্দো কালিকা ঈশ্বরী।' *রূপরাম*, ১৭৫০; 'তোমারে পূজিতে চাই মা ঈশ্বরী।' *দ্বিজেন্দ্র*, ১৯০০। ৩ *বিণ* অধিকারিণী। 'ভকতিবৎসলা তুমি ভুবন ঈশ্বরী।' *মানিকরাম*, ১৭৮১। ৪ *বি* যিশুর মাতা মেরি। *ওর্সা*, ১৭৮৪।

ঈশ্বরী গঙ্গা [স] *বি* পবিত্র গঙ্গানদী। *ডানকান*, ১৭৮৫।

ঈশ্বরেচ্ছা [স ঈশ্বর-ইচ্ছা] *বি* ভবিতব্যের ইচ্ছা। 'ঈশ্বরেচ্ছায় শীঘ্রই ম্যাজিস্ট্রেট সাহেবদ্বয়ের দৃষ্টি নিপতিত।' *এডুকেশন*, ১৮৭৩।

ঈশ্বরোপাসনা [স ঈশ্বর-উপাসনা] *বি* ঈশ্বরের আরাধনা। 'তাঁহার ঈশ্বরোপাসনার সঙ্গে জড়িত হইয়া গিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

ঈষৎ [স] *বিণ* সামান্য। 'ঈষৎ আজ্ঞায় মাত্র সর্ব নবদ্বীপ।' *বৃন্দা*, ১৫৮০।

ঈষত [স ঈষৎ] *বিণ* ঈষৎ; কিঞ্চিৎ। 'মনত হরিষ কর ঈষত হাসিআঁ।' *বড়ু*, ১৪৫০।

ঈষতার্দ্র [স] *বিণ* সামান্য ভেজা। 'বিরহ-তপ্ত অপাঙ্গের ক্লান্ত ভালে তাঁর ঈষতার্দ্র মল্লিকাধর স্পর্শ করে ...।' *মুজতবা*, ১৯৬০।

ঈষৎক্লিষ্ট [স] *বিণ* সামান্য ক্লেশপ্রাপ্ত। 'একটি ঈষৎক্লিষ্ট কুসুমপেলব মুখ।' *রবীন্দ্র*, ১৮৯১।

ঈষৎ-তপ্ত [স] *বিণ* হালকা গরম। 'একদিন বর্ষাকালে মেঘমুক্ত দ্বিপ্রহরে ঈষৎ-তপ্ত সুকোমল বাতাস দিতেছিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

ঈষত্তপ্ত [স] *বিণ* হালকা তাপযুক্ত। 'ঈষত্তপ্ত বাতাসের সঙ্গে।' *বিভূতি*, ১৯৩১।

ঈষৎরঙ্গপ্রিয় [স] *বিণ* কিছুটা কৌতুকপ্রিয়। 'ঐ যে নয়ন ... ঈষৎরঙ্গপ্রিয়, সর্ব্বত্র তত্ত্বজিজ্ঞাসু।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

ঈষৎলক্ষিত [স] *বিণ* সামান্য দেখা যায় এমন। 'অন্তঃপুরের গবাক্ষদ্বারের মধ্য দিয়া ঈষৎলক্ষিত অসূর্য্যম্পশ্যাদিগের সহিত।' *প্রমথ*, ১৯২০।

ঈষৎ হাস্য [স] *বি* স্মিত হাসি। 'অনুকম্পা পুরঃসর ঈষৎ হাস্য করিয়া কহিলেন।' *অক্ষয়*, ১৮৪৯।

ঈসত-সহর্ষা *বিণ* হাস্যময়। 'ঈসত বদন করী মন মোর নিল হরী।' *বড়ু*, ১৪৫০।

ঈষদ্ [স] *বিণ* ঈষৎ। 'কহিতে লাগিলা দেবী ঈষদ্ হাসিয়া।' *ভারত*, ১৭৬০।

ঈষদাস্য [স ঈষদ্-হাস্য] *বিণ* ঈষৎ হাস্যযুক্ত। 'ঈষদাস্য বদনে বলেন কাত্যায়নী।' *মানিকরাম*, ১৭৮১।

ঈষদুষ্ণ [স ঈষদ্-উষ্ণ] *বিণ* অল্প গরম। *সেবধি*, ১৮৩৯; 'ঈষদুষ্ণ অন্ন ব্যঞ্জন।' *বঙ্কিম*, ১৮৭৫।

ঈষদোজ্জ্বল [স ঈষদ্-উজ্জ্বল] *বিণ* খানিকটা দীপ্তিপূর্ণ। 'উষ্ণাপ ও তড়িতালোকিত বাষ্প-রাশির ঈষদোজ্জ্বল ভাতি।' *মোতাহার*, ১৯৩৭।

ঈষদ্দীর্ঘ [স ঈষদ্-দীর্ঘ] *বিণ* অল্প লম্বা। 'সে ঈষদ্দীর্ঘ বপুর মনোমোহন ভঙ্গী।' *বঙ্কিম*, ১৮৬৫।

ঈষদ্দৃষ্টান্ত [স ঈষদ্-দৃষ্টান্ত] *বি* ছোটো দৃষ্টান্ত। 'তাহারা ঈষদ্দৃষ্টান্ত প্রদর্শন করিতে কি অগ্রসর হয়েন?' *অক্ষয়*, ১৮৪৬।

ঈষদ্ধাস্য [স ঈষদ্-হাস্য] *বিণ* স্মিত; অল্প হাসিযুক্ত। 'সুত্র। (ঈষদ্ধাস্যমুখে) স্ত্রীজাতি অতি অবোধ প্রিয়ে!' *রামনারায়ণ*, ১৮৫৪।

ঈসাই [আ] *বিণ* ঈসা প্রবর্তিত; খ্রিস্টীয়। 'ঈসাই দীন কবুল করিয়াছে।' *প্রচারক*, ১৮৯১।

ঈস্ট ইণ্ডিজ [ই] *বি* ভারতবর্ষ। 'কালা আদমি, বোধ হয় ঈস্ট ইণ্ডিজের।' *বিভূতি*, ১৯৩৩।

ঈহুদী [আ] *বি* পশ্চিম এশিয়ার অন্যতম প্রধান ধর্মসম্প্রদায়। 'তিনি সামান্য মানুষ নন, হয় হরি নয় পীর নয় ঈহুদীদের ভাবী মেসায়া।' *হুতোম*, ১৮৬১।

AMARBOI.COM

উ

উ[১] 'উ' স্বরবর্ণ এবং এর কারচিহ্ন (ু)। 'আমরা প্রকৃতিকে কতকটা প্রক্রিতি বলি, তাঁহারা লঘু উকার যোগ করিয়া বলেন। প্রকৃতি।' *রবীন্দ্র*, ১৯০৮।

উ[২] [ধ্বন্যা] **১** *সর্ব* ও; সে। 'উ বেলি না জাইহ মথুরার হাটে ল।' *বড়ু*, ১৪৫০। **২** *সর্ব* যে। 'চির সময় সঞ্চিত উ ভয় তোর মণে।' *বড়ু*, ১৪৫০।

উআদা [আ ওয়াদা] *বি* অঙ্গীকার। 'পরিসোদের উআদা নিজ সনের মাহ ...।' *চিঠিপত্রে*, ১৮৪২।

উআর [স পার] *বি* ওপার। 'পার উআরেঁ সোই গজিই।' *চর্যা* ৩২, ১২০০।

উই[১] [স উপদীকা] *বি* পিঁপড়ার মতো এক রকমের ক্ষুদ্র কীট। 'উইচারা খাই পশু নাম ভত্নক।' *মুকুন্দ*, ১৬০০; *ওসাঁ*, ১৭৮৫; 'উকুন, ছারপোকা, পিপীলিকা, উই প্রভৃতি ক্ষুদ্র ক্ষুদ্র জন্তু কীট জাতি।' *বিদ্যা*, ১৮৫১।

উইচারা [স উপদীকা] *বি* উইপোকা। 'উইচারা খাই পশু নাম ভত্নক।' *মুকুন্দ*, ১৬০০।

উইটিপি, উইঢিবি [স উপদীকা>] *বি* উইপোকার বাসা বা স্তূপ। 'উইটিপি।' *বিদ্যা*, ১৮৯১; '... উইঢিবি, বৈঁচিবনের প্রেক্ষাপটে।' *বিভূতি*, ১৯২৯; 'উইটিপি সগৌরবে জুড়ে রয় পর্বতের স্থান।' *শামসুর*, ১৯৫৯।

উইপোকা [স উপদীকা>] *বি* সাদা রঙের পিপীলিকা জাতীয় কীটবিশেষ। 'উইপোকা গায়ের উপর বাসা করিল।' *হরপ্রসাদ*, ১৮৮১।

উই-লাগা *বিণ* উইয়ে ধরেছে এমন। 'মস্ত বড়ো দালান-বাড়ির উই-লাগা ওই কড়ির ফাঁকে।' *নজরুল*, ১৯২২।

উই[২] *অব্য* ঐ; ওই (কোনো কিছু নির্দেশে)। 'উই যে কালো মত বাঁদিকে দেখা যায় ওটা চড়া।' *শরৎ*, ১৯১৭।

উইআ [স উদিত] *বিণ* উদিত। 'সঅল ধাম উইআ তবেঁ।' *চর্যা ৪৪*, ১২০০।

উইক এণ্ড [ই] *বি* শনি-রবিবারের সাপ্তাহিক ছুটি; সপ্তাহান্ত। 'ইংলণ্ড থেকেই উইক এন্ডের প্রথা।' *হাই*, ১৯৫৮।

উইকনেস [ই] *বি* দুর্বলতা। 'তা ভাই ওর কেমন উইকনেস।' *দীনবন্ধু*, ১৮৬৬।

উইকেট কীপার [ই] *বি* ক্রিকেটে উইকেটের পেছনে বল ধরার জন্য দণ্ডায়মান খেলোয়াড়; উইকেটরক্ষক। 'উত্তম উইকেটকীপার, এমন কী, না-ব্যাট্‌সম্যান না-বোলার সুদ্ধমাত্র ফীল্ডায় ... দু-একজন রাখতে হয়।' *মুজতবা*, ১৯৫৮।

উইজগা [স উপজয়] *ক্রি* উৎপন্ন হওয়া। 'কাহ্ন ভণই তরু পুণ ন উইজগ।' *চর্যা ৪৫*, ১২০০।

উইণ্ড-স্ক্রীন [ই] *বি* গাড়ির সামনের কাচের আবরণ। 'ভদ্দুর কাঁচ সে তার উইণ্ড-স্ক্রীন থেকে ঝেড়ে ফেলে দিয়েছে।' *মুজতবা*, ১৯৪৯।

উইণ্ডমিল [ই] *বি* বায়ুচালিত কল। 'উইণ্ডমিলকে ডন মনে করেন দৈত্য।' *মুজতবা*, ১৯৫৯।

উইত্তা [স উদিত] *বিণ* উদিত। 'উইত্তা গঅণ মাঝেঁ অদহুআ।' *চর্যা ৩০*, ১২০০।

উইদাউট [ই] *অব্য* ছাড়া। 'উইদাউট কেয়ার বিলকুল লোপাট।' *শিবরাম*, ১৯৭০।

উইমেন্‌স [ই] *বিণ* মেয়েদের। 'উইমেন্‌স হল শাখা।' *বেগম*, ১৯৬৩।

উইল [ই] *বি* দানপত্র; মৃত্যুর পর উত্তরাধিকারদের মধ্যে সম্পত্তি বণ্টনের ইচ্ছাপত্র। 'রামনারায়ণ মুখোপাধ্যায়ের নামে উইল করিয়াছে।' *দর্পণ*, ১৮২১।

উইলো [ই] *বি* গাছবিশেষ। 'যেমন বটবৃক্ষের তুলনায় উইলো, কি সাইপ্রেস ...।' *বঙ্কিম*, ১৮৮৭।

উইশ ইউ গুড লাক – তোমার সৌভাগ্য কামনা করি। 'ছোট্ট করে বলবেন, উইশ ইউ গুড লাক।' *সাদত*, ১৯৬৭।

উইস্টারিয়া [ই] *বি* সৌন্দর্যবর্ধক লতাবিশেষ। 'গেটে উইস্টারিয়া লতা।' *বিভূতি*, ১৯৩৮।

উএখা [স উপেক্ষা] *ক্রি* উপেক্ষা করা। 'মহারস পানে মাতেল রে তিহুঅণ সএল উএখী।' *চর্যা* ১৬, ১২০০।

উএস [পা উপদেস] *বি* উপদেশ। 'উআরি উএস কাহ্ন নিঅড় জিনউর।' *চর্যা* ১২, ১২০০।

উএসা [স উপদেশ>] *ক্রি* উপদেশ দেওয়া। 'আলে গুরু উএসই সীস।' *চর্যা ৪০*, ১২০০।

উংলি *বি* আঙুল। 'হাত পাওয়ের উংলি ভি বান্দে।' *ইলিয়াস*, ১৯৭৫।

উঃ [ধ্বন্যা] *অব্য* বিস্ময় ক্রোধ ভয় ইত্যাদি সূচক শব্দ। 'উঃ! বেটা যেন ঠিক যমদূত।' *মাইকেল*, ১৮৬০।

উঁ উঁ [ধ্বন্যা] *বি* ব্যথায় মুখনিঃসৃত ধ্বনি। 'বলব কী আর বলব খুড়ো – উঁ উঁ।' *রবীন্দ্র*, ১৮৮১।

উঁকি[১] [স উদক্ষি] **১** *বি* গুঁড়ি মেরে অবস্থান। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* আড়াল থেকে দেখা। 'আনন্দ করিয়া খাইতেছিল, উঁকি মারিয়া কহিলেক।' *তারিণী*, ১৮০৩।

উঁকিঝুঁকি, উঁকীঝুঁকী *বি* আড়াল থেকে ক্রমাগত এদিক-সেদিক তাকানো। 'আসলে কুশল নাই শুধু উঁকিঝুঁকি।' *গুপ্ত*, ১৮৫৮; 'দাঁড়িপাল্লা, চ্যাটা, কুলো ও চালুনীরে গণি ব্যাগ ও ছেঁড়া চটের আস পাশ থকে উঁকী ঝুঁকী মাচ্ছে।' *হুতোম*, ১৮৬১।

উঁকি দেওয়া *ক্রি* আড়াল থেকে দেখা। 'বিদ্যুৎ দিতেছে উঁকি ছিঁড়ি মেঘভার।' *রবীন্দ্র*, ১৮৯০।

উঁকি মারা *ক্রি* আড়াল থেকে মুখ বের করা। 'আনন্দ করিয়া খাইতেছিল, উঁকি মারিয়া কহিলেক।' *তারিণী*, ১৮০৩।

উঁকি[২] [ধ্বন্যা] *বি* হেঁচকি। 'পাশ থেকে ওপাউঠো রুগীর বমির ভূমিকার মত উঁকির শব্দ শোনা যেতে লাগলো।' *হুতোম*, ১৮৬১।

উঁচকপালে [স উচ্চ-কপাল>] *বিণ* উন্নাসিক। 'গণপতির চরেরা তাঁকে যদি উঁচকপালে বলে বিদ্রুপ করে তা তাঁর সয়।' *শিব*, ১৯৭৩।

উঁচকপালেপনা *বি* উন্নাসিকতা। 'কাব্যসৃষ্টি এবং কাব্যসম্ভোগের মাঝখানে এ ব্যবধানের জন্য আধুনিক কবিদের উঁচকপালেপনা যতটা দায়ী ...।' *শিব*, ১৯৫০।

উঁচকে [স উচ্চ>] **১** *ক্রিবিণ* উদ্ধত ভঙ্গিতে। 'আসে জোর উঁচকে ধেয়ে।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নজরুল, ১৯২৬। ২ *বিণ* উঁচু। 'গাইতি-দেঁতো, উঁচকে কপাল ... পুঁচকে গোপাল।' *নজরুল*, ১৯২৬।

উঁচা [স উচ্চ>] *বিণ* উঁচু। 'পর্বত সমান ধোড়া উঁচা অতিশয়।' *গরীব*, ১৭৬৫।

উঁচাই [স উচ্চ>] *বি* উচ্চতা। *মানোএল*, ১৭৪৩।

উঁচানিচা *বিণ* এবড়োথেবড়ো। 'দেয়ালগুলি চতুর্দিকেই ভাঙা উঁচানিচা।' *হাসান*, ১৯৬৭।

উঁচানো, উঁচোনো [স উচ্চ>] ১ *ক্রি* উঠানো। 'সাহেব বেত উঁচাইবামাত্র সকলে দৌড় দিল।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বিণ* উঁচু করে ধরা হয়েছে এমন। 'বন্দুক উঁচোনো সিপাইদের মতো সারি বেঁধে এলেন।' *সুকান্ত*, ১৯৪৮।

উঁচু [স উচ্চ>] *বিণ* উচ্চতাবিশিষ্ট। 'হিমালয় পর্বত থেকেও উঁচু হয়ে উঠলো।' *হুতোম*, ১৮৬১।

উঁচু কথা [উঁচু+স কথা] *বি* রূঢ় কথা। 'কারুকে উঁচু কথা বোলো না।' *গিরিশ*, ১৮৮৯।

উঁচুকেতা [উঁচু+আ কিতআহ্] *বিণ* উন্নত ফ্যাশন বা রীতিসম্পন্ন। 'সহরের ইংরাজি কেতার বাবুরা এখন দুটি দল হয়েছেন, প্রথম দল 'উঁচুকেতা সাহেবের গোবরের বস্‌টে'।' *হুতোম*, ১৮৬১।

উঁচুগলা [উঁচু+স গল>] *বি* চড়া গলা। 'উঁচুগলায় তার গুণগান করবার ভিতর কোনো বিপদ নেই।' *প্রমথ*, ১৯১৮।

উঁচু চিন্তা [উঁচু+স চিন্তা] *বি* উন্নত চিন্তা। 'যে সমাজে যত উঁচু চিন্তা করতে মানুষ অভ্যস্ত।' *উমর*, ১৯৬৮।

উঁচুজাত [উঁচু+স জাতি] *বি* উচ্চবর্ণ সম্প্রদায়। 'অধিকাংশই এসেছেন হিন্দু সমাজের পরম্পরাস্বীকৃত উঁচু জাতের কোঠা থেকে।' *দিব্য*, ১৯৫৬।

উঁচুদর [উঁচু+ফা দর] *বি* উন্নত শ্রেণী। 'খুব যে উঁচুদরের বীরত্বময় মহত্ত্বপূর্ণ তা নয়।' *রবীন্দ্র*, ১৮৯২।

উঁচুদরের [উঁচু+ফা দর>] *বিণ* পাকা। 'মুখার্জি যে একজন উঁচুদরের মিথ্যাবাদী এ বিষয়ে আমাদের মধ্যে মতদ্বৈধ ছিল না।' *বনফুল*, ১৯৩৬।

উঁচুনিচু, উঁচুনীচু [স উচ্চনীচ] ১ *বি* বাজেকথা। 'বক্রেশ্বর ... নীতি শেখান অথচ জল উঁচু নীচু বলনের শিরোমণি।' *প্যারী*, ১৮৫৮। ২ *বিণ* অসমান। 'গাছপালার মধ্য দিয়া গ্রামের উঁচুনিচু রাস্তার ভিতর।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৩ *বি* অসংলগ্নতা। 'পুরুষের চরিত্রের মধ্যে বিস্তর উঁচুনিচু।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উঁচোনো দ্র উঁচা

উঁট [স উষ্ট্র] *বি* উট। *মানোএল*, ১৭৪৩; 'উঁট এদেশে নাই।' *মশাররফ*, ১৮৮৯।

উকটা [স উৎকট] ১ *ক্রি* ফেটে যাওয়া। 'আপনে রসে উকট কুসিয়ার।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *ক্রি* খোঁজ করা। 'উকটিল কত ঠাঞি খুজি লাগ নাহি পাই।' *মালাধর*, ১৫০০। **উকটএ** *ক্রি* খোঁজে। 'চিতুর ঘুচায়া ধন্দ উকটএ কাটা কন্দ।' *মালাধর*, ১৫০০। **উকটিয়া** *ক্রি* অন্বেষণ ক'রে। 'সব ব্রদ উকটিয়া নন্দ নাহি পাই।' *মালাধর*, ১৫০০। **উকটিল** *ক্রি* খুঁজলো। 'উকটিল কত ঠাঞি খুজি লাগ নাহি পাই।' *মালাধর*, ১৫০০। **উকটে** *ক্রি* তন্ন তন্ন করে খোঁজে। 'দশ বিশ মাঝি মেলি উকটে মুসার ধূলি।' *মুকুন্দ*, ১৬০০।

উকত [স উক্ত] *বিণ* আগত। 'আসক উকত সুবে দুরগত।' *চণ্ডী*, ১৫৫০।

উকথা [স কথা>] *বি* ওই কথা। 'একথা উকথা কহি দেব গদাধর।' *মালাধর*, ১৫০০।

উকন্যা *বি* গন্ধতৃণবিশেষ। 'উকন্যা বিরুনা বরাই লআ।' *মুকুন্দ*, ১৬০০।

উকালতি [আ ওয়াকিল>] *বি* উকিলের কাজ। 'কেন আসছেন আজ জমিদারি রক্ষার লাগি উকালতি করবার?' *মনসুর*, ১৯৫৫।

উকাসা [স প্রকাশিত] *ক্রি* মুক্ত হওয়া। 'হাতে গলে বান্ধি মোরে রাখিয়াছে নারি উকাসিতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উকি[১] [স উল্কা] *বি* আগুন। 'অন্তরে জ্বালায় উকি।' *চণ্ডী*, ১৫৫০।

উকি[২] [ধ্বন্যা] *বি* উদ্‌গার; হেঁচকি। 'দিয়ে খিল হয়ে মিল মুখে উঠে উকি।' *গুপ্ত*, ১৮৫৮।

উকিনি [স উৎকুণ] *বি* উকুন। 'মোর মাথে গোটা কথো দেখহ উকিনি।' *মুকুন্দ*, ১৬০০।

উকিল, উকীল [আ ওয়াকিল] ১ *বি* মুসলিম বিয়েতে যে ব্যক্তি কনের সম্মতি বরকে জ্ঞানায়। 'হইলেন্ত মিকাইল উকিল নিশ্চএ।' *সুলতান*, ১৬৫০। ২ *বি* মধ্যস্থতাকারী। *মানোএল*, ১৭৪৩; 'গুপ্তে রাজমহলে পৌঁছিয়া অস্পষ্ট উকিল পাঠাইলেন।' *রামরাম*, ১৮০১। ৩ *বি* প্রতিনিধি। 'উকীল আছিল যারা কীলে সারা হৈল তারা।' *ভারত*, ১৭৬০। ৪ *বি* আইনজীবী। 'শ্রীসেখ আতাউল্লা উকীল যুচরিতেষু লিখিতং।' *হ্যালহেড*, ১৭৭২। ৫ *বি* অনুচর। 'এ সংবাদ পূর্ব্বে দাউদের উকিল হেন্দোস্থান হইতে দাউদকে লিখিয়াছে।' *রামরাম*, ১৮০১।

উকিলপাড়া, উকীলপাড়া [আ ওয়াকিল+স পাটক>] *বি* উকিলদের আবাসিক এলাকা। 'উকীলপাড়া – 'খুদিরাম উকীল' সাইনবোর্ড খোদা আছে।' *গিরিশ*, ১৮৮৬; 'নারীর মোহজাল বিস্তার করে দিলে স্থান বুঝে উকিলপাড়ায়।' *রবীন্দ্র*, ১৯৪০।

উকিলি, উকিলী [আ ওয়াকিল>] ১ *বি* উকিলের কাজ; উকিলের পেশা। 'উকিলিতে মোকরর করিলাম।' *ওসাঁ*, ১৭৮১; 'উকিলী।' *ওসাঁ*, ১৭৮২; 'উকিলিতে আজকাল অনেক লোক হইয়াছে।' *হরপ্রসাদ*, ১৮৮১। ২ *বিণ* উকিলসুলভ। 'উকিলিবুদ্ধি রাজনীতির ক্ষেত্রে সব সময়ে খাটে না।' *প্রমথ*, ১৯২০।

উকীলোচিত [আ ওয়াকিল+স উচিত] *বিণ* উকিলসুলভ। 'উকীলোচিত গাম্ভীর্য্যের সহিত পত্রখানি অত্যন্ত সাবধানে পাঠ করিলেন।' *প্রভাত*, ১৮৯৮।

উকুতি [স উক্তি] *বি* বক্তব্য। 'অপনুক অভিমত উকুতি বুঝাব।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উকুন [স উৎকুণ] *বি* চুলের ক্ষুদ্র পোকা। *মানোএল*, ১৭৪৩; 'উকুন, ছারপোকা, পিপীলিকা, উই প্রভৃতি ... কীট জাতি।' *বিদ্যা*, ১৮৫১।

উকুন খসানো *ক্রি* উকুন বাছা। *মানোএল*, ১৭৪৩।

উকুল [স অকূল] *বি* সমুদ্র। 'উকুলের ঢেউ এল দুকূল ভরিয়া।' *রামাই*, ১৭১০।

উকো [স উৎঘর্ষ>] *বি* ধাতুদ্রব্য ধারালো করবার কাজে ব্যবহৃত লোহার রেত; ফাইল। 'ধাক্কার চেয়ে গুঁতো ভালো উকোর চেয়ে ঝামা।' *নজরুল*, ১৯৩২।

উক্কা [আ হুক্কাহ্] *বি* হুঁকা। 'পাও মেইল্যা বইসা উক্কায় মারেন টান।' *অচিন্ত্য*, ১৯৫০।

উক্ত [স] *বিণ* উল্লিখিত। 'অত্যন্ত দক্ষতার সঙ্গে উক্ত কর্ম নির্বাহ করেছেন।' *গৌর*, ১৮২২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উক্তরূপ [স] *বিণ* এরূপ। 'যাঁহারা উক্তরূপ দান করেন।' *দর্পণ*, ১৮৩৩।

উক্তাত্যাচার [স উক্ত-অত্যাচার] *বি* বর্ণিত অত্যাচারের কথা। 'মহাশয় এতৎপত্র দর্পণার্পণে চিরবাধিত করিয়া উক্তাত্যাচার রাজাপ্রজা উভয়ের সুগোচর করাইবেন।' *দর্পণ*, ১৮৩৮।

উক্তি [স] *বি* কথা। 'গোপীগণ সহ বিহার হাস্যপরিহাস/ কণ্ঠধ্বনি উক্তি শুনি মোর কর্ণোল্লাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উখ [স ইক্ষু] *বি* আখ। *মানোএল*, ১৭৪৩।

উখড়ানো [স উৎখল>] *ক্রি* সমূলে উৎপাটন করা। 'তরু উপাড়িয়া গিরি উখাড়িয়া।' *ভারত*, ১৭৬০; 'সুলেমান পর্বত জড়শুদ্ধ উখড়িয়ে গেল।' *নজরুল*, ১৯২২।

উখলি [স উদূখল>] *বি* শস্যাদি পেষার পাত্র; হামানদিস্তা। *মানোএল*, ১৭৪৩।

উখা [স উৎঘর্ষ>] *বি* হাতিয়ার ধার করার রেত; ফাইল। *ওর্সা*, ১৭৮৫।

উখাড়া [স উৎস্খল>] **১** *ক্রি* উদ্‌গত হওয়া। 'বাট উখুড়িবে প্রচুর ভৈল বেলা।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* উপড়ে ফেলা। 'দুহাথে উখাড়ে যেন মকরের মূলা।' *রূপরাম*, ১৭৫০; 'বড় এক গাছ গিথি লিল উখাড়িয়া।' *গরীব*, ১৭৬৫।

উখি *বি* খুশকি। *মানোএল*, ১৭৪৩।

উখুনপাশী [স উৎক্ষেপণ>] *বি* শস্য পরিষ্কার করার দণ্ডবিশেষ; উকুনবাড়ি। 'জোয়ালে কোদালে ফাল দা উখুনপাশী।' *শিবায়ন*, ১৭৫০।

উখৈল [স উদূখল] *বি* হামানদিস্তা। *মানোএল*, ১৭৪৩।

উখো [স উৎঘর্ষ>] *বি* ধাতুনির্মিত দ্রব্যাদি ধার করার বা ঘষার যন্ত্রবিশেষ; রেতি। 'উখো দিয়ে দাঁত ঘষে ছুঁচালো করেছে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

উগ [স উগ্র] *বিণ* উগ্র। 'হিমকর উগ হতে দিনকরা তেজ।' *জ্ঞানদাস*, ১৬০০।

উগড়ানো [স উদ্‌গিরণ] *ক্রি* বমি করা। 'রক্তবমির মতো উগড়ে উঠলো।' *মাহমুদ*, ১৯৬৬।

উগরানো [স উদ্‌গিরণ] *ক্রি* উদ্‌গিরণ করা। *বিদ্যা*, ১৮৯১; 'উগরিবে অগ্নি বিজয়বেণু/ অগ্নিকবচে আবরি তনু।' *অশ্বিনী*, ১৯২০।

উগলানো [স উদ্‌গিরণ] *ক্রি* বমি করা। 'পেট ভরে গেলে, উগলে ফেলে দিবি।' *রশীদ*, ১৯৬৩।

উগা [স উদ্‌গতি] **১** *ক্রি* উদিত হওয়া। 'জনি সুমেরু উপর মিলি উগল চাঁদ বিহিন সব তারা।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রি* বের হওয়া। 'স্বেদ বিন্দু ললাটেত উগএ যখন।' *আলাওল*, ১৬৮০। **উগএ ১** *ক্রি* উদিত হয়। 'না জানে কোথাত উগএ রবি শশী।' *বাহরাম*, ১৬৫০। **২** *ক্রি* বের হয়। 'স্বেদ বিন্দু ললাটেত উগএ যখন।' *আলাওল*, ১৬৮০। **উগথিক** *ক্রি* উদিত হয়। 'রবি সসি উগথিক পাশে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **উগল** *ক্রি* উদিত হলো। 'জনি সুমেরু উপর মিলি উগল চাঁদ বিহিন সব তারা।' *বিদ্যাপতি*, ১৪৬০। **উগিলেক** *ক্রি* উদিত হলো। 'সংসার প্রকাশ করি উগিলেক সুর।' *আলাওল*, ১৬৮০।

উগারা [স উদ্‌গিরণ>] *ক্রি* বমি করা। 'উগারিয়া পেলে কৃষ্ণ নিজরূপ ধরে।' *মালাধর*, ১৫০০। **উগারএ** *ক্রি* বমি করে। 'এক মুখে উগারএ আর মুখে খায়।' *মুকুন্দ*, ১৬০০। **উগারিয়া** *ক্রি* বমি ক'রে। 'উগারিয়া পেলে কৃষ্ণ নিজরূপ ধরে।' *মালাধর*, ১৫০০। **উগারে** *ক্রি* বমি করে। 'পিবয়ে অধর সুধা উগারে গরল।' *দ্বিজচণ্ডী*, ১৬০০।

উগি[১], উগী [স উদক্ষি>] *বি* উঁকি। 'জতেক রাখালগণে উগী দিয়া চায়।' *বিজয়*, ১৬৫০; 'ভালে মাথা নাড়ি পেঁচা উগি দিয়া চায়।' *রূপরাম*, ১৭৫০; 'উগি দিয়ে চেয়ে দেখে ঘারে দিয়ে হাত।' *মানিকরাম*, ১৭৮১।

উগি[২] [স অগ্নি] *বি* সূর্যকিরণ। 'কার্তিকে অখণ্ড উগি শুখাইল নীর।' *আলাওল*, ১৬৮০।

উগোল *বি* টাকি মাছের মতো এক প্রকার মাছ। 'উগোল মাছের মাংস তৃপ্ত হোক তোমার কাদায়।' *মাহমুদ*, ১৯৭৩।

উগ্র [স] **১** *বিণ* অসহিষ্ণু। 'উগ্র ব্রাহ্মণ জাতি স্বভাবে চঞ্চল।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* নির্দয়। 'আমার কর্মের গতি উগ্র হইল মোর পতি।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* হিন্দুদেবতা শিব। 'উগ্রতপ করে উগ্র করিতে অপার।' *ভারত*, ১৭৬০। **৪** *বিণ* রূঢ়। 'হিংসক পশু বিবাদে প্রবর্ত্ত হইয়া উগ্ররূপে কহিলেক।' *তারিণী*, ১৮০৩। **৫** *বিণ* তীব্র; প্রবল। 'নতুন-গড়া রাজাদের পারিবারিক মর্যাদাবোধ খুবই উগ্র।' *রবীন্দ্র*, ১৯২৯।

উগ্রক্ষত্রিয় [স] *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

উগ্রগৌর [স] *বিণ* অত্যন্ত ফরসা। 'ঈষৎ দীর্ঘ পাতলা দেহ, উগ্রগৌর দেহবর্ণ।' *তারা*, ১৯৪০।

উগ্রচণ্ড [স] *বিণ* প্রচণ্ড; তীব্র। 'উগ্রচণ্ড সুখে পুচ্ছ সাপটি খেলা করে।' *বকুল*, ১৯২২।

উগ্রচণ্ডা [স] *বি স্ত্রী* চণ্ডিকাদেবী। 'চলিতে যুঝিতে যেন উগ্রচণ্ডা চলে।' *রূপরাম*, ১৭৫০।

উগ্রচণ্ডী [স] *বিণ* হঠাৎ রেগে যায় এমন। 'আম্বরির এমন উগ্রচণ্ডী রূপ কখনো দেখেনি ও।' *কায়সার*, ১৯৬২।

উগ্রতপ [স] *বি* কঠোর তপস্যা। 'হেন উগ্রতপ দেবি কর কি কারন।' *মালাধর*, ১৫০০।

উগ্রতপা [স] *বিণ স্ত্রী* কঠোর তপস্যাকারী। 'জয় অগ্নিহোত্রী অয়ি দীপ্তা উগ্রতপা জ্যোতির্ময়ী।' *নজরুল*, ১৯৩১।

উগ্রতর [স] *বিণ* তীব্রতর। 'ওদের গঞ্জনা উগ্রতর হতে থাকে।' *রবীন্দ্র*, ১৯৩২।

উগ্রতা [স] **১** *বি* ঔদ্ধত্য। 'তোমার কথাক্রমে কিঞ্চিৎ উগ্রতা প্রকাশ করেছিলেম।' *দীনবন্ধু*, ১৮৬৩। **২** *বি* প্রচণ্ডতা। 'দিগন্তে একটা আগ্নেয় উগ্রতা ক্ষণে ক্ষণে জ্বলে।' *রবীন্দ্র*, ১৯৩২।

উগ্রতাশূন্য [স] *বিণ* ঔদ্ধত্য নেই এমন। 'অপুর প্রকৃতি আরও শান্ত, উগ্রতাশূন্য ও উদার।' *বিভূতি*, ১৯৩১।

উগ্রপন্থী [স] *বিণ* চরমপন্থী। 'ডিরোজীও-পন্থী ও অন্যান্য উগ্রপন্থীর ...।' *আনোয়ার*, ১৯৭০।

উগ্রপ্রকৃতি [স] *বিণ* উদ্ধত। 'কুন্দ শীতল প্রকৃতি, হীরা উগ্রপ্রকৃতি।' *বঙ্কিম*, ১৮৭৩।

উগ্রবীর্য [স] *বিণ* অত্যন্ত ঝাঁঝালো। 'সে আনন্দ উগ্রবীর্য সুরার মতো নেশার ঘোর আনে।' *বিভূতি*, ১৯৪০।

উগ্রভাব [স] *বি* উদ্ধত আচরণ। 'পূর্বকার উগ্রভাব পরিত্যাগ করিয়া বলিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮।

উগ্রমূর্তি, উগ্রমূর্ত্তি [স] *বিণ* ক্রুদ্ধ ও ভয়ানক চেহারাবিশিষ্ট। 'তুমি দুর্দ্দান্ত উগ্রমূর্তি উগ্রসেনের হন্তা।' *দীনবন্ধু*, ১৮৭৩; 'বিপক্ষদলের

AMARBOI.COM

যেরূপ রুদ্রভাব, উগ্রমূর্তি দেখিতেছি।' *মশাররফ*, ১৮৮৭।

উগ্ররূপ [স] *বি* রুদ্র মূর্তি। 'যখন তাকে দেখিয়েছেন তাঁর উগ্ররূপ।' *রবীন্দ্র*, ১৯২৯।

উগ্ররূপে [স] *ক্রিবিণ* রূঢ়ভাবে। 'হিংসক পশু বিবাদে প্রবর্ত্ত হইয়া উগ্ররূপে কহিলেক।' *তারিণী*, ১৮০৩।

উগ্রশীল [স] *বিণ* ভয়ংকর স্বভাববিশিষ্ট। 'ইহারা অত্যন্ত উগ্রশীল ও কলহপ্রিয়।' *অক্ষয়*, ১৮৫০।

উগ্রসুখ [স] *বি* ঔদ্ধত্যপূর্ণ সুখ। 'কাঁদে বুকে উগ্রসুখে যৌবন-জ্বালায়-জাগা অতৃপ্ত বিধাতা।' *নজরুল*, ১৯২৩।

উগ্রস্বভাব [স] *বিণ* উদ্ধত। 'সকলেই যে বৃদ্ধ দশায় এইরূপ উগ্রস্বভাব হইয়া থাকেন ...।' *অক্ষয়*, ১৮৫২।

উগ্রা [স] ১ *বিণ স্ত্রী* ঔদ্ধত্যপূর্ণ। '... চঞ্চলা, চপলা, উগ্রা, অবগুণ্ঠনবিরহিতা।' *দীপিকা*, ১৮৮৭। ২ *বি* সংগীতের একটি শ্রুতি। 'উগ্রা।' *নজরুল*, ১৯৩৫।

উঘাড় [স উদ্‌ঘাটন>] *বিণ* খোলা। 'উঘাড় অঙ্গে পড়িয়া শঙ্কর নিদ্রা যায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উঘাড়া [স উদ্‌ঘাটন>] ১ *ক্রি* সম্পূর্ণ প্রকাশ করা। 'আবেশে আপন ভাব কহয়ে উঘাড়ি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *ক্রি* উপড়ে যাওয়া। 'যেন মহাবৃক্ষ উঘাড়িছে উগ্রবায়।' *আলাওল*, ১৬৮০। **উঘাড়ি** *ক্রি* সম্পূর্ণ প্রকাশ ক'রে। 'রাত্রে প্রলাপ করে স্বরূপের কণ্ঠ ধরি আবেশে আপন ভাব কহয়ে উঘাড়ি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উঘারা [স উদ্‌ঘাটন>] *ক্রি* অনাবৃত করা। 'কবহু ঝাঁপয় অঙ্গ কবহু উঘারি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উঘারী *বিণ স্ত্রী* বিবস্ত্র। 'অপজস হোঁ এত জগৎ ভরি হে জনু কুচিত্তী উঘারী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উঙাচুঙা [ধ্বন্যা] *বি* উচ্চধ্বনি। 'উঙাচুঙা করিয়া কান্দএ কন্যা খানি।' *মালাধর*, ১৫০০।

উঙ্গুর [ফা আংকুর] *বি* আঙুর। *মানোএল*, ১৭৪৩।

উচ [স উচ্চ] *বিণ* উঁচু। 'হোর ফুল আতি উচে।' *বড়ু*, ১৪৫০

উচকপালি [স উচ্চ+স কপাল>] *বিণ* উঁচু কপালবিশিষ্ট। 'আমার উচকপালি চিক্কনদাঁতির কথা প্রকাশ হয়ে পড়বে।' *নজরুল*, ১৯২৭।

উচঁ [স উচ্চ] *বিণ* উঁচু। 'নবীর পদের খোস নীচ হই রহে উচঁ।' *সুলতান*, ১৭০০।

উচকথা [হি উচক্কা] *ক্রিবিণ* হঠাৎ; আচমকা। *বিদ্যা*, ১৮৯১।

উচক্ক [হি উচক্কা] *বিণ* উঠতি। 'উচক্ক বয়স এত মনে নাহি আসে।' *ভারত*, ১৭৬০।

উচক্কা [হি] ১ *বিণ* নির্লজ্জ। 'মেয়েটার রকম ভাল ঠেকে না, কেমন উচক্কা উচক্কা বোধ হয়।' *উমেশ*, ১৮৫৭। ২ *বিণ* অবাধ্য। 'আকাস কিছুটা উচক্কা ধরনের ছেলে।' *ওয়ালী*, ১৯৪৮।

উচল [স উচ্চ>] *বিণ* উচ্চ। 'উচল বলিয়া অচলে চড়িনু পড়িনু অগাধ জলে।' *চণ্ডী*, ১৫৫০।

উচা [স উচ্চ] *বিণ* উঁচু। 'আর জে সকল জিনিষ ছিল তাহার জায়দাদ সিন্দুক লম্বা ১২ ইঞ্চি চৌড়া ৯ ইঞ্চি উচা ৭ ইঞ্চি।' *ক্যালগে*, ১৮০০।

উচানীচা [স উচ্চনীচ] *বিণ* উঁচুনিচু; অসমান। 'তাহাতে পথ গভীর আর উচানীচা।' *তারিণী*, ১৮০৩।

উচাটন [স উচ্চাটন] ১ *বিণ* ব্যাকুল। 'মন উচাটন নিশ্বাস সঘন।' *ছিণ্ডী*, ১৬০০। ২ *বি* মন্ত্রবিশেষের নাম। 'মারণ-উচাটন-মন্ত্রের পুরাতন পুঁথি?' *রবীন্দ্র*, ১৯৩২।

উচিৎ [স উচিত] *বি* যথার্থ কথা। 'উচিৎ কহিতে কেহ নাহিক সভার।' *কৃষ্ণরাম*, ১৭২০। *দ্র* **উচিত**

উচিত [স] ১ *বিণ* উপযুক্ত। 'সর্ব্বাঙ্গে সুন্দরি তোঐ দেব মুরারী মোঐ তোর মোর উচিত সে নেহা।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* যথাযথ। 'পাইয়া উচিত নাম কেশবভারতী।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বিণ* বাঞ্ছনীয়। 'উপায় চিন্তিয়া দেখ যে হএ উচিত।' *বাহরাম*, ১৬৫০। ৪ *বিণ* আবশ্যক। 'শিখিতে উচিত যাহা শিখিয়াছ সব।' *ভবানী*, ১৮২৮। ৫ *বিণ* ঠিক। 'না না হতাশ্বাস হওয়া উচিত নহে।' *অক্ষয়*, ১৮৫০। ৬ *বিণ* কাম্য। 'উহাদিগের আতিশয্য নিবারণ করা অবশ্য কর্ত্তব্য বটে, কিন্তু উচ্ছেদ চেষ্টা কখনই উচিত নহে।' *অক্ষয়*, ১৮৫৫। ৭ *বিণ* সত্য। 'আমরা উচিত কথা বলিলাম।' *সুলভ*, ১৮৭৩। ৮ *বিণ* শ্রেয়। 'রাবণের ক্রন্দন করা উচিত কি না তাহা দেখিতে চান না।' *রবীন্দ্র*, ১৮৭৭।

উচিত-অনুচিত [স] *বি* কর্তব্য ও অকর্তব্য। 'মহেন্দ্রের উচিত-অনুচিতের আদর্শ সাধারণের অপেক্ষা কিছু কড়া।' *রবীন্দ্র*, ১৯০২।

উচিতকর্ম [স] *বি* করা কর্তব্য এমন কাজ। 'তাঁহার উল্লিখিতরূপ অশেষ প্রকার উপকার সম্পাদন করা আমাদের উচিতকর্ম।' *অক্ষয়*, ১৮৫৪।

উচিতপথ [স] *বি* ন্যায়ের পথ। 'শিশুদিগের অন্তঃকরণকে উচিতপথে নিয়োজিত ... করা কর্তব্য।' *অক্ষয়*, ১৮৫০।

উচিতমত, উচিতমতো [স উচিত+মতো] ১ *ক্রিবিণ* যথাযোগ্যভাবে। 'শত বৎসরেও তাহা উচিতমত প্রচারিত হওয়া দুরূহ হইত।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *ক্রিবিণ* সত্যিকারভাবে। 'বাঙলাদেশকে উচিতমতোভাবে কখনো স্বদেশ মনে করেননি।' *উমর*, ১৯৬৮।

উচিতহ [স উচিত>] *বি* উচিত। 'বোলি পঠওলহি জত অতিরেক। উচিতহ ন রহল তহ্কি বিবেক।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উচিতানুচিত [স উচিত-অনুচিত] *বিণ* ন্যায়-অন্যায়। 'অমাত্য, অপত্যস্নেহের আতিশয্যবশতঃ, উচিতানুচিত-বিবেচনায় বিসর্জন দিয়া।' *বিদ্যা*, ১৮৪৭।

উচীত [স উচিত] *বিণ* ঠিক। 'নাগর জনের হেন না হএ উচীত।' *বড়ু*, ১৪৫০। *দ্র* **উচিত**

উচু [স উচ্চ] *বিণ* উঁচু। *ওসাঁ*, ১৭৮২।

উচু কথা [স উচ্চ-কথা>] *বি* কটু কথা। 'ও মা আমি তোকে কবে উচু কথা বলেছি!' *উমেশ*, ১৮৫৭।

উচুর [স প্রচুর] *বিণ* অধিক। 'বেলা হৈল উচুর প্রচুর ভয় মনে।' *ভারত*, ১৭৬০।

উচ্চ [স] ১ *বিণ* উঁচু। 'উচ্চ দৃঢ় তুলি সব পাতি স্থানে স্থানে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *ক্রিবিণ* জোরে। 'অলৌকিক শব্দ কেহ উচ্চ করি বোলে।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বিণ* সম্ভ্রান্ত। 'উচ্চ নিচ্চ নাহি পরিচয়।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৪ *বি* ঊর্ধ্ব। 'বানরের কথা শুনিয়া রাজপুত্র উচ্চেতে গেলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ৫ *বিণ* উপরের দিককার। 'কালেজের উচ্চ উচ্চ শ্রেণীর প্রাত্যহিক পাঠের নিয়ম অবগত করা আবশ্যক।' *অক্ষয়*, ১৮৫০। ৬ *বিণ* উন্নত। 'বিষয় যত উচ্চ, বলবার লোকের ক্ষমতাও তত বেশি হওয়া চাই।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৭ *বিণ* বয়সে বড়ো। 'সে যে আমার অনেক উচ্চে।' *শরৎ*, ১৯১৭।

উচ্চ-অঙ্গ [স] ১ *বি* উঁচু মান। 'সমস্ত উচ্চ-অঙ্গের আনন্দ মাত্রই

AMARBOI.COM

পুতুল-খেলা।' *রবীন্দ্র*, ১৮৯৪। **২** *বিণ* (সংগীত) রাগপ্রধান। 'যাহা উচ্চ-অঙ্গের সংগীত তাহা আপনার কথা আপনার নিয়মেই বলে।' *রবীন্দ্র*, ১৯০৭।

উচ্চ-আশ [স] *বিণ* উচ্চ আশা আছে এমন। 'উচ্চ-আশ নারী রাখে কিবা?' *গিরিশ*, ১৮৮৭।

উচ্চ আশা [স] *বি* উচ্চ আকাঙ্ক্ষা। 'ইহা হ'তে উচ্চ আশা নাহি কিছু আর।' *গিরিশ*, ১৮৮৭।

উচ্চ আসন [স] *বি* অত্যন্ত সম্মানজনক অবস্থান। 'ইনি সর্ব্বাপেক্ষা উচ্চ আসনে উপবিষ্ট আছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

উচ্চইতর [স] *বিণ* অতি উঁচু। 'প্রস্তরের রচিত এক উচ্চইতর দিব্য মঞ্চ।' *রামরাম*, ১৮০১।

উচ্চ উচ্চ [স] *বিণ* বড়ো বড়ো। 'এক্ষণে ... ইংরাজিতে উচ্চ উচ্চ উপাধি প্রদত্ত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৫।

উচ্চকণ্ঠ [স] **১** *বি* উঁচু স্বর। 'সিঁড়ি হইতে সতীশের উচ্চকণ্ঠে "মাসিমা" ধ্বনি শুনা গেল।' *রবীন্দ্র*, ১৯০৯। **২** *বিণ* জোরালো কণ্ঠ এমন। 'তোমার উচ্চকণ্ঠ উল্লাসকে কোন শর্তে আনন্দ বলো।' *মাহমুদ*, ১৯৬৩।

উচ্চকথা [স] *বি* কড়া কথা। 'যে জননী আমাকে কখন উচ্চকথা কহেন নাই।' *উমেশ*, ১৮৫৭।

উচ্চকুচ [স] *বি* উন্নত স্তন। 'মনিমুক্তাযুতা, গলে হারলতা, উচ্চকুচ ভূষিতে হাসিছে।' *ভবানী*, ১৮২৫।

উচ্চকুটুম্বিতা [স] *বি* বড়োলোকের ঘরে আত্মীয়তা। 'উচ্চকুটুম্বিতার আকর্ষণ, অর্থের প্রলোভন, রূপখ্যাতির মোহ।' *রবীন্দ্র*, ১৯০০।

উচ্চগলা [স] *বি* উচ্চকণ্ঠ। 'উচ্চগলা করিয়া কহিলেন।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

উচ্চঘোষ [স] *বি* উঁচুস্বরে ধ্বনি। 'রেফারি যদি একটা অন্যায়ের রায় দেয় অমনি আবার উচ্চঘোষ।' *অচিন্ত্য*, ১৯৫০।

উচ্চচূড় [স] *বিণ* উঁচু চূড়াবিশিষ্ট। 'ঈদৃস প্রকারে প্রায় চতুর্দিকে উচ্চচূড় পর্বতনিচয়ে পরিবৃত।' *অক্ষয়*, ১৮৫৪।

উচ্চজাতীয় [স] *বিণ* উচ্চবর্ণের। 'অনেক-ঘর গৃহস্থ আছে কিন্তু তাহারা উচ্চজাতীয় নহে।' *রবীন্দ্র*, ১৮৯২।

উচ্চজ্ঞান [স] *বি* উচ্চতর জ্ঞান। 'তিনি চাইতেন উচ্চজ্ঞান।' *বিভূতি*, ১৯৩১।

উচ্চতট [স] *বি* তীরের উচ্চভূমি। 'উচ্চতটে অন্তরালে নীলাকাশে তাহাদের মাস্তুল এবং স্ফীতপালের কিয়দংশ দেখা যাইতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উচ্চতন [স] *বিণ* উর্ধ্বতন। 'তাহার উচ্চতন কর্মচারীর নিকট সে লাঞ্ছিত হইল।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উচ্চতম [স] **১** *বিণ* উর্ধ্বতন। 'এটি হিতাহিতজ্ঞানসম্পন্ন উচ্চতম কর্মচারীদিগের অজ্ঞাত।' *অক্ষয়*, ১৮৪৬। **২** *বিণ* সর্বোচ্চ। 'যাঁহারা বাঙ্গলা ভাষাতে শিক্ষার উচ্চতম বিষয়ে গ্রন্থ প্রণয়ন করিবেন ...।' *অক্ষয়*, ১৮৫৫।

উচ্চতর [স] **১** *বিণ* লম্বা। 'অতি বৃদ্ধ অতি স্থূল অতি উচ্চতর।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* অতিশয় উঁচু। 'পাথরের গড় উচ্চতর বড়।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* বেশি উঁচুমানের। 'উচ্চতর কবির কবিত্বের নিকট তাঁহার নিজের ভাব "হংসমধ্যে বক যথা" হইয়া পড়ে।' *রবীন্দ্র*, ১৮৭৬। **৪** *বিণ* উঁচু মানের। 'যথার্থ উচ্চতর সমালোচনার সূত্রপাত করিয়াছেন।' *হরপ্রসাদ*, ১৮৮৬। **৫** *বিণ* মহত্তর। 'এর চেয়ে উচ্চতর আদর্শের যথার্থ উপলব্ধি।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৬** *বিণ* আদর্শনীয়। 'তাহার ইন্দ্রিয়ের রাশ টানিয়া ধরিবে এমন কোনো উচ্চতর বিচারবুদ্ধি নাই।' *রবীন্দ্র*, ১৯০৭। **৭** *বিণ* উর্ধ্ব। 'সেই উজ্জ্বলতম জ্যোতিষ্ক অদ্য অস্তমিত হইয়া উচ্চতর গগনে অধিরোহণ করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

উচ্চতা [স] **১** *বি* উপরের দিকের দৈর্ঘ্য। 'কেহ কেহ দূর হইতে কোন বৃক্ষের উচ্চতা দর্শনমাত্রে পরাঙ্মুখ হইয়া প্রতিগমন করেন।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বি* উচ্চমান। 'ইংরাজি সাহিত্য উচ্চতা কঠিনতা এবং একটা নির্দিষ্ট আকার প্রাপ্ত হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

উচ্চদর [স উচ্চ+ফা দর] *বি* উঁচুমান। 'সে ভাবটুকু উচ্চদরের না হইতে পারে।' *রবীন্দ্র*, ১৯০২।

উচ্চধ্বনি [স] *বি* জোরালো শব্দ। 'মণিমা বলি করে উচ্চধ্বনি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উচ্চধ্যান [স] *বি* সুগভীর মগ্নতা। 'উচ্চধ্যান, শূন্যদৃষ্টি প্রকাশ করছে।' *গিরিশ*, ১৮৮৭।

উচ্চনীচ [স] *বিণ* উঁচু-নিচু। 'দেশের উচ্চনীচ সকল স্তরেই শিক্ষা নানা সহজ প্রণালীতে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

উচ্চনীচতা [স] *বি* উচ্চতা এবং নীচতা। 'সংসারে উচ্চনীচতা যখন আছেই।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উচ্চপদ [স] *বি* গুরুত্বপূর্ণ পদ। 'কোন উচ্চপদে অন্য জাতিকে নিযুক্ত করিতে ইচ্ছা করেন না।' *অক্ষয়*, ১৮৫৬।

উচ্চপদস্থ [স] **১** *বিণ* উর্ধ্বতন পদাধিকারী। 'হুকুমানুসারে উচ্চপদস্থ সাহেবলোক বাঙ্গালিদিগকে প্রধান কর্ম্ম দেন না।' *দর্পণ*, ১৮৩৮। **২** *বিণ* উচ্চস্থানে স্থিত। 'অধিকাংশ বানরই উচ্চপদস্থ।' *বঙ্কিম*, ১৮৭৪।

উচ্চপদারূঢ় [স] *বিণ* উচ্চপদে আসীন। 'উচ্চপদারূঢ় সম্পন্ন ব্যক্তিদিগকে পদচ্যুত ... করা উচিত নহে।' *অক্ষয়*, ১৮৪৬।

উচ্চ পরিষদ [স] *বি* দুই কক্ষবিশিষ্ট সংসদের উচ্চ কক্ষ। 'বঙ্গীয় উচ্চ পরিষদের ডাইরেক্ট ইলেকশনের ফলাফল ঘোষিত হইয়াছে।' *আজাদ*, ১৯৪০।

উচ্চপর্বত, উচ্চপর্ব্বত [স] *বি* পাহাড়ের উঁচু চূড়া। 'তিনি বাসনাবর্ত্তে চন্দ্রমণ্ডলে উপনীত হইয়া উচ্চপর্ব্বত ... অবলোকন করিতে পারেন।' *অক্ষয়*, ১৮৪৯।

উচ্চপাঠ [স] *বি* উচ্চতর পড়াশোনা। 'পড়েনি'ক উচ্চ পাঠ অল্পে মারে তুড়ি।' *গুপ্ত*, ১৮৫৮।

উচ্চপ্রাণা [স] *বিণ স্ত্রী* মহান হৃদয়ের অধিকারী। 'মিথ্যা কহ অভ্যাসের দোষে উচ্চপ্রাণা কেবা তব সম।' *গিরিশ*, ১৮৯৬।

উচ্চপ্রাসাদ [স] *বি* বহুতল ভবন। 'তাঁহারা ক্রমে যথার্থ মহত্তরূপ উচ্চপ্রাসাদে আরোহণ করিতে পারেন।' *অক্ষয়*, ১৮৫৫।

উচ্চবংশ [স] *বি* সম্ভ্রান্ত বংশ। 'উচ্চবংশের কথা।' *বঙ্কিম*, ১৮৮৪।

উচ্চবংশীয় [স] *বিণ* বংশমর্যাদায় উঁচু। 'উচ্চবংশীয় জাতির অমনতরো নাম।' *রবীন্দ্র*, ১৯৩৩।

উচ্চবর্ণ [স] *বি* শাস্ত্রনির্দেশিত উচ্চতর মর্যাদা আরোপিত হিন্দু সম্প্রদায়। 'উচ্চবর্ণ নিম্নবর্ণকে পশুর অপেক্ষা ঘৃণা করিবে।' *রবীন্দ্র*, ১৯০৮। 'পরবর্তীকালে উচ্চবর্ণেরা লৌকিক ভাষাকে মার্জ্জিত করিয়া সংস্কৃত করিয়া লইল।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উচ্চবাচ্য [স উচ্চাবচ] **১** *বি* রূঢ় কথা। 'অবাচ্য উচ্চবাচ্য যাহা মুখে আসিত তাহাই কহিতেন।' *দর্পণ*, ১৮৩৭। **২** *বি* প্রতিবাদ। 'আমি আর উচ্চবাচ্য করলুম না।' *রবীন্দ্র*, ১৮৯০। **৩** *বি* বিশেষ কোনো কথাবার্তা। 'জাহাঙ্গীর উচ্চবাচ্য না করিয়া বাহির হইয়া পড়িল।' *নজরুল*, ১৯৩১।

উচ্চবিত্ত [স] *বিণ* ধনী। 'উচ্চবিত্ত ব্যক্তিরদিগকে ইউরোপীয় নানা বিদ্যা ইঙ্গরেজী ভাষাতে শিক্ষয়ণার্থ ...।' *দর্পণ*, ১৮৩৩।

উচ্চবৃত্তি [স] *বি* উদার ভাব। 'সৌখীনজনের মনোহারী ঐশ্বর্য্য, পুণ্যাহৃদয়ের উচ্চবৃত্তি মহৎ করুণা প্রভৃতির দিকে যে তাকাইয়া দেখে নাই।' *সবুজ*, ১৯২০।

উচ্চ ব্যক্তি [স] *বি* ধনী ও প্রভাবশালী ব্যক্তি। 'উচ্চ অট্টালিকা উচ্চ ব্যক্তি হইতেই নির্ম্মিত হইয়া থাকিবেক।' *দর্পণ*, ১৮৩০।

উচ্চভাব [স] *বি* উন্নত ধারণা। 'যতটা পারা যায় উচ্চভাব রাখাই ভাল।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উচ্চ ভাষা [স] *বি* উচ্চকণ্ঠের কথা। 'ভয়জনক উচ্চ ভাষাও কহিবানা।' *ভবানী*, ১৮২৫।

উচ্চভাষী [স] *বিণ* প্রবল গর্জ্জনকারী। 'উচ্চভাষী সাগরের/ পিতা যিনি আমাদের।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

উচ্চভূমি [স] **১** *বি* পাহাড়ি এলাকা। 'উচ্চভূমি এবং অল্পোন্নত মেঘও ...।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বি* উঁচুতে অবস্থিত ভূমি। 'অদূরে উচ্চভূমিতে একটা প্রাচীরবেষ্টিত একতালা কোঠাবাড়ি।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উচ্চমধ্যবিত্ত [স] *বিণ* মধ্যবিত্ত শ্রেণীর মধ্যে অধিকতর অর্থশালী। 'উচ্চমধ্যবিত্ত শ্রেণী স্বার্থের তাগিদে অধিকতর শক্তিশালী।' *উমর*, ১৯৬৮।

উচ্চরক্ত-চাপ [স] *বি* রক্ত চলাচলের রোগবিশেষ, যা থাকলে হৃৎপিণ্ডকে স্বাভাবিকের তুলনায় বেশি জোরে রক্ত পাম্প করতে হয়। 'আমার উচ্চরক্ত-চাপ নিয়ে তোমাদের তেতলায় উঠে গিয়ে?' *শিবরাম*, ১৯৭০।

উচ্চরব [স] *বিণ* উচ্চধ্বনিবিশিষ্ট। 'উচ্চরব দামা সব গর্জিত আকাশ।' *বাহরাম*, ১৬৫০।

উচ্চরা [স উচ্চারণা *ক্রি* বল্য। 'সংগ্রামের মধ্যে গিয়া তাকে উচ্চরাএ।' *মালাধর*, ১৫০০।

উচ্চললাট [স] *বিণ* উন্নত ললাটবিশিষ্ট। 'উচ্চললাট প্রসন্ন-প্রশান্ত-মূর্তি ব্রাহ্মণ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উচ্চ লাফ [স উচ্চলম্ফ] *বি* উঁচুতে লাফ দেওয়ার খেলা। 'উচ্চ লাফ।' *বেগম*, ১৯৭০।

উচ্চলোক [স] *বি* মর্যাদাসম্পন্ন স্থান। 'যাহারা দ্বিতীয় তলের উচ্চলোকে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

উচ্চশব্দ [স] *বি* উচ্চকণ্ঠ। 'সঙ্গীত কেবল উচ্চশব্দের উত্তেজনা আশ্রয়।' *রবীন্দ্র*, ১৯০৭।

উচ্চশাখা [স] *বি* গাছের উঁচু ডাল। 'কদম্ববৃক্ষের উচ্চশাখায় শুটিকতক কদম্বফুল ফুটিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

উচ্চশিক্ষা [স] *বি* উচ্চতর শিক্ষা। 'যে সকল ব্যক্তিরা তাঁহাদিগের উচ্চশিক্ষার গুণে বঙ্গভাষার কবি, নাটককার ... হইবেন।' *অক্ষয়*, ১৮৫৫।

উচ্চশিক্ষাভিলাষিণী [স] *বিণ স্ত্রী* উচ্চশিক্ষা গ্রহণে ইচ্ছুক। 'তাহাদের অল্পসংখ্যকই উচ্চশিক্ষাভিলাষিণী।' *মুজতবা*, ১৯৫৯।

উচ্চশিক্ষিত [স] *বিণ* উচ্চ শিক্ষাপ্রাপ্ত। 'হাকিমবাবু ছিলেন অতিশয় ভদ্রলোক, উপরন্তু উচ্চশিক্ষিত।' *প্রমথ*, ১৯৩৭।

উচ্চশিক্ষিতা [স] *বিণ স্ত্রী* উচ্চ শিক্ষাপ্রাপ্ত। 'উচ্চশিক্ষিতা মেয়েরা শধু ঘর-সংসার ...।' *বেগম*, ১৯৪৮।

উচ্চশৃঙ্গ [স] *বি* পর্বতের উঁচু চূড়া। 'বিবাদ করিয়া ধবলগিরির উচ্চশৃঙ্গে আরোহণ করেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

উচ্চশ্রেণী [স] **১** *বিণ* উচ্চপদস্থ। 'উচ্চশ্রেণীর কর্ম্মচারিগণের পুরস্কারের জন্য ...।' *বঙ্কিম*, ১৮৭৪। **২** *বি* উন্নত জাত। 'যে গাছের পাতা সবুজ নয় সে গাছ উচ্চশ্রেণীর গাছ নয়।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৩** *বি* উচ্চমান। 'নাটকখানি যে উচ্চশ্রেণীর সে কথা আমি পূর্বেই বলিয়াছি।' *রবীন্দ্র*, ১৮৯৮। **৪** *বি* উচ্চ সামাজিক ও আর্থিক মর্যাদাসম্পন্ন সম্প্রদায়। 'এ অল্প কয় বৎসরের মধ্যেই যে উন্নতি লাভ করেছে দেড় শো বছরেও আমাদের দেশে উচ্চশ্রেণীর মধ্যেও তা হয়নি।' *রবীন্দ্র*, ১৯৩১; 'যে ভাষা দেশের উচ্চশ্রেণীর অবজ্ঞাত ছিল।' *শহীদুল্লাহ*, ১৯৩১। **৫** *বি* রেলগাড়ি ইত্যাদিতে বিলাসিতাপূর্ণ শ্রেণী। 'সে উচ্চশ্রেণীতে পরিভ্রমণ করে।' *ওয়ালী*, ১৯৬৮।

উচ্চশ্রেণীয় [স] *বি* উচ্চ সামাজিক ও আর্থিক মর্যাদাসম্পন্ন সম্প্রদায়। 'উচ্চশ্রেণীয়রা নিজের স্বাতন্ত্র্যরক্ষার জন্য ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

উচ্চশ্রেণীস্থ [স] *বিণ* উচ্চশ্রেণীতে অধিষ্ঠিত। 'অনেক উচ্চ শ্রেণীস্থ মনুষ্যের নৈমিত্তিক বিবাহে বিশেষ আদর।' *বঙ্কিম*, ১৮৭৪।

উচ্চসংগীত [স] *বি* শাস্ত্রীয় সংগীত; উচ্চাঙ্গ সংগীত। 'উচ্চ সংগীতের ব্যয়সাধ্য চর্চার ক্ষেত্র ছিল ধনশালীদের বৈঠকখানায়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উচ্চসপ্তক [স] *বি* (সংগীত) সা থেকে নি পর্যন্ত সাতটি স্বরকে সপ্তক বলে। সংগীতে তিনটি সপ্তক ব্যবহৃত হয়। এই তিনটি সপ্তকের মধ্যে উপরের সপ্তককে তারা বা উচ্চসপ্তক বলে। 'নিম্নসপ্তক থেকে উচ্চসপ্তক পর্যন্ত উদারা মুদারা ...।' *রবীন্দ্র*, ১৯৩৩।

উচ্চসমাজ [স] *বি* উচ্চবর্ণের সমাজ। 'সেই পূজাই কি কালক্রমে উচ্চসমাজে প্রবেশলাভ করে নাই।' *রবীন্দ্র*, ১৯০২।

উচ্চস্তর [স] *বিণ* মহৎ। 'এই জন্য সংস্কৃতিকে একটা আলাদা ধর্ম্ম, উচ্চস্তর ধর্ম্ম বলা হয়েছে।' *মোতাহের*, ১৯৫০।

উচ্চস্তূপ [স] *বি* উচ্চশ্রেণী। 'দিনযামিনী সমাজের উচ্চস্তূপ ধনহরণ করিয়া দরিদ্রের ঘরে বিতরণ করিতেছেন।' *সাধারণী*, ১৮৭৫।

উচ্চস্থ [স] *বিণ* উপরে অবস্থিত। 'সর্ব্বাপেক্ষা উচ্চস্থ দুই সংপ্রদায়েরা ...।' *দর্পণ*, ১৮৩৬।

উচ্চস্থল [স] *বি* ডাঙ্গা। 'জদি উচ্চস্থল পায়।' *মুকুন্দ*, ১৬০০।

উচ্চস্থান [স] *বি* উঁচু জায়গা। 'উচ্চস্থান হইতে পতিত হইলে কি পুনর্ব্বার পূর্ব্বস্থানে উত্থিত হওয়া নিয়মবিরুদ্ধ ও অসম্ভব?' *অক্ষয়*, ১৮৪৮।

উচ্চস্বর [স] **১** *বি* জোরালো শব্দ। 'গোপাল বলি উচ্চস্বরে কৈল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *ক্রিবিণ* উচ্চকণ্ঠে। 'প্রেমভাবে কান্দিতে লাগিলা উচ্চস্বরে।' *বাহরাম*, ১৬৫০।

উচ্চস্বরে [স উচ্চ-স্বর>] *ক্রিবিণ* উচ্চকণ্ঠে; জোর গলায়। 'কুশহস্তে লয়্যা দান উচ্চস্বরে বেদ গান।' *মুকুন্দ*, ১৬০০।

উচ্চ হওয়া *ক্রি* মহিমান্বিত হওয়া। 'উহার কাছে যদি খুব উচ্চ হইয়া না বসিয়া রহিলাম, পূজা না গ্রহণ করিলাম।' *রবীন্দ্র*, ১৮৯৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উচ্চহাস [স] *বি* অট্টহাসি। 'নাই লজ্জা নাই ত্রাস আকাশে ছড়ায়ে উচ্চহাস।' *রবীন্দ্র*, ১৯১৬।

উচ্চহাসি [স উচ্চহাস্য] *বি* উচ্চস্বরের হাসি। 'অকারণসঞ্জাত উচ্চহাসি হাসিলাম।' *বঙ্কিম*, ১৮৭৪।

উচ্চহাস্য [স] *বি* উচ্চস্বরের হাসি; অট্টহাসি। 'ধর্ম্ম। (উচ্চহাস্যমুখে) আপনি কত সংসার করিয়াছেন?' *রামনারায়ণ*, ১৮৫৪।

উচ্চাকাঙ্ক্ষা [স উচ্চ-আকাঙ্ক্ষা] *বি* উচ্চাভিলাষ। 'উচ্চাকাঙ্ক্ষা আমাদের মনে জেগে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৫।

উচ্চাকাঙ্ক্ষী [স উচ্চ-আকাঙ্ক্ষী] *বিণ* উচ্চাভিলাষী। 'অসাধারণ উচ্চাকাঙ্ক্ষী বীরসিংহ দেব ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

উচ্চাঙ্গ [স উচ্চ-অঙ্গ] *বি* উঁচু মান। 'ভারতের পূর্ব্ববৈষয়িক অবস্থার বর্ণনা অধিকতর উচ্চাঙ্গের হওয়া বিধেয়।' *অক্ষয়*, ১৮৪৮।

উচ্চাঙ্গ সঙ্গীত [স] *বি* সুবদ্ধ সংগীত। 'বাড়িতে উচ্চাঙ্গ সঙ্গীতের খুব চর্চা হত সে কথা তোমরা সবাই জানো।' *রবীন্দ্র*, ১৯২৫।

উচ্চাধিকারী [স উচ্চ-অধিকারী] *বি* সমঝদার। 'একদিকে উচ্চাধিকারীর জন্য যেমন বাণীবিহীন সুরই যথেষ্ট ...।' *মোতাহার*, ১৯৩৭।

উচ্চাবস্থা [স উচ্চ-অবস্থা] *বি* আর্থিক স্বচ্ছলতা। 'স্থানীয় লোকের উচ্চাবস্থা জ্ঞান হইলে স্পষ্ট হৃদয়ঙ্গম হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

উচ্চাভিলাষ [স উচ্চ-অভিলাষ] *বি* উচ্চাকাঙ্ক্ষা। 'সেই গীতিকাব্যও উচ্চাভিলাষশূন্য, অলস, ভোগাসক্ত।' *বঙ্কিম*, ১৮৮৭।

উচ্চাভিলাষি [স উচ্চ-অভিলাষী] *বিণ* উচ্চাকাঙ্ক্ষী। 'সকল লোকের বোধগম্য হওয়াতে তাহারদের মন উচ্চাভিলাষি।' *দর্পণ*, ১৮১৯।

উচ্চাভিলাষিণী [স উচ্চ-অভিলাষিণী] *বিণ* স্ত্রী উচ্চাকাঙ্ক্ষী। 'দুর্লৈয়া অসাধারণ উচ্চাভিলাষিণী ছিলেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

উচ্চাভিলাষী [স] *বিণ* উচ্চাকাঙ্ক্ষী। 'গ্রামের উচ্চাভিলাষী ব্যক্তিমাত্রেই আপনার গ্রাম্যতা ঘুচাইবার জন্য সাধ্যাতিরিক্ত ব্যয় করিতে ছাড়েন না।' *রবীন্দ্র*, ১৯১১।

উচ্চাশয় [স উচ্চ-আশয়] *বিণ* উদার প্রকৃতির। 'কমলাকান্ত শর্ম্মা উচ্চাশয় কবি।' *বঙ্কিম*, ১৮৭৫।

উচ্চাশা [স উচ্চ-আশা] *বি* অতিরিক্ত আশা। 'পুরুষ স্বার্থপরতা ও উচ্চাশার দাস।' *বিনোদিনী*, ১৮৭৫।

উচ্চাসন [স উচ্চ-আসন] *বি* সম্মানের আসন। 'তুমি উচ্চাসনে বসিয়া ...।' *বঙ্কিম*, ১৮৭৪।

উচ্চে [স উচ্চ>] *ক্রিবিণ* গর্বভরে। 'রসাল কহিল উচ্চে স্বর্গলতিকারে।' *মাইকেল*, ১৮৭৩।

উচ্চকিত [স] ১ *বিণ* উৎকণ্ঠিত; ত্রস্ত। 'ঘনায় ছায়া মোহন মায়া উচ্চকিত ঐ রবে।' *সত্যেন্দ্র*, ১৯১২; 'করিবে তাহারে উচ্চকিত, আতঙ্কিত।' *রবীন্দ্র*, ১৯২৮। ২ *বিণ* শিহরিত। 'উচ্চকিত প্রতি রোমকূপে অকস্মাৎ জেগেছিল প্রাণদ, প্রণব প্রতিধ্বনি।' *সুধীন্দ্র*, ১৯৩৩। ৩ *বিণ* অনুরণিত। 'আঘাতে তার ঐকমাত্রিক ধ্বনিগুলি উচ্চকিত।' *রবীন্দ্র*, ১৯৩৭। ৪ *বিণ* কোলাহলপূর্ণ। 'উচ্চকিত পৃথিবীর দুর্বার প্রতাপ তুচ্ছ করে।' *শঙ্খ*, ১৯৫৫।

উচ্চণ্ড [স] *বিণ* প্রচণ্ড; প্রতাপশালী। 'সেখানকার উচ্চণ্ড দণ্ডনায়কদের আমি বিশ্বাস করি নে।' *রবীন্দ্র*, ১৯৩১।

উচ্চল [স] *বিণ* মর্যাদাসম্পন্ন। 'গুরুজনদের মতো করি যেন সাষ্টাঙ্গ প্রণাম শক্তির উচ্চল পায়ে।' *সুধীন্দ্র*, ১৯৩২।

উচ্চাকাঙ্ক্ষা *দ্র* উচ্চ

উচ্চাঙ্গ *দ্র* উচ্চ

উচ্চাটন [স] ১ *বিণ* ব্যাকুল। 'জননি স্মন্তরি হইল মন উচ্চাটন।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* উৎপীড়ন। 'এতদ্দেশীয় লোকের দ্বারা ব্রিটিস গবর্ণমেণ্টের উচ্চাটন হওয়া অসম্ভব।' *দর্পণ*, ১৮৩৪। ৩ *বি* তন্ত্রমতে চঞ্চলকরণ। 'তিনি তন্ত্রমন্ত্র, গুণকরণ, বশীকরণ, মারণ, উচ্চাটন, তুকতাক, জাদু, ভেলিক ও নানা প্রকার দৈব বিদ্যা ভালো জানেন।' *প্যারী*, ১৮৫৮।

উচ্চাবচ [স] *বিণ* উঁচু-নিচু। 'উচ্চাবচ বক্রপথে সারা বিশ্ব পরিক্রমা ক'রে যে জীবন।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

উচ্চাভিলাষ *দ্র* উচ্চ

উচ্চারণ [স] ১ *বি* বলা। 'রামনাম মুখে যেই করে উচ্চারণ।' *রূপরাম*, ১৭৫০। ২ *বি* পাঠ। 'উক্ত সমাজের নামগত বর্ণবাহুল্যপ্রযুক্ত অনেকেই উচ্চারণে অসমর্থ।' *দর্পণ*, ১৮৩০। ৩ *বি* আবৃত্তি। 'তাঁহারা বেদমন্ত্র উচ্চারণ করিতে পারিবেন না।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৩।

উচ্চারণ করা *ক্রি* উক্তি করা। *ওসা*, ১৭৮৫; 'জন্মভূমির নাম উচ্চারণ করিলে কি অনির্ব্বচনীয় স্নেহপাত্র সকল মনেতে উদয়!' *অক্ষয়*, ১৮৪৮।

উচ্চারণদুষ্ট [স] *বিণ* অশুদ্ধ উচ্চারণবিশিষ্ট। 'কম্পিতস্বরে উচ্চারণদুষ্ট সংস্কৃত মন্ত্রপাঠ করিতেছিলেন।' *প্রভাত*, ১৮৯৬।

উচ্চারণপূর্ব্বক, উচ্চারণপূর্ব্বক [স] *ক্রিবিণ* উচ্চারণ ক'রে। 'কালী দুর্গা ইত্যাদি নাম উচ্চারণপূর্ব্বক অঙ্গুলি ধ্বনি করিয়া আস্তিকতা জানাইবেক।' *চন্দ্রিকা*, ১৮৩১।

উচ্চারণভঙ্গি [স] *বি* উচ্চারণের ধরন। 'আমরা দক্ষিণবঙ্গের সেই পূর্বপ্রচলিত উচ্চারণভঙ্গিই মুখে মুখে রক্ষা করে আসছি।' *প্রমথ*, ১৯১২।

উচ্চারণমাত্র [স] *ক্রিবিণ* বলার সঙ্গে সঙ্গে। 'ক উচ্চারণমাত্র কৃষ্ণকে স্মরণ করিয়া প্রহ্লাদ কাঁদিয়া উঠে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উচ্চারণ-রীতি [স] *বি* উচ্চারণের নিয়ম। 'বাঙ্গলাদেশে সংস্কৃত ভাষার যেরূপ উচ্চারণ-রীতি প্রচলিত আছে ...।' *অক্ষয়*, ১৮৫০।

উচ্চারণসম্মত [স] *বিণ* উচ্চারণনির্ভর। 'বাঙালি আবৃত্তিকার সাধুভাষা-প্রচলিত ছন্দেও নিজের উচ্চারণসম্মত মাত্রা ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

উচ্চারা [স উচ্চারণ>] ১ *ক্রি* মুখে প্রকাশ পাওয়া। 'তোমার মনে যেই তাহা উঠয়ে উচ্চারি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *ক্রি* উচ্চারণ করা। 'বেদ উচ্চারিল স্বস্তিবাচকাদি তবে।' *রূপরাম*, ১৭৫০; 'দক্ষিণে বসিয়া দ্বিজ উচ্চারে পদ্ধতি।' *রূপরাম*, ১৭৫০। ৩ *ক্রি* ঘোষণা করা। 'উচ্চকণ্ঠে উচ্চারো আজ – মানুষ মহীয়ান।' *নজরুল*, ১৯২৮।

উচ্চারিত [স] ১ *বিণ* পঠিত। 'যাত্রানুষ্ঠায়িক কর্তৃক উচ্চারিত হইল।' *দর্পণ*, ১৮৩২। ২ *বিণ* উল্লিখিত। 'অন্য এক পণ্ডিতের নাম 'বাখর' বলিয়া উচ্চারিত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বিণ* স্মরণ করা হয়েছে এমন; বলা হয়েছে এমন। 'এখনও তাঁহার নাম উচ্চারিত হয় নাই বটে।' *অক্ষয়*, ১৮৫০। ৪ *বিণ* কথিত। 'আমার এই নূতন-উচ্চারিত আদেশ ঈশ্বরাদেশ।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৫ *বিণ* ধ্বনিত। 'একটি অমৃতমন্ত্র কোনো-এক শুভক্ষণে উচ্চারিত হয়েছিল।' *রবীন্দ্র*, ১৯১৬।

উচ্চার্য্যমান, উচ্চার্য্যমান [স উচ্চার্যমাণ] *বিণ* উচ্চারিত হচ্ছে এমন।

AMARBOI.COM

'সর্ব্বদা ব্যবহারে উচ্চার্য্যমান যে সকল শব্দ প্রসিদ্ধ আছে।' *দর্পণ*, ১৮৩৮।

উচ্চিংড়া, উচ্চিংড়ে, উচ্চিঙড়ে, উচ্চিঙ্গড়া [স উচ্চিঙ্গটা *বি* পোকাবিশেষ। 'উচ্চিঙ্গড়া নহবৎ বাজাইতে আরম্ভ করিল।' *বঙ্কিম*, ১৮৭৫; 'উচ্চিঙড়ে উদয় হলেন গাছের বাকল কেটে।' *সত্যেন্দ্র*, ১৯১৭; 'দাওয়াইখানায় শিঙাড়া বানায়/ উচ্চিংড়েটা লাফ দেয়।' *রবীন্দ্র*, ১৯৪১; 'একটা উচ্চিংড়া ভিতরে কোন ফোঁকড় হইতে ডাকাডাকি করিয়া ...।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

উচ্চুঙে [স উচ্চঙ>] *বি* পোকাবিশেষ। 'কুৎসিত উচ্চুঙে জীবনবীজ ছড়িয়েছিল।' *জীবন*, ১৯৪৮।

উচ্চৈঃশ্রবা [স উচ্চৈঃশ্রবা] *বি* (হিন্দুপুরাণ) ইন্দ্রের বাহন রূপে পরিচিত ঘোড়া। 'উচ্চৈঃশ্রবা ভাবে বোলে সহস্রলোচন।' *আলাওল*, ১৬৮০।

উচ্চৈঃস্বর [স]*বি* উচ্চ শব্দ। 'প্রান্তরে রোদন করে করি উচ্চৈঃস্বর।' *বৃন্দা*, ১৫৮০।

উচ্চৈঃস্বরে [স] ১ *ক্রিবিণ* উচ্চকণ্ঠে। 'এই ধুয়া উচ্চৈঃস্বরে গায় দামোদর।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'বাপ বাপ বলি পদ্মা ডাকে উচ্চৈঃস্বরে।' *বিজয়*, ১৬৫০। ২ *ক্রিবিণ* চিৎকার ক'রে। *ফরস্টার*, ১৭৯৩; 'উচ্চৈঃস্বরে কান্না ছাড়া ... আর-কোনো উপায় আমার হাতে ছিল না।' *রবীন্দ্র*, ১৯১২। ৩ *ক্রিবিণ* জোর গলায়। 'উচ্চৈঃস্বরে গান করিতে লাগিল।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

উচ্চোট [স উচ্চাট] *বি* হোঁচট। 'চলিতে চরণে উচ্চোট কত খায়।' *কৃষ্ণরাম*, ১৭২০।

উচ্চ্য [স উচ্চ] *বিণ* উচ্চ। 'উচ্চ্য শিখর দেখী উচ্ছাস কতুক।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উচ্ছন্ন [স] ১ *বিণ* বিনষ্ট। 'যকল ইন্দ্রের বন করিব উচ্ছন্ন।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বিণ* ধ্বংসপ্রাপ্ত। 'বড় বড় বাঁশঝাড় সমূলে উচ্ছন্ন হলো।' *হুতোম*, ১৮৬১।

উচ্ছন্ন যাওয়া *ক্রি* ধ্বংসপ্রাপ্ত হওয়া। 'তিন মাসের মধ্যে মড়কে দেশ উচ্ছন্ন যাবে।' *রবীন্দ্র*, ১৮৯০।

উচ্ছব [স উৎসব] *বি* উৎসব। 'নবমেত অল্প ভক্ষ্য অনেক উচ্ছব।' *বাহরাম*, ১৬৫০।

উচ্ছবীয় [স উৎসব>] *বিণ* উৎসবে অংশগ্রহণকারী। 'উচ্ছবীয় বাদ্যকরেরা আপন২ জন্ত্রে সুনাদ করিতে প্রবর্ত্ত।' *রামরাম*, ১৮০১।

উচ্ছর্গা [স উৎসর্গা] *ক্রি* উৎসর্গ করা। 'ঠাকুরের নাম করি উচ্ছর্গিয়া দিল।' *রূপরাম*, ১৭৫০।

উচ্ছল [স] ১ *বিণ* উচ্ছ্বাসময়। 'অঙ্গে অঙ্গে যৌবনের তরঙ্গ উচ্ছল।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বিণ* চঞ্চল। 'উচ্ছল পাগল নীরে তালে তালে ফিরে ফিরে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

উচ্ছলতা [স] *বি* স্ফীতি। 'উৎসজলের যে উচ্ছলতা ফুলে ওঠে।' *রবীন্দ্র*, ১৯২৮।

উচ্ছলা[১] [স উচ্ছল>] ১ *ক্রি* ছাপিয়ে পড়া। 'আমার হিয়া উচ্ছলিয়া সাগরে ঢেউ ওঠে।' *রবীন্দ্র*, ১৯২৪। ২ *বিণ* প্রাণবন্ত হওয়া। 'আপনারে দেয় ঝরনা আপন ত্যাগরসে উচ্ছলি।' *রবীন্দ্র*, ১৯২৭। ৩ *ক্রি* উচ্ছ্বাসময় হওয়া। 'গভীর কী উৎস হতে/ উচ্ছলিছে আলোকঝলা কথাবলা স্রোতে।' *রবীন্দ্র*, ১৯২৯। ৪ *ক্রি* প্লাবিত ক'রে। 'আমার জীবনপাত্র উচ্ছলিয়া মাধুরী করেছ দান।' *রবীন্দ্র*, ১৯৩৯।

উচ্ছলা[২] [স] *বিণ* স্ত্রী উচ্ছ্বাসময়; চঞ্চল। 'মেজো ভাবি যে এত উচ্ছলা ...।' *মান্নান*, ১৯৬৮।

উচ্ছলিত [স] ১ *বিণ* উথলিত। 'তাঁহার হৃদয়কন্দর কৃতজ্ঞতা প্রবাহে উচ্ছলিত।' *বিদ্যা*, ১৮৪৯। ২ *বিণ* উচ্ছ্বসিত। 'নামোচ্চারণ করিবামাত্র প্রেম-সিন্ধু উচ্ছলিত হইয়া উঠে।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বিণ* অশান্ত; আটকে রাখা যায় না এমন। 'বর্ষাবিক্ষোভিত নদী ধরণীর উচ্ছলিত অশ্রুরাশির মতো।' *রবীন্দ্র*, ১৮৯১।

উচ্ছাদ [স উচ্ছেদ] *বি* বিনাশ। 'এ ব্রাহ্মণ করিবেক গ্রামের উচ্ছাদ।' *বৃন্দা*, ১৫৮০।

উচ্ছাস [স উচ্ছ্বাস] *বি* পরিচ্ছেদ। 'জ্ঞানকর মিশ্র নলোদয়ের চতুর্থ উচ্ছাসের বিংশতি শ্লোক অনুসারে তাহার টীকাতে অঙ্কবিদ্যাকে এই গণনার ...।' *অক্ষয়*, ১৮৪৭।

উচ্ছিত্তি [স] *বি* উচ্ছেদ। 'অতএব এই সংযোগের উচ্ছিত্তিই দুঃখ নিবারণের উপায়।' *বঙ্কিম*, ১৮৮৭।

উচ্ছিন্ন [স] ১ *বিণ* বিলুপ্ত। 'এই সময়ে নাস্তিকমতের অত্যন্ত প্রচার হওয়াতে বৈদিক ধর্ম্ম উচ্ছিন্নপ্রায় হইয়াছিল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ২ *বিণ* উচ্ছেদ হয়েছে এমন। 'জমিদারগণ কর্তৃক প্রজাগণ উচ্ছিন্ন গেল।' *অমৃতবাজার*, ১৮৬৯।

উচ্ছিন্নপ্রায় [স] *বিণ* বিলুপ্তপ্রায়। 'এই সময়ে নাস্তিকমতের অত্যন্ত প্রচার হওয়াতে বৈদিক ধর্ম্ম উচ্ছিন্নপ্রায় হইয়াছিল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

উচ্ছিষ্ট [স উৎসৃষ্ট] ১ *বি* এঁটো। 'তোর অঙ্গে উচ্ছিষ্ট লাগিল সব মোর।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* পরিত্যক্ত। 'উচ্ছিষ্ট অন্নের লোভে ... হানাহানি।' *আহসান*, ১৯৪৪।

উচ্ছিষ্টকণা [স] *বি* ভুক্ত-পরিত্যক্ত অংশ। 'উহা ইংরাজের উচ্ছিষ্টকণা মাত্র।' *আজাদ*, ১৯৩৬।

উচ্ছিষ্ট-বিচার [স] *বি* খাদ্য সংক্রান্ত শুচিতা-অশুচিতার ধারণা। 'ভোজন বিষয়ে ইহাদের জাতিভেদ ও উচ্ছিষ্ট-বিচার নাই।' *অক্ষয়*, ১৮৫০।

উচ্ছিষ্টভোগী [স] *বিণ* মুখাপেক্ষী। 'আমি কেন তোমার শৌর্যের ফল লইয়া পরের উচ্ছিষ্টভোগী হইব।' *হরপ্রসাদ রায়*, ১৮১৫।

উচ্ছিষ্টমার্জন, উচ্ছিষ্টমার্জ্জন [স] *বি* এঁটো পরিষ্কার করার কাজ। 'রঘুনাথ বাল্যে কৈল প্রভুর সেবন/ উচ্ছিষ্টমার্জ্জন আর পাদসংবাহন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উচ্ছুগ্‌গু, উচ্ছুগ্‌গো [স উৎসর্গ>] ১ *বি* উৎসর্গ। 'সমধর্ম্মা কৃষ্ণ মোহন কন্যা উচ্ছুগ্‌গু করে দিলেন।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* বিসর্জন। 'দশ পার্সেন্ট উচ্ছুগ্‌গো করাতে তারা কী পরিমাণ আত্মোৎসর্গ করেছেন।' *মুজতবা*, ১৯৫৮।

উচ্ছৃঙ্খল [স] ১ *বিণ* স্বেচ্ছাচারী। 'নরপিশাচ নাদের শাহ ও উচ্ছৃঙ্খল আরঙ্গজেবের ন্যায় শাসকগণ।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বিণ* বিচ্ছৃঙ্খল; অনিয়ন্ত্রিত। '... অতিশয় চঞ্চল ও উচ্ছৃঙ্খল হইয়া উঠিল।' *বিদ্যা*, ১৮৬৩। ৩ *বিণ* অসংযত। 'উচ্ছৃঙ্খল প্রবৃত্তি তাকে একটি সুন্দর সমগ্রতা গড়ে তুলতে দেয়নি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উচ্ছৃঙ্খলচরিত্র [স] *বিণ* শৃঙ্খলাহীন স্বভাবের অধিকারী। 'রামেশ্বর নিজে উচ্ছৃঙ্খলচরিত্র।' *তারা*, ১৯৪০।

উচ্ছৃঙ্খলতা [স] *বি* শৃঙ্খলার অভাব। 'বরং সমাজের উচ্ছৃঙ্খলতা ভাল।' *বঙ্কিম*, ১৮৭৫; 'অর্থনৈতিক উচ্ছৃঙ্খলতা দেখিতে পাই।' *রবীন্দ্র*, ১৯০৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উচ্ছৃঙ্খলপ্রকৃতি [স] *বিণ* শৃঙ্খলাহীন স্বভাবের। 'সে এই উচ্ছৃঙ্খলপ্রকৃতি বালিকাটিকে বিলক্ষণ চিনিত।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উচ্ছৃঙ্খলভাবে [স] *ক্রিবিণ* গোলমেলে। 'দুষ্টপ্রবৃত্তির দুরন্তপনাকে অবারিতভাবে উচ্ছৃঙ্খলভাবে দেখাইবার যে প্রলোভন।' *রবীন্দ্র*, ১৯০৭।

উচ্ছে [স উচ্চটক>] *বি* করলার চেয়ে ছোটো আকৃতির তিতা স্বাদবিশিষ্ট সবজিবিশেষ। 'কাজল উচ্ছেভাজা খায়।' *বিভূতি*, ১৯৩১।

উচ্ছেদ [স] ১ *বি* বিলুপ্তি। 'আত্মভাষার উচ্ছেদ মানস করা তাঁহারদিগের পক্ষে আশ্চর্য্য নহে।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বিণ* দূরীভূত। 'এই সন্দেহ উচ্ছেদকরণের প্রয়োজন দৃষ্ট হইতেছে না।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

উচ্ছেদকারী [স] *বিণ* ধ্বংসকারী। 'মুসলমান রাজত্ব উচ্ছেদকারী মুসলমান-কলঙ্ক মীরজাফর।' *অক্ষয়*, ১৮৪৮।

উচ্ছেদসাধন [স] *বি* উৎপাটন। 'সেগুলির সম্পূর্ণ উচ্ছেদসাধন করিয়া ...।' *বেগম*, ১৯৪৯।

উচ্ছেদ্য [স] *বিণ* উৎপাটনযোগ্য। 'তীব্র অন্যায় প্রাণ-বন্যায় জেনো আজ উচ্ছেদ্য।' *সুকান্ত*, ১৯৪৮।

উচ্ছোষণ [স উৎ+স শোষণ] *বিণ* অতিরিক্ত শোষণের। 'ভুলে যাবে বল-দর্প উচ্ছোষণ খেলা।' *সিকান্দার*, ১৯৪২।

উচ্ছ্বসা [উচ্ছ্বাস>] *ক্রি* উচ্ছ্বসিত হওয়া। 'উচ্ছ্বসিল অগ্নিময় বিশ্বের নির্ঝর।' *রবীন্দ্র*, ১৮৮৩; 'আগেকার মতো করে স্নেহে তার নাম ধরে উচ্ছ্বসিবে বসন্তপবন?' *রবীন্দ্র*, ১৮৮৬; 'যেথা বাক্য হৃদয়ের উৎসমুখ হতে উচ্ছ্বসিয়া উঠে।' *রবীন্দ্র*, ১৯০১; 'অঙ্গ ভরি অবিরাম উঠিছে উচ্ছ্বসি ছন্দ-ভরা ঘন গন্ধভার।' *বনফুল*, ১৯৩৬; 'যতটুকু পাই তীব্র বাসনার অভ্রান্তিতে, নাই বা উচ্ছ্বলিল।' *রবীন্দ্র*, ১৯৪০।

উচ্ছ্বসিত [স] ১ *বিণ* উচ্ছ্বসপূর্ণ। 'অগ্নি-উৎসের ন্যায় উচ্ছ্বসিত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৮২। ২ *বিণ* আবেগপ্রাপ্ত। 'অন্যের অনুভবময় অথচ ভাবাপন্ন ব্যক্তির রুদ্ধ হৃদয়মধ্যে উচ্ছ্বসিত।' *বঙ্কিম*, ১৮৮৭। ৩ *বিণ* উদ্বেলিত। 'ভৃত্যদের কর্তৃক তার দুরন্ত বেগবান ইচ্ছাসকল ক্রমাগত প্রতিহত হয়ে প্রতি মুহূর্তেই তীব্র আর্তনাদে উচ্ছ্বসিত হয়ে উঠছে।' *রবীন্দ্র*, ১৮৯২। ৪ *বিণ* আনন্দে আপ্লুত। 'অশ্বত্থামা একেবারে উচ্ছ্বসিত হয়ে উঠল সঙ্গে সঙ্গে সে মুক্তহস্ত।' *শিবরাম*, ১৯৭০।

উচ্ছ্বসিতহৃদয় [স] *বি* আবেগাপ্লুত মন। 'একেবারে উচ্ছ্বসিত হৃদয়ে কাঁদিয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

উচ্ছ্বসিতা [স] *বিণ স্ত্রী* উচ্ছ্বাসপূর্ণ। 'রবিকরস্পর্শে উচ্ছ্বসিতা।' *রবীন্দ্র*, ১৯৪৫।

উচ্ছ্বাস [স] *বি* উল্লাস; প্রবল ভাবাবেগ। 'উচ্চ্য শিখর দেখী উচ্ছ্বাস কতুক।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উচ্ছ্বাসপূর্ণ [স] *বিণ* উচ্ছ্বাসরঞ্জিত। '... কাহ হইতে এ সম্বন্ধে উচ্ছ্বাসপূর্ণ বিস্তারিত রিপোর্ট পাইবে।' *রবীন্দ্র*, ১৯০২।

উচ্ছ্বাসবর্জিত [স] *বিণ* আবেগবর্জিত। 'আমার চিঠি সাধারণত একটু উচ্ছ্বাসবর্জিত।' *সুকান্ত*, ১৯৪১।

উচ্ছ্বাসময় [স] *বিণ* উচ্ছ্বাসপূর্ণ। 'অধীর উচ্ছ্বাসময় সঙ্গীতের স্বর।' *রবীন্দ্র*, ১৮৭৮।

উচ্ছ্বাসসর্বস্ব [স] *বিণ* কেবল উচ্ছ্বাসপূর্ণ। 'অসার, অবুদ্ধিমান, উচ্ছ্বাসসর্বস্ব তো এই ছেলেটি।' *জীবন*, ১৯৪৮।

উচ্ছ্বাসহীন [স] *বি* ভাবাবেগহীন। 'আজ সে কেমনই উচ্ছ্বাসহীন।' *জীবন*, ১৯৩২।

উচ্ছ্বাসিত [স] *বিণ* উচ্ছ্বাসের সঙ্গে প্রকাশিত। 'উৎসারিত নব জীবন-নির্ঝর উচ্ছ্বাসিত আশা-গীতি।' *রবীন্দ্র*, ১৮৯০।

উচ্ছা [স উচ্ছেয়>] *ক্রি* উদ্বেলিত হওয়া। 'উচ্ছিয়া উঠিবে বিশ্ব পুঞ্জ পুঞ্জ বস্তুর পর্বতে।' *রবীন্দ্র*, ১৯১৬।

উচ্ছিত [স] ১ *বিণ* উদ্বেলিত; উচ্ছ্বসিত। 'উৎসাহে আনন্দধ্বনি উচ্ছিত করিয়া তুলিবেন।' *রবীন্দ্র*, ১৯০২। ২ *বিণ* বেরিয়ে পড়েছে এমন; বৃদ্ধিপ্রাপ্ত। 'এক দিকে বাসন্তীরঙা কাঁচুলির উচ্ছিত রাঙা পাড়টি।' *রবীন্দ্র*, ১৯৪০। ৩ *বিণ* শিহরিত। 'উদ্বেল-যৌবনা উচ্ছিত তার দেহবল্লরী।' *আহসান*, ১৯৫০।

উচ্য [স উচ্চ] *বিণ* মহৎ। 'তাহাকে অধিক উচ্য মোর বাপ কৈল।' *মালাধর*, ১৫০০। দ্র **উচ্চ**

উচ্চরাএ [স উচ্চরব] *ক্রিবিণ* উচ্চকণ্ঠে। 'কৃষ্ণ কৃষ্ণ করি নন্দ ডাকে উচ্চরাএ।' *মালাধর*, ১৫০০।

উচ্চস্বরে [স উচ্চরব>] *ক্রিবিণ* উচ্চকণ্ঠে। 'ত্রাসে কাল কাল রাজা বলে উচ্চস্বরে।' *মালাধর*, ১৫০০।

উছগ্য [স উৎসর্গ] *বি* দান। 'শ্রীশ্রী পূতে উছগ্য করিয়া পুত্র পৌত্রাদি ক্রমে পরম সুখে ভোগ করহ।' *চিঠিপত্রে*, ১৭৯৭।

উছট, উছটা [স উচ্চোট] *বি* হোঁচট। 'উছটে ছিন্ডিল নখ রক্ত পড়ে ধারে।' *মুকুন্দ*, ১৬০০; 'বাহির হইতে সাধু বাঞ্ছিল উছটা নেতের অঁচল লাগে সেয়াকুল-কাঁটা।' *মুকুন্দ*, ১৬০০।

উছড় [স উচ্ছন্ন] *বি* উচ্ছেদন; উৎপাটন। 'লতা বৃক্ষ ভাঙ্গী সভ করি উছন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উছর [স উচ্ছুর] *বিণ* অতিরিক্ত। 'উছর হয়েছে বেলা খেলা কর পাছু।' *মানিকরাম*, ১৭৮১।

উছর্গ [স উৎসর্গ] *বি* বিসর্জন। 'ঘোষালকে বসতি কারন জমি এক বিঘা উছর্গ করিয়া দিলাম।' *মেয়র্স*, ১৭৬৯; *ওসাঁ*, ১৭৮২।

উছল [স উচ্ছল>] *বিণ* জাগ্রত। 'ব্যথারে মোর উছল করি নয়নে যায় ভেসে।' *রবীন্দ্র*, ১৯২৭।

উছলানো [স উচ্ছল>] *ক্রি* উছলে পড়া। 'গোকুলে উছলল করুনাক রোল।' *বিদ্যাপতি*, ১৪৬০। **উছলিআঁ** *ক্রি* উছলে। 'জঅ জঅ দুদুহি সাদু উছলিআঁ।' *চর্যা* ১৯, ১২০০। **উছলিছে** *ক্রি* উথলে ওঠা। 'কৌতুকছটা উছলিছে চোখে মুখে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **উছলিতে** *ক্রি* উছলে পড়তে। 'সুনীল শাড়ি মোহনকারী উছলিতে দেখি পাশ।' *হিতচ্ছী*, ১৬০০। **উছলিয়া** *ক্রি* উচ্ছ্বসিত হয়ে। 'তাঁহার আনন্দ-সাগর উছলিয়া উঠিল।' *বঙ্কিম*, ১৮৬৬। **উছলে ওঠা** *ক্রি* ফুলে ওঠা। 'উছলে উঠল রসের ধারা।' *রবীন্দ্র*, ১৯৩৩।

উছসা [স উচ্ছ্বাস>] *ক্রি* উচ্ছ্বসিত হওয়া। 'তার পরে মহা হাসি/ উছসিল রাশি রাশি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

উছারা [স উৎসারক] *বি* শেষ বেলা। 'বাহ তু ডোম্বী বাহ লো ডোম্বী বাটত ভইলা উছারা।' *চর্যা ১৪*, ১২০০।

উছাস [স উচ্ছ্বাস>] *বি* উচ্ছ্বাস। 'সেই হৃদয়-উছাস নয়ন-কূলে।' *রবীন্দ্র*, ১৮৮৭।

উছাসা [স উচ্ছ্বাস>] ১ *ক্রি* উৎফুল্ল হওয়া। 'নব রাগ-রাগিণী উছাসিছে।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *ক্রি* উচ্ছ্বাস করা। 'অটবী বায়ুবশে উঠিত সে উছাসি।' *রবীন্দ্র*, ১৮৯০। ৩ *ক্রি* উথলে ওঠা। 'তার পরে মহা হাসি উছসিল রাশি রাশি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

AMARBOI.COM

উছাহ [স উৎসাহ] *বি* উৎসাহ। 'নিধন কা জএেগ ধন কিছু হো করএ চাহ উছাহ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উছুগ [স উৎসর্গ] *বি* উৎসর্গ। 'একটি পুস্কর্নি আমার বাটীর পশ্চীমে আছে তাহাও উছুগ করিব।' *ওসাঁ*, ১৭৭৯।

উছুর [স উৎসর] *বি* বিলম্ব। 'সিদ্ধি কার্য্যে তবে কেন এতেক উছুর।' *মালাধর*, ১৫০০।

উছেদ [স উচ্ছেদ] *বি* উচ্ছেদ। 'ভালো এহা তো উছেদ করিলা।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

উজন [স উদ্ধান] *বি* বিপরীত স্রোত। 'এখন উজনের জল বহুত আসিতেছে।' *কেরি*, ১৮০২।

উজবক, উজবুক [তু] **১** *বি* মধ্য এশিয়ার দেশ উজবেকিস্তানের নাগরিক। 'যবন কিরাত শক আগুদলে উজবক।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* নির্বোধ ব্যক্তি। 'লোকেও তাঁহাকে একটা উজবুক ... মনে করিত।' *রবীন্দ্র*, ১৮৯১। **৩** *বিণ* অনভিজ্ঞ। 'আমাকে উজবুক পেয়ে সে তার কর্তব্য ... স্থির করে নিয়েছে।' *মুজতবা*, ১৯৪৯।

উজবেকী [তু উজবক] *বি* উজবেক দেশের অধিবাসী। 'তুরকী হাবসী রুমী খোরাসানী উজবেকী সকল।' *আলাওল*, ১৬৮০।

উজবেগ [তু উজবক] *বি* উজবেক অঞ্চলের লোক। 'উজবেগ রোহেল রাজপুত।' *কৃষ্ণরাম*, ১৭২০।

উজর[১] [স উজ্জ্বল] *বিণ* উজ্জ্বল। 'উজর চান্দনী রাতি।' *দ্বিচণ্ডী*, ১৬০০।

উজরা [স উজ্জ্বল>] *ক্রি* উজ্জ্বল হওয়া। 'যেমত দীপিকা উজরে অধিকা।' *চণ্ডী*, ১৫৫০।

উজর[২] [আ] *বিণ* শূন্য; ফাঁকা। 'কেবল উজর মালুম হইল।' *তাঁতি*, ১৭৯২।

উজল [স উজ্জ্বল] **১** *বিণ* উজ্জ্বল। 'আলস লোচন দেখি কাজলে উজল।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* জ্যোতি। *মানোএল*, ১৭৪৩।

উজলা [স উজ্জ্বল>] **১** *বিণ* উজ্জ্বল। 'মাণিক জিণিআঁ তোর দশন উজলা।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* উজ্জ্বল হওয়া। 'উজলিছে নভস্তল ভয়ঙ্করী বিভা।' *মাইকেল*, ১৮৬১।

উজলাই [স উজ্জ্বল>] *বি* দীপ শিখা। *ওসাঁ*, ১৭৮৫।

উজলী, উজলি [স উজ্জ্বল>] *বিণ* উজ্জ্বল। 'মহীমণ্ডলে উজলী মেঘে যেহ্ন বিজুলী।' *বড়ু*, ১৪৫০; 'নগর উজলি ভেল পাঁতর রে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উজাগার [স অজাগর] *বি* নিদ্রাহীনতা। 'উপবাসে উজাগারে দুর্ব্বল শরীর।' *বিজয়*, ১৬৫০।

উজাড় [হি] **১** *বিণ* জনশূন্য। 'বহুদিন পর্য্যন্ত গ্রাম উজাড় রহিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* ধ্বংস। 'এই পাপে নবদ্বীপ হইবে উজাড়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* শূন্য; খালি। *বিদ্যা*, ১৮৯১; 'উজাড় করে সাজিয়ে দিলেম তোমার বরণ ডালা।' *রবীন্দ্র*, ১৯১৯। ৪ *বিণ* নিঃস্ব। 'মনে হয় যেন একটি উজাড় পৃথিবীর ওপরে একটি উদাসীন চাঁদের উদয় হচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯১। **৫** *বিণ* নিঃশেষিত। 'পরিবারের সমস্ত অনাস্বাদিত মধু উজাড়।' *রবীন্দ্র*, ১৯০৭।

উজাড়া [হি উজাড়>] **১** *ক্রি* খালি করা। 'এক শ্বাসে তিন হাণ্ডি আমানী উজাড়ে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *ক্রি* নির্মূল করা। 'মূড়া উজাড়িয়া করিল নাশ।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *ক্রি* ধ্বংস করা। 'উজাড়িতে।' *মানোএল*, ১৭৪৩।

উজান [স উদ্ধান] **১** *ক্রিবিণ* স্রোতের বিপরীত গতিতে। 'যদি গাঙ্গ উজান বহে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* প্রতিকূল। 'উজান বায়ে ফেরে যদি কে রয় সে আশায়।' *রবীন্দ্র*, ১৯২৫।

উজান ঠেলা *ক্রি* স্রোতের প্রতিকূলে চলা। 'চলেছে উজান ঠেলি তরণী তোমার, দিকপ্রান্তে নামে অন্ধকার।' *রবীন্দ্র*, ১৯২৯।

উজান-পথ [উজান+স পথ] *বি* প্রতিকূল পথ। 'উজান-পথে চলা সম্ভবপর নয়।' *রবীন্দ্র*, ১৯২১।

উজান ভাঁটা *বি* জোয়ার ভাটা। 'হেথা উজান ভাঁটা চলে কানে কান।' *গিরিশ*, ১৮৮৩।

উজান-মুখে *ক্রিবিণ* পিছন দিকে। 'তাহা নির্ণয় করিতে হইলে উজান-মুখে গিয়া পুরাবৃত্তের দুর্গম ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উজান স্রোত [উজান+স স্রোত] *বি* বিপরীত স্রোত। 'আসবে মাঝি ওপার হতে উজান স্রোতে।' *রবীন্দ্র*, ১৯১৬।

উজানী [স উজান>] **১** *বিণ* বিপরীত স্রোত বইছে এমন। 'উজানী নদীর ঢেউয়ে ভেসে আসে সোনা।' *জীবন*, ১৯২৭। **২** *বিণ* উত্তরমুখী। 'দক্ষিণ হাওয়ায় ভেসে মুসাফির উজানি-পবন।' *ফররুখ*, ১৯৪৩।

উজানো [স উজান>] **১** *ক্রি* স্রোতের বিপরীত দিকে যাওয়া। 'কুল লই খরে সোন্তে উজাঅ।' *চর্যা ৩৮*, ১২০০। **২** *ক্রি* অগ্রগামী হওয়া। 'আঁধারে আঁধারে নিঃশব্দে উজাইয়া যাও।' *বঙ্কিম*, ১৮৮২। **৩** *ক্রি* পার হওয়া। 'নেবুতলা উজিয়ে সেই পুকুরপাড়।' *রবীন্দ্র*, ১৯২২।

উজার [হি উজাড়] *বিণ* খালি। 'ভাঙ্গিয়া সম্পদ-গৃহ করিলা উজার।' *বাহরাম*, ১৬৫০।

উজারা [স উজ্জ্বল>] *ক্রি* জ্বালানো। 'দীপ উজারলুঁ।' *দ্বিচণ্ডী*, ১৬০০।

উজাল [স উজ্জ্বল>] *বিণ* উজ্জ্বল। 'রতন মসাল জ্বলিছে উজাল অন্ধকার পলাইল দূর।' *কৃষ্ণরাম*, ১৭২০।

উজালা [স উজ্জ্বল] **১** *বি* দীপ্তি। 'নামাজের উজালা বিনে গতি নাই আর।' *গরীব*, ১৭৬৫। **২** *ক্রিবিণ* আলোতে। 'কাগজকে উজালা ধরিলে সাফ দেখা জায়।' *ক্যালগে*, ১৭৮৯। **৩** *বিণ* উজ্জ্বল। 'দোওয়া করো তোমরা সবে, হয় যেন গো মুখ উজালা।' *নজরুল*, ১৯২২।

উজিআলা [স উজ্জ্বল] *বিণ* উজ্জ্বল। 'দশন পাতাল মোতি অতি উজিআলা।' *বাহরাম*, ১৬৫০।

উজিয়ালি [স উজ্জ্বল] *বিণ* উজ্জ্বল। 'জাতিএ পদ্মিনী বাণী/ অতিশয় উজিয়ালি।' *বাহরাম*, ১৬৫০।

উজির, উজীর [আ ওয়াজির] **১** *বি* মন্ত্রী। 'বিপ্র বোলে – রাজার উজীর ছিল দুই।' *বৃন্দা*, ১৫৮০; 'উজির হইল রায়জাদা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* রাজমর্যাদাপূর্ণ উপাধিবিশেষ। 'লস্কর্ণৌয়ের নবাব গাজুদ্দীন হয়দর বাহাদুর পূর্ব্বে উজীর নবাব নামে খ্যাত ছিলেন।' *দর্পণ*, ১৮২০।

উজিরজাদি, উজীরজাদী [আ ওয়াজির+ফা জাদী] *বি* স্ত্রী উজিরের কন্যা। 'আরব্য উপন্যাসের উজিরজাদিই বলুন।' *নজরুল*, ১৯২৭; 'হে উজীর-জাদী! আজ তুমি আর শুনো না কারুর মানা।' *ফররুখ*, ১৯৪৩।

উজিরসভা [আ ওয়াজির+স সভা] *বি* মন্ত্রীসভা। 'পার্লামেন্টারী পদ্ধতিতে উজির সভার পর উজিরসভা গঠিত হইয়াছে।' *আজাদ*, ১৯৬০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উজিরে-আজম, উজীরে আজম [আ] *বি* প্রধানমন্ত্রী। 'মিসরের বাদশার উজিরে-আজম ছিলেন আজিজ মিসরী।' *মনসুর*, ১৯৫০।

উজীর-নাজির [আ] *বি* কেউ-কেটা। 'লাট-বেলাট, উজীর-নাজির এমন কি হাইকোর্টের লর্ডশিপেরা।' *সাদত*, ১৯৬৭।

উজীরে আলা [আ] *বি* মুখ্যমন্ত্রী। 'সদরে রিয়াসত, উজীরে আলা, উজীরে আজম নিত্য শুনে থাকি।' *হাই*, ১৯৫৮।

উজু [পা] *বিণ* সোজা। 'সরহ ভণই বপা উজু বাট ভাইলা।' *চর্যা* ৩২, ১২০০।

উজোন [স উদ্ধান] *বি* স্রোতের বিপরীত দিক; উজান। 'আমি একলা এত স্রোতে উজোন বাইতে পারিনে।' *শরৎ*, ১৯১৭।

উজোর [স উজ্জ্বল] *বিণ* উজ্জ্বল। 'অলখিতে হমে হেরি হিসলি থোর।/ জনি রয়নি ভেল চাঁদ উজোর।' *বিদ্যাপতি*, ১৪৬০। *দ্র* **উজার**

উজোলা [স উজ্জ্বল] *ক্রি* উজ্জ্বল হওয়া। 'গঅণহ জিম উজোলি চান্দে।' *চর্যা* ৩০, ১২০০। *দ্র* **উজালা**

উজ্জট [আ হুজ্জত] *বি* ঝামেলা; ঝগড়াবিবাদ। *ফরস্টার*, ১৭৯৬।

উজ্জয়িনী [স] *বি* প্রাচীন রাজ্য বিক্রমাদিত্যের রাজধানী। 'এশিরিয়া, উজ্জয়িনী, গৌড়-বাংলা।' *জীবন*, ১৯৩২।

উজ্জ্বল [স উজ্জ্বল] *বিণ* দীপ্তিমান; শোভমান। 'সিথার সিন্দুর মোর আছএ উজ্জল।' *মালাধর*, ১৫০০।

উজ্জ্বলি [স উজ্জ্বল] *বিণ* উজ্জ্বল। 'কানে উজ্জলি কনক বউলি শোভিছে তোর কুণ্ডলে।' মুকুন্দ, ১৬০০।

উজ্জাপন [স উদ্‌যাপন] *বি* পালন। *বিদ্যা*, ১৮৯১।

উজ্জীবন [স] *বি* সঞ্চার। 'সুখানুভূতির উজ্জীবন ঘটায়।' *পাশা*, ১৯৭৭।

উজ্জীবন্ত [স] *বিণ* নবজীবনপ্রাপ্ত। 'শুধু বিশ্বাসেই তাহারা উজ্জীবন্ত হইয়া উঠিয়াছে।' *মাহেনও*, ১৯৪৯।

উজ্জীবিত [স] *বিণ* নবজীবনপ্রাপ্ত। 'আমাদের সাহিত্য য়ুরোপের প্রভাবে উজ্জীবিত, বাংলাদেশের পক্ষে এটা গৌরবের কথা।' *রবীন্দ্র*, ১৯৪০।

উজ্জু [পা উজু, স ঋজু] *বিণ* সোজা। 'উজুরে উহাড়ি মা লেহুরে বঙ্ক।' *চর্যা* ৩২, ১২০০।

উজ্জোগ, উজ্জুগ [স উদ্যোগ] ১ *বি* আয়োজন। 'আপনি উজ্জোগ যদি কর তুমি গৌরী।' মুকুন্দ, ১৬০০। ২ *বি* উপক্রম। 'কাকগুলো কা কা করে বাসা ছেড়ে উড়বার উজ্জুগ কল্লে।' *হুতোম*, ১৮৬১।

উজ্জ্বল [স] ১ *বিণ* ঝলমলে। 'শত শত শুক্র চামর দর্পণ উজ্জ্বল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* আলোকময়। 'বসিলেন্ত সমাজেত অধিক উজ্জ্বল।' *বাহরাম*, ১৬৫০। ৩ *বিণ* চকচকে। 'দুইয়া করিল ভাগ অধিক উজ্জ্বল।' *আলাওল*, ১৬৮০। ৪ *বিণ* জোরালো। 'ইতিহাসে ইহার উজ্জ্বল প্রমাণ রহিয়াছে।' *রবীন্দ্র*, ১৯২০। ৫ *বিণ* আনন্দঘন। 'আত্মোপলব্ধির উজ্জ্বল মুহূর্তে খেয়ালি কবি তাঁহার যোগ্য সঙ্গী নয়।' *রবীন্দ্র*, ১৯৩৮। ৬ *বিণ* স্পষ্ট। 'ঋষির একটি বাণী চিত্তে মোর দিনে দিনে হয়েছে উজ্জ্বল।' *রবীন্দ্র*, ১৯৪০। ৭ *বিণ* তীব্র। 'বেরিলমণির মতো তরঙ্গের উজ্জ্বল আঘাতে মৃত্যু।' *জীবন*, ১৯৪৮।

উজ্জ্বলকৃষ্ণ [স] *বিণ* চকচকে কালো। 'সেই উজ্জ্বলকৃষ্ণ জ্যোতি যখন একটি শান্তসজল রেখায় ম্লান হইয়া আসিল ...।' *রবীন্দ্র*, ১৯০২।

উজ্জ্বলকোমল [স] *বিণ* দীপ্ত ও কমনীয়। 'হেমনলিনীর মুখে একটি উজ্জ্বল-কোমল আভা পড়িল।' *রবীন্দ্র*, ১৯০৬।

উজ্জ্বলতর [স] *বিণ* অধিক উজ্জ্বল। 'ভবিষ্যৎ উজ্জ্বল হতে উজ্জ্বলতর হোক।' *শরৎ*, ১৯১৭।

উজ্জ্বলতরো [স উজ্জ্বলতর] *বিণ* অধিক উজ্জ্বল। 'গ্রহ-তারা দীপ জ্বালে যেন দিনের স্মৃতিকে মধুরতরো, উজ্জ্বলতরো করবার উদ্দেশ্যেই।' *মোতাহের*, ১৯৫০।

উজ্জ্বলতা [স] ১ *বি* প্রখরতা। 'সাধুলোক সঙ্গে বুদ্ধি উজ্জ্বলতা পায়।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* ঔজ্জ্বল্য। 'প্রতিবারেই তার উজ্জ্বলতা বেড়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উজ্জ্বলন্ত [স] *বিণ* প্রদীপ্ত। 'প্রতিহিংসার শোভমান উজ্জ্বলন্ত উপশম।' *ওয়াসী*, ১৯৪৫।

উজ্জ্বলবরণ *বিণ* ফরসা। 'কোটিচন্দ্র জিনি মুখ উজ্জ্বলবরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উজ্জ্বলা[১] [স উজ্জ্বল>] *বিণ* স্ত্রী উজ্জ্বল; দীপ্তিমান। 'কপালেত অর্দ্ধচন্দ্র শ্রীবৎস উজ্জ্বলা।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উজ্জ্বলা[২] [স উজ্জ্বল>] *ক্রি* আলোকিত করা; 'উজ্জ্বলেন দেশ ধনী প্রকৃতিরূপিণী।' *মাইকেল*, ১৮৬০।

উজ্জ্বলালোকময়ী [স উজ্জ্বল-আলোকময়ী] *বিণ* স্ত্রী উজ্জ্বল আলোবিশিষ্ট। 'বিমানের কৃষ্ণতাশূন্য উজ্জ্বলালোকময়ী ছায়া মেঘের উপর পড়িয়াছে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

উজ্জ্বলিত [স] *বিণ* আলোকিত। 'কুসুমদাম-সজ্জিত, দীপাবলী-তেজে উজ্জ্বলিত নাট্যশালা।' *মাইকেল*, ১৮৬১।

উজ্জ্বালিত [স] *বিণ* প্রজ্বালিত। 'জেনেছে আজ তারার বক্ষে উজ্জ্বালিত সৃষ্টি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

উঝড়োখাগি *বি* গালিবিশেষ। 'তুই আবার কে লো উঝড়োখাগি।' *নজরুল*, ১৯৩০।

উঝর, উঝল [স উজ্জ্বল] *বিণ* দীপ্তিমান। 'মহিমা হোন্তে পন্থ করহ উঝল।' *আলাওল*, ১৬৮০; 'আদমের ললাটেত আছিল উঝর।' *সুলতান*, ১৭০০।

উঝলিত [স উজ্জ্বলিত] *বিণ* আলোকিত। 'দশদিশ উঝলিত সুরঙ্গ শোভিত।' *বাহরাম*, ১৬৫০।

উঝা [স উপাধ্যায়] *বি* ওঝা। 'গৌররূপের কালে যারে দংশায় সে বিষ কি উঝাতে পায়।' *লালন*, ১৮৯০।

উঝালা [পা উজ্‌ঝতি] *ক্রি* বমি করা। 'উঝালি ফেলিল ভূমে যেন ক্রুদ্ধ হঞা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উঞ্চ [স উচ্চ] *বিণ* উঁচু। 'অধিক বয়স, ধনী, অতি উঞ্চ গোত্র।' *আলাওল*, ১৬৮০।

উঞ্চতর [স উচ্চতর] *বিণ* উচ্চতর। 'এ বুলিয়া মিম্বর বান্ধিলা উঞ্চতর।' *সুলতান*, ১৭০০।

উঞ্চস্বর [স উচ্চস্বর] *বি* উঁচু কণ্ঠ। 'রসুলে কলেমা কহিলা উঞ্চস্বরে।' *সুলতান*, ১৭০০।

উঞ্চা [স উচ্চ] *বিণ* উঁচু। 'উঞ্চা উঞ্চা পাবত তঁহি বসই সবরী বালী।' *চর্যা* ২৮, ১২০০।

উঞ্চল[১] [স অঞ্চল] *বি* আঁচল। 'নিঃশ্বাস ছাড়িতে হলে/ পরএ উঞ্চল রোলে।' *বাহরাম*, ১৬৫০।

উঞ্চল[২] [স উচ্চল] *বিণ* উঁচু। 'গিরিশৃঙ্গে উঞ্চল পাথর জলম'এ।' *আলাওল*, ১৬৮০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উঞ্চলতর [স উচ্চলতর] *বিণ* অধিক উচ্চ। 'চৌদিকে পর্বত গড়/ অধিক উঞ্চলতর ...।' *বাহরাম*, ১৬৫০।

উঞ্ছ [স] **১** *বি* বিচ্ছিন্ন খাবার। 'পরের উঞ্ছ অঞ্চলে লয়ে ঢালিনু জঠরহুতাশে।' *রবীন্দ্র*, ১৯০০। **২** *বিণ* নীচ। 'উঞ্ছ কটাক্ষের ভিক্ষা হ'য়ে গেছে সারা।' *সত্যেন্দ্র*, ১৯১২।

উঞ্ছজীবী [স] **১** *বিণ* তুচ্ছ কাজ ক'রে জীবিকা নির্বাহকারী। 'শুধু আমি দুঃখভীরু হব উঞ্ছজীবী।' *সুধীন্দ্র*, ১৯৩৩। **২** *বি* অন্যের মুখাপেক্ষী যে। 'স্মৃতিভ্রষ্ট উঞ্ছজীবী চলে কোন মতে।' *সুকান্ত*, ১৯৪৮।

উঞ্ছবৃত্ত [স] *বিণ* তুচ্ছ কাজ ক'রে জীবনধারণকারী। 'উঞ্ছবৃত্ত দরিদ্রের ভিক্ষালব্ধ পূজা।' *রবীন্দ্র*, ১৮৯০।

উঞ্ছবৃত্তি [স] **১** *বি* অসম্মানজনক কাজ। 'উঞ্ছবৃত্তিতে অতিকষ্টে কালক্ষেপণ করে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। **২** *বি* উচ্ছিষ্ট খেয়ে জীবনধারণ। 'উঞ্ছবৃত্তির উৎসাহে ঘুরে বেড়ায় দিশি কুকুরগুলো।' *রবীন্দ্র*, ১৯৩২। **৩** *বি* বিকৃত লুব্ধ দৃষ্টি। 'তার দেখাটা যেন চোখের উঞ্ছবৃত্তি।' *রবীন্দ্র*, ১৯৩২।

উঞ্ছলোভী [স] *বিণ* খুঁটিয়ে খুঁটিয়ে খাদ্য সংগ্রহে আগ্রহী। 'উঞ্ছলোভী মৃষিকে সে সিদ্ধিদাতার বাহন করে!' *সত্যেন্দ্র*, ১৯১২।

উট [স উষ্ট্র] **১** *বি* মরুভূমিতে চলাচল করে এমন কুঁজওয়ালা, উঁচু গলা, পা লম্বা প্রাণীবিশেষ। 'উট গাধা খেম খাবে রাজার নফর হবে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* উট আকৃতির। 'সাল্ট্রিমিটি'র সঙ্গে কমিক্যালিটি'র একটা আত্মীয়তার সম্পর্ক আছে – সেই জন্যে হাতি কমিক, উট কমিক, জিরাফ কমিক, স্থূলতা কমিক।' *রবীন্দ্র*, ১৮৯২।

উটপক্ষী [স উষ্ট্রপক্ষী] *বি* উটপাখি; উটের মতো লম্বা গলাবিশিষ্ট বড়ো পাখিবিশেষ। 'আফ্রিকা-দেশে উটপক্ষী নামে একপ্রকার পক্ষী দেখিতে পাওয়া যায়।' *বিদ্যা*, ১৮৫১।

উটপাখি [স উষ্ট্রপক্ষী] *বি* উটের মতো লম্বা গলাবিশিষ্ট বড়ো পাখিবিশেষ। 'উটপাখি সারা দিন দিবারৌদ্রে ফিরে।' *জীবন*, ১৯৩৩।

উটমুখো [স উষ্ট্র+স মুখ] *বিণ* উটের মতো লম্বা মুখবিশিষ্ট। 'উটমুখো সে সুটকো হাশিম।' *নজরুল*, ১৯২৬।

উটে চাকর [স উষ্ট্র>+ফা চাকর] *বি* উট টেনে নিয়ে যায় এমন ভৃত্য। 'আনন্দে টানে উটের রশ্নি, উটে চাকর!' *ফররুখ*, ১৯৪৬।

উটকানো *ক্রি* ওলট পালট করে খোঁজা। 'মরা-প্রাণ উটকে দেখাই/ ছাই-চাপা ভাই অগ্নি ভয়ঙ্কর রে।' *নজরুল*, ১৯২৪।

উটকো **১** *বিণ* বাড়তি। 'সিগরেট বিক্রয় চৈতরামের উটকো ব্যবসা।' *মুজতবা*, ১৯৫৮। **২** *বি* ফালতু। 'উটমুখো হয়ে উটকোর মতোই আবার তুমি উঠানমা করো।' *শিবরাম*, ১৯৭০।

উটজ [স] *বি* পাতা দিয়ে তৈরি কুঁড়েঘর। 'মধুসূদন, ভস্মরাশিসংগ্রহ ও উটজনির্মাণ পূর্বক শ্মশানবাসী হইয়া, যথার্থ প্রণয়ীর কার্য করিয়াছে।' *বিদ্যা*, ১৮৪৭।

উটনো [পা উট্ঠান] *বিণ* বাকি। 'এক জালা তাড়ী রোজকী মৌতাতের উটনো বন্দবস্ত।' *হুতোম*, ১৮৬১।

উটনোওয়ালা [উটনো+হি ওয়ালা] *বিণ* ধারে বিক্রয়কারী। 'পাওনাদার, বিলসরকার, উটনোওয়ালা মহাজন খাতা, বিল ও হাতচিঠে নিয়ে তিন মাস হাঁটচে।' *হুতোম*, ১৮৬১।

উটা [পা উট্ঠান] **১** *ক্রি* ওঠা। 'চমকি উটএ কেহ আখি মুদি রএ।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* আরোহণ করা। 'নৌকাতে উটঅ আসি সব গোপিগন।' *মালাধর*, ১৫০০। **৩** *ক্রি* দাঁড়ানো। 'উটিআ বড়াই বোলে এবে পাইল ফল।' *মালাধর*, ১৫০০। **উট** *ক্রি* উঠ। 'উট বাছা উপদেশ বলে যাই তোরে।' *মানিকরাম*, ১৭৮১। **উটঅ** *ক্রি* আরোহণ করো। 'নৌকাতে উটঅ আসি সব গোপিগন।' *মালাধর*, ১৫০০। **উটএ** *ক্রি* ওঠে। 'চমকি উটএ কেহ আখি মুদি রএ।' *মালাধর*, ১৫০০। **উটিআ** *ক্রি* উঠে; দাঁড়িয়ে। 'উটিআ বড়াই বোলে এবে পাইল ফল।' *মালাধর*, ১৫০০।

উটান [পা উট্ঠান] **১** *বি* গোরস্তান। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* আঙিনা। *মানোএল*, ১৭৪৩; *ক্যালগে*, ১৭৮৯।

উঠতি *বিণ* কৈশোর থেকে তারুণ্যে উত্তীর্ণ হচ্ছে এমন। 'উঠতি বয়সেই দাদার যে রকম মতিগতি ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

উঠতি কাল *বি* কৈশোর থেকে তারুণ্যে উত্তীর্ণ হচ্ছে এমন সময়। 'এই রকম উঠতি কালেই ক্যান যে এমন করিয়া আউলাইয়া গেলা।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

উঠতি-পড়তি *বি* ওঠা-নামা। 'ইস্পাতের খাড় পড়া মোলাটার দ্রুত উঠতি-পড়তির মুখে সাবধানে রাখে হাতখানি।' *কায়সার*, ১৯৬২।

উঠনো [পা উট্ঠান>] *বিণ* ধার হিসেবে দেওয়া যায় এমন। 'রঙ্ক কম্বলের শিকড়, চিতের ডাল ও করবীর ছালের, নুন তেলের মত উঠনো বরাদ্দো আছে!' *হুতোম*, ১৮৬১।

উঠন্ত *বিণ* উদীয়মান। 'উঠন্ত জাতি হিসাবে বাঙালী মুসলমানেরাও এই নীতির অনুসরণ করিয়াছিলেন।' *এনামুল*, ১৯৫৫।

উঠন্তি [পা উট্ঠান>] *বিণ* উঠছে এমন। 'উঠন্তি পুরুসবর অগ্নির ভিতরে।' *মালাধর*, ১৫০০।

উঠবন্দী [পা উট্ঠান>+ফা বন্দোবস্ত>] *বি* জমি চাষের জন্য চাষিদের সঙ্গে মালিকের মেয়াদি চুক্তি। 'এই উঠবন্দী বন্দোবস্ত হইলে তবে নীলচাষের কার্য্য সুচারুরূপে চলিতে পারে।' *সোমপ্রকাশ*, ১৮৮২।

উঠসার কিস্তি [উঠ+সারা+ফা কাশত] *বি* দাবাখেলায় শুধু বড়ে (সবচেয়ে ছোটো ঘুঁটি) দিয়ে কিস্তি। 'তাহার সর্বনাশ উপস্থিত, উঠসার কিস্তিতেই মাত।' *প্যারী*, ১৮৫৮।

উঠা [পা উট্ঠান>] **১** *ক্রি* ঢোকা। 'পঞ্চ নালেঁ উঠি গেল পাণী।' *চর্যা* ৪৭, ১২০০। **২** *ক্রি* ওঠা। 'উঠ উঠ জুলে হৈতেঁ নাদের নন্দন।' *বড়ু*, ১৪৫০। **৩** *ক্রি* জাগ্রত হওয়া। 'উঠিআ বসিল বড়াই নিদ্রা ঘুচাহিআ।' *মালাধর*, ১৫০০। **৪** *ক্রি* নিঃশেষ করা। 'একলে উঠাঞা দিতে হয় পরিশ্রম।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৫** *ক্রি* গাত্রোত্থান করা। 'চেতন পাইয়া তবে উঠিবেক বালা।' *দ্বিজশ্রী*, ১৬০০। **৬** *ক্রি* দাঁড়ানো। 'ক্ষেণে উঠে ক্ষেণে বৈসে ক্ষেণে পারে লড়।' *বাহরাম*, ১৬৫০। **৭** *ক্রি* উত্তোলন করা। 'দশবার দশ চিজ উঠাব দেওয়ান।' *গরীব*, ১৭৬৫। **৮** *ক্রি* তৈরি করা। 'উপযুক্ত ঘর উঠান গেল।' *দর্পণ*, ১৮২০। **৯** *ক্রি* পরিশোধ করা। 'নিজ আবাদে খরচ খরচা বাদে খাজনা উঠানো ভার হইল।' *প্যারী*, ১৮৫৮। **১০** *ক্রি* আরোহণ করা। 'যেখানে উঠিতে চাও, সবলে তুলিব।' *মাইকেল*, ১৮৬৫। **১১** *ক্রি* চলা; নড়া। 'চরণ যেন উঠিছে না।' *রবীন্দ্র*, ১৮৮৩। **১২** *ক্রি* জাগিয়ে তোলা। 'উঠাইছে মহা-হৃদে মহা এক স্বপনসঙ্গীত।' *রবীন্দ্র*, ১৮৮৩। **১৩** *ক্রি* তোলা। 'এতটুকু বিশ্রাম নাই যে ... একটিমাত্র কচি স্নিগ্ধ শ্যামল ঘাস উঠাইতে পারি।' *রবীন্দ্র*, ১৮৮৪। **১৪** *ক্রি* স্মরণ হওয়া। 'এমন তর্ক আমাদের মনেও ওঠে।' *রবীন্দ্র*, ১৯০৬। **১৫** *ক্রি* সঞ্চারিত হওয়া। 'প্রাণে খুশির তুফান উঠেছে।' *রবীন্দ্র*, ১৯১৩। **১৬** *ক্রি* অবস্থান করা। 'যে হোটেলে উঠিয়াছিল।' *মানিক*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৩৬। **১৭** *ক্রি* **ঊর্ধ্বমুখী হওয়া**। 'যে সব থাম সমীচীন মিস্তিরির হাত থেকে উঠে গেছে বিদ্যুতের তারে।' *জীবন*, ১৯৪২। **উঠতে থাকা** *ক্রি* ক্রমে উদিত হওয়া। 'সূর্য পূর্বাকাশে উঠিতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৮৪। **উঠতে-বসতে** *ক্রিবিণ* সদা-সর্বদা। 'আর এই এক জীর্ণ ঘরে ছেঁড়া মাদুরে উঠতে-বসতে লজ্জিত হয়ে আছি।' *রবীন্দ্র*, ১৮৯২। **উঠা পড়া** *ক্রি* ওঠা-নামা করা। 'স্নায়ুগুলো কাঁপছে, হৃৎপিণ্ড উঠছে পড়ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **উঠা বসা** *ক্রি* চলাচল করা। 'উঠিতে বসিতে সকলের নৌকার দরকার হয়।' *মানিক*, ১৯৩৬। **উঠি-কি-পড়ি** *ক্রিবিণ* ব্যস্তসমস্তভাবে। 'উঠি-কি-পড়ি ছুটেছে তারা।' *মনোজ*, ১৯৬১। **উঠিব উঠিব করা** *ক্রি* ওঠার কথা ভাবা। 'ঘোড়ায় চড়িয়া একবার ছুটিয়া বেড়াইয়া আসিব মনে করিয়া উঠিব-উঠিব করিতেছি।' *রবীন্দ্র*, ১৮৯৫। **উঠিয়া যাওয়া ১** *ক্রি* স্থায়ীভাবে চলে যাওয়া। 'তুমি নাকি কলিকাতা হইতে উঠিয়া যাইতেছ?' *বঙ্কিম*, ১৮৭৪। **২** *ক্রি* লোপ পাওয়া। 'খামখেয়ালী উঠে যাবার কথা, কেন উঠে গেল।' *অবন*, ১৯৪১। **উঠিয়ে দেওয়া** *ক্রি* বাতিল করা। 'সভা থেকে চিরকুমারব্রতের নিয়মটা উঠিয়ে দেব।' *রবীন্দ্র*, ১৯০৭। **উঠে দাঁড়ানো** *ক্রি* আলস্য-অবসন্নতা ইত্যাদি ত্যাগ করা। 'উঠে দাঁড়া উঠে দাঁড়া, ভেঙে পড়িস না।' *রবীন্দ্র*, ১৯০৫। **উঠে পড়া ১** *ক্রি* বমি হয়ে বের হওয়া। 'কেমন অরুচি হয়েছে, কিছু খেতে পারিনে, যা খাই তাই উঠে পড়ে।' *উমেশ*, ১৮৫৭। **২** *ক্রি* গড়ে ওঠা। 'যন্ত্রতন্ত্রসহ এক সায়ান্স অ্যাসোসিয়েশন উঠিয়া পড়িল।' *রবীন্দ্র*, ১৯১৫। **উঠেপড়ে লাগা ১** *ক্রি* পূর্ণোদ্যমে কাজে লাগা। 'শাবাশ দাদা, একবার উঠেপড়ে লাগো তো।' *রবীন্দ্র*, ১৮৮৪। **২** *ক্রি* প্রাণপণে চেষ্টা করা। 'সুচরিতা তাহাকে লইয়া উঠিয়া পড়িয়া লাগিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৯। **উঠে-হেঁটে** *ক্রিবিণ* সক্রিয়ভাবে। 'যাহাকে করিয়া-কর্মিয়া নড়িয়া-চড়িয়া উঠিয়া-হাঁটিয়া ফিরিতে হইবে।' *রবীন্দ্র*, ১৮৯৭। **উঠ্যা** *ক্রি* উঠে। 'বিপাকে চতুর প্রজা উঠ্যা দিল রড়।' *মুকুন্দ*, ১৬০০।

উঠাও [পা উট্‌ঠান>] *বিণ* উত্তোলিত। *ভবানী*, ১৮২৩।

উঠাএগা *ক্রি* নিঃশেষ করা। 'একলে উঠাএগ দিতে হয় পরিবার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উঠান, উঠোন [পা উট্‌ঠান] *বি* আঙিনা। 'স্বহস্তে কিলায় প্রভু উঠানে পাড়িয়া।' *বৃন্দা*, ১৫৮০: 'উঠোনে প্রথমে খড়, তার উপর দরমা।' *হুতোম*, ১৮৬১; 'উঠোনে একটা গোরু বাঁধা, দেয়ালে গোবর দেওয়া, বারান্দা থেকে ভিজে কাপড় শুকোচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৮০।

উঠানওয়ালা [পা উট্‌ঠান+হি ওয়ালা] *বিণ* বিত্তশালী। 'কাঙ্গালীদের বিদেয় করবার জন্য প্রতিবাসী ও বড় বড় উঠানওয়ালা লোকেদের বাড়ী পোরা হলো।' *হুতোম*, ১৮৬১।

উঠোন-জোড়া *বিণ* উঠোনময়। 'উঠোন-জোড়া জাজিম ছিল।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উঠানে পাড়া *ক্রি* উঠানে ফেলা। 'স্বহস্তে কিলায় প্রভু উঠানে পাড়িয়া।' *বৃন্দা*, ১৫৮০।

উঠোন-প্রাঙ্গণ *বি* আঙিনা। 'কাদায় রাস্তা-ঘাট, উঠোন-প্রাঙ্গণ সব ছেয়ে যায়।' *মাহেনও*, ১৯৪৯।

উঠোনভর *বিণ* আঙিনাভর্তি। 'সেই উঠোনভর লোকের সামনেই ঝুঁকে পড়ে ওর কপালে চুমু খায়।' *কায়সার*, ১৯৬৫।

উঠোনময় [পা উট্‌ঠান>+স ময়] *ক্রিবিণ* আঙিনা জুড়ে। 'সর্বাঙ্গে রক্ত মেখে যখন উঠোনময় নৃত্য করে বেড়াই তখন ধর্মের দোহাই দিয়ে মুসলমানের সঙ্গে ঝগড়া করলে ধর্ম মনে মনে হাসেন।' *রবীন্দ্র*, ১৯১৫।

উঠানি [পা উট্‌ঠান>] *বি* আঁতুড়ঘর থেকে শিশুর বাসঘরে ওঠানোর অনুষ্ঠানবিশেষ। 'সাত দিনে উঠানি করে শাস্ত্রের বিহিত।' *বিজয়*, ১৬৫০।

উঠি-উঠি *বিণ* হয়ে উঠছে এমন। 'বৃদ্ধি পেকে উঠি-উঠি হতেই আবার কাঁচিয়ে যায়।' *নজরুল*, ১৯২২।

উঠিত [পা উট্‌ঠান>] *বি* চাষের উপযোগী জমি। *বিদ্যা*, ১৮৯১।

উঠু ডুবু [ধ্বন্যা] *বি* হাবুডুবু। 'উঠু ডুবু করে ঘোড়া অগাধ সলিলে।' *মানিকরাম*, ১৭৮১।

উঠোন *দ্র* উঠান

উড [হি] *বি* কাঠ। **উডকাট** [হি] *বি* কাঠ-খোদাই। 'দেশী, বিদেশী তৈল চিত্র, জলরঙ, প্যাস্টেল পটের ছবি, পোরট্রেট, একরঙা ছবি, উডকাট ...।' *বুলবুল*, ১৯৩৬।

উডপেনসিল [হি] *বি* কাঠ পেনসিল। 'উডপেনসিল দিয়ে ... লতাপাতার নক্সা আঁকতে লাগল।' *নরেন্দ্র*, ১৯৪২।

উডেন প্যানসীল [হি] *বি* কাঠ পেনসিল। 'কাণে উডেন প্যানসীল গুঁজে পান চিবুতে চিবুতে নেমন্তোন্নো সেরে যান।' *হুতোম*, ১৮৬১।

উড্ডীন [স] *বিণ* উড়ছে এমন। 'বাত্যাবেগে উড্ডীন ফেনরাশি ...।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

উড্ডীয়মান [স] **১** *বিণ* উড়ছে এমন। 'উড্ডীয়মান পতাকা শোভা পাইতেছে।' *রামরাম*, ১৮০১। **২** *বিণ* শূন্যে বিচরণকারী। 'অজ্ঞান সেই বহুকালাবধি ... প্রবল বায়ু দ্বারা উড্ডীয়মান হইতেছে।' *দর্পণ*, ১৮৩৬।

উড্ডীয়মানা [স] *বিণ* স্ত্রী উড়ছে এমন। 'সহস্র ২ পতাকা রক্ত পীত শুভ্র নীল ইত্যাদি উড্ডীয়মানা।' *রাজীব*, ১৮০৫।

উড় [উড়্>] *বিণ* উড়ছে এমন। *বিদ্যা*, ১৮৯১।

উড়কি [স ওড়িকা] *বি* খই। 'দুদের উড়কি এনিচিস?' *দীনবন্ধু*, ১৮৭২।

উড়কি ধান [স ওড়িকা+স ধান্য] *বি* ধানের জাতবিশেষ। 'শাশুড়ি ভোলাতে উড়কি ধানের মুড়কি নিয়ে ...।' *অবন*, ১৮৯৬।

উড়তি, উড়তী *বিণ* উড়ে এসেছে এমন। 'মুছলমান ভারতের উড়তী বালাই নহে।' *আজাদ*, ১৯৩৭।

উড়তি ঘুরতি *বি* উড়াউড়ি। 'ফিঙেটির উড়তি ঘুরতির বিচিত্র খেলা।' *কায়সার*, ১৯৬২।

উড়ন[১] [হি ওড়না] *বি* ওড়না। 'পৈরিলেক পাটাম্বর নেতের উড়ন।' *মালাধর*, ১৫০০।

উড়ন[২], উড়োন [উড়্>] *বি* ওড়া।

উড়নচণ্ডী, উড়োনচণ্ডী [উড়্>+স চণ্ডী] **১** *বিণ* অপব্যয়ী। 'জলও ক্রমশ উড়োন চণ্ডীর টাকার মত জায়গা খালি হয়ে হটে যেতে লাগলো।' *হুতোম*, ১৮৬১; 'ওরা যে উড়নচণ্ডী, ওরা ওড়াতেই জানে।' *রবীন্দ্র*, ১৯১৫। **২** *বিণ* উচ্ছৃঙ্খল। 'একেবারে বেহিসেবী, উড়নচণ্ডী, বান ডেকে ছুটে চলেছে।' *রবীন্দ্র*, ১৯২৮।

উড়ন-তখত [উড়্>+ফা তখত] *বি* উড়ন্ত সিংহাসন। 'সুলেমান সম উড়ন-তখতে চলিলে করিতে দিগবিজয়।' *নজরুল*, ১৯২৮।

উড়ননদী *বি* উঁচু থেকে নেমে আসা পাহাড়ি নদী। 'অল্প নীচে বুকের স্রমি ভরে যাবার উড়ননদী।' *শব্দ*, ১৯৬৬।

উড়নশক্তি [উড়্>+স শক্তি] *বি* আকাশে ভেসে থাকার শক্তি।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'হাইড্রোজেন গ্যাস দিয়ে আকাশযানগুলোর উড়নশক্তির জোগান দেওয়া হত।' *রবীন্দ্র*, ১৯৩৭।

উড়নশীল [উড়>+স শীল] *বিণ* উড্ডয়নশীল; উড়ন্ত। 'জাহাজের পিছনের সেই উড়নশীল জলচর।' *বিভূতি*, ১৯২৯।

উড়নি [হি ওঢ়না] *বি* একপাটা চাদর। 'পরিধান দিব্য জোড়া উড়নি ঘুরনি পরিপাটী।' *কৃষ্ণরাম*, ১৭২০।

উড়ন্ত [উড়>] *বিণ* উড্ডীয়মান। 'তাহারা কহিলেক কতগুলিন উড়ন্ত জীব।' *তারিণী*, ১৮০৩।

উড়ম্বর [স উদুম্বর] *বি* ডুমুর। 'উড়ম্বর পিড়রা বন-বাগান।' *মুকুন্দ*, ১৬০০।

উড়সড়কি [উড়>+সড়কি] *বি* (উড়ন্ত) বর্শা; বল্লম। 'কেনীর মস্তক লক্ষ্য করিয়া উড়সড়কি এমন কৌশলে নিক্ষেপ করিল ...।' *মশাররফ*, ১৮৯০।

উড়া[১]**, উড়ানো** [উড়>] ১ *ক্রি* ওড়া। 'পাখি জাতি নহোঁ বড়ায়ি উড়ী পড়ি যাওঁ।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* বাতাসে ভাসা। 'তুলা সব উড়ি যায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *ক্রি* কাটানো। 'বাই সঙ্গে মজা করিয়া উড়ায়েছি।' *ভবানী*, ১৮২৫। ৪ *ক্রি* শূন্যে ভাসিয়ে দেওয়া। 'উড়ানি উড়াইয়া পলায়ন করিবেক।' *দর্পণ*, ১৮২৭। ৫ *ক্রি* লোপ পাওয়া। 'কাজের বেলা বুদ্ধি যায় উড়ে।' *রবীন্দ্র*, ১৮৮০। ৬ *ক্রি* উদ্ধার করা। 'তুমি না উড়ালে কে উড়ায় হে নাথ।' *লালন*, ১৮৯০। ৭ *ক্রি* অপব্যয় করা। *বিদ্যা*, ১৮৯১; 'টাকাকড়ি নিয়ে ঝগড়া করে, আর সবই উড়িয়ে দেয়।' *বেগম*, ১৯৪৭। **উড়ই** *ক্রি* উড়তে। 'লোচন জনু থির ভৃঙ্গ আকার। মধু মাতল কিএ উড়ই না পার।' *বিদ্যাপতি*, ১৪৬০। **উড়এ** *ক্রি* ওড়ে। 'সে দুঃখ চিন্তিতে মনে উড়এ পরানি।' *মালাধর*, ১৫০০। **উড়ায়েছি** *ক্রি* কাটিয়েছি। 'বাই সঙ্গে মজা করিয়া উড়ায়েছি।' *ভবানী*, ১৮২৫। **উড়াল** *ক্রি* উড়ালো। 'পিয়াল বনে উড়াল চুল বকুল বনে আঁচল পাতা।' *রবীন্দ্র*, ১৯২৫। **উড়ি** *ক্রি* উড়ে। 'কোথাহ পক্ষগণ আকাসে উড়ি জায়।' *মালাধর*, ১৫০০। **উড়িতাঙ** *ক্রি* উড়তাম। 'আকাশে উড়িতাঙ যদি পাঙ আরি পাখা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **উড়িতে** *ক্রি* উড়তে। 'মৃষক উড়িতে নারে একমনে স্তব করে।' *রূপরাম*, ১৭৫০। **উড়িয়া** *ক্রি* উড়াল দিয়ে। 'মজনু সাক্ষাতে পুনি উড়িয়া আইলা।' *বাহরাম*, ১৬৫০। **উড়িল** *ক্রি* উড়লো। 'মেঘঘন উড়িল জেন ডুবিয়া আকাস।' *মালাধর*, ১৫০০। **উড়ী** *ক্রি* উড়ে। 'পাখি জাতি নহোঁ বড়ায়ি উড়ী পড়ি যাওঁ।' *বড়ু*, ১৪৫০। **উড়ে** *ক্রি* ওড়ে। 'নেতের পতাকা উড়ে সুবর্ন্ন কলসে।' *মালাধর*, ১৫০০। **উড়্যা** *ক্রি* উড়ে। 'উড়্যা জায় সারিশুক।' *মুকুন্দ*, ১৬০০।

উড়তে না পেরে পোষ মানা – নিরুপায় হয়ে কোনো কাজ করতে বাধ্য হওয়া। 'কথায় বলে উড়তে না পেরে পোষ মানে।' *উমেশ*, ১৮৫৭।

উড়িয়ে দেওয়া, উড়াইয়া দেওয়া ১ *ক্রি* পাত্তা না দেওয়া; অগ্রাহ্য করা। 'ভালোবাসাকে তুমি একেবারে উড়িয়ে দিতে চাও –।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *ক্রি* দ্রুত খরচ করে ফেলা। 'তোমার বিষয়ের লোভে কেউ তোমাকে বিবাহ করে, তার পরে মদ খেয়ে অসৎ ব্যয় করে উড়িয়ে দেয়।' *রবীন্দ্র*, ১৮৯২। ৩ *ক্রি* গুরুত্বহীন বিবেচনা করা। 'তিনি এ সমস্ত ডাকাইতি বলিয়া উড়াইয়া দিতে লাগিলেন।' *সৎসঙ্গ*, ১৮৯৮। ৪ *ক্রি* দূরীভূত করা। 'তাপস নিঃশ্বাস বায়ে মুমূর্ষুরে দাও উড়ায়ে।' *রবীন্দ্র*, ১৯২৪।

উড়ে এসে জুড়ে বসা – অযাচিতভাবে এসে সর্বেসর্বা হওয়া। *নজরুল*, ১৯২৭।

উড়ে যাওয়া ১ *ক্রি* উড়াল দেওয়া; উড্ডয়ন করা। 'শিস দিয়া আকাশে উড়িয়া যাইত।' *রবীন্দ্র*, ১৮৮৪। ২ *ক্রি* দ্রুত খরচ হওয়া। 'হাতের পয়সা নানারকমে উড়িয়া যাইতেছে।' *বিভূতি*, ১৯৩১।

উড়া[২] [উড়>] *ক্রিবিণ* উড়ু উড়ু। 'চিত্ত উড়া করে মোর ঐ বন্ধুর লাগিয়া।' *মর্তুজা*, ১৭৫০।

উড়াকল [উড়া+স কল] *বি* উড়োজাহাজ। 'অথচ মানুষ যখন উড়াকলে আকাশে ওঠে।' *রবীন্দ্র*, ১৯১৭।

উড়া পাক *বি* উড়ন্তভাবে পাক খাওয়া। 'উড়া পাক সঘনে আগুনে সব ঢালি।' *মানিকরাম*, ১৭৮১।

উড়ামাছ *বি* উড়তে পারে এমন মাছ। 'এখন সত্যসত্যই সেই উড়ামাছ দেখিতেছি।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

উড়ানচণ্ডী *দ্র* উড়ন[২]

উড়ানি, উড়ানী [হি ওঢ়না] ১ *বি* ওড়না। 'উড়ানি উড়াইয়া পলায়ন করিবেক।' *দর্পণ*, ১৮২৭; 'কেরেপের উড়ানীতে ... ফরফর করতে থাকে।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বি* একপাটা চাদর। 'কোমরে বাঁধা উড়ানিই তা ঘোষণা করে।' *মানিক*, ১৯৩৬।

উড়ানো *দ্র* উড়া

উড়াল [উড়>] ১ *বিণ* উড়ন্ত। 'উদাসী বাতাস ফিরিছে উড়াল ধূলায় আঁচল ধরে।' *জসীম*, ১৯৩১। ২ *বি* শূন্যে উড়া। 'তুই শুধু উড়াল শিখলি না।' *আহমুদ*, ১৯৬৬।

উড়াল দেওয়া *ক্রি* ওড়া। 'হঠাৎ উড়াল দিয়ে/ পাখী যদি আসে।' *ওবায়দুল্লাহ*, ১৯৭৪।

উড়ি[১] [স ওড়িকা] *বি* ধানবিশেষ। **উড়িধান, উড়িধান্য** [স ওড়িকা-ধান্য] *বি* মুড়ির উপযোগী বিশেষ জাতের ধান। 'উড়িধান্য ছড়াইয়া দিলেন।' *গোলোক*, ১৮০১; 'উড়িধানের মুড়ী ও মটর মসুর শাক।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

উড়ির তণ্ডুল [স ওড়িকা-তণ্ডুল] *বি* উড়ি ধানের চাল। 'উড়ির তণ্ডুল ঘৃত মধু চিনি খণ্ড।' *মানিকরাম*, ১৭৮১।

উড়ি[২] [উড়>] *বিণ* উড়ন্ত। **উড়ি উড়ি** *বি* ছটফট। 'তরুণ মনগুলো উড়ি উড়ি করতে শুরু করেছে।' *মণীশ*, ১৯৬৩।

উড়ি পথ [উড়>+স পথ] *বি* আকাশপথ। 'ঠোঁটে করি বির্জ্জ পক্ষি আইসে উড়ি পথে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উড়িয়া [ও ওড়িশা] ১ *বি* ওড়িশা। 'যে হুসেন সাহা সর্ব উড়িয়ার দেশে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* উড়িষ্যার লোক। 'উড়িয়া দেশের নিবাসী লোকদিগকে উড়িয়া বলে।' *বিদ্যা*, ১৮৫১। ৩ *বি* ভারতের উড়িষ্যার ভাষা। 'কালক্রমে উড়িয়া, বাংলা ও আসামীরূপ ত্রিমূর্তি ধারণ করেছে।' *প্রমথ*, ১৯১৭।

উড়িস্যা [ও ওড়িশা] *বি* ওড়িষ্যা। 'সুবে বাঙ্গালা ও বেহার ও উড়িস্যা প্রভৃতি এই দেশবাসীয় মনুষ্য ও প্রজাবর্গের ...।' *ডানকান*, ১৭৮৪।

উড়ু [উড়>] *বিণ* উড়ন্ত। **উড়ু উড়ু** [উড়>] ১ *বিণ* অস্থির। 'সর্বদা মন উড়ু উড়ু।' *প্যারী*, ১৮৫৮। ২ *বি* অনাবশ্যক ঘোরাফেরা। 'যখন-তখন উনপঞ্চাশ বায়ু-বেগে চতুর্দিকে উড়ু-উড়ু করে না।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উড়ুউড়ু করা *ক্রি* চঞ্চল হওয়া। 'তবু সে সর্বদা উড়ুউড়ু করে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উড়ুক্কু [উড়>] *বিণ* উড়তে পারে এমন। 'উড়ুক্কু সাপের কথা।' *বিভূতি*, ১৯৩৮।

উড়ুক্ষু [উড়>] *বিণ* উড়ছে এমন। 'পর্দার মতো উড়ুক্ষু জিনিস।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রবীন্দ্র, ১৯০৭।

উড়ু *বি* নক্ষত্র। 'নিরখিয়া নিশাপতি হইল লজ্জিত/ উড়ুগণ পলাইল প্রাণপতি সঙ্গে।' *ঘনরাম*, ১৭১০।

উড়ুকুল [উড়ু+স কুল] *বি* নক্ষত্রমণ্ডলী। 'ইন্দুকে বেড়িয়া যেন উড়ুকুল আভা।' *মানিকরাম*, ১৭৮১।

উড়ুগ্রহপতি [উড়ু+স গ্রহপতি] *বি* নক্ষত্র ও গ্রহগণের অধিপতি; সূর্য। 'উদয় পশ্চিমে হল উড়ুগ্রহপতি।' *মানিকরাম*, ১৭৮১।

উড়ুনচড়ে [উড়্>+চণ্ডী>] *বিণ* অপব্যয়মূলক। 'উড়ুনচড়ে কাজে সমাজের নাম নিতে নেই।' *দীনবন্ধু*, ১৮৬৭।

উড়ুনি, উড়ুনী [উড়্>] *বি* চাদর। 'ছুতরেরা গুলদার ঢাকাই উড়ুনিতে কাঠের কুচো বাঁদতে আরম্ভ কল্লে।' *হুতোম*, ১৮৬১; 'শান্তিপুরের ডুরে উড়ুনী আর সীমলের ধুতীর কল্যাণে রাস্তায় ছোট ভদ্দর লোক আর চেনবার যো নেই।' *হুতোম*, ১৮৬১।

উড়ুপ [উড়্>] *বি* ছোটো নৌকা। 'চীন দেশ হতে যাত্রা করিয়া/ যাত্রী উড়ুপে চড়ি।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

উড়ুপুড়ু [উড়্>] *বি* আনচান; উড়ু উড়ু। 'উড়ুপুড়ু করে প্রান কেমনে তোমা দেখি।' *মালাধর*, ১৫০০।

উড়ুম্বর [স উদুম্বর] *বি* ডুমুর গাছ। 'উড়ুম্বর বৃক্ষ যৈছে ফলে সর্ব্ব-অঙ্গে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উড়ুষ [স উষ্মংশ] *বি* ছারপোকা। 'উড়ুষ কৎস্যবগুলা সসা জেন মসাগুলা ...।' *মুকুন্দ*, ১৬০০।

উড়ে [উড়িয়া>] **১** *বিণ* ওড়িশার। 'কালামুখ কুৎসিত চেহারা ভেড়ার স্বর উড়েমেড়া।' *ভবানী*, ১৮২৮। **২** *বি* ওড়িশার অধিবাসী। 'ঝুটি বাঁধা উড়ে সপ্তম সুরে পাড়িতে লাগিল গালি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উড়েনী *বি* স্ত্রী ওড়িয়া নারী। 'উড়েরা বেহারা হয় উড়েনী অবলা।' *ভবানী*, ১৮২৫।

উড়েবামুন *বি* ওড়িশার রাঁধুনি ব্রাহ্মণ। 'একটা উড়েবামুন বেহারা এবং একটা চাকরের বন্দোবস্ত ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

উড়ে বেহারা *বি* ওড়িশার পালকিবাহক। 'উড়ে বেহারারা ... তিন লক্ষ টাকা আপন দেশে লইয়া যায়।' *দর্পণ*, ১৮২৪।

উড়ো [উড়্>] **১** *বিণ* উড়ছে এমন। 'উড়ো পাখীর লাগল পরশ।' *সত্যেন্দ্র*, ১৯১২। **২** *বিণ* উড়িয়ে নিয়ে যায় এমন। 'কাল-বৈশাখীর উড়ো ঝঞ্ঝার মতো।' *নজরুল*, ১৯২২। **৩** *বিণ* উৎস জানা নেই এমন। 'আকাশের রঙে বাতাসের লীলায় উড়ো খবর এসেছে।' *রবীন্দ্র*, ১৯২৬। **৪** *বিণ* অবান্তর। 'জ্ঞানের চর্চায় যার মনটা নিরেট হয়ে ওঠে সেখানে উড়ো ভাবনার গ্যাস ...।' *রবীন্দ্র*, ১৯২৮। **৫** *বিণ* উদাস। 'ঝোড়ো আকাশে উড়ো প্রাণের পাগলামি।' *রবীন্দ্র*, ১৯৩৬।

উড়োউড়ি *বি* ঘোরাফেরা। 'একপাল মার্শাল উড়োউড়ি করছে, ছোঁ মেরে আপনারি কাঁচামাল বিলেত নিয়ে গিয়ে ...।' *মুক্তবা*, ১৯৪৯।

উড়ো-উড়ো *বিণ* উদাস। 'বুড়ো হয়ে উড়ো-উড়ো মন মানায় না আর।' *বৃদ্ধ*, ১৯৫৫।

উড়োকল *বি* উড়ে চলার যান; উড়োজাহাজ। 'উড়োকল সৃষ্টি না করে উড়ে পড়ল আকাশে।' *অবন*, ১৯২৫।

উড়ো খই গোবিন্দায় নম – প্রতিকূল অবস্থায় বাধ্য হয়ে কোনো সৎকাজ করা। 'ওরে "উড়ো খই গোবিন্দায় নম" এই ব্যবস্থা ধরি সবে।' *গুপ্ত*, ১৮৫৮।

উড়োখবর [উড়্>+আ খবর] *বি* লোকমুখে শোনা সংবাদ। 'আকাশের রঙে বাতাসের লীলায় উড়ো খবর এসেছে।' *রবীন্দ্র*, ১৯২৬।

উড়োগাড়ি *বি* উড়োজাহাজ। 'নিজের পকেট কিঞ্চিৎ হালকা করলেই ও উড়োগাড়িতে অনায়াসে ...।' *প্রমথ*, ১৯৩০।

উড়োজাহাজ [উড়্>+আ জাহাজ] *বি* বিমান। 'যুদ্ধের জন্য ভাসান-জাহাজ, ডুব-জাহাজ, উড়ো-জাহাজ, এ-সমস্ত তৈরি করা।' *রবীন্দ্র*, ১৯৩১।

উড়ো বিপত্তি *বি* বাড়তি ঝামেলা। 'একটা উড়ো বিপত্তি।' *সাদত*, ১৯৬৭।

উড়োনচণ্ডী *দ্র* **উড়ন**[২]

উণাদি [স] *বি* উণ্-প্রভৃতি প্রত্যয়ের সাহায্যে গঠিত শব্দ। 'সেই সকল প্রত্যয় যোগনিষ্পন্ন শব্দকেও উণাদি বলে।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

উণুই *বি* উৎস। 'তার চেয়ে অসম্ভব ... জলের উণুই বার করা।' *বিভূতি*, ১৯৩৭।

উতকট [স উৎকট] *বিণ* মারাত্মক। 'ভনই বিদ্যাপতি উতকট সঙ্কট ...।' *শ্রিচণ্ডী*, ১৬০০।

উতঙ্গ [স উত্তুঙ্গ] *বিণ* অতি উঁচু। 'গ্রহপতি মেষেত উতঙ্গ প্রজ্বলিত।' *আলাওল*, ১৬৮০।

উতপত [স উত্তপ্ত] *বিণ* উত্তপ্ত। 'উতপত শ্বাস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উতপতি, উতপতী [স উৎপত্তি] *বি* জন্ম। 'উতপতি ভৈল তোর উত্তম কুলে।' *বড়ু*, ১৪৫০; 'গোআল জরম আক্ষে গুণ দধি দুধে উতপতী।' *বড়ু*, ১৪৫০।

উতপন [স উৎপন্ন] *বি* জন্ম। 'যে রূপে আদম সফি হইল উতপন।' *সুলতান*, ১৭০০।

উতপল [স উৎপল] *বি* পদ্ম। 'কাল উতপল নয়নে শোভসি গোআলী।' *বড়ু*, ১৪৫০।

উতপাত [স উৎপাত] *বি* ঝামেলা; উপদ্রব। 'উতপাত দেখিয়া মনে চিন্তে চক্রপানি।' *মালাধর*, ১৫০০।

উতপুতানো [স উৎপাত>] *ক্রি* অস্থির হওয়া। 'উদমো ছেলে ছটফটে খুব একটুকুতেই উতপুতায়।' *নজরুল*, ১৯২৬।

উতম [স উত্তম] *বিণ* উত্তম। 'তোমোরা বরো উতম ভজোনা ভজো।' *আত্তোনিয়ো*, ১৭৪৩।

উতর [স উত্তর] *বি* জবাব। 'ককে ন রডসে হসি কিছু ন উতর দেসি ...।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উতরখানা *বি* সরাইখানা। *ওসা*, ১৭৮৫।

উতরপুতোনি *বি* ধূকধুকি। 'মনের উতরপুতোনি মিটচে না।' *নজরুল*, ১৯২৭।

উতরল [স উত্তল] *বিণ* অতিশয় চঞ্চল। 'উতরল ভৈলা মনে।' *বড়ু*, ১৪৫০।

উতরলমতী [স উত্তল>+স মতী] *বিণ* অতি চঞ্চলমনা। 'আতি উতরলমতী ভৈল জগন্নাথে।' *বড়ু*, ১৪৫০।

উতরাই [হি] *বি* পাহাড়ের ঢাল। 'কত চড়াই কত না উতরাই।' *সত্যেন্দ্র*, ১৯২৪।

উতরানো [স উত্তরণ>] **১** *ক্রি* আকুল হওয়া। 'মাধব মন্দিরে যাই

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উতরিল সব।' *দীচণ্ডী*, ১৫৫০। ২ *ক্রি* গন্তব্যে পৌঁছানো। 'উতরাইতে।' *মানোএল*, ১৭৪৩। ৩ *ক্রি* অবতরণ করা। 'যে কেহ গুপ্ত মঞ্জকুরে উতরিবেক।' *ক্যালগে*, ১৭৮৫। ৪ *ক্রি* অবসান হওয়া। 'পকেট ঘড়ি খুলে দেখলেন, সময় উতরে গেছে।' *হুতোম*, ১৮৬১। ৫ *ক্রি* নামা। *বিদ্যা*, ১৮৯১। ৬ *ক্রি* উত্তীর্ণ হওয়া। 'আধার পান্টে চলেছি নতুনে উতরে ... ভেদাভেদ গড়ি।' *মাহমুদ*, ১৯৬৩।

উতরালি [স উত্তর>] *বি* উত্তর দিকের বাতাস। 'জলিলের কানের কাছে উতরালি বয়।' *সেলিনা*, ১৯৭৫।

উতরোল [স উত্তরল] ১ *বিণ* আকুল। 'অলিকুল মধু পিবি পিবি উতরোল।' *গোবিন্দ*, ১৬০০। ২ *বিণ* ব্যগ্র। 'শুনিয়া ভাঁড়ুর বোল কালকেতু উতরোল।' *মুকুন্দ*, ১৬০০। ৩ অশান্ত। 'ধ্বনিতে ধ্বনিতে অর্দ্র উতরোল বায়।' *রবীন্দ্র*, ১৮৯০। ৪ *বি* উচ্ছ্বাস। 'পিশাচী এ বিমাতার হিংস্র উতরোল।' *রবীন্দ্র*, ১৮৯০।

উতরোলি *বি* কোলাহল। 'উত উতরোলি, ঘন করতালি।' *গিরিশ*, ১৮৮৩।

উতল [স উত্তল] ১ *বিণ* আনন্দিত। 'দুবাহু বাড়ায়ে পরান উতল/ কবিরে লইল বুকে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* অশান্ত। 'উতল-ধারা বাদল ঝরে সকলবেলা একা ঘরে।' *রবীন্দ্র*, ১৯১১। ৩ *বিণ* উত্তাল। 'উতল ঢেউয়ের দল খেপেছে।' *রবীন্দ্র*, ১৯১৬। ৪ *বিণ* ব্যাকুল। 'চাউনি তাহার উতল হলো অকারণে।' *রবীন্দ্র*, ১৯১৮। ৫ *বিণ* চঞ্চল। 'উতল উৎসবে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

উতলরোল [স উত্তল+স রোল] *বি* উচ্চ শব্দ। 'উতলরোলে কল্লোলে পথের গান গেয়ে।' *রবীন্দ্র*, ১৯১৭।

উতলা [স উত্তল>] ১ *বিণ* অস্থির। 'এত উতলা হইস কেন?' *রামনারায়ণ*, ১৮৫৪। ২ *বিণ* উৎকণ্ঠিত। 'তোরা তো বড় উতলা গো।' *উমেশ*, ১৮৫৭। ৩ *বিণ* চঞ্চল। 'তোমার উতলা উত্তরীয় তুমি আকাশে উড়ায়ে দিও।' *রবীন্দ্র*, ১৯১০।

উতাপা [স উত্তপ্ত] *ক্রি* উত্তপ্ত করা। 'চাঁদ চন্দন তনু অধিক উতাপএ বনে উতরোল অলিকুল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উতাপিত [স উত্তপ্ত] ১ *বিণ* ব্যাকুল। 'নিশিদিশি পুত্রহীন উতাপিত মন।' *বাহরাম*, ১৬৫০। ২ *বিণ* দুঃখিত। 'অকারণে পুত্রবর কেন উতাপিত।' *বাহরাম*, ১৬৫০।

উতাপিনী [স উত্তাপ>] *বিণ* উত্তেজনা সৃষ্টিকারী। 'কাম উতাপিনী নব বিয়োগিনী।' *বাহরাম*, ১৬৫০।

উতার [স উত্তীর্ণ>] *বি* প্রতিষেধক; প্রতিকার। 'এ যাদুর উতার আমি জানি।' *মনসুর*, ১৯৫৫।

উতারা [স উত্তীর্ণ] ১ *ক্রি* খোলা। 'উতারে কাঁচলি হার ছিঁড়এ হামারি।' *বৃন্দা*, ১৫৮০। ২ *ক্রি* উদ্ধার করা। 'তখ্‌ত আজ উতারিবে আলীর খাতির।' *গরীব*, ১৭৬৫। ৩ *ক্রি* অবতরণ করা। 'অশ্ব রাখেন লাউসেন অয়নে উতারি।' *মানিকরাম*, ১৭৮১। ৪ *ক্রি* মোচন ক'রে। 'সেই আবরণ দেখরে উতারিয়া।' *রবীন্দ্র*, ১৮৮৬। **উতার** *ক্রি* খোলো। 'গোবিন্দ কহে শ্রীকান্ত আগে পেটাঙ্গি উতার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **উতারিআ** *ক্রি* খুলে। 'অঙ্গে হৈতে উতারিআ দিল খাসা জোড়া।' *মুকুন্দ*, ১৬০০। **উতারিবে** *ক্রি* উদ্ধার করবে। 'তখ্‌ত আজ উতারিবে আলীর খাতির।' *গরীব*, ১৭৬৫। **উতারিয়া** ১ *ক্রি* নেমে; অবতরণ ক'রে। 'উতারিয়া অশ্বরাজে লাউসেন সভামাঝে।' *মানিকরাম*, ১৭৮১। ২ *ক্রি* খুলে। 'কণ্ঠ হতে উতারিয়া যৌবনের মালা দুইটি আঙুলে ধরি তুলি দেয় গলে।' *রবীন্দ্র*, ১৮৮৬। **উতারে** *ক্রি* খোলে। 'উতারে কাঁচলি হার ছিঁড়এ হামারি।' *বৃন্দা*, ১৫৮০।

উতালা [স উত্তল] *বিণ* অশান্ত। 'নিভৃত ঘরে পরান-মন একান্ত উতালা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উতোর [স উত্তর] *বি* উত্তর; জবাব। 'ওদিকে আকড়াঘরে খেঁউড়ের উতোর প্রস্তুত হচ্ছে।' *হুতোম*, ১৮৬১।

উতোরোল [স উত্তাল] *বিণ* চঞ্চল। 'আকুল কুন্তলপাশ লোচনযুগল উতোরোল।' *মুকুন্দ*, ১৬০০।

উৎকট [স] ১ *বিণ* বিকট। 'সুনি কৃষ্ণের বাক্য উৎকট হাসি।' *মালাধর*, ১৫০০; 'অতি উৎকট ভ্রুর্দ্ধ ঘোর দরসন।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* তীব্র। 'চিন্তায় উৎকট হল জ্বর।' *মানিকরাম*, ১৭৮১; 'উৎকট অসুখের অনেক অংশে নিবারণ হইয়াছিল।' *বিদ্যা*, ১৮৯১। ৩ *বিণ* রূঢ়। 'অত্যন্ত উৎকট সত্যের মতো দাঁত মেলিয়া উঠিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭। ৪ *বিণ* কটু। 'লোকটি হাফেজ এবং উৎকট পরহেজগার।' *ইমদাদুল*, ১৯২০। ৫ *বি* উগ্র। 'যাহার প্রেম উথলিয়া উঠিয়াছে হীনকে কদর্য্যকে উৎকটকে দেখিয়া দেখিয়া।' *সবুজ*, ১৯২০। ৬ *বিণ* অস্বাভাবিক। 'আমাদের কানে অত্যন্ত বেসুরো এবং উৎকট ঠেকে।' *রবীন্দ্র*, ১৯২৯।

উৎকটানন্দ [স উৎকট-আনন্দ] *বি* অধিক আনন্দ। 'উৎকটানন্দে হৃদয় পরিপ্লুত হইল।' *বঙ্কিম*, ১৮৬৬।

উৎকটাপরাধ [স উৎকট+স অপরাধ] *বি* গুরুতর অপরাধ। *ফরস্টার*, ১৭৯৬।

উৎকণ্ঠ [স] *বিণ* ব্যাকুল। 'উৎকণ্ঠ চকোর-সম বিরহতিয়াষ বহিয়া আনিছে তুয়া সুশস্পপরিমল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উৎকণ্ঠা [স] ১ *বি* আশঙ্কা। 'দৈন্য উদ্বেগ আদি উৎকণ্ঠা সন্তোষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* উদ্বেগ। 'কাহারও বা কোন দুরাশা পূর্ণ না হওয়াতে অবিরতই অসুখ ও উৎকণ্ঠা থাকে।' *অক্ষয়*, ১৮৪৯।

উৎকণ্ঠিত [স] ১ *বিণ* ব্যাকুল। 'মহাপ্রভু দেখিতে তার উৎকণ্ঠিত মন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* চিন্তাগ্রস্ত। 'নতুবা আমি যথেষ্ট উৎকণ্ঠিত।' *রামরাম*, ১৮০১। ৩ *বিণ* ব্যগ্র; অতি আগ্রহী। 'অনাদ্যন্ত দিনমান, উৎকণ্ঠিত নিশা শুনিবারে তব পদধ্বনি?' *সুধীন্দ্র*, ১৯২৯।

উৎকণ্ঠিতচিত্ত [স] *বি* উদ্বেগপূর্ণ মন। 'নৌকায় আসিয়া উৎকণ্ঠিতচিত্তে প্রতি মুহূর্তে।' *ইমদাদুল*, ১৯২০।

উৎকণ্ঠিতা [স] *বিণ* যে নায়িকা নায়কের জন্য উতলা। 'পঞ্চমে উৎকণ্ঠিতা কলহান্তা ষষ্ঠমে।' *আলাওল*, ১৬৮০; 'অবনত হল দাক্ষিণ্যের মেঘপুঞ্জ উৎকণ্ঠিতা ধরণীর দিকে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উৎকপালী [স উচ্চ-কপাল>] *বিণ* উঁচু কপালবিশিষ্ট। 'এই উৎকপালী বিড়ালাক্ষী মায়াবিনীর সহিত ...।' *পরশু*, ১৯৪০।

উৎকর্ণ [স] ১ *বিণ* সজাগ। 'উৎকর্ণ চৈতন্য মম শুনেছিল।' *সুধীন্দ্র*, ১৯২৯। ২ *বিণ* কান-খাড়া। 'শুনিবার জন্য সে হইয়া থাকে উৎকর্ণ।' *মানিক*, ১৯৩৬।

উৎকর্ণ হওয়া *ক্রি* কান পাতা। 'চোখ বন্ধ করে উৎকর্ণ হোন।' *মুনীর*, ১৯৬৬।

উৎকর্ষ [স] ১ *বি* উন্নতি। *সেবধি*, ১৮৩৯; 'আমাদিগের সমাজ ও অবস্থা কিরূপ উৎকর্ষ লাভ করিয়াছিল।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বি* শ্রেষ্ঠত্ব। 'মনুষ্যের স্বভাবের উৎকর্ষই বা কি?' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বি* গৌরব। 'ইটালির, প্রদেশাস্তরীয় লোকেরা, তাঁহার বিদ্যা বুদ্ধির উৎকর্ষ বুঝিতে পারিয়া ...।' *বিদ্যা*, ১৮৪৯।

উৎকর্ষতা [স উৎকৃষ্টতা] *বি* শ্রেষ্ঠত্ব। 'তাহারা স্ব২ ভূমির উৎকর্ষতা ও অপকর্ষতা সম্বন্ধে সহস্র আপত্তি ... দর্শাউক।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

AMARBOI.COM

উৎকর্ষবান [স] *বিণ* সংস্কৃতিবান। 'উৎকর্ষবান ফরাসী বিশেষ যত্নশীল।' *রবীন্দ্র*, ১৯১৭।

উৎকর্ষবৃদ্ধি [স] *বি* মানোন্নয়ন। 'শিক্ষার কাজই হচ্ছে বুদ্ধির উৎকর্ষবৃদ্ধি, পরিমাণবৃদ্ধি নয়।' *মোতাহের*, ১৯৫০।

উৎকর্ষলক্ষণ [স] *বি* শ্রেষ্ঠত্বের নিদর্শন। 'এ কথাটা জীবনধর্মের হানিকর, কিন্তু মানবধর্মের উৎকর্ষলক্ষণ।' *রবীন্দ্র*, ১৯৩৩।

উৎকর্ষলাভ [স] *বি* উন্নতি লাভ। 'ভবিষ্যতে উৎকর্ষলাভ করিতে পারেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

উৎকর্ষসাধন [স] *বি* মান উন্নত করা। 'শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনের চেষ্টা করিলে মানববর্গের ক্রমাগতই শ্রীবৃদ্ধি হইবে।' *অক্ষয়*, ১৮৪৮।

উৎকর্ষাপকর্ষ [স উৎকর্ষ+স অপকর্ষ] *বি* দোষগুণ। 'পরিধেয় বস্ত্রের উত্তমাধম বিবেচনা না করিয়া পুরুষের উৎকর্ষাপকর্ষে লোকে পুরুষ মান্যামান্য হয়।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

উৎকল [স] *বি* ওড়িশা দেশ। 'প্রবেশ হইলা আসি শ্রীউৎকল দেশে।' *বৃন্দা*, ১৫৮০।

উৎকীর্ণ [স] *বিণ* খোদাইকৃত। 'উহাতে উত্তমরূপে তিনটি মুখ উৎকীর্ণ আছে।' *বিদ্যা*, ১৮৪৯।

উৎকুণ [স] *বি* উকুন। 'কেশে উৎকুণ।' *বঙ্কিম*, ১৮৭৫।

উৎকৃষ্ট [স] **১** *বিণ* উত্তম। 'ভক্ষ্য দ্রব্য উৎকৃষ্ট যে থাকে যার ঘরে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* শ্রেষ্ঠ। 'উৎকৃষ্ট জ্ঞান ও সভ্যতা প্রাপ্ত হইয়া এ পৃথিবীর রাজা হইবেন।' *অক্ষয়*, ১৮৪৮। **৩** *বিণ* যথাযোগ্য। 'ধনাভাবে তাহারা উৎকৃষ্টরূপ শিক্ষাও প্রাপ্ত হয় না।' *অক্ষয়*, ১৮৪৯। **৪** *বিণ* আশ্চর্যজনক। 'এক পরিচারক তদপেক্ষায়ও উৎকৃষ্ট কৌশল প্রদর্শন করিলেন।' *অক্ষয়*, ১৮৪৯। **৫** *বিণ* উন্নত। 'উহাতে এক উৎকৃষ্ট রাজ্যের ব্যবস্থা-প্রণালী বলিলেও বলা যায়।' *অক্ষয়*, ১৮৫৪। **৬** *বিণ* উন্নত জাতের। 'ঘোড়াগুলি অতি উৎকৃষ্ট। আধঘণ্টার অল্প সময়ে আমরা ...।' *রবীন্দ্র*, ১৯১৬। **৭** *বিণ* উন্নত প্রযুক্তির। 'চাষবাসের যে-রীতিপদ্ধতি সে খুব উৎকৃষ্ট।' *রবীন্দ্র*, ১৯২৯। **৮** *বিণ* উন্নত মানের। 'উৎকৃষ্ট হিন্দুস্থানী সংগীত আমি ভালোবাসি বলেছি বারবারই।' *রবীন্দ্র*, ১৯৩৪।

উৎকৃষ্টতম [স] *বিণ* অতি উত্তম। 'উৎকৃষ্টতম ইস্কুলও তার পক্ষে কাঁচের ঝাড়ের মতো কৃত্রিম।' *অন্নদা*, ১৯২৮।

উৎকৃষ্টতর [স] *বিণ* উত্তম; অতিশয় উৎকৃষ্ট। 'বিশিষ্ট রূপ যত্ন প্রকাশ অপেক্ষায় ... উৎকৃষ্টতর উপায় আর কিছুই নাই।' *অক্ষয়*, ১৮৫০।

উৎকৃষ্টতা [স] *বি* শ্রেষ্ঠত্ব। 'মধুর মিষ্টত্ব ও উৎকৃষ্টতা।' *তারিণী*, ১৮০৩।

উৎকৃষ্টা [স] *বিণ স্ত্রী* উর্বর। 'ভূমি উৎকৃষ্টা করণ বিষয়েও মনোযোগ করিবেন।' *দর্পণ*, ১৮২০।

উৎকৃষ্টোচ্চারণ [স উৎকৃষ্ট-উচ্চারণ] *বি* উচ্চমানের উচ্চারণ। 'যুবাচ্ছাত্রেরা উৎকৃষ্টোচ্চারণ পূর্বক মুখস্ত আবৃত্তি করিল।' *দর্পণ*, ১৮৩০।

উৎকেন্দ্রিক [স] *বিণ* কেন্দ্রবিচ্ছিন্ন। 'এক দিকে তিনি হয়ে ওঠেন উৎকেন্দ্রিক, অন্য দিকে শুভনাস্তিক।' *শিব*, ১৯৭৩।

উৎকোচ [স] *বি* ঘুষ। 'রাজাদের উপাসনায় যেমন উৎকোচ ...।' *রামমোহন*, ১৮১৭।

উৎকোচগ্রহণ [স] *বি* ঘুষ গ্রহণ। 'যাহারা উৎকোচগ্রহণ করে না।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

উৎকোচগ্রহণকারী [স] *বি* ঘুষখোর। 'যৌনব্যভিচারী যেমন সমাজের চক্ষুশূল, উৎকোচগ্রহণকারী বা ব্ল্যাকমার্কেটিয়ার তেমনটি নয়।' *মোতাহের*, ১৯৫০।

উৎকোণ [স] *বিণ* তির্যক। 'শতায়ু ওকের পাটা তেজস্ক্রিয় উৎকোণ পটলে।' *সুধীন্দ্র*, ১৯৪০।

উৎক্রমণ [স] *বি* উত্তরণ। 'হিমালয় পর্ব্বত বেষ্টনপূর্ব্বক সিন্ধুনদী উৎক্রমণ করিয়া ...।' *অক্ষয়*, ১৮৪৯।

উৎক্রোশ [স] *বি* ঈগল জাতীয় পাখিবিশেষ। 'মুক্তপক্ষ নভশ্চারী উৎক্রোশের দিকে ...।' *বিষ্ণু*, ১৯৬০।

উৎক্ষিপ্ত [স] **১** *বিণ* উপরের দিকে নিক্ষেপ করা হয়েছে এমন। 'আকাশ-মণ্ডলে উৎক্ষিপ্ত হইয়া ... বর্ষিত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৫। **২** *বিণ* ছড়ানো-ছিটানো। 'পাথরের টুকরো চষা মাটির মধ্যে মধ্যে উৎক্ষিপ্ত।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উৎক্ষুব্ধ [স] *বিণ* অতিশয় আলোড়িত। 'নূতন নূতন নানা সমস্যার আলোড়নে মানুষের মন সর্বদাই উৎক্ষুব্ধ।' *রবীন্দ্র*, ১৯১৫।

উৎখাত [স] **১** *বি* নির্বাসন। *মানোএল*, ১৭৪৩। **২** *বিণ* উচ্ছেদপ্রাপ্ত। 'সে হইতে উৎখাত হইয়া গৌড়ে রাজধানী স্থানে গতি করিলেন।' *রামরাম*, ১৮০১। **৩** *বিণ* উৎপাটিত। 'রেলের পথ সব উৎপাটিত।' *রবীন্দ্র*, ১৯৩১।

উৎখাতন [স] *বি* বিলোপ। 'ঐ পদ একেবারে উৎখাতন করিবেন।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

উৎঘাটিত [স] *বিণ* উন্মোচিত। 'তিনটি গূঢ় রহস্য উৎঘাটিত হইয়াছে।' *জগদীশ*, ১৯২৫।

উত্তত [স] *বিণ* ঊর্ধ্বমুখী। 'মানুষ উত্ততভঙ্গি নিয়েছে বলে তার আদিম অবতত দেহের অনেক যন্ত্রকে রোগদুঃখ ভোগ করতে হয়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

উত্তপ্ত [স] *বিণ* অত্যন্ত গরম। 'প্রচণ্ড রৌদ্রের উত্তাপেতে উত্তপ্ত জল পান করিয়া ...।' *দর্পণ*, ১৮২১।

উত্তম [স] **১** *বিণ* খুব ভালো। 'আর কিছু দেহ কাহাই উত্তম সন্দেশে।' *বড়ু*. ১৪৫০। **২** *বিণ* উচ্চ শ্রেণীভুক্ত। 'উত্তম হৈয়া রাজা করে তুচ্ছ সেবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* সুস্বাদু। 'সুবর্ণ-থালির অন্ন উত্তম ব্যঞ্জন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বিণ* সুযোগ্য। 'পাইবা উত্তম পুত্র চলহ সংহতি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৫** *বিণ* মনোহর। 'করিল উত্তম ঘর কনকে রচিত।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৬** *বিণ* মোহিত। 'নর্তনে উত্তম কৈল সবাকার মন।' *মানিকরাম*, ১৭৮১। **৭** *বিণ* জ্ঞানী। 'উত্তম ব্যক্তি সকল যেখানে অশুদ্ধ দেখিবেন তাহার পরিশোধ করিবেন।' *রামমোহন*, ১৮১৫। **৮** *বিণ* সুন্দর। 'চন্দ্রতুল্য উত্তম পুত্র জন্মিল।' *দর্পণ*, ১৮২১। **৯** *বিণ* যুক্তিপূর্ণ। 'তাহার উত্তম কৈফিয়ত ছিল।' *রবীন্দ্র*, ১৯০২। **১০** *বিণ* উপকারী। 'হজমের পক্ষে অতি উত্তম।' *রবীন্দ্র*, ১৯০৬। **১১** *বি* (ব্যাকরণে পুরুষের ক্ষেত্রে) প্রথম। 'উত্তম পুরুষ ও মধ্যম পুরুষ সর্বনাম শব্দে কী এক বচনে কী বহুবচনে ...।' *রবীন্দ্র*, ১৮৯৮।

উত্তম অধম [স] *বি* ভালোমন্দ। 'উত্তম অধম কিছু না করে বিচার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উত্তমতা [স] **১** *বি* উৎকর্ষ। 'সুখ ব্যতিরেক উত্তমতা কি জন্যে।' *তারিণী*, ১৮০৩। **২** *বি* মেরামত। 'গ্রামের মধ্য দিয়া যে সকল রাস্তা গিয়াছে তাহার উত্তমতা করিবার জন্যে জমীদারদিগের সাহায্য করিতে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হইবেক।' *বঙ্গদূত*, ১৮২৯। ৩ *বি* উন্নতি; উন্নয়ন। 'কল স্থাপিত হওয়াতে আমারদিগের দেশের অতি উত্তমতাপ্রাপ্ত এবং সুখজনক হইবেক।' *দর্পণ*, ১৮৩০। ৪ *বি* কল্যাণ।'তাহারদিগের যে উত্তমতা হইবে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩০। ৫ *বি* মানসম্পন্নতা। 'বঙ্গভাষায় নানা অনুপ্রাস ও শ্লেষোক্তি ও ব্যঙ্গোক্তি ও পদপদার্থের উত্তমতা উত্তরোত্তর বর্দ্ধিষ্ণু হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৪।

উত্তমধীষণা [স] *বিণ স্ত্রী* বুদ্ধিমতী। 'শুন গো খুল্লনা উত্তমধীষণা খঞ্জন-গঞ্জনি রামা।' *মুকুন্দ*, ১৬০০।

উত্তম পথ [স] *বি* শ্রেষ্ঠ উপায়। 'সতত বিষয় ব্যাপৃত লোকেরদের ক্ষণেক আলস্য ত্যাগেরও এই এক উত্তম পথ।' *দর্পণ*, ১৮২৮।

উত্তম পুরুষ [স] ১ *বি* সুপুরুষ। 'সেই স্থলে আসিয়া উত্তম পুরুষ দেখিয়া কহিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ২ *বি* (ব্যাকরণ) প্রথম পুরুষ। 'উত্তম পুরুষ ও মধ্যম পুরুষ সর্বনাম শব্দে কী এক বচনে কী বহুবচনে ...।' *রবীন্দ্র*, ১৮৯৮।

উত্তম মধ্যম [স] ১ *বি* শারীরিক নির্যাতন; মারধর। 'ইহার মতের অন্যথা কহিলে উত্তম মধ্যম হইবারও সম্পূর্ণ সম্ভাবনা।' *রামনারায়ণ*, ১৮৫৪। ২ *বিণ* ভালো-মন্দ। 'লোকে যদি গালি দেয় এবং মারিতে আসে তা হলেও বুঝি, যে, একটা বেশ উত্তম-মধ্যম ফল পাওয়া গেল।' *রবীন্দ্র*, ১৯১৫।

উত্তমরূপ [স] *বিণ* শ্রেষ্ঠতর। 'অমনি ধন গ্রহণ করণাপেক্ষা তাহা উত্তমরূপ জীবিকা বলা যাইত।' *দর্পণ*, ১৮৩৩।

উত্তমরূপে *ক্রিবিণ* খুব ভালোভাবে। 'বেদ, ব্যাকরণাদি, বেদাঙ্গ ... উত্তমরূপে অধ্যয়ন কর।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

উত্তমা [স] ১ *বিণ স্ত্রী* সর্বশ্রেষ্ঠ। 'সেই গোপীগণমধ্যে উত্তমা রাধিকা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* বৈষ্ণবশাস্ত্রে নায়িকার প্রকারবিশেষ। 'অহিত করিলে পতি যেবা করে হিত উত্তমা তাহেরে নাম বলয়ে পণ্ডিত।' *ভারত*, ১৭৬০। ৩ *বিণ স্ত্রী* সুন্দরী। 'পূর্ব্ব আরাম, প্রচুর ঐশ্বর্য্য, শোভন সভা, মনোহর বস্ত্র, উত্তমা স্ত্রী ...।' *অক্ষয়*, ১৮৪৭।

উত্তমাক্ষর [স উত্তম-অক্ষর] *বি* উৎকৃষ্ট হরফ। 'উত্তম কাগজে এবং উত্তমাক্ষরে ছাপারূঢ় হইয়াছে।' *দর্পণ*, ১৮২৯।

উত্তমাঙ্গ [স উত্তম-অঙ্গ] ১ *বি* মাথা। 'শাস্ত্রকারেরা মস্তকের নাম উত্তমাঙ্গ রাখিয়াছেন।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বি* শ্রেষ্ঠ অঙ্গ। 'তাহার সকলই শাস্ত্রমতে উত্তমাঙ্গ হইতে পারে না।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

উত্তমাতিশয়রূপে [স উত্তম-অতিশয়-রূপে] *ক্রিবিণ* উৎকৃষ্ট রূপে। 'অস্মদাদির অনুমেয় যে বর্ত্তমান গ্রন্থদ্বয় উত্তমাতিশয়রূপে বিখ্যাত হইবেক।' *দর্পণ*, ১৮৩০।

উত্তমাধম [স উত্তম-অধম] *বি* ভালোমন্দ বৈশিষ্ট্য। 'পরিধেয় বস্ত্রের উত্তমাধম বিবেচনা না করিয়া পুরুষের উৎকর্ষাপকর্ষে লোকে পুরুষ মান্যামান্য হয়।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

উত্তমাবস্থা [স] *বি* ভালো অবস্থা। 'উত্তমাবস্থা প্রাপ্তির নিমিত্ত সর্ব্বসাধারণেরি লোভ জন্মাইতে পারে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩০।

উত্তমার্ধ, উত্তমার্দ্ধ [স উত্তম-অর্ধ] ১ *বি* মাথা থেকে কোমর পর্যন্ত অংশ। 'শরীরের উত্তমার্দ্ধ বস্ত্রাবৃত করা ইহাদের মতে অসম্মানের বিষয়।' *প্রমথ*, ১৯২০; 'দেহের উত্তমার্ধে একখানা দড়ি প্যাঁচানো থাকত।' *মুজতবা*, ১৯৫২। ২ *বি* ভালো অর্ধেক। 'ইংরাজী ভাষায় কথায় কথায় স্ত্রীকে অংশিণী উত্তমার্দ্ধ ইত্যাদি বলে।' *রোকেয়া*, ১৯২১।

উত্তমাশা অন্তরীপ [স] *বি* আফ্রিকা মহাদেশের সর্বদক্ষিণে অবস্থিত অন্তরীপ; কেইপ অব গুডহোপ। 'উত্তমাশা অন্তরীপ বা উত্তর মহাসাগর গমনপূর্ব্বক।' *অক্ষয়*, ১৮৪৭।

উত্তমীকৃত [স] *বিণ* উত্তমরূপে করা হয়েছে এমন। 'তাহা কত অধিক বা উত্তমীকৃত না হইতে পারে।' *দর্পণ*, ১৮২০।

উত্তমোত্তম [স উত্তম-উত্তম] *বিণ* শ্রেষ্ঠ। 'উত্তমোত্তম বৃক্ষপ্রতিম শ্যামসুন্দর হলধর গোপীনাথ গোপাল ...।' *ভবানী*, ১৮২৫।

উত্তমন্যতা [স] *বি* নিজের সম্পর্কে উচ্চ ধারণা; অহমিকা। 'তাদের উত্তমন্যতা শাসিতের প্রতি হয়ত অবজ্ঞার সৃষ্টি করেছিল।' *শরীফ*, ১৯৭০।

উত্তমর্ণ [স উত্তম-ঋণ] *বিণ* ঋণ দেয় এমন। 'তুই আমার উত্তমর্ণ আমি অধমর্ণ।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

উত্তমর্ণতা [স] *বি* উৎকর্ষ। 'সাফল্যের উত্তমর্ণতা তার জীবনে কোনোদিন ঘটে উঠত কি।' *জীবন*, ১৯৪৮।

উত্তর [স] ১ *বি* জবাব। 'আপণার মুখে বড়ায়ি কহ তোঁ উত্তর।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* সাড়া। 'লজ্জায়ে রহিলা কিছু না করে উত্তর।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* চার দিকের অন্যতম দিক। 'উত্তরে হিমালয়ে দক্ষিণে ক্ষীর নদী।' *বিজয়*, ১৬৫০। ৪ *ক্রিবিণ* পরে। 'রাজা গৌড়েশ্বর কথা শুনিব উত্তরে।' *রূপরাম*, ১৭৫০। ৫ *বিণ* উর্ধ্ব। 'মেয়েদের উত্তর অঙ্গ অনাবৃত।' *রবীন্দ্র*, ১৯২৯। ৬ *বিণ* উত্তীর্ণ। 'ভুলে যাই উত্তরচল্লিশ আমি।' *সুধীন্দ্র*, ১৯৪০।

উত্তর উত্তর *ক্রিবিণ* ক্রমে ক্রমে। 'করুণাকটাক্ষ চয় উত্তর উত্তর।' *ভারত*, ১৭৬০।

উত্তরকাণ্ড [স] *বি* রামায়ণের শেষ অধ্যায়। 'নূতন করিয়া উত্তরকাণ্ড রচনা করিতে হইল।' *রবীন্দ্র*, ১৯০৫।

উত্তরকাল [স] *বি* ভবিষ্যৎ কাল। 'পাঠশালার ব্যয়ার্থ ... উত্তরকালে ঐ মহাশয়েরদের নিজ হইতে দান করিতে হইবে।' *দর্পণ*, ১৮৩৬।

উত্তরকালীন [স] *বিণ* ভবিষ্যতের। 'ভারতবর্ষের উত্তরকালীন বন্দোবস্তের আন্দোলন হইতেছে।' *দর্পণ*, ১৮৩১।

উত্তরকালীয় [স] *বিণ* পরবর্তী কালের। 'তাঁহার উত্তরকালীয় পণ্ডিতেরা অনেক বিষয়ে প্রায় আমাদিগের বর্ত্তমানকালীয় বীজগণিতবেত্তাদিগের তুল্য ছিলেন।' *অক্ষয়*, ১৮৫৫।

উত্তরখণ্ড [স] *বি* উত্তরাংশ। 'স্বদেশ পরিত্যাগ পূর্ব্বক আমেরিকার উত্তরখণ্ডে গিয়া বসতি করে।' *অক্ষয়*, ১৮৫৫।

উত্তর-চিরা [স] *বিণ* উত্তর দিক থেকে প্রবাহিত। 'ফুল পাতা যত খসে পড়ে, বহে উত্তর-চিরা বায়ু।' *নজরুল*, ১৯২৪।

উত্তরচ্ছদ [স] *বি* চাদর। 'অল্পে অল্পে তাহার ধূসর উত্তরচ্ছদবিশিষ্ট আস্তরণ বিস্তার করিল।' *বিভূতি*, ১৯২৯।

উত্তরচ্ছলে [স] *ক্রিবিণ* উত্তর দিতে গিয়ে। 'এই প্রশ্নের উত্তরচ্ছলে নানামতে কথাবার্তা হইল।' *দর্পণ*, ১৮৩০।

উত্তরজীবন [স] *বি* পরবর্তী জীবন; বেশি বয়স। 'উত্তরজীবনে নীলকুন্তলা সাগরমেখলা ধরণীর সঙ্গে তাহার খুব ঘনিষ্ঠ পরিচয় ঘটিয়াছিল।' *বিভূতি*, ১৯২৯।

উত্তরতর [স] *বিণ* পূর্ণতর। 'দেহশক্তির সঙ্গে বিরাট ভৌতিক শক্তির সংযোগকে উত্তরতর করে তুলবে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

উত্তর-তিরিশ *বিণ* তিরিশ বছরের বেশি বয়সী। 'উত্তরতিরিশ।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বুদ্ধদেব, ১৯৪২।

উত্তরদাতা [স] *বি* উত্তর দেয় এমন ব্যক্তি। 'উত্তরদাতা বলেন – এতদপ্যযুক্তং।' *রবীন্দ্র*, ১৮৯২।

উত্তর দেওন *ক্রি* উত্তর দেওয়া; সাড়া দেওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

উত্তর দেওয়া *ক্রি* জবাব দেওয়া। *ওসাঁ*, ১৭৮২।

উত্তরদেশ [স] *বি* পৃথিবীর উত্তরপ্রান্তের দেশ। 'উত্তরদেশ অর্থাৎ সাইবেরিয়া সমতলভূমি।' *প্রমথ*, ১৯২৫।

উত্তরদেশীয় [স] *বিণ* উত্তর দিকস্থ দেশের। 'উত্তরদেশীয় সম্রাট।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

উত্তরপক্ষ [স] *বি* পরবর্তী প্রজন্ম। 'যে দেশের পূর্বপক্ষ একেশ্বরবাদী সে দেশের উত্তরপক্ষ নাস্তিক।' *প্রমথ*, ১৯১৫।

উত্তরপুরুষ [স] *বি* পরবর্তী বংশধর। 'পূর্ব-পুরুষের কাছ থেকে যে প্রাণ সে পেয়েছে উত্তরপুরুষকে সেই প্রাণ সে দিয়ে যাবে।' *অন্নদা*, ১৯৩৭।

উত্তর-প্রত্যুত্তর [স] *বি* তর্ক-বিতর্ক। 'অবিশ্রাম উত্তর-প্রত্যুত্তর চলিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

উত্তরপ্রান্ত [স] *বি* উত্তর দিক। 'ইহার অব্যবহিত উত্তরপ্রান্তে গগনচুম্বী ... কারাকোরামনাম্নী শাখা অবস্থিতা।' *অক্ষয়*, ১৮৫৪।

উত্তরফাল্গুনী [স উত্তরফল্গুনী] *বি* নক্ষত্রবিশেষ; বারো রাশিস্থ সাতাশটি প্রধান নক্ষত্রের মধ্যে দ্বাদশ নক্ষত্র। 'গণিঞা নির্ণয় কৈল উত্তরফাল্গুনী।' *মুকুন্দ*, ১৬০০।

উত্তরবংশীয় [স] *বি* পরবর্তী প্রজন্ম। 'উত্তরবংশীয়দের হস্তে সমর্পণ করিব।' *রবীন্দ্র*, ১৯০৫।

উত্তরবঙ্গ [স] *বি* বাংলাদেশের উত্তর অঞ্চল। 'আমরা উত্তরবঙ্গের লোক।' *প্রমথ*, ১৯১২।

উত্তরবর্তী [স] *বি* পরবর্তী লোক। 'আমাদের উত্তরবর্তীগণ ইহাদের শিক্ষকতার ভার আজও কেহ গ্রহণ করে নাই ...।' *রবীন্দ্র*, ১৯১২।

উত্তরবাচক [স] *বিণ* জবাবসূচক। 'সম্পর্কবাচক প্রশ্ন ও তার উত্তরবাচক প্রস্তাবটিও সচেতনভাবে সীমাবদ্ধ।' *শিব*, ১৯৫৬।

উত্তরবাহিনী [স] *বিণ স্ত্রী* উত্তরদিকে প্রবাহিত। 'উত্তর ভাগের সকল নদী উত্তরবাহিনী।' *প্রমথ*, ১৯২৫।

উত্তরভাদ্রপদ [স] *বি* রাশিস্থ সাতাশটি প্রধান নক্ষত্রের মধ্যে ২৬তম নক্ষত্র। 'রেবতীর উত্তরভাদ্রপদ নক্ষত্র।' *মানিক*, ১৯৩৮।

উত্তরমুখী [স] *বিণ* উত্তরদিক অভিমুখী। 'উত্তরমুখী বাসের যাত্রাপথ।' *হাফিজুর*, ১৯৫৩।

উত্তরমুখো [স উত্তরমুখী] *বিণ* উত্তর দিকে সদর দরজা এমন। 'উত্তরমুখো লম্বাটে ঘর।' *অচিন্ত্য*, ১৯৫০।

উত্তরমেরু [স] *বি* পৃথিবীর সর্বোত্তর প্রান্ত। 'কতক্ষণে উত্তরমেরুতে বীর উতরিলা আসি।' *মাইকেল*, ১৮৬০।

উত্তরযোগ্য [স] *বিণ* জবাব দেওয়ার উপযুক্ত। 'সকল প্রশ্নের মধ্যে এক প্রস্তাবকেই আমরা উত্তরযোগ্য বোধ করিলাম।' *অক্ষয়*, ১৮৪২।

উত্তর-রাবীন্দ্রিক [স] *বিণ* রবীন্দ্রনাথ-পরবর্তী। 'উত্তর-রাবীন্দ্রিক বাংলার ন্যায় সঙ্গতি যদিও খুব প্রশংসনীয় নয়।' *সুধীন্দ্র*, ১৯৫০।

উত্তরলব্ধি [স] *বি* পরবর্তী প্রভাব। 'এই যুগের প্রেরণা ও উত্তরলব্ধি ছাড়া যে আধুনিক যুগের বিকাশ অকল্পনীয়।' *শিব*, ১৯৫৬।

উত্তরলী [স উত্তরল] *বিণ স্ত্রী* ব্যাকুল। 'উত্তরলী হয়িলী রাহী বাঁশীর নাদে।' *বড়ু*, ১৪৫০।

উত্তরসাধক [স] ১ *বিণ* উত্তরবর্তী হয়ে কার্য সম্পাদনে সহায়তাকারী। 'যাহারা তাহার উত্তরসাধক সঙ্গী থাকে।' *ফরস্টার*, ১৮০১। ২ *বি* মুখ্য সহকারী। 'কোন উপদেষ্টা কিম্বা উত্তরসাধক ব্যতিরেক, কৌতূহল স্থলে উপস্থিত হইল।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* সাহস ও প্রেরণা দানকারী সত্তা। 'বিদ্রোহীর অন্তরের মধ্যে উত্তরসাধক অবিচলিত।' *রবীন্দ্র*, ১৯২৯।

উত্তরসাধিকা [স] *বি স্ত্রী* শিষ্য। 'আমি হলুম সংগীতসাধক আর তিনি হলেন উত্তরসাধিকা।' *প্রমথ*, ১৯৩৭।

উত্তরসূরী [স] *বি* পরবর্তী বংশধর। 'উত্তরসূরীদের তুলনায় তিনি ছিলেন ইংরেজের পরম বন্ধু।' *আনিস*, ১৯৬৪।

উত্তরাভিমুখ [স উত্তর-অভিমুখ] *বি* উত্তরদিক। 'উত্তরাভিমুখে দৌহে চলিলা সত্বরে।' *মাইকেল*, ১৮৬১।

উত্তরাভিমুখী [স উত্তর-অভিমুখী] *বিণ* উত্তর দিকে যাচ্ছে এমন। 'উত্তরাভিমুখী নৌকাগুলি ... ভাসিয়া যায়।' *মানিক*, ১৯৩৬।

উত্তরার্ধ [স উত্তর-অর্ধ] *বি* শেষ অর্ধেক। 'যারা সংকল্পন বাক্যের পূর্বার্ধ বলে উত্তরার্ধ নির্ণয় করে না।' *মুজতবা*, ১৯৫২।

উত্তরাস্য [স উত্তর-আস্য] *বিণ* উত্তরমুখী। 'উত্তরাস্যে রাখিয়াছে বরের আসন।' *ভারত*, ১৭৬০।

উত্তরে [স উত্তর>] *বিণ* উত্তর দিক থেকে বয়ে আসা; উত্তুরে। 'কালে হয়তো উত্তরে বাতাসে জলে স্থলে হী হী ধরিয়ে দিয়ে গেল।' *রবীন্দ্র*, ১৮৯২।

উত্তরের তারা [স উত্তর>+তারা] *বি* ধ্রুবতারা। *মানোএল*, ১৭৪৩।

উত্তরোত্তর [স উত্তর-উত্তর] ১ *ক্রিবিণ* দ্রুততার সঙ্গে। 'বরং অতিশয় উত্তরোত্তর বৃদ্ধি হয়।' *কেরি*, ১৮১২। ২ *ক্রিবিণ* দিনে দিনে। 'উত্তরোত্তর সমুজ্জ্বল হইতেছে।' *দর্পণ*, ১৮২২।

উত্তুরে [স উত্তর>] *বিণ* উত্তর দিক থেকে আসা। 'তুমি উত্তুরে বাতাসের কথা বলিতেছ।' *বঙ্কিম*, ১৮৭৪।

উত্তরঙ্গ [স উৎ-তরঙ্গ] *বিণ* তরঙ্গময়। 'কেবল অন্তর মোর উত্তরঙ্গ ক্ষুব্ধ হাহাকারে।' *সুধীন্দ্র*, ১৯৩২।

উত্তরণ [স] *বি* সাময়িক অবস্থানের জায়গা। 'অতীত অভ্যাগত লোকেরদেরও উত্তরণের স্থান।' *রামরাম*, ১৮০১।

উত্তরা[১] [স উত্তরণ>] ১ *ক্রি* পৌঁছানো। 'কত দিনে রেমুনায় উত্তরিল আসিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'উত্তরিলা সদাগর সমুদ্রের কূলে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *ক্রি* উপনীত হওয়া। 'উত্তরিনু নিছনি নগরে।' *কেতকা*, ১৬৫০। ৩ *ক্রি* অতিক্রম করা। 'তিমিরে মিলালে তুমি দীপান্বিত দেহলী উত্তরি।' *সুধীন্দ্র*, ১৯২৮। ৪ *ক্রি* উত্তরণ করা। 'উত্তরিয়ে বন্ধু ওগো সিন্ধু মোর।' *নজরুল*, ১৯২৮। **উত্তরিছে** *ক্রি* উপস্থিত হয়েছে। 'লুব্ধন গ্রামে আসি উত্তরিছে আজি নিশি।' *সুলতান*, ১৭০০। **উত্তরিনু** *ক্রি* উপস্থিত হলাম। 'উত্তরিনু নিছনি নগরে।' *কেতকা*, ১৬৫০। **উত্তরিব** *ক্রি* বাধা পেরিয়ে পৌঁছাবো। 'উত্তরিব একদিন শ্রান্তিহরা শান্তির উদ্দেশে দুঃখহীন নিকেতনে।' *রবীন্দ্র*, ১৮৯৫। **উত্তরিবা** *ক্রি* পৌঁছে দেবে। *ওসাঁ*, ১৭৮২। **উত্তরিয়া** *ক্রি* উপস্থিত হয়ে। 'গৌড় হইতে রাজমহলে উত্তরিয়া মাতম থাকে বড়ই একটা দেলাসা করিল।' *রামরাম*, ১৮০১। **উত্তরিল** ১ *ক্রি* পৌঁছালো। 'কত দিনে রেমুনায় উত্তরিল আসিয়া।' *কৃষ্ণদাস*,

AMARBOI.COM

১৫৮০। ২ *ক্রি* উপস্থিত হলো। 'সাত ডিঙ্গা লয়ে কালীদহে উত্তরিল।' *কেতকা*, ১৬৫০। **উত্তরিলা** *ক্রি* পৌঁছালো। 'উত্তরিলা সদাগর সমুদ্রের কূলে।' *মুকুন্দ*, ১৬০০। **উত্তরিলেন** *ক্রি* পৌঁছালেন। 'স্থানে স্থানে অতিথি হইয়া ও ভিক্ষা মাগিয়া তিন মাসের পর বারানসীতে উত্তরিলেন।' *প্যারী*, ১৮৫৮।

উত্তরী[১] [স উত্তর>] *ক্রি* জবাব দেওয়া। 'উত্তরিল খনিত্র আসিয়া অবিরষ।' *কৃষ্ণরাম*, ১৭২০।

উত্তরাধিকার [স] ১ *বি* স্বত্বাধিকার। 'এক বাঙ্গলা ঘর উত্তরাধিকারাভাবে গবর্ণমেন্টে বাজেয়াপ্ত।' *দর্পণ*, ১৮৩০। ২ *বি* পূর্বপুরুষের কাছ থেকে যা পাওয়া যায়। 'জ্যাঠার ন্যায্য উত্তরাধিকার হইতে বঞ্চিত করিতে চায়।' *রবীন্দ্র*, ১৮৯১; 'পিতামহদের নিকট হইতে প্রাপ্ত উত্তরাধিকার।' *রবীন্দ্র*, ১৯১২। ৩ *বি* সাংস্কৃতিক ঐতিহ্য। 'যে অখণ্ড উত্তরাধিকার হস্তগত হইয়াছে তাহাকে উপযুক্ত ভাবে রক্ষা করিবার ইচ্ছা।' *রবীন্দ্র*, ১৯০১। ৪ ইতিহাস। 'সভ্যতার অপব্যয়ের চোটে তাদের আদিকালের উত্তরাধিকার একেবারে ফুঁকে দিয়ে বসেনি।' *রবীন্দ্র*, ১৯৩১।

উত্তরাধিকারত্ব [স] *বি* পূর্বপুরুষের কাছ থেকে পাওয়া মালিকানা। 'উত্তরাধিকারত্ব সপ্রমাণ করিবার জন্য বিচারালয়ে মোকদ্দমা করেন।' *অক্ষয়*, ১৮৪২।

উত্তরাধিকারসূত্র [স] *বি* বংশগত অধিকারের সূত্র। 'মায়ের কাছ থেকে উত্তরাধিকারসূত্রে পাওয়া দামী গয়না।' *রবীন্দ্র*, ১৯৪০।

উত্তরাধিকারি [স উত্তরাধিকারী] *বি* আত্মীয়ের মৃত্যুর পরে সম্পত্তির অধিকারী ব্যক্তি। 'আপন ধন মৃত্যুকালে যথাশাস্ত্র বিবেচনামতে উত্তরাধিকারিরদিগের দেয় না।' *দর্পণ*, ১৮৩০। *দ্র* **উত্তরাধিকারী**

উত্তরাধিকারিণী [স] *বিণ স্ত্রী* উত্তরাধিকারী। 'রজনীই উত্তরাধিকারিণী।' *বঙ্কিম*, ১৮৭৪।

উত্তরাধিকারিতা [স] *বি* উত্তরাধিকার স্বত্ব। 'সম্পত্তির বৈশেষিক গুণ এবং উত্তরাধিকারিতাও ইহাদের অনুমত।' *বঙ্কিম*, ১৮৭৯।

উত্তরাধিকারিত্ব [স] *বি* উত্তরাধিকার স্বত্ব। 'সম্পত্তির উত্তরাধিকারিত্ব।' *বঙ্কিম*, ১৮৭৯।

উত্তরাধিকারিস্বত্ব [স] *বি* উত্তরাধিকার সূত্রে পাওয়া মালিকানা। 'উত্তরাধিকারিস্বত্বে আমি এখন তার মালিক।' *প্রমথ*, ১৯২৯।

উত্তরাধিকারী [স] ১ *বিণ* আত্মীয়তার সূত্রে মৃতের সম্পত্তিতে অধিকারী। 'কোন ব্যক্তি উত্তরাধিকারী হইয়া নালিস করে ...।' *দর্পণ*, ১৮২৩। ২ *বি* উত্তরপুরুষ। 'সীরিয়া যখন সেলিউকসের উত্তরাধিকারী-দিগের অধীন ছিল।' *অক্ষয়*, ১৮৪৭। ৩ *বি* পূর্বপুরুষের সম্পদের অধিকারী যে। 'তাঁহার সমস্ত ধন মান যশ প্রভাব গৌরবের একমাত্র উত্তরাধিকারী।' *রবীন্দ্র*, ১৮৮৪।

উত্তরাপথ [স] *বি* ভারতবর্ষের উত্তরস্থ হিমালয় অঞ্চল। 'এই দুয়োর দিয়েই বোধ হয় উত্তরাপথের লোক দক্ষিণাপথে প্রবেশ করত।' *প্রমথ*, ১৯২৫।

উত্তরায়ণ [স] *বি* নিজ কক্ষের উপর পৃথিবীর ঘূর্ণনের ফলে আপাতদৃষ্টিতে সূর্যের উত্তর দিকে গমন। 'এই সংক্রমণ উত্তরায়ণ দিবসে ...।' *বৃন্দা*, ১৫৮০।

উত্তরার্ধ *দ্র* **উত্তর**

উত্তরাস্য *দ্র* **উত্তর**

উত্তরী[২] [স উত্তর>] ১ *ক্রিবিণ* উত্তর দিকে। 'কেহ বলে মোর লঞা পলায় উত্তরী।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* উত্তর দিক থেকে প্রবাহিত। 'আমি উত্তরী-বায়ু।' *নজরুল*, ১৯২২।

উত্তরি-বায় [স উত্তর>+স বায়ু] *বি* উত্তর দিক থেকে বয়ে আসা বাতাস। 'উত্তরি-বায় গো।' *নজরুল*, ১৯২৫।

উত্তরী[৩], **উত্তরি** [স উত্তরীয়] *বি* চাদর। 'উত্তরি আঁতের নাড়ি কুঞ্জরচর্মের শাড়ি।' *মুকুন্দ*, ১৬০০; 'সোনার আভায় কাঁপে তব উত্তরী।' *রবীন্দ্র*, ১৯১৫।

উত্তরি সূতা [স উত্তরীয়সূত্র] *বি* গলায় পরার জন্য আধোয়া মোটা সুতোর মালাকৃতি গোছা। 'নূপুর পায়ে উত্তরি সূতা গলায় ... ঢাকের সংগতে নাচতে লেগেচে।' *হুতোম*, ১৮৬১।

উত্তরী-অংশু [স] *বি* ওড়নার আঁচল। 'তৃণস্তরে দিল সে বিছায়ে উত্তরী-অংশুকে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

উত্তরীয়[১] [স] *বি* চাদর; উড়ানি। 'পীতাম্বর জোড় পরে উত্তরীয় করিয়া।' *ভবানী*, ১৮২৫।

উত্তরীয়[২] [স উত্তর>] *বিণ* উত্তর দিক থেকে প্রবাহিত। 'উত্তরীয় বাতাসে বেলুনকে দক্ষিণ দিগে লইয়া গেল।' *দর্পণ*, ১৮৩৬।

উত্তরে *দ্র* **উত্তর**

উত্তরোত্তর *দ্র* **উত্তর**

উত্তল [স] *বি* কচ্ছপের পিঠের মতো বাঁকানো। 'আকাশের উত্তলে হেলান দেয় উত্তরের দিকে মুখ করে মকরক্রান্তির সূর্য।' *বুদ্ধ*, ১৯৫৫।

উত্তলিত [স] *বিণ* ঊর্ধ্বে স্থাপন করা হয়েছে এমন। 'ব্যারাকে ব্যারাকে সৈন্যদের রক্তরঞ্জিত বস্ত্রের পতাকা উত্তলিত।' *হাফিজুর*, ১৯৫৩।

উত্তলিআ পড়া [স উত্তাল] *ক্রি* উথলে পড়া। 'দুগ্ধ উত্তলিআ পড়ে নাঞি দেহ পানি।' *মুকুন্দ*, ১৬০০।

উত্তান [স] ১ *বিণ* উপরমুখী। 'মুখে লালাফেন প্রভুর উত্তান নয়ন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* উন্মীলিত। 'উৎফুল্ল উত্তান চোখে চেয়ে আছ মুখপানে প্রীতির আলোকে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

উত্তাননয়ন [স] *বিণ* চোখ ওল্টানো অবস্থায় আছে এমন। 'মরা রূপ ধরি রহে উত্তাননয়ন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উত্তানশায়ী [স] *বিণ* চিত হয়ে শায়িত। 'উত্তানশায়ী শিবের বুকের উপরে মহামায়ার নাচ।' *রবীন্দ্র*, ১৯২৯।

উত্তাপ [স] ১ *বি* উষ্ণতা; তাপ। 'শীতকালে, কেবল আগুনের তাত ও রৌদ্রের উত্তাপ ভাল লাগে।' *মদনমোহন*, ১৮৪৯। ২ *বি* ঝাঁজ। 'সেই অসম্পূর্ণ পাণ্ডিত্যে কেবল প্রচুর উত্তাপ দিত, কিন্তু যথেষ্ট আলো দিত না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

উত্তাপতরঙ্গ [স] তীব্র রোদে বায়ুমণ্ডলের মধ্যে দৃশ্যমান তরঙ্গ। 'অগ্নিবর্ষী খররৌদ্রে কম্পমান উত্তাপতরঙ্গ।' *বিভূতি*, ১৯৩১।

উত্তাপবিহীন [স] *বিণ* উত্তেজনাবর্জিত। 'তার মধ্যে একটা উত্তাপবিহীন সুকোমল সৌন্দর্যের আনন্দ মিশ্রিত থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উত্তাপলাগা *বিণ* উত্তাপ লেগেছে এমন; উত্তেজিত। 'উত্তাপলাগা দেহ কেঁপে-কেঁপে ওঠে।' *ওয়ালী*, ১৯৪৮।

উত্তাপহীন [স] *বিণ* নিরুত্তাপ। 'কে মোরে ঢেকেছে উত্তাপহীন বিপুল পক্ষপুটে।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

উত্তাপিত [স] *বিণ* উত্তেজিত। 'উত্তাপিত করিলে হৃদয়স্পন্দন অতি দ্রুতবেগে সম্পাদিত হয়।' *জগদীশ*, ১৯১৬।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উত্তারা [স উত্তরণ>] *ক্রি* নামানো। 'উত্তারি আনিতে পারে নির্ঝরিত রসসুধা স্রোতে।' *রবীন্দ্র*, ১৯২৬।

উত্তাল [স] ১ *বিণ* বিক্ষুব্ধ। 'পরস্পর প্রতিঘাতসঙ্কুল উত্তালতরঙ্গ।' *বঙ্কিম*, ১৮৮৭। ২ *বিণ* প্রবল। 'আজি উত্তাল তুমুল ছন্দে আজি নবঘন-বিপুল-মন্দ্রে ...।' *রবীন্দ্র*, ১৯০০। ৩ *বিণ* অশান্ত। 'আমাদের দেশেও যে উত্তাল হইয়া উঠিয়াছে, সে কথা ...।' *রবীন্দ্র*, ১৯০৫। ৪ *বিণ* উদ্দাম। 'বক্ষে তোমার আঘাত করে উত্তাল নর্তনে রক্ততরঙ্গিণী।' *রবীন্দ্র*, ১৯০৬। ৫ *বিণ* ভয়ঙ্কর। 'আমি উত্তাল, আমি তুঙ্গ ভয়াল মহাকাল।' *নজরুল*, ১৯২২।

উত্তালতা [স] *বি* উত্তাল অবস্থা। 'হৃদয়স্পন্দী আনন্দের উত্তালতা।' *অচিন্ত্য*, ১৯৫০।

উত্তিষ্ঠিত [স] *বিণ* উত্থিত। 'তাহাদের উত্তিষ্ঠিত জগ্রত রবে –।' *নজরুল*, ১৯২২।

উত্তীর্ণ [স] ১ *বিণ* কৃতকার্য। 'ঐ কালেজের সাহেবেরা ইণ্ডাহামে উত্তীর্ণ হইলে ...।' *দর্পণ*, ১৮২০। ২ *বিণ* নিষ্কৃতি পেয়েছে এমন। 'চাল হইতে উত্তীর্ণ হইয়া কন্যাকে সিন্দুর দান করে।' *দর্পণ*, ১৮২৫। ৩ *বিণ* উপনীত। 'তিনি নির্ব্বিঘ্নে ইঙ্গলণ্ডের তটে উত্তীর্ণ হইয়া থাকিবেন।' *দর্পণ*, ১৮৩১। ৪ *বিণ* অবতীর্ণ। 'যখন পর্ব্বতোপরি উত্তীর্ণ হইলাম, তখন কি অনির্ব্বচনীয় অনুপম সুখানুভবই হইল।' *অক্ষয়*, ১৮৪৯। ৫ *বিণ* মুক্ত। 'আমরা আকাঙ্ক্ষার হস্ত হইতে উত্তীর্ণ হইয়া সন্তোষ অবলম্বন করিয়াছি।' *অক্ষয়*, ১৮৪৯। ৬ *বিণ* অতিক্রান্ত। 'বহুতর ঝড়-ঝঞ্ঝা উত্তীর্ণ হইয়া এক পরম শোভাকর দেবমন্দিরের সম্মুখে উপনীত হইলাম।' *অক্ষয়*, ১৮৪৯।

উত্তীর্ণা [স] ১ *বিণ* স্ত্রী কৃতকার্য। 'নিষ্কলঙ্কী হইয়া উত্তীর্ণা হইতে পারিলে তাহার বিবাহ সিদ্ধ।' *দর্পণ*, ১৮২৭। ২ *বিণ* স্ত্রী পার হয়েছে এমন। 'রাত্রি বহুক্ষণ যাবৎ দ্বিপ্রহর উত্তীর্ণা।' *শামসুদ্দীন*, ১৯৪৮

উত্তুঙ্গ [স] ১ *বিণ* অতি উঁচু। 'তাঁহারা ... মনোহর উত্তুঙ্গ প্রাসাদ নির্ম্মাণ করিতেছেন।' *অক্ষয়*, ১৮৫৫; 'উত্তুঙ্গ পর্বতশৃঙ্গে।' *রবীন্দ্র*, ১৯৩২। ২ *বিণ* অত্যন্ত। 'নীহারের উত্তুঙ্গ নির্জনে, নিঃশব্দ নিভৃতে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* প্রবল। 'শৈলবালার আস্বাদের অতিশয় উত্তুঙ্গ হইয়া উঠিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৪ *বিণ* অতিলৌকিক। 'বিদ্যাধারা কোনো উত্তুঙ্গ মানবচিত্তের উৎস থেকে উদ্ভূত হয়ে ...।' *রবীন্দ্র*, ১৯২১। ৫ *বিণ* প্রচণ্ড। 'উত্তুঙ্গ বাতাস এসেছে আকাশের বুক থেকে।' *জীবন*, ১৯৪২।

উত্তুঙ্গতা [স] *বি* অতি উচ্চতা। 'তাঁর ব্যক্তিত্ব হিমালয়ের উত্তুঙ্গতা লাভ করেছিল।' *শরীফ*, ১৯৭০।

উত্তুরে দ্র উত্তর

উত্তেজ [স] *বি* তীব্র তেজ। 'যথা গৃহমাঝে বহ্নি জ্বলিলে উত্তেজে।' *মাইকেল*, ১৮৬১।

উত্তেজক [স] ১ *বিণ* উত্তেজনাদাতা। 'তিনি তীতুমীর প্রভৃতিকে প্রধান উত্তেজক ও অপরাধী ... বিশদরূপে ব্যক্ত করিলেন।' *এডুকেশন*, ১৮৮৬। ২ *বিণ* উদ্রেককারী। 'এ স্বর্গীয় সুরা ... প্রেমভাব উত্তেজক।' *মশাররফ*, ১৮৮৭। ৩ *বিণ* চাঙ্গাকারী। 'একটা উত্তেজক ঔষধ তাঁহার মুখের কাছে আনিয়া ধরিতেই ...।' *রবীন্দ্র*, ১৯০২।

উত্তেজনক [স] *বিণ* উত্তেজনা সৃষ্টিকারী। 'ইদানীন্তন ইউরোপে উত্তেজনক নানাকর্ম্ম হইতেছে।' *দর্পণ*, ১৮৩১।

উত্তেজনা [স] ১ *বি* অস্থিরতা। 'স্বীয় মানসের উত্তেজনাতে আরব্ধ এক কর্ম্ম।' *দর্পণ*, ১৮৩৩। ২ *বি* উদ্দীপন। 'ক্রোধ প্রকাশ করিয়া তাহাদিগের ক্রোধ রিপুর উত্তেজনা করা কর্তব্য নহে।' *অক্ষয়*, ১৮৫০। ৩ *বিণ* বিরক্ত। 'কোম্পানির লোক তদর্থে তাহাদিগকে উত্তেজনা করিলে তাহাকে উৎকোচ দিয়া বিদায় করিয়া দিবেন।' *অক্ষয়*, ১৮৫০। ৪ *বিণ* বিদ্রোহের। 'ইহাও বিশ্বাস্য যে, বঙ্গের নিরীহ প্রজাদিগের উত্তেজনা ভাব সহজে সংঘটিত হয় না।' *এডুকেশন*, ১৮৯০। ৫ *বি* উদ্যম। 'অবসর এবং উত্তেজনা অল্পে অল্পে চলে যায়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উত্তেজনাজনক [স] *বিণ* উত্তেজনাকর। 'অধিকতর উত্তেজনাজনক আর একটা ঘটনা ঘটিল।' *বনফুল*, ১৯৩৬।

উত্তেজনা-প্রবাহ [স] *বি* চেতনাপ্রবাহ। 'স্নায়ুসূত্র দিয়া উত্তেজনা-প্রবাহ মস্তিষ্কের বিশেষ অংশকে আলোড়িত করে।' *জগদীশ*, ১৮৯৫।

উত্তেজনাবর্জিত [স] *বিণ* উত্তেজনা নেই এমন। 'উত্তেজনাবর্জিত নির্মল শুভবুদ্ধি তাঁকে এই কাজে আকৃষ্ট করেছে।' *রবীন্দ্র*, ১৯২৩।

উত্তেজনাময় [স] *বিণ* চাঞ্চল্যকর। 'এখনো শিল্পে রুচি জন্মে নাই, উত্তেজনাময় হীন অমোদেই ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

উত্তেজনামূলক [স] *বিণ* উত্তেজনা উদ্রেক করে এমন। 'ইংরেজের উপর রাগারাগি করিয়া ক্ষণিক উত্তেজনামূলক উদ্‌যোগে প্রবৃত্ত হওয়া সহজ।' *রবীন্দ্র*, ১৯০৫।

উত্তেজনার আগুন [স উত্তেজনা+আগুন] *বি* আবেগের উত্তাপ। 'এই সভায় আমাদের প্রধান কাজ উত্তেজনার আগুন পোহানো।' *রবীন্দ্র*, ১৯২১।

উত্তেজনাশীল [স] *বিণ* উত্তেজিত স্বভাবের। 'আমাদের মধ্যে যাঁহারা স্বভাবত কিছু অধিক উত্তেজনাশীল।' *রবীন্দ্র*, ১৯০৮।

উত্তেজিত [স] ১ *বিণ* প্রবল। 'অর্জ্জনস্পৃহা উত্তেজিত হইয়া আসিতেছে।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বিণ* উদ্দীপিত। 'তাঁহার ধর্ম্মপ্রবৃত্তি বর্দ্ধিত ও উত্তেজিত হইয়াছিল।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ৩ *বিণ* চাঙা। 'কল্পনা উত্তেজিত হয় না।' *রবীন্দ্র*, ১৮৭৭। ৪ *বিণ* ক্রুদ্ধ। 'ক্ষুধার্ত বা উত্তেজিত সিংহ।' *রবীন্দ্র*, ১৯১৬। ৫ *বিণ* উচ্ছ্বসিত। 'সুপ্রিয়া এক মুহূর্তে উত্তেজিত হয়ে উঠল।' *মানিক*, ১৯৩৫। ৬ *বিণ* মুগ্ধ। 'মাইকেল বাংলা-সাহিত্যে নূতন সম্পদের ভাণ্ডার উদ্ঘাটিলেন – তা নিয়ে প্রবীণরা খুব বেশি উত্তেজিত না হতে পারেন।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উত্তেজিত করা *ক্রি* উদ্দীপ্ত করা। 'তাঁহার মহাকাব্যের মান ভাব দ্বারা সমস্ত য়োরোপমণ্ডল উত্তেজিত করিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৮৮৩।

উত্তোলন [স] ১ *বি* উঁচু করা। 'কাণ মলিয়া দিবার অভিপ্রায়ে হস্ত উত্তোলন করিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *বিণ* উত্থিত। 'পুলিস রেগুলেশন বিলে বিস্তৃত আন্দোলন তরঙ্গ উত্তোলন করিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৮।

উত্তোলিত [স] *বিণ* তোলা হয়েছে এমন। 'তৎক্ষণাৎ ভোজনপাত্র হইতে হস্ত উত্তোলিত করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

উত্ত্যক্ত [স] *বিণ* বিরক্ত। 'ইহাতে তাহারা পূর্ব্বাপেক্ষা আরও উত্ত্যক্ত হইল।' *তারিণী*, ১৮০৩।

উত্ত্যক্তকারী [স] *বিণ* বিরক্তকারী। 'মেয়েদের উত্ত্যক্তকারী এই বখাটে ছেলেদের বেশীর ভাগই ... অবস্থাপন্ন পরিবারের।' *বেগম*, ১৯৬৫।

উত্থা [স উত্থান>] *ক্রি* ওঠা। 'লইয়া উত্থান থালা এক ভাবে উত্থে।' *মানিকরাম*, ১৭৮১।

উত্থান [স] ১ *বি* দাঁড়ানো। 'দক্ষ দেখি দেবগণ করিল উত্থান।' *মুকুন্দ*,

AMARBOI.COM

১৬০০। ২ *বি* আবির্ভাব। 'হরির উত্থান হইল কার্তিক মাসেতে।' *রবীন্দ্র*, ১৬৮৯। ৩ *বি* উন্নতি। 'পতন ও উত্থান যে ব্যক্তিগত ও জাতিগত।' *অক্ষয়*, ১৮৪৭। ৪ *বি* বিদ্রোহ। 'ধর্মঘট ও জমিদারের বিরুদ্ধে উত্থান।' *ভারত সংস্কারক*, ১৮৭৩। ৫ *বি* অবস্থান। 'পারিস নগরীর উপর উত্থান করিয়াছেন।' *বঙ্কিম*, ১৮৭৫। ৬ *বি* উদয় হওয়া। 'মেঘমালার অন্ধকার হইতে যেমন ধীরে ধীরে সূর্য উত্থান করিতে থাকেন।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৭ *বি* অভ্যুদয়। 'আমি উত্থান, আমি পতন।' *নজরুল*, ১৯২২। ৮ *বি* উন্মেষ। 'ব্রাহ্মণ্যধর্মের উত্থানের যুগে।' *হাই*, ১৯৫৪।

উত্থানপতন [স] *বি* উন্নতি-অবনতি। 'জীবনের উত্থানপতন-ঘাতপ্রতিঘাত উপন্যাসে।' *রবীন্দ্র*, ১৮৯৮।

উত্থানপতনশীল [স] *বিণ* কখনো উত্থিত কখনো পতিত হয় এমন। 'উত্থান-পতনশীল কালের তরঙ্গে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

উত্থান শক্তি [স] *বি* ওঠার ক্ষমতা। 'শ্রীনাথ রায় যে প্রহারিত হইয়াছিলেন তৎপ্রযুক্ত উত্থান শক্তি রহিত হইয়া অচৈতন্য প্রায় ছিলেন।' *দর্পণ*, ১৮৪০।

উত্থানশক্তিরহিত [স] *বিণ* ওঠার শক্তি নেই এমন। 'গৃহমধ্যে রুগ্নশয্যায় উত্থানশক্তিরহিত হইয়া শয়ন করিয়া আছে।' *বঙ্কিম*, ১৮৭২।

উত্থানা [স উত্থান>] *ক্রি* ওঠা। 'আনন্দ অবিসারে উত্থানিল বরে।' *মানিকরাম*, ১৭৮১।

উত্থাপন [স] ১ *বি* অবতারণা। 'অসম্ভব আশা উত্থাপন করা রীতকর্মকে হাস্যাস্পদ করা মাত্র।' *তারিণী*, ১৮০৩। ২ *বি* উল্লেখ। 'তদ্বিষয় উত্থাপন করিলে সভ্যদিগের মতামত গ্রহণ করা প্রয়োজন।' *কৌমুদী*, ১৮৩০। ৩ *বি* জাগ্রতকরণ। 'সংপ্রতি অনেক দিবসের পর [...] অচৈতন্যতা হইতে এতদ্দেশীয় লোকেরা মন উত্থাপন করিতেছেন।' *দর্পণ*, ১৮৩৭। ৪ *বি* উপস্থাপন। 'আপত্তি উত্থাপন করিবার পূর্বে একবার বিবেচনা করা উচিত ছিল।' *অক্ষয়*, ১৮৫৫। ৫ *বি* প্রস্তাব। 'তবে তোমার পিতার নিকট বিবাহের কথা উত্থাপন করি।' *উমেশ*, ১৮৫৭। ৬ *বি* রুজু। 'মকদ্দমা উত্থাপন করিতে ...।' *রবীন্দ্র*, ১৮৮১। ৭ *বি* প্রকাশ। 'গোমস্তাদের কাছে যাহা উত্থাপন করা যায় না।' *রবীন্দ্র*, ১৮৯১।

উত্থাপিত [স] ১ *বিণ* উত্থাপন করা হয়েছে এমন। 'যে সকল আপত্তি উত্থাপিত হইয়াছিল তাহা।' *দর্পণ*, ১৮৩৩। ২ *বিণ* উপরে উঠে গেছে এমন। 'বাষ্পরূপে উত্থাপিত হইয়া মেঘরূপে আকাশে স্থিতি করে।' *অক্ষয়*, ১৮৪৩। ৩ *বিণ* উপস্থাপিত। 'আপত্তি উত্থাপিত করায়।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৪ *বিণ* উপস্থিত। 'তাহাদের বিরুদ্ধে সন্দেহ উত্থাপিত হইলে ...।' *রবীন্দ্র*, ১৮৮৪।

উত্থাপিত করা *ক্রি* প্রস্তাব করা। 'বক পুরস্কারের কথা উত্থাপিত করিবা মাত্র ...।' *বিদ্যা*, ১৮৫৬।

উত্থিত [স] ১ *বিণ* উল্লিখিত। 'কত প্রকার দয়ার কথা উত্থিত হইয়াছে।' *দর্পণ*, ১৮৩১। ২ *বিণ* দণ্ডায়মান। 'বোঝাই হইবা মাত্রেই আপনি উত্থিত হয়।' *মদনমোহন*, ১৮৫০। ৩ *বিণ* উপরে উঠেছে এমন। 'উল্লিখিত সোপান পরম্পরা আরোহণ না করিলে, উক্ত মঞ্চে উত্থিত হইবার সম্ভাবনা নাই।' *অক্ষয়*, ১৮৫৪। ৪ *বিণ* সৃষ্ট। 'জলরাশিমধ্যে ভৈরব কল্লোল উত্থিত হইল।' *বঙ্কিম*, ১৮৬৬। ৫ *বিণ* উচ্চারিত। 'কথাগুলি যে অত্যন্ত স্নেহগর্ভ এবং দয়ার্দ্র হৃদয় হইতে উত্থিত ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

উৎপতন [স] ১ *বি* উপরের দিকে লাফ। 'সেই অনুপজাত-উৎপতনশক্তি শাবকগুলি ...।' *রবীন্দ্র*, ১৯৩৭। ২ *বি* উদ্গিরণ। 'তারার গ্যাস জ্বলনের উৎপতন আজ আমাদের চোখে পড়ল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

উৎপতনশক্তি [স] *বিণ* উর্ধ্বে লাফাতে সক্ষম। 'সেই অনুপজাত-উৎপতনশক্তি শাবকগুলি ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

উৎপতিত [স] *বিণ* উদিত। 'বায়বীয় পদার্থসকল উৎপতিত হইয়া ...।' *বঙ্কিম*, ১৮৭৫।

উৎপতি [স উৎপত্তি] *বি* জন্ম। 'বামন রূপে জন্ম লইল উৎপতি।' *মালাধর*, ১৫০০।

উৎপত্তি [স] ১ *বিণ* আবির্ভূত। 'বেদ উদ্ধারিতে বিষ্ণু হইল উৎপত্তি।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বি* উদ্ভব। 'কি বিষয়ে বিপরীত ফলেরও উৎপত্তি হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বি* সমাগম। 'অর্থের উৎপত্তি, উপার্জ্জন, বিনিময় ... ইত্যাদি কল্যাণকর নিয়ম সংস্থাপন করিয়া রাখিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫০। ৪ *বি* বিকাশ। 'অন্যান্য বিদ্যারও কোন অলৌকিক কারণে উৎপত্তি ও শ্রীবৃদ্ধি হয় নাই।' *অক্ষয়*, ১৮৫৫। ৫ *বি* সূত্রপাত। 'আমরা ইতিপূর্বে ভূতত্ত্ববিদ্যার উৎপত্তি শুনিয়াও সচকিত হই নাই।' *অক্ষয়*, ১৮৫৫। ৬ *বি* উৎস। 'এই "তলা" শব্দের উৎপত্তি অনুসন্ধান করা আবশ্যক।' *রবীন্দ্র*, ১৮৯৮। ৭ *বি* জন্ম। 'বিশ্ব-কাঁপানি হাঁচি থেকেই আমাদের উৎপত্তি।' *রবীন্দ্র*, ১৯৩৬।

উৎপত্তিসম্ভাবনা [স] *বি* নতুন সৃষ্টির সুযোগ। 'অনেক নক্ষত্রেরই ছিন্ন হয়ে থেকে গ্রহের উৎপত্তিসম্ভাবনা ছিল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

উৎপন্ন [স] *বিণ* উৎপন্ন। 'বাঙ্গালার উৎপন্ন আফিঙ্গের কনত্রাক্ত।' *এডমন*, ১৭৯৩।

উৎপথগামী [স] *বিণ* বিপথগামী। 'একপক্ষে উৎপথগামী হইলে অন্যতর পক্ষের উভয় অনিষ্ট।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

উৎপন [স উৎপন্ন] *বিণ* উদ্ভূত। 'ভাবিতে ভাবিতে সব হইব উৎপন।' *আলাওল*, ১৬৮০।

উৎপন্ন [স] ১ *বিণ* জাত। 'কুন্তি গর্ব্বে জন্ম পাণ্ডু বংসে উৎপন্ন।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বিণ* উৎপাদিত। 'ইহাতে অতিশয় শস্য উৎপন্ন হইল।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* আয়। 'পয়ঃষষ্টি হাজার টাকা উৎপন্ন হইতে পারে।' *দর্পণ*, ১৮১৮। ৪ *বি* আদায়। 'দিল্লীর সন্নিহিত স্থানে পূর্বে যে রাজস্ব উৎপন্ন হইত।' *অক্ষয়*, ১৮৪২। ৫ *বিণ* আবির্ভূত। 'মতিমান ব্যক্তি সকল উৎপন্ন হইয়া ...।' *অক্ষয়*, ১৮৪৭।

উৎপন্নকারী [স] *বিণ* উৎপাদনকারী। 'ধান যখন উহার উৎপন্নকারী কৃষকের হাতছাড়া হইল।' *জামায়াত*, ১৯৪৩।

উৎপন্নমতি [স] *বিণ* উপস্থিত বুদ্ধিসম্পন্ন। 'সাহেব আপনারা উৎপন্নমতি ও বুদ্ধিমন্ত ...।' *কেরি*, ১৮০২।

উৎপন্নমতিত্ব [স] *বি* উপস্থিত বুদ্ধিমত্তা। 'জয়শ্রী, উৎপন্নমতিত্ববলে, এক উপায় স্থির করিয়া কহিল।' *বিদ্যা*, ১৮৪৭।

উৎপন্নীয় [স] *বিণ* আদায়কৃত। 'তিন সুবা উৎপন্নীয় ধন দিয়া সৈন্য প্রচুর রাখিয়া ...।' *রামরাম*, ১৮০১।

উৎপল [স] *বি* পদ্ম। 'অতি রম্য সরোবর কমল উৎপল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উৎপল রাতা *বি* পদ্মফুলের মতো লাল। 'অতি শোভা করে যেন উৎপল রাতা।' *মানিকরাম*, ১৭৮১।

উৎপলাক্ষী [স] *বিণ স্ত্রী* পদ্মের মতো সুন্দর চোখবিশিষ্ট। 'উৎপলাক্ষী চপলা কুমারী কমলা ওই।' *নজরুল*, ১৯২২।

উৎপাটন [স] ১ *বি* উচ্ছেদ। 'নূতন রাজার অবিলম্বে স্বহস্তে উৎপাটন

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

করিবেন।' *দর্পণ*, ১৮২৮। ২ *বি* উপড়ানো। 'ফটিক গোটাকতক কাশ উৎপাটন করিয়া লইয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

উৎপাটনযোগ্য [স] *বিণ* উৎপাটন করতে হবে এমন। 'দেহের দুর্গম গহনে বিপদ আছে বদ্ধমূল, সেটা উৎপাটনযোগ্য।' *রবীন্দ্র*, ১৯৩২।

উৎপাটনশীল [স] *বি* উন্মূল করে যে। 'ইহারা রক্ষণশীল দলভুক্ত হইয়াও উৎপাটনশীলদিগকে সাহায্য করেন।' *রবীন্দ্র*, ১৮৮৫।

উৎপাটিত [স] *বিণ* সমূলে তুলে ফেলা হয়েছে এমন। 'বলপূর্বক উৎপাটিত করিয়া লইতে পারে।' *রবীন্দ্র*, ১৯০২।

উৎপাত [স] ১ *বি* দৈব নিগ্রহ। 'ব্রহ্ম সাঁপ লক্ষ করি উৎপাত করিল।' *মালাধর*, ১৫০০। ২ *বি* উপদ্রব। 'সেদিন বহুত নাহি কৈলি উৎপাত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* অত্যাচার। 'নীলকুঠির উৎপাত উপলক্ষে দুইবার পুলিসকে ঠেঙাইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৯। ৪ *বি* আস্তানা। 'বাড়িটাতে ভূতের উৎপাত আছে বলিয়া গুজব।' *রবীন্দ্র*, ১৯১৫। ৫ *বি* বিপদ। 'সেখানে যাও উৎপাত সঙ্গে সঙ্গে চলিবে।' *রবীন্দ্র*, ১৯১৫।

উৎপাতক [স] *বিণ* উৎপাতকারী। 'চাপা-দেওয়া পার্থক্য একটা উৎপাতক পদার্থ।' *রবীন্দ্র*, ১৯১৬।

উৎপাতগ্রস্ত [স] *বিণ* ঝামেলাগ্রস্ত। 'বালককে দেশ হইতে আনিয়া ঐ কালেজে নিযুক্ত করিলাম তাহাতে উৎপাতগ্রস্ত হইয়াছি।' *চন্দ্রিকা*, ১৮৩০।

উৎপাতমাত্র [স] *বি* উপদ্রবমাত্র। 'সমস্তই উৎপাতমাত্র, অপমান নহে।' *রবীন্দ্র*, ১৯১২।

উৎপাতহীন [স] *বিণ* উপদ্রব নেই এমন। 'মৃত্যুর পরেই লোকে এইরূপ উৎপাতহীন শূন্যতা লাভ করে।' *রবীন্দ্র*, ১৮৯১।

উৎপাদন [স] ১ *বি* সৃষ্টি। 'ধূমল পিতাদি অন্য অন্য মনোহর বস্তু উৎপাদন করে।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বি* উদ্ভাবন। 'তিনি গতি বিধান বাষ্প উৎপাদন, তদ্দ্বারা বাষ্পীয় পোত ও বাষ্পীয় রথ নির্মাণ ...।' *অক্ষয়*, ১৮৫০। ৩ *বি* উদ্রেক। 'শুভাশুভ দিনক্ষণ তাঁহার কতই আশঙ্কা ও কতই উদ্বেগ উৎপাদন করে।' *অক্ষয়*, ১৮৫৪। ৪ *বি* জন্মদান। 'মনুষ্যের মত কন্যাপুত্র উৎপাদন পূর্বক তাহাদিগের ভরণ-পোষণার্থ ভারগ্রস্ত হইয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫৫।

উৎপাদন করা ১ *ক্রি* জ্বালানো। 'আলোক উৎপাদন করিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *ক্রি* ফলানো। 'তরিতরকারী মেয়েরাই বেশির ভাগ উৎপাদন করে।' *বেগম*, ১৯৭৩।

উৎপাদনবিচ্ছিন্নতা [স] *বি* উৎপাদনবিমুখতা। 'সমাজে নতুন প্রতিপত্তিশালী ব্যক্তিদের উৎপাদন বিমুখতা অথবা উৎপাদনবিচ্ছিন্নতা।' *সনৎ*, ১৯৭০।

উৎপাদনবিধি [স] *বি* উৎপাদন-কাজের পদ্ধতি। 'প্রাচীন উৎপাদনবিধি ও পুরোহিতকুলের আধিপত্য এক পাপচক্র সৃষ্টি করে ...।' *সনৎ*, ১৯৭০।

উৎপাদনব্যবস্থা [স] *বি* উৎপাদনরীতি। 'নতুন কোন উৎপাদনব্যবস্থা দৃঢ়মূল না হওয়ায় দেশের অর্থনৈতিক অবস্থা যে কতটা নিরাবলম্ব ও শোচনীয় হয়ে পড়ে ...।' *সনৎ*, ১৯৭০।

উৎপাদনভিত্তিক [স] *বিণ* উৎপাদনকেন্দ্রিক। 'উৎপাদিকাশক্তির ব্যবহার প্রণালী যেমন ছিল, তেমনি থাকে, উৎপাদনভিত্তিক সমাজ-সম্পর্ক।' *সনৎ*, ১৯৭০।

উৎপাদনী [স] *বিণ* উৎপাদন সংক্রান্ত। 'জমির অনুর্বরতা কঠিন প্রযত্নের দ্বারা দূর করে তবে ফসল ফলাতে হয়, তবেই তার উৎপাদনী শক্তি হয়।' *রবীন্দ্র*, ১৯২১।

উৎপাদনীশক্তি [স] *বি* উৎপাদন করার ক্ষমতা। 'শ্রমের উৎপাদনীশক্তি তাতে বিন্দু মাত্র বাড়ে না।' *সনৎ*, ১৯৭০।

উৎপাদিকা [স] *বিণ স্ত্রী* উৎপাদন করতে সমর্থ। **উৎপাদিকাশক্তি** [স] *বি* উৎপাদন-ক্ষমতা। 'পৃথিবীতে তৎসমুদায়ের উৎপাদিকা শক্তি আছে।' *বিদ্যা*, ১৮৫১; 'শ্রমের উৎপাদিকাশক্তি বৃদ্ধি এবং শ্রমের অপচয়ের সংক্ষেপণের দ্বারাই ... প্রযুক্তির প্রগতি নির্ণীত হয়।' *শিব*, ১৯৫৬।

উৎপাদিত [স] ১ *বিণ* উৎপন্ন। 'স্বদেশে উৎপাদিত দ্রব্যাদিই দুর্মূল্য হইবার কি কারণ।' *দর্পণ*, ১৮৩০। ২ *বিণ* সংঘটিত। 'যত বিঘ্ন উপস্থিত হয়, তাহার অর্দ্ধাংশ ... স্বকীয় দোষে উৎপাদিত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৪।

উৎপাদিতব্য [স] *বিণ* উৎপাদিত হবে এমন। 'উৎপাদিতব্য পাটের পরিমাণ-হ্রাস দ্বারা তার মূল্য বৃদ্ধি করিতে চেষ্টা পাওয়াই মন্ত্রিসভার কর্তব্য ছিল।' *সওগাত*, ১৯৪৪।

উৎপাদিনী [স] *বিণ স্ত্রী* উৎপাদনক্ষম। 'শুষ্ক ভূমিতে বৃষ্টি পড়িলে কেন না সে উৎপাদিনী হইবে।' *বঙ্কিম*, ১৮৭৪।

উৎপাদ্য [স] *বিণ* উৎপাদনযোগ্য। 'যে সকল উপকার উৎপাদ্য তাহার সংখ্যা ব্যাখ্যাতিরিক্ত।' *বঙ্গদূত*, ১৮২৯।

উৎপিঞ্জর [স] *বিণ* বন্ধনহীন। 'উৎপিঞ্জর তারুণ্যের লাস্যময় লীলায় মুখর।' *সুধীন্দ্র*, ১৯৪০।

উৎপীড়ক [স] *বিণ* অত্যাচারী। 'প্রথম উৎপীড়ক জমিদার।' *সুলভ সমাচার*, ১৮৭০।

উৎপীড়ন [স] ১ *বি* উত্যক্ত করা। 'বিপক্ষেরা যৎপরোনাস্তি উৎপীড়ন করাতে ...।' *বিদ্যা*, ১৮৪৯। ২ *বি* অত্যাচার। 'অনেক স্থলে এই সমস্ত ঘৃণাকর উৎপীড়ন ঘটিতেছে।' *এডুকেশন*, ১৮৭২।

উৎপীড়নকারী [স] *বি* পীড়নকারী। 'উৎপীড়নকারীর পৃষ্ঠদেশে মুখ লুকাইয়া প্রচুর পরিমাণে হাসিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উৎপীড়িত [স] ১ *বিণ* অত্যাচারিত। 'অপমানিত ও উৎপীড়িত হইয়াছিলেন।' *এডুকেশন*, ১৮৭৩। ২ *বি* অত্যাচারিত ব্যক্তি। 'উৎপীড়িতের ক্রন্দন রোল আকাশে বাতাসে ধ্বনিবে না।' *নজরুল*, ১৯২১।

উৎপীড়িতা [স] *বিণ স্ত্রী* অত্যাচারিত। 'উৎপীড়িতা মেয়ে।' *বিভূতি*, ১৯৩১।

উৎপীড়িষা [স] *বি* উৎপীড়নের ইচ্ছা। 'উৎপীড়িষা, জিজীবিষা, জিঘাংসা প্রভৃতি কথার সৃষ্টি হইত।' *হরপ্রসাদ*, ১৮৮১।

উৎপূর্ণ [স] *বিণ* পূর্ণমাত্রায় ভরা। 'আঙুরের গুচ্ছের মতো, অমনি একটি বৃন্তভরা অজস্র সুডোল সৌন্দর্য, যৌবনরসে অমনি উৎপূর্ণ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উৎপ্রেক্ষা [স] *বি* অভেদ কল্পনা করা হয় এমন অর্থালঙ্কার [যেমন, 'তুমি আমার নয়নমণি।' 'জীবন একটা স্বপ্ন।' কিন্তু 'তুমি আমার নয়নমণির মতো' অথবা 'জীবন একটা স্বপ্নের মতো' উৎপ্রেক্ষা নয়, উপমা]। 'এমন ক্ষীণ জাল বুননকুশলের সহিত উৎপ্রেক্ষা করিতে কিছু ভয়ের বিষয় নাহি।' *তারিণী*, ১৮০৩।

উৎপ্রেরণা [স] *বি* প্রবল প্রবৃত্তি। 'মানুষের মনে পীড়া দেওয়ার আর্ট যাঁদের বংশগত উৎপ্রেরণা বিশেষ।' *মনসুর*, ১৯৫৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উৎপ্লব [স] *বি* তরী। 'তোমাদের উন্মাদ জীবন-উৎপ্লব দেখে।' *রবীন্দ্র*, ১৯০৮।

উৎফুল্ল [স] *বিণ* উল্লসিত। 'ভবিষ্যতে অধিক অর্থ উপার্জন করিতে পারিবে এই আশায় উৎফুল্ল হইয়া, বিধবা সেই দিন হইতে ...।' *বিদ্যা*, ১৮৫৬।

উৎফুল্লতা [স] *বি* আনন্দ; স্ফূর্তির ভাব। 'মনের ভেতর একটা উৎফুল্লতা।' *জীবন*, ১৯৩১।

উত্তম [স উত্তম] *বিণ* শ্রেষ্ঠ। 'উত্তম অধম মধ্যম ত্রিবিধ প্রকারে।' *মালাধর*, ১৫০০।

উত্তর [স উত্তর] **১** *বি* কথা। 'আর কেহো নাহি জানে এসব উত্তর।' *মালাধর*, ১৫০০। **২** *বি* উত্তর দিক। 'দক্ষিনে হইল উডা উত্তর দিগ নিনা।' *মালাধর*, ১৫০০।

উত্তরা [স উত্তরণ>] *ক্রি* উপস্থিত হওয়া। 'স্ত্রি পুত্র সহিত সভে উত্তরিলা গিয়া।' *মালাধর*, ১৫০০।

উত্যক্ত [স] *বিণ* বিরক্ত। 'এক সময় বৃক্ষেরা আপন নিঃশব্দ আর সমতাবস্থা যাহাতে ঈশ্বর তাহাদিগে রাখিয়াছিলেন, তাহা হইতে উত্যক্ত হইয়া ...।' *তারিণী*, ১৮০৩।

উৎরাই *বি* ঢাল। 'কোথাও চড়াই আবার কোথাও উৎরাই।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

উৎরানো **১** *ক্রি* অবতরণ করা। 'জাহাজকে বিদায় দিয়া গঞ্জোলায় করিয়া বেনিসে উৎরাইলাম।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫। **২** *ক্রি* পার হওয়া; শেষ হওয়া। 'সেদিন সন্ধ্যা উৎরেছে রাবেয়া আসেনি।' *হুমায়ুন*, ১৯৭২।

উৎরে যাওয়া *ক্রি* উত্তীর্ণ হওয়া। 'দেখে নিও আমি মহাপুরুষের ভূমিকায় ঠিক উৎরে যাবো একদিন।' *শামসুর*, ১৯৬৬।

উত্রাস [স] *বি* ত্রাস; ভয়। 'উত্রাস ভীম।' *নজরুল*, ১৯২৫।

উত্রি [স উত্তরীয়] *বি* উত্তরীয়; চাদর। 'উক্ত মত করে ক্রিয়া উত্রি-ওড়নি।' *মানিকরাম*, ১৭৮১। দ্র **উত্রী**

উৎলানি *বি* আন্দোলন। 'সুরের উৎলানিতে নীহারকে কেমন যেন একরকম অভিভূত করে রেখেছে।' *জীবন*, ১৯৩২।

উৎশিষ্ট [স] *বিণ* উদ্বৃত্ত। 'ভূমা থেকে উৎশিষ্ট যে শ্রেষ্ঠতার কথা অথর্ববেদে ...।' *রবীন্দ্র*, ১৯৩৩।

উৎশেষ [স] *বি* চূড়ান্ত সমাপ্তি। 'যাকে অথর্ববেদ বলেছেন সীমার উদ্বৃত্ত, সকল শেষের উৎশেষ।' *রবীন্দ্র*, ১৯৩৩।

উৎস [স] **১** *বি* প্রবাহ। 'আত্মার মধ্যে তাহার অনন্ত উৎস দেখিতে পান।' *অক্ষয়*, ১৮৪৪। **২** *বি* উৎপত্তিস্থল। 'প্রীতি ও শ্রদ্ধারূপ রমণীয় উৎস হইতে তাঁহাদের প্রত্যেক কার্য্য ও মনন উৎসারিত হইবে।' *অক্ষয়*, ১৮৫৫। **৩** *বি* ফোয়ারা। 'স্মরণস্তম্ভ, উৎস, বাগান, প্রাসাদ, পাথরে বাঁধানো রাস্তা।' *রবীন্দ্র*, ১৮৮১। **৪** *বি* উৎপত্তিস্থল। 'অগ্নি-উৎসের ন্যায় উচ্ছ্বসিত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৮২। **৫** *বি* সাগর। 'উৎসজলের যে উচ্ছলতা ফুলে ওঠে।' *রবীন্দ্র*, ১৯২৮।

উৎসজল [স] *বি* সাগরের জল। 'উৎসজলের যে উচ্ছলতা ফুলে ওঠে।' *রবীন্দ্র*, ১৯২৮।

উৎসতীর্থ [স] *বি* তীর্থভূমি; তীর্থস্থান। 'তীর্ত অর্থাৎ তীর্থ আম্পুল মানে উৎস – উৎসতীর্থ।' *রবীন্দ্র*, ১৯২৯।

উৎসধারা [স] *বি* ঝরনার প্রবাহ। 'আত্মদানের উৎসধারায় মঙ্গলঘট ভর গে।' *রবীন্দ্র*, ১৯০৫।

উৎসমুখ [স] *বি* উৎপত্তিস্থান। 'যেথা বাক্য হৃদয়ের উৎসমুখ হতে উচ্ছ্বসিয়া উঠে।' *রবীন্দ্র*, ১৯০১।

উৎসমূল [স] *বি* উৎপত্তিস্থল। 'সে হল জীবনের উৎসমূলে অবগাহন।' *আলাউদ্দিন*, ১৯৬০।

উৎসস্থল [স] *বি* উৎপত্তিস্থান। 'এর উৎসস্থল বৃহত্তর ভারতীয় আর্থিক ও রাজনৈতিক জীবনক্ষেত্রে।' *উমর*, ১৯৬৬।

উৎসস্রোত [স] *বি* উৎস থেকে আগত স্রোত। 'অমৃতের উৎসস্রোতে চিত্ত ভেসে চলে যায় দিগন্তের নীলিম আলোতে।' *রবীন্দ্র*, ১৯৪০।

উৎসঙ্গ [স] **১** *বি* কোল। 'উৎসঙ্গে লীনা বীণা সে মুক্তস্বরা।' *অবন*, ১৯৩০। **২** *বি* আলিঙ্গন। 'জন্ম ও মৃত্যুর ভাবী উৎসঙ্গে যত আছে রূপ-রাগ নিল সেই সঙ্গে।' *মোহিত*, ১৯৩০।

উৎসঙ্গ-প্রদেশ [স] *বি* কোল। 'উৎসঙ্গ-প্রদেশে, ধূর্জটির পাদপদ্ম পড়িছে সঘনে অশ্রুবারি।' *মাইকেল*, ১৮৬১।

উৎসন্ন [স] **১** *বিণ* ধ্বংসপ্রাপ্ত। 'পার্শ্ববর্তী গ্রাম সমুদায় একেবারে উৎসন্ন হইয়া গিয়াছে।' *অক্ষয়*, ১৮৫২। **২** *বিণ* অধঃপাতিত। 'বড় বড় ঘর উৎসন্ন যেতে লাগলো।' *হুতোম*, ১৮৬১। **৩** *বিণ* বিনষ্ট। 'সাধারণের সম্পত্তি উৎসন্ন করিতেছে।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

উৎসন্ন যাওয়া *ক্রি* গোল্লায় যাওয়া। 'বড় বড় ঘর উৎসন্ন যেতে লাগলো।' *হুতোম*, ১৮৬১।

উৎসব [স] **১** *বি* আনন্দানুষ্ঠান। 'শুনে তারা উৎসবের কথা।' *মুকুন্দ*, ১৬০৩। **২** *বি* আনন্দ। 'তুমি আজ্ঞা দিলে আমি যাই পিতৃবাস / বন্ধুর উৎসব দেখি বড় অভিলাষ।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* মেলা। 'এই গ্রামে একটি উৎসব হয়।' *অক্ষয়*, ১৮৫০। **৪** *বি* পরিতৃপ্তি। 'বস্তুত গর্ভিণী রমণীর যে কান্তি সেটাতে চোখের উৎসব তেমন নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

উৎসব-কার্য্য [স] *বি* উৎসবের আয়োজন। 'যজ্ঞাদি উৎসব-কার্য্যে সমাদরপূর্ব্বক নিমন্ত্রণ করিতেন।' *অক্ষয়*, ১৮৪৮।

উৎসব-কৌতুক [স] *বি* আমোদ-আহ্লাদ। 'মত্তসবে উৎসব-কৌতুকে।' *মাইকেল*, ১৮৬২।

উৎসবক্ষণ [স] *বি* উৎসবের মুহূর্ত। 'পাছে উৎসবক্ষণ তন্দ্রালসে হয় নিমগন।' *রবীন্দ্র*, ১৯২১।

উৎসব-দীপ [স] *বি* উৎসবের প্রদীপ। 'কার তরে জ্বালো উৎসব-দীপ?' *নজরুল*, ১৯২৪।

উৎসব-বালক [স] *বি* উৎসবে গান গায় যে বালক। 'উৎসব-বালকেরা আজ গান গেয়ে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৯১০।

উৎসববিলাসী [স] *বিণ* উৎসব নিয়ে অতিশয় উৎসাহী। 'উৎসববিলাসী সৌন্দর্যপ্রিয়তাকে আনন্দের সঙ্গে দেখেছেন।' *রবীন্দ্র*, ১৯২৯।

উৎসবমুখর [স] *বিণ* উৎসবের আনন্দে পরিপূর্ণ। 'এই অঞ্চল এবং সন্ধ্যাবেলার উৎসবমুখর বাড়ি।' *ইলিয়াস*, ১৯৭২।

উৎসবরাজ [স] *বি* বসন্ত ঋতু। 'উৎসবরাজ দেখেন চেয়ে ঝরা ফুলের খেলা রে।' *রবীন্দ্র*, ১৯১০।

উৎসবরাতি [স উৎসব+স রাত্রি] *বি* উৎসবের রাত। 'ঘরেতে বারবার এসেছে বিবাহ-উৎসবরাতি।' *রবীন্দ্র*, ১৯০০।

উৎসবরীতি [স] *বি* আনন্দানুষ্ঠানের ধরন। 'বিভিন্ন সম্প্রদায়ের ভিতর উৎসবরীতির সাধারণ তারতম্য অনুসারে ...।' *মোতাহার*, ১৯৩৭।

উৎসব-লক্ষ্মী [স] *বি স্ত্রী* উৎসবের অধিষ্ঠাত্রী। 'হিমানীর কারাদুর্গতলে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প্রাণের উৎসবলক্ষ্মী বন্দী ছিল তন্দ্রার শৃঙ্খলে।' *রবীন্দ্র*, ১৯৩২।

উৎসব-সঙ্গীত [স] *বি* উৎসবাদিতে গাওয়া হয় এমন গান। 'ঋতুবর্ণন ও ঋতুপরিক্রমা থেকে আরম্ভ করে ধর্মসঙ্গীত প্রেম-সঙ্গীত স্বদেশী-সঙ্গীত, উৎসব-সঙ্গীত ...।' *মোতাহার*, ১৯৩৭।

উৎসব-সভা [স] *বি* আনন্দানুষ্ঠান। 'আমাদের কথোপকথন-সভা সেই উৎসব-সভা।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উৎসব-সভাতল [স] *বি* উৎসবের স্থান। 'ছন্দের উৎসবসভাতলে।' *রবীন্দ্র*, ১৯২৫।

উৎসবহীন [স] *বিণ* উৎসব নেই এমন। 'উৎসবহীন কৃষ্ণপক্ষে আমার বক্ষোমাঝে।' *রবীন্দ্র*, ১৯৩২।

উৎসবান্তে [স] *ক্রিবিণ* উৎসবের শেষে। 'উৎসবান্তে গেলা তেঁহো করিয়া প্রসাদ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উৎসবার্থ [উৎসব-অর্থ] *ক্রিবিণ* উৎসবের জন্য। 'উৎসবার্থ দুর্গাপূজা করিবেন।' *বঙ্কিম*, ১৮৭৪।

উৎসরণ [স] *বি* পতন। 'পাতাদের উৎসরণে কোনো শব্দ নাই।' *জীবন*, ১৯৪৮।

উৎসর্গ [স] **১** *বি* দান। 'আটচালা পরিপূর্ণ পিত্তলের বাসন উৎসর্গ করিয়াছেন।' *দর্পণ*, ১৮১৮। **২** *বি* নিবেদন। 'সকল দানাদি উৎসর্গ হইয়াছিল।' *দর্পণ*, ১৮২৫।

উৎসর্গ-করা [স উৎসর্গ+করা] *বিণ* উৎসর্গ করা হয়েছে এমন। 'এক-একটা দিন পুরা পাগলামির কাছে সম্পূর্ণভাবে উৎসর্গ-করা।' *রবীন্দ্র*, ১৯০৭।

উৎসর্গ-সামগ্রী [স] *বি* দানবস্তু। 'পবিত্র উৎসর্গ-সামগ্রীর মতো তুলিয়া ধরিতেছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৯।

উৎসর্গা [স উৎসর্গ>] *ক্রি* উৎসর্গ করা। 'কন্যা উৎসর্গিয়া দিল ততক্ষণ।' *বিজয়*, ১৬৫০।

উৎসর্গিত [স] *বিণ* উৎসর্গ করা হয়েছে এমন। 'সমাজের উন্নয়নের সাধনায় ফাতেমা জিন্নার জীবন উৎসর্গিত।' *বেগম*, ১৯৪৯।

উৎসর্গীকৃত [স] *বিণ* উৎসর্গ করা হয়েছে এমন। 'খান বাহাদুর সমাজসেবায় দেহমন উৎসর্গীকৃত করিয়াছেন।' *প্রচারক*, ১৯০৬।

উৎসর্গীকৃতপ্রাণ [স] *বিণ* প্রাণ উৎসর্গ করে দিয়েছে এমন। 'স্বাধীনতার জন্যে উৎসর্গীকৃতপ্রাণ মহাপুরুষ।' *সাদত*, ১৯৬৭।

উৎসর্জন [স] *বি* উৎসর্গ। 'শত লক্ষ ধিক্কারলাঞ্ছনা উৎসর্জন করি।' *রবীন্দ্র*, ১৯০০।

উৎসাত [স] *বিণ* উচ্ছন্ন; বিনষ্ট। 'ভাঙ্গিল তরুবর উড়িল কত ঘর উৎসাত হইল গৌড়।' *মানিকরাম*, ১৭৮১।

উৎসাদ [স] *বি* ধ্বংস। 'এ ব্রাহ্মণ করিবেক গ্রামের উৎসাদ।' *বৃন্দা*, ১৫৮০।

উৎসাদন [স] *বি* উচ্ছেদ। 'য়ুরোপ পরকে দূর করিয়া, উৎসাদন করিয়া, সমাজকে নিরাপদ রাখিতে চায়।' *রবীন্দ্র*, ১৯০৫।

উৎসাদিত [স] *বিণ* বিতাড়িত। 'আমেরিকগণের মতো উৎসাদিত হইল না।' *রবীন্দ্র*, ১৯০৫।

উৎসারা [স উৎসারণ>] *ক্রি* উৎসারিত হওয়া। 'উৎসারিছে প্রাণের ধারা।' *রবীন্দ্র*, ১৯৩৯।

উৎসারিত [স] *বিণ* নির্গত। 'পূর্ণ উৎসের মতো গ্ল্যাডস্টোনের বক্তৃতা উৎসারিত হতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৮১।

উৎসাহ [স] **১** *বি* উদ্দীপনা। 'পরম উৎসাহ সবে হৈলা যত্নবান।' *ভারত*, ১৭৬০। **২** *বি* আগ্রহ। 'প্রবৃত্তির উৎসাহ বৃদ্ধি হইতেছে।' *দর্পণ*, ১৮২৮। **৩** *বি* প্রেরণা। 'উৎসাহ দেওয়া সুকৌশল বোধ করিবেন।' *অক্ষয়*, ১৮৫০; 'উৎসাহ, একতা, উন্নতীচ্ছা একেবারে হৃদয় হতে নির্ব্বাসিত।' *হুতোম*, ১৮৬১।

উৎসাহজনক [স] *বিণ* উৎসাহ জাগায় এমন। 'উৎসাহজনক কোন সামান্য ব্যাপার উপস্থিত হইলেই ...।' *অক্ষয়*, ১৮৫০।

উৎসাহতরঙ্গ [স] *বি* উৎসাহরূপ তরঙ্গ। 'আশ্চর্য উৎসাহতরঙ্গ উত্থিত হইতে লাগিল।' *অক্ষয়*, ১৮৪৯।

উৎসাহদাতা [স] *বিণ* উৎসাহ প্রদানকারী। 'ইনি সাহিত্যব্যবসায়ী-দিগের সহায়, উৎসাহদাতা, শুভাকাঙ্ক্ষী ও সুহৃদ।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

উৎসাহদাত্রী [স] *বিণ স্ত্রী* উৎসাহ প্রদানকারী। 'দেবী মেরী তাহার উৎসাহদাত্রী।' *বিভূতি*, ১৯২৯।

উৎসাহপরায়ণ [স] *বিণ* আগ্রহী। 'বিধি ও ব্যবস্থা রক্ষা করতে উৎসাহপরায়ণ।' *রবীন্দ্র*, ১৯৩১।

উৎসাহপূর্ণ [স] *বিণ* আনন্দমুখর। 'চতুর্দ্দিকই উৎসাহপূর্ণ।' *অক্ষয়*, ১৮৪৮।

উৎসাহপূর্বক, উৎসাহপূর্ব্বক [স] *ক্রিবিণ* উৎসাহ নিয়ে। 'ইঁহারা উৎসাহপূর্ব্বক কহিলেন।' *দর্পণ*, ১৮২৩।

উৎসাহপ্রদ [স] *বিণ* উৎসাহ জাগায় এমন। 'মাটিটি নরম তাই উৎসাহপ্রদ – যেন বা তেজবর্ধক।' *হাসান*, ১৯৬৭।

উৎসাহবর্ধন, উৎসাহবর্দ্ধন [স] *বি* উৎসাহ বৃদ্ধি। 'কৃষিজীবীদিগের উৎসাহবর্দ্ধনার্থে একটি কৃষিসমাজ সংস্থাপন করিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

উৎসাহবাণী [স] *বি* প্রেরণামূলক বার্তা। 'তাঁর কাছ থেকে এই উৎসাহবাণী আমার পক্ষে ছিল বহুমূল্য।' *রবীন্দ্র*, ১৮৮৫।

উৎসাহবান [স] *বিণ* আগ্রহী। 'ইহাদের মধ্যে ... উৎসাহবান দেশ-পর্য্যটকও হইয়া গিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫২।

উৎসাহবোধ [স] *বি* আগ্রহ অনুভব। 'বিলাতি রাষ্ট্রনৈতিক ক্রিয়াকলাপের অনুরূপ মনে করিয়া উৎসাহবোধ করিতেছি।' *রবীন্দ্র*, ১৯০৫।

উৎসাহব্যঞ্জক [স] *বিণ* উৎসাহ প্রদান করে এমন। 'প্রতিষ্ঠানের কার্যসূচী বাস্তবায়িত করার ব্যাপারে মেয়েদের ভূমিকাও একান্ত উৎসাহব্যঞ্জক।' *বেগম*, ১৯৬২।

উৎসাহশীল [স] *বিণ* উদ্যোগী। 'স্বভাব সদা উৎসাহশীল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

উৎসাহসম্পন্ন [স] *বিণ* উদ্যমী। 'উৎসাহসম্পন্ন ও মধ্যবিত্ত শ্রেণীর মুসলমান ভ্রাতৃগণ।' *প্রচারক*, ১৮৯৯।

উৎসাহহীন *বিণ* উৎসাহ নেই এমন। 'চতুর্দিকব্যাপী উৎসাহহীন জীবনহীন জড়ত্বের মতো এমন গুরুভার ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উৎসাহহীনতা [স] *বি* উদ্দীপনাহীনতা। 'এই ভাবকেই উৎসাহহীনতা ও ঔদাসীন্য বলিয়া গণ্য করিতেন।' *রবীন্দ্র*, ১৯০৯।

উৎসাহা [স উৎসাহ>] *ক্রি* উৎসাহিত হওয়া। 'নবীনবদনে অভয়কিরণ/ জ্বলি ওঠে উৎসাহি।' *রবীন্দ্র*, ১৮৯৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উৎসাহান্বিত [স] *বিণ* উৎসাহিত। 'এতাদৃশ পরোপকারে উৎসাহান্বিত হইয়া প্রবর্ত্ত হইয়াছেন।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

উৎসাহাভাব [স উৎসাহ-অভাব] *বি* উৎসাহের অভাব। 'উৎসাহাভাবে দুর্বলের মতো প্রতিভাত হইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

উৎসাহিক [স] *বিণ* উৎসাহী। 'সে কেবল দুটি-একটি অত্যুৎসাহিকের ধ্যানের মধ্যেই ছিল।' *রবীন্দ্র*, ১৯০৮।

উৎসাহিত [স] ১ *বিণ* উৎসাহ পেয়েছে এমন। 'তাঁহাকে মৃগয়াতে উৎসাহিত করিতেন।' *বিদ্যা*, ১৮৬৩। ২ *বিণ* আগ্রহী। 'ভূপতি উৎসাহিত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯০১। ৩ *বিণ* অনুপ্রাণিত; উদ্বুদ্ধ। 'পরস্পরকে প্রাণপণে উৎসাহিত করিতেছি।' *রবীন্দ্র*, ১৯০৫।

উৎসাহী [স] ১ *বিণ* উদ্যমী। 'কদাচ তাঁহারা দেশের মঙ্গলার্থে উৎসাহী উদ্যোগী হইবেন না।' *দর্পণ*, ১৮৩৬। ২ *বিণ* অগ্রণী। 'যদি গভর্ণমেন্ট উৎসাহী হইয়া সকল গ্রামের মধ্যে এক এক চাঁদা করেন।' *অক্ষয়*, ১৮৪২। ৩ *বিণ* আগ্রহী। 'তাঁহারা সেই আস্বাদন-সুখ অন্যদিগকে দিবার জন্য উৎসাহী হইলেন।' *অক্ষয়*, ১৮৪৫। ৪ *বিণ* উৎসাহিত। 'মেয়েলি ব্রত গ্রন্থাকারে রক্ষা করিতে উৎসাহী করিয়াছি।' *রবীন্দ্র*, ১৯০৭। ৫ *বিণ* তৎপর। 'যতরকম অশাস্ত্রীয় চিকিৎসার সন্ধানে উৎসাহী।' *রবীন্দ্র*, ১৯০৯।

উৎসাহোন্মুখ [স উৎসাহ-উন্মুখ] *বিণ* উৎসাহান্বিত; উদ্যমী। 'এই উৎসাহোন্মুখ যুবককে সবিশেষ অবগত করাইয়া পূর্ব্বেই সতর্ক করা আমার কর্ত্তব্য হইতেছে।' *মশাররফ*, ১৮৬৯।

উৎসুক [স] ১ *বিণ* আগ্রহান্বিত। 'অপূর্ব্ব যাত্রা প্রকাশে অনেক২ বিজ্ঞ লোক উৎসুক ...।' *দর্পণ*, ১৮২২। ২ *বিণ* কৌতূহলী। 'ক্রমে এই মন্দির এমন একটি স্থান হইল যে, প্রত্যেক খাঁটি হিন্দী উৎসুক দৃষ্টিসহকারে তাহার দিকে তাকাইত।' *রবীন্দ্র*, ১৯১৭। ৩ *বিণ* উৎকণ্ঠিত। 'আমার এ আঁখি উৎসুক পাখি ঝড়ের অন্ধকারে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উৎসুকচিত্ত [স] *বি* আগ্রহী মন। 'উৎসুকচিত্তে তিনি গোরার প্রতীক্ষা করিতেছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৯।

উৎসুকতা [স] *বি* ব্যগ্রতা। 'এই প্রবৃত্তির উৎসুকতা অনেকের মধ্যে আজকাল দেখা যায়।' *অচিন্ত্য*, ১৯৫০।

উৎসুকদৃষ্টি [স] *বি* কৌতূহলী দৃষ্টি। 'পৃথিবীর দিকে উৎসুকদৃষ্টিতে হৃদয় মেলিয়া দিয়াছি।' *রবীন্দ্র*, ১৯১২।

উৎসুক হওয়া *ক্রি* উদ্গ্রীব হওয়া। 'তোমায় দেখিবার নিমিত্ত নিতান্ত উৎসুক হইয়া ... চলিয়া আসিয়াছি।' *বিদ্যা*, ১৮৪৭।

উৎসুকা [স] *বিণ* স্ত্রী আগ্রহান্বিত। 'শকুন্তলা নিতান্ত উৎসুকা হইলেন।' *বিদ্যা*, ১৮৫৪।

উৎসৃষ্ট [স] ১ *বি* এঁটো। 'আমারই উৎসৃষ্ট খাইবে।' *বঙ্কিম*, ১৮৬৫। ২ *বিণ* উৎসর্গীকৃত। 'তাহারই উদ্দেশে আমি সম্পূর্ণভাবে উৎসৃষ্ট।' *রবীন্দ্র*, ১৯০৮।

উৎসৃষ্টপ্রাণ [স] *বিণ* প্রাণ উৎসর্গ করেছে এমন। 'ইসলামের ইজ্জৎ রক্ষায় উৎসৃষ্টপ্রাণ মওলানার কাগজে ...।' *সওগাত*, ১৯২৮।

উৎসেদ [স] *বি* ধ্বংস। 'এ রাজধানীর উৎসেদ দশা প্রাপ্তির উপক্রম হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৯।

উৎসেধ [স] *বি* উচ্চতা। 'তরঙ্গের উৎসেধ কিছু কিছু বাড়িতে লাগিল।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

উৎস্রাবা [স উৎস্রাবণ] *ক্রি* উছলানো। 'আপনারে দেয় উৎস্রাবিয়া।' *রবীন্দ্র*, ১৯৩২।

উথল পাথাল [স উত্তল>] ১ *বিণ* উদ্বেলিত। 'সারা গায়ে তার স্নেহ ও মমতা উথল পাথাল করে।' *জসীম*, ১৯২৭। ২ *বিণ* অতি উত্তাল; প্রবল ঢেউযুক্ত। 'নিম্নে নদী উথল পাথাল।' *জসীম*, ১৯৩১।

উথলা [স উত্তাল>] ১ *ক্রি* উপচে পড়া। 'হৃদয়ে আনন্দ-সিন্ধু উথলিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *ক্রি* ক্ষীত হওয়া। 'নদী খালে বৃষ্টি জলে উথলে মগরা।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *ক্রি* আবেগাপ্লুত হওয়া। 'উথলএ বিরহ হিল্লোল।' *বাহরাম*, ১৬৫০। ৪ *ক্রি* ছড়িয়ে পড়া। 'দুই দিগে উথলায় সংগ্রাম তরঙ্গ।' *আলাওল*, ১৬৮০। ৫ *ক্রি* উপচে পড়া। 'অনল সহিতে তথা উথলিল জল।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৬ *ক্রি* সক্রিয় হওয়া। 'উথলিল সেই বিষ আল্লার ফরমানে ...।' *সুলতান*, ১৭০০। ৭ *ক্রি* তরল পদার্থ সিক্ত হওয়া। 'উথলাইতে।' *মানোএল*, ১৭৪৩। ৮ *ক্রি* জেগে ওঠা। 'বলিবে কি উথলিল পুরাতন সুখ।' *উমেশ*, ১৮৫৭। ৯ *ক্রি* ঝরে পড়া। 'কি ভাবিয়া মনে এ দুটি নয়নে উথলে নয়ন-বারি।' *রবীন্দ্র*, ১৮৯২। ১০ *ক্রি* ফুটে ওঠা। 'আমার হিয়াখানি হারালো সীমা বিপুল হরষে, উথলি উঠে বাণী।' *রবীন্দ্র*, ১৯১১। ১১ *ক্রি* বের হওয়া। 'মোর ডাকে কেন এত উথলায় চোখে তব জল?' *নজরুল*, ১৯২৩। **উথলএ** *ক্রি* আবেগাপ্লুত হয়। 'উথলএ বিরহ হিল্লোল।' *বাহরাম*, ১৬৫০। **উথলি** *ক্রি* উথলে উঠলো। 'উথলি উঠিল জল দেখিতে অপার।' *কবীন্দ্র*, ১৬৮৯। **উথলি উথলি** *ক্রিবিণ* মাঝে মাঝে। 'নিতি প্রতি শব্দ করে উথলি উথলি।' *সুলতান*, ১৭০০। **উথলিয়া** *ক্রি* ক্ষীত হয়ে। 'অমনি প্রেমের সিন্ধু উথলিয়া উঠে।' *মানিকরাম*, ১৭৮১। **উথলিয়ে** *ক্রিবিণ* উপচে। 'অ-বিন্দু উথলিয়ে নীর[১] হয়েছিল নৈরাকার।' *লালন*, ১৮৯০। **উথলিল** ১ *ক্রি* ক্ষীত হয়ে উঠলো। 'উথলিল প্রেমবন্যা চৌদিকে বেড়ায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *ক্রি* সক্রিয় হলো। 'উথলিল সেই বিষ আল্লার ফরমানে।' *সুলতান*, ১৭০০। ৩ *ক্রি* মনে পড়লো। 'বলিবে কি উথলিল পুরাতন সুখ।' *উমেশ*, ১৮৫৭। **উথলে** *ক্রি* ক্ষীত হয়। 'উথলে সাগর জল।' *গিরিশ*, ১৮৮৭। **উথলে ওঠা** *ক্রি* ফেঁপে বা ফুলে ওঠা। 'অনন্ত সমুদ্র একেবারে উথলে উঠবে।' *রবীন্দ্র*, ১৮৮১।

উথলিত [স উত্তাল>] *বিণ* উচ্ছলিত। 'চন্দ্রকান্তে উথলিত তরঙ্গ উজ্জ্বল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উথা *ক্রিবিণ* সেখানে; ওখানে। 'উথা কংস নৃপবরে ভগিনি আনিঞা ঘরে।' *মালাধর*, ১৫০০।

উথাত *ক্রিবিণ* ওখানে। 'উথাত অর্জ্জুন গেলা হস্তিনা নগরে।' *মালাধর*, ১৫০০।

উথাআঁ পাথাআঁ [স উৎ+স্থা, প্রস্থা>] *ক্রিবিণ* উদ্বুদ্ধ করিয়ে। 'উথাআঁ পাথাআঁ আহ্মা আগিল।' *বড়ু*, ১৪৫০।

উথালানো [স উত্তাল>] *ক্রি* উথলে ওঠা। 'মহাকুণ্ড উথালিয়া করে টলমল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উথালি-পাথালি [স উত্তাল>] *বিণ* অস্থির। 'এ বুঝি জোয়ানকির উথালি-পাথালি নাচন।' *কায়সার*, ১৯৬২।

উথাসে *ক্রিবিণ* ওখানে। 'উথাসে নারদ মুনি গিয়া কৃষ্ণ ঠাঞি।' *মালাধর*, ১৫০০।

উদঅ [স উদয়] *বিণ* পূর্ব। 'উদঅ দুআরে উপনীত।' *রামাই*, ১৭১০।

উদআ [স উদয়>] *ক্রি* উদিত হওয়া। 'উদইছে যেন শশী রবি।' *চণ্ডী*, ১৫৫০; 'আদমের পৃষ্ঠেত উদএ পূর্ণ শশী।' *সুলতান*, ১৭০০।

উদক[১] [স] *বি* পানি। 'উদক চান্দ জিম সাচ ন মিছা।' *চর্যা* ২৯, ১২০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উদকচান্দ [স উদক-চন্দ্র] *বি* পানিতে প্রতিফলিত চাঁদ। 'উদক চান্দ জিম সাচ ন মিছা।' *চর্যা* ২৯, ১২০০।

উদকযন্ত্র [স] *বি* জলযানাদি। 'দুর্গসকল ত ধন ধান্য উদকযন্ত্রে পরিপূর্ণ রাখিয়াছেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

উদক[২] [স] *বি* উত্তরাভিমুখ। 'মাঘ মাসে নিশাকালে উদকে শয়ন।' *মুকুন্দ*, ১৬০০।

উদগত [স উদ্গত] *বিণ* উৎসুক। 'সব খন পরদারে উদগত মতী।' *বড়ু*, ১৪৫০।

উদগম [স উদ্গম] *বি* উদয়। 'অস্থিসন্ধিত্যাগ অনুভাবের উদগম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উদগমতী [স উদ্গমতী] *বিণ* উৎসুক। 'রাধার কারণে ভৈলোঁ উদগমতী। বড়ু, ১৪৫০।

উদগারা [স উদ্গার>] *ক্রি* বমি করা। 'গলাএ অঙ্গুলিআ উদগারিল জল।' *মালাধর*, ১৫০০। *দ্র* **উদ্গার**

উদগ্র [স] **১** *ক্রিবিণ* উত্তেজিতভাবে। 'আহ্বানিল ভীম রবে সুগ্রীবে উদগ্র।' *মাইকেল*, ১৮৬১। **২** *বিণ* তুমুল। 'আমি চাই উদগ্র সংগ্রাম।' *রবীন্দ্র*, ১৮৮৯। **৩** *ক্রিবিণ* আগ্রহ নিয়ে। 'তিনি অতিরিক্ত উদগ্রভাবে একালীয়তা ফলাইতে ব্যস্ত।' *রবীন্দ্র*, ১৯০৯। **৪** *বিণ* জোরালো। 'কণ্ঠ থেকে আরেক কণ্ঠে উদগ্র হতে থাকল।' *রবীন্দ্র*, ১৯৩২। **৫** *বিণ* দারুণ। 'ফিরে যাবার জন্যে তাদের এ উদগ্র ব্যস্ততা।' *ওয়ালী*, ১৯৪৫। **৬** *বিণ* ভয়ঙ্কর। 'এল বঙ্কুর উপলভূমিতে উদগ্র বৈশাখ।' *ফররুখ*, ১৯৪৬। **৭** *বিণ* প্রবল। 'হিন্দুস্তানের বনিয়াদ বাংলার বুকে কায়েম হইবে – এই উদগ্র আশা ...।' *আজ্জাদ*, ১৯৪৬।

উদগ্রতা [স] *বি* তীব্রতা। 'তারি উদগ্রতা নিয়ে ... ভোগ সুখ সব তুচ্ছ করি নিশিথ পথের বাঁকে এসেছিলে নেমে।' *মাহেনও*, ১৯৪৯।

উদজোগ [স উদ্যোগ] *বি* আয়োজন। 'উদজোগ করিল জজ্ঞ করিতে নিধন।' *মুকুন্দ*, ১৬০০।

উদত [স উদ্যত] *বিণ* উদ্যোগী। 'পরে খোজেন্তা যাইতে উদত হইলেন।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

উদত্ত [স উদত্ত] *বিণ* উদ্যত। 'পত্র পাঠাইতে উদত্ত হীলাম।' *চিঠিপত্রে*, ১৮৬৫।

উদধি [স] *বি* সমুদ্র। 'নাভি কুণ্ড উদধি ভাঁওর জলাকার।' *আলাওল*, ১৬৮০।

উদন [স ওদন] *বি* ভাত। 'পায়েস উদন পিঠা পঞ্চাশ ব্যঞ্জন মিঠা।' *মুকুন্দ*, ১৬০০।

উদবর্ত, উদবর্ত্ত [স উদ্বর্তা] *বিণ* উদ্বৃত্ত। 'জত টাকা উদবর্ত্ত হইবেক।' *ক্যালগে*, ১৭৯৮।

উদবিগ্ন [স উদ্বিগ্ন] *বিণ* উৎকণ্ঠিত; দুশ্চিন্তাগ্রস্ত। 'বড়ই উদবিগ্ন আছি।' *ওসী*, ১৭৭৯। *দ্র* **উদ্বিগ্ন**

উদবিন্দু [স] *বি* জলবিন্দু। 'বিগলিত স্বেদ উদবিন্দু।' *গোবিন্দ*, ১৬০০।

উদবিলাই [স উদ্বিড়াল] *বি* ভোঁদড় জাতীয় জলজন্তু। 'উদবিলাইয়ের চামড়া।' *ক্যালগে*, ১৭৮৪।

উদবেগা [স উদ্বেগ>] *ক্রি* উদ্বিগ্ন হওয়া। 'জমুনাক তির উপবন উদবেগল ফিরি ফিরি ততহি নিহারি।' *বিদ্যাপতি*, ১৪৬০। *দ্র* **উদ্বেগ**

উদম [স উদ্যম] *বি* উৎপাত; উপদ্রব। *বিদ্যা*, ১৮৯১।

উদমাদা [স উদ্দাম] *বিণ* আধপাগলা; বোকা। *বিদ্যা*, ১৮৯১।

উদমো [স উদ্দাম] **১** *বিণ* বন্ধনহীন। 'এই ভারত মাঠে হে আমরা উদমো ষাঁড়।' *নজরুল*, ১৯২৪। **২** *বিণ* দুরন্ত। 'উদমো ছেলে ছটফটে খুব।' *নজরুল*, ১৯২৬।

উদযোগ [স উদ্যোগ] *বি* আয়োজন। 'আমাকে মারবের উদযোগ কল্যে।' *দীনবন্ধু*, ১৮৬৩। *দ্র* **উদ্যোগ**

উদয় [স] **১** *বি* ওঠা। 'উরজ উদয় থল লালিম দেল।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'অন্ধকার ঘুচিল হৈল সুর উদয়।' *মালাধর*, ১৫০০। **২** *বি* উৎপত্তি। 'যত দেখি সব তোমা হৈতে সে উদয়।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* প্রকাশ। 'তাঁহা তোমার পদদয় করাহ যদি উদয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বি* আবির্ভাব। 'প্রভাকরের উদয়ান্ত কালের বিচিত্র শোভাকর ভূয়োভূয় পরিবর্তন দেখিয়া যে অতুল আনন্দের উদয় হয়।' *অক্ষয়*, ১৮৪৮। **৫** *বি* সঞ্চার। 'অহংকার উদয় হইলেই রাগ উপস্থিত হয়।' *প্যারী*, ১৮৫৮। **৬** *বিণ* উদিত। 'আবার হইল চিন্তা হৃদয়ে উদয়।' *রবীন্দ্র*, ১৮৭৮।

উদয়-অচল [স] *বি* সূর্যোদয়ের কল্পিত পর্বত; পূর্বদিগন্ত। 'যে দেশে উদয়ি রবি উদয়-অচলে।' *মাইকেল*, ১৮৬৬।

উদয়-অচলতল [স] *বি* উদয়াচলের পাদদেশ। 'উদয়-অচলতল সাজিল নন্দন।' *রবীন্দ্র*, ১৯১৪।

উদয়-অস্ত [স] *বি* সূর্যোদয় ও সূর্যাস্ত। 'বেষ্টিয়া দুর্ভেদ্য দুর্গমতলে উদয়-অস্তের চক্রপথে।' *রবীন্দ্র*, ১৯৪১।

উদয়-উষা [স] *বি* সূর্যোদয়ের সময়। 'আঁধার কেন গো ঘনতম হয় উদয়-উষার আগে?' *নজরুল*, ১৯৪১।

উদয়কালীন [স] *বিণ* সূর্যোদয়ের সময়কার। 'উদয়কালীন নিজ রক্তবর্ণ ছবি।' *রামপ্রসাদ*, ১৭৮০।

উদয়গিরি [স] *বি* সূর্যোদয়ের কল্পিত পর্বত। 'উদয়গিরি হতে উচ্চে কহ মোরে।' *রবীন্দ্র*, ১৯০১।

উদয়গোধূলি [স] *বি* সূর্যোদয়ের কাল। 'উদয়গোধূলি-রঙে রাঙা হয়ে।' *নজরুল*, ১৯৩০।

উদয়-ছবি [স উদয়+আ সবীহ] *বি* উদয়ের দৃশ্য। 'উদয়-ছবি শেষ হবে কি অস্ত-সোনায় এঁকে।' *রবীন্দ্র*, ১৯২৫।

উদয়-তারা [স] *বি* শুকতারা। 'আমাদের উভয়ের অস্ত-তারা আর উদয়-তারার মিলন হবে কিনা বলতে পারি না।' *নজরুল*, ১৯২৩।

উদয়-দিকপ্রান্ত-তল [স] *বি* সূর্যোদয়ের দিগন্ত; পূর্ব দিগন্ত। 'উদয়-দিকপ্রান্ত-তলে নেমে এসে শান্ত হেসে দিন বলে ...।' *রবীন্দ্র*, ১৯২৫।

উদয়দিগঙ্গন [স] *বি* পূর্বদিক। 'প্রথম যুগের উদয়দিগঙ্গনে প্রথম দিনের উষা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

উদয়দিগন্ত [স] *বি* পূর্বের আকাশ। 'উদয়দিগন্তে মেঘের মেলায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

উদয় নাগ [স] *বি* সাপের নাম। 'উদয় নাগ আঠালুয়া পানক প্রধান।' *ফয়জুল্লেসা*, ১৮৭৬।

উদয়প্রাঙ্গণ [স] *বি* পূর্বের আকাশ। 'তব জন্মদিবসের দানের উৎসবে বিচিত্র সজ্জিত আজি এই প্রভাতে উদয়প্রাঙ্গণ।' *রবীন্দ্র*, ১৯৪১।

উদয়প্রাত [স] *বি* সূর্যোদয়ের প্রভাত। 'জাগো উদয়প্রাতের উষা রক্তশিখা।' *নজরুল*, ১৯৩০।

উদয়-মাঝে *ক্রিবিণ* সূর্যোদয়ের কালে। 'সূর্যের উদয়-মাঝে খোল

AMARBOI.COM

আপনারে।' *রবীন্দ্র*, ১৯৩২।

উদয়শিখর [স] *বি* সূর্যোদয়ের কল্পিত পর্বত। 'উদয়শিখরে তার দেখো আদিজ্যোতি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

উদয়শৈল [স] *বি* সূর্যোদয়ের কল্পিত পর্বত। 'উদয়শৈল উজল করি শিশিরধৌত পরম প্রভাত উদিল নবীন জীবন ভরি।' *রবীন্দ্র*, ১৮৯৯।

উদয়সমুদ্র [স] *বি* সমুদ্ররূপ যে স্থান থেকে সূর্য উদিত হয়। 'পৃথিবীর মাঝখানে উদয়সমুদ্র হতে অন্তসিন্ধুপানে প্রসারিয়া আপনারে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উদয়সীমা [স] *বি* পূবের আকাশ। 'নবপ্রভাতের উদয়সীমায়/ অরুণলোকের দ্বারে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

উদয়সূর্য [স] *বি* উদিত সূর্য। 'উদয়সূর্যের পানে শান্ত নমস্কার।' *রবীন্দ্র*, ১৯২৫।

উদয় হওয়া ১ *ক্রি* উৎপত্তি হওয়া। 'তাহা বালুকার উপরে অঙ্কিত করিলে কেবল আক্ষেপের উদয় হয়।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *ক্রি* উপস্থিত হওয়া। 'তাই আজ অসময়ে উদয় হলাম।' *ধূর্জটি*, ১৯৩১।

উদয়াচল [স উদয়-অচল] *বি* সূর্যোদয়ের কল্পিত পর্বত। 'দিনকর উদয়াচলে দর্শন দিলে ...।' *মাইকেল*, ১৮৫৯।

উদয়াদিত্য [স উদয়+আদিত্য] *বি* নবোদিত সূর্য। 'প্রভাতে উদয়াদিত্য, সুন্দর প্রফুল্লচিত্ত।' *রামপ্রসাদ*, ১৭৮০।

উদয়াবধি [স উদয়-অবধি] *ক্রিবিণ* প্রকাশিত হওয়ার পর থেকে। 'প্রভাকর উদয়াবধি গত মাঘ মাস পর্য্যন্ত বিলক্ষণরূপে ধর্ম্ম পক্ষ ছিলেন।' *দর্পণ*, ১৮৩২।

উদয়ারুণ [স উদয়-অরুণ] *বি* উদয়কালের সূর্য। 'স্মিত উদয়ারুণ-কিরণ-বিলাসিনী।' *রবীন্দ্র*, ১৯০৮।

উদয়াস্ত [স] **১** *বি* উদয় ও অস্ত। 'প্রভাকরের উদয়াস্ত কালের বিচিত্র শোভাকর ভূয়োভূয় পরিবর্তন দেখিয়া যে অতুল আনন্দের উদয় হয়।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *ক্রিবিণ* সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত। 'উদয়াস্ত রেখে গেল যে-অক্ষয় রূপের সঞ্চয়।' *সুধীন্দ্র*, ১৯৩২।

উদয়াস্তরবিরশ্মিপাত [স উদয়-অস্ত-রবি-রশ্মিপাত] *বি* উদয় থেকে অস্ত যাওয়া পর্যন্ত সূর্যের আলোক। 'নিঃশব্দ গ্রহণ করে উদয়াস্তরবিরশ্মিপাত।' *রবীন্দ্র*, ১৯১৪।

উদয়াস্তাদি [স উদয়-অস্তাদি] *বি* উদয় এবং অস্ত ইত্যাদি। 'প্রাত্যহিক উদয়াস্তাদি দেখিতে পাই।' *বঙ্কিম*, ১৮৭৫।

উদয়োন্মুখ [স] *বিণ* উদিত হওয়ার জন্য উন্মুখ। 'আমাদের মনোজগতে যে নবসূর্য উদয়োন্মুখ তার সহস্র ...।' *প্রমথ*, ১৯১৩।

উদয়ন [স] *বি* ওঠা। 'বেলা উদয়নে মুখ দরশনে ভোমরা দংশনে মৈনু।' *আলাওল*, ১৭০০।

উদর [স] **১** *বি* গর্ভ। 'হলী বনমালী নাম দৈবকী উদরে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* পেট। 'উদরে আমার জ্বালা ঘন কর্ণে লাগে তালা।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বিণ* পেট-ভর্তি। 'এক উদর আহার করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

উদরদহন [স] *বি* পেটের ব্যথা। 'আমার পীড়িত অঙ্গ উদরদহন।' *মুকুন্দ*, ১৬০০।

উদরপরায়ণ [স] *বিণ* পেটুক। 'উদরপরায়ণ দুরাত্মা লোকেরা এই পঞ্চামৃত ভোজনে ...।' *রাজ*, ১৮৭৪।

উদরপূজক [স] *বিণ* পেটের সেবাতেই ব্যস্ত। 'গেরুয়া বসন পরিহিত স্বার্থসেবী উদরপূজক।' *মোসলেম*, ১৯২৭।

উদর-পূরণ *বি* পেট ভরা। 'তোরই উদর-পূরণের জন্য মানুষ মানুষের গলায় ছুরি ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

উদরপূর্তি, উদরপূর্ত্তি [স] **১** *বি* পেট ভরা। 'আমি অতি অধম জাতি, কৃত্রিয়া দ্বারা উদরপূর্তি করি।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বি* আহারাদি গ্রহণ। 'একটি জন্তুরও চির জীবন উদরপূর্ত্তি হইতে পারে না।' *অক্ষয়*, ১৮৫০; 'এ সকল খাদ্যের অভাব হইলে, মাংসাহার দ্বারাও উদরপূর্তি করিয়া থাকে।' *বিদ্যা*, ১৮৫১।

উদরপূর্ণ [স] *বিণ* আত্মসাৎ। 'তাহারা অন্যের ধন হরণ করিয়া উদরপূর্ণ করিত।' *অক্ষয়*, ১৮৪৯।

উদরপোষণ [স] *বি* আহার সংস্থান। 'পশু হনন দ্বারা উদর পোষণ করিয়া বেড়াইতেন।' *অক্ষয়*, ১৮৫৫; 'বিদ্যালোচনার পূর্ব্বে উদরপোষণ চাই।' *বঙ্কিম*, ১৮৭৯।

উদরভরণ [স] *বি* পেট ভরা। 'উদরভরণ লাগি পাপিষ্ঠ সকলে।' *বৃন্দা*, ১৫৮০।

উদরসর্বস্ব [স] *বিণ* উদরকেই প্রধান মনে করে এমন। 'তাও যদি উদরসর্বস্ব হইয়া পেটটাকেই ভরাইতে পাইত।' *তারা*, ১৯৪২।

উদরসাৎ [স] **১** *বিণ* আত্মসাৎ। 'বঙ্গভূমির সমস্ত ধন উদরসাৎ করিল।' *অক্ষয়*, ১৮৪৭। **২** *বি* উদরস্থ। 'পাইবামাত্র উদরসাৎ করিলাম।' *বঙ্কিম*, ১৮৭৪।

উদর-সেবা [স] *বি* খাওয়া-দাওয়া; ভোজন। 'সুখে করায় উদর-সেবা।' *গুপ্ত*, ১৮৫৮।

উদরস্ত [স উদরস্থ] *বিণ* উদরস্থ। 'উদরস্ত না হত্যে অঘ্রাণে উঠে আঁত।' *মানিকরাম*, ১৭৮১।

উদরস্থ [স] **১** *বিণ* উদরসাৎ। 'খাব খাব বলি মাগো উদরস্থ না করিব।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *বিণ* আত্মীভূত। 'একে একে সবকিছু উদরস্থ না করিয়া এর ক্ষুধা তৃপ্ত হইবে না।' *সওগাত*, ১৯৪৪।

উদরস্ফীতি [স] *বি* পেটের স্থূলতা। 'হাসুবৌর উদরস্ফীতির আয়তন সম্পর্কে দরিয়াবিবি প্রশ্ন উত্থাপন করিল।' *শওকত*, ১৯৫৮।

উদরাঞ্চল [স] *বি* পেট ও পেটের সংলগ্ন জায়গা। 'তার স্ত্রীর উদরাঞ্চল নগ্নদৃষ্টি দিয়ে তাকিয়ে দেখবে।' *ওয়াদী*, ১৯৪৮।

উদরাধ্মান [স উদর-আধ্মান] *বি* পেটফাঁপা। 'সুতরাং, অপচার ও উদরাধ্মান হইয়া রহিয়াছে।' *বিদ্যা*, ১৮৭৩।

উদরান্ন [স উদর-অন্ন] *বি* খাদ্যদ্রব্য। 'উদরান্নেরো অনাটন হইয়াছে।' *দর্পণ*, ১৮৩০।

উদরাময় [স উদর-আময়] *বি* পেটের অসুখ। 'নবাব নসরৎজঙ্গ বাহাদুরের উদরাময় সঞ্চার হইয়াছিল।' *দর্পণ*, ১৮২২।

উদরায়ণ [স উদর-আয়ন] *বি* উদর পূর্তি। 'উদরায়ণ উদার ক্ষেত্রে/ মিলুন উভয়পক্ষ, রসনাতে রসিয়ে উঠুক/ নানা রসের ভক্ষ্য।' *রবীন্দ্র*, ১৯৩৮।

উদরী [স] *বি* পেটে জল জমার রোগ। 'কাঁসোর হইল তার বিষম উদরী।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'উদরী রোগের প্রায় উদর ডাগর।' *গুপ্ত*, ১৮৫৮।

উদলা [স উৎস্থল] **১** *বিণ* খোলা। 'সবের উদলা চুল।' *বিজয়*, ১৬৫০। **২** *বিণ* অনাবৃত। 'গা উদলা করিয়া দেওয়াতেও ...।' *মানিক*, ১৯৩৬।

উদা [স উদয়>] **১** *ক্রি* উদিত হওয়া। 'ধূমকেতুরাশি যেন উদিল সহসা।' *মাইকেল*, ১৮৬১। **২** *ক্রি* মনে পড়া। 'দু-একটি সুর তার উদিবে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

স্মরণে।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *ক্রি* উপস্থিত হওয়া। 'তুমি সমুখে উদিলে হেসে।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৪ *ক্রি* আবির্ভূত হওয়া। 'জাগরণসম তুমি আমার ললাটে চুমি উদিছ নয়নে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

উদাঁড় [স উদ্দাম] *বিণ* বন্ধনমুক্ত। 'খক্ক নঠ করে যেহ্ন উদাঁড় সাণ্ডে।' *বচু*, ১৪৫০।

উদাত্ত [স] ১ *বিণ* মহান। 'নায়ক ... ধীরোদাত্ত কি উদাত্ত।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বি* সংগীতের স্বরভেদ। 'বশিষ্ঠদেব উদাত্ত অনুদাত্ত স্বরিতাদি স্বরপ্রক্রিয়াপরিশোধিত কোমল মসৃণ অথচ গম্ভীর স্বরলহরীতে গিরিগুহা কন্দরাদি প্রতিধ্বনিত করিয়া ...।' *হরপ্রসাদ*, ১৮৮১। ৩ *বিণ* উচ্চকণ্ঠ। 'এমন বন্দনাগান উদাত্ত স্বরে কেন জাগল না ...।' *রবীন্দ্র*, ১৯২৯। ৪ *বিণ* উচ্চ ধ্বনি সৃষ্টিকারী। 'উদাত্ত বিষাণ উৎসরিল উর্ধ্বগ আহ্বান।' *সুধীন্দ্র*, ১৯৩২। ৫ *বিণ* (সংগীত) চড়া। 'দিনে দুপুরে ঝাঁ ঝাঁ করে ওঠে তার সুর উদাত্ত পর্দায়।' *রবীন্দ্র*, ১৯৩৮। ৬ *বিণ* মুক্ত। 'যে উদাত্ত ছন্দের সাক্ষাৎ আমরা পাই তাকে আমরা পদ্য বলি না ...।' *রবীন্দ্র*, ১৯৩৯।

উদাত্তকণ্ঠ [স] *বি* গম্ভীর স্বর। 'শিওরাষ্ট্র পাকিস্তানকে রক্ষা করতে ... আমাদেরকে উদাত্তকণ্ঠে আহ্বান জানাচ্ছেন।' *বেগম*, ১৯৪৮।

উদাত্তনিস্বন [স] *বি* গম্ভীর স্বর। 'কি উদাত্তনিস্বন মধুর আবৃত্তি।' *অচিন্ত্য*, ১৯৫০।

উদান [স] *বি* কল্পিত পঞ্চবায়ুর কণ্ঠস্থিত বায়ু। 'প্রাণ অপান ব্যান উদান সমান।' *চণ্ডী*, ১৫৫০।

উদাম[১] [স উদ্দাম] ১ *বিণ* এলোমেলো। 'শোকেতে উন্মত্ত বেশ উদাম মাথার কেশ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* অনাবৃত; উলঙ্গ। *মানোএল*, ১৭৪৩; 'যে নারী উদাম করে তার সর্ব উর্বর আধার।' *মাহমুদ*, ১৯৭৩।

উদার [স] ১ *বিণ* মহান। 'পরম উদার জগন্নাথ মহাভাগ।' *বৃন্দা*, ১৮৮৩; 'মহেশপণ্ডিত ব্রজের উদার গোয়াল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* দরাজ। 'চান্দে বলে প্রিয়া তোর উদার কেন মতি।' *বিজয়*, ১৬৫০। ৩ *বিণ* অমায়িক। 'উদার ও সত্যপ্রিয় হয়, বিদ্যালয়ে সেরূপ শিক্ষার পদ্ধতি নাই।' *অক্ষয়*, ১৮৪৬। ৪ *বিণ* অকৃপণ। 'মহামান্য মনুষ্য সমধিক ধনাগম করিয়া অতি উদারভাবে ব্যয়ব্যসন করিয়া আসিতেছিলেন।' *অক্ষয়*, ১৮৪৯। ৫ *বিণ* বিশাল। 'সম্মুখে উদার সিন্ধু।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৬ *বিণ* মুক্ত। 'মনে আনে সমুদ্রের উদার বাতাস।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৭ *বিণ* বিপুল। 'একটা উদার করুণা ভেঙে ভেঙে পড়তে লাগল।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৮ *বিণ* সুউচ্চ। 'কখনো উদার গিরির শিখরে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৯ *বিণ* সর্বগ্রাসী। 'নির্মল উদার মৃত্যু – সকল পাতক করে গ্রাস।' *রবীন্দ্র*, ১৮৯৯। ১০ *বিণ* শাশ্রীয় বন্ধনহীন। 'উদার ছন্দে পরমানন্দে বন্দন করি তাঁরে।' *রবীন্দ্র*, ১৯১০।

উদারচঞ্চল [স] *বিণ* উৎফুল্ল। 'সমীর উদার চঞ্চলভাবে আমার পৃষ্ঠে চপেটাঘাত করিয়া বলিলেন – লেখো-না হে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উদারচরিত্র [স] *বিণ* সংকীর্ণতাবর্জিত। 'চস্মাঅলঙ্কৃত, উদারচরিত্র, বহুভাষী।' *বঙ্কিম*, ১৮৭৪।

উদারচিত্ত [স] *বিণ* মহৎ। 'উদারচিত্ত পরেশবাবু কত সমাদরের সহিত ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

উদারচিত্ততা [স] *বি* উদারতা। 'বৃদ্ধার ঈদৃশী উদারচিত্ততা দেখিয়া ... প্রীত হইলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

উদারচেতা [স] ১ *বিণ* মহৎ। 'আমাদের উদারচেতা নবীন সম্রাট মহাত্মা ৭ম এডওয়ার্ড।' *প্রচারক*, ১৯০৩। ২ *বিণ* মহাপ্রাণ। 'উদারচেতা মহাত্মা দয়া করিয়া আমাদের হাত ধরিয়া তুলিতে অগ্রসর হন।' *রোকেয়া*, ১৯২১।

উদারতন্ত্রবিরোধী [স] *বিণ* উদারতাবাদের বিরোধিতা করে এমন। 'তাঁর প্রত্যয় ঘোষিতভাবে উদারতন্ত্রবিরোধী।' *শিব*, ১৯৬০।

উদারতন্ত্রী [স] *বিণ* উদারনৈতিক। 'উদারতন্ত্রী দলের প্রতিনিধিরাও গোলটেবিল বৈঠকে উপস্থিত থাকিবেন।' *সওগাত*, ১৯৩০।

উদারতর [স] *বিণ* প্রশস্ততর। 'উদার উদারতর দাঁড়ায়ে শিখর-পর ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উদারতা [স] ১ *বি* সংস্কারহীনতা। 'উদারতার সীমা উদরের চারি পার্শ্বের মধ্যেই অবসিত।' *রবীন্দ্র*, ১৮৮৭। ২ *বি* মহত্ত্ব। 'হাস্যমুখে তাহার পরিচয় না লইলে উৎসবের উদারতা দূর হয়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উদারতান্ত্রিক [স] *বিণ* উদারতাবাদী। 'এই বোধ উদারতান্ত্রিক সমাজদর্শনের এবং আর্থরাজনৈতিক ব্যবস্থার মধ্যে আকার পেতে থাকে।' *শিব*, ১৯৬০।

উদারতাবশত [স] *ক্রিবিণ* উদারতাহেতু। 'উদারতাবশত ইহা বুঝিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৮৮৫।

উদারনীতি [স] *বি* অসংকীর্ণ মতবাদ। 'কোনো উদারনীতি প্রবর্তনে দ্বিধা-বোধ করা, ইহাই দুর্বলতা।' *রবীন্দ্র*, ১৯০৮।

উদারনীতিক [স] *বিণ* উদার নীতিতে বিশ্বাসী। 'আমরা উদারনীতিক, সমন্বয়বাদী।' *সিরাজুল*, ১৯৭৪।

উদারনৈতিক [স] *বিণ* উদার নীতিতে বিশ্বাসী। 'কংগ্রেস উদারনৈতিক দল এই জাতীয়তাবাদের ছদ্মবেশে হিন্দুরাজ প্রতিষ্ঠার আয়োজন করিতেছে।' *আজাদ*, ১৯৪১।

উদারনৈতিক মতবাদ [স] *বি* উদার নীতিতে বিশ্বাসের মতবাদ। 'ইংলণ্ডের রাজনীতিতে উদারনৈতিক মতবাদের অবকাশ আছে।' *হাই*, ১৯৫৮।

উদারপন্থী [স] *বিণ* উদার নীতিতে বিশ্বাসী। 'নেশন উদারপন্থীদের প্রধান সাপ্তাহিক পত্র।' *রবীন্দ্র*, ১৯১২।

উদারপ্রকৃতি [স] *বিণ* মহৎ। 'উঁহাদের ন্যায় উদারপ্রকৃতি ও বিশ্বহিতকাম ব্যক্তির আবশ্যক।' *অক্ষয়*, ১৮৪৬।

উদারভাবে *ক্রিবিণ* অকৃপণভাবে। 'মহামান্য মনুষ্য সমধিক ধনাগম করিয়া অতি উদারভাবে ব্যয়ব্যসন করিয়া আসিতেছিলেন।' *অক্ষয়*, ১৮৪৯।

উদারমনা [স] *বিণ* মুক্ত-মনা। 'আমি আপনাদের কাছে উদারমনা বলে পরিচিত হব।' *জসীম*, ১৯৬১।

উদারশীলা [স] *বিণ স্ত্রী* প্রশস্তমনা। 'তিনি যেমন চারুশীলা, তেমনই উদারশীলা।' *বিদ্যা*, ১৮৪৭।

উদারস্বভাব [স] *বিণ* মহৎচরিত্র। 'উদারস্বভাব মানবহিতৈষী ধর্মপরায়ণ গৃহস্থ হয়ে উঠতে পারি।' *রবীন্দ্র*, ১৯০৮।

উদারহৃদয়া [স] *বিণ স্ত্রী* উদার মনের অধিকারী। 'উদারহৃদয়া – পত্যনুরক্তা-আজ্ঞানুবর্তিনী।' *দীপিকা*, ১৮৮৭।

উদারাশয় [স উদার-আশয়] *বিণ* উদারহৃদয়। 'এই দুই লোকহিতৈষী উদারাশয় মহাত্মা ব্যক্তির ...।' *রাজ*, ১৮৭৪।

উদারণ [স উদাহরণ] *বি* দৃষ্টান্ত। 'অনুরূপকেরা সুসভ্য ইংলিশ সমাজের

WWW.AMARBOI.COM

উদারণ স্বরূপ।' *সংগ্রহ*, ১৮৬১।

উদারা [স উদার>] *বি* (সংগীত) নিম্নসপ্তকের স্বরসমূহ। 'ওড়ব খাড়ব প্রণব উদারা তারা লইয়া তর্ক।' *রবীন্দ্র*, ১৯০৭।

উদারি [স উদরী] *বি* পেটে জল জমার রোগ; ড্রপসি। 'দুঃখের নাহিক ওর উদারি হইয়াছে মোর।' *কৃষ্ণরাম*, ১৭২০।

উদাস [স] **১** *বিণ* উদাসীন। 'সে অনুরাগল হৃদয় উদাস।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* অনাবৃত। 'আধ নুকায়লি আধ উদাস কুচকুম্ভ কহি গেল অপনক আস।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *বিণ* নির্লিপ্ত। 'অন্তরে সব জ্ঞান প্রভু বাহিরে উদাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বিণ* আত্মহারা। 'ইহাতেই স্বভাবতঃ মন উদাস হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

উদাস-উদাস *বিণ* অস্থির ভাবাপন্ন। 'হু-হু করে ওঠে প্রাণ, মন করে উদাস-উদাস।' *নজরুল*, ১৯২৩।

উদাস-করা [স উদাস+করা] *বিণ* উদাস করে দেয় এমন। 'কোন তাপসিনীর করুণবাণীর এমন উদাস-করা ভৈরবীর সুরে সমস্ত আকাশকে ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

উদাসচেতা [স] *বিণ* উদাস চিত্ত এমন। 'কে নেবে হৃদয় কিনে, / উদাসচেতা?' *সুকান্ত*, ১৯৪৮।

উদাসপারা [স উদাসপ্রায়>] *ক্রিবিণ* আনমনা। 'ভাবিছে উদাসপারা।' *রবীন্দ্র*, ১৯১৪।

উদাসপ্রাণ [স] *বি* উদাসীন হৃদয়। 'ফিরি আমি উদাস প্রাণে।' *রবীন্দ্র*, ১৯১১।

উদাসমুরতি [স উদাসমূর্তি] *ক্রিবিণ* বিষণ্ন চেহারায়। 'কে তুমি বসিয়া উদাসমুরতি বিষাদশান্ত শোভাতে।' *রবীন্দ্র*, ১৮৯০।

উদাসা [স উদাস>] *ক্রি* উদাস হওয়া। 'মন উদাসিয়া ওঠে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

উদাসিন [স উদাসীন] *বিণ* অনাসক্ত। 'পাণ্ডবে ভুঞ্জিব রাজ্য আমি উদাসিন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উদাসিনী [স] **১** *বিণ স্ত্রী* বৈরাগী। 'উদাসিনী হইয়া দিগ দিগ।' *গরীব*, ১৭৬৫। **২** *বিণ স্ত্রী* উদাস। 'উদাসিনী বেশে বিদেশিনী কে।' *রবীন্দ্র*, ১৯৩৮। **৩** *বিণ স্ত্রী* নির্লিপ্ত; আসক্তিহীন। 'উদাসিনী হয়ে গৃহের দুয়ার রুদ্ধ করেছ তাই?' *আহসান*, ১৯৫০।

উদাসিয়া [স উদাস>] *বিণ* উদাস-করা। 'উদাসিয়া সুর মাথা কুটে মরে তাহার ব্যথার সনে।' *জসীম*, ১৯২৯।

উদাসী [স] **১** *বিণ* উদাসীন। 'সুতিলে স্বপন দেখি জাগিলে উদাসী।' *মর্তুজা*, ১৭৫০। **২** *বিণ* ধৈর্যহীন। 'তখনি হয়ে উদাসী, ত্যজিবে জীবন।' *রঙ্গ*, ১৮৫৮। **৩** *বিণ* উন্মনা। 'মিলাইয়া কণ্ঠস্বর তোর কণ্ঠস্বরে উদাসী প্রবাসী যেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **৪** *বিণ* বৈরাগী। 'ছিলাম গৃহবাসী, করলে উদাসী।' *গিরিশ*, ১৮৮৩। **৫** *বিণ* ব্যাকুল। 'এ প্রাণ তোমার দেহে হয়েছে উদাসী।' *রবীন্দ্র*, ১৮৮৬।

উদাসীন [স] **১** *বিণ* অনাসক্ত। 'জ্ঞানবন্ত তপস্বী আজন্ম উদাসীন।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* সন্ন্যাসী। 'রাজা পরমাহ্লাদে শত ২ সুবর্ণ এক ২ ব্রাহ্মণকে এবং উদাসীনকে ...।' *রাজীব*, ১৮০৫। **৩** *বি* ভবঘুরে। 'আতুর পঙ্গু এবং উদাসীন যে কেহ উপনীত হইবেক ...।' *রাজীব*, ১৮০৫। **৪** *বিণ* সম্পর্করহিত। 'ভিন্নদেশীয় উদাসীন শাস্ত্র পাঠ করাইলেই ভাবি যে অনুপকারের সম্ভাবনা।' *চন্দ্রিকা*, ১৮৩০। **৫** *বিণ* নির্বিকার। 'তিনি অপরিচিত ব্যক্তির দুরবস্থার বিষয় শুনিয়া যেমন উদাসীন থাকেন।' *অক্ষয়*, ১৮৪৯। **৬** *বিণ* আপনভোলা। 'তিনি যে উদাসীন ছিলেন তাহা নহে।' *রবীন্দ্র*, ১৮৮১। **৭** *বিণ* প্রচ্ছন্ন। 'যে গর্ব আমার ছিল উদাসীন।' *রবীন্দ্র*, ১৯৩৫। **৮** *বিণ* ম্লান। 'ক্ষীণ তার উদাসীন স্মৃতি।' *রবীন্দ্র*, ১৯৪০।

উদাসীনতা [স] **১** *বি* অনাগ্রহ। 'স্বজাতি ও স্বসমাজের উন্নতি বিষয়ে গভীর উদাসীনতা।' *প্রচারক*, ১৯০৩। **২** *বি* বৈরাগ্য। 'উদাসীনতার কথা চুপে চুপে ভুলে যায় সে।' *জীবন*, ১৯৩২। **৩** *বি* নির্লিপ্ততা। 'তার পরে বিদায় নিল এই ধূসর ধূলির উদাসীনতার কাছে।' *রবীন্দ্র*, ১৯৩২। **৪** *বি* অবহেলা। 'এসেছিলে তবু আসো নাই ... তোমার সে উদাসীনতা সত্য কিনা জানি না।' *রবীন্দ্র*, ১৯৩৯।

উদাসীন-দশা [স] *বি* বিরহের দশ দশার একটি। 'উদাসীন-দশা তার সদা জীব-পুরে।' *মাইকেল*, ১৮৬৬।

উদাসীনভাব [স] *বি* নিষ্ক্রিয় ভাব। 'গবর্ণমেন্টের উদাসীনভাব অবলম্বন করা বিধেয়?' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

উদাসীনভাবে [স] *ক্রিবিণ* ঔদাস্যভরে। 'পালিয়ে যেতে চাইলে রাজা উদাসীনভাবে বললেন ...।' *আইয়ুব*, ১৯৭৩।

উদাসীনা [স] *বিণ স্ত্রী* উদাস হয়ে আছে এমন। 'বাতায়নে উদাসীনা প্রেয়সী অবসর সময়ে বসে আছেন।' *অচিন্ত্য*, ১৯৫০।

উদাহরণ [স] *বি* দৃষ্টান্ত। 'উদাহরণেতে অনুভবে পাবে যত।' *ভারত*, ১৭৬০।

উদাহরণস্থল [স] *বি* দৃষ্টান্তস্থান। 'ভারতবর্ষে এ বিষয়ের উদাহরণস্থলের অপ্রতুল নাই।' *অক্ষয়*, ১৮৪৯।

উদাহৃত [স] *বিণ* উদাহরণ হিসেবে উল্লিখিত; উদ্ধৃত। 'আমাদের পাঠ্যব্যাকরণে কাব্যালঙ্কার অংশে যে-সকল কবিতা উদাহৃত ছিল।' *রবীন্দ্র*, ১৯১২।

উদিক [স দিক>] *বি* পিছন দিক; ঐদিক। 'তার উদিকে যতদূর দৃষ্টি যায় কেবলই শস্যক্ষেত্র।' *রবীন্দ্র*, ১৮৯১।

উদিত [স] **১** *বিণ* উত্থিত। 'শরত উদিত চান্দ বদনকমল।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* উজ্জ্বল। 'চন্দ্র বংস উদিত করিব এই বিরে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৩** *বিণ* উদ্গত। 'দয়া ও স্নেহ উদিত হইল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **৪** *বিণ* প্রকাশিত। 'হিন্দুর অশ্রাব্য যে সব বিষয় তাহাই কেবল উদিত হইতেছে।' *প্রভাকর*, ১৮৩১।

উদিলা [স উৎস্থল] *বিণ* খোলা। 'দেখিয়া উদিলা চুল সন্তোষএ তান কূল।' *সুলতান*, ১৭০০।

উদীচী [স] **১** *বি* প্রাচীন ভারতের উত্তরাঞ্চলের ভাষাবিশেষ। 'এই বঙ্গভাষা সংস্কৃতা এবং প্রাকৃতা উদীচী মহারাষ্ট্রা ... এই শাস্ত্রীয় অষ্টাদশ ভাষা হইতে নির্গতা হইয়াছে।' *দর্পণ*, ১৮৩০। **২** *বি* উত্তর দিকস্থ দেশ। 'উদীচী শব্দ কাশ্মীর ও বদরিকাশ্রম প্রতিপাদক বলিয়া বর্ণনা করিয়াছেন ...।' *অক্ষয়*, ১৮৪৮। **৩** *বি* উত্তর দিক। 'দক্ষিণ উদীচী পূরব প্রতীচী, কারে সামালিবে অরি নাহি পায় ঠিক।' *দ্বিজেন্দ্রনাথ ঠাকুর*, ১৮৭৩।

উদীচ্য [স] *বি* ভারতের উত্তরদিকস্থ অঞ্চলের মানুষ। 'উদীচ্য ১২০০।' *দর্পণ*, ১৮৩০।

উদীয়মান [স] *বিণ* প্রতিষ্ঠা লাভ করতে যাচ্ছে এমন। 'উদীয়মান তরুণ নেতা।' *মানিক*, ১৯৩৬।

উদীর্ণ [স] *বিণ* উদার; মহান। 'তোমার উদীর্ণ আবির্ভাবে মোর শূন্য পরিপূর্ণ হয় নাই কভু।' *সুধীন্দ্র*, ১৯২৯।

উদুখল [স উদূখল] *বি* ধান থেকে চাল তৈরি করার জন্য কাঠের তৈরি বৃহদাকার হামানদিস্তা। 'আড় হইয়া উদুখল লাগিল তথাই।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মালাধর, ১৫০০।

উদুখলওয়ালী [স উদ্‌খল+হি ওয়ালী] *বি স্ত্রী* ধান-ভানুনি। 'বাড়ীতে গরুর দোহাল বা উদুখলওয়ালী ডাকিতে হইবে না।' *বিভূতি*, ১৯৩৮।

উদুখল [স] *বি* ধান থেকে চাল তৈরির জন্য কাঠের বৃহদাকার হামানদিস্তা। 'উদ্‌খল টানি তারা চলিল কাননে।' *মুকুন্দ*, ১৬০০।

উদেস [স উদ্দেশ] *বিণ* উন্মুক্ত। 'নীবিবন্ধ করল উদেস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উদো *বিণ* নির্বোধ; মূর্খ। 'ম্যাদা দল আর উদো দল।' *নজরুল*, ১৯৩১।

উদোর-পিণ্ডি বুধোর/ বুদোর ঘাড়ে – একের কৃতকর্মের ফল অন্য একজন নিরীহ নির্দোষ ব্যক্তির ঘাড়ে চাপানো। 'দিয়ে উদোর-পিণ্ডি বুধোর ঘাড়ে, বাঙালীকে কাটতে বলে।' *গুপ্ত*, ১৮৫৮; 'উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে চাপানোই হল আইনের কাজ।' *তারা*, ১৯৪০।

উদোমাদা *বিণ* বুদ্ধিহীন। 'উদোমাদা চণ্ডীচরণ যা হাতে দেয় তাতেই মরণ!' *শক্তি*, ১৯৬৯।

উদ্গত, উদ্‌গত [স] ১ *বিণ* গজিয়েছে এমন। 'উদ্‌গতপক্ষ পিপীলিকার সহিত তাহার তুলনা করিয়া চলিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০০। ২ *বিণ* বাইরে বেরিয়ে এসেছে এমন। 'উদ্‌গত অশ্রু গোপন করিবার জন্য মুখ ফিরাইলেন।' *শরৎ*, ১৯১৩।

উদ্গম, উদ্‌গম [স] ১ *বি* আবির্ভাব। 'এই দুই হেতু হৈতে ইচ্ছার উদ্‌গম।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* বিকাশ; উৎপত্তি। 'তরুশাখায় নবকিশলয়ের প্রচুর উদ্‌গম অনারব্ধ আছে।' *রবীন্দ্র*, ১৯০২।

উদ্গারা, উদ্‌গারা [স উদ্গার>] *ক্রি* নিঃসরণ করা। 'স্রোতজল দানে ছিপি উদ্গরায় মুক্তা।' *আলাওল*, ১৬৮০।

উদ্গাতা, উদ্‌গাতা [স] *বিণ* উদ্ভাবক। 'সবুজ পরী! সবুজ পরী! নূতন সুরের উদ্‌গাতা।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

উদ্গাথা, উদ্‌গাথা [স] *বি* সংগীত। 'এ যেন ঝঞ্ঝাহত অরণ্যশাখার উদ্‌গাথা।' *রবীন্দ্র*, ১৯৩২।

উদ্গামী, উদ্‌গামী [স] *বিণ* বের হয়েছে এমন। 'উদ্‌গামী অশ্রু করি নিবারিত।' *রবীন্দ্র*, ১৮৭৫।

উদ্গার, উদ্‌গার [স] ১ *বি* ঢেকুর। 'ছমাস নির্গত হয় সমান উদ্‌গার।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বি* বমি। 'কিন্তু উকি উদ্‌গার মুহুর্মুহু হইতেছে।' *প্যারী*, ১৮৫৮। ৩ *বি* উদ্‌গিরণ। 'কলুষপুঞ্জ ক'রে দিক উদ্‌গার।' *রবীন্দ্র*, ১৯৪০।

উদ্গারা, উদ্‌গারা [স] ১ *ক্রি* বের ক'রে দেওয়া। 'বিদ্বেষ-অনল উদ্‌গারিছে কৃষ্ণধূম।' *রবীন্দ্র*, ১৮৮৯। ২ *ক্রি* নিঃসরণ করা। 'চরণ-আঘাতে উদ্‌গারে যেন আহত বিশ্ব রক্ত-বান।' *নজরুল*, ১৯২২।

উদ্গিরণ, উদ্‌গিরণ [স] *বি* বের হওয়া। **উদ্গিরণরত, উদ্‌গিরণরত** [স] *বিণ* বের হচ্ছে এমন। 'সামনে ধূম-উদ্‌গিরণরত কামান।' *সুকান্ত*, ১৯৪৮।

উদ্গীথমুখর, উদ্‌গীথ-মুখর [স] *বি* গানে মুখর। 'অঘমর্ষী জনতার উদ্‌গীথ-মুখর।' *বিষ্ণু*, ১৯৪১।

উদ্গীরিত, উদ্‌গীরিত [স] ১ *বিণ* বমি ক'রে ফেলা হয়েছে এমন। 'একবার গলাধঃকরণ হইলে আর কখনই উদ্‌গীরিত হয় না।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বিণ* উৎক্ষিপ্ত। 'একটা সমারোহের আগ্নেয় উচ্ছ্বাস উদ্‌গীরিত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯০৫।

উদ্গীর্ণ, উদ্‌গীর্ণ [স] ১ *বিণ* বমি করে ফেলা হয়েছে এমন। 'জল উদ্‌গীর্ণ করাইলেন।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *বিণ* প্রকাশিত। 'চিরসঞ্চিত নীরব নালিশ অন্তরজ্বালার সহিত উদ্‌গীর্ণ করিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৮।

উদ্ঘাহ, উদ্‌গ্রাহ [স] *বি* তাত্ত্বিক আলোচনা। 'উদ্‌গ্রাহাদি প্রায় করে আচার্য্যাদি সনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উদ্গ্রীব, উদ্‌গ্রীব [স] ১ *বিণ* খুব আগ্রহী। 'উদ্‌গ্রীব হইয়া অপেক্ষা করিয়া আছে।' *শরৎ*, ১৯১৭। ২ *বিণ* ব্যাকুল। 'বিনি জানতে উদ্‌গ্রীব।' *শিবরাম*, ১৯৭০।

উদ্ঘাটিত, উদ্‌ঘাটিত [স] *বিণ* প্রকাশিত। 'অরুণা যেন হঠাৎ উদ্‌ঘাটিত হল।' *জীবন*, ১৯৩১।

উদ্ঘাটন, উদ্‌ঘাটন [স] *বি* ঘোঁটা। 'এই প্রাণপণ নিজশক্তির উদ্‌ঘাটনে আধ্যাত্মিকতার জন্য ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

উদ্ঘাটন, উদ্‌ঘাটন [স] ১ *বি* প্রকাশ। 'অন্যের দোষ উদ্ঘাটন করা বড় দোষ।' *মদনমোহন*, ১৮৪৯। ২ *বি* উন্মোচন; উন্মুক্তকরণ। 'শয়নগৃহের কপাট উদ্‌ঘাটন করিয়া ...।' *অক্ষয়*, ১৮৫৪।

উদ্ঘাটা, উদ্‌ঘাটা [স উদ্‌ঘাটন>] ১ *ক্রি* উন্মোচিত করা। 'বুঝি উদ্‌ঘাট দ্বার নরকের।' *সুধীন্দ্র*, ১৯৩২। ২ *বি* আবিষ্কার করা। 'ধীরে ধীরে উদ্‌ঘাটিবে বিধাতার অন্তর্গূঢ় সংকল্পের ধারা।' *রবীন্দ্র*, ১৯৪০।

উদ্ঘাটিত, উদ্‌ঘাটিত [স] ১ *বিণ* প্রশস্ত। 'হৃদয় উদ্‌ঘাটিত করিয়া ... কল্যাণ সাধনে ব্রতী হও।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বিণ* উন্মোচিত। 'তৎক্ষণাৎ পেটকের মুখ উদ্‌ঘাটিত করিয়া দেখিলেন।' *বিদ্যা*, ১৮৪৭। ৩ *বিণ* খোলা; উন্মুক্ত। 'বহির্দ্বার উদ্ঘাটিত থাকে বটে।' *অক্ষয়*, ১৮৫৪। ৪ *বিণ* প্রকাশিত। 'পাঠকদের সম্মুখে তাঁহার প্রেম-কাহিনী আজ উদ্ঘাটিত করিতেছি।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৫ *বিণ* দেখা যাচ্ছে এমন। 'শুভ্র রজতথালার উপর উদ্ঘাটিত পায়সান্ন কেবল চক্ষে দর্শন করেই ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

উদ্ঘূর্ণা, উদ্‌ঘূর্ণা [স] *বি* পাগলের দেহ সঞ্চালন। 'উদ্‌ঘূর্ণা প্রলাপ তৈছে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উদ্ঘোষণ, উদ্‌ঘোষণ [স] *বি* উচ্চস্বরে ঘোষণা। 'কাগজের প্রবন্ধশালায় শিক্ষিত সম্প্রদায়ের বেদনা উদ্‌ঘোষণের মধ্যেই পাক খাচ্ছিল।' *রবীন্দ্র*, ১৯৩১।

উদ্ঘোষা, উদ্‌ঘোষা [স উদ্‌ঘোষণ>] *ক্রি* উচ্চকণ্ঠে ঘোষণা করা। 'কলোল্লাসে উদ্‌ঘোষিল নৃত্যমত্ত সাগরে সাগরে।' *রবীন্দ্র*, ১৯০৮।

উদ্ঘোষিত, উদ্‌ঘোষিত [স] *বিণ* উচ্চকণ্ঠে ঘোষিত। 'উত্থান করো, জাগ্রত হও – এই বাণী উদ্‌ঘোষিত হইয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

উদ্জান [স] *বি* হাইড্রোজেন। 'অম্লজান, দ্যুম্লজান ও উদ্‌জানের উৎপত্তি হইল।' *জগদীশ*, ১৮৯৫।

উদ্দণ্ড [স] ১ *বিণ* খাড়া। 'উদ্দণ্ড নৃত্যে প্রভুর হৈল পরিশ্রম।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* মারমুখী ভাব। 'আর কভু নাহি দেখি এমন উদ্দণ্ড।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বিণ* বদ্ধ। 'উদ্দণ্ড পাগল একটা।' *মনোজ*, ১৯৬১।

উদ্দত [স উদ্যত] *বিণ* আগ্রহী। 'গোমস্তা লোক নিলাম বেসি করিতে উদ্দত হইয়াছীল।' *ভেরলি*, ১৭৯১।

উদ্দত্ত [স উদ্যত] *বিণ* উন্মুখ। 'সেখানে আপনাদের অনেক শত্রুপক্ষ লোকেরা বিপক্ষতা করণের উদ্দত্ত।' *রামরাম*, ১৮০১।

উদ্দান [স উদ্যান] *বি* বাগান। 'খর ও হরিণ এই দুই পশুতে আহারার্থে এক উদ্দানের মধ্যে মধ্যে গমন।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

উদ্দাম [স] ১ *বি* স্বেচ্ছাচারিতা। 'যতেক করয়ে প্রভু সকল উদ্দাম।' *বৃন্দা*,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫৮০। ২ *বিণ* স্বেচ্ছাচারী। 'চক্রবর্ত্তী শিবানন্দ শাখাতে উদ্দাম।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বিণ* প্রবল। 'উদ্দাম উল্লাস আনো।' *আহসান*, ১৯৪৪।

উদ্দামতা [স] ১ *বি* স্বেচ্ছাচারিতা। 'আছে উল্লাসের উদ্দামতা।' *রবীন্দ্র*, ১৯২৯। ২ *বি* অত্যন্ত প্রবলতা। 'ঝড়ের উদ্দামতার জন্য নিশ্বাস ফেলবার যো নাই।' *ওয়ালী*, ১৯৪৮। ৩ *বি* উচ্ছৃঙ্খলতা। 'আবার ছেলের উদ্দামতা বাড়ে।' *নরেন্দ্র*, ১৯৫২।

উদ্দার [স উদ্ধার] *বি* উদ্ধার। 'আমার উদ্দার করিবারে নারে আন।' *বৃন্দা*, ১৫৮০।

উদ্দিশ [স উদ্দেশ] *বি* খোঁজ। 'উদ্দিশ করিতে কালি আসিবেন খুড়া।' *মুকুন্দ*, ১৬০০।

উদ্দিশে [স উদ্দেশ>] *বি* উদ্দেশ্য। 'গুরুর কাছে সুধা আছে জানো গা উদ্দিশে।' *লালন*, ১৮৯০।

উদ্দিশ্য [স উদ্দেশ্য] *বি* উদ্দেশ্য। 'ছেড়ে রাজস্ব প্রেমে উদ্দিশ্য/ কৃষ্ণের চিত্তে ব্যাথা ওড়ে গায়।' *লালন*, ১৮৯০।

উদ্দিষ্ট [স] *বিণ* উদ্দেশ্য করা হয়েছে এমন। 'উদ্দিষ্ট স্থানে উত্তীর্ণ হইবেন, তাহার সন্দেহ নাই।' *অক্ষয়*, ১৮৫০।

উদ্দীপক [স] ১ *বি* প্রেরণাদায়ক ব্যক্তি। 'দেশে একজনও উদ্দীপক ছিলেন না।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বিণ* জাগিয়ে তোলে এমন। 'এ স্বর্গীয় সুরা ... নবরস উদ্দীপক।' *মশাররফ*, ১৮৮৭।

উদ্দীপন [স] ১ *বি* আকাঙ্ক্ষা। 'কৃষ্ণ-স্মরণের তেঁহো হৈল উদ্দীপন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* উত্তেজন। 'যে মন্দ উদ্দীপন করে সে মন্দকারী ব্যক্তি হইতে কিছু খাটো দোষী নহে।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* উন্মেষ। 'জ্ঞানের উদ্দীপন হইলে অবোধতা দূর হইবে।' *দর্পণ*, ১৮৩১।

উদ্দীপনা [স] ১ *বি* প্রেরণা। 'উদ্দীপনা ছিল না।' *বঙ্গদর্শন*, ১৮৭৩। ২ *বি* উত্তেজনা। 'উদ্দীপনার সীমা নাই।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বি* উন্মাদনা। 'যৌবনচাঞ্চল্যের উদ্দীপনা বর্ণিত হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯১৬।

উদ্দীপনা-বাক্য [স] *বি* উদ্দীপনাপূর্ণ কথা। 'উদ্দীপনা-বাক্যে তব, যে-কোনো উপায়ে ফিরাইয়া আনো ...।' *রবীন্দ্র*, ১৮৮৩।

উদ্দীপনাসঞ্চারী [স] *বিণ* উদ্দীপনা সৃষ্টি করে এমন। 'এ সব সৌন্দর্যাত্মক কবিতার নামগন্ধও থাকে না, থাকে উদ্দীপনাসঞ্চারী বিদ্রোহাত্মক কবিতার ছড়াছড়ি।' *মোতাহের*, ১৯৫০।

উদ্দীপনী [স] *বিণ* উত্তেজক। 'উদ্দীপনী শক্তি ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

উদ্দীপিত [স] *বিণ* জাগ্রত। 'লোকদিগের হৃদয়ে স্বদেশানুরাগ উদ্দীপিত করিবার চেষ্টা পাই।' *বিদ্যা*, ১৮৬৩।

উদ্দীপ্ত [স] ১ *বিণ* উত্তেজিত। 'নরসিংহদেব অতিশয় উদ্দীপ্ত।' *হরপ্রসাদ রায়*, ১৮১৫। ২ *বিণ* আলোকিত। 'অনেক দেবালয় উদ্দীপ্ত করিয়া সেবাপূজার নিরূপণ করিলেন।' *দর্পণ*, ১৮৩১। ৩ *বিণ* উদ্দীপনাপূর্ণ। 'তাহাদিগের উদ্দীপ্ত কৌতূহল চরিতার্থ করা কর্ত্তব্য।' *অক্ষয়*, ১৮৫০। ৪ *বিণ* প্রজ্বলিত। 'তাহার অন্তঃকরণে একবার মাত্রও কৌতূহল শিখা উদ্দীপ্ত হয় না। *অক্ষয়*, ১৮৫৪।

উদ্দীপ্তি [স উদ্দীপ্ত] *বি* উত্তেজনা। 'সহসা জাতির এই মানসিক উদ্দীপ্তি হইল।' *বঙ্কিম*, ১৮৯২।

উদ্দেশ [স] ১ *বি* খোঁজ। 'যে পথে উদ্দেশ পাহা সে পথে আপণে যাহা।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* উদ্দেশ্য। 'যে উদ্দেশে তিনি কলকাতা আসিয়াছিলেন ... তাহা সম্পন্ন হয় না।' *বিদ্যা*, ১৮৯১।

উদ্দেশহারা [স] *বিণ* লক্ষ্যহীন। 'উদ্দেশহারা পথে বেরিয়ে পড়েছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

উদ্দেশিয়া [স উদ্দেশ>] *ক্রি* উদ্দেশ ক'রে। 'লঙ্কা উদ্দেশিয়া জাএ পার্থ মহাতেজা।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উদ্দেশে *ক্রিবিণ* সন্ধানে। 'কেমর্তে পাওঁ এবেঁ শ্রীমধুসূদনে। কাহ্নের উদ্দেশে যাহা হেন লএ মণে।' *বড়ু*, ১৪৫০।

উদ্দেশ্য [স] ১ *বিণ* উদ্দিষ্ট। 'সে উদ্দেশ্য স্থানকে না কহিয়া অন্য স্থানের নাম কহিবেক।' *সেবধি*, ১৮৩৯। ২ *বি* ইচ্ছা। 'যদি কোন নির্দিষ্ট স্থানে গমন করা তাহার লক্ষ্য ও উদ্দেশ্য না থাকে ...।' *অক্ষয়*, ১৮৫০। ৩ *বি* লক্ষ্য। 'সকলকে অবগত করা ঐ সমস্ত প্রস্তাব পাঠের উদ্দেশ্য ছিল।' *অক্ষয়*, ১৮৫৫।

উদ্দেশ্যবিবর্জিত [স] *বিণ* লক্ষ্যহীন। 'একরকম ছুটি, উদ্দেশ্যবিবর্জিত উদ্‌যোগ।' *রবীন্দ্র*, ১৯৩২।

উদ্দেশ্যবিহীন [স] *বিণ* লক্ষ্যহীন। 'অমন একটা তুচ্ছ উদ্দেশ্যবিহীন বিষয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উদ্দেশ্যমূলক [স] *বিণ* পরিকল্পিত। 'হিন্দুবিবাহ মহৎ উদ্দেশ্যমূলক বলিয়া সম্পূর্ণ এক হইয়া যাওয়া আবশ্যক।' *রবীন্দ্র*, ১৯০৭।

উদ্দেশ্যমূলকভাবে [স] *ক্রিবিণ* উদ্দেশ্য নিয়ে। 'সব বুঝেও উদ্দেশ্য-মূলকভাবে বাধার সৃষ্টি করবে।' *বেগম*, ১৯৪৮।

উদ্দেশ্যসাধন [স] *বি* কার্যসিদ্ধি। 'কৌশলে করিতে চাও উদ্দেশ্য-সাধন।' *রবীন্দ্র*, ১৮৮৯।

উদ্দেশ্যহীন [স] *বিণ* কোনো উদ্দেশ্য নেই এমন। 'মনে হইল সংসার উদ্দেশ্যহীন এবং ভালোবাসা ও বাণিজ্য-ব্যবসা সমস্তই ব্যর্থ।' *রবীন্দ্র*, ১৮৯৮।

উদ্দেশ্যহীনতা [স] *বি* লক্ষ্য না থাকার ভাব। 'যদি শান্তি লাভ করি তাহা হইলেই সেই উদ্দেশ্যহীনতার মধ্যেই যথার্থভাবে জীবনের ...।' *রবীন্দ্র*, ১৯০৩।

উদ্দেশ্যহীনভাবে [স] *ক্রিবিণ* লক্ষ্যহীনভাবে। 'কুকুরটা খালের ধারে ধারে উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়াচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উদ্দেস [স উদ্দেশ] *বি* সন্ধান; খোঁজ। 'জিবন উদ্দেস তার কোথাহ না পাইল।' *মালাধর*, ১৫০০।

উদ্দ্যান [স উদ্যান] *বি* বাগান। 'শোভাকর উদ্দ্যান।' *রামরাম*, ১৮০১।

উদ্ধ [স উর্ধ্ব] *বিণ* উপর। 'উদ্ধ পদ হেট মাথা করিএ পসুপতি।' *রামাই*, ১৭১০।

উদ্ধত [স] ১ *বিণ* উগ্র। 'উদ্ধত লোক ভাঙ্গে কাজীর ঘর পুষ্পবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* অবিনয়ী। 'লক্ষণ একটি উদ্ধত উগ্র যুবক, অন্যায় তাঁহার কোনোমতে সহ্য হয় না।' *রবীন্দ্র*, ১৮৭৭। ৩ *বিণ* দর্পিত। 'যে জাঁকজমক ছিল তাহা উদ্ধত নহে।' *রবীন্দ্র*, ১৯১২। ৪ *বিণ* আপোশহীন। 'মানুষের ভেদবুদ্ধি উদ্ধত হইয়া ওঠে।' *রবীন্দ্র*, ১৯১৩। ৫ *বিণ* মাথা-তোলা। 'উদ্ধত যত শাখার শিখরে রডোডেন-ড্রনগুচ্ছ।' *রবীন্দ্র*, ১৯২৮; 'একসার মোটা পায়াভারী পাম উদ্ধত মাথা।' *রবীন্দ্র*, ১৯৩৬। ৬ *বিণ* দৃষ্টিকটু। 'তার ধন নয় উদ্ধত, তার দৈন্য নয় মলিন।' *রবীন্দ্র*, ১৯৩২।

উদ্ধতগতি [স] *বি* দুরন্ত গতি। 'উর্ধ্বলোকের উদ্ধতগতি দাও।' *বিষ্ণু*, ১৯৩৭।

উদ্ধতশির [স] *বিণ* স্পর্ধার সঙ্গে মাথা উঁচু করে এমন। 'জীবন-আবেগ রুধিতে না পারি যারা উদ্ধত-শির।' *নজরুল*, ১৯২৯।

AMARBOI.COM

উদ্ধতা [স] *বিণ স্ত্রী* দুর্বিনীত। 'উদ্ধতা মুখরা বউ।' *বেগম*, ১৯৪৮।

উদ্ধব [স] *বি* শ্রীকৃষ্ণের সখা। 'শ্রীরাধার প্রলাপ যেছে উদ্ধব-দর্শনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উদ্ধরণ [স] *বি* উদ্ধার। 'কাজ না আজিকে জান মাল দিয়ে মুক্তির উদ্ধরণ?' *নজরুল*, ১৯২২।

উদ্ধর্তন, উদ্ধর্ত্তন [স উদ্বর্তন] *বি* গন্ধলেপন। 'উদ্ধর্ত্তন করে রাজা হেনঞ্জি সমএ।' *মালাধর*, ১৫০০।

উদ্ধার [স] **১** *বিণ* মুক্ত। 'সীতার কইলোঁ উদ্ধার।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* পরিত্রাণ। 'সভার করিব গৌরসুন্দর উদ্ধার।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* পুনরুদ্ধার। 'হতপ্রায় ধর্মরত্ন উদ্ধার করিয়া দেওয়া অপেক্ষা ... অধিকতর উপকার করিতে সমর্থ হওয়া যায় না।' *অক্ষয়*, ১৮৫৪। **৪** *বি* তোলা। 'কষ্টক বিঁধাইয়া কষ্টক উদ্ধার করিতে হয়।' *রবীন্দ্র*, ১৮৮৮। **৫** *বিণ* উদ্ধৃত। 'সংস্কৃত শাস্ত্র হইতে ইতিহাস উদ্ধার করিত লাগিলেন।' *রবীন্দ্র*, ১৮৯০। **৬** *বি* রক্ষা। 'পৃথিবীকে নানা বিপদ হইতে উদ্ধার করেন।' *রবীন্দ্র*, ১৮৯২। **৭** *বি* আবিষ্কার। 'ইহার কিয়দংশের মূল উদ্ধার করিতে পারিয়াছি।' *রবীন্দ্র*, ১৯১২। **৮** *বি* প্রকাশ। 'মর্মের বেদনা করিয়ো উদ্ধার।' *রবীন্দ্র*, ১৯৪০।

উদ্ধারকর্তা [স] *বি* মুক্তিদাতা। 'আমি দেবতার উদ্ধারকর্তা।' *রবীন্দ্র*, ১৯১৫।

উদ্ধারপ্রাপ্ত [স] *বিণ* মুক্তি পেয়েছে এমন। 'অন্ধ কন্যা উদ্ধারপ্রাপ্ত হইল।' *বঙ্কিম*, ১৮৭৪।

উদ্ধারযোগ্য [স] *বিণ* উদ্ধার করা সম্ভব এমন। '...তার সঠিক কোনো অর্থ অনেক কষ্টে উদ্ধারযোগ্য।' *শওকত*, ১৯৭২।

উদ্ধারা [স উদ্ধার>] **১** *ক্রি* রক্ষা করা। 'বেদ উদ্ধারিলোঁ ক্রীড়া সাগরজলে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* উদ্ধার করা। 'দ্বিতিএ বরাহরূপে পৃথুবি উদ্ধারি।' *মালাধর*, ১৫০০। **উদ্ধারয়** *ক্রি* উদ্ধার করে। 'শিক্ষাগুণে দন্তিতল হোন্তে উদ্ধারয়।' *আলাওল*, ১৬৮৫। **উদ্ধারহ** *ক্রি* উদ্ধার করো। 'ভক্তিদান দেহ প্রভু উদ্ধারহ দীন।' *বৃন্দা*, ১৫৮০। **উদ্ধারি** *ক্রি* উদ্ধার করে। 'দ্বিতিএ বরাহরূপে পৃথুবি উদ্ধারি।' *মালাধর*, ১৫০০। **উদ্ধারিতে** *ক্রি* উদ্ধার করতে। 'বেদ উদ্ধারিতে বিষ্ণু হইল উৎপত্তি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **উদ্ধারিতেঁ** *ক্রি* উদ্ধার করতে। 'বেদ উদ্ধারিতেঁ কৈলোঁ মীন অবতার।' *বড়ু*, ১৪৫০। **উদ্ধারিনু** *ক্রি* উদ্ধার করলাম। 'আমি উদ্ধারিনু সীতা জনকনন্দিনী।' *রূপরাম*, ১৭৫০। **উদ্ধারিমু** *ক্রি* উদ্ধার করবো। 'সাধু উদ্ধারিমু দুষ্ট বিনাশিমু সব।' *বৃন্দা*, ১৫৮০। **উদ্ধারিল** *ক্রি* রক্ষা করলো। 'তোক্ষার পরাণে বেদ উদ্ধারিল।' *বড়ু*, ১৪৫০। **উদ্ধারিলোঁ** *ক্রি* রক্ষা করলো। 'বেদ উদ্ধারিলোঁ ক্রীড়া সাগরজলে।' *বড়ু*, ১৪৫০।

উদ্ধারার্থ [স] *ক্রিবিণ* পুনরুদ্ধারের জন্য। 'আমরা তাঁহার ধর্মরূপ অমূল্য রত্ন উদ্ধারার্থ প্রব্রত হইয়াছি।' *অক্ষয়*, ১৮৫৪।

উদ্ধূয়মান [স] *বিণ* ওড়ানো হচ্ছে এমন। 'চামর-কলাপ উদ্ধূয়মান ...।' *মালাধর*, ১৫০০।

উদ্ধৃত [স] **১** *বিণ* সংকলিত। 'সেই বচনকে উদ্ধৃত করিয়া এ বিষয়ের বিবরণ আরম্ভ করা যাইতেছে।' *অক্ষয়*, ১৮৪৭। **২** *বিণ* উক্ত। 'তাঁহার পুরাণোক্ত বংশ বর্ণনা বিষয়ক বাক্য পশ্চাৎ উদ্ধৃত করিতেছি।' *অক্ষয়*, ১৮৪৭। **৩** *বিণ* উত্থাপিত। 'খ্রীষ্টানদিগের সহিত বিচারকালে বাইবেলের বচন উদ্ধৃত করিতেন।' *অক্ষয়*, ১৮৪৮। **৪** *বিণ* দৃষ্টান্তস্বরূপ প্রদত্ত। 'একখানা তালিকা উদ্ধৃত করিব।' *বঙ্কিম*, ১৮৯২। **৫** *বিণ* কোনো রচনা বা উক্তি থেকে আহৃত। 'পুরাণ কোরান বাইবেল থেকে শ্লোক উদ্ধৃত করে দেখালেও ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উদ্দেস [স উদ্দেশ] *বি* সন্ধান। 'না করিলে উদ্দেস জবে কৈল বনবাস।' *মালাধর*, ১৫০০।

উদ্বধিত, উদ্‌বধিত [স] *বিণ* অবদমিত। 'নাবিকের লিবিডোকে উদ্‌বধিত করে।' *জীবন*, ১৯৪৮।

উদ্বন্ধন [স] **১** *বি* ফাঁসি। 'উদ্বন্ধনে রাধা সরদারের প্রাণদণ্ড হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৪। **২** *বি* আত্মহত্যার উদ্দেশ্যে গলায় দড়ি দিয়ে ঊর্ধ্বে বন্ধন। 'পিতার উদ্বন্ধনে মৃত্যু হইয়াছে।' *দীনবন্ধু*, ১৮৬০। **৩** *ক্রিবিণ* বন্ধন থেকে। 'বনাতের চাপকান এবং চোগা হুকের উপর উদ্বন্ধনে ঝুলছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উদ্বন্ধনরজ্জু [স] *বি* ফাঁসির দড়ি। 'সে তাহার উদ্বন্ধনরজ্জু।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উদ্বন্ধিত [স] *বিণ* বাঁধা হয়েছে এমন। 'শৃঙ্খল দ্বারা উদ্বন্ধিত ...।' *দর্পণ*, ১৮২৫।

উদ্বমন [স] *বি* উদ্‌গিরণ। 'শুভ্রবর্ণ ফেনরাশি উদ্বমন করিতে করিতে ...।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

উদ্বর্ত, উদ্বর্ত্ত [স] *বিণ* অতিরিক্ত। 'ইহাতে কার্য্য সমাধা হইয়া আর উদ্বর্ত্ত ও হইতে পারিবেক।' *কেরি*, ১৮০২।

উদ্বর্তন, উদ্বর্ত্তন [স] **১** *বি* লেপন। 'রাধা প্রতি কৃষ্ণস্নেহ সুগন্ধি উদ্বর্ত্তন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* প্রসাধন-বিশেষ। 'আনি মধুকণ্ঠ উদ্বর্তন ঝাট মর্দন করয়ে অঙ্গে।' *শেখর*, ১৬০০। **৩** *বি* টিকে থাকা। 'সাহিত্যজগৎও যোগ্যতরের উদ্বর্তনের নিয়মের অধীন।' *প্রমথ*, ১৯১৫। **৪** *বি* আবর্তন। 'সময়ের উদ্বর্তনে উঠে এসে বধূ।' *জীবন*, ১৯৪৪।

উদ্বর্তিত [স] *বিণ* ঘূর্ণিত। 'অনির্বচনীয় উদ্বর্তিত চিন্তাপুঞ্জ ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

উদ্বায়ী [স] **১** *বিণ* ক্ষণস্থায়ী। 'ঊর্ধ্বশ্বাস উৎসবের উদ্বায়ী উচ্ছ্বাসে তোমারে পাসরি।' *সুধীন্দ্র*, ১৯৩২। **২** *বিণ* বাতাসে গলে যায় এমন। 'আইসক্রিম এতটা উদ্বায়ী সকালে তা খেয়াল থাকলে ...।' *রশীদ*, ১৯৬৩।

উদ্বায়ু [স] *বি* বায়ুগ্রস্ত ব্যক্তি। 'উদ্বায়ু জানি লোটায় তোমার নির্গমে।' *বিষ্ণু*, ১৯৪১।

উদ্বারা [স উদ্ধারণ>] **১** *ক্রি* উন্মুক্ত করা। 'আদিম বন্যতা তার উদ্বারিয়া উদ্দাম নখর।' *রবীন্দ্র*, ১৯৪০। **২** *ক্রি* প্রকাশিত হওয়া। 'সে মহিমা উদ্বারিল যাহার উজ্জ্বল অমরতা।' *রবীন্দ্র*, ১৯৪০। **৩** *ক্রি* ছড়ানো। 'উদ্‌বারিল গন্ধ তার।' *রবীন্দ্র*, ১৯৪০।

উদ্বারিত [স] *বিণ* উন্মুক্ত। 'দৃষ্টিপথে উদ্বারিত নিখিলের ছবি ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উদ্বাস্তু [স] *বি* গৃহত্যাগী মানুষ। 'জ্বালি ধূমায়িত দীপ নিশাক্রান্ত উদ্বাস্তুর মতো।' *সুধীন্দ্র*, ১৯২৯।

উদ্বাহ [স] *বি* বিবাহ। 'উদ্বাহ-ক্রিয়াও অবশেষে যাতনার বিষয় হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯।

উদ্বাহতত্ত্ব [স] *বি* বিয়ে সংক্রান্ত বিধি। 'উদ্বাহতত্ত্ব সম্বন্ধে ভারতচন্দ্র authority নন।' *প্রমথ*, ১৯৩১।

উদ্বাহ-বন্ধন [স] *বি* বিবাহ বন্ধন। 'তাঁহাদের উদ্বাহ-বন্ধন ছেদন করিবার অভিলাষ ...।' *অক্ষয়*, ১৮৫২।

উদ্বাহন [স] *বি* উদ্ধারণ। 'তাদের জন্যে নেই স্বর্গ, নেই ঊর্ধ্বে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উদ্বাহন।' *রবীন্দ্র*, ১৯১৬।

উদ্বাহিত [স] *বিণ* উন্নীত। 'মর্ত্যের ভক্তি হইতেই স্বর্গ ঊর্ধ্বলোকে উদ্বাহিত হইতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

উদ্বাহু [স] ১ *বিণ* ঊর্ধ্ববাহু। 'চন্দ্র সুধালোভী উদ্বাহু বামনের ন্যায়।' *অক্ষয়*, ১৮৪১। ২ *বিণ* আগ্রহী। 'কন্ট্যাক্টর বাবু আমার প্রতি উদ্বাহু হয়ে উঠেছিলেন।' *রবীন্দ্র*, ১৯১৭।

উদ্বিগ্ন [স] ১ *বিণ* দুশ্চিন্তাগ্রস্ত। 'ও মহারাজ তোমাকে কি কারণ উদ্বিগ্ন দেখিতেছি?।' *চণ্ডীচরণ*, ১৮০৫। ২ *বিণ* উৎকণ্ঠিত। 'তাঁহারা নিয়তই উদ্বিগ্ন এবং সর্বদাই সঙ্কুচিতচিত্ত।' *অক্ষয়*, ১৮৫০। ৩ *বিণ* ব্যাকুল। 'তাঁহার চিন্তাশীল গ্রন্থ সম্বন্ধে যতই চিন্তা করিলেন, ততই অধিকতর উদ্বিগ্ন হইয়া উঠিতে লাগিলেন।' *রবীন্দ্র*, ১৮৯১। ৪ *বিণ* অস্থির। 'অরণ্য উদ্‌বিগ্ন করে তোলে, সেই কালবৈশাখীর ক্রুদ্ধ কলরোলে।' *রবীন্দ্র*, ১৯২৮। ৫ *বিণ* ত্রস্ত। 'উড়িয়া চলেছে কাক আতঙ্ক বহন করি উদ্‌বিগ্ন ডানার পরে।' *রবীন্দ্র*, ১৯৪০।

উদ্বিগ্নচিত্ত [স] *বিণ* দুশ্চিন্তাগ্রস্ত। 'উদ্বিগ্নচিত্ত হইয়া প্রতিবাসিনীদিগকে জিজ্ঞাসা করিলেন।' *ভবানী*, ১৮২৮।

উদ্বিগ্না [স] *বিণ* স্ত্রী উৎকণ্ঠিত। 'একে ত রাজকন্যা স্বামীবিরহে অত্যন্ত আতুরা ছিলেন, তাহাতে আবার চৌকিদারেরা ঘর ঘেরিল, ইহাতে উদ্বিগ্না হইয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

উদ্বিসে [স উদ্দেশে] *ক্রিবিণ* খোঁজে; সন্ধানে। 'হরির উদ্বিসে জাএ ক্রীত।' *মালাধর*, ১৫০০।

উদ্বীপন [স উদ্দীপন] *বি* উদ্দীপনা; উৎসাহ। 'নাহি পাল্যেম সুখ উদ্বীপন।' *দর্পণ*, ১৮২২।

উদ্বুদ্ধ [স] *বিণ* অনুপ্রাণিত। 'নিজের ভিতর থেকে উদ্বুদ্ধ হয়নি।' *প্রমথ*, ১৯১৪।

উদ্বৃত্ত [স] ১ *বিণ* অতিরিক্ত। 'কাহার বা জমীদারির উপস্বত্ব হইতে সাধ্য ব্যয় হইয়াও উদ্বৃত্ত হয়।' *ভবানী*, ১৮২৩। ২ *বিণ* অবশিষ্ট। 'আপন খাদ্যোপযোগী মাংস রাখিয়া উদ্বৃত্ত মাংস তাঁহাদিগকে প্রদান করিতে লাগিলেন।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বিণ* অবসর। 'উদ্‌বৃত্ত সময়টা ঠাসা ছিল ইংরেজি ...।' *রবীন্দ্র*, ১৯২৮। ৪ *বি* অবশিষ্টাংশ। 'সেদিনকার কানে-কানে কথার উদ্‌বৃত্ত।' *রবীন্দ্র*, ১৯৪০। ৫ *বিণ* বাকি। 'বাজে খরচের তরে উদ্‌বৃত্ত কিছুই ...।' *রবীন্দ্র*, ১৯৪১।

উদ্বৃত্তবর্ধন [স] *বি* উদ্বৃত্তের পরিমাণ বৃদ্ধি। 'শ্রমের উৎপাদিকা শক্তির বিকাশের এবং উদ্বৃত্তবর্ধনের জন্য এক বিশেষ ধরনের ভাবনাচিন্তা ... জরুরি।' *শিব*, ১৯৫৬।

উদ্বৃত্ত-ভোজী [স] *বিণ* উদ্বৃত্ত ভোজন করে এমন। 'শহরের উচ্ছিষ্ট ও উদ্‌বৃত্ত-ভোজী।' *রবীন্দ্র*, ১৯৩১।

উদ্বৃত্তি [স] *বি* ব্যয়ের পর অবশিষ্ট অংশ। 'উদ্বৃত্তি বা ঘাটতির পরিমাণ দ্বারা ...।' *আজাদ*, ১৯৫৬।

উদ্বেগ [স] ১ *বি* উৎকণ্ঠা। 'বিরহে ব্যাকুল প্রভু উদ্বেগে উঠিলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* দুশ্চিন্তা। 'দৈন্য উদ্বেগ আদি উৎকণ্ঠা সন্তোষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* বিরহজনিত দুঃখ। 'লালস উদ্বেগ জড় কৃশ জাগরণ।' *ভারত*, ১৭৬০। ৪ *বি* ব্যাকুলতা। 'উদ্‌বেগ নাই, প্রত্যাশা নাই, ব্যথা নাইকো কিছু।' *রবীন্দ্র*, ১৯৪০।

উদ্বেগ-আকুল [স] *বিণ* দুশ্চিন্তাগ্রস্ত। 'উদ্বেগ-আকুল হোক প্রিয়া যত দূর দূর দেশে।' *সুকান্ত*, ১৯৪৮।

উদ্বেগ-কম্পিত [স] *বিণ* উৎকণ্ঠায় কাঁপছে এমন। 'উদ্বেগ-কম্পিত ও সংকোচ-জড়িত প্যাঁচ-মোচড় দিয়ে যা বললেন ...।' *মনসুর*, ১৯৪৫।

উদ্বেগজনক [স] *বিণ* চিন্তার উদ্রেক করে এমন। 'দেশে যে উদ্বেগজনক অবস্থার সৃষ্টি হইয়াছে।' *আজাদ*, ১৯৭১।

উদ্বেগ-বিদ্ধ [স] *বিণ* চিন্তিত। 'ফিরিয়ে উদ্বেগ-বিদ্ধ মুখ অত্যাচারী শব্দ থেকে।' *শামসুর*, ১৯৭০।

উদ্বেগমুক্ত [স] *বিণ* দুশ্চিন্তামুক্ত। 'জিজ্ঞাসু মনকে উদ্বেগমুক্ত করার চেষ্টা করিতেছেন।' *আজাদ*, ১৯৬২।

উদ্বেগসাগর [স] *বি* উদ্বেগরূপ সাগর। 'উদ্বেগসাগরে মগ্ন হইয়া ...।' *দর্পণ*, ১৮৩২।

উদ্বেগহীন [স] *বিণ* নিরুদ্বেগ। 'তন্ময় মন উদ্বেগহীন চিন্তায় একটা সার্থকতা লাভ করে।' *শরৎ*, ১৯১৭।

উদ্বেগাকুলতা [স] *বি* অস্থিরতা। 'বর্তমানের উদ্বেগাকুলতা থেকে মুক্তি পেলেন।' *পাশ্যা*, ১৯৭১।

উদ্বেগিয়া [স উদ্বেগ>] *বিণ* উদ্বেগকারী। *মানোএল*, ১৭৪৩।

উদ্বেজনা [স] *বি* উদ্বেগ। 'বেদনার কিবা উদ্বেজনার চিহ্ন থাকে না কোনো খানে আর।' *সত্যেন্দ্র*, ১৯১২।

উদ্বেজিত [স] ১ *বিণ* অস্থির। 'প্রচণ্ড দণ্ডবিধান দ্বারা প্রজাদিগকে ত অত্যন্ত উদ্বেজিত করেন না।' *বঙ্কিম*, ১৮৮৭। ২ *বিণ* চিন্তিত। 'পিতামাতাকেও সর্বতোভাবে উদ্বেজিত করিয়া তুলিল।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বিণ* উত্তেজিত। 'হঠাৎ শিহরিত পুলকিত উদ্‌বেজিত হয়ে উঠেছিল।' *প্রমথ*, ১৯১৫; 'জ্বলে ওঠে লক্ষ দীপশিখা উদ্বেজিত নগরমাঝে।' *সুধীন্দ্র*, ১৯২৮।

উদ্বেড়াল, উদ্‌বেড়াল [স উদ্বিড়াল] *বি* ভোঁদড়। 'জল থেকে উদ্‌বেড়াল উঠে এল।' *অবন*, ১৮৯৬।

উদ্বেল [স] ১ *বিণ* সীমা-অতিক্রান্ত। 'অনন্ত আকাশের দিকে একবার চাহিলে স্বাধীনচিত্তা যে আপনিই উদ্বেল হইয়া উঠে।' *হরপ্রসাদ*, ১৮৮১। ২ *বিণ* উচ্ছলিত। 'উদ্বেল উদ্দাম মুক্ত উদার প্রবাহে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উদ্বেলতা [স] *বি* উচ্ছলতা। 'চিত্তের উদ্বেলতা সংবরণ করিতে পারিতেছিলাম না।' *রবীন্দ্র*, ১৯০৯।

উদ্বেলা [স উদ্বেল>] *ক্রি* উদ্বেলিত হওয়া। 'অন্তরের অন্তহীন অশ্রুপারাবার উদ্বেলিয়া উঠিয়াছে হৃদয়ে আমার।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উদ্বেলিত [স] ১ *বিণ* আকুল। 'তাহা উদ্বেলিত করিয়া দয়ার উচ্ছ্বাস উঠিল।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *বিণ* উথলিত। 'ক্রন্দন আর বাধা মানিল না, মুহূর্তে উদ্বেলিত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* আলোড়িত। 'তার চিত্ত উত্তরোত্তর অধিকতর উদ্বেলিত হয়ে উঠতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উদ্বেলিতহৃদয় [স] *বি* উৎকণ্ঠাপূর্ণ মন। 'উদ্বেলিতহৃদয়ে রতন প্রবেশ করিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

উদ্বেলা[১] [স উদ্বেল>] *বি* বেলাভূমি। 'ধূ-ধূ উদ্বেলার সারস নিভৃত কবিতা, মৃত নিশ্চিত, উদ্বেগহীন শ্লেষ।' *শক্তি*, ১৯৬১।

উদ্বেলা[২] দ্র উদ্বেল

উদ্বেষ্টিত [স] *বিণ* বন্ধনমুক্ত। 'আজিকে উদ্গীর্ণ করো উদ্বেষ্টিত উপকণ্ঠ হতে প্রাগৈতিহাসিক বিষ।' *সুধীন্দ্র*, ১৯৩১।

উদ্বোধ [স] *বি* বোধের উদয়। 'ঐ সভাধ্যক্ষগণের এইক্ষণে ভ্রমদর্শনার্থ উদ্বোধ হইয়াছে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৯।

উদ্বোধক [স] *বিণ* উদ্বোধনকারী। 'জাতীয় রেনেসাঁর উদ্বোধক

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পাকিস্তানবাদের সাহিত্যিকদের রূপায়ণ।' *মোহাম্মদী*, ১৯৪৪।

উদ্বোধন [স] ১ *বি* শুভ সূচনা। 'প্রতিকূলতার দ্বারাই আমাদের শক্তির উদ্বোধন হইবে।' *রবীন্দ্র*, ১৯০৫। ২ *বি* জাগরণ। 'ঐ একটুখানি বালক হরলালের হৃদয়-উদ্বোধনের পক্ষে যেন সোনার কাঠির মতো।' *রবীন্দ্র*, ১৯০৭।

উদ্বোধনী [স উদ্বোধন>] ১ *বিণ* সূচনা নির্দেশক। 'উদ্বোধনী-বাণী নির্গত হইয়া।' *নজরুল*, ১৯২২। ২ *বি* সূচনা। 'সোনার বাঁশির ধ্বনি করবে ঘোষণ প্রেমের উদ্‌বোধনী।' *রবীন্দ্র*, ১৯২৮।

উদ্বোধনী গান *বি* সূচনা সংগীত। 'গেয়ে যায় উদ্বোধনী গান।' *মাহেনও*, ১৯৪৯।

উদ্বোধা [স উদ্বোধ>] *ক্রি* উদ্বোধিত করা। 'দেখিনি আর্তচিত্ত উদ্বোধিয়া রাখে ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উদ্বোধিত [স] ১ *বিণ* উৎসাহিত। 'কর্তব্য-ইচ্ছা স্বভাবতই উদ্বোধিত হইতে চাহে না।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বিণ* সমর্থিত। 'যাহা-কিছু মহৎ তাহা সমস্ত উদ্বোধিত করিবার ...।' *রবীন্দ্র*, ১৯০৫। ৩ *বিণ* উন্মুক্ত। 'ঐশ্বর্যকে উদ্বোধিত করেছিল।' *রবীন্দ্র*, ১৯২৯। ৪ *বিণ* আবির্ভূত। 'উদ্বোধিত হলো প্রাণে দেশের মহিমা।' *আহসান*, ১৯৪৪।

উদ্বোধিতা [স] *বিণ* স্ত্রী সূচনাকারী। 'উদ্বোধিতা নারীর মধ্যমণির ন্যায় হবে স্বয়ং প্রকাশ।' *বেগম*, ১৯৫৬।

উদ্ব্যস্ত [স] *বিণ* ব্যতিব্যস্ত। 'শিরঃপীড়া নিয়ে ভারতীয় পণ্ডিত এখনও উদ্ব্যস্ত হননি।' *মুজতবা*, ১৯৪৯।

উদ্ভট [স] ১ *ক্রিবিণ* আশ্চর্যরূপে। 'সদা আমা নানা নৃত্যে নাচায় উদ্ভট।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* আজব। 'বাংলা কত উদ্ভট গানই তাঁহার মুখস্থ ছিল।' *রবীন্দ্র*, ১৯১২; 'উদ্ভট কল্পনা বলিয়া উপহাস।' *শুকুর*, ১৯১৭।

উদ্ভব [স] ১ *বি* উৎপত্তি। 'নির্মল কোন দিন মলা উদ্ভব হয় হএ।' *আন্তোনিয়ো*, ১৭৪৩। ২ *বি* ধারণা। 'মনের উদ্ভব এই দেশে নাই প্রজা।' *রূপরাম*, ১৭৫০। ৩ *বি* আবির্ভাব। 'অনেক২ রাজাগণ উদ্ভব হইয়াছিলেন।' *রামরাম*, ১৮০১।

উদ্ভাব [স উদ্ভব] *বি* উষ্ণবাষ্প। 'অশ্রু উদ্ভাব রতি রসিকের প্রাণরসের প্রতি।' *লালন*, ১৮৯০।

উদ্ভাবক [স] *বিণ* আবিষ্কারক। 'ইহার উদ্ভাবক ভারতের আদর্শ কৃতী সন্তান মহাত্মা গান্ধী।' *এসলাম*, ১৯২০।

উদ্ভাবন [স] ১ *বি* আবিষ্কার। 'কোন অভিনব তত্ত্ব উদ্ভাবন করিলে ...।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* প্রকাশ। 'তুমি ছাড়া সময়ের এ-উদ্ভাবনে ... আর কাকে পাব।' *জীবন*, ১৯৪২।

উদ্ভাবনমুখী [স] *বিণ* সৃষ্টিশীল। 'বিবর্ধমান বিক্ষোভকে ... দায়িত্বজ্ঞানের দ্বারা উদ্ভাবনমুখী সংগঠনের দিকে চালিত করবার সামর্থ্য ...।' *শিব*, ১৯৫৬।

উদ্ভাবনা [স উদ্ভাবন>] ১ *বি* সৃষ্টি। 'শৃঙ্খলা উদ্ভাবনা করার একটা মস্ত সুখ আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বি* চর্চা। 'শিক্ষার প্রকৃত ক্ষেত্র সেইখানেই যেখানে বিদ্যার উদ্ভাবনা চলিতেছে।' *রবীন্দ্র*, ১৯২১। ৩ *বি* বৈশিষ্ট্য। 'প্রত্যেক ভাষার এতটি স্বকীয় ধ্বনি-উদ্ভাবনা আছে। তার থেকে তার স্বরূপ চেনা যায়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

উদ্ভাবনী শক্তি [স] *বি* সৃজন করার ক্ষমতা। 'অন্তঃকরণে উদ্ভাবনী শক্তির উদয় হইলেই পশ্চাৎ কর্ম ও কর্মকর্ত্তার আবির্ভাব হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

উদ্ভাবিত [স] ১ *বিণ* উদ্ভাবন করা হয়েছে এমন। 'তিনি পদার্থবিদ্যা-সংক্রান্ত যে সকল নূতন নূতন নিয়ম উদ্ভাবিত করেন ...।' *বিদ্যা*, ১৮৪৯। ২ *বিণ* জাগ্রত। 'নিজের ভিতর হইতেই এই সংযমটিকে উদ্ভাবিত করিয়া লইতে হয়।' *রবীন্দ্র*, ১৯১২। ৩ *বিণ* আবিষ্কৃত। 'নূতন নূতন কাজের নিয়ম আপন বুদ্ধিতে উদ্ভাবিত করে।' *রবীন্দ্র*, ১৯১৫। ৪ *বিণ* পরিকল্পিত। 'তাঁর উদ্ভাবিত শিক্ষাদানপ্রণালীর অসাধারণ নৈপুণ্য ...।' *রবীন্দ্র*, ১৯২৮। ৫ *বিণ* রূপায়িত। 'এখানকার বিশেষ নীতি নানা দ্বন্দ্বের ভিতর দিয়ে এখানেই উদ্ভাবিত হবে।' *রবীন্দ্র*, ১৯৩২।

উদ্ভাসন [স] *বি* আবির্ভাব। 'আমার চোখের সামনে হঠাৎ কোনো রূপালি শহরের উদ্ভাসন।' *শামসুর*, ১৯৭০।

উদ্ভাসমান [স] *বিণ* আলোকিত। 'অপূর্ব সৌন্দর্যে অকস্মাৎ উদ্ভাসমান এই-যে হর্ষ দেবতা ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

উদ্ভাসা [স উদ্ভাস>] ১ *ক্রি* উদ্ভাসিত হওয়া। 'অঙ্গের সীমান্ত প্রান্তে উদ্ভাসিয়া ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *ক্রি* জ্বলে ওঠা। 'নয়নে তোমার ধূমকেতু-জ্বালা উঠক সরোষে উদ্ভাসি।' *নজরুল*, ১৯২২।

উদ্ভাসিত [স] ১ *বিণ* বিচ্ছুরিত। 'মহিমা তব উদ্ভাসিত মহাগগন-মাঝে।' *রবীন্দ্র*, ১৮৮৬। ২ *বিণ* প্রকাশিত। 'তারই দিব্য লাবণ্য এর সর্বত্র উদ্ভাসিত।' *রবীন্দ্র*, ১৮৯১। ৩ *বিণ* প্রণোদিত। 'নবপ্রেমে উদ্ভাসিত সুখস্মৃতি।' *রবীন্দ্র*, ১৯০২। ৪ *বিণ* আলোকিত। 'তোমার রবিকরোদীপ্ত তৃতীয় নেত্র যেন ধ্রুবজ্যোতিতে আমার অন্তরের অন্তরকে উদ্ভাসিত করিয়া তোলে।' *রবীন্দ্র*, ১৯০৭। ৫ *বিণ* প্রদীপ্ত। 'সত্যটিকে যখন আমি প্রকাশ করি তখনই বিরাট একের আলোকে আমি নিত্যতায় উদ্ভাসিত হই।' *রবীন্দ্র*, ১৯২৪।

উদ্ভিজ্জ [স] ১ *বিণ* উদ্ভিদজাত। 'উদ্ভিজ্জ বস্তু সকল এ নিয়মের অধীন থাকাতে।' *অক্ষয়*, ১৮৫০। ২ *বি* শাকসবজি। 'লন্ডনে স্থানে স্থানে উদ্ভিজ্জ ভোজনের ভোজনশালা আছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উদ্ভিজ্জাত [স] *বিণ* উদ্ভিদ থেকে প্রাপ্ত। 'গরিলা ... উদ্ভিজ্জাত খাদ্যই ভক্ষণ করে।' *অক্ষয়*, ১৮৫৪।

উদ্ভিজ্জাশী [স] *বিণ* নিরামিষভোজী। 'আমরা স্তন্যপায়ী উদ্ভিজ্জাশী জীব ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

উদ্ভিদ [স] *বি* তৃণ-লতা-গুল্ম-বৃক্ষাদি, যা মাটি ফুঁড়ে জন্মে। 'উদ্ভিদবিদ্যা ও পশ্বাদি পরিচয়বিদ্যা অভ্যাস করিতেছিলেন।' *দর্পণ*, ১৮৩৪।

উদ্ভিদতত্ত্ব, উদ্ভিদতত্ত্ব [স] *বি* উদ্ভিদবিজ্ঞান। 'জগদীশচন্দ্র বসুতত্ত্ব উদ্ভিদতত্ত্ব ও জন্তুতত্ত্বের ক্ষেত্রকে ... সহায়তা করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৫; 'গেটে উদ্ভিদতত্ত্ব সম্বন্ধে বই লিখেছেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

উদ্ভিদতত্ত্ববিৎ [স] *বি* উদ্ভিদবিজ্ঞানী। 'উদ্ভিদতত্ত্ববিৎ পণ্ডিত কৃষক এই গুণভেদের কারণ জ্ঞাত ... করিতে পারেন।' *অক্ষয়*, ১৮৪৮।

উদ্ভিদ পদার্থ [স] *বি* তৃণ-লতা-গুল্ম-বৃক্ষাদি। 'যে সকল বস্তু ভূমিতে জন্মে ... উহারা উদ্ভিদ পদার্থ।' *বিদ্যা*, ১৮৫১।

উদ্ভিদবিজ্ঞান [স] *বি* উদ্ভিদবিষয়ক বিজ্ঞান। 'উদ্ভিদবিজ্ঞানের জ্ঞান লাভ ছাত্রদিগের এক উপকারী বিষয় হইয়াছে সন্দেহ নাই।' *অক্ষয়*, ১৮৪৮।

উদ্ভিদবিদ্যা, উদ্ভিবিদ্যা [স] *বি* উদ্ভিদবিষয়ক বিদ্যা। 'ভারতবর্ষীয় উদ্ভিদ্যা ও ভূমি বিদ্যার অনেক সুগম পথ প্রকাশ হইবে।' *দর্পণ*, ১৮৩২; 'উদ্ভিদবিদ্যা ও পশ্বাদি পরিচয়বিদ্যা অভ্যাস করিতেছিলেন।' *দর্পণ*, ১৮৩৪।

উদ্ভিদভোজী [স] *বিণ* উদ্ভিদ ভোজনকারী। 'উদ্ভিদভোজী জন্তুদিগের

AMARBOI.COM

মধ্যে।' *অক্ষয়*, ১৮৫০।

উদ্ভিদশূন্য [স] *বিণ* উদ্ভিদ নেই এমন। 'মরুভূমির মত উদ্ভিদশূন্য স্থান অনেক দূর অবধি ঢালু হইয়া গিয়াছে।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

উদ্ভিন্ন [স] ১ *বিণ* বিকশিত। 'ঐ সমস্ত ডিম্ব উদ্ভিন্ন হইয়া ...।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বিণ* প্রকাশিত। 'যৌবনশ্রী সামান্য উদ্ভিন্ন হইবার সঙ্গেই।' *এসলাম*, ১৯১৭। ৩ *বিণ* প্রস্ফুটিত। 'টবে উদ্ভিন্ন গোলাপ ভীষণ ফ্যাকাশে ভয়ে।' *শামসুর*, ১৯৭২।

উদ্ভিন্নবযৌবনা [স] *বিণ স্ত্রী* নতুন বিকশিত যৌবনবিশিষ্ট। 'আশ্রমপালিতা উদ্ভিন্নবযৌবনা শকুন্তলা।' *রবীন্দ্র*, ১৯০৭।

উদ্ভূত [স] ১ *বিণ* উদ্ভাবিত। 'তাঁহাদিগের দ্বারা উদ্ভূত হইয়াছিল।' *বঙ্কিম*, ১৮৮৭। ২ *বিণ* আবির্ভূত। 'আমার বন্ধু জন্মান্তরে ব্রহ্মদেশীয় কোন্ এক কৃষকের কুটিরের সম্মুখে মস্ত একটা তামাকের খেত হয়ে উদ্ভূত হবেন।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* উৎপন্ন। 'ভূতলজঠর হইতে উদ্ভূত হইয়া সেই দেশকেই আশ্রয়চ্ছায়া দান করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭। ৪ *বিণ* উত্থিত। 'মানবচিত্তের উৎস থেকে উদ্ভূত হয়ে অসীমের দিকে প্রবাহিত হয়।' *রবীন্দ্র*, ১৯২১।

উদ্ভেদ [স] ১ *বি* প্রকাশ। 'রজনী সর্বাঙ্গসুন্দরী; বর্ণ উদ্ভেদ-প্রমুখ নিতান্ত নবীন কদলীপত্রের ন্যায় গৌর।' *বঙ্কিম*, ১৮৭৪। ২ *বি* উদ্গম। 'কাঠবিড়ালীর হৃদয়-স্পন্দন ও তৃণ-উদ্ভেদের শব্দ উল্লেখ করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৮৩।

উদ্ভেদ করা ১ *ক্রি* সমাধান করা। 'কর্তব্যসমস্যা উদ্ভেদ করিতে চেষ্টা করিল।' *রবীন্দ্র*, ১৯০৬। ২ *ক্রি* প্রকাশ করা। 'তুলিল উদ্ভেদ করি কলোল্লোলে মহা ইতিহাস।' *রবীন্দ্র*, ১৯৪০।

উদ্ভেদিত [স] *বিণ* জাগরিত। 'শিষ্যের আত্মাকে উদ্ভেদিত করেন।' *প্রমথ*, ১৯১৮।

উদ্ভ্রান্ত, উদ্‌ভ্রান্ত [স] ১ *বিণ* উন্মত্ত। 'উদ্ভ্রান্ত তাণ্ডব নৃত্যে তাহার প্রমত্ত প্রতিদিন বাড়িয়া উঠিতেছে।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বিণ* বিভ্রান্ত। 'আপনাকে উদ্‌ভ্রান্ত কত্তে এসেছি।' *গিরিশ*, ১৮৮৯। ৩ *বিণ* বিমূঢ়। 'নবানুরাগের উদ্ভ্রান্ত লীলাচাঞ্চল্য।' *রবীন্দ্র*, ১৮৯২। ৪ *বিণ* ব্যাকুল। 'সাধারণত মানুষের সংসর্গ আমাকে বড়ো বেশি উদ্‌ভ্রান্ত করে দেয়।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৫ *বিণ* আবেগপূর্ণ। 'বাল্যকালের উদ্‌ভ্রান্ত কল্পনাগুলির কথা মনে পড়ছে।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৬ *বিণ* উদ্বিগ্ন। 'আমার মন তখন উদ্‌ভ্রান্ত।' *প্রভাত*, ১৮৯৬। ৭ *বিণ* দিশাহারা। 'চেম্বার্লেনের মুখর চটুলতায় সমস্ত ইংলণ্ড উদ্‌ভ্রান্ত।' *রবীন্দ্র*, ১৯০৫। ৮ *ক্রিবিণ* এলোমেলোভাবে। 'প্রবৃত্তির হালে বসে কর্ণধার করে উদ্ভ্রান্ত চালনা তন্দ্রাবিষ্ট চোখে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

উদ্ভ্রান্তজন, উদ্‌ভ্রান্তজন [স] *বি* বিভ্রান্ত ব্যক্তি। 'কোনও রেসেসাঁসই উদ্ভ্রান্তজনকে প্রবোধ দেয় না।' *শিব*, ১৯৫৬।

উদ্ভ্রান্তদৃষ্টি, উদ্‌ভ্রান্তদৃষ্টি [স] *বিণ* উদ্‌ভ্রান্তভাবে চেয়ে আছে এমন। 'হঠাৎ আলুথালু-বেশে উদ্‌ভ্রান্তদৃষ্টি নীলধর এসে হাজির।' *বনফুল*, ১৯৩৬।

উদ্ভ্রান্তি, উদ্‌ভ্রান্তি [স] *বি* উন্মত্ততা। 'প্রাত্যহিক উদ্ভ্রান্তির মধ্যে মাঝে মাঝে এই স্থিতির সুখ ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

উদ্ভ্রান্তিক, উদ্‌ভ্রান্তিক [স] *বিণ* উদ্ভ্রান্ত। 'হয়তো ধারে না ধার, মাথা উদ্‌ভ্রান্তিক।' *রবীন্দ্র*, ১৯৩৬।

উদ্‌ম [স উদ্দাম] *বিণ* অপরিণতবয়স্ক; উদমো। 'মন্ত্রের প্রভাবে উদম রাঁড়ি।' *রামনারায়ণ*, ১৮৫৪।

উদ্যত [স] ১ *বিণ* উন্মুখ। 'ব্যাসে ভিক্ষা দিতে গৃহী হইল উদ্যত।' *ভারত*, ১৭৬০। ২ *বিণ* তৎপর। 'আপন প্রভুর বুকের উপর ঝাম্পাইতে উদ্যত হইল।' *তারিণী*, ১৮০৩। ৩ *বিণ* উদ্যোগী। 'জেন্ডিঙ্গ ... ঐ পুস্তক ক্রয় করিতে উদ্যত হইলেন।' *বিদ্যা*, ১৮৪৯। ৪ *বিণ* প্রবৃত্ত। 'যদ্যপি তাহার অনুসন্ধান করিতে উদ্যত হয়।' *প্রভাকর*, ১৮৫৩। ৫ *বিণ* কিছু করবার জন্য তৈরি হওয়া। '... দংশন করিতে উদ্যত হইল।' *বিদ্যা*, ১৮৫৬। ৬ *বিণ* উদ্বুদ্ধ। 'একটা-কোনো কার্যে উদ্যত করে তাহা আমাদের নাই।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৭ *বিণ* প্রস্তুত। 'রিক্ত হস্তে দেশে ফিরিয়া যাইতে উদ্যত হইলেন।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৮ *বিণ* আক্রমণাত্মক। 'অশান্তি আজ উদ্যত বাজ কোথাও না বাধা মানে।' *রবীন্দ্র*, ১৯৪০।

উদ্যতনাসা [স] *বিণ* খাঁড়া নাকবিশিষ্ট। 'উদ্যতনাসা সাহেবিয়ানার রেলগাড়ির মতো।' *রবীন্দ্র*, ১৮৯৮।

উদ্যতা [স] *বিণ স্ত্রী* প্রবৃত্ত; উদ্যত হয়েছে এমন। 'এক ব্রাহ্মণ মরিলে তাহার স্ত্রী সহগমনে উদ্যতা হইল।' *দর্পণ*, ১৮২২।

উদ্যতাস্ত্র [স উদ্যত-অস্ত্র] *বি* উদ্যত অস্ত্র। 'নতুন লেখকদের সমর্থনে উদ্যতাস্ত্র।' *অচিন্ত্য*, ১৯৫০।

উদ্যতো [স উদ্যত] *বিণ* উদ্যোগী। 'অদি কলিকাতা জাইতে উদ্যতো হয় ...।' *হ্যালহেড*, ১৭৭৩।

উদ্যতি [স] *বি* উদ্যোগ। 'সমস্ত কিছু মিলে একটা বর্ধন-বিস্তারের উদ্যতি।' *অচিন্ত্য*, ১৯৫০।

উদ্যম [স] ১ *বি* চেষ্টা। 'এবে উদ্যম চালাও কোন বল জানি।' *কৃষ্ণদাস*, ১৫৯১। ২ *বি* অধ্যবসায়। 'উদ্যম সাহস ধৈর্য্য বল বুদ্ধি।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ৩ *বি* আগ্রহ। 'সত্যের প্রতি প্রীতি নাই, কোনো কর্মের উদ্যম নাই।' *অক্ষয়*, ১৮৪৫। ৪ *বি* উৎসাহ। 'সহস্রবার অকৃতকার্য হইলেও কাহার উদ্যম টলে না।' *রবীন্দ্র*, ১৮৭৭।

উদ্যমবিহীনতা [স] *বি* চেষ্টাহীনতা। 'উদ্যমবিহীনতার দরুন নিজের দুর্দশা ঘুচাইতে পারে না।' *ইমদাদুল*, ১৯২০।

উদ্যমশীল [স] *বিণ* চেষ্টা আছে এমন; উদ্যমী। 'উদ্যমশীল বাণিজ্যকুশল বণিকেরাই ... অধিকার করিয়া লইল।' *অক্ষয়*, ১৮৪৮।

উদ্যমহীন [স] *বিণ* প্রাণহীন। 'এ রূপ অবস্থায় উদ্যমহীন, আকাঙ্ক্ষাহীন, প্রেমহীন, ছিন্নপক্ষ সাহিত্য যে ধুলায় লুণ্ঠিত হইবে ইহাতে আর আশ্চর্য কী।' *রবীন্দ্র*, ১৯০৭।

উদ্যমহীনতা [স] *বি* উৎসাহহীনতা। 'গণজীবন যখন এইভাবে এক শোচনীয় উদ্যমহীনতায় আক্রান্ত ...।' *সনৎ*, ১৯৭০।

উদ্যর্থন [স উদ্বর্তন] *বি* লেপন। 'গন্ধ নারায়ন তৈল উদ্যর্থন কৈল।' *মালাধর*, ১৫০০।

উদ্যান [স] ১ *বি* বাগান। 'বাহির উদ্যান মধ্যে সরোবর তিরে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* ফলপ্রধান বাগান। 'যেখানে এই সকল ফলের বৃক্ষ অনেক থাকে, তাহাকে উদ্যান বলে।' *বিদ্যা*, ১৮৫১।

উদ্যানজাত [স] *বিণ* বাগানে উৎপন্ন। 'উদ্যানজাত সুকুল দ্রব্যের নাম মুখস্থ বলাব।' *রাজ*, ১৮৭৪।

উদ্যানপাল [স] *বি* উদ্যানরক্ষক; বাগানের তত্ত্বাবধান করে যে। 'এমন উদ্যানপাল কোথায়।' *প্রচারক*, ১৯০৩।

উদ্যানপালিকা [স] *বিণ স্ত্রী* বাগানের রক্ষণাবেক্ষণকারী। 'বুড়ি (বোধ হয় উদ্যানপালিকা) কতকগুলি ফলফুল নিয়ে উপস্থিত।' *রবীন্দ্র*, ১৮৮১।

উদ্যানবিলাস [স] *বি* উদ্যান সংক্রান্ত লীলা। 'পঞ্চদশ পরিচ্ছেদে উদ্যানবিলাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উদ্যানলতা [স] *বি* বাগানে বেড়ে ওঠা লতা। 'দুটিই বনলতা – দুটিরই সৌন্দর্য্যে উদ্যানলতা পরাভূতা।' *বঙ্কিম*, ১৮৮৭।

উদ্‌যাপন [স] **১** *বি* পালন। 'ঐ ব্রত উদ্‌যাপন করিতে পারিলে না।' *দর্পণ*, ১৮২২। **২** *বি* সম্পাদন। 'অপর কোন প্রধান বিদ্যালয়ে তাহা উদ্‌যাপন করা কর্তব্য।' *অক্ষয়*, ১৮৪৮। **৩** *বিণ* অতিবাহিত। 'বিবাহের পূর্বে পূর্বরাগের পালা উদ্‌যাপন করিতেছেন।' *রবীন্দ্র*, ১৯১২।

উদ্‌যাপনকাল [স] *বি* অনুসরণ করে চলার সময়। 'তাঁহার জীবগণ জীবনব্রত উদ্‌যাপনকালেও তাঁহার অসীম মহিমা প্রদর্শন করিয়া যায়।' *অক্ষয়*, ১৮৪৯।

উদ্‌যাপিত [স] *বিণ* পালিত। 'যে জীবন মহৎভাবে উদ্‌যাপিত এবং অকুণ্ঠচিত্তে উৎসর্গীকৃত, তাঁহার স্মৃতি ...।' *রবীন্দ্র*, ১৯৩৩।

উদ্যাম [স উদ্দাম] *বিণ* খোলা। 'উদ্যাম বুকের বাস মুকত সে কেস পাস।' *মালাধর*, ১৫০০।

উদ্যুক্ত, উদ্যুযুক্ত [স] **১** *বিণ* উদ্যত। 'যুদ্ধার্থে উদ্যুক্ত হইলেন ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। **২** *বিণ* তৎপর। 'মহারাজ সে বিষয়ে যথেষ্ট উদ্যুক্ত আছেন।' *দর্পণ*, ১৮১৯। **৩** *বিণ* যত্নশীল। 'এতদ্বিষয় বিশেষ প্রয়াসে বহুক্লেশে সম্পন্ন করিতে উদ্যুক্ত হইয়াছি।' *চন্দ্রিকা*, ১৮৩১। **৪** *বিণ* প্রবৃত্ত; নিযুক্ত। 'মনের স্ফীত ভাব বা উন্মত্ত ভাব নিয়ত আত্মপ্রাধান্যের স্থাপনে উদ্যুক্ত।' *অক্ষয়*, ১৮৫৪।

উদ্যুক্ততা [স] *বি* চেষ্টা। 'তাঁহারদের যোগ্যতা ও উদ্যুক্ততা ... নিমিত্ত অসাধারণ ধন্যবাদ করিলেন।' *দর্পণ*, ১৮২৪।

উদ্যোক [স উদ্যোগ] *বি* উদ্যোগ। 'তাঁহার বিষয়ে সম্ভ্রামক উদ্যোক কিছু করা যায় নাই।' *প্রভাকর*, ১৮৩০।

উদ্যোক্তা [স] *বিণ* আয়োজনকারী। 'সভার উদ্যোক্তা শহীদ সাহেবকে সভার উদ্দেশ্য বর্ণনার জন্য আহ্বান করিলেন।' *মনসুর*, ১৯৪৭।

উদ্যোগ, উদ্‌যোগ [স] **১** *বি* সূচনা। 'বিজয় উদ্‌যোগ মাত্র করিলা ডাকিতে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* আয়োজন। 'অবতরিবারে প্রভু করিলা উদ্যোগ।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* চেষ্টা। 'এ পর্য্যন্ত তাহার কিছুই উদ্‌যোগ দেখিতেছি না।' *দর্পণ*, ১৮৩৬। **৪** *বি* অনুষ্ঠান। 'এই উদ্যোগ সম্পন্ন করা তাদৃশ কঠিনতা বোধ হইত না।' *অক্ষয়*, ১৮৪২। **৫** *বি* উপক্রম। 'পালাব্যর উদ্‌যোগ কল্লে।' *হুতোম*, ১৮৬১। **৬** *বি* উদ্যম। 'উদ্যোগ করিয়া আনিয়াছিলেন, তাই তো রক্ষা।' *রবীন্দ্র*, ১৯০২। **৭** *বি* ব্যবস্থা। 'তাহারই আয়োজন করিবার উদ্‌যোগ আমাদিগকে করিতে হইবে।' *রবীন্দ্র*, ১৯১৬।

উদ্যোগ-আয়োজন [স] *বি* তোড়জোড়। 'তবে কিনা উদ্যোগ-আয়োজন সমস্তই হয়েছে ...।' *রবীন্দ্র*, ১৯০২।

উদ্যোগ করা *ক্রি* আয়োজন করা। 'আমাদের হৃদয়ব্যথা চতুর্গুণ বর্ধিত করিবার উদ্যোগ করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উদ্যোগকর্তা, উদ্যোগকর্ত্তা [স] *বিণ* উদ্যোক্তা। 'ঈশানচন্দ্র রায় ঐ বিদ্রোহের রাজা ও প্রথম উদ্যোগকর্তা।' *এডুকেশন*, ১৮৭৩; 'যারা ছিল তাঁর এই আমোদের উৎসাহদাতা, উদ্যোগকর্তা।' *রবীন্দ্র*, ১৯২৯।

উদ্যোগপরতা [স] *বি* সচেষ্টতা। 'সাধারণ স্বার্থরক্ষার উদ্যোগপরতা আমাদের মধ্যে নাই।' *রবীন্দ্র*, ১৯০৮।

উদ্যোগপর্ব [স] *বি* গোড়ার দিকের অংশ। 'ব্যবসা হু-হু করে এগোল গলি থেকে সদর রাস্তায় ... উদ্যোগপর্ব থেকে স্বর্গারোহণে।' *রবীন্দ্র*, ১৯২৯।

উদ্যোগ হওয়া *ক্রি* চেষ্টা করা। 'তাহা বিক্রয় করণার্থ দুই বার উদ্যোগ হইয়াছিল।' *দর্পণ*, ১৮৩৮।

উদ্যোগি, উদ্‌যোগি [স উদ্যোগী] *বিণ* উৎসুক। 'বসন্তরায়ের স্ত্রী সহগামিনী হওনের উদ্‌যোগি হইতে ...।' *রামরাম*, ১৮০১।

উদ্যোগিতা [স] *বি* চেষ্টা। 'অন্যেরা যখন উদ্যোগিতার দ্বারা এরোপ্লেনে উড়লো তখন সে গরুর গাড়িতে চড়ে।' *অন্নদা*, ১৯২৮।

উদ্যোগিনী [স] *বিণ* স্ত্রী যত্নশীল। 'নববাবুদিগের প্রতিক্ষণে ক্ষণ উদ্যোগিনী হইলেন।' *ভবানী*, ১৮২৮।

উদ্যোগী, উদ্‌যোগী [স] **১** *বিণ* তৎপর। 'হবিষ্যের নিমিত্ত উদ্যোগী হইলেন।' *দর্পণ*, ১৮২১। **২** *বিণ* উৎসাহী। 'তাহাতে উদ্যোগী হইয়াছি ...।' *দর্পণ*, ১৮২৫। **৩** *বি* উদ্যোক্তা। 'লণ্ডননগরে রায়েল আসিয়াটিক সোসেটি সংস্থাপনের নিমিত্ত তিনি প্রধান উদ্যোগী ছিলেন।' *দর্পণ*, ১৮৩৭। **৪** *বিণ* যত্নশীল। 'পাঠশালা স্থাপনার্থ উদ্যোগী হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৮। **৫** *বিণ* সচেষ্ট। 'তাহার সম্পাদন জন্য উদ্‌যোগী এবং নিপুণ হয়।' *অক্ষয়*, ১৮৪৫। **৬** *বিণ* আয়োজক। 'রাবিবারিক সভার সভ্যেরা এই বোট-যাত্রার উদ্যোগী।' *রবীন্দ্র*, ১৮৮১। **৭** *বিণ* নিরলস। 'ভূমি অত্যন্ত উর্বরা, মানুষগুলি সরল এবং উদ্যোগী, রাজকর নাই বলিলেই হয় ...।' *রবীন্দ্র*, ১৮৯৮। **৮** *বিণ* উদ্যমী। 'তোমাকে কিন্তু একটু উদ্‌যোগী হতে হবে।' *রবীন্দ্র*, ১৯০২।

উদ্যোগী পুরুষ [স] *বি* উদ্যোগ করেন এমন পুরুষ। 'তিনি একজন উদ্যোগী পুরুষ ছিলেন। তাঁহার কন্যারও নাম রাখিয়াছিলেন সীতা।' *রবীন্দ্র*, ১৯০৭।

উদ্যোজক, উদ্‌যোজক [স] *বিণ* সঙ্গতিপূর্ণ। 'তাহা উপসংহৃতির উদ্যোজক হওয়া উচিত।' *বঙ্কিম*, ১৮৮৭।

উদ্রিক্ত [স] **১** *বিণ* উদিত। 'একটী সুখময় ধর্মভাব উদ্রিক্ত হয়।' *দীপিকা*, ১৮৮৭। **২** *বিণ* জাগ্রত। 'বাসনা ... নিয়তই আমাদের প্রয়াসকে উদ্রিক্ত করিয়া রাখে।' *রবীন্দ্র*, ১৯০৫।

উদ্রেক [স] **১** *বি* সঞ্চার। 'যে সকল ব্যবহারগুলি করিয়াছেন কিম্বা করিবেন তাহারি উদ্রেক হয়।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩২। **২** *বি* অনুভব। 'কেবল ক্ষুধার উদ্রেক হইলে বনফল ভক্ষণ ও তৃষ্ণায় কাতর হইলে নদী ঝরনা বিশেষের জল পান ...।' *প্রভাকর*, ১৮৪৭। **৩** *বিণ* জাগরূক। 'গভর্ণমেন্টের নিতান্ত অমনোযোগ দেখিয়া কোন্ ব্যক্তির অন্তঃকরণে ক্রোধের উদ্রেক না হইবে?' *অক্ষয়*, ১৮৪৮। **৪** *বি* সৃষ্টি। 'বাণবিদ্ধের ন্যায় জ্বালাযন্ত্রণা – মহাবেদনার উদ্রেক করিয়া দিতেছে।' *মশাররফ*, ১৯০৮।

উধাও [স উদ্ধাবন>] **১** *বিণ* নিরুদ্দেশ। 'আশা তার পাখা প্রসারিয়া উড়ে যেত উধাও হইয়া।' *রবীন্দ্র*, ১৮৮২। **২** *ক্রিবিণ* ঊর্ধ্বমুখে। 'দুবাহু তাঁর তুলিয়া উধাও/ কহিলেন ডাকি রঘুনাথ রাও।' *রবীন্দ্র*, ১৮৯৯। **৩** *ক্রিবিণ* নিরুদ্দেশে। 'না পায় তারা দিশে, উধাও চলে ধেয়ে।' *রবীন্দ্র*, ১৯১৬। **৪** *বিণ* দিগন্তবিস্তৃত। 'কোথা সে উধাও মাঠ।' *জসীম*, ১৯৩১।

উধাও-ধাওয়া *বিণ* নিরুদ্দেশে ধাওয়া করে এমন। 'দক্ষিণে ফাঁকা মাঠ, উধাও-ধাওয়া অফুরন্ত হাওয়া।' *অচিন্ত্য*, ১৯৫০।

উধাও হওয়া *ক্রি* নিরুদ্দেশ হওয়া। 'কোথা যে উধাও হল মোর প্রাণ উদাসী।' *রবীন্দ্র*, ১৯২৫।

উধাঙ [স উদ্ধাবন>] *বিণ* উধাও। 'উধাঙ করিল ঘোড়া অন্তরীক্ষ বাটে।' *মানিকরাম*, ১৭৮১।

AMARBOI.COM

উধার [স উদ্ধার] **১** *বি* ঋণ। 'কালিকার ভিক্ষা দিআ উধার শুধিল।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* উদ্ধার; ত্রাণ। 'পরমেশ্বর সাকার হইয়াছিলেন এক বার নর উধার করিতে।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

উধার করা *ক্রি* অর্থ দিয়ে মুক্ত করা। *মানোএল*, ১৭৪৩।

উধার বকশন *বি* পাপের ক্ষমা। *মানোএল*, ১৭৪৩।

উধারা [স উদ্ধার>] *ক্রি* উদ্ধার করা। 'উধারল সরসিজ পাওল প্রান। নিজ নব দলে করু আসন দান।' *বিদ্যাপতি*, ১৪৬০। 'উধারি।' *মানোএল*, ১৭৪৩।

উন [স] *বিণ* উন; কম। 'সামর্থ না হৈল কেহ বলে হৈল উন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উনহুত্তর [স উনসপ্ততি] *বিণ* উনসত্তর সংখ্যক; ৬৯। 'সন ১১৭৯ এগারো সও উনহুত্তর সাল।' *হ্যালহেড*, ১৭৭২।

উনপঞ্চাশৎ [স উনপঞ্চাশৎ] *বিণ* উনপঞ্চাশ সংখ্যক। 'উনপঞ্চাশৎ কথা।' *তারিণী*, ১৮০৩।

উনপঞ্চাস বাউ [স উনপঞ্চাশৎ-বায়ু] *বিণ* ৪৯ সংখ্যক। 'উনপঞ্চাস বাউ সঙ্গে দিল তার।' *মালাধর*, ১৫০০।

উনপঞ্চাশ বাতাস [স উনপঞ্চাশৎ+হি বতাস] *বি* পাগলামির হাওয়া। 'উনপঞ্চাশ বাতাস তবুও বয়।' *জীবন*, ১৯৪৮।

উনপঞ্চাশ বায়ু [স উনপঞ্চাশৎ-বায়ু] *বি* পাগলামির হাওয়া। 'যখন-তখন উনপঞ্চাশ বায়ু-বেগে চতুর্দিকে উড়ু-উড়ু করে না।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উনপাঁজুরে [স উন-পঞ্জর] *বিণ* দুর্বল। 'ক্রমে ক্রমে পাড়ার হতভাগা লক্ষীছাড়া – উনপাঁজুরে – বরাখুরে ছোঁড়ারা জুটিতে আরম্ভ হইল।' *প্যারী*, ১৮৫৮।

উনবিংস [স উনবিংশ] *বিণ* উনিশ সংখ্যক। 'উনবিংসে হলধর রূপে অবতার।' *মালাধর*, ১৫০০।

উনই [স উন্ন] *বি* উৎস। 'কোন উনই হইতে সে উৎপন্ন হইল।' *দর্পণ*, ১৮২২।

উনকে *সর্ব* উহার। 'কটিক গৌরব পাওল নিতম্ব। ইহিকে খীন উনকে অবলম্ব।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উনত [স উন্নত] *বিণ* উঁচু। 'উনত উরজ চিরে ঝাপাবএ পুনু পুনু দরসাএ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উনন [স উষ্ণ>] *বি* চুলো। 'গাছতলায় মস্ত মস্ত উনন পাতা; রান্নার জন্যে নানা আয়তনের হাঁড়ি।' *রবীন্দ্র*, ১৯২৯।

উননমুখী [স উষ্ণ>+স মুখী] *বিণ* স্ত্রী চুলার মতো মুখ যে নারীর। 'রাক্ষুসী – পেত্নী – উননমুখী – বেরালখাগী।' *দীনবন্ধু*, ১৮৬৭।

উনমত [স উন্মত্ত] **১** *বিণ* মত্ত। 'তাক দেখি উনমত ভৈলোঁ।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* অপরিণত। 'দূতাক মাইল আক্ষে উনমত কালে।' *বড়ু*, ১৪৫০।

উনমতি [স উন্মত্ত>] *বিণ* ব্যাকুলা। 'উনমতি পাগলি গোপি আন নাহি মনে।' *মালাধর*, ১৫০০।

উনমত্ত [স উন্মত্ত] *বিণ* উন্মাদ। 'মদনে উনমত্ত গোদা নাচে কুতূহলে।' *বিজয়*, ১৬৫০।

উনমন [স উন্নন] *বিণ* উতলা। 'মন উনমন/ মন কেমন রে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

উনমাদ [স উন্মাদ] *বিণ* উন্মাদ; পাগলের মতো। 'দুহুঁক পিরীতি উনমাদ।' *গোবিন্দ*, ১৬০০।

উনা [স উন] *বিণ* কম। *মানোএল*, ১৭৪৩।

উনান [স উষ্ণ>] *বি* চুলা। 'জপিয়া মনসা নাম জ্বালিল উনান।' *কেতকা*, ১৬৫০। দ্র **উনুন, উনোন**

উনানো [স উষ্ণ>] *ক্রি* গলিত করা। 'অবশ্য উনাইব ঘৃত আনলে পরশে।' *বাহরাম*, ১৬৫০।

উনি *সর্ব* ঐ ব্যক্তি। 'আমি নাই তুমি নাই উনি আর ইনি।' *গুপ্ত*, ১৮৫৮।

উনিশ [স উনবিংশ>] *বিণ* ১৯ সংখ্যক। 'বসিল সবে চশমা চোখে আঁটি, ফুরায়ে গেল উনিশ পিপে নস্য।' *রবীন্দ্র*, ১৯০০; 'এ জষ্টি মাসে তুই আঠারো পেরিয়ে উনিশে পড়লি, তাই না?' *রবীন্দ্র*, ১৯২৯।

উনিশ-বিশ [স উনবিংশ-বিংশ] *বি* সামান্য পার্থক্য। 'উনিশ-বিশ হইলে হয়তো কিছু ক্ষতি না হইতে পারে, কিন্তু ...।' *রবীন্দ্র*, ১৯১২।

উনিশশো [স উনবিংশ-শত] *বিণ* উনিশ শত (১৯০০) সংখ্যক। 'উনিশশো তেয়াত্তর সাল।' *মাহমুদ*, ১৯৭৩।

উনিশা [স উনবিংশ>] *বিণ* উনিশ সংখ্যক। *ওসঁা*, ১৭৮৫।

উনিশে *বিণ* উনিশতম। 'আগামী কাল উনিশে জ্যৈষ্ঠ বিবাহের দিন।' *রবীন্দ্র*, ১৯৩০।

উনুই [স উন্ন>] *বি* উৎস; ঝরনা। *বিদ্যা*, ১৮৯১; 'বালির উনুই হইতে কিছু-কিছু জল উঠে।' *বিভূতি*, ১৯৩৮।

উনুন [স উষ্ণ>] *বি* চুলা। 'নাই উনুন জ্বালা, একি জ্বালা, জ্বালায় নাই জল।' *গুপ্ত*, ১৮৫৮।

উনুনমুখো [স উষ্ণ>+স মুখ>] *বি* অগ্নিমুখী। 'দাওয়াতে টানতে হুঁকো, উনুন-মুখো, নড়েও নাকো ন্যাজ মলাতে।' *নজরুল*, ১৯৩১।

উনু হওয়া [স উন] *ক্রি* কমে যাওয়া। *মানোএল*, ১৭৪৩।

উনোন [স উষ্ণ>] *বি* চুলা। 'একেবারে উনোনের পাশ।' *নজরুল*, ১৯৩১।

উন্দুরু [স উন্দুর] *বি* ইঁদুর। 'নরদামাবাসি উন্দুরুরা আপনারদের স্থান ভ্রষ্ট ভয়ে ...।' *দর্পণ*, ১৮২০।

উন্নত [স] **১** *বিণ* উঁচু। 'দুই পাশে লঘু মধ্য উন্নত বিশালে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* উদ্ধত। 'এ তোর উন্নত যৌবনে।' *বড়ু*, ১৪৫০। **৩** *বিণ* সম্ভ্রান্ত। 'উন্নত বড় ধনি মরারা ঐ অল্প স্থানে রাজা হইবেন।' *দর্পণ*, ১৮২৬। **৪** *বিণ* উৎসাহিত। 'তস্কারাই ধর্ম্মপ্রবৃত্তি উন্নত ও নিকৃষ্ট প্রবৃত্তি সংযত হয়।' *অক্ষয়*, ১৮৪৮। **৫** *বিণ* বিকশিত। 'বঙ্গভাষা অদ্যাপি পরিমার্জ্জিত ও উন্নত হয় নাই।' *অক্ষয়*, ১৮৫৫। **৬** *বিণ* সমৃদ্ধ। 'যে জাতির স্বাধীনতা আছে, সেই জাতির ভাষা মুক্ত, সুতরাং উন্নত।' *অক্ষয়*, ১৮৫৫। **৭** *বিণ* উদার। 'ভক্তিভাজন মৃত ব্যক্তির উপাসনা করিলে মন উন্নত হয়।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **৮** *বিণ* উঁচু মানের। 'তাঁহারা বাঙ্গালা অভিধান, বাঙ্গালা সংবাদপত্র ও উন্নত প্রণালীর বাঙ্গালা পাঠশালার সৃষ্টিকর্তা ছিলেন।' *রাজ*, ১৮৭৪।

উন্নতকরণ [স] *বি* উদার করা। 'জাতীয় আচার ব্যবহার উন্নতকরণ জন্য।' *প্রচারক*, ১৯০১।

উন্নতকায় [স] *বিণ* সুঠামদেহী। 'একজন উন্নতকায় উত্তম পোষাকপরা লোক আসিয়া প্রবেশ করিলেন।' *প্রভাত*, ১৮৯৭।

উন্নতচরিত্র [স] *বিণ* উঁচুমানের চরিত্রবিশিষ্ট। 'সিরাজদ্দৌলা যদিচ উন্নতচরিত্র মহৎ ব্যক্তি ছিলেন, তথাপি এই দ্বন্দ্বের হীনতা-মিথ্যাচার ...।' *রবীন্দ্র*, ১৮৯৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উন্নতচেতা [স] *বিণ* উদারমনা। 'ফকির বেড়িসা একজন উন্নতচেতা বিশুদ্ধ মুসলমান।' *এদুকেশন*, ১৮৮৬।

উন্নততম [স] *বিণ* উচ্চতম। 'জ্ঞান-বিজ্ঞানের উন্নততর হইতে উন্নততম সোপানে আরূঢ় হইয়া ...।' *অক্ষয়*, ১৮৫৪।

উন্নততর [স] *বিণ* অতিশয় উচ্চ। 'জ্ঞান-বিজ্ঞানের উন্নততর হইতে উন্নততম সোপানে আরূঢ় হইয়া ...।' *অক্ষয়*, ১৮৫৪।

উন্নতনাসিক [স] *বিণ* উন্নাসিক; অন্যদের নীচুদৃষ্টিতে দেখে এমন। 'সভ্যতার গর্বে উন্নতনাসিক।' *বিভূতি*, ১৯৩৮।

উন্নতবলিষ্ঠ [স] *বিণ* বিকশিত ও দৃঢ়। 'আত্মনির্ভরপর উন্নতবলিষ্ঠ চরিত্রের ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

উন্নতমনা [স] *বিণ* উদার মনের অধিকারী। 'কতিপয় স্বাধীনচেতা উন্নতমনা মহাত্মা জাতীয় উন্নতিকল্পে প্রাণপণ চেষ্টা করিতেছেন।' *প্রচারক*, ১৯০৬।

উন্নতমস্তক [স] *বিণ* আত্মমর্যাদাশীল। 'রাঘব সরকার চিরকালই উন্নতমস্তক।' *বনফুল*, ১৯৩৬।

উন্নত-শীর্ষ [স] *বিণ* উন্নতমস্তক। 'স্বাধীনচিত্ত উন্নত-শীর্ষ হইয়া দাঁড়াইতে হইবে।' *নজরুল*, ১৯২২।

উন্নতশীল [স] *বিণ* উন্নতি ঘটছে এমন। 'সভ্যতারূঢ় উন্নতশীল বিজ্ঞানানুরক্ত ব্যক্তিরা ... বিরত ছিলেন।' *অক্ষয়*, ১৮৪৮।

উন্নতহৃদয় [স] *বিণ* উদার। 'স্বজাতি বৎসল, সমাজহিতৈষী, উন্নতহৃদয় মহাত্মা।' *প্রচারক*, ১৯০১।

উন্নতি [স] ১ *বি* সমৃদ্ধি। 'শিবানন্দের বৃদ্ধি পর২ উন্নতির বাহুল্য হইল।' *রামরাম*, ১৮০১। ২ *বি* মানোন্নয়ন। 'শিল্পবিদ্যার উন্নতি করিলে মজুরদার লোকের কি দুরবস্থা হইবে।' *দর্পণ*, ১৮৩০। ৩ *বি* বিকাশ। 'ধর্মের উন্নতি জন্য তত্ত্ববোধিনী সভা প্রতিষ্ঠিত হইল।' *অক্ষয়*, ১৮৪৩। ৪ *বি* অগ্রগতি। 'বিদ্যালয়ের উন্নতি বিষয়ে আলোচনা করিতে প্রীতি হয়।' *অক্ষয়*, ১৮৪৫। ৫ *বি* উন্নয়ন। 'আমাদের দেশের স্থায়ী উন্নতি হইবে।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৬ *বি* উচ্চতা। 'মংপুতে এলুম, উন্নতি হলো প্রায় পাঁচ হাজার ফুট।' *রবীন্দ্র*, ১৯২৫।

উন্নতি-উদ্দেশে [স] *ক্রিবিণ* উন্নয়নের লক্ষ্যে। 'দেশের উন্নতি-উদ্দেশে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

উন্নতিকর [স] *বিণ* কল্যাণকর। 'এত উন্নতিকর ব্যাপার সংঘটিত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

উন্নতিকল্পে [স] *ক্রিবিণ* উন্নতির জন্য। 'কৃষির উন্নতিকল্পে প্রাণপণে চেষ্টা।' *প্রচারক*, ১৮৯৯।

উন্নতিকামী [স] *বিণ* উন্নয়ন-কামনাকারী। 'তা হলে দেশের উন্নতিকামী হিসাবে আমি আপনাদের ...।' *ধূর্জটি*, ১৯৩১।

উন্নতিজনক [স] *বিণ* উন্নয়নমূলক। 'এই সকল উন্নতিজনক পন্থা অবলম্বন করিয়া ...।' *প্রচারক*, ১৯০৩।

উন্নতিতত্ত্ব [স] *বি* উন্নতিবিষয়ক মত। '... বাবুর আবিষ্কৃত এই উন্নতিতত্ত্ব যে নূতন।' *প্রমথ*, ১৯১৪।

উন্নতি দেওয়া *ক্রি* উন্নতি বিধান করা। 'আমরা তাদের উন্নতি দিবই।' *রবীন্দ্র*, ১৯০৭।

উন্নতিবর্ধন, উন্নতিবর্দ্ধন [স] *বি* উন্নতি বৃদ্ধি। 'কৃষির উন্নতিবর্দ্ধন নিমিত্ত অবিরত যত্ন করিতেছে।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

উন্নতিবিধান [স] *বি* উন্নতিসাধন। 'রাশিয়ার প্রজাসাধারণের উন্নতিবিধান ভারতবর্ষের চেয়ে খুব বেশি দুরূহ বৈ কম নয়।' *রবীন্দ্র*, ১৯৩১।

উন্নতিমার্গ [স] *বি* উন্নতির পথ। 'পরীক্ষায় কৃতিত্ব লাভ করিয়াই মনে করেন, তাঁহারা উন্নতিমার্গে আরূঢ় হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৪।

উন্নতিমূলক [স] *বিণ* কল্যাণকর। 'শারীরিক ও মানসিক উন্নতিমূলক স্বভাবজাত কর্মপ্রেরণা।' *মাহেনও*, ১৯৪৯।

উন্নতিরোধক [স] *বিণ* উন্নতির পথে প্রতিবন্ধক। 'পরাধীনতা এদিকে উন্নতিরোধক।' *বঙ্কিম*, ১৮৮৭।

উন্নতিশীল [স] ১ *বিণ* ক্রমান্বয়ে উন্নতি হচ্ছে এমন। 'সেই সমাজ উন্নতিশীল।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বিণ* উন্নয়নের চেষ্টায় রত; উন্নয়নশীল। 'পৃথিবীর উন্নতিশীল দেশসমূহের নারী সমাজের অবস্থা।' *বেগম*, ১৯৫৩।

উন্নতিসম্ভাবনা [স] *বি* অগ্রগতি। 'একটি জীবনের মধ্যেই মানুষের উন্নতিসম্ভাবনার শেষ নাই।' *রবীন্দ্র*, ১৯০৮।

উন্নতি-সাধন [স] ১ *বি* কল্যাণ সাধন। 'নানাবিধ বিষয়ের উন্নতি-সাধন ... হইবে।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বি* সুস্থতা সাধন। 'দৈহিক উন্নতিসাধনের সঙ্গে এইরূপ জ্ঞানোৎকর্ষবিধানের সুসঙ্গত সমাবেশ ... হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বি* বিকাশপ্রাপ্তি। 'স্বাধীনতা ভাষার উন্নতিসাধনের পক্ষে একটি অত্যাবশ্যক উপকরণ।' *অক্ষয়*, ১৮৫৫। ৪ *বি* উন্নয়ন। 'জমিদার নিশ্চিন্তমনে জমিদারির উন্নতিসাধন করেন।' *সুহৃৎ*, ১৮৭৩। ৫ *বি* উন্নতি বিধান। 'সমাজের উন্নতিসাধন একমাত্র উপায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

উন্নতি-স্রোত [স] *বি* অগ্রগতি। 'এই উন্নতি-স্রোত যদি দারুণ প্রতিঘাত না পায় তবে কখনো থামিবে না।' *রবীন্দ্র*, ১৯০৮।

উন্নতীচ্ছা [স উন্নতি-ইচ্ছা] *বি* উন্নতির ইচ্ছা। 'উৎসাহ, একতা, উন্নতীচ্ছা একেবারে হৃদয় হতে নির্ব্বাসিত।' *হুতোম*, ১৮৬১।

উন্নমিত [স] *বিণ* অর্ধ-উন্মীলিত। 'উন্নমিত আঁখি দুটি মেলি।' *জীবন*, ১৯২৭।

উন্নমিতা [স] *বিণ স্ত্রী* উন্নত। 'তরুণী রজনীগন্ধা আগ্রহে উৎসুক-উন্নমিতা, একান্ত কৌতুকী।' *রবীন্দ্র*, ১৯০০।

উন্নয়ন [স] *বি* উন্নতিবিধান। 'অন্যান্য পদার্থের তত্ত্বজ্ঞান সেই সেই প্রকারে উন্নয়ন করিতে হয়।' *রবীন্দ্র*, ১৮৮৩।

উন্নয়নমূলক [স] *বিণ* উন্নতি বিধায়ক। 'এই অর্থ সমাজ উন্নয়নমূলক কাজে ব্যবহৃত হলে উপকার পাওয়া যাবে।' *বেগম*, ১৯৫৮।

উন্নয়নকামী [স] *বিণ* উন্নতি কামনা করে এমন। 'দেশের উন্নয়নকামী নারীদের এক বড় প্রেরণা।' *বেগম*, ১৯৬৬।

উন্নয়নখাত [স উন্নয়ত+আ খত] *বি* কোনো দেশের অর্থনৈতিক উন্নয়নমূলক কর্মকাণ্ডের ক্ষেত্র। 'উন্নয়নখাতে ব্যয়।' *ইত্তেফাক*, ১৯৭০।

উন্নয়নশীল [স] *বিণ* উন্নতি সাধনে সচেষ্ট কিন্তু যথেষ্ট উন্নত নয়। 'উন্নয়নশীল দেশগুলোর মধ্যে সাধারণ জনসংখ্যার হিসেবে সম্ভবত পাকিস্তানে নার্সের সংখ্যা সবচেয়ে কম।' *বেগম*, ১৯৬৭।

উন্নরক [স] *বিণ* নরকতুল্য। 'উন্নরক স্বর্গের আশ্বাসে সাধ্বীর সদ্গতি যেন করি।' *সুধীন্দ্র*, ১৯৩২।

উন্নাদ [স] *বিণ* উচ্চশব্দবিশিষ্ট। 'উন্নাদ শব্দের গর্জে ...।' *রবীন্দ্র*, ১৮৯৬।

উন্নাসিক [স] *বিণ* ঘ্রাণ গ্রহণে আগ্রহী। 'আমার বেড়াল দুটো ... খানা

AMARBOI.COM

কামরায় এসে উন্নাসিক হয়ে মাইডিয়ার মাইডিয়ার আওয়াজ বের করেছে।' *মুজতবা*, ১৯৪৯।

উন্নাসিকতা [স] *বি* অহংকার। 'তাঁদের অবজ্ঞা এবং উন্নাসিকতা।' *উমর*, ১৯৬৭।

উন্নিদ [স উন্নিদ্র] *বিণ* ঘুমহীন। 'ফলত সে উন্নিদ তৃতীয় চোখ।' *শামসুর*, ১৯৫৯।

উন্নিদ্র [স] *বিণ* নিদ্রাহীন। 'সে উন্নিদ্র ত্রিলোচনে ভেদ নেই ধবলে শবলে।' *সুধীন্দ্র*, ১৯৩৯।

উন্নীত [স] *বিণ* উন্নতিপ্রাপ্ত। 'ঘোড়া হইতে সে একেবারেই সহিসের পদে উন্নীত হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

উন্মতা [স উন্মত্তা] *বিণ স্ত্রী* উত্তেজিত। 'উন্মতা ঔসদি হইতে বৃন্দাবনে।' *মালাধর*, ১৫০০।

উন্মত্ত [স] ১ *বিণ* হিতাহিত জ্ঞানশূন্য। 'বনবাসী আত্মনাশী উন্মত্ত উন্মাদ।' *বাহরাম*, ১৬৫০। ২ *বি* পাগল। '...উন্মত্তের ন্যায় হইয়া আপন প্রভুকে কামড়াইতে যায়।' *মদনমোহন*, ১৮৫০। ৩ *বিণ* দিশাহারা। 'আমোদে উন্মত্ত হইল সকলে।' *রবীন্দ্র*, ১৮৮১। ৪ *বিণ* উচ্ছ্বসিত। 'দেখিয়া উন্মত্ত হইল নৃপতির মন।' *রবীন্দ্র*, ১৮৮১। ৫ *বিণ* মাতাল। 'উগ্র লোভের তীব্র মাদকরস-পানে উন্মত্ত।' *রবীন্দ্র*, ১৯০৭। ৬ *বিণ* মত্ত। 'চামচিকে বাহিরের বারান্দায় উন্মত্ত দরবেশের মতো ক্রমাগত চক্রাকারে ঘুরিত। *রবীন্দ্র*, ১৯১২। ৭ *বিণ* বিক্ষুব্ধ। 'হিংসায় উন্মত্ত পৃথ্বী নিত্য নিঠুর দ্বন্দ্ব।' *রবীন্দ্র*, ১৯২৭।

উন্মত্ততা [স] ১ *বি* উত্তেজনা। 'বেদনা এমন অতিবাদ হইল, যে বৈর সাধনে উন্মত্ততাতে বাগানের মধ্যে দৌড়িয়া গেল।' *তারিণী*, ১৮০৩। ২ *বি* বাতুলতা। 'ঐ আইন বজায় রাখণ কেবল উন্মত্ততা।' *দর্পণ*, ১৮৩৫। ৩ *বি* পাগলামি। 'তাহার সন্দেহকে উন্মত্ততা বলিয়া উড়াইয়া দিবে।' *রবীন্দ্র*, ১৯০৭।

উন্মত্তপ্রায় [স] *বিণ* পাগলের মতো; আত্মহারা। 'উন্মত্তপ্রায় হইয়া ... বিচারাগার আক্রমণ করিল।' *অক্ষয়*, ১৮৪৬।

উন্মত্তবৎ [স] *বিণ* পাগলের মতো। 'উন্মত্তবৎ হইয়া কলিকাতায় চলিয়া গিয়াছেন।' *ঢাকাপ্রকাশ*, ১৮৭৩।

উন্মত্তা [স] ১ *বিণ স্ত্রী* আত্মহারা। 'যখন ব্যভিচার আমোদে উন্মত্তা ছিলে ...।' *উমেশ*, ১৮৫৭। ২ *বি স্ত্রী* মাতোয়ারা হয়েছে যে। 'শৈবলিনী নাসিকা আবৃত করিয়াও উন্মত্তার ন্যায় হইল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

উন্মত্তো [স উন্মত্ত] *বিণ* পাগল। 'খণহ ণ ছাড়অ সহজ উন্মত্তো।' *চর্যা* ১৯, ১২০০।

উন্মথন [স] *বি* বিশেষভাবে আলোড়ন। 'মূর্ণির উন্মথন তাদের নিক্ষেপ করে শরণসৈকতে।' *সুধীন্দ্র*, ১৯৩৯।

উন্মথা [স উন্মথন>] *ক্রি* আলোড়িত হওয়া। 'সমুদ্রতল উন্মথিয়া উঠে উপকূলে।' *চর্যা* ১৯, ১২০০।

উন্মথিত [স] ১ *বিণ* উদ্বেলিত। 'কবিতৃকে উন্মথিত করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০১। ২ *বিণ* ফুঁসে উঠেছে এমন। 'নিষ্ঠুর বিদ্বেষ উন্মথিত হইয়া উঠিবে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বিণ* প্রসারিত। 'আধুনিক সভ্যতার অসংখ্য বাহুচালনায় এই লোভই সর্বত্র উন্মথিত।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উন্মদ [স] ১ *বিণ* উন্মত্ত। 'উন্মদ মদনে মাতল মন।' *শেখর*, ১৬০০। ২ *বিণ* প্রবল। 'উন্মদ পবনে যমুনা তর্জিত, ঘন ঘন গর্জিত মেহ।' *রবীন্দ্র*, ১৮৮৪।

উন্মদবেগ [স] *বি* ক্ষিপ্র গতি। 'শত্রুর শিরে উন্মদবেগে পড়িতেছে অবিরত।' *নজরুল*, ১৯২৮।

উন্মদা [স] *বিণ স্ত্রী* উন্মত্ত। 'উন্মদা মদন-মদে।' *মাইকেল*, ১৮৬৬।

উন্মন [স] ১ *বিণ* আনমনা। 'আমি উন্মন হে, হে সুদূর, আমি উদাসী।' *রবীন্দ্র*, ১৯০২। ২ *বিণ* উদাসী। 'ভালবাসা-ভারে উন্মন।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

উন্মনা [স] ১ *বিণ* অন্যমনস্ক। 'আসনে বসিয়া উন্মনা হইয়া ভাবেন ব্যাস গোসাঁই।' *ভারত*, ১৭৬০। ২ *বিণ* ব্যাকুল। 'আজকে আমি তাহার লাগি উন্মনা।' *সত্যেন্দ্র*, ১৯১১।

উন্মন্থন [স] *বি* আলোড়ন। 'স্থির জলে আনে অশান্তির উন্মন্থন।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উন্মর্ত [স উন্মত্ত] *বিণ* আত্মহারা। 'উন্মর্ত পাগলি মনে নিজ পতি দরসনে।' *মালাধর*, ১৫০০।

উন্মাতাল [স] *বিণ* অস্থিরতায় পরিপূর্ণ। 'উন্মাতাল অতীতের কথা ভাবে : পার্কের বেঞ্চিতে।' *শামসুর*, ১৯৭০।

উন্মাত্র [স] *বিণ* সামান্যতম। 'কখনও করিনি মনে প্রভুত্বের উন্মাত্র প্রমাদে।' *সুধীন্দ্র*, ১৯৩১।

উন্মাদ [স] ১ *বিণ* উত্তাল। 'উন্মাদ-ঝঞ্ঝাবায়ু তৎক্ষণে উঠিল।' *কৃষ্ণদাস*, ১৫৮৯। ২ *বি* উত্তেজনা। 'পুনঃ পুনঃ শ্লোক শুনি বাঢ়য়ে উন্মাদ।' *গুপ্তা*, ১৫৮০। ৩ *বি* অতিরিক্ত আসক্তি। 'শ্রীকৃষ্ণের উন্মাদ হইল সভাকার।' *বৃন্দা*, ১৫৮০। ৪ *বিণ* পাগল। 'তুই কি উন্মাদ হলি? সমস্ত সংসার তুই দিলি বিসর্জন।' *রবীন্দ্র*, ১৮৯০। ৫ *বিণ* নেশাগ্রস্ত। 'চৈতরজনী আজি উন্মাদ মধুনিশি ওগো চৈতনিশীথশশী।' *রবীন্দ্র*, ১৯০০। ৬ *বিণ* প্রমত্ত। 'হিংসার উৎসবে আজি বাজে অস্ত্রে অস্ত্রে মরণের উন্মাদ রাগিণী ভয়ঙ্কর।' *রবীন্দ্র*, ১৯০১। ৭ *বিণ* ক্ষিপ্ত। 'উন্মাদ, আমি উন্মাদ, ... আজিকে আমার খুলিয়া গিয়াছে সব বাঁধ।' *নজরুল*, ১৯২২। ৮ *বিণ* দিশেহারা। 'দেখিনু তরুণ বালক উন্মাদ হয়ে ছুটে কী যন্ত্রণায় মরেছে পাথরে নিষ্ফল মাথা কুটে।' *রবীন্দ্র*, ১৯৩২।

উন্মাদক [স] *বিণ* পাগল করে এমন। 'শরতেও হিমালয়ের এমনই ... ভয়ংকর অথচ উন্মাদক সৌন্দর্য।' *হরপ্রসাদ*, ১৮৮১।

উন্মাদকর [স] *বিণ* পাগল করে এমন। 'সেই উন্মাদকর প্রেম সীতারামের চিত্ত অধিকৃত করিল।' *বঙ্কিম*, ১৮৮৪।

উন্মাদগ্রস্ত [স] ১ *বিণ* পাগলামিতে আক্রান্ত। 'উন্মাদগ্রস্ত ব্যক্তির অপেক্ষা করুনা কাহার আছে?' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বিণ* অপ্রকৃতিস্থ। 'তাঁর স্ত্রী উন্মাদগ্রস্ত কার পাপে!' *বিমল*, ১৯৫৩।

উন্মাদদশা [স] *বি* চিত্তবিভ্রম অবস্থা। 'উন্মাদদশায় প্রভুর স্থির নহে মন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উন্মাদন [স] *বি* উন্মাদনা। 'গানে গানে উদাস প্রাণে জাগা রে উন্মাদন।' *রবীন্দ্র*, ১৯২৫।

উন্মাদনা [স] *বি* উদ্দীপনা। 'তরুণ দেহের রক্তলহরী উন্মাদনায় আলোড়িত হইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

উন্মাদনাকর [স] *বিণ* মত্ততা সৃষ্টিকারী। 'সেই আর্তনাদ শোনার চেয়ে উন্মাদনাকর নেশা জগতে আর কী আছে।' *মানিক*, ১৯৩৭।

উন্মাদনাময় [স] *বিণ* পাগল করে এমন। 'উন্মাদনাময় ভালোবাসা বহিয়া বহিয়া ...।' *মানিক*, ১৯৪০।

AMARBOI.COM

উন্মাদনি [স উন্মাদ>] *বিণ* পাগল করে এমন। 'বিরহগান মনকে গাওয়ায়/ পরান-উন্মাদনি।' *রবীন্দ্র*, ১৯১৪।

উন্মাদনী [স উন্মাদ>] *বিণ* পাগল করে এমন। 'আজি মধু চাঁদনী/ প্রাণ উন্মাদনী/ শিথিল বাঁধনী।' *রবীন্দ্র*, ১৮৮৪।

উন্মাদপ্রলাপ [স] *বি* পাগলের অর্থহীন কথা। 'উন্মাদপ্রলাপ করে রাত্রি-দিবসে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উন্মাদপ্রাণ [স] *বিণ* প্রাণ পাগল করে এমন। 'কালবৈশাখী ঝঞ্ঝার সুরে উন্মাদপ্রাণ।' *বীরেন্দ্র*, ১৯৫৬।

উন্মাদলক্ষণ [স] *বি* পাগলামি। 'যেই করে যেই বোলে উন্মাদলক্ষণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উন্মাদলীলা [স] *বি* পাগলামি। 'দেশটা ভরা আজ এক বিকট উন্মাদলীলা।' *নজরুল*, ১৯২৭।

উন্মাদা [স উন্মাদ>] *ক্রি* উন্মত্ত করা। 'মিলিত ঝঙ্কার ভরে কাঁদিয়া কাঁদিয়া/ আনন্দের আর্তরবে চিত্ত উন্মাদিয়া।' *রবীন্দ্র*, ১৯১৪।

উন্মাদাবস্থা [স উন্মাদ-অবস্থা] *বি* পাগলামি। 'তার বদ্ধ উন্মাদাবস্থারও উৎকট কল্পনার বাইরে।' *মুজতবা*, ১৯৬০।

উন্মাদিনী [স] *বিণ স্ত্রী* উন্মত্ত। 'মধুপানে উন্মাদিনী হইয়াছে।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

উন্মাদিনী-পারা [স উন্মাদিনীপ্রায়] *বিণ* উন্মাদিনীর মতো। 'ঘোরা উন্মাদিনী-পারা।' *রবীন্দ্র*, ১৮৮০।

উন্মাদী [স] *বিণ* মাতোয়ারা। 'নিত্যানন্দনামে হয় পরম উন্মাদী।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উন্মার্গগামী [স] *বিণ* বিপথগামী। 'তিনি যে মহারাজের সহিত এরূপ উন্মার্গগামী জনের ন্যায় অশিষ্টাচার করেছেন।' *মাইকেল*, ১৮৭৩।

উন্মিষিত [স উন্মেষিত] *বিণ* চমকিত। 'উত্তরে কপিলবর্ণ বিদ্যুৎ উন্মিষিত হইতে লাগিল।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

উন্মীল [স] *বিণ* বিকশিত। 'বিস্ময়-বিহ্বল নেত্রে বন্দী নিরখিল/ সেই শুভ্র সুকোমল কমল-উন্মীল।' *রবীন্দ্র*, ১৮৯৯।

উন্মীলন [স] **১** *বি* চোখ খোলা। *সেবধি*, ১৮৩৯। **২** *বি* প্রস্ফুটন। 'স্মৃতি আছে লেগে অদৃশ্য চাঁপার উন্মীলনে।' *শামসুর*, ১৯৬৩।

উন্মীলা [স উন্মীলন>] **১** *ক্রি* খোলা। 'উন্মীলিলা আখণ্ডল সহস্র লোচন।' *মাইকেল*, ১৮৬০। **২** *ক্রি* ভেদ করা। 'বঙ্গহৃদয় উন্মীলি যেন/ রক্তকমল ফুটে।' *রবীন্দ্র*, ১৮৯০। **৩** *ক্রি* প্রকাশিত হওয়া। 'উন্মীলিছে নখে দন্তে হিংস্র বিভীষিকা।' *রবীন্দ্র*, ১৯৩২।

উন্মীলিত [স] **১** *বিণ* উন্মুক্ত। 'নয়নদ্বয় উন্মীলিত করিল।' *বিদ্যা*, ১৮৬৩। **২** *বিণ* প্রকাশিত। 'যত সৌন্দর্য যত শক্তি ... দিকে দিকে উন্মীলিত হইয়া উঠিত।' *রবীন্দ্র*, ১৯০৯।

উন্মুক্ত [স] **১** *বিণ* উন্মোচিত। 'দেসৃদিমোনার হৃদয় আমাদের সম্মুখে সম্পূর্ণ উন্মুক্ত।' *বঙ্কিম*, ১৮৮৭। **২** *বিণ* খোলামেলা। 'বেশ শাদাসিদে সহজ সুন্দর উন্মুক্ত দরাজ।' *রবীন্দ্র*, ১৮৯২। **৩** *বিণ* অবাধ। 'উন্মুক্ত জীবনস্রোত বহে দিনরাত।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৪** *বিণ* খোলা। 'সহিদদিগের জন্য স্বর্গদ্বার সর্ব্বদা উন্মুক্ত।' *মশাররফ*, ১৯০৮।

উন্মুক্ততা [স] *বি* খোলামেলা অবস্থা। 'সাগর সৈকতের বিপুল উন্মুক্ততায়, আপনার হৃদয়ের খেলা নিয়ে সে মেতে থাকে।' *মানিক*, ১৯৩৫।

উন্মুক্তদৃষ্টি [স] *বি* নির্মোহ দৃষ্টি। 'উন্মুক্তদৃষ্টিতে তাকালে যুবক শিক্ষক বিস্মিত হয়।' *ওয়ালী*, ১৯৬৪।

উন্মুখ [স] **১** *বিণ* উৎসুক। 'উন্মুখ অধরে ধরি চুম্বন-অমৃত।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* উদ্যমী। 'জাগো উন্মুখ চিত্তে জাগো অম্লানপ্রাণে।' *রবীন্দ্র*, ১৯১০।

উন্মুখতা [স] *বি* ব্যগ্রতা। 'প্রাণে গেঁথে সূর্যমুখী-উন্মুখতা খুঁজি আজো তাকে।' *শামসুর*, ১৯৫৯।

উন্মুখ-যৌবনা [স] *বিণ* যৌবনে উপনীত হওয়ার জন্যে উদ্গ্রীব। 'ওইসব উন্মুখ-যৌবনা কিশোরীদের কাছে।' *নজরুল*, ১৯৩১।

উন্মুখিন [স] *বিণ* অভিমুখী। 'সমুদ্র যদি জোয়ারের টানে আকৃষ্ট হইয়া ক্রমাগতই নদীর উন্মুখিন হইয়া রহে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উন্মুখী [স] *বিণ স্ত্রী* উৎসুক। 'নূতন উৎসাহে উন্মুখী হইয়া, সে বিদ্যাবতী ঝন ঝন করিয়া বীণের তারে বড় বড় ঘা দিল।' *বঙ্কিম*, ১৮৮২।

উন্মুখর [স] **১** *বিণ* অতি মুখর। 'রাগরিক্ত সঙ্কিলগ্ন এ যে ... উন্মুখর বিনির্মোক আস্তার মর্মরে।' *সুধীন্দ্র*, ১৯৩১। **২** *বিণ* উচ্চ শব্দময়। 'উন্মুখর অট্টহাস্যসনে ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

উন্মুখরতা [স] *বি* বাগাড়ম্বর। 'সাময়িক উন্মুখরতার জোরে এ স্মরণীয় হয়ে ওঠে না।' *রবীন্দ্র*, ১৯৩৬।

উন্মুদ্র [স] **১** *বিণ* অচিহ্নিত। 'কালের প্রপাত উদ্ধম রভসে নামে অনন্তের উন্মুদ্র অতলে।' *সুধীন্দ্র*, ১৯৩৩। **২** *বিণ* প্রস্ফুটিত। 'উন্মুদ্র উষার স্তব্ধে যদি তুমি আদরে রাখিতে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

উন্মূল [স] *বিণ* উৎপাটিত। 'প্রবৃত্তিকে উন্মূল করা নয় ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

উন্মূলন [স] *বি* বিনাশ। 'বৌদ্ধধর্মের সমূলে উন্মূলন করিয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭।

উন্মূলা [স উন্মূল>] *ক্রি* উৎপাটিত হওয়া। 'অনেক কাহিনী যাবে যে সেদিন ভুলে/ স্মরণচিহ্ন কত যাবে উন্মূলে।' *রবীন্দ্র*, ১৯৩১।

উন্মূলিত [স] **১** *বিণ* উৎপাটিত। 'স্নেহের অঙ্কুর পর্যন্ত উন্মূলিত করিতে লাগিল।' *বঙ্কিম*, ১৮৬৬। **২** *বিণ* মুছে ফেলা হয়েছে এমন। 'তাহা হৃদয় হইতে অনেকদিন হইল উন্মূলিত করিয়াছি।' *বঙ্কিম*, ১৮৭৪।

উন্মেষ [স] *বি* উদয়। 'আমার জীবনের অন্তস্তলে ক্রমশই একটা নূতন সত্যের উন্মেষ হচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

উন্মেষক [স] *বিণ* সঞ্চারকারী; উন্মীলনকারী। 'জাতীয় তমদ্দুনের উন্মেষক ও সহায়ক।' *মোহাম্মদী*, ১৯৪৪।

উন্মেষশালিনী [স] **১** *বিণ স্ত্রী* সৃজনশীল। 'প্রতিভার অর্থ নব নব উন্মেষশালিনী বুদ্ধি।' *প্রমথ*, ১৯১৬। **২** *বিণ স্ত্রী* বিকশিত। 'উন্মেষশালিনী বিরাট প্রতিভার অতি সুস্পষ্ট পরিচয় বহন করে।' *মাহেনও*, ১৯৪৯।

উন্মেষা [স উন্মেষ>] *ক্রি* উদয় হওয়া। 'তরঙ্গ ছুটিছে শূন্যে/ উন্মেষিছে মহাভবিষ্যৎ।' *রবীন্দ্র*, ১৯৩২।

উন্মেষিত [স] *বিণ* বিকশিত। 'দিগ্বিদিকে উঠেছিল উন্মেষিত হয়ে এক মুহূর্তের মাঝে।' *রবীন্দ্র*, ১৮৯২।

উন্মোচন [স] **১** *বি* অপসারণ। 'তাহার মস্তকের বস্ত্র উন্মোচন করিয়া ফেলিল।' *রবীন্দ্র*, ১৮৮৪। **২** *বিণ* বন্ধনহীন। 'বেণী করি উন্মোচন শান্ত মনে করো, বৎস, দেবতা-অর্চন।' *রবীন্দ্র*, ১৯০০। **৩** *বিণ* মুক্ত। 'একই কথা! – ছুরিকা উন্মোচন।' *রবীন্দ্র*, ১৮৯০। **৪** *বি*

AMARBOI.COM

প্রকাশ। 'রিক্ততার বক্ষ ভেদি আপনারে করো উন্মোচন।' *রবীন্দ্র*, ১৯২৫।

উন্মোচনরত [স] *বিণ* উদ্‌ঘাটন করছে এমন। 'ইউরোপের মন তখন প্রকৃতির রহস্য উন্মোচনরত।' *অন্নদা*, ১৯৩৭।

উন্মোচিত [স] *বিণ* মুক্ত। 'জীবনের জটিল গ্রন্থিগুলি যেন একে একে উন্মোচিত হয়ে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

উন্মোচিতা [স] *বিণ স্ত্রী* উন্মোচিত করা হয়েছে এমন। 'জীবনে যে আবৃতমুখী মৃত্যুতে সে উন্মোচিতা।' *অচিন্ত্য*, ১৯৫০।

উপ-উপপতি [স] *বি* গৌণ প্রেমিক। 'অদ্য রজনীতে অবশ্যই তোমার উপ-উপপতি দেবতা হবার অভিলাষী।' *মুনীর*, ১৯৬১।

উপকণ্ঠ [স] ১ *ক্রিবিণ* আকণ্ঠ। 'মুহূর্তে করিব পান মৃত্যুর ফেনিল উন্মত্ততা/ উপকণ্ঠ ভরি।' *রবীন্দ্র*, ১৮৯৯। ২ *বি* নগরীর সমীপ। 'কালিঞ্জরের উপকণ্ঠের বাঁকে উপবনের পাশে তার সাথে আমার প্রথম দেখা।' *নজরুল*, ১৯২২। ৩ *বি* গলদেশ। 'আজিকে উদ্‌গীর্ণ করো উদ্বেষ্টিত উপকণ্ঠ হতে প্রাগৈতিহাসিক বিষ।' *সুধীন্দ্র*, ১৯৩১। ৪ *বি* নিকট। 'বিকেলের উপকণ্ঠে সাগরের চিল।' *জীবন*, ১৯৪২।

উপকথা [স] ১ *বি* উপাখ্যান। 'উপকথা কহে রাক্ষসি মনে মনে হাসে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* গল্প। 'কাছে বসিয়া সমস্ত দিন উপকথা শুনিতে পারিব না।' *রবীন্দ্র*, ১৮৮৫; 'উপকথার মত রত্নাবাঈর ... ইতিবৃত্ত শুনে গেলাম।' *নরেন্দ্র*, ১৯৪৬। ৩ *বি* স্মৃতি। 'বসিয়া আঁধার ঘরে বরষার ঝরঝরে মনে পড়ে কত উপকথা।' *রবীন্দ্র*, ১৮৮৬।

উপকথাই [স উপকথা>] *বিণ* অবাস্তব। *মানোএল*, ১৭৪৩।

উপকথাবহুল [স] *বিণ* কাহিনিসর্বস্ব। 'মহীরুহের মতো বড়ো রহস্যময় উপকথাবহুল।' *হাসান*, ১৯৬৭।

উপকর [স] *বি* বাড়তি কর। 'উপকর দিতে না পারিয়া ... স্থানান্তর যাইতেছে।' *গ্রামবার্তা*, ১৮৭৩।

উপকরণ [স] ১ *বি* উপাদান। 'তৈজসপত্র এবং প্রচুর উপকরণযুক্ত নৈবেদ্য।' *দর্পণ*, ১৮২২। ২ *বি* কার্যসাধনের জন্য প্রয়োজনীয় বস্তু। 'বালকদিগের হৃদয়ঙ্গম করিয়া দিবার নিমিত্ত যে সমস্ত উপকরণ আবশ্যক।' *অক্ষয়*, ১৮৫০। ৩ *বি* শর্ত। 'স্বাধীনতা ভাষার উন্নতিসাধনের পক্ষে একটি অত্যাবশ্যক উপকরণ।' *অক্ষয়*, ১৮৫৫। ৪ *বি* বিষয়বস্তু। 'বিবাহবিচ্ছেদের সমস্ত উপকরণ আসিয়া উপস্থিত হয়।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ৫ *বি* অংশীদার। 'দুষ্ট লোকেরাই এই দলপুষ্টিতার প্রধান উপকরণ।' *এডুকেশন*, ১৮৭৩। ৬ *বি* পণ্য। 'সমস্ত উপকরণই চড়া দরে বিক্রয় হয়।' *রবীন্দ্র*, ১৯০৫। ৭ *বি* জিনিসপত্র। 'বিশ্রামের উপকরণ উপাধান শয্যা কিছুই নাই।' *মশাররফ*, ১৯০৮।

উপকরণাঢ্য [স] *বিণ* উপকরণের আধিক্য আছে এমন। 'বাঁধানো পথ ঘাট, বাতায়নবহুল উপকরণাঢ্য পরিপাটি বাড়ি ঘর।' *অন্নদা*, ১৯২৯।

উপকর্তা, উপকর্ত্তা [স] ১ *বিণ* উপকারকারী। 'বেদান্ত পড়াও সন্ন্যাসীর উপকর্ত্তা।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'উপকর্তা দুঃখ হর্তা পবিত্র শরীর।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* বড়োকর্তার অধস্তন কর্তা। 'দলের বড়োকর্তাদের কাছে না হোক, উপকর্তাদের কাছে গিয়ে তোমার প্রস্তাব জানাতে হবে।' *প্রমথ*, ১৯৩৫।

উপকাজ্য [স উপ-কার্য] *বি* কাছাড়ি বাড়ি। 'উপকাজ্যের উত্তরে আখড়া ঘর যথা।' *মানিকরাম*, ১৭৮১।

উপকান্তা [স] *বি* উপপত্নী। 'উপকান্তা অনুগামী।' *দীনবন্ধু*, ১৮৬৭।

উপকার [স] ১ *বি* হিত। 'সংসার আসার/ পর উপকার/ করিলে কি রীত থাকে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* লাভ। 'এই অহিফেন বাণিজ্যে ভারতবর্ষেরই বা কী উপকার অপকার হইতেছে।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বি* সহায়তা। 'আমাদের অসময়ে অনেক উপকার করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৪ *বি* মঙ্গলসাধন। 'তাঁহার বহুতর উপকার আমার যৌবনের আরম্ভকালেই যে কত উপকার করিয়াছে ...।' *রবীন্দ্র*, ১৯১২।

উপকারক [স] *বিণ* উপকারী। 'এ পুস্তক অতি উপকারক।' *দর্পণ*, ১৮১৯।

উপকারকর্তা, উপকারকর্ত্তা [স] *বি* উপকারী ব্যক্তি। 'উপকারকর্তা আপন মনেতেই সন্তুষ্ট হন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

উপকারজনক [স] *বিণ* কল্যাণকর। 'বোধ হয় এই সমাজ চিরস্থায়ী হইয়া দেশের উপকারজনক অবশ্যই হইবেন।' *দর্পণ*, ১৮২৩।

উপকারজনিকা [স] *বিণ স্ত্রী* উপকারী। 'অনুমান করি যে কেবল সাধারণের উপকারজনিকা হইবে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৮।

উপকারদায়ক [স] *বিণ* মঙ্গলজনক। 'ঐ চিকিৎসালয় হইলে যে রূপ উপকারদায়ক হইবেক তাহার বক্তৃতা নানা রূপ করিলেন।' *দর্পণ*, ১৮৩৮।

উপকার দেখা *ক্রি* উপকার পাওয়া। 'আমি কাছে থাকিলে কোনো উপকার দেখিবে না।' *রবীন্দ্র*, ১৯০৬।

উপকারপ্রাপ্ত [স] *বিণ* উপকার পেয়েছে এমন। 'স্কুলমাস্টারের দ্বারা উপকারপ্রাপ্ত।' *রবীন্দ্র*, ১৯০৮।

উপকারস্থ [স] *বিণ* অনুগৃহীত। *মানোএল*, ১৭৪৩।

উপকারার্থ [স উপকার-অর্থ] *ক্রিবিণ* উপকারের জন্য। 'লোকেরদের উপকারার্থে সভা করিয়া যিনি যত টাকা দিয়াছেন তাঁহারদের নাম ও টাকার সংখ্যা ...।' *দর্পণ*, ১৮২২।

উপকারার্থে [স উপকার-অর্থে] *ক্রিবিণ* মঙ্গলের উদ্দেশ্যে। 'কলিকাতা স্কুলসোসাইটি সকল বাঙ্গলা পাঠশালার উপকারার্থে চেষ্টা করিতেছেন।' *দর্পণ*, ১৮১৯।

উপকারি [স উপকারী] *বিণ* উপকার করে এমন। 'কোন উপকারি বিষয় অনুবাদিকাতে স্থান পাইবেক।' *দর্পণ*, ১৮৩১।

উপকারিণী [স] *বি স্ত্রী* উপকারকারী। 'এই উপকারিণী পরম ধৈর্যবতী প্রশান্তা।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উপকারিতা [স] *বি* হিতসাধনের ক্ষমতা। 'সমালোচনার উপকারিতা।' *রবীন্দ্র*, ১৮৯৮।

উপকারী [স] *বিণ* উপকার করে এমন। 'তোমা প্রতি উপকারী কিবা অউপকারী।' *সুলতান*, ১৬৫০।

উপকার্য, উপকার্য্য [স] *বিণ* প্রয়োজন মেটায় এমন। 'ঐ গ্রন্থ সর্বপ্রকারে সকলের উপকার্য্য হইতে পারে।' *দর্পণ*, ১৮৩০।

উপকৃত [স] ১ *বিণ* উপকার লাভ করেছে এমন। 'সে কদর্য্য তৃণসকলের উপকৃত।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* উপকারপ্রাপ্ত। 'নীচে লিখিতব্য গ্রন্থ আমরা পাইয়া উপকৃত হইলাম।' *দর্পণ*, ১৮৩০।

উপকূল [স] ১ *বি* কূলের কাছাকাছি জায়গা। 'এই উপকূলে ব্রিটেনীয় সাংযাত্রিকেরা দাসক্রয়ার্থ সর্বদা যাতায়াত করিত।' *বিদ্যা*, ১৮৪৯। ২ *বি* প্রান্ত। 'সংসারের উপকূল হইতে কে তাহাকে ঠেলিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৩ *বি* আশ্রয়। 'হেরিয়া ভরসা পাই বিশ্বাস বিপুল জাগে মনে – আছে এক মহা উপকূল।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৪ *বি* পরিসীমা। 'মাতিয়া খুঁজিয়া ফেরে আপনার কূল-উপকূল তট-

AMARBOI.COM

অরণ্যের তলে।' *রবীন্দ্র*, ১৯০৫।

উপকূলবর্তী [স] *বিণ* উপকূলীয়। 'উপকূলবর্তী অঞ্চলের বাত্যাদুর্গতদের জন্য ... সংগৃহীত দ্রব্যাদি প্রদর্শন করা হয়।' *বেগম*, ১৯৬৩।

উপকূলবাসী [স] *বিণ* উপকূলে বাস করে এমন। 'আর উপকূলবাসী কোনো কোনো দুর্গেশ্বরের রণপোত ছিল।' *অন্নদা*, ১৯৩৭।

উপকূলবাহী [স] *বিণ* উপকূলের নিকট দিয়ে চলে এমন। 'দূরে দেখা যায় একটি উপকূলবাহী জাহাজ।' *কায়সার*, ১৯৬২।

উপকূলীয় [স] *বিণ* সমুদ্রতীরবর্তী। 'উপকূলীয় এলাকায় ও দ্বীপাঞ্চলে ... কমিটি গঠন করেছেন।' *বেগম*, ১৯৬৬।

উপকৃত দ্র উপকার

উপকেশ [স] *বি* পরচুলা। 'তিনি ... ঘন উপকেশ, কৃষ্ণবর্ণ রোমজ চরণাবরণ পরিতেন।' *বিদ্যা*, ১৮৪৯।

উপকোণ [স] *বি* ভাঁজের অংশ। 'মুখচক্ষুর সমস্ত কোণ-উপকোণ হইতে ঠিকরিয়া বাহির ...।' *প্রমথ*, ১৮৯৮।

উপক্রম [স] ১ *বি* সম্ভাবনা। 'সন্তান হওনের উপক্রম হইল।' *রামরাম*, ১৮০১। ২ *বি* চেষ্টা। 'সাড়া না দিয়া সটকিবার উপক্রম করিলেক।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* আয়োজন। 'সিংহাসনে বসিবার উপক্রম করিতেছেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ৪ *বি* সূচনা। 'বিলুপ্ত হইবার উপক্রম হইল ...।' *মদনমোহন*, ১৮৩৪। ৫ *বি* জোগাড়। 'মড়কের দুর্দ্ধর্ষ প্রকোপে দেশ জনশূন্য হইবার উপক্রম হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৬।

উপক্রমণিকা [স] ১ *বি* ভূমিকা। 'এই গ্রন্থের উপক্রমণিকায় প্রতিপন্ন করা গিয়াছে যে ....।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বি* প্রাথমিক অনুষ্ঠান। 'গায়ে হলুদ প্রভৃতি সমস্ত উপক্রমণিকা হইয়া গিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৩ *বিণ* সূচনাকারী। 'উপক্রমণিকা-গান আরম্ভ হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৮। ৪ *বি* বিদ্যাসাগর-রচিত ব্যাকরণ-বিশেষ। 'উপক্রমণিকা হইতে "নরঃ নরৌ নরাঃ" মুখস্থ করিবার জন্য আমার সেই সময় নির্দিষ্ট ছিল।' *রবীন্দ্র*, ১৯১২। ৫ *বি* সূচনা। 'আমরা নানা কাজের উপক্রমণিকা করেই সন্তুষ্ট থাকি।' *প্রমথ*, ১৯১২।

উপক্রান্ত [স] *বিণ* আরম্ভ হয়েছে এমন। 'উপক্রান্ত উপাখ্যান সমাপ্ত করিয়া, বেতাল জিজ্ঞাসিল ...।' *বিদ্যা*, ১৮৪৭।

উপক্ষা[১] [স উপেক্ষা>] *ক্রি* উপেক্ষা করা। 'পশুর উপরে ক্রোধ কেনে ন উপক্ষে।' *সুলতান*, ১৭০০।

উপক্ষা[২] [স উপেক্ষা] *বিণ* উপেক্ষিত। *মানোএল*, ১৭৪৩।

উপক্ষার [স] *বি* নাইট্রোজেনযুক্ত মৌলিক পদার্থবিশেষ। 'স্পন্দনে ওষধি ও উপক্ষারের প্রভাব একই প্রকার।' *জগদীশ*, ১৯২৬।

উপগতগতা [স] *বি* উদ্‌গাতা। 'আচার্য্য হইলা কেহ উপগতগতা।' *মালাধর*, ১৫০০।

উপগতা [স] *বিণ স্ত্রী* মিলিত। 'স্বামিভাবে উপগতা হইয়া পরমানন্দে সুখভোগ কর।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

উপগার [স উপকার] *বি* হিতসাধন। 'অন্নদান করহ পরের উপগার।' *রূপরাম*, ১৭৫০।

উপগুরু [স] *বি* সহকারী গুরু। 'যদি আমায় উপগুরু করিস তো তোকে শেখাই।' *গিরিশ*, ১৮৯৬।

উপগৃহিণী [স] *বি* উপপত্নী। 'উপগৃহিণীর অনুরোধে সরস্বতীপূজা করিবেন।' *বঙ্কিম*, ১৮৭৪।

উপগ্রহ [স] ১ *বি* গ্রহকে পরিভ্রমণ করে এমন জ্যোতিষ্ক। 'নেপচুন গ্রহে দুই উপগ্রহ আবিষ্কৃত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* অন্ধ অনুসারী। 'এ বাড়ির সকলেই গোরার একটি ক্ষুদ্র উপগ্রহ বলিয়া মনে করে ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

উপগ্রাম [স] *বি* ছোটো গ্রাম। 'নিউইয়র্ক লণ্ডন প্রভৃতি শহর বহু গ্রাম-উপগ্রামের প্রাণশক্তি গ্রাস ক'রে ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

উপচক্র [স] *বি* ছোটো চাকা। 'ইটকাঠের বাহুল্যে এবং যন্ত্রের চক্রে উপচক্রে নিজেকে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

উপচক্ষু [স] *বি* চশমা। 'কাছের জিনিসকে ওরা উপচক্ষু ছাড়া দেখতে পায় না।' *নজরুল*, ১৯২৭।

উপচয় [স] *বি* শ্রীবৃদ্ধি। 'তাহারদিগের উপচয় না হইয়া অপচয় হইয়াছে।' *বঙ্গদূত*, ১৮২৯।

উপচর [স] *বি* শান্তি। 'জীবন কএল পরাধিন নহি উপচর এক ঠামা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উপচানো *বিণ* উপচে পড়ছে এমন। 'উপচানো বুকে বনের রহস্য কাঁপে যেন।' *মাহমুদ*, ১৯৬৩।

উপচে-পড়া *বিণ* ছাপিয়ে পড়ছে এমন। 'সূর্যের আলোয় উপচে-পড়া জলে চলে ছুটির খেলা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উপচার [স উপচার] *বি* পূজার সামগ্রী। 'ষোড়শ উপচারে নৃপতি পূজে পুন্যবান।' *মুকুন্দ*, ১৬০০।

উপচিকীর্ষা [স] *বি* উপকার করার ইচ্ছা। 'বুদ্ধিবৃত্তি, উপচিকীর্ষা, ন্যায়পরতা ইত্যাদি প্রধান বৃত্তি।' *অক্ষয়*, ১৮৪৯।

উপচিকীর্ষাবৃত্তি [স] *বি* অপরের মঙ্গলের জন্য কাজ। 'অপত্যস্নেহ ও উপচিকীর্ষাবৃত্তি থাকাতে, সন্তানগণের ভরণপোষণ।' *অক্ষয়*, ১৮৪৯।

উপচিত [স] *বিণ* প্রাপ্ত। 'তঁই অরথিত উপচিত ভেলি সে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উপচীয়মান [স] *বিণ* ক্রমবর্ধমান। 'বিশ শতকের উপচীয়মান আবহমান রক্ত ...।' *জীবন*, ১৯৪৮।

উপচীয়মানা [স] *বিণ স্ত্রী* ক্রমবর্ধমান। 'প্রতিক্ষণে উপচীয়মানা মহতী প্রীতি জন্মিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

উপচেতনলোক [স] *বি* অবচেতনা। 'আমার ধর্ম আমার উপচেতনলোকের অন্ধকারের ভিতর থেকে ...।' *রবীন্দ্র*, ১৯০৪।

উপচেতনা [স] *বি* অবচেতনা; মগ্নচৈতন্য। 'এ হচ্ছে উপচেতনার সঙ্গে চেতনার ঋগড়া।' *জীবন*, ১৯৪৮।

উপচে-পড়া দ্র উপচানো

উপচ্ছায়াসম [স] *ক্রিবিণ* ঘন ছায়ার প্রান্তবর্তী হালকা ছায়ার মতো। 'কে তার পশ্চাতে দাঁড়াইল উপচ্ছায়াসম।' *রবীন্দ্র*, ১৮৯৯।

উপছায়া [স] *বি* অশরীরী দেহ। 'নিজের সমাধি-'পরে নিজে বসি উপছায়া যেমন নিশ্বাস ফেলে তায়।' *রবীন্দ্র*, ১৮৮১।

উপজক্ত [স উপযুক্ত] *বিণ* যোগ্য। *ওসা*, ১৭৮২।

উপজগৎ [স] *বি* কৃত্রিম জগৎ। 'কোনো সনাতন বা অধুনাতন ছাঁচেঢালা উপজগতের মধ্যে নিজেকে ধরাতে পারলুম না।' *রবীন্দ্র*, ১৯১৫।

উপজা [স উৎপদ্য>] ১ *ক্রি* সৃষ্টি হওয়া। 'কুবুধি কত উপজে তোহ্মার মণে।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* উদ্ভূত হওয়া। 'কেসু উপজল আগি।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বিদ্যাপতি, ১৪৬০। ৩ *ক্রি* ছড়িয়ে পড়া। 'কুসঙ্গে উপজে গর্ব বুদ্ধি লোপ হয়।' *আলাওল*, ১৬৮০। ৪ *ক্রি* জন্ম হওয়া। 'তাহার সম্ভোগে মন্ত্রী পুত্র উপজিব।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৫ *ক্রি* উৎপাদন করা। *বিদ্যা*, ১৮৯১। **উপজএ** *ক্রি* জন্মায়। 'তেঁ তোহ্মাত উপজএ রোষে।' *বড়ু*, ১৪৫০। **উপজয়** *ক্রি* জন্ম হয়। 'কৃষ্ণের চরণপ্রান্তে উপজয় লোভ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **উপজয়ে** *ক্রি* উৎপন্ন ক'রে। 'যেই জপে তার কৃষ্ণে উপজয়ে ভাব।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **উপজল** *ক্রি* উদ্ভূত হলো। 'কেসু উপজল আগি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **উপজিল** *ক্রি* উৎপন্ন হলো। 'যত উপজিল তাহা কে গণিবে কত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **উপজিলা** *ক্রি* সৃষ্টি হলো। 'এবেঁ উপজিলা কংশ বধের কারণ।' *বড়ু*, ১৪৫০। **উপজিবে** *ক্রি* জন্ম দেবে। 'কৃষ্ণে উপজিবে প্রীতি জানিবে রসের রীতি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **উপজে** *ক্রি* সৃষ্টি হয়। 'কুবুধি কত উপজে তোহ্মার মণে।' *বড়ু*, ১৪৫০।

উপজাতি [স] ১ *বি* প্রজাতি। 'আমরাই species শব্দকে বাংলা উপজাতি স্থির করিয়াছিলাম।' *রবীন্দ্র*, ১৯১৭। ২ *বি* প্রধান জাতির অন্তর্ভুক্ত ক্ষুদ্র জাতি। 'পাঠানরা ইহুদীদের হারিয়ে যাওয়া বারো উপজাতির একটা নয়?' *মুজতবা*, ১৯৪৯।

উপজাতীয় [স] *বিণ* উপজাতি সম্প্রদায়ভুক্ত। 'সব উপজাতীয় মহিলাই বিবাহের পর বিশ্বস্ত জীবন যাপন করে।' *বেগম*, ১৯৬৩।

উপজিত [স] *বিণ* উৎপন্ন। 'শ্রীরাধার এই যে দেহসজ্জা ইহা আত্মেন্দ্রিয় প্রীতি যে কাম তাহা হইতে উপজিত হয় নাই।' *হাই*, ১৯৫৪।

উপজীবিকা [স] ১ *বি* জীবন নির্বাহের উপায়। 'পণ্ডিতেরা অন্নায়াসেই স্বচ্ছন্দে উপজীবিকা প্রাপ্ত হইতেছেন।' *দর্পণ*, ১৮৩৩। ২ *বি* পেশা। 'এইক্ষণে তাঁহারদিগের উপজীবিকা কি হইবেক।' *দর্পণ*, ১৮৩৬। ৩ *বি* কর্মসংস্থান। 'তাহারা উপজীবিকা লাভে অসমর্থ।' *অক্ষয়*, ১৮৪৬। ৪ *বি* গৌণ জীবিকা। 'ভিক্ষাবৃত্তি একটা উপজীবিকা।' *রবীন্দ্র*, ১৯১৭।

উপজীব্য [স] ১ *বি* অবলম্বন। 'ঐ জীবকে উপজীব্য করিয়া জীবনধারণ করিয়াছিলি।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। ২ *বি* বিষয়-সম্পত্তি। 'উপজীব্য অবলম্বন করিয়া সন্তুষ্ট-হৃদয়ে কালযাপন করিত।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বি* সম্বল। 'এক সন্ধ্যার একমাত্র উপজীব্য খাদ্যখণ্ডটুকু দেখিয়া, চারিদিকে চাহিয়া গোপনে ছোঁ মারিয়া লয়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উপজুক্ত [স উপযুক্ত] *বিণ* যোগ্য; যথোচিত। 'হুকুম ছাড়া কোন কাজ করহ তবে উপজুক্ত সাজাইতে পৌছিবা।' *হ্যালহেড*, ১৭৭৩।

উপজ্ঞা [স] *বি* সহজাত জ্ঞান। 'তবু মোর উপজ্ঞা গভীর, জানে স্থির অনন্ত, অমৃত তব মায়া।' *সুধীন্দ্র*, ১৯৩২।

উপডাল *বি* প্রশাখা। 'এঁকেক শাখার লাগে কোটি কোটি ডাল তার শিষ্য উপশিষ্য তার উপডাল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপড়পড়া *বিণ* উপযাচক; নিজে থেকে এসে যাচঞা করে এমন। *বিদ্যা*, ১৮৯১।

উপড়ানো [স উৎপাটন>] ১ *ক্রি* ফেটে যাওয়া। 'বাজন শুনিতে দুই শ্রবণ উপড়ে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *ক্রি* তুলে ফেলা। *ওসা*, ১৭৮২; 'নিড়ানি দিয়া সমস্ত ঘাস ও গুল্ম উপড়াইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *ক্রি* উৎপাটন করা। *বিদ্যা*, ১৮৯১; 'সেথা হতে তারে উপাড়িয়া লও জ্বালাময় দুটো চোখ।' *রবীন্দ্র*, ১৮৯০।

উপঢৌকন [স] *বি* ভেট; উপহার। 'সকলের নজরানা অর্থাৎ উপঢৌকন স্পর্শ করিয়া ...।' *দর্পণ*, ১৮২৪।

উপঢৌকনাদি [স] *বি* উপঢৌকন ইত্যাদি। 'নানা দেশের জয়লব্ধ সামগ্রী ও উপঢৌকনাদি প্রাপ্ত হইয়া রোমের ক্রমশঃ ধনসম্পদ বৃদ্ধি হইতে লাগিল।' *অক্ষয়*, ১৮৪৯।

উপত্যকা [স] ১ *বি* পাহাড়ের পাদদেশের সমতল বা নিচু ভূমি। 'কোনস্থানে পর্ব্বত কোনস্থানে উপত্যকাভূমি।' *দর্পণ*, ১৮৩১। ২ *বি* দুই পর্বতের মাঝের সমতল ভূমি। 'নেপালের উপত্যকা ভূমাভ্যন্তর্গত।' *দর্পণ*, ১৮৩৩।

উপত্যকাভূমি [স] *বি* দুই পর্বতের মধ্যবর্তী সমতলভূমি। 'এ উপত্যকাভূমিতে যে নিতান্ত অরমণীয় তাও নয়।' *মাইকেল*, ১৮৫৯।

উপদল [স] *বি* দলের মধ্যে গড়ে তোলা ছোটো দল। 'লীগের মধ্যে দল-উপদলের অভাব ছিল না।' *মাহেনও*, ১৯৪৯।

উপদিষ্ট [স] ১ *বিণ* উপদেশপ্রাপ্ত। 'বাবুদিগের দ্বারা উপদিষ্ট হয়।' *অক্ষয়*, ১৮৪৫। ২ *বিণ* নির্দেশিত। 'হেমনলিনী নলিনাক্ষের উপদিষ্ট সমস্ত অনুষ্ঠান অনেক জোর ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

উপদিষ্টা [স] *বিণ স্ত্রী* উপদেশ পাওয়া গেছে এমন। 'নাপিতিনীর উপদেশ উপদিষ্টা সম্ভষ্টা কামিনী।' *ভবানী*, ১৮২৮।

উপদৃষ্ট [স উপদিষ্ট] *বিণ* উপদেশ পেয়েছে এমন। 'তেমতি যে নহে শিষ্ট, যদি হয় উপদৃষ্ট।' *ভবানী*, ১৮২৮।

উপদেবতা [স] ১ *বি* অপ্রধান দেবতা। 'দেবতায় উপদেবতায় প্রভেদ থাকে না।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* ভূতপ্রেত। 'দেবতা এবং উপদেবতা একত্রে।' *রবীন্দ্র*, ১৯০৮।

উপদেবী [স] *বি স্ত্রী* অপকৃষ্ট দেবী। 'জয়সিংহ চাহিস কাড়িতে/ দেবীর নিকট হতে, ওরে উপদেবী।' *রবীন্দ্র*, ১৮৯০।

উপদেশ [স] ১ *বি* পরামর্শ। 'সেই উপদেশ দিব তোহ্মাক তখণে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* নির্দেশ। 'হরিবোল বলি তারে উপদেশ করি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* শিক্ষাদান। 'প্রভু বোলে উপদেশ আমি করিতে না পারি।' *বৃন্দা*, ১৫৮০। ৪ *বি* ধর্মকথা। 'সেই যাই আর গ্রামে করে উপদেশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৫ *বি* কথা। 'প্রাণনাথ শুনহ আমার উপদেশ।' *মুকুন্দ*, ১৬০০। ৬ *বি* উপায়। 'তবে এক উপদেশ জনক সৃজিলা।' *বাহরাম*, ১৬৫০। ৭ *বি* সৎবাক্য। 'কেন আজি ভুল মাতা, নিজ উপদেশ।' *গিরিশ*, ১৮৮৭।

উপদেশ অপেক্ষা উদাহরণ ভাল – কথা বলার চেয়ে নজির দেখানো উত্তম। 'একটা কথা আছে, উপদেশ অপেক্ষা উদাহরণ ভাল।' *বেগম*, ১৯৪৯।

উপদেশক [স] ১ *বি* উপদেষ্টা। 'এক জন উপদেশক থাকিবে।' *দর্পণ*, ১৮১৯। ২ *বি* শিক্ষক। 'উপরোক্ত উপদেশকের নিকট জ্ঞাত হইলাম।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

উপদেশ করা *ক্রি* পরামর্শ দেওয়া। 'বিলক্ষণরূপে উপদেশ করেন শুন বাবু টাকা থাকিলেই হয় না।' *ভবানী*, ১৮২৫।

উপদেশকর্তা, উপদেশকর্ত্তা [স] *বি* উপদেষ্টা। 'উক্ত ছাত্রালয়ে এক উপদেশকর্ত্তা নিযুক্ত।' *দর্পণ*, ১৮৩৬।

উপদেশদাতা [স] *বি* পরামর্শক। 'উপদেশদাতা তারই দিকে তাকিয়ে আছে।' *ওয়ালী*, ১৯৬৪।

উপদেশপাত্র [স] *বি* পরামর্শ গ্রহণ করে যে। 'উপদেশপাত্র উপদেশক অপেক্ষা দূরদর্শী।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

উপদেশবাণী [স] *বি* পরামর্শমূলক কথা। 'কহি হিত উপদেশবাণী।' *মুকুন্দ*, ১৬০০।

উপদেশিনী [স] *বি স্ত্রী* উপদেশ দেয় যে। 'উপদেশিনী ইহা শ্রবণ

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মাত্রেই আহ্লাদ-সাগরে মগ্না হইয়া কন্যাকে ধন্যা বলিলেন।' *ভবানী*, ১৮২৮।

উপদেষ্টা [স] *বি* উপদেশদাতা। 'তুমি সে পরম উপদেষ্টা সবাকার।' *বৃন্দা*, ১৫৮০।

উপদেস [স উপদেশ] *বি* পরামর্শ। 'সুন সুন মুগধিনি মঝু উপদেস।' *বিদ্যাপতি*, ১৪৬০। দ্র **উপদেশ**

উপদ্বীপ [স] *বি* প্রায় চতুর্দিকে জল দ্বারা বেষ্টিত ভূভাগ। 'একা উপদ্বীপ সাত ভমিআ খুজিব তাত।' *মুকুন্দ*, ১৬০০।

উপদ্বীপীয় [স] *বিণ* উপদ্বীপে বসবাসকারী। 'উপদ্বীপীয় ও পর্ব্বতস্থ ত্রিবিধ লোক ... সমাগম হইয়াছে।' *রামরাম*, ১৮০২।

উপদ্রপ [স উপদ্রব] *বি* উৎপাত। 'তোমা সবাকার কেবা সহে উপদ্রপ।' *ভারত*, ১৭৬০।

উপদ্রব [স] ১ *বি* ঝামেলা। 'উৎপাত আর উপদ্রবের জন্যানর ঝুঁকি লওয়া হইতে ভাল।' *তারিণী*, ১৮০৩। ২ *বি* অত্যাচার। 'দুঃশীলতা প্রকাশ পূর্ব্বক লোকের উপর অশেষ প্রকার উপদ্রব করিতেন।' *অক্ষয়*, ১৮৫৫। ৩ *বি* আবদার। 'স্নেহের উপদ্রব সহ্য করা তাহার পক্ষে অত্যাবশ্যক হইয়া উঠিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০১।

উপদ্রবসহা [স] *বিণ* জ্বালাতন সহ্য করে এমন। 'অয়ি স্থির, অয়ি ধ্রুব, অয়ি পুরাতন,/ সর্ব-উপদ্রবসহা আনন্দভবন।' *রবীন্দ্র*, ১৮৯৯।

উপদ্রবাত্মক [স] *বিণ* নিপীড়নমূলক। 'প্রতিপক্ষ দলের উপদ্রবাত্মক কার্যপদ্ধতি বেড়ে গেছে।' *মাহেনও*, ১৯৪৯।

উপদ্রবী [স] *বি* বিশৃঙ্খলা সৃষ্টি করে যে। 'প্রধান প্রধান উপদ্রবীদিগকে ধৃতকরণ।' *এডুকেশন*, ১৮৭৩।

উপদ্রব্য [স] *বি* মূল দ্রব্যের আনুষাঙ্গিক অন্যান্য দ্রব্য। 'নানা উপদ্রব্যে হাত না পাই সোয়াথ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপদ্রুত [স] ১ *বিণ* নিপীড়িত। 'কিছু কর্ম্মের দ্বারা কেহ আপনাকে উপদ্রুত মানে।' *ফরস্টার*, ১৭৯৩। ২ *বি* বাইরের শক্তি দ্বারা আক্রান্ত। 'উপদ্রুত শ্রান্তদেশে সাহিত্যের যে যথেষ্ট অবনতি হইবে তাহাতে আর আশ্চর্য কী?' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বিণ* বিশৃঙ্খল। 'উপদ্রুত হট্টমাঝে ফিরে যেন অবাধে চিৎকারি।' *সুধীন্দ্র*, ১৯২৮। ৪ *বিণ* আক্রান্ত; ক্ষতিগ্রস্ত। 'ঘূর্ণিবাত্যা উপদ্রুত অঞ্চলে বিতরণের জন্যে ...।' *বেগম*, ১৯৬৯।

উপধমনী [স] *বি* ধমনির সঙ্গে যুক্ত অপেক্ষাকৃত সরু রক্তবাহী নাড়ি। 'তার দু পত্র পড়লেই পাঠকের শিরায়-উপশিরায় ধমনীতে-উপধমনীতে রক্তের স্রোত উজান বইতে বইতে তার মাথায় চড়ে যায়।' *প্রমথ*, ১৯৩১।

উপধর্ম, উপধর্ম্ম [স] *বি* ধর্মের সঙ্গে যুক্ত কুসংস্কার। 'উপধর্ম্ম ভীতিজাত।' *বঙ্কিম*, ১৮৭৯।

উপধান [স উপাধান] *বি* বালিশ। 'বামবাহু কি উপধান হইতে পারে না?' *রামনারায়ণ*, ১৮৫৪।

উপনগরী [স] *বি* নগরের উপকণ্ঠস্থ ছোটো শহর। 'নানা নগরী ও উপনগরী থেকে নানা আকারের নানা ...।' *প্রমথ*, ১৯১৭।

উপনদী [স] *বি* শাখানদী। 'চারিদিক থেকে নানা উপনদী ও জলধারা এসে মিলে তাকে শাখাপ্রশাখায় ব্যাপ্ত করে দিলে ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

উপনয়ন [স] *বি* হিন্দু সমাজের কোনো কোনো বর্ণের উপবীত বা পৈতা গ্রহণের অনুষ্ঠান। 'জ্যেষ্ঠ পুত্রের উপনয়ন হইয়াছে।' *কেরি*, ১৮০২।

উপনয়নপ্রথা [স] *বি* হিন্দু সমাজের কোনো কোনো বর্ণের বালকের পৈতা গ্রহণের রীতি। 'উপনয়নপ্রথা এক সময়ে আর্যদ্বিজদের পক্ষে সত্য পদার্থ ছিল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

উপনায়ক [স] ১ *বি* সহ-নায়ক। 'সৈন্যদলের উপনায়ক ...।' *রবীন্দ্র*, ১৯১৭। ২ *বি* অন্যতম প্রধান চরিত্র। 'এ-কে তার নায়ক বা উপনায়ক করলে ঢের বেশি উপাদেয় হবে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উপনিত [স উপনীত] *বিণ* উপস্থিত। 'উপনিত পুত্র লৈয়া কংস বরাবরে।' *মালাধর*, ১৫০০। দ্র **উপনীত**

উপনিতি, উপনিতী [স উপনীত] *বিণ* উপস্থিত। 'মাগ বর তারে বৈল হইয়া উপনিতি।' *মালাধর*, ১৫০০; 'রাজ গ্রিহে হৈব উপনিতী।' *মালাধর*, ১৫০০।

উপনিধি [স] *বি* প্রতিনিধি। *দর্পণ*, ১৮২৭।

উপনিপাত [স] *বি* আকস্মিক ঘটনা। 'বিবাহটা তো রইল, যদি না কোনো মানসিক বা সামাজিক উপনিপাত ঘটে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

উপনিবেশ [স] ১ *বি* কোনো জনগোষ্ঠীর অন্য দেশে স্থাপিত স্থায়ী আবাস। 'হিন্দুগণ যে সময়ে ভারতভূমিতে প্রবেশ ও উপনিবেশ করিলেন।' *অক্ষয়*, ১৮৪৭; 'যখন তাহারা ইংলণ্ডে উপনিবেশ স্থাপন করিল।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* অধিকারে আছে এমন এলাকা। 'অস্পষ্ট আলো উঠানে সামান্য পৌছায়, ছায়া-মূর্তির উপনিবেশ।' *শওকত*, ১৯৫৮।

উপনিবেশতন্ত্র [স] *বি* উপনিবেশবাদ। 'উপনিবেশতন্ত্রে শাসিত জনের বিকাশ-সম্ভাবনা যে অতি অল্প এ কথা সাধারণ স্বীকৃত।' *শিব*, ১৯৫৬।

উপনিবেশী [স] *বি* উপনিবেশ স্থাপনকারী। 'দক্ষিণ-আফ্রিকায় বিলাতি উপনিবেশীদের একটি সভা বসিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৫।

উপনির্বাচন, উপনির্ব্বাচন [স] *বি* দুই সাধারণ নির্বাচনের মাঝখানে শূন্য আসনে অনুষ্ঠিত নির্বাচন। 'অবশেষে ঝাপি-নামিরপুর উপনির্বাচনকে টেষ্ট-কেস বলিয়া ধরা হইল ...।' *আজাদ*, ১৯৩৬; 'উপনির্ব্বাচনেও তাঁহারা লীগ প্রার্থীর প্রতিযোগিতা করিয়া ...।' *আজাদ*, ১৯৩৭।

উপনিষদ [স] *বি* হিন্দু ধর্মগ্রন্থের শ্রেণীবিশেষ; বেদান্ত। 'বৃহদারণ্যক উপনিষদে সুস্পষ্ট প্রমাণ আছে।' *গৌর*, ১৮২২।

উপনিষদুল্লিখিত [স উপনিষদ-উল্লিখিত] *বিণ* উপনিষদে উল্লেখ করা হয়েছে এমন। 'উপনিষদুল্লিখিত নিরাকার, নির্বিকার, জ্ঞানময়, পরমেশ্বরের আরাধনা, এই উভয়ও মনুষ্য কর্তৃক প্রকাশিত।' *অক্ষয়*, ১৮৫৪।

উপনীত [স] ১ *বিণ* উপস্থিত। 'ভালত সময় হইলাম উপনীত।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* সমাগত। 'পূজাগৃহদ্বারে উপনীত ধনপতি।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* আনীত। 'ধৃত হইয়া পুলিসে উপনীত হইল।' *দর্পণ*, ১৮২৭।

উপনীতা [স] ১ *বিণ* স্ত্রী উপস্থিত হয়েছে এমন। 'লহনারে এমন কহিআ প্রিয়কথা খুল্লনার কাছে দাসী হইল উপনীতা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* স্ত্রী আগমন করেছেন এমন। 'স্মরণ করিতে দেবী হৈলা উপনীতা।' *রূপরাম*, ১৭৫০।

উপনীতি [স উপনীতা] *বিণ* উপস্থিত। 'মণ্ডপে হইল উপনীতি।' *রামাই*, ১৭১০; 'একজনা পণ্ডিত আসিএ উপনীতি।' *মানিকরাম*, ১৭৮১।

উপনেতা [স] *বি* সহকারী নেতা। 'বহু নেতা উপনেতা ও গণ-নেতা

AMARBOI.COM

মজলিস গরম করিয়া বসিয়াছেন।' *মনসুর*, ১৯৪৫।

উপন্যস্ত [স] *বিণ* উপস্থাপিত। 'পত্র প্রমাণত্বে উপন্যস্ত করেন।' *দর্পণ*, ১৮২৮।

উপন্যাস [স] ১ *বি* কাল্পনিক কাহিনি। 'তোতা প্রত্যহ উত্তম উপন্যাস কহিবার দ্বারা ... ষষ্ঠ মাস গত হইল।' *চণ্ডীচরণ*, ১৮০৫; 'আমি মনে করি না যে, এখানে উপন্যাস আছে – সকলই প্রতিবাদের অতীত সত্য বলিয়া ধ্রুব জ্ঞান করি।' *বঙ্কিম*, ১৮৮৫। ২ *বি* ব্যাখ্যা। 'প্রাপ্য আর প্রাপ্তার ভেদানুসারে দুই আত্মার উপন্যাস করিয়া কহিতেছেন।' *রামমোহন*, ১৮১৭। ৩ *বি* সাহিত্যের আঙ্গিকবিশেষ; দীর্ঘ কাহিনিবিশেষ। 'গল্পমাত্র যে বর্ণন করিয়াছেন তাহা উপন্যাসের মত ... সকলেই জ্ঞাত।' *দর্পণ*, ১৮৩১।

উপন্যাসকার [স] *বি* উপন্যাস রচনা করেন যিনি। 'নৈপুণ্য ব্যতীত উপন্যাসকার, বা নাটককার ... কৃতকার্য্য হইতে পারেন না।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

উপন্যাসলোক [স] *বি* স্বপ্নলোক। 'একটি রজনী আজ উপন্যাসলোক হইতে উড়িয়া আসিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

উপন্যাসলোকবাসী [স] *বিণ* উপন্যাসে বর্ণিত। 'উপন্যাসলোকবাসী নবপ্রণয়ীর ন্যায় ধীরমন্থরগতিতে অন্তঃপুর অভিমুখে চলিলেন।' *প্রভাত*, ১৮৯৭।

উপন্যাসশিক্ষা [স] *বি* গল্প ও কথোপকথনের পাঠ। 'রাত্রিতে স্বামীর সহিত কথোপকথনের জন্য দাসী প্রভৃতি স্ত্রীগণের নিকট যে উপন্যাসশিক্ষা করিতে হইত।' *অক্ষয়*, ১৮৪২।

উপপতি [স] *বি* স্বামী ব্যতীত অন্য প্রেমিক। 'মো বিষয়ে গোপীগণের উপপতিভাবে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপপত্তি [স] ১ *বি* প্রাপ্তি। 'কৃতবিদ্য ছাত্রের ভারি উপপত্তি নিমিত্ত তিনি বিশেষ মনোযোগী।' *দর্পণ*, ১৮৩০। ২ *বিণ* প্রমাণিত। 'ইহা দ্বারা এই উপপত্তি হইতেছে যে সেই সকল সামগ্রীই পুষ্টিকর ...।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* প্রমাণ। 'তাঁদের এই উপপত্তির প্রথম অনুমান হিসেবে ...।' *প্রমথ*, ১৯১৭।

উপপত্নী [স] *বি* বিবাহ-বহির্ভূত প্রণয়িনী। 'তাহার উপপত্নীর পুত্র কেবল জোথাম ব্যতিরেক ...।' *তারিণী*, ১৮০৩।

উপপথ [স] *বি* শাখা পথ। 'পথ ছাড়ি উপপথে যায়েন ধাইয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপপন্ন [স] *বিণ* যুক্তিসিদ্ধ। 'কোন শাস্ত্র বাক্য সিদ্ধান্ত দ্বারা উপপন্ন না হইলে প্রামাণ্য হয় না।' *অক্ষয়*, ১৮৪৭।

উপপাত [স] *বি* আকস্মিক ঘটনা। 'সে কি মাত্র উপপাত, মূলে তার কোনও অর্থ নাই?' *সুধীন্দ্র*, ১৯৩১।

উপপাতকী [স] *বিণ* লঘু পাপ করেছে এমন। 'শাস্ত্রে লিখিয়াছেন যে দেবল ব্রাহ্মণ উপপাতকী তদন্নভোজী ...।' *দর্পণ*, ১৮২৯।

উপপাদ্য [স] ১ *বি* প্রামাণ্য বিষয়। 'নৈয়ায়িক উপপাদ্য সম্বন্ধে ... প্রবন্ধ পাঠ করিবেন।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বিণ* উপপাদনীয়। 'বঙ্গীয় সাহিত্য আমাদের উপপাদ্য প্রস্তাব।' *হরপ্রসাদ*, ১৮৮৬। ৩ *বি* (গণিত) যথার্থ বলে প্রমাণ করতে হবে এমন প্রতিজ্ঞা। 'জ্যামিতির উপপাদ্য মুখস্থ করতে করতে হ্যারিকেনের তেল যখন ফুরিয়ে যেত।' *নরেন্দ্র*, ১৯৪৯।

উপপুরোহিত [স] *বি* সহকারী পুরোহিত। *ওর্সা*, ১৭৮৫।

উপপ্লব [স] ১ *বি* প্রাকৃতিক বিপর্যয়। 'বিদ্যুৎ, ঝঞ্ঝা ও শিলাবৃষ্টি দ্বারা অবনীর উপপ্লব সম্ভাবনা বোধ হয়।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বি* অরাজকতা। 'হঠাৎ আমলাদের একটা উপপ্লব উপস্থিত হল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উপপ্লবপরায়ণ [স] *বিণ* বিদ্রোহী। 'পাবনার উপপ্লবপরায়ণ প্রজাগণের মধ্যে ...।' *সুলভ*, ১৮৭৩।

উপপ্লবলিপ্ত [স] *বিণ* বিদ্রোহে জড়িত। 'উপপ্লবলিপ্ত দুর্জ্জন লোক।' *ভারত সংস্কারক*, ১৮৭৩।

উপপ্লবাগ্নি [উপপ্লব-অগ্নি] *বি* বিদ্রোহের আগুন। 'তাহাদের উপপ্লবাগ্নি বিদ্যুদগ্নির ন্যায়।' *ভারত সংস্কারক*, ১৮৭৩।

উপপ্লবী [স] *বিণ* প্রচণ্ড; উন্মত্ত। 'শরীরসীমান্ত বার-বার বিচূর্ণ হয় না আর উপপ্লবী বাসনার বর্বর জোয়ারে।' *বুদ্ধ*, ১৯৪৩।

উপবন [স] ১ *বি* উদ্যান। 'বন উপবন কুঞ্জ কুটীরহি সবহি তোহি নিরূপ।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* ছোটো বন। 'বকুল শাখার চঞ্চলতায় বনে উপবনে মর্মরে।' *রবীন্দ্র*, ১৯৩৪।

উপবনোদ্যান [স উপবন-উদ্যান] *বি* বন সদৃশ বাগান। 'উপবনোদ্যান দেখি বৃন্দাবনজ্ঞান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপবাস [স] *বি* উপোস; অনশন। 'ব্রত উপবাসে আমি গৌরি আরাধিল।' *মালাধর*, ১৫০০।

উপবাস কাল [স] *বি* ইসলামি বিধানমতে রমজান। *ওর্সা*, ১৭৮৫।

উপবাসক্লিষ্ট [স] *বিণ* অনাহারে কাতর। 'আমাদের এই অপমানিত উপবাসক্লিষ্ট মাতৃভূমির অন্নের গ্রাস ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

উপবাসদৈন্য [স] *বি* উপবাসরূপ দীনতা। 'হঠাৎ বাড়িয়া উঠিয়া দীর্ঘকালের উপবাসদৈন্য দূর করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

উপবাসব্রত [স] *বি* উপবাস করার ব্রত। 'আজ হতে শুদ্ধচিত্তে উপবাসব্রত করো আচরণ।' *রবীন্দ্র*, ১৮৯৯।

উপবাসি [স উপবাসী] *বিণ* অনাহারী। 'তোমার উপেক্ষা করি নন্দ উপবাসি।' *মালাধর*, ১৫০০।

উপবাসী [স] ১ *বিণ* না খেয়ে আছে এমন; অনাহারী। 'ঠাকুর উপবাসী রহে জীয়ে কৈছে দাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* বিরহপীড়িত। 'অমন ভয়ানক উপবাসী ভালবাসা।' *মানিক*, ১৯৩৬। ৩ *বিণ* দেখার জন্যে কাতর। 'উপবাসী চোখের পাতায়।' *প্রেমেন্দ্র*, ১৯৪০।

উপবিজ্ঞান [স] *বি* গৌণ বিজ্ঞান। 'ইতিহাস ঠিক বিজ্ঞান না হলেও একটি উপবিজ্ঞানের মধ্যে গণ্য।' *প্রমথ*, ১৯১৪।

উপবিভাগ [স] *বি* মহকুমা। 'সিরাজগঞ্জের উপবিভাগের অন্তর্গত শোনাতলার প্রায় একশত প্রজা।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

উপবিষ্ট [স] *বিণ* বসে আছে এমন। 'সিংহাসনে উপবিষ্ট হইয়া পণ্ডিতদের সহিত শাস্ত্র প্রসঙ্গ করিতে লাগিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

উপবিষ্টা [স] *বিণ স্ত্রী* বসে আছে এমন। 'এক বৃদ্ধা আপন ভবনদ্বারে উপবিষ্টা আছে।' *বিদ্যা*, ১৮৪৭।

উপবীত [স] *বি* পৈতা। 'সুহৃদয়ে সুশোভিত নাগ যজ্ঞ উপবীত।' *মানিকরাম*, ১৭৮১।

উপবীতধারী [স] *বিণ* পৈতাধারী। 'উপবীতধারী, নগ্নগাত্র, বলিষ্ঠ, বখেরা-বিরোধী ত্রিগুণাবাবুর হাতে বাঁশের লাঠি।' *বনফুল*, ১৯৩৬।

উপবেশন [স] *বি* আসনগ্রহণ। 'সভাপতি হইয়া শ্রেষ্ঠাসনে উপবেশনপূর্ব্বক ...।' *দর্পণ*, ১৮২৪।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উপবেশাসন [স উপবেশ-আসন] *বি* বসার আসন। 'উপবেশাসন প্রদান করা গিয়াছিল।' *দর্পণ*, ১৮২৭।

উপবেশিত [স] *বিণ* বসে আছেন এমন। 'রামমোহন রায় তাঁহার বামপার্শ্বে উপবেশিত হন।' *দর্পণ*, ১৮৩১।

উপভাষা [স] *বি* প্রামাণ্য ভাষার স্থানীয় রূপ। 'প্রাইমারি শিক্ষা বাংলাদেশে যখন চার উপভাষায় চালাইবার কথা হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৫।

উপভাষাভাষী [স] *বিণ* উপভাষায় কথা বলে এমন। 'এক উপভাষাভাষী অঞ্চলের যে কোনো একজনের মুখের ভাষাই।' *হ্যই*, ১৯৫৪।

উপভাষ্যকার [স] *বি* সহ-ব্যাখ্যাকার। 'ভাষ্যকার ও উপভাষ্যকারগণের।' *বিভূতি*, ১৯৩১।

উপভোগ [স] **১** *বি* সম্ভোগ। 'পথিক লোক তাক উপভোগে ল।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* প্রাপ্ত কর্মফল। 'সিংহলের ভোগ জত বিশেষ কহিব কত উপভোগ করাছ মসানে।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* শাসনাধীন অংশ। 'অঙ্গরাজ্জ না হএ তোহ্মার উপভোগ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৪** *বি* ভোগ। 'আমি চতুর্দশ বৎসর দণ্ডকারণ্যে আশ্রয় করিয়া পিতাদত্ত ভাগ উপভোগ করিব।' *অক্ষয়*, ১৮৪৭। **৫** *বি* আস্বাদন। 'চর্ব্য, চোষ্য, লেহ্য, পেয় চতুর্বিধ ভোগ উপভোগ পূর্ব্বক।' *অক্ষয়*, ১৮৫০।

উপভোগনীয় [স] *বিণ* উপভোগযোগ্য। 'যদি উপভোগনীয় কিছুই না রইল তবে তাকে আর রেখে কি লাভ?' *মোতাহের*, ১৯৫০।

উপভোগা [স উপভোগ>] *ক্রি* উপভোগ করা। 'যাক উপভোগে নিজ পতী।' বড়ু, ১৪৫০।

উপভোগী [স] *বিণ* উপভোগ করে এমন। 'ইন্দ্রিয় বিষয়ে উপভোগী থাকিয়াও তাহাতে অনুরাগশূন্য।' *বঙ্কিম*, ১৮৮৭।

উপভোগ্য [স] **১** *বিণ* শাসনের অধীন। 'অঙ্গরাজ্জ তেনে অহ্মাহ্ম হএ উপভোগ্য।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *বিণ* উপভোগের যোগ্য। 'পরম সুখদ বৃত্তির উপভোগ্য বস্তুর আর অভাব কি।' *অক্ষয়*, ১৮৪৯। **৩** *বিণ* আদরণীয়। 'দেবতার উপভোগ্য, মহার্ঘ্য এমন, রজতের পাত্রে ...।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৪** *বিণ* আস্বাদিত। 'সাহিত্যও তেমনি সকলের উপভোগ্য হবার উপক্রম করছে।' *রবীন্দ্র*, ১৯১৬।

উপমহাদেশ [স] *বি* প্রায় মহাদেশের মতো বৃহৎ ভূখণ্ড। 'এশিয়ার উত্তরখণ্ডকে একটি উপমহাদেশ বলা হয়।' *প্রমথ*, ১৯২৫।

উপম [স] *বি* তুল্য বস্তু। 'অনেক বস্তু সহজে এ ওর উপম হয়ে উঠল।' *অবন*, ১৯২৫।

উপমা [স] **১** *বি* তুলনা। 'তৃভুবনে দিতে নাঞি তোমার উপমা।' *মালাধর*, ১৫০০। **২** *বি* অর্থালঙ্কার-বিশেষ; একটি জিনিসের সঙ্গে সাদৃশ্য দেখিয়ে অন্য একটি জিনিসের তুলনা, যেমন, পৃথিবী কমলালেবুর মতো গোল। 'উপমা ও রূপক ও নিদর্শন প্রভৃতি অলঙ্কারের উদ্ধার করা অসাধ্য হইবেক না।' *দর্পণ*, ১৮৩০।

উপমাচ্ছটা [স] *বি* উপমার আধিক্য। 'এর উপমাচ্ছটার ভিতরে যেন ভোগ প্রবণতার দিকে বেশ খানিকটা ইঙ্গিত রয়েছে।' *মোতাহার*, ১৯৩৭।

উপমান [স] **১** *বি* যার সঙ্গে কোনো জিনিসের তুলনা করা হয়। 'সে উপমান উপমেয় দুয়ে মিলিয়ে দেওয়ার কাজ করে।' *অবন*, ১৯২৫। **২** *বিণ* তুলনীয়। 'বিয়োগান্ত ক্রৌঞ্চ আর আমাদের উপমান নয়।' *সুধীন্দ্র*, ১৯৩৯।

উপমান্তর [স] *বি* অন্য উপমা। 'উপমান্তরে দেশমাতার স্তনে ...।' *প্রমথ*, ১৯১৪।

উপমাযোগ্য [স] *বিণ* তুলনার যোগ্য। 'মনুষ্যকৃত কোন বস্তুর সহিত উপমাযোগ্য হয় না।' *অক্ষয়*, ১৮৪৩।

উপমিতি [স] *বি* তুলনা বা সাদৃশ্য। 'উপমিতি, অনুমিতি, পরিমিতি, সংখ্যা প্রভৃতি যে সমস্ত বৃত্তি দ্বারা ...।' *অক্ষয়*, ১৮৪৯।

উপমেয় [স] *বিণ* উপমার যোগ্য। 'তাঁহারাই ভারতবর্ষীয় জনসমূহের উপমেয়।' *অক্ষয়*, ১৮৪২।

উপমাতা [স] *বি* মাতৃতুল্য নারী। 'পরিচয় দিল সুশীলার উপমাতা।' *মুকুন্দ*, ১৬০০।

উপযাচক [স] *বি* নিজে থেকে এগিয়ে এসে কিছু করতে চায় যে। 'উপযাচক হওনের কোন প্রয়োজন নাই।' *ভবানী*, ১৮২৮।

উপযাচিকা [স] *বি* স্ত্রী নিজে থেকে এগিয়ে এসে কিছু করতে চায় যে। 'তোমায় এই দশ বৎসর পর পাইয়া এখনই উপযাচিকা হইয়া বিদায় দিতেছি।' *বঙ্কিম*, ১৮৮২।

উপযুক্ত [স] **১** *বিণ* যোগ্য। 'উপযুক্ত দুটি পুত্র আপনি যেমন।' *ভারত*, ১৭৬০। **২** *বিণ* উপযোগী। 'খাদ্য সামিগ্রি বৎসরাবধি সপরিবারে খাইয়া বাঁচনের উপযুক্ত।' *রামরাম*, ১৮০১। **৩** *বিণ* কীর্তিত। 'তাহা তোমারদিগকে এক্ষণে জ্ঞাত করা উপযুক্ত জানিয়া কহি।' *তারিণী*, ১৮০৩।

উপযুক্ততা [স] **১** *বি* যোগ্যতা। 'দরখাস্ত দিবার উপযুক্ততা ও অনুপযুক্ততার বিবেচনা হয়।' *দর্পণ*, ১৮২৭। **২** *বি* দক্ষতা। 'তাবৎ হিন্দুস্থানীয় গ্রন্থকর্ত্তার উপযুক্ততা জানিতে পারণ হইবেন।' *দর্পণ*, ১৮৩৪।

উপযুক্তপাত্র [স] *বি* যোগ্য ব্যক্তি। 'সে সকলেরই তিনি উপযুক্তপাত্র বটেন।' *দর্পণ*, ১৮৩২।

উপযুক্তভাবে [স] *ক্রিবিণ* যথোচিতভাবে। 'এই বহুবিকৃত নিম্নতন শ্রেণীর শিক্ষা আমরা যদি উপযুক্তভাবে দিতে পারি, তবে দেশের ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

উপযুক্তমত [স] *বিণ* প্রয়োজন মেটায় এমন। 'উপযুক্তমত বৈষয়িক বিদ্যার উপদেশ দেওয়া যাইতেছে।' *অক্ষয়*, ১৮৪৩।

উপযুক্তমতে [স] *ক্রিবিণ* যথাযথভাবে। 'উপযুক্তমতে কর্ম্ম করিব।' *ডানকান*, ১৭৮৪।

উপযুক্তা [স] *বিণ* স্ত্রী যোগ্য। 'সে কন্যাও উপযুক্তা বটে।' *দর্পণ*, ১৮২১।

উপযোগ [স] *বি* ভোজন; ভক্ষণ। 'নৃসিংহের ভোগ কেন কর উপযোগ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপযোগবাদ [স] *বি* যা সবচেয়ে বেশি লোকের সবচেয়ে বেশি উপকার করবে সেটাই সঠিক – এই মতবাদ। 'তিনি ড্যাই প্রচারিত উপযোগবাদের আদি পুরুষ।' *সুধীন্দ্র*, ১৯৫০।

উপযোগিতা [স] *বি* উপকারিতা। 'ইঙ্গরেজী ভাষা প্রচলিত হইলে ঐ সকল গ্রন্থে কিছু উপযোগিতা থাকিবে না।' *দর্পণ*, ১৮৩৩।

উপযোগিনী [স] *বিণ* স্ত্রী উপযুক্ত। 'সম্পূর্ণ উপযোগিনী হইয়া উঠিতেন।' *দীপিকা*, ১৮৮৭।

উপযোগী [স] *বি* উপায়। 'স্বামী আপনার ভার্য্যাকে ... ইন্দ্রিয় সুখের উপযোগী মাত্র বোধ করেন।' *অক্ষয়*, ১৮৪৬।

উপযোগ্য [স] *বিণ* উপযুক্ত। 'নৌকা চালনাদির উপযোগ্য হইত না।'

AMARBOI.COM

অক্ষয়, ১৮৪৩।

উপযোজন [স] *বি* খাপ খাওয়ানো। 'ফলে এরা রক্ষণশীল; উপযোজন এদের ব্রত।' *শিব*, ১৯৫৬।

উপর [স উপরি] **১** *ক্রিবিণ* উপরে। 'তথিত উপর শোভে হারমঞ্জরী।' *বড়ু*, ১৪৫০। **২** *অব্য প্রতি*। 'কৃষ্ণকৃপা হইয়াছে তোমার উপরে।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* উপরিভাগ। 'ভিতর মন্দির উপর সব সংমার্জ্জিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বি* ঊর্ধ্বভাগ। 'উপরে টানায় চান্দা।' *মুকুন্দ*, ১৬০০। **৫** *ক্রিবিণ* সামনে। 'এই ব'লে গ্রহ তারা তিথির মুখের উপর তুড়ি মেরে বেরিয়ে পড়লুম।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উপর-আলা [স উপরি+হি ওয়ালা] *বি* সৃষ্টিকর্তা। 'উপর-আলা সদর-বারি আত্মারূপে অবতারি।' *লালন*, ১৮৯০। দ্র **উপরওআলা, উপরওয়ালা**

উপর উক্ত [স উপরি+স উক্ত] *বিণ* উল্লিখিত। 'উপর উক্ত লক্ষণ সকল আছে।' *চন্দ্রিকা*, ১৮৩০।

উপর উপর *ক্রিবিণ* বাইরে-বাইরে। 'উপর উপর বেড়াও ঘুরে/ গভীরে কেন ডুবলে না।' *লালন*, ১৮৯০।

উপরওআলা [স উপরি+হি ওয়ালা] *বি* ঊর্ধ্বতন কর্তৃপক্ষ। *বিদ্যা*, ১৮৯১; 'তোমার আপিল শুনিবার উপরওআলা নেই।' *বিনোদিনী*, ১৮৭৫।

উপরওয়ালা [স উপরি+হি ওয়ালা] **১** *বি* বাড়ির কর্তা-কর্মী। 'উপরওয়ালাদের মন যে শান্ত হইয়াছিল তাহা নহে।' *রবীন্দ্র*, ১৯১৪। **২** *বি* ঊর্ধ্বতন কর্মকর্তা। 'উপরওয়ালারা সব দিক ভেবেচিন্তে ঠিক করে।' *প্রমথ*, ১৯১৬। **৩** *বি* উপরে অবস্থানকারী ব্যক্তি। 'এমন সময় উপরওয়ালার ধাক্কা খেতে হল।' *রবীন্দ্র*, ১৯২৮।

উপরকার [স উপরি+স কার] *বিণ* উপরের। 'আমাদের উঠানের মাচার উপরকার লাউ কুমড়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

উপরচড়া [স উপরি>] *বিণ* গায়ে পড়ে ঝগড়া করে এমন। *বিদ্যা*, ১৮৯১।

উপরচাল [স উপরি+স চাল] **১** *বি* কাজ না করে উপরে উপরে অন্যের তুলনায় নিজের শ্রেষ্ঠতার ভাব দেখানো। 'কেহ বা গোঁফে তা দিয়া উপর চাল চালিয়া বেড়ায়।' *প্যারী*, ১৮৫৮। **২** *বি* দাবা খেলায় পাল্টা চাল। 'খেলা আরম্ভ হল ... কেউ কেউ উপরচালও দিতে লাগল।' *নজরুল*, ১৯৩১।

উপরচালাকি [স উপরি+ফা চালাকি] *বি* লোক দেখানো চাতুরী। 'সবজান্তা যতখানি পাণ্ডিত্য দেখায় আসলে তাহার অনেকখানি উপরচালাকি।' *সুকুমার*, ১৯১৭।

উপর তলা [স উপরি-তল] **১** *বি* কোনোতলার উপরকার তলা। 'এই পাকা ভিতের উপর উপর-তলা যখন উঠবে তখনই হাওয়া-আলোর যারা ভক্ত তাদের বাসাটি হবে বাধাহীন।' *রবীন্দ্র*, ১৯২০। **২** *বি* উচ্চবিত্ত শ্রেণী। 'সমাজের উপর তলাতেই ছিলো বিশেষভাবে সীমাবদ্ধ।' *উমর*, ১৯৬৮।

উপরতালা [স উপরি+স তলা>] *বি* উপর তলা। 'এমন কি উপরতালা হইতে কিছুতেই নীচে নামিতেন না।' *মশাররফ*, ১৮৯০।

উপর-নজর [স উপরি+আ নজর] *বি* কু-নজর। 'বে-থা না দিলে উপর-নজর হবে।' *নজরুল*, ১৯২৪।

উপর-পড়া [স উপরি>] *বিণ* উপযাচক; স্বেচ্ছাপ্রবৃত্ত। 'তবু উপর-পড়া হয়ে অনেক বলেছি।' *নজরুল*, ১৯২৬।

উপর-পাটি [স উপরি+স পঙ্‌ক্তি] *বিণ* উপরের সারিভুক্ত। 'উপর-পাটি দাঁতের সঙ্গে লাগানো তালুর প্রসৃত অংশ ...।' *হাই*, ১৯৫৪।

উপরের তলা *বি* বাড়ির উপরের তলা। 'উপরের তলার খড়খড়ি থেকে আমাকে দেখছিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উপরতি [স] *বি* মৃত্যু। 'দ্বাপর যুগের অবসানে সূর্য্যবংশের অবসান হইল, চন্দ্রবংশেরও ঔরস সন্তানের উপরতি হইল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

উপরন্তু [স] *অব্য* তবুও। 'উপরন্তু ধরা, তোমার উপমা ব'লে, মোর চক্ষে এখনও সুন্দরা।' *সুধীন্দ্র*, ১৯৩০।

উপরাগ [স] **১** *বি* [চন্দ্র-সূর্যের] গ্রহণ। 'সূর্য্য উপরাগ সুনিঞা সর্ব্বজন।' *মালাধর*, ১৫০০। **২** *বি* নিন্দা। 'দেখি উপরাগ-হাসি শীঘ্র গঙ্গা-ঘাটে আসি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপরাজ [স] *বি* রাজপ্রতিনিধি। 'উপরাজ ও রাষ্ট্রসভা কৃত্রিম এবং অধ্রুব।' *রবীন্দ্র*, ১৯০৫।

উপরাজ্য [স] *বি* দূরে অবস্থিত একই শাসনাধীন দেশ। 'জর্মন উপরাজ্যগুলির সম্মেলনের ...।' *রবীন্দ্র*, ১৯১৭।

উপরাষ্ট্র [স] *বি* কেন্দ্রের অন্তর্গত ছোটো রাষ্ট্র। 'বিভিন্ন খণ্ড রাষ্ট্রের বা উপরাষ্ট্রের সৃষ্টি করার দরকার।' *ওয়াজেদ*, ১৯৪৩।

উপরাষ্ট্রপতি [স] *বি* সহকারী রাষ্ট্রপতি। 'তিনি বিশ্ববিদ্যালয় ছেড়ে উপরাষ্ট্রপতি হতে গেলেন কেন?' *মুজতবা*, ১৯৫৮।

উপরি [স] **১** *ক্রিবিণ* উপরে। 'মায়ের কত কোটি চন্দ্র চরণ উপরি।' *গ্রীদিকরাম*, ১৭৮১। **২** *বি* কথকতা ইত্যাদিতে শ্রোতাদের প্রদত্ত অতিরিক্ত অর্থ। 'উপরি –।' *চিঠিপত্রে*, ১৮৩৪। **৩** *বি* ঘুষ; অবৈধ আয়। *বিদ্যা*, ১৮৯১; 'কেরানিদের উপরি মারা গিয়াছে।' *মনসুর*, ১৯৫৫।

উপরি আয় [স] *বি* নির্দিষ্ট আয়ের অতিরিক্ত আয়। 'উপরি আয় তাঁহার খাজনার সামিল হইয়া গিয়াছে।' *সুলভ*, ১৮৭৩।

উপরিউক্ত, উপরি-উক্ত [স] *বিণ* উল্লিখিত। 'উপরিউক্ত যে সকল প্রমাণ দর্শিত হইল।' *দর্পণ*, ১৮৩৪; 'তাহা উপরি-উক্ত আলোচনায় কিয়ৎ পরিমাণে বিবৃত করিয়াছি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

উপরি উপরি [স] *ক্রিবিণ* পরে পরে। 'উপরি উপরি শাখা অসংখ্য হইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপরিওয়ালা [স উপরি+হি ওয়ালা] *বি* মুনিব; কর্তা। 'ওঁর উপরিওয়ালা বা সহকর্মী।' *রবীন্দ্র*, ১৯৩৪।

উপরিকথিত [স] *বিণ* পূর্বে বলা হয়েছে এমন। 'উপরিকথিত নির্ম্মাণ-কৌশল ঈশ্বরের অস্তিত্ব-প্রতিপাদক হয় না।' *বঙ্কিম*, ১৮৯২।

উপরি-কাজ [স উপরি+কাজ] *বি* বাড়তি কাজ। 'আসল কাজের চেয়ে এই-সব উপরি-কাজের ভিড় কম নয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

উপরিতন [স] *বিণ* উপরের। 'মানসিক উন্নতি বলিতে গেলে, মনের বর্ত্তমান জ্ঞানস্তরের উপরিতন স্তরসমূহে পরপর আরোহণই নির্দেশ করে।' *অক্ষয়*, ১৮৫৪।

উপরিতনশ্রেণী [স] *বি* উচ্চশ্রেণী। 'জনসমাজে অধস্তনশ্রেণীর সহিত উপরিতনশ্রেণীর মিলন নাই।' *অক্ষয়*, ১৮৫০।

উপরিতল [স] *বি* উপরের স্তর। 'গভীরতলের সঙ্গে উপরিতলের অখণ্ড ঐক্যে স্তব্ধ।' *রবীন্দ্র*, ১৯২২।

উপরিতলা [স উপরিতল] *বি* উচ্চশ্রেণী। 'দেশের যে উপরিতলায় শব্দের আবৃত্তি হয় ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উপরিদর্শক [স] *বি* উপদেষ্টা। 'উপরিদর্শক। – শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর।' *দর্পণ*, ১৮৩৭।

উপরিদেশ [স] *বি* উপরিভাগ। 'অট্টালিকার উপরিদেশে দণ্ডায়মান ছিল।' *বিদ্যা*, ১৮৪৭।

উপরি-পাওনা [স উপরি+পাওনা] **১** *বি* বাড়তি পাওয়া। 'সমাজটাকে নিতান্ত উপরি-পাওনার মতো লইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *বি* বেতনের অতিরিক্ত আয়; ঘুষ। 'উপরিপাওনা ধরে ওর আয় আজ ...।' *রবীন্দ্র*, ১৯২৬।

উপরিভাগ [স] *বি* উপরের স্তর। 'সপ্ত গ্রহের সপ্ত কক্ষাতে ও নক্ষত্র-মণ্ডল কক্ষাতে উপরিভাগে আবৃত পাঞ্চভৌতিক এই ভূমিপিণ্ড।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

উপরি লাভ [স] *বি* অতিরিক্ত প্রাপ্তি। 'তাঁহারা উপরি লাভের আশা চিরদিনের মত পরিত্যাগ করিতে পারেন।' *সুলভ*, ১৮৭৩।

উপরিলিখিত [স] *বিণ* উপরে লেখা হয়েছে এমন। 'উপরিলিখিত ইমারত অপেক্ষা মৃত্তিকার নীচে অধিক।' *দর্পণ*, ১৮৩৪।

উপরি লিখিতা [স] *বিণ স্ত্রী* উল্লিখিত। 'বৈঠকখানা বাটীতে উপরি লিখিতা সভা সংস্থাপিতা হইয়াছে।' *দর্পণ*, ১৮৩০।

উপরিস্তর [স] *বি* উন্নত জাত। 'তাদের জন্যেই বাঁধা বরাদ্দ উপরিস্তরের ফলফসল।' *রবীন্দ্র*, ১৯৪০।

উপরিস্থ [স] **১** *বিণ* উপরের। 'পৃথিবীর উপরিস্থ স্বমধ্যবর্তি আত্মারূপ বীজদায়ক ফলদ বৃক্ষ।' *কেরি*, ১৮০৮। **২** *বিণ* উচ্চপদস্থ। 'উপরিস্থ ব্যক্তির ইচ্ছানুযায়ী ভূমিস্বত্ব ক্রীতদাসত্বের আইনসঙ্গত নামান্তর মাত্র।' *নজরুল*, ১৯২৬।

উপরিস্থা [স] *বিণ স্ত্রী* উপরে আরোহণকারী। 'আমি উপরিস্থা হয়ে তাঁর অলৌকিক রূপলাবণ্য দর্শনে এবারে বিমোহিতা হলেম।' *মাইকেল*, ১৮৫৯।

উপরিস্থিত [স] **১** *বিণ* উপরে রয়েছে এমন। 'তাহার ও চন্দ্রভানুর মৃতদেহ সন্নিহিত জ্বলন্ত মহানসের উপরিস্থিত তৈলকটাহে নিক্ষিপ্ত করিবে।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* উপরের। 'স্ত্রীলোকের পদতলের উপরিস্থিত সন্ধিস্থান উলঙ্ঘ থাকিলেও মহাপাপ।' *মশাররফ*, ১৮৮৫।

উপরোক্ত [স উপরি+স উক্ত] **১** *বিণ* পূর্বে উক্ত হয়েছে এমন। 'উপরোক্ত উপদেশকের নিকট জ্ঞাত হইলাম।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫। **২** *বিণ* উপরে লেখা হয়েছে এমন। 'বঙ্গভাষার উন্নতির পক্ষে উপরোক্ত দুইটি প্রতিবন্ধক একেবারে অপসারিত হইবে।' *অক্ষয়*, ১৮৫৫।

উপরোদ্ধৃত [স উপরি+স উদ্ধৃত] *বিণ* উপরে উল্লিখিত। 'উপরোদ্ধৃত রাজ-বন্দনার শেষ চারি ছত্র।' *এনামুল*, ১৯৫৫।

উপরোল্লিখিত [স উপরি+স উল্লিখিত] *বিণ* উপরে উল্লেখ আছে এমন। 'উপরোল্লিখিত অন্যান্য রেওয়াজ-রুসুমও সেখানে বজায় রয়েছে।' *মাহেনও*, ১৯৪৯।

উপর্যুক্ত, উপর্য্যুক্ত [স উপরি+স উক্ত] **১** *বিণ* উপরে উক্ত বা উল্লিখিত হয়েছে এমন। 'উপর্য্যুক্ত মনীষিগণের ... অকাট্যযুক্তিসংবলিত প্রমাণপ্রয়োগের উপরি প্রতিষ্ঠিত।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বিণ* পূর্বে বর্ণিত। 'ব্যক্তিগণ উপর্য্যুক্ত কোন কোন কাজকে ঘৃণা করেন।' *জামায়াত*, ১৯৩৪।

উপর্যুপরি, উপর্য্যুপরি [স উপরি+স উপরি] **১** *ক্রিবিণ* পরপর; ক্রমাগত। 'তাহাতে উপর্য্যুপরি সাত বার ধাতু নিস্রব নির্গত ...।' *অক্ষয়*, ১৮৫২; 'অহিফেনসেবী রাজসৈনিকেরা তাহাদের নিকটে উপর্যুপরি পরাজিত হয়।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *ক্রিবিণ* বারবার। 'সংবাদপত্রে উপর্যুপরি এই সকল সংবাদ পাঠ করা যায়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উপরোধ [স] *বি* বিশেষ অনুরোধ। 'উপরোধে প্রভু মোর মানে নিমন্ত্রণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপরোধে ঢেঁকি গেলা – অনুরোধ এড়াতে না পেরে অনিচ্ছা সত্ত্বেও কোনো কাজ করা। 'উপরোধে ঢেঁকি গেলে, উপরোধে না হয় হরি ব'লে।' *গিরিশ*, ১৮৯৬।

উপর্জা, উপর্জ্জা [স উৎপদ্য] *ক্রি* উপস্থিত হওয়া। 'হেন মতে উপর্জ্জিল কর্ণ ধনুর্দ্ধর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উপর্যুক্ত, উপর্য্যুক্ত *দ্র* উপরি

উপর্যুপরি, উপর্য্যুপরি *দ্র* উপরি

উপর্সত [পা উপোসথ] *বি* উপবাস। *মানোএল*, ১৭৪৩।

উপল [স] *বি* পাথর। 'আমি বালকের ন্যায় বেলাভূমি হইতে উপলখণ্ড সঙ্কলন করিতেছি।' *বিদ্যা*, ১৮৪৯।

উপলখণ্ড [স] *বি* পাথরের খণ্ড। 'বেলাভূমি হইতে উপলখণ্ড সঙ্কলন করিতেছি।' *বিদ্যা*, ১৮৫৪।

উপলচারিণী [স] *বিণ* বন্ধুর। 'প্রেমের প্রকৃতি হয়তো উপলচারিণী, যদিচ অসংশয়।' *নীরেন*, ১৯৫৫।

উপলপথ [স] *বি* পাথর ছড়িয়ে ছিটিয়ে আছে এমন পথ। 'একটি গিরিনদী স্বচ্ছ সফেন জলরাশি নিয়ে সংকীর্ণ উপলপথ দিয়ে ঝরে পড়ছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উপলবন্ধুর [স] *বিণ* দুর্গম। 'ব্যর্থতা ও সার্থক্যের উপলবন্ধুর পথে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

উপলবিকীর্ণ [স] *বিণ* পাথর-বিছানো। 'উপলবিকীর্ণ অজ্ঞানা নদীখাত।' *বিভূতি*, ১৯৩৮।

উপলবিনুনী [স উপল+বিনুনি] *বি* বিন্যস্ত নুড়িপাথর। 'ঝর্ণা যেমন নির্জন পাহাড়ের উৎস-দেশ থেকে বেরিয়ে আসে উপলবিনুনী পাশে *ঠেলে ঠেলে* ...।' *শওকত*, ১৯৬২।

উপলভূমি [স] *বি* নুড়িবিছানো ভূমি। 'এল বন্ধুর উপলভূমিতে উদগ্র বৈশাখ।' *ফররুখ*, ১৯৪৬।

উপলভোগ [স] *বি* হিন্দু পুরাণমতে জগন্নাথের ভোগবিশেষ। 'হেনকালে প্রভু উপলভোগ দেখিয়া/ হরিদাসে মিলিতে আইলা ভক্তগণ লঞা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপলরাশি [স] *বি* পাথরসমূহ। 'ঝরণার উপলরাশির উপরে।' *বিভূতি*, ১৯২৯।

উপলশয্যা [স] *বি* পাথরের বিছানা। 'পৃষ্ঠচ্ছেদী উপলশয্যায় শুইয়া –।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

উপলক্ষ, উপলক্ষ্য [স] **১** *বি* উদ্দেশ্য। 'উপদেশ উপলক্ষ উপায় চিন্তিল।' *বাহরাম*, ১৬৫০। **২** *বি* অজুহাত। 'শহরে কেহ যদি উপযুক্ত উপলক্ষ্য দিয়া রাখে ...।' *দর্পণ*, ১৮২৩।

উপলক্ষে, উপলক্ষ্যে [স] **১** *ক্রিবিণ* উদ্দেশ্যে। 'তোমাদিগের সকলের হিতের নিমিত্তে আমার উপলক্ষ্যে সকল শরীরে প্রবেশ হয়।' *তারিণী*, ১৮০৩। **২** *ক্রিবিণ* ফলে। 'পীড়ার উপলক্ষে পঞ্চত্ব পাইয়াছেন।' *দর্পণ*, ১৮২৮।

উপলব্ধ [স] **১** *বিণ* অনুধাবন করতে পেরেছে এমন। 'এতদ্দ্রূপ তেলিগ্রাপ স্থাপনেতে যে উপকার তাহা প্রায় সকলেই উপলব্ধ ...।' *দর্পণ*,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৩১। ২ *বিণ* অনুভূত। 'কি অপূর্ব্ব আনন্দ উপলব্ধ হয়।' *উন্মেশ*, ১৮৫৭।

উপলব্ধি [স] ১ *বি* অনুধাবন। 'বিজ্ঞতম মহাশয়েরা সকলেই কিছুই উপলব্ধি করিতে পারেন নাই।' *দর্পণ*, ১৮২৮। ২ *বি* বিবেচনা। 'পূর্ব্বাবস্থা আর বর্ত্তমান সময়ে বিদ্যার আলোচনা উপলব্ধি করিলে আকাশ পাতালের ন্যায় প্রভেদ জ্ঞান করা উচিত হয়।' *কৌমুদী*, ১৮৩০।

উপলব্ধিগোচর [স] *বিণ* বোধগম্য। 'তিনি যদি আমাদের স্পষ্ট উপলব্ধিগোচর হইতেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

উপলভ্য [স] *বিণ* লাভের যোগ্য। 'ব্রাহ্মণ সকল মিলি করে উপলভ্য।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উপলভ্যমান [স] *বিণ* উপলব্ধি করা যাচ্ছে এমন। 'মনুষ্যত্বের আদর্শ এককোটিতে সমাপ্ত, আর এককোটিতে উপলভ্যমান।' *রবীন্দ্র*, ১৯৩৩।

উপলম্ব [স] *বি* উপলব্ধি। 'সাধু বলে স্থানগুণে কর উপলম্ব।' *মুকুন্দ*, ১৬০০।

উপশম [স] *বি* প্রশমন। 'ইন্দ্রের কোপের ঈষৎ উপশম হইলে পর পুনর্ব্বার ইন্দ্র আপন পুত্রকে কহিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

উপশমক [স] *বিণ* নিবৃত্ত করে এমন। 'এ জাতীয় আর্ত প্রশ্নের একটি উপশমক উত্তর দেওয়া সহজসাধ্য।' *শিব*, ১৯৫৬।

উপশমিত [স] *বিণ* উপশম হয়েছে এমন। 'তাঁহার পীড়া উপশমিত হইয়া আসিতেছিল।' *বঙ্কিম*, ১৮৭৪।

উপশয়ী [স] *বিণ* শায়িত। 'নিখিল নাস্তিতে মৌনের বিশ্রম্ভালাপ উপশয়ী বিভীষিকা-সনে।' *সুধীন্দ্র*, ১৯২৯।

উপশল্য [স] *বি* অন্তভাগ। 'রাজধানীর উপশল্যে, একাকী পদব্রজে ভ্রমণ করিতেন।' *বিদ্যা*, ১৮৬৩।

উপশাখা [স] *বি* শাখা থেকে বহির্গত শাখা। 'একৈক শাখাতে উপশাখা শত শত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপশান্ত [স] *বি* যথাযথ সমাধান; সুরাহা। 'মনের মত ব্যবস্থা হইলেই উহার উপশান্ত হইয়া থাকে।' *এডুকেশন*, ১৮৯০।

উপশান্তি [স] *বি* নিবৃত্তি। 'যুবারদের উপদেশ থাকিলে পরিবারের ও রাজ্যের মধ্যে যেমন উপশান্তি ও সুখের সম্ভাবনা করা যায়।' *দর্পণ*, ১৮৩৫।

উপশির [স] *বি* প্রধান শিরার সঙ্গে যুক্ত সূক্ষ্ম শিরা। 'শতধা করিতে চায় মন রমণীর/ দেখিবারে হৃদয়ের শির উপশির।' *রবীন্দ্র*, ১৮৮১।

উপশিরা [স] *বি* প্রধান শিরার সঙ্গে যুক্ত সূক্ষ্ম শিরা। 'শিরা উপশিরা স্নায়ু মস্তিষ্ক মজ্জার ভিতর।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উপশিরাময় [স] *বিণ* ছোটো ছোটো শিরাযুক্ত। 'না-লুকানো মুখগুলি বড় ব্যস্ত, বড় উপশিরাময়।' *সুনীল*, ১৯৬৬।

উপশিষ্য [স] *বি* শিষ্যের শিষ্য। 'শিষ্য প্রশিষ্য আর উপশিষ্যগণ জগৎ ব্যাপিল তার নাহিক গণন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপশোভিত [স] *বিণ* শোভাময়। 'যবদ্বীপ সত্তরাজ্যে উপশোভিত ছিল।' *প্রমথ*, ১৯২৭।

উপষ্টম্ভ [স] *বি* আরম্ভ। 'ইঁহারদিগের কার্য্যের উপষ্টম্ভ হইবেক।' *দর্পণ*, ১৮৩৬।

উপসংসদ [স] *বি* মূল পরিষদের অন্তর্গত ক্ষুদ্র পরিষদ। 'মহিলা উপসংসদের ... সভায় গৃহীত এক প্রস্তাবে বলা হয়।' *বেগম*, ১৯৭২।

উপসংহার [স] ১ *বি* রচনার সমাপ্তিসূচক বক্তব্য। 'এক্ষণে তৎসমুদায়ের উপসংহার করা যাইতেছে।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বি* অন্তর্ধান। 'প্রায় বিশ বৎসর হলো সহরের হঠাৎ বাবুর উপসংহার হয়ে যায়।' *হুতোম*, ১৮৬১। ৩ *বি* পরিশেষ। 'আমরা উপসংহারকালে বলিতেছি।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

উপসংহৃত [স] *বিণ* সমাপ্ত। 'যে রূপে উপসংহৃত হইলে সকলের মনোরঞ্জন হইত।' *বিদ্যা*, ১৮৪৯।

উপসংহৃতি [স] *বি* সমাপ্তি। 'মুখ, প্রতিমুখ, গর্ভ, বিমর্শ, উপসংহৃতি প্রভৃতি।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

উপসন [স উপসন্ন] *বিণ* আসন্ন। 'বিহাণ আইলাহোঁ হৈল সাঁঝ উপসন।' *বড়ু*, ১৪৫০।

উপসন্ন [স] ১ *বিণ* আসন্ন। 'উপসন্ন হৈল হের বরিষা সমএ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* পরিবেশন। 'দধি দুগ্ধ ঘৃত ঘোল উপসন্ন করি।' *মালাধর*, ১৫০০। ৩ *বিণ* উপস্থিত। 'পতিব্রতা অন্ন আনি কৈল উপসন্ন।' *বৃন্দা*, ১৫৮০; 'গঙ্গার ভিতরে গীয়া হইল উপসন্ন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উপসম [স উপশম] *বি* ইন্দ্রিয় দমন। 'উপসম করে যুধিষ্ঠির।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উপসম্পদা [পা] *বি* (বিশেষত বৌদ্ধধর্মে) দীক্ষা। 'উপসম্পদা লইবার আগে/ করি পাপ নির্দ্দেশ।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

উপসম্প্রদায় [স] *বি* কোনো সম্প্রদায়ের অধীনস্থ ক্ষুদ্রতর অংশ। 'মুসলমান আবার যেমন, বোরা, খোজা ইত্যাদি উপসম্প্রদায়ে বিভক্ত ছিল।' *মাহেনও*, ১৯৪৯।

উপসর্গ [স] ১ *বি* রোগ লক্ষণ। 'জ্বর উপসর্গে কর্ম্মস্থলে থাকিয়া পরলোকপ্রাপ্ত হইয়াছেন।' *দর্পণ*, ১৮২৪। ২ *বি* উটকো ঝামেলা। 'স্বর্গ এক উপসর্গ ফল তাহে কলা।' *গুপ্ত*, ১৮৫৮। ৩ *বি* (ব্যাকরণ) যে ধ্বনি বা ধ্বনিসমষ্টি শব্দের পূর্বে বসে অর্থের বদল ঘটায়। 'কমলাকান্ত উপসর্গে কোন ইনীর ধাতু বিগড়াইল না।' *বঙ্কিম*, ১৮৭৫। ৪ *বি* প্রাথমিক লক্ষণ। 'উপসর্গ কাটিয়ে তারা চলেছে পথে।' *লালন*, ১৮৯০। ৫ *বি* নামমাত্র। 'চিকিৎসা তো তুমিই করিবে, ডাক্তার একজন উপসর্গ থাকা ভালো।' *রবীন্দ্র*, ১৮৯৮। ৬ *বি* বিপত্তি। 'এই-যে কদর্য উপসর্গটা ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

উপসাগর [স] *বি* তিন দিকে স্থলবেষ্টিত সমুদ্রের অংশ। 'গুঢ়াচারী বণিকগণের এক গণ্ডুষেই রত্নপূর্ণ উপসাগর শোষিত হইল।' *অক্ষয়*, ১৮৪৮।

উপস্করা [স উপস্কর>] *ক্রি* পরিষ্কার-পরিচ্ছন্ন করা। 'রন্ধনের স্থান উপস্করি ভালমতে।' *বৃন্দা*, ১৫৮০।

উপস্কার [স উপস্কর] *বি* পরিষ্কার। 'দীর্ঘ এক টঙ্গী শীঘ্রে কর উপস্কার।' *আলাওল*, ১৬৮০।

উপস্থিত [স উপস্থিত] *বিণ* হাজির। 'বড়ই হেঙ্গমা উপস্থিত।' *মেয়র্স*, ১৭৫৭।

উপস্ত্রী [স] *বি* বিবাহ-বহির্ভূত প্রণয়িনী। 'উপস্ত্রী লইয়া সম্ভোগ করেন।' *দর্পণ*, ১৮৩৭।

উপস্থ [স] *বি* জননেন্দ্রিয় বা লিঙ্গ। 'বদন উপস্থ গুহ্য নবদ্বারে ঘর।' *মালাধর*, ১৫০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উপস্থাপন [স] *বি* উপস্থাপিত করা। 'স্থানাঙ্ক-ব্যতিরেকে সেই অপরিমেয় পটভূমিতে এগুলোর উপস্থাপন দুষ্কর।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

উপস্থাপয়িতা [স] *বি স্ত্রী* উপস্থাপনকারী ব্যক্তি। 'উপস্থাপয়িতার মতন আমাদের চায়ের সময় এসে পড়ে আমাদের স্থির হতে বলে।' *জীবন*, ১৯৪৪।

উপস্থাপিত [স] *বিণ* পেশ করা হয়েছে এমন। 'জেফ্রিজের কেবল বিদ্যাশিক্ষারই প্রতিবন্ধ উপস্থাপিত হইল।' *বিদ্যা*, ১৮৪৯।

উপস্থি [স] *বি* সন্দেহ। *মানোএল*, ১৭৪৩।

উপস্থি হওয়া *ক্রি* সন্দেহ করা। *মানোএল*, ১৭৪৩।

উপস্থিত [স] ১ *বিণ* হাজির। 'উপস্থিত হৈল হের গিরিশ সমএ।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* জ্ঞাত। 'কি মতে পতন নিরাকরণ কিছুই উপস্থিত নাহি।' *রামরাম*, ১৮০১। ৩ *বিণ* প্রাপ্তিসাধ্য। 'দুই তিন জায়গা কন্যা উপস্থিত আছে ... স্থির করিয়া আসি।' *কেরি*, ১৮০২। ৪ *বিণ* উপস্থাপিত। 'আমার নিকট এক প্রকার কৌতুক আছে তাহা অদ্যাবধি কোন রঙ্গভূমে কখন উপস্থিত হয় নাহি।' *ত্যারিণী*, ১৮০৩। ৫ *বিণ* প্রতিষ্ঠিত। 'হাকিম ফারবেস সাহেব একটী পাঠশালা উপস্থিত করেন।' *চন্দ্রিকা*, ১৮৩২। ৬ *বি* বিদ্যমান বস্তু বা বিষয়। 'উপস্থিত পরিত্যাগ করিয়া অনুপস্থিত প্রত্যাশা করা মূঢ়ের কর্ম্ম।' *বিদ্যা*, ১৮৪৭। ৭ *বিণ* সংঘটিত। 'এদিকে সুপ্রীম কোর্টের সম্মুখে তুমুল ব্যাপার উপস্থিত।' *অক্ষয়*, ১৮৫০। ৮ *বি* বর্তমান। '... চলিত সময়ের, উপস্থিত মুহূর্তের।' *দীপিকা*, ১৮৮৭। ৯ *বি* উদয়। 'আমার মনে ভারী একটা অপূর্ব ভাবের আবেগ উপস্থিত হল।' *রবীন্দ্র*, ১৮৯৪। ১০ *বি* পেশ করা। 'সরকারী বাজেট ... উপস্থিত করা হইবে।' *আজাদ*, ১৯৩৬।

উপস্থিতপত্র [স] *বি* নিমন্ত্রণপত্র। 'উপস্থিতপত্র যাঁহারা প্রাপ্ত হইয়াছিলেন তাঁহারদিগের বিদায় নগদ ৫ টাকা।' *দর্পণ*, ১৮২৫।

উপস্থিত বক্তৃতা [স] *বি* তাৎক্ষণিক কোনো বিষয়ে দেওয়া বক্তৃতা। 'উপস্থিত বক্তৃতা, বিতর্ক ... ছবি আঁকা, পর্যায়ক্রমে গল্প বলা হয়।' *বেগম*, ১৯৭০।

উপস্থিতমত [স উপস্থিত+স মন্ত>] *ক্রিবিণ* পরিস্থিতি অনুসারে। 'উপস্থিতমত ইহা ছাড়া আর-কোনো প্রতিশোধের পথ ছিল না।' *রবীন্দ্র*, ১৮৯১।

উপস্থিত হওয়া *ক্রি* উপনীত হওয়া। 'দৈনিক ঘটনার মতো অত্যন্ত সহজ ভাবে উপস্থিত হইল।' *রবীন্দ্র*, ১৮৯২।

উপস্থিতা [স] *বিণ স্ত্রী* হাজির। 'তাহারাই ... গ্রহণ করিতে উপস্থিতা হয়।' *ভবানী*, ১৮২৮।

উপস্থিতি [স] *বি* হাজিরা। 'বিহারীর উপস্থিতি বিনোদিনীর পক্ষে সকল সময়েই অপ্রিয় ...।' *রবীন্দ্র*, ১৯০২।

উপস্বত্ব [স] ১ *বি* মূল স্বত্বাধিকারীর অধীনস্থ স্বত্ব। *ক্যালগে*, ১৭৮৪; 'জমিদারি উপস্বত্ব ব্যবস্থা থেকে তাঁরা অনেকেই পুরোপুরি বিচ্ছিন্ন হননি।' *শিব*, ১৯৫৬। ২ *বি* আয়। 'জমিদারির উপস্বত্ব হইতেই তাবৎ কর্ম্ম নির্ব্বাহ হইয়া থাকে।' *ভবানী*, ১৮২৩। ৩ *বি* অর্জিত অর্থ। 'দুই কন্যাকে প্রতিবৎসর আট শত টাকা করিয়া উপস্বত্ব দিতে আজ্ঞা করে।' *দর্পণ*, ১৮৩০। ৪ *বি* সুদ। 'যত্নক্রমে মূলধনের উপস্বত্ব ও মাসিক দাতব্য দ্বারা....।' *অক্ষয়*, ১৮৪৫।

উপস্বত্য [স উপস্বত্] *বি* মূল স্বত্বাধিকারীর অধীনস্থ স্বত্ব। *ক্যালগে*, ১৭৮৪।

উপহসিত [স] *বিণ* উপহাস করা হয়েছে এমন। 'ভর্ৎসিত, উপহসিত, অমর্য্যাদাপ্রাপ্ত হইব।' *বঙ্কিম*, ১৮৯২। দ্র **উপহাস**

উপহার [স] ১ *বি* প্রীতিসূচক উপঢৌকন। 'গোসাঞেরে আনিঞা দিল নানা উপহার।' *মালাধর*, ১৫০০। ২ *বি* পুরস্কার। 'এই নে আমার বীণা দিনু তোরে উপহার।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বি* দান। 'দিনে দিনে পেয়েছিনু সত্যের যে উপহার।' *রবীন্দ্র*, ১৯৪১।

উপহারী [স] *বিণ* উৎসর্গীকৃত। 'কুরুক্ষেত্রে ভীষণ রণমুখে আপনাকে উপহারী করেছিলেন বটে।' *মাইকেল*, ১৮৭৩।

উপহৃত [স] *বিণ* উপহার দেওয়া হয়েছে এমন। 'একই কালে উপহৃত অথচ প্রত্যাহৃত।' *রবীন্দ্র*, ১৯০২।

উপহাস [স] ১ *বি* বিদ্রূপ। 'তবেঁ লোক শুণিআঁ করিব উপহাস।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* অবজ্ঞা। 'করিব ধর্ম্মের উপহাস।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* রসিকতা। 'ভোজন করিআ সাধু করে উপহাস।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* পরিহাস। 'অশ্রুতে ছিল না তাপ, হাস্যে উপহাস, বচনে ছিল না বিষানল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উপহাসা [স উপহাস>] *ক্রি* উপহাস করা। 'আমার মরমে ব্যথা তোমা উপহাসি।' *আলাওল*, ১৬৮০।

উপহাসাস্পদ [স উপহাস-আস্পদ] *বিণ* উপহাসের পাত্র। 'তাদৃশ বিষয়ের কদাপি নির্দেশ করিবেক না; করিলে কেবল উপহাসাস্পদ হইতে হয়।' *বিদ্যা*, ১৮৪৭।

উপহাসি [স উপহাস>] *বি* ঠাট্টা; বিদ্রূপ। 'কেন মোর ছাওালে কর উপহাসি।' *মালাধর*, ১৫০০।

উপহাস্য [সা ১ *বি* উপহাস; বিদ্রূপ। 'মোরে উপহাস্য করে নাসের অন্তর।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বি* উপহাসের বিষয়। *মানোএল*, ১৭৪৩। ৩ *বিণ* উপহাসের যোগ্য। 'কাদায় পড়িয়া গেলেও আমি উপহাস্য উপেক্ষণীয় ... নহি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উপহাস্যতা [স] *বি* উপহাসের বিষয়। 'খাতার মধ্যে কবিযশঃপ্রার্থিনীর উপহাস্যতার প্রমাণ আছে।' *রবীন্দ্র*, ১৯০৯।

উপহাস্যাস্পদ [স] *বিণ* উপহাসের যোগ্য। 'থিয়েটার উপহাস্যাস্পদ।' *জীবন*, ১৯৩২।

উপহৃত দ্র **উপহার**

উপা *ক্রি* উড়ে যাওয়া। 'ঃপর হীন ইথরের মত একেবারে উপে গ্যালো।' *হুতোম*, ১৮৬১।

উপাই *ক্রিবিণ* উপায়ে। 'বাঁচব কোন উপাই।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উপাএ [স উপায়] *বি* উপায়। 'ইহার মরণ হএ কমণ উপাএ।' *বড়ু*, ১৪৫০।

উপাক্ষণ, উপাক্ষান [স উপাখ্যান>] *বি* উপাখ্যান। 'নৃপরাজ উপাক্ষণ লিখিল পুরাণে।' *রূপরাম*, ১৭৫০; 'তার কিছু কর্পূর কহিব উপাক্ষান।' *রূপরাম*, ১৭৫০।

উপাখ্যান [স] ১ *বি* বৃত্তান্ত। 'মুক্তিপদে দিয়া মন ... শুনে প্রভঞ্জন উপাখ্যান।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* কাহিনি। 'ছেলে ... পুরাতন রাজারদিগের উপাখ্যান ভূগোল খগোল ইতিহাস ইত্যাদি পড়ে।' *চন্দ্রিকা*, ১৮৩০।

উপাঙ্গ [স] ১ *বি* অঙ্গের অঙ্গ। 'অদ্বৈত নিত্যানন্দ চৈতন্যের দুই অঙ্গ/ অঙ্গের অবয়বগণ কহিয়ে উপাঙ্গ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* শুঁড়। 'উপাঙ্গ মুরচঙ্গ আদি ফুকে যত বায়।' *আলাওল*, ১৬৮০।

উপাচার্য, উপাচার্য্য [স] ১ *বি* সহসভাপতি। 'তত্ত্ববোধিনী সভা হইতে একজন উপাচার্য্য তথাকার সমাজে নিযুক্ত হইয়াছেন।' *অক্ষয়*,

AMARBOI.COM

১৮৪৭। ২ *বি* প্রতিষ্ঠানের উপপ্রধান। 'ঐ উপাচার্য আসছেন – বোধ করি কাজের কথা আছে – বিদায় হই।' *রবীন্দ্র*, ১৯১১। ৩ *বি* বিশ্ববিদ্যালয়ের নির্বাহী প্রধান। 'এ কথা কোনো উপাচার্য আওড়াবামাত্র অভ্যস্ত নির্বিচারে বলতে ঝোঁক হয়।' *রবীন্দ্র*, ১৯৩৮।

উপাড়া [স উৎপাটন>] ১ *ক্রি* উপড়ে ফেলা। 'খুন্টি উপাড়ী মেলিলি কাচ্ছী।' *চর্যা ৮*, ১২০০। ২ *ক্রি* তুলে নেওয়া। 'নে ভাই চক্ষে বসন চাপিয়া, অথবা উপাড়ি দে।' *নজরুল*, ১৯২২। **উপাড়ন্ত** *ক্রি* উপড়ে ফেলে। 'দুই হস্তে দুই দন্ত গজের উপাড়ন্ত।' *বাহরাম*, ১৬৫০। **উপাড়িয়া** *ক্রি* উৎপাটন ক'রে। 'মূলে হৈতে উপাড়িয়া তুলে গিরিবর।' *মালাধর*, ১৫০০। **উপাড়িল** *ক্রি* উৎপাটিত করলাম। 'জমল আর্জুন তরু উপাড়িল আচ্ছে।' *বড়ু*, ১৪৫০। **উপাড়ী** *ক্রি* উপড়ে। 'খুন্টি উপাড়ী মেলিলি কাচ্ছী।' *চর্যা ৮*, ১২০০। **উপাড়ে** *ক্রি* উৎপাটন করে। 'গোড়াসুদ্ধ উপাড়ে অমনি।' *রামপ্রসাদ*, ১৭৮০।

উপাড়িত [স উৎপাটন>] *বিণ* উপড়ে ফেলা হয়েছে এমন। 'কাঁচা উপাড়িত। – নিজ মিলাতে কুত্তলে।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

উপাড়ী [স উৎপাটনকারী] *বি* যোগী। 'কণ্ঠে নৈরামণি বালি জাগন্তে উপাড়ী।' *চর্যা ৫০*, ১২০০।

উপাত্ত [স] *বি* অনুমান বা সিদ্ধান্তের অবলম্বন। 'অভিজ্ঞতা ও প্রেরণার মতো উপাত্ত মাত্র।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

উপাদান [স] ১ *বি* আদিকারণ। 'আপনে পুরুষ বিশ্বের নিমিত্ত কারণ/ অদ্বৈতরূপে উপাদান হয় নারায়ণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* উপকরণ। 'আদৌ জগতের উপাদানমাত্র ছিল না।' *বঙ্কিম*, ১৮৭৫; 'আপনার মাঝে তাই পেতেছি প্রমাণ – স্বপ্নের পাগলামি বিশ্বের আদিম উপাদান।' *রবীন্দ্র*, ১৯৪১। ৩ *বি* উৎস। 'ইহারা আমার সুখের উপাদান, এইজন্য আমি ইহাদের ভালবাসি।' *বঙ্কিম*, ১৮৭৫ ৪ *বি* বৈশিষ্ট্য। 'সৎকর্ম বলি, তাহাই মনুষ্যত্বের প্রধান উপাদান।' *বঙ্কিম*, ১৮৭৫। ৫ *বি* বিষয়বস্তু। 'ভাণ্ডার হইতে আপনার উপাদান সংগ্রহ করিলেন।' *বঙ্কিম*, ১৮৭৫।

উপাদানসম্পন্ন [স] *বিণ* উপাদানে গঠিত। 'চেতনাধর্মী সত্তা এবং উপাদানসম্পন্ন প্রকৃতির সঙ্গমে রূপ এবং অর্থের জন্ম।' *শিব*, ১৯৫০।

উপাদানসম্ভার [স] *বি* উপাদানরাশি। 'আবেগের বিচিত্র বহুবাচনিক উপাদানসম্ভার অর্থ এবং সঙ্গীতময় একটি সমগ্র রূপে কেলাসিত।' *শিব*, ১৯৭৩।

উপাদেয় [স] ১ *বিণ* শ্রেষ্ঠ। 'ধন হইতে বিদ্যা উপাদেয়।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ২ *বিণ* সুস্বাদু। 'অতি উপাদেয় চর্ব্য চুষ্য লেহ্য ও নানাপ্রকার পেয় দ্রব্যের বড় খানা দিয়াছেন।' *দর্পণ*, ১৮২২; 'যথেষ্ট উপাদেয় অন্ন, প্রশস্ত পরিষ্কৃত বাটী ...।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বিণ* উপভোগ করা যায় এমন; উপভোগ্য। 'তিনি তদ্ধারা নানাবিধ উপাদেয় বস্তু প্রস্তুত করিয়া ...।' *অক্ষয়*, ১৮৫৫। ৪ *বিণ* গ্রহণযোগ্য। 'সুচরিতার কাছে হারানবাবু কী পর্যন্ত উপাদেয় হইবে।' *রবীন্দ্র*, ১৯০৯।

উপাধান [স] *বি* বালিশ। 'শয্যাপরিস্থ উপাধান চাপিয়া ধরিয়া গোঙাইতে গোঙাইতে বলিতে লাগিল।' *মশাররফ*, ১৮৮৫।

উপাধি [স] ১ *বি* (ব্যঙ্গার্থে) সুনাম। 'বিপাক হবেক বড় বাড়িব উপাধি।' *মানিকরাম*, ১৭৮১। ২ *বি* খেতাব। 'মায়িক উপাধি ঐশ্বর্য্যের ন্যূনাধিক্যের দ্বারা লৌকিক ...।' *রামমোহন*, ১৮১৫। ৩ *বি* প্রদান। 'অন্য কোন উপাধি দ্বারাই অপচয় হইবার সম্ভাবনা আছে।' *কৌমুদী*, ১৮৩০। ৪ *বি* বংশপদবি। 'উপাধি বুঝছেন না? এই যেমন রম্ভা চাটুজ্জে কি রম্ভা ভট্টাচার্য ...।' *রবীন্দ্র*, ১৯০৭। ৫ *বি* বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি। 'তিনি ডাক্তার উপাধি লাভ করিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯১২। ৬ *বি* আখ্যা। 'অনেক উপাধি তব, মানুষ-উপাধি হারায়েছ শুধু।' *রবীন্দ্র*, ১৯৩২।

উপাধি-ধরা *বিণ* খেতাবপ্রাপ্ত। 'কেন বা তবে পুষিনু এতগুলা উপাধি-ধরা বৈজ্ঞানিক ভূতো?' *রবীন্দ্র*, ১৯০০।

উপাধিধারিণী [স] *বিণ স্ত্রী* উপাধিপ্রাপ্ত। 'বিশ্ববিদ্যালয়ের উচ্চ উপাধিধারিণী।' *বেগম*, ১৯৪৯।

উপাধিধারী [স] *বিণ* খেতাবপ্রাপ্ত। 'যদি কোন উপাধিধারী চিকিৎসক থাকেন।' *তমোলুক*, ১৮৭৪।

উপাধিপত্র [স] *বি* প্রশংসাপত্র। 'বিশ্ববিদ্যালয়ের নিয়ম আছে, কোনও ব্যক্তি অগ্রে উপাধিপত্র প্রাপ্ত না হইলে ...।' *বিদ্যা*, ১৮৪৯।

উপাধিব্যাধি [স] *বি* উপাধিরূপ ব্যাধি। 'তোর ঘাড়ে কিছু ভয়ানক রকমের উপাধিব্যাধি চড়িয়ে দি।' *নজরুল*, ১৯২৭।

উপাধিমান [স] *বিণ* উপাধিপ্রাপ্ত। '২০৯২ বৎসর পূর্ব্বে চীনদেশে থ্সিন উপাধিমান রাজাদিগের অধিকার আরম্ভ হয়।' *অক্ষয়*, ১৮৪৭।

উপাধিক [স] *বিণ* শ্রেয়তর। 'সর্ব কার্য উপাধিক মাতাপিতা সেবা।' *বাহরাম*, ১৬৫০।

উপাধ্যায় [স] ১ *বি* হিন্দু পদবিবিশেষ। 'রঘুনাথ বৈদ্য উপাধ্যায় মহামতি।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* বেদের অধ্যাপক। 'সেই শুণ্ডশাস্ত্রবিদ উপাধ্যায় সুধস্বার ত অবমাননা কর না?' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

উপাধ্যায়ী [স] *বি স্ত্রী* শিক্ষক। 'সবার চরণ কৃপা গুরু-উপাধ্যায়ী।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপান [স অপাঙ্গ] *বি* আড় চোখ। 'শোষন বাণেতে উপানে চাই।' *চণ্ডী*, ১৪৫০।

উপানৎ [স] *বি* চামড়ার জুতা। 'দুয়ারে বাঁধিল জাল বেত্র উপানৎ।' *মুকুন্দ*, ১৬০০।

উপানহ [স] *বি* চামড়ার জুতা। 'উপানহ চমৎকার, নীচে তার ক্ষুরধার/ প্রহারে সেপদে সব চূর্ণ।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

উপান্ত [স] ১ *বি* প্রান্তি। 'ধবল কেবল আভা ধ্যানেতে উপান্ত।' *মানিকরাম*, ১৭৮১। ২ *বি* প্রান্ত। 'বাঙ্গালার উপান্তভাগ সকলে কোলবংশীয়দিগের অপেক্ষা বিরল।' *বঙ্কিম*, ১৮৯২। ৩ *ক্রিবিণ* সমীপে। 'এরই উপান্তে বৈষ্ণব লীলা লভিল প্রথম অমৃত ছিটা।' *সত্যেন্দ্র*, ১৯২৪।

উপান্তবর্তী [স] *বিণ* প্রান্তবর্তী; নিকটবর্তী। 'মৃতদেহ, অগ্নিসংস্কারার্থে, গ্রামের উপান্তবর্তী শ্মশানে লইয়া গিয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭।

উপান্যায় *বিণ* যথাশ্রুতি লিখিত। *মানোএল*, ১৭৪৩।

উপাম [স উপমা] ১ *বি* উপমা; তুলনা। 'কণ্ঠে কনকহার হিরায় গাথনি জার কার সঙ্গে দিব বা উপাম।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* অনুপম। 'অতি জ্যুতির্ময় তরু দেখিতে উপাম।' *সুলতান*, ১৭০০।

উপামা [স উপমা] *বি* উপমা। 'নাভি গভীর তোর প্রেয়াগ উপামা।' *বড়ু*, ১৪৫০।

উপায় [স] ১ *বি* পন্থা। 'অন উপায়ে পার ণ জাই।' *চর্যা ৩৮*, ১২০০। ২ *বি* কৌশল। 'পাপ-পয়োনিধি পার হব কৌন উপায়।' *বিদ্যাপতি*, ১৪৬০। ৩ *বি* প্রতিকার। 'তুহ্মি বিনে ত্রিভুবনে নাহিক উপায়।'

AMARBOI.COM

বাহরাম, ১৬৫০। ৪ *বি* সুযোগ। 'ইউরোপে এমত ব্যক্তিরদিগকে বিদ্যাদানের যে উপায় সৃষ্টি হইয়াছে।' *দর্পণ*, ১৮৩০। ৫ *বি* আয়। 'যেহেতু ঐ পাণ্ডিত্যের দ্বারা ... তাঁহারদের সম্মান ও উপায়েরও বৃদ্ধি হয়।' *দর্পণ*, ১৮৩৩। ৬ *বি* ব্যবস্থা। 'দুই সাহেব এতদ্দেশে জ্ঞানদানের যে সকল উপায় করিয়া লোকেরদিগের যেরূপ উপকার করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৭। ৭ *বি* আর্থিক সামর্থ্য। 'যাহাদিগের সময় ও উপায় আছে।' *অক্ষয়*, ১৮৪৮।

উপায়ক্ষম [স] *বিণ* আর্থিক সামর্থ্য আছে এমন। 'উপায়ক্ষম ব্যক্তিদিগের নানা ভাষা শিক্ষার জন্য ...।' *অক্ষয়*, ১৮৪৮।

উপায়চিন্তা [স] *বি* পন্থা নিয়ে ভাবনা। 'বহুবিধ পরামর্শ উপায়চিন্তা এবং ভবিষ্যৎ-ভাবনায় বেশ একরকম ভোর।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উপায়বর্ধক, উপায়বর্দ্ধক [স] *বিণ* উপার্জন বৃদ্ধিকারী। 'কৃষি-সম্পর্কীয় উপায়বর্ধক আপনকার নিষ্পত্তিকরা ...।' *দর্পণ*, ১৮৩৫।

উপায়বিহীনা [স] *বিণ স্ত্রী* সহায়হীন। 'সেই অনাথা উপায়বিহীনা নারীকে কিছু দিয়া ...।' *বিদ্যা*, ১৮৬৩।

উপায় বেরোনো *ক্রি* পথ আবিষ্কার হওয়া। 'জলের উপরে নৌকো এক মস্ত উপায় বেরিয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উপায়স্বরূপ [স] *বি* পন্থা। 'তোমাদের পরিবার ততদিন পর্যন্ত তাহাকে আহার দিবার ও রক্ষা করিবার একটা উপায়স্বরূপ মাত্র।' *রবীন্দ্র*, ১৮৮৩।

উপায়হীন [স] *বিণ* নিরুপায়। 'বহুদিবসাবধি উপায়হীন দীন ব্রাহ্মণদিগের দিনপাতের নিমিত্ত ...।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৬।

উপায়হীনতা [স] *বি* সহায়হীনতা; নিরুপায়তা। 'অত্যাচারের মোকাবিলায় গরিবদের উপায়হীনতা, কত কথা তার মনে পড়ে।' *মনসুর*, ১৯৫৫।

উপায়হীনা [স] *বিণ স্ত্রী* নিরুপায়। 'উপায়হীনা অবলা ক্ষীরোদবাসিনীকে বহিষ্কৃতা করণের যে প্রস্তাব করিতেছেন ...।' *দীনবন্ধু*, ১৮৬৭।

উপায়ান্তর [স উপায়-অন্তর] *বি* অন্য উপায়। 'হস্তিনাপুরে না গেলে আমার উপায়ান্তর হইবেক না।' *রাজীব*, ১৮০৫।

উপায়ী [স] *বিণ* উপার্জনকারী। 'সকলেই কখন তুল্যরূপ উপায়ী হইতে পারেন না।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

উপায়ন [স] *বি* উপহার। 'নানা গ্রাম হৈতে সব নানা উপায়ন।' *বৃন্দা*, ১৫৮০।

উপারা [স উৎপাটন>] *ক্রি* উপড়ে ফেলা। **উপারএ** *ক্রি* উপড়াতে। 'সিআর কা জংগ্রো সীঁগ জনমএ গিরি উপারএ চাহ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উপার্জন, উপার্জ্জন [স] ১ *বি* আয়। 'খেয়ারির কত বা হইল উপার্জন।' *বৃন্দা*, ১৫৮০; 'যখন ধন উপার্জ্জন করেছিলাম দেশ বিদেশে।' *রামপ্রসাদ*, ১৭৮০। ২ *বি* সংগ্রহ। 'যথেষ্ট ভক্ষ উপার্জ্জন করিতে আমাকে কি করিতে হইবেক।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* লাভ। 'নানাবিধ বিদ্যা উপার্জ্জন হেতু বিষয় এবং অর্থ লাভের আশা।' *কৌমুদী*, ১৮৩০। ৪ *বি* আয়ত্ত। 'ইংরাজী ভাষা উপার্জ্জন করা অতি প্রয়োজনীয়।' *অক্ষয়*, ১৮৪৮।

উপার্জন করা *ক্রি* অর্জন করা। 'খ্যাতি উপার্জন করিতে পারিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯৩৯।

উপার্জনকর্তা, উপার্জ্জনকর্ত্তা [স] *বি* উপার্জনকারী ব্যক্তি। 'যিনি উপার্জ্জনকর্ত্তা, উপার্জ্জিত সম্পত্তিতে তাঁহার যে সম্পূর্ণ অধিকার ...।' *বঙ্কিম*, ১৮৭৯।

উপার্জনকারী, উপার্জ্জনকারী [স] *বি* রোজগার করে যে। 'উপার্জ্জনকারী আশ্রয় না দিলে তাঁহাদিগের যে দিন পাতের ব্যাঘাত হয়।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

উপার্জনক্ষম [স] *বিণ* আয় করতে সক্ষম। 'পুরুষ যদি উপার্জনক্ষম হইয়া বড়ো বয়সে বিবাহ করে তবে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

উপার্জনক্ষমা [স] *বিণ স্ত্রী* আয় করতে সক্ষম। 'পুরুষের মতো নারীকেও উপার্জনক্ষমা অর্থাৎ চাকুরীজীবী না হতে পারলে ...।' *বেগম*, ১৯৫০।

উপার্জনশীলা [স] *বিণ স্ত্রী* উপার্জনকারী। 'তিনি উপার্জনশীলা।' *বেগম*, ১৯৬৬।

উপার্জিত, উপার্জ্জিত [স] ১ *বিণ* উপার্জন করা হয়েছে এমন। 'তাঁহার সহোদরের উপার্জ্জিত ধনে তাঁহাকে বঞ্চিত করিলে অত্যন্ত অত্যাচার।' *বঙ্গদূত*, ১৮২৯। ২ *বিণ* আয়ত্ত। 'ইউরোপীয় ভাষা সকল শিক্ষা ব্যতীত তাহা কদাপি সম্যকরূপে উপার্জ্জিত হইবার নহে।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বিণ* স্বীকরণকৃত। 'পিতা মাতার প্রাকৃতিক ও উপার্জ্জিত গুণের উপর সন্তানের গুণাগুণ ও মঙ্গলামঙ্গল বিস্তর নির্ভর করে।' *অক্ষয়*, ১৮৪৯। ৪ *বিণ* হস্তগত। 'বলপ্রয়োগ দ্বারা যাবতীয় ধন উপার্জ্জিত হইয়াছিল।' *অক্ষয়*, ১৮৪৯। ৫ *বিণ* অনুশীলিত। 'জ্যোতিষ শাস্ত্রাদি শিক্ষা ও উপার্জ্জিত জ্ঞান প্রচার করা প্রয়োজনীয়।' *অক্ষয়*, ১৮৪৯। ৬ *বিণ* প্রাপ্ত। 'সেই অনেক কৌশলে উপার্জিত খ্যাতিটির দফা, একে বারে, রফা হইতেছে।' *বিদ্যা*, ১৮৭৩।

উপালম্ভ [স] *বি* তিরস্কার। 'সাধু বলে স্থানগুণে কর উপালম্ভ।' *মুকুন্দ*, ১৬০০।

উপাস [স উপবাস] *বি* অনশন; অনাহার। 'উঠিয়া ভোজন কর না কর উপাস।' *বৃন্দা*, ১৫৮০।

উপাস করন *বি* উপবাস থাকা। *ওসাঁ*, ১৭৮৫।

উপাসক [স] ১ *বি* উপাসনাকারী। 'শাস্ত্রমতে তুমি বন্দ্য উপাসক আমি।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* অনুরাগী। 'নাস্নিকাটি ... তাঁরই একটি উপাসক যুবকের সঙ্গে কৌতুকালাপে নিমগ্ন আছেন।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বি* গুণগ্রাহী; ভক্ত। 'সে কথা আমাদের উপাসকদের নিকট প্রকাশ করিবার প্রয়োজন কী ভাই?' *রবীন্দ্র*, ১৮৯৭।

উপাসিকা [স] ১ *বি স্ত্রী* উপাসনা করে যে। 'মার্তণ্ডদেবের উপাসিকার দীক্ষা নিতে।' *রবীন্দ্র*, ১৯২৯। ২ *বি স্ত্রী* অনুরাগী। 'উপাসিকারা শেষ পর্যন্ত ... তাকে বলেছে আর্টিস্ট।' *রবীন্দ্র*, ১৯৪০।

উপাসন [স] *বি* উপাসনা। 'সাধ করে কারা করে উপাসন / গ্রহণ করেছে কণ্টকাসন।' *রবীন্দ্র*, ১৮৮৩।

উপাসনা [স] ১ *বি* আরাধনা। 'উপাসনা লাগি দেবের করে আবাহন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'ব্রাহ্মসমাজে উপাসনাকালে বিংশতি ব্যক্তি একত্র হওয়া দুষ্কর ছিল।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বি* উপকারের আশায় অপরের মনস্তুষ্টি সাধন। 'দুটি তেলি মোসাহেব ... আয়েস ও উপাসনার জন্যে নিয়ত হাজির।' *হুতোম*, ১৮৬১। ৩ *বি* সাধ্যসাধনা। 'এনেছি পাড়ার করি উপাসনা, সাজ করে লও পুরায়ে বাসনা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উপাসনাঘর [স উপাসনা+ঘর] *বি* যে ঘরে উপাসনা করা হয়। 'সেই ক্ষুদ্র উপাসনাগৃহের মধ্যে গেল।' *রবীন্দ্র*, ১৯০৬।

উপাসনান্ত [স উপাসনা-অন্ত] *বি* আরাধনার সমাপ্তি। 'আজকাল

AMARBOI.COM

উপাসনান্তে প্রায়শই পরেশ ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

উপাসনাপুস্তিকা [স] *বি* প্রার্থনাপুস্তক। 'সকলের হাতে উপাসনাপুস্তিকা আর জপমালা।' *মুজতবা*, ১৯৫২।

উপাসনামন্দির [স] *বি* প্রার্থনা গৃহ। 'সকলেই উপাসনামন্দিরে গিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৯।

উপাসনালয় [স উপাসনা-আলয়] *বি* প্রার্থনা গৃহ। 'পৃথক উপাসনালয় প্রস্তুত করিল।' *এডুকেশন*, ১৮৮৫।

উপাসনাসভা [স] *বি* উপাসনার জন্যে ডাকা অনুষ্ঠান। 'জন্মতিথি নিমিত্তিক উপাসনাসভার বক্তৃতা।' *অক্ষয়*, ১৮৪১।

উপাসনাস্থল [স] *বি* প্রার্থনার জায়গা। 'সে উপাসনাস্থলে গেল।' *রবীন্দ্র*, ১৯০৯।

উপাসিত [স] *বিণ* উপাসনা করা হয় এমন। 'এই সব দেবতা পৃথিবীর নানা স্থানে উপাসিত হচ্ছেন।' *অবন*, ১৯১৯।

উপাস্য [স] *বিণ* উপাসনার যোগ্য। 'ঈশ্বরের নানাবিধ নাম ও রূপ ও ধাম মানিয়া উপাস্য উপাসনা জীবের ...।' *দর্পণ*, ১৮২১।

উপাসি, উপাসী [স উপবাসী] **১** *বিণ* উপবাস করে আছে এমন। 'পত্ররস চর্বে যেন দরিদ্র উপাসি।' *দৌলত*, ১৬৩৮। **২** *বি* উপবাসকারী। 'জাগো গো উপাসী।' *জীবন*, ১৯২৭।

উপাস্য *দ্র* **উপাসনা**

উপীক্ষা [স উপেক্ষা] *বি* অপেক্ষা। 'আপনকার উপীক্ষা অনেক কার্য্য আছে।' *চিঠিপত্রে*, ১৮১৭।

উপুড় [স অবমূর্ধা>] *বি* অধোমুখ; নিম্নমুখ। 'উপুড় হইয়া ভূমে পড়িল।' *তারিণী*, ১৮০৩।

উপুড় করা *ক্রি* নিম্নমুখী করা। 'পাত্রটা সে একেবারে উপুড় করিয়া ধরিল।' *মানিক*, ১৯৩৬।

উপুড়মুখো [উপুড়+স মুখ>] *বিণ* নিম্নমুখী। 'রাস্তায় উপুড়মুখো গাড়ি।' *রবীন্দ্র*, ১৯৪০।

উপুড় হওয়া *ক্রি* নিম্নমুখী হওয়া। 'বিছানায় উপুড় হয়ে পড়ে একখানি ছোট কবিতা লিখেছি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উপুড়হস্ত করা [উপুড়+স হস্ত+করা] *ক্রি* দান করা। 'কিছু টাকা দিয়াই ওরা আর উপুড়হস্ত করিতে চাহিতেছে না।' *মানিক*, ১৯৩৭।

উপুড় হাত করা *ক্রি* দান করা। 'কিছু উপুড় হাত না করলে, বুঝেছিস ত একেবারে মূলতবী।' *নজরুল*, ১৯২৭।

উপুড়া, উপুড়ানো [স উৎপাটন] **১** *ক্রি* পালকাদি ত্যাগ করা। 'উপুড়িতে।' *মানোএল*, ১৭৪৩। **২** *ক্রি* উপড়ে ফেলা। 'উপুড়াইতে।' *মানোএল*, ১৭৪৩।

উপেক্ষণ [স] *বি* তাচ্ছিল্য করা। 'কৃষ্ণ উদাসীন হৈল করিতে পরীক্ষণ/ সখী সব কহে কৃষ্ণে কর উপেক্ষণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপেক্ষণীয় [স] *বিণ* উপেক্ষার যোগ্য। 'কাদায় পড়িয়া গেলেও আমি উপহাস্য উপেক্ষণীয় ... নহি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উপেক্ষা[১] [স অপেক্ষা] *বি* অপেক্ষা; প্রতীক্ষা। 'তোমার উপেক্ষা করি নন্দ উপবাসি।' *মালাধর*, ১৫০০।

উপেক্ষা[২] [স] *বি* অবহেলা। 'উপেক্ষা করিয়া কৈল মথুরা গমনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপেক্ষাপূর্ণ [স] *বিণ* অবহেলিত। 'একটা ঠাণ্ডা উপেক্ষাপূর্ণ ভদ্রতা দিয়া এদের ...।' *মানিক*, ১৯৩৭।

উপেক্ষাশীল [স] *বিণ* উদাসীন। 'এই সঙ্গত প্রস্তাবে উপেক্ষাশীল হওয়া ... উচিত হইবে বলিয়া আমরা মনে করি না।' *আজাদ*, ১৯৪০।

উপেক্ষিত [স] **১** *বিণ* অবহেলিত। 'কত উপেক্ষিত গুণবান ব্যক্তিরা তাঁহার গুণগ্রাহিতায় ...।' *কৃষ্ণকমল*, ১৮৫৮। **২** *বিণ* বঞ্চিত। 'আপনার উপেক্ষিত দেবমহিমা বালকদের মস্তকে সবেগে নিক্ষেপ করিতেন।' *রবীন্দ্র*, ১৮৯১। **৩** *বিণ* অবজ্ঞাপ্রাপ্ত। 'লোকসমাজে যাহারা এক প্রান্তে উপেক্ষিত হয়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

উপেক্ষিতা [স] *বিণ* স্ত্রী অবহেলিত। 'উপেক্ষিতা কাদম্বরী দেবীর মনোরঞ্জনের জন্য সম্প্রতি ...।' *তারা*, ১৯৪০।

উপেক্ষা [স উপেক্ষা>] *ক্রি* অবহেলা করা। 'ভক্তি মাত্র নিল অষ্ট সিদ্ধিকে উপেক্ষি।' *বৃন্দা*, ১৫৮০। **উপেক্ষি** *ক্রি* অবহেলা করি। 'কি কারণে আক্ষি সবে রসুল উপেক্ষি।' *সুলতান*, ১৭০০। **উপেক্ষিয়া** *ক্রি* তাচ্ছিল্য ক'রে। 'বাপের সঙ্গতি যাও মাও উপেক্ষিয়া।' *কবীন্দ্র*, ১৬৮৯। **উপেক্ষিলে** *ক্রি* উপেক্ষা করলো। 'উপেক্ষিলে লাজ কন্যা আপনার সত্যে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উপেখা [স উপেক্ষা>] *ক্রি* উপেক্ষা করা। **উপেখ** *ক্রি* উপেক্ষা করো। 'কাল কাহ্নাঞি তোহ্মে আহ্মা না উপেখ।' *বড়ু*, ১৪৫০। **উপেখসি** *ক্রি* উপেক্ষা করিস। 'কিকে তোঁ নাগরি রাধা উপেখসি সুখ।' *বড়ু*, ১৪৫০। **উপেখহ** *ক্রি* উপেক্ষা করো। 'এবেঁ তাক উপেখহ কেহ্নে।' *বড়ু*, ১৪৫০। **উপেখি** *ক্রি* উপেক্ষা ক'রে। 'পিবএ চাহ মধু জীব উপেখি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **উপেখিআঁ** *ক্রি* উপেক্ষা ক'রে। 'সময় উপেখিআঁ রহিলা দেবাগণ।' *বড়ু*, ১৪৫০। **উপেখিএ** *ক্রি* উপেক্ষা করে। 'পেমক কারন জীউ উপেখিএ জগজন কে নহি জানে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **উপেখিল** *ক্রি* পরিত্যাগ করলো। 'নাগর শেখর নান্দের সুন্দর উপেখিল মতিমোষে।' *বড়ু*, ১৪৫০। **উপেখিলোঁ** *ক্রি* উপেক্ষা করলো। 'নিজ পতি না চাহিলোঁ তোহ্মাক উপেখিলোঁ।' *বড়ু*, ১৪৫০। **উপেখী** *ক্রি* উপেক্ষা করি। 'নেহত লাগিআঁ শত পঞ্চাস উপেখী।' *বড়ু*, ১৪৫০। **উপেখেবি** *ক্রি* তুচ্ছ করবে। 'উপেখেবি দেহ।' *গোবিন্দ*, ১৬০০।

উপেন্দ্র [স] *বি* হিন্দুদেবতা বিষ্ণু। 'খগেন্দ্র উপেন্দ্র-সম তুমি সে বাহনে।' *মাইকেল*, ১৮৬৬।

উপোদ্‌ঘাত [স] *বি* মুখবন্ধ। 'রায়তের কথার উপোদ্‌ঘাত লিখতে বসলুম।' *রবীন্দ্র*, ১৯১৬।

উপোষণ [স উপবেশন] *বি* উপবাস। 'এত লাভ ছাড়ি কোন করে উপোষণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উপোস, উপোষ [স উপবাস] **১** *বি* না খেয়ে থাকা; উপবাস। 'মেয়েরা ছেলের কল্যাণে ষষ্ঠীর উপোস করেচে।' *হুতোম*, ১৮৬১; 'একাদশী, হরিবাসর ও রাধাষ্টমীতে উপোষ ও উত্থান ও শয়নে নিজ্জলা করে থাকেন।' *হুতোম*, ১৮৬১। **২** *বিণ* অনাহারী। 'বরের কী মুশকিলটাই – সারাদিন উপোস মশাই।' *নজরুল*, ১৯২৬।

উপোষী [স উপবাসী] *বিণ* না খেয়ে আছে এমন। 'উপোষী দেবতা হয় বিমুখী।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

উপোসি, উপোসী [স উপবাসী] **১** *বিণ* উপবাসী; অভুক্ত। 'উপোসি।' *বিদ্যা*, ১৮৯১; 'সময়ের খাওয়া অসময়ে খায়, উপোসীও কভু থাকে।' *জসীম*, ১৯২৯। **২** *বি* অভুক্ত ব্যক্তি। 'তাইতো তারা এই উপোসির ওষ্ঠে ধরে ক্ষীরের থালা, শান্তিবারিধারা।' *নজরুল*, ১৯২৫। **৩** *বিণ* শূন্য। 'উপোসী হাঁড়ির শূন্যতায় দুঃখ তার লেখে নাম।' *শামসুর*, ১৯৬৩।

উপোস্তিত [স উপস্থিত] *বিণ* উপস্থিত। 'তাহাকে কেমতে পাপ উপোস্তিত হইবেক?' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উণ্ড [স] *বিণ* বোনা হয়েছে এমন। 'তাহা সকল ক্ষেত্রে উণ্ড হইয়া থাকে।' *বঙ্কিম*, ১৮৭৩।

উফর ফাঁফর [স উপরি>] *বিণ* অস্থির। 'উফর ফাঁফর চিত্ত নিঃশ্বাস ছাড়এ।' *বাহরাম*, ১৬৫০।

উফারা [স উৎপাটন] *ক্রি* উপড়ে ফেলা। 'পর্বত উফারিতে পারম তারা জুতি ধরি।' *আলাওল*, ১৬৮০। **উফাড়িয়া** *ক্রি* উপড়ে ফেলে। 'বৃক্ষ উফাড়িয়া লৈল বীর বৃকোদর।' *কবীন্দ্র*, ১৬৮৯। **উফাড়িল** *ক্রি* উপড়ে ফেললো। 'মহাবৃক্ষ উফাড়িল রাক্ষস ভয়ঙ্করে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **উফারি** *ক্রি* উপড়ে ফেলে। 'শিকড়ে উফারি রাঁশী সাগরে ভাসাম।' *মর্তুজা*, ১৭৫০। **উফারিতে** *ক্রি* উপড়ে ফেলতে। 'পর্বত উফারিতে পারম তারা জুতি ধরি।' *আলাওল*, ১৬৮০।

উবগার [স উপকার] *বি* উপকার। 'বিনি উবগারে খায় ধুতি।' *মুকুন্দ*, ১৬০০।

উবজা [স উপজনন>] *ক্রি* উৎপন্ন হওয়া। 'শ্রীমন্তের বোলে তার উবজিল হাসি।' *মুকুন্দ*, ১৬০০।

উবটান [স উদ্বর্তন] *বি* উপটান; প্রসাধনীবিশেষ। 'প্রত্যহ প্রাতে উবটান বৈকালে সাবান দ্বারা অঙ্গ মার্জ্জিত করিয়া ...।' *ভবানী*, ১৮২৮।

উবরলা [স উদ্বর] *ক্রি* অতিরিক্ত হওয়া। 'যত সব উবরিল মর্কটেরে দিল।' *আলাওল*, ১৬৮০।

উবরা *ক্রি* উদ্বৃত্ত হওয়া। 'প্রসাদ উবরিল খায় সহস্রেক জন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উবস্থিতি [স উপস্থিতি] *বি* উপস্থিতি। 'ভুবনে বিদিত বর্ধমান উবস্থিতি।' *মুকুন্দ*, ১৬০০।

উবা [হি উবনা] *ক্রি* মিলিয়ে যাওয়া। 'ক্ষুদ্র রূপ কোথা যায় বাতাসে উবিয়া, দুই-চারি পলকের পর।' *রবীন্দ্র*, ১৮৮৬।

উবিস্থীত [স উপস্থিত] *বিণ* হাজির। 'শ্রীযুত ভোজরাজ্যরা বাটীতে উবিস্থীত হইলেন।' *হ্যালহেড*, ১৭৭৩।

উবু [স অবমূর্ধ>] *বিণ* নিম্নমুখী। 'মেঝেতে উবু হইয়া বসিবার অনুমতি কুবের পায়।' *মানিক*, ১৯৩৬।

উবু হয়ে বসা *ক্রি* মাটির দিকে মুখ ক'রে বসা। 'গাছের তলায় সরে এসে সেখানে উবু হয়ে বসল।' *ওয়ালী*, ১৯৪২।

উবুজা [স উপজা>] *ক্রি* উৎপন্ন হওয়া। 'হিরন্যগর্ভের তনয় উবুজিল আপার।' *মালাধর*, ১৫০০।

উবুড় [স অবমূর্ধ>] *বিণ* উপুড়। *মানোএল*, ১৭৪৩; 'হতাশ বনস্পতি ধুলায় পড়ল উবুড় হয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উবুদল [স উভ>+স দল] *বি* বহু লোক যে দলে থাকে। *বিদ্যা*, ১৮৯১।

উবুর [স অবমূর্ধ] *বিণ* উপুড়। 'উবুর হইয়া কামড়ায় মাটী।' *বিজয়*, ১৬৫০।

উবেস [স উদ্দেশ] *বি* লক্ষ্য। 'বাহ তু কামলি গঅণ উবেসেঁ।' *চর্যা* ৮, ১২০০।

উল্ট [স অবমূর্ধ] *বিণ* উল্টা। 'উল্ট মানুষ জগতের মূল গোড়া হয়।' *লালন*, ১৮৯০।

উল্টা *বিণ* উল্টা-করা। 'উল্টা কইরা দোয়াতে কলম দিলেন।' *নজিবর*, ১৯৩০।

উভ[১] [স] *সর্ব* উভয়। 'বাহির্আঁ নিবোঁ নাঅ উভ কেরোআলে।' *বড়ু*, ১৪৫০।

উভচর [স] ১ *বিণ* জলে ও স্থলে বিচরণকারী। 'স্থল ও জল উভয় স্থানেই থাকে, উহাদিগকে উভচর বলা যাইতে পারে।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বিণ* মানস এবং বস্তুজগতে সমানভাবে বিচরণশীল। 'আমি উভচর – মানসজগৎ এবং বস্তুজগৎ দুইয়ের মধ্যেই আমার সমান বন্ধন।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উভবাহ [স উর্ধ্ববাহ্] *বিণ* উর্ধ্ববাহু। 'উভবাহু করি নাচে সব সিসুগন।' *মালাধর*, ১৫০০।

উভরড়ে [স উভ>] *ক্রিবিণ* রুদ্ধশ্বাসে। 'উভরড়ে ধ্যাএ যাই অতি শীঘ্র গতি।' *মানিকরাম*, ১৭৮১।

উভরাএ [স উর্ধ্বরব] *ক্রিবিণ* উচ্চ স্বরে। 'মাএ ধরা দিল কৃষ্ণ কান্দে উভরাএ।' *মালাধর*, ১৫০০।

উভরায় [স উর্ধ্বরব] *ক্রিবিণ* উচ্চ স্বরে। 'নন্দ কান্দে উভরায়।' *মালাধর*, ১৫০০।

উভরোল [স উর্ধ্বরোল] *বি* উচ্চ শব্দ। 'উভরোলে ব্রাহ্মণ বলিল বেদবাণী।' *রূপরাম*, ১৭৫০।

উভলড়ি [স উভ+নড়ন] *ক্রিবিণ* উর্ধ্বশ্বাসে গিয়ে। 'উভলড়ি করি তারা বেড়িল অর্জ্জুনে।' *মালাধর*, ১৫০০।

উভ[২] [স উর্ধ্ব] ১ *বিণ* উচ্চ। 'নন্দ আদি গোপ নাচে উভ বাহু করি।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* উর্ধ্বমুখী। 'উভ করি পাণি নাচন্তি বীরমণি।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* খাড়া। 'উভকান করি ধায় আহড়ে সঘন।' *মুকুন্দ*, ১৬০০।

উভ করা *ক্রি* উঁচু করা। 'পাক দিয়া উভ করি পেলে গোবিন্দাই।' *মালাধর*, ১৫০০।

উভমুখ [স উর্ধ্বমুখ] *ক্রিবিণ* উর্ধ্বমুখ। 'উভমুখে প্রজা জায়।' *মুকুন্দ*, ১৬০০।

উভমুণ্ডা [স উর্ধ্বমুখ>] *বিণ* উর্ধ্বমুখী। 'প্রথমে গগনতলে উঠে নীল ধুণ্ডা চাতক খেচর জত হইল উভমুণ্ডা।' *মুকুন্দ*, ১৬০০।

উভহাথ [স উভ-হস্ত] *বি* দুই হাত। 'কায়বার পড়ে উভহাথ।' *মুকুন্দ*, ১৬০০।

উভয় [স] ১ *বিণ* দুজনের। 'তোর মোর উভয় সমতী।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* দুই। 'এই উভয় বংশীয় রাজাদের মধ্যে কেহ কেহ ... পৃথিবীর শাসন করিয়াছেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৩ *বিণ* দুই দিকের। 'প্রথমে উভয় পথই কিঞ্চিৎ কষ্টদায়ক বোধ হইল।' *অক্ষয়*, ১৮৪৯। ৪ *বি* দুই পক্ষ। 'উভয়ের মধ্যে যে তুমুল সংগ্রাম আরব্ধ হইল তাহাতে ইংলণ্ডীয় লোকের ...।' *অক্ষয়*, ১৮৫০।

উভয়জ্ঞ [স] *বিণ* উভয় বিষয়ে পণ্ডিত এমন। 'যাঁহারা পারসী ও বাঙ্গালি উভয়জ্ঞ।' *দর্পণ*, ১৮২২।

উভয়ত, উভয়তঃ [স] ১ *ক্রিবিণ* উভয়ে। 'তস্যপর তোমায় আমায় প্রথক হইয়া পূর্ব্ব ফারখত উভয়ত করিয়াছী।' *মেয়র্স*, ১৭৭৩। ২ *ক্রিবিণ* দুইদিকে। 'আমি যে স্থানে বসিয়া আছি তাহার উভয়তঃ তুষারবাহিত প্রস্তরখণ্ড রাশীকৃত রহিয়াছে।' *জগদীশ*, ১৮৯৫।

উভয়পক্ষ [স] *বি* দুই পক্ষ। 'উভয়পক্ষে তুমুল সংগ্রাম আরব্ধ হইয়া আমেরিকার স্বাধীনতু লাভ ... হইল।' *অক্ষয়*, ১৮৪৯

উভয়পার্শ্ববর্তী, উভয়পার্শ্ববর্ত্তী [স] *বিণ* দুই দিকের। 'উভয়পার্শ্ববর্ত্তী বৃক্ষশ্রেণীর মধ্যদেশ দিয়া কিয়দ্দূর গমন করিতে করিতে ...।' *অক্ষয়*, ১৮৪৯।

উভয়বিধ [স] *বি* উভয় প্রকার। 'তাহারা ... মনুষ্যের ন্যায় সদসৎ

AMARBOI.COM

উভয়বিধ প্রবৃত্তির অনুগত বলিয়া কীর্তিত হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৪।

উভয়ভ্রষ্ট [স] *বিণ* দুইদিক থেকে ভুল। 'ইঙ্গরেজী পড়িলে উভয়ভ্রষ্ট হইয়া একেবারে নষ্ট হইবেক।' *দর্পণ*, ১৮৩০।

উভয়মুখী [স] *বিণ* উভয় দিকেই যেতে পারে এমন। 'প্রাণের গতি উভয়মুখী।' *প্রমথ*, ১৯১৪।

উভয়সংকট, উভয়সঙ্কট [স] *বি* সব দিকেই বিপদ। 'বিষয়-প্রমোদে, ক্রিয়া-অনুরোধে/ উভয়সংকট অতি ভার।' *কমলাকান্ত*, ১৮২০; 'তাঁদের উভয় সঙ্কট।' *এডুকেশন*, ১৮৭৪।

উভয়স্থল [স] *বি* দুই স্থান। 'তিনি নগর ও গ্রাম এই উভয়স্থলের অবস্থা বিবেচনা করেন।' *অক্ষয়*, ১৮৪৩।

উভয়াত্মক [স উভয়-আত্মক] *বিণ* দ্বিবিধ। 'ন্যায়কুসুমাঞ্জলি গ্রন্থ গদ্য ও কারিকা উভয়াত্মক।' *বিদ্যা*, ১৮৭৩।

উভয়াহারী [স উভয়-আহারী] *বিণ* আমিষ এবং নিরামিষ খায় এমন। 'মনুষ্য-জন্তু উভয়াহারী।' *বঙ্গিম*, ১৮৭৪।

উভরা[১] [স উদ্ভর] ১ *ক্রি* ঢালা। 'খণ্ডে মুগের সুপে উভরে ডাবরে আচ্ছাদন থালখানি দিলেন উপরে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *ক্রি* ছিটানো। 'উভরিতে।' *মানোএল*, ১৭৪৩।

উভরা[২] [স উভ>] *সর্ব* উভয় পক্ষ। 'নকিবান ঘন ঘন ডাকে উভরায়।' *গরীব*, ১৭৬৫।

উভা [স উদ্+ভিদ্] ১ *ক্রি* উত্থিত করা। 'নরঅ নারী মব্বে উভিল চীরা।' *চর্যা ৪*, ১২০০। ২ *বিণ* উঁচু। 'দক্ষিনে হইল উভা উত্তর দিগ নিনা।' *মালাধর*, ১৫০০। ৩ *ক্রি* ঊর্ধ্বে ধ'রে। 'বিনয় করিআ তাঁরে খুল্লনা জিজ্ঞাসা করে উভে জুড়িয়া দুই পাণি।' *মুকুন্দ*, ১৬০০।

উভাকিল [স ঊর্ধ্ব+স কীল] *বি* উঁচু থেকে দেওয়া কিল। 'সোপারি তলে মাথা থুইয়া মারে উভাকিল।' *বিজয়*, ১৬৫০।

উভারা [স ঊর্ধ্ব>] ১ *ক্রি* উঁচু করা। 'উভারে বীরবরে বীর চর্মে ধরে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *ক্রি* নিক্ষেপ করা। 'শেল সাঙ্গি উভারিল শিরে।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *ক্রি* চড়াও হয়ে মারা। 'সারেঙ্গধর সেনোপরো উভারিল কিলং।' *মানিকরাম*, ১৭৮১।

উভুদুবু [ধ্বন্যা] *বি* হাবুডুবু। 'বিড়ম্ব বালক যেন উভুদুবু খেলে।' *রূপরাম*, ১৭৫০।

উভুদল [স উভ?>+স দল] *বি* দ্রুতগামী সৈন্যদল। 'উভুদলে মহিম হবেক তার সনে।' *মানিকরাম*, ১৭৮১।

উভ্যর্থন [স] *বি* গন্ধ দ্রব্যাদির দ্বারা শরীর মার্জন বা ঘষা। 'গন্ধ নারাঅন তৈলে উভ্যর্থন কৈল।' *মালাধর*, ১৫০০।

উম [স উম্] *বি* তা। 'ডিম পাড়ি উম দি রহিল।' *সুলতান*, ১৭০০।

উমড়ি *ক্রি* মুখ ফিরিয়ে। 'উমড়ি কহই সখি করহ পয়ান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উমত [স উন্মত্ত] *বিণ* মাতাল। 'উমত সবরো পাগল শবরো মা কর গুলী গুহাড়া তোহোরী।' *চর্যা ২৮*, ১২০০।

উমতা [স উন্মত্ত>] *ক্রি* উন্মত্ত হওয়া। 'নব জুবতীগন চিত্ত উমতাঅই নব রস কানন ধায়।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উমদা [আ উমদাহ্] ১ *বিণ* উত্তম। 'তোফাই। উমদা চিজই বটে, আমীর-ওমরাদের আর অপরাধ কি দস্তরমতোই চোস্তো খাবার।' *শিবরাম*, ১৯৪০। ২ *বিণ* মনোহর। 'এ রকম উমদা গেঞ্জি দুখানা তৈরি হয়েছিল।' *মুজতবা*, ১৯৫২। ৩ *বিণ* উপাদেয়। 'কেমন যেন একটুখানি আলাদা, কিন্তু খেতে উমদা।' *মুজতবা*, ১৯৫২।

উমর [আ উমর] ১ *বি* অভিজাত ব্যক্তি। 'উমর সেবক সবে বুলিলা বচন।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* আয়ু। 'শ্রীযুত সাহেবের উমর দৌলাত হামেসা শ্রীশ্রী দরগায় মনাজাত করিতেছে।' *তেরলি*, ১৮৯৯।

উমরা [আ] *বি* উচ্চপদস্থ রাজকর্মচারী। 'আমীর উমরা হৈলা যত অবতার।' *ভারত*, ১৭৬০।

উমরাও [আ] *বিণ* অভিজাত। 'মহারাষ্ট্রীয় অতিউমরাও লোকেও আপন ধর্ম পত্নীকে স্বচ্ছন্দে জনসমূহের মধ্যে লইয়া বৈদিকী ক্রিয়া করেন।' *দর্পণ*, ১৮৩১।

উমা [স] *বি স্ত্রী* হিন্দুদেবী দুর্গা। 'উমা কাত্যায়নী গৌরী রণমধ্যে দিগম্বরী।' *রূপরাম*, ১৭৭০।

উমাপতি [স] *বি* হিন্দুদেবতা শিব। 'হৃদএতে লক্ষ্মি কোপি মোহিত উমাপতি।' *মালাধর*, ১৫০০।

উমানা *ক্রি* ওজন ক'রে। 'ছালায় ভরিল সবে উমানিয়া আড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

উমি, উমী [আ উম্মী] ১ *বিণ* মূর্খ। 'তাহারা পরস্পর আপনারদিগকে ... উমী জ্ঞান করে।' *দর্পণ*, ১৮৩৪। ২ *বিণ* অযোগ্য। 'উমি লোকের লগে খারাপ কাম করবে।' *দীনবন্ধু*, ১৮৬৬। ৩ *বিণ* নির্বোধ। 'দেখেরি সেন উমি লোকের মত দারায়ে তামাসা দেখছে।' *গিরিশ*, ১৮৮৬। দ্র **উম্মি, উম্মী**

উমীদ [ফা উম্মিদ] *বি* আকাঙ্ক্ষা; আশা। 'তার দাওয়াত কবুল করবেন হজরত হয় মনে উমীদ।' *নজরুল*. ১৯৪১।

উমেদ [ফা উম্মিদ] ১ *বি* আশা। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* ভরসা। *ওসাঁ*, ১৭৮৫।

উমেদওয়ারি [উমেদ+ফা ওয়ারি] *বি* চাকরির আশায় কারো কাছে ঘোরাঘুরি। 'শ্রীরামচন্দ্র ময়ূমদারের কাছে উমেদওয়ারি করিতেছী।' *ওসাঁ*, ১৭৮২।

উমেদকর [উমেদ+স করা] *বি* আশা; প্রত্যাশাকারী। *মিলার*, ১৭৯৭।

উমেদার [ফা উম্মিদওয়ার] ১ *বি* প্রত্যাশী। 'কতকগুলিন লোক কর্ম্মের উমেদার আছে।' *ভবানী*, ১৮২৩। ২ *বিণ* শিক্ষানবিশ। 'গ্রাজুয়েট আন্ডারগ্রাজুয়েট এসে সাবরেজিস্ট্রারীর জন্যে উমেদার হচ্চে।' *ইমদাদুল*, ১৯২০। ৩ *বি* অনুগ্রহপ্রার্থী। 'এই সময় দালাল আসে, উমেদার আসে, যত রকম খুচরো ...।' *রবীন্দ্র*, ১৯২৯। ৪ *বি* প্রার্থী। 'আমার জামাইপদের উমেদার।' *রবীন্দ্র*, ১৯৩৯।

উমেদারি, উমেদারী [ফা উম্মিদ-ওয়ারি] ১ *বি* মোসাহেব। 'দুই একজন গালগল্পে উমেদারী গোচের লোক বাসায় আসিতে আরম্ভ করিল।' *প্যারী*, ১৮৫৯। ২ *বি* মোসাহেবি। 'তারা পেটের দায়ে উমেদারি করতে, সেলাম করতে যায়।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বি* চাকরির আশায় অন্যের নিকট ঘোরাঘুরি। 'সেই সাড়ে-দশটা বেলায় দুটি ভাত মুখে গুঁজে উমেদারি করতে বের হয়েছিলুম।' *রবীন্দ্র*, ১৯০৭।

উমেদেওয়ার [ফা উম্মিদওয়ার] *বি* মোসাহেব। 'এয়ার উমেদেওয়ার দালাল মহাজন নবীনবাবুদিগের নাম শুনিয়া যাতায়াত করিতে লাগিলেন।' *ভবানী*, ১৮২৫।

উমের [আ উমর] *বি* দীর্ঘ জীবন। 'সাহেবের উমের দৌলাত শ্রীশ্রী দরগায় মোনাজাত করিতেছি।' *তেরলি*, ১৭৮০ আনু.।

উম্মত [আ] *বি* অনুসরণকারী ব্যক্তি। 'মোহর মর্তবা যেন উম্মত উপর।'

AMARBOI.COM

আলাওল, ১৬৮০।

উন্মত্ত [স উন্মত্ত] *বিণ* পাগলপারা। 'আশেকে উন্মত্ত যারা ...।' *লালন*, ১৮৯০।

উম্মি, উম্মী [আ] ১ *বিণ* অজ্ঞ। 'তোমরা উম্মিলোক তা বুঝবে না।' *মনসুর*, ১৯৩৫। ২ *বিণ* নিরক্ষর। 'কে আমি জানালে তুমিই প্রথম হে মেষ-পালক উম্মী নবী।' *ফররুখ*, ১৯৪৬।

উম্মেদওয়ার [ফা] *বিণ* চাকরি-প্রত্যাশী। 'উম্মেদওয়ার লোক বাবুর নিকটে যাতায়াত আরম্ভিল।' *দর্পণ*, ১৮২১। *দ্র* **উমেদার**

উয্যগ [স উদ্যোগ] *বি* আয়োজন। 'অষ্টাদস বার জুদ্ধে উয্যগ সে করে।' *মালাধর*, ১৫০০।

উয্যুগ [স উদ্যোগ] *বি* আয়োজন। 'এ বেতে কাকে নিয়ে উয্যুগ করবো।' *উমেশ*, ১৮৫৭।

উয্যুগ সুয্যুগ [স উদ্যোগ>] *বি* জোগাড়-যন্তর। 'উয্যুগ সুয্যুগ কৈ, এ কেমন বে গো?' *উমেশ*, ১৮৫৭।

উয্যুগ [স উদ্যোগ] *বি* আয়োজন। 'তবে আমি উয্যুগ করি গে?' *রামনারায়ণ*, ১৮৫৪।

উয়া [স উদয়>] *ক্রি* উদয় হওয়া। 'প্রভাত সময়ে যেন উয়ি গেল সূর।' *বড়ু*, ১৪৫০। **উয়ল** *ক্রি* উদয় হলো। 'অবহু মধু ঋতু সকল শুভ হেতু দখিনে উয়ল দ্বিজরাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **উয়িল** *ক্রি* প্রকাশিত হলো। 'আদিত্য জিণিআঁ উয়িল কিরণ মণ্ডলে।' *বড়ু*, ১৪৫০। **উয়ে** *ক্রি* উদিত হচ্ছে। 'শিশত সিন্দুর শোভে উয়ে যেন সূর।' *বড়ু*, ১৪৫০।

উয়ারি, উয়ারী [স উপকারী] *বি* আবাসগৃহ। 'পুড়িয়া করিমু ছালি সকল উয়ারি।' *আলাওল*, ১৬৮০; 'খুড়ার নিকটে এক উত্তম উয়ারী।' *সুলতান*, ১৭০০।

উয়াসিল [আ ওয়াশিল] *বি* আদায়। 'কারকুন কাগজ বুঝে বাকি উয়াসিল।' *মানিকরাম*, ১৭৮১।

উয়িল [হি] *বি* উইল। 'সম্পত্তির উয়িল করিয়া গিয়াছেন।' *দর্পণ*, ১৮২০।

উর[১] [স উরু] *বি* জানুর উর্ধ্বভাগ। 'তার উরে দিলো মো সিয়রে।' *বড়ু*, ১৪৫০।

উর[২] [স উরঃ/ উরস] *বি* বক্ষ। 'উর হিল্লোলিত চাঁচর কেস।' *বিদ্যাপতি*, ১৪৬০। **উরহি** *বি* বুকে। 'উরহি অঞ্চল ঝাঁপি চঞ্চল আধ পয়োধর হেরু।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উরঃস্থল [স] *বি* বুক। 'চন্দ্রের ক্ষয়মান রশ্মিজাল সমুদ্রের উরঃস্থলে চিক চিক করিতেছিল।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

উরজ [স] *বি* স্তন। 'আধ উরজ হেরি আধ আঁচর ভরি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উরমিথুন [স] *বি* স্তনদ্বয়। 'কনকেহ রাজমণি উর মিথুন না দেখএ।' *সুলতান*, ১৭০০।

উরযুগ [স] *বি* স্তনদ্বয়। 'উরযুগ মধ্যে আসি হৈল নিশাপতি।' *আলাওল*, ১৬৮০।

উরস [স] ১ *বি* বুক। 'রমার রম-উরসে যথা শ্রীনিবাস মাধব!' *মাইকেল*, ১৮৬০। ২ *বি* স্তন। 'তোমার উরসস্বর্গে বিরাজিবে বহু মর্ত্যচর।' *সুধীন্দ্র*, ১৯২৯।

উরস্থল [স] *বি* বুক। 'উরস্থলে কৈল রাধা দৃঢ় আলিঙ্গন।' *বড়ু*, ১৪৫০।

উর[৩] [স উরঃ, উরস] *বিণ* শ্রেষ্ঠ; প্রধান। 'কি কহিব রূপ গোন লাবন্যের উর।' *মালাধর*, ১৫০০।

উর[৪] *বি* জবা ফুল। 'উরের কলিকা জিনি রাতুল নয়ন।' *আলাওল*, ১৬৮০।

উরঃসরে [স উচ্চৈঃস্বরে] *ক্রিবিণ* উচ্চ স্বরে। 'অখণ্ড মিলনে কি রহিছে উরঃসরে।' *আলাওল*, ১৬৮০।

উরঃস্থল *দ্র* **উর**[২]

উরগ [স] *বি* সাপ। 'নদী শ্বেত সূত্র বা উরগের মত দেখায়।' *বঙ্কিম*, ১৮৭৫।

উরগেন্দ্র [স উরগ-ইন্দ্র] *বি* নাগরাজ। 'তুফান-তুরগ মোর উরগেন্দ্র-বেগে ধায়।' *নজরুল*, ১৯২৪।

উরজ *দ্র* **উর**[২]

উরণ [স] *বি* মেষ। 'এক লক্ষ ছাগল নিল উরণ আগলা।' *মানিকরাম*, ১৭৮১।

উরত [স উরু] *বি* উরু। 'উরতের পেশী থেকে সোজা অতদূর কোমর অবধি।' *মাহমুদ*, ১৯৭৩।

উরদু [তু] *বি* উর্দু ভাষা। 'উরদু ভাষায় হইয়াছিল।' *দর্পণ*, ১৮২৬। *দ্র* **উর্দু**

উরধ [স উর্ধ্ব] *বিণ* উর্ধ্ব। 'আইদ গাঁঠি উরধ গাঁঠি বন্ধগাঁঠি মূলে।' *রামাই*, ১৭১০।

উরপার *বি* তোলপাড়। 'বুকে পৃষ্ঠে লোহার ঘর করিল উরপার।' *বিজয়*, ১৯৮০।

উরুমল [ফা রুমাল] *বি* রুমাল। 'ঝুলিকথা উরমল ফেলিল চিরিয়া।' *কৃষ্ণরাম*, ১৭২০।

উরমাল [স উর্মিমালা] *বি* ঘুঙুর। 'ধবল চামরছটা উরমাল ঘাঘর ঘণ্টা।' *মুকুন্দ*, ১৬০০।

উরমিথুন *দ্র* **উর**[২]

উরমুখ [স উন্মুখ] *বিণ* ব্যগ্র। 'তপস্থানে গেলা উরমুখ হইয়া।' *মালাধর*, ১৫০০।

উরা [স উত্তরণ>] *ক্রি* অবতীর্ণ হওয়া। 'চণ্ডিকা উরিলা হয়্যা ব্রাহ্মণী জরতী।' *মুকুন্দ*, ১৬০০। **উর** *ক্রি* অবতীর্ণ হও। 'উর গো মরত পুরী ভৃত্যের করিতে পরিত্রাণ।' *মুকুন্দ*, ১৬০০। **উরহ** ১ *ক্রি* অধিষ্ঠান করো। 'স্তুতি করি করপুটে উরহ মঙ্গলঘটে।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *ক্রি* আবির্ভূত হও। 'অভয় চরণ সেতু/ উমা আমা উরহ মানসে।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৩ *ক্রি* অবতীর্ণ হও। 'উরহ আসরে/ রক্ষ নায়কেরে।' *মানিকরাম*, ১৭৮১। **উরিল** *ক্রি* দেখা দিলো। 'ঈশানে উরিল মেঘ সঘনে চিকুর।' *মুকুন্দ*, ১৬০০। **উরো** *ক্রি* আবির্ভূত হও। 'উরো কালী কপালিনী।' *রবীন্দ্র*, ১৮৮০।

উরাত, উরাৎ [স উরু] *বি* হাঁটু থেকে পায়ের উপরিভাগ। 'উরাত।' *মানোএল*, ১৭৪৩; 'একেবারে উরাৎ পর্যন্ত কাদা উঠছে।' *মনসুর*, ১৯৫৫।

উরি[১] [স উরু] *বি* উরু। 'উরি ভঙ্গ করিলা শশাঙ্ক সহোদর।' *আলাওল*, ১৬৮০।

উরি[২] [স উরঃ] *বি* বক্ষঃস্থল। 'প্র মো – ওর বিবী বুঝি খুব খুপসুরৎ? দ্বি মো – উরির মধ্যে।' *মশাররফ*, ১৮৬৯।

উরু [স উরু] *বি* উরুসন্ধি থেকে হাঁটু পর্যন্ত পায়ের ঊর্ধ্বাংশ। 'গুরু জঘন নিতম্ব উরু করিকরে।' *বড়ু*, ১৪৫০।

উরুত [স উরু] *বি* উরু। ওর্সা, ১৭৮৫; 'দাসীরা সন্ধেবেলায় বসে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উরুতের উপর সলতে পাকাত।' *রবীন্দ্র*, ১৯৪০। *দ্র* **উরত**

উরুছ [আ উরস] *বি* কোনো ধর্মীয় নেতার মৃত্যুবার্ষিকীর অনুষ্ঠান। 'বার্ষিক উরুছ-এর কালে কত বড় জমায়াত।' *মোয়াজ্জিন*, ১৯৩২।

উরুপা [ই ইউরোপ] *বি* ইউরোপ। 'উরুপায় কবিগুরু ভিখারী আছিলা।' *মাইকেল*, ১৮৬৫।

উরুস [স উদ্ধংশ] *বি* উকুন। *মানোএল*, ১৭৪৩।

উরু [স উরু] *বি* উরুসন্ধি থেকে হাঁটু পর্যন্ত পায়ের ঊর্ধাংশ। 'দুই পদ দুই উরু অজদেব রক্ষা করূ।' *মালাধর*, ১৫০০।

উরু আভা [স উরু+স আভা] *বি* উরুর সৌন্দর্য। 'উরু আভা দেখি, করি ওও দুঃখি।' *ভবানী*, ১৮২৫।

উরুত [স উরু] *বি* উরু। 'উরুতের উপরে উমার হস্ত রাখি।' *শিবায়ন*, ১৭৫০।

উরুদেশ [স উরুদেশ] *বি* উরু। 'উরুদেশোপরি, কি নিতম্ব ভারি।' *ভবানী*, ১৮২৫।

উরুস্থান [স উরুস্থান] *বি* উরু। 'তোমার উরুস্থান তাহার নিকট।' *বিজয়*, ১৬৫০।

উরোজ [স] *বি* স্তন। 'গুপ্তরীর অহঙ্কার উরোজ রঞ্জন।' *দীনবন্ধু*, ১৮৬৭।

উর্ণা [স] *বি* জাল। 'আমরা যখন ঘরের আঁধার কোণে বসে মাকড়সার মত কথার উর্ণা বুনি।' *নজরুল*, ১৯৪১।

উর্দি [তু উর্দি] ১ *বি* সৈন্য ও কর্মচারীদের জন্য তৈরি বিশেষ ধরনের পোশাক; ইউনিফর্ম। 'কুম্পানির চাকরের অনুরূপ উর্দি পরান নিষেধ।' *ক্যালগে*, ১৭৮৯। ২ *বি* আবরণ। 'বাদল-রাজের কালো উর্দি-পরা মেঘগুলো দিকে দিকে টহল দিয়ে বেড়াচ্ছে।' *রবীন্দ্র*, ১৯২৯; 'দলভাঙা মেঘগুলি শ্রাবণের কালো উর্দি ছেড়ে ফেলেছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

উর্দিধারী [তু উর্দি+স ধারী] *বিণ* উর্দি পরিহিত। 'বাড়ি পৌছলে উর্দিধারী নওকর জুতো সাফ করে দিত।' *ধূর্জটি*, ১৯৩১।

উর্দিপরা [তু উর্দি+পরা] *বিণ* উর্দি পরিহিত। 'লাল বনাতের উর্দিপরা চাপরাসির দল।' *রবীন্দ্র*, ১৯২৯।

উর্দু, উর্দুু [তু] *বি* হিন্দি ভাষার সঙ্গে আরবি ও ফারসি শব্দের মিশ্রণে সৃষ্ট ভাষাবিশেষ। 'হিন্দী ভাষাতে আরবী ও পারসী কথা মিশ্রিত হইয়া, এক ভাষা প্রস্তুত হইয়াছে, উহাকে উর্দু বলে।' *বিদ্যা*, ১৮৫১; 'বাঙ্গলা ও উর্দুতেও তাঁর দখল ছিল।' *হুতোম*, ১৮৬১।

উর্দু-কওয়া *বিণ* উর্দুভাষী। 'পশ্চিমের কোন উর্দু-কওয়া বিবিকে ...।' *অচিন্ত্য*, ১৯৫০।

উর্দুভাষাভাষী, উর্দুভাষাভাষী [তু উর্দু+স ভাষাভাষী] *বিণ* উর্দু ভাষা ব্যবহারকারী। 'উর্দুভাষাভাষী বাঙ্গালী মুসলমান বঙ্গভাষাভাষী বাঙ্গালী মুসলমানকে ...।' *বুলবুল*, ১৯৩৩।

উর্দুভাষী [তু উর্দু+স ভাষী] *বিণ* উর্দু ভাষা ব্যবহারকারী। 'কলকাতায় গেলেই আমাদের উর্দুভাষী হতে হয়।' *জামায়াত*, ১৯৩৭।

উর্ধ্ব [স উর্ধ্ব] ১ *বিণ* উচ্চ; উঁচু। 'উর্ধ্ব পাএ অনাহারে দ্বাদস বৎসর।' *মালাধর*, ১৫০০। ২ *বি* উপরের দিক। 'বাইউ বহে উর্দ্ধ হতে।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৩ *বি* উচ্চতা। 'সাবেক গুদাম সকলের নকসা মতে নবীন গুদামে দির্ঘ প্রস্তে ও উর্দ্ধে তৈয়ার হবেক।' *ক্যালগে*, ১৭৮৭। *দ্র* **উর্দ্ধ**

উর্দ্ধগ [স উর্ধ্বগ] *বি* রোগবিশেষ। 'উর্দ্ধগ বিকারে মোর পড়িয়াছে দাঁত।' *ভারত*, ১৭৬০।

উর্দ্ধজান [স উর্ধ্ব>] *বি* উর্দ্ধ-পা। *মালাধর*, ১৫০০।

উর্দ্ধনিশ্বাস [স উর্ধ্বনিশ্বাস] *বি* উর্দ্ধশ্বাস। 'উর্দ্ধনিশ্বাসে জনমিলেন পক্ষ ভুলুকাই।' *রামাই*, ১৭১০।

উর্দ্ধপা [স উর্ধ্বপদ] *বি* উর্দ্ধমুখী পা। 'অধমুখে উর্দ্ধপাএ নির্জ্জল কূপে। *মালাধর*, ১৫০০।

উর্দ্ধমস্ত [স উর্ধ্বমস্তক] *বিণ* মাথা উঁচু এমন। 'উর্দ্ধমস্ত হইয়া গেলা সেই কারাগারে।' *মালাধর*, ১৫০০।

উর্দ্ধরেতা [স উর্দ্ধরেতা] *বিণ* বীর্যপাত হয় না এমন। 'অনুলোম উর্দ্ধরেতা বিলোম প্রবর্তক।' *চণ্ডী*, ১৫৫০।

উর্দ্দেস [স উদ্দেশ] *বি* সন্ধান। 'তে কারনে উর্দ্দেস আমি তোমার না কৈল।' *মালাধর*, ১৫০০।

উর্নর্ত্ত [স উন্নত্ত] *বিণ* উন্মত্ত। 'উর্নর্ত্ত জৌবন তার পিনপয়োভার।' *মালাধর*, ১৫০০।

উর্বর, উর্ব্বর [স] *বিণ* সৃজনশীল। 'যখন স্নেহসজীব আত্মীয়রূপে দেখা দেয় তখন জীবন অত্যন্ত উর্বর সুন্দর শ্যামল হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৮৯৭; 'মতলববাজ লোকদিগের উর্ব্বর মস্তিষ্কপ্রসূত কোন স্বার্থসিদ্ধির মতলব। *এসলাম*, ১৯৩৭।

উর্বরতা, উর্ব্বরতা [স] ১ *বি* অধিক উৎপাদনী ক্ষমতা। 'দেশের যে উর্ব্বরতা গুণ।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৪। ২ *বি* চাষ করার মতো অবস্থা। 'পর্বত থেকে জলস্রোত নেমে মাঝে মাঝে উর্বরতা সৃষ্টি করে।' *রবীন্দ্র*, ১৯০২। ৩ *বি* সৃষ্টিশীলতা। 'দুটো নেশাই মানসিক উর্বরতা বিধানের পক্ষে সমান সারবান।' *মানিক*, ১৯৩৭।

উর্বরতাসাধন, উর্ব্বরতাসাধন [স] *বি* উর্বরতা বৃদ্ধি। 'তাহারা ভূমির উর্ব্বরতাসাধন কৃষির উন্নতিবর্দ্ধন নিমিত্ত অবিরত যত্ন করিতেছে।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

উর্বরত্ব, উর্ব্বরত্ব [স] *বি* উর্বরা শক্তি। 'তিনি এদেশের মৃত্তিকায় উর্ব্বরত্ব রূপ মহারত্ন বিতরণ করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৫।

উর্বরমস্তিষ্ক [স] *বিণ* যার মাথায় নিত্যনতুন, নানান ভাবনাচিন্তা খেলে। 'উর্বরমস্তিষ্ক কল্পনাপ্রবণ খদ্দের পেয়ে সহজে কি তাকে হাতছাড়া করে?' *ওয়ালী*, ১৯৬৪।

উর্বরা[১], উর্ব্বরা [স] ১ *বিণ* স্ত্রী অধিক উৎপাদন ক্ষমতাসম্পন্ন। 'এমত উর্ব্বরা ভূমি যে বাঙ্গালা ছাড়া হিন্দুস্থানে আর নাই।' *দর্পণ*, ১৮১৯; 'যে ভূমিতে শস্যাদির প্রচুর পরিমাণ খাদ্য থাকে, তাহাকে উর্বরা ভূমি বলে।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বিণ* স্ত্রী সৃজনশীল। 'ভারতবর্ষের চিত্তভূমিকে আজিও উর্বরা করিয়া রাখিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বিণ* স্ত্রী সমৃদ্ধ। 'বাংলাদেশের হৃদয়কে আজ ধ্বনিত করেছে, উর্বরা করেছে তার চিত্তভূমিকে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

উর্বরা[২] [স উর্বর>] *ক্রি* উর্বর করা। 'শ্মশান পবিত্র করি মরুভূমি উর্বরিয়া।' *রবীন্দ্র*, ১৮৮০।

উর্বরানুর্বরত্ব, উর্ব্বরানুর্ব্বরত্ব [স] *বি* উর্বরতা ও অনুর্বরতা। 'জিলার পরিমাণ ভূমির উর্ব্বরানুর্ব্বরত্ব।' *দর্পণ*, ১৮৩৭।

উর্বরীকরণ [স] *বি* সৃষ্টিশীলতা বৃদ্ধি। 'ত্যাগ বলতে সে বোঝে ... তার উচ্ছল ব্যক্তিত্বের রসে উর্বরীকরণ।' *অন্নদা*, ১৯২৮।

উর্বশী, উর্ব্বশী [স] *বি* পুরাণে বর্ণিত অনন্তযৌবনা অপ্সরা। 'রম্ভা তিলোত্তমা শচী সত্যভামা কমলা কিবা উর্বশী।' *মুকুন্দ*, ১৬০০; 'উর্ব্বশী মেনকা আর অন্য অন্য যত।' *মানিকরাম*, ১৭৮১।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উর্বী, উর্ব্বী [স] ১ *বি* ভূমি। 'গর্ব্বে মত্ত খর্ব্ব হউক এই উর্ব্বীধর।' *মদনমোহন*, ১৮৩৪। ২ *বি* পৃথিবী। 'পৃথিবীর প্রতিশব্দ উর্ব্বী, মহী প্রভৃতি।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

উর্বীধাম [স] *বি* পৃথিবী। 'উর্বীধামে উর্বশীরে দেহ স্থান এবে, উর্বীশ।' *মাইকেল*, ১৮৬২।

উর্বীশ [স] *বি* পৃথিবীর অধিপতি। 'উর্বীধামে উর্বশীরে দেহ স্থান এবে, উর্বীশ।' *মাইকেল*, ১৮৬২।

উর্ব্বীধর [স] *বি* পাহাড়। 'গর্ব্বে মত্ত খর্ব্ব হউক এই উর্ব্বীধর।' *মদনমোহন*, ১৮৩৪।

উর্ভিষ্ট [স উদ্ভিষ্ট] *বিণ* ধ্বংসপ্রাপ্ত। 'কেহ বলে উর্ভিষ্ট হইবে সর্ব রাজ্য।' *বৃন্দা*, ১৫৮০।

উর্মি [স] *বি* ঢেউ। 'অসীম জলধি, বীরদর্প ভরে, সাজিল যখন উর্মি আস্ফালিয়া।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। দ্র **ঊর্মি, ঊর্মি**

উর্য্যগ, উর্য্যগ [স উদ্যোগ] *বি* আয়োজন। 'রামে রার্য্য দিতে রাজা উর্য্যগ সে করে।' *মালাধর*, ১৫০০।

উল [হি] ১ *বি* পশুলোমজাত সুতা। 'উলগুলি অপহরণ করিবার যত্ন করিয়াছিলেন।' *বঙ্কিম*, ১৮৭৩। ২ *বি* বেণীর শেষ প্রান্তের চুল। 'অলস চুল বিনুন-বিন কেশের উল।' *নজরুল*, ১৯২৩।

উল বোনা *ক্রি* উল দিয়ে কোনো কিছু তৈরি করা। 'কেউ মেঝেয় বসে গল্প করছেন, উল বুনছেন।' *শামসুল*, ১৯৬২।

উলকি [স উল্কিখ] *বি* টিপ। 'কালি দিয়ে উলকি পরেছে ভুরুমাজে।' *ভবানী*, ১৮২৫। দ্র **উল্কি**

উলকুড় *ক্রিবিণ* মূলসহ। 'যে তার অবাধ্য হয়েছে তার ভিটেমাটি একেবারে উলকুড় উটিয়ে নিয়েছে।' *মশাররফ*, ১৮৬৯।

উলঙ্গ [স] ১ *বিণ* বিবস্ত্র। 'উলঙ্গ হইয়া কেহ নাচে ঊর্ধ্বমুখে।' *রামায়ণ*, ১৭৫০; 'স্ত্রীলোকের পদতলের উপরিস্থিত সন্ধিস্থান উলঙ্গ থাকিলেও মহাপাপ।' *মশারফ*, ১৮৮৫। ২ *বিণ* খাপমুক্ত। 'সর্বলের হস্তেই উলঙ্গ অসি।' *মশারফ*, ১৮৮৭। ৩ *বিণ* নগ্ন। 'আজ মৃত্যুর উলঙ্গ শুভমূর্তি এই কর্মনিরত ...।' *রবীন্দ্র*, ১৯০৪। ৪ *বিণ* মুক্ত। 'উলঙ্গ জগতের যোগ অসংকোচে অতি সুন্দরভাবে ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ৫ *বিণ* ন্যক্কারজনক। 'দলে দলে করিয়াছে রিরংসার উলঙ্গ চিৎকার।' *নজরুল*, ১৯২৮। ৬ *বিণ* আবরণহীন। 'উদ্ধত উলঙ্গদৃষ্টি।' *নজরুল*, ১৯৩০। ৭ *বিণ* ন্যাড়া। 'পাতা-ঝরা উলঙ্গ তরুর দল।' *মাহেনও*, ১৯৪৯।

উলঙ্গতা [স] ১ *বি* নগ্নতা; অকপটতা। 'উলঙ্গতার একটা সুবিধা তাহার মধ্যে প্রতিযোগিতা নাই।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* গোঁফহীনতা। 'খুতনির নীচে কেমন উলঙ্গতার ভাব।' *ওয়াশী*, ১৯৬৪।

উলঙ্গ প্রান্তর [স] *বি* উন্মুক্ত প্রান্তর। 'ওধারে উলঙ্গ প্রান্তর ধু-ধু করছে।' *ওয়াশী*, ১৯৪৫।

উলঙ্গপ্রায় [স] *বিণ* প্রায় নগ্ন। 'উলঙ্গপ্রায় দেহ।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উলঙ্গ-হৃদয় [স] *বি* উন্মুক্ত হৃদয়। 'হান অসি উলঙ্গ হৃদয়ে।' *গিরিশ*, ১৮৮৭।

উলঙ্গিনী [স] *বিণ স্ত্রী* বিবস্ত্র। 'উলঙ্গিনী উন্মাদিনী।' *রবীন্দ্র*, ১৮৮৩।

উলঝলুল ১ *বিণ* এলোমেলো; আলুথালু। 'আকুল কবরী উলঝলুল।' *নজরুল*, ১৯২৮। ২ *বিণ* বিশৃঙ্খল। 'উলঝলুল উর্দু শব্দ।' *নজরুল*, ১৯৩১।

উলট, উলোট [প্রা অল্লট্ট] *বিণ* উলটানো; অধোমুখ। 'বাহুযুগ তোর কনক মৃণাল কুচ উলট কটোরে।' বড়ু, ১৪৫০।

উলট করা *ক্রি* আবর্তন করা। *মানোএল*, ১৭৪৩।

উলট-পালট [প্রা অল্লট্ট পল্লট্ট] ১ *বিণ* উত্তাল। 'মনে হল যেন হঠাৎ ... পৃথিবী জুড়ে নরনারীর একটা উলট-পালট ঢেউ উঠেছে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* এলোমেলো। 'বিপুল সংসারের বিচিত্র কার্যক্ষেত্রে সমস্তই উলট-পালট হইয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *বি* পরিবর্তন। 'শাস্ত্রকে ব্যাকরণের প্যাঁচে উলটপালট করতে।' *রবীন্দ্র*, ১৯২৮।

উলোটপালোট [প্রা অল্লট্ট পল্লট্ট] *বিণ* অগোছালো। 'মুখের মধ্যে কথাগুলি সব উলোটপালোট।' *রবীন্দ্র*, ১৯০৩।

উলটল [হি উলটা>] *বিণ* উলটানো। 'উলটল কনয় কটোরা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উলটা [হি] ১ *বিণ* বিপর্যস্ত। *মানোএল*, ১৭৪৩। ২ *বিণ* বিপরীত। *মানোএল*, ১৭৪৩। ৩ *বিণ* তরবারির ধারের বিপরীত। *মানোএল*, ১৭৪৩।

উলটা করে *ক্রিবিণ* ঘুরিয়ে। 'উলটা করে বলি আমি সহজ কথাটাই।' *রবীন্দ্র*, ১৯০০।

উলটানো [হি উলটনা] ১ *ক্রি* পাশ ফেরা। 'উলটি বসিআঁ সুন্দরি রাধা ছাড়এ দীর্ঘ নিশাসে।' বড়ু, ১৪৫০। ২ *ক্রি* পরিবর্তন করা। 'ভার লএ উলটিআঁ চন্দ্রাবলী হাসে।' বড়ু, ১৪৫০। ৩ *ক্রি* উলটে ফেলা। 'জনি ইন্দীবর পবনে পেলল অলি ভরে উলটাএ।' *বিদ্যাপতি*, ১৪৬০। ৪ *ক্রি* স্থানত্যাগ করা। 'কন্যাকে ছাড়িয়া যদি নৌকা উলটিল।' *আলাওল*, ১৬৮০। ৫ *ক্রি* ঘোরা। 'উলটিয়া দুইজন ফিরি আইল ঘর।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৬ *ক্রি* উপড়ে ফেলা। 'প্রভুর আদেশে আজি গিরি উলটাই।' *সুলতান*, ১৭০০। ৭ *ক্রি* উলটা করা। 'বন্দুক উলটাইয়া চলিতে লাগিল।' *দর্পণ*, ১৮২১। ৮ *ক্রি* বদলে যাওয়া। 'এ-সমস্ত অতীত উলটাইয়া যাইতে পারে।' *রবীন্দ্র*, ১৮৮২।

উলটা-পালটা [হি উলট-পলট] *বিণ* পরিবর্তিত। 'পারিবারিক সম্বন্ধ উলটা-পালটা হইয়া যাইতেছে।' *রবীন্দ্র*, ১৮৮৭।

উলটারকম [হি উলটা+আ রকম] *বিণ* বিপরীত ধরনের। 'তাহার সম্পূর্ণ উলটারকম কাজ করিবে।' *রবীন্দ্র*, ১৯০৫।

উলটি পালটি [প্রা অল্লট্ট পল্লট্ট] ১ *ক্রিবিণ* নানাভাবে। 'উলটি পালটি দেই হানা।' *মুকুন্দ*, ১৬০০; 'খেলা করে উলটি পালটি।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *ক্রিবিণ* এদিকে ওদিকে। 'নত মুখে উলটি পালটি চেয়ে চেয়ে কেঁদেছিল বালা।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৩ *ক্রিবিণ* এপিঠ ওপিঠ ক'রে। 'উলটি পালটি দেখি পাত।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উলটিয়া পালটিয়া [প্রা অল্লট্ট পল্লট্ট] *ক্রিবিণ* এপিঠ ওপিঠ ক'রে। 'নোট পাইয়া উলটিয়া পালটিয়া দেখিল।' *বঙ্কিম*, ১৮৭৮।

উলটো [হি উলটা] ১ *ক্রিবিণ* বিপরীতমুখী ক'রে। 'উলটোগাধায় চড়িয়ে দেশের বার করে দিলেন।' *অবন*, ১৮৯৬। ২ *বিণ* বিপরীত। 'অসমসাহসী লেখকের পক্ষে ঠিক তার উলটো।' *প্রমথ*, ১৯০৫।

উলটোপালটা [প্রা অল্লট্ট পল্লট্ট] *বিণ* এলোমেলো। 'নাড়াচাড়া খেয়ে মাথার ভিতরে যেন সব উলটোপালটা হয়ে গেছে।' *রবীন্দ্র*, ১৮৮১।

উলটোমুখী *ক্রিবিণ* বিপরীতমুখে। 'দূর স্রোতের উলটোমুখী চলে গেল একটা জাহাজ।' *কায়সার*, ১৯৬২।

উলন [স উষ্ণ] *বি* জ্বরবিশেষ। 'আমি কাঁপি কামজ্বরে সে বলে উলন।' *ভারত*, ১৭৬০।

উলসা, উলসানো [স উল্লাস] ১ *ক্রি* উল্লসিত হওয়া। 'আকুল আলোকে

AMARBOI.COM

উলসিছ ফুলকাননে।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *ক্রি* উৎসুক হওয়া। 'পঞ্চশর গোপনে লয়ে কৌতূহলে উলসি।' *রবীন্দ্র*, ১৯০০। **উলসি ওঠা** *ক্রি* উছলে ওঠা। 'কাঁখচুমা তার কলসি-ঠোঁটে উল্লাসে জল উলসি ওঠে।' *নজরুল*, ১৯২৫। **উলসিলী** *ক্রি* পুলকিত হলো। 'উলসিলী গোআলার ঝী।' *বড়ু*, ১৪৫০। **উলসে** *ক্রি* পুলকিত হয়। 'এবে ঠাকুরাল গরবে উলসে গা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

উলসিত [স উল্লসিত] *বিণ* উল্লসিত। 'সুনি দৃতি মুখে মনহি উলসিত কান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উলাঝুলা *বিণ* আলুথালু। 'ভিতর থেকে হামাগুড়ি দিয়ে বেরিয়ে এল সেই আধন্যাংটা উলাঝুলা মেয়েটা।' *আলাউদ্দিন*, ১৯৭৫।

উলানি [স উদ্বন] ১ *বি* উদরাময়। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* জন্তুদের লোমে বাসা বাঁধে এমন এক ধরনের পোকা; ফ্লী। *ওসাঁ*, ১৭৮৫। ৩ *বি* জ্বরবিশেষ। 'হায় কী মজা যাবে বোঝা কার্তিকের উলানির কালে।' *লালন*, ১৮৯০।

উলা, উলানো [প্রা ওদল] ১ *ক্রি* অবতরণ করা। 'রথে হৈতে উলি পদে গমন করিল।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রি* নামানো। 'বেহুলা রন্ধন করি উলাইয়া ভাত।' *কেতকা*, ১৬৫০। ৩ *ক্রি* ডোবা। 'মর গিয়া আলো বিদ্যা আঘাটে উলিয়া।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৪ *ক্রি* খুলে ফেলা। 'উক্ত মত করে ক্রিয়া উলাইল উত্রি।' *মানিকরাম*, ১৭৮১। **উলিয়া** *ক্রি* উদিত হয়ে। 'আকাশ উপরে শশী রহুক উলিয়া।' *সুলতান*, ১৭০০। **উলিলেক** *ক্রি* উদিত হলো। 'আকাশে যুগল শশী উলিলেক সেই নিশি।' *সুলতান*, ১৭০০।

উলাস [স উল্লাস] *বি* আনন্দ। 'নিহরে নিঅমণ দে উলাস।' *চর্যা* ৩০, ১২০০।

উলিকি [স উল্কি] *বি* উল্কি। 'উপরে উলিকি টিকা বস্যা কথা ফুল্লা।' *রূপরাম*, ১৭৫০।

উলু[১] [স উলুপ] *বি* একপ্রকার তৃণ। 'পোড়ে উলু কাস্যা বেনা বন।' *মুকুন্দ*, ১৬০০।

উলুখড় [স উলুপ+স খড়] ১ *বি* তৃণবিশেষ। 'রাজায় রাজায় যুদ্ধ হয় – উলু খড়ের প্রাণ যায়।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *বিণ* নিরীহ। 'তখন দলিতবিদলিত হয়ে মরবে উলুখড় জনসাধারণ।' *রবীন্দ্র*, ১৯৩১।

উলুখাকড়া [স উলুপ+স খড়্গা] *বি* তৃণবিশেষ। '... হইলেই প্রায় উলুখাকড়ার প্রাণ বধ হইয়া থাকে।' *বঙ্কিম*, ১৮৭৫।

উলুটি [স উলুপ>] *বি* উলুখড়যুক্ত মাটি। *বিদ্যা*, ১৮৯১।

উলুবনে মুক্তা – অযোগ্যে দান। 'উলুবনে মুক্তা আর কেহ ছড়াক আর না ছড়াক, দেখিতেছি তুমি ছড়াইয়া থাক।' *বঙ্কিম*, ১৮৭৩।

উলুবন [স উলুপ>+স বন] *বি* উলুঘাসের বন। 'কেবল উলুবন, আর কচুগাছ।' *বঙ্কিম*, ১৮৭৮।

উলুবনের খড় *বি* উলুখড়। 'উলুবনের খড়ের মত চুল বাতাসে দুলিত।' *বঙ্কিম*, ১৮৭৮।

উলু[২] [ধ্বন্যা] *বি* হুলুধ্বনি; আনন্দধ্বনি। 'তোরা সব উলু দে।' *উমেশ*, ১৮৫৭।

উলুধ্বনি [ধ্বন্যা উলু+স ধ্বনি] *বি* আনন্দধ্বনি। 'দাদুরী করে উলুধ্বনি দেবতা নামে মর্ত্যে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

উলুক [স উলূক] *বি* পেঁচা। 'নাসাপথে জন্মিল উলুক।' *রূপরাম*, ১৭৫০।

উলুকী [স উলূকী] *বি* স্ত্রী পেঁচা। 'দিবসে উলুকী অন্ধ।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

উলূক [স] *বি* পেঁচা। 'উলূকে না দেখে যেন সূর্য্যের কিরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উলেন [ই] *বিণ* পশমি। 'উলেন টুপী আর মোজা কোন কালে পরান উচিত নয়।' *রোকেয়া*, ১৯২২।

উলোটপালোট *দ্র* **উলট**

উলোল [স উল্লোল] *বি* তরঙ্গ। 'ভব উলোলেঁ ঋিঅ বি বোলিআ।' *চর্যা* ৩৮, ১২০০।

উল্কা [স] *বি* মহাকাশ থেকে পৃথিবীর বায়ুমণ্ডলে আসা জ্বলন্ত পিণ্ডবিশেষ। 'দুই আঁখি উল্কা যেন অগ্নি সম জ্বলে।' *সুলতান*, ১৭০০।

উল্কাতত্ত্ববিৎ [স] *বিণ* উল্কা বিষয়ে বিশেষজ্ঞ। 'উল্কাতত্ত্ববিৎ বৈজ্ঞানিক বলিতেছেন।' *নজরুল*, ১৯২২।

উল্কাধারা [স] *বি* উল্কাবৃষ্টি। 'তৃষিত কাতর প্রাণী মাগিতেছে জল, উল্কাধারা করিছে বর্ষণ।' *রবীন্দ্র*, ১৮৮৬।

উল্কাপাত [স] *বি* উল্কাবর্ষণ। 'উল্কাপাত সত সত আকাসে হইল।' *মালাধর*, ১৫০০।

উল্কাপিণ্ড [স] *বি* মহাকাশে থেকে ভূপৃষ্ঠে পতিত শিলা বা ধাতবখণ্ড। 'এই সমস্ত ধাতুপিণ্ড এই প্রস্তাবে উল্কাপিণ্ড বলিয়া লিখিত হইল।' *অক্ষয়*, ১৮৪৫।

উল্কাপিণ্ডক [স] *বি* উল্কাপিণ্ড। 'এই দুই উল্কাপিণ্ডক মণ্ডলের আয়তন ।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

উল্কাবৃষ্টি [স] *বি* বৃষ্টিপাতের মতো উল্কাপাত। 'এই উল্কাবৃষ্টির আতশবাজি দেখবার মতো জিনিস।' *রবীন্দ্র*, ১৯৩৭।

উল্কাবেগে [স] *ক্রিবিণ* উল্কার মতো দ্রুতগতিতে। 'গাড়ি উল্কাবেগে ছুটিতে লাগিল।' *নজরুল*, ১৯৩১।

উল্কামুখ [স] *বি* উল্কার অগ্রভাগ। 'নামো স্বর্গে অভিশাপ উল্কামুখে।' *নজরুল*, ১৯৩০।

উল্কামুখী [স] *বি* স্ত্রী খেঁকশিয়াল। 'উল্কামুখী, বন্য বিড়াল, কপোত, চটক, চক্রবাক প্রভৃতি ...।' *অক্ষয়*, ১৮৪৯।

উল্কি, উল্কি [স উল্লিখা] *বি* দেহে অঙ্কিত নকশাবিশেষ। 'সিন্দূরের বিন্দু সহ কপালেতে উল্কি।' *গুপ্ত*, ১৮৫৮; 'সর্ব্বাঙ্গে উল্কি ব্যবহার করিয়া থাকে।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

উল্ট [হি উলট] *বিণ* বিপরীত। 'তাহা উল্ট করিয়া পড়িলে ইঙ্গরেজী ভাষার সংস্কৃত ও বাঙ্গলা অর্থ লভ্য হয়।' *দর্পণ*, ১৮৩৪।

উল্টা, উল্টা, উল্টো, উল্টো [হি উলটা] *বিণ* বিপরীত। 'খান কত ছোবা লইল উল্টা কোছে।' *বিজয়*, ১৬৫০; 'উল্টো।' *ওসাঁ*, ১৭৮৫।

উল্টানো[১] [হি উলটনা] *ক্রি* উল্ট-পালট হওয়া। *বিদ্যা*, ১৮৯১।

উল্টানো[২] *বিণ* উন্মুক্ত। 'আমার উল্টানো চোখ যেখানে খুশি ভ্রমণে উদ্গ্রীব।' *মাহমুদ*, ১৯৭৩।

উল্টাপাল্টি [হি উলটাপলটা>] *বিণ* বিপর্যস্ত। 'গড়াগড়ি বাড়াবাড়ি উল্টাপাল্টি ... একজন জয়ী হয়।' *দর্পণ*, ১৮২৫।

উল্টায়ন [হি উলটা>] *বি* উপুড় হয়ে পতন। 'তাড়াতাড়ি চৌকি – উল্টায়ন, কালি-ফেলন।' *রবীন্দ্র*, ১৯০৭।

উল্টিয়া যাওয়া *ক্রি* ফিরে যাওয়া। 'উল্টিয়া যাও ঘরে না কর বড়াই।' *সুলতান*, ১৭০০।

উল্টে *ক্রিবিণ* বিপরীতক্রমে। 'উল্টে আমাদের মনে হয়, প্লেটোর এই

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প্রত্যয়গুলি ভ্রান্ত।' *শিব*, ১৯৫০।

উল্টেপাল্টে [হি উলটাপালটা>] *ক্রিবিণ* ঘুরিয়ে ফিরিয়ে। 'সকল কবিই চিরকাল উল্টেপাল্টে প্রায় একই কথা বলে আসছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উল্টে-পাল্টে দেখা *ক্রি* নেড়ে-চেড়ে দেখা। 'যখনি সময় পাই সেই বইটা উল্টে-পাল্টে দেখি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উল্টো ডিগবাজি খাওয়া *ক্রি* এক মত থেকে পুরোপুরি বিপরীত মত অবলম্বন করা। 'তাঁরা কেন এইরূপ উল্টো ডিগবাজি খেলেন।' *প্রমথ*, ১৯২০।

উল্টো-পাল্টা [হি উলটাপালটা>] *বি* এলোমেলো অবস্থা। 'আমারই বা কত উল্টো-পাল্টা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

উল্টো-পিঠ [হি উলটা+পিঠ] *বিণ* উল্টে আছে এমন। 'উল্টো-পিঠ নৌকার মতো ভুস করে ভেসে ওঠে শুশুক।' *সেলিনা*, ১৯৭৫।

উল্টোবাজি খাওয়া [হি উলটা+ফা বাজি+খাওয়া] *ক্রি* মাথা নিচু করে উল্টে পড়া। 'হঠাৎ খেয়ে উল্টোবাজি ফেললে আমায় পুশ করে।' *সুকুমার*, ১৯২০।

উল্লসিত [স উল্লসিত] *বিণ* আনন্দিত। 'উল্লসিত পুলকীত সব গোপিগন।' *মালাধর*, ১৫০০।

উল্লণ [স] ১ *বি* রোগবিশেষ। 'উল্লণ ক্রমে ক্রমে বৃদ্ধি হইতেছে বোধ হয়।' *প্যারী*, ১৮৫৮। ২ *বিণ* অসুস্থ। 'ফেনিল মদিরা-মত্ত জনতার উল্লণ উল্লাস।' *সুধীন্দ্র*, ১৯২৯।

উল্লসিত [স উল্লসিত] *বিণ* আহ্লাদিত। 'হরসিত সর্ব্বলোক উল্লসিত মনে।' *মালাধর*, ১৫০০।

উল্লা [স] *বি* প্রবল গতি। 'উল্লা বাহিআ কিচীমার পাশে আসে।' *মুকুন্দ*, ১৬০০।

উলূর্থা *ক্রি* উলুধ্বনি দিয়ে বরণ করা। 'মাতা আইল সম্ভ্রমে উলূর্থিতে।' *মুকুন্দ*, ১৬০০।

উলূর্থান *বি* উলুধ্বনি দিয়ে বরণ। 'উলূর্থানের ডালী করে করিআ খুল্লনা ...।' *মুকুন্দ*, ১৬০০।

উল্লংফনোদ্যত [স উল্লম্ফন-উদ্যত] *বিণ* লাফ দিতে উদ্যত। 'প্রাচীরের উপর উঠিয়া উল্লংফনোদ্যত হইবামাত্র।' *দর্পণ*, ১৮২৪।

উল্লঙ্ঘন [স] ১ *বি* অতিক্রমণ। 'পরস্পর নির্ব্বাহের সাধারণ সেতুকে উল্লঙ্ঘন ... করিলেন।' *দর্পণ*, ১৮২৯। ২ *বি* লঙ্ঘন। 'সেই অঙ্গীকার আমরা উল্লঙ্ঘন করিতেও পারিব না।' *দর্পণ*, ১৮৩০। ৩ *বি* লাফ দিয়ে অতিক্রম। *সেবধি*, ১৮৩৯।

উল্লঙ্ঘা [স উল্লঙ্ঘন>] ১ *ক্রি* প্রাবিত করা। 'সমস্ত উঠিছে তরঙ্গিয়া, কূল উল্লঙ্ঘিয়া।' *রবীন্দ্র*, ১৯১৬। ২ *ক্রি* দূর করা। 'উল্লঙ্ঘিয়া তুচ্ছ লজ্জাত্রাস উচ্ছলিবে আত্মহারা উদ্বেল উল্লাস।' *রবীন্দ্র*, ১৯২৯।

উল্লম্ফ [স] *বি* লাফঝাঁপ। 'লম্ফেতে উল্লম্ফেতে, ধাবনেতে ... নিপুণ হও।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

উল্লম্ফন [স] ১ *বি* লাফালাফি। 'চিত্ত হর্ষোন্মত্ত হইয়া কি উৎসাহে উল্লম্ফন করিতে থাকে।' *অক্ষয়*, ১৮৪৪। ২ *বি* লাফ দিয়ে অতিক্রম। 'আপনি স্বচ্ছন্দে উল্লম্ফন করুন।' *বঙ্কিম*, ১৮৭৫।

উল্লসিত [স] *বিণ* আহ্লাদে উচ্ছ্বসিত। 'আতিশয় উল্লসিত মণে।' *বড়ু*, ১৪৫০।

উল্লসিতা [স] *বিণ স্ত্রী* বেপরোয়া। 'কুলকামিনী ... উল্লসিতা হইয়া কুলে হইতে বাহির হইয়াছেন।' *ভবানী*, ১৮২৮।

উল্লাঙ্গুল [স] *বিণ* অতি চঞ্চল। 'বিকৃতমস্তিষ্ক চাঁদ উল্লাঙ্গুল স্বপ্নে অশরীরী।' *সুভাষ*, ১৯৪০।

উল্লাল [স উল্লাস] *বি* পরমানন্দ। 'তোক দেখি নাতিনী মো পাইলোঁ উল্লালে।' *বড়ু*, ১৪৫০।

উল্লাষ [স উল্লাস] *বিণ* প্রবল। 'উল্লাষ বাদ্য নৌবৎখানায়।' *রামরাম*, ১৮০১।

উল্লাস [স] ১ *বি* আনন্দ। 'লবঙ্গ দোলঙ্গ খোঁপা বান্ধিআঁ উল্লাসে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* আনন্দিত। 'শুনিয়া সবাই হৈল পরম উল্লাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* গতি। 'আমাদের পাখায় পিস্টনের উল্লাস।' *জীবন*, ১৯৪২।

উল্লাস-উত্তেজনা [স] *বি* আনন্দ-উদ্দীপনা। 'সে সময় এত উল্লাস-উত্তেজনা দেখা যায় নাই।' *আজাদ*, ১৯৬৪।

উল্লাস করা *ক্রি* আনন্দ করা। 'দুইহো মনের উল্লাসে করিল বনবিলাসে।' *বড়ু*, ১৪৫০।

উল্লাস-ঘন [স] *বিণ* আনন্দপূর্ণ। 'ইসরাফিলের শিঙ্গায় নব সৃষ্টির উল্লাস-ঘন রোল।' *নজরুল*, ১৯২২।

উল্লাসজনক [স] *বিণ* আনন্দদায়ক। 'সেও অত্যন্ত উল্লাসজনক নয়।' *রবীন্দ্র*, ১৯০৫।

উল্লাসধ্বনি [স] ১ *বি* আনন্দধ্বনি। 'বেশ্যাগৃহের অশুদ্ধ উল্লাসধ্বনি।' *অক্ষয়*, ১৮৫৫। ২ *বি* চিৎকার। 'হিংসার উল্লাসধ্বনি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

উল্লাস-ভরে *ক্রিবিণ* আনন্দ সহকারে। 'সুতুরবানের বাঁশি শুনে উট উল্লাস-ভরে নাচে।' *নজরুল*, ১৯২৮।

উল্লাসনাদ [স] *বি* চিৎকার। 'অতি বিকট উল্লাসনাদ ও ঘোরতর কলহরব শ্রবণ করিয়া আমি চমৎকৃত ও মূর্ছিতবৎ হইলাম।' *অক্ষয়*, ১৮৪৯।

উল্লাসহিল্লোলাকুল [স] *বি* আনন্দরূপ তরঙ্গে আন্দোলিত। 'অকস্মাৎ বসন্তের বাধাবন্ধহীন/ উল্লাসহিল্লোলাকুল যৌবন-উৎসাহ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

উল্লাসা [স উল্লাস>] *ক্রি* উল্লাস করা। 'নৃত্য করে চলে যায় আবেগে উল্লাসি।' *রবীন্দ্র*, ১৯৯৩।

উল্লাসিত [স উল্লসিত] *বিণ* অত্যন্ত আনন্দিত। 'উল্লাসিত হইল তবে নাগরিক গণ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উল্লাসী [স উল্লাস>] *বিণ* আনন্দিত। 'যতেক পড়শী শুনিয়া উল্লাসী পুত্র হইল সনকার।' *কেতকা*, ১৬৫০।

উল্লিখিত [স] ১ *বিণ* উল্লেখ করা হয়েছে এমন। 'উল্লিখিত রীতি বলবতী থাকাতে ...।' *অক্ষয়*, ১৮৪২। ২ *বিণ* ইতিমধ্যে লিখিত। 'উল্লিখিত এবং উল্লিখিতরূপ সমুদয় ধর্ম্মই মানব জাতির প্রকৃতি-মূলক।' *অক্ষয়*, ১৮৫৫। ৩ *বিণ* পূর্বে লিখিত। 'ভাইপোর উল্লিখিত ভুল সকল ভুল নহে।' *বিদ্যা*, ১৮৭৩।

উল্লিখিতরূপ [স] *বিণ* ইতিমধ্যে লেখা হয়েছে এ রকম। 'উল্লিখিত এবং উল্লিখিতরূপ সমুদয় ধর্ম্মই মানব জাতির প্রকৃতি-মূলক।' *অক্ষয়*, ১৮৫৫।

উল্লু [স উলূক] *বিণ* মূর্খ। 'মিয়া টিল্লু সঙ্গীতে উল্লু।' *ভবানী*, ১৮২৮।

উল্লুক [স উলূক] ১ *বি* অভদ্রজন অর্থে প্রযুক্ত গালি। 'হোঁসেন খাঁ ক্রমে

AMARBOI.COM

বড় বড় কাশ্মীরী উলূক ঠকাতে লাগলেন।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* বাঁদরশ্রেণীর প্রাণীবিশেষ। 'মূলুক জুড়ে উলূক ডাকে/ ঢোলে কুলুক ভট্ট।' *রবীন্দ্র*, ১৯৪১।

উলূক [স উলূক] *বি* উলূক; বানরসদৃশ প্রাণীবিশেষ। 'উলূক ভল্লূক মেড়া, সেয়াগোস ভৈস গড়া।' *রামপ্রসাদ*, ১৭৮০।

উল্লেখ [স] *বি* উত্থাপন। 'অঙ্গীকার আছে যে তাহার বিষয় কোন কথা আমরা উল্লেখ করিব না।' *দর্পণ*, ১৮৩০।

উল্লেখযোগ্য [স] *বিণ* উল্লেখ করা যায় এমন। 'হিন্দুজাতির রসায়ন – একটি বিশেষ উল্লেখযোগ্য প্রবন্ধ।' *রবীন্দ্র*, ১৮৯১।

উল্লেখযোগ্যভাবে [স] *ক্রিবিণ* উল্লেখ করা যায় এমনভাবে। '... রাজনৈতিক ক্ষেত্রে উল্লেখযোগ্যভাবে নীরব।' *আনোয়ার*, ১৯৭০।

উল্লোল [স] ১ *বি* ঢেউ। 'ছায়া রৌদ্র সে দোলায় দোলে/ অশ্রান্ত উল্লোলে।' *রবীন্দ্র*, ১৯৩২। ২ *বিণ* আন্দোলিত। 'উল্লোল কলগর্জিত পারাবারে।' *রবীন্দ্র*, ১৯৩৩। ৩ *বিণ* কোলাহলপূর্ণ। 'উল্লোল হাস্যের কলোচ্ছ্বাসে।' *রবীন্দ্র*, ১৯৩৫। ৪ *বিণ* সংক্ষুব্ধ। 'যেমন আছে তরঙ্গ-উল্লোল সমুদ্রে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

উশখুশ [স উৎসুক্য>] *বি* অস্বস্তির ভাব। 'চালের মরাই-এ থেকেই উশখুশ করতে লাগলুম।' *নজরুল*, ১৯২৪।

উশখুশানি [স উৎসুক্য>] *বি* ঘর্ষণের শব্দ। 'শাড়ির খশখশানি উশখুশানি না থাকলে চলে না।' *জীবন*, ১৯৪৮।

উশম [স উষ্ম] *বিণ* অল্প গরম। 'উশম জল।' *মানোএল*, ১৭৪৩।

উশা [স উষা] *বি* আশা। 'ধিক থাকু সিংহল উশায়।' *মুকুন্দ*, ১৬০০।

উশীর [স] *বি* সুগন্ধ তৃণ বেনার মূল; খশখশ। 'উশীর হ'ল সুরভি আজি ধূপেরি পরিবর্তে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

উশীর-সিক্ত [স] *বিণ* উশীরের সুগন্ধে সুরভিত। 'উশীর-সিক্ত দখিনা-সমীর।' *নজরুল*, ১৯২২।

উশুল [আ] *বি* আদায়। 'মাশুল উশুল করে রসে আর গুঁড়ে।' *গুপ্ত*, ১৮৫৮।

উশ্বাস [স উচ্ছ্বাস] *বি* শ্বাস। 'উশ্বাস লইতে স্বর্গে লাগে ছত্র শির।' *আলাওল*, ১৬৮০।

উষঃকাল [স উষাকাল] *বি* প্রভাত; ভোর। 'উষঃকালে বিশ্বরূপ করি গঙ্গাস্নান।' *বৃন্দা*, ১৫৮০।

উষণা [স উষ্ণা] *বি* ক্রোধ। 'এই মত শ্রবণে মহা উষণায় উষ্ণান্বিত হইয়া বিশেষ বিবেচনা ...।' *রামরাম*, ১৮০২।

উষম [স উষ্ম] *বিণ* উষ্ণ। 'উষম জল।' *মানোএল*, ১৭৪৩।

উষসী [স] ১ *বি* উষা; ভোরবেলা। 'স্বর্গের উদয়াচলে মূর্তিমতী তুমি হে উষসী।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বিণ* স্ত্রী পরমাসুন্দরী। 'প্রভাতের উষা কুমারী, সেজেছ সন্ধ্যায় বধূ উষসী।' *নজরুল*, ১৯২৮।

উষা [স] *বি* ভোরবেলা। 'গন্তুকাম সন্ন্যাসী হইলা উষাকালে'। *বৃন্দা*, ১৫৮০।

উষা-আলোক [স] *বি* ভোরের আলো। 'উহাদের তরে নহে উদীচীর উষা-আলোক।' *নজরুল*, ১৯২৯।

উষাকাল [স] *বি* ভোরবেলা। 'গন্তুকাম সন্ন্যাসী হইলা উষাকালে।' *বৃন্দা*, ১৫৮০।

উষাকালীন [স] *বিণ* ভোরবেলায়। 'উষাকালীন বিশুদ্ধ বায়ু সেবনপূর্ব্বক ...।' *অক্ষয়*, ১৮৪৯।

উষাচর [স] *বি* ভোরবেলায় ভ্রমণকারী ব্যক্তি। 'মাথায় গলাবন্ধ জড়ানো উষাচরগণ প্রাতর্ভ্রমণ সমাধা করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

উষাময়ী [স] *বিণ* স্ত্রী প্রভাতরূপী। 'কোথায় সে উষাময়ী প্রতিমা।' *রবীন্দ্র*, ১৮৮১।

উষারুণ [স] *বি* ভোরের সূর্য। 'উষারুণ হতে রাঙা গোধূলির।' *রবীন্দ্র*, ১৯৩২।

উষালোক [স উষা+আলোক] *বি* ভোরের আলো। 'উষালোকে ফোটো-ফোটো।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উষিপিষি *বি* উসখুস। 'রাত্রিশেষ হৈল বেশ্যা উষিপিষি করে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উষী [স] *বি* উষা; ভোরবেলা। 'যাহার বেগে ছুটে আসে জেগে পূব-আঙিনায় উষী।' *নজরুল*, ১৯২৯।

উষুধ [স ঔষধ] *বি* ওষুধ। 'উষুধ পত্তর দরকার হয় তো আমি সুবিধা করে দিতে পারি।' *গিরিশ*, ১৮৮৬।

উষুধ পত্তর [স ঔষধপত্র] *বি* ওষুধপত্র। 'উষুধ পত্তর দরকার হয় তো আমি সুবিধা করে দিতে পারি।' *গিরিশ*, ১৮৮৬।

উষুল [আ] *বি* আদায়। 'পাওনা উষুল করিয়া দেনা দিবে ...।' *মেয়র্স*, ১৭৭৩।

উষ্কখুস্ক, উষ্কোখুস্কো [স শুষ্ক>] ১ *বিণ* এলোমেলো। 'তোর চুলগুলো যে ঝাঁড়ো উষ্কখুস্ক হয়েছে!' *প্যারী*, ১৮৫৮; 'অকারণে চুল উষ্কোখুষ্কো করতে করতে আপিসের ডেস্কে বসে।' *রবীন্দ্র*, ১৯৩২। ২ *বিণ* রুক্ষ। 'এইরূপ ভনিতাপর্বের পর অতি দ্রুত পুরোহিত মনোহরের উষ্কখুষ্ক জটিল চুলভর্তি বৃহৎ মাথাটিকে ...।' *হাসান*, ১৯৬৭।

উষ্ট [স ওষ্ঠ] *বি* ঠোঁট। 'একখান উষ্ট তার পৃথুবির তলে।' *মালাধর*, ১৫০০।

উষ্ট্র [স] *বি* উট। 'অভক্ত উষ্ট্রের ইথে না হয় প্রবেশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

উষ্ট্রদুগ্ধ [স] *বি* উটের দুধ। 'থাক ওরা ঐখানে, বসে খুব উষ্ট্রদুগ্ধ খাক।' *শওকত*, ১৯৬২।

উষ্ট্র পাখী [স উষ্ট্র+পাখি] *বি* উটের মতো লম্বা গলাবিশিষ্ট বড়ো আকারের পাখি; উটপাখি। 'উষ্ট্র পাখীর ডানার পালক বিছানায় আর নাই।' *আহসান*, ১৯৫৯।

উষ্ট্রারূঢ় [স উষ্ট-আরূঢ] *বিণ* উটের পিঠে-বসা। 'উষ্ট্রারূঢ় কোটি২।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

উষ্ণ [স] ১ *বিণ* প্রীতিসিক্ত। 'ক্ষনে চাহএ উষ্ণ ক্ষনেক সিতল।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বিণ* গরম পানির স্রোতযুক্ত। 'রাজগিরিতে অনেকগুলি উষ্ণ প্রস্রবণ ...।' *অক্ষয়*, ১৮৫২। ৩ *বিণ* উত্তেজিত। 'নিদ্রাহীন উষ্ণ মস্তিষ্কের কল্পনা ...।' *রবীন্দ্র*, ১৮৯২। ৪ *বিণ* ক্রুদ্ধ। 'যখন ঘোষণা কর উচ্চ হতে উষ্ণ উচ্চারণে ...।' *রবীন্দ্র*, ১৯৩২; 'বরকর্তা তাগিদ দিতে দিতে উষ্ণ হইয়া ওঠেন।' *মানিক*, ১৯৩৭।

উষ্ণতর [স] *বিণ* অপেক্ষাকৃত বেশি তপ্ত। 'এক্ষণকার অপেক্ষা উষ্ণতর ছিল।' *বঙ্কিম*, ১৮৮৭।

উষ্ণতা [স] ১ *বি* উত্তাপ। 'তৎসমুদায় দ্বারা শরীরের উষ্ণতা সাধন হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫০। ২ *বি* রাগান্বিত ভাব। 'জ্যাঠামশাই রমেশের উষ্ণতা লক্ষ্য করিলেন।' *শরৎ*, ১৯১৬।

উষ্ণ-নিবিড় [স] *বিণ* উষ্ণতায় নিবিড়। 'এতগুলি বছর কেটে গেছে তারই উষ্ণ-নিবিড় বুকের সান্নিধ্যে।' *সুকান্ত*, ১৯৪১।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উষ্ণপ্রধান [স] *বিণ* বেশি গরম এমন। 'উষ্ণপ্রধান উপনিবেশে ফসল উৎপাদন করিবেন।' *রবীন্দ্র*, ১৯০৫।

উষ্ণপ্রস্রবণ [স] *বি* গরম পানির ঝরনা। 'জলপ্রপাত, উষ্ণপ্রস্রবণ, তুষারশৈল, তুষার দ্বীপ, গন্ধকদ্বীপ, প্রবালদ্বীপ ইত্যাদি।' *অক্ষয়*, ১৮৫৪।

উষ্ণবাক্য [স] ১ *বি* উত্তেজিত কথা। 'আমরা যদি সেই মনস্তাপের উপর কেবলই উষ্ণবাক্যের ফুঁ দিয়া নিজেকে রাগাইয়া তুলিবারই চেষ্টা করি।' *রবীন্দ্র*, ১৯০৫। ২ *বি* উচ্চকণ্ঠ কথা। 'ললিতার মুখে উষ্ণবাক্য শুনিয়া আনন্দময়ী হাসিলেন।' *রবীন্দ্র*, ১৯০৯। ৩ *বি* অভিমানযুক্ত কথা। 'দুই-চারিটি উষ্ণবাক্যের আদানপ্রদান।' *রবীন্দ্র*, ১৯০৯।

উষ্ণবীর্য, উষ্ণবীর্য্য [স] *বিণ* উত্তেজক। 'গোমাংস অত্যন্ত উষ্ণবীর্য্য ও অস্বাস্থ্যকর দ্রব্য।' *রাজ*, ১৮৭৪।

উষ্ণভাষা [স] *বি* উত্তেজক কথাবার্তা। 'প্রায় মাঝে মাঝে উষ্ণভাষায় উচ্ছ্বসিত হইত।' *রবীন্দ্র*, ১৯১৫।

উষ্ণমস্তিষ্ক [স] *বিণ* উত্তপ্ত। 'বেজায় উষ্ণমস্তিষ্ক চায়ের কাপ তখন ... ধূম্র উদ্‌গিরণ করতে লাগল।' *নজরুল*, ১৯২৭।

উষ্ণশোণিত [স] *বিণ* রক্ত গরম থাকে এমন। 'তিমি মৎস্যই নহে, উষ্ণশোণিত জীব।' *রবীন্দ্র*, ১৯১৭।

উষ্ণশ্বাস [স] *বি* তপ্ত নিঃশ্বাস। 'প্রশান্ত-সাগর-শোষা উষ্ণশ্বাস টানি।' *নজরুল*, ১৯২৪।

উষ্ণান্বিত [স উষ্ণ-অন্বিত] *বিণ* ক্রোধান্বিত। 'এই মত শ্রবণে মহা উষণায় উষ্ণান্বিত হইয়া বিশেষ বিবেচনা ...।' *রামরাম*, ১৮০২।

উষ্ণীষ [স] *বি* পাগড়ি। 'কএক জন অপূর্ব্ব উষ্ণীষধারি পদাতিক সঙ্গে থাকে।' *দর্পণ*, ১৮২৫।

উষ্ণীষধর [স] *বিণ* পাগড়িধারী। 'রঙিন উষ্ণীষধর/ লালরঙ সাজে যত অনুচর।' *রবীন্দ্র*, ১৯৪০।

উষ্ণীশধারী, উষ্ণীষধারী [স] *বিণ* পাগড়ি পরিহিত। 'উষ্ণীষধারী অশ্বারোহী।' *মানিক*, ১৯৪০; 'তিনি মস্তকে উষ্ণীশধারী, কর্ণে লেখনীধারী।' *অক্ষয়*, ১৮৪৯।

উষ্ণীষরচয়িত্রী [স] *বিণ* স্ত্রী পাগড়ির প্রস্তুতকারী। 'উষ্ণীষরচয়িত্রী শিল্পকারবালা।' *দীনবন্ধু*, ১৮৭৩।

উষ্ণোদক [স উষ্ণ-ওদক] *বি* গরমপানি। 'অনবরত উষ্ণোদক ফুটিয়া উঠিতেছে।' *দর্পণ*, ১৮২৩।

উষ্ম [স] *বি* উষ্ণতা। 'অতি অল্প উষ্ম করে অগ্নির প্রকাশ।' *গুপ্ত*, ১৮৫৮।

উষ্মা [স উষ্ম>] ১ *বি* গরম। 'দিনে শীত করে রাত্রিতে উষ্মা করএ।' *সুলতান*, ১৭০০। ২ *বি* ক্রোধ। 'একটা উষ্মার কথাতে গৌরব করাও উপযুক্ত না।' *তারিণী*, ১৮০৩। ৩ *বিণ* শিস ধ্বনির মতো। 'উষ্ম-বর্ণ – শ, ষ, স, হ।' *সুনীতি*, ১৯২৯।

উষ্মান্বিত [উষ্ম-অন্বিত] *বিণ* ক্রুদ্ধ। 'সদা সর্বদা উষ্মান্বিত ঠাওরায়।' *রামরাম*, ১৮০১।

উষ্মাবশত [স] *ক্রিবিণ* ক্রোধজনিত কারণে। 'অত্যধিক উষ্মাবশত মনকষাকষি সৃষ্টি করে।' *মুজতবা*, ১৯৫৯।

উসকানী [হি উসকানা>] *বি* প্ররোচনা। 'যে কোন ধরনের উসকানী দানের চেষ্টাই নিন্দনীয়।' *আজাদ*, ১৯৭০।

উসকানো [হি উসকানা] ১ *ক্রি* বাড়িয়ে দেওয়া। 'ডিবায় ম্লানভাবে কেরোসিন জ্বলছিল, আমি তাহা উসকাইয়া দিলাম।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *ক্রি* মাটি খনন করে কোনো কিছু খোঁজা। 'কেঁচো উসকাতে গিয়ে সাপ বেরিয়ে পড়া।' *নজরুল*, ১৯২৭। দ্র **উস্কানো**

উসকো *বিণ* এলোমেলো। 'উসকো চুল আলথালু বেশ।' *আলাউদ্দিন*, ১৯৬৬।

উসখুস [ধ্বন্যা] *বি* অস্থিরতার ভাব। 'উসখুস করিয়া অনিশ্চিত সুরে দুটো-একটা পাখি ডাকিবার উপক্রম করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

উসখুস করা *ক্রি* অস্থিরতা প্রকাশ করা। 'আর ঘুম হবে না বলিয়াই উসখুস করিতে লাগিল।' *নজরুল*, ১৯৩১।

উসখুসা [ধ্বন্যা] *ক্রি* অস্থির হওয়া। 'একটু পরে উসখুসিয়ে গাড়ির থেকে দশবারোটা কড়ি ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

উসখো-খুসকো *বিণ* তেলহীন ও এলোমেলো। 'মাথার চুল উসখো-খুসকো।' *মণীশ*, ১৯৫৭।

উসন করা [স বর্ষণ>] *ক্রি* ছলকানো। 'একাঞ্জলি উদক উসন কর্য্য উঠে।' *মানিকরাম*, ১৭৮১।

উসপিস [ধ্বন্যা] *বি* উসখুস। 'উঠিবার জন্য উসপিস করিতেছিল।' *মনসুর*, ১৯৩৫।

উসরা [স উপসর] *ক্রি* কাছে আসা। 'উসরত মদন পসারে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **উসরত** *ক্রি* কাছে এসে। 'উসরত মদন পসারে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **উসারিআ** *ক্রি* কাছে এসে। 'উসারিআ আবরিআ দিঠি একটুকি ঠাঞি।' *মুকুন্দ*, ১৬০০।

উসুখুসু [ধ্বন্যা] *বি* চঞ্চলতা প্রকাশ। 'সে উসুখুসু করিয়া জাগিয়া উঠিত।' *রবীন্দ্র*, ১৮৮৪।

উসুখুসু করা *ক্রি* চঞ্চলতা প্রকাশ করা। 'সে উসুখুসু করিয়া জাগিয়া উঠিত।' *রবীন্দ্র*, ১৮৮৪।

উসুসুসু [ধ্বন্যা] *বি* ব্যস্ত ভাব প্রকাশ করা। *বিদ্যা*, ১৮৯১।

উসুল [আ ওয়াসিল] ১ *বি* আদায়। 'তিন সুবার উসুল তহসিল সুমার তপশিল ওয়াকিফ হএন।' *রামরাম*, ১৮০১। ২ *বি* জমা। *বিদ্যা*, ১৮৯১; 'দামটা তোমার হ্যান্ডনোটের পিঠে উসুল দিতে হবে তো।' *তারা*, ১৯৪২। ৩ *বি* মূলনীতি। 'যে principle বা উসুলের উপর তিনি সাহিত্য সাধনা করছেন।' *মোহাম্মদী*, ১৯২৯।

উস্ক *বিণ* আলগা। *বিদ্যা*, ১৮৯১।

উস্কানি, উস্কানী [স] ১ *বি* প্ররোচনা। 'গোপালের উস্কানিতে যামিনী ঝগড়া করিয়া ...।' *মানিক*, ১৯৩৬। ২ *বি* উত্তেজনা। 'গোপন উস্কানী ছিল।' *পাশা*, ১৯৭১।

উস্কানো *ক্রি* উত্তেজিত করা। *বিদ্যা*, ১৮৯১; 'বুদ্ধির প্রদীপে ইনি উস্কিবার কাটী।' *গুপ্ত*, ১৮৫৮।

উস্কি *বি* প্ররোচনা। 'মন্দ কাজে উস্কি দেয়।' *তারিণী*, ১৮০৩।

উস্তমা [স স্তুতি>] *ক্রি* স্তুতি করা। 'দিব্যবাস দিলা উস্তমিয়া বহুতর।' *আলাওল*, ১৬৮০।

উস্তাদ [ফা] *বি* শিক্ষক। 'উস্তাদ শিওরে যদি বিসমিল্লা পড়াএ।' *আলাওল*, ১৬৮০।

উহা[১] [স উহ্যতে] *ক্রি* অনুমিত হওয়া। 'তিঅ ধাএ বিণসই উহা ণ ঠাণা।' *চর্যা* ২৯, ১২০০।

উহা[২] [স অদস্>] ১ *সর্ব* ঐ বা সেই বস্তু বা বিষয়। 'প্রথমে আর্য্য-সমাজে কর্ম্ম-বিচার ছিল না; কালক্রমে উহা প্রবর্ত্তিত হয়।' *অক্ষয়*, ১৮৪৭।

AMARBOI.COM

২ *সর্ব* সে। *বিদ্যা*, ১৮৯১। **উহাকে** *সর্ব* তাকে। *ক্যালগে*, ১৭৮৭; 'আমি উহাকে বিস্মৃত হইয়া অন্যমনস্কা হইতে পারিলাম না।' *অক্ষয়*, ১৮৫০। **উহাতে** *ক্রিবিণ* তাতে। 'উহাতে লোকসমাজের কি বিষম বিপর্যয় ঘটিয়া উঠিল!' *অক্ষয়*, ১৮৪৯। **উহান** *সর্ব* তাঁর। 'চল ত্বরা শীঘ্র তুমি উহান চরণে।' *বৃন্দা*, ১৫৮০। **উহার** *সর্ব* ওর; তার। 'সিসুপাল দন্তবক্র দুনাম উহার।' *মালাধর*, ১৫০০। **উহারদিগকে** *সর্ব* ওদেরকে। 'আপনাকে পাইলে উহারদিগকে এ মত করিত না।' *রামরাম*, ১৮০১। **উহাদের** *সর্ব* ওদের; তাঁদের। 'উহাদের অঙ্গভঙ্গী দেখিয়া কি তোমার বোধ হইতেছে না যে ...।' *অক্ষয়*, ১৮৪৯। **উহারা** *সর্ব* ওরা; তাঁরা। 'উহারা মনে মনে বিশ্বসংসার তুচ্ছ ভাবিতেছে!' *অক্ষয়*, ১৮৪৮। **উহারে** *সর্ব* তাকে। 'কোকিলা বলিয়া পুষে ছিলাম উহারে।' *মদনমোহন*, ১৮৩৪।

উহ্ [ধ্বন্যা] ১ *অব্য* কাতরতা প্রকাশক শব্দ। 'উহ্ হু দারুণ বিধি, মোরে দিল নিরবধি ...।' *মদনমোহন*, ১৮৩৪। ২ *অব্য* অসম্মতি প্রকাশক শব্দ। 'আহা উহ্ করি জে কিছু কহল তাহা কি বিছুরি পার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উহ্ উহ্ *বি* কান্নার সুর। 'উহ্ উহ্ কএ কহবি বানি।' *ষিচণ্ডী*, ১৬০০।

উহুঁ [ধ্বন্যা] *অব্য* অসম্মতিনির্দেশক ধ্বনি। 'উহুঁ, গান না।' *নজরুল*, ১৯২৬।

উহ্নকে [স অদস্>] *সর্ব* উহাকে। 'ফের উহ্নকে নেল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উহ্লসিউ [স উল্লসিত] *ক্রি* উল্লসিত হয়। 'বত্তিস যোইণী তসু অঙ্গ উহ্লসিউ।' *চর্যা* ২৭, ১২০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঊ

-উ *ক্রিয়াবিভক্তি*। 'অমৃতে সিঞ্চউ দুই আখী।' *বড়ু*, ১৪৫০।

উআ [স উদয়>] *ক্রি* উদিত হওয়া। **উঅল** *ক্রি* উদিত হলো। 'উঅল হরিনহীন হিমধামা।' *বিদ্যাপতি*, ১৪৬০। **উইল** *ক্রি* উদিত হলো। 'সজল জলদে যেহ্ন উইল নব সুরে।' *বড়ু*, ১৪৫০।

উআরি [স উপকারী] *বি* বিশ্রামশালা। 'উআরি উএসঁ কাহ্ন নিঅড় জিনউর।' *চর্যা* ১২, ১২০০।

উঁচোট [স উচ্চোট] *বি* হোঁচট। 'বেড়ে চলবার তরুর মধ্যে হঠাৎ উঁচোট খেয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

উগা [স উদয়>] *ক্রি* উঁকি দেওয়া। 'উর হতে পিউ দূর/ উলূপ উগএ দূর।' *বাহরাম*, ১৬৫০।

উঙা উঙা [ধ্বন্যা] *বি* শিশুর কান্নার শব্দ। 'উঙা উঙা ডাকে সুত দুহেঁ হইলা প্রমোহিত।' *মুকুন্দ*, ১৬০০।

উচল [স উচ্চা *বিণ* উচ্চ। 'তইঅও কাম হৃদয় অনুপাম/ রোএল ঘট উচল কএ ঠাম।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উছাটিণ [স উচ্চাটন] *বিণ* ব্যাকুল। 'উছাটিণ বাণে লঅ রাধার পরাণে।' *বড়ু*, ১৪৫০।

উজরা, উজলা [স উজ্জ্বল] *ক্রি* উজ্জ্বল হওয়া। 'মণিকিরণ উজলে/ আঙ্গদ ভুজযুগলে।' *বড়ু*, ১৪৫০; 'উজর এপন মুকুতাহার নয়ন নিবেদল বন্দনভার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উজু [পা উজু] *বিণ* সোজা। 'জে জে উজু বাটে গেলা অনাবাটা ভইলা সোঙ্গ।' *চর্যা ১৫*, ১২০০।

উঝট [স উচ্চোট] *বি* হোঁচট। 'হাঁহী জিঠী আয়র উঝট না মানিলোঁ।' *বড়ু*, ১৪৫০।

উঞ্চল পাঞ্চল [স *উচ্চল>] *বিণ* আঁচড়-পাঁচড়। 'তব সে মুহ উঞ্চল পাঞ্চল।' *চর্যা* ২১, ১২০০।

উতরলমতী [স তরল>] *বিণ* চঞ্চলমতি। 'আতি উতরলমতী ভৈল জগন্নাথ।' *বড়ু*, ১৪৫০।

উতাপঠ [স উত্তপ্ত] *বিণ* রাগান্বিত। 'আতি উতাপঠ হৈল দেব চক্রপাণী।' *বড়ু*, ১৪৫০।

উত্রী [স উত্তরীয়] *বি* উত্তরীয়; চাদর। 'বরণ করিয়া দিল বেণু রায় উত্রী।' *মানিকরাম*, ১৭৮১।

উন [স] **১** *বিণ* প্রায়। 'উনকোটী নাগ লইয়া আসে মর্তপুরী।' *কেতকা*, ১৬৫০। **২** *বিণ* দুর্বল। 'মুই দর্প করম কর্ণ রণে নহে উন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

উন-আশি [স উন-অশীতি] *বিণ* ৭৯ বছর বয়সী। 'আমি উনিশ সে উন-আশি।' *নজরুল*, ১৯৩১।

উনকোটী [স] **১** *বিণ* প্রায় কোটি সংখ্যক। 'উনকোটী নাগ লইয়া আসে মর্তপুরী।' *কেতকা*, ১৬৫০। **২** *বিণ* বহুসংখ্যক। 'উনকোটি নাগের মাতা জয় বিষহরি।' *রূপরাম*, ১৭৫০।

উনচত্বারিংশৎ [স] *বিণ* ৩৯ সংখ্যক। 'বাইবেল :.. উনচত্বারিংশৎ ভাষায় তর্জমা করাইয়া মুদ্রাঙ্কিত করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৪।

উনচল্লিষ [স উন+পা চত্তালীস] *বিণ* ৩৯ সংখ্যক। *ডানকান*, ১৭৮৪।

উনজন [স] *বি* অল্পসংখ্যক ব্যক্তি। 'ইতিহাসে রেনেসাঁস নামে যা ঘটেছে ... তা সর্বদাই উনজনদের কৃতি।' *শিব*, ১৯৫৬।

উনঞ্চাস [স উনপঞ্চাশৎ] *বিণ* ৪৯ সংখ্যক। 'উনঞ্চাস বাএ রাধা কৈল ঘন গড়।' *বড়ু*, ১৪৫০।

উনত্রিশ [স উনত্রিংশৎ] *বিণ* ২৯ সংখ্যক। 'কোনও মাস উনত্রিশ দিনে, কোনও মাস ত্রিশ দিনে।' *বিদ্যা*, ১৮৫১।

উনপঞ্চাশ [স উনপঞ্চাশৎ] **১** *বিণ* ৪৯ সংখ্যক। 'হরিণে চাপিয়া উনপঞ্চাশ পবন।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* পাগলামি। 'ওকে উনপঞ্চাশে পেয়েছে।' *নজরুল*, ১৯২৪।

উনপঞ্চাশ বায়ু [স] *বি* বিচিত্র ধরনের পাগলামি। 'পাগলামি উনপঞ্চাশ শ্রেণীতে বিভক্ত করে লোকে তাকে উনপঞ্চাশ বায়ু নাম দিয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

উনবিংশ [স] *বিণ* ১৯ সংখ্যক। 'ফেব্রুয়ারির উনবিংশ দিবসে, বিটুলানদীর তীরবর্তী থরননগরে জন্মগ্রহণ করেন।' *বিদ্যা*, ১৮৪৯।

উনবিংশতি [স] *বি* ১৯ সংখ্যা। 'উনবিংশতি ভেদিলে সে হএ অলিগণ।' *সুলতান*, ১৭০০।

উনষষ্টি [স] *বিণ* ৫৯ সংখ্যক। 'উনষষ্টি নৃপতি ... অন্য অন্য স্থানে রাজত্ব করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪৭।

উনষাটি [স উনষষ্টি] *বিণ* ৫৯ সংখ্যক। 'বর্দ্ধমান উনষাটি বৎসর ইংগ্রাজীয়েরদের অধীন হইয়াছে।' *দর্পণ*, ১৮১৯।

উনসত্তর [স উনসপ্ততি] *বিণ* ৬৯ সংখ্যক। 'এ মন্ত্র প্রত্যহ ... উনসত্তর বার করে জপ করলে ...।' *রবীন্দ্র*, ১৯১১।

উনসত্তার [স উনসপ্ততি] *বিণ* উনসত্তর। 'উনসত্তার সন নাগাদী সন ১১৭১ একাত্তার সাল মালগুজারি করিয়া।' *মেয়র্স*, ১৭৬৭।

উনসপ্ততি [স] *বিণ* ৬৯ সংখ্যক। 'উনসপ্ততি সহস্র সার্দ্ধ।' *বঙ্কিম*, ১৮৭৫।

উনা [স উন] *বিণ* কম। 'কনের খালু উঠিয়া বলে সিঁদুর হল উনা।' *জসীম*, ১৯২৯।

উনিশ [স উনবিংশ] *বিণ* ১৯ সংখ্যক। 'নবোত্থিত উনিশ শতকীয় মধ্যবিত্তকে তিনি তাঁর লেখায় অগ্রাহ্য করেননি।' *উমর*, ১৯৬৮। *দ্র* **উনিশ**

উনে যাওয়া *ক্রি* দুর্বল হওয়া; শুকিয়ে যাওয়া। 'লাউয়ের ডগায় লাউয়ের পাতা, রৌদ্রে উনে যায়।' *জসীম*, ১৯৩৩।

উপজা [স উপজনন>] *ক্রি* উৎপন্ন হওয়া। 'বড় দুখ উপজিল মণে তাক সুণী।' *বড়ু*, ১৪৫০।

উপদেশ [স উপদেশ] *বি* অনুরোধ। 'উপদেশ কহিলেন্ত মহামতি হ্যান।' *বাহরাম*, ১৬৫০। *দ্র* **উপদেশ**

উভবলী [স] *বিণ* উভয়ে শক্তিশালী। 'রন্ধ্রহীন বিস্ময়ের উভবলী সংশয়ের ত্রিশঙ্কু ক্ষণের সংকুল সন্ধ্যায় দেখি ...।' *বিষ্ণু*, ১৯৪১।

উয়া[১] [স উষ্ণ] *ক্রি* পোড়া। 'যেন উয়ে কুম্ভারের পণী।' *বড়ু*, ১৪৫০।

উয়া[২] [স উদয়>] *ক্রি* উদিত হওয়া। 'জলধর উলটি পড়ল মহীমাঝ। উয়ল চারু ধরাধররাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

উরণাদি [স] *বি* মেষ প্রভৃতি। 'পারণার্থে উরণাদি অপরিমিত।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মানিকরাম, ১৭৮১।

উরা [স অবতরণ] **১** *ক্রি* উপনীত হওয়া। 'উরিলা বাঙলি দেবী অজয়ার কূলে।' *রূপরাম*, ১৭৫০। **২** *ক্রি* অবতীর্ণ হওয়া। 'উর ধর্ম আমার আসরে।' *রূপরাম*, ১৭৫০; 'উর তবে, উর পদ্মালয়া বীণাপাণি।' *মাইকেল*, ১৮৬০।

উরু [স] *বি* হাঁটুর উর্ধ্বভাগ। 'উরু ভেদি উঠিলেক এক সাল তরু।' *রবীন্দ্র*, ১৬৮৯।

উরুদেশ [স] *বি* মানবদেহে জানুর উপরিভাগ। 'বনস্থল-বধূ রম্ভা উরুদেশে আসি করিলা বসতি।' *মাইকেল*, ১৮৬০।

উরুযুগ [স] *বি* উরুযুগল। 'আদলি উপরে কেবা কদলী রোপল রে ঐছন দেখি উরুযুগ।' *চিচণ্ডী*, ১৬০০।

উরুসন্ধি [স] *বি* দুই উরুর সংযোগস্থল। 'মেয়েটির উরুসন্ধি, কটিদেশ, বক্ষাঞ্চল বিপন্ন।' *হাসান*, ১৯৬৭।

উরেনস [ই] *বি* ইউরেনাস; সৌরজগতের একটি গ্রহ। 'উরেনসে ৬২২৬ বৎসরে, নেপ্চুনে ৯৬৮৫ বৎসরে পৌঁছিবে।' *বঙ্কিম*, ১৮৭৫।

উর্ণ [স] *বি* সুতা।

উর্ণজাল [স] *বি* মাকড়সার জাল। 'ফুপুজান তাঁর চোখেমুখে দুশ্চিন্তার উর্ণজাল ফুটিয়ে তুলে ...।' *রশীদ*, ১৯৬৩।

উর্ণনাভ [স] *বি* মাকড়সা। 'উর্ণনাভ যে সূত্র দিয়া জাল প্রস্তুত করে ...।' *অক্ষয়*, ১৮৫২।

উর্ণা [স] **১** *বি* পশুলোমের সুতা। 'পরিশ্রম না করিলে, শণ, উর্ণা ও কার্পাস হইতে বস্ত্র হয় না।' *বিদ্যা*, ১৮৫১। **২** *বি* জাল। 'মাকড়সার মতো কথার উর্ণা বুনি।' *নজরুল*, ১৯৩১।

উর্ণাজাল [স] *বি* মাকড়সার জাল। 'এ উর্ণাজালে তো শুধু পতঙ্গেরা পড়ে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

উর্দুজবান [তু উর্দু+ফা জবান] *বি* উর্দু ভাষা। 'উর্দুজবান জানা থাকলে ভ্রমণের অসুবিধা নেই।' *অন্নদা*, ১৯২৯।

উর্ধ্ব, উর্দ্ধ [স উর্ধ্ব] **১** *বি* উপরিভাগ। 'উর্দ্ধ অধঃ ভিত্তি গৃহ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* উত্থিত। 'উর্দ্ধ হইআ পশু করএ গোহারি।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বিণ* বেশি। 'আধ টাকার উর্দ্ধ নহে।' *দর্পণ*, ১৮২৩। **৪** *বিণ* উপরের। 'ক্রমশঃ উর্ধ্ব দিকে উত্থিত হইয়া চন্দ্রচতুষ্টয় পরিবৃত বৃহস্পতি।' *অক্ষয়*, ১৮৫০।

উর্ধ্বকণ্ঠ [স] *বি* উচ্চৈঃস্বর। 'উর্ধ্বকণ্ঠে চিৎকার ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

উর্ধ্বগ [স] *বিণ* উর্ধ্বগামী। 'উদাত্ত বিষাণ উৎসরিল উর্ধ্বগ আহ্বান।' *সুধীন্দ্র*, ১৯৩২।

উর্ধ্বগতি, উর্দ্ধগতি [স] *বি* বৃদ্ধি। 'দ্রব্যমূল্যের এই উর্ধ্বগতির কারণ কি।' *আজাদ*, ১৯৬০; 'মূল্যে কিছুটা উর্দ্ধগতির প্রবণতা দেখা গেলেও ...।' *আজাদ*, ১৯৬৪।

উর্ধ্বগা, উর্দ্ধগা [স] *বিণ* উর্ধ্বে গমন। 'পরস্পর প্রতিশ্রুত ছিন্নভিন্ন আমি অকইীন চাই উর্দ্ধগা।' *শক্তি*, ১৯৬১।

উর্ধ্বগামী [স] *বিণ* উপরে গমনশীল। 'জলের তেজে উর্ধ্বগামী হয়।' *অক্ষয়*, ১৮৫২।

উর্ধ্বতন, উর্দ্ধতন [স] **১** *বিণ* উর্ধ্বে অবস্থিত। 'উর্দ্ধতন সপ্তলোক, অতলাদি পাতাল পর্য্যন্ত অধস্তন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **২** *বিণ* পূর্বসূরি। 'উর্দ্ধতন সপ্ত পুরুষের।' *অক্ষয়*, ১৮৪৬। **৩** *বিণ* উপরের দিকের। 'বালকের কলেবরের উর্ধ্বতন অংশমাত্র রজ্জুতে ঝুলিতে লাগিল।' *বিদ্যা*, ১৮৬৩।

উর্ধ্বতর [স] *বিণ* অপেক্ষাকৃত তীব্র। 'পথ দেখিয়ে নিয়ে যায় উর্ধ্বতর প্রেম গগনাঙ্গনে।' *মুজতবা*, ১৯৬০।

উর্ধ্বদিক [স] *বি* উপরের দিক। 'প্রবেশকালে উর্ধ্বদিকে নেত্রপাত করিয়া দেখি।' *অক্ষয়*, ১৮৪৯।

উর্ধ্বদৃষ্টি, উর্দ্ধদৃষ্টি [স] **১** *বিণ* উপর দিকে তাকিয়ে আছে এমন। 'অত্যন্ত আশ্চর্য্য মানিয়া উর্দ্ধদৃষ্টি করিয়া থাকিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। **২** *বিণ* উদাসীন। 'সকলে উর্ধ্বদৃষ্টি হইয়া দেখিতে লাগিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

উর্ধ্বদেশ [স] *বি* আকাশ। 'সমুদ্র ... যেন সূর্য্যলোকগমন মানসে উর্দ্ধদেশে উল্লম্ফন করতঃ ...।' *অক্ষয়*, ১৮৪৩।

উর্ধ্বনয়ন [স] *বিণ* উপরের দিকে নিবদ্ধ দৃষ্টি। 'বহিয়া নূতন প্রাণ/ ঝরিয়া পড়ে না গান/ উর্ধ্বনয়ন এ ভুবনে।' *রবীন্দ্র*, ১৮৯০।

উর্ধ্বনাসিক [স] *বিণ* নাক উপরের দিকে এমন। 'উর্ধ্বনাসিক স্পর্ধিত জলযানটার দুর্বিপাকে গ্রামের ছেলেগুলো ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

উর্ধ্বনেত্রে [স] *ক্রিবিণ* উদাসীনভাবে। 'উর্ধ্বনেত্রে চাহে মেঘপানে।' *রবীন্দ্র*, ১৮৯০।

উর্ধ্বপদী [স] *বিণ* উপরের দিকে পা এমন। 'টার্কি পাখিরা রোস্ট হয়ে উর্ধ্বপদী হয়েছেন অন্তত শ'জনা।' *মুজতবা*, ১৯৫৯।

উর্ধ্বপানে [স উর্ধ্বপ্রবণ>] **১** *ক্রিবিণ* আকাশমুখী হয়ে। 'বসে বসে উর্ধ্বপানে চেয়ে শুনতেছ কি পরকালের ডাক।' *রবীন্দ্র*, ১৯০০। **২** *ক্রিবিণ* উপরের দিকে। 'করিয়াছে উচ্চারণ উর্ধ্ব-পানে যে বাণী বিশাল।' রবীন্দ্র, ১৯১৪।

উর্ধ্বপুচ্ছ [স] *বিণ* পশ্চাৎভাগ উপরের দিকে এমন। 'অভয়া নাম্বিল উর্ধ্বপুচ্ছ হেট মুখে।' *মুকুন্দ*, ১৬০০।

উর্ধ্বপ্রদেশ, উর্দ্ধপ্রদেশ [স] *বি* আকাশ। 'শূন্যমার্গে বায়ুসঞ্চারশূন্য অতি উর্দ্ধপ্রদেশে উঠিতেও কষ্টবোধ করে না।' *অক্ষয়*, ১৮৫৪।

উর্ধ্বফণা [স] *বিণ* উদ্যতফণা। 'হয় ধূলিতলে নতশির, নয় উর্ধ্বফণা ভুজঙ্গিনী আপনার তেজে।' *রবীন্দ্র*, ১৮৯০।

উর্ধ্ব ফোঁটা [স উর্ধ্ব-স্ফুট] *বি* এক ধরনের ফোঁটা। 'উঠিয়া প্রভাতকালে উর্ধ্ব ফোঁটা করি ভালে।' *মুকুন্দ*, ১৬০০।

উর্ধ্ববাহু, উর্দ্ধবাহু [স] **১** *ক্রিবিণ* বাহু উর্ধ্বে তুলে। 'প্রেমাবেশে নাচে লোক উর্দ্ধবাহু করি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* ধর্মীয় কৃচ্ছ্রসাধনের কারণে যেসব সন্ন্যাসী সবসময়ে হাত উঁচু করে রাখে; শৈব সন্ন্যাসীবিশেষ। 'আমাদের উর্দ্ধবাহু ঠাকুরটি অনুগ্রহ করিয়া দুই একবার রাজকার্য্য করিয়া দিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫০; 'রামায়ৎ লিঙ্গায়েৎ কানফাটা উর্ধ্ববাহু দাদুপন্থী অঘোরপন্থী।' *প্রমথ*, ১৯১৮। **৩** *বিণ* হাত উপর দিকে তুলে আছে এমন; আগ্রহী। 'মাতৃস্তন্যপিপাসু উর্ধ্ববাহু শতসহস্র শিশুর মতো।' *রবীন্দ্র*, ১৯০৭।

উর্ধ্ববিলোকন, উর্দ্ধবিলোকন [স] *বি* উপরের দিকে তাকানো। 'কুলপা। (উর্দ্ধবিলোকন করিয়া) একি মধ্যাহ্ন কাল উপস্থিত ...।' *রামনারায়ণ*, ১৮৫৪।

উর্ধ্বভাগ [স] *বি* উপরের অংশ। 'দেহের মধ্যে নাভির উর্ধ্বভাগ পবিত্র।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

উর্ধ্বমুখ, উর্দ্ধমুখ [স] **১** *বি* উপরের দিকে মুখ এমন অবস্থা। 'উলঙ্গ হইয়া কেহ নাচে উর্ধ্বমুখে।' *রূপরাম*, ১৭৫০। **২** *বিণ* উর্ধ্বমুখ হয়ে

AMARBOI.COM

থাকে এমন। 'মস্তকের ঊর্দ্ধদেশে মুখ থাকে বলিয়া ইঁহাদিগকে ঊর্দ্ধমুখী অথবা ঊর্দ্ধমুখ তপস্বী বলে।' *অক্ষয়*, ১৮৫০।

ঊর্ধ্বমুখী, ঊর্দ্ধমুখী [স] *বি* ঊর্ধ্বমুখ সন্ন্যাসীবিশেষ। 'মস্তকের ঊর্দ্ধদেশে মুখ থাকে বলিয়া ইঁহাদিগকে ঊর্দ্ধমুখী অথবা ঊর্দ্ধমুখ তপস্বী বলে।' *অক্ষয়*, ১৮৫০।

ঊর্ধ্বমুখীন [স] *বিণ* উপরের দিকে মুখ এমন। 'ঊর্ধ্বমুখীন ফুলের মতো ...।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ঊর্দ্ধমুখে [স] *ক্রিবিণ* মুখ উপরের দিকে তুলে। 'ঊর্দ্ধমুখে স্তুতি করে দেখি জগন্নাথ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঊর্ধ্বমূল [স] ১ *বিণ* উদাসীন। 'দূরবর্তী হ্রদপ্রান্তে ঊর্ধ্বমূল-প্রাণ।' *আহসান*, ১৯৫০। ২ *বিণ* উপরের দিকে মূল বিশিষ্ট। 'নয় কল্পতরু ঊর্ধ্বমূল, অধঃশাখ, দুর্নিরীক্ষ্য সেই মহীরুহ।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

ঊর্ধ্বরব [স] *বি* উচ্চৈঃস্বর। 'শৃগালসভা ডাকে ঊর্ধ্বরবে।' *রবীন্দ্র*, ১৯০০।

ঊর্ধ্বরায় [স] *ক্রিবিণ* উচ্চকণ্ঠে। 'শিশুগণ মেলি স্তুতি করে ঊর্ধ্বরায়।' *বৃন্দা*, ১৫৮০।

ঊর্ধ্বরেখা, ঊর্দ্ধরেখা [স] *বি* তিলকবিশেষ; ঊর্ধ্বপুণ্ড্র। 'বৈরাগীরা নাসামূল হইতে কেশ পর্য্যন্ত ঊর্দ্ধরেখা করেন।' *অক্ষয়*, ১৮৫০।

ঊর্ধ্বরেতা [স] *বিণ* ইন্দ্রিয়জয়ী; বীর্যপাত হয়নি এমন। 'অত্যধিক সংযম করে মুনি-ঋষিরা ঊর্ধ্বরেতা হন।' *মুজতবা*, ১৯৪৯।

ঊর্ধ্বলম্ফ [স] *বি* উচ্চলাফ; হাই জাম্প। 'লৌহ বল নিক্ষেপ, বর্শা নিক্ষেপ, দৈর্ঘলম্ফ, ঊর্ধ্ব লম্ফ, দৌড়।' *বেগম*, ১৯৪৯।

ঊর্ধ্বলোক [স] *বি* ঊর্ধ্বজগৎ; আকাশ। 'কল্লোলমরুর মধ্যে দাঁড়াইয়া স্তব্ধ ঊর্ধ্বলোকে।' *রবীন্দ্র*, ১৯২৫।

ঊর্ধ্বশহর [স ঊর্ধ্ব+ফা শহর] *বি* (বাউল) হাওয়ার উপর ভাসমান শহর। 'তিল পরিমাণ জায়গার ভিতর গঠেছেন সাঁই ঊর্ধ্বশহর।' *লালন*, ১৮৯০।

ঊর্ধ্বশিখা [স] *বি* উচ্চ শিখা। 'যে আলোক জ্বালায়েছ দিবস-শর্বরী তার ঊর্ধ্বশিখা যেন সর্ব-উচ্চে রাখি।' *রবীন্দ্র*, ১৯০১।

ঊর্ধ্বশির [স] *বিণ* মাথা উঁচু করে আছে এমন। 'ঊর্ধ্বশির তেঁতুল; কাঁঠাল।' *মাইকেল*, ১৮৬০।

ঊর্ধ্বশুণ্ড [স] *বিণ* উপরের দিকে শুঁড় রাখা। 'দুই মত্ত হস্তী যথা ঊর্ধ্বশুণ্ড করি।' *মাইকেল*, ১৮৬৬।

ঊর্ধ্বশ্বাস [স] ১ *বি* দ্রুত ধাবনের ফলে ঘন ঘন শ্বাসগ্রহণের অবস্থা। 'ডাকে ঊর্ধ্বশ্বাসে।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বিণ* জাঁকজমকপূর্ণ। 'ঊর্ধ্বশ্বাস উৎসবের উদ্বায়ী উচ্ছ্বাসে তোমারে পাসরি।' *সুধীন্দ্র*, ১৯৩২। ৩ *বি* উচ্চ শব্দ। 'একরাশ ঝিঁঝি ঊর্ধ্বশ্বাসে ডাকিতেছে।' *শওকত*, ১৯৫৮।

ঊর্ধ্বশ্বাসে [স] *ক্রিবিণ* অতি দ্রুতবেগে। 'ঊর্ধ্বশ্বাসে ধায় যাদু।' *মুকুন্দ*, ১৬০০; 'কত সুড়ঙ্গের ভিতর দিয়া আমরা ঊর্দ্ধশ্বাসে যাইতে লাগিলাম।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

ঊর্ধ্বসংখ্যা [স] *বিণ* অধিক সংখ্যক। 'একদিকে অথবা ঊর্ধ্বসংখ্যা দুই দিকে এক বা দুইটি মাত্র ক্ষুদ্র দ্বার বিদ্যমান থাকে।' *অক্ষয়*, ১৮৫৫।

ঊর্ধ্বসীমা, ঊর্দ্ধসীমা [স] *বি* প্রান্তসীমা। 'অধম জীবেরে চঢ়াইল ঊর্দ্ধসীমা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঊর্ধ্বস্থ [স] *বিণ* উপরের দিকে আছে এমন। 'ঊর্ধ্বস্থ বাতায়নের নিকটস্থ হইবার জন্য চেষ্টা পাইতে লাগিল।' *অক্ষয়*, ১৮৫৫।

ঊর্ধ্বস্বর [স] *বি* উচ্চস্বর। 'যে শিশু ঊর্ধ্বস্বরে বিশ্বদ্বারে আপন অস্তিত্ব ঘোষণা ক'রে।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঊর্ধ্বাধঃ [স] *বিণ* উপর এবং নিচ। 'হা ঊর্ধ্বাধঃসংবলিত দশ দিকে রুদ্ধ বলিয়া বর্ণনা করিলেও অসঙ্গত হয় না।' *অক্ষয়*, ১৮৫৫।

ঊর্ধ্বাধোভাবে, ঊর্দ্ধাধোভাবে [স ঊর্ধ্ব-অধঃ-ভাবে] *ক্রিবিণ* মাঝামাঝিভাবে। 'ঊর্দ্ধাধোভাবে বল্লীক ছেদ করিয়া দ্বিখণ্ড করিলে যেরূপ দেখায়।' *অক্ষয়*, ১৮৫৪।

ঊর্ধ্বায়ত [স] *বিণ* ঊর্ধ্বমুখী। 'ঊর্ধ্বায়ত জ্যোতিস্তরের মতো তাকে উরুজ আত্মপ্রকাশে সমাহিত করে।' *মানিক*, ১৯৩৫।

ঊর্ধ্বায়মান, ঊর্দ্ধায়মান [স] *বিণ* ক্রমান্বয়ে ঊর্ধ্বমুখী। 'উড়ে চলে মোটর তারই মনের ঊর্দ্ধায়মান গতির সঙ্গে।' *মাহেনও*, ১৯৪৯।

ঊর্ধ্বোৎক্ষিপ্ত [স ঊর্ধ্ব-উৎক্ষিপ্ত] ১ *বিণ* ঊর্ধ্বমুখী। 'ভ্রূযুগল ঊর্ধ্বোৎক্ষিপ্ত করিয়া ভদ্রলোক জিজ্ঞাসা করিলেন ...।' *বনফুল*, ১৯৩৬। ২ *বিণ* উপরের দিকে নিক্ষিপ্ত। 'ঊর্ধ্বোৎক্ষিপ্ত বালুবন্যা উটের ক্ষুরের।' *আহসান*, ১৯৫০।

ঊর্ধ্বোত্তোলন [স ঊর্ধ্ব-উত্তোলন] *বি* উপরে উত্তোলন। 'বাহুদ্বয় ধরিয়া ঊর্দ্ধোত্তোলন করিলে ...।' *বঙ্কিম*, ১৮৭৮।

ঊর্ধ্বোত্থিত [স ঊর্ধ্ব-উত্থিত] *বিণ* উপড়ে উঠানো। 'ঊর্দ্ধোত্থিত কুঠার মধ্যতেজে প্রদীপ্ত হইল।' *বঙ্কিম*, ১৮৬৫।

ঊর্বশী [স] *বি* পুরাণোক্ত অনন্তযৌবনা অপ্সরাবিশেষ; উর্বশী। 'ঊর্বশী কমলা বলে বুকে হানি ঘা।' *রূপরাম*, ১৭৫০।

ঊর্মি, ঊর্ম্মি [স] *বি* ঢেউ। 'সর্পের ন্যায় ক্রুদ্ধ ঊর্মির গ্রাসে ফেলিয়া দেয়।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

ঊর্মিচারী [স] *বিণ* ঢেউয়ে ঢেউয়ে ভেসে বেড়ায় এমন। 'ঊর্মিচারী ক্রৌঞ্চ শরাহত।' *বিষ্ণু*, ১৯৪১।

ঊর্মি-দোলা [স] *বি* ঢেউয়ের দোলন। 'বিরহের সেই ঊর্মি-দোলা।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঊর্মিমালা [স] *বি* তরঙ্গ। 'সফেন ঊর্মিমালায় আহত।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

ঊর্মিল [স] *বিণ* তরঙ্গিত। 'ঊর্মিল লাল কাঁকরের নিস্তব্ধ তোলপাড়।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঊর্মিলীলা [স] *বি* তরঙ্গের খেলা। 'ঊর্মিলীলায় সূর্যকিরণ/ ঠিকরি উঠিবে হিরণবরন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঊর্মিস্নাত [স] *বিণ* ঢেউয়ে স্নান করেছে এমন। 'ঊর্মিস্নাত মানবের অসীম উল্লাস।' *জীবন*, ১৯৩০।

ঊলূক [স] *বি* উলূক। 'উলূকের বচন শুনিঞা নিরঞ্জন।' *রূপরাম*, ১৭৫০।

ঊষৎ [স উল্লাস] *বি* আনন্দ। 'ঊষৎ করিয়ে দেখি ধর ফলাখান।' *মানিকরাম*, ১৭৮১।

ঊষর [স] *বিণ* মরুময়। 'এ শুধু ঊষর বালুকাধূসর।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঊষরতা [স] *বি* শূন্যতা। 'মোর মনে হয়তো বা শান্তি নেই তাই ... এ-শ্মশানসৈকতে নির্বিকার ঊষরতা শুধু।' *সুধীন্দ্র*, ১৯৩২।

ঊষরভূমি [স] *বি* অনুর্বর ভূমি। 'তৃণবিরল ঊষরভূমি।' *বিভূতি*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৩১।

উষসী [সা] ১ *বি* সন্ধ্যা। 'উষা আর উষসীতে তরুতলে বাস।' *ভগ্ন*, ১৮৫৮। ২ *বি* প্রভাত। 'উষসী সিঁদুর ছড়ায়ে যায়।' *জসীম*, ১৯৩১।

উষা [সা] *বি* প্রাতঃকাল। 'উষাকালে স্নান করি যতেক মহান্ত।' *বৃন্দা*, ১৫৮০।

উষাকাল [সা] ১ *বি* ভোরবেলা। 'উষাকালে স্নান করি যতেক মহান্ত।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* সূচনা। 'ভারতবর্ষে নূতন জ্ঞানদিবসের উষাকাল মাত্র সম্প্রতি উপস্থিত বোধ হয়।' *অক্ষয়*, ১৮৪৭।

উষাচারী [সা] *বিণ* ভোরে চলাচলকারী। 'কোনও উষাচারী পথিক তাহাকে কবলিত করিয়া পকেটে ফেলিবে।' *প্রভাত*, ১৮৯৬।

উষা-বালা [সা] *বি স্ত্রী* প্রভাতবালিকা। 'এক বিন্দু অশ্রুর খবর, তা উষা-বালা নিজেই জানে না।' *নজরুল*, ১৯২২।

উষার বরণ *বি* ভোরের আকাশের রং। 'উষার বরণ চাঁদের কিরণ গায়ে মাখে না।' *গিরিশ*, ১৮৮৭।

উহ্য [সা] ১ *বিণ* অনুক্ত। 'এখানে তস্য শব্দটি উহ্য আছে।' *মাইকেল*, ১৮৭৩। ২ *বিণ* আচ্ছন্ন। 'নগর হল উহ্য।' *রবীন্দ্র*, ১৯০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঋক্, ঋক্ [স] *বি* বেদের শ্লোক। 'ঋগ্বেদ ১ম মণ্ডল ২৫ সূক্ত ৭ ঋক্।' *অক্ষয়*, ১৮৪৮।

ঋক্থ [স] *বি* উত্তরাধিকার। 'সৃজনে এবং ঋণে-ঋক্থে ভাষা পুষ্টি ও সমৃদ্ধি পায়।' *শরীফ*, ১৯৬৮।

ঋক্ষ [স] *বি* ভল্লুক। 'হস্তী, ঋক্ষ, গণ্ডার।' *বঙ্কিম*, ১৮৭৫।

ঋগ [স ঋক্] *বি* ঋগ্বেদ; চারটি বেদের মধ্যে সবচেয়ে প্রাচীন ও প্রধান বেদ। 'ঋগ যজু সাম অথর্ব্ব/ চারী বেদ।' *বড়ু*, ১৪৫০।

ঋগ্বেদ [স] *বি* চতুর্বেদের মধ্যে প্রাচীনতম বেদ। 'ঋগ্বেদ সংহিতার প্রথম মণ্ডলে ... গান্ধারীয় মেষের প্রশংসা করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৮।

ঋচ [স ঋক্] *বি* বেদের শ্লোক। 'হিন্দুসন্তানেরা সমুদ্রপোত চালনা না করিলে এ ঋচের উদয়ের কারণাভাব হয়।' *অক্ষয়*, ১৮৪৭।

ঋজু [স] ১ *বিণ* সরল। 'তিনি লোরেনের অরণ্যে যেরূপ ঋজুস্বভাব ও বিদ্যোপার্জনে একাগ্রচিত্ত ছিলেন ...।' *বিদ্যা*, ১৮৪৯। ২ *বি* সোজা; লম্বা। 'কেশরাশি জলে ঋজু।' *বঙ্কিম*, ১৮৭৮।

ঋজুকায় [স] *বিণ* সোজা। 'কমরে দোয়াল বান্ধি হইল ঋজুকায়।' *মুকুন্দ*, ১৬০০।

ঋজুকায়া [স] *বিণ স্ত্রী* বাঁকা নয় এমন। 'ঋজুকায়া পপলার গাছের শিখরগুলি।' *রবীন্দ্র*, ১৯৩১।

ঋজুতা [স] *বি* অবক্রতা। 'সেই ঋজুতা য়ুকালিপটাস গাছে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

ঋজুরেখা [স] *বি* সরল রেখা। 'ধুঁয়োর ঋজুরেখা কাঁপিয়ে দিয়েছিল।' *ওয়ালী*, ১৯৪২।

ঋজুস্বভাব [স] *বিণ* সরল স্বভাবের অধিকারী। 'তুমি নিতান্ত ঋজুস্বভাব, কাহার কি ভাব, কিছুই বুঝিতে চেষ্টা কর না।' *বিদ্যা*, ১৮৪৭।

ঋণ [স] *বি* দেনা। 'ঋণ শোধিবারে চাহি তঙ্কা শত তিন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'রঙ্গে সব ঋণ সঙ্গে ফিরে।' *জ্ঞান*, ১৬০০।

ঋণকূপ [স] *বি* ঋণরূপ কূপ। 'ঋণকূপে পতিত হইয়া হাবুডুবু খাইয়া থাকে।' *এড়ুকেশন*, ১৮৭২।

ঋণগ্রস্ত [স] *বিণ* ঋণ করেছে এমন; ঋণী। 'বার আনা ঋণগ্রস্ত ও চারি আনা মহাজন।' *দর্পণ*, ১৮২২।

ঋণ-জাল [স] *বি* দেনার দায়; ঋণরূপ জাল। 'দরিদ্র ভারত দুশ্ছেদ্য ঋণজালে জড়িত।' *অক্ষয়*, ১৮৪৬।

ঋণদাতা [স] *বি* ঋণ প্রদানকারী। 'তাঁহারা সকলেই জনসমাজের ঋণদাতা।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ঋণদান [স] *বি* ধার দেওয়া। 'আবশ্যক হইলে ত পাদিক বৃদ্ধিতে অনুগ্রহস্বরূপ শতসংখ্যক ঋণদান করিয়া থাকেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

ঋণদানকারী [স] *বিণ* ঋণ প্রদানকারী। 'ব্যাঙ্ক ও অন্যান্য অর্থ ঋণদানকারী প্রতিষ্ঠান ...।' *আজাদ*, ১৯৬৪।

ঋণদায় [স] *বি* দেনার দায়। 'সেই বিধবাকে ঋণদায় হইতে সম্পূর্ণ অব্যাহতি দিলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

ঋণধার [স] *বি* দেনা। 'বড় ঋণধার হয়েছে।' *ওয়ালী*, ১৯৬২।

ঋণপত্র [স] *বি* দেনার দলিল। 'যাহা অবশিষ্ট থাকে তন্নিমিত্ত ঋণপত্র লিখিয়া দিয়া আপতত: নিষ্কৃতি পায়।' *অক্ষয়*, ১৮৫০।

ঋণপাপ [স] *বি* ঋণরূপ খারাপ কাজ বা পাপ। 'তাহাদিগের ঋণপাপ হইতে পরিত্রাণ পাওয়া এক প্রকার অসাধ্য হইয়া উঠে।' *অক্ষয়*, ১৮৫০।

ঋণপাশ [স] ১ *বি* ঋণের বন্ধন। 'এ কি শুধু অনুগ্রহ করে ঋণপাশে বাঁধিবারে মোরে।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* কৃতজ্ঞতার বন্ধন। 'ঋণপাশে চিরবদ্ধ রহিলাম রাণি।' *গিরিশ*, ১৮৮৭।

ঋণভার [স] *বি* দেনার ভার। 'অদ্যাপি ইংরাজদিগকে সেই দুর্বহ ঋণভার বহন করিতে হইতেছে।' *অক্ষয়*, ১৮৫০।

ঋণমুক্ত [স] *বিণ* দায় থেকে নিস্তার পেয়েছে এমন। 'কৃতজ্ঞতাপ্রকাশপূর্বক ঋণমুক্ত হইবার কথা কাহারও মনে উদয় ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ঋণমুক্তি [স] *বি* দায়শোধ। 'এবার ঋণমুক্তির তুই নে মা ভার।' *নজরুল*, ১৯৩৫।

ঋণরূপে [স] *ক্রিবিণ* ঋণ হিসেবে। 'যথার্থ হিতকে ভিক্ষারূপে গ্রহণ করিবে না, ঋণরূপেও না।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঋণলব্ধ [স] *বিণ* ধার ক'রে পাওয়া। 'ঋণলব্ধ টাকার পনর আনা গ্রাস করিতে লাগিলেন।' *মনসুর*, ১৯৫৫।

ঋণশোধ [স] ১ *বি* দায়মুক্তি। 'রাত্রের নিদ্রার ঋণশোধ করিতে দিন কাটিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৯। ২ *বি* ধার চুকানো। 'তবু তারা করে নাকো পরস্পরের ঋণশোধ।' *জীবন*, ১৯৪২।

ঋণসংখ্যা [স] *বি* ঋণাত্মক সংখ্যা। 'সাধারণ সংখ্যা-গণনা থেকে আরম্ভ ক'রে ভগ্নাংশ, ঋণসংখ্যা, এমন কি কাল্পনিক সংখ্যার ধারণা ...।' *মোতাহার*, ১৯৩৭।

ঋণসালিসী বোর্ড [স ঋণ+আ সালিস>+ই বোর্ড] *বি* ১৯৩০-এর দশকে অবিভক্ত বঙ্গদেশে প্রতিষ্ঠিত খাতক ও মহাজনদের মধ্যে মধ্যস্থতাকারী আইনি প্রতিষ্ঠান। 'ঋণসালিসী বোর্ডের কল্যাণে মহাজনদের সিন্দুকে স্থায়ী তালা-চাবি উঠিয়াছে।' *জামায়াত*, ১৯৩৯।

ঋণস্বীকার [স] *বি* কৃতজ্ঞতা। 'লালন বলে মরি মরি/ হরির একি ঋণস্বীকার।' *লালন*, ১৮৯০।

ঋণাত্মক [স ঋণ-আত্মক] *বিণ* নেতিবাচক। 'যাহা ঋণাত্মক নহে, যাহা ধনাত্মক।' *রবীন্দ্র*, ১৯০৯।

ঋণী, ঋণি [স, সমাসবদ্ধতায় ই-কার] ১ *বিণ* কৃতজ্ঞতাপাশে আবদ্ধ। 'আমি পুন জন্ম জন্ম ঋণী সে তোমার।' *বৃন্দা*, ১৫৮০; 'ধ্বনি কাছে ঋণী সে যে পাছে ধরা পড়ে।' *রবীন্দ্র*, ১৮৯৯। ২ *বিণ* দেনাদার। 'ঋণিদিগের সকল দিগেই শঙ্কট ...।' *প্রভাকর*, ১৮৫১।

ঋণীজন [স] *বি* ঋণী ব্যক্তি। 'ঋণীজনকে শুনিয়ে দিলেন তত্ত্বকথা খাঁটি।' *সত্যেন্দ্র*, ১৯১০।

ঋত[১] [স ঋতু] *বি* ঋতু। 'প্রবল ষট ঋত নাথ বিছেদ।' *বাহরাম*, ১৬৫০।

ঋত[২] [স] *বি* সত্য; ধর্ম। 'ঋত, অমৃত, মনু, প্রমৃত, সত্যানৃত – এই পাঁচ প্রকার বৃত্তি দ্বারা জীবিকা করিবে।' *অক্ষয়*, ১৮৪৮।

ঋতদৃক [স] *বিণ* সত্যদৃষ্টিসম্পন্ন। 'আমি তখন ঋতদৃক হব।' *মণীশ*, ১৯৩১।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঋতবান [স] *বিণ* সত্যবাদী। 'ওহে ঋতবান, ওহে সম্রাট, মোরে যেন দয়া হয়।' *রবীন্দ্র*, ১৯১৭।

ঋতু[১] [স] *বি* বার্ষিক জলবায়ুর স্থূল ছয়টি বিভাগ। 'একে একে ঋতুগণে/ বিলাস কৈল আপণে/ কুসুমিত সব তরুগণে।' *বড়ু*, ১৪৫০; 'আএল ঋতুপতি রাজবসন্ত।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ঋতুকুলপতি [স] *বি* বসন্তকাল। 'তুমিও তো ভালবাস ঋতুকুলপতি।' *মাইকেল*, ১৮৬১।

ঋতুচক্র [স] *বি* ছয় ঋতুর আবর্তন। 'এই ঋতুচক্র।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঋতুপতি [স] *বি* ছয় ঋতুর মধ্যে শ্রেষ্ঠ বসন্তকাল। 'আএল ঋতুপতি রাজ বসন্ত। ধাওল অলিকুল মাধবি পহু।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ঋতুপরিক্রমা [স] *বি* ঋতুর গমনাগমন। 'স্বভাববর্ণন ও ঋতুপরিক্রমা থেকে আরম্ভ করে ধর্মসঙ্গীত, প্রেম-সঙ্গীত, স্বদেশী-সঙ্গীত, উৎসব-সঙ্গীত ...।' *মোতাহার*, ১৯৩৭।

ঋতুপরিবর্তন [স] *বি* এক ঋতুর পরে আর এক ঋতুর আগমন। 'এই রহস্যময়ী মানবপ্রকৃতির মধ্যে ঋতুপরিবর্তন হচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঋতুভেদ [স] *বি* প্রাকৃতিক ঋতুচক্র অনুসারে সময়ভাগ। 'মনের যদি নির্দিষ্ট ঋতুভেদ থাকত তা হলে অনেক সুবিধে হত।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঋতুযাপন [স] *বি* ঋতু কাটানো। 'ফাল্গুন-ঋতুযাপনের উপযোগী একখানি লটকানে-রঙিন চাদর ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

ঋতুরাজ [স] *বি* ছয় ঋতুর প্রধান অর্থাৎ বসন্ত। 'হেনকালে ঋতুরাজ আসিল বসন্ত।' *বিজয়*, ১৬৫০।

ঋতু[২] [স] **১** *বি* প্রাপ্তবয়স্ক নারীদের মাসিক রক্তক্ষরণ; ভ্রূণ। 'দৈবে মহাস্য উদরেত রক্ষা পাইল ঋতু।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *বি* ডিম্বাণু ও শুক্রাণু। 'দোহানের মধ্যে যার ঋতু ধিক হয়।' *সুলতান*, ১৭৩০।

ঋতু আক্ষেপণ [স] *বি* গর্ভসঞ্চার। 'শুভক্ষণে ব্যাসমুনি ঋতু আক্ষেপণ করে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ঋতু আক্ষেপা [স ঋতু আক্ষেপণ>] *ক্রি* গর্ভসঞ্চার করা। 'ঋতু আক্ষেপিয়া ইন্দ্র গেল নিজালয়।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ঋতুকাল [স] *বি* যৌবনের যে-কালে নারীদের মাসিক রক্তক্ষরণ হয়। 'ঋতু কালে সঙ্গম জাইহ দু সতীন।' *মুকুন্দ*, ১৬০০।

ঋতুবতি [স ঋতুমতী] *বিণ* রজস্বলা। 'আরবার কুন্তি দেবি হইল ঋতুবতি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ঋতুবতী [স ঋতুমতী] *বিণ* রজস্বলা। 'এথা ঋতুবতী হৈল মুক্ষ পাটেশ্বরি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ঋতুমতী [স] *বিণ* রজস্বলা। 'ঋতুমতী হয়্যাছে মন্দরা গুণবতী।' *রূপরাম*, ১৭৫০।

ঋতুস্নান [স] *বি* ঋতুমতী নারীর চতুর্থ দিবসে স্নানরূপ সংস্কার। 'ঋতুস্নান কার্জ্জে জদি না হএ সতত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ঋত্বিক [স] *বি* যজ্ঞের পুরোহিত। 'আমি সে ঋত্বিক, মর্তে তব ছিনু পুরোহিত।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ঋদ্ধ [স] *বিণ* নিবিড়। **ঋদ্ধপরিচয়** [স] *বিণ* ঘনিষ্ঠ। 'ওই ওরা বসে আছে অন্ধকার বনচ্ছায়ে সকলেই ঋদ্ধপরিচয়?' *শঙ্খ*, ১৯৬৯।

ঋদ্ধি [স] *বি* ঐশ্বর্য। 'ধনধান্যে পরিপূর্ণ এবং ঋদ্ধিশ্রীতে বিমণ্ডিত হইতেছিল।' *সিরাজী*, ১৯১৮।

ঋদ্ধিবাচন [স] *বি* সুখ্যাতি প্রকাশ। 'ঋদ্ধিবাচনও করতে জানে তাহলে শনিবারের চিঠি।' *অচিন্ত্য*, ১৯৫০।

ঋদ্ধিশীল [স] *বিণ* ঐশ্বর্যমণ্ডিত। 'তাহাদেরই মত ঋদ্ধিশীল।' *বিভূতি*, ১৯৩১।

ঋদ্ধিশ্রী [স] *বি* ক্রমবর্ধমান সৌন্দর্য। 'ধনধান্যে পরিপূর্ণ এবং ঋদ্ধিশ্রীতে বিমণ্ডিত হইতেছিল।' *সিরাজী*, ১৯১৮।

ঋভু [স] *বি* দেবত্বপ্রাপ্ত মানুষ। 'ঋগ্বেদানুসারে ঋভু নামক দেবত্রয় সর্বাগ্রে মানব ছিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

ঋষভ [স, ব্যুৎপত্তিগত অর্থ 'ষাঁড়'] **১** *বি* পর্বতবিশেষের নাম। 'ঋষভ-পর্বতে চলি আইলা গৌরহরি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* (সংগীত) স্বরসপ্তকের দ্বিতীয় স্বর 'রে' ধ্বনি। 'ষড়জ, ঋষভ, গান্ধার প্রভৃতি সপ্ত সুরই তোমার কণ্ঠে।' *বঙ্কিম*, ১৮৭৪।

ঋষি [স] **১** *বি* সংসারত্যাগী সন্ন্যাসী। 'পুরুক কালত ঋষিএঁ বুইল।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* শাস্ত্রজ্ঞানে বিশেষজ্ঞ সাধক। 'ঋষি মুনি প্রতি বট দিলো জনে জনে।' *ভবানী*, ১৮২৫।

ঋষিঋণ [স] *বি* ঋষির ঋণ। 'ঋষিঋণ, দেবঋণ থেকে আমরা মুক্ত।' *অন্নদা*, ১৯২৮।

ঋষিকণ্ঠ [স] *বি* ঋষির কণ্ঠ। 'সদ্যস্ফুট ব্রহ্মমন্ত্র আনন্দিত ঋষিকণ্ঠ হতে।' *রবীন্দ্র*, ১৯০০।

ঋষিকন্যা [স] *বি স্ত্রী* সন্ন্যাসিনী বালিকা। 'ঋষিকন্যা কুটিরের মাঝে' *রবীন্দ্র*, ১৮৮৩।

ঋষিকবি [স] *বি* ঋষিরূপ কবি। 'ঋষিকবি প্রাণপুরুষকে বলেছেন ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ঋষিকৃত [স] *বিণ* ঋষির ঔরসে জন্ম নিয়েছে এমন। 'দীর্ঘতমার পুত্র কাক্ষীবান্ ঋষিকৃত।' *অক্ষয়*, ১৮৪৮।

ঋষি-তনয়া [স] *বি* ঋষিকন্যা। 'আমিও সে নবযৌবনা অনুপমা রূপবতী ঋষি-তনয়া ...।' *মাইকেল*, ১৮৫৯।

ঋষিতুল্য [স] *বিণ* ঋষির মতো। 'তাহারাও ঋষিতুল্য পূজিত হয়।' *অক্ষয়*, ১৮৪৭।

ঋষিত্ব [স] *বি* ঋষির বৈশিষ্ট্য। 'ঋষির ঋষিত্ব পিসীর পিসীত্ব – সবের মধ্যে প্যাটার্ণ মনুষ্যধর্মী।' *অমিয়*, ১৯৩৯।

ঋষিপত্নী [স] *বি* ঋষির স্ত্রী। 'হঠাৎ তাহার নজরে পড়িল – বাঃ ঋষিপত্নীগুলি খাসা তো!' *বনফুল*, ১৯৩৬।

ঋষিবর [স] *বি* সম্মানসূচক সম্বোধন। 'গ্রন্থের প্রথম-মণ্ডলের ছাপ্পান্ন সূক্তটি ঋষিবর শৈব দ্বারা লিখিত।' *অক্ষয়*, ১৮৪৮।

ঋষিবাক্য [স] *বি* শাস্ত্রগ্রন্থ। 'এই জন্য ঋষিবাক্য স্বীকার্য্য।' *অক্ষয়*, ১৮৪৬।

ঋষিবালক [স] *বি* শিশু সন্ন্যাসী। 'ঋষিবালকেরা আসি সজল বল্কল/ শুকাবে তোমার শাখে –।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঋষিবালিকা [স] *বি স্ত্রী* সন্ন্যাসিনী। 'ছায়ায় করিত খেলা/ তপোবনে ঋষিবালিকারা।' *রবীন্দ্র*, ১৮৮৩।

ঋষিকেশ, ঋষীকেশ [স হৃষীকেশ] *বি* কৃষ্ণ। 'এবেঁ তোর লাগ পাইলোঁ দেব ঋষিকেশ।' *বড়ু*, ১৪৫০; 'পাছে কৈলী না পাইবেঁ দেব ঋষীকেশে।' *বড়ু*, ১৪৫০।

ঋষ্টি [স] *বি* গ্রহদোষ। 'অভিশাপ হেথা বর্ষে নিরন্তর নক্ষত্রের ঋষ্টিরূপে।' *সুধীন্দ্র*, ১৯৩১।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এ[১] *বি* স্বরবর্ণবিশেষ ও তার কারচিহ্ন। **একার** [স] *বি* স্বরবর্ণ এ-এর কারচিহ্ন (ে/ে)। 'সবজেক্টস ও সেন্টেম শব্দের একারও ঐরূপ হ্রস্ব।' *অক্ষয়*, ১৮৪৭।

এ[২] [স এতদ্] **১** *বিণ* এই। 'একেলী সবরী এ বণ হিণ্ডই কর্ণকুণ্ডলবজ্রধারী।' *চর্যা ২৮*, ১২০০। **২** *সর্ব* এই ব্যক্তি। 'এ করিতেছে।' *ওসাঁ*, ১৭৮২। **৩** *সর্ব* এটা। 'একি, এ যে দেখিতেছি জাগ্রত স্বপ্ন!' *অক্ষয়*, ১৮৪৭।

এও *সর্ব* যা বলা হলো তা। *বিদ্যা*, ১৮৯১।

একূল ওকূল *বি* দুই কূল। 'হৃদয়ের একূল ওকূল দু কূল ভেসে যায়, সজনি!' *রবীন্দ্র*, ১৮৯৩।

এ-ডাল ও-ডাল *ক্রিবিণ* এক ডাল থেকে অন্য ডালে। 'করে যদি এ-ডাল ও-ডাল।' *গিরিশ*, ১৮৮৭।

এদিক *বি* এই দিক। 'এদিকে অবলোকন কর।' *অক্ষয়*, ১৮৪৮।

এদিক-ওদিক *বি* নড়চড়। 'নির্দিষ্ট সময়েরও একদিন এদিক-ওদিক হইতে পারে না।' *রবীন্দ্র*, ১৮৯৩।

এদিগ *ক্রিবিণ* এদিকে। 'কেহ বলে এদিগ আয়ে ছালা ভরিয়া লই।' *বিজয়*, ১৬৫০।

এদিগ ওদিগ ১ *ক্রিবিণ* ইতস্তত। 'তোমরা দুই ভাই এদিগে ওদিগে গুপ্ত রহ।' *রামরাম*, ১৮০১। **২** *বি* কমবেশি। 'যদি পাঁচ মিনিট এদিগ ওদিগ হয়।' *দর্পণ*, ১৮২৬।

এদেশ সেদেশ *ক্রিবিণ* দেশ-বিদেশে। 'রামমোহন রায় কলোনিজেসিয়ানের পক্ষ ইহাও এদেশ সেদেশ বিখ্যাত আছে।' *দর্পণ*, ১৮৩১।

এদেশে *বি* এই দেশ। 'পালাইয়া যাই, এদেশে থেকে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

এপাশ ওপাশ করা *ক্রি* আলস্য বা অস্থিরতার কারণে বিছানায় গড়াগড়ি করা। 'কিছু কাল এপাশ ওপাশ করিয়া ধড়মরিয়া উঠিয়া এক এক বার পায়চারি করিতে লাগিল।' *প্যারী*, ১৮৫৮।

এপিঠ-ওপিঠ *বি* উভয় পৃষ্ঠ। 'কেটেকুটে ফুঁড়েছেন এপিঠ-ওপিঠ।' *রবীন্দ্র*, ১৮৯৯।

এবেলা *ক্রিবিণ* দিনের যেকোনো এক সময়ে। 'এবেলা আমার মত রান্ধ বেঞ্জন দশ।' *মুকুন্দ*, ১৬০০; 'এ বেলা ডাক পড়েছে কোনখানে।' *রবীন্দ্র*, ১৯২২।

এমুখো *ক্রিবিণ* এদিকে যাত্রা করেছে এমন। 'তারা আর এমুখো হবে না।' *রবীন্দ্র*, ১৮৯০।

এ লোক *বি* ইহলোক। 'এ লোক ও লোক যে জন খাএ।' *বড়ু*, ১৪৫০।

এ-হেন *বিণ* এ রকম। 'আমি যে এ-হেন আধুনিক।' *রবীন্দ্র*, ১৯২৮।

-এ ১ *সপ্তমী বিভক্তি*। 'তোর রতি আশোআশে গেলা আভিসারে |অভিসার+এ|।' *বড়ু*, ১৪৫০। **২** *তৃতীয়া বিভক্তি*। 'বাটত যাইতেঁ মো করিবোঁ অলঙ্গলে |অজঙ্গল +এ|।' *বড়ু*, ১৪৫০।

এআ *সর্ব* এ। 'এআ জাণী বৈশ রাধা আহ্মার পাশে।' *বড়ু*, ১৪৫০।

এআদত [আ ইবাদত] *বি* প্রার্থনা। 'পাপী জন লাগি যদি এআদত করে।' *আলাওল*, ১৬৮০।

এই [স এতদ্] **১** *সর্ব* এটা। 'এই অনুমানি বৈল সন্যাসি তিনজনে।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* এ। 'এই কথা গিয়া তুমি কহিও সবারে।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *অব্য* ওগো। 'এই হের।' *মনোএল*, ১৭৪৩। **৪** *ক্রিবিণ* একই। 'তাহার চালান ও বিবরণও এই সঙ্গে যাইতেছে।' *অক্ষয়*, ১৮৫০। **৫** *বিণ* এমন। 'এই ঘোরতর সংগ্রামে কোন দেশীয় মনুষ্যেরা ...।' *অক্ষয়*, ১৮৫০। **৬** *বিণ* এ রকম। 'এই সমুদায় কুঠি অলক্ষিত রূপে অল্পে অল্পে প্রস্তুত হউক।' *অক্ষয়*, ১৮৫০। **৭** *ক্রিবিণ* এই বারে। 'আমি এখানে টাট্‌কা বেদানা, আঙুর, আপেল ও অন্যান্য অনেক সুস্বাদু ফল এই প্রথম খাইলাম।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

এই এই *অব্য* ইত্যাদি। 'এই২ সকল সামগ্রী দিয়া গুপ্তরূপে পূজা করিয়া গিয়াছে।' *দর্পণ*, ১৮১৯।

এই কাল *বি* এই ঋতু। 'এই কালে, দিন বাড়ে, রাত্রি ছোট হয়।' *মদনমোহন*, ১৮৪৯।

এইক্ষণ [স এতদ্-ক্ষণ>] *ক্রিবিণ* এখন। 'নিকলিলে বেড়িয়া মারিবে এইক্ষণ।' *সুলতান*, ১৭০০। **এইক্ষণে** *ক্রিবিণ* এ সময়ে। 'ক্রিয়া কর্ম্ম এইক্ষণে যেরূপ করিতেছ তাহা নিন্দিত।' *কেরি*, ১৮০২।

এইখানে [স এতদ্-স্থান>] *ক্রিবিণ* এস্থানে; এ জায়গায়। 'তোরে বুঝাইব তেঞি আইলাঙ এইখানে।' *মালাধর*, ১৫০০; 'একারণ আপন প্রিয়তমকে এইখানে আনাইলেক।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

এইজন্য [স এতদ্-জন্য>] *ক্রিবিণ* এ কারণে। 'এইজন্য কোন কোন দেশের স্থানবিশেষ হইতে মদ্য বিক্রয় একেবারে উঠাইয়া দেওয়া হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯।

এইটুকু [স এতদ্>] *বিণ* এই সামান্য। 'এইটুকু লাজলেশ আপনারে আধখানি ঢাকিতে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

এইটে [স এতদ্>] *সর্ব* এটা; এই বস্তু বা বিষয়। 'এইটে জানাইবার জন্যেই।' *রবীন্দ্র*, ১৯০৫।

এইত, এইতো [স এতদ্>] **১** *বিণ* এই। 'এইত প্রস্তাপ তবে করিহ স্মরণ।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রিবিণ* এইমাত্র। 'এই তো এলেম কৈ কি দেখাবি বল্লি যে।' *উমেশ*, ১৮৫৭। **৩** *সর্ব* এটাই। 'এই তো দিব্য রোজগারের পথ দেখিতেছি।' *প্যারী*, ১৮৫৮।

এইবার [স এতদ্>] *ক্রিবিণ* এবার। 'তারা কৃপা করি, কিঙ্কর তোমারি, দিয়ে চরণ তরী, রাখ এইবার।' *রামপ্রসাদ*, ১৭৮০।

এইবেলা [স এতদ্>] *ক্রিবিণ* এইবার। 'এইবেলা ফিরে দাঁড়া তুই।' *রবীন্দ্র*, ১৮৮১।

এইমত [স এতদ্>+স মত্ত>] *ক্রিবিণ* এরূপ। 'এইমত অদ্বৈতের চরিত্র অগাধ।' *বৃন্দা*, ১৫৮০।

এইমতে *ক্রিবিণ* এভাবে। 'এইমতে কপোট কূড়া করে চক্রপানি।' *মালাধর*, ১৫০০।

এইমাত্র [এই+স মাত্র] *ক্রিবিণ* কেবলমাত্র। 'পতিকাছে ছিনু শুয়ে এইমাত্র জানি লো।' *মদনমোহন*, ১৮৩৪।

এই-যে *বিণ* এই। 'অপূর্ব সৌন্দর্যে অকস্মাৎ উদ্ভাসমান এই-যে হর্ষ দেবতা।' *রবীন্দ্র*, ১৯০৭।

এইরকম [এই+আ রকম] *বিণ* এমন। 'দুজনে এইরকম অমিল অথচ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সংসার বেশ চলে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৮১।

এইরূপ [এই+স রূপ] *ক্রিবিণ* এভাবে। 'কেহ বোলে এইরূপ কবো নাহি শুনি।' *মালাধর*, ১৫০০।

এইরূপে [এই+স রূপ>] *ক্রিবিণ* এভাবে। 'এইরূপে অকিঞ্চনে করিলেক দয়া।' *মানিকরাম*, ১৭৮১; 'এইরূপে এই পৃথিবী সপ্তদ্বীপা।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

এই সকল [এই+স সকল] *সর্ব* এসব। 'যাহা পুরুষেরা উপদেশ বিনা কদাচ করিতে পারেন না এই সকল অনায়াসে করেন।' *গৌর*, ১৮২২।

এইসব [এই+স সর্ব] *বিণ* এসব। 'আর্ষ বিজ্ঞবাক্যে নাহি এইসব দোষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

এই সময়ে [এই+স সময়>] *ক্রিবিণ* তৎকালে। 'অনার্য্য একজাতি এই সময়ে রাজ্যস্থাপন করিয়াছিল।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

এইজেন্ট [ই] *বি* প্রতিনিধি। *ফরস্টার*, ১৭৯৩।

এও [স আয়ুষ্মতী] *বি* এয়ো; মাঙ্গলিক কাজে অবিধবা নারী সহযোগী। 'তৎক্ষণাৎ দাঁড়া সুয়া পান দিয়া পাঁচ এও লইয়া সুবচনি পূজা দিলেন।' *ভবানী*, ১৮২৫।

এওখন [স এতদ্-ক্ষণ>] *ক্রিবিণ* এখন। *মানোএল*, ১৭৪৩।

এওজ [আ ইওয়াজ] **১** *বিণ* বিকল্প। 'জাবত তাহার এওজ কাপড় সরকারি গোছমত দাখিল না করে ...।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *বি* বিনিময়। 'তাহার এওজ কুম্পানির কাগজ রাখা জাইবেক।' *ক্যালগে*, ১৭৮৭।

এওত [স আয়ুষ্মতী] *বি* এয়োতি; সধবা নারী। *বিদ্যা*, ১৮৯১।

এওতি [স আয়ুষ্মতী] *বি* এয়োতি; সধবা নারী। *বিদ্যা*, ১৮৯১।

এওয়াজে [আ ইওয়াজ] *ক্রিবিণ* বিনিময়ে। '২৬০ টাকা জেওর বাবদ উসুল বক্রী টাকার এওয়াজে ... তুমি খোশে কবুল [আছ]' *আলাউদ্দিন*, ১৯৫৮।

এওয়াদাত [আ ইবাদত] *বি* উপাসনা। 'জদি এওয়াদাতে না দীতে পারি তবে ...।' *চিঠিপত্রে*, ১৭৮৩।

-এঁ **১** *প্রথমা বিভক্তি*। 'অইসন চর্যা কুক্কুরীপাএঁ গাইহু।' *চর্যা* ২, ১২০০। **২** *তৃতীয়া বিভক্তি*। 'অপণা মাংসেঁ হরিণা বৈরী।' *চর্যা* ৬, ১২০০। **৩** *সপ্তমী বিভক্তি*। 'অলিএঁ কালিএঁ বাট রুন্ধেলা।' *চর্যা* ৭, ১২০০।

এঁকাবেঁকা [স অঙ্ক-বঙ্ক] *বিণ* বাঁকাতেড়া। 'কৃষ্ণভামিনীর মুখের চেহারা এঁকাবেঁকা হয়েছিল।' *হাসান*, ১৯৬৭।

এঁকে বেঁকে *ক্রিবিণ* একাধিক বাঁক নিয়ে। 'জল ছুটে যায় এঁকে বেঁকে।' *রবীন্দ্র*, ১৯০৯।

এঁচড়, এঁচর, এঁচোড় [স ইঞ্চাক] *বি* ইঁচড়; কচি কাঁঠাল। 'কাঁটাল হইল জ্যেঠা এঁচড়ে পাকিয়া।' *গুপ্ত*, ১৮৫৮; 'গাছ-পাঁঠা মানে এঁচোড়।' *সুনীল*, ১৯৭০।

এঁচড়ে পাকা [স ইঞ্চাক>+স পক্ক>] *বিণ* অকালপক্ক। 'আড্ডা দিতে দিতে সব এঁচড়ে পাকা হয়ে যেত।' *পাশা*, ১৯৭১।

এঁচরে পাকা [স ইঞ্চাক>+স পক্ক>] *বিণ* অকালে পাকে এমন। 'গৃহিণী এঁচরে পাকা, কর্ত্তা সিংভাঙ্গা বড় বিড়ম্বনা।' *তমোলুক*, ১৮৭৪।

এঁচোড়পাকা [স ইঞ্চাক>+স পক্ক>] *বি* অকালপক্ক যে। 'বুঝলে এঁচোড়পাকা, আওয়াজ আমার নয়কো মোটেই ফাঁকা।' *সুকান্ত*, ১৯৪৮।

এঁচোড়ে পাকা [স ইঞ্চাক>+স পক্ক>] *বিণ* বখাটে। 'একালের এঁচোড়ে পাকা ছেলেদের গীতা হইয়া দাঁড়াইল।' *প্রভাত*, ১৮৯৮।

এঁচা *ক্রি* স্থির করা। 'আমি আজ মনে মনে যে কারিকুরি এঁচেছি ...।' *মশাররফ*, ১৮৬৯; 'হুজুর যে ফন্দী এঁচেছেন, এতেই সব কাজ সিদ্ধ হবে এখন।' *মশাররফ*, ১৮৬৯।

এঁচানো পেঁচানো [ফা পেঁচ>] *ক্রি* ঘোরানো-পাকানো। 'ধিকপিকে শরীরটাকে কেঁচোর মতো এঁচিয়ে পেঁচিয়ে ...' *জীবন*, ১৯৩১।

এঁটিলি *বি* উকুন। 'চুলের এঁটিলি মেরে গুনে গেল অন্যায় ন্যায়।' *জীবন*, ১৯৪৮।

এঁটুলি *বি* কোনো জন্তুর গায়ে এঁটে থাকা কীটবিশেষ। 'পুঁটুলি নয়, এঁটুলি সে।' *নজরুল*, ১৯৩১।

এঁটে *ক্রিবিণ* শক্ত করে; দৃঢ়ভাবে। 'কালীপদ মরকত আলানে মনকুঞ্জরে বাঁধ এঁটে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

এঁটে দেওয়া *ক্রি* যুক্ত করে দেওয়া। 'মনটাকে আঠা দিয়ে এঁটে দিলে।' *রবীন্দ্র*, ১৯৩২।

এঁটেল **১** *বিণ* শুষ্ক অবস্থায় শক্ত এবং ভেজা অবস্থায় আঠালো এমন। 'একদম এঁটেল মাটির মতো লেগে থাকবে।' *নজরুল*, ১৯২৪। **২** *বিণ* আঠার মতো পিছু লেগে থাকে এমন। 'আমি যে এঁটেল লটে-হ্যাঁচড় ডুবুরি।' *নজরুল*, ১৯২৭।

এঁটো [স উচ্ছিষ্ট] *বিণ* অন্য লোকের ছুঁয়ে দেওয়া বা আংশিকভাবে খাওয়া। 'এঁটো করা সেরির গেলাসে দিই হুল।' *গুপ্ত*, ১৮৫৮।

এঁটোকাঁটা [স উচ্ছিষ্ট+স কণ্টক>] *বি* উচ্ছিষ্ট ময়লা। 'রাশীকৃত এঁটোকাঁটা দেখিয়া স্থির হইয়া দাঁড়াইলেন।' *শরৎ*, ১৯১৭।

এঁটোকাঁটাজীবী [এঁটোকাটা+স জীবী] *বিণ* উচ্ছিষ্ট খেয়ে বেঁচে থাকে এমন। 'মখমল পায়ে কেউ, এঁটোকাঁটাজীবী, অন্ধকারে রাখতো কখনো জ্বেলে এক জোড়া চোখ।' *শামসুর*, ১৯৭২।

এঁটো খাই মিঠার লোভে – ভালো কিছুর আশায় হীন কাজ করা। 'কথার কথা আছে কি এঁটো খাই মিঠার লোভে।' *গৌর*, ১৮২২।

এঁটো-নেওনি [স উচ্ছিষ্ট>] *বি* এঁটো নেয় যে। 'ওই আসছে এঁটো-নেওনি গোবর হাতে ক'রে।' *অবন*, ১৯১৯।

এঁঠ [স উচ্ছিষ্ট] *বিণ* এঁটো; উচ্ছিষ্ট। *বিদ্যা*, ১৮৯১।

এঁঠো [স উচ্ছিষ্ট>] *বিণ* উচ্ছিষ্ট। 'সেখানে এঁঠো আমের আঁঠি নিয়ে কাকেদের চলেছে ছেঁড়াছিঁড়ি।' *রবীন্দ্র*, ১৯৪০।

এঁড় [স অণ্ড] *বি* অণ্ডকোষ; মুষ্ক। *বিদ্যা*, ১৮৯১।

এঁড়বিচি [স অণ্ড+স বীজ>] *বি* অণ্ডকোষ; মুষ্ক। *বিদ্যা*, ১৮৯১।

এঁড়ে [স অণ্ড>] **১** *বি* ষাঁড়। '... সাদখাঁদের ধলা দামড়া আর জমাদ্দারদের বুদো এঁড়ের নড়ুই বেদলো।' *দীনবন্ধু*, ১৮৬০। **২** *বিণ* পুরুষ। 'একটি এঁড়ে বাছুর হইয়াছে।' *বিদ্যা*, ১৮৯১।

এঁড়ে গরু [স অণ্ড>+স গোরূপ>] *বি* অণ্ডকোষওয়ালা গরু; ষাঁড়। *ওসাঁ*, ১৭৮৫।

-এঁতে *সপ্তমী বিভক্তি*। 'সঅসমেঅণ সরুঅ বিআরেঁতে [বিআর+এঁতে] অলক্খলক্খণ ন জাই।' *চর্যা* ১৫, ১২০০।

এঁদো [স অন্ধ>] **১** *বিণ* নোংরা। 'নর্দ্দমে সিন্ধু-কাবেরী পাঠ করিলে এঁদো পুকুরের পানাপচা জলও শুদ্ধ হয়।' *দীনবন্ধু*, ১৮৬৩। **২** *বিণ* অন্ধকারাচ্ছন্ন। 'এঁদো ঘরে তক্তপোশে সবাই বসল।' *রবীন্দ্র*, ১৯২৯। **৩** *বিণ* পুরাদস্তুর। 'এঁদো মফস্বলে ছুটি সংবাদের লোভে কালেভদ্রে।' *শামসুর*, ১৯৭৩।

AMARBOI.COM

এঁদোপড়া ১ *বিণ* সংকীর্ণ ও আলোকবিহীন। 'ওই এঁদোপড়া গলির মধ্যে এতদিন দম আটকে বেঁচেছিলেন।' *বিমল*, ১৯৫৩। ২ *বিণ* কচুরিপানাপূর্ণ। 'এঁদোপড়া পুকুর।' *বিমল*, ১৯৫৩।

এঁধো [স অন্ধ>] ১ *বিণ* অন্ধকারাচ্ছন্ন। 'সেই-সব স্যাঁতসেঁতে এঁধো কুটুরিতে গা ঢাকা দিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯৪০। ২ *বিণ* নোংরা। 'খেঁদুবাবুর এঁধো পুকুর, মাছ উঠেছে ভেসে।' *রবীন্দ্র*, ১৯৪১।

এঁয়োতি [স আয়ুষ্মতী] *বিণ* অবৈধব্য। 'এ তো পরলোকের এঁয়োতি নিবিড়তা।' *জীবন*, ১৯৪৮।

-এঁর *ষষ্ঠী বিভক্তি*। 'তইলা বাড়ির পাসেঁর জোহ্না বাড়ি তাএলা।' *চর্যা ৫০*, ১২০০।

এঁসো [স অংশু] *বি* আঁশ। 'কাঁটালের ভুঁতুড়ি ও তালের এঁসো খেয়ে বিদেয় হলেন।' *হুতোম*, ১৮৬১।

এঁহার *সর্ব* তাঁর। 'এঁহার বয়ঃক্রম ৬৭ বৎসর হইয়াছিল।' *দর্পণ*, ১৮২৪।

এক [স] ১ *বিণ* এক সংখ্যক। 'এক সো পদমা চৌসঠ্ঠী পাখুড়ী।' *চর্যা ১০*, ১২০০। ২ *বিণ* একটি। 'ন ভেলে রঙ্গ রভস দুর গেল/ ইথি হম খেদ একও নহি ভেল।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'এ বিষয়ের দুই এক উদাহরণ প্রদর্শন করা যাইতেছে।' *অক্ষয়*, ১৮৫০। ৩ *বিণ* একত্র। 'মনবুদ্ধি এক করি ভজ নারায়ন।' *মালাধর*, ১৫০০; 'ভুবনচরাচর মঙ্গলডোরে বাঁধি এক করো।' *রবীন্দ্র*, ১৯০১। ৪ *বি* অখণ্ডতা। 'ওর মধ্যে বিস্তর আছে কিন্তু এক নেই।' *রবীন্দ্র*, ১৯২৮।

এক অন্ন [স একান্ন] *বিণ* একান্নবর্তী। 'আমার ভাগ্নি বধূ বিদবা আমার বাটীতে আমার সহিত এক অন্নে ছিল।' *চিঠিপত্রে*, ১৮২৩।

এক আটু [স এক>+স অষ্টি] *বিণ* হাঁটু পর্যন্ত। 'চণ্ডীর কৃপায় হইল এক আটু জল।' *মুকুন্দ*, ১৬০০।

এক আত্মবাদী [স একাত্মবাদী] *বিণ* পরমাত্মা ও জীবাত্মা অভিন্ন এই মতবাদে বিশ্বাসী; অদ্বৈতবাদী। 'ইহারা কেহ নাস্তিক কেহ বা চার্ব্বাক কেহ এক আত্মবাদী।' *চন্দ্রিকা*, ১৮৩০।

এক আত্মা [স একাত্মা] *বি* অভিন্ন আত্মা। 'এক আত্মা সভাকার ভিন্ন কেহো নহে।' *মালাধর*, ১৫০০।

এক-আধটা [স এক>] *বিণ* দু-একটা। 'মাঝে মাঝে এক-আধটা নৌকো পাশ দিয়ে ছল ছল শব্দে চলে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

এক-আধটু *ক্রিবিণ* অল্পস্বল্প। 'এক-আধটু চুঁ মেরেছিলাম তোমাদের বাংলা ভাষাতেও।' *নরেন্দ্র*, ১৯৪৬।

এক আধলা *বিণ* সামান্যতম। 'মেয়েটির স্বভাবের প্রতি এক আধলাও শ্রদ্ধা নেই।' *কায়সার*, ১৯৬৫।

এক আনা [স এক+ফা আনা] *বি* এক টাকার ষোলো ভাগের এক ভাগ। 'প্রত্যক টাকার সুদ প্রতিমাসে এক আনা।' *সত্যার্ণব*, ১৮৫৫।

এক আন্দাজ [স এক+ফা আন্দাজ] *ক্রিবিণ* একে একে। *মানোএল*, ১৭৪৩।

একই [স এক>] *বিণ* একটি মাত্র। 'একই প্রহারে কাহ্ন তাহাক ভাঙ্গীল।' *বড়ু*, ১৪৫০।

একইতি [স একপুত্রিকা>] *বিণ* একপুত্রবতী। 'একইতি মাএর ছাওআল সুন্দর বাল গোপাল।' *বড়ু*, ১৪৫০।

একইশ, একইষ, একইস [স একবিংশ] *বিণ* একুশ (২১) সংখ্যক। 'একুষিআ কৈল তার একইষ দিবসে।' *মুকুন্দ*, ১৬০০; 'বিলাতের বাদসাহের সন একইস ও সন তেরো জোলসির হুকুমনামাতে লিখিয়াছেন।' *ক্যালগে*, ১৭৮৫; 'পেয়াদা একইশ হাজার ছিল।' *দর্পণ*, ১৮১৯।

এক এক ১ *বিণ* প্রতিজন। 'এক এক ফিরিস্তা সঙ্গে সত্তর হাজার।' *সুলতান*, ১৭০০। ২ *বিণ* একের পর এক। 'তাঁহারা এক কাষ্ঠপট্টে একেবারে পুস্তকের এক এক পৃষ্ঠ খুদিয়া গ্রন্থ মুদ্রিত করে।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বিণ* নানা রকম। 'মনুষ্যেরা আপন আপন অভিরুচি বা নিপুণতানুসারে এক এক ... উপভোগ্য বস্তু উৎপন্ন করিতে লাগিলেন।' *অক্ষয়*, ১৮৫৪। ৪ *বিণ* ভিন্ন ভিন্ন। 'ধর্ম্ম বিষয়ক শ্রীবৃদ্ধি সাধনের এক এক সোপান মাত্র।' *অক্ষয়*, ১৮৫৫। ৫ *বিণ* প্রত্যেক। 'এক এক দেবতাকে এক এক পদার্থের অধিষ্ঠাত্রী বলিয়া অবধারণ করিলেন।' *অক্ষয়*, ১৮৫৫। ৬ *বিণ* কোনো কোনো। 'এক-এক জায়গায় রাস্তা এত ঢালু যে, উঠতে-নাবতে কষ্ট হয়।' *রবীন্দ্র*, ১৮৮০। ৭ *বিণ* বিভিন্ন। 'এক-এক জায়গায় ব্লু-বেলস নামক ছোটো ছোটো ফুল।' *রবীন্দ্র*, ১৮৮১।

এক-একটা *ক্রিবিণ* একটার পর একটা । 'তাড়াতাড়ি তাহাদের এক-একটা নামকরণ করিয়া ফেলি ও নামের কৃত্রিম খোলসটার মধ্যেই সেই ...।' *রবীন্দ্র*, ১৮৮৪।

এক একটি ১ *বিণ* আলাদা এক একজন। 'চারি মঠের প্রত্যেকের এক একটি আচার্য্য ও ব্রহ্মচারী নির্দ্দিষ্ট আছেন।' *অক্ষয়*, ১৮৫০। ২ *ক্রিবিণ* একটা ক'রে। 'অধিকাংশ গোরের উপর এক-একটি ছোটো ঘর গেঁথেছে।' *রবীন্দ্র*, ১৮৮০। ৩ *ক্রিবিণ* একটির পর একটি। 'শাস্ত্রের এক-একটি কঠোর আদেশ কণ্ঠ হইতে অবতারণ করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৮২।

এক-একদিন *ক্রিবিণ* মাঝে মাঝে। 'এক-একদিন তাহার উল্টা ভাবে আপনাকে সারিয়া লইতে চেষ্টা করে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

এক এক বার *বি* প্রতিবার। 'এক এক বার অন্ন শত শত ভার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

একক [স] ১ *বিণ* নিঃসঙ্গ। 'একক হৃদয় অওকে না পাওল তেঁ নহি ফাউলি কেলী।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *ক্রিবিণ* একাকী। 'একক বসে কিসের ভাবনা হইতেছে?' *উমেশ*, ১৮৫৭। ৩ *বিণ* একা। 'আপাততঃ আমি একক।' *বঙ্কিম*, ১৮৬৫।

এককক্ষবর্তী [স] *বিণ* অভিন্ন। 'যে প্রজারা শাসিত হচ্ছে তাদের ভাগ্য যদি এককক্ষবর্তী হয় ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

এককক্ষাবর্তী, এককক্ষাবর্ত্তী [স] *বিণ* একই ধরনের। 'এককক্ষাবর্ত্তী অসভ্যেরা কত উচ্চ মনুষ্যত্ববিশিষ্ট।' *প্রমথ*, ১৯২০।

এক কড়া [স এক>] ১ *বি* মধ্যযুগে টাকার ক্ষুদ্রতম একক। 'এক কড়াও তাহার প্রাপ্য নহে।' *বঙ্কিম*, ১৮৭৯। ২ *বিণ* সামান্য পরিমাণ। 'লালন বলে নইলে তোর থাকবে না মূল এককড়া।' *লালন*, ১৮৯০।

এককণ্ঠী [স] *বি* একক-সংগীত পরিবেশনকারী শিল্পী। 'বিশেষত একক-কণ্ঠীদের স্বতন্ত্র সময় দেওয়াই চাই।' *রবীন্দ্র*, ১৯২৫।

এককত্ব [স] *বি* অতুলনীয়তা। 'বিশ্বামিত্র নূতন পৃথিবীতে সর্বোচ্চ পদে আরোহণ করিয়া আপনার এককত্ব বুঝিতে পারিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

এক কথা [স] *বি* একবার বলা। 'যাহারা এক কথায় টাকা না দেয় ...।' *ভবানী*, ১৮২৫।

এক কথায় *ক্রিবিণ* চাইবার সঙ্গে সঙ্গে। 'যাহারা এক কথায় টাকা না দেয়।' *ভবানী*, ১৮২৫।

এক কাটি সরেস *বিণ* একধাপ উপরে। 'কালী আবার ওর চেয়ে

AMARBOI.COM

এক কাঠি সরেস।' *মাইকেল*, ১৮৬০।

এককাট্টা *বিণ* সমবেত। 'ভদ্রয়ানা আড়ালে রেখেই হও এককাট্টা শোকের শরিক।' *শামসুর*, ১৯৭০।

এক কাঠি *বিণ* আরও বেশি। 'অন্য পক্ষও জবাবে এক কাঠি উপরে উঠেন।' *জগদীশ*, ১৯১৮।

এক কানাকড়ি *বিণ* অতি সামান্য পরিমাণ। 'এক কানাকড়ি মূল্য না লয়ে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

এককাল *ক্রিবিণ* যুগপৎ। 'যদি প্রাণত্যাগ করি তাহলে এককালে আত্মহত্যা ও ভ্রূণহত্যা এই দুই মহাপাপ হইবে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

এককালিন [স এককালীন] **১** *ক্রিবিণ* একই সময়ে। 'দিল্লির কর ও শওগাত এক কালিন বন্দি করিয়া ...।' *রামরাম*, ১৮০১। **২** *ক্রিবিণ* একযোগে। 'বাদসাহী সৈন্য সমস্তই এক কালিন পার হইয়া ...।' *রামরাম*, ১৮০১। **৩** *ক্রিবিণ* চিরকালের মতো। 'দিল্লীতে কর দেওন এক কালিন বন্দ।' *রামরাম*, ১৮০১।

এককালীন [স] **১** *ক্রিবিণ* একযোগে। 'দেশের উপর বুঝি ঈশ্বরের নিগ্রহ হইয়াছে নতুবা এককালীন এত হয় না।' *রাজীব*, ১৮০৫। **২** *বিণ* একবারে দেওয়া হয় এমন। 'পাঠশালার আনুকূল্যার্থে মাসিক, বার্ষিক বা এককালীন দান স্বীকার করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪৩। **৩** *ক্রিবিণ* একবারে ভাবা বা করা হয় এমন। 'এককালীন তাঁহার উভয়বিধ লক্ষণ চিন্তা করিতে পারি।' *বঙ্কিম*, ১৮৯২।

এককালে [স] **১** *ক্রিবিণ* একসময়ে। 'এককালে সাত ঠাঞি করেন বিলাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'এককালে মূর্তিমন্ত ছয় ঋতু যথা।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *ক্রিবিণ* একেবারে। 'অনুরাগ শূন্য হইয়া ইহাতে লিপ্ত থাকা অপেক্ষা এককালে নিরস্ত হওয়াই শ্রেয়ঃ।' *অক্ষয়*, ১৮৪৮। **৩** *ক্রিবিণ* পুরোপুরি। 'ইংরাজী সংস্কারে বঙ্গভাষা এককালে বিস্মৃত হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৮। **৪** *ক্রিবিণ* চিরকালের জন্য। 'তিনি জমিদারের অন্যায় ও আইনবিরুদ্ধ আকাঙ্ক্ষা এককালে দমন করিয়া দিন।' *সুলভ*, ১৮৭৩।

এককুলি [স এক>] *ক্রিবিণ* একদিকে; একপাশে। 'এককুলি আরকুলি দিসা নাহি পাই।' *মালাধর*, ১৫০০।

এককুলো [স এক+স কুল্য] *বিণ* এককুলো সমান। 'ম্যা এককুলো দাড়ি না থাকে!' *নজরুল*, ১৯২৭।

এককেন্দ্রিক [স] *বিণ* এক কেন্দ্রে স্থিত। 'জাতীয় উন্নয়ন আন্দোলন নূতন এককেন্দ্রিক নেতৃত্ব লাভ করিবে।' *আজাদ*, ১৯৬০।

একক্ষণ [স] *ক্রিবিণ* মুহূর্তকাল। 'ইহারা এক ক্ষণও নিষ্কর্মা হইয়া থাকে না।' *মদনমোহন*, ১৮৪৯।

একক্ষণজন্মা [স] *বিণ* একই ক্ষণে জন্ম এমন। 'দুই ভাই শুধু একবর্ণ একাকার নয়, একক্ষণজন্মা বলে প্রসিদ্ধ হল।' *প্রমথ*, ১৯১৮।

এক ক্ষুরে মাথা মুড়ানো *ক্রি* একই ভাব দিয়ে প্রভাবিত হওয়া। 'আমরা বাঙালিমাত্রেই ঐ একই বিলেতি ক্ষুরে মাথা মুড়িয়েছি।' *প্রমথ*, ১৯০৫।

একখণ্ড [স] *বিণ* অল্প পরিমাণ। 'ইংলণ্ডে তাঁহার মৃত্যু হইলে তাঁহাকে মৃত্তিকাস্থ করণের জন্য একখণ্ড নিষ্করভূমি ক্রীত হয়।' *অক্ষয়*, ১৮৪২।

একখন [স এক-ক্ষণ>] *ক্রিবিণ* এখন। 'তাহা বিনে আর মনে না পড় একখন।' *মালাধর*, ১৫০০।

একখাই *বিণ* একগাছা। 'এমন কি, একখাই সূতা পর্যন্ত শরীরে ধারণ করিতে পারে না।' *অক্ষয়*, ১৮৫০।

একখান [স এক+স খণ্ড] **১** *বিণ* একটি। 'একখান উষ্ট তার পৃথ্বির তলে।' *মালাধর*, ১৫০০; 'হাতির বাগানে একখান চতুষ্পাঠী।' *দর্পণ*, ১৮৩৬। **২** *বি* একরকম অবস্থা। 'সে কালে ধর্ম্ম বিষয়ে ভিতরে একখান, বাহিরে একখান, এরূপ ছিল না।' *রাজ*, ১৮৭৪।

একখানা [স এক+স খণ্ড>] *বিণ* একটি। 'একখানা জাহাজ আসিতে দেখা যায়।' *অক্ষয়*, ১৮৫২।

একখানি, একখানী [স এক+স খণ্ড>] **১** *বিণ* একটি। 'একখানী নাএ।' *বড়ু*, ১৪৫০; 'একখানি স্বতন্ত্র পুস্তক রচনা করিতে হয়।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বিণ* একত্র। 'সবে একখানি করিয়াছ অব্যভারে।' *বৃন্দা*, ১৫৮০।

একখুন [স ক্ষণ>] *ক্রিবিণ* এই মুহূর্তে। 'বাবার চিঠি একখুনই কি দিতেই হবে ডাকে।' *রবীন্দ্র*, ১৯২২।

একখুনি [স এক+স ক্ষণ>] *ক্রিবিণ* এখনই। 'একখুনি গ্যে এই ছোরাটা কলজেতে তার বসাই।' *নজরুল*, ১৯২২।

এক-খেয়ালি [স এক+আ খেয়াল] *বিণ* একরোখা। 'বদরাগি তায় এক-খেয়ালি।' *নজরুল*, ১৯২৬।

একগলা [স এক+স গল] *বিণ* গলা পর্যন্ত। 'তুমি একগলা গঙ্গাজলে দাঁড়িয়ে।' *শরৎ*, ১৯১৭।

এক গাঁয় ঢেঁকি পড়ে এক গাঁয় মাথা ব্যথা – অকারণে নাক গলানো। *দীনবন্ধু*, ১৮৬৭।

একগাছ *বিণ* একটি। 'একগাছ বেনা কৃষ্ণ হাতেত ছিণ্ডিল।' *মালাধর*, ১৫০০।

একগাছা *বিণ* একটিমাত্র। 'একগাছা বাঁকারি কুড়াইয়া লইল।' *বঙ্কিম*, ১৮৭৪।

একগাছি *বিণ* একটিমাত্র। 'একগাছি নাহি কাঁচা কেশ।' *মুকুন্দ*, ১৬০০।

একগাদা *বিণ* একরাশ। 'ইউরোপ থেকে নিয়ে এলেন একগাদা দামী আসবাবপত্র।' *মুজতবা*, ১৯৪৯।

একগাল [স এক+স গল্ল>] *ক্রিবিণ* মন খুলে। 'কুবের একগাল হাসে।' *মানিক*, ১৯৩৬।

একগুঁইয়া [স এক+ফা গুঙ্গ>] *বিণ* একরোখা। 'বর্ব্বর এক গুঁইয়া গোঁয়ার ব্যাঘ্র ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

একগুঁয়া [স এক+ফা গুঙ্গ>] *বিণ* একরোখা। 'একগুঁয়া হিন্দুরা শাস্ত্রের অভিপ্রায় গ্রহণ করিবেন না।' *রসরাজ*, ১৮৪৯।

একগুঁয়ে [স এক+ফা গুঙ্গ>] **১** *বিণ* জেদি। 'প্রায় সকল ছেলেগুলি একগুঁয়ে অবশ অধৈর্য্য।' *চন্দ্রিকা*, ১৮৩০। **২** *বিণ* থামানো যাবে না এমন। 'ভাগ্যদেবতার কামান থেকে নিক্ষিপ্ত হয়ে একাগ্রভাবে চলছে একটা একগুঁয়ে গোলা।' *রবীন্দ্র*, ১৯২৯। **৩** *বিণ* আপোশহীন। 'ভাইঝির একগুঁয়ে অবিবেচনায় উদ্‌বিগ্ন হলেন।' *রবীন্দ্র*, ১৯৩৬। **৪** *ক্রিবিণ* কোনোকিছুই মানে না এমন। 'শরীরটা ছিল একগুঁয়ে রকমের ভালো।' *রবীন্দ্র*, ১৯৪০।

একগুঁয়েমি, একগুঁয়েমী [স এক+ফা গুঙ্গ>] **১** *বি* পরমতের প্রতি অসহিষ্ণুতা। 'এ সব শাস্ত্রের ভিতর একটা একগুঁয়েমি আছে।' *প্রমথ*, ১৯১৭। **২** *বি* একরোখামি। 'তদুপরি আবার আমাদের একগুঁয়েমিও আছে।' *নজরুল*, ১৯২২; 'তাঁদের অপরিণামদর্শিতা ও একগুঁয়েমীই এর প্রধান কারণ।' *সওগাত*, ১৯২৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

একগুয়ে [স এক+ফা গুঙ্গ>] *বিণ* জেদি। 'প্রতিপক্ষগণ তাঁকে বলতো একগুয়ে।' *মাহেনও*, ১৯৪৯।

একগোটা [স এক>+স গোষ্ঠক>] *বিণ* একজন। 'একগোটা মানুস আসি পুরির ভিতর।' *মালাধর*, ১৫০০।

একগ্রাস [স] *বি* একবারে যতোটা খাবার গলাধঃকরণ করা হয়। 'তিনজনের ভক্ষ্য-পিণ্ড তোমার একগ্রাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

একঘর [স এক+পা ঘর] *বিণ* সমাজ থেকে বিচ্ছিন্ন; একঘরে। 'গুপ্তকথা ব্যক্ত হইয়া বাবু একঘর মানুষ হইলেন।' *ভবানী*, ১৮২৮।

এক ঘরমে দো পীর – একই জায়গায় দুইজনের অবাঞ্ছিত প্রাধান্য। 'এক ঘরমে দো পীর! যাও বাচ্চা, সো রহো।' *ইমদাদুল*, ১৯২০।

একঘরিআ [স এক+পা ঘর>] *বিণ* নিজ সমাজ কর্তৃক যোগাযোগ-বিচ্ছিন্ন। *বিদ্যা*, ১৮৯১।

একঘরে [স এক+পা ঘর>] ১ *বিণ* নিজ সমাজ কর্তৃক বর্জিত। 'তোর বাপের বাড়ীর সকলে নাকি একঘরে হয়েছে।' *উমেশ*, ১৮৫৭। ২ *বিণ* নিঃসঙ্গ। 'তার জ্ঞান আছে বলেই সে যেন জগতে একঘরে হয়ে ছিল।' *রবীন্দ্র*, ১৯১৬। ৩ *বিণ* কোণঠাসা। 'যে-সব মতামত প্রচার করবার দরুন সাহিত্য-সমাজের শুদ্ধাচারীরা আমাদের একঘরে করবার চেষ্টা করছেন।' *প্রমথ*, ১৯১৭। ৪ *বিণ* বন্ধুহীন। 'একটি বালক, সে কুনো, সে একলা, সে একঘরে, তার খেলা নিজের মনে।' *রবীন্দ্র*, ১৯৪০।

একঘরে করা – নিজ সমাজ কর্তৃক বিচ্ছিন্ন। 'এক কর্ত্তা বলবেন, এ বের পুরুত বরযাত্রদের একঘরে করা উচিত।' *উমেশ*, ১৮৫৭।

একঘর্য্যা [স এক+পা ঘর>] *বিণ* একঘরে; জাতিচ্যুত। 'তদবধি একঘর্য্যা হইয়া রহিলেন।' *ভবানী*, ১৮২৮।

একঘাইআ [স এক+স ঘাত>] *বিণ* একঘেয়ে। *বিদ্যা*, ১৮৯১।

একঘেয়ে [স এক+স ঘাত>] ১ *বিণ* বিরক্তিকর। 'টিপ টিপ করে সেই একঘেয়ে বৃষ্টি ক্রমাগতই ... চলছেই।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *ক্রিবিণ* একই রকম। 'পুতুলের একঘেয়ে পাখা নাড়ায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

একঘেয়েমি [স এক+স ঘাত>] *বি* বৈচিত্র্যহীনতা। 'একঘেয়েমি, সঙ্কীর্ণতা, সব দিনগুলো এক রকমের হাওয়া।' *বিভূতি*, ১৯৩১।

একঘেষে [স এক+স ঘর্ষণ>] *বিণ* নিরত। 'তাঁহারা একঘেষে বিজাতীয় ভাষা শিক্ষায় ...।' *প্রচারক*, ১৯০৩।

একচকো [স এক+চক্ষু] *বিণ* পক্ষপাতদুষ্ট। 'হ্যাঁরা হাবাৎকুড়ে, হতোচ্ছোড়া, একচকো।' *দীনবন্ধু*, ১৮৭২।

একচক্র [স] *বিণ* এক চাকাবিশিষ্ট। 'একচক্র রথে দেব বসেন ভাস্কর।' *মাইকেল*, ১৮৬০।

একচক্ষু [স] ১ *বিণ* এক চোখে দেখতে পায় এমন। 'একচক্ষু হরিণ যে দিকে তাহার কানা চোখ ফিরাইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৫। ২ *বিণ* অস্পষ্ট। 'একচক্ষু ছায়া, দীপ্ত নখ, স্ফীত নাসা, নিরিন্দ্রিয় বৈদ্যুতিক কায়া চতুর্দিকে চক্রব্যূহ বাঁধে।' *সুধীন্দ্র*, ১৯৩৮।

একচত্বারিংশৎ [স] *বিণ* একচল্লিশ সংখ্যক। 'একচত্বারিংশৎ কথা।' *তারিণী*, ১৮০৩।

একচল্লিশ [স একচত্বলীসা] ১ *বিণ* ৪১ সংখ্যক। 'ইনি একচল্লিশ বৎসর একাদিক্রমে ... কর্ম্ম করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৪। ২ *বি* ৪১ সংখ্যা। *বিদ্যা*, ১৮৯১।

একচাটিআ [স এক+হি চাট>] *বিণ* সম্পূর্ণরূপে এক ব্যক্তি বা প্রতিষ্ঠানের অধীন। *বিদ্যা*, ১৮৯১। দ্র **একচেটিয়া**

একচালা [স এক+স চাল] *বিণ* একচালবিশিষ্ট। *বিদ্যা*, ১৮৯১; 'মাটিছোঁয়ানো একচালা ঘরের মধ্যে দিয়ে সুদৃশ্য জমকালো তোরণ ছিলো।' *মাহেনও*, ১৯৪৯।

একচিত [স একচিত্ত>] ১ *ক্রিবিণ* একনিষ্ঠ মনে। 'শুন সবে একচিত।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বিণ* নিবিষ্ট। 'সদা ধ্যান একচিত সে ত নহে পরাজিত।' *রূপরাম*, ১৭৫০।

একচিত্ত [স] ১ *বি* একাত্মতা। 'সব সখিজন মেলি রঙ্গে একচিত্তে বড়ায়ির সঙ্গে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* নিবিষ্ট। 'সুন হে পণ্ডীত লোক একচিত্ত মনে।' *মালাধর*, ১৫০০। ৩ *বিণ* একত্র। 'তোমরা সকলে একচিত্ত হইয়া ইহা খুঁটিয়া লও।' *তারিণী*, ১৮০৩। ৪ *বিণ* একমনা। 'একচিত্ত হইয়া শিকারের পিছা লইলেক।' *তারিণী*, ১৮০৩।

একচিত্তে [স একচিত্ত>] *ক্রিবিণ* একমনে। 'একচিত্তে সুন্দরি কৃষ্ণকে বাউ করে।' *মালাধর*, ১৫০০।

একচিত্য [স একচিত্ত>] *বিণ* একাগ্র। 'একচিত্য হইয়া সভে করএ সন্ধান।' *কবীন্দ্র*, ১৬৮৯।

একচিত্ত [স একচিত্ত>] *বিণ* একাগ্র। 'সুন হে পণ্ডীত লোক একচিত্ত মনে।' *মালাধর*, ১৫০০।

একচিলতি [স এক+আ জিলদ] *বি* এক টুকরা। 'একচিলতি চিঠি।' *জীবন*, ১৯৩১।

একচিলতে [স এক+আ জিলদ] *ক্রিবিণ* খানিকটা। 'মনটা যেন কোথায় এক চিলতে খারাপ লাগছে।' *শামসুল*, ১৯৭৩।

একচীতে [স একচিত্ত>] *ক্রিবিণ* একমনে। 'বকুলতলাত চাহা চাহা একচীতে।' *বড়ু*, ১৪৫০।

একচুল [স এক+স চূড়া>] *বিণ* অতি সামান্য পরিমাণ। 'আমার ভাব একচুল মিথ্যা এ কথা আমি স্বীকার করিতে পারি না।' *রবীন্দ্র*, ১৮৯৭।

একচেটিয়া [স এক+হি চাট>] ১ *বিণ* একায়ত্ত; একক নিয়ন্ত্রণাধীন। 'দেশমধ্যে লবণাদির একচেটিয়ারূপে ব্যবসায় ত্যাগ করিতে।' *দর্পণ*, ১৮৩১। ২ *বিণ* প্রতিপক্ষহীন। 'ইংরাজেরা তথায় একচেটিয়া বাণিজ্য সংস্থাপন করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪৯।

একচেটে [স এক+হি চাট>] ১ *বিণ* একচেটিয়া। 'একচেটে না করিলে তবে বাঁচি প্রাণে।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বিণ* একতরফা। 'একচেটে রাজকার্য-নামক মালগুলি প্রজাদিগকে অর্থত্যা কিনিতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯৮। ৩ *বিণ* প্রতিদ্বন্দ্বীহীন। 'ধর্ম এবং দর্শন এই দুইটি জিনিস আমাদের একচেটে।' *প্রমথ*, ১৯১২।

একচোখ [স একচক্ষু>] *বিণ* এক চোখে দেখতে পায় এমন; একচোখা। *ওসা*, ১৭৮৫।

এক-চোখা [স একচক্ষু>] *বিণ* সমান দৃষ্টিতে দেখা হয়নি এমন; একপেশে। 'এক-চোখা সংস্কার।' *রবীন্দ্র*, ১৮৮২।

একচোখামি, একচোখোমি [স একচক্ষু>] *বি* পক্ষপাতিত্ব। 'এই একচোখোমির হাড়ে-হাড়ে শোধ তুলব।' *নজরুল*, ১৯২৭; 'এই একচোখামি তাঁদের সাধারণ চক্ষুলজ্জা এবং যুক্তিবোধকে পর্যন্ত ঘুচিয়ে দিয়েছিলো।' *মুরশিদ*, ১৯৭১।

একচোখো [স একচক্ষু>] ১ *বিণ* কেবল একটা দিকই দেখতে পায় এমন। 'আমাদের একচোখো মন লইয়া সম্পূর্ণ সত্য জানিবার

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কোনো ...।' *রবীন্দ্র*, ১৮৮৮। ২ *বিণ* পক্ষপাতদুষ্ট। 'নয় সে মোটেই একপেশে একচোখো।' *সত্যেন্দ্র*, ১৯১২। ৩ *বিণ* একটা চোখ আছে এমন। 'দাঁড়িয়ে আছে একচোখো ভূতের মতো।' *রবীন্দ্র*, ১৯৩৫।

একচোট [স এক+হি চোট>] ১ *ক্রিবিণ* বেশ কিছুক্ষণ। 'একচোট ছুটাছুটি করিয়া খেলিয়া বেড়াইবার জন্য অস্থির হইয়া পড়িতেন।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বিণ* একসঙ্গে বেশ খানিকটা। 'প্রথমেই একচোট ঠ্যাঙাবে সেই কথাই আমি ভাবছি।' *শিবরাম*, ১৯৭০।

একচ্ছত্র [স] *বিণ* একচেটিয়া। 'ভারতবর্ষে একচ্ছত্র ইংরেজ-রাজত্বের প্রধান কল্যাণ ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

একচ্ছত্ররূপে [স] *ক্রিবিণ* এককভাবে। 'মোহাম্মদ একচ্ছত্ররূপে আধিপত্য সংস্থাপন করিবেন?' *মশাররফ*, ১৯০৮।

একচ্ছত্রা [স একচ্ছত্রা] *বিণ স্ত্রী* এক রাজা বা শাসকের অধীন। 'সে ... দোর্দণ্ডপ্রতাপশালী ... এবং একচ্ছত্রা পৃথিবী করিবে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

একছত্র [স একচ্ছত্র] ১ *বি* একাধিপত্য শাসন। 'একছত্রে পালিবে অবনি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* এক পঙ্‌ক্তি; ছোটো চিঠি। 'তোমার একছত্র লেখা পাইনি।' *বিভূতি*, ১৯৩১।

একছত্রী [স একচ্ছত্র>] *বিণ* একচ্ছত্র; একক আধিপত্যবিশিষ্ট। 'আমি একছত্রী রাজা হইব।' *রামরাম*, ১৮০১।

একছড়া [স এক+স ছটা] *বিণ* একগুচ্ছ। 'একছড়া দানা গলে।' *ভবানী*, ১৮২৫।

একছন্দা [স] *বিণ* একঘেয়ে; বৈচিত্র্যহীন। 'অন্ধকার শতচ্ছিদ্র একছন্দা তন্দ্রা-আনা ডাকে।' *বুদ্ধ*, ১৯৪৩।

একছলা [স এক-ছলনা>] *বি* ছলনা। 'ছয় পুত্র নিবে মোর দিয়া একছলা।' *বিজয়*, ১৬৫০।

একজন [স] *বি* এক ব্যক্তি। 'একদিন একজন কর পরমিত।' *মালাধর*, ১৫০০।

একজনতা [স] *বি* একমতাবলম্বী জনগণ। 'বহুজনতা অপেক্ষা একজনতা তাহারা পছন্দ করে।' *প্রমথ*, ১৮৯৮।

একজনা [স একজন>] ১ *বিণ* একজন। 'মুরশীদ ভঙ্গিল একজনা।' *সুলতান*, ১৭৫০। ২ *বিণ স্ত্রী* একজন। 'একজনা উর্বশী, সুন্দরী।' *রবীন্দ্র*, ১৯১৬।

একজাতি [স] *বিণ* একজাতীয়তা-ভুক্ত। 'তাহা হইলে ফরাসি ও জর্মানেরাও ধর্মের ঐক্যে ইংরাজের সহিত একজাতি বলিয়া গণ্য হয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

একজাতিআ [স একজাতি] *বিণ* একপর্যায়ভুক্ত; সমাকৃতি। *বিদ্যা*, ১৮৯১।

একজাতিভুক্ত [স] *বিণ* এক সম্প্রদায়ের অন্তর্গত। 'হিন্দুরা যে একজাতিভুক্ত তাতে কোন সন্দেহ নেই।' *উমর*, ১৯৬৬।

একজাতীয় [স] *বিণ* এক ধরনের। 'উদাহরণ, ঔদরিকতা একজাতীয় ইন্দ্রিয়পরতা।' *বঙ্কিম*, ১৮৯২।

একজাতীয়তা [স] *বি* একজাতির বৈশিষ্ট্য। 'ভাষার মধ্যেও সেই কঙ্কালের ছাঁদের মিল পেলেই তাদের একজাতীয়তা ধরা পড়ে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

একজানি [স এক>] *বিণ* একজন মাত্র লোকের জানা। 'একজানি দুইকানি নগরে বারতা।' *মুকুন্দ*, ১৬০০।

এক-জামাত [স এক+আ জামাত] *বিণ* একদলভুক্ত। 'দুশমন দোস্ত এক-জামাত।' *নজরুল*, ১৯২৮।

একজিদ্দে [স এক+আ জিদ্দ] *বিণ* অত্যন্ত জেদি। 'কোলপোঁছা ছেলের মতন আবদেরে একজিদ্দে একরোখা।' *নজরুল*, ১৯২৭।

একজীউ [স এক+স জীব] *বিণ* অভিন্নহৃদয়। 'খুড় ভাইপোয় একজীউ, একপ্রাণ হইব।' *বিদ্যা*, ১৮৭৩।

একজুক্তি [স একযুক্তি] *বিণ* একজোট। 'রাখিয় মন্ত্রনা সভে এক জুক্তি হৈয়া।' *মালাধর*, ১৫০০।

একজুড়ি [স এক>+মু জুড়ি] *বি* এক জুটি; অন্তরঙ্গ সঙ্গী। 'কলেজে আমরা দুজনেই একজুড়ি ছিলুম।' *রবীন্দ্র*, ১৯০৯।

একজেরা [স এক+হি যরা] *বিণ* সামান্য। 'ওরে স্থান পাবে কি জলসাতে তোর একজেরা খোশবুই?' *নজরুল*, ১৯২২।

একজোট [স] ১ *বিণ* ঐক্যবদ্ধ। 'সকলেই একজোট।' *দীনবন্ধু*, ১৮৬৭। ২ *বি* সংঘবদ্ধতা। 'একজোটে কাজ করে মানুষেরা যে রকম ভোটের ব্যালটে।' *জীবন*, ১৯৪২।

একজোড় [স এক+স যুগ্ম] *বিণ* এক জোড়া। 'একজোড় কবুতরে আসিয়া সুরঙ্গ দ্বারে।' *সুলতান*, ১৭০০।

একজোড়া [স এক+স যুগ্ম] *বিণ* দুটি। 'সাত পার্চার খেলাৎ ও গোসোয়ারা এবং একজোড়া শাল।' *দর্পণ*, ১৮৩৫।

একজোন [স একজন] *বিণ* একজন। 'একজোন গোরিব লোক।' *ন্যাতগে*, ১৭৮৭।

একঝলক *বিণ* অল্প সময়। 'ফেরেন দুপুরে একঝলকের জন্যে।' *শামসুল*, ১৯৫৬।

একঝাঁক *বি* এক দল। 'একঝাঁক যে ওরই দিকে রোখ করছে।' *আলাউদ্দিন*, ১৯৭৫।

একঝুড়ি *বিণ* অনেক। 'এক ঝুড়ি মিথ্যার জন্য দান করেছিলেন।' *উমর*, ১৯৬৮।

একঝোঁকা [স এক>+ঝোঁকা] *বিণ* একদিকে বেগবান; একরোখা। 'সে আপনার স্বভাবকে ঠেলিয়া একঝোঁকা হইয়া পড়ে।' *রবীন্দ্র*, ১৯১৪।

একটি [স এক>] *বিণ* একটা; একমাত্র। *বিদ্যা*, ১৮৯১।

একটা *বিণ* নির্দিষ্ট একটি। 'অন্যেশন করিতে২ দেখেন সে পড়িয়া রহিয়াছে একটা খাদের মধ্যে।' *রামরাম*, ১৮০১।

একটা-একটা [স এক>] ১ *ক্রিবিণ* একটার পর একটা। 'তখন একটা একটা করিয়া ময়লা কাপড় তুলিয়া তুলিয়া দেখিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০২। ২ *বিণ* আলাদা আলাদা। 'বিসদৃশ জিনিস গাঁথা পড়ে হল একটা-একটা ফুল কী ফুলের মালা।' *অবন*, ১৯২৫।

একটানা [স এক>] *বিণ* বিরামহীন; অবিরত। *বিদ্যা*, ১৮৯১; 'এক নাছোড়বান্দা পাখি তাহার একটানা সুরের নালিশ।' *রবীন্দ্র*, ১৮৯১।

একটি, একটী [স এক>] ১ *বিণ* এক সংখ্যক। 'একটি করিয়া পত্র সর্বলোকে নিতে।' *বৃন্দা*, ১৫৮০; 'একটী অঙ্গুরি হইতে হব কোন কাম ...।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* একজন। 'একটী ছোট ছেলেকে জিজ্ঞাসা করিলেন।' *রোকেয়া*, ১৯৩২।

একটি আদটি *বিণ* দুয়েকজন। 'যদি একটি আদটি চৌকাটে পা দেয়।' *দীনবন্ধু*, ১৮৬৩।

একটি-দুটি *সর্ব* দুই-একটি। 'একটি-দুটি বাদে সবগুলিই স্পেকট্রামের অন্য প্রান্তে অবস্থিত।' *আইয়ুব*, ১৯৭৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

একটিমাত্র *বিণ* একমাত্র। 'একটিমাত্র বিরহিণীর বৈঠকি কান্না নয়।' *রবীন্দ্র*, ১৮৮৭।

একটু-আধটু *ক্রিবিণ* অল্পস্বল্প। 'একটু-আধটু বদল-সদল হয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

একটু একটু [স এক>] **১** *বিণ* অল্পস্বল্প। 'যে স্ত্রীলোক স্বয়ং উপার্জন করে তাহার একটু একটু গুমর হয়।' *প্যারী*, ১৮৫৮। **২** *ক্রিবিণ* মৃদুভাবে। 'তরুপল্লব অমনি একটু একটু শিহরিয়া উঠিতেছে।' *রবীন্দ্র*, ১৮৮৪। **৩** *ক্রিবিণ* অল্প অল্প ক'রে। 'তোকে আমি একটু একটু করে পড়তে শেখাব।' *রবীন্দ্র*, ১৮৯১। **৪** *বিণ* সামান্য পরিমাণ। 'এক-এক জায়গায় একটু-একটু স্বচ্ছ জল ঝিক ঝিক করছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

একটুক [স এক>] **১** *ক্রিবিণ* সামান্য পরিমাণে। 'তাহার কটাক্ষবাণ বিধে একটুকে।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বিণ* অল্প পরিমাণ। *মানোএল*, ১৭৪৩; 'কাব্য ছাড়া একটুক কদাচিত নাহি ভাষা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

একটুকু [স এক+টুক্কা] *ক্রিবিণ* কিছুটা। 'যদি একটুকু হয়লো উচ্চ।' *মদনমোহন*, ১৮৩৪।

একটুখানি [স এক>] *বিণ* খুব অল্প। 'একটুখানি রূপের হাসি আঁধারেতে ঘুমিয়ে আলা।' *রবীন্দ্র*, ১৮৮৩।

একটেরে [স এক>] **১** *বিণ* একপাশে। 'হাস্যমুখরা তরল উষার গালের একটেরে এক কণা অশুষ্ক অশ্রুর মতো।' *নজরুল*, ১৯২২। **২** *বিণ* দূরবর্তী। 'দুনিয়ার সব কলরব হ-য-ব-র-ল'র একটেরে।' *নজরুল*, ১৯২৪।

একঠাই [স এক>+স স্থান>] **১** *ক্রিবিণ* একত্রে। 'এক ঠাই বাড়িলাহোঁ নান্দের ঘরে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* একত্র। 'আনার তুড়িয়া দানা কৈল এক ঠাই'। *গরীব*, ১৭৫০।

একঠাঁয় [স এক+স স্থান>] *বি* এক জায়গা। 'শেষে একঠাঁয়ে মোরা ডুবিনু দুজনে।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

একঠাঞি [স এক+স স্থান>] *ক্রিবিণ* একস্থানে। 'অনুমান করিবারে একঠাঞি বসি।' *মালাধর*, ১৫০০।

একঢাল [স এক>] *বিণ* একরাশ। 'যেমন একঢাল চুল তেমনি দড়ি হয়েছে।' *দীনবন্ধু*, ১৮৬০।

একতনু [স] *বি* অভিন্নদেহ। 'দুই ভাই একতনু সমানপ্রকাশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

একতন্ত্র [স] **১** *বিণ* এক শাসকের অধীন। 'অদ্রূপ সংখ্যক লোক একতন্ত্র হইয়া ধনোৎপাদন করিবে।' *বঙ্কিম*, ১৮৭৯। **২** *ক্রিবিণ* একত্র। 'বিশ্বচরাচর যেন একতন্ত্র হইয়া আমার এই ক্ষুদ্র হৃদয়টিকে বিপথে লইয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৬।

একতন্ত্রী [স] *বিণ* এক সম্প্রদায়ভুক্ত। 'সে উপরিতন, সে একতন্ত্রী।' *অচিন্ত্য*, ১৯৫০।

একতম [স] *বিণ* অদ্বিতীয়। 'প্রকৃতিগত স্বাতন্ত্র্যে তিনি ছিলেন একতম।' *শরীফ*, ১৯৭০।

একতর [স] **১** *বিণ* দুইয়ের মধ্যে একজন। 'দুই বংশের রাজাদের মধ্যে একতর সম্রাট্ হইলে অন্যতর মণ্ডলেশ্বর হইতেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **২** *বি* একজন। 'একতরের গৌরব অন্যতরের গৌরব হইতে পারে না।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

একতরফ [স এক+আ তরফ] *বিণ* একতরফা। 'এক তরফ আপিলে শুনানিতে তথাকার বিচারকর্ত্তা ঐ ব্যয় অধিক বোধ করিয়া।' *দর্পণ*, ১৮৩০।

একতরফা [স এক+আ তরফ] **১** *বিণ* একপেশে। 'অনেক স্থলে এক তরফা বিচারেই একান্নবর্ত্তী পরিবার নিঃশেষিত হয়।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **২** *বিণ* এক পক্ষের অনুকূল বা প্রতিকূল। 'নিয়মটি একতরফা রাখ কেন?' *বঙ্কিম*, ১৮৭৯। **৩** *বিণ* কেবল একপক্ষ করছে এমন। 'এরূপ এক-তরফা দাম্পত্য আলাপ কতক্ষণ চলিত বলা যায় না।' *রবীন্দ্র*, ১৮৯১।

একতলা [স একতল>] **১** *বি* বাড়ির নীচের তলা। 'চৌতলা থেকে একতলা পর্যন্ত, জিনিসপত্র গুছিয়ে ...।' *রবীন্দ্র*, ১৮৮০। **২** *বিণ* বাড়ির সবচেয়ে নীচের। 'দোতলা বাড়ির লোহার-গরাদে-দেওয়া একতলা ঘর পথের ধারেই।' *রবীন্দ্র*, ১৯৩২।

একতা [স] **১** *বি* মিলন। 'এ বীজে সে বীজে একতা হবে।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বিণ* সদৃশ। 'সে শরীরের প্রকৃতি, আর ভূতের প্রকৃতি একতা হৈ থাকে।' *আন্তোনিয়ো*, ১৭৪৩। **৩** *বি* ঐক্য। 'একতা দ্বারা স্বদেশের হিত চেষ্টা প্রাণ পণে কর্ত্তব্য।' *অক্ষয়*, ১৮৪৫।

একতাথত [স এক+আ তাথত] *বিণ* একবারের। *তাঁতি*, ১৭৯২।

একতাড়া [স এক+আ তুররাহ্] *বিণ* এক গুচ্ছ। 'কোমরের কালো বেল্ট হইতে একতাড়া নোট নিয়া ...।' *মানিক*, ১৯৩৬।

একতান [স] **১** *বিণ* একাগ্র। 'সকলেই স্বকর্ম বিস্মৃত হয়ে, একতান মনে সেই সঙ্গীত শুনতে থাকে।' *মাইকেল*, ১৮৭৩। **২** *বিণ* মিলিত। 'ঋতুগণ একতানস্বরে গান ধরিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১। **৩** *বিণ* একটানা। 'নিরুদ্দেশ মহাসমুদ্রের একতান শব্দের মতো ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

একতানতা [স] *বি* সমরূপতা। 'তার ক্রিয়ার একতানতা ও নিত্যতা অনিশ্চিত।' *রবীন্দ্র*, ১৯৩১।

একতানমনা [স এক-তান-মন>] *বিণ* একাগ্রচিত্ত। 'উভয়ে, একতানমনা হইয়া, শ্রবণ ও দর্শন করিতে লাগিলেন।' *বিদ্যা*, ১৮৪৭; 'তাহাই একতানমনা হইয়া শুনিতেছিলেন।' *বঙ্কিম*, ১৮৬৬।

একতানমনে *ক্রিবিণ* একাগ্রচিত্তে। 'ঋতুদিগকে নমস্কার করিয়া একতানমনে গান শুনিতে লাগিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

একতানয়ন [স একতা+স আনয়ন] *বি* ঐক্য প্রতিষ্ঠা। 'একটা বাহ্য একতানয়নের প্রয়াসে সমাজের অন্তর্নিহিত অনৈক্য আরও স্পষ্টতর হ'য়ে ওঠাই ...।' *ওয়াজেদ*, ১৯৪৩।

একতানশব্দ [স] *বি* সম্মিলিত শব্দ। 'সমুদ্র অবিশ্রাম একতানশব্দপূর্বক তটের উপর ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

একতাবদ্ধ [স] *বিণ* জোটবদ্ধ। 'আমরা প্রাথমিক যুগের মোসলমানদের মত একতাবদ্ধ হইতে পারি।' *তরক্কী*, ১৯২৬।

একতার [স এক+স তার] *বি* একতারা; একটি তারবিশিষ্ট বাদ্যযন্ত্র-বিশেষ। 'একতারে দিয়ে তান রামদাস গাহে গান।' *রবীন্দ্র*, ১৮৯৯।

একতারা [স এক+স তার>] *বি* এক তারবিশিষ্ট বাদ্যযন্ত্রবিশেষ। 'শিলাইদহ অঞ্চলেরই এক বাউল কলকাতায় একতারা বাজিয়ে গেয়েছিল।' *রবীন্দ্র*, ১৮৮৩।

একতাল[১] [স] *বি* (সংগীত) বারো মাত্রার তালবিশেষ। 'ইহা চৌতালও নহে, একতালও নহে, ধামারও নহে, ঝাঁপতালও নয়।' *রবীন্দ্র*, ১৯১৭।

AMARBOI.COM

একতাল[২] [স] *বিণ* স্তূপীকৃত। 'একতাল ভিজে ন্যাকড়া।' *রবীন্দ্র*, ১৯২৮।

একতালা[১] [স এক+স তাল>] ১ *বি* বারো মাত্রার তালবিশেষ। 'যে ছন্দটা লক্ষ্য করিয়া লিখিতেছিলাম তাহার তাল একতালা।' *রবীন্দ্র*, ১৯১৪। ২ *বিণ* একঘেয়ে। 'মহররমের একতালা বাজনা হচ্ছে।' *মনসুর*, ১৯৪৫।

একতালা[২] [স এক+স তল>] ১ *বি* এক তলা। *মেয়র্স*, ১৭৬২। ২ *বিণ* এক তলাবিশিষ্ট। 'পথ সকলও অতি পরিচ্ছন্ন বাস্তুগৃহ একতালা।' *অক্ষয়*, ১৮৪২।

একতালা ঘর *বি* যে ঘরের মাত্র একটা তলা ও একটি ছাদ আছে। *ওসা*, ১৭৮৫।

একতালী [স] *বি* সংগীতের তালবিশেষ; এক তালা। 'বরাড়ীরাগঃ ॥ একতালী।' *বড়ু*, ১৪৫০।

একতাসূত্র [স] *বি* একতার সূত্র। 'সমাজের একতাসূত্র ছিন্ন হইয়া যাইতেছে।' *প্রচারক*, ১৯০১।

একতাহারা [স] *বিণ* ঐক্য নেই এমন। 'আমরা জাতীয় জীবন ও জাতীয় একতাহারা।' *প্রচারক*, ১৯০৩।

একতিল [স এক+স তিল] ১ *ক্রিবিণ* তিল পরিমাণ। 'একতিল জথা জাই জুড়াইতে নাঞি ঠাঞি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* সামান্য। 'একতিল লাজভয় নাহিল মানসে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

এক-তৃতীয়াংশ [স] *বিণ* তিন ভাগের এক ভাগ। 'মোছলেম প্রতিনিধির সংখ্যা এক-তৃতীয়াংশ হইবে।' *মোহাম্মদী*, ১৯৩১।

একত্তর [স একত্রা] *বিণ* একত্র। 'যুক্তি করিবারে সব হৈল একত্তর।' *সুলতান*, ১৭০০।

একত্তরে [স একত্র] *ক্রিবিণ* একত্রে। 'একত্তরে চৌদ্দ যম যুকুতি করিয়া।' *বিজয়*, ১৬৫০।

একত্রিংশ [স একত্রিংশ] *বিণ* একত্রিশ। '১৩১ এক সত একত্রিংশ্ভো কর্জ্জ করিলাম।' *মেয়র্স*, ১৭৫৭।

একত্ব [স] ১ *বি* একক সত্তা। 'ঈশ্বরের একত্বের প্রতি অতিব্যাঘাত।' *দর্পণ*, ১৮২১। ২ *বি* অভিন্নতা। 'সালোক্য, সার্ষ্টি, সামীপ্য, সারূপ্য এবং একত্ব অর্থাৎ সাজুয্য।' *বঙ্কিম*, ১৮৯২।

একত্ববাদ [স] *বি* স্রষ্টা এক এবং অদ্বিতীয় এরূপ মতবাদ। 'এছলামের একত্ববাদ, সাম্যবাদ, সভ্যতা।' *এসলাম*, ১৯১৯।

একত্র [স] ১ *বিণ* জড়ো। 'সকল সিকার ভাত একত্র করিল।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* মিলিত। 'এক স্থানে সকলে একত্র হইলেন।' *দর্পণ*, ১৮১৮।

একত্র করা *ক্রি* একস্থানে মিলিত করা। 'ভক্তগণে একত্র করি বলিল বচন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

একত্রবদ্ধ [স] *বিণ* একতাবদ্ধ। 'একত্রবদ্ধ থাকিয়া অপরের হিতচেষ্টায় ... নিযুক্ত আছেন।' *অক্ষয়*, ১৮৪১।

একত্রমেলা *বি* এক সঙ্গে হওয়া। 'হয় খেলায়, নয় এই একত্রমেলায়।' *অচিন্ত্য*, ১৯৫০।

একত্রিংশতি [স] *বিণ* ৩১ সংখ্যক। 'একত্রিংশতি কথা।' *তারিণী*, ১৮০৩।

একত্রিত [স] *বিণ* একত্র। 'তদুপলক্ষে ইঙ্গরেজ ও বাঙ্গালি একত্রিত ছিলেন।' *দর্পণ*, ১৮৩১।

একত্রিতা [স] *বিণ* স্ত্রী একত্র। 'যত যুবতি একত্রিতা হইয়া কন্যাকে বেষ্টন করিয়া।' *দর্পণ*, ১৮২৭।

একত্রিশ [স একত্রিংশ] *বিণ* ৩১ সংখ্যক। 'কোনও মাস ঊনত্রিশ দিনে, কোনও মাস ত্রিশ দিনে, কোনও মাস একত্রিশ দিনে, কোনও মাস বত্রিশ দিনে হয়।' *বিদ্যা*, ১৮৫১।

একত্রিস [স একত্রিংশ] *বিণ* একত্রিশ; ৩১ সংখ্যক। *বিদ্যা*, ১৮৯১।

একত্রীকরণ [স] *বি* একীভূতকরণ। 'কৃষিক্ষেত্রে একত্রীকরণের কথা আমি নিজে একদিন চাষীদের ডেকে আলোচনা করেছিলুম।' *রবীন্দ্র*, ১৯৩১।

একত্রীভূত [স] ১ *বিণ* একত্র-করা। 'একত্রীভূত জলের নাম সমুদ্র রাখিলেন।' *কেরি*, ১৮০৮। ২ *বিণ* সঞ্চিত। 'স্থানে স্থানে একত্রীভূত ধূলিসমূহ প্রবল ঘূর্ণিত।' *অক্ষয়*, ১৮৪৩। ৩ *বিণ* মিলিত। 'স্বদেশ আমাদের সকলের একত্রীভূত আবাস স্বরূপ।' *অক্ষয়*, ১৮৫৪। ৪ *বিণ* এক রাজ্যভুক্ত। 'তাঁর স্বর্গারোহণের পর, সিন্ধু ও পঞ্জালরাজ্য একত্রীভূত হবে।' *মাইকেল*, ১৮৭৩।

একদঙ্গল [স এক+ফা দঙ্গল] *বিণ* একদল। 'একদঙ্গল ছেলেমেয়ে হাঁ করে চেয়ে আছে।' *অবন*, ১৯২৫।

একদণ্ড [স] *ক্রিবিণ* কিছুটা সময়। 'তুমি গেলে ছিরা না থাকিব একদণ্ড।' *মুকুন্দ*, ১৬০০।

একদম [স এক+ফা দম] ১ *ক্রিবিণ* একেবারে। 'বুকের হাড় কখানা বসে গেলে যেমন একদম খালি-খালি ঠেকে।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বিণ* হৃষ্টপুষ্ট। 'একদম এঁটেল মাটির মতো লেগে থাকবে।' *নজরুল*, ১৯২৯। ৩ *বিণ* পুরোপুরি। 'এই ডাক-পুরুষে কথাটি একদম খাঁটি।' *নজরুল*, ১৯২৭। ৪ *ক্রিবিণ* আদৌ। 'বেশি লাভ হবে না, হয়ত একদমই হবে না।' *শওকত*, ১৯৫৮।

একদলা *বিণ* এক তাল। 'একদলা চাপ মত কী একটা বুকের ভেতর।' *শ্যামল*, ১৯৬৭।

একদশমাংশ [স] *বিণ* দশ ভাগের একভাগ। 'তার একদশমাংশের বেশি খেলে পাঁচজনে ভাববে।' *মুজতবা*, ১৯৫৯।

একদা [স এক>] *ক্রিবিণ* অতীতের কোনো এক সময়ে। 'একদা, এক বাঘের গলায় হাড় ফুটিয়াছিল।' *বিদ্যা*, ১৮৫৬।

একদাএ [স এক>] *ক্রিবিণ* এক সময়ে। 'এ সকল তেজিলা কি শোকে একদাএ।' *বাহরাম*, ১৬৫০।

এক দাঁড়ি [স এক+স দণ্ড] *বি* বাংলা পূর্ণযতির চিহ্ন। 'ক লেখ এক দাঁড়ি ফেল।' *ভবানী*, ১৮২৫।

একদারনিষ্ঠ [স] *বিণ* এক স্ত্রীতে নিষ্ঠাবান। 'বাদশা আমানুল্লা নিতান্ত একদারনিষ্ঠ বলে তুমি অবিবাহিতা।' *মুজতবা*, ১৯৬০।

একদিকদর্শিতা [স] *বি* কেবল এক দিক বিবেচনা। 'ইহাকেই বলে একদিকদর্শিতা।' *এসলাম*, ১৯১৬।

একদিগ [স এক+স দিক] *বি* বিশেষ কোনো দিক। 'একদিগে আড় হই সংগোপে রহিলা।' *বৃন্দা*, ১৫৮০।

একদিন [স] ১ *ক্রিবিণ* একবার। 'একদিন নগর ভ্রময়ে প্রভু রঙ্গে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *ক্রিবিণ* কোনো এক দিবস। 'একদিন মহাপ্রভু নিত্যানন্দ সঙ্গে।' *বৃন্দা*, ১৫৮০।

একদিনে *ক্রিবিণ* এক দিন জুড়ে। 'একদিনে যত হয় ভাবের বিকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

একদিবস [স] *ক্রিবিণ* একদিন। 'পরে এক দিবস মনে মনে বিবেচনা করিলেন ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

একদিল [স এক+ফা দিল] *বিণ* একান্ত। 'শোষিত সম্প্রদায়ের সঙ্গে একদিল হয়ে কাজ করতে পারে।' *ধূর্জটি*, ১৯৩১।

একদিষ্টি [স এক-দৃষ্টি] *বিণ* অপলক। 'একদিষ্টি হৈয়া সব লোক নিরীক্ষএ।' *বাহরাম*, ১৬৫০।

একদীন [স একদিন] *ক্রিবিণ* একদিন। 'একদীন এক মালির মায়ে ...।' *হ্যালহেড*, ১৭৭৩।

একদৃষ্টি [স] *বি* স্থির চোখ। 'মুখের দিকে একদৃষ্টিতে চেয়ে বললে ...।' *রবীন্দ্র*, ১৯২৮।

এক দৃষ্টে [স একদৃষ্টি>] *ক্রিবিণ* অপলক চোখে। 'আমাদের দিকে এক দৃষ্টে চেয়ে রয়েছে।' *উমেশ*, ১৮৫৭।

এক দৃষ্ট্যে [স একদৃষ্টি>] *ক্রিবিণ* অপলক চোখে। 'এক দৃষ্ট্যে সবেই চাহেন শ্রীচরণ।' *বৃন্দা*, ১৫৮০।

একদেশ [স] *বি* অখণ্ড দেশ। 'এই সমগ্র দেশটি একদেশ।' *প্রমথ*, ১৯২৫।

একদেশদর্শিতা [স] *বি* কেবল এক দিক বিবেচনা করে এমন ভাব। 'এক মুহূর্তে একদেশদর্শিতাই হচ্ছে প্রত্যক্ষজ্ঞানের ধর্ম।' *প্রমথ*, ১৯১৪।

একদেশদর্শী [স] *বিণ* কেবল এক দিক বিবেচনা করে এমন। 'দর্শন বিজ্ঞান প্রভৃতি সবই বিশ্বের একদেশদর্শী।' *প্রমথ*, ১৯১৭।

একদেহ [স] *বিণ* যেন অভিন্ন দেহ হয়ে গেছে এমন। 'কেবলমাত্র একমন নহে, কতকটা একদেহও হইয়া যায়।' *প্রমথ*, ১৯২০।

একদৌড় [স এক+স দ্রু>] *বি* ঊর্ধ্বশ্বাস দৌড়। 'একদৌড়ে সে দোকান হইতে বাহির হইয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৭।

একধন্যা [স এক-ধন>] *বিণ* শ্রেষ্ঠ। 'ত্রিভুবনে একধন্যা বিভা দিল রাজকন্যা।' *মুকুন্দ*, ১৬০০।

একধর্মী [স] ১ *বিণ* অভিন্ন গুণসম্পন্ন। 'পৌরুষ ও কবিত্ব একধর্মী।' *মানিক*, ১৯৩৫। ২ *বিণ* এক জাতের। 'পদ্মানদীর মাঝিরা সকলে একধর্মী।' *মানিক*, ১৯৩৬।

একধার [স] *বি* এক তীর। 'একধার হইতে আর একধার দেখা যায় না।' *জসীম*, ১৯৬০।

একনজর [স এক+আ নজর] *বি* সংক্ষিপ্তভাবে দেখা। 'একনজর দেখে আসি নবাগত সহকর্মীটিকে।' *সাদত*, ১৯৬৭।

একনাগাড়ে [স] ১ *ক্রিবিণ* একটানা; বিরতিহীনভাবে। 'তাকে একনাগাড়ে সমস্ত দিন ছায়ায় শুইয়ে রাখতে হবে।' *মুজতবা*, ১৯৬০। ২ *ক্রিবিণ* ক্রমাগত। 'একনাগাড়ে একই ভঙ্গিতে বসে থাকার ফলে।' *ওয়ালী*, ১৯৬৪।

একনায়ক [স] *বি* স্বৈরশাসক। 'মেদিনী মুখর একনায়কের স্তবে।' *সুধীন্দ্র*, ১৯৪৫।

একনায়কতা [স] *বি* একব্যক্তিক শাসন। 'একনায়কতার বিপদ আছে বিস্তর ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

একনায়কত্ব [স] *বি* একব্যক্তিক কর্তৃত্বাবস্থা। 'এখানে জবরদস্ত লোকের একনায়কত্ব চলছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

একনায়কত্ববাদ [স] *বি* একনায়কতন্ত্র। 'ইহার দ্বারা তিনি একনায়কত্ববাদ বুঝাইতে চাহেন না।' *আজাদ*, ১৯৫৯।

এক-নায়কী [স] *বিণ* একনায়কের মতো। 'জানতে ক্রুর ক্রেয়োন তোমায় এক-নায়কী দণ্ড দেবে।' *শামসুর*, ১৯৭২।

একনিমিষ [স] *বি* চোখের পলক। 'একশত যোজনের সংবাদ এক নিমিষে আনয়ন করিবে।' *অক্ষয়*, ১৮৫৫।

একনিশ্বাস [স] *বি* দ্বিধাহীনতা। 'তাই তো এক নিশ্বাসে বলতে পারি ভালো হয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩২।

একনিষ্ঠ [স] *বিণ* একাগ্র। 'চলে যাব ... বহিয়া অসংখ্য কাজে একনিষ্ঠ হিয়া।' *রবীন্দ্র*, ১৯০১।

একনিষ্ঠতা [স] ১ *বি* একের প্রতি অনুগত। 'বাইশ-তেইশ বছর বয়সে মেয়েরা সারা জীবনের একনিষ্ঠতা অর্জন করে।' *মানিক*, ১৯৩৫। ২ *বি* স্থিরতা। 'ভিখু আজীবন একনিষ্ঠতার প্রতিজ্ঞা করে।' *মানিক*, ১৯৩৭।

একনিষ্ঠা [স] *বি* একের প্রতি আনুগত্য। 'সে-সেবার নেই প্রতিদান; প্রতিশ্রুত একনিষ্ঠা তার অপমান।' *সুধীন্দ্র*, ১৯২৯।

একপঙ্‌ক্তি [স] *বি* একই সারিতে অবস্থান। 'তার সঙ্গে এক পঙ্‌ক্তি বড় অনাচার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

একপঞ্চাশৎ [স] *বিণ* একান্ন সংখ্যক। 'একপঞ্চাশৎ কথা।' *তারিণী*, ১৮০৩।

একপাঁউন [স] *ক্রিবিণ* একদফা। 'আবার একপত্তন চানা-মুঠ খাইতে শুরু করিল।' *রবীন্দ্র*, ১৯১৪।

একপত্নীত্ব [স] *বি* এক স্ত্রীতে স্থিতি। 'একপত্নীত্ব দোষ নয়।' *বঙ্কিম*, ১৮৮৭।

এক পথের পথিক *বিণ* অভিন্ন পথ অনুসরণকারী। 'জীবনে আমরা সকলেই এক পথের পথিক।' *প্রমথ*, ১৯১৪।

একপদি [স এক-পদ>] *বি* পয়ার; ১৪ মাত্রার ছন্দবিশেষ। 'রচিআ মধুর পদে একপদি ছন্দ।' *মুকুন্দ*, ১৬০০।

একপন্থী [স এক+হি পন্থী] *বিণ* একই পন্থায় বিশ্বাসী। 'সমস্ত ফন্দি-ফিকিরে এরা সকলেই একপন্থী।' *মনসুর*, ১৯৫৫।

একপরায়ণ [স] *বিণ* একনিষ্ঠ। 'তাহা গভীরতার দিকে নিতান্ত একপরায়ণ ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

একপরায়ণা [স এক-পরায়ণ>] *বিণ স্ত্রী* স্বামীর প্রতি একান্তভাবে অনুগত। 'একপরায়ণা সতী স্ত্রীই তো প্রেমের যথার্থ সৌন্দর্য।' *রবীন্দ্র*, ১৯০৭।

এক পা [স এক-পদ] ১ *বি* পায়ের মতো লম্বা; বারো ইঞ্চি পরিমাণ লম্বা; এক ফুট। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বিণ* সদা প্রস্তুত। 'লেকুও দোস্তের নামে এক পা।' *কায়সার*, ১৯৬৫।

একপাটা [স এক-পদ>] *বি* উড়ানি; চাদর। 'একপাটা উড়াইয়া লপেটা পায়ে দিয়া মজা করিয়া বেড়াই।' *ভবানী*, ১৮২৫।

একপাঠী [স এক+স পাঠ>] *বি* সহপাঠী। 'যাহারা তোমার একপাঠী তাহাদের সহিত কখন কলহ করিও না।' *মদনমোহন*, ১৮৪৯।

একপাদ [স এক-পাদ] *বিণ* চারভাগের একভাগ। 'ত্রেতাযুগে লোকের অন্তঃকরণে একপাদ অধর্ম স্থান প্রাপ্ত হইলেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

একপার [স একপর্ব] *বিণ* এক গাঁট বা পর্ববিশিষ্ট। 'হাতে একগাছি একপার বেত।' *দীনবন্ধু*, ১৮৬৭।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

একপার্শ্ব [সা] *বি* একপ্রান্ত। 'শয়নে একপার্শ্ব অবলম্বন।' *দর্পণ*, ১৮৩৪।

একপাল [সা] **১** *বিণ* একদলভুক্ত। 'যতেক শৃগাল হইয়া একপাল কূলে দাঁড়াইয়া তারা।' *কেতকা*, ১৬৫০। **২** *বিণ* একঝাঁক। 'একপাল বক শো শো করে উড়ে গেল।' *জীবন*, ১৯৩২।

একপালকের পাখি *বিণ* একই বৈশিষ্ট্যসম্পন্ন। '... প্রমুখের মতো তিনি যে একপালকের পাখি ছিলেন তা-ই নয়।' *মুরশিদ*, ১৯৭০।

একপাশ [স এক-পার্শ্ব] *ক্রিবিণ* পৃথক। 'হস্তে তারে স্পর্শি কহে হও একপাশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

একপিঠ [স এক+স পৃষ্ঠ] *বিণ* পিঠজোড়া। 'ঘন একপিঠ দীর্ঘ কালো চুল।' *তারা*, ১৯৪২।

একপিঠে [স এক+স পৃষ্ঠ>] *বিণ* সীমিতসংখ্যক কাজ নিয়েই ব্যস্ত থাকে এমন। 'নিরুপম সত্যিই আটপিঠে আমার মত একপিঠে নয়।' *নরেন্দ্র*, ১৯৫২।

একপুরুষভাগিনী [সা] *বিণ স্ত্রী* একগামী। 'একপুরুষভাগিনী স্ত্রীতে পুরুষের যে স্বাভাবিক অধিকার ...।' *বঙ্কিম*, ১৮৮৭।

একপেঁয়াজা [স এক+ফা পিয়াজ] *বিণ* কম রক্ষণশীল। 'তুই চলে যাওয়ার পর কিন্তু সব আমায় প্রেফ একপেঁয়াজা মোল্লা বলছে।' *নজরুল*, ১৯২৭।

একপেট [সা] *বিণ* ভরপেট। 'সন্ধ্যাবেলায় একপেট জাবনা খাইতে পাইলেই সন্তুষ্ট।' *রবীন্দ্র*, ১৮৯২।

একপেশে [স একপার্শ্ব>] *বিণ* পক্ষপাতদুষ্ট। 'নয় সে মোটেই একপেশে একচোখো।' *সত্যেন্দ্র*, ১৯১২।

একপেশো [স একপার্শ্ব>] *বিণ* পক্ষপাতদুষ্ট। 'নিতান্ত একপেশো হয়ে উঠেছে।' *প্রমথ*, ১৯১৮।

একপো [স একপাদ>] *বিণ* এক পোয়া; এক সেরের চারভাগের একভাগ; প্রায় ২৩০ গ্রাম। 'একপো তামাক হেসেখেলে তার ভিতর থানা গাড়তে পারে।' *মুজতবা* ১৯৫২।

এক পোয়া [স একপাদ>] **১** *বি* পনেরো মিনিট। 'সাতটা বাজিতে এক পোয়া থাকিতে ...।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বিণ* এক মাইলের চার ভাগের একভাগ। 'খুব নিকটে নয়, প্রায় একপোয়া পথ।' *বিভূতি*, ১৯২৯। **৩** *বিণ* এক সেরের সিকি ভাগ; প্রায় ২৩০ গ্রাম। 'কেউবা দিল এক পোয়া চাল, কেউবা ছটাক – খানি।' *জসীম*, ১৯২৯।

একপ্রকার [স] **১** *বিণ* অন্যতম। 'তাহার একপ্রকার কারণ বলা যাইতে পারে।' *দর্পণ*, ১৮৩৩। **২** *বিণ* এক ধরনের। 'আশ্চর্য্য একপ্রকার বিমল আনন্দের উদয় হয়।' *অক্ষয়*, ১৮৪৩। **৩** *ক্রিবিণ* অনেকটা। 'অধিকাংশ তিথিনক্ষত্র খুব বড়ো বড়ো অক্ষরে একপ্রকার লুপ্ত করিয়া দিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

একপ্রবণতা [সা] *বি* একমুখিতা। 'তাহার সাহিত্যে ও শিল্পে এক আশ্চর্য একপ্রবণতা দেখা যায়।' *রবীন্দ্র*, ১৯০৫।

একপ্রস্থ [স] **১** *বিণ* কমবয়সী বালিকাদের একবার পালন করতে হয় এমন। 'একপ্রস্থ ব্রত কুমারী ব্রত।' *অবন*, ১৯১৯। **২** *বিণ* একদফা। 'একপ্রস্থ মাল রাখিয়া আসিয়াই বগা কুবেরের কাছে একটা বিড়ি দাবি করিয়া বসিল।' *মানিক*, ১৯৩৬।

একপ্রাণ [স] *বিণ* অভিন্নহৃদয়। 'হনু একপ্রাণ একমন।' *মাইকেল*, ১৮৬৫।

একপ্রাণতা [স] *বি* একাত্মতা। 'আমাদের একতা, একপ্রাণতা হওয়া অবশ্যম্ভাবী।' *এসলাম*, ১৯১৬।

একপ্রাণা [স] *বিণ স্ত্রী* একই প্রাণের অধিকারী। 'ভক্তিদেবীর স্বজনী, একপ্রাণা দোঁহে।' *মাইকেল*, ১৮৬০।

একপ্রান্ত [স] *বি* একপাশ। 'বাত্যায়নবর্তী পালঙ্কের একপ্রান্তে নিলীন হইয়া পড়িয়া আছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

একফালি [স এক+ফালি] *বি* এক খণ্ড। 'আছিল ইসর মূল তাহে একফালি।' *মুকুন্দ*, ১৬০০।

একফোঁটা [স এক-স্ফুট>] **১** *বিণ* অতি সামান্য। 'ইহাদের মধ্যে এক ফোঁটা জীবন্ত পদার্থ আছে কি না ...।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বিণ* কমবয়সী। 'ঐ তো একফোঁটা মেয়ে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

এক-বংশীয় [স] *বিণ* এক বংশে জন্ম হয়েছে এমন। 'তাহাদের সকলকে এক-বংশীয় বোধ হয় না।' *অক্ষয়*, ১৮৪৯।

এক-বগ্‌গা [স এক+স বর্গ] *বিণ* একতরফা। 'হাসিটা এক-বগ্‌গা টের পেয়ে থেমে গেল।' *জীবন*, ১৯৪৮।

এক বন্দ [স এক+ফা বন্দ] *বি* অভিন্ন চাষাধীন একত্রিত ভূমিখণ্ড। 'এক বন্দে বেশী জমি না পাওয়া গেলে ...।' *আজাদ*, ১৯৩৭।

একবয়সী [স] *বিণ* সমবয়সী। 'সকলেই যে একবয়সী ছিলাম তা নহে।' *রবীন্দ্র*, ১৯০৫।

একবলকা *বিণ* একবার বলক উঠেছে এমন। 'দু জামবাটি উষ্ণ একবলকা দুধ।' *মণীশ*, ১৯৬৩।

একবস্ত্রপরিহিতা [স] *বিণ স্ত্রী* একটি মাত্র বস্ত্র পরিহিত। 'অনাথবন্ধু আপনার একবস্ত্রপরিহিতা অবগুণ্ঠনবতী অগৌরবর্ণা স্ত্রীকে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

একবস্ত্রে [স] *ক্রিবিণ* কেবল গায়ের কাপড় সম্বল ক'রে। 'তাড়িত হইয়া একবস্ত্রে আসিয়া আমার নিকট দাঁড়াইল।' *প্রভাত*, ১৮৯৫।

একবাক্য [স] **১** *ক্রিবিণ* একটানা। 'যুধিষ্ঠির ... একবাক্যে পরমসুখে ৭৬ বৎসর রাজ্য করেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **২** *বিণ* একমত। 'এদেশীয় সকলে একবাক্য হইয়া পার্লিমেণ্ট নামক মহাসভায়।' *বঙ্গদূত*, ১৮২৯।

একবাক্যতা [স] **১** *বি* একমত। 'একবাক্যতা নাহি তাতে স্বামী নাহি মানি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* অভিন্নভাব। 'একবাক্যতায় মুক্তকণ্ঠে স্বীকার করিয়া থাকেন।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

একবার [স এক+ফা বার] *ক্রিবিণ* একদফা। 'একবার মোর তোষে কর উপকার।' *বড়ু*, ১৪৫০।

একবারে *ক্রিবিণ* এক সঙ্গে। 'জাম্বুবতী সত্যভামা বিভা একবারে।' *মালাধর*, ১৫০০।

একবিংশ [স] *বিণ* ২১ সংখ্যক। 'একবিংশ ভেদিলে দেখএ জুতির্মএ।' *সুলতান*, ১৭০০।

একবিংশতি [স] *বিণ* ২১ সংখ্যক। 'বার একবিংশতি নিক্ষত্রি করিল খিতি।' *মুকুন্দ*, ১৬০০।

একবিংস [স একবিংশ] *বিণ* ২১ সংখ্যক। 'একবিংসে বৈদ্ধ রূপে জগত মোহন।' *মালাধর*, ১৫০০।

একবিংসতি [স একবিংশতি] *বিণ* ২১ সংখ্যক। 'জ্ঞাতে হরিলে একবিংসতি পুরুস নাস করে।' *মালাধর*, ১৫০০।

একবিঘতী [স এক+স বিতস্তি>] *বিণ* এক বিঘত বিস্তারবিশিষ্ট। 'পেট-কাটা একবিঘতী কাঁচুলির উপর ...।' *মুজতবা*, ১৯৫৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

একবিধ [স] *বিণ* একরকম। 'দৃশ্য এবং অদৃশ্য আলোকের প্রকৃতি একবিধ অথবা বিভিন্ন।' *জগদীশ*, ১৮৯৫।

একবিন্দু [স] *ক্রিবিণ* একটুও। 'ভারতবর্ষের সম্বন্ধে যদি একবিন্দুও খবর জানে।' *রবীন্দ্র*, ১৮৮১।

একবিরহিত [স] *বিণ* ঐক্যবর্জিত। 'বৈচিত্র্য যদি একবিরহিত হয়, অগণ্যতা যদি একসূত্রে গ্রথিত না হয়... ।' *রবীন্দ্র*, ১৯০৮।

একবিশিষ্ট [স] *বিণ* একচ্ছত্র। 'একবিশিষ্ট ও সুস্থির অধিকারে কিঞ্চিৎ হানি স্বীকার করিয়া থাকেন।' *তারিণী*, ১৮০৩।

একবুদ্ধি [স] *বিণ* নিবিষ্টচিত্ত। 'রাত্রিদিন চলে সাধু হইআ একবুদ্ধি।' *মুকুন্দ*, ১৬০০।

একবেণীধরা [স একবেণী>] *বিণ স্ত্রী* অবিন্যস্ত চুল-ওয়ালা। 'একবেণীধরা, বিরহব্রতচারিণী, শুদ্ধশীলা।' *রবীন্দ্র*, ১৯০৭।

একবোল [স এক>] *বি* এককথা। 'কীন্ত একবোল সুনহ মহাসএ।' *মালাধর*, ১৫০০।

একব্যঞ্জনী [স] *বি* একার্থগ্রহণকারী। 'একব্যঞ্জনীদের পক্ষে বহুব্যঞ্জনী রবীন্দ্রনাথকে চেনা কঠিন।' *মোতাহের*, ১৯৫০।

একব্রত [স] *বিণ* একতাবদ্ধ। 'গ্রামে স্বাস্থ্য ফিরিয়ে আনতে হবে, অবিরোধে একব্রত সাধনার দ্বারা।' *রবীন্দ্র*, ১৯৩২।

একব্রতী [স] *বি* একটি সংকল্পের সাধনা করে যে। 'একব্রতীর সাধনায় অর্জিত তাঁর এই কৃতিত্বকে বর্ণনা করতে গিয়ে ...।' *সুনীল*, ১৯৭০।

একভাগ [স] *বি* একাংশ। 'রাহু যেন গরাসিল একভাগ শশী।' *কৃষ্ণরাম*, ১৭২০।

একভাব [স] *বিণ* একমন। 'ভবানীর নামে দিলা একভাব হয়ে।' *ভারত*, ১৭৬০।

একভাবাপন্ন [স] *বিণ* একই ধরনের। 'আমাদের বর্ত্তমানকালের একভাবাপন্ন জড়ত্ব পরিহার করতে পারব।' *রবীন্দ্র*, ১৯০৮।

একভাবে [স] **১** *ক্রিবিণ* একমনে। 'একভাবে বন্দো হরি করি জোড় হাথ।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রিবিণ* বিরামহীন। 'একভাবে চব্বিশ প্রহর যাঁর নৃত্য।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

একভায়ে [স এক>] *ক্রিবিণ* একপাশে। 'বাটাইলের ধারে ছিদু থুইল একভায়ে।' *বিজয়*, ১৬৫০।

একভিড় [স এক+স মিল] **১** *বিণ* একঝাঁক। 'একভিড় হরিয়াল পাখি উড়ে গেলে মনে হয় ...।' *জীবন*, ১৯৪৪। **২** *বিণ* একরাশ। 'আত্তাবলের ঘ্রাণ ভেসে আসে একভিড় রাত্রির হাওয়ায়।' *জীবন*, ১৯৪৮।

একভিত [স এক+স ভিত্তি>] **১** *বিণ* একত্র। 'চাপড় মারিয়া কৃষ্ণে একভিতে করি।' *মালাধর*, ১৫০০। **২** *বি* একপাশ। 'কাননের একভিতে নিভৃত পরানটিতে।' *রবীন্দ্র*, ১৯২৯।

একমত [স] *বিণ* ঐক্যবদ্ধ। 'আমরা অনেকে একমত হইয়া এই পরম ধর্ম্ম আশ্রয় করিতে সমর্থ হইতেছি।' *অক্ষয়*, ১৮৫০।

একমতবর্তী [স] *বিণ* একই মতের অনুসারী। 'তাহার একমতবর্তী সকল পাঠকেই উক্ত রচনার ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

একমতাবলম্বী [স] *বিণ* অভিন্ন মতে বিশ্বাসী। 'সকল দোষ গুণ প্রকাশ হইবার পরে উভয়ে একমতাবলম্বী হয়েন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

একমতি [স একমত>] *বিণ* একনিষ্ঠ। 'হেনইত বর আমি দিল একমতি।' *মালাধর*, ১৫০০।

একমতী [স একমত>] *বিণ* একমত। 'সক্ষে হইআ একমতী।' *বড়ু*, ১৪৫০।

একমন [স] **১** *বিণ* একাগ্রচিত্ত। 'জয় শ্রোতাগণ শুন করি একমন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* সমমনা। 'ভাইয়ের সঙ্গে ভাইকে যে সে করেছে এক-মন।' *রবীন্দ্র*, ১৯১১।

একমন করা *ক্রি* একাগ্রচিত্ত হওয়া। 'একমন করি বেউস্যা সুতিয়া মহাসুখে।' *মালাধর*, ১৫০০।

একমনা [স একমন>] **১** *ক্রিবিণ* একাগ্রতার সঙ্গে। 'শঙ্কিত কম্পিত বক্ষে চাহি একমনা করিবে সে আপনার সৌভাগ্যগণনা।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* একাগ্রচিত্ত। 'স্মৃতিকাপালিনী পূজারতা, একমনা।' *রবীন্দ্র*, ১৯৪১।

একমনি [স এক+আ মন] *বিণ* এক মন ওজনের ধারণক্ষমতাসম্পন্ন। 'একমনি ওই মদের জালা গিলব, যদি পাই তাকে।' *নজরুল*, ১৯৫৯।

একমনে [স একমন>] *ক্রিবিণ* নিবিষ্ট চিত্তে। 'এহা জাণী একমনে পুর মোর আশে।' *বড়ু*, ১৪৫০।

এক মাঘে শীত পালায় না – বিপদ ফিরে আসে। 'দেখা যাবে, এক মাঘে শীত পালায় না!' *নজরুল*, ১৯২৭।

একমাত্র [স] *বিণ* একটি মাত্র; কেবল। 'একমাত্র অপুত্র বঞ্চিত মনোরথ।' *বাহরাম*, ১৬৫০।

একমাত্রিক [স] *বিণ* এক অক্ষর বা মাত্রাবিশিষ্ট। 'কেবল একমাত্রিক ধাতুর উত্তর এইরূপ আ প্রত্যয় হইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

এক-মাথা [স এক-মস্তক] *বিণ* মাথাভর্তি। 'এক-মাথা কোঁকড়া-ঝাঁকড়া চুল নাড়াইয়া, পরম উৎসাহে গান গাহিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

একমুখ [স] *বিণ* মুখভর্তি। 'একমুখ দাড়ি।' *রবীন্দ্র*, ১৯০৭।

একমুখী [স] *বিণ* এক অভিমুখী। 'স্পন্দন বহুমুখী না হইয়া একমুখী হয়।' *জগদীশ*, ১৮৯৫।

এক মুখে বলতে না পারা – যথেষ্টভাবে প্রকাশ করতে না পারা। 'মহাশয়ের সহিত সাক্ষাৎ হয়ে যে কী পর্যন্ত আনন্দ লাভ করা গেল, তা একমুখে বলতে পারি নে।' *রবীন্দ্র*, ১৮৯১।

একমুটো [স এক-মুষ্টি] *বিণ* এক মুঠো। 'হাতে এক মুটো বিশ্বপত্র।' *হুতোম*, ১৮৬১।

একমুঠা [স এক-মুষ্টি] *বিণ* এক মুঠ পরিমাণ। 'চানা একমুঠা চাহিয়া লইতে পারিলাম না।' *রবীন্দ্র*, ১৯১৪।

একমুঠো [স এক-মুষ্টি] *বিণ* এক মুষ্টি পরিমাণ। 'একমুঠো তারা দিয়ে যদি কেউ আমার পকেট ভরে দেয় ...।' *শামসুর*, ১৯৬৬।

এক মুড়া তাস [স এক-মুষ্টি+ফা তাস] *বি* এক গুচ্ছ তাস। *ওসাঁ*, ১৭৮৫।

এক-মুদনিয়া [স এক+স মুদ্>] *বিণ* একচালা। 'পুরের পশ্চিম পাটী বলায় হাসনহাটী একমুদনিয়া ঘরবাড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

একমুষ্টি [স] **১** *বিণ* অতি অল্প। 'ইঙ্গলণ্ডিয়েরা কেবল এক মুষ্টি পরিমিত হন।' *দর্পণ*, ১৮৩৪। **২** *বিণ* এক মুঠা পরিমাণ। 'দুর্ভাগা দরিদ্র প্রজার ঘরে একমুষ্টি অন্নও নাই।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

একমূর্তি [ই] *বি* অভিন্ন অবয়ব। 'কবিতার পূর্ববর্ণিত ত্রিমূর্তির

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সমন্বয়ে একমূর্তি গড়বার ইচ্ছে।' *প্রমথ*, ১৯১৩।

একমেটে ১ *বিণ* অসম্পূর্ণ। 'একটা একমেটে প্রোগ্রাম তৈরি করবার চেষ্টা করা যাক।' *প্রমথ*, ১৯১৯। ২ *বি* প্রথমবারে দেওয়া মাটির প্রলেপ। 'মূর্তির একমেটের কাজ তার অনেক আগেই শেষ হয়েছে।' *নরেন্দ্র*, ১৯৫৬।

একমেঠে *বিণ* সম্পূর্ণরূপে তৈরি হয়নি এমন। 'তিনি একটি একমেঠে ঠাকুরের প্রতিমা।' *প্রমথ*, ১৯৪২।

একযোগে [স এক-যোগ>] ১ *ক্রিবিণ* সমান অংশীদারিত্বে। '... স্থাবর অস্থাবর ধনাদীতে আমার স্বামী আপনাগ্রজ উক্ত লক্ষরচন্দ্র সিংহ্ সহিত সমানাংসে সাধারণরূপে একযোগে ভোগবাণ থাকিয়া ...।' *চিঠিপত্রে*, ১৮৪৪। ২ *ক্রিবিণ* একত্রে। 'এক যোগে খৎ লিখিয়া মনোহরলালের কাছারিতে ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

একযোট [স এক>] *বিণ* একতাবদ্ধ। 'একযোট হইয়া জমিদারের প্রাপ্য খাজনা বন্ধ করিয়াছে।' *গ্রামবার্তা*, ১৮৭৩।

একয়ি [স এক>] *বিণ* একই; অভিন্ন। 'যা সমে তোহ্মার একয়ি দেহা।' *বড়ু*, ১৪৫০।

একরকম [স এক+আ রকম] ১ *বিণ* এক ধরনের। 'বলতে গেলে তারা একরকম ভয়ানক জানোয়ার'। *হুতোম*, ১৮৬১। ২ *ক্রিবিণ* কোনো প্রকারে। 'আমি তাঁকে একরকম বুঝিয়ে দিলুম।' *রবীন্দ্র*, ১৮৯২।

একরকমের *বিণ* একপ্রকার। 'একরকমের কৃত্রিম গাম্ভীর্যে তার মুখখানি ছাওয়া।' *শওকত*, ১৯৫৮।

একরঙা [স এক-রঙ্গ>] ১ *বিণ* এক রঙে রাঙানো। 'কেবল একরঙা শুভ্রতায় জলস্থল আকাশ সমস্ত মণ্ডিত হয়ে গেল।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বিণ* একঘেয়েমিপূর্ণ। 'আমাদের প্রতিদিনের একরঙা তুচ্ছতার মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

একরঙ্গা *বিণ* একই রঙের। 'একরঙ্গা পর্দা বাতাসে দুলিতেছে।' *মনসুর*, ১৯৫৫।

একরত [স] *বিণ* একনিষ্ঠ। 'ইহা সংকীর্ণরূপে সীমাবদ্ধ, একরত ও অচল নহে। *রবীন্দ্র*, ১৯০৫।

একরতি [স এক-রতি] ১ *বি* এক আনার ছয় ভাগের এক ভাগ। *মানোএল*, ১৭৪৩। ২ *বিণ* অল্প পরিমাণ। *মানোএল*, ১৭৪৩। ৩ *বিণ* খুব ছোটো। 'ছোট্ট সে একরতি ইঁদুরের ছানা।' *সুকুমার*, ১৯২০।

একরত্তি [স এক-রত্তি] ১ *বিণ* খুব ছোটো। 'এই এক রত্তি ছেলের আর কত বিদ্যা হবে।' *বঙ্কিম*, ১৮৭৪। ২ *বিণ* সামান্যতম। 'গায়ে তখন আর একরত্তি শক্তি নেই।' *মুজতবা*, ১৯৪৯।

একরম [স এক+আ রকম] *বিণ* একরকম। 'শিকদারকে সেই সবই একরম ব্যাধির মত পাইয়া বসিয়াছে।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

একরাট [স] *বিণ* একচ্ছত্র। 'জর্মানি সমগ্র ইউরোপের সম্রাট হবার দুরাশা হৃদয়ে পোষণ করত বলে স্বদেশেও একরাট হতে পারেনি।' *প্রমথ*, ১৯১৪।

এক রাত্রে [স এক-রাত্রি>] *ক্রিবিণ* রাতারাতি। 'আইনের জোরে এক রাত্রে পূর্ণপরিণত হইয়া উঠে নাই।' *রবীন্দ্র*, ১৯০৫।

একরাশ [স এক-রাশি] *বিণ* প্রচুর। 'তৎক্ষণাৎ একরাশ মিথ্যা কৈফিয়ত সৃজন করিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

একরাষ্ট্রীয়তা [স] *বি* অভিন্ন রাষ্ট্রব্যবস্থা। 'প্রাচীন ভারতের একরাষ্ট্রীয়তার মূল বৈদিক সাহিত্যে অনুসন্ধান করেছেন।' *প্রমথ*, ১৯১৫।

একরুজু [স এক+আ রুজু] *বিণ* একাগ্র। 'দিলকে একরুজু করে যদি প্রাণপণে চাও।' *মুজতবা*, ১৯৬০।

একরূপ [স] *বিণ* অভিন্নরূপ। 'কেহো বোলে পিতা পুত্রে একরূপ হয়।' *বৃন্দা*, ১৫৮০।

একরোকা [স এক+ফা রুখ>] *বিণ* একগুঁয়ে। *মানোএল*, ১৭৪৩; 'অধ্যাপকদিগের নানা প্রকার কঠোর অভ্যাস থাকাতে একরোকা স্বভাব জন্মে।' *প্যারী*, ১৮৫৮।

একরোখা [স এক+ফা রুখ>] *বিণ* একগুঁয়ে। 'আমাদের মতো একরোখা আইডিয়ার মানুষের সঙ্গে যারা মেলে।' *রবীন্দ্র*, ১৯১৫।

একরোখামি [স এক+ফা রুখ>] *বি* একগুঁয়েমি। 'স্বাভায যাকে বলে একরোখামি।' *প্রমথ*, ১৯১৪।

একরোখামো [স এক+ফা রুখ>] *বি* একগুঁয়েমি। 'শৈশবেই তাঁর গোঁয়ার্তুমি এবং একরোখামোর জন্য পিতা ঠাকুরদাস তাঁকে 'ঘাড়কেঁদো' বলে ডাকতেন।' *রমেন*, ১৯৭০।

একর্তিসা [স একত্রিংশা] *বিণ* একত্রিশ দিনের। 'ষষ্ঠিপূজা একর্তিসা কৈল একমাসে।' *মুকুন্দ*, ১৬০০।

একল [স এক>] *বিণ* একাকী। 'একল কুঞ্জবনে আকুল কান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

এক লক্ষ [স] *বিণ* একশো হাজার। 'সূর্য্য এক লক্ষ ও চন্দ্র দ্বিলক্ষ যোজনোপরি পৃথিবীকে প্রদক্ষিণ করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৮।

একলক্ষী [স একলক্ষ] *বি* এক লক্ষ টাকার মালিক। 'একলক্ষী হয়ে সাবাকলত্ পাবার জন্য বন কায়দা করে ...।' *মুজতবা*, ১৯৫৯।

একলণ্ড [স একলিণ্ড>] *বিণ* অখণ্ড। 'মাটি কিন্তু একলণ্ড ভাবে নেই।' *প্রমথ*, ১৯২৫।

একলা [স এক>] ১ *ক্রিবিণ* একাকী। 'কি আলো রাধে ঐ জে হাঁকুলি একলা।' *বড়ু*, ১৫৭০। ২ *বিণ* একমাত্র। 'ব্রহ্মাদি জীবেরে আমি সবারে মোহিল/ একলা তোমারে আমি মোহিতে নারিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

একলাই [হি একলাই] *বিণ* এক পাট্টাবিশিষ্ট। 'ঢাকাই একলাই চেলির জোড় সোনার হার বাজু দিয়াছি।' *দর্পণ*, ১৮২১।

একলা-একলি *ক্রিবিণ* একাকী। 'একলা-একলি আর কেউ বেরোয় না।' *মুজতবা*, ১৯৪৯।

একলাগা [স এক+স লগ্] *ক্রিবিণ* একাদিক্রমে। 'একলাগা তের হাজার বছর সে আল্লাহর এবাদতে কাটাইল।' *মনসুর*, ১৯৫০।

একলাটি [স এক>] *ক্রিবিণ* একাকী। 'এখন একলাটি আমার সেই বোটের জানলার কাছে অধিষ্ঠিত।' *রবীন্দ্র*, ১৮৯২।

একলা পড়া *ক্রি* নিঃসঙ্গ হওয়া। 'কুসুম নিতান্ত একলা পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

একলা লাগা *ক্রি* নিঃসঙ্গ অনুভব হওয়া। 'তার যথেষ্ট একলা লাগছে বুঝতে পারি।' *অচিন্ত্য*, ১৯৫০।

একলী, একলি [স এক>] ১ *ক্রিবিণ* একা। 'রাতী দিনে একলী কদমতলে বসী।' *বড়ু*, ১৪৫০; 'আছিলেন্ত ঘরে আবু তালিব একলি।' *সুলতান*, ১৭০০। ২ *বিণ* একক। 'তুমি হুযুরে দরখাস্ত করিয়া হুকুম আনিয়াছ জে একলী জমার উপর বেসি হইবেক নাই।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভেরলি, ১৭৯১।

একলে [স এক>] **১** *ক্রিবিণ* একাই। 'একলে করেন প্রেমে শতজনের কাম।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *ক্রিবিণ* একাকী। 'বসিয়া বিরলে থাকয়ে একলে।' *দ্বিজী*, ১৬০০।

একশ চুয়াল্লিশ ধারা *বি* ফৌজদারি আইনের একটি ধারা। 'শহরে সর্বত্র ... একশ চুয়াল্লিশ ধারা জারি করেন।' *মনসুর*, ১৯৫৫।

একশত [স] *বিণ* ১০০ সংখ্যক। 'তবে একশত ঘট শত সম্মার্জ্জনী।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

এক শরীর [স] *বিণ* একত্র। 'বর্ষণের জল ... এক শরীর হইয়া পুনর্ব্বার সমুদ্রে মিশ্রিত হয়।' *অক্ষয়*, ১৮৪৩।

একশা [ফা একসা] *বিণ* একাকার। 'চোখের জলেতে একশা করিয়া।' *জীবন*, ১৯২৭।

একশালা [স এক+আ শাল>] *বিণ* এক বছর দীর্ঘ। 'একশালা সে দোশালা আচ্ছা চড়ুর চেয়ে গাঁজা।' *নজরুল*, ১৯৩২।

একশেষ [স] *বি* চরম অবস্থা। 'পঞ্চলোচন কষ্ট ভোগের একশেষ করেছিলেন।' *হুতোম*, ১৮৬১।

১৪৪ ধারা [১৪৪+স ধারা] *বি* ফৌজদারি আইনের একটি ধারা। 'পুলিশ কর্তৃক উক্ত তিন দিনের জন্য ১৪৪ ধারা জারি ...।' *শরিয়ত*, ১৯২৫।

একশোয়াসে [স একশ্বাস>] *বিণ* একাকার। 'বিপিন ঘোষের সঙ্গে একশোয়াসে হয়ে গেছে।' *জীবন*, ১৯৪৮।

একশ্বরির [স একেশ্বরী] *বিণ* অভিন্ন। 'আমী আপনকার একশ্বরির ইহাতেই কোন সন্দেহ নাই।' *ওসাঁ*, ১৭৮২।

একসও [স একশত] *বিণ* একশত। 'সেখানকার দেনার দফা এক সও টাকা।' *ওসাঁ*, ১৭৭৯।

একসঙ্গে [স এক-সঙ্গ] *ক্রিবিণ* একত্রে। 'বাদ ও প্রতিবাদ এখানে দুই ভাইয়ের মতো একসঙ্গে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

একসর [স একেশ্বর>] *ক্রিবিণ* একা। 'একসর সব দিস দেখিঅ কাহ্ন।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'নিকটে মনুষ্য নাই শিশু একসর।' *সুলতান*, ১৭০০।

একসরি [স একেশ্বরী] *বিণ* নিঃসঙ্গ। 'কী হমে সাঁঝক একসরি তারা/ ভাদব চৌঠিক শশী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

একসরী [স একেশ্বরী] *বিণ স্ত্রী* অসহায়; একাকিনী। 'একসরী হৈলোঁ মোএঁ হেন ঘোর বনে।' *বড়ু*, ১৪৫০।

একসাত [স এক>] *ক্রিবিণ* একসঙ্গে। 'তুমী নিজে একসাত আসীয়া ...।' *চিঠিপত্রে*, ১৮৬৬।

একসার [স এক-সারি] *বিণ* এক সারি। 'একটা বাঁধের ধারে একসার তালবন।' *রবীন্দ্র*, ১৮৯২।

এক সুতা, এক সুতো [স এক-সূত্র] *বিণ* রেখার মতো চওড়া। *ওসাঁ*, ১৭৮৫।

একসীষুত [স একসূত্র>] *বিণ* মিহি সুতার; উত্তম সুতায় তৈরি। 'সরহদ কাপড় একসীষুত না হওয়াতে অনেক কথা জন্মিয়াছে।' *হ্যালহেড*, ১৭৭৩।

একসুরা [স একসুর>] *বিণ* বৈচিত্র্যহীন। 'একসুরা, একঝোঁকা জীবন যে দীন জীবন, তা তারা জানে।' *মোতাহের*, ১৯৫০।

এক সে [স এক+সো] *সর্ব* কোনো এক। 'এক সে শুণ্ডিনী দুই ঘরে সান্ধঅ।' *চর্যা* ৩, ১২০০।

একস্তর [স একত্র] *বিণ* একত্র। *মানোএল*, ১৭৪৩।

একস্ত্রীভাগী [স] *বিণ* এক স্ত্রীবিশিষ্ট। 'একস্ত্রীভাগী পুরুষে স্ত্রীলোকের ঠিক সেইই স্বাভাবিক অধিকার।' *বঙ্কিম*, ১৮৮৭।

একস্থিতি [স] *ক্রিবিণ* একত্রে। 'সুমধুর গায় গীত দুহে একস্থিতি।' *মুকুন্দ*, ১৬০০।

একহস্ত [স] *বিণ* ১৮ ইঞ্চি লম্বা। 'অঙ্গুলির শেষ পর্য্যন্ত একহস্ত পরিমাণ।' *সুলভ*, ১৮৭৩।

এক-হাঁটু [স এক-অষ্টি] *বিণ* হাঁটু পর্যন্ত। 'ধান ক্ষেতের উপর এক-হাঁটু জল উঠেছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

একহাত [স একহস্ত] **১** *বিণ* এক হাত পরিমাণ নামানো। 'একহাত ঘোমটা টেনে তার আড়ালে অনেকখান হাসলে।' *রবীন্দ্র*, ১৯২৯। **২** *ক্রিবিণ* একচোট। 'আস তবে, আজ একহাত হইয়া যাক।' *মনসুর*, ১৯৩৫।

এক হাত নেওয়া *ক্রি* প্রতিশোধ নেওয়া। 'রাষ্ট্রের কর্ণধারগণও তাদের উপর এক হাত নিতে ছাড়েননি।' *বেগম*, ১৯৪৯।

একহারা [হি একহরা] **১** *বিণ* ছিপছিপে; রোগাপাতলা। *ওসাঁ*, ১৭৮২; 'প্যালানাথ একহারা বেঁটে-খেঁটে মানুষ।' *হুতোম*, ১৮৬১; 'সে এমন একহারা ছিল না।' *রবীন্দ্র*, ১৮৮৪। **২** *বিণ* বৈচিত্র্যহীন। 'একমাত্র সু-ই যদি থাকত তাহলে সবই হতো একহারা।' *মাহেনও*, ১৯৪৯।

একহি [স এক>] **১** *বিণ* একটিমাত্র। 'সবে মিলি নাম লৈল একহি সংসারী।' *আলাওল*, ১৬৮০। **২** *বিণ* একই। 'দেহ দুই খান মাত্র একহি জিবন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

একাকী [স] *ক্রিবিণ* একা। 'একাকী যাইব কাঁহো সঙ্গে না লইব।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

একাকৃতি [স] *বিণ* এক রকমের আকৃতিবিশিষ্ট। 'রাস্তার দুধারে একাকৃতি ধূসরবর্ণ বাড়ী সকল।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

একে একে [স এক>] *ক্রিবিণ* একে একে। 'একে এক ত্রয় অক্ষয় অব্যয়।' *মানিকরাম*, ১৭৮১।

একে একে [স এক>] **১** *ক্রিবিণ* একের পর এক। 'একে একে সব সখি জাএ।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* এক একটি ক'রে। 'আকাসের তারা জদি একে একে গনি।' *মালাধর*, ১৫০০। **৩** *ক্রিবিণ* একাদিক্রমে। 'একে একে সবাকারে হালাম আমার।' *গরীব*, ১৭৬৫।

একেঁ [স এক>] *সর্ব* একজনকে। 'একেঁ চাহিলেঁ/ আরেঁ পায়িলেঁ।' *বড়ু*, ১৪৫০।

একেঁ একেঁ [স এক>] *ক্রিবিণ* একে একে; একটার পর একটা। 'একেঁ একেঁ মাইল ছয় গবর্ণ দৈবকীর।' *বড়ু*, ১৪৫০।

একেক [স] *ক্রিবিণ* এক একটি। 'সবারে দিল একেক মার্জ্জনী।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

এককৌনটেন্ট [ই] *বি* হিসাবরক্ষক। 'ইস্কাট সাহেব এককৌনটেন্ট জেনেরেল যুপ্রম কোর্টের টরনী বাবু মজকুরের হইয়াছেন।' *ক্যালগে*, ১৮০০। *দ্র* **একাউন্ট্যান্ট, একাউন্টেন্ট**

এককৌনটেন্ট জেনেরেল [ই] *বি* মহাহিসাবরক্ষক। 'ইস্কাট সাহেব এককৌনটেন্ট জেনেরেল যুপ্রম কোর্টের টরনী বাবু মজকুরের হইয়াছেন।' *ক্যালগে*, ১৮০০।

একজাই [ফা] **১** *ক্রিবিণ* একসঙ্গে। 'একজাই বিংশতি নৌকা হামরা

AMARBOI.COM

গেল।' *রামরাম*, ১৮০১। ২ *ক্রিবিণ* একাদিক্রমে। 'একজাই লবলক্ষ সেনা প্রস্তুত হইয়াছে।' *রামরাম*, ১৮০২। ৩ *ক্রিবিণ* একটানা। 'ঘটি খেলা খেলিতে লাগিল আর জলে একজাই ডেলা বৃষ্টি করিলেক।' *তারিণী*, ১৮০৩।

একজামিন [ই] *বি* পরীক্ষা। 'ছাত্রগণের এক মণ্ডলী একজামিন অর্থাৎ মাসিক পরীক্ষা গত রবিবার দিবসে হয়।' *প্রভাকর*, ১৮৩১।

একজামিনেশন [ই] *বি* পরীক্ষা। 'শহরের গলির কোটরে একজামিনেশনের তাড়া।' *রবীন্দ্র*, ১৯৩৮।

একজাম্পল [ই] *বি* দৃষ্টান্ত। 'আমাকে দেশের উন্নতির একজাম্পল সেট করিতে দাও।' *বঙ্কিম*, ১৮৭৪।

একজিকিউটর [ই] *বি* উইল কার্যকর করার ভারপ্রাপ্ত ব্যক্তি। 'তিনি ... একজন আত্মীয় কুটুম্বকে উইলের একজিকিউটর নিযুক্ত করিলেন।' *বঙ্কিম*, ১৮৭৪।

একজিকিউটিব, একজিকিউটিভ [ই] *বিণ* নির্বাহী। 'গবর্ণমেণ্ট জমিদারগণকে একজিকিউটিব ভার দিয়া ...।' *অমৃতবাজার*, ১৮৬৯।

একজিক্যুটিভ [ই] *বি* প্রশাসনিক কর্মকর্তা। 'একজিক্যুটিভ ও জুডিশ্যাল একত্র হওয়াতে।' *রবীন্দ্র*, ১৯০৮।

একজিকুটার [ই] *বি* বাস্তবায়নের জন্যে উইলে নির্ধারিত ব্যক্তি। 'এখন বেয়াইকে একজিকুটার করে গেছেন।' *গিরিশ*, ১৮৮৬।

একজিবিশন [ই] ১ *বি* শিল্পকর্মের প্রদর্শনী। 'ও তো প্যারিস একজিবিশনে পাঠানো হবে না।' *রবীন্দ্র*, ১৯১৪। ২ *বি* প্রদর্শনী অনুষ্ঠান। 'মহকুমার একজিবিশনের সময় হাইজাম্পে সে প্রথম স্থান অধিকার করে।' *বিভূতি*, ১৯৩৭।

একজিবিট [ই] *বিণ* প্রদর্শিত। 'ছবিটা একজিবিট হয়েছিল।' *জীবন*, ১৯৩২।

একজিমা [ই] *বি* চর্মরোগবিশেষ। 'সেও একরকমের একজিমা।' *পাঁচমিল*, ১৯৬৭।

একটিন [ই অ্যাক্টিং] *বি* ভারপ্রাপ্ত। *বিদ্যা*, ১৮৯১।

একডিমি [ই অ্যাকাডেমি] *বি* শিল্পসাহিত্য ও জ্ঞানচর্চার কেন্দ্র; স্কুল। 'ধর্মতলা একডিমি।' *দর্পণ*, ১৮৩১। *দ্র* **একাডেমি, একাডেমী**

একতিয়ার, একতেয়ার [আ ইখতিয়ার] *বি* অধিকার। 'একতেয়ার।' *ক্যালগে*, ১৭৯২; 'তাগদই দুনিয়ার একতিয়ারের আসল কিম্মৎ বটে।' *তারা*, ১৯৪৩।

একথা ওকথা [স কথা>] *বি* নানা কথা; বাজে কথা। 'একথা ওকথা শুন্যা গাজী গোসা খান।' *কৃষ্ণরাম*, ১৭২০।

একবাল [আ ইকবাল] *বি* প্রতাপ। 'হুজুরের একবালে গরিবখানার অমঙ্গলের সম্ভাবনা কি?' *বঙ্কিম*, ১৮৮৪।

একরাম [আ] *বি* সম্মান। 'তাহাকে ইনাম একরাম দিয়া প্রফুল্ল করিলে।' *রামরাম*, ১৮০১।

একরার [আ ইকরার] *বি* স্বীকার। 'আমি একরার করিব।' *দীনবন্ধু*, ১৮৬০।

একরারনামা [আ ইকরার+ফা নামাহ্] *বি* অঙ্গীকারপত্র। *ওসাঁ*, ১৭৮২; 'তোর কাছে একরারনামা দিতে হবে নাকি।' *মাহেনও*, ১৯৪৯।

একস্চেঞ্জ [ই] *বি* শেয়ার বাজারের বিনিময় কেন্দ্র। 'একস্চেঞ্জ অর্থাৎ ক্রয়বিক্রয় স্থান।' *দর্পণ*, ১৮২২।

একসকার্শন [ই] *বি* আনন্দ-ভ্রমণ। 'একটা বোট-একসকার্শনের কথা চলছিল।' *জীবন*, ১৯৩২।

একসপেরিমেন্ট [ই] *বি* পরীক্ষা-নিরীক্ষা। 'একসপেরিমেন্টও নয়।' *জীবন*, ১৯৩২।

একসা [ফা] *বিণ* মিশ্রিত। 'টেবিলের উপর টমলর পূর্ণ একসা ব্রাণ্ডি।' *মশাররফ*, ১৮৯০।

একসাইটমেন্ট [ই] *বি* উত্তেজনা। 'ডাক্তার বিশেষ করে বারণ করে দিয়েছে, কোন রকম একসাইটমেন্ট না হয়।' *গিরিশ*, ১৮৮৯।

একসারসাইজ বুক [ই] *বি* অনুশীলনের খাতা। 'একসারসাইজ বুক ইত্যাদির বাড়াবাড়ি।' *এসলাম*, ১৯২০।

একসিবিশন [ই] *বি* শিল্পকর্মের প্রদর্শনী। 'প্যারিস একসিবিশন দেখতে গেলেম।' *রবীন্দ্র*, ১৮৮১। *দ্র* **একজিবিশন**

একসিলেটর [ই] *বি* মোটর গাড়ির গতিবৃদ্ধির যন্ত্র। 'একসিলেটরে থেমে যায় পা।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

একসেপশন [ই] *বি* ব্যতিক্রম। 'আমি একসেপশন সাজতে চাই নে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

একসেপশনাল [ই] *বিণ* অসাধারণ। 'দু-একজন একসেপশনাল লোক।' *জীবন*, ১৯৩২।

একসেসাইজ [ই] *বি* ব্যায়াম। 'আজকাল বেশি পড়তে হয় বলে রোজ খানিকটা একসেসাইজ করে নিই।' *রবীন্দ্র*, ১৮৯২।

একস্ট্রিমিজম [ই] *বি* চরমপন্থা। 'অপথে বিপথে চলাকেই "একস্ট্রিমিজম" বলে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

একস্ট্রিমিস্ট [ই] *বিণ* চরমপন্থী। 'আমরা একস্ট্রিমিস্ট নই কোনোমতেই।' *সিরাজুল*, ১৯৭৪।

একা [স একাকিন্] ১ *বিণ* একাকী। 'একা প্রভু চারি অংসে অবতার করে।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* স্বতন্ত্র। 'নিদাঘ বরিষা হিম একা তিন রিতু।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *ক্রিবিণ* নিঃসঙ্গভাবে। 'মহারণ্যে মহাকবি প্রবেশিলা একা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

একা একা *ক্রিবিণ* একাকী। 'ছিন্নপাতার সাজাই তরণী একা একা করি খেলা।' *রবীন্দ্র*, ১৯২৭।

একাএকি [স একাকিন্] *ক্রিবিণ* একলা। 'একাএকি জুদ্ধ দিবে সুন নৃপবর।' *মালাধর*, ১৫০০।

একাউন্ট্যান্ট [ই] *বি* হিসাবরক্ষক। 'প্রাইভেট সেক্রেটারী, টাইপিষ্ট, একাউন্ট্যান্ট ও কেরাণী।' *বেগম*, ১৯৪৯।

একাউন্টেন্ট [ই] *বি* হিসাবরক্ষক। 'বারো বছরে ক্যাশিয়ার থেকে একাউন্টেন্ট হলেন।' *হুমায়ূন*, ১৯৭২।

একাংকিকা [স] *বি* এক অঙ্কের নাটক। 'একাংকিকা মঞ্চস্থ করা হয়।' *বেগম*, ১৯৬৭।

একাংশ [স এক-অংশ] *বি* এক ভাগ। 'যে টেক্স দেন তাহার চতুরাংশের একাংশ।' *দর্পণ*, ১৮২৬।

একাকার [স এক-আকার] ১ *বিণ* মিশে গেছে এমন। 'খিতি ভরে একাকার।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* অভিন্ন। 'একাকার রূপ প্রভু আকার বর্জিত।' *সুলতান*, ১৭০০। ৩ *বিণ* একই পরিমাপের। 'আটচল্লিশ কিম্বা ছাপ্পান্ন ফর্ম একাকার কাগজেতে এবং অক্ষরেতে মাস২ ছাপা হইবেক।' *দর্পণ*, ১৮১৯। ৪ *বি* এ রকম। 'তাবৎকাল ছাত্রেরা একাকার করিতে পারিবে না।' *চন্দ্রিকা*, ১৮৩৩। ৫ *বিণ* একশেষ। 'দিনরাত তাকে লাথিয়ে লাথিয়ে একাকার করেন।' *রবীন্দ্র*,

AMARBOI.COM

১৮৮১।

একাকারতা [স] *বি* একাকার অবস্থা। 'ভেদজ্ঞানবিলুপ্ত একাকারতা-বন্যার একটা ঢেউমাত্র হইতে চাই না।' *রবীন্দ্র*, ১৯১৪।

একাকী [স] *বিণ* একা। 'আপনাকে একাকী দেখি নবীবর।' *সুলতান*, ১৭০০।

একাকি [স একাকী] *ক্রিবিণ* একা। 'একাকি মারিব তারে না লিব স্বহায়।' *মালাধর*, ১৫০০।

একাকিত্ব [স] *বি* নিঃসঙ্গতা। 'তাহা ভারতবর্ষের একাকিত্ব।' *রবীন্দ্র*, ১৯০৫; 'প্রেতের মতো একাকিত্বে সব পন্থা খুইয়ে এসে।' *শামসুর*, ১৯৫৯।

একাকিত্ববোধ [স] *বি* অসহায়ত্ব। 'আহবাবের মনে একটা একাকিত্ববোধ জাগিয়া উঠে।' *মনসুর*, ১৯৫৫।

একাকিনী [স] *বিণ স্ত্রী* একা। 'বাড়ায়িক ছাড়ী কেহ্নে হৈবৌ একাকিনী।' *বড়ু*, ১৪৫০।

একাকীতম [স] *বিণ* চরম নিঃসঙ্গ। 'নিমের শাখার থেকে একাকীতম কে পাখি নামি উড়ে গেল কুয়াশায়।' *জীবন*, ১৯৪৪।

একাকীয়া [স একাকী>] *বিণ* একাকী; সঙ্গীবিহীন। 'সেই একাকীয়া দূর দেশে তুই ছাড়িলি জীবন-রথ।' *জসীম*, ১৯৩১।

একাক্কার [স একাকার] *বিণ* পার্থক্যহীন; একাকার। '(তোর) পৈতে টিকি টুপি টোপর সব সেখা ভাই একাক্কার।' *নজরুল*, ১৯২৪।

একাক্ষরী [স] *বিণ* এক অক্ষরবিশিষ্ট। 'শব্দগুলো অনেক ভাষাতেই একাক্ষরী।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

একাগ্র [স] *বিণ* একনিষ্ঠ। 'নিস্তব্ধ আসনে বসি একাগ্র আগ্রহভরে রুদ্ধ আরাধনা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

একাগ্রগামিনী [স] *বিণ স্ত্রী* একদিকে গমনশীল। 'বর্তমান একাগ্রগামিনী নদী আমাদের মনের ইচ্ছার মতো।' *রবীন্দ্র*, ১৮৯৪।

একাগ্রচিত্ত [স] *বিণ* নিবিষ্টচিত্ত। 'বিক্রমাদিত্য কহিলেন, একাগ্রচিত্ত না হইলে মন্ত্র সিদ্ধ হয় না।' *বিদ্যা*, ১৮৪৭।

একাগ্রতা [স] *বি* একনিষ্ঠতা। 'ধন্য মদিনা! ধন্য তোমার পবিত্রতা! ধন্য তোমার একাগ্রতা।' *মশাররফ*, ১৮৮৭।

একাগ্রদৃষ্টি [স] *বি* একদিকে নিবদ্ধ দৃষ্টি। 'তাহার মুখের দিকে একাগ্রদৃষ্টিতে চাহিলেন।' *রবীন্দ্র*, ১৯০৬।

একাগ্রধারা [স] *বি* একনিষ্ঠতা। 'যাত্রাপথে একাগ্রধারায় প্রবাহিত করিতে পারিবেন।' *রবীন্দ্র*, ১৯০৯।

একাগ্রমনে [স] *ক্রিবিণ* একনিষ্ঠ চিত্তে। 'একাগ্রমনে তার পরিণতি-সাধনের ভার নিলে।' *রবীন্দ্র*, ১৯৩২।

একাগ্রলক্ষবর্তী [স] *বিণ* অনন্যলক্ষ্যভুক্ত। 'একাগ্রলক্ষবর্তী সুনির্দিষ্ট ভবিষ্যৎ ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

একাগ্রসাধনা [স] *বি* একনিষ্ঠ সাধনা। 'একাগ্র সাধনার দ্বারা কৃষ্ণাকে পাওয়া যায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

একাগ্নী [স] *বিণ* অব্যর্থ মহাস্ত্রতুল্য। 'যবে কর্ণ, কালপৃষ্ঠধারী, একাগ্নী বাণ রক্ষিতে কৌরবে।' *মাইকেল*, ১৮৬১।

একাঙ্ক নাটক [স] *বি* একটি মাত্র অঙ্কবিশিষ্ট নাট্যরচনা। 'একাঙ্ক নাটক আধুনিক কালেই বিশেষভাবে সমাদৃত হইলেও ...।' *ভারতকোষ*, ১৯৬৬।

একাঙ্গ [স] *বিণ* একীভূত। 'সমাজের সঙ্গে সম্পূর্ণ একাঙ্গ হইয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

একাঙ্গীভূত [স] *বিণ* একই অঙ্গে সন্নিবেশিত। 'মিলিত ও একাঙ্গীভূত দুটি যমজ চতুষ্পদীর সমষ্টি।' *প্রমথ*, ১৯১৩।

একাচার [স] **১** *বিণ* স্বামী-অন্তঃপ্রাণ। 'না শুনিলে হেন কথা জে ঘরে লহনা সতা একাচার ভুখিল বাঘিনী।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* একধর্মিতা। 'তাঁহারা লোকমধ্যে লোকাচার, সদ্‌গুরু মধ্যে একাচার – এই বাক্য অবলম্বন করিয়া বহুবিধ ...।' *অক্ষয়*, ১৮৫০।

একাচারী [স] *বিণ* একচ্ছত্র। 'পরমেশর কালোকীশো অবেতার হইয়া সকোল একাচারী করিবেন।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

একাচোরা *বিণ* একা থাকতে পছন্দ করে এমন। 'ক্লাসের মেয়েদের মধ্যে কেউ বলত একাচোরা।' *নরেন্দ্র*, ১৯৫২।

একাঞ্জলি [স] *বি* জোড়হাত। 'একাঞ্জলি উদক উসন কর্য়া উঠে।' *মানিকরাম*, ১৭৮১।

একাট্টা [স একত্র] *বিণ* একজোট। 'জমিদার-মহাজনরাই যখন একাট্টা হইয়া ... বিরুদ্ধতা করেন।' *মনসুর*, ১৯৫৫।

একাডেমি, একাডেমী [ই] **১** *বি* শিল্পসাহিত্য ও জ্ঞানচর্চার কেন্দ্র। 'বেরুলিম একাডেমী।' *দর্পণ*, ১৮৩১। **২** *বি* পণ্ডিতবর্গকে নিয়ে গঠিত সমাজ। 'পারী নগরে, ফ্রেঞ্চ একাডেমি নামে এক প্রসিদ্ধ সভা আছে।' *বিদ্যা*, ১৮৬৩। দ্র **একডিমি**

একাডেমিক [ই] *বিণ* শিক্ষাসংক্রান্ত। 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক গৃহীত।' *আজাদ*, ১৯৬৮।

একাত্তর[১] [স একসপ্ততি] *বিণ* ৭১ সংখ্যক। 'একাত্তর তঙ্কার দাওয়া করিয়াছিলাম।' *মেয়র্স*, ১৭৫৭।

একাত্তরি [স একসপ্ততি] *বিণ* একাত্তর; ৭১ সংখ্যক। 'লঘুগুরু সকলে ৭১ একাত্তরি কলা।' *বড়ু*, ১৫৭০।

একাত্তার [স একসপ্ততি] *বিণ* একাত্তর। 'উনসত্তার সন নাগাদী সন ১১৭১ একাত্তার সাল মালগুজারি করিয়া।' *মেয়র্স*, ১৭৬৭।

একাত্তর[২] [স একত্র] *ক্রিবিণ* একত্র। 'যত জীবধারী আদি হয়ে একাত্তর।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

একাত্ম [স] **১** *বিণ* অভিন্নহৃদয়। 'যাহার অর্ধাঙ্গ স্বরূপ একাত্ম স্বরূপ হওয়া উচিত, তাহার নিকটে সে সকল কথার প্রসঙ্গও করিবার সম্ভাবনা নাই!' *অক্ষয়*, ১৮৫০। **২** *বিণ* একীভূত। 'এক ইতিহাসের সহিত অন্য ইতিহাস দেবতাত্মা-দ্বারা একাত্ম হইয়া উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

একাত্মক [স] *বিণ* একাত্মতা সম্পর্কিত। 'সেই ধর্মের সঙ্গে কৃষ্ণ একাত্মক।' *রবীন্দ্র*, ১৯২৯।

একাত্মকতা [স] *বি* অভিন্নতা বোধ। 'কবিচিত্তের একাত্মকতা এই কবিতার বর্ণনীয় বিষয়।' *রবীন্দ্র*, ১৮৮৫।

একাত্মজ্ঞান [স] *বি* জীবাত্মা ও পরমাত্মা অভিন্ন এই জ্ঞান। 'যে একাত্মজ্ঞান কর্মশূন্যতার উপর প্রতিষ্ঠিত।' *প্রমথ*, ১৯১৫।

একাত্মতা [স] *বি* অভিন্নতা। 'খৃষ্ট আপন মানবজন্মের মধ্যে ভগবান ও মানবের একাত্মতা প্রতিপন্ন করেছেন।' *রবীন্দ্র*, ১৯৪১।

একাত্মদেহ [স] *বিণ* এক দেহ এক প্রাণ এরূপ অভিন্ন। 'কাছে এসে দাঁড়াল যেন একাত্মদেহ সখার মত।' *মুজতবা*, ১৯৬০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

একাত্মবাদী [স] *বিণ* এক ব্রহ্ম ছাড়া আর কিছু নেই – এই বৈদান্তিক মতে বিশ্বাসী। 'বেদান্ত একাত্মবাদী দ্যাত্মবাদী তর্ক।' *ভারত*, ১৭৬০।

একাত্মিকতা [স] *বি* অভিন্নতা। 'রয়েল বেঙ্গল টাইগারের হৃদয়ের মধ্যে বাঙালির সঙ্গে একাত্মিকতার বোধ আত্মীয়তার রসযুক্ত নয়।' *রবীন্দ্র*, ১৯৩৬।

একাত্রীস [স একত্রিংশৎ] *বিণ* একত্রিশ; ৩১ সংখ্যক। *বিদ্যা*, ১৮৯১।

একাদশ [স] ১ *বিণ* এগারোটা। 'আত্মারামাদি শ্লোকে একাদশ পদ হয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* এগারোতম। 'এই মতে একাদশ (এদগ) অন্ধ গঞি গেল।' *আলাওল*, ১৬৮০। ৩ *বি* সুসময়। 'সুপারিন্টেন্ডেন্ট সাহেব ... খেলা করেই কাল কাটান ... সুতরাং দারোগামহলে একাদশ।' *হুতোম*, ১৮৬১।

একাদশবর্ষীয় [স] *বিণ* এগারো বছর বয়স্ক। 'একাদশবর্ষীয় নাবালক রামচন্দ্ররাও-এর অনুষ্ঠিত শর্তে ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

একাদশী [স] ১ *বি* একাদশ তিথি। 'প্রভু কহে একাদশীতে অন্ন না খাইবা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* ১১তম। 'একাদশী দিনে চন্দ্র অধরেত বৈসে।' *সুলতান*, ১৭০০।

একাদশে *ক্রিবিণ* এগারোতম দিনে। 'একাদশে হরিদাস ঠাকুরের নির্যাণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

একাদসে [স একাদশ>] *ক্রিবিণ* এগারোতম দিনে। 'একাদসে কূর্ম্মরূপে অবতার কৈল।' *মালাধর*, ১৫০০।

একাদসি [স একাদশী] *বি* তিথিবিশেষ। 'একাদসিতে দান কর প্রতি পক্ষে ২।' *কবীন্দ্র*, ১৬৮৯।

একাদিক্রম [স] *বিণ* অনুক্রমিক। *সেবধি*, ১৮৩৯।

একাদিক্রমে [স] ১ *ক্রিবিণ* অনুক্রমিকভাবে। 'সমস্ত একাদিক্রমে তোমাদের যশহরে চালান করহ।' *রামরাম*, ১৮০১। ২ *ক্রিবিণ* একনাগাড়ে। 'একাদিক্রমে তিন চারি রাত্রি জাগরণ করিয়াছিল।' *দর্পণ*, ১৮২৫। ৩ *ক্রিবিণ* আগাগোড়া। 'একাদিক্রমে মনুষ্যের যে বংশের সঙ্গে তিনি আচার ব্যবহার করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩৪।

একাধারে [স] *ক্রিবিণ* এক সঙ্গে। 'বিষয় কর্ম্মে নিপুণ ... গুণ একাধারে ছিল।' *দর্পণ*, ১৮২২।

একাধিক বার [স] *ক্রিবিণ* অনেকবার। 'তুচ্ছ একটা ছুতা লইয়া দিনে একাধিক বারও ...।' *রবীন্দ্র*, ১৯০৯।'

একাধিকারী [স] *বিণ* একক অধিকারী। 'মৃতের সর্ব্বসম্পত্তিতে একাধিকারী হওয়ার কিছুমাত্র ন্যায়সঙ্গত কারণ নাই।' *বঙ্কিম*, ১৮৭৯।

একাধিপতি [স] *বি* একক অধিপতি। 'জড়রাজত্বে সে ছিল একাধিপতি।' *রবীন্দ্র*, ১৯৩৫।

একাধিপত্য [স] ১ *বি* একচেটিয়া ক্ষমতা। 'তবেই আমার একাধিপত্য হইল।' *রামরাম*, ১৮০১। ২ *বি* প্রতিদ্বন্দ্বীহীন প্রভুত্ব। 'মঠের মহন্তেরা মঠসংক্রান্ত সকল বিষয়ের একাধিপত্য করেন।' *অক্ষয়*, ১৮৫০।

একানব্বই [স একনবতি] *বি*, *বিণ* ৯১ সংখ্যা বা সংখ্যক। *ওসাঁ*, ১৭৮৪।

একান্ত [স] ১ *বিণ* নিশ্চিত। 'যে চৈতন্যপাদপদ্ম একান্ত-শরণ।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* পরম। 'শিবানন্দ সম্বন্ধে প্রভুর ভক্ত একান্ত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বিণ* অত্যন্ত। 'তোমা সবার চরণ মোর একান্ত শ্রবণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৪ *ক্রিবিণ* নিতান্ত। 'পরম রূপসী সেই, একান্ত জানিবে এই।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৫ *বিণ* একাগ্রচিত্ত। 'কেবল অনন্য ভাবে একান্ত হইয়া সেবে।' *মানিকরাম*, ১৭৮১। ৬ *ক্রিবিণ* কখনোই। 'আমি তোমার বারণ একান্ত শুনিব না।' *চক্রীচরণ*, ১৮০৫। ৭ *বিণ* নিবিষ্ট। 'অকপট হৃদয়ে একান্ত মনে তাহার কল্যাণ প্রার্থনা করেন।' *অক্ষয়*, ১৮৫০। ৮ *ক্রিবিণ* একান্তভাবে। 'আমরা যে ব্যক্তিকে একান্ত ভালবাসি।' *অক্ষয়*, ১৮৫৪। ৯ *বিণ* সত্যিই। 'যদি একান্ত অমূলক হয় তবে ...।' *রবীন্দ্র*, ১৮৮৮। ১০ *বিণ* আন্তরিক। সংসারীকে একান্ত নিষ্ঠার সহিত সর্ব্বব্যাপী ব্রহ্মকে অবলম্বন ...।' *রবীন্দ্র*, ১৯০১। ১১ *বিণ* অনুপম। 'মননে ও মনীষায়, দেহে ও বুদ্ধিতে একান্ত সে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

একান্তচিত্তে [স] *ক্রিবিণ* ঐকান্তিকভাবে। 'একান্তচিত্তে তাঁহার মৃত্যুও প্রার্থনা করিতে নিরস্ত হয় না।' *অক্ষয়*, ১৮৪৮।

একান্তবর্তী [স] *বিণ* একপ্রান্তস্থ। 'এই জগতের একান্তবর্তী সন্তোষকলকূচিত নিভৃত নীড়ের মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

একান্তবাসী [স] *বিণ* নির্জনবাসী। 'আমার পরিবারে আমি যেভাবে মানুষ হয়েছি ... আমি একান্তবাসী ছিলাম।' *রবীন্দ্র*, ১৯২১।

একান্ত মত [স] *বি* অভিমত। 'এই একান্ত মত যে ... আপন ভাষা শিক্ষাই কর্ত্তব্য।' *অক্ষয়*, ১৮৪৮।

একান্তসংলগ্ন [স] *বিণ* অত্যন্ত ঘনিষ্ঠ। 'হৃদয়ের সহিত একান্তসংলগ্ন স্নেহপুত্তলি মানবমূর্তি।' *রবীন্দ্র*, ১৮৯১।

একান্তে [স] *ক্রিবিণ* নির্জনে। 'লক্ষ যোজন অন্তে, দোহার প্রেম একান্তে।' *লালন*, ১৮৯০।

একান্তর [স] *বিণ* পরস্পরের বিকল্প। 'অনুবন্ধী শান্তি-শান্তি; একান্তর উল্কা ও খযুপ।' *সুধীন্দ্র*, ১৯৪০।

একান্দাজ [স এক+ফা আন্দাজ] *বি* অব্যর্থ লক্ষ্য। 'কোটী কোটী তিরন্দাজ, যে যা বিদ্ধে একান্দাজ।' *রামপ্রসাদ*, ১৭৮০।

একান্ন[১] [স একপঞ্চাশৎ] *বিণ* ৫১ সংখ্যক। 'করিয়া একান্ন খণ্ড কাটিলা কেশব।' *ভারত*, ১৭৬০।

একান্ন[২] [স এক+অন্ন] *বি* একই অন্ন আহার করে এমন পরিবার; যৌথ পরিবার। 'একান্ন একান্নে ছিল সবার সহিত।' *গুপ্ত*, ১৮৫৮।

একান্নপরিবার [স] *বি* একান্নবর্তী পরিবার। 'একান্নপরিবারে আমরা দূর ও নিকট।' *রবীন্দ্র*, ১৯০৭।

একান্নপারিবারিক [স] *বিণ* একান্নবর্তী পরিবার বিশিষ্ট। 'হরগৌরী প্রসঙ্গে আমাদের একান্নপারিবারিক সমাজের মর্মরূপিণী রমণীর ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

একান্নবর্তিতা [স] *বি* এক পরিবারভুক্তির বন্ধন। 'একান্নবর্তিতা ভেঙ্গে স্বতন্ত্র ও স্বাধীন।' *ইমদাদুল*, ১৯২০।

একান্নবর্তী, একান্নবর্ত্তী [স] ১ *বিণ* যৌথ পরিবারভুক্ত। 'একান্নবর্ত্তী পরিবার।' *বঙ্গদর্শন*, ১৮৭২; 'চারি সহোদরে, যাবজ্জীবন, একান্নবর্তী ছিলেন।' *বিদ্যা*, ১৮৯১। ২ *বিণ* অভিন্ন। 'চিন্তায় একান্নবর্তী হতে গিয়ে কেউই বাঁচে না।' *নীরেন*, ১৯৬১।

একান্নভুক্ত [স] *বিণ* এক পরিবারভুক্ত। 'উভয়ে একান্নভুক্ত ছিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮।

একাত্মতা [স] *বি* ঐক্য। 'তাঁদের কথাবার্তা, আচার-আচরণে যতই উগ্র দলগত একাত্মতা প্রকট হোক না কেন ...।' *শিব*, ১৯৫৬।

একাবধি [স] *ক্রিবিণ* এক থেকে। 'একাবধি ২১২ দুইশত বার পর্য্যন্ত

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অঙ্কসমুদায়।' *অক্ষয়*, ১৮৫৪।

একাবলী *বি* একনরি হার। 'চম্পা-একাবলী ছিন্ন ম্লান ছেয়ে আছে দিগন্ত ব্যাপিয়া।' *নজরুল*, ১৯২৫।

একাবস্থ [স] *বি* একই রকম অবস্থা। 'বঙ্গ ও মদ্রাজে স্ত্রীশিক্ষা সম্বন্ধে একাবস্থ।' *তমোলুক*, ১৮৭৪।

একাবারে *ক্রিবিণ* প্রত্যক্ষভাবে। 'তিনিও ছিলেন ক্ষত্রিয়, আর যে সে ক্ষত্রিয় নয়, একাবারে রাজপুত্র।' *প্রমথ*, ১৯২১।

একাবেণী *বি* যুক্তবেণী। 'একাবেণী পদচুম্বন করিতে থাকে।' *দীনবন্ধু*, ১৮৬৩।

একাভিনয় [স] *বি* একক অভিনয়। 'সেখানে একাভিনয়ের ঐক্যপত্য।' *অচিন্ত্য*, ১৯৫০।

একাভিমুখী [স] *বিণ* একমাত্রিক; একই লক্ষ্যের অভিমুখী। 'জনসাধারণের সমবেত মনটা চিরদিন একাভিমুখী।' *মানিক*, ১৯৩৬।

একাভিসন্ধি [স] *বি* অভিন্ন উদ্দেশ্য। 'একাভিসন্ধি – সহৃদয়তা – ইহাই দাম্পত্য সুখ।' *বঙ্কিম*, ১৮৮৪।

একায়ত্ত [স] *বিণ* একীভূত। 'একাগ্র ও একায়ত্ত করে নিতে হবে।' *অচিন্ত্য*, ১৯৫০।

একার[১] [স একাকার] *বি* একাকার অবস্থা। 'দেহনঅরী বিহরএ একারে।' *চর্যা* ১১, ১২০০।

একার[২] *দ্র* এ[১]

একারণ *ক্রিবিণ* এই কারণে। 'একারণ আপন প্রিয়তমকে এইখানে আনাইলেক।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

একার্থ [স] *বিণ* একই অর্থবোধক। 'নানার্থ ও একার্থ বোধক শব্দ সমুদয় বিন্যস্ত হইবেক।' *চন্দ্রিকা*, ১৮৩১।

একার্থক [স] *বিণ* একটি মাত্র অর্থপ্রকাশক। 'য়ুরোপীয় ভূরি খৃস্টান এই দুটো শব্দ একার্থক নয়।' *রবীন্দ্র*, ১৯২২।

একার্থবাচক [স] *বিণ* সমার্থবোধক। 'ব্রজ শব্দ আর জগৎ শব্দ একার্থবাচক।' *বঙ্কিম*, ১৮৯২।

একার্থবোধক [স] *বিণ* একটি মাত্র অর্থ প্রকাশ করে এমন। 'নানার্থ ও একার্থ বোধক শব্দ সমুদয় বিন্যস্ত হইবেক।' *চন্দ্রিকা*, ১৮৩১।

একার্ধ [স] *বি* অর্ধেক অংশ। '... তখন আমাদের মনের একার্ধ অকৃতার্থ থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

একাল [স কাল>] ১ *বিণ* বর্তমান কালের। 'যাঁহারা একালের তাঁহারা সৌগন্ধ কেশে ও বেশে লেপন করিয়া কাঁকুই দিয়া চুল ফুলাইয়া ... এই প্রকার অলঙ্কার পরিয়া থাকেন।' *ভবানী*, ১৮২৮। ২ *বি* বর্তমান কাল। 'সে কালের সঙ্গে এ কাল তুলনা করিয়া যদি কেহ একজন প্রবন্ধ লিখেন।' *রাজ*, ১৮৭৪।

একালিনী [স কাল>] *বিণ স্ত্রী* আধুনিক কালের। 'একালিনী রমণীর/ রমণীয় তালে বাঁধা ছন্দ এ ধমনীর।' *রবীন্দ্র*, ১৯৩৮।

একালীয়তা [স কাল>] *বি* আধুনিকতা। 'তিনি অতিরিক্ত উদগ্রভাবে একালীয়তা ফলাইতে ব্যস্ত।' *রবীন্দ্র*, ১৯০৯।

একাশী [স একাশীতি] *বিণ* একাশি। 'লঘুগুরু সকলে ৮১ একাশী কলা।' *বড়ু*, ১৫৭০।

একাশীতি [স] *বিণ* ৮১ সংখ্যক। 'এই মহানুভাব ধর্মাত্মা, একাশীতি বৎসর বয়ঃক্রমে, কলেবর পরিত্যাগ করিলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

একাসী [স একাশীতি] *বিণ* ৮১ সংখ্যক। *বিদ্যা*, ১৮৯১।

একাশ্রয়ী [স] *বিণ* একজনকে আশ্রয় করে গড়ে উঠেছে এমন। 'বিবাহ কেবল একবার, কল্পনা কেবল একাশ্রয়ী।' *অন্নদা*, ১৯২৮।

একাসন [স] ১ *বি* একটি আসন। 'একাসনে নব রাত্রি আসন করিত।' *রামরাম*, ১৮০১। ২ *বি* (বসার) একমাত্র জায়গা। 'একাসনে বসিয়া রোদনমাত্র ক্রিয়াতে ... করিতে লাগিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৩ *বি* অভিন্ন আসন। 'একাসনে আসীন হইয়া, অশেষবিধ কথোপকথন করিতেছিলাম।' *বিদ্যা*, ১৮৬৩।

একাসনভুক্ত [স] *বিণ* সমপর্যায়ভুক্ত। 'অযোগ্য পাত্রদের সহিত তাঁহাকে একাসনভুক্ত করিয়া দেওয়া হয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

একাহার [স] *বি* দিনরাতে একবার খাদ্যগ্রহণ। 'একাহারে কালযাপন করিতেছে।' *দর্পণ*, ১৮২৮।

একাহারী [স] *বিণ* দিনে একবার মাত্র ভোজন করে এমন। 'তিনি একাহারী, নিরামিষাশী, সদাচারপূত ... ছিলেন।' *বিদ্যা*, ১৮৯১।

একি, এ কি [স কিম>] ১ *অব্য* বিস্ময়সূচক শব্দ; এ কেমন। 'পাকা দাড়িতে লাজ নাহি একি পরমাদ।' *বিজয়*, ১৬৫০; 'গর্ব্ভ উটের রূপ দেখিয়া কহিল, আহা এ কি রূপ!' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ২ *অব্য* এসব কি। 'মনে কর একি বা কি হবেক নশ্বর।' *মানিকরাম*, ১৭৮১। ৩ *বিণ* একই। 'তাহারা হিন্দু লোক আমরাও সেই একি বর্ণ।' *রামরাম*, ১৮০১। ৪ *অব্য* (বিস্ময় অর্থে) এ কী কথা। 'একি, এ যে দেখিতেছি জাগ্রত স্বপ্ন!' *অক্ষয়*, ১৮৪৭।

একিডিমি [ই অ্যাকাডেমি] *বি* একাডেমি; শিক্ষাপ্রতিষ্ঠান। 'গরানহাটা একিডিমি।' *দর্পণ*, ১৮৩৪। *দ্র* **একাডেমি**

একিদা [আ আকিদাহ] *বি* একাগ্রতা। 'কি প্রকারে জন্নী হইব তাহাতেই কেবল একিদা থাকে।' *প্যারী*, ১৮৫৮।

একিন [আ] ১ *বি* দৃঢ় বিশ্বাস। 'আল্লার নামেতে সবে করিয়া একিন।' *গরীব*, ১৭৬৫। ২ *বিণ* একাগ্রচিত্ত; স্থির বিশ্বাসে মগ্ন। 'পড়ে দরুদ একিন হয়ে।' *জঙ্গীম*, ১৯৩১।

এ কী [স কিম>] *অব্য* বিস্ময়সূচক শব্দ – এ কেমন। 'এ কী এ, এ কী এ, স্থিরচপলা।' *রবীন্দ্র*, ১৮৮১।

একীকরণ [স] ১ *বি* একাধিক বস্তুকে এক সঙ্গে মেলানো। 'ভাব ও ভাষার সম্পূর্ণ একীকরণ সম্পন্ন হয়।' *প্রমথ*, ১৮৯০। ২ *বি* মিলন। 'সে রাত্রে দাম্পত্য-একীকরণ এত ঘনীভূত হইয়া উঠিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯২।

একীকৃত [স] *বিণ* একত্রে মিলিত। 'পালরাজ্য ও সেনরাজ্য যে একীকৃত হইয়াছিল।' *বঙ্কিম*, ১৮৯২।

একীভূত [স] *বিণ* একত্র। 'এই ভিন্ন দেশগুলি একীভূত করিবার মূল কারণ।' *বঙ্কিম*, ১৮৯২।

একু [স এক] *বিণ* এক। 'কোড়ি মঝেঁ একু হিআহিঁ সমাইড়।' *চর্যা* ২, ১২০০।

একুই [স এক+ই] *বিণ* একই; ঠিক এক। 'একুই প্রহারে রাজা গেলা জম ঘর।' *মালাধর*, ১৫০০।

একুইটি, একুইটী [ই] ১ *বি* শেয়ারের মূল্য। 'হুকুমে একুইটীর ডিক্ দরুন বিক্রী হইবেক।' *ক্যালগে*, ১৭৯১। ২ *বি* সম্পত্তির সত্যিকার দাম। 'কেবল একুইটি আর এডিভেন্স অ্যাগ্ মুখস্থ করে করেই দুর্লভ জীবনটা কাটালুম।' *রবীন্দ্র*, ১৮৯২।

একুটি [ই] *বি* ইকুইটি। 'অমুকের দুই তিনটা একুটির মোকদ্দমা

AMARBOI.COM

চলিতেছে।' *দর্পণ*, ১৮২৯।

একুইশা [স একবিংশ] *বিণ* একুশে; (মাসের ক্ষেত্রে) ২১ সংখ্যক। *ওসাঁ*, ১৭৮৫।

একুইসা [স একবিংশ] *বিণ* একুশে; (মাসের ক্ষেত্রে) ২১ সংখ্যক। *ক্যালগে*, ১৭৮৯।

একুঠাঞি [স এক>] *ক্রিবিণ* একই স্থানে। 'দুই ভাই একুঠাঞি ছাওালের সঙ্গে।' *মালাধর*, ১৫০০।

একুন *ক্রিবিণ* মোট। 'জমির কাত জমা মায় একুন যুদ্ধা সাতত্রী তঙ্কা ডেড় আনা মালগুজারি করিবে।' *ভেরালি*, ১৭৮৩।

একুনে [ফা ইয়াকুন] ১ *ক্রিবিণ* সব মিলিয়ে। 'একুনে হইল অষ্ট পণ আড়াই বুড়ি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* মোট। *মেয়র্স*, ১৭৭৪; 'একুনে এক লক্ষ আশী হাজার ছয় শত সতর।' *দর্পণ*, ১৮২২।

একুবারে [স এক>] *ক্রিবিণ* একবারে; একসাথে। 'সত্যভামা জাম্বুবতি বিভা একুবারে।' *মালাধর*, ১৫০০।

একুবেরি [স এক>] *ক্রিবিণ* একবারে। 'জত নুনি তাহা সব খায় একুবেরি।' *মালাধর*, ১৫০০।

একুমণা [স এক+মন] *বিণ* একমন। 'নলনীবন পইসন্তে হোহিসি একুমণা।' *চর্যা* ২৩, ১২০০।

একুশ [স একবিংশ] *বিণ* ২১ সংখ্যক। 'একুশ দিনের লখিন্দর।' *কেতকা*, ১৬৫০।

একুশে *বিণ* (মাসের ক্ষেত্রে) একুশতম। 'একুশে আইন।' *সুকুমার*, ১৯১৭।

একুশে, একুশে ফেব্রুয়ারি/ফেব্রুয়ারী *বি* ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি, যেদিন বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করার দাবিতে শাসকশ্রেণীর গুলিতে ঢাকায় বেশ কয়েকজন নিহত হয়েছিলেন। 'আমার ভাইয়ের রক্তে-রাঙানো একুশে ফেব্রুয়ারি।' *পাকিস্তান*, ১৯৫২; 'একুশে ফেব্রুয়ারী পূর্ব পাকিস্তানের জনতাকে পথ দেখিয়েছে।' *হাফিজুর*, ১৯৫৩।

একুষ [স একবিংশ] *বিণ* একুশ; ২১ সংখ্যক। **একুষিআ** [স একবিংশ>] *বি* প্রসূতির একুশ দিনের শুদ্ধি অনুষ্ঠান। 'একুষিআ কৈল তার একইষ দিবসে।' *মুকুন্দ*, ১৬০০।

একুস [স একবিংশ] *বিণ* একুশ; ২১ সংখ্যক। *বিদ্যা*, ১৮৯১। **একুসে** *বি* (মাসের ক্ষেত্রে) একুশতম দিন। *বিদ্যা*, ১৮৯১।

একুস্থানে [স এক+স্থান>] *ক্রিবিণ* এক জায়গায়। 'সকল আনিঞা পাপ কৈল একুস্থানে।' *মালাধর*, ১৫০০।

-একে *দ্বিতীয়া বিভক্তি*। 'ঘরেকে আনিল কৃষ্ণ মহাদেব লৈয়া।' *মালাধর*, ১৫০০।

একে [স এক>] *ক্রিবিণ* একদিকে। 'একে কুলবতী ধনী তাহে সে অবলা।' *দ্বিজচণ্ডী*, ১৬০০।

একেঁলে [স এক>] *বিণ* একেলা। 'একেঁলে জগ নাসিঅরে বিরহ ঈইন্দ্রে।' *চর্যা* ৩৯, ১২০০।

একেডিমি [ই অ্যাকাডেমি] *বি* শিক্ষাপ্রতিষ্ঠান। 'হিন্দু লিবরল একেডিমি নামক এক ইঙ্গরেজী পাঠশালা।' *চন্দ্রিকা*, ১৮৩২। *দ্র* **একাডেমি**

একেত *ক্রিবিণ* একদিকে। 'একেত রাজকন্যা স্বামীবিরহে অত্যন্ত আতুরা ছিলেন, তাহাতে আবার চৌকিদারেরা ঘর ঘেরিল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

একেবারে [স এক+ফা বার>] ১ *ক্রিবিণ* সরাসরি। 'একেবারে জাহান্নামে দাখিল সে হয়।' *গরীব*, ১৭৫০। ২ *ক্রিবিণ* সম্পূর্ণরূপে। 'একেবারে ঝুঁকে পড়ে কুফর সকল।' *গরীব*, ১৭৫০। ৩ *ক্রিবিণ* এক থোকে। 'মুখ্যাভিপ্রায় এই যে অনেক টাকা একেবারে আইসে।' *দর্পণ*, ১৮৩৫।

একেলা [স এক>] ১ *বিণ* একাকী। 'সন্তে সাম্ভাইল কৃষ্ণ একেলা বাহিরে।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* একমাত্র। 'সাত পাঁচ নাহি বেটা একেলা এজিদ।' *গরীব*, ১৭৬৫। ৩ *বিণ* নিঃসঙ্গ। 'হাজার লোকের মাঝ রয়েছি একেলা যে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

একেলী [স এক>] *বিণ* একাকিনী। 'একেলী সবরী এ বণ হিণ্ডই কর্ণকুণ্ডলবজ্রধারী।' *চর্যা* ২৮, ১২০০।

একেলে [স কাল>] *বিণ* একালের; এ সময়ের। 'তুমি মা একেলে মেয়ের মতন নও।' *গিরিশ*, ১৮৮৯।

একেশ্বর [স] ১ *বিণ* একাকী। 'সঙ্গী ছিল হেলুম এবে গম্য একেশ্বর।' *আলাওল*, ১৬৮০। ২ *বিণ* একক অধিপতি। 'রাজা একেশ্বর; সমকক্ষ তার মহাশত্রু।' *রবীন্দ্র*, ১৮৯৯।

একেশ্বরত্ব [স] *বি* একাধিপত্য। 'তাহাতে একেশ্বরত্ব বিস্তার করিয়াছিল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

একেশ্বরবাদী [স] *বিণ* সৃষ্টিকর্তা এক ও অদ্বিতীয় – এই মতে বিশ্বাসী। 'তাঁহারা ... একেশ্বরবাদী খ্রিষ্টানের মত অবলম্বন করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৫।

একেশ্বরী [স] ১ *ক্রিবিণ স্ত্রী* একা একা। 'কহ লো সুন্দরি কেন একেশ্বরী ভ্রমিতে নহে তরাস।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* একমাত্র। 'তুমি একেশ্বরী রানী বিশ্বের অন্তর-অন্তঃপরে হে।' *রবীন্দ্র*, ১৯০০।

একেশ্বর [স একেশ্বর] *বিণ* একাকী। 'একেশ্বর কৃড়া করেন দেব চক্রপানি।' *মালাধর*, ১৫০০।

একৈক [স এক>] *বিণ* এক একটি। 'একৈক শাখার লাগে কোটি কোটি ডাল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

একো [স এক>] *বিণ* কিছুই। 'একো না ভাএ কি মোর জীবন আশে।' *বড়ু*, ১৪৫০।

একোই [স এক>] *বিণ* সমান। 'কেহোত জিনিতে নারে একোই স্মোসর।' *মালাধর*, ১৫০০।

একো জন [স এক>] *বিণ* কেউ। 'না দেখিল একো জনে।' *বড়ু*, ১৪৫০।

একোণচত্বারিংশৎ [স] *বি*, *বিণ* ঊনচল্লিশ। *ঢানকান*, ১৭৮৪।

একোদ্দিষ্ট [স] *বিণ* মৃত ব্যক্তির উদ্দেশ্যে বাৎসরিক কৃত্য। 'পিতার একোদ্দিষ্ট শ্রাদ্ধ ২৯ আষাঢ় বুধবার হইয়াছে।' *দর্পণ*, ১৮২১।

একোন [স] *বিণ* এক কম এমন। 'একোন অশীতি বৎসরের বৃত্তান্ত বর্ণিত হইয়াছে।' *বিদ্যা*, ১৮৯১।

একোনচত্বারিংশৎ [স] *বিণ* ৪১ সংখ্যক। 'একোনচত্বারিংশৎ কথা।' *তারিণী*, ১৮০৩।

একোনটেন্ট [ই] *বি* হিসাবরক্ষক। 'একোনটেন্ট জানেরেল।' *ক্যালগে*, ১৭৯৪।

একোনত্রিংশ [স] *বিণ* ২৯ সংখ্যক। 'একোনত্রিংশ কথা।' *তারিণী*, ১৮০৩।

একোহি *বিণ* একটাও। 'ভাল না বুঝিএ তোর একোহি চরীত।' *বড়ু*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫০০।

এক্কাগাড়ি [ফা এক্কা+স গাড়ী] *বি* দুই চাকাবিশিষ্ট ঘোড়ার গাড়ি। 'দীর্ঘ সংসারপথ একটা এক্কাগাড়িতে করিয়া চলিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

এক্কা দোক্কা [ফা এক্কা>] *বি* ছেলেমেয়েদের খেলাবিশেষ। 'রাতের প্রহরগুলো এক দুই করে এক্কা দোক্কা খেলছে।' *সেলিনা*, ১৯৬৯।

এক্কেবারে *ক্রিবিণ* পুরোপুরি। 'এক্কেবারে শুষ্কং কাষ্ঠং আর কি!' *সাদত*, ১৯৬৭।

এক্তিয়ার, এক্তেয়ার [আ ইখতিয়ার] **১** *বি* কর্তৃত্ব। 'তাঁতিরদিগের উপর একান্ত এক্তিয়ার পাইয়া।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *বি* অধীনতা। *ওসাঁ*, ১৭৮২; 'সে সমস্ত আমারদের এক্তিয়ারে।' *রামরাম*, ১৮০১। **৩** *বি* অধিকার। *এডমন*, ১৭৯৩। **৪** *বি* অভিরুচি। 'তোমাদের পক্ষে স্বেচ্ছায় খুশ এক্তেয়ারে, বহালতবিয়তে ... যোগ দি, সে হচ্ছে অন্য কথা।' *মুজতবা*, ১৯৫৮। *দ্র* **এখতিয়ার**

এক্তার [আ ইখতিয়ার] *বি* ক্ষমতা। 'তোমার এক্তার কিছুই নেই।' *গিরিশ*, ১৮৯৬।

এক্তারি [আ ইখতিয়ার] *বি* আওতা। 'দালাল দিগকে আপন এক্তারিতে দাদনি কএক টাকা হরগিজ দিবা না।' *হ্যালহেড*, ১৭৭৩।

এক্লেম্পসিয়া [ই] *বি* গর্ভবতী নারীর রক্তহীনতার রোগবিশেষ। 'হঠাৎ এক্লেম্পসিয়া হইয়া দিদি ৩/৪ ঘন্টার মধ্যেই মারা গেলেন।' *বনফুল*, ১৯৩৬।

এক্ষণ, এক্ষন [স ক্ষণ>] *বি* এই মুহূর্ত। 'না করিব বিলম্ব আমি আসিব এক্ষণে।' *মানিকরাম*, ১৭৮১।

এক্ষণকার [স ক্ষণ>] *বিণ* এখনকার। 'তোর এক্ষণকার বাঙ্গা তোর বলেতে নহে।' *তারিণী*, ১৮০৩।

এক্ষণি [স ক্ষণ>] *ক্রিবিণ* এখনই। *ওসাঁ*, ১৭৮২।

এক্ষুনি [স ক্ষণ>] *ক্রিবিণ* এখনই। 'এক্ষুনি আমরা বেরিয়ে পড়ি।' *শিবরাম*, ১৯৪০।

এক্ষেনে [স ক্ষণ>] *ক্রিবিণ* এই ক্ষণে; এই মুহূর্তে। 'এক্ষেনে জাইতে পারিলাম না কিছুকাল গৌনে জাইয়া ...।' *ওসাঁ*, ১৭৮২।

এক্ট্রা [ই] *বিণ* অতিরিক্ত। 'বেণে মসলা ও মাখাঘসার এক্ট্রা দোকান বসে গ্যাছে।' *হুতোম*, ১৮৬১।

এক্সকার্শন [ই] *বি* দল বেঁধে আনন্দ-ভ্রমণ। 'চা-সভা, লন পার্টি, এক্সকার্শন, পিকনিক ইত্যাদি।' *রবীন্দ্র*, ১৮৮১।

এক্সকিউজ [ই] *বি* ক্ষমা। 'আজ আমাদের এক্সকিউজ কর্তে হবে ...।' *মাইকেল*, ১৮৬০।

এক্সচেঞ্জ [ই] **১** *বি* অর্থ আদান-প্রদান। 'বিল এক্সচেঞ্জ।' *ক্যালগে*, ১৭৮৬। **২** *বি* শেয়ার বাজার সংক্রান্ত বিনিময়ের কেন্দ্র। 'তাহারা কলিকাতার এক্সচেঞ্জে অর্থাৎ ক্রয় বিক্রয়ের ঘরে গত বুধবারে একত্র হইল।' *দর্পণ*, ১৮১৮। **৩** *বি* মুদ্রা বিনিময় হার। 'আবার পোড়া এক্সচেঞ্জ তাহাতেও বাদ সাধিতে চাহে।' *রবীন্দ্র*, ১৯০৮।

এক্সট্রিমিস্ট [ই] *বিণ* চরমপন্থী। 'এ বিষয়ে এক্সট্রিমিস্ট দলের মত জানবার চেষ্টা করেছি।' *প্রমথ*, ১৯১৯।

এক্সপার্ট [ই] *বিণ* অভিজ্ঞ। 'একজন এক্সপার্ট লোককেও হিমসিম খাইয়ে দিয়েছে।' *শিবরাম*, ১৯৫০।

এক্সপিরিয়েন্স [ই] *বি* অভিজ্ঞতা। 'লোকে বলে এক্সপিরিয়েন্স নেই, কল্পনা থেকে লিখে গেছেন।' *অবন*, ১৯৪১।

এক্সপেরিমেন্ট, এক্সপেরিমেন্ট [ই] *বি* পরীক্ষা। 'তার কর্ম-জীবনের এটাই শেষ এক্সপেরিমেন্ট।' *মনসুর*, ১৯৪০।

এক্সপেল [ই] *বি* বহিষ্কার। 'স্যার আমাকে এক্সপেল করছেন করুন।' *নরেন্দ্র*, ১৯৫২।

এক্সপ্রেস [ই] *বিণ* দ্রুতগামী। 'এক্সপ্রেস ট্রেনখানা।' *বিভূতি*, ১৯৩১।

এক্সরে [ই] *বিণ* রঞ্জনরশ্মি। 'এক্সরে পরীক্ষায় প্রকাশ পায়, গুলি তাঁর বুক ভেদ করে নাই।' *মনসুর*, ১৯৫৫।

এক্সারসাইজ [ই] *বি* ব্যায়াম। 'তাতে ফিজিকেল এক্সারসাইজ হয় বটে, বক্সিং নোবল আর্ট।' *গিরিশ*, ১৮৮৬।

এক্সেপ্শন [ই] *বি* ব্যতিক্রম। 'আমাকে আমাদের দেশের মহৎ এক্সেপ্শন বলে গ্রহণ করে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

এক্সেলেন্ট [ই] *বিণ* চমৎকার; উত্তম। 'এক্সেলেন্ট এক্সেলেন্ট করিয়া উচ্ছ্বাসিত হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

এখণ [স ক্ষণ>] *ক্রিবিণ* এখন। 'পার করিবোঁ এখণে।' *বড়ু*, ১৪৫০।

এখতিয়ার, এখতেয়ার [আ ইখতিয়ার] **১** *বি* অধিকার। 'এখতিয়ার মাবিয়াকে বাদশাই সুপিবে।' *গরীব*, ১৭৬৫; 'সহজে এখতিয়ার করেন।' *ইসলাম*, ১৯০৭। **২** *বি* অনুসরণ। 'এই তেজারত-কানুন এখতেয়ার করিয়া তাঁহারা উন্নতি লাভ করিয়াছিলেন।' *ইমাম*, ১৯৪৬। *দ্র* **এক্তিয়ার**

এখন [স ক্ষণ>] *ক্রিবিণ* এই মুহূর্তে। 'কি না লাভ লোভে কাহ্নাঞি না চিহ্ন এখন।' *বড়ু*, ১৪৫০।

এখনই *ক্রিবিণ* অবিলম্বে। 'এখনই অস্তাচলে যেও না তপন।' *রবীন্দ্র*, ১৮৮০।

এখনকার [স ক্ষণ>] *বিণ* বর্তমানের। 'এখনকার রাণী ভবানী হঠী বিদ্যালঙ্কার।' *প্রভাকর*, ১৮৩১।

এখন-তখন *বি* কোনো কাজের দিনক্ষণের পরিবর্তনশীলতা। 'তা তোমার এখন-তখন করে হয় নাই।' *তারা*, ১৯৪৬।

এখনি *ক্রিবিণ* অবিলম্বে। 'তুমি যেয়ো না এখনি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

এখনী *ক্রিবিণ* এখনই। 'এখনী পরাণ তোর লৈবোঁ অবিচারে।' *বড়ু*, ১৪৫০।

এখনে *ক্রিবিণ* এই মুহূর্তে। 'শকত আছিল নাঅ এখনে।' *বড়ু*, ১৪৫০।

এখনেহ *ক্রিবিণ* এখনো। 'এখনেহ নাহি জান প্রেমের আমূল।' *আলাওল*, ১৬৮০।

এখান [স স্থান>] *ক্রিবিণ* এ জায়গায়। *ওসাঁ*, ১৭৮২।

এখানকার [স স্থান>] *বিণ* এ স্থানের। 'এখানকার সমাচার লিখীয়া কি জাইর করিব।' *ওসাঁ*, ১৭৮২।

এখানে *ক্রিবিণ* এই স্থানে। 'এখানে পণ্ডিত নাই নাঞিক পাদুকা।' *মানিকরাম*, ১৭৮১।

এখানেই *ক্রিবিণ* এই জায়গাতেই। 'লাইনদুটোকে এই সুযোগে এখানেই দলিলভুক্ত করিয়া রাখিলাম।' *রবীন্দ্র*, ১৯১২।

এখানের *বিণ* এখানকার। 'এখানের জমীদাররা বাজে।' *তাঁতি*, ১৭৯২।

এখানে-সেখানে *ক্রিবিণ* বিভিন্ন জায়গায়। 'এখানে-সেখানে বেড়ায় খেলিয়া হরষে গাহিয়া গান।' *রবীন্দ্র*, ১৮৮৪।

AMARBOI.COM

এখুনি, এখুনী [স ক্ষণ>] *ক্রিবিণ* এই মুহূর্তে। 'এখুনি বুলিবোঁ গিআঁ যশোদার থানে।' *বড়ু*, ১৪৫০; 'ভাগে পুনী জিলাহোঁ এখুনী মরিতাহোঁ।' *বড়ু*, ১৪৫০।

এখো [স এক>] **১** *বিণ* এক। 'আদি আস্ত এখো বোল না বোলসি ভাল।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* একটিও। 'হাণে কুলে এখো নাহিঁ পাটাবুকী তিরী।' *বড়ু*, ১৪৫০।

এখোহি [স ক্ষণ>] *ক্রিবিণ* একজনকেও। 'এখোহি না রাখিলেক তোর মাত্ত বাপ।' *বড়ু*, ১৪৫০।

এখোই [স ক্ষণ>] *ক্রিবিণ* এখনও। 'এখোই না ধরে কাহ্নাঞি উমত আকার।' *বড়ু*, ১৪৫০।

এখোখণে *ক্রিবিণ* এ মুহূর্তে। 'এত কাল আহ্মাক তেজিতে এখোখণে।' *বড়ু*, ১৪৫০।

এখোগুড় [স ইক্ষুগুড়] *বি* আখের গুড়। 'এখোগুড় দিয়া ... বাসি লুচি খাইতাম।' *রবীন্দ্র*, ১৯১২।

এগ [ই] *বি* ডিম। *বিদ্যা*, ১৮৯১।

এগজামিন [ই] *বি* পরীক্ষা। *বিদ্যা*, ১৮৯১; 'রায় লেখাকে তিনি এগজামিনে প্রশ্নপত্রের উত্তর লেখা হিসেবে দেখতেন।' *প্রমথ*, ১৯১৬।

এগজিকিউটর [ই] *বি* বিষয়ের তত্ত্বাবধায়ক; নির্বাহক। *বিদ্যা*, ১৮৯১।

এগজিট [ই] *বি* প্রস্থান; নির্গমন। 'পাত্রপাত্রীর কথার মধ্যে তার এনট্রান্স ও এগজিটের কোনো নাটকীয় ভূমিকা ছিল না।' *রশীদ*, ১৯৬৩।

এগজিবিশন [ই] *বি* প্রদর্শনী। 'এগজিবিশন দেখতে এসেছিলে বুঝি?' *বিভূতি*, ১৯৩১।

এগজিবিশান [ই] *বি* প্রদর্শনী। 'রূপ সিঁড়িও নয় প্রহরীও নয় ওটা এগজিবিশানের।' *অবন*, ১৯২৫।

এগনো, এগোনো [স অগ্রসরণ>] **১** *ক্রি* অগ্রসর হওয়া। *বিদ্যা*, ১৮৯১; 'কিন্তু এ দিকে আমার বোট এগোচ্ছে না।' *রবীন্দ্র*, ১৮৯৪। **২** *ক্রি* বৃদ্ধি পাওয়া; বাড়া। 'অন্ধকারে বেলা এগচ্ছে কি না বোঝা যাচ্ছে না।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৩** *ক্রি* উন্নতি করা। 'কতদূর এগোলো মানুষ।' *মাহমুদ*, ১৯৭২।

এগানা [ফা] *বি* আত্মীয়; স্বজন। **এগানা বেগানা** [ফা] *বি* আপন-পর। 'এগানা বেগানা সব আইল ধাইয়া।' *গরীব*, ১৭৬৫।

এগারো [পা একারস] *বিণ* ১১ সংখ্যক। 'এগারো সত তঙ্কা কর্জ্জ করিলাম।' *মেয়র্স*, ১৭৫৬।

এগার [পা একারস] *বিণ* ১১ সংখ্যক; এগারো। 'এগার বৎসরের বালী।' *বড়ু*, ১৪৫০।

এগারই [পা একারস>] *বিণ* (মাসের ক্ষেত্রে) ১১ সংখ্যক। *বিদ্যা*, ১৮৯১।

এগারঞ্জি [এগার+ইঞ্চি] *বি* এগারো ইঞ্চি মাপের বড়ো ইট। 'তোর মাথায় এমন এক এগারঞ্জি ঝাড়িব।' *প্যারী*, ১৮৫৮।

এগারোই [পা একারস>] *বিণ* (মাসের ক্ষেত্রে) এগারো সংখ্যক। *ওসাঁ*, ১৭৮৫; 'এগারোই মাঘ সায়ংকালে লেখক-কর্তৃক ... ।' *রবীন্দ্র*, ১৯১৬।

এগুলা *সর্ব* এ সকল ব্যক্তি (তুচ্ছার্থে)। 'কেহ বলে এগুলারে বান্ধি হাথ-পায়।' *বৃন্দা*, ১৫৮০।

এগুলি *সর্ব* এ সকল কথা। 'এগুলি তেমন ভালো শুনায় না।' *রবীন্দ্র*, ১৮৭৭।

এগুলো *সর্ব* এ সকল জিনিস। 'এগুলো ব্যবহার করতে দিয়ে মাটি করা কখনোই ... ।' *রবীন্দ্র*, ১৮৮০।

এগোন [স অগ্রগমন>] *বি* অগ্রসর হওয়া। 'এমনি করে সাত আটবারে এগোন পিছন হল যখন।' *জসীম*, ১৯২৯।

এগ্রিমেন্ট [ই] *বি* চুক্তি। 'এক বছরের এগ্রিমেন্টে জাহাজে উঠতে হবে।' *বিভূতি*, ১৯৩১।

এছলাম [আ ইসলাম] *বি* ইসলাম। 'এছলাম রসাতলে যাইতেছে।' *এসলাম*, ১৯২০।

এছলামিক [আ ইসলাম>] *বিণ* ইসলাম ধর্মীয়। 'দেশে এছলামিক নীতি প্রতিষ্ঠার ব্যাপারে বর্ত্তমান সরকার অত্যন্ত দৃঢ় মনোভাবাপন্ন বলিয়া দাবী করিয়াছেন।' *আজাদ*, ১৯৬৫।

এছলামী [আ ইসলাম>] *বিণ* ইসলামি। 'বাঙ্গলা ভাষায় এছলামী ভাব ফুটাইতে যদি কেহ চেষ্টা করিয়া থাকেন।' *ছোলতান*, ১৯২৪।

এজ [স অদ্য] *ক্রিবিণ* আজ। 'কেল খুব ফজরে এসবো – এজ চললাম।' *প্যারী*, ১৮৫৮।

এজন্য [স জন্য>] *ক্রিবিণ* এ কারণে। 'ভট্টাচার্য্য সে পক্ষীয় এজন্য অন্যত্র অধ্যক্ষতা করিতে পারেন না।' *চন্দ্রিকা*, ১৮৩২। **এজন্যে** *ক্রিবিণ* এ কারণে। 'কোন ব্যামোহ তাহাদিগে না হয় এজন্যে এক কাঠে কুন্দা তাহাদিগে ফেলিয়া দিলেন।' *তারিণী*, ১৮০৩।

এজমালি, এজমালী [আ ইজমালি] **১** *বি* একাধিক লোকের অধিকার। 'এ বাড়ীর মোতালেকের অস্থাবর সম্পত্তি এজমালিতে রাখিয়া গিয়াছেন।' *মশাররফ*, ১৮৯০। **২** *বিণ* যৌথ। 'এজমালী রায়তের খাজনা আদায়ের ব্যবস্থা পৃথকভাবে দেওয়া হইয়াছে।' *মোয়াজ্জিন*, ১৯২৮।

এজলাস [আ ইজলাস] *বি* বিচারকার্য চলে যে কক্ষে। 'এজলাসে উৎকোচ আহার করেন।' *দীনবন্ধু*, ১৮৭২; 'নয়ীমা পাল্কী করিয়া এজলাসে উপস্থিত হইয়াছেন।' *রোকেয়া*, ১৯২২।

এজাজত [আ ইজাজত] *বি* অনুমতি। 'চেম্বারে বসে কাজ করবার এজাজত পেয়েছিলেন।' *মাহেনও*, ১৯৪৯।

এজাযত [আ ইজাজত] *বি* অনুমতি। 'বিবি সাহেবা আমার বিনা-এজাযতে এই সভায় উপস্থিত হইছেন।' *মনসুর*, ১৯৪৫।

এজাহার [আ ইজহার] **১** *বি* ফৌজদারি অপরাধ সম্পর্কে অভিযোগ; পুলিশের কাছে অপরাধের খবর দেওয়া। 'সে থানাতেও শালঘর মথুরার লুটের এজাহার পড়িয়াছে।' *মশাররফ*, ১৮৯০; 'এমন একটা আজগুবি এজাহার দেওয়া আগে ... ।' *সাদত*, ১৯৬৭। **২** *বি* প্রকাশ করণ; উক্তি; সাক্ষ্যপ্রদান। *বিদ্যা*, ১৮৯১।

এজাহারি [আ ইজহার>] *বি* সাক্ষ্যপ্রদানের কাজ। *বিদ্যা*, ১৮৯১।

এজিটেটর [ই] *বি* আন্দোলনকারী। 'তার এজিটেটর নামের জন্যই সে এই সুযোগটুকু পেল।' *নজরুল*, ১৯৩০।

এজিদি [আ ইয়াজিদ>] *বিণ* এজিদের মতো। 'এনেছে এজিদি বিদ্বেষ পুন মোহররমের চাঁদ।' *নজরুল*, ১৯৪১।

এজুকেটেড [ই] *বিণ* শিক্ষিত। 'এঁরা কলকেতা মেডিকেল কলেজের এজুকেটেড ভূত।' *হুতোম*, ১৮৬১। *দ্র* **এডুকেশন**

এজু [ই এজুকেটেড] *বি* শিক্ষিত ব্যক্তি। 'হিন্দু কলেজে শিক্ষাপ্রাপ্ত এজুরা বা ইয়ং বেঙ্গলেরাই অশিক্ষা, বাল্যবিবাহ, ... আন্দোলনের সূচনা করেন।' *শরীফ*, ১৯৭০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এজুকেশন [ই] *বি* শিক্ষা। 'স্ত্রী মান করে থাকলে তিনি কলেজী এজুকেশন ও ব্রহ্মজ্ঞান মাথায় তুলে পায়ে ধরে মান ভাঙ্গাবেন।' *হুতোম*, ১৮৬১।

এজেন্ট [ই] ১ *বি* প্রতিনিধি। *ভবানী*, ১৮২৩; 'বহরমপুরে গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট শ্রীযুত আনরবল ডবলিউ মেলবিল।' *দর্পণ*, ১৮৩৭। ২ *বি* ভারপ্রাপ্ত কর্মচারী। 'কোম্পানির থার্ডক্লাস দেখলে অ্যাকৃদিন এঁদের এজেন্ট ও লোকোমোটিব সুপরিন্টেণ্ডেন্টকে বলতে পাওেন।' *হুতোম*, ১৮৬১।

এজেন্টী [ই এজেন্ট+ বা ঈ] *বিণ* প্রতিনিধিত্ব মূলক। 'কাপ্তান থোর্সবি সাহেব ... গবরনর্ জেনরল বাহাদুরের এজেন্টী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৩।

এজেন্সি, এজেন্সী [ই] ১ *বি* এজেন্টের দপ্তর। 'স্বদেশী এজেন্সি খুলিলাম।' *রবীন্দ্র*, ১৯১৪। ২ *বি* এজেন্টের কাজ। 'প্রচার-বিভাগের এজেন্সী গ্রহণ।' *মোহাম্মদী*, ১৯৩৬।

এজেহার [আ ইজহার] *বি* ফৌজদারি অপরাধ বিষয়ে থানায় প্রদত্ত বিবৃতি। 'জেরা করিয়া মতিলালের সংক্রান্ত এজেহার কতক কাঁচিয়া ফেলিলেন।' *প্যারী*, ১৮৫৮।

এজ্ঞে [স আজ্ঞা] *অব্য* মাননীয় ব্যক্তির কথায় সম্মতিসূচক শব্দ। 'এজ্ঞে হা বাবাঠাকুর, পেন্নাম।' *রামনারায়ণ*, ১৮৫৪।

এঞ্জিন [ই] *বি* ইঞ্জিন। 'এঞ্জিনের দিকে গার্ড হাত তুলে জাবার সঙ্কেত করে।' *হুতোম*, ১৮৬১।

এঞ্জিনিয়র, এঞ্জিনিয়ার, এঞ্জিনীয়র [ই] *বি* প্রকৌশলী। 'ছয় জন এঞ্জিনিয়ার আছে, জাহাজের সমস্ত কলবলের ভার তাহাদের হাতে থাকে।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫; 'তিনি এ দেশে পূর্বে এঞ্জিনীয়র ছিলেন।' *প্রমথ*, ১৯২৯; 'মামা ছিলেন রেলের এঞ্জিনিয়র।' *রবীন্দ্র*, ১৯৩২।

এঞ্জিনিয়ারিং [ই] *বিণ* প্রযুক্তিবিদ্যা বিষয়ক। 'এঞ্জিনিয়রিং কলেজ হইতে আমরা তাড়া খাইতেছি।' *রবীন্দ্র*, ১৯০৮।

এঞ্জেল [ই] *বি* খ্রিস্টধর্মীয় বিশ্বাস অনুযায়ী স্বর্গীয় দূত। 'এই এঞ্জেল স্বর্গ ছাড়িল কেন।' *সবুজ*, ১৯২১; 'হঠাৎ মনে হয়েছে এঞ্জেল।' *রবীন্দ্র*, ১৯২৮।

এটর্নি, এটর্ণি [ই] ১ *বি* আইনজীবী; উকিল। 'তুমি এটর্ণি হয়েছ।' *গিরিশ*, ১৮৮৯। ২ *বি* বিষয়-সম্পত্তি সংক্রান্ত কার্যনির্বাহের জন্য আইন অনুসারে নিযুক্ত প্রতিনিধি। 'গ্রাম্য টাউট থেকে হাইকোর্টের এটর্নি।' *অন্নদা*, ১৯৪০।

এটলাস [ই] *বি* মানচিত্রাবলী। 'ঐ এটলাসে ২৫ খান ম্যাপ আছে।' *দর্পণ*, ১৮৩৮।

এটিকেট [ই] ১ *বি* শিষ্টাচার। 'পাছে এটিকেটের ব্যাকরণ-ভুল হয়ে যায়।' *মুজতবা*, ১৯৫২। ২ *বি* কায়দাকানুন। 'বিপাকে যদি প্যারিসের এটিকেট সম্বন্ধে দ্বিধাগ্রস্ত হন।' *মুজতবা*, ১৯৫২।

এটিকেটদুরস্ত [ই এটিকেট+ফা দুরস্ত] *বিণ* কেতাদুরস্ত। 'এটিকেটদুরস্ত বিলেত-ফেরতাকেই এক্ষেত্রে বিল শোধ করতে হয়।' *মুজতবা*, ১৯৫৮।

এটী *সর্ব* এটা। 'এটী সাধারণের ঘর কন্নার কথা।' *হুতোম*, ১৮৬৮।

এটেন্ড করা [ই] *ক্রি* তত্ত্বাবধান করা। 'তেমন ভাল নারভাস্ পেশেন্ট হলে ছ-মাস কেন এটেন্ড কর না।' *গিরিশ*, ১৮৮৬।

এট্টা *বিণ* একটা। 'এসবের বেলা এট্টা থোঁড়ের গাচ আনিস্।' *রামনারায়ণ*, ১৮৫৪।

এট্টু *ক্রিবিণ* খানিক। 'এট্টু জিরুতিও পালাম না।' *রামনারায়ণ*, ১৮৫৪।

এট্টুখানি *বিণ* সামান্য পরিমাণ। 'স্টেশনের ধারাধারি এট্টুখানি জমি।' *শ্যামল*, ১৯৬৭।

এঠো [স উচ্ছিষ্ট] *বিণ* উচ্ছিষ্ট। 'ছেলেরদের এঠো মাংস যা আছে তাহাই কিছু দি ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

এঠ্যা [স উচ্ছিষ্ট] *বি* উচ্ছিষ্ট। 'মাসি বল্যা আমা খেয়্যাচে কত এঠ্যা।' *মানিকরাম*, ১৭৮১।

এড [ই অ্যাড] *ক্রি* যোগ করা। *বিদ্যা*, ১৮৯১।

এডবরটাইজ [ই অ্যাডভারটাইজ] *বি* বিজ্ঞাপন। 'তাহার এক মাস পূর্ব্বে জেনরল এডবরটাইজ করা যাইবেক।' *দর্পণ*, ১৮৩৭।

এডভাইস [ই অ্যাডভাইস] *বি* নির্দেশ। 'তা তিন ভাগ কত্তে ব্যাঙ্ককে এডভাইস করেছি।' *গিরিশ*, ১৮৮৯।

এডভাইসারী [ই] *বিণ* পরামর্শক। 'মুসলিম শিক্ষা বোর্ডের এডভাইসারী সদস্য।' *ইসলাহ*, ১৯৩৮।

এডভারটাইসমেন্ট [ই অ্যাডভারটাইজমেন্ট] *বি* বিজ্ঞাপন। 'কর্মচারী নিয়োগের এডভারটাইসমেন্টের বেলায়।' *মনসুর*, ১৯৩৫।

এডভোকেট, এডবোকেট [ই অ্যাডভোকেট] ১ *বি* হিতাকাঙ্ক্ষী; পৃষ্ঠপোষক। 'চন্দ্রিকাপত্র হিন্দুর এডবোকেট ইহার বন্ধু।' *চন্দ্রিকা*, ১৮৩৫। ২ *বি* উকিল। 'চক্রবর্তী মহাশয় তখন তরুণ এডভোকেট।' *জসীম*, ১৯৬১।

এডমিরাল [ই অ্যাডমিরাল] *বি* জাহাজের অধিনায়ক। 'তাহার এডমিরাল অর্থাৎ পোতাধ্যক্ষের আগমন দর্শন করিলাম।' *অক্ষয়*, ১৮৪২।

এডহক [ই] *বিণ* বিশেষ প্রয়োজনে অস্থায়ীভাবে গঠিত। 'এডহক কমিটি গঠন করা হয়।' *বেগম*, ১৯৪৮।

এডিটর, এডিটার [ই] *বি* সম্পাদক। 'ছাপাকারী ও এডিটর ও মালিক ...।' *দর্পণ*, ১৮২৩; 'আমি যখন স্তম্ভচিহ্নশাৎ পত্রিকার এডিটার ছিলাম।' *বঙ্কিম*, ১৮৭৪।

এডিটরি, এডিটারি [ই এডিটর +বা ই] ১ *বিণ* সম্পাদকীয়। '... জানিতে পারিলে এডিটরি কাম পরিত্যাগ করিয়া গাড়োয়ানি কাম লইতাম।' *প্রভাকর*, ১৮৫১। ২ *বি* এডিটরের কাজ। 'কেবল কবিতা লেখা এবং সাধনার এডিটারি করা নয়।' *রবীন্দ্র*, ১৮৯৫।

এডিটোরিয়াল [ই] *বি* সম্পাদকীয় নিবন্ধ। 'লেখে এডিটোরিয়াল।' *শামসুল*, ১৯৬৯।

এডিবেরটাইষ [ই অ্যাডভারটাইজ] *বি* বিজ্ঞাপন। 'গৌরীচরণ ঘোষের এডিবেরটাইষ আমার দিগের তালুকে ...।' *ক্যালগে*, ১৭৯৮।

এডিশন [ই] *বি* সংস্করণ। 'হুহু করে এডিশনের পর এডিশন উঠে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

এডিশনাল [ই] *বিণ* অতিরিক্ত। 'এডিশনাল জেলা ম্যাজিস্ট্রেট।' *আজাদ*, ১৯৪৭।

এডিসনাল [ই অ্যাডিশনাল] *বিণ* অতিরিক্ত। 'স্কুলসমূহের এডিসনাল ইনস্পেকটর।' *বঙ্গীয়*, ১৯১৮।

এডুকেটেড [ই] *বিণ* শিক্ষিত। 'তিনি কল্পনা করতে পারেন না একজন ভারতীয় কী করে এডুকেটেড হতে পারে।' *রবীন্দ্র*, ১৮৮১।

এডুকেশন [ই] *বিণ* শিক্ষাসংক্রান্ত। 'অনেকের বোধ হয় যে এডুকেশন কমিটির ইঙ্গরেজী বিদ্যা বিষয়েই উৎসাহ প্রদান করেন।' *জ্ঞানান্বেষণ*,

AMARBOI.COM

১৮৪০।

এডুকেশন কমিটি, এডুকেসন কমিটি [ই] *বি* শিক্ষাবিষয়ক কমিটি। 'এডুকেসন কমিটির সাহেবেরা তাঁহার নিকটে অতিবাধ্যতা স্বীকার করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৬; 'চাঁদার ধন সংগৃহীত হইয়া এডুকেশন কমিটির দ্বারা ব্যয় হইলে ...।' *অক্ষয়*, ১৮৪২।

এডুকেশন কৌন্সেল [ই] *বি* শিক্ষা পরিচালনা পরিষদ। 'এডুকেশন কৌন্সেলের অধ্যক্ষগণ ...।' *অক্ষয়*, ১৮৪২।

এডুকেশন-বিল [ই] *বি* আইন পরিষদে উপস্থাপিত শিক্ষাসংক্রান্ত আইনের খসড়া। 'এডুকেশন-বিল লইয়া ঘোরতর বাদ-বিবাদ চলিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৫।

এডুকেশনাল [ই] *বিণ* শিক্ষাবিষয়ক। 'অল ইণ্ডিয়া এডুকেশনাল কনফারেন্স, অমুক ইন্সটিটিউশন, অমুক এসোসিয়েশন ইত্যাদি।' *রোকেয়া*, ১৯১৮।

এডুকেসন, এড্যুকেসন [ই] *বিণ* শিক্ষা সংক্রান্ত। 'এক এডুকেসন বোর্ড সংস্থাপিত হইয়া ঐ লক্ষ টাকা তাঁহারদের হস্তে অর্পিত হইল।' *দর্পণ*, ১৮৩৪; 'এড্যুকেসন কমিটি নানা গ্রন্থ ক্রয় করিয়া তথায় রাখিতেছেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৪।

এড্রেস [ই অ্যাড্রেস] *বি* ভাষণ। 'এখনকার বড় মানুষদের মত ... এড্রেস, মিটিং ও ছাপাখানা নিয়ে বিব্রত ছিলেন না।' *হুতোম*, ১৮৬১।

এড়ণ *বি* রক্ষা। 'জদি সঙ্গে দেবগন তার সহায় হএ রন তথাপি নাহিক এড়ণ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

এড়া[১] ১ *ক্রি* এড়ানো। 'এড়ি এউ ছান্দক বান্ধ করণক পাটের আস।' *চর্যা* ১, ১২০০। ২ *ক্রি* ত্যাগ করা। 'এড়িলোঁ ঘরের/ আশ ল বড়ায়ি/ কহিলোঁ তোর চরণে।' *বড়ু*, ১৪৫০। ৩ *ক্রি* ছাড়া। 'বিণি রতি পাইলেঁ কাহ্নাঞি না এড়িব তোরে।' *বড়ু*, ১৪৫০। ৪ *ক্রি* খুলে দেওয়া। 'আভরণগণ রাধা এড়িল তরাসে।' *বড়ু*, ১৪৫০। ৫ *ক্রি* খণ্ডন করা। 'বাঁশীর তত্ত্ব কহিল/ আহ্মে দোষ এড়াইলোঁ।' *বড়ু*, ১৪৫০। ৬ *ক্রি* হারানো। 'তুহুঁ এড়াওলি তনে। মান হৃদয় করি ধলি জ্ঞতনে।' *বিদ্যাপতি*, ১৪৬০। ৭ *ক্রি* নিক্ষেপ করা। 'পুনরপি নিজ স্থানে পর্বত এড়িল।' *মালাধর*, ১৫০০। ৮ *ক্রি* পরিহার করা। 'কত ভয় এড়াও না পাণ্ড সুয়াস্ত।' *মালাধর*, ১৫০০। ৯ *ক্রি* সরিয়ে রাখা। 'সারি করি চতুর্দিগে এড়ে কুঞ্জগণ।' *বৃন্দা*, ১৫৮০। ১০ *ক্রি* লুকিয়ে রাখা। 'এড়িয়াছ কোথা মোর ঔষধ উপায়।' *মুকুন্দ*, ১৬০০। ১১ *ক্রি* হেলা করা। 'নান্দিআ এড়িনু হাগলাইনু ডাইল।' *মুকুন্দ*, ১৬০০। ১২ *ক্রি* ফেলে দেওয়া। 'আপনার অঙ্গ হতে কপচ এড়িয়া।' *কবীন্দ্র*, ১৬৮৯। ১৩ *ক্রি* জুড়ে দেওয়া। 'কর্ত্তবাটে এড়ে অস্ত্র অঙ্গুলি মদ্য দেস।' *কবীন্দ্র*, ১৬৮৯। ১৪ *ক্রি* বাদ দেওয়া। 'কর্পূর কিনিনু আগে আর আর এড়্যা।' *কৃষ্ণরাম*, ১৭২০। **এড়** *ক্রি* ছাড়া। 'এড় ঘর যাএোঁ মোএে শকতি না কর।' *বড়ু*, ১৪৫০। **এড়এ** *ক্রি* এড়ায়; পাশ কাটে। 'নরদন্ত তোমার এড়এ অহর্নিশ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **এড়ন্তি** *ক্রি* ত্যাগ করে। 'ভুমিত বসিয়া রাজা এড়ন্তি নিশ্বাস।' *কবীন্দ্র*, ১৬৮৯। **এড়াইয়া** *ক্রি* ত্যাগ ক'রে। 'হরসিতে জাএ সেই পুরি এড়াইয়া।' *মালাধর*, ১৫০০। **এড়াইয়া পড়া** *ক্রি* আড়ষ্ট হওয়া। 'শীতে জিহ্বা এড়াইয়া পড়ে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **এড়াও** *ক্রি* পরিহার করো। 'কত ভয় এড়াও না পাণ্ড সুয়াস্ত।' *মালাধর*, ১৫০০। **এড়াওঁ** *ক্রি* এড়াতে পারি। 'তবে বা মোএঁ কাহ্নের ঝগড় এড়াওঁ।' *বড়ু*, ১৪৫০। **এড়াওলি** *ক্রি* হারালে। 'তুহুঁ এড়াওলি তনে/ মান হৃদয় করি ধলি জ্ঞতনে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **এড়াতে পারা** *ক্রি* উপেক্ষা করা। 'আয়ত্তও করতে পারি নে, অথচ এর হাতও কিছুতেই এড়াতে পারি নে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **এড়ায়িএ** *ক্রি* এড়ানো যায়। 'যে বুধি এড়ায়িএ রাধা সে বুধি করিব।' *বড়ু*, ১৪৫০। **এড়ায়িতেঁ** *ক্রিবিণ* এড়াতে। 'বোলে চালে এড়ায়িতেঁ না পারিবি রাধা ল।' *বড়ু*, ১৪৫০। **এড়ায়িবারে** *ক্রি* এড়াতে। 'এড়ায়িবারে কৈল বড়ায়ি এত পরকার।' *বড়ু*, ১৪৫০। **এড়ায়িল** *ক্রি* খণ্ডন করলো। 'বাঁশীর তত্ত্ব কহিল/ আহ্মে দোষ এড়ায়িল।' *বড়ু*, ১৪৫০। **এড়ি** *ক্রি* ছেড়ে; ত্যাগ করে। 'আহ্মা এড়ি কেনমতে ধরিলে পরাণী।' *বড়ু*, ১৪৫০। **এড়িআঁ** *ক্রি* ছেড়ে। 'রাধিকা এড়িআঁ আজি জীবোঁ কেনমনে।' *বড়ু*, ১৪৫০। **এড়ি এউ** *ক্রি* এড়াও। 'এড়ি এউ ছান্দক বান্ধ করণক পাটের আস।' *চর্যা* ১, ১২০০। **এড়িতে** *ক্রি* ত্যাগ করতে। 'হেলান এড়িতে।' *মানোএল*, ১৭৪৩। **এড়িতেঁ** *ক্রি* ছাড়তে। 'হাথে নিধী পাইলেঁ রাধা কে এড়িতেঁ পারে।' *বড়ু*, ১৪৫০। **এড়িনু** *ক্রি* হেলা ক'রে। 'নান্দিআ এড়িনু হাগলাইনু ডাইল।' *মুকুন্দ*, ১৬০০। **এড়িব** *ক্রি* ছেড়ে দেবে। 'বিণি রতি পাইলেঁ কাহ্নাঞি না এড়িব তোরে।' *বড়ু*, ১৪৫০। **এড়িবে** *ক্রি* ত্যাগ করবে। 'তোক না এড়িবে কাহ্ন।' *বড়ু*, ১৪৫০। **এড়িবেক** *ক্রি* ত্যাগ করবে। 'বহিয়া ভাঙিরে তারে এড়িবেক নিয়া।' *মালাধর*, ১৫০০। **এড়িয়া** ১ *ক্রি* এড়িয়ে। 'এড়িয়া এড়িয়া রফা রহি অনুপাম।' *আলাওল*, ১৬৮০। ২ *ক্রি* খুলে ফেলে। 'আপনার অঙ্গ হতে কপচ এড়িয়া।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৩ *ক্রি* ত্যাগ করে। 'নিশ্বাস এড়িয়া মনে করিব রোদন।' *সুলতান*, ১৭০০। **এড়িয়াছ** *ক্রি* লুকিয়ে রেখেছো। 'এড়িয়াছ কোথা মোর ঔষধ উপায়।' *মুকুন্দ*, ১৬০০। **এড়িয়াত** *ক্রি* ত্যাগ করলো। 'এড়িয়াত খাট পাট আর নারিগন।' *মালাধর*, ১৫০০। **এড়িয়ে আসা** *ক্রি* অসাড় হওয়া। 'হাত-পা মড়ার মতন এড়িয়ে আসে।' *জীবন*, ১৯৩২। **এড়িল** ১ *ক্রি* খুলে দিলো। 'আভরণগণ রাধা এড়িল তরাসে।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* নিক্ষেপ করলো। 'পুনরপি নিজ স্থানে পর্বত এড়িল।' *মালাধর*, ১৫০০। **এড়িলা** *ক্রি* ত্যাগ করলো। 'তবে আবদুল মুত্তালিবে এড়িলা শরীর।' *সুলতান*, ১৭০০। **এড়িলেন** *ক্রি* ছেড়ে দিলেন। 'এড়িলেন জসোদা পাইয়া মহাভরে।' *মালাধর*, ১৫০০। **এড়িলোঁ** *ক্রি* ত্যাগ করলাম। 'এড়িলোঁ ঘরের/ আশ ল বড়ায়ি/ কহিলোঁ তোর চরণে।' *বড়ু*, ১৪৫০। **এড়ু** *ক্রি* ত্যাগ করুক। 'এড়ু দামোদর।' *বড়ু*, ১৪৫০। **এড়ে** ১ *ক্রি* সরিয়ে রেখে। 'সারি করি চতুর্দিগে এড়ে কুঞ্জগণ।' *বৃন্দা*, ১৫৮০। ২ *ক্রি* জুড়ে দিয়ে। 'কর্ত্তবাটে এড়ে অস্ত্র অঙ্গুলি মদ্য দেস।' *কবীন্দ্র*, ১৬৮৯। **এড়েন** *ক্রি* ত্যাগ করেন। 'ক্ষণে বা নদীর মাঝে এড়েন সাঁতার।' *বৃন্দা*, ১৫৮০। **এড়্যা** *ক্রি* বাদ দিয়ে। 'কর্পূর কিনিনু আগে আর আর এড়্যা।' *কৃষ্ণরাম*, ১৭২০।

এড়া[১] *বিণ* উচ্ছিষ্ট, এঁটো। 'এড়া রুটি খাওয়াইয়া করিব জাতি মারা।' *বিজয়*, ১৬৫০।

এড়া[২] [সি এড়ক] *বি* মাংস। *মানোএল*, ১৭৪৩।

এড়ান *বি* অব্যাহতি লাভ করা। 'পালাইলেঁ দান এড়ান না জাএ।' *বড়ু*, ১৪৫০।

এড়ানো ১ *ক্রি* বাঁচানো। *মানোএল*, ১৭৪৩। ২ *ক্রি* মুক্তি পাওয়া। 'সে বুঝি তাহারদিগর হইতে এড়াইতে পারিত।' *তারিণী*, ১৮০৩। ৩ *ক্রি* উপেক্ষা করা। 'আয়ত্তও করতে পারি নে, অথচ এর হাতও কিছুতেই এড়াতে পারি নে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৪ *ক্রি* অতিক্রম করা। 'সে পথে সমস্ত বিপদ এড়াইয়া পূর্ণতালাভ করিতে যে চায় ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

এড়ায়ন *বি* এড়ানো। 'ইস্কুল এড়ায়নে সেই ছিল বরিষ্ঠ।' *রবীন্দ্র*, ১৯৩৬।

এড়িগেড়ি *বিণ* ছোটো-বড়ো। 'গুইবাবুদের মত এড়িগেড়ি বাচ্চায় ঘর ভরে।' *জীবন*, ১৯৪৮।

এড়িনেড়ি *বিণ* এলোমেলো। 'কতকগুলো ... এড়িনেড়ি চিন্তা।' *জীবন*, ১৯৩২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এড়ো ১ *বিণ* চওড়া। 'তিনি যে বলেন আমার এড়ো ঘরে না শুলে ঘুম হয় না।' *দীনবন্ধু*, ১৮৬০। **২** *বিণ* বাঁকা। 'সে-সবই এড়ো, সবই তেরচা, চীনেদের চোখের মতো।' *প্রমথ*, ১৯৩৫।

এন্টারপ্রাইজিং [ই] *বিণ* উদ্যোগী। 'আর লোক ছিল এন্টারপ্রাইজিং।' *গিরিশ*, ১৮৮৬।

এণ্ড [ই অ্যান্ড] *অব্য* এবং। 'থিফ্ রোগ এণ্ড পিক্‌পকেট উকীল সাহেবদের আফিসের খাতাঞ্জী...।' *হুতোম*, ১৮৬১।

এণ্ডা [স অণ্ড] *বি* ডিম। 'এণ্ডাওয়ালা তন্ত্যামাছ।' *গুপ্ত*, ১৮৫৮।

-এত *সপ্তমী বিভক্তি*। 'মণেত গুণেত বড়ায়ি আধিক তরাসে।' *বড়ু*, ১৪৫০।

এত [স এতৎ] **১** *বিণ* এই পরিমাণ। 'এত দুখ বড়ায়ি মোর পরাণ না সহে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* এই। 'এতবলি দেবরাজ প্রদক্ষিণ করি।' *মালাধর*, ১৫০০।

এতই *ক্রিবিণ* এতোটাই। 'নিজদেশ এতই কি দূরে?' *রবীন্দ্র*, ১৮৮৩।

এতকাল [স কাল>] *ক্রিবিণ* এতদিন ধরে। 'এত কাল হাউঁ অচ্ছিলেঁ স্মোহে।' *চর্যা ৩৫*, ১২০০; 'এতকাল ইন্দ্র পুজি কভু না দেখিল।' *মালাধর*, ১৫০০।

এতক্ষণ [স ক্ষণ>] **১** *ক্রিবিণ* এখন পর্যন্ত। 'এতক্ষণ পরিহাস করিল তোমারে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *ক্রিবিণ* এতক্ষণ পরে। 'এতক্ষণে অরিন্দম কহিলা বিষাদে।' *মাইকেল*, ১৮৬১।

এত খন [স ক্ষণ>] *ক্রিবিণ* এতক্ষণ। 'এত খন কথা ছিলা।' *বড়ু*, ১৪৫০।

এতখানি *বিণ* অনেক। 'কেন তারে ভাই গলে পরেছিলে এতখানি ভালবাসি?' *জসীম*, ১৯৩১।

এতগুলাক *বিণ* এতগুলো। 'এতগুলাক দেবতাদের মধ্যে তোর কি যৎকিঞ্চিৎ লজ্জাও হইল না।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

এতটুক *বিণ* খুব ছোটো। 'ছিনু খোকা এতটুক।' *নজরুল*, ১৯২৬।

এতটুকুমাত্র *বিণ* সামান্য পরিমাণ। 'মানুষ এতটুকুমাত্র বৃদ্ধাঙ্গুষ্ঠ তুলে বললে।' *রবীন্দ্র*, ১৯২৯।

এতদিন *ক্রিবিণ* এতোকাল। 'এতদিন অছলাহ আন ভানে হমে/ আবে বুঝল অবগাহি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

এতদিনকার *বিণ* দীর্ঘ দিনের। 'তোমার এতদিনকার কবিত্ব শেষকালে পয়সার থলির মধ্যে গুঁজলে হে।' *রবীন্দ্র*, ১৮৯২।

এতদূর [স এতৎ>+স দূর] **১** *ক্রিবিণ* এতদূর। 'এতদূর উকটিয়া কোথাহ না পাইল।' *মালাধর*, ১৫০০। **২** *বি* এই পরিমাণ দূরত্ব। 'গুণ না থাকিলে মাসি এতদূরে আসি।' *রামপ্রসাদ*, ১৭৮০।

এতএব [স অতএব] *অব্য* অতএব। 'এতএব হে বালিকে সকল ...।' *গৌর*, ১৮২২।

এতকে *সর্ব* এতে। '... এতকে একার মাত্রাস্বর দেবদত্তের।' *স্বরো*, ১৭২০।

এতৎ, এতদ্ [স] *বিণ* এমন। 'এতৎ কালে সোলেমানের জামাতা হসো বাজিদকে সংহার করিয়া ...।' *রামরাম*, ১৮০১।

এতৎকারণ [স] *বি* এইকারণ। 'অত্যসম্ভব এতৎকারণে ঐ কাজীকে ... সোপর্দ্দ করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৮।

এতৎকালে [স] *ক্রিবিণ* এমন সময়ে। 'এতৎ কালে সোলেমানের জামাতা হসো বাজিদকে সংহার করিয়া ...।' *রামরাম*, ১৮০১।

এতৎপত্র [স] *বি* এই পত্র। 'মহাশয় এতৎপত্র দর্শণার্থপূর্বে চিরবাধিত করিয়া উজাত্যাচার রাজাপ্রজা উভয়ের সুগোচর করাইবেন।' *দর্পণ*, ১৮৩৮।

এতদংশ [স এতৎ-অংশ] *বি* এই অংশ। 'এতদংশ সৌন্দর্য্যে তাহার তুল্য।' *বঙ্কিম*, ১৮৮৭।

এতদভিপ্রায়ে [স এতৎ-অভিপ্রায়] *ক্রিবিণ* এ উদ্দেশ্যে। 'এতদভিপ্রায়ে এতন্নগরস্থ অনেক বিজ্ঞ ব্যক্তিরদিগকে আহ্বান করা গিয়াছিল।' *দর্পণ*, ১৮২৩।

এতদর্থে [স এতৎ-অর্থে] *ক্রিবিণ* এই মর্মে। 'এতদর্থে দত্তাপত্র লিখিয়া দিলাম।' *ওসী*, ১৭৮৪।

এতদার্থে [স এতৎ-অর্থে>] *ক্রিবিণ* এই অনুসারে। 'এতদার্থে পাট্টা দিলাম।' *মেয়র্স*, ১৭৬৪।

এতদুপলক্ষে [স এতৎ-উপলক্ষে] *ক্রিবিণ* এই উপলক্ষে। 'এতদুপলক্ষে বহু সাহিত্যিক, শিল্পী ...।' *বেগম*, ১৯৪৭।

এতদুভয় [স এতৎ-উভয়] *বিণ* উভয় প্রকার। 'ইঙ্গলণ্ডীয় ও বঙ্গদেশীয় এতদুভয় ... রচিত অতিউত্তম ইতিহাস।' *দর্পণ*, ১৮৩৯।

এতদ্দেশ [স এতৎ-দেশ] *বি* এই দেশ। 'এত বড় রথ এতদ্দেশে নাই।' *দর্পণ*, ১৮১৮।

এতদ্দেশীয় [স এতৎ-দেশীয়] **১** *বিণ* এ দেশের। 'এতদ্দেশীয় অনেক২ বিশিষ্ট ব্যক্তি ...।' *দর্পণ*, ১৮১৮। **২** *বিণ* এ দেশে বসবাসকারী। 'এতদ্দেশীয় পূর্ব্বকাশীন লোকে মনেতেও কল্পনা করে নাই।' *অক্ষয়*, ১৮৫৬।

এতদ্দেশে [স এতৎ-দেশ>] *ক্রিবিণ* এই দেশে। 'আমি এতদ্দেশে আগমন করিয়া ... পরমাপ্যায়িত হইলাম।' *দর্পণ*, ১৮২১।

এতদ্দ্বারা [স এতৎ-দ্বারা] *ক্রিবিণ* এর দ্বারা। 'এতদ্দ্বারা ঋগ্বেদের সাময়িক আচার ব্যবহারের ... সহিত রামায়ণের সম্বন্ধ বহুলাংশে নিরূপিত হইতে পারে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

এতদ্ধেতুক [স এতৎ-হেতুক] *ক্রিবিণ* এই কারণে। 'এতদ্ধেতুক জনক জননী ও পিতৃ মাতৃ বন্ধু গণ ঐ কন্যা ... করিয়া থাকেন।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

এতদ্বর্ষ [স এতৎ-বর্ষ] *বি* এই বছর। 'এতদ্বর্ষে বাতীর স্বাশ্রয় করিয়াছেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩২।

এতদ্বিবেচনা [স এতৎ-বিবেচনা] *বি* এই বিবেচনা। 'এতদ্বিবেচনায় এ ক্ষুদ্র পুস্তকখানি রচিত হইল।' *প্যারী*, ১৮৫৮।

এতদ্বিষয় [স এতৎ-বিষয়] *বি* এই বিষয়। **এতদ্বিষয়ে** [স এতৎ-বিষয়>] *ক্রিবিণ* এ বিষয়ে। 'আমরা এতদ্বিষয়ে অবগত হইয়া লিখিতেছি।' *দর্পণ*, ১৮২৫।

এতদ্ব্যতিরিক্ত [স এতৎ-ব্যতিরিক্ত] *ক্রিবিণ* এছাড়া। 'তৎকালে বিদ্যালয়ের বৃত্তি ও অধ্যাপকের বেতন এতদ্ব্যতিরিক্ত তাঁহার আর কোনও প্রকার অর্থাগম ছিল না।' *বিদ্যা*, ১৮৪৯।

এতদ্ব্যতীত [স এতৎ-ব্যতীত] *ক্রিবিণ* এছাড়া। 'এতদ্ব্যতীত মাতৃশ্রাদ্ধ পুত্রের বিবাহ ইত্যাদি।' *সত্যার্ণব*, ১৮৫৫।

এতদ্ভিন্ন [স এতৎ-ভিন্ন] *ক্রিবিণ* এছাড়া। 'এতদ্ভিন্ন অনেকে স্ব২ ব্যয় করিয়া অধ্যয়ন করিতেছে।' *দর্পণ*, ১৮২১।

এতদ্রূপ [স এতৎ-রূপ] *বিণ* এরূপ। 'আহা কন্যাগণের এতদ্রূপ

AMARBOI.COM

মহাক্লেশে কালগত ...।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

এতন্নগরস্থ [স এতৎ-নগরস্থ] *বিণ* এই নগরে বসবাসকারী। 'এতদভিপ্রায়ে এতন্নগরস্থ অনেক বিজ্ঞ ব্যক্তিরদিগকে আহ্বান করা গিয়াছিল।' *দর্পণ*, ১৮২৩।

এতন্নিবন্ধন [স এতৎ-নিবন্ধন] *ক্রিবিণ* এই কারণে। 'এতন্নিবন্ধন আবেদনসমূহ অগ্রাহ্য হয়।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

এতন্নিমিত্ত [স এতৎ-নিমিত্ত] *ক্রিবিণ* এই কারণে। 'ভূপালের অধীন এতন্নিমিত্ত নিষ্কর ভূমির করগ্রহণকে অন্যায় জানিয়াও ...।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৬।

এতন্মধ্যে [স এতৎ-মধ্যে] *ক্রিবিণ* এর মধ্যে। 'এতন্মধ্যে একাদশী পুত্তলিকা কহিলেন ভোজরাজ শুন ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

এতধিক *বিণ* এরূপ অধিক সংখ্যক। 'এতধিক সংসারে করিল বহু কাম।' *আলাওল*, ১৬৮০।

এতফাক [আ ইত্তিফাক] *বিণ* অভিমত। 'গোমাস্তা ও কোটীর দোসরা আমলা হায়ের সঙ্গে এক এতফাক হইয়া ...।' *হ্যালহেড*, ১৭৭৩।

এতবরী [আ ইতবার>] *বিণ* বিশ্বাসী। *ওসাঁ*, ১৭৮৫।

এতবার, এৎবার [আ ইতিবার] *বি* বিশ্বাস। *মানোএল*, ১৭৪৩; 'সোনা রুপা কাপড় জাহা হয়ে সোদ দেও তবে আমার এতবার হয়।' *মেয়র্স*, ১৭৫৭; 'আমার উপর তাঁনার এৎবার না থাকলে আমার সর্বনাশ হইব।' *ওয়ালী*, ১৯৪৮।

এতবার করন *বি* বিশ্বাস করা। *ওসাঁ*, ১৭৮৫।

এতবারি [আ ইতিবার>] *বিণ* বিশ্বাসী। 'দুই চাকর চাহী তাহা এতবারি দেখীয়া পাঠাইয়া দিবা।' *ওসাঁ*, ১৭৭৯।

এতবি [পা এত] *বিণ* এতই। 'এ তৈলোএ এতবি ষারা।' *চর্যা*, ১২০০।

এতমামদার [আ ইহতিমাম+ফা দার] *বি* জমিদারের রাজস্ব আদায়ের কর্মচারী। 'আমেল ও তহসিলদার ও এতমামদার কিম্বা আর যে কেহ।' *ডানকান*, ১৭৮৪।

এতর্থে *ক্রিবিণ* এই মর্মে। 'সে ঝুটা এতর্থে যুতসম্বন্ধপত্র লিখিয়া দিলাম।' *ওসাঁ*, ১৭৮২।

এতলা, এত্তেলা [আ ইত্তিলা] *বি* অবগতি; জানানো। *ক্যালগে*, ১৭৯২।

এতা [স এতৎ] *ক্রিবিণ* এথা; এখানে। 'এতা লক্ষ্মণে সহ শ্রীরাম ধানুকি।' *মানিকরাম*, ১৭৮১।

এতাদর্থে [স এতদর্থে] *ক্রিবিণ* এই মর্মে। 'এতাদর্থে হাফীনামা পত্র দিলাম।' *হ্যালহেড*, ১৭৭২।

এতাদৃক [স] *বিণ* এরূপ। 'যেরূপ আয়োজন ও উদ্যোগ হইতেছে এতাদৃক না কোন গ্রন্থেই দৃশ্য হয় না।' *কৌমুদী*, ১৮৩০।

এতাদৃশ [স] *বিণ* এরূপ। 'এতাদৃশ তুমি ইহারে করিয়াছ অঙ্গীকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

এতাদৃশাচারবন্ত [স এতাদৃশ-আচারবন্ত] *বিণ* এমন আচারবিশিষ্ট। 'এতাদৃশাচারবন্ত ব্যক্তিরদিগের স্কান্দ ও মহাভারত বচনানুসারে কি বক্তব্য।' *দর্পণ*, ১৮২২।

এতাদৃশী [স] *বিণ স্ত্রী* এই প্রকার; এরূপ। 'যে শুনে যে পড়ে তার ভাব এতাদৃশী।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'এতাদৃশী যে পরম দেবতা তাঁহার চরণে আমি কোটি ২ প্রণাম করি।' *হরপ্রসাদ রায়*, ১৮১৫।

এতাদৃশ্য [স] *বিণ* এই রকম। 'এতাদৃশ্যাচারবন্ত ব্যক্তিরদিগের স্কান্দ ও মহাভারত বচনানুসারে কি বক্তব্য।' *দর্পণ*, ১৮২২।

এতাধিক [স] *বিণ* এত বেশি। 'কৃষ্ণগোপাল সময়ের এতাধিক পরিবর্তনে অত্যন্ত চিন্তিত।' *রবীন্দ্র*, ১৮৯৩।

এতানি [ই] *সর্ব* এগুলি। 'এতানি পরশে ঘটে।' *মানিকরাম*, ১৭৮১।

এতাবৎ [এ+স তাবৎ] **১** *বিণ* এতোটা। 'এই স্কুলসোসৈয়িটি স্থাপন হওয়াতে বালকেরদের যত উপকার হইয়াছে এতাবৎ পূর্ব্বে হওনের সম্ভাবনা ছিল না।' *দর্পণ*, ১৮২৩। **২** *ক্রিবিণ* এখন পর্যন্ত। 'তাঁহার এতাবৎ চেষ্টা নিঃস্বার্থ।' *দর্পণ*, ১৮৩০।

এতাবৎকাল [এ+স তাবৎকাল] **১** *বি* এতদিন। 'এতাবৎকাল পর্যন্ত নির্বিঘ্নে ও সুখস্বচ্ছন্দে রাখিয়াছ।' *বিদ্যা*, ১৮৬৩। **২** *ক্রিবিণ* এতদিন ধরে। 'প্রচলিত রীতি আমরা এতাবৎকাল দেখে আসছিলাম।' *অচিন্ত্য*, ১৯৫০।

এতাবতা [স তাবৎ>] **১** *ক্রিবিণ* এ পর্যন্ত; এই নিমিত্তে। 'আফিণের এইজেন্ট এতাবতা আড়তিয়া সাহেবান।' *ফরস্টার*, ১৭৯৭। **২** *বিণ* এই পরিমাণ। 'প্রভু বংশোদ্ভব এতাবতা মান্য।' *দর্পণ*, ১৮২২। **৩** *ক্রিবিণ* এই রূপে। 'এতাবতা এ দেশের স্ত্রীগণের দ্বিতীয়ভাগ প্রাণপণে যাপন হয়।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

এতাবন্মাত্র [এ+তাবৎ-মাত্র] *বিণ এটুকু* মাত্র। 'এতাবন্মাত্র ইহা ব্যতিরেক আমরা আর কিছু বলিতে পারি না।' *রামরাম*, ১৮০১।

এতাবধি *ক্রিবিণ* এখন পর্যন্ত। 'এতাবধি প্রায় যাবতীয় কাব্য সংকলনে তুমি থেকে একটা না একটা কবিতা নেওয়া হয়েছে।' *মণীশ*, ১৯৩১।

এতাবান [স] *অব্য* ইত্যাদি। 'দাতা ও ধার্মিক ও বিষয় কর্মে নিপুণ এতাবান গুণ একাধারে ছিল।' *দর্পণ*, ১৮২২।

এতিম [আ ইয়তিম] *বি* পিতামাতা নেই যার। 'এতিমেরে অন্নে বস্ত্রে সদাএ পালাও।' *আলাওল*, ১৬৮০।

এতিমখানা [আ ইয়তিম+ফা খানা] *বি* অনাথ আশ্রম। 'এতিম-খানা হলেও সকল দুঃস্থ গরীবের অভাব মোচন হত না।' *রোকেয়া*, ১৯২৬।

এতিমাবাস [আ ইয়তিম+স আবাস] *বি* অনাথাশ্রম। 'এতিমাবাসের তহবিল থেকে তাদের প্রত্যেককে ... উপহার দেওয়া হয়।' *বেগম*, ১৯৬৫।

-এতে *সপ্তমী বিভক্তি*। 'জেই জন জিনে তারে কান্দেতে করিয়া।' *মালাধর*, ১৫০০।

এতেক [স ইয়ৎ] **১** *বিণ* এইটুকু। 'এতেক আরতী আছে পরে কেহে মাঙ্গা।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* এ পর্যন্ত। 'এতেক সুনিয়া তবে রাজা জন্মেজয়।' *কবীন্দ্র*, ১৬৮৯। **এতেকে** *ক্রিবিণ* এ কারণে। 'এতেকে করিল আগে ভক্তের বন্দন।' *বৃন্দা*, ১৫৮০। **এতেকেঁ** *ক্রিবিণ* এ কারণে। 'এতেকেঁ তোহ্মার তার হৈব নেহাবন্ধ।' *বড়ু*, ১৪৫০।

এতোদর্থে [স এতদর্থে] *ক্রিবিণ* এ জন্যে। 'এতোদর্থে পাটকপত্র দিলাম।' *হ্যালহেড*, ১৭৭২।

এত্তা *বিণ* এত; অনেক। 'ছি ছি এত্তা জঞ্জাল।' *ক্ষীরোদ*, ১৯২৫।

এত্তালানামা [আ ইত্তিলা>] *বি* লিপিবদ্ধ বর্ণনা। 'এ বিষয়ের এক এত্তালানামা ...।' *দর্পণ*, ১৮২৩। **এত্তেলা** [আ ইত্তিলা] *বি* সংবাদ। 'কিন্তু না পাইনু তার মনের এত্তেলা।' *ভবানী*, ১৮২৮।

এত্তাহাম [স ইহতিহাম] *বি* অভিযোগ। 'ঠকচাচা জাল এত্তাহামে গেরেপ্তার হইয়াছে।' *প্যারী*, ১৮৫৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এন্তেহাদ [আ ইত্তিহাদ] *বি* বন্ধুত্ব। 'একতা ও এন্তেহাদ ইসলামী ভিন্‌দেশীর বড় কথা।' *মাহেনও*, ১৯৪৯।

এত্যেক *অব্য* তাই; এ কারণে। 'এত্যেক ক্ষমহ প্রভু মোর অপরাধ।' *বৃন্দা*, ১৫৮০।

এত্তলা, এত্তলা [আ ইত্তিলা] *বি* সংবাদ। 'বিমর্শ হইয়া হুজুর এত্‌লা কারণ ...।' *রামরাম*, ১৮০১।

এথ [স অত্র] **১** *বিণ* এত। 'এথ দুঃক্ষ পাই মুই দিমু অভাগিনী।' **রবীন্দ্র**, ১৬৮৯। **২** *বিণ* এমন। 'তুহ্মি বিদ্যমানে এথ কেন হৈল।' **রবীন্দ্র**, ১৬৮৯। **৩** *সর্ব* এটা। 'এথ শুনি কন্যাএ ভাবিল মনে মনে।' *সুলতান*, ১৭০০।

এথা [স অত্র] *ক্রিবিণ* এখানে। 'দ্বাদস দিবস এথা অপসর করি।' *মালাধর*, ১৫০০।

এথাই *ক্রিবিণ* এখানেই। 'এথাই নরক স্বর্গ সুনি ভাগবতে ...।' *মুকুন্দ*, ১৬০০।

এথাএ *ক্রিবিণ* এখানে। 'এথাএ পুত্র কোলে করিব কুন্তিনামে মাএ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

এথাঁ [স অত্র] *ক্রিবিণ* এখানে। 'কাতে নিবেদিবোঁ মোএঁ এথাঁ কেহো নাহিঁ।' *বড়ু*, ১৪৫০।

এথাঁসি *ক্রিবিণ* এখানেই। 'এথাঁসি সুন্দরি রাধা কর কাঠদাপ।' *বড়ু*, ১৪৫০।

এথাকে [স অত্র>] *ক্রিবিণ* এখানে। 'আসিতে এথাকে না শুনিলে অপজস।' *মালাধর*, ১৫০০।

এথাঞিঁ [স অত্র>] *ক্রিবিণ* এখানেই। 'এথাঞিঁ আছিল বাঁশী সঙ্গার বিদিতে।' *বড়ু*, ১৪৫০।

এথাত *ক্রিবিণ* এখানে। 'এথাত রামকৃষ্ণ পুহাইল রাতি।' *মালাধর*, ১৫০০।

এথায় ১ *ক্রিবিণ* এখানে। 'শুনিয়া আইনু মুঞি পাতকী এথায়।' *বৃন্দা*, ১৫৮০। **২** *ক্রিবিণ* এদিকে। 'এথায় বাদসাহী লস্কর সেনাপতি রাজা তোড়লমল ও রাজা ওমরাও সিংহ।' *রামরাম*, ১৮০১।

এথাহোঁ *ক্রিবিণ* এখানেও। 'সে ফল এথাহোঁ দিবোঁ তোরে।' *বড়ু*, ১৪৫০।

এথনলজি [ই] *বি* নৃবিজ্ঞান। 'এই বক্তাপচা বিচার এথনলজি অ্যানড্রপলজি প্রভৃতি নাম ধারণ করে।' *প্রমথ*, ১৯৩০।

এথানক [স স্থান>] *ক্রিবিণ* এ স্থানে। 'এথানক আইলা বড়ায়ি আহ্মার ভাগে।' *বড়ু*, ১৪৫০।

এথারে [স অত্র>] *ক্রিবিণ* এখানে। 'তে কারনে দুর্গ লংঘি আইলাঙ এথারে।' *মালাধর*, ১৫০০।

এথিনীয় [ই] *বিণ* এথেন্স দেশীয়। 'বাঙ্গালীরা আসিয়াখণ্ডের মধ্যে এথিনীয় জাতিসদৃশ।' *বঙ্কিম*, ১৮৯২।

এথু [স ইয়ৎ, পা এত] **১** *ক্রিবিণ* এখানে। 'ভণন্তি মহিত্তা মই এথু বুড়ন্তে কিম্পি ন দিঠা।' *চর্যা* ১৬, ১২০০। **২** *সর্ব* এটা। 'জো এথু বুঝএ সো এথু বীরা।' *চর্যা* ২০, ১২০০।

এথেক *ক্রিবিণ* এই পর্যন্ত। 'এথেক সৃজিতে তিল না হৈল বিলম্ব।' *আলাওল*, ১৬৮০।

এদর্থে *ক্রিবিণ* এতদর্থে; এই জন্যে। *মেয়র্স*, ১৭৬৯।

এদানিক [স ইদানীং] *ক্রিবিণ* আজকাল। 'ঐ খাঁ দিগের আশ্রিত লোক থাকিয়া এদানিক তাহাদের অসম্মতিতে ...।' *মশাররফ*, ১৮৬৯।

এদানীং [স ইদানীং] *ক্রিবিণ* ইদানীং। 'এদানীং ... জোর আর পায় না ঘুঁষিতে।' *শ্যামল*, ১৯৬৭।

এদিক *বি* কোনো এক দিক। **এদিক-ওদিক** *ক্রিবিণ* চার দিকে। 'ইচ্ছা মত ওষ্ঠ বাড়াইতে ও এদিক ওদিক ফিরাইতে পারে।' *মদনমোহন*, ১৮৫০।

এদিকটায় *ক্রিবিণ* এদিকে; এই অঞ্চলে। 'এদিকটায় পোস্টে চড়ে তার এসেছে।' *শ্যামল*, ১৯৬৭।

এদুকসন [ই এজুকেশন] *বিণ* শিক্ষাবিষয়ক। 'এদুকসন কমিটি।' *দর্পণ*, ১৮৩৪।

এদেসিয় [স দেশীয়>] *বিণ* এ দেশের। *মেয়ার*, ১৭৮৭।

এদ্দৎ [আ ইদ্দত] *বি* মুসলমান সদ্যবিধবা বা তালাকপ্রাপ্তা নারীর পুনরায় বিয়ের আগের ধর্মনির্দিষ্ট অপেক্ষাকাল। 'এদ্দৎ সময় উত্তীর্ণ হইলেই শুভকার্য্য সম্পন্ন হইবে।' *মশাররফ*, ১৮৮৫।

এধার ওধার [স ধার>] **১** *ক্রিবিণ* চারদিক; এদিক-সেদিক। 'এধার ওধার দেখিয়া লইয়া বলিলেন।' *নজরুল*, ১৯৩১। **২** *বি* অন্য ব্যবস্থা। 'তুমি তো ছিলে, কিছু এধার-ওধার করতে পারলে না।' *ওয়ালী*, ১৯৪২।

এনকেলাব [আ ইনকিলাব] *বি* বিপ্লব। 'এসেছে জগতে নূতন করিয়া এনকেলাব, আবার।' *মাহেনও*, ১৯৪৯।

এনকোয়ারি [ই] *বি* তদন্ত। 'আইনসঙ্গত এনকোয়ারি শুরু হবে।' *মানিক*, ১৯৪৭।

এনক্রোজার [ই] *বি* সীমানা। 'মাখন এনক্রোজারের ভিতর হইতে বাহির হইয়া আসিল।' *মানিক*, ১৯৪০।

এনগেজমেন্ট [ই] **১** *বি* আগে থেকে নির্ধারিত যোগাযোগ। 'তোকে চিঠিতে লিখেছিলেম কাল 7 p.m.-এর সময় কবি কালিদাসের সঙ্গে একটা এনগেজমেন্ট করা যাবে।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বি* সাক্ষাৎকার। 'ঠিক সাতটার সময় অখিল বাবুর সহিত তাহার এনগেজমেন্ট আছে।' *বনফুল*, ১৯৩৬। **৩** *বি* নির্দিষ্ট সময়ে কারো সঙ্গে কোনো কাজ থাকা। 'অন্যত্র আমার এনগেজমেন্ট আছে।' *মনসুর*, ১৯৪০।

এনগ্রেভিং [ই] *বি* খোদাই করা চিত্র। 'বিবেশ-বিশিষ্ট বিলাতি নারীমূর্তির বাঁধানো এনগ্রেভিং টাঙানো রহিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

এনছাপ, এনছাফ [আ ইনসাফ] *বি* সুবিচার। 'এ কুম্পানির মুলুকে এনছাফ আছে কিনা।' *মাইকেল*, ১৮৬০; 'বুড়ো বাপের কাছে এনছাপ নিতে গিয়েছিলুম।' *রবীন্দ্র*, ১৮৯৩। *দ্র* **ইনসাফ**

এনজয়মেন্ট [ই] *বি* আনন্দ। 'আপনার এমন পজিসন ক'রে দেব যে লেডিতে পর্য্যন্ত নিমন্ত্রণ হবে আর এনজয়মেন্টও ফার্ষ্ট ক্লাস হবে।' *গিরিশ*, ১৮৮৬।

এনট্রান্স, এনট্রান্স [ই] **১** *বি* মাধ্যমিক স্কুল ফাইনাল পরীক্ষা; প্রবেশিকা পরীক্ষা, ম্যাট্রিক পরীক্ষা। 'নলিন ফেল করিতে করিতে এনট্রান্স ক্লাসে জাঁতিকলের ইঁদুরের মতো আটকা পড়িয়া রহিল।' *রবীন্দ্র*, ১৯০০। **২** *বি* প্রবেশ। 'পাত্রপাত্রীর কথার মধ্যে তার এনট্রান্স ও এগজিটের কোনো নাটকীয় ভূমিকা ছিল না।' *রশীদ*, ১৯৬৩। *দ্র* **এন্ট্রান্স**

এনট্রেন্স স্কুল [ই] *বি* মাধ্যমিক বিদ্যালয়। 'এনট্রেন্স স্কুলের হেডমাস্টার।' *রবীন্দ্র*, ১৮৯৫।

এনডোর্স [ই] *বি* অনুমোদন। 'গোটা গোটা অক্ষরে সরসী সুবিমলের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নামটা সেখানে এনডোর্স করে রেখেছে।' *নরেন্দ্র*, ১৯৪৮।

এনতাকাল [আ ইনতিকাল] *বি* মৃত্যু; (এখানে) মামলা নিষ্পত্তির আগে মাল ক্রোক বা ক্রোকের নির্দেশ। 'না দেখালে আজ সাতখানা এনতাকাল এসে পড়তো।' *গিরিশ*, ১৮৮৯।

এনফেসাল [আ ইনফিসাল] *বি* ভাগ; বিভাগ। 'মোকদ্দমা এনফেসাল হয়।' *ক্যালগে*, ১৭৮৫।

এনভেলাপ [ই] *বি* চিঠির খাম। 'সাধারণ সরকারী এনভেলাপ নয়, কাঁঠালীচাঁপা রঙের বড় লেফাপা।' *নরেন্দ্র*, ১৯৪৮।

এনলাইটেণ্ড [ই] *বিণ* মুক্তমনা। 'কিছু এনলাইটেণ্ড লোকের জন্যেই আমাদের আর্ট কালচার এখনো টিকে আছে।' *ইলিয়াস*, ১৯৭২।

এনসাইক্লোপিডিয়া, এনসাইক্লোপীডিয়া [ই] *বি* বিশ্বকোষ। 'এনসাইক্লোপীডিয়া হইতে এ সম্বন্ধে ...।' *রবীন্দ্র*, ১৯০৮; 'মহাভারত হচ্ছে একটি এনসাইক্লোপিডিয়া।' *প্রমথ*, ১৯২৭।

এনসাইন [ই] *বি* নৌবাহিনীর পদবিশেষ। 'আমি এক রেজিমেন্টে এনসাইনের পদে নিযুক্ত ছিলাম।' *বিদ্যা*, ১৮৬৩।

এনসান [আ ইনসান] *বি* মানুষ। 'হামেশা আয়তল কুরসি পড়ে যে এনসান।' *গরীব*, ১৭৬৫। দ্র **ইনসান**

এনা *বিণ* এই। 'এনা এক ফুট পাণী।' *বড়ু*, ১৪৫০।

এনাটমি [ই] *বি* অঙ্গ-সংস্থান বিদ্যা। 'এনাটমি প্রভৃতি বিদ্যাভ্যাস করিবেক।' *চন্দ্রিকা*, ১৮৩০।

এনাম [আ ইনাম] *বি* উপহার। 'কাসেদে এনাম দিয়া হইল নেহাল।' *গরীব*, ১৭৬৫।

এনামেল [ই] ১ *বি* ধাতব পদার্থবিশেষ। 'ফুটো এনামেলের গেলাস।' *রবীন্দ্র*, ১৯১৮। ২ *বি* দাঁতের উপরকার শক্ত আবরণ। 'দাঁতের এনামেল ঝিকমিক করে ওঠে।' *জীবন*, ১৯৩০।

এনামেল-উঠে-যাওয়া *বিণ* এনামেলের প্রলেপ উঠে গেছে এমন। 'এনামেল-উঠে-যাওয়া একখানা বাটি।' *রবীন্দ্র*, ১৯৩৬।

এনামেল-করা *বিণ* এনামেলের প্রলেপ দেওয়া। 'সোনার উপরে এনামেল-করা একটি ছোটো ব্রোচ।' *রবীন্দ্র*, ১৯০৬।

এনার *সর্ব* তাঁর। 'এনার বাত মাফিক কাম করলে মোদের মেটির ভিতর জল্‌দি যেতে হবে।' *প্যারী*, ১৮৫৮।

এনার্কিস্ট [ই] *বিণ* নৈরাজ্যবাদী। 'সে এনার্কিস্ট দলে যোগ দিয়েছে।' *বিভূতি*, ১৯৩১।

এনার্জি [ই] *বি* শক্তি। 'মেয়েদের জৈবকণায় যে এনার্জি থাকে সেটা ...।' *রবীন্দ্র*, ১৯৩৩।

এনিমি [ই] *বি* শত্রু। 'এত এনিমির সঙ্গে লড়ে এনিমিয়া নিয়ে নিমতলার দিতেই কেটে পড়েছেন কিনা, কে জানে।' *শিবরাম*, ১৯৪০।

এনিমিয়া [ই] *বি* রক্তাল্পতা। 'এনিমিয়া নিয়ে নিমতলার দিকেই কেটে পড়েছেন কিনা, কে জানে।' *শিবরাম*, ১৯৪০।

এনিসপিক্টর [ই] *বি* পরিদর্শক। 'এনিস পিক্টর সাহেবের দপ্তর খানাতে।' *ক্যালগে*, ১৭৮৬। দ্র **ইন্সপেক্টর**

এনোফিলিস [ই] *বি* ম্যালেরিয়ার জীবাণুবাহী মশা। 'এনোফিলিস তো চারধারেই কিলবিল করছে।' *শিবরাম*, ১৯৪০।

এন্‌গেজমেন্ট [ই] *বিণ* বিয়ের বাগ্‌দানের। 'কিছুদিন থেকে লুকিয়ে রেখেছিল এন্‌গেজমেন্ট আংটি।' *রবীন্দ্র*. ১৯৩২।

এন্টারটেন [ই] ১ *বি* আপ্যায়ন। 'অতিথিকে অশোক এন্টারটেন করছে।' *মানিক*, ১৯৩৫। ২ *বি* যৌনসেবা দান। 'দিনে ঝিগিরি, রাধুনীগিরি, রাতে বাইরের লোককে এন্টারটেন করে।' *সাদত*, ১৯৬৭।

এন্টেনা [ই] *বি* রেডিও বা টিভির তরঙ্গগ্রাহক যন্ত্র। 'এ বাসায় ঢোকার আগে দেখা উচিত ছিল বাড়ির মাথায় এন্টেনা আছে কি-না।' *শামসুল*, ১৯৭৩।

এন্ট্রান্স, এন্ট্রান্স, এন্টেশ [ই] *বি* প্রবেশিকা পরীক্ষা। 'এন্ট্রান্স পাস করবার পূর্ব্বে বাপ হয়েছিলেন।' *হুতোম*, ১৮৬১; 'বয়স কম বলে এবারে এন্ট্রান্স পাশ করতে দ্যায়নি।' *দীনবন্ধু*, ১৮৭২; 'এন্টেশ পাশ কৈরা ছাওয়াল আমার দারোগা হৈব।' *মনসুর*, ১৯৫৫।

এন্ট্রি [ই] *বিণ* প্রবেশ। 'এন্ট্রি-ফিই মাটি, অনেক টাকা গেছে আমার।' *শিবরাম*, ১৯৫০।

এন্ট্রেন্স [ই] ১ *বিণ* মাধ্যমিক স্কুলের চূড়ান্ত পরীক্ষা; প্রবেশিকা পরীক্ষা; ম্যাট্রিক পরীক্ষা। 'এন্ট্রেন্স পরীক্ষা না দিতে দিতে পড়িয়া যায়।' *রাজ*, ১৮৭৪। ২ *বিণ* মাধ্যমিক। 'জমিদার মহোদয়গণের সাহায্যে ... এন্ট্রেন্স স্কুল স্থাপিত হইয়াছে।' *ইসলামিয়া*, ১৮৯৫।

-এন্ত *ক্রিয়াবিভক্তি* 'যতন করিআঁ বেদ কহিলেন্ত বিধী।' *বড়ু*, ১৪৫০।

এন্তার [প] ১ *ক্রিবিণ* অবিরাম। 'এন্তার গান তার ভাসে তোর বাতাসে।' *নজরুল*, ১৯২৬। ২ *বিণ* প্রচুর। 'বিনে পয়সায় এন্তার মিললেও কেন যে লোকে এত খরচপত্তর করে।' *শিবরাম*, ১৯৪০।

এন্তেকাল [আ ইনতিকাল] *বি* মৃত্যু। 'ফাতেমাবিবির এন্তেকালের পর ... বিবাহ করেন।' *হরপ্রসাদ*, ১৮৮৭।

এন্তেজাম [আ ইনতিজাম] *বি* বন্দোবস্ত। 'দুপক্ষেরই সব এন্তেজাম হয়ে গেছে।' *মাহেনও*, ১৯৪৯।

এন্তেজার [আ ইনতিজার] *বি* অপেক্ষা। 'আমার লাগি এন্তেজার কইর না।' *মনসুর*, ১৯৫৩।

এন্তেজারি, এন্তেজারী [আ ইনতিজার>] *বি* আগ্রহের সাথে অপেক্ষা। 'সেই ছটা থেকে এন্তেজারি করে ... সবে মুখ দেখলাম।' *মনসুর*, ১৯৪৫; 'এই এন্তেজারী ভালো লাগে না।' *মুনীর*, ১৯৬১।

এন্‌তেহাম [আ ইমতিহান] *বি* পরীক্ষা। 'তিন২ মাস অন্তর এন্‌তেহাম অর্থাৎ পরীক্ষা হইবেক ইতি।' *দর্পণ*, ১৮৩৫।

এপন [স লেপন] *বি* আলপনা। 'উজর এপন মুকুতাহার নয়ন নিবেদল বন্দনভার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

এপয়েন্টমেন্ট লেটার [ই অ্যাপয়েন্টমেন্ট লেটার] *বি* নিয়োগপত্র। 'হাইস্কুলের ... এপয়েন্টমেন্ট লেটার আসিয়াছে।' মনসুর, ১৯৫৫।

এপরিল [ই] *বি* খ্রিস্টীয় পঞ্জিকার চতুর্থ মাস; এপ্রিল। *ক্যালগে*, ১৭৮৪।

এপিক [ই] *বি* মহাকাব্য। 'সাহিত্যভাণ্ডারে যাচাই করিয়া তাহাদের নাম দেওয়া হইয়াছে এপিক।' *রবীন্দ্র*, ১৯০৭।

এপিটাফ [ই] *বি* সমাধিলিপি। 'সহসা, ঘুমের মাঝে মনে পড়ে খিন্ন এপিটাফ।' *শক্তি*, ১৯৭০।

এপিডেপিট [ই] *বি* হলফনামা। 'কে যথার্থ দায়গ্রস্ত, এপিডেপিট কল্লেও বিশ্বাস হয় না।' *হুতোম*, ১৮৬১।

এপিডেমিক [ই] *বি* মহামারী। 'একেবারে বিয়ের এপিডেমিক।' *রবীন্দ্র*, ১৯০৭।

এপোলো [ই] *বি* গ্রীক দেবতা। 'সে ছিল কালোপাথরের জীবন্ত এপোলো।' *প্রমথ*, ১৯৩১।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এপ্রন [ই] *বি* ঊর্ধ্বাঙ্গ আচ্ছাদন করার বস্ত্র। 'হাসপাতালের এপ্রন-পরা সার্জেনদের দল।' *মুজতবা*, ১৯৫২।

এপ্রিল [ই] *বি* রোমান পঞ্জিকার চতুর্থ মাস। 'গত শনিবার ১ এপ্রিল।' *দর্পণ*, ১৮২০।

এপ্রিল ফুল [ই] *বি* ইউরোপীয় প্রথায় পহেলা এপ্রিল বোকা বানানোর রীতিবিশেষ। 'তাকে কোন বছর এপ্রিল ফুল করতে পারিনি।' *নরেন্দ্র*, ১৯৫৪।

এপ্রেল [ই] *বি* খ্রিস্টাব্দের চতুর্থ মাস; এপ্রিল। '৮ এপ্রেল ১৮৪২ – আমি কুইন জাহাজ ...।' *অক্ষয়*, ১৮৪২।

এপ্রেন্টিস [ই] *বি* শিক্ষানবিস। 'সিনিয়ার এপ্রেন্টিস।' *মুজতবা*, ১৯৫২।

এপ্রেন্টিসি [ই অ্যাপ্রেন্টিস+বা ই] *বি* শিক্ষানবিসি। 'অনেক দিন এপ্রেন্টিসি করিতে হয়।' *ইমদাদুল*, ১৯২০।

এপ্রেন্টিসি [ই অ্যাপ্রেন্টিস+বা ই] *বি* শিক্ষানবিসি। 'সে কখনো এপ্রেন্টিসি করেনি।' *মুজতবা*, ১৯৫২।

এফএ পরীক্ষা [ই এফএ+স পরীক্ষা] *বি* এনট্রান্স পরীক্ষার পরের পরীক্ষা; উচ্চ মাধ্যমিক পরীক্ষা (ফার্স্ট আর্টস)। 'এফএ পরীক্ষায় যদি ভালোরকম বৃত্তি পাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

এফতার [আ ইফতার] *বি* ইসলামি মতে সারাদিন রোজা রেখে সূর্যাস্তের পর খাদ্য ও পানীয় গ্রহণ। 'তাড়াতাড়ি এফতার করিয়া বাহিরে গেল।' *ইমদাদুল*, ১৯২০।

এফতারী [আ ইফতার] *বি* রোজা ভঙ্গ করার জন্য সূর্যাস্তের পর খাদ্য ও পানীয় গ্রহণ। 'বিছানায় শুয়েই করতে হলো এফতারী।' *মাহেনও*, ১৯৪৯।

এফন [ই অ্যাপ্রন] *বি* অন্যান্য বস্ত্রের উপর পরার মতো ঊর্ধ্বাঙ্গের আচ্ছাদন। 'এফন রুমাল ১৩ তেরো জোড়া।' *মেয়র্স*, ১৭৫৭।

এফরেল [ই] *বি* এপ্রিল। '৩০ এফরেল তারিখ।' *দর্পণ*, ১৮২৯। *দ্র* **এপ্রিল**

এফিডেবিট [ই] *বি* শপথনামা। 'ব্যাঙ্কে যাবেন আর একটা এফিডেবিট করে আসবেন চলুন।' *গিরিশ*, ১৮৮৯।

এফিসিয়েন্ট [ই] *বিণ* অতিশয় দক্ষ। 'একজন এফিসিয়েন্ট জেনারেল ম্যানেজার দরকার।' *নরেন্দ্র*, ১৯৪৯।

এফেক্ট [ই] *বি* ফলাফল। 'ঠিকই ধরেছি বেরিবেরির আফটার-এফেক্টই এই।' *শিবরাম*, ১৯৪০।

এফোঁড়-ওফোঁড় *বিণ* একদিক থেকে অন্যদিক পর্যন্ত বিদ্ধ। 'দেহটা এফোঁড়-ওফোঁড় করিয়া দিল।' *বিভূতি*, ১৯৩১।

এপ্রিল [ই] *বি* খ্রিস্টীয় পঞ্জিকার চতুর্থ মাস; এপ্রিল। 'গত ১৫ এপ্রিল তারিখে।' *দর্পণ*, ১৮২০। *দ্র* **এপ্রিল**

এবং [স] *অব্য* ও; আর। 'লঘু ১৮ কলা পরে গুরু এবং সকলে ৬৫ পঁয়ষট্টি কলা।' *বড়ু*, ১৫৭০; 'টাকা দিবার বিষয় নাই এবং জীনিষ দিবার বিষয় নাই।' *মেয়র্স*, ১৭৫৭।

এবংকার [স] *বিণ* জোড়া। 'এবংকার দৃঢ় বাখোড় মোড্ডিউ।' *চর্যা* ৯, ১২০০।

এবংবিধ [স] *বিণ* এ রকম। 'এই ভূমণ্ডলে এবংবিধ বহু ক্ষুদ্র জীব জন্তু আছে যে, তাহারা মানব জাতির কখন কোন অপকার করে না।' *বিদ্যা*, ১৮৫১।

এবংস্বভাব [স] *বি* এমন স্বভাব। 'তাবৎ লোকেরি যদি এবংস্বভাব হইত ...।' *দর্পণ*, ১৮২৭।

এবঞ্চ [স] *অব্য* এবং। 'চারি জন ঘোড়ার গাড়িতে এবঞ্চ দুই জন অশ্বারোহি।' *দর্পণ*, ১৮৩৩।

এবড়ো-খেবড়ো [আ ইবরা>] ১ *বি* উঁচুনিচু স্থান। 'কাঁটা-খোঁচা এবড়ো-খেবড়োর মধ্যে এক-এক জায়গায় ব্লু-বেলস নামক ছোটো ছোটো ফুল।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বিণ* উঁচুনিচু। 'এবড়ো-খেবড়ো মাঠ।' *রবীন্দ্র*, ১৯২২। ৩ *বিণ* অগোছালো; অবিন্যস্ত। 'কতকগুলো এবড়োখেবড়ো শব্দ।' *জীবন*, ১৯৩২।

এবনরমাল [ই অ্যাবনর্মাল] *বিণ* অস্বাভাবিক। 'তোমার এবনরমাল অবস্থাটা দেখবার বাসনা আমার মাঝে মাঝে হয়।' *মুজতবা*, ১৯৫২।

এবনে [আ ইবন] *বি* -এর সন্তান। 'শ্রীফাজীল অলাদে নিজাম এবনে মকুল।' *হ্যালহেড*, ১৭৭২।

এবম্প্রকার [স] *বিণ* এইরূপ। 'এবম্প্রকার মিষ্ট বচনে ...।' *ভবানী*, ১৮২৮।

এবম্বিধ [স] ১ *বিণ* এই প্রকার। 'এবম্বিধ মুক্ত সব কার কৃষ্ণভক্তি।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* এরূপ। 'সুতরাং এবম্বিধ পারিভাষিক শব্দ ... সম্পন্ন হয় না।' *বঙ্কিম*, ১৮৮৭।

এবম্ভূত [স] ১ *ক্রিবিণ* এই রকম ক'রে। 'এবম্ভূত ভট্টাচার্য্যেরা কহিয়া থাকে।' *ভবানী*, ১৮২৫। ২ *বিণ* এই রূপ। 'এবম্ভূত গুণীগণ ধাড়ি কালওয়াত কাওয়াল কত্থক সারঙ্গিয়া তবলিয়া ভাঁড় প্রভৃতি।' *ভবানী*, ১৮২৮।

এবরত [আ] *বি* রচনা; রচনা ভঙ্গি। *মেয়ার*, ১৭৮৭।

এবরো থেবরো [আ ইবরা>] *বিণ* উঁচুনিচু। 'যে তোমার এবরো থেবরো গা।' *গিরিশ*, ১৮৮৭।

এবলিশ [ই অ্যাবলিশ] *বি* বিলোপসাধন। 'সভাটা দেখচি এবলিশ কত্যে হলো।' *মাইকেল*, ১৮৬০।

এবাদত [আ ইবাদত] ১ *বি* একনিষ্ঠতা। 'হেম্মত ও এবাদতে ও নেহাইয়ত চালাকিতে একাজ করিবা।' *হ্যালহেড*, ১৭৭৩। ২ *বি* প্রার্থনা। *ওসী*, ১৭৮২; 'দোজখের ভয়ে এবাদত করি।' *রোকেয়া*, ১৯৩১।

এবাদতবন্দেগী [আ ইবাদত+ফা বন্দেগী] *বি* প্রার্থনাদি। 'ব্যর্থ হয়ে যাবে তাঁর আজন্ম এবাদতবন্দেগী সাধনা?' *কায়সার*, ১৯৬৫।

এবাদতী [আ ইবাদত>] *বিণ* উপাসনাপূর্ণ। 'গভীর এবাদতী নিবিষ্টতায় তার ক্ষুদ্র চোখ ...।' *ওয়ালী*, ১৯৪৫।

এবার [এ+ফা বার>] ১ *ক্রিবিণ* এইবার। 'দৈবযোগে আসি এবার রাধা পড়িলা আহ্মার হাথে।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রিবিণ* এ বছর। 'এ বার বরিষ মোর তের নাহিঁ পুরে।' *বড়ু*, ১৪৫০। ৩ *ক্রিবিণ* এখন। 'এবার ফিরাও মোরে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

এবারকার [এ+ফা বার>+স কার] *বিণ* এবারের। 'এবারকার দক্ষিণার টাকায় ব্রাহ্মণীর নত গড়ান ...।' *রামনারায়ণ*, ১৮৫৪।

এবারের মতো *ক্রিবিণ* এখনকার মতো। 'এবারের মতো বসন্ত গত জীবনে।' *রবীন্দ্র*, ১৮৯৬; 'বন্দরের বন্ধনকাল এবারের মতো হল শেষ।' *রবীন্দ্র*, ১৯১৬।

এবারত [আ ইবারত] *বি* রচনারীতি; বাগ্‌ধারা। *বিদ্যা*, ১৮৯১।

এবালিস [ই অ্যাবলিশ] *বি* বিলোপসাধন; উচ্ছেদ। *বিদ্যা*, ১৮৯১।

এবি [ই] *বি* ইংরেজি ভাষার প্রাথমিক জ্ঞান। 'এরা এবি পড়ে, বিবি সেজে,

AMARBOI.COM

বিলাতি বোল কবেই কবে।' *গুপ্ত*, ১৮৫৮।

এবে ১ *ক্রিবিণ* এখন। 'এবে হতে দৈবকীর যত গর্ব্ভ হএ।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* অতঃপর। 'আইলা এবে বিদ্যাধরী-দল।' *মাইকেল*, ১৮৬০।

এবেঁ *ক্রিবিণ* এখন। 'এবেঁ মই বুঝিল সদ্গুরু বোহেঁ।' *চর্যা ৩৫*, ১২০০।

এবেঁসি *ক্রিবিণ* এখনই। 'বিরহ সন্তাপ রাধা এবেঁসি জাণিলে।' *বড়ু*, ১৪৫০।

এবেসে *ক্রিবিণ* এখন। 'ইন্দ্র কার্য্য এবেসে হইল।' *মালাধর*, ১৫০০।

এবোঁহো *ক্রিবিণ* এখন। 'এবোঁহো ছাড়হ মোরে দেব চক্রপাণী।' *বড়ু*, ১৪৫০।

এবোল *বি* এই কথা; এরূপ বাক্য। 'কৃষ্ণ ঠাঞি জাহ তুমি এবোল কহিল।' *মালাধর*, ১৫০০।

এভারেষ্ট [ই] *বি* বিশ্বের সর্বোচ্চ পাহাড়চূড়া। 'হিমালয়ের উত্তুঙ্গ শৃঙ্গ এভারেস্টের কথা।' *প্রচারক*, ১৯০৩।

এভিডেন্স অ্যাক্ট [ই] *বি* সাক্ষী সংক্রান্ত আইন। 'কেবল একুইটি আর এভিডেন্স অ্যাক্ট মুখস্থ করে করেই দুর্লভ জীবনটা কাটালুম।' *রবীন্দ্র*, ১৮৯২।

এভেনিউ [ই] *বি* রাজপথ। 'কেমন খুঁড়িয়ে হেঁটে স্মরণীয়ভাবে গলি আর এভেনিউ নিঃসঙ্গ পেরিয়ে যায়।' *শামসুর*, ১৯৬৬।

এভো *ক্রিবিণ* তবু। 'এভো যবে না ধরিবে পাশে বৃন্দাবন বলে ধরি তোক তবে দিব আলিঙ্গন।' *বড়ু*, ১৫৭০। **এভোঁ** *ক্রিবিণ* এখন। 'এভোঁ দয়া ধর মোরে ল।' *বড়ু*, ১৪৫০।

এভোল্যুশন [ই] **১** *বি* গাছপালা ও জীবজন্তু সাধারণ জীবকোষ থেকে লক্ষ লক্ষ বছর ধরে বিবর্তনের মাধ্যমে বর্তমানের রূপ লাভ করেছে – এই ধারণা; বিবর্তন। 'ডারুয়িনের এভোল্যুশন থিওরি যে বহুপূর্বে আফ্রিকা দেশে আবিষ্কৃত হইয়াছিল...।' *রবীন্দ্র*, ১৯০০। **২** *বি* ক্রমবিকাশ। 'ভালো লাগার এভোল্যুশন আছে।' *রবীন্দ্র*, ১৯২৮।

এভোঁহো *ক্রিবিণ* এখনও। 'এভোঁহো নাহিঁ ঘুচে তোর মুখে দুধবাস।' *বড়ু*, ১৪৫০।

এভোহ *ক্রিবিণ* তবু। 'এভোহ কানাঞি তোর না ভইল জ্ঞানে।' *বড়ু*, ১৫৭০।

এমএ [ই] *বি* বিশ্ববিদ্যালয়ের উচ্চতর ডিগ্রি; মাস্টার অব আর্টস। 'এম.এ. পাস।' *বঙ্কিম*, ১৮৭৫; 'পুত্রটি এম-এ পরীক্ষায় উত্তীর্ণ না হইলে ...।' *বঙ্কিম*, ১৮৭৯।

এমএলএ [ই] *বি* প্রাদেশিক আইনসভার সদস্য; মেম্বার লেজিসলেটিভ অ্যাসেমব্লি। 'তার এক আত্মীয় এম. এল. এ.।' *মনসুর*, ১৯৪৩।

এমএসসি [ই] *বি* বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি; মাস্টার অব সায়েন্স। 'শশাঙ্কমৌলী যে-বছরে এম. এসসি. ডিগ্রির সর্বোচ্চ শিখরে সদ্য অধিরূঢ়।' *রবীন্দ্র*, ১৯৩২।

এম-ডি [ই] *বি* চিকিৎসাবিদ্যার উচ্চতর ডিগ্রি; ডক্টর অব মেডিসিন। 'ইউরোপ থেকে ডক্টর অব মেডিসিন (এম-ডি) ডিগ্রী অর্জন করেছেন।' *বেগম*, ১৯৭০।

এমৎ [এ+স মত] *বিণ* এমন। 'আর শান্তচিত্ত অথচ ফলার্থী এমৎ ব্যক্তিও ...।' *রামমোহন*, ১৮১৭।

এমত, এ মত [এ+স মত] **১** *ক্রিবিণ* এ-রকম। 'এমত কপট ধৃষ্ট লম্পট শঠ।' *চণ্ডী*, ১৫৭০। **২** *ক্রিবিণ* এইরূপ। 'এমত সোন্দরী ছাড়ি জাইমু কি কারন।' *কবীন্দ্র*, ১৬৮৯; 'আপনাকে পাইলে উহারদিগকে এ মত করিত না।' *রামরাম*, ১৮০১।

এমত অবস্থা *বি* এই অবস্থা। 'এমত অবস্থায় তোমাদের দশাটা ...।' *রবীন্দ্র*, ১৮৮৩।

এমত এমত *ক্রিবিণ* এরূপে। 'যদ্যাপিস্যাৎ এমত২ রচনা গড়না হইত ...।' *রামরাম*, ১৮০১।

এমতাবস্থায় [এমত+স অবস্থা>] *ক্রিবিণ* এরূপ পরিস্থিতিতে। 'এমতাবস্থায় কৃষক-প্রজার স্বার্থ-বিরোধিতা মোছলেম লীগে সম্ভব বলিয়া ...।' *আজাদ*, ১৯৩৯।

এমতি *ক্রিবিণ* এমন। 'এমতি করিল কে।' *দ্বিজী*, ১৬০০।

এমতে *ক্রিবিণ* এভাবে; এমনরূপে। 'এমতে অনিত হব সভে দুরাচার।' *মালাধর*, ১৫০০।

এমতো *বিণ* এমন। 'এমতো স্কুলে যে ছেলে পড়ে ...।' *প্যারী*, ১৮৫৮।

এমন *বিণ* এরূপ। 'এমন চেষ্টা হইল তাহার।' *মালাধর*, ১৫০০।

এমন এমন *বিণ* এমন ধরনের। 'এমন এমন লোকও আছে, যে অবাধে শত বৎসর পরিশ্রম করিলেও ...।' *অক্ষয়*, ১৮৪৯।

এমনকি *অব্য* শুধু তাই নয়; অধিকন্তু। 'আমি রাজকুমারী, – এমনকি, রাজরাজেন্দ্রকুমারী।' *মাইকেল*, ১৮৭৩।

এমনতর [এমন+আ তরহ] *ক্রিবিণ* এই প্রকার; এই রকম। 'এমনতর রাণী চেহারার মেঘ ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

এমনতরো [এমন+আ তরহ] *বিণ* এ রকম। 'তাই বলিয়া এমনতরো কাঙালপনা।' *রবীন্দ্র*, ১৯০২।

এমন দিন *বি* এ-রকম উপযুক্ত সময়। 'এমন দিনে তারে বলা যায়।' *রবীন্দ্র*, ১৮৮৯।

এমনধারা [এমন+স ধারা] **১** *বিণ* এ রকম। 'এমনধারা গুজব বাজারে খুব জোর রটেছে!' *প্রমথ*, ১৯১৭। **২** *বি* এ রকম ঘটনা। 'যাহাতে এমনধারা না ঘটে।' *বিভূতি*, ১৯৩৮।

এমনি ১ *বিণ* এ রকম। 'কেন নহিবেক চাহি এমনি যে ভক্তি।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *ক্রিবিণ* অকারণে। 'আমরা এমনি এসে ভেসে যাই।' *দ্বিজেন্দ্র*, ১৯০০।

এমনি ক'রে *ক্রিবিণ* এভাবে। 'এমনি করেই যায় যদি দিন যাক না।' *রবীন্দ্র*, ১৯১৫।

এমনিতর [এমনি+আ তরহ] *ক্রিবিণ* এভাবে। 'এমনিতর গেল-গেল শব্দ করতে করতে খোলা নদীতে এসে পড়লুম।' *রবীন্দ্র*, ১৮৯১।

এমনে *ক্রিবিণ* এভাবে। 'আর কতকাল এমনে কাটিবে স্বামী।' *রবীন্দ্র*, ১৯১৪।

এমফ্যাসিস [ই] *বি* ঝোঁক। 'কেবল উচ্চারণের আর এমফ্যাসিসের তারতম্যে মানে আলাদা হয়ে যায়।' *শিবরাম*, ১৯৫০।

এমবি [ই] *বিণ* চিকিৎসাশাস্ত্রে স্নাতক অর্থাৎ ব্যাচেলর অব মেডিসিন ডিগ্রি অর্জন করেছে এমন। 'নাইন্টিন থার্টিফোরের ম্যাট্রিক, ফিটিট্টুর এম.বি.।' *শ্যামল*, ১৯৬৭।

এমব্রডারী, এমব্রয়ডারি, এমব্রয়ডারী [ই] *বি* কাপড়ের উপর সুতা দিয়ে নকশা করার কাজ। 'এমব্রয়ডারীটি হাতে করেই অনিমা উঠে এল স্বামীর কাছে।' *নরেন্দ্র*, ১৯৪৮; 'এমব্রয়ডারি ও সেলাই কাজ।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বেগম, ১৯৭০; 'বিভিন্ন স্তরের মহিলাদের জন্য সেলাই, গীটার এবং এমব্রডারী ক্লাশ।' *বেগম*, ১৯৭০।

এমাম [আ ইমাম] *বি* মুসলিম ধর্মগুরু। 'বাদশাহ, পীর ও এমামগণের নামটাও শুদ্ধ করিয়া লিখিতে জানেন না।' *ছোলতান*, ১৯২৩।

এমামতি [আ ইমামত>] *বি* ইমামের কাজ। 'উভয়ের এমামতি ঠিক থাকবে।' *মনসুর*, ১৯৩৫।

এমামবাড়ী [আ ইমাম+ফা বারা] *বি* মহরম পর্বের জন্য ব্যবহৃত গৃহবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

এমারৎ [আ ইমারত] *বি* পাকা বাড়ি। 'এমারৎ গাঁথিবার কারণ।' *দর্পণ*, ১৮২৮।

এমারত [আ ইমারত] *বি* পাকা বাড়ি; অট্টালিকা। 'ঠাঁই ঠাঁই এমারত যত ভেঙ্গেছিল।' *গরীব*, ১৭৬৫।

এমারিলিস [ই] *বি* একপ্রকার বিদেশি ফুল। 'বললে, এমারিলিস।' *রবীন্দ্র*, ১৯০৮।

এমারেল্ড [ই] *বি* মূল্যবান পাথরবিশেষ; পান্না। 'এটা কি এমারেল্ড, না হীরা।' *বিভূতি*, ১৯৩১।

এমুড়ো-ওমুড়ো *ক্রিবিণ* এ প্রান্ত থেকে ও প্রান্ত পর্যন্ত। 'জীবনের এই ফলবান খণ্ডটিকে এমুড়ো-ওমুড়ো দু'ভাগ করে দিতে পারে।' *মান্নান*, ১৯৬৮।

এমেচার [ই] *বি* অপেশাদার ব্যক্তি বা শিল্পী। 'আমি অন্য কোনো এমেচারের গলায় শুনিনি।' *মুক্তবা*, ১৯৫২।

এম্পায়ার [ই] *বি* সাম্রাজ্য। 'রোমান এম্পায়ারের কথা যা বল্লেন।' *জীবন*, ১৯৩২।

এম্বুলেন্স [ই] *বি* রোগীবাহী যান। 'এম্বুলেন্স আনাইয়া আমিম সর্দারকে ডাক্তার সাহেব ... ভর্তি করান।' *মনসুর*, ১৯৫৫।

এম্বেসি [ই] *বি* দূতাবাস। 'ও-মাল সুদ্ধমাত্র এম্বেসিগুলোয়, ক্যান্টিনে পাওয়া যায়।' *মুক্তবা*, ১৯৫৮।

এযহার [আ ইজহার] *বি* কোনো ফৌজদারি ঘটনা সম্পর্কে থানায় প্রদত্ত বিবৃতি। 'সলা-পরামর্শ করিয়া পরদিন বিকালে এযহার দেন।' *মনসুর*, ১৯৫৫।

এযাবত [এ+স যাবৎ] *ক্রিবিণ* এখনো পর্যন্ত। 'এযাবত আসাম সরকারের পক্ষ হইতে ... হয় নাই।' *আজাদ*, ১৯৪৫।

এযাযত [আ ইজাজত] *বি* সম্মতি। 'বর পছন্দ না হলে বিয়েতে এযাযত না দিলেই হয়।' *বেগম*, ১৯৫২।

এয়জ [আ ইওয়াজ] *বি* বিনিময়। 'এহার এয়জ কাপড় দেওনের আমাদিগের এমন ওমত নাই।' *তাঁতি*, ১৭৯২।

এয়াকুত [আ] *বি* মূল্যবান পাথর; চুনি। 'দেখিলেন্ত পরতেক এয়াকুত পাথরে নির্মিছে।' *সুলতান*, ১৭০০।

এয়াদ [আ ইয়াদ] *বি* স্মরণ। 'এ কথা খুব এয়াদ রাখিবা।' *হ্যালহেড*, ১৭৭৩।

এয়ার [ফা ইয়ার] *বি* দোস্ত; বন্ধু। 'এয়ার দল লইয়া বসিয়া সর্ব্বদা।' *ভবানী*, ১৮২৫। দ্র ইয়ার

এয়ার দল [ফা ইয়ার+স দল] *বি* বন্ধু সকল। 'এয়ার দল লইয়া বসিয়া সর্ব্বদা ...।' *ভবানী*, ১৮২৫।

এয়ারবক্সি [ফা] *বি* বন্ধু-বান্ধব। 'যদি লেখাপড়া শিখি তবে আমার এয়ারবক্সিদিগের দশা কি হইবে?' *প্যারী*, ১৮৫৮।

এয়ার [ই] *বি* বায়ু। **এয়ার কণ্ডিশন** [ই] *বি* শীতাতপ নিয়ন্ত্রণ। 'এয়ার কণ্ডিশনের ওপর ফুল স্পীডে পাখা চালিয়ে ...।' *ইলিয়াস*, ১৯৭২।

এয়ার কণ্ডিশনড [ই] *বিণ* শীতাতপ নিয়ন্ত্রিত। 'এয়ার কণ্ডিশনড কামরার করিডোরে ভীড়।' *ইলিয়াস*, ১৯৭২।

এয়ার টাইট [ই] *বিণ* বায়ুনিরোধী। 'বাসখানাকে সম্পূর্ণ এয়ার টাইট বলা যাইতে পারিত।' *রোকেয়া*, ১৯৩১।

এয়ারপোর্ট [ই] *বি* বিমানবন্দর। 'কায়রোর ফারুক এয়ারপোর্টে নামলাম।' *হাই*, ১৯৫০।

এয়োরোপ্লেন [ই] *বি* উড়োজাহাজ। 'এয়োরোপ্লেন থেকে ঝরে পড়লো পুষ্পবৃষ্টি।' *মাহেনও*, ১৯৪৯।

এয়্যারট্রেনিং [ই] *বি* বিমান চালানোর প্রশিক্ষণ। 'সেখানে এয়্যারট্রেনিং নিয়ে, পাইলট হয়ে সরাসরি যুদ্ধে যাব।' *শিবরাম*, ১৯৫০।

এয়ারিং [ই] *বি* কানের অলঙ্কারবিশেষ। 'একজোড়া এয়ারিং ছিল।' *রবীন্দ্র*, ১৯১৪।

এয়ি *ক্রিবিণ* এখন। 'এয়ি গিআঁ সাধো কাম তোর উপদেশে।' *বড়ু*, ১৪৫০।

এয়ো [স আয়ুষ্মতী] *বি* সধবা নারী। 'নরম বরিষে বারি কন্যা এয়োদলে।' *আলাওল*, ১৬৮০।

এয়োজাত [এয়ো+স জাত] *বি* মঙ্গলগান। 'রচিলা ভারত অন্নদার এয়োজাত।' *ভারত*, ১৭৬০।

এয়োত [স আয়ুষ্মতী] *বি* সধবাত্ব। 'আমার এয়োত ক্ষয় হবে না।' *রবীন্দ্র*, ১৯২৯।

এয়োতি, এয়োতী [স আয়ুষ্মতী] *বিণ* স্ত্রী সধবা। 'এয়োতি সই মিলি করি অতি হুলাহুলি।' *সুলতান*, ১৭০০; 'উঠান নিকোয় চার এয়োতী।' *ওবায়দুল্লাহ*, ১৯৭৪।

এয়ো সুয়া [স আয়ুষ্মতী>] *বিণ* সধবা নারী। 'এয়ো সুয়া এক ঠাঁই দেখরে আসিয়া ...।' *ভারত*, ১৭৬০।

এয়োস্ত্রী [স আয়ুষ্মতী>+স স্ত্রী] *বি* স্ত্রী সধবা। 'একাদশীর দিন এয়োস্ত্রী মানুষ করল উপোস।' *মানিক*, ১৯৩৬।

-এর *ষষ্ঠী বিভক্তি*। 'তা মহামুদেরি [মহামুদ+এর+ই] তুটি গেলি কংখা।' *চর্যা* ৩৭, ১২০০।

এরণ্ড [স] *বি* ভেরেণ্ডা গাছ। 'ওরে জ্ঞান এরণ্ডের এ যে ফল!' *নজরুল*, ১৯৩১।

-এরা *তৃতীয়া বিভক্তি*। 'রাআ রাআ রাআরে অবর রাঅ মোহোরা বাধা।' *চর্যা ৩৪*, ১২০০।

এরা[১] *ক্রি* ত্যাগ করা। 'পদের পাদুকা তুম্হি এর কি কারণ।' *সুলতান*, ১৭০০।

এরা[২] *সর্ব* এ-এর বহুবচনজ্ঞাপক শব্দ। 'পথ দিয়া চলিতেছে এরা কারা।' *রবীন্দ্র*, ১৮৮৪।

এরাক [ই] *বি* দক্ষিণ ও দক্ষিণপূর্ব এশিয়ায় তৈরি তাড়ি জাতীয় মদ (ভূমধ্যসাগরীয় অঞ্চলের মৌরির সুগন্ধী মেশানো অ্যারাক নামের মদ নয়।) 'ইউরোপীয় সৈন্যেরা যে মদিরা পান করে ... তাহা এরাক অপেক্ষায় অনিষ্টকারী।' *অক্ষয়*, ১৮৫০।

এরাদা [আ ইরাদা] *বি* বাসনা। 'কেহ এরাদা রাখহ।' *ক্যালগে*, ১৭৮৭; 'সাহেবের খএর খুবি হামেসা ... এরাদা করিতেছী।' *তাঁতি*, ১৭৯২।

AMARBOI.COM

এ রাম – নিন্দার ভাবসূচক বাক্যাংশ। 'এ রাম! তুমি ন্যাংটা পুঁটো?' *নজরুল*, ১৯২৬।

এরারুট [ই] *বি* দক্ষিণ আমেরিকা ও কেরিবীয় দ্বীপপুঞ্জে জাত প্রায় দু ফুট উঁচু হলুদ বা আদার মতো এক রকমের গাছের কন্দ থেকে তৈরি শ্বেতসার জাতীয় খাবার। 'বীপ-টী ও এরারুট বিস্কিট খাইতে চাও না তবে খাইবে কি?।' *রোকেয়া*, ১৯২২।

এরাশীশ ব্যালেট [ই] *বি* এক রকমের গীতিনাট্য। 'গানবাদ্য এরাশীশ ব্যালেট এবং তৎসমভিব্যাহারে ...।' *অক্ষয়*, ১৮৪২।

এরিয়া [ই] **১** *বি* সীমানা। 'কর্নারের কাছেই তো গোলের এরিয়া।' *শিবরাম*, ১৯৫০। **২** *বি* এলাকা। 'মতিঝিল কমার্শিয়াল এরিয়ায়।' *বেগম*, ১৯৬৫।

এরিয়াল [ই] *বি* রেডিও বা টেলিভিশনের তরঙ্গ গ্রাহক যন্ত্র। 'ছাদে হনুমানরা এসে নিয়মিত এরিয়াল ছেঁড়ে।' *শ্যামল*, ১৯৬৭।

এরূপ [এ+স রূপ] *বিণ* এমন। 'ন্যায় দর্শনে এবং তন্ত্রে বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যের এরূপ গতি ছিল যে।' *দর্পণ*, ১৮৩২।

-এরে *সপ্তমী বিভক্তি*। 'সো করউ রস রসাণেরে কংথা।' *চর্যা* ২২, ১২০০।

এরে [ধ্বন্যা] *অব্য* ওহে। 'এরে মাধব পলটি নিহার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

এরোড্রাম [ই] *বি* ছোটো বিমানঘাঁটি। 'এরোড্রামে গিয়া দেখি, একেবারে মুক্ত ময়দান।' *রোকেয়া*, ১৯৩২।

এরোপ্লেন [ই] *বি* বিমান; উড়োজাহাজ। 'এরোপ্লেন যন্ত্র-সাহায্যে আকাশপথে ... অনায়াসেই যাইতে পারা যায়।' *অক্ষয়*, ১৮৫৪।

এরোপ্লেন-ওড়া *বি* বিমান কী করে ওড়ে তা। 'এরোপ্লেন-ওড়া দেখবার জন্যে একদিন ভোরবেলা দমদম পর্যন্ত যেতে হল।' *রবীন্দ্র*, ১৯৩৪।

এরোপ্লেন ট্রেন [ই] *বি* উড়োজাহাজ। 'ছাদের উপর কারুর এরোপ্লেন ট্রেন এসে পড়েনি ত?' *রোকেয়া*, ১৯২২।

এরোপ্লেন-দূত [এরোপ্লেন+স দূত] *বি* বিমানরূপ দূত। 'কালিদাসের যক্ষ যদি মেঘদূতকে বরখাস্ত করে দিয়ে এরোপ্লেন-দূতকে অলকায় পাঠাতেন।' *রবীন্দ্র*, ১৯৪০।

এল [স আলুল>] *বিণ* মুক্ত; আলুলায়িত। *বিদ্যা*, ১৮৯১।

এলএ [ই লাইসেন্‌শিয়েট অব আর্টস] *বি* উচ্চমাধ্যমিক পরীক্ষা; এফএ পরীক্ষার অনুরূপ পরীক্ষা। 'এলএ পরীক্ষায় প্রথম।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

এলকহল [ই] *বি* সুরা। 'শতকরা আশিভাগ তাতে এলকহল।' *মুজতবা*, ১৯৫২।

এলকা *বি* অস্ত্রবিশেষ। *মালাধর*, ১৫০০।

এলকোহল [ই অ্যালকোহল] *বি* রংহীন রাসায়নিক তরল মাদকবিশেষ, যা মদ বিয়ার হুইস্কি ইত্যাদি পানীয়তে ব্যবহার করা হয়। 'ইনি কি এলকোহল ব্যবহার করে থাকেন?' *গিরিশ*, ১৮৮৯।

এলজেব্রা [ই অ্যালজেব্রা] *বি* বীজগণিত। 'সে ছেলেদের এলজেব্রা শেখাত।' *মুজতবা*, ১৯৪৯।

এলপাতাড়ি [এলো+স পথ>] *বিণ* এলোমেলো; বিশৃঙ্খল। *বিদ্যা*, ১৮৯১।

এলবাত [ই অ্যালবার্ট] *বিণ* রানি ভিক্টোরিয়ার স্বামী প্রিন্স অ্যালবার্টের মতো বিলাসী। 'বেশ্যাবাজীটি আজ-কাল এ সহরে বাহাদুরীর কাজ ও বড় মানষের এলবাত পোসাখের মধ্যে গণ্য।' *হুতোম*, ১৮৬১।

এলবাম [ই অ্যালবাম] *বি* ছবি রাখার বাঁধানো খাতাবিশেষ। 'এলবাম নেড়েচেড়ে কোনো সুখ পেলে না।' *জীবন*, ১৯৩২। *দ্র* **অ্যালবাম**

এলবার্ট কাট [ই] *বি* প্রিন্স এলবার্টের অনুরূপ চুল কাটানোর ফ্যাশন। 'হুঁকার তামাক খায়, এলবার্ট কাটে, তাহার এমামতি কি?' *জামায়াত*, ১৯৩৮।

এলবাস [আ লিবাস] *বি* লেবাস; পরিচ্ছদ। 'এলবাস পোশাক ও সোণারূপার গহনা ও বাসন ও জওয়াহের প্রভৃতি।' *দর্পণ*, ১৮৩০।

এলম [আ ইল্‌ম] *বি* জ্ঞান। 'চতুর্থ বাবেত শুন এলম প্রবন্ধ।' *আলাওল*, ১৬৮০।

এলমেলো [স আলুল>] *বিণ* এলোমেলো; অগোছালো। *বিদ্যা*, ১৮৯১।

এলহান [আ ইলহান] **১** *বি* মধুর সুর। 'গাহে বুলবুল খোশ এলহান!' *নজরুল*, ১৯২৮। **২** *বি* কণ্ঠস্বর। 'কোথা বুলবুল খোশ এলহান ওঠে আজ গান গেয়ে।' *ফররুখ*, ১৯৪৬।

এলা[১] [স আলুল>] *ক্রি* খোলা। 'এলাইয়া বেণী ফুলের গাঁথনি।' *চিচ্চী*, ১৬০০; 'এলাইল সব তনু মদন আলিসে।' *রূপরাম*, ১৭৫০।

এলা[২] [স আলুল>] *বিণ* ঝুরঝুরে। **এলামাটি** *বি* ঝুরঝুরে বা আলগা মাটি। 'এলামাটির উপরে সোঁতা অন্ধকার।' *অবন*, ১৯২৭।

এলাইচ [স এলা] *বি* এক রকমের মসলা; এলাচ। *ওর্সা*, ১৭৮২। *দ্র* **এলাচ**

এলাউ [ই অ্যালাউড] *ক্রি* পরীক্ষা দেওয়ার অনুমতি পাওয়া। 'টেস্টে এলাউ হইনি।' *নজরুল*, ১৯২৪।

এলাউন্স [ই] *বি* ভাতা। 'কেউবা সামান্য কিছু এলাউন্স পায়।' *নরেন্দ্র*, ১৯৪৯।

এলাউয়েন্স [ই] *বি* ভাতা। 'সরকারী কর্ম্মচারীদের অত্যুচ্চহারে বেতন ও এলাউয়েন্স গ্রহণ ইত্যাদি।' *আজাদ*, ১৯৪১।

এলাকা [আ ইলাকা] **১** *বি* সম্পর্ক। 'সাহেব কী লেখায়ে পৈরাদ করেন আমার সহিত কোনো এলাকা নাই।' *মেয়র্স*, ১৭৫৭; *ওর্সা*, ১৭৮২। **২** *বি* সংস্রব। 'অন্য কাহার সহিত এলাকা নাই।' *মেয়র্স*, ১৭৬৯। **৩** *বি* অঞ্চল। 'আমার স্বামীর এলাকা থেকে বিলিতি নুন, বিলিতি চিনি, বিলিতি কাপড় এখনো ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

এলাকাধীন [আ ইলাকা+স অধীন] *বিণ* এলাকার অন্তর্গত। 'স্ব স্ব এলাকাধীন অঞ্চলের দরিদ্র ও বেকারদের একটি তালিকা।' *আজাদ*, ১৯৩৯।

এলাগাদ [আ ইলাকা] *বি* এলাকা। 'রায় বাহাদুরের এলাগাদ নাবালগী প্রযুক্ত ...।' *দর্পণ*, ১৮২০।

এলাচ [স এলা>] *বি* সুগন্ধি মসলাবিশেষ। 'মিশ্রিসাঁচ চিনির ফেনি ক্ষীর তক্তি সরে চিনির ফেনা এলাচদানা।' *রবীন্দ্র*, ১৯০৭।

এলাচদানা [স এলা>+ফা দানহ্] *বি* এলাচের বীজ। 'ক্ষীর তক্তি সরে চিনির ফেনা এলাচদানা।' *রবীন্দ্র*, ১৯০৭।

এলাচি, এলাচী [স এলা>] *বি* মসলাবিশেষ। 'লবঙ্গ এলাচী আর উত্তম রসবাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'এলাচি গোলমরিচ মুসব্বর চিনি।' *দর্পণ*, ১৮২১।

এলাচিফুল [স এলা>+স পুষ্প] *বি* এলাচ গাছের ফুল। 'কোথায় এলাচিফুল দারুচিনি বারুণীর গ্রাণে।' *জীবন*, ১৯৩২।

এলাজ[১] [আ ইলাজ] *বি* পথ্য। 'ইমামের তরে এই খেলাও এলাজ।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গরীব, ১৭৬৫।

এলাজ[১] [স এলা>] *বি* এলাচ। 'গুবাক, এলাজ, দারুচিনি প্রভৃতি।' *অক্ষয়*, ১৮৪১।

এলান [আ ইলান] *বি* ঘোষণা। 'তিনি যা বলেন শুধু বলেন না, এলান করেন।' *কায়সার*, ১৯৬৫।

এলানো [স আলুল>] **১** *ক্রি* আলগা করা। 'এলানো কুন্তলজালে সন্ধ্যার তারকাগুলি।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *ক্রি* ছড়ানো। 'সন্ধেবেলার নামহারা ফুল গন্ধ এলায়।' *রবীন্দ্র*, ১৯২৮।

এলায়িত [স আলুল>] *বিণ* আলুলায়িত। 'এই এলায়িত যুবতীকেই সে কল্পনা করেছিল।' *শামসুল*, ১৯৬২।

এলিয়ে দেওয়া *ক্রি* বিছিয়ে দেওয়া। 'শরীর এলিয়ে দিলো কঠিন বেদীতে।' *মাহমুদ*, ১৯৬৩।

এলিয়ে পড়া **১** *ক্রি* আলগা হয়ে পড়া। 'এলায়ে পড়েছে বেণী কবরী বন্ধন।' *উমেশ*, ১৮৫৭। **২** *ক্রি* হেলে পড়া। 'গায়ে এসে যেন এলায়ে পড়িছে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

এলায়িত [স আলুল>] *বিণ* ছড়িয়ে-থাকা। 'ও পারে এলায়িত পাহাড়।' *মানিক*, ১৯৪০।

এলাহি, এলাহী [আ ইলাহী] **১** *বি* সৃষ্টিকর্তা। 'এলাহি ভেজিয়া দিল শুনহ খবর।' *গরীব*, ১৭৬৫; 'কোন দোষে এলাহী গজব এয়ছা কইল।' *গরীব*, ১৭৬৫। **২** *বিণ* বিশাল। 'এলাহী ডবল ডেকারের পেটে ঢুলি, এমনকি ঘুমের মধ্যেও।' *শামসুর*, ১৯৭০।

এলাহি কাণ্ড, এলাহী কাণ্ড [আ ইলাহি+স কাণ্ড] *বি* বিরাট ব্যাপার। 'ও মা এ কী এলাহী কাণ্ড।' *পাশা*, ১৯৭১।

এলাহি কারখানা [আ ইলাহী+ফা কারখানা] *বি* বিরাট আয়োজন। 'খাট-পালং ও টেবিল-চেয়ারের এলাহি কারখানা।' *মনসুর*, ১৯৫৫।

এলিফ্যান্ট ঘাস [ই এলিফ্যান্ট+স ঘাস] *বি* এক প্রকার ঘাস। 'চওড়া এলিফ্যান্ট ঘাসের বন।' *বিভূতি*, ১৯৩৭।

এলিয়টি [ই এলিয়ট>] *বিণ* ব্রিটিশ কবি টি এস এলিয়ট-রচিত। 'মাঝে-মধ্যে আওড়াই তর্জমায় এলিয়টি পঙ্‌ক্তি।' *শামসুর*, ১৯৭২।

এলুমিনিয়ম [ই এলিউমিনিয়াম] *বি* শ্বেতবর্ণের হালকা ধাতুবিশেষ। 'রৌদ্রের ভিতরে ওই বিচ্ছুরিত এলুমিনিয়ম।' *জীবন*, ১৯৪০।

এলেকা [আ ইলাকাহ] **১** *বি* অধিকার। 'ইহাতে দারোগার কোনো এলেকা নাই।' *দর্পণ*, ১৮২১। **২** *বি* এলাকা; অঞ্চল। 'ত্রিপুরার এলেকার নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি – নুন, তেল, চিনি ইত্যাদি পাওয়া যাচ্ছে না।' *মাহেনও*, ১৯৪৯।

এলেঙ্গা [স এলঙ্গা] *বি* মাছবিশেষ। 'পাকাল খয়রা চেলা তেচক্কা এলেঙ্গা।' *ভারত*, ১৭৬০।

এলেজি [ই] *বি* শোকগাথা। 'পরস্পরাবোধ নিয়ে কাব্য রচো নির্ঘাত এলেজি।' *শক্তি*, ১৯৬৬।

এলে বিয়ে [ই L.A., B.A.] *বি* উচ্চমাধ্যমিক ও স্নাতক। 'এলে বিয়ে (এলএ,বিএ) পাশ করিয়ে কেমন মেম সাহেব সাজাও দেখব।' *রোকেয়া*, ১৯২২।

এলেম [আ ইলম] *বি* বিদ্যা। 'উহার একটা উপাধি আছে, এলেম।' *বঙ্কিম*, ১৮৬৫।

এলেমদার [আ ইলম+ফা দার] **১** *বিণ* বিদ্বান; জ্ঞানী। 'ভারী এলেমদার লোক।' *বিভূতি*, ১৯৩৮। **২** *বিণ* সুদক্ষ। 'কামেল, লায়েক, এলেমদার জাহাজি মস্ত সারেং।' *কায়সার*, ১৯৬২।

এলেমান [ফ আলমাঁ] *বি* জার্মেনির অধিবাসী। 'দিনামার এলেমান করে গোলন্দাজী।' *ভারত*, ১৭৬০।

এলেমানের বিলাত [ফ আলমাঁ+আ বিলায়ত] *বি* জার্মেনি। *ওসাঁ*, ১৭৮৫।

এলো [স আলুল>] *বিণ* মুক্ত; খোলা। 'শ্রেণীবদ্ধ চারু শোভা এলো আর বাঁধা।' *গুপ্ত*, ১৮৫৮।

এলোকুন্তল [এলো+স কুন্তল] *বি* আলুথালু চুল। 'সৌতের শ্যাওলা এলোকুন্তল লুটাইছে বালুচরে।' *নজরুল*, ১৯২৮।

এলোকেশ [এলো+স কেশ] *বি* এলোমেলো চুল। 'কোন স্বপনের দেশে আছে এলোকেশে কোন ছায়াময়ী অমরায়!' *রবীন্দ্র*, ১৮৮৬।

এলোকেশী [এলো+স কেশী] *বি* খোলা চুলবিশিষ্ট নারী। 'ভাবিলে রে এলোকেশী।' *রামপ্রসাদ*, ১৭৮০।

এলোকেশে [এলো+স কেশ>] **১** *ক্রিবিণ* বিশৃঙ্খলভাবে। 'ঝড়ের মেঘ ঝটিৎ এসে/ দাঁড়িয়ে থাকে এলোকেশে।' *রবীন্দ্র*, ১৯০৩। **২** *বিণ* প্রচণ্ড। 'আমি ধূর্জটি, আমি এলোকেশে ঝড় অকাল-বৈশাখীর!' *নজরুল*, ১৯২২।

এলোখোঁপা [এলো+খোঁপা] *বি* শিথিল বা আলগা খোঁপা। 'দামিনীর এলোখোঁপাবাঁধা ঘাড়ের দিকে।' *রবীন্দ্র*, ১৯১৪।

এলোচুল [এলো+চুল] *বি* আলুলায়িত বা অসংযত চুল। 'সাড়ীপরা এলোচুল আমাদের মেম।' *গুপ্ত*, ১৮৫৮।

এলোথেলো [এলো>] *বিণ* এলোমেলো। 'চুল গুলো কেমন এলো থেলো হয়ে রয়েছে।' *উমেশ*, ১৮৫৭।

এলোধাবাড়ি *ক্রিবিণ* ক্রমাগত। 'বনিতার শান্ত বাহুর বন্ধনে, ঘৃণায় ধিক্কারে, নৈরাজ্যের এলোধাবাড়ি চীৎকারে।' *শামসুর*, ১৯৭০।

এলোপাতাড়ি [এলো>+স পথ>] **১** *বিণ* বেধড়ক। 'এলোপাতাড়ি ছাতার বাড়ি ধুপুসধাপুস্ কত।' *সুকুমার*, ১৯১৮। **২** *ক্রিবিণ* এলোমেলোভাবে। 'চতুর্দিকে এলোপাতাড়ি ছুটোছুটি লাগিয়েছে।' *মুজতবা*, ১৯৪৯।

এলোপাথাড়ি **১** *বিণ* আবোলতাবোল। 'কিছু না বুঝে এলোপাথাড়ি বাজে সমালোচনা।' *অচিন্ত্য*, ১৯৫০। **২** *ক্রিবিণ* বিশৃঙ্খলভাবে। 'চড়-চাপড় বসিয়ে দিলেন এলোপাথাড়ি।' *শিবরাম*, ১৯৭০।

এলোমেলো [এলো>] *বিণ* আজেবাজে। 'আমার ঠাঁই এলোমেলো চিকিৎসা নাই।' *দর্পণ*, ১৮২১।

এলোমেলোমি [এলো>] *বি* এলোমেলো ভাব। 'খামখেয়ালের এলোমেলোমি।' *অচিন্ত্য*, ১৯৫০।

এলোপ্যাথি [ই] *বি* ইউরোপীয় চিকিৎসা পদ্ধতি। 'এই এলোপ্যাথিগুলো এসেছে, কিন্তু আগে কোন ওষুধ খেয়ে বাঁচতেন।' *শিবরাম*, ১৯৪০।

এল্যো থেল্যো [এলো>] *বিণ* আলুথালু; অবিন্যস্ত। 'এল্যো থেল্যো কেশবাস।' *ভবানী*, ১৮২৫।

এশক [আ ইশক] *বি* প্রেম। 'তোমার এশকের নিরাশ খুন-দিল লোহুয় পথ এ পূর্ণ যে।' *নজরুল*, ১৯৩৯।

এশতেহার [আ ইশতিহার] *বি* কোনো রাজনৈতিক দলের বিশ্বাস এবং কর্মসূচি সম্পর্কে লিখিত বিবৃতি। 'নির্ব্বাচনী এশতেহারে স্বাক্ষর করিয়া এবং তাহার অনুকূলে ব্যক্তিগত চেষ্টা করিয়া ...।' *আজাদ*, ১৯৩৬। *দ্র* **ইশতেহার, ইস্তেহার**

AMARBOI.COM

এশা [আ ইশা] *বি* মুসলিম বিশ্বাস অনুযায়ী রাতের নামাজ। 'তবারক এশাএ পড়িবা ভক্তি ভাবে।' *আলাওল*, ১৬৮০।

এশিয়া [ই] *বি* ইউরোপের পুব দিকে অবস্থিত পৃথিবীর সবচেয়ে বড়ো মহাদেশ। 'এশিয়া আজ আপনাকে সচেতনভাবে, সুতরাং সবলভাবে উপলব্ধি করিতে বসিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮১। *দ্র* **এসিয়া**

এশিয়াটিক [ই] *ওসাঁ*, ১৭৮৫। *বিণ* এশিয়া মহাদেশের অধিবাসী। 'রাশিয়ানরা যে এশিয়াটিক, তা সকলেই জানে।' *প্রমথ*, ১৯২৭।

এশিয়া-মাইনর [ই] *বি* এশিয়ার পশ্চিম অংশ; আনাতোলিয়া; (বর্তমান) তুরস্ক। 'অর্জুন এশিয়া-মাইনরের কোনো গ্রীক রাজ্য ...।' *রবীন্দ্র*, ১৮৯৮।

এশিরিয়া [ই] *বি* প্রাচীন মেসোপটেমিয়ার (বর্তমান ইরাক অঞ্চলের) সভ্যতা। 'এশিরিয়া ধুলো আজ।' *জীবন*, ১৯৩২।

এশিরীয় [ই এশিরিয়া>] *বিণ* প্রাচীন মেসোপটেমিয়ার (বর্তমান ইরাক অঞ্চলের) সভ্যতা সম্পর্কিত। 'খেজুর ছায়ারা ইতস্তত বিচূর্ণ থামের মতো : এশিরীয়।' *জীবন*, ১৯৪২।

এসীরিয়া [ই] *বি* প্রাচীন ইরাকের সভ্যতা। 'দাঁতে তার এসীরিয়া যখনি সে দংশয়।' *রবীন্দ্র*, ১৯৪১।

এশ্লাম [আ ইসলাম] *বি* ইসলাম। 'এশ্লাম ধর্ম্মে বলিতেছে কোরবাণী করু।' *মশাররফ*, ১৮৮৯।

এষআষ *বি* আপত্তি। 'ইহাতে এষআষ না করিবেন।' *ভেরলি*, ১৮০০।

এষ্টকীং [ই] *বি* মোজা। 'গোপাল এক জোড় লাল রঙ্গের এষ্টকীং পায়ে দিয়েছিলেন।' *হুতোম*, ১৮৬১।

এষ্টেসন [ই] *বি* স্টেশন। 'পুনরায় এষ্টেসন হতে বাই করে দ্যায়।' *হুতোম*, ১৮৬১। *দ্র* **স্টেশন**

এষ্টেসন মাষ্টার [ই] *বি* রেল স্টেশনের দায়িত্বপ্রাপ্ত মুখ্য কর্মকর্তা। 'এষ্টেসন মাষ্টার ও গার্ড গাড়ির কাছে এসে উঁকী মাচ্চেন।' *হুতোম*, ১৮৬১।

এষ্ট্রলজি [ই] *বি* জ্যোতির্বিদ্যা। 'আমি ভালবাসি প্রথমটি অঙ্ক দ্বিতীয়টি এষ্ট্রলজি।' *হুমায়ুন*, ১৯৭২।

এষ্ট্রানমিক [ই] *বিণ* জ্যোতির্বিদ্যা সংক্রান্ত। 'আর্থগ্রেফি অর্থাৎ ভূগোল বিদ্যা ও এষ্ট্রানমিক খগোল বিদ্যা এবং অন্যান্য ...।' *দর্পণ*, ১৮৩০।

এসওএস [ই Save Our Souls] *বি* জরুরি সাহায্য চেয়ে সমুদ্রগামী জাহাজ ও বিমানের প্রেরিত সঙ্কেত। 'এসওএস এসেছে।' *কায়সার*, ১৯৬২।

এসকর্ট [ই] *বি* নিরাপদে পৌঁছে দেওয়ার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি। 'এদের এসকর্টের চার্জে লাইনবাবু।' *সাদত*, ১৯৬৭।

এসক্যালেটর [ই] *বি* বিদ্যুৎচালিত চলন্ত সিঁড়ি। 'মিনিট কুড়ি পরে/ এসক্যালেটর চড়ে।' *অন্নদা*, ১৯২৭।

এসটিমেট [ই] *বি* আনুমানিক খরচ। 'তাহার একটা এসটিমেট তৈরি হইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০১।

এসথেটিকস [ই] *বি* সৌন্দর্যতত্ত্ব। 'ক্রোচের এসথেটিকস সম্বন্ধে আলোচনা রোজ কিছুদিন ধরে শুনে আসছি।' *রবীন্দ্র*, ১৯৪০।

এসপার-ওসপার [ই ইসপর-উসপর] *বি* চূড়ান্ত নিষ্পত্তি। 'তবে গোড়াতেই একটা এসপার-ওসপার হইত।' *রবীন্দ্র*, ১৯১৪।

এসপেরেগাস [ই] *বি* সবজিবিশেষ। 'ভারতবর্ষে এসপেরেগাস আসে টিনে করে।' *মুজতবা*, ১৯৫২।

এসপেশাল [ই] *বিণ* বিশেষ। 'হোস্টেলের যে এসপেশাল ফান্ড আছে।' *শিবরাম*, ১৯৫০। *দ্র* **স্পেশাল**

এসপেসিয়েল [ই] *বিণ* সাধারণ নয় এমন; বিশিষ্ট। 'রেজিমেন্টকে রেজিমেন্ট গোরা, গন, বোট ও এসপেসিয়েল কমিসনর চল্লো।' *হুতোম*, ১৮৬১। *দ্র* **স্পেশাল**

এসব *বিণ* এইসব। 'শুন শুন বন্ধুজন নিবেদি এসব।' *মানিকরাম*, ১৭৮১।

এসমে আজম [আ] *বি* আল্লাহর শ্রেষ্ঠ নাম। 'এসমে আজম তাবিজের মতো আজও তব রুহ পাক।' *নজরুল*, ১৯২৮।

এসরাজ [আ ইসরার] *বি* সেতার ও সারঙ্গীর মিশ্রণে তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। 'সেতার, সারেঙ্গ, এসরাজ, বেহালার অপেক্ষা কি শচীন্দ্র সুকণ্ঠ?' *বঙ্গিম*, ১৮৭৪।

এসলাম [আ ইসলাম] *বি* ইসলাম। 'এসলাম ধর্ম্মের সহিত অপরিবর্তনীয় সম্বন্ধবদ্ধ ওজু, গোছল ...।' *ইমান*, ১৯০০। *দ্র* **ইসলাম**

এসলামী [আ ইসলাম>] *বিণ* ইসলামি; ইসলাম সম্বন্ধীয়। 'এসলামী ধর্ম্ম বিগর্হিত আপনার প্রস্তাবের প্রতিবাদ সম্বন্ধে ...।' *মশাররফ*, ১৮৮৯।

এসারা [আ ইশারা] *বি* সঙ্কেত। *ভবানী*, ১৮২৩।

এসি *বিণ* এই। 'এসি আছে জীবার উপাএ তাহাক এড়িতে না জুআএ।' *বড়ু*, ১৪৫০।

এসিড [ই অ্যাসিড] *বি* তরল রাসায়নিক পদার্থবিশেষ। **এসিডময়** [ই অ্যাসিড+স ময়] *বিণ* এসিডে পরিপূর্ণ। 'পৃথিবীর সমস্ত কিছু কার্বনিক এসিডময়।' *নজরুল*, ১৯২২।

এসিডিটি [ই] *বি* অম্লাধিক্য রোগ। 'নাইট ডিউটি দিয়ে দিয়ে ডিসপেপসিআ্যা আর এসিডিটিতে ভুগছি।' *নরেন্দ্র*, ১৯৫২।

এসিয়া [ই] *বি* এশিয়া। 'এইক্ষণে এসিয়া, ইউরোপ ও আমেরিকাখণ্ডে যে কত চেষ্টা হইতেছে তাহার সন্ধান কে রাখে?' *অক্ষয়*, ১৮৪৮।

এসিয়াটিক [ই] *বিণ* এশিয়া-সংক্রান্ত। 'ইংলণ্ডস্থ রয়েল এসিয়াটিক সোসাইটিতে প্রেরণ করেন।' *অক্ষয়*, ১৮৪৭।

এসিষ্টান্স [ই] *বি* সহায়তা। *ফরস্টার*, ১৭৯৩।

এসিষ্টেন্ট সিক্রেটরি [ই] *বি* সহকারী সম্পাদক। 'পণ্ডিত মধুসূদন তর্কালঙ্কার গবর্ণমেন্টের সংস্কৃত পাঠশালার এসিষ্টেন্ট সিক্রেটরি পদে নিযুক্ত হইয়াছেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৯।

এসিস্ট্যান্ট, এসিষ্ট্যান্ট [ই] *বি* সহকারী। 'পুলিশ সুপারের কনফিডেন্সিয়াল এসিষ্ট্যান্টের পদ।' *আজাদ*, ১৯৪৭।

এসিস্ট্যান্ট-ইনস্পেক্টর [ই] *বি* সহকারী পরিদর্শক। 'এসিস্ট্যান্ট-ইনস্পেক্টর, ডেপুটী-ইনস্পেক্টর, সব-ইনস্পেক্টর।' *ইমদাদুল*, ১৯২০।

এসু [পা এস] *ক্রিবিণ* এখানে। 'তব জ্ঞাই ণ আবই এসু কোই।' *চর্যা ৪২*, ১২০০।

এ সে *ক্রিবিণ* এখন। 'ষুকড় এ সে রে কপাসু ফুলিটিলা।' *চর্যা ৫০*, ১২০০।

এসে [ই] *বি* প্রবন্ধ। 'সেক্‌শপিয়ারের ... নাটক, বেকনের এসে।' *অক্ষয়*, ১৮৫০।

এসেন্স [ই] *বি* সুগন্ধি নির্যাস। 'গায়ে এসেন্সের গন্ধ।' *রবীন্দ্র*, ১৮৯১।

এসেমব্লী [ই] *বি* আইনসভা। 'দুর্ব্বল হিন্দুগণও ডিষ্ট্রিক্ট বোর্ড, ... এসেমব্লী প্রভৃতিতে অধিকার লাভ করিতে পারে।' *দর্পণ*, ১৯২৮।

AMARBOI.COM

এসোসিএশ্যন, এসোসিয়েশন [ই] **১** *বি* সমিতি। 'সোসাইটি, ক্লাব, এসোসিয়েশন ... নিবেদন, সমবেদন, – আমি তাহাতে নহি।' *বঙ্কিম*, ১৮৭৪। **২** *বি* অ্যাসোসিয়েশন; রাজনৈতিক দলবিশেষ। 'ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিএশ্যন।' *বঙ্কিম*, ১৮৭৯।

এস্কিমো [ই] *বি* সুমেরু অঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠী। 'গ্রীনলণ্ড-নিবাসী এস্কিমো নামক লোকেরা ...।' *অক্ষয়*, ১৮৫৪।

এস্কেলেটর [ই] *বি* বিদ্যুতে চলে এমন চলন্ত সিঁড়ি। 'তারপরের তলাগুলোতে যেতে এই এস্কেলেটরের সাহায্য নিতে হয়।' *হাই*, ১৯৫৮।

এস্টিমেট [ই] *বি* আনুমানিক হিসাব। 'এক্সচেঞ্জের রহস্য, প্ল্যান, এস্টিমেট প্রভৃতি।' *রবীন্দ্র*, ১৯১৪।

এস্টেট [ই] **১** *বি* সম্পত্তি। 'একটা জমিদারী এস্টেটের ম্যানেজারী করি।' *বিভূতি*, ১৯৩১। **২** *বি* জমিদারি। 'তাদের এস্টেটের দু-একটা কাজকর্ম।' *বিভূতি*, ১৯৩৮।

এস্তহার [আ ইশতিহার] **১** *বি* নোটিশ। 'সমস্ত লোককে এস্তহার দেয়া জাইতেছে।' *ক্যালগে*, ১৭৮৪। **২** *বি* ঘোষণা। 'এই এস্তহার দেওয়া জাইতেছে এক বাটী তাহার নাম ফৌজদারের বাটী।' *ক্যালগে*, ১৭৯৫। দ্র **ইশতেহার, ইস্তেহার**

এস্তার [আ ইসরার] *বি* এসরাজ। 'নতুন কাফির গান/ এস্তার বাজিয়ে।' *মণীশ*, ১৯৩৯।

এস্তেফা [আ ইসতিফা] *বি* পদত্যাগ। 'এক মাস মন্ত্রী থাকিয়া নিজের তোড়জোড় সব ঠিক করিয়া লইয়া নূতন নির্ব্বাচনের জন্য সদস্যপদে এস্তেফা দেন।' *আজাদ*, ১৯৩৭। দ্র **ইস্তফা**

এস্তেমাল [আ ইসতিমাল] *বি* ব্যবহার। 'দরকারবশতঃ লখা চৌড়া আরবী ফার্সী আলফাজ এস্তেমাল করিতেও বিন্দুমাত্র কসুর করিব না।' *এসলাম*, ১৯১৭।

এস্তেমালী [আ ইসতিমাল>] *বিণ* ব্যবহৃত। 'সংস্কৃত পণ্ডিতগণের এস্তেমালী সাধু ভাষা শব্দ প্রয়োগ করিয়া থাকেন।' *ইমান*, ১৯০০।

এস্থানে [স স্থান>] *ক্রিবিণ* কাছে। 'মাহমদের এস্থানে আত্তো বিক্রী হইয়া লইয়া মাহাজোনের কর্জ্জ আদায় করিলাম।' *হ্যালহেড*, ১৭৭২।

এস্পার-ওস্পার [হি ইসপর-উসপর] *বি* চূড়ান্ত মীমাংসা। 'হয় এস্পার, নয় ওস্পার।' *শিবরাম*, ১৯৪০।

এস্পার কি ওস্পার *বি* চূড়ান্ত মীমাংসা। 'এস্পার কি ওস্পার – এমনি একটা তীক্ষ্ণতা তাদের চোখে।' *ওয়ালী*, ১৯৪৫।

এস্রাজ [আ ইসরার] *বি* সেতার ও সারঙ্গের মিশ্রণে তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। 'এস্রাজ এনে দিলে কুমুদিনী।' *রবীন্দ্র*, ১৯২৯।

এস্রাজবাদিনী [আ ইসরার+স বাদিনী] *বি স্ত্রী* এসরাজ বাজায় যে। 'এস্রাজবাদিনীর অভিনিবিষ্ট প্রাণের মত।' *জীবন*, ১৯৩২।

এহ [পা এস] *সর্ব* এই। 'ভুসুকু ভণই কট রাউতু ভণই কট সঅলা এহ সহাব।' *চর্যা ৪৩*, ১২০০।

এহন *সর্ব* এই; এটাই। 'ভনই বিদ্যাপতি এহন সুনেহ/ রাধামাধব ঐসন নেহ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

এহনা *সর্ব* এই; এটাই। 'এহনা অবসর ধৈরজ পএ হিত/ সুকবি ভনথি কণ্ঠহারে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

এহলোক [স ইহলোক] *বি* ধর্মবিশ্বাস অনুযায়ী পার্থিব জীবনকাল। 'এহলোক পরলোকে নাহি আন জান।' *সুলতান*, ১৭০০।

এহসান [আ ইহসান] *বিণ* উপকারী। 'চাহারমে এহসান কাম উঠাইব তামাম।' *গরীব*, ১৭৬৫।

এহসানি [আ ইহসান>] *বি* উপকার। 'গরিব কুটুমের একটু এহসানি করেন না।' *মনসুর*, ১৯৫৫।

এহা ১ *বিণ* এই। 'হরিষে আইলা রাধা তোহ্মে এহা তীরে।' *বড়ু*, ১৪৫০। **২** *সর্ব* এটা। 'এহা জাণী একমনে পুর মোর আশে।' *বড়ু*, ১৪৫০।

এহাক *সর্ব* এটা। 'রাজা কংসাসুর ... সে জণি এহাক শুণে।' *বড়ু*, ১৪৫০।

এহাত ১ *সর্ব* এর। 'দশ লক্ষ হএ এহাত দানে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* এ থেকে। 'এহাত আহ্মার নার্হিক নিস্তার।' *বড়ু*, ১৪৫০। **৩** *ক্রিবিণ* এখানে। 'এহাত উচিত হএ তোহ্মার বিলাস।' *বড়ু*, ১৪৫০।

এহানে *ক্রিবিণ* এখানে। 'মোদের কি সারারাত এহানে দেঁড়য়ে থাক্তি হবে।' *মাইকেল*, ১৮৬০।

এহার [স ইদম্] *সর্ব* এর। 'এহার দান দুঈ লাখ মোরে।' *বড়ু*, ১৪৫০।

এহারে *সর্ব* একে। 'এহারে মারিলে জ্ঞাতিগণ হৈব বৈরী।' *সুলতান*, ১৭০০।

এহি, এহী ১ *সর্ব* এই। 'এহি নাএ পার করোঁ সকল রাজ।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* এভাবে। 'এহি কৃপা কর প্রভু দয়াল চরিত।' *আলাওল*, ১৬৮০। **৩** *সর্ব* এ। 'এহী সভ কথা কহ সংক্ষেপিয়া।' *কবীন্দ্র*, ১৬৮৯।

এহিক্ষণ *ক্রিবিণ* এইক্ষণ; এখন। 'এহিক্ষণে তোরে আহ্মি করিতে পারি গ্রাস।' *কবীন্দ্র*, ১৬৮৯।

এহিমতে *ক্রিবিণ* এরূপে। 'তবে এহিমতে পথে করিবি তোঁ বল।' *বড়ু*, ১৪৫০।

এহিসে *বিণ* এই। 'এহিসে কারণে হৈছে আকুল রচিত।' *বাহরাম*, ১৬৫০।

এহীমতে *ক্রিবিণ* এই প্রকারে। 'এহীমতে নরপতী আহ্এ বিসেসে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

এহীসভ *সর্ব* এসব। 'এহীসভ আলাপিতে দিবস হইল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

এহু [পা এস] **১** *বিণ* এমন। 'কাজ ন কারণ জ এহু জুঅতি।' *চর্যা ২৬*, ১২০০। **২** *বিণ* এই। 'কে পতিআওব এহু পরমান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

এহুদী [আ অহুদী] *বি* ইহুদি। 'নসরা এহুদী যদি লাগ পাএ তান।' *সুলতান*, ১৭০০; 'এই বসতে বিরাজ বটে এহুদী।' *মাহেনও*, ১৯৪৯।

এহে ১ *অব্য* আবেগ প্রকাশক ধ্বনি। 'এহে/ দধি দুধ ঘৃত ঘোল বিকণিআঁ রঙ্গে।' *বড়ু*, ১৪৫০। **২** *অব্য* আক্ষেপসূচক শব্দ। 'এহে আণেক কাকুতী কৈল কালীর নাগিনী।' *বড়ু*, ১৪৫০। **৩** *ক্রিবিণ* এখন। 'এহে কি লজ্জা জাইবোঁ হাট আগ হে বড়ায়ি।' *বড়ু*, ১৪৫০।

এহেন ১ *বিণ* এ রকম। 'কোণ বিবুধি এহেন পথে আনিলে দারুণী বুঢ়ী।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* এমন। 'এহেন তাহার প্রেম যদি ছেড়ে রয়েছি।' *মদনমোহন*, ১৮৩৪।

এহো [স ইহ] **১** *সর্ব* এও। 'সুদৃঢ় থাকিএ এহো তোহ্মার মণে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* এই। 'এহো পুত্র নিল মোর আচার্য গোসাঞি।' *বৃন্দা*, ১৫৮০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এহোজর্ম্ম [স ইহজন্ম] *বি* ইহজন্ম। 'ছাওয়ালের এহোজর্ম্ম ও পরকালের বির্ভাবনা হয়।' *ওসা*, ১৭৭৯।

এহোত্তম [স ইহোত্তম] *বিণ* এর চেয়ে উত্তম। 'প্রভু কহে এহোত্তম আগে কহ আর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

এহোবার *ক্রিবিণ* এইবার। 'এহোবার পুর মোর আশে।' *বড়ু*, ১৪৫০।

এ্যকুরিয়াম [ই] *বি* জীবন্ত মাছ ও জলজ উদ্ভিদ সংরক্ষণ ও প্রদর্শনের জন্য নির্মিত কৃত্রিম জলাধার। 'এ্যকুরিয়ামের মতো ছোট স্বচ্ছ শাদা সংসার আমার।' *মাহমুদ*, ১৯৬৬।

এ্যাংলো-ইণ্ডিয়ান [ই] *বি* ব্রিটিশ ও ভারতীয় মিশ্রবংশজাত। 'এ্যাংলো – ইণ্ডিয়ানগণ এতকাল দূরে দূরে থাকিয়া ...।' *মোহাম্মদী*, ১৯৩৪।

এ্যাঁ [ধ্বন্যা] *অব্য* বিস্ময়সূচক ধ্বনি। 'আমায় বোকা কও যে। এ্যাঁ-এ্যাঁ, হাস ক্যান?' *নজরুল*, ১৯২৬।

এ্যাকাউন্টান্ট [ই] *বি* হিসাবরক্ষক। 'স্কুলের বুড়ো এ্যাকাউন্টান্ট ভদ্রলোকের কাছে শিখেছিল টাইপিংটা।' *নরেন্দ্র*, ১৯৪৮। *দ্র* **অ্যাকাউন্ট**

এ্যাজমা [ই] *বি* শ্বাসকষ্টজনিত রোগবিশেষ; হাঁপানি। 'স্ত্রীর চেয়েও এ্যাজমা ওর বেশি অনুরাগিণী।' *নরেন্দ্র*, ১৯৫১।

এ্যাটম বোমা [ই] *বি* আণবিক বোমা। 'এ্যাটম বোমা লইয়া সারা পৃথিবীতে আতঙ্কের সাড়া পড়িয়া গেলেও ...।' *সওগাত*, ১৯৪৫। *দ্র* **অ্যাটম**

এ্যাটাসি কেস [ই] *বি* কাগজপত্রাদি রাখার ও বয়ে নেওয়ার মতো ছোটো বাক্সবিশেষ। 'লীলা এ্যাটাসি কেসটা হইতে কলম বাহির করিয়া বলিল – বল দিকি?' *বিভূতি*, ১৯২৯। *দ্র* **অ্যাটাচি**

এ্যাটিচুড [ই] *বি* মনোভাব। 'বড়ই আশ্চর্য! সাহেবের এ্যাটিচুড।' *ইমদাদুল*, ১৯২০।

এ্যাটেনডেনস [ই] *বি* হাজিরা। 'এক চোখ এ্যাটেনডেনস খাতায়, আর এক চোখ ঘড়ির কাঁটায়।' *নরেন্দ্র*, ১৯৪৯।

এ্যাটেনডেনস খাতা [ই অ্যাটেনডেন্স+আ খাতা] *বি* হাজিরা খাতা। 'এক চোখ এ্যাটেনডেনস খাতায়, আর এক চোখ ঘড়ির কাঁটায়।' *নরেন্দ্র*, ১৯৪৯।

এ্যাটেনডেন্স রেজিস্টার *বি* হাজিরা খাতা। 'এ্যাটেনডেন্স রেজিস্টার থেকে নামটা সবাই জেনে ফেলেছে।' *নরেন্দ্র*, ১৯৪৮।

এ্যাডভারটাইজ [ই] *বি* বিজ্ঞাপন। 'মুসলমানই নেবে বলে এ্যাডভারটাইজ করেছে।' *ইমদাদুল*, ১৯২০।

এ্যাডমিশন [ই] *বিণ* ভর্তি সংক্রান্ত। 'এ্যাডমিশন বুক, শিক্ষকগণের হাজিরা বই।' *বিভূতি*, ১৯৩১।

এ্যানাসথিসিয়া [ই] *বি* অজ্ঞান ও অনুভূতিহীন করার রাসায়নিকবিশেষ। 'কষ্ট হবে না, কাল এ্যানাসথিসিয়া করা ছিলো।' *ইলিয়াস*, ১৯৭২।

এ্যাপয়েন্ট [ই] *বি* নিয়োগ। 'এ্যাপয়েন্ট করতে না পারলে আবার কৈফিয়ৎও দিতে হবে।' *ইমদাদুল*, ১৯২০। *দ্র* **অ্যাপয়েন্টমেন্ট**

এ্যাপ্লাই [ই] *বি* আবেদন। 'তাহলে এই পোস্টের জন্যই এ্যাপ্লাই করবেন।' *ইমদাদুল*, ১৯২০।

এ্যাপ্লিকেশন [ই] *বি* আবেদনপত্র। 'এ্যাপ্লিকেশনও সঙ্গে এনেছি।' *ইমদাদুল*, ১৯২০।

এ্যাপ্রন [ই] *বি* পোশাক আচ্ছাদনকারী বস্ত্রবিশেষ। 'নার্সের ধবধবে এ্যাপ্রন থেকে আসা রোদের টাটকা গন্ধ।' *ইলিয়াস*, ১৯৭২। *দ্র* **অ্যাপ্রন**

এ্যাবডোমেন [ই] *বি* তলপেট। 'হৃদপিণ্ড ও এ্যাবডোমেনের চামড়ার দেওয়ালে ভাসা ভাসা প্রতিধ্বনিত হলো।' *ইলিয়াস*, ১৯৭২।

এ্যামেচার [ই] *বিণ* শৌখিন। 'এ্যামেচার মহিলা ক্রীড়া প্রতিযোগিতায়।' *বেগম*, ১৯৬৩।

এ্যাম্ফিথিয়েটার [ই] *বি* ছাদহীন গোলাকার বা ডিম্বাকৃতি রঙ্গমঞ্চ। 'আকাশের নিচে এ্যাম্ফিথিয়েটার থেকে ফিরে যাচ্ছি পালা দেখে।' *শামসুর*, ১৯৭০।

এ্যারহোস্টেস [ই] *বি* এয়ার-হোস্টেস; বিমানবালা। 'এমতাবস্থায় এ্যারহোস্টেস সাহায্য করতে রাজি হয়নি।' *মুজতবা*, ১৯৬৬।

এ্যারোড্রাম [ই] *বি* বিমানবন্দর। 'তেজগাঁওয়ের এ্যারোড্রামের চার পাশে ঘনিয়ে এলো সমস্ত জনতা।' *মাহেনও*, ১৯৪৯। *দ্র* **অ্যারোড্রাম**

এ্যার্কি [কা ইয়ার>] *বি* ঠাট্টা। 'পড়ার নামে এ্যার্কি করতে এসেছ?' *হাসান*, ১৯৬০।

এ্যালজেব্রা [ই] *বি* বীজগণিত। 'শুধু গ্রামার এ্যালজেব্রা নয়।' *বিভূতি*, ১৯৩১।

এ্যালবাম [ই] *বি* ছবি রাখার বাঁধানো খাতাবিশেষ। 'এ্যালবাম খুলে হাসিব খানের সমস্ত ছবি নিয়ে বসে থাকতেন।' *সেলিনা*, ১৯৬৯। *দ্র* **অ্যালবাম**

এ্যালার্ম [ই] *বি* নির্দিষ্ট সময়ে ঘড়ির সংকেতধ্বনি। **এ্যালার্মওয়ালা** [ই] *বিণ* ঘুম ভাঙানোর বা সতর্ক করার জন্য সংকেতধ্বনি দেওয়ার ব্যবস্থা আছে এমন। 'বেশ একটা এ্যালার্মওয়ালা ঘড়ির কাজ চলে।' *নরেন্দ্র*, ১৯৪৪। *দ্র* **অ্যালার্ম**

এ্যালার্ম ঘড়ি [ই অ্যালার্ম+ঘড়ি] *বি* ঘুম ভাঙানোর অথবা সতর্ক করার জন্য ব্যবহৃত ঘড়িবিশেষ। 'এ্যালার্ম ঘড়িটায় একটানা শব্দ বাজতে থাকে।' *হাফিজুর*, ১৯৫৩।

এ্যালুমিনিয়ম [ই] *বি* সাদা রঙের হালকা ধাতুবিশেষ। 'বিলাসপুরীর ক্ষিপ্র মেয়ে এ্যালুমিনিয়ম আনে।' *শক্তি*, ১৯৬৬। *দ্র* **অ্যালুমিনিয়াম**

এ্যাসট্রে [ই] *বি* সিগারেটের ছাইদানি। 'এ্যাসট্রেটা সামনে থাকতেও রোহিণী সিগারেটের টুকরোটা ... বাইরে ছুঁড়ে ফেলে বলল।' *নরেন্দ্র*, ১৯৫১। *দ্র* **অ্যাশট্রে**

AMARBOI.COM

ঐ

ঐ[১] *বি* বাংলা স্বরবর্ণবিশেষ। **ঐকার** *বি* ঐ-এর কারচিহ্ন (ৈ)। 'অপরিচিত অক্ষরগুলি ... স্কন্ধের উপরে ইকার ঐকার রেফ উঁচাইয়া পাহারা দিত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঐ[২] *অব্য* ওই; আক্ষেপসূচক শব্দ। 'ঐ জে নাহি নাহি বলু বড়াই ডরে।' *বড়ু*, ১৪৫০।

ঐ[৩] ১ *সর্ব* নির্দেশক শব্দ; 'এই' শব্দের বিপরীত শব্দ। 'কি আলো রাধে ঐ জে/ হাঁকুলি একলা।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* ওই; সেই। 'ওহার সবে রাঙ্গা সাঁকা ঐ সে বরনে গোরি।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* পূর্বে উল্লিখিত। 'ঐ উভয় গ্রন্থের রচনাকালে ভারতবর্ষীয় লোকেরা দেশ-দেশান্তরে ...।' *অক্ষয়*, ১৮৪৭।

ঐঁঠ [স উচ্ছিষ্ট] *বি* এঁটো। 'ঐঁঠ কএ জাএত চকোরে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ঐককেন্দ্রিক [স] *বিণ* এক কেন্দ্রবিশিষ্ট। 'আর সমস্ত নীহারিকা ঐককেন্দ্রিক হইয়া ঘুরিতে লাগিল।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ঐকজাত্য [স] *বি* একতা। 'জর্ম্মান ঐকজাত্য কোথায় থাকিত।' *বঙ্কিম*, ১৮৭৪।

ঐকতান [ই] *বি* বিভিন্ন বাদ্যযন্ত্রের সমবেত বাজনা। 'পরদেশী সংগীতের ঐকতান।' *সুধীন্দ্র*, ১৯৩২।

ঐকতানিক [স] ১ *বিণ* ঐকতান সম্পর্কিত। 'একটা সম্পূর্ণ ঐকতানিক সৃষ্টি – বেটোফেনের চন্দ্রালোকগীতিকা ...।' *রবীন্দ্র*, ১৯২৮। ২ *বিণ* সুসমন্বিত; সম্মিলিত। 'গঙ্গার ধারায়, আকাশের তারায়, একটা সম্পূর্ণ ঐকতানিক সৃষ্টি।' *রবীন্দ্র*, ১৯২৮।

ঐকত্রিক [স] *বিণ* একত্রিত; সমবেত। 'একটি ঐকত্রিক কৃষিক্ষেত্র স্থাপিত হয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

ঐকত্রিকতা [স] *বি* সমন্বিত অবস্থা। 'ভারতবর্ষে সবই কি এই ঐকত্রিকতা এবং সাধারণভাবে এখানকার অন্য সমস্ত উদ্যোগের কিছু জানে না।' *রবীন্দ্র*, ১৯৩১।

ঐকপদ্য [স] *বি* একপদতা। 'কল্লোলের সঙ্গে তার ঐকপদ্য।' *অচিন্ত্য*, ১৯৫০।

ঐকমত্য [স] *বি* মতৈক্য। 'এক্ষণে তোমরা, ঐকমত্য অবলম্বনপূর্বক, অনুমতি কর।' *বিদ্যা*, ১৮৪৭।

ঐকমাত্রিক [স] *বিণ* এক অক্ষরবিশিষ্ট। 'আঘাতে তার ঐকমাত্রিক ধ্বনিগুলি উচ্চকিত।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঐকরাষ্ট্রিক [স] *বিণ* এক রাষ্ট্রভুক্ত। 'সেই ছত্রভঙ্গের দল ঐকরাষ্ট্রিক সত্তাকে উদ্ভাবিত করবে কোন যন্ত্রের সাহায্যে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঐকাগ্র [স] *বি* একাগ্রতা। 'যেখানে ছিল বিমোহ, সেখানে নিয়ে এল ঐকাগ্র।' *অচিন্ত্য*, ১৯৫০।

ঐকান্তিক [স] ১ *বিণ* একনিষ্ঠ। *সেবধি*, ১৮৩৯। ২ *বিণ* একান্ত। 'আমার দৌহিত্রমুখদর্শনের ঐকান্তিক অভিলাষ আছে।' *বিদ্যা*, ১৮৪৭। ৩ *বিণ* গভীর। '... ঐ পতিপ্রাণা কামিনীর ঐকান্তিক প্রণয়ের কি পর্যন্ত উপযোগিতা হইয়াছিল।' *বিদ্যা*, ১৮৪৯। ৪ *বিণ* অত্যন্ত। 'ঐকান্তিক শ্রদ্ধানুরাগপূর্ণ না হয়।' *অক্ষয়*, ১৮৫৪। ৫ *বিণ* আন্তরিক। 'তাঁহার প্রতি ... ঐকান্তিক শ্রদ্ধার উদয় হওয়া মনুষ্যমাত্রেরই প্রকৃতিমূলক।' *অক্ষয়*, ১৮৫৫।

ঐকান্তিকচিত্ত [স] *বি* একনিষ্ঠ মন। 'ঐকান্তিকচিত্তে তাহার সম্পাদন করেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ঐকান্তিকতা [স] ১ *বি* একাগ্রতা। 'মাতৃভক্তির ঐকান্তিকতা দর্শনে মুগ্ধ হইলেন।' *বিদ্যা*, ১৮৬৩। ২ *বি* আন্তরিকতা। 'ব্যানার্জির খুব ঐকান্তিকতা?' *জীবন*, ১৯৩৩।

ঐকান্তিকভাবে [স] *ক্রিবিণ* একান্তভাবে। 'দেশের পুরুষদের প্রতি তোমরা যে ঐকান্তিক ভাবে অবিচার করিয়াছ।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ঐকান্তিকী [স] *বিণ* প্রগাঢ়। 'প্রভুর প্রতি যাহার ঐকান্তিকী ভক্তি।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

ঐকার দ্র ঐ[১]

ঐক্য [স] ১ *বি* মিল। 'জগন্নাথে তোমায় ঐক্য খাও তাঁর ভোগ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* যোগ। 'এই দুই অঙ্কের ঐক্যে কলির প্রথমাবধি এ পর্য্যন্ত ৪৯০৫ বৎসর।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৩ *বিণ* গ্রহণযোগ্য। 'তাহারি বাক্য ব্যতিরেকে অন্যের বাক্য তাঁহার মনে ঐক্য হয় না।' *ভবানী*, ১৮২৮। ৪ *বিণ* ঐক্যবদ্ধ। 'বৈদ্য ছাত্রেরা বিজ্ঞ ডাক্তারেরদিগের সহিত ঐক্য হইয়া চিকিৎসা করিবেন।' *দর্পণ*, ১৮২৯। ৫ *বি* তুলনা। 'পূর্ব্বতন ঐশ্বর্য্যের সঙ্গে ইদানীন্তন অবস্থার ঐক্য করিলে বোধ হয় ...।' *দর্পণ*, ১৮৩৪। ৬ *বি* সাদৃশ্য; অভিন্নতা। 'ইহা উভয় গ্রন্থের ঐক্য দ্বারা সপ্রমাণ হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৭। ৭ *বি* একতা। 'ঐক্যই এই অখিল সংসারের জীবন।' *অক্ষয়*, ১৮৪৮। ৮ *বি* জোটবদ্ধতা। 'সকলে এক ঐক্যে একবাক্যে বলিতেছে।' *মশাররফ*, ১৯০৮।

ঐক্য করা *ক্রি* মিলিয়ে দেখা। 'রামলক্ষ্মণের মিথিলা যাত্রার বিবরণাদি অন্য প্রমাণে ঐক্য করিয়া ইহা নিশ্চিত বোধ হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৭।

ঐক্যকামী [স] *বি* ঐক্য কামনাকারী। 'পাকিস্তানের ঐক্যকামীরা আগে ঐক্যের তামদ্দনিক পরিবেশ সৃষ্টি করুন।' *আজাদ*, ১৯৫৬।

ঐক্যক্ষেত্র [স] *বি* ঐকমত্যের স্থান। 'সংসদ সমস্ত দেশের ঐক্যক্ষেত্র।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঐক্যজোট [স] *বি* একাধিক দলের ঐক্যবদ্ধ হওয়া; সম্মিলিত জোট। 'সংহত ঐক্যজোট গঠন এবং বিরোধীদলগুলিকে দায়িত্ব সম্পাদনে সক্ষম করিয়া ...।' *আজাদ*, ১৯৬৪।

ঐক্যতত্ত্ব [স] *বি* একতার জ্ঞান। 'তাদের মধ্যে একটি গভীর নির্দেশ আছে, প্রেরণা আছে, একটি ঐক্যতত্ত্ব আছে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

ঐক্যতন্ত্র [স] *বি* ঐক্যের শাসন। 'চেষ্টা ও স্বাতন্ত্র্যের মধ্যে ঐক্যতন্ত্র কোথায়।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঐক্যতা [স] ১ *বি* একতা। 'পরিবারের মধ্যে সাধারণ ঐক্যতা হইয়াছে।' *তারিণী*, ১৮০৩। ২ *বি* মিল। 'উভয়ের ব্যাকরণ সম্বন্ধে বহু ঐক্যতা আছে।' *অক্ষয়*, ১৮৪৭।

ঐক্যতাপন্ন [স] *বিণ* একতাবদ্ধ। 'সকলে ঐক্যতাপন্ন।' *রাজীব*, ১৮০৫।

ঐক্যতাপূর্বক, ঐক্যতাপূর্ব্বক [স] *ক্রিবিণ* একতাবদ্ধ হ'য়ে। 'প্রজাবর্গ ঐক্যতাপূর্ব্বক বিদ্রোহী।' *সুলভ*, ১৮৭৩।

ঐক্যধারা [স] *বি* সমমনা ভাব। 'বহু চিত্তের ঐক্যধারা তার স্রোতের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মধ্যে বহমান।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঐক্যনীতি [স] *বি* একতাবোধ। 'ঐক্যনীতি অপেক্ষা ভেদবুদ্ধি যাহাদের বেশি।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঐক্যপত্য [স] *বি* একাধিপত্য। 'সেখানে একাভিনয়ের ঐক্যপত্য।' *অচিন্ত্য*, ১৯৫০।

ঐক্য-প্রতিষ্ঠা [স] *বি* একতা স্থাপন। 'তাঁরা নিঃসন্দেহে ঐক্য-প্রতিষ্ঠার শত্রু – তাঁদের সাথে আলোচনা চালাইবার সত্যই কোনো সার্থকতা নাই।' *আজাদ*, ১৯৪০।

ঐক্যপ্রযুক্ত [স] *ক্রিবিণ* ঐক্যবদ্ধ হওয়ার ফলে। 'ঐক্যপ্রযুক্ত অজ্ঞান তিমির নাশের প্রতি অনেক উপায় হইতে পারে।' *অক্ষয়*, ১৮৪৩।

ঐক্যবদ্ধ [স] *বিণ* একতাবদ্ধ। 'স্বাধীন স্বদেশভূমি ঐক্যবদ্ধ তুর্কী নৌজোয়ান।' *ফররুখ*, ১৯৪৬।

ঐক্যবদ্ধতা [স] *বি* একতা। 'সম্প্রদায়ের ঐক্যবদ্ধতা ও দেশীয় ভারতের সাথে তার মতানৈক্যহীনতা।' *আজাদ*, ১৯৪০।

ঐক্যবদ্ধভাবে [স] **১** *ক্রিবিণ* এক সঙ্গে। 'গোড়ার দিকে ঐক্যবদ্ধভাবে **অগ্রসর** হইয়াছিলেন।' *আজাদ*, ১৯৬২। **২** *ক্রিবিণ* দলবদ্ধভাবে। 'বিরোধীদল ঐক্যবদ্ধভাবে দাঁড়াইবার প্রয়োজনীয়তা উপলব্ধি করিয়াছিলেন।' *আজাদ*, ১৯৬৪।

ঐক্যবন্ধন [স] *বি* একতার বাঁধন। 'ইংরেজ যে আমাদের মধ্যে ঐক্যবন্ধনে পোলিটিকাল হিসাবে আনন্দবোধ করিবে না ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঐক্যবাক্য [স] *বি* মতৈক্য। 'মহারাজারদিগের সকলের ঐক্যবাক্য হইয়াছে।' *রাজীব*, ১৮০৫।

ঐক্যবিধায়ক [স] *বিণ* একতা সৃষ্টিকারী। 'জনগণ-ঐক্যবিধায়ক হে ভারত ভাগ্যবিধাতা।' *রবীন্দ্র*, ১৯১১।

ঐক্যবিহীন [স] *বিণ* মতৈক্য নেই এমন। 'ঐক্যবিহীন, জড়োপাসক নির্বীর্য নগণ্য জাতিতে পরিণত করবে।' *সিরাজী*, ১৯১৮।

ঐক্যমত [স] *বিণ* অভিন্ন মতাবলম্বী। 'সকলে ঐক্যমত হইয়া ...।' *অক্ষয়*, ১৮৫৪।

ঐক্যরক্ষা [স] *বি* একতা বজায় রাখা। 'ঐক্যরক্ষার জন্য আমাদিগকে অযোগ্যের কর্তৃত্ব স্বীকার করিতে হইবে।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঐক্য লাভ করা *ক্রি* একতাবদ্ধ হওয়া। 'বাঙালি আপনার মধ্যে আপনি ঐক্য লাভ করে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঐক্যশক্তি [স] *বি* একতার বল। 'সে সম্বন্ধশক্তি, ঐক্যশক্তি, সে ঐ লৌহখণ্ডের সঞ্জশক্তি।' *রবীন্দ্র*, ১৯৩৩।

ঐক্যশূন্য [স] *বিণ* একতাহীন; পরস্পর বিচ্ছিন্ন। 'আমাদিগের পূর্ব্বপুরুষেরা ঐক্যশূন্য ভীরুস্বভাব ছিলেন।' *অক্ষয়*, ১৮৫০।

ঐক্যসমতা [স] *বি* ঐক্যের সমতা। 'সে ভাষার ভিতর একটি ঐক্যসমতা প্রসাদগুণ এবং ...।' *প্রমথ*, ১৯১৬।

ঐক্যসাধন [স] *বি* একত্রকরণ। 'এই ঐক্যসাধন-প্রক্রিয়া আপনা-আপনি কাজ করিতে থাকিবে।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঐক্যসাধনযজ্ঞ [স] *বি* ঐক্যবদ্ধ করার কাজ। 'বঙ্গীয়-সাহিত্য-পরিষৎকে বাংলার ঐক্যসাধনযজ্ঞে বিশেষভাবে আহ্বান করিতেছি।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঐক্যসূত্র [স] *বি* সাদৃশ্য সূত্র। 'এই সৃজনশক্তির অখণ্ড ঐক্যসূত্র যখন একবার অনুভব করা যায়।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঐক্যসেতু [স] *বি* ঐক্যরূপ সেতু। 'সভ্য স্বরোপ জগতে সদ্ভাব বিস্তার করিয়া ঐক্যসেতু বাঁধিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঐক্যস্থাপন [স] *বি* একতা প্রতিষ্ঠা। 'মতের ঐক্যস্থাপন করাও অপেক্ষাকৃত সহজ।' *ওয়াজেদ*, ১৯৪৩।

ঐক্যহীন [স] *বিণ* একতা নেই এমন। 'আমরা লক্ষ্যহীন, ঐক্যহীন, সহস্রপদতলে দলিত হইয়াও মিলিত হইতে অক্ষম।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ঐক্যাধিষ্ঠাত্রী [স *ঐক্য-অধিষ্ঠাত্রী*] *বিণ স্ত্রী* ঐক্য প্রতিষ্ঠাকারী। 'আমাদের ঐক্যাধিষ্ঠাত্রী অভয়াকে দেখিতেছি।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঐক্যানুভূতি [স *ঐক্য-অনুভূতি*] *বি* একতার অনুভূতি। 'আমাদের ঐক্যানুভূতি দ্বিগুণ করিয়া তুলিবে।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঐক্যাভিলাষী [স] *বিণ* ঐক্য গড়ে তোলার ইচ্ছা আছে এমন। 'জাতীয় এবং ঐক্যাভিলাষী শাসনতন্ত্রের প্রতিষ্ঠা করিতে হয়।' *আজাদ*, ১৯৫৯।

ঐক্যতান [স] *বি* সম্মিলিত সুর। 'দয়েল, সপ্ত স্বর মিলাইয়া আশ্চর্য ঐক্যতানবাদ্য বাজাইতেছে।' *বঙ্কিম*, ১৮৭৪।

ঐক্যতানবাদন [স] *বি* মিলিত জীবনযাত্রা। 'তাঁহাদের দাম্পত্য-জীবনের ঐক্যতানবাদনের সুরে সহসা ...।' *প্রভাত*, ১৮৯৭।

ঐক্যতানবাদ্য [স] *বি* সম্মিলিত সুরধ্বনি। 'দয়েল, সপ্ত স্বর মিলাইয়া আশ্চর্য ঐক্যতানবাদ্য বাজাইতেছে।' *বঙ্কিম*, ১৮৭৪।

ঐখান [ঐ+স স্থান>] **১** *বি* ওই স্থান। 'রাজা বসন্তরায়কেও ঐখানে ডাকাইয়া সে চিহ্ন দেখাইলেন।' *রামরাম*, ১৮০১। **২** *বি* ওই অংশ। 'ঐখানটা আর-একবার পড়ো তো।' *রবীন্দ্র*, ১৯০২।

ঐখানে *ক্রিবিণ* সেই স্থানে। 'বেতনদানে অক্ষম ... দুই শত বালক ঐ খানে বিদ্যাভ্যাস করিতেছে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

ঐগুলি *বি* উল্লিখিত বস্তু। 'আহা! ঐগুলিরই অভাব।' *অক্ষয়*, ১৮৪৭।

ঐচ্ছিক [স] **১** *বিণ* শৌখিন। 'নাট্যশালা এবং হিন্দুর ঐচ্ছিক যাত্রাকারিরা কিরূপে তৎকর্ম্ম সম্পন্ন করিবেন।' *দর্পণ*, ১৮৩২। **২** *বিণ* স্বেচ্ছাকৃত। 'আমাদের দেশে যে জনশিক্ষা তাকে আবশ্যিক বলব না, তাকে বলব ঐচ্ছিক।' *রবীন্দ্র*, ১৯২১।

ঐছ *ক্রিবিণ* ঐরূপে। 'ঐছ নগরকা বিচ – কৈছে লোক জিয়ে।' *বৃন্দা*, ১৫৮০।

ঐছন *ক্রিবিণ* ঐ রকম। 'ঐছন অদ্ভুত লীলা করে গৌররায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'নামপরতাপে যার ঐছন করিল গো।' *দ্বিচণ্ডী*, ১৬০০।

ঐছে *বিণ* ওই রকম। 'নিত্যানন্দ প্রভু কহে ঐছে কৈছে হয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঐতিহাসিক [স] **১** *বিণ* ইতিহাস সম্বন্ধীয়। 'এতদ্দেশীয় ঐতিহাসিকতত্ত্ব নির্ণয়।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **২** *বি* ইতিহাসবিদ। 'মহাবংশ নামক সিংহলীয় ঐতিহাসিক।' *বঙ্কিম*, ১৮৯২। **৩** *বিণ* ইতিহাস হিসেবে গণ্য। 'ঐতিহাসিক সত্য ধ্রুব বলিয়া জানিব।' *রবীন্দ্র*, ১৮৯৮। **৪** *বিণ* ইতিহাসভিত্তিক। 'ঐতিহাসিক উপন্যাসের বিরুদ্ধে যে নালিস উত্থাপিত হইয়াছে ...।' *রবীন্দ্র*, ১৮৯৮।

ঐতিহাসিক প্রণালীক্রমে [স] *ক্রিবিণ* বিবর্তনমূলক পদ্ধতিতে। 'একটী ঐতিহাসিক প্রণালীক্রমে সজ্জিত অভিধান।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

ঐতিহাসিক সত্য [স] *বি* ঘটেছিলো অথবা ঘটা সম্ভব ছিলো এমন

AMARBOI.COM

সামাজিক সত্য। 'পুরাণের গল্পগুলির মধ্যে ঐতিহাসিক সত্য আছে।' *নজরুল*, ১৯৩২।

ঐতিহ্য [স] *বি* পরম্পরাগত রীতি, মূল্যবোধ, আচার ইত্যাদি। 'বাঙালি হবার, কেবলমাত্র বাংলার ঐতিহ্য বহন করার প্রয়োজন নেই।' *ধূর্জটি*, ১৯৩৫।

ঐতিহ্যগত [স] *বিণ* পরম্পরাগত। 'হিন্দু ও মুসলিম সমাজ ও জীবনধারার ঐতিহ্যগত ছাপ সুস্পষ্টভাবে ধরা পড়েছে।' *হাই*, ১৯৫৪।

ঐতিহ্য-গঠিত [স] *বিণ* ঐতিহ্যের ছাপ আছে এমন। 'ওস্তলি তরণী নয়, ঐতিহ্য-গঠিত নৌকা নয়।' *শক্তি*, ১৯৭০।

ঐতিহ্যবিরোধী [স] *বিণ* ঐতিহ্যের পরিপন্থী। 'ইহা ইসলামের ঐতিহ্যবিরোধী।' *মনসুর*, ১৯৪০।

ঐতিহ্যশাসিত [স] *বিণ* ঐতিহ্যপ্রধান। 'এঁদের কৃতি ঐতিহ্যশাসিত ঔপনিবেশিক সমাজকে রূপান্তরিত করতে পারেনি।' *শিব*, ১৯৫৬।

ঐতিহ্যসম্পদ [স] *বি* পরম্পরাগত সম্পদ। 'মসীযুদ্ধে বাঙালির পর্বতপ্রমাণ ঐতিহ্যসম্পদ আছে।' *মুজতবা*, ১৯৫৮।

ঐতিহ্যিক [স] *বিণ* ঐতিহ্যগত। 'কোন ঐতিহ্যিক বন্ধন নেই।' *উমর*, ১৯৬৮।

ঐথরিক [হি ইথার>] *বিণ* ইথার সম্বন্ধীয়। 'বর্তমান তারহীন টেলিগ্রাফী ও ঐথরিক বার্তাবহন-প্রণালী উলটপালট করিয়া দিবে।' *রবীন্দ্র*, ১৯২০।

ঐন্দ্র [স] *বিণ* ইন্দ্র সম্বন্ধীয়। 'নন্দনকাননে ঐন্দ্র বিলাস।' *বঙ্কিম*, ১৮৭৯।

ঐন্দ্রজালিক [স] **১** *বি* জাদুকর। 'বাদক, ঐন্দ্রজালিক, পুষ্পবিক্রেতা।' *বঙ্কিম*, ১৮৬৫। **২** *বিণ* জাদুকরী। 'এ সংসারের প্রধান ঐন্দ্রজালিক স্নেহ।' *বঙ্কিম*, ১৮৬৫।

ঐন্দ্রিয়িক [স] *বিণ* ইন্দ্রিয়গত। 'তাঁহার ঐন্দ্রিয়িক সম্বন্ধ বিচ্ছিন্ন হইল।' *বঙ্কিম*, ১৮৮৭।

ঐবান্‌হো *বি* ওয়াল্টার স্কটের বিখ্যাত উপন্যাস। 'ঐবান্‌হো অপেক্ষা একবাজি শতরঞ্চ খেলায় অধিক আমোদ হয়।' *বঙ্কিম*, ১৮৮৭।

ঐমনি *ক্রিবিণ* তৎক্ষণাৎ। 'ঐমনি পুথির বাড়ি বসাইল গায়।' *রূপরাম*, ১৭৫০।

ঐরকম [ঐ+আ রকম] *বিণ* সে রকম; তেমন। 'ঐরকম ছোটোখাটো বিষয়ে একজন বাঙালি।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঐরাবত [স] *বি* হাতি। 'কিবা ঐরাবতে চড়ি আইল সুরপতি।' *আলাওল*, ১৬৮০।

ঐরাবতী [স] *বি* নদীবিশেষ। 'ঐরাবতী নদীর তীরে মধ্যে২ গোলাগঞ্জ আছে।' *দর্পণ*, ১৮২৬।

ঐরি [স অরি] *বি* শত্রু। 'ব্রাহ্মণ বৈষ্ণবের হইল ঐরি।' *মুকুন্দ*, ১৬০০।

ঐরূপ *বিণ* ওই রকম। 'ইংরেজের আমলের প্রথম সাহেবেরা অনেক পরিমাণে ঐরূপ ছিলেন।' *রাজ*, ১৮৭৪।

ঐর্ন্যে ঐর্ন্যে [স অন্য>] *ক্রিবিণ* একে অপরের। 'ঐর্ন্যে ঐর্ন্যে সমাহি সমাহি মুখ চাহিআ।' *মালাধর*, ১৫০০।

ঐশলোক [স] *বি* স্বর্গ। 'ঘন বনরাজিনীলার উর্ধ্বে এই আকাশ আমার ঐশলোক।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

ঐশিক [স] *বিণ* ঐশ্বরিক। 'সমাচারপত্রের রীতিবর্ত্ম ঐশিক শক্তি দ্বারা অথবা স্বপ্নাদেশে প্রাপ্ত হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩১।

ঐশিয় [হি এশিয়া>] *বি* এশিয়ার অধিবাসী। 'যে-সকল হৌস ঐশিয়দিগকে কোনোপ্রকারে সাহায্য করে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঐশী [স] *বিণ* ঐশ্বরিক। 'ধর্মশাস্ত্র প্রযোজকেরাও ... ঐশী শক্তির আশ্রয় লাভে সমর্থ হন নাই।' *অক্ষয়*, ১৮৫৪।

ঐশীশক্তি [স] *বি* ঐশ্বরিক শক্তি। 'অন্যান্য শাস্ত্রকর্তারা ... অসামান্য ঐশীশক্তি প্রাপ্ত হন নাই।' *অক্ষয়*, ১৮৫৪।

ঐশ্বরিক [স] *বিণ* ঈশ্বর প্রদত্ত। 'মোক্ষ আর কিছুই নয়, ঐশ্বরিক আদর্শ-নীতি ঈশ্বরানুকূত স্বভাবপ্রাপ্তি। *বঙ্কিম*, ১৮৭৫।

ঐশ্বরিকতা [স] *বি* ঈশ্বরের কাজ। 'যাহারা ইহাকেই ঐশ্বরিকতার যুক্তি বলিয়া নির্দ্দেশ করে।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

ঐশ্বর্য, ঐশ্বর্য্য [স] **১** *বিণ* প্রভূত বিষয়ক। 'ঐশ্বর্য্য স্বভাব গূঢ় করে প্রকটন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* সম্পদ। 'রহিলেন আপনে ঐশ্বর্য সম্বরিয়া।' *বৃন্দা*, ১৫৮০; 'ঐশ্বর্য্য বীর্য্য যশঃ শোভা জ্ঞান।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। **৩** *বি* সৌন্দর্য। 'দিন দিল জলাঞ্জলি খুলি পশ্চিমের সিংহদ্বার সোনার ঐশ্বর্য তার অন্ধকার আলোকের সাগরসঙ্গমে।' *রবীন্দ্র*, ১৯৪১।

ঐশ্বর্য-অভিমানী [স] *বিণ* ধনসম্পত্তি নিয়ে অহংকারকারী। 'তাই ঐশ্বর্য-অভিমানী মানুষ বলেছে ...।' *রবীন্দ্র*, ১৯৩৩।

এশ্বর্যপ্রার্থী, ঐশ্বর্য্যপ্রার্থী [স] *বিণ* ধন-সম্পত্তি কামনাকারী। 'সামাদি প্রয়োগকুশল রাজনীতিজ্ঞ ... ও ঐশ্বর্য্যপ্রার্থী।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

ঐশ্বর্যসম্পন্ন, ঐশ্বর্য্যসম্পন্ন [স] *বিণ* ধনী। 'পাশ্চাত্যদেশীয় ঐশ্বর্য্যসম্পন্ন ব্যক্তিগণ ... বহুমূল্যে ক্রয় করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৪।

ঐশ্বর্যবন্ত, ঐশ্বর্য্যবন্ত [স] *বিণ* ধনসম্পদের অধিকারী। 'তন্যদ্যে রাজাগণকে ঐশ্বর্য্যবন্ত করিয়া উদ্ভব করিয়াছেন।' *রামরাম*, ১৮০২।

ঐশ্বর্যবান, ঐশ্বর্য্যবান [স] **১** *বিণ* সম্পদের অধিকারী। 'কত শত ব্যক্তি অতুল ঐশ্বর্য্যবান ও প্রবল-প্রতাপান্বিত হইয়াও নিয়ত এরূপ উৎকণ্ঠিত ও উত্যক্ত।' *অক্ষয়*, ১৮৫০। **২** *বিণ* ঐশ্বর্যের অধিকারী। 'আর্টিস্ট রসের সম্পদ নিয়ে ঐশ্বর্য্যবান।' *অবন*, ১৯২৫; 'শিল্পরূপে সৃষ্টিকাজে মানুষের জীবনকে তারা ঐশ্বর্যবান করেছে।' *রবীন্দ্র*, ১৯২৮।

ঐশ্বর্যভার [স] *বি* ঐশ্বর্যরাশি। 'তব চিত্ততলে যে ঐশ্বর্যভার স্তরে স্তরে রয়েছে জমানো।' *ফররুখ*, ১৯৪৬।

ঐশ্বর্যভূষিতা [স] *বিণ স্ত্রী* ঐশ্বর্যে অলঙ্কৃত। 'সহস্র বৎসরের সাধনার ধনের মতই রূপবৈভবা; ঐশ্বর্যভূষিতা।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

ঐশ্বর্যমদ [স] *বি* ধনের অহঙ্কার। 'দুরাত্মা চন্দ্রভানু, ঐশ্বর্যমদে মত্ত ও ধর্মাধর্মজ্ঞানশূন্য হইয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭।

ঐশ্বর্যমদমত্ত [স] *বিণ* ধনের নেশায় মত্ত। 'ঐশ্বর্যমদমত্ত দাম্ভিক আজ ভিখারির কুটিরদ্বারে।' *নজরুল*, ১৯২৭।

ঐশ্বর্যমন্ত, ঐশ্বর্য্যমন্ত [স] *বিণ* সম্পদের অধিকারী। 'তিন সুবার কর্ত্তা হইয়া মহা ঐশ্বর্য্যমন্ত হইয়াছিল।' *রামরাম*, ১৮০১।

ঐশ্বর্যময় [স] *বিণ* সমৃদ্ধ। 'ঐশ্বর্যময় সৌন্দর্যময় অথচ ভয়ভীষণ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঐশ্বর্যশালিতা [স] *বি* ঐশ্বর্যপূর্ণতা। 'সৃষ্টির পথ, ঐশ্বর্যশালিতার পথ।' *অচিন্ত্য*, ১৯৫০।

ঐশ্বর্যশালিনী [স] *বিণ স্ত্রী* প্রাচুর্যের অধিকারী। 'সে রাজরানি, বিপুল ঐশ্বর্যশালিনী।' *নজরুল*, ১৯৩২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঐশ্বর্যশালী, ঐশ্বর্য্যশালী [স] *বিণ* সম্পদের অধিকারী। 'বণিকেরা এত ঐশ্বর্য্যশালী হইয়াছিল।' *অক্ষয়*, ১৮৪৭; 'তাঁহার পিতা ... সম্ভ্রান্ত লোক ছিলেন, কিন্তু তাদৃশ ঐশ্বর্যশালী ছিলেন না।' *বিদ্যা*, ১৮৪৯।

ঐশ্বর্যান্বিত [স] *বিণ* সমৃদ্ধ; ঐশ্বর্যমণ্ডিত। 'মানুষের রূপবোধকে তা ঐশ্বর্যান্বিত ক'রে দেয়।' *অন্নদা*, ১৯২৯।

ঐশ্বর্যারোহী [স ঐশ্বর্য-আরোহী] *বি* বিত্তবান ব্যক্তি। 'ঐশ্বর্যারোহীর গাড়ির চাকায় নিষ্পিষ্ট হয়ে প্রাণ হারায় কেউ বা।' *ইসহাক*, ১৯৫৫।

ঐষদ [স ঔষধ] *বি* ওষুধ। 'ঐষদের কারোগ পর্বোত আনিয়াছিলেন আপোনার প্রাণ বাচাইতে।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

ঐসন [হি ঐসে] *ক্রিবিণ* এই রকম। 'বিদ্যাপতি কহ কত কত ঐসন কহব মদন পরতাপে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ঐসলামিক [আ ইসলাম+স ইক] *বিণ* ইসলাম সম্বন্ধীয়। 'ঐসলামিক আবরণে ঢাকিতে।' *ইসলাম*, ১৯০৪।

ঐহিক [স] ১ *বিণ* ইহলোকের; জাগতিক। 'ঐহিক সুখসাধন সামগ্রীতে ...।' *দর্পণ*, ১৮১৯। ২ *বি* ইহলোক। 'ঐহিকের যত সুখ হল হল নাই নাই।' *কমলাকান্ত*, ১৮২০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ও[১] *বি* বাংলা স্বরবর্ণবিশেষ এবং এর কারচিহ্ন। **ওকার** [স] *বি* ব্যঞ্জন বর্ণের সঙ্গে ব্যবহৃত 'ও' স্বরধ্বনির কারচিহ্ন ('ে া')। 'গ তে সাবঘোড় ওকার দেও।' *ভবানী*, ১৮২৫; 'একার এবং ওকার ওদের শরণাগত।' *রবীন্দ্র*, ১৯০৯।

ও[২] [ফা] *অব্য* এবং। 'আতপ তণ্ডুল ফুল লুচি ও পক্বান্ন ... বিবিধ মিষ্টান্ন।' *কেতকা*, ১৬৫০।

ও[৩] [প্রা] **১** *বিণ* ওই। 'ও আরিতে পার হআঁ বিকণিবোঁ দধী।' *বড়ু*, ১৪৫০। **২** *সর্ব* ওটা। 'আমি এও করচি ওও করচি।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

ওই *বিণ* সেই। 'মহাপাত্র সুপাত্র স্বকীয়গণ ওই।' *রামপ্রসাদ*, ১৭৮০।

ওকে *সর্ব* তাকে। 'কেহ কহে আজি ওকে করে রাজি।' *রামপ্রসাদ*, ১৭৮০।

ওখান *বি* ঐ স্থান; নির্দিষ্ট স্থান। *বিদ্যা*, ১৮৯১।

ওখানে *ক্রিবিণ* ঐ স্থানে; কাছে। 'মের সাহেবের ওখানে গিয়া দর করিয়া বিক্রি ...।' *মেয়র্স*, ১৭৫৭।

ওখেন *বি* ঐস্থান। 'ওখেন থেকে তার একখানা Amiel's Journal ধার করে এনেছি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ওগো *অব্য* সম্বোধনসূচক শব্দ। 'ওগো পুষ্যিপুত্র লওয়া রহিত হলে দুটি প্রাণ রক্ষা হয়।' *দীনবন্ধু*, ১৮৬৭।

ওদিগ **১** *বি* ওদিক। *ওসাঁ*, ১৭৮২। **২** *ক্রিবিণ* অন্য দিকে।'একবার এদিগে দেখে – একবার ওদিগে দেখে।' *প্যারী*, ১৮৫৮।

ওথা *ক্রিবিণ* সেখানে; ওখানে। 'ওথা গেলে অবস্য দেখব কানাঞি।' *মালাধর*, ১৫০০।

ওথাও *ক্রিবিণ* ওখানেও। 'ওথাওত বৈকুণ্ঠে জানিয়া নিরঞ্জন।' *মানিকরাম*, ১৭৮১।

ওদের *সর্ব* তাদের। 'ভাই এত জানলে ওদের আনতে বারণ কত্তুম।' *উমেশ*, ১৮৫৭।

ও মা – বিস্ময়সূচক বাক্যাংশ। 'স্ত্রীলোকেরা দেখিয়া কহিল, ও মা বিবাহের কালে একটা গাধা কেন?' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

ও মা গো – 'মা' বলে চিৎকার। 'ও মা গো, তোমার জটায় যে ঘেমো গন্ধ।' *গিরিশ*, ১৮৮৭।

ওরে – সম্বোধনসূচক বাক্যাংশ। 'ওরে যার নেটো বহ তারি নাট।' *রামপ্রসাদ*, ১৭৮০।

ও লোক *বি* পরলোক। 'এ লোক ও লোক যে জন খাএ।' *বড়ু*, ১৪৫০।

ও হা – সংগীতের মাঝে ব্যবহৃত বাক্যাংশবিশেষ। 'নব্য সম্প্রদায়ের মধ্যে সঙ্গীতের নাম উপস্থিত হইলেই ... খরজ শব্দ, এবং হস্ত চালনা, ও হা, মনে পড়ে।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ওহার *সর্ব* ওর। 'ওহার এহার মুখ চাহে সব।' *বড়ু*, ১৪৫০।

ওহি *বিণ* ওই। 'কালার আমার হৈব দেখা ওহি কদম তলে।' *মর্তুজা*, ১৭৫০।

ওহে *অব্য* (সম্বোধন) হে। 'ওহে ধর্মঠাকুর দিনের দিবাকর।' *মানিকরাম*, ১৭৮১; 'ও হে সূত্রধর।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

ওআদা [আ] *বি* অঙ্গীকার। 'যুদ দীব পরিসোদে ওআদা মাহ ...।' *চিঠিপত্রে*, ১৮৬৭। *দ্র* **ওয়াদা**

ওআর *বি* বালিশ, লেপ ইত্যাদির খোল। *বিদ্যা*, ১৮৯১।

ওআরিস [আ ওয়ারিস>] *বি* উত্তরাধিকারী। *বিদ্যা*, ১৮৯১।

ওআরিসান [আ ওয়ারিস>] *বি* উত্তরাধিকারীগণ। *বিদ্যা*, ১৮৯১।

ওআরিসি [আ ওয়ারিস>] *বি* উত্তরাধিকার। *বিদ্যা*, ১৮৯১।

ওইরকম [ওই+আ রকম] *ক্রিবিণ* তার মতো; ওটার মতো। 'নাকটা ওইরকম চ্যাপ্টা।' *রবীন্দ্র*, ১৯৩২।

ওংকার [স] *বি* উচ্চধ্বনি। 'ওঠে ওংকার, রণ-ডঙ্কার।' *নজরুল*, ১৯২২।

-ওঁ[১] *প্রত্যয়* 'গলাত পাথর বান্ধি দহে পইসওঁ।' *বড়ু*, ১৪৫০।

ওঁ[২] [স] *বি* ওঙ্কার। 'ওঁ নমো গণেশায়।' *মানিকরাম*, ১৭৮১।

ওঁকার [স ওঙ্কার] *বি* 'ওঁম্' এই শব্দ; ওঙ্কার। 'হরিষে পুরিআঁ কাহ্নাঞি তাহাত ওঁকার।' *বড়ু*, ১৪৫০।

ওঁ[৩]**, ওঁয়াকে** *সর্ব* তাঁকে। 'ওঁয়াকে তো কেউ কোন প্রশ্ন জিজ্ঞাসা কত্তে পারে না।' *দীনবন্ধু*, ১৮৬৩।

ওঁচলা [স উচ্ছ>] *বিণ* আবর্জনাময়। 'সোনা দানা দুদের বাটী/ দুও মেগের ওঁচলা মাটী।' *দীনবন্ধু*, ১৮৬৩।

ওঁচা [স উচ্ছ>] **১** *বিণ* নিকৃষ্ট। 'তাহার মধ্যে সবচেয়ে ওঁচা।' *রবীন্দ্র*, ১৯১৪। **২** *বিণ* হেয়। 'হয়তো মেথর হবে, কিংবা নেহাত ওঁচা।' *রবীন্দ্র*, ১৯১৮।

ওঁচানো [স উচ্চ>] *ক্রি* উত্তোলন করা; উঁচু করা। 'রাম-দা ওঁচাবেন।' *মুজতবা* ১৯৫২।

ওঁৎ [স অব] *বি* আক্রমণের জন্য সতর্কভাবে প্রতীক্ষা। 'বাঘ আসিয়া ঘরের পিছনে ওঁৎ পাতিয়া বসিল।' *জসীম*, ১৯৬৪।

ওঁয়া [ধ্বন্যা] *বি* সদ্যোজাত শিশুর কান্নার শব্দ। 'ওঁয়া ওঁয়া ওঁয়া শব্দে দুঃখময় আত্মার বিলাপ।' *মাহমুদ*, ১৯৭৩।

ওঁরাও *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'সাঁওতাল, খাড়িয়া, মুণ্ড, কোড়োয়া, ওঁরাও বা ধাঙ্গড় প্রভৃতি অনার্য্য জাতি বাস করে।' *বঙ্কিম*, ১৮৯২। *দ্র* **ওরাওঁ**

ওক [হি] *বি* ওক নামক গাছ। 'ওক কাঠের তেপয়ের ওপর।' *জীবন*, ১৯৩২।

ওকড়া *বি* বুনো কাঁটাওয়ালা ফলবিশেষ। 'ওকড়ার বীচি দেয় কেশের ভিতরে।' *বৃন্দা*, ১৫৮০।

ওকত [আ ওয়াক্ত] *বি* সময়। 'নামাজের ওকত হইছে।' *মনসুর*, ১৯৫৩।

ওকস [স] *বি* আশ্রয়। 'ওজোগুণ তরাবার ওপদ ওকস।' *ভারত*, ১৭৬০।

ওকাপি *বি* এক প্রকার বন্য জন্তু। 'ওকাপি বলে যে জানোয়ার।' *বিভূতি*, ১৯৩৭।

ওকাব [আ ওয়াকিফ] *বিণ* দক্ষ; হিংস্র। 'ওকাব সকলে আসি ধরি ধরি খাএ।' *আলাওল*, ১৬৮০।

ওকালতনামা [আ ওকালত+ফা নামাহ] *বি* উকিল নিযুক্ত করার পত্র। *হ্যালহেড*, ১৭৭২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ওকালতনামাপত্র [আ ওকালত+ফা নামাহ+স পত্র] *বি* উকিল নিযুক্ত করার পত্র। 'নিসা করীবা এই করারে ওকালতনামাপত্র দিলাম।' *হ্যালহেড*, ১৭৭২।

ওকালতি, ওকালতী [আ ওকালত>] **১** *বি* উকিলের কর্ম বা পেশা। 'তোমাকে ওকালতী খেদমতে চাকোর রাখিলাম।' *হ্যালহেড*, ১৭৭২; 'ওকালতী কর্ম্মের বিষয়ে যাহা প্রকাশ হইয়াছিল ...।' *দর্পণ*, ১৮২৯। **২** *বি* যুক্তিতর্ক। 'সমাজের সঙ্গে ওকালতি চলবে না।' *রবীন্দ্র*, ১৯০৯। **৩** *বি* পক্ষ সমর্থন। 'তিনি দিব্যি অটল হয়ে তাঁর ওকালতি করে গেলেন।' *শরৎ*, ১৯১৭।

ওকিবহাল, ওকীবহাল [আ ওয়াকিব+আ হাল] **১** *বিণ* অবস্থা সম্পর্কে জ্ঞাত। 'তেনারা শীতের তকলিফ বাবতে ওকিবহাল।' *মুজতবা*, ১৯৪৯। **২** *বিণ* গুণাগুণ সম্পর্কে অবগত। 'বর্দো বর্গেণ্ডি সম্বন্ধে ওকীবহাল।' *মুজতবা*, ১৯৫২।

ওকিল, ওকীল [আ ওয়াকিল] *বি* উকিল। 'ওকীল হয়্যা বলে রাম কুণ্ড।' *মুকুন্দ*, ১৬০০; 'তাতিলোকের তরফ ওকিল শ্রীখেলারাম সর্খান আরজি দিয়া ...।' *তাঁতি*, ১৭৯২।

ওক্ত, ওক্‌ত [আ ওয়াক্ত] **১** *বি* সময়। *মানোএল*, ১৭৪৩; 'দাঙ্গা হাঙ্গামের ওক্তে লেঠেল মিলবে।' *প্যারী*, ১৮৫৮। **২** *বি* মেয়াদ; নির্দিষ্ট সময়। *ওর্সা*, ১৭৮২; 'ছুঁচো মেরে তার খোয়াসনে মান, পুরায়ে এসেছে ওদের ওক্‌ত।' *নজরুল*, ১৯২৯।

ওগয়রহ, ওগরহ [আ ওয়াগায়রহ্] **১** *অব্য* ইত্যাদি; অন্যান্য। 'পরগণে মনোহর সাহি ওগয়রহ আপনকার ইজারা ছিল ইস্তক ...।' *মেয়র্স*, ১৭৬৭; 'শ্রীরাজারাম ঘোষ ওগরহ।' *হ্যালহেড*, ১৭৭২; 'টাকা কাত ওগয়রহ সমস্ত বুঝিয়া পাইলাম।' *ওর্সা*, ১৭৮২; 'কাগজপত্র ওগরহ আর২ সকল দফা ... বুঝিয়া পাইলাম।' *ভেরলি*, ১৭৮৯। **২** *অব্য* প্রমুখ। 'শ্রীভগবান হালদার ও শ্রীগোবিন্দচন্দ্র মুখোপাধ্যায় শ্রীরামরত্ন চট্টোপাধ্যায় ওগয়রহ।' *দর্পণ*, ১৮৩৭।

ওগয়রা [আ ওয়াগায়রহ্] *অব্য* ইত্যাদি; প্রভৃতি। *ভবানী*, ১৮৪৩।

ওগয়রাহো [আ ওয়াগায়রহ্] *অব্য* ইত্যাদি; প্রভৃতি। *ক্যালগে*, ১৭৯২।

ওগাররহ [আ ওয়াগায়রহ্] *অব্য* ইত্যাদি; প্রভৃতি। *বিদ্যা*, ১৮৯১।

ওগরা [মারাঠি ওগর] *বিণ* নরম। 'ওগরা ভাত।' *মানোএল*, ১৭৪৩।

ওগলানো *ক্রি* বমির উদ্রেক করা। 'পেটে মাল ওগলাচ্ছে – কিন্তু তক্ষুনি সে জিভ কেটে নরম গলায় শুধু বললে।' *ওয়াজী*, ১৯৪৫।

ওগো [ধ্বন্যা] *অব্য* সম্বোধনসূচক শব্দ। 'ওগো বাছা, আমি চোর ছ্যাঁচড় নই, মেয়ে মানুষ।' *বঙ্কিম*, ১৮৬৪।

ওঙ্কার [স] **১** *বি* আবৃত্তি। 'ষষ্ঠমে জানিব তবে স্তিকির ওঙ্কার।' *সুলতান*, ১৭০০। **২** *বি* প্রথম উচ্চারিত ধ্বনি – ওঁ। 'মহাকাশতলে উঠে ওঙ্কার কোনো বাধা নাহি মানি।' *রবীন্দ্র*, ১৯১৪। **৩** *বি* সৃজনশীলতা। 'জোটে না কোনো শব্দকণা কবির ওঙ্কারে।' *মাহমুদ*, ১৯৬৬।

ওঙ্কারধ্বনি [স] *বি* ওঁ ধ্বনি। 'শাখায় শাখায় স্তব্ধ ওঙ্কারধ্বনির মতো সংহত হয়ে আছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

ওঙ্কারা [স ওঙ্কার>] *ক্রি* ওঙ্কারধ্বনি করা। 'মোর চেতনায়/ আদি সমুদ্রের ভাষা ওঙ্কারিয়া যায়।' *রবীন্দ্র*, ১৯৪০।

ওচট [স উচ্চোট] *বি* হোঁচট। 'সে একটা ওচট খাইলেক।' *তারিণী*, ১৮০৩।

ওছা [স উচ্চ>] *ক্রি* উঁচু করা। 'গলাটি ধরিয়া ওছে লেহ উঠাইয়া।' *গরীব*, ১৭৬৫।

ওছিলা [আ ওয়াসিলা] *বি* অজুহাত; কোনো কিছুর দোহাই। 'ওস্তার ওছিলা জারি হইবেক না।' *হ্যালহেড*, ১৭৭৩।

ওজন[১] [আ] **১** *বি* পরিমাপ। 'ওজন খাটী ৫...।' *মেয়র্স*, ১৭৫৭; 'কলিকাতায় বাজারী ৮০ আসী সিক্কা ওজন সের ফিলাট।' *ক্যালগে*, ১৮০০। **২** *বি* ভার। *বোগল*, ১৭৮০। **৩** *বি* তুলা। *ভবানী*, ১৮২৩। **৪** *বি* গুরুত্ব। 'কিন্তু তোমাদের আলোচনার ওজন রক্ষার জন্য বলা দরকার।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ওজন করা *ক্রি* পরিমাপ করা। 'যাকে মাপা যায় না, ওজন করা যায় না।' *রবীন্দ্র*, ১৯১৮।

ওজনদার [আ ওজন+ফা দার] *বিণ* বেশি ওজনবিশিষ্ট। 'জিনিসটা ওজনদারও বটে।' *মণীশ*, ১৯৬৩।

ওজনবোধ [আ ওজন+স বোধ] *বি* পরিমিতি বোধ। 'তার ওজনবোধ তোমার একেবারেই নেই।' *রবীন্দ্র*, ১৯০৯।

ওজনমত [আ ওজন+স মত্ত] *ক্রিবিণ* মাপ অনুসারে। 'এদিকে ওজনমত জিনিস মিলল না।' *রবীন্দ্র*, ১৯২৯।

ওজনী [আ ওজন>] *বিণ* ওজনদার। 'ভারী চর্বিদার আর ওজনী হয়েছে হাঁস দুটো।' *কায়সার*, ১৯৬২।

ওজন[২] [ই] *বি* ওজোন গ্যাস। 'স্থানটিতে ওজনের ঝাঁজালো সামুদ্রিক গন্ধ তার সঙ্গে মিলাইয়া আসিল।' *মানিক*, ১৯৩৬।

ওজর [আ] **১** *বি* অজুহাত। 'কান্দিতে ওজর নাই মনুষ্য শরীর।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* অপেক্ষা। *ভবানী*, ১৮২৩। **৩** *বি* আপত্তি। 'চাপরাসের মূল্যের বিষয়ে তাহারদের প্রধান ওজর।' *দর্পণ*, ১৮২৭।

ওজর আপত্তি [আ ওজর+স আপত্তি] *বি* অজুহাত ও আপত্তি। 'নিশাকরও বিনা ওজর আপত্তিতে গেলেন।' *বঙ্কিম*, ১৮৭৮।

ওজরা [আ ওজর>] *ক্রি* আপত্তি করা। *বিদ্যা*, ১৮৯১।

ওজস [স] *বি* দীপ্তি। 'ওড় পুষ্প ওঘ জিনি ওষ্ঠের ওজস।' *ভারত*, ১৭৬০।

ওজস্বী [স] **১** *বিণ* তেজোদীপ্ত। 'ভবানী, ওজস্বী বাক্যপরম্পরার সংযোগে দেশের দুরবস্থা বর্ণনা করিলেন।' *বঙ্কিম*, ১৮৮২। **২** *বিণ* উদ্দীপনাপূর্ণ। 'তাহা প্রাঞ্জল ও ওজস্বী হইয়াছে সন্দেহ নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

ওজস্বিতা [স] *বি* বলিষ্ঠতা। 'ওজস্বিতা' 'উদ্দীপনা' ছুটাও ভাষা অগ্নিকণা।' *রবীন্দ্র*, ১৮৯০।

ওজস্বিনী [স] **১** *বিণ স্ত্রী* তেজোদীপ্ত। 'সভায় ওজস্বিনী বক্তৃতা কইরা আমার গৌরব ও আনন্দ বৃদ্ধি করছেন।' *মনসুর*, ১৯৪৫। **২** *বিণ স্ত্রী* উদ্দীপনাপূর্ণ। 'অত্যন্ত তেজ ও দৃঢ়চিত্ত নিয়ে উপরোক্ত কথাগুলো ওজস্বিনী ভাষায় বলেছিলেন।' *মাহেনও*, ১৯৪৯।

ওজারত [আ] *বি* মন্ত্রিত্ব। 'তাঁর দুশমনরা ওজারত দখল করেছেন।' *মনসুর*, ১৯৩৫।

ওজারতি [আ] *বি* মন্ত্রীর পদ; মন্ত্রিত্ব। 'সম্প্রতি তিনি ওজারতির গদি হারিয়েছেন।' *মনসুর*, ১৯৩৫।

ওজিফা [আ ওয়াজিফা] *বি* তসবি পড়া। 'আজকাল তোমার নামাজ আর ওজিফার যে রকম বান ডেকেছে।' *ইমদাদুল*, ১৯২০।

ওজির [আ ওয়াজির] *বি* মন্ত্রী। 'ওজির নাজির চৌকিদার।' *বিজয়*, ১৬৫০।

ওজিরজাদা [আ ওয়াজির+ফা জাদা] *বি* মন্ত্রীপুত্র। 'ওজিরজাদার

AMARBOI.COM

ওস্তাদের কাছে পারসি পড়েন।' *রামরাম*, ১৮০১।

ওজু [আ ওয়াদু] *বি* ইসলামি মতে পবিত্রতার জন্য বিশেষ পদ্ধতিতে হাত, মুখ ও পা ধোয়া। 'প্রথমে বুলিবা সবে ওজু করিবারে।' *সুলতান*, ১৭০০।

ওজুদ [আ ওয়াজুদ] *বি* শরীর। 'ভয়েতে ওজুদ কাপে শুনে লাগে ধান্দি।' *গরীব*, ১৭৬৫।

ওজুহাত [আ ওয়াজুহাত] *বি* ছুতা। 'কোন ওজুহাতে কোন প্রতিবন্ধক সৃষ্টি করিতে পারিবে না।' *আজাদ*, ১৯৪৬।

ওজোগুণ [স] *বি* কাব্যের গাম্ভীর্য সম্পাদনকারী গুণ। 'ওজোগুণ তরাবার ওপদ ওকস।' *ভারত*, ১৭৬০।

ওজোন সরকারী [আ ওজন+ফা সরকার>] *বি* রক্তানিদ্রব্যের ওজন নির্ণয়, দাম মেটানো ও খাতায় তোলার কাজ। 'শেষে এক সদয় হৃদয় মুহুদ্দী আপনার হুসেে একটি ওজোন সরকারী কর্ম্ম দিলেন।' *হুতোম*, ১৮৬১।

ওজোর [আ উজর] *বি* বাহানা। 'ওজোর করে কাটাতাম।' *শিবরাম*, ১৯৪০।

ওঝা [স উপাধ্যায়] **১** *বি* হিন্দু পদবি-বিশেষ। 'রঘুনাথ বৈদ্য ওঝা ভক্তির সময়।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* ভূতে ধরা মানুষের চিকিৎসক। 'ওঝা ঠাঞি যাই যদি সে ভূত ছাড়ায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বি* গণক। 'লিখা করি গেল ওঝা জথা ধর্মকেতু/ কহিল নির্ণয় জত বিবাহের হেতু।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *বি* সাপের বিষ নামানোর চিকিৎসক। 'নিজেকে মারিবার বিষ নিজের মনই জোগায়। তাই আমার ওঝা আমারই মনটাকে নির্বিষ করিবার ...। *রবীন্দ্র*, ১৯১৪।

ওঞা-ওঞা [ধ্বন্যা] *বি* শিশুর কান্নার শব্দ। 'ছেলের কান্না শোনা যাচ্ছে – ওঞা-ওঞা।' *মণীশ*, ১৯৫৭।

ওঠ [স ওষ্ঠ] *বি* উপরের ঠোঁট। 'ওঠ আধর উঠক জিণী।' *বড়ু*, ১৪৫০।

ওঠক বৈঠক *বি* ওঠা-বসা; চলাফেরা। 'লওয়াজিমা যে মত করিয়াছেন তাহার মত ওঠক বৈঠক নহে।' *কেরি*, ১৮০২।

ওঠা **১** *ক্রি* শেষ হওয়া। 'প্রতিদিন আদালত উঠিলে ... যে আজ্ঞা হইয়া থাকে তাহার চলন করাইবেন।' *ডানকান*, ১৭৮৪। **২** *ক্রি* জাগ্রত হওয়া। 'গড়ে রোজ আটটার কমে ওঠা হয় না।' *রবীন্দ্র*, ১৮৮১। **৩** *ক্রি* সৃষ্টি হওয়া। 'আমার হিয়া উচ্ছলিয়া সাগরে ঢেউ ওঠে।' *রবীন্দ্র*, ১৯২৪। **৪** *ক্রি* মাটি ভেদ করে অঙ্কুরিত হওয়া। 'তালগাছ উঠেছে মাঠের মধ্যে।' *রবীন্দ্র*, ১৯৩২। **৫** *ক্রি* প্রকাশিত হওয়া। 'রোদ ওঠবার আগে হিমে-ছোঁওয়া স্নিগ্ধ হাওয়ায় ...।' *রবীন্দ্র*, ১৯৩২। **৬** *ক্রি* শুরু হওয়া। 'স্কুল কি এরকমই ওঠে দুপুরে?' *জীবন*, ১৯৩৩। **৭** *ক্রি* দৃশ্যমান হওয়া। 'ওটা সপ্তর্ষি ... কোন মাসে কোনটা ওঠে।' *বিভূতি*, ১৯৩৭। **৮** *ক্রি* আমদানি হওয়া। 'ধান ... ওঠেনিক আজিও বন্দরে।' *মাহেনও*, ১৯৪৯। **৯** *ক্রি* পণ্য বিক্রির জন্য হাজির হওয়া বা আসা। 'রুদ্রনগরে অ্যানাটোন মলমের ফিরিওয়ালা ওঠে।' *শ্যামল*, ১৯৬৭। **১০** *ক্রি* মুখে তোলা; খাওয়া। 'নাদানের রোজগারে না উঠিও আমিষের নলা।' *মাহমুদ*, ১৯৭৩।

ওঠ ছুঁড়ি তোর বিয়ে – পর্যাপ্ত সময় না দিয়েই কোনো কাজ করতে বলা। 'ওঠ ছুঁড়ি তোর বিয়ে কেমন করে হয়।' *মনোজ*, ১৯৬১।

ওঠ-বোস **১** *বি* মেলামেশা; সম্পর্ক। 'তার সাথে বেশি ওঠ-বোস রাখিনি।' *শামসুল*, ১৯৫৭। **২** *বি* জীবনযাপন। 'তার কথায় ওঠবোস করতে লাগল।' *শামসুল*, ১৯৬২।

ওঠা-নাবা *বিণ* আসা-যাওয়া। 'তরঙ্গিত দুঃখসুখের নিত্য ওঠা-নাবা –।' *রবীন্দ্র*, ১৯৩৮।

ওঠানামা **১** *বি* হ্রাসবৃদ্ধি। 'হিসাবের সঙ্গে সঙ্গে বেতনের মাত্রারেখা ওঠানামা করে।' *রবীন্দ্র*, ১৯২৯। **২** *বিণ* উপরে ওঠার ও নীচে নামার। 'দিনে মগ্ন রয় আঁখি, ওঠা-নামা ঘোরানো সিঁড়িতে।' *অমিয়*, ১৯৩৮।

ওঠাপড়া **১** *বি* ওঠা-বসা; চলাফেরা। 'নিয়মে যাওয়া-আসা, নিয়মে ওঠাপড়া।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বি* উত্থান ও পতন। 'ওঠা-পড়ার ছন্দে হৃদয় ঢেউয়ের সাথে ঢেউ তোলে।' *রবীন্দ্র*, ১৯১৪।

ওঠা বসা **১** *বি* জীবনযাপন। 'মন্ত্রমুগ্ধের মতো হিটলারের নেতৃত্বাধীনে ওঠা বসা করছে।' *হাই*, ১৯৫৮। **২** *বি* মেলামেশা। 'আপনাদের সাথে এত ওঠাবসা হাসিঠাট্টা করলেও ...।' *সাদত*, ১৯৬৭।

ওডিকলোন, ওডিকোলন [ই] *বি* সুগন্ধি তরলবিশেষ; জার্মেনির কোলন শহরের নামযুক্ত তরল পদার্থ। 'দ্রুতপদে ওডিকলোন বরফজলে মিশাইয়া উপস্থিত করিল।' *রবীন্দ্র*, ১৯০২; 'সমস্ত মাথায় ওডিকোলনের গন্ধ।' *জীবন*, ১৯৩১।

ওড্র [স] *বি* জবা ফুল। 'কলার পাত উপরে থুইলা ওড্র ফুল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ওড্রদেশ [স] *বি* ওড়িশা। 'কেহ রাঢ় ওড্রদেশে শ্রীহট্টে পশ্চিমে।' *বৃন্দা*, ১৫৮০।

ওড্রী [স ওড্র] *বি* উড়িয়া অঞ্চলের ভাষা। 'ওড্রী (উড়িয়া), গৌড়ী (বাংলা), দাক্ষিণাত্যা।' *রবীন্দ্র*, ১৯০৭।

ওড্র [স ওড্র] *বি* জবাফুল। 'সিঅলি কুসুম্ভ ওড় রেবতী রাঙ্গনাগর।' *বড়ু*, ১৪৫০।

ওড়কলমী [স ওড্র+স কলম্বী] *বি* লতাগাছ-বিশেষ। 'ঝোপের মাথায় ওড়কলমী লতায় সাদা সাদা ফুলের কুঁড়ি।' *বিভূতি*, ১৯২৯।

ওড়র মালা *বি* জবা ফুলের মালা। 'গলায় ওড়ের মালা দিলেক তখন।' *মানিকরাম*, ১৭৮১।

ওড়নপাড়ন *বি* উঠানো ও নামানো। *বিদ্যা*, ১৮৯১।

ওড়না [হি ওঢ়না] **১** *বি* চাদর জাতীয় গাত্রাবরণ-বিশেষ। *বিদ্যা*, ১৮৯১; 'কেবল ক্রেপের ওড়নার ভিতর হইতে বাদলা জড়ানো স্থূল ও সুদীর্ঘ চুলের বেণী দেখা যাইতেছে।' *রোকেয়া*, ১৯৩০। **২** *বি* আবরণ। 'ধুলোর ওড়না ঘুরিয়ে ঘুরতে-ঘুরতে নেচে অদৃশ্য হয়ে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ওড়নি [হি ওঢ়না] *বি* ওড়না। 'শীতের ওড়নি পিয়া গিরিসের বাও।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ওড়ব [স] *বি* (সংগীত) সাতটির বদলে পাঁচটি স্বরবিশিষ্ট রাগ। 'ওড়ব খাড়ব প্রণব উদারা তারা লইয়া তর্ক।' *রবীন্দ্র*, ১৯০৭।

ওড়মাল [স ওড্রমালা] *বি* জবা ফুলের মালা। 'মোরে গাধা চাপাইআ দিয়া ওড়মাল।' *মুকুন্দ*, ১৬০০।

ওড়মালা [স ওড্রমালা] *বি* জবা ফুলের মালা। 'সুগন্ধি চন্দন দিল গলে ওড়মালা।' *রূপরাম*, ১৭৫০।

ওড়ম্বা *বিণ* অমিতব্যয়ী; প্রচুর ব্যয় করে এমন। *বিদ্যা*, ১৮৯১।

ওড়া **১** *ক্রি* আকাশে বিচরণ করা। 'এ নয় যে সত্যিই আকাশে ওড়া।' *রবীন্দ্র*, ১৯১৬। **২** *ক্রি* শূন্যে ভাসা। 'বিজয়-পতাকা ওড়াতে হলে খুন খোশরোজ খেলা খেলতে হবে।' *নজরুল*, ১৯২৪। **৩** *বিণ* উড়তে পারে এমন। 'থাকত যদি মেঘ-ওড়া পক্ষিরাজের বাচ্চা ...।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রবীন্দ্র, ১৯৩০। **৪** *বি* আকাশে বিচরণ। 'মরণের ওড়া উড়তে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

উড়িয়ে দেওয়া *ক্রি* দূরীভূত করা। 'তাপস নিঃশ্বাস বায়ে মুমূর্ষুরে দাও উড়ায়ে।' *রবীন্দ্র*, ১৯২৪।

ওড়াউড়ি *বি* ক্রমাগত শূন্যে বিচরণ। 'হলদে পাতার মতো আমাদের পথে ওড়াউড়ি।' *জীবন*, ১৯৩৬।

ওড়াওড়ি *বি* ইতস্তত উড়ে বেড়ানোর কাজ। 'মাছরাঙা ওড়াওড়ি করছে।' *মুজতবা*, ১৯৫৮।

ওড়ানো *ক্রিবিণ* আকাশে বিচরণ করানো। 'মার্বেল খেলা, ঘুড়ি ওড়ানো এমনকী সুযোগ পেলেই একটু ঘুমিয়ে নেওয়া ইত্যাদি...।' *শিবরাম*, ১৯৫০।

ওড়ালোন [ও ওড়িশা>?+স লবণ>] *বি* এক ধরনের লবণ। 'পার্বনি পঙ্কজ জাত ওড়ালোন সানা ভাত ধানকাটী কলম কসুরে।' *মুকুন্দ*, ১৬০০।

ওঢ়ন [হি ওঢ়না] *বি* ওড়না। 'হাওয়ার মত হাল্কা হিমের ওঢ়ন দিয়ে গায়।' *সত্যেন্দ্র*, ১৯১১।

ওৎ [স অব] *বি* আক্রমণের জন্য সতর্কতার সঙ্গে প্রতীক্ষা। 'ব্যাঘ্র ওৎ পাতিয়া বসিয়া আছে।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

ওত [স অব] *বি* সতর্ক প্রতীক্ষা। 'দিঠিহক ওত দেসাঁতর রে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ওত পাতা *ক্রি* সতর্কভাবে প্রতীক্ষা করা। 'সুখের পিছনে সে কী বজ্র ওত পেতে রয়েছে।' *নজরুল*, ১৯২৪।

ওতড়ানো *ক্রি* অতিক্রম করা। 'মৃত্যুর বলে প্রতিদিন ওতড়াচ্ছে।' *জীবন*, ১৯৪৮।

ওতরানো *ক্রি* চালিয়ে দেওয়া। 'তৈরি মালে ত ও জিনিস ওতরালে চলবে না।' *মুজতবা*, ১৯৫৮।

ওতপ্রোত [স] *বিণ* অঙ্গাঙ্গীভাবে জড়িত। 'ভিতরকার মানুষটির দ্বারা ওতপ্রোত হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ওতপ্রোতভাবে [স] *ক্রিবিণ* অঙ্গাঙ্গীভাবে। 'হিন্দুর ভাবধারা এমন ওতপ্রোতভাবে জড়িত।' *নজরুল*, ১৯২৭।

ওতারা *ক্রি* নেমে আসা। 'ওতারিয়া ছিল বিবি পাহাড়ের নীচে।' *গরীব*, ১৭৬৫।

ওতোর [স উত্তর] *বি* উত্তর। 'এ কথার বরো ঠেক ওতোর দেওন।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

ওত্তর [স উত্তর] *বি* উত্তর; জবাব। 'বাবাঠাকুর! ঘরে গো? কৈ ওত্তর দেয় না ঝে?' *রামনারায়ণ*, ১৮৫৪।

ওৎরানো [স উত্তরণ>] *ক্রি* চালিয়ে দেওয়া। 'প্রথমে একটা গল্প লিখে তিরিশ টাকায় ওৎরাতে চাচ্ছে নিখিল।' *জীবন*, ১৯৩২।

ওদড় [স উদুম্বর] *বি* ডুমুর। 'কাঠাল ২ দুই পঠাই লইবেন আর ওদড় পঠাবেন।' *চিঠিপত্রে*, ১৮০৭।

ওদন [স] *বি* ভাত। 'শিশু কান্দে ওদনের তরে।' *মুকুন্দ*, ১৬০০।

ওদুল [আ] *বি* পরিবর্তন। 'যার যে মিনতি আছে কে করে ওদুল।' *গরীব*, ১৭৬৫।

ওধা *বি* তাড়া দিয়ে গমন। 'রণঝাঁট ওধা করে মাথায় ভাঙ্গে খুলি।' *মুকুন্দ*, ১৬০০। **ওধা করা** *ক্রি* তাড়া দিয়ে গমন করা। 'রণঝাঁট ওধা করে মাথায় ভাঙ্গে খুলি।' *মুকুন্দ*, ১৬০০।

ওনারশিপ [ই] *বি* মালিকানা। 'ওনারশিপ বলতে ইংরেজ যা বোঝে।' *প্রমথ*, ১৯১৯।

ওনুসার [স অনুসার] *ক্রিবিণ* অনুযায়ী। *তাঁতি*, ১৭৯২।

ওনুসারে *ক্রিবিণ* অনুসারে; অনুযায়ী। 'তখন কাটান নাম ইঙ্গরেজী ওনুসারে ফরসীর লবজ লেখা গীয়াছিল।' *তাঁতি*, ১৭৯২।

ওপর [স উপরি] **১** *অব্য* প্রতি। 'ইংরাজেরা ... আমেরিকাবাসিদিগের ওপর অত্যাচার করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫০। **২** *অব্য* দিকে। 'আপেক্ষিক গুরুত্ব অনুসারে পদার্থের ওপর পৃথিবীর আকর্ষণ বেশি সংখ্যা কিংবা কম।' *জগদীশ*, ১৮৯৫। **৩** *ক্রিবিণ* উপরে। 'কী পরেছ ওটা মাথার ওপর, দেখাচ্ছে যেন হীরের টোপর।' *রবীন্দ্র*, ১৮৯৯। **৪** *অব্য* নিকট। 'যে ছেলে মায়ের নয়, তার ওপর দাবি-দাওয়া কিসের?' *নজরুল*, ১৯২৭। **৫** *ক্রিবিণ* মধ্যে। 'অন্যায্যতার ওপর খানিকটা প্রতিষ্ঠিত।' *জীবন*, ১৯৩২। **৬** *ক্রিবিণ* বেশি; অধিক। 'আপনি ছাব্বিশের ওপর কিছুতেই উঠবেন না।' *শ্যামল*, ১৯৬৭।

ওপরঅলা [স উপরি+হি ওয়ালা] *বিণ* উর্ধ্বতন। 'ওপরঅলা কর্তাদের সঙ্গে বনি-বনা না হলে স্বচ্ছন্দে কর্মত্যাগ করেছেন।' *রমেন*, ১৯৭০।

ওপরওয়ালা [স উপরি+হি ওয়ালা] *বি* কর্মক্ষেত্রের উর্ধ্বতন কর্মকর্তা। 'কথাটা বললাম, ওপরওয়ালাদের বলো না যেন।' *বিভূতি*, ১৯৩৭।

ওপরচালাকি [স উপরি+ফা চালাক>] *বি* ফাঁকি। 'বস্তরূপের অনুকরণ ও প্রয়োগপদ্ধতির ওপরচালাকি রেনেসাঁসী... শিল্পকলাকে ব্যাধিগ্রস্ত করে।' *শিব*, ১৯৫৬।

ওপরপড়া [স উপরি>] *বিণ* গায়ে পড়ে ঝগড়া করে এমন। 'একটা ওপরপড়া বেড়াল নেই কোথাও।' *জীবন*, ১৯৪৮।

ওপোর [স উপরি] *ক্রিবিণ* উপর। 'ঝাঁকা মুটের ওপোর বসে আসতে দেখে বল্লেন।' *হুতোম*, ১৮৬২।

ওপস্থিত [স উপস্থিত] *বিণ* উপস্থিত। 'শীল অনুসারে কার্য ওপস্থিত হএ।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

ওপ্যাল [ই] *বি* মূল্যবান পাথরবিশেষ। 'কালো ওপ্যালের খনি।' *বিভূতি*, ১৯৩১।

ওফা [আ] *বি* প্রতিশ্রুতি। 'তোমার বাপেরে নাহি দিয়াছিল ওফা।' *গরীব*, ১৭৬৫।

ওফাত [আ ওয়াফাত] *বি* মৃত্যু। 'মুমিনের ওফাত শুনিলে ততক্ষণ।' *আলাওল*, ১৬৮০।

ওবারা [হি ওয়ারা] *বিণ* অতিরিক্ত। 'সেখানে চালু ও বিরিকলাই বড়ই ওবারা।' *ওসাঁ*, ১৭৮২।

ওভারকোট [ই] *বি* ঠাণ্ডা আবহাওয়ায় ঘরের বাইরে পরার লম্বা কোট। 'আমাদের জিনিসপত্রের মধ্যে আর-একজনের ওভারকোট গাত্রবস্ত্র।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ওভার-কোয়ালিফাইড [ই] *বিণ* অতিরিক্ত যোগ্যতাসম্পন্ন। 'তুমি বাবা বড্ড ওভারকোয়ালিফাইড।' *জীবন*, ১৯৩২।

ওভারটাইম [ই] *বি* নির্দিষ্ট সময়ের অতিরিক্ত কাজ। 'ওভারটাইম খাটলে দু'আনা জলখাবার।' *বিভূতি*, ১৯৩১।

ওভারটেক [ই] *বি* পাশ কাটিয়ে এগিয়ে যাওয়া। 'ওভারটেক করে এগিয়ে যাবার জন্যে।' *হাসান*, ১৯৭৪।

ওভারড্রাফট [ই] *বি* ব্যাংক থেকে গচ্ছিত টাকার অতিরিক্ত যে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পরিমাণ অর্থ গ্রহণ করা হয়। 'বাড়িভাড়া দেয়নি, ওভারড্রাফট নিয়েছে।' *মুজতবা* ১৯৫২।

ওভারবাউন্ডারি [ই] *বি* ক্রিকেট খেলায় ব্যাটসম্যান মারার পর বল মাটিতে পড়ার আগেই সীমানা অতিক্রম করা; এক মারে ছয় রান হওয়া। 'ওভারবাউন্ডারি করাতে তার জুড়ি নেই।' *সেলিনা*, ১৯৭৫।

ওভারব্রিজ, ওভারব্রীজ [ই] *বি* কোনোকিছু ডিঙিয়ে পারাপারের সেতু। 'ঢাকা রেলস্টেশনের কাছে ওভারব্রীজ হইতেছে।' *আজাদ*, ১৯৫৬; 'ওভারব্রিজের উপর দাঁড়িয়ে আগে অনেক দূর থেকে ...।' *শওকত*, ১৯৭২।

ওভালটিন [ই] *বি* গম, চিনি ইত্যাদির মিশ্রণে প্রস্তুত খাদ্যগুঁড়ো বিশেষ। 'এক পেয়ালা ওভালটিন।' *জীবন*, ১৯৩৩।

ওম[১] [স, ধ্বন্যা] *বি* শিঙ্গার ধ্বনি। 'নাদে ওম ওম মহাশঙ্খ-বিষাণ রুদ্রের।' *নজরুল*, ১৯২২।

ওম[২] [স উষ্ণ] *বি* তাপজনিত আরাম। 'ভারী ওম কলাইয়ের তৃষিতে।' *বিভূতি*, ১৯৩৮।

ওমত [ফা উমেদ] ১ *বি* জন্ম। 'সে অতি উত্তম নির্মল সম্পূর্ণো দয়াএ বক্রপাতে অকুমারীর উদরে পরমেশর ওমত।' *আম্ভোনিয়ো*, ১৭৪৩। ২ *বি* সামর্থ্য। 'এয়জ কাপড় দেওনের আমাদিগের এমত ওমত নাই।' *তাঁতি*, ১৭৯২।

ওমর[১] [আ উমর] *বি* বয়স; বয়ঃক্রম। 'পোনারো বরিষ ওমরে।' *হ্যালহেড*, ১৭৭২; 'জ্ঞানি ওমরের তত্ত্ব নিরর্থক। – মানুষ ক্ষীণায়ু, কিন্তু চিরস্থায়ী অবদান তার।' *সুধীন্দ্র*, ১৯৩৯।

ওমর[২] [ই] *বি* হোমার। 'উরুপায় কবিগুরু ভিখারী আছিলা/ ওমর (অসভ্যকালে জন্ম তাঁর) যথা।' *মাইকেল*, ১৮৬৫।

ওমরা [আ উমারা] ১ *বি* আমির। 'বাইশ ওমরার পরে রাজা মানসিংহ বাঙ্গালায় আইলেন।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* অভিজাত। 'আমির ও রাজা ও কবিগণ ও পণ্ডিত ইত্যাদি সমস্ত ওমরা লোকের নিমন্ত্রক হইয়াছে।' *রামরাম*, ১৮০১। ৩ *বি* বাদশাহের অধীন বিশেষক্ষমতা সম্পন্ন ব্যক্তি। 'আমি হাইদরের রাজসভায় একজন ওমরা হইয়া বাস করিতে লাগিলাম।' *কৃষ্ণকমল*, ১৮৫৮। ৪ *বি* নির্ধারিত সময়ের বাইরে-করা হজ। 'ওমরাকে হচ্ছে আছগর বা ছোট হজ্জ বলা হইত।' *মোহাম্মদী*, ১৯৩১।

ওমরাও [আ উমারা] *বি* অভিজাত সম্প্রদায়। 'বাঙালি কমিশনারগণ দেশের আমির-ওমরাও দলের না।' *রবীন্দ্র*, ১৯০৮।

ওমলেট [ই] *বি* ডিম ভাজা। 'আগে কি তোমরা একটা ওমলেট খেতে চাও?' *নীরেন*, ১৯৬৩।

ওমেদ [ফা উমেদ] *বি* আশা। 'কর্মের ওমেদে থাকে।' *ভবানী*, ১৮২৩।

ওম্মেদ [ফা উমেদ] *বি* আকাঙ্ক্ষা। 'ওম্মেদ আমার এই শাহার মেহেরে।' *গরীব*, ১৭৬৫।

ওম্মেদওয়ারি [ফা উমেদ+হি ওয়ারি] *বি* চাকরির প্রার্থনা। 'তুমি কোথায় ওম্মেদওয়ারি করিবা।' *কেরি*, ১৮০২।

ওয়াইজ [ই] *বিণ* জ্ঞানী; বিচক্ষণ। **পেনি ওয়াইজ পাউণ্ড ফুলিশ** [ই] – পেনির বেলায় হিসেবি, কিন্তু পাউন্ডের বেলায় দরাজ। *রবীন্দ্র*, ১৯০৮।

ওয়াইন [ই] *বি* মদ। 'নাচতে জানে, ওয়াইনে বানচাল হয় না।' *মুজতবা*, ১৯৫২।

ওয়াইফ [ই] *বি* স্ত্রী। 'যদি ভ্রাতৃগণ ওয়াইফের বিষয়ে আলাপ করেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ওয়াংকী, ওয়াঙ্কী [ই] *বি* একপ্রকার পতঙ্গ। 'এক ওয়াংকী সিংহের আলয়ের সমীপে উড়িতেছিল।' *তারিণী*, ১৮০৩; 'এক অহংকৃত পূর্ণ আশু শ্রাবী ওয়াঙ্কী।' *তারিণী*, ১৮০৩।

ওয়াক [ফা] *অব্য* ঘৃণার সঙ্গে থুতু ফেলার উচ্চ শব্দ। 'ছোড়দি বলে সর্দি ওটা, এ রাম! ওয়াক! থুঃ!' *নজরুল*, ১৯২৬।

ওয়াক ছর্দ্দি [ফা] *বি* ঠাণ্ডাজনিত কারণে ওঠা কাশ। 'সর্ব্বদা ওয়াক ছর্দ্দি মুখে উঠে জল।' *ভারত*, ১৭৬০।

ওয়াক আউট [ই] *বি* ধর্মঘট। 'একেবারে আমার ওয়াক আউট।' *শিবরাম*, ১৯৫০।

ওয়াক-ওভার [ই] *বি* অনায়াস বিজয়। 'তবে ওয়াক-ওভারের সুযোগ দৃষ্টির জন্য এত অক্ষিসন্ধি, এত এস্তেজাম ...।' *আজাদ*, ১৯৬৪।

ওয়াকফ স্টেট [আ ওয়াকুফ+ই এস্টেট] *বি* ধর্মীয় ও সৎ কাজে ব্যবহারের জন্য মুসলমানদের দেওয়া নিষ্কর সম্পত্তি। 'জাল-জুয়াচুরির সাহায্যে কত বড় বড় ওয়াকফ স্টেট চিরতরে নষ্ট হয়ে গেছে।' *মুয়াজ্জিন*, ১৯৩৩।

ওয়াকিংশুজ [ই] *বি* হাঁটার উপযোগী এক ধরনের জুতা। 'আমি মোজা ওয়াকিংশুজ ও ইজারআদি চাহি।' *চন্দ্রিকা*, ১৮৩০।

ওয়াকিফ, ওয়াকীফ, ওয়াকিব, ওয়াকীব [আ] ১ *বিণ* অবগত। 'তোমাকে বেওরা লিখিয়া ওয়াকীফ করিয়াছী।' *ওসা*, ১৭৮২; 'সেই হুকুমনামা এখানের জমীদার দিগকে ওয়াকীব করাইয়া ছীলাম।' *তাঁতি*, ১৭৯২; 'মোট দাম ওয়াসীল বাকির ফর্দ্দ জাইতেছে ওয়াকিব হইবে।' *তাঁতি*, ১৭৯২; 'তিন সুবার উসুল তহসিল সুমার তপশিল ওয়াকিফ হএন।' *রামরাম*, ১৮০১। ২ *বি* সম্পত্তি ওয়াক্‌ফকারী। 'ওয়াকিফের উদ্দেশ্য ও নির্দ্দেশ অনুসারে সম্পত্তির আয়গুলি খুব কমই ব্যয়িত হইয়া থাকে।' *মোহাম্মদী*, ১৯৩২।

ওয়াকিফয়াল [আ ওয়াকিফ+আ হাল] *বিণ* অবস্থা সম্পর্কে জ্ঞাত। 'মাঝে মাঝে টীকাটিপ্পনী কেটে আমাকে যেন আস্তে আস্তে ওয়াকিফয়াল করে তুলছিলেন।' *মুজতবা*, ১৯৪৯।

ওয়াকিফহাল [আ ওয়াকিফ+আ হাল] *বিণ* অবস্থা সম্পর্কে জ্ঞাত। 'বোর্ডের কোন ওয়াকিফহাল লোক দ্বারা শুনা আছে।' *দর্পণ*, ১৮৩৭।

ওয়াকিবদার [আ ওয়াকিফ+ফা দার] *বি* খোঁজখবর রাখে যে; তত্ত্বাবধায়ক। *ক্যালগে*, ১৭৮৫।

ওয়াকিবহাল [আ ওয়াকিফ+আ হাল] *বিণ* অবস্থা সম্পর্কে জ্ঞাত। 'রাজনৈতিক সমস্যা সম্বন্ধে ভালরূপ ওয়াকিবহাল হইবার উদ্দেশ্যে ...।' *সওগাত*, ১৯৪৫।

ওয়াকেফহাল [আ ওয়াকিফ+আ হাল] *বিণ* অবস্থা সম্পর্কে অবগত। 'ভবিষ্যৎ চাহিদা সম্বন্ধে যতদূর ওয়াকেফহাল হইতে পারিয়াছেন।' *আজাদ*, ১৯৪০।

ওয়াকেফাল [আ ওয়াকিফ+আ হাল] *বিণ* জ্ঞাত। 'এই বিরাট দায়িত্ব সম্পর্কে সংবাদপত্র যদি ওয়াকেফাল না হয়।' *মাহেনও*, ১৯৪৯।

ওয়াক্ত [আ] *বি* সময়কাল। 'চুপ হইয়া আছো তুমি এয়হা ওয়াক্ত পরে।' *গরীব*, ১৭৬৫।

ওয়াক্‌ফ [আ] *বি* ধর্মীয় ও সৎ কাজে ব্যবহারের জন্য মুসলমানদের দেওয়া নিষ্কর সম্পত্তি। 'ওয়াক্‌ফ সম্পত্তির মতওয়াল্লিরা টাকা ভেঙ্গে আত্মসাৎ করেন।' *রোকেয়া*, ১৯২৬।

ওয়াক্‌ফনামা [স ওয়াক্‌ফ+ফা নামা] *বি* ধর্মের নামে প্রদত্ত দানপত্র

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বা দলিল। 'ওয়াক্‌ফনামায় বরাদ্দ করা হল।' *মনসুর*, ১৯৪৩।

ওয়াগন [ই] *বি* পণ্যবাহী রেলগাড়ি। 'ওয়াগন দাঁড়াইয়া আছে।' *মানিক*, ১৯৩৬।

ওয়াঙ্কী *দ্র* ওয়াংকী

ওয়াচ [ই] *বি* পকেটঘড়ি বা হাতঘড়ি। 'বাবুর সঙ্গে একটী ওয়াচ ছিল।' *হুতোম*, ১৮৬১।

ওয়াচগার্ড [ই] *বি* ঘড়ির চেন। 'সোনার ওয়াচগার্ড পরিয়া ...।' *প্যারী*, ১৮৫৮।

ওয়াজ [আ] *বি* ইসলাম ধর্ম সম্পর্কিত বক্তৃতা। 'তাঁহাদের ওয়াজ-নছিহত উর্দু ভাষায়ই সম্পন্ন।' *প্রচারক*, ১৮৯১।

ওয়াজ-নসিহত, ওয়াজ নসীহত [আ] *বি* ইসলাম ধর্মসম্বন্ধীয় বক্তৃতা ও উপদেশ। 'ওয়াজ নসীহত, খানা জিয়াফত, আকীকা কোরবাণীর রেওয়াজ আজও ... পুরোদস্তুর বজায়।' *মাহেনও*, ১৯৪৯।

ওয়াজিব, ওয়াজীব [আ] ১ *বিণ* অবশ্যকরণীয়। 'মওতার গোসল জানিঅ ওয়াজিব।' *আলাওল*, ১৬৮০; 'ওয়াজেব যে ছিল সেই লিখিনু তোমারে।' *গরীব*, ১৭৬৫। ২ *বিণ* ন্যায়সঙ্গত। 'মবলগ টাকা সরকারের খাজানা ওয়াজিব পাওনা আছে।' *ক্যালগে*, ১৭৮৮। ৩ *বিণ* যথার্থ। 'তুমি আজ বাবুরামকে খুব ওয়াজিব কথা বলিয়াছ।' *প্যারী*, ১৮৫৮।

ওয়াজির [আ] *বি* উজির; মন্ত্রী। 'গবুচন্দ্র ওয়াজির ছিল/ নবুচন্দ্র নাজির ছিল।' *অন্নদা*, ১৯৬৭।

ওয়াজিরি [আ] *বি* মন্ত্রণার কাজ। 'ওয়াজিরি দস্তুর মাফিক কমিসনে করিবেন।' *ক্যালগে*, ১৭৮৬।

ওয়াজিরিতলব [আ ওয়াজির-তলব] *বি* বাধ্যতামূলক ও ন্যায্য পাওনা। 'খাজানা সরকারের ওয়াজিরিতলব।' *ক্যালগে*, ১৭৮৮।

ওয়াটার কালার [ই] *বি* জলরঙে আঁকা ছবি। 'ওয়াটার কালার, অয়েল পেন্টিং প্রভৃতি।' *মানিক*, ১৯৩৬।

ওয়াটার-টাইট [ই] *বিণ* জলরোধী। 'জাহাজের কেবিনগুলো ওয়াটার-টাইট বলে শুনেছি।' *শিবরাম*, ১৯৪০।

ওয়াটার-পোলো [ই] *বি* জলে ভাসমান অবস্থায় বল খেলাবিশেষ। 'হেদো না থাকলে সে-মাঠে অনায়াসে ওয়াটার-পোলো খেলা চলে।' *অচিন্ত্য*, ১৯৫০।

ওয়াটারপ্রুফ [ই] *বি* পানি প্রতিরোধক। 'তোমরা বৃষ্টির সময় ছাতা, ওয়াটারপ্রুফ ব্যবহার কর।' *প্রভাত*, ১৮৯৬।

ওয়াড় [স প্রসার>] ১ *বি* বহর। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* বালিশের আবরণ বা খোল। 'বালিসের ওয়াড়, ছেলেদের পোসাক, বেণে বাবু অবকাশমত স্বহস্তেই সেলাই করেন।' *হুতোম*, ১৮৬১। ৩ *বি* আবরণ। 'এবার আমি এই ওয়াড়-পরানো পৃথিবী থেকে বেরিয়ে গিয়ে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

ওয়াড়হীন [ওয়াড়+স হীন] *বিণ* খোলহীন। 'ওয়াড়হীন তেল-চিটচিটে গোটা দুই বালিশ।' *নরেন্দ্র*, ১৯৫১।

ওয়াদা [আ] ১ *বি* নির্ধারিত সময়। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* শর্ত। 'ইহার ওয়াদা দুই মাহা বাদে খুদ সমেত তাম্বা বিক্রি করিয়া দিব।' *মেয়র্স*, ১৭৫৬। ৩ *বি* অঙ্গীকার। 'জদি ওয়াদা খেলাপ হয় তবে সেই মাল পুনরায় বিক্রি হইবেক।' *ক্যালগে*, ১৭৯৭। ৪ *বি* মৃতদেহ নিয়ে যাওয়ার বাহন। 'এই বাহনকে বলে ওয়াদা।' *রবীন্দ্র*, ১৯২৯।

ওয়াদাবদ্ধ [আ ওয়াদা+স বদ্ধ] *বিণ* প্রতিশ্রুতিবদ্ধ। 'বেরুবাড়ী ইউনিয়ন হস্তান্তরে ওয়াদাবদ্ধ হইয়াও ...।' *আজাদ*, ১৯৬৫।

ওয়াদামাফিক [আ] *ক্রিবিণ* প্রতিশ্রুতি অনুযায়ী। 'জদি ওয়াদামাফিক নাদি তবে ফিসদে ২৫ পচীশ তঙ্কা যুনাফা।' *ওসাঁ*, ১৭৮২।

ওয়াদ্ধা *বি* পদ; ভার; ব্যবসায়। *মানোএল*, ১৭৪৩।

ওয়াভারফুল, ওয়াণ্ডারফুল [ই] ১ *বিণ* দৃষ্টিনন্দন। 'বড় বড় ওয়াণ্ডারফুল কাকাতুয়া সব।' *জীবন*, ১৯৩৩। ২ *বিণ* চমৎকার। 'বিস্ময়ে বলে ওঠেনি – ওয়াণ্ডারফুল।' *হাই*, ১৯৪৭।

ওয়ায়েজ [আ ওয়াইজ] *বিণ* ইসলাম ধর্মীয় উপদেশদাতা। 'ওয়ায়েজ মাওলানার রাহা খরচ, মদ্রাসা মক্তবের চাঁদা ... অকাতরে দান করে।' *জয়তী*, ১৯৩০।

ওয়ার[১] [ফা] *বি* বার; ক্রম। 'পহেলা ওয়ার কর আমার উপর।' *গরীব*, ১৭৬৫।

ওয়ার[২] [স প্রসার>] *বি* খোল; আবরণ। 'ওয়ার ক'রে দিয়েছিল, ছিঁড়ে গিয়েছে।' *বিভূতি*, ১৯৩১।

ওয়ার[৩] [ই] *বি* যুদ্ধ। **ওয়ার ক্রিমিনাল** [ই] *বি* যুদ্ধাপরাধী। 'ওয়ার ক্রিমিনালরা নিজেদের দেশে পরাজিত।' *মনসুর*, ১৯৪৫।

ওয়ারড্রব [ই] *বি* কাপড়চোপড় রাখার আসববিবিশেষ। 'আগে যেভাবে ছিলো ঠিক তেমনি আছে। ওয়ারড্রব, সেলাইকল।' *আলাউদ্দিন*, ১৯৬৬।

ওয়ারি [ফা ওয়ারী>] *ক্রিবিণ* ক্রম অনুযায়ী। 'নালিষের মধ্যে ওয়ারি জে ছোহা মযুরা দেয়া গেল।' *মেয়র্স*, ১৭৬৭।

ওয়ারিণ, ওয়ারিন [ই] *বি* ওয়ারেন্ট; শমন। 'ওয়ারিন।' *ভবানী*, ১৮২৩; 'যদি কেউ ওয়ারিণ করে জামিন দিবা।' *ভবানী*, ১৮২৫; 'শমন, ওয়ারিন, উকীলের চিঠি ও সফিনে বাবুর অলঙ্কার হয়েচে।' *হুতোম*, ১৮৬১।

ওয়ারিশ [আ ওয়ারিস] *বি* উত্তরাধিকারী। 'আমাদিগের ওয়ারিশ কেহ দাওয়া করে সে ঝুটা।' *ভেরলি*, ১৭৮৯।

ওয়ারিশান [আ ওয়ারিসান] *বিণ* উত্তরাধিকারী (এখানে একবচন)। 'আমিই হলাম ওয়ারিশান।' *তারা*, ১৯৪২।

ওয়ারিশি [আ ওয়ারিস>] ১ *বি* অংশ; ভাগ। 'মাঠ ভরে যেন কত ক্ষেত-ক্ষামার রেখে গেছে যে তার ওয়ারিশি পাবে।' *নরেন্দ্র*, ১৯৪৭। ২ *বি* উত্তরাধিকার স্বত্ব। 'হালিম স্ত্রীর ওয়ারিশি দাবি করিতেছে।' *মনসুর*, ১৯৫৫।

ওয়ারিষ [আ] *বি* উত্তরাধিকারী। *মেয়র্স*, ১৭৫৭।

ওয়ারিস [আ] *বি* উত্তরাধিকারী। **ওয়ারিস আন** *বি* উত্তরাধিকারীগণ। 'আমার পুত্র পৌত্রাদী ও ওয়ারিস আন সহিত কস্মিন কালে দাওয়া নাই।' *ওসাঁ*, ১৭৮২।

ওয়ারিসান [আ] *বি* উত্তরাধিকারী; বংশধর। 'যদি এর কেও ওয়ারিসান থাকতো।' *হুতোম*, ১৮৬২।

ওয়ারেশ [আ ওয়ারিস] *বি* উত্তরাধিকারী। 'ওয়ারেশ থাকে, হুজুরে হাজির হইবে।' *বঙ্কিম*, ১৮৭৪।

ওয়ারেশিন [আ ওয়ারিসান] *বি* উত্তরাধিকারীগণ। 'ভয়ে ভূমি চুমে লাত মানাত-এর ওয়ারেশিন।' *নজরুল*, ১৯২৪।

-ওয়ারী [ফা] *বিণ* -ভিত্তিক। 'কর্মচারীদিগের যে সম্প্রদায়-ওয়ারী হিসাব প্রদান করা হয়।' *মোহাম্মদী*, ১৯৩৫।

ওয়ারেন্ট, ওয়ারেন্ট [ই] *বি* পরোয়ানা; আদেশপত্র। 'তাহার গ্রেপ্তারী

AMARBOI.COM

ওয়ারেন্ট হওয়ার জন্য কোর্ট ইনস্পেক্টর মহাশয় দ্বারা প্রার্থনা করিয়া ...।' *মশাররফ*, ১৮৬৯; 'পরে ওয়ারেন্ট বাহির হইলে দেখিয়া লইব।' *রোকেয়া*, ১৯২৪।

ওয়ারেণ [ই ওয়ারেন্ট] *বি* ওয়ারেন্ট। 'ওয়ারেণ হওয়াতে ... ধৃত হইয়াছিলেন।' *দর্পণ*, ১৮২৫।

ওয়ার্কার [ই] *বি* কর্মী। 'ভালুকেরা শুনেছি সাইলেন্ট ওয়ার্কার।' *শিবরাম*, ১৯৪০।

ওয়ার্কিং কমিটি, ওয়ার্কিং কমিটী [ই] *বি* কার্যনির্বাহী কমিটি। 'ওয়ার্কিং কমিটির অনুমতি ব্যতীত।' *আজাদ*, ১৯৩৭; 'বাংলার লীগ ওয়ার্কিং কমিটী ও কাউন্সিল।' *আজাদ*, ১৯৪৬

ওয়ার্ড [ই] ১ *বি* হাসপাতালের শাখাবিশেষ। 'গোপিকে মেয়ে ওয়ার্ডে ভর্তি করিয়া দেওয়া হইল।' *মানিক*, ১৯৩৬। ২ *বি* স্থানীয় সরকারের প্রশাসনিক উপবিভাগ। 'এবার তিন নম্বর ওয়ার্ড থেকে তুমি আর আমি দাঁড়াব।' *তারা*, ১৯৪২।

ওয়ার্ড বয় [ই] *বি* হাসপাতালের ওয়ার্ডে দায়িত্ব পালনকারী বেয়ারা। 'ওয়ার্ড বয়দের ভিড় ঠেলে শক্ত সরু করিডর দিয়ে ...।' *হোসেন*, ১৯৬৯।

ওয়ার্ডরোব [ই] *বি* জামাকাপড় রাখার আলমারি। 'এ ছাড়া কাপড় রাখবার ওয়ার্ডরোব, খাবার রাখবার কাবার্ড।' *অন্নদা*, ১৯২৯।

ওয়ার্নিং [ই] *বি* সতর্কবার্তা; হুঁশিয়ারি। 'নীরদ আর একবার ওয়ার্নিং দেয়।' *নরেন্দ্র*, ১৯৪৮।

ওয়ার্নিং দেওয়া *ক্রি* সাবধান করা। 'নীরদ আর একবার ওয়ার্নিং দেয়।' *নরেন্দ্র*, ১৯৪৮।

ওয়ার্লড-চ্যাম্পিয়ানশিপ [ই] *বি* সারা বিশ্বের মধ্যে শ্রেষ্ঠত্বের প্রতিদ্বন্দ্বিতা। 'ওয়ার্লড-চ্যাম্পিয়ানশিপের খেলায় অমন দু চার ব্যক্তি সমস্ত ওয়ার্লড-চ্যাম্পিয়ানই হেরে থাকেন।' *নজরুল*, ১৯৩১

ওয়ালটজ, ওয়ালজ, ওয়াল্‌জ [ই] ১ *বি* পাশ্চাত্যের নৃত্যবিশেষ। 'পরপুরুষের সহিত হাত ধরাধরি করিয়া ওয়াল্‌জ বা পল্‌কা নাচিবে।' *দীপিকা*, ১৮৮৭। ২ *বি* পাশ্চাত্য সংগীতবিশেষ; পাশ্চাত্য সংগীতের তিন মাত্রার তালবিশেষ। 'ওয়ালটজ-রাগিণীর আর্ত সুর হাঁপিয়ে হাঁপিয়ে বেরুচ্ছে।' *নজরুল*, ১৯২২; 'সস্তা ওয়ালজ-এর ঐকতান।' *মণীশ*, ১৯৩১।

ওয়ালপেপার [ই] *বি* ঘরের দেয়াল আবৃত করার জন্য ব্যবহৃত চিত্রাঙ্কিত কাগজ। 'মেজেতে কার্পেট পাতা, দেয়ালে ওয়ালপেপার আঁটা।' *অন্নদা*, ১৯২৯।

ওয়ালম্যাপ [ই] *বি* দেয়ালে টানানোর উপযোগী মানচিত্র। 'কিনলাম পৃথিবীর একটি ওয়াল ম্যাপ।' *হাই*, ১৯৫৮।

ওয়ালেদ [আ ওয়ালিদ] *বি* পিতা। 'হুলাম আপনার ওয়ালেদ ইন্তেকাল ফর্মাইছেন।' *ইমদাদুল*, ১৯২০।

ওয়াশবেসিন, ওয়াশবেশীন [ই] *বি* দেয়ালের সঙ্গে লাগানো হাত-মুখ ধোয়ার আধারবিশেষ। 'মাথা ঠুকে যায় ওয়াশ বেসিনের কোনায়।' *মণীশ*, ১৯৫৭; 'কামরা সংলগ্ন ছোট্ট একটি ঘরে মুখ হাত ধোয়ার ওয়াস বেশীন।' *হাই*, ১৯৫৮।

ওয়াশিংরুম [ই] *বি* শৌচাগার। 'সেটা ওরা সারে পাশের ওয়াশিংরুমে গিয়ে।' *হাই*, ১৯৫৮।

ওয়াশিল [আ] *বি* পাওনা আদায়। 'তাহারা মোক্তারনামার দ্বারা সকল আদায় ওয়াশিল করিতেন।' *প্যারী*, ১৮৫৮।

ওয়াসিল, ওয়াসীল [আ ওয়াশিল] ১ *বি* পাওনা অর্থ। 'পাতে পাতে লিখে যত ওয়াসিল বাকি।' *বিজয়*, ১৬৫০; 'ওয়াসীল বাকির ফর্দ্দ জাইতেছে ওয়াকিব হইবে।' *তাঁতি*, ১৭৯২। ২ *বি* আদায়; উসুল; পাওনা আদায়। 'আজীকার প্রজার স্থানে খাজানা ওয়াসীল করা বড় দায় হইয়াছে।' *ওসাঁ*, ১৭৮২।

ওয়াস্তা [আ ওয়াসিতা] *বি* অপেক্ষা। 'আর এক আধ মিনিটের ওয়াস্তা কেবল!' *শিবরাম*, ১৯৪০।

ওয়াস্তে [আ ওয়াসিতা] *অব্য* উদ্দেশে। 'থোড়া পানি খোদার ওয়াস্তে দেহ তার তরে।' *গরীব*, ১৭৬৫।

ওয়াহাবী [আ] *বিণ* ওহাবি আন্দোলন বিষয়ক। 'নীল বিদ্রোহ, ওয়াহাবী বিদ্রোহ প্রভৃতি...।' *আনোয়ার*, ১৯৭০। পৃ. ২০৩

ওয়েট[১] [ই] *বি* ওজন। 'ওয়েট লিফটিং একটা ভালো এক্সারসাইজ।' *শিবরাম*, ১৯৪০।

ওয়েট[২] **নার্স** [ই] *বি* অন্যের শিশুকে স্তন্যদান করার কাজে নিযুক্ত ধাত্রী। 'পার্টির ওয়েট নার্স বাচ্চার জন্য ওয়েটিংরুমে অপেক্ষা করবে।' *মুজতবা*, ১৯৫২।

ওয়েটার [ই] *বি* খাবার-পরিবেশক পুরুষ। 'রেস্তোরাঁয় কেন ওয়েটারের বদলে ওয়েট্রেসের প্রাধান্য বেশী।' *বেগম*, ১৯৪৭।

ওয়েটিংরুম [ই] *বি* যাত্রীদের বিশ্রাম করার কক্ষ। 'গাড়িটি আসিয়া জংশনে থামিলে আমরা দ্বিতীয় গাড়ির অপেক্ষায় ওয়েটিংরুমে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ওয়েটিং শেড [ই] *বি* যাত্রীছাউনি। 'রেল-স্টেশনের ওয়েটিং শেডে বিশ্রাম করিতে করিতে ...।' *মনসুর*, ১৯৪০।

ওয়েট্রেস [ই] *বি স্ত্রী* খাবার-পরিবেশক নারী। রেস্তোরাঁয় কেন ওয়েটারের বদলে ওয়েট্রেসের প্রাধান্য বেশী।' *বেগম*, ১৯৪৭।

ওয়েডিং কেক [ই] *বি* বিয়ের অনুষ্ঠানে যে কেক কাটা হয়। 'একটা ওয়েডিং কেকও সাজানো আছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

ওয়েদরকক [ই weather cock] *বি* বাতাসের দিঙ্‌নির্দেশক মোরগ আকৃতির যন্ত্রবিশেষ। 'দেশের লোকের মনই সমাজের লোকোমোটিবের মত, ব্যবহার কেবল ওয়েদরককের কাজ করে।' *হুতোম*, ১৮৬১।

ওয়েদার [ই] *বি* আবহাওয়া। 'মহিলাটি বললেন, ড্রেডফুল ওয়েদার।' *রবীন্দ্র*, ১৮৮১।

ওয়েল [ই] *অব্য* (বিস্ময়ে) বটে; আচ্ছা। 'সাহেব আবার বলিতেছেন – ওয়েল!' *প্যারী*, ১৮৫৯।

ওয়েলার [ই] *বি* এক শ্রেণীর বৃহৎ আকৃতির ঘোড়া। 'গাড়ির হররা সহিসের পয়িস পয়িস শব্দ, কেঁদো কেঁদো ওয়েলার ও নরম্যাণ্ডির টাপেতে রাস্তা কেপে উঠছে।' *হুতোম*, ১৮৬১।

ওয়েসিস [ই] *বি* মরূদ্যান। 'মরুভূমে ওয়েসিসের ন্যায় দুই একটি উপযুক্ত মুসলমান বালিকা বিদ্যালয় আছে।' *রোকেয়া*, ১৯২২।

ওয়েস্টকোট [ই] *বি* কোটের নিচে পরার উপযোগী একই কাপড়ের হাতা-ছাড়া কোমর পর্যন্ত ঝুলের জামা। 'প্রায় সমস্ত-বুক খোলা এক বনাতের ওয়েস্টকোট।' *রবীন্দ্র*, ১৮৮১।

ওর [স অপার] ১ *বিণ* সীমা। 'সখি হামারি দুখের নাহিক ওর।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* দিশা। 'চৌদিকে করিল ঘোর না পাই পহুের ওর।' *সুলতান*, ১৭৫০। ৩ *বি* গ্রাহ্য। 'রাছুলে তিলেক কেহ না করিল ওর।' *গরীব*, ১৭৬৫।

AMARBOI.COM

ওরক [আ] *বি* পৃষ্ঠা বা পাতা। 'তবে কোরানের এক ওরক উড়িয়া।' *সুলতান*, ১৭০০।

ওরপার *বি* সীমানা। 'ঐছে মহাপ্রভুর লীলা নাহি ওরপার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ওরফে [আ উরফ] *অব্য* তথা। 'ক্ষীরোদা ওরফে ক্ষীরি।' *বঙ্কিম*, ১৮৭৮।

ওরা[১] ১ *সর্ব* তারা। 'তোদের জন্যিই ওরা বেপালটে পড়েচে।' *দীনবন্ধু*, ১৮৬০। ২ *সর্ব* ওগুলো। 'অবচ্ছিন্ন তারারাশি, ওরা চিরদিনকার চেনা।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

ওরা[২] [স উত্তরণ>] *ক্রি* আবির্ভূত হওয়া। 'বিদ্বরাজ বিল্ব হর বারেক স্মরণে ওর।' *মানিকরাম*, ১৭৮১।

ওরাওঁ *বি* নৃ-গোষ্ঠীবিশেষ। 'ওরাওঁ জাতের মাঝী।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ওরাং উটাং [হি] *বি* বানর প্রজাতির প্রাণীবিশেষ। 'যেন ওরাং উটাং চার হাত পায়ে ছুটে।' *সুনীল*, ১৯৬৬।

ওরাবাঁশ *বি* ঘন গিঁটওয়ালা এক প্রকার বাঁশ। 'বেছে বেছে কাটল রূপাই ওরাবাঁশের গোড়া।' *জসীম*, ১৯২৯।

ওরিজিনাল, ওরিজিন্যাল [ই] *বিণ* মৌলিক। 'এ লোকটা কিছু ওরিজিনাল চাল চেলেছে।' *রবীন্দ্র*, ১৮৯৪; 'শিবের ছিল স্টাইল, এত ওরিজিন্যাল।' *রবীন্দ্র*, ১৯২৮।

ওরিজিন্যালিটি [ই] *বি* মৌলিকত্ব; স্বকীয়তা। 'সংক্ষিপ্ত করে লিখলে তার ওরিজিন্যালিটি, তার উজ্জ্বলতা, পরিস্ফুট হত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ওরিয়েন্টাল [ই] *বিণ* প্রাচ্যবৈশিষ্ট্যপূর্ণ। 'ইহাকেই বলে ওরিয়েন্টাল।' *রবীন্দ্র*, ১৯০৫।

ওরিয়েন্টালিস্ট [ই] *বি* প্রাচ্যবিদ্যাবিশারদ, বিশেষ করে যাঁরা আঠারো শতকের শেষে কলকাতার এশিয়াটিক সোসাইটিকে কেন্দ্র করে গবেষণা শুরু করেন। 'বড়ো বড়ো ওরিয়েন্টালিস্ট উত্তীর্ণ হয়েছেন।' *প্রমথ*, ১৯২৭।

ওরে *অব্য* সম্বোধনসূচক শব্দ। 'আর কিছুদিন ওরে, রহরে ধরণী পরে।' *বঙ্কিম*, ১৮৫২; 'ওরে কুলাঙ্গার, তবে এ চরণ ছুঁয়ে যে আজ্ঞা লইলি!' *রবীন্দ্র*, ১৮৮৫।

ওরোস [আ উরুস] *বি* মুসলমান পীরের মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত সম্মেলন। 'আর ওরোস মনে হচ্ছে না।' *হাসান*, ১৯৬২।

ওল [স ওল্ল] *বি* কন্দজাতীয় সবজি। 'বুড়ি দুই তিন খায় আলু ওল পোড়া।' *মুকুন্দ*, ১৬০০।

ওলকপি [স ওল্ল+প কপি] *বি* কন্দজাতীয় সবজিবিশেষ। 'এইরকমের কৃষি কবিতা ওলকপি, গোল আলু, লাউশাক, শকরকন্দ যার সম্বন্ধে খুশি লিখতে পারেন।' *শিবরাম*, ১৯৫০।

ওলছিলা [স ওল্ল>] *বিণ* আবরণ-তুলে-ফেলা ওলের মতো। 'ওলছিলা চেহারা।' *নজরুল*, ১৯১৯।

ওলট-পালট [হি উলট-পলট] ১ *বিণ* বিধ্বস্ত। 'হয় দুনিয়া ওলট-পালট ...।' *ওঙ*, ১৮৫৮। ২ *বি* এলোমেলো। 'ছেলেরা সেই খেত আগাগোড়া খুঁড়ে ওলটপালট করলে।' *প্রমথ*, ১৯১৯। ৩ *বি* পরিবর্তন। 'কেবল মস্ত্রিচক্রের ওলটপালটে চলবে না।' *ধূর্জটি*, ১৯৩১।

ওলটানো [হি উলটনা] *বিণ* পৃষ্ঠা পরিবর্তন করা হয়েছে এমন। 'লাবণ্যর পড়া বই, তার আঙুলে পাতা-ওলটানো।' *রবীন্দ্র*, ১৯২৮।

ওলদ [আ ওয়ালিদ] *বি* সন্তান। *বিদ্যা*, ১৮৯১।

ওলদে [আ ওয়ালিদ] *বিণ* পিতা। 'শ্রীরামকানাই দত্ত ওলদে শ্রীগদারাম দত্ত।' *ওসাঁ*, ১৭৮২।

ওলন [স অবলম্ব] ১ *বি* নামা; অবতরণ। *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* পানির গভীরতা মাপার ভার বাঁধা লম্বা দড়ি বা সুতাবিশেষ। 'আর-একজন খালাসী আমাদের লিডারের হুকুমে ওলন ফেলে বৃথা জল মাপছে।' *প্রমথ*, ১৯৩৩।

ওলনদড়ি [স অবলম্ব>+দড়ি] *বি* পানির গভীরতা মাপার ভার বাঁধা লম্বা দড়ি। '৩৫০০ হস্ত-প্রমাণ ওলনদড়ি ফেলিয়া দিয়াও ...।' *অক্ষয়*, ১৮৫২।

ওলন্দাজ [প ওলেন্দেজ] *বি* হল্যান্ডের অধিবাসী; ডাচ। 'ফরাশিস এবং ওলন্দাজদিগের কুঠী সব ইহার অনেক বৎসর পূর্ব্ব বন্ধ হয়।' *দর্পণ*, ১৮৩১।

ওলন্দাজি [প ওলেন্দেজ>] *বিণ* হল্যান্ডে জাত; নেদারল্যান্ড দেশীয়। *বিদ্যা*, ১৮৯১; 'জর্মান, ওলন্দাজি, ইংরেজি; ব্রিটেনীয় আদিমবাসীদিগের কেল্টিক ভাষা।' *বঙ্কিম*, ১৮৯২।

ওলন্দেজ [প ওলেন্দেজ] *বি* হল্যান্ডের অধিবাসী; ডাচ। 'ওলন্দেজ।' *ওসাঁ*, ১৭৮২।

ওলেন্দেজ [প ওলেন্দেজ] *বি* হল্যান্ডের অধিবাসী; ডাচ। 'ওলেন্দেজ।' *মেয়ার*, ১৭৮৯।

ওলোন্দাজ [প ওলেন্দেজ] *বি* হল্যান্ডের অধিবাসী; ডাচ। 'ওলোন্দাজ।' *ক্যালগে*, ১৭৯৫।

ওলপ [স প্রলেপ] *বি* ঢাকনি; আবরণ। *বিদ্যা*, ১৮৯১।

ওলবোল *বিণ* সিক্ত। 'ঘর্ম্মে অঙ্গ ওলবোল বিপরিত রূপ।' *মালাধর*, ১৫০০।

ওলশাক [স ওল্ল] *বি* ওল গাছের পাতা। 'ওলশাক কচুশাক সিদ্ধ।' *বিভূতি*, ১৯২৯।

ওলা [স উল্বক] *বি* চিনি বা মিছরির নাড়ুবিশেষ। 'বর্দ্ধমানের ওলা বীরভূমের নবাক মেওয়া।' *ভবানী*, ১৮২৫।

ওলাউঠা, ওলাউঠো *বি* কলেরা। 'ওলাউঠা রোগ এতদ্দেশে পুনরাগমন করিয়াছে।' *দর্পণ*, ১৮২০; 'জ্বর বিকার ওলাউঠোর প্রাদুর্ভাব না পড়লে এঁদের মুখে হাসি দেখা যায় না।' *হুতোম*, ১৮৬১।

ওলা বিবি *বি* কলেরা রোগের অধিষ্ঠাত্রী কাল্পনিক দেবী। 'ওলা বিবি আইছে ওইহানে।' *জহির*, ১৯৬৪।

ওলানো, ওলান *ক্রি* নামানো। 'সুন্দর ওলান বোঝা তবু নহে মুখ সোজা ...।' *ভারত*, ১৭৬০। **ওলাইব** *ক্রি* নামাবো। 'অন্ন লবণ দিয়ে ওলাইবে হাঁড়ি।' *মানিকরাম*, ১৭৮১। **ওলাইয়া** *ক্রি* নামিয়ে। 'হেনকালে মাল্যামী আইল নিজ পুরী, বোঝা ওলাইয়া কহে বচন চাতুরী।' *কৃষ্ণরাম*, ১৭২০। **ওলাও** *ক্রি* নামাও। 'ওলাও ওলাও কালিন্দীর বিষ আগে ঘের কাহিনী।' *বিজয়*, ১৬৫০। **ওলায়্যা** *ক্রিবিণ* নামিয়ে। 'গাছে হতে আগে আনি ওলায়্যা কর্পূরে।' *মানিকরাম*, ১৭৮১। **ওলাহ** *ক্রি* নামিয়ে রাখো। 'মাঝ ন্যঅত রাধা ওলাহ পসার।' *বড়ু*, ১৪৫০। **ওলাহা** *ক্রি* নামাও। 'না জাহা না জাহা গোআলী ওলাহা পসারা।' *বড়ু*, ১৪৫০।

ওলামা [আ উলামা] *বি* ইসলামি শাস্ত্রবিদ। 'ওলামা সম্প্রদায়ের ধর্ম্মপ্রচার সমিতি।' *প্রচারক*, ১৯০৩।

ওলাহন [স উপালম্ভন] *বি* ভর্ৎসনা। 'শুনি শচী পুত্রে কিছু দিল ওলাহন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

AMARBOI.COM

ওলি [আ ওয়ালি] *বি* মুসলমান ধর্মগুরু। 'আদরের ভক্ষকের নেয়ামত ওলি।' *আলাওল*, ১৬৮০।

ওলিম্পিক [ই] *বি* চার বছর অন্তর একেক দেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক অলিম্পিক ক্রীড়া প্রতিযোগিতা। 'আমি কার্লকে ওলিম্পিকের জন্য তৈরি হতে উপদেশ দিতুম।' *মুজতবা*, ১৯৫২।

ওলো [ধ্বন্যা] *অব্য* ওগো। 'বিদ্যাহেতু ওই, এসেছে ওলো।' *রামপ্রসাদ*, ১৭৮০।

ওল্টানো [হি উলটা>] *ক্রি* বদলানো। 'মনটাকে নিয়ে একবার ওল্টাব একবার পাল্টাব।' *রবীন্দ্র*, ১৮৯২।

ওল্টা পাল্টা [হি উলটা>] *বি* পরিবর্তন। 'ওষুধের যদি একটা ওল্টা পাল্টা কত্তে হয়।' *গিরিশ*, ১৮৮৯।

ওল্ড, ওল্‌ড [ই] *বিণ* পুরানো। 'কেবল সর্ব্বদাই রোগ, মদ খেয়ে জুজু, স্ত্রীর দাস, ... একেবারে হৃদয় হতে নির্ব্বাসিত হয়েছে, এঁরা ওল্‌ড।' *হুতোম*, ১৮৬১।

ওল্ড ফুল, ওল্‌ড ফুল [ই] *বি* বুড়া আহাম্মক (গালি)। 'ও ওল্‌ড ফুল মরে যাক।' *হুতোম*, ১৮৬১।

ওল্ড মেথড [ই] *বি* পুরানো পদ্ধতি। 'এখানে আপনাদের ওল্ড মেথড খাটবে না।' *সাদত*, ১৯৬৭।

ওষধ [স ঔষধ] *বি* ওষুধ। 'ছেল্যার তরে মেয়্যা সব-ওষধ যায় খাতে।' *রূপরাম*, ১৭৫০।

ওষধি [স] *বিণ* একবার ফল দিয়ে মরে যায় যে গাছ। 'যৌবন ওষধিফলে পাকিআ পড়িল তলে।' *মুকুন্দ*, ১৬০০।

ওষুধ [স ঔষধ] *বি* রোগ নিরাময়কারী রাসায়নিক পদার্থ; ঔষধ। 'দুহিতাকে জিজ্ঞাসিল কি ওষুধ দিলা।' *সুলতান*, ১৭০০।

ওষুধ করা *ক্রি* তুকতাক ও বশীকরণ মন্ত্রাদি দ্বারা অনুগত করা। 'পারিস যদি একটু ওষুধ করিস।' *বঙ্কিম*, ১৮৮২।

ওষুধপত্তোর [ওষুধ+স পত্র] *বি* ওষুধপত্র। 'এখন সকলে ওষুধপত্তোর খাবে।' *মনোজ*, ১৯৬১।

ওষুধপথ্য [ওষুধ+স পথ্য] *বি* রোগীর উপযুক্ত ওষুধ ও খাবার। 'ওষুধপথ্য না খেলে শরীর ভাল হবে কী করে?' *নরেন্দ্র*, ১৯৫৬।

ওষুধবিষুধ [স ঔষধ>] *বি* ওষুধপত্র ইত্যাদি। 'এই-সব শিশি কৌটা ওষুধবিষুধ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ওষ্ট [স ওষ্ঠ] *বি* উপরের ঠোঁট। 'ওষ্ট কাপে থর২।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ওষ্ঠ [স] *বি* উপরের ঠোঁট। 'ওষ্ঠ আধর যেহ্ন যমজ পৌআর।' *বড়ু*, ১৪৫০।

ওষ্ঠপুট [স] *বি* উপরের ঠোঁটের প্রান্ত। 'আচম্বিতে দেখি উঠে, দন্তচিহ্ন ওষ্ঠপুটে।' *মদনমোহন*, ১৮৩৪।

ওষ্ঠরাগ [স] *বি* ঠোঁটের রং। 'পার্থের চুম্বনস্মৃতি ভুলে গিয়ে তব ওষ্ঠরাগ ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

ওষ্ঠলোম [স ওষ্ঠ-রোম] *বি* গোঁফ। 'ইহারাও ঘোরী হয় না; শ্মশ্রু ও ওষ্ঠলোম প্রভৃতি রাখিয়া দেয়।' *অক্ষয়*, ১৮৫০।

ওষ্ঠাগত [স ওষ্ঠ-আগত] *বিণ* প্রায় বেরিয়ে যাচ্ছে এমন। 'ওষ্ঠাগত হলো প্রাণ নিষ্ঠুর কথায়।' *ভবানী*, ১৮২৫।

ওষ্ঠাগতপ্রাণ [স ওষ্ঠ-আগত-প্রাণ] *বিণ* মুমূর্ষু। 'সেই চক্রলাঞ্ছিত, ওষ্ঠাগতপ্রাণ, প্রভুভক্ত পিপিবরের বক্ষ চিরে ...।' *নজরুল*, ১৯২৭।

ওষ্ঠাধর [স ওষ্ঠ-অধর] *বি* উপরের ও নিচের ঠোঁট। 'ওষ্ঠাধর কামড়িয়া সশব্দ বিকট দংষ্ট্র ভয়ানক বদন ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

ওষ্ঠাধরপুট [স ওষ্ঠ-অধর-পুট] *বি* মিলিত দুই ঠোঁট। 'ফিরায়ো না মুখ, উল্লুল রক্তিমবর্ণ সুধাপূর্ণ সুখ রেখো ওষ্ঠাধরপুটে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ওষ্ঠ্য [স] *বিণ* ওষ্ঠের সাহায্যে উচ্চারিত। 'ইংরাজী ডেক্সয়াননারীর ন্যায় ভাষায় বিবরিয়া দন্ত্য ওষ্ঠ্য বকারের প্রভেদ করিয়া ...।' *দর্পণ*, ১৮১৮।

ওষ্ঠ্য বর্ণ [স] *বি* ঠোঁটের সাহায্যে উচ্চারিত বর্ণ। 'প, ফ, ব, ভ, ম, ইহারা ওষ্ঠ্য বর্ণ।' *মদনমোহন*, ১৮৪৯।

ওসওয়াসা [আ ওয়াসওয়াসা] *বি* কুমন্ত্রণা। 'শয়তানের ওসওয়াসা হৈতে আমরার দেশ আজো মুক্ত হৈতে পারে নাই।' *মনসুর*, ১৯৪৫।

ওসকানো *ক্রি* উত্তেজিত করা। 'বাঙলায় বলে, তাতানো, ওসকানো, খ্যাপানো।' *মুজতবা*, ১৯৫৮।

ওসার [স প্রসার>] **১** *বি* বিস্তার। 'বান্ধিব পাতল বস্ত্র রাখিআ ওসার।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* প্রস্থ। *মানোএল*, ১৭৪৩।

ওসারওআলা *বিণ* চওড়া। *বিদ্যা*, ১৮৯১।

ওসিয়ত [আ ওয়াসিয়তা] **১** *বি* নির্দেশ। 'তাঁর হাত-পা টিপিয়া দিবার ওসিয়ত ছিল।' *মনসুর*, ১৯৩৫। **২** *বি* অন্তিম উপদেশ। 'ঐক্য, বিশ্বাস ও শৃঙ্খলা জাতির পিতার ওসিয়ত।' *মনসুর*, ১৯৪৫।

ওসোয়াসমান [স অস্বস্তি>] *বিণ* অশান্তিপূর্ণ। 'আমার চিত্ত সদাসর্ব্বদা ওসোয়াসমান থাকে।' *রামরাম*, ১৮০১।

ওসয়াস [স অস্বস্তি>] *বি* অস্বস্তি। 'কোন ওসয়াস করিবে না।' *চিঠিপত্র*, ১৮৩১।

ওসোয়াস [স অস্বস্তি>] *বি* সন্দেহ। *ভবানী*, ১৮২৩।

ওস্তা [ফা উসতুয়ার] *বি* মুসলমান সম্প্রদায়বিশেষ। 'ওস্তারা নামাজ, রোজা প্রভৃতি ...।' *সাম্যবাদী*, ১৯২৩।

ওস্তাগর [ফা উসতাগার] **১** *বি* শিক্ষক। *বিদ্যা*, ১৮৯১। **২** *বি* প্রধান দরজি। 'নতুন সাজ-পোশাকের ফরমাশ গেল ওস্তাগরের কাছে।' *বিমল*, ১৯৫৩। **৩** *বি* রাজমিস্ত্রি। 'রাজমিস্ত্রী বাপের সঙ্গে যোগানদার হয়ে রইলো কিছুদিন, বাপ মারা গেলে পুরো ওস্তাগর।' *ইলিয়াস*, ১৯৭২।

ওস্তাগরি [ফা উসতাগার>] *বি* রাজমিস্ত্রির কাজ। 'ওস্তাগরি করলো বহুত দিন।' *ইলিয়াস*, ১৯৭২।

ওস্তাদ [ফা] **১** *বি* গুরু। 'ওস্তাদের বচন এখন কাজীর মনে লয়।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* সংগীতশিল্পী। 'দু চার গাইয়ে বাজিয়ে ওস্তাদরা আস্‌বেন।' *হুতোম*, ১৮৬১। **৩** *বিণ* কুশলী। 'তুমি তো ওস্তাদ মানুষ।' *রবীন্দ্র*, ১৯০৭। **৪** *বি* বিশেষজ্ঞ। 'তুর্কমেনিস্তানের চাষের উন্নতির জন্য ... কৃষিবিদ্যার ওস্তাদ পাঠানো হচ্ছে।' *রবীন্দ্র*, ১৯৩১। **৫** *বিণ* পারদর্শী। 'ব্যাডমিন্টন খেলায় ওস্তাদ।' *রবীন্দ্র*, ১৯৩২।

ওস্তাদজী [ফা] *বি* সম্মানিত গায়ক। 'ওস্তাদজী শুয়ার গুণচ না কি?' *বঙ্কিম*, ১৮৭৮।

ওস্তাদমহল [ফা ওস্তাদ+আ মহল] *বি* বিশেষজ্ঞ সমাজ। 'ওস্তাদমহলে এই বিষয়টা নিয়ে ... জমা হয়ে উঠেছে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

ওস্তাদি, ওস্তাদী [ফা ওস্তাদ>] **১** *বিণ* বাজখাই। 'ওস্তাদী গলায় তান-কর্তবে পল্লীর নিদ্রা-তন্দ্রা তিরোহিত।' *রবীন্দ্র*, ১৯০০। **২** *বি*

AMARBOI.COM

মাতব্বরি; শিক্ষকতা। 'সে গান শিখিতে চায়, ওস্তাদি শিখিয়া বসে।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বিণ* উচ্চাঙ্গ সঙ্গীত। 'বাংলা কীর্তন এবং পশ্চিমের ওস্তাদী গান।' *অবন*, ১৯২৫; 'পেশাদার ওস্তাদী সঙ্গীত সচরাচর যেমন হইয়া থাকে।' *শরৎ*, ১৯৩১। ৪ *বি* দক্ষতা। 'চরিত্র-রচনায় সব চেয়ে ওস্তাদী তোমার।' *রবীন্দ্র*, ১৯৩২।

ওস্তাদের মার *বি* অভিজ্ঞের উৎকৃষ্টতা। 'ওস্তাদের মার শেষ আসরে।' *তারা*, ১৯৪২।

ওহাড়ন [স আবরণ] *বি* আবরণ। 'নেত বাস ওহাড়ন দিআঁ।' *বড়ু*, ১৪৫০।

ওহাড়া [স আবরণ>] *ক্রি* আবৃত করা। 'কত না রাখিব কুচ নেতে ওহাড়িআঁ।' *বড়ু*, ১৪৫০।

ওহাড়ী [স আবরণ] *বি* আবরণ। 'নেত আঞ্চল সে দিআঁ ত ওহাড়ী।' *বড়ু*, ১৪৫০।

ওহাবী [আ ওয়াহাব>] *বি* মূল আদর্শে ফিরে যাওয়ার আন্দোলনকারী মুসলমান সম্প্রদায়বিশেষ। 'এছমাইলী ওহাবী ও গোলাবীর আবির্ভাব হইয়াছে।' *হেদায়েত*, ১৯২৬।

ওহি, ওহী [আ] *বি* ইসলামি বিশ্বাস অনুযায়ী দৈববাণী। 'ওহি নাজেল।' *সুলতান*, ১৭০০; 'ওহী নাজেল হইত।' *ইসলাম*, ১৯৩৩।

ওাকিপার [আ ওয়াকিফ] *বিণ* অবগত। 'মোকদ্দমার ওাকিপার লোকদিগের জবানবন্দি ...।' *এডমন*, ১৭৯২।

ওাকীফ [আ ওয়াকিফ] *বিণ* জ্ঞাত। 'জেমত ভালমন্দ ওাকীফ হইয়া গিছ।' *বোগল*, ১৭৮০।

ওাজীব [আ ওয়াজিব] *বিণ* পালন করতে বাধ্য। 'শুনাগারি ও রসুম তাহার উপর ওাজীব হইবেক না।' *এডমন*, ১৭৯৩।

ওারিন, ওয়ারিন [ই ওয়ারেন্ট] *বি* আসামিকে হাজির করার আদেশ। *এডমন*, ১৭৯২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঔ *বি* বাংলা স্বরবর্ণবিশেষ। **ঔকার** *বি* ঔ-এর কারচিহ্ন (ৌ)। ' যেখানে আদ্যক্ষরে ইকার উকার বা ঔকার আছে, সেখানে ...।' *রবীন্দ্র*, ১৯০৪।

ঔষদ [স ঔষধ] *বি* ঔষধ। 'সমুচিত ঔষদে না রহ বেয়াধি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ঔঘট [হি] *বিণ* দুর্গম। 'জাএব ঔঘট ঘাটে, কহৈয়া।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ঔচিত্য [স] **১** *বি* যথার্থতা। 'আমরা যদ্যপি এতদ্রূপ **অক্ষর পরিবর্ত্তনের** ঔচিত্য বিষয়ে ...।' *দর্পণ*, ১৮৩৪। **২** *বি* ন্যায্যতা। 'ইহাতে ঔচিত্যানৌচিত্য কিছুই নাই।' *বঙ্কিম*, ১৮৭৯।

ঔচিত্যজ্ঞান [স] *বি* ন্যায্যতাবোধ। 'আমাদের ঔচিত্যজ্ঞানই আমাদের সত্যজ্ঞানের প্রতিবন্ধক।' *প্রমথ*, ১৯২৭।

ঔচিত্যবোধ [স] *বি* নীতিবোধ। 'তাঁর বহু রচনায় মানুষের প্রাতিস্বিকতা ঔচিত্যবোধের চাপে খণ্ডিত এবং কিছুটা বিদ্রিত হয়েছে।' *শিব*, ১৯৫০।

ঔচিত্যানৌচিত্য [স ঔচিত্য-অনৌচিত্য] *বি* সত্যাসত্য; উচিত-অনুচিত; ন্যায্যতা-অন্যায্যতা। 'কর্ম্মের ঔচিত্যানৌচিত্য বিচারে প্রবৃত্ত হইয়া তদ্বিষয়ে স্বাভিমত প্রকাশ করে।' *অক্ষয়*, ১৮৪৮; 'ইহাতে ঔচিত্যানৌচিত্য কিছুই নাই।' *বঙ্কিম*, ১৮৭৯।

ঔজ্জ্বল্য [স] *বি* উজ্জ্বলতা। 'উহার অসাধারণ সৌন্দর্য ও **ঔজ্জ্বল্য** দর্শনে মোহিত হইল।' *বিদ্যা*, ১৮৬৩।

ঔদ্র [স] *বিণ* ওড়িশাসংক্রান্ত। 'ঔদ্র দেশীয় কার্য্যে উড়িয়া নিযুক্ত করা উচিত।' *দর্পণ*, ১৮৩৬।

ঔদ্রীয়া [স] *বি* প্রাচীন ভারতের ভাষাবিশেষ। 'এই বঙ্গভাষা ... **ঔদ্রীয়া** পাশ্চাত্যা প্রাচ্যা বাহ্লিক্যারন্তিকা দাক্ষিণাত্যা এই শাস্ত্রীয় অষ্টাদশ ভাষা হইতে নির্গতা হইয়াছে।' *দর্পণ*, ১৮৩০।

ঔতুল *বি* সত্য কারণ। *মান্যেএল*, ১৭৪৩।

ঔৎকট্য [স] *বি* উগ্রতা। 'প্রহারের সংখ্যা ও ঔৎকট্য উভয়েরই অনেক বৈলক্ষণ্য করিত।' *বিদ্যা*, ১৮৬৩।

ঔৎকর্ষ [স] *বি* উৎকৃষ্টতা। 'তার নৃত্যগীত চিত্রকলা নাট্যকলায় সৌসাম্যের অপরূপ ঔৎকর্ষ।' *রবীন্দ্র*, ১৯২৮।

ঔৎকর্ষকরণ [স] *বি* উন্নতিকরণ। 'এতদ্দেশীয় লোকেরদের ঔৎকর্ষকরণ মহাকার্য্য ...।' *দর্পণ*, ১৮৩১।

ঔৎকলী ভাষা [স] *বি* উৎকলের ভাষা; ওড়িয়া ভাষা। 'বাইবেল হিন্দুস্থানীয় নানা ভাষায় অর্থাৎ মহারাষ্ট্রীয় ... ও ঔৎকলী প্রভৃতি উনচত্বারিংশৎ ভাষায় তর্জমা করাইয়া ...।' *দর্পণ*, ১৮৩৪।

ঔৎপাতিক [স] *বি* উপদ্রব। 'ঔৎপাতিকে ঔপসর্গে তুমি সে ঔষধ।' *ভারত*, ১৭৬০।

ঔৎসুক [স] *বি* আগ্রহ। 'প্রতিভার সংস্রবে আসবার জন্যে বাঙালির ঔৎসুক বেড়ে চলেছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঔৎসুক-অধীর [স] *বিণ* উৎকণ্ঠিত। 'ঔৎসুক-অধীর মনকে শান্ত করবার জন্যে দুমাদুম করে কয়েক লাফ ভালুক নাচ নেচে নাইতে যায়।' *মণীশ*, ১৯৬৩।

ঔৎসুক্য [স] **১** *বি* উৎকণ্ঠা। 'উদ্বেগ বিষাদ মতি / ঔৎসুক্য ত্রাস ধৃতি স্মৃতি/ নানা ভাবের হইল মিলন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* আগ্রহ। 'কুশল সংবাদ শুনিবার জন্য পল্লীস্থিত সকলেই ঔৎসুক্য প্রকাশ করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৭।

ঔৎসুক্যজনক [স] *বিণ* আগ্রহ জাগায় এমন। 'রহস্যপূর্ণ উপন্যাসের ন্যায় ঔৎসুক্যজনক।' *রবীন্দ্র*, ১৯০০।

ঔৎসুক্যপরবশ [স] *বিণ* আগ্রহী। 'রামের সহিত সাদৃশ্য দেখিয়া কৌশল্যা অত্যন্ত ঔৎসুক্যপরবশ হইয়া ...।' *বঙ্কিম*, ১৮৮৪।

ঔৎসুক্যপূর্ণ [স] *বিণ* আগ্রহপূর্ণ। 'সেই যুগলচক্ষুর ঔৎসুক্যপূর্ণ স্থিরদৃষ্টি নিপতিত হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯৮।

ঔৎসুক্যবশত [স] *ক্রিবিণ* আগ্রহের সঙ্গে। 'ঔৎসুক্যবশত তিনি তৎক্ষণাৎ তাহা তুলিয়া লইলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

ঔৎসুক্যবান [স] *বিণ* উৎসাহী। 'রাজকার্যবিধিতে ঔৎসুক্যবান।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঔৎসুক্যব্যগ্র [স] *বিণ* কৌতূহলী। 'ঔৎসুক্যব্যগ্র নাসিকাটি নিয়ে তারা ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঔৎসুক্যসহকারে [স] *ক্রিবিণ* আগ্রহের সঙ্গে। 'যাত্রীরা সকলেই ঔৎসুক্যসহকারে নৌকার বাহিরে আসিয়া ...।' *বঙ্কিম*, ১৮৬৬।

ঔৎসুক্যহীনতা [স] *বি* উৎসাহ নেই এমন। 'স্বদেশের প্রতি এমন ঔৎসুক্যহীনতা সত্ত্বেও আমাদের ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঔৎসুক্যাদি [স] *বি* আগ্রহ, উৎসাহ ইত্যাদি। 'বিবিধ-বিষয়ক যত্ন, চেষ্টা, ঔৎসুক্যাদি নিরীক্ষণ ও পর্য্যালোচন করত ইতস্ততঃ পদচারণা করিতেছিলাম।' *অক্ষয়*, ১৮৪৯।

ঔদধি [স উদধি] *বি* সমুদ্র। 'মীনরূপে প্রথমেতে ঔদধি উদক হতে।' *মানিকরাম*, ১৭৮১।

ঔদরিক [স] **১** *বিণ* পেটুক। 'আমার নিকট একজন ঔদরিক বিশেষ পরিচিত ছিলেন।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বিণ* উদর সম্বন্ধীয়। 'শব্দটা তার শুধু ঔদরিক অর্থে বুঝি।' *প্রমথ*, ১৯২০। **৩** *বি* উদরসর্বস্ব যে। 'পান-আহার ভোজে মত্ত কি যত ঔদরিক?' *নজরুল*, ১৯২৮।

ঔদরিকতা [স] *বি* ভোজনসর্বস্বতা। 'তিনি ঔদরিকতার অনুচিত অনুশীলনের ও পরিতৃপ্তির জন্য গ্রহণী রোগে আক্রান্ত হইয়াছিলেন।' *বঙ্কিম*, ১৮৭৫।

ঔদার্য, ঔদার্য্য [স] **১** *বি* উদারতা। 'এই সিংহাসনে সেই বসিতে পারে যার ঔদার্য্য রাজা বিক্রমাদিত্যের তুল্য থাকে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২; 'পূর্ব্বাপর সমস্ত শ্রবণ করিলে; এক্ষণে জিজ্ঞাসা করি, কাহার ঔদার্য অধিক হইল।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বি* মহত্ত্ব। 'তাঁর মুখে ঔদার্য ও দয়া যেন মাখানো।' *রবীন্দ্র*, ১৮৮০।

ঔদার্যগুণ [স] *বি* উদারতার বৈশিষ্ট্য। 'বিশ্বাসপরায়ণ ঔদার্যগুণেই তার বাপকে কেবলই ঠকতে ও দুঃখ পেতে দেখে ...।' *রবীন্দ্র*, ১৯৩৪।

ঔদার্যবশত [স] *ক্রিবিণ* উদারতাবশত। 'আনন্দের ঔদার্যবশত তাহার ছিপ ঘুড়ি লাটাই সমস্ত মাখনকে ... ভোগদখল করিবার পুরা অধিকার দিয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঔদাসীন্য [স] **১** *বি* উদাসীনতা। 'কখনই আপন কর্ত্তব্যে ঔদাসীন্য প্রকাশ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

করিবে না।' *হালিসহর*, ১৮৭১। ২ *বি* অন্যমনস্কতা। 'বিদ্রোহ নিবারণে ঔদাসীন্যের কারণ।' *সোমপ্রকাশ*, ১৮৭৩। ৩ *বি* অনাগ্রহ। 'কোনো কোনো দিন রাত্রে তিনি আহারে ঔদাসীন্য প্রকাশ করিলে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঔদাসীন্যভরে *ক্রিবিণ* অবহেলা ক'রে। '... কোনও কিশোরীকে দেখিলে যে ঔদাসীন্যভরে চলিয়া যাইত, বিল্টু তাহা করে নাই।' *বনফুল*, ১৯৩৬।

ঔদাস্য [স] ১ *বি* উপেক্ষা। 'ঔরসে ঔদাস্য করি ঔর্ব্বদাহে বধ।' *ভারত*, ১৭৬০। ২ *বি* অবহেলা। 'এ সম্বাদপত্রের সম্বাদ শুনিলে ঔদাস্য না করিয়া অবশ্য সন্তুষ্ট হইবেন।' *দর্পণ*, ১৮৩১। ৩ *বি* ঔদাসীনতা। 'আপনার জ্ঞানিত একজন যুবাপুরুষের ভাগ্যে ঔদাস্যই একমাত্র অবলম্বন হয়ে পড়েচে!' *মাইকেল*, ১৮৭৩।

ঔদাস্যধর্ম [স] *বি* বৈরাগ্য। 'ভারতবর্ষে ব্রাহ্মণ সকলের প্রধান হইয়া আপন ঔদাস্যধর্মের বিপুল জাল হিমালয় হইতে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঔদাস্যভরা *বিণ* উদাসীনতাপূর্ণ। 'তার কপালে জুটেছে পরিহাস, বড় জোর ঔদাস্যভরা পিঠথাবড়ানি।' *শিব*, ১৯৫০।

ঔদ্ধত্য [স] ১ *বি* অবিনয়। 'এতেক ঔদ্ধত্য প্রভু করেন কৌতুকে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* অহংকার। 'বিদ্যৌদ্ধত্যে কাহকেহো না করে গণন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* স্পর্ধা। 'তার মধ্যে কোনো অনধিকার ঔদ্ধত্যের ইতিহাস নেই।' *রবীন্দ্র*, ১৯২৮। ৪ *বি* দর্প। 'সংকীর্ণতার ঔদ্ধত্য থেকে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ঔদ্ধত্যজনিত [স] *বিণ* ধৃষ্টতাপূর্ণ। 'সমাজকে উপেক্ষা করার ঔদ্ধত্যজনিত অপরাধের ...।' *তারা*, ১৯৪২।

ঔদ্ধত্যবশত [স] *ক্রিবিণ* ঔদ্ধত্যের কারণে। 'কোনো জাতি যদি স্বাজাত্যের ঔদ্ধত্যবশত আপন ধর্ম ও সম্পদকে একান্ত আপনার বলে মনে করে।' *রবীন্দ্র*, ১৯২১।

ঔদ্ধত্যবিহীন [স] *বিণ* ঔদ্ধত্য নেই এমন। 'তখন স্বার্থবিহীন করুণা, ঔদ্ধত্যবিহীন ক্ষমা ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

ঔন্নত্য [স] ১ *বি* উন্নতি। 'রাজা রাধাকান্ত বাহাদুর ... কালেজের নানা ঔন্নত্য ও সম্মান বৃদ্ধি করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৯। ২ *বি* উচ্চতা। 'তাহার ঔন্নত্যও অধিক নহে।' *অক্ষয়*, ১৮৫৪।

ঔপদেশিক [স] ১ *বিণ* উপদেশ সংক্রান্ত। 'স্বভাবতঃ তিনি জ্ঞানী তদ্ব্যতিরেকে নানা ঔপদেশিক বিদ্যাতে অতিনিপুণ।' *দর্পণ*, ১৮৩২। ২ *বি* প্রাদেশিক; আঞ্চলিক। 'আপনি কোনো রকম ঐতিহাসিক বা ঔপদেশিক বিড়ম্বনায় যাবেন না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঔপধার্মিকতা, ঔপধার্মিকতা [স] *বি* অপকৃষ্ট ধর্মপরায়ণতা। 'পুরাণ ইতিহাস কেবল মূর্খতা ও ঔপধার্মিকতা।' *বঙ্কিম*, ১৮৭৫।

ঔপনগরিক ভাগ [স] *বি* শহরতলী। 'সপ্তগ্রামের এক নির্জন ঔপনগরিক ভাগে নবকুমারের বাস।' *বঙ্কিম*, ১৮৬৬।

ঔপনাগরিক [স] *বিণ* ছোটো শহরে অবস্থিত। 'মাস কয়েক আগে একটি ঔপনাগরিক কলেজের অধ্যক্ষতা ত্যাগ করে ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

ঔপনিবেশিক [স] ১ *বিণ* উপনিবেশ সম্বন্ধীয়। 'ঔপনিবেশিক দাসমণ্ডলীর উপযুক্ত ধর্মোপদেষ্টা বলিয়া ...।' *বিদ্যা*, ১৮৪৯। ২ *বি* উপনিবেশ স্থাপনকারী। 'নানা স্থানের নানা ঔপনিবেশিকের সঙ্গে তাহার রাষ্ট্রনৈতিক সম্বন্ধ বিচিত্র জটিল।' *রবীন্দ্র*, ১৯০৫। ৩ *বিণ* উপনিবেশের অধীন। 'ভারতবর্ষকে ঔপনিবেশিক স্বায়ত্তশাসন দেওয়া হইবে।' *মোহাম্মদী*, ১৯৩১।

ঔপনিষদিক [স] *বিণ* উপনিষদ সম্বন্ধীয়। 'আমি কেবল আনন্দ মঙ্গল এবং ঔপনিষদিক মোহ বিস্তার করে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঔপন্যাসিক [স] ১ উপন্যাস রচনা করে যে। 'তাঁহার সময় কাব্যকার, নাট্যকার ও ঔপন্যাসিক প্রভৃতির উদয় হইতে লাগিল।' *অক্ষয়*, ১৮৪৮; 'তিনি ছিলেন ঔপন্যাসিক, হইলেন ঐতিহাসিক।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বিণ* সৃজনশীল। 'তাহাদের কবিদের ঔপন্যাসিক ক্ষমতা তেমন ছিল না।' *রবীন্দ্র*, ১৮৮৩।

ঔপপত্তিক [স] *বিণ* প্রামাণ্য। 'ঔপপত্তিক যুক্তি দ্বারা বুঝিতে পারা যায় যে ...।' *মোতাহার*, ১৯৩৭।

ঔপসর্গ [স] *বি* সান্নিপাতিক রোগবিশেষ। 'ঔৎপাতিকে ঔপসর্গে তুমি সে ঔষধ।' *ভারত*, ১৭৬০।

ঔর [হি] অব্য আর। 'মন্দ মন্দ বহে ঔর সোহি ধ্বনি সুমধুর।' *আলাওল*, ১৬৮০।

ঔরৎ [আ আওরত] *বি* নারী। 'ছ ফুট লম্বা ইয়া লাশ এক ঔরৎ।' *মুজতবা*, ১৯৫২।

ঔরষ [স ঔরস] *বি* পিতৃত্ব। 'সূর্য্যবংশের অবসান হইল, চন্দ্রবংশেরও ঔরষ সন্তানের উপরতি হইল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

ঔরস [স] ১ *বি* পিতৃত্ব। 'কৃষ্ণের ঔরসে জন্ম রুক্মিণী উদরে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* বীর্য। 'কন্যার প্রথম স্বামির ঔরসে আমার জন্ম।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

ঔরসজাত [স] *বিণ* বীর্যজাত। 'সিংহের ঔরসজাত এক সন্তান হইল।' *কেরি*, ১৮১২।

ঔরসপুত্র [স] *বি* নিজের ছেলে। 'তাঁহার ঔরসপুত্র ছিল না এক পোষ্যপুত্র রাখিয়াছিলেন।' *দর্পণ*, ১৮২১।

ঔরসসম্ভূত [স] *বিণ* পিতৃত্বজাত। 'হযরত আলীর ঔরসসম্ভূত পুত্র মদিনাধিপতি হযরত হাসান।' *মশাররফ*, ১৮৮৫।

ঔর্ণ [স] *বিণ* উর্ণাময়। 'উদর ও বক্ষস্থল মতঙ্গা নামক ঔর্ণ রশ্মিতে পরিবেষ্টিত।' *অক্ষয়*, ১৮৫০।

ঔর্ব্বদাহ [স] *বি* পুরাণমতে সমুদ্র থেকে উত্থিত আগুন। 'ঔরসে ঔদাস্য করি ঔর্ব্বদাহে বধ।' *ভারত*, ১৭৬০।

ঔল [স ওল্লা] *বি* উদর। 'এমন আমড়া ঔলে কেন দিলে আঁটি।' *গুপ্ত*, ১৮৫৮।

ঔষদ [স ঔষধ] *বি* ওষুধ। 'কপটে চণ্ডিকা তার বাটীল ঔষদ।' *মুকুন্দ*, ১৬০০।

ঔষধ [স] ১ *বি* রোগ নিরাময়কারী দ্রব্য। 'ঔষধ আনিতে গেলা গন্ধমাদনে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* উপশম। 'ও মাতা আমার এই বেদনার ঔষধ তুমি যদি কর ...।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

ঔষধকোটা [স ঔষধ+কোটা] *বিণ* ওষুধ প্রস্তুতকারক। 'একজন ঔষধকোটা গোরা থাকে।' *দর্পণ*, ১৮২৯।

ঔষধ ধরা *ক্রি* সফল হওয়া। 'সৈন্যগণের মুখভাব অনেক পরিমাণ দূর হইয়াছে দেখিয়া, এই উপযুক্ত সময় – ঔষধ ধরিয়াছে।' *মশাররফ*, ১৯০৮।

ঔষধ নির্মাণবিদ্যা, ঔষধ নির্ম্মাণবিদ্যা [স] *বি* ওষুধ প্রস্তুতসংক্রান্ত

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শাস্ত্র। 'ইহারা রোগের চিকিৎসা ও অস্ত্রচিকিৎসা ও ঔষধ নির্ম্মাণবিদ্যা শিক্ষা করিবেক।' *দর্পণ*, ১৮৩০।

ঔষধপত্তর [স ঔষধপত্র] *বি* রোগ নিরাময়ে ব্যবহৃত দ্রব্যাদি। 'বন্দরে বন্দরে পৌঁছিয়ে দিচ্ছে অতি দরকারি ঔষধপত্তর, রসদ।' *কায়সার*, ১৯৬২।

ঔষধপথ্য [স] *বি* রোগীর উপযুক্ত ওষুধ ও খাবার। 'ঔষধপথ্য লইয়া বিনোদিনী মহেন্দ্রকে কখনো কোনো কথা ...।' *রবীন্দ্র*, ১৯০২।

ঔষধবিদ্যা [স] *বি* ভেষজ বিদ্যা। 'তিনি ঔষধবিদ্যায়, চিকিৎসাবিদ্যায় ... অতি সুপণ্ডিত।' *অক্ষয়*, ১৮৪৭।

ঔষধসত্র [স] *বি* ডাক্তারখানা। 'কোনো ঔষধসত্রে এক বিলাতি ডাক্তার ছিলেন।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঔষধাগার [স ঔষধ-আগার] *বি* ওষুধের দোকান। 'ঔষধাগার সংস্থাপন হয় ...।' *দর্পণ*, ১৮২৫।

ঔষধালয় [স ঔষধ-আলয়] *বি* ওষুধের দোকান। 'বিক্রয়ভাণ্ডার, ঔষধালয়, সঞ্চয়-ব্যাঙ্ক।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঔষধি [স ঔষধ>] *বি* যেসব গাছগাছড়া থেকে ওষুধ তৈরি হয়। 'স্বর্ণ, পুষ্প ও ঔষধি, চমরী গো, কৌদ্র মধু এবং হিমালয়জ পুষ্পমধু যত্নস্থলে আনীত হইয়াছিল।' *অক্ষয়*, ১৮৪৮।

ঔসধ [স ঔষধ] *বি* ওষুধ। 'সেই মালিনি এক ঔসধ সওদাগরের গায়ে ফেলিয়া মারিলেক।' *হ্যালহেড*, ১৭৭৩।

ঔসোধ [স ঔষধ] *বি* রোগ নিরাময় করার দ্রব্য। *ওসাঁ*, ১৭৮২।

AMARBOI.COM

৬

১ *বি* আদালত। 'তাহার নামে আমী ˘ নিকট নালিষ করিয়াছিলাম।' *হ্যালহেড*, ১৭৭৩। ২ *বি* দুর্গা দেবী। 'আশ্বিন মাহাতে ˘ পুজার সয়ম বাটী ...।' *ওসাঁ*, ১৭৭৯। ৩ *বি* [illegible]। 'ভাইজীউর মহোন্নতি শ্রীশ্রী ˘ স্থানেনিয়তো প্রার্থনিয়।' *ওসাঁ*, ১৭৭৯; 'সংপ্রতি শ্রী শ্রী ˘ প্রসাদে তোমার পবিত্র চরিত্র দেখিয়া বাঞ্ছা হয়।' *ভবানী*, ১৮২৫। ৪ *বি* পরলোক। 'যে দিবস তাহার [illegible] শ্রী ˘ প্রাপ্তি হইল।' *ভবানী*, ১৮২৫। ৫ *বিণ* প্রয়াত। 'সদর দেওয়ানী আদালতের পণ্ডিত ˘ রামতনু বিদ্যাবাগীশ ভট্টাচার্য্যের লোকান্তর গমন।' *দর্পণ*, ১৮২৯। ৬ *বি* দেবী। 'রাজনারায়ণ রায় জ্বর বিকার রোগোপলক্ষ্যে গত ১৫ বৈশাখ ... শ্রীশ্রী ˘ গঙ্গাতীরে পরলোক প্রাপ্ত হইয়াছেন।' *চন্দ্রিকা*, ১৮৩১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ক

ক[১] *বি* বাংলা ব্যঞ্জনবর্ণের প্রথম বর্ণ। 'পড়এ সাধুর বালা ক খ আঠার ফলা।' *মুকুন্দ*, ১৬০০।

ক অক্ষর গোমাংস – নিরক্ষর। 'বাউণ্ডেলে ছেলের লেখাপড়া তো ক অক্ষর গোমাংস।' *নজরুল*, ১৯২৬।

ক[২] [স কতি] *বিণ* কয়; কতো। 'তোকে আজ ক দিন ডেকে পাঠাচ্ছি তা তোর আর বার হয় না।' *দীনবন্ধু*, ১৮৬০।

ক জন *বিণ* কয়েকজন। 'মানব ক জন, পুলকিত চিতে ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২। *দ্র* **কজন, কজনা**

কটা *ক্রিবিণ* কতো সংখ্যক। 'ঐ সকল ঘটনা কটা হয়ে থাকে?' *উমেশ*, ১৮৫৭।

-কে[১] ১ *দ্বিতীয়া বিভক্তি* (-কে)। 'মতিঐ ঠাকুরক পরিণিবিত্তা।' *চর্যা* ১২, ১২০০। ২ সপ্তমী বিভক্তি। 'ঘরক যাহ রাধা যদি না হইবেঁ পার।' *বড়ু*, ১৪৫০।

-কে[২] *অব্য* আলঙ্কারিক শব্দাংশবিশেষ (পদাণু)। 'বার বার না বুলিহ হেনক (হেন+ক) উত্তর।' *বড়ু*, ১৪৫০।

কই[১] [স কবয়ী] *বি* মাছবিশেষ। 'কই ভাজে গণ্ডা দশ।' *মুকুন্দ*, ১৬০০।

কই[২] *দ্র* **কওয়া**[২]

কই[৩] [স কস্মিন্] *ক্রিবিণ* কোথায়। 'নিতম্ব তুলনা কই।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কইট [স কমঠ] *বি* কচ্ছপ। 'কইট মনে মুদে নয়ন অন্যরূপ না ফিরে চায়।' *লালন*, ১৮৯০।

কইসণি *বিণ* কেমন। 'কইসণি হালো ডোম্বী তোহোরি ভাতরিআলী।' *চর্যা* ১৮, ১২০০।

কইসন *ক্রিবিণ* কেমন ক'রে। 'জাম মরণ ভব কইসন হোই।' *চর্যা* ২২, ১২০০।

কইসা *ক্রিবিণ* কিভাবে। 'ভণই কাহ্ন জিণ রঅণ বি কইসা।' *চর্যা* ৪০, ১২০০।

কইসেঁ *ক্রিবিণ* কিভাবে। 'গিরিবর সিহর সন্ধি পইসন্তে সবরো লোড়িব কইসেঁ।' *চর্যা* ২৮, ১২০০। *দ্র* **কৈসে**

কউচম্যান [ফা] *বি* কোচোয়ান; ঘোড়ার গাড়ির চালক। 'সাজিয়া কউচম্যান উপরে উঠিয়া।' *গুপ্ত*, ১৮৫৮।

কউতুক [স কৌতুক] *বি* কৌতুক। 'খেলএ কউতুক নব পঁচবান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কউম [আ কওম] *বি* জাতি। 'আমার কউম এসব আওসাফ বা গুণাবলী আয়ত্ত করে নিবেই।' *মাহেনও*, ১৯৪৯।

কএক ১ *বিণ* কয়েক। 'সে আড়ঙ্গের দালালসকল কএক সন হইতে মোকরর আছে।' *হ্যালহেড*, ১৭৭৩। ২ *বিণ* অল্পকিছু। 'কএক দিবস বাসা করিয়া তিষ্ঠিয়া ... দেখা করিলে।' *রামরাম*, ১৮০১।

কএকজন *বি* কিছু সংখ্যক জন। 'তথায় কএকজন আমলা নিযুক্ত হইয়াছে।' *দর্পণ*, ১৮২৯।

কএত [স কপিত্থ] *বি* কতবেল। *বিদ্যা*, ১৮৯১।

কএদ [আ কয়ীদ] *বিণ* কারারুদ্ধ; বন্দি। 'পেয়াদা দিয়া কএদ করিয়াছে।' ওসাঁ, ১৭৮২।

কএদি [আ কয়ীদ>] *বি* কয়েদি; কারাদণ্ডপ্রাপ্ত ব্যক্তি। *বিদ্যা*, ১৮৯১।

কওন *বিণ* কেমন। 'হেরনে কওন সুখ ন বুঝ বিচারি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কওম [আ] ১ *বি* সম্প্রদায়। 'মোসলমান কওমের মধ্যে।' *ইমান*, ১৯০১; 'শক্তিমান পুরুষই কওমের, জাতির, দেশের, বিশ্বের ইমাম হন।' *নজরুল*, ১৯৪০। ২ *বি* জাতি; নেশন। 'তার পানে চেয়ে কওম আজিকে তুলিয়াছে ধ্বনিঃ জিন্দাবাদ।' *ফররুখ*, ১৯৪৬।

কওমী [আ] ১ *বিণ* জাতীয়। 'কওমী এলেম, দিনী জবান শিক্ষা হয়।' *ইমান*, ১৯০০। ২ *বিণ* জাতীয়তাবাদী। 'দুগ্ধ সরোবর নামক একখানি কওমী পুস্তিকা প্রণয়ন ও প্রচার করেন।' *ইমান*, ১৯০০।

কওমী যবান [আ কওমী+ফা জবান] *বি* জাতীয় ভাষা। 'আরবীই আমাদের কওমী যবান।' *মাহেনও*, ১৯৪৯।

কওয়া[১] *ক্রি* করা। 'চিঅরাঅ মই অহার কএলা।' *চর্যা* ৩৫, ১২০০। **কইল** ১ *ক্রি* করলো। 'সুনিএঁা চিন্তিত কৃষ্ণ ব্যাজ না কইল।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রি* সৃষ্টি করলো। 'কে কইল কে ভাঙ্গিল কহ সিসুগন।' *মালাধর*, ১৫০০। **কইলি** *ক্রি* করলি। 'ঘৃত দধি নঠ কইলি।' *বড়ু*, ১৪৫০। **কইলে** *ক্রি* করলে। 'তোহ্মে নানা রূপ কইলে আসুরের খএ।' *বড়ু*, ১৪৫০। **কইলোঁ** *ক্রি* করলাম। 'কইলোঁ খণ্ডব্রত জাচ জরমত তেঁ বা দুখিনী মোএঁ।' *বড়ু*, ১৪৫০। **কএ** *ক্রি* করে। 'সজনী ভল কএ পেখঁন ন ভেল।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কএল** *ক্রি* করলো। 'ধমিলেঁ কএল তাকর অবসাদ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কএলহ** *ক্রি* করলে। 'হেরিতহু কএলহ নয়ন নিরোধ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কএলা** *ক্রি* করলো। 'চিঅরাঅ মই অহার কএলা।' *চর্যা* ৩৫, ১২০০। **কচ্চিস** *ক্রি* করছিস। 'তুই মাগি ভারি দুষ্ট, আমার অখ্যাত কচ্চিস।' *রামনারায়ণ*, ১৮৫৪। **কচ্চে** ১ *ক্রি* লাগছে। 'আমার বড় শীত কচ্চে।' *গিরিশ*, ১৮৮৭। ২ *ক্রি* করছে। 'কচ্চে লোকে কাণাকাণি।' *গিরিশ*, ১৮৮৭। **কচ্ছেন** *ক্রি* করছেন। 'আপনি কি কিছু লোন কচ্ছেন?' *গিরিশ*, ১৮৮৬। **কয়িলেঁ** *ক্রি* করলে। 'লাজ কয়িলেঁ কাহ্নাঞি হারায়িবেঁ কাজ।' *বড়ু*, ১৪৫০। **কৈলোঁ** *ক্রি* করলো। 'কিবা তার কৈলোঁ অগুণ।' *বড়ু*, ১৪৫০।

কওয়া[২] *ক্রি* বলা। 'নন্দ ঘোস জসোদার কী কব কাহিনি।' *মালাধর*, ১৫০০। **ক** *ক্রি* বল। 'ক মোরে, কি সাদে মোমের ভাণ্ডারে মধু রাখিস গোপনে।' *মাইকেল*, ১৮৬৬। **কই** *ক্রি* বলি। 'নিজ পরিচয় কই।' *কৃষ্ণরাম*, ১৭২০। **কও** *ক্রি* বলো। 'আপনে দাঁড়াইয়া কও।' *বিজয়*, ১৬৫০। **কওয়ায়** *ক্রি* বলায়। 'বাজিকর পুতুল নাচায় আপন তারে কথা কওয়ায়।' *লালন*, ১৮৯০। **কণ্ড** *ক্রি* কহ্ন; বলুক। 'কেহ কিছু কণ্ড কিন্তু মূল কর্মসূত্র।' *মানিকরাম*, ১৭৮১। **কচ্চিস** *ক্রি* বলছিস। 'ফের পণ্ডিতি কথা কচ্চিস।' *গিরিশ*, ১৮৮৭। **কচ্ছ** *ক্রি* বলছো। 'গলা চেপে কথা কচ্ছ কেন?' *গিরিশ*, ১৮৮৭। **কচ্ছিলুম** *ক্রি* বলছিলাম। 'ঐ যার সঙ্গে কথা কচ্ছিলুম?' *গিরিশ*, ১৮৮৭। **কন** *ক্রি* বলেন। 'হাসপরিহাস কথা কন কুতুহলে।' *মুকুন্দ*, ১৬০০। **কব** *ক্রি* বলবো। 'নন্দ ঘোস জসোদার কী কব কাহিনি।' *মালাধর*, ১৫০০। **কবে** *ক্রি* বলবে। 'পিপাসিত প্রাণে চাহি মুখপানে/ কবে না প্রাণের আশা।' *রবীন্দ্র*, ১৮৮৩। **কয়** *ক্রি* বলে। 'ব্রহ্মার বচন সুনি হাসি কয় চক্রপানি।' *মালাধর*, ১৫০০। **কয়াচি** *ক্রি* বলেছি। 'প্রাণের অধিক তুমি পূর্বে কয়াচি।' *মানিকরাম*, ১৭৮১। **কয়ে** *ক্রি* বলে।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'কয়ে এত স্বস্থানে প্রস্থান ভগবান।' *মানিকরাম*, ১৭৮১। **কয়ো নাই** *ক্রি* বলোনি। 'কয়ো নাই কুবচন করো নাই দ্বন্দ্ব।' *মানিকরাম*, ১৭৮১। **কয়্যা** *ক্রি* ব'লে। 'কয়্যা প্রিয়ে সত্যভাষা ঘর জায় মহাঁজসা।' *মুকুন্দ*, ১৬০০। **কসনে** *ক্রি* বলিস না। 'দেখ খুসীর সময় পণ্ডিতি কথা কসনে।' *গিরিশ*, ১৮৮৭। **কসি** *ক্রি* বলিস। 'সেন কয় ওকথা এখন কসি কাকে।' *মানিকরাম*, ১৭৮১। **কৈমু** *ক্রি* বলবো। 'মহিমা কতেক কৈমু মুই মতিহীনে।' *আলাওল*, ১৬৮০। **কৈয়া** *ক্রি* ব'লে। 'না হক এ বাত কৈয়া হও গোণাগার।' *গরীব*, ১৭৬৫। **কৈয়াছিল** *ক্রি* বলেছিলো। 'কৈয়াছিল গুরুজনে সে কথা না ছিল মনে।' *আলাওল*, ১৭৫০। **কোয়ো** *ক্রি* বোলো। 'তুমি কথা কোয়ো না।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কওল [আ কবুল] *বি* শপথ। 'জেন্দেগী থাকিতে ভাই এক কওল করে।' *গরীব*, ১৭৬৫।

কওসর [আ] ১ *বি* ইসলামি বিশ্বাস অনুযায়ী স্বর্গের সরোবর। 'হোসেন বলেন তুঝে কওসরের পানি।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* অমৃততুল্য পানি। 'একটা কথা, কওসর এ ভাই নয়।' *নজরুল*, ১৯২২; 'রহিত মধু – কওসর-তুল্য।' *রোকেয়া*, ১৯২৪।

কংকের [স কর্কর] *বি* পাথর। 'কংকরে ফলাব মোরা বুক-টানা সোনা-সানা ধান।' *মাহেনও*, ১৯৪৯।

কংক্রিট [ই] ১ *বিণ* বাস্তব। 'আমরা কংক্রিটের জ্ঞান হারাই এবং তাহার পরিবর্তে পাই শুধু অ্যাবস্ট্রাকশনস।' *প্রমথ*, ১৯১৪। ২ *বিণ* সিমেন্ট দিয়ে জমানো ইট-পাথর। 'কংক্রিট-বাঁধানো আসা-যাওয়ার পথের উপর।' *পাশা*, ১৯৭১।

কংখা [পা কঙ্খা] *বি* আকাঙ্ক্ষা। 'সো করউ রস রসাণেরে কংখা।' *চর্যা* ২২, ১২০০।

কংগ্রাচুলেশন [ই] *বি* অভিনন্দন। 'অতিকষ্টে সে কংগ্রাচুলেশনের কারণ জানিল।' *মনসুর*, ১৯৩৫।

কংগ্রেস [ই] *বি* ১৮৮৫ সালে প্রতিষ্ঠিত ভারতবর্ষের প্রথম রাজনৈতিক সংগঠন। 'ন্যাশনাল কংগ্রেস গবর্নমেন্টের অন্যায্য ও অতিরিক্ত ব্যয় কমাইবার জন্য ...।' *রবীন্দ্র*, ১৮৯৫। *দ্র* **কনগ্রেস**

কংগ্রেসওয়ালা [ই কংগ্রেস+হি ওয়ালা] *বিণ* কংগ্রেসের মতানুসারী। 'সকল কংগ্রেসওয়ালার উপর তাঁর সমান অভক্তি জন্মাল।' *প্রমথ*, ১৯২৩; 'কংগ্রেসওয়ালা খদ্দরধারী শয়তানের দল ... সর্বনাশ করিতে উদ্যত হইয়াছে।' *মোহাম্মদী*, ১৯২৮।

কংগ্রেসপন্থী [ই কংগ্রেস+স পন্থ>] *বিণ* কংগ্রেস সমর্থন করে এমন। 'কংগ্রেসপন্থী মুছলমানকে ভোট দেওয়া আমাদের মতে একেবারেই সঙ্গত হইবে না।' *আজাদ*, ১৯৩৬।

কংগ্রেসী [ই কংগ্রেস>] *বি* কংগ্রেসের কর্মী-সমর্থক। 'কংগ্রেসীরা ... চরকায় তকলীতে সুতা কাটিতে উপদেশ দিয়া ...।' *এসলাম*, ১৯৩২। *দ্র* **কনগ্রেসি**

কংষ [স কাংস্য] *বি* কাঁসার তৈরি বাদ্যযন্ত্র। 'কংষ করতাল বাজে বিপরীত ধ্বনি।' *মুকুন্দ*, ১৬০০।

কংস[১], **কংশ** [স] *বি* হিন্দু পুরাণের অত্যাচারী চরিত্রবিশেষ। 'তোর কংশাসুরক নাহিক মোর ডরে।' *বড়ু*, ১৪৫০; 'কংসদলন নারাএন সুন্দর তসু রঙ্গিনী পএ হোই।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কংসকারা [স] *বি* যন্ত্রণাদায়ক কারাগার। 'নির্যাতনের কংসকারায় জন্ম নেয় অনাগত বিপ্লবী শিশু।' *নজরুল*, ১৯৩২।

কংসের ভালবাসা *বি* কপট ভালোবাসা। 'রায়বাবুদের বোনকে ভালবাসা – কংসের ভালবাসা।' *তারা*, ১৯৪০।

কংস[২] [স] *বি* কাঁসা। **কংসবণিক** [স] *বি* কাঁসা নির্মাণ ও বিপণন পেশাধারী সম্প্রদায়বিশেষ। 'কংসবণিক ৬৩৩৬।' *দর্পণ*, ১৮১৯।

কংসাবতী *বি* একটি নদীর নাম। 'ধাইল কুন্তী কানা ধায় গোমতী সরজু কংসাবতী।' *মুকুন্দ*, ১৬০০।

কঁকানো [ধ্বন্যা] *ক্রি* কাতর শব্দ করা। 'সাথে-সাথে কঁকিয়ে উঠল তীক্ষ্ণভাবে।' *ওয়াশী*, ১৯৪৩।

কঁড়ি [স কলি] *বি* মুকুল। 'কিবা দন্তভাতি মুকুতার পাঁতি জিনিয়া কুন্দক কঁড়ি।' *দ্বিজী*, ১৬০০।

কঁহি *ক্রিবিণ* কোথায়। 'ণ জানমি অপা কঁহি গই পইঠা।' *চর্যা* ৩১, ১২০০।

কক [ধ্বন্যা] *বি* মোরগের ডাক। 'বন-মোরগেরা ডাকিয়া উঠিত, কক কক কক।' *বিভূতি*, ১৯৩১।

ককক [ধ্বন্যা] *বি* মোরগের ডাক। 'মোরগ ককক্ক করছে।' *ওয়াশী*, ১৯৪২।

ককখটি *বি* বনবিড়াল; খাটাশ। 'বানরী রব দেই ককখটী নাদ।' *গোবিন্দ*, ১৬০০।

ককখনো [স ক্ষণ>] *ক্রিবিণ* কখনও। 'ককখনো তা সত্যি না মা।' *রবীন্দ্র*, ১৯২২।

ককটেল [ই] ১ *বি* বিভিন্ন জিনিসের মিশ্রণ। 'সব মিলিয়ে ককটেল বানালেও ঐ প্রশ্নমরু তাকে বেমালুম শুষে নেবে।' *মুজতবা*, ১৯৫২। ২ *বি* পানীয়বিশেষ। 'যদিস্যাৎ করি, তবে ছোট্ট একটি টমাটো ককটেল দিই।' *মুজতবা*, ১৯৫৮। ৩ *বি* বিভিন্ন মদের মিশ্রণে প্রস্তুত পানীয়বিশেষ। 'আমার জন্য ওয়াইলড দুটো ককটেল অর্ডার দিল।' *মুজতবা*, ১৯৫৯।

ককটেল পার্টি [ই] *বি* মদপানের আসর। 'রোজ সন্ধ্যায় নেটিভ-স্টেট স্টাইলে জব্বর জব্বর ককটেল পার্টি দেয়।' *মুজতবা*, ১৯৫৮।

ককানি [ধ্বন্যা] *বি* ব্যথাজনিত কাতর শব্দ। 'রোগীর বিছানার পাশে বসে ককানি শুনে ...।' *জীবন*, ১৯৩২।

ককানো [ধ্বন্যা] *ক্রি* যন্ত্রণায় কাতরানো। 'অসুস্থ শিশু যার দিবারাত্র ককায়।' *মানিক*, ১৯৩৭।

ককু [স] *বি* সংগীতের রাগবিশেষ। 'ককুরাগ।' *বড়ু*, ১৪৫০।

ককুদ [স] *বি* ষাঁড়ের কাঁধের উঁচু মাংসপিণ্ড। 'পরিচ্ছন্ন লম্বালেজ, উঁচু খাড়া ককুদ।' *হাসান*, ১৯৬৯।

ককে *অব্য* কেন। 'ককে ন রডসে হসি কিছু ন উতর দেসি সুখে জাও নিসি অবসানে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ককেইন [ই] *বি* ব্যথানিরোধক মাদকদ্রব্যবিশেষ। 'ব্যাটা সব বেচে; – আফিম, ককেইন, হেরোইন, হশীশ যা চাও।' *মুজতবা*, ১৯৫২।

ককেশীয় [ই ককেশাস+স ঈয়] *বিণ* কাস্পিয়ান সাগর ও কৃষ্ণসাগরের মধ্যবর্তী অঞ্চল ককেশাস সম্পর্কিত। 'ইহাদিগের মস্তকাদির গঠন তুরাণী, ককেশীয় নহে।' *বঙ্কিম*, ১৮৯২।

কক্কার [ধ্বন্যা] *বি* কড় কড় শব্দ। 'কক্কার শব্দের শর আরণ্যক আত্মার আদেশ।' *মাহমুদ*, ১৯৭৩।

কক্ষ [স] ১ *বি* কাঁখ; কোল। 'কক্ষে শিঙ্গা ভূতনাথ করেত ডমরু।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* গ্রহের পরিভ্রমণ পথ। '... ক্রমে সমস্ত গ্রহকক্ষ অতিক্রম করিয়া অন্য সৌর-জগতে উপনীত হইলেন।'

AMARBOI.COM

হরপ্রসাদ, ১৮৮১। ৩ *বি* প্রকোষ্ঠ; কামরা। 'কক্ষশ্রেণী নিঃশব্দপদে পার হয়ে।' *রবীন্দ্র*, ১৯২৯।

কক্ষচ্যুত [স] ১ *বিণ* কোমর থেকে বিচ্যুত। 'ঘন কাঁপে অঙ্গ, কক্ষচ্যুত হেমঘট।' *রামপ্রসাদ*, ১৭৮০। ২ *বিণ* পথহারা। 'কক্ষচ্যুত হইবে তপন।' *গিরিশ*, ১৮৮৭। ৩ *বিণ* কক্ষপথ থেকে ছিটকে-পড়া। 'কক্ষচ্যুত ধূমকেতু-প্রায় লক্ষ্যহারা প্রাণ।' *নজরুল*, ১৯২৬।

কক্ষতল [স] *বি* বগল। 'নাপিত বইসে তথা কক্ষতলে করি কাতা।' *মুকুন্দ*, ১৬০০।

কক্ষদেশ [স] *বি* কোমর। 'এক হাঁড়ী ঘৃত কক্ষদেশে করিয়া ঐ অগ্নিকুণ্ডে ঝম্প দিয়া পড়িল।' *দর্পণ*, ১৮২১।

কক্ষপথ [স] ১ *বি* চিরদিনের পথ। 'তাহার স্নেহপ্রীতির চিরাভ্যস্ত কক্ষপথ হইতে এমন করিয়া বিক্ষিপ্ত হইয়া পড়িল কেন ...।' *রবীন্দ্র*, ১৯০৯। ২ *বি* গ্রহের পরিভ্রমণের পথ। 'জ্যোতির্বিদ দেখলেন, কোনো গ্রহ আপন কক্ষপথ থেকে বিচলিত।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কক্ষপাত [স] *বি* কক্ষচ্যুতি। 'বলে, শনিগ্রহদের কক্ষপাত সেও নাকি মানুষের হাতে।' *বিষ্ণু*, ১৯৪৪।

কক্ষশ্রেণী [স] *বি* কামরা; ঘর। 'কক্ষশ্রেণী নিঃশব্দপদে পার হয়ে।' *রবীন্দ্র*, ১৯২৯।

কক্ষান্তর [স কক্ষ-অন্তর] *বি* অন্য ঘর। 'কক্ষান্তরে গমন করিয়া দ্বার রুদ্ধ করিল।' *বঙ্কিম*, ১৮৭৮।

কক্ষণো [স ক্ষণ>] *ক্রিবিণ* কোনো সময়। 'কক্ষণো তিনি নিষ্ঠাবান ব্রাহ্ম কেশব সেনের মত চৈতন্যভাবে মজেননি।' *রযেন*, ১৯৭০। *দ্র* **ককখনো**

কক্ষা[১] [স কক্ষ>] ১ *বি* যুদ্ধ। 'পণ্ডিতে পণ্ডিতে কক্ষা মালের মালম শিক্ষা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* প্রতিযোগিতা। 'উঁচ শাহা তাহা পরীক্ষিতে এহি কক্ষা।' *আলাওল*, ১৬৮০। ৩ *বি* পণ; বাজি। 'অভয়া আপুনি এই কর‍্যাচেন কক্ষা।' *মানিকরাম*, ১৭৮১

কক্ষ্যা [স কক্ষ>] *বি* প্রতিযোগিতা। 'রাজপুত্র সনে মোর পুত্র সনে কক্ষ্যা।' *আলাওল*, ১৬৮০।

কক্ষা[২] [স কক্ষ>] *বি* কক্ষ; গ্রহের পরিভ্রমণের পথ। 'চন্দ্র, বুধ, শুক্র, রবি, মঙ্গল, বৃহস্পতি, শনি, এই সপ্ত গ্রহের সপ্ত কক্ষা।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

কখখনো [স ক্ষণ>] *ক্রিবিণ* কখনো। 'কখখনো মারিনি।' *রবীন্দ্র*, ১৮৯২।

কখন, কখনও, কখনো [স ক্ষণ>] ১ *ক্রিবিণ* কোনো সময়ে। 'এক মত ভএ রহ/ কখনে কী ন করাবে।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'কখনো বা মত্ত যেন ঢুলি ঢুলি যায়।' *বৃন্দা*, ১৫৮০; 'গর্ব্বভ কি কখনও সংস্কৃত বাক্য কহিতে পারে?' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ২ *ক্রিবিণ* এক মুহূর্তের জন্যও। 'এ হুকুম খুব তহকিক জানিয়া কখনো বদল করিবা না।' *হ্যালহেড*, ১৭৭৩। ৩ *ক্রিবিণ* হঠাৎ। 'রাজা ... দুই চারি দিনে কদাচিৎ কখন রাজসিংহাসনে আসিয়া বসিতেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৪ *ক্রিবিণ* মাঝে মাঝে। 'পুব্রটি ঘরের কর্ম্ম কখন২ দেখিত ও ডাকিলেই নিকটে আসিত।' *চন্দ্রিকা*, ১৮৩০।

কখন কখন *ক্রিবিণ* কোনো কোনো সময়ে। 'কখন কখন ইহার এমন রাগ উপস্থিত হয় যে, কোন মতেই সান্ত্বনা করা যায় না।' *মদনমোহন*, ১৮৫০।

কখনও কখনও *ক্রিবিণ* মাঝে মাঝে; কোনো কোনো সময়ে। 'সেইরূপ কখনও কখনও দুর্দ্দান্ত ইতর লোকদিগের ...।' *অক্ষয়*, ১৮৪৮।

কখনো-কখনো ১ *ক্রিবিণ* কখনোই। 'কখনো-কখনো তাঁর হইব না দাস।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *ক্রিবিণ* মাঝেমধ্যে। 'কখনো-কখনো দুটো-একটা কবিতা লিখতে চেষ্টা করেন।' *রবীন্দ্র*, ১৮৯১।

কখনো-সখনো *ক্রিবিণ* কালেভদ্রে। 'কখনো-সখনো মেঘ সেখানে আজ যদি বা দাঁড়ায় ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কঙ্ক [স] *বি* কাঁক; বকজাতীয় পাখি। 'কপোত কুঃকুভ কঙ্ক।' *মুকুন্দ*, ১৬০০।

কঙ্কণ [স] *বি* কাঁকন। 'সুবর্ণের অঙ্গদ কঙ্কণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কঙ্কণঝংকার [স] *বি* কাঁকনের শব্দ। 'রাতের হাওয়ায় বাজল বুঝি কঙ্কণঝংকার।' *রবীন্দ্র*, ১৯২৫।

কঙ্কণধ্বনি [স] *বি* চুড়ির শব্দ। 'নূপুর-কিঙ্কিণী-ধ্বনি হংস-সারস জিনি/ কঙ্কণধ্বনি চটক লাগায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কঙ্কণ-পরা [স কঙ্কণ+পরা] *বিণ* কাঁকন পরিহিত। 'মানুষের কঙ্কণ-পরা দুটি হাত দিয়া বেড়িয়া রহিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কঙ্কণবন্ধন [স] *বি* অলঙ্কারের বন্ধন; কাঁকনের বাঁধন। 'লৌহবেড়ি যত যায় খুলে, তত বাঁধা পড়ি কার কঙ্কণবন্ধনে।' *নজরুল*, ১৯২৪।

কঙ্কণী [স] *বি* স্ত্রী কাঁকন। 'খুলিলেন মা হাতের কঙ্কণী।' *লালন*, ১৮৯০।

কঙ্কন [স কঙ্কণ] *বি* কাঁকন। 'তেজিলোঁ মো তার চীর নূপুর কঙ্কন বড়ায়ি' বড়ু, ১৪৫০।

কঙ্কর [স কর্কর] *বি* কাঁকর; পাথরের ছোটো কুচি। 'কঙ্করাদি দ্বারা স্ত্রী পুরুষ উভয় জাতীয় সকল ব্যক্তিরই আপাদমস্তক সর্ব্বাঙ্গ ক্ষতবিক্ষত হইল।' *অক্ষয়*, ১৮৪৯।

কঙ্করপূর্ণ [স কর্করপূর্ণা] *বিণ* কাঁকর-বিছানো। 'অতি বন্ধুর কঙ্করপূর্ণ পথের ...।' *অক্ষয়*, ১৮৪৯।

কঙ্করময় [স কর্করময়] *বিণ* কাঁকর-বিছানো। 'এই অতি বন্ধুর, কঙ্করময়, কণ্টকাবৃত পথের ...।' *অক্ষয়*, ১৮৫০।

কঙ্করশয্যা [স কর্করশয্যা] *বি* কাঁকরময় বসার জায়গা। 'তৃণহীন কঙ্করশয্যায় বসিয়া ... একটা বীররসাত্মক কাব্য লিখিয়াছিলাম।' *রবীন্দ্র*, ১৯১২।

কঙ্করাবৃত [স কর্কর-আবৃত] *বিণ* মরুময়; কাঁকরে আবৃত। 'কঙ্করাবৃত আরবক্ষেত্রে ... শাখা প্রশাখা বিস্তার করিতেছে।' *মশাররফ*, ১৯০৮।

কঙ্কাল [স] ১ *বি* হাড়সর্বস্ব। 'দুর্ভিক্ষগ্রস্ত দরিদ্রদিগের কঙ্কালাবশিষ্ট মূর্ত্তি দেখিলে পাষাণও দ্রবীভূত হয়।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বি* দেহের কাঠামো। 'স্রোতোবাহিত কঙ্কালমালা, অস্থিময় কুম্ভীরগণ ...।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। ৩ *বি* অন্তঃসারশূন্যতা। 'করুণার কঙ্কাল কেবল।' *রবীন্দ্র*, ১৮৮১।

কঙ্কাল-অবশেষ [স] *বিণ* কঙ্কালসার। 'কঙ্কাল-অবশেষ একটি ভিখারি বৃদ্ধা ...।' *রবীন্দ্র*, ১৮৮২।

কঙ্কাল-করোটি [স] *বি* হাড় ও মাথার খুলি। 'শূন্য মাঠে কঙ্কাল-করোটি তোমাকে বিদ্রূপ করে।' *সুকান্ত*, ১৯৪৮।

কঙ্কাল-পথ [স] *বি* কঙ্কালের মতো সংকীর্ণ পথ। 'হারায় কঙ্কাল-পথ বিকারের পয়োনালী মাঝে।' *প্রেমেন্দ্র*, ১৯৩২।

কঙ্কাল-মুখ [স] *বি* কঙ্কালের মুখাবয়ব। 'আলো-ছায়ার অগোছালো বিকিরণ কোন কঙ্কাল-মুখ সৃষ্টি করে।' *হাফিজুর*, ১৯৫৩।

কঙ্কালসার [স] ১ *বিণ* অস্থিসর্বস্ব। 'আমাদের চোখে প্রাণীজগৎ

AMARBOI.COM

কঙ্কালসার নয়।' *প্রমথ*, ১৯১৩। ২ *বিণ* অতি শীর্ণ। 'কঙ্কালসার দেহ।' *শরৎ*, ১৯১৬।

কঙ্কালস্তম্ভ [স] *বি* অস্থিপিঞ্জরের তৈরি স্তম্ভ। 'তৈমুর জঙ্গিস অসংখ্য মানুষের কঙ্কালস্তম্ভ রচনা করেছিল।' *রবীন্দ্র*, ১৯২৯।

কঙ্কালাবশিষ্ট [স কঙ্কাল-অবশিষ্ট] *বিণ* কঙ্কালসার। 'দুর্ভিক্ষগ্রস্ত দরিদ্রদিগের কঙ্কালাবশিষ্ট মূর্ত্তি দেখিলে পাষাণও দ্রবীভূত হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

কঙ্গুরিনা *বি* শস্যবিশেষ। 'কঙ্গুরিনা পাকেলারে শবরাশবরি মাতেলা'। *চর্যা ৫০*, ১২০০।

কচ [স] *বি* কেশ। 'কবহু বান্ধয়ে কচ কবহু বিথারি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কচকচ [ধ্বন্যা] *বি* ক্রমাগত নরম জিনিস কাটা অথবা চিবানোর শব্দ। *বিদ্যা*, ১৮৯১; 'মোষগুলো তাদের বড়ো বড়ো মুখ তৃণগুল্মের মধ্যে পুরে দিয়ে ... কচ কচ শব্দ করতে করতে খেতে খেতে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কচকচানি [ধ্বন্যা] ১ *বি* অতিকথন। 'এ এক অস্বস্তি ... অর্থনীতির কচকচানি, সংখ্যাতত্ত্বের গোলকধাঁধা।' *ধূর্জটি*, ১৯৩১। ২ *বি* বিরক্তিকর কথাবার্তা। 'থাক এসব কচকচানি।' *মুজতবা*, ১৯৪৯।

কচকচি [ধ্বন্যা] ১ *বি* ঝগড়াঝাঁটি। 'কালি যে ভাই দুপুর বেলা কচকচি লাগালে।' *কেরি*, ১৮০২। ২ *বি* আস্ফালন। 'পিয়াদার সঙ্গে কচকচি বন্ধ করিয়া, হাঁ করিয়া চাহিয়া রহিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮। ৩ *বি* বাগাড়ম্বর। 'তোমাদের ও কচকচি বাঙ্গালা নহে।' *বঙ্কিম*, ১৮৯২। ৪ *বি* বিরক্তিকর আলোচনা। 'এসব কচকচি আর ভালো লাগে না।' *সুনীল*, ১৯৭০।

কচকচি করন *ক্রি* ঝগড়া করা। *ওসাঁ*, ১৭৮৫।

কচমচ [ধ্বন্যা] *বিণ* কচমচ ধ্বনি সৃষ্টিকারী। 'গোরু ল্যাজ দিয়ে মাছি তাড়াতে তাড়াতে কচমচ শব্দে ঘাস খাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৫

কচমচিয়ে [ধ্বন্যা কচমচ>] *ক্রিবিণ* কচমচ শব্দ ক'রে। 'তুমি ভাঁটার মত কচমচিয়ে চিবিয়ে খেও।' *দীনবন্ধু*, ১৮৭৩।

কচমচে [ধ্বন্যা] *বিণ* কচমচ শব্দ হয় এমন। 'তুমি অরুচির রুচি, কচমচে করকচি।' *দীনবন্ধু*, ১৮৭৩।

কচর কচর [ধ্বন্যা] *বি* খাবার চিবানোর শব্দ। 'কচি শাপলা কচর কচর করে চিবিয়ে তৃপ্তিভরে খেল ও।' *কায়সার*, ১৯৬২।

কচর মচর [ধ্বন্যা] *ক্রিবিণ* কচর-মচর শব্দ ক'রে। 'কচর মচর চর্ব্ব্য চিবিয়া।' *ভারত*, ১৭৬০।

কচলানো ১ *ক্রি* হাত দিয়ে বার বার ঘষা। 'স্বপনের শেষে আঁখি কচলিয়া কি দেখিনু আহা মরি।' *সত্যেন্দ্র*, ১৯১০। ২ *ক্রি* চটকানো। 'তাহার অন্তরের শক্তিকে যেন নির্মমভাবে কচলাইয়া দিয়াছে।' *নজরুল*, ১৯২২।

কচহরি [হি কচহরী] ১ *বি* দপ্তর। 'খালিসা সরিফার কচহরিতে নিলামে বিক্রী হবেক।' *ক্যালগে*, ১৭৮৭। ২ *বি* মূল ঘর থেকে আলাদা বসার ঘর; বহির্বাটী। *মেয়ার*, ১৭৮৯।

কচা [হি কচ্চী>] ১ *বিণ* ভাঁটা। 'বাগ্যন কুমুড়া কচা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* গাছ থেকে কাটা সরু ডাল। *বিদ্যা*, ১৮৯১; 'তাদের কচার বেড়ার ধারে।' *নজরুল*, ১৯৩০।

কচাত [ধ্বন্যা] *বি* নরম বস্তু এক কোপে কাটার শব্দ। 'মাথাটা কচাত করে কেটে নেবে!' *মানিক*, ১৯৩৯।

কচায়ন [ধ্বন্যা কচ+স· আয়ন] *বি* কিচির-মিচির শব্দে ডাকাডাকি। 'পাখিরা এসে ... কিছুক্ষণ কচায়ন করে।' *প্রমথ*, ১৯২০।

কচাল [স কৃচাল] *বি* ঝগড়া। 'কচাল না পাত তোহ্মে গুণ হে মুরারী।' *বড়ু*, ১৪৫০।

কচালানো *ক্রি* রগড়ানো। 'এক হাতে সখি কচালিয়ে আঁখি।' *দীচণ্ডী*, ১৬০০। **কচালিআ** *ক্রি* চটকিয়ে। 'আঁখি কচলিআ উঠে নেব কোটাল।' *মুকুন্দ*, ১৬০০। **কচালিয়ে** *ক্রি* রগড়িয়ে। 'এক হাতে সখি কচালিয়ে আঁখি।' *দীচণ্ডী*, ১৬০০। **কচালে** *ক্রি* রগড়ালো। 'কচালে কেহ বিলোচন।' *মুকুন্দ*, ১৬০০।

কচি [হি কচ্চী] ১ *বিণ* সদ্যোজাত। 'নাউডগা তোলে কিছু কচি কচি বলা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* অপরিণত। 'কচি কচি গোটা দশ ভাঙ্গিল কুমড়া।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* অল্পবয়স্ক। 'আমার কচি মেয়ে।' *দীনবন্ধু*, ১৮৬৩। ৪ *বিণ* স্নিগ্ধ। 'সোনার মেঘের মাঝে/ কচি উষা ফোটে ফোটে।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৫ *বিণ* কোমল। 'এখন কচি-চামড়া সাড়ে তিনহাত মনুষ্য পৃথিবীর রাজা।' *রবীন্দ্র*, ১৮৯২। ৬ *বিণ* অবুঝ। 'দেখো বাছা, তুমি কিছু আর কচি খুকি নও।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৭ *বিণ* নিরুত্তাপ। 'হলুদে ছোপায় হেমন্ত রোজ কচি রোদ-রেখা নাড়ি।' *জসীম*, ১৯৩১।

কচিকাচা [হি কচ্চী>] *বি* ছোটো ছেলে-মেয়ে। 'পাবনা থেকে এঞ্জিনিয়ার তার মেম এবং কচিকাচা নিয়ে এসে উপস্থিত।' *রবীন্দ্র*, ১৮৯২।

কচিমাংস [হি কচ্চী+স মাংস] *বি* কম বয়সী প্রাণীর মাংস। 'তাদের কচিমাংস খেতে এর এত মজা লাগে কিসের?' *হাসান*, ১৯৬০।

কচিমেয়ে *বি* অল্পবয়স্ক মেয়ে। 'বাঙ্গালী ঘরের কচিমেয়ে শ্বশুরবাড়ী আসিলে।' *প্রভাত*, ১৮৯৬।

কচু [স] ১ *বিণ* কচু গাছ। 'আলু কচু সাক পাত আদি নানা বস্তুজাত।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* (অপশব্দ) খারাপ কিছু। 'তুমি মরো! কচু খাও!' *নজরুল*, ১৯২৬। ৩ *বি* (অপশব্দ) নাস্তি। 'সংসারের তুমি বুঝ কি কচু?' *মনসুর*, ১৯৫৫।

কচু-কাটা [স কচু+কাটা] *বিণ* কচু কেটে খণ্ডবিখণ্ড করার মতো। 'যে কোনো মুহূর্তে সমস্ত লিপেশনকে কচু-কাটা করতে পারত।' *মুজতবা*, ১৯৪৯।

কচুপাত [স কচুপত্র] *বি* কচুর পাতা। 'লহনার আদেশে আনিল কচুপাত।' *মুকুন্দ*, ১৬০০।

কচুবন [স] *বি* কচু গাছের ঝোপ। 'আমি চুপ করে এই কচুবনে লুকিয়ে থাকি।' *রবীন্দ্র*, ১৮৮১।

কচুর শাক [স কচু>+স শাক] *বি* শাকবিশেষ। 'কচুর শাকে খোস্তা ঘোরাচ্ছেন।' *মণীশ*, ১৯৬৩।

কচুশাক, কচুসাক [স কচু-শাক] *বি* কচুর পাতা। 'আলু কচু সাক পাত আদি নানা বস্তুজাত।' *মুকুন্দ*, ১৬০০; 'ওলশাক কচুশাক সিদ্ধ।' *বিভূতি*, ১৯২৯।

কচুরি [স কর্চরিকা] ১ *বি* তেলে ভাজা মচমচে খাবারবিশেষ। 'সিঙ্গারা, কচুরি, পানতুয়া।' *বিভূতি*, ১৯৩১। ২ *বি* কচুরিপানা। 'তার উপর কচুরি ঢাকা দিয়ে রাখে।' *ইসহাক*, ১৯৫৫।

কচুরিপানা [স কর্চরিকা>+স পানক>] *বি* জলজ উদ্ভিদবিশেষ। 'কচুরিপানায় ডোবা ও খানায়।' *নজরুল*, ১৯৩১।

কচৌরি [স কর্চরিকা] *বি* ময়দার তৈরি নিমকি জাতীয় খাবার। 'কচৌরি, লাড্ডু, কালাকন্দ বিক্রয়।' *বিভূতি*, ১৯৩৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কচ্ছ [স] *বি* কাছা। 'এক কচ্ছহীন বীরপুরুষ।' *বঙ্কিম*, ১৮৭৫।

কচ্ছপ [স] *বি* কাছিম। 'বালকগণ! তোমরা কে কত বড় কচ্ছপ দেখিয়াছ বল দেখি।' *অক্ষয়*, ১৮৪৮।

কচ্ছপি, কচ্ছপী [স কচ্ছপীয়] *বিণ* কচ্ছপের মতো। 'কচ্ছপি পিঠ।' *নজরুল*, ১৯৩১; 'কচ্ছপ চলে কচ্ছপী চালে।' *অন্নদা*, ১৯৭২।

কচ্ছব [স কাচ্ছপা] *বি* কচ্ছপ। *মানোএল*, ১৭৪৩।

কচ্ছম [আ কিসম] *বি* রকম। 'দেশে যেসব নতুন কচ্ছমের আদালত-কাছারি আইন-কানুন এনেছে ...।' *প্রমথ*, ১৯২২।

কচ্ছরৎ [আ] *বি* প্রয়াস; চেষ্টা। 'নয়ান ঢোলে চাম সাঁটবার কচ্ছরৎ করছিল।' *মাহেনও*, ১৯৪৯।

কচ্ছু [হি কুছ] *বিণ* কিছু। 'থির নয়ান অথির কছু ভেল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কজন, ক'জন [স কতি+স জন] *ক্রিবিণ* কতো জন। 'রণজিৎ অনেকেই হতে পারে, কিন্তু মনজিৎ কজন হয়।' *নজরুল*, ১৯২৪; 'নগ্নচোখে ক'জন ফায়ারিং স্কোয়াডের সামনে দাঁড়াতে পারে?' *মুজতবা*, ১৯৪৯। দ্র ক[২]

কজনা *বি* কয়েক জন। 'জোরদার কজনা দল বেঁধে বাকীগুলিকে মেরে ফেলে ...।' *সবুজ*, ১৯২১।

কজল [স কজ্জল] *বি* কাজল। 'কজলে করেছে চক্ষু বড়।' *ভবানী*, ১৮২৫।

কজলা [স কজ্জল] *বিণ* শ্যামলা। 'কজলা অচলা আলাউদ্দিনের উচ্চ দণ্ড।' *আলাওল*, ১৬৮০।

কজাই [আ কাজি>] *বি* কাজির কাজ। 'কাজীকে কজাই কর্ম্ম হইতে মাজিস্ত্রেট স্থগিত করিয়া ১০০০ টাকার জমানতে দওরাতে সেপর্দ্দ করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৯।

কজ্জল [স] *বি* কাজল। 'অলক তিলক করে কেহো পরয়ি, কজ্জল।' *মালাধর*, ১৫০০।

কজ্জল-কৃষ্ণ [স] *বিণ* কাজলের মতো কালো। 'বদনপ্রান্তের মাঝখানে একটি কজ্জল-কৃষ্ণ তিল।' *মুজতবা*, ১৯৬০।

কজ্জলিত [স] *বিণ* কাজল অঙ্কিত। 'ধায় কোন শশিমুখী কজ্জলিত এক আখি।' *মুকুন্দ*, ১৬০০।

কঞোন *সর্ব* কে। 'জখনে গরজি ঘন বরিসতা রে কঞোন সে বিপরাঞো।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কঞ্চন [স কাঞ্চন] *বি* কাঞ্চন। 'বিমল কঞ্চন কমল চটি জনি খেলু খঞ্জন জোল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কঞ্চি, কঞ্চী [তু কমচী] ১ *বি* বাঁশের সরু শাখা। 'শুকনা পাতা কঞ্চী তুঁষ ও বিলঘুঁটিয়া কুড়াইয়া জ্বালানি করি।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩; 'কতকগুলি কঞ্চি আনিয়া আটি বাঁধিতে বলিলেন।' *বিদ্যা*, ১৮৫৬। ২ *ক্রিবিণ* কঞ্চি পরিমাণ দূরত্ব। 'আগুন করতোয়া পার হয়ে এক কঞ্চি এগোতো না আর।' *মাহমুদ*, ১৯৭৩।

কঞ্চুক [স] *বি* বর্ম। 'কিংবা বিষধর, যবে বিচিত্র কঞ্চুক ভূষিত।' *মাইকেল*, ১৮৬১।

কঞ্চুকী [স] *বি* অন্তঃপুরের নপুংসক প্রহরী। 'কৈলাস নামে এক কঞ্চুকী প্রবেশ করিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

কঞ্চুলিকা [স] *বি* কাঁচুলি; বক্ষাবরণ। 'নীল কঞ্চুলিকার নীলিমায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

কঞ্জ [স] *বি* পদ্ম। 'কর্ণধার বলে অবোধ সদাগর কোথা নাহি দেখিলে কঞ্জে কামিনী কুঞ্জর।' *মুকুন্দ*, ১৬০০।

কঞ্জক [স কঞ্জ] *বি* পদ্ম। 'অরুণ কঞ্জক হাতে।' *মুরারি*, ১৫৭০।

কঞ্জমুখী [স] *বি* স্ত্রী পদ্মের মতো মুখ যার। 'কালরাত্রি কঞ্জমুখী কত জান কলা।' *মুকুন্দ*, ১৬০০।

কঞ্জল [স] *বি* ময়না পাখি। 'পাপিয়া, শ্যামা, কলবিঙ্ক, কঞ্জল।' *সুধীন্দ্র*, ১৯২৮।

কঞ্জিনী [স] *বি* পদ্ম। 'রুদ্ধ-কোরক-সঞ্চিত মধু কঠিন কনক-কঞ্জিনী।' *রবীন্দ্র*, ১৯০০।

কঞ্জুশ [হি কঞ্জুস] *বিণ* কৃপণ। 'জাগা কঞ্জুশ-দিল।' *নজরুল*, ১৯২২।

কঞ্জুষ [হি কঞ্জুস] *বিণ* কৃপণ। 'কঞ্জুষ সে একেবারেই না।' *জীবন*, ১৯৩২।

কঞ্জুষপনা *বি* কৃপণতা। 'প্রকৃতির মধ্যে একটা হিসাবিয়ানা আছে, একটা কঞ্জুষপনা।' *অন্নদা*, ১৯২৮।

কঞ্জুস [হি কঞ্জুস] *বিণ* কৃপণ। 'এক এক বেটা বাবু আছে এমনি কঞ্জুস।' *দীনবন্ধু*, ১৮৬৬।

কঞ্জুশি, কঞ্জুসি [হি কঞ্জুস>] *বি* কৃপণতা। 'কঞ্জুশি লেখা আমাদের খুনে নাই।' *নজরুল*, ১৯২২; 'ঘি ঢালতে কঞ্জুসি করছেন কেন?' *মুজতবা*, ১৯৪৯।

কট[১] [পা] *ক্রিবিণ* নিশ্চিতভাবে। 'রাউতু ভণই কট ডুসুকু ভণই কট সঅলা সহজ সোহাব।' *চর্যা* ৪১, ১২০০।

কট[২] [স] *বি* নির্দিষ্ট শর্ত। 'কৃষাণ তৎক্ষণাৎ এই কটের উপর অনুমতি দিলেক।' *তারিণী*, ১৮০৩।

কট[৩] [হি] *বি* কোট। 'ইয়ং বাঙ্গালদের টেবিলে খাওয়া, পেন্টুলন (ভয়ানক গরমিতেও) বনাতের বিলাতি কট চাপকান পরা।' *হুতোম*, ১৮৬১।

কটক [স] *বি* সৈন্য; সেনাবাহিনী। 'ভোজ রাজার কটক গেলা রুক্মি রাজার ঘরে।' *মালাধর*, ১৫০০।

কটকট [ধ্বন্যা] ১ *বি* তীব্র বেদনাবোধক অনুকার শব্দ। *বিদ্যা*, ১৮৯১; 'সমস্ত রক্ত শিরায় শিরায় কট কট করে উঠছে।' *জীবন*, ১৯৩১। ২ *বি* গিরগিটির ডাকার শব্দ। 'তক্ষকটা ডেকে উঠল কটকট করে।' *হাসান*, ১৯৬৭।

কটকটকট [ধ্বন্যা] *বি* দড়ি ইত্যাদির বাঁধন ছেঁড়ার ধ্বনি। 'কটকটকট পটপটপট গিরা ছিঁড়ে হাহা নড়ে ছটফট।' *নজরুল*, ১৯২২।

কটকট করে *ক্রিবিণ* ব্যস্ত হয়ে। 'কটকট করে দিব্যি করলে।' *শরৎ*, ১৯১৩।

কটকটানি [ধ্বন্যা] ১ *বি* কটকট শব্দের ভাব। *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* কষ্ট। 'নদীর কানটায় কানটায় হাঁটতে হাঁটতে মনুমিঞার বুকের কটকটানি চড়চড়িয়ে ওঠে।' *সেলিনা*, ১৯৭৫।

কটকটানো [ধ্বন্যা] *ক্রি* কটকট শব্দ করা। *বিদ্যা*, ১৮৯১।

কটকটিআ [ধ্বন্যা] *বিণ* কঠিন; কঠোর। *বিদ্যা*, ১৮৯১।

কটকটে [ধ্বন্যা] *বিণ* কড়া। 'কটকটে দুপুরেও বিছানা নিয়ে বসত।' *জীবন*, ১৯৩২।

কটকটে বেঙ [ধ্বন্যা কটকট+বেঙ] *বি* কটকট শব্দকারী ব্যাঙ। 'কটকটে বেঙ খাইলে কষ্ট পাবে।' *মদনমোহন*, ১৮৫০।

কটকি[১], **কটকী** [ও কটক>] ১ *বি* ওড়িশার কটক শহর থেকে আগত

AMARBOI.COM

লোক। 'সে দপ্তরের শিরিস্তাদার কান্তার নামে একজন কটকী ছিল।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* ওড়িশার কটক শহরে তৈরি। 'পায়ে শুঁড়তোলা কটকি জুতা।' *রবীন্দ্র*, ১৯০৯; 'খোলা কটকী চটিজুতার মতো বড়।' *বিভূতি*, ১৯৩৮।

কটকি[২] [স কড়ার] *বিণ* ফ্যাকাসে। 'সেই কটকি মুখের ফুঁ!' *বঙ্কিম*, ১৮৭৮।

কটকিনা [হি কটকনা] *বি* মেয়াদি ইজারা বন্ড। *ওসাঁ*, ১৭৮২।

কটকিনাদার [হি কটকনা+ফা দার] *বি* মেয়াদি ইজারাদার। *মেয়ার*, ১৭৮৭।

কটকেনা [অ কটকিনা] *বি* বাড়াবাড়ি। 'ছোঁয়াছুঁয়ি নাওয়াখাওয়া নিয়ে কটকেনা মেয়েদেরই কেন এত পেয়ে বসে।' *রবীন্দ্র*, ১৯৩৪।

কটকী দ্র কটকি[১]

কটকোআলা [স কট+আ কবালাহ] *বি* শর্তযুক্ত বিক্রয়পত্র; বন্ধকি তমসুক। *বিদ্যা*, ১৮৯১।

কটঙ্ক [স কট+স অঙ্ক] *বি* অলঙ্কৃত স্মারক। 'কবচ কাবাই পরে কটঙ্ক বিহর।' *মানিকরাম*, ১৭৮১।

কটড়া *বি* পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'দুই শত কটড়া চলে নয় শত তেলি।' *বিজয়*, ১৬৫০।

কটন মিল [ই] *বি* কাপড় তৈরির কারখানা। 'কটন মিলের মত দুই চারিটি মিল।' *সাম্যবাদী*, ১৯২৪।

কটমট [ধ্বন্যা] ১ *ক্রিবিণ* ক্ষুব্ধ দৃষ্টি। 'ক্রোধে আরক্ত চক্ষুর্দ্বয়ে ব্যাঘ্রীর দিকে কটমট করিয়া চাহিয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। ২ *বি* দাঁতে দাঁত ঘষার শব্দ। 'কটমট বিকট দশনে শব্দ করে।' *রঙ্গ*, ১৮৫৮। ৩ *বিণ* নীরস। 'তাহার বিবরণ লিখিতে গেলে প্রবন্ধ বড় দীর্ঘ এবং কটমটে হইয়া ওঠে।' *বঙ্কিম*, ১৮৮৭। ৪ *বিণ* রাগান্বিত। 'দিদির দিকে 'কটমট' দৃষ্টিতে চাহিলেন।' *রোকেয়া*, ১৯০৬।

কটমটে [ধ্বন্যা] *বিণ* রসকষহীন। 'তারা তাঁর কটমটে জর্দন দুদণ্ডের মত বরদাস্ত করে নিত।' *মুজতবা*, ১৯৫২।

কটরমটর [ধ্বন্যা] *বি* যৎকিঞ্চিৎ। 'উনি যে কটর-মটর একটু ইংরেজী শিখেছেন।' *ইমদাদুল*, ১৯২০।

কটরা [হি] *বি* বাটি; পেয়ালা। *বিদ্যা*, ১৮৯১।

কটলেট [ই] *বি* ভেজে রান্না করা বড়া জাতীয় পুরু মাংসখণ্ড। 'রঙ ভরপুর! সুপ চপ কটলেট, আন বাবা প্লেট প্লেট।' *বঙ্কিম*, ১৮৭৮।

কটা[১] [ধ্বন্যা কট>] *বি* তালগাছের পোকাবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

কটা[২] [স কট>] ১ *বিণ* রুক্ষ। 'তদন্তর এক ব্যক্তি চক্ষু টেরা মাথা নেড়া লোম কটা দাঁত চটা কোতা গরদন ফোতা ভারী ...।' *ভবানী*, ১৮২৮। ২ *বিণ* পিঙ্গল। 'আমাদের সর্বাঙ্গ কটা কালো ও নীল ছাপে ভরে যেত।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* ফরসা। 'ওর গায়ের রঙ কটা।' *রবীন্দ্র*, ১৯১৪।

কটাচুল [কটা+চুল] *বিণ* পিঙ্গল বর্ণের চুলবিশিষ্ট। 'কটাচুল নীলচক্ষু কপিশকপোল/ যবন পণ্ডিত আসে বাজে ঢাক ঢোল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কটা[৩] *বি* দৃষ্টি; চাহনি। 'দ্বাদশ রবির বহ্নি-জ্বালা ভয়াল তাহার নয়ন-কটায়।' *নজরুল*, ১৯২২।

কটা[৪] *বি* কাঠবিড়াল। 'আমাগো ওদিকে একটা কটা আছে।' *নরেন্দ্র*, ১৯৫৭।

কটা[৫] দ্র ক[২]

কটাকট [ধ্বন্যা] *বিণ* কটকট ধ্বনি সৃষ্টিকারী। 'কটাকট, চটচট, পটপট শব্দ।' *রঙ্গ*, ১৮৫৮।

কটাক্ষ [স] ১ *বি* আড়চোখ। 'কটাক্ষে করহ বধ ভ্রূঝিবে কি কারনে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* আদিরসের ইঙ্গিতপূর্ণ দৃষ্টি। 'তোহ্মার কটাক্ষবাণে হাণিল হৃদয়।' *বাহরাম*, ১৭০০। ৩ *বি* বিরূপ সমালোচনা। 'বিবিকে স্বর্গস্থা করিয়া ঐ বাবুদিগের ... কটাক্ষ করিতেন।' *ভবানী*, ১৮২৮। ৪ *বি* চাউনি। 'কাতর কটাক্ষ তার যদি লক্ষ করেছি।' *মদনমোহন*, ১৮৩৪; 'শরীরের কোন অংশের প্রতি কটাক্ষ করিলেই পরিতোষ হয়।' *অক্ষয়*, ১৮৪৩।

কটাক্ষপাত [স] *বি* দৃষ্টিপাত। 'আপন২ পত্নীর দুরুখে কটাক্ষপাত না করিয়া ...।' *ভবানী*, ১৮২৮।

কটাক্ষপারদর্শিনী [স] *বিণ* স্ত্রী বাঁকা চাউনিতে দক্ষ এমন। 'সেই কুখ্যাত নৃত্যগীত-কটাক্ষপারদর্শিনী হঠাৎ ছোরার মতো তার একটা শাদা ঝকঝকে খোলা পা টেবিলের উপরে তুলে দিলো।' *মান্নান*, ১৯৬৮।

কটাক্ষবর্ষণ [স] *বি* বিরূপ আচরণ। 'শাসনকর্তারা আমাদের পরে যে কটাক্ষবর্ষণ করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কটাক্ষবাণ [স] *বি* বাঁকা চাউনি। 'তাহার কটাক্ষবাণ বিঁধে একটুকে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কটাক্ষভঙ্গি [স] *বি* বাঁকা চাহনি। 'নিতম্ব ও কটিসঞ্চালন, কটাক্ষভঙ্গি, স্কন্ধান্দোলন, এককথায় সর্ব অঙ্গের চালনা।' *মুজতবা*, ১৯৫৯।

কটাক্ষশালী [স] *বিণ* কটাক্ষ করে এমন। 'অক্ষিযুগল শুধু প্রত্যক্ষগোচর নয়, রীতিমতো কটাক্ষশালী হইয়া উঠিল।' *বনফুল*, ১৯৩৬।

কটাক্ষহীন [স] *বিণ* স্থির। 'সেই কটাক্ষহীন দৃষ্টি দেখিয়া কোন ভাস্কর্যপটু শিল্পকরের যত্ননির্মিত প্রস্তরময়ী স্ত্রীমূর্তি বলিয়া বোধ হইত।' *বঙ্কিম*, ১৮৭৪।

কটাক্ষা [স কটাক্ষ>] *ক্রি* কটাক্ষ করা। 'কালো জল কটাক্ষিয়া চলে ঘুরি ঘুরি।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কটার *বি* কাটারি। 'হান হান হাঁকটা থম থম বাঁকা বাঁকা কটার বিরাজে।' *ভারত*, ১৭৬০।

কটাল [তা কডেল] *বি* নদী ও সমুদ্রে জলস্ফীতি; জোয়ার। 'জোয়ারের সমধিক প্রাদুর্ভাব হইয়া থাকে ... নাবিকেরা ইহাকেই কটাল কহে।' *অক্ষয়*, ১৮৪৭।

কটাস [স খট্টাস] *বি* গন্ধ ছড়ায় যে বনবিড়াল; ভাম। 'গণ্ডা মহিস পোড়ে পোড়ল কটাস।' *মালাধর*, ১৫০০।

কটাহ [স] *বি* কড়াই; রান্নার পাত্রবিশেষ। 'নদীতে স্নান করিয়া তৈলপূর্ণ কটাহে ঝম্প দিলেন।' *হরপ্রসাদ রায়*, ১৮১৫।

কটি [স] *বি* কোমর। 'কটির কিংকিনি গেল গাএর বসন।' *মালাধর*, ১৫০০।

কটিতট [স] *বি* কোমর; নিতম্ব। 'কটিতটে বদ্ধ দৃঢ় স্থূল পট্টডোরি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কটিদড় [স কটি>] *বি* কোমরবন্ধ। 'কষেছে কৌপীনে কটিদড়।' *ভবানী*, ১৮২৫।

কটিদেশ, কটীদেশ [স কটি>] *বি* কোমর। 'কটীদেশে তরোয়ার বড় মনোহরে।' *মুকুন্দ*, ১৬০০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কটিনিতম্ব [স] *বি* কোমর ও নিতম্ব। 'হরি-হরিকুম্ভ কটিনিতম্ব।' *আলাওল*, ১৬৮০।

কটিবন্ধ [স] *বি* কোমরবন্দ। 'বেসেলের কৃত কটিবন্ধ ... গড়পড়তা করা আছে।' *বঙ্কিম*, ১৮৭৫।

কটিবসন [স] *বি* কোমরের কাপড়। 'বলে খোলে মোর কটিবসনে।' *মদনমোহন*, ১৮৩৪।

কটিভ্রষ্ট [স] *বিণ* দেহচ্যুত; কোমর থেকে খসে পড়া। 'কটিভ্রষ্ট বসন তোমার।' *সুধীন্দ্র*, ১৯৩১।

কটিসঞ্চালন [স] *বি* কোমর দোলানো। 'নিতম্ব ও কটিসঞ্চালন, কটাক্ষভঙ্গি, স্কন্ধান্দোলন, এককথায় সর্ব অঙ্গের চালনা।' *মুজতবা*, ১৯৫৯।

কটিল্বক [স কারবেল্লা] *বি* করলা; উচ্ছে জাতীয় সবজিবিশেষ। 'ভাণ্ডাকি সহিত ভেজে কটু কটিল্বক।' *মানিকরাম*, ১৭৮১।

কটু [স] ১ *বি* মন্দ কথা। 'প্রিয় কথা ছাড়ি কটু কহিয়া কহিয়া ...।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* ঝাঁঝবিশিষ্ট। 'কটু তৈলে কই মৎস্য ভাজে পণ দশ।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* ক্রুদ্ধ। 'ধনপতি কটু হয়্যা বলে দুরক্ষর।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বিণ* তিতা স্বাদবিশিষ্ট। 'ভাণ্ডাকি সহিত ভেজে কটু কটিল্বক।' *মানিকরাম*, ১৭৮১। ৫ *বিণ* ঝালযুক্ত। 'নিম ও চিরতা তিক্ত এবং মরিচ কটু লাগে।' *বিদ্যা*, ১৮৫১।

কটুকথা [স] ১ *বি* গালাগালি। 'কটুকথা ও মিথ্যা তহমত ও অল্প হস্তামা আদি ফৌজদারি আদালতের কাছারিতে না পাঠাইয়া ...।' *মেয়ার*, ১৭৮৭। ২ *বি* কড়া কথা। 'অন্যধর্ম্মাশ্রিত ব্যক্তিরা কতমতে কটু কথা উক্ত করিয়া গাত্রদাহ নিবারণ করেন।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

কটুকাটব্য [স] *বি* কড়া কথা। 'এক্ষণে কটুকাটব্য বলিতে আরম্ভ করিয়াছেন।' *ভবানী*, ১৮২৩।

কটুগন্ধ [স] *বিণ* ঝাঁঝালো গন্ধযুক্ত। 'কটুগন্ধ অন্ধকারে ওষুধালাম বিধাতার দেনা।' *বুদ্ধ*, ১৯৩০।

কটুতা [স] *বি* উগ্রতা। 'কটুতায় কোটি কোটি কালকূটসম।' *ভারত*, ১৭৬০।

কটু তৈল [স] *বি* সর্ষের তেল। 'কটু তৈলে বাথুআ করিবে দৃঢ় পাক।' *মুকুন্দ*, ১৬০০।

কটুত্ব [স] *বি* তিক্ততা। 'সেও ডাক্তারের কথার কটুত্বের জন্য।' *ভারা*, ১৯৪২।

কটুবাক্য [স] *বিণ* দুর্বাক্য। *ওসাঁ*, ১৭৮৫; 'কটুবাক্য কহা অনুচিত।' *মদনমোহন*, ১৮৪৯।

কটুবাক্যি [স কটুবাক্য] *বি* দুর্বাক্য। *ওসাঁ*, ১৭৮৫।

কটুবাণী [স] *বি* দুর্বাক্য। 'তোর কটুবাণী অগ্নিবরষিণী।' *মুকুন্দ*, ১৬০০।

কটুভাষী [স] *বিণ* রূঢ়ভাষী। 'কটুভাষী হওয়া বড় দুষ্য।' *মদনমোহন*, ১৮৪৯; 'বর্তমানের কুদর্শন, কটুভাষী রামলোচন সত্যই একদা সুদর্শন ও প্রিয়ভাষী ছিলেন।' *বনফুল*, ১৯৩৬।

কটুআ [স কোষ্ঠা] *বি* কৌটা। 'সোনার কটুআ দুটি মাণিকে পুরাআঁ।' *বড়ু*, ১৪৫০।

কটূক্তি [স কটু-উক্তি] *বি* ভর্ৎসনাপূর্ণ কথা। 'ভৃত্যদিগের প্রতি যেরূপ কটূক্তি ও কঠোর ব্যবহার করেন।' *অক্ষয়*, ১৮৫৪।

কটূক্তিভাজন [স] *বিণ* কটু কথা শোনে এমন। 'সে সকলের কটূক্তিভাজন।' *দর্পণ*, ১৮২২।

কটেজ [ই] *বি* কুটির। 'সমুদ্রতীরে কটেজে এসে সে অকৃপণভাবে ...।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

কটেজ পিয়ানো [ই] *বি* ছোটো আকৃতির পিয়ানোবিশেষ। 'সিমপ্যাথেটিক গ্র্যান্ড পিয়ানো কি কটেজ পিয়ানো সে সম্বন্ধেও ভ্রম হয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কটো [হি কটোরা] *বি* বাটি। 'আমি কি তামাকপোড়ার কটোটা আনি নি।' *দীনবন্ধু*, ১৮৬০।

কটোর [হি কটোরা] *বি* বাটি। 'বাহুযুগ তোর কনক মৃণাল কুচ উলট কটোরে।' *বড়ু*, ১৪৫০।

কটোরা [হি কটোরা] *বি* কৌটা। 'কোন গুপ্ত আছে এহি কটোরা অন্তর।' *আলাওল*, ১৬৮০।

কটোরি [হি কটোরা] *বি* কৌটা। 'বাম অঙ্গুলিতে মুদরী সহিতে কনক কটোরি হাতে।' *চিচণ্ডী*, ১৬০০।

কট্টর [স কঠোর] *বিণ* গোঁড়া; উগ্র। 'কট্টর ধর্মাবলম্বীদের দেশে তিনি তাঁর বিদ্রোহ জাহির করলেন কোন সাহসে।' *মুজতবা*, ১৯৭১।

কঠিন [স] ১ *বিণ* অশিথিল। 'পীন কঠিন উচ তনে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* কঠোর। 'সো জন আকুল তুয়া লাগি সুন্দরি কী ফল কঠিন স্বভাব।' *বিদ্যাপতি*, ১৪৬০। ৩ *বিণ* দুর্গম। 'বেওয়ারিস স্থান কঠিন তটে গতায়তের পথ নাই।' *রামরাম*, ১৮০১। ৪ *বিণ* শক্ত। 'শরীরে লোম নাই ও অতিকঠিন শরীর।' *দর্পণ*, ১৮২১। ৫ *বিণ* দুর্বোধ্য। 'ইউক্লিডের প্রথম গ্রন্থের আরম্ভে যে অতিকঠিন প্রস্তাব আছে।' *দর্পণ*, ১৮৩৬। ৬ *বিণ* অনড়। 'জাতিরক্ষায় যে প্রকার কঠিন নিয়ম দৃষ্ট হইতেছে।' *অক্ষয়*, ১৮৪২। ৭ *বিণ* দুরূহ। 'এ সংসারে যেখানে প্রতিপদে কঠিন প্রতিবন্ধক সকল মোচন করিয়া ...।' *অক্ষয়*, ১৮৪৬। ৮ *বিণ* জটিল। 'অন্য অন্য অনেক কঠিন প্রশ্ন যাহা ১০০ বৎসর ...।' *অক্ষয়*, ১৮৪৭। ৯ *বিণ* শুরু। 'কঠিন দণ্ডবিধান এবং ঐ দণ্ডদাতার উক্তরূপ ...।' *অক্ষয়*, ১৮৪৮। ১০ *বিণ* মনের দিক থেকে কঠোর। 'বড়ো হয়ে তার চেয়ে কত কঠিন হয়ে গেছি।' *রবীন্দ্র*, ১৮৯২। ১১ *ক্রিবিণ* দৃঢ়ভাবে। 'বনে পাঠালাম তারে কঠিন বাঁধিয়া।' *রবীন্দ্র*, ১৮৯৩। ১২ *বিণ* নিবিড়। 'আজি হবে পরিচয় ঘনিষ্ঠ কঠিন।' *রবীন্দ্র*, ১৮৯৯। ১৩ *বিণ* আয়াসলভ্য। 'বীর্য দেহো সুখের সহিতে, সুখেরে কঠিন করি।' *রবীন্দ্র*, ১৯০১। ১৪ *বিণ* রূঢ়। 'সত্য যে কঠিন কঠিনেরে ভালোবাসিলাম।' *রবীন্দ্র*, ১৯৪১।

কঠিনচিত্ত [স] *বিণ* দৃঢ়মনা। 'যাব দুর্গমে ... নিয়ে আসব কঠিনচিত্ত উদাসীনের গান।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কঠিনতম [স] *বিণ* কঠোরতম। 'মেয়েটির শেষ প্রেমাস্পদা তার সবচেয়ে কঠিনতম হল।' *জীবন*, ১৯৩২।

কঠিনতর [স] *বিণ* অপেক্ষাকৃত দৃঢ়। 'কঠিনতর সংযম আশ্রয় করিতে হইবে।' *রবীন্দ্র*, ১৯০৮।

কঠিনতা [স] ১ *বি* কাঠিন্য। 'কুচ কঠিনতা হেরি বিনু বিল্ল কষ্ট।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* দৃঢ় অবস্থা। 'জল শৈত্যসংহত হইয়া শিলাপট্টবৎ কঠিনতা ধারণ করে।' *অক্ষয়*, ১৮৫৪।

কঠিনত্ব [স] *বি* শক্ত অবস্থা। 'তাপক্ষয়ে তাহা গাঢ়তা এবং কঠিনত্ব প্রাপ্ত হয়।' *বঙ্কিম*, ১৮৭৫।

কঠিনভাবাপন্ন [স] *বিণ* দৃঢ় ভাবযুক্ত। 'হৃদয়কে কঠিনভাবাপন্ন করিয়া স্থির করিয়াছেন।' *বঙ্কিম*, ১৮৯২।

কঠিন হওয়া *ক্রি* দুরূহ হওয়া। 'তার সূত্রগুলো জুড়ে নেওয়া কঠিন হয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

AMARBOI.COM

কঠিনান্তঃকরণ [স] *বি* নিষ্ঠুর মন। 'ওমরায়ের কঠিননান্তঃকরণ কোমল হইল।' *রামরাম*, ১৮০১।

কঠিনাবস্থা [স] *বি* শক্ত অবস্থা। 'গাঢ়তা এবং কঠিনাবস্থা প্রাপ্ত হইবে।' *বঙ্কিম*, ১৮৭৫।

কঠুয়া [হি কটোরা] *বি* ছোটো বাক্স। *মানোএল*, ১৭৪৩।

কঠোর [স] ১ *বিণ* প্রচণ্ড। 'হেন মতে কঠোর রন হইল দুই জনে।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* কর্কশ। 'অনিতে সুন্য মন্দ কঠোর বচন।' *মালাধর*, ১৫০০। ৩ *বিণ* কঠিন। 'মুনি সঙ্গে নরপতী কঠোর তপ করে।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৪ *বি* কৃচ্ছ্রতাসাধন। *মানোএল*, ১৭৪৩। ৫ *বিণ* নিষ্ঠুর। 'এদেশে অনেক ব্যক্তি ভৃত্যাদিগের প্রতি ... কঠোর ব্যবহার করেন।' *অক্ষয়*, ১৮৪৯। ৬ *বিণ* তীক্ষ্ণ। 'রমণীয় কুসুমতরুর সহিত কঠোর কণ্টকী বৃক্ষের।' *অক্ষয়*, ১৮৫০। ৭ *বিণ* দুঃসহ। 'দুঃখ কি কঠোর পদার্থ তিনি অবগত নহেন।' *অক্ষয়*, ১৮৫৪। ৮ *বি* কাঠিন্য। 'মহাবীর্যবতী, তুমি বীরভোগ্যা, বিপরীত তুমি ললিতে কঠোরে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কঠোরকুচা [স] *বিণ স্ত্রী* দৃঢ় স্তনবিশিষ্ট। 'চিত্তহারিণী কেশবিলাসিনী ক্ষীণকটি কঠোরকুচা বেশ্যাদিগমনে পাপবোধ।' *ভবানী*, ১৮২৫।

কঠোরতম [স] *বিণ* অতি করুণ। 'পিতৃহীন সন্তানদের কঠোরতম শোকদুঃখের ছায়ামাত্র স্মৃতিমাত্র থাকবে না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কঠোরতর [স] *বিণ* অতিশয় কঠোর। 'তিতিক্ষা কঠোরতর।' *মানিক*, ১৯৩৫।

কঠোরতা [স] *বি* দৃঢ়তা; অনমনীয়তা। 'যাঁহারা কঠোরতার বলে পুরুষার্থ লাভে ব্রতী ...।' *অক্ষয়*, ১৮৫৫।

কঠোরমূর্তি [স] *বিণ* কড়া; কঠোর। 'এখানকার আদালতও তেমন কঠোরমূর্তি নয়।' *রবীন্দ্র*, ১৯০৭।

কডলিভার [ই] *বি* কডমাছের কলিজার তেল। 'রাতে দিনে/ কডলিভার খাচ্ছ রুটিনে।' *শিবরাম*, ১৯৪০।

কড়[১] [স কনিষ্ঠা] *বি* আঙুলের ভাঁজের দাগ। *মানোএল*, ১৭৪৩; 'দু কাঁধের উপর ছোট দুটো চিপির মত শক্ত কড়।' *মাহেনও*, ১৯৪৯।

কড়[২] [স কটক>] *বি* লৌহনির্মিত বালা। 'হাতে কেবল একগাছ কড়।' *বঙ্কিম*, ১৮৮২।

কড়ক [হি] *বি* চমক। 'কানে তালা লাগে যেন বিজলী কড়কে।' *গরীব*, ১৭৬৫।

কড়কানো *ক্রি* প্রবল ধমক দেওয়া। *বিদ্যা*, ১৮৯১; 'আমি চালওয়ালাকে কড়কে দেব।' *জীবন*, ১৯৪৮।

কড়কচ [স কড়ক] *বি* সামুদ্রিক লবণবিশেষ। 'হড়কচ কড়কচ কাটে কামরাঙ্গা।' *মুকুন্দ*, ১৬০০।

কড়কড় [ধ্বন্যা] ১ *বিণ* কড়কড় ধ্বনিবিশিষ্ট। 'প্রচণ্ড সমীরণ কড়কড় বাজ।' *রবীন্দ্র*, ১৮৮২। ২ *বি* কড়মড় শব্দ। 'ঘুণধরা হাড় কড়কড় করে।' *ওয়ালী*, ১৯৪৮।

কড়কড়কাড়া [ধ্বন্যা] *বিণ* কড়কড় ধ্বনি সৃষ্টিকারী। 'রণে কড়কড়কাড়া খাঁড়া-ঘাত।' *নজরুল*, ১৯২২।

কড়কড়ানি [ধ্বন্যা] *বি* কড়কড় বা কড়মড় শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

কড়কড়িয়া [ধ্বন্যা কড়কড়>] *বিণ* বাসি শুষ্ক। 'কড়কড়িয়া ভাত।' *বিদ্যা*, ১৮৯১।

কড়কড়ে [ধ্বন্যা কড়কড়>] ১ *বিণ* শুকিয়ে শক্ত হয়ে আছে এমন। 'এরকম চটচটে কড়কড়ে কাদা শুরকিগুলো ...।' *জীবন*, ১৯৩১। ২ *বিণ* শুষ্ক, শক্ত ও বাসি। 'কড়কড়ে ভাত, ভাজা মাছ।' *শামসুর*, ১৯৭০।

কড়খ *বি* রাজার স্তুতিপাঠক। *বিদ্যা*, ১৮৯১।

কড়খানো *ক্রি* রাজার স্তুতিপাঠ করা। *বিদ্যা*, ১৮৯১।

কড়চা [স কারিকা] *বি* বৈষ্ণব ধর্মীয় গ্রন্থবিশেষ। 'দামোদরস্বরূপের কড়চা অনুসারে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কড়চাকর্তা, কড়চাকর্ত্তা [স কারিকাকর্তা] *বি* বৈষ্ণব ধর্মীয় গ্রন্থ রচয়িতা। 'আর সব কড়চাকর্ত্তা রহে দূরদেশে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কড়ছ [স কক্ষতট] *বি* কোঁচড়; কোমরের কাপড়। 'কড়ছের রত্ন মুঞি হারানু গোপালে।' *মালাধর*, ১৫০০।

কড়মড় [ধ্বন্যা] ১ *বি* ক্রোধের ফলে দাঁতের ঘর্ষণজাত শব্দ। 'দন্ত কড়মড় করে বলয়ে বিশেষ।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* কড়কড় ধ্বনি সৃষ্টিকারী। 'বাহিরে মহা ঝড়/ বজ্র কড়মড়।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বি* ঘর্ষণের শব্দ। 'খাঁ-বাড়ির বাঁশ ঢোলা ঢোলা, করছে কড়মড়।' *জসীম*, ১৯২৯।

কড়মড়া [ধ্বন্যা কড়মড়>] *ক্রি* কড়কড় করা। 'হাড় মাংস কড়মড়ি খাএ।' *মালাধর*, ১৫০০; 'রাগে দাঁত কড়মড়ি।' *মাইকেল*, ১৮৭৩।

কড়মড়ানি [ধ্বন্যা কড়মড়>] *বি* কড়কড় বা কড়মড় শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

কড়মড়ানো [ধ্বন্যা] *ক্রি* রাগে কড়মড় শব্দ করা। *বিদ্যা*, ১৮৯১।

কড়মড়ি [ধ্বন্যা কড়মড়>] ১ *বি* দাঁতে দাঁত ঘর্ষণের শব্দ। 'অট্টঅট্ট হাসে করে দন্ত-কড়মড়ি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* কড়মড় শব্দ করে এমন। 'কড়মড়ি দন্তা সমরে দুরন্তা।' *মুকুন্দ*, ১৬০০।

কড়মড়িআ [ধ্বন্যা কড়মড়>] *ক্রিবিণ* কড়মড় ক'রে। *বিদ্যা*, ১৮৯১।

কড়সি [স কক্ষতট>] *বি* কোমরে যে সুতা বাঁধা হয়; কটিবন্ধন। *বিদ্যা*, ১৮৯১।

কড়া[১] [স কপর্দক] ১ *বি* কপর্দক; এক সময়ে প্রচলিত মুদ্রার ক্ষুদ্রতম একক। 'কড়া চারী কড়ী ধনে আপনাক জানহ ঈশরে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* হিসাবের এককবিশেষ। 'প্রথমে কড়াকে গণ্ডাকে বুড়কে চৌকে নামতা পর্য্যন্ত।' *ভবানী*, ১৮২৫।

কড়াকড়ি *বি* টাকা-পয়সা। 'করলিনে কেউ বেচা কেনা, হাতে নাইরে কড়া কড়ি।' *রবীন্দ্র*, ১৯০৫।

কড়াকিআ [স কপর্দক>+স ক্রিয়া>] *বি* কড়াকিয়া; কড়ার নামতা। *বিদ্যা*, ১৮৯১।

কড়াক্রান্তি [স কপর্দক+স ক্রান্তি>] ১ *বি* মুদ্রার অতি ক্ষুদ্র একক। 'কড়াক্রান্তির হিসাব রাখিতেন।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বি* বিন্দুবিসর্গ। 'ভগবান কড়াক্রান্তিটিও ছাড়েন না।' *রবীন্দ্র*, ১৯০৮।

কড়াগণ্ডা হিসাব *বি* পাই-পয়সা পর্যন্ত হিসাব। 'কড়াগণ্ডা হিসাবের চুলচেরা মীমাংসা করিবার জন্য ব্যগ্র।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কড়াঙ্ক [স কপর্দক+স অঙ্ক] *বি* কড়ি সংক্রান্ত হিসাব। 'রাজা কড়াঙ্কেতে আপামর সাধারণ পারদর্শী।' *দীনবন্ধু*, ১৮৭২।

কড়ানিআ [স কপর্দক>] *বি* একশত পর্যন্ত কড়ার হিসাব। *বিদ্যা*, ১৮৯১।

কড়ায় কড়া কাহনে কানা – গৌণ বিষয়ে গুরুত্ব দিয়ে মুখ্য বিষয়ে হেলা করা। 'কড়ায় কড়া কাহনে কানা।' *রবীন্দ্র*, ১৮৯২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কড়ায় কড়ায় *ক্রিবিণ* পুরোপুরিভাবে। 'আপন মেহন্নতের দাম কড়ায়২ আদায় করেন।' *ভবানী*, ১৮২৮।

কড়ায় গণ্ডায় *ক্রিবিণ* হিসাবের শেষ কপর্দক পর্যন্ত। 'প্রতিমাসে কড়ায় গণ্ডায় হিসাব করিয়া সুদ পাইতেছেন।' *প্রভাকর*, ১৮৫৩।

কড়াহো *ক্রিবিণ* এক কপর্দকও। 'ভাণ্ড মাথে ষোল পন কড়াহো নাহি টুটে।' *বড়ু*, ১৪৫০।

কড়া[১] [স কটক] **১** *বি* শিকল। 'পায়ে কড়া।' *মানোএল*, ১৭৪৩। **২** *বি* হাতের অলঙ্কারবিশেষ। 'ব্যবহারের দুই চারি কড়া আছে।' *গৌর*, ১৮২২। **৩** *বি* তামাকের শুকানো গুটি। 'দোকতা কড়া গাঁজা চরস সিদ্ধি আদি যত।' *ভবানী*, ১৮২৫। **৪** *বি* বেশি নেশাকর। 'উত্তম২ তামাকু ভেলসা, অম্বুরী, কড়া, মিঠেকড়া সাজিয়া আলবোলাগুড়গুড়ি হুকা ... যোগাইতে থাকিবেক।' *ভবানী*, ১৮২৮। **৫** *বি* বালার মতো আংটা বা হাতল। 'দরজায় একটা লোহার কড়া লাগানো।' *রবীন্দ্র*, ১৮৮১।

কড়া নাড়া *ক্রি* আহ্বান করা। 'তোমার জন্যে লোকালয় হেঁটে এসে আজো কড়া নাড়ি।' *মাহমুদ*, ১৯৭৩।

কড়া[২] *বি* চামড়ার উপরে ঘর্ষণজনিত চিহ্ন। 'বাতাস দিতে দিতে হাতে কড়া পড়েছে।' *দীনবন্ধু*, ১৮৬৭; 'আঙুলে কড়া পড়ে গেল।' *অবন*, ১৯৪১।

কড়া পড়া *বিণ* আঘাতের চিহ্নযুক্ত। 'জানোয়ারের মতো হাত-পা চালিয়ে যায় ... দুর্বলা মেয়েটার কড়াপড়া গায়ে?' *কায়সার*, ১৯৬২।

কড়া[৩] **১** *বিণ* কঠিন। 'কড়া কড়া দুই-একটা কথা শুনিয়ে দিলেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বিণ* কঠোর ভাষায় লিখিত। 'মাঝে মাঝে কড়া চিঠি।' *রবীন্দ্র*, ১৮৯০। **৩** *বিণ* গাঢ়। 'এক-পাত্র চা খেয়েছিলুম সেটা কিছু কড়া-গোছ হয়েছিল।' *রবীন্দ্র*, ১৮৯২। **৪** *বিণ* কৃপণ। 'কড়ায় কড়া কাহনে কানা।' *রবীন্দ্র*, ১৮৯২। **৫** *বিণ* তীব্র। 'পর্ক কেমন কড়া।' *জসীম*, ১৯২৭। **৬** *বিণ* সতর্ক। 'কড়া পাহারা।' *রবীন্দ্র*, ১৯২৯। **৭** *বিণ* কঠোর। 'কড়া কথা বলতে বাধে না।' *রবীন্দ্র*, ১৯৩৪।

কড়া কড়া *বিণ* অত্যন্ত কঠোর। 'নিতাই সেদিন তাদের খুব কড়া কড়া দুটো কথা শুনিয়ে দিয়েছিল।' *রবীন্দ্র*, ১৮৯০।

কড়াকথা *বি* কঠোর উক্তি। 'তাকে অনেক কড়াকথা শুনতে হয়েছিল।' *আলাউদ্দিন*, ১৯৬০।

কড়া-গোছ *বিণ* গাঢ় ধরনের। 'এক-পাত্র চা খেয়েছিলুম সেটা কিছু কড়া-গোছ হয়েছিল।' *রবীন্দ্র*, ১৮৯২।

কড়া-টান *বি* দম নিয়ে বেশি সময় ধ'রে টান দেওয়া। 'আরেকটা কড়া-টান দিলে সিগ্রেটে।' *ওয়ালী*, ১৯৪৫।

কড়ামিঠে *বিণ* আরামদায়ক। 'কড়ামিঠে রোদ।' *মাহেনও*, ১৯৪৯।

কড়ামূর্তি [স] *বি* কঠোর চেহারা। 'যদি নিজ দেশী কাছে আসে ঘেঁষি কিছু যেন কড়ামূর্তি।' *রবীন্দ্র*, ১৯০০।

কড়ায় কড়া কাহনে কানা – কড়ার প্রতি কড়া দৃষ্টি, কিন্তু কাহনের বেলায় অন্ধ। 'বাংলায় তাহার তরজমা করা যাইতে পারে, কড়ায় কড়া কাহনে কানা।' *রবীন্দ্র*, ১৮৯২।

কড়াই[১] [হি] *বিণ* কড়া। 'কড়াই করিয়া রান্ধ সরিসার শাক।' *মুকুন্দ*, ১৬০০।

কড়াই[২] [স কটাহ] *বি* রান্না করার পাত্রবিশেষ। 'হাঁড়ি ও কড়াই আনিয়া দেয়।' *দর্পণ*, ১৮২৫।

কড়াই[৩] [স কলায়] *বি* কলাই। 'মটর কড়াই মিশায়ে কাঁকরে চিবাইল যেন দাঁতে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কড়াইশুঁটি [স কলায়>+শুঁটি] *বি* মটরশুটি। 'এইভাবে খেতে হবে কড়াইশুঁটির প্রশ্রবণ।' *শক্তি*, ১৯৭০।

কড়াকড় [ধ্বন্যা] **১** *বিণ* সাবধানী। 'আরো কঠিন কড়াকড় চৌকি রাখিবেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭। **২** *বি* কঠোরতা। 'তবু মেজদি মরে কড়াকড় অনেক কমেছে।' *দীনবন্ধু*, ১৮৭২।

কড়াকড়ি [ধ্বন্যা>] *বি* কঠোর নিয়ম-শৃঙ্খলা। *বিদ্যা*, ১৮৯১; 'তবু কড়াকড় দিতে কড়াকড়ি।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কড়াক্কড় [ধ্বন্যা] **১** *বি* কড়াকড়ি। 'তাহার উপরে আরো কড়াক্কড় করা ভালো বোধ হয় না।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বিণ* কঠোর। 'ভালোমানুষের মতো চেহারা, কিন্তু লোকটা ভারি কড়াক্কড়।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৩** *ক্রিবিণ* কড়াকড়িভাবে। 'পার্টি কড়াক্কড় জানিয়েছেন।' *মুক্তত্বা*, ১৯৫২।

কড়াক্কড়ি [ধ্বন্যা] *বি* কড়াকড়ি। 'মাল্য গাঁথার নাইকো অবকাশ, হাতকড়ারই কড়াক্কড়ি, দড়াদড়ির ফাঁস।' *রবীন্দ্র*, ১৯২৫।

কড়াক্রান্তি *দ্র* কড়া[১]

কড়ায় [স কলায়] *বি* কলাই। 'ঠাণ্ডা কড়ায়ের ডাল।' *জীবন*, ১৯৩৩।

কড়ার [আ করার] *বি* চুক্তি। 'চারি দিনের কড়ারে ভ্রমরকে পাঠাইয়া দিবেন।' *বঙ্কিম*, ১৮৭৮; 'স্বর্গে পাব শরাব-সুধা, এ যে কড়ার খোদ খোদার।' *নজরুল*, ১৯৫৯।

কড়ারে *বিণ* চুক্তিভিত্তিক। 'সেই কড়ারে কুলির কামটা তাড়াতাড়িই পেয়ে গেল লেকু।' *কায়সার*, ১৯৬২।

কড়ি[১], **কড়ী** [স কপর্দিকা] **১** *বি* বেচাকেনায় ব্যবহৃত সামুদ্রিক কীটের খোলস। 'বাকী ভৈল রাধা তোতে নব লক্ষ কড়ী।' *বড়ু*, ১৪৫০; 'পাছে তুমি কড়ি মোরে দিও সমাবেশ।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* শাঁখের দুল। 'কড়ি।' *মানোএল*, ১৭৪৩। **৩** *বি* সম্বল; ভাড়া। 'কণ্ঠে নিলেম গান, আমার শেষ পারানির কড়ি।' *রবীন্দ্র*, ১৯২৩। **৪** *বি* শামুকের মতো সামুদ্রিক কীটের খোলস। 'কড়ির মতন শাদা মুখ তার।' *জীবন*, ১৯৪২।

কড়িওআলা [কড়ি+হি ওয়ালা] *বিণ* ধনী; বিত্তশালী। *বিদ্যা*, ১৮৯১।

কড়িকড়া [কড়ি>] *বি* অর্থসাহায্য বা অন্য কোনো ভোগ। 'কৃপণ পূজায় দিবে নাকো কড়িকড়া।' *রবীন্দ্র*, ১৯৪০।

কড়িকসা [কড়ি+ফা কাশীদান>?] *বি* কড়ির মূল্য নিরূপক হিসাব। *বিদ্যা*, ১৮৯১।

কড়িকেনা *বিণ* টাকা দিয়ে কেনা হয়েছে এমন। 'তবু তারা বেঁচেছিল কড়িকেনা দাসদাসী নামহীন চাষী ও মজুর।' *বিষ্ণু*, ১৯৪৪।

কড়ি গোনা *ক্রি* টাকা পাওয়া। 'ঝককি পোয়াতে বাঞ্ছারাম, আর পায়ে পা রেখে লাভের কড়ি গোনবার ব্যালা তুই।' *মফীশ*, ১৯৫৭।

কড়িচালা [কড়ি+স চালন] *বি* সাপ ধরার কৌশল-বিশেষ। 'কড়ি-চালাটা নিশ্চয়ই শিখে নিয়েচ, না?' *শরৎ*, ১৯১৭।

কড়ি পাতি [কড়ি+স পত্র>] *বি* টাকা কড়ি। 'কড়ি পাতি নাই দাদা বন্দী থাকি চল।' *মানিকরাম*, ১৭৮১।

কড়িফটকা [কড়ি+হি ফটা] *বিণ* ধনশূন্য; নিঃস্ব। *বিদ্যা*, ১৮৯১।

কড়ির লেখা *বি* খরচের তালিকা। 'হাটের কড়ির লেখা একে একে দিব বাপা।' *মুকুন্দ*, ১৬০০।

AMARBOI.COM

কড়ি[২] [স কটক] **১** *বি* শিকল। 'হাতে হাত কড়ি আর পায়ে বেড়ী দিয়া।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* ঘরের ছাদের আড়া। 'স্তম্ভ ও কড়ি সকল লৌহময়।' *দর্পণ*, ১৮৩৬।

কড়িকাঠ [কড়ি+স কাষ্ঠ>] *বি* ঘরের ছাদের অবলম্বন হিসেবে ব্যবহৃত কাঠ। 'বেঁকে নুয়ে পড়ে বাহাদুরী কড়িকাঠ যত।' *সত্যেন্দ্র*, ১৯১০।

কড়িবাঁধা [কড়ি+স বন্ধন>] *বি* কড়ি দিয়ে বাঁধানো। 'কড়িবাঁধা হুঁকা দিয়া অভ্যর্থনা করিত।' *রবীন্দ্র*, ১৯০৯।

কড়ি বরগা [কড়ি+প বরগা] *বি* ঘরের ছাদের ভার রক্ষাকারী লোহা বা কাঠের ফলক। 'ইমারতগুলো তাহাদের শক্ত শক্ত কড়ি বরগা মেলিয়া হাঁ করিয়া আমাকে গিলিয়া ফেলে।' *রবীন্দ্র*, ১৮৮৭।

কড়ি[৩] [স কটক] *বিণ* (সংগীত) মূল স্বরের থেকে অপেক্ষাকৃত উঁচু স্বর; কেবল 'মধ্যম' স্বরের ক্ষেত্রেই প্রযোজ্য (তুলনীয়: কোমল)। 'কড়ি বাজে কি কোমল বাজে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কড়িকোমল [কড়ি+স কোমল] *বি* (সংগীত) সপ্তস্বরের মধ্যে সা ও পা ছাড়া অন্য চারটির অপেক্ষাকৃত নিচু বা কোমল এবং মা এর অপেক্ষাকৃতকৃত চড়া কড়ি স্বর। 'আমার মনের এই কড়িকোমল পর্দাগুলির উপর সে ... সুর বার করতে পারত।' *প্রমথ*, ১৯১৫।

কড়িমধ্যম [কড়ি+স মধ্যম] *বি* মধ্যম বা 'মা' সুরের ঈষৎ চড়া পরদা। 'বে-পরদা বা কড়িমধ্যমের কাজ নয়।' *বঙ্কিম*, ১৮৭৫।

কড়িয়াল *বি* পানকৌড়ি। 'না বুঝে সাঁতার কাটে কড়িয়াল গোরিলা-দম্পতি!' *শক্তি*, ১৯৬৯।

কড়ুই[১] [স কোর>] **১** *বি* ধানের গোলা। *বিদ্যা*, ১৮৯১। **২** *বি* গাছবিশেষ। 'কড়ুই গাছের ছায়ায় বসে ও।' *সেলিনা*, ১৯৭৫।

কড়ুই[২] **রাঁড়ি** [স কনিষ্ঠ>+স রণ্ডা] *বিণ* বাল্যবিধবা। 'স্যাঙ্গা করা কড়ুই রাঁড়ি মেয়েটা।' *নজরুল*, ১৯২৪।

কড়ুয়া[১] *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'কড়ুয়ারা সরগুজা, যশপুর, ও পালামৌ অঞ্চলে থাকে।' *বঙ্কিম*, ১৮৯২।

কড়ুয়া[২] [স কটুক>] *বিণ* সরিষাজাত। 'মহুয়া তেল আনব, না কড়ুয়া তেল?' *বিভূতি*, ১৯৩৮।

কড়েয়া [স কটুক] *বি* ফলের গুটি বা প্রথমাবস্থা। 'বসন্তকালে চইঁয়ে গিয়ে কড়েয়া ধরে।' *বঙ্কিম*, ১৮৭৪।

কড়্যা [স কটুক] *বি* শাকবিশেষ। 'কড়্যা সাক তোলে দুয়া ফিরে খেতি খেত।' *মুকুন্দ*, ১৬০০।

কড়ে [স কনিষ্ঠ] *বি* (আঙুলের ক্ষেত্রে) হাতের পঞ্চম অথবা কনিষ্ঠ আঙুল। *ওসাঁ*, ১৭৮৫; 'মারী-মড়কে যার কড়ে আঙুলের প্রান্তও বিচলিত হয় না।' *রবীন্দ্র*, ১৯২৯।

কড়েরাঁড় [স কনিষ্ঠ>+স রণ্ডা] *বিণ* বাল্যবিধবা। 'কড়েরাঁড় তবু যেন স্থির সৌদামিনি।' *ভবানী*, ১৮২৫।

কড়ৈ [স কোর] *বি* কড়ই গাছ। 'কড়ৈ আড়ৈ রাজে।' *বড়ু*, ১৪৫০।

কড়ী *বি* কর্ণাভরণ। 'কানের হিরাধর কড়ী।' *বড়ু*, ১৪৫০।

কণ [স] *বি* কণা। 'এক কণ স্পর্শি মাত্র সে কৃপা তাঁহার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কণআ [স কনক] *বি* কনক। 'কণআ সদৃশ রাধা তোহ্মার গাত্র।' *বড়ু*, ১৪৫০।

কণা [স] **১** *বি* ফুলকি। 'বলিতে বলিতে বাক্য পাবকের কণা।' *রূপরাম*, ১৭৫০। **২** *বি* বিন্দু পরিমাণ। 'কণাটুকু যদি হারায় তা লয়ে প্রাণ করে হায় হায়।' *রবীন্দ্র*, ১৯০১।

কণাতম [স] *বিণ* সামান্যতম। 'কণাতম শিখা লয়ে অসীমের করে আকুতি।' *রবীন্দ্র*, ১৯৩২।

কণামাত্র [স] *বিণ* বিন্দু পরিমাণ। 'আমার তাতে কণামাত্র আপত্তি নেই।' *মুজতবা*, ১৯৫৮।

কণায় কণায় *ক্রিবিণ* কণা পর্যন্ত। 'নিতে চাও তা আমার হাতে কণায় কণায় বেঁটে।' *রবীন্দ্র*, ১৯১৩।

কণাদ [স] *বি* বৈশেষিক দর্শনের প্রবর্তক। 'কণাদ ... যে কোন তত্ত্ব প্রচার করিয়াছেন, তাহাও আমাদের শাস্ত্র।' *অক্ষয়*, ১৮৫৫।

কণি [স কোণ>] *বি* কোণ। 'করে নখ-রঞ্জণী ঢাকয়ে নখের কণি।' *চণ্ডী*, ১৫৫০।

কণিক [স] *বি* কণা। 'লয়ে আমার তুচ্ছ কণিক।' *রবীন্দ্র*, ১৯০৬।

কণিকা [স] **১** *বি* ক্ষুদ্র কণা। 'স্মৃতির কণিকা তারা স্মরণের তলে পশি।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *বি* অতি অল্প অংশ। 'কণিকামাত্র ধারণ করেন, বাকী অতিথ-ফকীরদের দেন।' *গিরিশ*, ১৮৮৭।

কণিকাপ্রমাণ [স] *বিণ* সামান্য পরিমাণ। 'তবু কণিকাপ্রমাণ বিদ্যেও দিলেন না তাকে।' *মনোজ*, ১৯৬১।

কণিকাবর্ষীয় [স] *বিণ* সামান্য আয়ুবিশিষ্ট। 'সে কণিকাবর্ষীয়ও বটে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কণে [স কন্যা] *বি* বিয়ের কনে। 'বর বড় কি কণে বড় – এই নিয়েই আড়াআড়ি।' *প্রমথ*, ১৯১৭।

কণ্টক [স] **১** *বি* কাঁটা। 'শিমুলীর বৃক্ষ যেন কণ্টকে বেষ্টিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কণ্টক ফুটিল দুঃখ পাইল অন্তরে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* অন্তরায়; বাধা। 'আর-এক বিষম কণ্টক, কতকগুলি উন্নতি ও সংস্কারবিরোধী সঙ্কীর্ণহৃদয় স্বার্থপরায়ণ সম্প্রদায়।' *অক্ষয়*, ১৮৪৭। **৩** *বি* কষ্টের বিষয়। 'পরে একবার মন্ত্রীর কাছে যেতে হবে। আঃ, সেটা আবার একটা বিষম কণ্টক।' *মাইকেল*, ১৮৬১।

কণ্টক-আগার [স] *বি* কাঁটাপূর্ণ স্থান। 'কণ্টক-আগার ভীতিপূর্ণ চিরদিন।' *গিরিশ*, ১৮৮৭।

কণ্টক-কুণ্ঠিত [স] *বিণ* বিপদসংকুল। 'কণ্টক-কুণ্ঠিত বিপথে আমাদের চলা।' *নজরুল*, ১৯২৬।

কণ্টকখচিত [স] *বিণ* কাঁটাযুক্ত। 'সেই সমাজের সূচিমুখ কণ্টকখচিত।' *রবীন্দ্র*, ১৯০৫।

কণ্টকতরু [স] *বি* কাঁটাগাছ। 'কানন কণ্টকতরু-গহন, আঁধারা ধরণী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কণ্টকপথ [স] *বি* বন্ধুর পথ। 'সেই দিন হতে কণ্টকপথে/ চলিয়াছি দিনগুণে।' *রবীন্দ্র*, ১৮৯০।

কণ্টকপ্রাচীর [স] *বি* কাঁটার দেয়াল। 'অশ্রদ্ধার কণ্টকপ্রাচীর নাই।' *রবীন্দ্র*, ১৯০৫।

কণ্টকবিদ্ধ [স] *বিণ* বাধাগ্রস্ত। 'ইহাই লইয়া কণ্টকবিদ্ধ হইয়া থাকে।' *রবীন্দ্র*, ১৯১২।

কণ্টকবিনির্মিত [স] *বিণ* কাঁটা দিয়ে তৈরি। 'প্রথমতঃ তালপত্রস্থিত কণ্টকবিনির্মিত চতুস্ত্রিংশদক্ষরে ...।' *ভবানী*, ১৮২৫।

কণ্টকবীজপূর্ণ [স] *বিণ* কাঁটাময়। 'কণ্টকবীজপূর্ণ ক্ষেত্রে কোনরূপ শস্যোৎপাদন হওয়া অসম্ভব।' *অক্ষয়*, ১৮৪৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কণ্টকময় [স] *বিণ* কাঁটায় ভরা। 'কণ্টকময় নিবিড় বন সাবধানে পার হইলে পরে ...।' *অক্ষয়*, ১৮৪৬।

কণ্টকশয্যা [স] *বি* কাঁটা বিছানো শয্যা। 'সমস্ত সংসার চারুর পক্ষে কণ্টকশয্যা হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯০১।

কণ্টকশাখা [স] *বি* কাঁটাওয়ালা শাখা। 'কণ্টকশাখা হইতে ফুল পাড়িয়া দিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কণ্টকসংকুল, কণ্টকসঙ্কুল [স] *বিণ* কণ্টকাকীর্ণ। 'যে পথ কণ্টকসংকুল সেই পথে যাত্রার জন্য প্রস্তুত হইয়াছি।' *রবীন্দ্র*, ১৯০৫; 'পায়ে জুতা অবশ্য আছে, কিন্তু তাহা এমন কণ্টকসঙ্কুল যে...।' *বনফুল*, ১৯৩৬।

কণ্টকসমাকীর্ণ [স] *বিণ* প্রতিবন্ধকতাপূর্ণ। 'উপলবন্ধুর কণ্টক-সমাকীর্ণ পথে ক্ষতবিক্ষত পায়ে চলবার শক্তি সে পাবে কোথা থেকে।' *আইয়ুব*, ১৯৭৩।

কণ্টকা [স কণ্টক] ১ *ক্রি* কাঁটা ফোটানো। 'উপমা কি দিতে, পারি কণ্টকীতে।' *ভবানী*, ১৮২৫। ২ *ক্রি* কণ্টকিত করা। 'খণ্ড খণ্ড উল্কাপিণ্ড ঝরে/ কণ্টকিয়া তোলে ছায়াপথ।' *রবীন্দ্র*, ১৯২৫।

কণ্টকাকীর্ণ [স] *বিণ* কাঁটা-বিছানো। 'ত্রীলোকদিগের ঐহিক পারত্রিক উভয় পথই কণ্টকাকীর্ণ।' *বামাবোধিনী*, ১৮৮২।

কণ্টকাবৃত [স] *বিণ* কাঁটায় ছাওয়া; দুর্গম। 'কত স্থানে যে কত প্রকার কুটিল ও কণ্টকাবৃত পথ দৃষ্টি করিলাম।' *অক্ষয়*, ১৮৪৯।

কণ্টকিত [স] ১ *বিণ* ভীতিবিহ্বল। 'সেই মুহূর্তে দলনীর শরীর কণ্টকিত হইল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। ২ *বিণ* কাঁটাযুক্ত। 'পাহাড়গুলি উপর থেকে নীচে পর্যন্ত দ্রাক্ষাদণ্ডে কণ্টকিত হয়ে উঠেছে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* উৎকণ্ঠিত। 'মেয়েরা আজিকার ঘটনা শুনিয়া কণ্টকিত হইয়া উঠিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৪ *বিণ* দুর্ভেদ্য। 'পুলিসের দ্বারা সীমানাবদ্ধ, সঙিনের দ্বারা কণ্টকিত।' *রবীন্দ্র*, ১৯০৫। ৫ *বিণ* রোমাঞ্চিত। 'শরীর কণ্টকিত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯০৯। ৬ *বিণ* প্রতিবন্ধকতায় পূর্ণ। 'অরাজকতার চরগুলো কণ্টকিত করে রেখেছিল।' *রবীন্দ্র*, ১৯৪১।

কণ্টকী [স কণ্টক] *বিণ* কাঁটাওয়ালা। 'রমণীয় কুসুমতরুর সহিত কঠোর কণ্টকী বৃক্ষের।' *অক্ষয়*, ১৮৫০।

কণ্টকারি [স] *বি* বইচি গাছ। 'আকন্দ তপন নাটা কণ্টকারি শ্বেতজটা।' *মুকুন্দ*, ১৬০০।

কণ্ট দেস [স কণ্টদেশ] *বি* কণ্টদেশ। 'কণ্ট দেসে প্রান মোর জতদিন ধরি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কণ্টারী [স কর্ণধারী] *বি* কাণ্ডারি। 'আহ্মে কান্টারী শ্রীগদাধর।' *বড়ু*, ১৪৫০।

কণ্টিকা [স] *বি* কাঁটা। 'নিকটেতে দূর যেন পুষ্পেতে কণ্টিকা।' *আলাওল*, ১৬৮০।

কণ্টিকারী [স কণ্টকারি] *বি* কাঁটাওয়ালা ভেষজ গাছবিশেষ। 'যদি কোথাও কণ্টিকারী গাছের পাকা ফল দেখিতে পাইল ...।' *বিভূতি*, ১৯২৯; 'পায়ের কাছে একটি কণ্টিকারি।' *রবীন্দ্র*, ১৯৩২।

কণ্ট্রাক্ট [ই] *বি* যোগাযোগ। 'আমি পরে কণ্ট্রাক্ট করবো।' *মুজতবা*, ১৯৫২।

কণ্ট্রাক্টর [ই] *বি* ঠিকাদার। 'কর-সংগ্রহের কণ্ট্রাক্টর হইলেন।' *বঙ্কিম*, ১৮৯২।

কণ্ঠ [স] ১ *বি* গলা। 'বিদুজন লোঅ তোরে কণ্ঠ ণ মেলঈ।' *চর্যা* ১৮, ১২০০। ২ *বি* গলার স্বর। 'রাধার সুণিআঁ কাহ্ন কণ্ঠ কৃজনে।' *বড়ু*, ১৪৫০।

কণ্ঠকূজন [স] *বি* শীৎকার। 'রাধার সুণিআঁ কাহ্ন কণ্ঠ কৃজনে'। *বড়ু*, ১৪৫০।

কণ্ঠচিঞ্চি *বি* গলার অলঙ্কারবিশেষ। 'কানে বুগড়ী বা ঝুলানদা, গলায় কণ্ঠচিঞ্চি পরতেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কণ্ঠচ্ছেদন [স] *বি* গলা কাটা। 'তোমার কণ্ঠচ্ছেদন করিব।' *বিদ্যা*, ১৮৬৩।

কণ্ঠ-ছেঁড়া [স কণ্ঠ+ছেঁড়া] *বিণ* উচ্চধ্বনি-বিশিষ্ট। 'গাইবি আবার কণ্ঠ-ছেঁড়া বিষ-অভিশাপ-সিক্ত গান।' *নজরুল*, ১৯২৪।

কণ্ঠদেশ [স] *বি* গলদেশ। 'কণ্ঠদেশ দেখিআঁ শঙ্খত ভৈল লাজে।' *বড়ু*, ১৪৫০।

কণ্ঠধ্বনি [স] *বি* গলার আওয়াজ। 'নবমেঘ জিনি কণ্ঠধ্বনি যে গম্ভীর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কণ্ঠনলী [স] *বি* কণ্ঠনালি; গলা। 'মোর কণ্ঠনলী বদ্ধ যেন অগোচর যূপে।' *সুধীন্দ্র*, ১৯২৯।

কণ্ঠনালি, কণ্ঠনালী [স] *বি* গলনালি। 'জিহ্বা ও কণ্ঠনালী এ উভয়কে বাগিন্দ্রিয় বলে।' *বিদ্যা*, ১৮৫১; 'কণ্ঠনালির নিয়মে ব্যতিক্রম হলেই ...।' *ধূর্জটি*, ১৯৩১।

কণ্ঠনিঃসৃত [স] *বিণ* কণ্ঠ থেকে বহির্গত। 'বালকবালিকাগণের কণ্ঠনিঃসৃত সুমধুর ধ্বনি।' *অক্ষয়*, ১৮৪৯।

কণ্ঠ-বাজ [স কণ্ঠ+ফা বাজ] *বি* কথা বলে বা শব্দ করে যে। 'কণ্ঠ-বাজের আওয়াজ।' *জীবন*, ১৯২৭।

কণ্ঠমালা [স] *বি* গলার হার। 'চন্দন চৌখুরী দিল ঝারি কণ্ঠমালা।' *মুকুন্দ*, ১৬০০।

কণ্ঠযন্ত্র [স] *বি* স্বরযন্ত্র; মুখ। 'নির্মম হাতে কণ্ঠযন্ত্রে কুলুপ ল্যাগায়।' *রবীন্দ্র*, ১৯৩২।

কণ্ঠরুদ্ধ [স] *বিণ* শ্বাসরুদ্ধ। 'নিন্দারে করিব ধ্বংস কণ্ঠরুদ্ধ করি।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কণ্ঠরোধ [স] *বিণ* বাকস্তব্ধতা। 'ভুজস্তম্ভ কণ্ঠরোধ ব্যাসের হইল।' *ভারত*, ১৭৬০।

কণ্ঠলগ্ন [স] *বিণ* গলা জড়িয়ে আছে এমন। 'ভারতবর্ষের কণ্ঠলগ্ন লৌহশৃঙ্খলটি বরাবর নিরাপদ সমুদ্রমধ্যে দিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কণ্ঠলগ্না [স] *বিণ* স্ত্রী গলা জড়িয়ে আছে এমন। 'হৃদয়বল্লভের কণ্ঠলগ্না হইয়া নিশ্চিন্ত মনে সুষুপ্তি সুখানুভব করিতেছে।' *বঙ্কিম*, ১৮৬৫।

কণ্ঠলীলা [স] *বি* সুরের কারুকাজ। 'কণ্ঠলীলা বাজিছে বীণা।' *নজরুল*, ১৯৩০।

কণ্ঠশিল্পী [স] *বি* গায়িকা। 'বিশিষ্ট কণ্ঠশিল্পী।' *বেগম*, ১৯৬৮।

কণ্ঠশ্বাস [স] *বি* কণ্ঠ থেকে নিঃসৃত বায়ু। 'মাতরিশ্বা পরিভূ কবির কণ্ঠশ্বাস।' *সুধীন্দ্র*, ১৯৪০।

কণ্ঠসংগীত [স] *বি* গান। 'এদের কণ্ঠসংগীত যা শুনেছি তাকে সংগীত বলাই চলে না।' *রবীন্দ্র*, ১৯২৯।

কণ্ঠসুর [স] *বি* সুরেলা কণ্ঠ। 'জাহেদুর রহীমের কণ্ঠসুর অতিথিদের মুগ্ধ করে।' *বেগম*, ১৯৬৯।

কণ্ঠস্থ [স] ১ *বিণ* মুখস্থ। 'মিতাক্ষরাদি গ্রন্থ তাঁহার তাবৎ কণ্ঠস্থ।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দর্পণ, ১৮২৯: 'যাহা-কিছু নিতান্ত আবশ্যক তাহাই কণ্ঠস্থ করিতেছি।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বিণ* অভ্যস্ত। 'দৈনিক জীবন এক রকম কণ্ঠস্থ হয়ে গেছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৩ *বিণ* আত্মস্থ। 'গলার হারস্বরূপে বঙ্গ সরস্বতীকে কণ্ঠস্থ করিতে দেখা গিয়াছে।' *প্রমথ*, ১৯১৪।

কণ্ঠস্বর [স] ১ *বি* গলার আওয়াজ। 'যাঁহাদের মৃদু কণ্ঠস্বর ...।' *অক্ষয়*, ১৮৫২। ২ *বি* গর্জন। 'সিন্ধুর গম্ভীর গীত, মেঘের গম্ভীর কণ্ঠস্বর।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *বি* বক্তব্য। 'ভাষার ভিতরে আমি কণ্ঠস্বর পারিনে তো দিতে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কণ্ঠহার [স] *বি* গলার মালা। 'এহনা অবসর ধৈরজ পএ হিত/ সুকবি ভনথি কণ্ঠহারে।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'তাঁর হাড়ে কৈল কণ্ঠহার।' *মুকুন্দ*, ১৬০০।

কণ্ঠা [স কণ্ঠা] *বি* গলা। 'গণ্ডা গণ্ডা খনার বচন আমার কণ্ঠায় রহিয়াছে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কণ্ঠাগত [স কণ্ঠ-আগত] ১ *বিণ* গলা পর্যন্ত উঠে এসেছে এমন। 'ছয় মাসে আসে লোক কণ্ঠাগত প্রাণ।' *রামপ্রসাদ*, ১৭৮০। ২ *বিণ* জানা আছে এমন। 'আধুনিক ইতিহাস সামান্যত কণ্ঠাগতই আছে।' *অক্ষয়*, ১৮৪৮।

কণ্ঠাগ্র [স কণ্ঠ-অগ্র] ১ *বিণ* মৌখিক। 'কণ্ঠাগ্র শুদ্রতার আইনকানুনের সহিত কোনো সম্পর্ক রাখেন না।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বি* জিহ্বা। 'সরস্বতী নিজের পদ্মাসন পরিত্যাগপূর্বক তারাপ্রসন্নের কণ্ঠাগ্রে বাসস্থান গ্রহণ করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৯১।

কণ্ঠাঘুজ [স কণ্ঠ-অঘুজা] *বি* (তন্ত্র) ষটচক্রের অন্যতম অনাহত চক্র। 'কণ্ঠাঘুজাবধি চতুর্দলে অবস্থান'। *চণ্ডী*, ১৫৭০।

কণ্ঠাশ্লেষ [স কণ্ঠ-আশ্লেষ] *বি* গলায় জড়িয়ে আলিঙ্গন। 'লুটায় মানিনী যুথী, কণ্ঠাশ্লেষ না পেয়ে, ধূলায়।' *সুধীন্দ্র*, ১৯২৮।

কণ্ঠেজাগা *বিণ* কণ্ঠে ধ্বনিত হয় এমন। 'কুমারীর কণ্ঠেজাগা কুহকিনী কথা আছে।' *শামসুর*, ১৯৫৯।

কণ্ঠক [স কণ্টক] *বি* কাঁটা। 'কণ্ঠক মাঝ কুসুম পরগাস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কণ্ঠি, কণ্ঠী [স কণ্ঠী] ১ *বি* বৈষ্ণবদের ব্যবহৃত তুলসী কাঠের মালা। 'হেলায় শ্রদ্ধায় গলে কণ্ঠী ধরে যত।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* মালা। 'কণ্ঠী আনিয়া কণ্ঠে জড়ায়।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'পুঁতির কণ্ঠিখানি গলায়।' *রবীন্দ্র*, ১৯২২।

কণ্ঠিবদল, কণ্ঠীবদল [স কণ্ঠী+আ বদল] *বি* মালাবদলের মাধ্যমে সাধনসঙ্গী বা সাধনসঙ্গিনী হওয়ার প্রথা। 'তুমি যদি অনুমতি দাও আমি কণ্ঠিবদল করি।' *দীনবন্ধু*, ১৮৭২; '... কোনো দাড়িওয়ালা বোষ্টমের সঙ্গে কণ্ঠীবদল করতে।' *প্রমথ*, ১৯২২।

কণ্ঠোআল [স কণ্টকিফল] *বি* কাঁঠাল। 'গুআ নারিকেল কণ্ঠোআল তাল।' *বড়ু*, ১৪৫০।

কণ্ডাক্টর, কণ্ডাক্টার [ই] *বি* বাসের যাত্রীদের কাছ থেকে যে ভাড়া আদায় করে। 'কণ্ডাক্টার ফ্রেমের শিক ধরে দাঁড়িয়ে আছে।' *হাফিজুর*, ১৯৫৩; 'পেছনের সিঁড়ি বেয়ে কণ্ডাক্টর কুমড়ো নামাচ্ছে।' *শ্যামল*, ১৯৬৭।

কণ্ডু [স] *বি* খোস। 'কণ্ডু-ক্লেদ মহাপ্রভুর শ্রীঅঙ্গে লাগিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কণ্ডুরসা [স] *বি* চুলকানির রস। 'তার কণ্ডুরসা প্রভুর শ্রীঅঙ্গে লাগিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কণ্ডূয়িত [স] *বিণ* চুলকাচ্ছে এমন। 'শুশ্রুগুচ্ছ কণ্ডূয়িত করিতেছ।' *বঙ্কিম*, ১৮৯২।

কন্দারা [স কাণ্ডধারা] *বি* বস্ত্রাবরণ। 'বাল তিলএকু বাঙ্ক ণ ভূলহ রাজপথ কন্দারা।' *চর্যা ১৫*, ১২০০।

কন্ন [স কর্ণ] *বি* কান। 'কন্নের কুণ্ডল তোর মাণিক উজলে।' *বড়ু*, ১৪৫০।

কন্নযুগ [স কর্ণ+যুগ] *বি* দুই কান। 'কন্নযুগ শোভে যেহ্ন বরুণের জাল'। *বড়ু*, ১৪৫০।

কণ্যা [স কন্যা] *বি* মেয়ে। 'যশোদার কণ্যা সেই খনে উপজিল।' *বড়ু*, ১৪৫০।

কত [স কতি] ১ *ক্রিবিণ* কী পরিমাণ। 'কত লিখি দুখভারে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* কিছু। 'এইমত নানা রঙ্গে দিন কত গেল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। দ্র কতো

কতএ *ক্রিবিণ* কখনো। 'কতএ রাঘব রাএ ঘরিনী/ কতএ লঙ্কাপুর বাস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কত কত *ক্রিবিণ* অনেক। 'কত২ ধনি বংশ্য এতদ্রূপ অপব্যয় করিয়া একেবারে নির্ধন হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৩।

কতকাল [কত+স কাল] ১ *ক্রিবিণ* কতোদিন। 'ঘরে জাওআঞি রাখিআ পুষিব কতকাল।' *মুকুন্দ*, ১৬০০। ২ *ক্রিবিণ* দীর্ঘকাল থেকে। 'আমরা কতকাল আক্ষেপ করিতেছি যে, স্বদেশের মঙ্গল চেষ্টা করা।' *অক্ষয়*, ১৮৪৮।

কত কি যে – নানা কিছু। 'ইচ্ছা করে কত কি যে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

কতক্ষণ [স কতিক্ষণ] *বি* কিছু সময়। 'এই মতে কতক্ষণ নৃত্য করিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কতদিন [কত+স দিন] ১ *ক্রিবিণ* কিছুদিন। 'কতদিন ভ্রমর পরাভব পাওব ...।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *ক্রিবিণ* কতোবার। 'কতদিন বসি তীরে শুনেছি নদীর নীরে ...।' *রবীন্দ্র*, ১৮৮৫। ৩ *ক্রিবিণ* কতোকাল। 'আর কতদিন এমন করিয়া চলিবে?' *রবীন্দ্র*, ১৯১৬। ৪ *বি* কতোগুলি দিন। 'ক্লান্ত ঘুম চাপা দিয়ে এল গেল চলি কতদিন ফিরে ফিরে।' *রবীন্দ্র*, ১৯২৫।

কতদূর [কত+স দূর] ১ *ক্রিবিণ* কিছু দূর পর্যন্ত। 'বেলুন কতদূর উঠিয়া কতক্ষণ বিলম্বে পতিত হইয়াছিল।' *দর্পণ*, ১৮৩৩। ২ *বিণ* কতোখানি; কী পরিমাণ। 'সেই অপরিজ্ঞাত কালে হিন্দু জাতি কতদূর সভ্যতারূঢ় ছিল।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বিণ* কতোখানি। 'তাহা কতদূর সঙ্গত হইয়াছে ...।' *রবীন্দ্র*, ১৮৭৭। ৪ *ক্রিবিণ* বহুদূর। 'ওই চেয়ে দেখো কতদূর হতে তোমার কাছেকে ধরা দিবে।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৫ *ক্রিবিণ* কী যে। 'কতদূর আমি আনাড়ি তা বুঝি নে, কিন্তু তার থেকে ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

কত ধানে কত চাল – প্রকৃত অবস্থা। 'সে বুঝবে এবার কত ধানে কত চাল।' *ওয়ালী*, ১৯৬২।

কত-না ১ *বিণ* অনেক। 'এমন কত-না প্রাতে চাহিয়া আকাশপাতে।' *রবীন্দ্র*, ১৮৮৬। ২ *বিণ* সীমাহীন। 'হলো না সারা কত-না যুগ ধরি কেবলি আমি লব।' *রবীন্দ্র*, ১৯১১।

কতবার *ক্রিবিণ* বহুবার। 'কতবার শুনিয়াছি তবুও আবার যাচি ...।' *রবীন্দ্র*, ১৮৮০।

কতমৎ [কত+স মত] *ক্রিবিণ* কতোভাবে। 'কতমৎ প্রকারে করিলেক তবু কন্যাকে কথা কহাইতে ...।' *হ্যালহেড*, ১৭৭৩।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কতমত [কত+স মত] *ক্রিবিণ* নানা রকম। 'কতমত পরিয়া মুখোশ/ মাগিছ সবার পরিতোষ।' *রবীন্দ্র*, ১৮৯০।

কতমতে *ক্রিবিণ* কতোভাবে। 'অন্যধর্ম্মাশ্রিত ব্যক্তিরা কতমতে কটু কথা উক্ত করিয়া গাত্রদাহ নিবারণ করেন।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

কতমতো [কত+স মত] *বিণ* অনেক রকমের। 'কতমতো লেখার আসবাব।' *রবীন্দ্র*, ১৯৩২।

কত-যে *বিণ* অসংখ্য। 'কত যে গিরি কত যে নদী তীরে বেড়ালে বহি ছোটো এ বাঁশিটিরে।' *রবীন্দ্র*, ১৯১১।

কতরূপ [কত+স রূপ] *বি* বহুবিধ। 'চুনাগলি অধিবাস খোলার আলয়। তাহাতেই কতরূপ আড়ম্বর হয়।' *গুপ্ত*, ১৮৫৮। *ক্রিবিণ* কতো রকমের। 'উদয়নারায়ণ নামের কতরূপ ব্যাখ্যা ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

কতরূপে ১ *ক্রিবিণ* কতো ধরনে। 'বঙ্কিমের নিকট যে তাঁহারা কতরূপে কতভাবে ঋণী তাহার হিসাব বিচ্ছিন্ন করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৪। **২** *ক্রিবিণ* কতভাবে। 'কতরূপে কত চেষ্টা করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০২।

কতহোখনে [স কতিক্ষণ>] *ক্রিবিণ* কতোক্ষণে। 'মেলিআঁ কতহোখনে।' *বড়ু*, ১৪৫০।

কতক [স কতি>] **১** *বিণ* কিছু-সংখ্যক। 'কতক দয়িতা করে স্কন্ধ-আলম্বন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* কয়েক। 'ইরাবন্ত জন্মিলেক কতক দিবসে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৩** *বিণ* কিছু। 'এই মতে কতক কাল গত হইলে।' *রামরাম*, ১৮০১। **৪** *বিণ* কিছু পরিমাণ। 'টাকি অঞ্চলের কতক জঙ্গলভূমি।' *দর্পণ*, ১৮৩৪। **৫** *বিণ* কতিপয়; কয়েকটি। 'তিন ক্রোশ পশ্চিমে কতক স্থান এ প্রকার অস্বাস্থ্যকর ছিল।' *অক্ষয়*, ১৮৪৮।

কতক কতক *ক্রিবিণ* কিছু কিছু। 'দেখাও যায় কতক কতক।' *বেগম*, ১৯৪৮।

কতকগুলা *বিণ* কিছু। 'কতকগুলা বন্য জাতীয় লোক দাঁতি অর্থাৎ দেশ প্রান্তভাগে থাকিত।' *দর্পণ*, ১৮২৯।

কতকগুলি *বিণ* কিছু সংখ্যক। 'কতক গুলি কর্ম্মচ্যুত বিষয়াকাঙ্ক্ষী উম্যেদওয়ার লোক বাবুর নিকটে যাতায়াত আরম্ভিল।' *দর্পণ*, ১৮২১; 'তদ্বিষয়ে কতকগুলি নিয়ম নিরূপিত আছে।' *অক্ষয়*, ১৮৪৮।

কতকগুলিন ১ *বিণ* কিছু সংখ্যক। 'তাহারা কহিলেক কতগুলিন উড়ন্ত জীব।' *তারিণী*, ১৮০৩। **২** *বিণ* কয়েকজন। 'কতকগুলিন লোক কর্ম্মের উমেদার আছে।' *ভবানী*, ১৮২৩।

কতকগুলীন *বিণ* কয়েকজন। 'কতকগুলীন ধনি লোকের সাহায্য।' *দর্পণ*, ১৮৩৬।

কতকটা *বিণ* খানিকটা। 'কনষ্টেবল মহাশয়েরা কতকটা ভয়ে ...।' *বঙ্কিম*, ১৮৭৪।

কতবেল [স কপিত্থ+বেল] *বি* টকস্বাদযুক্ত ফলবিশেষ। 'ছেলেবেলায় কতবেল কি বিলেতি আমড়া চুরি করতে ... ওদের বাড়িতে গিয়েছে।' *ইলিয়াস*, ১৯৭৫। *দ্র* **কথবেল**

কতরি [স কতি>] *ক্রি* করে। 'কতহুঁ মনোরথ কৌশল কতরি।' *গোবিন্দ*, ১৬০০।

কতল [আ] **১** *বি* প্রাণনাশ; হত্যা। *এডমন*, ১৭৯০। **২** *বি* শিরশ্ছেদ। *বিদ্যা*, ১৮৯১।

কতল অমদ [আ কতল+ফা আমদ] *বিণ* স্বজ্ঞানকৃত হত্যার জন্যে দায়ী। 'কতল অমদ অর্থাৎ জ্ঞানকৃত বধের শাস্তি প্রতিহত্যার্হ হইবেক।' *ফরস্টার*, ১৮০১।

কতল কেসাস [আ কতল+ফা কশা] *বি* অনিচ্ছাকৃত হত্যা। *এডমন*, ১৭৯০।

কতলগাহ [আ কতল+ফা গাহ] *বি* বধ্যভূমি। 'কোটি কোটি প্রাণ দিয়াছে নিত্য কতলগাহেতে তারই!' *নজরুল*, ১৯২৮।

কতি[১] [স কতি] **১** *বিণ* কিছু। 'কতি সয় রূপ ধনি আনলি চোরি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* কতো। 'তাহার দৃষ্টান্ত দিতে হেন আছে কতি।' *মালাধর*, ১৫০০।

কতিখন *ক্রিবিণ* কতোক্ষণ। 'ন জানল কতি খন তেজি গেল রে বিছুরল চকেবা জোর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কতি[২] *বি* লাঠির নিচের মাথার ধাতব আবরণ। *মানোএল*, ১৭৪৩। *দ্র* **কতু**

কতি, কতী [স কুত্র] *ক্রিবিণ* কোথায়। 'দেখ সঙ্কে নিকুঞ্জে গোবিন্দ গেলা কতী।' *বড়ু*, ১৪৫০; 'আহ্মাক ছাড়িআঁ কাহ্ন গেলা কতী।' *বড়ু*, ১৪৫০; 'স্বরূপে কহেন তুমি আমা আনিলে কতি।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'তঙ্কা লক্ষ বীরের খাইআ জাও ধুতি ভাঁড়ুদত্ত জিতে বেটা পলাইবে কতি।' *মুকুন্দ*, ১৬০০।

কতিচিৎ [স কথঞ্চিৎ] *বিণ* কিঞ্চিৎ। 'বেলা অবসান কালে কতিচিৎ কুতূহলে।' *মানিকরাম*, ১৭৮১।

কতিপয় [স] **১** *বিণ* কয়েকটি; কিছুসংখ্যক। 'ঐ সভাতে কিছু দিন পূর্ব্বে যে২ বক্তৃতা হইয়াছিল তাহার কতিপয় বিষয় প্রকাশার্থে প্রেরণ করিতেছি।' *দর্পণ*, ১৮৩০। **২** *বিণ* কয়েকজন। 'কতিপয় ছাত্র ... নাট্যক্রীড়া সম্পাদনে ... আহ্লাদিত হইলেন।' *দর্পণ*, ১৮৩৮।

কতু *বি* লাঠির তলার লৌহ আবরণ। *মানোএল*, ১৭৪৩। *দ্র* **কতি**[২]

কতুক [স কৌতুক] **১** *বিণ* আনন্দিত। 'দেখিয়া কতুক শিব বলদের ঠান।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* আগ্রহ। 'আমার গীত শুনিতে জার হৃদয়ে কতুক।' *বিজয়*, ১৬৫০। **৩** *বি* আমোদ। 'রথ চড়ি তিন দিক কতুকে বেড়াইব।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কতুব তারা [আ কুতুব+স তারা] *বি* ধ্রুবতারা। *মানোএল*, ১৭৪৩।

কতেক [স কতিক] **১** *ক্রিবিণ* কতোটা। 'কতেক করসি দাপ সহিতে নারিবি চাপ।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* কতোখানি। 'কতেক বিঘ্ন এড়াইল অরন্য ভিতরে।' *মালাধর*, ১৫০০। **৩** *বিণ* কয়েক। 'লিখিতে না পারি প্রসাদ কতেক প্রকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কতো [স কতি] **১** *বিণ* কী পরিমাণ। 'হেনমতে কতোখন রহী।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* কিছুসংখ্যক। 'একদিন হাটে যায় জনকতো মেয়্যা।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৩** *বিণ* বহু। 'এতো দীর্ঘ, যে, কতো অনন্তো কুটি সমুদ্রে পারে।' *আন্তোনিয়ো*, ১৭৪৩। **৪** *বিণ* নানা ধরনের। 'বে হয়নি বলে কতো কথাই বলচে।' *রামনারায়ণ*, ১৮৫৪। *দ্র* **কত**

কত্তর্ব্য, কত্তর্ব [স কর্তব্য] *বি* যা করণীয়। *ক্যালগে*, ১৭৯৪।

কত্তা [স কর্তা] *বি* গৃহস্বামী। 'ওগো কত্তা ঘরে আছেন।' *উমেশ*, ১৮৫৭।

কত্তার ইচ্ছা কর্ম্ম উলু বনে কেত্তন – যার হাতে কর্তৃত্ব তার ইচ্ছা অনুসারেই কাজ হয়। *উমেশ*, ১৮৫৭।

কত্তাল [স কর-তাল] *বি* করতাল; কাঁসা নির্মিত তাল দেওয়ার বাদ্যযন্ত্রবিশেষ। 'অরকেস্ট্রা কিম্ভ ঢাক ঢোল কত্তাল বাজিয়ে হুঙ্কার দিচ্ছে।' *মুজতবা* ১৯৫২।

কথবেল [স কপিত্থ-বিল্ব] *বি* টকস্বাদযুক্ত ফলবিশেষ। 'পেকে হ'ল কথবেল

AMARBOI.COM

সুগন্ধের ধাম।' গুপ্ত, ১৮৫৮। দ্র **কতবেল**

কৎসব [স কচ্ছপ। বি কচ্ছপ। 'কৎসবের নখ আন কুষ্ঠীরের দাঁত।' মুকুন্দ, ১৬০০।

কত্তব্য [স কর্তব্য] বি যা করণীয়। 'মহাশয়ের ইহাই কত্তব্য।' ওসাঁ, ১৭৮২।

কথ [স কতি] ১ বিণ কত সংখ্যক। 'পসচাতে লড়িলা বল কথ সন্য লৈয়া।' মালাধর, ১৫০০। ২ বিণ কতো। 'কথ দুঃখ সহে লোক সুখের নিমিত্তে।' আলাওল, ১৬৮০।

কথকাল [কত+স কাল] ক্রিবিণ কিছু কাল। 'কথকাল এহি শিশু গর্ভেত থাকিব।' সুলতান, ১৬৫০।

কথক্ষণ [কত+স ক্ষণ] ক্রিবিণ কতোক্ষণ। 'মানবীর মন ভুলাইতে কথক্ষণ।' বাহরাম, ১৬৫০।

কথক[১] [স] ১ বিণ বর্ণনাকারী। মানোএল, ১৭৪৩। ২ বি আবৃত্তি ও গানসহ হিন্দুপুরাণ পাঠ করে যে। 'ভাল ভাল কথকের আশ্চর্য্য ক্ষমতা দেখা গিয়াছে।' রাজ, ১৮৭৪; 'কথক পড়ছে রামায়ণকথা।' রবীন্দ্র, ১৯৩২।

কথকঠাকুর [স কথক+স ঠক্কুর] বি আবৃত্তি ও গানসহ হিন্দু পুরাণ পাঠকারী ঠাকুর। 'কয়েক টান দিয়া কথকঠাকুরের হাতে দিয়া বলিল – খান।' বিভূতি, ১৯২৯।

কথকতা [স] ১ বি আবৃত্তি ও গানসহ পুরাণ পাঠ অথবা ব্যাখ্যা। দর্পণ, ১৮২৩; 'কৃত্তিবাস যেমন কথকতা শুনিয়া রামায়ণ লিখিতেন।' রবীন্দ্র, ১৮৮৩। ২ বি পাঁচালি গাওয়া। 'কথকতা করবার জন্য ভগবদ্দত্ত গলা থাকা চাই।' প্রমথ, ১৯২০; 'তাহার বাবা ঘাটে কথকতা করিতেছে।' বিভূতি, ১৯২৯। ৩ বি কথাবার্তা। 'এখন কথকতার মেলাবার ভার তোমার ওপর।' মাহমুদ, ১৯৬৬।

কথক[২] ক্রিবিণ কতক; কিছুটা। 'তোমার কাজ্য কথক তফাত পিচ্ছেবেক।' হ্যালহেড, ১৭৭৩; 'সন্ধি সিলা পুর রহে কথক দূর।' মানিকরাম, ১৭৮১।

কথকগুলিন বিণ কয়েকটি। 'বহু কালাবধি কথকগুলিন অনুমান।' জ্ঞানারুণোদয়, ১৮৫২।

কথঞ্চিৎ [স] ক্রিবিণ কোনো মতে। 'নীরব হইয়া কথঞ্চিৎ কষ্টসৃষ্টে কিঞ্চিৎকাল সঙ্কুচিত হইয়া ...। মৃত্যুঞ্জয়, ১৮১৩।

কথঞ্চিত [স কথঞ্চিৎ] বিণ সামান্য। 'তোমার অটল ভক্তির কথঞ্চিত পরিমাণ টলিলেও টলিতে পারে।' মশাররফ, ১৮৮৯।

কথন [স] ১ বি কথা। 'রতিকামে হেনমতে হইল কথন।' মালাধর, ১৫০০। ২ বি প্রচার। 'সর্বত্র আমার আজ্ঞা করহ কথন।' বৃন্দা, ১৫৮০। ৩ বি উচ্চারণ। 'কর্ণে সন্ন্যাসের মন্ত্র করিল কথন।' বৃন্দা, ১৫৮০। ৪ বি কাহিনি। 'মহন্ত জনের মুখে শুনিছি কথন।' বাহরাম, ১৬৫০।

কথনাদি [স কথন-আদি] বি আলাপ-আলোচনা। 'ইংরাজী কথনাদি দ্বারা এইরূপ ছল করেন।' অক্ষয়, ১৮৪৪।

কথবেল [স কপিত্থ+স বিল্ব] বি কতবেল। 'কার গাছে কথবেল পেকেছে।' বিভূতি, ১৯৩১। দ্র **কতবেল, কৎবেল**

কথা[১] [স] ১ বি বচন। 'হেন অদভূত কথা শুণ ল বড়ায়ি।' বড়ু, ১৪৫০। ২ বি কাহিনি। 'তবেসি কহিহ সব কথা আদিমূল।' বড়ু, ১৪৫০। ৩ বি প্রশংসা। 'সভার শ্রীমুখে নিরন্তর যার কথা।' বৃন্দা, ১৫৮০। ৪ বি সংবাদ। 'এই কথা গিয়া তুমি কহিও সবারে।' বৃন্দা, ১৫৮০। ৫ বি উপাখ্যান। 'দক্ষযজ্ঞভঙ্গ কথা প্রথমে রচহ গাথা।' কৃষ্ণরাম, ১৭২০। ৬ বি প্রশ্ন। 'এ কথার বরো ঠেক ওতোর দেওন।' আন্তোনিয়ো, ১৭৪৩। ৭ বি প্রস্তাব। 'এ বিষয় বিবেচনা করিয়া কোন এক কথা উপস্থিত করা কর্তব্য।' পূর্ণচন্দ্র, ১৮৩৬। ৮ বি বাক্য। 'দুই একটি কথা মাত্রের প্রসঙ্গ করা যাইতেছে।' অক্ষয়, ১৮৪৯। ৯ বি বক্তব্য। 'তাহাতে এই প্রকার অনেকানেক কথা ছিল।' অক্ষয়, ১৮৫০। ১০ বি বিষয়। 'ইংলণ্ডীয় কতকগুলি রাজপুরুষের ধর্ম্মাধর্ম্ম বিবেচনার কথা কি কহিব?' অক্ষয়, ১৮৫০। ১১ বি তথ্য। 'সে কথা লুকায়ো না মোর কাছে।' রবীন্দ্র, ১৮৮৪। ১২ বি স্মৃতি। 'সেদিনের যত কথা।' রবীন্দ্র, ১৮৮৪। বি ইচ্ছা। 'আমার প্রাণের কথা বুঝিল না কেহ।' রবীন্দ্র, ১৯০৬।

কথা আওড়ানো ক্রি মুখস্থ বুলি বারবার বলা। 'কেবল বিস্তর কথা আওড়াইয়া বেড়াইতে হয়।' রবীন্দ্র, ১৯০৮।

কথাওয়ালা [স কথা+হি ওয়ালা] বি যে কেবল কথা বলে। 'কথাওয়ালা আসে ঝাঁকে ঝাঁকে হাজারে হাজারে।' রবীন্দ্র, ১৯২৫।

কথা-কইয়ে [স কথা+হি কহা>] বি কথা বলে যে। 'ইএ প্রত্যয়ের সাহায্যে তাকে কথা-কইয়ে বলা যেতে পারে।' রবীন্দ্র, ১৯৩৮।

কথা কওয়া ক্রি কথা বলা। 'তবে সে কুসুম কহিবে রে কথা, তবে সে খুলিবে প্রাণ।' রবীন্দ্র, ১৮৮৩।

কথা-কওয়া রোগ বি অতিরিক্ত কথা বলার অভ্যাস। 'ঘুচল না তোর কথা-কওয়া রোগ?' রবীন্দ্র, ১৮৯৯।

কথা কাটা ক্রি তর্ক করা। 'তুই বড় কথা কাটিস।' শরৎ, ১৯১৩।

কথা-কাটাকাটি [স কথা+কাটা>] বি ছোটোখাটো তর্কবিতর্ক। 'কখনো কখনো দুই-একবার দুই-একটা কথা-কাটাকাটি হয়।' রবীন্দ্র, ১৮৮১।

কথা-কাটাকাটি করা ক্রি তর্ক করা। 'কথা-কাটাকাটি করতে চাইনে।' রবীন্দ্র, ১৯০৯।

কথাকাহিনী [স কথা+হি কহানী] ১ বি পৌরাণিক কাহিনি। 'তিনি তাহাদের ধর্মকর্ম কথাকাহিনী পূজাপদ্ধতি ...।' রবীন্দ্র, ১৯১৬। ২ বি কথাসাহিত্য। 'কবি-কল্পিত বনে তিনি সত্যিকার কথাকাহিনীর ফুল ফুটিয়ে তুলুন।' নজরুল, ১৯৩২।

কথাক্রমে [স] ক্রিবিণ কথা অনুসারে। 'খৈকশিয়াল আপন কথাক্রমে তাহার বাটী গেল।' তারিণী, ১৮০৩।

কথা খরচ করা ক্রি আলাপ করে সময় ব্যয় করা। 'এই অহিংস কাজ সম্পর্কে একটা কথাও খরচ করিয়াছিলেন?' আজাদ, ১৯৩৯।

কথা চাপানো ক্রি ছুড়ে দেওয়া। 'আমার কথার পিঠে দরকারি কথাও চাপিয়েছে।' মানিক, ১৯৩৫।

কথা চালাচালি বি গোপন সংবাদ আদানপ্রদান। 'কথা চালাচালিতে আর কিছু দিন অতিবাহিত হয়।' বঙ্গদর্শন, ১৮৭২।

কথা চালানো ক্রি আলাপচারিতা করা। 'ইংরেজি জানেন না, কথা চালাইবেন কী করিয়া।' রবীন্দ্র, ১৮৯৫।

কথাচ্ছলে [স] ক্রিবিণ কথা বলার ছলে। 'কথাচ্ছলে এই নীতি ... প্রণয়ন হয় নাই।' বঙ্কিম, ১৮৮৭।

কথা তোলা ক্রি প্রসঙ্গ উত্থাপন করা। 'এ আবার তুমি কী নূতন কথা তুলিয়া বসিলে।' রবীন্দ্র, ১৯০৫।

কথা পাড়া ক্রি প্রসঙ্গ উত্থাপন করা। 'বঙ্গ মহিলার কথা পাড়িলে ...।' দীপিকা, ১৮৮৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কথাপ্রবন্ধ [স] *বি* এপিটাফ; সমাধিলিপি। 'এক প্রস্তরময় কবর নির্ম্মাণ করা যায় এবং তদুপরি তদুপযুক্ত কথাপ্রবন্ধ খোদিত থাকে।' *দর্পণ*, ১৮৩২।

কথাপ্রবাহ [স] *বি* কথাবার্তা। 'আনুষঙ্গিক কথাপ্রবাহ ক্রমশঃ বৃদ্ধি হইয়া পড়িয়াছে।' *অক্ষয়*, ১৮৫৫।

কথাপ্রমাণে [স] *ক্রিবিণ* কথা অনুসারে। 'মজা কর, কেবল আমার কথাপ্রমাণে চলিবা।' *ভবানী*, ১৮২৫।

কথাপ্রসঙ্গে [স] *ক্রিবিণ* আলাপের ধারাবাহিকতায়; আলাপের সূত্রে। 'মন্ত্রিগণেদের সহিত কথা প্রসঙ্গে দেবদত্ত ব্রাহ্মণ ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কথা ফাঁদা *ক্রি* কথা তোলা। 'কোনো কথা ফাঁদা তাহার মতো বাক্‌পটু লোকের কাছেও আজ শক্ত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

কথা বলিয়ে *বি* কথক। 'টেলিভিশনে অমন তুখোর অমন সপ্রতিভ কথা বলিয়ে যার খ্যাতি।' *শামসুল*, ১৯৭৩।

কথা বাঁটা *ক্রি* কথা বলা। 'আমি এত বানিয়ে বানিয়ে কথা বাঁটতে পারিনে – বিশেষত মহিলাদের সম্বন্ধে।' *রবীন্দ্র*, ১৯০০।

কথাবার্তা, কথাবার্ত্তা [স] *বি* আলাপ-আলোচনা। 'চান্দে সাহে কথাবার্ত্তা ছিল কতক্ষণ।' *বিজয়*, ১৬৫০; 'কথাবার্তা।' *ওসাঁ*, ১৭৮৫।

কথা ভাঙা *ক্রি* কথা বলা থেমে যাওয়া। 'যখন আহারের সংবাদ আসিল এবং কথা ভাঙিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৭।

কথাভাষাহীন [স] *বিণ* নীরব। 'কথাভাষাহীন আমার প্রাণের গল্প।' *জীবন*, ১৯৩২।

কথামাত্র [স] *বি* বাক্যমাত্র। 'তৎসংক্রান্ত কয়েকটি স্থূল কথামাত্র লিখিত হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৯।

কথামৃত [স] *বি* কথারূপ অমৃত। 'আপনার কথামৃত পান করে আমরা ...।' *ধূর্জটি*, ১৯৩১।

কথায় কথায় ১ *ক্রিবিণ* কথা বলতে বলতে। 'কথায়২ বেলা হইতে লাগিবে।' *কেরি*, ১৮০২। **২** *ক্রিবিণ* অল্প সময়ের মধ্যে। 'সে ফুল শুকায়ে যায় কথায় কথায়!' *রবীন্দ্র*, ১৮৮৬। **৩** *ক্রিবিণ* অক্ষরে অক্ষরে। 'অনুবাদটি মূলের সঙ্গে একেবারে কথায় কথায় মিলাইয়া করিলে ভালো হয়।' *রবীন্দ্র*, ১৯০৫।

কথার কথা ১ মামুলি কথা। 'কথার কথা আছে কি এঁটো খাই মিঠার লোভে।' *স্ত্রীশিক্ষা*, ১৮২২। **২** *বি* বাজে কথা। 'না বইন, সে কেবল কথার কথা।' *স্ত্রীশিক্ষা*, ১৮২২; 'না ভাই! কথার কথা বলিতেছি।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৩** *বি* কথার খাতিরে বলা কথা। 'ওটা কেবল কথার কথা, মন কি কেহ চিনিস?' *রবীন্দ্র*, ১৯০০।

কথার ধারা *বি* কথার মারপ্যাঁচ। 'বিলক্ষণ জুয়াচোর হরেক রকম কথার ধারা।' *ভবানী*, ১৮২৫।

কথার পিঠে কথা *বি* প্রসঙ্গক্রমে উত্থাপিত কথা। 'তাই কথার পিঠে কথা পড়ে বলে ফেল্লেম।' *উমেশ*, ১৮৫৭।

কথার ফোয়ারা *বি* অনর্গল কথার ধারা। 'তোর কিন্তু কথার ফোয়ারায় ফিং ফুটে যেত।' *নজরুল*, ১৯২৭।

কথার বিন্যাস *বি* ভাষাশৈলী। 'রাজাবলি হইতেও ইহার কথার বিন্যাস অপকৃষ্ট।' *দর্পণ*, ১৮৩০।

কথার রাশি *বি* বাজে কথা। 'স্ত্রীলোক এমন অসারই বটে – কথার রাশি মাত্র।' *বঙ্কিম*, ১৮৭৮।

কথারসিক [স] *বি* কথার রসিক। 'শুধু কথারসিক নন, গীতরসিক।' *নজরুল*, ১৯২৯।

কথা রাখা ১ *ক্রি* আদেশ মান্য করা। 'ওঁর কথা রাখিতেই হইবে।' *বঙ্কিম*, ১৮৮২। **২** *ক্রি* প্রতিশ্রুতি রক্ষা করা। 'নাই বা কথা রাখিলাম।' *শরৎ*, ১৯১৭।

কথালাপ [স কথা-আলাপ] *বি* কথাবার্তা। 'বিশ্বভূমণ্ডল রহস্যময় ভাষায় কথালাপ করে।' *ওয়ালী*, ১৯৬৪।

কথাশিল্পী [স] *বি* গল্প উপন্যাস ইত্যাদি রচয়িতা। 'শ্রীমান কাসেম তরুণ কথাশিল্পী।' *নজরুল*, ১৯৩২।

কথা সরা *ক্রি* শব্দ উচ্চারিত হওয়া। 'মুখ দিয়া একটি কথাও সরিল না।' *রবীন্দ্র*, ১৮৯২।

কথাসাহিত্য [স] *বি* গল্পধর্মী সাহিত্য। 'ইংরেজি কথাসাহিত্য থেকে তিনি যে প্ররোচনা পেয়েছিলেন ...।' *রবীন্দ্র*, ১৯১৫।

কথাসাহিত্যিক [স] *বি* গল্প উপন্যাস প্রভৃতি রচয়িতা। 'আমাদের সবচেয়ে বড়ো অভাব কথাসাহিত্যিকের।' *নজরুল*, ১৯২৭।

কথাসার [স] *বিণ* কথামাত্র। 'কথা আজি কথাসার, সুর তাহে নাহি আর।' *রবীন্দ্র*, ১৮৯৬।

কথাহারা [স] *বিণ* নির্বাক। 'দেখেছি তোমার মুখ কথাহারা।' *রবীন্দ্র*, ১৯১৪।

কথাহীন [স] *বিণ* ভাষাহীন। 'কথাহীন ব্যথাহীন চিন্তাহীন সৃষ্টির সাগরে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কথাত [স কুত্র] *ক্রিবিণ* কোথায়। 'কথা ছিল আহিদর কাহে।' *বড়ু*, ১৪৫০; 'কথা না যাসি বড়ায়ি।' *বড়ু*, ১৪৫০।

কথাত *ক্রিবিণ* কোথায়। 'এমত কস্তুরী তুহ্মি পাইলা কথাত।' *সুলতান*, ১৬৫০।

কথায়ে *ক্রিবিণ* কোথায়। 'ভাঙ্গড়া শিবাইরে লইয়া যাইব কথায়ে।' *বিজয়*, ১৬৫০।

কথাহো *ক্রিবিণ* কোথাও। 'কথাহো না পায়িলো কাহ্নের দরশনে।' *বড়ু*, ১৪৫০।

কথাহোঁ *ক্রিবিণ* কোথাও। 'না দেখিল তোহ্মা হেন কথাহোঁ চউহাণিণী।' *বড়ু*, ১৪৫০।

কথাকলি [স] *বি* পৌরাণিক আখ্যানমূলক ভারতীয় নৃত্যবিশেষ। 'উত্তর-ভারতের কত্থক, দক্ষিণ ভারতের ভরত নাট্যম ও মালাবারের কথাকলি ...।' *মুজতবা*, ১৯৫৯।

কথান্তর [স] *বি* বাক-বিতণ্ডা। 'যদ্যপি কথার ছলে কথান্তর হয়।' *উমেশ*, ১৮৫৭।

কথান্তর হওয়া *ক্রি* ঝগড়া করা। 'যদ্যপি কথার ছলে কথান্তর হয়।' *উমেশ*, ১৮৫৭।

কথি [স কুত্র] *ক্রিবিণ* কোথায়। 'যে দণ্ডপ্রসাদ অন্য লোক পাবে কথি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কথিকা [স] **১** *বি* সংক্ষিপ্ত কাহিনি। 'যে বৌদ্ধ আখ্যান অবলম্বন করে রাজা নাটক রচিত তারই আভাসে শাপমোচন কথিকাটি রচনা করা হলো।' *রবীন্দ্র*, ১৯২২। **২** *বি* ক্ষুদ্র নিবন্ধ। 'কথিকা।' *রবীন্দ্র*, ১৯২২।

কথিত [স] **১** *বিণ* বর্ণিত। 'ইহা নীতি শাস্ত্রে কথিত আছে।' *গৌর*, ১৮২২। **২** *বিণ* প্রচলিত। 'কথিত আছে যে ইহার পূর্ব্বে প্রাণ্ড সকল

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কাগজ ...।' *দর্পণ*, ১৮২৯। ৩ *বিণ* প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এমন। 'ব্যয়ের আনুকূল্য করিয়াছেন এবং পরেও আবশ্যকমতে করিবেন কেননা কথিত আছে।' *চন্দ্রিকা*, ১৮৩২। ৪ *বিণ* উল্লিখিত। 'কথিত পাঠশালার সাধারণ নিয়ম এই।' *দর্পণ*, ১৮৩৮। ৫ *বিণ* কথ্য। 'কথিত ভাষার কৃত্রিম উপায়ে একটা-একটা শব্দের সঙ্গে একটা-একটা অভিধা গায়ের জোরে চাপিয়ে দেয় না।' *অবন*, ১৯২৫।

কথিতা [স] *বিণ স্ত্রী* কথ্য। 'কথিতা ভাষার বিলক্ষণ প্রচলিতা ছিল।' *দর্পণ*, ১৮৩৭।

কথুবায় [স কুত্র>] *ক্রিবিণ* কোন স্থানে। 'কিতা কথুবায় বান্ধ্যা উপরে টানায় চান্দা।' *মুকুন্দ*, ১৬০০।

কথেক [কত+স এক>] *বিণ* খানিকটা; কতক। *হ্যালহেড*, ১৭৭৩।

কথো [স কতি] *বিণ* কয়েক; কিছু। 'দিনা কথো গেলে ধরিবোঁ বচন।' *বড়ু*, ১৪৫০।

কথোক *বিণ* কিছুসংখ্যক। 'জানে জন কথোক শ্রীচৈতন্যকৃপায়।' *বৃন্দা*, ১৫৮০।

কথোকাল *ক্রিবিণ* কিছুকাল। 'কথোকাল থাক গিয়া সম্বরের ঘরে।' *মুকুন্দ*, ১৬০০।

কথোক্ষণ *ক্রিবিণ* কতোক্ষণ। 'বাহ্যদৃষ্টি প্রভুর হইল কথোক্ষণে।' *বৃন্দা*, ১৫৮০।

কথোগুলি *বিণ* কতোগুলি। 'মহেশ ঝাড়িল ঝুলি চালু হইল কথোগুলি।' *মুকুন্দ*, ১৬০০।

কথোদিন *ক্রিবিণ* কিছুদিন। 'কথোদিন থাকিলেঁ মো দিতোঁ ষ মানাআঁ।' *বড়ু*, ১৪৫০।

কথো দূর *ক্রিবিণ* কিছুদূর। 'কথো দূর পথ গিআঁ দেখিল বড়াহিঁ।' *বড়ু*, ১৪৫০।

কথোপকথন, কথোপকথোন [স কথা-উপকথন] ১ *বি* আলোচনা। 'বহুল আছিল তাতে কথোপকথন।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বি* কথাবার্তা। 'জেমত২ কথোপকথোন।' *বোগল*, ১৭৭০। ৩ *বি* আলাপ-সংলাপ। 'কথোপকথন।' *কেরি*, ১৮০১। ৪ *বি* বক্তব্য। 'বাষ্পের নৌকা প্রেরণের বিষয়ের অনেক কথোপকথন লেখা আছে।' *দর্পণ*, ১৮২৮।

কথোপকথনচ্ছলে [স] *ক্রিবিণ* আলোচনা প্রসঙ্গে। 'একদা কথোপকথনচ্ছলে ... সম্পাদক মহাশয়কে বলিয়াছিলাম।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কথোপকথনপূর্বক, কথোপকথনপূর্ব্বক [স] *ক্রিবিণ* কথাবার্তা শেষ হওয়ার পরে। 'তাহারদিগের সহিত পরিহাস ও কথোপকথনপূর্ব্বক স্থির হইল যে খড়দহে রাসযাত্রা দেখিতে যাইব।' *অক্ষয়*, ১৮৪২।

কথোপকথন-সভা [স] *বি* ঘরোয়া আড্ডা। 'আমাদের কথোপকথন-সভা সেই উৎসব-সভা।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কথোপকথনানন্তর [স] *ক্রিবিণ* কথাবার্তা শেষে। 'এইরূপে কথোপকথনানন্তর কিরূপে বাবুকে উপদেশ করিতেছেন।' *ভবানী*, ১৮২৫।

কথোপকথনের মুগুর ভাঁজা *ক্রি* বকবকানি। 'সকালবেলা উঠে কথোপকথনের মুগুর ভাঁজা।' *রবীন্দ্র*, ১৮৮০।

কথক [স] *বি* উত্তরভারতে প্রচলিত উচ্চাঙ্গের নৃত্যবিশেষ। 'উত্তর-ভারতের কথক, দক্ষিণ ভারতের ভরত নাট্যম ও মালাবারের কথাকলি ও মোহিনী আট্যম।' *মুজতবা*, ১৯৫৯।

কথ্য [স] ১ *বিণ* কথার; মৌখিক। 'সংস্কৃত ভাষা কথ্য ভাষা ছিল না।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বিণ* কথাবার্তায় ব্যবহৃত। 'চিরকাল কথ্য ভাষাতেই কথা বলার বদভ্যাস।' *শিবরাম*, ১৯৫০।

কথ্যভাষা [স] *বি* দৈনন্দিন মুখের ভাষা। 'সংস্কৃত ভাষা কথ্যভাষা ছিল না।' *রবীন্দ্র*, ১৯০৭।

কথ্যরীতি [স] *বি* ভাষার মৌখিকরূপ। 'যা সহজেই ঘরোয়া, আটপৌরে রূপ নিতে পারে, দেশজ শব্দ বা কথ্যরীতিকে আয়ত্ত করে নেয় ...।' *জিন্নুর*, ১৯৭০।

কদক্ষর [স] *বি* বিশ্রী হস্তলিপি। 'লেখার তজবীজ করিলাম অতি কদক্ষর লেখে।' *চন্দ্রিকা*, ১৮৩০।

কদন [স] *বি* পীড়ন। 'মদন কদনে মোর নয়ন ঝুরএ।' *বড়ু*, ১৪৫০।

কদন্ন [স] *বি* কুখাদ্য। 'কদন্ন সেবন করিয়া গুরুতর পীড়াগ্রস্ত হইয়াছেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কদভ্যাস [স] *বি* খারাপ অভ্যাস। 'তাহারা বাল্যকালে ... সমস্ত কদভ্যাস-পাশে বদ্ধ হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

কদম[১] [স কদম্ব] *বি* কদম গাছ ও তার ফুল। 'কদমের তলে বসী/ যমুনার তীরে।' *বড়ু*, ১৪৫০।

কদমকলি [স কদমকলি] *বি* কদম ফুলের কলি। 'কদমকলি শিউরে ওঠে।' *নজরুল*, ১৯২৫।

কদমছাঁট *বি* মাথার চুল কদম ফুলের কেশরের মতো খাড়া হয়ে থাকে যে ছাঁটে। 'মাথার চুলেও কদমছাঁট নয়।' *মুজতবা*, ১৯৫২।

কদমছাঁটা *বিণ* কদমাকৃতির ছাঁটবিশিষ্ট। 'মাথাটাকে ... কদমছাঁটা করেছ কেন?' *নরেন্দ্র*, ১৯৪৬।

কদমতরু [স কদমতরু] *বি* কদম গাছ। 'আচম্বিতে কদমতরু দেখিল তথাই।' *মালাধর*, ১৫০০।

কদমতল [স কদমতল] *বি* কদম গাছের তলা। 'দেখিল কদমতলে বসে কাহ্নাঞি।' *বড়ু*, ১৪৫০।

কদমতলা [স কদমতল] *বি* কদমগাছের তলা। 'কদমতলায় গেলে তোমার বসন আর থুবে না।' *লালন*, ১৮৯০।

কদমফুল [স কদমফুল্ল] *বি* কদম গাছের ফুল। 'কদমফুল ফুটে রয়েছে।' *দীনবন্ধু*, ১৮৬৭।

কদম[২] [আ] ১ *বি* পা। 'তসলিম করিয়া মর্দ্দ কদম উপরে।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* পদক্ষেপ; পা ফেলা। *হ্যালহেড*, ১৭৭৮। **কদমে** *ক্রিবিণ* পায়ে হেঁটে। 'কেউ যান ছার্তকে কেউ যান কদমে কেউ যান দুলকি চালে।' *নজরুল*, ১৯২৭।

কদমবুছি [আ কদম+ফা বুসা] *বি* পায়ে হাত দিয়ে সালাম করা। 'যখন কদমবুছি করবার জন্য নিজের ওয়াজেদাকে খুঁজে পেলে না ...।' *মাহেনও*, ১৯৪৯।

কদমবুসি [আ কদম+ফা বুসা] *বি* পায়ে হাত দিয়ে সালাম; পদচুম্বন। 'মোমি আসিয়া জাহাঙ্গীরের মাতার কদমবুসি করিল।' *নজরুল*, ১৯৩১।

কদমা [স কদম্বক] *বি* চিনি বা গুড়ের তৈরি একপ্রকার ফাঁপা লাড়ু। 'বিয়ড়ী কদমা তিলা খাজার প্রকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কদম্ব [স] ১ *বি* কদম গাছ। 'কুজা কুটুজ কদম্ব বাসক কেন্দু কুন্দ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* কদম ফুল। 'কদম্ব কনক করবীর।' *মুকুন্দ*, ১৬০০।

কদম্বকেশর [স] *বি* কদম ফুল। 'কাননে ফুটে নবমালতী

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কদম্বকেশর।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কদম্বগাছ [স কদম+গাছ] *বি* কদম ফুলের গাছ। 'কদম্বগাছের সার।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কদম্ব পুষ্প [স] *বি* বর্ষাকালীন ফুলবিশেষ; কদম ফুল। 'কদম্ব পুষ্পের কেশরসকল তাহার গ্রন্থকে বেষ্টন করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৯।

কদম্বফুল [স কদম+ফুল] *বি* বর্ষাকালীন ফুলবিশেষ; কদম ফুল। 'কদম্ববৃক্ষের উচ্চশাখায় শুটিকতক কদম্বফুল ফুটিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

কদম্ববন [স] *বি* কদম গাছের বন। 'বিকশিত কদম্ববনের ছায়া দিয়ে ... চলেছেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

কদম্ববৃক্ষ [স] *বি* কদম গাছ। 'অপূর্ব কদম্ববৃক্ষ দেখে সেইক্ষণে।' *বৃন্দা*, ১৫৮০।

কদম্বমূল [স] *বি* কদম গাছের তলা। 'দাঁড়ায়ে কদম্বমূলে যমুনার কূলে।' *মাইকেল*, ১৮৬০।

কদম্বরেণু [স] *বি* কদম ফুলের পরাগ। 'কদম্বরেণু বিছাইয়া দাও শয়নে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কদম্ব [স কদম্ব] *বি* কদম গাছ। 'লাফ দিয়া কদম্ব গাছে গোবিন্দাই চড়ি।' *মালাধর*, ১৫০০।

কদর [আ] **১** *বি* সম্মান। *হ্যালহেড*, ১৭৭৮। **২** *বি* দাম। ছবির এতই কিসের কদর?' *রবীন্দ্র*, ১৯২৮।

কদরদান [আ কদর+ফা দান] *বিণ* গুণগ্রাহী; পৃষ্ঠপোষক। *বিদ্যা*, ১৮৯১; 'ওস্তাদেরা বলে যে বাঙালির মতন কদরদান আর কেউ নয়।' *ধূর্জটি*, ১৯৩১।

কদরদানী [আ কদর+ফা দানি] *বি* সমাদর। 'মাশরেকী পাকিস্তানে উর্দুর কদরদানী ব্যাপক।' *মাহেনও*, ১৯৪৯।

কদরদার [আ কদর+ফা দার] *বিণ* সমঝদার; রসিক। 'কোনো ডাকসাইটে তামাক কদরদারের তদারকিতে কাইরোর কাফেতে তামাক সাজা হয়।' *মুজতবা* ১৯৫২।

কদর্থন [স] *বি* অত্যাচার; নিষ্ঠুর গ্রহার। 'কাটা গেল কদর্থনে নবলক্ষ দল।' *মানিকরাম*, ১৭৮১।

কদর্থা [স কদর্থন>] *ক্রি* ভেচোনো। 'বাঙ্গালেরে কদর্থেন হাসিয়া হাসিয়া।' *বৃন্দা*, ১৫৮০। **কদর্থিয়া** *ক্রি* গালাগালি ক'রে। 'আর সব হিন্দু কাজি মারে কদর্থিয়া।' *বৃন্দা*, ১৫৮০।

কদর্য, কদর্য্য [স] **১** *বিণ* নিম্ন শ্রেণীর। 'সে কদর্য্য তৃণসকলের উপকৃত।' *তারিণী*, ১৮০৩। **২** *বিণ* নোংরা। 'কদর্য্য গলির মধ্যে বাস করে।' *দর্পণ*, ১৮২৫। **৩** *বিণ* নিম্নমানের। 'ছাপার কর্ম্মও অতিকদর্য্য ছিল।' *দর্পণ*, ১৮৩৩; 'গোটাকতক কদর্য ফুল বাকি আছে।' *মাইকেল*, ১৮৬১। **৪** *বিণ* কুৎসিত। 'আমার পা দেখিতে অতি কদর্য্য ও অকর্মণ্য।' *বিদ্যা*, ১৮৫৬। **৫** *বি* অসুন্দর যা। 'যাহার প্রেম উথলিয়া উঠিয়াছে হীনকে কদর্যকে উৎকটকে দেখিয়া দেখিয়া।' *সবুজ*, ১৯২০।

কদর্যঅক্ষর, কদর্য্যঅক্ষর [স] *বি* বিশ্রী হস্তলিপি। 'নীচ লোকের কর্ম্ম সুন্দর অক্ষর লেখা ... পণ্ডিত হইলে কদর্য্যঅক্ষরই লেখে।' *চন্দ্রিকা*, ১৮৩০।

কদর্যতম [স] *বিণ* সবচেয়ে কুৎসিত। 'পদ্মের জন্য কদর্যতম অশ্লীলতম ভবিষ্যৎ উপজীবিকার ...।' *তারা*, ১৯৪২।

কদর্যতা [স] **১** *বিণ* মন্দ। 'করেছি কদর্য্য কার্য্য শুন লো মহিষি।' *গিরিশ*, ১৮৮৭। **২** *বি* নীচতা। 'মানুষের সমাজে ... সম্পূর্ণ কদর্যতা কখনোই সৌন্দর্যরূপে টিকে যাচ্ছে না।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৩** *বি* অসৌন্দর্য; কুশ্রীতা। 'বীভৎস কদর্যতাকে কবি আবৃত করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৭। **৪** *বি* জঘন্যতা। 'দেখেছি বটে কদর্যতা।' *অচিন্ত্য*, ১৯৫০।

কদর্যরুচি [স] *বি* স্থূল রুচি। 'তদানীন্তন কদর্যরুচির সঙ্গে তাঁদের তাল দিয়ে চলতে হয়।' *মাহেনও*, ১৯৪৯।

কদলক [স] *বি* কলাগাছ। 'কদলক পিণ্ডখাজুর শ্রীফলে।' *বড়ু*, ১৪৫০।

কদলি [স কদলী] *বি* কলা। 'কদলির গাছ জেন পড়ে অল্প ঝড়ে।' *মালাধর*, ১৫০০।

কদলিকা [স] *বি* কলা। 'লজ্জাএ গমনহীন কদলিকা তরু।' *আলাওল*, ১৬৮০।

কদলী [স] *বি* কলাগাছ। 'ভএ কাম্পো যেহ্ন নব কদলীর বালী।' *বড়ু*, ১৪৫০।

কদলীদলিত [স] *বিণ* কলাগাছের মতো। 'ম্লানসজ্জা বাহু আর কদলীদলিত উরু বৃথাই নাড়ালে!' *বিষ্ণু*, ১৯৪১।

কদলীপত্র [স] *বি* কলাগাছের পাতা। 'থালের পরিবর্তে কদলীপত্রে ভোজন করে ...।' *দর্পণ*, ১৮২২।

কদলীবৃক্ষ [স] *বি* কলাগাছ। *দর্পণ*, ১৮২৬।

কদাকার [স] **১** *বিণ* বিকৃত। 'ইংরাজী উচ্চারণ কদাকার।' *রাজ*, ১৮৭৪। **২** *বিণ* অশুভ। 'ধূমাচ্ছন্ন অবিশ্বাস বিশ্ববক্ষে হানে ত্রাস, কুটিল সংশয় কদাকার।' *রবীন্দ্র*, ১৯২৭। **৩** *বিণ* কুৎসিত। 'কদাকার শুষ্ক মলিন চেহারা।' *ওয়ালী*, ১৯৪২।

কদাঘাত [স] *বি* নিষ্ঠুর আঘাত। 'কদর্যের কদাঘাতে/ দিয়ে যায় কালিমার মসীরেখা।' *রবীন্দ্র*, ১৯৩২।

কদাচ [স কদাচন] *ক্রিবিণ* কখনো। 'বাকী কদাচ হইতে পাইত না।' *হ্যালহেড*, ১৭৭৩; 'কদাচ না ভাবিও রে ক্লেশ।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কদাচন [স] *ক্রিবিণ* কখনো। 'সুর সুপ্ত নহে কদাচন।' *আলাওল*, ১৬৮০।

কদাচার [স] **১** *বি* জঘন্য আচরণ। 'কদাচারে সদা রত, সুরাপান অবিরত।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৬। **২** *বি* দূষিত আচরণ। 'অন্ধ সংস্কারের কত কদাচার, কত নিষ্ঠুরতা।' *রবীন্দ্র*, ১৯২৯। **৩** *বি* অবাঞ্ছিত আচরণ। 'রুচি ও অভ্যাস সম্বন্ধে বাংলাদেশে যেমন কদাচার এমন আর কোথাও নেই।' *রবীন্দ্র*, ১৯৩১।

কদাচারজনিত [স] *বিণ* স্বভাবদোষপূর্ণ। 'বন্ধুজনের কদাচারজনিত কলঙ্ক শুনিয়া লজ্জিত ও সন্তপ্ত হওয়া ...।' *অক্ষয়*, ১৮৫৪।

কদাচারময় [স] *বিণ* মন্দ আচরণবিশিষ্ট। 'কি জাতি কে জানে কারে নাহি মানে সদা কদাচারময়।' *ভারত*, ১৭৬০।

কদাচারী [স] *বিণ* ঘৃণ্য। 'কদাচারী হইয়াও ধর্ম্মসভার চাঁদায় স্বাক্ষর ...।' *কৌমুদী*, ১৮৩০।

কদাচিৎ [স] *ক্রিবিণ* কৃচিৎ। 'কদাচিতে উত্তমে না রাখানে আপনা।' *আলাওল*, ১৬৮০; 'কদাচিৎও মারি না পারেন।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

কদাচিত, কদাচীত [স কদাচিৎ] *ক্রিবিণ* কদাচন। 'কদাচিত নহে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তার দুখবিমোচন।' *মুকুন্দ*, ১৬০০; 'কদাচীত কালি না বসিবা সিংহাসন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কদাঞ্চিত [স কদাচিৎ] *ক্রিবিণ* কুচিৎ। 'কদাঞ্চিত কেহ যদি যাএ গম্য আশে।' *আলাওল*, ১৬৮০।

কদাপি [স] ১ *ক্রিবিণ* কখনই। 'অতি ক্ষুদ্রকেও কদাপি এমন বিবেচনা করা অকর্ত্তব্য ...।' *তারিণী*, ১৮০৩। ২ *ক্রিবিণ* কোথাও। 'এই ভূমণ্ডলে কদাপি আর বিরাজমান হয় নাই।' *অক্ষয়*, ১৮৪৮।

কদাশ [স] *বি* মন্দ আশা। 'কি কদাশে চিতোরেতে আইল পামর?' *রঙ্গ*, ১৮৫৮।

কদাশয়তা [স] *বি* নীচাশয়তা। 'এদের চরিত্রে ঈর্ষা বা কদাশয়তার এত নিবিড় কালিমা আরোপ করা অশ্রদ্ধেয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কদিচ *ক্রিবিণ* কখনো; কদাপি। *বিদ্যা*, ১৮৯১।

কদিন [কয়+স দিন] *ক্রিবিণ* কয়েক দিন নাগাদ। 'জোর দেখালে কদিন বেশ।' *নজরুল*, ১৯২২।

কদিনি [স কথন] *বি* কাহিনি। 'সদ্‌গুরু বোহে বুঝিরে কাসু কদিনি।' *চর্যা* ২৩, ১২০০।

কদিমী [আ কদিম] *বিণ* পৈতৃক। 'জমীদারেরা কদিমী প্রজাদিগকেও নিরিকের বিবাদচ্ছলে তাহাদিগের ... উচ্ছেদ করিতে পারেন।' *বঙ্কিম*, ১৮৯২।

কদু [ফা] *বি* লাউ। 'কদু-গোস্তের তরকারী রাঁধিতে দরিয়াবিবি সমস্ত নৈপুণ্য ঢালিয়া দিল।' *শওকত*, ১৯৫৮।

কদুক্তি [স] *বি* খারাপ কথা। 'কবিতাকার উত্তর দিবার ছলে নানাপ্রকার কদুক্তি ও ব্যঙ্গ ...।' *রামমোহন*, ১৮২০।

কদুৎসাহী [স] *বিণ* কুৎসিত কাজে উৎসাহী। 'এক সময়ে কোনো এক কদুৎসাহী শাসনকর্তা চুনকাম করে সমস্তটা [চিত্রকলা] ঢেকে দিয়েছিলেন।' *রবীন্দ্র*, ১৯৩২।

কদুয্যি [স কদর্য] *বিণ* জঘন্য। 'ও বামনীর মুখটা বড় কদুয্যি।' *বঙ্কিম*, ১৮৮২।

কন *অব্য* কোনো। 'কন মতে মনের বিয়োগ না খণ্ডিল।' *বাহরাম*, ১৬৫০।

কনক [স] *বি* স্বর্ণ; সোনা। 'কনকপদ্মকোরক সম দুই তনে।' *বড়ু*, ১৪৫০।

কনক-অচল [স] *বি* সোনার পাহাড়। 'দেবতা বিহারভূমি কনক-অচলে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কনক-অঞ্চল [স] *বি* সোনার আঁচল। 'ভরেছ কি কল্পনার কনক-অঞ্চলে?' *রবীন্দ্র*, ১৯১৪।

কনক-আঁচল [স কনক-অঞ্চল] *বি* সোনালি আঁচল। 'যেতে যেতে কনক-আঁচল বেধে যায় বকুলকাননে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কনকআসন [স] *বি* সোনা দিয়ে তৈরি আসন। 'সম্মুখে দেবী কনকআসনে।' *মাইকেল*, ১৮৬০।

কনকউৎপল [স] *বি* স্বর্ণপদ্ম। 'তাহে শোভে ব্রহ্মলোক কনক-উৎপল।' *মাইকেল*, ১৮৬০।

কনক-উদয়াচল [স] *বি* কল্পিত সোনার পাহাড়, যা ভেদ করে সূর্য ওঠে মনে করা হয়। 'কনক-উদয়াচলে আসি দেন দেখা।' *মাইকেল*, ১৮৬০।

কনককঙ্কণ [স] *বি* সোনার কাঁকন। 'মুখে দেয় পান, করে করে দান,/ কনককঙ্কণ সভার সার।' *মদনমোহন*, ১৮৩৪।

কনককমলরুচি [স] *বিণ* স্বর্ণকমলের মতো দীপ্তিময়। 'কনককমলরুচি বিমল বদনে'। *বড়ু*, ১৪৫০।

কনককুম্ভ [স] *বি* স্বর্ণকলস। 'কনককুম্ভ আকারে দুই তোর পয়োভারে।' *বড়ু*, ১৪৫০।

কনককূট [স] *বি* পর্বতবিশেষ। 'কনককূট পর্ব্বত অত্যন্ত দুর্গম।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কনককেতকী [স] *বি* রক্তকেয়া ফুল। 'সুখী কনককেতকী পারলি দুলালী।' *বড়ু*, ১৪৫০।

কনককেশিনি [স কনককেশিনী] *বি* স্ত্রী সোনালি চুল আছে যার। 'কনককেশিনি, সেটা আমার কাছে নিতান্ত হৃদয়হীন বর্বরতা বলে বোধ হয়।' *রবীন্দ্র*, ১৮৯২।

কনকচন্দ্রসন্তান [স] *বিণ* 'সোনার চাঁদ ছেলে' বাক্যাংশের সংস্কৃতায়িত রূপ; অতি আদরের সন্তান। 'কোন সৎকুলপ্রদীপ কনকচন্দ্রসন্তান সহ্য করিতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯১।

কনকচাঁপা, কনকচাপা [স কনকচম্পা] *বি* সোনালি রঙের চাঁপা ফুল। 'কানেতে কনক চাপা শোভে মনোহর।' *গরীব*, ১৭৬৫; 'কনকচাঁপার গন্ধে মস্তিষ্ক ভরে গিয়েছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কনকচুর [স কনকচূর্ণ] *বি* এক জাতের ধান। 'তবে ত কনকচুর পরিলেন পাসুলি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কনকজঙ্ঘা [স] *বি* স্বর্ণের মতো জঙ্ঘা। 'কনক জঙ্ঘার বিপুল মাধুর্য্যনে রচেছো গরীয়সী এ কোন দর্প?' *মাহমুদ*, ১৯৭৩।

কনকতপন [স] *বি* কনকরূপ তপন। 'কনকতপন রজত মেঘবলাকা।' *অন্নদা*, ১৯২৯।

কনকতারা [স] *বি* একপ্রকার ধান। 'কুমারী, কনকতারা, সূর্য্যমুখী, হাসি কলমি আর আটলাই, পাশপাই ধান।' *ফররুখ*, ১৯৬৩।

কনক-থালা *বি* সোনার থালা। 'হেথায় কোথা কনক-থালা, কোথায় ফুল, কোথায় মালা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কনকদণ্ড [স] *বি* সোনার দণ্ড। 'ধরেন কনকদণ্ড মহীপতি যথা।' *মাইকেল*, ১৮৬০।

কনকদর্পণ [স] *বি* সোনার আয়না। 'গুপ্ত আবরণ খুলি আনিল বাহিরে মায়াময় কনকদর্পণ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কনকদ্যুতি [স] *বিণ* সোনার মতো উজ্জ্বল। 'কে হয় কনকদ্যুতি সে দেহের আগে।' *বৃন্দা*, ১৫৮০।

কনক-ধুতুরা [স কনক+স ধুস্তূর] *বি* হলুদ রঙের ধুতুরা ফুল ও তার গাছ। 'কনক-ধুতুরা! পরিপূর তুমি বিষে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

কনক-নগরি [স কনকনগরী, সম্বোধনে ই-কার] *বি* স্বর্ণনগরী। 'রে অমরাপুরি, কনক-নগরি।' *মাইকেল*, ১৮৬০।

কনকনগরী [স] *বি* স্বর্ণপুরী। 'কোথা সে অমরাপুরী কনকনগরী?' *মাইকেল*, ১৮৬০।

কনক-নির্মিত [স] *বিণ* স্বর্ণের তৈরি। 'কনক-নির্মিত ধনু।' *মাইকেল*, ১৮৬০।

কনকপদ্ম [স] *বি* সোনালি রঙের পদ্ম; স্বর্ণকমল। 'কনকপদ্মকোরক সম দুই তনে।' *বড়ু*, ১৪৫০।

কনক-পর্য্যঙ্ক [স] *বি* সোনার পালঙ্ক। 'আমি কনক-পর্য্যঙ্কে নিদ্রা যেতাম।' *দীনবন্ধু*, ১৮৬৩।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কনক-পাল [স কনক+পাল] *বি* সোনার পাল। 'কনক-পাল তুলে বাতাসে দুলে দুলে।' *রবীন্দ্র*, ১৮৮২।

কনকপুতলী [স কনকপুত্তলী] *বি* সোনার পুতুল। 'শিরীষকুসুমকোঁঅলী অদভুত কনকপুতলী।' *বড়ু*, ১৪৫০।

কনকপুষ্পক [স] *বি* সোনালি রঙের ফুল। 'কিম্বা যথা সেতুবন্ধোপরে কনকপুষ্পক, বহি সীতা সীতানাথ।' *মাইকেল*, ১৮৬০।

কনক-প্রদীপ [স] *বি* স্বর্ণপ্রদীপ। 'কোন বিরহিণী কনে জ্বালাইয়া কনক-প্রদীপখানি।' *নজরুল*, ১৯২৩।

কনক প্রাচীর [স] *বি* সোনার বেষ্টনী। 'মনোহর মনোরম কনক প্রাচীর।' *বাহরাম*, ১৬৫০।

কনকবরণী [স কনকবর্ণ>] *বিণ* সোনা-রঙা। 'কিংবা সুবদনী, কনকবরণী,/ নলিনীর শোভা হেলে হরিল।' *মদনমোহন*, ১৮৩৪।

কনকবরন [স কনকবর্ণ] *বিণ* সোনালি। 'আমার দুখানি পাখা কনকবরন।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কনকবাসন [স কনক+প বাসিয়া] *বি* সোনার থালা। 'দুই লক্ষ দিল তবে কনকবাসন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কনকবিগ্রহ [স] *বি* স্বর্ণমূর্তি। 'জ্যোতির্ময় কনকবিগ্রহ বেদসার।' *বৃন্দা*, ১৫৮০।

কনকভূষণ [স] *বি* সোনার অলঙ্কার। 'কনকের প্রায় দ্যুতি কনকভূষণ।' *বৃন্দা*, ১৫৮০।

কনকমঞ্জীর [স] *বি* সোনার তৈরি নূপুর। 'কিবা শোভা করে তায় কনকমঞ্জীর।' *মানিকরাম*, ১৭৮১।

কনকমণি [স] *বিণ* সোনা ও রত্ন খচিত। 'কনকমণি-পাত্রপুটে/ সুরভি ধূপধূম্র উঠে ...। *রবীন্দ্র*, ১৮৯৩।

কনকমণ্ডিত [স] *বিণ* স্বর্ণখচিত। 'কনকমণ্ডিত সোপান দেখিলা দেবী আপন সম্মুখে।' *মাইকেল*, ১৮৬০।

কনকময় [স] *বিণ* স্বর্ণময়। 'কনকময়, মনোহর পুরী।' *মাইকেল*, ১৮৬০।

কনকমুখী [স] *বি* সূর্য। 'পুরব মেঘে কনকমুখী/ বারেক শুধু মারিল উঁকি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কনকমৃণাল [স] *বি* সোনালি রঙের পদ্মডাঁটা। 'কনকমৃণাল কারণ-সলিলে।' *মাইকেল*, ১৮৬০।

কনকমেখলা [স] *বি* সোনার তৈরি কটিভূষণ; সোনার চন্দ্রহার। 'হরশিরে শোভে যেহ্ন কনকমেখলা।' *বড়ু*, ১৪৫০।

কনকযূথিকা [স] *বি* সোনালি রঙের জুঁই ফুল-বিশেষ। 'কনকযূথিকামালা বাহু যুগলে।' *বড়ু*, ১৪৫০।

কনক যূথী [স] *বি* কনকযূথিকা। 'শেবত কনক যূথী।' *বড়ু*, ১৪৫০।

কনকরচিত [স] *বিণ* সোনা দিয়ে তৈরি। 'কনকরচিত তোর ত্রিবলী সোপানে।' *বড়ু*, ১৪৫০।

কনক-রবি *বি* সোনালি সূর্য। 'কনক-রবি উদিছে, ছন্দে জগমণ্ডল চলিছে।' *রবীন্দ্র*, ১৮৮০।

কনকরিক্ত [স] *বিণ* সোনার অলঙ্কার নেই এমন। 'সন্ধ্যাদীপের প্রতীক্ষা জ্বলে যেন একখানা ক্ষীণ, কনকরিক্ত হাতে।' *বুদ্ধ*, ১৯৫৫।

কনকরেহা [স কনকরেখা] *বি* সোনার রেখা। 'যেহ্ন নিকষত শোভে কনকরেহা।' *বড়ু*, ১৪৫০।

কনকলঙ্কা [স] *বি* সুখ ও ঐশ্বর্যে পূর্ণ লঙ্কা নগরী। 'ইচ্ছা করে ছাড়িয়া কনকলঙ্কা ...।' *মাইকেল*, ১৮৬১।

কনকলতা [স] *বি* ফুলগাছ-বিশেষ। 'বাবার জন্য আনব আমি তুলি কনকলতার চারা।' *রবীন্দ্র*, ১৯০৩।

কনকশিকলী [স কনক+স শৃঙ্খল>] *বি* সোনার শিকল। 'কটিতটে লম্বমান কনকশিকলী।' *মুকুন্দ*, ১৬০০।

কনকসন্ধ্যা [স] *বি* কনক রূপ সন্ধ্যা। 'পশ্চিমে কনকসন্ধ্যা সমুদ্রের মাঝে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

কনক-সুতা [] *বি* সোনালি সুতো। 'যতন করি কনক-সুতে গাঁথি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কনকাঞ্জলি [স] *বি* হিন্দুমতে শুভ কাজে আনুষ্ঠানিক দানবিশেষ। 'তা হলে কনকাঞ্জলিটা হয়ে যায়।' *রবীন্দ্র*, ১৮৯২।

কনকাসন [স] *বি* সোনার আসন। *কৃষ্ণরাম*, ১৭২০; 'কোথা সে কনকাসন, রাজছত্র কোথা।' *মাইকেল*, ১৮৬০।

কনকোজ্জ্বল [স] *বিণ* স্বর্ণোজ্জ্বল। 'বঙ্গে একদা জাগালে প্রতাপ/ কনকোজ্জ্বল স্মৃতি।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কনকন [ধ্বন্যা] **১** *বিণ* শীতের তীব্র অনুভূতিসূচক শব্দ। 'শাল কম্বল বালাপোষ, মোটা মোজা, পা কনকন, হাত ঠাণ্ডা।' *রবীন্দ্র*, ১৮৮৭। **২** *বি* চুড়ির শব্দ। 'বাজাও কাঁকন কনকন।' *রবীন্দ্র*, ১৯০০।

কনকনা [ধ্বন্যা কনকন>] **১** *ক্রি* কনকন করা। 'শীতে শরীর কনকনাচ্ছি।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *ক্রি* কনকন শব্দ করা। 'তালে তালে দুটি কঙ্কন কনকনিয়া।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কনকনানি [ধ্বন্যা কনকন>] *বি* ঠাণ্ডা; ব্যথা; বেদনা। *বিদ্যা*, ১৮৯১।

কনকনিআ [ধ্বন্যা কনকন>] *বিণ* অত্যন্ত যন্ত্রণাদায়ক। *বিদ্যা*, ১৮৯১।

কনকনিয়া [ধ্বন্যা কনকন] *ক্রিবিণ* কনকন শব্দ ক'রে। 'তালে তালে দুটি কঙ্কন কনকনিয়া ভবনশিখীরে নাচাও গনিয়া গনিয়া।' *রবীন্দ্র*, ১৯০০।

কনকনিয়ে ওঠা *ক্রি* তীক্ষ্ণ আওয়াজ হওয়া। 'বাইজীর গলা আবার কনকনিয়ে উঠল।' *ওয়ালী*, ১৯৪৫।

কনকনে [ধ্বন্যা কনকন>] **১** *বিণ* তীব্র। 'ক্রিস্টমাসের সময় আগতপ্রায়। কনকনে শীত।' *রবীন্দ্র*, ১৮৮০; 'কনকনে হিম হাওয়ায়।' *সত্যেন্দ্র*, ১৯১০। **২** *বিণ* তীক্ষ্ণ ভাবযুক্ত। 'বিরজাকে আজ একটু কনকনে বোধ হচ্ছে।' *জীবন*, ১৯৩২।

কনকর্ড [ই] *বি* শব্দ-নির্দেশিকা। 'যে সমস্যার সমাধান বহুদিন বহু কনকর্ড বহু টীকাটিপ্পনী ঘেঁটেও করতে পারেনি।' *মুজতবা*, ১৯৪৯।

কনকাঙ্গী [স] *বি* (সংগীত) রাগবিশেষ। 'মাদ্রাজিদের মতন কনকাঙ্গী কিংবা কাফি ঠাটেই গাইতে হবে।' *ধূর্জটি*, ১৯৩১।

কনগ্রাচুলেট করা [ই কনগ্রাচুলেট+করা] *ক্রি* অভিনন্দন জানানো। 'নিজে গিয়ে কনগ্রাচুলেট করে আসি।' *রবীন্দ্র*, ১৯৩২।

কনগ্রাচুলেশান [ই] *বি* অভিনন্দন। 'ডিআইজি মন্তব্য লিখেছেন, কনগ্রাচুলেশান।' *সাদত*, ১৯৬৭।

কনগ্রেস [ই] *বি* ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস নামক রাজনৈতিক দল। 'যাহারা কখনো লড়াই করে নাই, ... তাহাদের দলে ভিড়িয়া তোমরা কনগ্রেস করিতে যাইবে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কনগ্রেসি, কনগ্রেসী [ই কনগ্রেস>] **১** *বিণ* কংগ্রেসের। 'এ সমস্তই

AMARBOI.COM

কনগ্রেসী চাল।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *বিণ* কংগ্রেস (দল) সম্পর্কিত। 'এ-সব ফসল ফলে কনগ্রেসী শস্যে।' *রবীন্দ্র*, ১৯৪১।

কনজারভেটিভ [ই] *বিণ* রক্ষণশীল। 'কনজারভেটিভ পুরুষের স্ত্রী কোন সুযোগ তো পানই না।' *বেগম*, ১৯৪৭।

কনট্রাক্ট [ই] **১** *বি* ঠিকা। 'দুজন শিখ কনট্রাক্ট নিয়েছে।' *জীবন*, ১৯৩১। **২** *বি* চুক্তি। 'একটা মোটা কন্ট্রাক্ট আমাদের হাতছাড়া হয়ে গেল।' *শিবরাম*, ১৯৭০।

কনট্রাকটর, কনট্রাকটার [ই] *বি* ঠিকাদার। 'কনট্রাকটর হয়ে ... জীবন শুরু করেছিল।' *জীবন*, ১৯৩২; 'ছোট বড়ো মাঝারি ডাক্তার, মোক্তার, কনট্রাকটার।' *অন্নদা*, ১৯৪০।

কনট্রাক্টরি, কনট্রাকটরি [ই কনট্রাক্টর>] *বি* ঠিকাদারি। 'কর্পোরেশনের কনট্রাক্টরি হস্তগত।' *নজরুল*, ১৯৩১; 'যুদ্ধের বাজারে কনট্রাকটরি করে যে-টাকা সে উপায় করেছিল।' *মাহেনও*, ১৯৪৯।

কনট্রাস্ট [ই] *বি* প্রতিতুলনা। 'শাড়ি ব্লাউজের কনট্রাস্ট ম্যাচিঙের দিন গেছে।' *মুজতবা*, ১৯৫৯।

কনট্রোল [ই] *বি* নিয়ন্ত্রণ। 'কনট্রোল ত খুব করতেছি স্যার।' *মনসুর*, ১৯৪৫। *দ্র* **কন্ট্রোল**

কনডাকটর, কনডাক্টর [ই] *বি* গাড়ি দেখাশোনা করে এবং যাত্রীর কাছ থেকে ভাড়া আদায় করে যে। 'ট্রামের কনডাক্টর।' *জীবন*, ১৯৩২; 'কনডাকটর এলো টিকিট চাইতে।' *নরেন্দ্র*, ১৯৪৪। *দ্র* **কন্ডাক্টর**

কনডোলেন্স কমিটি [ই] *বি* শোকপ্রকাশক সমিতি। 'শোক প্রকাশের জন্য কোন কনডোলেন্স কমিটি নাই।' *মনসুর*, ১৯৪০।

কনডোলেন্স লেটার [ই] *বি* শোকপ্রকাশক চিঠি; শোকবার্তা। 'সাহেবদের কনডোলেন্স লেটারগুলো আদায় করে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কনত্রাক্ত [ই কন্ট্র্যাক্ট] *বি* ঠিকা; চুক্তি। *এডমন*, ১৭৯৩।

কনত্রাক্তওয়ালা [ই কন্ট্র্যাক্ট+হি ওয়ালা] *বি* যে কন্ট্র্যাক্ট নিয়েছে; কন্ট্র্যাক্টর। *এডমন*, ১৭৯৩।

কনফরমেশন [ই] *বি* পাকাপাকি স্বীকৃতি। 'এখনো কনফরমেশন হয়নি।' *রশীদ*, ১৯৬৩।

কনফাইন করা [ই কনফাইন+করা] *ক্রি* আটকে রাখা। 'এক ভাইকে কনফাইন করলে আরেক ভাই তাকে ফেলে বাড়ি চলে আসতে পারে না।' *শিবরাম*, ১৯৫০।

কনফারেন্স [ই] *বি* সম্মেলন। 'কনফারেন্স-ব্যাপারটাকে আমরা একটা গুরুতর কাজের জিনিস বলিয়া মনে করি।' *রবীন্দ্র*, ১৯০৫।

কনফিডেনশিয়াল [ই] *বিণ* গোপনীয়। 'পার্সনাল ফাইলের পর এল কনফিডেনশিয়াল ফাইল।' *নরেন্দ্র*, ১৯৪৮।

কনফুসি *বি* চীনা দার্শনিক কনফুসিয়াসের অনুসারী। 'পাতি-রাম ভাবে কনফুসি।' *নজরুল*, ১৯২৬।

কনফেডারেশন [ই] *বি* শিথিল কেন্দ্রীয় শাসনবিশিষ্ট দেশ। 'তিনি বলেন যে, পাকিস্তান একটি কনফেডারেশন হবে।' *বেগম*, ১৯৫৩।

কনফেস [ই] *বি* রোমান ক্যাথলিক ধর্মমতে পাদরির কাছে পাপের স্বীকারোক্তি। 'কোনো কিছু কনফেসটেস করার আছে?' *শিবরাম*, ১৯৭০।

কনফেসন [ই] *বি* স্বীকারোক্তি। 'উত্তমমধ্যম দিয়ে কনফেসনের মাধ্যমে রিভলভার উদ্ধার করতে চান।' *সাদত*, ১৯৬৭।

কনভয় [ই] *বি* সৈন্য কিংবা মালবহনকারী গাড়ির বহর। 'হঠাৎ ধুলো উড়িয়ে ছুটে গেল/ যুদ্ধফেরত এক কনভয় –।' *সুকান্ত*, ১৯৪৮।

কনভার্ট [ই] *বি* ধর্মান্তরণ। 'পথের কাঙ্গাল ধরিয়া কনভার্ট করি।' *রোকেয়া*, ১৯২২।

কনভার্ট করা *ক্রি* দীক্ষিত করা। 'আপনেরেই আমার মতে কনভার্ট করুম।' *মনসুর*, ১৯৫৫।

কনভেনর [ই] *বি* আহ্বায়ক। 'সোসাইটির মাত্র একজন কনভেনর থাকবেন।' *মোহাম্মদী*, ১৯৪৫।

কনভেনশন [ই] **১** *বি* প্রথা। 'ইংরেজ জাত ট্র্যাডিশন ও কনভেনশন, ঐতিহ্য ও প্রথাকে জীবনের নানাক্ষেত্রে বড়ো স্থান দিয়েছে।' *হাই*, ১৯৫৮। **২** *বি* রাজনৈতিক দলের সদস্যদের সম্মেলন। 'কনভেনশনের সভায় বিক্ষোভতরঙ্গ উদ্বেল হইয়া উঠিয়াছিল।' *আজাদ*, ১৯৬২।

কনভেনশনপন্থী [ই কনভেনশন+হি পন্থী] *বি* সম্মেলনপন্থী। 'কনভেনশনপন্থীদের সাথে এ আন্দোলনের বিরোধ আছে।' *আজাদ*, ১৯৬২।

কনভোকেশন [ই] *বি* সমাবর্তন। 'কনভোকেশন-কালীন বক্তৃতায় ভাইসচানসেলার সাহেব তাঁহার বিত্তর সুখ্যাতি করেন।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

কনয় [স কনক] *বিণ* সোনার তৈরি। 'কনয় কদলি পর সিংহ সমারল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কনয়া [স কনক>] *বিণ* সোনার। 'কনয়া নিকষ তোর দেহের কাঁতী।' *বড়ু*, ১৪৫০।

কনষ্টেবল, কনষ্টেবল [ই] *বি* নিম্নপদস্থ পুলিশ; পুলিশবাহিনীর সদস্য। 'কনষ্টেবলরয় নুনরুন্নাহারের শবের পার্শ্বে দণ্ডায়মান।' *মশাররফ*, ১৮৬৯; '... উকিল, মোক্তার, পেস্কার, কনষ্টেবল, চাষা, আরদালী, দর্শকগণ ইত্যাদি।' *মশাররফ*, ১৮৬৯।

কনসটিটুশন [ই] *বি* সংবিধান। 'তার দেশের যেরকম কাগজে কলমে লেখা, আইনে বাঁধা কনসটিটুশন নেই।' *মুজতবা*, ১৯৪৯।

কনসর্ট, কনসার্ট [ই] *বি* সংগীতানুষ্ঠান-বিশেষ। 'মেয়েরা জিজ্ঞাসা করে থাকে, ... কনসর্ট কেমন লাগল?' *রবীন্দ্র*, ১৮৮১; 'তাঁদের কনসার্ট পার্টি ঠিক করে দিয়ে ...।' *শরৎ*, ১৯১৭। *দ্র* **কন্সার্ট**

কনসাল জেনারেল [ই] *বি* দূতাবাসের প্রধান কর্মকর্তা। 'ইটালিয়ান কনসাল জেনারেল।' *বিভূতি*, ১৯৩৭।

কনসালটিং রুম [ই] *বি* রোগী দেখার ঘর; পরামর্শ কামরা। 'ডাক্তারবাবুর কনসালটিং রুম।' *বিভূতি*, ১৯৩১।

কনসুলেট আপিস [ই] *বি* দূতাবাসের কার্যালয়। 'আফ্রিকার কনসুলেট আপিস।' *বিভূতি*, ১৯৩৭।

কনসেনট্রেশন ক্যাম্প [ই] *বি* বন্দিশিবির। 'কনসেনট্রেশন ক্যাম্পের কাছে গিয়ে বসে রইল তারা।' *শিবরাম*, ১৯৫০।

কনসেনসাস [ই] *বি* ঐকমত্য। 'সেন্সাস না নিয়ে কনসেনসাস নকুড় আমাদের কী করে।' *শিবরাম*, ১৯৪০।

কনসেশন [ই] *বি* ছাড়। 'কনসেশন দিয়ে দিয়ে ওদের তৃতীয় রিপুটাকে প্রচণ্ড করে তোলায়।' *নজরুল*, ১৯৩১।

কনস্টিটিউশন [ই] *বি* গঠনতন্ত্র। 'দর্জি-সমিতির কনস্টিটিউশন রচনার জন্য ফিরিয়া বাসায় ছুটিল।' *মনসুর*, ১৯৪০।

কনস্টিট্যুশন [ই] *বি* শাসনতন্ত্র। 'এসো কনস্টিট্যুশন নিয়ম-

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বিভূষণ।' *রবীন্দ্র*, ১৯২৪।

কনস্টিট্যুশনাল [ই] *বিণ* শাসনতান্ত্রিক। 'কনস্টিট্যুশনাল লাঙ্গুল-আন্দোলনকেই সে আপন কর্তব্য জ্ঞান করে।' *রবীন্দ্র*, ১৯০৮।

কনস্টিট্যুশ্যন [ই] *বি* শাসনতন্ত্র। 'কনস্টিট্যুশ্যন, ওটা বাইরের।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কনস্টেবল [ই] *বি* পুলিশ কর্মচারী। 'একজন কনস্টেবল।' *বিভূতি*, ১৯৩১।

কনস্টেবলি [ই কনস্টেবল>] *বি* কনস্টেবলের মতো আচরণ। 'ছেলেদের উপরে কনস্টেবলি করিয়া।' *রবীন্দ্র*, ১৯০৮।

কনস্ট্রাকশন [ই] *বিণ* দালানকোঠা ইত্যাদি নির্মাণ-সংক্রান্ত। 'কনস্ট্রাকশন ডিপার্টমেন্ট।' *বিভূতি*, ১৯৩৭।

কনাৎ [আ] *বি* রোদ-বৃষ্টি থেকে রক্ষার আচ্ছাদনবিশেষ; ত্রিপল। 'বিলাতি ছিপ সুতাদি মৎস্য ধরিবার-তাম্ব তাকিয়া কনাৎ।' *ভবানী*, ১৮২৫।

কনিয়া [স কন্যা] *বি* কনে। 'দামাদ কনিয়া দেখি অন্যে অন্যে হইলা সুখী।' *সুলতান*, ১৬৫০।

কনিয়াক [ই] *বি* মদবিশেষ। 'ভীরুতা ভেঙে দেয় দৃপ্ত কনিয়াক।' *বুদ্ধ*, ১৯৬৬।

কনিষ্ট [স কনিষ্ঠ] *বিণ* ভাইদের মধ্যে সবার ছোটো। 'ঋষ্যসেন বৃষসেন সবার কনিষ্ট।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কনিষ্টি [স কনিষ্ঠ] *বিণ* সবচেয়ে ছোটো। *বিদ্যা*, ১৮৯১।

কনিষ্ঠ [স] ১ *বিণ* সবচেয়ে ছোটো। 'আমি যে কনিষ্ঠ মনে বুঝহ বিচারি।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* ছোটো ভাই। 'জ্যেষ্ঠ সত্ত্বে কনিষ্ঠের রাজ্য হওয়া ধর্মবিরুদ্ধ।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৩ *বিণ* নিম্নস্থ; পদমর্যাদায় নিচু। 'যে সকল সাহেব জুনিয়র অর্থাৎ কনিষ্ঠ পদাভিষিক্ত।' *বঙ্গদূত*, ১৮৩১। 'সদাগরি আপিসের কনিষ্ঠ কেরানি।' *রবীন্দ্র*, ১৯৩২।

কনিষ্ঠতমা [স] *বিণ স্ত্রী* সবচেয়ে ছোটো। 'আমার কনিষ্ঠতমা বোন।' *মাহমুদ*, ১৯৭৩।

কনিষ্ঠা [স] ১ *বি* কড়ে আঙুল। 'হীরক অঙ্গুরী বামকর কনিষ্ঠায়।' *ভবানী*, ১৮২৫। ২ *বিণ স্ত্রী* বয়সে ছোটো। 'মধ্যমা কনিষ্ঠা গতা।' *দর্পণ*, ১৮২৮।

কনীনিকা [স] *বি* চোখের তারা। 'চোখগুলো হালকা হলদে হয়ে উঠেছে, কনীনিকাগুলো ধূসর।' *ওয়ালী*, ১৯৪৩।

কনীয়ান [স] *বি* দূয়ের মধ্যে ছোটো যে। 'চোখ স্পষ্টতর করে দেখছে সুদূরস্থ মহীয়ান ও নিকটস্থ কনীয়ানকে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কনুই [স কফোণি] *বি* নিম্নবাহু ও ঊর্ধ্ববাহুর জোড়াস্থান। 'কনুই অবধি মধ্যম অঙ্গুলির অগ্রভাগ পর্যন্ত এক হাত।' *বিদ্যা*, ১৮৫১।

কনু [স কফোণি] *বি* বাহুর মধ্যখানের জোড়া। *ওসাঁ*, ১৭৮৫।

কনুইবিহীন [স কফোণি+স বিহীন] *বিণ* হাতলহীন। 'প্রতিটি দরজা কাউন্টার কনুইবিহীন আজ।' *শামসুর*, ১৯৭০।

কনে[১] *সর্ব* কে; কোনজন। 'আল্লাএ না মারে যারে মারিবেক কনে।' *সুলতান*, ১৬৫০।

কনে[২] [স কন্যা] *বি* বিবাহের পাত্রী। 'আজ কনে দেখতে আসবে।' *উমেশ*, ১৮৫৭।

কনেওয়ালা [স কন্যা+হি ওয়ালা] *বি* কনের বাবা। 'কনেওয়ালা তখন গাঁয়ের ঠিকানা দিয়ে নিমন্ত্রণ করে যাবে।' *মনোজ*, ১৯৬১।

কনেবউ [স কন্যাবধূ] *বি* স্ত্রী নব বিবাহিত বধূ। 'তোমার মাগটি কেঁচে কনেবউ হয়েছেন।' *দীনবন্ধু*, ১৮৬৭।

কনেকশন [ই] *বি* সংযোগ। 'গ্যাস কোম্পানিকে টেলিফোন দেন, বাড়িতে গ্যাসের কনেকশন দেবার জন্য।' *শিবরাম*, ১৯৪০।

কনেট [স কনিষ্ঠ] *বিণ* ছোটো। 'লখএ ন পারিঅ জেঠ কনেট।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কনেষ্ট [স কনিষ্ঠ] *বিণ* অনুজ। 'তোমার কনেষ্ট কৃষ্ট সুন পুরন্দরে।' *মালাধর*, ১৫০০।

কনেষ্ঠ [স কনিষ্ঠ] *বিণ* কনিষ্ঠ; ছোটো। 'আমার কনেষ্ঠ কন্যা।' *ওসাঁ*, ১৭৮২।

কনেস্টবল, কনেষ্টবল, কনেস্টেবল [ই] *বি* সাধারণ পুলিশ। 'যাও ত এই মোড়ের কনেস্টসলকে বল।' *রোকেয়া*, ১৯২৪; 'কনেস্টেবল পেতেছে টেবল।' *রবীন্দ্র*, ১৯৪১; 'কনেষ্টবলের বউটির বাপের বাড়ীতে চিঠি লিখিয়া দিতে হইবে।' *মাহেনও*, ১৯৪৯।

কনোজী [স কান্যকুব্জ>] *বি* কান্যকুব্জের ভাষা। 'মৈথিলি কনোজী একভাষী হইলে ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কনোয়া [স কণা>] *বি* টুকরা। 'এক কনোয়া করে সুপুরি খাই।' *বিভূতি*, ১৯৩৮।

কন্টাকদার [ই কন্ট্রাক্ট+ফা দার] *বি* ঠিকাদার। 'ওসমান সরকার জিলা বোর্ডের পুরান কন্টাকদার।' *মনসুর*, ১৯৫৩।

কন্ট্রাকদারি [ই কন্ট্রাক্ট+ফা দারি] *বি* ঠিকাদারি। 'তাঁর নিজের কন্টাকদারিতেই।' *মনসুর*, ১৯৫৩।

কন্টিকারি [স কণ্টকারি] *বি* ফুলবিশেষ। 'পায়ের কাছে একটি কন্টিকারি।' *রবীন্দ্র*, ১৯৩২। দ্র **কন্টিকারি**

কন্টিনজেন্ট [ই] *বি* একটি বড় সৈন্যবাহিনীর অংশবিশেষ। 'এইজন্য ঝাঁসিরাজ ও সিন্ধিয়ার কন্টিনজেন্ট বাহিনীর যে সৈন্য মোতায়েন আছে ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কন্টিনেন্ট [ই] *বি* ইউরোপ। 'বিশেষ করে কন্টিনেন্টে রবীন্দ্রনাথের ভিতর দিয়ে প্রাচীন ভারতীয় সংস্কৃতি জানবার জন্য বহু লোকের আগ্রহ দেখা গেল।' *মুজতবা* ১৯৫২।

কন্টুর [ই] *বি* কোনো বস্তুর রূপরেখা। 'ম্যাপে পাহাড়ের যে কন্টুর আঁকা।' *বিভূতি*, ১৯৩৭।

কন্ট্রাক্ট [ই] *বি* চুক্তি। 'ভ্রমণবৃত্তান্ত ছাপাবার কন্ট্রাক্ট।' *বিভূতি*, ১৯৩৭।

কন্ট্রাক্টর, কন্ট্রাক্টার, কন্ট্রাকটার [ই] *বি* ঠিকাদার। 'গাড়োয়ান, কৃষান, রাস্তামেরামতকারী কন্ট্রাক্টর-মিস্ত্রি প্রভৃতি।' *প্রভাত*, ১৮৯৬; 'ইঞ্জিনিয়ার কন্ট্রাক্টার ডাকিয়ে আসন্ন শ্বেতহস্তীদের জন্য বড়ো করে আস্তাবল বানাবার হুকুম দিয়ে দিলেন।' *শিবরাম*, ১৯৪০; 'আমি মিলিটারি কন্ট্রাকটারের খাতায় নাম লেখানোর দরুন পাদ্রি ওয়াটসন সাহেব যা বলেছিলেন...।' *মোতাহের*, ১৯৫০।

কন্ট্রাক্টরি, কন্ট্রাক্টরী, কন্ট্রাকটারি [ই কন্ট্রাক্টর+ই,ঈ] *বি* ঠিকাদারি। 'আমার বাবা কন্ট্রাক্টরী করেন কি না।' *বিভূতি*, ১৯২৯; 'প্রফেসারি ছেড়ে আপাতত কন্ট্রাক্টরি করছে।' *মনসুর*, ১৯৪৫; 'বাবার কন্ট্রাকটারি ছিলো।' *ইলিয়াস*, ১৯৭২।

কন্ট্রোল [ই] *বি* নিয়ন্ত্রণ। 'প্রফুল্ল কোটের হাতা তুলে মাসল কন্ট্রোল করে কব্জে-কাশিকে দেখায়।' *শিবরাম*, ১৯৫০।

কন্ট্রোল-রুম [ই] *বি* নিয়ন্ত্রণ কক্ষ। 'আমরা কন্ট্রোল-রুমে গেলাম।' *শিবরাম*, ১৯৫০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কন্ডাক্টর, কন্ডাকটর, কন্ডাকটার [ই] *বি* যাত্রীভাড়া তোলাসহ বাসের সবকিছু দেখভাল করে যে। 'কন্ডাকটার আর প্যাসেঞ্জার সবাই মিলে ধরাধরি করে ফের তাকে নামিয়ে দ্যায়।' *শিবরাম*, ১৯৫০; 'সেই সময়েই কন্ডাক্টর এগিয়ে এসে অবান্তব আঙুল তুলে অবান্তব গলায় বলল।' *হাসান*, ১৯৬৩; 'কন্ডাকটরকে পয়সা দিতে-দিতে তার মনে হলো ...।' *মান্নান*, ১৯৬৮। *দ্র* **কনডাকটর**

কন্ডেন্সড মিল্ক [ই] *বি* ঘন দুধ। 'তুই কি রোজ কন্ডেন্সড মিল্কে চা খেতিস?' *সুনীল*, ১৯৬৬।

কন্তা [স কান্তা] *বি* নায়িকা; স্ত্রী। 'নব জউবন নব কন্তা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কন্ট্রাক্ট [ই] *বি* চুক্তি। 'কন্ট্রাক্ট অর্থাৎ কটকিনা সওদার মিয়াদের শেষে ...।' *ফরস্টার*, ১৭৯৭।

কন্থা [স] *বি* কাঁথা। 'কন্থা নামে যে এ দ্রব্য।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কন্দ[১] [স স্কন্ধ] **১** *বি* কাঁধ। 'চিত্তের ঘুচায়া ধন্দ উকটএ কাটা কন্দ।' *মালাধর*, ১৫০০। **২** *বি* কবন্ধ। 'লাখে লাখে উঠে কন্দ নাচিবারে পরবন্দ।' *মালাধর*, ১৫০০।

কন্দগোটা [স স্কন্ধ+স গোষ্ঠক] *বি* সম্পূর্ণ মাথা। 'কন্দগোটা পড়ে তার পৃথুবি উপরে।' *মালাধর*, ১৫০০।

কন্দ[২] [স] *বি* যে উদ্ভিদের প্রধান অংশ মাটির নীচে থাকে। 'কোনও কোনও বৃক্ষের মূলদেশে কচুর ন্যায় একপ্রকার পদার্থ জন্মে; ঐ পদার্থকে কন্দ বলে; যেমন আলু, পলাণ্ডু, ওল, মানকচু, শালগম ইত্যাদি।' *বিদ্যা*, ১৮৫১।

কন্দজাতীয় [স] *বিণ* মূলের মতো। 'তাহার হাতে কন্দ জাতীয় কি যেন একটা আহার্য।' *বনফুল*, ১৯৩৬।

কন্দমূলচর্বণনিরতা [স] *বিণ* কন্দমূল জাতীয় খাবার চিবাচ্ছে এমন। 'কন্দমূলচর্বণনিরতা মায়াও চাহিল।' *বনফুল*, ১৯৩৬।

কন্দর [স] **১** *বি* গুহা। 'নানা গিরী কন্দর বনে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* পর্বত গহ্বর। 'কন্দরে কন্দরে ফুটে কুসুম অশেষ।' *রঙ্গ*, ১৮৫৮।

কন্দর্প [স] *বি* হিন্দুদেবতা মদন; কামদেব। 'কন্দর্পের ঘুচে তেজ।' *চণ্ডী*, ১৫৫০।

কন্দর্পকান্তি [স] *বিণ* সুদর্শন। 'সঙ্গে একটি যুবক আছেন, তিনিও কন্দর্পকান্তি।' *বনফুল*, ১৯৩৬।

কন্দর্পচাঁপা [স কন্দর্পচম্পা] *বি* পুষ্পবিশেষ। 'সুশীলাকে কাঞ্চনটগর দেখাব, কন্দর্পচাঁপা দেখাব।' *দীনবন্ধু*, ১৮৭৩।

কন্দর্পশর [স] *বি* হিন্দুপুরাণ অনুযায়ী কামদেবের বাণ, যে বাণের আঘাতে প্রেমাক্রান্ত হয় বলে বিশ্বাস করা হয়। 'বাস্ ... কন্দর্পশরে জর্জরিত!' *বনফুল*, ১৯৩৬।

কন্দল [স] *বি* কলহ। 'এতবলি দুই জনে কন্দল লাগিল।' *মালাধর*, ১৫০০।

কন্দল-দ্বন্দ্ব [স] *বি* ঝগড়া-বিবাদ। 'সভায় কন্দল-দ্বন্দ্বে খোটা দিব লোক।' *মুকুন্দ*, ১৬০০।

কন্দলিয়া [স কন্দল>] *বিণ* ঝগড়াটে। 'ভাবে বুঝি সে বামন বড় কন্দলিয়া।' *ভারত*, ১৭৬০।

কন্দলী *বি* ফুলবিশেষ। 'সুবর্ণ কন্দলী ফুলকুলবধূ সতী সদা লজ্জাবতী।' *মাইকেল*, ১৮৬০।

কন্দিল *বি* ঝাড়লণ্ঠন। 'নিশাকালে লক্ষ লক্ষ কন্দিল জ্বালিয়া।' *আলাওল*, ১৬৮০।

কন্দুক [স] *বি* গোলক। 'বিচ্ছিন্ন হৃদয় লয়ে করে তুচ্ছ খেলার কন্দুক।' *সুধীন্দ্র*, ১৯৩২।

কন্দ্রকলা [স চন্দ্রকলা] *বি* চন্দ্রের ষোলো অংশের একাংশ। 'দিনে দিনে বাঢ়ে তনু লীলা পুরিল যেহেন কন্দ্রকলা।' *বড়ু*, ১৪৫০।

কন্ধ [স স্কন্ধ] *বি* মাথা। 'দুঈ আখি খাউ পড়ুক তার কন্ধ।' *বড়ু*, ১৪৫০।

কন্ধর [স স্কন্ধ] *বি* ঘাড়। 'জলদসুন্দর কম্বু কন্ধর নিন্দি সিন্ধুর ভঙ্গ।' *গোবিন্দ*, ১৬০০।

কন্ন [স কর্ণ] *বি* কর্ণ। 'সেই কন্ন হোক তোমার কথা শুনি।' *মালাধর*, ১৫০০।

কন্না[১] [স কন্যা] *বি* বালিকা। *মানোএল*, ১৭৪৩।

কন্না[২] [স কর্ম] *বি* কাজ। 'তার কারুর কন্না মনে ধরে না।' *গিরিশ*, ১৮৮৭।

কন্নাল [ফা করনায়] *বি* করনাল; এক ধরনের বাদ্যযন্ত্র। 'বাজে বিউর কন্নাল।' *বাহরাম*, ১৬৫০।

কন্নিক [স কর্ণিক] *বি* রাজমিস্তিরির ইট গাঁথা ও আস্তর করার হাতিয়ারবিশেষ। 'সে যখন ফুটগজ, কন্নিক আর সুত নিয়ে ছিকরেট টানতে টানতে কাজে যায়।' *নজরুল*, ১৯৩০।

কন্নিকা [স কর্ণিকা] *বি* কর্ণাভরণ। 'মানঞি কন্নিকা কঙ্কন গাজে।' *মুকুন্দ*, ১৬০০।

কন্নিকা-পাটা [স কর্ণিকা-পাট] *বি* কর্ণিকা ও পাটা। 'কন্নিকা-পাটা গুছাইয়া লইবার জন্য সে একবার বাসায় গিয়াছিল।' *শওকত*, ১৯৫৮।

কন্যকা [স] *বি* কন্যা। 'বর্ষার সময় বাহিরের বৃহৎ পৃথিবী ... গ্রামকন্যকাগুলির তত্ত্ব লইতে আসে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কন্যা [স] **১** *বি* তনয়া; মেয়ে। 'কন্যা বিভা তৃতা জুগে আইলা দ্বাপরে।' *মালাধর*, ১৫০০। **২** *বি* কুমারী মেয়ে। 'পুরী মধ্যে যাবা যদি পাইবা এক কন্যা।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৩** *বি* সূর্য, গ্রহ-উপগ্রহ এবং প্রধান নক্ষত্রমণ্ডলী যেখানে দেখতে পাওয়া যায়, আকাশের সেই কাল্পনিক অংশকে বারো ভাগে বিভক্ত করে জ্যোতিষশাস্ত্রে প্রত্যেকটি ভাগকে রাশি বলা হয়েছে – সেই রাশিসমূহের ষষ্ঠ রাশি। 'সিংহ মেষ কন্যা মীন করেছে প্রত্যক্ষ অনুভব।' *জীবন*, ১৯৪৪।

কন্যাকর্তা, কন্যাকর্ত্তা [স] **১** *বি* কনের বাবা। 'বরকর্ত্তারা আসিয়া বলিলেন পত্রাদি লেখা পড়া হইলে কন্যাকর্ত্তা বাকদান করিলেন।' *কেরি*, ১৮০২। **২** *বি* বিবাহযোগ্য কন্যা আছে এমন অভিভাবক। 'কন্যাকর্ত্তার নিকট কিঞ্চিৎ কিঞ্চিৎ লওয়া যাইবে।' *অক্ষয়*, ১৮৫০; 'কন্যাকর্তাদের মহলে জনশ্রুতি শোনা যায়, লোকটি সৎপাত্র।' *রবীন্দ্র*, ১৯৪০।

কন্যাকাল [স] **১** *বি* বিয়ের আগের কুমারী অবস্থা। 'কন্যাকালে জন্মাইলেক পরাশর মুনি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *বি* বাল্যকাল। 'কন্যাকাল গতেই বিবাহের সঙ্ঘটনা ... আরম্ভ হয়।' *অক্ষয়*, ১৮৪৬।

কন্যাকুমারিকা [স] *বি* প্রাচীন ভারতের সর্বদক্ষিণ প্রান্ত। 'এই কুরুবর্ষ – এই কন্যাকুমারিকা অতীতের কুয়াশার পারে।' *জীবন*, ১৯৩০; 'উত্তরে হিমালয় থেকে দক্ষিণে কন্যাকুমারিকা পর্যন্ত যে-একটি সম্পূর্ণতা বিদ্যমান।' *রবীন্দ্র*, ১৯৩২।

কন্যাকুমারী [স] *বি* ভারতের দক্ষিণে কুমারিকা অন্তরীপ; কন্যাকুমারিকা। 'দক্ষিণে সমুদ্রতীর কন্যাকুমারী পর্য্যন্ত পরিব্যাপিত

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৭।

কন্যাগ্রহীতা [স] *বি* বরের পিতা। 'কন্যাদাতা কন্যাগ্রহীতার সহিত কদাচ অর্থসম্বন্ধ করিবে না, করিলে কন্যাবিক্রয় দোষে লিপ্ত হয়।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কন্যাত্ব [স] *বি* কন্যার অধিকার। 'একটি উদাহরণ পৃথিবীর পৃথুরাজার কন্যাত্ব স্বীকারের উপাখ্যান।' *শহীদুল্লাহ্*, ১৯৩১।

কন্যাদাতা [স] *বি* বরের হাতে কন্যা সম্প্রদান করে যে – (সাধারণত) কনের বাবা। 'যদি অনূঢ়াবস্থায় ঋতুমতী হয়, তবে কন্যাদাতা, বর, উভয়ে নরকে গমন করে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কন্যাদান [স] *বি* কন্যা সম্প্রদান। 'সাধু করে কন্যাদান।' *মুকুন্দ*, ১৬০০; 'বিবাহ রচনা কর কন্যা দান দিয়া।' *বাহরাম*, ১৬৫০।

কন্যাদায় [স] *বি* কন্যাকে বিয়ে দেওয়ার দায়িত্ব। 'মনে কন্যাদায়ের কিঞ্চিৎ নিগূঢ় ভাব।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

কন্যাদায়গ্রস্ত [স] *বিণ* কন্যাকে বিয়ে দেওয়ার দায়িত্ব নিয়ে বিপদগ্রস্ত। 'তাঁহার কন্যাদায়গ্রস্ত আত্মীয়।' *রবীন্দ্র*, ১৯০০।

কন্যাদায়িক [স] *বিণ* কন্যাদায়গ্রস্ত। 'কন্যাদায়িক বাপও তার কাছে ঘটক পাঠাইতে ভয় করে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কন্যাদাহ [স] *বি* কন্যাসন্তানের প্রতি অমানবিক আচরণ। 'সতীদাহ গেছে উঠে, কন্যাদাহ থাকবে কি?' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কন্যাধন [স] *বি* কন্যারূপ ধন। 'তপোধন তাকে স্বীয় কন্যাধন সম্প্রদান করবেন।' *মাইকেল*, ১৮৫৯।

কন্যাপক্ষ [স] *বি* কনের পক্ষ। 'বিয়েতে আমি তোমার কেউ নয়, আমি কন্যাপক্ষে।' *রবীন্দ্র*, ১৯০৯।

কন্যাপক্ষীয় [স] *বি* কন্যাপক্ষের লোকজন। 'এক ঘর কন্যাপক্ষীয়দের মধ্যে চারু কোনো ফাঁকই পেলে না।' *জীবন*, ১৯৩২।

কন্যাপণ [স] *বি* বিয়ে উপলক্ষে বরের কাছে কন্যাপক্ষের দাবিকৃত অর্থ। 'কন্যার পিতা চারশো টাকা কন্যাপণ চেয়েছেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কন্যাপিতৃত্ব [স] *বি* কন্যার পিতৃত্ব। 'কন্যাপিতৃত্বের সেও একটা কষ্ট।' *রবীন্দ্র*, ১৯০৭।

কন্যাপুত্র [স] *বি* কন্যা ও পুত্র। 'কন্যাপুত্র উৎপাদন পূর্বক তাহাদিগের ভরণ-পোষণার্থ ভারগ্রস্ত হইয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫৫।

কন্যাপ্রদান [স] *বি* কন্যার বিয়ের ব্যবস্থাগ্রহণ। 'কামদেব করু কন্যাপ্রদান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কন্যাবিক্রয়ী [স] *বি* যে ব্যক্তি পণ আদায় করে কন্যাকে বিয়ে দেয়। 'যে ব্যক্তি অজ্ঞানত কন্যাবিক্রয়ীর মুখাবলোকন করে সেও সূর্য্য দর্শনস্বরূপ প্রায়শ্চিত্ত করিবেক।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কন্যাবিক্রেতা [স] *বি* যে ব্যক্তি পণ আদায় করে কন্যা বিয়ে দেয়। 'কন্যাবিক্রেতা যদি কোন সৎকর্ম্ম করে তাহাও তাহার বিফল হয়।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কন্যাভারগ্রস্ত [স] *বিণ* কন্যাকে বিয়ে দেওয়ার দায়গ্রস্ত। 'কন্যাভারগ্রস্ত হইয়া চিন্তা-নিমীলিত নয়নে বিনিদ্রাবস্থায় যামিনী যাপন করি।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কন্যাভারাক্রান্ত [স] *বিণ* কন্যাকে বিয়ে দেওয়ার দায়িত্ব নিয়ে বিপদগ্রস্ত। 'কন্যা ভারাক্রান্ত এক ব্রাহ্মণ আসিয়া কহিল।' *দর্পণ*, ১৮২২।

কন্যাযাত্র [স] ১ *বি* বিয়ের কন্যাপক্ষ। 'যত কন্যাযাত্র দেখিয়া সুপাত্র বলে এ কেমন বর।' *ভারত*, ১৭৬০। ২ *বি* কনেপক্ষের নিমন্ত্রিত অতিথি। 'বরযাত্র, কন্যাযাত্র ও পুরোহিত প্রভৃতি, এ সকলকে ভোজনওতো করাইতে হইবে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কন্যারত্ন [স] *বি* কন্যারূপ রত্ন। 'তত্রাচ বেদবিদ্যাবলে তিনিই আমার কন্যারত্নের অনুরূপ পাত্র।' *মাইকেল*, ১৮৫৯।

কন্যারাশি [স] *বি* সূর্য, গ্রহ-উপগ্রহ এবং প্রধান নক্ষত্রমণ্ডলী যেখানে দেখতে পাওয়া যায়, আকাশের সেই কাল্পনিক অংশকে বারো ভাগে বিভক্ত করে জ্যোতিষশাস্ত্রে প্রত্যেকটি ভাগকে রাশি বলা হয়েছে – সেই রাশিসমূহের ষষ্ঠ রাশি। 'যে লগ্নে দিনমণি কন্যারাশির সুবর্ণগৃহে প্রবেশ করেন।' *মাইকেল*, ১৮৭৩।

কন্যালয় [স কন্যা-আলয়] *বি* কন্যার বাড়ি। 'কন্যা নিল কন্যালয়ে ত্বরিত গমনে।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

কন্যাশোক [স] *বি* মেয়ে হারানোর কষ্ট। 'সদ্য কন্যাশোকের উপর এতবড়ো অপমান।' *রবীন্দ্র*, ১৯০০।

কন্যা সংপ্রদান [স কন্যাসম্প্রদান] *বি* কন্যাকে বিয়ের জন্য সম্প্রদান। 'বসিলেন করিবারে কন্যা সংপ্রদানে।' *বৃন্দা*, ১৫৮০।

কন্যাসন্তান [স] *বি* মেয়ে। 'একটি কন্যাসন্তান জন্মগ্রহণ করিয়াছে।' *প্রচারক*, ১৯০৬।

কন্যাসজ্জানী [স কন্যা+স সজ্জা] *বি* শিমের প্রকারভেদ। 'কন্যা-সজ্জানী সিমের জাঙলা ভরিয়া ধরেছে ফল।' *জসীম*, ১৯৫১।

কন্যাহত্যা [স] *বি* কন্যা সন্তানকে হত্যা। 'এ দেশের রাজপুতেরা এখনই এই কন্যাহত্যা মহাপাপ হইতে নিষ্কৃতি পায়।' *সুলভ*, ১৮৭১।

কন্যাহারী [স] *বিণ* কন্যা হরণকারী। 'তিনি কন্যাহারী।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কন্যে [স কন্যা] *বি* কন্যা। 'যুই, কন্যের সই।' *বঙ্কিম*, ১৮৭৫।

কন্সপিরেসি [ই] *বি* ষড়যন্ত্র। 'আপনার শ্বশুরকে আর দোকড়ি দালালকে কন্সপিরেসি করে ফোরজারী চার্জ্জে ফেলছি।' *গিরিশ*, ১৮৮৬।

কন্সলি [ই কাউন্সেল] *বি* কৌসুলি। 'উকিল, কন্সলি মধ্যে দেখিবেন, পরস্পর পরস্পরকে ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কন্সর্ট, কন্সার্ট [ই] ১ *বি* ঐকতানবাদন। 'কতকটা থিয়েটারের কন্সর্টের মতো।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বি* গানের আসর। 'আমাদের হাল ফ্যাশনের কন্সর্টের গৎগুলি তার প্রমাণ।' *রবীন্দ্র*, ১৯১৭; 'বড় বড় থিয়েটার সিনেমা নাচঘর কন্সার্ট হল চিত্রাগার মিউজিয়াম প্রদর্শনী।' *অন্নদা*, ১৯২৯।

কপ[১] [আ কফ] *বি* কফ। 'কপ পীত্তি করে মাছে কপপীর্ত্তি করে দোঁই।' *দর্পণ*, ১৮২১।

কপ[২] [ধ্বন্যা] *বি* দ্রুততা প্রকাশক শব্দ। 'কপ করে দেবে সাপ পেটের ভিতর।' *দীনবন্ধু*, ১৮৬৩।

কপচ [স কবচ] *বি* কবচ। 'আপনার অঙ্গ হতে কপচ এড়িয়া।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কপচানো ১ *বিণ* মুখস্থ; বহুবার বলা হয়েছে এমন। 'কাকাতুয়ার কপচানো বুলির মতো যদি তাঁদের কথা নিরর্থক না হয়।' *প্রমথ*, ১৯০৫। ২ *ক্রি* অনর্থক আওড়ানো। 'এখনো আমরা ... নিজেদের অজ্ঞাতসারে জড়বাদ কপচাই।' *অন্নদা*, ১৯২৮; 'জীবনের দুর্দশাকে

AMARBOI.COM

বিশেষ কপচিয়ে লাভ নেই।' *জীবন*, ১৯৩১।

কপট [সা] ১ *বিণ* ছলনাময়। 'বিকট দন্ত কপট বাণী।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* প্রতারক। 'এমত কপট ধূর্ত লম্পট শঠ।' *চণ্ডী*, ১৫৫০। ৩ *বিণ* কৃত্রিম। 'সেটি কপট মন্দির।' *অক্ষয়*, ১৮৪৯।

কপটজাল [স] *বি* মায়াজাল। 'তিনি, বারনারীর কপটজালে বদ্ধ হইয়া ... পান করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

কপটতা [স] ১ *বি* শঠতা। 'রাগ, দ্বেষ, মিথ্যা, ... কপটতা, ভীরুতা, নিষ্ঠুরতা, অশ্লীলতা ... দমন করা আবশ্যক।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বি* চালাকি। 'তাহারা কপটতা করিয়া উত্তর করিল কল্য সপ্তম চান্দ্রমাসের পঞ্চদশ দিবস।' *অক্ষয়*, ১৮৪৭। ৩ *বি* ভণ্ডামি। 'কলহ, বিশ্বাসঘাতকতা, কুৎসা, কপটতা, প্রতারণা সকলের অন্তর হইতে একেবারে অন্তর্হিত হইয়া যাইবে।' *অক্ষয়*, ১৮৫৫।

কপটপুরিত [স কপটপূরিত] *বিণ* কপটতায় পূর্ণ। 'বিষম পুরুষ জাতী/ কপটপুরিত মতী।' *বড়ু*, ১৪৫০।

কপটবাচী [স] *বিণ* মিথ্যাচারী। 'তিনি যাঁহাদিগকে কপটবাচী মনে করিতেন ... আলাপ করিতেন না।' *বিদ্যা*, ১৮৯১।

কপটবেশী [স] *বিণ* ছদ্মবেশ ধারণকারী। 'কপটবেশী ভণ্ড সন্ন্যাসী।' *দর্পণ*, ১৮২৮।

কপটভাব [স] *বি* খলতাপূর্ণ মনোভাব। 'চিরদিনের জন্য কপটভাব ত্যাগ করুন।' *নবনূর*, ১৯০৩।

কপট-সমরী [স] *বি* যুদ্ধে যে ছলনার আশ্রয় গ্রহণ করে। 'কপট-সমরী; – বৃথা যদি রত্ন আজি, আর না ফিরিব।' *মাইকেল*, ১৮৬১।

কপটাচরণ [স কপট-আচরণ] *বি* প্রতারণা। 'কোন মত অবলম্বন করিয়া তাহা গোপন করিলে কপটাচরণ করা হয়।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কপটাচারী [স কপট-আচারী] *বিণ* ভণ্ড। 'কপটাচারী বধূবেশধারী মনস্বী নিবেদন করিল।' *বিদ্যা*, ১৮৪৭।

কপটী, কপটি [স কপটী, সম্বোধনে ই-কার] *বি* কপট; প্রতারক। 'কপটীর রূপে যেন বুলেন নগরে।' *বৃন্দা*, ১৫৮০; 'রূপোল কপাল ঠুকি করে হাহাকার – / 'রে কপটি, রে সেফটি গিলেট রেজার!' *নজরুল*, ১৯২৯।

কপনি [স কৌপীন] *বি* নেংটি। 'পরলেন কপনি।' *রবীন্দ্র*, ১৯৪১।

কপনিপরা [স কৌপীন+স পরিধান>] *বিণ* কৌপিন-পরিহিত। 'তখন কপনিপরা ফৌজ মেশিন-গান বের করবে।' *রবীন্দ্র*, ১৯২৯।

কপর্দক, কপর্দক [স] *বি* অর্ধরূপে ব্যবহৃত কড়ি বা সামান্য পরিমাণ ধন। 'কপর্দক রেয়াত হইবে না।' *কেরি*, ১৮০২; 'আমার হস্তে এক কপর্দকও নাই।' *বিদ্যা*, ১৮৬৩।

কপর্দকশূন্য [স] *বিণ* সামান্য টাকা-কড়ি পর্যন্ত নেই এমন। 'আজ সে একেবারে কপর্দকশূন্য।' *বিভূতি*, ১৯৩১।

কপর্দকহীন [স] *বিণ* সামান্য পরিমাণ ধনও নেই এমন। 'আজ যে কপর্দকহীন ফকির।' *নজরুল*, ১৯২২।

কপর্দী [স] *বি* হিন্দুদেবতা শিব। 'জটাধর কপর্দী বদরী – যার স্নিগ্ধ তলে বসি।' *মাইকেল*, ১৮৬০।

কপাকপ [ধ্বন্যা] *ক্রিবিণ* দ্রুততার সঙ্গে। 'একগাদা মুণ্ড কপাকপ কেটে নিয়ে ...।' *মুক্তধারা*, ১৯৫৯।

কপাট [সা] ১ *বি* দরজার পাল্লা। 'দশমী দুয়ারে দিলো কপাট।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* বাধা। 'মন্দির বাহির কঠিন কপাট।' *গোবিন্দ*, ১৭০০। ৩ *বি* ভাজ। 'নারীর মুখ, কান্তিময় মাংসের কপাট।' *মাহমুদ*, ১৯৭৩।

কপাট দেওয়া *ক্রি* আবদ্ধ করা। 'অচলায়তনে নিয়ে গিয়ে কপাট দিয়ে রাখব না।' *রবীন্দ্র*, ১৯১১।

কপাটবন্ধ [স] *বিণ* গোপন। 'কপাটবন্ধ নির্ব্বাচনের কোন সৌরভ, কোন গুরুত্ব থাকিবে না।' *আজাদ*, ১৯৬৪।

কপাট মারা *ক্রি* বন্ধ করা। 'আগে কপাট মার কামের ঘরে।' *লালন*, ১৮৯০।

কপাটি কপাটি [ধ্বন্যা] *বি* খেলাবিশেষ। 'হেঁড়েডুডু, নবীন তুড়কি, কপাটি কপাটি, ডাণ্ডাগুলি খেলতে লাগলেন।' *দীনবন্ধু*, ১৮৭২।

কপাটির ব্যথা *বি* মাথাব্যথা। *মানোএল*, ১৭৪৩।

কপাত [ধ্বন্যা] *বি* এক কোপে কাটার শব্দ। 'পুচ্ছটি ইতিমধ্যে কপাত করে কর্তন করে ফেলেছেন।' *মুক্তত্ব*, ১৯৫৮।

কপাল [সা] ১ *বি* অদৃষ্ট। 'বিধি না লিখিত তার কপালের ভাতে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* ললাট। 'চন্দনতিলকে আতি শোভিত কপালে।' *বড়ু*, ১৪৫০।

কপালকুণ্ডলা [স] *বি* মাথার খুলি যার কানের দুল: হিন্দুদেবী চণ্ডী। 'কালী কান্তি কপালিনী কপালকুণ্ডলা।' *মুকুন্দ*, ১৬০০।

কপালক্রমে [স] ১ *ক্রিবিণ* ভাগ্যক্রমে। 'যদিও কপালক্রমে হয় ভঙ্গ ভাঙ্গুলা।' *মদনমোহন*, ১৮৩৪। ২ *ক্রিবিণ* দুর্ভাগ্যবশত। 'হিন্দুর কপালক্রমে সুখ-দিনকর। হয়েছিল এককালে অতি খরতর।' *গুপ্ত*, ১৮৫৮।

কপাল-খোলা *বি* ভাগ্য প্রসন্ন হওয়া। 'ব্যবসায় কপাল-খোলা বিচিত্র নয়।' *শওকত*, ১৯৫৮।

কপালগুণ [স] *বি* ভাগ্যের দোষ। 'আমার কপালগুণে বিদ্যা না হইল।' *ভবানী*, ১৮২৫।

কপাল-ঠোকা *বিণ* দুরূহ্য। 'কপাল-ঠোকা গাণিতিক বিদ্যা দোকান করার পূর্বে তার একমাত্র ভরসা ছিল।' *শওকত*, ১৯৫৮।

কপাল-দোষ [স] *বি* ভাগ্যের দোষ। 'যদি কপালদোষে সে ধন হারা হইতে হয়।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

কপাল পরীক্ষা [স] *বি* ভাগ্য পরীক্ষা। 'কেহ এমন ভয়ানক কপাল পরীক্ষার ঝুঁকি লইলেক না।' *তারিণী*, ১৮০৩।

কপালপোড়া [স কপাল+পোড়া] ১ *বিণ* দুর্ভাগা। 'লক্ষ্মীছাড়া কপালপোড়া দেখি তোরে।' *লালন*, ১৮৯০। ২ *ক্রি* মন্দভাগ্যের স্বীকার হওয়া। 'মনে মনে হাসলুম, কার আবার কপাল পুড়ল।' *নরেন্দ্র*, ১৯৪৮।

কপালফলক [স] *বি* মাথা। 'নিজের কপালফলকটার ভিতরে বাড়ির চিঠির প্রত্যাশা সঞ্চরণ করছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কপাল ফেরা *ক্রি* ভাগ্য প্রসন্ন হওয়া। 'কপাল ফিরিবে না তার?' *শওকত*, ১৯৫৮।

কপাল ভাঙ্গা [স কপাল+স ভঙ্গ>] *ক্রি* সুখ নষ্ট হওয়া। 'তোমার কপাল ভাঙ্গিয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৮।

কপালমালা [স] *বি* নরমুণ্ডের মালা। 'নরকনিকর কপালমালা,/ তরতর ত্রিনয়ন উজ্জ্বল জ্বালা।' *গিরিশ*, ১৮৮৩।

কপাললেখা [স কপাল+লেখা] *বি* ভাগ্যের লিখন। 'আমি যে যাইব ভাবিনাক, সাথে যাইবে কপাললেখা।' *জসীম*, ১৯২৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কপালিয়া [স কপাল>] *বিণ* সৌভাগ্যবান। *মানোএল*, ১৭৪৩।

কপালী [স] *বিণ* ভাগ্যশালী। 'শ্রীমান বিবেক ভট্টাচার্য কপালী লোক।' *মুজতবা*, ১৯৫৯।

কপালে করাঘাত করা – দুঃখ অথবা হতাশায় কপাল চাপড়ানো। 'আমাদের একজন বিজ্ঞ সহযোগী কপালে করাঘাত করিয়া বলিয়াছেন ...।' *আজাদ*, ১৯৩৯।

কপালে চাঁদ থাকা *ক্রি* সৌভাগ্যবান হওয়া। 'কপালে চাঁদ থাকলে মিনিস্টারও হওয়া যায়।' *জীবন*, ১৯৩২।

কপালে মুগুর মারা *ক্রি* হতভাগা হওয়া। 'কপালে মুগুর মেরে এসেছি ভাই, এ জন্মে আর কিছু হবে না।' *শওকত*, ১৯৫৮।

কপালের জোর *বি* অদৃষ্টের বল। 'মহিনদার কপালের জোর বেশি।' *রবীন্দ্র*, ১৯০২।

কপালী [স কপাল>] *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ। 'পাটনী, কোটাল, কপালী, মালো।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কপাসু [স কর্পাস, পা কপাস] *বি* কার্পাস (তুলা) গাছের ফুল। 'ষুকড় এ সে রে কপাসু ফুলিটিলা।' *চর্যা ৫০*, ১২০০।

কপি[১] [স] *বি* বানর। 'গড় বেড়ি কপি দেই থানা।' *মুকুন্দ*, ১৬০০।

কপিধ্বজ [স] *বি* যার পতাকায় বানরের ছবি অঙ্কিত আছে; অর্জুন। 'কপিধ্বজ রথ একেবারে তাঁহার ঘাড়ের উপরে।' *বিভূতি*, ১৯২৯।

কপিবর [স] *বি* হনুমান। 'ভ্যালা রে বাপ কপিবর।' *তারা*, ১৯৪২।

কপিসেনা [স] *বি* বানরসেনা। 'পরপারে কপিসেনা করে সেতুবন্ধের সূচনা।' *সুধীন্দ্র*, ১৯৩১।

কপি[২] [হি কপী] *বি* কপি কল; ভারী জিনিস সহজে উপরে তোলার জন্যে এক ঢাকার যন্ত্র। *ওসী*, ১৭৮২।

কপিকল [হি কপী+স কলা>] *বি* ভারী ওজনের বস্তু উত্তোলনের এক ঢাকার যন্ত্রবিশেষ। 'রীতিমত কপিকল লোহার চেন ইত্যাদি।' *শরৎ*, ১৯৩১।

কপি[৩] [প] ১ *বি* বাঁধাকপি। 'কপিশাক।' *ওসী*, ১৭৮৫। ২ *বি* ফুলকপি, ওলকপি বা বাঁধাকপি। 'ঘৃণার স্বভাবে যেই নাহি খায় কপি।' *গুপ্ত*, ১৮৫৮।

কপি[৪] [ই] *বি* প্রতিলিপি। 'ফোটোগ্রাফের কপি আরো নিশ্চয় আছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

কপিং পেন্সিল [ই] *বি* কপি করার কাজে ব্যবহৃত এক প্রকার পেন্সিল। 'আমার একটা কপিং পেন্সিল।' *শিবরাম*, ১৯৪০।

কপিবুক [ই] *বি* হাতের লেখা মকশো করার লাইন-টানা খাতা। 'সময় আর টাকা যে একই জিনিষ কপিবুক থেকেই এরা সে অদ্বৈত-জ্ঞান লাভ করে।' *সবুজ*, ১৯১৭; 'ইংরেজি কপিবুকের মকশো করেনি।' *রবীন্দ্র*, ১৯৪০।

কপিবৃত্তি [ই কপি+স বৃত্তি] *বি* নকলকরণ। 'দুইদিন বিলাতে ঘুরিয়া, বেশভূষা-আচারব্যবহারে অদ্ভুত কপিবৃত্তি করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৮।

কপি-রাইট [ই] *বি* গ্রন্থস্বত্ব। 'মৌলানার কপি-রাইট।' *মুজতবা*, ১৯৪৯।

কপিত্থ [স] *বি* কৎবেল ফল। 'অন্ন তেজি খান মাতা কপিত্থ বদর।' *মুকুন্দ*, ১৬০০।

কপিত্থ [স কপিত্থ] *বি* কৎবেল গাছ। 'অগথ কপিথ সুন্দরী।' *বড়ু*, ১৪৫০।

কপিন [স কৌপীন] *বি* নেংটি। 'রাজ চিহ্ন বস্ত্র এড়ি কপিন পরিল।' *মালাধর*, ১৫০০।

কপিনাস [স] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'রবাব দোতারা বীণ কপিনাস রুদ্রবীণ।' *আলাওল*, ১৬৮০।

কপিনাশ [স কপিনাস] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'বাজে কপিনাশ – দুঃখনাশ যার রবে।' *মাইকেল*, ১৮৬০।

কপিল [স] ১ *বিণ* পিঙ্গল বর্ণের। 'গণ্ডসৈল দুই স্তন কপিল কেস ভার।' *মালাধর*, ১৫০০। ২ *বি* সাংখ্যদর্শন। 'আমার তো কপিলে বিশ্বাস।' *মাহমুদ*, ১৯৭৩।

কপিলা [স] *বি* (হিন্দুপুরাণ) কামধেনু। 'কপিলা হরিব ক্ষীর সস্য বসুমতী।' *বড়ু*, ১৪৫০।

কপিশ [স] *বি* মেটে রং। 'তদ্ভিন্ন কপিশ, ধূসর, পিঙ্গল ইত্যাদি নানা মিশ্র বর্ণ আছে।' *বিদ্যা*, ১৮৫১।

কপিশকপোল [স] *বিণ* পাঁশুটে গালবিশিষ্ট। 'কটাচুল নীলচক্ষু কপিশকপোল/ যবন পণ্ডিত আসে বাজে ঢাক ঢোল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কপুর [স কর্পূর] *বি* কর্পূর। 'কহির কপুর তাম্বুল বড়ায়ি কহির নেত পাটোল।' *বড়ু*, ১৪৫০।

কপুরবাসিত [স কর্পূরবাসিত] *বিণ* কর্পূরের গন্ধ মিশ্রিত। 'কপুরবাসিত বড়ায়ি নেহ শুআ পান।' *বড়ু*, ১৪৫০।

কপোট [স কপট] *বিণ* ছলনাময়। 'এইমতে কপোট কৃড়া করে চক্রপানি।' *মালাধর*, ১৫০০।

কপোত [স] *বি* কবুতর। 'কপোত কূঃকুভ কহ কামী কোর কলবিহ্ব।' *মুকুন্দ*, ১৬০০; 'নিবিড়-ছায়া বটের শাখে কপোত দুটি কেবল ডাকে।' *রবীন্দ্র*, ১৯০০।

কপোত-কপোতী [স] *বি* কপোত-দম্পতী। 'কপোতকপোতী যথা উচ্চবৃক্ষচূড়ে বাঁধি নীড় থাকে সুখে।' *মাইকেল*, ১৮৬২।

কপোতকাকলি [স] *বি* পায়রার কূজন। 'শুকায়ে পড়িয়া গেছে; মধ্যাহ্নের কপোতকাকলি।' *রবীন্দ্র*, ১৯২৫।

কপোতবধূ [স] *বি* মাদি কবুতর। 'শ্যেন যথা লয়ে যায় কপোতবধূরে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কপোতিনী [স] *বি* স্ত্রী কবুতর। 'বিরহিণী কপোতিনী, এলোকেশে কালোমেঘে পিঞ্জে।' *নজরুল*, ১৯২৪।

কপোতী [স] *বি* স্ত্রী কবুতর। 'কপোতী যেমতি কুহরে নিবিড় বনে।' *মাইকেল*, ১৮৬০।

কপোতীমণ্ডলী [স] *বি* মাদি কবুতরের ঝাঁক। 'কপোতীমণ্ডলীর মধ্যে পক্ষিরাজ বাজ সহসা উপস্থিত হলে।' *মাইকেল*, ১৮৭৪।

কপোতেশ্বর [স] *বি* পবিত্র আত্মা। 'জনকেশ্বর, তনয়েশ্বর ও কপোতেশ্বর, এই ঈশ্বরত্রয় খ্রীষ্টানদিগের উপাস্য দেবতা।' *অক্ষয়*, ১৮৫৪।

কপোতাক্ষ [স] *বি* যশোরের অন্তর্গত নদীবিশেষ। 'কপোতাক্ষ নদ।' *মাইকেল*, ১৮৬৬।

কপোতাক্ষী [স] *বি* কপোতাক্ষ নদ। 'যে দেশে রজতরেখা, কর্ণফুলী, কপোতাক্ষী আর।' *ফররুখ*, ১৯৬৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কপোল [স] ১ *বি* ললাট। 'উন্নত গণ্ড কপোল থীনে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* গাল। 'কাহারে চুম্বএ কপোল চাপিয়া ধরি।' *মালাধর*, ১৫০০।

কপোলকল্পিত [স] *বিণ* মনগড়া। 'দুই একটা বা সত্য, দুই একটা বক্তাদিগের কপোলকল্পিত।' *বঙ্কিম*, ১৮৭৪।

কপোলতল [স] *বি* গণ্ডদেশ। 'সপ্ত মহাসিন্ধু দোলে কপোল-তল।' *নজরুল*, ১৯২২।

কপোলদেশ [স] *বি* মুখমণ্ডল। 'তুলোর স্তর দিয়ে আচ্ছন্ন করে নিজের কপোলদেশ বহুযত্নে লালন পালন করছিলুম।' *রবীন্দ্র*, ১৮৯২।

কপোলযুগ [স] *বি* দুই গাল। 'চাঁদা দিতে কপোলযুগ পাণ্ডুবর্ণ করিয়ো না।' *রবীন্দ্র*, ১৯০৫।

কপোলস্বেদবারি [স] *বি* গালের ঘাম। 'ও শিশির কপোলস্বেদবারি।' *নজরুল*, ১৯২৯।

কপ্পিন [স কৌপীন] *বি* নেংটি। 'পরনে কপ্পিনটুকু পর্যন্ত নেই।' *মুজতবা*, ১৯৫২।

কপ্পুরে [স কর্পূর>] *বিণ* কর্পূর থেকে উৎপন্ন। 'কপ্পুরে, ফোঁপড়ায় নবান্নের গন্ধে নবান্নের মত তুমি আর আমি।' *জীবন*, ১৯৪৮।

কফ[১] [আ] *বি* শ্লেষ্মা। 'করিল পিপ্পলিখণ্ড কফ নিবারিতে।' *বৃন্দা*, ১৫৮০।

কফকর [আ কফ+স কর] *বিণ* কফ বা শ্লেষ্মাকারক। 'ভেদকর কফকর হিম কিছু বটে।' *গুপ্ত*, ১৮৫৮।

কফ হওন *ক্রি* শ্লেষ্মা হওয়া। *ওসা*, ১৭৮৫।

কফাভিভূত [আ কফ+স অভিভূত] *বিণ* শ্লেষ্মায় আক্রান্ত। 'কফাভিভূত হইলে সকলে তাহার মৃত্যু নিশ্চয় করিয়া চিতা প্রস্তুত করিল।' *দর্পণ*, ১৮২৫।

কফ[২] [ই] *বি* জামার হাতার প্রান্তভাগ। 'হাতিগুলির দিকে তাকাও আর শার্টের কফে নোট টুকে।' *মুজতবা*, ১৯৫৯।

কফন [আ কাফন] *বি* মৃতদের আচ্ছাদনের কাপড়। 'আন্টুনি ফিরিঙ্গী কফন চোর।' *রাজ*, ১৮৭৪।

কফন-চোর [আ কফন+স চোর] *বি* মৃতদের আচ্ছাদনের কাপড় চুরি করে যে। 'আন্টুনি ফিরিঙ্গী কফন চোর।' *রাজ*, ১৮৭৪।

কফি [ই] *বি* কফি-বীজের গুঁড়ো দিয়ে তৈরি চা জাতীয় পানীয়। 'প্রাতরাশের টী ও কফি প্রস্তুত হয়।' *হুতোম*, ১৮৬১।

কফিখানা [ই কফি+ফা খানা] *বি* কফির রেস্তোরাঁ। 'কফিখানায় সেও একদিন তাকে কফি খাওয়াবে।' *তারা*, ১৯৪৩।

কফিঘর [ই কফি+ঘর] *বি* কফি বিক্রি হয় এমন ছোটো রেস্তোরাঁ। 'লন্ডনের কোন বাইলেনের কোন ঘুপচি আধো অন্ধকার কফিঘরে ...।' *আলাউদ্দিন*, ১৯৬০।

কফিন [ই] *বি* শবাধার। **কফিন-চোর** [ই কফিন+স চোর] *বি* শবাধার চুরি করে যে। 'পদ্মলোচন আবার কফিন-চোরের ব্যাটা।' *হুতোম*, ১৮৬১।

কফিনে পেরেক মারা – চূড়ান্ত ক্ষতি করা। 'ইংরেজ সাম্রাজ্যবাদের কফিনে আর একটা পেরেক মেরেছিল ইংরেজেরই বেতন-ভোগী গুপ্তচরেরা।' *সাদত*, ১৯৬৭।

কফুয়া [আ কফ>] *বিণ* শ্লেষ্মাযুক্ত। *মানোএল*, ১৭৪৩।

কবচ [স] ১ *বি* বর্ম। 'কবচ করিল ছারখার।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* বীজমন্ত্র। 'বিশ ত্রিশ জন চণ্ডীপাঠ ও স্তব কবচাদি পাঠ করেন।' *দর্পণ*, ১৮১৯। ৩ *বি* কবজ; তাবিজ; মাদুলি। 'বাবা রোয়াকে বসিয়া কবচ লিখিতেছে।' *বিভূতি*, ১৯২৯।

কবচন [স কুবচন] *বি* নিন্দা। 'তোর কবচন সব গোপীজন কহে।' *বড়ু*, ১৪৫০।

কবজ[১] [স কবচ] *বি* কবচ; মাদুলি। 'কবজ করিয়া পত্র গলেত বান্ধিল।' *বাহরাম*, ১৬৫০।

কবজ[২] [আ কবজ] ১ *বি* রশিদ। 'জমিদার লোকের দরমাহার কবজ।' *ক্যালগে*, ১৭৮৬। ২ *বি* দখল। 'তাহার রাজ্য কবজ করিল।' *রামরাম*, ১৮০১।

কবজ পত্র [আ কবজ+স পত্র] *বি* অধিকারপত্র। 'কবজ পত্র মিদং কার্যানঞ্চ য়াগে আমার পোয়রীক ...।' *চিঠিপত্রে*, ১৭৯৪।

কবজা [আ কবজাহ] ১ *বি* ধাতব উপকরণবিশেষ যা দিয়ে কপাট চৌকাঠের সঙ্গে আটকানো থাকে। *ক্যালগে*, ১৭৮৯। ২ *বি* নিয়ন্ত্রণ। 'আমায় কবজায় আনবার শক্তি ওই অনন্ত অসীম শক্তিধারীর নেই।' *নজরুল*, ১৯২৭।

কবজি [আ কবজা] *বি* হাত ও বাহুর সন্ধিস্থল; মণিবন্ধ। 'জ্যাকেটের হাত কবজি পর্যন্ত।' *রবীন্দ্র*, ১৯২৮।

কবজিঘড়ি [আ কবজা+ঘড়ি] *বি* হাতঘড়ি। 'একটা কবজিঘড়ি।' *রবীন্দ্র*, ১৯৪০।

কবড়ী [স কপর্দিকা] *বি* কড়ি। 'কবড়ী ন লেই বোড়ী ন লেই সুচ্ছড়ে পার জেই।' *চর্যা ১৪*, ১২০০।

কবর্তহি *ক্রিবিণ* কখনো। 'কবর্তহি নাহি জানি সুরতকি বাত।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কবন্ধ [স] ১ *বি* মাথাবিহীন ভূত। 'উঠে পড়ে ফিরে ঘুরে কবন্ধের প্রায়।' *ভারত*, ১৭৬০। ২ *বি* বিষম আকৃতির। 'পশু মূক কবন্ধ বধির আঁধা।' *রবীন্দ্র*, ১৯১৬।

কবর [আ] ১ *বি* সমাধি; গোর। *দর্পণ*, ১৮২৯। ২ *বি* ধ্বংস। 'ইসলামে তুমি দিয়ে কবর মুসলিম বলে করো ফখর।' *নজরুল*, ১৯২৪।

কবরখানা [আ করব+ফা খানাহ] *বি* গোরস্থান। 'আজ সে হাতে নাই শক্তি, কবরখানায় বসে।' *জসীম*, ১৯৩৩।

কবর-গাহ [আ করব+ফা গাহ] *বি* কবরস্থান। 'শহীদগণের কবর-গাহে আসিয়া দাঁড়াইয়াছিলেন।' *শওকত*, ১৯৫৮।

কবরচূড়া [আ করব+স চূড়া] *বি* কবরের শীর্ষফলক। 'কারুখচিত কবরচূড়া।' *রবীন্দ্র*, ১৯০৫।

কবর দেওয়া *ক্রি* সমাহিত করা। 'কাঁটাস্কন্ধ লইয়া অন্য২ লোক দিয়া কবরে দেওয়াইলেন।' *রামরাম*, ১৮০১।

কবরপুর [আ করব+স পুর] *বি* কবরস্থান। 'গাড়ী টেনে নিয়ে চললো আখেরাতের গেট কবরপুরের দিকে।' *মাহেনও*, ১৯৪৯।

কবরপোষ [আ করব+ফা পোশ] *বি* কবরের আচ্ছাদন; গিলাফ। 'আজিকে দুয়ারে নাই চাঁদির কবাট/ মোতির কবরপোষ আর।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কবরভূমি [আ করব+স ভূমি] *বি* সমাধিক্ষেত্র। 'সেটা সত্যই জাহানারার কবরভূমি।' *বিভূতি*, ১৯৩১।

কবরময় [আ করব+স ময়] *বিণ* সমাধিতে পূর্ণ। 'নতুবা করিব এ গাঁও কবরময়।' *জসীম*, ১৯৩৩।

কবুরে [আ কবর>] *বিণ* কবরের মতো। 'আমরা কজন কবুরে স্তব্ধতা

AMARBOI.COM

নিয়ে বসে আছি।' *শামসুর*, ১৯৭২।

কবরী [স] ১ *বি* খোপা। 'চামরী জিনিএগা তোর চিকত কবরী।' *বড়ু*, ১৫৭০। ২ *বি* কৃত্রিম খোঁপা। 'কবরী, পাউডার, মাস্কারা, চোখের পালিস, রুজ, নখ-পালিস।' *বেগম*, ১৯৪৭।

কবরি [স কবরী] *বি* খোঁপা। 'চুম্বন করএ কারে ধরিয়া কবরি।' *মালাধর*, ১৫০০।

কবরীচক্র [স] *বি* খোঁপা। 'বাছার কবরীচক্রে কমলমালা।' *দীনবন্ধু*, ১৮৭৩।

কবরীবন্ধ [স] *বি* খোঁপার বাঁধন। 'থাকে কবরীবন্ধে কারো ডোর হয়ে।' *নজরুল*, ১৯২৯।

কবরীমূল [স] *বি* খোঁপার মূল। 'এখনও কবরীমূলে/ কুসুম পড়েনি ঢুলে।' *নজরুল*, ১৯২৯।

কবরেজ [স কবিরাজ] *বি* কবিরাজ। 'আমি কবরেজ ডাকতে পার্ব্বো না।' *গিরিশ*, ১৮৮৯।

কবরেজখানা [স কবিরাজ+ফা খানাহ] *বি* কবিরাজি চিকিৎসালয়। 'পাশেই জীবনময়ায়ের কবরেজখানা।' *তারা*, ১৯৫৩।

ক-বর্গ [স] *বি* ক থেকে ঙ পর্যন্ত পাঁচটি বর্ণের সমষ্টি। 'দেবনাগরাদি ভারতবর্ষীয় অক্ষরের কবর্গ চবর্গাদি বর্গ বিভাগের নিয়মানুসারে বিভক্ত দেখা যায়।' *অক্ষয়*, ১৮৪৯।

কবর্দ্দক [স কপর্দক] *বি* কড়ি। 'বাকী কবর্দ্দক কড়া হরচন্দ্র বাকী থাকিবেক না।' *তাঁতি*, ১৭৯২।

কবর্দ্ধক [স কপর্দক] *বি* টাকাকড়ি। 'এক ঘাট কবর্দ্ধকে বলাইব ধনি।' *মালাধর*, ১৫০০।

কবল [স] ১ *বি* গ্রাস। 'অসৎ পরিবারের করাল কবলে পতিতা।' *বিদ্যু*, ১৮৯২। ২ *বি* প্রভাব। 'ইংরাজের প্রবল আকর্ষণের কবল হইতে রক্ষা করিবার উদ্যোগ করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৬। ৩ *বি* পরাধীনতার শৃঙ্খল। 'তোলে তারা স্বাতন্ত্র্যের গান – বাঁচাবে মোদের নাকি প্রতীচী কবল থেকে।' *আহসান*, ১৯৪৪। ৪ *বি* আক্রমণ। 'নিষ্ঠুর কবলে ধ্বংস হতে থাকে।' *বেগম*, ১৯৪৮।

কবলগত [স] *বিণ* করতলগত। 'মহাজনগণের কবলগত হইতেছে।' *এসলাম*, ১৯১৯।

কবলগ্রস্ত [স] *বিণ* জোরপূর্বক অধিকৃত। 'নটনটীর কবলগ্রস্ত হইয়া উচ্ছৃঙ্খল বিত্তশালীদের ঘৃণ্য লালসাগ্নি উদ্দীপ্ত ...।' *মুজতবা*, ১৯৫৯।

কবলিত [স] *বিণ* অধিকৃত। 'তোমার মাতঙ্গ-বল আচ্ছাদন কৈল জল কবলিত কৈল নাল শুণ্ডে।' *মুকুন্দ*, ১৬০০।

কবলানো [আ কাবল>] *ক্রি* ঘুষ হিসেবে দেওয়া। 'তুমি আরও টাকা কবলাও।' *গিরিশ*, ১৮৮৯।

কবলাস [স কপিলাস] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'নাকাড়া দুমদুমি বাজে পিনাকে কবলাস।' *আলাওল*, ১৬৮০।

কবলিত দ্র **কবল**

কবহু *ক্রিবিণ* কখনো। 'ন মোয়ঁ কবহু তুঅ অনুগতি চুকলিহু বচন ন বোলল মন্দা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কবাই [আ কাবা] *বি* জামাবিশেষ। 'কিরণ কবাই গায়।' *মানিকরাম*, ১৭৮১।

কবাট [স কপাট] ১ *বি* দরজা; রোধ। 'পিরীতি দ্বারের কবাট করিব।' *দ্বিজঈ*, ১৬০০। ২ *বি* আবরণ। 'স্ত্রীলোকের মনের কবাট খুলিয়া যদি বিশেষ তন্ন তন্ন ভাবে দেখা যায়।' *মশাররফ*, ১৮৮৫।

কবাটি [স কপাট] *বি* হা-ডু-ডু খেলা। 'কবাটি খেলার চুঁ ধরার সুরে গেয়ে যাচ্ছেন।' *নজরুল*, ১৯২৭।

কবাব [আ কাবাব] *বি* কাবাব; লোহার শিকে বিদ্ধ-করা আগুনে ঝলসানো মাংস। 'দিব্বি মোটাগোটা চর্ব্বিদার জিনিস বানাইয়া, কোরমা, কালিয়া, কবাবে পেট পুরিয়া থাকি।' *মশাররফ*, ১৮৮৯।

কবালা [আ] *বি* বিক্রির দলিল। 'পৈতৃক ভূসম্পত্তি ... কবালা, পত্তনী এবং মিরাস স্বত্বে দলীল লিখাইয়া লইতে লাগিলেন।' *মশাররফ*, ১৮৯০।

কবালী [স কপালী] *বি* পেশাজীবী হিন্দু সম্প্রদায়বিশেষ; কপালী। 'মাঅ মারিআ কাহ্ন ভইঅ কবালী।' *চর্য্যা* ১১, ১২০০।

কবি[১] [স] ১ *বি* পদ্যকার। 'সরস কবি বিদ্যাপতি গাওল নিঅ মনে অবধারি।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'কুলীন কবি আসিব শতেক দ্বিজবর।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* কবিগান। 'আধুনিক এক ব্যক্তি কবি লিখিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৪। ৩ *বি* কাব্য রচয়িতা। 'তাহা কবি ভিন্ন আর কেহই লিখিতে সাহসী হয় না।' *অক্ষয়*, ১৮৪৭। ৪ *বিণ* কাব্যস্রষ্টা। 'কবি কালিদাসকৃত নলোদয় কাব্যের চতুর্থ উচ্ছ্বাসে প্রণীত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৭। ৫ *বি* প্রভু; বিশ্বধাতা। 'দেখিয়া লইতে সাধ যায় তব কবি।' *রবীন্দ্র*, ১৯১০।

কবিআনা [স কবি+ফা আনা] *বি* কবিত্ব; কবির ভাব। 'যাঁর কাছে নিজের এই কবিআনার জানান দিয়েছিলাম ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

কবিওআলা, কবিওয়ালা [স কবি+হি ওয়ালা] ১ *বি* কবিগানের দলপ্রধান। 'পাঁচালি এবং কবিওয়ালা ও যাত্রার দলে ইহার প্রাদুর্ভাব ছিল।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বি* কবিগান গায়ক বা রচয়িতা; কবিয়াল। 'কবিওআলা।' *বিদ্যা*, ১৮৯১।

কবিওলা [স কবি+হি ওয়ালা] *বি* কবিগান গায়ক। 'কবিওলাদিগের এক একটি কবিতা এমন যে ...।' *রাজ*, ১৮৭৪।

কবিকঙ্কণ [স] *বি* উপাধিবিশেষ। 'কবিকঙ্কণ উপাধিতে খ্যাত ... এক ব্রাহ্মণ।' *দর্পণ*, ১৮৩০।

কবিকণ্ঠহার [স] *বি* কবিশ্রেষ্ঠ। 'বিদ্যাপতি ভন কবিকণ্ঠহার ...।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কবিকৎ [স কবি>] *বি* কবি। *মানোএল*, ১৭৪৩।

কবিকর [স] *বি* কবি। *ওঁসা*, ১৭৮৫।

কবিকর্ম [স] *বি* কবিতা। 'বোদলেয়ার ...কবিকর্মের কেন্দ্রে ব্যঞ্জনার পুনঃপ্রতিষ্ঠা ঘটালেন।' *শিব*, ১৯৭৩।

কবিকর্মী [স] *বি* কবিতার সঙ্গে যুক্ত ব্যক্তি। 'কবিকর্মীর পক্ষে সাম্প্রতিক সংস্কৃতির প্রত্যেকটি ধারা সম্বন্ধেই ... জ্ঞান রাখা প্রয়োজন।' *আলাউদ্দিন*, ১৯৫৫।

কবিকল্পনা [স] ১ *বি* কল্পনাবিলাস। 'প্রত্যক্ষদর্শীর নিকটে এ বর্ণনা শুদ্ধ অবাস্তব কবিকল্পনাপ্রসূত।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* অবাস্তব কল্পনা। 'কিন্তু বাসুদেব কবিকল্পনা নহেন।' *বঙ্কিম*, ১৮৮৬। ৩ *বি* কবির সৃজনশীলতা। 'বড়দাদার কবিকল্পনার এত প্রচুর প্রাণশক্তি ছিল।' *রবীন্দ্র*, ১৯১২।

কবিকীর্তি [স] *বি* কবির সৃষ্টিকর্ম। 'কবিকীর্তি কবির জামার পকেটে-পকেটেই তখন অনায়াসে ফেরে।' *রবীন্দ্র*, ১৯১২।

কবিকুল [স] *বি* কবিসমাজ। 'দেখ এই ধরাতলে কবিকুলগুরু বলে খ্যাত আছে।' *ভবানী*, ১৮২৫।

কবিকুলগুরু [স] *বি* কবিগোষ্ঠীর গুরু বা ওস্তাদ। 'কবিকুলগুরু বলে

AMARBOI.COM

খ্যাত আছে পণ্ডিত মহলে।' *তবানী*, ১৮২৫।

কবিকুলশিরোমণি [স] *বিণ* কবিশ্রেষ্ঠ। 'কবিকুলশিরোমণি কালিদাস এই রাজ্য ... পরিচালন করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

কবিখ্যাতি [স] *বি* কবি হিসেবে পরিচিতি। 'রবীন্দ্রনাথের কবিখ্যাতি একান্ত খাতিরের ব্যাপার।' *মোতাহার*, ১৯৩৭।

কবি গাওয়া *ক্রি* কবিগান গাওয়া। 'লোকের বাটীতে নাচিয়া কবি গাহিত।' *দর্পণ*, ১৮২৮।

কবিগান [স] **১** *বি* কবিহৃদয়ের সংগীত। 'আপনার সমস্ত কবিগান বাণীহীন অতলে দিয়েছে বিসর্জন।' *রবীন্দ্র*, ১৯৩৫। **২** *বি* আঠারো শতকে উদ্ভূত এক ধরনের উত্তর-প্রত্যুত্তরমূলক গান। 'কবিগানের পাল্লার সে মত্ত ভক্ত হইয়া উঠিয়াছে।' *তারা*, ১৯৪২।

কবিগানের পাল্লা *বি* কবিগানের প্রতিযোগিতা। 'কবিগানের পাল্লার সে মত্ত ভক্ত হইয়া উঠিয়াছে।' *তারা*, ১৯৪২।

কবিগিরি [স কবি+ফা গিরি] *বি* কবির ভাব। 'কবিগিরি ফলাবার উৎসাহ-বন্যায় আধুনিকাদের 'পরে করিয়াছি অন্যায়।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কবিগীতা [স] *বিণ* কবি কর্তৃক বর্ণিত। 'কবিগীতা এই প্রবৃত্তি সামাজিক জীবনের হলাহল।' *বঙ্কিম*, ১৮৯২।

কবিগীতি [স] *বি* অষ্টাদশ শতকের শুরুর দিকে কলকাতায় উদ্ভূত একধরনের উত্তর-প্রত্যুত্তরমূলক গান। '... রামবসু, রঘুনাথ প্রভৃতি এই সময়ের বিখ্যাত কবিগীতি রচয়িতা।' *মোতাহার*, ১৯৩৭।

কবিগুরু [স] *বি* গুরুস্থানীয় কবি। 'উরুপায় কবিগুরু ভিখারী আছিলা।' *মাইকেল*, ১৮৬৫।

কবিগোষ্ঠী [স] *বি* কবিকুল। 'কৃত্রিম কাব্যচর্চায় মশগুল এক কবিগোষ্ঠী কিভাবে শক্তির অপচয় করছেন।' *মানেন্ও*, ১৯৪৯।

কবিচিত্ত [স] *বি* কবিহৃদয়। 'দেখি মগন হল সুখে কবিচিত্ত, ভুলে গেল সব কাজ।' *রবীন্দ্র*, ১৯০০।

কবিজনোচিত [স] *বিণ* কবির পক্ষে শোভন। 'এটাকে বেশ কবিজনোচিত বলিয়া বোধ হইত।' *রবীন্দ্র*, ১৯১২।

কবিজাতি [স] *বি* কবি সম্প্রদায়। 'আমরা কবিজাতি।' *প্রমথ*, ১৮৯৮।

কবিজীবন [স] **১** *বি* কাব্যচর্চার জীবনকাল। 'তাহার কবি জীবন ধন্য হইয়া গেল।' *নজরুল*, ১৯৩১; 'একবার যাওয়া যাক কবিজীবনের গোড়াকার সূচনায়।' *রবীন্দ্র*, ১৯৪১। **২** *বি* কবির জীবন। 'সেই উৎসধারাতেই এখানকার দুই কবিজীবনের পুষ্পকানন অভিষিক্ত।' *রবীন্দ্র*, ১৯৩২।

কবিদল [স] *বি* কবি-সমষ্টি। 'কবিদলে মিলি আকাশে ধ্বনিয়া তুলিছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কবিপতি [স] *বি* কবিদের অধিপতি। 'কবিপতি, নয়নরঞ্জন-রূপ কুসুম যৌবনে।' *মাইকেল*, ১৮৬৬।

কবিপদবাচ্য [স] *বিণ* কবি খ্যাতির উপযুক্ত। 'তিনি যথার্থই কবিপদবাচ্য।' *প্রমথ*, ১৯১৭।

কবিপরিত্যক্তা [স] *বি* কাব্যে উপেক্ষিত নারী। 'এই কবিপরিত্যক্তাদের মধ্যে কাহাকে কে হৃদয়ে আশ্রয় দিবেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

কবিপুরুষ [স] *বি* কবিসত্তা। 'নিজের অন্তরের গোপন কবিপুরুষকে মিনতি করে বলেছেন ...।' *আইয়ুব*, ১৯৭৩।

কবিপ্রতিভা [স] *বি* কবিতৃশক্তি। 'কবিপ্রতিভা এইখানেই ক্ষান্ত হয় নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

কবিপ্রতিভামুগ্ধ [স] *বিণ* কবিত্ব প্রতিভার সমঝদার। 'কবিপ্রতিভামুগ্ধ বিভিন্ন অমাত্য ক্রমে তাঁকে দিয়ে বিভিন্ন কাব্য লিখিয়ে নেন।' *হাই*, ১৯৫৪।

কবিপ্রাণ [স] *বিণ* প্রাণগত বৈশিষ্ট্যে কবিসুলভ। 'প্লেটোর মতো কবিপ্রাণ দার্শনিক যদি শেষ পর্যন্ত কবিতার দাবি দর্শনের নামে খারিজ করে থাকেন ...।' *শিব*, ১৯৫০।

কবিপ্রিয়া [স] *বি* স্ত্রী কবির প্রিয় যে। 'কবিপ্রিয়ার তুমি প্রতিবেশী, সারা মুখর প্রহর ধরে তোমার মেশামেশি।' *রবীন্দ্র*, ১৯৪১।

কবি-বন্ধু [স] *বি* কবির বন্ধু। 'কবি-বন্ধুরা হতাশ।' *নজরুল*, ১৯২৬।

কবিবর [স] *বিণ* কবিশ্রেষ্ঠ। 'তাহার সভাসদ রুচির চারুপদ রচে মুকুন্দ কবিবর'। *মুকুন্দ*, ১৬০০।

কবি-বর্ণিত [স] *বিণ* কবি কর্তৃক কল্পিত। 'অতএব কবি-বর্ণিত বটে।' *অক্ষয়*, ১৮৪৭।

কবিব্রত [স] *বি* কবির শপথ। 'কবি নওয়াস তার কবিব্রত ধারণ করলে।' *শওকত*, ১৯৬২।

কবিযশ [স] *বি* কবিখ্যাতি। 'কবিযশে তারি কাছে বারো-আনা ঋণী যে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কবিযশঃপ্রার্থিনী [স] *বি* স্ত্রী কবিখ্যাতি চান এমন। 'খাতার মধ্যে কবিযশঃপ্রার্থিনীর উপহাস্যতার প্রমাণ আছে।' *রবীন্দ্র*, ১৯০৯।

কবিযশঃপ্রার্থী [স] *বি* কবিখ্যাতি পেতে চায় যে। 'ইহার পর কবিযশঃপ্রার্থীর সংখ্যা বাড়িতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯১২।

কবিয়ানা [স কবি+ফা আনা] **১** *বি* কবিস্বভাব। 'বাংলাদেশে এক ধরনের কবিয়ানাকে রবিয়ানা বলত।' *অচিন্ত্য*, ১৯৫০। **২** *বি* কবির আচরণ। 'কাব্যনাট্যখানা নিয়েই পবিত্র বুঝি একটু কবিয়ানা করছে।' *অচিন্ত্য*, ১৯৫০।

কবির খেয়াল *বি* কবির হেয়ালি। 'এই বুঝি কবির খেয়াল হয়ে গেল লেখাটি।' *নজরুল*, ১৯২৮।

কবিরায় [স] *বি* সম্মানসূচক উপাধিবিশেষ। 'তাঁর ভাষায় কবিরায়ের ইংরেজি প্রতিবাক্য হচ্ছে পোয়েট-লরিয়েট।' *প্রমথ*, ১৯২৬।

কবিরূপে [স] *ক্রিবিণ* কবি হিসেবে। 'ধর্মোপদেষ্টারূপে নয়, কবিরূপে এক উত্তর দিয়েছেন রবীন্দ্রনাথ।' *আইয়ুব*, ১৯৭৩।

কবিসঙ্গম [স] *বি* কবিসম্মেলন। 'এক গাদা সঙ্গীত সম্মেলন, কবিসঙ্গম, মুশাইরা।' *মুজতবা*, ১৯৫৮।

কবিসঙ্গীত, কবি-সংগীত [স] *বি* আঠারো শতকে উদ্ভূত এক ধরনের উত্তর-প্রত্যুত্তরমূলক গান; কবিগান। 'কবিসঙ্গীত।' *রবীন্দ্র*, ১৯০৭।

কবিসম্রাট [স] *বি* শ্রেষ্ঠ কবি। 'আমাদের বিশ্ববরেণ্য কবিসম্রাটও।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

কবিসৈনিক [স] *বি* কবিরূপ সৈনিক। 'প্রথমেই কবিসৈনিক বলে সম্বোধন করেছি।' *নজরুল*, ১৯২৭।

কবি-হৃদয় [স] *বি* কবিমানস; সংবেদনশীল মন। 'ভাবসংশ্রবে কবি-হৃদয়ের একটি স্পৃহনীয় পদার্থ হইয়া আছে।' *অক্ষয়*, ১৮৫৬; 'কবিহৃদয়েও ঈষৎ হৃৎকম্প উপস্থিত হইত।' *রবীন্দ্র*, ১৮৯১।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কবীন্দ্র [স কবি-ইন্দ্র] *বি* কবিসম্রাট। 'রবীন্দ্রনাথ ঠাকুর কেবল কবীন্দ্রই নহেন।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

কবি[২] *বি* জাভা উপদ্বীপের ভাষাবিশেষ। 'এদেশের সংস্কৃত ভাষার ন্যায় তথাকার কবি নামক ভাষা অতিশয় শ্রদ্ধেয় ও আদরণীয়।' *অক্ষয়*, ১৮৫০।

কবিতা [স] ১ *বি* কাব্যগুণান্বিত রচনা; সর্বোত্তম শব্দরাজির সর্বোত্তম বিন্যাস। 'তাহা দেখি কবিতা আমি করিনু রচন।' *গরীব*, ১৭৬৫; 'এই ইংরাজি কবিতা ও বাংলা কবিতাগুলিতে অতি অল্প প্রভেদ আছে।' *রবীন্দ্র*, ১৮৭৭। ২ *বি* কাব্যের অংশবিশেষ; ছোটো পদ্য। *ওসা*, ১৭৮৫। ৩ *বি* কবিগান। 'কবিতা এবং আখড়াই গানের যে কি প্রকার কুৎসিত ...।' *অক্ষয়*, ১৮৪৫।

কবিতা-আবৃত্তি [স] *বি* কবিতাপাঠ। 'গীতবাদ্য কবিতা-আবৃত্তি ও আহারের আয়োজন থাকিত।' *রবীন্দ্র*, ১৯১২।

কবিতাওয়ালা [স কবিতা+হি ওয়ালা] *বি* কবিয়াল। 'নীলু ঠাকুর কবিতাওয়ালার মৃত্যু সম্বাদ প্রকাশ ...।' *দর্পণ*, ১৮২৫।

কবিতাকন্যা [স] *বি* কাব্যলক্ষ্মী। 'বিষাদের বিষলিপ্ত কবিতাকন্যারে ধার দিই জনে জনে।' *সুভাষ*, ১৯৪০।

কবিতাকলা [স] *বি* কাব্যশিল্প। 'কবিতাকলার দিক থেকে পারস্যের নিশ্চয়ই দুর্দিন উপস্থিত হয়েছিল।' *মাহেনও*, ১৯৪৯।

কবিতাকার [স] *বি* কবিয়াল। 'কবিতাকার উত্তর দিবার ছলে নানাপ্রকার কদুক্তি ...।' *রামমোহন*, ১৮২০।

কবিতাকারক [স] *বি* কবি। 'সমাচার চন্দ্রিকা পত্রে সর্ব্বোপরি সুখোদিতা যে এক কবিতা আছে ... দ্বিতীয় ব্যক্তি কহেন কবিতাকারকের কোন্ ভ্রম নাই।' *দর্পণ*, ১৮৩৬।

কবিতাখোদক [স] *বি* কবিতা রচয়িতা। 'সমাচার চন্দ্রিকা পত্রে সর্ব্বোপরি সুখোদিতা যে এক কবিতা আছে ... তৃতীয় ব্যক্তি কহেন যদ্যপি ঐ কবিতাখোদকের ভ্রম হইয়াছিল।' *দর্পণ*, ১৮৩৬।

কবিতাদেবী [স] *বি* কবিতারূপ দেবী। 'কবিতাদেবী আমার স্কন্ধে আসিয়া ভর করিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কবিতা-নিকুঞ্জ [স] *বি* কাব্যজগৎ। 'কবিতা-নিকুঞ্জে তুমি পিককুল-পতি।' *মাইকেল*, ১৮৬৬।

কবিতাময়ী [স] *বিণ* স্ত্রী কবিতা বিষয়ক। 'এই কবিতাময়ী পত্রিকাখানিতে প্রাচীন মুসলমান কবিদের কবিতাবলীর আলোচনা হওয়া উচিত।' *প্রচারক*, ১৮৯৯।

কবিতামৃত [স] *বি* কবিতারূপ অমৃত। 'লভি, মা, কবিতামৃত – নিরুপম সুধা!' *মাইকেল*, ১৮৬০।

কবিতারস [স] *বি* কাব্যরস। 'ভারত রচিল ফুলকবিতা কবিতারসের শালিকা।' *ভারত*, ১৭৬০।

কবিতাশক্তি [স] *বি* কবিতা লেখার ক্ষমতা। 'গানশক্তি ও কবিতাশক্তি অতিশয় ছিল।' *দর্পণ*, ১৮১৯।

কবিতা সুন্দরী [স] *বি* কাব্যলক্ষ্মী(?)। 'ধন জন নাহি মাগোঁ কবিতা সুন্দরী।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কবিতিকা [স] *বি* ছোটো কবিতা। 'যথাসময়ে আমার অন্যান্য কবিতিকার সঙ্গে এ-কয়টিও আমার লেখন নামধারী গ্রন্থে প্রকাশিত হয়ে গেল।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কবিত্ব [স] ১ *বি* কাব্য রচনা। 'সংগীত কবিত্ব ভক্তিমত কর গিয়া।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* কবিতা রচনার শক্তি। 'ইহার পাণ্ডিত্য ও কবিত্ব বিষয়ের গুণের ব্যাখ্যা করিয়া শেষ করিতে পারা যায় না।' *গুপ্ত*, ১৮৫৫। ৩ *বি* কবিগিরি। 'গাছের তলায় বসে কবিতা লিখলে দস্তুরমত কবিত্ব করা হয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কবিত্বকলা [স] *বি* কবিতার নির্মাণকুশলতা। 'আছে কী কী বীজ কবিত্বকলায়।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কবিত্ব-খেলা [স কবিত্ব+খেলা] *বি* বালসুলভ কাব্যময়তা। 'একলা আপন মনে কবিত্ব-খেলা করতুম।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কবিত্বগাথা [স কবিত্ব+স গ্রন্থন] *বি* কবির ভাবের বর্ণনা। 'প্রকৃতির সাংবৎসরিক মেঘোৎসবের অনির্বচনীয় কবিত্বগাথা মানবের ভাষায় বাঁধা পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কবিত্ব-ছুট *বিণ* কাব্যহীন। 'এ দুটি উক্তিই সমান কবিত্ব-ছুট।' *প্রমথ*, ১৯২৯।

কবিত্বধারা [স] *বি* কবিতা-প্রতিভা। 'তাঁহার কাব্যে কবিত্বধারা তত প্রসারতা লাভ করিতে পারে নাই।' *সওগাত*, ১৯২৬।

কবিত্বপূর্ণ [স] ১ *বিণ* কাব্যিক ভাববিশিষ্ট; কাব্যময়। 'কবিত্বপূর্ণ বিশেষণ নাই, কতগুলি কথা ও ঘটনা জোড়া তাড়া দিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বিণ* কাব্যকল্পনায় মশগুল। 'কবিত্বপূর্ণ মোলায়েম ধরনে চক্ষু বুঁজে বেড়িয়ে বেড়াননি।' *নজরুল*, ১৯১৯। ৩ *বিণ* কাব্যময়; কাব্যগুণযুক্ত। 'ইহার ভাষা এতই সরল, সহজ, মধুর, কবিত্বপূর্ণ ও অনায়াসগামিনী যে ...।' *সওগাত*, ১৯১৯।

কবিত্ববেদনা [স] *বি* কবিতা রচনার পূর্বে কবি-হৃদয়ের ব্যাকুলতা। 'মনের মধ্যে ভারী একটা অপরূপ কবিত্ববেদনার সঞ্চার হচ্ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কবিত্বভিত্তি [স] *বি* কবিত্বশক্তি। 'কবির কবিত্বভিত্তি আশ্রয় করিয়া রচনা করিয়া তুলিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কবিত্বময় [স] *বিণ* কাব্যিক ভাববিশিষ্ট; কবিত্বপূর্ণ। 'কবিত্বময় ভালোবাসার জন্য তার যে পিপাসা।' *মানিক*, ১৯৪০।

কবিত্বশক্তি [স] *বি* কবিপ্রতিভা। 'তিনি কবিত্বশক্তি দ্বারা ... প্রতিপত্তি লাভ করেন।' *বিদ্যা*, ১৮৬৩।

কবিয়াল [স কবি+হি ওয়ালা>] *বি* কবিগান রচয়িতা ও গায়ক। 'ভোলা ময়রা কবিয়াল।' *তারা*, ১৯৪০।

কবিয়ালি [স কবি+হি ওয়ালা>] *বিণ* কবিয়ালদের মতো। 'চমৎকার কবিয়ালি লড়াই শুরু করেছে।' *জীবন*, ১৯৪৮।

কবিরাজ[১] [স] ১ *বি* বংশনাম; পদবি। 'কৃষ্ণদাস কবিরাজ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* চিকিৎসক; বৈদ্য। *ওসা*, ১৭৮৫; 'চারিজন কবিরাজ চিকিৎসা করিতেছে।' *কেরি*, ১৮০২; 'মানিলে কবিরাজের বাক্য তবে রোগ হতো আরোগ্য।' *লালন*, ১৮৯০।

কবিরাজি, কবিরাজী [স কবিরাজ>] ১ *বিণ* আয়ুর্বেদীয়। 'কবিরাজী ঔষধের তালিকা।' *বিভূতি*, ১৯২৯; 'একটু কবিরাজি চিকিৎসা হইল।' *মানিক*, ১৯৩৭। ২ *বিণ* আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি। 'কবিরাজী, হাকিমী এবং হোমিওপ্যাথিক চিকিৎসার প্রবর্তন।' *আজাদ*, ১৯৩৬।

কবিলা [আ কবিলাহ্] ১ *বি* সমগ্র পরিবার। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* স্ত্রী। 'জব্বারের কবিলা জয়নাব তার নাম।' *গরীব*, ১৭৬৫।

কবিলাস [স কৈলাস] *বি* স্বর্গ। 'এতদিনে ছাড়িলু সিংহল কবিলাস।' *আলাওল*, ১৬৮০।

কবীর [আ] *বি* ষোলো শতকের ভারতীয় সাধক। 'তুলসী ও কবীর পরম

AMARBOI.COM

বন্ধুর প্রেমামৃত রসে ...।' *অক্ষয়*, ১৮৪৭।

কবীরপন্থী [আ কবীর+স পন্থাঃ] *বি* উত্তর ভারতীয় সাধক কবির প্রবর্তিত ভক্তিমার্গের অনুসারী সম্প্রদায়বিশেষ। 'কবীরপন্থীদিগের নীতিশাস্ত্র অতি সংক্ষিপ্ত।' *অক্ষয়*, ১৮৪৮।

কবীর-সম্প্রদায় [আ কবীর+স সম্প্রদায়] *বি* উত্তর ভারতীয় সাধক কবির প্রবর্তিত ভক্তিমার্গের অনুসারী সম্প্রদায়বিশেষ। 'অনেক সম্প্রদায় কবীর-সম্প্রদায়েরই শাখাপ্রশাখা।' *অক্ষয়*, ১৮৪৮।

কবীরা [আ] *বিণ* ইসলামি শাস্ত্রমতে ক্ষমাযোগ্য নয় এমন। 'গোনাহ কবীরা করছিস আমায় ধরে রেখে।' *মাহেনও*, ১৯৪৯।

কবীরা গুনাহ্ [আ কবীরা+ফা গুনাহ] *বি* গুরুতর পাপ। 'মুসলমানকে হিন্দু বানানো যে কতো বড়ো কবীরা গুনাহ।' *পাশা*, ১৯৭১।

কবু [স কদা] *ক্রিবিণ* কভু। 'বিপাকে আমি কবু ঠেকি নাই।' *দর্পণ*, ১৮২২।

কবুজাত [আ] *বি* চুক্তি। 'এই সকল কবুজাতে জারি হইবার পূর্ব্বে কবুজত মযুকুরের উপর ... নম্বর ও নিসান দিয়াযাইবেক।' *ক্যালগে*, ১৭৮৬।

কবুতর [ফা] *বি* পায়রা। 'একজোড় কবুতরে আসিয়া সুরঙ্গ দ্বারে ...।' *সুলতান*, ১৬৫০।

কবুতরখানা [ফা কবুতর+ফা খানাহ] *বি* কবুতর রাখা হয় যেখানে। *ওসাঁ*, ১৭৮৫।

কবুতরী [ফা কবুতর>] *বি স্ত্রী* পায়রা। 'নরম পালক পরা কবুতরীর মতো সে।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

কবুরে দ্র কবর

কবুল [আ] ১ *বি* স্বীকার। 'কবুল করিয়া লই নাই।' *মেয়র্স*, ১৭৫৭। ২ *বি* গ্রহণ। 'তোমরা কবুল এবে করহ আমারে।' *গরীব*, ১৭৬৫। ৩ *বি* অনুমোদন। 'রাজারা সে দরখাস্ত কবুল করিলেন।' *রামরাম*, ১৮০১। ৪ *বি* বিয়েতে সম্মতিসূচক উচ্চারিত শব্দ। 'বলো তুমি কবুল কবুল।' *মাহমুদ*, ১৯৭৩।

কবুল করন *বি* রাজি হওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

কবুলজবাব [আ কবুল+আ জবাব] *বি* সম্মতি; স্বীকৃতি। 'বাঙ্গালা পড়িয়া কবুলজবাব কেন দিব।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কবুলতি [আ কবুলীয়ত] *বি* অঙ্গীকারপত্র। *বিদ্যা*, ১৮৯১।

কবুলতিপত্র, কবুলাতীপত্র [আ কবুলীয়ত+স পত্র] *বি* স্বীকার করে নেওয়ার দলিল; সম্মতিপত্র। 'কবুলতিপত্র মিদং কার্জ্জাঞ্চ আগে।' *মেয়র্স*, ১৭৬৮; 'কবুলাতীপত্র।' *হ্যালহেড*, ১৭৭২; 'এই করারে কবুলতিপত্র লিখিয়া দিলাম।' *ওসাঁ*, ১৭৮১।

কবুলান [আ কবুলীয়ত>] *ক্রি* স্বীকার করা। *বিদ্যা*, ১৮৯১।

কবুলিয়ৎ [আ] *বি* অঙ্গীকারপত্র। 'পাট্টা কবুলিয়ৎ প্রভৃতির উপর যে ইষ্টাম্পের মূল্য দিত।' *দর্পণ*, ১৮২৫।

কবুলিয়ত [আ] *বি* অঙ্গীকারনামা। 'কবুলিয়ত রেজেষ্টরি করিতে আসিলে।' *সুলভ*, ১৮৭৩।

কবেকার ১ *বিণ* কোন সময়ের। 'কবেকার সেই শৈশবে সুরবালা ...।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বিণ* প্রাচীন কালের। 'চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা।' *জীবন*, ১৯৪২।

কবেহ [হি কভী] *ক্রিবিণ* কখনো। 'যার যে নিবন্ধ কবেহ নহে দূর।' *বাহরাম*, ১৬৫০।

কবো [হি কভী] *ক্রিবিণ* কখনো। 'কেহ বোলে এইরূপ কবো নাহি যুনি।' *মালাধর*, ১৫০০।

কবোষ্ণ [স] *বিণ* ঈষৎ উষ্ণ; অল্প গরম। 'তাঁহার করপল্লবে কবোষ্ণ বারিবিন্দু পড়িল।' *বঙ্কিম*, ১৮৬৫।

কব্জা [আ] ১ *বি* দরজা চৌকাঠের সঙ্গে জোড়া দেওয়ার ধাতব উপকরণ-বিশেষ। 'খিল, কব্জা প্রভৃতি পর্যবেক্ষণ করিয়া দেখিতেছিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *বি* আয়ত্ত। 'তাঁদের কব্জা থেকে সংগঠন এবং সংঘ সমিতিগুলিকে যতদিন সাধারণের ক্ষেত্রে নামিয়ে আনা না যাবে।' *বেগম*, ১৯৪৮।

কব্জিঘড়ি, কব্জীঘড়ি [আ কবজা+ঘড়ি] *বি* হাতঘড়ি। 'একটা কব্জিঘড়ি আধুনিক ছেলেদের পক্ষে সাতরাজার ধন।' *রবীন্দ্র*, ১৯৩৪; 'হাতে কব্জী-ঘড়ি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কভু [হি কভী] *ক্রিবিণ* কখনো। 'যে তুমি বলিলা প্রভু কভু মিথ্যা নয়।' *বৃন্দা*, ১৫৮০।

কভু-বা *ক্রিবিণ* কিংবা কখনো। 'কভু বা পন্থ গহন জটিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কভুহ *ক্রিবিণ* কখনো। 'কভুহ পাগল নহে মোহর নন্দন।' *বাহরাম*, ১৬৫০।

কভু [হি কভী] *ক্রিবিণ* কখনো। 'এত পরমাদ কভু নহিল আমারে।' *মালাধর*, ১৫০০।

কভো [হি কভী] *ক্রিবিণ* কভু; কখনো। 'পয়ঃপানে কভো মোরে কেহো নাহি পায়।' *বৃন্দা*, ১৫৮০।

কভোঁ [হি কভী] *ক্রিবিণ* কখনো। 'কভোঁ না লঙ্ঘিহ মোয় বচন।' *বড়ু*, ১৪৫০।

কম[১] [ফা] ১ *বিণ* অল্প। 'কম জমা না করিয়া আমার উপর বাকী বারো কীমা ১৩০০ তেরো সও তঙ্কা করিলেন।' *মেয়র্স*, ১৭৫৭। ২ *বি* ঘাটতি। 'কম কিছু মোর আছে হেথা পুরিয়ে নেব প্রাণ দিয়ে তা।' *রবীন্দ্র*, ১৯০৬।

কমকায়া [ফা কম+স কায়া] *বিণ* ক্ষীণাঙ্গী। 'বামে কমকায়া রমা, দক্ষিণে আয়ত-লোচনা বচনেশ্বরী।' *মাইকেল*, ১৮৬৬।

কমজাত, কমজাৎ [ফা কম+আ জাত] ১ *বিণ* নীচমনা। 'বেমান কাফের তোর বেসোর কমজাত।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বিণ* বদমাশ। 'বুঝিনু কুপুত্র মেরা এজিদ কমজাত।' *গরীব*, ১৭৬৫। ৩ *বিণ* হীন কুলে জন্ম এমন। 'এজিদ মহাক্রোধে বলিলেন, নিমকহারাম, কমজাৎ কমিন!' *মশাররফ*, ১৮৮৭।

কমজোর [ফা] *বিণ* দুর্বল। *বিদ্যা*, ১৮৯১; 'ভাবে জীবনের মধু লোটে কমজোর ভীরু প্রাণ।' *ফররুখ*, ১৯৪৩।

কমজোরি [ফা] *বিণ* দুর্বল। 'কমজোরি শব্দসমূহ ব্যবহৃত।' *সুধাকর*, ১৮৯৩।

কমতরদুদি [ফা] *বি* সিদ্ধান্তহীনতা। 'একসী না হওন কেবল গোমাস্তার কমতরদুদি।' *হ্যালহেড*, ১৭৭৩।

কমতি [ফা কম>] *বি* ঘাটতি। 'তাঁর তো কোনোখানি কমতি নেই।' *রবীন্দ্র*, ১৯১৬।

কমদরী [ফা] *বিণ* নিম্নমানের। 'স্যাকরা ডেকে দেখব নিজে/আসল কিংবা কমদরী।' *অন্নদা*, ১৯৪২।

কম-দামি [ফা কম+দামি] ১ *বিণ* সস্তা। 'কম-দামি জিনিসের ক্রেতা ... বেশি।' *নজরুল*, ১৯২২। ২ *বিণ* কম মর্যাদাসম্পন্ন। 'এতেই তোরা লোক হাসালি, বিশ্বে হলি কম-দামি।' *নজরুল*, ১৯২৪।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কমদিল [ফা] *বি* সংকীর্ণ মন। 'কমজাত কমদিলের লোকগুলোকেও চিনেছি রোঁয়ায় রোঁয়ায়।' *কায়সার*, ১৯৬৫।

কম নজর [স কম+আ নজর] *বিণ* কম দেখতে পায় এমন। *ওসাঁ*, ১৭৮৫।

কমপক্ষে *ক্রিবিণ* অন্তত। 'পুলিশ ও ইপিআর বাহিনীর আক্রমণে কমপক্ষে ১৪জন ছাত্রী আহত হয়।' *বেগম*, ১৯৬৯।

কমবয়সী [ফা কম+স বয়সী] *বিণ* অল্পবয়স্ক। 'কমবয়সী মাইয়া পোলা অনেক পাওয়া যায়।' *নরেন্দ্র*, ১৯৪৭।

কমবুদ্ধি [স] *বিণ* নির্বোধ। *ওসাঁ*, ১৭৮৫।

কমবেশ, কমবেষ, কমবেস [ফা কম+ফা বেশি] ১ *বিণ* কমবেশি; প্রায়। 'কমবেস।' *মেয়র্স*, ১৭৫৭; 'জমি কমবেষ ৪ চারিকাটা।' *ক্যালগে*, ১৭৯১; 'কম বেশ চারি পাঁচ হাজার টাকা ব্যয়।' *কেরি*, ১৮০২। ২ *বিণ* মোটামুটি। 'সে পুস্তক ক্ষুদ্র অক্ষরে দুই বালামে কমবেশ হাজার পৃষ্ঠা হইবেক।' *দর্পণ*, ১৮২১।

কমবেশি [ফা কম+ফা বেশি] *বি* তারতম্য। 'তবু এখানেও জানার কমবেশি আছে।' *শিব*, ১৯৫০।

কমসিদ্ধ [ফা কম+স সিদ্ধ] *বিণ* পুরোপুরি সিদ্ধ করা হয়নি এমন। *ওসাঁ*, ১৭৮৫।

কম সে কম, কমসে-কম [ফা কম+হি সে+ফা কম] *ক্রিবিণ* কমপক্ষে। 'পরিধানে কম-সে-কম দুই তিন থান কাপড়।' *নজরুল*, ১৯১৯; 'চামড়ার জুতোই কমসে-কম ৩০ লক্ষ জোড়ার আবশ্যক।' *মাহেনও*, ১৯৪৯।

কম হিম্মত [ফা কম+আ হিম্মত] *বি* কাপুরুষত্ব। *ওসাঁ*, ১৭৮৫।

কম হিম্মতি, কম হিম্মতী [ফা কম+আ হিম্মত] ১ *বি* কাপুরুষতা। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বিণ* কাপুরুষ। *ওসাঁ*, ১৭৮৫।

কমিয়ে-বাড়িয়ে [ফা কম>+স বৃদ্ধি>] *ক্রিবিণ* কমিয়ে অথবা বাড়িয়ে। 'ফলিয়ে বলা ঘুরিয়ে-ফিরিয়ে কমিয়ে-বাড়িয়ে বলার অবসর নেই।' *অবন*, ১৯২৫।

কমিয়ে সমিয়ে [ফা কম>] *ক্রিবিণ* সংক্ষিপ্ত ক'রে। 'গল্পটা কমিয়ে-সমিয়ে বলছি।' *মুজতবা*, ১৯৫৮।

কম[২] [স কম>] *বিণ* কমনীয়। 'আর কি পড়ে লো এবে তোর জলে খসি অশ্রু-ধারা; মুকুতার কম রূপ ধরি।' *মাইকেল*, ১৮৬৬।

কমক *বি* জল পড়ার শব্দ। *মানোএল*, ১৭৪৩।

কমঠ [স] *বি* কচ্ছপ। 'কমঠশরীরে তোহ্মে ধরণী ধরিলেঁ।' *বড়ু*, ১৪৫০।

কমঠবৃত্তি [স] *বি* আত্মরক্ষার প্রবৃত্তি। 'কমঠবৃত্তির অহংকারে ঢাকো ক্ষণভঙ্গুরতা।' *সুধীন্দ্র*, ১৯৩২।

কমট [স কমঠ] *বি* কচ্ছপ। 'জরট কমট ভেট দিআ ...।' *মুকুন্দ*, ১৬০০।

কমণ [স কিম্>] ১ *বিণ* কী। 'ইহার মরণ হএ কমণ উপাএ।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* কেমন। 'এ তোর কমণ আচার এ।' *বড়ু*, ১৪৫০।

কমণ্ডলু [স] ১ *বি* জলপাত্র-বিশেষ। 'কাঁথা কমণ্ডলু লাঠি গলায় তুলসী-কাঠি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* সন্ন্যাসীদের জলপাত্রবিশেষ। *সেবধি*, ১৮৩৯; 'যাঁহারা দণ্ড ও কমণ্ডলু সঙ্গে লইয়া ভ্রমণ করেন, তাঁহাদের নাম দণ্ডী।' *অক্ষয়*, ১৮৪৮।

কমন[১] [স কিম্>] *ক্রিবিণ* কেমন। 'কমন আন্তরে তোহ্মে হরিলেহেঁ মনে।' *বড়ু*, ১৪৫০।

কমন[২] [ই] *বিণ* সবার জন্য উন্মুক্ত। 'একটা খোলা পাহাড়ে জায়গা আছে; সেটা কমন অর্থাৎ সরকারি জায়গা।' *রবীন্দ্র*, ১৮৮১।

কমনরুম [ই] *বি* শিক্ষার্থী বা শিক্ষকদের মিলন কক্ষ। 'গাড়ি লাগিয়েছে দরজায় – কমনরুমে বরং এস।' *বিভূতি*, ১৯৩১।

কমন-ল [ই] *বি* অলিখিত সবার বেলায় প্রযোজ্য আইন। 'হাইকোর্টের চাপরাসীরাও ইকুয়িটি আর কমন-ল'র মার-প্যাঁচ বোঝে।' *মশাররফ*, ১৮৬৯।

কমনীয় [স] ১ *বিণ* সুন্দর। 'কমনীয় কলেবর।' *রামপ্রসাদ*, ১৭৮০। ২ *বিণ* লালিত্যপূর্ণ। 'কবীর ... স্বীয় কমনীয় বাক্যাবলী কেমন অভিষিক্ত করিয়া রাখিয়াছে!' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বিণ* স্নিগ্ধ। 'কল্যাণের শুভ্রদীপ্তিতে কমনীয় হইয়া উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কমনীয়তা [স] *বি* কোমলতা। 'জীবনের অলংকার, যাহা কমনীয়তা, যাহা কাব্য।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কমনে [প্রা কমণ] *ক্রিবিণ* কিভাবে। 'খাঁচার ভিতর অচিন পাখি কমনে আসে যায়।' *লালন*, ১৮৯০।

কমন্ত [স মন্ত্র>] *বি* মন্ত্র। 'কিন্তো কমন্তে কিন্তো তন্তে।' *চর্যা ৩৪*, ১২০০।

ক-মন্তর [স মন্ত্র>] *বি* কী উপায়; কোন উপায়। 'ক-মন্তরে গোঁপের করিব দর্পচূর্ণ।' *মানিকরাম*, ১৭৮১।

কমন্স [ই] *বি* সাধারণজন; ব্রিটেনের পার্লামেন্টের নিম্নকক্ষ। 'তাহা হৌস অব কমন্স নামক প্রজা প্রতিনিধি সাধারণ সভায় উপস্থিত হইবার সম্ভাবনা।' *সুধাবর্ষণ*, ১৮৫৫।

কমপাউণ্ড, কমপাউন্ড [ই] ১ *বি* প্রাঙ্গণ; চত্বর। 'কাছারি কমপাউণ্ড যেন গোরাচাঁদের মেলার মতো।' *এড়ুকেশন*, ১৮৭৩। ২ *বি* উঠান। 'বাড়ির কমপাউন্ডের কতকগুলি নারকোল গাছ।' *রবীন্দ্র*, ১৮৯১।

কমপিটিশন [ই] *বি* প্রতিযোগিতা। 'যোগ্য লোকদের মধ্যে কমপিটিশন আছে।' *ইমদাদুল*, ১৯২০।

কমপ্লিট [ই] ১ *বিণ* শেষ। 'বাঁধাছাঁদা একেবারে কমপ্লিট।' *শরৎ*, ১৯১৬। ২ *বিণ* পুরোপুরি। 'সেখানে গিয়ে আর কিছু নয়, একদম কমপ্লিট রেস্ট।' *শিবরাম*, ১৯৪০।

কমপ্লিমেন্টারি [ই] *বিণ* বিনামূল্যে প্রদত্ত। 'কমপ্লিমেন্টারি কপি যতগুলি প্রাপ্য।' *নরেন্দ্র*, ১৯৪৮।

কমপ্লেন [ই] *বি* অভিযোগ। 'আপনার নামে ফের কমপ্লেন এসেছে।' *নরেন্দ্র*, ১৯৪৯।

কমফর্টার, কমফর্টর [ই] *বি* পশমি গলাবন্ধ। *বিদ্যা*, ১৮৯১; 'গলায় কমফর্টার জড়িয়ে ...।' *প্রমথ*, ১৯১৬।

কমবখ্ত, কমবখত [ফা কমবখ্ত] ১ *বিণ* দুর্ভাগা; হতভাগ্য। *বিদ্যা*, ১৮৯১; 'মার্জনা করো গোনা পাপী কমবখতের!' *নজরুল*, ১৯২২। ২ *বি* দুরাচার। 'কোথায় এস্তিদা কোথায় কমবখত!' *জসীম*, ১৯৩৩।

কমবক্তি [ফা কমবখ্ত>] *বিণ* হতভাগী। 'দুঃ বেটি কমবক্তি।' *দীনবন্ধু*, ১৮৬৬।

কমর [ফা] *বি* কোমর। *মানোএল*, ১৭৪৩; 'আমি পতঙ্গ কমর বন্দি করি।' *রামরাম*, ১৮০১।

কমরবন্দি [ফা] *বি* কোমরে আটকানো থলি। 'কমরবন্দিতে যত গুলী পয়সা ধরিতে পারে, তত তুলিয়া লইল।' *মধু*, ১৮৫৭।

কমরবান্ধা [ফা কমরবন্দ] *বি* বেল্ট। 'কমরবান্ধা, মুখপাট্টা বান্ধা ... অগণ্য লাঠীয়াল।' *মশাররফ*, ১৮৯০।

AMARBOI.COM

কমরস্যল বাঙ্ক [ই] *বি* বাণিজ্যিক ব্যাংক। 'কমরস্যল বাঙ্ক নামে এক বাঙ্ক হয় ...।' *দর্পণ*, ১৮১৯।

কমরেড [ই] *বি* সাথি; সঙ্গী। 'এক বেদনার কমরেড ভাই মোরা সবাই।' *নজরুল*, ১৯২৮।

কমল[১] [স] **১** *বি* পদ্ম। 'অধরাতি ভর কমল বিকসউ।' *চর্যা* ২৭, ১২০০। **২** *বি* যোনি। 'কমল কুলিশ ঘাণ্টে করহুঁ বিআলী।' *চর্যা ৪*, ১২০০।

কমল-আঁখি [স কমল+স অক্ষি] *বি* পদ্মের মতো চোখ। 'মৃণাল হেরি মনে পড়ে কাহার কমল-আঁখি!' *নজরুল*, ১৯২৫।

কমল আসন [স] *বি* পদ্মাসন। 'কে আছে তোমার পর কমল আসনে করতার।' *রূপরাম*, ১৭৫০।

কমলকর [স] *বি* পদ্মের মতো কোমল হাত। 'রক্ত কমলকর, রক্ত অধর-পুট।' *রবীন্দ্র*, ১৮৮১।

কমলকলি [স] *বি* পদ্মফুলের কলি। 'কমলকলি বুলায় বুকে কোমল কচি মুঠি।' *রবীন্দ্র*, ১৯২৬।

কমলকলিকা [স] *বি* পদ্মকলি। 'কমলকলিকা সম তার পয়োভারে।' *বড়ু*, ১৪৫০; 'মুদিত আধোর কমল-কলিটাটিরে রেখেছে সন্ধ্যা আঁধার-পর্ণপুটে।' *রবীন্দ্র*, ১৯১৪।

কমলকানন [স] *বি* পদ্মবাগান। 'হের লো প্রফুল্ল যত কমলকানন।' *মদনমোহন*, ১৮৩৪।

কমলকিরীট [স] *বি* পদ্মফুলের মুকুট। 'শিরে কমলকিরীট কমল-ভূষণা।' *মাইকেল*, ১৮৬০।

কমলকুল [স] *বি* পদ্মপুঞ্জ। 'সরস কমলকুল বিকশিত যথা।' *মাইকেল*, ১৮৬১।

কমল চরণ [স] *বি* পদ্মরূপ পা। 'প্রণামিআ দোহানের কমল চরণ।' *বাহরাম*, ১৬৫০।

কমলদল [স] *বি* পদ্মফুলের পাপড়ি। 'তথাচ কমলদল ভ্রমরে না করে বল।' *ভবানী*, ১৮২৫।

কমলনয়ন [স] *বি* পদ্মের ন্যায় চোখ। 'সিংহগ্রীব গজস্কন্ধ কমলনয়ন।' *বৃন্দা*, ১৫৮০।

কমল-নয়নী [স] *বিণ স্ত্রী* পদ্মের মতো চোখ যার। 'ঝরিল করুণা-বারি, কমল-নয়নী।' *গিরিশ*, ১৮৮৩।

কমলপুতলা [স কমল+স পুত্রিকা] *বি স্ত্রী* পদ্মফুলের মতো সুন্দর পুতুল। 'আ মরি কমলপুতলা।' *রবীন্দ্র*, ১৮৮১।

কমলবদনী [স] *বিণ* পদ্মের মতো সুন্দর মুখ যার। 'কমলবদনী রাধা হরিণনয়নী।' *বড়ু*, ১৪৫০।

কমলবন [স] *বি* পদ্মবন। 'কাল ভ্রমরে কমলবন শোহে।' *বড়ু*, ১৪৫০।

কমলবয়নি [স কমলবদনী] *বিণ* পদ্মের মতো মুখবিশিষ্ট; কমলবদনী। 'কমলবয়নি কনককান্তি মুকুতানিকর দশনপাঁতি।' *জ্ঞান*, ১৬০০।

কমল-বরন [স কমলবর্ণ] *বিণ* পদ্মের মতো রংবিশিষ্ট। 'এসো অরুণ-চরন কমল-বরন তরুণ উষার কোলে।' *রবীন্দ্র*, ১৮৮৭।

কমলবরলোচনা [স] *বি স্ত্রী* পদ্মের মতো চোখ যার। 'চায় সে ফিরে বারে বারে/ কমলবরলোচনা।' *রবীন্দ্র*, ১৯১৭।

কমলমালা [স] *বি* পদ্মফুলের মালা। 'সেনাপতি – কমলমালা – আর একজনের কোমল মন।' *দীনবন্ধু*, ১৮৭৩।

কমলমুকুল [স] *বি* পদ্মকুঁড়ি। 'তভোঁ নাহিঁ পাএ মধু কমলমুকুলে।' *বড়ু*, ১৪৫০।

কমলমুকুলদল [স] *বি* পদ্মের পাপড়িসমূহ। 'আজি কমলমুকুলদল খুলিল, দুলিল রে দুলিল।' *রবীন্দ্র*, ১৯১০।

কমলমুখী [স] *বিণ* পদ্মের মতো সুন্দর মুখবিশিষ্ট। 'লায়লী কমলমুখী সখীগণ সঙ্গে।' *বাহরাম*, ১৬৫০।

কমললোচন [স] *বি* পদ্মের মতো সুন্দর চোখ যার। 'কাতর কিকে হয় কমললোচনে।' *বড়ু*, ১৪৫০।

কমল-হীরে [স কমল+স হীরক] *বি* কমলরূপ হিরা। 'কমল-হীরের পাথরটাকেই বলে বিদ্যে।' *রবীন্দ্র*, ১৯২৮।

কমলা [স] *বি* হিন্দুদেবী লক্ষ্মী। 'অখিলের জননী কমলা সরস্বতী।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কমলাক্ষ [স কমল-অক্ষ] *বিণ* পদ্মের মতো চোখবিশিষ্ট। 'কমলাক্ষ করি ধরে নাম-অবতংস।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কমলাক্ষী [স কমল-অক্ষী] *বি* পদ্মের ন্যায় চক্ষুবিশিষ্ট নারী। 'বিবর্ণ কোটরগত দুটি চোখ দেখে মনে পড়ল শুভদৃষ্টির সময়কার একটি ষোড়শী কমলাক্ষীকে।' *নরেন্দ্র*, ১৯৫২।

কমলাস্তিতল [স কমল-অস্তিতল] *বি* পদ্মের মতো চরণতল। 'ধিকর কমল কমলাস্তিতল ভুজ কমলের দণ্ড।' *কাশীরাম*, ১৬৫০।

কমলায়ত [স কমল-আয়ত] *বিণ* পদ্মের পাপড়ির মতো বিশাল। 'শিরে কমলকিরীট কমল-ভূষণা, কমলায়ত-নয়না।' *মাইকেল*, ১৮৬০।

কমলালয় [স কমলা-আলয়] *বি* লক্ষ্মীর আবাস। 'কলিকাতা কমলালয় শব্দের যোগার্থ রহিল।' *ভবানী*, ১৮২৩।

কমলালয়া [স কমল-আলয়া] *বি* লক্ষ্মী। 'কঠিন ধরাভূমি এ, কমলালয়া তুমি যে –।' *রবীন্দ্র*, ১৮৮১।

কমলাসন [স কমল-আসন] *বি* পদ্মরূপ আসন। 'কমলাসনে আসীনা দেউলে ভারতী।' *মাইকেল*, ১৮৬৩।

কমলাসীনা [স কমল-আসীনা] *বি স্ত্রী* লক্ষ্মী। 'উর মা আবার কমলাসীনা।' *নজরুল*, ১৯৩১।

কমলোদর [স কমল-উদর] *বি* পদ্মফুলের অভ্যন্তর। 'অগত্যা খঞ্জনকেই কমলোদরে প্রবেশ করাইয়া দিতে হইল।' *প্রমথ*, ১৮৯০।

কমল[২] [স কোমল] *বিণ* কোমল। 'নির্মল কমল বঞ্জনে নীল উতপল নয়নে।' *বড়ু*, ১৪৫০।

কমলা[১] **১** *বি* লেবুজাতীয় সুস্বাদু ফলবিশেষ। 'আঁওলা কমলা পাণিআল লবলী বদরী।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* পাকা কমলার মতো। 'পক্ষিরাজের মতো কমলারঙের পাখা ঝাড়ে।' *জীবন*, ১৯৩২।

কমলা[২] দ্র **কমল**[১]

কমলিনি, কমলিনী [স কমলিনী] [স] *বি স্ত্রী* পদ্ম। 'কমলিনি কমল বহই পণালেঁ।' *চর্যা* ২৭, ১২০০; 'কমলিনীদলজল চঞ্চল দুঈহো পড়িহাসে।' *বড়ু*, ১৪৫০।

কমলিনীনায়ক [স] *বি* সূর্য। 'এই কমলিনীনায়ক নিজ নায়িকা কমলিনীর প্রতি যে অনুরাগ রাশি অপ্রকাশিত রূপে স্বকীয় মানস মন্দিরে রাখিয়াছিলেন ...।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কমহার *বি* কণ্ঠাভরণবিশেষ। 'বোনের দেওয়া স্নেহ-বিজড়িত অশ্রু গৌরবোজ্জ্বল কমহার।' *নজরুল*, ১৯২৪।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কমা[১] [ফা কম>] *ক্রি.* হ্রাস পাওয়া। 'বাবুগিরির সাধ কিছু কমিয়া আসিল।' *বঙ্কিম*, ১৮৭৪; 'এ দিকে কবির উৎসাহ ক্রমে/ নিমেষে নিমেষে আসিতেছে কমে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কমা[২] [ই] *বি* বিরতি-চিহ্নবিশেষ। *বিদ্যা*, ১৮৯১; 'কমা সেমিকোলন চলবে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কমা দেওয়া *ক্রি* বিরতি দেওয়া। 'মেলা কথা হল জমা, এইখানে দিই কমা।' *রবীন্দ্র*, ১৮৯০।

কমা-সেমিকোলন-কন্টকিত [ই কমা-সেমিকোলন+স কণ্টকিত] *বিণ* কমা ও সেমিকোলনের অতিরিক্ত ব্যবহারে কণ্টকিত। 'কমাসেমিকোলন-কণ্টকিত দীর্ঘবাক্য।' *মুরশিদ*, ১৯৭০।

কমাণ্ডিং [ই] *বিণ* নির্দেশদানকারী। 'আমার কমাণ্ডিং অফিসার সাহেব বলেছেন ...।' *নজরুল*, ১৯২২।

কমান [ফা কম>] *ক্রি* কম করা; ছোটো করা। *বিদ্যা*, ১৮৯১।

কমারিয়া [স কর্মকার>] *বি* কর্মকার সম্প্রদায় নির্মিত ধাতব মুদ্রাবিশেষ। 'অষ্টম প্রকার কমারিয়া ত্রিশূল পয়সা।' *দর্পণ*, ১৮৩৩।

কমার্শিয়াল [ই] *বিণ* বাণিজ্যিক। 'পার্সেন্ট আর কমিশন কথাগুলির মধ্যে কেমন যেন একটা কমার্শিয়াল গন্ধ।' *নরেন্দ্র*, ১৯৪৯।

কমি, কমী [ফা কমী] ১ *বি* কমতি; হ্রাস। 'সিক্কা সিক্কা কাটিল মণত বাট্টা কমি।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'ইহাতে জে কমী হয় আমাকে খালাষ দিবেন।' *মেয়র্স*, ১৭৭০। ২ *বিণ* কম। 'এজিদ খসম যার কোন বাতে কমি।' *গরীব*, ১৭৬৫।

কমিউনিজম [ই] *বি* এমন রাজনৈতিক ও অর্থনৈতিক পদ্ধতি, যার অধীনে রাষ্ট্র হলো উৎপাদন ব্যবস্থার মালিক ও নিয়ন্ত্রণকারী, এবং দেশের নাগরিকরা সামর্থ্য অনুযায়ী কাজ করে ও রাষ্ট্র তাদের প্রয়োজন অনুসারে পারিশ্রমিক দেয়। 'কমিউনিজমের স্বরূপ ব্যাখ্যা করেন।' *বেগম*, ১৯৪৮।

কমিউনিস্ট, কমিউনিষ্ট [ই] *বি* কমিউনিজমে বিশ্বাসী রাজনৈতিক দলের সদস্য। 'কমিউনিষ্ট দলকে কোণঠাসা করিয়া দিতে হইবে।' *আজাদ*, ১৯৪১; 'উক্ত সভায় লীগ, কমিউনিস্ট, র‍্যাডিক্যাল প্রভৃতি ...।' *মোহাম্মদী*, ১৯৪৫।

কমিউনিটি সেন্টার [ই] *বি* সর্বসাধারণের ব্যবহারযোগ্য বিশেষ ভবন বা মিলনায়তন। 'গেণ্ডারিয়া কমিউনিটি সেন্টার মহিলা বিভাগের ...।' *বেগম*, ১৯৬২।

কমিক [ই] ১ *বি* হাস্যরস সৃষ্টিকারী অভিনেতা। 'আমার তো মনে হয় 'কমিক' হতে চেষ্টা করে।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বিণ* হাস্যরসপূর্ণ। 'পৃথিবীতে যা ছোটো তাই কমিক।' *প্রমথ*, ১৯১৮; 'ভদ্র সমাজে শ্রমিকের কথা কমিক গানের মতো।' *নজরুল*, ১৯৪১।

কমিট করা [ই কমিট+করা] *ক্রি* কথা দেওয়া। 'যখন কমিট ক'রে ফেলেছ, তোমায় মেন্টেন করতেই হবে।' *গিরিশ*, ১৮৮৬।

কমিটি, কমিটী [ই] *বি* কাজ পরিচালনাকারী পরিষদ। 'একাংশ এক বৎসরের নিমিত্ত মাজিষ্ট্রেট বা লাটিরি কমিটি সাহেবেরদিগকে দেন।' *দর্পণ*, ১৮২৬; 'বিদ্যাবিষয়ক কমিটীর অধিষ্ঠাতৃ শ্রীযুত হেরিস্টন সাহেব।' *দর্পণ*, ১৮২৭।

কমিটি-পলাতক [ই কমিটি+স পলাতক] *বি* যে কমিটি থেকে পালিয়ে আসে। 'এসো কমিটি-পলাতক।' *রবীন্দ্র*, ১৯২৪।

কমিটে [ই কমিটি] *বি* পর্ষদ। 'খালিসার কমিটের সাহেবদিগের সহিত ...।' *ডানকান*, ১৭৮৪।

কমিন [ফা] *বিণ* বদমাশ। 'মাবিয়ার বেটা হইল এজিদ কমিন।' *গরীব*, ১৭৬৫।

কমিনে [ফা কমীন] *বিণ* নীচ বংশজাত। *ভবানী*, ১৮২৩।

কমিবেসি [ফা কম+ফা বেশি] *বি* কমবেশি; হ্রাসবৃদ্ধি। *বিদ্যা*, ১৮৯১।

কমিশন, কমিসন, কমিস্যন [ই] ১ *বি* কমিশন; লাভ অথবা কাজের বিনিময়ে দেওয়া নির্দিষ্ট অর্থ; দালালি। 'কমিসন ফিসতে ৫ পাচ তঙ্কা লইবে।' *মেয়র্স*, ১৭৭৩; 'টাকার পঁচিশ পার্সেন্ট কমিশনেই আমার পুষিয়ে যাবে।' *শিবরাম*, ১৯৭০। ২ *বি* ছাড়। 'ওয়াজিবি দস্তুর মাফিকে কমিসনে করিবেন।' *ক্যালগে*, ১৭৮৬। ৩ *বি* কমিশন। 'ব্যবস্থাপক কমিস্যন সাহেবেরদের অন্তঃপাতি শ্রীযুত কামরণ সাহেব।' *দর্পণ*, ১৮৩৫; 'জমিদারি প্রথার বর্ত্তমান অনুপযোগিতা সম্পর্কে কমিশন যেসব যুক্তি দিয়াছেন।' *সওগাত*, ১৯৪০।

কমিশন এজেন্ট [ই] *বি* প্রতিনিধি। 'প্রধান প্রধান লোকদিগকে দালাল ও কমিশন এজেন্ট নিযুক্ত করিয়া ...।' *এসলাম*, ১৯২০।

কমিশনার, কমিশনর [ই] ১ *বি* কমিশনার; পৌরসভার সদস্য। 'রাজপুরুষেরা এ বিষয়ের তত্ত্বাবধারার্থ কতিপয় কমিশনর নিয়োগ করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বি* সরকারি কর্মকর্তাবিশেষ। 'কমিশনার-সাহেবের চাপরাশকে, না পুলিসের দারোগাকে?' *রবীন্দ্র*, ১৯০৫।

কমিস্যনর [ই] ১ *বি* বিশেষ দায়িত্বে নিযুক্ত ব্যক্তি। 'দুই কমিস্যনর প্রেরণ হইয়াছে।' *দর্পণ*, ১৮২৯। ২ *বি* কমিশনার; বিশেষ অঞ্চলের প্রধান শাসনকর্তা। 'বোম্বের কমিস্যনর সাহেবরা নিজ আমলারদের জিজ্ঞাসা করিয়াছেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

কমিস্যনরী [স কমিশনার>] *বি* কমিশনারের কাজ বা পদ। 'আদাম সাহেব ... ছোট আদালতের বুদ্ধিসাধ্য কমিস্যনরী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৮।

কমেষনর [ই কমিশনার] *বি* উচ্চপদস্থ সরকারি কর্মচারী-বিশেষ। 'যে সমস্ত সাহেব কমেষনর মকোরর হয়েন।' *ক্যালগে*, ১৭৯৮।

কমিসেরিয়েট [ই] *বি* সৈনিকদের রসদ সরবরাহের দপ্তর। 'নীলমণি রায় কমিসেরিয়েটে চাকরি করিতেন।' *বিভূতি*, ১৯২৯।

কমুকণ্ঠ [স কম্বুকণ্ঠ] *বি* শাখার মতো রেখাযুক্ত কণ্ঠ। 'কম্বু কণ্ঠে সোভে হার।' *মালাধর*, ১৫০০।

কমুণ্ডল [স কমণ্ডলু] *বি* সন্ন্যাসীদের জলপাত্র-বিশেষ। 'কোথা বা থাকিল দণ্ড কোথা কমুণ্ডল।' *বৃন্দা*, ১৫৮০।

কমুনিজম [ই] *বি* এমন রাজনৈতিক ও অর্থনৈতিক পদ্ধতি, যার অধীনে রাষ্ট্র হলো উৎপাদন ব্যবস্থার মালিক ও নিয়ন্ত্রণকারী, এবং দেশের নাগরিকরা সামর্থ্য অনুযায়ী কাজ করে ও রাষ্ট্র তাদের প্রয়োজন অনুসারে পারিশ্রমিক দেয়। 'অটোক্রেসি, বুরোক্রেসি, কমুনিজম।' *মুজতবা*, ১৯৪৯।

কমুনিটি সেন্স [ই] *বি* সামাজিক বোধ। 'কমুনিটি সেন্স আছে কিন্তু সিভিক সেন্স নেই।' *মুজতবা*, ১৯৪৯।

কমেটি [ই] *বি* পরিষদ। 'পাঠশালার মেনেজিং কমেটি।' *দর্পণ*, ১৮৩৮।

কমেডি [ই] ১ *বি* হাস্যরসাত্মক ঘটনা। 'কমেডি এবং ট্র্যাজেডি কেবল পীড়নের মাত্রাভেদ মাত্র।' *রবীন্দ্র*, ১৮৯৭; 'কমেডির অভিনয় তো সারা জীবন ধরেই হচ্ছে।' *প্রমথ*, ১৯১৮। ২ *বি* মিলনাত্মক ভাব। 'কমেডি ও ট্রাজেডি ছাপিয়ে দিয়ে কিরকম অসংযত।' *রবীন্দ্র*, ১৯২৯।

AMARBOI.COM

কমোড [ই] *বি* শৌচাগারে মলমূত্র ত্যাগের পাত্র। 'কমোডে এই যে একটানা সরসর শব্দ হচ্ছে এখন।' *শ্যামসুন্দর*, ১৯৭৩।

কম্প [স] *বি* কাঁপন। 'অশ্রু কম্প লোমহর্ষ সঘন হুঙ্কার।' *বৃন্দা*, ১৫৮০।

কম্পএ [স কম্প>] *ক্রি* কাঁপে। 'যার তনু পরশিতে হৃদয় কম্পএ।' *বাহরাম*, ১৬৫০।

কম্প জ্বর [স] *বি* শরীর কাঁপিয়ে আসে এমন জ্বর; ম্যালেরিয়া। *ওসাঁ*, ১৭৮৫।

কম্পত [স কম্পিত] *বিণ* কম্পিত। 'থর থর কম্পত দেহ।' *রবীন্দ্র*, ১৮৭৭।

কম্পন [স] *বি* কাঁপন। 'তরুশাখার কম্পন তাদের ভাষা যোগ করে দিচ্ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কম্পন-সংখ্যা [স] *বি* কাঁপার পরিমাণ। 'কম্পন-সংখ্যা ১৬ হইতে ৩০,০০০ পর্যন্ত হইলে তাহা শ্রুত হয়।' *জগদীশ*, ১৮৯৫।

কম্পবান [স] *বিণ* কাঁপছে এমন। 'ভূমি হল কম্পবান।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

কম্পমান [স] **১** *বিণ* স্পন্দিত। 'কম্পমান দেবি বষ্মমতি।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* কম্পিত। 'যার ভয়ে কম্পমান হএ বসুমতী।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কম্পমানা [স] *বিণ স্ত্রী* আন্দোলিত। 'এর পদভারে পৃথিবী যেন কম্পমানা হচ্চেন।' *মাইকেল*, ১৮৫৯।

কম্পান্বিত [স] *বিণ* কাঁপছে এমন। 'এককালে কম্পান্বিত হইল।' *দর্পণ*, ১৮৩৩।

কম্পান্বিতা [স] *বিণ স্ত্রী* কাঁপছে এমন। 'বীরগণ মালশাটে, কম্পান্বিতা ধরা ফাঁটে।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

কম্পায়মানা [স] *বিণ স্ত্রী* কম্পমান। 'পৃথিবীকে কম্পায়মানা করছ ... ।' *হরপ্রসাদ*, ১৮১৫।

কম্পা [স কম্পন>] *ক্রি* কেঁপে ওঠা। 'সে রোদনে কম্পিত প্রভুর সিংহাসন।' *সুলতান*, ১৬৫০; 'কৌতুকসুখ চক্ষে ফুটুক/ বিদ্যুৎশিখা কম্পি উঠুক।' *রবীন্দ্র*, ১৯২৬।

কম্পাউণ্ড, কম্পাউন্ড [ই] **১** *বি* ডাক্তারের সহকারী। 'আমায় বলে যান, আমি তাঁর কম্পাউণ্ড।' *গিরিশ*, ১৮৮৯। **২** *বি* চত্বর। 'বাড়ির কম্পাউন্ডের কতকগুলি নারকোল গাছ।' *রবীন্দ্র*, ১৮৯১। **৩** *বি* পরিবেষ্টিত জায়গা। 'কম্পাউন্ডের বৃহৎ বটগাছ হইতে একটি কোকিল ডাকিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'একটা ছোটখাট পাকাবাড়ির কম্পাউন্ডে এসে।' *জীবন*, ১৯৩১।

কম্পাউণ্ডার [ই] *বি* ডাক্তারের সহকারী; যে ওষুধ তৈরি করে দেয়। 'আপনি মেয়েমানুষ, কম্পাউণ্ডার।' *গিরিশ*, ১৮৮৯।

কম্পানি [ই] **১** *বি* বণিকদের সমিতি। *ওসাঁ*, ১৭৮৫। **২** সৈন্যদের দল। *ওসাঁ*, ১৭৮৫; 'ঝাঁসিতে তিনটি ও কড়েরাতে দুইটি কম্পানি সৈন্য রাখুন।' *মহাশ্বেতা*, ১৯৫৬। **৩** *বি* সংগঠন; প্রতিষ্ঠান। 'ভারতবর্ষীয় গবর্মেন্ট একটা সার্কাস কম্পানি।' *রবীন্দ্র*, ১৯০৮। *দ্র* **কোম্পানি**

কম্পার্টমেন্ট [ই] *বি* রেলগাড়ির কামরা। 'একটা পুরো সেকেণ্ড ক্লাস কম্পার্টমেন্ট আমার একার ভোগেই আসবে।' *প্রমথ*, ১৯১৮।

কম্পার্টমেন্টাল [ই] *বিণ* এক বিষয়ে অনুত্তীর্ণ। 'স্কুল ফাইন্যালে কম্পার্টমেন্টাল পেয়ে পাস করেছে।' *সুনীল*, ১৯৭০।

কম্পালসারি [ই] *বিণ* অত্যাবশ্যক; বাধ্যতামূলক। 'বোরখা কম্পালসারি কৈরা আজই অর্ডিন্যান্স জারি কৈরা দেই?' *মনসুর*, ১৯৪৫।

কম্পাশ, কম্পাস [ই] **১** *বি* দিক-নির্ণয় যন্ত্র। 'দিঙ্‌নিরূপণ যন্ত্র অর্থাৎ নাবিকদের কম্পাস যন্ত্র ...।' *অক্ষয়*, ১৮৪৯; 'মনে হয় কম্পাশ, সিন্ধু, রৌদ্র ...।' *জীবন*, ১৯৩০। **২** *বি* বৃত্ত আঁকার যন্ত্র। 'ইঞ্জিনিয়ার যে রুল কম্পাস দিয়ে রেখা টানছে।' *অঘন*, ১৯২৫।

কম্পিটিশন [ই] *বি* প্রতিযোগিতা। 'সেখানকার কম্পিটিশন কী রকম মারাত্মক, সে কথা আপনারা না জানতে পারেন।' *মুজতবা*, ১৯৫৮।

কম্পিত [স] *বিণ* কাঁপছে এমন। 'ভন বিদ্যাপতি কম্পিত কর হো ...।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'দেখিয়া কম্পিত হৈলা সব দেবগন।' *মালাধর*, ১৫০০।

কম্পিতস্বর [স] *বি* কাঁপছে এমন গলার স্বর। 'ইন্দ্রকুমার কম্পিতস্বরে পিতাকে কহিলেন।' *রবীন্দ্র*, ১৮৮৪।

কম্পিতহস্ত [স] *বি* কম্পমান হাত। 'কম্পিতহস্তে কয়েকখানি নোট চাঁদরের প্রান্তে বাঁধিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

কম্পিতা [স] *বিণ স্ত্রী* কাঁপছে এমন। 'নূরনাহার হেট বদনে কম্পিতা।' *মশাররফ*, ১৮৬৯।

কম্পিতাবস্থা [স কম্পিত-অবস্থা] *বি* কাঁপছে এমন অবস্থা। 'পৃথিবীপৃষ্ঠ যখন প্রত্যক্ষদৃষ্ট কোন কারণ ব্যতীত অকস্মাৎ কম্পিতাবস্থা প্রাপ্ত হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

কম্পোজ [ই] *বি* ছাপাখানায় টাইপ সংযোজনের কাজ। *বিদ্যা*, ১৮৯১।

কম্পোজার [ই কম্পোজ] *বি* সুরকার। 'তাহলে তো আমায় কম্পোজার থেকে শুরু করে কম্পোজিটর পর্যন্ত যেতে হয়।' *শিবরাম*, ১৯৭০।

কম্পোজিশন [ই] *বি* লেখা। 'কম্পোজিশনের খাতার পাতা উলটালেই এখানে সেখানে টুনুর দু-চার ছত্র ডায়েরি দেখা যাবে।' *শিবরাম*, ১৯৪০।

কম্পোজিটর, কম্পোজিটার [ই কম্পোজিটর] *বি* ছাপাখানার অক্ষর সাজানোর কর্মী। 'এক ব্যক্তি এই নগরে কম্পোজিটারের কাজ করিতেন।' *সুলভ*, ১৮৭৩; 'কম্পোজিটর।' *বিদ্যা*, ১৮৯১; 'কম্পোজিটররা, সংবাদাতারা, বিজ্ঞাপনদাতারা সকলেই সর্বদা ইতস্তত ধাবমান।' *শিবরাম*, ১৯৫০।

কম্পোজিটারি, কম্পোজিটারী [ই কম্পোজিটর>] *বি* কম্পোজিটরের কাজ। 'কম্পোজিটারি করিয়া সে জীবিকা চালাইত।' *রবীন্দ্র*, ১৯০২; 'কিছুকাল ধরে কম্পোজিটারী করছে যতীশ।' *নরেন্দ্র*, ১৯৪৮।

কম্প্র [স] *বিণ* কম্পবান। 'দ্বিধায় জড়িত পদে কম্প্রবক্ষে নম্র নেত্রপাতে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কম্প্রকণ্ঠোচ্চারিত [স] *বিণ* কাঁপা কাঁপা গলায় উচ্চারিত। 'ধর্মপুত্রের কম্প্রকণ্ঠোচ্চারিত ভ্রষ্ট অশ্বত্থামার।' *বীরেন্দ্র*, ১৯৫৪।

কম্প্রবক্ষ [স] *বিণ* বুক কাঁপছে এমন। 'আমি মোহ্যমান, কম্প্রবক্ষ, বেপথুমান।' *মুজতবা*, ১৯৬০।

কম্প্রমান [স] *বিণ* স্পন্দিত। 'হাওয়ায় তারা চঞ্চল কম্প্রমান।' *ওয়ালী*, ১৯৪৫।

কম্প্রমাইজ [ই] *বি* মিটমাট। 'কম্প্রমাইজের প্রস্তাব পাড়তে যাচ্ছি।' *শিবরাম*, ১৯৪০।

কম্প্রেস [ই] *বি* সেঁক। 'তাহলে বোরিক কম্প্রেস করে দেখতে পারেন।' *শিবরাম*, ১৯৫০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কম্পমান [স কম্পমান] *বিণ* কম্পমান। 'ভল্লুক সাঁভায় গাড়ে ভয়ে কম্পমান।' *মুকুন্দ*, ১৬০০।

কম্পর্টার [ই] *বি* গলায় জড়ানোর পশমি কাপড়বিশেষ। 'সে তার হাতের বোনা কয়েকটা কম্পর্টার আর ফুল তোলা রুমাল পাঠিয়েছে।' *নজরুল*, ১৯২৭।

কম্বল [স] *বি* জন্তুর লোম দিয়ে তৈরি মোটা বস্ত্রবিশেষ। 'ছিঁড়া কম্বলে বসি মুখে মৃদু মৃদু হাসি ঘন ঘন দেই বাহু নাড়া।' *মুকুন্দ*, ১৬০০।

কম্বলচাপা [স] ১ *বিণ* কম্বল জড়িয়ে থাকার মতো খুব গরম। 'কাল গিয়েছে কম্বল-চাপা হাঁপিয়ে-ওঠা রাত।' *রবীন্দ্র*, ১৯৩২। ২ *বিণ* উত্তপ্ত। 'এই আঙ্গারিক গ্যাসের ঘন আবরণে গ্রহটি যেন কম্বলচাপা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কম্বল ধোলাই চালানো *ক্রি* কঠোর শারীরিক নির্যাতন করা। 'এমনকি সব নিজের হাতে কম্বল ধোলাই চালিয়েছিল।' *শওকত*, ১৯৭২।

কম্বল ভোট [স কম্বল+ভোট] *বি* ভোট-কম্বল; ভুটানি কম্বল। 'সুরঙ্গ কম্বল ভোট সুন্দর বসন।' *বৃন্দা*, ১৫৮০।

কম্বু [স] *বি* শঙ্খ। 'তিলফুল জিনী নাসা কম্বু সম গলে।' *বড়ু*, ১৪৫০।

কম্বুকণ্ঠ [স] ১ *বি* শঙ্খের মতো গলা। 'কম্বুকণ্ঠে সোতে হার করএ দিপতি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* গভীর কণ্ঠ। 'জনগণকে কম্বুকণ্ঠে আহ্বান জানাইয়াছেন।' *আজাদ*, ১৯৪০।

কম্বুকণ্ঠী [স] *বিণ* শঙ্খের মতো দাগাঙ্কিত গলার অধিকারী। 'কম্বুকণ্ঠী বা কম্বুগ্রীব বলতে বোঝায় ...।' *মুজতবা*, ১৯৪৯।

কম্বুগ্রীব [স] *বিণ* শঙ্খের মতো রেখাযুক্ত গ্রীবাবিশিষ্ট। 'গজস্কন্ধ কম্বুগ্রীব, কবাটবক্ষঃ।' *কেরি*, ১৮১২।

কম্বুজ [স কম্বু (শঙ্খ)>] *বিণ* সাদা। 'ধরয়ে কম্বুজ বেশ শিরে সাহী রাখে কেশ ...।' *মুকুন্দ*, ১৬০০।

কম্বুবর [স] *বি* শঙ্খশ্রেষ্ঠ। 'কম্বুবর নিন্দিআ কণ্ঠের পরিপাটি।' *আলাওল*, ১৬৮০।

কম্বুরোগ [স কম্বু>?] *বি* রোগবিশেষ। 'গুল্ম আর কম্বুরোগ দুই করে শেষ।' *গুপ্ত*, ১৮৫৮।

কর্ম [স কর্ম] *বি* কাজ। *বোগল*, ১৭৭০; 'আজি আমার নানান কর্ম।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কর্মকণ্ঠি [স কর্মকণ্ঠী] *বিণ* স্ত্রী শব্দের মতো কণ্ঠবিশিষ্ট। 'কর্মকণ্ঠি মাঝা খিন নিতুম্ব বিসালা।' *মালাধর*, ১৫০০।

কম্যাণ্ডার [ই] ১ *বি* সামরিক বাহিনীর পদবিবিশেষ। 'কম্যাণ্ডার আস্তিলিও গাত্তি।' *বিভূতি*, ১৯৩৭। ২ *বি* দলপতি। 'আমি ভেবেছিলাম কোনো মেয়ে কম্যাণ্ডার।' *শিবরাম*, ১৯৭০।

কম্যুনাল [ই] *বিণ* সাম্প্রদায়িক। 'কম্যুনাল রায়টের মধ্যে আমি যেতে নারাজ।' *রবীন্দ্র*, ১৯২৮।

কম্যুনিজম [ই] *বি* এমন রাজনৈতিক ও অর্থনৈতিক পদ্ধতি, যার অধীনে রাষ্ট্র হলো উৎপাদন ব্যবস্থার মালিক ও নিয়ন্ত্রণকারী, এবং দেশের নাগরিকরা সামর্থ্য অনুযায়ী কাজ করে ও রাষ্ট্র তাদের প্রয়োজন অনুসারে পারিশ্রমিক দেয়। 'ইহাই প্রকৃত কম্যুনিজম।' *বঙ্কিম*, ১৮৭৯।

কম্যুনিস্ট, কম্যুনিষ্ট [ই] ১ *বি* কমিউনিজমে বিশ্বাসী ব্যক্তি। 'সাধারণ কম্যুনিষ্ট।' *বঙ্কিম*, ১৮৭৯। ২ *বি* সাম্যবাদী। 'সোশিয়ালিষ্ট, কম্যুনিষ্ট প্রভৃতি নামে তারা খ্যাত।' *বঙ্কিম*, ১৮৯২। ৩ *বিণ* সাম্যবাদমূলক। 'সে ছেলেদের মধ্যে কম্যুনিস্ট মতবাদ প্রচার করছিল।' *নজরুল*, ১৯৩০। *দ্র* **কমিউনিস্ট**

কম্র [স] *বিণ* কমনীয়। 'কণ্ঠে কম্র, কম্প্র করুণার বাণী।' *সুধীন্দ্র*, ১৯৩২।

কয়িয়া-ফাসাদ [আ কজিয়াহ+আ ফাসাদ] *বি* কলহ-হাঙ্গামা। 'ঝগড়া-বিবাদে, কয়িয়া-ফাসাদে পাঁচগাঁয়ের লোক ...।' *মনসুর*, ১৯৫৩।

কয় [স কিয়ৎ] ১ *বিণ* কতো। 'কয় জন চাকর এবং তাহাদের পদবি কি কি।' *কেরি*, ১৮০২। ২ *বিণ* কতো সংখ্যক। 'ভ্রূণঘাতী না হইতে হয় এ বিবেচনা করিয়া কয় ব্যক্তি পাণিগ্রহণ করেন?' *অক্ষয়*, ১৮৪৯।

কয়গুলা *বিণ* কতকগুলি। 'নস্কর কয়গুলা সঙ্গে।' *মানিকরাম*, ১৭৮১।

কয়দিন [কয়+স দিন] ১ *ক্রিবিণ* কতো দিন। 'আর কয়দিন রাখবে ছাপায়ে/ নিজ রূপ মাধুরী।' *লালন*, ১৮৯০। ২ *ক্রিবিণ* কিছু দিন। 'তিতু যে কয়দিন বাদসাই করিয়াছিল ...।' *হিতৈষী*, ১৮৯৫।

কয়ড়া [স কপর্দক] *বি* কড়ি। 'কয়ড়ার কা – ।' *চিঠিপত্রে*, ১৮২২।

কয়র [স কপর্দক] *বি* কড়ি। '৪ কয়র।' *চিঠিপত্রে*, ১৮২৩।

কয়রা *বি* নদীবিশেষ। 'কয়রা নদীর তীর থেকে গভীর বন।' *সেলিনা*, ১৯৭৫।

কয়লা [প্রা কোইলা] *বি* অঙ্গার; খনিজ জ্বালানিবিশেষ। *মানোএল*, ১৭৪৩; 'শ্বেত প্রস্তর কয়লা ও চুনের পাথর।' *দর্পণ*, ১৮২৬।

কয়লাওয়ালা [কয়লা+হি ওয়ালা] ১ *বি* কয়লা-বিক্রেতা। 'রুটিওয়ালা, মাংসওয়ালা কয়লাওয়ালা ইত্যাদি প্রত্যেকেরই নিজস্ব 'চি-চিং ফাক' আছে।' *অন্নদা*, ১৯২৯। ২ *বি* খনি থেকে কয়লা উত্তোলনকারী। 'কয়লাওয়ালাদের মজুরিই বা কি।' *বিভূতি*, ১৯৩৮।

কয়লা-কাটা [কয়লা+কাটা] *বিণ* কয়লা উত্তোলন করে এমন। 'কয়লা-কাটা ময়লা কুলের সেই অনল।' *নজরুল*, ১৯২৬।

কয়লাক্রান্ত [কয়লা+স আক্রান্ত] *বিণ* কালিপরা। 'কয়লাক্রান্ত চক্ষু কচলাইতে কচলাইতে দেখিলাম ...।' *বনফুল*, ১৯৩৬।

কয়লাখনি [কয়লা+স খনি] *বি* কয়লার খনি। 'কয়লা-খনির বয়লা ঠেলে।' *নজরুল*, ১৯২৬।

কয়লাগাড়ি [কয়লা+গাড়ি] *বি* কয়লা বহন করা গাড়ি। 'ঠেলবে কয়লাগাড়ি আর পাকাবে সুতো।' *ধূর্জটি*, ১৯৩১।

কয়লার বস্তায় আগুন লাগা – বেমানান সাজ-সজ্জা করা। 'ঠিক যেন কয়লার বস্তায় আগুন লেগেছে মনে হবে।' *অচিন্ত্য*, ১৯৫০।

কয়াটর [ই] *বি* কোয়ার্টার। 'পিনীষ কিম্বা কয়াটর ভাড়েল ... ভাড়া করিয়া গিয়াছিলেন।' *দর্পণ*, ১৮২১।

কয়ার *বি* তিতির পাখি। *মানোএল*, ১৭৪৩।

কয়াল [আ] *বিণ* ধান, চাল ইত্যাদি ওজনকারী। 'কয়াল লোকেরা ডালা পসরা ধরিয়া জিনিস পত্র ওজন করিতেছে।' *রামরাম*, ১৮০১।

কয়ালি [স কয়াল>] *বি* শস্যাদি ওজন করার পারিশ্রমিক। 'দর মকামে ধান্য ওজনের কয়ালি।' *চিঠিপত্রে*, ১৮৫১।

কয়ালী [স কয়াল>] *বিণ* শ্রমিকদের মজুরি সংক্রান্ত। 'নৌকায় মাল তুলিবে কি তাহা হইতে মাল নামাইবে, কয়ালী খাতায় কিছু জমা করিয়া দিতে হইবে।' *সুলভ*, ১৮৭৩।

কয়েক [কয়+স এক] *বিণ* কিছুসংখ্যক। 'এয়ছাই কয়েক রোজ গোজারিয়া যায়।' *গরীব*, ১৭৫০।

কয়েকখানি *বিণ* কিছুসংখ্যক। 'সাহিত্য ইতিহাসাদি বিষয়ক যে

AMARBOI.COM

কয়েকখানি গ্রন্থ অধীত হয়।' *অক্ষয়*, ১৮৫০।

কয়েতবেল, কয়েৎবেল [স কপিত্থ+স বিল্ব] *বি* টকস্বাদের বেলসদৃশ ফলবিশেষ; কতবেল। 'ওদের বাগানের ডাকসাইটে কয়েৎবেল।' *রবীন্দ্র*, ১৯০৮; 'একটা কাঁচা কয়েতবেল।' *নজরুল*, ১৯৩০।

কয়েদ [আ] **১** *বি* আটক। 'কয়েদ করিব আমি কেমন প্রকারে।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* কারাগারে আটক ব্যক্তি। 'সব ইনস্পেক্টর মহাশয় কয়েদ খালাসের জন্য কনষ্টেবল পাঠাইলেন।' *বঙ্কিম*, ১৮৭৯। **৩** *বি* কারাদণ্ড। 'ছোট ভাই কয়েদ খেটেছে।' *গিরিশ*, ১৮৮৯।

কয়েদখানা [আ কয়েদ+ফা খানাহ] *বি* জেলখানা। 'কয়েদীদের কয়েদখানায় পৌঁছে দেবার যন্তর নেই।' *হাফিজুর*, ১৯৫৩।

কয়েদী [আ কয়েদ>] *বি* কারাদণ্ডপ্রাপ্ত ব্যক্তি। 'একে একে প্রত্যেক কয়েদীর নিকটে উপস্থিত হইলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

কর[১] [স] **১** *বি* শুল্ক। 'কর কুলআঁ ঘাটে কাহ্ন মাহাদানী বাটে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* খাজনা। 'জত বৈসে দ্বিজবর তার নাহি নিব কর চাষভূমি বাড়ি দিব দান।' *মুকুন্দ*, ১৬০০।

করগ্রহণ [স] *বি* খাজনা সংগ্রহ। 'নিষ্কর ভূমির করগ্রহণে ভূপতির কর্ত্তব্য ...।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৬।

করগ্রাহক [স] *বিণ* খাজনা আদায়কারী। 'রাজা প্রজারক্ষক, বিচারক, প্রজাপালক, এবং করগ্রাহক।' *মশারফ*, ১৮৯০।

করগ্রাহী [স] *বি* কর গ্রহণ করে যে। 'জমীদার অর্থে করগ্রাহী বুঝিতে হইবে।' *বঙ্কিম*, ১৮৯২।

করচা [স কারিকা] *বি* খাজনা হিসাবের খাতা। 'দাখিলা, জমাওয়াশীল, খোকা, করচা।' *বঙ্কিম*, ১৮৭৮।

করদ [স] *বিণ* কর দিয়ে অধীনতা স্বীকার করে এমন। 'যাহারা প্রথমে স্বাধীন, পরে মিত্র, তাহার পর করদ ...।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

করদান [স] *বি* খাজনা প্রদান। 'আমাদের কার্য্য তোমাকে করদান ও তোমার আজ্ঞাপালন।' *বঙ্কিম*, ১৮৭৯।

করদায়ী [স] *বিণ* কর প্রদান করে এমন। 'এখানে আর করদায়ী না হইয়া ... শিক্ষা নিজ নামে মারে।' *রামরাম*, ১৮০১।

কর দেঅনিয়া *বিণ* করদাতা। *মানোএল*, ১৭৪৩।

করধা [আ করদ] *বি* উৎকোচ। 'করধা লইয়া আল্য বাইতির ঘর।' *মানিকরাম*, ১৭৮১।

করবৃদ্ধি [স] *বি* খাজনা বাড়ানো। 'জমিদারের করবৃদ্ধি প্রস্তাবে বক্তৃতা প্রদর্শন।' *এডুকেশন*, ১৮৭৩।

করভার [স] **১** *বি* খাজনার দায়। 'অনেকে সাক্ষাৎ সম্বন্ধে করভার হইতে মুক্ত ছিলেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **২** *বি* করের বোঝা। 'প্রজার উপর করভার আর না চাপাইলেই ভাল হয়।' *আজাদ*, ১৯৩৬।

করভারাক্রান্ত [স] *বিণ* রাজস্ব-ভারগ্রস্ত। 'কেহই অধিক করভারাক্রান্ত হইলাম মনে করেন না।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

করসংগ্রহ [স] *বি* খাজনা আদায়। 'তৎকালে কর সংগ্রহ, বিচার সম্পাদন ...।' *অক্ষয়*, ১৮৪৫।

করসংগ্রাহক [স] *বি* শুল্ক আদায়কারী। 'তাহার উপর করসংগ্রাহক-দিগের অত্যাচার।' *বঙ্কিম*, ১৮৭৯।

করসা [স কর>] *বি* কর সম্পর্কিত হিসাবের খাতা। 'করসা –।' *চিঠিপত্রে*, ১৭৯৯।

করসাধন [স] *বি* কর আদায়। 'তন্মধ্যে এক জন করসাধনেতে প্রবৃত্ত থাকেন।' *দর্পণ*, ১৮৩০।

করহীন [স] *বিণ* কর দিতে হয় না এমন; নিষ্কর। 'এইক্ষণে করহীন স্থলের স্বীকার বিষয়ে তদ্রূপ বিলক্ষণ সত্যতা রক্ষা হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৬।

কর[২] [স] **১** *বি* হাত। 'কর কমল বাহু মৃণাল।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* আশ্রয়। 'প্রভু করে ইহাঁ রূপ ছিল দশ মাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

করকমল [স] বি পদ্মের মতো হাত। 'অতএব মম করকমলে।' *মদনমোহন*, ১৮৩৪।

করকম্পন [স] *বি* করমর্দন। 'মাননীয় সভাপতি শহীদ সাহেবের সহিত সভার মধ্যেই করকম্পন করিলেন।' *মনসুর*, ১৯৪০।

করকলিত [স] *বিণ* কর বা হাতে ধরা এমন। 'সম্পন্ন ব্যক্তিরা মনোরম্য হর্ম্ম্য মধ্যে পরয়ফেননিভ পর্য্যঙ্কোপরি পরিচারিকা করকলিত তালবৃন্তে বীজ্যমান হওত ...।' *রামনারায়ণ*, ১৮৫৪।

করকোষ্ঠি, করকোষ্ঠী [স করকোষ্ঠী] *বি* হস্তরেখা বিচারে প্রস্তুত কোষ্ঠী। 'করকোষ্ঠির সেই পরিণত ফলটা আপনি যেচে আজ তার কাছে উপস্থিত।' *রবীন্দ্র*, ১৯২৯; 'করকোষ্ঠী উদ্ধারেও তাঁহার অনেক পারদর্শিতা জন্মিয়াছিল।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

করপদ্মবিন্দ [স কর+স অঙ্গ+স অরবিন্দ] *বি* হাতের আঙুল। 'করঙ্গকবিন্দ মাল নির্ম্মিত কমলে।' *বড়ু*, ১৪৫০।

করজোড় [স কর+জোড়] *বি* জোড়হাত। 'কর জোড় করি বলি শুন সামোদর।' *বড়ু*, ১৫৭০।

করজোড়ে *ক্রিবিণ* হাতজোড় ক'রে। 'ব্যাসের বচনে রাজা করজোড়ে কহে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

করতল [স] **১** *বি* হাতের তালু। 'করতল কমল নয়ন ঢর নীর।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* আয়ত্ত। 'বঙ্গভূমি অধিকার সমস্তই তাহারি করতলে।' *রামরাম*, ১৮০১।

করতল করা *ক্রি* অধিকারভুক্ত করা। 'এই অপকাশক্রমে ছোলেমান সেনা সর্জ্জ করিয়া সে সুবাও আপন করতল করিলেন।' *রামরাম*, ১৮০১।

করতলগত [স] *বিণ* আয়ত্তাধীন। 'অযোধ্যা ও রোহিলখণ্ড একজন নবাবের করতলগত।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

করতলপুট [স] *বি* হাতের তালু। 'তব করতলপুটে।' *রবীন্দ্র*, ১৯১০।

করতলস্থ [স] *বিণ* হস্তগত। 'মনোব্রহ্মাণ্ড করতলস্থ করিবার ইচ্ছা।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

করতাড়ন [স] *বি* চাপড়; হাত দিয়ে মৃদু আঘাত। 'পৃষ্ঠদেশে বিস্তর উৎসাহজনক করতাড়নের পর বালিকা ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

করতালু [স] *বি* হাতের তালু। 'সঙ্গিনী তার চিবুকে করতালু যোগে বাধা দিলে এবং বললে ...।' *শওকত*, ১৯৭২।

করধ্বনি [স] *বি* হাততালি। 'স্তুতিবাদ করিলেন ইহাতেও করধ্বনি হইল।' *দর্পণ*, ১৮৩৮।

করনলিনী [স] *বি* পদ্মের ন্যায় হাত। 'পারি নে কি অনুভব করিতে সে ... করনলিনী।' *দীনবন্ধু*, ১৮৬৭।

করপদ [স] *বি* হাত ও পা। 'করপদ রাতুল অতুল অতিশয়।' *বাহরাম*, ১৬৫০।

AMARBOI.COM

করপরশ [স করস্পর্শ] *বি* হাতের ছোঁয়া। 'কদম শিহরে করপরশ লেগে।' *নজরুল*, ১৯২৯।

করপল্লব [স] *বি* নতুন পাতার মতো কোমল হাত। 'তোমার কোমল করপল্লব শিরীষকুসুম অপেক্ষাও সুকুমার।' *বিদ্যা*, ১৮৪৭।

করপুট [স] *বি* জোড়হাত; অঞ্জলি। 'স্তুতি করে নৃপবর করপুট করি।' *মালাধর*, ১৫০০।

করপৃষ্ঠ [স] *বি* হাতের পিঠ। 'যে সকলে করপৃষ্ঠ হেরিয়া আছিল।' *সুলতান*, ১৬৫০।

করমর্দন [স] *বি* পরস্পরের হস্তমর্দন। 'করমর্দন পূর্বক তাঁহাকে বিদায় দিলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

করমূল [স] *বি* বাহুমূল। 'রতন কঙ্কণ করমূলে।' বড়ু, ১৪৫০।

কর যুড়া *ক্রি* করজোড় করা। 'দাণ্ডাইয়া কর যুড়ি বলে বাচস্পতি।' *বৃন্দা*, ১৫৮০।

করযোড় [স কর+স যুগ্ম>] *বি* হাতজোড়। 'দৈন্য করি স্তুতি করে করযোড় করি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

করযোড়ী [স কর+স যুগ্ম>] *ক্রিবিণ* হাতজোড় ক'রে। 'করযোড়ী বোলেঁ এবে শুন দামোদর।' বড়ু, ১৪৫০।

করযোড়ে *ক্রিবিণ* হাতজোড় ক'রে। 'বিজ্ঞমন্ত্রী করযোড়ে বলিলেন, ধর্ম্মাবতার!' *মশাররফ*, ১৮৬৯।

কররুহ [স] *বি* হাতের আঙুল। 'সুললিত কররুহে রতন অঙ্গুরি শোহে।' *বাহরাম*, ১৬৫০।

করলগ্ন [স] *বিণ* হাতে বিদ্ধ হয়েছে এমন। 'আমি কি তোমার উপদ্রব, অভিশাপ, দুরদৃষ্ট, দুঃস্বপ্ন, করলগ্ন কাঁটা।' *রবীন্দ্র*, ১৮৮৯।

করশঙ্খ [স] *বি* হাতের শাঁখা। 'করশঙ্খে খেলিছে বিজুলি।' *রূপরাম*, ১৭৫০।

কর-সম্পন্ন [স] *বিণ* হাতে করা যায় এমন। 'মনুষ্যের কর-সম্পন্ন কার্য্য দ্বারা ...।' *অক্ষয়*, ১৮৫৪।

করস্থ [স] ১ *বিণ* হস্তগত। 'শিল্পবিদ্যার আধিক্য ব্যতীত অবনীর সুখ সৌভাগ্য কদাচ করস্থ হয় না।' *প্রভাকর*, ১৮৪৭। ২ *বিণ* হাতের। 'করস্থ অঙ্গুলি প্রভৃতি যে বিধিতে নির্ম্মিত।' *অক্ষয়*, ১৮৪৮।

করস্থিত [স] *বিণ* হাতে ধারণ করা আছে এমন। 'তপস্বী যোগবলে তাঁহার মনোগত ভাব অবগত হইয়া আপন করস্থিত অঙ্গুরীয়ক তাহাকে প্রদান করিলেন।' *মশাররফ*, ১৮৬৯।

করস্পর্শ [স] *বি* হাতের পরশ; ছোঁয়া। 'ললাটদেশে করস্পর্শ করিয়া ... পয়সা কড়ি অর্পণ পূর্ব্বক ...।' *অক্ষয়*, ১৮৫০।

করহা [স কর>] *বি* হাত। 'জবে করহা করহকলে পিচিউ।' *চর্য্যা* ১৭, ১২০০।

করাঘাত [স কর-আঘাত] *বি* চড়; হাত দিয়ে আঘাত। 'স্ত্রীকে দয়ারহিত হইয়া করাঘাতে তাড়না করিতেছে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

করাঙ্গুরী [স করাঙ্গুলী] *বি* আঙুলের আংটি। 'নৃপতির করাঙ্গুরী দিল নিকালিয়া।' *আলাওল*, ১৬৮০।

করাঙ্গুল [স করাঙ্গুলি] *বি* হাতের আঙুল। 'করাঙ্গুলে ধরি বেণু।' *মুকুন্দ*, ১৬০০।

করাঙ্গুলি, করাঙ্গুলী [স কর-অঙ্গুলি] *বি* হাতের আঙুল। 'যখন আকুল করাঙ্গুলীতে পুষ্প দলি।' *আহসান*, ১৯৫৯; 'চকিতে মিলায় আলোকিত করাঙ্গুলি কার।' *মাহমুদ*, ১৯৬৩।

করামৃত [স কর-অমৃত] *বি* সুন্দর হাত। 'এই ব্রজের রমণী কামার্কতপ্ত কুমুদিনী/ নিজ-করামৃত দিয়া দান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

করায়ত্ত [স কর-আয়ত্ত] ১ *বিণ* হস্তগত। 'আজ যখন ছোট হৃদয়ের আর ক্ষমতার মাপে মাপা ক্ষুদ্র সিদ্ধি তার করায়ত্তপ্রায়।' *নরেন্দ্র*, ১৯৪৫। ২ *বিণ* সম্পূর্ণ আয়ত্ত। 'অনুকূল মনোভাবের দ্বারা এই পরিস্থিতি করায়ত্ত করিতে পারা যাইবে।' *মাহেনও*, ১৯৪৯।

করঁ [স] ১ *বি* কিরণ। 'ফিরএ আকাশ পরে মহাদীপ্তি কর।' *সুলতান*, ১৬৫০। ২ *বি* তাপ। 'পরম প্রভাপন্ন প্রভাকরের করসমূহ সহ্য করিয়া ... শস্যাদি রোপণ করিলে।' *প্রভাকর*, ১৮৫৩।

করনিকর [স] *বি* চাঁদ। 'সুধাকর, হিমকর, করনিকর, মৃগাঙ্ক, শশাঙ্ক।' *বঙ্কিম*, ১৮৭৫।

করোজ্জ্বল [স] *বিণ* আলোকিত। 'অয়ি নির্মলসূর্যকরোজ্জ্বল ধরণী।' *রবীন্দ্র*, ১৯০০।

করোত্তাপ [স] *বি* কিরণের উত্তাপ। 'সূর্য-করোত্তাপে জাগা কঠোর গ্রীষ্মে/ হাজার হাজার চঞ্চল স্রোত।' *সুকান্ত*, ১৯৪৮।

করঁ [স] *বি* বাঙালি হিন্দুদের পদবিবিশেষ। 'ভাগবত কর।' *সেবধি*, ১৮৪০।

করকচ [স কড়ক] *বি* সামুদ্রিক লবণ। ওসাঁ, ১৭৮২; 'এঘাটে পাঙ্গা ও করকচ সকল রকম আছে।' *দর্পণ*, ১৮৩৭।

করকচি [স কড়ক>] *বিণ* কোমল। 'করকচি বেলায় উভয় বড় স্নিগ্ধকর।' *বৃহিত্ন*, ১৮৭৫।

করকট *বি* গাছবিশেষ। 'সিরিষ করকট বনচালিতা।' *মুকুন্দ*, ১৬০০।

করকর [ধ্বন্যা] ১ *বি* জ্বালা যন্ত্রণার অনুভূতি। 'চোখ করকর করছিল।' *জীবন*, ১৯৩২। ২ *বিণ* করকর শব্দ হয় এমন। 'নখ লেগে করকর শব্দ হচ্ছিলো।' *মান্নান*, ১৯৬৮।

করকরি করা [ধ্বন্যা করকর>+করা] *ক্রি* জ্বাবর কাটা। 'করকরি করিতে।' *মানোএল*, ১৭৪৩।

করকরে [ধ্বন্যা] ১ *বিণ* খরখরে; অমসৃণ। 'নীল সাদায় ডোরাকাটা করকরে টেবিল ক্লথ।' *মুজতবা*, ১৯৫২। ২ *বিণ* পূর্বে ব্যবহৃত হয়নি এমন। 'করকরে দুখানা একশো টাকার নোট ধরে দিয়ে তাঁকে নিয়ে গৃহিণীর ঘরে গেলেন।' *শিবরাম*, ১৯৭০।

করকরা [স কর্কর>] *বি* কাক। 'এক করকরা দূরাদৃষ্টক্রমে প্রতারিত হইয়া তাহাদিগের সমাজে আইল।' *তারিণী*, ১৮০৩।

করকা [স] *বি* মেঘ থেকে পড়া বরফখণ্ড; শিলা। 'সজল করকা চয়, সূর্য্য-প্রতি-বিম্বচয়।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

করকাপাত [স] *বি* শিলাবৃষ্টি। 'বজ্রের মার করকাপাত।' *নজরুল*, ১৯২২।

করকাবৃষ্টি [স] *বি* শিলাবৃষ্টি। 'অভিমানে মোর আঁখিজল জমে করকাবৃষ্টি সম।' *নজরুল*, ১৯২৯।

করগেট [ই] *বি* লোহার ঢেউটিন। 'বাতাসের তোড়ে একেকবার মোচড় খেয়ে ওঠে করগেটের চালগুলি।' *আলাউদ্দিন*, ১৯৫৪। দ্র **করোগেটেড**

করঙ্ক [স] *বি* পানের বাটা। 'শিষ্যকৃত্য করেছি গুণীর হয়ে করঙ্ক-বাহী।' *সত্যেন্দ্র*, ১৯২৪।

করঙ্কবাহিনী [স] *বি* স্ত্রী পানের বাটা বাহকরা। 'ছত্রধারিণী, করঙ্কবাহিনী ও অন্যান্য সভাসদগণের প্রবেশ।' *নজরুল*, ১৯৩১।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

করঙ্গ [স করঙ্ক] *বি* ভিক্ষাপাত্রবিশেষ। 'গোবিন্দ যায় কৌপীন করঙ্গ লইয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কটিতে কৌপীন ডোর করেতে করঙ্গ।' *মানিকরাম*, ১৭৮১।

করজ *বি* নখ। *বিদ্যা*, ১৮৯১।

করজ ফুরানো [আ কর্জ্] *ক্রি* ঋণ শোধ করা। 'করজ ফুরাইতে।' *মানোএল*, ১৭৪৩।

করজা [আ কর্জ্জা] *বিণ* কর্জ্জা; ঋণস্বরূপ গৃহীত। *বিদ্যা*, ১৮৯১।

করঞ্জ[১] *বি* বাঙালি ব্রাহ্মণের পদবিবিশেষ। 'রামধন করঞ্জ।' *সেবধি*, ১৮৪০।

করঞ্জ[২], **করঞ্জা** [স করঞ্জক] *বি* করমচা ফল বা গাছ। 'দরিয়াবিবি খুব ভোরে উঠিয়া করঞ্জ ফল কুড়াইয়া আনে।' *শওকত*, ১৯৫৮; 'খণ্ডে মিসাইয়া রান্ধ করঞ্জার ফল।' *মুকুন্দ*, ১৬০০।

করঞ্জি [স করঞ্জক] *বি* করমচা ফল বা গাছ। 'ডেফল কাফল করন্দার বন করঞ্জি মেণ্ডুদি কাটে আসন।' *মুকুন্দ*, ১৬০০।

করণ[১] [স] *বি* ইন্দ্রিয়। 'এড়ি এউ ছান্দক বান্ধ করণক পাটের আস।' *চর্যা* ১, ১২০০।

করণ[২] [স] *বি* কাজ। 'অনেক অপার অতি প্রভুর করণ।' *আলাওল*, ১৬৮০।

করণ কারণ [স] *বি* সৃষ্টিতত্ত্ব। 'করণ কারণ ধর্ম কেবা জানে মায়া।' *মানিকরাম*, ১৭৮১।

করণান্তর [স করণ-অন্তর] *ক্রিবিণ* করার পর। 'দৈনিক কার্য্য সমাধা করণান্তর ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

করণাপেক্ষা [স করণ-অপেক্ষা] *ক্রিবিণ* করার চেয়ে। 'অমনি ধন গ্রহণ করণাপেক্ষা তাহা উত্তমরূপ জীবিকা বলা যাইত।' *দর্পণ*, ১৮৩৩।

করণার্থ [স করণ-অর্থ] *ক্রিবিণ* করার জন্য। 'দুঃখ দূর করিবার উপায় করণার্থে।' *দর্পণ*, ১৮২৪।

করণীয় [স] **১** *বিণ* কর্তব্য। 'কৃষিকর্ম্মবিষয়ে সকলি প্রায় উত্তম করণীয়।' *দর্পণ*, ১৮২০। **২** *বিণ* করার যোগ্য। 'যাহা করণীয় ছিল, ... সেইটি বর্জ্জনীয় বলিয়া ব্যবস্থা দিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৬।

করণেওয়ালা [স করণ+হি ওয়ালা] *বি* যে করে; কর্তা। 'তুমিই গোনাহ মাফ করণেওয়ালা।' *কায়সার*, ১৯৬৫।

করণেচ্ছুক [স করণ-ইচ্ছুক] *বিণ* করতে আগ্রহী। 'যদ্যপি কেহ বাস করণেচ্ছুক হন।' *দর্পণ*, ১৮২৭।

করণ্ড [স] *বি* করতাল। 'মণ পবণ বেণি করণ্ডকসালা।' *চর্যা* ১৯, ১২০০।

করণ্ডক [স] *বি* ঝাঁপি। 'দুই জন সৈনিক পুরুষ অধিরোহিণী দ্বারা অতি কষ্টে করণ্ডক অবতীর্ণ করিল।' *বিদ্যা*, ১৮৪৯।

করণ্ডি, করণ্ডী [স করণ্ড] *বি* ফুলের সাজি। 'বাম করে করণ্ডি আঁকুড়ি সাজি করে।' *মুকুন্দ*, ১৬০০; 'নানা পুষ্পে করণ্ডী ভরিল মহাদেব।' *বিজয়*, ১৬৫০।

করতল *দ্র* **কর**[২]

করতার [স কর্তৃ>] *বি* প্রভু। 'কোটি ব্রহ্মাণ্ডের তুমি বঠ করতার।' *মালাধর*, ১৫০০।

করতারি [স করতালী] *বি* করতলধ্বনি। 'ফুলবনে সখীসনে খেলিতে খেলিতে হাসি হাসি/ দে রে করতারি।' *রবীন্দ্র*, ১৮৮৫।

করতাল [স] **১** *বি* করতল ধ্বনি; হাততালি। 'করে করতাল মধুর বাঁশী বাএ।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* মন্দিরা; কাঁসা নির্মিত বাদ্যযন্ত্রবিশেষ। 'মৃদঙ্গ করতাল সঙ্কীর্ত্তন উচ্চধ্বনি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

করতালি, করতালী [স করতালী] **১** *বি* হাততালি। 'সব লোকে হাসে যেহ্ন দিআঁ করতালী।' *বড়ু*, ১৪৫০; 'উচ্চ করি গায় গীত দেয় করতালি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* করতাল নামের বাদ্যযন্ত্র। 'সুন্দর সে গীত গাআঁ বাআঁ করতালী।' *বড়ু*, ১৪৫০; 'করতালি-ঠেকা দেয় মত্ত তালিবন।' *নজরুল*, ১৯২৫।

করতোয়া [স] *বি* উত্তরবঙ্গের একটি নদী। 'করতোয়া তটে পড়ে বাম কর্ণ তার।' *ভারত*, ১৭৬০।

করন[১] [স কর্ণ] *বি* কান। 'কানুক করুনা করনে নহি সুনলি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

করন[২] [স করণ] *ক্রিবিণ* স্থানে। 'মোর বানে আজি জাবে জমের করন।' *মালাধর*, ১৫০০।

করনল [ই] *বি* সেনাবাহিনীর উচ্চপদস্থ কর্মকর্তা; কর্নেল। 'সৈন্য সমেত শ্রীযুত করনল রিচার্ড সাহেব গিয়াছিলেন।' *দর্পণ*, ১৮২১।

করনান্তর [স] *ক্রিবিণ* করার পর। 'রাজ্যচ্যুত করনান্তর সর্ব্বদেশে সেনাসন্নিপাত সঙ্গে লইয়া ...।' *দর্পণ*, ১৮২৭।

করনাল [ফা করনায়] *বি* বাদ্যবিশেষ। 'নাকারা করনাল সিঙ্গা ঘন ঘন বাজে।' *গরীব*, ১৭৬৫।

করনি [স কারণ] *বি* কার্যের কারণ। 'মুক্তি দায়ক করনি কৃষ্ণের চরিত।' *মালাধর*, ১৫০০।

করনেট [ই] *বি* ধাতুনির্মিত বাঁশিবিশেষ। 'ক্লারিওনেট ও করনেট পরস্পরে জ্ঞাতি-শত্রুতার ঝগড়া শুরু করে দিলে।' *প্রমথ*, ১৯১৬।

করন্দা *বি* গাছবিশেষ। 'ডেফল কাফল করন্দার বন।' *মুকুন্দ*, ১৬০০।

করপত্র [স] *বি* করাত। 'করপত্র ব্যবহার করাও নিন্দনীয় নহে।' *অক্ষয়*, ১৮৫৪।

করপূর [স কর্পূর] *বি* কর্পূর। 'করপূর সম দধি দুধের পসার।' *বড়ু*, ১৪৫০।

করপোরাল [ই] *বি* সেনাবাহিনীর কর্মকর্তা। *ওসাঁ*, ১৭৮৫।

করপোরেশন, করপোরেশান [ই] *বি* পৌরসভা। 'করপোরেশনের মোটরে চড়ে দাড়িতে মলয় হাওয়া লাগিয়ে বেড়াচ্ছেন।' *নজরুল*, ১৯২৬; '... করপোরেশান, কাউন্সিল, এসেমব্লী প্রভৃতিতে অধিকার লাভ করিতে পারে।' *দর্পণ*, ১৯২৮।

করবাল [স] *বি* তরবারি। 'গলে দিব করবাল।' *মুকুন্দ*, ১৬০০।

করবী [স করবীর] *বি* ফুলবিশেষ; করুণি ফুল। 'ধাতকী আমুলিঅ করবীরে।' *বড়ু*, ১৪৫০।

করবিকা [স করবীর>] *বি* করবী ফুল। 'সে মন্ত্রে উঠিল মাতি সেঁউতি কাঞ্চন করবিকা ...।' *রবীন্দ্র*, ১৯২৫।

করবি-মাল [স করবীর-মালা] *বি* করবী ফুলের মালা। 'বিচিত্র করবি-মাল ফিরে তার অলিজাল।' *মুকুন্দ*, ১৬০০।

করবীগাছ [স করবীর>+গাছ] *বি* করবী ফুলের গাছবিশেষ। 'বসেছি চৌকি টেনে করবীগাছের তলায়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

করবীফুল [স করবীর>+ফুল] *বি* ফুলবিশেষ। 'অলকে তার একটি গুছি করবীফুল রক্তরুচি।' *রবীন্দ্র*, ১৯২২।

করভ [স] *বি* উট বা হাতির ছানা। 'শরভ করভ হয় গবয় হরিণ।' *মুকুন্দ*, ১৬০০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

করম [স কর্ম] ১ *বি* কর্ম। 'জরম গেল করমের খঅ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* কর্মফল; কপাল। 'সব পাপ করম নেবারী।' *বড়ু*, ১৪৫০।

করমদোষ [স কর্মদোষ] *বি* কুকর্মের ফল। 'আপন করমদোষে।' *বড়ু*, ১৪৫০।

করমফল [স কর্মফল] *বি* কৃতকর্মের পরিণাম। 'দেখিতে না পাইলোঁ করমফল আহ্মারে।' *বড়ু*, ১৪৫০।

করমচা [স করঞ্জক] *বি* করমচা গাছ ও তার ফল। *বিদ্যা*, ১৮৯১; 'নেবুর ফুল আর করমচা।' *নজরুল*, ১৯২৭। দ্র **করঞ্জা**

করম্বিত *বিণ* যুক্ত। 'ভ্রমর করম্বিত জানু বিলম্বিত কেলি কদম্বক মাল।' *গোবিন্দ*, ১৬০০।

করযন্ত্র [স] *বি* হাতিয়ার। 'বুদ্ধি ও করযন্ত্র মনুষ্য এ নিমিত্তে প্রাপ্ত হয়েন নাই।' *অক্ষয়*, ১৮৪৮।

কররা *বি* পাখিবিশেষ। 'কররা পাখী।' *বিভূতি*, ১৯৩৮।

করলা [স কারবেল্লা] *বি* উচ্ছে; তিতা সবজিবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

করষণ [স কর্ষণ] *বি* আকর্ষণ। 'যাহাঁ কর করষণে টুটত বলই।' *গোবিন্দ*, ১৬০০।

করসুল *বি* চামচ। 'ভাতের পাশে দিল এক করসুল সালন।' *কায়সার*, ১৯৬২।

করহকল [স করঙ্ককল] *বি* একতারার হাতল, সুর তোলার জন্য যেখানে চাপ দিতে হয়। 'জবে করহা করহকলে পিচিউ।' *চর্যা* ১৭, ১২০০।

করা ১ *ক্রি* সম্পাদন করা। 'বাংধিসুআ জিম কেলি করই খেলই বহুবিহ খেড়া।' *চর্যা* ৪১, ১২০০। ২ *ক্রি* নেওয়া। 'বসুল চলিলা তবেঁ কাহ্ন করি কোলে।' *বড়ু*, ১৪৫০। ৩ *ক্রি* হওয়া। 'আবতার করি করে ধরণীত কেলি।' *বড়ু*, ১৪৫০। ৪ *ক্রি* পাঠ করা। 'শিবানন্দের বালকেরে গ্লোক করাইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৫ *ক্রি* উপাসনা করা। 'মসজিদে করিলা নামাজ।' *সুলতান*, ১৬৫০। ৬ *ক্রি* বলা। 'কাজ কত্তে কত্তে এসেছিস।' *উমেশ*, ১৮৫৭। **কচ্চিস** *ক্রি* করছিস। 'কার তল্লাস কচ্চিস?' *উমেশ*, ১৮৫৭। **কত্তি** *ক্রি* করতে। 'কেথা বুঝি ছরাদ কত্তি গেচে, বামুণদের কি?' *রামনারায়ণ*, ১৮৫৪। **কত্তুম** *ক্রি* করতাম। 'ভাই এত জানলে ওদের আনতে বারণ কত্তুম।' *উমেশ*, ১৮৫৭। **কত্তে** *ক্রি* করতে। 'যদি স্ত্রী হত্যা কত্তে বসে থাকিস তবে উঠে যা।' *উমেশ*, ১৮৫৭। **কত্তে কত্তে** *ক্রি* বলতে বলতে। 'নাম কত্তে কত্তে এসেছিস।' *উমেশ*, ১৮৫৭। **কর** *ক্রি* করো। 'উমত সবরো পাগল শবরো মা কর গুলী গুহাডা তোহোরী।' *চর্যা* ২৮, ১২০০। **করঅ** *ক্রি* করে। 'অমিঅ ভখঅ মুসা করঅ আহারা।' *চর্যা* ২১, ১২০০। **করই** *ক্রি* করে। 'বাংধিসুআ জিম কেলি করই খেলই বহুবিহ খেড়া।' *চর্যা* ৪১, ১২০০। **করউ** *ক্রি* করুক। 'সো করউ রস রসাণেরে কংখা।' *চর্যা* ২২, ১২০০। **করউক** *ক্রি* করুক। 'সে নিন্দা না করউক আহ্মারে।' *সুলতান*, ১৬৫০। **করএ** *ক্রি* করে। 'পুনরপি ভূম্যে পড়া করএ ক্রন্দন।' *মালাধর*, ১৫০০। **করঙ** *ক্রি* করো। 'তবে সুবাসিত করঙ গুজরাটের ধরা।' *মুকুন্দ*, ১৬০০। **করছেলে** *ক্রি* করেছিলে। 'পাড়ার খবর জিজ্ঞাসা করছেলে।' *উমেশ*, ১৮৫৭। **করঞো** *ক্রি* করবে। 'ন করঞো তেসর কানে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **করতি** *ক্রি* করতে। 'আজ্ঞে, আমি জিজ্ঞাস করতি আইছি।' *গিরিশ*, ১৮৮৬। **করতুম** *ক্রি* করতাম। 'সকালে যদি শুনতুম, তা হলে স্নান করতুম।' *উমেশ*, ১৮৫৭। **করথি** *ক্রি* করে। 'রাহু দূরি বসু নিয়রো না আবথি। তৈঁ নহি করথি গরাসে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **করন্ত** *ক্রি* করে। 'ভগ্নীর শুনিয়া বাক্য করন্ত কাকুতি।' *সুলতান*, ১৬৫০। **করন্তি** *ক্রি* করে। 'যা দেখিআঁ কাহাঞি করন্তি যতন।' *বড়ু*, ১৪৫০। **করম** *ক্রি* করবো। 'মুই দর্প করম কর্ণ রনে নহে উন।' *কবীন্দ্র*, ১৬৮৯। **করয়** *ক্রি* করে। 'পুনি পাতালেত ফেলি করয় নৈরাশ।' *আলাওল*, ১৬৮০। **করয়ে** *ক্রি* করে। 'প্রিয়া যদি মান করি করয়ে ভর্ৎসন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **করলুম** *ক্রি* করলাম। 'পাড়ার খবর জিজ্ঞাসা করলুম।' *উমেশ*, ১৮৫৭। **করলেম** *ক্রি* করলাম। 'তোর হাতে সব সমর্পণ করলেম।' *উমেশ*, ১৮৫৭। **করশীআ** *ক্রি* করছো। 'কী কারনে প্রীয়া কোপ করশীআ মোরে।' *মালাধর*, ১৫০০। **করসি, করসী** *ক্রি* করছিস। 'রে কাহ্নাঞি করসি তোঁ বল।' *বড়ু*, ১৪৫০; 'তভোঁ কেহ্নে দয়া না করসী।' *বড়ু*, ১৪৫০। **করহ** *ক্রি* করো। 'এহা যানি বড়ায়ি করহ যতন।' *বড়ু*, ১৪৫০। **করহুঁ** *ক্রি* করি। 'কমল কুলিশ ঘাণ্টে করহুঁ বিআলী।' *চর্যা* ৪, ১২০০। **করি** ১ *ক্রি* ক'রে। 'সঅল সুফল করি সুহে সুতেলা।' *চর্যা* ৩৬, ১২০০। ২ *ক্রি* নিয়ে। 'বসুল চলিলা তবেঁ কাহ্ন করি কোলে।' *বড়ু*, ১৪৫০। ৩ *ক্রি* হয়ে। 'আবতার করি করে ধরণীত কেলি।' *বড়ু*, ১৪৫০। **করিঅ** ১ *ক্রি* ক'রে। 'দিঢ় করিঅ মহাসুহ পরিমাণ।' *চর্যা* ১, ১২০০। ২ *ক্রি* করো। 'কদাচীত তাহানে তুহ্মি বিহা না করিঅ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **করিঅই** *ক্রি* করা হয়। 'সঅল সমাহিঅ কাহি করিঅই।' *চর্যা* ১, ১২০০। **করিআ** *ক্রি* ক'রে। 'দুগুএ সুখে একু করিআ ভুঞ্জই ইন্দিজানী।' *চর্যা* ৩৪, ১২০০। **করিআঁ** *ক্রি* ক'রে। 'আতি নেহেঁ করিআঁ চুম্বনে।' *বড়ু*, ১৪৫০। **করিআছ** *ক্রি* করেছো। 'অনেক করিআছ তুমি মোর আরাধন।' *বৃন্দা*, ১৫৮০। **করিআছে** *ক্রি* করেছে। 'বিদানে পার করিআছে কুন দানি।' *মালাধর*, ১৫০০। **করিউ** *ক্রি* করে। 'মেলী করিউ যুগতী।' *বড়ু*, ১৪৫০। **করিউ** *ক্রি* করুক। 'তাক পিন্ধি মথুরাক করিউ গমনে।' *বড়ু*, ১৪৫০। **করিএ** *ক্রি* করো। 'উঠিআঁ বড়ায়ি/ রাধাক বুইল/ হেন কাম না করিএ।' *বড়ু*, ১৪৫০। **করিও** *ক্রি* করি। 'সভান কমল পদে করিও বন্দন।' *বাহরাম*, ১৬৫০। **করিছ** *ক্রি* করেছো। 'মাএর সহিত পালন করিছ তাহারে।' *মালাধর*, ১৫০০। **করিছিলা** *ক্রি* করেছিলে। 'যারে যারে আজ্ঞা প্রভু পূর্বে করিছিলা।' *বৃন্দা*, ১৫৮০। **করিতাঙ** *ক্রি* করিতাম। 'আমি জেমত শ্রীযুক্ত ভবানীপ্রসাদ গুহর এবং সকলের তত্তলাষ করিতাঙ ...।' *য়েয়র্স*, ১৭৬৬। **করিতু** *ক্রি* করতো। 'হইত পুরুষ করিতু পৌরুষ পিড়াঘাতে দিতু শোধ।' *মুকুন্দ*, ১৬০০। **করিতেঁ** *ক্রি* করতে। 'তোর কংসে মোর কিছু করিতেঁ না পারে।' *বড়ু*, ১৪৫০। **করিতে** *ক্রি* করতে। 'সংসার সাগর জদি করিতে তারন।' *মালাধর*, ১৫০০। **করিনু** *ক্রি* করেছি। 'ভাল লোক রাখিতে করিনু অবতার।' *বৃন্দা*, ১৫৮০। **করিব** *ক্রি* করবো। 'শাখি করিব জালন্ধরিপাএ।' *চর্যা* ৩৬, ১২০০। **করিবা** *ক্রি* করবে। 'দ্রৌপদিক বিবাহ করিবা কোনজনে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **করিবাক** *ক্রি* করতে। 'আযোড় যোড়ন আহ্মে করিবাক পারি।' *বড়ু*, ১৪৫০। **করিবাঙ** *ক্রি* করবো। 'বিরলে সে করিবাঙ দিখিজয়ী জয়।' *বৃন্দা*, ১৫৮০। **করিবাম** *ক্রি* করবো। 'আর তোমা করিবাম মোহন্ত উজীর।' *আলাওল*, ১৬৮০। **করিবার** *ক্রি* করতে। 'কেমত আচার তুহ্মি বোল করিবার।' *সুলতান*, ১৬৫০। **করিবারে** *ক্রিবিণ* করার জন্য। 'অনুমান করিবারে একঠাঞি বসি।' *মালাধর*, ১৫০০। **করিবি** *ক্রি* করবি। 'তাহাতে টেটনী রাধা কি করিবি বুথী।' *বড়ু*, ১৪৫০। **করিবে** *ক্রি* করবো। 'আলো ডোমি তোএ সম করিবে ম সাঙ্গ।' *চর্যা* ১০, ১২০০। **করিবেক** *ক্রি* করবে। 'যবেঁ কাহ্নাঞি করিবেক বলে।' *বড়ু*, ১৪৫০। **করিবেন** *ক্রি* করবেন। 'এই মাফিক কাজ করিবেন ...।' *হ্যালহেড*, ১৭৭৩। **করিবেহেঁ** *ক্রি* করবে। 'দধি দুধ বিচি রাধা করিবেহেঁ কী।' *বড়ু*, ১৪৫০। **করিবোঁ** *ক্রি* করবো। 'তর্বেসি করিবোঁ তোর রাধা দরশনে।' *বড়ু*, ১৪৫০। **করিভে** *ক্রি* করবে। 'তোমারে করিভে বিঘ্ন শক্তি আছে কার।' *বৃন্দা*, ১৫৮০। **করিমু** *ক্রি* করবো। 'এই শুদ্ধভক্তি লঞা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

করিমু অবতার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **করিয়** *ক্রি* কোরো। 'সেই কৈন্যা না করিয় মুক্ষ পাটেশ্বরি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **করিয়া** *ক্রি* ক'রে। 'সাস্তি দেহ করিয়া বিচার।' *মালাধর*, ১৫০০। **করিয়ে** *ক্রি* ক'রে। 'কৃষ্ণের চরিত্র কীছু করিয়ে রচন।' *মালাধর*, ১৫০০। **করিল**[১] *ক্রি* করলো। 'করিরাজ জিণী রাধা করিল গমনে।' *বড়ু*, ১৪৫০। **করিল**[২] *ক্রি* করলাম। 'সংকল্প করিল আম্মি সুন দাস পতি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **করিলা**[১] *ক্রি* করলে। 'সন্ধ্যায় করিলা গঙ্গা দেখিতে গমন।' *বৃন্দা*, ১৫৮০। **করিলা**[২] *ক্রি* করলো। 'তোমার বাপ বৈকুণ্ঠে গমন করিলা।' *বৃন্দা*, ১৫৮০। **করিলা**[৩] *ক্রি* উপাসনা করলো। 'মসজিদে করিলা নামাজ।' *সুলতান*, ১৬৫০। **করিলাঙ** *ক্রি* করলাম। 'ধার্মিক হয় তুমি করিলাঙ বিশ্বাস।' *মালাধর*, ১৫০০। **করিলান্ত** *ক্রি* করলাম। 'ভার সজ করিবারে করিলান্ত মন।' *বড়ু*, ১৪৫০। **করিলি** *ক্রি* করলি। 'কি করিলি নন্দ ঘোস ছাওল বচনে।' *মালাধর*, ১৫০০। **করিলে** *ক্রি* করলে। 'বিষ্ণুক্রিয়া না করিলে পরান্ন খাইলে।' *বৃন্দা*, ১৫৮০। **করিলেক ১** *ক্রি* করেছে। 'বলেঁ নিআঁ করিলেক কোলে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* করলেন। 'কোন মতে করিলেক অজ্ঞাত বসতি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **করিলোঁ** *ক্রি* করলাম। 'তোহ্মার আন্তরে কাহ্নাঞি করিলোঁ যতনে।' *বড়ু*, ১৪৫০। **করিসি** *ক্রি* করেছিস। 'লাউসেন কয় বেটা অন্যায় করিসি।' *মানিকরাম*, ১৭৮১। **করিহ** *ক্রি* কোরো। 'সদ্গুরু বোহে করিহ সো থিচ্চল।' *চর্যা ২১*, ১২০০। **করিহলি** *ক্রি* করবে; কোরো। 'বসি তোহ্মে তার পাশে করিহলি উপহাসে।' *বড়ু*, ১৪৫০। **করী ১** *ক্রি* ক'রে। 'ঝাট করী জাই আহ্মে রাধার উদ্দেশে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* নিয়ে। 'আগু করী বড়ায়িক চন্দ্রবালী জাএ।' *বড়ু*, ১৪৫০। **করু ১** *ক্রি* করো। 'মোক রক্ষা করু বিধী।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* করে। 'উপর হেরি তিমিরে করু বাদ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *ক্রি* করলাম। 'চাঁদ সার লএ মুখ ঘটনা করু।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৪** *ক্রি* করি। 'হাত জোড় করি ভকতি করু।' *বড়ু*, ১৫৭০। **করুন** *ক্রি* যা করেন। 'শ্রীশ্রী' জেমন করুন।' *ওসা*, ১৭৮২। **করুবা** *ক্রি* করবে। 'আগে নৃত্য করুক পাছে করুবা বিচার।' *বিজয়*, ১৬৫০। **করু** *ক্রি* করুক। 'অজদেব রক্ষা করু।' *মালাধর*, ১৫০০। **করে** *ক্রি* 'করা' ক্রিয়ার নিত্যবৃত্ত বর্তমান রূপ। 'আবতার করি করে ধরণীত কেলি।' *বড়ু*, ১৪৫০। **করেই** *ক্রি* করে। 'তহিঁ চুড়িলী মাতঙ্গি পোইআ লীলে পার করেই।' *চর্যা ১৪*, ১২০০। **করেঁ** *ক্রি* করে। 'কওনে পুরুষ করেঁ পরসএ পাওল।' *বিদ্যাপতি*, ১৪৬০। **করেছিলুম** *ক্রি* করেছিলাম। 'আমি ... রাগ করেছিলুম।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **করেছিলেম** *ক্রি* করেছিলাম। 'কেন বা অবলা রমণীকে কুপথ গামী করেছিলেম!' *উমেশ*, ১৮৫৭। **করেন্ত** *ক্রি* করো। 'কি কারণে মোর সনে করেন্ত বিবাদ।' *সুলতান*, ১৬৫০। **করোঁ** *ক্রি* করি। 'যবেঁ আন করোঁ তাক বধওঁ বাহ্মণ।' *বড়ু*, ১৪৫০। **করোঁ** *ক্রি* করো। 'মোএঁ শিশুমতী বড়ায়ি করোঁ কোণ বুধী।' *বড়ু*, ১৪৫০। **করো'সে** *ক্রি* কোরো। 'এসো, বোসো, ঘর করো'সে আলো।' *রবীন্দ্র*, ১৮৯৯। **কর্য** *ক্রি* কোরো। 'রাব্বিবে মুড়্যাতি সাক হাঁড়ী দুই তিন লবণের তরে চারি কড়া কর্য রিন।' *মুকুন্দ*, ১৬০০। **কর্য্যা** *ক্রি* ক'রে। 'ক্রোধ কর্য্যা দ্বিজবর শাপ দিয়া চলে।' *রূপরাম*, ১৭৫০। **কর্য্যাছ** *ক্রি* করেছো। 'রন্ধন কর্য্যাছ ভাল আর কিছু আছে।' *মুকুন্দ*, ১৬০০। **কর্য্যাছি** *ক্রি* করেছি। 'যে পণ কর্য্যাছি মনে সেই সে করিব।' *জ্ঞান*, ১৬০০। **কর্য্যাছিল** *ক্রি* করেছিলো। 'যার সেবা কর্য্যাছিল জয়ন্ত অসুর।' *রূপরাম*, ১৭৫০। **কর্চ্চে** *ক্রি* করছে। 'কত দৌরাত্ম্য কর্চ্চে তার খোঁজ খবর নেই।' *মশাররফ*, ১৮৬৯। **কর্চ্চেন** *ক্রি* করছেন। 'কিসে প্রজার হিত হবে, কিসে সুখে থাকবে এরি সন্ধান কর্চ্চেন।' ' *মশাররফ*, ১৮৬৯। **কর্ত্তে** *ক্রি* করতে। 'আমি তোদের আশীর্বাদ কর্ত্তে এলেম।' *গিরিশ*, ১৮৮৭। **কর্ব্ব** *ক্রি* করবো। 'আমি তোকে সোজা কর্ব্বই কোর্ব্ব।' *মশাররফ*, ১৮৬৯। **কর্ব্বি** *ক্রি* করবি। 'তুই রাজা ভোলালি, ছেলের কি কর্ব্বি?' *গিরিশ*, ১৮৮৭। **কর্হিতে** *ক্রি* করতে। 'যে জনে জিজ্ঞাসে তানে কর্হিতে উচিত।' *আলাওল*, ১৬৮০। **কল্য** *ক্রি* করলো। 'বড়ই বড়াই ভাইরে কল্য তিতুমীর।' *মিত্রপ্রকাশ*, ১৮৭১। **কল্যাম** *ক্রি* করলাম। 'পূর্ব্ব জন্মে কল্যাম পাপ তে কারণে এত তাপ।' *বিজয়*, ১৬৫০। **কল্লি** *ক্রি* করলি। 'তুই ভাই জিজ্ঞাসা কল্লি, তাই ...।' *উমেশ*, ১৮৫৭। **কল্লুম** *ক্রি* করলাম। 'আমি দশবার বারণ কল্লুম।' *গিরিশ*, ১৮৮৭। **কল্লে** *ক্রি* করলে। 'হায় পিতা হয়ে এই সর্ব্বনাশ কল্লে।' *গিরিশ*, ১৮৮৭। **কৈতে** *ক্রি* করতে। 'সে রূপ বাখান কৈতে কার সক্তি পারে।' *মালাধর*, ১৫০০। **কৈনু** *ক্রি* করলাম। 'তেকারণে নন্দঘোসে আমি কৈনু চুরি।' *মালাধর*, ১৫০০। **কৈর** *ক্রি* কোরো। 'বিলম্ব না কৈর তুমি চল এই ক্ষণ।' *বিজয়*, ১৬৫০। **কৈলঁ** *ক্রি* করলো। 'গাত হোস্তে পদ কৈলঁ দূর।' *সুলতান*, ১৬৫০। **কৈলুঁ** *ক্রি* করলাম। 'দর্শন করিয়া কৈলুঁ চরণবন্দন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **কৈলেঁ** *ক্রি* করলে। 'দেখ যত পাপ হএ কৈলেঁ পরদার।' *বড়ু*, ১৪৫০। **কৈলোঁ** *ক্রি* করলাম। 'কৈলোঁ ব্রহ্মার দণ্ড যোঁআলে।' *বড়ু*, ১৪৫০। **কৈল** *ক্রি* করলো। 'ওণী কংসে কৃত্যা কৈল কাহ্ন বধিবারে।' *বড়ু*, ১৪৫০। **কৈলা** *ক্রি* করলেন। 'কাকে কৈল্লা ঈশ্বর কাহাকে কৈলা দাস।' *আলাওল*, ১৬৮০। **কৈলা** *ক্রি* করলো। 'ষড়ভুজ দেখি কৈলা স্তুতি।' *মুকুন্দ*, ১৬০০। **কৈলি ১** *ক্রি* করলে। 'কি কৈলি কি কৈলি বিধি নিরমিআঁ নারী।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* বললাম। 'আজী কৈলি আথান্তর করিবেক রাধা।' *বড়ু*, ১৪৫০। **কৈলী** *ক্রি* করলি। 'আম্বল কৈলী ঘোল দহী।' *বড়ু*, ১৪৫০। **কৈলুম** *ক্রি* করলাম। 'অজ্ঞান সরিরে বড় কৈলুম অপরাদ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **কৈলে** *ক্রি* করলো। 'কমণ মৃগধেঁ বাটে দানী কৈলে ভাঁকে।' *বড়ু*, ১৪৫০। **কৈলেন** *ক্রি* করলেন। 'একে একে বলিব জত কৈলেন প্রচার।' *মালধর*, ১৫০০। **কৈল্যা** *ক্রি* করলো। 'সৃজিয়া মক্ষিকা কৈল্যা তাহার প্রচার।' *আলাওল*, ১৬৮০। **কোরছেন** *ক্রি* করছেন। 'বেদিণী, যুগিণী, চাড়ালণী, কপুণী, চারজাতের চারজনকে নিয়ে কেউ বুড়ো বয়সে রঙ্গ কোরছেন।' *মশাররফ*, ১৮৬৯। **কোরবেন** *ক্রি* করবেন। 'আমায় বে-ইজ্জত কোরবেন না, আমি কোমর খোলাই টাকা দিচ্ছি।' *মশাররফ*, ১৮৬৯। **কোরে** *ক্রি* ক'রে। 'সোই রসিকবর কোরে আগোরি। আঁচরে শ্রমজল মোহল মোরি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কোরো** *ক্রি* করা ক্রিয়ার ভবিষ্যৎ অনুজ্ঞা রূপ। 'কোরো নাই কদাচ বিশ্বাস মাহুদেকে।' *মানিকরাম*, ১৭৮১। **কোর্ব্ব** *ক্রি* করবো। 'আমি তোকে সোজা কর্ব্বই কোর্ব্ব!' *মশাররফ*, ১৮৬৯।

করতে লাগা *ক্রি* করতে থাকা। 'একটি সজীব হৃৎস্পন্দন আমার বক্ষের উপর এসে আঘাত করতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

করানো ১ *ক্রি* করিয়ে নেওয়া। 'স্নেহ করি বারবার করান ভোজন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *ক্রি* তৈরি করানো। 'সুকুমারের মত একটা জামা করাবো।' *বিভূতি*, ১৯৩১। **করাইব** *ক্রি* করাবো। 'দ্বিজ হউক ক্ষেত্র হউক করাইব সুখ।' *মালাধর*, ১৫০০। **করাইবোঁ** *ক্রি* করাবো। 'গোচরিআঁ ফল করাইবোঁ জেন জাণী।' *বড়ু*, ১৪৫০। **করাইল** *ক্রি* পাঠ করালেন। 'শিবানন্দের বালকেরে শ্লোক করাইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **করাইলেঁ** *ক্রি* করালে। 'এডোঁ না করাইলেঁ মোর রাধা দরশনে।' *বড়ু*, ১৪৫০। **করাএ** *ক্রি* করায়। 'পৃতিমাসে রাজায় গিয়া করাএ গোচরে।' *মালাধর*, ১৫০০। **করাওব** *ক্রি* করাবো। 'কেলি করাওব তহু সঙ্গে।' *বাহরাম*, ১৬৫০। **করায়া** *ক্রি* করিয়ে। *বোগল*, ১৭৭০। **করায়িউ** *ক্রি* করাবো। 'পুরুব জাণায়িআঁ আহ্মে করায়িউ চেতন।' *বড়ু*, ১৪৫০। **করায়িবোঁ** *ক্রি* করাবো। 'আজি সে করায়িবোঁ তোর সখী।' *বড়ু*, ১৪৫০। **করায়িল** *ক্রি* করালো। 'মুখে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জল দিআঁ বড়ায়ি করায়িল চেতন।' *বড়ু*, ১৪৫০। **করায়িলি** *ক্রি* করালি। 'রাধা কি দিআঁ করায়িলি বাই।' *বড়ু*, ১৪৫০। **করায়্যা** *ক্রি* করিয়ে। 'অর্ধরাজ্য দিব বাপে করায়্যা ইঙ্গিত।' *মুকুন্দ*, ১৬০০। **করাল্য** *ক্রি* করালো। 'মিষ্ট অন্ন পান দিয়া করাল্য ভোজন।' *মালাধর*, ১৫০০। **করাল্যা** *ক্রি* করালো। 'প্রণাম করাল্যা মল্ল গুরুর চরণে।' *মানিকরাম*, ১৭৮১। **করাহ** *ক্রি* করাও। 'বারেক করাহ যবে রাধা দরশনে।' *বড়ু*, ১৪৫০। **করীলাম** *ক্রি* করালাম। 'তোমার তিনজন মনুস্য হযুর রওনা করীলাম না।' *বোগল*, ১৭৭০।

করিতে বসা *ক্রি* শুরু করা। 'আমি মানবসমাজে নূতন নীতি প্রচার করিতে বসি নাই।' *রবীন্দ্র*, ১৮৯২।

করে-কম্মে *ক্রিবিণ* কাজ ক'রে। 'কিছু করে-কম্মে খেতে হবে ত ভাই।' *শওকত*, ১৯৫৮।

করে-কর্মে *ক্রিবিণ* পরিশ্রম ক'রে। 'যাহাকে করিয়া-কর্মিয়া নড়িয়া-চড়িয়া উঠিয়া-হাঁটিয়া ফিরিতে হইবে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ক'রে খাওয়া *ক্রি* উপার্জন করা। 'তা থেকে তোমরা ক'রে খেতে পারবে।' *পাশা*, ১৯৭১।

করে ফেলা *ক্রি* সৃষ্টি করা। 'নদী যেমন চলতে চলতে আপনার রাস্তা সুগম এবং সুগভীর করে খনন করে ফেলে ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

করা ছুরি [স করাল>+ছুরি] *বি* একধার ছুরি। 'করে ধরি করা ছুরি মুরগী জবাই করি।' *মুকুন্দ*, ১৬০০।

করাট চাপড় [স করাল+চাপড়] *বি* হাত দিয়ে ঘাড়ে আঘাত করা। 'করাট চাপড় মারি ছিণ্ডিআ নেয় মুণ্ডে।' *মুকুন্দ*, ১৬০০।

করাড় *বি* ব্রাহ্মণদের বিভাগবিশেষ। 'করাড় ব্রাহ্মণগণ সারস্বতদের চোখে দেখে ...।' *মুজতবা*, ১৯৫৯।

করাণ *বি* করানো। 'এমত কর্মে প্রবৃত্ত হওন কিম্বা করাণ বিশিষ্ট লোকের অনুচিত।' *দর্পণ*, ১৮২৭।

করাত [স করপত্র] **১** *বি* গাছ কাটার যন্ত্রবিশেষ। 'করাতে হোক্ষা করিব চীর।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* বিষাক্ত সাপবিশেষ। 'সাপগুলি প্রত্যেকটা বিষাক্ত, করাত ও শঙ্খচিতি শ্রেণীর।' *বিভূতি*, ১৯৩৮।

করাতকল *বি* কাঠ ইত্যাদি কাটার অথবা চেরার যন্ত্রবিশেষ। 'করাতকলের শব্দও নয়।' *শক্তি*, ১৯৬৯।

করাত-কাটা *বিণ* যন্ত্রণাদায়ক। 'শূন্য পেট করাত-কাটা হচ্ছে।' *ওয়ালী*, ১৯৪৫।

করাতি, করাতী [করাত>] *বি* গাছ চেরা যার পেশা। 'দুই শত ছুতার চলে তিন শত করাতি।' *বিজয়*, ১৬৫০; 'যেন গুড়ি গাছ চিরে করাতী ছুতার।' *গরীব*, ১৭৬৫।

করাতিয়া [করাত>] *বি* গাছ চেরা যার পেশা। *মানোএল*, ১৭৪৩।

করায়ত্ত [স] *বিণ* নিজের আয়ত্তে আছে এমন। 'ধনরত্নপূর্ণ ভূখণ্ড করায়ত্ত করিয়া রাজপদে প্রতিষ্ঠিত হইল।' *অক্ষয়*, ১৮৪৮।

করার [আ] **১** *বি* প্রতিশ্রুতি। 'ইহার করার টাকা লইয়া খত দিলাম।' *মেয়র্স*, ১৭৫৬। **২** *বি* শর্ত। 'এই করারে ফারখত লিখিয়া দিলাম।' *মেয়র্স*, ১৭৫৬। **৩** *বি* চুক্তি। 'সাহেবের স্থানে জে করার লিখীয়া দিয়াছি।' *ওসাঁ*, ১৭৭৯।

করার করন *বি* অঙ্গীকার করা। *ওসাঁ*, ১৭৮৫।

করারনামা [আ করার+ফা নামাহ] *বি* চুক্তিপত্র। 'তাহার করারনামার নকল।' *হ্যালহেড*, ১৭৭৩।

করারদাদ [আ করার+ফা দাদ] *বি* চুক্তি। 'সরকারের লহনা কি করারদাদ রাখে।' *মেয়ার*, ১৭৮৮।

করারি [আ করার>] **১** *বিণ* অঙ্গীকৃত। 'আমার করারি তাহার সাঁওজোওাল কএক টাকা তহসিল করিআছে।' *চিঠিপত্রে*, ১৬৯৬। **২** *বিণ* স্বীকৃত। 'তবে বুঝি আপনার বর করারি হইতে পারে।' *রামরাম*, ১৮০১।

করাল[১] [স] *বিণ* ভয়ঙ্কর। 'তোমার বান্ধবগণ বিষম করাল।' *মুকুন্দ*, ১৬০০।

করালগ্রাস [স] *বি* অগ্রাসন। 'তৈজসপত্র প্রভৃতি কিছুই তাহার করালগ্রাস হইতে রক্ষা পাইল না।' *সংসঙ্গ*, ১৮৯৮।

করালবদন [স] *বি* দেখতে ভয়ঙ্কর যে। 'ওহে কাল কালরূপ করালবদন।' *গুপ্ত*, ১৮৫৮।

করালমূর্তি [স] *বি* ভয়ঙ্কর মূর্তি। 'তৃষ্ণার করালমূর্তি আজ আমি দেখিলাম।' *রবীন্দ্র*, ১৯০৭।

করালী [স] *বিণ* স্ত্রী ভয়ঙ্কর। 'করালী ভৈরবী বৈসে ভুজে।' *মুকুন্দ*, ১৬০০।

করাল[২] [আ করার] *বি* অঙ্গীকার; প্রতিশ্রুতি। 'জঠর যন্ত্রণা পেয়ে এসেছিলাম কড়াল দিয়ে।' *লালন*, ১৮৯০।

করি [স করী] *বি* করী; হাতি। 'উরু আভা দেখি, করি শুণ্ড দুরুখি।' *ভবানী*, ১৮২৫।

করিঅরি *বি* সিংহ। 'করিঅরি জিনি মধ্য মাজা ক্ষীণী।' *মুকুন্দ*, ১৬০০।

করিকর [স] *বি* হাতির শুঁড়। 'ভুজযুগ করিকর জানুত লুলে।' *বড়ু*, ১৪৫০।

করিডোর, করিডর [ই] **১** *বি* অট্টালিকার মধ্যবর্তী বিভিন্ন কক্ষের সংযোজক সংকীর্ণ পথ। 'করিডোরে পৌঁছিবা মাত্র ...।' *প্রমথ*, ১৯১৫। **২** *বি* বারান্দা। 'হেঁটে বেড়ানোর তকতকে হাসপাতালী করিডর পাচ্ছি।' *শামসুর*, ১৯৭০।

করিৎকর্মা [স] *বিণ* কর্মদক্ষ। 'জীবনে করিৎকর্মা হয়ে উঠব।' *ধূর্জটি*, ১৯৩১।

করিদন্ত দ্র **করী**

করিব [আ গরিব] *বিণ* দরিদ্র। 'করিব নাচার ৪ চারিটী টাকা পাঠাই।' *চিঠিপত্রে*, ১৭৯৩।

করী [স] *বি* হাতি। 'ক্ষেণে গ্রাস করে ক্ষেণে উগারএ করী।' *মুকুন্দ*, ১৬০০।

করিণা [স করিণী>] *বি* মদ্দা হাতি। 'জিম জিম করিণা করিণিরে রিসঅ।' *চর্যা* ৯, ১২০০।

করিণি [স করিণী] *বি* হাতি। 'জিম জিম করিণা করিণিরে রিসঅ।' *চর্যা* ৯, ১২০০।

করিণী [স] *বি* স্ত্রী হাতি। 'তরুণী হরিণী করিণী দল।' *নজরুল*, ১৯৩৯।

করিদন্ত [স] *বি* পুকুর। 'জেন করিদন্ত মাঝে সপত্র পদ্মিনী সাজে।' *মুকুন্দ*, ১৬০০।

করিনি [স করিণী] *বি* স্ত্রী হাতি। 'হরিন ইন্দু অরবিন্দ করিনি হেম পিক বুঝল অনুমানী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

করিবর, করীবর [স] *বি* শ্রেষ্ঠ হাতি। 'মন্থর গমনে যাসি ভাঁগিবার ডরে তা দেখিআঁ নবযাস লৈল করীবরে।' *বড়ু*, ১৪৫০; 'চতুর্দ্দসে করিবর আর শুক্ত হইল।' *মালাধর*, ১৫০০।

করিরাজ, করীরাজ [স] *বি* হাতিশ্রেষ্ঠ। 'চরণযুগল থলকমল আকারে করিরাজ জিণী রাধা করিল গমনে।' *বড়ু*, ১৪৫০; 'করীরাজ শুণ্ড লাজে দিতে নারি তুল।' *আলাওল*, ১৬৮০।

AMARBOI.COM

করীকুম্ভ [স] *বি* হাতির মাথার উপরের কলসের মতো মাংসপিণ্ড। 'নীলাম্বরে এসেছে করী-কুম্ভ-'পরে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

করীশিশু [স] *বি* হস্তীশাবক। 'করীশিশু তাঁহার কৃতকপুত্র।' *রবীন্দ্র*, ১৯০৭।

করীশুণ্ড [স] *বি* হাতির শুঁড়। 'উৎপাটিয়া নিয়ে আসে অনন্তের সুখ/ মত্ত করীশুণ্ডে ছিন্ন রক্তপদ্মসম।' *রবীন্দ্র*, ১৮৮৯।

করুগেট [ই] *বিণ* ঢেউটিন-নির্মিত। 'আমার করুগেট ছাদের উপর গোলাপায়রা ছুটি-হওয়া ইস্কুলের ছেলের মতন বসেছিলো।' *শক্তি*, ১৯৬৯।

করুণ [স] ১ *বি* করুণা। 'করুণ মেহ নিরন্তর ফরিআ।' *চর্যা* ৩০, ১২০০। ২ *বিণ* দরদি। 'বিদগ্ধ মৃদু সদ্‌গুণ শুশীল স্নিগ্ধ করুণ তুমি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বিণ* কাতর। 'খুল্লনা করুণ ভাষে জানিল তোমার জত দয়া।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* উদ্যোগ। 'ধায় বাঘা করিআ করুণ।' *মুকুন্দ*, ১৬০০। ৫ *বিণ* নরম। 'করুণ হইল মন মোমের আকার।' *সুলতান*, ১৬৫০। ৬ *বিণ* কোমল। 'তাপ-বিমোচন করুণ কোর তব মৃত্যু-অমৃত করে দান।' *রবীন্দ্র*, ১৮৮১। ৭ *বিণ* মায়াময়। 'সব-সুদ্ধ এমন একটা করুণ ঘুম-পাড়ানি গান ...।' *রবীন্দ্র*, ১৮৯১। ৮ *বিণ* দুখজাগানিয়া। 'কেমন একটা করুণ গন্ধ চারদিকে যেন জমতে থাকে তার।' *জীবন*, ১৯৩৩। ৯ *বিণ* বিষণ্ন। 'স্তন তার করুণ শঙ্খের মতো – দুধে আর্দ্র।' *জীবন*, ১৯৪২।

করুণকলধ্বনিপূর্ণ [স] *বিণ* সকরুণ কাকলিপূর্ণ। 'পাখিদের করুণকলধ্বনিপূর্ণ স্বপ্নাবেশময় শরৎ-মধ্যাহ্নে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

করুণকোমল [স] ১ *বিণ* স্নিগ্ধ প্রশান্ত। 'দুঃখদৈন্য-অতৃপ্তির 'পর করুণকোমল আভা গভীর সুন্দর।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বি* দয়া-মায়াশীল জন। 'ওহে নিষ্ঠুর, ফিরে এসো, আমার করুণ-কোমল এসো।' *রবীন্দ্র*, ১৮৯৪।

করুণচ্ছবি [স] *বি* বেদনাপূর্ণ ছবি। 'গৃহস্থপ্রাঙ্গনের সচ্ছল শান্তির মধ্যে এই করুণচ্ছবি।' *রবীন্দ্র*, ১৯০০।

করুণতম [স] *বিণ* সবচেয়ে করুণ। 'যদি ইহাকে করুণতমও বলেন তাহা হইলেও আমার প্রতিবাদ করিবার কিছু থাকিবে না।' *বনফুল*, ১৯৩৬।

করুণতর [স] *বিণ* তুলনামূলক বেশি করুণ। 'রাত্রি গভীর এবং জ্যোৎস্না মনোহারিণী হওয়াতে আরও করুণ – অর্থাৎ করুণতর।' *বনফুল*, ১৯৩৬।

করুণতাবোধ [স] *বি* সহানুভূতিবোধ। 'নিছক মানবীয় করুণতাবোধ থেকেই তাঁর দৃষ্টি পড়েছিল ...।' *শরীফ*, ১৯৭০।

করুণধ্বনি [স] *বি* উদাস-করা ধ্বনি। 'মধ্যাহ্নকালের অনেকগুলি অনির্দিষ্ট করুণধ্বনি আছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

করুণনিপুণ [স] *বিণ* করুণরস সৃষ্টিতে পটু। 'কবি কালিদাসের করুণনিপুণ লেখনীর দ্বারা তাহা কখনোই সম্ভবপর হইত না।' *রবীন্দ্র*, ১৯০৭।

করুণপ্রকৃতি [স] *বিণ* শান্ত স্বভাবের। 'তারা নিরীহ করুণপ্রকৃতি হিন্দুদের কাছে ... করতে আসে?' *রবীন্দ্র*, ১৮৯৩।

করুণবাক্য [স] *বি* সহানুভূতিশীল। 'রাগের মুখে পরস্পরের প্রতি করুণবাক্য প্রয়োগ করি না।' *রবীন্দ্র*, ১৯০৮।

করুণ ভাটিয়াল [স করুণ+ভাটিয়াল] *বি* (সংগীত) রাগিণীবিশেষ। *বাহরাম*, ১৬৫০।

করুণমন্থর [স] *বিণ* বিরক্তিকর ধীরগতিসম্পন্ন। 'সর্বজনের তারবাহিনী করুণমন্থর গোরুর গাড়ি।' *রবীন্দ্র*, ১৯৩৬।

করুণরস [স] *বি* করুণার উদ্রেক করে এমন রস। 'অভিজ্ঞানশকুন্তলের চতুর্থ সর্গে করুণরস প্রচুর আছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

করুণা [স] ১ *বি* দয়া। 'করুণা পিহাড়ি খেলহুঁ নয়বল।' *চর্যা* ১২, ১২০০: 'সুন করুণরি অভিনচারেঁ কাঅবাকচিঅ।' *চর্যা* ৩৪, ১২০০। ২ *বি* মায়া। 'করুণা ছাড়িয়া দূরে গেলা।' *বাহরাম*, ১৬৫০। ৩ *বি* স্নেহ। 'এ কী করুণা, করুণাময়!' *রবীন্দ্র*, ১৮৯৬।

করুণাকণা [স] *বি* কণামাত্র করুণা। 'করো করুণাকণা দান।' *রবীন্দ্র*, ১৮৯৩।

করুণাকর [স] *বিণ* করুণাকারী। 'করুণাকর বিশ্বকর্তা সে সমস্ত যথোপযুক্তরূপে তাঁহার আয়ত্ত করিয়া দিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৮।

করুণাকল্যাণময় [স] *বিণ* করুণাময় ও কল্যাণকর। 'জগৎপিতার যে পিতৃপুরুষাগত স্নেহ করুণাকল্যাণময় মূর্তিতে আশৈশব আস্থা রবীন্দ্রনাথের মনে ...।' *আইয়ুব*, ১৯৭৩।

করুণাগান [স] *বি* ভালোবাসাপূর্ণ সংগীত। 'জগতে ঢালিব প্রাণ, গাহিব করুণাগান।' *রবীন্দ্র*, ১৮৮৩।

করুণাগুণ *বি* দয়া ধর্ম। 'তাঁহার করুণাগুণে এই দুঃখরূপ কণ্টকি বৃক্ষ হইতে শুভফল উৎপন্ন হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

করুণাঘন [স] ১ *বিণ* করুণাপূর্ণ। 'ঢাকিয়া দিব তাহার ক্ষতব্যথা/ করুণাঘন গভীর গোপনতা।' *রবীন্দ্র*, ১৯১০। ২ *বি* করুণাময়। 'অকৃপণবর্ষণ করুণাঘন হে।' *রবীন্দ্র*, ১৯২৭।

করুণাদ্রাবিতা [স] *বিণ* স্ত্রী করুণারূপ ধারাবিশিষ্ট। 'করুণাদ্রাবিতা নদীগুলিন দেখিল মে, আজি বড় বিপদ।' *বঙ্কিম*, ১৮৮৭।

করুণাদৃষ্টি [স] *বি* সদয় দৃষ্টি। 'ভদ্রমণ্ডলীর প্রতি ... অনেক দিন হইতে করুণাদৃষ্টি ছিল।' *রবীন্দ্র*, ১৯০২।

করুণাধারা [স] ১ *বি* ভালোবাসা। 'আমি ঢালিব করুণাধারা, আমি ভাঙিব পাষাণকারা।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বি* স্নেহরস। 'জীবন যখন ফুরায়ে যায় করুণাধারায় এসো।' *রবীন্দ্র*, ১৯১০। ৩ *বি* দরদ। 'করুণাধারায় আমাদের বুক সিক্ত হইয়া ওঠে।' *নজরুল*, ১৯২২।

করুণানিঃসৃত [স] *বিণ* করুণা জাগায় এমন। 'গভীর করুণানিঃসৃত এই পাখি।' *জীবন*, ১৯৩২।

করুণানিদান [স] *বি* দয়ার সাগর; কৃপাময় সত্তা। 'নিজগুণে কৃপা কর করুণানিদান।' *দর্পণ*, ১৮৩০।

করুণানিধান [স] ১ *বিণ* দয়ালু। 'তাহারা করুণানিধান বিশ্ববিধানকর্তার অপার করুণার অংশ ...।' *অক্ষয়*, ১৮৫০। ২ দয়ার সাগর। 'হে করুণানিধান।' *দীনবন্ধু*, ১৮৬৩।

করুণাপরবশ [স] *বিণ* দয়ালু। 'বধূর উপর খর মেজাজ ফলাইলেও সাকেরের মা আসলে করুণাপরবশ।' *শওকত*, ১৯৫৮।

করুণাপূর্ণ [স] *বিণ* সকরুণ। 'তাহার করুণাপূর্ণ দৃষ্টি রাখিয়া কহিল ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

করুণাবসন [স] *বি* মায়ার আবরণ। 'গোধূলি তার করুণাবসন ফেলে সূর্যমুখী পৃথিবীকে ঢাকে।' *শঙ্খ*, ১৯৫৫।

করুণাবহ [স] *বিণ* বেদনা উদ্রেক করে এমন। 'স্বাভাবিক এবং অত্যন্ত করুণাবহ বলিয়া মনে হইত।' *রবীন্দ্র*, ১৯০২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

করুণাবারি [স] *বি* করুণারূপ বারি। 'পিয়াসি কি তুই করুণাবারির তরে?' *নজরুল*, ১৯৩০।

করুণাবিষ্ট [স] *বিণ* দুঃখিত। '... প্রাণত্যাগ করিয়াছেন। রাজা এই বাক্য শ্রবণ মাত্রে অতিশয় করুণাবিষ্ট ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

করুণাভ [স] *বিণ* করুণা-রঞ্জিন। 'কোমল কপোল দুটি দেখিতে দেখিতে ভাবের আভাসে করুণাভ হইয়া উঠে ...।' *রবীন্দ্র*, ১৯০০।

করুণা-ভরা *বিণ* মায়াময়। 'করুণা-ভরা কালো বড় বড় চোখ দুটির দিকে ... তাকিয়ে থাকে।' *নরেন্দ্র*, ১৯৫৫।

করুণাভিক্ষা [স] *বি* সহানুভূতির জন্য অনুনয়। 'ভাষার ব্যবধান এত দুস্তর যে করুণাভিক্ষা পর্যন্ত এই রাজ্যে অসম্ভব।' *শওকত*, ১৯৭২।

করুণাময় [স] **১** *বিণ* দয়াময়। 'আপনি করুণাময় করিলে সন্ন্যাস।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বি* জগৎপিতা। 'এ কী করুণা, করুণাময়।' *রবীন্দ্র*, ১৮৯৬।

করুণাময়ি [স করুণাময়ী] *বি স্ত্রী* দয়াবতী। 'হে বনদেবি! হে করুণাময়ি!' *মাইকেল*, ১৮৭৩।

করুণাময়ী [স] *বি স্ত্রী* দয়াময়ী। 'বলেন করুণাময়ী মৃদুমন্দ স্বরে।' *মুকুন্দ*, ১৬০০।

করুণামিশ্রিত [স] *বিণ* করুণামাখা। 'পঞ্চবটীর করুণামিশ্রিত হাওয়া বহিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

করুণার সিন্ধু *বি* দয়ারূপ সাগর। 'করুণার সিন্ধু তুমি।' *মাইকেল*, ১৮৬৬।

করুণারুণরাগ [স] *বি* ভোরের সূর্যের আশীর্বাদস্বরূপ আলো। 'তব করুণারুণরাগে নিদ্রিত ভারত জাগে।' *রবীন্দ্র*, ১৯১১।

করুণার্ণব [স] *বি* দয়ার সাগর। 'করুণার্ণব বিশ্বকর্তার মঙ্গলাভিপ্রায় প্রকাশ পাইতেছে।' *অক্ষয়*, ১৮৫০।

করুণার্দ্র [স] *বিণ* করুণাসিক্ত। 'করুণার্দ্র স্নেহময় মুখ।' *শরৎ*, ১৯১৭।

করুণালব্ধ [স] *বিণ* অনুগ্রহ পেয়েছে এমন। 'তবু দস্যুদত্ত করুণালব্ধ সে প্রাণ।' *মুক্তভব*, ১৯৪৯।

করুণাশীতল [স] *বিণ* প্রশান্তিদায়ক। 'এমন নীরব ছলোছলো করুণাশীতল হাসি শুনে ঘরে কে ফিরতে চায় বলো।' *নীরেন*, ১৯৫৪।

করুণাসঞ্চার [স] *বি* দয়ার উদয়। 'তাঁহার অন্তঃকরণে করুণাসঞ্চার হইল।' *বিদ্যা*, ১৮৬৩।

করুণাসাগর [স] *বিণ* অসাধারণ সদয়। 'করুণাসাগর সৃষ্টিকর্তাকে জানিতে ও স্মরণ করিতে পারে।।' *অক্ষয়*, ১৮৫০।

করুণাসাগর মূর্তি [স] *বি* অত্যন্ত করুণাময় রূপ। 'তাঁর যে করুণাসাগর মূর্তি রচনা করে সে যেন কেমন নৈর্ব্যক্তিক।' *মুরশিদ*, ১৯৭০।

করুণা-সিন্ধু [স] *বি* দয়ার সাগর। 'তুমি অনাথের বন্ধু অপার করুণা-সিন্ধু।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

করুণাস্থান [স] *বিণ* দয়া কামনা করে এমন। 'প্রীতিভাজন মনুষ্য মাত্রের প্রতি, করুণাস্থান ইতর জীবের প্রতি ... কিরূপ আচরণ করা কর্ত্তব্য।' *অক্ষয়*, ১৮৫০।

করুণী [স] *বি স্ত্রী* করুণার প্রতীক। 'তরুণপ্রাণের পরে করুণায় নিত্য সে তরুণী/ নাম কি করুণী।' *রবীন্দ্র*, ১৯২৯।

করুন [স করুণ] *বিণ* করুণ; কাতর। 'পুনি শান্তনুএ বোলে করুন বচনে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

করুনা[১] [স করুণা] *বি* অনুনয়। 'মন গরুঅ কিঅ ধলি। কানুক করুনা করনে নহি সুনলি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

করুনামাই [স করুণাময়ী] *বিণ স্ত্রী* করুণাময়ী। 'করুনামাই ঠাকুরানি।' *ভেরলি*, ১৭৮৯।

করুনারাগ [স করুণারাগ] *বি* (সংগীত) করুণসুরের রাগবিশেষ। 'করুনারাগ।' *মালাধর*, ১৫০০।

করুনা[২] *বি* একপ্রকার লেবু। 'কিছু কিনে ফুলগাডা করুনা কমলা টাবা।' *মুকুন্দ*, ১৬০০।

করুয়া [স করঙ্গ] *বি* ভিক্ষার পাত্রবিশেষ; করঙ্গ। 'করুয়া ধারণ তার করেতে কোটিতে ডোর-কোপিনী।' *লালন*, ১৮৯০।

করুন [স করুণ] *বিণ* কাতর। 'সুনিএগ করুন বানি।' *মালাধর*, ১৫০০।

করুণা[১] [স করুণা] **১** *বি* দয়া। 'ব্রহ্মার করুনা সুনি সদয় শ্রীহরি।' *মালাধর*, ১৫০০। **২** *বি* দুঃখ। 'অত্যন্ত করুণা শোকে পুত্রেত কহন্তি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

করুনা[২] [স করুণ] *বি* ছন্দবিশেষ। 'করুনা ছন্দ।' *মালাধর*, ১৫০০।

করেলা [স কারবেল্লা] *বি* তিতা স্বাদের সবজিবিশেষ। 'কোমল কাঁকুড়ি ডুমুর তলিল করেলা।' *মুকুন্দ*, ১৬০০। *দ্র* **করলা**

করোগেটেড [ই] *বিণ* ঢেউখেলানো। 'করোগেটেড লোহার চাল।' *রবীন্দ্র*, ১৯২৯।

করোগেট [ই করোগেটেড] *বি* লোহার ঢেউখেলানো টিন। 'করোগেট, ছন কিংবা মাটির দেয়াল।' *মাহমুদ*, ১৯৭৩।

করোজ্জ্বল *দ্র* **কর**[৩]

করোটি [স] *বি* মাথা। 'তাহারা করোটি বা কাষ্ঠপাত্রে রাখিয়া সঙ্গে লইয়া যায়।' *অক্ষয়*, ১৮৫০।

করোত্তাপ *দ্র* **কর**[৩]

করোনা [ই] *বি* পূর্ণগ্রাস সূর্যগ্রহণের সময় অন্ধকারাচ্ছন্ন সূর্যবৃত্তের চারদিকে দেখতে পাওয়া উজ্জ্বল আলোকছটা। 'এই দূরবিক্ষিপ্ত গ্যাসের দীপ্তিকে য়ুরোপীয় ভাষায় বলে করোনা, বাংলায় একে বলা যেতে পারে কিরীটিকা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কর্ক [ই] **১** *বি* বোতলের ছিপি। '... শ্যাম্পেন খুলিলে কর্কের শব্দ প্রায় শুনিতে পাওয়া যায় না।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বি* গাছবিশেষ যা দিয়ে ছিপি তৈরি হয়; শোলা। 'ইন্ডিয়ান কর্ক গাছ।' *বিভূতি*, ১৯৫০।

কর্কমোড়া [ই কর্ক+মোড়া] *বিণ* বন্ধ। 'কর্কমোড়া ঘরে জীবন কাটিয়েও প্রস্ত এ যুগের শ্রেষ্ঠ ফরাসি উপন্যাস লিখতে পেরেছিলেন।' *শিব*, ১৯৭৩।

কর্ক-স্ক্রু [ই] *বি* ছিপি খোলার যন্ত্র। 'চাবি সজোরে ছিনিয়ে বহু কষ্টে মুঠোর মধ্যে চেপে ধরে রাখে; কর্ক-স্ক্রুটাকেও।' *শিবরাম*, ১৯৪০।

কর্কক [স কর্কট] *বি* কাঁকড়া। 'ক্রোধে আগল সাধু বিবাদে কর্কক'। *বিজয়*, ১৬৫০।

কর্কট[১] [স কর্করেটু] *বি* একটি পাখির নাম। 'চটক কর্কট টিয়া বায়স পেচক।' *মুকুন্দ*, ১৬০০।

কর্কট[২], **কর্কট** [স] *বি* সূর্য, প্রধান গ্রহ-উপগ্রহ এবং প্রধান নক্ষত্রমণ্ডলী যেখানে দেখতে পাওয়া যায়, আকাশের সেই কাল্পনিক অংশকে বারো ভাগে বিভক্ত করে জ্যোতিষশাস্ত্রে প্রত্যেকটি ভাগকে রাশি বলা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হয়েছে। সেই রাশিসমূহের চতুর্থ রাশি। 'আসাড় গেলে সাবন মাস কর্কট রাসি'। *রামাই*, ১৭১০।

কর্কট মণ্ডল [স] *বি* বিষুব রেখা থেকে কর্কট ক্রান্তি পর্যন্ত অঞ্চল। 'বিষুব রেখা হইতে সাড়ে ২৩ অংশ উত্তরে যে ক্ষুদ্র মণ্ডল ... ব্যাপ্ত আছে, তাহার নাম কর্কট মণ্ডল।' *অক্ষয়*, ১৮৪১।

কর্কট[৩] [স] কাঁকড়া। 'কৃমি কীট কমঠ কর্কট লক্ষ লক্ষ।' *মানিকরাম*, ১৭৮১; 'কর্কটকুল আপন আপন বিবরে বসিয়া দাঁড়া নাড়িতেছে।' *প্রভাত*, ১৮৯৬।

কর্কটরোগ [স] *বি* দেহকোষের অস্বাভাবিক বৃদ্ধিজনিত রোগ; ক্যান্সার। 'দেহে কখনো কখনো কর্কটরোগ অর্থাৎ ক্যান্সার জন্মায়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কর্কটিকা [স] *বি* কাঁকুড়; সবজিবিশেষ। 'কেহ দেই মোয়া জম্বু কর্কটিকা ফল।' *বৃন্দা*, ১৫৮০।

কর্কন্তি *বি* একপ্রকার ফুল। 'সেবতি কর্কন্তি জুতি ইন্দ্র মূল তোলে জাতি।' *মুকুন্দ*, ১৬০০।

কর্কর [স] *বি* কাঁকর। 'তাহার তুলনায় হিমালয় তুল্য স্তূপাকৃতি স্বর্ণখণ্ড কর্কর-রাশি সদৃশ।' *অক্ষয়*, ১৮৪৯।

কর্কর-রাশি [স] *বি* পাথরের স্তূপ। 'তাহার তুলনায় হিমালয় তুল্য স্তূপাকৃতি স্বর্ণখণ্ড কর্কর-রাশি সদৃশ।' *অক্ষয়*, ১৮৪৯।

কর্করা [স] *বিণ* কাঁকরযুক্ত; কঙ্করময়। 'নখেতে কর্করা নদি করএ দিপতি।' *মালাধর*, ১৫০০।

কর্করী [স গর্গরী] *বি* ছোটো কলসিবিশেষ। 'কর্করী – ১।' *চিঠিপত্রে*, ১৮১৯।

কর্কশ [স] **১** *বি* অসুন্দর। 'দূরেত রহিল বেড়ি দেখিয়া কর্কশ।' *আলাওল*, ১৬৮০। **২** *বিণ* রুক্ষ; শ্রুতিমধুর নয় এমন। 'রূঢ় ও কর্কশ বাক্য বলিয়া, কাহারও মনে বেদনা দেওয়া উচিত নহে।' *বিদ্যা*, ১৮৫১; 'কর্কশ ত্বক।' *রবীন্দ্র*, ১৮৮২; 'কর্কশ কালো লম্বা চুলে ঘের গেল।' *হাসান*, ১৯৬২। **৩** *বিণ* রূঢ়। 'কোনো কর্কশ ব্যবহার করিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৭৭। **৪** *বিণ* অমসৃণ। 'ঢাকাই কাপড়ের পাড় তাহাদের গায়ে কর্কশ ঠেকিত বলিয়া ...।' *রবীন্দ্র*, ১৯১২। **৫** *বিণ* কটু। 'মাটি আর রক্তের কর্কশ স্বাদ।' *জীবন*, ১৯৩৬।

কর্কশকণ্ঠ [স] *বিণ* কণ্ঠস্বর রুক্ষ এমন। 'এই রক্তচক্ষু, কর্কশকণ্ঠ রমণীকেই তুমি খুঁজছিলে?' *মুনীর*, ১৯৬৬।

কর্কশকান্তি [স] *বিণ* রুক্ষ চেহারাবিশিষ্ট। 'সে এখন কালক্রমে, বয়ঃপ্রাপ্ত, কর্কশকান্তি।' *বঙ্কিম*, ১৮৭৫।

কর্কশতা [স] *বি* রুক্ষতা। 'পাড়ের কর্কশতায় তাঁহাদের সুকোমল বাবুয়ানা ব্যথিত হইত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কর্কশ-ভাষী [স] *বিণ* রূঢ়ভাষী। 'বড়ই কর্কশ-ভাষী, নিষ্ঠুর দুর্মতি।' *মাইকেল*, ১৮৬৬।

কর্কশহাস্য [স] *বি* রূঢ় হাসি। 'অবজ্ঞার কর্কশহাস্য।' *রবীন্দ্র*, ১৯৩২।

কর্কশিয়া [স কর্কশ>] *বিণ* কর্কশ। 'কহিতে থাকেন মোরে কর্কশিয়া গলা।' *বামাবোধিনী*, ১৮৮২।

কর্কানো *ক্রি* চিবানো। 'কর্কিতে।' *মানোএল*, ১৭৪৩।

কর্জ, কর্জ্জ [আ করদ্] *বি* ধার। 'এগারো সত তঙ্কা কর্জ্জ করিলাম।' *মেয়র্স*, ১৭৫৬; 'কেলারিন্দা বরোসকে জদি কেহ কর্জ্জ দেয়।' *ক্যালগে*, ১৭৯১।

কর্জদাম, কর্জ্জদাম [আ করদ্+দাম] *বি* ঋণ; ধার-উদ্ধার। 'কর্জ্জ দাম।' *ওসাঁ*, ১৭৮২; 'হুকুম হইলে কর্জ্জদাম করিয়া গোলাম এ টাকা খালিসা দাখিল করে।' *রামরাম*, ১৮০১।

কর্জদার [আ করদ্+ফা দার] *বি* ঋণী। 'কোন লভ্য না লইবা কর্জদার হস্তে।' *আলাওল*, ১৬৮০।

কর্জদার হওয়া *ক্রি* ঋণগ্রস্ত হওয়া। *মানোএল*, ১৭৪৩।

কর্জ ধরেন *বি* ঋণদাতা। *ওসাঁ*, ১৭৮৫।

কর্জন, কর্জ্জন [আ করদ্>] *ক্রি* ধার করা। 'আর গোটা কতক টাকা কর্জ্জন।' *গিরিশ*, ১৮৮৯।

কর্জপত্র, কর্জ্জপত্র [আ করদ্+স পত্র] *বি* ধার করার চুক্তিপত্র। *মেয়র্স*, ১৭৫৭।

কর্জবদ্ধ [আ করদ্+স বদ্ধ] *বিণ* ঋণগ্রস্ত। 'কর্জবদ্ধ হইতে।' *মানোএল*, ১৭৪৩।

কর্জ লওন *বি* ঋণ করা। *ওসাঁ*, ১৭৮৫।

কর্জে ডুবা *ক্রি* ঋণগ্রস্ত হওয়া। 'তাহাতে আরও কর্জে ডুবেন।' *দর্পণ*, ১৮৩৩।

কর্জ্জা *বি* ঋণ। 'সরকারের নামে দুই সও টাকার কর্জ্জা।' *ওসাঁ*, ১৭৮১।

কর্জল, কর্জ্জল [স কজ্জল] *বি* অঞ্জন; কাজল। 'নয়নে কর্জ্জল বহে ঝরে।' *মালাধর*, ১৫০০।

কর্ড, হ **১** *বি* স্বরতন্ত্রী। 'বুক ও মুখের ভিতর কর্ড লাইনই গ্রাম্য এবং লুপ অগ্রাম্য।' *প্রমথ*, ১৯২৯। **২** *বি* দড়ি। 'সাতশো গজ নাইলন কর্ড বেঁধে।' *শ্যামল*, ১৯৬৭।

কর্ণ [স] *বি* কান। 'একেলী সবরী এ বণ হিণ্ডই কর্ণ কুণ্ডলবন্ত্রধারী।' *চর্যা* ২৮, ১২০০।

কর্ণকটু [স] *বিণ* শুনতে খারাপ। 'কর্ণকটু বিজাতীয় বর্বরতায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

কর্ণকুহর [স] **১** *বি* কানের ছিদ্র। 'কর্ণকুহরে, পটহের মত যে অতি পাতলা একখণ্ড চর্ম, তাহাতেই ঐ সকল শব্দের প্রতিঘাত হয়।' *বিদ্যা*, ১৮৫১। **২** *বি* শ্রবণেন্দ্রিয়। 'কখন কখন মধুরকণ্ঠ অপ্সরীগণের তানলয়বিশুদ্ধ সঙ্গীতও কর্ণকুহর শীতল করে।' *মাইকেল*, ১৮৫৯।

কর্ণগোচর [স] *বিণ* শোনা হয়েছে এমন। 'তাহার কর্ণ গোচর হইল।' *রামরাম*, ১৮০১; 'ইহা এদেশীয় স্ত্রীদিগের কর্ণগোচরও হয় না।' *অক্ষয়*, ১৮৪৬।

কর্ণচকোর [স] *বি* কানরূপ চকোর। 'কর্ণচকোর জীয়ে সে আশে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কর্ণদান [স] *বি* শ্রবণ। 'তোমা বিনা বাণী কার শুনি, কর্ণদান করেন বিধাতা?' *মাইকেল*, ১৮৬০।

কর্ণনানন্তর [স কর্ণন-অনন্তর] *ক্রিবিণ* শ্রবণ ক'রে। 'নিজ জনকের দুর্দশাকর্ণনানন্তর হতাশ হইয়া অনশন যোগালম্বন করে।' *প্রভাকর*, ১৮৫৩।

কর্ণপট [স] *বি* কানের পর্দা। 'কর্ণপটে আশাবরী রাগ তারগ্রামে পৌঁছে যে-সুরের ঝিকিমিকি রচনা করে ...।' *শওকত*, ১৯৬২।

কর্ণপটহ [স] *বি* কানের পর্দা। 'এখনও ভারতবাসীর কর্ণপটহে ঝঙ্কৃত হইতেছে।' *আজাদ*, ১৯৪০।

AMARBOI.COM

কর্ণপাত [স] **১** *বি* মনঃসংযোগ। 'সেবিকার বচনে কর্ণপাত কর।' *দীনবন্ধু*, ১৮৬৩। **২** *বি* কান দেওয়া। 'সমাজের কথায় কর্ণপাত করিবেন না।' *রোকেয়া*, ১৯২১।

কর্ণপীড়ক [স] *বিণ* শ্রবণকটু। 'ভাষা স্থানে স্থানে সাধুতা পরিত্যাগ করিয়া অকস্মাৎ অশিষ্ট এবং কর্ণপীড়ক হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কর্ণপীড়ন [স] *বি* কানমলা। 'কখনো কখনো কর্ণপীড়ন লাভ হয়।' *রবীন্দ্র*, ১৯০৭।

কর্ণপুট [স] *বি* কর্ণকুহর। 'মুগ্ধ কর্ণপুটে গ্রন্থ হইতে গুটিকত বৃথা বাক্য উঠে আচ্ছন্ন করিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কর্ণপুর [স] *বি* কানের অলঙ্কারবিশেষ। 'স্বস্তিক সিন্দুর কজ্জল কর্ণপুর শঙ্খ দিল যথাবিধি।' *মুকুন্দ*, ১৬০০।

কর্ণ প্রদান করা *ক্রি* গুরুত্ব দেওয়া। 'পণ্ডিত মহাশয়েরা মনোযোগপূর্বক তাহা কর্ণ প্রদান করেন।' *দর্পণ*, ১৮৩৪।

কর্ণফুল [স কর্ণ-ফুল্ল] *বি* কানের অলঙ্কারবিশেষ। 'যথা, দমদম, চৌদানি, বোন্দা, দোলড়া, ছলনা, মুড়ার লচ্ছা দেওয়া কর্ণফুল, কানবালা ... ইত্যাদি।' *ভবানী*, ১৮২৮।

কর্ণবধিরকর [স] *বিণ* কানে তালা লাগায় এমন। 'কর্ণবধিরকর শব্দ করিতে করিতে ... ধাবমান হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

কর্ণ বন্দ করা *ক্রি* অবিবেচক হওয়া। 'গরীবের প্রতি কর্ণ বন্দ করিও না।' *দর্পণ*, ১৮২০।

কর্ণবালা [স] *বি* কানের অলঙ্কারবিশেষ। 'সীঁথার সিন্দুর জিনিয়া অরুণ কানে কর্ণবালা ঢেঁপি।' *দ্বিজী*, ১৫৫০।

কর্ণবিদারী [স] *বিণ* কান বিদীর্ণ করে এমন। 'কর্ণবিদারী সুর থামিয়া নিস্তব্ধতায় পরিনত হইবে।' *জগদীশ*, ১৮৯৫।

কর্ণবিবর [স] *বি* কানের ছিদ্র। 'জনরবের দিগন্তব্যাপী ধ্বনি কি আপনাদের কর্ণবিবরে প্রবেশ করে নাই।' *মাইকেল*, ১৮৭৩

কর্ণবেধ [স] *বি* কান ফোঁড়ানো। 'কর্ণবেধ করাইলা শ্রীচূড়াকরণ।' *বৃন্দা*, ১৫৮০।

কর্ণভূষণ [স] *বি* কানের অলঙ্কার। 'অজন্তার ছবিতেও এরকম কর্ণভূষণ দেখেছি।' *রবীন্দ্র*, ১৯২৯।

কর্ণভূষা [স কর্ণভূষণ] *বি* কানের অলঙ্কার। 'কর্ণভূষা একটু ঈষৎ রসের দোলনে দোলাইয়া।' *বঙ্কিম*, ১৮৮৭।

কর্ণভেদী [স] *বিণ* কান ভেদ করে এমন। 'দামামা নাকাড়ায় গুড়গুড়ি ডাঙ্কায় কর্ণভেদী ধ্বনি আর অস্ত্রের চাকচিক্য।' *মশাররফ*, ১৮৮৭।

কর্ণমূল [স] **১** *বি* কানের গোড়া। 'আর কর্ণমূলে, ঢেঁড়ি ঝুমকা দোলে।' *ভবানী*, ১৮২৫। **২** *বি* কর্ণকুহর। 'বিধাতার কর্ণমূলে বহ গো সতত।' *মাইকেল*, ১৮৬০।

কর্ণরন্ধ্র [স] *বি* কানের ছিদ্র। 'কর্ণরন্ধ্রে উঠে আকুলিয়া –।' *রবীন্দ্র*, ১৮৯০।

কর্ণলতা [স] *বি* কানের লতা। 'বাদুড়ের মতো ঝোলে কর্ণলতায় সন্ধ্যায়।' *শামসুর*, ১৯৭৪।

কর্ণশঙ্খ [স] *বি* কর্ণরূপ শঙ্খ। 'একদিকে তুষারঅভ্র কর্ণশঙ্খ, অন্যদিকে রক্তকপোল।' *মুজতবা*, ১৯৬০।

কর্ণা [স কর্ণ>] *বিণ* কানের আভরণ। 'মন্দার কেশে পরি পারিজাত কর্ণা।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

কর্ণাগ্রভাগ [স কর্ণ-অগ্রভাগ] *বি* কানের লতি। 'আমার কর্ণাগ্রভাগ রক্তিমাবর্ণ ধারণ করলে।' *রবীন্দ্র*, ১৮৯০।

কর্ণাভরণ [স কর্ণ-আভরণ] *বি* কানের অলঙ্কার। 'কর্ণে কর্ণাভরণ দুলিতেছিল।' *মশাররফ*, ১৮৯০।

কর্ণে কর্ণে *ক্রিবিণ* চুপি চুপি। 'সকলেই কর্ণে২ ফুসফুস করে।' *দর্পণ*, ১৮২১।

কর্ণেন্দ্রিয় [স কর্ণ-ইন্দ্রিয়] *বিণ* কানে শোনা যায় এমন। 'তাহার আঘাতে কর্ণেন্দ্রিয় সুর উপলব্ধি হয়।' *জগদীশ*, ১৮৯৫।

কর্ণ [স] *বি* মহাভারতোক্ত পৌরাণিক চরিত্র। 'কর্ণের সমান দাতা।' *মুকুন্দ*, ১৬০০।

কর্ণ [স] *বি* নৌকার হাল। 'কর্ণহীন নৌকার মতো ক্রমাগতই ঘুর খাইয়া মরিতেছিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কর্ণধার [স] **১** *বি* কাণ্ডারী। 'অবধানে কর্ণধার শুন পুরাণের সার।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* পরিচালক। 'উনি আমাদের বিনুদার কর্ণধার হলেন।' *রবীন্দ্র*, ১৮৯২। **৩** *বি* নেতা। 'কর্পোরেশনের স্বরাজী কর্ণধারগণ এবার ঐ অন্যায় ব্যবস্থার ব্যতিক্রম ...।' *দর্শন*, ১৯২৪।

কর্ণধারত্ব [স] *বি* কর্তৃত্ব; পরিচালনার ক্ষমতা। 'সমাজের কর্ণধারত্ব ত্যাগ করেন।' *তারা*, ১৯৪২।

কর্ণধারবিহীন [স] **১** *বিণ* কাণ্ডারীহীন। 'কর্ণধারবিহীন ঝটিকাগ্রস্ত তরণীর ন্যায় বিনাশ অবশ্যম্ভাবী।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বিণ* নেতৃত্বহীন। 'ইসলাম কর্ণধারবিহীন তরণীর তুল্য বিপন্ন ও পরিত্যক্ত।' *দর্শন*, ১৯২০।

কর্ণহীন [স] *বিণ* কাণ্ডারীবিহীন। 'কর্ণহীন নৌকার মতো ক্রমাগতই ঘুর খাইয়া মরিতেছিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কর্ণকূটা [স] *বিণ* চূর্ণবিচূর্ণ। 'কর্ণকূটা হইয়া ঢাল পৈল ভূমি পর।' *সুলতান*, ১৭০০।

কর্ণজলৌকা [স] *বি* কেন্নো; এক প্রকার কীট। 'পায়ের কাছ দিয়ে এক হয়ে এগিয়ে চলেছে কর্ণজলৌকা।' *মানিক*, ১৯৩৫।

কর্ণফুলি, কর্ণফুলী *বি* বাংলাদেশের একটি বিখ্যাত নদী। 'যে দেশে রক্ততরেখা, কর্ণফুলী, কপোতাক্ষী আর ...।' *ফররুখ*, ১৯৬৩; 'কর্ণফুলি নদী তুমি দেখেছো শ্রাবণে?' *শক্তি*, ১৯৬৬।

কর্ণমালা *বি* পিঠাবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

কর্ণল [ই কর্নেল] *বি* সেনাবাহিনীর পদবিশেষ। 'কর্ণল স্কিনর সাহেব।' *দর্পণ*, ১৮২৪।

কর্ণাট [স] *বি* (সংগীত) রাগিণীবিশেষ। *বাহরাম*, ১৬৫০।

কর্ণাটিকা [স] *বি* কর্ণাট দেশীয় নারী। 'খুঁজে ফিরে তোমারেই তন্বী শ্যামা কর্ণাটিকা।' *নজরুল*, ১৯৩৫।

কর্ণাল [ফা করনায়] *বি* এক ধরনের বাদ্যযন্ত্র। 'পঞ্চ শব্দে বাদ্য বাজে ভেউর কর্ণাল।' *আলাওল*, ১৬৮০।

কর্ণি [স কর্ণিকা] *বি* পলস্তারা লাগানোর কাজে ব্যবহৃত রাজমিস্ত্রির হাতিয়ার। 'ধ্বসে যায় কোটি কোটি কাস্তে আর হাতুড়ীর বাট, কর্ণি, কলম আর তুলিকায়।' *মাহেনও*, ১৯৪৯।

কর্ণিক [স] *বি* রাজমিস্ত্রিদের ব্যবহৃত হাতিয়ারবিশেষ। *ওসা*, ১৭৮৫; 'কর্ণিক ছাড়িয়া কেহ স্বদেশে গমন করিলেন।' *দর্পণ*, ১৮৩০।

কর্ণিকা *বি* কানের অলঙ্কারবিশেষ। 'সধবাকালীন অবস্থায় তিনি নাকে নথ, ... কানে বুগড়ী বা কর্ণিকা, হাতে বালা এবং পায়ে নূপুর পরতেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কর্ণিকার [স] *বি* সোনালু পুষ্প বা বৃক্ষ। 'পর্ব্বত শিখরে যেন কর্ণিকার দাম।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কর্ণেট [ই] *বি* ধাতুনির্মিত বাঁশিবিশেষ। 'শানাই, কর্ণেট, তবলা, মৃদঙ্গ, হার্মোনিয়ম, খোল, করতাল ...।' *মোতাহার*, ১৯৩৭।

কর্ণেল [ই] *বি* সেনাবাহিনীতে উচ্চতর কর্মকর্তা। 'কাপ্তেন ক্রাফোর্ড কর্ণেল আগেমগুকে যে পত্র লেখেন ...।' *অক্ষয়*, ১৮৫০।

কর্ণকুণ্ডলবজ্রধারী [স] *বিণ* কর্ণ, কুণ্ডল ও বজ্রধারণকারী। 'একেলী সবরী এ বণ হিণ্ডই কর্ণকুণ্ডলবজ্রধারী।' *চর্য্যা ২৮*, ১২০০।

কর্তন, কর্ত্তন [স] ১ *বি* হ্রাস করা। 'সংস্কৃত কালেজের অধ্যাপক ও ছাত্রেরদের আগামি জুন মাসের প্রথমাবধি বর্ত্তন কর্ত্তন হইবে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৪। ২ *বি* কাটানো। 'প্রসূতিকারা স্বয়ং মহাক্লেশে কাল কর্ত্তন করিয়া থাকেন।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

কর্তনী, কর্ত্তনী [স] ১ *বি* কাটার অস্ত্র; কাঁচি। 'কর্ত্তনী-মুখে শস্যের ছেদন।' *রঙ্গ*, ১৮৫৮। ২ *বি* খাজনাবিশেষ। 'আমলাদের বেতন, কর্ত্তনী বলিয়া প্রজার নিকট আদায় হয়।' *এডুকেশন*, ১৮৭৩।

কর্তব [স কর্তব্য] *বি* গানের মধ্যে সুরের নানা প্রকার কলাকৌশল দেখানো; সুর ভাঁজা। 'তান মানের কর্তব দিয়ে চমক দেয়।' *অবন*, ১৯২৫।

কর্তবাট, কর্ত্তবাট [স কর্তব্য>+স বর্ত্ম>] *বি* ধনুকের চাপ। 'কর্ত্তবাটে এড়ে অস্ত্র অঙ্গুলি মদ্য দেস।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কর্তব্য, কর্ত্তব্য [স] ১ *বি* করণীয় কাজ। 'কি মোর কর্ত্তব্য প্রভু করেন উপদেশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* দায়িত্ব। 'রাজ্যের লোকের শিক্ষার প্রতি দৃষ্টি রাখা রাজার একটি প্রধান কর্ত্তব্য।' *অক্ষয়*, ১৮৪৮; 'তরুশাখায় ফলপুষ্পের মতো কর্তব্য তাহার হ্যতে আপনি আসিয়া উপস্থিত হয়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কর্তব্য-অকর্তব্য [স] *বিণ* করণীয় ও অকরণীয়। 'কর্তব্য-অকর্তব্য সম্বন্ধে কোনোরূপ কৈফিয়ত।' *রবীন্দ্র*, ১৯০৮।

কর্তব্যকর্ম, কর্ত্তব্যকর্ম্ম [স] *বি* করণীয় কাজ। 'অন্যান্য কর্ত্তব্যকর্ম্ম নির্ব্বাহ করিতে হয়।' *অক্ষয়*, ১৮৫০; 'তাঁদের এখানকার প্রাকৃতিক শোভা সন্দর্শন করানো আমার কর্তব্যকর্ম।' *রবীন্দ্র*, ১৮৯২।

কর্তব্যকাজ [স কর্তব্য+স কার্য] *বি* করণীয় কাজ। 'আমাদের কর্তব্যকাজে হয়তো বাধা দেবে।' *নজরুল*, ১৯৩০।

কর্তব্যকার্য [স] *বি* করণীয় কাজ। 'সারা দিনমান কর্তব্যকার্য।' *মুজতবা*, ১৯৬০।

কর্তব্যক্ষেত্র [স] *বি* কর্মস্থল। 'স্বার্থপরতাকে দমন করে প্রফুল্লচিত্তে কর্তব্যক্ষেত্রে যাওয়া যাক।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কর্তব্যচ্যুত, কর্ত্তব্যচ্যুত [স] *বিণ* কর্তব্য থেকে বিচ্যুত। 'তাহারা কর্তব্যচ্যুত হইয়াছে।' *মুসলমান*, ১৯২১।

কর্তব্যজ্ঞান [স] *বি* কর্তব্যবোধ। 'সেই কর্তব্যজ্ঞানের আদর্শকে।' *রবীন্দ্র*, ১৯০৮।

কর্তব্যজ্ঞানশূন্য [স] *বিণ* করণীয় কাজ সম্পর্কে জ্ঞান নেই এমন। 'এই শ্রেণীর উপন্যাস পাঠে মানবহৃদয় স্বভাবতঃ দুর্ব্বল, কর্তব্যজ্ঞানশূন্য ... হইয়া পড়ে।' *এসলাম*, ১৯২০।

কর্তব্যতন্ত্র [স] *বি* বিধিশাস্ত্র। 'সামাজিক কর্তব্যতন্ত্র।' *রবীন্দ্র*, ১৯০৮।

কর্তব্যতা, কর্ত্তব্যতা [স] ১ *বি* করণীয়তা। 'তাঁহারা স্ত্রীবিদ্যার কর্ত্তব্যতা নির্দেশার্থ শাস্ত্রীয় প্রমাণ ...।' *অক্ষয়*, ১৮৪২। ২ *বি* ঔচিত্য। 'স্বামীপূজার কর্তব্যতার সম্বন্ধে সংস্কারটাকে বিশুদ্ধ রাখবার জন্যে ...।' *রবীন্দ্র*, ১৯২৯। ৩ *বি* প্রয়োজনীয়তা। 'দুষ্ট প্রবৃত্তি শোধনের কর্তব্যতা অনেক বেশি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কর্তব্যত্রুটি [স] *বি* করণীয় কাজে ভুল। 'পরকে তার কর্তব্যত্রুটি স্মরণ করিয়েছি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কর্তব্যদায় [স] *বি* করণীয় কাজের প্রতি দায়িত্ব। 'আমার একটা কর্তব্যদায় হইতে অব্যাহতি পাইয়া বাঁচিলাম।' *রবীন্দ্র*, ১৮৯২।

কর্তব্যধর্ম [স] *বি* কর্তব্যবোধ। 'কর্তব্যধর্ম বলে একটা কথা আছে।' *তারা*, ১৯৪৬।

কর্তব্যনিষ্ঠ [স] *বিণ* কর্তব্যপরায়ণ। 'একটি কর্তব্যনিষ্ঠ মানুষ ক্রমশ একটি দায়িত্বহীন মানুষে ...।' *ওয়াশী*, ১৯৬৪।

কর্তব্য-নিষ্ঠা [স] *বি* কর্তব্যপরায়ণতা। 'কর্তব্য-নিষ্ঠা টলিল না।' *শরৎ*, ১৯৩১।

কর্তব্যনীতি [স] ১ *বি* করণীয় বিষয়ের নীতি। 'নূতন কর্তব্যনীতি গঠিত হইতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* দায়িত্ববোধ। 'দেশের প্রতি কর্তব্যনীতির সঙ্গে ধর্মনীতির বিচ্ছেদসাধন করায় অকর্তব্য নাই।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কর্তব্যপথ [স] *বি* কর্তব্যের পথ। 'সকলকে কর্তব্যপথে সংযত করিয়া।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্তব্যপরতা [স] *বি* দায়িত্বশীলতা। 'তেমনি স্বদেশের প্রতি কর্তব্যপরতাও হয়তো আমাদের সমাজে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্তব্যপরায়ণ [স] *বিণ* কর্তব্যের প্রতি নিষ্ঠাবান। 'রমেশ বিশেষরূপে কর্তব্যপরায়ণ।' *মানিক*, ১৯৪০।

কর্তব্যপরায়ণতা, কর্ত্তব্যপরায়ণতা [স] ১ *বি* কর্তব্য পালনের একনিষ্ঠতা। 'আমার প্যারেড ও কাজে ... কর্তব্যপরায়ণতা দেখে আসছিলেন।' *নজরুল*, ১৯২৭; 'আন্তরিকতা ও কর্ত্তব্যপরায়ণতার মাধ্যমে ... এই সব সমস্যার মোকাবেলা করিতে হইবে।' *আজাদ*, ১৯৭১। ২ *বি* কর্তব্য পালনের বৈশিষ্ট্য। 'ভিতরে ভিতরে কর্তব্যপরায়ণতার ঠেলা চলছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

কর্তব্যপরায়ণা [স] *বিণ স্ত্রী* কর্তব্য পালনকারী। 'কর্তব্যপরায়ণা স্ত্রীলোকটি।' *শরৎ*, ১৯১৩।

কর্তব্যপালন [স] *বি* করণীয় কাজ সম্পাদন। 'কর্তব্যপালন করলেই সুখ হয় এ কথা নীতিশাস্ত্রের প্রতারণা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কর্তব্যবিধান, কর্ত্তব্যবিধান [স] *বি* কর্তব্য নির্ধারণ। 'সত্যাসত্য অনুসন্ধানপূর্ব্বক কর্ত্তব্যবিধান করুন।' *গ্রামবার্ত্তা*, ১৮৭৩।

কর্তব্যবিমুখ [স] *বিণ* কর্তব্য পালনে অনিচ্ছুক। 'কর্তব্যবিমুখ আমি, অন্তঃপুরচারী।' *রবীন্দ্র*, ১৮৮৯।

কর্তব্যবিরুদ্ধ [স] *বিণ* কর্তব্যের পরিপন্থী। 'হেমনলিনীর সঙ্গে বিবাহ আমার কর্তব্যবিরুদ্ধ নহে।' *রবীন্দ্র*, ১৯০৬।

কর্তব্যবুদ্ধি [স] ১ *বি* কী করা উচিত সে সম্পর্কিত জ্ঞান। 'তাঁহার অসাড় কর্তব্যবুদ্ধিতে নানাপ্রকার আঘাত করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বি* বিবেক। 'আমারও কর্তব্যবুদ্ধি শান্ত থাকবে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কর্তব্যবোধ [স] *বি* দায়িত্বশীলতা। 'এ কর্তব্যবোধের অর্থ বোঝা শক্ত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

AMARBOI.COM

কর্তব্যভার, কর্তব্যভার [স] *বি* করণীয় কাজের দায়িত্ব। 'যখন সুখদুঃখ সমেত ভালোবাসার সমস্ত কর্তব্যভার মাথায় করবার সময় আসে তখন ...।' *রবীন্দ্র*, ১৮৯২; 'বার্ষিক অধিবেশনের উপর গুরু কর্তব্যভার অর্পিত রহিয়াছে।' *আজাদ*, ১৯৩৬।

কর্তব্যভারাক্রান্ত [স কর্তব্যভার-আক্রান্ত] *বিণ স্ত্রী* কর্তব্য-ভারগ্রস্ত। 'মেয়েটি প্রবীণ ... দায়িত্ববোধসম্পন্ন, কর্তব্যভারাক্রান্ত ...।' *জীবন*, ১৯৩২।

কর্তব্যভোলা [স কর্তব্য+ভোলা] *বিণ* করণীয় কী, তা ভুলে যায় এমন। 'তাহাদের জীবন-চরিত বাঙলার আত্মভোলা ও কর্তব্যভোলা এবং পথভোলা মুসলমানের জাতীয় চরিত্র গঠনের পক্ষে অত্যন্ত মূল্যবান।' *মাহেনও*, ১৯৪৯।

কর্তব্যরত [স] *বিণ* কর্তব্য পালন করছে এমন। 'ছোটো মেয়ে খেলাহীন, চপলতাহীন, গম্ভীর কর্তব্যরত, তৎপরচরণে আসে যায় নিত্যকাজে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

কর্তব্যশীল [স] *বিণ* কর্তব্যপরায়ণ। 'কর্মকুশল ও কর্তব্যশীল পরিচালক দেখিতে পাইলেন না।' *জগদীশ*, ১৯১৮।

কর্তব্যসমস্যা [স] *বি* কর্তব্য-অকর্তব্যের দ্বন্দ্ব। 'রমেশ তাহার কর্তব্যসমস্যা উদ্ভেদ করিতে চেষ্টা করিল।' *রবীন্দ্র*, ১৯০৬।

কর্তব্যসাধন [স] *বি* দায়িত্ব পালন। 'বিধাতৃবিহিত স্ব স্ব কর্তব্যসাধনে ক্রিয়াশীল।' *অক্ষয়*, ১৮৫৪।

কর্তব্যসিদ্ধি [স] *বি* কর্তব্য পালনে সাফল্য। 'বিরক্তিপ্রকাশকেই কর্তব্যসিদ্ধি বলিয়া মনে করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

কর্তব্যস্বীকার [স] *বি* করণীয় দায়িত্ব। 'বাপ-মার প্রতি কর্তব্যস্বীকারও অমনি শেষ হইল।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্তব্যাকর্তব্য, কর্তব্যাকর্তব্য [স কর্তব্য-অকর্তব্য] **১** *বি* করণীয় ও অকরণীয় কাজ। 'ইহা বুঝিয়া যে কর্তব্যাকর্তব্য হয় কর।' *বঙ্কিম*, ১৮০২। **২** *বি* করণীয় এবং অকরণীয় কাজ। 'কর্তব্যাকর্তব্য অবধারণ ও তাহার ফলাফল বিবরণ করা ধর্মনীতির প্রয়োজন।' *অক্ষয়*, ১৮৫০; 'বামাচরণ স্বামীর কর্তব্যাকর্তব্য বুঝিয়া লইয়া, ফুলগুলি আমার হাতে তুলিয়া দিতে লগিল।' *বঙ্কিম*, ১৮৭৪।

কর্তব্যাচরণ [স কর্তব্য-আচরণ] *বি* কর্তব্য পালন। 'আপন আসন গ্রহণ করে কর্তব্যাচরণে আত্মনিয়োগ করতে পারে না।' *মুজতবা*, ১৯৫৮।

কর্তব্যানুষ্ঠান, কর্তব্যানুষ্ঠান *বি* দায়িত্ব সম্পাদন। 'তখন আপনা হইতেই তাহাদিগের কর্তব্যানুষ্ঠানে প্রবৃত্তি ও অনুরক্তি হইবে।' *অক্ষয়*, ১৮৫০।

কর্তা, কর্ত্তা [স] **১** *বি* প্রভু। 'তুমি হর্তা তুমি কর্ত্তা নির্লেপ নিরঞ্জন।' *মালাধর*, ১৫০০। **২** *বি* মনিব; করে যে। *বোগল*, ১৭৭০। **৩** *বি* অভিভাবক। 'পুত্র আমার শেষ দসা অতএব আমার পরে তোমার খুল্লতাত কর্তা।' *রামরাম*, ১৮০১। **৪** *বি* সুবাদার। 'গৌড়ের কর্তা সংবাদ প্রাপ্ত হইলেন।' *রামরাম*, ১৮০১। **৫** *বি* প্রধান ব্যক্তি। 'বাটীর কর্তা দুর্জ্জয় নামে এক রাক্ষস।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। **৬** *বি* রচয়িতা। 'আরবী গ্রন্থকর্তারা প্রায় এক বাক্যেতে স্বীকার করেন।' *অক্ষয়*, ১৮৪৭। **৭** *বি* প্রদানকারী। 'নিয়োগকর্তাদিগের ও তদীয় বান্ধবদিগের মুখমণ্ডলে প্রক্ষেপ করিতে থাকে।' *অক্ষয়*, ১৮৫৪। **৮** *বি* স্রষ্টা। 'বুদ্ধি দ্বারা জগৎকর্তার সত্তা নিরূপিত হইতে পারিত।' *অক্ষয়*, ১৮৫৫। **৯** *বি* স্বামী। 'চাউনি কর্তার পানে কাঁদুনি কাঁদিয়া।' *গুপ্ত*, ১৮৫৮। **১০** *বি* চালক। 'সেখানে কর্মই বস্তুত কর্তা।' *রবীন্দ্র*, ১৯০৫। **১১** *বি* যে কর্ম সমাধা করে। 'কর্তা কি, তার একটা উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও দেখি।' *রবীন্দ্র*, ১৯০৭। **১২** *বি* অধিনায়ক। 'ফুটবল ক্রিকেটের দলে কর্তা।' *শরৎ*, ১৯১৭। **১৩** *বি* উচ্চশ্রেণীর লোক। 'কর্তারা অর্থাৎ ভদ্দরলোকেরা হয়ে গেলেন ঐ যাকে বলে একেবারে ল্যাজে-গোবরে।' *মনসুর*, ১৯৩৫।

কর্তাকর্ম [স] *বি* কর্তা ও কর্ম। 'ব্যাকরণ ধরে কর্তাকর্ম ইত্যাদি নিয়মে কথা সাজিয়ে গেলে ...।' *অবন*, ১৯২৫।

কর্তাগিরি, কর্ত্তাগিরি [স কর্তা+ফা গিরি] *বি* কর্তৃত্ব করার দায়িত্ব। 'কংগ্রেসের কর্তাগিরি লাভ করিয়া ... মুসলমান সমাজের গলায় ছুরি চালাইতেছেন।' *দর্শন*, ১৯২৪।

কর্তাগৃহিণী [স] *বি* কর্তা ও গিন্নি। 'পরের ঘরের দাসদাসী এবং কর্তাগৃহিণীদের অনুগ্রহের উপর নির্ভর।' *রবীন্দ্র*, ১৮৯১।

কর্তাতি [স কর্তৃত্ব] *বি* কর্তৃত্বের ভাব। 'ওঁর পিঠ-থাবড়া দিয়ে কর্তাতি করত।' *রবীন্দ্র*, ১৯৪০।

কর্তাপ্রসাদ, কর্ত্তাপ্রসাদ [স] *বি* গুরুমন্ত্র। 'কর্তাভজাদের এইরূপ বিশ্বাস আছে যে, কর্তাপ্রসাদে বিনা ঔষধে রোগশান্তি হয়।' *অক্ষয়*, ১৮৫০।

কর্তাব্যক্তি, কর্ত্তাব্যক্তি [স] **১** *বি* প্রধান ব্যক্তি। 'কর্তাব্যক্তির মতো মুখ ক'রে মনে করছি আমি একজন আমি।' *রবীন্দ্র*, ১৮৯৪। **২** *বি* নেতা। 'এ সভার কর্তাব্যক্তিদের ইচ্ছা যে ... প্রজার কর্তব্যের বিষয়ই আলোচনা করা হয়।' *প্রমথ*, ১৯২০; 'যাঁদের ইংরেজিতে লীডার বলে আমি তাঁদের বলতে চাই কর্তাব্যক্তি।' *রবীন্দ্র*, ১৯২৯।

কর্তা-মা [স কর্তা+স মাতা] *বি স্ত্রী* অভিভাবক। 'আমাদের কর্তা-মার সঙ্গে আপনার আলাপ করিয়ে দেব।' *রবীন্দ্র*, ১৯২৮।

কর্তামী, কর্ত্তামী [স কর্তা>] *বি* মাতব্বরি। 'কুঠির কর্ত্তা একবার বড় কর্ত্তার কর্ত্তামী বার করেছিলেন।' *মশাররফ*, ১৮৬৯।

কর্তার ইচ্ছা কর্ম, কর্তার ইচ্ছায় কর্ম – *বি* কর্তার খেয়াল মতো কাজ। 'কর্তার ইচ্ছা কর্ম – আমরা সে কর্মের ফলভোগ করিব।' *রবীন্দ্র*, ১৯০৫; 'কর্তার ইচ্ছায় কর্ম।' *রবীন্দ্র*, ১৯১৭।

কর্তার ইচ্ছায় কর্ম – কর্তার ইচ্ছা অনুযায়ী কাজ।

কর্তালি [স কর্তা>] *বি* মাতব্বরি। 'তোর কর্তালি করা কেন!' *মানিক*, ১৯৩৬।

কর্তাভজা, কর্ত্তাভজা [স কর্তা+স ভজন>] **১** *বি* আউলচাঁদ প্রবর্তিত বৈষ্ণব সম্প্রদায়বিশেষ। 'বাঙ্গলাদেশে চৈতন্যসম্প্রদায়ের অনুরূপ অথবা উহার শাখাস্বরূপ আর একটি সম্প্রদায় সংস্থাপিত হইয়াছে, তাহার নাম কর্তাভজা।' *অক্ষয়*, ১৮৫০। **২** *বিণ* প্রভুভক্ত। 'আমরা হাড়ে হাড়ে কর্তাভজা।' *অন্নদা*, ১৯২৮। **৩** *বিণ* তোষামোদকারী; প্রভুভক্ত। 'হালিম ... ব্যাপারি ও কেরানিদের কাছে নিতান্ত কর্তাভজা।' *মনসুর*, ১৯৫৫।

কর্তাল [স করতাল] *বি* হাত দিয়ে তাল দেওয়ার জন্যে কাঁসার তৈরি বাদ্যযন্ত্র। 'কুহরয় পিক রাজে কামের কর্তার বাজে।' *আলাওল*, ১৬৮০।

কর্তিত, কর্ত্তিত [স] **১** *বিণ* দ্বিধাগ্রস্ত। 'সেখানে উহাকে কর্ত্তিত এবং সঙ্কীর্ণ করে।' *বঙ্কিম*, ১৮৭৯। **২** *বিণ* কাটা হয়েছে এমন। 'কর্তিত খেজুরগুড়ি দিয়া রস চোঁয়াইতেছে।' *নজরুল*, ১৯৩১।

কর্তৃত, কর্তৃৎ [স কর্তৃত্ব] *বি* প্রাধান্য। *মানোএল*, ১৭৪৩।

কর্তৃত দেওয়া *ক্রি* কাউকে ক্ষমতা দেওয়া। 'কর্তৃত দিতে।' *মানোএল*, ১৭৪৩।

AMARBOI.COM

কর্তৃত ধারী [স কর্তৃত্বধারী] *বিণ* কর্তৃত্বধারী। 'তিনি সর্বো কর্তৃত ধারী।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

কর্তৃতি [স কর্তৃত্ব] *বি* কর্তৃত্ব। *মানোএল*, ১৭৪৩।

কর্তৃ, কর্ত্তৃ [স] *বি* কর্তা। 'কেবল কর্তৃমনোনীত, হিতাহিত যথোচিত, বচনেতে কর্ত্তাকে তুলায়।' *ভবানী*, ১৮২৫।

কর্তৃকারক [স] *বি* বাক্যের মধ্যে ক্রিয়ার সম্পাদক-সূচক পদ। 'কর্তৃকারক এবং সম্বন্ধে বহুবচনে বাংলা প্রায় সমুদয় ...। হাই, ১৯৫৪।

কর্তৃক, কর্ত্তৃক [স] *অব্য* দ্বারা। 'রাজা স্লৈণ হইলে সর্ব্বলোক কর্ত্তৃক তুচ্ছীকৃত হইবেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০; 'স্বামী কর্তৃক নিরন্তর নিষ্ঠুর বাক্য প্রাপ্ত হইয়া ...।' *গৌর*, ১৮২২।

কর্তৃত্ব, কর্ত্তৃত্ব [স] **১** *বি* অধিকার। 'সদর দেওয়ানি আদালতের সাহেবানের কর্তৃত্ব আছে।' *ফরস্টার*, ১৭৯৩। **২** *বি* রাজত্ব। 'থানাজাতে সৈন্য মুরচাবন্দি করিয়া মজবুতিতে আপন মুলুকে কর্তৃত্ব করিব।' *রামরাম*, ১৮০১। **৩** *বি* পরিচালনার দায়িত্ব। 'অতি নষ্ট স্বভাব নিজে কর্তৃত্ব ভার পাইলে ...।' *রামরাম*, ১৮০১। **৪** *বি* প্রভুত্ব। 'ঐ সাহেব যে পাঠশালার উপর কর্তৃত্ব করিবেন তাহার সুধারা হইতে পারে।' *দর্পণ*, ১৮১৯। **৫** *বি* আধিপত্য। 'অন্যের কোন কর্তৃত্ব থাকিবে না।' *দর্পণ*, ১৮২০।

কর্তৃত্ব করা *ক্রি* পরিচালনা করা। 'ঐ সাহেব যে পাঠশালার উপর কর্তৃত্ব করিবেন তাহার সুধারা হইতে পারে।' *দর্পণ*, ১৮১৯।

কর্তৃত্বকারি, কর্তৃত্বকারি [স কর্তৃত্বকারী] *বিণ* কর্তৃত্ব করে এমন। 'তাহারদের মধ্যে দিবসের কর্তৃত্বকারি মহাজ্যোতি।' *কেরি*, ১৮০৮।

কর্তৃত্বপদ [স] *বি* নেতৃত্ব। 'দেবীচৌধুরানীতে কে কর্তৃত্বপদ লইয়াছে?' *রবীন্দ্র*, ১৮৯৭।

কর্তৃত্বভার [স] *বি* কর্তৃত্বের দায়িত্ব। 'তাহার যথার্থ কর্তৃত্বভার আমাদের নাই।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্তৃত্বাধিকারী, কর্তৃত্বাধিকারী [স] *বিণ* কর্তৃত্ব করে এমন। 'কর্তৃত্বাধিকারী ও শক্তিসম্পন্ন কর্ম্মচারীদের।' *আজাদ*, ১৯৪০।

কর্তৃত্বাধীন [স কর্তৃত্ব-অধীন] *বিণ* আয়ত্তাধীন। 'মহিলা সেবা সমিতির নিজস্ব কর্তৃত্বাধীনে পরিচালিত।' *বেগম*, ১৯৬৯।

কর্তৃপক্ষ, কর্ত্তৃপক্ষ [স] **১** *বি* পরিচালকমণ্ডলী। 'বিদ্যালয়ের কর্তৃপক্ষদিগের মনে উদয়ই হয় না।' *অক্ষয়*, ১৮৪৬। **২** *বি* মালিকপক্ষ। 'কিন্তু অনতিবিলম্বেই পালিমানের কর্তৃপক্ষ ঐ পদে অন্য এক ব্যক্তিকে নিযুক্ত করিয়া পাঠাইলেন।' *বিদ্যা*, ১৮৪৯। **৩** *বি* কার্যসম্পাদকগণ। 'পাবনার কর্ত্তৃপক্ষীয়েরা সুখে নিদ্রা যাইতেছেন।' *অমৃতবাজার*, ১৮৭৩। **৪** *বি* শাসকবর্গ। 'আমাদের ইংরাজ কর্তৃপক্ষেরা সেই বুলি ধরিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্তৃপক্ষীয়, কর্ত্তৃপক্ষীয় [স] **১** *বিণ* কর্তাস্থানীয়। 'কর্তৃপক্ষীয় রাজপুরুষেরা ...।' *অক্ষয়*, ১৮৪৬। **২** *বি* কর্তৃত্ব করছে এমন লোক। 'আমাদের সভার কর্তৃপক্ষীয়েরা বক্তৃতা দিতেন।' *রবীন্দ্র*, ১৮৯২। **৩** *বিণ* কর্তৃপক্ষের। 'ঘটনার জন্য কোন প্রকার কর্তৃপক্ষীয় ত্রুটি দায়ী নহে।' *আজাদ*, ১৯৬৮।

কর্তৃপদ [স] *বি* কর্তৃস্থানীয় পদ। 'যাঁহারা দলের কর্তৃপদে আছেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

কর্তৃপুরুষ [স] **১** *বি* শাসক। 'আমাদের কর্তৃপুরুষদের মহত্ত্ব ও সত্যানুরাগের প্রমাণ।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *বি* কর্তৃস্থানীয় ব্যক্তি। 'কোনো কর্তৃপুরুষের লাঞ্ছনা হইতে পারে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

কর্তৃভাবক [স] *বিণ* আত্মমর্যাদাবোধক। 'ইহা কেবল একটা নেতিভাবক গুণ নহে, ইহা কর্তৃভাবক।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্তৃশক্তি [স] **১** *বি* কর্তৃত্বকারী পক্ষ। 'এক কর্তৃশক্তির সঙ্গে অন্য কর্তৃশক্তির সম্পর্কই শোভন এবং স্থায়ী।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *বি* করার ক্ষমতা। 'নিজের ভিতরকার কর্তৃশক্তিকে আমরা মেলাতে পারিনি।' *রবীন্দ্র*, ১৯৩২।

কর্তৃসভা [স] *বি* পরিচালনা পরিষদ। 'দেশের কর্মশক্তিকে একটি বিশেষ কর্তৃসভার মধ্যে বদ্ধ করিতে হইবে।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্তৃস্থানীয় [স] *বিণ* কর্তাতুল্য। 'কর্তৃস্থানীয় কোনো ব্যক্তির ন্যায়ান্যায়বিচারে।' *রবীন্দ্র*, ১৯০৮।

কর্ত্রী [স] **১** *বি* স্ত্রী মালিক। 'তুমি আমার কর্ত্রী।' *চণ্ডীচরণ*, ১৮০৫। **২** *বি* স্ত্রী প্রভুপত্নী। 'তোতা ... খোজেস্তাকে কহিলেক ও কর্ত্রী শুন।' *চণ্ডীচরণ*, ১৮০৫। **৩** *বি* স্ত্রী গৃহিণী। 'সেই পান্থনিবাসে কর্ত্রী, এক বিবি, তাঁহাকে নিতান্ত নিরাশ্রয় দেখিয়া, দয়া করিয়া ...।' *বিদ্যা*, ১৮৫৬। **৪** *বি* স্ত্রী প্রধান শিক্ষক। 'বিদ্যালয়ের কর্ত্রীর হাতে কমলাকে সমর্পণ করিয়া রমেশ যখন চলিয়া আসিতেছে ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

কর্ত্রীঠাকরুন [স কর্ত্রী+ঠাকুর>] *বি* প্রভুপত্নী। 'কেউ সাহস করে কর্ত্রীঠাকরুনের খবরটা দিতে পারলে না।' *রবীন্দ্র*, ১৯২৯।

কর্ত্রীঠাকুরানী [স কর্ত্রী+ঠাকুর>] *বি* প্রভুপত্নী। 'প্রেরক হচ্ছেন স্বয়ং কর্ত্রীঠাকুরানী।' *রবীন্দ্র*, ১৯২৯।

কর্ত্রীপদ [স] *বি* প্রধানের পদ। 'তোমাকে তার কর্ত্রীপদ দিতে পারি।' *রবীন্দ্র*, ১৯৩৪।

কর্ত্রীবধূ [স] *বি* গৃহকর্ত্রী। 'কর্ত্রীবধূর খবর লওয়া চাই তো।' *রবীন্দ্র*, ১৮৯৮।

কর্দম, কর্দ্দম [স] **১** *বি* কাদা। 'ঢালিআ কর্দম খেলে তায়।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* কাদা। 'বর্ষার সময়ে কর্দ্দমজন্য তাবতে অত্যন্ত দুর্গম বোধ করেন।' *দর্পণ*, ১৮২৯।

কর্দমচর [স] *বিণ* যে কাদার মধ্যে বাস করে। 'কর্দমচর ক্ষুদ্র মৎস্যের সন্ধানে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

কর্দমপিচ্ছিল *বিণ* কাদার কারণে পিছল। 'বাংলাদেশ আপনার কর্দমপিচ্ছিল ঘনসিক্ত রুদ্ধ জঙ্গলের মধ্যে মূকবিষণ্ণমুখে ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কর্দমপূর্ণ [স] *বিণ* কাদাময়। 'কর্দমপূর্ণ স্বল্পজলে নিমগ্ন থাকে।' *অক্ষয়*, ১৮৫৪।

কর্দমযুক্ত [স] *বি* কাদাময়। 'কর্দমযুক্ত নরম মাটির ঢিপির উপর একটি ভাঙ্গা কড়ি।' *মাহেনও*, ১৯৪৯।

কর্দমাকীর্ণ, কর্দ্দমাকীর্ণ [স] *বিণ* কাদাময়। 'এক কর্দ্দমাকীর্ণ ঘনঘটাচ্ছন্ন বৈতরণী, যেখানে স্বর্গের কোন দৃষ্টিই প্রবেশের পথ পায় না।' *সবুজ*, ১৯২১।

কর্দমাক্ত [স] *বিণ* কাদামাখা। 'কর্দমাক্ত পথ অতিক্রম করিয়া চলিত।' *মাহেনও*, ১৯৪৯।

কর্দমাদি [স] *বি* কাদা ইত্যাদি। 'স্রোতজলে যে সমস্ত কর্দমাদি মিশ্রিত থাকে।' *অক্ষয়*, ১৮৫৪।

কর্নার [ই] *বি* ফুটবল-মাঠের কোণা থেকে দেওয়া শটবিশেষ। 'কর্নারের বল কেড়ে নিয়ে আমিই আউট করে দিই।' *শিবরাম*, ১৯৪০।

কর্নাল [ফা করনায়] *বি* ভেরী। *মানোএল*, ১৭৪৩।

AMARBOI.COM

কর্নিশ [ই] *বি* কার্নিশ; দেয়াল বা ছাদের বাইরের দিকে বেড়ে থাকা প্রান্তভাগ। 'যেন কোনো নরকের কর্নিশের থেকে ...।' *জীবন*, ১৯৩০।

কর্নেট [ই] *বি* পিতলের তৈরি চোঙার মতো মুখওয়ালা এক রকমের বাঁশি; ট্রাম্পেটের ক্ষুদ্রতর সংস্করণ। 'কর্নেট বাজানো তার শখ।' *রবীন্দ্র*, ১৯৩২।

কর্নেল [ই] *বি* সৈন্যবাহিনীর কর্মকর্তা। *ওসাঁ*, ১৭৮৫।

কর্নেলিয়ান [ই] *বি* অলঙ্কারে ব্যবহারযোগ্য অনুজ্জ্বল লাল, বাদামি অথবা সাদা রঙের মূল্যবান পাথর। 'এটা কর্নেলিয়ান – চেনো।' *বিভূতি*, ১৯৩১।

কর্ণ [স কর্ণ] *বি* কান। 'মকর কুণ্ডল কর্ণে হৃদে বনমালা।' *মালাধর*, ১৫০০; 'কর্ণপাতি সুনে কার মিঠি মিঠি বাত।' *মালাধর*, ১৫০০।

কর্পূর [স] ১ *বি* গাছের রস থেকে তৈরি গন্ধদ্রব্যবিশেষ। 'বাটা ভরি কর্পূর তাম্বুলে।' *বড়ু*, ১৪৫০; 'কর্পূর পাচন করি তবে জিয়াইতে পারি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* কৃতজ্ঞ। *মানোএল*, ১৭৪৩।

কর্পূরকুলি *বি* কর্পূরগন্ধী মিষ্টি খাদ্যবিশেষ। 'অমৃতমণ্ডা ছানার বড়া আর কর্পূরকুলি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কর্পূরধর্মী [স] *বিণ* কর্পূরের ধর্মবিশিষ্ট; বাতাসে মিলিয়ে যায় এমন। 'স্মৃতি কর্পূরধর্মী।' *মানিক*, ১৯৪০।

কর্পূরবাসিত [স] *বিণ* কর্পূরের গন্ধযুক্ত। 'কর্পূরবাসিত রাধা খাহ তাম্বুল।' *বড়ু*, ১৪৫০।

কর্পূরমালতী [স] *বি* কর্পূরগন্ধী মালতীতুল্য খাদ্যবিশেষ। 'হরিবল্লভ সেবতী কর্পূরমালতী।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কর্পোরেশন [ই] *বি* পৌরসভা। 'কর্পোরেশনের স্বরাজী কর্পধারগণ।' *দর্শন*, ১৯২৪।

কর্বুর, কর্ব্বুর [স] *বি* রাক্ষস। 'সাজিল কর্বুরবৃন্দ বীরমদে মাতি।' *মাইকেল*, ১৮৬২; 'কর্ব্বুর হেরিয়ে ভয়ে সহচরী সব।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

কর্ম, কর্ম্ম [স] ১ *বি* ক্রিয়া; অনুষ্ঠান। 'সট কর্ম্ম গত পাপ লুকাইলে নহে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* কাজ। 'কোন কর্ম করে কোনজন।' *বৃন্দা*, ১৫৮০; 'অলৌকিক কর্ম অলৌকিক অনুভাব।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* অদৃষ্ট। 'কর্মের লিখনে মোর এই দুঃখ ভোগ।' *বাহরাম*, ১৬৫০। ৪ *বি* চাকরি। *ওসাঁ*, ১৭৮৫; 'যাহারা সেই স্থানে প্রাপ্তবিদ্য হইয়াছে তাহারদের মধ্যে অনেকেই দপ্তরখানায় মুহরির কর্ম করিতেছে।' *দর্পণ*, ১৮৩০।

কর্মকঠিন [স] *বিণ* কর্মবিষয়ে শৈথিল্যবর্জিত। 'ঐ কর্মকঠিন পুরুষকে বিচলিত করে দিলে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কর্মকর, কর্মকর [স] ১ *বি* কামার। 'সুনিপুণ সূত্রধর, কর্মকর ...।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* কর্মচারী। 'এক কর্মকর আমার নিকট আসিতেছে।' *বিদ্যা*, ১৮৬৩।

কর্মকর্তা, কর্ম্মকর্ত্তা [স] ১ *বি* উচ্চতর সরকারি কর্মচারী। *ডানকান*, ১৭৮৫; 'বিচারাধ্যক্ষের মীর মুন্সী অর্থাৎ কর্মকর্তা হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩১। ২ *বি* দলের প্রধান ব্যক্তি। 'ইহাতে কর্মকর্তার মনে খেদ জন্মিয়া থাকিবেক।' *দর্পণ*, ১৮৩০। ৩ *বিণ* তত্ত্বাবধায়ক; অধিকারী। 'অবশিষ্ট ধনের কর্মকর্তা ঐ দুই জন।' *দর্পণ*, ১৮৩০। ৪ *বি* কর্ম সম্পাদনকারী ব্যক্তি। 'অন্তঃকরণে উদ্ভাবনীশক্তির উদয় হইলেই পশ্চাৎ কর্ম ও কর্মকর্তার আবির্ভাব হয়।' *অক্ষয়*, ১৮৪৮। ৫ *বিণ* প্রধান। 'কর্মকর্তা প্রতিযোগী প্রেত : তুমি, আমি সর্বস্বান্ত পৈশাচিক ঋণ শুধে শুধে।' *সুধীন্দ্র*, ১৯৪০।

কর্মকর্ত্রী, কর্ম্মকর্ত্রী [স] *বি* স্ত্রী কার্যনির্বাহক। 'উক্ত কমিটির নির্ব্বাচিত কর্ম্মকর্ত্রীদের নাম নিম্নে দেওয়া গেল।' *বেগম*, ১৯৪৭; 'আঞ্জুমানের আগামী বর্ষের কর্মকর্ত্রী নির্বাচিত করা হয়।' *বেগম*, ১৯৫৩।

কর্মকাণ্ড, কর্ম্মকাণ্ড [স] ১ *বি* কর্মসমূহ। 'কেবল জ্ঞান কাণ্ডবিষয়ক প্রকাশ না করিয়া আনুষঙ্গিক কর্ম্ম কাণ্ড বিষয়ক কিছু প্রকাশ করেন।' *দর্পণ*, ১৮৩১। ২ *বি* পূজা-অনুষ্ঠানাদি। 'বড় লোকের বাটীতে কর্ম্মকাণ্ড সময়ে অধ্যক্ষতা করিয়া থাকেন।' *চন্দ্রিকা*, ১৮৩২। ৩ *বি* বেদের যে অংশে যজ্ঞাদি কর্মের বিধান আছে। 'মহাভারতরচয়িতার কর্ম্মকাণ্ড বেদব্যাখ্যা প্রভৃতি তাঁহার ...।' *বঙ্কিম*, ১৮৮৭।

কর্মকার, কর্ম্মকার [স] *বি* হিন্দু পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'চাল হতে কর্ম্মকার নামিল ভূমিতে।' *বিজয়*, ১৬৫০।

কর্মকারক, কর্ম্মকারক [স] ১ *বি* কর্মচারী; কর্মকর্তা। 'শ্রীরামপুরের ছাপাখানার একজন কর্ম্মকারক।' *দর্পণ*, ১৮৩০। ২ *বি* কামার। 'কর্মকারকেরা যখন নেহাইয়ের উপর হাতুড়ির ঘা মারে, তখন নেহাইও ফিরে সেই হাতুড়িকে প্রতিঘাত করে।' *অক্ষয়*, ১৮৪৬। ৩ *বি* (ব্যাকরণ) বাক্যের কর্তা যা করে তাই কর্মকারক। 'কর্মকারকের মধ্যে তাহা সম্পূর্ণ লুপ্ত।' *রবীন্দ্র*, ১৯০৯।

কর্মকারি, কর্ম্মকারি [স কর্মকারী] *বি* কর্মী; কর্মচারী; কাজের দায়িত্বপ্রাপ্ত লোক। 'বাঙ্গালি কর্ম্মকারিরা যাবৎ দুরবস্থা হইতে অবস্থান্তর প্রাপ্ত না হয়।' *বঙ্গদূত*, ১৮২৯।

কর্মকারী, কর্ম্মকারী [স] ১ *বিণ* কাজ পরিচালনাকারী। 'লোকেরা ঐ কর্ম্মকারী সাহেব লোকেরদের নিকটে ... ভূমি চাহিয়াছিল।' *দর্পণ*, ১৮২০। ২ *বি* বেতনভোগী কর্মী। 'এক প্রধান কর্ম্মকারী তাঁহাকে শ্রীযুত লিষ্টের টনহোপ নামে এক সাহেব পত্র লিখিয়াছেন।' *দর্পণ*, ১৮২৩।

কর্মকার্য, কর্ম্মকার্য্য [স] ১ *বি* চাকরি; আয়ের ব্যবস্থা। *ওসাঁ*, ১৭৮২। ২ *বি* কর্তব্যকর্ম। 'কর্ম্মকার্য্য সর্ব্বদা করিতেছি।' *ভেরলি*, ১৭৯৭; 'জ্ঞানানুসারে কর্ম্মকার্য্য করিবেন।' *দর্পণ*, ১৮২০।

কর্মকাল [স] *বি* কর্মজীবন। 'ছাত্রবয়সের সহিত কর্মকালের সম্পূর্ণ ব্যবধান।' *রবীন্দ্র*, ১৯০৭।

কর্মকীর্তি [স] ১ *বি* কাজের খ্যাতি। 'কী হইবে কর্মকীর্তি বীর্যবল, শিক্ষাদীক্ষা তার।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বি* কর্মক্ষমতা। 'নিষ্ফল নির্বীর্য বাহু কর্মকীর্তিহীনে ... প্রাণ দাও।' *রবীন্দ্র*, ১৯১৭।

কর্মকুশল [স] *বিণ* কাজে দক্ষ। 'কর্মকুশল ও কর্তব্যশীল পরিচালক দেখিতে পাইলেন না।' *জগদীশ*, ১৯১৮।

কর্মকুশলতা, কর্ম্মকুশলতা [স] *বি* কাজের দক্ষতা। 'নিজের কৃতিত্ব কর্মকুশলতা ও পৌরুষের।' *নজরুল*, ১৯২২; 'না আছে কর্ম্মকুশলতা।' *ইসলাহ*, ১৯৪০।

কর্মকুশলা [স] *বিণ* স্ত্রী কাজে দক্ষ। 'গৃহিণী যদি কর্মকুশলা হন।' *বেগম*, ১৯৪৯।

কর্মকেন্দ্র, কর্ম্মকেন্দ্র [স] *বি* কর্মস্থান। 'কলকাতা, ঢাকা প্রভৃতি প্রধান প্রধান কর্ম্মকেন্দ্রসমূহের বুকের উপর ...।' *বঙ্গনূর*, ১৯২২।

কর্মকোলাহল [স] *বি* কাজের ব্যস্ততা; কর্মমুখরতা। 'যেয়ো না একেলা ফেলি জনতাপাথারে কর্মকোলাহলে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

AMARBOI.COM

কর্মকৌশল, কর্মকৌশল [স] *বি* কাজের প্রণালী। 'জাপান পাশ্চাত্যের কর্মকৌশল অল্পদিনেই আয়ত্ত করেছে।' *সবুজ*, ১৯২০।

কর্মক্লান্ত [স] *বিণ* কাজের দরুন পরিশ্রান্ত। 'কর্মক্লান্ত একটি বৃহৎ কেরানি-সম্প্রদায়।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্মক্লিষ্ট [স] *বিণ* কাজের দরুন কাতর। 'কর্মক্লিষ্ট সন্দেহপীড়িত বিয়োগশোককাতর সংসারের ভিতরকার যে চিরস্থায়ী সুগভীর দুঃখটি ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কর্মক্ষম, কর্মক্ষম [স] *বিণ* কাজ করতে সক্ষম। 'অবিকলেন্দ্রিয় ব্যক্তিরা যদ্রূপ আপনার জীবনোপায় কর্মক্ষম হইয়া কালক্ষেপণ করিতেছে।' *দর্পণ*, ১৮৩০; 'তাহার শরীর সবল, এবং হস্ত পদ কর্মক্ষম হইয়া উঠিল।' *বিদ্যা*, ১৮৬৩।

কর্মক্ষমতা, কর্মক্ষমতা [স] *বি* কাজ করার সামর্থ্য। 'ইউরোপ যেমন এদের কর্মশীলতা চায় তেমনি সঙ্গে সঙ্গে চায় এ কর্মক্ষমতা সীমা ছাড়িয়ে না ওঠে।' *সবুজ*, ১৯২০; 'হারুণের তিনশো টাকা মাইনে পাবার মতো তো গুণ বা কর্মক্ষমতা নাই।' *নজরুল*, ১৯৩১।

কর্মক্ষেত্র, কর্মক্ষেত্র [স] *বি* কাজের জায়গা। 'এই প্রশস্ত ক্ষেত্রের নাম কর্মক্ষেত্র।' *অক্ষয়*, ১৮৪৯; 'ধর্মশীল কর্মক্ষেত্রে ধর্মরাজ-সম।' *মাইকেল*, ১৮৬২।

কর্মখালি, কর্ম খালি [স কর্ম+আ খালী] *বি* চাকরিক্ষেত্রে পদের শূন্যতা। 'কর্ম খালি হইলে তচ্চেষ্টা করিলে যদিস্যাৎ তৎসময়ে ...।' *দর্পণ*, ১৮৩৮।

কর্মখালি বিজ্ঞাপন [স কর্ম+আ খালী+স বিজ্ঞাপন] *বি* চাকরির বিজ্ঞপ্তি। 'আগে দেখে কর্মখালির বিজ্ঞাপন।' *নরেন্দ্র*, ১৯৪৮।

কর্মগত, কর্মগত [স] *বিণ* কর্মের অধীন। 'বর্ণবিভাগ-প্রণালীর শৈশবাবস্থায় কর্মগত ছিল।' *অক্ষয়*, ১৮৪৮।

কর্মগতপ্রাণ [স] *বি* কাজই জীবনের সব এমন ভাব। 'আমরা ভাবার কর্মগতপ্রাণ হয়েছি।' *ধূর্জটি*, ১৯৩১।

কর্মগাথা [স কর্ম+গাথা] *বি* সুকৃতির বর্ণনা। 'ইটপাথরে খোদিত কর্মগাথায় সে মহিমময়।' *সুকান্ত*, ১৯৪৪।

কর্মগুরু [স] *বি* নেতা। 'ধর্মঘটের কর্মগুরু!' *নজরুল*, ১৯৩১।

কর্মচক্র [স] ১ *বি* কার্যকলাপ; যাবতীয় কাজ। 'প্রতিমুহূর্তে কর্মচক্রোৎক্ষিপ্ত ধুলারাশি কত স্তূপাকার হইয়া উঠিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৭। ২ *বি* একটার পর একটা কাজের চাপ। 'আমার দিনের পর দিন চলেছে কর্মচক্রের স্নেহহীন কর্কশধ্বনিতে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কর্মচলন, কর্মচলন [স] *বি* কাজ চালনা। *ডানকান*, ১৭৮৪।

কর্মচারি, কর্মচারি [স কর্মচারী] *বি* কর্মী। 'দুই জন কর্মচারি ভিন্ন কর্ম চলে না।' *দর্পণ*, ১৮৩০; 'সভার কার্য্যনির্ব্বাহার্থে অধ্যক্ষ, কর্মাধ্যক্ষ প্রভৃতি কয়েকজন কর্মচারি নিযুক্ত আছেন।' *অক্ষয়*, ১৮৪৩।

কর্মচারিণী [স] *বি* স্ত্রী বেতনভোগী কর্মী। 'ফলের দোকানের কর্মচারিণী বাইরের কাঁচ ধুয়ে মুছে পরিষ্কার করছে।' *অন্নদা*, ১৯২৯।

কর্মচারী, কর্মচারী [স] ১ *বি* শাসনকর্তা। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* কর্মী। 'রাজা কর্মচারী, বিচারপতি, সৈন্য, সেনাপতি ...।' *অক্ষয়*, ১৮৪৪।

কর্ম-চিন্তা [স] *বি* কার্য পরিকল্পনা। 'তিনি মানব-সর্বস্ব কর্ম-চিন্তার বৈভব দেখিয়ে ...।' *শরীফ*, ১৯৭০।

কর্মচেষ্টা, কর্মচেষ্টা [স] ১ *বি* কর্মপ্রয়াস। 'দেশ সম্মিলিত কর্মচেষ্টায় আসিয়া পৌঁছিতে পারে নাই।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* কাজ করার উদ্যোগ। 'কোনো কর্মচেষ্টাও তাঁহাদের মধ্যে দেখিতে পাওয়া যায় না।' *সওগাত*, ১৯২৭।

কর্মচ্যুত, কর্মচ্যুত [স] ১ *বিণ* চাকরি হারিয়েছে এমন; চাকরিচ্যুত। 'কর্মচ্যুত বিষয়াকাঙ্ক্ষী উম্মেদওয়ার লোক বাবুর নিকটে যাতায়াত আরম্ভিল।' *দর্পণ*, ১৮২১। ২ *বিণ* চাকরি থেকে অবসর দেওয়া হয়েছে এমন। 'তিনি প্রাচীন হইয়া কর্মচ্যুত হইয়াছেন।' *দর্পণ*, ১৮২৮। ৩ *বিণ* কাজ থেকে বিশ্রাম নিয়েছে এমন। 'কর্মচ্যুত পৃথিবী যখন উন্মার্গ ঘুমের ঘোরে।' *সুধীন্দ্র*, ১৯৪০।

কর্মজগৎ [স] ১ *বি* কর্মময় বাস্তব জগৎ। 'ধর্মসাধনার সঙ্গে মানুষের কর্মজগতের বিচ্ছেদ ঘটানো কখনোই মঙ্গল নয়।' *রবীন্দ্র*, ১৯১৬। ২ *বি* কর্মক্ষেত্র। 'বুঝিতাম কর্মজগতে যাহাই হউক, ধর্মজগতে হিন্দুরা অপরাজেয়।' *বনফুল*, ১৯৩৬।

কর্মজীবন, কর্মজীবন [স] ১ *বি* কাজের ব্যস্ততাপূর্ণ জীবন। 'সংকটময় কর্মজীবন/ মনে হয় মরু সাহারা।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বি* চাকরি জীবন। 'কর্মজীবনের সকল ক্ষেত্রে নারীর অংশগ্রহণের অপরিহার্য প্রয়োজনীয়তার উপর বিশেষ জোর দেন।' *বেগম*, ১৯৪৮।

কর্মজীবী [স] ১ *বি* জীবিকা নির্বাহের জন্য কাজ করে যে। 'কর্মজীবীরা যন্ত্রের অধম হয়।' *রবীন্দ্র*, ১৯০৫। ২ *বি* শ্রমিক শ্রেণী। 'এশিয়ায় যারা আনে কর্মজীবী সাম্যের দাওয়াত।' *মাহমুদ*, ১৯৭৩।

কর্মঠ, কর্মঠ [স] ১ *বিণ* কর্মকুশল। 'সভে সুদ্ধাসয় সভে সকল কর্মঠ।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* পরিশ্রমী। 'কর্মঠ রাজপ্রতিনিধি খাঁ আজিম।' *বঙ্কিম*, ১৮৬৫। ৩ *বিণ* বাচাল। 'কর্মঠ মুখে চলেছে মোটরযানে।' *বুদ্ধ*, ১৯৫৫। ৪ *বিণ* কাজ চালানোর উপযুক্ত। 'ভাবালু কবিতা আমরা যত লিখেছি গৃহী ও কর্মঠ গদ্য তত লিখিনি।' *সিরাজুল*, ১৯৭৪।

কর্মঠতা [স] *বি* পরিশ্রম। 'সীতারামের কর্মঠতা।' *বঙ্কিম*, ১৮৮৪।

কর্মডোর [স কর্ম+ডোর] *বি* কাজের বন্ধনসূত্র। 'ছিন্ন করে দাও কর্মডোর।' *রবীন্দ্র*, ১৯৩২।

কর্মণ্য, কর্মণ্য [স] ১ *বিণ* কার্যকর। 'গবর্ণমেন্টের নিয়মসকল পূর্ব্বাপেক্ষা অধিক হিতজনক ও অধিক কর্মণ্য হয়।' *দর্পণ*, ১৮৩৩। ২ *বিণ* চাষযোগ্য। 'জলসেচনের দ্বারা অকর্মণ্য ভূমিকে কর্মণ্যকরণ।' *দর্পণ*, ১৮৩৫। ৩ *বিণ* কর্মের উপযোগী। 'শরীর ও ইন্দ্রিয়, সঞ্চালিত না হইলে, সবল ও কর্মণ্য হয় না।' *অক্ষয়*, ১৮৪৮। ৪ *বিণ* কর্মকুশল। 'তাঁহার মন তৎকাল পর্যন্ত অনলস ও কর্মণ্য ছিল।' *বিদ্যা*, ১৮৪৯।

কর্মতৎপর, কর্মতৎপর [স] *বিণ* কাজে দক্ষ। 'দেশের মেয়েরা ক্রমশঃ কর্মতৎপর হয়ে উঠেছেন।' *বেগম*, ১৯৫১।

কর্মতৎপরতা, কর্মতৎপরতা [স] ১ *বি* কাজের দক্ষতা। 'সজ্ঞবদ্ধতা ও কর্মতৎপরতার দ্বারা প্রমাণ করিতে হইবে।' *আজাদ*, ১৯৪০। ২ *বি* কর্মপ্রচেষ্টা। 'তাঁদের কর্মতৎপরতা ছড়িয়ে পড়ছে দেশময়।' *বেগম*, ১৯৫৫।

কর্মতন্ত্র [স] *বি* কার্যপ্রণালী। 'অতি জটিল কর্মতন্ত্র উদ্ভাবন ও চালনা করার বুদ্ধি ... কোথায় আছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কর্মতপস্যা [স] *বি* কাজ করার প্রয়াস। 'কূর্মর কর্মতপস্যার দুঃসাধ্য সংকটটা দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখলে।' *রবীন্দ্র*, ১৯২৯।

কর্মতালিকা [স] ১ *বি* কাজের তালিকা। 'তাসিয়ে নিয়ে যায় দিনের

AMARBOI.COM

কর্মতালিকা।' *রবীন্দ্র*, ১৯৩২। ২ *বি* কর্মসূচি। 'এমন আদর্শের কর্মতালিকা ইহাতে গ্রহণ করিতে হইবে।' *আজাদ*, ১৯৩৬।

কর্মতি, কর্মতি *বি* অনুষ্ঠান। 'সৎকার কর্মতি ক্রীয়া হেতু গেল স্বর্গলোক।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কর্মত্যাগ, কর্মত্যাগ [স] *বি* কর্মবর্জন। 'কর্মত্যাগ কর্মনিন্দা সর্ব্বশাস্ত্রে কহে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কর্মদক্ষ, কর্মদক্ষ [স] *বিণ* কর্মকুশলী। 'তোমরা উদ্যোগী, পরিশ্রমী ও কর্মদক্ষ।' *অক্ষয়*, ১৮৫০।

কর্মদক্ষতা, কর্মদক্ষতা [স] *বি* কাজের দক্ষতা। 'সন্তানের বিদ্যাশিক্ষা, কর্মদক্ষতা ও জীবিকা-নির্ধারণ আবশ্যক।' *অক্ষয়*, ১৮৪৯; 'তিনি স্বীয় অসাধারণ কর্মদক্ষতা ও সাধনা বলে তুরস্কের রাষ্ট্রপতি হইতে পারিয়াছিলেন।' *ইসলাহ*, ১৯৩৮।

কর্মদোষ, কর্মদোষ [স] *বি* দুর্ভাগ্য। 'মোর কর্মদোষে কাহাঞি হেন পরিহাসে।' *বড়ু*, ১৪৫০।

কর্মধারা [স] *বি* কাজের প্রবাহ। 'যেথা নির্বারিত স্রোতে দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়।' *রবীন্দ্র*, ১৯০১।

কর্মনাশা, কর্মনাশা [স] ১ *বি* পন্থা। 'কর্মনাশা নদী পার হইতেছেন।' *দর্পণ*, ১৮২৭। ২ *বি* কাজ পণ্ড করে যে। 'এ কর্মনাশাটা থাকতে দেখি কোন কর্মই হবে না।' *মাইকেল*, ১৮৬১। ৩ *বিণ* সর্বনাশা। 'আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোতে সেগুলি বিস্মৃতির অতল গর্ভে তলিয়ে যাচ্ছে।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

কর্মনিন্দা, কর্মনিন্দা [স] *বি* কাজের নিন্দা। 'কর্মত্যাগ কর্মনিন্দা সর্ব্বশাস্ত্রে কহে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কর্মনিরত [স] *বিণ* কর্মে নিবিষ্ট। 'এই কর্মনিরত সংসারের মাঝখানে কেমন নিস্তব্ধ হইয়া দাঁড়াইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কর্মনির্বাহ, কর্মনির্ব্বাহ [স] *বি* কাজ সম্পাদনা। 'তাহারা উদ্যান ও শস্যক্ষেত্র কর্মনির্ব্বাহ-বিষয়ক প্রস্তাব অনুশীলন করিত।' *শিক্ষক*, ১৮৫৪।

কর্মনির্বাহক, কর্মনির্বাহক [স] *বিণ* কার্য সম্পাদনকারী। 'ঐ পাঠশালার কর্মনির্ব্বাহক সাহেবেরদিগের নিকট কর্ম্মাকাঙ্ক্ষাসূচক পত্র অর্থাৎ দরখাস্ত দিয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩০।

কর্মনিষ্ঠ, কর্মনিষ্ঠ [স] *বিণ* কর্মে নিষ্ঠা আছে এমন। 'মায়াবাদী কর্মনিষ্ঠ কুতার্কিকগণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কর্মনিষ্ঠতা [স] *বি* কাজের প্রতি আন্তরিকতা। 'কর্মনিষ্ঠতা ও মিতব্যয়িতার ভাবটি থাকিয়া যায়।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্মনিষ্ঠা [স] *বি* কাজের প্রতি নিবিষ্টতা। 'নব নব ক্ষুধা, নূতন তৃষ্ণা, নিত্যনূতন কর্মনিষ্ঠা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কর্মনীতি [স] ১ *বি* কাজের নিয়ম। 'ইতিহাস, তত্ত্বজ্ঞান, ধর্মবোধ, কর্মনীতি আপনি আসিয়া মিলিত হয়।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* কর্মসংক্রান্ত সরকারি নীতি। 'আমাদের রাষ্ট্রনীতি অর্থনীতি কর্মনীতি সবই বল পেয়ে উঠতে পারে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কর্মনৈপুণ্য [স] *বি* কাজের দক্ষতা। 'স্বাস্থ্য শ্রান্তিহীন কর্মনৈপুণ্যেও আপনাকে প্রকাশ করে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কর্মপটু [স] *বিণ* কাজে দক্ষ। 'সুবোধের স্বভাবটা কর্মপটু নয়।' *রবীন্দ্র*, ১৯১৪।

কর্মপটুতা [স] *বি* কাজের দক্ষতা। 'নিজের কর্মপটুতার প্রতি স্ত্রীর এইরূপ বিশ্বাসের অভাবে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

কর্মপথ [স] ১ *বি* কর্মক্ষেত্র। 'কর্মপথ-অভিমুখে চলেছে আবার।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বি* কাজের পদ্ধতি। 'অনেক সময় অগ্রবর্তী হয়ে মানবজীবনের ধারা অর্থাৎ কর্মপথ নির্দেশ করছে।' *মোতাহার*, ১৯৩৭। ৩ *বি* কাজের সুযোগ। 'স্কুল মাষ্টারী ছাড়াও যে তাঁদের জন্যে অনেক কর্মপথ খোলা রয়েছে।' *বেগম*, ১৯৪৮।

কর্মপদ্ধতি, কর্মপদ্ধতি [স] ১ *বি* কাজের রীতি। 'প্রতিদিনের সুনির্দিষ্ট কর্মপদ্ধতি হইতে ...।' *রবীন্দ্র*, ১৯০৯। ২ *বি* কার্যক্রম। 'মহিলা সমিতির বিভিন্ন কর্মপদ্ধতিগুলির মধ্যে রয়েছে শিক্ষা, জনকল্যাণমূলক কাজ।' *বেগম*, ১৯৭০।

কর্মপন্থা, কর্মপন্থা [স] ১ *বি* কর্মপদ্ধতি। 'নূতন প্রথা ও প্রণালীর আমদানি করিয়া কর্মপন্থায় সজীবতা সম্পাদনও অত্যাবশ্যক।' *রবীন্দ্র*, ১৯৩৯। ২ *বি* কাজের উপায়। 'মুসলমান মেয়েদের কর্মপন্থা নির্দ্ধারণের জন্য আলোচনা চালান।' *বেগম*, ১৯৫০।

কর্মপরতা [স] *বি* কর্মপরায়ণতা। 'মানবের সেবারূপে ব্রহ্মের সেবা করিয়া আমাদের কর্মপরতার পরম সাফল্য।' *রবীন্দ্র*, ১৯০৮।

কর্মপরায়ণ [স] *বিণ* কর্মে নিষ্ঠা আছে এমন। 'প্রফুল্ল নিষ্কাম অথচ কর্মপরায়ণ।' *বঙ্কিম*, ১৮৮২।

কর্মপরায়ণা [স] *বিণ স্ত্রী* কর্মনিষ্ঠ। 'কর্মপরায়ণা শান্ত মেয়েটি।' *শরৎ*, ১৯২৬।

কর্মপরিচালনা [স] *বি* কার্যনির্বাহ। 'তাদের কর্মপরিচালনার কেন্দ্রস্থলরূপে একটি শিবির থাকা প্রয়োজন।' *বেগম*, ১৯৪৯।

কর্মপরিষদ, কর্মপরিষদ [স] *বি* কার্য-নির্বাহক গোষ্ঠী। 'প্রতিষ্ঠানগুলিকে একত্র করিয়া একটী নতুন কর্মপরিষদ গইয়া ...।' *বেগম*, ১৯৪৮।

কর্মপারাবার [স] *বি* কর্মরূপ সাগর। 'তোমার বিচিত্র এ ভবসংসারে কর্মপারাবারপারে হে।' *রবীন্দ্র*, ১৯০১।

কর্মপেশল [স] *বিণ* কর্মের কারণে বলিষ্ঠ; পেশিবহুল। 'কর্মপেশল হাড়মোটা প্রাণঘন দেশে।' *রবীন্দ্র*, ১৯৪০।

কর্মপ্রচেষ্টা, কর্মপ্রচেষ্টা [স] *বি* কাজের প্রয়াস। 'রেডক্রশ প্রতিষ্ঠানের কর্মপ্রচেষ্টা বাস্তবিকই প্রশংসনীয়।' *বেগম*, ১৯৬৭।

কর্মপ্রতিভা [স] *বি* কাজের উদ্ভাবনী বুদ্ধি। 'তাঁর বিপ্লবী কর্মপ্রতিভাকে কেউ অস্বীকার করতে পারবে না।' *বেগম*, ১৯৪৮।

কর্মপ্রধান [স] *বিণ* কর্মে নিষ্ঠাসম্পন্ন। 'তুমি যুক্তিবলে ভাবপ্রধান কর্মপ্রধান প্রভৃতি।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কর্মপ্রবণতা [স] *বি* কাজ করার ইচ্ছা। '...মানুষের এতদিনের রুদ্ধ ও বিকৃত কর্মপ্রবণতা মুক্তি পেয়ে নতুন পথ খোঁজার সুযোগ পায়।' *সনৎ*, ১৯৭০।

কর্মপ্রবাহ [স] *বি* কাজের ধারা। 'অখণ্ড কর্মপ্রবাহ চলিয়া আসিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্মপ্রবৃত্তি [স] *বি* কাজের স্পৃহা। 'তাঁদের কর্মপ্রবৃত্তিটা ফুটে ওঠে ছাত্র ও স্ত্রীপুত্রের ...।' *ধূর্জটি*, ১৯৩১।

কর্মপ্রয়াস [স] *বি* কাজের উৎসাহ; কর্মপ্রচেষ্টা। 'শৈশব যৌবন কর্মপ্রয়াস, সর্বত্র মর্জিনা।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

কর্মপ্রাণ [স] *বিণ* কর্মের প্রতি নিবেদিতপ্রাণ। 'ইউরোপ ধর্মপ্রাণ নয়, কর্মপ্রাণ।' *প্রমথ*, ১৯১৪।

কর্মপ্রাণতা [স] *বি* একান্ত কর্মপরায়ণতা। 'ভাবপ্রবণতা ও কর্মপ্রাণতাই সভ্য মানুষকে জড় ও নির্বোধ করতে পারে।' *ধূর্জটি*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৩১।

কর্মপ্রার্থী [সং] *বিণ* চাকরিপ্রার্থী। 'কর্মপ্রার্থী বেয়ারাদের মনিব জুটিয়ে দেন।' *নরেন্দ্র*, ১৯৫৫।

কর্মপ্রেরণা, কর্মপ্রেরণা [সং] *বি* কাজের উৎসাহ। 'শারীরিক ও মানসিক উন্নতিমূলক স্বভাবজাত কর্মপ্রেরণা।' *মাহেনও*, ১৯৪৯।

কর্ম ফতে [স কর্ম+আ ফাতাহ্] *বি* কাজ হাসিল। 'ধর্মধ্বজের ভান করতে পারলেই কর্ম ফতে।' *অচিন্ত্য*, ১৯৫০।

কর্মফল, কর্মফল [সং] *বি* কৃতকর্মের ফলাফল। 'পৃথিবীতে ভোগ করে নিজ কর্মফল।' *গুপ্ত*, ১৮৫৮; 'কর্মফল এবং ভগবানের ইচ্ছা, সোহহংবাদ এবং ভক্তিতত্ত্ব ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

কর্মফলানুযায়ী, কর্মফলানুযায়ী [সং] *ক্রিবিণ* কাজের ফল অনুযায়ী। 'কর্মফলানুযায়ী ফল পরিভোগে আসিতে পারে।' *মশাররফ*, ১৯০৮।

কর্মফাঁস [স কর্ম+ফাঁস] *বি* কাজের বন্ধন। 'ছিণ্ডে সর্ব জীবের অনাদি কর্মফাঁস।' *বৃন্দা*, ১৫৮০।

কর্মফাঁসি [স কর্ম+ফাঁসি] *বি* (বাউল) কর্মবন্ধন। 'যে সাধন জোরে কেটে যায় কর্মফাঁসি।' *লালন*, ১৮৯০।

কর্মবদ্ধ [সং] *বিণ* কর্মময়। 'আমার দিনের বেলাকার কর্মবদ্ধ অস্তিত্বকে ... হাস্যকর বলিয়া বোধ হইত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কর্মবধির [সং] *বিণ* কাজের কথা শোনে না এমন। 'আমি তকবীর ধ্বনি করি শুধু কর্মবধির কানে।' *নজরুল*, ১৯৪১।

কর্মবন্ধন [সং] *বি* কাজের বাঁধন। 'স্ত্রীলোকেরা আপনার কর্মবন্ধনে আপনি বদ্ধ হইয়া পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কর্মবন্যা [সং] *বি* কর্মরূপ বন্যা। 'কর্মবন্যা ধায় যবে উচ্ছলিত স্রোতে।' *রবীন্দ্র*, ১৯০১।

কর্মবহুল [সং] *বিণ* কাজে পূর্ণ। 'সাহেবের কর্মবহুল জীবন আলোচনা।' *মাহেনও*, ১৯৪৯।

কর্মবাদ [সং] *বি* কর্মই সফলতা লাভের উপায় এরূপ মত। 'তাই কর্মবাদ অদৃষ্ট, দোজখ ও বেহেস্তের ভাবনায় অধীর।' *হাই*, ১৯৫৪।

কর্মবাদী [সং] *বিণ* কর্মই সফলতা লাভের উপায় এরূপ মতে বিশ্বাসী। 'আজাকালকার অনেক কর্মবাদী দার্শনিক বিপরীত কথা কইছেন।' *ধূর্জটি*, ১৯৩১।

কর্মবিধি [সং] *বি* কাজের নিয়ম। 'কর্মবিধিতে জয়ী হইয়াও ... হার মানিল।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্মবিপাক, কর্মবিপাক [সং] *বি* কর্মের খারাপ পরিণাম। *সেবধি*, ১৮৩৯।

কর্মবিভাগ [সং] *বি* কাজের বিভাজন। 'তাদের কর্মবিভাগেও কিছুটা বৈষম্য।' *বেগম*, ১৯৪৮।

কর্মবিভেদ [সং] *বি* কাজের বৈষম্য। 'ভারতবর্ষে কর্মবিভেদে শ্রেণীবিভেদ সুনির্দিষ্ট।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্মবিমুখ [সং] *বিণ* কাজের প্রতি অনাগ্রহী। 'অলস কর্মবিমুখ জাতিতে পরিণত করেছে।' *নজরুল*, ১৯২৭।

কর্মবিমুখতা, কর্মবিমুখতা [সং] *বি* কাজের প্রতি আগ্রহের অভাব। 'আলস্য, কর্মবিমুখতা, ক্লৈব্য, অবিশ্বাস দূর করার জন্য।' *নজরুল*, ১৯২৭; 'ইহা হইতে অলসতা ও কর্মবিমুখতা আর কি হইতে পারে?' *মোহাম্মদী*, ১৯৩৬।

কর্মবিস্মৃত [সং] *বিণ* কাজভুলানো। 'আত্মহারা কর্মবিস্মৃত ঘনবর্ষার দিন ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

কর্মবীর [সং] *বি* যিনি মহৎ উদ্দেশ্যে জীবনকে কর্মে নিয়োগ করেছেন। 'এত ধর্মবীর এবং কর্মবীরের অভ্যুদয় হত না।' *রবীন্দ্র*, ১৯০৮।

কর্মবৈচিত্র্য [সং] *বি* কাজের বিভিন্নতা। 'জীবনভূমির এক প্রান্ত দৃঢ় হয়েছে কর্মবৈচিত্র্যের বন্ধুরতায়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কর্মব্যবস্থা, কর্মব্যবস্থা [সং] *বি* কাজের সুযোগ। 'এ সরঞ্জাম ও উপকরণ সবই যোগাচ্ছে তার বৈশ্যের কর্মব্যবস্থা।' *সবুজ*, ১৯২০।

কর্মব্যস্ত, কর্মব্যস্ত [সং] *বিণ* সব সময়ে কাজে নিয়োজিত থাকে এমন। 'কর্মব্যস্ত স্বামী : এই ধরনের স্বামী বিশ্বস্ত।' *বেগম*, ১৯৪৭; 'সোনার মতো লাল আলো এসে পড়ছে ... কর্মব্যস্ত নর-নারী ও শিশুর ওপর।' *মাহেনও*, ১৯৪৯।

কর্মব্যস্ততা [সং] *বি* কাজের ব্যস্ততা। 'জীবনযন্ত্রের কর্মব্যস্ততার মধ্যেও পরিপূর্ণভাবে বিবিক্ত থাকিতে হইবে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কর্মভার [সং] *বি* কাজের দায়িত্ব। 'এ ধরার কর্মভার মন বেদনিলে।' *মাইকেল*, ১৮৭৩।

কর্মভীরু [সং] *বিণ* কাজে ভয় পায় এমন। 'ওরে তুই কর্মভীরু অলস কিংকর, কী কাজে লাগিবি?' *রবীন্দ্র*, ১৮৯৫।

কর্মভূমি, কর্মভূমি [সং] *বি* কাজের স্থান। 'সেই আর্য্যাভূমিই কর্মভূমি রূপে তাহাতে নির্দিষ্ট হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৮; 'ভারতই আমাদের কর্মভূমি।' *জগদীশ*, ১৮৯৫।

কর্মভেদ, কর্মভেদ [সং] *বি* পেশাগত বিভিন্নতা। 'কর্মভেদে লোকে বর্ণান্তর প্রাপ্ত হইত।' *অক্ষয়*, ১৮৪৮।

কর্মভোগ, কর্মভোগ [সং] **১** *বি* কৃতকর্মের ফল ভোগ। 'মোর কর্মভোগ এ দুঃখ বিয়োগ।' *বাহরাম*, ১৬৫০। **২** *বি* অনর্থক পরিশ্রম; বৃথা কষ্টভোগ। 'কেন আর মিছে কর্ম ভোগ? সংবাদ ত পেলেম।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কর্মমঠ, কর্মমঠ [সং] *বি* কার্যক্ষেত্র। 'পবিত্র করিল সভে সেই কর্মমঠ।' *মালাধর*, ১৫০০।

কর্মময় [সং] **১** *বিণ* কর্মব্যস্ত। 'তার কর্মময় জীবনে নারীমুখ চিন্তা তো দূরের কথা ...।' *নজরুল*, ১৯৩০। **২** *বিণ* কর্মকালীন। 'রোকেয়া সাখাওয়াৎ হোসেনের কর্মময় জীবনের বিভিন্ন দিক পর্যালোচনা করেন।' *বেগম*, ১৯৫৯।

কর্মমহিমা [সং] *বি* কাজের মাহাত্ম্য। 'তাঁদের ত্যাগ ও কর্মমহিমায় পৃথিবীর বুকে অনন্তকালের মধ্যে পাকিস্তান ... শক্তিশালী রাষ্ট্ররূপে পরিগণিত হতে পারে।' *বেগম*, ১৯৪৭।

কর্মমার্গ [সং] *বি* কর্মপন্থা। 'জ্ঞানমার্গ ও কর্মমার্গ সেকালে ছিল ঠিক উলটো।' *প্রমথ*, ১৯২০।

কর্মমুখর [সং] *বিণ* কর্মচঞ্চল। 'বিংশ শতাব্দীর কর্মমুখর জীবনে।' *বেগম*, ১৯৬৫।

কর্মযোগ, কর্মযোগ [সং] **১** *বি* বেদ-শাস্ত্রাদি বিহিত কর্মের কৌশল। 'সর্বশাস্ত্রে করে কৃষ্ণভক্তির ব্যাখ্যান জ্ঞানযোগ কর্মযোগ নাহি মানে আন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* কার্যসাধনে একান্ত নিষ্ঠা। 'সেই কর্মযোগনিরতা ব্রহ্মচারিণীর সৌম্যমুখশ্রী।' *রবীন্দ্র*, ১৯০০; 'বাংলা ও বাঙালির নবজাগৃতির জন্যে বিদ্যাসাগর যে অতুলনীয় কর্মযোগের পরিচয় দিয়েছেন ...।' *মুরশিদ*, ১৯৭০।

কর্মযোগনিরতা [সং] *বিণ* স্ত্রী কর্মব্যস্ত। 'সেই কর্মযোগনিরতা ব্রহ্মচারিণীর সৌম্যমুখশ্রী।' *রবীন্দ্র*, ১৯০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কর্মযোগী, কর্মযোগী [স] *বিণ* কর্মসাধনে যোগীর মতো নিষ্ঠাবান। 'দুই শ্রেণীর যোগী দেখা যায়, ধ্যানযোগী এবং কর্মযোগী।' *রবীন্দ্র*, ১৮৯৪; 'দেশের লোক যে আগাগোড়া কর্মযোগী।' *প্রমথ*, ১৯২৭।

কর্মযোগ্যতা [স] *বি* কাজ করার যোগ্যতা। 'মানসিক প্রতিভা ও কর্মযোগ্যতা অস্বীকার করে।' *বেগম*, ১৯৬২।

কর্মরচনা [স] *বি* কাজ উদ্ভাবন। 'মানুষ আপনার কর্মরচনায় এবং ভাবরচনায় আপনাকে ঢালিয়া দিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কর্মরত [স] *বিণ* কাজ করছে এমন। 'নির্জন দীপালোকে কর্মরত নতশির বিনোদিনীর আত্মসমাহিত মূর্তি।' *রবীন্দ্র*, ১৯০২।

কর্মরথ [স] *বি* কর্মরূপ রথ। 'কর্মরথের ঘড়ঘড়ানি।' *রবীন্দ্র*, ১৯৪১।

কর্মশক্তি, কর্মশক্তি [স] **১** *বি* কাজের শক্তি। 'দেশের কর্মশক্তিকে একটি বিশেষ কর্তৃসভার মধ্যে বদ্ধ করিতে হইবে।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *বি* কাজ করার সামর্থ্য। 'এই সমস্ত অদ্ভুত সংগঠনের জন্য একমাত্র আমানুল্লাহর অপূর্ব ব্যক্তিত্ব ও কর্মশক্তি দায়ী।' *মোহাম্মদী*, ১৯২৮; 'যিনি আমাদিগকে কর্মশক্তি দিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কর্মশালা [স] *বি* কর্মক্ষেত্র; কাজের জায়গা। 'নিজের কর্মশালার মধ্যে বসে গভীর গম্ভীর।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কর্মশাস্ত্র, কর্মশাস্ত্র [স] *বি* যে শাস্ত্র অধ্যয়ন করলে জীবিকা মেলে। 'এ প্রশ্নের উত্তর কাজ দিতে পারে না, কোন কর্মশাস্ত্রও দিতে পারে না।' *প্রমথ*, ১৯১৭।

কর্মশিক্ষা [স] *বি* কাজ শেখা। 'আমার কর্মশিক্ষার ব্যাঘাত করিয়াছ।' *রবীন্দ্র*, ১৯০২।

কর্মশীল, কর্মশীল [স] *বিণ* কর্মিষ্ঠ। 'কর্মশীল মহাশয়েরা কর্ম উপস্থিত সময়ে ভট্টাচার্য্যকে কেহ বিস্মৃত না হন।' *দর্পণ*, ১৮৩২।

কর্মশীলতা, কর্মশীলতা [স] *বি* কর্মনিষ্ঠতা। 'আনন্দমোহনের জীবনে প্রাচ্য প্রেম ভক্তি ও প্রতীচ্য-কর্মশীলতা অপূর্বভাবে সম্মিলিত।' *রবীন্দ্র*, ১৮৯৮; 'ইউরোপ যেমন এদের কর্মশীলতা চায় তেমনি সঙ্গে সঙ্গে চায় এ কর্মক্ষমতা সীমা ছাড়িয়ে না ওঠে।' *সবুজ*, ১৯২০; 'বোম্বাই শহরে কর্মশীলতার পরিচয় দিচ্ছে।' *ধূর্জটি*, ১৯৩১।

কর্মশূন্যতা [স] *বি* কর্মহীনতা। 'যে একাত্মজ্ঞান কর্মশূন্যতার উপর প্রতিষ্ঠিত।' *প্রমথ*, ১৯১৫।

কর্মশৃঙ্খল [স] *বি* কাজের বন্ধন; কাজ করার বাধ্যবাধকতা। 'আমাকে যদি আমার দেবতা সমস্ত কর্মশৃঙ্খল থেকে বিচ্ছিন্ন করে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কর্মশ্রম, কর্মশ্রম [স] *বি* কাজের খাটুনি। 'লম্পটেরাও এখন কর্মশ্রমে ভাঙ্গিয়া পড়িয়া ঘরে ফিরিতেছে।' *সবুজ*, ১৯২০।

কর্মসংকল্প [স] **১** *বি* কাজ করার প্রতিজ্ঞা। 'কোনোপ্রকার কর্মনীতি ও কর্মসংকল্প।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *বি* কাজের পরিকল্পনা। 'কর্মসংকল্পের ভিতর ভূমিস্বত্বের বিষয়ে কথা নাই।' *নজরুল*, ১৯২৬।

কর্মসংকুল [স] *বিণ* কর্মব্যস্ত। 'বিদ্যাসাগর তাঁহার কর্মসংকুল জীবন যেন চিরদিন ব্যথিতক্ষুব্ধভাবে যাপন করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

কর্মসংগ্রাম [স] *বি* জীবিকার জন্য অব্যাহত চেষ্টা। 'এইজন্য য়ুরোপে কর্মসংগ্রামের অন্ত নাই।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্মসংসার [স] *বি* কাজের জগৎ। 'আর-এক দিকে আমাদের কর্মসংসার।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কর্মসচিব, কর্মসচিব [স] *বি* কর্মকর্তা। 'ধীসচিব ও কর্মসচিব নানাবিদ্যা বিখ্যাত কালিদাসাদি।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কর্মসমুদায় [স] *বি* সমস্ত কাজ। 'অত্যাবশ্যক কর্মসমুদায় কেবল কষ্টদায়িকা নীচবৃত্তি বিবেচনা করিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৫৪।

কর্মসম্পাদক, কর্মসম্পাদক [স] *বি* যিনি কাজ সম্পাদন করেন। 'কর্মসম্পাদকে হঠাৎ আপন মস্তক কক্ষের মধ্যে লইল।' *তারিণী*, ১৮০৩।

কর্মসহচরী [স] *বিণ স্ত্রী* কাজে সাহায্যকারী। 'নারী যে কর্মসহচরীও।' *অন্নদা*, ১৯২৯।

কর্মসাধন, কর্মসাধন [স] *বি* কর্ম সম্পাদন। 'শিল্পকারেরা সর্ব্বদাই স্ব স্ব কর্মসাধনে ব্যস্ত রহিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৭।

কর্মসাধনা, কর্মসাধনা [স] *বি* নিষ্ঠার সঙ্গে কাজ করা। 'এখন চাই মওলানা মোহাম্মদ আলীর একনিষ্ঠ কর্মসাধনা।' *আজাদ*, ১৯৪০।

কর্মসামর্থ্য, কর্মসামর্থ্য [স] *বি* কাজ করার ক্ষমতা। 'এই যে অদ্ভুত কর্মসামর্থ্য, একে চালনা করতে হলে গুটিকতক উপায় অপরিহার্য্য।' *সবুজ*, ১৯২০।

কর্মসূচী, কর্মসূচি [স] **১** *বি* কাজের তালিকা। 'প্রকৃতিই উহাদের হৃদয়কে পূর্ণ করে দেবে, কর্মসূচী করতে হবে না।' *রবীন্দ্র*, ১৯৩৭। **২** *বি* কার্যক্রম। 'কর্মসূচীতে অংশগ্রহণকারী মহিলাদের নিয়মিত ক্লাসের ব্যবস্থা করা হয়।' *বেগম*, ১৯৬৩।

কর্মসূত্র [স] *বি* কাজের উপলক্ষ। 'আমাদের ভাবনাগুলো কেবলমাত্র কর্মসূত্র অবলম্বন করিয়া।' *রবীন্দ্র*, ১৯০৭।

কর্মস্থান, কর্মস্থান [স] *বি* কাজের জায়গা। 'কর্মস্থানে প্রত্যাগমনপূর্ব্বক দিবাবসান পর্য্যন্ত তথায় কর্ম্ম করে।' *অক্ষয়*, ১৮৫০; 'ফিরে যেতে হবে আজি বহুদূরদেশে সেই কর্মস্থানে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কর্মহারা [স] *বিণ* অকর্মণ্য। 'ওরে আমার কর্মহারা।' *রবীন্দ্র*, ১৯১৪।

কর্মহীন, কর্মহীন [স] *বিণ* অকর্মা। 'ধূলাএ ধুসর তনু হমো কর্মহীন।' *বাহরাম*, ১৬৫০।

কর্মহীনতা [স] **১** *বি* কর্ম নেই এমন। 'কর্মহীনতা শক্তিহীনতার রূপান্তর নয়, তা নয়।' *রবীন্দ্র*, ১৯২১। **২** অবসর। 'এতখানি উদারতার মূলে ছিল সেদিনের কর্মহীনতা।' *সুকান্ত*, ১৯৪২।

কর্মহীনত্ব, কর্মহীনত্ব [স] *বি* কর্মশূন্যতা। 'সকল কর্ম্মই বৃথা, কর্ম্মহীনত্বই ভাল।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কর্মাকর্ম, কর্মাকর্ম [স কর্ম-অকর্ম] *বি* কর্তব্য ও অকর্তব্য; কাজ ও অকাজ। 'ভারতবর্ষীয় মনুষ্য ভিন্ন অন্যবর্ষীয় মনুষ্যের কর্ম্মাকর্ম্ম ভোগ ...।' *দর্পণ*, ১৮২১।

কর্মাকাঙ্ক্ষা, কর্মাকাঙ্ক্ষা [স কর্ম-আকাঙ্ক্ষা] *বি* চাকরি করার আগ্রহ। **কর্মাকাঙ্ক্ষাসূচক, কর্মাকাঙ্ক্ষাসূচক** [স কর্ম-আকাঙ্ক্ষা-সূচক] *বিণ* চাকরি করার আগ্রহ জ্ঞাপক। 'ঐ পাঠশালার কর্ম্মনির্ব্বাহক সাহেবেরদিগের নিকট কর্ম্মাকাঙ্ক্ষাসূচক পত্র অর্থাৎ দরখাস্ত দিয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩০।

কর্মাকাঙ্ক্ষি, কর্মাকাঙ্ক্ষি [স কর্মাকাঙ্ক্ষী] *বিণ* চাকরিপ্রার্থী। 'কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরদিগকে তদর্থ আবেদন করিতে বিজ্ঞাপনদ্বারা আহ্বান করা গিয়াছে।' *দর্পণ*, ১৮৩৫।

কর্মাঙ্কিত, কর্মাঙ্কিত [স কর্ম-অঙ্কিত] *বি* অদৃষ্ট। *মানোএল*, ১৭৪৩।

কর্মাদর্শ [স কর্ম-আদর্শ] *বি* কাজের আদর্শ। 'যে মানবমুখী কর্মাদর্শের প্রেরণায় বিদ্যাসাগর শিক্ষা ও সমাজসংস্কারমূলক নানা জনহিতকর কাজে ...।' *সুনীল মুখো*, ১৯৭০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কর্মাধ্যক্ষ, কর্ম্মাধ্যক্ষ [স কর্ম-অধ্যক্ষ] **১** *বি* পরিচালক। '২৩ এপ্রিল শনিবার ডাইরেক্টর অর্থাৎ কর্ম্মাধ্যক্ষ দিগের কালেজের ভদ্রাভদ্র বিবেচনা নিমিত্ত বৈঠক হইয়াছিল।' *চন্দ্রিকা*, ১৮৩১। **২** *বি* কার্যনির্বাহক। 'ঐ সভার কার্য্যনির্ব্বাহার্থে অধ্যক্ষ, কর্ম্মাধ্যক্ষ প্রভৃতি কয়েকজন কর্ম্মচারি নিযুক্ত আছেন।' *অক্ষয়*, ১৮৪৩।

কর্মাধ্যক্ষতা, কর্ম্মাধ্যক্ষতা [স কর্ম-অধ্যক্ষতা] *বি* পরিচালনা। 'পশ্চাল্লিখিত মহাশয়গণ ... পাঠশালার কর্ম্মধ্যক্ষতায় নিযুক্ত হন।' *দর্পণ*, ১৮৩৮।

কর্মানুরূপ, কর্ম্মানুরূপ [স কর্ম-অনুরূপ] *বি* কাজ অনুযায়ী। 'কর্ম্মানুরূপ নানা সম্প্রদায়ে বিভক্ত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৮।

কর্মানুরোধ [স কর্ম-অনুরোধ] *বি* কাজের প্রয়োজন। 'কর্মানুরোধে এখানেই তাহাকে অধিকাংশ সময় থাকিতে হইত।' *রবীন্দ্র*, ১৮৯৮।

কর্মানুষ্ঠান, কর্ম্মানুষ্ঠান [স কর্ম-অনুষ্ঠান] *বি* কর্ম সম্পাদন। 'ক্ষত্রিয়-সন্তান রাজর্ষি বিশ্বামিত্র সৎকর্মানুষ্ঠান দ্বারা ...।' *অক্ষয়*, ১৮৪৭।

কর্মানুসারে, কর্ম্মানুসারে [স কর্ম-অনুসারে] *ক্রিবিণ* কাজ অনুযায়ী; কাজের ভিত্তিতে। 'কর্ম্মানুসারে শরীরের উৎকর্ষাপকর্ষ বিবেচনা কি।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

কর্মান্তর, কর্ম্মান্তর [স কর্ম-অন্তর] *বি* অন্য কাজ। 'ইহা কহিয়া তিনি কর্ম্মান্তরে গেলেন।' *দর্পণ*, ১৮২১।

কর্মাভিজ্ঞ, কর্ম্মাভিজ্ঞ [স কর্ম-অভিজ্ঞ] *বিণ* কর্মদক্ষ। 'উৎকোচ প্রদান ও গ্রহণ ইত্যাদি কর্ম্মাভিজ্ঞ তোমারই কতকগুলি অপরিণামদর্শী ...।' *অক্ষয়*, ১৮৪৮।

কর্মারম্ভ, কর্ম্মারম্ভ [স কর্ম-আরম্ভ] *বি* কাজের শুরু। 'আরোপী হেমকুম্ভ করিল কর্মারম্ভ।' *মুকুন্দ*, ১৬০০।

কর্মার্থ, কর্ম্মার্থ [স কর্ম-অর্থ] *বিণ* কর্ম আকাঙ্ক্ষী। 'কর্ম্মার্থ ব্যক্তিদিগকে বিষয়কর্ম্মে নিয়োগ দ্বারা ...।' *অক্ষয়*, ১৮৪৪।

কর্মার্থি, কর্ম্মার্থি [স কর্মার্থী] *বি* কর্মপ্রার্থী; চাকরিপ্রার্থী। '... কর্ম্মার্থিকে কোন কর্ম্মে নিয়োগ করণের প্রথা।' *বঙ্গদূত*, ১৮২৯।

কর্মার্পণ, কর্ম্মার্পণ [স কর্ম-অর্পণ] *বি* কাজ আরোপ। 'রায় কহে কৃষ্ণে কর্ম্মার্পণ সর্ব্বসাধ্যসার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কর্মালোড়ন [স কর্ম-আলোড়ন] *বি* কর্মব্যস্ততা। 'অবিশ্রাম কর্মালোড়নের মাঝে মাঝে।' *রবীন্দ্র*, ১৯০৫।

কর্মেচ্ছা [স কর্ম-ইচ্ছা] *বি* কাজ করার ইচ্ছা। 'যেই সম্ভাবনীয়তার ক্ষেত্রে আসা গেল, অমনিই কর্মেচ্ছার উৎস খুলল।' *ধূর্জটি*, ১৯৩১।

কর্মেন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয় [স কর্ম-ইন্দ্রিয়] *বি* যেসব ইন্দ্রিয় দিয়ে কাজ করা হয়। 'জ্ঞানেন্দ্রিয় কর্ম্মেন্দ্রিয় দ্বিবিধ নামাত্মক।' *চণ্ডী*, ১৫৫০।

কর্মের ফল *বি* কাজের ফলাফল। 'অই নিমিত্তে সদাই কলি মোর কর্মের ফল।' *মুকুন্দ*, ১৬০০।

কর্মোদ্যম, কর্ম্মোদ্যম [স কর্ম-উদ্যম] *বি* কাজের প্রয়াস। 'তার কর্মোদ্যম এমনি পদে পদে প্রতিহত হতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কর্মোন্মত্ত [স কর্ম-উন্মত্ত] *বিণ* কাজ-পাগল। 'এমন কর্মোন্মত্ত কেন দরিয়াবিবি।' *শওকত*, ১৯৫৮।

কর্মোন্মাদনা [স কর্ম-উন্মাদনা] *বি* কর্মযজ্ঞ। 'রিরামহীন কর্মোন্মাদনায় ডুবে গেল।' *মাহেনও*, ১৯৪৯।

কর্মোপজীবী, কর্ম্মোপজীবী [স কর্ম-উপজীবী] *বি* পেশাজীবী ব্যক্তি। 'বিভিন্ন কর্ম্মোপজীবী নানাজাতি বা বর্ণে পরিণত হইয়া রহিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৮।

কর্মোপযুক্ত, কর্ম্মোপযুক্ত [স কর্ম-উপযুক্ত] *বিণ* কাজের যোগ্য। 'গীতানুসারে তাহার ফাঁসী হইয়া কর্ম্মোপযুক্ত ফলপ্রাপ্তি হইয়াছে।' *দর্পণ*, ১৮২৩।

কর্মি, কর্ম্মি [স কর্মী] *বি* যে কর্ম করে। 'কর্মি এক অনুপাম।' *আলাওল*, ১৬৮০; 'কর্ম্মি অনেক ব্যক্তিও স্ব২ কর্ম্ম ত্যাগ করিয়া ...।' *দর্পণ*, ১৮৩১।

কর্মিক [স] **১** *বি* কর্মী; কর্মচারী। 'নানান কর্মিক দিলা কার্যেতে সুসার।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* শ্রমিক। 'চাষী ও কর্মিকদের মধ্যে শিক্ষাবিস্তারের পরিমাণ অনেক বেড়ে চলেছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

কর্মিষ্ঠ, কর্ম্মিষ্ঠ [স] **১** *বিণ* একান্ত কর্মনিষ্ঠ। 'কর্ম্মিষ্ঠ এবং অকর্ম্মিষ্ঠ।' *বঙ্কিম*, ১৮৭৯। **২** *বিণ* ক্রিয়াশীল। 'স্টেটের শাসনকে সর্বপ্রকারে সবল কর্মিষ্ঠ ও সচেতন করিয়া রাখা।' *রবীন্দ্র*, ১৯০৫। **৩** *বিণ* কার্যকর। 'বাংলা উচ্চারণে ইকার এবং উকার খুব কর্মিষ্ঠ।' *রবীন্দ্র*, ১৯০৯।

কর্মিষ্ঠতা [স] *বি স্ত্রী* কর্মব্যস্ততা। 'কর্মিষ্ঠতার যুগে সমাজের বাহুল্য স্বভাবতই খসে পড়ে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কর্মিষ্ঠা [স] *বিণ স্ত্রী* কর্মনিষ্ঠ। 'যদি খুব কর্মিষ্ঠা হইলেন।' *বিনোদিনী*, ১৮৭৫।

কর্মী, কর্ম্মী [স] **১** *বিণ* কর্মদক্ষ। 'যত অধ্যাপক আর তাঁর শিষ্যগণ ধর্ম্মী কর্ম্মী তপোনিষ্ঠ নিন্দুক দুর্জ্জন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* যে কাজ করে। 'একজন কর্ম্মী এক নিকটের ক্ষেতে বাড় সারিতেছিল।' *তারিণী*, ১৮০৩।

কর্মীগণ [স] *বি* কর্মীবৃন্দ। 'কর্মীগণের চোখের দুপাতা আর কিছুতেই একত্র হইতে চাহিতেছে না।' *মনসুর*, ১৯৩৫।

কর্মীপুরুষ [স] *বি* কর্মদক্ষ ব্যক্তি। 'উভয়েই ছিলেন বাস্তব বুদ্ধিসম্পন্ন নির্ভীক কর্মীপুরুষ।' *শরীফ*, ১৯৭০।

কর্মীপুরুষ-নির্মাতা [স] *বিণ* দক্ষ কর্মী গড়ে তোলার ব্যাপারে উৎসাহদাতা। 'তাঁরা ছিলেন কর্মীপুরুষ-নির্মাতা।' *মুরশিদ*, ১৯৭০।

কর্মীসত্তা [স] *বি* কর্মী চরিত্র। 'কর্মীসত্তা চায় আবার উঠে দাঁড়াতে।' *সুকান্ত*, ১৯৪৬।

কর্শিতা [স কর্শন>] *বিণ স্ত্রী* শীর্ণ। 'দিবসের শশিলেখার ন্যায় কর্শিতা শ্লথলম্বিতাপিঙ্গলজটাধারিণী তপস্বিনীর নিকট ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

কর্ষক [স] *বি* চাষি। 'সেবক, বাহক, খাদ্য, ভূমিকর্ষক প্রভৃতি রূপেই সৃষ্ট হয়েছে।' *মোতাহার*, ১৯৩৭।

কর্ষণ [স] *বি* চাষ। 'ভূমি কর্ষণাদি অনেক প্রকার অর্থ ব্যয় হয়।' *সত্যার্ণব*, ১৮৫৫।

কর্ষণজীবী [স] *বিণ* কৃষিজীবী। 'কর্ষণজীবী এবং আকর্ষণজীবী এই দুই জাতীয় সভ্যতার মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কর্ষণপদ্ধতি [স] *বি* কৃষিবৃত্তি। 'যাযাবর গোষ্ঠীরা ... কর্ষণপদ্ধতি অবলম্বন করল।' *শিব*, ১৯৫৬।

কর্ষণযন্ত্র [স] *বি* চাষ করার যন্ত্র। 'কর্ষণযন্ত্র, বুননযন্ত্র, কুলালচক্র, এইসব প্রস্তুত হল।' *অবন*, ১৯২৫।

কর্ষণোপযুক্ত [স কর্ষণ-উপযুক্ত] *বি* চাষ করার উপযোগী। 'আরণ্যপ্রদেশ, কর্ষণোপযুক্ত ক্ষেত্রে পরিণত করিতে যে সময় লাগিত ...।' *সৎসঙ্গ*, ১৮৯৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কর্সেট [ই] *বি* কোমর ও নিতম্বের আঁটসাঁট অন্তর্বাস। 'রেশমী ফিতেয় বেঁধে, দৃঢ় হস্তে, স্পঞ্জে, কর্সেটে।' *মাহমুদ*, ১৯৬৬।

কল[১] [স] ১ *বি* শব্দ। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* সুললিত ধ্বনি। 'বহে নিরবধি নদী কলকল কলে – সুবর্ণ-তটিনী।' *মাইকেল*, ১৮৬০।

কলকণ্ঠ [স] ১ *বিণ* সুমধুর কণ্ঠবিশিষ্ট। 'বসন্তের কলকণ্ঠ গায়ক কোকিল বরষিলা স্বরসুধা।' *মাইকেল*, ১৮৬০। ২ *বি* মধুর স্বর। 'স্বর্ণপথে কলকণ্ঠে অপ্সরী কিন্নরী।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কলকণ্ঠস্বরা [স] *বিণ* কলকোলাহলপূর্ণ কণ্ঠস্বরবিশিষ্ট। 'উষা এসে পূর্বদুয়ার খোলে কলকণ্ঠস্বরা।' *রবীন্দ্র*, ১৯১৩।

কলকণ্ঠা [স] *বিণ* স্ত্রী কলকল রবে বয়ে চলে এমন। 'প্রসন্নসলিলা কলকণ্ঠা নদী।' *ওদুদ*, ১৯৪১।

কলকণ্ঠী [স] *বি* যার গলার স্বর মধুর। 'ঘুম-ভাঙা চোখে কলকণ্ঠীর কত কথা ব্যাকুলতা।' *ফররুখ*, ১৯৪৩।

কলকথা [স] ১ *বি* সুললিত ভাষা। 'তার সমুচ্ছল কলকথা, তার হাস্য, তার অশ্রুরাশি।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বি* সুললিত ধ্বনি। 'আঁধার কোণে জলের কলকথা।' *রবীন্দ্র*, ১৯১৪।

কলকল্লোল [স] ১ *বিণ* ঢেউয়ের শব্দে মুখর। 'কল-কল্লোল তটিনী তীরে।' *রবীন্দ্র*, ১৮৮৭। ২ *ক্রিবিণ* কলকল শব্দে। 'সাগর ফুলিছে ... ফেনহিল্লোল কলকল্লোলে দুলিছে।' *রবীন্দ্র*, ১৯০০।

কলকল্লোলিত [স] *বিণ* শব্দময় তরঙ্গযুক্ত। 'কলকল্লোলিত নীল জলের দিকে তাকিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

কলকল্লোলিনি [স কলকল্লোলিনী, সম্বোধনে ই-কার] *বিণ* স্ত্রী কলধ্বনিতে মুখরিত। 'চেয়ে দেখো মোর পানে কলকল্লোলিনি যমুনে।' *মাইকেল*, ১৮৬৩।

কলকাকলি [স] *বি* কোলাহল। 'ইতর কলকাকলি হইতে পরিত্রাণ পাওয়া যাইত।' *রবীন্দ্র*, ১৯০৭।

কলকিঙ্কিণী [স] *বি* অস্ফুট মধুর ধ্বনিযুক্ত ঘুঙুর। 'ক্ষণে ক্ষণে ওঠে জেগে/ কটিতটে যে কলকিঙ্কিণী।' *রবীন্দ্র*, ১৯২৫।

কলকূজন [স] *বি* কলতান। 'ফুল্ল কুসুমে, মধুর পবনে, বিহগকলকূজনে।' *রবীন্দ্র*, ১৮৯২।

কলকোলাহল [স] *বি* একাধিক কণ্ঠস্বরে সৃষ্ট শোরগোল। 'মেয়েদের কলকোলাহলে তারও অল্প কিছু অংশ ছিল।' *রবীন্দ্র*, ১৯২৯।

কলক্রন্দন [স] *বি* বহুজনের মিলিত ক্রন্দনধ্বনি। 'জগৎজোড়া কলক্রন্দন শুনতে পাচ্ছি বটে।' *রবীন্দ্র*, ১৯২৯।

কলগান [স] *বি* কলকল শব্দরূপ গান। 'গেয়ে যাই কলগান দিবসে নিশীথে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কলগীত [স] *বি* মধুর কলধ্বনি। 'ভ্রমর কোকিল মিলী কলগীত গাএ।' *বড়ু*, ১৪৫০।

কলগীতি [স] *বি* মৃদু মধুর ধ্বনি। 'শালের ছায়াবীথি বাজায় বনের কলগীতি।' *রবীন্দ্র*, ১৯১১।

কলগীতিকা [স] *বি* কলকাকলি। 'বিরহী বিহঙ্গ-কলগীতিকায়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কলগুঞ্জন [স] *বি* অস্ফুট মধুর ধ্বনি। 'কানের কাছে অনেক কলগুঞ্জন শুনিতে পাইতাম।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কলতান [স] *বি* কলকাকলি। 'লইবি পথ হতে পাখির কলতান।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কলতান করা *ক্রিবিণ* মধুর স্বরে। 'ভোরে যখন কলতান করে আমসিপারা পড়ে।' *ওয়ালী*, ১৯৪৮।

কলধারা [স] *বি* কলকল রবে বয়ে-চলা প্রবাহ। 'মন্দাকিনীর কলধারা সেদিন ছলোছলো।' *রবীন্দ্র*, ১৯৩২।

কলধ্বনি [স] ১ *বি* মধুর স্বর। 'মুরলীর কলধ্বনি/ মধুর গর্জন শুনি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* কাকলি। 'পক্ষি চারি দিগে কলধ্বনি করিতেছে।' *রামরাম*, ১৮০১। ৩ *বি* কল কল শব্দ। 'তরঙ্গের কলধ্বনি প্রমোদের স্রোতে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কলধ্বনিমুখরিত [স] *বিণ* জলের ধ্বনিতে মুখর। 'সমুদ্র স্বগত-উক্তিতে অবিশ্রাম কলধ্বনিমুখরিত।' *রবীন্দ্র*, ১৯২৯।

কলনাদিনী [স] *বিণ* স্ত্রী কলশব্দকারী। 'এই ত কলনাদিনী গঙ্গার তরঙ্গমধ্যে দাঁড়াইয়া আছি।' *বঙ্কিম*, ১৮৭৪।

কলপ্রবাহ [স] *বি* কলকল ধ্বনিপূর্ণ জলের প্রবাহ। 'জনপদবধূদের স্নানসেবায় চঞ্চল উৎসজলসঞ্চয়ের অবিরত কলপ্রবাহ।' *রবীন্দ্র*, ১৯২৯।

কলবাহিনী [স] *বিণ* স্ত্রী মধুর শব্দে প্রবাহিত। 'কলবাহিনী ভাগীরথী যেমন দিনযামিনী হিমালয় হইতে বালুকা বহন করিতেছে।' *সাধারণী*, ১৮৭৫।

কলভাষ [স] *বি* মধুর স্বর। 'কুলুকুলু কলভাষে কত কী ছলে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কলভাষা [স] ১ *বি* জলপ্রবাহের শব্দ। 'দুরন্ত জলরাশি অস্ফুট কলভাষায় শিশুকে বার বার আপনাদের খেলাঘরে আহ্বান করিল।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বি* মধুর ভাষা। 'কোলের উপরে দুই পা তুলে কলভাষায় উচ্চস্বরে আলাপ আরম্ভ করে দিল।' *রবীন্দ্র*, ১৯২৯।

কলভাষী [স] *বিণ* মধুর স্বরে কথা বলে এমন। 'ফরাসি জাতির মতো দ্রুত চঞ্চল উচ্ছ্বসিত হাস্যপ্রিয় কলভাষী।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কলমধুর [স] *বিণ* শ্রুতিমধুর কলরবপূর্ণ। 'সেই কলমধুর কণ্ঠের হাসি।' *রবীন্দ্র*, ১৯৪০।

কলমন্দ্র [স] *বি* কোলাহল-মুখর ধ্বনি। 'কলকল কলমন্দ্রে নির্ঝরিণী ডাক দেয়।' *রবীন্দ্র*, ১৯৩৯।

কলমর্মর [স] *বি* কলকল মর্মরিত ধ্বনি। 'মধুর ইছামতীর কলমর্মর।' *বিভূতি*, ১৯৩১।

কলমুখরতা [স] *বি* কলধ্বনিময়তা। 'বহি লয়ে আনন্দের কলমুখরতা।' *রবীন্দ্র*, ১৯০১।

কলরব [স] ১ *বি* কোলাহল। 'লোরে কলরব সুনি জগত ইস্বর।' *মালাধর*, ১৫০০। ২ *বি* জল প্রবাহের সুমধুর শব্দ। 'তটিনীর কলরব, লক্ষ নির্ঝরের ঝর ঝর।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *বি* চেঁচামেচি। 'বিছানায় জেগে উঠে কলরব করতে আরম্ভ করেছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৪ *বি* উচ্চশব্দ। 'বিশ্বভুবন মাতল যে তাই হাসির কলরবে।' *রবীন্দ্র*, ১৯১৩।

কলরবক্ষুব্ধ [স] *বিণ* কোলাহলপূর্ণ। 'কলরবক্ষুব্ধ জনতার মধ্যে মহেন্দ্র প্রবেশ করিল ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

কলরবময় [স] *বিণ* কলরবপূর্ণ। 'কলরবময় এক উচ্ছ্বসিত পৃথিবী।' *জীবন*, ১৯৩২।

কলরবমুখর [স] *বিণ* কলধ্বনিতে মুখরিত। 'আমাদের জনতাপূর্ণ কলরবমুখর কাজের ক্ষেত্রের মাঝখানে ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কলরবশূন্য [স] *বিণ* কোলাহল নেই এমন। 'তাঁহারা কলরবশূন্য নিস্তব্ধ নভোমণ্ডলে ... ভ্রমণ করিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

কলরবস্বর [স] *বি* মধুর গুঞ্জরিত ধ্বনি। 'বিহঙ্গের মত কলরবস্বরে সবাইকে সাবধান করে দিতে চায়।' *মুজতবা*, ১৯৬০।

কলরবহীন [স] *বিণ* নিঃশব্দ। 'উচ্চ হাস্যধ্বনি তাসরাজ্যের কলরবহীন রাজপথে ভারি বিচিত্র শুনাইল।' *রবীন্দ্র*, ১৮৯২।

কলরবা [স কলরব>] *ক্রি* কলরব করা। 'ডাউক দর্দুর কলরবত মন্ত মউর।' *বাহরাম*, ১৬৫০।

কলরাব [স কলরব] *বি* কলরব। 'কোকিল কুল কলরাব বিথার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কলরোদন [স] *বি* সম্মিলিত ক্রন্দন ধ্বনি। 'উছলি উঠে কলরোদন।' *রবীন্দ্র*, ১৯১০।

কলরোল [স] ১ *বি* কোলাহল। 'তট-তরু কোলে কোলে সারাদিন কলরোলে।' *রবীন্দ্র*, ১৮৮৬। ২ *বি* গুঞ্জনধ্বনি। 'বিচিত্র সে কলরোলে ব্যাকুল করিয়া তোলে।' *রবীন্দ্র*, ১৮৯০। ৩ *বি* কলকল শব্দ। 'বাইরের জলের কলরোল।' *জীবন*, ১৯৩২।

কলরোলনি [স কলরোল>] *বি* সুর। 'তাঁহি চলত যাঁহি রটত মুরলিক কলরোলনি।' *গোবিন্দ*, ১৬০০।

কলরোলা [স কলরোল>] *বিণ* ধ্বনি-মুখর। 'তরল প্রলাপে যমুনা কলরোলা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কলশব্দ [স] *বি* কলকল ধ্বনি। 'জলের তরল কলশব্দ অবিরল প্রবেশ করতে থাকবে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কলশব্দগীত [স] *ত্রিবিণ* কলধ্বনি। 'কলশব্দগীতে সিন্ধুর বিজয়রথ পশিল নদীতে –।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কলস্বন [স] *বি* সুমধুর ধ্বনি। 'হে তটিনী, সে নগরে নাই কলস্বন তোমার কণ্ঠের মতো।' *রবীন্দ্র*, ১৮৯৬।

কলস্বনা [স] *বিণ স্ত্রী* সুমধুর ধ্বনি সৃষ্টিকারী। 'আমাদের কলস্বনা স্রোতস্বিনী বেণুমতী।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কলস্বর [স] ১ *ক্রি* মধুর ধ্বনি। 'সে সকল তরুশাখা-উপরে বসিয়া কলস্বরে গান করে পিকবরকুল।' *মাইকেল*, ১৮৬০। ২ *বি* কলকল শব্দ। 'দুই পাশের আহত নীল জল নাড়া পেয়ে অলস আপত্তির ক্ষীণ কলস্বরে পাশ কাটিয়ে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কলস্রোত [স] *বি* শব্দ-প্রবাহ। 'কুলকুল কলস্রোতে দিকে দিকে জলের ধারা ছুটেছে।' *রবীন্দ্র*, ১৯২২।

কলহংস [স] *বি* বালিহাঁস। 'শিখণ্ডিবাহনকে ... রাজহংস, কলহংস, নীল মৎস্য, পীত মৎস্য দেখয়ে নিয়ে বেড়াচ্চে।' *দীনবন্ধু*, ১৮৭৩।

কলহাস [স] *বি* উচ্ছ্বসিত হাসি। 'বধূগণ ঘাটে যায় কলহাসে কক্ষে লইয়া ঝারি।' *রবীন্দ্র*, ১৯০৬।

কলহাস্য [স] *বি* হাস্যময় মধুর ধ্বনি। 'কোনো এক পর্বতের আড়াল থেকে সহসা কলহাস্যে করতালি দিয়ে আচমকা দেখা দেবে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কলহাস্যালাপ [স] *বি* মধুর উচ্চ হাস্য এবং কথাবার্তা। 'এক জায়গায় ছেলেদের চেঁচামেচি, স্নানার্থিনী মেয়েদের কলহাস্যালাপ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কলহীন [স] *বিণ* জলপ্রবাহের ধ্বনি নেই এমন। 'কলহীন তটিনীর তরঙ্গের পরে ছুটিয়া যেতেছে মোর সচকিত প্রাণ।' *জীবন*, ১৯৩০।

কলালাপ [স] *বি* মধুর ও অস্ফুট গুঞ্জন। 'রাজ্যের কলালাপধ্বনি আসিয়া চারি দিকের আকাশকে আন্দোলিত করিয়া তুলে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কলোচ্ছ্বাস [স কল-উচ্ছ্বাস] *বি* কলকল ধ্বনি; সুললিত ধ্বনি। 'যেমন পথিক ভোলে কলোচ্ছ্বাসে উচ্ছল ঝর্ণার।' *ফররুখ*, ১৯৬৩।

কলোৎসব [স কল-উৎসব] *বি* মুখরিত উৎসব। 'খেলবে দীঘির ঝিলিমিলি মোদের লীলা কলোৎসবে।' *জসীম*, ১৯৩১।

কল[১] [স কলা] ১ *বি* ইঁদুরের ফাঁদ। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* চাবি-বিশেষ। 'সময়ক্রমে ঘণ্টা বাদক কল ফিরাইলেই আপনা হতে ঘণ্টা ঠনাঠন শব্দ করে।' *রামরাম*, ১৮০১। ৩ *বিণ* প্রকৌশলসাধ্য। 'গড়ের উপরে লৌহ নির্মিত কলের পুল।' *রামরাম*, ১৮০১। ৪ *বি* কৌশল। 'এ কলেতে যদি বাবু কাবু না হয় তবে কাল সহকারে সকার বকারেই নির্ভর করিবা।' *ভবানী*, ১৮২৮। ৫ *বি* দেহযন্ত্র। 'দৌর্বল্যপ্রযুক্তই তাঁহার শারীরিক কল একেবারে বন্দ হইল।' *দর্পণ*, ১৮৩৪। ৬ *বিণ* ললিত। 'এক চর্ম্মে বহু যন্ত্র বাদ্য তায় কল।' *গুপ্ত*, ১৮৫৮। ৭ *বি* ফাঁদ। 'ভাল মজার কল পাতা গেল।' *দীনবন্ধু*, ১৮৬৩। ৮ *বি* জলের কল। 'উঠানের কলে জল-পড়ার শব্দ কানে এল।' *রবীন্দ্র*, ১৯২৯। ৯ *বি* সেলাই মেশিন। 'চুপচাপ কল ঘোরাতে ঘোরাতে ... নিঃসম্পর্ক হয়ে পড়ল।' *জীবন*, ১৯৪৮। ১০ *বি* ঝামেলা। 'নতুন কল হয়েছে এগ্রিমেন্ট।' *শ্যামল*, ১৯৬৭।

কলওয়ালা [কল+হি ওয়ালা] *বি* কলকারখানার মালিক। 'এখনও বড় কলওয়ালা কি ভারি সওদাগরের আমরা নাম করতে পারি নে।' *সবুজ*, ১৯২০।

কলওয়ালী [কল+হি ওয়ালী] *বি স্ত্রী* পাটকলের মালিক। 'পাট চাষের ফলে কলওয়ালীদের হাতে প্রচুর পরিমাণ পাট জমিয়া যাওয়ায় ...।' *আজাদ*, ১৯৪০।

কলকব্জা [কল+আ কবজাহ] ১ যন্ত্র ও যন্ত্রাংশ। 'এই গাড়িটি তৈরি করে তুলতে শুধু আগুন এবং হাতুড়ি-করাত এবং কলকব্জা লেগেছে তা নয়।' *রবীন্দ্র*, ১৯২১। ২ *বি* উপাদান। 'ভাষার কলকব্জাও সব বদলে গেছে।' *প্রমথ*, ১৯২২। ৩ *বি* যন্ত্রপাতি। 'কলকব্জা জাহাজ ... আবিষ্কার তাকে চমকাতে পারল না।' *জীবন*, ১৯৩২। ৪ *বি* অংশ-উপাংশ। 'মাথার কলকব্জা ঠিক আছে বলে প্রমাণ দেয় না।' *শওকত*, ১৯৭২।

কলকাঠি [কল+কাঠি] *বি* চাবিকাঠি। 'উজান-ভেটেন কলকাঠি তার/ ঘুরায় বসে।' *লালন*, ১৮৯০।

কলকারখানা [কল+ফা কারখানা] *বি* ফ্যাক্টরি; উৎপাদনের যান্ত্রিক কেন্দ্র। 'ধর্মঘট করিয়া কল-কারখানা প্রভৃতির অধিস্বামীদিগের কি না ক্ষতি করে।' *এডুকেশন*, ১৮৯০।

কল-কৌশল [কল+স কৌশল] ১ *বি* নানা উপায় ও কৌশল। 'কল-কৌশল খাটাইয়া খাদ্যাদি প্রস্তুত করারও উপায় আছে।' *মশারফ*, ১৮৮৯। ২ *বি* নানা রকম চাতুর্য। 'তার কলকৌশল – নাচের ভিতর দিয়ে, ভাষার অজ্ঞতার ভান করে।' *মুজতবা* ১৯৫২।

কলঘর [কল+ঘর] ১ *বি* স্নানঘর। 'ভাড়াটেদের বউরা কলঘরে গিয়ে ঢুকেছে।' *নরেন্দ্র*, ১৯৪৯। ২ *বি* এঞ্জিন থাকে যে ঘরে; এঞ্জিন রুম। *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

কল-টেপা [কল+টেপা] ১ *বিণ* বোতাম টিপে চালাতে হয় এমন। 'অনেকেই শুষ্কভাবে অভ্যস্ত মন্ত্র আউড়িয়ে কল-টেপা আর্গিনের মতো গান গেয়ে যাচ্ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* যান্ত্রিক; ঘাঁট-টিপে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সংগীত তৈরি হয় এমন। 'কল-টেপা সুরের গোলামি করিনি।' *রবীন্দ্র*, ১৯৪০।

কলতলা [কল+স তল>] *বি* পানির কলের চারপাশ। 'কলসিটা খং করে বাঁধানো কলতলায় সজোরে ঠুকে।' *নজরুল*, ১৯৩০।

কল-দানব [কল+স দানব] *বি* যন্ত্ররূপ দানব। 'সেই কল-দানবের চাকা সাঁওতাল ছেলেমেয়েরা ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

কলবল [কল+অনুকার বল] ১ *বি* কায়দা-কৌশল। 'গোরা একজন লোক নানা প্রকার কলবল দ্বারা যে সকল কর্ম্ম সম্পন্ন করিবেক।' *চন্দ্রিকা*, ১৮৩১। ২ *বি* যন্ত্রপাতি। 'আনেক ছোট ছোট কলবলও আছে।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫; 'অনেকগুলো তার এবং কল-বল আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কলবাড়ি *বি* বসবাসের বাড়ি, পুকুর, বাগান ইত্যাদি প্রয়োজনীয় সবকিছু নিয়ে গড়ে তোলা ভিটা। 'একেবারে কলবাড়ি করে তুলতো। ভদ্রাসন, পুকুর, ফলের বাগান ... সব একসঙ্গে হয়ে যেতো।' *শ্যামল*, ১৯৬৭।

কলযন্ত্র [কল+স যন্ত্র] *বি* মেশিন। 'পা-টি যেন কলযন্ত্রে চালিত হয়।' *ওয়াদী*, ১৯৬৪।

কলসম [কল+স সম] *ক্রিবিণ* যন্ত্রের মতো। 'অভিনেতারা চক্রাকারে কলসম নৃত্য করে।' *মুজতবা*, ১৯৫৯।

কলে কৌশলে [কল+স কৌশল>] *ক্রিবিণ* বিভিন্ন ফন্দি অবলম্বন ক'রে। 'কলে কৌশলে ... আগুন হয়ে অনেক চাল চালচেন।' *হুতোম*, ১৮৬১।

কলে-ছাঁটা ১ *বিণ* আন্তরিকতাশূন্য। 'তাহাকে খাড়া দাঁড় করাইয়া কতকগুলি কলে-ছাঁটা কথা কহাইয়া গেলেই হইবে না।' *রবীন্দ্র*, ১৮৯৭। ২ *বিণ* যন্ত্রে কাঁড়ানো। 'ঢেঁকির চাল হবে কলে ছাঁটা।' *জীবন*, ১৯৪২।

কলে-তৈরি *বিণ* যন্ত্রের সাহায্যে উৎপাদিত। 'বৈচিত্র্য আছে, কিন্তু কলে-তৈরি প্রাণহীন বৈচিত্র্য।' *অন্নদা*, ১৯২৯।

কলে নাচানো *ক্রি* ইচ্ছামতো পরিচালিত করা। 'এখন কলে নাচাইতে পারিব।' *বঙ্কিম*, ১৮৭৩।

কলে-বলে *ক্রিবিণ* কৌশলে। 'কলে-বলে কথার ছলে দেখো গো ভোলায়।' *গিরিশচন্দ্র*, ১৮৮৩।

কলে-পড়া *বিণ* ফাঁদ হিসেবে ব্যবহৃত যন্ত্রে আটক। 'কলে-পড়া জন্তুর মতন মূর্ছায় অসাড়।' *রবীন্দ্র*, ১৯৩২।

কলের গাড়ী *বি* যন্ত্রচালিত গাড়ি (রেলগাড়ি)। 'কলের গাড়ী আরোহণ করিয়া ... আগমন করিবার বাসনা করেন।' *অক্ষয়*, ১৮৫৫।

কলের গান *বি* গ্রামোফোন। 'কান পেতে শুনে বললে ... এ যে কলের গান।' *জীবন*, ১৯৪৮।

কলের দোলা *বি* উত্তোলক যন্ত্র; লিফট। 'কলের দোলায় চড়ে এই স্তম্ভের চতুর্থ তলায় উঠে নিম্নে সমস্ত প্যারিসটাকে খুব একটা বড়ো ম্যাপের মতো প্রসারিত দেখতে পেলুম।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কলের পুতুল *বি* যান্ত্রিক মানুষ। 'আমাকে কলের পুতুল করে বানাতে চায়।' *রবীন্দ্র*, ১৯০৯।

কলের লাঙল *বি* যন্ত্রচালিত লাঙল; ট্রাক্টর। 'জমিতে বিজ্ঞানসম্মত সার দেবার এবং কলের লাঙল ব্যবহার করবার ব্যবস্থা হয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

কল[৩] [হি] ১ *বি* আহ্বান। 'ম্যাজিস্ট্রেটের উপর সামাজিক কর্তব্যরক্ষাস্বরূপ কল করতে যাব এ তাদের মনেও উদয় হয়নি।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বি* বাসায় গিয়ে রোগী দেখার ডাক বা আমন্ত্রণ। 'যত বড় কলই থাকুক না কেন।' *জীবন*, ১৯৩৩।

কল-অফ [হি] *বিণ* স্থগিত। 'জেনারেল স্ট্রাইক চূড়ান্তভাবে কল-অফ হৈয়া গেছে।' *মনসুর*, ১৯৫৫।

কলগার্ল [হি] *বি* বারবনিতা। 'এই শহরেরই কোনো কলগার্লটার্ল হবে।' *শিবরাম*, ১৯৭০।

কলই[১] [স কলায়>] *বি* কলাই ডাল। 'খেসারি কলই কিনি কিছু দিল তাএ।' *মালাধর*, ১৫০০।

কলই[২] [আ কলই] *বি* ধাতুর প্রলেপ। *মানোএল*, ১৭৪৩।

কলই করা *ক্রি* ধাতু গলিয়ে প্রলেপ দেওয়া। *মানোএল*, ১৭৪৩।

কলএল [স কলকল] *বিণ* কলকল। 'ভণই কঙ্কণ কলএল সাদেঁ।' *চর্যা ৪৪*, ১২০০।

কলকল [ধ্বন্যা] ১ *বিণ* কুলুকুলু; কলকল ধ্বনিপূর্ণ। 'জলের মধুর কলকল ধ্বনি।' *কৃষ্ণকমল*, ১৮৫৮। ২ *বি* মিষ্টি শব্দ। 'শিশুকণ্ঠের কলকল।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কল কল করা *ক্রি* কথা বলা। 'রাত্রি দিবা কল কল করিত।' *বঙ্কিম*, ১৮৭৩।

কলকলানি [ধ্বন্যা কলকল>] ১ *বি* কলকল ধ্বনি। *বিদ্যা*, ১৮৯১। ২ *ক্রিবিণ* কলকল ধ্বনি করে এমন। 'তরতরানি কলকলানি দস্যি সোনা।' *হোসেন*, ১৯৬৯।

কলকলিত [ধ্বন্যা কলকল>] *বিণ* কলকল ধ্বনিযুক্ত। 'নির্ঝর কলকলিত ...।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কলকলিনী [ধ্বন্যা কলকল>] *বিণ স্ত্রী* কলকল ধ্বনিকারী। 'উচ্চহাস্যে কলভাষে কলকলিনী।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কলকলে *বিণ* কল কল ধ্বনি করে এমন। 'জগতবিস্ময় কীর্ত্তি অগণন, কলকলে ওই নদে মাত্র কয়।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কলকল [ধ্বন্যা] *বিণ* জলের প্রবাহ নির্দেশক। 'ছলছল টলটল কলকল তরঙ্গ।' *ভারত*, ১৭৬০।

কলকা [তু কলগী] ১ *বি* কাপড়ের পাড় প্রভৃতিতে পাতার আকৃতির নকশা। *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* একপ্রকার হলুদ ফুল। 'ওড়ে প্রজাপতি কলকা ফুল।' *নজরুল*, ১৯২৮।

কলকাতাই [কলকাতা>] *বিণ* কলকাতার বৈশিষ্ট্যপূর্ণ। 'কবিতাটিকে কলকাতাই ছাঁচে ঢালাই করেছিল, আমিও সঙ্গে যোগ দিয়েছিলুম।' *রবীন্দ্র*, ১৯২৯।

কলকাতায়ি [কলকাতা>] *বিণ* কলকাতার বৈশিষ্ট্যমণ্ডিত; কলকাত্তাই। 'ভাষা তার কলকাতায়ি নয়।' *রবীন্দ্র*, ১৯৪০।

কলকাত্তাই [কলকাতা>] *বিণ* কলকাতার। 'খাস কলকাত্তাই শব্দ, মোটামুটিভাবে যেগুলোকে ঘরোয়া অথবা 'ল্যাং' বলা যেতে পারে ...।' *মুজতবা*, ১৯৫৮।

কলকী [স কল্কি] *বি* হিন্দুমতে কলি যুগের শেষ অবতার। 'কলকী রূপেতে তোক্ষে দলিলে দুইজন।' *বড়ু*, ১৪৫০।

কলকে[২] [স কলিকা] *বি* হুকোর মাথায় বসানো তামাক পোড়ানোর পাত্রবিশেষ। '... গুল, হুঁকো, কলকে, আর – তোমার ভাল করুন গে।' *দীনবন্ধু*, ১৮৬৬।

AMARBOI.COM

কলকে[১] [স কলিকা] *বি* এক প্রকার ফুল। 'কলকে ফুলের কুঞ্জবনে জ্বলছে আলো খাসগেলাসে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

কল-খালাসি [কল+আ খলাসী] *বি* জাহাজের মাল নামানোর কাজ করে যে। 'আমরা মুটে কল-খালাসি।' *নজরুল*, ১৯২৬।

কলগা [তু কলগী] *বি* পাগড়ির অলঙ্কার। 'ছয় পারচার খেলাৎ সরপেচ কলগায় সমাদৃত হন।' *দর্পণ*, ১৮২৫।

কলগী [তু কলগী] *বি* পাগড়ির সামনে বাঁধা পাখির পালক। 'ছত্র দণ্ড আড়ানী চামর মোরছল সরপেচ মোরছা কলগী নিরমল।' *ভারত*, ১৭৬০।

কলঙ্ক [স] ১ *বি* অপবাদ। 'জরমক তরেঁ কুলে কলঙ্ক থুইবেঁ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* দুর্নাম। 'রাজকর্ম্ম নির্ব্বাহকরণেতে যে কলঙ্ক থাকে।' *দর্পণ*, ১৮৩১। ৩ *বি* কালিমা; পাপ। 'কত ক্ষত ও কত কলঙ্ক আছে তাহার সঙ্খ্যা করা যায় না।' *অক্ষয়*, ১৮৪৯। ৪ *বি* সঙ্গদোষ। 'বন্ধুজনের কদাচারজনিত কলঙ্ক শুনিয়া লজ্জিত ও সন্তপ্ত হওয়া ...।' *অক্ষয়*, ১৮৫৪। ৫ *বি* কামজ দোষ। 'তাঁহার এমন কলঙ্ক প্রকাশিত হইয়া পড়ে যে, তাঁহার সহিত সৌহৃদ্য রাখিবার আর পথ থাকে না।' *অক্ষয়*, ১৮৫৪। ৬ *বি* দাগ। 'উহার উপর যে সকল কৃষ্ণবর্ণ কলঙ্ক দেখা যায় ...।' *অক্ষয়*, ১৮৫৪। ৭ *বি* অপযশ। 'লোভে পড়িয়া কলঙ্ক কিনিব না।' *বঙ্কিম*, ১৮৭৩। ৮ *বি* সীমাবদ্ধতা। 'বিশ্বে আলো দিয়েছি ছড়ায়ে, কলঙ্ক যা আছে, আছে মোর গায়ে।' *রবীন্দ্র*, ১৮৯৯। ৯ *বি* অপরাধ। 'সকল কলঙ্ক আজ করো গো মার্জনা।' *রবীন্দ্র*, ১৯০৪। ১০ *বি* অগৌরব। 'পরাধীনতার কলঙ্ক দেখা দেয় কালো হয়ে।' *রবীন্দ্র*, ১৯২০।

কলঙ্ক-আকর [স] *বি* কলঙ্কের আধার। 'আঁধার বহুরঙ্গিনী কলঙ্ক-আকর।' *গিরিশ*, ১৮৮৩।

কলঙ্কজড়িত [স] *বিণ* কলঙ্কযুক্ত। 'কলঙ্কজড়িত কুলাঙ্গার স্বামীকে সৎপন্থায় আনিবার জন্য কত পন্থাই অবলম্বন করিলেন।' *দীনবন্ধু*, ১৮৭৩।

কলঙ্কারী [স] *বিণ* কলঙ্ক দেয় এমন। 'সকল গাঁটই ইংলণ্ডীয় লোকের যশোবিলোপি ও অনপনীয় কলঙ্কারী বিষম সামগ্রী দ্বারা পূর্ণ ছিল।' *অক্ষয়*, ১৮৫০।

কলঙ্কালি [স] *বি* অপবাদের চিহ্ন। 'ঢালিলি কলঙ্কালি এ কিশোর প্রাণে।' *গিরিশ*, ১৮৮৭।

কলঙ্কচিহ্ন [স] *বি* কলঙ্কের দাগ। 'অন্তর্হিত অপরাধের কলঙ্কচিহ্নের পরে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কলঙ্কতিলক [স] *বি* কলঙ্কের দাগ। 'আমার কপালে কলঙ্কতিলক।' *নজরুল*, ১৯২৯।

কলঙ্কপাত [স] *বি* কলঙ্ক আরোপ। 'তাহার প্রতি কলঙ্কপাত করে এমন ভদ্রতাকে মজুরের মতো বহন করিয়া গৌরববোধ করা যে কত লজ্জাকর ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

কলঙ্ক-ফাঁসি [স কলঙ্ক+ফাঁসি] *বি* কলঙ্করূপ ফাঁসি। 'কেমনে এড়াই কলঙ্ক-ফাঁসি।' *জ্যোতিরিন্দ্র*, ১৮৮১।

কলঙ্কবিন্দু [স] *বি* কলঙ্কের দাগ। 'শুরুপত্নী হরে ইন্দু ধরেছে কলঙ্কবিন্দু আছে দেখ তার নিদর্শন।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কলঙ্কব্যবসায়ী [স] *বিণ* কলঙ্ক ছড়ায় যে। 'কলঙ্কব্যবসায়ী।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কলঙ্কভঞ্জন [স] *বি* কলঙ্ক মোচন। 'সেখানেই তার ইতিহাসের কলঙ্কভঞ্জন হয়ে গেল।' *রবীন্দ্র*, ১৯২৯।

কলঙ্কভাগিনী [স] *বি স্ত্রী* কলঙ্কের অংশীদার। 'অতি-বড় কলঙ্কভাগিনী।' *মনোজ*, ১৯৬১।

কলঙ্কভাগী [স] *বিণ* কলঙ্কের অংশীদার। 'আমি তোমার প্রেমে হব সবার কলঙ্কভাগী।' *রবীন্দ্র*, ১৯১০।

কলঙ্ক-ভাজন [স] *বিণ* কলঙ্কের ভাগী। 'জানি রাজা জানি হব কলঙ্ক-ভাজন।' *গিরিশ*, ১৮৮৭।

কলঙ্কযুক্ত [স] *বিণ* অপবাদ আছে এমন। 'অনভিজ্ঞ ব্যক্তির যে স্থানে কিঞ্চিৎ কলঙ্কযুক্ত চিহ্ন মাত্র বোধ হয় ...।' *অক্ষয়*, ১৮৫৪।

কলঙ্করেখা [স] *বি* কলঙ্কের দাগ। 'দাসত্ব কলঙ্করেখা জয়নালের সুপ্রশস্ত ললাটে অক্ষয়রূপে অঙ্কিত হয়।' *মশাররফ*, ১৮৮৫।

কলঙ্ক রোপণ [স] *বি* কলঙ্ক আরোপ। 'বালবিধবা উত্তরকালে ... কলঙ্ক রোপণ করিতে প্রবৃত্ত হইবে।' *অক্ষয়*, ১৮৫৫।

কলঙ্কসাগর [স] *বি* কলঙ্করূপ সাগর। 'একেবারে অতলস্পর্শ কলঙ্কসাগরে গিয়া পড়িবে।' *সুলভ*, ১৮৭৩।

কলঙ্কস্পর্শ [স] *বি* কলঙ্কের ছোঁয়া। 'কোনকালে কলঙ্কস্পর্শের বাষ্পও শ্রুত হয় নাই।' *অক্ষয়*, ১৮৫৫।

কলঙ্কিত [স] *বিণ* কলঙ্কযুক্ত। 'সূর্যমণ্ডল সময়ে সময়ে কলঙ্কিত লক্ষ্য হয়।' *বিদ্যা*, ১৮৪৯।

কলঙ্কিনি [স কলঙ্কিনী] *বিণ স্ত্রী* কলঙ্কযুক্ত। 'একে কলঙ্কিনি হলুঁ তাহে তুমি বৈমুখ।' *মালাধর*, ১৫০০।

কলঙ্কিনী [স] *বিণ স্ত্রী* কলঙ্কযুক্ত। 'কলঙ্কিনী হইতে কহসি উপদেশ'। *আলাওল*, ১৬৮০।

কলঙ্কী [স] *বিণ* কলঙ্কযুক্ত। 'এমন ক্ষুদ্র পশুর রক্তেতে আপন যশস্বী হস্ত কলঙ্কী করিবেন না।' *তারিণী*, ১৮০৩।

কলজে [স কালেয়] ১ *বি* অত্যন্ত প্রিয়পাত্র। 'এই মুই আপনার কলজে হচ্ছেলাম ... আবার এখন মোরে দূর কত্তি চাও।' *মাইকেল*, ১৮৬০। ২ *বি* হৃদয়। 'হায়! এখনও কলজে ফেটে যায়।' *মশাররফ*, ১৮৯০। ৩ *বি* বুক। 'এই ছোরাটা কলজেতে তার বসাই।' *নজরুল*, ১৯২২। ৪ *বি* যকৃৎ। 'লেশ্টানো মাংস আর বিবর্ণ কলজের কাতারে।' *মাহমুদ*, ১৯৬৩।

কলত্র [স] *বি* পত্নী। 'মনে না করিহ পুত্র কলত্র বাসনা।' *মালাধর*, ১৫০০।

কলধৌত [স] *বিণ* নিষ্কলুষ। 'কলধৌত দেহ দান সাধিবে দ্বিজের মান।' *মুকুন্দ*, ১৬০০।

কলন [স] *বি* মধুর ধ্বনি। 'নৃত্য-গীত-কলনে বিশ্ব আনন্দিত।' *রবীন্দ্র*, ১৯৩১।

কলনাইজ [ই] *বিণ* উপনিবেশে পরিণত। 'তাঁহার বাঞ্ছা কোন প্রকারে এ প্রদেশ কলনাইজ হয়।' *দর্পণ*, ১৮৩১।

কলনী [ই] *বি* উপনিবেশ। 'নিম্নস্থলীগুও কেপ-কলনীতে তাহার পরিচয়।' *রবীন্দ্র*, ১৯০৫।

কলন্ত [স কলা>] *বি* কালোয়াত। 'নাটুআ কলন্ত সঙ্গে বসিল পরমরঙ্গে।' *মুকুন্দ*, ১৬০০।

কলন্তর [স কলান্তর] *বি* সুদ। 'কেহ কলন্তর লয় কেহ বৃষে ধান্য বয়।' *মুকুন্দ*, ১৬০০।

AMARBOI.COM

কলন্দর [আ] *বি* মুসলমান সুফি সম্প্রদায়বিশেষ। 'কলন্দর হইআ কেহো ফিরে দিবারাতি।' *মুকুন্দ*, ১৬০০।

কলপ[১] [আ kalaf] *বি* পাকা চুল কালো করার রংবিশেষ। 'কলপ সমান মাত্র বিরহ রজনী।' *আলাওল*, ১৬৮০।

কলপ লাগানো *ক্রি* চুলে কালো রং করা। 'তৌবা করে কলপ লাগানো ছেড়ে দিয়েছেন।' *নজরুল*, ১৯৩১।

কলফ [আ] *বি* পাকা চুল কালো করার রং। 'গোঁপে কলফ লাগাইয়া ... বেড়াইতে লাগিল।' *দর্পণ*, ১৮২১।

কলপ[২] [স কলাপ] *বি* ঘোড়া বা সিংহের কেশর। *মানোএল*, ১৭৪৩।

কলপনা [স কল্পনা] *বি* মানস রচনা। 'পৃথিবী-বাহিরে কলপনা-তীরে/ করিছে যেন রে খেলা-ধূলি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কলব দ্র **কলপ**[২]

কলব [আ] *বি* অন্তর। 'ইহার বেশি শুনিলে তোদের কলব ফাটিয়া যাইবে।' *মনসুর*, ১৯৩৫।

কলবল[১] দ্র **কল**[২]

কলবল[২] [স কলকল] *বি* কোলাহল। 'পাইকের কলবল ভরিল সিংহল।' *মুকুন্দ*, ১৬০০।

কলবলানো [স কল>] *ক্রি* কলবল শব্দ করা। 'সুখানা চালাতে বস্যা কলবলায়ে কাউ।' *মুকুন্দ*, ১৬০০।

কলবিঙ্ক [স] *বি* কোকিল। 'কপোত কুংকুভ কঙ্ক কামী কোর কলবিঙ্ক।' *মুকুন্দ*, ১৬০০।

কলভাষ, কলভাষা, কলভাষী দ্র **কল**[১]

কলম[১] [আ] *বি* লেখনী। 'কলম গৌজে কানে।' *মুকুন্দ*, ১৬০০।

কলম-কসুর [আ kalam+আ kasur] *বি* স্লিপ অব পেন; হিসাবের ভুলবশত অধিক আদায় করা খাজনা। 'পার্বনি পঞ্চক-কাউ ওড়া-লোন সানা-ভাত ধানকাটী কলম-কসুরে।' *মুকুন্দ*, ১৬০০।

কলমকাটী [আ kalam+স কাষ্ঠিকা] *বি* কলম ইত্যাদি। 'সাদা কাগজ এবং কলমকাটী সেখান হইতে পাঠাইবেন।' *ওসাঁ*, ১৭৮২।

কলমগীর [আ kalam+ফা গীর] *বি* লিপিকার; লেখক। 'তোমারে তুষিতে জবান-পঁচিশী রচিল কলমগীর।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

কলম চালানো *ক্রি* কাটাকাটি করা। 'প্যারীমোহনের কোনো লেখার উপরে খবরদার কলম চালাস নে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কলমদান [আ kalam+ফা dan] *বি* কলম রাখার ক্ষুদ্র আসবাববিশেষ। *ওসাঁ*, ১৭৮২; 'মীরকাসেম হাসিয়া বলিলেন, তবে কলমদান দাও।' *বঙ্কিম*, ১৮৭৫; 'কলমদান, ব্লটিংপ্যাড, খাবার জলের কাঁচের সোরাই আর গেলাসম ছোটো একটি আয়না এবং চিরুনি-ব্রুশ।' *রবীন্দ্র*, ১৯২৯।

কলমদানি [আ kalam+ফা dani] *বি* কলম রাখার আধার। *ওসাঁ*, ১৭৮৫; 'খবরের কাগজে কলমদানিটি মুড়ে রুনু প্রথম বারের মত ওবাড়ী গেল।' *হুমায়ূন*, ১৯৭২।

কলম পিষা, কলম পেষা, কলমপেসা [আ kalam+ফা পেশা] ১ *ক্রি* লেখা। 'হাড়ভাঙ্গা কলম পিষণের পর ...।' *দীপিকা*, ১৮৮৭। ২ *বি* লেখার কাজ। *বিদ্যা*, ১৮৯১। ৩ *ক্রি* লেখালেখি করা। 'কারণ আমরা জানি শুধু বক্তৃতা করতে আর কলম পিষতে।' *প্রমথ*, ১৯২০। ৪ *বিণ* লেখনী চালনা করে জীবিকা উপার্জন করে এমন। 'সে কলম-পেষা কেরানির বউ নয়।' *মানিক*, ১৯৪০।

কলমবাজি [আ kalam+ফা বাজী] *বি* (মন্দ অর্থে) লেখার কাজ। 'শেষ কর তোর কৃত্রিম এই কলমবাজি।' *নজরুল*, ১৯৩০।

কলম হাঁকানো *ক্রি* লেখালেখি করা। 'কলম হাঁকিয়ে ফেরা সকল রোগের সেরা।' *রবীন্দ্র*, ১৮৯০।

কলমের গোলামি [আ kalam+আ gulam>] *বি* লেখালেখি। 'কলমের গোলামিটা আর নাহি লাগে মিঠা।' *রবীন্দ্র*, ১৮৯০।

কলমী [আ kalam>] *বিণ* হাতে লিখিত। 'দিল্লীর মহাফিজখানাতে আমার দোস্ত রায় আমাকে কলমী কিতাব দেখায় নি।' *মুজতবা*, ১৯৬০।

কলম[২] [ই কলাম] ১ *বি* ঝাড়ে ব্যবহৃত কাচের খণ্ড। 'এই রশ্মি, ঝাড়ের কলম অথবা তদনুরূপ অন্য কোন কাচখণ্ডের ভিতর দিয়া যাইলে ...।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বি* পত্রিকার কলাম। 'সম্পাদকীয় প্রবন্ধ আধ কলমও নয়।' *অন্নদা*, ১৯২৯।

কলম[৩] [আ kalam] *বি* গাছের ডাল থেকে নতুন গাছ জন্মানো। 'বৃক্ষলতাদির কলম করিয়া রোপণ করিলে ...।' *অক্ষয়*, ১৮৫২; 'কোনও কোনও বুদ্ধিমান ব্যক্তি বলেন, এই সময়ে, খুড়র কলম করিয়া লওয়া আবশ্যক; আঁঠিতে যে গাছটা হয়েছে, সেটা বিষম টোকো ...।' *বিদ্যা*, ১৮৭৩।

কলমধুর, কলমন্দ্র, কলমর্মর দ্র **কল**[১]

কলমা [আ kalimah] *বি* ইসলামের মূলমন্ত্র। 'মুসলমান কলমা পড়ে হিন্দু বোলে রাম।' *মর্তুজা*, ১৭৫০।

কলমি [স কলখী] *বি* শাকবিশেষ। 'রান্ধ্যাছ পুড়্যাতি গিমা কলমি কাঁচড়া।' *মুকুন্দ*, ১৬০০।

কলমিলতা, কলমীলতা [স কলখী+স লতা] *বি* লতাবিশেষ। 'সব কলমিলতা সজনে ফুল এর দল।' *নজরুল*, ১৯২৭; 'কলমীলতার গহনা তাহার গায়।' *জসীম*, ১৯৩১।

কলমী [স কলখী] ১ *বি* শাকবিশেষ। 'হিনচা কলমী শাক তোলে ডানিকলা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* ফুলবিশেষ। 'কলমী ফুলের নোলক পরায়ে দেখে।' *জসীম*, ১৯৩৩।

কলমীদাম [স কলখী+স দাম] *বি* কলমি লতার দল। 'কলমীদামের থেকে জন্মেছে সে।' *জীবন*, ১৯৩২।

কলমুখরতা, কলরব, কলরবময়, কললোদন, কললোল ইত্যাদি দ্র **কল**[১]

কলম্ব [স] *বি* অস্ত্রবিশেষ। 'কালপৃষ্ঠ কলম্ব কৃপাণ চন্দ্রহাস।' *মানিকরাম*, ১৭৮১।

কলম্বকুল [স] *বি* তিরসকল। 'উড়িল কলম্বকুল অম্বর প্রদেশে শনশনে।' *মাইকেল*, ১৮৬১।

কলম্বক [স করম্ভ] *বি* লেবু জাতীয় ফলবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

কলর *বি* একপ্রকার পাখি। 'কামী কোর কলবিঙ্ক কলর কুলিঙ্গ কর্কট।' *মুকুন্দ*, ১৬০০।

কলশি [স] *বি* কলস। 'কলশির কানা মারলেও প্রেম দিতে কুণ্ঠিত হয়ো না।' *নজরুল*, ১৯২৩।

কলস, কলসি, কলসী [স] *বি* পানি বহন করা ও জমিয়ে রাখার পাত্রবিশেষ। 'রাধার তন পরসে/ যেহ আমৃতকলসে।' *বড়ু*, ১৪৫০; 'হেন বুলী রাধা কলসী লআঁ জাএ গজ্জগড়ি ছান্দে।' *বড়ু*, ১৪৫০; 'কলসি।' *ওসাঁ*, ১৭৮২।

AMARBOI.COM

কলস্বন, কলস্বর, কলস্রোত ইত্যাদি দ্র **কল**[১]

কলহ [স] *বি* বিবাদ। 'দুই জনে ক্রীড়া-কলহ লাগিল তথাই।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কলহ-কচকচি [স] *বি* ঝগড়া-বিবাদ। 'কলহ-কচকচিতে তারা বিরক্ত হয়।' *তারা*, ১৯৪৩।

কলহকলাপ [স] *বি* ঝগড়াঝাঁটি। 'দেবযানী-শর্মিষ্ঠার কলহকলাপে আমার অদ্বৈতসিদ্ধি পণ্ড।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

কলহকাল [স] *বি* ঝগড়ার সময়। 'তাহাদের কলহকালের বাক্য শ্রবণ করিয়া আমার প্রতীতি হইল যে ...।' *অক্ষয়*, ১৮৪৯।

কলহ-কোন্দল [স কলহ+স কন্দল] *বি* বিবাদ-বিসম্বাদ। 'অতীতকে নিয়ে কলহ-কোন্দল করবার অভ্যাস ...।' *ওয়াজেদ*, ১৯৪৩।

কলহনাদ [স] *বি* ঝগড়া-বিবাদজনিত শব্দ। 'অত্যুচ্চ কলহনাদে সে স্থান নিনাদিত হইল।' *অক্ষয়*, ১৮৪৯।

কলহপরায়ণ [স] *বিণ* ঝগড়াটে। 'ইহারা যেরূপ কলহপরায়ণ, ইতরস্বভাব ...।' *অক্ষয়*, ১৮৪৯।

কলহপরায়ণা [স] *বিণ স্ত্রী* ঝগড়াটে। 'রায়-বাড়ির স্বভাবমুখরা মেয়ে, কঠোর কলহপরায়ণা হইয়া উঠিল।' *তারা*, ১৯৪০।

কলহপূর্ণ [স] *বিণ* বিতর্কিত। 'জরমনদিগের ভাষায় আদ্যোপান্ত জন্য বৃত্তান্ত কলহপূর্ণ।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কলহপ্রিয় [স] *বিণ* ঝগড়াটে। 'বাঙ্গালিরা বাকপটু, অলস এবং কলহপ্রিয়।' *অক্ষয়*, ১৮৪১।

কলহপ্রিয়তা [স] *বি* ঝগড়াটেপনা। 'ভিন্ন ভিন্ন পক্ষের ঔদ্ধত্য ও কলহপ্রিয়তা দ্বারা সৌজন্য ও দয়া দাক্ষিণ্য একান্ত বিলুপ্ত হইয়াছিল।' *বিদ্যা*, ১৮৪৯।

কলহপ্রিয়া [স] *বিণ স্ত্রী* ঝগড়াটে। 'কলহপ্রিয়া, ক্ষুদ্রাশয়া রমণীর পাণিগ্রহণ হওয়া অশেষ ক্লেশের বিষয়।' *অক্ষয়*, ১৮৪৯।

কলহ-বিদ্বেষ [স] *বি* বিবাদ ও শত্রুতা। 'আনন্দ-মিলনের ক্ষেত্রে কলহ-বিদ্বেষের সূচনা করা নিতান্তই আসুরিক ব্যাপার।' *মোতাহার*, ১৯৩৭।

কলহবিমুখ [স] *বিণ* ঝগড়া করা অপছন্দ করে এমন। 'কলহবিমুখ বিন্ধ্য নিরুত্তরে সহ্য করিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কলহব্যাপার [স] *বি* বিবাদের বিষয়। 'স্বামীর সহিত ঐ সকল উৎপাত ও কলহব্যাপারে ব্যাপৃত হইয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫০।

কলহরব [স] *বি* বিবাদ-বিসম্বাদের শব্দ। 'ঘোরতর কলহরব শ্রবণ করিয়া আমি চমৎকৃত ও মূর্ছিতবৎ হইলাম।' *অক্ষয়*, ১৮৪৯।

কলহান্তা [স কলহান্তরিতা] *বি* যে নায়িকা প্রিয়কে ত্যাগ ক'রে পরে অনুতাপ করে। 'পঞ্চমে উৎকণ্ঠিতা কলহান্তা ষষ্ঠমে।' *আলাওল*, ১৬৮০।

কলহাস্পদ [স] *বিণ* ঝগড়াটে। 'সেই কলহাস্পদ স্বামীর কাছে আমি যেতে চাই না।' *মুজতবা*, ১৯৬০।

কলহোন্মুখ [স] *বিণ* ঝগড়া করতে উদ্যত। 'কলহোন্মুখ স্ত্রীর সম্মুখে দাঁড়াইল আজহার খাঁ।' *শওকত*, ১৯৫৮।

কলা[১] [স] ১ *বি* কান্তি। 'বিম্বফল জিণী তোর আধরের কলা।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* মূর্তি। 'সঙ্খ চক্র গদা পদ্ম চতুর্ভুজ কলা।' *মালাধর*, ১৫০০। ৩ *বি* চাঁদের ষোলো ভাগের এক ভাগ। 'নিতি নিতি বাড়ে শশধর কলারীতে।' *আলাওল*, ১৬৮০।

কলাধর [স] *বি* চাঁদ। 'আকাশে করেন কেলি লয়ে কলাধরে।' *মাইকেল*, ১৮৬২।

কলানাথ [স] *বি* চাঁদ। 'কলানাথ কুমুদের প্রেম কি কারণ।' *গুপ্ত*, ১৮৫৮।

কলানিধি [স] *বি* চাঁদ। 'গগন মণ্ডল উগ কলানিধি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কলায় কলায় *ক্রিবিণ* কালে কালে। 'পূর্ণচন্দ্রের ন্যায় কান্তি দিন দিন কলায় কলায় ক্ষয় হচ্ছে।' *গিরিশ*, ১৮৮৭।

কলারূপ [স] *বি* চাঁদের মতো। 'অঙ্গ অংশ কলারূপ তার।' *লালন*, ১৮৯০।

কলা[২] [স কদলক] *বি* কলাগাছ ও তার ফল। 'অতপ্ত তণ্ডুল ফুল চিনিচাপা কলা।' *মালাধর*, ১৫০০।

কলাক্ষেত *বি* কলাগাছের বাগান। 'কলাক্ষেতের আড়ালে গিয়ে দিয়েছিল।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

কলাগাছ *বি* কলা নামক ফলের গাছ। 'গিরিল কুফর যেন কলাগাছ ঝড়ে।' *গরীব*, ১৭৬৫।

কলাছড়া [স কদলক>+স ছটা] *বি* ব্রতবিশেষ। 'ব্রাহ্মণদের মনগড়া ব্রত – দধিসংক্রান্তি, কলাছড়া, গুপ্তধন, ...।' *অবন*, ১৯১৯।

কলা দেখানো *ক্রি* ফাঁকি দেওয়া; ঠকানো। 'কিছু করবেন না, কলা দেখিয়ে দেবেন।' *মানিক*, ১৯৩৭।

কলাপাত [কলা+পাতা>] *বি* কলা গাছের পাতা, যা লেখার জন্য কাগজের পরিবর্তে ব্যবহৃত হতো। 'পরন্তু তালপাত কলাপাত ইত্যাদি লেখা পড়া পূর্ব্বে যে প্রকার হইত।' *চন্দ্রিকা*, ১৮৩২।

কলাপাতা [কলা+পাতা] *বি* কলা গাছের পাতা। 'বেড়ার উপর শুষ্ক কলাপাতার দোদুল রেখামূর্তি।' *শওকত*, ১৯৫৮।

কলা-বউ [স কদলক-বধূ] *বি* দুর্গাপূজায় বধূবেশধারিণী কলাগাছ। 'কপালে কলা-বউয়ের মত সিন্দূরের রেখা।' *বঙ্কিম*, ১৮৮৭।

কলাবড়া [স কদলক+স বটক>] *বি* কলার বড়া। 'মুদ্গবড়া মাষবড়া কলাবড়া মিষ্ট।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কলাবন [স কদলক-বন] *বি* কলার বাগান। 'ঘন কলাবন বাঁশঝাড়ে ঘন আম-কাঁঠালের বনে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কলাবাগান [স কদলক>+ফা বাগ>] *বি* কলা গাছের বাগান। 'কলাবাগানে করেছে দুঃশাসনের দৌরাত্ম্য।' *রবীন্দ্র*, ১৯৩২।

কলার ডেগো *বি* কলাগাছের ডগা। 'কলার ডেগো সর্প হলো ...।' *লালন*, ১৮৯০।

কলা[৩] [স] ১ *বি* কৌশল; ছলনা। 'পুরুষ হইয়া তুমি জান এত কলা।' *বড়ু*, ১৫৭০। ২ *বি* সংগীতে তালের মাত্রা। 'লঘুগুরু সকলে ৭১ একাত্তরি কলা।' *বড়ু*, ১৫৭০। ৩ *বি* শিল্প। 'মধুর মধুর হাসে জিনি সর্বকলা।' *বৃন্দা*, ১৫৮০।

কলাকার [স] *বি* শিল্পী। 'ধর্মের সেবায় নিয়োজিত করতে পারছেন না বলে দোষ দিচ্ছেন বৈজ্ঞানিককে, কলাকারকে, দার্শনিককে।' *মুজতবা*, ১৯৫৮।

কলাকুশল [স] *বিণ* সুকুমার শিল্পে দক্ষ। 'যে-সকল কলাকুশল গুণী সৌন্দর্যসৃষ্টি করিয়া আসিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

কলাকুশলতা [স] *বি* কারিগরি কৌশল। 'কেনালটিতে কলাকুশলতা কী পরিমাণ আছে তা স্থপতিরাই জানেন।' *অন্নদা*, ১৯২৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কলাকেন্দ্র [স] *বি* শিল্পকলা চর্চার স্থান। 'আমাদের কলাকেন্দ্র, আমাদের সর্ব কারুকাজে।' *মাহমুদ*, ১৯৭৩।

কলাকৈবল্যবাদ [স] *বি* শিল্পের জন্য শিল্প এই মতবাদ। 'শিল্প-সংস্কৃতি ক্ষেত্রে কলাকৈবল্যবাদ নামে যে শঠতা প্রচলিত আছে।' *উমর*, ১৯৬৮।

কলাকৈবল্যবাদী [স] *বি* শিল্প শুধু শিল্পের জন্য এই মতবাদে আস্থাবান ব্যক্তি। 'কলাকৈবল্যবাদী না-বলে তাঁকে বলব কলা-অকৈবল্যবাদী।' *আইয়ুব*, ১৯৭৩।

কলাকৌশল [স] *বি* নৈপুণ্য; আদব-কায়দা। 'মেলামেশা করবার কলাকৌশল সোহিনীর ভালো করেই জানা।' *রবীন্দ্র*, ১৯৪০।

কলাকৌশলনিপুণ [স] *বিণ* কুশলী। 'রবীন্দ্রনাথ তাঁকে এক যুদ্ধ কলাকৌশলনিপুণ সেনাপতির সঙ্গে তুলনা করে বলেছিলেন ...।' *সুনীল মুখো*, ১৯৭০।

কলাচর্চা [স] *বি* শিল্পের অনুশীলন। 'সকলেই উত্তর ভারতে বাস করে সদ্‌গুরুর কাছ থেকে কলাচর্চা শিখে গেছেন।' *মুজতবা*, ১৯৫৮।

কলাজ্ঞান [স] *বি* শিল্পবিষয়ক জ্ঞান। 'সে সকল আপত্তি কলাজ্ঞান নয়।' *প্রমথ*, ১৯১৩।

কলাতত্ত্ব [স] *বি* শিল্পবিদ্যা। 'এরা সমাজে রাষ্ট্রে কলাতত্ত্বে কোথাও নতুনকে ভয় করেনি।' *রবীন্দ্র*, ১৯৩১।

কলানায়ক [স] *বি* শিল্পী; শিল্পকুশলী। 'গন্ধর্ব সৌরসেন সুরলোকের সংগীতসভায়/ কলানায়কদের অগ্রণী।' *রবীন্দ্র*, ১৯৩২।

কলানিপুণ [স] *বিণ* সুকুমার শিল্পে দক্ষ। 'জগতের কলানিপুণ গুণীদের সম্বন্ধে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

কলানৈপুণ্য [স] *বি* সুকুমার শিল্পে দক্ষতা। 'কলানৈপুণ্যের বেইবীর মধ্যে দাঁড়াইয়া নিত্যকালের অনিমেষ দৃষ্টিপাত।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কলাপ্রকাশ [স] *বি* শিল্পের বিকাশমানতা। 'ইসপেনেশিয়ার চিন্তাবিকাশ কলাপ্রকাশ মূর্তমান করবে তাই নয়।' *মুজতবা*, ১৯৫৯।

কলাবত [স কলাবৎ] *বি* যে সংগীতে পারদর্শী। 'পূরল মনোরথ সকল কলাবত।' *আলাওল*, ১৬৫১।

কলাবতী [স] *বিণ স্ত্রী* রসবতী; যে ছলা-কলা জানে। 'কোন কলাবতী আজি পেয়েছিল লাগ।' *দ্বিজী*, ১৬০০।

কলাবান [স] *বিণ* সুকুমার শিল্পে নিপুণ। 'কলাবান গুণীরাও যেখানে বস্তুত গুণী সেখানে তাঁহারা তপস্বী।' *রবীন্দ্র*, ১৯০৭।

কলাবিৎ [স] *বিণ* শিল্পরসজ্ঞ। 'কলাবিৎ সম হায়।' *জীবন*, ১৯২৭।

কলাবিদ্যা [স] *বি* শিল্পবিদ্যা; ললিত কলার বিদ্যা। 'গ্রীসের কলাবিদ্যা।' *রবীন্দ্র*, ১৯০৫।

কলা-বিলাস [স] *বি* রসকলা সম্পর্কিত বিহার। 'যাঁর ঠাঁই কলা-বিলাস শিখে ব্রজরামা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কলাবিলাসিনী [স] *বিণ স্ত্রী* গীতবাদ্যনৃত্যাদিতে পারদর্শী। 'অদ্ভুত কলাবিলাসিনী রূপসীর সর্বগুণসম্পন্ন।' *হাই*, ১৯৫৪।

কলাবৃত্তি [স] *বি* নির্মাণকুশলতা। 'সুকুমার কলাবৃত্তি দিয়া সৃষ্টি করেন।' *বিভূতি*, ১৯৩৮।

কলাভবন [স] *বি* নানাবিধ শিল্পবিদ্যার চর্চা হয় যে ভবনে। 'পাঠশালা শিল্পের হাট কারুছত্র কলাভবন।' *অবন*, ১৯২৫।

কলাভাণ্ডার [স কলা+ভাণ্ডার] *বি* শিল্পসংগ্রহশালা। 'নন্দনালয়ে কলাভাণ্ডারে এই কাজ অবশেষে আরম্ভও হল।' *রবীন্দ্র*, ১৯৩১।

কলামণ্ডিত [স] *বিণ* সৌন্দর্যমণ্ডিত। 'পরিণত, পরিপূর্ণ কলামণ্ডিত।' *মুনীর*, ১৯৬৬।

কলামতি [স কলাবতী] *বি* নৃত্যগীতে পারদর্শী নারী। 'তুঅ দরসন বিনু তিলও ন জীব। জইঔ কলামতি পীউখ পীব।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কলারসজ্ঞ [স] *বি* কলাবিদ। 'আধুনিক কলারসজ্ঞ বলেছেন ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

কলারসিক [স] *বি* সৌন্দর্যরসিক। 'তথাকথিত কলারসিকদের জন্য।' *অবন*, ১৯২৫।

কলারাজ্য [স] *বি* শিল্প-সাহিত্যের জগৎ। 'এই কারণে কলারাজ্যের মহাপুরুষদের যা-খুশি তাই করবার যে অধিকার আছে।' *প্রমথ*, ১৯১৫।

কলালক্ষ্মী [স] *বি* কলাবিদ্যার অধিষ্ঠাত্রী দেবতা। 'ছবি-লিখিয়ের হা-হুতাশ হচ্ছে কলালক্ষ্মীর জন্যে।' *অবন*, ১৯২৫; 'অসতর্কতাই অপমান করে কলালক্ষ্মীকে, আর কলালক্ষ্মী তার শোধ তোলেন অকৃতার্থতা দিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কলাশিল্প [স] *বি* ললিতকলা। 'নিত্যনূতন কলাশিল্পের শোভা সম্পদের মধ্যে মোসলেম লেখকবৃন্দের এই নিশ্চেষ্ট উদাসীন ভাব কি ভয়ানক বেদনাদায়ক!' *কোহিনূর*, ১৯১১।

কলাশোভন [স] *বিণ* সুকুমার শিল্পে শোভিত। 'কত কলাশোভন গৃহকীর্তি দেখতে পাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

কলাসদন [স] *বি* কলা বিভাগের শিক্ষাকেন্দ্র। 'কলাসদনে চাতক ছিল এরা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কলাসরস্বতী [স] *বিণ স্ত্রী* শিল্পগুণান্বিত। 'তদুপরি অনুপমা সুন্দরী, বিদুষী, কলাসরস্বতী।' *নজরুল*, ১৯২৭।

কলাসৃষ্টি [স] *বি* নির্মাণকুশলতা। 'কলাসৃষ্টির দৃষ্টিবিন্দু থেকে দেখতে গেলে তাকে কি বলা যায়?' *মুজতবা* ১৯৫২।

কলাসৌন্দর্য [স] *বি* ললিতকলার সৌন্দর্য। 'জ্ঞান ধর্ম কলাসৌন্দর্য পাঁচজনের সঙ্গে ভাগ করিলে বাড়ে বৈ কমে না।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কলাহীন [স] *বিণ* অসুন্দর। 'অপূর্ণ নয়, অপরিণত নয়, সরল নয়, কলাহীন নয়।' *মুনীর*, ১৯৬৬।

কলাই[১] [স কলায়] *বি* কলাই ডাল। *মানোএল*, ১৭৪৩; 'মাঠে কলাই সরিষা ধান, তাহার কে করিবে পরিমাণ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কলাইসুঁটি [স কলায়>+স শিম্বী>] *বি* মটরশুঁটি। 'গোল আলু, কপি, কলাইসুঁটি।' *বঙ্কিম*, ১৮৭৯।

কলাই[২] [আ কলঈ] *বি* রাং ধাতুর প্রলেপ। 'লৌহের পাতে রঙ্গের কলাই করিলে, উহা দেখিতে সুন্দর হয়।' *বিদ্যা*, ১৮৫১।

কলাইকর [আ কলঈ>] *বি* ধাতব বস্তুতে যে মিনা করে। *ওস্যাঁ*, ১৭৮২।

কলাই-করা *বিণ* ধাতুর প্রলেপ দেওয়া হয়েছে এমন। 'কলাই-করা গ্লাস, থালা।' *বিভূতি*, ১৯৩১।

কলাকলি [স ক্রোড়>] *বি* পরস্পর আলিঙ্গন; কোলাকুলি। 'করি অতি কলাকলি নবীর দরুদ বুলি।' *সুলতান*, ১৬৫০।

কলানো[১] [স ক্রোড়>] *ক্রি* অনুগত হওয়া। 'দেহার দেব মো হআঁ কলায়িলোঁ আসিআঁ।' *বড়ু*, ১৪৫০।

কলানো[২] [স কলা>] ১ *ক্রি* যোগ করা। *বিদ্যা*, ১৮৯১। ২ *ক্রি* অঙ্কুরিত

AMARBOI.COM

হওয়া; গজানো। 'বীজ ধান, জল পেয়ে যদি কলিয়ে যায়।' *বিভূতি*, ১৯২৯।

কলাপ [স] **১** *বি* প্রসার। 'ক্রীড়ার কলাপ দেখি লইল স্বরূপ।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* ময়ূরপুচ্ছ। 'চন্দ্রক কলাপময়, নাচে কুতূহলে।' *মাইকেল*, ১৮৬১। **৩** *বি* বিখ্যাত সংস্কৃত ব্যাকরণ। 'পনেরটি ছাত্র কলাপ ও মুগ্ধবোধ পড়ে।' *বিভূতি*, ১৯৩৮। **৪** *বি* কীর্তি। 'মনুষ্যভাষার কোষে, কয়েকটি অলীক শব্দে আছে যার দয়ার্দ্র কলাপ।' *মাহমুদ*, ১৯৭৩।

কলাপী [স] *বি* ময়ূর। 'বিহঙ্গকুলে কলাপীবৎ এক সুন্দরী।' *বঙ্কিম*, ১৮৬৫।

কলামনিস্ট [ই] *বি* বিশেষ বিষয়ের উপর নিয়মিত লেখেন এমন সাংবাদিক। 'কোন চাকরি নিয়ে শুরু করব ... খবরের কাগজে কলামনিস্টের।' *মুজতবা*, ১৯৫২।

কলায় [স] *বি* কলাই; ডালবিশেষ। 'আর ছোলা, মটর, অরহর, মুগ, মসূর, মাষ প্রভৃতি কলায় হইতে ডাইল হয়।' *বিদ্যা*, ১৮৫১।

কলার [ই] *বি* জামার গলদেশের চওড়া ও শক্ত পটিবিশেষ। 'যুবকবৃন্দ শার্ট-এর কলার উলটে, মালকোঁচা মেরে ...।' *ধূর্জটি*, ১৯৩১।

কলি[১] [স] *বি* হিন্দুমতে চতুর্থ ও শেষ যুগ। 'এবেসি জ্ঞাণিল ভৈল কলি আবতার।' *বড়ু*, ১৪৫০।

কলিকাল [স] **১** *ক্রিবিণ* হিন্দুমতে শেষ যুগ। 'কলিকালে প্রেবেস করিব মহিতলে।' *মালাধর*, ১৫০০। **২** *বি* দুঃসময়। 'কলিকাল উপস্থিত হইয়াছে।' *বিদ্যা*, ১৮৪৭। **৩** *বি* অবাঞ্ছিত কাল। 'এই অকৃতজ্ঞতার ব্যথা নিয়েছে কি দেবী বুক পেতে? হায়, কলিকাল!' *রবীন্দ্র*, ১৮৯০। **৪** *বি* সাম্প্রতিক কাল। 'কলিকালের সকল ভবিষ্যৎ বাণীরই প্রায় এই দশা দেখা যায়। *রবীন্দ্র*, ১৮৯৫।

কলিকালোচিত [স] *বিণ* আধুনিক কালের অবাঞ্ছিত লক্ষণযুক্ত। 'মেয়ের ব্যবহারে কলিকালোচিত স্বাতন্ত্র্যের দুর্লক্ষণ।' *রবীন্দ্র*, ১৯৩৪।

কলিজুগ [স কলিযুগ] *বি* হিন্দুমতে শেষ যুগ। 'কলিজুগ পাপ সত তোহে ফললা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কলিযুগ [স] *বি* আধুনিক কাল। 'অতএব কলিযুগে মোর পরকাশ।' *বৃন্দা*, ১৫৮০।

কলির চেলা *বি* দুষ্ট প্রকৃতির লোক। 'লোকে তোমাকে যে কলির চেলা কহে তাহা যথার্থ।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কলিহত [স] *বিণ* কলিযুগের। 'সেই ত সুমেধা আর কলিহত জন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কলি[২] [স] *বি* ঝগড়া। 'বাপের সাপ পোএর মউর সদাই করে কলি।' *মুকুন্দ*, ১৬০০।

কলি[৩] [স] **১** *বি* কুঁড়ি। 'ফুটিল কমল কলি।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* ক্ষুদ্র ভাগ। 'হাসিয়া উড়ায়ে দেব সময়ের কলি।' *আহসান*, ১৯৪৪।

কলি[৪] *বি* গানের চার স্তবক। 'বিবিসকলে এই এক কলিতেই চারি কলির সুখ পাইলেন।' *ভবানী*, ১৮২৮।

কলিআঁ *ক্রিবিণ* জেনে। 'চঞ্চল মুসা কলিআঁ নাশক থাতী।' *চর্যা* ২১, ১২০০।

কলিংবেল [ই] *বি* কাউকে ডাকার ঘণ্টা। 'আর ঢঙ ঢঙাঢঙ হচ্ছে ডাক্তারের দরজার কলিংবেল।' *শিবরাম*, ১৯৫০।

কলিক [ই] *বি* পেটের ব্যথা। 'আমার কলিক ব্যথা উঠেছে।' *জীবন*, ১৯৩২।

কলিকা[১] [স] **১** *বি* কুঁড়ি। 'আঙুলী চম্পককলিকাজালে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* কলকে ফুল। 'চম্পক কলিকা নহে তার সমসর।' *আলাওল*, ১৬৮০। **৩** *বি* থলে। *মানোএল*, ১৭৪৩।

কলিকাস্বরূপ [স] *বিণ* কোরকের মতো। 'সুকোমল-কলিকাস্বরূপ, নবপ্রসূত শিশু সন্তানের অকস্মাৎ মৃত্যুঘটনা ...।' *অক্ষয়*, ১৮৫০।

কলিকা[২] [স] *বি* হুঁকোর মাথায় রাখা কলকে, যার মধ্যে তামাক পোড়ানো হয়। 'কলিকা – ৪।' *চিঠিপত্রে*, ১৮৪৭। 'ডাবা হুকার কলিকা চড়াইয়া দান।' *মশাররফ*, ১৮৬৯। 'কলিকাটা উপুড় করিয়া ছাই ও পোড়া তামাক যেখানে হোক একটা জায়গায় ঢালিয়া দিতাম।' *রবীন্দ্র*, ১৯১২।

কলিগ [ই] *বি* সহকর্মী। 'তাঁর অনেক কলিগও ইস্টবেঙ্গল পীপল।' *সুনীল*, ১৯৭০।

কলিঙ্গ [স] *বি* প্রাচীন ভারতের একটি জনপদ। 'কহি দৃঢ় সুনিশ্চয় শূনহ কলিঙ্গ মহীপাল।' *মুকুন্দ*, ১৬০০।

কলিজা [স কালেয়] **১** *বি* হৃৎপিণ্ড। 'কাপ কুলুপ করি কলিজার বোঁটা ধরি ...।' *সুলতান*, ১৭৫০। **২** *বি* যকৃৎ। 'বুকের কলিজা খাব মাথার খাব ঘি।' *রূপরাম*, ১৭৫০। **৩** *বি* প্রাণ। 'আমার প্রাণের প্রাণ – কলিজার টুকরা আর আমি –।' *মশাররফ*, ১৮৮৫। **৪** *বি* কলিজা-ভুনা। 'ছ-সাত রকমের পোলাও, বিরিয়ানি, কুর্মা, কালিয়া, পসিন্দা, কলিজা।' *মুজতবা*, ১৯৫৮।

কলিজা-পিষানো *বিণ* মারাত্মক যন্ত্রণাদায়ক। 'কাৎরায় শুধু! গুমরিয়া কাঁদে কলিজা-পিষানো বাজে।' *নজরুল*, ১৯২৪।

কলিত [স] *বিণ* খোদিত। 'করুণ কষ্টের কথা লেখা আছে কলিত পাথরে।' *মাহমুদ*, ১৯৬৬।

কলিদার [স কলি+ফা দার] *বিণ* কলির আকারে কাটা বস্ত্রখণ্ডযুক্ত রয়েছে এমন। 'কলিদার পাঞ্জাবি পরা একজন সম্ভ্রান্ত চেহারার মুসলমান বাবাকে এসে সেলাম করে।' *সুনীল*, ১৯৭০।

কলি-পথ [স] *বি* পাপের পথ। 'সাপ দুধে মাতে পাপী কলি-পথে।' *মুকুন্দ*, ১৬০০।

কলিম [স কলুষ] *বিণ* পাপী। 'হিস্পানিয়া দেশে মাদ্রিদ শহরে দুই কলিম পুরুষ ...।' *মানোএল*, ১৭৪৩।

কলিমা [আ কালিমাহ্] *বি* ইসলামের মূলমন্ত্র। 'দোয়া করে কলিমা পড়িআ।' *মুকুন্দ*, ১৬০০।

কলিয়া[১] *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'গোলোকচন্দ্র কলিয়া।' *সেবধি*, ১৮৪০।

কলিয়া[২] [স কলিকা] *বি* কুঁড়ি। 'বাদলশেষে করুণহেসে যেন চামেলী-কলিয়া।' *রবীন্দ্র*, ১৯০০।

কলিশন [ই] *বি* ধাক্কা। 'বেয়ারার সাথে কলিশন বাধে।' *শিবরাম*, ১৯৫০।

কলিহত দ্র **কলি**[১]

কলী [স কলি] *বি* কলি; হিন্দু পুরাণমতে চার যুগের শেষ যুগ। 'সত্য ত্রেতা/ দ্বাপর কলী/ আক্ষে নিরঞ্জন কায়া।' *বড়ু*, ১৪৫০।

কলীগ [ই] *বি* সহকর্মী। 'এখানে সবাই কলীগ।' *নরেন্দ্র*, ১৯৪৯।

কলু [স কলা>] **১** *বি* তেল ব্যবসায়ী সম্প্রদায়। 'কলু নগরে পিড়ে ঘানী।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'ষষ্ঠীদাস কলু।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সেবধি, ১৮৪০।

কলুণী [কলু>] *বি* তেল ব্যবসায়ী সম্প্রদায়ের স্ত্রীলোক। 'বেদিণী, যুগিণী, চাড়ালণী, কলুণী, চারজাতের চারজনকে নিয়ে কেউ কেউ বুড়ো বয়সে রঙ্গ কোরছেন।' *মশাররফ*, ১৮৬৯।

কলুপাড়া [কলু+স পাটক>] *বি* কলুরা বাস করে যে পাড়ায়। 'কলুপাড়ার একটা গাছ হইতে ...।' *বিভূতি*, ১৯৩১।

কলুপো [কলু+স পুত্র>] *বি* কলুর ছেলে। 'কলুপো কএক টাকা পাইয়া ভার্য্যা দিয়া অনায়াসে গৃহে প্রস্থান করিল।' *দর্পণ*, ১৮২৮।

কলুবুড়ি [কলু+বুড়ি] *বি* কলুদের বাড়ির বুড়ি। 'কলুবুড়ি শাকসবজি/ তুলেছে পাঁচমিশুলে।' *রবীন্দ্র*, ১৯৪১।

কলুর বলদ ১ *বি* ঘানি টানার বলদ। 'এক বৃহৎকায় বৃষ আসিয়া কলুর বলদের সেই খোলবিচালি-পরিপূর্ণ নাদায় মুখ দিয়া জাবনা খাইতেছিল।' *বঙ্কিম*, ১৮৭৩। ২ *বি* পরের নির্দেশে অন্ধভাবে পরিশ্রম করে যে। 'কলুর বলদ টানিস ঘানি গলদ কোথায় নাইকো জ্ঞান।' *নজরুল*, ১৯২৪।

কলুদ *বি* বুনো ফুলবিশেষ। 'কলুদ ফুল যে কাকে বলে, ওই যে থোলো থোলো আগাছা জঙ্গলে ...।' *রবীন্দ্র*, ১৯৩৯।

কলুয়া [স কল>] *বিণ* কলে ব্যবহার্য। 'কলুয়া লাকড়ি ওগয়রাহ কৈফিয়ত মাল ...।' *ক্যালগে*, ১৭৯৬।

কলুষ [স] ১ *বি* পাপ। 'কলিকালে কালুর কলুষ কর নাশ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* মলিনতা। 'বিদ্ধ হবে আকাশের মর্মমূলে কলুষের বেদনার শূলে।' *রবীন্দ্র*, ১৯১৬।

কলুষকুহক [স] *বি* পাপের প্ররোচনা। 'কলুষকুহকে পারে কি গো নিবারিতে।' *মাইকেল*, ১৮৬১।

কলুষজর্জরিত [স] *বিণ* পাপপূর্ণ। 'অতি নীচমনা কলুষজর্জরিত মানুষ।' *ওয়ালী*, ১৯৬৪।

কলুষদ্বেষিণী [স] *বিণ* পাপকে ঘৃণা করে এমন। 'এ পাপ-সংসারে কি সাধে করি রে বাস, কলুষবিদ্বেষিণী আমি।' *মাইকেল*, ১৮৬১।

কলুষনাশিনী [স] *বিণ* স্ত্রী পাপ মোচনকারী। 'হে মাতঃ, তিমিরে যথা বিনাশেন উষা, কলুষনাশিনী তুমি।' *মাইকেল*, ১৮৬০।

কলুষপঙ্ক [স] *বি* পাপরূপ পঙ্ক। 'নির্লাজ কালো কলুষপঙ্ক বুকে দাও প্রলয়ংকরী!' *রবীন্দ্র*, ১৯১৫।

কলুষপুরুষ [স] *বি* পাপাসক্ত পুরুষ। 'গৃহধর্মচারিণীর পুণ্যদেহ 'পরে কলুষপুরুষ স্পর্শে অসম্মানে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কলুষবাষ্প [স] *বি* কালিমাযুক্ত বাতাস। 'এই কলুষবাষ্পে তোমার স্বচ্ছ দর্পণ ঝাপসা করে তুলব না।' *নজরুল*, ১৯২৪।

কলুষ বিহরা *ক্রি* কলুষনাশক। 'ধন পুত্র লক্ষ্মী হয় কলুষ বিহরা।' *মানিকরাম*, ১৭৮১।

কলুষভঙ্গা [স] *বিণ* স্ত্রী কলুষতা দূরকারী। 'দেবী সুরেশ্বরী ভুবনসুন্দরী কলিতে কলুষভঙ্গা।' *মানিকরাম*, ১৭৮১।

কলুষভাব [স] *বি* পাপচিন্তা। 'কোন কুচিন্তা ও কলুষভাব যাহাদের অন্তরে স্থান পায় নাই।' *এসলাম*, ১৯২০।

কলুষমুক্ত [স] *বিণ* মলিনতাহীন। 'সমাজকে আমরা চেয়েছিলাম কলুষমুক্ত রাখতে।' *বেগম*, ১৯৫৩।

কলুষরক্ত [স] *বি* দূষিত রক্ত। 'নীরবে প্রভাত-আলো পড়ে তাদের কলুষরক্ত নয়নের 'পরে।' *রবীন্দ্র*, ১৯১৬।

কলুষ-হরা [স] *বিণ* কলুষ নাশ করে এমন। 'ভীম-নিনাদিনী কলুষ-হরা।' *গিরিশ*, ১৮৮৩।

কলুষা [স কলুষ>] *ক্রি* কলুষিত করা। 'মিথ্যায় কলুষিবে জনতার বিশ্বাস।' *রবীন্দ্র*, ১৯৪০।

কলুষিত [স] ১ *বিণ* কলঙ্কিত। 'মতির চরিত্র মহাদোষ-কলুষিত।' *বঙ্কিম*, ১৮৬৬। ২ *বিণ* অপবিত্র। 'রাজপথ কলুষিত করিয়া দাঁড়ায়।' *বঙ্কিম*, ১৮৮৪।

কলেজ [ই] *বি* মহাবিদ্যালয়। 'স্ত্রী মান করে থাকলে তিনি কলেজী এজুকেশন ও ব্রহ্মজ্ঞান মাথায় তুলে পায়ে ধরে মান ভাঙ্গাবেন।' *হুতোম*, ১৮৬১; 'কাঁটালপাড়ায় স্কুল বা কলেজ বা University যাহাই হক তাহাতে আমি কোন সাহায্য করিব না।' *বঙ্কিম*, ১৮৮৭।

কলেজ কম্পাউণ্ড [ই] *বি* মহাবিদ্যালয়ের নির্ধারিত এলাকা। 'কলেজ কম্পাউণ্ড থেকে বেরিয়ে যাওয়ার আগে ... হাত জোড় করে দাঁড়াল।' *নরেন্দ্র*, ১৯৫২।

কলেজগামী [ই কলেজ+স গামী] *বিণ* কলেজে গমনকারী। 'কলেজগামী ছাত্রী এবং চাকরিজীবী মহিলাদের জন্য নিতান্ত অপ্রতুল।' *বেগম*, ১৯৬৮।

কলেজ-তাড়িত [ই কলেজ+স তাড়িত] *বিণ* কলেজ থেকে বিতাড়িত। 'এই কলেজ-তাড়িত ... মজিদের মধ্যে এমন গঠন-প্রতিভা ছিল?' *মনসুর*, ১৯৫৫।

কলেজি, কলেজী [ই কলেজ>] ১ *বিণ* কলেজের। 'স্ত্রী মান করে থাকলে তিনি কলেজী এজুকেশন ও ব্রহ্মজ্ঞান মাথায় তুলে পায়ে ধরে মান ভাঙ্গাবেন।' *হুতোম*, ১৮৬১; 'হোমার পড়া আমাদের কলেজি শিক্ষার একটি প্রধান অঙ্গ।' *প্রমথ*, ১৯২৭। ২ *বিণ* কলেজ সম্বন্ধীয়। 'এর আলো কলেজি মণ্ডলের বাইরে অতি অল্পই পৌঁছয়।' *রবীন্দ্র*, ১৯৩১।

কলেজি বন্ধু [ই কলেজ>+স বন্ধু] *বি* কলেজের সহপাঠী বন্ধু। 'তাঁকে দেখে আমাদের সেই কলেজি বন্ধু বলে আর চেনবার জো নেই।' *প্রমথ*, ১৯৩৩।

কলেজিয়েট, কলেজেট [ই] *বিণ* কলেজ সংশ্লিষ্ট। 'কৃষ্ণনগরের কলেজিয়েট স্কুলে যেয়ে পঞ্চম শ্রেণীতে ভর্তি হন।' *মাহেনও*, ১৯৪৯; 'প্রতিষ্ঠিত বিদ্যাপীঠের নন্-কলেজেট বহু কলেজেটের অপেক্ষা শ্রেয়।' *মুজতবা*, ১৯৫৯।

কলেজে-পড়া *বিণ* মহাবিদ্যালয়ে পড়ে এমন। 'পাশের বাড়িতে কলেজে-পড়া মেয়ে আছে।' *নরেন্দ্র*, ১৯৪৮।

কলেজা [স কালেয়া] *বি* বুকের পাটা। 'কলেজায় তীর যেন হইয়া গেল পার।' *গরীব*, ১৭৬৫।

কলেবর [স] ১ *বি* শরীর। 'হাথ দিআঁ দেখ বড়ায়ি মোর কলেবরে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* চেহারা। 'ধনধান্যে ভরে ঘর লোকমান্য কলেবর।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* আকার। 'ফ্রান্স নূতন কলেবর প্রাপ্ত হইল।' *বঙ্কিম*, ১৮৭৯। ৪ *বি* পরিসর। 'বৃথা অভিধানের কলেবর বৃদ্ধি হইতেছে।' *হরপ্রসাদ*, ১৮৮১।

কলেবরহীন [স] *বিণ* অনির্দিষ্ট। 'হতবুদ্ধি অন্তঃকরণ একটা কলেবরহীন নিদারুণ প্রতিকূলতাকে ... ঠেলা মারিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

কলেমা [আ কালিমাহ] *বি* ইসলামের মূলমন্ত্র। 'বোলএ কলেমা কহ ...।' *সুলতান*, ১৬৫০।

কলেরা [ই] *বি* ভেদবমি। 'পথে কলেরা হয়।' *বিভূতি*, ১৯৩১।

কলোচ্ছল [স] *বিণ* কল কল শব্দে মুখর। 'তার তিমিরপুঞ্জ কলোচ্ছল

AMARBOI.COM

ধারায়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কলোচ্ছ্বাস [স] **১** *বি* কলকাকলি। 'কলোচ্ছ্বাস শূন্যিয়া উঠিছে শূন্যে করিবারে গ্রাস নক্ষত্রের নিত্যনীরবতা।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বি* শোরগোলের শব্দ। 'বাড়িতে পা দেয়া মাত্র তাঁকে অভ্যর্থনা করে নিচের ঘর থেকে ছেলেবয়সের কলোচ্ছ্বাস।' বুদ্ধ, ১৯৪৯।

কলোনি, কলোনী [ই] **১** *বি* উপনিবেশ। 'যখন ইংলন্ডের সাম্রাজ্যলক্ষ্মী সাজ পরিতে বসেন তখন কলোনিগুলির সামান্য শাসনকর্তারা ...।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *বি* অনেক মানুষের সমন্বিত আবাসিক এলাকা। 'কেপ কলোনির উত্তরে পাহাড় জঙ্গলের মধ্যে।' *বিভূতি*, ১৯৩৩।

কলোনিজেসিয়ান [ই] *বি* উপনিবেশ স্থাপন। 'রামমোহন রায় কলোনিজেসিয়ানের পক্ষ ইহাও এদেশ সেদেশ বিখ্যাত আছে।' *দর্পণ*, ১৮৩১।

কলোপ [আ কলফ] *বি* পাকা চুল কালো করার রং। 'সে কটা নয়, সে কলোপ দেয়া।' *দীনবন্ধু*, ১৮৬৭।

কলোয়াত [স কলাবৎ] *বি* সংগীতবিদ্যায় নিপুণ। 'ভায়া ভারি কলোয়াত।' *মশাররফ*, ১৮৬৯।

কলোল্লাস [স] *বি* আনন্দিত কোলাহল। 'নির্ভয়ে বিহঙ্গ যত কলোল্লাসে করিছে মুখর।' *রবীন্দ্র*, ১৯১৪।

কলোল্লোল [স] *বি* কোলাহল। 'তুলিল উদ্ভেদ করি কলোল্লোলে মহা ইতিহাস।' *রবীন্দ্র*, ১৯৪০।

কল্কা [তু কলগী] *বি* কাপড়ের পাড়ে মোরগ, ফুল অথবা পাতার আকৃতি নকশা। **কল্কাদার** [তু কলগী+ফা দার] *বিণ* কাপড়ের পাড়ে মোরগ, ফুল অথবা পাতার আকৃতি নকশাবিশিষ্ট। 'কেহ২ ঢাকাই ধুতি কল্কাদার ... পরিধান করে।' *ভবানী*, ১৮২৮।

কল্কাপেড়ে [তু কলগী+পাড়] *বি* পাড়ে মোরগ, ফুল অথবা পাতার নকশা আঁকা কাপড়বিশেষ। 'স্বহস্তে তাহা ত্যাগ করাইয়া কোকিলপেড়ে, ফিতেপেড়ে, কল্কাপেড়ে পরাইয়া দিতেন।' *বঙ্কিম*, ১৮৭৪।

কল্কি [স] *বি* হিন্দুমতে কলি যুগের শেষ অবতার। 'দ্বাবিংসে কল্কি রূপে স্লেছের নিধন।' *মালাধর*, ১৫০০।

কল্কে, কলকে [স কলিকা] *বি* তামাক পান করার পাত্রবিশেষ। 'এক কলকে তামাক সেজে আনিস।' *উমেশ*, ১৮৫৭।

কল্কে পাওয়া *ক্রি* স্বীকৃতি পাওয়া; পাত্তা পাওয়া। 'স্বভাবকবি কল্কে পেলে না সে সভায়।' *অবন*, ১৯২৫।

কল্কে সাজা *ক্রি* সেবনের জন্য তামাক, হুকো ও ছিলিম প্রস্তুত করা। 'আর এক কল্কে সেজে আনো।' *শওকত*, ১৯৫৮।

কল্প [স] **১** *বি* অনুষ্ঠানবিশেষ। 'হাজার টাকার কমে দেশের কল্প হইতে পারে না।' *কেরি*, ১৮০২। **২** *বি* হিন্দুপুরাণের মতে ৮৩৪ কোটি বছর কাল। 'কল্প, মন্বন্তর যুগাদিরূপ কালবিভাগের কর্তা পরমেশ্বর।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **৩** *বি* হিন্দুদের পূজাবিধি সংক্রান্ত বেদাঙ্গ গ্রন্থবিশেষ। 'বৈশেষিক শিক্ষা কল্প ব্যাকরণ নিরুক্ত জ্যোতিষ স্মৃতি সাহিত্য নাটক।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। **৪** *বি* সংকল্প। 'লক্ষ টাকা দিতে কল্প করিয়াছেন।' *দর্পণ*, ১৮২০। **৫** *বি* সিদ্ধান্ত; পরিকল্পনা। 'একটা হসপিতাল হওনের কল্প হইয়াছে ...।' *দর্পণ*, ১৮২৪; 'মেদিনীপুরে যে ইঙ্গরেজী পাঠশালা স্থাপিত হইবার কল্প আছে।' *দর্পণ*, ১৮৩৪। **৬** *বি* শুরু এবং সমাপ্তির সীমারেখা। 'ইহার প্রথম কল্প সমাপ্ত হইয়াছে, অদ্য দ্বিতীয় কল্পের সূচনা হইল।' *অক্ষয়*, ১৮৪৭। **৭** *বি* পন্থা। 'তাহাদিগকে এইরূপ শিক্ষা দান করাই উচিত কল্প।' *অক্ষয়*, ১৮৪৯।

কল্পকথা [স] *বি* কল্পিত কাহিনি। 'স্ববুদ্ধিরে সেই তো ধাঁধায় কল্পকথার লক্ষ পাকে।' *সুধীন্দ্র*, ১৯২৬।

কল্প কল্প [স] *ক্রিবিণ* অনন্ত যন্ত্রণাপূর্ণ। 'দিন হৈল কল্প কল্প কণ্টক সমান তল্প।' মুকুন্দ, ১৬০০।

কল্প কল্পান্তরে [স] *ক্রিবিণ* কয়েকশো কোটি বছর ধ'রে। 'অর্থাৎ কল্পে কল্পান্তরে সৃষ্টি হচ্ছে, আর বিলীন হচ্ছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কল্পগৃহ [স] *বি* কল্পনার ঘর। 'তার কল্পগৃহের দরজাতে উদার নিঃস্বার্থতার বৃহৎ ধারণারা যদি কখনো অহেতুক ধাক্কাধাক্কি করে।' *সিরাজুল*, ১৯৭৪।

কল্পজগৎ [স] *বি* কল্পনার জগৎ। 'এখনো বিহার কল্পজগতে/ অরণ্য রাজধানী ...।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কল্পতরু [স] *বি* হিন্দুপুরাণে বর্ণিত বাসনা পূরণকারী স্বর্গীয় বৃক্ষবিশেষ। 'নৃপতি মান্ধাতা সূর্যের সমান কল্পতরু সম দাতা।' মুকুন্দ, ১৬০০।

কল্পদৃষ্টি [স] *বি* কল্পনার চোখ। 'তার অপরিণত মনের কল্পদৃষ্টিতে সেদিন তার এমনি ভাবনা হওয়াই উচিত ছিল।' *বিমল*, ১৯৫৩।

কল্পদ্রুম [স] *বি* হিন্দুপুরাণে উল্লিখিত বাসনা পূরণকারী স্বর্গীয় বৃক্ষবিশেষ; কল্পতরু। 'বৃন্দাবনে কল্পদ্রুম সুবর্ণসদন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কল্পনির্ঝর [স] *বি* অফুরান ঝরনাধারা। 'হে চিরপ্রকাশ, হে রূপের কল্পনির্ঝর।' *রবীন্দ্র*, ১৯৩২।

কল্পনির্ভর [স] *বিণ* কল্পনাপ্রবণ। 'জগৎ ও জীবনের কল্পনির্ভর ব্যাখ্যা দিয়ে স্ব স্ব কৌতূহল নিবৃত্ত করেছে।' *শরীফ*, ১৯৬৮।

কল্পপক্ষ [স] *বি* কল্পনার পাখা। 'কত না আকাশযাত্রা কল্পপক্ষ ভরে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কল্পবাসী [স] *বি* কল্পনালোকে বাস করে যে। 'এক অতীত সুবর্ণযুগের কল্পবাসী।' *ধূর্জটি*, ১৯৩১।

কল্পবিহারী [স] *বিণ* কল্পনায় বিচরণকারী। 'অজ্ঞ মানুষের কল্পবিহারী মনোজীবনের লীলা।' *শরীফ*, ১৯৬৮।

কল্পবৃক্ষ [স] *বি* হিন্দুপুরাণে উল্লিখিত ইচ্ছা-পূরণকারী বৃক্ষ। 'চৈতন্যস্তবকল্পবৃক্ষে করিয়াছেন প্রকাশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কল্পমধু [স] *বি* কল্পনার মধু। 'সেথা বসে করি আমি কল্পমধু পান ...।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কল্পমূর্তি [স] *বি* কাল্পনিক মূর্তি। 'সমস্তই এই কল্পমূর্তিকে সজীব করে রেখেছিল।' *রবীন্দ্র*, ১৯২৯।

কল্পরাজ্য [স] *বি* কল্পনার রাজ্য। 'সংগীতের কল্পরাজ্যে সমাজ-নিয়মের প্রাচীর তুলিবার আবশ্যক বিবেচনা করি নাই।' *রবীন্দ্র*, ১৮৮৮।

কল্পরূপ [স] *বি* ভাবমূর্তি। 'আমার আপন-রচা কল্পরূপ ব্যাপ্ত দেশে কালে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

কল্পলতা [স] *বি* হিন্দুপুরাণে উল্লিখিত আকাঙ্ক্ষাপূরণকারী স্বর্গীয় লতা। 'বিদ্বান উত্তম দাতা জিনিয়া কল্পলতা।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'আমার সেইখানেতেই কল্প-লতা যেখানে মোর দাবি-দাওয়া।' *রবীন্দ্র*, ১৯০৫।

কল্পলোক [স] *বি* কল্পনার জগৎ। 'কেবল সুদূর কল্পলোকেরই সামগ্রী

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হইত।' *রবীন্দ্র*, ১৯০৭।

কল্পলোকবাস [স] *বি* কল্পনার জগতে বিচরণ। 'সুতরাং অক্ষয় কল্পলোকবাস হইয়া উঠিবে না।' *বনফুল*, ১৯৩৬।

কল্পলোকবাসী [স] *বিণ* কল্পলোকে বাস করে এমন। 'কল্পলোকবাসী মানুষের ব্যবহারিক জীবনের গরজে কল্পিত হয় দুইরূপে।' *শরীফ*, ১৯৬৮।

কল্পলোকবিহারী [স] *বিণ* কল্পনার জগতে বিচরণকারী। 'তাহারা কল্পলোকবিহারী – আমরা ... মর্ত্য মানুষ।' *রবীন্দ্র*, ১৯০৭।

কল্পসুন্দরী [স] *বি* কল্পিত রূপসী। 'জড়জগতের সমস্ত উপাদান দিয়ে তিনি তাঁর কল্পসুন্দরীর মন যোগাচ্ছেন।' *মোতাহার*, ১৯৩৭।

কল্পস্বর্গ [স] *বি* কল্পিত স্বর্গ। 'দেহমাংসের অক্রান্ত লোলুপতা দিয়ে কল্পস্বর্গ রচনা করে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কল্পস্বর্গলোক [স] *বি* কল্পিত স্বর্গের ভুবন। 'ছাড়িয়ে তোলে মাথা কল্পস্বর্গলোকে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কল্পান্ত [স কল্প-অন্ত] *বি* যুগান্ত। 'তার মাঝখানে একটা কল্পান্ত।' *রবীন্দ্র*, ১৯২৮।

কল্পান্তর [স কল্প-অন্তর] *বি* পরের জন্ম। 'কল্পান্তরে ক্ষয় জেন ঘোর দরসন।' *মালাধর*, ১৫০০।

কল্পনা [স] **১** *বি* চিন্তা। 'মুখ্যার্থ ছাড়িয়া কর গৌণার্থ কল্পনা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* অবাস্তব ভাবনা; মনের উদ্ভাবন। 'অভিমানী হয়্যা নাচ করিয়া কল্পনা।' *রূপরাম*, ১৭৫০; 'তাহাও তদ্রূপ কল্পনা বোধ হয়।' *অক্ষয়*, ১৮৪৭। **৩** *বি* পরিকল্পনা। 'কলিকাতায় যে খাল কাটনের কল্পনা হইয়াছিল।' *দর্পণ*, ১৮২৯। **৪** *বি* সিদ্ধান্ত। 'পাঠশালা মেদিনীপুরে সংস্থাপিত হইবার কল্পনা হইয়াছে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৪। **৫** *বি* রচনাশক্তি। 'তুমিও আইস দেবি, তুমি মনুষ্যের কল্পনা।' *মাইকেল*, ১৮৬১। **৬** *বি* মনে মনে ভাবা। 'রাজার সাহায্য লইবার কল্পনা।' *রবীন্দ্র*, ১৯০৫।

কল্পন [স] *বি* রচনা। 'জীবন আমার গানের মালা করেছ কল্পন।' *রবীন্দ্র*, ১৯১৪।

কল্পনা করা **১** *ক্রি* চিন্তা করা। 'বিবর্ত্তবাদ স্থাপিয়াছে কল্পনা করিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *ক্রি* অনুভব করা। 'অপ্রত্যক্ষ পুরুষের শক্তিকে কল্পনা করা সে ব্যর্থ মাত্র।' *অক্ষয়*, ১৮৪৩। **৩** *ক্রি* স্বপ্ন দেখা। 'তিনি মনে মনে কল্পনা করিতেন।' *রবীন্দ্র*, ১৮৯১।

কল্পনাকানন [স] *বি* কল্পজগৎ। 'কবি মুরলা চপলা প্রভৃতিরা একটা কল্পনাকাননের লোক ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

কল্পনাকাহিনী [স কল্পনা+স কথনিকা] *বি* কল্পকথা। 'পৃথিবীর কল্পনাকাহিনীর জগৎ থেকে ঢের দূরে।' *জীবন*, ১৯৩২।

কল্পনাকুশল [স] *বিণ* স্বপ্ন দেখায় পারদর্শী। 'এই ভাবপ্রবণ কল্পনাকুশল জাতি ... সন্তুষ্ট থাকতে পারছে না।' *ওয়াজেদ*, ১৯৪৩।

কল্পনাক্ষেত্র [স] *বি* কল্পনার জগৎ। 'সীমাহীন কল্পনাক্ষেত্রের মধ্যে কখন হারাইয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০১।

কল্পনাগম্য [স] *বিণ* কল্পনা দ্বারা উপলব্ধি করা যায় এমন। 'একটি কল্পনাগম্য মহিমার সৃষ্টি করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

কল্পনাচক্ষু [স] *বি* কল্পনার দৃষ্টি। 'অনেকগুলি অসহায় শিশু ... আমাদের কল্পনাচক্ষে উদিত হয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

কল্পনাচক্ষে *ক্রিবিণ* কল্পনার দৃষ্টিতে। 'নয়নতারার বিদ্বেষকষায়িত কল্পনাচক্ষে প্রকাশ পাইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কল্পনা জল্পনা [স কল্পনা>] *বি* অনুমানভিত্তিক আলাপ-আলোচনা। 'এতন্নগরে প্রকাশ পাইবার কল্পনা জল্পনা হইয়াছিল।' *দর্পণ*, ১৮৩১।

কল্পনাজাত [স] *বিণ* কাল্পনিক। 'কল্পনাজাত বস্তু।' *প্রমথ*, ১৯১২।

কল্পনাতীত [স] *বিণ* কল্পনা করা যায় না এমন। 'ওর প্রকৃতির কল্পনাতীত সহিষ্ণুতা হেরম্বের অজানা নয়।' *মানিক*, ১৯৩৫।

কল্পনা-তুলিকা [স] *বি* ভাবনার তুলি। 'কবির কল্পনা-তুলিকার স্পর্শে মানুষ অতীন্দ্রিয় লোকে উঠে গিয়ে আত্মভোলা হয়ে যায়।' *মোতাহার*, ১৯৩৭।

কল্পনাদৃষ্টি [স] **১** *বি* ভাবুকতা। 'এই দৃষ্টির সঙ্গে যোগ দিয়েছে অন্তরের কল্পনাদৃষ্টি।' *রবীন্দ্র*, ১৯৩৩। **২** *বি* কল্পনার চোখ। 'তোমার কল্পনা-দৃষ্টি ঘিরে আছে তাই শুধু একটি পুত্রকে।' *সিকান্দার*, ১৯৫৮।

কল্পনানেত্র [স] *বি* কল্পনার চোখ। 'কল্পনানেত্রে এই পৃথিবীব্যাপী পুরুষের কর্মক্ষেত্রের প্রতি দৃষ্টিপাত করি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কল্পনাপট [স] *বি* মানস-পট; কল্পনার ক্যানভাস। 'সেটা সমগ্রভাবে এবং স্বতন্ত্রভাবে কল্পনাপটে মুদ্রিত হয়ে যায়।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কল্পনাপথ [স] *বি* কল্পনারূপ পথ। 'তিনি কল্পনাপথ অবলম্বন করিয়া অগ্নিময় আগ্নেয়গিরির শৃঙ্গদেশে আরোহণ করিতে পারেন।' *অক্ষয়*, ১৮৫৪।

কল্পনাপথবর্তী, কল্পনাপথবর্ত্তী [স] *বিণ* কল্পনাপ্রবণ। 'এইরূপ কল্পনাপথবর্ত্তী হইয়া সাহস ও উৎসাহ সহকারে পার্শ্ববর্ত্তী ডঙ্কাধ্বনি করিলেন।' *মশাররফ*, ১৮৬৯।

কল্পনাপরিবেষ্টিত [স] *বিণ* কল্পনায় ঘেরা। 'কল্পনাপরিবেষ্টিত ছবিগুলি গড়িয়া তুলিতে ভারি ভালো লাগিত।' *রবীন্দ্র*, ১৯১২।

কল্পনাপূর্ণ [স] *বিণ* অবিশ্বাসযোগ্য। 'উদ্ভট বীভৎস কল্পনাপূর্ণ গল্প উপন্যাস নাটক।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

কল্পনাপ্রবণ [স] *বিণ* কল্পনা করতে ভালোবাসে এমন। 'স্বাভাবিক কল্পনাপ্রবণ প্রকৃতিপ্রভাবে কোনো দলের বিশেষত্ব প্রাপ্ত হয় নাই।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কল্পনাপ্রসূত [স] *বিণ* মনগড়া। 'প্রত্যক্ষদর্শীর নিকটে এ বর্ণনা শুদ্ধ অবাস্তব কবিকল্পনাপ্রসূত।' *অক্ষয়*, ১৮৫৪।

কল্পনাপ্রিয় [স] *বিণ* কল্পনা করতে ভালোবাসে এমন; কল্পনাপ্রবণ। 'ইহা কল্পনাপ্রিয় কবিকুলেরই উচিতকর্ম্ম।' *অক্ষয়*, ১৮৫১।

কল্পনাবল [স] *বি* কল্পনাশক্তি। 'কল্পনাবলে সাধারণ জগদ্ব্যাপারের ভিতর অতীন্দ্রিয় নিগূঢ় রহস্য ...।' *মোতাহার*, ১৯৩৭।

কল্পনাবশ [স] *বি* কল্পনার অধীনতা। 'বৈষ্ণব না হইয়াও কল্পনাবশে রাধাকৃষ্ণের পূর্বরাগ, মান অভিমান, প্রেমবৈচিত্র্য প্রভৃতি বিপ্রলম্ভ।' *হাই*, ১৯৫৪।

কল্পনা-বাহন [স] *বি* কল্পিত যান। 'কল্পনা-বাহনে সুখে করি আরোহণ।' *মাইকেল*, ১৮৬৬।

কল্পনা-বিলাসী [স] *বি* কল্পনার জগতে বিচরণ করতে ভালোবাসে যে। 'রূঢ় মৃত্তিকার স্পর্শ লাভ করিয়া কল্পনাবিলাসীর স্বপ্নাচ্ছন্ন নয়ন সচকিত হইয়া ওঠে।' *বনফুল*, ১৯৩৬।

কল্পনা-বিশারদ [স] *বিণ* কল্পনা করার ওস্তাদ। 'অনিষ্টনিপুণ, কল্পনা-বিশারদ অপবাদ সহস্র মুখে ব্যাদান করিয়া প্রকাশ করিল।' *দীনবন্ধু*, ১৮৬৭।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কল্পনাবুদ্ধি [স] *বি* চিন্তাশক্তি। 'উপযুক্ত কল্পনাবুদ্ধি ও অঙ্গ-প্রত্যঙ্গের পরিপূর্ণতা রয়েছে তার।' *জীবন*, ১৯৩২।

কল্পনাবৃত্তি [স] ১ *বি* কল্পনাপ্রবণতা। 'সৌন্দর্যসৃষ্টি করাও অসংযত কল্পনাবৃত্তির কর্ম নহে।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* কল্পনাশক্তি। 'ইহাদের কল্পনাবৃত্তিটা যে বাদ পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কল্পনামূর্তি [স] *বি* মনগড়া মূর্তি। 'কল্পনামূর্তিকে ভয় করিবার কোনো কারণ নাই।' *রবীন্দ্র*, ১৯০৯।

কল্পনামূলক [স] *বিণ* মনগড়া। 'কিন্তু ছেরেফ কল্পনামূলক।' *প্রমথ*, ১৯২০।

কল্পনারণ্য [স কল্পনা-অরণ্য] *বি* কল্পজগৎ। 'তাঁহাকে বাল্যকালে কল্পনারণ্যে নির্বাসিত করিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০১।

কল্পনারাজ্য [স] *বি* কল্পনার জগৎ। 'মনে হল একটা কোন কল্পনারাজ্যে আছি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কল্পনারানী [স কল্পনা+রানী] *বি* কবিত্বের অধিষ্ঠাত্রী দেবী। 'এত বলি ধীরে কল্পনারানী/ বীণায় আভানি তান/ বাজাইল বীণা আকাশ ভরিয়া।' *রবীন্দ্র*, ১৮৮৪।

কল্পনালক্ষ্মী [স] *বি* কবিত্বের অধিষ্ঠাত্রী দেবী। 'হা-হুতাশ কচ্ছেন কবি কল্পনালক্ষ্মীর জন্যে।' *অবন*, ১৯২৫।

কল্পনালতা [স] *বি* কল্পনারূপ লতা। 'আজন্ম-সাধন-ধন সুন্দরী আমার কবিতা, কল্পনালতা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কল্পনালোক [স] *বি* কল্পনার জগৎ। 'অন্তর্বিষয়ী ভাবের কবিত্ব থেকে বহির্বিষয়ী কল্পনালোকে এক সময়ে মন যে প্রবেশ ...।' *রবীন্দ্র*, ১৮৮২।

কল্পনাশক্তি [স] *বি* কল্পনা করার ক্ষমতা। 'বুদ্ধিবৃত্তি ও কল্পনাশক্তি ক্রমে ক্রমে যত বৃদ্ধি হইতে লাগিল।' *অক্ষয়*, ১৮৫৪।

কল্পনাশ্রয়ী [স কল্পনা-আশ্রয়ী] *বিণ* কল্পনায় আশ্রয় নিয়েছে এমন। 'আমি হয়তো কামিলকে নিয়ে কিছুটা কল্পনাশ্রয়ী হয়ে উঠেছিলাম।' *রশীদ*, ১৯৬৩।

কল্পনাসচেতন [স] *বিণ* কল্পনাশক্তি সম্পর্কে সজাগ। 'কবির কল্পনাসচেতন হৃদয় যতই বিশ্বব্যাপী হয় ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

কল্পনা-সমুদ্র [স] *বি* কল্পনারূপ সমুদ্র। 'অধিকাংশ উপাখ্যানই ভ্রম, স্বার্থ ও কুসংস্কারময় কল্পনা-সমুদ্রে নিমজ্জমান।' *অক্ষয়*, ১৮৪৯।

কল্পনাসিদ্ধ [স] *বিণ* কল্পনার দ্বারা সিদ্ধ। 'তাই ধ্যানভরে কল্পনাসিদ্ধ হবার চেষ্টা করা যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কল্পনাসিদ্ধান্তিত [স] *বিণ* কল্পনার দ্বারা মীমাংসিত। 'কোন কল্পনাসিদ্ধান্তিত ব্যাপারকে অভ্রান্ত সত্যবৎ বর্ণনা করিবার অধিকার তাঁহাদের অবাধ ও অব্যাহত।' *অক্ষয়*, ১৮৫৪।

কল্পনাসুখ [স] *বি* কল্পনা করার সুখানুভূতি। 'চারু এবং অমল অসাধ্য স্বপ্নের কল্পনাসুখ বিস্তার করিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০১।

কল্পনাসুন্দরী [স] *বি* কবিত্বের অধিষ্ঠাত্রী দেবী। 'অধিষ্ঠান কর উরি! কল্পনাসুন্দরী।' *মাইকেল*, ১৮৬০।

কল্পনাসূত্র [স] *বি* ভাবনারাশি। 'সহস্র সজীব কল্পনাসূত্র প্রসারিত।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কল্পনাস্রোত [স] *বি* কল্পনার ধারা। 'এখন তারই কল্পনাস্রোতের মাঝখানে গিয়ে পড়েছি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কল্পনীয় [স] *বিণ* কল্পনা করা যায় এমন। 'এমত কল্পনীয় নহে।' *বঙ্কিম*, ১৮৯২।

কল্পনে [স কল্পনা, সম্বোধনে এ-কার] *বি* কল্পনায় বিরাজকারী। 'লয়ে যাও সংসারের তীরে হে কল্পনে, রঙ্গময়ী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কল্পা [স কল্পন>] *ক্রি* কল্পনা করা। 'কৌতুকে কল্পিল মুকুন্দ পুর।' *মুকুন্দ*, ১৬০০; 'কহিবারে লাগিলেন্ত যুক্তি কল্পি মনে।' *সুলতান*, ১৬৫০।

কল্পিত [স] ১ *বিণ* অনুমিত। 'আচার্য্য কল্পিত অর্থ ইহা সবে জানি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* কল্পনা করা হয়েছে এমন। 'জীব জ্ঞান কল্পিত ঈশ্বরে সকল অজ্ঞান।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বিণ* কল্পনারূপ। 'ভাগিনেয়কে কল্পিত কন্যাবেশ করিয়া রাখিয়াছিল ...।' *দর্পণ*, ১৮২৫। ৪ *বিণ* মনগড়া। 'বিশেষ জ্ঞানাপন্ন হইয়া যিনি কল্পিত ধর্ম্ম পরিত্যাগপূর্ব্বক ...।' *অক্ষয়*, ১৮৪৬। ৫ *বিণ* অবাস্তব। 'যাঁহার কন্যাভাব প্রাপ্তির এক কল্পিত উপাখ্যান আছে।' *অক্ষয়*, ১৮৪৭। ৬ *বিণ* উদ্ভাবিত। 'ক্রমে ক্রমে মনুষ্যের মানসিক প্রবৃত্তি ও শারীরিক অবস্থারও রূপ কল্পিত হইল।' *অক্ষয়*, ১৮৫৫; '... ইচ্ছাকে স্বাধীন করিবার জন্যই কল্পিত।' *রবীন্দ্র*, ১৯০৫।

কল্পার [স কল্লার] *বি* শ্বেতপদ্ম। 'পদ্মো নিলৎপলদলে কল্পার কুমুদ জলে।' *মালাধর*, ১৫০০।

কল্পি [স কল্য] *ক্রিবিণ* আগামীকাল। 'কল্পি তথা জাব আমি চণ্ডী নহে জানে।' *বিজয়*, ১৬৫০।

কল্পোল্ল [স কল্লোল] *বি* মহাতরঙ্গ। 'একমাস বুম্মুদ সেই কল্পোল হইয়া।' *মালাধর*, ১৫০০।

কল্মষ [স] *বি* কালিমা। 'কল্মষদ্বিরদ-নাশ যাহার হুঙ্কারে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কল্মষ-নাশ [স] *বি* পাপের বিনাশ। 'ভক্তির বিরোধী যত ধর্ম্ম বা অধর্ম্ম তাহার কল্মষ-নাশ সেই মহাতমো।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কল্মষবিলাস [স] *বি* পাপচর্চা। 'পরবশ বিশ্রামের গুল্মবায়ু কল্মষবিলাস।' *বিষ্ণু*, ১৯৪১।

কল্মাষ [স] *বি* রাক্ষস। 'বসন্ত-লাঞ্ছিত বনে, রমণীয় উলঙ্গ কল্মাষ।' *শক্তি*, ১৯৬১।

কল্য [স] *ক্রিবিণ* গতকাল। 'কল্য গেছে হাটে কাপড় বেচিতে।' *বিজয়*, ১৬৫০।

কল্যতন [স] *বিণ* গতকালের। 'অদ্যতন দিন কল্যতন দিনের অভ্যস্ত অন্ধ পুনরাবৃত্তিমাত্র।' *রবীন্দ্র*, ১৯০৭।

কল্যাণ [স] ১ *বি* মঙ্গল। 'তাঁর আজ্ঞা লঞা লিখি যাহাতে কল্যাণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'পূরবী বড়ারি পাছে সারাঙ্গ মায়ুরী দেশকারী, মালশী আইসে কল্যাণ সুন্দরী।' *আলাওল*, ১৬৮০। ৩ *বি* আনুকূল্য; দাক্ষিণ্য। 'শিক্ষকের জন্য মাসিক দশ টাকা ব্যয় করিলে পল্লীগ্রামস্থ দরিদ্র ও কৃষক সন্তানদিগের বিস্তর কল্যাণ হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

কল্যাণকর [স] *বিণ* কল্যাণ বয়ে আনে এমন। 'বাঙ্গলাদেশীয় কোন কোন ব্যক্তি এই কল্যাণকর নিয়ম উল্লঙ্ঘন করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

কল্যাণকাজ [স কল্যাণকার্য] *বি* শুভকাজ। 'দুয়ারে দাও মোরে রাখিয়া নিত্য কল্যাণ-কাজে হে।' *রবীন্দ্র*, ১৯০২।

কল্যাণকামী [স] *বিণ* হিতৈষী। 'তাঁহারা দেশের কল্যাণকামী নন।' *বুলবুল*, ১৯৩৬।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কল্যাণকার্য [স] *বি* কল্যাণকর কাজ। 'গ্রামলক্ষ্মী স্রোতস্বিনী ... আপনার অসংখ্য কল্যাণকার্যে চলিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

কল্যাণকেন্দ্র [স] *বি* সেবামূলক কাজের অফিস। 'মাতৃসদন ও শিশুস্বাস্থ্য কল্যাণকেন্দ্রের ৩৬ জন শিক্ষার্থিনী।' *বেগম*, ১৯৪৮।

কল্যাণগান [স] *বি* মাঙ্গলিক গান। 'পাখিরা কল্যাণগান করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কল্যাণ-চিন্তা [স] *বি* মঙ্গলচিন্তা। 'তাহাদের কল্যাণ-চিন্তা ও হিতানুষ্ঠান করিবে।' *অক্ষয়*, ১৮৫৪।

কল্যাণচেতনা [স] *বি* মঙ্গলচিন্তা। 'নবজাগৃতির পুরোহিতদের সংস্কার-আন্দোলন বা বিদ্রোহ সমাজের সকল স্তরের মানুষের কল্যাণচেতনায় উদ্বুদ্ধ নয়।' *সনৎ*, ১৯৭০।

কল্যাণজনক [স] *বিণ* কল্যাণকর। 'উভয়পক্ষের কল্যাণজনক হইবে।' *ঢাকাপ্রকাশ*, ১৮৭৩।

কল্যাণতম [স] *বিণ* মঙ্গলময়। 'হে দেব, তোমার যে কল্যাণতম রূপ।' *রবীন্দ্র*, ১৯৩২।

কল্যাণদায়ক [স] *বিণ* কল্যাণ বয়ে আনে এমন। 'কৃপাময় কল্পতরু কল্যাণদায়ক।' *মানিকরাম*, ১৭৮১।

কল্যাণদায়িনী [স] *বিণ স্ত্রী* কল্যাণকারী। 'অযোনিসম্ভবা তুমি কল্যাণদায়িনী।' *কেতকা*, ১৬৫০।

কল্যাণদৃষ্টি [স] *বি* শুভদৃষ্টি। 'কল্যাণ দৃষ্টির শক্তি হরণ করিয়া লইল।' *নজরুল*, ১৯২৪।

কল্যাণপূর্ণ [স] *বিণ* মঙ্গলময়। 'আজ গোরার চোখে কোমল হৃদয়ের একটি কল্যাণপূর্ণ বাণীর মতো বোধ হইল।' *রবীন্দ্র*, ১৯০৯।

কল্যাণপ্রদ [স] *বিণ* কল্যাণকর। 'মুসলমান ভারতবাসীর পক্ষে অধিকতর কল্যাণপ্রদ।' *জয়তী*, ১৯৩০।

কল্যাণ-প্রদীপ [স] *বি* মঙ্গলদীপ। 'শুভাম দিয়া মঙ্গল-উৎসবের কল্যাণ-প্রদীপ জ্বলিবে না।' *নজরুল*, ১৯২২।

কল্যাণপ্রভা [স] *বি* মঙ্গলময় আলো। 'কোমল কল্যাণপ্রভা করেছে অর্পণ।' *রবীন্দ্র*, ১৯১৪।

কল্যাণপ্রয়াসী [স] *বিণ* কল্যাণ করার চেষ্টায় ব্রতী। 'দেশের ন্যায়নিষ্ঠ, সত্যযন্ত্র, কল্যাণপ্রয়াসী নেতা ও জনতা।' *আজাদ*, ১৯৬৩।

কল্যাণবরেষু [স] *বি* আশীর্বাদের পাত্র। 'শ্রীমান ক্ষিতিশচন্দ্র ভৌমিক কল্যাণবরেষু।' *রবীন্দ্র*, ১৯২৯।

কল্যাণবর্ধন, কল্যাণবর্দ্ধন [স] *বি* শুভ ফলের বৃদ্ধি। 'তাহারা সন্তানের ... রক্ষণাবেক্ষণ ও কল্যাণবর্দ্ধনে যত্নবতী হইবার নিমিত্ত ব্যস্ত হয়।' *অক্ষয়*, ১৮৫০।

কল্যাণবর্ষী [স] *বিণ* কল্যাণ সাধনকারী। 'কল্যাণবর্ষী কম্পিত হস্ত ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

কল্যাণবারতা [স কল্যাণবার্তা] *বি* সুখবর। 'নৃপতি জিজ্ঞাসে তারে কল্যাণবারতা।' *মুকুন্দ*, ১৬০০।

কল্যাণবিধায়ক [স] *বিণ* কল্যাণবিধানকারী। 'কল্যাণবিধায়ক পিতারূপে ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

কল্যাণবীজ [স] *বি* কল্যাণরূপ বীজ। 'তিনি ... বিচিত্র বাহ্যবস্তুতে যে সকল কল্যাণবীজ প্রচ্ছন্ন রাখিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৪।

কল্যাণবোধ [স] *বি* কল্যাণের চেতনা। 'বাধাবিপত্তি ও ব্যর্থতা ডিঙিয়ে তার মধ্যে এল সমাজবোধ, কল্যাণবোধ।' *আইয়ুব*, ১৯৭৩।

কল্যাণব্রত [স] *বি* মঙ্গলজনক তপস্যা। 'মহত্তর কল্যাণব্রতের পথে আহ্বান জানাই।' *বেগম*, ১৯৫১।

কল্যাণভার [স] *বি* মঙ্গল করার দায়িত্ব। 'সাধারণের কল্যাণভার যেখানেই পুঞ্জিত হয়।' *রবীন্দ্র*, ১৯০৫।

কল্যাণভিত্তি [স] *বি* কল্যাণই লক্ষ্য যার। 'আমাদের মূল লক্ষ্য রাষ্ট্র ও জাতির কল্যাণভিত্তি কিনা?' *মাহেনও*, ১৯৪৯।

কল্যাণভূমি [স] *বি* যে দেশের সবকিছুই মঙ্গলজনক। 'বাহির হইতে হিংসানলশিখা আনি এ কল্যাণভূমি শংকর, করিতে চাস অঙ্গারমলিন।' *রবীন্দ্র*, ১৮৮৯।

কল্যাণময় [স] **১** *বি* কল্যাণ করে যে; ঈশ্বর। 'মঙ্গলব্রত আরম্ভ করো, কল্যাণময় আমাদিগের কল্যাণ করিবেন।' *অক্ষয়*, ১৮৪৭। **২** *বিণ* কল্যাণপূর্ণ। 'হে কল্যাণময় হরি, আঃ যদি একবার।' *রবীন্দ্র*, ১৯২৬।

কল্যাণময়ী [স] *বিণ স্ত্রী* কল্যাণকারী। 'না জানিত কি কল্যাণময়ী মহিষাসী কীর্তি সংস্থাপন উদ্দেশে ... প্রতিজ্ঞারূঢ় হইয়াছিল।' *অক্ষয়*, ১৮৫৫।

কল্যাণমুখী [স] *বিণ* মঙ্গলজনক। 'বুদ্ধিজীবীর যে-নেতৃত্ব সেটা কল্যাণমুখী হয়নি।' *সিরাজুল*, ১৯৭৪।

কল্যাণরূপ [স] *বি* ইতিবাচক অবস্থা। 'ব্যবহারনীতি-দ্বারা এই একত্র জমা হওয়ার একটা কল্যাণরূপ।' *রবীন্দ্র*, ১৯২৮।

কল্যাণরূপিণী [স] *বিণ স্ত্রী* মঙ্গলময়ী। 'আমাদের কল্যাণরূপিণী গৃহলক্ষীর স্বহস্তকৃত রন্ধনে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কল্যাণলক্ষ্মী [স] *বি স্ত্রী* কল্যাণের অধিষ্ঠাত্রী দেবতা। 'হে কল্যাণলক্ষ্মী।' *রবীন্দ্র*, ১৯১৪।

কল্যাণশক্তি [স] *বি* মঙ্গল করার ক্ষমতা। 'আমাদের দেশে কল্যাণশক্তি সমাজের মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

কল্যাণসঞ্চয় [স] *বি* আশীর্বাদ। 'হৃদয়ের 'পরে লই তব শুভস্পর্শ, কল্যাণসঞ্চয়।' *রবীন্দ্র*, ১৮৯৬।

কল্যাণসাধন [স] *বি* উপকার করা। 'তাঁহার কল্যাণ সাধন বিষয়ে সহজেই অনুরাগ হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৫।

কল্যাণসূচক [স] *বিণ* মঙ্গলময়। 'মহিমা বিশ্বের রূপ কল্যাণসূচক।' *মানিকরাম*, ১৭৮১।

কল্যাণ-সোপান [স] *বি* কল্যাণের সিঁড়ি। 'জীবগণ সেই কল্যাণ-সোপান আরোহণ করিবার সময়ে ...।' *অক্ষয়*, ১৮৫৫।

কল্যাণস্পর্শ [স] *বি* মাঙ্গলিক ছোঁয়া। 'তাঁর হাতের কল্যাণস্পর্শ ছাড়া সবই তো বোবা আর অর্থহীন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কল্যাণহস্ত [স] *বি* মঙ্গলময় হাত। 'তার সর্বদেহে করুণ কল্যাণহস্ত বুলাইল স্নেহ।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কল্যাণহারা [স] *বিণ* অমঙ্গলপূর্ণ। 'বিশ্বও তখন কল্যাণহারা। *নজরুল*, ১৯২৭।

কল্যাণার্থ [স কল্যাণ-অর্থ] *ক্রিবিণ* কল্যাণের জন্য। 'পরমেশ্বরের সর্বসাধারণের কল্যাণার্থ বিশ্বসংসার সৃজন করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কল্যাণার্থে [স] *ক্রিবিণ* কল্যাণের জন্য। 'যিনি আমাদের কল্যাণার্থে চিরজীবন সমর্পণ করিয়াছিলেন ...।' *অক্ষয়*, ১৮৪৮।

কল্যাণাভিসারী [স কল্যাণ-অভিসারী] *বিণ* মঙ্গলকামী। 'রাষ্ট্র ও জাতির সত্যিকার কল্যাণাভিসারী কিনা?' *মাহেনও*, ১৯৪৯।

কল্যাণি [স কল্যাণী, সম্বোধনে ই-কার] *বি স্ত্রী* মঙ্গলময় যে। 'বিনয়-বচনে তুষ্ট হয়েছি, কল্যাণি।' *গিরিশ*, ১৮৮৭।

কল্যাণী [স] ১ *বি স্ত্রী* মঙ্গলময় যে। 'না জানি কোন কল্যাণীর এ শিল্পনৈপুণ্য?' *দীনবন্ধু*, ১৮৭৩। ২ *বিণ* মঙ্গল বয়ে নিয়ে আসে এমন। 'সেখানে কল্যাণী সতী সুন্দর হইয়া দেখা দেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

কল্যাণীয় [স] *বিণ* আশীর্বাদের পাত্র। 'কল্যাণীয় শ্রীমান দিলীপকুমার রায়কে।' *রবীন্দ্র*, ১৯১৪।

কল্যাণীয়া [স] *বিণ স্ত্রী* আশীর্বাদের পাত্রী। 'কল্যাণীয়া অমলিনার প্রথম বার্ষিক জন্মদিনে ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

কল্যাণীয়াসু [স] *বি* আশীর্বাদের পাত্রকে করা সম্বোধন। 'নলিনী দেবী কল্যাণীয়াসু ছন্দে লেখা একটি চিঠি চেয়েছিল মোর কাছে।' *রবীন্দ্র*, ১৯২৫।

কল্যাণীয়েষু [স] *বি* আশীর্বাদপাত্রের প্রতি সম্বোধন। 'শ্রীমান রথীন্দ্রনাথ ঠাকুর।' *রবীন্দ্র*, ১৯১০।

কল্যাণে *ক্রিবিণ* দরুণ; দৌলাতে। 'কলের গাড়ীর কল্যাণে আমরা কত শীঘ্র চলিতেছি।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

কল্যানবরেষু [স কল্যাণবরেষু] *বি* বয়ঃকনিষ্ঠকে লেখা চিঠির সম্বোধনের পাঠ। 'প্রাণাতিরেক শ্রীযুত রাধাকৃষ্ণ দত্ত ভায়া পরম কল্যানবরেষু।' *মেয়র্স*, ১৭৭৩।

কল্লা[১] [স কলহ] *বিণ* ঝগড়াটে। 'ওর মত কল্লা মেয়ে বাপের কাণ্ডে দেখিনি।' *দীনবন্ধু*, ১৮৭২।

কল্লা[২] [ফা কল্লাহ্] *বি* মাথা। 'ওদের কল্লা দেখে আল্লা ডরায়।' *নজরুল*, ১৯২২।

কল্লিদার [কলি+ফা দার] *বিণ* কারুকার্যখচিত। 'কোরা খদ্দরের কল্লিদার কোর্তা ও সাদা লুঙ্গি পরিয়া ...।' *মনসুর*, ১৯৩৫।

কল্লোল [স] ১ *বি* ঢেউ। 'জমুনা কল্লোল দেখি পাইল তরাস।' *মালাধর*, ১৫০০। ২ *বি* কোলাহল। 'কল্লোল করন্ত সবে কিসের কারণ।' *সুলতান*, ১৬৫০। ৩ *বি* চিৎকার। 'অকারণ আনন্দভরে কল্লোল করছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৪ *বি* জলস্রোতের কলকল শব্দ। 'সে-গোঙানি সাগরের কল্লোল।' *ওয়ালী*, ১৯৪৩।

কল্লোলধ্বনি [স] *বি* তরঙ্গের শব্দ। 'এই যে উদার সমুদ্রের মাঝখানে/ হয়ে কর্ণধার ভাসায়েছ সুন্দর তরণী, দশ দিশি অস্ফুট কল্লোলধ্বনি ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কল্লোলময় [স] *বিণ* কলধ্বনিপূর্ণ। 'সুন্দর লোকালয়/ প্রতি দিবসের হরষে বিষাদে চির কল্লোলময়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কল্লোলমরু [স] *বি* কোলাহলহীনতা। 'কল্লোলমরুর মধ্যে দাঁড়াইয়া স্তব্ধ ঊর্ধ্বলোকে।' *রবীন্দ্র*, ১৯২৫।

কল্লোলিত [স] *বিণ* কলধ্বনিতে মুখরিত। 'কলকল্লোলিত নীল জলের দিকে তাকিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

কল্লোলিনি [স কল্লোলিনী, সম্বোধনে ই-কার] *বি স্ত্রী* নদী। 'তব কূলে কল্লোলিনি, ভ্রমি আমি একাকিনী।' *মাইকেল*, ১৮৬১।

কল্লোলিনী [স] ১ *বিণ স্ত্রী* কলধ্বনিতে মুখরিত। 'স্রোতস্বতী পাতালে যেমতি কল্লোলিনী।' *মাইকেল*, ১৮৬০। ২ *বিণ স্ত্রী* কোলাহলমুখর। 'কলকাতা একদিন কল্লোলিনী তিলোত্তমা হবে।' *জীবন*, ১৯৪২।

কশকশে [স কষ>] *বিণ* কুচকুচে। 'তার একরাশ কালো কশকশে কেশ তোয়ালে দিয়ে ঝাড়চে।' *নজরুল*, ১৯২৭।

কশনি [স কশা] *বি* চাবুক। 'হাদিস মতে কশনি কসে/ চড়লাম ঘোড়ায় সোয়ার হতে।' *লালন*, ১৮৯০।

কশবী [আ কসবাহ্>] *বি* বেশ্যা। 'এরা তো কশবী দেখতে পাচ্চি।' *মাইকেল*, ১৮৬০। দ্র **কসবি**

কশা [স] *বি* চাবুক। 'মহোর্মিরূপ কশা দ্বারা জাহাজকে তাড়ন ... করিতে লাগিল।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

কশাঘাত [স কষা-আঘাত] *বি* চাবুকের আঘাত। 'কশাঘাতে অশ্বকে শীঘ্রগামী করিয়া ...।' *হরপ্রসাদ*, ১৮১৫।

কশাঘাত [স] *বিণ* চাবুক দিয়ে আঘাত করা হয়েছে এমন। 'পঙ্গুতার বিরুদ্ধে কশাঘাত তিরস্কার।' *অচিন্ত্য*, ১৯৫০।

কশাহত [স] *বিণ* চাবুকের আঘাতে আহত। 'কশাহত তাজা ঘোড়ার মতো লাফাইয়া উঠিয়া কহিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

কশাই [আ কসসাব] *বি* পশু হত্যা করে মাংসবিক্রি করে যে। *ওসাঁ*, ১৭৮৫; 'তখন সেই উৎক্ষিপ্ত হিন্দু-জনতা গোহত্যাকারী কশাইয়ের সন্ধান করলে।' *ওদুদ*, ১৯৩৫। দ্র **কসাই**

কশাইখানা [আ কসসাব+ফা খানাহ্] *বি* যে স্থানে কশাই পশু জবেহ ও বিক্রি করে; (এখানে) কশাইখানার মতো নির্মম স্থান। 'আধুনিক সমিতিক্ষেত্রে তাড়া খেয়ে মরতে যাবে সমালোচকের কশাইখানায়।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কশাইটোলা [আ কসসাব+হি টোল] *বি* কশাইদের ব্যবসা ও বাস করার জায়গা। *ওসাঁ*, ১৭৮৫।

কস্তুর [আ কসুর] *বি* ভুল; গাফিলতি। 'ভাল২ বন্দা জেনো তাহার সাধ্যমতে কস্তুর করে না।' *দর্পণ*, ১৮৩১। দ্র **কসুর**

কশ্চিত [স কশ্চিৎ] *বিণ* কোনো। 'এই পুস্তকের মধ্যে কদাচিত ক্রমে কশ্চিত দোষ হইয়া থাকে।' *রামরাম*, ১৮০২।

কষ[১] [স কষায়] *বিণ* কটু স্বাদের। 'টক বটে কষ বটে অথচ মধুর।' *গুপ্ত*, ১৮৫৮।

কষ[২] [স] *বি* দাগ। 'আমার বুকের কষ্টিপাথরে পাকা সোনার কষ ধরানো আছে।' *শরৎ*, ১৯১৭।

কষটা [স কষায়] *বিণ* কটু স্বাদযুক্ত। 'চাপকলের জল খালি কষটা।' *ইলিয়াস*, ১৯৭২।

কষটি [স কষ্টি] *বি* কষ্টিপাথর। 'ক্ষেণেক কষটিপত্রে করে ঝলমল।' *আলাওল*, ১৬৮০।

কষা[১] [স কষ্টি>] *ক্রি* যাচাই করা। 'কষিল কনক তনু সে রসিক।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কষিত [স] *বিণ* খাঁটি। 'কষিত কাঞ্চন কান্তি কমনীয় কায়।' *গুপ্ত*, ১৮৫৮।

কষা[২] [স কষ্>] *বিণ* কৃপণ। *ওসাঁ*, ১৭৮৫; 'তবে এত কষা হলে কি কায চলে।' *গৌর*, ১৮২২।

কষা[৩] [স কষ্>] ১ *ক্রি* এঁটে বাঁধা। 'কষেছে কৌপীনে কটিদড়।' *ভবানী*, ১৮২৫। ২ *ক্রি* সমাধান করা। 'অস্থিতপঞ্চক পর্যন্ত অঙ্ক কষা শেষ করিয়াছিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮৬। ৩ *ক্রি* স্থির করা। 'একটা মস্ত দূরবীন কষিয়া বিস্তর ঠাহর করিয়া বিন্দুমাত্র দেখা যাইবে।' *রবীন্দ্র*, ১৮৯২। ৪ *ক্রিবিণ* একনিষ্ঠভাবে। 'তিনি কষিয়া ইংরেজি

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পড়িয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯১৪। **৫** *ক্রিবিণ* দৃঢ়ভাবে। 'সেটাকে কষে দমন করতে হল।' *রবীন্দ্র*, ১৯২৮। **৬** *ক্রি* চাপ দেওয়া। 'ব্রেক কষতে কষতে গিয়ে পড়ল তার উপরে।' *রবীন্দ্র*, ১৯২৮। **৭** *ক্রি* জোর খাটানো। 'আমার কাছ থেকে কষে কাজ আদায় করে নিচ্ছে।' *রবীন্দ্র*, ১৯২৯। **কষিবারে** *ক্রি* বন্ধন করতে। 'বস্তিশ পিঞ্জলারে কষিবারে চল।' *সুলতান*, ১৭০০। **কষে** *ক্রিবিণ* নিষ্ঠার সঙ্গে। 'মলিন তাস সজোরে ভেঁজে খেলিতে হবে কষে।' *রবীন্দ্র*, ১৮৯০। **কষে কষে** *ক্রিবিণ* আঁট করে বেঁধে; টেনে টেনে। 'কতকগুলো বাঁধা নিয়মের বলগা কষে কষে আর্টের ...।' *নজরুল*, ১৯২৭। **কষে ধরা** *ক্রি* শক্ত ক'রে ধরা। 'তুমি কষে ধরো হাল।' *রবীন্দ্র*, ১৯২৭। **কসে ধরা** *ক্রি* শক্ত ক'রে ধরা। 'পালের রশি ধরব কসি।' *রবীন্দ্র*, ১৯০৮।

কষা[৪] [স কষায়] **১** *বিণ* কষা স্বাদবিশিষ্ট। 'কষা আর রুক্ষ বটে ফলত মধুর।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বিণ* সাঁতলে রান্না করা হয়েছে এমন। 'প্রায়ই রাত্তিরে বাড়িতে কষা মাংস নিয়ে আসতাম।' *সুনীল*, ১৯৭০।

কষাটে [স কষায়] *বিণ* কষায় রসবিশিষ্ট। 'অপরিচিত মিষ্টি কষাটে স্বাদে ... ঠাণ্ডা ঠাণ্ডা লাগে।' *ইলিয়াস*, ১৯৭২।

কষায় [স] *বিণ* কষা স্বাদবিশিষ্ট। 'রোগনিবৃত্তি নিমিত্তক কটুতিক্ত কষায় ঔষধি পান।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কষাকষি [স কষ্>] **১** *বি* দৃঢ়তা। 'তাহাকে কিছু কষাকষি করিয়া না বাঁধিলে কোনদিন হাতছাড়া হইতে আটক নাই।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বি* দরাদরি। 'এইজন্য তাহারা কিছু দরকষাকষি করিয়া আদায় করিতে চায়।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৩** *বিণ* কড়াকড়ি। 'খরচপত্র সম্বন্ধে হিসাবের এমনি কষাকষি যে ... তাঁহার তহবিলে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কষামাজা [স কষ্>] *বি* দরকষাকষি। 'গণিত ও তর্কমাদি এবং অঙ্কবাদি কষামাজা সকল শিক্ষা হইয়া থাকে।' *চন্দ্রিকা*, ১৮৩৪।

কষি [ফা কাশীদান] *বি* আঁটি। 'দেব আমের কষির বাঁশি।' *রবীন্দ্র*, ১৯৩২।

কষিত *দ্র* **কষা**[১]

কসুর [আ কসূর] *বি* ত্রুটি। *এডমন*, ১৭৯৩।

কষ্ট [স] **১** *বি* শারীরিক অস্বস্তি। 'জ্বলেতে থাকীয়া সিতে বড় কষ্ট পাই।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* পীড়িত। 'কষ্ট মনে গঙ্গারে বলিল পঞ্চশির।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৩** *বি* দুঃখ। 'সন্তুষ্টচিত্তে চিরকাল কষ্ট স্বীকার করিবে এমত নহে।' *অক্ষয়*, ১৮৫০। **৪** *বি* যন্ত্রণা। 'তাহারা বহুকষ্ট স্বীকারপূর্বক বৃহন্নৌকা বাহন দ্বারা সমুদ্রযাত্রা করিতেন।' *অক্ষয়*, ১৮৫৪।

কষ্টকর [স] *বিণ* কষ্টদায়ক। 'স্ত্রী পুত্র স্বজন প্রভৃতি বিরহিত ... পরিশ্রম করা অত্যন্ত কষ্টকর।' *বিদ্যা*, ১৮৬৩।

কষ্টকল্পনা [স] **১** *বি* অস্বাভাবিক কল্পনা। 'ইহার মধ্য হইতে একটা অশ্লীল আদিরস-ঘটিত অর্থ বাহির করা নিতান্ত কষ্টকল্পনা।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *বি* কষ্টের কারণে ভাবনা। 'অনুগত দিগ্বধূর আঁখি ছলছল কষ্টকল্পনায়।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

কষ্টকল্পিত [স] *বিণ* স্বতঃস্ফূর্ত নয় এমন। 'এই-সকল কষ্টকল্পিত পদই এখন বঙ্গ সাহিত্যের প্রধান সম্বল।' *প্রমথ*, ১৯১৪।

কষ্টতাপ [স] *বিণ* দুঃসহ গরম। 'কষ্টতাপে চাতকচাতকী ঊর্দ্ধে থাকে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কষ্টদায়ক [স] *বিণ* ক্লান্তিকর। 'লোকে নিয়মাতিরিক্ত পরিশ্রম করে বলিয়াই তাহাদের উহা কষ্টদায়ক বলিয়া ...।' *অক্ষয়*, ১৮৪৯।

কষ্টদায়িকা [স] *বিণ* স্ত্রী কষ্ট দেয় এমন। 'জনসামজের উপকারী অত্যাবশ্যক কর্ম-সমুদায় কেবল কষ্টদায়িকা নীচবৃত্তি বিবেচনা করিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৫৪।

কষ্টপ্রদ [স] *বিণ* ক্লেশজনক। 'স্ত্রী পুত্র স্বজন প্রভৃতি বিরহিত ... পরিশ্রম করা অত্যন্ত কষ্টপ্রদ।' *বিদ্যা*, ১৮৬৩।

কষ্টপ্রসূত [স] *বিণ* দুর্বোধ্য। 'কষ্টপ্রসূত আরবী, ফার্সী বা উর্দু শব্দের ছাউনি দ্বারা বাঙ্গলা সাহিত্যের ঘর ছাইতে আমরা চাহি না।' *সাহিত্যিক*, ১৯২৭।

কষ্টবানি [স কষ্ট-বাণী] *বি* দুঃখদায়ক বাক্য। 'কানাঞি দেখিয়া গোপি বলে কষ্টবানি।' *মালাধর*, ১৫০০।

কষ্টবোধ [স] *বি* দুঃখবোধ। 'অন্যের সুখ-সৌভাগ্যদর্শনে মনে কষ্টবোধের নামান্তরই মাৎসর্য্য।' *অক্ষয়*, ১৮৫৪।

কষ্টসহিষ্ণু [স] *বিণ* কষ্ট সহ্য করতে পারে এমন। 'এই কষ্টসহিষ্ণু পুণ্যকামীদের নিষ্ঠা দেখিতে সুন্দর কিন্তু ইহার লোকসান সর্বনেশে।' *রবীন্দ্র*, ১৯১৭।

কষ্টসহিষ্ণুতা [স] *বি* কষ্ট সহ্য করার সামর্থ্য। 'কষ্টসহিষ্ণুতা অভ্যাস করা ভালো।' *রবীন্দ্র*, ১৯০৭।

কষ্টসাধ্য [স] *বিণ* কষ্ট ক'রে সম্পাদন করতে হয় এমন। 'কষ্টসাধ্য বিদ্যাভ্যাসে তাড়িতা না হইয়া ...।' *অক্ষয়*, ১৮৪৬।

কষ্টসৃষ্টে [স কষ্ট>] *ক্রিবিণ* বহুকষ্টে। 'নীরব হইয়া কথঞ্চিৎ কষ্টসৃষ্টে কিঞ্চিৎকাল সঙ্কুচিত হইয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

কষ্টার্জিত [স কষ্ট-অর্জিত] *বিণ* কষ্টে অর্জিত। 'দেশের কষ্টার্জিত অর্থ।' *আজাদ*, ১৯৫৭।

কষ্টে শ্রেষ্টে [স কষ্ট>] *ক্রিবিণ* বহু কষ্টে; কোনো প্রকারে। 'কষ্টে শ্রেষ্টে কোন রূপে ঘুচাইলে হয়।' *মানিকরাম*, ১৭৮১।

কষ্টেসৃষ্টে [স কষ্ট>] *ক্রিবিণ* কায়ক্লেশে; বহুকষ্টে। 'কোনক্রমে কষ্টেসৃষ্টে কাল হরণ পূর্ব্বক ...।' *অক্ষয়*, ১৮৫২।

কষ্টোপার্জিত, কষ্টোপার্জ্জিত [স কষ্ট-উপার্জিত] *বিণ* কষ্ট স্বীকার ক'রে উপার্জিত। 'কষ্টোপার্জ্জিত অর্থ মহাজনের বাড়িতে এবং পোদ্দারের গদিতে ভিড় জমায়।' *মোহাম্মদী*, ১৯৩৬; 'মেয়ের পিতা তাঁহার কষ্টোপার্জিত অর্থব্যয়েই মেয়েকে শিক্ষা দিয়া থাকেন।' *বেগম*, ১৯৭০।

কষ্টম [ই কাস্টম] *বি* শুল্ক বিভাগ। **কষ্টম কালেক্টর** [ই] *বি* শুল্ক বিভাগের প্রধান কর্মকর্তা। 'কলিকাতা ও হুগলি মুরসিদাবাদির কষ্টম কালেক্টর তাঁহার নিকট এই প্রার্থনা।' *চন্দ্রিকা*, ১৮৩১।

কষ্টম হৌস [ই] *বি* শুল্কভবন। 'কষ্টম হৌসের দ্বার দিয়াও রাজভাণ্ডারে অনেক কৃষিজাত ধন যায়।' *বঙ্কিম*, ১৮৯২।

কষ্টিপাথর [স কষ্টি>] *বি* কালো রঙের পাথরবিশেষ, যা দিয়ে সোনা-রুপার খাঁটিত্ব পরীক্ষা করা যায়। *ওসাঁ*, ১৭৮৫; 'বাজারে মাল যাচাই করবার জন্য কষ্টিপাথর হাতে নিয়ে ব্যবসা খুলে বসিনি।' *প্রমথ*, ১৯১২।

কষ্য *সর্ব* তার। 'শ্রীরামদুলাল দত্ত কষ্য তালুক ভূমবিক্রয়।' *ওসাঁ*, ১৭৮২।

কস[১] [স কষায়] *বি* ফল ও গাছ থেকে নির্গত রস। 'বস্ত্রে রঙ্গ করিবার জন্য যে কস প্রস্তুত হয় ...।' *অক্ষয়*, ১৮৪১।

কস[২] [ফা কাশ] *বি* ওঠের দুই কোণ। 'হস্তীর দুই কসে চারি চারি আট দাঁত আছে।' *মদনমোহন*, ১৮৫০।

কসকস [ফা কশাকশ] *বি* প্রতিশোধের তীব্র ইচ্ছা। *বিদ্যা*, ১৮৯১।

AMARBOI.COM

কসকসানি [ফা কশাকিশ>] *বি* অস্বস্তি বোধ। *বিদ্যা*, ১৮৯১।

কসকসানো [ফা কশাকিশ>] *ক্রি* আক্রোশের ভাব প্রকাশ করা। *বিদ্যা*, ১৮৯১।

কসট্যুম [ই] *বি* পোশাক। 'আমার পরনে সাঁতারের কসট্যুম।' *মুজতবা*, ১৯৬০।

কসণ [স কৃষ্ণ] *বিণ* কালো। 'তিণিএঁ পার্টে লাগেলি রে অণহ কসণ ঘণ গাজই।' *চর্যা* ১৬, ১২০০।

কসন [স কষ্>] *বি* আঁটসাঁট করে বাঁধা। 'বসন কসন ছলে বসন খসন।' *ভবানী*, ১৮২৮।

কসব [আ কাসব] *বি* যৌনকর্ম; বেশ্যাবৃত্তি। 'এখন শিখাব বিবি কেবল কসব।' *ভবানী*, ১৮২৮। *দ্র* **কসবি**

কসবগিরি [আ কাসব+ফা গিরি] *বি* বেশ্যার চালচলন। 'মোর বুন কখন বারয়ে গিয়ে তো কসবগিরি করেনি।' *মাইকেল*, ১৮৬০।

কসবি [আ কসবাহ্] *বি* বারাঙ্গনা; যৌনকর্মী। *ওসাঁ*, ১৭৮২; 'কেউ এল না ওই কসবির যারবা সন্তানকে ভূমিষ্ঠ করতে।' *কায়সার*, ১৯৬২।

কসবিগিরি [আ কসবাহ+ফা গিরি] *বি* বেশ্যাবৃত্তি। *বিদ্যা*, ১৮৯১।

কসম [আ] *বি* শপথ। 'কসম করিয়া কৌসলে বসিলেন।' *কালপে*, ১৭৯৪।

কসম খাওয়া *ক্রি* শপথ করা। 'কসম খেয়ে ফুসলিয়ে তাকে ডেকে আনতাম।' *নজরুল*, ১৯২২।

কসমদিব্যি [আ কসম+স দিব্য>] *বি* শপথ; কিরা। 'কথার পিঠে কথা চলবে এমন কোনো কসমদিব্যি নেই।' *মুজতবা* ১৯৫২।

কসমস [ই] *বি* ফুলবিশেষ। 'এদেরও বিলাস ফার্ন-অর্কিড-কসমসে।' *শক্তি*, ১৯৬৬।

কসমিক রশ্মি [ই কসমিক+স রশ্মি] *বি* মহাজাগতিক রশ্মি; 'তার বিকিরণকে নাম দেওয়া হলো মহাজাগতিক রশ্মি; কসমিক রশ্মি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কসমোপলিটন [ই] *বিণ* বিশ্বের বহু অঞ্চলের লোক একত্রে বাস করে এমন। 'লণ্ডন দুনিয়ার কসমোপলিটন শহরগুলোর অন্যতম।' *হাই*, ১৯৫৮।

কসরত, কসরৎ [আ] **১** *বি* ব্যায়াম। 'হাত পা মুখ কান সব কটা অঙ্গের কসরৎ হয়ে যায়।' *অন্নদা*, ১৯২৯। **২** *বি* চেষ্টা। 'দুলিবার কসরত করিতে করিতে এ কী ঘুম ভাঙা।' *মানিক*, ১৯৩৭। **৩** *বি* অঙ্গ চালনার কৌশল। 'কসরৎ দেখানো তরুণীর শরীরের ঝলকানি নেই।' *শামসুর*, ১৯৭০।

কসা[১] [স কষ্ট] *ক্রি* যাচাই করা। 'কসিঅ কসৌটী চিহ্নিঅ হেম। প্রকৃতি পরেখিঅ সুপুরুখ পেম।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কসা[২] [ফা কশা] *বিণ* খচিত। 'সোনা মুক্তা হীরা কসা বহি নাহি আর।' *বৃন্দা*, ১৫৮০।

কসা[৩] [স কষণ>] **১** *ক্রি* আটকানো। 'একবার সবুরের দেশে বয় দেখি দম কসে।' *লালন*, ১৮৯০। **২** *ক্রি* বেশ আঁটসাঁট ক'রে বাঁধা। 'কেউবা নতুন দোয়াড়ীর গায়ে চাকা বাঁধে কসি কসি।' *জসীম*, ১৯৩১।

কসাই [আ কসসাব] **১** *বি* মাংসবিক্রেতা। 'গোমাংস বেচিয়া নাম বোলায় কসাই।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* গোঘ্ন। *ভবানী*, ১৮২৩। **৩** *বি* নিষ্ঠুর ব্যক্তি। 'কলআশমানের সিংদরজায় টাঙিয়েছে কোন কসাই।' *নজরুল*, ১৯২২।

কসাইখানা [আ কসসাব+ফা খানাহ্] *বি* যে স্থানে পশু জবাই হয়। 'বাছুরকে কসাইখানায় বিক্রয় করিয়া ফুঁকা-দেওয়া দুধের ব্যবসায় চালাইতে হইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

কসাই-দৃষ্টি [আ কসসাব+স দৃষ্টি] *বি* ক্রূর দৃষ্টি। 'চমরু মিঞার কসাই দৃষ্টি হেনে কেড়ে নিল তাড়াটা।' *ওয়ালী*, ১৯৪৫।

কসাঁঞি [স কশা] *বি* চাবুক। 'লাগ পায়্যা কেহো মারে কসাঁঞির বাড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

কসাকসি [ফা কশাকশী] *বি* ধস্তাধস্তি। 'দুই বীরে কসাকসি জেন জুঝে রাহু শশী।' *মুকুন্দ*, ১৬০০।

কসানো [স কশা>] **১** *ক্রি* কশানো; আঘাত করা। *বিদ্যা*, ১৮৯১। **২** *ক্রি* জোরে মারা; জোরে প্রয়োগ করা। 'চড় কসালেন পটাস।' *নজরুল*, ১৯২৬।

কসামাজা [ফা কশা>] *বি* দরকষাকষি। 'পাঁচটা অঙ্ক ঠিক দিতে পারে না কসামাজা জানে না নিমন্ত্রণপত্র কিম্বা বাজারের চিঠীখানা লিখিতে অক্ষম।' *চন্দ্রিকা*, ১৮৩০।

কসাল [স কষায়] *বিণ* অনুজ্জ্বল রক্তবর্ণ। 'কসাল পিআল ডগরে।' *বড়ু*, ১৪৫০।

কসালা [স কাংস্যতাল] *বি* কাঁসি। 'মণ পবণ বেণি করণ্ডকসালা।' *চর্যা* ১৯, ১২০০।

কসি[১] [ফা কশিশ] *বি* সরল রেখা। *বিদ্যা*, ১৮৯১।

কসীদা [ফা কশীদা] *বি* হাতে কাজ করা এক রকমের দামি কাপড়। 'আড়ঙ্গ মজকুরে জে কসীদার দুই থান।' *তাঁতি*, ১৭৯২।

কসুনি, কসুনী [স কষণ>] *বি* বন্ধন। *বিদ্যা*, ১৮৯১; 'কেউ পিরিতের কসুনীতে জ্যান্তে মরেছে।' *গিরিশ*, ১৮৮৩।

কসুর [আ] **১** *বি* অবহেলা। 'পূজার ঘটা করিতে সাধ্যপর্য্যন্ত কেহই কসুর করে না।' *দর্পণ*, ১৮১৯। **২** *বি* অপরাধ। 'কসুর পেয়ে মার যারে আবার দয়া হয় গো তারে।' *লালন*, ১৮৯০।

কসোর *বি* লাভ। 'জাহা কিছু কসোর তাহাতে পাই।' *ওসাঁ*, ১৭৭৯।

কসৌটী [স কষ্টি] *বি* কষ্টিপাথর। 'কসিঅ কসৌটী চিহ্নিঅ হেম। প্রকৃতি পরেখিঅ সুপুরুখ পেম।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কস্ত [আ কাসরাহ্] **১** *বি* আয়ত্ত। 'কায়দা-কানুন কস্ত করতে নাস্তনাবুদ খানেখারাপ হতে হয়।' *প্রমথ*, ১৯০৫। **২** *বি* অনুশীলন। 'বন্দুক-ছোঁড়া জ্যোতিদাদা কস্ত করেছিলেন।' *রবীন্দ্র*, ১৯৪০।

কস্তা [স কষ্>] *বিণ* টকটকে লাল। 'বিবিধ প্রকার পাড়িদার অর্থাৎ তাবিজপেড়ে, মরিচপেড়ে, কস্তাপেড়ে ... পরিধান করেন। *ভবানী*, ১৮২৮; 'কস্তা-পেড়ে হাসি।' *নজরুল*, ১৯৩১।

কস্তাডুরে [স কষ্>+ডুরে] *বিণ* লাল ডোরাকাটা। 'কস্তাডুরে লাল রঙের শাড়ী পরা ধরা-মেয়ে।' *সুনীল*, ১৯৬৬।

কস্তাপেড়ে [স কষ্>+স পার>] **১** *বিণ* চওড়া লাল পাড়বিশিষ্ট। 'বিবিধ প্রকার পাড়িদার অর্থাৎ তাবিজপেড়ে, মরিচপেড়ে, কস্তাপেড়ে ... পরিধান করেন।' *ভবানী*, ১৮২৮। **২** *বিণ* উজ্জ্বল। 'কস্তা-পেড়ে হাসি।' *নজরুল*, ১৯৩১।

কস্তুরা [স কস্তুরী] *বি* যে ঝিনুকে মুক্তা জন্মে। *ওসাঁ*, ১৭৮৫।

কস্তুরি, কস্তুরী [স কস্তুরী] *বি* মৃগনাভি। 'কস্তুরী ভরাআঁ কপোলে।' *বড়ু*, ১৪৫০; 'রাজাক জোগাঙ মুঞি কুমকুম কস্তুরি।' *মালাধর*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫০০। দ্র **কস্তুরী**

কস্তুরিকা [স] *বি* নাভিতে কস্তুরী জন্মে এমন হরিণ। 'তিব্বত ও নেপালে কস্তুরিকা মৃগ নামে এক জাতীয় হরিণ বাস করে।' *বিদ্যা*, ১৮৫১।

কস্তুরী [স] **১** *বি* মৃগনাভি। 'মো জে কস্তুরী কপুর খাইবোঁ।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* ফুলবিশেষ। 'কাঞ্চন কস্তুরী বক, অপরাজিতা চম্পক।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৩** *বিণ* কস্তুরীর মতো রঙের (কপিল অথবা মুক্তার মতো)। 'হে নীল কস্তুরী আভার চাঁদ।' *জীবন*, ১৯৪২। দ্র **কস্তুরি**

কস্তুরীমৃগসম [স] *বিণ* কস্তুরীওয়ালা হরিণের মতো। 'আপন গন্ধে মম কস্তুরীমৃগসম।' *রবীন্দ্র*, ১৯১৪।

কস্তুরীলিপ্ত [স] *বিণ* কস্তুরী লেপন করা হয়েছে এমন। 'কস্তুরীলিপ্ত নীলোৎপল / তার যেই পরিমল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কস্মিন [স] *বিণ* কোনো। 'আমী কিম্বা আমার ওয়ারিসেরা কেহ কস্মিন কালে দাওয়া করে এবং করি ...।' *ওসী*, ১৭৮৪।

কস্মিনকালে [স] *ক্রিবিণ* কোনো সময়ে; কখনো। 'তাহারা কস্মিনকালে ... ব্যাপ্য বাধ্য হইয়াছে।' *ফরস্টার*, ১৭৯৬।

কস্য [স] *বিণ* কোনো। 'কস্য কালে জেয়াদা জাহির করি ঝুটা।' *হ্যালহেড*, ১৭৭২।

কস্যচিৎ [স] *বিণ* কোনো এক। 'চন্দ্রিকায় হিন্দু কালেজের বিষয়ে কস্যচিৎ নগরবাসিন ইতিস্বাক্ষরিত এক পত্র প্রকাশ হইয়াছে।' *দর্পণ*, ১৮৩২।

কহতব্য [স] *বিণ* বলার যোগ্য। 'সে ক্লেশ কহতব্য নয়।' *অচিন্ত্য*, ১৯৫০।

কহন [স কথন] **১** *বি* বলা। 'যত গালি দিল মোরে না যায়ে কহন।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* বলতে পারা। 'তাই সে সব বাঙ্গলা ভাষে দুষ্কর কহন।' *আলাওল*, ১৬৮০। **৩** *বি* কথা। 'না ধরিল কহন তাহার ফল কিবা।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কহনাধিক [কহন+স অধিক] *বিণ* যতোটুকু বলা যায় তার অধিক। 'কাহারু দ্বারায় সচেষ্টিত হইয়া কিছু প্রতুলের উপায় করহ আমার কহনাধিক।' *রামরাম*, ১৮০১।

কহনাবশ্যক [কহন+স আবশ্যক] *বি* বলা প্রয়োজন। 'কেবল ইহাই কহনাবশ্যক যে প্রজারা প্রদানে অক্ষম।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৬।

কহনিয়া *বি* বলে যে। *মানোয়েল*, ১৭৪৩।

কহনেওয়ালা [কহন+হি ওয়ালা] *বি* কথা বলায় পারদর্শী। 'ইংরাজী বা উর্দু কহনেওয়ালা শিক্ষক বা শিক্ষায়িত্রী।' *মোহাম্মদী*, ১৯৩৪।

কহর [আ কহর] **১** *বি* অত্যাচার। 'কহরে হর দেখে প্রাণ কেঁদে উঠে।' *ভারত*, ১৭৬০। **২** *বি* অভিশাপ। 'কেহ না বাচিবে আজ ইমামের কহরে।' *গরীব*, ১৭৬৫।

কহরায় *বি* অম্বর; হালকা হলুদ রঙের পাথরবিশেষ। *ক্যালগে*, ১৭৮৪।

কহলা [স কথন>] *ক্রি* ঘোষণা করা। 'আপনাকে বাবু কহলাইতেছে।' *দর্পণ*, ১৮৩৭।

কহলার [স কহ্লার] *বি* শালুক ফুল। 'কহলার কৈরব কালা পানিসিউলি পানিকলা।' *মুকুন্দ*, ১৬০০।

কহা [স কথন>] **১** *ক্রি* অভিহিত করা। 'প্রভু তারে কৃষ্ণ কহাইয়া মুক্ত কৈল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *ক্রি* বলা। 'অকথন বেয়াধি এ কহা নাহি যায়।' *চণ্ডী*, ১৬০০। **৩** *ক্রি* উচ্চারণ করা। *মানোএল*, ১৭৪৩।

কহ *ক্রি* বলো; বর্ণনা করো। 'কথা তাক হারাইলেঁ কহ তত্ত্ববাণী।' *বড়ু*, ১৪৫০। **কহএ** *ক্রি* কহে। 'সপ্তদ্বীপ পৃথিবী কহএ সব নর।' *আলাওল*, ১৬৮০। **কহণ** *ক্রি* বলা। 'মোহোর বিগোআ কহণ ন জাই।' *চর্যা* ২০, ১২০০। **কহত** *ক্রি* বলো তো। 'নিষ্কপটে মোর স্থানে কহত সকল।' *বৃন্দা*, ১৫৮০। **কহনা** *ক্রি* বলো-না। 'কোন বংসে জন্ম সখ করনা বিশেসে।' *মালাধর*, ১৫০০। **কহন্ত** *ক্রি* বললো। 'নানা রস প্রসঙ্গ কহন্ত গুণিগণে।' *আলাওল*, ১৬৮০। **কহন্তি ১** *ক্রি* বলছো। 'হেন বিপরীত কথা কহন্তি কাহ্নাঞি।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* বলে। 'অত্যন্ত করুনা সোকে পুত্রেত কহন্তি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **কহব** *ক্রি* বলবো। 'বিদ্যাপতি কহ কত কত ঐসন কহব মদন পরতাপে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কহম** *ক্রি* বললাম। 'আপনা নৃপতি গুণ কহম বিচারিয়া।' *আলাওল*, ১৬৮০। **কহয়ে** *ক্রি* বলে। 'আবেশে আপন ভাব কহয়ে উঘাড়ি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **কহল** *ক্রি* বললো। 'করে কর ধরি জে কিছু কহল বদন বিহসি থোর।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কহসি** *ক্রি* বলিস। 'কলঙ্কিনী হইতে কহসি উপদেশ।' *আলাওল*, ১৬৮০। **কহহ** *ক্রি* বোলো। 'কহহ কহহ কহু ...।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কহহিঁ** *ক্রি* বলো। 'কহহিঁ মো সখি কহহি মো কথা।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কহাইতে** *ক্রি* বলাতে। 'যে কথা কহাইতে পারিবেক তাহাকে আমি বিভা করিব।' *হ্যালহেড*, ১৭৭৩। **কহি** *ক্রি* বলি। 'আপন বৃত্তান্ত কহি তোমার চরনে।' *মালাধর*, ১৫০০। **কহিঅ** *ক্রি* বোলো। 'বুলিলা এসব কথা কাক না কহিঅ।' *সুলতান*, ১৬৫০। **কহিআঁ** *ক্রি* ব'লে। 'মথুরার পথ পুতা কহিআঁ দেহ তুহ্মি।' *বড়ু*, ১৪৫০। **কহিআর** *ক্রি* বলো। 'আহ্মার জেনত বুঢ়ী কহিআর সরূপ।' *বড়ু*, ১৪৫০। **কহিআরোঁ** *ক্রি* বলছি। 'সব্ কথা কহিআরোঁ তোহ্মারে হে।' *বড়ু*, ১৪৫০। **কহিএ** *ক্রি* বলতে। 'প্রথমে কহিএ আছি সে সব প্রকার।' *সুলতান*, ১৬৫০। **কহিও** *ক্রি* বোলো। 'এই কথা গিয়া তুমি কহিও সবারে।' *বৃন্দা*, ১৫৮০। **কহিছে** *ক্রি* বলছে। 'সর্ব্বসেস মুনিবরে কহিছে কর্ণগত।' *কবীন্দ্র*, ১৬৮৯। **কহিতে** *ক্রি* বলতে। 'তোরে কহিতে আসিয়াছি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কহিতেছ** *ক্রি* বলছো। 'বিধাতার বিবেচনার কথা কহিতেছ, তাহার কি বিবেচনা আছে?' *রামনারায়ণ*, ১৮৫৪। **কহিব** *ক্রি* বলবো। 'ঘরে গেলেঁ ভাল মন্দ কিছু না কহিব।' *বড়ু*, ১৪৫০। **কহিবা** *ক্রি* বলবে। 'একথা কহিবা সবে পঞ্চজন ঠাঞি।' *বৃন্দা*, ১৫৮০। **কহিবাম** *ক্রি* পড়বো; আবৃত্তি করবো। 'তোহ্মার কলেমা আহ্মি কহিবাম তবে।' *সুলতান*, ১৬৫০। **কহিবার** *ক্রি* বলবার; বলতে। 'কি দেখিলুঁ নয়ানে না পারি কহিবার।' *বাহরাম*, ১৭০০। **কহিবারে** *ক্রি* বলতে। 'বিস্তর বিনয় করি কহিবারে লাগে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **কহিবি** *ক্রি* বলবি। 'দেখি শুনি আসিয়া কহিবি মোর স্থানে।' *সুলতান*, ১৬৫০। **কহিবোঁ** *ক্রি* বলবো। 'সরূপ কহিবোঁ তবে মথুরার পথ।' *বড়ু*, ১৪৫০। **কহিয়া** *ক্রি* ব'লে। 'সর্ব্বজাতীয় লোকেরা কহিয়া থাকেন ...।' *অক্ষয়*, ১৮৪৯। **কহিয়াছ** *ক্রি* বলেছো। 'কহিয়াছ ভাল কথা সুনি ধন্দ লাগে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **কহিয়াছিলাম** *ক্রি* বলেছিলাম। 'আমি তোমাকে ইহাও কহিয়াছিলাম যে ...।' *রামমোহন*, ১৮২৩। **কহিয়াছেন** *ক্রি* বলেছেন। 'প্লুটার্ক নামক সুবিখ্যাত গ্রীক পণ্ডিত কহিয়াছেন ...।' *অক্ষয়*, ১৮৫০। **কহিয়ে** *ক্রি* বলছি। 'সব কথা কহিয়ে তোমারে।' *বড়ু*, ১৫৭০। **কহিল ১** *ক্রি* বললে। 'আপণে কহিল মোর মনের কথা।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* বললো। 'সকল কহিল তত্ত্ব বসুদেব থানে।' *বড়ু*, ১৪৫০। **কহিলা** *ক্রি* বললে। 'নিত্যানন্দ স্থানে তাহা কহিলা নিভৃতে।' *বৃন্দা*, ১৫৮০। **কহিলুঁ** *ক্রি* পাঠ করলাম। 'বুলিল তোহ্মার হাতে কলেমা কহিলুঁ।' *সুলতান*, ১৬৫০। **কহিলে** *ক্রি* বললে। 'তোহ্মারে কহিলে বাক্য তুহ্মি না ধরিবা।' *কবীন্দ্র*, ১৬৮৯। **কহিলেঁ**

AMARBOI.COM

ক্রি বললে। 'আস্কার মণের কথা কহিলে আপুনী।' *বড়ু*, ১৪৫০। **কহিলেক** *ক্রি* বললেন। 'প্রতিগামী কহিলেক রাজার গোচর।' *কবীন্দ্র*, ১৬৮৯। **কহিলেন্ত** *ক্রি* বললো। 'যতন করিআঁ বেদ কহিলেন্ত বিধী।' *বড়ু*, ১৪৫০। **কহিলেম** *ক্রি* বললাম। 'আমি সকল কথা তোমারদের সাক্ষাতে কহিলেম।' *গৌর*, ১৮২২। **কহিলোঁ** *ক্রি* বললাম। 'কহিলোঁ মোঁই সকল তোহ্মার ঠাএ।' *বড়ু*, ১৪৫০। **কহিহ** *ক্রি* কহিও; বোলো। 'তবেসি কহিহ সব কথা আদিমূল।' *বড়ু*, ১৪৫০। **কহী** *ক্রি* বলে। 'আপণার বড়ায়ি আপণে নাহিঁ কহী।' *বড়ু*, ১৪৫০। **কহীতেঁ** *ক্রি* বলতে। 'কহীতেঁ লাজাই রাধা তোহ্মার যত কাজ।' *বড়ু*, ১৪৫০। **কহীয়াছি** *ক্রি* বলেছি। *ওসাঁ*, ১৭৮২। **কহু গে** *ক্রি* বলবে। 'ছোড়ে লাজ কংস পাশ কহু গে গোহারি।' *বৃন্দা*, ১৫৮০। **কহে** *ক্রি* বলে। 'রঅণহু যহজে কহেই।' *চর্যা* ২৭, ১২০০। **কহেন** *ক্রি* বলেন। 'শুভবাণী নিত্যানন্দ কহেন সবারে।' *বৃন্দা*, ১৫৮০। **কহোঁ** *ক্রি* বলছি। 'আইস রাধা কহোঁ তোহ্মারে।' *বড়ু*, ১৪৫০।

কহাভয় [স মহাভয়] *বি* মহাভয়। 'কহাভয় উপজিল গড়বাসী মনে।' *আলাওল*, ১৬৮০।

কহার [স কাহারক] *বি* বেহারা সম্প্রদায়; পালকিবাহক। 'কহার ৫০০০।' *দর্পণ*, ১৮৩০।

কহি, কহী *ক্রিবিণ* কোথায়। 'পরিঘাউ আসি তোর আইহন কহী।' *বড়ু*, ১৪৫০; 'কৃষ্ণেরে পেলিয়া কহে আজি জাবি কহি।' *মালাধর*, ১৫০০।

কহির *ক্রিবিণ* কোথাকার। 'কহির কপুর/ তাম্বূল বড়ায়ি।' *বড়ু*, ১৪৫০।

কহিতুর [আ] *বি* মিশরের উত্তর-পূর্বে অবস্থিত সিনাই পর্বত। 'যে আভারই আকস্মিক স্পর্শে হয়তো কহিতুর চূর্ণ চূর্ণ হয়ে ছড়িয়েছিল প্রাণ প্রার্থী প্রান্তরে প্রান্তরে।' *হাফিজুর*, ১৯৫৩।

কহিনী [হি কহানী] *বি* কাহিনি। 'কি কহব সজনী তকর কহিনী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কহিল *বি* ওষুধ তৈরি করার পাত্র। *মানোএল*, ১৭৪৩।

কহু, কহূ [স ককুভ] *বি* (সংগীত) রাগবিশেষ। *আলাওল*, ১৬৮০; 'কহূরাগ।' *বড়ু*, ১৪৫০।

কহূ গুংজরী [স ককুভ গুর্জরী] *বি* রাগবিশেষ। 'রাগ কহূ গুংজরী।' *চর্যা* ৪১, ১২০০।

কহূগুর্জরী [স ককুভ গুর্জরী] *বি* (সংগীত) রাগবিশেষ। 'কহূগুর্জরীরাগঃ। *বড়ু*, ১৪৫০।

কহ্ত *ঢং বি* কৌতুক বাক্য। *মানোএল*, ১৭৪৩।

কহ্নৈয়া [স কৃষ্ণ] *বি* কৃষ্ণ। 'কদেব মেঁ অপরুব হ্যরে, কহ্নৈয়া।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কহ্লার [স] ১ *বি* শাপলা ফুল। 'তথি ফুটে কমল কহ্লার কোকনদ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* শ্বেতপদ্ম। 'তার পরে চক্রাকারে সব অঙ্গে শোভে কহ্লার কুমুদ কুন্দ শ্বেত শতদল।' *দীনবন্ধু*, ১৮৬৭।

কা[১] [স কস্য] *ক্রিবিণ* কোথায়। 'কানেট চোরে নিল কাগই [কা-গই] মাগঅ।' *চর্যা* ২, ১২০০।

কা[২] [স কঃ] ১ *সর্ব* কে। 'ঘারে পারে কা বুড়িলে ম রে।' *চর্যা* ৩৯, ১২০০। ২ *ক্রিবিণ* কাকে। 'কা লঞাঁ কথা কাহ্নাঞি রতিসুখ ভুঞ্জে।' *বড়ু*, ১৪৫০। ৩ *সর্ব* কী। 'জগাই মাধাই পর্য্যন্ত অন্যের কা কথা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৪ *সর্ব* কোন ব্যক্তির। 'কা সনে কন্দল করি চক্ষু কৈল রাতা।' *মুকুন্দ*, ১৬০০।

কাঅ [স কায়] *বি* কায়া। 'বাহঅ কাঅ কাহ্নিল মাআজাল।' *চর্যা* ১৩, ১২০০।

কাঅবাকচিঅ [স কায়বাকচিত্ত] *বি* শরীর, বাকশক্তি ও মন। 'সুন করুণরি অভিন চারেঁ কাঅবাকচিঅ।' *চর্যা* ৩৪, ১২০০।

কাঅর [স কাতর] *বিণ* কাতর। 'মূঢ়া দিঠ নাঠ দেখি কাঅর।' *চর্যা* ৪২, ১২০০।

কাআ [স কায়] *বি* শরীর। 'কাআ তরুবর পঞ্চ বি ডাল।' *চর্যা* ১, ১২০০।

কাই [স ক্বাথ] *বি* আঠা; ঘন মাড়। 'কেহ বা পিটুলি মাখে কেহ কাই গোলে।' *গুপ্ত*, ১৮৫৮।

কাইক [স কায়িক] *বিণ* শারীরিক। 'আনওান মত কাইক সাজাই করিবা।' *হ্যালহেড*, ১৭৭৩।

কাইজা [আ কাজিয়া] ১ *বি* সংঘাত। 'কাইজা ফ্যাসাদ করেছে যা জানেই জনে জনে।' *জসীম*, ১৯২৯। ২ *বি* ঝগড়া। 'বহুদিন তারা কাইজা করে না।' *জসীম*, ১৯৩৩।

কাইজ্যা-ফ্যাসাদ [আ কাজিয়া+আ ফাসাদ] *বি* ছোটোখাটো ঝগড়া। 'কাইজ্যা-ফ্যাসাদ, কোর্টকাছারী নানা শ্রেণীর কিছু লোকের জন্য অর্থাগমের উৎস হইয়া ওঠায়।' *আজাদ*, ১৯৬৯।

কাইট [স ক্বিট্ট] *বি* তেল প্রভৃতির তলানি। *মানোএল*, ১৭৪৩।

কাইত [হি কইত] *বি* কাত। 'দুই কাইত করে নাও ঝলকে ঝলকে ডোবে।' *বিজয়*, ১৬৫০।

কাইত হওয়া *ক্রি* কাত হওয়া। 'কাইত হইতে।' *মানোএল*, ১৭৪৩।

কাইনী [স কথনিকা] *বি* কাহিনি। 'আমার কাইনী ফুরুলো। নটে গাছটি মুড়ুলো।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

কাইল[১] [স কল্য] *ক্রিবিণ* কাল। 'কাইল খেলায়ে হারিয়াছি ঘরের নারী।' *বিজয়*, ১৬৫০।

কাইলকা *বি* আগামী দিন। 'কাইলকার নিমিত্তে ভাবনার কিছু প্রয়োজন নাহিঁ।' *তারিণী*, ১৮০৩।

কাইল[২] [আ কাহিল] *বিণ* রোগাক্রান্ত। *ওসাঁ*, ১৭৮৫।

কাইল করন *ক্রি* তাচ্ছিল্য করা; অপমান করা। *ওসাঁ*, ১৭৮৫।

কাইস ঘর [হি কাউন্সিল>+ঘর] *বি* (গভর্নর জেনারেলের) পরামর্শকমণ্ডলী (কাউন্সিল)। 'হিষ্টীন সাহেবের জায়গায় কাইস ঘরের বড় সাহেব হইলেন।' *ক্যালগে*, ১৭৮৪।

কাউ[১] [স কাক] *বি* কাক। 'দিবসই বহুড়ী কাউই ডরে ভাঅ।' *চর্যা* ২, ১২০০। দ্র **কাউয়া**

কাউ[২] *বি* ফলবিশেষ। *মানোএল*, ১৭৪৩; 'কাউয়ের কোয়ার মতো লাল টকটকে।' *কায়সার*, ১৯৬২।

কাউতুকিয়া [স কৌতুক] *বিণ* কৌতুকী। 'বারি বিলাসিনি বেসনী কাহ্ন। মদন কাউতুকিয়া ধীর নহি মান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কাউন [স কঙ্গুনী] *বি* মিহি দানার খাদ্যশস্যবিশেষ। 'ধান কাউনের লিখন লিখি করছে নিতুই বাস।' *জসীম*, ১৯২৯।

কাউনটেস [ই] *বি* আর্লের স্ত্রী; ব্রিটিশ রাজপদবি-বিশেষ। 'একজন কাউনটেসের উক্তি উদ্ধৃত করা গেল।' *রোকেয়া*, ১৯০৪।

কাউন্ট [ই] *ক্রি* গণনা। 'এক্ষেত্রে মাথাই একমাত্র কাউন্ট করে।' *শিবরাম*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৫০।

কাউন্টার [ই] *বি* দোকান ব্যাংক বা কোনো প্রতিষ্ঠানের একটি নির্দিষ্ট স্থান – যেখান থেকে তথ্য আদানপ্রদান ও লেনদেন চলে। 'কাউন্টারের নীচ থেকে টিন-কাটার বের করে দিলে।' *মুক্তধারা*, ১৯৫৮।

কাউন্সিল [ই] ১ *বি* আইনসভা। 'সকলকে কাউন্সিল বয়কট করবার জন্য তাড়না করছেন।' *প্রমথ*, ১৯২০। ২ *বি* পরিষদ। 'কার্য্যসম্পাদক সমিতি বা কাউন্সিল গঠিত হইয়াছে।' *ছোলতান*, ১৯২৩। ৩ *বি* কাউন্সিলের সমর্থন করে যে উপদল। 'কাউন্সিলপন্থীদের আর যাই হোক মাটির সাথে যোগাযোগ রহিয়াছে।' *আজাদ*, ১৯৬২। ৪ *বি* সংগঠনাদির নীতি-নির্ধারণী সম্মেলন। 'গার্লস গাইডের অষ্টাদশ কাউন্সিল অধিবেশন অনুষ্ঠিত হয়।' *বেগম*, ১৯৬৩।

কাউন্সিলার [ই] *বি* (ভাইসরয়ের) কাউন্সিলের সদস্য। 'মুসলমান মেয়েরা ডাক্তার, ব্যারিস্টার, কাউন্সিলার এবং গোল-টেবিল বৈঠকের সদস্য হচ্ছে।' *রোকেয়া*, ১৯৩১।

কাউয়া [স কাক] ১ *বি* কাক। *মানোএল*, ১৭৪৩: 'কাউয়ায় করে কলমল।' *অবন*, ১৯১৯। ২ *বিণ* লোলুপ। 'কাউয়ার মতো মুন্সী বাড়ির দাওয়ায় দেখবো বসে তোমার ঘষা মাজা।' *মাহমুদ*, ১৯৭৩।

কাউয়ালী [আ কাওয়ালী] *বি* মুসলিমসমাজে প্রচলিত ভক্তিগীতি। 'কাউয়ালীর মজলিশে যে সকল গান গাওয়া হইয়া থাকে।' *মোহাম্মদী*, ১৩৩২। *দ্র* **কাওয়ালি**

কাউর [আ কর্‌হ] *বি* চর্মরোগবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

কাএ [স কায়] *বি* দেহ। 'খড়গেতে কাটিল কাএ কারেত ধনুকে।' *মালাধর*, ১৫০০।

কাএম [আ কায়ম] *বিণ* প্রতিষ্ঠিত। 'মোছলেম লীগের মোকাবেলায় আর একটা ফ্রন্ট কাএম হইল।' *আজাদ*, ১৯৪২।

কাএমি [আ কায়ম>] *বিণ* কায়েমি; মজবুত; সুদৃঢ়। *বিদ্যা*, ১৮৯১।

কাওয়া [আ কাওয়াহ] *বি* কফি। 'কাওয়ার বৃক্ষের আবাদ।' *বঙ্গদূত*, ১৮২৯।

কাওয়াজ [আ] *বি* শোরগোল। 'বিষম কাওয়াজ, গোলার আওয়াজ।' *রঙ্গ*, ১৮৫৮।

কাওয়াল [আ] *বি* কাওয়ালি গায়ক। 'এক্ষণে গুণীগণ ধাড়ি কালওয়াত কাওয়াল কথক সারঙ্গিয়া তবলিয়া ভাঁড় প্রভৃতি।' *ভবানী*, ১৮২৮।

কাওয়ালি, কাওয়ালী [আ কাওয়াল>] ১ *বি* সংগীতের সুর ও তালবিশেষ। 'রাগিণী পরজ – তাল কাওয়ালী।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বি* মুসলমান সমাজে প্রচলিত ভক্তিগীতি। 'গায় কাওয়ালি বাদলি রুমঝুম।' *নজরুল*, ১৯২৮।

কাওলি [আ কাওয়াল>] *বি* কাওয়ালি-গায়ক। 'নয়শত কাওলি চলে তেরশত নর।' *হ বিজয়*, ১৬৫০।

কাওরা [স কিরাত>] *বি* পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'বাউরী, চামার, কাওরা, তেওর।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কাওরানি [স কিরাত>] *বিদ্যা*, ১৮৯১।

কাওলা [আ কবালা] *বি* বিক্রির চুক্তি-দলিল। 'সাতকানি জমি সাফ কাওলা করে দিয়ে যে পাত্রী ঠিক হয়েছিল।' *আলাউদ্দিন*, ১৯৫৪।

কাং [প কাপিতান] জাহাজের অধিনায়ক। 'কাং ডেমার সাহেব।' *মেয়র্স*, ১৭৫৭।

কাংগই [কাঁকুই] *বি* চিরুনি। 'কাংগইটাকে নাকের কাছে এনে গন্ধ টানে নবিতুন।' *কায়সার*, ১৯৬২।

কাংস্য [স] ১ *বি* কাঁসা। 'ঘড়িয়ালেরা দণ্ডে ২ তাহারদের কাংস্য ঝাঁজের উপরে মুদ্গর ক্ষেপণ করিতেছে।' *রামরাম*, ১৮০১। ২ *বি* কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। 'বীণা মৃদঙ্গ কাংস্য করতাল রামবেণী প্রভৃতি।' *রাজীব*, ১৮০৫। ৩ *বিণ* কাঁসার আওয়াজের মতো শ্রুতিকটু। 'সংগীতবিদ্যা নাট্যশালায় বিদেশী বংশী কাংস্যকণ্ঠ্যে আর্তনাদ করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

কাংস্যকণ্ঠ [স] *বি* কাঁসার আওয়াজের মতো কর্কশ কণ্ঠ। 'কুলত্যাগিনী সংগীতবিদ্যা নাট্যশালায় বিদেশী বংশী কাংস্যকণ্ঠে আর্তনাদ করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

কাংস্যকার [স] *বি* কাঁসার দ্রব্যাদি তৈরি করে যে। 'কাংস্যকার, সূত্রধর, বিনামা প্রস্তুত প্রভৃতি ... ব্যবসাকে হীন চক্ষে দেখিয়া থাকেন।' *হেদায়েত*, ১৯৩৫।

কাংস্যক্রেংকারিত [স] *বিণ* কাঁসার আওয়াজের মতো ডাক দেয় এমন। 'কাংস্যক্রেংকারিত শিখী, বাগ্মী শুক, অনুলাপী পিক।' *সুধীন্দ্র*, ১৯২৮।

কাংস্য পাত্র [স] *বি* কাঁসার বাসন বা পেয়ালা। 'এক মৃন্ময় পাত্র ও এক কাংস্য পাত্র নদীর স্রোতে ভাসিয়া যাইতেছিল।' *বিদ্যা*, ১৮৫৬।

কাংশ্যকার [স কাংস্যকার] *বি* কাঁসারি। 'কাংশ্যকার, শঙ্খকার ... কারুক, তৈলিক, মোদক, নাপিত, তন্তুবায়, প্রভৃতি ব্যক্তি।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

-কাঁ *বিভক্তিবিশেষ*। 'ন সুনলি মহাজন মুখকাঁ। জাচত বাঘ ন খাএত নাকাঁ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কাঁই[১] ১ *বি* একাকার। 'গিন্নির ভাই পালিয়ে গেছে গিন্নি চটে কাঁই।' *নজরুল*, ১৯৩৩। ২ *বি* আঠা; লেই। 'আমার জোব্বাজাব্বা যে ভিজে কাঁই হল।' *মুজতবা*, ১৯৫২। *দ্র* **কাই**

কাঁইয়া *বি* মাড়ওয়ারি সম্প্রদায়। 'ইহারাই ... আর্য্যাবর্ত্তে আগরওয়ালা বা মারওয়ারি বা কাঁইয়া।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কাঁউসিল [ই কাউন্সিল] *বি* পরিষদ। 'কাঁউসিল ঘরে আজ কী নাকানিচোবানি।' *রবীন্দ্র*, ১৯৪১। *দ্র* **কাউন্সিল**

কাঁক[১] [স কক্ষ] ১ *বি* কাঁখ। 'কাঁকেতে চুপড়ি তাহে তুলসীর পাত।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* কোল। 'বান্দি বাচ্চা লয়ে ফের কাঁকেতে করিয়া।' *গরীব*, ১৭৬৫।

কাঁক[২] [স কঙ্ক] *বি* বক জাতীয় পাখিবিশেষ; কঙ্ক। *ওর্সা*, ১৭৮৫।

কাঁকা [স কঙ্কা] *বি* বক জাতীয় পাখিবিশেষ। 'ভুজঙ্গে ধরিয়া খায় ধুকুড়িয়া কাঁকা।' *মুকুন্দ*, ১৬০০।

কাঁকই [স কঙ্কতিকা] *বি* চিরুনি। *মানোএল*, ১৭৪৩; 'কাঠের কাঁকই লইয়া মাথার বড়ো বড়ো চুল কপাল হইতে তুলিয়া গ্রীবার উপর ফেলিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কাঁকুই [স কঙ্কতিকা] *বি* চিরুনি। *ওর্সা*, ১৭৮৫; 'কাঁকুই দিয়া চুল ফুলাইয়া ... এই প্রকার অলঙ্কার পরিয়া থাকেন।' *ভবানী*, ১৮২৮।

কাঁকড়া [স কর্কট] *বি* চিংড়ির মতো জলজ প্রাণী। *ওর্সা*, ১৭৮২; 'হাত-পাগুলিন শুকনো কুলের ডাল, আঙ্গুলগুলিন কাঁকড়া।' *দীনবন্ধু*, ১৮৬৭।

কাঁকড়া কাঁটা *বি* হাতিকে আটকাবার শিকলবিশেষ। 'গণ্ডা দশেক কাঁকড়া কাঁটা/ দেখতে যেন কাঁকড়া সে।' *অন্নদা*, ১৯৬১।

কাঁকড়াপেড়ে [স কর্কট>+স পার>] *বিণ* কাঁকড়ার মতো নকশাযুক্ত পাড়বিশিষ্ট। 'শালপেড়ে কাঁকড়াপেড়ে লালপেড়ে তাবিজপেড়ে।' *ভবানী*, ১৮২৫।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কাঁকড়াবিছে [স কর্কট>+স বৃশ্চিক>] *বি* বৃশ্চিক। 'ইঁদুর কি কাঁকড়াবিছে।' *বিভূতি*, ১৯৩৭।

কাঁকড়ি [স কর্কটী] *বি* কাঁকুড়। 'ছিঞ্চিল তুণ্ড ভাঙ্গিল মুণ্ড কাঁকড়ি জেন খানে খান।' মুকুন্দ, ১৬০০।

কাঁকন [স কঙ্কণ] *বি* হাতের অলংকারবিশেষ। 'হাতে তার কাঁকন দুগাছি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কাঁকন-কাঁদানো [কাঁকন+স ক্রন্দন>] *বিণ* কাঁকনের আঘাতজনিত ধ্বনির মতো। 'কাঁকন-কাঁদানো কণ্ঠ তোমার আজিও বাজিছে কানে!' *জীবন*, ১৯৩০।

কাঁকনজোড়া [স কঙ্কণ>+জোড়া] *বি* কঙ্কন দুটি। 'কাঁকনজোড়া এনে দিলেম যবে।' *রবীন্দ্র*, ১৯২৫।

কাঁকর [স কঙ্কর] *বি* নুড়ি-পাথর। 'সূক্ষ্মধূলি তৃণ কাঁকর সব কর দূর।' *কৃত্তিবাস*, ১৫৮০।

কাঁকর-ঢালা [স কঙ্কর+ঢালা] *বিণ* পাথরের ছোটো কুচি বিছানো। 'সামনেতে ওই কাঁকর-ঢালা পথে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কাঁকর-দেওয়া [স কঙ্কর+দেওয়া] *বিণ* পাথরের কুচি বিছানো। 'কাঁকর-দেওয়া যে পথ বাড়ি পর্যন্ত গেছে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

কাঁকুরে [স কঙ্কর>] *বিণ* কাঁকরে ভরা; কাঁকর মিশ্রিত। 'লাল কাঁকুরে মাটির রাস্তা।' *বিভূতি*, ১৯৩৮।

কাঁকরোল [স কর্কোটক] *বি* সবজিবিশেষ। 'বনের কাঁকরোল কি মিষ্টি আলু।' *বিভূতি*, ১৯৩৮।

কাঁকল [স কঙ্কালিকা] *বি* কোমর। 'কাঁকল ক্ষীণ মরাল গ্রীব।' *নজরুল*, ১৯২৩।

কাঁকাল, কাঁকাইল [স কঙ্কালিকা] *বি* কোমর। 'রাঁধিয়া বাড়িয়া যোহ্নে কাঁকালে হৈল বাত।' মুকুন্দ, ১৬০০; 'কাঁকাইল।' *মানোএল*, ১৭৪৩।

কাঁকালি [স কঙ্কালিকা] *বি* কোমর। 'কন্দ বাঁকা উষ্ট বাঁকা বাঁকা কাঁকালি খানি।' *মালাধর*, ১৫০০।

কাঁকুই *দ্র* কাঁকই

কাঁকুড় [স কর্কটী] *বি* শশা জাতীয় সবজিবিশেষ। 'মন্ত্রির বুধিটি বার হাত কাঁকুড়ের তের হাত বিচি।' *দীনবন্ধু*, ১৮৬৩।

কাঁকুড়ি [স কর্কটি] *বি* শশা জাতীয় সবজিবিশেষ। 'কোমল কাঁকুড়ি ডগা তুলিল করেলা।' মুকুন্দ, ১৬০০

কাঁকুর [স কর্কটি] *বি* শশা জাতীয় সবজিবিশেষ। 'কাঁকুর-খেতে মাচা বাঁধে পিলেওয়ালা ছোকরা।' *রবীন্দ্র*, ১৯৪১।

কাঁকুরে *দ্র* কাঁকর

কাঁখ [স কক্ষ] ১ *বি* কোমর। 'মঙ্গল সরা লইয়া কাঁখে চণ্ডিকা চলিলা আগে।' *বিজয়*, ১৬৫০। ২ *বি* গোড়া। 'গজাল ঠুকে দেছেন ভেঙে বাঁকা নাকের কাঁখ।' *নজরুল*, ১৯২৬।

কাঁখচুমা [স কক্ষ+স চুম্বন] *বিণ* কাঁখে জড়িয়ে আছে এমন। 'কাঁখচুমা তার কলসি-ঠোঁটে উল্টাসে জল উলসি ওঠে।' *নজরুল*, ১৯২৫।

কাঁখতলি, কাঁখতলী [স কক্ষতল] *বি* বগল। 'হেঁঠ মাথামতি তোলে কাঁখতলির মালা।' মুকুন্দ, ১৬০০; 'কাঁখতলী।' *মানোএল*, ১৭৪৩।

কাঁচ[১] [স কন্যা] *বি* কাঁচা। 'কার কাঁচ আলিতে না দেওঁ মোএঁ পাএ।' বড়ু, ১৪৫০। *দ্র* কাঁচা

কাঁচকলা [স কন্যা-কদলক] ১ *বি* সবজি হিসেবে ব্যবহৃত কলা। 'ডেট লইআ কাচকলা সাক বাইগন মূলা ভাঁড়ুদত্ত করিল পয়ান'। মুকুন্দ, ১৬০০; *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* তুচ্ছার্থে ব্যবহৃত শব্দ। 'কাঁচকলার কবি তুমি।' *নজরুল*, ১৯৩১।

কাঁচ[২] [স কাচ] *বি* বালি ও ক্ষার থেকে প্রস্তুত স্বচ্ছ পদার্থবিশেষ। 'চিন্তামণি নঠ কৈলে কাঁচের বদলে।' মুকুন্দ, ১৬০০।

কাঁচপাত্র [স কাচপাত্র] *বি* কাঁচের তৈরি পাত্রবিশেষ। 'এই বিবেচনায় লোক তৈল প্রভৃতি ... কাঁচপাত্রে স্থাপিত করে।' *ভবানী*, ১৮২৩।

কাঁচ-রোদ্দুর [স কাচ+স রৌদ্র>] *বি* ঝকঝকে রোদ। 'কাঁচ-রোদ্দুর, ছায়া-অরণ্য, হ্রদের স্বপ্ন।' *নীরেন*, ১৯৪৪।

কাঁচাদি [স কাচ+স আদি] *বি* কাচ ইত্যাদি। 'কাঁচাদি নির্মিত বিচিত্র পাত্রস্থিত মসি প্রদানার্থীন।' *ভবানী*, ১৮২৫।

কাঁচে-ঘেরা *বিণ* কাচ দিয়ে বেষ্টিত। 'কাঁচে-ঘেরা চৌবাচ্চা।' *অন্নদা*, ১৯২৮।

কাঁচের গ্লাস [স কাচ+ই গ্লাস] *বি* কাচ নির্মিত বড়ো আকারের আধার। 'কাঁচের গ্লাসে বরফ-দেওয়া।' *রবীন্দ্র*, ১৯০২।

কাঁচড়া [স কচ্ছট] *বি* ঘাসবিশেষ। 'কাঁচড়া খুদের কাঁজি রান্ধিবে জতনে।' মুকুন্দ, ১৬০০।

কাঁচপোকা [স কন্যা-পুত্তিকা] *বি* চকচকে নীলবর্ণের পতঙ্গবিশেষ। *বিদ্যা*, ১৮৯১; 'কাঁচপোকা রং আলোক জ্বলে।' *সত্যেন্দ্র*, ১৯১১।

কাঁচলি *দ্র* কাঁচলি

কাঁচুলি, কাঁচলী [স কঞ্চুলী] ১ *বি* নারীর বক্ষাবরণী। 'হার কঙ্কণ মোর কাঁচলিতে দেই টান।' বড়ু, ১৫৭০; 'শঙ্খ কাঁচলী পাটসাড়ী অলঙ্কার।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* বুক। 'কাঁচলির বামভাগে লিখে বৃন্দাবন পূর্বভাগে দোলপিণ্ডি কদম্বকানন।' মুকুন্দ, ১৬০০।

কাঁচল [স কঞ্চুল] *বি* কাঁচুলি। 'কাঁচল পরি আঁচল টানি।' *রবীন্দ্র*, ১৮৯০; 'ময়ূরকণ্ঠী পরেছি কাঁচলখানি দূর্বাশ্যামল আঁচল বক্ষে টানি।' *রবীন্দ্র*, ১৯০০।

কাঁচা [প্রা কংচা] ১ *বিণ* অপক্ব। 'ভাজিলোঁ এ কাঁচা গুআ।' বড়ু, ১৪৫০। ২ *বিণ* কালো রঙের। 'একগাছি নাহি কাঁচা কেশ।' মুকুন্দ, ১৬০০। ৩ *বিণ* অপূর্ণ। 'আছিনু কাঁচা নিন্দে।' মুকুন্দ, ১৬০০। ৪ *বি* গর্ভস্রাব। 'কাঁচা যাইতে।' *মানোএল*, ১৭৪৩। ৫ *বিণ* অল্পবয়সী। 'এমত কাঁচা ছাওয়াল বর্বর অন্তির।' *আন্তোনিয়ো*, ১৭৪৩। ৬ *বিণ* তাজা। 'ওসাঁ, ১৭৮২; 'হালিমের মনের ঘা এখন কাঁচা হইয়া উঠে।' *মনসুর*, ১৯৫৫। ৭ *বিণ* পরিশুদ্ধ নয় এমন। *ক্যালেগে*, ১৭৮৪। ৮ *বিণ* খড়ের ছাওয়া। 'কাঁচা ঘর ১৯১৯১।' *দর্পণ*, ১৮৩০। ৯ *বি* অপরিণত। 'পাকালোভী পাকা খায় কাঁচা খায় কাঁচা।' *গুপ্ত*, ১৮৫৮। ১০ *বিণ* অনির্ভরযোগ্য। 'আমরা কাঁচা কথা কই না।' *গিরিশ*, ১৮৮৬। ১১ *বিণ* আনাড়ি। 'দেয়ালে কয়লা দিয়া কাঁচা লাইন কাটিয়া বড়ো বড়ো কাঁচা অক্ষরে কেবলই লিখিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ১২ *বিণ* মাটির তৈরি। 'এক প্রান্ত দিয়া কাঁচা পথ চলিয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯০২। ১৩ *বিণ* দুর্বল। 'পড়াশুনায় অনেক কাঁচা একটি ছেলে বিলাতে যাইবে।' *রবীন্দ্র*, ১৯০৭। ১৪ *বিণ* দুর্বল। 'কাঁচা সমালোচনাও গালিগালাজ।' *রবীন্দ্র*, ১৯১২। ১৫ *বিণ* টাটকা। 'পেল না তো পানি শিশু পিয়ে গেল কাঁচা খুন।' *নজরুল*, ১৯২২। ১৬ *বিণ* গলানো। 'কাঁচা সোনা ঢেলে যেন রাঙিয়ে দেছে তাহার গা খান।' *জসীম*, ১৯২৭। ১৭ *বিণ* সবুজ। 'নতুন ধানের অঙ্কুরে কাঁচা রং।' *রবীন্দ্র*, ১৯২৯। ১৮ *বিণ* মাটির তৈরি ও স্যাঁতসেঁতে। 'কাঁচা উনানের তলে, ভিজা কাষ্টেতে আগুন জ্বালায়।' *জসীম*, ১৯৩১। ১৯

AMARBOI.COM

বিণ ভাজা হয়নি এমন। 'কাঁচা পাঁপর এনেছি মুগের ডালের।' *বিভূতি*, ১৯৩১। ২০ *বিণ* শিল্পদ্রব্য প্রস্তুতের জন্য ব্যবহৃত। 'বাকি রয়েছে কেবল কৃষি, নইলে কাঁচা মালের জোগান বন্ধ হয়।' *রবীন্দ্র*, ১৯৩১। ২১ *বিণ* অল্পশ্রমে প্রাপ্ত। 'ব্যবসায় তো কাঁচা টাকা মেরে ভূত করছে।' *জীবন*, ১৯৩২। ২২ *বিণ* কোমল। 'না, পিঠে কাঁচা রোদ লাগানো আলস্যে।' *রবীন্দ্র*, ১৯৩৫। ২৩ *বিণ* শুকায়নি এমন। 'কাঁচা শালপাতার একটি পিকা।' *বিভূতি*, ১৯৩৮। ২৪ *বিণ* অশ্লীল। 'যাহাকে বলে কাঁচা খেউড় অর্থাৎ নগ্ন অশ্লীলতার গান।' *তারা*, ১৯৪২। ২৫ *বিণ* সবুজ। 'পাতের কিনারে কাঁচা লঙ্কাটা।' *জীবন*, ১৯৪৮। ২৬ *বিণ* ঢিলা। 'গাঁটরির কাঁচা বাঁধনটা দেখে সব বুঝতে পারে।' *আলাউদ্দিন*, ১৯৬৩। ২৭ *বিণ* নগ্ন। 'যেন কার কাঁচা দেহে হাত লাগে একেক সময়।' *শক্তি*, ১৯৬৫। ২৮ *বিণ* ধাতব। 'পকেটে কিছু কাঁচা পয়সার আওয়াজ।' *মাহমুদ*, ১৯৬৬।

কাঁচা-কাঁচা *ক্রিবিণ* শিশুসুলভ। 'তার গায়ের গন্ধটিও সেইরকম কাঁচা-কাঁচা আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কাঁচাগোল্লা [কাঁচা+স গোল>] *বি* নরম পাকে তৈরি দানাদার সন্দেশবিশেষ। 'খাজা গজা সরভাজা অতি সুমধুর কাঁচাগোল্লা বাদামতক্তি আতা অনুপাম।' *ভবানী*, ১৮২৫।

কাঁচা ঘুম *বি* অপূর্ণ ঘুম। 'মাটি হয় কাঁচা ঘুম।' *অন্নদা*, ১৯৭৩।

কাঁচা টাকা [কাঁচা+স টঙ্কা] *বি* অল্পশ্রমে প্রাপ্ত অর্থ। 'ব্যবসায় তো কাঁচা টাকা মেরে ভূত করছে।' *জীবন*, ১৯৩২।

কাঁচাপাকা [কাঁচা+স পক্ক] ১ *ক্রিবিণ* মিলেমিশে। 'তারা দুই জন কাঁচা পাকা দুটী থাকে।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বিণ* কাঁচা ও পাকায় মেশানো। 'কাঁচা-পাকা গোঁফে-দাড়িতে অর্ধেকটা মুখ দেখাই যায় না।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বিণ* কিছুটা অপরিণত কিছুটা পরিণত এমন। 'আমরা কি একরকম কাঁচা-পাকা জোড়া-তাড়া অদ্ভুত ব্যাপার নই।' *রবীন্দ্র*, ১৯০৮।

কাঁচা বাঁশে ঘুণ ধরা *ক্রি* অকালে নষ্ট হওয়া। 'অধীনতা মানুষের জীবনী-শক্তিকে কাঁচা বাঁশে ঘুণ ধরার মতো ভুয়া করিয়া দেয়।' *নজরুল*, ১৯২২।

কাঁচামাটি *বিণ* মেটে। 'কাঁচামাটির পথটায় চলছে একটা গরুগাড়ি।' *আলাউদ্দিন*, ১৯৫৫।

কাঁচামাটি করা *ক্রি* নতুন ক'রে শুরু করা। 'আগাগোড়া ভেঙে ফের কাঁচামাটি করতে হয়।' *শ্যামল*, ১৯৬৭।

কাঁচামাল [কাঁচা+আ মাল] *বি* শিল্পদ্রব্য প্রস্তুতের জন্য ব্যবহৃত উপাদান। 'চাই বিদেশ থেকে কাঁচা মাল সংগ্রহ করে জমা করা।' *সবুজ*, ১৯২০।

কাঁচামিটে [কাঁচা+স মিষ্ট>] *বিণ* কাঁচা অবস্থায় মিষ্টি স্বাদযুক্ত। 'কতগুলি আম কাঁচামিটে আছে।' *বঙ্কিম*, ১৮৭৪।

কাঁচামিঠা, কাঁচামিঠে [কাঁচা+স মিষ্ট>] ১ *বিণ* কাঁচা অবস্থায় মিষ্ট লাগে এমন। *বিদ্যা*, ১৮৯১; 'লকেট, কমলালেবু এবং কাঁচামিঠে আম-ওয়ালা চুপড়ি মাথায় ... ডেকে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বিণ* হালকা ও আরামদায়ক। 'কাঁচামিঠে ঘুমটুকু পড়ে গো টুটি।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

কাঁচামুখ [কাঁচা+স মুখ] *বি* অপরিণত মুখাবয়ব। 'এই কাঁচামুখে এমন স্নিগ্ধ কোমল করুণ ভাব ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

কাঁচা যাওয়া *ক্রি* গর্ভস্রাব হওয়া। 'কাঁচা যাইতে।' *মানোএল*, ১৭৪৩।

কাঁচা রঙ [কাঁচা+স রঙ্গ] *বি* অস্থায়ী রং; হালকা অংশ। 'মানুষের কথাবার্তা চরিত্রের মধ্যে কাঁচা রঙটুকু, অসমাপ্তির কোমল দুর্বলতাটুকু।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কাঁচাশিক্ষা [কাঁচা+স শিক্ষা] *বি* অপরিপক্ক জ্ঞান। 'রুমমেটের কাছ থেকে কাঁচাশিক্ষা সে লাভ করেনি।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

কাঁচা সবুজ [কাঁচা+ফা সবজ] *বি* তাজা সবুজ রং। 'নতুন পাতার কাঁচা সবুজ হতে ...।' *রবীন্দ্র*, ১৯১৮।

কাঁচাসিদ্ধ [কাঁচা+স সিদ্ধ] *বিণ* অপরিণত। 'আমার কাঁচাসিদ্ধ গল্পে বিস্তর টমাটো-রস আর উস্টার সস ঢেলে ...।' *মুজতবা*, ১৯৪৯।

কেঁচে যাওয়া *ক্রি* নষ্ট হওয়া; কাঁচা হওয়া। 'তোরই সে চালের দোষে/ যায় কেঁচে তোর পাকা ঘুঁটি।' *নজরুল*, ১৯৩৩।

কাঁচাদি *দ্র* কাঁচ[২]

কাঁচানো [প্রা কংচা] ১ *ক্রি* কাঁচা করা। *বিদ্যা*, ১৮৯১। ২ *ক্রি* পণ্ড করা। 'সেইটে কাঁচিয়ে দেবার এই ফন্দি।' *রবীন্দ্র*, ১৯১৫। ৩ *ক্রি* কালো করা। 'পাকা চুল বিলকুল কলপে কাঁচিয়ে।' *সত্যেন্দ্র*, ১৯১৭। ৪ *ক্রি* গুলিয়ে যাওয়া। 'বুদ্ধি পেকে উঠি-উঠি হতেই আবার কাঁচিয়ে যায়।' *নজরুল*, ১৯২২।

কাঁচি[১] [স কাঞ্চী] *বি* কুঁচফল। 'কাঁচি দিআ কৈল মান সোল রতি দুই ধান।' *মুকুন্দ*, ১৬০০।

কাঁচি[২] [স কর্তরী] ১ *বি* অর্ধচন্দ্রাকৃতি ধাতব হাতিয়ার-বিশেষ; কাস্তে। 'ধান্য নিড়াইতে চান্দোর হাতে দিল কাঁচি।' *বিজয়*, ১৬৫০। ২ *বি* কাপড়চোপড় ইত্যাদি কাটার হাতিয়ার-বিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'গাড়ু, পিলসুজ, ছুরি, কাঁচি, ছুঁচ ইত্যাদি বস্তু ও নানাবিধ অলঙ্কার, এ সমুদয় ধাতুনির্মিত।' *বিদ্যা*, ১৮৫১।

কাঁচি-কপচানো [কাঁচি+কপচানো] *বিণ* কাঁচি দিয়ে ছাঁটা। 'কাঁচি-কপচানো গুঁপো।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

কাঁচিকাটা [কাঁচি+কাটা] *বি* বাছাই। 'কয়েকটি কবিতা কাঁচিকাটা করিয়া রবীন্দ্রনাথকে পাঠাইলে ...।' *জসীম*, ১৯৬১।

কাঁচিছাঁটা [কাঁচি+ছাঁটা] *বিণ* কাঁচিতে ছেঁটে ফেলা হয়েছে এমন। 'ফুরফুরে আগুনের থান তবু কাঁচিছাঁটা জামার মতন মুক্ত হাতে ...।' *জীবন*, ১৯৪৪।

কাঁচির চোট *বি* কাঁচির আঘাত। *মানোএল*, ১৭৪৩।

কাঁচি[৩] [কাঁচা>] *বিণ* কাঁচা। 'মেথর চাঁড়াল ডোম হাড়ি সব মাল নিয়ে যায় কাঁচি পাকি।' *নজরুল*, ১৯৩৩।

কাঁচি[৪] *বিণ* সদ্য জেগে ওঠা। 'এবারে নদীর কাঁচি চরে চাষ দিয়া এ গ্রামের লোকেরা কিছু বোরো ধান পাইয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

কাঁচুঅ [স কঞ্চুলী] *বি* কাঁচুলি। 'চুনি চুনি ভএ কাঁচুঅ ফাটলি বাহুক বলআ ভাঁগু।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কাঁচুমাচু ১ *বিণ* অতিশয় সংকুচিত। *বিদ্যা*, ১৮৯১। ১ *বিণ* অপ্রস্তুত। 'জড়োসড়ো নির্বোধ কাঁচুমাচু ভাব কিছু নেই অথচ কেমন সলজ্জ সসম্ভ্রম ব্যবহার।' *রবীন্দ্র*, ১৮৯২।

কাঁচুমাচু ক'রে *ক্রিবিণ* সংকুচিত ক'রে। 'মুখ কাঁচুমাচু করে বললেন ...।' *সাদত*, ১৯৬৭।

কাঁচুর মাচুর [ধ্বন্যা] *বি* ভয় লজ্জা ইত্যাদির কারণে সংকুচিত ভাব।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'কেউ বা দেখ কাঁচুর মাচুর কেউ বা ভ্যাবাচ্যাকা।' *সুকুমার*, ১৯১৮।

কাঁচুলি [স কঞ্চুলী] *বি* নারীর বক্ষাবরণী। 'হরিতে কাঁচুলি অধিক আকুলি উঠিল কামিনী কাঁপিয়া।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কাঁজা [স ক্রন্দন>] *ক্রি* কাঁদা। 'ছেলে মানুষ কাঁজচে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কাঁজি [স কাঞ্জিক] *বি* আমানি: চাল অথবা খুদ পচানো টক খাদ্য। 'কাঁচড়া খুদের কাঁজি রান্ধিবে জতনে।' মুকুন্দ, ১৬০০।

কাঁজিপাড়া *বি* একপ্রকার খাবার। 'কাঁজিপাড়া খাইতে বদনে লাগে ঝাল।' *রূপরাম*, ১৭৫০।

কাঁজিবড়া *বি* খাবার-বিশেষ। 'ছেনানাড়ু কাঁজিবড়া অদ্রকে বার্তাকি পোড়া।' মুকুন্দ, ১৬০০।

কাঁটা [স কন্টক] **১** *বি* সুইয়ের মতো তীক্ষ্ণ বস্তুবিশেষ। 'কাঁটা ফুটে যেই মুখে সেই মুখে যায়।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* অবরোধক বস্তুবিশেষ। 'আজি হইতে তোমার দ্বারে দিল কাঁটা।' মুকুন্দ, ১৬০০। **৩** *বি* দাঁড়িপাল্লা। *মানোএল*, ১৭৪৩; 'ঠিক আছি কাঁটার ওজনে।' *উমেশ*, ১৮৫৭। **৪** *বি* এক প্রকারের চামচ যা দিয়ে চেপে ধরে খাদ্যবস্তু ছুরি দিয়ে কেটে মুখে পোরা যায়; কাঁটাচামচ। *ওসাঁ*, ১৭৮৫। **৫** *বি* চুলের কাঁটা; পিন। *ওসাঁ*, ১৭৮৫; 'সোনার কাঁটা সোনার দড়ি দিয়ে খোঁপা বেঁধে ...।' *অবন*, ১৮৯৬। **৬** *বি* মাছের হাড়। 'ঘোঁটা ঘোঁটা কাঁটা চাটা, খেয়ে গেল বমি উঠে।' *গুপ্ত*, ১৮৫৮। **৭** *বি* ঘড়ির সময় নির্দেশক হাত। 'ঘড়ির কাঁটা দেখিতে সক্ষম হইলেন না।' *বঙ্কিম*, ১৮৭৫। **৮** *বি* বেদনার কারণ। 'দু-একটি কাঁটা করি দিব দূর – তার পরে ছুটি নিব।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৯** *বি* বিপত্তি। 'নেইক শঙ্কা সতীন-কাঁটার নেইক জ্বালা।' *সত্যেন্দ্র*, ১৯১২। **১০** *বিণ* আতঙ্কিত। 'এই ভয়েও অহরহ কাঁটা হইয়া আছি।' *শরৎ*, ১৯১৭।

কাঁটা উচিয়ে ওঠা *ক্রি* অবাঞ্ছিত জিনিস দেখা দেওয়া। 'সংসারে কোনো দিক থেকে একটা কাঁটা উচিয়ে উঠেছে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কাঁটাকড়ি [কাঁটা+কড়ি] *বি* কানের অলঙ্কারবিশেষ। 'সেন কয় তোমার কানে কাঁটাকড়ি সোনা।' *মানিকরাম*, ১৭৮১।

কাঁটা-কম্পাস [কাঁটা+ই কম্পাস] *বি* দিকনির্দেশক যন্ত্র। 'কাঁটা-কম্পাস দাও মোর হাতে।' *জসীম*, ১৯৫১।

কাঁটাকুঞ্জ [কাঁটা+স কুঞ্জ] *বি* কাঁটার বাগান। 'কাঁটাকুঞ্জে বসি তুই গাঁথিবি মালিকা।' *নজরুল*, ১৯২৮।

কাঁটা-খোঁচা [কাঁটা+খোঁচা] **১** *বি* গুল্মের কাঁটা ও গোজা ইত্যাদি। 'উভমুখে সাধু ধায় কাঁটা খোঁচা ফুটে পায়।' মুকুন্দ, ১৬০০; 'এইরকম কাঁটা-খোঁচা এবড়ো-খেবড়োর মধ্যে এক-এক জায়গায় ব্লু-বেলস নামক ছোটো ছোটো ফুল।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বি* সাংসারিক গঞ্জনা। 'তার মধ্যে তো কোনো কাঁটা খোঁচা নেই?' *রবীন্দ্র*, ১৯২৯।

কাঁটাগাছ [কাঁটা+গাছ] *বি* কাঁটাযুক্ত গাছ। 'অনেক বনবাদাড় ঝোপঝাপ কাঁটাগাছ।' *রবীন্দ্র*, ১৮৮১।

কাঁটা-ঘা [কাঁটা+ঘা] *বি* ক্ষত; আহত অনুভূতি। 'আমার বুকের যে কাঁটা-ঘা তোমায় ব্যথা হানত।' *নজরুল*, ১৯২৩।

কাঁটা চামচ [কাঁটা+ফা চামচাহ্] *বি* এক প্রকারের চামচ যা দিয়ে চেপে ধরে খাদ্যবস্তু ছুরি দিয়ে কেটে মুখে পোরা যায়। 'সব কাঁটা চামচে ধোরবে শেষে, পিঁড়ি পেতে আর কি খাবে।' *গুপ্ত*, ১৮৫৮।

কাঁটা ছুরি [কাঁটা+স ছুরিকা] *বি* কাঁটা চামচ ও খাবার কেটে খাওয়ার ছুরি। 'কাঁটা ছুরি কাজ নাই কেটে যাবে বাবা।' *গুপ্ত*, ১৮৫৮।

কাঁটাঝোপ *বি* কাঁটাযুক্ত গাছের ঝাড়। 'কাঁটাঝোপ থেকে ডাক এলো কানে বিদায়-মধুর।' *শক্তি*, ১৯৬৬।

কাঁটাতার [কাঁটা+স তার] *বি* কাঁটাযুক্ত লোহার তার। 'কাঁটাতারের বেড়া।' *বিভূতি*, ১৯৩৭।

কাঁটা দেওয়া *ক্রি* শিউরে ওঠা। 'তাহার সমস্ত শরীরে কাঁটা দিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

কাঁটাপথ [কাঁটা+স পথ] *বি* কাঁটায়-ভরা পথ। 'আমাকে কাঁটাপথের উপর দিয়েই নিয়ে যাবে।' *রবীন্দ্র*, ১৯২৯।

কাঁটাবন [কাঁটা+স বন] *বি* কাঁটাগাছের ঝোপ। 'বেয়ারাগুলো পাশের কাঁটাবনে/ পালকি ছেড়ে কাঁপছে থরোথরো।' *রবীন্দ্র*, ১৯০৩।

কাঁটাবনবিহারিণী [কাঁটা+স বন+স বিহারিণী] *বিণ* কাঁটাবনে ঘুরে বেড়ায় এমন। 'কাঁটাবন বিহারিণী সুর-কানা দেবী। *রবীন্দ্র*, ১৯৩৫।

কাঁটাবাঁশ [কাঁটা+স বংশ>] *বি* বাঁশের প্রজাতিবিশেষ। 'গজারি গাছ, বাবলা, বন্য কাঁটাবাঁশ।' *বিভূতিভূষণ*, ১৯৩৮।

কাঁটা-বেঁধা [কাঁটা+বেঁধা] *বিণ* কাঁটা বিঁধে আছে এমন। 'কাঁটা-বেঁধা রক্ত-মাখা প্রাণ নিয়া এনু তব পুরে।' *নজরুল*, ১৯২৩।

কাঁটা বেড়া [কাঁটা+স বেষ্টক>] **১** *বি* ঝোপ। *ওসাঁ*, ১৭৮৫। **২** কাঁটাতার। 'লোহার কাঁটাবেড়া দিয়ে ঘেরা।' *জীবন*, ১৯৩২।

কাঁটা-ভরা [কাঁটা+ভরা] *বিণ* কণ্টকিত। 'কাঁটা-ভরা ধ্বংসের পথে চলেছি আমি।' *নজরুল*, ১৯২২।

কাঁটা-মারা [কাঁটা+মারা] *বিণ* কাঁটাযুক্ত; কাঁটা লাগানো। 'দস্যু-পায়ের কাঁটা-মারা জুতোর তলায় বীভৎস কাদার শিশু।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কাঁটায় কাঁটায় *ক্রিবিণ* উপর্যুপরি কাঁটা দিয়ে। 'পা-দুটোকে কাঁটায় কাঁটায় ছিন্নবিচ্ছিন্ন করা হয়।' *রবীন্দ্র*, ১৯২১।

কাঁটার বেড়া *বি* কাঁটা অথবা কাঁটাওয়ালা গাছের বেড়া। *ওসাঁ*, ১৭৮৫।

কাঁটা-লতা *বি* কাঁটাযুক্ত লতাজাতীয় উদ্ভিদ। 'কাঁটা-লতা উঠবে ঘরের দ্বারগুলায়।' *রবীন্দ্র*, ১৯১৬।

কাঁটা-সুদ্ধ [স কন্টক>] *বিণ* কাঁটাসহ। 'পায়ে কাঁটা-সুদ্ধ একটা শুকনো ডাল বিঁধে গেল।' *রবীন্দ্র*, ১৮৯২।

কাঁটাল [স কন্টকফল] *বি* কাঁঠাল। 'কাঁটাল কদলী রাখিল গুআ।' মুকুন্দ, ১৬০০।

কাঁটালি [কাঁঠাল>] *বি* একজাতীয় কলা। *বিদ্যা*, ১৮৯১।

কাঁটালিচাঁপা [কাঁঠাল>+চাঁপা] *বি* কাঁঠালচাঁপা ফুল। 'নতুন-ফোটা কাঁটালিচাঁপার মতো।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কাঁটুয়া [স কন্টক>] *বিণ* নিষ্ঠুর। *মানোএল*, ১৭৪৩।

কাঁঠাল [স কন্টকফল] **১** *বি* কাঁটাযুক্ত ত্বকে আবৃত মিষ্টি স্বাদের রসালো কোয়াবিশিষ্ট ফলবিশেষ। 'আম্র নারিকেল কাঁঠাল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* গাছবিশেষ। 'কাঁঠাল পিয়াল তাল সাল।' মুকুন্দ, ১৬০০।

কাঁঠালগাছ [কাঁঠাল+গাছ] *বি* কাঁঠাল ফলের গাছ। 'উপযুক্ত সারপ্রাপ্ত পর্যাপ্ত পল্লবপূর্ণ মসৃণ চিক্কণ কাঁঠালগাছটির মতো।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কাঁঠালচাঁপা [কাঁঠাল+স চম্পক>] *বি* একজাতের ফুল ও গাছবিশেষ। 'কাঁঠালচাঁপায় নীড়ে ঠোঁট আছে গুঁজে।' *জীবন*, ১৯৩২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কাঁঠালি [কাঁঠাল>] *বি* কাঁঠালি কলা। 'চারি পাশে মর্ত্তমান, চাঁপা, কাঁঠালি।' *বঙ্কিম*, ১৮৭৪।

কাঁঠালি চাঁপা [কাঁঠাল+স চম্পক>] *বি* পাকা কাঁঠালের মতো তীব্র গন্ধযুক্ত ফুলবিশেষ। 'তীব্রগন্ধী কাঁঠালি চাঁপা।' *মানিক*, ১৯৩৬।

কাঁঠালের আমসত্ত্ব, কাঁঠালের আমসত্ত্ব ১ *বি* অসম্ভব বস্তু। 'বৃদ্ধ্যনুসারে বলি যেমন কাঁঠালের আমসত্ত্ব ইহাই বিবেচনা করিবা।' *ভবানী*, ১৮২৩। **২** *বি* অপপ্রয়োগ। 'ও হচ্ছে একরকম কাঁঠালের আমসত্ত্ব।' *প্রমথ*, ১৯৩৩।

কাঁঠি [স কণ্ঠী] **১** *বি* জালের প্রান্তে বাঁধা ছিদ্রযুক্ত লোহার গুলিকা। 'বিচিত্র কপালতটি গলাএ জালের কাঁঠি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* সরু ডাল। 'কোনোখানে দাঁতনের কাঠি নেই।' *রবীন্দ্র*, ১৯৪১।

কাঁড় [স কাণ্ড] **১** *বি* তির; বাণ। 'হরিন গেআনে ব্যাধ কাঁড় জুড়িল।' *মালাধর*, ১৫০০। **২** *বি* বাঁশের ধনুক। 'তিনটা পাটন কাঁড় দিল জামাতারে।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* কাণ্ড। *মানোএল*, ১৭৪৩।

কাঁড়ন [স কণ্ড্>] *বি* ছাঁটন; ভানন। *বিদ্যা*, ১৮৯১।

কাঁড়া[১] [স কটাহ] *বি* কাড়া; ঢাক জাতীয় বাদ্যযন্ত্র। 'পুরিআ বেলকি ধাইল ধানকী বাছিআ মারিতে কাঁড়া।' *মুকুন্দ*, ১৬০০; 'ঢাক কাঁড়া নহবৎ মৃদঙ্গ মাদোল।' *গুপ্ত*, ১৮৫৮।

কাঁড়া[২] [স কণ্ড্>] *বিণ* চালের কুঁড়া ভালোভাবে পরিষ্কার-করা। 'ভিক্ষের চাল কাঁড়াই হোক আর আকাঁড়া – তাই ঝোলায় ভর।' *নজরুল*, ১৯৩১।

কাঁড়া কাঁড়া *বিণ* রাশি রাশি। 'ওই কাঁড়া কাঁড়া টাকা নিয়ে চৈত্যরাম করে কী?' *মুজতবা*, ১৯৫৮।

কাঁড়ানো [স কণ্ড্>] **১** *ক্রি* চাল কোটা বা কাঁড়া। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* পরিষ্কারকরণ। *বিদ্যা*, ১৮৯১।

কাঁড়ার [স কাণ্ডার] *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'কৃষ্ণমণি কাঁড়ার।' *সেবধি*, ১৮৪০।

কাঁড়ারী [স কাণ্ডারী] *বি* কর্ণধার; মাঝি। 'কখন ঘেটেল কখন মাঝি।' *ভারত*, ১৭৬০।

কাঁড়ি [স কণ্ড>] *বি* ভাণ্ডার। 'যথার্থই উহা সোণার কাঁড়ি।' *মধু*, ১৮৫৭।

কাঁড়ি কাঁড়ি *বিণ* রাশি রাশি; অঢেল। 'শুনেছি গুঁড়ী পোড়ারা কাঁড়ি কাঁড়ি টাকা দেয়।' *গিরিশ*, ১৮৮৯; 'কাঁড়ি কাঁড়ি ভাত গিলবি।' *কায়সার*, ১৯৬২।

কাঁড়ুনী *বি* ক্রোধ। 'গিন্নীর কাঁড়ুনী হয় কর্ত্তার উপর।' *গুপ্ত*, ১৮৫৮।

কাঁঢ় *বি* ধার। 'জনি কামদেব করবাল কাঁঢ়।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কাঁঢ়ার [স কর্ণধার] *বি* হাল। 'আপণেই ধরিলোঁ কাঁঢ়ার।' *বড়ু*, ১৪৫০।

কাঁণ [স কাণ] *বিণ* কানা। 'কাঁণ হইআ মাগ্যা খায় পায়্যা নিশাকাল।' *মুকুন্দ*, ১৬০০।

কাঁত [স কন্থা] *বি* মাটির প্রাচীর বা দেয়াল। *বিদ্যা*, ১৮৯১।

কাঁতড়া [স কন্থা] *বি* ভাঙা প্রাচীর বা দেয়াল। *বিদ্যা*, ১৮৯১।

কাঁতা [স কন্থা] *বি* কাঁথা। 'কাঁতাখানা ময়লা হয়েছে।' *দীনবন্ধু*, ১৮৬০।

কাঁতি, কাঁতী [স কান্তি] *বি* শোভা। 'কনয়া নিকষ তোর দেহের কাঁতী।' *বড়ু*, ১৪৫০; 'দশন কাঁতি মুকুতা পাঁতি।' *দ্বিজ*, ১৬০০।

কাঁথ [স কন্থা] *বি* দেয়াল। 'কাঁথ ভাঙ্গ্যা জাই যদি দেহ অনুমতি।' *মুকুন্দ*, ১৬০০।

কাঁথা [স কন্থা] *বি* সেলাই করা মোটা বস্ত্রবিশেষ। 'প্রভু উঠি আপন কাঁথা তাহারে জড়ায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কাঁথা কমণ্ডলু লাঠি গলায় তুলসী-কাঠি।' *মুকুন্দ*, ১৬০০।

কাঁথাপত্র [স কন্থা+স পত্র] *বি* কাঁথা ও আনুষঙ্গিক জিনিসপত্র। 'কপিলা আগে নৌকায় উঠিয়া কাঁথাপত্র বিছাইয়া দিল।' *মানিক*, ১৯৩৬।

কাঁথা-বালিশ কাটা *ক্রি* চুরি করা। 'রাতের বেলা আমাদের অনেক লোকের কাঁথা-বালিশ কাটতে হবে।' *মনসুর*, ১৯৩৫।

কাঁথামুড়ি দেওয়া *ক্রি* পরম নিশ্চিন্ত হওয়া। 'ইতিহাস কাঁথামুড়ি দিয়ে সেই যে ঘুমালো।' *বীরেন্দ্র*, ১৯৫৬।

কাঁদ [স স্কন্ধ] *বি* কাঁধ। 'হাথে কুশ কাঁদে ঝুলি।' *মুকুন্দ*, ১৬০০।

কাঁদন [স ক্রন্দন] *বি* কান্না। 'কাঁদন মাথী হাসি দেই গারী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কাঁদ কাঁদ [স ক্রন্দন>] *বিণ* কেঁদে ফেলবে এমন। 'কাঁদ কাঁদ চক্ষে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কাঁদন-মাতম [স ক্রন্দন>+আ মাতম] *বি* কান্না ও বিলাপ। 'কিসের আমাদের কাঁদন-মাতম।' *মাহেনও*, ১৯৪৯।

কাঁদনা [স ক্রন্দন] *বি* কান্না। 'সদাই কাঁদনা দেখি অঝরু ঝরয়ে আঁখি।' *চণ্ডী*, ১৫৭০।

কাঁদনি [স ক্রন্দন] **১** *বি* সাপুড়েদের বিশেষ ধরনের গান। 'এখনি ধরিত সাপ কাঁদনি গাহিয়া।' *ভারত*, ১৭৬০। **২** *বি* কান্না। 'ওরে থাক থাক কাঁদনি/ দুই হাত দিয়ে ছিঁড়ে ফেলে দে রে/ নিজ হাতে বাঁধা বাঁধনী।' *রবীন্দ্র*, ১৯০০।

কাঁদানিআ [স ক্রন্দন>] *বিণ* বেশি কাঁদে এমন। *বিদ্যা*, ১৮৯১।

কাঁদানিয়া [স ক্রন্দন>] *বিণ* কাঁদায় এমন। 'অবশ আকাশ বিবশা ধরণি কাঁদানিয়া চাঁদিনীতে।' *নজরুল*, ১৯২৫।

কাঁদা[১] [স ক্রন্দন>] **১** *ক্রি* ক্রন্দন করা। 'পায়ে ধরি কাঁদে সে চিকুর গড়ি যায়। সোনার পুতুলি যেন ভূমেতে লোটায়।' *দ্বিজশ্রী*, ১৬০০। **২** *ক্রি* ধ্বনিত হওয়া। 'বীণাতে মোর কাঁদিয়া ওঠে তোমারি ভৈরবী।' *রবীন্দ্র*, ১৯২৯। **কাঁদতে কাঁদতে, কাঁদিতে কাঁদিতে** *ক্রিবিণ* ক্রমাগত কেঁদে। 'কাঁদিতে কাঁদিতে আসে হাসি।' *রবীন্দ্র*, ১৮৮৬; 'পথে-বিবর্জিতা বোষ্টমী মনের দুঃখে কাঁদতে কাঁদতে ...।' *প্রমথ*, ১৯২২। **কাঁদাইয়া** *ক্রি* কাঁদিয়ে। 'কাঁদাইয়া গোপী দান সাধিলা যথায়।' *বৃন্দা*, ১৫৮০। **কাঁদি** *ক্রি* কেঁদে। 'দুলাইছে কাঁদি চামরিণী সুচামর।' *মাইকেল*, ১৮৬১। **কাঁদিয়া** *ক্রিবিণ* কেঁদে। 'হানিফা কাঁদিয়া বলে সমর্ত্তভান তরে।' *গরীব*, ১৭৬৫। **কাঁদিয়ে-কাঁদিয়ে** *ক্রিবিণ* করুণভাবে। 'মুচড়ে মুচড়ে নিংড়ে নিংড়ে কাঁদিয়ে-কাঁদিয়ে সুর বের করতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৯৪। **কাঁদিয়ে মরা** *ক্রি* দুঃখে কাতর হওয়া। 'আপন মন নিয়ে কাঁদিয়ে মরি, পরের মন নিয়ে কী হবে।' *রবীন্দ্র*, ১৮৮৭। **কাঁদুইস** *ক্রি* কাঁদিস। 'পোলা তুই কাঁদুইস নারে।' *ভবানী*, ১৮২৮। **কাঁদে** *ক্রি* ক্রন্দন করে। 'পায়ে ধরি কাঁদে সে চিকুর গড়ি যায়। সোনার পুতুলি যেন ভূমেতে লোটায়।' *দ্বিজশ্রী*, ১৬০০। **কাঁদেছে** *ক্রি* কাঁদছে। 'ও ছেলেটী কাঁদেছে কেন।' *উমেশ*, ১৮৫৭। **কেঁদে-ককিয়ে** *ক্রিবিণ* কঠিন চেষ্টায়। 'যে দশ-বারোটি কেঁদে-ককিয়ে পড়তে পারে তারাও শীঘ্রই সম্পূর্ণ নিরক্ষর হয়ে যাবে।' *মুজতবা*, ১৯৫৮। **কেঁদে কেটে** *ক্রি* কান্নাকাটি ক'রে। 'মনপাত্র হলে মেটে, কী করবি কেঁদে কেটে।' *লালন*, ১৮৯০। **কেঁদে ভাসানো** *ক্রি* অঝর ধারায় কাঁদা। 'পুতুলের বিয়ে ভেঙে গেল বলে কেঁদে ভাসাইত

AMARBOI.COM

বুক।' *জসীম*, ১৯২৭। **কেঁদে মরা** *ক্রি* হাহাকার করা। 'কেন আমারি পরান কেঁদে মরে।' *রবীন্দ্র*, ১৮৯২। **কেঁদ্য** *ক্রি* কান্না কোরো। 'কেঁদ্য নাই আজি রে আকাশে আড়্যা ফাঁদ।' *মানিকরাম*, ১৭৮১।

কাঁদানো [স ক্রন্দন>] **১** *ক্রি* কান্না করানো; কাঁদতে বাধ্য করা। *বিদ্যা*, ১৮৯১। **২** *ক্রি* বিদায় দেওয়া। 'তা হলে চিরকুমার-সভাকে চিরজন্মের মতো কাঁদিয়ে এসেছ?' *রবীন্দ্র*, ১৯০৭।

কাঁদা[১] [স ক্রন্দন>] *বি* ক্রন্দন। **কাঁদাকাঁদি** [স ক্রন্দন>] *বি* পরস্পর কাঁদা। *বিদ্যা*, ১৮৯১।

কাঁদা কাটা [স ক্রন্দন>] *বি* কান্নাকাটি। 'কাঁদাকাটা আরম্ভ করিল।' *বঙ্কিম*, ১৮৭৯।

কাঁদাকাটি [স ক্রন্দন>] *বি* কান্নাকাটি। 'কাঁদাকাটি কর্যে দ্যাকবো, যদি না ছাড়ে তবে মোরা কাযিই দ্যাশ ছাড়ে যাব।' *দীনবন্ধু*, ১৮৬০।

কাঁদো কাঁদো [স ক্রন্দন>] **১** *বিণ* কেঁদে ফেলবে এমন। 'কাঁদো কাঁদো মুখ করে ঠিক বেকার ও কন্যাদায় হালতের পরিচয় দিচ্ছেন।' *হুতোম*, ১৮৬১। **২** *বিণ* উতলা। 'হাওয়াটাও সেই রকম কাঁদো-কাঁদো ভিজে-ভিজে ঠেকছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কাঁদি [স স্কন্ধ] *বি* ফলের বড়ো গুচ্ছ। 'নারিকেলও কাঁদি কাঁদি ফলে।' *বঙ্কিম*, ১৮৭৫।

কাঁদুনি, কাঁদুনী [স ক্রন্দন>] *বি* কান্না। 'চাউনি কর্ত্তার পানে কাঁদুনি কাঁদিয়া।' *গুপ্ত*, ১৮৫৮; 'এমন সময় বাইরে শুনি কী কাঁদুনী।' *অন্নদা*, ১৯৬৭।

কাঁদুনিক [স ক্রন্দন>] *বিণ* কান্নাজড়িত। 'মন উড়ু উড়ু চোখ ঢুলু ঢুলু/ ম্লান মুখখানি কাঁদুনিক –।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কাঁদুনিতা [স ক্রন্দন>] *বি* কান্নার ভাব। 'একটা সত্যিকার ছেলের মলিনতা কুশীতা কাঁদুনিতা দেখে আমরা কিছুতেই ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কাঁদুনে [স ক্রন্দন>] **১** *বিণ* অল্পেতে কাঁদে এমন। 'প্রথমে কাঁদুনে ছেলে মায়ের কোলে।' *সত্যেন্দ্র*, ১৯০৮। **২** *বিণ* কাঁদায় এমন। 'কাঁদুনে গ্যাস ছুঁড়ে, লাঠি চালিয়ে গ্রেপ্তার করেও কিছু হয়নি।' *হাফিজুর*, ১৯৫৩।

কাঁদুনে গ্যাস [স ক্রন্দন>+স গ্যাস] *বি* যে গ্যাস ছড়িয়ে দিলে বায়ু সংযোগে চোখে লেগে অশ্রুসিক্ত ও অস্বস্তিকর অবস্থার সৃষ্টি করে। 'কাঁদুনে গ্যাস ছুঁড়ে, লাঠি চালিয়ে গ্রেপ্তার করেও কিছু হয়নি।' *হাফিজুর*, ১৯৫৩।

কাঁদুনে বোমা [স ক্রন্দন>+প বোম্বা] *বি* কাঁদুনে গ্যাসভর্তি ছোটো ডিবা। 'হৃদরোগীদের ওয়ার্ডের ওপর উড়ে এল দুটো কাঁদুনে বোমা।' *হাফিজুর*, ১৯৫৩।

কাঁদুয়া বাঘ [স স্কন্ধ>] **১** *বি* বড়ো আকারের বাঘ। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বি* সিংহ। *ওসাঁ*, ১৭৮৫।

কাঁদো কাঁদো দ্র **কাঁদা**[২]

কাঁধ [স স্কন্ধ] **১** *বি* ঘাড়ের দু পাশে বিস্তৃত শরীরের ঊর্ধ্বাঙ্গ। *ওসাঁ*, ১৭৮৫; 'তাহার কাঁধে এক থাবড়া মারিয়া কহিলেক, ওরে বাছা।' *তারিণী*, ১৮০৩। **২** *বি* নির্ভর করার মতো আশ্রয়। 'সাধন কি মোর আসন নেবে হট্টগোলের কাঁধে।' *রবীন্দ্র*, ১৯২২। **৩** *বি* লম্বা। 'জয়তুনের চাইতে আইজদ্দি কাঁধেও ছোট, গায়ে শক্তিও অনেক কম।' *মাহেন*ও, ১৯৪৯।

কাঁধ দেওয়া **১** *ক্রি* কাজে নামা। 'সকলে মিলে কাঁধ দেওয়া যাক।' *নজরুল*, ১৯২৫। **২** *ক্রি* শ্মশানে নেওয়ার জন্য মৃতদেহ সহ মাচা বহন করা। 'আবদুর রহমান শ্মশানেও আমাকে কাঁধ দিল।' *মুজতবা*, ১৯৪৯।

কাঁধে চেপে বসা *ক্রি* ভর করা। 'কোনো-একটা চমৎকারা চিন্তা পড়াশুনোর কাঁধে চেপে বসে।' *রবীন্দ্র*, ১৯২৮।

কাঁধা [স স্কন্ধা] *বি* কলসের মুখ। 'হাঁড়ি পাতিল ঠুকুর-ঠুকুর কলসির কাঁধা।' *অবন*, ১৯১৯।

কাঁধি [স স্কন্ধ>] *বি* কাঁদি; ফলের বড়ো গুচ্ছ। 'ওলো গাছে নাই উঠিতেই এক কাঁধি।' *গৌর*, ১৮২২।

কাঁন্দনা [স ক্রন্দন] *বি* কান্না। 'কত নিত্য শুনব কাঁন্দনা।' *মুকুন্দ*, ১৬০০।

কাঁপ [স কম্প] *বি* কম্পন। 'তাক সুঁঅরী দেবকী কাঁপে বড় ডরে।' *বড়ু*, ১৪৫০।

কাঁপন [স কম্পন] *ক্রি* কাঁপা। *ওসাঁ*, ১৭৮৫।

কাঁপনি [স কম্পন>] *বি* কম্পন; নড়ন। *বিদ্যা*, ১৮৯১।

কাঁপা [স কম্পন] *ক্রি* কম্পিত হওয়া; শিউরে ওঠা। **কাঁপই** *ক্রি* কাঁপে। 'দুহুঁ তনু কাঁপই মদনক রচনে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কাঁপএ** *ক্রি* কাঁপে। 'ভাঙ্গিয়া কহিতে কথা কাঁপএ হৃদয়।' *সুলতান*, ১৬৫০। **কাঁপয়** *ক্রি* কাঁপে। 'হয়গজা-রব শুনি কাঁপয় মেদনী।' *মুকুন্দ*, ১৬০০। **কাঁপি** *ক্রি* কেঁপে। 'যার পানে চায় তার কাঁপি উঠে গাত্র।' *রামপ্রসাদ*, ১৭৮৮। **কাঁপিএ** *ক্রি* কাঁপে। 'কাঁপিএ সকল গা।' *মুকুন্দ*, ১৬০০। **কাঁপিতে** *ক্রি* কাঁপতে। 'কাঁপিতে।' *মানোএল*, ১৭৪৩। **কাঁপিল** *ক্রি* কম্পিত হলো। 'তা সুনিএা কংসরাজা কাঁপিল অন্তরে।' *মালাধর*, ১৫০০। **কাঁপে** **১** *ক্রি* শিউরে ওঠে। 'সুতুঙ্গ তরঙ্গ রঙ্গ অঙ্গ কাঁপে ডরে।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *ক্রি* কাঁপতে থাকে। 'দৃষ্টি মাত্র, কাঁপে গাত্র, জন্মে মনোভব।' *রামপ্রসাদ*, ১৭৮০। **কাঁপ্যা** *ক্রি* কেঁপে। 'কুড়ি হাথ কাঁপ্যা গেল গোউড়ের মাটি।' *রূপরাম*, ১৭৫০।

কাঁপা গলা *বি* ভয়ে বা আবেগে বিহ্বল কণ্ঠ। 'মা কাঁপা গলায় বললেন।' *হুমায়ুন*, ১৯৭২।

কাঁপানিআ [স কম্পন>] *বিণ* কাঁপায় এমন। *বিদ্যা*, ১৮৯১।

কাঁপানী [স কম্পন>] *বিণ* কাঁপন ধরিয়ে দেয় এমন। 'বোমা নয় কামান নয় পিলে কাঁপানী।' *অন্নদা*, ১৯৪৫।

কাঁপুনি [স কম্পন>] *বি* কম্পন। 'নারকেল-পাতার ঝুরঝুর কাঁপুনি।' *রবীন্দ্র*, ১৮৯২।

কাঁপুনি-টাপুনি *ক্রি* কাঁপাকাঁপি। 'ও বেটার কাঁপুনি-টাপুনি সমস্ত বদমায়েশি।' *রবীন্দ্র*, ১৯১৪।

কাঁপুনে *বিণ* কাঁপছে এমন। 'এই বাঁশপাতার মতো কাঁপুনে অথচ টলমল দেহটিকে ...।' *অচিন্ত্য*, ১৯৫০।

কেঁপে ওঠা *বিণ* কম্পিত। 'মঠের কিনারে কেঁপেওঠা বনবাসী হাওয়া।' *শঙ্খ*, ১৯৬৯।

কাঁফা [স কম্পন] *ক্রি* কম্পিত হওয়া। 'কাঁফিতে।' *মানোএল*, ১৭৪৩।

কাঁশারি, কাঁশারী [স কাংস্যকার>] *বি* কাঁসাজাত দ্রব্য নির্মাণ ও বিপণনের সঙ্গে যুক্ত পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'তিলি মালি শাঁকারি কাঁশারি গন্ধবণিক।' *ভবানী*, ১৮২৩; 'কতকগুলি ব্রাহ্মণ পণ্ডিত, কুলীনের ছেলে, বংশজ, শ্রোত্রিয়, কায়স্থ, বৈদ্য, তেলী, গন্ধবেণে আর কাঁশারী ও ঢাকাই কামার নিতান্ত অনুগত।' *হুতোম*, ১৮৬১।

কাঁশি [স কাংস্য>] *বি* কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। 'ঢাক ঢোল সানি কাঁশি শঙ্খ ঘণ্টা বীণা বাঁশী।' *মানিকরাম*, ১৭৮১।

AMARBOI.COM

কাঁসড় দ্র কাঁসর

কাঁসর [স কাংস্যতাল] *বি* কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। 'কাঁসর দুন্দুভি পড়া জগঝম্প বাজে।' *মুকুন্দ*, ১৬০০।

কাঁসড় [স কাংস্যতাল] *বি* কাঁসর; কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। 'শঙ্খ বেনি বীণা কাঁসড় ভেরি নানা বাজএ।' *মুকুন্দ*, ১৬০০।

কাঁসরঘণ্টা [স কাংস্যতাল>+স ঘণ্টা] *বি* কাঁসার তৈরি ঘণ্টা। 'মন্দির থেকে সন্ধ্যারতির কাঁসর ঘণ্টা বাজতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কাঁসা [স কাংস্য] **১** *বি* রাং ও তামার মিশ্রণে তৈরি ধাতুবিশেষ। 'কাঁসারি পাতিআ শাল ঝারি খুরি গড়ে থাল বাটী ঘটী বট-লই শিপ।' *মুকুন্দ*, ১৬০০; 'কাঁসায় ঘটী, বাটী, গেলাস ইত্যাদি নানা বস্তু প্রস্তুত করে।' *বিদ্যা*, ১৮৫১। **২** *বি* কাঁসা নির্মিত ঘণ্টা। *ওর্সা*, ১৭৮২।

কাঁসাশিল্প [স কাংস্যশিল্প] *বি* রাং ও তামা মিশ্রিত ধাতুর শিল্প। 'কাঁসাশিল্প কাঁচামালের অভাবে বিনষ্ট হইতে বসিয়াছে।' *আজাদ*, ১৯৭১।

কাঁসারি, কাঁসারী [স কাংস্যকার>] *বি* কাঁসার জিনিসপত্র প্রস্তুতকারী। 'কাঁসারি পাতিআ শাল ঝারি খুরি গড়ে থাল বাটী ঘটী বট-লই শিপ।' *মুকুন্দ*, ১৬০০; 'কাঁসারী পসারী কত।' *গুপ্ত*, ১৮৫৮।

কাঁসাই *বি* নদীবিশেষ। 'ধাইল কাঁসাই মহানদী বিড়াই খরস্রোত বামনার থানা।' *মুকুন্দ*, ১৬০০।

কাঁসি, কাঁসী [স কাংস্য>] **১** *বি* কাঁসার তৈরি কিনারা উঁচু থালাবিশেষ। 'এক কাঁসি ভাত।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বি* কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। 'খমক বীণা বাঁশি বাজয়ে শঙ্খ কাঁসি চৌদিগে শুনি জয়রোল।' *রূপরাম*, ১৭৫০; 'ঢোল কাঁসী তাশা বাঁশী বাজে শত শত।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

কাঁসিদার [কাঁসি+ফা দার] *বি* কাঁসর বাজায় যে। *বিদ্যা*, ১৮৯১।

কাঁসোর [স কাসকর] *বি* আন্ত্রিক পীড়াবিশেষ। 'কাঁসোর হইল ভয়ংবিষম উদরী।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কাঁহা [হি কহাঁ] *ক্রিবিণ* কোথায়। 'কাঁহা সে ত্রিভঙ্গ ঠাম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কাঁহাকা [হি কহাঁ>] *ক্রিবিণ* কোথাকার। 'কোপে কহেন গাজী কাঁহাকা আখক পাজি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কাঁহাক্কা [হি কহাঁ>] *ক্রিবিণ* কোথাকার। 'কঞ্জুসের ধাড়ি কাঁহাক্কা!। *শিবরাম*, ১৯৭০। পৃ. ৪:২৬১

কাঁহাতক [হি কহাঁ>] *ক্রিবিণ* কতক্ষণ পর্যন্ত। 'কাঁহাতক লোকে তোমার কথার জবাব দেয়?' *গিরিশ*, ১৮৮৯।

কাঁহাসো [হি কহাঁ>] *ক্রিবিণ* কারো সাথে। 'নাহি কাঁহাসো বিরোধ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কাঁহি [স কস্য] *ক্রিবিণ* কী করে। 'বাকপথাতীত কাঁহি বখাণী।' *চর্যা* ৩৭, ১২০০। দ্র **কাহি**

কাঁহিনি [স কথনিকা] *বি* কাহিনি; গল্প; উপন্যাস। *বিদ্যা*, ১৮৯১।

কাক[১] [স] *বি* কাকপাখি। 'আরতিল কাক তাক ভখিতে না পারে।' *বড়ু*, ১৪৫০।

কাকচক্ষু [স] *বিণ* কাকের চোখের মতো স্বচ্ছ। 'কূলে কূলে ভরা দিঘি, কাকচক্ষু জল।' *রবীন্দ্র*, ১৯০০।

কাকচিঙা [স কাক+স চিঙ্গা] *বি* পাখিবিশেষ। 'কাকচিলা মাছরাঙা প্রভৃতি পাখিগুলি।' *মানিক*, ১৯৩৬।

কাকচোখ [স কাকচক্ষু] *বিণ* কাকের চোখের মতো স্বচ্ছ। 'কাকচোখ জল পদ্মদিঘিতে কবে কোন রাঙা মেয়ে।' *জসীম*, ১৯৫১।

কাকজোছনা [স কাক-জ্যোৎস্না] *বি* শেষ রাতের ম্লান জ্যোৎস্না। 'কাকজোছনার সাদা কাফনে শরীর ঢেকে রেখে।' *ফররুখ*, ১৯৬৩।

কাকজ্যোৎস্না [স] *বি* শেষ রাতের ম্লান জ্যোৎস্না। 'ভোরের রং নয় – এ সেই কাকজ্যোৎস্না।' *জীবন*, ১৯৩২।

কাকতাড়ুয়া [স কাক-তাড়ন>] *বি* কাক বা অন্য কোনো পাখিকে তাড়ানোর জন্য স্থাপিত প্রতিকৃতি। 'রেখেছি কাকতাড়ুয়া দিকে দিকে মনের জমিনে।' *শামসুর*, ১৯৭৪।

কাকধ্বজ [স] *বি* কাক চিহ্নিত পতাকা। 'কাকধ্বজরথারূঢ়া ধূমের বরণ।' *ভারত*, ১৭৬০।

কাকনিদ্রা [স] *বি* কপট ঘুম। *সেবধি*, ১৮৩৯।

কাকনুহ [ফা] *বি* কিংবদন্তির পাখিবিশেষ। 'কাকনুহ পক্ষী যেন চিতা বিরচয়।' *আলাওল*, ১৬৮০।

কাকপক্ষ [স] *বি* কাকের পাখার মতো উভয় কানের পাশে ঝুলানো চুলের গোছা। 'কারো মাথায় কাকপক্ষ অবশিষ্ট।' *প্রমথ*, ১৯০৫।

কাকপক্ষধারী [স] *বিণ* ঝুঁটিবাঁধা। 'কাকপক্ষধারী একটি বালক।' *রবীন্দ্র*, ১৯০৭।

কাকপদ [স] *বি* উদ্ধার চিহ্ন। 'কাকপদ, আদ্যুত্তর, মধ্যোত্তর, অন্ত্যোত্তর, বাক্যোত্তর।' *রবীন্দ্র*, ১৮৯২।

কাকবউ *বি* স্ত্রী কাক। 'নিবিড় জমাচ্ছে খড়কুটো, কাকবউ ডিম দেবে বলে।' *শামসুর*, ১৯৭৪।

কাকবলি *বি* কাকের আহারের উদ্দেশে ছড়িয়ে দেওয়া ভাত। 'অগ্রে দিয়া কাকবলি সবান্ধবে কুতূহলী নূতন তণ্ডুল দেয় মুখে।' *ভারত*, ১৭৬০।

কাকভূত [স] *বি* প্রেতমূর্তি। *মানোএল*, ১৭৪৩।

কাকময় [স] *বিণ* অনেক কাক বসে আছে এমন। 'অকস্মাৎ তাকাতেন কাকময় দেয়ালের দিকে।' *শামসুর*, ১৯৭২।

কাকশিশু [স] *বি* কাকের ছানা। 'কোকিলের নীড়ে কি রে রাখিলি গোপনে কাকশিশু।' *মাইকেল*, ১৮৬২।

কাক-সকাল [স কাক-সুকাল] *বি* কাকডাকা ভোর। 'কাক-সকালে দুয়ার-খোলা নতুন বধূর ত্রস্ত-চলার মত।' *সিকান্দার*, ১৯৬০।

কাকস্নান [স] *বি* অল্প জলে স্নান। 'যেন শিবলিঙ্গের কাকস্নান হচ্ছে।' *জীবন*, ১৯৪৮।

কাকের বাসায় কোকিলের ছা জাতি স্বভাবে কাড়ে রা – কেউ নিজের স্বভাব ত্যাগ করে না। 'সে যেমন কাকের বাসায় কোকিলের ছা জাতি স্বভাবে কাড়ে রা তেমনি জানিবা।' *গৌর*, ১৮২২।

কাক[২] [স কক্ষ] *বি* কাঁখ। 'অভাগীর কলসি তুলিতে নারি কাকে।' *বিজয়*, ১৬৫০।

কাকতলি [স কক্ষতল] *বি* বগল। 'কাকতলি জাঁতি খুদ লুকায়্যা রাখিল।' *মালাধর*, ১৫০০।

কাক[৩] [স কঃ] *সর্ব* কাকে। 'দণ্ডের উচীত ফল দিমু কাক সাক্ষি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কাক[৪] [স] *বি* এক কড়ার চার ভাগ পরিমাণ। 'টাকা আছে, আনা আছে, কড়া আছে, ক্রান্তি আছে, দন্তি আছে, কাক আছে, তিল আছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

AMARBOI.COM

কাকদন্তি [স] *বি* অত্যন্ত সূক্ষ্ম পরিমাণ। 'ছাগশাবক কাকদন্তির হিসাব পর্যন্ত মিলাইয়া দিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৮।

কাকতি বিনতি [স কাকুক্তি>] *বি* অত্যন্ত বিনয়। 'বড় কাকতি বিনতি করিয়া পশুরাজকে কহিলেক ...।' *তারিণী*, ১৮০৩।

কাকন [স কঙ্কণ] *বি* চুড়ি। 'হাথক কাকন অরসী কাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কাকলি, কাকলী[১] [স] ১ *বি* মধুর অস্পষ্ট ধ্বনি। 'কি ছার তাহার কাছে কাকলী-লহরী মধুকালে?' *মাইকেল*, ১৮৬০; 'কোকিল কেবলি অশ্রান্ত গাহিতেছিল – বিফল কাকলি।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বি* হৈচৈ। 'তাঁদের কাকলিও ঘরের বাইরে যায় না।' *প্রমথ*, ১৯১৭।

কাকলিশূন্য [স] *বিণ* কলধ্বনিহীন। 'গাছের মস্ত একটা ডাল তার সমস্ত মর্মরিত পাতা, কাকলিশূন্য নীড়।' *ইলিয়াস*, ১৯৭২।

কাকলী[২] [স কঙ্ক>] *বি* কটিভূষণবিশেষ। 'কাকলী –।' *চিঠিপত্রে*, ১৮৮৮।

কাকস্য পরিদেবনা – হায় আপসোস। 'ওর বিয়েটা দিয়ে দিতে পারলে কোনো কথাই থাকত না। কিন্তু কাকস্য পরিদেবনা! বলি বা কাকে!' *রবীন্দ্র*, ১৯০৯।

কাকা [ফা] *বি* পিতার ছোটো ভাই; চাচা। 'টাকা হাতে করি কাকা গিয়ে তারে দিল।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কাকাবাবু [ফা কাকা+বাবু] *বি* কাকাকে সম্মান জানিয়ে সম্বোধন। 'বাবা, ছোট কাকাবাবু কখন আসবে বল না?' *গিরিশ*, ১৮৮৯।

কাকিমা, কাকীমা [ফা কাকা>+মা] *বি* পিতার ছোটো ভাইয়ের স্ত্রী। 'কাকিমারে দেখতি যাবা না।' *দীনবন্ধু*, ১৮৬০; 'ও যেদো, তোর কাকীমা এয়েছে রে।' *গিরিশ*, ১৮৮৯।

কা কা [ধ্বন্যা] *বি* কাকের ডাক। 'কাকগুলো অশান্তভাবে উড়ে উড়ে কা কা করে ডাকছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

কাকাতুয়া [হি ককাতুয়া] *বি* তোতার মতো পাখিবিশেষ। 'ময়না শালিক টিয়া তোতা কাকাতুয়া।' *ভারত*, ১৭৬০।

কাকালি [স কক্ষ>] *বি* কোমর। 'কাকালি ডুবিল জলে আখি মেলি চাএ।' *মালাধর*, ১৫০০।

কাকিমা দ্র কাকা

কাকি[২] [স কাক>] *বি* যোগবিশেষ। 'অখনে কহিব শুন কাকি নাম কর্ম।' *সুলতান*, ১৭০০।

কাকু [স] *বি* অনুনয়; মিনতি। 'লাগ পায়িলেঁ তাক বুলিহ কাকু করী।' *বড়ু*, ১৪৫০।

কাকুধ্বনি [স] *বি* কাতরোক্তি। 'গোরু দিয়ে জল টেনে টেনে তোলে মালী/ তার কাকুধ্বনিতে মধ্যাহ্ন সকরুণ।' *রবীন্দ্র*, ১৯৩২।

কাকুবাণী [স] *বি* কাতরোক্তি; কাকুতি-মিনতি। 'পশুর রোদন শুনি নানাবিধি কাকুবাণী।' *মুকুন্দ*, ১৬০০।

কাকুবাদ [স] ১ *বি* মিনতি। 'প্রভুস্থানে এতেক করিতে কাকুবাদ।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* প্রশংসাবাক্য। 'মহীধর মাহুদ্যার দেখে কাকুবাদ।' *মানিকরাম*, ১৭৮১।

কাকুর্বাণী, কাকুর্ব্বাণী [স কাকুবাণী] *বি* কাতর বাক্য; মিনতি। 'কাতর হইয়া রাধা বলে কাকুর্ব্বাণী।' *মালাধর*, ১৫০০।

কাকুর্বাদ [স কাকুবাদ] *বি* মিনতিবাক্য। 'এই মত কাকুর্বাদ অনেক করিয়া।' *বৃন্দা*, ১৫৮০।

কাকুড় [স কর্কটি>] *বিণ* ফুটি নামক ফল বা সবজিবিশেষ। 'সে জায়গায় শুধু তরমুজ, ফুটি আর খরমুজ কাকুড় হতো।' *শামসুল*, ১৯৫৭। **কাকুড় ফাটা** [স কর্কটি>+ফাটা] *বিণ* ফুটি যেভাবে ফেটে যায় তেমন। 'ছোটরাণী হিংসায় কাকুড় ফাটা।' *দীনবন্ধু*, ১৮৭৩।

কাকুতি, কাকুতী [স কাকুক্তি>] ১ *বি* কাতর মিনতি। 'না কর কাকুতী বড়ায়ি নাহিঁ লজ গালী।' *বড়ু*, ১৪৫০; 'এতেক কাকুতি কৃষ্ণ সভাকার সুনি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* ব্যঞ্জনা। 'অনুরোধ জানানোর পরক্ষণেই না বলে তার প্রতিবাদ করে অনুরোধের মধ্যে সম্মানের কাকুতি এনে দেওয়া হয়।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কাকুতি মিনতি [স কাকুক্তি>+আ মিন্নত>] *বি* অনুনয়-বিনয়। 'কাকুতি মিনতি করি বলে যুগ পাণি জুড়ি।' *আলাওল*, ১৬৮০।

কাকুতিস্বর [স কাকুক্তি>+স স্বর] *বি* কাতর মিনতির স্বর। 'বারেক ধ্বনিল রুদ্ধ নিষ্পেষিত শ্বাসে অন্তিম কাকুতিস্বর।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কাকুক্তি [স] ১ *বি* কাতরোক্তি। 'প্রায় চারি পাঁচ শত কৃষক লাঙ্গল স্কন্ধে করত ... অতিশয় কাতর হইয়া কাকুক্তি দ্বারা আদ্দাস করিয়াছে।' *প্রভাকর*, ১৮৫২। ২ *বি* খেদোক্তি। 'এ রকম তাত্ত্বিক কাকুক্তি প্রমাণ করা যায় না।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কাকোদর [স] *বি* সাপ। 'কণ্ঠে কাকোদর ভালে চন্দ্রিমা সুচারু।' *আলাওল*, ১৬৮০।

কাকোয়াস [স কৃকলাস] *বি* গিরগিটি। *মানোএল*, ১৭৪৩।

কাক্ষি [সং কক্ষ] ১ *বি* কটিদেশ; কোমর। 'চলিতে না পারে কাখে চুপড়ী করিআঁ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* কোল। 'পরিআ উজ্জ্বল ধুতি কাখে করি লয়া পুথি।' *মুকুন্দ*, ১৬০০।

কাখো *সর্ব* কাউকে। 'কাহ্ন কাখো না ডরাঅ।' *বড়ু*, ১৪৫০।

কাগ [স কাক] *বি* কাক। 'ভঙ্গ দেয় শীত যেন শর দেখি কাগ।' *আলাওল*, ১৬৮০; 'কাগডিমিয়া।' *বিদ্যা*, ১৮৯১।

কাগজোনাকি [স কাক+স জ্যোৎস্না] *বিণ* ম্লান জ্যোৎস্না। 'কাগজোনাকি রাতে নিজেরই সাদা কাপড়ের ছায়া দেখে ভূতের ভয় পায়।' *হাই*, ১৯৪৭।

কাগডিমিআ [স কাকডিম্ব>] *বিণ* কাকের ডিমের মতো। *বিদ্যা*, ১৮৯১।

কাগচ [আ কাগজ] *বি* কাগজ। 'চীনদেশে কর্পূর, কাগচ, চীনের বাসন, চা, ...।' *অক্ষয়*, ১৮৪১।

কাগচি, কাগজী [আ কাগজ>] *বি* কাগজ তৈরি করে যে। 'কাগজী ধরিলা নাম কাগজ করিয়া।' *মুকুন্দ*, ১৬০০।

কাগজ [আ] ১ *বি* এক রকমের খুব পাতলা উপাদান যার উপর লেখা যায়। 'কাগজ কুটিআ নাম বলায় কাগচি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* চুক্তি। 'আমার কাগজ হিসাব মেং এঞ্জ সাহেবের কিছুই নাহি।' *মেয়র্স*, ১৭৫৭। ৩ *বি* দলিল। 'সেই কাগজ আদালতে দাখিল আছে।' *মেয়র্স*, ১৭৫৭। ৪ *বি* হিসাবের খাতা। 'সিবু সরকারের কাগজে জমা করিয়া দিলেন।' *মেয়র্স*, ১৭৫৭। ৫ *বি* মুদ্রা। 'তাহার মূল্য ইংরাজী কাগজে এক শত টাকা ও পাটনাই কাগজে আশী টাকা।' *দর্পণ*, ১৮১৯। ৬ *বি* প্রতিবেদন। 'লোকগণনা করিয়া কাগজ শ্রীশ্রীযুত গবর্ণর জেনেরাল বাহাদুরের নিকটে দাখিল করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮২২। ৭ *বি* সংবাদপত্র; খবরের কাগজ। 'উভয়ে পরস্পর বিবাদজনক অসাধু ভাষাতে পরস্পর নিন্দা স্বং কাগজে ছাপাইতেছেন।' *দর্পণ*, ১৮২২। ৮ *বি* তাস। 'শুনিয়া কাগজ ফেলে খেলুড়ি যুবতি।' *ভবানী*, ১৮২৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কাগজওয়ালা [আ কাগজ+হি ওয়ালা] **১** *বি* সাংবাদিক; সংবাদপত্রের প্রকাশক-সম্পাদক। 'বাঙ্গালা কাগজ ওয়ালারা ... আজগুবী কথায় কাগজ পোরাতে লাগলেন।' *হুতোম*, ১৮৬১; 'বিলেতি কাগজওয়ালারা মহানন্দে বলতে লাগল।' *প্রমথ*, ১৯১৮। **২** *বি* খবরের কাগজ বিক্রেতা। 'কাগজওয়ালা সারি সারি নাড়ছে কাগজ হাতে নিয়ে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কাগজ-কাটা [আ কাগজ+কাটা] *বি* কাগজ কাটার ছুরি। 'রুপোর কাগজ-কাটা এনামেল করা।' *রবীন্দ্র*, ১৯৩২।

কাগজখণ্ড [আ কাগজ+স খণ্ড] *বি* কাগজের পৃষ্ঠা। 'কাগজখণ্ড আসিয়া একপ্রকার লয়ডক্ষ হইয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯১।

কাগজচাপা [আ কাগজ+চাপা] *বি* ধাতু বা কাচের তৈরি উপকরণ যা দিয়ে কাগজ চাপা দেওয়া হয়; পেপারওয়েট। 'এক পত্র পাথরের কাগজচাপা দিয়া চাপা রহিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৬।

কাগজদিগর [আ কাগজ+ফা দিগর] *বি* কাগজগুলি। *তাঁতি*, ১৭৯২।

কাগজপত্তর [আ কাগজ+স পত্র] *বি* হিসাবের খাতাপত্র। 'খাজাঞ্চীবাবু আমার হাতে দপ্তরের কাগজপত্তর দিতেন।' *বিমল*, ১৯৫৩।

কাগজপত্র [আ কাগজ+স পত্র] **১** *বি* নথিপত্র। 'আমার কাগজপত্র খোয়া গিয়াছে।' *মেয়র্স*, ১৭৫৭। **২** *বি* চুক্তি। *ওসাঁ*, ১৭৮২; 'পাঁচ টাকা মালগুজারি চাহেন কাগজ পত্র মানেন না।' *কেরি*, ১৮০২। **৩** *বি* হিসাবের খাতাপত্র। 'জে২ দফা পাওনা ছিল ইস্তক নাগাদ অবধি টাকা ও কাগজপত্র ... বুঝিয়া পাইলাম।' *ভেরলি*, ১৭৮৯। **৪** *বি* মামলার দলিলপত্র। 'ছয় জনের কাগজপত্র এক তরফ আপিলের শুনানিতে।' *দর্পণ*, ১৮৩০।

কাগজাত, কাগজাৎ [আ কাগজ>] *বি* কাগজপত্রাদি; দলিলপত্র। 'সুবাজাতের কাগজাতও কিছু পাইলেন না।' *রামরাম*, ১৮০১; 'পূর্ব্বের নিযুক্ত সাহেবেরদের কাগজাৎ দেখিলেই জানিতে পারিবেক।' *চন্দ্রিকা*, ১৮৩৫।

কাগজাবতার [আ কাগজ+স অবতার] *বি* কাগজরূপ অবতার। 'হে কাগজাবতার তাস।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কাগজি, কাগজী [আ কাগজ>] **১** *বিণ* কাগজের তৈরি। *বিদ্যা*, ১৮৯১। **২** *বিণ* পত্রিকায় লেখে এমন। 'তাদেরকে কাগজী লেখক বলা যেতে পারে।' *অচিন্ত্য*, ১৯৫০। **৩** *বিণ* কাগজে অনুসৃত। 'কাগজী ব্যবস্থা অনুসারে কেন্দ্র ও প্রদেশের দেনা-পাওনা ও লেনদেনের হিসাব-নিকাশ হইয়া থাকে।' *আজাদ*, ১৯৬৪।

কাগজেতে *ক্রিবিণ* কাগজে। *ক্যালগে*, ১৭৯২।

কাগজি, কাগজী [আ কাগজ>] *বি* এক জাতের লেবু। 'কাগজি লেবু।' *ওসাঁ*, ১৭৮৫; 'এক হাজার পেঁপে, কলা, কাগজীর গাছ তৈরি করতে পারলে ...।' *জামায়াত*, ১৯৩৮।

কাগজি লেবু, কাগজী লেবু [আ কাগজ>+আ লিমাঁ/প লিমান] *বি* লেবুর প্রকার-বিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'কাটা শাশা, পাপিতা, কাটা আনজির, কাগজি লেবু, আদা ...।' *রশীদ*, ১৯৬৩।

কাগজি লেমু [আ কাগজ>+আ লিমাঁ/প লিমান] *বি* এক জাতের লেবু। *ওসাঁ*, ১৭৮৫।

কাগত [আ কাগজ] *বি* পুথি। 'সপ্ত শূন্য ভরি যদি সৃজএ কাগত।' *আলাওল*, ১৬৮০।

কাগতি [আ কাগজ>] *বি* কাগজ তৈরি করা যে মুসলমান সম্প্রদায়ের পেশা। 'কাগজ কুটিআ নাম বলায় কাগতি।' *মুকুন্দ*, ১৬০০।

কাগুতি [স কাকৃকি] *বি* কাকুতি; মিনতি। 'অধিক করুনা করি করএ কাগুতি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কাঙগালি [স কাঙ্ক্ষ>] *বিণ* দরিদ্র; নিঃস্ব। 'কাঙগালি লোককে মাস২ খয়রাত দেওনের উপযুক্ত অধ্যক্ষ নিযুক্ত করিলেন।' *রামরাম*, ১৮০১।

কাঙন [স কঙ্কণ] *বি* কাঁকন; হাতের অলঙ্কারবিশেষ। 'ফেলিয়ে বিয়ের হাতের কাঙন।' *নজরুল*, ১৯২৫।

কাঙলা [স কাঙ্ক্ষ>] *বিণ* কাঙাল। 'তোমার সাধের বাঙলা, হল কাঙলা, সয় না অত্যাচার।' *গুপ্ত*, ১৮৫৮।

কাঙারু [ই ক্যাঙারু] *বি* পিছনের দুই পা এবং লেজে ভর দিয়ে লাফিয়ে লাফিয়ে চলে এমন অস্ট্রেলীয় জন্তু; ক্যাঙারু। 'কাঙারু-শাবকের মতো মাতৃগর্ভ হইতে ভূমিষ্ট হইয়াও ...।' *রবীন্দ্র*, ১৯০২। *দ্র* **ক্যাঙারু**

কাঙাল [স কাঙ্ক্ষ>] **১** *বিণ* গরিব; দরিদ্র। *ওসাঁ*, ১৭৮৫; 'বাঙলার মুসলমান সমাজ ধনে কাঙাল কি না জানি না।' *নজরুল*, ১৯২৭। **২** *বিণ* নিঃস্ব। 'সোনার বাঙাল করে কাঙাল, ইয়ং বাঙাল যত জনা।' *গুপ্ত*, ১৮৫৮; 'ওগো কাঙাল আমারে কাঙাল করেছ।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৩** *বি* কাঙালপনা করে যে। 'আমি দুর্গন্ধ পয়সার কাঙাল!' *রবীন্দ্র*, ১৮৯২। **৪** *বিণ* অক্ষম। 'পৃথিবীর ভিতর থেকে এই কাঙাল জীবগুলো ... শীর্ণ হয়ে বেড়াচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৫** *বি* প্রার্থী। 'ওগো কাঙাল আমারে কাঙাল করেছ।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৬** *বিণ* কাতর। 'তারে ঘিরে ফিরুক কাঙাল বাণী।' *রবীন্দ্র*, ১৯২৩।

কাঙালপনা [কাঙাল+পনা] *বি* দীনতা। 'কিন্তু তাই বলিয়া এমনতরো কাঙালপনা।' *রবীন্দ্র*, ১৯০২।

কাঙালি, কাঙালী [কাঙাল>] **১** *বিণ* নিঃস্ব। 'কাঙালী বাঙালী যত, চিরদিন অনুগত, জানিনে মন্দ আচরণ।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বিণ* লোভী। 'এসেছি কি হেথা যশের কাঙালি।' *রবীন্দ্র*, ১৮৮৬। **৩** *বি* ভিখারি। 'আজ কাঙালি গাহিতেছিল ...।' *রবীন্দ্র*, ১৮৯৩। *দ্র* **কাঙ্গালি**

কাঙালিনি, কাঙালিনী [কাঙাল>] **১** *বিণ স্ত্রী* দরিদ্র; নিঃস্ব। 'কাঙালিনি।' *বিদ্যা*, ১৮৯১। **২** *বি স্ত্রী* প্রার্থী। 'আমি সোনার কাঙালিনী ধূলার সে দান নিলাম।' *রবীন্দ্র*, ১৯৩২।

কাঙালি-বিদায় [কাঙালি+আ বিদা] **১** *বি* নিঃস্বকে সহায়তা দান। 'প্রকৃতি, তাঁহার জ্ঞানধন কাঙালিবিদায়ে অপব্যয় করেন না।' *প্রমথ*, ১৯২০। **২** *বি* গরিব লোককে অন্নবস্ত্রাদি দান। 'বড়োলোকের শ্রাদ্ধে কাঙালি-বিদায়ের মতো।' *রবীন্দ্র*, ১৯২৮।

কাঙালীপনা [কাঙাল>] *বি* কাঙালের মতো আচরণ। 'এত কাঙালীপনা কেন?' *শওকত*, ১৯৫৮।

কাঙুই [স কঙ্গু] *বি* কঙ্গু ধান। *বিদ্যা*, ১৮৯১।

কাঙ্কই [স কঙ্কতিকা] *বি* কাঁকই; চিরুনি। 'যদি হএ কাঙ্কই করাত লই চিড়ে।' *বাহরাম*, ১৬৫০।

কাঙ্কড়ী [স কর্কটিকা] *বি* কাঁকুড়; ফল বা সবজিবিশেষ। 'খরমুজা কাঙ্কড়ী বাঙ্গী আমৃত কাঙ্কড়ী।' *বড়ু*, ১৪৫০।

কাঙ্কন [স কঙ্কণ] *বি* কাঁকন। 'হার কাঙ্কন মোর কাঞ্চুলীতে দেএ টান।' *বড়ু*, ১৪৫০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কাঙ্কাণ [স কঙ্কণ] *বি* কাঁকন। 'হাথেরে কাঙ্কাণ মা লোউ দাপণ।' *চর্যা* ৩২, ১২০০।

কাঙ্ক্ষণীয় [স] *বিণ* প্রত্যাশিত। 'এর থেকে কাঙ্ক্ষণীয় কর্ম আর কি হতে পারে।' *সুনীল মুখো*, ১৯৭০।

কাঙ্ক্ষিত [স] *বি* যাকে আকাঙ্ক্ষা করা হয়েছে। 'বুঝি আসে কাঙ্ক্ষিত, তাই চিত্ত হল চঞ্চল।' *রবীন্দ্র*, ১৯২৬।

কাঙ্খ [স কক্ষ] *বি* কাঁখ। 'কলস কাঙ্খে নিয়ে ঘরের পানে ফেরে।' *জসীম*, ১৯৩১।

কাঙ্গন [স কঙ্কণ] *বি* কাঁকন। 'হাতের কাঙ্গন সব আরশ কাঙ্গুরা।' *গরীব*, ১৭৬৫।

কাঙ্গনা [স কঙ্কণ] *বি* কাঁকন। 'কুমারের হস্তে দিয়া বান্ধিল কাঙ্গনা।' *আলাওল*, ১৬৮০।

কাঙ্গরু [হি ক্যাঙ্গারু] *বি* ক্যাঙ্গারু – পিছনের দু পা ও লেজের ওপর ভর দিয়ে লাফিয়ে লাফিয়ে চলে এমন অস্ট্রেলীয় জন্তু। 'কাঙ্গরু নামে নবইংলণ্ডীয় এক জন্তু।' *দর্পণ*, ১৮২১। দ্র **ক্যাঙারু**

কাঙ্গাই, কাঙ্গাইয়া *বি* ফলবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

কাঙ্গাল [স কাঙ্ক্ষা>] ১ *বি* ভিক্ষুক। 'দুঃখিত কাঙ্গাল আনি করাইল ভোজনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ গরিব। *ওসী*, ১৭৮৫; 'কাঙ্গাল রোগগ্রস্ত যত লোক যায় ...।' *দর্পণ*, ১৮২৫। ৩ *বিণ* নিঃস্ব। 'এই নগরের কত লোক কাঙ্গাল হইয়াছে তাহা বলিতে পারি না।' *দর্পণ*, ১৮৩০। দ্র **কাঙাল**

কাঙ্গালপনা [কাঙ্গাল>] *বি* দীনতা। 'অসহায় বলে পুরুষের দ্বারে কাঙ্গালপনা করতে হয় না।' *বেগম*, ১৯৫২।

কাঙ্গালি, কাঙ্গালী [কাঙ্গাল>] *বি* ভিখারি। 'কাঙ্গালি লোকেরদিগকে সেই সপ্তায় লক্ষ ভঙ্কা বিতরণ করিলেন।' *রামরাম*, ১৮০১; 'বঙ্গালি সব কাঙ্গালী।' *দর্পণ*, ১৮২৮। দ্র **কাঙাল**

কাঙ্গালিনী [কাঙ্গাল>] *বি* স্ত্রী ভিখারি। 'এক কাঙ্গালিনী আসিয়া কিছু যাচিঞা করিল।' *রামরাম*, ১৮০১।

কাঙ্গালিবিদায় [স কাঙ্ক্ষা>+আ বিদা] *বি* গরিব লোককে অন্ন-বস্ত্রাদি দান। 'ব্রাহ্মণ ভোজন ও কাঙ্গালিবিদায়।' *দর্পণ*, ১৮২২।

কাঙ্গুরা [ফা কুঙ্গুরহ] ১ *বি* সৌধ-চূড়া। 'এক কাঙ্গুরাত থাকি যদি পক্ষীবর।' *আলাওল*, ১৬৮০। ২ *বিণ* উচ্চ চূড়ায় স্থাপিত। 'কোঠায় কাঙ্গুরা ঘড়ী নিশান নহবৎ।' *ভারত*, ১৭৬০।

কাঙ্গুরার চিন [ফা কুঙ্গুরহ+স চিহ্ন>] *বি* সৌধ শিখরের চিহ্ন। 'গাঢ় আলিঙ্গনে রহে কাঙ্গুরার চিন।' *আলাওল*, ১৬৮০।

কাচ [স] ১ *বিণ* ভঙ্গুর। 'কাচ ঘটী অনুগত জন জেম।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* স্বচ্ছ বস্তুবিশেষ। 'তুঙ্কি হৈলা কাচ সমতুল।' *সুলতান*, ১৬৫০।

কাচকড় [স কাচ>] *বিণ* কাচের ঢাকনি আছে এমন। 'হাটের কাচকড়-কুপি অনেকেই জ্বালে।' *শক্তি*, ১৯৬৫।

কাচকর্মকর, কাচ-কর্মকর [স] *বি* কাচের কাজ করে যে। 'কাচ-কর্মকর ও শকটকারের নিকট ... শিক্ষার্থ নিযুক্ত করিয়া দিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

কাচঢাল [স কাচ+ঢাল] *বিণ* কাচের মতো মসৃণ। 'মেজে কৈল কাঁচঢাল।' *কেতকা*, ১৬৫০।

কাচপাত্র [স] *বি* কাচের তৈরি পেয়ালা। 'মদিরার কাচপাত্র অতিথির জন্য অপেক্ষা করিয়া আছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কাচ-বর্তুল [স] *বি* কাচের গোলাক। 'কাচ-বর্তুল সাহায্যে দৃশ্য আলোক যেরূপ বহুদূরে অক্ষীণভাবে প্রেরণ করা যাইতে পারে।' *জগদীশ*, ১৮৯৫।

কাচপোকা [স কাচ+স পুত্তিকা] *বি* বোলতা জাতীয় পতঙ্গবিশেষ, যার দুই পাখা শক্ত এবং উজ্জ্বল ময়ূরকণ্ঠী রঙের। 'পরো লালাটে কাচপোকার টিপ।' *নজরুল*, ১৯৩৩।

কাচনি *বি* বাঁশের চটা। 'দেয়াল দেবার পয়সা না জোটে বাঁশ ফেড়ে কাচনির বেড়া তো দিয়ে নেওয়া যায়।' *মনোজ*, ১৯৬১।

কাচলি [স কঞ্চুলী] *বি* নারীদের বক্ষাবরণী। 'বুকের উপরে ধনী পরিল কাচলি।' *রূপরাম*, ১৭৫০।

কাচা[১] [হি কাছা] ১ *বি* আটপৌরে কাপড়। 'পরিত পুরান কাচা ভানিত আমার ভাচা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* হিন্দুমতে শেষকৃত্যের কাপড়। 'মরিয়া গেলে কেবল দুই কাচা মাত্র সঙ্গে দিয়া বিদায় করিবেক।' *ভবানী*, ১৮২৫।

কাচা[২] *ক্রি* কাপড় ধোয়া। 'জলেতে লামিয়া কাপড় কাচিতে লাগিলা।' *বিজয়*, ১৬৫০।

কাচানো *ক্রি* অপরের দ্বারা কাপড় ধোয়ানো। *বিদ্যা*, ১৮৯১।

কাচা[৩] [প্রা কংচা] *বি* অপূর্ণ। 'কাচা নিন্দে দু ভাই ইমাম জাগাই।' *গরীব*, ১৭৬৫।

কাচামিঠে [প্রা কংচা+স মিষ্ট>] *বিণ* কাঁচা অবস্থাতেই মিষ্টি। 'কাচামিঠে আম ধরেছে বড় বড়।' *শামসুল*, ১৯৫৭।

কাচারি [হি কচহরী] *বি* জমিদার, নায়েব, কাজি ইত্যাদির দপ্তর। 'বসিয়াছে কাজি আপন কাচারিতে।' *বিজয়*, ১৬৫০।

কাচারিবাড়ি [হি কচহরী+বাড়ি] *বি* বৈঠকখানা। 'কাচারিবাড়ি, কোঠাবাড়ি, তেতলা দালান।' *কায়সার*, ১৯৬৫।

কাচি[১] *বি* মাছবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

কাচি[২] [তু কইঞ্চি] ১ *বি* দুই ফলাওয়ালা কাটার যন্ত্রবিশেষ। *ক্যালগে*, ১৭৮৪। ২ *বি* কাস্তে; কৃষিকাজে ব্যবহৃত হাতিয়ারবিশেষ। 'বিনা পাকালে গড়িয়ে কাচি করছো নাচানাচি।' *লালন*, ১৮৯০।

কাচুমাচু *ক্রিবিণ* জড়সড় হয়ে; সংকুচিত হয়ে। 'ফিরছে পিছে কাচুমাচু।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

কাচুলি [স কঞ্চুলী] *বি* নারীদের বক্ষাবরণী। 'বিচিত্র কাচুলি পৈরে সর্ব্বাঙ্গে ঘুরন।' *মালাধর*, ১৫০০।

কাচ্চা বাচ্চা [স বৎস>] *বি* খুব অল্পবয়স্ক ছেলেমেয়ে। 'আমার পাঁচটা কাচ্চা বাচ্চা আছে।' *গৌর*, ১৮২২।

কাচ্ছাব [আ কস্সাব] ১ *বি* কসাই। 'কাচ্ছাব শব্দ হইতে কসাই হইয়াছে।' *মশাররফ*, ১৮৮৯। ২ *বি* ব্যবসাদার; ব্যবসায়ী। 'কাচ্ছাব শব্দের ভাবার্থ ব্যবসাদার।' *মশাররফ*, ১৮৮৯।

কাচ্ছি *বি* পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'কাচ্ছি, কোরি, লোধী, কুর্মী সবাই এসেছিল।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কাচ্ছী [স কক্ষিকা] *বি* কাছি। 'পাঞ্চ কেড়ুআল পড়ন্তে মাঙ্গে পিটত কাচ্ছী বান্ধী।' *চর্যা ১৪*, ১২০০।

কাছ[১] [স কক্ষ] *বি* কাঁখ। 'কাছের কলসিএ রাধা তুলিলেঁ পাণী।' *বড়ু*, ১৪৫০।

কাছ[২] [স কক্ষ] *বি* নিকটবর্তিতা; নৈকট্য। 'কাছে ছিলে দূরে গেলে, দূর

AMARBOI.COM

হতে এসো কাছে।' *রবীন্দ্র*, ১৮৯৮; 'এ তার বাঁধা কাছের সুরে ঐ বাঁশি যে বাজে দূরে।' *রবীন্দ্র*, ১৯১৯।

কাছ-ছাড়া করা *ক্রি* দূরে সরানো। 'গভীর ঘুমের কোলে না ঢুলে পড়লে কাছ-ছাড়া করা দায়।' *শওকত*, ১৯৭২।

কাছছাড়া হওয়া *ক্রি* নিকটে না থাকা। 'আমি আর তোমার কাছছাড়া হবো না।' *দীনবন্ধু*, ১৮৭২।

কাছঘেঁষা [স কক্ষ+ঘেঁষা] *বিণ* নিকটবর্তী। 'অসীমের কাছঘেঁষা বিশ্বব্রহ্মাণ্ডের দুষ্পরিমেয় বৃহৎ দুরধিগম্য সূক্ষ্মের হিসাব সে রাখছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কাছড়া *বি* তুলার প্রকারবিশেষ। 'কাছড়া তুলার মূল্য পৌনে চৌদ্দ।' *দর্পণ*, ১৮২১।

কাছড়ানো [আ আসার>] *ক্রি* আছড়ানো। 'মুখে অক্ত তুলে মাথা কাছড়ে মরে গেল।' *তারা*, ১৯৪৬।

কাছন *বি* বন্ধন। 'দশ পাঁচ অস্ত্র একজনের কাছন।' *বৃন্দা*, ১৫৮০।

কাছনা *বি* লতাবিশেষ। 'সাত গাছ কাছনা ছোয়াইল দুই পায়ে।' *বিজয়*, ১৬৫০।

কাছলি, কাছলী [স কঞ্চুলী] *বি* কাঁচুলি। 'কাছলি ছিড়িয়া বেউলা করে দুইখান।' *বিজয়*, ১৬৫০; 'কাছলী পরেন দেবী আরয়াল বেকা।' *বিজয়*, ১৬৫০।

কাছা[১] [স কচ্ছ] ১ *বি* মালকোচা। 'পত্র পটিয়া বান্ধে কাছার তলে।' *বিজয়*, ১৬৫০। ২ *বি* দুপায়ের ফাঁক দিয়ে জড়িয়ে শাড়ি পরার পদ্ধতিবিশেষ। 'লালপেড়ে কটকটিয়ে, সাড়ী পরা কাছা দিয়ে।' *ভবানী*, ১৮২৫। ৩ *বিণ* দুই পায়ের ফাঁক দিয়ে কটিদেশের পেছনে গোঁজা বস্ত্রপ্রান্ত। 'ধুতি পড়া কাছা করা।' *ভবানী*, ১৮২৮।

কাছা-কোঁচা [স কচ্ছ>] *বি* কোমরের সঙ্গে আটকানো কোঁচানো বস্ত্রপ্রান্ত। 'কাছা-কোঁচা শতবার খসে খসে পড়ে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কাছাখোলা [স কচ্ছ>] ১ *বিণ* কাছা খুলে মুসলমান-সাজা। ২ *বিণ* কাছাখোলা মোল্লাদের মতন।' *নজরুল*, ১৯২৪। ২ *বিণ* অসতর্ক। 'এমন কাছাখোলা হওয়ার জন্য নিজেকেই দুষছে কুবের।' *শ্যামল*, ১৯৬৭।

কাছা[২] [স কচ্ছ>] *ক্রি* নিক্ষেপ করা। 'কাছিল লসান টাঙ্গি।' *মুকুন্দ*, ১৬০০। **কাছেন** *ক্রি* ছোঁড়েন। 'কাত্যায়নী তীক্ষ্ণ বাণ কাছেন সত্বর।' *মুকুন্দ*, ১৬০০।

কাছাকাছি [স কক্ষ>] ১ *ক্রিবিণ* নিকটে। 'দেখি যে ও বড় কাছাকাছি তোমার কানাকানি করিলেক।' *তারিণী*, ১৮০৩। ২ *বি* নৈকট্য। 'মানুষে মানুষে কাছাকাছি ঘেঁষাঘেঁষি কত শত সহস্র প্রকারের ঘাত প্রতিঘাত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কাছাড় [আ আসার] *বি* আছাড়। 'উভ করি ধরিআ কাছাড়ে।' *মুকুন্দ*, ১৬০০।

কাছাড়া [আ আসার>] *ক্রি* আছাড় দেওয়া। 'স্মরণে কাছাড়া খেয়ে সর্বাঙ্গেতে কড়া।' *মানিকরাম*, ১৭৮১।

কাছাড়িল *ক্রি* আছাড় দিলো। 'কাছাড়িল অমর জুমর অভিধান।' *রূপরাম*, ১৭৫০।

কাছাড়ি *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'সাঁওতাল, কোঁচ, কাছাড়ি প্রভৃতি জাতিদিগের ভাষা।' *বঙ্কিম*, ১৮৯২।

কাছানো [স কচ্ছ>] *ক্রি* নিকটবর্তী হওয়া। *বিদ্যা*, ১৮৯১।

কাছিয়ে আসা *ক্রি* নিকটবর্তী হওয়া। 'পাখি মুগ্ধ হয়ে যেন কাছিয়ে এসেছিল।' *নজরুল*, ১৯২৭।

কাছারি, কাছারী [হি কচহরী, ফা কুরছা] ১ *বি* খোলা উচ্চ মঞ্চ। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* সভাগৃহ। *মানোএল*, ১৭৪৩। ৩ *বি* আদালত। 'কাছারিতে বড়ই দুস্থ পাইতেছি।' *ওঝা*, ১৭৮২; 'পুলিশের কাছারীতে স্বয়ং উপস্থিত হইলেন।' *ভবানী*, ১৮২৮। ৪ *বি* জমিদারের দপ্তর বা কার্যালয়। 'শ্রীরামপুরের কাছারি বাটীর নিকট।' *দর্পণ*, ১৮১৮; 'এই ভাবেই কাছারী নে যাব।' *মশারফ*, ১৮৬৯। ৫ *বি* দপ্তর। '১৩ নম্বরের বাটীতে ডাকঘরের কাছারী বসিবে।' *দর্পণ*, ১৮২৮; 'ধুতি চাদর পরিধান করিয়া কাছারি করিতে ইচ্ছা করিয়াছিলেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ৬ *বি* জমিদারির দাপ্তরিক কাজকর্ম। 'কাল কাছারি সেরে এই ছোটো নদীটি পার হবার সময় দেখতে পাব ...।' *রবীন্দ্র*, ১৮৯২। ৭ *বি* বিচারকার্য চলাকালীন অবস্থা। 'কাছারির সময় কোর্টে খুব কমই আসিয়াছে।' *মনসুর*, ১৯৫৩।

কাছারি করা *ক্রি* (জমিদারের) দাপ্তরিক কাজ করা। 'ধুতি চাদর পরিধান করিয়া কাছারি করিতে ইচ্ছা করিয়াছিলেন।' *বঙ্কিম*, ১৮৭২।

কাছারিখানা [কাছারি+ফা খানাহ্] *বি* বৈঠকখানা। 'গাড়িখানা, কাছারিখানা সমস্ত জায়গায় যারা কাজের জন্য আসতে পারেনি, আটকে গিয়েছে।' *বিমল*, ১৯৫৩।

কাছারি-ঘর [কাছারি+ঘর] ১ *বি* দপ্তরের ঘর। 'খাজনা লইয়া কাছারি-ঘরে টোপর পরা বরবেশধারী নায়েবের সম্মুখে আনিয়া উপস্থিত করিবে।' *রবীন্দ্র*, ১৮৯৭। ২ *বি* বৈঠকখানা। 'কাছারিঘরে একটা কৌচে হেলান দিয়া বসিতেন।' *রবীন্দ্র*, ১৯১২।

কাছারিবাড়ি, কাছারিবাড়ী [কাছারি+বাড়ি] ১ *বি* দাপ্তরিক কাজের ঘর। 'প্রথম মহলের নাম কাছারি বাড়ি।' *বঙ্কিম*, ১৮৭৩। ২ *বি* বৈঠকখানা। 'কাছারিবাড়ির বারান্দা ও উঠান দেখা যায়।' *মনসুর*, ১৯৫৫।

কাছি [স কক্ষা] *বি* মোটা দড়ি। 'ভক্তগণ কাছিতে হাত দিয়া মাত্র যায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কাছি করা *ক্রি* নৌকা তীরে বাঁধা। 'নৌকা কাছি করিল।' *বঙ্কিম*, ১৮৭৩।

কাছিম [স কচ্ছপ] *বি* কচ্ছপ। 'বলুক কাছিম ভাসে ঢেউর হিল্লোলে।' *কেতকা*, ১৬৫০।

কাছে [স কক্ষ] *ক্রিবিণ* নিকটে। 'ঘুঁচিল মায়ার নদী যোগী নাহি কাছে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কাছে কাছে *ক্রিবিণ* নিকটে; সঙ্গে সঙ্গে। 'জাতি কুল যাক পিছে থিবি তার কাছে কাছে।' *দ্বিচণ্ডী*, ১৬০০।

কাছে-কিনারে *ক্রিবিণ* ধারে-কাছে। 'কাছে-কিনারে কোনো গলিতে থাকে যেন।' *সাদত*, ১৯৬৭।

কাছেতে *ক্রিবিণ* নিকটে। 'তোমারি কাছেতে হারিয়া।' *রবীন্দ্র*, ১৯১৪।

কাছেপিঠে *ক্রিবিণ* সন্নিকটে। 'শহরের কাছেপিঠে রাখা যুক্তিযুক্ত ভাবলেন না।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কাছেদ [আ কাসিদ] *বি* দূত। 'ভেজিলেক মদিনাতে কাছেদের হাত।' *গরীব*, ১৭৬৫।

কাছোড়া *বি* তুলার প্রকারবিশেষ। 'কাছোড়া তুলা সতর টাকা মোন।' *দর্পণ*, ১৮১৯।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কাজ [স কার্য] **১** *বি* কার্য। 'কাজ ণ কারণ সসহর টালিউ।' *চর্যা* ১৮, ১২০০। **২** *বি* কলাকৌশল। 'এতেকেঁ এ সব কাজের প্রকার জাণহ আশেষে বিশেষে।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* দরকার। 'কথাঁ হৈতেঁ আইলা তোহ্মে কিবা তোর কাজে।' *বড়ু*, ১৪৫০। **৪** *বি* চাকরি। 'তাহারদিগের কাজে হইতে তগির করিলাম।' *হ্যালহেড*, ১৭৭৩।

কাজকম্ম [স কার্য+স কর্ম] *বি* দৈনন্দিন বিবিধ কাজ। 'আমারও তো কাজকম্ম আছে ভাই।' *তারা*, ১৯৪৬।

কাজ-করা [স কার্য>+করা] **১** *বিণ* অলঙ্কৃত; কারুকার্যখচিত। 'পত্তের-কাজ-করা উজ্জ্বল মেঝে।' *রবীন্দ্র*, ১৯০৯। **২** *বিণ* কায়িক পরিশ্রমী। 'উর্মি বই-পড়া মেয়ে, কাজ-করা মেয়ে নয়।' *রবীন্দ্র*, ১৯৩২।

কাজকর্ম [কাজ+স কর্ম] *বি* প্রতিদিনের নানা কাজ। 'নিজে রাঁধেন, বাড়ির কাজকর্ম করেন।' *রবীন্দ্র*, ১৮৮১।

কাজ-কাম [কাজ+স কর্ম] **১** *বি* প্রতিদিনের নানাবিধ কাজ। 'আমার কাজকাম চলে কি করে বলত?' *মাহেনও*, ১৯৪৯। **২** *বি* কাজ-কর্ম। 'ব্যাটাছেলে, কাজ-কাম না শিখলে চলবে কেন?' *শওকত*, ১৯৫৮।

কাজ-চলা [কাজ+চলা] **১** *বিণ* কোনো রকমে কাজ হয় এমন। 'নিত্যকার দেখা সাধারণ দেখা কাজ-চলা হিসাবে দেখা।' *অবন*, ১৯২৫। **২** *ক্রি* উদ্দেশ্য পূরণ হওয়া। 'ভাল কলমের কাজ চলিবে।' *শওকত*, ১৯৫৮।

কাজপাগলা [কাজ+স পাগল>] *বিণ* কাজ করতে খুব ভালবাসে এমন। *বিদ্যা*, ১৮৯১।

কাজ ফাঁদা *ক্রি* কর্ম বিস্তার করা। 'পাকা ইমারতের কাজ ফাঁদে ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কাজ বাগানো *ক্রি* কাজ আদায় করা। 'সেখানে আমরা সহজেই কাজ বাগাতে পারব।' *মনসুর*, ১৯৪৩।

কাজ ভুলানী *বিণ* কাজকর্মের কথা ভুলিয়ে দেয় এমন। 'চোখের পাতায় বাজে বাণী/ কাজ ভুলানী খেল ভুলানী।' *অন্নদা*, ১৯২৯।

কাজ-ভোলা *বিণ* কাজ ভুলিয়ে দেয় এমন। 'বকুলতলায় কাজ ভোলা সেই কোন দুপুরে।' *রবীন্দ্র*, ১৯২১।

কাজ-ভোলানো [কাজ+ভোলানো] *বিণ* কাজ ভুলিয়ে দেয় এমন। 'কাজ ভোলানো সকাল-বিকাল।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কাজী [স কার্য>] *বি* কার্য সমাধান করে যে। 'যিনি সকল কাজের কাজী।' *রবীন্দ্র*, ১৯১১।

কাজুয়া [স কার্য>] *বিণ* কাজের উপযোগী; দরকারি। 'আমরা আপন শোভনীয় বস্তুকে কাজুয়া বস্তু হইতে উৎকৃষ্ট জ্ঞান করিতে ...।' *তারিণী*, ১৮০৩।

কাজেই [স কার্য>] *অব্য* সুতরাং। 'কাজেই বস্তুবিজ্ঞান যতই বেশি শেখ-না কেন।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কাজেকাজে [স কার্য>] *অব্য* সুতরাং; অতএব। *বিদ্যা*, ১৮৯১।

কাজের [স কার্য>] *বিণ* কর্মক্ষম ও পটু। 'আপনার মতন কাজের মেয়েমানুষ একটিও নেই।' *জীবন*, ১৯৩৩।

কাজের কথা **১** *বি* দরকারি কথা। 'ঐ উপাচার্য আসছেন – বোধ করি কাজের কথা আছে।' *রবীন্দ্র*, ১৯১১। **২** *বি* বৈষয়িক কথা। 'দিনে রাতে সময় কোথা, কাজের কথা তাইতো এড়াই।' *রবীন্দ্র*, ১৯১৫। **৩** *বি* যথার্থ কাজ। 'এমনিতেই মোটা হয়ে যাচ্ছে সে। এত মাখন খাওয়া কাজের কথা নয়।' *শামসুল*, ১৯৭৩।

কাজের বার *বিণ* অকেজো। 'তখন বুদ্ধিটাও একেবারে কাজের বার হয়ে যায়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কাজের মানুষ *বি* কাজ করার উপযুক্ত ব্যক্তি। 'তোমায় দেখা পেলাম তোমার ঘরে তুমি কাজের মানুষ।' *শক্তি*, ১৯৬৫।

কাজের লোক *বি* গৃহভৃত্য। 'এ দেশের চির-আইবুড়ো মেয়েরা কাজের লোক।' *রবীন্দ্র*, ১৮৮১।

কাজর [স কজ্জল] *বি* কাজল। 'পহিলহি অলকাতিলকা করি সাজ বঙ্কিম লোচনে কাজর রাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'নয়ানে কাজর।' *দ্বিজশ্রী*, ১৬০০।

কাজরি, কাজরী [স কজ্জল>] *বি* বর্ষাকালে গাওয়া হয় এমন গানবিশেষ। 'ঐ কাজলে আমরা করি/ কাজরী রচনা।' *সত্যেন্দ্র*, ১৯১৬; 'দাদুরির আদুরি কাজরি।' *নজরুল*, ১৯২৪।

কাজরি-গাথা [স কজ্জল>+গাথা] *বি* বর্ষাকালে গেয় এক ধরনের গান। 'আজিকার কাজরি গাথায় ঝুলনের দোলা লাগে ডালে ডালে পাতায় পাতায়।' *রবীন্দ্র*, ১৯২৫; 'শুনেছিল সে যে কবির ছন্দে কাজরি-গাথা।' *রবীন্দ্র*, ১৯৪০।

কাজরি-নাচা [স কজ্জল>+নাচ>] *বি* কাজরি গানের সুরে যে নৃত্য হয়। 'কাজরি-নাচা নাচে ময়ূর ডালে ডালে।' *নজরুল*, ১৯২৫।

কাজরিয়া [স কজ্জল>] *বি* কাজরি; বর্ষাকালে গাওয়া হয় এমন গানবিশেষ। 'চলো কদম তমাল তলে গাহি কাজরিয়া।' *নজরুল*, ১৯৩২।

কাজরীকাফি [স কজ্জল>+আ কাফী] *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'কাজরীকাফিতে উন্মাদ।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কাজল [স কজ্জল] **১** *বি* অঞ্জন। 'আলস লোচন দেখি কাজলে উজল।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* কাজলের রংবিশিষ্ট। 'কাজল মেঘা নামো নামো চোখের কাজল দিয়া।' *জসীম*, ১৯২৯। **৩** *বিণ* শ্যামল। 'যাবে মোর সাথে, ছোট সে কাজল গাঁয়।' *জসীম*, ১৯৩১।

কাজলকায়া [কাজল+স কায়া] *বি* ঘন ছায়াযুক্ত। 'ও-গাঁয় যেন জমাট বেঁধে বনের কাজল-কায়া।' *জসীম*, ১৯২৯।

কাজল-কালো [কাজল+স কাল] *বিণ* কাজলের মতো কালো বর্ণবিশিষ্ট। 'তোমার কাজল-কালো স্নিগ্ধ-সজল রূপ।' *নজরুল*, ১৯২২; 'কাজল-কালো মেঘের পুঞ্জ সজল সমীরণে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কাজলগাথা [কাজল+গাথা] *বি* কাজরি গান। 'কাজলগাথা আঁধার রাতে/ গাইব তোর আগে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কাজলছায় [কাজল+স ছায়া] *বি* ঘন ছায়া। 'ও-গাঁর পাখি এ-গাঁয় আসে বনের কাজল ছায়।' *জসীম*, ১৯২৯।

কাজলজল [কাজল+স জল] *বি* কালো জল। 'মাঝখানেতে জলীর বিলে জ্বলে কাজলজল।' *জসীম*, ১৯২৯।

কাজল পরা [কাজল+পরা] *বিণ* কাজল অঙ্কিত। 'বনহরিণীর চোখে তারই কাজল পরা।' *নজরুল*, ১৯২৯।

কাজলপারা [কাজল+স প্রায়>] *বিণ* কাজলের মতো। 'সেই কাজলপারা রং নেই আর।' *জীবন*, ১৯৩৩।

কাজল-মাখা [কাজল+মাখা] *বিণ* কাজলের লেপনযুক্ত। 'কালো চোখের কাজল-মাখা পল্লব।' *রবীন্দ্র*, ১৯১৫।

কাজল মেঘা [কাজল+স মেঘ>] *বি* কালো মেঘ। 'কাজল মেঘা নামো নামো চোখের কাজল দিয়া।' *জসীম*, ১৯২৯।

AMARBOI.COM

কাজললতা [কাজল+স লতা] *বি* কাজল তৈরি করার ও রাখার পাত্রবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

কাজললেখা [কাজল+স লেখা] *বি* কাজলের দাগ। 'যায় নয়নজলে মুছে কাজললেখা।' *নজরুল*, ১৯৩৩।

কাজল-হরফ [কাজল+আ হরফ] *বি* কাজলের অক্ষর। 'সুর্মা-রেখার কাজল-হরফ নয়নাতে আর লেখব না।' *নজরুল*, ১৯২৬।

কাজলায়িত [স কজ্জল>] *বিণ* কাজল-দেওয়া। 'তাহার কাজলায়িত চক্ষু বিস্ফারিত।' *নজরুল*, ১৯৩১।

কাজলা [স কজ্জল>] ১ *বি* আখের প্রকার-বিশেষ। 'কাজলা শক্করচিনা চিনিসমতুল।' *ভারত*, ১৭৬০। ২ *বিণ* কালচে। 'কাজলা সবুজ কাজল পরে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

কাজলে আক [স কজ্জল>+স ইক্ষু>] *বি* আখের প্রকার-বিশেষ। 'গুরুপুত্র মহাশয়ের মুখখানি বাজীকরের ঝুলি – ফুঁ উড়ে যা কাজলে আক হ।' *দীনবন্ধু*, ১৮৬৩।

কাজলী [স কজ্জল>] *বি* নদীবিশেষ। 'কাজলী নদীর ধারে-ধারে বরফ-কণার মতো সাদা ঘাসফুল।' *ওয়ালী*, ১৯৪২।

কাজা [আ] *বিণ* ইসলামি নিয়মমতে নির্দিষ্ট সময় অতিক্রমের পর যে নামাজ পড়া হয়। 'জীবনে নামাজ (উপাসনা) কাজা করিয়াছেন কি-না সন্দেহ।' *মশাররফ*, ১৮৮৫।

কাজালা [স কজ্জলাভ] *বি* কাজলা; টিয়াজাতীয় পাখি। 'টিয়া তোতা ফরিয়াদী, কাজালা চন্দনা আদি ...।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কাজি, কাজী[১] [আ] *বি* (মধ্যযুগ) মুসলিম বিচারক। 'কাজি বলে ধর ধর আজি করোঁ কার্য।' *বৃন্দা*, ১৫৮০; 'আইসে চড়িআ তাজি সৈয়দ মোলনা কাজী খইরত দেয় বীর বাড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

কাজি উল কোজ্জাত [আ] *বি* প্রধান কাজি। 'কাজি উল কোজ্জাত অর্থাৎ প্রধান কাজি।' *দর্পণ*, ১৮২৫।

কাজিগিরি [আ কাজি+ফা গিরি] *বি* কাজির চাকরি। 'কাজিগিরি আপনেরা দিয়া থাকেন, এবং আমরাও নিয়া থাকি।' *মনসুর*, ১৯৪৫।

কাজী[২] *দ্র* কাজ

কাজিন [ই] *বিণ* চাচাতো। 'আমার এক কাজিন শালীর একমাত্র ছেলে।' *শামসুল*, ১৯৭৩।

কাজিয়া, কাজিয়ে [আ] ১ *বি* বিবাদ। *এডমন*, ১৭৯০; 'বিস্তর২ ঝকড়া লড়াই কাজিয়া উপস্থিত ছিল।' *রামরাম*, ১৮০১। ২ *বি* ঝগড়া। 'দিনরাত বেঁধে যায় কাজিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কাজিয়া-কোঁদল [আ কাজিয়া+স কন্দল] *বি* দ্বন্দ্ব-কলহ। 'একটা কাজিয়া-কোঁদল পাকানো যাক।' *নজরুল*, ১৯২৭।

কাজুবাদাম [প কেজু+স বাতম্র] *বি* বাদামবিশেষ। 'স্যান্ডউইচ, কাজুবাদাম, পটাটোচিপস ইত্যাদি এইসব জ্বালাতনের পালাও আছে নাকি।' *শিবরাম*, ১৯৫০।

কাজুয়া *দ্র* কাজ

কাজ্য [স কার্য] *বি* কাজ। 'তোমার কাজ্য কথক তফাত পড়িবেক।' *হ্যালহেড*, ১৭৭৩।

কাঞা [স কায়া] *ক্রি* চেহারা। 'দুই স্তন কাটিলুম শূন্য হইল কাঞা।' *বিজয়*, ১৬৫০।

কাঞিক [স কায়িক] *বি* পদক্ষেপ। 'এক কাঞিক পঞ্চশত বরিষের পন্থ।' *সুলতান*, ১৬৫০।

কাঞ্চ [স কাঞ্চন] *বিণ* কাঁচা। 'কাঞ্চ হলদি যেন তোহ্মার বরণ।' *বড়ু*, ১৪৫০।

কাঞ্চন [স] ১ *বি* কনকচাঁপা। 'কাঞ্চন বকুলী মন্দারে।' *বড়ু*, ১৪৫০; 'ফাল্গুনে বিকশিত কাঞ্চন ফুল ডালে ডালে পুঞ্জিত আম্রমুকুল।' *রবীন্দ্র*, ১৯৩৬।। ২ *বি* সোনা; স্বর্ণ। 'রজত কাঞ্চন জুত ঘরের নিলয়।' *মালাধর*, ১৫০০।

কাঞ্চন-আসন [স] *বি* স্বর্ণনির্মিত আসন। 'কাঞ্চন-আসনে বসি বিশ্বকর্মা দেব, দেব-শিল্পী, গড়িছেন অপূর্ব গড়ন।' *মাইকেল*, ১৮৬০।

কাঞ্চন-কলসী [স] *বি* সোনার কলস। 'বনমাঝে দেখলাম কাঞ্চন কলসী।' *গিরিশ*, ১৮৮৭।

কাঞ্চন-কিরীট [স] *বি* সোনার মুকুট। 'মহাতেজা, তেজোগুণে জিনি দিননাথে, কাঞ্চন-কিরীট শিরে।' *মাইকেল*, ১৮৬০।

কাঞ্চনকুলীন [স] *বিণ* বিত্তবান। 'তারা কাঞ্চনকুলীন তো বটেই, রীতিরুচিতেও অভিজাত।' *অন্নদা*, ১৯২৯।

কাঞ্চনকৌলীন্য [স] *বি* অর্থের অহঙ্কার। 'ব্যক্তি-স্বাধীনতাও অচিরে কলুষিত হলো কাঞ্চনকৌলীন্যে ও স্বেচ্ছাচারে।' *ওদুদ*, ১৯৪৮।

কাঞ্চন-গোধিকা [স] *বি* সোনালি রঙের গুইসাপ। 'কাঞ্চন-গোধিকা পুন দেখে মহাবীর।' *মুকুন্দ*, ১৬০০।

কাঞ্চনজঙ্ঘা [স] *বি* পর্বতের নাম। 'গিরি কাঞ্চন জঙ্ঘা ঘিরিল তাঁহার যবে দিন-দুপুর।' *নজরুল*, ১৯২৪।

কাঞ্চনটগর [স কাঞ্চন>+স তগর] *বি* পুষ্পবিশেষ। 'সুশীলাকে কাঞ্চনটগর দেখাব।' *দীনবন্ধু*, ১৮৭৩।

কাঞ্চন-তোরণ [স] *বি* স্বর্ণখচিত ফটক। 'অদূরে হেরিলা এবে দেবেন্দ্র বাসব কাঞ্চন-তোরণ।' *মাইকেল*, ১৮৬০।

কাঞ্চনপ্রভ [স] *বিণ* সোনার মতো দীপ্তিময়। 'পৃথিবী কাঞ্চনপ্রভ রৌদ্রের অনলে শুদ্ধ হয়।' *নীরেন*, ১৯৫৯।

কাঞ্চন বরণী [স কাঞ্চন-বর্ণ] *বিণ* কাঞ্চনের মতো উজ্জ্বল রঙের। 'কাঞ্চন বরণী কে বটে সে ধনী।' *দ্বিচণ্ডী*, ১৬০০।

কাঞ্চনবর্ণা [স] *বিণ* সোনালি। 'নেমে এনু ধরণীতে ... ক্ষণিকের ফুল নিতে কাঞ্চনবর্ণা।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

কাঞ্চন-বিভাস [স] *বি* সোনালি আলো। 'নীলাম্বরতলে শশী সহ, ভরি ভব কাঞ্চন-বিভাসে।' *মাইকেল*, ১৮৬০।

কাঞ্চনময় [স] *বিণ* সোনার তৈরি। 'রত্ন জড়িত কাঞ্চনময় এক সিংহাসন আছে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কাঞ্চনময়ী [স] *বিণ* স্ত্রী সোনার। 'এক পুরুষপ্রমাণ কাঞ্চনময়ী প্রতিমা নির্মিত করাইয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭।

কাঞ্চনমালা [স] *বি* ফুলবিশেষ। 'কাঞ্চনমালা যে কবে ঝ'রে গেছে – বনে আজও কলমীর ফুল।' *জীবন*, ১৯৩২।

কাঞ্চনমুকুট [স] *বি* স্বর্ণের তৈরি শিরোভূষণ। 'কাঞ্চনমুকুট শিরে – দিনমণি তাহে মণিরূপে শোভে ভানু।' *মাইকেল*, ১৮৬০।

কাঞ্চনমুখ [স] *বি* সোনার মতো মুখ। 'বাবার আমার কাঞ্চনমুখ কালি হয়ে গিয়েছে।' *দীনবন্ধু*, ১৮৬০।

কাঞ্চনশরীর [স] *বি* সোনার মতো দেহ। 'কাঞ্চনশরীরে বৎস, সহিবে কেমনে?' *গিরিশ*, ১৮৮৭।

কাঞ্চন-সদৃশ্য [স কাঞ্চনসদৃশ] *বিণ* সোনার মতো। 'কাঞ্চন-সদৃশ্য

AMARBOI.COM

দেহ অরুণ বসন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কাঞ্চলী [স কঞ্চুলী] *বি* কাঁচুলি। 'বিচিত্র কাঞ্চলী শোভে।' *বড়ু*, ১৪৫০।

কাঞ্চা [প্রা কংচা] **১** *বিণ* অসম্পূর্ণ। 'কাঞ্চা ঘুমে তোর কে দিল ভাঙ্গনি।' *মর্তুজা*, ১৭৫০। **২** *বিণ* অপরিণত। 'কাঞ্চা বাঁশে আগুন দিয়ে বাড়ালি ধুঁয়ালীরে।' *জসীম*, ১৯২৭। **৩** *বিণ* অল্প। 'কাঞ্চা বয়সে কে দিলরে তোরে ...।' *জসীম*, ১৯৩১।

কাঞ্চি, কাঞ্চী [স] **১** *বি* বন্ধনীবিশেষ। 'কাঞ্চনের কাঞ্চী দিয়ে যতনেতে পুষেছে।' *মদনমোহন*, ১৮৩৪। **২** *বি* কটিভূষণবিশেষ। 'নয়নরঞ্জন কাঞ্চী কৃশ কটিদেশে।' *মাইকেল*, ১৮৬১; 'কঙ্কণ কিঙ্কিণী কাঞ্চি।' *রবীন্দ্র*, ১৮৯২।

কাঞ্জিভরম, কাঞ্জিভেরাম *বি* দক্ষিণ ভারতীয় নকশাদার শাড়িবিশেষ। 'হাত-পা কেমন করে, পুড়ে যায় কাঞ্জিভরমও।' *মাহমুদ*, ১৯৬৩; 'কাঞ্জিভেরাম কৌচে লোটে।' *শামসুর*, ১৯৬৬।

কাঞ্চুলি, কাঞ্চুলী [স কঞ্চুলী] *বি* নারীদের বক্ষাবরণী। 'কাঞ্চুলী করিবোঁ চীর।' *বড়ু*, ১৪৫০; 'সগর্ব কঠিন কুচে শোভিত কাঞ্চুলি।' *আলাওল*, ১৬৮০।

কাঞ্জী [স] *বি* পচানো চাল বা খুদ দিয়ে রান্না করা টক খাদ্য। 'ছয় মাসে কাঞ্জী করঞ্জায় জায় মন।' *মুকুন্দ*, ১৬০০।

কাট[১] [স কর্তন] *বি* কাটা। 'টুটাহ রাজার বল রণে জাউক কাট।' *মুকুন্দ*, ১৬০০।

কাট-কাট *বিণ* সরাসরি; স্পষ্ট। 'কথাবার্তাও কাট-কাট, হাড়-কাঁপানো।' *অচিন্ত্য*, ১৯৫০।

কাটকুটহীন [স কর্তন>] *বিণ* সংশোধন জন্যে কাটাকাটি করা হয়নি এমন। 'বইয়ের অক্ষরগুলো কাটকুটহীন।' *রবীন্দ্র*, ১৯০৮।

কাটছাঁট [স কর্তন>] **১** *বি* ছাঁটাই; সংক্ষেপ। 'নিজের পৈতৃক নাম কাটছাঁট করিয়া।' *নজরুল*, ১৯২২। **২** *বি* পোশাক ইত্যাদি কাটার নিয়ম-কানুন। 'মহিলাদের সূচিশিল্প ও কাটছাঁট শিক্ষা দেওয়া হয়।' *বেগম*, ১৯৭০।

কাটসর [স কর্তন>+স শর>] *বি* ধারালো শর। 'আটিসর কাটসর কাটিল নাটা ভাদালী ভাষনা চোরপালীটা।' *মুকুন্দ*, ১৬০০।

কাট[২] [স কাষ্ঠ] *বি* কাঠ। *ওসাঁ*, ১৭৮২।

কাটখোট্টা [স কাষ্ঠখট্ট] *বিণ* নীরস। 'গোরাদেরই মতো কাটখোট্টা হয়ে গেছি।' *নজরুল*, ১৯২৭।

কাট বেং [স কাষ্ঠ-ব্যঙ্গ] *বি* ব্যাঙবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

কাটমোল্লা [স কাষ্ঠ>+আ মুল্লা] *বি* রক্ষণশীল ধর্মশাস্ত্রবিদ। 'কাটমোল্লাগণের স্বরচিত বচন মাত্র।' *প্রচারক*, ১৯০৬।

কাট-সিম [স কাষ্ঠ-শিম্ব] *বি* বুনো শিমলতা। 'কাট-সিমের বেজুনে পুরিয়া দিল সরা।' *মুকুন্দ*, ১৬০০।

কাটআপ [ই] *বিণ* বিচ্ছিন্ন। 'ট্রাঙ্ক-কলের কনেকশনটা কাটআপ হয়ে গেল।' *হাফিজুর*, ১৯৫৩।

কাটতি [স কর্তন] **১** *বি* অতিরিক্ত চাহিদার জন্য বেশি পরিমাণে বিক্রি। 'বাজারে বইয়ের ভালোরকম কাটতি হয়।' *প্রমথ*, ১৯১২। **২** *বি* চাহিদা। 'এ জিনিসের কাটতি আছে।' *রবীন্দ্র*, ১৯২২। **৩** *বিণ* চালু। 'কাটতি মাল, ঘাটতি ওজন।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কাটন [স কর্তন>] **১** *ক্রি* কাটা। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বি* ছিন্নকরণ। *বিদ্যা*, ১৮৯১।

কাটনা [স কৃৎ>] *বি* চরকায় সুতা কাটা; তুলা থেকে সুতা তৈরি করা। 'যার বে তার মনে নাই, কাটনা কামাই পাড়া পড়শীর।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কাটনা কাটা *বি* তুলা থেকে সুতা তৈরি করা। 'দুই প্রহর পর্য্যন্ত কাটনা কাটিতাম।' *দর্পণ*, ১৮২৮।

কাটনাকাটা কড়ি *বি* অতি কষ্টের উপার্জন। 'কাটনাকাটা কড়ি যত করিনু বাহির।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কাটনা কামাই *বি* কাজকর্ম বন্ধ। 'যার বে তার মনে নাই, কাটনা কামাই পাড়াপড়শীর।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কাটনি[১], **কাটনী** [স কর্তন>] *বি* কাটার কাজ। 'এ প্রযুক্ত কালি পর্য্যন্ত কাটনী স্থকিত রাখিলেক।' *তারিণী*, ১৮০৩।

কাটনি[২] [স কৃৎ>] *বি* চরকায় সুতা কাটে যে। 'শান্তিপুর কোন দুঃখিনী কাটনির দরখাস্ত ...।' *দর্পণ*, ১৮২৮।

কাটনি[৩] [স কান্না>] *বি* কান্না শব্দের অনুকার। 'ওই সাথে চাই ঝালের চাটনি/ নিন্দে বান্দা কান্না কাটনি।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কাটরা [স কাষ্ঠ>] *বি* কাঠগড়া। 'রেল দেওয়া কাটরার ভিতর ... এজলাস করিতেছেন।' *বঙ্কিম*, ১৮৮৪।

কাটলেট [ই] *বি* ইউরোপীয় পদ্ধতিতে ভাজা মাছ বা মাংসের পুরু টুকরা বা বড়া। 'বল তো ও বৈষ্ণব শালাকে ধরে এনে একটু ফাউল কাটলেট কি মটন চপ খাইয়ে দি।' *মাইকেল*, ১৮৬০।

কাটা[১] [স কর্তন>] **১** *বিণ* খণ্ডিত; ছিন্ন। 'চিত্তের ঘুচায়া ধন্দ উকটএ কাটা কন্দ।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* বলি দেওয়া। 'কাটা মহিষের আনে নাসিকার দড়ি।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* আঘাত। *মানোএল*, ১৭৪৩। **৪** *বিণ* খনন করা হয়েছে এমন। 'সে কাটা খাল নয়, তাকে বাঁধা পথে রাখা চলবে না।' *রবীন্দ্র*, ১৯০৯। **৫** *বিণ* অঙ্কিত। 'খয়েরি রঙের-ফুল-কাটা।' *রবীন্দ্র*, ১৯৩২।

কাটাই-ছাঁটাই *বি* বাদসাদ। 'পরে তার কাটাই-ছাঁটাই করে সাহিত্যসমাজে প্রচলন করতে হবে।' *প্রমথ*, ১৯১৪।

কাটাকাটা [স কর্তন>] **১** *বিণ* স্পষ্ট; সংক্ষিপ্ত; সোজাসোজা। 'কাটাকাটা জবাব না দিলেই ভাল।' *জীবন*, ১৯৩১। **২** *বিণ* পৃথক পৃথক। 'চৌকো করে কাটা কাটা ভাপা দই।' *রবীন্দ্র*, ১৯৪০।

কাটাকাটি, কাটাকাটী [স কর্তন>] **১** *বি* খুনাখুনি; হানাহানি। 'দুই দলে কাটাকাটী শুনি ঠনঠন।' *মুকুন্দ*, ১৬০০; 'চেনা পরিচয় নাহি করে কাটাকাটি।' *গরীব*, ১৭৬৫; 'পরস্পর কাটাকাটি করিয়া উভয়ের হাতে উভয় মারা পড়িয়াছে।' *দর্পণ*, ১৮২০। **২** *বি* তর্কাতর্কি। 'শুনো না করিছে কারা কথা-কাটাকাটি।' *রবীন্দ্র*, ১৮৮৬। **৩** *বি* পরস্পর খণ্ডন। 'গজ ঘোড়া কাটাকাটি হয়ে যাবে।' *নজরুল*, ১৯৩১। **৪** *বি* দ্বন্দ্ব। 'এটা শ্রেণী কাটাকাটির যুগ কি না।' *জীবন*, ১৯৩২।

কাটাকাপ *বি* আলকাপ গানের সঙ; গালিবিশেষ। 'আবার কেউ বলে, উ একটো কাটাকাপ।' *হাসান*, ১৯৬২।

কাটাকাপড় *বি* ঝুট কাপড়; টুকরো কাপড়। 'ঐ যে মোড়ে এক ডেঁপো ছোকরা কাটাকাপড়ের দোকান করেছে।' *বনফুল*, ১৯৩৬।

কাটাকুটি [স কর্তন>] **১** *বি* ভুল সংশোধন। 'কাটাকুটি যে ছিল না, এমত নহে।' *বঙ্কিম*, ১৮৭৮। **২** *বি* খুনাখুনি। 'সাঁওতাল উপপ্লবে কাটাকুটির কার্যটা বেশ রীতিমত সমাধা করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

কাটা ঘায়ে নুন – আঘাতের উপর আরও আঘাত। 'তাহার পর কাটা ঘায়ে নুন প্রয়োগ করিলাম।' *জগদীশ*, ১৯২০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কাটা ঘায়ে নুনের ছিটা – আঘাতের উপর আরও আঘাত। 'আর কাটা ঘায়ে নুনের ছিটে দিস নে।' *উমেশ*, ১৮৫৭।

কাটাঘায়ে লুণ – যন্ত্রণার উপর আরও যন্ত্রণা দেওয়া। 'সে সময় হবে গুণ কাটাঘায়ে লুণ।' *ভবানী*, ১৮২৫।

কাটা চুলা *বি* মাটি কেটে তৈরি করা চুলা। 'কাটা চুলায় ব্যাপারির বড় বড় ডেকচিতে রান্না হতে থাকে।' *ওয়ালী*, ১৯৪৮।

কাটাছাঁটা [স কর্তন>+ছাঁটা] *বিণ* অাঁটোসাঁটো; বাহুল্যবর্জিত। 'ইংরেজের বেশভূষা কাটাছাঁটা, ঠিক মাপসই।' *রবীন্দ্র*, ১৯০৫।

কাটাছেঁড়া [স কর্তন>+ছেঁড়া] *বিণ* টুকরা টুকরা। 'কাটাছেঁড়া তত্ত্ব চাইনে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কাটাস্কন্ধ [কাটা+স স্কন্ধ] *বি* মাথাবিহীন দেহ। 'কাটাস্কন্ধ লইয়া অন্য২ লোক দিয়া কবর দেওয়াইলেন।' *রামরাম*, ১৮০১।

কাটা[১], **কাটানো** [স কর্তন>] **১** *ক্রি* কর্তন করা; কেটে ফেলা। 'নালিচা কাটিআঁ কাহ্নাঞি মাঝজলে থুইল।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* হত্যা করা। 'কংশ জাণায়িআঁ তোক কাটায়িব আহ্মে।' *বড়ু*, ১৪৫০। **৩** *ক্রি* ছিন্ন করা। 'মায়া জাল কাটিল বর্জ্জিল ক্রোধ কাম।' *বাহরাম*, ১৬৫০। **৪** *ক্রি* অতিবাহিত করা। 'এতদিনে সুখেতে কাটিনু কতকাল।' *গরীব*, ১৭৬৫। **৫** *ক্রি* বাতিল করা। 'তবে ফিমাহা ৫ পাছ রোজা কাটা জাইবেক।' *হ্যালহেড*, ১৭৭২। **৬** *ক্রি* ফসল সংগ্রহ করা। 'ক্ষেত কাটিবার কোন কথা হইলে ...।' *তারিণী*, ১৮০৩। **৭** *ক্রি* অগ্রাহ্য করা। 'পিতা, মায়ের কথা কখন কাটেন না।' *দীনবন্ধু*, ১৮৬৩। **৮** *ক্রি* শব্দের মাঝ বরাবর দাগ দিয়ে কোনো লেখা বাতিল করা। 'একবার মুছিত একবার কাটিত।' *বঙ্কিম*, ১৮৭৮। **৯** *ক্রি* সময় পার করা। '২৬শে পর্যন্ত যে করে কাটিয়েছি তা আমিই জানি।' *রবীন্দ্র*, ১৮৮১। **১০** *ক্রি* আঁক দেওয়া; দাগ দেওয়া। 'কলম হস্তে তাহার অনুরূপ আর-একটা রেখা কাটিয়া যাও।' *রবীন্দ্র*, ১৮৯৭। **১১** *ক্রি* কমিয়ে দেওয়া; বাদ দেওয়া। 'ঘুমের সময় হইতে একঘণ্টা কাটিয়া পড়ার সময়ে যুক্ত করিলেন।' *রবীন্দ্র*, ১৯০০। **১২** *ক্রি* দূর হওয়া। 'সমস্ত সংশয় ক্ষণকালের কুয়াশার মতো এক মুহূর্তেই কাটিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০২। **১৩** *ক্রি* এড়ানো। 'জরুরি নিমন্ত্রণ, কিছুতেই কাটাইবার জো নেই।' *রবীন্দ্র*, ১৯০২। **১৪** *ক্রি* অতিক্রম করা। 'নিয়ে তারে চলবি পারে কতই বাধা কাটি।' *রবীন্দ্র*, ১৯০৫। **১৫** *ক্রি* বিক্রি হওয়া। 'নইলে তা বাজারে কাটবে না।' *প্রমথ*, ১৯১৫। **১৬** *বি* অতিবাহিত হওয়া। 'কাটল জীবন নীরব চোখের জলে।' *রবীন্দ্র*, ১৯১৫। **১৭** *ক্রি* খনন করা। 'ইঁটখোলাটাকেই একটা পুকুর কাটিয়ে দিই।' *শরৎ*, ১৯১৭। **১৮** *ক্রি* দংশন করা। 'ছোটে না কি হাঁটে না/ কাউকে যে কাটে না।' *সুকুমার*, ১৯১৮। **১৯** *ক্রি* সম্পন্ন করা। 'ছিটোতে ছিটোতে সাঁতার কাটে।' *রবীন্দ্র*, ১৯৩২। **২০** *ক্রি* তৈরি করা। 'এল ... লতাজালজটিল অরণ্যে পথ কেটে।' *রবীন্দ্র*, ১৯৩২। **২১** *ক্রি* কেনা। 'টিকিট কাটার কাউন্টারের লোকটির সঙ্গে কথা।' *শ্যামল*, ১৯৬৭। **কাটাইহ** *ক্রি* কেটে নিয়ো। 'ভাঙ্গাইয়া কাটাইহ গুজরাট বন।' *মুকুন্দ*, ১৬০০। **কাটান** *ক্রি* কেটে নেওয়া। 'তাস খেলার কাটানও সংসারের অনুলিপি।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **কাটানু** *ক্রি* কাটিয়েছি। 'আমি কাটানু দিন ঘরের মাঝে।' *রবীন্দ্র*, ১৯০৫। **কাটায়িব** *ক্রি* কাটাবো। 'কংশ জাণায়িআঁ তোক কাটায়িব আহ্মে।' *বড়ু*, ১৪৫০। **কাটি** *ক্রি* কেটে ফেলি। 'ভুজ্জতে ফেলায় মাথা কাটি।' *রামপ্রসাদ*, ১৭৮০। **কাটিতে কাটিতে** *ক্রিবিণ* কাটা চলছে এমন অবস্থায়। 'কাটিতে কাটিতে ধান এল বরষা।' *রবীন্দ্র*, ১৮৯৩। **কাটিনু ১** *ক্রি* কেটে ফেললাম। 'আপন শির হাম আপন হাতে কাটিনু।' *চণ্ডী*, ১৫৫০। **২** *ক্রি* অতিবাহিত করলাম।'এতদিনে সুখেতে কাটিনু কতকাল।' *গরীব*, ১৭৬৫। **কাটিআঁ** *ক্রি* কেটে। 'নালিচা কাটিআঁ কাহ্নাঞি মাঝজলে থুইল।' *বড়ু*, ১৪৫০। **কাটি পাড়া** *ক্রি* হত্যা করা। 'আঁখির নিমিসে তোর কাটি পাড়োঁ মাথা।' *মালাধর*, ১৫০০। **কাটিবেক্ত** *ক্রি* কর্তন করবে; হত্যা করবে। 'রসুলক কাটিবেক্ত কাফির সকলে।' *সুলতান*, ১৬৫০। **কাটিয়ে দেওয়া** *ক্রি* এড়িয়ে যাওয়া। 'সে আমাকে তাদের বাড়িতে টেনিস খেলায় নিমন্ত্রণ করেছে, আমি নানা ছুতো করে কাটিয়ে দিই।' *রবীন্দ্র*, ১৯২৬। **কাটিল ১** *ক্রি* কাটলো। 'কাঠ কাটিল গিআঁ বিবিধ বিধানে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* ছিন্ন করলো। 'মায়া জাল কাটিল বর্জ্জিল ক্রোধ কাম।' *বাহরাম*, ১৬৫০। **কাটিলেঁ** *ক্রি* কাটতে। 'হেন বুঝোঁ তোহ্মার কাটিলেঁ লাগে মাথে।' *বড়ু*, ১৪৫০। **কাটিলেক** *ক্রি* কাটালো। 'দিন দশ শুকে তথা কাটিলেক কাল।' *আলাওল*, ১৬৮০। **কাটী** *ক্রি* কেটে। 'দক্ষের কাটী শির আনিল মহাবীর।' *মুকুন্দ*, ১৬০০। **কাটীয়া** *ক্রি* কেটে। 'সেই শর কাটীয়া তলিয়া লৈল হাতে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **কাটে** *ক্রি* কেটে ফেলে। 'লঘু নটক পাইলে কাটে তার মাথা।' *বড়ু*, ১৪৫০। **কাট্যা** *ক্রি* কর্তন ক'রে। 'পুত্র কাট্যা দিল বলিদান।' *রূপরাম*, ১৭৫০। **কেট্যা** *ক্রি* কেটে। 'এক চোটে মাহুত সহিত কেট্যা ফেলে।' *মানিকরাম*, ১৭৮১।

কেটে আসা *ক্রি* তৈরি হওয়া। 'অভ্যাসে কিয়ৎপরিমাণে জীবনের সুগম রাস্তা কেটে আসে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কেটে কেটে বলা *ক্রি* নিষ্ঠুর কথা স্পষ্ট ক'রে বলা। 'কথাগুলো তো বেশ কেটে কেটে বলচো?' *বিভূতি*, ১৯২৯।

কেটে পড়া *ক্রি* কোনো জায়গা থেকে অলক্ষ্যে সরে পড়া। 'কোন এক সময় কেটে পড়লেন।' *জীবন*, ১৯৪৮।

কেটে বসা *ক্রি* গভীর ছাপ ফেলা। 'ব্যাপারটা আজও আমার বুকের মধ্যে কাটিয়া কাটিয়া বসিয়া আছে।' *শরৎ*, ১৯১৭।

কেটে যাওয়া ১ *ক্রি* অতিবাহিত হওয়া। 'এমন আরো কয়েক মাস কাটিয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৮৪। **২** *ক্রি* দূর হওয়া; পরিষ্কার হওয়া। 'আজ মেঘ কেটে গেছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

কাটান [স কর্তন>] *বি* খণ্ডন। 'সুপ্রসন্ন তর্কের এ প্যাঁচের কাটান হাতের গোড়ায় খুঁজে না পেয়ে বললেন।' *প্রমথ*, ১৯১৮।

কাটান-প্যাঁচ *বি* বিপদ থেকে মুক্ত হওয়ার কৌশল। 'আমাদেরও কাটান-প্যাঁচ, মারণ-মন্ত্র শিখতে হবে।' *ধূর্জটি*, ১৯৩১।

কাটানি [স কর্তন>] *বি* কাটার জন্য খরচ। *বিদ্যা*, ১৮৯১।

কাটা[৩] [স কণ্টক] *বি* কাটা চামচ। 'কাটা ১ এক।' *মেয়র্স*, ১৭৬২।

কাটা খোঁচা [স কণ্টক>+খোঁচা] *বি* কাঁটার খোঁচা। 'কাটা খোঁচা ডুকে পায় ঊর্ধ্বশ্বাসে সাধু ধায়।' *মুকুন্দ*, ১৬০০।

কাটা[৪] [স কাষ্ঠিকা] **১** *বি* কাঠা; এক বিঘার বিশ ভাগের এক ভাগ। 'সাত কাটা সওয়া কোঠাঘর।' *মেয়র্স*, ১৭৫৭; 'দশ কাটা ভূমি ক্রয় করা যায়।' *দর্পণ*, ১৮২৬। **২** *বি* শস্যের পরিমাণ নির্দেশের একক। 'রাত পোয়ালি যে দু কাটা চালের খরচ, না খাতি পেয়ে মরব।' *দীনবন্ধু*, ১৮৬০।

কাটার [স কট্টার] *বি* কাটারি। 'কাটারত ডর করী তেজিবোঁ পরাণে।' *বড়ু*, ১৪৫০।

কাটারা [স কাষ্ঠ>] *বি* আদালতের কাঠগড়া। 'সাক্ষীর কাটারায় পূরিয়া দিল।' *বঙ্কিম*, ১৮৭৫।

কাটারি, কাটারী [স কর্তরিকা] **১** *বি* লম্বা দা-বিশেষ। 'কাটারিতে যেন কাটে।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বি* ছোরা জাতীয় অস্ত্র। 'ওসাঁ, ১৭৮৫;

AMARBOI.COM

'খঞ্জর, কাটারী, ছোরা, যে যাহা পাইয়াছে, লইয়াছে।' *মশাররফ*, ১৮৮৫।

কাটারিভোগ *বি* উৎকৃষ্ট জাতের চালবিশেষ। 'কাটারিভোগ চালের ভাত খাওয়ালেন।' *বিমল*, ১৯৫৩।

কাটি[১] [স কিট্] *বি* তেল প্রভৃতির তলানি। *মানোএল*, ১৭৪৩।

কাটি[২], **কাটী** [স কাষ্ঠিকা] **১** *বি* ঘুঁটনি। 'পুনঃ পুনঃ কাটি দিয়া নাড়ে চাড়ে ঢাকে।' *ভবানী*, ১৮২৫। **২** কাঠি। 'বুদ্ধির প্রদীপে ইনি উস্কিবার কাটী।' *গুপ্ত*, ১৮৫৮।

কাটিং, কাটিঙ [ই] **১** *বি* সংবাদপত্রের কাটা অংশ। 'সংবাদপত্রের পাতা কাটিয়া (কাটিং) রাখিয়াছ।' *রোকেয়া*, ১৯২৪। **২** *বি* ডাল বা লতার কর্তিত অংশ যা রোপণ করলে পুনরায় চারা গজায়। 'লতার কাটিং আনিয়া ... রোপণ করিলাম।' *বিভূতি*, ১৯৩৮।

কাটিল [স কর্তন>] *বিণ* কাটা। 'কাটিল ঘাঅত লেম্বুরস দেহ কত।' *বড়ু*, ১৪৫০।

কাটুনি[২] [স কর্তন>] **১** *বি* যা দিয়ে কাটা যায়। *ওঁা*, ১৭৮৫। **২** *বি* ফসল কাটে যে। 'কাটুনি জনেরা ক্ষেতে কাজ করিতেছে।' *বিভূতি*, ১৯৩৮।

কাটুনি[২], **কাটুনী** [স কৃৎ>] *বি* যে নারী চরকায় সুতা কাটে। 'কাটুনীরা এক টাকা আট আনা করিয়া ভরি বিক্রয় করিত।' *দর্পণ*, ১৮৩১; 'কাটুনি।' *বিদ্যা*, ১৮৯১।

কাটুয়া [স কোষ্ঠ] *বি* পাত্রবিশেষ। 'গঙ্গা মায়ের এমনি নীলে/ এলো চাম-কাটুয়ায়।' *লালন*, ১৮৯০।

কাটুর কুটুর [ধ্বন্যা] *অব্য* প্রাণীদের দাঁত দিয়ে কোনোকিছু কাটার শব্দ। 'তাহার ইন্দুরে করে কাটুর কুটুর।' *ভারত*, ১৭৬০।

কাটুরে [স কাষ্ঠ>] *বি* কাঠুরে; কাঠ কাটা পেশা যার। 'তোমার ঘুমন্ত মেঘনাদ, কাটুরের হাতে মানিক।' *দীনবন্ধু*, ১৮৬৬।

কাটোয়া *বি* বক্ষ বন্ধন করে এমন পোশাকবিশেষ। 'পোষাক বিবিধ প্রকার প্রস্তুত করে, যথা পাজামা ... কাটোয়া জালি এবং আল্লিদার জোড়া।' *ভবানী*, ১৮২৮।

কাঠ [স কাষ্ঠ] **১** *বি* কাষ্ঠ। 'কাঠ কাটিল গিআঁ বিবিধ বিধানে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* নিস্তব্ধ; স্পন্দনহীন। 'নিজে হই কাঠ চক্ষু তুলে।' *গুপ্ত*, ১৮৫৮। **৩** *বিণ* শক্ত। 'পাকা পুঁইডাটা কাঠ হয়ে গিয়েছে।' *বিভূতি*, ১৯৩১। **৪** *বি* গাছের শুকনা কাণ্ড। 'আনে আমার রান্নার কাঠ।' *রবীন্দ্র*, ১৯৩২। **৫** *বিণ* কাঠের মতো নীরস। 'খরার সময় সব সেঁতানি শুকিয়ে কাঠ হয়ে যেত।' *তারা*, ১৯৪০। **৬** *বিণ* পুরোদুস্তর। 'বাইরের লোকের সামনে চোস্ত ক্যালকেশিয়ান, বাড়িতে কাঠ বাঙাল।' *সুনীল*, ১৯৭০।

কাঠকয়লা [কাঠ+কয়লা] *বি* কাঠপোড়ানো কয়লা। 'কাঠকয়লা চার সের পয়সায় বিক্রি হয়।' *বিভূতি*, ১৯৩৮।

কাঠকাঠামো [কাঠ+স কাষ্ঠকর্ম] *বি* অবয়ব। 'মনে অনেক রকম ভাল সুশৃঙ্খল কাঠকাঠামোর কথা জেগে ওঠে।' *জীবন*, ১৯৪৮।

কাঠকুট [কাঠ+স কুট] *বি* কাঠ, ডালপালা ইত্যাদি। 'শুকনো কাঠকুট সংগ্রহ করে ... কোনোরকম করে আহার চলে যায়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কাঠকুটো [কাঠ+স কুট>] *বি* কাঠ ও শুকনা তৃণ। 'কাঠকুটো ঘেঁটেঘুঁটে জানি আমি পষ্ট।' *সুকুমার*, ১৯১৮।

কাঠকুঠ *বি* কাঠ, ডালপালা ইত্যাদি। 'টিনের উপরে পুরানা কাঠকুঠ।' *ইলিয়াস*, ১৯৭৫।

কাঠকুড়ুনি, কাঠকুড়ানি, কাঠকুড়ানী, কাঠকুড়োনী [কাঠ+কুড়ানি] *বি* যে কাঠ কুড়িয়ে জীবিকা নির্বাহ করে। 'চেয়ে দেখ, ঐ মাতৃভাষা দীনা, হীনা, ক্ষীণা, মলিনা, পিঁচুটিনয়না, কাঠকুড়ানীর মত।' *দীনবন্ধু*, ১৮৬৭; 'সেখান দিয়ে কাঠকুড়নি যায় না নিয়ে কাঠ?' *রবীন্দ্র*, ১৯০৩।

কাঠকোঠর [কাঠ+স কোষ্ঠ] *বি* কাঠঠোকরা পাখি। 'কাঠকোঠর পেচা টীয়া কাদকোঁচ মহরিয়া সালিক ডাহুক তামচূড়।' *মুকুন্দ*, ১৬০০।

কাঠখড় [কাঠ+স খড়] *বি* প্রয়োজনীয় উপকরণ; মালমশলা। 'ততদিন তাকে অন্তরালে রেখে কাঠখড় যোগাতে হবে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কাঠখড় পোড়ানো *ক্রি* অভীষ্ট লাভের জন্য অতিশয় চেষ্টা। 'কী কাঠখড় এর পেছনে পোড়াতে হয়।' *শামসুল*, ১৯৫৬।

কাঠখোট্টা [কাঠ+খোট্টা] **১** *বিণ* গোঁয়ারের মতো। *বিদ্যা*, ১৮৯১; 'কাঠখোট্টা চেহারা।' *রবীন্দ্র*, ১৯০৯। **২** *বিণ* নির্দয়। 'ওরা আমাকে কাঠখোট্টা ... প্রভৃতি দুস্পাচ্য গালাগালি দেয়।' *নজরুল*, ১৯২৭। **৩** *বিণ* রসকষহীন। 'যেন উড্‌কাটের ব্যাপার – সাদামাটা কাঠখোট্টা বটে।' *মুজতবা*, ১৯৪৯।

কাঠখোলা [কাঠ+খোলা] *বি* বালি না দিয়ে যে খোলায় ভাজা হয়। *বিদ্যা*, ১৮৯১।

কাঠগড়া [কাঠ+গড়া] **১** *বি* কাঠের তৈরি বেড়া। 'চারিদিকে কাঠগড়া মধ্যে খাটী মাঝে।' *ঘনরাম*, ১৭১১। **২** *বি* বিচারের মঞ্চ। 'নালিশ জানিয়া বাবুকে কাঠগড়ায় তলব করাইলেক।' *ভবানী*, ১৮২৫।

কাঠগুদাম [কাঠ+প গুদাম] *বি* কাঠ রাখার গুদাম। 'তাঁর পল্লবনকে করেছি কাঠ-গুদাম।' *নজরুল*, ১৯৩০।

কাঠগোলা [কাঠ+আ ঘালা>] *বি* কাঠের আড়ত। 'বাড়ির পাশে কাঠগোলায় পুতুলনাচ হবে।' *বিভূতি*, ১৯৩১।

কাঠগোলাপ [কাঠ+ফা গুলাব] *বি* গন্ধহীন গোলাপবিশেষ। 'আবাদ করিতে জানিলে কাঠগোলাপ বসরাই গোলাপে পরিণত হয়।' *প্রমথ*, ১৯১৪।

কাঠচাঁপা [কাঠ+চাঁপা] *বি* এক ধরনের ফুলের গাছ। 'প্রাচীর ঘেঁষে দাঁড়িয়ে থাকে ৪/৫টা কাঠচাঁপা গাছ।' *ইলিয়াস*, ১৯৭২।

কাঠচেরা [কাঠ+চেরা] *বি* কাঠ চিরে তক্তা তৈরি করা। 'মহাশয় করাতি পাওয়া যায় না কাঠচেরা মস্কিল হইয়াছে।' *ভবানী*, ১৮২৩।

কাঠচোটা [কাঠ+চোট>] **১** *বিণ* কর্কশ। 'বজ্রনির্ঘোষের মতো এই কাঠচোটা স্বরেই যেন করুণা ...।' *নজরুল*, ১৯২২। **২** *বিণ* শুষ্ক। 'কাঠচোটা হাসি।' *নজরুল*, ১৯২৭।

কাঠঠোকরা [কাঠ+ঠোকরা] *বি* কাঠে ঠোকর মেরে কাঠের পোকা খায় এমন পাখিবিশেষ। 'কাঠঠোকরা একঘেয়ে ঠক ঠক শব্দ করে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কাঠদা [কাঠ+স দাত্র>] *বি* কাটারি। 'কাঠদা কুঠারি বাসী।' *মুকুন্দ*, ১৬০০।

কাঠদাপ [কাঠ+স দর্প>] *বি* বৃথা আস্ফালন; শুষ্ক দর্প। 'কাহাক দেখাহ এ কাঠদাপে।' *বড়ু*, ১৪৫০।

কাঠপারা [কাঠ+স প্রায়>] *বিণ* কাঠের মতো অসাড়। 'চরণ যদি ... ঠ্যাং-এর মতোই শক্ত কাঠপারা হয়।' *নজরুল*, ১৯২৪।

কাঠ-পিঁপড়ে [কাঠ+স পিপীলিকা>] *বি* কালো রঙের বড়ো পিঁপড়া-বিশেষ, যা কাঠে থাকে। 'কাঠ মল্লিকা ফুলের পাতায়/ কাঠ-পিঁপড়েতে বেঁধেছে বাসা।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কাঠ-ফাটা [কাঠ+ফাটা] *বিণ* কাঠ ফেটে যায় এমন। 'কাঠফাটা রোদ মাটি উঠেছে তেতে, পা ফেলা যায় না।' *রবীন্দ্র*, ১৯৩৩; 'কাঠফাটা রোদ মাঠ-বাটা বাট আগুন হয়ে ধায়।' *জসীম*, ১৯২৯।

কাঠফাড়া [কাঠ+ফাড়া] *বি* (বাউল) আস্ফালন। 'কাজ দেখি পাগলের মতন কথায় যেমন কাঠফাড়া।' *লালন*, ১৮৯০।

কাঠবিছা [কাঠ+স বৃশ্চিক>] *বি* এক রকমের বিষাক্ত বিছা। *ওসাঁ*, ১৭৮৫।

কাঠবিড়াল [কাঠ+স বিড়াল] *বি* বিড়ালের মতো প্রাণীবিশেষ, যা গাছপালায় চরে বেড়ায়। *ওসাঁ*, ১৭৮৫।

কাঠবিড়ালি [কাঠ+স বিড়াল>] *বি স্ত্রী* বিড়ালের মতো প্রাণীবিশেষ, যা গাছপালায় চরে বেড়ায়। 'কাঠবিড়ালি একবার ল্যাজের উপর ভর দিয়ে বসে।' *রবীন্দ্র*, ১৮৯১।

কাঠবিষ [কাঠ+স বিষ] *বি* এক রকমের তীব্র বিষ যা গাছের শিকড় থেকে উৎপন্ন হয়; আর্সেনিক; সেঁকো। *ওসাঁ*, ১৭৮৫।

কাঠবেড়াল [কাঠ+স বিড়াল>] *বি* বিড়ালের মতো প্রাণীবিশেষ, যা গাছপালায় চরে বেড়ায়। 'গাছ থেকে কাঠবেড়াল নেমে এল।' *অবন*, ১৮৯৬।

কাঠবেড়ালি, কাঠবেড়ালী [কাঠ+স বিড়াল>] *বি স্ত্রী* বিড়ালের মতো প্রাণীবিশেষ, যা গাছপালায় চরে বেড়ায়। 'কাঠবেড়ালি! পেয়ারা তুমি খাও?' *নজরুল*, ১৯২৬; 'কাঠবেড়ালীর অতি লোভনীয় আহার্য।' *বিভূতি*, ১৯৩১।

কাঠমল্লিকা [কাঠ+স মল্লিকা] *বি* বনমল্লিকা ফুল। 'তাতে বাঙ্গালি মেয়ে, জাতিতে কাঠমল্লিকা।' *বঙ্কিম*, ১৮৮৭।

কাঠমূরতি [স কাষ্ঠমূর্তি] *বি* কাঠের মতো প্রাণহীন মূর্তি। 'কাঠমূরতি ঐছন আছে কবি বিদ্যাপতি ভনে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কাঠমোল্লা [কাঠ+আ মুল্লা] *বি* রক্ষণশীল মুসলমান ধর্মপণ্ডিত। 'কাঠমোল্লার মউলবির যুক্তদানে ইসলাম কয়েদ।' *নজরুল*, ১৯২৯।

কাঠরা [স কাষ্ঠ>] ১ *বি* কাঠের কাজ। 'তাঁহার এক ভগিনীপতি কাঠরার কর্ম করিতেন।' *বিদ্যা*, ১৮৫৬। ২ *বি* কাঠের বেড়া; রেলিং। 'জাহাজের কাঠরার পরে ঝুঁকে পড়ে শরীরমনের একান্ত উদ্বেগ কিঞ্চিৎ লাঘব করা গেল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কাঠরিআ [স কাষ্ঠ>] *বি* কুঠার দিয়ে কাঠ কাটা যার পেশা। 'কাঠরিআ বেটা ছিল কলিঙ্গ-নৃপতি।' *মুকুন্দ*, ১৬০০।

কাঠলাড়িকা [কাঠ+স মল্লিকা>] *বি* কাঠমল্লিকা। 'কাঠ লাড়িকা সাজে কড়ায়ি আড়ায়ি রাজে।' *বড়ু*, ১৪৫০।

কাঠ হওয়া ১ *ক্রি* ভয়ে নিশ্চল হওয়া। 'একেবারে কাঠ হইয়া গেল।' *শরৎ*, ১৯১৩। ২ *ক্রি* অত্যন্ত তৃষ্ণার্ত হওয়া। 'বুকের অন্তঃস্থল পর্যন্ত শুকাইয়া কাঠ হইয়া গিয়াছিল।' *শরৎ*, ১৯১৬।

কাঠের কুঞ্জবন *বি* কৃত্রিম বন। 'ছুতোরের তৈরি কাঠের কুঞ্জবন।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কাঠের পুতুল *বি* ব্যক্তিত্বহীন মানুষ। 'সব ডিরেক্টার তো কাঠের পুতুল।' *বিভূতি*, ১৯৩১।

কাঠের মালা *বি* কাঠের গুটির মালা। 'কাঠের মালা নেড়ে চেড়ে মিছে নাম জপা।' *লালন*, ১৮৯০।

কাঠা [স কাষ্ঠিকা] *বি* ভূমির ক্ষেত্রফল পরিমাপের এককবিশেষ; ৭২০ বর্গফুট। 'মাপে কোণে দিয়া দড়া পনর কাঠায় কুড়া।' *মুকুন্দ*, ১৬০০।

কাঠাকালি [কাঠা+স কালি] *বি* কাঠা অনুসারে জমির মাপ। *বিদ্যা*, ১৮৯১।

কাঠাকিআ [কাঠা+স ক্রিয়া] *বি* কাঠাকিয়া; এক থেকে একশো পর্যন্ত গণনা। *বিদ্যা*, ১৮৯১।

কাঠামো [স কাষ্ঠকর্ম>] ১ *বি* শিল্পকর্ম। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* দেহ। 'অনেক যায়গায় প্রিতিমের কাঠামোয় ঘা পড়লো।' *হুতোম*, ১৮৬১। ৩ *বি* গড়ন। 'রাগরাগিণীর ছাঁদ ও কাঠামো অবশিষ্ট রহিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮১। ৪ *বি* বাক্যের গঠন। 'ভাষাবিজ্ঞানীরা এই কাঠামোর বিচার করে ভাষার জাত নির্ণয় করেন।' *রবীন্দ্র*, ১৯৩৮। ৫ *বি* অবয়ব। 'কাঠামোটা তাঁর বানিয়ে তুলতে মাংসের পড়েছিল টানাটানি।' *রবীন্দ্র*, ১৯৪১। ৬ *বি* ছাঁচ। 'একই রীতি-নীতির কাঠামোয় একই আদর্শে অনুপ্রাণিত।' *বেগম*, ১৯৪৮। ৭ *বি* পদ্ধতি। 'চিন্তার কাঠামোকে জোরপূর্বক ধর্মের উপর স্থাপন করতে চায়।' *উমর*, ১৯৬৮।

কাঠাল [স কণ্টকফল] *বি* কাঁঠাল। 'আম কাঠাল কাটিল নারেঙ্গ কালা।' *বিজয়*, ১৬৫০।

কাঠি, কাঠী [স কাষ্ঠিকা] ১ *বি* বাঁশ, বেত, কাঠ প্রভৃতির চিকন শলাকাবিশেষ। 'কাঠী সম বাহুযুগলে।' *বড়ু*, ১৪৫০; 'করে ধরে কাঁড় তিন কাঠি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* অত্যন্ত কৃশ। 'এত গিলাইতেছি, কিন্তু ছেলেটা দিন দিন কেবল কাঠি হইয়া যাইতেছে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কাঠি-বাড় *বি* কাঠি-লাগানো জালের বেড়। 'কাঠি বাড় দিয়া খালের মোহনা ঘিরিয়া রাখে সে।' *শওকত*, ১৯৫৮।

কাঠিন্য [স] ১ *বি* দুর্বোধ্যতা। 'বঙ্গভাষায় কাঠিন্য বৃদ্ধি সম্ভাবনায় সংশোধন সিদ্ধি হইতে পারে না।' *দর্পণ*, ১৮৩০। ২ *বি* দৃঢ়তা। 'কাঠিন্য, কোমলতা, ঘনত্ব, তারল্য প্রভৃতি ...।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* বলিষ্ঠতা। 'এ ভীরু জগতে যার কাঠিন্য জগৎ তারি।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৪ *বি* কঠোরতা। 'তাহার সমস্ত কাঠিন্য একত্র করিয়া তাঁহাকে আঘাত করিতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৫ *বি* নির্মমতা। 'রামায়ণকথায় কর্তব্যের দুরূহ কাঠিন্য।' *রবীন্দ্র*, ১৯০৭।

কাঠিন্যভাব [স] *বি* রাগ আছে এমন ভাব। 'চোখে একটু কাঠিন্যভাব।' *ওয়ালী*, ১৯৬৪।

কাঠিন্যরূপ [স] *বি* দুর্বোধ্যতা। 'কাঠিন্যরূপ প্রকাশ ভিন্ন অন্যরূপে কখন পারিবা না।' *দর্পণ*, ১৮২০।

কাঠী *দ্র* কাঠি

কাঠুয়া [স কমঠ] *বি* কচ্ছপবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

কাঠুরিয়া [স কুঠারিক] *বি* কাঠুরে। 'কাঠুরিয়া কাঠভার লইআ আইসে পথে।' *মুকুন্দ*, ১৬০০।

কাঠুরে [স কুঠারিক] *বি* কাঠ কাটা যার পেশা। 'দেখ না একটু কাঠুরে পাড়ার দাই মাগিকে।' *নজরুল*, ১৯৩০।

কাঠোআল [স কণ্টকফল] *বি* কাঁঠাল। 'ফলভরে নম্র অতি আম্র কাঠোআল।' *আলাওল*, ১৬৮০।

কাড় *বি* মাচা। *বিদ্যা*, ১৮৯১।

কাড়া[১] [আ নককারাহ্] ১ *বি* ঢাকজাতীয় বাদ্যযন্ত্র। 'ঢাক দগড় কাড়া বাজয়ে বিশাল।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* ঢোলবাদক। *ওসাঁ*, ১৭৮৫।

কাড়ানাকাড়া *বি* ঢাকঢোল ইত্যাদি। 'কতগুলি বন্যলোক কাড়ানাকাড়া বাজাইয়া গান করিতে লাগিল।' *প্যারী*, ১৮৫৮।

AMARBOI.COM

কাড়া[২], **কাড়ানো** ১ *ক্রি* হরণ করা। 'ডাহিন হাথে খাণ্ডা কাড়ি পেলেন শ্রীহরি।' *মালাধর*, ১৫০০; 'চিত্ত কাড়ি তোমা হৈতে বিষয়ে চাহি লাগাইতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *ক্রি* খুলে নেওয়া। 'সভে মেল্যা সদাগরের বস্ত্র কাড়্যা লেই।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *ক্রি* শব্দ করা। 'আর যদি কাড় রা বসন্তের মাথা খা।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *ক্রি* রচনা করা। 'কিতাবেত কাড়ি দিলুম হিন্দুয়ানি করি।' *সুলতান*, ১৭০০। ৫ *ক্রি* বের করা। 'কাড়িতে।' *মানোএল*, ১৭৪৩। ৬ *ক্রি* জয় করা। 'অতি মহৎ কাজ করিয়া আমাদের হৃদয় চিরকালের জন্য কাড়িয়া লইবেন।' *সুলভ*, ১৮৭৩। ৭ *ক্রি* চাওয়া; আদায় করা। *বিদ্যা*, ১৮৯১; 'এক-গা গন্ধ মাখিয়ে তার মেসোর আদর কাড়বার জন্য পাঠিয়ে দাও।' *রবীন্দ্র*, ১৯০২। ৮ *ক্রি* মুগ্ধ করা; আকর্ষণ করা। 'আমাদের অনেক দিনের ওগো ... মন কাড়িবার মন্ত্র বড় rogue ও।' *সত্যেন্দ্র*, ১৯১২। ৯ *ক্রি* অর্জন করা। 'লোকের বিশ্বাস কাড়িবার জন্য সাবধান হইয়া চলে।' *রবীন্দ্র*, ১৯১৪। **কাড়ি** *ক্রি* বলপূর্বক ছিনিয়ে; কেড়ে। 'ডাহিন হাথে খাণ্ডা কাড়ি পেলেন শ্রীহরি।' *মালাধর*, ১৫০০; 'আপনা বিক্রমে কাড়ি তিন কন্যা নিমু।' *কবীন্দ্র*, ১৬৮৯। **কাড়িতে** ১ *ক্রি* বের করতে। 'কাড়িতে।' *মানোএল*, ১৭৪৩। ২ *ক্রি* ছিনিয়ে নিতে। 'লাগিলেক সখিনার গহনা কাড়িতে।' *গরীব*, ১৭৬৫। **কাড়িয়া** ১ *ক্রি* ছিনিয়ে; কেড়ে। 'বহু সৈন্য আসি তাকে নিবেক কাড়িয়া।' *সুলতান*, ১৬৫০। ২ *ক্রি* জয় ক'রে। 'অতি মহৎ কাজ করিয়া আমাদের হৃদয় চিরকালের জন্য কড়িয়া লইবেন।' *সুলভ*, ১৮৭৩। **কাড়্যা** *ক্রি* খুলে। 'সভে মেল্যা সদাগরের বস্ত্র কাড়্যা লেই।' *মুকুন্দ*, ১৬০০। **কেড়ে নেওয়া** *ক্রি* ছিনিয়ে নেওয়া। 'চক্ষু ত কাড়িয়া লইতে পারিবে না।' *বঙ্কিম*, ১৮৭৮। **কেড়ে লওয়া** *ক্রি* ছিনিয়ে নেওয়া। 'এদেশের লোকের অন্ন কাড়িয়া লইতেছে।' *দর্শন*, ১৮৩০। **কেড়্যা** *ক্রি* কেড়ে। 'শিলিহার সুচেল সকলি নিল কেড়্যা।' *মানিকরাম*, ১৭৮১।

কাড়াকাড়ি [কাড়া>] ১ *বি* পরস্পরের কাছ থেকে কেড়ে নেওয়ার চেষ্টা। 'হাটে নিঞা বেচে লোন কিনে ডোম হাড়ি ব্যায়ান্নের তরে ছুঞা করে কাড়াকাড়ি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* দ্বন্দ্ব। 'ক্ষমতার কাড়াকাড়ি, দল পরিবর্তনের হিড়িক।' *আজাদ*, ১৯৬০।

কাড়াকুড়ি [কাড়া>] *বি* পরস্পরের কাছ থেকে ছিনিয়ে নেওয়া। 'কাড়াকুড়ি করে সে যা-কিছু জমায়।' *রবীন্দ্র*, ১৯২২।

কাড়া [কাড়া>] ১ *ক্রি* কেড়ে নেওয়া। 'বাট কাড়ায়িল বড়ায়ি জাইতেঁ বৃন্দাবন।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* শব্দ করা। 'ভ্রমর কাঢ়এ রাএ।' *বড়ু*, ১৪৫০। ৩ *ক্রি* চিৎকার করা। 'রাঅ কাঢ়ে যেন বোকা ছাগ।' *বড়ু*, ১৪৫০। **কাঢ়** *ক্রি* কেড়ে নাও। 'গ্রামের লোক আনি আমা কাঢ় কুঞ্জ হৈতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **কাঢ়এ** *ক্রি* করে। 'ভ্রমর কাঢ়এ রাএ।' *বড়ু*, ১৪৫০। **কাঢ়সি** *ক্রি* করছো। 'কমণ কারণে রাধা না কাঢ়সি রাএ।' *বড়ু*, ১৪৫০। **কাঢ়ায়িআঁ** *ক্রি* বের ক'রে। 'মাঝ পাত্তরে বাট কাঢ়ায়িআঁ।' *বড়ু*, ১৪৫০। **কাঢ়ায়িল** *ক্রি* ধরলো। 'বাট কাঢ়ায়িল বড়ায়ি জাইতেঁ বৃন্দাবন।' *বড়ু*, ১৪৫০। **কাঢ়ায়িলি** *ক্রি* ছিনিয়ে নিলি; কেড়ে নিলি। 'যবেঁ কাঢ়ায়িলি বাট দুসহ আরণে।' *বড়ু*, ১৪৫০। **কাঢ়িআঁ** *ক্রি* কেড়ে। 'প্রথমে কাঢ়িআঁ নৈল সাতেসরী হার।' *বড়ু*, ১৪৫০। **কাঢ়িতেঁ** *ক্রি* কেড়ে নিতে। 'বড় দুখ পাইল আহ্মে কাঢ়িতেঁ পাসলী।' *বড়ু*, ১৪৫০। **কাঢ়িলান্ত** *ক্রি* টেনে বের করলো। 'কাঢ়িলান্ত দীর্ঘ রাএ।' *বড়ু*, ১৪৫০। **কাঢ়ী** *ক্রি* কেড়ে। 'কাঢ়ী লৈবোঁ সাতেসরী হারে।' *বড়ু*, ১৪৫০। **কাঢ়ে** *ক্রি* চিৎকার করে। 'রাঅ কাঢ়ে যেন বোকা ছাগ।' *বড়ু*, ১৪৫০।

কাণ[১] [স কর্ণ] *বি* কান। 'পিরীতি বলিয়া নাম শুনাইতে মদিয়া রহিব কাণে।' *চণ্ডী*, ১৫৫০। *দ্র* **কান**

কাণ খাড়া করা *বি* শোনার জন্যে মনোযোগ দেওয়া। 'তাঁর বাণী পৃথিবীসুদ্ধ লোক কাণ খাড়া করে শুনবে।' *প্রমথ*, ১৯১৭।

কাণ দেওয়া *ক্রি* কর্ণপাত করা। 'মা তোরা ওসব কথায় কাণ দিসনে।' *উমেশ*, ১৮৫৭।

কাণপাতলা *বিণ* বিবেচনা ছাড়াই কোনো কিছু বিশ্বাস করে এমন। 'আমায় বলে দিলে মালতী এখানে এসেছে – আমিও তেমনি কাণপাতলা।' *দীনবন্ধু*, ১৮৬৩।

কাণফোঁড়া যোগী *বি* সন্ন্যাসীবিশেষ। 'কাণফোঁড়া যোগী উলঙ্গ হইয়া কদর্য্য উৎসব করিতেছ।' *বঙ্কিম*, ১৮৮৭।

কাণ ফোটা *ক্রি* শ্রবণ শক্তি ফিরে আসা। 'গোবরার মার কাণ ফুটিল।' *বঙ্কিম*, ১৮৮২।

কাণবালা *বি* কানের অলঙ্কার। 'চলিল অবলা, পরে কাণবালা।' *ভবানী*, ১৮২৫।

কাণমলা *বি* কাণে মোচড় দিয়ে শাস্তি। 'কাণমলা তুমি আমার হইয়া খাবা?' *গিরিশ*, ১৮৮৬।

কাণমলা খাওয়া *ক্রি* অপদস্থ হওয়া। 'কাণমলা খেয়ে চ'লে যাও।' *গিরিশ*, ১৮৯৬।

কাণ হারানো *ক্রি* কানে শুনতে না পাওয়া। 'এতক্ষণ গোবরার মা কাণ হারাইয়াছিল।' *বঙ্কিম*, ১৮৮২।

কাণ[২] [স] *বিণ* কানা; এক চোখওয়ালা। 'যেমন কাণ ব্যক্তির বর্ত্তমান যে একচক্ষু, তাহে আস্থা নাই।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কাণা [স কাণ] ১ *বিণ* অন্ধ। 'দেখতে পাস নে? কাণা নাকি?' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বিণ* মোহান্ধ। 'কেমন কুহক জানে এরা, উপদেশে করে কাণা।' *গুপ্ত*, ১৮৫৮।

কাণি [স কাণ>] *বি* স্ত্রী অন্ধ। 'কি লো কাণি – আবার ফুল লইয়া মরতে এয়ছিস কেন?' *বঙ্কিম*, ১৮৭৪।

কাণা[২] *বি* পাত্রাদির ধার। 'দেব প্রেম আর পাব কলসীর কাণা।' *সুকান্ত*, ১৯৪৮।

কাণাকড়ি [স কাণ+কড়ি] *বি* খুঁতওয়ালা কড়ি। 'কাণাকড়ি-ছিদ্র সম জানিহ সেই শ্রবণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। *দ্র* **কানাকড়ি**

কাণাকাণি [স কর্ণ>] *বি* কানাকানি; পরস্পর চুপি চুপি বলাবলি। 'কচ্চে লোকে কাণাকাণি।' *গিরিশ*, ১৮৮৭।

কাণি *দ্র* **কাণা**[১]

কাণ্ড [স কাণ্ড] *বি* অধ্যায়। 'নিবারণকে ডাক না ভাই, সাত কাণ্ড রামায়ণ শোনা যাক।' *দীনবন্ধু*, ১৮৭২।

কাণ্টাপনা [স কণ্টক>] *বি* বিরক্ত। 'কাণ্টাপনা কেন কর বল তো।' *গিরিশ*, ১৮৯৬।

কাণ্টিয়ান [ই] *বিণ* দার্শনিক কাণ্টের অনুসারী। 'তার পরিচয় নব-কাণ্টিয়ান, নব-হেগেলিয়ান।' *প্রমথ*, ১৯১৭।

কাণ্ড [স] ১ *বি* বাণ। 'বিষাইল কাণ্ডের ঘাএ যেহেন হরিণী।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* গ্রন্থের অধ্যায়। 'সাত কাণ্ড পুথি তাহা বাল্মীকি রচিল।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* ঘটনা। 'পশ্চিমাঞ্চলে একটি বীভৎস কাণ্ড ঘটিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৭।

কাণ্ডকারখানা [স কাণ্ড+ফা কারখানা] *বি* নানা রকমের ঘটনা; কার্যাবলি। 'পৃথিবীর বড়ো বড়ো কাণ্ডকারখানা চলছে।' *রবীন্দ্র*, ১৯১৫।

কাণ্ডকাহিনী [স কাণ্ড+স কথনিকা] *বি* ঘটনাবৃত্তান্ত। 'পত্রের এই

AMARBOI.COM

কাণ্ডকাহিনী পাঠ করিয়া অনেকেই স্তম্ভিত হইবে।' *আজাদ*, ১৯৪১।

কাণ্ডজ্ঞান [স] *বি* সাধারণ জ্ঞান; কর্তব্যকর্মে বুদ্ধিবিচারের ক্ষমতা। 'গ্রামবাসী সকলেই তাঁহার কাণ্ডজ্ঞানের প্রশংসা করিত।' *অক্ষয়*, ১৮৫৪।

কাণ্ডজ্ঞানশূন্য [স] *বিণ* সাধারণ বুদ্ধি-বিবেচনা নেই এমন। 'ইউরোপ খণ্ডের ছোট লোকেরা কাণ্ডজ্ঞানশূন্য পশুবিশেষ বলিলে হয়।' *রাজ*, ১৮৭৪।

কাণ্ডজ্ঞানসম্পন্ন [স] *বিণ* সাধারণ বুদ্ধি-বিবেচনা আছে এমন। 'সকল সুস্থ এবং কাণ্ডজ্ঞানসম্পন্ন মানুষ তাই করিবেন।' *আজাদ*, ১৯৫৬।

কাণ্ডজ্ঞানহীন [স] *বিণ* বাস্তববুদ্ধিহীন; সাধারণ জ্ঞান নেই এমন। 'কাণ্ডজ্ঞানহীন স্বামীর উপর তাঁহার সমস্ত রাগ।' *রবীন্দ্র*, ১৯০৯।

কাণ্ডজ্ঞানহীনতা [স] *বি* সাধারণ বুদ্ধি-বিবেচনাহীনতা। 'কোন সুস্থ জাতির পক্ষে এরকম নির্লজ্জ কাণ্ডজ্ঞানহীনতা সম্ভব?' *মুক্ততবা*, ১৯৫২।

কাণ্ডবাণ্ড [স কাণ্ড>] *বি* অবাক করে এমন কাণ্ড। 'বেলেল্লা কাণ্ডবাণ্ড।' *মনোজ*, ১৯৬১।

কাণ্ড বাধানো *ক্রি* ঘটনার জন্ম দেওয়া। 'আবার কি এইরকম একটি কাণ্ড বাধানো ভালো।' *রবীন্দ্র*, ১৮৯২।

কাণ্ডমাণ্ড [স কাণ্ড>] *বি* কাজকর্মাদি। 'মায়ের কাণ্ডমাণ্ড কিছুই বুঝছে না ও।' *কায়সার*, ১৯৬২।

কাণ্ডাকাণ্ড [স কাণ্ড-অকাণ্ড] *বিণ* ভালো-মন্দের। 'তোর তো আর কাণ্ডাকাণ্ড জ্ঞান থাকে না।' *প্রমথ*, ১৯১৮।

কাণ্ডাকাণ্ডজ্ঞান [স] *বি* ভালোমন্দের জ্ঞান। 'আজকালকার এই সব অগ্রগতিশীলা মহিলাদের কাণ্ডাকাণ্ডজ্ঞান একেবারে নাই।' *বনফুল*, ১৯৩৬।

কাণ্ডার [স কর্ণধার] *বি* নৌকার চালক। 'মধ্যে কাণ্ডার পট্ট থাকে কোন জন।' *মুকুন্দ*, ১৬০০।

কাণ্ডারি, কাণ্ডারী [স কর্ণধারী] **১** *বি* মাঝি। 'নবিন কাণ্ডারি আমি নৌকা নাহি বাই।' *মালাধর*, ১৫০০; 'ব্যভিচারী নারি না হবে কাণ্ডারী।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বি* কর্ণধার; অধিকর্তা। 'যিনি এ ভবের কাণ্ডারী।' *রবীন্দ্র*, ১৯০২। **৩** *বিণ* সেনাপ্রধান; সেনাপতি। 'তুরস্কের জাতীয় সৈন্যদলের কাণ্ডারী ... কামাল পাশা।' *নজরুল*, ১৯২২। **৪** *বি* নেতা। 'কাণ্ডারী হুঁশিয়ার।' *নজরুল*, ১৯২৬।

কাণ্ডারীহীন [স কর্ণধারীহীন] *বিণ* নির্দেশনাহীন। 'স্বভাবের নির্মম ও কাণ্ডারীহীন কার্য-কারণ সম্বন্ধ বুঝিতে না পারিয়া ম্রিয়মান হইয়াছ।' *জগদীশ*, ১৯১৭।

কাণ্ডার [স কর্ণধার] *বি* কাণ্ডার; নৌকার হাল। 'আপণে কাণ্ডার ধরিল দেব কাহ্ন।' *বড়ু*, ১৪৫০।

কাণ্ডারী [স কর্ণধারী] *বি* কর্ণধার। 'আন্ধে কাণ্ডারী শ্রীগদাধর।' *বড়ু*, ১৪৫০।

কাৎ[১] [হি কইত] **১** *বিণ* সন্তুষ্ট। 'এক কোন কেটে মহাজন কাৎ কত্তাম।' *দীনবন্ধু*, ১৮৬০। **২** *বিণ* অবনত। 'সে পশ্চিমদিকে মুখ ফিরিয়ে বসে আছে ঘাড় একটু কাৎ করে।' *হাফিজুর*, ১৯৫৩।

কাৎ[২] [কাঠ>] *বি* দারুচিনি। 'একটু কাৎ দাও না।' *বিভূতি*, ১৯৩১।

কাত[১] [স কুত্র] *ক্রিবিণ* কোথায়। 'তান ইচ্ছা বুঝিবারে শক্তি আছে কাত।' *বৃন্দা*, ১৫৮০।

কাত[২] [আ কিতআহ] **১** *বি* জমির খণ্ড। 'এক দফা কাত খরচ বাবদী বিবি দেন আড়কাট ৩৫ পঞ্চিত্রিষ তঙ্কা।' *মেয়র্স*, ১৭৫৮। **২** *বি* অংশ। 'টাকা কাত ওগয়রহ সমস্ত বুঝিয়া পাইলাম।' *ওর্সা*, ১৭৮২; 'জমির কাত জমা মায় একুন যুদ্দা সাতট্টী তঙ্কা ডেড় আনা।' *ভেরলি*, ১৭৮৩।

কাত[৩] [হি কইত] **১** *বিণ* একপাশ নিম্নমুখী বা নিমজ্জিত। 'সেই একটা দমকাতেই কাব্য একেবারে কাত হইয়া ডুবিয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৯৮। **২** *বি* পাশ। 'ডান কাত ফিরে শুয়েছে।' *আহসান*, ১৯৫৯।

কাত ফেরা *ক্রি* পাশ ফেরা। 'কাত ফিরলে দেখি/ পাড়া-পড়শী হেঁটে বেড়ায়।' *ওবায়দুল্লাহ*, ১৯৭৪।

কাত হওয়া *ক্রি* হেলে পড়া। 'একেবারে কাত হবার উপক্রম করছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

কাতর [স] **১** *বিণ* কাঙাল। 'এবেঁ রাজা ধনের কাতর।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* বিপন্ন। 'চক্রঘাএ কাতর বড় বান নৃপবরে।' *মালাধর*, ১৫০০। **৩** *বিণ* অধীর। 'কামে ব্যাকুল শিব কাতর চঞ্চল জীব।' *বিজয়*, ১৬৫০। **৪** *বিণ* দুঃখে পীড়িত। 'কাতর হইয়া বোলে মুনির চরন।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৫** *বিণ* করুণ। 'কৃতাঞ্জলি হয়ে অবনি লোটায়ে কহিল কাতর বাণী।' *মানিকরাম*, ১৭৮১। **৬** *বিণ* কুণ্ঠিত। 'টাকা দিতে আমি কাতর নই।' *দর্পণ*, ১৮২১।

কাতরতনু [স] *বিণ* দেহ ক্লিষ্ট হয়েছে এমন। 'বন্ধনে কাতরতনু মরি যে ব্যথায়।' *রবীন্দ্র*, ১৮৮১।

কাতরতা [স] *বি* দুর্বলতা। 'অনাথা কিম্বা বিধবাদি হইলে মনের কাতরতাতে নানা পাপ কর্ম্মে প্রবৃত্তি হয়।' *গৌর*, ১৮২২।

কাতরতাশূন্য [স] *বিণ* স্ত্রী নির্লজ্জ। 'কাতরতাশূন্য ভাষায় ভ্রাতৃবর্গকে ডাকাইলেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

কাতরস্বর [স] *বি* করুণকণ্ঠ। 'পোস্টমাস্টার কাতরস্বরে বলিলেন, শরীরটা ভালো বোধ হচ্ছে না।' *রবীন্দ্র*, ১৮৯১।

কাতরান্বিত [স কাতর-অন্বিত] *বিণ* পীড়িত। 'নানা রোগে কাতরান্বিত, গলিত, শীর্ণ বৃদ্ধ ...।' *অক্ষয়*, ১৮৪৭।

কাতরোক্তি [স কাতর-উক্তি] *বি* করুণ উক্তি। 'রোদন করিতে করিতে বিনয়পূর্ব্বক নানা প্রকার কাতরোক্তি করিতে লাগিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

কাতরে *ক্রিবিণ* মিনতি ক'রে। 'ইমামের আগে আসি কহিল কাতরে।' *গরীব*, ১৭৬৫।

কাতরা[১] [স] *বিণ* স্ত্রী ব্যাকুল। 'লক্ষ্মণ সেনের স্ত্রী ... স্বামিবিরহে কাতরা হইয়া মৃত্তিকাতে এই কবিতা লিখিলেন।' *গৌর*, ১৮২২।

কাতরা[২] [আ কতরাহ] *বি* ফোঁটা। 'তবু এক কাতরা পানি না দিব এখানে।' *গরীব*, ১৭৬৫।

কাতরানো [স কাতর>] **১** *ক্রি* যন্ত্রণায় কাতর হয়ে শব্দ করা; কাতড়ানো। 'এক বুড়া শুইয়া কাতড়াইতেছে।' *বঙ্কিম*, ১৮৮২। **২** *ক্রি* ছটফট করা। 'দু-একজন তখনও কাতরাচ্ছেন।' *পাশা*, ১৯৭১।

কাতরিয়ে কাতরিয়ে *ক্রিবিণ* যন্ত্রণা দিয়ে। 'ছটফটিয়ে কাতরিয়ে কাতরিয়ে মারে।' *নজরুল*, ১৯২৭।

কাতর্য্যতা [স] *বিণ* কাতর। 'বসন্তরায়ের এই২ মত কাতর্য্যতা উক্তিতে মহারাজাও রোদন করিতে প্রবর্ত্ত।' *রামরাম*, ১৮০১।

কাতল [স] *বি* কাতলা মাছ। 'ফিঙের ঠ্যাং, কাতলের মুখ।' *জীবন*, ১৯৪৮।

কাতলা [স কাতল] *বি* মাছবিশেষ। 'চীতল ভেকুট কই কাতলা মৃগাল।' *ভারত*, ১৭৬০।

AMARBOI.COM

কাতা[১] [স কর্তা] *বি* মালিক। 'ধাতা কাতা বিধাতার কপালে দিয়ে ছাই।' *চণ্ডী*, ১৫৫০।

কাতা[২] [স কর্তন] *বি* ক্ষুর। 'নাপিত বইসে তথা কক্ষতলে করি কাতা করে ধরি রসান দর্পণ।' *মুকুন্দ*, ১৬০০।

কাতা[৩] [স কৃৎ>] *বি* নারকেলের ছোবড়া দিয়ে তৈরি দড়ি। 'তাবৎ সেতুই তারলিপ্ত নারিকেলের কাতায় নির্ম্মিত।' *দর্পণ*, ১৮২৫।

কাতান[১] [প] *বি* দা; কাটারি। *বিদ্যা*, ১৮৯১।

কাতান[২] *বি* এক প্রকার রেশমি কাপড়ের শাড়ি। 'কাতানের ওপরে বাতাস আস্তে উড়িয়েছে পাড়।' *মাহমুদ*, ১৯৭৩।

কাতার [আ] *বি* সারি। *ওসাঁ*, ১৭৮৫; 'সৈন্যগণ পশ্চাতে কাতার দিয়া দাঁড়াইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

কাতার করা *বি* একত্র হওয়া। 'প্রাসাদশোভিত রাস্তাঘাটে কাতার করছে।' *মনসুর*, ১৯৩৫।

কাতারবন্দি, কাতারবন্দী [আ কাতার+ফা বন্দি] *বি* শ্রেণীবদ্ধ। 'করিম চোরা তাঁর সাঙ্গোপাঙ্গসহ চোর জাতিকে সংহত ও কাতারবন্দী করিতেছেন।' *মনসুর*, ১৯৪৫।

কাতারি *বি* তিজেল; চ্যাপটা হাঁড়ি। 'কাতারি কাটিয়ে শুকো দই।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কাতি[১] [স কর্তরী] *বিণ* খাঁড়া। 'উঠিল পদাতি ধরিয়া ঢাল কাতি।' *মুকুন্দ*, ১৬০০।

কাতি[২] [স কাতর] *বি* কাতরতা। 'অতি দুঃখ কাতি।' *আলাওল*, ১৬৮০।

কাতুকুতু [ধ্বন্যা] *বি* সুড়সুড়ি। *ওসাঁ*, ১৭৮৫; 'তারে তত কাল-আগুনের কাতুকুতু দি।' *নজরুল*, ১৯২২।

কাতুকুতুভাব [ধ্বন্যা কাতুকুতু+স ভাব] *বি* হ্যাংলামি; লঘুচিত্ততা। 'এসব কাতুকুতুভাব সহ্য হয় না।' *নজরুল*, ১৯২৫।

কাতুরকুতুর [ধ্বন্যা] *বি* সুড়সুড়ি; কাতুকুতু। *বিদ্যা*, ১৮৯১।

কাতে *সর্ব* কাকে। 'কাতে নিবেদিবোঁ মোএঁ এথা কেহো নাহি।' *বড়ু*, ১৪৫০।

কাতেল [আ কতল] *বি* হন্তা; হত্যাকারী। 'লোমশূন্য বক্ষই তোমার কাতেল।' *মশাররফ*, ১৮৮৫।

কাতৌরা *বি* পাখিবিশেষ। 'অল্প দূরে কাতৌরা পাখির পাঠশালা বসে।' *মানিক*, ১৯৩৬।

কাত্তীক [স কার্তিক] *বি* বাংলা সনের সপ্তম মাস। 'মাহো কাত্তীকে আসিয়া পৌঁছে।' *ওসাঁ*, ১৭৭৯।

কাত্যায়নি, কাত্যায়নী [স কাত্যায়নী] *বি* হিন্দুদেবী দুর্গা। 'কাত্যায়নি মোহৎসব বৃন্দাবনে কৈল।' *মালাধর*, ১৫০০; 'যাঁর সাধনায় হইবে কাত্যায়নীর অবতরণ।' *নজরুল*, ১৯৪১।

কাৎরা [আ কতরাহ্] *বি* বিন্দু। 'ধুঁকে ম'লো আহা তবু পানি এক কাৎরা।' *নজরুল*, ১৯২২।

কাৎরানি [স কাতর>] ১ *বি* যন্ত্রণাপ্রকাশক শব্দ। 'অভাগী মাতার মর্ম-বিদারী কাৎরানি।' *নজরুল*, ১৯২২। ২ *বি* ছটফটানি। 'সেই নিখিল মুসলিমের ক্রন্দন কাৎরানির দিন।' *ধূমকেতু*, ১৯২২।

কাৎরানো [স কাতর>] *ক্রি* যন্ত্রণায় ছটফট করা। 'কাৎরায় শুধু! গুমরিয়া কাঁদে কলিজা-পিষানো বাজে।' *নজরুল*, ১৯২৪।

কাৎলা [স কাতল] *বি* রুই মাছের মতো এক ধরনের মাছ। 'অতল দীঘির নি-তল জলে সাঁৎরে বেড়ায় কাৎলা-চিতল।' *সত্যেন্দ্র*, ১৯১২। *দ্র* **কাতলা**

কাৎলি [ই কেট্‌ল্] *বি* চা, কফি ইত্যাদির পানি গরম করার নলওয়ালা পাত্রবিশেষ। 'পন্নার জল আর চায়ের কাৎলি আছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

কাথ [হি কইতা] *বি* ঘন নির্যাস। 'চাল গল্যা পড়ে চারি-পাটি কাথ গলে।' *মুকুন্দ*, ১৬০০।

কাথলি [ই কেট্‌ল] *বি* চা ইত্যাদির পানি গরম করার নলযুক্ত পাত্রবিশেষ; কেটলি। 'টগবগ উচ্ছল কাথলিতল জল।' *রবীন্দ্র*, ১৯২৪।

কাথলিক [ই ক্যাথলিক] *বি* খ্রিস্টীয় ধর্মসম্প্রদায়বিশেষ। 'এ স্থানে কাথলিক যাজকের বিদ্যালয়, গোরস্থান, এবং পালের গহ্বর আছে।' *অক্ষয়*, ১৮৪২।

কাথাল *বি* ঝোপ। *মানোএল*, ১৭৪৩।

কাদকোঁচা [স কর্দম>+খোঁচা] *বি* কাদাখোঁচা পাখি। 'কাঠকোঁচর পেচা টীয়া কাদকোঁচা মহরিয়া সালিক ডাহুক তামচূড়।' *মুকুন্দ*, ১৬০০।

কাদম্ব [স] *বি* রাজহাঁস। 'সারসী, ক্রৌঞ্চ, চক্রবাক, কাদম্ব, কুলাল।' *সুধীন্দ্র*, ১৯২৮।

কাদম্বিনী [স] *বি* মেঘমালা। 'এক তড়িৎপ্রভা কাদম্বিনী ভেদ ... করিয়া ... উপত্যকা দেখাইয়া দিল।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

কাদা[১] [স কর্দম] ১ *বি* নরম মাটি। 'জাহ্নবীর কাদা ভরিল যতেক নারী।' *গুপ্তারি*, ১৫৭০। ২ *বিণ* জবজবে। 'ছাতের উপরে আপাদমস্তক ভিজে একেবারে কাদা হয়ে গিয়েছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কাদাকালি [কাদা+স কাল>] *বি* ক্লেদ; ময়লা। 'সারারাতের কাদাকালি নিয়ে বিছানায় যখন সে বসে থাকে?' *জীবন*, ১৯৩২।

কাদাখোঁচা [কাদা+খোঁচা] *বি* কাদা খুঁচে খাবার সংগ্রহ করে এমন পাখিবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'খোঁচা খুলে কাদা-খোঁচা পালয়েছে আমার।' *দীনবন্ধু*, ১৮৭৩; 'জলের ধারে কাদা-চরের উপর কাদাখোঁচা পাখিগুলো ল্যাজ নাচিয়ে লাফিয়ে লাফিয়ে বেড়াচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কাদা-গোলা [কাদা+গোলা] *বি* কাদা-মেশানো। 'খর স্রোতজলে কাদা-গোলা বলে গ্রীবা নাড়ে তীরে জরদ্‌গব।' *নজরুল*, ১৯২৯।

কাদা-চর [কাদা+স চর] *বি* নদীতে জেগে ওঠা কাদাময় চর। 'জলের ধারে কাদা-চরের উপর কাদাখোঁচা পাখিগুলো ল্যাজ নাচিয়ে লাফিয়ে লাফিয়ে বেড়াচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কাদাজমি [কাদা+ফা জমীন] *বি* কাদাময় জমি। 'খাবলা-খাবলা রুঠাজমি, ডোবাজমি, কাদাজমি।' *ওয়ালী*, ১৯৪৮।

কাদা-ঢাকা [কাদা+ঢাকা] *বিণ* অবরুদ্ধ; দমিত। 'সাধারণের সমস্ত উৎসাহ ও প্রাণ একেবারে কাদা-ঢাকা।' *নজরুল*, ১৯২২।

কাদাবৃষ্টি [কাদা+স বৃষ্টি] *বি* কাদার বৃষ্টি। 'মাঝে মাঝে কাদাবৃষ্টি রক্তবৃষ্টি প্রভৃতি নানা উৎপাতের কথা শোনা যায়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কাদামাঠ [কাদা+মাঠ] *বি* কর্দমাক্ত মাঠ। 'কত কাদামাঠ আদার-পাঁদাড় ভেঙে প্র্যাকটিস করেছি।' *জীবন*, ১৯৩২।

কাদিয়ে দেওয়া *ক্রি* কাদা-কাদা করে দেওয়া। 'মেয়েরা শাড়িতে জল বয়ে গ্রামপথ কাদিয়ে দেয়।' *হাসান*, ১৯৬৭।

কাদা[২] [আ কদহ] *বি* পাত্র। 'শুনিয়া জহর কাদা আনি দিল তারে।' *গরীব*, ১৭৬৫।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কাদিয়া [প] *বি* ধাতু নির্মিত গলার হার। 'কাদিয়া ১ ছড়া।' *মেয়র্স*, ১৭৬২।

কাদিয়ানী *বি* উনিশ শতকে পাঞ্জাবের কাদিয়ান অঞ্চলে প্রবর্তিত ইসলাম ধর্মের একটি ধারা; মুসলিম সম্প্রদায়বিশেষ। 'নেচারী ও কাদিয়ানী প্রভৃতি অভিনব অনৈসলামিক মতের প্রাবল্যে।' *বঙ্গনূর*, ১৯২২।

কাদিয়ানী ধর্ম *বি* কাদিয়ানি সম্প্রদায়ের আচরিত ধর্ম; আহমদিয়া। 'কাদিয়ানী ধর্ম প্রচারিত হইয়াছে।' *ইসলাম*, ১৯৩৩।

কাদিয়ারা [প] *বি* চেয়ার। 'কাদিয়ারা ৪।' *মেয়র্স*, ১৭৬২।

কান[১] [স কৃষ্ণ] *বি* কৃষ্ণ। 'তোর রূপ যৌবনে মোহিল দেব কান।' *বড়ু*, ১৪৫০।

কান[২] [স কর্ণ] **১** *বি* কর্ণ। 'গিধিনীসদৃশ তোর দেখো দুই কান।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* চাবি। 'গ্রামোফোনের কান যদি মলে দেওয়া যায়।' *রবীন্দ্র*, ১৯২৯। **৩** *বি* কানের গহনাবিশেষ। 'টুকিকি কান কানবালা নথ নোলক নাকচাবি ...।' *প্রমথ*, ১৯৪০।

কানকথা [স কর্ণ>+স কথা] **১** *বি* গোপন মন্ত্রণা। 'সঘনে নাড়িআ শির ... ভাঁড়ু দত্ত কহে কানকথা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* শোনা কথা। 'কানকথা শুনে এমনি মনগড়া সিদ্ধান্ত করে বসি।' *অচিন্ত্য*, ১৯৫০।

কান করেচি ঢোল, কত বলবি বোল – যতো খুশি বলো, নির্বিবাদে শুনি। *নজরুল*, ১৯২৭।

কানকাটা [কান+কাটা] **১** *বিণ* কান কাটা গেছে এমন। 'অই ডাকে কানকাটা হাপা।' *ভারত*, ১৭৬০। **২** *বি* কানে ছিদ্র আছে যার। 'তদবধি তাহারা কানকাটা নামে খ্যাত আছে।' *দর্পণ*, ১৮২২। **৩** *বিণ* যে কান কাটে; জুজু। 'কানকাটা ... কেটে নেবে কান।' *গুপ্ত*, ১৮৫৮।

কান কামড়ে বলা *ক্রি* দিব্যি দেওয়া। 'একথা আমি তোমার কান কামড়ে বলে দিচ্ছি।' *নজরুল*, ১৯২৭।

কানকুপ [স কর্ণকূপ] *বি* মাছের কানকো। *ওর্সা*, ১৭৮৫।

কান-খড়কে [কান+স খড়্>] *বিণ* শ্রবণশক্তি প্রখর এমন। 'কান-খড়কে মায়ের লেঠা, রয় ঘুমুলেও কান জেগে।' *নজরুল*, ১৯২৬।

কান খাওয়া *ক্রি* কানে না শোনা। 'এত কাঁদি, এত বলি, মা কি দুটো কান খেলি।' *অশ্বিনী*, ১৯২০।

কান খাড়া করা *ক্রি* শোনার জন্য মনোযোগ দেওয়া। 'দুর্গা অনুক্ষণ কান খাড়া করিয়া রহিলেন।' *শরৎ*, ১৯১৬।

কান খাড়া হওয়া *ক্রি* শোনার জন্য উদ্‌গ্রীব হওয়া। 'তৎকালীন জানা যায় ও কানাকানিতে বাবুর কান খাড়া হয়।' *ভবানী*, ১৮২৮।

কানগুজবি [কান+ফা গুজাব] *বিণ* কানে কানে ছড়িয়ে পড়ে এমন। 'উড়িয়ে দেয় এমনিভাবে কানগুজবি কথা।' *মণীশ*, ১৯৬৩।

কান জুড়ানো *ক্রি* তৃপ্ত হওয়া। 'বলো, শুনে কান জুড়োক।' *রবীন্দ্র*, ১৯০৭।

কানজোখা *বিণ* কান পরিমাণ উঁচু। 'কারো হাতে কানজোখা পেতলে বাঁধানো লাঠি।' *মুজতবা*, ১৯৪৯।

কান ঝালাপালা হওয়া *ক্রি* বারবার একই কথা শুনে বিরক্তি বোধ হওয়া। 'জগমোহনের কান ঝালাপালা হইয়া উঠিতেছে।' *রবীন্দ্র*, ১৯১৬।

কানডলা *বি* কান মুচড়ে দেওয়া। 'ধরে কানডলা দিতেন বোধ হয়।' *শিবরাম*, ১৯৭০।

কানতালি লাগা *ক্রি* শব্দের আঘাতে সাময়িকভাবে শ্রবণরহিত হওয়া। 'ডঙ্কার আওয়াজে ... কানতালি লাগাইয়া দেয়।' *মনসুর*, ১৯৫৫।

কান দেওয়া *ক্রি* কর্ণপাত করা। 'শেষ কথাগুলিতে বড়ো একটা কান না দিয়া কহিল ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

কানপাটা *বি* কানের পাশ। 'প্রথমে কানপাটা, তারপর গোটা কান।' *ওয়ালী*, ১৯৬৪।

কান পাতা [কান+পাতা] **১** *ক্রি* শোনার জন্য মনোযোগী হওয়া। 'সেই কথায় লহনা পাতিআ আছে কান।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* কান পেতেছে এমন; উৎকর্ণ। 'গাছের পাতাগুলো যেন একান্ত কান-পাতা মনোযোগের মতো নিস্তব্ধ।' *রবীন্দ্র*, ১৯২৯।

কানপাশা *বি* কানের অলঙ্কারবিশেষ। 'কানপাশাটা আমি দেখিয়াছি, চমৎকার হইয়াছে।' *বনফুল*, ১৯৩৬।

কানফাটা [কান+ফাটা] *বিণ* উচ্চ শব্দযুক্ত। 'সভায় বিপুল হর্ষধ্বনি ও কানফাটা করতালি পড়ে গেল।' *মনসুর*, ১৯৪৩।

কানফুল [কান+ফুল] *বি* কানের দুল। 'হীরের কানফুল আর টাকাটা ... ভূতনাথের নজরে পড়লো।' *বিমল*, ১৯৫৩।

কানবালা [স কর্ণ>] *বি* কানের অলঙ্কারবিশেষ। 'যথা, দমদম, চৌদানি, বোম্বা, দোলড়া, ছলনা, মুক্তার লচ্ছা দেওয়া কর্ণফুল, কানবালা, হীরা, পান্না ...।' *ভবানী*, ১৮২৮।

কানভরাট-করা [কান+ভরাট+করা] *বিণ* গুরুগম্ভীর ধ্বনিবিশিষ্ট। 'এমন অনেক বড়ো বড়ো কান-ভরাট-করা সংস্কৃত শব্দ থাকে।' *রবীন্দ্র*, ১৯১২।

কান-ভাঙানি [কান+ভাঙানি] *বি* কানে লাগানো হয় যে-মন্ত্রণা। 'সয়ফুল-মুলক এসে আমায় কান-ভাঙানি দিলে।' *নজরুল*, ১৯২২।

কানভোলানো [কান+ভোলানো] *বিণ* কানকে মুগ্ধ করে এমন। 'এই নেশাধরানো কানভোলানো ফাঁকিকে অত্যন্ত অবজ্ঞা করেন।' *রবীন্দ্র*, ১৯২৯।

কানমলা [স কর্ণ>] **১** *বি* কান মুচড়ে দেওয়া। 'তার স্বামীকে এনে কান মলা নাক মলা দিচ্ছি।' *মশাররফ*, ১৮৬৯। **২** *বি* কান মুচড়ে কাউকে শাস্তি দেওয়া। 'ফের কানমলা খাবে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কানমলা খাওয়া *ক্রি* ভর্ৎসিত হওয়া। 'কানমলা খেলে তবে খোলে তার গানটা।' *সুকুমার*, ১৯২০।

কানমুড়ি *বি* কান পর্যন্ত ঢাকা। 'চাদর টেনে কানমুড়ি দিল সে।' *শামসুল*, ১৯৬২।

কান-সহা *বিণ* কানে সয়ে গেছে এমন। 'নতুনও গা-সহা এবং কান-সহা হয়ে ওঠে।' *শরীফ*, ১৯৬৮।

কানসোনা [কান+সোনা] *বি* পোকাবিশেষ। 'মধুকূপী আর পরথুপী আর কানসোনা, নীলমাছি!' *সত্যেন্দ্র*, ১৯১১।

কানাকানি **১** *বি* পারস্পরিক কথা। 'হেথা নাই ক্ষুদ্র কথা, তুচ্ছ কানাকানি, ধ্বনিত হতেছে চিরদিবসের বাণী।' *রবীন্দ্র*, ১৮৮৬। **২** *বি* কানে কানে অনুচ্চকণ্ঠে কথা। 'দুটি বোন তারা করে কানাকানি।' *রবীন্দ্র*, ১৯০০।

কানে আঙুল দেওয়া *ক্রি* বিরক্তি প্রকাশের জন্য হাত দিয়ে কান চাপা দেওয়া। '(কানে আঙুল দিয়া) আরে গেলুম, আরে গেলুম!' *রবীন্দ্র*, ১৯০৭।

কানে আনা *ক্রি* গ্রাহ্য করা। 'বিলাতে যাইবার প্রস্তাব তিনি কানে আনিবেন না।' *রবীন্দ্র*, ১৯০৭।

AMARBOI.COM

কানে ওঠা *ক্রি* কর্ণগোচর হওয়া। 'এই গোপন কথাটা তোমার কানে ওঠে।' *রবীন্দ্র*, ১৯০৯।

কানে ওঠানো *ক্রি* জানানো। 'কে আবার তাঁর কানে ওঠাবে।' *রবীন্দ্র*, ১৯৪১।

কানে কানে ১ *ক্রিবিণ* কানের কাছে মুখ এনে; ঘনিষ্ঠভাবে। 'কানে কানে কথা কইতে কইতে মাঠে বেড়াতে লাগলেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *ক্রিবিণ* চুপি চুপি। 'তার কানে কানে কী যে কহে যায়।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৩** *ক্রিবিণ* কানের কাছে মুখ দিয়ে অনুচ্চস্বরে। 'স্বামীকে কানে-কানে কী একটা বলিয়া ক্ষণকালের জন্যে ছুটি লইয়া আসিল।' *রবীন্দ্র*, ১৯০৬।

কানে ঝালাপালা লাগানো *ক্রি* একই কথা বারবার বলে অতিষ্ঠ করা। 'উপরওয়ালার কানে ঝালাপালা লাগাইয়া দিবে।' *নজরুল*, ১৯২২।

কানে তালা ধরা *ক্রি* উচ্চ কোলাহলে কানে কিছু শুনতে না পাওয়া। 'চীৎকারের চোটে রাজ্যের কানে তালা ধরিয়ে দিলে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

কানে তালা লাগা *ক্রি* উচ্চশব্দে সাময়িক কালের জন্যে বধির হওয়া। 'চীৎকারের চোটে রাজ্যের কানে তালা ধরিয়ে দিলে।' *রবীন্দ্র*, ১৮৯০

কানে তোলা *ক্রি* গুরুত্ব দেওয়া। 'অত হাসির পর আমি সেটাকে কানে তুললুম না।' *রবীন্দ্র*, ১৮৮১।

কানে দেওয়া *ক্রি* দীক্ষা দেওয়া। 'ধর্মের মন্ত্র কানে দিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

কানে নেওয়া ১ *ক্রি* গ্রহণ করা। 'লোকের কথা নিসনে কানে।' *রবীন্দ্র*, ১৯০৬। **২** *ক্রি* গুরুত্ব দেওয়া। 'সে কানে না নিও।' *জসীম*, ১৯৩১।

কানে বাজা *ক্রি* নীরবে কানে অনুরণিত হওয়া। 'ভাষাহীন শব্দহীন অনির্দেশ্য উত্তর কানে এসে বাজতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কানে যাওয়া *ক্রি* শ্রুত হওয়া; শোনা। 'যদি তার কানে যেত অবাক হয়ে থাকত বসে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কানের গয়না *বি* কানে পরার অলঙ্কার। *ওসাঁ*, ১৭৮৫।

কানের পোকা পড়া *ক্রি* ক্রমাগত ঘ্যানঘ্যান শুনে বিরক্ত হওয়া। 'একটু সহজভাবে চলতে গেলেই কুৎসা শুনতে শুনতে কানের পোকা পড়বে।' *আলাউদ্দিন*, ১৯৫৫।

কানে লাগা *ক্রি* সমর্থনযোগ্য মনে হওয়া। 'কথাটা সাময়িকভাবে গোপালের কানে লাগে।' *মানিক*, ১৯৩৬।

কানে হাত দেওয়া *ক্রি* কান মলা। 'কে হে তুমি বেল্লিক! ভদ্রলোকের কানে হাত দাও!' *রবীন্দ্র*, ১৯০৭।

কান[৩] [স কাণ] *বিণ* কানা; অন্ধ। 'খণে হএ খোড় খোণেকেঁ কানে।' *বড়ু*, ১৪৫০।

কানকা, কানকো [স কর্কূপ] *বি* মাছের ফুলকার উপরের শক্ত আবরণ। 'মাছের কানকা।' *রবীন্দ্র*, ১৯৩২; 'দড়ি দিয়ে তার কানকোর ভেতরে ফোঁড় করে বাঁধা।' *শামসুল*, ১৯৫৭।

কানগোই [আ কানুন+ফা গো] *বি* জমি জরিপকারী সরকারি কর্মচারী। 'ফরমানী মহারাজ মনসবদার সাহেব নহবৎ আর কানগোই ভার।' *ভারত*, ১৭৬০।

কানচি [আ কনাত] *বি* ঘরের পিছনের দিকের ছাঁচতলা। 'জানে না কানচির খবর রঙমহলের নিকাশ নিচ্ছে।' *লালন*, ১৮৯০।

কানটা *বি* কিনারা। 'নদীর কানটায় কানটায় হাঁটতে হাঁটতে মনুমিঞার বুকের কটকটানি চড়চড়িয়ে ওঠে।' *সেলিনা*, ১৯৭৫।

কানট্রি [ই] *বিণ* দেশি। 'কী ভাগ্যি কানট্রি সুইটস ভালোবাসে।' *রবীন্দ্র*, ১৮৯১।

কানড়[১] [স কর্ণাট] *বি* (সংগীত) রাগবিশেষ। 'কানড় রাগ।' *মালাধর*, ১৫০০।

কানড়[২] [স কন্দোট] *বি* নীলপদ্ম। 'কানড় কুসুমে কেবা সুষম করিল রে।' *দ্বিচণ্ডী*, ১৬০০।

কানড়া [স কর্ণাট>] **১** *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'রামক্রিয়া হিল্লোল কানড়া গরা বৈসে।' *আলাওল*, ১৬৮০। **২** *বিণ* কর্ণাটদেশীয়। 'কানড়া ছাঁদ খোঁপা বাঁধে।' *সত্যেন্দ্র*, ১৯১১।

কানড়ীখোঁপা [স কর্ণাট>] *বি* কর্ণাট রীতির খোঁপা। 'কানড়ী খোঁপা বড়ায়ি মুণ্ডায়িবোঁ মো।' *বড়ু*, ১৪৫০।

কানন [স] *বি* অরণ্য। 'একদিন বলাই কানন ভিতরে।' *মালাধর*, ১৫০০।

কানন-করবী [স কানন+স করবীর] *বি* বাগানের করবী ফুল। 'বনকুন্তলে গরবি আমি কানন-করবী।' *নজরুল*, ১৯৩১।

কাননকুন্তলা [স] *বিণ* কাননের মতো কুন্তলবিশিষ্ট। 'কবরী তোর ছন্ন কাননকুন্তলা।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কাননফুল [স কানন+স ফুল] *বি* বাগানের ফুল। 'শুধু তব নদীতে ঢেউ/ মেরেছে নয়ন কানন ফুলে।' *নজরুল*, ১৯২৯।

কাননভূম [স কাননভূমি] *বি* বনভূমি। 'বাঁধিল কানন-ভূমে/ ফুলের রাখি।' *নজরুল*, ১৯২৯।

কাননলক্ষ্মী [স] *বি* স্ত্রী অরণ্যের অধিষ্ঠাত্রী দেবতা। 'কূলে কূলে কাননলক্ষ্মী দিল আঁচল নাড়া।' *রবীন্দ্র*, ১৯৩২।

কাননস্থলী [স] *বি* বনস্থলী। 'সুন্দরী এতেক বলি পশিল কাননস্থলী।' *রবীন্দ্র*, ১৮৭৫।

কাননখানা [ই ক্যানন+ফা খানা] *বি* কামানসমষ্টি; ব্যাটারি। *ওসাঁ*, ১৭৮৫।

কাননগো [আ কানুন+ফা গো] *বি* জমি জরিপের কর্মচারী। *ওসাঁ*, ১৭৮২; 'কাননগো দপ্তরে মুহরি ছিল।' *রামরাম*, ১৮০১। *দ্র* **কানুন গো**

কাননগোয়ান [আ কানুন+ফা গো] *বি* রাজস্ব কর্মচারীগণ। 'চৌকীদারান ও জমিদারান ও কাননগোয়ান তালুকদারান ও সিকদারান।' *ওসাঁ*, ১৭৮২।

কাননিকা [স] *বি* ছোটো বন। 'রজনিগন্ধা বিধবা মেয়েরে লয়ে কাঁদে কাননিকা।' *নজরুল*, ১৯৪১।

কানা[৪] [স কাণ] **১** *বি* অচল মুদ্রা। 'তারে দিল দশ পণ কানা পড়িল পণ সাত।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* অন্ধ। 'তবে কেন কানা চৌক্ষের ঔষধ না কর।' *বিজয়*, ১৬৫০। **৩** *বি* অন্ধ লোক। 'কানার কপালে পড়া সব হইল হত।' *হ্যালহেড*, ১৭৭৮। **৪** *বিণ* তুচ্ছ। 'আর-সমস্ত সাহিত্যকে কানা করিয়া দিতে পারিব।' *হরপ্রসাদ*, ১৮৮৬। **৫** *বিণ* খুঁতযুক্ত; অসম্পূর্ণ। 'ভারতবর্ষের সমস্ত ইতিহাস কানা হইয়া আছে।' *রবীন্দ্র*, ১৯০৫। **৬** *বিণ* নষ্ট হওয়ার কারণে আলোহীন। 'একটা হেড-লাইট কানা।' *মুজতবা*, ১৯৪৯। **৭** *বিণ* টিমটিম করে জ্বলছে এমন। 'কানা-লণ্ঠন মাথার উপর টলছে যেন গরঠিকানী পাহু।' *শক্তি*, ১৯৬১।

কানা-কড়া [স কাণ>+কড়া] *বি* অতি সামান্য। 'তাহার কি নিজের সম্বল কানা-কড়াও নাই?' *রবীন্দ্র*, ১৯০৭।

AMARBOI.COM

কানা-কড়ি [স কাণ>+কড়ি] ১ *বি* অচল মুদ্রা। 'ইহা যেই নাহি শুন/ সে কান জন্মিল কেনে/ কানাকড়ি সম সেই কান।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* অতি সামান্য। 'এই অপরাধে তাহাকে কানা-কড়ি সাহায্য করা চলায় যাক।' *রবীন্দ্র*, ১৮৮৭। ৩ *বি* টাকার ক্ষুদ্রতম অংশ। 'কানা-কড়ি পিঠ তুলে করে টাকাটিকে ...।' *রবীন্দ্র*, ১৮৯৯। ৪ *বি* ন্যূনতম মূল্য। 'মৃত্যুর পাথেয় দিতে কানা কড়ি মিলিবে না যবে।' *সুধীন্দ্র*, ১৯২৯। দ্র **কাণাকড়ি**

কানাকুয়া, কানাকুয়ো [স কর্ণকূপ>] *বি* পাখিবিশেষ। 'বাঁশ বনে বসি ডাকে কানা কুয়ো।' *জসীম*, ১৯২৭; 'সুদূর বনের গহন কোণে, কানাকুয়া ডাকবে শুধু পহরের পর পহর গণে।' *জসীম*, ১৯৩১।

কানাখোঁড়া [স কাণ>+খোঁড়া] *বিণ* অন্ধ ও পঙ্গু। 'কানাখোঁড়া কুকুর-স্বরগোশগুলোর জন্যে আমি একটা হাসপাতাল বানাব।' *রবীন্দ্র*, ১৯৪০।

কানা গরুর ভিন্ন গোঠ – অজ্ঞান লোক কানা গোরুর মতো গোয়ালের পথ অর্থাৎ নিরাপদ পথ ত্যাগ করে বিপথে যায়। 'কানা গরুর ভিন্ন গোঠের ন্যায় একমাত্র ডাঃ শ্যামাপ্রসাদের পকেটস্থ মহাসভা দাস ... ইহার বিরোধিতা করিতেছেন।' *আজাদ*, ১৯৪৪।

কানাগলি *বি* যে গলির মাথা বন্ধ; শেষ প্রান্ত। 'মনের আনাচে, কানাগলিতে গজিয়ে উঠেছে বিশ্রী চিন্তার চারাগাছ।' *সেলিনা*, ১৯৬৯।

কানাঘুষা [স কাণ>+স ঘৃষ>] *বি* গোপনে বলাবলি। 'পাড়া-প্রতিবেশীরা এখনই কানাঘুষা আরম্ভ করিয়াছে।' *মশাররফ*, ১৮৮৫।

কানাঘুষি [স কাণ>+স ঘৃষ>] *বি* কানাঘুষা; গোপনে বলাবলি। 'শহরে সে কতই কানাঘুষি।' *নজরুল*, ১৯৩৯।

কানাঘুষো [স কাণ>+স ঘৃষ>] *বি* গোপনে বলাবলি। 'রঙ্গ উৎকোচ, কানাঘুষো ও প্রণয়।' *জীবন*, ১৯৪৮।

কানাতু [স কাণ>+স ত্ব] *বি* দৃষ্টিহীনতা। 'তারপর সরলতা, কানাতু কালাতু ও বোবাতু ঘোচে।' *মানিক*, ১৯৪০।

কানাবগি [স কাণ>+স বক] *বি স্ত্রী* এক ধরনের বক। 'কানাবগি থাকে যেমন থাকতে হয় রে তেমন।' *লালন*, ১৮৯০।

কানা-বুদ্ধি *বি* বুদ্ধিহীন যে। 'কানা-বুদ্ধি কিম্বা খোঁড়া-শক্তির হাত হইতে লেশমাত্র কষ্ট যদি সয় ...।' *রবীন্দ্র*, ১৯১৭।

কানামাছি *বি* লুকোচুরি খেলা। 'কৃপা খুঁজে মরে মোহজালে কানামাছি।' *সুধীন্দ্র*, ১৯৪৫।

কানা[১] [স স্কন্ধ] *বি* কলসীর মুখের বেড়। 'ওরে মেরেছে কলসীর কানা ...।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কানা-তোলা *বিণ* কিনারা উঁচু-করা। 'কপালের সামনে কানা-তোলা ক্যাপ।' *রবীন্দ্র*, ১৯৩২।

কানাভাঙা [স স্কন্ধ>+ভাঙা] *বিণ* কিনারা-ভাঙা। 'একটু কানাভাঙা সুন্দর পেয়ালাটির মতো চোখেই পড়ে না।' *অবন*, ১৯২৫।

কানায় কানায় ১ *ক্রিবিণ* পরিপূর্ণভাবে। 'কানায় কানায় পূর্ণ আমার পরান।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* পরিপূর্ণ। 'কানায় কানায় জল, কত ভেসে আসে ফুল ফল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কানাসোঁতা [স স্কন্ধ>+স সম>] *বিণ* কানায় কানায় ভরা। 'সাকে দিলোঁ কানাসোঁতা পাণী।' *বড়ু*, ১৪৫০।

কানে কান [স স্কন্ধ>] *বিণ* কানায় কানায় পূর্ণ। 'যৌবন জুয়ারের জল কানে কান।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কানাইভেঁপু [কানাই+ধ্বন্যা ভেঁপু] *বি* একপ্রকার বাঁশি। 'তালের পাতার কানাইভেঁপু/ না হয় তারে দে!' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কানাকানি [কান>] ১ *বি* গোপন রটনা। 'এই কথা কানাকানি সর্ব্বলোকে গাই।' *মালাধর*, ১৫০০। ২ *বি* কানের কাছে চুপি চুপি কথা বলা। 'বর দেখি আইয়গণ করে কানাকানি।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* গোপন কথার বিনিময়। 'তখন দেখি আমার সাথে সবার কানাকানি।' *রবীন্দ্র*, ১৯১৮। ৪ *বি* মৃদু আলাপ। 'আকাশ-কোণে যায় শোনা কি ভোরের আলোর কানাকানি।' *রবীন্দ্র*, ১৯২৮।

কানাচ [আ কুনাসাহ্] ১ *বি* প্রান্ত। 'আমাদের বাড়ীর পাছ কানাচে ঘুরে বেড়ায়!' *মশাররফ*, ১৮৬৯। ২ *বি* ঘরের পশ্চাদ্‌ভাগ। *বিদ্যা*, ১৮৯১; *বি* বাড়ির পেছনের অংশ। 'কানাচের ছোট্ট পুকুরে প্যাক প্যাক করে পাতিহাঁস নামে সকালবেলা।' *মনোজ*, ১৯৬১। ৩ *বি* ছাঁচতলা। 'ঘরের কানাচে আসিয়া দাঁড়াইবে।' *রবীন্দ্র*, ১৯০৭; চালাঘরের দেয়ালের বাইরের ছাঁচ। 'রাত্রিতে ঘরের কানাচে বসিয়া।' *শরৎ*, ১৯১৭।

কানাঞি [স কৃষ্ণ] *বি* কানাই; কৃষ্ণ। 'অনাথ করিয়া মোরে ছিলাত কানাঞি।' *মালাধর*, ১৫০০।

কানাড়া [স কর্ণাট>] ১ *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'কানাড়া, সাহানা, বাগীশ্বরী – কত জাঁকাল রাগিণী বাজিল।' *বঙ্কিম*, ১৮৮২। ২ *বি* ভারতের কর্ণাটকের ভাষা। 'আমি মাতৃভাষা কানাড়ায় পড়েছি।' *মুজতবা*, ১৯৫২।

কানাত[১] [আ কনাত] ১ *বি* তাঁবু। 'নানা ভাতি কানাত সুবর্ণ টানাইল।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* তাঁবুর প্রান্ত। 'তাম্বু কানাত কত লড়াই হামানা।' *গরীব*, ১৭৬৫। ৩ *বি* তাঁবুর পর্দা। 'তাঁবুর কানাতের নীচে ব্যবসাদার নাচওয়ালির দর্শন মেলে।' *রবীন্দ্র*, ১৯২৮।

কানাপি [হি] *বি* হালকা খাবার। *ওসাঁ*, ১৭৮৫।

কানাল *বি* সাপের নাম। 'শঙ্খিনী কানাল বাঁকা যমের সমান।' *ফয়জুল্লেসা*, ১৮৭৬।

কানি[১] [স কর্ণ] *বি* বস্ত্রখণ্ড; ন্যাকড়া। 'হের দেখ রুখু মাথা শত-ছিণ্ডা কানি পরিধান।' *মুকুন্দ*, ১৬০০।

কানি[২]**, কানী** [স কাণ>] ১ *বিণ স্ত্রী* একচক্ষুহীন। 'নিরন্তর বলে মোরে কানী চেঙমুড়ী।' *কেতকা*, ১৬৫০। ২ *বিণ* মূল্যহীন। 'প্রিয় বিনে জীবন হৈয়া গেল কানি।' *মর্তুজা*, ১৭৫০। *বিণ* অন্ধ। 'সবাই কানী বলে।' *মানিক*, ১৯৩৬।

কানিখোর [স কাণ>+ফা খোর] *বি* গালিবিশেষ। 'এই কানিখোরদের রাজ্যে আর না।' *জীবন*, ১৯৩১।

কানি-ঘুপচি *বি* অদৃশ্য কোণ। 'অন্য সময় কোন কানি-ঘুপচিতে যেন লুকিয়ে থাকে এসব চিন্তা।' *কায়সার*, ১৯৬৫।

কানি[৩] [স কনিষ্ঠা] *বি* কড়ে আঙুল। *মানোএল*, ১৭৪৩; 'হাতের কানি আঙুল।' *জসীম*, ১৯৬০।

কানিয়া আঙুল [স কনিষ্ঠা] *বি* কড়ে আঙুল। 'কানিয়া আঙুল ধরি টান দিল বেউলা সুন্দরী।' *বিজয়*, ১৬৫০।

কানীন [স] *বিণ* কুমারীকন্যার গর্ভজাত। 'কানীন পুত্র কর্ণ হইল দানবীর মহারথী।' *নজরুল*, ১৯২৫।

কানু [স কৃষ্ণ] *বি* কৃষ্ণ। 'কেন কানু হেন পরিহাসে।' *বড়ু*, ১৪৫০।

কানু ছাড়া গান নাই – একজনের সর্বত্র প্রাধান্য পাওয়া। *উমেশ*, ১৮৫৭।

AMARBOI.COM

কানুটি *বি* কানমলা। 'কান ধরে বার কতক মোলায়েম ধরনের কানুটি দিতেই।' *নজরুল*, ১৯২৪।

কানুন [আ] *বি* আইন; নিয়ম। 'যখন ১৮৩১ সালের কানুন পঞ্চম জারী হয়।' *দর্পণ*, ১৮৩৮।

কানুনী [আ কানুন>] *বিণ* আইন সংক্রান্ত। '... আদর্শমূলক প্রস্তাব পাক কানুনী পরিষদে ইতিপূর্বেই গৃহীত হয়েছে।' *মাহেনও*, ১৯৪৯।

কানুনগুঁই [আ কানুন+ফা গো] *বি* জমি জরিপের কর্মচারী। *বিদ্যা*, ১৮৯১।

কানুনগো [আ কানুন+ফা গো] *বি* জমি জরিপের কর্মচারী। 'কানুনগো।' *ওসাঁ*, ১৭৮৫; 'এক্ষণে কি সাবেক কানুনগো আছে।' *এডুকেশন*, ১৮৭৩। দ্র **কানন গো**

কানেকশন, কানেকশান [ই] *বি* সংযোগ। 'কানেকশন লইয়া রিসিভারটা মহাশ্বেতা তাহার হাতে তুলিয়া দিক।' *মানিক*, ১৯৪০; 'তাদের বাড়িতে ইলেকট্রিক কানেকশান ছিল না।' *শিবরাম*, ১৯৪০।

কানেট [স কর্ণবেষ্ট] *বি* কানের অলঙ্কারবিশেষ। 'কানেট চৌরি নিল অধরাতী।' *চর্যা* ২, ১২০০।

কানেড়া [স কর্ণাট>] *বি* গভীর রাতের রাগিণীবিশেষ। 'আজ গান শুনিলেই সকলে দেখিতে চান, জয়জয়ন্তী, বেহাগ, বা কানেড়া বজায় আছে কি না।' *রবীন্দ্র*, ১৮৮১।

কানোড় [স কর্ণাট>] *বি* লতাবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

কানোড়া [স কর্ণাট>] *বি* লতাবিশেষ। 'সে এমন কানোড়া হবার যোগ্য না বাঁশ থাকিয়া কঞ্চি শক্ত।' *কেরি*, ১৮০২।

কান্টনমেন্ট [ই] *বি* সেনাছাউনি। 'কান্টনমেন্টের মধ্যে দুইটি ডাকবাঙলা বিদ্রোহীরা দগ্ধ করিয়া ফেলিল।' *রবীন্দ্র*, ১৮৭৭।

কান্ত [স] **১** *বি* স্বামী। 'ঘরে কান্ত যার সর্ব সুখ তার।' *আলাওল*, ১৬৫০। **২** *বিণ* সুন্দর। 'কান্ত রূপ; অতুল ঐশ্বর্য্য।' *বঙ্কিম*, ১৮৭৭।

কান্ত-বিরহ [স] *বি* প্রেমিকের জন্য বিরহ; প্রিয়বিরহ। 'চিত্ত মোর পহুহারা কান্ত-বিরহ কান্তারে।' *রবীন্দ্র*, ১৯২৯।

কান্তবিহীনা [স] *বিণ স্ত্রী* স্বামী বা পতিহীন। 'আমি কান্তবিহীনা, সুতরাং তাহার দুঃসহ বাণে দেহ দাহ হইতেছে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কান্তমধুর [স] *বিণ* সুন্দর ও মনোরম। 'রাজার যে চোখজুড়ানো হৃদয়ভরানো কান্তমধুর রূপ ...।' *আইয়ুব*, ১৯৭৩।

কান্তা [স] *বি স্ত্রী* প্রিয়া। 'ত্রাস পাইয়া নিজ কান্তা বলে উচ্চস্বরে।' *মালাধর*, ১৫০০।

কান্তাকর [স কান্তা-কর] *বি* স্ত্রীর হাত। 'সুখী স্বামী সমাদরে, কান্তাকর করে করে পীরিতি পূরিত বাণী বলে।' *দীনবন্ধু*, ১৮৬৭।

কান্তাপ্রেম [স] *বি* প্রণয়িনীর প্রতি ভালোবাসা। 'রায় কহে কান্তাপ্রেম সর্বসাধ্যসার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কান্তাভাবে *ক্রিবিণ* স্ত্রীর মতো ক'রে। 'কান্তাভাবে নিজাঙ্গ দিয়া করেন সেবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কান্তাসম্মিত [স] *বিণ* নির্জীব। 'বাংলার বাণীর কান্তাসম্মিত হয়ে পড়বার দিকে ... রোখ আছে।' *প্রমথ*, ১৯১৭।

কান্তার [স] *বি* গহীন জঙ্গল। 'এই দেশের উদ্যান ক্ষেত্রে ও পর্ব্বত কান্তার এবং রত্নকরাদি জলাশয়ে যে দ্রব্য উৎপন্ন হয় ...।' *প্রভাকর*, ১৮৪৭।

কান্তি [স] **১** *বি* সৌন্দর্য। 'তাহার ইন্দ্রনীল কান্তি তনু।' *চণ্ডী*, ১৫৫০; 'জিনিয়া তমাল-দ্যুতি ইন্দ্রনীলসম কান্তি/ সে কান্তিতে জগৎ মাতায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* উজ্জ্বলতা। 'কনক কান্তি জিত শরীর সুবলিত।' *সুলতান*, ১৬৫০। **৩** *বি* লাবণ্য। 'নধর রুচির কান্তি।' *রূপরাম*, ১৭৫০। **৪** *বি* শোভা। 'আছে পাদোপরে, মলে কান্তি ধরে।' *ভবানী*, ১৮২৫।

কান্তিছটা [স কান্তি-ছটা] *বি* দীপ্তি। 'যার চারু-রত্ন-কান্তিছটা শোভে গো গগনশিরে।' *মাইকেল*, ১৮৬০।

কান্তিমতী [স] *বিণ স্ত্রী* লাবণ্যময়। 'ভৈরবী তুই সুন্দরী তুই কান্তিমতী রাজরাণী।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কান্তিময়ী [স] **১** *বিণ স্ত্রী* লাবণ্যময়। 'অন্তহীন গরিমায় কান্তিময়ী।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *বিণ* সুন্দরী। 'কান্তিময়ী নর্তকীর মতন সোহাগে উদ্যত।' *মাহমুদ*, ১৯৬৬।

কান্তিমান [স] **১** *বিণ* লাবণ্যময়। 'আরো কান্তিমান হল।' *জীবন*, ১৯৩২। **২** *বিণ* সুন্দর চেহারাবিশিষ্ট। 'স্যুটকেশ হাতে কেউ কান্তিমান দ্রুত হেঁটে যায়।' *শামসুর*, ১৯৬৮।

কান্তিরূপ [স] *বিণ* সুন্দর। 'কৃপাময়ী কান্তিরূপ করে কাঞ্চীমালা।' *মানিকরাম*, ১৭৮১।

কান্তিশ্রী [স] *বি* লাবণ্য। 'প্রাণচঞ্চল সংগীতের জাদুতে সে পাক নবযৌবনের কান্তিশ্রী।' *নজরুল*, ১৯৩৬।

কান্টীয় [ই কান্ট>] *বিণ* জর্মান ভাবুক ইম্যানুয়েল কান্টের দর্শন সম্পর্কিত। 'কান্টীয় আভ্যন্তরিক মতের প্রধানতম প্রতিদ্বন্দ্বী জন স্টুয়ার্ট মিল।' *বঙ্কিম*, ১৮৮৭।

কান্থা [স কন্থা] *বি* কাঁথা। 'এক গৌড়িয়া দিয়াছে কান্থা ধুঞা শুখাইতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কান্দ [স স্কন্ধ] *বি* ঘাড়; কাঁধ। 'লাফ দিয়া বলদেব তার কান্দ চড়ে।' *মালাধর*, ১৫০০।

কান্দন [স ক্রন্দন] *বি* কান্না। 'নান্দ যশোদা মিলি জুড়িল কান্দন।' *বড়ু*, ১৪৫০।

কান্দা[১] [স ক্রন্দন>] *ক্রি* কাঁদা। 'তঁহি তোলি শবরো হ কএলা কান্দ সগুণ শিআলি।' *চর্যা ৫০*, ১২০০। **কান্দ ১** *ক্রি* (বর্তমান কাল নামপুরুষ) কান্না করে। 'তঁহি তোলি শবরো হ কএলা কান্দ সগুণ শিআলি।' *চর্যা ৫০*, ১২০০। **২** *ক্রি* কাঁদো। 'কি কারনে কান্দ সভে কহত নির্ণয়।' *কবীন্দ্র*, ১৬৮৯। **কান্দএ** *ক্রি* কাঁদে। 'কান্দএ একসরী রাধা মাঝ বনে।' *বড়ু*, ১৪৫০। **কান্দন্তি** *ক্রি* কাঁদতে লাগলেন। 'মাথাত হাথ দিআঁ কান্দন্তি গদাধরে।' *বড়ু*, ১৪৫০। **কান্দয়ে** *ক্রি* কাঁদে। 'প্রবোধ না মানে রামা কান্দয়ে ফুল্লরা।' *মুকুন্দ*, ১৬০০। **কান্দি ১** *ক্রি* কান্না করি। 'হাসি কান্দি নাচি গাই যৈছে মদোন্মত্ত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *ক্রি* কেঁদে। 'দেখি কৃষ্ণদাস কান্দি ফুকার করিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **কান্দিআঁ** *ক্রি* কেঁদে। 'মোএঁ কান্দিআঁ সাসু জাণায়িবোঁ।' *বড়ু*, ১৪৫০। **কান্দিও** *ক্রি* কেঁদো। 'হে পিতঃ তুমি কান্দিও না।' *গৌর*, ১৮২২। **কান্দিছে** *ক্রি* কাঁদছে। 'কেহ হাসিছে কেহ কান্দিছে কেহ খেলিছে।' *ভবানী*, ১৮২৫। **কান্দিতে** *ক্রি* কাঁদতে। 'ভূমিতে গড়িয়া সভ কান্দিতে লাগিল।' *কবীন্দ্র*, ১৬৮৯। **কান্দিতে কান্দিতে** *ক্রিবিণ* কাঁদতে কাঁদতে। 'কান্দিতে কান্দিতে ব্রহ্মা কাতর বোল বলে।' *মালাধর*, ১৫০০। **কান্দিয়া** *ক্রিবিণ* কেঁদে কেঁদে। 'তবে বিস্যে পরিহার মাগিল কান্দিয়া।' *কবীন্দ্র*, ১৬৮৯। **কান্দে** *ক্রি* কাঁদে। 'লোটাআঁ লোটাআঁ কান্দে রাহী।' *বড়ু*, ১৪৫০।

AMARBOI.COM

কান্দা[২] [ক্রন্দন] *বি* কান্না। 'স্ত্রীলোকের ন্যায় কান্দাকাটী করিয়া মরি কেন?' *মশাররফ*, ১৮৯০।

কান্দাকাটা *ক্রি* কান্নাকাটি করা। 'কাইন্দাকাইটা ধরছে বিবি।' *ওয়ালী*, ১৯৪৮।

কান্দাকাটী [স ক্রন্দন>] *বি* কান্নাকাটি। 'স্ত্রীলোকের ন্যায় কান্দাকাটী করিয়া মরি কেন?' *মশাররফ*, ১৮৯০।

কান্দি [স স্কন্ধ] *বি* কলা, নারকেল প্রভৃতি ফলের গুচ্ছ। 'কান্দি দশ নিলেন বাঙন নারিকল ...।' *মুকুন্দ*, ১৬০০।

কান্দিশিক *বি* দিশাহারা ব্যক্তি। 'বরাহী রণে ধান নৃপতি তেজে রণ ধায় জেন কান্দিশিক।' *মুকুন্দ*, ১৬০০।

কান্দু *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'কান্দু নামক অতি অসভ্য অনার্য্যজাতির ...।' *বঙ্কিম*, ১৮৯২।

কান্দুয়া বাঘ [স স্কন্ধ>+বাঘ] *বি* চিতাবাঘ। *ওসাঁ*, ১৭৮৫।

কান্ধ [স স্কন্ধ] **১** *বি* শরীর। 'কান্ধবিয়োএ মো হোহি বিসন্না।' *চর্যা ৪২*, ১২০০। **২** *বি* কাঁধ। 'যার কান্ধ বসে দোষর মাথা।' *বড়ু*, ১৪৫০।

কান্ধা [স ক্রন্দন>] *ক্রি* কান্না করা। **কান্ধে কান্ধে** *ক্রিবিণ* কেঁদে কেঁদে। 'হাসিয়া দেয়ালা করে কান্ধে কান্ধে উঠে।' *রূপরাম*, ১৭৫০।

কান্ধি [স স্কন্ধ] *বি* কাঁদি; ফলের বড়ো গুচ্ছ। 'সহস্র সহস্র কান্ধি কলা কত মুদ্গ।' *বৃন্দা*, ১৫৮০।

কান্না [স ক্রন্দন] *বি* ক্রন্দন। 'মলে দণ্ড দুচার কান্নাকাটী।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'হাসিও পায় কান্না ধরে।' *গুপ্ত*, ১৮৫৮।

কান্নাকরুণ [স ক্রন্দনকরুণ] *বিণ* কান্নার মতো করুণ। 'কান্নাকরুণ মিনতির ভাষা ফুটল না তবু।' *নীরেন*, ১৯৫০।

কান্না কাটনি [স ক্রন্দন>] *বি* কান্নাকাটি। 'নিন্দা বান্দা কান্না কাটনি।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কান্নাকাটি, কান্নাকাটী [স ক্রন্দন>] *বি* অবিরাম কাঁদা। 'মলে দণ্ড দুচার কান্নাকাটী।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'মারামারি হানাহানি যোঝাযুঝি কান্নাকাটি সে-সমস্ত এই ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

কান্নাধারা [কান্না+স ধারা] *বি* অবিরাম কান্না। 'কান্নাধারার দোলা তুমি থামতে দিলে না যে।' *রবীন্দ্র*, ১৯২৬।

কান্না-ভরা [কান্না+ভরা] *বিণ* ক্রন্দনপূর্ণ; বৃষ্টিভেজা। 'এই বাদলের কান্না-ভরা চিঠিটা পড়চি।' *নজরুল*, ১৯২৭।

কান্না-ভারাতুর [কান্না+স ভারাতুর] *বিণ* কান্নায় ভারাক্রান্ত। 'বিরহের কান্না-ভারাতুর বনানী-দুলানো।' *নজরুল*, ১৯২৩।

কান্নাভেজা *বিণ* অশ্রুসজল। 'ক্ষুধার আগুন দাউ দাউ/ কান্নাভেজা ঘরে।' *বীরেন্দ্র*, ১৯৬০।

কান্নাময় [কান্না+স ময়] *বিণ* কান্না-পরিপূর্ণ। 'তার চিন্তাটাও কত ব্যথা-কাতর কান্নায় কান্নাময়।' *নজরুল*, ১৯২৭।

কান্নারত [কান্না+স রত] *বিণ* কাঁদছে এমন। 'কান্নারত ছেলেকে চাঁদ ধরে দেওয়ার মতো।' *নজরুল*, ১৯২৭।

কান্নাসজল [স কান্না+স সজল] *বিণ* কান্নাভেজা। 'কান্নাসজল কণ্ঠের আকুতি-মিনতি।' *ওয়ালী*, ১৯৪৮।

কান্নাসাগর [কান্না+স সাগর] *বি* কান্নারূপ সাগর; অশেষ কান্না। 'কান্নাসাগর-পানে যে যায় বুকের পাথর ঠেলে।' *রবীন্দ্র*, ১৯২৪।

কান্নাসায়র [কান্না+স সাগর>] *বি* কান্নারূপ সাগর। 'কান্নাসায়র উথলে বুকে।' *নজরুল*, ১৯২৫।

কান্নাহাটি [স ক্রন্দন>] *বি* রোদন; হাহাকার। 'হ'ল রান্নাঘরে কান্নাহাটি, ধন্না পড়ে লাঠালাঠি উদরে অন্ন কার নাই।' *গুপ্ত*, ১৮৫৮।

কান্নাহাসি *বি* বেদনা ও আনন্দ। 'ওরে আমার রান্না হাঁড়ির কান্না হাসির ফোড়নদার।' *সুকুমার*, ১৯১৮।

কান্নি মারা *ক্রি* গোস্তা খাওয়া; ছোঁ মারা। 'তার হাতের ঘুড়ি কি ডাইনে কি বায়ে কখনো কান্নি মারত না।' *প্রমথ*, ১৯৩১।

কান্যকুব্জ [স] *বি* বাঙালি ব্রাহ্মণের শ্রেণীবিশেষ। 'আমরা যত ব্রাহ্মণ আছি – রাঢ়ীয়, বৈদিক, বারেন্দ্র, কান্যকুব্জ প্রভৃতি।' *বঙ্কিম*, ১৮৯২।

কাপ[১] *বি* কলম। 'মৃগমদ মসি নখ কাপ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কাপ[২] [স কল্প] **১** *বি* ছল। 'কাপ করি কোন শিশু হয় অঘাসুর।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* কপট। 'কাপ কুলপ করি কলিজার বোঁটা ধরি ...।' *সুলতান*, ১৭৫০।

কাপ[৩] [ই] *বি* প্রতিযোগিতায় জয়ী হওয়ার পুরস্কার হিসেবে ধাতব পেয়ালা আকৃতির পাত্রবিশেষ। 'পল্লীগ্রামে এমন কোন লীগ কাপ শীল্ড বা ...।' *ইছলাম*, ১৯৪২।

কাপ[৪] [ই] *বি* ফুলবিশেষ। 'ডেজি ও হলদে বাটার কাপ অজস্র সৌন্দর্যে প্রকাশিত।' *রবীন্দ্র*, ১৮৮০।

কাপট্য [স] *বি* কপটতা। 'কাপট্য অবলম্বন না করিয়া দর্প করিয়া ভাল করেন নাই।' *বঙ্কিম*, ১৮৬৬।

কাপট্যরহিত [স] *বি* কপটতাবর্জিত। 'তাহার কাপট্য রহিত দানশীলতা দ্বারা পতিত ...।' *দর্পণ*, ১৮৩৭।

কাপড় [স কর্পট] *বি* পোশাক; বস্ত্র। 'বিরহে বিকল কাহ্নাঞি কাপড় না পিন্ধে।' *বড়ু*, ১৪৫০।

কাপড় আছড়ানো *ক্রি* কাপড় কাচা। 'কাপড় আছড়াইতে।' *মানোএল*, ১৭৪৩।

কাপড়ওয়ালা [কাপড়+হি ওয়ালা] *বি* কাপড় বিক্রেতা। 'শালওয়ালা ও কাপড়ওয়ালা প্রভৃতি আরবাজারের লোক।' *ভবানী*, ১৮২৫।

কাপড় করা *ক্রি* পোশাক তৈরি করানো। 'এখন আমি কাপড় করাতে পারব না।' *রবীন্দ্র*, ১৯০৭।

কাপড় কাচা *ক্রি* কাপড় ধোয়া। 'শিশুকাল হৈতে আমি কাপড় কাচিতে ভালবাসি।' *কেতকা*, ১৬৫০।

কাপড়চোপড় *বি* পোশাক-পরিচ্ছদ। 'কাপড় চোপড়গুনো সেরে সুরে গায় দিচ্চি।' *দীনবন্ধু*, ১৮৬৭।

কাপড় ছাড়া *ক্রি* পোশাক বদল করা। 'নিমে ও ঘরে কাপড় ছাড়তে গিয়েছে।' *দীনবন্ধু*, ১৮৬৬।

কাপড়ঝাড়া [কাপড়+ঝাড়া] *ক্রি* কিছু লুকোনো আছে কি না তা পরীক্ষার জন্য গায়ের কাপড় ঝাড়া দেওয়া। 'তাঁকেও কাপড়ঝাড়া দিয়ে আসতে হত।' *রবীন্দ্র*, ১৯২৮।

কাপড়মোড়া [কাপড়+মোড়া] *বিণ* কাপড়ে মুড়ি দেওয়া। 'সে কাপড়মোড়া তেরো বছরের ছিঁচকাঁদুনে খুকি নয়।' *মানিক*, ১৯৪০।

কাপড়ের কল *বি* কাপড় তৈরি করার কল। 'একটি কোনো অল্পবয়স্ক ছাত্র কাপড়ের কল তৈরি করিবার চেষ্টায় প্রবৃত্ত।' *রবীন্দ্র*, ১৯১২।

কাপড়া [স কর্পট>] *বি* কাপড়। 'বহুরত্ন নানাদেশী বিচিত্র কাপড়া।' *আলাওল*, ১৬৮০।

কাপতান, কাপতেন [প কাপিতান] *বি* সামরিক পদবি-বিশেষ অথবা জাহাজের অধিনায়ক। 'কাপতেন ওয়াএট সাহেবের বাটী সয়ন কুঠরি

AMARBOI.COM

হইতে।' *ক্যালগে*, ১৮০০; 'কাপতান ষ্টুআর্ট সাহেব।' *দর্পণ*, ১৮১৯।

কাপরেল [স খর্পর>] *বি* টালি। *ওসা*, ১৭৮৫।

কাপা [স কম্প>] *ক্রি* কাঁপা। **কাপএ** *ক্রি* কাঁপে। 'ভিমের বচন সুনি কাপএ অধর।' *রুবীন্দ্র*, ১৬৮৯। **কাপিতে** *ক্রি* কাঁপতে। 'থর থর বিবি আপে লাগিল কাপিতে।' *গরীব*, ১৭৬৫।

কাপাইস [স কার্পাস] *বি* তুলাবিশেষ। 'আধ সেরটাইক কাপাইস আনিতে হবে।' *কেরি*, ১৮০২।

কাপালি, কাপালী [স কপালী] **১** *বি* বাঙালি হিন্দু সম্প্রদায়বিশেষ; কপালী। 'নিঘিণ কাহ্ন কাপালি জোই লাংগ।' *চর্যা* ১০, ১২০০; 'কাহ্ন কাপালী যোগী পইঠ অচারে।' *চর্যা* ১১, ১২০০। **২** *বি* দড়ি তৈরি করে এমন পেশার লোক। *ওসা*, ১৭৮৫। *দ্র* **কাবালী**

কাপালিক [স] *বি* বামাচারী তান্ত্রিক সন্ন্যাসী। 'এ ব্যক্তি কাপালিক।' *বঙ্কিম*, ১৮৬৬।

কাপালিকা [স] *বি স্ত্রী* কাপালিক। 'গৌরী কাপালিকা দাঁড়াল সম্মুখে আসি।' *সুধীন্দ্র*, ১৯২৯।

কাপালিনী [স] *বি স্ত্রী* বামাচারী তান্ত্রিক সন্ন্যাসী। 'স্মৃতি কাপালিনী পূজারতা, একমনা।' *রবীন্দ্র*, ১৯৪০।

কাপাস, কাপাশ [স কার্পাস] *বি* তুলাবিশেষ। 'শুড় তিল মুগ মাষ গম সর্ষা কাপাস।' *মুকুন্দ*, ১৬০০; 'আকাশে কাপাশফুল/ তুলতুলে বৃষ্টির গুঁড়ি।' *ওবায়দুল্লাহ*, ১৯৭৪।

কাপাস হাসি [স কার্পাস>+স হাস] *বি* শুষ্ক হাসি। 'তিনি কিছুই হয়নি বলে কাপাস হাসি হাসতে চেষ্টা করেছিলেন।' *নজরুল*, ১৯২৭।

কাপাসি [স কার্পাস] *বি* কার্পাস তুলা। 'পিপলী কাপাসি আসনে।' *বড়ু*, ১৪৫০।

কাপাসের মালু *বি* কার্পাস তুলা রাখার পাত্র। 'করিবর প্রভা কিম্বা কাপাসের মালু।' *মানিকরাম*, ১৭৮১।

কাপি, কাপী [ই] *বি* কপি; প্রতিলিপি। 'তাহার দেড় শত কাপি সহী হইলে ...।' *দর্পণ*, ১৮৩৩; 'দুই হাজার কাপী বিনা মূল্যে বিতরিত হইবে।' *মশাররফ*, ১৮৮৯।

কাপিখানা [ই কফি+ফা খানা] *বি* কফিখানা; কফির রেস্তোরাঁ। 'ওকে লাল বাজারের কাপিখানায় পাঠিয়ে বোঝানো যাবে যে, ইভনিং পার্টি।' *গিরিশ*, ১৮৮৬।

কাপিতান [পা] *বি* জাহাজের অধিনায়ক। *ওসা*, ১৭৮৫। *দ্র* **কাপতান**

কাপিল সূত্র [স] *বি* কপিল মুনির দর্শন। 'কোমৃৎ দর্শন, কাপিল সূত্রের ন্যায় নিরীশ্বর।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কাপিশো *বি* রাঁদা। *মানোএল*, ১৭৪৩।

কাপুর [স কর্পূর] *বি* কর্পূর। 'হিঅ তাঁবোলা মহাসুহে কাপুর খাই।' *চর্যা* ২৮, ১২০০।

কাপুরুষ [স] *বিণ* ভীতু। 'হেন কাপুরুষ কর্ম কিসকে করিব।' *সুলতান*, ১৬৫০।

কাপুরুষতা [স] *বি* ভীরুতা। 'ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করিয়া, এরূপ কাপুরুষতা প্রদর্শন করিতেছিস।' *বিদ্যা*, ১৮৪৭।

কাপুরুষতাব্যঞ্জক [স] *বিণ* কাপুরুষতা প্রকাশক। 'কাপুরুষতাব্যঞ্জক গুপ্ত ষড়যন্ত্র এবং উৎপীড়ন সমর্থন করে না।' *ছোলতান*, ১৯২৩।

কাপুরুষোচিত [স] *বিণ* কাপুরুষের মতো। 'সংখ্যালঘুর উপর কাপুরুষোচিত আক্রমণে ...।' *আজাদ*, ১৯৫৭।

কাপেকাপ [খাপ>] *ক্রিবিণ* ফাঁক না রেখে। *বিদ্যা*, ১৮৯১।

কাপোড় [স কর্পট] *বি* বস্ত্র। 'কাপোড় দেখিয়া চান্দো অতি ক্রুদ্ধ হইল।' *বিজয়*, ১৬৫০।

কাপ্তান, কাপ্তেন [প কাপিতান; ই ক্যাপ্টেন] **১** *বি* সামরিক পদবিবিশেষ; নৌবাহিনীর কর্মকর্তা। 'কাপ্তান ষ্টুআর্ট সাহেবের পত্র দ্বারা জানা গেল।' *দর্পণ*, ১৮১৯; 'কাপ্তেন ডি. এল. রিচার্ডসন সাহেব ... শাস্ত্র বিদ্যার প্রধান উপদেশক হইয়াছেন।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫। **২** *বি* জাহাজের প্রধান কর্মকর্তা; অধিনায়ক। 'জাহাজারোহিরদের ন্যায় তিনি কাপ্তানসাহেবের মেজের উপর ভোজন করেন না।' *দর্পণ*, ১৮৩১; 'কাপ্তেন স্বানস্টন এই উপকূলে আসিয়া হস্তিদন্ত, স্বর্ণরেণু প্রভৃতি ক্রয় করিতেন।' *বিদ্যা*, ১৮৪৯; 'কাপ্তেন নাই। জাহাজ ছাড়িবার পূর্বরাত্রেই সে গা-ঢাকা দিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৪। **৩** *বি* ফূর্তিবাজ অপব্যয়ী ধনী লোক। 'কাপ্তেন ঘাল হ'ল আর মদ কোথায় পাব?' *গিরিশ*, ১৮৮৯। **৪** *বি* দলনায়ক। 'টিমের কাপ্তান।' *মুজতবা*, ১৯৪৯।

কাপ্তেনী [প কাপিতান>] *বি* ক্যাপটেনের কাজ। 'কাপ্তেনী।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

কাফ [ই] *বি* জামার হাতার প্রান্তভাগ। 'কামিজের প্লেট ও কাফ।' *প্রমথ*, ১৯০৫।

কাফগীর [আ কাফ+ফা গীর] *বি* হাতলবিশিষ্ট বড়ো চামচ। 'ডেগচি, কাফগীরের ঘনসংঘাতে গোলদারবাড়ী মুখরিত হইতে লাগিল।' *ইমদাদুল*, ১৯২০।

কাফন [আ] *বি* মুসলিম রীতিতে মৃতের সৎকারের জন্য ব্যবহার্য কাপড়। 'গোছল কাফন দিয়া ইয়ার তামাম।' *গরীব*, ১৭৬৫।

কাফন দেওয়া *ক্রি* মৃতদেহকে বস্ত্রাচ্ছাদিত করা। *মানোএল*, ১৭৪৩।

কাফফারা [আ] *বি* প্রায়শ্চিত্ত। 'ইচ্ছাএ ভাঙ্গিলে রোজা কাফফারা এ রীত।' *আলাওল*, ১৬৮০।

কাফরি [প/ই] *বি* আফ্রিকার দক্ষিণাঞ্চলের কাফ্রেরিয়ার অধিবাসী বান্টু গোত্রের কৃষ্ণাঙ্গ লোকগোষ্ঠী। 'দেশীয় কাফরী জাতিকে যেরূপ দর্শন করা যাইতেছে ...।' *প্রভাকর*, ১৮৪৭। *দ্র* **কাফ্রি**

কাফল [স কু+ফল] *বি* গুল্মজাতীয় গাছবিশেষ। 'ডেফল কাফল করন্দার বন করঞ্জ মেড়ুদি কাটে আসন।' *মুকুন্দ*, ১৬০০।

কাফি[১] [আ কাফী] *বি* (সংগীত) রাতের প্রথমার্ধে গেয় রাগিণীবিশেষ। *আলাওল*, ১৬৮০।

কাফি[২] [ই] *বি* কফি গুল্মের বীজ থেকে তৈরি চায়ের মতো পানীয়। 'তিনি ... কাফি কিংবা চা খাইয়া সমস্ত রাত্রি অধ্যয়ন করিতেন।' *বিদ্যা*, ১৮৪৯।

কাফির[১] [আ] *বি* ঈশ্বরে অবিশ্বাসী। 'কাফির হৈয়া সেই জগতে জন্মিলা।' *সুলতান*, ১৬৫০।

কাফির[২] [প/ই কাফ্‌রি] *বি* আফ্রিকার দক্ষিণাঞ্চলের কাফ্রেরিয়ার অধিবাসী বান্টু গোত্রের কৃষ্ণাঙ্গ লোকগোষ্ঠী। 'মাঝে মাঝে কাফিরদের বস্তি।' *বিভূতি*, ১৯৩৩। *দ্র* **কাফরি, কাফ্রি**

কাফুর [স কর্পূর] *বি* কর্পূর। 'অমৃত সমান জল কদম কাফুর।' *আলাওল*, ১৬৮০।

কাফে [ফা] **১** *বি* বাইরে বসার ব্যবস্থা আছে এমন রেস্তোরাঁ। 'কাফেতে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খাবার সময় ফুটপাথের ওপর ব'সে খেতে হয়।' *অন্নদা*, ১৯২৯। ২ *বি* কফিখানা। 'ছ'টি মাস কেটে গেল এ-কাফে ও-কাফে করে করে।' *মুজতবা*, ১৯৫২।

কাফেওয়ালা [ফ কাফে+হি ওয়ালা] *বি* কফিখানার মালিক। 'মেয়েটা হুঙ্কার দিয়ে কাফেওয়ালাকে পরিষ্কার জর্মনে বলল।' *মুজতবা*, ১৯৫২।

কাফের [আ কাফির] ১ *বি* ঈশ্বরে অবিশ্বাসী; বিধর্মী (গালিবিশেষ)। 'সবে মাত্র খণ্ডাইলা কাফেরের রীতি।' *আলাওল*, ১৬৮০; 'বেমান কাফের তোর বেসোর কমজাত।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* হিন্দু। 'যবন না আমি কাফের ভাবিয়া খুঁজি টিকি দাড়ি নাড়ি কাছা।' *নজরুল*, ১৯২৬।

কাফেরি, কাফেরী [আ কাফির>] ১ *বিণ* ইসলামবিরোধী। 'কতকগুলি নাম স্পষ্ট কাফেরী।' *ইমান*, ১৯০১। ২ *বিণ* বিধর্মীয়। 'যাঁহারা কাফেরী ভাষা বলিয়া ইংরাজি শিক্ষার ...।' *নবনূর*, ১৯০৩। ৩ *বিণ* ঈশ্বরে বিশ্বাসহীন। 'রেফারিকে দেয় কাফেরি ফতোয়া।' *নজরুল*, ১৯৪১।

কাফেলা [আ কাফিলা] *বি* তীর্থযাত্রীর দল। 'কাফেলা যখন কাঁদিয়া উঠিল।' *নজরুল*, ১৯২৮।

কাফেলা-সালার [আ কাফিলা+ফা সালার] *বি* কাফেলার অধিনায়ক। 'কাফেলা-সালার! তোমার দেখানো রাহে করি করাঘাত।' *ফররুখ*, ১৯৪৬।

কাফ্রি [প/হি] ১ *বি* আফ্রিকার দক্ষিণাঞ্চলের কাফ্রেরিয়ার অধিবাসী বান্টু গোত্রের কৃষ্ণাঙ্গ নিগ্রোগোষ্ঠী। 'কাফ্রি এক বালক ও বালিকাকে বিক্রয় করেন।' *দর্পণ*, ১৮৩৯। ২ *বি* কৃষ্ণাঙ্গ জাতি। 'কাফ্রি জাতি পৌত্তলিক।' *অক্ষয়*, ১৮৪১। ৩ *বিণ* কালো। 'তাই শাদা চাঁদ কাফ্রি রাত্রির প্রেমিকা পৃথিবীতে।' *শামসুর*, ১৯৬৬। দ্র **কাফির, কাফ্রি**

কাবলিওয়ালা [ফা কাবুলি+হি ওয়ালা] *বি* কাবুল বা আফগানিস্তানের লোক। 'কাবলিওয়ালা বেহাগ গায়।' *নজরুল*, ১৯৩১।

কাবা[১] [আ কবা] *বি* আলখাল্লাজাতীয় লম্বা জামাবিশেষ। 'মহাশয়েরা জামা নিমা কাবা কোরতা ... ব্যবহার করিয়া থাকেন।' *দর্পণ*, ১৮৩৫।

কাবাই [আ কবা] *বি* একধরনের ঢিলেঢালা জামা। 'জরকসি কাবাই গায় করিয়া পৈরণ।' *আলাওল*, ১৬৮০।

কাবা[২] [আ] *বি* মক্কা নগরীতে অবস্থিত মুসলমানদের সবচেয়ে পবিত্র তীর্থ। 'যে-জন কাবায় গিয়াছে, হাজি হইয়াছে ...।' *অক্ষয়*, ১৮৫০।

কাবাঘর [আ কবা+পা ঘর] *বি* মক্কা নগরীতে অবস্থিত মুসলমানদের সবচেয়ে পবিত্র ভবন। 'সেই কাবাঘর আরবেই অবস্থিত।' *সওগাত*, ১৯২৬।

কাবাড়ি [স কৈবর্ত] *বি* মাছ বিক্রেতা সম্প্রদায়বিশেষ। 'মৎস্য বেচিয়া নাম বলাইল কাবাড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

কাবাব [আ] ১ *বিণ* ঝলসানো। 'আশকে আমার জীউ হইল কাবাব।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* লোহার শিকে বিদ্ধ করে ঝলসানো মাংস। 'মুসলমান দোকানের কাবাব খেয়ে তার পরে কী রকম করে আমরা হিন্দুসমাজের সংস্কার ...।' *রবীন্দ্র*, ১৯০৯; 'কলিজা কাবাব সম ভুনে মরু-রোদ্দুর।' *নজরুল*, ১৯২২।

কাবাবচি [আ কাবাব+তু চি] *বি* কাবাব প্রস্তুতকারী। 'গ্রীসদেশীয় একজন কাবাবচি আছে।' *প্রভাত*, ১৮৯৭।

কাবার [আ কুবরহ] ১ *ক্রিবিণ* শেষে। 'মাষ কাবার কাগজ সদর কুটীর ও পেটার কুটীর মাষ২ কলিকাতায় মোক্তারকারের নিকট পাঠাইবা।' *হ্যালহেড*, ১৭৭৩। ২ *বিণ* সর্বনাশসূচক। 'কম্ম কাবার কুকুরেই করবে সাবাড়।' *নজরুল*, ১৯২৬। ৩ *বি* অকালে সমাপ্ত। 'মন্ত্রিদিগকে চটাইলে তাঁর মন্ত্রিসভার জিন্দিগী কাবার হইবে।' *আজাদ*, ১৯৪২।

কাবারি [পা] *বি* যারা সস্তায় মালপত্র কিনে বিক্রি করে। 'নোটিশের পেছন পেছন এল চেন, কম্পাস ... লোকলস্কর, কুলি, কাবারি।' *বিমল*, ১৯৫৩।

কাবারে [ফা] *বি* নাইটক্লাব। 'সন্ধ্যায় অপেরা, রাতদুপুরে কাবারে।' *মুজতবা*, ১৯৫৯।

কাবার্ড [ই] *বি* খাদ্যাদি রাখার আলমারির মতো আসবাব। 'এ ছাড়া কাপড় রাখবার ওয়ার্ডরোব, খাবার রাখবার কাবার্ড।' *অন্নদা*, ১৯২৯।

কাবালা [হিব্রু] *বি* ইহুদি মরমি সম্প্রদায়বিশেষ। 'তান্ত্রিক উপাসনা মিস্টিক ইহুদী কাবালা ঈশার শবোত্থান।' *জীবন*, ১৯৪৪।

কাবালী [স কপালী] *বি* বাঙালি হিন্দু সম্প্রদায়বিশেষ; কপালী। 'অন্তে কুলিণজণ মাঝেঁ কাবালী।' *চর্যা* ১৮, ১২০০। দ্র **কাপালি**

কাবাস [স কার্পাস] *বি* কার্পাস। 'তায় ফলে মাষ সরিসা তিল কাবাস ধান।' *মুকুন্দ*, ১৬০০।

কাবিজ [আ] *বি* আয়ত্ত। '... এক টাকা সহি সিক্কা পুরা ওজন দস্তবদস্ত লইয়া আপন কাবিজ তসরূপে আনিলাম।' *চিঠিপত্রে*, ১৭৯৭।

কাবিন [আ] *বি* বিয়ের সময় স্বামীর প্রতিশ্রুত অর্থ এবং অন্যান্য শর্তের দলিল। 'মহিলার স্বাধীনতার দলিল কাবিন।' *সওগাত*, ১৯২৬।

কাবিননামা [ফা] *বি* বিয়ের চুক্তিপত্র। 'সেখানে কাবিননামা, সর্বাঙ্গ-ঢাকাবোরকা, আর পাগড়ির ন্যাজ।' *মুজতবা*, ১৯৪৯।

কাবিনেট [ই] *বি* মন্ত্রীসভা। 'ইহাই ইংলণ্ডের কাবিনেটের দ্বারা রাজ্য শাসন প্রণালী।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কাবিল [আ] ১ *বি* প্রজ্ঞা। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বিণ* দক্ষ; জ্ঞানী। *ওসাঁ*, ১৭৮৫। ৩ *বিণ* উপযুক্ত। *বিদ্যা*, ১৮৯১।

কাবু [তু] ১ *বিণ* কাতর। 'রাজা কাবু হইয়া ইশ্বর দর্শাইয়া বালকের দিগকে পাঠাইতে স্বিকার করিল।' *রামরাম*, ১৮০১। ২ *বি* অধীনতা। 'আমি কেন সামন্তের বাহুল্য না করিয়া এ একাদশ ভূঁইয়ারদিগকে আপন কাবুর মধ্যে না আনি।' *রামরাম*, ১৮০১। ৩ *বিণ* ঘায়েল। 'আপনা হইতে কাবু হইবেক।' *ভবানী*, ১৮২৮। ৪ *বিণ* অভাবগ্রস্ত; গরিব। 'ও মা, যত বাবু, হ'ল কাবু, আর চলে না বাবুয়ানা।' *গুপ্ত*, ১৮৫৮। ৫ *বি* কবল। 'চুলগুলো সব বাবুই দড়ি – ঘুসকো জ্বরের কাবুয় পড়ি।' *নজরুল*, ১৯২৬।

কাবুলি, কাবুলী [ফা] ১ *বিণ* আফগানিস্তানের কাবুল অঞ্চলের। 'কাবুলি মেওয়াওলারা ঘুরে ঘুরে ছেলে ধরে কাবুলে নিয়ে যায়'। *হুতোম*, ১৮৬১। ২ *বিণ* ঘোড়ার জাত। 'অশ্ব অনেক জাতীয় আছে। – যথা আরবী, কাবুলী, তুরকী ...।' *বঙ্কিম*, ১৮৭৫। ৩ *বিণ* কাবুল থেকে আসা ব্যবসায়ী সংক্রান্ত। 'কাবুলি ঝুলির মধ্য হইতে কিসমিস খোবানি বাহির করিয়া তাহাকে দিতে গেল।' *রবীন্দ্র*, ১৮৯২। ৪ *বিণ* আফগানিস্তানের রীতিতে তৈরি। 'কাবুলী পায়জামা।' *রোকেয়া*, ১৯২৮। ৫ *বিণ* কাবুল বা আফগানিস্তানে পাওয়া যায় এমন। 'আর কেউ না, একটি কাবুলি বেড়াল।' *শিবরাম*, ১৯৪০। ৬ *বি* কাবুলের অধিবাসী। 'কাবুলীরা বুঝি ফ্রেঞ্চ বলে।' *মুজতবা*, ১৯৬০।

কাবুলিআ [ফা কাবুলি>] *বি* কাবুলিওয়ালা। *বিদ্যা*, ১৮৯১।

কাবুলিওয়ালা [ফা কাবুলি+হি ওয়ালা] *বি* কাবুল বা আফগানিস্তানের লোক। 'কাবুলিওয়ালা, ও কাবুলিওয়ালা।' *রবীন্দ্র*, ১৮৯২।

AMARBOI.COM

কাবুলিনী [ফা কাবুলি>] *বি স্ত্রী* কাবুল দেশের মেয়ে। 'কাবুলিনীবেশে ওড়না শুধু অঙ্গাভরণ নহে।' *মুজতবা*, ১৯৬০।

কাবেরী [স] *বি* নদীবিশেষ। 'কাবেরীর তীরে আইল শচীর নন্দন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কাবেল [আ] *বিণ* উপযুক্ত; যোগ্য। *বিদ্যা*, ১৮৯১; 'ছোকরা কাবেল হয়ে উঠছে।' *মুজতবা*, ১৯৫২।

কাবেল্‌রী [ই ক্যাভেলরি] *বি* অশ্বারোহী সেনাদল। 'রামগর ইররেগুলর কাবেলরী দলের কিয়দংশ।' *সুধাবর্ষণ*, ১৮৫৫।

কাবেলা [আ কাবেল] *বি* একপ্রকার জামদানি শাড়ি। 'যেমন, তোড়াদার, কাবেলা, বুটিদার, তেরছা।' *মাহেনও*, ১৯৪৯।

কাব্য [স] **১** *বি* কবিতা। 'প্রচার যেমন কাব্য শুনয়ে তেমন ভাব্য।' *মুকুন্দ*, ১৬০০; 'পরস্পর সকৌতুক, কাব্য ছাড়া একটুক।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *বি* কাহিনিকাব্য। 'তাহার ইঙ্গিত কাব্য ইতিহাস মধ্যেও প্রাপ্ত হয়।' *অক্ষয়*, ১৮৪৭। **৩** *বি* পালা। 'গানের কাব্য আরম্ভ হল সারারাত্রি কৃষাণ পাড়া!' *জসীম*, ১৯২৯।

কাব্যকণিকা [স] *বি* ক্ষুদ্র কবিতা। 'তাদের পিরান ও চাপকানের জেবের ভিতর দিয়ে যেসব কাব্যকণিকা স্ফুলিঙ্গের মতো বেরিয়ে আসত।' *রশীদ*, ১৯৬৩।

কাব্যকথা [স] *বি* কাব্যোক্তি। 'তুই কেবলমাত্র সুরচিত কাব্যকথা বলে মনে করবি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কাব্যকর্তা [স] *বি* কবি। 'তার অদৃষ্টপ্রয়োজন হচ্ছে কাব্যকর্তার কীর্তি।' *প্রমথ*, ১৯২৭।

কাব্যকলা [স] *বি* কাব্যসাহিত্য; কাব্য রচনার কৌশল। 'আমাদের সমস্ত শ্রুতি পুরাণ কাব্যকলা ধর্মতত্ত্ব রাজনীতি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কাব্য-কানন [স] *বি* কাব্যরূপ কানন। 'কাব্য-কাননে তাহার দান আছে।' *নজরুল*, ১৯৩০।

কাব্যকার [স] *বি* কবি। 'কাব্যকার, নাটককার, ইতিহাস-লেখক ও দার্শনিক সকল সমুদিত হইয়া ...।' *অক্ষয়*, ১৮৫৫।

কাব্যকাহিনী [স কাব্য-কথনিকা] **১** *বি* কবিতা, গল্প ইত্যাদি। 'প্রথম প্রচারিত তব বনভবনে জ্ঞানধর্ম কত কাব্যকাহিনী।' *রবীন্দ্র*, ১৮৯৭। **২** *বি* কাহিনিপ্রধান কাব্য। 'আমীর হামজার বিরাটায়তন কাব্যকাহিনী পেয়েছি।' *আনিস*, ১৯৬৪।

কাব্যকুসুম [স] *বি* কবিতারূপ ফুল। 'এখন কাব্যকুসুমের চাষ আরম্ভ।' *রবীন্দ্র*, ১৯০১।

কাব্যকূজন [স] *বি* কবিতা পাঠ বা আবৃত্তি। 'রাজা বলে, 'এবে কাব্যকূজন আরম্ভ করো কবি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কাব্যগন্ধী [স] *বিণ* কাব্যময়তার আভাস আছে এমন। '... জলধর-সৌদামিনী একটি আদর্শ, সুদূর, কাব্যগন্ধী প্রেমসম্পর্কের সোনালি কুয়াশা রচনা করে।' *সুনীল মুখো*, ১৯৭০।

কাব্যগান [স] **১** *বি* পালাগান। 'গায়কেরা কাব্য গান করিয়া শুনাইয়া বেড়াইত।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বি* গীতিকবিতা। 'বিশ্বকবির কাব্যগান যখন আনন্দময় হইয়া তাঁহারই চিত্তে ফিরিয়া যাইতেছে।' *রবীন্দ্র*, ১৯১২।

কাব্যগ্রন্থ [স] *বি* কবিতার বই। 'স্ত্রীরাও উত্তম কাব্যগ্রন্থ রচনা করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৪।

কাব্যচর্চা [স] *বি* কবিতা রচনা। 'ছিলুম পদ্মাবক্ষে সাহিত্যসাধনায়। কাব্যচর্চার মাঝখানে কখন এক সময়ে ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

কাব্যজগৎ [স] **১** *বি* কাব্যচর্চাকারীদের বৃত্ত। 'তখনকার সমাজের ও কাব্যজগতের উজ্জ্বল নক্ষত্র দীনবন্ধু মিত্র।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বি* কাব্যিক সৃষ্টি। 'কাব্যজগতের মধ্যে হ্যামলেট যে একটি পরম স্বাভাবিক সৃষ্টি সে বিষয়ে কেহ সন্দেহ প্রকাশ করে নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

কাব্যজিজ্ঞাসা [স] *বি* কাব্যের ভাব রূপ রীতি প্রভৃতি সম্বন্ধে অনুসন্ধিৎসা। 'কাব্যজিজ্ঞাসা ও ধর্মজিজ্ঞাসার প্রভেদ আমরা ধরতে পারি নে।' *প্রমথ*, ১৯২৯।

কাব্যতরু [স] *বি* কাব্যরূপ তরু। 'সুকুমারমতি তরুণ যুবকেরা যাহাতে সুখে আরোহণ করিতেছে উহার নাম কাব্যতরু।' *অক্ষয়*, ১৮৪৭।

কাব্যতীর্থ [স] *বি* কাব্যবিষয়ে উপাধিপ্রাপ্ত ব্যক্তি। 'বিস্তর কাব্যতীর্থ বেদান্তবাগীশ না খেয়ে মারা গেলেন।' *মুজতবা*, ১৯৫২।

কাব্যতৃষ্ণা [স] *বি* কবিতা পাঠ ও চর্চার আকাঙ্ক্ষা। 'কাব্যতৃষ্ণা নিবৃত্তি করার মত রস।' *মুজতবা*, ১৯৪৯।

কাব্যদেহ [স] **১** *বি* কাব্যের বিষয়বস্তু। 'অশ্লীলতা যে কাব্যদেহের শোভা বৃদ্ধি করে না ...।' *প্রমথ*, ১৯২৯। **২** *বি* কবিতার গড়ন। 'আধুনিক কবিতায় ঐতিহ্যের সবচাইতে ব্যঞ্জনাময় প্রয়োগ হল কাব্যদেহে পূর্বসূরী কবিদের স্বীকরণ।' *শিব*, ১৯৭৩।

কাব্য-নাটক [স] *বি* কাব্যের আঙ্গিকে রচিত নাটক। 'কালিদাস-প্রণীত সুপ্রচলিত কয়েকখানি কাব্য-নাটক ...।' *অক্ষয়*, ১৮৪৯।

কাব্যনাট্য [স] *বি* কাব্যের আঙ্গিকে রচিত নাটক। 'মেয়েরা যদি তাঁহাদের সম্মুখে একটা ছোটোখাটো ইংরেজি কাব্যনাট্য অভিনয় করেন তো বড়ো ভালো হয়।' *রবীন্দ্র*, ১৯০৯।

কাব্যপিণ্ড [স] *বি* পিণ্ডরূপ কবিতা। 'হাইড্রলিক জাঁতায় পেষা কাব্যপিণ্ড।' *রবীন্দ্র*, ১৯৩২।

কাব্য-পুরন্দর [স] *বি* কাব্য-বিশারদ। 'এসো ... কাব্য-পুরন্দর।' *রবীন্দ্র*, ১৯২৪।

কাব্যপ্রতিভা [স] *বি* কবিতা রচনা করার ক্ষমতা। 'এর ফলে ব্যাপকভাবে তথ্যসংগৃহীত হলে লালনের কাব্যপ্রতিভা ...।' *হাই*, ১৯৫৪।

কাব্য-প্রসিদ্ধ [স] *বিণ* কবিতায় প্রচলিত। 'গোপন-সঙ্কেত বা ইঙ্গিতাদি কেবল যে কাব্য-প্রসিদ্ধ তা নয়।' *যোতাহার*, ১৯৩৭।

কাব্যপ্রিয় [স] *বিণ* কবিতার অনুরাগী। 'হিন্দুরা কাব্যপ্রিয়।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কাব্যপ্রীতি [স] *বি* কবিতার প্রতি ভালোবাসা। 'তাহার আগ্রহভরা কাব্যপ্রীতি।' *বিভূতি*, ১৯৩১।

কাব্যবস্তু [স] *বি* কাব্যরূপ বস্তু। 'কাব্যবস্তু হচ্ছে সহৃদয়-হৃদয়সংবাদী।' *প্রমথ*, ১৯২৭।

কাব্যবাণী [স] *বি* কবিতার বার্তা। 'তুমি বড় পণ্ডিত মহাকবি-শিরোমণি যার মুখে বাহিরায় ঐছে কাব্যবাণী।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কাব্যবিশারদ [স] **১** *বি* সংস্কৃতবিদ্যার পদবিবিশেষ। 'কালীপ্রসন্ন কাব্যবিশারদ যখন বিদ্যাপতির সটীক সংস্করণ প্রকাশ করতে ...।' *রবীন্দ্র*, ১৮৮৪। **২** *বি* কাব্য সম্পর্কে বিশেষজ্ঞ। 'আমাদের পণ্ডিতমশাই তর্কালঙ্কার না কাব্যবিশারদ ছিলেন।' *মুজতবা*, ১৯৫২।

কাব্যব্যঞ্জনা [স] *বি* কাব্যিক তাৎপর্য। 'তাঁদের অধিকাংশই তাঁদের কাব্যব্যঞ্জনায় এই দুই ধারাকে মেলাবার চেষ্টা করেছেন।' *শিব*,

AMARBOI.COM

১৯৭৩।

কাব্যভুবন [স] *বি* কবিতার জগৎ। 'কাব্যভুবনে জোছনার মত রহিবে।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

কাব্যভোক্তা [স] *বি* কাব্যের পাঠক। 'কাব্যের দৃষ্টপ্রয়োজন হচ্ছে কাব্যভোক্তা প্রীতি।' *প্রমথ*, ১৯২৭।

কাব্যমন্দির [স] *বি* কাব্যরূপ মন্দির। 'কাব্যমন্দিরে দেশের মাটির ঘটস্থাপনা করে তার মধ্যে সবুজ পত্রের প্রতিষ্ঠা করতে চাই।' *প্রমথ*, ১৯১৪।

কাব্য-মোতি [স কাব্য+স মৌক্তিক] *বি* কবিতারূপ মুক্তা। 'হাফিজের এই কাব্য-মোতি।' *নজরুল*, ১৯৩০।

কাব্যযাচাই [স কাব্য+যাচাই] *বি* কবিতার গুণাগুণ ও সঠিক মূল্য নিরূপণ। 'আদর্শ কাব্যযাচাইয়ের কাজে ... বাধা পাওয়া যায়।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কাব্যযুদ্ধ [স] *বি* কবিতার মাধ্যমে লড়াই। 'কাব্যযুদ্ধ যে কিরূপ হইতে পারে শেখরের সে সম্বন্ধে ভালোরূপ ধারণা ছিল না।' *রবীন্দ্র*, ১৮৯২।

কাব্যরচক [স] *বি* কবিতা রচয়িতা। 'তাঁহাদের মধ্যে কএক জন বিশেষতঃ উপরে প্রস্তাবিত কাব্যরচক।' *দর্পণ*, ১৮৩০।

কাব্যরচনা [স] *বি* কবিতা লেখা। 'কাব্যরচনা সংস্কৃতসাহিত্যে কেবল কালিদাসের প্রথম দেখা গেল।' *রবীন্দ্র*, ১৯০৮।

কাব্যরত্ন [স] *বি* রত্নরূপ অসাধারণ কাব্য। 'একটি-আধটি কাব্যরত্ন চোখে পড়িতে থাকিবে।' *রবীন্দ্র*, ১৯১২।

কাব্যরথী [স] *বি* মহান কাব্যস্রষ্টা। 'এ তিন কাব্যরথীর রচনা পড়লেই গীতিধারা বাদ দিয়ে মধ্যযুগের ...।' *হাই*, ১৯৪৯।

কাব্যরস [স] *বি* কবিতার রস বা মাধুর্য। 'বড় যত্নে শিখিয়াছি হে কাব্যরস।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কাব্যরস-পিপাসু [স] *বিণ* কবিতার রস লাভে ইচ্ছুক। 'আমরা কাব্যরস-পিপাসুর দল।' *নজরুল*, ১৯৩০।

কাব্যরসিক [স] *বি* কাব্যের সমঝদার। 'সামাজিক বলতে আলংকারিকরা বুঝতেন কাব্যরসিক।' *প্রমথ*, ১৯২৯।

কাব্যরসোপলব্ধি [স] *বি* কাব্যরস আস্বাদন। 'প্রাচীনেরা কাব্যরসোপলব্ধিকে বলেছিলেন ব্রহ্মাস্বাদ সহোদর।' *আইয়ুব*, ১৯৭৩।

কাব্যরূপ [স] **১** *বিণ* কাব্যরসের মতো। 'কাব্যরূপ অমৃত রসের আস্বাদন ও সজ্জনের সহিত সমাগম।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বি* কবিতার আঙ্গিক। 'বৈষ্ণব কবিরা এই অনুভূতিকেই কাব্যরূপ দিয়াছিলেন।' *হাই*, ১৯৫৪।

কাব্যরূপ-রচনা [স] *বি* কাব্যরূপ দান। 'যে প্রেরণা কাব্যরূপ-রচনায় প্রবৃত্ত করে, এর মধ্যে সেই প্রেরণাই ছিল – কেবলমাত্র বাণীরূপ নয়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কাব্য-লক্ষ্মী [স] **১** *বি* কাব্যরূপ লক্ষ্মী। 'তাঁহার কাব্যলক্ষ্মী তাঁহাকে নিষেধ করিয়া বলিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বি স্ত্রী* কবিতার প্রেরণা। 'কাব্যলক্ষ্মী! এ-পাণিদানের অর্থ নেই।' *বিষ্ণু*, ১৯৩৭।

কাব্য লাগা *ক্রি* কবিত্বে পাওয়া। 'কাব্য লেগেছে তোর মতি।' *মানিক*, ১৯৩৬।

কাব্যলোক [স] *বি* কাব্যের ভুবন। 'চক্ষু অর্ধেক মুদ্রিত করিয়া কাব্যলোক হইতে গোখুর ধূলিজালের মধ্যে বৃন্দাবনের ধেনুদের ...। *রবীন্দ্র*, ১৯০২।

কাব্যশাস্ত্র [স] *বি* কাব্যগ্রন্থ। 'কুমারসম্ভব, মেঘদূত প্রভৃতি কাব্যশাস্ত্র।' *অক্ষয়*, ১৮৪১।

কাব্যসংগ্রহ [স] **১** *বি* সংগৃহীত কাব্য। 'প্রাচীন কাব্যসংগ্রহ ছাপিবার জন্য।' *রবীন্দ্র*, ১৯১২। **২** *বি* কবিতার সংকলন। 'দেখতে পেলে ইংরেজ কবি ডন-এর কাব্যসংগ্রহ।' *রবীন্দ্র*, ১৯২৮।

কাব্যসম্ভোগ [স] *বি* কবিতার রস আস্বাদন। 'অপরপক্ষে যুক্তির লেশমাত্র বজায় থাকা পর্যন্ত না সম্ভব কাব্যসৃষ্টি, না কাব্যসম্ভোগ।' *শিব*, ১৯৫০।

কাব্যসাধনা [স] *বি* কবিতার অনুশীলন। 'যা রয়েছে তোমার চার দিকে তারই মধ্যে চিরন্তন – লোভ কোরো না। কাব্যসাধনায় এই মন্ত্র মহামূল্য।' *রবীন্দ্র*, ১৯৪০।

কাব্যসাহিত্য [স] *বি* কাব্যরূপ সাহিত্য। 'বাংলার প্রাচীন কাব্যসাহিত্য এবং আধুনিক কাব্যসাহিত্যের মাঝখানে কবি-ওয়ালাদের গান।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কাব্যসৃষ্টি [স] *বি* কাব্যরচনা। 'কাব্যসৃষ্টির মধ্যে সে এত উপেক্ষিতা।' *রবীন্দ্র*, ১৯০৭।

কাব্যসৌন্দর্য [স] *বি* কবিতার শোভা। 'কাব্যসৌন্দর্য সমগ্রভাবে শ্রোতৃবর্গের মনের মধ্যে মুদ্রিত হয় না।' *রবীন্দ্র*, ১৯০৫।

কাব্যহর্ম্য [স] *বি* কাব্যপ্রাসাদ। 'কাব্যহর্ম্যের মধ্যে চিরকালের সিংহাসনে বিরাজমান।' *রবীন্দ্র*, ১৯০৭।

কাব্যহার [স] *বি* কবিতার মালা। 'বালিকার মানবাত্মাকে লইয়া তাঁহার কাব্যহারে প্রথম ফুল গাঁথিয়াছিলেন।' *হাই*, ১৯৫৪।

কাব্যহিংসা [স] *বি* কবিতা নিয়ে কবিদের পারস্পরিক ঈর্ষা। 'ঢেকে যায় কাব্যহিংসা, পক্ষপাত।' *মাহমুদ*, ১৯৭৩।

কাব্যাংশ [স কাব্য-অংশ] *বি* কবিতার অংশ। 'মোটের উপরে হয়তো কাব্যাংশটা বেশি স্ফূর্তি পায়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কাব্যাচার্য [স কাব্য-আচার্য] *বি* কাব্যমহারথী। 'আর্যযুগেও চুটকি কাব্যাচার্যদিগের নিকট অতি উপাদেয়।' *প্রমথ*, ১৯১৫।

কাব্যাড়ম্বরপূর্ণ [স কাব্য-আড়ম্বরপূর্ণ] *বিণ* কাব্যের অলঙ্কারে পূর্ণ। 'অমলের লেখার ছাঁদে কাব্যাড়ম্বরপূর্ণ হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০১।

কাব্যাদর্শ [স কাব্য-আদর্শ] *বি* কবিতাবিষয়ক নীতি। 'মালার্মে-প্রবর্তিত কাব্যাদর্শই আমার অভিষ্ট।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

কাব্যানুবাদ [স কাব্য-অনুবাদ] *বি* কাব্যরূপে অনুবাদ। 'শেকওয়া ও জওয়াবে শেকওয়ার কাব্যানুবাদ।' *নজরুল*, ১৯২৮।

কাব্যানুরাগ [স কাব্য-অনুরাগ] *বি* কবিতার প্রতি বিশেষ অনুরাগ। 'পাঠকেরও কাব্যানুরাগ বর্দ্ধিত হয়।' *বঙ্কিম*, ১৮৮৭।

কাব্যানুশীলনা [স] *বি* কাব্যচর্চা। 'আধুনিকা ছিল নাকো হেন কাল ছিল না, তাহাদেরি কল্যাণে কাব্যানুশীলনা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কাব্যামৃত [স কাব্য-অমৃত] *বি* কাব্যরূপ অমৃত। 'আরবী ও পারসীক ভাষা কাব্যামৃতের সমুদ্র।' *অক্ষয়*, ১৮৪৮।

কাব্যামোদী [স কাব্য-আমোদী] *বিণ* কাব্যপ্রেমিক। 'যাঁহারা নৈসর্গিক শোভাদর্শনপ্রিয় বা কাব্যামোদী ...।' *বঙ্কিম*, ১৮৮৭।

কাব্যালঙ্কার [স কাব্য-অলঙ্কার] *বি* কবিতার উৎকর্ষসাধক অলঙ্কার ও এ বিষয়ক শাস্ত্র। 'ব্যাকরণ ও কাব্যালঙ্কার ও সাংখ্য পাতঞ্জলাদি

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ষড়্‌দর্শন।' *দর্পণ*, ১৮৩১।

কাব্যালোক [স কাব্য-আলোক] *বি* কবিতার আলোক। 'দীপ্ত তুমি কাব্যালোকে, তুমি শ্রেষ্ঠ নবীর উম্মত।' *ফররুখ*, ১৯৬৩।

কাব্যালোচনা [স কাব্য-আলোচনা] *বি* কাব্যসাহিত্য নিয়ে আলোচনা। 'শিল্পচর্চা ও কাব্যালোচনা করিতেন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কাব্যাশ্রম [স কাব্য-আশ্রম] *বি* কাব্যরূপ আশ্রম। 'তব কাব্যাশ্রমে হেরি এ নারী-রতনে।' *মাইকেল*, ১৮৬৬।

কাব্যের কানন *বি* কাব্যসমৃদ্ধ স্থান। 'ইতালি, বিখ্যাত দেশ, কাব্যের কানন।' *মাইকেল*, ১৮৬৬।

কাব্যের জলোচ্ছ্বাস *বি* কবিতার উৎকর্ষ বৃদ্ধি; কাব্যকলার সর্বপ্লাবী বিকাশ। 'আবার বাঙ্গালা কাব্যের জলোচ্ছ্বাস।' *বঙ্কিম*, ১৮৯২।

কাব্যি [স কাব্য] *বি* (ব্যঙ্গ) কবিত্ব। 'হয়তো ধুঁয়া এবং ছায়া এবং কাব্যি বলিয়া ঠেকিবে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কাব্যি করা *ক্রি* কবিত্ব প্রকাশ করা। 'আমি কাব্যি করছি নে।' *বিভূতি*, ১৯৩১।

কাব্যিপনা [স কাব্যপনা] *বি* কবিত্ব। 'তাঁর কাব্যিপনাও নিমেষে শিকেয় উঠে যেত।' *শামসুল*, ১৯৫৬।

কাব্যিরোগাক্রান্ত [স কাব্যরোগাক্রান্ত] *বিণ* (শ্লেষাত্মক) কবিত্বে আসক্ত। 'আমাদের বোর্ডিং-এর কাব্যিরোগাক্রান্ত যাবতীয় ছোকরাদের মধ্যে ...।' *নজরুল*, ১৯২৭।

কাব্যিক [স] ১ *বিণ* কবিত্বপূর্ণ। 'কর্তৃপক্ষগণ এক কাব্যিক নিমন্ত্রণপত্র ছাপিয়েছিলেন।' *নজরুল*, ১৯২১। ২ *বিণ* কাব্য সম্বন্ধীয়। 'শারীরিক বাঁচার কথা বলছিনে, কাব্যিক বাঁচা।' *রবীন্দ্র*, ১৯২৮।

কাম[১] [স কর্ম] *বি* কাজ; কর্ম। 'জামে কাম কি কামে জাম।' *চর্যা*, ১২০০।

কাম কাজ [স কর্ম+স কার্য] ১ *বি* যোগাযোগ। 'আমার সহিত কোনো কাম কাজ নাহি।' *মেয়র্স*, ১৭৫৭। ২ *বি* কাজকর্ম। 'শহরের লোক যত কাম কাজ ছেড়ে।' *গরীব*, ১৭৬৫।

কাম-কায্য [স কর্ম+স কার্য] *বি* কাজকর্ম। 'অনেক কাম-কায্যের উদ্বেগ আছে।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

কামকারবার [স কর্ম+ফা কারওয়ার] *বি* যোগাযোগ। 'বোমা পিস্তলের কামকারবার নাই – জিতা রহ।' *সাদত*, ১৯৬৭।

কামকেরদানি [স কর্ম+ফা কারদানি] *বি* কর্মকৌশল। 'আমি কিন্তু উনোর কামকেরদানি থেকে দুটো শিক্ষা লাভ করেছি।' *মুজতবা*, ১৯৫৮।

কামদার[১] [স কর্ম+ফা দার] *বি* কর্মচারী। 'ঝাঁসির কামদার ভিখাজীনানাকে অরাজকতার হাত থেকে কুঁচ জেলাটি বাঁচাতে বলেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কামদার[২] *দ্র* **কাম**[২]

কাম[১] [স] ১ *বি* কামনা; বাসনা। 'রতিরসকামদোহনী।' *বড়ু*, ১৪৫০। ২ *বি ভ্রূ*। 'কাম কামান চান্দ উগি গেল।' *বিদ্যাপতি*, ১৪৬০। ৩ *বি* মদন। 'খেনেক রহিয়া কাম পাইল চেতন।' *মালাধর*, ১৫০০। ৪ *বি* যৌনবাসনা। 'কামে বিমোহিত হৈল পাণ্ডু মোহাসএ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কাম-অন্ধ [স] *বি* কামের বাসনায় হিতাহিত জ্ঞানশূন্য যে। 'কাম-অন্ধ যেমতি এ কুশীতিদুর্জ্জন।' *গিরিশ*, ১৮৮৭।

কাম আনল [স কাম-অনল] *বি* যৌনবাসনারূপ আগুন। 'টুটুক কাম আনল দেহ চুম কোল।' *বড়ু*, ১৪৫০।

কাম উতাপিনী [স কাম-উত্তাপক>] *বিণ* যৌনবাসনা জাগিয়ে দেয় এমন। 'কাম উতাপিনী নব বিয়োগিনী।' *বাহরাম*, ১৬৫০।

কামকটাক্ষ [স] *বি* যৌনতার দৃষ্টিতে তাকানো। '... পুত্রবধূর প্রতি কামকটাক্ষ করে।' *গিরিশ*, ১৮৯৬।

কামকথা [স] *বি* যৌনতা বিষয়ক আলোচনা। 'কামকথা কহি কার সনে হাসি হাসি।' *মালাধর*, ১৫০০।

কামকলা [স] *বি* যৌনতার কলাকৌশল। 'বিলাসিনী হএ বালা নাহি জানে কামকলা।' *মুকুন্দ*, ১৬০০।

কামকলুষিত [স] *বিণ* যৌনতায় দূষিত। 'সরস – কিন্তু কামকলুষিত অশ্লীল নহে।' *দর্শন*, ১৯২১।

কামকামিনী [স] *বি* কাম্য নারী। 'অপ্রীতি করিতে পারি কাম কামকামিনী।' *ভারত*, ১৭৬০।

কামকারী [স] *বিণ* কামাতুর। 'কেননা তারা বাচাল, কামকারী এবং দৃষ্টি রাগাধিষ্ঠিত।' *প্রমথ*, ১৯১৫।

কামকেলি [স] *বি* রতিক্রীড়া। 'কামদেব, কামকেলি কর নিরন্তর।' *ভবানী*, ১৮২৫।

কামক্রীড়া [স] *বি* রতিক্রিয়া। 'নিরন্তর কামক্রীড়া যাঁহার চরিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কামখেদ [স] *বি* যৌনাকাঙ্ক্ষা। 'দোহানের হৃদয়ে জন্মিল কামখেদ।' *বাহরাম*, ১৬৫০।

কামগন্ধ [স কাম+ফা গন্ধ] *বি* কামের জগৎ। 'প্রেমগন্ধের রসিক যারা, কামগন্ধের ভুল।' *লালন*, ১৮৯০।

কামগন্ধ [স] *বি* যৌনতার আভাস। 'গোপীগণে নাহি কামগন্ধ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কামগন্ধহীন [স] *বিণ* কামের ভাব নেই এমন। 'কামগন্ধহীন স্বাভাবিক গোপীপ্রেম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কামচণ্ডালী [স কর্মচণ্ডালী] *বি* সঙ্গীতের রাগবিশেষ। 'কাহ্নে গাই তু কামচণ্ডালী।' *চর্যা ১৮*, ১২০০।

কামচারিতা [স] *বি* ইচ্ছা অনুযায়ী বিচরণ করার শক্তি। 'এই কামচারিতা, কামরূপধারিতা ছড়াগুলির প্রকৃতিগত।' *রবীন্দ্র*, ১৯০৭।

কামচারী [স] *বিণ* স্বচ্ছন্দে গমনশীল। 'তুমি কামচারী, যাও তুমি সখা মন্দিরে তারি।' *সত্যেন্দ্র*, ১৯১০।

কামছাগ [স] *বি* কামরূপ ছাগল। 'তুই যে বলিদান চেয়েছিস/ কামছাগ ক্রোধরূপী মহিষ।' *নজরুল*, ১৯৩৫।

কামজ [স] *বিণ* বিবাহ-বহির্ভূত কাম থেকে জাত। 'জারজ কামজ সন্তানে দেখি কোনো সে প্রভেদ নাই।' *নজরুল*, ১৯২৫।

কামজয়ী [স] *বিণ* কামরিপুকে দমন করেছে এমন। 'সন্ন্যাসী কি সকলেই কামজয়ী হয়েছে?' *গিরিশ*, ১৮৮৭।

কামজাল [স] *বি* কামরূপ জাল। 'যদি যোগী দেখে, পরে কামজালে।' *ভবানী*, ১৮২৫।

কামজ্ঞান [স] *বি* কামনাবোধ। 'কামজ্ঞানে ত্রাস হৈল চিত্তে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কামজ্বর [স] *বি* জ্বরের মতো যৌনবাসনার আক্রমণ। 'আমি কাঁপি

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কামজ্বরে সে বলে উলন।' *ভারত*, ১৭৬০।

কামতঃ [সা] *ক্রিবিণ* যৌনতার কারণে। 'সকলেই অগ্রে সবর্ণা বিবাহ করিয়া কামতঃ ... শূদ্রকন্যা বিবাহ করিব।' *বঙ্কিম*, ১৮৯২।

কামতন্ত্র [স] *বি* রতিশাস্ত্র। 'কুলবধূ কামতন্ত্র বেজক মুরলিযন্ত্র।' *মুকুন্দ*, ১৬০০।

কাম-তৃপ্তি [স] *বি* কাম-বাসনার তৃপ্তি। 'যাচিলাম পায় ধরি কাম-তৃপ্তি হেতু।' *গিরিশ*, ১৮৮৭।

কামদার[১] *দ্র কামী*

কামদার[২] [স কাম+ফা দার] *বিণ* কারুকার্যবিশিষ্ট। 'মখমলের কামদার বিছানা।' *বঙ্কিম*, ১৮৮২।

কামদেব [সা] *বি* প্রেমের দেবতা। 'জনি কামদেব করবাল কাঁঢ়।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'সম্বর রাজায় বধ কৈল কামদেবে।' *মালাধর*, ১৫০০।

কামধনু [স] *বি* কামের ধনু। 'ভ্রূহি কামধনু নয়ন বাণে।' *বড়ু*, ১৪৫০।

কামধেনু [সা] *বি* হিন্দু পুরাণে বর্ণিত গাভীবিশেষ। 'এই এক কামধেনু দিলাম।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কামনদী [স] *বি* যৌনতারূপ নদী। 'প্রেম সাধিতে ফাঁপড়ে ওঠে কামনদীর তুফান।' *লালন*, ১৮৯০।

কামপর [সা] *বিণ* যৌনপরায়ণ। 'ধর্ম্ম অর্থ ও কাম এই তিনের উপর পৃথক পৃথক রূপে দৃষ্টিপাতপূর্ব্বক কেবল ধর্ম্মপর বা কামপর হইবে না।' *বঙ্কিম*, ১৮৯২।

কামপরবশ [সা] *বিণ* যৌনতার বশীভূত। 'আমি কামপরবশ হয়ে চামারকে বিষ প্রস্তুত ক'রে দিয়েছি।' *গিরিশ*, ১৮৮৭।

কামপরিচর্যা [সা] *বি* শৃঙ্গার রসের চর্চা। 'তখন তাহা কামপরিচর্যার আধাররূপে দেখা দেয়।' *হাই*, ১৯৫৪।

কামপীড়িত [সা] *বিণ* যৌনকামনায় কাতর। 'যে জন কামপীড়িত থাকে, তাহারে জনেকে ভৌতিকে বিচার করে।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

কামপুর [সা] *বি* যৌনতা। 'ভুরু যুগ জিনি ধনু কটাক্ষে জিনএ কামপুর।' *সুলতান*, ১৬৫০।

কামপ্রযুক্ত [সা] *ক্রিবিণ* যৌনতার কারণে। 'তাহার মধ্যে কামপ্রযুক্ত দশ প্রকার ব্যসন হয়।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কামবঁধু [স কাম+স বন্ধু] *বি* বসন্ত। 'যেন মধু কামবঁধু, – যবে ঋতুপতি বসন্ত।' *মাইকেল*, ১৮৬০।

কামবধূ [সা] *বি* হিন্দুপুরাণে উল্লিখিত রতিদেবী। 'কামবধূ রতি যে বেণী লইয়া গড়েন সদা বাঁধিতে বাসবে।' *মাইকেল*, ১৮৬০।

কাম-বশ [সা] *বি* যৌন-তাড়না। 'কাম-বশে কুলটায় বরিল তাহার বাপ।' *গিরিশ*, ১৮৯৬।

কামবহ্নি [সা] *বি* কামরূপ বহ্নি। 'উন্মাদনা বা কামবহ্নির জ্বালা আর দেখা যায় না।' *হাই*, ১৯৫৪।

কামবাই [স কামবাতিক] *বি* প্রবল কামাসক্তি। *বিদ্যা*, ১৮৯১।

কামবাইআ [স কামবাতিক>] *বিণ* কামুক; কামাসক্ত। *বিদ্যা*, ১৮৯১।

কামবাণ [স] *বি* কামরূপ বাণ। 'বিষাদ করয়ে কাম-বাণে খিন্ন হৈয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কামবিষ [সা] *বি* যৌনাকাঙ্ক্ষা। 'কামবিষ ন পঞ্জারও হম।' *বাহরাম*, ১৬৫০।

কামব্যাধি [সা] *বি* অস্বাভাবিক যৌনাকাঙ্ক্ষা। 'কামব্যাধির পরাক্রম বৃদ্ধি হওয়াতে ব্যাধের তুল্য আড্ডা গাড়িয়া বসেন।' *ভবানী*, ১৮২৮।

কামভাব [সা] *বি* যৌন সম্ভোগের ইচ্ছা। 'কামভাবে নৃপতিএ ভাবে মনে মন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কামভাবহীন [সা] *বিণ* সম্ভোগের ইচ্ছা নেই এমন। 'তাঁহাদের সম্পর্কও কামভাবহীন।' *হাই*, ১৯৫৪।

কামমদ [সা] *বি* কামের নেশা। 'মাতিলা কি কামমদে তপ যাগ ছাড়ি?' *মাইকেল*, ১৮৬০।

কামমোহিত [সা] *বিণ* শৃঙ্গাররত। 'তুই কামমোহিত ক্রৌঞ্চ যুগলের মধ্যে এককে হত্যা করেছিস।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

কামযাগ [স কামযজ্ঞ] *বি* কামযজ্ঞ; যৌনক্রীড়া। 'পরম আনন্দে কামযাগ আরম্ভিল।' *ভবানী*, ১৮২৫।

কামযুদ্ধ [সা] *বি* রতিক্রিয়া। 'উভয়ে মিলিয়ে পরে কামযুদ্ধ করে।' *ভবানী*, ১৮২৫।

কামরস [সা] *বি* আদিরস। 'কামরস অখণ্ডরস কর অনুমান।' *মালাধর*, ১৫০০।

কামরিপু [সা] *বি* যৌনতারূপ রিপু। 'কামরিপু মদন মোহিত এক শরে।' *কেশবরাম*, ১৭৫০।

কামরূপ *বিণ* যৌনতারূপ। 'পরানুরাগী কামরূপ পিশাচেরই আধিপত্য বৃদ্ধি হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯।

কামরূপধারিতা [সা] *বি* ইচ্ছা অনুযায়ী রূপ ধারণ করার শক্তি। 'এই কামচারিতা, কামরূপধারিতা ছড়াগুলির প্রকৃতিগত।' *রবীন্দ্র*, ১৯০৭।

কামরূপা [সা] *বিণ স্ত্রী* স্বেচ্ছায় রূপধারণকারী। 'বন্দো মাতা নারায়ণী কামরূপা কাত্যায়নী।' *রূপরাম*, ১৭৫০।

কামলোক [সা] *বি* যৌনবাসনার জগৎ। 'সব নীচে কামলোক ... তার উপরে ধ্যানলোক।' *প্রমথ*, ১৯১৬।

কামলোভী [সা] *বিণ* কামার্ত। 'আমার হল কামলোভী মন ...।' *লালন*, ১৮৯০।

কামশর [সা] *বি* কামরূপ বাণ। 'শুনে সাধু খুল্লনার কথা সাধুর হৃদয়ে লাগে কামশর বেথা।' *মুকুন্দ*, ১৬০০।

কামশাস্ত্র [সা] *বি* রতিশাস্ত্র; যৌনবিজ্ঞান। 'এক দিকে কামশাস্ত্র অপর দিকে মোক্ষশাস্ত্র।' *প্রমথ*, ১৯১৪।

কামসখা [স] *বি* কামদেবের সহচর। 'সে আঁচল ইন্দ্রাণীর পীনস্তনোপরি ভাতে/ কামকেতু যথা যবে কামসখা।' *মাইকেল*, ১৮৬০।

কামসম [সা] *বিণ* মদনের মতো। 'কামসম বরে দেখি বড়ঘরে বিভা দিল বাপ-মায়।' *মুকুন্দ*, ১৬০০।

কামসর্বস্ব [সা] *বিণ* যৌনতাসর্বস্ব। 'সে শুধু কামসর্বস্ব বাচাল হৃদয়।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

কামসিন্দুর [সা] *বি* কামোদ্দীপক সিঁদুর। 'শিশত শোভএ তোর কামসিন্দূর।' *বড়ু*, ১৪৫০।

কামসুতা [স কাম+স সুতা] *বিণ* কাঙ্ক্ষিতা। 'কামসুতা ধনীর নাহিক আগমন।' *বাহরাম*, ১৬৫০।

কামসুরভি [সা] *বি* যৌনতার ইঙ্গিত। 'পদ্মের মতো সৃজনী আভায়

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কামসুরভি।' *শ্যামসুর*, ১৯৫৯।

কামসূত্র [স] *বি* রতিশাস্ত্র; কামকলা বিষয়ক শাস্ত্র। 'তাঁরা ব্রহ্মসূত্র রচনা করেছেন এবং কামসূত্রেরও অনাদর করেননি।' *সবুজ*, ১৯১৭।

কামস্পর্শহীন [স] *বিণ* কামনাবর্জিত। 'তার কামস্পর্শহীন জায়ত্রাণহীন আনন্ত্যকে।' *জীবন*, ১৯৪৮।

কামহতা [স] *বিণ* স্ত্রী কামাতুর। 'জৌবন প্রেবেসে কামহতা।' *মালাধর*, ১৫০০।

কামহুতাশন [স] *বি* যৌনতার আগুন। 'কামহুতাশনে দহে দেহা।' *বাহরাম*, ১৬৫০।

কামহৃদয় [স] *বি* কামনাপূর্ণ মন। 'তইঅও কাম হৃদয় অনুপাম। রোএল ঘট উচল কএ ঠাম।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কামাগ্নি [স কাম–অগ্নি] *বি* কামরূপ অগ্নি; অত্যধিক কাম-লালসা। 'প্রতিহিংসার নিমিত্তে মানবজাতিকে কামাগ্নিতে সেইরূপ দগ্ধ কর।' *মাইকেল*, ১৮৫৯।

কামাগ্নিসন্দীপনী [স কাম-অগ্নি-সন্দীপনী] *বিণ* কামোত্তেজক। 'কেবল এই কামাগ্নিসন্দীপনী বটিকাই বিক্রি হচ্ছে তা নয়।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

কামাচার [স কাম-আচার] *বি* যৌন আচরণ। 'সবকলা জান তুমি কামাচার গতি।' *মালাধর*, ১৫০০।

কামাতুর [স কাম-আতুর] *বিণ* যৌনবাসনায় কাতর। 'কামাতুর হইয়া করিল পরিহাস।' *বাহরাম*, ১৬৫০।

কামাতুরা [স কাম-আতুরা] *বিণ* স্ত্রী যৌনবাসনায় কাতর। 'কামাতুরা হইলে চৈতন্য থাকে কার।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কামাধীন [স কাম-অধীন] *বিণ* যৌনবাসনার কাছে বশীভূত। 'কানা খোঁড়া অঙ্গহীন, যে হয় কামাধীন।' *ভবানী*, ১৮২৫।

কামানল [স কাম+অনল] *বি* যৌনবাসনারূপ আগুন। 'সর্বাঙ্গ পোড়এ মোর দুসহ কামানলে।' *মালাধর*, ১৫০০।

কামানুশীলন [স] *বি* কাম বিষয়ে চর্চা। 'অপরাহ্নে কামানুশীলন করিবে।' *বঙ্কিম*, ১৮৯২।

কামান্ধ [স] *বিণ* যৌনতাবাসনায় হিতাহিত জ্ঞানশূন্য। 'কিন্তু এতাদৃশ কামান্ধ হইলে যে কর্তব্যাকর্তব্য দৃষ্টি কিছুতেই তোমার থাকিল না।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

কামার্কতপ্ত [স কাম-অর্ক-তপ্ত] *বিণ* কামরূপ সূর্যের দ্বারা উত্তপ্ত; অত্যন্ত কামাতুর। 'এই ব্রজের রমণী কামার্কতপ্ত কুমুদিনী/ নিজ-করামৃত দিয়া দান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কামার্ত [স] *বিণ* যৌনবাসনায় কাতর। 'কামার্ত হইয়া তবে কহে কপিহরি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কামাসক্ত [স] *বিণ* যৌনতায় আসক্ত; কামপ্রবৃত্তির পরবশ। 'অতি হেয় শরীর দেখিয়া কামাসক্ত হওয়া উচিত নহে।' *গৌর*, ১৮২২।

কামাহত [স] *বিণ* কামাতুর। 'মহিলা, বৃদ্ধ, কামাহত কুক্কুরী।' *বুদ্ধ*, ১৯৬৬।

কামের ঘর *বি* কামচেতনার উৎস। 'আগে কপাট মার কামের ঘরে।' *লালন*, ১৮৯০।

কামের ফুল *বি* কামনারূপ ফুল। 'আমার কামের ফুলে মুগুরিত হও দ্বিধাহীন।' *শ্যামসুর*, ১৯৫৯।

কামোদ্দীপ্ত [স] *বিণ* কামনায় উত্তেজিত। 'কৃষ্ণের কামোদ্দীপ্ত মুখের উপরে সতৃষ্ণনয়নে ...।' *প্রমথ*, ১৮৯০।

কামোদ্রেক [স] *বি* যৌনতার উদ্রেক। 'এই বাঙলা শুনতে বেশ মিষ্টি কিন্তু কামোদ্রেক করে না।' *ইলিয়াস*, ১৯৭২।

কামোন্মত্ত [স] *বিণ* যৌনবাসনায় উন্মাদ। 'দুর্মদ বারণ সম কামোন্মত্ত যুবা।' *গিরিশ*, ১৮৮৭।

কামটা *বি* ধনুক। *বিদ্যা*, ১৮৯১।

কামড় **১** *বি* দংশন। 'কৃষ্ণকর্ণের নাক কান কামড়ে ছিণ্ডিল।' *মালাধর*, ১৫০০। **২** *বি* গ্রাস। *মানোএল*, ১৭৪৩।

কামড়াকামড়ি **১** *বি* আক্রমণ ও প্রতি-আক্রমণ। 'এলুম ভদ্রলোকের বাড়ী, বসবো, কথা বলবো, তামাক খাব, তা কেবল ঝকড়া আর কামড়াকামড়ি।' *দীনবন্ধু*, ১৮৬৭। **২** *বি* পরস্পর দংশন। *বিদ্যা*, ১৮৯১।

কামড়ানি *বি* যন্ত্রণাবোধ। *ওসাঁ*, ১৭৮৫।

কামড়ানি বাত *বি* দেহের বিভিন্ন গিরায় কামড়ানির ব্যথা হয় এমন রোগ; গাউট। *ওসাঁ*, ১৭৮৫।

কামড়ানো **১** *ক্রি* কামড় দেওয়া। 'জোঁকে পোকে ভাসে ডাসেঁ কামড়াই মারে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *ক্রি* দংশন করা। 'কামড়ানো।' *মানোএল*, ১৭৪৩। **৩** *ক্রি* মাংসপেশিতে ব্যথার অনুভব হওয়া। 'পা-টা কামড়াচ্ছে।' *মানিক*, ১৯৩৬। **কামড়াই** *ক্রি* কামড়িয়ে। 'জোঁকে পোকে ভাসে ডাসেঁ কামড়াই মারে।' *বৃন্দা*, ১৫৮০। **কামড়াইতে** *ক্রি* কামড় দিতে। 'ঝাঁকে ঝাঁক মাছি সেখানে ছিল, সমস্ত তাহাকে কামড়াইতে আর রক্ত চুষিতে লাগিল।' *তারিণী*, ১৮০৩। **কামড়ায়** *ক্রি* দংশন করে। *ভবানী*, ১৮২৩।

কামতাই *বি* পোশাকের প্রকারবিশেষ। 'কেহ বা পট্ট বস্ত্র কেহবা কামতাই কেহবা লক্ষীবিলাষ ... পরিচ্ছদান্বিতা।' *রামরাম*, ১৮০১।

কামদ [স] *বি* (সংগীত) রাগবিশেষ। 'কামদ হইতে মিঞা কামদ।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কামদা [স] *বিণ* স্ত্রী অভীষ্টদানকারী। 'শুনেছি কামদা না কি দেবেন্দ্রের পুরী।' *মাইকেল*, ১৮৬২।

কামধুক [স] *বি* কামধেনু। 'এ কামনা কামধুকে কর দয়া করি।' *মাইকেল*, ১৮৬২।

কামনা [স] **১** *বি* বাসনা। 'জ্বরের নিমিত্ত কেহো কামনা না করে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* প্রত্যাশা। 'মন দিআ দুয়া মোর পুরহ কামনা।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* প্রার্থনা। 'দেবতা বিশেষের উদ্দেশে কামনা বিশেষ দ্বারা তাহার নিরাকরণ ...।' *অক্ষয়*, ১৮৪৮। **৪** *বি* প্রবল যৌন চেতনা। 'কামনা একটা প্রবল সাময়িক উত্তেজনা আর প্রেম হচ্ছে ধীর।' *নজরুল*, ১৯২২।

কামনা-আকাঙ্ক্ষা [স] *বি* সাধ-আহ্লাদ। 'কামনা-আকাঙ্ক্ষা তো ঢের দূরে।' *জীবন*, ১৯৩১।

কামনা-আবির [স কামনা+আ আবীর] *বি* কামনারূপ আবির। 'কামনা-আবির ঝরে রাঙা নয়নে।' *নজরুল*, ১৯৩৩।

কামনা করা *ক্রি* ইচ্ছা পোষণ করা। 'মঙ্গল কামনা করি, মঙ্গলা ভুবনেশ্বরী।' *গিরিশচন্দ্র*, ১৮৮৩।

কামনাকেলি [স] *বি* বাসনা পূরণ। 'রাষ্ট্রনীতি কামনাকেলির চুক্তি সব।' *জীবন*, ১৯৪০।

কামনাজাত [স] *বিণ* যৌনবাসনা থেকে উদ্ভূত। 'গায়ে ঈষৎ অশ্লীল কামনাজাত আদর।' *জীবন*, ১৯৩২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কামনা-বাতি [স কামনা+স বর্তি>] *বি* যৌনতার আগুন। 'নারী ছিল সেথা ভোগ-উৎসবে জ্বালিতে কামনা-বাতি।' *নজরুল*, ১৯৪১।

কামনাবাহী [স] *বিণ* বাসনা বা অভিলাষ প্রকাশকারী। 'অগ্নিকে দেখা হল যজমানের কামনাবাহী দূতরূপে।' *অবন*, ১৯২৫।

কামনাশূন্য [স] *বিণ* কামনাহীন। 'এই কামনাশূন্য-দেহ নিয়ে শবসাধনা করে তোমারও মুক্তি হবে না।' *নজরুল*, ১৯৩৮।

কামনাসাগর [স] *বি* কামনারূপ সাগর। 'রাজার তরঙ্গিত কামনাসাগরের জলে তোমার পাখা সিক্ত হতে চায় না।' *রবীন্দ্র*, ১৯২৯।

কামনাসিক্ত [স] *বিণ* ভোগাকাঙ্ক্ষী। 'যেখানে নেই মানুষের লালাসিক্ত কামনাসিক্ত ভালোবাসা।' *নজরুল*, ১৯৩৮।

কামনাসিদ্ধি [স] *বি* আশাপূরণ। 'এঁর কাছে কামনাসিদ্ধি হবে না তো কার কাছে হবে!' *রবীন্দ্র*, ১৯০৭।

কামনাসুন্দরী [স] *বি* আকাঙ্ক্ষিতা নারী। 'স্বপ্নপ্রবাহের মধ্য হইতে কোন্ মজ্জমানা কামনাসুন্দরীকে তীরে টানিয়া তুলিব।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কামনীজটা *বি* ধানের প্রকারবিশেষ। 'কবরী আঁটিল ধান্য কামনী জটায়।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কামফ্লেজ [ই] *বি* কপটবেশ। 'জনপ্রিয়তার এই কামফ্লেজ বা ছদ্ম-আবরণের অন্তরালে দেশশত্রুগণ যে কত বেশী অনাচারের সুযোগ পাইতেছে।' *আজাদ*, ১৯৪২।

কামরঙ্গ [স কর্মরঙ্গ] *বি* কামরাঙা। 'হোলঙ্গ নারঙ্গ কামরঙ্গ।' *বড়ু*, ১৪৫০।

কামরা [প কামারা] **১** *বি* কক্ষ; ঘর। *এডমন*, ১৭৯০। **২** *বি* বগি। 'রেলগাড়ির কামরায় হঠাৎ দেখা।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কামরাঙা [স কর্মরঙ্গ] *বি* পাঁচটি শিরাবিশিষ্ট অম্লমধুর ফলবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

কামরাঙ্গা[১] [স কর্মরঙ্গ] *বি* পাঁচটি শিরাবিশিষ্ট অম্লমধুর ফলবিশেষ। 'নারেঙ্গ আমড়া জাম কামরাঙ্গা আর।' *মালাধর*, ১৫০০।

কামরাঙ্গা[২] [প কামারা] *বি* কামরা। 'একবার কুটির কামরাঙ্গার ঘরে যাতি বলেচে।' *দীনবন্ধু*, ১৮৬০।

কামরূ [স কামরূপ] *বি* কামরূপ; লীলাক্ষেত্র। 'রাতি ভইলেঁ কামরু জাঅ।' *চর্যা* ২, ১২০০।

কামরূপ [স] *বি* ভারতের প্রাচীন দেশবিশেষ; করতোয়া বা সদানীরা থেকে আসাম পর্যন্ত বিস্তৃত ভূভাগ। **কামরূপী** [স] *বি* কামরূপ অঞ্চলের অধিবাসী। 'কাশ্মিরী দক্ষিণী সিন্ধী কামরূপী আর বঙ্গদেশী।' *আলাওল*, ১৬৮০।

কামলা[১] [স কমলা] *বি* পাণ্ডুরোগ; জন্ডিস। 'হরিদ্রা কামলা তারে ধরে ততক্ষণ।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কামলা[২] [হি] **১** *বি* মজুর। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বি* দিনমজুর। 'দিনভর কিষাণ কামলা খাটে।' *নরেন্দ্র*, ১৯৪৭।

কামলা খাটা *ক্রি* দিনমজুরি করা। 'দিনভর কিষাণ কামলা খাটে।' *নরেন্দ্র*, ১৯৪৭।

কামাই[১] [ফা কম>] **১** *বি* বিরাম। 'তাহার কামাই নাই রাবণের চিতুর মত জ্বলিতেছে।' *কেরি*, ১৮০২। **২** *বি* গরহাজিরা। 'যদি এখন কামাই দেই, তবে যে কিছু শিখিয়াছি তাহাও ভুলিব।' *গৌর*, ১৮২২।

কামাই করা *ক্রি* অনুপস্থিত থাকা। 'কালেজ কামাই করিয়াও মধ্যাহ্নে চিলের ঘরের ছায়ায় ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

কামাই হওয়া *ক্রি* গরহাজিরা হওয়া। 'শুধু দিন তিনেক তার কলেজ কামাই হইত।' *মানিক*, ১৯৪০।

কামাই[২] [স কর্ম>] *বি* রোজগার; আয়। 'আমি শুদ্ধমতি সতী রজনীতে নাহিক কামাই।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কামাইকর *বি* কৃষক; মজুর। *মানোএল*, ১৭৪৩।

কামাই-করা *বিণ* উপার্জনকৃত। 'তহবিলে নিজের কামাই-করা বহু টাকা দেয় নাই?' *মনসুর*, ১৯৫৫।

কামাইদার *বিণ* উপার্জনক্ষম। 'তা ছেলে কামাইদার হয়েছে।' *মনোজ*, ১৯৬১।

কামাইলা [স কর্ম>] *বি* নাপিত। 'কামাইলা যাও নিজ ঘরে।' *চণ্ডী*, ১৫৫০।

কামাগ্নি *দ্র* **কাম**[২]

কামাণ [ফা কামান] *বি* ধনুক। 'কামাণ সদৃশ শোভে ভ্রূহিযুগল।' *বড়ু*, ১৪৫০।

কামাতুর *দ্র* **কাম**[২]

কামাধীন *দ্র* **কাম**[২]

কামান[১] [ফা কামান] *বি* ধনুক। 'কাম কামান চান্দ উগি গেল।' *বিদ্যাপতি*, ১৬৬০; 'দেখিয়াছি নিকটে লাক লাক শকটে কামান সব থরে থর।' *মুকুন্দ*, ১৬০০।

কামান পাথর [ফা কামান+স প্রস্তর] *বি* বিশেষ ধরনের পাথর। *মানোএল*, ১৭৪৩।

কামান[২] [ফা কামান] *বি* আগ্নেয়াস্ত্রবিশেষ। 'কামানখানা।' *ওসাঁ*, ১৭৮৫।

কামানখানা [ফা] *বি* একাধিক কামানের ঘাঁটি। *ওসাঁ*, ১৭৮৫।

কামান দাগা *ক্রি* কামান চালানো। 'সম্ভবতঃ কামান দাগছে ওরা।' *পাশা*, ১৯৭১।

কামান-মেশিনগানের শাসন *বি* অস্ত্রের মাধ্যমে চালানো শাসন। 'চালাও রাইফেলের শাসন, কামান-মেশিনগানের শাসন।' *পাশা*, ১৯৭১।

কামানিআ [স কর্ম>] *বি* গোলন্দাজ; যে কামান চালনা করে। *বিদ্যা*, ১৮৯১।

কামানিএগ্রা [ফা কামান>] *বি* গোলন্দাজ। 'কামানিএগ্রা কামান পাতিল থরে থর।' *মুকুন্দ*, ১৬০০।

কামানী [ফা] *বি* যে কামান চালায়; গোলন্দাজ। *ওসাঁ*, ১৭৮২।

কামানের টোটা *বি* কামানের গোলা। *ওসাঁ*, ১৭৮৫।

কামানের মুখ *বি* কামান যেদিকে তোপ ছোড়ে। *ওসাঁ*, ১৭৮৫।

কামান[২] [স কর্ম] *বি* ক্ষৌরকর্ম। 'নাপিতিনী ... গৃহরূপ দুর্গে প্রবিষ্ট হওনের জন্য কামান ছলে কামান ধরিয়াছেন।' *ভবানী*, ১৮২৮।

কামানি [স কর্ম>] *বি* ক্ষৌরকর্মের মজুরি বা বেতন। *বিদ্যা*, ১৮৯১।

কামানল *দ্র* **কাম**[২]

কামান লা [ই কমন ল] *বি* প্রচলিত সুবিচারের নিয়ম। *ভবানী*, ১৮২৩।

কামানো [স কর্ম>] **১** *ক্রি* ক্ষৌরকার্য করা। 'কামাইতে।' *মানোএল*, ১৭৪৩; 'তোমাদের কি কামাবার বেলা হয় না। *উমেশ*, ১৮৫৭। **২**

AMARBOI.COM

ক্রি উপার্জন করা। 'আমি ভাসতে আসি, আসিনিকো কামাতে ভাই কড়ি।' *নজরুল*, ১৯২৯।

কামান্ধ *দ্র* **কাম**[২]

কামার [স কর্মকার] *বি* লোহার জিনিসপত্র তৈরির কারিগর। 'আজ্ঞা দিল বুহিতাল কামার পাতিল শাল।' *মুকুন্দ*, ১৬০০।

কামারনি, কামারনী [স কর্মকার>] *বি স্ত্রী* কর্মকার; যে লোহার কাজ করে। *বিদ্যা*, ১৮৯১; 'দীর্ঘাঙ্গী সবলদেহা কামারনীর সেই দা-খানা ...।' *তারা*, ১৯৪২।

কামারপাড়া [স কর্মকার>+স পাটক] *বি* কর্মকার অধ্যুষিত এলাকা। 'কামারপাড়া, ছুতারপাড়া, হাটবাজার।' *রবীন্দ্র*, ১৯১১।

কামারশাল [স কর্মকার+স শালা] *বি* যেখানে কর্মকার লোহার কাজ করে। 'কামারশালে দেখবেন চাষীদের ভিড়।' *তারা*, ১৯৫৩।

কামারশালা [স কর্মকার+স শালা] *বি* যে ঘরে কামার লোহার কাজ করে। 'কামারশালার জ্বোর হাতুড়ি কর্ণে বাজে।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

কামার্কতপ্ত *দ্র* **কাম**[১]

কামার্ত *দ্র* **কাম**[২]

কামাল [আ] ১ *বিণ* বলবৎ। *ভবানী*, ১৮২৩। ২ *বিণ* সফল। 'তামাম কামাল আবাদী করিয়া ...।' *চিঠিপত্রে*, ১৮৩১।

কামাসক্ত *দ্র* **কাম**[২]

কামাহত *দ্র* **কাম**[২]

কামিজ, কামীজ [আ কমীস] ১ *বি* এক ধরনের ঢিলা জামা। 'কামীজ ১২টা।' *মেয়র্স*, ১৭৬২; 'মনোহর হাঁসা মূর্ত্তি কামিজ খুলিয়া।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বি* মেয়েদের জামাবিশেষ। 'আমার যত ময়লা কাপড়-জামা রুমাল কামিজ।' *শিবরাম*, ১৯৭০।

কামিন[১] [স কামিন্>] *বি* প্রেমিক; যে কামনা করে। 'একটি কামিন এইখানে দেখা দিতে এল তার কামিনীর কাছে।' *জীবন*, ১৯৪৮।

কামিন[২] [স কর্মিণী>] *বি স্ত্রী* মজুর। 'চা-বাগানের কামিন।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

কামিনি [স কামিনী] *বি* স্ত্রীলোক। 'কামিনি কোনে গড়লী।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'নিন্ধন পুরুসে জেন কামিনি না ভাএ।' *মালাধর*, ১৫০০।

কামিনী[১] [স] ১ *বি* নারী। 'হমে কুলকামিনী কহইতে অনুচিত।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'সঙ্গের সঙ্গিনী সকল কামিনী।' *দ্বিজী*, ১৬০০। ২ *বি* কামনা করা হয় এমন নারী; প্রেমিকা। 'একটি কামিন এইখানে দেখা দিতে এল তার কামিনীর কাছে।' *জীবন*, ১৯৪৮।

কামিনীকনকলতা [স] *বি* রমণীরূপ স্বর্ণলতা। 'কামিনীকনকলতা ফলিতা হইল।' *মদনমোহন*, ১৮৩৪।

কামিনী-কাঞ্চন [স] *বি* নারী ও অর্থের লোভ। 'ত্যজিয়াছি কামিনী-কাঞ্চন।' *গিরিশ*, ১৮৮৭।

কামিনীকুল [স] *বি* রমণীকুল। 'কামিনীকুলের সখী যামিনীর সখা।' *মাইকেল*, ১৮৬০।

কামিনীকুসুম [স] *বি* কামিনী ফুল। 'কামিনীকুসুমকলি সকলি ফুটিল।' *মদনমোহন*, ১৮৩৪।

কামিনী-কুহক [স] *বি* নারীর ছলনা। 'কামিনী-কুহকে পড়ি খায় যেই হাবা।' *গুপ্ত*, ১৮৫৮।

কামিনীজটা [স কামিনী+স জটা] *বি* এক জাতের ধানের নাম। 'কবরী আঁটিল ধান্য কামিনীজটায়।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কামিনী[২] [স] *বি* ফুলবিশেষ। 'কামিনী, যূথিকা, মল্লিকা, গন্ধরাজ।' *বঙ্কিম*, ১৮৭৮।

কামিনীগাছ [স কামিনী+গাছ] *বি* কামিনী ফুলের গাছ। 'ধুতুরা গাছ কামিনীগাছকে সমালোচনা করিয়া বলে ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কামিয়াব [ফা] *বি* সফলতা। 'হক ছাহেব এ সব কথায় যে মিঃ ছোহরাওয়ার্দীর কামিয়াবেরই প্রশংসা করিয়া ফেলিয়াছেন।' *আজাদ*, ১৯৪৩।

কামিয়াবি [ফা] *বি* সাফল্য। 'তিনি সম্পূর্ণ না হইলেও অনেকখানি কামিয়াবি লাভ করিয়াছেন।' *আজাদ*, ১৯৪৭।

কামিয়াবী [ফা] *বি* সফলতা। 'কামনা করি তাঁহাদের কামিয়াবী এবং কাসরাত।' *মাহেনও*, ১৯৪৯।

কামিলা[১] [ফা কামিল] *বি* কারুশিল্পী। 'কামিলা পাতিল কারখানা।' *মুকুন্দ*, ১৬০০।

কামিলা[২] [স কর্ম>] *বি* দিনমজুর। *মানোএল*, ১৭৪৩।

কামী[১] [স] *বি* একটি পাখির নাম। 'কামী কোর কলবিঙ্ক।' *মুকুন্দ*, ১৬০০।

কামী[২] [স] ১ *বিণ* আকাঙ্ক্ষী। 'ইথে কিছু আমি নহিহে কামী।' *মদনমোহন*, ১৮৩৪। ২ *বিণ* কামুক। 'বিধাতা হইয়া কামী আপন তনয়াগামী সূর্য্য করে বড়বা লঙ্ঘন।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কামীজ *দ্র* **কামিজ**

কামু *বি* পাখিবিশেষ। 'দলপিপি কামু ডাকে কোলে যার ডিম।' *রূপরাম*, ১৭৫০।

কামুক [স] *বিণ* যৌন সম্ভোগের ইচ্ছায় কাতর। 'কামুক ব্যক্তির স্ত্রীই প্রাণ।' *হরপ্রসাদ*, ১৮১৫।

কামুকি [স কামুকী] *বিণ স্ত্রী* যৌন সম্ভোগের ইচ্ছা অত্যন্ত প্রবল এমন। 'এই কামুকি রাক্ষসী কে?' *মুন্সীর*, ১৯৬৬।

কামুকী [স] *বিণ স্ত্রী* যৌন সম্ভোগের ইচ্ছায় কাতর। 'প্রেয়সী, তুমি এমন কামুকী।' *দীনবন্ধু*, ১৮৬৬।

কামুয়া [স কর্ম>] *বি* মজুর। *মানোএল*, ১৭৪৩।

কামেজ [আ কামীস] *বি* কামিজ; এক প্রকার জামা। 'ছেঁড়া পচা কামেজ তাহার নাই হাতা।' *গুপ্ত*, ১৮৫৮। *দ্র* **কামিজ**

কামেল [আ কামিল] *বিণ* সিদ্ধ। 'পাহাড়ের গুহায় একজন কামেল দরবেশের দরশাৎ।' *মাহেনও*, ১৯৪৯।

কামোদ [স কামদ] ১ *বি* সংগীতের রাগবিশেষ। 'রাগ কামোদ।' *চর্যা* ১৩, ১২০০। ২ *বিণ* কামনা উদ্দীপক। 'অকাতরে দয়িতার তপ্ত ঠোঁটে কামোদ চুম্বন।' *শামসুর*, ১৯৬৬।

কামোদীপ্ত *দ্র* **কাম**[২]

কামোদ্রেক *দ্র* **কাম**[২]

কামোন্মত্ত *দ্র* **কাম**[২]

কাম্পঙ্গ [স কম্প>] *বিণ* কম্পমান। *মানোএল*, ১৭৪৩।

কাম্পমান [স কম্প>] *বিণ* কম্পমান। *মানোএল*, ১৭৪৩।

কাম্পা [স কম্প>] *ক্রি* কাঁপা। 'কান্দে কাম্পে ভয় করে মনে।' *বড়ু*, ১৪৫০। **কাম্পএ** *ক্রি* কাঁপে। 'ডরে মোর কাহ্নাঞি শরীর কাম্পএ।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বড়ু, ১৪৫০। **কাম্পাইয়া** *ক্রি* কাঁপিয়ে। 'কোপে অতি কাম্পাইয়া গাএ।' *মানিকরাম*, ১৭৮১। **কাম্পিতে** *ক্রি* কাঁপতে কাঁপতে। 'কাম্পিতে কান্দিআঁ বোলোঁ তোহ্মার চরণে।' বড়ু, ১৪৫০। **কাম্পে** *ক্রি* কাঁপে। 'কনক কমল পত্র কাম্পে থর থর।' *আলাওল*, ১৬৮০। **কাম্পো** *ক্রি* কাঁপি। 'ভএ কাম্পো যেহ্ন নব কদলীর বালী।' বড়ু, ১৪৫০।

কাম্য [স] ১ *বি* কামনা। 'ধন বংশ নিমিত্ত সংসার কাম্য করে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* বাঞ্ছনীয়। 'কাম্য যজ্ঞ করিলে মহারাজার সন্তান হওনের উপক্রম হইল।' *রামরাম*, ১৮০১।

কাম্যকর্ম [স] *বি* কর্তব্যকর্ম; করণীয় কাজ। 'রায়জী তাঁহার নিত্যকর্ম বা কাম্যকর্ম কিছুই রহিত করাইতে পারিয়াছেন...।' *চন্দ্রিকা*, ১৮৩১।

কাম্যবস্তু [স] *বি* কাঙ্ক্ষিত জিনিস। 'কাম্যবস্তুরও তো পরিবর্তন-সংশোধন আছে।' *রশীদ*, ১৯৬৩।

কাম্যলোক [স] *বি* বাঞ্ছিত জগৎ। 'পরিত্রাণের আকাঙ্ক্ষা এই কাম্যলোক সৃষ্টি করে তুলেছিল ...।' *রবীন্দ্র*, ১৯৪১।

কায [স কার্য] *বি* কাজ। 'প্রথমেতে গুপ্ত কায, ব্যক্ত শেষে মহারাজ।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কাযকর্ম [স কার্যকর্ম] *বি* চাকরি। 'কোম্পানির কাযকর্ম করিয়া কতক গুলিন ধনসঞ্চয় করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩১।

কাযের শুরু কামাই – কাজের মূল কথা হচ্ছে আয় বা রোজগার। 'কাযের শুরু কামাই।' *গৌর*, ১৮২২।

কায্য [স কার্য] *বি* কাজ। *হ্যালহেড*, ১৭৭৩।

কায্যঞ্চ [স কার্যঞ্চ] *বিণ* করণীয়। 'মৃতসম্বন্ধ কায্যঞ্চ আগে তোমাহ্মে জেষ্ঠপুত্র ...।' *ওর্সা*, ১৭৮২।

কায় [স] *বি* দেহ। 'কায় মনে পরসন হয় মোক কাহ্ন।' বড়ু, ১৪৫০।

কায়কেলেসে [স কায়ক্লেশে] *ক্রিবিণ* কৃচ্ছ্রতার সঙ্গে। 'তাহাতেই বাসা খরচ কায়কেলেসে চলিতেছে।' *ওর্সা*, ১৭৮২।

কায়ক্লেশে [স] *ক্রিবিণ* কৃচ্ছ্রতার সঙ্গে। 'কোন প্রকারে কায়ক্লেশে কাল যাপন করিতেন।' *অক্ষয়*, ১৮৫৫; 'কায়ক্লেশে বৎসরের অর্ধেককাল চালাইয়া ...।' *ইমদাদুল*, ১৯২০।

কায়প্রাণ [স] *ক্রিবিণ* শারীরিকভাবে। *ওর্সা*, ১৭৮২।

কায়বাক্যমনে [স] *ক্রিবিণ* সবকিছু দিয়ে। 'তবে নরপতিবর কায়বাক্যমনে ...।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কায়ব্যূহ [স] *বি* দেহের বিস্তার। 'ললিতাদি সখী তাঁর কায়ব্যূহরূপ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কায় মন [স] *বি* দেহ ও মন। 'কায় মনে পরসন হয় মোক কাহ্ন।' বড়ু, ১৪৫০।

কায়মনচিত্ত [স কায়মনোচিত্ত] *বি* সর্বান্তঃকরণ। 'পুজিলাও হরগৌরি কায়মনচিত্তে।' *মালাধর*, ১৫০০।

কায়মনবাক্যে [স কায়মনোবাক্য] *ক্রিবিণ* সর্বতোভাবে। 'কায়মনবাক্যে আমি তোমাকে চিন্তিল।' *মালাধর*, ১৫০০।

কায়মনোবাক্যে [স] *ক্রিবিণ* সর্বতোভাবে। 'কায়মনোবাক্যে করে বৈষ্ণব সন্তোষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কায়-কারবার [ফা কারবার>] *বি* দৈনন্দিন কাজকর্ম। 'লেনদেন ও কায়-কারবার বন্ধ হৈয়া গেছে।' *মনসুর*, ১৯৪৫।

কায়দা [আ] ১ *বি* আচার-ব্যবহারের রীতি বা পদ্ধতি। 'কায়দা মত শেলাম করিয়া ডণ্ডাইলে ...।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* আয়ত্ত। 'মনটা একটু বিচলিত হয়ে গেলেই ও-ভাষাটা মনের মতো কায়দা করে উঠতে পারিনে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* জব্দ; বশ। 'ইহাকে সোজাভাবে ফস করিয়া কায়দা করা যাইবে না।' *রবীন্দ্র*, ১৮৯৮। ৪ *বি* কৌশল। 'শেখাও কায়দা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কায়দা-কলম [আ কায়দা+আ কলম] *বি* নিয়মকানুন। 'তাহাদিগকে যে সব কায়দা-কলম বাতলাইয়া দিয়াছেন।' *ইমাম*, ১৯৪৬।

কায়দা-কানুন [আ কায়দা+আ কানুন] *বি* নিয়মকানুন। 'দিনরাত আমি বকে বকে খুন/ শিখলিনে কিছু কায়দা-কানুন।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কায়দা-কেতা [আ কায়দা+আ কিতাহ] *বি* রীতিনীতি। 'তার কায়দা-কেতা এমনি পাকাপোক্ত।' *মুজতবা*, ১৯৫২।

কায়দাদুরস্ত [আ কায়দা+ফা দুরস্ত] *বিণ* রীতিসম্মত। 'ব্যাকরণসম্মত অর্থাৎ কায়দাদুরস্ত কি না?' *মুজতবা*, ১৯৫৯।

কায়দামাফিক [আ] *ক্রিবিণ* আচার-ব্যবহারের পদ্ধতি অনুসারে। 'নার্সদের কায়দামাফিক গদ্দীর সরকারি চেহারা।' *মুজতবা*, ১৯৫২।

কায়দায় পাওয়া *ক্রি* বাগে পাওয়া। 'শিকার কায়দায় পেয়ে ক্ষুধার্ত বাঘ যেমন উদ্বিগ্ন আনন্দে গোঙরাতে থাকে।' *মণীশ*, ১৯৫৭।

কায়বার *বি* স্তুতিপাঠ। 'ভাটগণে করিতে লাগিল কায়বার।' *বৃন্দা*, ১৫৮০।

কায়মী [আ কায়িমী] *বিণ* সুদৃঢ়; চিরস্থায়ী। 'দীর্ঘদিনের তপস্যাতে কায়মী হ'ল ছাড়াছাড়ি।' *সত্যেন্দ্র*, ১৯১২।

কায়স্থ [স কায়স্থ] *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ; কায়স্থ। *ওর্সা*, ১৭৮২; 'রামচন্দ্র নামেতে এক জন বঙ্গজ কায়স্থ।' *রামরাম*, ১৮০১।

কায়স্থিনী [স কায়স্থা] *বি* কায়স্থের পত্নী। 'নবীনের কায়স্থিনী পতিশোকে ব্যাকুলা।' *দীনবন্ধু*, ১৮৬০।

কায়স্থ [স] ১ *বি* হিসাবরক্ষক। 'লক্ষেক কায়স্থ যদি এক মাস পড়ি।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* লেখক। *মানোএল*, ১৭৪৩। ৩ *বি* বাঙালি হিন্দু সম্প্রদায়বিশেষ। 'মৌলিক কায়স্থ জাতি পদবীতে হোড়।' *ভারত*, ১৭৬০।

কায়স্থকন্যা [স] *বি* কায়স্থ বংশের মেয়ে। 'কুসুম নামে একটি শৈশববিধবা অনাথা কায়স্থকন্যা আশ্রিতভাবে থাকিত।' *রবীন্দ্র*, ১৮৯২।

কায়স্থজাতীয় [স] *বিণ* কায়স্থ জাতিভুক্ত। 'দুঃস্থ কায়স্থজাতীয় মহাশয়েরা গুরু মহাশয়ের কর্ম করিতেছেন।' *ভবানী*, ১৮২৫।

কায়া [স] *বি* দেহ। 'স্বর্গ মর্ত্য পাতালে আত্মার এক কায়া।' বড়ু, ১৪৫০।

কায়া-ছায়াময় [স] *বিণ* কখনো শরীরী, কখনো অশরীরী। 'অপূর্ব কায়া-ছায়াময় ভাবের খেলা সম্পূর্ণ হয়।' *মোতাহার*, ১৯৩৭।

কায়াধারী [স] *বিণ* মূর্তিমান। 'কায়াধারী হয়ে কেন তার ছায়া নেই।' *লালন*, ১৮৯০।

কায়াবাদী [স] *বি* শরীরবাদী। 'মানুষের মধ্যে কতক আছে মায়াবাদী কতক কায়াবাদী।' *অবন*, ১৯২৫।

কায়াবিহীন [স] *বিণ* নিরাকার। 'স্বপনময়ী ছায়া উঠবে ফুটে তারার মতো কায়াবিহীন মায়া।' *রবীন্দ্র*, ১৯২৪।

কায়াময়ী [স] *বিণ স্ত্রী* শরীরধারী। 'শত সহস্র ছায়াকে কায়াময়ী ও কায়াকে মায়াময়ী বলে ভ্রম হয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

AMARBOI.COM

কায়ামুক্ত [স] *বিণ* দেহহীন। 'কায়ামুক্ত ছায়া আসবে আলোর বাহু ধরে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কায়ামূলক [স] *বিণ* শরীরভিত্তিক। 'ডাক্তারের মাপকাঠি কায়ামূলক।' *অবন*, ১৯২৫।

কায়াহীন [স] ১ *বিণ* দেহহীন। 'ছায়ার মতো হতো কায়াহীন।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বিণ* অদৃশ্য। '... পদক্ষেপের মাত্রায় নিজেই কায়াহীন হওয়ার চেষ্টা করে।' *শওকত*, ১৯৭২।

কায়াই [স কায়া>] *বি* আবরণবিশেষ। 'কায়াই কাঞ্চন মাখা কলধৌত খায়।' *মানিকরাম*, ১৭৮১।

কায়ানী [হি কহানী] *বি* কাহিনি। 'প্রসাদ করিল বহু কায়ানী বন্দানে।' *আলাওল*, ১৬৮০।

কায়িক [স] *বিণ* শারীরিক। 'কায়িক ও মানসিক ক্লেশে ক্লেশিত থাকিত।' *বঙ্গদূত*, ১৮২৯।

কায়িকতা [স] *বি* দৈহিক সৌন্দর্য। 'আমরা কি কোনোদিন আদুল গায়ের কায়িকতা নিয়ে চোখে দেখিব না মেয়েমানুষের আশাতীত রঙিন মলাটগুলি।' *শক্তি*, ১৯৭০।

কায়েত, কায়েৎ [স কায়স্থ] *বি* বাঙালি হিন্দু সম্প্রদায়বিশেষ; কায়স্থ। 'ফলনা কায়েতের বাড়ী মুই কায করিতে গিয়েছিনুঁ।' *কেরি*, ১৮০২; 'বামন, কায়েৎ, কামার, কুমোর।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কায়েতনি [স কায়স্থ>] *বি* কায়স্থের স্ত্রী। *বিদ্যা*, ১৮৯১।

কায়েদ [আ] *বি* পথপ্রদর্শক। 'স্যার সৈয়দ ছিলেন সেকালের মুসলমানের যথার্থ কায়েদ।' *মাহেনও*, ১৯৪৯।

কায়েদে আজমগিরি *বি* কায়েদে আজম পদবির উপযোগী আচরণ। 'কেমন করে জিন্নার কায়েদে আজমগিরি বজায় থাকত এইবার দেখতাম।' *পাশা*, ১৯৭১।

কায়েম [আ] ১ *বিণ* প্রতিষ্ঠিত। 'ঐ নাম কায়েম রহিল সেই দিনে।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* প্রতিষ্ঠা। 'রাষ্ট্রভাষারূপে কায়েম করিতে যাইয়া নূতন ফ্যাসাদ বাধাইয়া তুলিয়াছিলেন।' *আজাদ*, ১৯৪১। ৩ *বিণ* পাকাপোক্ত। 'এদেশে কায়েম হইয়া বসিতে হইলে ...।' *আজাদ*, ১৯৪৬।

কায়েমবন্দী [আ কায়েম+ফা বন্দী] *বিণ* চিরস্থায়ী। 'অতীতের ধারণাকে সমাজে কায়েমবন্দী করে রাখা সত্যই অসম্ভব।' *ওয়াজেদ*, ১৯৪৩।

কায়েমি, কায়েমী [আ কায়েম] ১ *বিণ* মজবুত; সুদৃঢ়। *বিদ্যা*, ১৮৯১; 'এই ভয় তাহার মনে কায়েমি হইয়া রহিল।' *মানিক*, ১৯৩৭। ২ *বিণ* চিরস্থায়ী। 'কায়েমী মৌরশী চিরপত্তনিদার হিন্দুকে ...।' *দর্শন*, ১৯২৪; 'এ বাড়িতে কায়েমি হয়ে রয়ে গেল।' *মানিক*, ১৯৩৮।

কায়েমী স্বার্থ [আ কায়েম>+স স্বার্থ] *বি* কোনো গোষ্ঠীর প্রতিষ্ঠিত স্বার্থ। 'কায়েমী স্বার্থের আর্তনাদ।' *আজাদ*, ১৯৪০।

কায়েস্থ [স কায়স্থ] *বি* কায়স্থ। 'অনেক কায়েস্থ মেলা দেখিআ তোমার খেলা আইলাঙ তোমার সন্নিধান।' *মুকুন্দ*, ১৬০০।

কার[১] *সর্ব* কারও। 'কার পান চুন নাহিঁ খাওঁ।' *বড়ু*, ১৪৫০; 'কার হৈলা অনুমৃতা প্রাএ।' *মালাধর*, ১৫০০।

কার শ্রাদ্ধ কেবা করে, খোলা কেটে বামন মরে – বিশৃঙ্খল অবস্থা। *উমেশ*, ১৮৫৭।

কার[২] [স] *বি* বাংলা বর্ণের সংক্ষিপ্ত রূপ (কারচিহ্ন)। 'যেহেতু জ্ঞ শব্দ দীর্ঘ উ-কার যুক্ত নহে।' *দর্পণ*, ১৮৩৬।

কারক [স] ১ *বি* সম্পাদক। 'চন্দ্রিকা ও প্রভাকরকারকের পক্ষ।' *দর্পণ*, ১৮৩১। ২ *বি* (ব্যাকরণ) বাক্যে ক্রিয়ার সঙ্গে সম্বন্ধযুক্ত শব্দ। 'বিশেষণে বিশেষ্যের লিঙ্গ, বচন ও কারক বিভক্তি হয় না।' *মাহেনও*, ১৯৪৯।

কারকিত [স কৃ>] ১ *বি* চাষের জন্য জমি তৈরির কাজ। 'প্রথম কর্ষণ, কারকিত, মাড়াই করিতে কাহার সাহায্য আবশ্যক?' *মশাররফ*, ১৮৮৯। ২ *বি* কারুকার্য। 'কারকিত করা গালিচার মত বিছিয়ে যাওয়ার কথা।' *হাসান*, ১৯৬০।

কারকিতী [স কৃ>] *বি* স্ত্রী চাষের কাজ। 'নীলের জমিতে লাঙ্গল থাকবে, তা কারকিতী বা কখন করবো।' *দীনবন্ধু*, ১৮৬০।

কারকিদ [স কৃ>] *বি* চাষের জন্য জমি তৈরির কাজ। 'অনেকেই সারাদিন নীল জমির কারকিদ করিয়া বাড়ী আসিয়াছে।' *মশাররফ*, ১৮৯০।

কারকুন [ফা] *বি* ব্যবস্থাপক; প্রতিনিধি। *ওর্সা*, ১৭৮২; 'কারকুন, মুহরি, তহসিলদার।' *বঙ্কিম*, ১৮৭৮।

কারকুনি [ফা কারকুন>] *বি* হিসাবরক্ষকের কার্য বা পদ। *বিদ্যা*, ১৮৯১।

কারখানা [ফা] ১ *বি* যে স্থানে শিল্পদ্রব্য প্রস্তুত হয়। 'মোদক প্রধান রানা কৈল চিনি কারখানা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* কার্যকলাপ। 'যত কারখানা সব করিল জেয়াদে।' *গরীব*, ১৭৬৫। ৩ *বি* কারুকাজ। 'তাহাতে রকমে২ মিনার কারখানা।' *রামরাম*, ১৮০১। ৪ *বি* আশ্চর্য কাজ। 'মনের ভেদ মন জানে না একি কারখানা।' *লালন*, ১৮৯০। ৫ *বি* কাজের ঘর। 'লেখাজোখার কারখানাতে দুয়ার রুধে বচন কুঁদে।' *রবীন্দ্র*, ১৯২৮।

কারখানাওয়ালা [ফা কারখানা+হি ওয়ালা] *বি* কারখানার মালিক। 'জর্মন কারখানাওয়ালারা জর্মনিরই জন্য নির্মিত মালের উপর লিখতেন ...।' *মুজতবা*, ১৯৫৮।

কারখানাঘর [ফা কারখানা+ঘর] *বি* নির্মাণশালা। 'সৃষ্টিকর্তার লীলাঘর থেকে বিধাতার কারখানাঘর পর্যন্ত।' *রবীন্দ্র*, ১৯২৯।

কারখানা-মাল [ফা কারখানা+আ মাল] *বি* শিল্পজাত পণ্য। 'অতি কঠোর শর্তে প্রবেশানুমতি দেবার পর বৃটিশ কারখানা-মাল অল্প এবং নামমাত্র শুল্কে প্লাবিত হতে থাকলো...।' *সনৎ*, ১৯৭০।

কারখানা শ্রমিক [ফা কারখানা+স শ্রমিক] *বি* কারখানায় কাজ করে যে শ্রমিক। 'কারখানার শ্রমিক কৃষি শ্রমিকের তুলনায় অতি অল্প।' *আজাদ*, ১৯৩৬।

কারগুজরান [ফা] *বি* কাজ সম্পাদন; দক্ষতা। *ক্যালগে*, ১৭৮৯।

কারগো [ই] *বি* জাহাজভর্তি পণ্যদ্রব্য। 'তিনি বিশ বৎসর যে কারগো বোঝাই নিয়েচেন, বিশ বৎসর যাবে হজম কত্তে।' *দীনবন্ধু*, ১৮৬৬।

কারচুপি [ফা কারচোব] ১ *বি* চালাকি। 'ওই ত কারচুপির কাজ।' *দীনবন্ধু*, ১৮৬৭। ২ *বি* অসদাচরণ। 'সাম্প্রদায়িক কারচুপি, স্বজনপ্রীতি ও অন্যায় দুর্নীতির চড়ায় ঠেকিয়া বানচাল হইতেছে।' *আজাদ*, ১৯৪০।

কারচুবি [ফা কারচোব] *বি* কাপড় বা অন্য কিছুর উপর নকশার কাজ। 'পিদ্দিকা কারচুবি ইত্যাদি উচ্চদরের সেলাই জানিতেন।' *রোকেয়া*, ১৯২৪।

কারচোপ [ফা কারচোব] *বি* কাপড় বা অন্য কিছুর উপর নকশার

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কাজ। 'যেন কারচোপের বুটি দেওয়া নীল পর্দা।' *অবন*, ১৯২৭।

কারচোপি [ফা কারচোব>] *বি* কৌশল; চালাকি। *বিদ্যা*, ১৮৯১।

কারণ [স] **১** *বি* হেতু। 'কাজ ণ কারণ সসহর টালিউ।' *চর্যা* ১৮, ১২০০। **২** *বি* প্রয়োজন। 'কাহাক্রির সম্ভোগ কারণে ...।' *বড়ু*, ১৪৫০। **৩** *অব্য* জন্য। 'সকল খরচের কারণ লক্ষ টাকা দিতে কল্প করিয়াছেন।' *দর্পণ*, ১৮২০। **৪** *বি* মদ। 'কারণ খেয়ে মত্ত তোমার মন।' *তারা*, ১৯৪২।

কারণ জল [স] *বি* সৃষ্টির কারণ স্বরূপ আদি জলরাশি। 'প্লাবিত কারণ জলে বসি স্থল বিনা স্থলে বিনা গর্ভে প্রসব হইলা।' *ভারত*, ১৭৬০।

কারণ জলধি [স] *বি* হিন্দু শাস্ত্রোক্ত আদি সমুদ্র, যা থেকে জীবের উৎপত্তি হয়েছে বলে মনে করা হয়। 'কারণ জলধি পরি বীচিহার।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কারণ দর্শানো *ক্রি* উদ্দেশ্য দেখানো। 'দেবনাগর অক্ষরে মুদ্রাঙ্কিতকরণের দুই কারণ দর্শান।' *দর্পণ*, ১৮৩৪।

কারণধাম [স] *বি* আদি আশ্রয়। 'জয় জগতারণ কারণধাম।' *জ্ঞান*, ১৬০০।

কারণপরম্পরা [স] *বি* সংঘটিত হওয়ার পর্যায়ক্রমিক কারণ। 'সুদূর পশ্চিম হইতে কারণপরম্পরার দ্বারা বাহিত।' *রবীন্দ্র*, ১৯০৭।

কারণপ্রসূত [স] *বিণ* কারণ থেকে উদ্ভূত। 'তাহার দোষ ও গুণ কোনো কোনো বিশেষ কারণপ্রসূত।' *প্রমথ*, ১৮৯০।

কারণবশত, কারণবশতঃ [স] *ক্রিবিণ* কারণহেতু; কারণে। 'অন্য কারণবশতঃ হুকুম দিয়া থাকেন।' *দর্পণ*, ১৮৩৮; 'যদি হাতের চুড়িগুলো কোন কারণবশত একসঙ্গে ভেঙে যায়।' *বেগম*, ১৯৪৮।

কারণবারি [স] **১** *বি* মদ। 'নিয়ে আয় কারণবারি।' *রবীন্দ্র*, ১৮৮০। **২** *বি* ব্রহ্মাণ্ড সৃষ্টির মূলস্বরূপ জল। 'ক্রমে কারণবারি প্রভু ক্রমে মঙ্গলকক্ষ, ক্রমে ... সৌর-জগতে উপনীত হইলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১। **৩** *বি* (বাউল) রজঃ। 'কারণ-বারির মধ্যে সে ফুল।' *লালন*, ১৮৯০।

কারণ-বারিধি [স] *বি* শাস্ত্রোক্ত আদি সমুদ্র। 'কারণ-বারিধি অতল তলে।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কারণবীজ [স] *বি* মূল উদ্দেশ্য। 'সংকল্পিত বিদ্যালয়ের কারণবীজটি কী, ইহার মূলে কোন ভাব আছে।' *রবীন্দ্র*, ১৯২১।

কারণভূত [স] *বিণ* কারণযুক্ত। 'বায়ব তাপের কারণভূত স্নায়ব তাপ সৌর তাপের সঙ্গে মিলিত হয়ে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

কারণশক্তি [স] *বি* কারণরূপ শক্তি। 'প্রাণশক্তি কারণশক্তি এবং ধারণশক্তি।' *রবীন্দ্র*, ১৯০৭।

কারণ সলিল [স] **১** *বি* শাস্ত্রোক্ত আদি সমুদ্রের জল। 'দেখিব কারণ সলিলে ভাসিয়া।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **২** *বি* মদ। 'এসো পান করি কারণসলিল।' *রবীন্দ্র*, ১৮৯০।

কারণহীন [স] *বিণ* অকারণ। 'বারণহীন নাচিত হিয়া কারণহীন সুখে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কারণানুসন্ধান [স কারণ-অনুসন্ধান] *বি* হেতু অনুসন্ধান। 'তাহার কারণানুসন্ধান করা ও তন্নিবারণে যান্ত্রিক হওয়া।' *মিহির*, ১৮৯৯।

কারণাভাব [স কারণ-অভাব] *বি* ভিত্তিহীনতা। 'হিন্দুসন্তানেরা সমুদ্রপোত চালনা না করিলে এ ঋচের উদয়ের কারণাভাব হয়।' *অক্ষয়*, ১৮৪৭।

কারণার্ণব [স কারণ-অর্ণব] *বি* হিন্দু বিশ্বাস অনুযায়ী সৃষ্টির পূর্ববর্তী অসীম জলরাশি। 'ভাবের তরঙ্গভঙ্গ জেগে ওঠে স্রষ্টার ওংকারে স্তম্ভিত কারণার্ণবে।' *সুধীন্দ্র*, ১৯২৮।

কারণে *ক্রিবিণ* নিমিত্তে। 'কংসের কারণে হএ সৃষ্টির বিনাশে।' *বড়ু*, ১৪৫০।

কারণিস [ই] *বি* কার্নিশ; ছাদের প্রান্তভাগের বাড়তি কিনারা। 'যা আছে প্রায়ই হ্যাটের মতন, খালি চারিদিকের কারণিসটা নেই।' *গিরিশ*, ১৮৮৬। দ্র **কারনিস**

কারণীয় [স কারণ>] *বিণ* সৃষ্টিকর্তা। 'দুলভ জন্মো সাথোক হএ, যদি কারণীয় পিতারে ভজো।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

কারণ্যামৃত স্নান [স কারণ-অমৃত-স্নান] *বি* সহজিয়াদের গুহ্য ক্রিয়াবিশেষ। 'কারণ্যামৃত স্নান কহি প্রবর্ত্ত দশাতে।' *চণ্ডী*, ১৫৫০।

কারদান [ফা] *বিণ* প্রধান পরামর্শক। '... তাঁহার শেষ বয়সের মেহেরবান ও কারদান ইউরোপে যাত্রা করিবেন।' *দর্পণ*, ১৯২৪।

কারদানি [ফা] **১** *বি* দক্ষতা। 'আপন কারদানিতে নিতান্ত জানি।' *ক্যালগে*, ১৭৮৭। **২** *বি* কৌশল। 'ওস্তাদ প্রভৃতি জহুমুনি কারদানি দিয়ে সেটি গিয়ে খেয়ে বসে আছে।' *রবীন্দ্র*, ১৯২৫। **৩** *বি* বাহাদুরি। 'সে সর্দ্দারিতে কোন শুভ কামনা নেই, আছে কেবল স্বার্থসিদ্ধি আর কারদানি করবার স্পৃহা।' *মোতাহের*, ১৯৫০।

কারন [স কারণ] *ক্রিবিণ* উদ্দেশ্যে। 'ভাগবত অবতরি হিতের কারন।' *মাধব*, ১৫০০।

কারনে *ক্রিবিণ* জন্যে। 'লোকহিত কারনে জতেক অবতারে।' *মালাধর*, ১৫০০।

কারনিস [ই কর্নিস] *বি* রোদ-বৃষ্টি থেকে রক্ষার জন্যে ব্যবহৃত ছাদের বাড়তি অংশ। *ক্যালগে*, ১৭৮৯। দ্র **কারণিস**

কারনেশন [ই] *বি* বিদেশি ফুলবিশেষ। 'ঝুড়িতে ভরে দিত গোলাপ, ম্যাগনোলিয়া, কারনেশন।' *রবীন্দ্র*, ১৯০৮।

কারপেট [ই] *বি* কার্পেট; গালিচা। 'একদম রক্ত-জ্বলা এবং নানাস্থানে-ইঁদুরে-কাটা কারপেট।' *প্রমথ*, ১৯১৯।

কারফরমা [ফা] *বি* রাজকর্মচারী-বিশেষ। 'নীলকণ্ঠ বারতান বারসিংহা ঢোলকান পাজা মেধা কারফরমা।' *মুকুন্দ*, ১৬০০।

কারফা *বি* (সংগীত) আট মাত্রার তালবিশেষ। 'পাকা তবলচির মতো রেলগাড়িটা কী সুন্দর কারফা বাজিয়ে যাচ্ছে।' *নজরুল*, ১৯২৪।

কারফিউ [ই] *বি* নির্ধারিত সময় অথবা সংকেতের পরে বাড়ির বাইরে না যাওয়ার নির্দেশ। 'বারো বাজলে আবার কারফিউ শুরু হবে।' *পাশা*, ১৯৭১।

কারবঙ্কল [ই] *বি* পিঠের বড়ো ফোঁড়া। 'পিঠে ফোঁড়া হইলে তাকে বলে কারবঙ্কল।' *জসীম*, ১৯৬০।

কারবাইন [ই] *বি* খাটো স্বয়ংক্রিয় রাইফেলবিশেষ। 'পরনে পোষাক খাকি, হাতে কারবাইন।' *শ্যামসুর*, ১৯৭২।

কারবার [ফা] **১** *বি* কাজকর্ম। 'এখন সময় বুঝে কর কারবার।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* ব্যবসা। 'জদ্যাপী কারবারের আনওান বদলির জন্যে তোমার কাজ্য কথক তফাত পড়িবেক।' *হ্যালহেড*, ১৭৭৩। **৩** *বি* সম্পর্ক। 'একটিমাত্র স্নেহের কারবারে জীবনের সমস্ত মূলধন সমর্পণ করিয়া নিশ্চিন্ত থাকে।' *রবীন্দ্র*, ১৮৯১। **৪** *বি* লেনদেন। 'জীবন লইয়া তাহাদের নগদ কারবার।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কারবারি, কারবারী [ফা কারবার>] **১** *বি* ব্যবসায়ী। *বিদ্যা*, ১৮৯১;

AMARBOI.COM

'আমরা স্পষ্ট কথার কারবারি।' *রবীন্দ্র*, ১৯১০। **২** *বিণ* ব্যবসা সংক্রান্ত। 'কারবারি বুদ্ধিতে ওর সমান কেউ নেই।' *রবীন্দ্র*, ১৯২৯। **৩** *বিণ* চর্চাকারী। 'সে জন্যে বাংলা ভাষার কারবারী রবীন্দ্রনাথের বাংলা ভাষা ...।' *হাই*, ১৯৫৪।

কারবালা [আ] **১** *বি* দক্ষিণ ইরাকের একটি মরু অঞ্চল। 'কহিল জিবরিল এই কারবালার খাক।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* ভয়াবহ সংঘর্ষ। 'কলিকাতার এই কারবালার পর ...।' *আজাদ*, ১৯৪৬।

কারবালা-মাতম [আ] *বি* কারবালার বিলাপ। 'কারবালা-মাতম রণিয়ে উঠল।' *নজরুল*, ১৯২২।

কারয়িত্রী [স] *বিণ* কর্মস্পৃহা জাগায় এমন। 'সুগন্ধ আসে, জাগিয়ে তোলে আমাদের ভাবয়িত্রী ও কারয়িত্রী শক্তিগুলিকে।' *আইয়ুব*, ১৯৭৩।

কারয়িত্রীশক্তি [স] *বি* করার সামর্থ্য; কর্মশক্তি। 'মঙ্গলবিধান সুপ্রতিষ্ঠিত করার সংকল্প আছে... কিন্তু কারয়িত্রীশক্তি সীমিত।' *আইয়ুব*, ১৯৭৩।

কারসাজি, কারসাজী [ফা] **১** *বি* প্রবঞ্চনা। 'ঘুষ খাইয়া কারসাজি করিব না।' *ওসা*, ১৭৮২। **২** *বি* কূটকৌশল। 'গোমাস্তা ও ডিহিদার লোকের কারসাজীতে এ কাজ হইয়া থাকীবেক।' *তাঁতি*, ১৭৯২। **৩** *বি* ষড়যন্ত্র। 'রাধাচরণ ঘোষ কারসাজী করিয়া .. আমার হিস্যা পয়মাল করিবার কারণ।' *ক্যালগে*, ১৭৯৮। **৪** *বি* চালাকি। 'রংবেরঙের কারসাজিই বা কত না।' *শিবরাম*, ১৯৪০।

কারা[১] *ক্রি* লেখা সংশোধন করা। 'কারিতে।' *মানোএল*, ১৭৪৩।

কারা[২] [স/ ফা] *বি* কারাগার। 'নিজ হাতে তুই রচিলি নিজের কারা।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কারাকক্ষ [স] *বি* কারাগার। 'যদি নারীদিগকে অবরোধের কারাকক্ষের আশ্রয় গ্রহণ করিতে হয়।' *বেগম*, ১৯৫৩।

কারাক্লেশ [স] *বি* কারাভোগের যন্ত্রণা। 'অনেকে কারাক্লেশ ভোগ করিতে কুণ্ঠিত হন নাই।' *ছোলতান*, ১৯২৩।

কারাগামী [স] *বিণ* কারাগারে যাচ্ছে এমন। 'কারাগামী মুসলমানদের মিছিলের দিকে ...।' *মনসুর*, ১৯৩৫।

কারাগার [স] *বি* বন্দিশালা। 'ঊর্দ্ধমস্ত হইয়া গেলা সেই কারাগারে।' *মালাধর*, ১৫০০।

কারাগারস্থ [স] *বিণ* কারারুদ্ধ। 'ঋণগ্রস্ত কারাগারস্থ অনেক লোককে অর্থ প্রদানপূর্বক মুক্ত করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৬।

কারাগারে স্থান প্রদান করা *ক্রি* কারাদণ্ড দেওয়া। 'ছয়২ মাস কারাগারে স্থান প্রদান করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৬।

কারাগৃহ [স] **১** *বি* বন্দিশালা। 'তাহাকে কারাগৃহে প্রবেশ করিতে অনুমতি দিলেন।' *বিদ্যা*, ১৮৬৩। **২** *বি* সংসাররূপ কারাগার। 'কেন কারাগৃহে আছিস বন্ধ।' *দ্বিজেন্দ্র*, ১৯১১।

কারাঘর [স কারা+পা ঘর] *বি* বন্দিশালা। 'তিলে তিলে মরে ভীরু য়ুরোপ/ তব সাথে তব কারাঘর।' *নজরুল*, ১৯২৯।

কারাতল [স] *বি* কারাগার। 'লক্ষ বিধিবিধানের এই কারাতল।' *জীবন*, ১৯২৭।

কারা-ত্রাস [স] *বি* কারাগারের ভয়। 'উদিলাম পুন আমি কারা-ত্রাস চিরমুক্ত বাধাবন্ধ-হারা।' *নজরুল*, ১৯২৪।

কারাদণ্ড [স] *বি* কারাগারে বন্দি রাখার শাস্তি। 'উৎকণ্ঠিত শঙ্কিতহৃদয় মৃন্ময়ী মনে করিল তাহার যাবজ্জীবন কারাদণ্ড।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কারাদুয়ার [স কারাদ্বার] *বি* কারাগারের দরজা। 'আসিছে ভাঙিয়া কারাদুয়ার/ সর্বগ্রাসীর সর্বনাশ!' *নজরুল*, ১৯২৯।

কারাধ্যক্ষ [স কারা-অধ্যক্ষ] *বি* জেলখানার অধ্যক্ষ। 'কারাধ্যক্ষকে এই আদেশ দেন।' *বিদ্যা*, ১৮৬৩।

কারা-নিগৃহীত [স] *বিণ* কারাদণ্ড ভোগ করেছে এমন। 'মুসলমান ভিক্ষুক কারা-নিগৃহীত অশিক্ষিত দরিদ্র।' *জয়ন্তী*, ১৯৩০।

কারানিরুদ্ধ [স] *বিণ* কারাগারে বন্দি। 'এই রূপে কারানিরুদ্ধ হইয়া ... কালহরণ করিতে লাগিলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

কারাপ্রবেশ [স] *বি* কারাদণ্ড। 'যত লোকের কারাপ্রবেশ ও হাজত হয় তাহা নির্দেশ করা যাইতেছে।' *অক্ষয়*, ১৮৪৯।

কারা-প্রাচীর [স] *বি* কারাগারের দেয়াল। 'বন্ধন ছেদি ভেঙেছে কারা-প্রাচীর।' *নজরুল*, ১৯২৬।

কারাবদ্ধ [স কারা-আবদ্ধ] *বিণ* কারাগারে বন্দি। 'কারাবদ্ধ ব্যক্তির ন্যায় আছি।' *দর্পণ*, ১৮৩৭।

কারাবদ্ধ [স] *বিণ* কারারুদ্ধ। 'তোমার সখার আসবে যেদিন এমনি কারাবদ্ধ।' *নজরুল*, ১৯২৩।

কারাবার্ষিক [স] *বি* কারাবাসের বছরপূর্তি অনুষ্ঠান। 'গান্ধীজির কারাবার্ষিক হইয়াছে।' *হেদায়েত*, ১৯২৫।

কারাবাস [স] *বি* বন্দিভাবে কারাগারে অবস্থিতি। 'দস্যুদিগকে যাবজ্জীবন কারাবাস দণ্ড বিধান করিলেন।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

কারাবাসী [স] *বিণ* কয়েদি। 'কতশত রাজপুত্র আমার দুহিতার মনোরথ পূর্ণ করিতে না পারিয়া চিরকালের নিমিত্ত কারাবাসী হইয়াছেন।' *মশাররফ*, ১৮৬৯।

কারামুক্ত [স] *বিণ* জেল থেকে খালাসপ্রাপ্ত। 'কামিনী কেবল কারামুক্ত হইলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

কারামুক্তি [স] *বি* জেল থেকে মুক্তি। 'দ্রুতবেগে কারামুক্তির অভিনন্দন পড়িয়া যাইতে আরম্ভ করিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

কারারুদ্ধ [স] **১** *বিণ* কারাগারে আবদ্ধ। 'কারারুদ্ধ করিয়া উপবাসি রাখে।' *অক্ষয়*, ১৮৫০। **২** *বিণ* সীমাবদ্ধ। 'নির্বাণ নিশীথে কারারুদ্ধ আয়ুর মিয়াদ।' *সুধীন্দ্র*, ১৯৪০।

কারারুদ্ধা [স] *বিণ স্ত্রী* কারাগারে আটক। 'কারারুদ্ধা কামিনী কিরূপে অনাহারে এত দিন প্রাণধারণ করিয়া আছেন।' *বিদ্যা*, ১৮৬৩।

কারারোধ [স] *বি* বন্দিত্ব। 'বন্ধন, প্রহার, কারারোধ, অনশন ইত্যাদি ...।' *অক্ষয়*, ১৮৫০।

কারাশুদ্ধি [স] *বি* কারাবাসরূপ প্রায়শ্চিত্ত। 'আমার কারাশুদ্ধি হইয়া গেল।' *নজরুল*, ১৯২৬।

কারা-শৃঙ্খল [স] *বি* কারাগারের শিকল। 'দিকে দিকে খাড়া কারা-শৃঙ্খল।' *নজরুল*, ১৯২৮।

কারা[৩] *সর্ব* কে-এর বহুবচনজ্ঞাপক শব্দ। 'পথ দিয়া চলিতেছে এরা কারা।' *রবীন্দ্র*, ১৮৮৪।

কারাত, কারাতে [জা (কারা=শূন্য, তে=হাত)] *বি* জাপানি আত্মরক্ষার কৌশল-বিশেষ যেখানে হাত, পা, মাথা এবং কনুই শত্রুর বিরুদ্ধে ব্যবহার করা হয়। 'কারাত মাইরা বেচ্ছির পায়া ভাইঙ্গা ফালাইতে পারে।' *ইলিয়াস*, ১৯৭২।

কারামৎ [আ] *বি* ক্ষমতা; শক্তি। 'মোসলেম ভারতের বিদ্রোহী কবিতায়ই কাজীর কারামৎ জাহির হইয়াছিল।' *দর্শন*, ১৯২২।

কারার [আ করার] *বিণ* শান্ত। 'তবেতে আমার জীউ হইবে কারার।'

AMARBOI.COM

গরীব, ১৭৬৫।

কারারা *বি* পাথরবিশেষ। 'তাদের দেহের রং "কারারা" মর্মরের মতো শুভ্র।' *ওয়াপী*, ১৯৪৩।

কারি [তা] *বি* ঝোল তরকারি। 'রাঙা দেখে লঙ্কা দিয়ো/ লাল নটে আর ফুল-কারিতে।' *নজরুল*, ১৯৩৩।

কারিকর [ফা কারিগর] *বি* কারিগর। 'পঞ্জরের তরে কারিকর নাঞি এথা।' *মুকুন্দ*, ১৬০০।

কারিকরি [ফা কারিগর>] *বি* কারিগরের কাজ বা পেশা। *বিদ্যা*, ১৮৯১।

কারিকা [স] *বি* ছন্দোবদ্ধ টীকাগ্রন্থ। 'গৌড়পাদকৃত সাংখ্য-কারিকা ভাষ্য।' *অক্ষয়*, ১৮৪৯।

কারিকুরি [ফা কারিগর>] **১** *বি* কারিগরি; দক্ষতা। 'কিবা কারিকরের আজব কারিকুরি।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বি* কৌশল; ফন্দি। 'আমি আজ মনে মনে যে কারিকুরি এঁচেছি ...।' *মশাররফ*, ১৮৬৯।

কারিকুলাম [ই] *বি* পাঠ্যসূচি। 'জাতীয় বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম কি?' *নজরুল*, ১৯২২।

কারিগর [ফা] **১** *বি* দক্ষ শ্রমিক; শিল্পী। 'হুকুমেতে কারিগর আইল বহুতর।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* আলোকচিত্রী। 'একজন আনাড়ি কারিগরের তোলা ছবি।' *রবীন্দ্র*, ১৯১৪। **৩** *বি* নির্মাণকর্তা। 'সেই খ্যাতি গড়ে তোলবার প্রধান কারিগরদের ফর্দে অবনীশের নামটা।' *রবীন্দ্র*, ১৯২৮। **৪** *বি* কলকারখানার শ্রমিক। 'বিলেতের শিল্পপতি ও কারিগরদের অনেক কিছুই করবার এবং শেখবার বাকী রয়েছে।' *মাহেনও*, ১৯৪৯। **৫** *বি* অংশগ্রহণকারী। 'গোলমালের কারিগর ইটা মারে মুরুব্বির গায়।' *মাহমুদ*, ১৯৭৩।

কারিগরি, কারিগরী [ফা কারিগর>] **১** *বি* কূটবুদ্ধি। 'দুই একটা আপনার কারিগরি চাহি।' *উমেশ*, ১৮৫৭। **২** *বি* ফন্দি; কূটকৌশল। 'ধন্যরে কারিগরি! ধন্যরে ক্ষমতা!' *মশাররফ*, ১৮৮৫। **৩** *বি* কারিগরের কাজ বা পেশা। *বিদ্যা*, ১৮৯১। **৪** *বি* কারবার। 'ইন্দ্রিয় যে উপকরণ সংগ্রহ করে, মন তাই নিয়ে কারিগরি করে।' *প্রমথ*, ১৯০৫। **৫** *বি* কারুকার্য; নির্মাণকাজ। 'সেখানে বসুক ছেলেরা চিত্রকারি খোদকারি নানা কারিগরি শিখতে ...।' *অবন*, ১৯২৫। **৬** *বি* কারুশিল্প নির্মাণের কাজ। 'দোকানদারী ও কারিগরীতে লাগিয়া যাও।' *রওশন*, ১৯২৫। **৭** *বিণ* প্রযুক্তিগত। 'আর্থিক, সামাজিক ও কারিগরী উন্নতির অভাব।' *উমর*, ১৯৬৮।

কারিগরি বিদ্যা [ফা কারিগরি+স বিদ্যা] *বি* প্রযুক্তিবিদ্যা। 'মেয়েদের জন্য হস্তশিল্প ও কারিগরি বিদ্যা শিক্ষা ও উপার্জনের ব্যবস্থা।' *বেগম*, ১৯৪৮।

কারিগরী শিক্ষা [ফা কারিগরি+স শিক্ষা] *বি* প্রযুক্তিগত শিক্ষা। 'দুর্গত নারীদিগকে আত্মনির্ভরশীল করার জন্য কুটির শিল্প ও কারিগরী শিক্ষার ব্যবস্থা।' *বেগম*, ১৯৪৯।

কারিগুরি [ফা কারিগর>] **১** *বি* কারুকার্যখচিত দ্রব্য। 'সাহেবের ঘরে ঘরে কারিগুরি নানা।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বি* নির্মাণ। 'কভু সে পীত মায়া আলোরই কারিগুরি।' *সুধীন্দ্র*, ১৯৩২।

কারিন্দা [ফা] *বি* কর্মচারী। *বিদ্যা*, ১৮৯১।

কারু[১] *সর্ব* কোনো ব্যক্তির। 'প্রভু বোলে আমার নাহিক কারু সঙ্গ।' *বৃন্দা*, ১৫৮০।

কারু[২] [স] *বি* শিল্প; নকশা। 'উভয়েরই কারুকরী অতিবিস্মরণীয়।' *দর্পণ*, ১৮৩৭।

কারুকর [স] *বি* কারুশিল্পী। 'বিবিধ কারুকর তাহাদের আপন আপন কাজ করিবার নানা যন্ত্র ...।' *জগদীশ*, ১৮৯৫।

কারুকরী [স] *বি* নকশা সমন্বিত কাজ। 'উভয়েরই কারুকরী অতিবিস্মরণীয়।' *দর্পণ*, ১৮৩৭।

কারুকর্ম, কারুকর্ম্ম [স] **১** *বি* কারুকাজ। 'স্বর্ণসূত্রসম্বলিত কারুকর্মবিশিষ্ট মনোহর বস্ত্র।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বি* সৃষ্টিশীল কাজ। 'তাঁর সকল কর্মই কারুকর্ম।' *রবীন্দ্র*, ১৯২৯।

কারুকর্মবিশিষ্ট, কারুকর্ম্মবিশিষ্ট [স] *বিণ* কারুকাজ-করা। 'স্বর্ণসূত্রসম্বলিত কারুকর্মবিশিষ্ট মনোহর বস্ত্র।' *অক্ষয়*, ১৮৪৮।

কারুকর্মী [স] *বিণ* শিল্পী। 'কারুকর্মী মহাকাল আঁকবেন সবুজ সকাল।' *মাহমুদ*, ১৯৬৩।

কারুকলা [স] **১** *বি* কারুশিল্প। 'কারুকলাতেও কারুকরের চিত্তের একটি নির্লিপ্ততা থাকা চাই।' *রবীন্দ্র*, ১৯১২। **২** *বি* কারুকার্য। 'বিচিত্রের কারুকলায় চিত্রিত এই আমার সমগ্র সত্তা।' *রবীন্দ্র*, ১৯৩৫। **৩** *বি* শৈলী। 'এমন ঝরঝরে, নির্ভার তদ্ভব শব্দ প্রয়োগের কারুকলা ...।' *হাই*, ১৯৫৪।

কারুকাজ [স কারুকার্য] **১** *বি* নকশা; হাতের কাজ। 'তাতে কারুকাজের সম্পূর্ণ অভাব।' *রবীন্দ্র*, ১৯২৯। **২** *বি* শিল্পকর্ম। 'আমাদের কলাকেন্দ্র, আমাদের সর্ব কারুকাজে।' *মাহমুদ*, ১৯৭৩।

কারুকাজ-করা *বিণ* কারুকার্য-খচিত; অলংকৃত। 'প্রবেশপথে কারুকাজ-করা লোহার গেট।' *রবীন্দ্র*, ১৯২৯।

কারুকাজময় [স] *বিণ* নকশা-করা। 'কারুকাজময় গবাক্ষে হাত রেখে।' *শামসুর*, ১৯৬৬।

কারুকারিতা [স] *বি* শিল্পগুণ। 'সাহিত্যের কারুকারিতা সম্বন্ধে, তার ছন্দতত্ত্ব, তার রচনারীতি সম্বন্ধে আলোচনা ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কারুকার্য, কারুকার্য্য [স] **১** *বি* শিল্পগুণ। 'সমুদয় শীতবস্ত্র ... কারুকার্য্য-শ্রেষ্ঠতায় ধনিসমাজে সবিশেষ সমাদৃত।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বি* শিল্পকর্ম। 'একটা অকর্মণ্য কারুকার্য পাইলে আর কিছু চাহে না।' *রবীন্দ্র*, ১৮৯২।

কারুকার্যখচিত [স] *বিণ* নকশা-করা। 'তিন সারি বড়ো বড়ো থামের উপর কারুকার্যখচিত খিলানে বিস্তীর্ণ ছাদ ধরিয়া রাখিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কারুখচিত [স] *বিণ* নকশাখোদিত। 'কারুখচিত কবরচূড়া।' *রবীন্দ্র*, ১৯০৫।

কারুচিত্র [স] *বি* স্পষ্ট ছবি। 'চোখের ক্ষেতে ফুটে উঠেছে স্বপ্নের কোন কারুচিত্র।' *কায়সার*, ১৯৬৫।

কারুছত্র [স কারুসত্র] *বি* কারুকর্ম শিক্ষালয়। 'পাঠশালা শিল্পের হাট কারুছত্র কলাভবন।' *অবন*, ১৯২৫।

কারুবিদ্যালয় [স] *বি* শিল্পবিদ্যালয়। 'কারুবিদ্যালয় স্থাপনের জন্য প্রতিষ্ঠিত।' *রবীন্দ্র*, ১৯০৮।

কারুলক্ষ্মী [স] *বি* শিল্পের অধিষ্ঠাত্রী দেবী। 'স্বদেশের এই বহুকাল অর্চিত কারুলক্ষ্মীকে চিরদিনের মতো বিসর্জন দিতে ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

কারুশালা [স] *বি* শিল্পচর্চার ভবন। 'কারুশালা হতে তাঁর চুরি করে আনি রঙ রস।' *রবীন্দ্র*, ১৯৪০।

কারুশিল্প [স] *বি* শিল্পকর্ম। 'যেন একটা কারুশিল্প গাঁথা হয়ে উঠছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কারুণিক [স] *বিণ* দয়ালু। 'ধনি গুণি কারুণিক অবিরত পরহিতে রত বিশিষ্ট মহাশয়েরা ...।' *দর্পণ*, ১৮২২।

কারুণ্য [স] *বি* করুণার ভাব। 'পশ্চাত্তাপে পরিতপ্ত হইতেছে বা কারুণ্যরসাভিষিক্ত হইয়া ...।' *অক্ষয়*, ১৮৪৬।

কারুণ্যরস [স] *বি* করুণার ভাব। 'জীমূতবাহনের অন্তঃকরণ কারুণ্যরসে পরিপূর্ণ হইল।' *বিদ্যা*, ১৮৪৭।

কারুণ্যশীল [স] *বিণ* দয়াশীল। 'অন্যান্য নিকটবর্তী নগরবাসীরা অসামান্য কারুণ্যশীল।' *অক্ষয়*, ১৮৫৪।

কারুয়া [স কারু>] *বি* আংটি। *মানোএল*, ১৭৪৩।

কারুরা [আ] *বি* মূত্র। 'হাকীম সাহেবের নিকট বধূর কারুরা পাঠাইতে হইবে।' *রোকেয়া*, ১৯৩০।

কারুন [স কারণ] *বি* মদ। 'কারুনের পুঞ্জি আনি নিলক্ষে লুটাই।' *আলাওল*, ১৬৮০।

কারে *সর্ব* কাকে। 'জাণাইবোঁ কারে এ সব কাজে।' *বড়ু*, ১৪৫০।

কারেন *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'লুসাই, কুকি, কারেন, তালাইন প্রভৃতি জাতি।' *বঙ্কিম*, ১৮৯২।

কারেন্সি, কারেন্সী [ই] *বি* প্রচলিত মুদ্রা। 'পাকিস্তানের নূতন কারেন্সী নোটে মুদ্রণের জন্য ...।' *মাহেনও*, ১৯৪৯; 'দেখতে কারেন্সি নোটের মতোই হুবহু।' *শিবরাম*, ১৯৫০।

কারো *সর্ব* কোনো লোকের। 'কেহ সুখ পায় কারো না জন্মে বিশ্বাস।' *বৃন্দা*, ১৫৮০; 'কারো বা ত্রিহোত বাড়ী, বিদেশ স্বদেশ ছাড়ি।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কারো কারো *সর্ব* কোনো কোনো মানুষের। 'কারো কারো লাগে ভালো।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কারোন [স কারণ] *বি* প্রয়োজন; হেতু। 'এ কারোন সুন প্রজাপতি।' *মালাধর*, ১৫০০।

কারোণ [স কারণ] *বি* প্রয়োজন; হেতু। 'ঐষদের কারোণ পর্বোত আনিয়াছিলেন আপোনার প্রাণ বাচাইতে।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

কারোয়ান [ফা] **১** *বি* মাঝি। 'ডাক দিয়া আনিলেক ডিঙ্গার কারোয়ান।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* বণিকদল। *মানোএল*, ১৭৪৩। **৩** *বি* অভিযাত্রীদল। 'কারোয়ানেরা ঘোড়া হাতি উট খর ... ইত্যাদি পালে২ লইয়া বসিয়া আছে।' *রামরাম*, ১৮০১।

কার্ক [ই] *বি* কর্ক; বোতলের ছিপি। 'কেহ ঘরে ঢুকিয়া কার্ক খুলিয়া সরাপ সয়লাপ করিল।' *ভবানী*, ১৮২৫।

কার্কশ্য [স] *বি* কর্কশতা। 'কোনও প্রকার কার্কশ্য প্রকাশ না করিয়া ...।' *বিদ্যা*, ১৮৪৯।

কার্কশ্যময় [স] *বিণ* কর্কশতাপূর্ণ। 'গম্ভীর অথচ ঈষৎ কার্কশ্যময় বীরকণ্ঠে স্বরযোজনা করিয়া কহিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

কার্কুন [ফা] *বি* বাঙালি পদবিবিশেষ। *সেবধি*, ১৮৪০।

কার্জ, কার্জ্জ [স কার্য] *বি* কাজ। 'ঋতু স্নান কার্জ্জ জদি না হএ সতত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কার্জ্জগতিকালে [স কার্যগতি-কাল] *ক্রিবিণ* কাজের ছলে। 'কার্জ্জগতিকালে করে বিধাত্তা আপনি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কার্জ্জান্ত [স কার্যান্ত] *বি* কার্যসিদ্ধি। 'স্বয়ম্বর ছলে জদি কার্জ্জান্ত হএ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কার্টিজ [ই কার্ট্রিজ] *বি* বন্দুকের টোটা। 'কার্টিজ শূন্য স্ট্র্যাম্প পড়ে রয়েছে।' *শামসুল*, ১৯৫৬।

কার্ট্রিজ [ই] *বি* কার্তুজ; বন্দুকের গুলি। 'বন্দুকের ম্যাগাজিনে সব সময় যেন কার্ট্রিজ ভরা থাকে।' *বিভূতি*, ১৯৩৭।

কার্ড [ই] **১** *বি* নাম-ঠিকানা লেখার জন্য ব্যবহৃত মোটা কাগজের টুকরা। 'দুখানি কার্ডে আমার নাম লিখে বিহারীবাবুদের সঙ্গে বেরিয়ে পড়লুম।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বি* পরিচয়পত্র। 'ভদ্রলোকের কার্ড আনিয়া দিল।' *রোকেয়া*, ১৯২৪। **৩** *বি* আমন্ত্রণপত্র। 'আমায় আবার একখানা কার্ড দিয়েছে।' *বিভূতি*, ১৯৩৮।

কার্ড কেস [ই] *বি* কার্ড রাখার বাক্স। 'কিছু টাকা, নোট-বহি ও কার্ড-কেস পাওয়া গিয়াছে।' *রোকেয়া*, ১৯২৪।

কার্ডবোর্ড [ই] *বি* শক্ত কাগজ। 'সেখানে একটা কার্ডবোর্ড লটকানো।' *শিবরাম*, ১৯৭০।

কার্ডিওগ্রাম [ই] *বি* হৃদযন্ত্র ঠিকমতো চলছে কিনা, তা পরীক্ষার যন্ত্রবিশেষ। 'হৃদযন্ত্রের স্বাভাবিক ক্রিয়া ... কার্ডিওগ্রাম যন্ত্র দ্বারা পর্যবেক্ষণ করা যায়।' *জগদীশ*, ১৯২৬।

কার্ণাটী ভাষা [স] *বি* কর্ণাটের ভাষা। 'বাইবেল হিন্দুস্থানীয় নানা ভাষায় অর্থাৎ মহারাষ্ট্রীয় ও পাঞ্জাবী ও ত্রৈলিঙ্গী ও কার্ণাটী ও ঔৎকলীপ্রভৃতি ঊনচত্বারিংশৎ ভাষায় তর্জমা করাইয়া মুদ্রাঙ্কিত করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৪।

কার্ণিস [ই] *বি* দেয়াল বা ছাদের বাইরের দিকে বের হয়ে থাকা প্রান্তভাগ। 'ঘরের কার্ণিসের কিয়দ্ভাগ পড়িয়া গেল।' *দর্পণ*, ১৮৩৩।

কার্তিক, কার্ত্তিক [স] **১** *বি* সুদর্শন হিন্দু দেবতাবিশেষ। 'অভিন্ন কার্তিক যেন সর্বাঙ্গসুন্দর।' *বৃন্দা*, ১৫৮০; 'কার্ত্তিক গণেশ বন্দো নন্দী আদি গণ।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বি* বাংলা বছরের সপ্তম মাস। 'হরির উত্থান হইল কার্ত্তিক মাসেতে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কার্তিকশাল [স কার্তিক+শালি] *বি* ধানের জাতবিশেষ। 'কার্তিকশাল ধান।' *বিভূতি*, ১৯৩৮।

কার্তিকে **১** *বিণ* কার্তিক মাসে হয় এমন। 'কখনও কালবৈশাখী, কখনও কার্তিকে ঝড়।' *বঙ্কিম*, ১৮৮৪। **২** *বিণ* কার্তিক মাসের। 'কার্তিকে চাঁদ তার মুখ দেখে জলে।' *ওবায়দুল্লাহ*, ১৯৭৪।

কার্তিকের ব্রত *বি* ব্রতবিশেষ। 'শাস্ত্রীয় দেবতা এবং তাঁদের ব্রত রয়েছে; যেমন কার্তিকের ব্রত।' *অবন*, ১৯১৯।

কার্তিকী, কার্ত্তিকী [স কার্ত্তিকীয়] *বিণ* কার্তিক মাসের। 'কার্ত্তিকী পূর্ণিমাতে বারোএয়ারি পূজা হইয়া থাকে।' *দর্পণ*, ১৮১৯।

কার্তিকেয় [স] *বি* হিন্দু পুরাণ অনুযায়ী শিব-পার্বতীর পুত্র ও দেবসেনাপতি; কার্তিক। 'সেনাধিপতি কার্তিকেয়, মরণাধিপতি যমরাজ, ইত্যাদি দেব দেবীর মূর্তি ঐ অবস্থাতেই কল্পিত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

কার্তুজ, কার্তুজ [প কার্তুচ] *বি* বন্দুকের গুলি। 'অনেক আগে থেকেই বন্দুকগুলো পরিষ্কার করে কার্তুজ ভরে রেখেছে।' *মাহেনও*, ১৯৪৯; 'তার মধ্যে সবচেয়ে বাজে হয়ে গিয়েছে চর্বিমাখা কার্তুজের কথা।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কার্দানি [ফা] *বি* বাহাদুরি। 'খেয়ালী যতই কার্দানি করুন না কেন।' *প্রমথ*, ১৯০৫।

কার্নিভাল [ই] *বি* রাস্তায় নানা সাজে সেজে করা হয় এমন গণ-উৎসববিশেষ। 'সে কার্নিভালে আর যাবে না।' *জীবন*, ১৯৩২।

কার্নিশ, কার্নিস [ই] **১** *বি* দেয়াল বা ছাদের বাইরের দিকে বেড়ে থাকা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প্রান্তভাগ। 'ঘরের কার্নিসের কিয়দ্ভাগ পড়িয়া গেল।' *দর্পণ*, ১৮৩৩; 'ছোট ছোট চারাগাছ – / রসহীন খাদ্যহীন কার্নিশের ধারে।' *সুকান্ত*, ১৯৪৮। ২ *বি* কিনার। 'মাটির বন্ধন ছেড়ে মেঘের কার্নিশ দিয়ে দিয়ে আকাশ-সমুদ্র পারে শুধুই ঘুরছি।' *মাহেনও*, ১৯৪৯।

কার্নেশন [ই] *বি* বাগানে জন্মানো সাদা, বেগুনি অথবা লাল রঙের ফুলবিশেষ। 'ক্রেসান্থেমাম কার্নেশনের কেয়ারি-সমেত ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

কার্পণ্য [সা] *বি* ব্যয়কুণ্ঠতা; কৃপণতা। 'নিয়মিত ব্যয় সংক্ষেপ করণের নিমিত্ত কার্পণ্য দোষের বৃদ্ধি করিতেছেন।' *প্রভাকর*, ১৮৫৩।

কার্পণ্যহীন [সা] *বিণ* কৃপণতাহীন। 'কার্পণ্যহীন সরল, আত্মপ্রকাশে পরিস্ফুট।' *জীবন*, ১৯৩৩।

কার্পাশ [স কার্পাস] *বি* তুলার প্রকারবিশেষ। 'চাউল, রেশম, কার্পাশ, পাট।' *বঙ্কিম*, ১৮৯২।

কার্পাস [সা] *বি* তুলার প্রকারবিশেষ। 'তণ্ডুল কার্পাস ধান্য লোন বড়ী মুগদ।' *বৃন্দা*, ১৫৮০।

কার্পাসীয় বস্ত্র [সা] *বি* কার্পাস থেকে তৈরি কাপড়। 'কার্পাসীয় বস্ত্রের আমদানী।' *দর্পণ*, ১৮৩৬।

কার্পেট [ই] *বি* গালিচা। 'কোন রূপসী কার্পেট বুনিতেছিলেন।' *বঙ্কিম*, ১৮৭৩।

কার্বন, কার্ব্বন [ই] *বি* কয়লা জাতীয় পদার্থ। 'তৈলাদি যে সমস্ত বস্তুতে কার্বন ও হয়দ্রজন নামক পদার্থ আছে ...।' *অক্ষয়*, ১৮৫০; 'শরীরস্থ দ্রব্যের কার্ব্বনের রাসায়নিক সংযোগের ফল।' *বঙ্কিম*, ১৮৭৯।

কার্বনিক এসিড, কার্ব্বনিক এসিড [ই] *বি* অঙ্গারাম্ল। 'পৃথিবীর বাতাস কার্বনিক এসিডের দরুন ভারি ছিল।' *নজরুল*, ১৯২৮; 'কার্ব্বনিক এসিড গ্যাসের সহিত তুলনা করা যায়।' *রোকেয়া*, ১৯২৭।

কার্বলিক [ই] *বি* রাসায়নিক যৌগবিশেষ। 'তীব্র কার্বলিকের গন্ধে সাপ যেমন ...।' *শরৎ*, ১৯১৭।

কার্বলিক অ্যাসিড, কার্ব্বলিক আসিড [ই] *বি* জীবাণুনাশকরূপে ব্যবহৃত তীব্রগন্ধযুক্ত তরল পদার্থবিশেষ। 'কার্ব্বলিক আসিড নামক দ্রাবক বীজঘাতী।' *বঙ্কিম*, ১৮৭৫; 'কার্বলিক অ্যাসিড খেয়ে আত্মহত্যা করেছিল।' *রবীন্দ্র*, ১৯২৯।

কার্বা [ফা করাবাহ] *বি* রৌপ্যাদি নির্মিত জলের পাত্র; গোলাপপাশ। 'আজ কার্বা-বাহী বসন্তের এই ফুল-জলসায়।' *নজরুল*, ১৯৩০।

কার্বোহাইড্রেট [ই] *বি* শর্করা জাতীয় খাদ্য। '১৬ আউন্স কার্বোহাইড্রেটস।' *বেগম*, ১৯৫৫।

কার্মুক [সা] *বি* ধনুক। 'কার্মুক অক্ষয়গুণ বাণপূর্ণ দুই টোন।' *মুকুন্দ*, ১৬০০।

কার্য, কার্য্য [সা] ১ *বি* কাজ। 'ভক্তি-উপদেশ বিনু তাঁর নাহি কার্য্য।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* বিষয়। 'অদ্বৈতসিদ্ধান্তে বাধে শুদ্ধভক্তি-কার্য।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* কারণ। 'ইহা না জানিয়া মাথা কি কার্যে মুড়ায়।' *বৃন্দা*, ১৫৮০। ৪ *বি* বিচার। 'কাজি বলে ধর ধর আজি করোঁ কার্য।' *বৃন্দা*, ১৫৮০। ৫ *বি* কাজকর্ম। 'কার্য বুঝ্যা লহনারে ভর্চ্ছে সদাগর।' *মুকুন্দ*, ১৬০০। ৬ *বি* প্রয়োজন। 'শীতকালে কার্যে আসিবে একদিন।' *আলাওল*, ১৬৮০; 'আশ্বাসমে থাকি তুষ্কি কোন কার্য্য নাই।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৭ *বি* চাকরি। 'অনেক২ লোকেও কার্য্য পায়।' *দর্পণ*, ১৮১৮।

কার্যকর, কার্য্যকর [সা] *বিণ* সফল। 'কার্য্যকর হইতেছে না।' *অক্ষয়*, ১৮৪৩।

কার্যকরণ, কার্য্যকরণ [স] *বি* কাজ করা। 'তাবদ্ব্যক্তিরদের বিবেচনাকরণের যে অধ্যক্ষতা আছে তদধ্যক্ষতানুসারে কার্যকরণে ...।' *দর্পণ*, ১৮৩১।

কার্যকরি [স কার্যকরী, সমাসবদ্ধতায় ই-কার] *বিণ* স্ত্রী সফল। 'কার্যকরিভাবে মেয়েদের যুক্ত হওয়ার জন্য আহ্বান।' *বেগম*, ১৯৪৮।

কার্যকরী, কার্য্যকরী [সা] ১ *বিণ* ফলপ্রসূ। 'আবেদন, নিবেদন, ক্রন্দন, ডিপুটেশন কিছুই কার্য্যকরী হয় নাই।' *এসলাম*, ১৯২০; 'প্রকাশকবৃন্দের অগঠিত, অনামী অস্পষ্ট অথচ কার্যকরী গোষ্ঠীর মধ্যে।' *ধূর্জটি*, ১৯৩১। ২ *বিণ* সফল। 'প্রচেষ্টার ফলেই এই মহৎ পরিকল্পনা কার্যকরী হতে পারে।' *বেগম*, ১৯৫০।

কার্যকরীকরণ, কার্য্যকরীকরণ [সা] *বি* বাস্তবায়ন। 'প্রেসিডেন্টের নির্দেশটি কার্য্যকরীকরণের ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বনের জন্য।' *আজাদ*, ১৯৬৪।

কার্যকরী সম্পাদিকা [সা] *বি* স্ত্রী কার্যনির্বাহী সম্পাদক। 'কার্যকরী সম্পাদিকা – বেগম ...।' *বেগম*, ১৯৭২।

কার্যকর্তা [সা] *বি* কর্মকর্তা। 'আমার তরফে তার পরিদর্শক ও কার্যকর্তা নিযুক্ত যদি করি ...।' *রবীন্দ্র*, ১৯৩০।

কার্যকর্ম, কার্য্যকর্ম [সা] *বি* দৈনন্দিন বিভিন্ন কাজ। 'আপন বাপের শ্রেষ্ঠ কার্য্যকর্ম করিতেছিল।' *রামরাম*, ১৮০১।

কার্যকলাপ, কার্য্যকলাপ [সা] *বি* কাজকর্ম। 'আমি এই ঝিলটির মাঝখানে বসে দুটি গ্রামের সমস্ত দৈনন্দিন কার্যকলাপের দ্বারা বেষ্টিত।' *রবীন্দ্র*, ১৮৯৫; 'কার্য্যকলাপের প্রতি লক্ষ্য করিলে ...।' *দর্পণ*, ১৯২৫।

কার্যকারক, কার্য্যকারক [স] ১ *বিণ* কর্ম সম্পাদনকারী। 'এমত অসম্ভব কার্য্যকারক লোকের যে আরম্ভ সে অবশ্য বিপদগর্ভ হয়।' *হরপ্রসাদ রায়*, ১৮১৫। ২ *বি* কাজে নিয়োজিত লোক। 'লবণ সংক্রান্ত কার্য্যকারকের প্রতি কোন ইংলণ্ডীয় মহাশয় কর্তৃক ...।' *বঙ্গদূত*, ১৮২৯। ৩ *বিণ* ফলদায়ক। 'স্বপ্ন সকল অমূলক চিন্তা মাত্র, কার্যকারক নহে।' *বিদ্যা*, ১৮৫১। ৪ *বিণ* কার্য সম্পাদক। 'দোভাষী কার্য্যকারকহস্তে ন্যস্ত হইল।' *মশারফ*, ১৯০৮।

কার্যকারণ, কার্য্যকারণ [সা] ১ *বি* কার্য ও তার কারণ। 'তাঁহার অন্তঃকরণে কার্য্যকারণের তত্ত্বজ্ঞান কিছুই স্ফূর্তি পায় না।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বিণ* কাজ এবং তা ঘটার কারণ-সম্বন্ধীয়। 'যাকে হিউমার বলে, আমার মতে কালো রঙের সঙ্গে তার কোনো কার্যকারণ-সম্বন্ধ নেই।' *রবীন্দ্র*, ১৯০৭।

কার্যকারণকাল, কার্য্যকারণকাল [সা] *বি* কাজের সময়। 'কার্য্যকারণকালে যে জন হিতবুদ্ধি দেয় সে যদি অপর হয় তবে তাহার সমান হিতকারী কেহ নহে।' *রামরাম*, ১৮০২।

কার্যকারণবিধি [সা] *বি* কোনো ঘটনা এবং তার কারণের মধ্যকার যোগসূত্র। 'বিশ্বপ্রকৃতিতে কার্যকারণবিধির সার্বভৌমিকতা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কার্যকারণবোধ [সা] *বি* যুক্তিবাদিতা। 'ক্লাসিক কার্যকারণবোধ এবং রোমান্টিক সৃষ্টিপ্রেরণা পরস্পরের বিরোধী নয়।' *শিব*, ১৯৫৬।

কার্যকারণ-শৃঙ্খলা [সা] *বি* কোনো ঘটনা এবং তার কারণের মধ্যকার যোগসূত্র। 'সমসাময়িক ইতিহাসের কার্যকারণ-শৃঙ্খলা আজ হয়তো

AMARBOI.COM

অনেকের মনে নেই।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

কার্যকারণ-সম্বন্ধ [স] **১** *বি* কাজের সঙ্গে কারণের ও কারণের সঙ্গে কাজের সম্পর্ক। 'ন্যায়শাস্ত্রে কার্যকারণ-সম্বন্ধ স্থলে দুইটি পারিভাষিক শব্দ ব্যবহৃত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫০। **২** *বি* পারস্পরিক সম্পর্ক। 'তাহার একটা বৃহৎ কার্যকারণসম্বন্ধ দেখিবার জন্য আগ্রহ জন্মে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কার্যকারণিক [স] *বিণ* কার্যকারণগত। 'তার কার্যকারণিক ব্যাখ্যার প্রস্তাব করা বিবেকী ঐতিহাসিকের দায়িত্ব।' *শিব*, ১৯৫৬।

কার্যকারিণী, কার্য্যকারিণী [স] *বিণ* স্ত্রী ফলদায়ক। 'ভক্তি ও প্রীতি কার্য্যকারিণী বৃত্তি।' *বঙ্কিম*, ১৮৯২।

কার্যকারিতা, কার্য্যকারিতা [স] **১** *বি* প্রয়োজন সাধনের ক্ষমতা। 'ঐ বিদ্যুৎ কি, উহার কার্য্যকারিতা ও শক্তিই বা কিরূপ।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বি* কাজের পরিণতি। 'এজন্য সেই কার্য্যকারিতার সময়।' *বঙ্কিম*, ১৮৭৫। **৩** *বি* কার্যক্ষমতা। 'যদি কাহারও চরিত্রের মধ্যে যথার্থ কার্যকারিতা পরিস্ফুট হইয়া থাকে তাহা শান্তির।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৪** *বি* উপযোগিতা। লেখামাত্রেরই এমন কোনো কার্যকারিতা নাই, যে জন্য কোনোরূপ কষ্ট স্বীকার করা যায়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কার্যকারিত্ব, কার্য্যকারিত্ব [স] *বি* পারদর্শিতা। 'শিক্ষা ও সভ্যতা-সাধন বিষয়ে ... হিন্দুদিগের বিশেষরূপ কার্য্যকারিত্ব ছিল।' *অক্ষয়*, ১৮৪৯।

কার্যকারী, কার্য্যকারী [স] **১** *বিণ* কার্যকর। 'এই দণ্ড যত কার্য্যকারী, আইনের দণ্ড তত নহে।' *বঙ্কিম*, ১৮৭৯। **২** *বিণ* সহযোগী। 'গঙ্গারাম সীতারামের একান্ত অনুগত ও কার্যকারী হইয়া মহম্মদপুরে বাস করিতেছিল।' *বঙ্কিম*, ১৮৮৪।

কার্যকাল, কার্য্যকাল [স] *বি* কাজের নির্ধারিত সময়। 'ইসাদ থাকিলে কর্ম্ম কার্য্যকালে পাইব।' *ভারত*, ১৭৬০; 'অবশিষ্ট কার্যকাল তারি বৎসরের জন্য একটি নির্দ্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করা।' *আজাদ*, ১৯৩৭।

কার্যকুশল, কার্য্যকুশল [স] *বিণ* কর্মনিপুণ। 'বিনীত, কার্য্যকুশল, নানাভাষা ও কলায় অভিজ্ঞ ব্যক্তি দূত পদে প্রতিষ্ঠিত হইতেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪; 'আপনার কার্যকুশল সুন্দর হস্তের দ্বারা প্রতিমুহূর্ত্ত হইতে তাহার মলিনতা অপনয়ন করেন।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কার্যক্রম [স] *বি* কর্মকাণ্ড। 'বৃটিশ গবর্ণমেন্ট কি করিতেছেন? – তোষামুদি ও অস্থির চিত্তের ন্যায় কার্য্যক্রম অনুসরণ।' *আজাদ*, ১৯৪১।

কার্যক্ষম, কার্য্যক্ষম [স] *বিণ* কর্মদক্ষ; কাজ করার উপযুক্ত। '... দুই বৎসর অভ্যাস করিলে কার্য্যক্ষম হইতে পারিবেন।' *কেরি*, ১৮০২; 'গবর্মেন্টের হাত-পা'কে কার্যক্ষম করিয়া তুলে।' *রবীন্দ্র*, ১৯০৮।

কার্যক্ষমতা, কার্য্যক্ষমতা [স] *বি* কাজ করার শক্তি। 'ইহাদের কার্য্যক্ষমতা, শারীরিক বল, দ্রুতগমনশীলতা প্রভৃতি বিস্ময়করই বলিতে হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

কার্যক্ষেত্র, কার্য্যক্ষেত্র [স] **১** *বি* কর্মক্ষেত্র। 'কার্যক্ষেত্রেই তাহার চরিত্রের যথার্থ বিকাশ হয়।' *রবীন্দ্র*, ১৮৯৭। **২** *বি* কর্মপরিধি। 'যাহার জীবনের কার্যক্ষেত্র দূরদেশ ও দূরকালে বিস্তীর্ণ।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৩** *বি* কাজের জায়গা। 'পুরুষের মতো আমাদের কার্যক্ষেত্র বাহিরে বিস্তৃত নহে।' *রবীন্দ্র*, ১৯০৫; 'কার্য্যক্ষেত্রের তিক্ত তীব্র অভিজ্ঞতা।' *মোহাম্মদী*, ১৯৩০।

কার্যখণ্ড [স] *বি* কাজের অংশ। 'উপস্থিত কার্যখণ্ডের সহিত তাহার যোগ দেখিতে পাই না।' *রবীন্দ্র*, ১৮৮৫।

কার্যগত [স] *বিণ* ব্যবহারিক। 'অংশটার ভাব ও কার্যগত উপকারিতা প্রচুর।' *ধূর্জটি*, ১৯৩১।

কার্যচক্র [স] *বি* কর্মরূপ চক্র। 'ভাগ্য ও কার্যচক্র নিরন্তর ঘুরিতেছে।' *জগদীশ*, ১৯১৭।

কার্যজগৎ [স] *বি* কর্মক্ষেত্র। 'কার্যজগতে পুরুষের প্রভুত্ব।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কার্যঞ্চ, কার্য্যঞ্চ, কার্য্যঞ্চঃ [স কার্য+স চ] *বিণ* (প্রাচীন চিঠিপত্র এবং দলিল-দস্তাবেজ শুরু করার ভণিতাবিশেষ) করণীয়। **কার্যঞ্চ আগে, কার্য্যঞ্চঃ আগে, কার্য্যঞ্চাগে** – (প্রাচীন চিঠিপত্র এবং দলিল-দস্তাবেজ শুরু করার ভণিতাবিশেষ) করণীয় বিবেচনায়। 'শ্রী কালিচরণ দাষ কস্য কর্জ্জ পত্রমিদং কার্য্যঞ্চঃ আগে সাহেবের স্থানে ...।' *মেয়র্স*, ১৭৫৬; 'শ্রীকৃষ্ণচন্দ্র শর্ম্মা অবিচল পত্র মিদং কার্য্যঞ্চ আগে ...।' *চিঠিপত্র*, ১৭৬১।

কার্যত, কার্যতঃ [স] **১** *বিণ* কর্মভিত্তিক। 'অবশ্য যোগ্যতা দূরকমের আছে – ধর্মত এবং কার্যত।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *ক্রিবিণ* কাজের ক্ষেত্রে। 'অন্ততঃ কার্যতঃ পরিচয় পাই।' *শহীদুল্লাহ*, ১৯৩১। **৩** *ক্রিবিণ* ফলত; প্রকৃতপক্ষে। 'কার্যতঃ অত্যাচার ও অনাচারের প্রতিকার ... জানা নাই।' *আজাদ*, ১৯৪৭।

কার্যতৎপর [স] *বিণ* কর্মব্যস্ত। 'গঙ্গার সৌন্দর্য উপেক্ষা করিয়া ছুটিয়া চলা কার্যতৎপর অতিসভ্য ঊনবিংশ শতাব্দীকেই শোভা পায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

কার্যতালিকা [স] *বিণ* কর্মসূচি। 'তিনটের পরে বিশেষ দিনের কার্যতালিকা অনুসারে পায়োনিয়াররা কারখানা, হাসপাতাল, গ্রাম প্রভৃতি দেখতে যায়।' *রবীন্দ্র*, ১৯৩১।

কার্যতালিকাভুক্ত [স] *বিণ* কার্যতালিকায় আছে এমন। 'ক্রমশ সখীর মোটরে চড়িয়া বেড়াইতে যাওয়াটা সুরমার দৈনন্দিন কার্যতালিকাভুক্ত হইয়া পড়িল।' *বনফুল*, ১৯৩৬।

কার্যতু, কার্য্যতু [স] *বি* কার্যকারিতা। 'বেদেই তার কার্য্যতুর প্রমাণ আছে।' *বঙ্কিম*, ১৮৮৭।

কার্যদক্ষ [স] *বিণ* কাজে বিশেষভাবে পারদর্শী। 'তাহাকে বিলক্ষণ কার্যদক্ষ স্থির করিয়া, জিজ্ঞাসা করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

কার্যদোষ, কার্য্যদোষ [স] *বি* কর্মদোষ। 'কার্য্যদোষে আপনারাই আবার ত্রাহি ত্রাহি করিতে থাকেন।' *প্রভাকর*, ১৮৫৮।

কার্যদ্বেষ, কার্য্যদ্বেষ [স] *বি* কাজের প্রতি অনীহা। 'কার্য্যদ্বেষ, অস্বাস্থ্য, অনৈর্ঘ্য, অবসাদ ও অন্যান্য অনেক প্রকার যাতনার উৎপত্তি হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

কার্যধারা [স] *বি* কাজের প্রকৃতি। 'অধিকাংশ সমিতির কার্যধারাও প্রায় একই রকম।' *বেগম*, ১৯৭০।

কার্যনাশ, কার্য্যনাশ [স] *বি* কাজের ক্ষতি। 'যদি কার্য্যনাশ কর, তাহা হইলে আমার হস্তে ...।' *প্রভাত*, ১৮৯৫।

কার্যনিপুণ, কার্য্যনিপুণ [স] *বিণ* কাজে অত্যন্ত দক্ষ। 'প্রত্যুৎপন্নমতি স্বকার্য্যনিপুণ ক্রনেল মহোদয়।' *অক্ষয়*, ১৮৫৪।

কার্যনির্বাহ, কার্য্যনির্বাহ, কার্য্যনির্ব্বাহ [স] *বি* কাজ সম্পাদনা। 'বাণিজ্যকারী, শিল্পকারী, কৃষিকারী, সেবাকারী ইহারদিগের মধ্যে কাহারও অভাবে কি দেশের কার্য্যনির্ব্বাহ হয়।' *অক্ষয়*, ১৮৪৪; 'জমায়াতের কার্য্যনির্ব্বাহে বন্দোবস্ত নিতান্ত সামান্য নয়।' *অক্ষয়*,

AMARBOI.COM

১৮৪৭; 'রাজকীয় কার্যনির্বাহ পর্যন্ত সব কিছু করতো উপরতলার লোক।' *উমর*, ১৯৬৮।

কার্যনির্বাহক, কার্য্যনির্ব্বাহক [স] *বিণ* কর্মসম্পাদনকারী। 'কার্য্য পরিচালক ও কার্য্য নির্বাহক কমিটি।' *প্রচারক*, ১৯০৩।

কার্যনির্বাহার্থে [স] *ক্রিবিণ* কাজ সম্পাদনার জন্য। 'কার্যনির্বাহার্থে কয়েকজন নির্বাহিকা নিযুক্ত করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

কার্যনির্বাহী [স] *বিণ* কার্য সম্পাদনকারী। 'মহিলা লীগের কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে।' *বেগম*, ১৯৭৫।

কার্যপটুতা [স] *বি* কর্মদক্ষতা। 'ঘোরতর কার্যপটুতার পাথরের দুর্গে আটকা পড়েছিলাম।' *রবীন্দ্র*, ১৯২৯।

কার্যপদ্ধতি, কার্য্যপদ্ধতি [স] ১ *বি* কাজের রীতি বা পদ্ধতি। 'গঠনপ্রণালী এবং কার্যপদ্ধতি অনুমোদন করেন।' *নজরুল*, ১৯২৬। ২ *বি* কাজের অনুক্রম। 'ওদের দৈনন্দিন কার্যপদ্ধতি হচ্ছে এই রকম – ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

কার্যপন্থা, কার্য্যপন্থা [স] *বি* কর্মপরিকল্পনা। 'লোন-কোম্পানীগুলির সম্বন্ধে কি কার্য্যপন্থা অনুসরণ করা হইবে।' *জামায়াত*, ১৯৩৭।

কার্যপরম্পরা [স] *বি* কাজের ক্রমান্বয়। 'দৈনিক কার্যপরম্পরা আমাদের সর্বদা সময়গণনায় নিযুক্ত না রাখে ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কার্যপরিচালক, কার্য্যপরিচালক [স] *বিণ* কাজের তত্ত্বাবধায়ক। 'কার্য্য পরিচালক ও কার্য্য নির্বাহক কমিটি।' *প্রচারক*, ১৯০৩।

কার্যপরিসর [স] *বি* কাজের পরিধি; কর্মক্ষেত্র। 'স্ত্রীলোকের কার্যের পরিসর সংকীর্ণ।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কার্যপ্রণালী, কার্য্যপ্রণালী [স] *বি* কর্মপদ্ধতি। 'পুস্তিকাদিগের কার্য্যপ্রণালীও অতি সুন্দর।' *অক্ষয়*, ১৮৫৪; 'কার্য্যপ্রণালী নির্দ্ধারণ করাও নিতান্ত আবশ্যক।' *মশাররফ*, ১৯০৮।

কার্যপ্রধান [স] *বিণ* বাস্তব ঘটনাবহুল। 'যে কয়েকখানি উপন্যাসের উল্লেখ করিয়াছ সকলগুলিই মানসপ্রধান, কার্যপ্রধান নহে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কার্যপ্রাপ্ত, কার্য্যপ্রাপ্ত [স] *বি* দায়িত্বপ্রাপ্ত। 'দুই ভ্রাতাকে খেতাব ও খেলাতেতে সম্ভ্রান্ত করিয়া কার্য্য প্রাপ্ত করাইলেন।' *রামরাম*, ১৮০১।

কার্যবশত, কার্যবশতঃ [স] *ক্রিবিণ* কাজের জন্য। 'বাবু কোন কার্যবশতঃ অনবসর ছিলেন।' *বঙ্গিম*, ১৮৭৮; 'তিনি কার্যবশত আসিতে পারিলেন না।' *বিভূতি*, ১৯৩১।

কার্যবিধি, কার্য্যবিধি [স] ১ *বি* বিচারকাজ পরিচালনার নিয়ম। 'আদালতের কার্য্যবিধি আইনের দ্বারাই সকল সম্পন্ন হইতে পারিবে।' *এডুকেশন*, ১৮৭৩। ২ *বি* কর্মপদ্ধতি। 'বিদেশী কার্যবিধির অসংগত অনাবশ্যক বিপুল জঞ্জালজালে।' *রবীন্দ্র*, ১৯০৫।

কার্যবিবরণী [স] *বি* কাজের বর্ণনা। 'তাঁহাদের গবেষণার কার্যবিবরণী প্রকাশিত হয়।' *জগদীশ*, ১৯২৬।

কার্যবীর [স] *বিণ* করিতকর্মা। 'কার্যবীর নেপোলীয়ানও কখনোই আপনার কার্যের মধ্যে সংলিপ্ত হইয়া থাকিতেন না।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কার্যব্যপদেশে, কার্য্যব্যপদেশে [স] ১ *ক্রিবিণ* কাজের ছলে। 'বোধহয় কোনো কার্যব্যপদেশে এখানে আসছিস।' *সুকান্ত*, ১৯৪৩। ২ *ক্রিবিণ* কাজ উপলক্ষে। 'কার্য্যব্যপদেশে তিনি দীর্ঘদিন বিদেশে অতিবাহিত করায় ...।' *আজাদ*, ১৯৬৫।

কার্যভার [স] *বি* কাজের দায়িত্ব। 'বড়ো বড়ো জমিদারের কার্যভার গ্রহণ করিল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কার্যরাশি [স] *বি* কাজকর্ম। 'যদি তাহাকে ভস্মমুক্ত করিয়া বহিঃসংসারের কার্যরাশির মধ্যে নিক্ষেপ করা যায়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কার্যশক্তি [স] *বি* কাজ করার ক্ষমতা। 'এই প্রলয়কারিণী কার্যশক্তিকে সংসার বাঁধিয়া রাখিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কার্যশীল [স] *বিণ* কাজে পারদর্শী। 'পুরুষ যদি যথাযথ কার্যশীল হইত।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কার্যসভা [স] *বি* কর্মক্ষেত্র। 'প্রাপ্তবয়স্ক লোকদের আমোদপ্রমোদ এবং কার্যসভায় সর্বদা আত্মপ্রকাশ করতে দিলে তাদের উন্নতির পথ রুদ্ধ হয়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কার্যসম্পাদক, কার্য্যসম্পাদক [স] ১ *বি* প্রধান সম্পাদক। 'কোন ব্যক্তিকে সেক্রেটারি অর্থাৎ কার্য্যসম্পাদক নিযুক্ত করা আবশ্যক হয়।' *দর্পণ*, ১৮২৩। ২ *বিণ* নির্বাহী। 'কার্য্যসম্পাদক সমিতি বা কাউন্সিল গঠিত হইয়াছে।' *ছোলতান*, ১৯২৩।

কার্যসম্পাদন, কার্য্যসম্পাদন [স] *বি* কাজ সম্পাদন। 'প্রাতঃকালে আহার করিয়া মধ্যাহ্নকালে বিষয় কার্য্য সম্পাদন ...।' *অক্ষয়*, ১৮৪৬।

কার্যসাধন, কার্য্যসাধন [স] *বি* লক্ষ্য অর্জন। 'আপন কার্য্য সাধনের নিমিত্ত ধান্য বিক্রয় করার আবশ্যক।' *দর্পণ*, ১৮১৯; 'স্তুতিবাদ ... তাহার কার্যসাধনের একটি প্রধান অঙ্গ।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কার্যসাধ্য [স] *বিণ* বাস্তবায়নযোগ্য। 'কল্পনাটি কার্যসাধ্য নয়।' *রবীন্দ্র*, ১৯০০।

কার্যসিদ্ধি, কার্য্যসিদ্ধি [স] ১ *বি* উদ্দেশ্য সাধন। 'কার্য-সিদ্ধি নহে কৃষ্ণ করেন উপেক্ষা।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'ইহার কার্য্যসিদ্ধি জন্য যত্ন করিতেন।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বি* কার্যসমাধা। 'কার্যসিদ্ধি হয় তার যেবা থাকে মনে।' *রূপরাম*, ১৭৫০; 'একবার গলাধঃকরণ হইলেই কার্য্যসিদ্ধি হইবে।' *মশাররফ*, ১৮৮৫।

কার্যসূচি, কার্যসূচী, কার্য্যসূচি, কার্য্যসূচী [স] ১ *বি* কর্মপরিকল্পনা। 'অখিল ভারত স্ত্রী মহামণ্ডলের আদর্শ ও কার্যসূচী অনুসরণ করিবে।' *বেগম*, ১৯৪৮। ২ *বি* কাজের তালিকা। 'মহিলাগণ কি কার্য্যসূচি গ্রহণ করিতে পারেন।' *বেগম*, ১৯৪৯। ৩ *বি* অনুষ্ঠানসূচি। 'শ্রোতাদের রুচিসম্মতভাবে বেতারের কার্য্যসূচী প্রস্তুতের কাজে ...।' *বেগম*, ১৯৪৯।

কার্য-সূত্র [স] কর্ম রূপ সুতা। 'বুদ্ধির অসামর্থ্য, আশার হতসিদ্ধি ও একটা কার্য-সূত্রের হঠাৎ মাঝখানে ছেদ হওয়ার নাম comedy।' *রবীন্দ্র*, ১৯০৮।

কার্যস্তূপ [স] *বি* কাজের সমষ্টি। 'এই অসংযত কার্যস্তূপের মধ্যে আসিয়া দাঁড়াও।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কার্যস্থল [স] *বি* কর্মক্ষেত্র। 'তাঁহার কার্যস্থল সংকীর্ণ বলিয়া তাঁহার মহিমা কে অস্বীকার করিতে পারে?' *রবীন্দ্র*, ১৮৯৭।

কার্যস্থান, কার্য্যস্থান [স] *বি* কাজের জায়গা; অফিস। 'অনুমতি ব্যতিরেক কার্য্যস্থান হইতে যাইতে পারা যায় না।' *রামরাম*, ১৮০২।

কার্যস্বরূপ [স] *বিণ* কর্মময়। 'এই কার্যস্বরূপ দৃশ্যমান জগৎ কোন কারণ প্রসূত।' *বিভূতি*, ১৯৩১।

কার্যস্রোত [স] *বি* কাজের ধারা। 'কার্যস্রোতে আপনারে ভাসাইয়া দিনু।' *রবীন্দ্র*, ১৮৮৯।

কার্যহানি [স] *বি* কাজের ক্ষতি। 'বিলম্বে কার্যহানির সম্ভাবনা।' *বিদ্যা*, ১৮৪৭।

AMARBOI.COM

কার্যাকার্য, কার্য্যাকার্য্য [স কার্য-অকার্য] *বি* ঔচিত্য-অনৌচিত্য। 'তাহাদের কার্য্যাকার্য্য বিবেচনা, এবং মনের সুস্থতা সম্পাদন ...।' *অক্ষয়*, ১৮৪৯।

কার্যাধ্যক্ষ, কার্য্যাধ্যক্ষ [স কার্য-অধ্যক্ষ] *বি* কার্যনির্বাহী। 'রাজাকে সাবেক বদস্তর মহলের কার্য্যাধ্যক্ষ করিয়াছে।' *রামরাম*, ১৮০১; 'অনাথ-আশ্রমের কড়া কার্যাধ্যক্ষ।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কার্যানুষ্ঠান, কার্য্যানুষ্ঠান [স কার্য-অনুষ্ঠান] *বি* কাজ সম্পাদন। 'সেই সম্বন্ধ অনুযায়ী কার্য্যানুষ্ঠানের কি প্রকার উপায় কর্ত্তব্য ...।' *অক্ষয়*, ১৮৪৮।

কার্যান্তর [স কার্য-অন্তর] *ক্রিবিণ* অন্যত্র। 'এত বলি মিশ্র চলিলেন কার্যান্তর।' *বৃন্দা*, ১৫৮০।

কার্যান্তরব্যপদেশে [স] *ক্রিবিণ* অন্য কাজের ছলে। 'সহচরীগণ কার্যান্তরব্যপদেশে, বিলাসভবন হইতে বহির্গত হইলে...।' *বিদ্যা*, ১৮৫৪।

কার্যান্তরে, কার্য্যান্তরে [স কার্য-অন্তর>] *ক্রিবিণ* কাজ উপলক্ষে। 'কার্য্যান্তরে সেই দিবস বিক্রমাদিত্যও রাজমহলে আগমন করিয়াছিলেন।' *রামরাম*, ১৮০১।

কার্যাবলী, কার্য্যাবলী [স] *বি* কাজসমূহ। 'সমিতির কার্য্যাবলী সম্বন্ধে একটি সংক্ষিপ্ত বিবরণ।' *বেণম*, ১৯৪৭।

কার্যাবশেষ [স কার্য-অবশেষ] *বি* কাজের ভার। 'নারী তেমনি আপনার কার্যাবশেষের দ্বারা আপনাকে নিহিত করিয়া ফেলে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কার্য্যার্থ [স] *ক্রিবিণ* কাজের জন্য। 'এক জন ইউরোপীয় সেক্রেটরী সাহেব ঐ ছাত্রেরদের নৈপুণ্যাদির পরীক্ষা ও অন্যান্য কার্য্যার্থ নিযুক্ত আছেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৪।

কার্যার্থী, কার্য্যার্থী [স কার্য-অর্থী] *বিণ* কাজের পাগল। 'আমাকে যে কার্য্যার্থী করিয়া জানিয়াছ সে বাস্তব বটে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

কার্যালয়, কার্য্যালয় [স কার্য-আলয়] *বি* কাজের জায়গা; দপ্তর। 'অনেকেই কথাপ্রসঙ্গে কার্য্যালয় বিশেষের ...।' *অক্ষয়*, ১৮৫০।

কার্যেত, কার্য্যেত *ক্রিবিণ* কাজে। 'শুভক্ষণে যাত্রা হৈলে কার্য্যেত কুশল।' *আলাওল*, ১৬৮০।

কার্যোপযোগী [স কার্য-উপযোগী] *বিণ* কাজের উপযুক্ত। 'নিজের কার্যোপযোগী করে ব্যবহার করবার সকলেরই সমান অধিকার আছে।' *প্রমথ*, ১৯১৪।

কার্যোপলক্ষে, কার্য্যোপলক্ষে [স কার্য-উপলক্ষে] *ক্রিবিণ* কাজের উপলক্ষে। 'পুরুষজাতির কার্য্যোপলক্ষে অনেকের সহিত মেলামেশা আবশ্যক।' *প্রমথ*, ১৯২০; 'কার্য্যোপলক্ষে স্বামীটিকে প্রায়ই গ্রামছাড়া হতে হয়।' *ওয়ালী*, ১৯৬৪।

কার্ষাপণ [স] *বি* ষোলো পণ। *সেবধি*, ১৮৩৯।

কাল[১] [স কল্প] *বিণ* বধির। 'গুরু বোব সে সীস কাল।' *চর্যা ৪০*, ১২০০।

কাল[২] [স] ১ *বি* সময়। 'বিথর কালে বিথর গুণী।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* ঋতু। 'বসন্ত কালে কোকিল রাএ।' *বড়ু*, ১৪৫০। ৩ *বি* (ব্যাকরণ) ক্রিয়া সম্পাদনের সময়। 'কারক ও তিন কাল ও অক্ষরের মূল ... প্রভৃতি তাবৎ নির্ণয় আছে।' *দর্পণ*, ১৮২১। ৪ *ক্রিবিণ* দীর্ঘদিন। 'তুমি কতকাল এ সাহেবের নিকট চাকর ছিলে।' *ভবানী*, ১৮২৫। ৫ *বি* পর মুহূর্ত। 'নতুনের ভিড়ে বেড়াই ধাক্কা খেয়ে, যেখানে আজ আছে কাল নেই।' *রবীন্দ্র*, ১৯৩২।

কাল কাটানো *ক্রি* সময় অতিবাহিত করা। 'কুকুর নিয়ে খেলা করেই কাল কাটান।' *হুতোম*, ১৮৬১।

কালকালান্ত [স কাল>] *ক্রিবিণ* কালকালান্তরে। 'জদি কালকালান্ত আমি দাওয়া করি।' *ওসাঁ*, ১৭৮২।

কালকালান্তি [স কাল>] *ক্রিবিণ* যুগ যুগ ধ'রে। 'কালকালান্তি আমরা কিম্বা আমাদিগের ওয়ারিষ কেহ কোন দাওয়া করি ...।' *মেয়র্স*, ১৭৫৭।

কালকালান্তর [স] *বি* এক কাল থেকে অন্য কাল। 'কালকালান্তর হইতে দেশদেশান্তর ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

কালক্রমে [স] ১ *ক্রিবিণ* বিপদের সময়ে। 'দাউদের আসন্ন কালক্রমে তাহা আমলে আনিল না।' *রামরাম*, ১৮০১। ২ *ক্রিবিণ* পরবর্তী সময়ে। 'কালক্রমে এ সমস্ত বিদিত হবেক।' *রামরাম*, ১৮০১। ৩ *ক্রিবিণ* কালে কালে। 'এই সংসার আপনি হয়, কালক্রমে আপনি যায়।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৪ *ক্রিবিণ* ধীরে ধীরে। 'কালক্রমে প্রজারা যে প্রকার স্বাধীনতা সুখকে ...।' *অক্ষয়*, ১৮৪৬।

কালক্ষয় [স] *বি* সময় নষ্ট। '... তাহারা স্বচ্ছন্দে কালক্ষয় করিতেছে।' *প্রভাকর*, ১৮৪৭।

কালক্ষেপ [স] *বি* সময় অপব্যয়। 'সকল বিদ্যাতে বিলক্ষণ বিচক্ষণ হও, ক্ষণমাত্র বৃথা কালক্ষেপ করিও না।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

কালক্ষেপ করা *ক্রি* সময় অতিবাহিত করা। 'তাহাতেই স্বচ্ছন্দবোধ করিয়া গৃহে বসিয়া বৃথা জল্পনায় বৃথা কালক্ষেপ করেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩০।

কালক্ষেপণ [স] *বি* সময় কাটানো। 'এইরূপে কালক্ষেপণ করেন।' *রাজীব*, ১৮০৫।

কালগঙ্গা [স] *বি* সময়রূপ গঙ্গা। 'তাই সাম্প্রতিকীর গ্রসাদধন্য কীর্তি যে কালগঙ্গায় ভাসবেই, এমন কথা বলা চলে না।' *সনৎ*, ১৯৭০।

কালগর্ভ [স] *বি* সময়রূপ গহ্বর। 'ভূগর্ভে এবং কালগর্ভে যে-সকল ঐতিহাসিক রত্ন নিহিত আছে ...।' *প্রমথ*, ১৯১৪।

কালগৌণ [স] *বি* কালক্ষেপ। 'লগ্ন অতীত হয়, শীঘ্র দান কর, শুভকর্ম্মে কালগৌণ উচিত নয়।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

কালচক্র [স] *বি* সময়ের অবিরাম আবর্তন। 'সকল শোকের সিন্ধু কালচক্রে বড় ভয়ঙ্কর।' *মুকুন্দ*, ১৬০০।

কালজয়ী [স] ১ *বিণ* চিরস্থায়ী; সময়কে অতিক্রম করে এমন। 'চেতনা কালজয়ী।' *জীবন*, ১৯৪০। ২ *বিণ* অমর। 'প্রিয়তমার স্মৃতিকে কালজয়ী করে।' *হাই*, ১৯৫৮।

কালজাত [স] *বিণ* কালে জন্ম নিয়েছে এমন। 'আমি কলি কালজাত রাজসন্তানেরদের বর্ণনা করিতেছি।' *হরপ্রসাদ*, ১৮১৫।

কাল জাপন [স কালযাপন] *বি* সময় কাটানো। 'গোপাল রায় সর্ব্বাধ্যক্ষ হইয়া কাল জাপন করেন।' *রাজীব*, ১৮০৫।

কালজ্ঞ [স] ১ *বিণ* কোন কালে কী কর্তব্য তা জানে এমন। 'কালজ্ঞ মন্ত্রিগণে পরিবৃত্ত হইয়া, দর্শনার্থী প্রজাগণকে ত দর্শন প্রদান করেন।' *বঙ্কিম*, ১৮৮৭। ২ *বি* বর্ষপঞ্জি সম্পর্কে অভিজ্ঞ ব্যক্তি। 'তখন তারা কালজ্ঞকে শুধায়।' *রবীন্দ্র*, ১৯৩২।

কালতরী [স] *বি* সময়রূপ তরী। 'অজানা উদ্দেশ পানে চলে কালতরী।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কালতে *ক্রিবিণ* কালে। 'পুরুষ কালতে তোর পতি চক্রপাণি।' *বড়ু*, ১৪৫০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কালত্রয়রহিত [স] *বিণ* তিন কাল বর্জিত। 'আত্মা এক নিত্য কালত্রয়রহিত অরূপী ইন্দ্রিয়াতীত নিরীহ চৈতন্যস্বরূপ।' *দর্পণ*, ১৮২১।

কালদন্ত [স] *বি* মহাকালের কল্পিত দাঁত। 'কালদন্তে প্রতি ক্ষণ হইতেছে চূর।' *রঙ্গ*, ১৮৫৮।

কালদিন গোঁয়ানো *ক্রি* কাল কাটানো। 'কালদিন গোঁয়াইতে।' *মানোএল*, ১৭৪৩।

কালধর্ম, কালধর্ম্ম [স] *বি* যুগধর্ম। 'কেহ বা কালধর্ম্ম, কেহ বা ব্রহ্মশাপ তাহার কারণ বলিয়া ...।' *অক্ষয়*, ১৮৪৮; 'কালধর্মের উপর রীতিমত লক্ষ্য রেখে তিনি সুস্পষ্ট ভাষাতেই বলেছেন।' *বেগম*, ১৯৪৯।

কালধর্মাবলম্বী, কালধর্ম্মাবলম্বী [স কালধর্ম-অবলম্বী] *বিণ* যুগের ধর্ম অবলম্বনকারী। 'মধ্যাহ্ন কালে কালধর্ম্মাবলম্বী হইয়াছেন।' *দর্পণ*, ১৮২৩।

কাল-নদী [স] *বি* কালরূপ নদী। 'কাল-নদী ধায় অধীরা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কালপারাবার [স] *বি* কালরূপ সমুদ্র। 'কালপারাবার করিতেছে পার।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কালপ্রবাহ [স] *বি* সময়ের অবিরাম স্রোত। 'জীবনপ্রবাহের সঙ্গে কালপ্রবাহের মিলের মাত্রা রেখে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কালবলে [স] *ক্রিবিণ* কালক্রমে। 'কালবলে তিনি কালপ্রাপ্ত হইয়াছেন।' *দর্পণ*, ১৮২৪।

কালবিরোধদোষ [স] *বি* কালগত অসঙ্গতির দোষ। '... এই নাটকের উপরে প্রমাণের তীক্ষ্ণ আলোক নিক্ষেপ করেন তবে সম্ভবত ইহাতে অনেক কালবিরোধদোষ ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

কালবিলম্ব [স] *বি* দেরি। 'তাহার সহচরী, কালবিলম্ব অনুচিত বিবেচনা করিয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭।

কালবেলা [স] *বি* দুঃসময়। 'কাটায় তিক্ত অসহ্য কালবেলা।' *মাহমুদ*, ১৯৬৩।

কালবৈশাখী [স] *বি* চৈত্র-বৈশাখ মাসে ঈশান কোণ থেকে আসা বৈকালিক ঝড়বৃষ্টি। 'কখনও কলবৈশাখী, কখনও কার্তিকে ঝড়।' *বঙ্কিম*, ১৮৮৪।

কালবোশেখি, কালবোশেখী [স কালবৈশাখী] *বি* চৈত্র-বৈশাখ মাসে ঈশান কোণ থেকে আসা বৈকালিক ঝড়বৃষ্টি। 'ঐ নূতনের কেতন ওড়ে কালবোশেখির ঝড়।' *নজরুল*, ১৯২২; 'কালবোশেখীর ঝড়ে চকিতে গেলেন ছুটে বাগ্বিতা নামের দজ্জাল মেয়ের কাছে।' *শামসুর*, ১৯৭০।

কালভেদ [স] *বি* সময়ের ভিন্নতা। 'ক্ষুদ্রাশয় সমালোচকেরাই বুঝান না যে, দেশভেদে বা কালভেদে কেবল বাহ্যভেদ হয়।' *বঙ্কিম*, ১৮৮৭।

কাল-ভোলা *বিণ* সময়ের কথা ভুলিয়ে দেয় এমন। 'কাল-ভোলা মেয়েলিপনা আর আখুটে অভিমান আমায় জোড়া হাতেই বেঁধেছে আজ।' *শক্তি*, ১৯৬৯।

কাল যাওয়া *ক্রি* জীবনযাপন করা। *মানোএল*, ১৭৪৩।

কালযাপন [স] ১ *বি* দিনযাপন। 'সুখ ভোগে কাল যাপন করিতেছিলেন।' *রামরাম*, ১৮০১। ২ *বি* সংসারযাত্রা নির্বাহ। 'যাহা জানি তাহা তদ্দ্বারা ধনোপার্জন করিয়া কালযাপন করিতেছি।' *চন্দ্রিকা*, ১৮৩০।

কালযাপনার্থ [স কাল-যাপন-অর্থ] *ক্রিবিণ* সময় নষ্ট করার জন্য। 'কতকগুলি পুস্তক সমভিব্যাহারে বিরলে কালযাপনার্থে বিদ্যার সৃষ্টি হয় নাই।' *অক্ষয়*, ১৮৪৯।

কালশূন্য [স] *বিণ* কালাতীত। 'দেশশূন্য কালশূন্য জ্যোতিঃশূন্য, মহাশূন্য-'পরি/ চতুর্মুখ করিছেন ধ্যান।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কালসমুদ্র [স] *বি* কালরূপ সমুদ্র। 'মানুষের মন কালসমুদ্রে ভাসিতে ভাসিতে এই এই বহুদূরবর্তী বর্তমানের তীরে আসিয়া উৎক্ষিপ্ত হইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কালসহকারে [স] *ক্রিবিণ* সময়ের সঙ্গে সঙ্গে। 'পরে কালসহকারে খড়্গ উদ্ভাত হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

কালসাগর [স] *বি* সময়রূপ সমুদ্র। 'অসীম কালসাগরে ভুবন ভেসে চলেছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

কালসাধ্য [স] *বিণ* সময়সাপেক্ষ। 'তার প্রণালী দুঃসাধ্য এবং কালসাধ্য।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কালসাপেক্ষ [স] *বিণ* সময়সাপেক্ষ। 'পরিবর্তন যেমন কালসাপেক্ষ।' *প্রমথ*, ১৯০৫।

কালসিন্ধু [স] *বি* সমুদ্রের মতো অনন্তবিস্তার কাল। 'জীবন-প্রবাহ বহি কালসিন্ধু পানে যায়।' *মাইকেল*, ১৮৭৩।

কালস্রোত [স] *বি* সময়ের অবিরাম প্রবাহ। 'অবিশ্রাম কালস্রোত কোথায় বহিছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

কালস্রোতে গা ভাসানো – গতানুগতিক কোনো কিছু করা। 'মানুষ কালস্রোতে গা ভাসিয়ে দেয়।' *অন্নদা*, ১৯৪০।

কালহরণ [স] ১ *বি* সময় কাটানো; দিনযাপন। 'আপনাদিগের কালহরণের আশা ভূমির উৎপত্যের উপরেই রাখে।' *ফরস্টার*, ১৭৯৩। ২ *বি* সময় নষ্ট। 'যে সকল ক্রিয়ার দ্বারা কেবল কালহরণ ...।' *দর্পণ*, ১৮৩৫।

কাল হরা *ক্রি* সময় কাটানো। 'মধুপান সদা করেন, কৌতুকে কাল হরেন।' *ভবানী*, ১৮২৫।

কালহারা [স] *বিণ* অনন্ত। 'মোর ভাবনা চলে কালহারা কোন কালের পানে ছুটে।' *রবীন্দ্র*, ১৯২৯।

কালহীন [স] *বিণ* কালাতীত। 'অবিচ্ছেদে দেখা দিবে দেশহীন কালহীন আদিজ্যোতি।' *রবীন্দ্র*, ১৯৪০।

কালাকাল [স কাল-অকাল] *বি* সময়-অসময়। 'কালাকাল বিবেচনা না করিয়া কালামুখোরা কালী পূজোপলক্ষে ঢলাঢলি করিত।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

কালাতিক্রম [স কাল-অতিক্রম] *বি* নির্ধারিত সময় পার হয়ে যাওয়া। 'অন্ন ও বেতনের কালাতিক্রম ঘটিলে ভৃত্যেরা স্বামীর প্রতি রুষ্ট ও অসন্তুষ্ট হইয়া থাকে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কালাতিক্রমণদোষ [স কাল-অতিক্রমণদোষ] *বি* কালগত অসংগতি। 'সন্ধ্যাসঙ্গীত, প্রভাতসঙ্গীত, ছবি ও গান এখনো যে বই আকারে চলছে, একে বলা যেতে পারে কালাতিক্রমণদোষ।' *রবীন্দ্র*, ১৮৩১।

কালাতিপাত [স কাল-অতিপাত] ১ *বি* সময়ক্ষেপণ। 'পর-পরিচর্য্যায় নিযুক্ত থাকিয়া কোন প্রকারে কালাতিপাত করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বি* জীবন যাপন। 'চরম দারিদ্র্যের মধ্যে কালাতিপাত করে।' *আজাদ*, ১৯৩৬।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কালানন্তর [স কাল-অনন্তর] *ক্রিবিণ* পরবর্তী সময়ে। 'কিয়ৎ কালানন্তর যৌবনসম্পত্তি বিপত্তির মূল।' *দর্পণ*, ১৮২৮।

কালানুগত [স কাল-অনুগত] *বিণ* কালকেন্দ্রিক। 'কোনো কালানুগত প্রথার সঙ্গে সম্পর্ক নেই এমন শিল্প।' *অবন*, ১৯২৫।

কালান্তর [স কাল-অন্তর] **১** *বি* অন্য কাল; সময়ান্তর। 'কালান্তরে রায়ের বনিতা গর্ভবতী হইয়া রায়কে কহিলেন ...।' *রাজীব*, ১৮০৫। **২** *বি* যুগের পরিবর্তন। 'রামচন্দ্রের পুণ্যস্মৃতি ক্রমে ক্রমে কালান্তর ও অবস্থান্তর অনুসরণ করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭; 'স্থগিত ভারতে আশু কালান্তর।' *সুধীন্দ্র*, ১৯৪৫।

কালাপেক্ষা [স কাল-অপেক্ষা] *বি* নির্দিষ্ট সময়ের জন্য অপেক্ষা। 'প্রথমেই লগ্ন আছে কালাপেক্ষা করি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কালাবধি [স কাল-অবধি] *ক্রিবিণ* কাল পর্যন্ত। 'আমি অনেক কালাবধি গ্রামের রাইয়তগিরি করিয়া আসিতেছি।' *ওসী*, ১৭৮২।

কালাবর্ত [স কাল-আবর্ত] *বি* সময়ের চক্র। 'ভেবেছিলি চির চিরন্তন কালাবর্ত।' *সুধীন্দ্র*, ১৯২৮।

কালাশৌচ [স কাল-অশৌচ] *বি* হিন্দুদের বাবা-মা ইত্যাদি গুরুজনের মৃত্যুর পর বছরব্যাপী পালনীয় অশৌচ। 'কালাশৌচের সময় স্থানত্যাগ করতে নেই ...।' *সুনীল*, ১৯৭০।

কালাসন্ন [স কাল-আসন্ন] *বিণ* মুমূর্ষু। 'কঠোর তপস্যা করে কালাসন্ন দেহ।' *মানিকরাম*, ১৭৮১।

কালে কালে [স] *ক্রিবিণ* বিভিন্ন সময়ে। 'জ্ঞাত হওয়া যায় কালে কালে কোন কোন দেশ ম্লেচ্ছের মধ্যে গণ্য ছিল।' *অক্ষয়*, ১৮৪৭।

কালেভদ্রে [স] *ক্রিবিণ* কদাচিৎ। 'কালে ভদ্রে কখন কখন যা হয়ে থাকে।' *উমেশ*, ১৮৫৭।

কালের কুটিল গতি – সময়ের নির্মমতা। 'কালের কুটিল গতি।' *অক্ষয়*, ১৮৪৮।

কালের গতি – সময়প্রবাহ। 'বিজ্ঞেরা যথার্থই বলেছেন যে কালের গতি অতি কুটিলা।' *মাইকেল*, ১৮৭৩।

কালের বুড়ো *বি* হিন্দুদেবতা শিব। 'কালের বুড়া টানছে ঘানি/ তুই সে বাঁধন খোল।' *নজরুল*, ১৯২৯।

কালোচিত [স কাল-উচিত] *বিণ* সময়োচিত। 'প্রত্যুত অনেকে কালোচিত সভ্যতা ও জ্ঞানালোক প্রাপ্ত হইয়া ... শ্রদ্ধার পাত্র হইয়াছেন।' *এডুকেশন*, ১৮৭২।

কালোত্তীর্ণ [স কাল-উত্তীর্ণ] *বিণ* সময়কে অতিক্রান্ত। 'আদমের কালোত্তীর্ণ সেই পাপ যেন।' *মাহমুদ*, ১৯৬৩।

কালোপযোগী [স কাল-উপযোগী] *বিণ* সময়োপযোগী। 'দেশকালোপযোগী বলিয়া বিবেচিত হইয়াছিল।' *অক্ষয়*, ১৮৫০।

কাল[১] [স] **১** *বি* সর্বনাশ। 'মোকে কাল হআঁ লাগিল কাহ্নাঞি।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* সর্বনাশের কারণ। 'এক কাল হৈল মোর যমুনার জল।' *বড়ু*, ১৫৭০। **৩** *বি* ভয়ঙ্কর বিপদ। 'দিনে থাকী ভাল রাতি আইসে কাল।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *বি* কষ্ট। 'বিচ্ছেদ সময় হয় হৃদয়ের কাল।' *আলাওল*, ১৬৮০। **৫** *বি* যম। 'পাপচিত্তে শীঘ্রে কাল উপস্থিত হৈল।' *আলাওল*, ১৬৮০। **৬** *বিণ* মৃত্যুরূপ। 'না বুঝিয়া শিশু যদি ধরে কাল সাপ।' *গরীব*, ১৭৬৫। **৭** *বি* বিপদ। 'দাউদের আসন্ন কালক্রমে তাহা আমলে আনিল না।' *রামরাম*, ১৮০১। **৮** *বিণ* ভীষণ। 'কে আর রাখিবে এ বিপুল কুল-মান এ কাল সমরে।' *মাইকেল*, ১৮৬১। **৯** *বি* সাপ। 'রূপের কালে আমায় দংশিলে।' *লালন*, ১৮৯০।

কাল-অগ্নি [স] *বি* মৃত্যুরূপ আগুন। 'কাল-অগ্নি ধূ ধূ করিয়া জ্বলিয়া উঠিয়াছে।' *দর্শন*, ১৯২৪।

কাল-কবলিত [স] *বিণ* মৃত্যুমুখে পতিত। 'আর নিরুদ্বেগে কাল-কবলিত হন।' *গিরিশ*, ১৮৮৯।

কালকূট [স কালকূট] *বি* কালসাপ। 'কালকূট গরাসিল শমনের বলি।' *রূপরাম*, ১৭৫০।

কালকূট [স] *বি* তীব্র বিষ। 'কালকূট বিষহরি জ্বালল কটাক্ষ।' *বড়ু*, ১৪৫০।

কাল-কেউটে [স কাল+স কৃষ্ণটিকা] *বি* বিষাক্ত সাপবিশেষ। 'অজগর কাল-কেউটে সে কোনো ফিরিয়া ফিরিয়া চায়।' *নজরুল*, ১৯২২।

কালগ্রাস [স] *বি* মৃত্যু। **কালগ্রাসে পতিত হওয়া** – মারা যাওয়া। 'ক্ষিপ্তপ্রায় হইয়া অবিলম্বে কালগ্রাসে পতিত হইয়াছিল।' *অক্ষয়*, ১৮৪৮; 'প্রিয়তম পত্নী এবং ছয় পুত্রের মধ্যে চারিটি রাখিয়া, কালগ্রাসে পতিত হইলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

কালঘাম [স কাল-ঘর্ম] *বি* মৃত্যুর পূর্বে নিঃসৃত শরীরের ঘাম। 'কালঘাম বহে মুখে মুকুট গগনে ঠেকে প্রলয়বদন ঘোরস্বনা।' *মুকুন্দ*, ১৬০০।

কাল ঘুম [স] *বি* মৃত্যুর মতো ঘুম। 'তবে কেহে কাল ঘুম যাইবো।' *বড়ু*, ১৪৫০।

কাল-চিতা [স] *বি* সর্বনাশা আগুন। 'সিঁথির সিঁদুর মুছে ফেলো মা গো, জ্বালো সেথা জ্বালো কাল-চিতা।' *নজরুল*, ১৯২২।

কালজাল [স] *বি* অশুভ ছায়া। 'বিপদের কালজাল আসি বেড়ে যবে।' *মাইকেল*, ১৮৬০।

কালদণ্ড [স] *বি* মৃত্যুদণ্ড। 'কালদণ্ড হইতে যম দণ্ড দিল অনুপাম।' *মুকুন্দ*, ১৬০০।

কাল ধীবর [স] *বি* যমরূপ জেলে। 'কাল ধীবরের জালে নাহিক এড়ান।' *আলাওল*, ১৬৮০।

কাল-নটেশ [স] *বি* হিন্দুদেবতা শিব। 'কাল-নটেশের চরণের ঘায়ে কোনোদিন পাবে লয়।' *জসীম*, ১৯৫১।

কালনাগ [স] *বি* কালসাপ। 'কালকূটে কালনাগ যারা কালিদয় আছে তারা।' *লালন*, ১৮৯০।

কালনাগিনী [স] *বি* স্ত্রী কেউটে সাপ। 'গ্রাসিবারে দিনমণি ওই কালনাগিনী উদয়।' *গুপ্ত*, ১৮৫৮।

কালপৃষ্ঠ [স] *বি* কর্ণের ধনু। 'যবে কর্ণ, কালপৃষ্ঠধারী, একাগ্নী বাণ রক্ষিতে কৌরবে।' *মাইকেল*, ১৮৬১।

কালপ্রাপ্ত [স] **১** *বিণ* মৃত। 'কালপ্রাপ্ত হইয়া পরলোক প্রাপ্ত হইয়াছেন।' *দর্পণ*, ১৮১৮। **২** *বিণ* বন্ধ। 'সমাচারপত্র গ্রাহকের অপ্রতুলেতে কালপ্রাপ্ত হইয়াছে।' *দর্পণ*, ১৮২৭।

কালপ্রাপ্তি [স] *বি* মৃত্যু। 'যুবতীর কালপ্রাপ্তি হওয়াতে সাহেব অতিশয় শোকাকুল।' *দর্পণ*, ১৮২৬।

কালফণি, কালফণী [স] *বি* মৃত্যুরূপী সাপ। 'আরে কালফণী দংশিলি আমায়।' *গিরিশ*, ১৮৮৭; 'আমি ... বিষধর কাল-ফণি!' *নজরুল*, ১৯২২।

কালবশ [স] *বিণ* যমের অধীন। 'কি করিবে বিদ্যায় হইলে

AMARBOI.COM

কালবশ।' *বৃন্দা*, ১৫৮০।

কালবিষ [স] *বি* কালরূপ সাপের বিষ। 'তোমাদের যুগ যুগ-সঞ্চিত কালবিষ আপন আপন সর্বাঙ্গে ছড়িয়ে ফেলো।' *নজরুল*, ১৯২৭।

কালব্যাধি [স] *বি* মরণব্যাধি। *মানোএল*, ১৭৪৩; 'পৃথিবীতে কবে এই কালব্যাধির জন্ম।' *মাইকেল*, ১৯৪৯।

কালভুজঙ্গ [স] *বি* কালসাপ। 'সুনিবিড় পাকে গন্ধ-মগন কালভুজঙ্গ।' *সত্যেন্দ্র*, ১৯১২।

কালভুজঙ্গিনী [স] *বি স্ত্রী* কালরূপ বিষাক্ত সাপ। 'কালভুজঙ্গিনী কখন?' *দীনবন্ধু*, ১৮৭৩।

কাল-ভৈরব [স] *বিণ* রুদ্র মূর্তিধারী হিন্দু দেবতা শিব। 'আমার কণ্ঠে কাল-ভৈরবের প্রলয়-তূর্য বেজে উঠেছিল।' *নজরুল*, ১৯২৩।

কালমূর্তি, কালমূর্ত্তি [স] *বি* সময়রূপ মূর্তি। 'সেই আদ্যন্তহীন কালমূর্তির মুখচ্ছটাতে চতুর্দ্দিক দীপ্তিমান্ হইয়াছিল।' *অক্ষয়*, ১৮৪৯।

কালরজনী [স] *বি* দুঃখের রাত। 'আজি তানে পোহাইল কি কালরজনী।' *বৃন্দা*, ১৫৮০।

কাল-রাতি [স কালরাত্রি] *বি* দুঃখের রাত। 'কাটিতে চাহে না যেন আর কাল-রাতি।' *নজরুল*, ১৯২৮।

কালরাত্রি [স] *বি* দুঃখের রাত। 'কালরাত্রি কৃষ্ণআখি কত জ্বান কলা।' মুকুন্দ, ১৬০০।

কালরূপী [স] *বিণ* যমরূপধারী। 'মৃত্যিঞ সর্ব কালরূপী ভক্তজন বিনে।' *বৃন্দা*, ১৫৮০।

কালরোগ [স] *বি* দুরারোগ্য ব্যাধি। 'তার এই কালরোগের কোন চিকিৎসাই হয়নি।' *হাসান*, ১৯৬৯।

কালশমন [স] *বি* মৃত্যু। 'কালশমন করবে রওনা কখন যেন কে ঘটাবে।' *লালন*, ১৮৯০।

কালসর্প [স] *বি* কেউটে সাপ। 'জত ছিল কুলদর্প তাহা হইল কালসর্প ঘটক পণ্ডিত জনার্দন।' মুকুন্দ, ১৬০০।

কালসর্পাকার [স] *বিণ* কালসাপের মতো। 'প্রভু কহে তথাপি রাজা কালসর্পাকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কালসাপ [স কালসর্প] *বি* কেউটে সাপ। 'তবে কালসাপ খাইএ আজিকার রাতী।' বড়ু, ১৪৫০।

কালসাপিনী [স কালসর্পিণী] *বি স্ত্রী* মৃত্যুরূপী সাপ। 'মা হ'য়ে কালসাপিনী হলেম!' *গিরিশ*, ১৮৮৯।

কাল হওয়া *ক্রি* মৃত্যু হওয়া। *ক্যালগে*, ১৭৮৫; 'তাঁর কাল হয়েছে বটে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কালাগ্নি [স কাল-অগ্নি] *বি* সৃষ্টি ধ্বংসকারী আগুন। 'কালাগ্নির মত তপ্ত তপন তাপন।' *মাইকেল*, ১৮৭৩।

কালানল [স কাল-অনল] **১** *বি* সৃষ্টিধ্বংসকারী আগুন। 'বিজলী ঝলসে আঁখি কালানল তেজে।' *মাইকেল*, ১৮৬১। **২** *বি* ক্রোধের আগুন। 'প্রশস্ত ও উজ্জ্বল চক্ষু হইতে কালানলজ্বালা নির্গত হইতেছে।' *সিরাজী*, ১৯১৮।

কালান্তক [স কাল-অন্তক] **১** *বিণ* মৃত্যুতুল্য। 'এ বলিয়া ভিমসেন কালান্তক জম জেন নিসন্দে অধমুক হইল।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *বিণ* প্রলয়ঙ্কর। 'মহিষের পৃষ্ঠে বন্দো কালান্তক যম।' *রূপরাম*, ১৭৫০। **৩** *বিণ* ধ্বংসকারী। 'রাধার কালান্তক সেখ গোলাম হোসেন।' *দর্পণ*, ১৮৩৪।

কালের করাল গ্রাস – অবধারিত মৃত্যু। 'বিদ্যা সন্নিধানে পরাভূত হইয়া কালের করাল গ্রাসে অগ্রপশ্চাৎ প্রবেশ করিবে।' *অক্ষয়*, ১৮৫৪।

কাল[৪] [স] *বিণ* কালো। 'ধল কাল দুই কেশ দিল নারায়ণে।' বড়ু, ১৪৫০।

কালচে *বিণ* ঈষৎ কালো আভাযুক্ত। 'মসৃণ কালচে-সবুজ দু'খানি বাহু।' *কায়সার*, ১৯৬২।

কালচে-সবুজ [কালচে+ফা সবজ] *বিণ* ঈষৎ কালো আভাযুক্ত সবুজ। 'পাটিপাতা ডাঁটির মতো চিকনচাকন মসৃণ কালচে-সবুজ দুখানি বাহু।' *কায়সার*, ১৯৬২।

কালছিটে *বিণ* কালো চটচটে। 'স্থানে স্থানে কালছিটে দাগ।' *আলাউদ্দিন*, ১৯৫৫।

কালটি *বিণ* কালচে। 'পায়ের গোড়ালিও কালটি মেরে যাচ্ছে।' *শ্যামল*, ১৯৬৭।

কালপেঁচা, কালপেচা [স কাল+স পেচক>] *বি* ধূসর রঙের মাথা ও পিঙ্গল রঙের পালকবিশিষ্ট এক প্রজাতির পেঁচা, লোকবিশ্বাস অনুযায়ী যাদের চিৎকার অশুভসূচক। 'কালপেচা ডাকে চারিভিতে।' মুকুন্দ, ১৬০০; 'কলস্বরে প্লক্ষডালে কালপেঁচা ডাকে।' *মানিকরাম*, ১৭৮১।

কালপ্যাঁচা [স কাল+স পেচক>] *বি* ধূসর রঙের মাথা ও পিঙ্গল রঙের পালকবিশিষ্ট এক প্রজাতির পেঁচা, লোকবিশ্বাস অনুযায়ী যাদের চিৎকার অশুভসূচক। 'তুমি বাপু কুলীনের ছেলে নও, তুমি কুলীনের কালপ্যাঁচা।' *দীনবন্ধু*, ১৮৬৭।

কালবসু [স কাল+স বাগুস>] *বি* কালবাউস মাছ; রুই মাছের মতো মাছবিশেষ। 'কালবসু বাঁশপাতা শঙ্কর ফলই।' *ভারত*, ১৭৬০।

কাল বিল [কালো+ই বিল] *বি* অশুভ আইন। 'কালবিল কাল বিল করিলেন পাস।' *গুপ্ত*, ১৮৫৮।

কালশশি, কালশশী [স কাল+স শশী, সম্বোধনে ই-কার] *বি* অমাবস্যার চাঁদ; কৃষ্ণ। 'এস বাজিয়ে বাঁশী কালশশি।' *গিরিশ*, ১৮৯৬; 'চাতকপ্রায় অহর্নিশি চেয়ে আছে কালশশী।' *লালন*, ১৮৯০।

কালশিটে [স কাল>] *বি* আঘাতের ফলে রক্ত জমে দেহে যে কালো দাগ সৃষ্টি হয়। 'গলার উপর আঙুলের দাগ কালশিটে পড়ে আছে।' *মনোজ*, ১৯৬১।

কালশিরা [স কাল+স শিরা] *বি* মর্মর পাথর। *মানোএল*, ১৭৪৩।

কালশিরে [স কাল+স শিরা>] *বি* আঘাতের ফলে দেহে রক্ত জমে যে কালো দাগ সৃষ্টি হয়। 'কালশিরে-পড়া চোখ দুটো তার ভরে আসে জলে।' *হোসেন*, ১৯৪০।

কালসার [স কাল+স সার] *বি* এক জাতের হরিণ। 'আর জত পশুগণ সভে হব প্রজাজন মণ্ডল হইবে কালসার।' মুকুন্দ, ১৬০০।

কালসিটে [স কাল+স শিরা>] *বি* আঘাতের ফলে দেহে রক্ত জমে যে কালো দাগ সৃষ্টি হয়। 'পায়ে কালসিটে! কেন বালতিতে মেরে চাল দিতে গেলে।' *সুকুমার*, ১৯২০।

কালআজার [স কাল+ফা আজার] *বি* কালাজ্বর। 'ম্যালেরিয়া ও কালআজার সে ভার লইয়াছে।' *রোকেয়া*, ১৯২৬।

কালওয়াত [স কলাবৎ] *বিণ* কালোয়াত; রাগ সংগীতে পারদর্শী। 'একদ্ভুত গুণীগণ ধাড়ি কালওয়াত কাওয়াল কথক সারঙ্গিয়া তবলিয়া ভাঁড় প্রভৃতি।' *ভবানী*, ১৮২৮।

কালওয়াতি [স কলাবৎ>] *বিণ* রাগ সংগীতে পারদর্শিতা আছে এমন। 'দশ তাএফা বাই ও তিন তাএফা ভাঁড় ইহা সেওয়ার

AMARBOI.COM

কালওয়াতি গুণীলোক।' *দর্পণ*, ১৮১৯।

কালকাসন্দা, কালকাসিঁদে, কালকাসুন্দা, কালকাসুন্দে [স কাসমর্দ] *বি* ভেষজ উদ্ভিদবিশেষ। 'কালকাসুন্দা আসনে।' *বড়ু*, ১৪৫০; 'কালকাসন্দা গাছে বাগান পরিপূর্ণ।' *বঙ্কিম*, ১৮৭৮। 'কুইনাইন আর কালকাসিঁদে।' *নজরুল*, ১৯২৬; 'কালকাসুন্দে গাছে ... অনেক বেনেবউ।' *বিভূতি*, ১৯২৯।

কালচার [ই কালচার] ১ *বি* বৈদগ্ধ্য। 'তার কালচার নেই।' *রবীন্দ্র*, ১৯২৮। ২ *বি* সংস্কৃতি। 'বিরাট ইসলামীয় কালচার গড়ে তুলেছিল।' *শহীদুল্লাহ*, ১৯৩১। ৩ *বি* শিক্ষা। 'এই তোমার কালচারা' *জীবন*, ১৯৩৩।

কালচারগত [ই কালচার+স গত] *বিণ* সাংস্কৃতিক। 'একটা কালচারগত পার্থক্য আছে।' *মোহাম্মদী*, ১৯৩২।

কালচারেল [ই] *বিণ* সাংস্কৃতিক। 'কেবলমাত্র ফারসী ভাষার জোরে কোন প্রকারে কালচারেল প্রাধান্য বজায় রাখিয়াছিলেন।' *মোহাম্মদী*, ১৯৩০।

কালচার্ড [ই] *বিণ* সংস্কৃতিবান। 'যে তা করতে পারে সে-ই কালচার্ড অভিধা পেতে পারে।' *মোতাহের*, ১৯৫০।

কালচিত [স কাল>] *বি* এক প্রকার ফল। 'আম জাম সিয়াকুলি কালচিত ফল।' *মুকুন্দ*, ১৬০০।

কালধোয়ানি *বি* এক প্রকার বাঁশ। 'তল্লাবাঁশের কাটল আগা, কালধোয়ানির জোড়া।' *জসীম*, ১৯২৯।

কালপুরুষ [স] *বি* নক্ষত্রপুঞ্জবিশেষ। 'আমার সেই পুরাণ সাত ভাই, কালপুরুষ ও অন্যান্য তারাগুলি ঝকিতেছে।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

কালপুরুষের নক্ষত্র *বি* লুব্ধক নক্ষত্র; আকাশের সবচেয়ে উজ্জ্বল নক্ষত্র। 'কালপুরুষের নক্ষত্রের মতো সন্দীপবাবুর উজ্জ্বল দুই চোখ।' *রবীন্দ্র*, ১৯১৫।

কালপৃষ্ঠ [স] *বি* অস্ত্রবিশেষ। 'কালপৃষ্ঠ কলম্ব কৃপাণ চন্দ্রহাস।' *মানিকরাম*, ১৭৮১।

কালপ্রিট [ই] *বি* অপরাধী। 'কালপ্রিট একটা লোহার শাবল ফেলে গেছে।' *সুনীল*, ১৯৭০।

কালমেঘ [স] *বি* ঔষধি গাছবিশেষ। 'ফাটলে বন-বিছুটির ও কালমেঘ গাছের বন গজাইয়াছে।' *বিভূতি*, ১৯২৯।

কালা[১] [স কাল>] ১ *বিণ* কালো; কৃষ্ণবর্ণের। 'আকারণে আল রাধা নিন্দসি কৃষ্ণ কালা।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* কলঙ্কিত। 'কালা মুখ কি কাকেও দেখাতে ইচ্ছা করে?' *উমেশ*, ১৮৫৭। ৩ *বিণ* অন্যায্য। 'সমস্ত কালাকানুন বাতিল, রাজবন্দীদের মুক্তি এবং ব্যক্তিস্বাধীনতা কায়েমের দাবী করা হয়।' *বেগম*, ১৯৫৪।

কালা আদমি, কালা-আদমী [স কাল+আ আদম>] ১ *বি* কৃষ্ণাঙ্গ। 'তুমি দেখছি কালা আদমি, বোধ হয় ঈস্ট ইন্ডিজের।' *বিভূতি*, ১৯৩৩। ২ *বি* প্রাচ্যদেশের লোক। 'আমি ভাত-খেকো নেটিব, কালা-আদমী।' *মুজতবা*, ১৯৫২।

কালাকানুন [স কাল+আ কানুন] *বি* অন্যায় আইন। 'সমস্ত কালাকানুন বাতিল, রাজবন্দীদের মুক্তি এবং ব্যক্তিস্বাধীনতা কায়েমের দাবী করা হয়।' *বেগম*, ১৯৫৪।

কালাকুক্ষি [স কাল-কক্ষ>] *ত্রিবিণ* অন্ধকার গহ্বরে। 'সে এইক্ষণে কালাকুক্ষি নিক্ষিপ্ত।' *দর্পণ*, ১৮৩৩।

কালাকুষ্ঠি [স কাল+স কুষ্ঠী] *বিণ* অত্যন্ত কালো। 'তুই তো দেখি কালাকুষ্ঠি কুবির।' *মানিক*, ১৯৩৬।

কালাচাঁদ [স কাল-চন্দ্র] *বি* কৃষ্ণ। 'কালাচাঁদ, হও হে উদয়।' *গিরিশ*, ১৮৯৬।

কালাপেড়ে [স কাল>+স পার>] *বিণ* কালো পাড়ওয়ালা। 'কালাপেড়ে ধুতি দূরে ফেলিল।' *ভবানী*, ১৮২৫।

কালামুখ [স কাল>+স মুখ] *বি* কলঙ্কিত মুখ। 'কালা মুখ কি কাকেও দেখাতে ইচ্ছা করে?' *উমেশ*, ১৮৫৭।

কালামুখী [স কাল>+স মুখী] ১ *বি* কলঙ্কিনী। 'কি বল্লি মা, কালামুখীর এমন দশা হয়েছে?' *উমেশ*, ১৮৫৭। ২ *বিণ* কলঙ্কিনী (গালি)। 'কালামুখী রোহিণী উঠিয়া দ্বার খুলিয়া ...।' *বঙ্কিম*, ১৮৭৮।

কালামুখো [স কাল>+স মুখ>] ১ *বি যে* নিন্দিত; কলঙ্কিত ব্যক্তি। 'কালাকাল বিবেচনা না করিয়া কালামুখোরা কালী পূজোপলক্ষে চলাচলি করিত।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩১। ২ *বি* গালিবিশেষ। 'দূর হ! কালামুখো!।' *বঙ্কিম*, ১৮৭৮।

কালালোক [স কাল>+স লোক] *বি* কালো চামড়ার লোক। 'কালালোকের তাউতখানার নিমিত্তে ... তাহারাও এ তাউতখানায় আসিতে পারিবেক।' *ডানকান*, ১৭৮৪।

কালা[২] *বি* ফুলবিশেষ। 'কহলার কৈরব কালা পানিসিউলি পানিকলা।' *মুকুন্দ*, ১৬০০।

কালা[৩] [স কল্ল] ১ *বিণ* বধির; কানে শুনতে পায় না এমন। *ওসী*, ১৭৮৫। ২ *বি যে* কানে শুনতে পায় না। 'তাহাদের শ্রবণশক্তি নাই, তাহাদিগকে বধির অর্থাৎ কালা বলে।' *বিদ্যা*, ১৮৫১।

কালাত্ব [স কল্লত্ব] *বি* বধিরতা। 'তারপর সরলার কানাত্ব কালাত্ব ও বোবাত্ব ঘোচে।' *মানিক*, ১৯৪০।

কালাই [স কলায়] *বি* ডালবিশেষ। 'লোহার কালাই সিদ্ধ হয় না।' *জসীম*, ১৯৩১।

কালাংড়া *বি* প্রাতঃকালীন গানের মিশ্র রাগবিশেষ। 'লাইনটি বাউল রইল না, হয়ে গেল কালাংড়া।' *ধূর্জটি*, ১৯৩১।

কালাকন্দ *বি* খাবারবিশেষ। 'কচৌরি, লাড্ডু, কালাকন্দ বিক্রয়।' *বিভূতি*, ১৯৩৮।

কালাকাল ইত্যাদি দ্র **কাল**[২]

কালাচড়ি *বি* ড্রয়ার। 'কালাচড়ি ১০টা।' *মেয়র্স*, ১৭৬২।

কালাজ *বি* কেউটে সাপের প্রকার-বিশেষ। 'এই জঙ্গলে জাত গোখরো কালাজ কেউটে কত যে আছে।' *মনোজ*, ১৯৬১।

কালাজ্বর [স কাল+ফা আজার] *বি* প্লীহা রক্তাল্পতা ইত্যাদি লক্ষণযুক্ত একপ্রকার জ্বর। 'কালাজ্বর, পালাজ্বর, পুরানো কি টাটকা।' *সুকুমার*, ১৯১৮।

কালাপানি [স কাল+স পানীয়] ১ *বি* সমুদ্র। 'সে যে অকূল সাগর, দারুণ ডাগর, কালা পানি বড় লোণা।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বি* দীপান্তর দণ্ড। 'কালাপানি অর্থাৎ আন্দামানে থাকিয়া দণ্ড ভোগ করিয়া বাড়ী ফিরিয়া আসিয়াছে।' *তারা*, ১৯৪০।

কালাপাহাড় [স কাল+স পাষাণ] *বি* প্রচলিত ধর্ম ও সংস্কারের বিরোধী ব্যক্তি। 'দুজনেই মস্ত কালাপাহাড়।' *রবীন্দ্র*, ১৯০৯।

কালাপাহাড়ি [স কাল+স পাষাণ>] *বি* ষোলো শতকের সুলতান দাউদ কাররানির সেনাপতি কালাপাহাড়ের মতো সবকিছু ভেঙে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ফেলার বেপরোয়া অভিযান। 'সামাজিক পৌত্তলিকতা ভাঙবার জন্যে কালাপাহাড়ি করতে বেরোব।' *রবীন্দ্র*, ১৯৩২।

কালাম [আ] *বি* উক্তি। 'ফতে না পাইবে তাতে তহকিক কালাম।' *গরীব*, ১৭৬৫।

কালার [হি] *বি* রং। 'বাঁধা-অবাঁধা ওয়াটার কালার, অয়েল পেন্টিং প্রভৃতি।' *মানিক*, ১৯৩৬।

কালার বক্স [হি] *বি* রঙের বাক্স। 'আমার কালার বক্স কিনে দিলে না।' *হাই*, ১৯৪৭।

কালাহারি *বি* আফ্রিকার দ্বিতীয় বৃহত্তম মরুভূমি। 'বিখ্যাত কালাহারি মরুভূমির মধ্যে ...।' *বিভূতি*, ১৯৩৭।

কালি[১] [স ক-পালিক] *বি* ব্যঞ্জনবর্ণ। 'অলিএঁ কালিএঁ বাট রুন্ধেলা।' *চর্যা* ৭, ১২০০।

কালি[২] [স কল্য] **১** *ক্রিবিণ* আগামীকাল। 'কালি যাইব আহ্মে বড়য়ি বিহাণী।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* গতকাল; আজকের আগের দিন। 'কালি দান দিলে তুমি হরসিত করিয়া।' *মালাধর*, ১৫০০।

কালি[৩] [স কাল] **১** *বিণ* কালো। 'কালি রাঙ্গি পাশা সারি আনিল পার্বতী।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* কলঙ্ক। 'হইলি কুলের কালি।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* খারাপ অভিপ্রায়; কালিমা। 'সেই হইতে বিবির দেলেতে ছিল কালি।' *গরীব*, ১৭৬৫। **৪** *বি* কলম দিয়ে লেখার রংবিশেষ। *ওসাঁ*, ১৭৮২; 'দাদার কালিকলম লইয়া সেই প্রবন্ধটির উপরে বড়ো বড়ো করিয়া লিখিল।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৫** *বি* অন্ধকার। 'দুই হাতে বুড়ী জড়াইতে যায় আঁধার রাতের কালি।' *জসীম*, ১৯২৯। **৬** *বি* ময়লা। 'মাথায় মোছে হাতের কালি।' *রবীন্দ্র*, ১৯৪১।

কালি-কলম [স] **১** *বি* প্রকাশনা। 'সরকারি কালি-কলমকে গাল্লি পাড়িও; তাহা হইলেই শোধরাইবে।' *বঙ্কিম*, ১৮৭৮। **২** *বি* লেখনি কালি ও কলম। 'দাদার কালিকলম লইয়া সেই প্রবন্ধটির উপরে বড়ো বড়ো করিয়া লিখিল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কালিকৃষ্টি [স কাল>] *বিণ* কালো রঙের। 'আঙুলের ডগাগুলো হয়ে গেল কালিকৃষ্টি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কালি-গোলা [স কাল>+গোলা] *বি* কালো রং গোলা। 'কমণ্ডলু থেকে কালি-গোলার মতো ...।' *বিভূতি*, ১৯৩১।

কালিপড়া [স কাল>+পড়া] *বিণ* ধোঁয়া থেকে সৃষ্ট কালি লেগে আছে এমন। 'বর্ষণক্ষান্ত বিষণ্ন রাত্রে কালিপড়া লণ্ঠনের মৃদু রঙিন আলোয় ...।' *মানিক*, ১৯৩৬।

কালিপানা [স কাল>+স প্রায়] *বিণ* মলিন। 'মুখটাকে ক্রমশই কালিপানা আঁধার করে তুলছিল।' *নজরুল*, ১৯২৪।

কালিবরণ [স কাল>+স বর্ণ>] *বিণ* কালো রঙের। 'কালিবরণ পুচ্ছ ডোরের।' *রবীন্দ্র*, ১৯১৪।

কালিবর্ণ [স কাল>+স বর্ণ] *বিণ* কালো। 'লজ্জায় যেন একেবারে কালিবর্ণ হইয়া গেল।' *শরৎ*, ১৯১৭।

কালি বুরুশ [স কাল>+ই ব্রাশ] *বি* জুতায় রং করার ব্রাশ। 'কতকগুলি জুতার বাক্স, কালি বুরুশ, তিনটি হুঁকা।' *বিভূতি*, ১৯৩১।

কালিবোস [স কাল>+স বাগস] *বি* রুই জাতীয় মাছবিশেষ। 'আমি একটা প্রায় আড়াইসেরি কালিবোস মাছ ধরেছিলাম।' *সুনীল*, ১৯৭০।

কালিমতী *বিণ* কালো। 'তাঁর কালিমতী দুহিতাটি যে রেটে দুহিতা বিয়োচ্ছেন ...।' *সাদত*, ১৯৬৭।

কালিমাখা [স কাল>+মাখা] *বিণ* কালো রং মিশ্রিত। 'কালি-মাখা মেঘে ওপারে আঁধার ঘনিয়েছে।' *রবীন্দ্র*, ১৯০০।

কালিকার [স কল্যকার] *বিণ* কালকের। 'কালিকার ভিক্ষা দিআ উধার শুধিল ...।' *মুকুন্দ*, ১৬০০।

কালি[৪] [স কাল>] *বি* লেখক। *মানোএল*, ১৭৪৩।

কালি[৫] [স] *বি* জমির ক্ষেত্রফল। 'ইটকালি।' *চিঠিপত্রে*, ১৮৬৪; 'যে জমির নাই আড়া-দিঘলতা কীরূপ কালি করে সেথা।' *লালন*, ১৮৯০।

কালিআ [স কাল>] *বিণ* কাল-সম্বন্ধীয়; সাময়িক। *বিদ্যা*, ১৮৯১।

কালিআঁ [স কাল>] *বি* কৃষ্ণ। 'হাত দিতেঁ লিহেঁ কালিআঁ।' *বড়ু*, ১৪৫০।

কালিক [স] **১** *বিণ* কালের; সময়ের। 'স্বদেশের স্মরণাতীত অষ্কতম প্রাচীন কালিক পুরাবৃত্ত সমস্ত আলোচনা করেন।' *অক্ষয়*, ১৮৪৭। **২** *বিণ* সাময়িক; সময় সংক্রান্ত। 'দৈনিক ও কালিক বিশেষতৃগ্রন্ত ...।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কালিকী *বিণ* কালের। 'অতীতকালিকী বিদ্যানুশীলনক্ষেত্রের সম্যক পরিচয় প্রদান করিতেছে।' *অক্ষয়*, ১৮৫৪।

কালিকা [স কলিকা] *বি* কুঁড়ি। 'কুমুদি কালিকা ঈষৎ হেলিয়া, চাঁদেরে নেহারি হাসে।' *নজরুল*, ১৯৩৫।

কালিকাদেবী [স] *বি* কালি বা শ্যামা দেবী। 'যেমন কালিকাদেবী সম্পর্কে শ্যামা সংগীত সংকীর্তনাদী।' *হাই*, ১৯৫৪।

কালিকাপুরাণ [স] *বি* হিন্দু পুরাণবিশেষ। 'কালিকাপুরাণ মৎস্যপুরাণ মনুবচনানুসারে কি বক্তব্য।' *দর্পণ*, ১৮২২।

কালিজিরা [স কাল>+স জীরক] *বি* সুগন্ধি ধানের জাতবিশেষ। 'কালিজিরা ধানশালি রূপশালির ক্ষেতের আলপথ।' *জীবন*, ১৯৪৮।

কালিদয় [স কালিয়হ্রদ] *বি* হিন্দু পুরাণ অনুযায়ী যমুনার যেখানে কৃষ্ণ কালিয় নাগ দমন করে। 'ঝকড়া বিন্দিলে মোরে পাপ কালিদয়।' *মুকুন্দ*, ১৬০০; 'মা তোমার গোপাল নেমেছে কালিদয়।' *লালন*, ১৮৯০। দ্র **কালিদহ**

কালিদহ [স কালিয়হ্রদ>] *বি* হিন্দু পুরাণে বর্ণিত কালিয় সাপের বাসস্থান; যমুনার হ্রদবিশেষ। 'কালিদহে দেখ জদি কমলের বন।' *মুকুন্দ*, ১৬০০। দ্র **কালিদয়**

কালিন [স কালীন] *বিণ* সময়ের। 'দিল্লির কর ও শওগাত এক কালিন বন্দি করিয়া ...।' *রামরাম*, ১৮০১; 'প্রজার উপর নিতান্ত শক্তি করিলে এক কালিন গ্রাম নিস্প্রদীপ হয়।' *রামরাম*, ১৮০২।

কালিনাগ [স কালিয় নাগ] *বি* সাপবিশেষ। 'এথা হৈতে কালিনাগ আন ঠাঞি জাউ।' *মালাধর*, ১৫০০।

কালিনী [স] **১** *বি* কালিন্দী; যমুনা। 'কালিনীর তীরে বহে মন্দ পবনে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* নিষ্ঠুর। 'কালিনীমাএ মোর নাম থুইল রাধা।' *বড়ু*, ১৪৫০। দ্র **কালিন্দী**

কালিনী রাতি [স কালিনী+স রাত্রি] *বি* কৃষ্ণপক্ষের রাত। 'কালিনী রাতি মোঁ প্রদীপ জ্বালিআঁ পোহাওঁ।' *বড়ু*, ১৪৫০।

কালিন্দী [স] *বি* যমুনা নদী। 'বিহরই নবল কিসোর। কালিন্দি পুলিন কুঞ্জবন সোঙন নব নব প্রেমবিভোর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কালিম [আ কালিমাহ] *বি* কলেমা। 'নিশব্দে নম্রশিরে কালিম বচন।' *সুলতান*, ১৬৫০।

কালিমা [স] **১** *বি* কলঙ্ক; কালির দাগ। 'গলে কালকূটের কালিমা।' *রামনারায়ণ*, ১৮৫৪। **২** *বি* কালো ছায়া। 'পুকুরের জলের উপর

AMARBOI.COM

একটা নিবিড় কালিমা পড়িয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৯।

কালিমাধূম্র [স] *বিণ* কালিযুক্ত ধোঁয়া। 'ধানের কল দিগন্তে কালিমাধূম্র হাত উর্ধ্বে তুলি।' *রবীন্দ্র*, ১৯৪০।

কালিমাপাত [স] *বি* কাজল লেপন। 'দীর্ঘ অপাঙ্গে কালিমাপাত করিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

কালিমাপ্রাপ্ত [স] *বিণ* কলঙ্কিত। 'চন্দ্রমাবৎ, তাহার মাধুর্য্য কালিমাপ্রাপ্ত হয়।' *বঙ্কিম*, ১৮৮৭।

কালিমাভ [স] *বিণ* কালিমাযুক্ত। 'কালিমাভ চক্ষুবিশিষ্ট ... বিষণ্ণ মূর্ত্তি দৃষ্টিপথে পতিত হয়।' *অক্ষয়*, ১৮৪৬।

কালিমাময় [স] *বিণ* কলঙ্কপূর্ণ। 'ধর্ম্ম সর্ব্বস্বত্ত্ব কলুষ কালিমাময় হইবে।' *মোসলেম*, ১৯২৮।

কালিমামলিন [স] *বিণ* কালিতে ম্লান। 'নিবাইয়া ফেলো কালিমামলিন ঘরের কোণের বাতি।' *রবীন্দ্র*, ১৯৪১।

কালিমামাখা [স কালিমা+মাখা] *বিণ* কলঙ্ক লেপন করা হয়েছে এমন। 'প্রফুল্ল মুখখানি বিষণ্ণ কালিমামাখা হইয়া যাইবে।' *বিনোদিনী*, ১৮৭৫।

কালিমামুক্ত [স] *বিণ* কলঙ্কমুক্ত। 'সভ্যতার বর্বর কলুষ কালিমামুক্ত জ্যোতির্দৃষ্টি দিয়ে?' *মুজতবা*, ১৯৫২।

কালিমালিপ্ত [স] *বিণ* কালো রং অঙ্কিত; ম্লান। 'সেই অন্ধকারপ্লাবনে নববধূর মুখখানিকেও যেন কালিমালিপ্ত করিয়া দিল।' *রবীন্দ্র*, ১৯০০।

কালিয় [স] *বি* হিন্দুপুরাণে উল্লিখিত সাপের নাম। 'কালিয় দমন করিয়া জল হইতে পুনরুত্থান করিবেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

কালিয়া[১] [স কাল>] **১** *বিণ* কালো। 'মোর সে কালিয়া তনু তছু ধেয়ান অঙ্গ।' *বড়ু*, ১৫৭০। **২** *বি* পুড়ে কালো হয়ে যাওয়া হাঁড়ি। 'কালিয়া –।' *চিঠিপত্রে*, ১৭৫৩।

কালিয়া[২] [আ কালিয়হ] *বি* মাছ অথবা মাংসের রান্না ব্যঞ্জনবিশেষ। 'কালিয়া দোলমা বাগা সেকচী সমসা।' *ভারত*, ১৭৬০।

কালিয়া[৩] *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'শিবসেবক কালিয়া।' *সেবধি*, ১৮৪০।

কালিয়ে [আ কালিয়হ] *বি* কালিয়া; মাছ বা মাংসের তৈরি এক রকম ব্যঞ্জন। 'কালিয়ে পোলাও রাঁধো রাঁধো লাউ দিয়া।' *গুপ্ত*, ১৮৫৮।

কালিহ্রদ [স কালিয়-হ্রদ] *বি* হিন্দু পুরাণে বর্ণিত কালিয় সাপের বাসস্থান যমুনার হ্রদবিশেষ। 'জানিলাঙ তোমারে কপট কালিহ্রদ।' *মুকুন্দ*, ১৬০০

কালী[১] [স কাল>] **১** *বি* কলঙ্ক। 'এবার মুখের পেলা কালী পরিহর বোলে বনমালী।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* কালি; ভুসা। 'ছাই কয়লার কালী বস্ত্রে হস্তে লাগিয়াছিল।' *মশাররফ*, ১৮৯০। **৩** *বি* কালিমা। 'আমি যত দীপ জ্বালিয়াছি হাতে শুধু জ্বালা, শুধু কালী।' *রবীন্দ্র*, ১৯০৩। **৪** *বি* দোষ। 'তোমায় দিতে পূজার ডালি বেরিয়ে পড়ে সকল কালী।' *রবীন্দ্র*, ১৯১০।

কালীবাউস [স কাল>+স বাগুস] *বি* রুইমাছের মতো মাছবিশেষ; কালবাউশ। 'ভদ্র-আশ্বিনে উঠত কালো কালো নইচা কাতলা আর কালীবাউস।' *নরেন্দ্র*, ১৯৫২।

কালীবোশ [স কাল>+স বাগুস] *বি* রুই মাছের মতো এক রকমের মাছ; কালবাউশ। 'রুই মৃগেল কালীবোশ কাতল।' *জীবন*, ১৯৩২।

কালী[২] [স কালিয়] *বি* কালিয় নাগ। 'নাম মোর বনমালী হেলে দলিবো কালী।' *বড়ু*, ১৪৫০।

কালীগঙ্গা [স কালিয়-গঙ্গা] *বি* নদীবিশেষ। 'পূর্ব্ব সীমা কালী গঙ্গা।' *মশাররফ*, ১৮৯০।

কালীদহ [স কালিয়-হ্রদ] *বি* হিন্দু পুরাণমতে যমুনা গর্ভে অবস্থিত কালিয় নাগের বাসস্থান। 'তাহাত গম্ভীর আছএ কালীদহে।' *বড়ু*, ১৪৫০।

কালীনাগ [স কালিয় নাগ] *বি* পৌরাণিক সাপবিশেষ। 'ধিক হুক কাহ্নাঞি সে কালীনাগে।' *বড়ু*, ১৪৫০।

কালী[৩] [স] *বি* হিন্দুদেবী। 'কবি কৃষ্ণরাম বলে কালীর প্রসাদ।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কালী পুজো [স কালী-পূজা] *বি* হিন্দু দেবী কালীকে পূজা। 'কালাকাল বিবেচনা না করিয়া কালামুখোরা কালী পুজোপলক্ষে ঢলাঢলি করিত।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩১।

কালীবাটী [স] *বি* কালীবাড়ি; কালী মন্দির। 'তাঁহারা কালীবাটিতে গোহত্যা করিয়া মন্দিরটী মসজীদে পরিণত ... তাহাও নহে।' *হিতৈষী*, ১৮৯৫।

কালীভক্ত [স] *বিণ* হিন্দুদেবী কালীর ভক্ত। 'জবার নামও রেখেছিল সুবিনয়বাবুর কালীভক্ত হিন্দু বাবা।' *বিমল*, ১৯৫৩।

কালী[৪] [স কল্য] **১** *বি* সেদিন। 'কালী তোর মুখে দিল যশোদাঐ তনে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* আগামী দিন। 'আজী কালী যদি না দেখাও মস্তবীর খড়্গেতে কাটিয়া তোরে করিব দুই চির। *মুকুন্দ*, ১৬০০।

কালীগোখুরা *বি* বিষধর সাপবিশেষ। 'কেউটে খরিশ কালীগোখুরা ময়াল।' *ভারত*, ১৭৬০।

কালীন [স] *বিণ* সময়ের। 'বিদায় কালীন খৈকশিয়ালীকে মাণিকজোড় আপন বাটী যাইবার জন্য এমন ধরিলেক।' *তারিণী*, ১৮০৩।

কালীনাগ [স কালিয়-নাগ] *বি* হিন্দু পুরাণে বর্ণিত কালিয় নামক সাপ। 'ধিক হুক কাহ্নাঞি সে কালীনাগে।' *বড়ু*, ১৪৫০।

কালীনিয়ো [স কালীন] *ক্রিবিণ* কালীন; সময়ে। 'দুই প্রহর সময় নিলাম সুরু হবেক এবং সেই কালীনিয়ো জে সকল লোক ... হাজির হবেক।' *কাগজে*, ১৭৮৭।

কালীয়[১] [স কালিয়] *বি* ভয়ঙ্কর সাপবিশেষ (হিন্দুপুরাণ)। 'চড়িলা কালীয়নাগশীরে।' *বড়ু*, ১৪৫০।

কালীয়[২] [স] *বিণ* সময়ের; কালের। 'আমাদিগের বর্তমান কালীয় বীজগণিত বেত্তাদিগের তুল্য ছিলেন।' *অক্ষয়*, ১৮৪৭।

কালুকা [স কল্য] *বিণ* আগামী দিনের। 'মনে ভাবে বৃথা হৈল কালুকা রহস্য।' *আলাওল*, ১৬৮০।

কালে-কস্মিনে [স] *ক্রিবিণ* কদাচিৎ। 'বড়জোর কালে-কস্মিনে, চার পাঁচদিন পরেই আবার সমিত ফেরে।' *তারা*, ১৯৪৬।

কালেক্টর, কালেকটর [ই] *বি* রাজস্ব সংগ্রাহক; রাজস্ব বিভাগের উচ্চ কর্মচারী। *ফরস্টার*, ১৭৯৩; 'সাধারণ জজ কালেকটরের আদালতে যে সকল মোকদ্দমা নিষ্পত্তি ...।' *দর্পণ*, ১৮৩৪; 'কলিকাতা ও হুগলি মুরসিদাবাদির কষ্টম কালেক্টর তাঁহার নিকট এই প্রার্থনা।' *চন্দ্রিকা*, ১৮৩১।

কালেকটারী [ই] *বি* রাজস্ব আদায়ের দফতর। 'কালেকটারীর একজন প্রধান আমলা ছিলেন।' *ইমদাদুল*, ১৯২০।

কালেক্টরি, কালেক্টরী, কালেক্তরি [ই কালেক্টর>] *বি* খাজনা জমাদানের অফিস। 'কালেক্তরি ও পরমিট ও কোম্পানীর কুঠীর

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আমলা।' *দর্পণ*, ১৮১৯; 'কালেক্টরী অফিসের নিমিত্ত ২৫ পঁচিশ জন কালেকটিং সরকার অর্থাৎ কর সংগ্রাহকের কর্ম্মকারকের প্রয়োজন হইয়াছে।' *প্রভাকর*, ১৮৪৮; 'কালেক্টরিতে টাকা আমানত করিও।' *অমৃতবাজার*, ১৮৬৯।

কালেক্টার [ই] *বি* জেলার রাজস্ব আদায়ের প্রধান ব্যক্তি। 'জজ, মাজিষ্ট্রেট, কালেক্টার আমার অনুরোধ রক্ষা কত্তো।' *গিরিশ*, ১৮৮৯।

কালেজ [ই] *বি* উচ্চতর শিক্ষার প্রতিষ্ঠান; কলেজ। '*ঐ* কালেজের সাহেবেরা ইস্তাহামে উত্তীর্ণ হইলে ...।' *দর্পণ*, ১৮২০; 'নূতন কালেজ অর্থাৎ বিদ্যালয়।' *দর্পণ*, ১৮২২; 'সংস্কৃত কালেজের ছাত্রদিগকে ইঙ্গরেজী শিক্ষা করাণ বিষয়ে ...।' *চন্দ্রিকা*, ১৮৩০।

কালেজি [ই কলেজ>] *বিণ* কলেজ সম্পর্কিত। *বিদ্যা*, ১৮৯১।

কালেক্টর [ই কালেক্টর] *বি* কালেক্টর। 'জজ ম্যাজিষ্ট্রেট ও কালেক্টরেরা আর যুদ্ধ করিতে ইচ্ছা করেন কিনা।' *পূর্ণিমা*, ১৮৫৬।

কালেব [আ] *বি* অন্তঃকরণ। 'আদমের কালেবে খোদা খোদে বিরাজে।' *লালন*, ১৮৯০।

কালেভদ্রে *দ্র* **কাল**[২]

কালো [স কাল] ১ *বিণ* কালো রঙের। 'কালো ধলো কেহ রাঙ্গা দামা ঘণ্ডা বাজায় সিঙ্গা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* ঘন। 'আকাশের ধারে ধারে স্তূপাকার কালো মেঘ জমেছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৩ *বিণ* গভীর; গাঢ়। 'দামিনীর ভুরুর মধ্যে কয়দিন হইতে একটা ভ্রূকুটি কালো হইয়া উঠিতেছে।' *রবীন্দ্র*, ১৯১৪। ৪ *বিণ* অন্ধকার। 'ভিতর বাহির কালোয় কালো।' *রবীন্দ্র*, ১৯১৪। ৫ *বিণ* আদিম। 'এ কেবল একটা কালো ক্ষুধা, আমাকে অল্প অল্প করিয়া লেহন করিতে থাকিবে।' *রবীন্দ্র*, ১৯১৪। ৬ *বিণ* কলঙ্কিত। 'পাপ জ্বালি কেন আপনারি হীন কালো অন্তর।' *নজরুল*, ১৯২৪। *দ্র* **কাল**[৪]

কালো কালো *বিণ* কালচে। 'কোথাও যেন আঁধার কালো কালো।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কালোকিষ্টি [কালো+স কৃষ্ণ] *বিণ* অতিশয় ঘন অন্ধকারবিশিষ্ট। 'কালোকিষ্টি রাতে।' *জীবন*, ১৯৪৮।

কালোকুৎসিত [কালো+স কুৎসিত] *বিণ* কালো ও কুৎসিত। 'কালোকুৎসিত মেয়েগুলোকে পার করছেন বিয়ে দিয়ে।' *সাদত*, ১৯৬৭।

কালোকোলো [কালো>] *বিণ* অনেকাংশ কালো; কালোমতো। 'ওরই মতো কালোকোলো।' *রবীন্দ্র*, ১৯৩২।

কালো চামড়া [কালো>] *বি* কৃষ্ণাঙ্গ ব্যক্তি। 'কালো চামড়াদের জন্য শিক্ষার বন্দোবস্ত করিয়া ক্যাপ্টেন চলিয়া গেল।' *শওকত*, ১৯৫৮।

কালোজাম [কালো+স জম্বু>] *বি* কালো রঙের জাম। 'নীরব উপেক্ষার পরিবর্তে কালোজামের আঁটি ব্যবহার করিতে হইল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কালোধলো [কালো>+স ধবল>] *বিণ* কালো অথবা ধবল। 'যা ছিল কালোধলো তোমার রঙে রঙে রাঙা হল।' *রবীন্দ্র*, ১৯১০।

কালোধুনো [কালো+স ধূনক] *বি* পাথুরে কয়লা থেকে উৎপন্ন অত্যন্ত ঘনকালো পদার্থবিশেষ; পিচ। *ওসাঁ*, ১৭৮৫।

কালোপানা [কালো+স প্রবণ>] *বিণ* দেখতে কালোমতো। 'ওটা কালোপানা কি রে?' *শরৎ*, ১৯১৭।

কালোপেঁচা [কালো+স পেচক] *বি* ধূসর মাথাবিশিষ্ট কটা রঙের প্যাঁচাবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫।

কালোবর্ণ [কালো+স বর্ণ] *বি* কালো রং। 'কালোবর্ণের পানকৌড়ি জলের ভিতরে ডুব দিয়ে মাছ ধরছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কালো-বাউশী [কালো+স বাণ্ডস] *বি* কালবাউশ মাছ। 'কালো-বাউশী যেনো কলমী বনে।' *মাহমুদ*, ১৯৭৩।

কালোবাজার [কালো+ফা বাজার] *বি* অবৈধভাবে কেনাবেচা হয় এমন বাজার। 'নীচতা, এমন কী কালোবাজার, সবই রয়েছে।' *ধূর্জটি*, ১৯৩১।

কালোবাজারি, কালোবাজারী [কালো+ফা বাজার>] *বিণ* অবৈধ মালামালের ব্যবসা করে এমন। 'কালোবাজারি, দুর্নীতিপরায়ণ একটা শ্রেণী।' *আজাদ*, ১৯৪৬; 'তিনি কালোবাজারীদের ল্যাম্পপোস্টে ঝোলাবেন।' *মুজতবা*, ১৯৫৮।

কালোবাস *বি* এক জাতের বানর। 'ও কালোবাস জাতীয় মাদী বানর।' *বিভূতি*, ১৯৩৭।

কালো ব্যাজ [কালো+ই ব্যাজ] *বি* শোক প্রকাশের প্রতীকী চিহ্ন। 'কালো ব্যাজ ধারণ করে নগ্নপদে মিছিল নিয়ে ...।' *বেগম*, ১৯৭০।

কালোমেঘ [কালো+স মেঘ] ১ *বি* কালো রঙের মেঘ। 'বিরহিণী কপোতিনী, এলোকেশে কালোমেঘে পিঁজে।' *নজরুল*, ১৯২৪। ২ *বি* কালোছায়া। 'তার জীবনে নেমে আসে দুর্দশার কালোমেঘ।' *বেগম*, ১৯৭০।

কালোসাপ [কালো+স সাপ] *বি* কেউটে সাপ। 'তোমায় যারা ভক্তিতা কালোসাপ।' *মাহমুদ*, ১৯৭৩।

কালোত্তীর্ণ *দ্র* **কাল**[২]

কালোবাজারী [কালো+ফা বাজার>] *বি* অবৈধ উপায়ে ক্রয়বিক্রয়কারী। 'কালোবাজারী ও চোরাচালানী সমাজে সদর্পে বিচরণ করিতেছে।' *আজাদ*, ১৯৫৬।

কালোয়াত, কালোয়াৎ [স কলাবৎ] *বিণ* উচ্চাঙ্গ সংগীতে পারদর্শী। 'ঞিহারা কি প্রকার কালোয়াৎ হইয়াছেন তাহা আপন বুদ্ধ্যনুসারে বলি।' *ভবানী*, ১৮২৩।

কালোয়াতি, কালোয়াতী [স কলাবৎ] ১ *বিণ* উচ্চাঙ্গ (সংগীতের ক্ষেত্রে)। 'মার্জিত কালোয়াতি সংগীত থই পাইল না।' *রবীন্দ্র*, ১৯০২; 'ওস্তাদ রেখে কালোয়াতী গান শিখতেন।' *অবন*, ১৯৪১। ২ *বিণ* উচ্চকণ্ঠ। 'দুপুর-রাত্রি পর্যন্ত কালোয়াতি তর্ক হতে পারবে।' *শরৎ*, ১৯১৭। ৩ *বি* উচ্চাঙ্গ সংগীতে নৈপুণ্য। 'দ্রুত তেতালেই তাঁদের কালোয়াতি দেখানোর শখ।' *মুজতবা*, ১৯৪৯।

কালোয়াতি সংগীত [স কলাবৎ-সংগীত] *বি* উচ্চাঙ্গ সংগীত। 'মার্জিত কালোয়াতি সংগীত থই পাইল না।' *রবীন্দ্র*, ১৯০২।

কালোনিজেশ্যন [ই কলোনাইজেশন] *বি* ঔপনিবেশিকতা। 'কালোনিজেশ্যন অর্থাৎ এদেশে য়োরোপীয় লোকের চাস বাসে এতদ্দেশীয় লোকের যে অসম্মতি।' *বঙ্গদূত*, ১৮২৯।

কালোপযোগী *দ্র* **কাল**[২]

কাল্পনিক [স] ১ *বিণ* ভবিষ্যৎ। 'ধন্য ধন্য ধার্ম্মিক ... কাল্পনিক বাবুদিগের পিতা।' *ভবানী*, ১৮২৫। ২ *বিণ* ধরে নেওয়া হয়েছে এমন। 'পৃথিবীর মধ্য ভেদ করিয়া যে কাল্পনিক রেখা উত্তর হইতে দক্ষিণ পর্য্যন্ত ...।' *অক্ষয়*, ১৮৪১। ৩ *বিণ* অলীক। 'অনেক ব্যক্তি প্রতিমার আরাধনাদি কাল্পনিক ধর্ম্ম বিসর্জ্জন পূর্ব্বক ...।' *অক্ষয়*, ১৮৪৪। ৪ *বিণ* প্রমাণ নেই এমন। 'কাল্পনিক ... অভিপ্রায় সকল বিশেষ রূপে খণ্ডন করিবার কোন প্রয়োজন নাই।' *অক্ষয়*, ১৮৪৫। ৫ *বিণ* মিথ্যা। 'কন্যার বিবাহ যথার্থ বটে, কাল্পনিক নয়।' *উমেশ*, ১৮৫৭। ৬ *বি*

AMARBOI.COM

কল্পনা। 'প্রভুর শোণিত মাংস কাল্পনিক করি/ আহারে আহ্লাদ পান যত মিশনরি।' *গুপ্ত*, ১৮৫৮।

কাল্পনিকতা [স] *বি* কল্পনা প্রবণতা। 'মিথ্যা কাল্পনিকতাকে আমি ভারী ঘৃণা করি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কাল্যাকড়া [স কাল>+স কলায়>] *বি* ফুল গাছবিশেষ। 'স্যামলতা ঘাটুফুল কাল্যাকড়া তোলে মৌল।' *মুকুন্দ*, ১৬০০।

কাল্যা নোয়া [স কাল>] *বি* গাছবিশেষ। 'টাঙ্গুর ঝাঁটি কাটিল কাল্যা নোয়া।' *মুকুন্দ*, ১৬০০।

কাল্লা [ফা কল্লাহ] *বি* মাথা। 'দেয়ুগ ঈসার কল্লা লইয়া বাহির হইতেছে না।' *মনসুর*, ১৯৫০।

কাশ[১] [স] ১ *বি* শ্লেষ্মাজনিত রোগ। 'কুষ্ঠ কুষ্ঠ অজীর্ণতা রোগ হরে কাশ।' *সুলতান*, ১৭০০। ২ *বি* শ্লেষ্মা। 'নিকাশী কাশ বাধবে গলে জেনে শুনে কেন ভুলি।' *লালন*, ১৮৯০।

কাশ রোগ [স] *বি* কাশি। 'ইঁহার কাশ রোগ।' *বঙ্কিম*, ১৮৭৩।

কাশরোগী [স] *বি* কাশির রোগী। 'ঠিক যেন কাশরোগীর হাসি।' *বিভূতি*, ১৯৩৮।

কাশ[২] [স] ১ *বি* কাশ নামক তৃণ। 'ফটিক গোটাকতক কাশ উৎপাটন করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বি* কাশফুল। 'আমরা বেঁধেছি কাশের গুচ্ছ, আমরা গেঁথেছি শেফালিমালা।' *রবীন্দ্র*, ১৯০৮।

কাশপাতা [স কাশপত্র] *বি* কাশ নামক তৃণের পাতা। 'আরো বলেছিলে এই কাশপাতা যদি বা ছিঁড়িয়া যায়।' *জসীম*, ১৯৩০।

কাশফুল [স কাশ+স ফুল্ল] *বি* কাশ নামক তৃণের ফুল। 'এখনো কাশফুল সব ফুটে নাই, ফুটিতে আরম্ভ করিয়াছে মাত্র।' *রবীন্দ্র*, ১৮৮৪।

কাশবন [স] *বি* কাশফুলের বন। 'কাশবনের উপরে রৌদ্র পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

কাশন [স কাশ>] *বি* কাশি দেওয়া। *ওসী*, ১৭৮৫।

কাশফ [আ কাশ্‌ফ] *বি* প্রকাশ। 'সে গল্প তাঁর রুহানি তাকত ও কাশফ নিয়ে।' *ওয়ালী*, ১৯৪৮।

কাশা [স কাশ>] *ক্রি* গলা দিয়ে শ্লেষ্মা বের করার শব্দ করা। 'কুটিল গমন ঘন কাশে।' *বড়ু*, ১৪৫০; 'ধুলার বেগে কাশিয়া মরে লোক।' *রবীন্দ্র*, ১৯০০।

কাশি [স কাশ>] *বি* কাশার শব্দ। 'কাশিতে হাঁচিতে ছিঙে শত-ছিণ্ডা ধড়ী।' *মুকুন্দ*, ১৬০০।

কাশিদ [আ কাসিদ] ১ *বি* পালতোলা নৌকা। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* দূত; সংবাদবাহক। *ওসী*, ১৭৮৫।

কাশিদানি *বি স্ত্রী* সংবাদবাহক। *ওসী*, ১৭৮৫।

কাশিনি [স কাসন্নী] *বি* শাকবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

কাশিমের উল *বি* ছাগলের লোম থেকে তৈরি পশম। *ওসী*, ১৭৮৫।

কাশী[১] [স কাশা] *বি* কাশফুল। 'মেঘ বহিআঁ গেলে ফুটিবেক কাশী।' *বড়ু*, ১৪৫০।

কাশী[২] [স] *বি* হিন্দুতীর্থ হিসেবে বিখ্যাত ভারতের বারানসী শহর ও তৎসংলগ্ন এলাকা। 'করিব গন্ধর্ব বিভা লইয়া যাব কাশী।' *বিজয়*, ১৬৫০।

কাশীধাম [স] *বি* কাশী নামক তীর্থ। 'মক্কা যেয়ে ধাক্কা খেয়ে যেতে চাও কাশীধামে।' *লালন*, ১৮৯০।

কাশীপ্রাপ্তি [স] *বি* মৃত্যু। 'মার কাশীপ্রাপ্তি হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৮।

কাশীবাসী [স] *বিণ* বারানসীতে বসবাসকারী। 'তুমি অদ্য কাশীবাসী সম্প্রতি লয়েছ আসি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কাশীদাসি [স কাশীদাস>] *বিণ* কবি কাশীরাম দাস রচিত। 'কাশীদাসি মহাভারত।' *দর্পণ*, ১৮৩১।

কাশেদ [আ কাসিদ] *বি* দূত। *মানোএল*, ১৭৪৩।

কাশ্মীর [স] ১ *বিণ* কাশ্মীরে জন্মে এমন। 'কাশ্মীর-ফুলে বাঁধি কবরী।' *সত্যেন্দ্র*, ১৯১৪। ২ *বি* ছাগলের লোম থেকে তৈরি পশম। 'বৈরূপ্য সৃজনে বাঙালি আমরা ঢের পাকা – বিলিতি দেশীতে, খদ্দরে কাশ্মীরে।' *অবন*, ১৯২৫।

কাশ্মীরি, কাশ্মীরী [স কাশ্মীর] ১ *বি* কাশ্মীরের অধিবাসী। 'কাশ্মীরী দক্ষিণী সিন্ধী কামরূপী আর বঙ্গদেশী।' *আলাওল*, ১৬৮০। ২ *বিণ* কাশ্মীরে তৈরি। 'কাশ্মীরি ছাগ যাহার পশম হইতে কাশ্মীরি শাল প্রস্তুত হয়।' *অক্ষয়*, ১৮৪১।

কাশ্মীরাধিপতি [স] *বি* কাশ্মীরের রাজা। 'রাজতরঙ্গিণী অনুসারে কাশ্মীরাধিপতি মিহিরকুলের গান্ধার ব্রাহ্মণদিগকে অগ্রহার দিবার উল্লেখ আছে।' *অক্ষয়*, ১৮৪৭।

কাশ্মীরীয় [স] *বি* কাশ্মীরের অধিবাসী। '৫০ লক্ষাধিক কাশ্মীরীয় আত্মনিয়ন্ত্রণের অধিকার আদায় না করা পর্য্যন্ত ...।' *আজাদ*, ১৯৫৪।

কাশ্যপ [স] *বি* হিন্দু গোত্রবিশেষ। 'আমাদের কাশ্যপ গোত্রে জন্ম।' *রবীন্দ্র*, ১৯০৭।

কাষায় [স] *বিণ* গৈরিক; কষায় দিয়ে রঞ্জিত। 'কাষায় কৌপীন ছাড়ি দিব্য পট্টবাস।' *বৃন্দা*, ১৫৮০।

কাষ্ট [স কাষ্ঠ] *বি* কাঠ। 'সর্ব্বসিস্যে জাহ আজ কাষ্ট আনিবারে।' *মালাধর*, ১৫০০।

কাষ্টমস [ই] *বি* শুল্কবিভাগ। 'কাষ্টমস-এ শ'চারেক টাকার মাইনের চাকরি করেন।' *নরেন্দ্র*, ১৯৫০।

কাষ্টর অয়েল [ই] *বি* গ্রীষ্মমণ্ডলে পাওয়া যায় এমন কাস্টর বীজ থেকে তৈরি ঈষৎ হলুদ রঙের তরলবিশেষ, যা বিরেচক হিশেবে ব্যবহৃত হয়। 'রোগীরা আর কাষ্টর অয়েল পায় না।' *বঙ্কিম*, ১৮৭৮।

কাষ্ঠ [স] ১ *বি* কাঠ। 'শুষ্ক কাষ্ঠের সম করিয়া সাধন।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বিণ* নীরস। 'উঠছে তোদের হাসির হানা কাষ্ঠ সুরে ডাক ছেড়ে।' *সুকুমার*, ১৯২০।

কাষ্ঠখণ্ড [স কাষ্ঠখণ্ড] *বি* কাঠের ডাল। 'তাহার কাষ্ঠখণ্ড সকল কালক্রমে পল্লবিত ও শাখাবিশিষ্ট হইয়া ...।' *অক্ষয়*, ১৮৫২।

কাষ্ঠজ্ঞান [স] *বি* হালকা জ্ঞান। '৪/৫ টি ভাষায় কাষ্ঠজ্ঞান অপেক্ষা কোন এক ভাষায় ব্যুৎপন্ন।' *এসলাম*, ১৯১৯।

কাষ্ঠদণ্ড [স] *বি* আড়াআড়ি টানানো কাঠের লাঠি; আলনা। 'একটা কাষ্ঠদণ্ডে আমার সাহেবি হ্যাট এবং খাটো কোর্তা দুলিতেছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কাষ্ঠনারী [স] *বি* কাঠের নারীমূর্তি। 'কাষ্ঠনারী-স্পর্শে যেছে উপজে বিকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কাষ্ঠনির্মিত, কাষ্ঠ-নির্মিত [স] *বিণ* কাঠ দিয়ে তৈরি। 'বহুকাল পর্য্যন্ত কাষ্ঠ-নির্মিত মুদ্রা-যন্ত্রই ব্যবহৃত হইয়া আসিতেছিল।' *অক্ষয়*, ১৮৫৪।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কাষ্ঠনীড় [স] *বি* কাঠের ঘর। 'বারান্দার কোণে আমি যে একটি অলিন্দবেষ্টিত কাষ্ঠনীড় রচনা করে নিয়েছিলেম।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কাষ্ঠপট্ট [স] *বি* কাঠের তক্তা। 'তাঁহারা এক কাষ্ঠপট্টে একেবারে পুস্তকের এক এক পৃষ্ঠ খুদিয়া গ্রন্থ মুদ্রিত করে।' *অক্ষয়*, ১৮৪৮।

কাষ্ঠপাত্র [স] *বি* কাঠের তৈরি পাত্র। 'তাহারা করোটি বা কাষ্ঠপাত্রে রাখিয়া সঙ্গে লইয়া যায়।' *অক্ষয়*, ১৮

কাষ্ঠপাদুকা [স] *বি* খড়ম। 'আপনি ... দুকা গ্রহণ করিয়া গঙ্গার উপর দিয়া গমন করে।' *অক্ষয়*, ১৮৫০।

কাষ্ঠপাষাণ [স] *বি* অত্যন্ত নিষ্ঠুর ব্যক্তি। 'বিদীর্ণ না হয় কাষ্ঠপাষাণের মন।' *বৃন্দা*, ১৫৮০; 'বাসুদেব গীত করে প্রভুর বর্ণনে কাষ্ঠ পাষাণ দ্রবে যাহার শ্রবণে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কাষ্ঠপুত্তল [স] *বি* কাঠের পুতুল। 'হেথা কেন দাঁড়ায়েছ, কবি, যেন কাষ্ঠপুত্তলছবি।' *রবীন্দ্র*, ১৮৯০।

কাষ্ঠপুত্তলি [স] *বি* কাঠের পুতুল। 'আমার শরীর কাষ্ঠপুত্তলি সমান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কাষ্ঠপ্রফুল্লতা [স] *বি* কৃত্রিম প্রফুল্লতা। 'রমেশের কাষ্ঠপ্রফুল্লতার ছদ্মদীপ্তি মুহূর্তের মধ্যে কালিমায় ব্যাপ্ত হইল।' *রবীন্দ্র*, ১৯০৬।

কাষ্ঠফলক [স] *বি* কাঠের পাত। 'তাহা কাষ্ঠফলকে খুদিয়া মুদ্রাঙ্কিত করিতে হইত।' *অক্ষয়*, ১৮৪৯।

কাষ্ঠবিড়াল [স] *বি* কাঠবিড়ালি। 'কাষ্ঠবিড়ালেও সমুদ্র বাঁধিতে পারে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কাষ্ঠভার [স] *বি* কাঠের বোঝা। 'মস্তকোপরি কাষ্ঠভার লইয়া ঐ পথে চলিয়া গেল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কাষ্ঠমঞ্চ [স] *বি* কাঠের তাক। 'ঘরের কাষ্ঠমঞ্চ হইতে শেখর আপনার পুঁথিগুলি পাড়িয়া সম্মুখে স্তূপাকার করিয়া রাখিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯২।

কাষ্ঠময় [স] ১ *বিণ* কাঠের তৈরি। 'জানলা দরজা বন্ধ করে বোটের এই ক্ষুদ্র কাষ্ঠময় গহ্বরের মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বিণ* কাঠের মতো। 'খুব মোটা কাষ্ঠময় লতা।' *বিভূতি*, ১৯৩৮।

কাষ্ঠমল্লিকা [স] *বি* ফুলবিশেষ। 'সর্বত্রই যূথি, জাতি ... কাষ্ঠমল্লিকা, নাগরকেশর, গন্ধরাজ, বকুলাদি পরিশোভিত।' *হরপ্রসাদ*, ১৮৮১।

কাষ্ঠযন্ত্র [স] *বি* কাঠের তৈরি যন্ত্র। 'যৈছে নাচাও তৈছে নাচি যেন কাষ্ঠযন্ত্র।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কাষ্ঠ-রসিক [স] *বি* রসকষহীন ব্যক্তি। 'কাষ্ঠ-রসিকেরা বলেন সে আক্রমণের প্রধান উদ্দেশ্য বন্দুকগুলোর তাগ পরীক্ষা করা।' *মুজতবা*, ১৯৪৯।

কাষ্ঠরসিকতা [স] *বি* কৃত্রিম রসিকতা। 'শুকনো পশ্চিমকে ঠাট্টামস্করা করা কাষ্ঠরসিকতা।' *মুজতবা*, ১৯৪৯।

কাষ্ঠলোষ্ট্রইষ্টক দৃঢ় [স] *বিণ* কাঠ-ঢেলা-ইটের মতো অনমনীয়। 'কভু কাষ্ঠলোষ্ট্রইষ্টক দৃঢ় ঘনপিনদ্ধ কায়া।' *রবীন্দ্র*, ১৯২২।

কাষ্ঠহাসি [স] *বি* কৃত্রিম হাসি। 'চাটুজ্যে সাহেব ... কাষ্ঠহাসি হেসে স্ত্রীকে বললেন।' *প্রমথ*, ১৯১৯।

কাষ্ঠাদি [স] *বি* কাঠ এবং ডালপালা। 'পর্ব্বতীয় লোকেরা যখন কাষ্ঠাদি আহরণের কারণ বনে যায়।' *দর্পণ*, ১৮২০।

কাষ্ঠাধার [স কাষ্ঠ-আধার] *বি* কাঠের তৈরি বাক্স; কফিন। 'একটি অন্ত্যেষ্টিক্রিয়ার মিছিল অকস্মাৎ একটি অমসৃণ কাষ্ঠাধারে চারিজন বাহকের স্কন্ধে ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

কাষ্ঠাসন [স কাষ্ঠ-আসন] *বি* কাঠের তৈরি আসন। *সেবধি*, ১৮৩৯; 'ইত্যাকার দুশ্চিন্তায় তীব্র তমুকূটবাসিত পরের কম্বলের উপর কাষ্ঠাসনে রাত্রি যাপন করলুম।' *রবীন্দ্র*, ১৮৯১।

কাষ্ঠি [স কাষ্ঠা] *বি* কাঠ। 'বেসারি পিঠালি ঘন কাষ্ঠি।' *মুকুন্দ*, ১৬০০।

কাষ্ঠীবল [স কাষ্ঠ>] *বি* ফলবিশেষ। 'কাষ্ঠীবল পানিফল অন্য আর কত।' *মানিকরাম*, ১৭৮১।

কাস [স কাশ] *বি* কাশি। 'শুকাইয়া বচ হয়ে কাস নাশ করে।' *গুপ্ত*, ১৮৫৮।

কাস-দোষ [স কাশদোষ] *বি* কাশরোগ; কাশি। 'বায়ু কফ কাস-দোষ নাশে এর তেলে।' *গুপ্ত*, ১৮৫৮।

কাসনি *বি* এক প্রকার রঙের নাম। 'গোলে আনার কাসনি ... ইত্যাদি নানা রঙ্গীন সাড়ি পরিধান করেন।' *ভবানী*, ১৮২৮।

কাসন্দি [স কাসমর্দ] *বি* সরষে বাটা দিয়ে তৈরি ঝাঁঝালো তরলবিশেষ। 'কাসন্দি আদিআচার অনেক প্রকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কাসন্দিআ [স কাসমর্দ] *বি* ভেষজ উদ্ভিদবিশেষ। 'চাকন্দিআ কাসন্দিআ নিসন্ধ্যা ভেলা ...।' *মুকুন্দ*, ১৬০০।

কাসপিয়ান হ্রদ [ই কাসপিয়ান+স হ্রদ] *বি* এশিয়া ও ইউরোপের সীমান্তবর্তী পৃথিবীর অন্যতম বৃহত্তম হ্রদ। 'তাঁহা সিন্ধুনদীর পশ্চিমতীর দিয়া কাসপিয়ান হ্রদ সমীপে উপস্থিত হইত।' *অক্ষয়*, ১৮৪৯।

কাসরাত [আ] *বি* অনুশীলন। 'কামনা করি তাঁহাদের কামিয়াবী এবং কাসরাত।' *মাহেনও*, ১৯৪৯।

কাসা [স কাংস্য] *বি* পেয়ালা। 'একদমে পিয়া সেই জহরের কাসা।' *গরীব*, ১৭৬৫।

কাসি [স কাশ] *বি* কাশি; ফুসফুস ও শ্বাসনালির এক প্রকার রোগ। 'তিনি রামসদয়ের জ্বরে কুইনাইন, কাসিতে ইপিকা।' *বঙ্কিম*, ১৮৭৪।

কাসির অসুখ *বি* যক্ষ্মা। 'তাহার কাসির অসুখের কথাগুলো বলিল।' *তারা*, ১৯৪২।

কাসিদা [আ কাসিদ] ১ *বি* বার্তা। 'যে বালুতে কান পেতে আমি শুনি কাসিদা নতুন।' *ফররুখ*, ১৯৪৬। ২ *বি* একধরনের উর্দু কবিতা। 'রুবাইয়াত, মাসনবী, কাসিদা এবং মার্সিয়া।' *মাহেনও*, ১৯৪৯। ৩ *বি* একপ্রকার মসলিন কাপড়। 'বদনখাস, সরবতি, কাসিদা, কুমীস, ডুরিয়া।' *মাহেনও*, ১৯৪৯।

কাসিমল [স কাসমর্দ] *বি* কালকাসন্দার গাছ। 'মল্ল কাসিমল সরল ভালা ভিলোল।' *বড়ু*, ১৪৫০।

কাসী [স কাংস্য] ১ *বি* কাঁসার তৈরি তালযন্ত্রবিশেষ। 'ঢাক ঢোল দারি কাসী মৃদঙ্গ দোছড়ি বাঁশী।' *সুলতান*, ১৬৫০। ২ *বি* কাঁসার তৈরি ছোটো থালাবিশেষ। 'কাসী –।' *চিঠিপত্রে*, ১৮৪০।

কাসীমলা *বি* ভেষজ উদ্ভিদবিশেষ। 'চাকন্দিআ কাসন্দিআ নিসন্ধ্যা ভেলা গোরোকচাঙলি কাটে কাসীমলা।' *মুকুন্দ*, ১৬০০।

কাসু [স কস্য] *সর্ব* কার। 'সদ্‌গুরু বোহেঁ বুঝিরে কাসু কদিনি।' *চর্যা* ২৩, ১২০০।

কাসুআ [স কাস>] *বিণ* কাশে এমন। *বিদ্যা*, ১৮৯১।

কাসুন্দি [স কাসমর্দ] *বি* সরষে বাটা দিয়ে তৈরি ঝাঁঝালো তরলবিশেষ। 'আমাদের আচার অর্থাৎ রীতি, নীতি, কাসুন্দি, কখন ভাল হবে না।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দীনবন্ধু, ১৮৬৭।

কাসেদ [আ কাসিদ] *বি* রাজপত্র বাহক। 'আবদুল জব্বারের নিকট কাসেদ প্রেরণ করিলেন।' *মশাররফ*, ১৮৮৫।

কাস্কানি *বি* পাহাড়ের নাম। 'রত্নসেন গড় হৈল কাস্কানি সোসার।' *আলাওল*, ১৬৮০।

কাস্টডি [ই] *বি* তত্ত্বাবধান। 'কোনো ব্যাঙ্কের সেফ কাস্টডিতে রাখা যেত?' *শিবরাম*, ১৯৭০।

কাস্টম-হাউস [ই] *বি* শুল্ক আদায়ের ঘর। 'অনেক হাঙ্গাম করে নিদ্রিত কাস্টম-হাউসকে জাগিয়ে তার পরীক্ষা থেকে উত্তীর্ণ হয়ে একটা গাড়ি ভাড়া করলুম।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কাস্টমার, কাস্টোমার [ই] *বি* খদ্দের; ক্রেতা। 'কাস্টমারদের দরকার মতো সাহচর্য দেয়।' *শিবরাম*, ১৯৭০; 'আজকাল তো বেশ কাস্টোমার আসে।' *সুনীল*, ১৯৭০।

কাস্টিং [ই] *ক্রি* অভিনয়ের জন্য নির্বাচিত শিল্পী। 'কী ভয় করছে রে শালা, বাকি সব কাস্টিং কোথায়?' *শক্তি*, ১৯৭০।

কাস্তিআ দ্র **কাস্তিয়া**

কাস্তিয়া, কাস্তিআ [ফা কাশ্‌ত>] *বি* কাস্তে; শস্যাদি কাটার অস্ত্রবিশেষ। 'এই ধাতুতে লাঙ্গলের ফাল, কোদাল, কাস্তিয়া প্রভৃতি কৃষিকার্যের যন্ত্র সকল নির্মিত হয়।' *বিদ্যা*, ১৮৫১। 'কাস্তিআ।' *বিদ্যা*, ১৮৯১;

কাস্তে [ফা কাশ্‌ত>] *বি* ধান কাটার হাতিয়ারবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'কাস্তে বগলে তামাক টানিতে টানিতে দুই চাষার প্রবেশ।' *মশাররফ*, ১৮৬৯।

কাস্তেচোরা [ফা কাশ্‌ত>+চোরা] *বি* একপ্রকার পাখি। 'তাদের ডালে অসংখ্য শামখোল আর কাস্তেচোরা পাখি।' *হাসান*, ১৯৬০।

কাস্পিয়ান [ই] *বি* ইউরোপ ও এশিয়ার মধ্যবর্তী অঞ্চলে প্রস্তুত সাগরের মতো বড়ো হ্রদবিশেষ। 'কৃষ্ণসাগর এবং কাস্পিয়ান সাগরের মধ্যবর্তী।' *অক্ষয়*, ১৮৪১।

কাস্যা [স কাশ] *বি* কাশ নামক তৃণ। 'পগার খন্দক খানা উলু কাস্যা নল বেনা'। *মুকুন্দ*, ১৬০০।

কাহ [স কৃষ্ণ] *বি* কৃষ্ণ। 'আপনা হইতে কাহ ভিনু না ভাবিহ।' *মালাধর*, ১৫০০।

কাহন [স কার্ষাপণ] *বি* ষোলো পণ বা ১২৮০টি। 'পণের নিয়ম কৈল দ্বাদশ কাহন।' *মুকুন্দ*, ১৬০০।

কাহরি [স কস্য>] *সর্ব* কার। 'অইসসি জাসি ডোম্বী কাহরি নাবেঁ।' *চর্যা ১০*, ১২০০।

কাহা[১] *ক্রি* বলা। 'বাকপথাতীত কাহিব কীস।' *চর্যা ৪০*, ১২০০।

কাহা[২] *সর্ব* কে। **কাহাক** *সর্ব* কাকে। 'কাহাক দেখাহ তোহ্মে এত বীরপণে।' *বড়ু*, ১৪৫০। **কাহাকে** *সর্ব* কার। 'কাহাকে মিলিল আজি অষ্ট মহাসিধী।' *বড়ু*, ১৪৫০। **কাহাকেহো** *সর্ব* কাকেও। 'কাহাকেহো না কৈল সংহতী।' *বড়ু*, ১৪৫০। **কাহাঞি** *সর্ব* কাকে। 'যা দেখিআঁ কাহাঞি করন্তি যতন।' *বড়ু*, ১৪৫০। **কাহাত** *সর্ব* কাকে। 'পশু পক্ষী নাহি বার্তা কাহ্নত কহিমু।' *আলাওল*, ১৬৮০। **কাহার** *সর্ব* কার। 'এত আপমান সহে কাহার পরাণে।' *বড়ু*, ১৪৫০। **কাহারু** *সর্ব* কারও। 'চৌকিরদিগে কাহারু মনোযোগ রহিল না।' *রামরাম*, ১৮০১। **কাহারে** *সর্ব* কাউকে। 'প্রেমে কারে বংশী মারে কাহারে চাপড়ে।' *কৃষ্ণদাস*, ১৮৮০। **কাহারো** *সর্ব* কারও। 'কাহারো পাস নাহিঁ জাও।' *বড়ু*, ১৪৫০।

কাহার [স কাহারক] *বি* পালকিবাহক। 'আসিতে জাইতে কাহার ভাড়া চারি টঙ্কা।' *ওসাঁ*, ১৭৭৯; 'এদিকে বর নিয়ে ষোলো কাহার ...।' *অবন*, ১৮৯৬।

কাহারনি [স কাহারক>] *বি* পালকিবাহকের স্ত্রী। *বিদ্যা*, ১৮৯১।

কাহারবা [স কাহারক>] ১ *বি* (সঙ্গীত) চার মাত্রার পর্ববিশিষ্ট আট মাত্রার তালবিশেষ। 'বাজে কাহারবা বাজা, গুলজার গুলশান গুলফাম।' *নজরুল*, ১৯২৪। ২ *বিণ* তার্কিক। 'সোফিও তেমনই আফলাতুন কাহারবা মেয়ে।' *নজরুল*, ১৯২৭।

কাহাল [স কলাহক] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'হরিধ্বনি কোলাহল মঙ্গল কাহাল।' *বৃন্দা*, ১৫৮০।

কাহালি [স কলাহক>] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'অর্চনা করে ও কাহালি বাজায়।' *দর্পণ*, ১৮২৫।

কাহি [স কস্য] ১ *ক্রিবিণ* কোথায়। 'জংপুণা হি অধ্য তাসু পরেলা কাহি।' *চর্যা ৪৩*, ১২০০। ২ *সর্ব* কাকে। 'তুঅ ডরে ইহ সব দূরহি পলাএল তুহুঁ পুন কাহি ডরাসি।' *বিদ্যাপতি*, ১৪৬০। দ্র **কাঁহি**

কাহিণী [স কথনিকা, হি কহানী] *বি* বৃত্তান্ত। 'রাধিকারে পুছিআঁ কাহিণী।' *বড়ু*, ১৪৫০।

কাহিনি, কাহিনী [স কথনিকা, হি কহানী] ১ *বি* বৃত্তান্ত। 'সরূপে কাহিনী বড়ায়ি কহ মোর থানে।' *বড়ু*, ১৪৫০; 'নন্দ ঘোস জসোদার কী কব কাহিনি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* ঘটনাবলি। 'কৃতুহলে পুছিলেক ভরত কাহিনি।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৩ *বি* গল্প। 'কানের কাছে কাহিনী শুনায়।' *রবীন্দ্র*, ১৮৮৩; 'তাঁর বাল্যের মিত্রতার কাহিনি হয়তো শুধু কাহিনিমাত্র।' *মহাশ্বেতা*, ১৯৫৬। ৪ *বি* রূপকথা। 'কাহিনীর দেশেতে ঘর তোর সেই রাজপুত্তুর?' *নজরুল*, ১৯২৬।

কাহিনীকার [স কথনিকা-কার>] *বি* কথক। 'বাস্তব পদক্ষেপ যেন কাহিনীকার ও শ্রোতার সম্মুখে হঠাৎ উপস্থিত হইয়াছে।' *শওকত*, ১৯৫৮।

কাহিনীবহুল [স কথনিকা-বহুল>] *বিণ* নানাবিধ কাহিনিপূর্ণ। 'দেবদেবীবহুল, কাহিনীবহুল, অনুষ্ঠানবহুল পৌরাণিক হিন্দুধর্ম।' *রবীন্দ্র*, ১৯২৯।

কাহিনীমুখর [স কথনিকা-মুখর>] *বিণ* নানাবিধ ঘটনাপূর্ণ। 'ক্রমে ক্রমে উদ্বেলিত হতে লাগলো তার বিস্মৃতপ্রায় কাহিনীমুখর অতীত।' *বিমল*, ১৯৫৩।

কাহিনীরস [স কথনিকা-রস>] *বি* রোমান্স। 'রোমান্টিক অর্থাৎ কাহিনীরসের জিনিস ...।' *রবীন্দ্র*, ১৯৪১।

কাহিনী-সুরা [স কথনিকা-সুরা] *বি* কাহিনিরূপ সুরা। 'ফেনায়িত কাহিনী-সুরা কি পান করবি না?' *সুকান্ত*, ১৯৪১।

কাহিল, কাহীল [আ কহিল] *বিণ* কাতর; দুর্বল। *বোগল*, ১৭৭০; 'কাহীল।' *ওসাঁ*, ১৭৮২; 'কেবল বড় ভট্টাচার্য্য কাহিল।' *কেরি*, ১৮০২।

কাহিলি, কাহিলী [আ কহিল>] ১ *বি* কাতরতা। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* দুর্বলতা। 'তাহার কাহিলী অনেক দিন অবধি আছে।' *কেরি*, ১৮০২। ৩ *বিণ* নিস্তেজ। *বিদ্যা*, ১৮৯১।

কাহে ১ *সর্ব* কাকে। 'কাহে রে কিষণি মই দিবি পিরিচ্ছা।' *চর্যা ২৯*, ১২০০। ২ *সর্ব* কারও। 'সভাএ আছএ নহে কাহে অগোচর।' *মালাধর*, ১৫০০। ৩ *ক্রিবিণ* কোথাও। 'কহে সব ভেল আন। কাহে না মিলিল কান।' *দ্বিজী*, ১৫৫০। ৪ *ক্রিবিণ* কেন। 'বঙ্গল এ অভাগীরে কাহে।' *মুরারি*, ১৫৭০। **কাহ্** *সর্ব* কাউকে। 'দরসি হলহ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জনু হেরহ কাহ্।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কাহ্নক** *সর্ব* কারও। 'কাহ্নক বীপদ কাহ্নক সম্পদ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **কাহেরি** *সর্ব* কার। 'অপণে নাহিঁ মো কাহেরি সঙ্কা।' *চর্যা* ৩৭, ১২০০। **কাহের** *সর্ব* কাকে। 'কাহেরি ঘিণি মেলি অচ্ছহু কীস।' *চর্যা* ৬, ১২০০। **কাহো** *সর্ব* কাকেও। 'ইষ্ট মিত্র কাহো নাহিঁ চিহ্নে।' *বড়ু*, ১৪৫০।

কাহ্ন [স কৃষ্ণ] *বি* কৃষ্ণ। 'বসুল চলিলা তবেঁ কাহ্ন করি কোলে।' *বড়ু*, ১৪৫০।

কাহ্নাআঁ [স কৃষ্ণ] *বি* কানাই; কৃষ্ণ। 'নরেবড় কাহ্নাআঁ পাঠাইআঁ দিল মোরে।' *বড়ু*, ১৪৫০।

কাহ্নাই, কাহ্নাঞি [স কৃষ্ণ] *বি* কানাই; কৃষ্ণ। 'ধূর্ত্ত কাহ্নাই না বুঝে সে মতিমোষে।' *বড়ু*, ১৪৫০; 'জরম লভিল কাহ্নাঞি।' *বড়ু*, ১৪৫০।

কাহ্নিলা [স কৃষ্ণ>] *বি* কৃষ্ণ, আদরার্থে 'ইলা' প্রত্যয়। 'সহজ নিদালু কাহ্নিলা লাঙ্গা।' *চর্যা* ৩৬, ১২০০।

কাহ্নো *সর্ব* কারও। 'কাহ্নো থির নহে মনে।' *বড়ু*, ১৪৫০।

কি[১] [স কিম্] ১ *সর্ব* কী। 'কি মো দুঠ্য বলংদেঁ।' *চর্যা* ৩৯, ১২০০। ২ *অব্য* প্রশ্নবাচক। 'দুহিল দুধু কি বেন্টে ষামাঅ।' *চর্যা* ৩৩, ১২০০।

কি আসে যায় *ক্রি* কতোটুকু পরিবর্তন বা তারতম্য হয়; কতটুকু পার্থক্য হয়। 'তাহাতে কি আসে যায়।' *শরৎ*, ১৯১৭।

কি কি *বিণ* কোন কোন। 'এই সম্প্রদায়েরা কিং কার্য্য করিলেন।' *দর্পণ*, ১৮১৮।

-কি *ষষ্ঠী বিভক্তি*। 'কবতহিঁ নাহি জানি সুরতকি বাত।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কিঅ [স কৃত] *বিণ* কৃত। 'তিশরণ ণাবী কিঅ অঠকুমারী।' *চর্যা*, ১২০০।

কিআ[২] [স কেতকী] *বি* কেয়া ফুল। 'আঙলা কুড়চি কিআ মিলিঅ বাকস জয়া।' *মুকুন্দ*, ১৬০০।

কিআ[২] [স কৃত>] *বি* কিয়া; কর্মফল; *যোগ্য* শাস্তি। *বিদ্যা*, ১৮৯১।

কিউ [ই] *বি* লাইন। 'টিকিট কেনবার জন্যে স্ত্রী-পুরুষ 'কিউ' (queue) ক'রে দাঁড়িয়েছে।' *অন্নদা*, ১৯২৯।

কিউবিক [ই] *বিণ* ত্রিকোণাকার। 'কালো মেঘের কিউবিক স্থাপত্য এ-আকাশ।' *সিকান্দার*, ১৯৬৩।

কিউরিও [ই] *বি* আশ্রহব্যঞ্জক বিরল বস্তু। 'আবিদের শিকারের কিউরিও।' *শামসুল*, ১৯৫৬।

কিউরেটর [ই] *বি* তত্ত্বাবধায়ক। 'পূর্ব্বকার প্রবিসনল কমিটির পরিবর্ত্তে ৭ জন কিউরেটর অর্থাৎ অধ্যক্ষ মনোনীত।' *দর্পণ*, ১৮৩৫।

কিএ *অব্য* কি। 'কিএ মানুস পসু পাখিয়ে জনমিয়ে অথবা কীট পতঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কিওর [ই] *বি* নিরাময়। 'ফাস্টই হচ্ছে বেস্ট কিওর।' *শিবরাম*, ১৯৫০।

কিং কং – কি কখনো। 'রাজসাপ দেখি জো চমকিই যারে কিং কং বোড়ো খাই।' *চর্যা* ৪১, ১২০০।

কিংকর [স] *বি* ভৃত্য। 'সে অধম কভু নহে অদ্বৈত-কিংকর।' *বৃন্দা*, ১৫৮০। *দ্র* **কিঙ্কর**

কিংকরী [স] *বি* স্ত্রী পরিচারিকা। 'রাজার কিংকরী শুধু।' *রবীন্দ্র*, ১৮৯০।

কিংকর্তব্য [স] *বি* কী করা দরকার তা। 'তিনি, কিংকর্তব্য নিরূপণে নিবিষ্টচিত্ত হইয়া, উপবিষ্ট আছেন।' *বিদ্যা*, ১৮৬৩।

কিংকর্তব্যবিমূঢ়, কিংকর্ত্তব্যবিমূঢ় [স] *বিণ* হতবুদ্ধি; কর্তব্য স্থির করা যায় না এমন। 'ইহার দর্শনমাত্র ভয়ে আকুল ও কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া পড়ে।' *অক্ষয়*, ১৮৫৪; 'কিংকর্তব্যবিমূঢ় হইয়া, তিনি কতিপয় দিবস অতিবাহিত করিলেন।' *বিদ্যা*, ১৮৯১।

কিংকর্তব্যবিমূঢ়তা [স] *বি* হতবুদ্ধিতা। 'কিংকর্তব্যবিমূঢ়তার সনাতনী পথ ছেড়ে ...।' *বেগম*, ১৯৪৯।

কিংকর্তব্যবিমূঢ়া [স] *বিণ স্ত্রী* হতবুদ্ধি। 'পরিত্যক্ত, শোকবিহ্বলা, কিংকর্তব্যবিমূঢ়া, সীতাকে বাল্মীকির সান্ত্বনা ও আশ্রয় দেবার কথা রামায়ণে আছে।' *মুখলেস*, ১৯৭০।

কিংকিণী [স কিঙ্কিণী] *বি* ঘুঙুর। 'ক্ষীণ কটি ঘেরি বাজে কিংকিণী।' *রবীন্দ্র*, ১৯০০। *দ্র* **কিঙ্কিণী**

কিংকিনি [স কিঙ্কিণী] *বি* ঘুঙুর। 'কটির কিংকিনি খসে অঙ্গের বসন।' *মালাধর*, ১৫০০।

কিংখাপ [ফা কমখাব] *বি* জরির নকশা করা রেশমি কাপড়বিশেষ। 'মোটা রূপার ডাণ্ডার উপর একখানা কিংখাপের চাঁদওয়া।' *বঙ্কিম*, ১৮৮২।

কিংখাব [ফা কমখাব] *বি* জরির নকশা করা রেশমি কাপড়বিশেষ। 'কিংখাব-আস্তরণের স্বর্ণচ্ছটা।' *রবীন্দ্র*, ১৯০৫।

কিংতু [স কিন্তু] *অব্য* কিন্তু। *ডানকান*, ১৭৮৪।

কিংপি[২] [স কিম্+অপি] *বিণ* কিছুই। 'অণুদিণ সবরো কিংপি ন চেবই গ্রহাসুহেঁ ভেলা।' *চর্যা* ৫০, ১২০০।

কিংবদন্তী [স] *বি* জনশ্রুতি। 'এরূপ কিংবদন্তী আছে, মেদিনীপুরের প্রসিদ্ধ ধনী ... মহাসমারোহে মাতৃশ্রাদ্ধ করিয়াছিলেন।' *বিদ্যা*, ১৮৯১।

কিংবা [স] *অব্য* অথবা। 'অযাচিতবৃত্তি কিংবা শাক ফল খাইবে।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কিংবা বিষধর, যবে বিচিত্র কঞ্চুক ভূষিত।' *মাইকেল*, ১৮৬১।

কিংশুক [স] *বি* ফুলবিশেষ; পলাশ। 'অশোক কিংশুক চূআঁ চিতা খঞ্জী।' *বড়ু*, ১৪৫০।

কিংসুক [স কিংশুক] *বি* কিংশুক; পলাশ। 'কিংসুক লবঙ্গলতা এক সঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কিংমত [আ কিমৎ] *বি* দাম। *এডমন*, ১৭৯৩।

কিক [ই] *বি* লাথি। 'তার চেয়ে শালাটাকে গোটাকতক কিক দিয়ে একবারে বৈকুণ্ঠে পাঠাও ...।' *মাইকেল*, ১৮৬০।

কিকে *ক্রিবিণ* কেন; কী জন্য। 'আনেক ভকতি কৈলোঁ পাসরিলেঁ কিকে।' *বড়ু*, ১৪৫০।

কিঙ [ই] *বি* সম্রাট; রাজা। 'আপন বিক্রমে হব রুসিয়ার কিঙ।' *গুপ্ত*, ১৮৫৮।

কিঙ্কর [স] *বি* ভৃত্য; দাস। 'শুনরাজ খাঁন বলে হরির কিঙ্করে।' *মালাধর*, ১৫০০। *দ্র* **কিংকর**

কিঙ্করী [স] *বি* দাসী। 'অবনিমণ্ডলে জাব তোমার কিঙ্করী হব করিব পূজার অনুষ্ঠান।' *মুকুন্দ*, ১৬০০।

কিঙ্কিণি [স কিঙ্কিণী] *বি* ছোটো ঘণ্টা। 'সকল অলঙ্কৃত কঙ্কণ ঝঙ্কৃতি কিঙ্কিণি রননন বোল।' *গোবিন্দ*, ১৬০০।

কিঙ্কিণী [স] *বি* ছোটো ঘণ্টা। 'চঞ্চল নূপুর ঘন কিঙ্কিণী বাজে।' *বড়ু*, ১৪৫০। *দ্র* **কিংকিণী**

কিঙ্কিনি, কিঙ্কিনী [স কিঙ্কিণী] *বি* ঘুঙুর। 'কনককিঙ্কিনী নিলেঁ পাএর

AMARBOI.COM

নূপুর।' *বড়ু*, ১৪৫০; 'দুহুঁ তনু কাঁপই মদনক রচনে। কিঙ্কিনি রোল করত পুন সদনে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কিঙ্কিনীজাল [স] *বি* ঘুঙুরসমূহ। 'কটিতটে বাঘ ছাল তাহাতে কিঙ্কিনীজাল।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কিঙ্খাপ [ফা কমখাব] *বি* জরির নকশা করা মূল্যবান কাপড়বিশেষ; কিংখাব। 'সে বহুমূল্য সাটীন, কিঙ্খাপ ইত্যাদি রেশমী বস্ত্রে বস্তা বোঝাই।' *রোকেয়া*, ১৯১৮।

কিঙ্খাব [ফা কমখাব] *বি* জরির নকশা করা মূল্যবান কাপড়বিশেষ; কিংখাব। 'ফুলকাটা কিঙ্খাব।' *সত্যেন্দ্র*, ১৯১১।

কিঙ্করী [ফা] *বি* সারেঙ্গি জাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। 'করেত কিঙ্করী লই বাজায় বিয়োগী।' *আলাওল*, ১৬৮০।

কিচক [স চীকক>] *বি* বাঁশবিশেষ। 'কিচক কণ্টক বনে লুকায় সজারু।' *মুকুন্দ*, ১৬০০।

কিচকিচ [ধ্বন্যা] *বি* পাখির কলরব। 'পাখী চারিদিকের বনে কিচ-কিচ করিতেছে।' *বিভূতি*, ১৯২৯।

কিচকিচি [ধ্বন্যা] *বি* পাখির কলরব; কোলাহল। 'স্বভাবের গীত তুলিয়া সকলেই কিচকিচি ও খোঁচাখুঁচি করিয়া মরিতেছি।' *রবীন্দ্র*, ১৮৮৭।

কিচকিচা [ধ্বন্যা] *বিণ* কুচকুচে; চিকচিকে। 'কাল কিচকিচা চাপ-দাড়ি।' *মনসুর*, ১৯৫৩।

কিচড় [হি কীচড়] *বি* কাঁকরযুক্ত কাদা। *বিদ্যা*, ১৮৯১।

কিচিকিচি [ধ্বন্যা] ১ *বি* অর্থহীন কলরব। 'স্বভাবের গীত তুলিয়া সকলেই কিচিকিচি ও খোঁচাখুঁচি করিয়া মরিতেছি।' *রবীন্দ্র*, ১৮৮৭। ২ *বি* পাখি, বানর, ইঁদুর ইত্যাদির কলরব। *বিদ্যা*, ১৮৯১।

কিচমিচ[১] [ফা কিশমিশ] *বি* শুকানা আঙুর। *বিদ্যা*, ১৮৯১। দ্র কিশমিশ, কিশমিশ, কিসমিস

কিঁচমিচ[২] [ধ্বন্যা] *বি* চড়ুই পাখির ডাক। 'চড়ুই পাখি ... কিঁচমিচ শব্দে মহাব্যস্তভাবে ক্রমাগত যাতায়াত করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কিচিমিচি [ধ্বন্যা] ১ *বি* পাখির কোলাহল ধ্বনি। 'কিচিমিচি ডাক ছাড়ে বিষম বিকট।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বি* কোলাহল। 'জলে বাসা বেঁধেছিলেম, ডাঙায় বড়ো কিচিমিচি।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৩ *বি* বানরের কলরব। 'কিচিমিচিপূর্বক মুখবিকার করা ছাড়া আক্রোশ-প্রকাশের অন্য উপায় নাই।' *রবীন্দ্র*, ১৯০৮।

কিচিমিচিকিচি [ধ্বন্যা] *বি* পাখির কলরব। 'কত পাখি ডাকে কত পাখি গায়, কিচিমিচিকিচি কত উড়ে যায়।' *রবীন্দ্র*, ১৯০৩।

কিচির কিচির [ধ্বন্যা] *বি* কোলাহল। 'ঘুম ভাঙল, বারান্দায় কাচ্চাবাচ্চাদের কিচির কিচির শুনে।' *মুজতবা*, ১৯৫৮।

কিচিরমিচির [ধ্বন্যা] ১ *বি* শিশুদের কোলাহল। 'পাঠশালার কিচির মিচির রহিত হইবেক।' *চন্দ্রিকা*, ১৮৩২। ২ *বি* ছোটো প্রাণীর কলরব। 'কিচিরমিচির কিচির-কিচ ইঁদুর বাজায় মন্দিরা।' *নজরুল*, ১৯৩১। ৩ *বি* পাখির ডাক। 'নদীর পাড়ে কিচিরমিচির লাগালো গাঙশালিখ যে।' *রবীন্দ্র*, ১৯৪১।

কিচু [স কিঞ্চিৎ] *সর্ব* কোনো কিছু। 'বড়দিদি! বলি এমন কিচু নয়, তোর কথাই বলচি।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কিচেন [ই] *বি* রান্নাঘর। 'শ্রী কিচেন ক্যানটিন ও লঙ্গরখানার ...।' *মনসুর*, ১৯৪৩।

কিচেন-আরবী [ই কিচেন+আ আরবী] *বি* এক ধরনের মৌখিক ও অশুদ্ধ আরবি ভাষা। 'গ্রীক ছাড়া জানেন অতি অল্প কিচেন-আরবী।' *মুজতবা* ১৯৫২।

কিচেনগার্ডেন [ই] *বি* বাড়ি-সংলগ্ন সবজি বাগান। 'কিচেনগার্ডেন করো।' *শক্তি*, ১৯৬৬।

কিচ্ছু [স কিঞ্চিৎ] *ক্রিবিণ* মোটেই। 'জড়োসড়ো নির্বোধ কাঁচুমাচু ভাব কিচ্ছু নেই অথচ কেমন সলজ্জ সসম্ভ্রম ব্যবহার।' *রবীন্দ্র*, ১৮৯২।

কিছ [স কিঞ্চিৎ] *বিণ* কিছু; কোনো। 'আহ্মার থানত তোর নাহিঁ কিছ ডর।' *বড়ু*, ১৪৫০।

কিছমিছ [ফা কিশমিশ] *বি* শুকনো আঙুর। *ওসাঁ*, ১৭৮২।

কিছিম [আ কিসম] *বি* ধরন। 'বোকা অথচ আবার দেমাকি কিছিমের মানুষ।' *ওয়ালী*, ১৯৪৮।

কিছু [স কিঞ্চিৎ] ১ *ক্রিবিণ* মোটেই; একটুও। 'কাঁচ ফল ভাঁগিলে কিছু রস না পাই।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* কয়েকটা। 'আহ্মার হাথত দেহ কিছু ফুল পানে।' *বড়ু*, ১৪৫০। ৩ *সর্ব* কোনো কিছু। 'তোর কংসে মোর কিছু করিতে না পারে।' *বড়ু*, ১৪৫০। ৪ *বি* কোনো বস্তু। 'তার আগে কিছু খায় মনে এই ত্রাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৫ *বিণ* কিঞ্চিৎ; সামান্য। 'এ বিষয়ে যাহা কিছু বক্তব্য আছে ...।' *অক্ষয়*, ১৮৪৮।

কিছুই ১ *সর্ব* কোনো বিষয়ই। 'কিছুই না জ্ঞানো মোএঁ আতিশয় বালী।' *বড়ু*, ১৪৫০। ২ কোনো সফলতা। 'কিছুই তো হল না।/ সেই সব – সেই সব – সেই হাহাকার রব।' *রবীন্দ্র*, ১৮৮১।

কিছু-একটা *বিণ* কোনো বিষয়ক। 'আমাকে কিছু-একটা উপদেশ দাও।' *রবীন্দ্র*, ১৯১৪।

কিছুকাল [কিছু+স কাল] ১ *ক্রিবিণ* অল্প দিন। 'এক্ষেনে জাইতে পারিলাম না কিছুকাল পৌনে জাইয়া ...।' *ওসাঁ*, ১৭৮২। *মিলার*, ১৭৯৭। ২ *ক্রিবিণ* কয়েকদিন। 'কিছু কাল ঝোড়ে ঝাড়ে বাস করে।' *মদনমোহন*, ১৮৪৯।

কিছু কিছু ১ *বিণ* কোনো কোনো। 'কিছু কিছু উতপতি অঙুর ভেল। চরণ চপল গতি লোচন লেল।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* অল্পস্বল্প। 'বালকেরা গ্রন্থবিশেষ অধ্যয়নকালে কিছু কিছু হিতোপদেশ প্রাপ্ত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *ক্রিবিণ* ধীরে ধীরে। 'তরঙ্গের উৎসেধ কিছু কিছু বাড়িতে লাগিল।' *কৃষ্ণকমল*, ১৮৫৮। ৪ *বিণ* আংশিক। 'ভাবিতেছি, বুঝা যায় যেন কিছু কিছু মর্ম তার – বোবার ইঙ্গিত ভাষা-হেন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কিছুকিঞ্চিৎ [কিছু+স কিঞ্চিৎ] *ক্রিবিণ* সামান্য। 'তারও কিছুকিঞ্চিৎ প্রমাণ আছে।' *প্রমথ*, ১৯২৭।

কিছুক্ষণ [কিছু+স ক্ষণ] *বি* অল্পসময়; স্বল্পকাল। 'নীরদ অবাক রহি কিছুক্ষণ পরে বালিকারে সম্বোধিয়া কহে ...।' *রবীন্দ্র*, ১৮৭৯।

কিছুখন [কিছু+স ক্ষণ>] *ক্রিবিণ* কিছু সময়। 'আরও কিছুখন না হয় রহিয়ো পাশে।' *রবীন্দ্র*, ১৯২৮।

কিছুটা *ক্রিবিণ* খানিকটা। 'আরও কিছুটা এগিয়ে গিয়ে খিঁচিয়ে উঠল।' *নজরুল*, ১৯৩০।

কিছুতেই *ক্রিবিণ* কোনোক্রমে। 'এতাদৃশ কামান্ধ হইলে যে কর্তব্যাকর্তব্য দৃষ্টি কিছুতেই তোমার থাকিল না।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

কিছুদিন [কিছু+স দিন] *বি* কিছু কাল। 'কিছুদিন পরে গন্ধর্ববসেনের দাসীর গর্ভে এক পুত্র হইল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

কিছু না কিছু, কিছু-না-কিছু ১ *বিণ* অল্পকিছু। 'তথাচ কিছু না কিছু শমতা করিতে পারি, তাহার সন্দেহ নাই।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বিণ*

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

স্বল্পসংখ্যক। 'কিছু-না-কিছু লোকের অস্থিমজ্জায় প্রবেশ করে।' *হরপ্রসাদ*, ১৮৭৮।

কিছুমাত্র [কিছু+স মাত্র] **১** *ক্রিবিণ* খানিকটা। 'ভোজন হইল পূর্ণ কিছু মাত্র শেষ।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* সামান্যতম। 'কোথা গিয়াছে যে তাহার কিছুমাত্র চিহ্ন নাই।' *দর্পণ*, ১৮২৮।

কিঞ্চিৎ [স] *ক্রিবিণ* সামান্য পরিমাণে। 'কিঞ্চিৎ কহিব নাম তাহান পিরীতে।' *আলাওল*, ১৬৮০।

কিঞ্চিৎকাল [স] *ক্রিবিণ* কিছুদিনের জন্য। 'নীরব হইয়া কথঞ্চিৎ কষ্টসৃষ্টে কিঞ্চিৎকাল সঙ্কুচিত হইয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

কিঞ্চিৎ কিঞ্চিৎ [স] *বিণ* কিছু পরিমাণ। 'শিক্ষাপ্রদায়িনী সভার অধ্যক্ষ মহাশয়েরা যদি গ্রামবাসীদিগকে চাঁদাস্বরূপ কিঞ্চিৎ কিঞ্চিৎ সাহায্য করিতে অনুরোধ করেন।' *অক্ষয়*, ১৯৪২।

কিঞ্চিৎবৃত্তি [স] *বি* সামান্য অর্থসাহায্য। 'তাহার দেশের ঠিকানায় কিঞ্চিৎবৃত্তি পাঠাইলেন।' *রবীন্দ্র*, ১৮৯১।

কিঞ্চিদংশ [স কিঞ্চিৎ-অংশ] *বি* কিছু অংশ। 'যে টাকা ন্যস্ত আছে প্রতিমাসে তাহার কিঞ্চিদংশ দিয়া ...।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

কিঞ্চিদধিক [স কিঞ্চিৎ-অধিক] *বিণ* একটু বেশি। 'দেশাধিপতির কিঞ্চিদধিক ব্যয়ও বটে।' *দর্পণ*, ১৮৩৫।

কিঞ্চিদুত্তর [স কিঞ্চিৎ-উত্তর] *বি* সংক্ষিপ্ত জবাব। 'অস্মদাদি তদুত্তরে নিরুত্তর না হইয়া কিঞ্চিদুত্তর প্রদান করিতেছি।' *দর্পণ*, ১৮৩৬।

কিঞ্চিদ্ধন [স কিঞ্চিৎ-ধন] *বি* সামান্য ধন। 'বিষয় কর্ম্মে প্রবর্ত্ত হইয়া কিঞ্চিদ্ধন সঞ্চয় হইলেই ...।' *ভবানী*, ১৮২৩।

কিঞ্চিন্নাম [স কিঞ্চিৎ-নাম] *বি* কিছু সুনাম। 'কিঞ্চিন্নাম যশঃ প্রাপণাকাঙ্ক্ষী হইয়া অপরিমিতরূপে স্বীয় ধন অপব্যয় করিয়া ফেলেন।' *দর্পণ*, ১৮৩৩।

কিঞ্চিন্যূন [স কিঞ্চিৎ-ন্যূন] *বিণ* সামান্য কম। 'কিঞ্চিন্যূন ৫০ বৎসর হইল, ইহাদের মৃত্যু হইয়াছে মাত্র।' *বান্ধব*, ১৮৮১।

কিঞ্চিন্মাত্র [স কিঞ্চিৎ-মাত্র] **১** *বিণ* কিছুমাত্র। 'মনুষ্যের ও পশুর এক রূপ কিঞ্চিন্মাত্র বিশেষ নাই।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। **২** *বিণ* কোনো রকম। 'সেই সকল গ্রামের মধ্যে বিদ্যাশিক্ষার কিঞ্চিন্মাত্র উপায় নাই।' *অক্ষয়*, ১৮৪২। ৩ *ক্রিবিণ* সামান্য পরিমাণে। 'আমার ত কিঞ্চিন্মাত্রও চিত্তবিকার হয় নাই।' *মাইকেল*, ১৮৫৯।

কিঞ্চিত, কিঞ্চীত [স কিঞ্চিৎ] *ক্রিবিণ* সামান্য পরিমাণও। 'তোহ্মা অবিদিত/ নাহিক কিঞ্চিত।' *বাহরাম*, ১৬৫০; 'কিঞ্চীত।' *ওসী*, ১৭৮২।

কিঞ্জল্ক [স কিঞ্জল] *বি* পরাগ; পুষ্পরেণু। 'মধ্যে কিঞ্জল্ক জ্যোতি তপ্ত হেমমএ।' *মালাধর*, ১৫০০।

কিটব্যাগ [ই] *বি* মোটা কাপড়ের তৈরি এক রকমের থলি। 'পিঠে বোম্বাই কিটব্যাগ।' *নজরুল*, ১৯৩০।

কিটস্য [স কীটস্য] *বিণ* কীট হতেও হীন। 'আমরা কোন কিটস্য ক্ষুদ্র বস্তু।' *রামরাম*, ১৮০১।

কিটানো *ক্রি* ভর্ৎসনা করা। 'যেমনে বার্ত্তা পাইল ক্রোধ করি কিটাইল।' *বিজয়*, ১৬৫০।

কিড়নি [ই] *বি* জীবদেহের রক্ত থেকে মূত্রকে আলাদা করে যে প্রত্যঙ্গ; বৃক্ক। 'কিডনিতে হতে পারে – গলব্লাডারে হতে পারে।' *জীবন*, ১৯৪৮।

কিড়মিড় [ধ্বন্যা] *বি* দাঁতে দাঁত ঘষার শব্দ। 'দন্ত কিড়মিড় করিয়া।' *দীনবন্ধু*, ১৮৬০।

কিড়িমিড়ি [ধ্বন্যা] *বি* দাঁতে দাঁত ঘষার শব্দ। 'ধুঁয়ো বেরুচ্ছে না বলে দাঁত কিড়িমিড়ি খায়।' *মুজতবা*, ১৯৫২।

কিণা [স ক্রয়>] *ক্রি* ক্রয় করা। 'তোহ্মাহো কিণিতে তবে পারী।' *বড়ু*, ১৪৫০।

কিণাঙ্ক [স] *বি* কঠোর পরিশ্রমের ফলে হাতের তালুতে শক্ত হয়ে যাওয়া পেশী; কড়া। **কিণাঙ্ক-কঠিন** [স] *বিণ* কড়ার মতো মজবুত। 'পুরুষের দুই বাহু কিণাঙ্ক-কঠিন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কিণাঙ্কিত [স] *বিণ* শক্ত পেশিবহুল। 'কিণাঙ্কিত এ কঠিন বাহু – ছিল যা গর্বের ধন।' *রবীন্দ্র*, ১৮৯২।

কিণ্ডারগার্টেন [জ] *বি* প্রাথমিক বিদ্যালয়ের পূর্ববর্তী বিদ্যালয় যেখানে খেলাচ্ছলে শিশুকে শিক্ষা দেওয়া হয়; কিন্ডারগার্টেন কথাটার আক্ষরিক অর্থ শিশু-উদ্যান, ১৮৩৭ সালে জার্মানিতে এই পদ্ধতি উদ্ভাবিত হয়। 'আমরা মনে করি ... আধুনিক কিণ্ডারগার্টেন প্রণালীর মতো ব্রত-অনুষ্ঠানগুলি আবিষ্কার করে গেছেন।' *অবন*, ১৯১৯।

কিণ্বস্রাবী [স] *বিণ* পাপপূর্ণ। 'কিণ্বস্রাবী উদ্‌গারের উচ্ছিষ্ট হাওয়ায় নামে সন্ধ্যা তন্দ্রালসা।' *বিষ্ণু*, ১৯৪১।

কিত [স কেন] *অব্য* কেন। 'সান্তি ভণই কিত স ভাবিঅই।' *চর্যা* ২৬, ১২০০।

কিতব [স] *বিণ* প্রতারক। 'শঠ ধূষ্ট কিতব ভজে বা তারে কে।' *কৃত্তী*, ১৫৮০।

কিতা [আ] **১** *বি* বস্ত্রখণ্ড। 'কিতা কথুবায় বান্ধা উপরে টানায় চান্দা ...।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* অংশ। 'এখন শুনছি ইংরিজীতে/ সেই সনাতন বুলির কিতে।' *অন্নদা*, ১৯৫২।

কিতা [আ] *ক্রি* বন্ধন করা। *মানোএল*, ১৭৪৩।

কিতাপী [আ কিতাবী] *বি* মুসলমান সম্প্রদায়বিশেষ। 'সুরানি লোহানী স্পানী কিতাপী বিট্টানি হুনি পাঠান বসিল নানা জাত।' *মুকুন্দ*, ১৬০০।

কিতাব [আ] **১** *বি* বই। 'সেকান্দরনামা বলি সে কিতাবের নাম।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* খাতা। 'হিসাব কিতাব।' *ওসী*, ১৭৮২।

কিতাবি, কিতাবী [আ কিতাব>] *বিণ* পুথিগত। *বিদ্যা*, ১৮৯১; 'কিতাবী জ্ঞান হালিমই তাকে দিয়াছে।' *মনসুর*, ১৯৫৫।

কিতাবৎ, কিতাবত [আ] **১** *বিণ* লেখাপড়া জানা। 'কিতাবৎ নিপুণ কায়স্থগণ লিখে।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বি* লেখা; চিঠি। 'কিতাবত।' *বিদ্যা*, ১৮৯১।

কিতাবতি [আ কিতাবত>] *বি* যে হাতে-কলমে করেনি। *বিদ্যা*, ১৮৯১।

কিত্তা [আ কিতা] *বি* খণ্ড। 'দুই তিন কিত্তা জমিন।' *ক্যালগে*, ১৭৮৪।

কিনখাপ [ফা কমখাব] *বি* সোনার বা রুপার জরি দিয়ে বোনা কাপড়। 'চীনদেশে কিনখাপ, সাটিন, গাজ, কার্পাস বস্ত্র, ...।' *অক্ষয়*, ১৮৪১; 'জানালার কাছে বৃহৎ তাকিয়া এবং কিনখাপ বিছানো।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কিনা **১** *অব্য* কী যে। 'কি না মোক ভৈল এত কালে।' *বড়ু*, ১৪৫০; 'কিনা কার্য এনা আর পাপিষ্ঠ জীবনে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *অব্য* সন্দেহ নির্দেশক পদ। 'উপস্থিত মন্দের দূর করণ অধিক বিরুদ্ধ আনিবেক কিনা।' *তারিণী*, ১৮০৩।

AMARBOI.COM

কিনা[১] দ্র কেনা

কিনা[২] [ফা কিনারাহ্] *বি* প্রান্তদেশ; কোণ। *মানোএল*, ১৭৪৩।

কিনার [ফা কিনারাহ্] **১** *বি* তীর; শেষ প্রান্ত। 'নাহক হালাক হবে না পাবে কিনার।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* সভা। 'গানের লীলার সেই কিনারে যোগ দিতে কি সবাই পারে।' *রবীন্দ্র*, ১৯১৯।

কিনারা [ফা কিনারাহ্] **১** *বি* প্রান্ত। *মানোএল*, ১৭৪৩; 'কাপড়ের কিনারায় পলডার নামে এক ছাপা।' *ক্যালগে*, ১৭৮৫। **২** *বি* কূল; তীর। *ওসাঁ*, ১৭৮২; 'দিই নি পাড়ি অগাধ জলে/ বাহি তারে খেলার ছলে কিনার-কিনারায়।' *রবীন্দ্র*, ১৯০০। **৩** *বি* সমাধান। 'তবে এ বিষয় অবশ্য কিনারা হইবে।' *কেরি*, ১৮০২। **৪** *বি* উপান্ত। *ভবানী*, ১৮২৩। **৫** *বি* সীমা। 'উড়ে উড়ে ঘুরে মরে অসীমেতে না পায় কিনারা।' *রবীন্দ্র*, ১৮৮৬। **৬** *ক্রিবিণ* প্রাক্কালে। 'শুকতারা আঁখি মেলি চায় প্রভাতের কিনারায়।' *রবীন্দ্র*, ১৯২৬। **৭** *বি* সন্ধান; খোঁজ। 'কেন যে তার পাই না যে কিনারা।' *রবীন্দ্র*, ১৯৩২। **৮** *বি* দিগন্ত। 'রাতের খোড়ল থেকে আকাশের কিনারায়।' *আহসান*, ১৯৪৪।

কিনারা করা *ক্রি* উপায় বের করা। 'সে আমার চেয়ে ভাবতেও জানে, ভেবে কিনারা করতেও জানে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

কিনারি [ফা কিনারাহ্] *বি* বস্ত্রবিশেষ। 'হীরা পান্না দার গোটা কিনারির তাজ।' *ভবানী*, ১৮২৫।

কিনি [স ক্রী>] *বি* ক্রয়; কেনার কাজ। 'দোকান ঘরে বিকি, কিনি, কি অন্য কোনরূপ ব্যবসা ...।' *মশাররফ*, ১৮৯০।

কিনিকিনি [ধ্বন্যা] *বি* ধাতব বস্তুর টোকা লাগার শব্দ। 'ধরণী শিহরায় পায়ে পায়ে কলসে কঙ্কণে কিনিকিনি।' *রবীন্দ্র*, ১৯২৬।

কিন্তু [স] **১** *অব্য* তবে। 'কিন্তু ঘটসম্মার্জ্জনী বহুত চাহিয়ে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *অব্য* অথচ। 'কিন্তু কদাচিত তাহারদের কেবল বাক্য মাত্র শুনা যায়।' *রামরাম*, ১৮০১।

কিন্তু-কিন্তু ভাব [স] *বি* দ্বিধার ভাব; আমতা আমতা ভাব। 'আমার কিন্তু-কিন্তু ভাবটা যাচ্ছে না।' *মুজতবা* ১৯৬৬।

কিন্তো – কী তোর। 'কিন্তো কমন্তে কিন্তো তন্তে।' *চর্যা ৩৪*, ১২০০।

কিন্নর [স] *বি* হিন্দুপুরাণে কথিত স্বর্গীয় গায়ক। 'দেবতা গন্ধর্ব্ব কীবা অপছর কিন্নর।' *মালাধর*, ১৫০০।

কিন্নরকণ্ঠ [স] *বি* সুকণ্ঠ। 'শুনেছি কিন্নরকণ্ঠ দেবদারু গাছে।' *জীবন*, ১৯৪২।

কিন্নরী [স] *বিণ স্ত্রী* হিন্দুপুরাণে কথিত স্বর্গীয় গায়ক। 'লক্ষ্মী আপনি, অপ্সরী কি কিন্নরী!' *গিরিশ*, ১৮৮৯।

কিপটিআ [স কৃপণ>] *বিণ* কৃপণ। *বিদ্যা*, ১৮৯১।

কিপটে [স কৃপণ>] *বিণ* কৃপণ। 'আমরা হব লাটমেজাজী তোমরা হবে কিপটে।' *সুকুমার*, ১৯২০।

কিপটেমি *বি* কৃপণতা। 'কই তাদের মধ্যে ত এত কিপটেমি দেখি না।' *মাহেনও*, ১৯৪৯।

কিপ্রকারে [স প্রকার>] *ক্রিবিণ* কিভাবে। 'দেশীয় ভাষা কিপ্রকারে বুঝিবেন।' *কেরি*, ১৮০২।

কিফাইত, কেফাইত [আ কিফায়াত] **১** *বি* লাভ। 'তাতি জেন আপন কেফাইতের জন্যে ভারিসুত পড়্যানের মধ্যে আনোনা না করে।' *হ্যালহেড*, ১৭৭৩; *ওসাঁ*, ১৭৮২। **২** *বি* সঞ্চয়। 'তাহা বোরডের হুকুম মতে সরকারের কিফাইত কারণ বিক্রয় হইবেক।' *ক্যালগে*, ১৭৮৭। **৩** *বি* আয়। 'তাহাতে জদি কিছু কিফাইত হয়।' *ক্যালগে*, ১৭৯৬।

কিফাত [আ কিফায়াত] *বি* অল্প মূল্য। 'পইদাষ খুব কিফাতের আওতাত বটে।' *ক্যালগে*, ১৭৯২।

কিবল [স কেবল] *ক্রিবিণ* কেবল। 'কিবল নুঙ্গা ধুইবো না আর দিয়া ধরিবো না।' *ভবানী*, ১৮২৮।

কিবলামুখী [আ কিবলাহ্+স মুখী] *বিণ* কাবাগৃহের দিকে মুখ-করা। 'উঠোনের মাঝখানে দাঁড়িয়ে কিবলামুখী হলো।' *কায়সার*, ১৯৬২।

কিবা **১** *সর্ব* কী। 'কথা হৈতে আইলা তোহ্মে কিবা তোর কাজে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* কোন। 'গর রাখে কিবা বনে নান্দের নন্দনে।' *বড়ু*, ১৪৫০। **৩** *অব্য* কী সুন্দর। 'অলকা তিলক কিবা ভালের উপরে।' *বড়ু*, ১৪৫০। **৪** *অব্য* নাকি। 'পাসও আলাপে কিবা কৃষ্ণ পাসরিলে।' *মালাধর*, ১৫০০। **৫** *ক্রিবিণ* কেন; কী কারণে। 'কিবা মার ব্রজবাসী কিবা জীয়াও তারে আসি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৬** *অব্য* কী আর। 'না ধরিলে কহন তাহার ফল কিবা।' *রবীন্দ্র*, ১৬৮৯। **৭** *অব্য* কী (পরিমাণ)। *হ্যালহেড*, ১৭৭৮। **৮** *বিণ* কী সুমধুর। 'উট গর্দ্দভের ধ্বনি শুনিয়া কহিল, আহা কি বা মধুর ধ্বনি!' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

কিমখাব [ফা কমখাব] *বি* কাজ-করা রেশমি বস্ত্রবিশেষ; কিংখাব। *ক্যালগে*, ১৭৮৪।

কিমত *ক্রিবিণ* কেমন ক'রে। 'কূপে জল কিমত হইল কহ শুনি।' *বৃন্দা*, ১৫৮০।

কিমতে *ক্রিবিণ* কিভাবে। 'তাহারদের বিশেষ বিশেষণ কি মতে বৃদ্ধি কি মতে পতন।' *রামরাম*, ১৮০১।

কিমধিকমিতি [স] *বি* চিঠির সমাপ্তিসূচক শব্দ; বেশি আর কী লিখবো। 'মঙ্গলাদি সমাচার লিখিবেন নিবেদন কিমধিকমিতি।' *রামরাম*, ১৮০২।

কিমনে *ক্রিবিণ* কেমনে। 'কিমনে জায়িবোঁ ঘরে।' *বড়ু*, ১৪৫০।

কিমর্থ [স] *ক্রিবিণ* কী কারণ; কেন। 'কিমর্থ তুমি লজ্জিত এ একটা লজ্জাকর ক্রিয়া তুমি কর নাই।' *রামরাম*, ১৮০১।

কিমর্থে [স] *ক্রিবিণ* কিসের জন্যে। 'কৃতাঞ্জলি জিজ্ঞাসেন কিমর্থে গমন।' *মানিকরাম*, ১৭৮১।

কিমার্থে [স] *ক্রিবিণ* কী কারণে। 'আসিবা মাত্রেই কিমার্থে এমত২ আচরণ করিলা।' *রামরাম*, ১৮০১।

কিমা [ফা কীমাহ্] *বি* কুচি কুচি করে কাটা মাংস। 'আর পাঁঠা কিমা করি পায়স বানায়ে।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

কিমাকার [স] **১** *বিণ* কী রূপ; কেমন। *বিদ্যা*, ১৮৯১। **২** *বিণ* কুৎসিত আকৃতিবিশিষ্ট। 'জীবনের ব্যাকরণ জিনে নেবে যেন তারা কিমাকার সমাসকে ছিঁড়ে।' *জীবন*, ১৯৩০।

কিমাম *বি* পানের মশলাবিশেষ। 'তাম্বুল বিহার জরদা কিমাম এইসব আমরা ব্যবহার করি।' *জীবন*, ১৯৩২।

কিমিয়া [আ] *বি* রসায়ন। 'জন মেক সাহেব প্রতিসপ্তাহে কিমিয়া বিদ্যার বিষয় এক২ উপদেশ দিবেন।' *দর্পণ*, ১৮২২।

কিমিয়াগর [আ কিমিয়া+ফা গর] *বি* রসায়নের কাজ করে যে; কেমিস্ট। *ওসাঁ*, ১৭৮৫।

কিমিয়াকর [আ কিমিয়া+স কর] *বি* রসায়নবিদ। *ওসাঁ*, ১৭৮৫।

কিমিয়ার কাজ *বি* রসায়নের কাজ। *ওসাঁ*, ১৭৮৫।

AMARBOI.COM

কিমিয়া বিদ্যা [আ কিমিয়া+স বিদ্যা] *বি* রসায়ন; কেমিস্ট্রি। *দর্পণ*, ১৮২২: 'জন মেক সাহেব প্রতিসপ্তাহে কিমিয়া বিদ্যার বিষয় এক২ উপদেশ দিবেন।' *দর্পণ*, ১৮২২।

কিম্পি [স কিম্+অপি] *ক্রিবিণ* কিছুই। 'ভণন্তি মহিত্তা মই এথু বুড়ন্তে কিম্পি ন দিঠা।' *চর্যা* ১৬, ১২০০।

কিম্বদন্তী [স] *বি* জনশ্রুতি; কিংবদন্তি। 'ভাষা অজ্ঞাতপ্রযুক্ত কিম্বদন্তীতে বিশ্বাস করিয়া প্রগল্‌ভতাপূর্ব্বক কালক্ষেপণ করেন।' *দর্পণ*, ১৮২৬।

কিম্বা [স কিংবা] *অব্য* অথবা। 'আমারা কিম্বা আমাদিগের ওয়ারিষ কেহ।' *মেয়র্স*, ১৭৫৭; 'তৎপ্রযুক্তই বা হউক কিম্বা তাদৃশ গুণবৎ সংসর্গপ্রযুক্তই বা হউক।' *দর্পণ*, ১৮৩০।

কিম্ভূত [স] *বিণ* অদ্ভুত। *বিদ্যা*, ১৮৯১; 'সমজদারের আনন্দকে সে একটা কিম্ভূত ব্যাপার বলিয়া মনে করে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কিম্ভূতকিমাকার [স কিম্ভূতকিমাকার] *বিণ* অদ্ভুত আকৃতিবিশিষ্ট। 'তাহার কপালে আগুন কেননা আকৃতি কিম্ভূতকিমাকার।' *ভবানী*, ১৮২৮।

কিম্মৎ, কিম্মত [আ কিমত] *বি* দাম; মূল্য। 'জে কিম্মতে তোমাকে দিব।' *ওসাঁ*, ১৭৭০; 'মোহর কিম্মৎ কার, কার টাকা, কার মূল্য সিকি।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কিম্মতি, কিম্মতী [আ কিমত>] *বিণ* মূল্যবান। 'কিছু কিম্মতী কাগজ ছিল তিনটা থলা আর হরেক চাবি।' *ক্যাপ্তে*, ১৮০০।

কিম্মতি পাথর [আ কিমত>+স প্রস্তর] *বি* হীরা, মরকত, চুনির মতো মণি; মূল্যবান পাথরবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫।

কিম্মৎবার [আ কিমত>] *বিণ* মূল্যবান। 'চোখের মত কিম্মৎবার, মূল্যবান।' *মুজতবা*, ১৯৬০।

কিযোগে *ক্রিবিণ* কিভাবে। 'নিশিযোগে, সুখভোগে, সে কিযোগে, যাইত।' *মদনমোহন*, ১৮৩৪।

কিয়ৎ [স] **১** *বিণ* কিছু। 'রাস্তা হইবেক তাহা আরম্ভ হইয়া কিয়ৎ দূর পর্য্যন্ত প্রস্তুত হইয়াছে।' *দর্পণ*, ১৮২৮। **২** *বিণ* কিছুসংখ্যক। 'কিয়ৎ রাজার পরে হারুন আল রশীদের রাজত্ব সময়ে ...।' *অক্ষয়*, ১৮৪৭।

কিয়ৎকাল [স] *ক্রিবিণ* কিছু কাল। 'নূতন বাজার কিয়ৎকাল রহিত হইল।' *দর্পণ*, ১৮২৮; 'নতুবা আর কিয়ৎকাল গৌণে ইংরাজদিগের সহিত আমাদিগের কোন বিষয়ে জাতীয় প্রভেদ থাকিবে না।' *অক্ষয়*, ১৮৪৮।

কিয়ৎক্ষণ [স] *ক্রিবিণ* কিছুক্ষণ। 'এই পরম রমণীয় স্থানে, কিয়ৎক্ষণ সঞ্চরণ করিয়া, রাজকুমার অশ্ব হইতে অবতীর্ণ হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

কিয়ৎপরিমাণ [স] *বি* সামান্য পরিমাণ। 'ইহা কিয়ৎপরিমাণে অনুসৃতিমূলক।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কিয়ৎপরিমিত [স] *বিণ* কিছু; অল্প। 'তরঙ্গায়িতভাবে ভূপৃষ্ঠের কিয়ৎপরিমিত স্থানের কম্পন।' *অক্ষয়*, ১৮৫৪।

কিয়দংশ [স কিয়ৎ-অংশ] *বি* কিছু অংশ। 'অবিধেয় প্রতিবাসরিক এক সমাচার পত্র কিয়দংশ পর্য্যন্ত প্রকাশ করিয়া তাহাতে বিরত হইয়া ...।' *দর্পণ*, ১৮৩২।

কিয়দ্দিন [স কিয়ৎ-দিন] *ক্রিবিণ* কিছুদিন। 'এইরূপে কিয়দ্দিন গমনান্তর রত্নপুরে উপস্থিত হইলেন।' *মশাররফ*, ১৮৬৯।

কিয়দ্দিবস [স কিয়ৎ-দিবস] *বি* কিছুদিন। 'কিয়দ্দিবস পরেই বৈকুণ্ঠে গমন করিলেন।' *দর্পণ*, ১৮৩৫।

কিয়দ্দূর [স কিয়ৎ-দূর] *ক্রিবিণ* কিছুদূর পর্যন্ত। 'কিয়দ্দূর গমন করিলে ... ঘটকের পদস্খলন হইল।' *বঙ্কিম*, ১৮৬৫।

কিয়দ্ভাগ [স কিয়ৎ-ভাগ] *বি* কিছু অংশ। 'ঘরের কার্নিসের কিয়দ্ভাগ পড়িয়া গেল।' *দর্পণ*, ১৮৩৩।

কিয়া [স কেতক>] *বি* কেতকী ফুলের গাছ। 'অসোক বাসক কিয়া কিসুক রাঙ্গন চুয়া।' *মালাধর*, ১৫০০।

কিয়ান্তি *বি* মদবিশেষ। 'ইতালিয়ানরা কিয়ান্তি পান করে।' *মুজতবা*, ১৯৫৮।

কিয়াবাৎ [হি] – কী চমৎকার কথা। 'কিয়াবাৎ, সাবাস, বেঁচে থাক বাবা।' *মাইকেল*, ১৮৬০।

কিয়ামত [আ] *বিণ* মহাপ্রলয়ঙ্কর। 'তমসাবৃতা ঘোরা কিয়ামত রাত্রি।' *নজরুল*, ১৯২২। দ্র **কেয়ামত**

কিয়াস [আ] *বি* সাদৃশ্যমূলক সিদ্ধান্ত। 'ইজমা ও কিয়াসের সূত্র প্রয়োগ করে।' *সওগাত*, ১৯২৮।

কিয়ে ১ *অব্য* কিসে। 'সুর অপসরী কিয়ে লগ কুমারী।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* কী। 'পাপী অক্রূর কিয়ে গুণ জান।' *গোবিন্দ*, ১৬০০।

কিরকম [কি+আ রকম] *ক্রিবিণ* কেমন। 'এবারে কিরকম গরম পড়েছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কিরণ [স] **১** *বি* রশ্মি। 'খরররবি কিরণ সংতাপে রে গঅণাঙ্গণ গই পইঠা।' *চর্যা* ১৬, ১২০০। **২** *বি* আলোকরশ্মি (এখানে সংখ্যা)। 'সিম্বাদ] প্রভাকর প্রায় এক বৎসর চারি মাস বয়স্ক হইয়া ৬৯ সংখ্যক কিরণ প্রকাশ করিয়া ...।' *দর্পণ*, ১৮৩২। **৩** *বি* জ্ঞান। 'দুই কোটি দশ লক্ষ প্রৌঢ় ব্যক্তি কিরণ শূন্য প্রগাঢ় অন্ধকারে মূর্চ্ছিত রহিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৮।

কিরণ-আকর [স] *বি* সূর্য। 'কিরণ-আকর সকলই নেহারে/ প্রাণহর তাপে প্রাণবায়ু হরে।' *গিরিশ*, ১৮৮৩।

কিরণকিরীট [স] *বি* আলোকময় মুকুট। 'সুধাপাত্র লয়ে হাতে কিরণকিরীট মাথে।' *রবীন্দ্র*, ১৮৯০।

কিরণ-ছটা [স কিরণ>] *বি* আলোর দ্যুতি। 'তোর কিরণ-ছটায় তার সজল মেঘলা জীবনে ...।' *নজরুল*, ১৯২৭।

কিরণজাল [স] *বি* রশ্মিমালা। 'মধ্যাহ্ন কালেও তদীয় কিরণজাল পরম সুখ-সেব্য বলিয়া অনুভূত হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

কিরণতপ্ত [স] *বিণ* কিরণের মতো উত্তপ্ত। 'ওরে গলায় তুহিন কাহার কিরণতপ্ত সোহাগ-চুমা?' *নজরুল*, ১৯২৫।

কিরণধারা [স] *বি* আলোরাশি। 'আকুল নয়নজলে ঢালো গো কিরণধারা।' *রবীন্দ্র*, ১৮৮০।

কিরণনিবাস [স] *বি* আলোর উৎস। 'পলে পলে উঠিব আকাশে নক্ষত্রের কিরণনিবাসে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কিরণ-পথ [স] *বি* আলোর পথ। 'রবির পথ অরুণ-যান কিরণ-পথ ডুবায় মেঘ মহার্ণব।' *নজরুল*, ১৯২৫।

কিরণপাত [স] *বি* আলোকরশ্মি। 'আজো তোমার কিরণপাতে।' *রবীন্দ্র*, ১৯০৬।

কিরণপিপাসু [স] *বিণ* আলোকপ্রত্যাশী। 'আমি-বনস্পতি এরা কিরণপিপাসু পল্লবস্তবক।' *রবীন্দ্র*, ১৯৩৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কিরণবসন [স] *বি* আলোর পোশাক। 'সুরবালিকার বেশ কিরণবসন।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কিরণমণ্ডল [স] *বি* আলোক-রশ্মি। 'তাঁহার অঙ্গের শুদ্ধ কিরণমণ্ডল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কিরণময় [স] ১ *বিণ* আলোকবিশিষ্ট। 'নক্ষত্র সুন্দরীগণ ... কিরণময় অঙ্গুলির দ্বারা পরস্পরকে শৈবলিনীর শব দেখাইতেছে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। ২ *বি* দীপ্তিময়। 'চাহিয়া আছে আমার মুখে/ কিরণময় আমারি সুখে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কিরণময়ী [স] *বিণ স্ত্রী* আলোকপূর্ণ। 'কিরণময়ী গৌরী বুঝি ওই গো মৃন্ময়ছায়!' *সত্যেন্দ্র*, ১৯১২।

কিরণমাখা *বিণ* আলোকপূর্ণ। 'আয় রে বসন্ত ও তোর কিরণমাখা পাখা তুলে।' *দ্বিজেন্দ্র*, ১৯১১।

কিরণমালা [স] *বি* আলোকরাশি। 'তদীয় অমৃতময় শীতল কিরণমালার স্পর্শে ... দগ্ধ হইয়া গেল।' *বিদ্যা*, ১৮৪৭।

কিরণলেখা [স] *বি* আলোকরেখা। 'একটা বাঁকা কিরণলেখা ত ধরিতে পাইব।' *সবুজ*, ১৯২১।

কিরণশূন্য [স] *বিণ* শিক্ষার আলোহীন। 'দুই কোটি দশ লক্ষ প্রৌঢ় ব্যক্তি কিরণ শূন্য প্রগাঢ় অন্ধকারে মূর্চ্ছিত রহিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৮।

কিরণসুধা [স] *বি* মধুর আলোক। 'রবির কিরণসুধা আকাশে উথলে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কিরণ-সুর [স] *বি* আলোকচ্ছটা। 'গগন-অঙ্গন জানাতো কিরণ-সুরে নিত্য নব নব নিমন্ত্রণ।' *নজরুল*, ১৯২৪।

কিরণস্পর্শ [স] *বি* আলো পড়েছে এমন অবস্থা; আলোর স্পর্শ। 'তদীয় কিরণস্পর্শ মাত্র যাবতীয় কৃত্রিম পত্র দগ্ধ হইয়া গেল।' *অক্ষয়*, ১৮৪৯।

কিরন [স কিরণ] *বি* রশ্মি। 'কুন্তল কিরেটে দেখ সুর্জ্জের কিরন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কিরপিন [স কৃপণ] *বিণ* কৃপণ। *মানোএল*, ১৭৪৩।

কিরা [স ক্রিয়া] *বি* শপথ; দিব্যি। 'লহনা মাথার দেই কিরা।' *মুকুন্দ*, ১৬০০। *দ্র* **কিরে**

কিরা করা *ক্রি* শপথ করা। 'হালিম কিরা করিয়াছে এ বাড়িতে সে আর দানাপানি ছুঁইবে না।' *মনসুর*, ১৯৫৫।

কিরা কাটা *ক্রি* প্রতিজ্ঞা করা। 'যে কিরা কেটেছিলেন এই ব্যবস্থা তারই ফল।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

কিরাত [স] ১ *বি* পার্বত্য আদিবাসীবিশেষ। 'দূরন্ত কিরাত কোল হাটেতে বাজায় ঢোল।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* ব্যাধ। 'নবপ্রসূতি শশারু কিরাতের করগত হইলে তাহার শাবকগণ যেমন অনাহারে শুষ্ক হইয়া মরে ...।' *দীনবন্ধু*, ১৮৬০।

কিরাতিনী [স] *বি স্ত্রী* ব্যাধ। 'চিত্ররাখিনীরে যথা রোধে কিরাতিনী।' *মাইকেল*, ১৮৬১।

কিরাতী [স কিরাত] *বি* লোকগোষ্ঠীবিশেষ। 'ভোট, লেপছা, লিম্বু, কিরান্তী বা কিরাতী।' *বঙ্কিম*, ১৮৯২।

কিরান্তী *বি* আদিবাসী নৃগোষ্ঠীবিশেষ। 'ভোট, লেপ্‌ছা, লিম্বু, কিরান্তী বা কিরাতী।' *বঙ্কিম*, ১৮৯২।

কিরামৎ [আ কারামত] *বি* অলৌকিক ক্ষমতা। 'দরবেশের নানা কিরামৎ দেখিয়া তৎপতি ভক্তি প্রদর্শন করেন।' *এনায়ুল*, ১৯৫৫।

কিরিককুল *বি* শূকরের পাল। 'কালু বীর কিরিককুল কাননে চরায়।' *মানিকরাম*, ১৭৮১।

কিরিচ, কিরীচ [প ক্রিস] ১ *বি* এক প্রকার বাঁকা ছুরি; মালয়ের ছোরা। *ওসাঁ*, ১৭৮৫; 'পুরুষেরা যখন মাতায় পাগড়ি, কোমরে কিরিচ, হাতে তলয়ার, অঙ্গে কবচ, পৃষ্ঠে ঢাল ধরে ঘোড়ায় চড়ে যায় ...।' *দীনবন্ধু*, ১৮৭৩। ২ *বি* বিপদ। 'হতাশার কিরীচের মুখোমুখি রয়েছি দাঁড়িয়ে।' *শামসুর*, ১৯৭৪।

কিরিঞ্চী *বি* এক প্রকার ফুল। 'লাহা, নীল কিরিঞ্চী মঞ্জিষ্ঠা কুসুম কুঙ্কুম হরিদ্রা প্রভৃতি পুষ্পের কস।' *অক্ষয়*, ১৮৪১।

কিরিতি [স কৃতি] *বি* কৃতিত্বের পরিচায়ক কাজ; কীর্তি। 'গেল অবসর পুন ন পাইঅ/ কিরিতি অমর সার।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'সকলি ভুলিব কালে, রহিবে কিরিতি।' *নজরুল*, ১৯২২।

কিরিপান [স কৃপাণ] *বি* তলোয়ার। 'রোমাবলী কিরিপানে।' *বড়ু*, ১৪৫০।

কিরীট [স] *বি* মুকুট। 'বাসুকি হইল মাথে কিরীট ভূষণ।' *মুকুন্দ*, ১৬০০।

কিরীটধারী [স] *বিণ* মুকুট-পরিহিত। 'গিয়া দেখেন যে গদাপাণি কিরীটধারী কেশীদানব নারীধর্ষণে উদ্যত।' *বনফুল*, ১৯৩৬।

কিরীট-হীরা [স কিরীট+স হীরক] *বি* মুকুটের হীরা। 'উজল তোমার কিরীট-হীরা ধ্রুব-তারার কিরণ-রাগে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কিরীটিকা [স] *বি* পূর্ণগ্রহণের সময়ে অন্ধকার সূর্যের চারদিকে বিচ্ছুরিত আলোকরশ্মি। 'য়ুরোপীয় ভাষায় বলে করোনা বাংলায় একে বলা যেতে পারে কিরীটিকা।' *রবীন্দ্র*, ১৯৩৭। *দ্র* **কিরীটিমণ্ডল**

কিরীটিনী [স] *বিণ স্ত্রী* মুকুটধারী। 'কাঞ্চন সৌধ-কিরীটিনী লঙ্কা।' *মাইকেল*, ১৮৬১।

কিরীটিমণ্ডল [স] *বি* জ্যোতির্বলয়। 'কিন্তু এই কিরীটিমণ্ডল ভিন্ন, আর এক অদ্ভুত বস্তু কখন কখন দেখা যায়।' *বঙ্কিম*, ১৮৭৫।

কিরীটী [স] *বিণ* মুকুটধারী। 'সহস্রকিরণ কিরীটী ভূষা।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কিরীত [স কীর্ত্তি] *বি* সুনাম; কীর্তি। 'সংসার আসার পর উপকার করিলে কিরীত থাকে।' *বড়ু*, ১৪৫০।

কিরূপ [কি+স রূপ] ১ *ক্রিবিণ* কেমন। 'কিরূপ বাঁশী বোল বড়ায়ি।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রিবিণ* কিভাবে। 'নিত্য ক্রিয়া কিরূপ করেন।' *কেরি*, ১৮০২। **কিরূপে** *ক্রিবিণ* কেমন ক'রে। 'তার সনে কিরূপে আনের হৈব মেল।' *বাহরাম*, ১৬৫০।

কিরে [স ক্রিয়া] *বি* কিরা; শপথ। 'দোহাই আল্লার! কোরাণের কিরে!' *মশাররফ*, ১৮৬৯। *দ্র* **কিরা**

কিরেট [স কিরীট] *বি* শিরোভূষণ। 'কুন্তল কিরেটে দেখ সুর্জ্জের কিরন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কির্তিবাসা [স কীর্তিবাস>] *বি* বিয়েতে ব্যবহৃত মাঙ্গলিক দ্রব্যবিশেষ। 'নাটে তুষ্ট কির্তিবাসা দিল দিব্য কণ্ঠভূষা।' *মুকুন্দ*, ১৬০০।

কির্পন [স কৃপণ] *বিণ* সহজে ব্যয় করে না এমন। *ওসাঁ*, ১৭৮২।

কির্পন্যতা [স কৃপণতা] *বি* কৃপণতা। *মানোএল*, ১৭৪৩।

কির্মিজি, কির্মিজি [আ কিরমিজ] *বিণ* টকটকে লাল। 'কির্মিজি দামাস্ক ক্ষেণে পৈরয় বাদলা।' *আলাওল*, ১৬৮০।

কির্মীর [আ কিরমিজ>] *বি* ছবি। 'পরপারে, কোথা অনামা গ্রামের কির্মীরে, দৈববাণীর ছন্দে মুখরে ঘণ্টা।' *সুধীন্দ্র*, ১৯৩২।

কির্য্যা [স ক্রিয়া] *বি* শপথ; দিব্যি। 'মায়ের মাথার কির্য্যা না কর জঞ্জাল।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মানিকরাম, ১৭৮১।

কিল [স কীল] *বি* মুষ্টির আঘাত। 'লাভে কিল বাড়ী খাই বাঙ্কিল জাই।' বড়ু, ১৪৫০।

কিলচর [স কীল+স চপট] *বি* কিল ও চড়। 'শিলচরে হায় কিলচর খায়/ হস্টেলে যত ছাত্র।' *রবীন্দ্র*, ১৯৪১।

কিল চাপড় [স কীল+স চপট] *বি* কিল ও চড়। 'কিল চাপড় মারে এই তার ভাষা।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কিলথাপ্পর *বি* কিল ও চড়। 'আবদার করলে কিলথাপর খায়।' *ইসহাক*, ১৯৫৫।

কিল বসানো *ক্রি* কিল মারা। 'পিঠেই গুমগুম করিয়া কয়েকটা কিল বসাইয়া দিলেন।' *মানিক*, ১৯৪০।

কিলং [স কীল] *বি* কিল। 'সারেঙধর সেনোপরো উভারিল কিলং।' *মানিকরাম*, ১৭৮১।

কিলকিল [ধ্বন্যা] *বি* কিল কিল শব্দ; অব্যক্ত ধ্বনি। *বিদ্যা*, ১৮৯১।

কিলবিল [ধ্বন্যা] ১ *বি* অনেক মানুষের আনাগোনা বা অবস্থান নির্দেশক শব্দ। 'রাস্তায় লোক কিলবিল করতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* সাপ কৃমি প্রভৃতি মেরুদণ্ডহীন প্রাণীর মতো অঙ্গ সঞ্চালন। 'বিল পাঠালে কিলবিল করে ওঠে।' *শিবরাম*, ১৯৭০।

কিলবিল করা *ক্রি* নড়াচড়া করা। 'অঙ্গুলির ন্যায় বুকের কাছে কিলবিল করিত।' *রবীন্দ্র*, ১৮৮৪।

কিলবিলিয়ে *ক্রিবিণ* কিলবিল ক'রে। 'কিলবিলিয়ে দুটো ঠ্যাং নড়বে যেমন ঠুঁটো ব্যাং।' *নজরুল*, ১৯২৬।

কিলা [স কীল>] *বি* যে দুটি খুঁটির সঙ্গে টেঁকি সংযুক্ত থাকে। 'কিলা দুটো ক্যাঁক ক্যাঁক কেঁদে যায়।' *কায়সার*, ১৯৬২।

কিলাকিলি [স কীল>] *বি* পরস্পর কিলানো। 'তারা হাসাহাসি ঘুষাঘুষি ও কিলাকিলি করিয়া ... আনন্দের আগুন নিভাইতে লাগে।' *মনসুর*, ১৯৫৫।

কিলাগি *ক্রিবিণ* কিসের জন্য। 'কিলাগি নিঠুর এত বল চক্রপানি।' *মালাধর*, ১৫০০।

কিলানো [স কীল>] ১ *ক্রি* কিল মারা। 'মাগুকিলেঁ কিলাআঁ মারিবোঁ তোহ্মা বাটে।' বড়ু, ১৪৫০। ২ *ক্রি* কীলক গুঁজে দেওয়া। 'লোকে কয় কাঁঠাল সে পাকে নাকি কিলিয়ে।' *সুকুমার*, ১৯২০। **কিলাআঁ** *ক্রি* কিল মেরে। 'মাগুকিলেঁ কিলাআঁ মারিবোঁ তোহ্মা বাটে।' বড়ু, ১৪৫০। **কিলায়** *ক্রি* কিল মারে। 'মাটিতে কিলায় কেহো পাষণ্ড বলিয়া।' *বৃন্দা*, ১৫৮০। **কিলায়িআঁ** *ক্রি* কিল মেরে। 'মাগু কিলেঁ তোহ্মা কিলায়িআঁ কাহ্নাঞি।' বড়ু, ১৪৫০।

কিলাল *বি* অশ্রু। 'আন জল নাহি তান নয়ান কিলাল।' *বাহরাম*, ১৬৫০।

কিলি কিলি [ধ্বন্যা] *বিণ* কলকল; মৃদু মৃদু। 'কিলি কিলি ধ্বনি শুনি রুধির পিএ সুকিনি।' *মালাধর*, ১৫০০।

কিলিবিলি [ধ্বন্যা] *বি* মেরুদণ্ডহীন প্রাণীদের বিচরণসূচক শব্দ। 'পোক জোঁক কীট সবে করএ কিলিবিলি।' *সুলতান*, ১৬৫০।

কিলিয়র [ই ক্লিয়ার] *বি* ছাড়। 'টাকা দাখিল করিয়া দালচিনি কিলিয়র করিবেক।' *ক্যালগে*, ১৭৯৭।

কিলো [ই] *বি* কিলোগ্রাম; পরিমাপের একক। 'মাছ পড়েছে সরপুঁটি/ এক কিলো না, এক মুঠি।' *অন্নদা*, ১৯৬৭।

কিলোওয়াট [ই] *বি* বিদ্যুতের শক্তিমাপক এককবিশেষ। 'দু'লক্ষ কিলোওয়াট জলবিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনাও গৃহীত হয়েছে।' *মাহেনও*, ১৯৪৯।

কিল্লা [আ কিলআ] *বি* দুর্গ। 'কোন ইষ্টকাদি নির্ম্মিত কিল্লা নাই।' *দর্পণ*, ১৮১৯।

কিল্লাদার [আ কিলআ+ফা দার] *বি* দুর্গের প্রধান রক্ষক ; রাজা। 'তিনি ঐ শহরের রাজা অর্থাৎ কিল্লাদার হলেন ১৮৬৪ সালে।' *ধূর্জটি*, ১৯৩১।

কিল্লা ফতে [আ কিলআ+আ ফাতাহ] *বি* সিদ্ধিলাভ; জয়লাভ। 'দুশমন সব হার গিয়া! কিল্লা ফতে হো গিয়া!' *নজরুল*, ১৯২২।

কিশতি, কিশতী [ফা কাশতি] *বি* নৌকা। 'আনো গো বন্ধু নূহের কিশতি।' *নজরুল*, ১৯২৮; 'তাই ডুবল না কিশতী নূহের।' *নজরুল*, ১৯৩২।

কিশতি টুপি [ফা কাশতি+প টোপো] *বি* টুপিবিশেষ। 'মাথায় কিশতি টুপি।' *ওয়ালী*, ১৯৬২।

কিশমিশ [ফা] *বি* শুকনা আঙুর। 'কিশমিশ দিয়ে বেশ ভাল করে করেছে।' *বিভূতি*, ১৯৩১। *দ্র* **কিচমিচ, কিসমিস**

কিশলয় [স] ১ *বি* পাতা। 'কিশলয়শয়নে সুরভী কৈল মধুপানে।' বড়ু, ১৪৫০। ২ *বি* গাছের নতুন পাতা। 'মনে হল মেঘ, মনে হল পাখি, মনে হল কিশলয়।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কিশলয়িত [স] *বিণ* নতুন পাতায় শোভিত। 'নববসন্তে তার নতুন প্রীতিকে কিশলয়িত করবার সৃষ্টিকর্তৃত্ব গ্রহণ করো তুমি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কিশোর [স] ১ *বিণ* শৈশব ও যৌবনের মধ্যবর্তী। 'কিশোর বয়স দীর্ঘ চপল-নয়ন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* শৈশব ও যৌবনের মধ্যবর্তী স্তরের পুরুষ। 'পেখলুঁ রে সখি যুগল কিশোর।' *গোবিন্দ*, ১৬০০।

কিশোরক ১ *বিণ* কিশোরের। 'না যাও বালা নওল কিশোরক পাশ।' *রবীন্দ্র*, ১৮৭৭। ২ *বিণ* কিশোরসুলভ। 'সেদিনকার কিশোরক সুর সেধেছিল যে একতারায় ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কিশোর-কিশোরী [স] *বি* রাধা-কৃষ্ণ। 'দেখ কোন প্রেমে সেই ব্রজহরি/ বিভোরা কিশোর-কিশোরী।' *লালন*, ১৮৯০।

কিশোরকোরক [স] *বি* পরিণত কুঁড়ি। 'যে বন্দী গোপন গন্ধখানি কিশোরকোরক-মাঝে স্বপ্নস্বর্গে ফিরিছে সন্ধানি।' *রবীন্দ্র*, ১৯৩২।

কিশোর-চিত্ত [স] *বিণ* তরুণ মনের অধিকারী। 'কে গো তুমি গাও গান হে কিশোর-চিত্ত।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

কিশোরবয়স [স] *বি* বাল্য ও যৌবনের মধ্যবর্তী সময়। 'কিশোর বয়স হইতেই রামচন্দ্র এই বিশ্বামিত্রের উৎসাহে ও শিক্ষায় ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

কিশোরবয়স্কা [স] *বিণ স্ত্রী* কিশোরী বয়সের। 'সন্তানহীনা রমণীর মনে একটি কিশোরবয়স্কা ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কিশোরা [স কিশোর] *বি* কিশোর। 'কিশোরা কিশোরী দুইটি জন।' *চণ্ডী*, ১৫৫০।

কিশোরিকা [স] *বি স্ত্রী* কিশোরী। 'বললে, শোনো, ওগো কিশোরিকা ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কিশোরী [স] *বিণ স্ত্রী* শৈশব ও যৌবনের মধ্যবর্তী বয়সী। 'রাজার ঝিয়ারী বয়সে কিশোরী তাহে কুলবতী বালা।' *দ্বিজমী*, ১৫৫০।

কিশোরী-প্রেম [স] *বি* (বৈষ্ণব) নিষ্কাম প্রেম। 'কিশোরী-প্রেম নিবি

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আয়/ প্রেমের জুয়ার বয়ে যায়।' *গিরিশ*, ১৮৮৩।

কিষ [স কীদৃশ] *ক্রিবিণ* কেমন ক'রে। 'কাহে রে কিষভণি মই দিবি পিরিচ্ছা।' *চর্যা* ২৯, ১২০০।

কিষাণ, কিষান [স কৃষাণ] *বি* কৃষক। 'দিনভর কিষাণ কামলা খাটে।' *নরেন্দ্র*, ১৯৪৭।

কিষাণপাড়া [স কৃষাণ+স পাটক] *বি* কৃষকপল্লী। 'নীরব এখানে অমর কিষাণপাড়া।' *সুকান্ত*, ১৯৪৮।

কিষাণী [স কৃষাণী] *বি* কৃষিকাজ করে যে নারী। 'এ-মৃত্তিকা প্রিয়তমা কিষাণী আমার।' *মাহমুদ*, ১৯৭৩।

কিষান [স কৃষাণ] *বি* রাখাল; কৃষক। 'বাড়ির কিষান গোরুর জন্য বিচালি কাটে।' *মানিক*, ১৯৩৭।

কিষানি [স কৃষাণ] *বি* স্ত্রী কৃষক। 'জল চেয়ে কিষানি বৌ-মেয়েরা ভালা মাথায় ভাদোয়া গেয়ে বৃথাই ফিরত।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কিষেণ দেওয়া *ক্রি* মজুরি খাটা। 'কালথে কিষেণ দিতি হবে ডেলি।' *হাসান*, ১৯৬৭।

কিষুর [স কিশোর] *বি* যৌবনপ্রাপ্ত হয়নি এমন বালক। 'নিল বরন জেন কিষুরা কিষুর।' *মালাধর*, ১৫০০।

কিষুরা [স কিশোরী] *বি* যৌবনপ্রাপ্ত হয়নি এমন বালিকা। 'নিল বরন জেন কিষুরা কিষুর।' *মালাধর*, ১৫০০।

কিষ্কিন্ধা [স] *বি* রামায়ণোক্ত বানরদের দেশ বা দেশের রাজধানী। 'গেলা পূর্ব মিত্র-বাস ত্রিকূট কিষ্কিন্ধায়।' *বৃন্দা*, ১৫৮০।

কিসক *ক্রিবিণ* কী কারণে; কেন। 'কিসক যৌবন রাধা করহ নিষ্ফল।' *বড়ু*, ১৪৫০।

কিসমত, কিস্‌মৎ [ফা] **১** *বি* রাজস্ব আদায়ের ছোটো এলাকা; গ্রাম। *হ্যালহেড*, ১৭৭৮। **২** *বি* ভাগ্য, কপাল। 'আদ্দেক বাড়ী সহর মাঝে হচ্চে মেরামৎ, শুনতে ভালো একজিবিসন – একজুনার কিস্‌মৎ।' *হেম*, ১৮৭০।

কিসমতী [ফা] **১** *বি* রাজস্ব আদায়ের ছোটো এলাকা; গ্রাম। 'পরগনে মাহামদশাহি কিসমতী বোয়ালিয়া গ্রামে আমার এক বাগ লেখা জায়।' *হ্যালহেড*, ১৭৭২। **২** *বি* ভাগ্যলেখা। 'মুফলেসী আর মিসকিনী কি মুসলিমের কিসমতী?' *মাহেনও*, ১৯৪৯।

কিসমাস [ই] *বি* বড়োদিন; যিশুখ্রিস্টের জন্মদিনে পালিত উৎসব। 'এ বেড়ে মজা, আমি রোজ রোজ কিসমাস করবো।' *গিরিশ*, ১৮৮৬।

কিসমিশ, কিসমিস [ফা কিশমিশ] *বি* শুকানো আঙুর। 'মেঠাই যত বরফী বুন্দে ... খাজা খাস্তা বাদাম কিসমিস পেস্তা মোহনভোগ অদ্ভুত।' *ভবানী*, ১৮২৮; 'আপন মনে ধুচ্ছ যে কিসমিশ?' *সত্যেন্দ্র*, ১৯১৫। *দ্র* **কিছমিছ, কিশমিশ**

কিসরে *ক্রিবিণ* অকাতরে; দ্বিধাহীনভাবে। 'কাতি ধরে কিসরে কাটিল দুই স্তন।' *মানিকরাম*, ১৭৮১।

কিসলয় [স] *বি* কিশলয়। 'ভুজভয়ে কনক মৃনাল পঙ্কে রহুঁ করভয়ে কিসলয় কাঁপে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কিসসু, কিস্‌সু **১** *ক্রিবিণ* একেবারে; একদম। 'ভেবো না কিসসু।' *শিবরাম*, ১৯৪০। **২** *বিণ* কোনো ধরনের। 'আজকাল কিস্‌সু নতুন খবর মেলে না।' *মুজতবা* ১৯৫২।

কিসান [স কৃষাণ] *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'সর্গুজায় কিসান বলিয়া এক জাতি আছে।' *বঙ্কিম*, ১৮৯২।

কিসিম [আ কিস্‌ম] *বি* প্রকার। 'ঢাকা ও সোনারগাঁ এলাকায় ১৮ কিসিমের মসলিন তৈরি হতো।' *মাহেনও*, ১৯৪৯।

কিসুক [স কিংশুক] *বি* পলাশ ফুলের গাছ। 'অসোক বাসক কিয়া কিসুক রাঙ্গন চুয়া।' *মালাধর*, ১৫০০।

কিসে **১** *ক্রিবিণ* কেন; কেমন ক'রে। 'বারহ বরিষের দান চাহ মোরে কিসে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* কী দ্বারা। 'কিসে হবে নাগিনী বশ সাধব কবে অমৃত-রস।' *লালন*, ১৮৯০।

কিসে নাই কি পান্তাভাতে ঘি – অযথার্থ স্থানে মূল্যবান বিষয়ের উপস্থাপনা। 'কিসে নাই কি পান্তাভাতে ঘি। এতো লেখা পড়া বই নয়।' *গৌর*, ১৮২২।

কিসের **১** *সর্ব* কী; কোন। 'কিসের কারণে তোঁ এবেঁ করসি বল।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* কী ধরনের। 'মিছাই সম্বন্ধ পাত কিসের মাউলানী।' *বড়ু*, ১৫৭০। **৩** *সর্ব* কী বিষয়ের বা বস্তুর। 'ভিখারী হলি, কেঁথা সার করলি কিসের অভাবে রে।' *লালন*, ১৮৯০।

কিসেরে *অব্য* কেন। 'কিসেরে বঞ্চহ রাধা প্রথম যৌবনে।' *বড়ু*, ১৪৫০।

কিসোর [স কিশোর] *বি* নবীন যুবক। 'বিহরই নবল কিসোর। কালিন্দি পুলিন কুঞ্জবন সোভন নব নব প্রেমবিভোর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কিস্তি[১] [ফা কাশতী] **১** *বি* দাবা খেলায় বিপক্ষের রাজাকে সরাসরি আক্রমণ বা তার চলাচল রোধের জন্য দেওয়া চালবিশেষ; চেক। 'ওঁর অতঃপরে কোণার পাশে পীলের কিস্তি মাত হল।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *বি* একরূপ দীর্ঘাকার নারকেলের মালা। 'ঝুলি, লাঠি ও কিস্তি সঙ্গে লইয়া ভিক্ষা করিতে যায়।' *অক্ষয়*, ১৮৫০। **৩** *বি* নৌকা। 'নদীর জলে নাইকো কিস্তি।' *রবীন্দ্র*, ১৯০০; 'ডুববে তাহার কিস্তিখানা।' *জসীম*, ১৯৩৩।

কিস্তি টুপি, কিস্তি টুপী [ফা কাশতী+টুপি] *বি* এক ধরনের টুপি। 'মাথায় আধা ময়লা কিস্তি টুপি।' *ওয়ালী*, ১৯৪৫; 'লোকটা মুসলমান, মাথায় কিস্তিটুপী।' *মুজতবা*, ১৯৫২।

কিস্তিমাত [ফা কাশতী+আ মাত] *বি* দাবাখেলায় চূড়ান্ত বিজয়সূচক চাল। 'ওরে অতঃপরে কোণার পাশে পীলের কিস্তি মাত হল।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কিস্তি[২], **কিস্তী** [আ কিস্ত] *বি* দফা; বার। 'জে২ কিস্তি খেলাপ করে।' *তাঁতি*, ১৭৯২; 'এ কিস্তির খাজনা কি করিয়াছ।' *কেরি*, ১৮০২।

কিস্তিখরচ, কিস্তীখরচ [আ কিস্ত+আ খরজ] *বি* কিস্তির আদায়যোগ্য টাকা। 'খেলাপী সুদ ধরিয়া তাহার নামে কিস্তীখরচ লেখা হয়।' *সোমপ্রকাশ*, ১৮৬৮।

কিস্তি খেলাপ [ফা কাশতী+আ খিলাফ] *বি* নির্ধারিত সময়ে ঋণ পরিশোধের অক্ষমতা। 'জে২ কিস্তি খেলাপ করে।' *তাঁতি*, ১৭৯২।

কিস্তিখিলাফ, কিস্তিখেলাফ [ফা কাশতী+আ খিলাফ] *বি* নির্ধারিত সময়ে ঋণ পরিশোধের অক্ষমতা। 'জে জে তাতি গাফিলতিতে কিস্তি খিলাফ করিয়াছে।' *তাঁতি*, ১৭৯২; 'কিস্তিখেলাফ করবে যে এর ডুববে তাহার কিস্তিখানা।' *জসীম*, ১৯৩৩।

কিস্তিবন্দি, কিস্তিবন্দী, কিস্তীবন্দী [আ কিস্ত+ফা বন্দি] **১** *বি* শর্ত বা চুক্তি। 'আমলা লোক করার কিস্তিবন্দি মাফিক কাপড় বুঝিয়া লইত।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *বি* পরিশোধের চুক্তি। 'কিস্তীবন্দী মাফিক সন বর সন মালগুজারি করিবে।' *ভেরলি*, ১৭৮৩। **৩** *বি* কিস্তিতে পরিশোধ। 'হাল ফরমাইসের কিস্তিবন্দি বিমরজীম নাগাএদ যুন মাহা ...।' *তাঁতি*, ১৭৯২। **৪** *বি* কয়েক দফায় ঋণ পরিশোধের

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ব্যবস্থা। 'জামিন লইয়াই হউক বা কিস্তীবন্দী করিয়াই হউক ... পরাণ মণ্ডলকে ছাড়িয়া দিলেন।' *বঙ্কিম*, ১৮৯২।

কিস্মৎ [আ কিসমত] ১ *বি* অদৃষ্টবাদ। 'ইরানী কবি ওমর খৈয়ামের কিস্মৎ অর্থাৎ অদৃষ্টবাদ ইয়োরোপকে পাগল করে তুলেছে।' *মুজতবা*, ১৯৫২। ২ *বি* ভাগ্য। 'কিস্মৎ কঠিন হয়ে দেখা দিয়েছে।' *মুজতবা*, ১৯৬০।

কিহ [স কঃ অপি] *সর্ব* কেউ। 'দেখিল সকল সৃষ্ঠী কিহ কার নএ।' *মালাধর*, ১৫০০।

কিহসে [স কস্মাৎ>] *ক্রিবিণ* কিভাবে। 'কিহসে না নাগিল তাহে বড় সুখ পাইল।' *মালাধর*, ১৫০০।

কিহেতু *ক্রিবিণ* কী কারণে। 'অস্মদাদির দেশের লোকেরা পূর্ব্বাপেক্ষা কিহেতু এতাবৎ দুঃখী হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩০।

কিহো *সর্ব* কেউ। 'কিহো কাহো ন লখি ধুলায় পুরিল আখি।' *মালাধর*, ১৫০০।

কী *সর্ব* কোনো কিছু জানার জন্য ব্যবহৃত প্রশ্নবাচক শব্দ। 'মোর রূপ যৌবনে তোষ্ণাতে কী।' *বড়ু*, ১৪৫০; 'হুকুম কী তোমাকে লিখিলাম এই মাফিক কাজ করিবেন।' *হ্যালহেড*, ১৭৭৩; 'আমার কী যে শুনতে এলে।' *রবীন্দ্র*, ১৯২৭।

কী জানি কী – জানি না কোন বস্তু। 'সে যে রে মহামরুভূমি, কী জানি কী যে পাবি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কী বা আসে যায় – বিশেষ কিছু ক্ষতিবৃদ্ধি হয় না এমন ভাবপ্রকাশক অনুবাক্য। 'তাতে কী বা আসে যায়।' *রবীন্দ্র*, ১৯৩২।

কী যে *সর্ব* ব্যাপক অর্থে কী। 'আমার কী যে শুনতে এলে।' *রবীন্দ্র*, ১৯২৭।

কীঙ্কর [স কিঙ্কর] *বি* সেবক। 'গলা চাপি প্রান নিল পড়িল কীঙ্করে।' *মালাধর*, ১৫০০।

কীঙ্কিনি [স কিঙ্কিণী] *বি* ঘুঙুর। 'কটিতে কীঙ্কিনি বাজে চলে মন্দ গতি।' *মালাধর*, ১৫০০।

কীচক [স] *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'কীচক নামে এক ম্লেচ্ছজাতির দ্বারা পৃথু রাজা আক্রান্ত হয়েন।' *বঙ্কিম*, ১৮৯২।

কীচকবধ [স] *বি* মহাভারতে কীচক যেভাবে ভীমের দ্বারা নিহত হয়েছিলো সেভাবে হত্যা। 'এসব পাখোয়াজ ছেলেরা বুড়িকে নিশ্চয়ই সেদিন কীচকবধ করে দিত।' *নজরুল*, ১৯২৭।

কীছু [স কিঞ্চিৎ>] ১ *বিণ* সামান্য। 'হংসিরে বলএ কীছু করিয়া পিরিতি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* কিছু একটা। 'নিভৃতে রাজায় কীছু বলিল উতুর।' *মালাধর*, ১৫০০।

কীট [স] *বি* পোকা। 'কিএ মানুস পসু পাখিয়ে জনমিয়ে অথবা কীট পতঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'সে কেনে পতঙ্গ কীট পশু পক্ষ নয়।' *বৃন্দা*, ১৫৮০।

কীটকীর্ণ [স] *বিণ* পোকায় ভরা। 'নৈরাশের কীটকীর্ণ স্বপ্নের প্রাসাদে বিস্তার করেছে ডানা বদ্ধবায়ু গবাক্ষের আর্তনাদগুলি।' *সিকান্দার*, ১৯৪৫।

কীটজ [স] *বিণ* কীট থেকে জাত। 'লাক্ষা বা গালা কীটজ পদার্থ।' *বিদ্যা*, ১৮৫১।

কীটদষ্ট [স] *বিণ* পোকায় খেয়েছে এমন। 'মুদ্রিত পুস্তক সকল কীটদষ্ট হইতেছে।' *প্রচারক*, ১৮৯৯।

কীট-নিষ্কুষিত [স কীট+স নিষ্কুষিত] *বিণ* পোকায় কাটা। 'বিধবাবিবাহের নিষেধক বচনের অন্বেষণার্থ অভিবিবর্ণ, কীট-নিষ্কুষিত, ... গ্রন্থ উদ্ঘাটন ও পর্য্যালোচনা করিতেছেন।' *অক্ষয়*, ১৮৫৫।

কীটপতঙ্গ [স] *বি* পোকামাকড়। 'কিএ মানুস পসু পাখিয়ে জনমিয়ে অথবা কীট পতঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'শিশুগণ কীটপতঙ্গাদি দেখিলে তাহা ধৃত করিয়া নষ্ট করে।' *অক্ষয়*, ১৮৪৯।

কীটাণু [স কীট-অণু] *বি* অতি ক্ষুদ্র কীট। 'তাহারা অতি সূক্ষ্ম, এই নিমিত্ত কীটাণু বলিয়া উক্ত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৫।

কীটাণুকীট [স কীট-অণু-কীট] *বি* কীটের থেকেও তুচ্ছ প্রাণী। 'প্রভুর নিকট কীটাণুকীট।' *বঙ্কিম*, ১৮৭৯।

কীড়া [স কীট] *বি* কৃমি। 'কোটিজন্ম এইমত কীড়ায় খাওয়াইমু।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কীড়াময় [স কীটময়] *বিণ* কৃমিপূর্ণ। 'বাসুদেব গলৎকুষ্ঠী তাতে কীড়াময়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কীদৃক [স] *বিণ* কী রকম। 'বিক্রমাদিত্যের ঔদার্য্য কীদৃক।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কীদৃশ [স] ১ *বিণ* কেমন। 'কীদৃশাবস্থা প্রাপ্তা হয়েন তাহা অনায়াশে প্রকাশ পাইবেক।' *ভবানী*, ১৮২৮। ২ *বিণ* কী ধরনের। 'প্রতিভাপরিচালনে কীদৃশ বিস্ময়জনক কার্য্য সংসাধিত করিতে পারে।' *অক্ষয়*, ১৮৫৪।

কীদৃশী *বিণ* কী রকমের। 'বিক্রমাদিত্যের প্রজাপালকতা কীদৃশী।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কীন [হি] *বি* তীব্র। 'দেখুন, বাজার মন্দা, কমপিটিশন খুব কীন, সবই জানি, কিন্তু আমাদের রেট তো কমাতে পারি নে।' *শিবরাম*, ১৯৪০।

কীনা *ক্রি* ক্রয় করা। 'ব্যাঘ্রনখ খুদ দিয়া কীনিয়ে ছাওয়াল। মুকুন্দ, ১৬০০।

কীনারা [ফা কিনারাহ্] *বি* কূল; তীর। 'এক খান তক্তা ধরিয়া সওদাগর কীনারায় উঠিল।' *হ্যালহেড*, ১৭৭৩।

কীন্তু [স কিম্] *অব্য* তবু। 'কীন্তু একবোল সুনহ মহাসএ।' *মালাধর*, ১৫০০।

কীবা [স কিম্>] *ক্রিবিণ* সম্ভবত; কী জানি। 'অবতার করিল কীবা আপনি শ্রীহরি।' *মালাধর*, ১৫০০।

কীম্বা [স কিংবা] *অব্য* কিংবা। 'সেইস্থান ছাড়িয়া কীম্বা জাই অন্য স্থান।' মুকুন্দ, ১৬০০।

কীর [স] *বি* শুকপাখি। 'তাপর কীর থীর করু বাস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কীরন [স কিরণ] *বি* আলো। 'রাঙ্গামুখ খান তার অরুন কীরন।' *মালাধর*, ১৫০০।

কীরা [স ক্রিয়া] *বি* শপথ। 'তুই কীরা কাট দেখি।' *জসীম*, ১৯৩৩।

কীরা কাটা *ক্রি* শপথ করা। 'মোরে ছুঁয়ে তুই কীরা কাট দেখি।' *জসীম*, ১৯৩৩।

কীরিতি [স কীর্তি] *বি* কীর্তি। 'ঘটকের মুখে শুনি বরের কীরিতি।' মুকুন্দ, ১৬০০; 'নিশ্চল রহৌক নাম কীরিতি সম্পদ।' *আলাওল*, ১৬৮০।

কীরে [স ক্রিয়া>] *বি* কিরা; দিব্যি। 'বলি পায়ে ধরে মাথার কীরে, আর সয় না খোয়ার।' অমৃত, ১৯০০।

কীর্ণ [স] ১ *বিণ* পূর্ণ। 'পথটি ছিল কুসুমকীর্ণ।' *রবীন্দ্র*, ১৯১৪। ২ *বিণ* আচ্ছাদিত। 'বনবীথিকায় কীর্ণ বকুলকুঞ্জ।' *রবীন্দ্র*, ১৯২৮। ৩ *বিণ*

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আবৃত। 'রহস্যের ঘটাটোপ কীর্ণ করে প্রপন্ন জগতে।' *সুধীন্দ্র*, ১৯২৮।

কীর্তন, কীর্ত্তন [স] **১** *বি* মহিমা প্রচার। 'বঞ্চিত হইয়া মরে এ হেন কীর্তনে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* গীত সহযোগে কৃষ্ণবন্দনা। 'প্রভু সে দুয়ার দিয়া করয়ে কীর্তন।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* গুণ ব্যাখ্যা। 'ব্রাহ্মণগণের যথার্থ স্তুতি কীর্ত্তনাদি প্রকাশ করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩০। **৪** *বি* বর্ণনা। 'বিদ্যাধরী তাঁহাদের নাম ও গুণ কীর্ত্তন করিলেন।' *অক্ষয়*, ১৮৪৯।

কীর্তনওয়ালা [স কীর্তন+হি ওয়ালা] *বি* কীর্তন গানের শিল্পী। 'বিদেশী কীর্তনওয়ালার কীর্তন চলিতেছিল।' *রবীন্দ্র*, ১৯১৪।

কীর্তনওয়ালী [স কীর্তন+হি ওয়ালী] *বি স্ত্রী* কীর্তন-গায়িকা। 'তুমি বুঝি কীর্তনওয়ালীদের বেহালাদার হবে?' *প্রমথ*, ১৯৩৮।

কীর্তনগান [স] *বি* রাধাকৃষ্ণ লীলা বিষয়ক পালাগানবিশেষ। 'কীর্তনগান যাত্রাভিনয়ের সুদীর্ঘ খণ্ডসকল তাহার কণ্ঠাগ্রে ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কীর্তনপ্রচার, কীর্ত্তনপ্রচার [স] *বি* মহিমা প্রচার। 'যাঁর দ্বারে কৈল প্রভু কীর্তনপ্রচার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কীর্তনীয়া, কীর্ত্তনীয়া [স কীর্তন>] **১** *বি* কীর্তনগায়ক। 'কীর্ত্তনীয়াগণে দিলা মাল্যচন্দন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* কীর্তনে দক্ষ। 'প্রভুর কীর্ত্তনীয়া আদি শ্রীগোবিন্দ দত্ত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কীর্তনী [স] *বি* কীর্তনগায়ক; কীর্তনিয়া। 'কীর্তনী এসেছে গ্রামের থেকে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কীর্তি, কীর্ত্তি [স] **১** *বি* খ্যাতি। 'ইহা বই নাহি কীর্ত্তি মোর সমোচিত।' *মালাধর*, ১৫০০। **২** *বি* সুনাম; গুণগান। 'সুখী হইয়া লোক মোর গাইবেক কীর্ত্তি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বি* কৃতিত্বের পরিচায়ক কাজ। 'শ্রীবিক্রমাদিত্যের কীর্ত্তি প্রতাপের নানা প্রকার কথা আছে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। **৪** *বি* কৃতকর্ম। 'তাঁহার এই কীর্ত্তির অত্যন্ত প্রশংসা করি।' *দর্পণ*, ১৮৩০।

কীর্তিকথা [স] *বি* গৌরবের কাহিনি। 'জানি আমি তারে, শুনেছি তাঁহার কীর্তিকথা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কীর্তিকর, কীর্ত্তিকর [স] *বিণ* প্রশংসনীয়। 'তিনি কোন কীর্ত্তিকর ব্যাপারের অনুপায়ী।' *দর্পণ*, ১৮৩৪।

কীর্তিকর্মা [স] *বি* ঈশ্বর। 'লালন কয় কীর্তিকর্মার কী কারখানা।' *লালন*, ১৮৯০।

কীর্তিকলাপ, কীর্ত্তিকলাপ [স] **১** *বি* কৃতিত্বের পরিচায়ক কার্যাবলি। 'ভারতবর্ষীয়েরা আপনাদিগের কীর্ত্তিকলাপ লিপিবদ্ধ করিয়া রাখেন নাই।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **২** *বি* যশোরাশি। 'নয়নজোড়ের কীর্তিকলাপ সম্বন্ধে বিপরীত মাত্রায় অত্যুক্তি প্রয়োগ করিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কীর্তিকাহিনী [স কীর্তি+কাহিনি] *বি* কৃতিত্বের বৃত্তান্ত। 'আমি খড়খড়ে গুলো তুলে দিয়ে ভাইমার রাজসভায় গেটের কীর্তিকাহিনী অধ্যয়ন করছি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কীর্তি গড়া *ক্রি* কীর্তি স্থাপন করা। 'বড়ো বড়ো কীর্তি গড়ে তোলাই যে বড়ো কথা তা নয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

কীর্তিগান, কীর্ত্তিগান [স] *বি* যশোগাথা; লোকমুখে প্রচারিত খ্যাতি। 'কীর্ত্তিগান রবে মম ধরণী-ভিতরে!' *গিরিশ*, ১৮৮৭।

কীর্তিত, কীর্ত্তিত [স] **১** *বিণ* প্রশংসিত। 'এই মহাকীর্তি কীর্তিত হইল।' *দর্পণ*, ১৮৩৬; 'পাঁচ পীরের নাম কীর্তিত করিয়া মহাকোলাহল করিয়া উঠিল।' *বঙ্কিম*, ১৮৬৬। **২** *বিণ* পূজিত। 'তাহারা ... মনুষ্যের ন্যায় সদসৎ উভয়বিধ প্রবৃত্তির অনুগত বলিয়া কীর্ত্তিত হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৪।

কীর্তিতৃষা [স] *বি* যশের আকাঙ্ক্ষা। 'বীরত্বের নিত্য কীর্তিতৃষা, শান্ত হয়ে লুটাইয়া পড়ে ভূমে, ওই পূর্ণ সৌন্দর্যের কাছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

কীর্তিনাশা [স] **১** *বি* পদ্মা নদী। 'কীর্তিনাশা খুঁড়ে খুঁড়ে চলে বারো মাস।' *জীবন*, ১৯৩২। **২** *বিণ* কীর্তিকে নাশ করে এমন। 'মানুষের কীর্তিনাশা সংসারে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কীর্তিনিকেতন, কীর্ত্তিনিকেতন [স] *বি* কীর্তিরূপ নিকেতন। 'উৎসাহ সহকারে কীর্ত্তিনিকেতন প্রবেশ করিতে প্রবৃত্ত হইলেন।' *অক্ষয়*, ১৮৪৯।

কীর্তিনিস্ব [স] *বিণ* কীর্তিরিক্ত। 'পুরাণে কীর্তিত কত দেশ আজ কীর্তিনিস্ব।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কীর্তিপতাকা, কীর্ত্তিপতাকা [স] *বি* কীর্তিখচিত পতাকা। 'কীর্ত্তিপতাকা উড্ডীয়মানা হইয়াছিল ...।' *দর্পণ*, ১৮২৫।

কীর্তি ফাঁদা *ক্রি* কীর্তি বিস্তার করা। 'কর্তব্যবুদ্ধি তার কীর্তি ফেঁদে গম্ভীর কণ্ঠে বলে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

কীর্তি-বার্তা [স] *বি* কৃতিত্বের খবর। 'দূর বঙ্গে বহিবে সত্বরে এ তোমার কীর্তি-বার্তা।' *মাইকেল*, ১৮৬৬।

কীর্তিবুদ্ধি [স] *বি* মহৎ কাজের বুদ্ধি। 'মানুষের কীর্তিবুদ্ধি সাহস করতে জানে।' *রবীন্দ্র*, ১৯২৯।

কীর্তিবৃক্ষ [স] *বি* কীর্তিরূপ বৃক্ষ। 'কীর্তিবৃক্ষ রোপিনু জগতে বৃথা।' *মাইকেল*, ১৮৬১।

কীর্তিভার [স] *বি* কীর্তির ভার বা ওজন। 'না থাক খ্যাতি, না থাক কীর্তিভার।' *রবীন্দ্র*, ১৯৩২।

কীর্তিমতী, কীর্ত্তিমতী [স] *বিণ স্ত্রী* খুব খ্যাতিসম্পন্ন। 'এই কীর্ত্তিমতী মহিলার নাম স্বর্ণাক্ষরে লিখিত থাকবে।' *বেগম*, ১৯৫০।

কীর্তিমন্ত, কীর্ত্তিমন্ত [স] *বিণ* খ্যাতিসম্পন্ন। 'কীর্ত্তিমন্ত পূর্ব্বপুরুষগণের কীর্ত্তি অবগত নহে।' *বঙ্কিম*, ১৮৯২।

কীর্তিমান, কীর্ত্তিমান [স] *বিণ* কীর্তি স্থাপনকারী। 'কীর্তিমান ফ্রেডরিক রাজার রাজত্বকাল পর্য্যন্ত ফ্রেন্স ভাষার বহু সমাদর ছিল।' *অক্ষয়*, ১৮৪৮; 'সমাজের স্বনিষ্ঠ পুরুষদের তারাই প্রেরণা দেয়, কীর্তিমানদের তারাই সখী-সচিব।' *অন্নদা*, ১৯২৮।

কীর্তিরচনা [স] *বি* কীর্তি প্রতিষ্ঠা। 'আপন কীর্তিরচনায় প্রবৃত্ত।' *রবীন্দ্র*, ১৯২৯।

কীর্তিলাভ, কীর্ত্তিলাভ [স] *বি* কীর্তি অর্জন। 'পাপপঙ্কে কলঙ্কিত হইয়া কীর্ত্তিলাভের অভিলাষী নহি।' *অক্ষয়*, ১৮৪৯।

কীর্তিশৈল, কীর্ত্তিশৈল [স] *বি* কীর্তিরূপ শৈল। 'কীর্ত্তিশৈল আরোহণার্থ পরম পবিত্র ধর্ম্মাচল পরিত্যাগ করিয়া আসিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

কীর্তিস্তম্ভ, কীর্ত্তিস্তম্ভ [স] *বি* মহৎ ব্যক্তির কাজ স্মরণার্থে প্রতিষ্ঠিত স্তম্ভ। 'সুপ্রসিদ্ধ কীর্ত্তিস্তম্ভ, প্রধান প্রধান রাজকার্যালয়, প্রধান প্রধান শিল্পাগার।' *অক্ষয়*, ১৮৪৮; 'ঐ স্থানে এক পরমশোভন কীর্তিস্তম্ভ।' *বিদ্যা*, ১৮৪৯।

কীর্তিহীন, কীর্ত্তিহীন [স] *বিণ* খ্যাতিহীন। 'কীর্ত্তিহীন পুরুসের জিবন অসার।' *কবীন্দ্র*, ১৬৮৯।

AMARBOI.COM

কীল [স] **১** *বি* মুষ্টি দ্বারা আঘাত; কিল। 'কেশে ধর্‌য়া লহনা মারিল কীল লাথি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* পেরেক। *মানোএল*, ১৭৪৩।

কীল লাগানো *ক্রি* পেরেক পোঁতা। *মানোএল*, ১৭৪৩।

কীলাঘাত [স] *বি* মুষ্টির আঘাত। 'চপেটাঘাত, কীলাঘাত এবং ঘুসাঘাত।' *বঙ্কিম*, ১৮৮৪।

কীলক [স] *বি* পেরেক। *মানোএল*, ১৭৪৩।

কীলকবদ্ধ [স] *বিণ* খিল আটকানো। 'শঙ্খ-ধবল গৃহটি আমার/ কীলকবদ্ধ কবাট তাহে।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

কীলকরুদ্ধ [স] *বিণ* খিল আটকানো। 'কোটি তারকার কীলকরুদ্ধ অম্বর-দ্বার খুলে।' *নজরুল*, ১৯৪৫।

কীলক লিপি [স] *বি* তিরের ফলার মতো দাগ কেটে লেখার পদ্ধতি। 'এইসব অনুভব তবু আজ কীলক লিপির 'পরে ভোরের আলোয় অতীত রাত্রির পরিভাষা।' *জীবন*, ১৯৩০।

কীষ [স কীদৃশ] *ক্রিবিণ* কী কারণে। 'লুই ভণই ভাইব কীষ।' *চর্যা* ২৯, ১২০০।

কীষে *ক্রিবিণ* কী কারণে। 'দূতা পাছাইবোঁ মোএঁ কীষে।' *বড়ু*, ১৪৫০।

কীস [স কীদৃশ] *ক্রিবিণ* কিভাবে। 'বাকপথাতীত কাহিব কীস।' *চর্যা ৪০*, ১২০০।

কীসমত [ফা] *বি* মৌজার অংশ; রাজস্ব আদায়ের ক্ষুদ্র এলাকা। *ওসাঁ*, ১৭৮২।

কীসমতহায় [ফা] *বি* মৌজাসমূহ। *ওসাঁ*, ১৭৮২।

কীসমতী [ফা] *বি* রাজস্ব আদায়ের এলাকা। 'পরগনে তেলিহাটি, কীসমতী কাসিমবাজার গ্রাম।' *হ্যালহেড*, ১৭৭২।

কীসলয় [স কিশলয়] *বি* গাছের কচি পাতা। 'নব কীসলয় জুড়ি একত্র করিয়া।' *মালাধর*, ১৫০০।

কীস্তি [আ কিস্ত] *বি* নীলচাষের আগে নেওয়া অগ্রিম অর্থ। 'কীস্তি ... ইহা এক প্রকার নীলের দাদন।' *সোমপ্রকাশ*, ১৮৬৮। দ্র **কিস্তি**[২]

কু [স] **১** *বিণ* খারাপ; বদ। 'উহার এমন কু অভ্যাস জন্মিল।' *মদনমোহন*, ১৮৪৯। **২** *বি* অমঙ্গল। 'কখন যেন কু ঘটাবে।' *লালন*, ১৮৯০।

কু-অনুশাসন [স] *বি* মন্দ বিধান। 'এ কু-অনুশাসনকে উপেক্ষা করার এতটুকু সৎসাহস নেই এঁদের।' *বেগম*, ১৯৪৯।

কু-অভিপ্রায় [স] *বি* বদ খেয়াল। 'উপেক্ষা করিবার কু-অভিপ্রায়।' *মোহাম্মদী*, ১৯৩৫।

কু-অভ্যাস [স] *বি* বদভ্যাস। 'উহার এমন কু অভ্যাস জন্মিল।' *মদনমোহন*, ১৮৪৯।

কু-আড়ি *বি* বৈরিতা। 'লালন বলে একই কালে চোরের হলো কু-আড়ি।' *লালন*, ১৮৯০।

কু-আশা [স] *বি* মন্দ আশা; বৃথা আশা। 'এ তিনের ছলসম ছল রে এ কু-আশার।' *মাইকেল*, ১৮৭৩।

কুআসা [স কুহা>] *বি* দুরাশা। *বিদ্যা*, ১৮৯১।

কুয়ের গোড়া *বি* অনিষ্টের মূল। 'যত কুয়ের গোড়া ওই তো।' *রবীন্দ্র*, ১৮৮১।

কুঅত [আ] *বি* শক্তি। 'পাথর পারানো কুঅত তোমারে – দিয়াছে আল্লা পাক।' *ফররুখ*, ১৯৪৩।

কুআ [স কূপ] *বি* কুয়া; কূপ। *বিদ্যা*, ১৮৯১।

কুই *বি* মূল হোতা। 'লুন্দর শেখের বদনজর, গ্রামের যত গুণ্ডা সাত্তার কুই।' *কায়সার*, ১৯৬২।

কুইক [ই] *বিণ* দ্রুত। 'হুকুম করিল : কুইক মার্চ।' *নজরুল*, ১৯২২।

কুইড়া [স কুণ্ঠা] *বিণ* অলস। 'এমন নিষ্কর্মা হতভাগা কুইড়া বৈসা-বৈসা খাব।' *মনসুর*, ১৯৫৫।

কুইন [ই] *বি* ব্রিটেনের রানী। 'কুইন মা, মা, মাগো।' *গুপ্ত*, ১৮৫৮।

কুইনাইন [ই] *বি* ম্যালেরিয়া জ্বরের ওষুধবিশেষ। 'আমেরিকার পেরু প্রদেশস্থ সিঙ্কোনা নামক বৃক্ষের ত্বক সিদ্ধ করিলে যে কাথ হয়, তাহা হইতে কুইনাইন উৎপন্ন হয়।' *বিদ্যা*, ১৮৫১।

কুইনিন, কুইনীন [ই] *বি* সিঙ্কোনা গাছের বাকল থেকে প্রস্তুত ম্যালেরিয়ার ওষুধ। 'কুইনিনের পুরিয়া।' *শরৎ*, ১৯১২; 'তার বারো-আনা কুইনীন।' *রবীন্দ্র*, ১৯৩৪।

কুইয়া [স কু>] *বিণ* দুর্গন্ধযুক্ত। 'তিন দিনের ঘাও খানি হইয়া গেল কুইয়া।' *বিজয়*, ১৬৫০।

কুইল [স] *বি* কোকিল। *বিদ্যা*, ১৮৯১।

কুউ কুউ [ধ্বন্যা] *বি* কোকিলের ডাক। 'কুউ কুউ চলছেই।' *রবীন্দ্র*, ১৮৯২।

কুও [স কূপ] *বি* কুয়া। 'আমার মাথা কাটা গেছে, আমার কুওয় ডুবতে মন যাচ্ছে।' *গিরিশ*, ১৮৮৭।

কুওকার [স কুহা+স কার] *বি* কুয়াশা। 'অন্ধকার ধন্দকার নিরাকার কুওকার।' *লালন*, ১৮৯০।

কুওকারময় [স কুহা+স কার+স ময়] *বিণ* কুয়াশাচ্ছন্ন। 'রাগের ধুমায় কুওকারময় সুখনাল ঝরে নৈরাকার হয়।' *লালন*, ১৮৯০।

কুওত [আ] *বি* শক্তি। 'হাঁকিয়া মারিল তেগ এমন কুওতে।' *গরীব*, ১৭৬৫।

কুঃকুভ [স কুঙ্কুভ] *বি* বনমোরগ। 'কপোত কুঃকুভ কঙ্ক।' *মুকুন্দ*, ১৬০০।

কুঁই কাড়ি *ক্রিবিণ* সুর ক'রে। 'যে সকল নারী কান্দি আছে কুঁই কাড়ি।' *সুলতান*, ১৬৫০।

কুঁকড় [স কুক্কুট] *বি* মোরগ। 'থু থু। কুঁকড়র পাখা প্যাঁজের খোসা।' *মাইকেল*, ১৮৬০।

কুঁকড়া [স কুক্কুট] *বি* মুরগি। *বিদ্যা*, ১৮৯১।

কুঁকড়ানো[১] **১** *ক্রি* কুঞ্চিত হয়ে নিচু হওয়া। 'ভুঁড়ো পেট কুঁকড়ে গেল।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *ক্রি* কুঞ্চিত করা। 'রেগে ভুরু কুঁকড়ে ঠোঁট নাড়তে থাকেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **৩** *ক্রি* জড়সড় হওয়া বা করা। *বিদ্যা*, ১৮৯১। **৪** *ক্রি* কুঞ্চিত হওয়া। 'তালপাতার কুঁড়েতে কুঁকড়ে মরে পড়ে থাকে।' *নজরুল*, ১৯২৪।

কুঁকড়ে দেওয়া **১** *ক্রি* কুঁকড়িয়ে বা কুঁচকে দেওয়া। 'চুল বেঁধে দেবে, চুল কুঁকড়ে দেবে।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বি* ছোটো করা; দমিয়ে দেওয়া। 'মনকে কুঁকড়ে দেয়।' *গিরিশ*, ১৮৯৬।

কুঁকড়ানো[২] **১** *বিণ* কোঁচকানো। 'লাউ কুমড়াগুলি ফলে কুঁকড়ানো শশার মতো ছোটো ছোটো।' *মানিক*, ১৯৩৬। **২** *বিণ* জড়সড়। 'মা ছোটখাট, কুঁকড়ানো।' *ওয়ালী*, ১৯৪৮।

কুঁকড়ো [স কুক্কুট] **১** *বিণ* জড়সড়। 'ভোর পর্যন্ত এমনি করেই কুঁকড়ো অবতার হয়ে থাকতে হবে।' *নজরুল*, ১৯২২। **২** *বি* মুরগি। 'গ্রামে কুঁকড়ো ডাকছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

AMARBOI.COM

কুঁ কুঁ [ধ্বন্যা] *বি* অস্ফুট ধ্বনিবিশেষ। 'কুঁ কুঁ অস্ফুট সেই মৃদু গুঞ্জন তুলে বুঝি মূর্ছা যায় নবিতুন।' *কায়সার*, ১৯৬২।

কুঁকুড়ি [স কুক্কুটী] *বি স্ত্রী* মোরগ। *বিদ্যা*, ১৮৯১।

কুঁচ [স গুঞ্জা] **১** *বিণ* লাল (গুঞ্জাফলের মতো)। 'মরি কুঁচ নয়নে খোঁচ মারে প্রাণে।' *গিরিশ*, ১৮৮৩। **২** *বি* গুঞ্জাফল। 'লাল কুঁচ দেব।' *জসীম*, ১৯৩৩।

কুঁচপেড়ে [স গুঞ্জা+স পার>] *বিণ* লাল পাড়বিশিষ্ট। 'সতরঞ্চীপেড়ে, কুঁচপেড়ে ... ইত্যাদি নানা রঙ্গীন সাড়ি পরিধান করেন।' *ভবানী*, ১৮২৮।

কুঁচফল [স গুঞ্জাফল] *বি* গুঞ্জাফল। 'টুকরো টুকরো ছড়িয়ে পড়ে; কিশোরীর দূর্বাবনে কুঁচফল হারিয়ে পুনরায় খোঁজার মত।' *শওকত*, ১৯৬২।

কুঁচবরণ [স গুঞ্জাবর্ণ] *বিণ* কুঁচ ফলের মতো রক্তিম। 'তুই সেই কুঁচবরণ রাজকন্যের গল্পটা বল দিকি?' *বিভূতি*, ১৯২৯।

কুঁচবরন [স গুঞ্জাবর্ণ] *বি* কুঁচফলের মতো লাল রংবিশিষ্ট। 'কুঁচবরন কন্যা রে তার মেঘবরন কেশ।' *নজরুল*, ১৯৩২।

কুঁচকানো [স কুঞ্চন>] *ক্রি* কুঞ্চিত করা। 'মানবচরিত্রকে মুচড়ে নিংড়ে কুঁচকে-মুচকে তাকে সজোরে পাক দিয়ে দিয়ে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

কুঁচকি [স কুক্কক] *বি* উরু ও তলপেটের সংযোগস্থল। 'ব্যথা লেগেছিল বাঁ দিকের কুঁচকিতে।' *মানিক*, ১৯৪৭।

কুঁচা *ক্রি* কুটি কুটি করা। 'খড় কুঁচোতে গিয়ে একটা আস্ত গোখরো বঁটিতে কুঁচিয়ে ফেলেছিল।' *শ্যামল*, ১৯৬৭।

কুঁচি [স কুচি] **১** *বি* ব্রাশ। *ওসা*, ১৭৮৫। **২** *বি* মুড়া ঝাঁটা। *বিদ্যা*, ১৮৯১। **৩** *বি* ভাঁজ। 'শাড়ির কুঁচি ঠিক করতে করতে আম্মা যিহি করে তাকাতো।' *ইলিয়াস*, ১৯৭২।

কুঁচে [প্রা কুংচিআ] *বি* সাপের মতো আকৃতির মাছবিশেষ। *ওসঁ*, ১৮৮৫।

কুঁজ [স কুব্জ] *বি* কুঁজো। *মানোএল*, ১৭৪৩; 'যেই কুঁজ – গলগণ্ড মাংসে ফলিয়াছে।' *জীবন*, ১৯৩৬।

কুঁজরা [স কুব্জবাটক (সবজি বিক্রেতা)] *বিণ* নীচ মনের। 'দুই তিন ঘন্টা ... ঘাগি ও কুঁজড়া বেশ্যার সহিত বকাবকি করিতেন।' *প্যারা*; ১৮৫৯।

কুঁজা[১] [স কুব্জ] *বিণ* বাঁকানো। 'পিঠ একটু কুঁজা।' *রবীন্দ্র*, ১৮৯১।

কুঁজা[২] *বি* জলপাত্রবিশেষ। 'তাড়াতাড়ি কুঁজা হইতে জল গড়াইয়া লইয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

কুঁজি [স কুঞ্চিকা] *বি* চাবি। 'রসনা কেবল কথা সিন্দুকের কুঁজি।' *ভারত*, ১৭৬০।

কুঁজী [স কুব্জী] *বি* কুঁজওয়ালী। 'আর কৃষ্ণ এমন কালামুখো, কুঁজীকে নিয়ে রইল।' *গিরিশ*, ১৮৯৬।

কুঁজো[১] [স কুব্জ>] *বি* মাটির জলপাত্রবিশেষ। 'এই ঘরের কুঁজো থেকে হীম জল এনেছি।' *উমেশ*, ১৮৫৭।

কুঁজো[২] *বি* পিঠ বাঁকা যার। 'কুঁজো বলে, সোজা হ'য়ে শুতে যে সাধ।' *নজরুল*, ১৯৩০।

কুঁড়া[১] [স কুণ্ড] *বি* সিদ্ধি ঘোঁটার পাত্র। 'থলি ভরা সিদ্ধিগুঁড়া লহ য়ে ঘোটনা কুঁড়া।' *ভারত*, ১৭৬০।

কুঁড়া[২] [স কণা] *বি* তুষের গুঁড়া। 'গুমান হইল গুঁড়া না মিলিল খুদ কুঁড়া।' *ভারত*, ১৭৬০।

কুঁড়াজালি [স কুট্টল>] *বি* বৈষ্ণবের জপমালার থলি। 'বানাইব কুঁড়াজালি দিয়া ছাগ-ছালজ।' *গুপ্ত*, ১৮৫৮।

কুঁড়ি [স কুট্টল>] **১** *বি* কলিকা। 'মাথাএ মউর পুৎস কর্ন্নে পুষ্প কুঁড়ি।' *মালাধর*, ১৫০০। **২** *বি* মুকুল। 'যতক্ষণ ছিলে কুঁড়ি জাগিয়া চাহিয়া ছিনু আঁধার আকাশ জুড়ি।' *রবীন্দ্র*, ১৮৯০।

কুঁড়িয়া [স কুণ্ডী] *বি* মালসা; মাটি বা পাথরের গোলাকার পাত্রবিশেষ। 'ঘৃত পুরা রাখে রামা কুঁড়িয়া পাথরা।' *মুকুন্দ*, ১৬০০।

কুঁড়ে[১] [স কুটির] *বি* কুটির। 'এখন ঈশ্বর ইচ্ছায় একটু কুঁড়েও করেছি।' *গিরিশ*, ১৮৮৯।

কুঁড়েঘর *বি* ঘাসপাতা ইত্যাদি দ্বারা ছাওয়া ছোটো ঘর। 'মেঘের ছায়া কুঁড়েঘরের 'পরে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কুঁড়ে[২] [স কুণ্ঠ] *বি* অলস লোক। 'যতসব কুঁড়ে আছে ঠাঁই জুড়ে।' *রবীন্দ্র*, ১৮৮০।

কুঁড়ের বাদশা [স কুণ্ঠ>+ফা বাদশাহ্] *বিণ* অত্যন্ত অলস। 'ছেলেটা বাপের মতো কুঁড়ের বাদশা হয়েছে।' *সেলিনা*, ১৯৭৫।

কুঁড়েমি [স কুণ্ঠ>] *বি* আলস্য। 'কুঁড়েমি করবার মতো বেলাটা।' *রবীন্দ্র*, ১৮৯০।

কুঁড়ো [স কণ্ডন] *বি* তুষের কণা। 'ঘরে খুদকুঁড়ো আর বাকি রইল না।' *রবীন্দ্র*, ১৮৮৯।

কুঁড়োজাল[১] [স কুট্টল>+স জাল] *বি* ছোটো আকারের জালবিশেষ। 'কুঁড়োজাল লইয়া কেহ খালে দিন কাটায়।' *মানিক*, ১৯৩৬।

কুঁড়োজালি [স কুট্টল>+স জাল] *বি* বৈষ্ণবদের জপমালার থলি। 'ঐ যে কুঁড়োজালি হাতে আছে।' *মাইকেল*, ১৮৬০।

কুঁতা, কোঁতা [স কুহন] *ক্রি* কষ্ট প্রকাশক শব্দ করা। 'কুঁতবি যখন কফের জ্বালায়।' *লালন*, ১৮৯০।

কুঁথা [স কুহন] *ক্রি* কাতরতা প্রকাশ করা। 'তাই তুলো-ধুনো করছে ততই যতই মরিস কুঁথে।' *নজরুল*, ১৯২৪।

কুঁদরি *বি* পটলের মতো সবজিবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

কুঁদা[১] [ফা কনদাহ] **১** *ক্রি* খোদাই করা। 'যেন বহুযত্নে কুঁদিয়া গড়িয়া তুলিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *ক্রি* গঠন করা। 'দুয়ার রুধে বচন কুঁদে খেলনা আমার হয় বানাতে।' *রবীন্দ্র*, ১৯২৮।

কুঁদা [স কুন্দ] *ক্রি* বানানো। 'বড় কারিকরে কুঁদিলে তাহারে।' *দ্বিজী*, ১৬০০।

কুঁদা[২] *ক্রি* হুঙ্কার ছাড়া। 'লম্ফে রূপা শূন্যে উঠি পড়ল কুঁদে মাটির পরে।' *জসীম*, ১৯২৯।

কুঁদা[৩] [স কাণ্ড] **১** *বি* কাঠের গুঁড়ি। *বিদ্যা*, ১৮৯১। **২** *বি* কাঠের হাতল। 'বন্দুকের কুঁদার উপরে কেটে বসে কঠিন আঙুল।' *নীরেন*, ১৯৬১।

কুঁদি [ফা কনদাহ] *বি* কাঠমিস্ত্রির যন্ত্রবিশেষ। 'কুঁদির মুখে বাঁক থাকবে না, শ্যামচাঁদের ঠ্যালা বড় ঠ্যালা।' *দীনবন্ধু*, ১৮৬০।

কুঁদিলে [ফা কনদাহ] *বিণ* খোদাইকৃত। 'কুঁদিলে শ্রীমুখ বাংলা চুলো।' *নজরুল*, ১৯২৬।

কুঁদুলি [স কন্দল>] *বি* ঝগড়াটে নারী। 'কুঁদুলিকে নিয়ে গেল খ্যাঁকশেয়ালি এসে।' *সত্যেন্দ্র*, ১৯১০।

কুঁদুলে [স কন্দল>] *বিণ* ঝগড়াটে। 'চিরকালই ওর ওইরকম কুঁদুলে স্বভাব।' *নরেন্দ্র*, ১৯৪৯।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কুঁপি [স কুপী] *বি* কুপি। 'কুঁপি ভরি তৈল দিল তেলি।' *মুকুন্দ*, ১৬০০।

কুক[১] [হা] *বি* বাবুর্চি। 'কুক হয়ে মুখখানি শুক করি সুখে।' *ওত*, ১৮৫৮।

কুক[২] [ধ্বন্যা] *বি* মুখ দিয়ে তৈরি এক ধরনের সংকেতধ্বনি। 'হাজার সাঁওতাল এক সঙ্গে উল্লাস করিয়া কুক দিয়া উঠিতেছে।' *তারা*, ১৯৪০।

কুক কুক [ধ্বন্যা] *বি* হাঁস-মুরগি ডাকার শব্দ। 'আয় আয় কুক কুক তি-তি-তি।' *কায়সার*, ১৯৬২।

কুক ছেড়ে কাঁদা *ক্রি* আর্তনাদ করে কাঁদা। 'না নিই তো কুক ছেড়ে তখন কাঁদিস।' *মনোজ*, ১৯৬১।

কুকণ্ঠ [স] *বিণ* কণ্ঠ কর্কশ এমন। 'সখি! সুকণ্ঠই বলো, আর কুকণ্ঠই বলো।' *মাইকেল*, ১৮৭৪।

কুকথা [স] *বি* খারাপ কথা। 'কুকথা কদাপি বাচ্য নহে।' *মদনমোহন*, ১৮৪৯।

কুকপালিয়া [স কুকপাল>] *বিণ* দুর্ভাগা। *মানোএল*, ১৭৪৩।

কুকবি [স] *বি* অযোগ্য কবি। 'সমসাময়িক কুকবিদের কোকিল বলে ভর্ৎসনা করেছেন।' *প্রমথ*, ১৯১৫।

কুকর্ম, কুকর্ম্ম [স] **১** *বি* খারাপ কাজ। 'তিনি তোমার এই কুকর্ম্মানুসারে তোমাকে এই প্রতিফল দিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **২** *বি* পাপকর্ম। 'আত্মহত্যা ইত্যাদি কুকর্ম্মে প্রবৃত্ত হইয়া ...।' *সেবধি*, ১৮৩৯।

কুকর্মসূচক, কুকর্ম্মসূচক [স] *বিণ* ঘৃণিত; নোংরা। 'কুকর্ম্মসূচক আমোদেই লিপ্ত থাকে।' *অক্ষয়*, ১৮৪৫।

কুকর্মান্বিত, কুকর্ম্মান্বিত [স] *বিণ* খারাপ কাজে লিপ্ত। 'সেন যাহাকে কুকর্ম্মান্বিত দেখিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৯।

কুকর্মাসক্ত, কুকর্ম্মাসক্ত [স] *বিণ* খারাপ কাজে লিপ্ত। 'লোভী, কুকর্ম্মাসক্ত ভিক্ষোপজীবী ব্রাহ্মণদিগকে দাও।' *বঙ্কিম*, ১৮৯২।

কুকশিমা *বি* কুকুর-শোঁকা গাছ। 'কুকশিমা গাছের ওঁয়ার মত পালকওয়ালা সাদা সাদা ফুল।' *বিভূতি*, ১৯২৯।

কুকাজ [কুকার্য] *বি* কুকর্ম; অনৈতিক কাজ। 'কু-কাজ করিলে, অখ্যাতি হয়।' *মদনমোহন*, ১৮৪৯।

কুকাণ্ড [স] **১** *বি* নিন্দনীয় কাজ। 'ঐ দলের এক জানওয়ার যে কি কুকাণ্ড করেছিল ...।' *মশাররফ*, ১৮৬৯। **২** *বি* মন্দ ঘটনা। 'বিলিতি চাল যে কুকাণ্ড ঘটাতে পারে।' *অবন*, ১৯২৫।

কুকার্য, কুকার্য্য [স] *বি* কুকাজ; নিন্দনীয় কাজ। 'কুকার্য্যে যে লীন তাহাকেই কুলীন কহে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুকাল [স] *বি* খারাপ সময়। *বিদ্যা*, ১৮৯১।

কুকি, কুকী *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'হিমালয় নিবাসি কুকিদিগের ন্যায় ... এতাদৃশ আচরণ ছিল।' *অক্ষয়*, ১৮৪৭; 'কুকী রমণীর নৃত্য হবে?' *রবীন্দ্র*, ১৮৯০।

কুকিল [স কোকিল] *বি* কোকিল। 'কুকিলে পঞ্চম গায়।' *বিজয়*, ১৬৫০।

কুকিলি [স কোকিল>] *বি স্ত্রী* কোকিল। 'মন্দবায় পঞ্চম গায় কোকিল কুকিলি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কুকিলা [স কোকিলা] *বিণ* কোকিলের মতো সুমধুর স্বরবিশিষ্ট। 'হরিপ্‌আ চন্দ্রকলা কর্পূরা কুকিলা।' *মালাধর*, ১৫০০।

কুকীর্তি, কুকীর্ত্তি [স] **১** *বি* খারাপ ঘটনা। 'এত দেশ থাকতে নাটোরে এ কুকীর্তি হবে কেন?' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বি* খারাপ আচরণ। 'কামাল পাশার এই সমস্ত কুকীর্ত্তি।' *এসলাম*, ১৯৩২।

কুকু [প] *বি* কাকাতুয়া। *ওসী*, ১৭৮৫।

কুকুড়া [স কুক্কুট] *বি* মোরগ। 'যেই ঘরে আছে মোর কুকুড়ার বাসা।' *বিজয়*, ১৬৫০।

কুকুড়ী *বি স্ত্রী* মুরগি। *হ্যালহেড*, ১৭৭৮।

কুকুর [স কুক্কুর] *বি* সারমেয়; সুপরিচিত এবং অনেক ক্ষেত্রে গৃহপালিত চতুষ্পদ প্রাণীবিশেষ; কুত্তা। 'কি করিবে কুলের কুকুরে।' *মুরারি*, ১৫৭০।

কুকুরছানা [স কুক্কুরশাবক] *বি* কুকুরের বাচ্চা। 'জন্মের সময় কুকুরছানার বন্ধ চোখের মত।' *মুজতবা*, ১৯৪৯।

কুকুররতি [স কুক্কুররতি] *বি* কুকুরের যৌনসঙ্গম। 'জনতা কুকুররতি দ্যাখার উৎসবে মুখর।' *ইলিয়াস*, ১৯৭২।

কুকুর-শাবক [স কুক্কুরশাবক] *বি* কুকুরের বাচ্চা। 'সতীশ তাহার অচিরজাত কুকুর-শাবকটাকে বুকে চাপিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

কুকুরী [স কুক্কুরী] *বি* কুকুরের কাজ। 'চাকুরী আর কুকুরীতে কিছু ভিন্ন ভেদ আছে রে পামর?' *মশাররফ*, ১৯০৮।

কুকুরা [স কুক্কুট] *বি* মোরগ। 'হংস কুকুরা প্রভৃতি পালন করে।' *দর্পণ*, ১৮২১।

কুকুলানো *ক্রি* কুলি করা। *মানোএল*, ১৭৪৩।

কুকেন [ই কোকেন] *বি* কোকো গাছের পাতা থেকে তৈরি মাদকদ্রব্য; কোকেন। 'ভিতরে আফিঙ আর হাশীশ, না কুকেন।' *মুজতবা*, ১৯৪৯।

কুক্কুট [স] *বি* মুরগি। 'কুক্কুটের ডিম দড় হস্তে লাগে ভার।' *আলাওল*, ১৬৮০।

কুক্কুটমাংস [স] *বি* মোরগের মাংস। 'জয়কালীর একটি যবনকরপক্ব, কুক্কুটমাংস-লোলুপ ভগিনীপতি ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কুক্কুটী [স] *বি স্ত্রী* মোরগ। 'সে কয়েকটি কুক্কুট কুক্কুটী পুষিয়াছিল।' *বিদ্যা*, ১৮৫৬।

কুক্কুর [স] *বি* কুকুর। 'প্রভু কহে কুলীনগ্রামের যে হয় কুক্কুর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুক্কুর-বৃত্তি [স] *বি* অত্যন্ত নীচ পেশা। 'কুক্কুর-বৃত্তি দাসত্ব করিব, তত্রাচ রেশমপ্রভুর হস্ত হইতে মুক্তির চেষ্টা করিব না।' *অক্ষয়*, ১৮৪৯।

কুক্কুর-মারা *বি* প্রবল মারধর। 'আমাকে কুক্কুর-মারা করিবে।' *বঙ্কিম*, ১৮৭৮।

কুক্কুরী [স] *বিণ স্ত্রী* কুকুর। 'যোগী যোগ ত্যজে, কুক্কুরীতে ভজে।' *গিরিশ*, ১৮৮৭।

কুক্রিয়া [স] *বি* খারাপ কাজ। 'যদ্রূপ কুক্রিয়ায় প্রবৃত্তি হয় এমত অপর কোন বিষয়ে আমরা বোধ করি না।' *দর্পণ*, ১৮৩১।

কুক্ষণ [স] *বি* অশুভ মুহূর্ত; দুঃসময়। **কুক্ষণে** [স] *ক্রিবিণ* দুঃসময়ে। 'ঘোর রণে কুক্ষণে রণিলা উভয়।' *মাইকেল*, ১৮৬০।

কুক্ষি [স] **১** *বি* পেট। 'কুক্ষি বিদারণ না করিয়া পণ্ডিতকে নানাবিধ পারিতোষিক দ্রব্য প্রদান ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। **২** *বি* কাঁখ। 'বাঁ হাতের কুক্ষিতে ঝুড়ি ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কুক্ষিগত [স] *বিণ* বগলদাবা। 'চাঁদার খাতা কুক্ষিগত করিয়া...।'

AMARBOI.COM

রবীন্দ্র, ১৯০৫।

কুক্ষিদেশ [স] *বি* কাঁক; কাঁকাল। 'কুক্ষিদেশে একটি ঝাঁপী লইয়া নদীর নিকটে যাইয়া কহিলেন ...।' *রাজীব*, ১৮০৫।

কুক্ষিমুক্ত [স] *বিণ* অবৈধ দখল থেকে মুক্ত। 'এসব প্রতিষ্ঠান সরকারী কর্ম্মচারীদের কুক্ষিমুক্ত না হওয়া পর্য্যন্ত ...।' *আজাদ*, ১৯৬৪।

কুক্ষিস্থ [স] *বিণ* কুক্ষিগত। 'কবিরা নিজের কুক্ষিস্থ উপাদান নিয়ে ...।' *প্রমথ*, ১৯১৪।

কুক্ষী [স কুক্ষি] *বি* পেট। 'এইখানকার মহারাজাদের কুক্ষী নিবিষ্ট ভৃত্যবৎ ছিল।' *রামরাম*, ১৮০২।

কুখাদ্য [স] *বি* খেলে শরীরের ক্ষতি হয় এমন খাবার। 'যাহা খাইলে শরীরের অপকার জন্মে, তাহাই কুখাদ্য।' *মশাররফ*, ১৮৮৯।

কুখ্যাত [স] *বিণ* মন্দ কাজের জন্যে পরিচিত। 'আমরা, – দুর্বল, ক্ষীণ, কুখ্যাত জগতে।' *মাইকেল*, ১৮৬৬।

কুখ্যাতি [স] *বি* কলঙ্ক। 'কুখ্যাতি প্রচার হওয়াতেই, তাঁহার মাতা শ্রীমহাদেবী জাতিচ্যুত হন।' *অক্ষয়*, ১৮৪৮।

কুগঠন [স] *বিণ* গড়ন ভালো নয় এমন। 'কুগঠন মৃৎপাত্রেও তৃষা নিবারণ সেইরূপ হইবে।' *বঙ্কিম*, ১৮৮৭।

কুগঠিত [স] *বিণ* খারাপভাবে তৈরি। 'কুগঠিত মূর্তি ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কুগত [স] *বিণ* মন্দগামী। 'কুমুদ কুসুম রঙস বসী। অবহি উগত কুগত সসী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কুগতিক [স] *বি* মন্দ পথ। 'ঐ সকল কুগতিক না হইতে পারিবার নিমিত্ত ...।' *ফরস্টার*, ১৭৯৮।

কুগ্রহ [স] *বি* (কল্পিত) অশুভ গ্রহ। 'কুগ্রহে দৃষ্টি কৈলে পড়এ জঞ্জাল।' *সুলতান*, ১৬৫০।

কুঘটনা [স] *বি* অশুভ কাণ্ড। 'তা হলে এ সব কুঘটনা কখনই ঘটত না।' *মাইকেল*, ১৮৭৩।

কুঘটা [স কু+ঘটনা] *বি* খারাপ ঘটনা। 'বাড়াবাড়ি হইলে ক্রমে/ কুঘটাতে আটক পায় কর্মে।' *লালন*, ১৮৯০।

কুঙর [স কুমার] *বি* কুমার। 'শ্রীযুত কুঙর হরিনাথ রায় রাজা ও বাহাদুর খেতাব প্রাপ্তিহেতুক ...।' *দর্পণ*, ১৮২৫।

কুঙ্কুম [স] *বি* জাফরান। 'হরিদ্রা কুঙ্কুম চন্দন মঙ্গলদ্রব্য পাত্রেতে ভরিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কুঙ্কুমে তুলিআ মলা নারায়ণ তৈল দিআ গায়।' *মুকুন্দ*, ১৬০০।

কুঙ্কুমগন্ধ [স] *বি* সুগন্ধিবিশেষ। 'করি নানা পরিবন্ধ লেপহ কুঙ্কুমগন্ধ নাঞি নেউটিবেক যৌবন।' *মুকুন্দ*, ১৬০০।

কুচ[১] [স] *বি* স্তন। 'নাভিমূলে দুঈ কুচ লুলে।' *বড়ু*, ১৪৫০।

কুচকলি [স] *বি* স্তনের বোঁটা। 'কুচকলি নিঙাড়ি নিঙাড়ি ...।' *সুধীন্দ্র*, ১৯৩১।

কুচকান্তি [স] *বি* স্তনের সৌন্দর্য। 'কুচকান্তি হেরি, অতি দুঃখী করি, নিজ গর্ব্ব হরি।' *ভবানী*, ১৮২৫।

কুচকুম্ভ [স] *বি* কুম্ভরূপ স্তন। 'তোর দুঈ কুচকুম্ভ বান্ধি নিজ গলে।' *বড়ু*, ১৪৫০।

কুচগিরি [স] *বি* উঁচু স্তন। 'নাসা খগপতিচঞ্চু ভরম ভয়ে কুচগিরি সান্ধি নিবাসা।' *বিদ্যাপতি*, ১৫৭০।

কুচযুগ [স] *বি* স্তনজোড়া। 'মৃগমদ কুচযুগ গগন মাঝার।' *বড়ু*, ১৪৫০।

কুচযুগল [স] *বি* স্তনজোড়া। 'সুররাজগজকুম্ভ কুচযুগল।' *বড়ু*, ১৪৫০।

কুচ-রুচি [স] *বি* স্তনের সৌন্দর্য। 'সূক্ষ্ম স্বর্ণ-সুতার কাঁচলি আচ্ছাদন-ছলে ঢাকে কেবল দেখাতে কুচ-রুচি।' *মাইকেল*, ১৮৬১।

কুচাগ্র [স কুচ-অগ্র] *বি* স্তনের বৃন্ত। 'কুচাগ্রে শ্যামল মুদ্রা অতি চারুতর।' *আলাওল*, ১৬৮০।

কুচ[২] [ফা] ১ *বি* সৈন্যদের অনুশীলন; কুচকাওয়াজ। 'সেই দিন কুচ হইল কুফার শহরে।' *গরীব*, ১৭৬৫। ৩ *বি* যুদ্ধযাত্রা। 'সেনাসকল শিবির ভঙ্গ করিতে লাগিল, পরদিন প্রভাতে "কুচ" করিবে।' *বঙ্কিম*, ১৮৬৫।

কুচকাওয়াজ [ফা কুচ+আ কাওয়াজ] *বি* সৈনিকদের অনুশীলন। 'কর্ম্মীরা কুচকাওয়াজ করে।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

কুচ[৩] [স গুঞ্জা] *বি* গুঞ্জাফল। **কুচফল** [স গুঞ্জাফল] *বি* গুঞ্জাফল। 'মধুবীজ সুফল রোচন কুচফল।' *গুপ্ত*, ১৮৫৮।

কুচনয়ন [স গুঞ্জানয়ন] *বি* কুচফলের মতো লাল চোখ। 'মরি কুচনয়নে খোঁচ মারে প্রাণে।' *গিরিশ*, ১৮৮৭।

কুচবরণ [স গুঞ্জাবর্ণ] *বিণ* কুচফলের মতো লাল রংবিশিষ্ট। 'সিসা গুঁড়, ধলবরন, কুচবরন – কত যে রঙের পাখনা।' *কায়সার*, ১৯৬২।

কুচকি [স কক্ষ>] *বি* তলপেট ও উরুর সন্ধিস্থল। *ওসা*, ১৭৮৫।

কুচকুচ [ধ্বন্যা] *বি* উজ্জ্বল ও গাঢ় কৃষ্ণ বর্ণের আভা। *বিদ্যা*, ১৮৯১।

কুচকুচে [ধ্বন্যা] *বিণ* গাঢ় ও চকচকে। 'কালো কুচকুচে কোঁকড়া কোঁকড়া ঝাপটায় বেড়া।' *বঙ্কিম*, ১৮৮২।

কুচক্কুরে [স কুচক্রী] *বিণ* কূটকৌশলী। 'ঐ রকম কুচক্কুরে মন না হ'লে কি আর এই দশা হয়?' *বিভূতি*, ১৯২৯।

কুচক্র [স কু+চক্র] *বি* ষড়যন্ত্র। 'রুক্কি আমার ভাই কুচক্র করিল।' *মালাধর*, ১৫০০।

কুচক্রান্ত [স] *বি* কূট ষড়যন্ত্র। 'কুচক্রান্তের কঠিন আঘাতে অযোধ্যার রাজগৃহকে বিশ্লিষ্ট ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

কুচক্রী [স] *বিণ* ষড়যন্ত্রকারী। 'কুটিল কুচক্রী ছেলে-ধরা বলিয়া গালি দেওয়া হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

কুচনি [কোচ>] *বি* বেশ্যা। *বিদ্যা*, ১৮৯১।

কুচপরওয়া [হি কুছ+ফা পরওয়াহ্] *বি* কোনো ধরনের ভয়। 'ক্যা ফুরতি! কুচপরওয়া নেই, মদ লেয়াও!' *গিরিশ*, ১৮৮৯।

কুচর [স কুচরিত্র] *বি* ধর্ম পালন করে না এমন লোক। 'কিবা ইন্দু কিবা মোসোলমান কিবা কুচর।' *মানোএল*, ১৭৪৩।

কুচরিত্র [স] *বি* খারাপ স্বভাবের লোক। 'কেহ না ঘনায় মন্দ কুচরিত্র পাশে।' *আলাওল*, ১৬৮০।

কুচরীত [স কুচরিত্র] *বি* কদাচার। 'হেন বুঝোঁ রাধা তোঁ করিলি কুচরীত।' *বড়ু*, ১৪৫০।

কুচা [স কুৎসা] *বি* কুৎসা; নিন্দা। *বিদ্যা*, ১৮৯১।

কুচাইলতা *বি* লতা বা গুল্মবিশেষ। 'মানগড়্যা বাকুচি কুচাইলতা।' *মুকুন্দ*, ১৬০০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কুচাগ্র দ্র কুচ[১]

কুচাল [স] *বি* মন্দ চালচলন; অসদাচরণ। *বিদ্যা*, ১৮৯১।

কুচি [স কুর্চ] **১** *বি* ছোটো টুকরা। 'বে অরুচির রুচি, যদি পাই রূপার কুচি, তবে মূচিকেও করি শুচি।' *রামনারায়ণ*, ১৮৫৪। **২** *বি* লোম। 'ঠোঁটে আর থুতনিতে গুয়োরের কুচির মতো চুলগুলো খাড়া হয়েছিল।' *প্রমথ*, ১৯৪১।

কুচি-করা *বিণ* ছোটো ছোটো করে কাটা। 'কুচি-করা সুপারি আছে কাগজের বাক্সে।' *ইলিয়াস*, ১৯৭৫।

কুচি দেওয়া *ক্রি* পরিষ্কার করা। *মানোএল*, ১৭৪৩।

কুচিকিৎসক [স] *বি* মন্দ ডাক্তার। 'অনেক কুচিকিৎসক ক্ষুদ্র রোগের উপশম জন্য উৎকট বিষের প্রয়োগ করেন।' *বঙ্কিম*, ১৮৭৮।

কুচিকিৎসা [স] *বি* ভুল বা অনুপযুক্ত চিকিৎসা। 'আলস্যস্বভাব, দারিদ্র্যদশা, কুচিকিৎসা ইত্যাদি ভূরি ভূরি প্রত্যক্ষ কারণে ...।' *অক্ষয়*, ১৮৫০।

কুচি কুচি [ধ্বন্যা] *বিণ* ছোটো ছোটো। 'কুচি কুচি করিয়া ভুকিব এক সাথে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কুচিত্র [স] *বি* অশোভন ছবি। 'এমন সমস্ত কুচিত্র ও কুদৃশ্য ...।' *মোয়াজ্জিন*, ১৯৩৪।

কুচিত্রিত [স] *বিণ* খারাপভাবে উপস্থাপিত। '... কুচিত্রিত মোসলেম পুরুষ ও নারী চরিত্রের সহিতই পরিচিতি হইয়া আসিতেছিলাম।' *বঙ্গীয়*, ১৯২১।

কুচিন্তা [স] *বি* খারাপ চিন্তা। 'কোন কুচিন্তা ও কলুষভাব যাহাদের অন্তরে স্থান পায় নাই।' *এসলাম*, ১৯২০।

কুচিন্তিত [স] *বিণ* কুচিন্তা করা হয়েছে এমন। 'কুচিন্তিত কার্যের ব্যবস্থার জন্য।' *মোয়াজ্জিন*, ১৯৩৩।

কুচুটিআ [স কুৎসা>] *বিণ* কুচিন্তাকারী। *বিদ্যা*, ১৮৯১।

কুচুটে [স কুৎসা] *বিণ* কুটিল প্রকৃতির। 'কুচলিয়া তিতা কুচুটে বুদ্ধি।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

কুচো [স কুর্চ] *বিণ* ছোটো। 'কুচো চিংড়ী।' *বিভূতি*, ১৯৩৮।

কুচোমাছ [স কুর্চ+স মৎস্য] *বি* সাপের মতো কালো রঙের মাছবিশেষ। 'কুচো মাছের টুকরি থেকে চিলেতে নেয় ছোঁ মেরে।' *রবীন্দ্র*, ১৯৪১।

কুচ্ছ [স কুৎসা] **১** *বিণ* দোষযুক্ত। *মানোএল*, ১৭৪৩; 'সে কেবল জানিবা কুচ্ছ।' *ভবানী*, ১৮২৫। **২** *বিণ* তুচ্ছ। 'ভুলাতে তোমারে দিল এ কুচ্ছ ভূষণে।' *মাইকেল*, ১৮৬৬। **৩** *বি* কুৎসা। 'কুলের কুচ্ছ ব্যক্ত করা কাপুরুষের কাজ।' *দীনবন্ধু*, ১৮৬৬।

কুচ্ছা [স কুৎসা] *বি* কুৎসা। 'হোমের কুচ্ছা, হোমের প্লানী, হোমটা একটা নেষ্টী প্লেস।' *মশাররফ*, ১৮৯০।

কুচ্ছিত [স কুৎসিত] *বিণ* কুৎসিত। 'শয়ন কুচ্ছিত বীরের ভোজন বিটকাল।' *মুকুন্দ*, ১৬০০।

কুচ্ছিতা [স কুৎসিত>] *বিণ* স্ত্রী কুৎসিত। *মানোএল*, ১৭৪৩।

কুচ্ছো [স কুৎসিত>] *বি* নিন্দা। 'করব না আর কুচ্ছো।' *নজরুল*, ১৯২৬।

কুচ্যামোড় [স কুঞ্চিকা+স মুণ্ড>] *বি* জল ক্ষেপণের উপকরণবিশেষ। 'কুচ্যামোড় কার হাথে কার জলচ যন্ত্র।' *মুকুন্দ*, ১৬০০।

কুছিত [স কুৎসিত] *বিণ* কুরূপ; অসুন্দর। 'বনচারি গোপি আমা কুছিত দেখিয়া।' *মালাধর*, ১৫০০।

কুজ[১] [স কুব্জ] *বি* পিঠের অস্বাভাবিক ফুলে ওঠা বাঁকানো অংশ। 'সেইক্ষণে কুব্জ তার ঘুচাইল পৃষ্ঠে।' *মুকুন্দ*, ১৬০০।

কুজ[২] [ফা কুজাহ] *বি* মাটির জলপাত্রবিশেষ। 'জলের কুজ লইয়া, ঐ স্থান দিয়া, চলিয়া যাইতেছিল।' *বিদ্যা*, ১৮৬৩।

কুজন[১] [স] *বি* আনন্দে গুঞ্জন। 'রাধাঐে কৈল কুজনে।' *বড়ু*, ১৪৫০।

কুজন[২] [স] *বিণ* খারাপ লোক। 'সুজনের মলা নাহি এবং কুজন না জর্মে।' *আম্ভোনিয়ো*, ১৭৪৩।

কুজনা [স কুজন] *বি* দুর্জন; দুষ্টলোক। 'নেহারে গোলমাল হ'লে পড়বি কুজনার ভোলে।' *লালন*, ১৮৯০।

কুজা[১] [স কুব্জা] **১** *বি* বৃক্ষবিশেষ। 'কুব্জা কুটুজ কদম্ব বাসক কেন্দু কুন্দ।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* বাঁকা। 'চাবুকের ঘায় কেহ হইয়া গেল কুব্জা।' *গরীব*, ১৭৬৫।

কুজা[২] [স কুজা] *বি* পানি রাখার জন্য তৈরি মাটির পাত্র। 'এক কুজা জল আর তুলসীমঞ্জরী।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুজা[৩] [স কৃজন>] *ক্রি* কলতান করা। 'আজ কোকিল কুঞ্জে পিচকারীর সুরে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কুঞ্জিত [স] *বিণ* গুঞ্জন করেছে এমন। 'কোকিল কুঞ্জিত ভ্রমর গুঞ্জিত।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কুঞ্জিয়ান *বি* ছোটো নৌকা। *মানোএল*, ১৭৪৩।

কুঞ্জীবন [স] *বি* মন্দ জীবন। 'আমার কি কৃষ্ণণে জন্ম! এ কুজীবন।' *মাইকেল*, ১৮৭৩।

কুঞ্জো [স কুব্জা] *বি* মাটির তৈরি সরু গলাবিশিষ্ট জল রাখার পাত্রবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫।

কুজ্ঝটি [স] *বি* কুয়াশা। 'নিদারুণ মাঘ মাসে সদায় কুজ্ঝটি।' *মুকুন্দ*, ১৬০০।

কুজ্ঝটিকা, কুজ্ঝটিকা [স] *বি* কুয়াশা। 'শীতকালে কুজ্ঝটিকা হইয়া থাকে।' *মদনমোহন*, ১৮৪৯; 'প্রাতঃকালে চতুর্দ্দিক মেঘাবৃতবৎ ঘনতর কুজ্ঝটিকাতে আচ্ছন্ন থাকে।' *অক্ষয়*, ১৮৪৯।

কুজ্ঝটি-জাল [স] *বি* কুয়াশার জাল। 'মায়ার কুজ্ঝটি-জাল যাক দূরে যাক।' *রবীন্দ্র*, ১৯২৪।

কুজ্ঞান [স] *বি* বদখেয়াল। 'তাহাতে দুর্বুদ্ধি হইয়া নানান কুজ্ঞান উদয় হইলে ...।' *রামরাম*, ১৮০১।

কুজ্ঞানি [স কুজ্ঞানী] *বিণ* মন্দজ্ঞানবিশিষ্ট। 'কুজ্ঞানি এই বুড়ি কর্মে কইল ডেড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

কুঝটী [স কুজ্ঝটি] *বি* কুয়াশা। 'মাঘমাসে আনিবার সদাই কুঝটী।' *মুকুন্দ*, ১৬০০।

কুঞ [স কূপ] *বি* কুয়া। 'পরক বচনে কুঞ ধস দেঅ তৈসন কে মতিহীন।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কুণ্ঠন [স] **১** *বি* সংকোচন। 'কুণ্ঠন-ক্রিয়াতে তাপ সৃষ্টি হয়।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বি* ভাঁজ। 'চিবুকের মনোরম কুণ্ঠন।' *মানিক*, ১৯৩৫।

কুণ্ঠা [স কুণ্ঠন>] *ক্রি* কোঁচকানো। 'ভ্রূ কুঞ্চিয়া কহে রাজা ...।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কুণ্ঠিত [স] **১** *বিণ* সংকীর্ণ। 'কুণ্ঠিতহৃদয় সূত্রধারীদিগের দ্বারা

AMARBOI.COM

অদ্যাবধিও ভ্রমশিক্ষা প্রদান।' *অক্ষয়*, ১৮৪৭। ২ *বিণ* কৌচকানো। 'নাসিকার সুকুমার অগ্রভাগটুকু কুঞ্চিত করে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* সংকুচিত। 'অবাধ্য শরীর সংকোচে কুঞ্চিত হত।' *রবীন্দ্র*, ১৮৯৯। ৪ *বিণ* কোঁকড়ানো। 'ঘন কালো তব কুঞ্চিত কেশে যূথীর মালা।' *রবীন্দ্র*, ১৯০০।

কুঞ্চিততর [স] *বিণ* অধিক কুঞ্চিত। 'ভ্রূ কুঞ্চিত হইতে কুঞ্চিততর হইতে লাগিল।' *বনফুল*, ১৯৩৬।

কুঞ্চিতলোলচর্ম [স] *বিণ* ভাঁজযুক্ত ঢিলে চামড়াবিশিষ্ট। 'কঙ্কালসার কুঞ্চিতলোলচর্ম শিশু।' *তারা*, ১৯৪৩।

কুঞ্চিতহৃদয় [স] *বিণ* সংকীর্ণমনা। 'কুঞ্চিতহৃদয় সূত্রধারীদিগের দ্বারা অদ্যাবধিও ভ্রমশিক্ষা প্রদান।' *অক্ষয়*, ১৮৪৬।

কুঞ্চিকা [স] *বি* চাবি। 'সিন্দুকের কুঞ্চিকাও এক্ষণ পর্য্যন্ত আমার সঙ্গেই আছে।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

কুঞ্জ [স] ১ *বি* লতাপাতায় আচ্ছাদিত ঘরের মতো স্থান। 'এক এক নারি লঅঁ এক এক কুঞ্জে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* তপোবন। 'আমার কুঞ্জেতে কেন হরিষ অন্তর।' *দীনচণ্ডী*, ১৬০০। ৩ *বি* বন। 'কুঞ্জে ২ ভ্রমে রাজা রমণী সহিতে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কুঞ্জকাননচারী [স] *বিণ* কুঞ্জকাননে বিচরণকারী। 'কেশব কুরু করুণা দীনে, কুঞ্জকাননচারী।' *গিরিশ*, ১৮৮৩।

কুঞ্জকুটির, কুঞ্জকুটীর [স] ১ *বি* কুঞ্জ। 'বন উপবন কুঞ্জ কুটীরহি সবহি তোহি নিরূপ।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* বাগানবাড়ি। 'অলিন্দ-ওয়ালা কুঞ্জকুটিরটি আমার ভারি মনে লেগে গেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কুঞ্জক্রীড়া [স] *বি* প্রেম। 'রাত্রিদিনে কুঞ্জক্রীড়া করে রাধাসঙ্গে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুঞ্জগেহ [স] *বি* লতাপাতা দিয়ে তৈরি করা ঘর; আশ্রম। 'কাঁহাঞি আসিব কুঞ্জগেহে।' *বড়ু*, ১৪৫০।

কুঞ্জঘর [স কুঞ্জ+ঘর] *বি* লতাগৃহ। 'সঙ্কেত-বেণুনাদে রাধা গেল কুঞ্জঘরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুঞ্জছায়াবীথিকা [স] *বি* গাছের ছায়াঢাকা বনের পথ। 'ওরা চলেছে কুঞ্জছায়াবীথিকায়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কুঞ্জতল [স] *বি* ঝোপের নীচ। 'ধরি লঅঁ জাএ কুঞ্জতলে।' *বড়ু*, ১৪৫০।

কুঞ্জদুয়ার [স কুঞ্জদ্বার] *বি* কুঞ্জ বা আশ্রমের প্রবেশপথ। 'কুঞ্জদুয়ারে অবোধের মতো/ রজনীপ্রভাতে বসে রব কত?' *রবীন্দ্র*, ১৮৯৩।

কুঞ্জদ্বার [স] *বি* বন-নিবাসের প্রবেশপথ। 'কুঞ্জদ্বারে বনমল্লিকা সেজেছে পরিয়া নব পত্রালিকা।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কুঞ্জবন [স] *বি* কুঞ্জময় কানন। 'একল কুঞ্জবনে আকুল কান।।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'চারি দিকে কুঞ্জবন, কন্দর, পর্বত, নিবিড় কানন।' *মাইকেল*, ১৮৬০।

কুঞ্জবনচারী [স] *বি* যে কুঞ্জময় বনে বিচরণ করে। 'চিরকিশোর মুরলীধর কুঞ্জবনচারী।' *নজরুল*, ১৯৩৩।

কুঞ্জ-বিহারি [স কুঞ্জবিহারী] *বিণ* বাগানে বিচরণকারী। 'আঁধার পিঞ্জরে তুই রে কুঞ্জ-বিহারি বিহঙ্গ।' *মাইকেল*, ১৮৬৬।

কুঞ্জবীথি [স] *বি* বাগান। 'অবেলায় কুঞ্জবীথি/ এলে মোর শেষ অতিথি।' *নজরুল*, ১৯২৯।

কুঞ্জবীথিকা [স] *বি* উপবনের সারি। 'কুঞ্জবীথিকায় ... ফোটে প্রেমের সোনার বরন ফুল।' *রবীন্দ্র*, ১৯১৬।

কুঞ্জভবন [স] *বি* লতা-পাতায় ঘেরা ঘরের মতো স্থান; আশ্রম। 'সন্ধ্যাপবনে কুঞ্জভবনে/ নির্জন নদীতীরে।' *রবীন্দ্র*, ১৮৯০।

কুঞ্জলতা [স] *বি* একপ্রকার লতানো গাছ। 'কুঞ্জলতাও হতে পারে।' *জীবন*, ১৯৩২।

কুঞ্জশোভা [স] *বিণ* কুঞ্জের শোভাবর্ধনকারী। 'কুঞ্জশোভা বরগুঞ্জমালা দোলে গলে।' *মাইকেল*, ১৮৬১।

কুঞ্জসভা [স] *বি* কুঞ্জবন। 'বাগানের কৃষ্ণচূড়া, কাঞ্চন ও অশথ গাছের একটি কুঞ্জসভা দেখতে পাওয়া যায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

কুঞ্জান্তর [স কুঞ্জ-অন্তর] *বি* অন্য আশ্রম। 'বহে সে সঙ্গীতে যবে মঞ্জু কুঞ্জান্তরে সমদেশে।' *মাইকেল*, ১৮৬৩।

কুঞ্জর [স] *বি* হাতি। 'কি ছার কুঞ্জর মাতোয়ার।' *মুরারি*, ১৫৭০।

কুঞ্জরচর্ম [স] *বি* হাতির চামড়া। 'উত্তরি আঁতের নাড়ি কুঞ্জরচর্মের শাড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

কুঞ্জরনিকর [স] *বি* হাতির পাল। 'রণোন্মত্ত কুঞ্জরনিকরের বৃংহিত শব্দ।' *দীনবন্ধু*, ১৮৭৩।

কুঞ্জরবর [স] *বি* হাতি। 'ধাইল কুঞ্জরবর বড়ই দুরন্ত।' *মুকুন্দ*, ১৬০০।

কুঞ্জরশুণ্ডাকার [স] *বিণ* হাতির শুঁড়ের মতো। 'সসা জেন মসাগুলা জঁলৌকা কুঞ্জরশুণ্ডাকার।' *মুকুন্দ*, ১৬০০।

কুঞ্জরগামিনী [স] *বি* হাতির মতো গমন করে যে। 'দুবলা চলিত জেন কুঞ্জরগামিনী।' *মুকুন্দ*, ১৬০০।

কুঞ্জসীপানা [স কঞ্জষ] *বি* কঞ্জুসের আচরণ। 'কী কুঞ্জসীপানা! দেও না একটু পান-দোক্তা।' *ওয়ালী*, ১৯৬২।

কুঞ্জি [স কুঞ্চিকা] *বি* চাবি। 'মোর হস্তে সমস্ত যথেক সব কুঞ্জি।' *আলাওল*, ১৬৮০।

কুঞ্জিকা [স কুঞ্চিকা] *বি* চাবি। 'আধ্যাত্মিক তত্ত্বের কুঞ্জিকা পীরদিগের হস্তেই।' *সওগাত*, ১৯৩৮।

কুঞ্জিকাটি [স কুঞ্চিকা+কাঠি] *বি* চাবি। 'তার মনের গোপন মঞ্জুষার কুঞ্জিকাটি যেন কিছুতেই দিতে চায় না।' *নজরুল*, ১৯২২।

কুট[১] [স কূট] *বিণ* জটিল। 'তোর কুট মন মোহে ডুবাওল।' *বাহরাম*, ১৬৫০।

কুট[২] [স কুট্>] *বি* খড়। 'কুটগাছটি দিলে দুভাগ হয়ে যায়।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কুট[৩] [স] *বি* কেল্লা; দুর্গ। *বিদ্যা*, ১৮৯১।

কুটকচালিআ [স কূট>] *বি* কূট চাল দেয় যে; চালিয়াত। *বিদ্যা*, ১৮৯১।

কুটকাট [ধ্বন্যা] *বি* ছোটাছুটির শব্দ। 'সমস্ত বেলাই কুটকাট দুড়দুড় ... চলছেই।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কুটকুট [ধ্বন্যা] ১ *বি* কোনো কিছু চিবানোর শব্দ। 'গুটিচারেক ছোটো তীক্ষ্ণ দন্ত দিয়ে কুটকুট করে পরম তৃপ্তি-সহকারে আহার করা হয়।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বি* চুলকানির ভাব। 'ঘাসে আমার কুট-কুট করে।' *জীবন*, ১৯৪৮।

কুটজ [স] *বি* কুড়চি ফুল ও তার গাছ। 'কুটজে ভ্রমর ধায় ত্যজি

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কমলিনী।' *ভবানী*, ১৮২৮।

কুটনা[১] [স কুট্>] *বি* রান্নার উপযোগী ক'রে কাটা তরকারি। *বিদ্যা*, ১৮৯১। 'কেহ কুটনা কুটিতেছে।' *রোকেয়া*, ১৯০৪।

কুটনা কোটা *ক্রি* রান্নার জন্য তরকারি কাটা। 'বাড়িতে কি কুটনো কুটার নিয়ম নেই।' *রবীন্দ্র*, ১৯০২।

কুটনা বাটনা *বি* রান্নার জন্য সবজি কাটা ও মসলা বাটার কাজ। 'তিনি কুটনা বাটনার কাজ করিয়া দিয়াছেন।' *কেরি*, ১৮০২।

কুটনো [স কুট্>] *বি* রান্নার উপযোগী ক'রে কাটার তরকারি। 'এখন তোমরা কুটনো কোটো।' *অমৃত*, ১৯০০।

কুটনা[২] *দ্র* কুটনি

কুটনি, কুটনী [স কুট্টনী] **১** *বি* ব্যভিচারে সহায়তাকারী নারী। 'যৌবন বাখান যদি কুটনী কহিল।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* যে স্ত্রীলোক কান ভাঙানি দিয়ে বিবাদ লাগায়। *বিদ্যা*, ১৮৯১।

কুটনা [স কুট্টনী>] *বি* পুং বেশ্যার দালাল। *ওসাঁ*, ১৭৮৫।

কুটনামী [স কুট্টনী>] *বি* কুটনির কাজ। 'অনেক পাপ অনেক কুটনামীর রেখা-জাগা লোলচর্ম মুখটাও ...।' *কায়সার*, ১৯৬২।

কুটনিপনা, কুটনীপনা [স কুট্টনী>] *বি* কুটনির আচরণ। 'তখন ইতস্ততঃ ভ্রমণ করিয়া যোটকতা ব্যবসায় অর্থাৎ কুটনীপনায় প্রবর্ত্তা হইলেন।' *ভবানী*, ১৮২৮। *বিদ্যা*, ১৮৯১।

কুটনী [স কুট্টনী] *বিণ* নারী ও পুরুষের বিবাহ-বহির্ভূত মিলন ঘটানোর দূতী। 'অগ্রে বেশ্যা পরে দাসী মধ্যে ভবতী কুটনী।' *ভবানী*, ১৮২৮।

কুটম্বতা [স কুটুম্ব] *বি* আত্মীয়ের সম্পর্ক। 'তাহার সহিত কাহার নৈকট্যতা বা কুটম্বতা কিম্বা আত্মীয়তা থাকিলেও ...।' *ভবানী*, ১৮২৩।

কুটরী [স কোষ্ঠ] *বি* ঘর; কক্ষ। 'নীচের তালায় অনেক কুটরী আছে।' *দর্পণ*, ১৮৩০।

কুটা[১] [স কুট্>] **১** *বি* খড়। 'তৃণ-কাঁটা-কুটা সবে লাগিলা কুড়াইতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* খড় বা তৃণের ছোটো অংশ। 'পারাবত লবে যদি দাঁতে কর কুটা।' *মুকুন্দ*, ১৬০০।

কুটা[২] [স কুট্>] **১** *ক্রি* কাটা। 'বোদালি কুটিতে তুমি পাবে নিজ স্বামী।' *মুকুন্দ*, ১৬০০। **২** *ক্রি* ঠোকা। 'কুটএ আপনা মুণ্ড পাষাণ উপর।' *সুলতান*, ১৬৫০। **৩** *ক্রি* কেটে টুকরা করা। 'নারী বসিয়াছে সেই মৎস্য কুটিবার।' *সুলতান*, ১৬৫০। **৪** *ক্রি* আঘাত করা। 'দুই হাতে হিয়া কুটে কান্দে উচ্চরায়।' *আলাওল*, ১৬৮০। **৫** *ক্রি* ভাগ করা। 'প্রশাদ কুটিয়া নিল সন্দেশের ছলে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৬** *ক্রি* ছাতু করা বা গুঁড়া করা। 'ছোলা কুটে ও কলাই বাটে।' *দর্পণ*, ১৮২৫।

কুটান [স কুট্>] *ক্রি* চূর্ণ করা। *বিদ্যা*, ১৮৯১।

কুটারি [স কোষ্ঠ] *বি* কোঠাবাড়ি। *ওসাঁ*, ১৭৮৫।

কুটি[১] [স কুটির] **১** *বি* কুটির। 'শরথের কুঞ্জ কুটি সেই রম্য স্থান।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *বি* দপ্তর। 'শ্রীযুত সাহেব সরকারের কুটি।' *ওসাঁ*, ১৭৭৯। **৩** *বি* নীলকুঠি। 'বড়বাবু না কুটি গিয়েছেন।' *দীনবন্ধু*, ১৮৬০।

কুটি[২] [স কোটি] *বিণ* কোটি। 'এতো দীর্ঘ, যে, কতো অনন্তো কুটি সমুদ্রো পারে।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

কুটিকুটি [স কুট্>] **১** *বিণ* খুবই ছোটো ছোটো। 'ছোট মুখের লম্বা লম্বা ঘটে কুটি কুটি মাংস ভরা রাখিয়াছে।' *তারিণী*, ১৮০৩। **২** *বি* আহ্লাদে আটখানা; আকুল। 'আমারি বুকে আলয় পেয়ে/ হাসিয়া কুটিকুটি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কুটি-নাটি *বি* ছলনা। 'তার মধ্যে কুটি-নাটি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুটিনী *দ্র* কুটনি

কুটির, কুটীর [স] **১** *বি* ঘর। 'বন উপবন কুঞ্জ কুটীরহি সবহি তোহি নিরূপ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* কুঁড়েঘর। 'পাঠশালার জন্য একটি পর্ণকুটির দান ... বিস্তর কল্যাণ হয়।' *অক্ষয়*, ১৮৪৯। **৩** *বি* ছোটো বাড়ি। 'দুই-চারিটি টিনের-ছাদ-বিশিষ্ট কুটির।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কুটিরদ্বার [স] *বি* ঘরের দরজা। 'আপন কুটিরদ্বার বন্ধ করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কুটিরশিল্প [স] *বি* গৃহে উৎপন্ন শিল্পদ্রব্য। 'কুটিরশিল্প প্রধানতঃ মেয়েদের শিল্প।' *বেগম*, ১৯৪৮।

কুটিরশিল্পী [স] *বিণ* ঘরে বসে শিল্পদ্রব্য উৎপাদনকারী। 'কুটিরশিল্পী মুসলমানের জিনিষ বেশী দামে আর কেউ কিনলে না।' *হায়াবীথি*, ১৯৩৪।

কুটীরশিল্প [স] *বি* হাত দিয়ে সম্পন্ন করা যায় এমন শিল্প। 'ভবিষ্যতে নরসুন্দরের কুটীরশিল্পটা বিদ্যুৎচালিত কারখানা শিল্পে পরিণত হবে না তো?' *অন্নদা*, ১৯২৯।

কুটীরাভ্যন্তর [স কুটীর-অভ্যন্তর] *বি* কুটিরের ভিতর। 'সহসা কুটীরাভ্যন্তরে আলোচনা বন্ধ হইল।' *বনফুল*, ১৯৩৬।

কুটিল [স] **১** *বিণ* বক্র। 'কুটিল গমন ঘন কাশে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* শঠ। 'ভালে ভালে হাম অলপে চিহ্নলুঁ ঐহন কুটিল কান।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *বিণ* কৌকড়া। 'ত্রিকচ্ছ বসন শোভে কুটিল কুন্তল।' *বৃন্দা*, ১৫৮০। **৪** *বিণ* জটিল। 'হায়! ... কালের কুটিল গতি!!' *অক্ষয়*, ১৮৪৭। **৫** *বিণ* প্যাঁচানো। 'তাহাদিগের কথাবার্ত্তা যেমন কুটিল, আচরণেও তাহার প্রকাশ ঘটিল।' *অক্ষয়*, ১৮৪৯। **৬** *বিণ* মেকি। 'আপন আপন পরিচ্ছদ এ প্রকার কুটিল ও জটিল করিয়া ফেলিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৯। **৭** *বিণ* টেরা। 'তাহার একজন ধূম্র বর্ণ, দীর্ঘ দন্ত ও কুটিল নেত্র ...।' *অক্ষয়*, ১৮৫০। **৮** *বিণ* বিপজ্জনক। 'আবর্তে কুটিল নদী।' *বুদ্ধ*, ১৯৪৩।

কুটিলচিত্ত [স] *বিণ* কূট মানসিকতাপূর্ণ। 'পরসৌভাগ্যে ঈর্ষাতুর, কুটিলচিত্ত, সন্দেহ বাতিকগ্রস্ত লোকের অভাব সেই সভায় ছিল না।' *মুখলেস*, ১৯৭০।

কুটিলতা [স] *বি* ধূর্ততা। 'কেহ২ বা কুটিলতা দ্বারা প্রকাশ করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৪।

কুটিলবুদ্ধি [স] *বিণ* কূটবুদ্ধিবিশিষ্ট। 'পৃথিবীর নির্ম্মম কুটিলবুদ্ধি চক্রান্তকারীদের সম্বন্ধে বার বার সতর্ক করে দিলেন।' *রবীন্দ্র*, ১৮৯১।

কুটিলভাবে *ক্রিবিণ* জটিলভাবে; পেঁচিয়ে। 'নির্ঝর-নির্গত জল শুভ্রবর্ণ বেণীর ন্যায় অতি কুটিলভাবে পর্ব্বতের পৃষ্ঠদেশে প্রবাহিত হইতেছে।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

কুটিলস্রোত [স] *বি* ক্ষতিকর ধারা। 'তাতে জমবেই বাষ্প, নীলবিষের মতো কুটিলস্রোত, আর তা বাড়তে থাকবে ক্রমশ।' *আলাউদ্দিন*, ১৯৬০।

কুটিলা [স] **১** *বিণ* স্ত্রী ধূর্ত। 'নারীও অতিশয় চপলা, কুটিলা, মিথ্যাবাদিনী ও পুরুষঘাতিনী।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* স্ত্রী জটিল। 'বিজ্ঞেরা যথার্থই বলেছেন যে কালের গতি অতি কুটিলা।' *মাইকেল*, ১৮৭৩।

AMARBOI.COM

কুটিলাক্ষর [স কুটিল-অক্ষর] *বিণ* কুটিল অক্ষরবিশিষ্ট। 'জীবনের যিনি গ্রন্থকার তিনিই যে কুটিলাক্ষর ছিলেন এমনি একটা গভীর বক্রোক্তি ...।' *অচিন্ত্য*, ১৯৫০।

কুটী[১] [স কোটি] *বিণ* অসংখ্য। 'গুরুর চরণে মোর কুটী নমস্কার।' *বিজয়*, ১৬৫০।

কুটী[২] [স কুটি] *বি* কুঠি। 'তোমাকে কুটী করিতে পাট্টা দীলাম সালিআনা।' *বোগল*, ১৭৭০; 'তাতি কুটীতে কাপড় দাখিল করিবেক।' *হ্যালহেড*, ১৭৭৩।

কুটীচক *বি* সন্ন্যাসীবিশেষ। 'সূতসংহিতার জ্ঞানযোগ খণ্ডে চারি প্রকার সন্ন্যাসীর বিবরণ সন্নিবেশিত আছে; কুটীচক, বহূদক, হংস ও পরমহংস।' *অক্ষয়*, ১৮৫০।

কুটীর দ্র কুটির

কুটুজ [স কুটজ] *বি* কুড়চি ফুল। 'কুজা কুটুজ কদম্ব বাসক কেন্দু কুন্দ।' *বড়ু*, ১৪৫০।

কুটুৎ [ধ্বন্যা] *বি* নখ বা ছোটো হাতিয়ার দিয়ে কাটার শব্দ। 'এই না বলে কুটুৎ করে চিমটি কাটে ঘাড়ে।' *সুকুমার*, ১৯১৮।

কুটুনী *বি স্ত্রী* ধান ভেনে জীবিকা অর্জনকারী। 'কুটুনীর ছেলে সে, এমন পরিচয় দিতে মাথা কাটা যায়।' *শওকত*, ১৯৫৮।

কুটুম [স কুটুম্ব] *বি* বিবাহসূত্রে আত্মীয়। 'কুটুম হইতে।' *মানোএল*, ১৭৪৩।

কুটুমবাড়ি, কুটুমবাড়ী [স কুটুম্ববাটী] *বি* আত্মীয়ের বাড়ি। 'কুটুমবাড়ি হইতে ফিরিয়া ...।' *মানিক*, ১৯৩৭; 'ময়না গেছে কুটুমবাড়ী।' *অন্নদা*, ১৯৪৪।

কুটুম্ব [স] ১ *বি* আত্মীয়-স্বজন। 'হরিণী জানয় ভল কুটুম্ব বিবাধ। তবহুঁ ব্যাধক গীত সুনইত সাধ।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'আত্মবৃত্তি করি করে কুটুম্ব ভরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* দূর সম্পর্কের আত্মীয়। *ওসাঁ*, ১৭৮৫।

কুটুম্বপনা [স কুটুম্ব+পনা] *বি* আত্মীয়সুলভ আচরণ। 'আজও ইয়াকুব কুটুম্বপনার কোন খুঁত রাখে নাই।' *শওকত*, ১৯৫৮।

কুটুম্ববাড়ি [স কুটুম্ববাটী] *বি* আত্মীয়ের বাড়ি। 'আমাদের হৃদয়লক্ষ্মী জগতের যে কুটুম্ববাড়ি হইতে যে সওগাত পায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

কুটুম্ববিচ্ছেদ [স] *বি* আত্মীয়স্বজনের সঙ্গে সম্পর্কের অবসান। 'কুটুম্ববিচ্ছেদ অতি সামান্য কথা।' *সনৎ*, ১৯৭০।

কুটুম্বভবন [স] *বি* আত্মীয়ের বাড়ি। 'স্বামীর কুটুম্বভবনে নিমন্ত্রণে যাইবার ছল করিয়া ... সকল গহনাই আনাইয়া লইল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কুটুম্ব-ভরণ [স] *বি* আত্মীয়ের সেবা-যত্ন। 'আত্মবৃত্তি করি করে কুটুম্ব-ভরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুটুম্বালয় [স] *বি* আত্মীয়বাড়ি। 'এ যেন কুটুম্বালয়।' *অন্নদা*, ১৯২৯।

কুটুম্বি [স কুটুম্ব] *বি* আত্মীয়। 'জ্ঞাতি কুটুম্বিরা ইহা জানিতে পায় তবে আমাকে অব্যবহার্য্য করিবে।' *দর্পণ*, ১৮২০।

কুটুম্বিতা [স] ১ *বি* আত্মীয়তা। 'মহাসএর সহিত জেমত কুটুম্বিতা করিতে মরজী।' *ওসাঁ*, ১৭৭৯। ২ *বি* বন্ধুত্বপূর্ণ সম্পর্ক। 'মাজিষ্ট্রেটদিগের সহিত কোন ২ নীলকরের আলাপ ও কুটুম্বিতা আছে।' *প্রভাকর*, ১৮৪৮।

কুটুম্বিতে [স কুটুম্বিতা] ১ *বি* মায়া। 'সিরাজ সাঁই কয় লালন তোমার ছাড় ভবের কুটুম্বিতে।' *লালন*, ১৮৯০। ২ *বি* বন্ধুত্ব; সখ্য। 'সাহেবদের সঙ্গে তেমন কুটুম্বিতে করে উঠতে পারেন না।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কুটুম্বিনী [স] *বি স্ত্রী* আত্মীয়। 'তোমার নিকট কুটুম্বিনী হইতে ... পরিগৃহীত হইতে পারে না।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কুটুম্ব [স কুটুম্ব] *বি* আত্মীয়। 'কেন হেন কুটুম্বের কৈলে অপমান।' *মালাধর*, ১৫০০।

কুটুরকাটুর [ধ্বন্যা] *বি* ইঁদুর প্রভৃতির দাঁত দিয়ে কঠিন বস্তু কাটাকাটির শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

কুটুর কুটুর [ধ্বন্যা] ১ *বি* চিবিয়ে খাওয়ার শব্দ। 'এক একটা ইঁদুর কলে পড়েও কুটুর কুটুর করে চালভাজা খায়।' *দীনবন্ধু*, ১৮৭৩। ২ *ক্রিবিণ* কুটুরকুটুর শব্দে। 'বিচিগুলো জাঁতিতে ফেলে কুটুর কুটুর কেটে চলে।' *কায়সার*, ১৯৬২।

কুটুরি [স কোষ্ঠ>] *বি* কোঠা। *ক্যালগে*, ১৭৮৯।

কুটুরিআ *বিণ* দাঁত দিয়ে কাঠ কাটার স্বভাববিশিষ্ট। *বিদ্যা*, ১৮৯১।

কুটুস কুটুস [ধ্বন্যা] *বি* দাঁত দিয়ে ভেঙে খাওয়ার শব্দ। 'কাঠবিড়ালি কুটুস কুটুস করে খাচ্ছে।' *রবীন্দ্র*, ১৯১১।

কুটো [স কুট>] *বি* ছোটো ছুরি। *মানোএল*, ১৭৪৩।

কুটো [স কুট>] *বি* খড়। 'পড়লে কুটো হয় রে দুটো এতই বেগবতী।' *লালন*, ১৮৯০।

কুটো-কাটা *বি* খড়, তৃণ, লতাপাতা প্রভৃতির টুকরা। 'কুটো-কাটা খাঁটালোর জন্যে ছিল চোঁচের মতো খোঁচা দুফাক বাঁটা।' *অবন*, ১৯২৭।

কুটেল [স কুটিল] *বিণ* খল প্রকৃতির লোক। 'দুর্বুদ্ধিপরায়ণ ক্যারাণী, কুটেল ও বাজে লোকেরা ... রণস্থল জুড়ে রইলো।' *হুতোম*, ১৮৬১।

কুটো-কাঠ [স কুট>+স কাষ্ঠ>] *বি* খড়, তৃণ, শুকনা ডাল ইত্যাদি। 'তাদের খোপে খোপে পাঁঠে পাঁঠে পাখি বাসা বাঁধে কুটো-কাঠে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কুটোকুটি [স কুট>] *বি* ক্রমাগত মাথা কোটা। 'বৃথা মাথা কুটোকুটি।' *নজরুল*, ১৯৩৩।

কুটো ধরা *ক্রি* বাঁচার জন্যে মরিয়া হয়ে কোনো কিছু আঁকড়ে ধরা। 'নিরাশ্রয়ের কুটো ধরার মতো।' *নজরুল*, ১৯২৪।

কুট্টক [স] *বি* গুণন সংক্রান্ত গণিতবিশেষ। 'কুট্টক গণিত ও অন্য অন্য বিষয়ের সিদ্ধান্ত হয় ...।' *অক্ষয়*, ১৮৪৭।

কুট্টনী [স] *বি* বিবাহবহির্ভূত মিলনে সহায়তাকারী নারী। 'বালক এক কুট্টনীর দ্বারা গোপনে খোজেস্তার নিকট বাক্য প্রেরণ করিলেন।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

কুট্টাই [স কুট্টনী>] *বি* বেশ্যার দালালি। *ওসাঁ*, ১৭৮৫।

কুট্টি *বিণ* আদি বাসিন্দা। 'ওই যে রকম ঢাকার কুট্টি গাড়ওয়ান, এক ভদ্রলোককে ভি-শেপের গেঞ্জি উলটো পরে যেতে দেখে জিজ্ঞেস করেছিল।' *মুজতবা*, ১৯৫৮।

কুট্টিতা [স কুট্ট>] *বিণ স্ত্রী* পিষ্ট করা হয়েছে এমন। 'অশ্বখুরের কোটি ২ আঘাতে পৃথিবী কুট্টিতা করিয়া সেই নগরের নিকটে উপস্থিত হইলেন।' *হরপ্রসাদ*, ১৮১৫।

কুট্টিম [স] *বি* তল। 'গগনকুট্টিম হইতে নক্ষত্রপুষ্পগুলিকে সমুৎসারিত করিয়া দিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কুঠ [স কুষ্ঠ] *বি* কুষ্ঠ। *বিদ্যা*, ১৮৯১; 'তোমার মুখে কুঠ হবে।' *মানিক*, ১৯৪০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কুঠনি [স কুট্টনী] *বি স্ত্রী* বেশ্যালয়ের প্রধান। *মনোএল*, ১৭৪৩।

কুঠরি, কুঠরী [স কোষ্ঠ] ১ *বি* কোনো বাড়ির স্বয়ংসম্পূর্ণ অংশ। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* ছোটো ঘর। *ক্যালগে*, ১৮০০; 'দুই তিন শত কুঠরী প্রস্তুত করিবার উদ্যোগ হইতেছে।' *দর্পণ*, ১৮১৯। ৩ *বি* কামরা। 'প্রত্যেক বাঙ্গালাতে দুই২ কুঠরি করা গিয়াছে।' *দর্পণ*, ১৮২৪।

কুঠাবালাঘর [স কোষ্ঠ+ফা বালাখানা] *বি* অট্টালিকা; (বাউল) দেহ। 'তখন কুঠাবালাঘর, কোথা রবে কার।' *লালন*, ১৮৯০।

কুঠার [স] *বি* কুঠার। 'বরশুরু বঅণে কুঠারেঁ ছিজঅ।' *চর্যা ৪৫*, ১২০০।

কুঠারধারী [স] *বি* রণকুঠারধারী। 'অগ্রেই গুপ্তচর, চিত্রকর এবং কুঠারধারীগণকে ছদ্মবেশে প্রেরণ করিতে হইতেছে।' *মশাররফ*, ১৮৮৫।

কুঠারাঘাত [স কুঠার-আঘাত] *বি* কেটে ফেলার আঘাত। 'বঙ্গীয় সাহিত্যের মূলে কুঠারাঘাত হইল।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

কুঠারি[১], কুঠারী[১] [স কোষ্ঠ] ১ *বি* কোঠাবাড়ি। *ওসাঁ*, ১৭৮৫; 'আমার একটা কুঠারীও নাই।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বি* কামরা। 'সে একটি কুঠারি দেখাইয়া দিয়া বলিল ...।' *বঙ্কিম*, ১৮৮৪।

কুঠি, কুঠী [স কোষ্ঠিকা] ১ *বি* ছোটো দুর্গ। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* ইউরোপীয় ব্যবসায়ীদের দপ্তরসহ বাসভবন। 'বাবু কুঠী যাইবেন।' *দর্পণ*, ১৮২১; 'কখন কুঠী গিয়া থাকেন।' *ভবানী*, ১৮২৫।

কুঠিআল [স কোষ্ঠিকা>] *বি* কুঠির মালিক। *বিদ্যা*, ১৮৯১।

কুঠিওয়ালা [কুঠি+হি ওয়ালা] *বি* কুঠির মালিক। 'রবিবারে কুঠিওয়ালারা বড়ো ঢিলে দেন।' *প্যারী*, ১৮৫৮।

কুঠিবাড়ি [কুঠি+স বাটী] *বি* দপ্তরসহ বাসভবন। 'আমাদের কুঠিবাড়ির বাগানের দীর্ঘ নারকেল গাছগুলি প্রহরীর মতো স্থির দাঁড়িয়ে ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কুঠিয়াল [স কোষ্ঠিকা>] *বি* কুঠির কর্তা। 'কুঠিয়াল বিচারকারী, লাঠিয়াল সহকারী ...।' *গুপ্ত*, ১৮৫৮।

কুঠীর [স কুটির] *বি* ইউরোপীয় ব্যবসায়ীদের দপ্তরসহ বাসভবন। 'হাডবার কুঠীর মতালাক মহিষনগরের মোকর্দ্দমা কলিকাতায় কোন আফিস বড় সাহেব করিয়াছিলাম।' *ভেরলি*, ১৭৯৭।

কুঠুরি [স কুটির] *বি* কোঠা; বাড়ির কামরা। 'ফুরুষের এক কুঠুরিতে আমাকে রাখিলেন।' *ময়ূর্স*, ১৭৫৭।

কুঠে [স কুষ্ঠ] *বিণ* কুষ্ঠরোগী। 'এই কুঠেকে সে পয়সা দিত না।' *জীবন*, ১৯৩২।

কুডী [স কুষ্ঠ] *বি* কুষ্ঠরোগী। 'আঁধা বাঁঝা রোগী কুডী চান করেন জলে।' *রামাই*, ১৭১০।

কুড়কুড় [ধ্বন্যা] *বিণ* মচমচে। 'কুড়মুড় ভাজা, পিঁয়াজু-ফুট কি চানাচুর বিক্রয়।' *মনসুর*, ১৯৪৩।

কুড়চি [স কুটজ] *বি* কুটজ ফুল। 'আঙলা কুড়চি কিআ মদন বাকস জয়া।' *মুকুন্দ*, ১৬০০।

কুড়জালী [স কুড়মল] *বি* কুঁড়াজালি; বৈষ্ণবের জপমালার থলি। 'কণ্ঠে কুড়জালি।' *মশাররফ*, ১৮৬৯।

কুড়বা [স কুড়ব] *বি* বিঘা। *বিদ্যা*, ১৮৯১।

কুড়া[১] [স কুটির] *বি* কুঁড়ে ঘর। 'ভাঙ্গ্যা কুড়া ঘরখান করে ঝলমল।' *মুকুন্দ*, ১৬০০।

কুড়া[২] [স কুড়ব] *বি* বিঘা; বিশ কাঠা পরিমাণ জমি। 'মাপে কোণে দিয়া দড়া পনর কাঠায় কুড়া।' *মুকুন্দ*, ১৬০০।

কুড়া[৩] *বিণ* কুড়ি। *বোগল*, ১৭৭০।

কুড়া[৪] [স কণ্ড>] *ক্রি* কচলানো। 'কোন নারী খেদে কুড়িছে নয়নদ্বয়।' *মাইকেল*, ১৮৬১।

কুড়া[৫] [স কলি] *বি* কুঁড়ি। 'আড়া পদ্মের কুড়া ধরে ভৃঙ্গ রতি চলে ফেরে।' *লালন*, ১৮৯০।

কুড়ানি *বিণ স্ত্রী* যে কুড়ায়। 'হাট বাজার কুড়ানি খানকি যা।' *কেরি*, ১৮০২।

কুড়ানো[১] *ক্রি* ১ *ক্রি* সংগ্রহ করা। 'দেখিল ছাওাল তাল কুড়াইয়া খাই।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রি* তোলা। 'একে এক কুড়াইয়া, আবার পুঁটুলি বাঁধিল।' *বঙ্কিম*, ১৮৭৮। ৩ *ক্রি* পাওয়া। 'না হলে, ধুলায় পড়ে লাজ কুড়াবে।' *রবীন্দ্র*, ১৯২১। **কুড়াইতে** *ক্রি* সংগ্রহ করতে। 'তিনি টাকা কুড়াইতে লাগিলেন।' *দর্পণ*, ১৮২৯। **কুড়াইল** *ক্রি* সংগ্রহ করলো। 'প্রথমে আপনি প্রভু কুড়াইল পুঁথি।' *রূপরাম*, ১৭৫০। **কুড়াল্যা** *ক্রি* সংগ্রহ করলো। 'আপনি কারকটাকা কুড়াল্যা গোসাঞি।' *রূপরাম*, ১৭৫০। **কুড়িএঁ** *ক্রি* সংগ্রহ ক'রে। 'শতেক কুড়িএঁ রাধা নৈলোঁ মাহাদান।' *বড়ু*, ১৪৫০। **কুড়িয়ে-পাওয়া** *বিণ* পরিত্যক্ত অবস্থায় পাওয়া। 'কুড়িয়ে-পাওয়া মেয়েকে তিনি অসম্ভব রকম বিশ্বাস করেছিলেন।' *রবীন্দ্র*, ১৯৪০। **কুড়্যায়া** *ক্রি* কুড়িয়ে; সংগ্রহ ক'রে। 'অন্নাভাবে অকালে কুড়্যায়া খালি হাটে।' *মুকুন্দ*, ১৬০০।

কুড়ানো[২], কুড়োনো *বি* পড়ে থাকা জিনিস তুলে নেওয়া। 'বাসি ফুল কুড়োনো বইত আর কিছু নয়।' *শামসুল*, ১৯৫৭।

কুড়ারি *বিণ* কোঁকড়া। 'কুড়ারি মস্তক কেশ করন্ত বিবিধ বেশ।' *সুলতান*, ১৬৫০।

কুড়াল [স কুঠার] ১ *বি* কুঠার। 'শুকনা কাষ্ঠেতে যেন কুড়ালের কোপ।' *বিজয়*, ১৬৫০। ২ *বি* রণকুঠার। *ওসাঁ*, ১৭৮৫।

কুড়ালি [স কুঠার] *বি* কুঠার। 'নহেত আসহ গলে কুড়ালি বান্ধিয়া।' *গরীব*, ১৭৬৫।

কুড়ি[১] [হি কোড়ি] *বিণ* বিশ। 'কুড়ি সহস্র গাবি দিল কনক সালিনি।' *মালাধর*, ১৫০০।

কুড়িক *বিণ* বিশ সংখ্যক। 'আমার বয়েস যখন বছর কুড়িক।' *প্রমথ*, ১৯৩৪।

কুড়িতে বুড়ী *বিণ স্ত্রী* অকালে বৃদ্ধ। 'কেনই না তিনি কুড়িতে বুড়ী হইবেন।' *তমোলুক*, ১৮৭৪।

কুড়ি[২] [স কুষ্ঠ] *বি* কুষ্ঠরোগ। 'সর্বত্র হইল কুড়ি তাহার শরীরে।' *সুলতান*, ১৬৫০।

কুড়ি-কুষ্টি [স কুষ্ঠ>] *বি* কুষ্ঠরোগ। 'পেটে তোর পিলে হবে। কুড়ি-কুষ্টি মুখে।' *নজরুল*, ১৯২৬।

কুড়িয়া [স কুষ্ঠ>] *বিণ* কুষ্ঠরোগাক্রান্ত। *মনোএল*, ১৭৪৩।

কুড়িআ [স কুটীকা] *বি* কুঁড়ে ঘর। 'নগর বারিহিরে ডোম্বি তোহোরি কুড়িআ।' *চর্যা ১০*, ১২০০।

কুড়িআমি [স কুষ্ঠ>] *বি* অলসতা। *বিদ্যা*, ১৮৯১।

কুড়িশা *বি* মাছবিশেষ। 'গাঙ্গদাড়া তেদা চেঙ্গ কুড়িশা খলিশা।' *ভারত*,

AMARBOI.COM

১৭৬০।

কুড়ী [স কুররা *বি* স্ত্রী পাখিবিশেষ। 'কোড়া আজ তার কুড়ীরে খুঁজিছে।' *জসীম*, ১৯৫১।

কুড়ুকঃ *বি* সংগীতের তালবিশেষ। 'মালবরাগঃ ॥ লগনী ॥ কুড়ুকঃ।' *বড়ু*, ১৪৫০।

কুড়ুক্ক *বি* সংগীতের তালবিশেষ। 'কুড়ুক্কঃ।' *বড়ু*, ১৪৫০।

কুড়ুনি *বি* কুড়ায় যে। 'কুড়ুনির মুখে তাই নাই কোনো কথা।' *জীবন*, ১৯৪০।

কুড়ুনে *বি* সংগ্রহকারী। 'আমরা তথ্য কুড়ুনে তীক্ষ্নবুদ্ধি বিচারকদের ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

কুড়ুম *বি* ফলের গাছবিশেষ। 'কুড়ুম চালনী আঁব।' *বড়ু*, ১৪৫০।

কুড়ুম তাল *বি* তুমুল অবস্থা। 'মারামারি কাটাকাটি কুড়ুম তালে লেগে যায়।' *নজরুল*, ১৯২৭।

কুড়ুল [স কুঠার] *বি* কুঠার। 'খোত্তা, কুড়ুল।' *দীনবন্ধু*, ১৮৬০।

আপনার পায়ে কুড়ুল মারা – নিজের ক্ষতি করা। 'তুমি যে আপনার পায়ে আপনি কুড়ুল মেরেছ।' *গিরিশ*, ১৮৮৭।

কুড়ে [স কুষ্ঠ] *বি* আলসে। 'বেটা কুড়ের শেষ।' *মাইকেল*, ১৮৬০।

কুড়ের সর্দার *বি* অত্যন্ত অলস লোক; অলস লোকেদের মধ্যে প্রধান। 'তোরা তো দেখছি একবারে কুড়ের সর্দার হয়ে পড়েচিস।' *মাইকেল*, ১৮৬০।

কুড়েমি, কুড়েমী [স কুষ্ঠ>] *বি* আলসেমি। 'আপনার কুড়েমিতে দাসী-চাকরে কষ্ট পায়।' *শরৎ*, ১৯১৭; 'কুড়েমীর বাদশাগিরি দ্বারা প্রতিকার হইতে পারে না।' *আজাদ*, ১৯৪২।

কুড়ো[১] [স কুড়ব] *বি* বিঘা। 'সাঁপোলতলার ৫ কুড়ো ভুঁই যদি নীলি পালি তবে মাগ ছ্যালেরে খাওয়াব কি।' *দীনবন্ধু*, ১৮৬০।

কুড়ো[২] [স কণ্ডন] *বি* চাল ছাঁটার পর যে শুকনা, হালকা বস্তু পাওয়া যায়। 'তুষ আর কুড়োগুলো তুলে নেয় মালসায়।' *কায়সার*, ১৯৬২।

কুড়োনো দ্র কুড়ানো[২]

কুড়্যা [স কুটির] *বি* কুঁড়েঘর। 'কালু হৈল উপনীত কুড়্যার দুয়ারে।' *মানিকরাম*, ১৭৮১।

কুড়্যা ঘর *বি* কুঁড়েঘর। 'বৈষ্ণবের কুড়্যা ঘর কৃষ্ণের আলয়।' *রূপরাম*, ১৭৫০।

কুণ্ঠা [স] *বি* সংকোচ। 'কুণ্ঠাশূন্য নির্ব্বিকার যে চিত্ত, তিনি সেইখানে বাস করেন।' *বঙ্কিম*, ১৮৯২।

কুণ্ঠাবিহীন [স] *বিণ* অকুণ্ঠ। 'কণ্ঠে মোদের কুণ্ঠাবিহীন নিত্যকালের ডাক।' *নজরুল*, ১৯২৬।

কুণ্ঠাবোধ [স] *বি* সংকোচবোধ। 'কুণ্ঠাবোধ করবে না।' *নজরুল*, ১৯২৪।

কুণ্ঠাভরা [স] *বিণ* সংকোচপূর্ণ। 'চাহনি কয় কানে কানে কুণ্ঠাভরা প্রাণে।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

কুণ্ঠাশূন্য [স] *বিণ* কুণ্ঠাহীন। 'কুণ্ঠাশূন্য নির্ব্বিকার যে চিত্ত, তিনি সেইখানে বাস করেন।' *বঙ্কিম*, ১৮৯২।

কুণ্ঠাহারা [স] *বিণ* জড়তাহীন। 'কুণ্ঠাহারা তোমার হাসি।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কুণ্ঠাহীন [স] *বিণ* দ্বিধাহীন। 'দিয়ে যায় পরিচয় শংকাহারা কুণ্ঠাহীন মনে।' *ফররুখ*, ১৯৬৩।

কুণ্ঠিত [স] ১ *বিণ* স্তিমিত। 'রোগ মহাশয়েরা কুণ্ঠিত হইয়াছিলেন।' *দর্পণ*, ১৮২৮। ২ *বিণ* অপ্রতিভ। 'কিছুমাত্র কুণ্ঠিত হয় না।' *অক্ষয়*, ১৮৪৮। ৩ *বিণ* দ্বিধান্বিত। 'সে কথা তিনি প্রকাশ করিয়া বলিতেও কুণ্ঠিত হইতেন না।' *রবীন্দ্র*, ১৮৯১।

কুণ্ঠিতা [স] *বিণ* স্ত্রী সংকুচিত; অবগুণ্ঠিত। 'বনান্তরালবাসিনী কুণ্ঠিতা বঙ্গভূমির প্রতি নিরীক্ষণ করিয়া ভাবিতে লাগিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৮; 'এক দিন চিনে নেবে তারে, ... অনাদরে যে রয়েছে কুণ্ঠিতা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কুণ্ড [স] ১ *বি* গহ্বর। 'আনলকুণ্ডত কিবা তনু তেআগিবোঁ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* তীর্থ। 'সর্বতীর্থ আনি কৈলে কুণ্ড অনুভব।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* আগুনের পাত্র। 'গঙ্গার বচনে কপি কুণ্ডে ঝাঁপ দিয়া।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৪ *বি* জলাশয়। 'পানীয় প্রকরণে কুণ্ডের অতি নির্ম্মল জল ছিল।' *তারিণী*, ১৮০৩। ৫ *বি* উষ্ণ প্রস্রবণ। 'উষ্ণ প্রস্রবণ বা প্রচলিত নাম কুণ্ড আছে।' *অক্ষয়*, ১৮৫২।

কুণ্ডল [স] ১ *বি* কানের দুল। 'রবিশশি কুণ্ডল কিউ আভরণে।' *চর্যা* ১১, ১২০০। ২ *বি* জট। 'কর পদ নখ তার শিরের কুণ্ডল।' *বাহরাম*, ১৬৫০।

কুণ্ডলবস্ত্রধারী [স] *বিণ* কুণ্ডল ও বস্ত্র ধারণকারী। 'একেলী সবরী এ বণ হিণ্ডই কর্ণ কুণ্ডলবস্ত্রধারী।' *চর্যা* ২৮, ১২০০।

কুণ্ডলায়িত [স] *বিণ* কুণ্ডলীকৃত; কুণ্ডলীর ন্যায় প্যাঁচানো। 'গোয়ালঘর হইতে ধূম কুণ্ডলায়িত হইয়া উঠিত।' *রবীন্দ্র*, ১৮৯১।

কুণ্ডলি [স কুণ্ডলী] *বিণ* বলয়াকার। 'কুণ্ডলি-কুণ্ডল দোলে কানে।' *মুকুন্দ*, ১৬০০।

কুণ্ডলিত [স] ১ *বিণ* বলয়াকার। 'নিজরচিত কুণ্ডলিত লাঙ্গুল সিংহাসনের উপর বসিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৮৫। ২ *বিণ* জমাট। 'কুণ্ডলিত রাত্রিটা আজ যাবার সময় বলল আমায়।' *শঙ্খ*, ১৯৫৫।

কুণ্ডলিনী [স] *বি* হিন্দু তন্ত্রশাস্ত্র অনুযায়ী জীবনের চালিকাশক্তি। 'কালী নামে ধরো হাল, কুণ্ডলিনী করো পাল।' *কমলাকান্ত*, ১৮২০।

কুণ্ডলী [স] ১ *বি* বৃত্তাকার। 'আছিলেক চিরকাল হইয়া কুণ্ডলী।' *সুলতান*, ১৬৫০। ২ *বি* কুণ্ডলের আকারে বেড়। 'প্রকাণ্ড অজগরসর্পের অনেকগুলা কুণ্ডলীর মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

কুণ্ডা *বি* গাছের গুঁড়ি। *মানোএল*, ১৭৪৩।

কুণ্ডাওলা *বিণ* গুঁড়িযুক্ত। *মানোএল*, ১৭৪৩।

কুণ্ডাকৃতি [স] *বি* গোলাকৃতি। 'তাহার অধোভাগ কুণ্ডাকৃতি।' *অক্ষয়*, ১৮৫৪।

কুণ্ডী [স] ১ *বি* খাবার রাখার পাত্রবিশেষ। 'সাত কুণ্ডী বিপ্র তাঁর আগেতে ধরিলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* জলাশয়। 'ঐ টোলার দক্ষিণে একটা ছোট্ট কুণ্ডী আছে।' *বিভূতি*, ১৯৩৮।

কুণ্ডু *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'তারাপ্রসাদ কুণ্ডু।' *সেবধি*, ১৮৪০।

কুণ্ডুলি [স কুণ্ডলী] *বি* বৃত্ত। 'বিদ্যুতের চকমকিতে ভয়ে ক্ষুদে ক্ষুদে ছেলেরা মার কোলে কুণ্ডুলি পাকাতে আরম্ভ কল্লে।' *হুতোম*, ১৮৬১।

কুণ্ডুবী [স কুটুম্ব] *বি* অতিথি। 'খাইব মই দূঠ কুণ্ডুবাঁ।' *চর্যা* ৩৯, ১২০০।

কুত[১] [হি কুত] *বি* শুল্ক। **কুতঘাট** *বি* যে ঘাটে শুল্ক আদায় করা হয়। 'সব কুতঘাটে রাধা মোর মাহাদান।' *বড়ু*, ১৪৫০।

কুতঃ [স] *অব্য* কোথায়। 'কুতঃ ফেরুপালে, পিয়ে রক্ত-ধারা।' *রঙ্গ*,

AMARBOI.COM

১৮৫৮।

কুতকুতি [ধ্বন্যা] *বি* কাতুকুতু। *মানোএল*, ১৭৪৩।

কুতকুতিয়ে [স আকুত>] *ক্রিবিণ* উৎসাহ নিয়ে। 'তবু উঠিস কুতকুতিয়ে।' *লালন*, ১৮৯০।

কুতকুতে [ধ্বন্যা] *বিণ* ছোটো ছোটো। 'কুতকুতে চোখ দুটাকে সরু করে হুরমতিকে একবার দেখে নিল।' *কায়সার*, ১৯৬৫।

কুতর্ক, কুতর্ক্ক [স] *বি* যুক্তিহীন তর্ক; তর্কের খাতিরে তর্ক। 'কুতর্ক ঘুষিয়া সব অধ্যাপক মরে।' *বৃন্দা*, ১৫৮০; 'সদযুক্তি দ্বারা কুতর্কের উচ্ছেদপূর্ব্বক ...।' *দর্পণ*, ১৮৪০।

কুতার্কিক [স] *বি* কুতর্ককারী। 'মায়াবাদী কর্ম্মনিষ্ঠ কুতার্কিকগণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুতুক [স কৌতুক] *বিণ* আনন্দিত। 'দেখিয়া কুতুক হৈল বৃদ্ধ নৃপবর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কুতুকাতু [ধ্বন্যা] *বি* সুড়সুড়ি। 'চুমু কি গো কুতুকাতু।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

কুতুকুতু [ধ্বন্যা] *বি* শরীরে সুড়সুড়ি দিয়ে হাসানো। *বিদ্যা*, ১৮৯১।

কুতুব [আ] *বি* ধর্মগুরুদের নেতা। 'চারি কুতুব চারি নাম শব্দ বেদ জানি।' *আলাওল*, ১৬৮০।

কুতুবখানা [আ কিতাব+ফা খানাহ] *বি* গ্রন্থাগার। 'রাজ্যের সমস্ত স্কুল-কলেজ মকতব-মাদ্রাসা কুতুবখানা।' *মনসুর*, ১৯৫০।

কুতুরকাতুর [ধ্বন্যা] *বি* কাতুকুতু। *বিদ্যা*, ১৮৯১।

কুতূহল [স কুতূহল] ১ *বি* কৌতূহল। 'রথ দেখী নৃপতির **কুতূহল মন**।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বি* আগ্রহ। 'কামরসে মায়া জালে ভুলে কুতূহলে।' *গরীব*, ১৭৬৫।

কুতূহলী [স কুতূহল] *বিণ* আগ্রহী। 'সভে মিলি গায় এই সখী কুতূহলী।' *বৃন্দা*, ১৫৮০।

কুতূহলে [স কুতূহল>] *ক্রিবিণ* খুশিমনে। 'হাসপরিহাস কথা কন কুতূহলে।' *মুকুন্দ*, ১৬০০।

কুতূহোল [স কুতূহল] *বি* কৌতূহল। দেখিতে চরণ তোমার মোর কুতূহোলে।' *মালাধর*, ১৫০০।

কুতূক [স কুতূক] *বি* আনন্দ। 'দেখিয়া কুতূক হৈল বৃদ্ধ নৃপবর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কুতূহল [স] ১ *বি* কৌতূহল। 'শতরূপা মনু সঙ্গে ক্রীড়া কুতূহলে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* কৌতূহলী; উৎসুক। 'রথ দেখি নৃপতির কুতূহল মন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কুতূহলা [স কুতূহল>] *বিণ* কৌতূহলী। 'কালিদহে কালীয় দমনে কুতূহলা।' *মানিকরাম*, ১৭৮১।

কুতূহলী [স] ১ *ক্রিবিণ* ব্যগ্রতার সঙ্গে। 'বৃষ প্রায় হইয়া চলয়ে কুতূহলী।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* উৎসুক। 'ধাইল তারাজুলি গুস্কারা কুতূহলী রত্না চলিল রঙ্গে।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *ক্রিবিণ* আগ্রহের সঙ্গে। 'কহিল শঙ্কর কীছু তাঁহাকে কুতূহলী।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বিণ* আগ্রহী। 'চলে যান কুতূহলী কুপিল মদনদাস দেখি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কুতূহলে [স কুতূহল>] *ক্রিবিণ* আনন্দে; আমোদে। 'নয়ত্রিপদী দেখি বুলে কুতূহলে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুত্তা [হি] *বি* কুকুর। 'ইষকারি কুত্তা চলে দিতে চাহে ছোপ।' *বিজয়*, ১৬৫০।

কুত্তি [হি] *বি* মাদি কুকুর। *মানোএল*, ১৭৪৩।

কুত্র [স] *ক্রিবিণ* কোথায়; কোনখানে। 'সে ধনী সমান হয় কুত্র।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কুত্রাপি [স] *ক্রিবিণ* কোথাও। 'এ মত স্থান কুত্রাপি দেখা যায় না।' *রামরাম*, ১৮০১।

কুৎস [স কুৎসা] *বি* কুৎসা। 'ক্ষত্রিয়ের কুৎস হইল ব্রাহ্মণের জয়।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কুৎসা [স] *বি* নিন্দা। 'কুকর্ম্ম ঘটাইয়া কুৎসা জন্মাইতেছেন।' *দর্পণ*, ১৮২৯।

কুৎসাকীর্তন [স] *বি* নিন্দা প্রচার। 'এই দুরাত্মা, সতত, আপনকার কুৎসাকীর্তন করে।' *বিদ্যা*, ১৮৬৩।

কুৎসাবাদ [স] *বি* নিন্দা; দোষকীর্তন। 'আমাদের যে সমস্ত কুৎসাবাদ করিয়া থাকে।' *রবীন্দ্র*, ১৯০৮।

কুৎসিত [স] ১ *বিণ* কুরূপ। 'অর্দ্ধ অর্দ্ধ কায় তবে দেখিতে কুৎসিত।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* জঘন্য। 'কুৎসিত সপন আমি দিন কথো দেখি।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* নিকৃষ্ট। 'হেন বধূ বর্জ্জিলে হয় কুৎসিত আচার' *বিজয়*, ১৭০০। ৪ *বিণ* অসুন্দর। *ওসাঁ*, ১৭৮৫; 'রূপবান ও কুৎসিতের প্রতি স্নেহ ইহার নিত্য উদাহরণ স্থল।' *বঙ্কিম*, ১৮৭৩। ৫ *বিণ* কুরুচিপূর্ণ; অশ্লীল। 'নানা কুৎসিত গান করত পথে২ বেড়াইতে ছিল।' *দর্পণ*, ১৮৪০। ৬ *বি* বীভৎসতা। 'কুৎসিতের কবি ক্রমে একনিষ্ঠ সৌন্দর্যের কবি হইয়া পড়িয়াছেন।' *সবুজ*, ১৯২১। ৭ *বিণ* কদর্য। 'উগ্র ইন্দ্রিয়পরায়ণতা, বিকৃত সমাজদৃষ্টি এবং কুৎসিত মনোবৃত্তির সৃষ্টি।' *উমর*, ১৯৬৮।

কুৎসিততমভাবে [স] *ক্রিবিণ* অত্যন্ত কদাকার উপায়ে। 'মন্তিদ কুৎসিততমভাবে মুখ বিকৃত করে।' *ওয়ালী*, ১৯৪৮।

কুৎসিতভাবে [স] *ক্রিবিণ* কদর্য উপায়ে। 'তার মৃত্যুও কি এমন কুৎসিতভাবে ঘটবে।' *ওয়ালী*, ১৯৬৪।

কুৎসিতা [স] *বিণ* স্ত্রী অসুন্দর। 'তুমি আমাকে কেন অত্যন্ত কুৎসিতা করলে না।' *উমেশ*, ১৮৫৭।

কুথলী [স কোষ্ঠ] *বি* ছোটো থলি। 'পৃথক পৃথক বান্ধি বস্ত্রের কুথলী ভিতর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুথা[১] [স কুত্র] *ক্রিবিণ* কোথায়। 'চল সহচরী সবে কুথা আছে সে মাধবে।' *দ্বিজী*, ১৬০০।

কুথা[২] *বি* শয্যাবিশেষ। 'কুথার উপর সখী পত্রলেখা প্রসুপ্ত থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কুদরৎ, কুদরত [আ] ১ *বি* অলৌকিক শক্তি। 'ওস্তাদ বলেন ভাই আমার কুদরত নাই।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* ক্ষমতা। 'মানুষের কুদরৎ কিছুই নহে সমস্তই দৈব।' *কেরি*, ১৮০২। ৩ *বি* মহিমা। 'একটিমাত্র হাইজ্রাম্পের কুদরতে।' *শিবরাম*, ১৯৭০।

কুদরতি, কুদরতী [আ কুদরত>] ১ *বি* অলৌকিক মহিমা। 'তখন কুদরতিতে করিল নিহার।' *লালন*, ১৮৯০। ২ *বিণ* মহিমাযুক্ত। 'কুদরতী হেকমতের তুলনায় আমাদের জ্ঞান তার চেয়ে এক রত্তিও বেশি নয়।' *মনসুর*, ১৯৫০।

কুদর্শন [স] *বিণ* কুৎসিত। 'সুরদাসের মুখশ্রী একটু কুদর্শন হলেও প্রতিভাব্যঞ্জক।' *বিভূতি*, ১৯৩১।

কুদর্শনচক্র [স] *বি* কুৎসিত ও গোলাকৃতি (সুদর্শনচক্রের বিপরীত)। 'মুখখানা গোলাকার করিয়া তুলিয়া একটা বৃহৎ কুদর্শনচক্র নির্মাণ

AMARBOI.COM

করিয়া রহিলেন।' *রবীন্দ্র*, ১৯০০।

কুদান [স কু+দান] *বি* খারাপ দান। 'সাধু জনে পড়াব কুদান নাহি নিব।' *মালাধর*, ১৫০০।

কুদাল [স কুদ্দাল] *বি* মাটি কাটার এক প্রকার হাতিয়ার। *বিদ্যা*, ১৮৯১। *দ্র* **কোদাল**

কুদিন [স] *বি* দুর্দিন। 'মিলিল কুদিন আসি বিধি হৈল বাম।' *বাহরাম*, ১৬৫০।

কুদিয়া [স কুর্দ>] *ক্রিবিণ* দ্রুতবেগে। 'জমিনে না লাগে পাও চলিল কুদিয়া।' *গরীব*, ১৭৬৫।

কুদৃশ্য [স] *বি* কুৎসিত দ্রষ্টব্য বস্তু। 'এই আদর্শচ্যুতি এখনও যদি তেমন কুদৃশ্য হইয়া না উঠে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

কুদৃষ্টান্ত [স] *বি* খারাপ নজির। 'কুদৃষ্টান্তের গ্রহণ বালকেরা যাহাতে না করিতে পারে।' *অক্ষয়*, ১৮৪৫।

কুদৃষ্টি [স] *বি* খারাপ দৃষ্টি। 'যার কুদৃষ্টিতে সপুরি এক গড় হয়।' *দীনবন্ধু*, ১৮৬৬।

কু-দেবতা [স] *বি* খারাপ দেবতা; অপদেবতা। 'এ হেন কু-দেবতারে তুই কি কৌতুকে।' *মাইকেল*, ১৮৬৩।

কুদেশ [স] *বিণ* বসবাস করা কঠিন এমন দেশ। 'সে সকল কুদেশ অধিকারে তাদৃশ ইচ্ছুক হওয়ার সম্ভাবনা ছিল না।' *বঙ্কিম*, ১৮৯২।

কুদেহ [স] *বি* অশুভ শরীর। 'সতত থাকে রে সুগুণ কুদেহে ভাব বিধির বিধানে।' *মাইকেল*, ১৮৬০।

কুধরাণ [স কু>] *বিণ* বাজে ধরনের। 'তবে কেনো এতো কুবিত কুধরাণ নানা অধর্মো ভজোনা দেখি?' *আস্তোনিয়ো*, ১৭৪৩।

কুধারা [স] *বি* কুপ্রথা। 'পাড়াগেঁয়ে মানুষের শুনিয়া কুধারা।' *ভবানী*, ১৮২৫।

কুন [স কিম্] *সর্ব* কোন। 'বিদানে পার করিআছে কুন দানি।' *মালাধর*, ১৫০০।

কুনকি, কুনকী [ফা খানাহগী] *বি* প্রশিক্ষিত মাদি হাতি, যার দ্বারা বনের অন্য হাতি ধরা হয়। 'মামী মামার কুনকী হাতী ছিলেন তা জানিস তো?' *দীনবন্ধু*, ১৮৬৭; 'একটি পোষমানা কুনকির পিঠে চড়ে বসলেন।' *প্রমথ*, ১৯২২।

কুনকুন [ধ্বন্যা] *বি* সুচ বিদ্ধ হওয়ার মতো ব্যথা। *বিদ্যা*, ১৮৯১।

কুনকুনান [ধ্বন্যা] *ক্রি* (পেট) কনকন করা। *বিদ্যা*, ১৮৯১।

কুনকুনানি [ধ্বন্যা] *বি* সামান্য ব্যথা। *বিদ্যা*, ১৮৯১।

কুনকে [স কুঞ্চিকা] *বি* শস্য মাপার পাত্র। 'সংসারের ছোটো কুনকের মাপের।' *রবীন্দ্র*, ১৯১৪।

কুনজর [আ নজর>] *বি* কুদৃষ্টি। 'মাটির হাকিমের কুনজরে পলে কি আর বাঁচা যায়?' *মশাররফ*, ১৮৬৯।

কুনট [স] *বি* খারাপ অভিনেতা। 'কু-নটের নাট্য কিছু নয়।' *মদনমোহন*, ১৮৪৯।

কুনাথকিঙ্করী [স] *বি স্ত্রী* পৃথিবীপতির দাসী। 'কুনাথকিঙ্করী বলে কহে গিয়া তূর্ণ।' *মানিকরাম*, ১৭৮১।

কুনাম [স] *বি* দুর্নাম; কুৎসা। 'কুনাম রটতে দেরি হয় না।' *গিরিশ*, ১৮৮৯।

কুনি [স কফোণি] *বি* কনুই। *মানোএল*, ১৭৪৩।

কুনিয়ম [স] *বি* খারাপ রীতি। 'অতঃপরেও যে ঐ কুনিয়ম রহিত করিলেন ইহাও দেশের মঙ্গলজনক বটে।' *চন্দ্রিকা*, ১৮৩৫।

কুনিয়া [স কফোণি] *বি* কনুই। *মানোএল*, ১৭৪৩।

কুনীতি [স] *বিণ* খারাপ নীতি। 'অনেকে তাহারদিগকে অসরল এবং কুনীতি বিশিষ্ট কহেন।' *অক্ষয়*, ১৮৪১।

কুনীতিকর [স] *বিণ* অনৈতিক। 'ব্যাপারটাকে আমরা কুনীতিকর ভেবে থাকি।' *অন্নদা*, ১৯২৯।

কুনীতিদুর্জন, কুনীতিদুর্জ্জন [স] *বি* কুৎসিত ও দুরাচারী ব্যক্তি। 'কাম-অন্ধ যেমতি এ কুনীতিদুর্জ্জন।' *গিরিশ*, ১৮৮৭।

কুনুই [স কফোণি] *বি* কনুই। 'তাদের অস্তিত্বই যেন কুনুই দিয়ে ঠেলা দেয়।' *রবীন্দ্র*, ১৮৯২।

কুনুই দিয়ে ঠেলা – জানান দেওয়া। 'তাদের অস্তিত্ব যেন কুনুই দিয়ে ঠেলা দেয়।' *রবীন্দ্র*, ১৮৯২।

কুনো [স কোণ>] *বিণ* যাদের চলাচল ঘরের কোণের মধ্যে সীমাবদ্ধ। 'আমরা কুনো অকর্মণ্য।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কুনোবেড়াল [স কোণ>+স বিড়াল] *বি* ঘরের কোণে থাকতে পছন্দ করে এমন বিড়াল। 'কুনোবেড়াল কোণ ছেড়ে ষষ্ঠীতলায় চলে এল।' *অবন*, ১৮৯৬।

কুনো মেয়ে *বি* ঘর থেকে বের হতে চায় না এমন মেয়ে। 'তাছাড়া পুরুষ মানুষের কুনো মেয়ে বলে অপবাদ রটে।' *নরেন্দ্র*, ১৯৪৮।

কুন্ত [স] *বি* পক্ষযুক্ত বাণ। 'কেতকীকুসুম কামের কুন্ত।' *মুকুন্দ*, ১৬০০।

কুন্তল [স] *বি* চুল; কেশপাশ। 'খসাআঁ বান্ধিল পুণী কুন্তলভার।' বড়ু, ১৪৫০; 'মউরের পুৎস সোভে কুটিল কুন্তল।' *মালাধর*, ১৫০০।

কুন্তল-আকুল [স] *বিণ* মুক্তকেশ। 'কুন্তল-আকুল মুখ বক্ষে রাখি মম ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কুন্তলজাল [স] *বি* কেশজাল। 'এলানো কুন্তলজালে/ সন্ধ্যার তারকাগুলি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কুন্তলপাশ [স] *বি* চুলের বেণী। 'আকুল কুন্তলপাশ লোচনযুগল উতোরোল।' *মুকুন্দ*, ১৬০০।

কুন্তলভার [স] *বি* চুলের গোছা। 'খসাআঁ বান্ধিল পুণী কুন্তলভার।' বড়ু, ১৪৫০।

কুন্তলভারা [স] *বি* চুলের ভার বা গুচ্ছ। 'নীল জলদ সম কুন্তলভারা।' বড়ু, ১৪৫০।

কুন্তলরাশি [স] *বি* চুলের গুচ্ছ। 'অসংকৃত কুন্তলরাশি ও লম্বমান মুক্তকেশ সমূহ ধারণ করিবে।' *অক্ষয়*, ১৮৫০।

কুন্তলীন [স কুন্তল>] *বি* সুগন্ধি কেশতেল। 'আভরণ কুন্তলীন দেলখোশ।' *রবীন্দ্র*, ১৯০৭।

কুন্তী [স] *বি* নদীর নামবিশেষ। 'ধাইল কুন্তী কানা ধায় গোমতী সরজু কংসাবতী।' *মুকুন্দ*, ১৬০০।

কুন্দ[১] [স] **১** *বি* কুন্দ ফুল; কুন্দ ফুলের গাছ। 'কুজা কুটজ কদম্ব বাসক কেন্দু কুন্দ। বড়ু, ১৪৫০। **২** *বি* বাঙালি ব্রাহ্মণের পদবিবিশেষ। 'কেশবরাম কুন্দ।' *সেবধি*, ১৮৪০। **কুন্দক** *বিণ* কুন্দ ফুলের। 'কিবা দন্তভাতি মুকুতার পাঁতি জিনিয়া কুন্দক কঁড়ি।' *দ্বিজশ্রী*, ১৬০০।

কুন্দকলি [স] *বি* কুন্দ ফুলের কুঁড়ি। 'কর্ণমূলে কুন্দকলি, কুরুবক মাথে।' *রবীন্দ্র*, ১৯০০।

কুন্দকলিকা [স] *বি* কুন্দ ফুলের কলি। 'কুন্দকলিকা ইত্যাদি অতি

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কৌশলসহকারে সংযোজনা করিয়া ...।' *প্রমথ*, ১৮৯০।

কুন্দকুসুম [স] *বি* কুন্দ ফুল। 'কুন্দকুসুম ফোটে বল্ল রঙ্গন।' *মুকুন্দ*, ১৬০০।

কুন্দফুল [স কুন্দ+ফুল] *বি* সাদা রঙের ফুলবিশেষ। 'ভগবানের শুভ্র কুন্দফুল।' *রবীন্দ্র*, ১৯২৬।

কুন্দবরন [স কুন্দবর্ণ] *বি* কুন্দ ফুলের বর্ণ। 'কুন্দবরন সুন্দরহাসি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কুন্দবল্লী [স] *বি* কুন্দলতা। 'কুন্দবল্লী তরু ধএল নিসান/ পাটল তূন অসোক দল বান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কুন্দমালতী [স] *বি* কুন্দ ও মালতী ফুল। 'কুন্দমালতী করেছি মিনতি।' *রবীন্দ্র*, ১৯২৬।

কুন্দমালা [স] *বি* কুন্দ ফুলের মালা। 'লেগেছি ফ্রেফ-করেকলনে গলায় কুন্দমালা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কুন্দশুভ্রতা [স] *বি* কুন্দ ফুলের মতো সাদা ভাব। 'দাঁতের কুন্দশুভ্রতা অক্ষুণ্ন থাকে না।' *নরেন্দ্র*, ১৯৪৯।

কুন্দ[২] [ফা কনদাহ] *বি* কুঁদ যন্ত্র। 'নাখ মুখ চক্ষু কান কুন্দে জেন নিরমান'। *মুকুন্দ*, ১৬০০।

কুন্দশেখর [স] *বি* (সংগীত) তালবিশেষ। 'রাগিণী মঙ্গল ৷ কুন্দশেখর ৷' *বড়ু*, ১৪৫০।

কুন্দা[১] [স কুন্দা] *ক্রি* কুঁদে কুঁদে নির্মাণ করা। 'নিজ করে যত্নে কি কুন্দিছে পঞ্চশর।' *আলাওল*, ১৬৮০।

কুন্দা[২] [স কাণ্ড] *বি* কাঠের গুঁড়ি। 'কোন ব্যামোহ তাহাদিগে না হয় এজন্যে এক কাঠে কুন্দা তাহাদিগে ফেলিয়া দিলেন।' *তারিণী*, ১৮০৩।

কুন্দুর [স ক্লন্দল] *বি* যৌনমিলন। 'ভণই গুড্ডরী অহমে কুন্দুরে ঘালা।' *চর্যা ৪*, ১২০০।

কুন্দুরু *বি* সুগন্ধিবিশেষ। 'কাহার করে হৈম ধূপদান, তাহে পুড়ি গন্ধরস, কুন্দুরু, অগুরু।' *মাইকেল*, ১৮৬০।

কুপ [স কূপ] *বি* কুয়া। 'একগোটা কুপ সভে দেখি কথোদূরে।' *মালাধর*, ১৫০০।

কুপকাপ [ধ্বন্যা] *বি* ধ্বন্যাত্মক শব্দবিশেষ। 'ধ্বনিদ্বৈধ যেমন ফুটফাট কুপকাপ ইত্যাদি ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

কুপণ্ডিত [স] *বি* মূর্খ; খারাপ বিষয়ে পণ্ডিত। 'শরীরে অগ্নি যেন পুত্র কুপণ্ডিত।' *বাহরাম*, ১৬৫০।

কুপতি [স] *বি* মন্দ স্বামী। 'কুপতি কি যন্ত্রণা তা শারদাসুন্দরী জেনেছেন।' *দীনবন্ধু*, ১৮৬৭।

কুপথ [স] *বি* খারাপ পথ। 'বিলক্ষণরূপে দলের আঁটাআঁটি থাকিতে পারে তাহা হইলে লোক কুপথগামী হইতে পারে না।' *চন্দ্রিকা*, ১৮৩৩।

কুপথগামিনী [স] *বিণ স্ত্রী* কুপথে গমন করে এমন। 'স্ত্রীলোক কুপথগামিনী হইলে তাঁহার আর কলঙ্কের সীমা থাকে না।' *বামাবোধিনী*, ১৮৬৭।

কুপথগামী [স] *বিণ* খারাপ পথ অবলম্বনকারী। 'কু-ইন্দ্রিয়-বশে হব এ কুপথ-গামী।' *মাইকেল*, ১৮৬৬।

কুপথাবলম্বন [স কুপথ-অবলম্বন] *বি* খারাপ পথ নির্বাচন। 'নারীগণের কুপথাবলম্বন কেবল বিবাহের গুণে জন্মে না।' *সুধাকর*, ১৮৩১।

কুপথাবলম্বি [স কুপথ-অবলম্বী] *বি* খারাপ পথ অবলম্বনকারী। 'অতিশয় ধর্মতৎপর ও ধর্মকর্মের মর্ম্মী হইয়া কুপথাবলম্বি।' *প্রভাকর*, ১৮৩১।

কুপথিক [স] *বি* অসচ্চরিত্র। 'কুপথিক কোথা পায় সুপথ দেখিতে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুপথ্য [স] ১ *বি* যে খাদ্য রোগীর জন্য ক্ষতিকর। 'কেমনে বাঁচিবে সখী, কুপথ্য সকলি দেখি...।' *মদনমোহন*, ১৮৩৪। ২ *বি* হিতে বিপরীত। 'দুর্বল ক্ষীণ চিত্তের পক্ষে ভাবের খাদ্য কুপথ্য হয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৯১৬।

কুপন [ই] *বি* মনিঅর্ডার ফরমের যে অংশে প্রেরক প্রাপকের নিকট তার বক্তব্য লেখে এবং টাকা গ্রহণকারী তা কেটে রাখে। 'মনি অর্ডার কুপনে লেখা ...।' *মাহেনও*, ১৯৪৯।

কুপরামর্শ [স] *বি* খারাপ উপদেশ। 'এমত কুপরামর্শ কখন দেন নাহি।' *দর্পণ*, ১৮৩১; 'তুই আমাকে কু-পরামর্শ দিয়েছিলি।' *দীনবন্ধু*, ১৮৬৬; 'আমি কু পরামর্শ দিলেও, তিনি তদনুসারে চলেন।' *বিদ্যা*, ১৮৭৩।

কুপা [স কোপ] ১ *ক্রি* রেগে যাওয়া। 'কুপিল মদনাদাস দেখি।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *ক্রিবিণ* ক্ষুব্ধ হওয়া। 'কানড়া কুপিয়া কয় কুহুযোগ বলি।' *মানিকরাম*, ১৭৮১। **কুপিয়া** *ক্রিবিণ* ক্রুদ্ধ হয়ে। 'অবধূত নাম শুনি মাথাই কুপিয়া।' *বৃন্দা*, ১৮৮০। **কুপিলেক** *ক্রি* ক্রুদ্ধ হলেন। 'কুপিলেক মহারাম জেন কালরুদ্র।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কুপাক [স] *বি* পথের ধাঁধা। 'কুপাকে কুপাঁচাক পড়ে প্রাণে মরি।' *লালন*, ১৮৯০।

কুপাত্র [স] *বিণ* অসৎ। 'যেই ঘরে আছএ কুপাত্র পুরোচন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কুপি [স কূপী] *বি* বাতি। 'একটা কুপি জ্বলছে মিট মিট করে।' *মাহেনও*, ১৯৪৯।

কুপিলণ্ঠন [স কূপী>+ই ল্যাণ্টার্ন] *বি* আলোকবর্তিকা। 'মানুষের কুপিলণ্ঠন বা চকমকি পাথর নেই।' *ওয়ালী*, ১৯৪৮।

কুপিত [স] *বিণ* রাগান্বিত। 'কুপিত হইয়া শাপ দিলেন ব্রাহ্মণ।' *রূপরাম*, ১৭৫০।

কুপিতা [স] *বিণ স্ত্রী* রাগান্বিত। 'গৃহস্বামিনী কুপিতা হইয়া তাহাকে তাড়াইয়া দিলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

কুপিল [স কুপিত] *বিণ* ক্রোধান্বিত। 'কুপিল কুবুদ্ধি পাইল সদাগরসুত।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কুপুত্র [স] *বি* কুসন্তান; কুলাঙ্গার। 'বুঝিনু কুপুত্র মেরা এজিদ কমজাত।' *গরীব*, ১৭৬৫।

কুপুষ্যি [স কু-পোষ্য] *বি* অবাঞ্ছিত পোষ্য। 'কেন? তোমার কুপুষ্যি এমন কে?' *মশাররফ*, ১৮৬৯।

কুপে *বি* কামরা। 'ট্রেনে একটা কুপেতে শুধু তুমি আর আমি।' *মুজতবা*, ১৯৬০।

কুপো [স কূপী] *বি* মাটি বা চামড়ার তৈরি পেটমোটা সরুগলা পাত্রবিশেষ। 'আলিবাবার গল্পের তেলের কুপো আর ডাকাতের কথা পড়ি।' *অবন*, ১৯২৭।

কুপোকাৎ [স কূপক>] *বিণ* বিধ্বস্ত; পরাজিত। 'এই দেখ চাঁদ, এ শালা কুপোকাৎ।' *গিরিশ*, ১৮৯৬।

কুপোষ্য [স] *বি* অকর্মণ্য বা অকৃতজ্ঞ পোষ্য। 'ভাগের কুপোষ্যই কি

AMARBOI.COM

মাছের মুড়া এবং দুধের সর পায়?' *রবীন্দ্র*, ১৯০৫।

কুপ্যাঁচ [স কু+ফা পেঁচ] *বি* চক্রান্ত। 'কুপাকে কুপ্যাঁচে পড়ে প্রাণে মরি।' *লালন*, ১৮৯০।

কুপ্রকৃতি [স] *বি* খারাপ স্বভাব। 'এ কুপ্রকৃতি বারি।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

কুপ্রথা [স] *বি* খারাপ আচার বা রীতি। 'তাঁহারা যে বারোয়ারি পূজা প্রভৃতি ... কুপ্রথা সমস্ত রহিত করিয়া ... পাঠশালার নিমিত্তে যত্নবান হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

কুপ্রবৃত্তি [স] ১ *বি* খারাপ অভ্যাস; খারাপ চরিত্র। 'দুস্থাবস্থায় কুপ্রবৃত্তি সম্ভাবনায় সচ্চরিত্রতায় ব্যাঘাত জন্মাইতেই পারে।' *বঙ্গদূত*, ১৮২৯। ২ *বি* খারাপ ইচ্ছা। 'শীয় কু-প্রবৃত্তি সাধনের জন্য আপন চাকর ...।' *মশাররফ*, ১৮৬৯।

কুপ্রস্তাব [স] *বি* খারাপ প্রস্তাব। 'কুপ্রস্তাব করে আমার কাছে।' *মণীশ*, ১৯৬৩।

কুফতা [ফা কুফতাহ্] *বি* মাছ বা মাংসের ভাজা বড়াবিশেষ। 'পোলাও-কোর্মা-কালিয়া-কুফতা দিয়া ভুঁড়ি-ভোজন করিয়াছেন।' *মনসুর*, ১৯৪৫।

কুফন [হি কুপন] *বি* একধরনের জুয়া খেলা। 'সিপমেন্ট করা আর কুফন খেলা দুই তুল্য।' *প্রভাকর*, ১৮৪৭।

কুফর [আ] *বি* নাস্তিক। 'কুফর শিরিক গালি মিথ্যা যথা রহে।' *আলাওল*, ১৬৮০।

কুফরী [আ কুফর>] *বি* নাস্তিক্য। 'শির্ক ও কুফরীর নারকীয় অনলে।' *মোসলেম*, ১৯২৭।

কুফরে কালাম [আ] *বি* কাফেরদের বাক্য। 'বিজ্ঞান দর্শন কুফরে কালাম।' *প্রচারক*, ১৯০৬।

কুফল [স] *বি* খারাপ বা মন্দ ফল। *বিদ্যা*, ১৮৯১; 'এই মূঢ় বাধ্যতার অনিষ্টকর কুফল।' *রবীন্দ্র*, ১৯০৯।

কুফলতা [স] *বি* খারাপ প্রভাব। 'শুধু নিষ্ফলতা নহে, কুফলতা প্রত্যাশা করা যায়।' *রবীন্দ্র*, ১৯০৫।

কুফুরী *বিণ* কাফের আখ্যা দেয় এমন। 'যদি আমাদের আলিমকুল কুফুরী ফৎওয়ারূপ প্রচণ্ড দণ্ড দ্বারা ... ।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

কুফের [আ কুফর>] *বি* নাস্তিক। 'গোস্বায় ত্বরিত চলে কুফের গোয়ার।' *গরীব*, ১৭৬৫।

কুবচন [স] *বি* খারাপ কথা। 'তোর কুবচন সব গোপীজন কহে।' *বড়ু*, ১৪৫০।

কুবজ [স কবচ] *বি* বর্ম। 'মালাকারে বর দিয়া কুবজ সর্জ্জ কৈল।' *মালাধর*, ১৫০০।

কুবলয় [স] *বি* নীলপদ্ম। 'শ্বেত রক্ত কমল কুমুদ কুবলয়।' *আলাওল*, ১৬৮০।

কুবা [ফা কুবাহ্] *বি* চাকতি। 'কাঞ্চনের কুবা দিলা ফলার উপরে।' *মানিকরাম*, ১৭৮১।

কুবাক্য [স] ১ *বি* খারাপ কথা; কটূক্তি। 'ভগিনীসকলকে কুবাক্য কহিও না।' *বঙ্গদূত*, ১৮২৯। ২ *বি* অশ্লীলতা। 'কুবাক্যের আলোচনা ... বালকেরা যাহাতে না করিতে পারে।' *অক্ষয়*, ১৮৪৫।

কুবাণী [স] *বি* কটূকথা। 'দ্বিজের কুবাণী শুনিঞা বান্যানি জাইতে না দেখে পথে।' *মুকুন্দ*, ১৬০০।

কুবাতাস [স] *বি* প্রতিকূল বায়ু। 'সুবাতাস আর কুবাতাসের কত কাটাকাটি হল।' *জীবন*, ১৯৪৮।

কুবানি [স কু+স বাণী] *বি* কটূকথা। 'আসিয়া আমারে বৈল বিস্তর কুবানি।' *মালাধর*, ১৫০০।

কুবার [স কু+ফা বার] *বি* অশুভ দিন; খারাপ দিন। 'কুবার জন্মিল তায় তার নাম হৈল মনু।' *রূপরাম*, ১৭৫০।

কুবাসনা [স] *বি* মন্দ ইচ্ছা। 'কুবাসনা যার মনে তার উপাসনা কি?' *মশাররফ*, ১৮৬৯।

কুবিচার [স] *বি* অন্যায় বিচার। 'যুক্তি অনুভব বিরুদ্ধ কুবিচার করিতেছেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কুবিত [স কুবৃত্তি>] *বিণ* খারাপ কাজ। 'তবে কেনো এতো কুবিত কুধরাণ নানা অধর্মো ভজোনা দেখি?' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

কুবিদার *বি* ফুলবিশেষ। 'কুবিদার তুলিল পাটলা।' *মুকুন্দ*, ১৬০০।

কুবিধা [স] *বি* অসুবিধা। 'সেটা সুবিধা কি কুবিধা, তা বলিতে পারি না।' *বঙ্কিম*, ১৮৭৮।

কুবুদ্ধি [স] ১ *বি* মন্দবুদ্ধি। 'কৃপিন হইল রাজা কুবুদ্ধি লাগিল।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* দুষ্টবুদ্ধিসম্পন্ন। 'আমি তার্কিক কুবুদ্ধি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* হীনবুদ্ধি। 'আমাদেরো ... ভিক্ষা করার কুবুদ্ধিটুকুকে দূর করতে হবে।' *নজরুল*, ১৯২২।

কুবুধি [স কুবুদ্ধি] *বি* দুষ্টবুদ্ধি; মন্দবুদ্ধি। 'কুবুধি কত উপজে তোহ্মার প্রসঙ্গে।' *বড়ু*, ১৪৫০।

কুবৃত্তি [স] *বি* খারাপ চিন্তা; মন্দ প্রবৃত্তি। 'গুরু নিন্দা ও অকৃতজ্ঞতাদি মনের কুবৃত্তি সকল প্রবল হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

কুবের [স] *বি* হিন্দুপুরাণমতে ধনরাজ। 'ধনের নাহিক অন্ত কুবের সমান।' *বাহরাম*, ১৬৫০।

কুবের-ভাণ্ডার [স কুবের+স ভাণ্ডাগার] *বি* অগাধ ধনাগার। 'আমেরিকা তার কুবের-ভাণ্ডার খুলে দিয়ে পৃথিবীর শিল্পসামগ্রী ...।' *অবন*, ১৯২৫।

কুবেরী [স] *বি* যক্ষের স্ত্রী। 'ইন্ধন চেয়ে যখনি জ্বলেছে কুবেরীর লোভ/ দিয়েছি তখনি জন-খাণ্ডব।' *সুকান্ত*, ১৯৪৮।

কুবেশ [স] *বিণ* কুৎসিত। 'দীঘল তাহান মুণ্ড দেখিতে কুবেশ।' *সুলতান*, ১৬৫০।

কুবো *বি* পাখিবিশেষ। 'একটা কুবো পাখি কোথায় যেন বসে কুব্ কুব্ করে ডাকছে।' *সুনীল*, ১৯৭০।

কুবোধি [স] *বিণ* কুবুদ্ধিসম্পন্ন। 'কামাতুর, কুবোধি, অবিচারী, হিংসক, অগ্যান, গৃহস্তো বীর্যের শরীর নাশী।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

কুবোল [স] *বি* খারাপ কথা; গালাগাল। 'কুবোল বাহির হৈল আমার বদনে।' *মালাধর*, ১৫০০।

কুব্যবহার [স] *বি* খারাপ আচরণ। 'কুব্যবহার দেখিয়া ধর্ম্মহানি পাপবৃদ্ধি জানিয়া।' *দর্পণ*, ১৮২২।

কুব্জ [স] *বিণ* কুঁজা। 'কুব্জ হইছে পৃষ্ঠে আকার কুৎসিত।' *বাহরাম*, ১৬৫০।

কুব্জদেহী [স] *বিণ* দেহ কুঁজা এমন। 'কুব্জদেহী এলো যেই মানুষের দল।' *মাহেনও*, ১৯৪৯।

কুব্জপৃষ্ঠ [স] *বি* কুঁজা বা বাঁকা পিঠ। 'কুব্জপৃষ্ঠে নতশিরে, সহস্রের পিছে।' *রবীন্দ্র*, ১৯০১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কুব্জভাবে [স] *ক্রিবিণ* কুঁজাভাবে। 'কৃশ দেহটা একটু কুব্জভাবে সম্মুখের দিকে ঈষৎ ঝুঁকিয়া পড়িয়াছে।' *বনফুল*, ১৯৩৬।

কুব্জা [স] *বিণ স্ত্রী* কুঁজা। 'কুব্জা বেশে করি গন্ধ পরে কারো স্থানে।' *বৃন্দা*, ১৫৮০।

কুব্জি [স কুব্জী] *বি* কুঁজা লোক। 'উদ্ধব সহিতে গেলা কুব্জির ঘরে।' *মালাধর*, ১৫০০।

কুব্যবস্থা [স] *বি* খারাপ ব্যবস্থা। 'তার সম্বন্ধে যে ব্যবস্থা করেছি তা কুব্যবস্থা হয়ে উঠেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কুভর্ৎসনা [স] *বি* কঠোর তিরস্কার। 'অপবাদ দিয়া মোরে নানা কুভর্ৎসনা করে।' *দ্বিজী*, ১৬০০।

কুভাগ্য [স] *বি* মন্দ ভাগ্য। 'কবির কুভাগ্য তোর, আমি ভাবি মনে।' *মাইকেল*, ১৮৬৬।

কুভাব [স] *বি* খারাপ প্রবৃত্তি। 'পরমো ব্রহ্মে শরীরী হইলে ... কুভাব জন্মিতে না পারে।' *আত্তোনিয়ো*, ১৭৪৩।

কুভাবনা [স] *বি* খারাপ চিন্তা। 'পুনরপি কুভাবনা না করিহ মনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুভাষা [স] *বি* কুরুচিপূর্ণ কথা। 'অস্মদ্দেশীয়েরা রমণী দেখিলে কুভাষা প্রয়োগ কুদৃষ্টিতে দর্শন করিয়া থাকেন।' *তত্ত্বোধিনী*, ১৮৭৪।

কুভাষী [স] *বিণ* মন্দভাষায় কথা বলে এমন। 'পতি দুষ্ট হউক, কুভাষী, কদাচারী হউক ...।' *বঙ্কিম*, ১৮৭৯।

কুমকুম [স কুঙ্কুম>] *বি* জাফরান। 'রাজাক জোগাঙ মুগ্রিঞ কুমকুম কস্তুরি।' *মালাধর*, ১৫০০।

কুমড়া, কুমড়ো [স কুষ্মাণ্ড] *বি* সব্জিবিশেষ। 'কচি কচি গোটা দশ ভাজিল কুমড়া।' *মুকুন্দ*, ১৬০০; 'টাকাটা সিকেটা কুমড়ো কাঁকুড়ে পাই সে ভালো।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কুমড়োপটাশ [স কুষ্মাণ্ড+ধন্যা পটাশ] *বি* কুমড়ার মতো মোটাসোটা কাল্পনিক প্রাণীবিশেষ। '(যদি) কুমড়োপটাশ নাচে – খবরদার এসো না কেউ আস্তাবলের কাছে।' *সুকুমার*, ১৯১৮।

কুমড়োবড়ি [স কুষ্মাণ্ড+স বটী] *বি* কুমড়া ও ডাল দিয়ে তৈরি এক প্রকার বড়ি। 'ভেটকি মাছে কুমড়োবড়ি।' *গুপ্ত*, ১৮৫৮।

কুমতলব [স কু+আ মতলব] *বি* খারাপ উদ্দেশ্য; দুরভিসন্ধি। 'আমার কুমতলব আছে।' *রবীন্দ্র*, ১৯১৫।

কুমতি [স] ১ *বি* দুর্বুদ্ধি। 'তোমার প্রসাদে মোর ঘুচিল কুমতি।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'সুমতি কুমতি যত তোমার মাথায় সেত চারিবেদে তোমার মহিমা।' *কেতকা*, ১৬৫০। ২ *বিণ* মন্দ বুদ্ধিসম্পন্ন। 'অজ্ঞান কুমতি কি জানি যে স্তুতি।' *মানিকরাম*, ১৭৮১।

কুমতিকলাপ [স] *বি* অসৎ বাক্য। 'মোরে দিয়া কুমতিকলাপ।' *মানিকরাম*, ১৭৮১।

কুমতী [স কুমতি] *বি* দুর্বুদ্ধি। 'হেনক কুমতীএঁ হয়িবেঁ ভিখারী।' *বড়ু*, ১৪৫০।

কুমন্ত্রণা [স] *বি* খারাপ বুদ্ধি; প্ররোচনা। 'কেহ তাহারদিগকে কুমন্ত্রণা দিয়া থাকিবেক।' *দর্পণ*, ১৮২৭।

কুমন্ত্রনা [স কুমন্ত্রণা] *বি* অসৎ বুদ্ধি। 'কুজি সনে কুমন্ত্রনা কেঁকই করিল অনর্থ।' *মালাধর*, ১৫০০।

কুমন্ত্রি [স কুমন্ত্রী] *বি* অসৎ পরামর্শদাতা। 'সুনিঞা কুমন্ত্রিগন দিলত উত্তরে।' *মালাধর*, ১৫০০।

কুমন্ত্রী [স] *বি* কুমন্ত্রণাদানকারী। 'কুমন্ত্রী খলিফা কর্ণে কুমন্ত্রণা দিল।' *ভবানী*, ১৮২৫।

কুমল [স কোমল] *বিণ* নরম। 'কুলের বৌআরি মোর সরির কুমল।' *মালাধর*, ১৫০০।

কুমাতা [স] *বি* মন্দ মা। 'নতুবা কুমাতা বলিয়া মোরে দিবে অভিশাপ।' *রবীন্দ্র*, ১৮৮৯।

কুমার[১] [স] ১ *বি* বালক। 'আর যত ছিল গোপকুমার।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* রাজপুত্র। 'কুমার চেতনা দেখি হরিস উসাবতি।' *মালাধর*, ১৫০০। ৩ *বি* সন্তান। 'সন্ন্যাসী বোলয়ে শুন ব্রাহ্মণকুমার।' *বৃন্দা*, ১৫৮০। ৪ *বি* অবিবাহিত পুরুষ। 'কন্যার বচন শুনি হাসিয়া কুমার ...।' *সুলতান*, ১৬৫০। ৫ *বি* কাঙ্ক্ষিত পুরুষ। 'আহ্নি তোহ্মার গুণ্ড জে কুমার ...।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কুমারবিস্ময় [স] *বি* নারীর সঙ্গে অবিবাহিত পুরুষের প্রথম পরিচয়ের বিস্ময়কর অনুভূতি। 'প্রথম পরিচয়ের কুমারবিস্ময় গোড়াতেই ব্যাহত হ'য়ে যখন অধীর হ'য়ে উঠল।' *অন্নদা*, ১৯২৯।

কুমারব্রত [স] *বি* অবিবাহিত থাকার সংকল্প। 'কুমারব্রত ধারণ করে দেশে দেশে বিচরণ।' *রবীন্দ্র*, ১৯০৭।

কুমার-সভা [স] *বি* অবিবাহিতব্রত পালনকারী পুরুষদের সভা। 'কুমার-সভাকেই ভয় দেখাবার গান।' *রবীন্দ্র*, ১৯০৭।

কুমার[২] [স কুম্ভকার] *বি* মাটির বাসন নির্মাতা। 'সেই বায়ে ফিরে যেন কুমারের চাক।' *মুকুন্দ*, ১৬০০।

কুমারনি [স কুম্ভকার>] *বি স্ত্রী* যে মাটির পাত্র প্রভৃতি তৈরি করে। *বিদ্যা*, ১৮৯১।

কুমার-সদ্‌গোপ [স কুম্ভকার+স সদ্‌গোপ] *বি* হিন্দু পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'কুমার-সদ্‌গোপ, চাষী-সদ্‌গোপ এবং গন্ধবণিকদের বাস।' *তারা*, ১৯৪৬।

কুমার[৩] [স] *বি* একটি নদীর নাম। 'ক্রমে দক্ষিণ দিক বহিয়া কুমার নদে মিশিয়াছে।' *মশাররফ*, ১৮৯০।

কুমারি [স কুমারী] *বি* কন্যা। 'ব্রাহ্মণের কুমারি আছিল পূর্ব্বকালে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কুমারিকা [স] ১ *বি* মাটির বাসা তৈরি করে ডিম পাড়ে এমন পোকাবিশেষ। 'কুমারিকা হইয়া তার সঙ্গতি চলিল।' *মালাধর*, ১৫০০। ২ *বি* ভারতের সর্বদক্ষিণে অবস্থিত অন্তরীপ। 'নর্ম্মদা নদী অবধি কুমারিকা পর্য্যন্ত ভূমিখণ্ড দক্ষিণ হিন্দুস্থান নামে খ্যাত আছে।' *অক্ষয়*, ১৮৪১।

কুমারী [স] ১ *বি* নারী। 'তিশরণ পাবী কিঅ অঠকুমারী।' *চর্যা* ১৩, ১২০০; 'সুর অপসরী কিয়ে লগ কুমারী।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ স্ত্রী* অবিবাহিত। 'তুমি কুমারী সতী।' *বিজয়*, ১৬৫০। ৩ *বি* কন্যা। 'বিবাহ করিনু ধর্মকেতুর কুমারী।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৪ *বি* অবিবাহিত নারী। 'এ জাহাজে তিনটি অস্ট্রেলিয়ান কুমারী আছেন।' *রবীন্দ্র*, ১৮৮০। ৫ *বি* একপ্রকার ধান। 'কুমারী, কনকতারা, ... পাশপাই ধান।' *ফররুখ*, ১৯৬৩। ৬ *বিণ স্ত্রী* উর্বর। 'প্রতিবছর ফসল দেয়ার পর মাটি আবার কুমারী হয়ে ওঠে।' *হাসান*, ১৯৬৪।

কুমারী উষা [স] *বি* সদ্য ভোর। 'ওই রে কুমারী উষা বিলোল চরণে উঁকি মারি পূর্ব্বাশার সুবর্ণ তোরণে।' *রবীন্দ্র*, ১৮৭৮।

কুমারীধর্ম [স] *বি* কুমারীত্ব। 'কুমারীধর্ম বজায় রাখার জন্য ... চেষ্টা নাই।' *মানিক*, ১৯৪০।

AMARBOI.COM

কুমারীবর [স] *বি* বালিকা। 'লায়লী কুমারীবরে ডাকিছে তোহ্মারে।' *বাহরাম*, ১৬৫০।

কুমারী-বুক [স কুমারীবক্ষ] *বি* কুমারী হৃদয়। 'কুমারী-বুকের তব স্নিগ্ধ রাগ-রাঙা আলো।' *নজরুল*, ১৯২৩।

কুমারী ব্রত [স] *বি* কুমারী মেয়েরা পালন করে এমন ব্রত। 'একপ্রস্থ ব্রত কুমারী ব্রত – পাঁচ-ছয় থেকে আট-নয় বছরের মেয়েরা এগুলি করে।' *অবন*, ১৯১৯।

কুমারীমাতা [স] *বি* স্ত্রী কুমারী অবস্থায় মাতৃত্ব অর্জনকারী। 'শিশুকোলে ওর বসার মধ্যে কুমারীমাতা ও ছেলের অপূর্ব ভঙ্গি ফুটে উঠেছিল।' *আলাউদ্দিন*, ১৯৬০।

কুমার্গ [স] *বি* কুপথ। 'কুমার্গের ভয় মোর হয় সদা মনে।' *চন্দ্রিকা*, ১৮৩১।

কুমির, কুমীর [স কুম্ভীর] *বি* হিংস্র জলজন্তুবিশেষ। 'ঘরের টেঁকি কুমীর হয়ে ঘটায় কত অঘটনা।' *গুপ্ত*, ১৮৫৮; 'কুমির।' *বিদ্যা*, ১৮৯১; 'কুমির যেমন খাঁজকাটা দাঁতের মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৯১২।

কুমির পোকা [স কুম্ভীর+স পুত্তিকা] *বি* পোকাবিশেষ। 'গাড়িখানা কুমির পোকার শুঁড়ের মতো।' *অবন*, ১৯২৭।

কুমিরের সঙ্গে বাদ ক'রে জলে বাস করা – ক্ষমতাবান ব্যক্তির আওতায় থেকে তারই সঙ্গে বিবাদ বা প্রতিদ্বন্দ্বিতা করা। 'কুমিরের সঙ্গে বাদ করিয়া জলে বাস করা চলে না।' *বঙ্কিম*, ১৮৭৯।

কুমীস *বি* একপ্রকার মসলিন কাপড়। 'বদনখাস, সরবতি, কাসিদা, কুমীস, ডুরিয়া।' *মাহেনও*, ১৯৪৯।

কুমুড়া [স কুষ্মাণ্ড] *বি* কুমড়া। 'মানের বেসারি দিআ তায় কুমুড়ার বড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

কুমুদ [স] *বি* শাপলা ফুল। 'কুমুদ কুসুম রঙস বসী। অবহি উগত কুসন্ত সসী।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'পদ্মো নিলৎপলদলে কব্বার কুমুদ জলে।' *মালাধর*, ১৫০০।

কুমুদবন [স] *বি* যেখানে শাপলা ফোটে। 'কুমুদবনের ধারে তার নীরব শুভশঙ্খ বাজিয়ে এসেছে।' *রবীন্দ্র*, ১৯১৫।

কুমুদবন্ধু [স] *বি* চাঁদ। 'কীবা শোভা করে শ্রমজ বিন্দু/ ঘন তনু ঘেরি কুমুদবন্ধু।' *কমলাকান্ত*, ১৮২০।

কুমুদ-বান্ধব [স] *বি* চাঁদ। 'কুমুদ-বান্ধব ইন্দু পূর্ণালোকময়।' *গুপ্ত*, ১৮৫৮।

কুমুদি [স কুমুদী] *বি* শাপলা ফুল। 'কুমুদি কলিকা ঈষৎ হেলিয়া, চাঁদেরে নেহারি হাসে।' *নজরুল*, ১৯৩৫।

কুমুদিনী [স] *বি* পদ্মফুল। 'সামি সমাজ হম পেমে অনুরঞ্জি কুমুদিনী সন্নিধি চন্দা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কুমুদ্বতী [স কুমুদ-বতী] *বি* সংগীতের একটি শ্রুতি। 'কুমুদ্বতী।' *নজরুল*, ১৯৩৫।

কুমোর [স কুম্ভকার] *বি* মাটির পাত্রাদি নির্মাণকারী পেশাজীবী হিন্দু সম্প্রদায়বিশেষ। 'কুমোর নমুনো মত সং তৈয়ের করবে।' *হুতোম*, ১৮৬১।

কুমোরটুলি [স কুম্ভকার+হি টোলী] *বি* কুমারদের পাড়া। 'রসপাত্রের জন্য তাকে খুঁজে বেড়াতে হয় না কুমোরটুলি।' *অবন*, ১৯২৫।

কুম্পানি [হি] ১ কোম্পানি। 'দালাল ছাড়াইলে কুম্পানির দাদনির দফার জামিন কেহ থাকে না।' *হ্যালহেড*, ১৭৭৩। ২ *বি* ইস্ট ইন্ডিয়া কোম্পানি। 'মোক্তার তজবিজ করিয়া দেখিবেক কুম্পানির কাজের উপজুক্ত হয় কিনা।' *হ্যালহেড*, ১৭৭৩। *দ্র* **কম্পানি, কোম্পানি**

কুম্ভ [স] *বি* কলস। 'কনক কুম্ভ আকারে দুই তোর পয়োভারে।' *বড়ু*, ১৪৫০।

কুম্ভকর্ণ [স] *বি* গম্ভীর কণ্ঠ। 'কুম্ভকর্ণ নীলকণ্ঠ জিনি গিম টান।' *আলাওল*, ১৬৮০।

কুম্ভকর্ণ [স] ১ *বি* পৌরাণিক চরিত্রবিশেষ। 'তা না হলে মরিত কি কভু/ শূণী শম্ভুসম ভাই কুম্ভকর্ণ মম।' *মাইকেল*, ১৮৬১। ৫ *বি* অত্যন্ত নিদ্রাপরায়ণ ব্যক্তি। 'কুম্ভকর্ণ অন্ধকার/ নিদ্রা টুটি বার বার/ উঠিতেছে করিয়া গর্জন।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কুম্ভকর্ণ-মার্কা [স কুম্ভকর্ণ+প মার্কা] *বিণ* জাগানো কঠিন এমন: কুম্ভকর্ণের মতো নিদ্রাবিভোর। 'এ কুম্ভকর্ণ-মার্কা সমাজকে জাগাতে হলে আঘাত দিয়েই জাগাতে হবে।' *নজরুল*, ১৮২৭।

কুম্ভকর্ণের ঘুম – অত্যন্ত গভীর ঘুম। 'বউটা কুম্ভকর্ণের ঘুম ঘুমোচ্ছে।' *হাসান*, ১৯৬৬।

কুম্ভকর্ণের নিদ্রা – পৌরাণিক চরিত্র কুম্ভকর্ণের মতো অতি দীর্ঘস্থায়ী নিদ্রা। 'তাহা অপেক্ষা বরং কুম্ভকর্ণের নিদ্রা ভালো।' *নজরুল*, ১৯২২।

কুম্ভক [স] *বি* যোগসাধনার প্রক্রিয়াবিশেষ। 'রাত্তিরে কুম্ভক যোগ করে শূন্যে আসন করে।' *রবীন্দ্র*, ১৯৪১।

কুম্ভকার [স] *বি* কুমার। 'কুম্ভকারের ঘরে ছিল যত মৃত্তাজন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুম্ভার [স কুম্ভকার] *বি* কুমোর। 'যেন উয়ে কুম্ভারের পণী।' *বড়ু*, ১৪৫০।

কুম্ভিরিনি [স কুম্ভীর>] *বি* স্ত্রী কুমির। 'গন্ধকালি কুম্ভিরিনি তাথাই মারিয়া।' *মালাধর*, ১৫০০।

কুম্ভীপাক [স] *বি* হিন্দুমতে একটি নরকের নাম। 'বিশ্বগ্রাসী কুম্ভীপাকে চরতে চলল মেয়েটি।' *জীবন*, ১৯৩১।

কুম্ভীর [স] *বি* কুমির। 'রুখের তেন্তুলি কুম্ভীরে খাঅ।' *চর্যা* ২, ১২০০।

কুম্ভীরাশ্রু [স] *বি* মায়াকান্না। 'মছজিদের পবিত্রতার জন্য কুম্ভীরাশ্রু বর্ষণে কেহ যদি প্রভাবিত হন।' *আজাদ*, ১৯৭০।

কুযশ [স] *বি* বদনাম; কলঙ্ক। 'বসলে কাছে রটবে কুযশ।' *নজরুল*, ১৯৩০।

কুযুক্তি [স] ১ *বি* কুমন্ত্রণা। 'নানান কুযুক্তি দিয়া অশুদ্ধ কার্যেত নিয়া ...।' *সুলতান*, ১৬৫০। ২ *বি* মন্দবাক্য। 'তোমার হাতে লেখনি পড়িলে যত-সব কুযুক্তি আমার মুখে দিবে।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *বি* খোঁড়া যুক্তি। 'আমি তর্কের সুযুক্তি অথবা কুযুক্তি নই।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কুযুক্তি পাড়া *ক্রি* খারাপ যুক্তি উত্থাপন করা। 'জানি তুমি নিতান্ত ক্ষোভের মুখে এইসব কুযুক্তি পেড়েছ।' *রবীন্দ্র*, ১৯৩৪।

কুযোগ [স] *বি* প্রতিকূল সময়। 'নির্ভয়ে ধাই সুযোগ-কুযোগ বিছুরি।' *রবীন্দ্র*, ১৯০০।

কুয়র [স কুমার] *বি* পুত্র; সন্তান। 'ঋষির কুয়র।' *বড়ু*, ১৪৫০।

কুয়া [স কূপ] *বি* কুয়ো; মাটিতে গভীর গর্ত, যেখান থেকে জল তোলা হয়। *মানোএল*, ১৭৪৩। 'অরণ্যে রহিল এক কুয়ায় পড়িয়া।' *রূপরাম*, ১৭৫০।

কুয়াচুরি *বি* বড়ো রকম চুরি (তুলনীয়: পুকুর চুরি)। 'খাটের ঘাটের মঠের ইটের সরদারি চৌকিদারি কুয়াচুরি পোদ্দারী করিয়া।' *ভবানী*,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮২৫।

কুয়ারা [স কুশাগু] *বি* কুমড়া। 'চেংড়ার সুমার বুদ্ধি তোমার ভুজ কুয়ারা জানালে।' *লালন*, ১৮৯০।

কুয়াশা, কুয়াসা [হি কুহাসা] **১** *বি* হঠাৎ তাপমাত্রা কমে গিয়ে বায়ুতে সৃষ্ট ঘনীভূত বাষ্প; ধোঁয়ার মতো দেখতে সূক্ষ্ম জলবিন্দুপুঞ্জ। 'কুয়াসা।' *ওর্সা*, ১৭৮২; 'ক্ষণেক পরে আবার ভাঁটা পড়ে কুয়াসায়।' *সত্যেন্দ্র*, ১৯১২; 'বৃষ্টি, কুয়াশা, কাদা আর লোকজনের ব্যস্তসমস্ত ভাব।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বি* হতাশা। 'তবে কেন – তবে কেন মিছে এ কুয়াশা।' *রবীন্দ্র*, ১৮৮১। **৩** অস্পষ্টতা। 'এ শুধু কুয়াশা, দুর্ভেদ্য কুয়াশা।' *ধূর্জটি*, ১৯৩১।

কুয়াশা-অঞ্চল [কুয়াশা+স অঞ্চল] *বি* কুয়াশারূপ আঁচল। 'ঢেকেছিল কিছুকাল কুয়াশা-অঞ্চল-অন্তরালে।' *রবীন্দ্র*, ১৯১৬।

কুয়াশা-আকুল [কুয়াশা+স আকুল] *বিণ* কুয়াশায় একাকার। 'পরপারে বনশ্রেণী কুয়াশা-আকুল।' *রবীন্দ্র*, ১৮৯০।

কুয়াশাউথাল [কুয়াশা+স উত্তাল>] *বিণ* কুয়াশায় ভরে গেছে এমন। 'কুয়াশাউথাল জটা দিক দিক ভরে যদি।' *শঙ্খ*, ১৯৫৫।

কুয়াশাকঠিন [কুয়াশা+স কঠিন] *বিণ* রহস্যাবৃত। 'কুয়াশাকঠিন বাসর যে সম্মুখে।' *সুভাষ*, ১৯৪০।

কুয়াশা-ঘোমটা *বি* কুয়াশার আবরণ। 'অতিশয় সাবধানে দুইটি আঙুল দিয়া কুয়াশা-ঘোমটা তোর দেয় ধীরে সরাইয়া।' *রবীন্দ্র*, ১৮৮৪।

কুয়াশা-ছাওয়া *বিণ* কুয়াশা-ঢাকা। 'যে বন কুয়াশা-ছাওয়া ঝরা ফুল সেথা পাওয়া।' *রবীন্দ্র*, ১৯২৯।

কুয়াশা-ঢাকা [কুয়াশা+ঢাকা] **১** *বিণ* কুয়াশার মতো মলিন। 'অনাদরের অসম্মানের কুয়াশা-ঢাকা চেহারা একেবারেই নয়।' *রবীন্দ্র*, ১৯৩১। **২** *বিণ* কুয়াশায় আবৃত। 'যদিও কুয়াশা-ঢাকা আকাশের নীল।' *সুকান্ত*, ১৯৪৮।

কুয়াশানিদ্রিত [কুয়াশা+স নিদ্রিত] *বিণ* কুয়াশায় আচ্ছন্ন। 'কুয়াশানিদ্রিত প্রান্তর আবার জাগিয়া উঠিতেছে।' *শওকত*, ১৯৫৮।

কুয়াশানির্জন [কুয়াশা+স নির্জন] *বিণ* কুয়াশা-ঢাকা নিস্তব্ধ। 'কুয়াশানির্জন ঠাণ্ডানিবিড় শেষ রাতে।' *জীবন*, ১৯৪৮।

কুয়াশা-নেকাব [কুয়াশা+আ নিকাব] *বি* কুয়াশার ঘোমটা; কুয়াশার অবগুণ্ঠন। 'দিগন্তে যেন তুর্কি কুমারী কুয়াশা-নেকাব রেখেছে উতারি।' *নজরুল*, ১৯২৮।

কুয়াশাভরা [কুয়াশা+ভরা] *বিণ* অশ্রুসজল। 'অস্পষ্ট কুয়াশাভরা চোখে।' *সুকান্ত*, ১৯৪৮।

কুয়াশা-ভিজে [কুয়াশা+ভিজা] *বিণ* কুয়াশায় সিক্ত। 'আজ সকালে কুয়াশা-ভিজে হাওয়া।' *রবীন্দ্র*, ১৯৩২।

কুয়াশাময় [কুয়াশা+স ময়] *বিণ* কুয়াশাচ্ছন্ন। 'তোমাদের পথ যদিও কুয়াশাময়।' *সুকান্ত*, ১৯৪৮।

কুয়াশামাখা [কুয়াশা+মাখা] *বিণ* কুয়াশাপূর্ণ। 'কুয়াশামাখা বাংলার কার্তিকের নদীকে আবিষ্কার করতে।' *জীবন*, ১৯৩২।

কুয়াশামুক্ত [কুয়াশা+স মুক্ত] *বিণ* কুয়াশাহীন। 'কুয়াশামুক্ত চাঁদ আবার ঝলমল করে।' *ওয়ালী*, ১৯৬৪।

কুয়াশালীন [কুয়াশা+স লীন] *বিণ* কুয়াশামুক্ত। 'বিদ্রোহী নবকেতন কুয়াশালীন পথের প্রস্তুতি স্থির করে।' *শঙ্খ*, ১৯৫৫।

কুয়াশাহত [কুয়াশা+স হত] *বিণ* কুয়াশায় আচ্ছন্ন। 'উষার আকাশে শ্মশানগোধূলি কুয়াশাহত।' *বিষ্ণু*, ১৯৪১।

কুয়াসাচ্ছন্ন [কুয়াশা+স আচ্ছন্ন] *বিণ* কুয়াশায় আবৃত। 'কুয়াসাচ্ছন্ন সমুদ্রবক্ষের মত অস্পষ্ট।' *বিভূতি*, ১৯২৯।

কুয়াসাজাল [কুয়াশা+স জাল] *বি* কুয়াশারূপ জাল। 'এসব জারিজুরির কুয়াসাজাল ছিন্নভিন্ন করিয়া দিতে পারিয়াছে।' *আজাদ*, ১৯৪২।

কুয়াসা-বিবর্ণ [কুয়াশা+স বিবর্ণ] *বিণ* কুয়াশায় মলিন। 'আকাশের চমৎকার জ্যোৎস্না কুয়াসা-বিবর্ণ।' *মাহেনও*, ১৯৪৯।

কুয়াসাময় [কুয়াশা+স ময়] *বিণ* কুয়াশায় আচ্ছন্ন। 'দূরে কুক্কুটের চীৎকার কুয়াসাময় আকাশ বিদীর্ণ করিতেছে।' *সবুজ*, ১৯২০।

কুয়িলী [স কোকিল] *বি* কোকিল। 'আম্বডালে বসী কুয়িলী কুহুলে।' *বড়ু*, ১৪৫০।

কুয়েশচেন [হ] *বি* প্রশ্ন। 'তারা বুঝি কুয়েশচেন পেপার লীক হওয়ার সন্ধান পেয়েছে।' *মুজতবা*, ১৯৫২।

কুয়ো [স কূপ] *বি* কুয়া। 'গুণে আনি দেওয়া হয়ে যায় রে কুয়ো।' *লালন*, ১৮৯০।

কুয়োতলা [স কূপ+স তল>] *বি* কুয়োর পাশের জায়গা। 'এই-যে কুয়োতলায়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কুয়ো-ব্যাং [স কূপ+স ব্যঙ>] *বি* যে ব্যাং কূপের মধ্যে বাস করে; কূপমণ্ডূক। *ওর্সা*, ১৭৮৫।

কুয়োর ব্যাঙ *বি* অল্পজানা ব্যক্তি। 'আমরা ছোট মানুষ, কুয়োর ব্যাঙ।' *অচিন্ত্য*, ১৯৫০।

কুরকুর [ধ্বন্যা] **১** *বি* কুকুর ছানাকে ডাকার শব্দ। *বিদ্যা*, ১৮৯১। **২** *বি* মুরগি ডাকার শব্দ। 'পিটপিট করে তাকিয়ে কুরকুর আওয়াজ করে ডাকে।' *ওয়াজী*, ১৯৪৮।

কুরকুরানো [ধ্বন্যা কুরকুর>] *ক্রি* কুর কুর করে ডাকা। 'কুরকুরাইতে।' *মানোএল*, ১৭৪৩।

কুরঙ্গ [স] *বি* হরিণ। 'কুরঙ্গনয়ন জিণী তোহ্মার নয়নে।' *বড়ু*, ১৪৫০।

কুরঙ্গগমনী [স] *বি* হরিণের মতো গমন করে যে। 'একি রে রঙ্গ আকুল অঙ্গ/ ছুটে কুরঙ্গগমনী।' *রবীন্দ্র*, ১৯০০।

কুরঙ্গনয়ন [স] *বি* হরিণের চোখ। 'কুরঙ্গনয়ন জিণী তোহ্মার নয়নে।' *বড়ু*, ১৪৫০।

কুরঙ্গ নয়না [স] *বিণ স্ত্রী* হরিণের মতো চোখবিশিষ্ট। 'নয়ন যুগলে শোভে কুরঙ্গ নয়না।' *রূপরাম*, ১৭৫০।

কুরঙ্গনয়নি [স কুরঙ্গনয়নী] *বিণ স্ত্রী* হরিণের মতো সুন্দর চক্ষুযুক্ত। 'ধুইলা বরাঙ্গ তোর, কুরঙ্গনয়নি।' *মাইকেল*, ১৮৬৬।

কুরঙ্গনয়নী [স] *বি* হরিণের মতো সুন্দর চোখ আছে এমন। 'দোহাই তোমার কুরঙ্গনয়নী।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কুরঙ্গনয়ানী [স কুরঙ্গনয়নী] *বিণ* হরিণের মতো চোখবিশিষ্ট। 'হাহা মোর প্রানেশ্বরী কুরঙ্গ নয়ানী।' *বাহরাম*, ১৬৫০।

কুরঙ্গিণী [স] *বি স্ত্রী* হরিণী। 'বনকমলিনী কুরঙ্গিণী সুলোচনা।' *মাইকেল*, ১৮৬০।

কুরঙ্গিনি, কুরঙ্গিনী [স কুরঙ্গিণী] *বি স্ত্রী* হরিণ। 'সুনইত রসকথা থাপয়ে চীত। জইসে কুরঙ্গিনী সুনএ সঙ্গীত।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'খেলে আমোদিনী কুরঙ্গিনি সিংহিনী সনে।' *গিরিশ*, ১৮৮৩।

AMARBOI.COM

কুরঙ্গী [স] *বি* স্ত্রী হরিণী। 'কুরঙ্গ কুরঙ্গী সঙ্গে মত্ত হয়ে রস রঙ্গে অনঙ্গের যজ্ঞ পূর্ণ করে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুরঙ্গ[১] [স কু-রঙ্গ] *বি* বাজে রসিকতা। 'কুসঙ্গের সঙ্গে মজে কুরঙ্গে ...।' *লালন*, ১৮৯০।

কুরচি, কুরছি[১] [স কুরুবক>] *বি* গিরিমল্লিকা ফুল। 'কদম্ব কুরচি বক করবী।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'আনিল সেহারা ফুল বান্ধা কুরছির হার।' *গরীব*, ১৭৬৫।

কুরছি[২] [আ কুরসি] *বি* আসন। 'খোদার আরশ-কুরছি পরে হয়ত সে সুর মুরছি পড়ে।' *জসীম*, ১৯৩১।

কুরটনা [স] *বিণ* কুৎসা প্রচার। 'তদবধি রাজ্যে তোমার, উঠেছে এক কুরটনা।' *গুপ্ত*, ১৮৫৮।

কুরতা [ফা কুরতাহ্] *বি* জামা। 'পুরনো কুরতা, ভাঙ্গা হাঁড়ি ইত্যাদি টাঙিয়ে দৈত্য-দানবের অশুভ দৃষ্টি প্রতিরোধ করা হয়।' *বেগম*, ১৯৪৯।

কুরতি [ফা কুরতাহ্] *বি* কুর্তি; ছোটো জামাবিশেষ। *ওসাঁ*, ১৭৮২; 'পোষাক বিবিধ প্রকার প্রস্তুত করে, যথা পাজামা, কুরতি, দোপাট্টা, ...।' *ভবানী*, ১৮২৮।

কুরনি *বি* নারকেল ইত্যাদি কোরানোর জন্য ধারালো খাঁজওয়ালা যন্ত্রবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

কুরনিশ [তু] *বি* সম্ভ্রমপূর্ণ অভিবাদন। 'কুরনিশ করিয়া খাড়া কহিতে লাগিল।' *গরীব*, ১৭৬৫।

কুরব [স] *বি* দুর্নাম। 'এই সার্বজনীন কুরবেতে সকলেরই অপাপ্তিত্য প্রথিত হইল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

কুরবক [স] *বি* লাল রঙের ফুলবিশেষ; রক্তঝিণ্টি। 'কুরবকের পরত চূড়া কালো কেশের মাঝে।' *রবীন্দ্র*, ১৯০০।

কুরবানি [আ] *বি* বিসর্জন। 'আলোচনা করতে গিয়ে প্রাণটা কুরবানি দেব নাকি?' *মুজতবা*, ১৯৪৯।

কুররি, কুররী [স কুররী] *বি* ঈগল জাতীয় পাখিবিশেষ। 'মাতা তোমার করে শোক মৃতসুতা জেমন কুররি।' *মুকুন্দ*, ১৬০০; 'কুররীকুল তরুমূলে শয়ন করিয়া আমীলিত নয়নে রোমন্থ করিতেছে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুরল [স কুরর] *বি* ঈগল জাতীয় পাখিবিশেষ। 'অষ্টাদসে কুরল পক্ষ আর গরু হইল।' *মালাধর*, ১৫০০।

কুরলী [স কুরর>] *বি* ঈগল জাতীয় পাখিবিশেষ। 'কুরলী কুরল চক্রবাক চক্রবাকী।' *ভারত*, ১৭৬০।

কুরলা *ক্রি* আঁচড়ানো। 'কুরলএ কেশ যেন বিষধরগণ।' *আলাওল*, ১৬৮০।

কুরলিত *বিণ* আঁচড়ানো। 'শিসতে সিন্দুর দিল কুরলিত কেশ।' *আলাওল*, ১৬৮০।

কুরস [স] ১ *বিণ* দূষিত রক্তে পূর্ণ। 'মদ – পরমত্তকারী, হায়, মায়া-বায়ু/ ফাঁপায় যে হৃদয়।' *মাইকেল*, ১৮৬০। ২ *বি* মন্দ রস; গরল। 'কুরসে সুরস মেলে সেই ধারা।' *লালন*, ১৮৯০।

কুরসি, কুরসী [আ] ১ *বি* আসন। 'আরশ কুরসী যথ ভুবন ছাপান।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* কেদারা। *মানোএল*, ১৭৪৩।

কুরসিনামা [আ কুরসি+ফা নামাহ্] *বি* বংশতালিকা। '১ কেতা কুরসিনামা।' *চিঠিপত্রে*, ১৮১১।

কুরা *বি* লাঠি। 'ছোটো কুরা।' *মানোএল*, ১৭৪৩।

কুরাটী [স কুঠারিকা] *বি* কুঠার। 'গঅণত গঅণত তইলা বাড়হী হেঞ্চে কুরাড়ী।' *চর্যা ৫০*, ১২০০।

কুরান *ক্রি* আঁচড় দিয়ে বের করা। *বিদ্যা*, ১৮৯১।

কুরানি *বি* নারকেল কোরানো হয় যে হাতিয়ার দিয়ে। *ওসাঁ*, ১৭৮৪।

কুরি *বি* গাছের মাথা কাটার কাজ। *মানোএল*, ১৭৪৩।

কুরীতি [স] ১ *বি* কুসংস্কার। 'কেহ২ বলেন যে কি কুরীতি ছিল।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩০। ২ *বি* মন্দ প্রথা। 'এদেশের এক কুরীতি আছে যে দম্পতি পরস্পর আপন ইচ্ছাক্রমে স্বামী বা স্ত্রী গ্রহণ করিতে পারে না।' *অক্ষয়*, ১৮৪২। ৩ *বি* মন্দ আচরণ। 'এতদ্দেশীয় লোকের কুরীতি ও কুসংস্কারের কথা কি কহিব?' *অক্ষয়*, ১৮৪৯।

কুরু[১] [স কুরু] *বি* অস্তকোষ। 'বাঙকুরু সন্তারে জাণী।' *চর্যা* ৩৭, ১২০০।

কুরু[২] *বিণ* মন্দ। *মানোএল*, ১৭৪৩।

কুরুআ [স করঙ্গ] *বি* তেলের পাত্র। 'কান্ধে কুরুআ লঅঁা তেলী আগে জাএ।' *বড়ু*, ১৪৫০।

কুরুওক [স কুরবক] *বি* ফুলবিশেষ; কুরুবক। 'নিহালী বান্ধুলি করবীর কুরুওক।' *মুকুন্দ*, ১৬০০।

কুরুক্ষেত্র [স] ১ *বি* মহাভারতে বর্ণিত কুরু-পাণ্ডবের যুদ্ধক্ষেত্র। 'কুরুক্ষেত্রে জুদ্ধে পড়ি হইল স্বর্গবাস।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বি* দিল্লির নিকটবর্তী হিন্দুদের তীর্থস্থান। 'তীর্থযাত্রীরা সর্বদা কুরুক্ষেত্র তীর্থ গমন করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৭। ৩ *বি* ছড়াছড়ি। 'একটা ঘরে প্রদোষের কুরুক্ষেত্র পড়ে গিয়েছে।' *রবীন্দ্র*, ১৮৮১। ৪ *বিণ* অস্থির। 'সুবলের মা তোকে দেখে হেসেই কুরুক্ষেত্র।' *রবীন্দ্র*, ১৯০৭। ৫ *বি* অত্যন্ত পরিশ্রম। 'মোচা ও থোড়ের মুণ্ডপাত করতে কুরুক্ষেত্র করতে হবে।' *রবীন্দ্র*, ১৯১৬। ৬ *বি* যুদ্ধক্ষেত্র। 'শকুনির ক্ষুধা নিবারণে শস্যশ্যাম কুরুক্ষেত্রে মায়াবাদ ভনে ...।' *সুধীন্দ্র*, ১৯৩২।

কুরুক্ষেত্র বাধা *ক্রি* ভীষণ ঝগড়ার সৃষ্টি হওয়া। 'সঙ্গে সঙ্গে একেবারে কুরুক্ষেত্র বাধিয়া যায়।' *মানিক*, ১৯৪০।

কুরুক্ষেত্রযুদ্ধ [স] *বি* তুমুল ঝগড়া। 'গৃহমধ্যে সমস্ত দিন গায়ক-বাদকের কুরুক্ষেত্রযুদ্ধ।' *রবীন্দ্র*, ১৯০৭।

কুরুপতি [স] *বি* কুরুবংশের প্রধান। 'সুনিয়া বলিল বিস্য সুন কুরুপতি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কুরুসূর্য [স] *বি* কৌরব বংশের গৌরব। 'পাণ্ডুচন্দ্রলেখা আজি অস্ত গেল, আজি কুরুসূর্য একা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কুরুচ কাঁটা [ই crochet+কাঁটা] *বি* উল, সুতা প্রভৃতি বস্ত্র বুনানোর শলাবিশেষ। 'দিনরাত কুরুচ কাঁটা চালিয়ে যেতে লাগলেন।' *জীবন*, ১৯৪৮।

কুরুচি [স] *বি* অশ্লীল বা অমার্জিত বিষয়ের প্রতি প্রবৃত্তি। 'কুরুচিপূর্ণ শাস্ত্রকারেরা স্ব স্ব রচিত পুস্তকগুলি ব্যাসকৃত বলিয়া ...।' *অক্ষয়*, ১৮৪৯; 'সমাজের কোনো কুরুচি বা কদাচারের বিরুদ্ধে কেহ যে রাগ করিতে পারে ...।' *রবীন্দ্র*, ১৮৮৭।

কুরুচিকর [স] *বিণ* অশ্লীল। 'নানা রকম অবাঞ্ছিত ও কুরুচিকর অঙ্গ-ভঙ্গী দ্বারা মেয়েদের উত্ত্যক্ত করে।' *বেগম*, ১৯৬৫।

কুরুচি-পরিচায়ক [স] *বিণ* কুৎসিত রুচি প্রকাশক। 'ইংরেজ লেখক হলে কুরুচি-পরিচায়ক প্রসঙ্গগুলো অমন খোলাখুলিভাবে বীরদর্পে উল্লেখ করত না।' *অন্নদা*, ১৯২৯।

কুরুচিপূর্ণ [স] *বিণ* রুচিগর্হিত। 'কুরুচিপূর্ণ শাস্ত্রকারেরা স্ব স্ব রচিত

AMARBOI.COM

পুস্তকগুলি ব্যাসকৃত বলিয়া ...।' *অক্ষয়*, ১৮৪৯।

কুরুচিময় [সা] *বিণ* কুৎসিত রুচিসম্পন্ন। 'নানাবিধ কুরুচিময় ভাবে সং সাজাইয়া ...।' *দীপিকা*, ১৮৮৭।

কুরুন্টক [সা] *বি* বৃক্ষ ও ফুলবিশেষ। 'কুরুবক কুরুন্টক কুন্দ তোলে মরুবক।' *মুকুন্দ*, ১৬০০।

কুরুনি, কুরুনী *বিণ* নারকেল ইত্যাদি কোরানোর দাঁতাল ও বঁটির মতো আকারের হাতিয়ারবিশেষ। 'করুনীতে কুরিয়া আনিবে নারিকেল।' *মুকুন্দ*, ১৬০০; 'তোদের নারকোল-কুরুনি আছে?' *সুনীল*, ১৯৭০।

কুরূপ [স কুরূপ] *বিণ* দোষযুক্ত। *মানোএল*, ১৭৪৩।

কুরুপতি *দ্র* **কুরুক্ষেত্র**

কুরুবক, কুরুবক [স কুরুবক] *বি* ঝাঁটি ফুল। 'নীল কুরুবক তোর নয়নে।' *বড়ু*, ১৪৫০; 'কুরুবক চাঁপা নাগেশ্বর।' *মালাধর*, ১৫০০।

কুরুবর্ষ [সা] *বি* পুরাণোক্ত জম্বুদ্বীপে উত্তরকুরু নামক বর্ষ বা প্রদেশ। 'এই কুরুবর্ষ – এই কন্যাকুমারিকা অতীতের কুয়াশার পারে।' *জীবন*, ১৯৩০।

কুরুশ-কাঁটা [ই crochet+কাঁটা] *বি* পশম বা সুতা দিয়ে বস্ত্র বোনার শলাকা। 'কুরুশ-কাঁটায় রাখির খোঁপার সাথে বিঁধিয়া।' *নজরুল*, ১৯৩২।

কুরূপ [স] *বিণ* কুৎসিত। 'সুশ্রী কি কুরূপই বা হউন।' *গৌর*, ১৮২২।

কুরূপতা [সা] *বি* কুশ্রীতা। 'দাম্পত্যবন্ধনের আর-একটি মহৎ বিঘ্ন স্বামীর বার্ধক্য ও কুরূপতা।' *রবীন্দ্র*, ১৯০৭।

কুরূপা [সা] *বিণ স্ত্রী* অসুন্দর। 'স্ত্রী দর্শনে বড় কুরূপা নহে।' *দর্পণ*, ১৮২৮।

কুরূপর [স কূর্পর] *বিণ* অধীন; বশীভূত। 'জোড় হাথে স্তুতি করি কুরূপর হৈয়া।' *মালাধর*, ১৫০০।

কুরে খাওয়া *ক্রি* ধীরে নিঃশেষ করা। 'চেতনাকে একটু একটু কুরে খাচ্ছে।' *সেলিনা*, ১৯৬৯।

কুর্কু *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'কুর্কু জাতি আরও পশ্চিমে।' *বঙ্কিম*, ১৮৯২।

কুর্ণিশ [তু] *বি* সম্ভ্রমপূর্ণ অভিবাদন। 'বাবুজি কুর্ণিশ ঘেরা, বর্দ্ধমাঁন বিচ ডেরা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কুর্তা [ফা কুর্তা] *বি* জামাবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫।

কুর্তি, কুর্ত্তি [ফা] *বি* শরীরের ঊর্ধ্বাঙ্গে পরার ঢিলা পোশাকবিশেষ। 'কুর্তি।' *মানোএল*, ১৭৪৩; 'বালকেরদিগের কুর্ত্তি এবং টুপি ও মোজা।' *দর্পণ*, ১৮২১।

কুর্দন, কুর্দ্দন [স] ১ *বি* লাফালাফি। 'অসংখ্য মৎস্য মনের আনন্দে কুর্দন করিতেছে।' *সিরাজী*, ১৯১৮। ২ *বি* আস্ফালন। 'জেকের ও নর্ত্তন কুর্দ্দন করে।' *হেদায়েত*, ১৯৩৬।

কুর্দী *বি* ইরাক ও তুরস্কের মধ্যখানের জাতিগোষ্ঠীর ভাষা। 'তারপর জগাইতুর্কী, মঙ্গোল, উসমানলী, রাশান, কুর্দী।' *মুজতবা*, ১৯৪৯।

কুর্ধ, কুর্দ্ধ [স ক্রুদ্ধ] *বিণ* রাগান্বিত। 'কুর্দ্ধ হৈয়া বলে মুনি সাঁপ বচন।' *মালাধর*, ১৫০০।

কুর্নিশ [তু কুরনিশ] *বি* সসম্ভ্রম অভিবাদন। 'কুর্নিশ করে ঢোকে মাথা নুয়ে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কুর্পর [সা] *বিণ* অধীন। 'জিয়ান্তে মড়া স্বামী পরের কুর্পর।' *বিজয়*, ১৬৫০।

কুর্ম, কূর্ম্ম [স কূর্ম] *বি* কচ্ছপ। 'একাদসে কুর্ম্মরূপে অবতার কৈল।' *মালাধর*, ১৫০০; 'কুর্মরূপে তুমি সর্ব পৃথিবীর ভার বহ।' *বৃন্দা*, ১৫৮০।

কুর্মা [তু কুরমাহ্] *বি* তুর্কি পদ্ধতিতে রান্না করা ঝালহীন মাংস। 'ছ-সাত রকমের পোলাও, বিরিয়ানি, কুর্মা, কালিয়া, পসিন্দা।' *মুজতবা*, ১৯৫৮।

কুর্শি, কুর্সি [আ কুরসি] ১ *বি* আসন। 'নূরে কুর্শির পুরে 'তূর'-শির।' *নজরুল*, ১৯২৪। ২ *বি* চেয়ার। 'চারপাশে বিভিন্ন ধরনের কয়েকটা কুর্সি।' *ওয়ালী*, ১৯৬৪।

কুর্শিকাঁটা [ই crochet+কাঁটা] *বি* ক্রুশকাঠি; উল বা সুতা দিয়ে কিছু বোনার শলাকা। 'কুর্শিকাঁটাগুলো ও-ঘরের বিছানায়।' *বিভূতি*, ১৯৩১।

-কুল [স] *বহুবচন নির্দেশক প্রত্যয়*। 'সুণে মৃগকুল বসে।' *বড়ু*, ১৪৫০।

কুল[১] [স কূল] ১ *বি* তীর। 'জো রথে চড়িলা বাহবা ণ জাই কুলে কুল বুড়ই।' *চর্যা* ১৪, ১২০০। ২ *বি* দিশা। 'ডেবেও কুল পাইনে।' *অক্ষয়*, ১৮৫০।

কুল[২] [স কোলি] *বি* বরই। 'একটা বাতাবি লেবু, একটা কুলগাছ।' *রবীন্দ্র*, ১৯১২।

কুলচুর [স কোলি+স চূর্ণ] *বি* পাকা কুলের সঙ্গে গুড় মিশিয়ে তৈরি করা একধরনের মুখরোচক খাবার। 'আমসত্ত্ব, কুলচুর রাখিবার জো ছিল না।' *বিভূতি*, ১৯৩১।

কুলীন [সা] *বি* বংশ। 'এতকেঁ বুঝিল তার বড় কুল জাতী।' *বড়ু*, ১৪৫০।

কুলকন্যা [সা] *বি* সম্ভ্রান্ত বংশের নারী। 'কুলকন্যার কুল দেখল, তেজ দেখল।' *কায়সার*, ১৯৬২।

কুলকমলিনী [সা] *বি* কুলনারী। 'কত দেশে শত শত কুলকমলিনী।' *দীনবন্ধু*, ১৮৬৩।

কুলকর্ম, কুলকর্ম্ম [সা] *বি* কুলকর্ম; কুলীনের ঘরে পুত্র-কন্যার বিয়ে দেওয়া। '... আমাদের কন্যাগত কুল, তাহার বিবাহ সময়ে কুলকর্ম্ম কত্যে হবে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুলকলঙ্কিনী, কুলকলঙ্কিনি [স কুলকলঙ্কিনী, সম্বোধনে শব্দশেষে ই-কার] *বি স্ত্রী* যে নারীর বিবাহবহির্ভূত সম্পর্কের জন্যে বংশের কলঙ্ক হয়। 'সেই জানে কেনে রাধা কুলকলঙ্কিনী।' *মাইকেল*, ১৮৬১; 'আরে কুলকলঙ্কিনি!' *গিরিশ*, ১৮৮৭।

কুলকামিনী [সা] *বি* কুলবধূ; সম্ভ্রান্ত বংশের নারী। 'হমে কুলকামিনী কহইতে অনুচিত।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কুলকেশরী [সা] *বিণ* কুলশ্রেষ্ঠ; কুলসিংহ। 'কোথায় সেই মোসলেম কবি কুলকেশরী কায়কোবাদ?' *কোহিনূর*, ১৯১১।

কুলক্রমাগত [স] *বিণ* বংশের রীতি অনুসারে আগত। 'যে সকল অমাত্য কুলক্রমাগত ও সচ্চরিত্র এবং যাঁহারা উৎকোচগ্রহণ করে না।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কুলক্ষয় [স] *বি* বংশ নাশ। 'এত দিন পরে কুলক্ষয়টা হবে?' *দীনবন্ধু*, ১৮৬৭।

কুলগত [সা] *বিণ* জাতিগত। 'লোকের মধ্যে মোটামুটিভাবে এমন একটা কুলগত ঐক্য আছে।' *ওয়াজেদ*, ১৯৪৩।

কুলগর্ব [সা] *বি* বংশগৌরব। 'জুলিখার কুলগর্ব এবং লোকমর্যাদার ভাব।' *রবীন্দ্র*, ১৮৯১।

AMARBOI.COM

কুলগুরু [স] *বি* বংশের গুরু; কুলাচার্য। 'তাঁর কুলগুরু লালুভাও ঢেকরে সমস্ত বন্দোবস্ত উত্তমভাবে করেছিলেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কুলজন [স] *বি* সম্ভ্রান্ত লোক। 'অধার্মিক হব নর দুই তিন জাত্যে ঘর জার ধন সেই কুলজন।' *মুকুন্দ*, ১৬০০।

কুলজ্ঞ [স] *বি* কুলের বিষয়ে জানেন যিনি। 'সভাতে কুলজ্ঞের কুলজ্ঞতার চন্দন ব্যবস্থাদি জন্য ...।' *দর্পণ*, ১৮২২।

কুলজ্ঞতা [স] *বি* কুল বিষয়ে জ্ঞান। 'সভাতে কুলজ্ঞের কুলজ্ঞতার চন্দন ব্যবস্থাদি জন্য ...।' *দর্পণ*, ১৮২২।

কুলতিলক [স] *বিণ* বংশের শিরোমণি। 'খুড়র কুলতিলক জীবানন্দ ভায়ার শরীরধারণের ...।' *বিদ্যা*, ১৮৭৩।

কুলত্যাগ [স] *বি* কুলধর্ম বিসর্জন। 'অন্নদা কুলত্যাগ করিয়া গিয়াছে।' *শরৎ*, ১৯১৭।

কুলত্যাগিনী [স] *বিণ* কুলটা। 'আমার খুল্লতাতপত্নী কুলত্যাগিনী হইয়াছিলেন।' *বঙ্কিম*, ১৮৭৪।

কুলদর্প [স] *বি* বংশমর্যাদা। 'জত ছিল কুলদর্প তথি হইল কালসর্প ঘটক পণ্ডিত জনার্দন।' *মুকুন্দ*, ১৬০০।

কুলদারা [স] *বি* সম্ভ্রান্ত লোকের স্ত্রী। 'কত কুলদারা চকোরীর পারা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কুলদেবতা [স] *বি* বংশানুক্রমে পূজ্য দেবতা। 'আমি সরস্বতী, ব্রাহ্মণদিগের কুলদেবতা।' *হরপ্রসাদ*, ১৮৮১।

কুলধর্ম, কুলধর্ম্ম [স] ১ *বি* বংশের আচার। 'অধর্ম্ম অন্যায় যত আমার কুলধর্ম্ম।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* বংশের ধর্ম। 'তাহাদিগের কুলধর্ম্ম ও জাত্যাচার।' *ফরস্টার*, ১৭৯৬।

কুলধ্বজ [স] *বি* বংশের গৌরব। 'সে যে কুলধ্বজ।' *দীনবন্ধু*, ১৮৬৭।

কুলনারী [স] *বি* সৎ কুলজাত কন্যা। 'একেত অবলা বালা তাহে কুলনারী।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুল নাশা *ক্রি* সতীত্ব নাশ করা। 'ও সে বাঁশি বাজিয়ে সদাই কুলবতীর কুল নাশে।' *লালন*, ১৮৯০।

কুলনাশী [স] *বিণ স্ত্রী* বংশে কলঙ্ক আরোপ করে এমন। 'সারা গাঁয়ে আজ ঢি ঢি পড়ে গেছে, মেয়ে হল কুলনাশী।' *জসীম*, ১৯২৯।

কুলপঞ্জিকা [স] *বি* বংশপরিচয়। 'শিল্পশাস্ত্রের কুলপঞ্জিকার মধ্যে শক্ত করে বাঁধা রইল সব।' *অবন*, ১৯২৫।

কুলপতি [স] ১ *বি* কুলস্বামী। 'তখন ধীরে চামার কুলপতি ...।' *রবীন্দ্র*, ১৯০০। ২ *বি* অন্নদান ও শিক্ষাদান ব্রত গ্রহণকারী মুনি। 'কুলপতিরা অরণ্য কাটিয়া ... এক-একটি আশ্রম স্থাপন করিতেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

কুল-পরম্পরাগত [স] *বিণ* বংশধারা থেকে এসেছে এমন। 'উহা এ কালের ন্যায় কুল-পরম্পরাগত ছিল না।' *অক্ষয়*, ১৮৪৮।

কুলপাঁজি [স কুলপঞ্জি] *বি* বংশপরিচয়। 'গালি দিআ লগুে ভণ্ডে ঘটক ব্রাহ্মণ দণ্ডে কুলপাঁজি করিআ বিচার।' *মুকুন্দ*, ১৬০০।

কুলপালক [স] *বিণ* বংশের রক্ষক। 'আমার যজমান কুলপালক বাঁড়ুয্যে, তিনি বল্লালকৃত কুলকল্লোলে পতিত।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুলপুরোহিত [স] *বি* বংশানুক্রমে পৌরোহিত্যকারী যাজক ব্রাহ্মণ। 'কুলপুরোহিত শিরোমণি কহিলেন ওরে মূর্খ শাস্ত্র জানিলে না।' *ভবানী*, ১৮২৫।

কুলপ্রথা [স] *বি* বংশের রীতিনীতি। 'বল্লাল ভূপাল তন্মধ্যে এই অভিনব কুলপ্রথা প্রচার করেন।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুলপ্রদীপ [স] ১ *বি* বংশগৌরব। 'বাতাস পাইবা মাত্র কুলপ্রদীপ নির্ব্বাণ হইল।' *ভবানী*, ১৮২৮। ২ *বি* বংশের একমাত্র সন্তান। 'একজন কুলপ্রদীপ নববাবু মজা করিতেছেন।' *ভবানী*, ১৮২৮।

কুলবতী [স] *বি* সৎ কুলের নারী। 'একে কুলবতী ধনী তাহে সে অবলা।' *দ্বিজচণ্ডী*, ১৬০০।

কুলবধূ [স] *বি* গৃহবধূ। 'কুলবধূ জল দেই সাসুড়ির গায়।' *মুকুন্দ*, ১৬০০।

কুলবধূসম্ভোগ [স] *বি* কুলবধূর সঙ্গে বিবাহবহির্ভূত যৌনসম্পর্ক স্থাপন। 'যে সকল বাবুরা কুলবধূসম্ভোগে অধিক সুখভোগ বোধ করেন তাঁহারা চেষ্টা পাইতে থাকেন।' *ভবানী*, ১৮২৮।

কুলবালা [স] *বি* সম্ভ্রান্ত ঘরের মেয়ে। 'পিয়া গেল মধুপুর হম কুলবালা।/ বিপথে পরল জৈছে মালতিমালা।' *বিদ্যাপতি*, ১৫৭০।

কুলবিদ্যা [স] *বি* বংশপরম্পরায় অর্জিত শিক্ষা। 'আমাদের কুলবিদ্যা, বংশগতবৃত্তি।' *হাসান*, ১৯৬৭।

কুলব্রত [স] *বি* বংশানুক্রমে আচরিত অনুষ্ঠান। 'বিশ্বাসঘাতকতা এ যবনকুলের কুলব্রত।' *মাইকেল*, ১৮৬১।

কুলভঙ্গ [স] *বিণ* বংশের মান-মর্যাদার প্রতি যত্নশীল। 'কুলময়ী কুলাখ্যা কুলভঙ্গ জন বাখ্যা।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুলভঙ্গ [স] *বি* কৌলীন্যের নিয়ম ভঙ্গ ক'রে বিবাহ দান। 'কুলভঙ্গ ভয়ে তাহাদের বিবাহ দিতেও পারেন নাই।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুলভয় [স] *বি* জাত যাওয়ার ভয়। 'কিবা কুলভয় কিবা গুরুর গঞ্জন।' *বাহরাম*, ১৬৫০।

কুলমন্তি [স কুলবতী] *বি* কুলবতী। 'রসও বুঝএ জনি হো কুলমন্তি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কুলময়ী [স] *বিণ* বংশগৌরব রক্ষার উপযুক্ত গুণসম্পন্ন। 'কুলময়ী কুলারাখ্যা কুলভঙ্গ জন বাখ্যা।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুলমর্যাদা, কুল-মর্য্যাদা [স] *বি* কৌলীন্যের মর্যাদা। 'বল্লাল ভূপাল আবহমান প্রচলিত জাতি-মর্য্যাদা মধ্যে স্বকপোলকল্পিত কুল-মর্য্যাদা প্রচার করিয়া যান।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুলমহিলা [স] *বি* সম্ভ্রান্ত লোকের স্ত্রী। 'সতীত্ব, কুলমহিলার অয়স্কান্ত মণি।' *দীনবন্ধু*, ১৮৬০।

কুলমান [স] *বি* বংশের সম্মান। 'কুলমান রক্ষার্থে কিম্বা পরের উপকারের জন্য যে মরে, সে চিরস্মরণীয় হয়।' *মাইকেল*, ১৮৬১।

কুলরক্ষা [স] *বি* বংশের মানসম্মান রক্ষা করা। 'কুলকুণ্ডলিনী কবে আমাকে কুলে আনিবেন; কবে কুলরক্ষা করিবেন?' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুললক্ষ্মী [স] *বি স্ত্রী* (হিন্দু বিশ্বাস) বংশের হিতকারী দেবী। '... বিবেচনা করিতেছেন বুঝি কুললক্ষ্মীর কৃপা হয়।' *রাজীব*, ১৮০৫।

কুললনা [স] *বি* সতী নারী। 'কুললনারা রাণী পদ্মিনীর নেতৃত্বে প্রজ্জ্বলিত চিতায় আত্মাহুতি দিয়েছিলেন।' *ওয়াজেদ*, ১৯৪৩।

কুললাজ [স কুললজ্জা] *বি* কুলভয়। 'কুলের নন্দিনী হৈয়া নাহি কুললাজ।' *বাহরাম*, ১৬৫০।

কুলশীল [স] ১ *বি* বংশ ও চরিত্র। 'জন্ম-কুলশীলাচার না জানি যাহার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* বংশীয়। 'অজ্ঞাত কুলশীল

AMARBOI.COM

মনুষ্যকেও এই শ্রেণীভুক্ত দেখিয়া বিস্ময়াপন্ন হইলাম।' *অক্ষয়*, ১৮৪৯।

কুলশীলহীন [স] *বিণ* বংশ-মর্যাদা নেই এমন। 'আমি কুলশীলহীন ক্ষুদ্র নরপতি।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কুলসম্ভ্রম [স] *বি* বংশমর্যাদা। 'বিষয় রক্ষা এবং কুলসম্ভ্রম রক্ষা করা দুরূহ হইয়া পড়িবে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কুলস্ত্রী [স] *বি* সম্ভ্রান্ত বংশের সতী নারী। 'অবলা কুলস্ত্রীর সহিত যুদ্ধ করিতে অস্ত্রের ব্যবহার শিক্ষা করি নাই।' *মশাররফ*, ১৮৮৫।

কুলহারা [স] *বিণ* জাতিচ্যুত। 'বাবু অন্য স্ত্রীতে আসক্তি-প্রযুক্ত কুলহারা হইয়াছেন।' *ভবানী*, ১৮২৮।

কুলাঙ্গনা [স কুল-অঙ্গনা] *বি* ঘরের নারী; কুলনারী। 'বিশিষ্ট সম্ভানেরা আপন কুলাঙ্গনাদিগের পাঠশালায় পাঠাইয়া ...।' *প্রভাকর*, ১৮৩১।

কুলাঙ্গার [স কুল-অঙ্গার] *বি* বংশের নাম ডোবায় এমন। 'হিন্দুবংশে কুলাঙ্গার কতেকগুলিন বালক এক২ ধনুর্দ্ধর হইয়া উঠিয়াছেন।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

কুলাচার [স] *বি* কুলধর্ম। 'পর্বতরাজের ছিল জত কুলাচার।' *মুকুন্দ*, ১৬০০।

কুলাচারপরায়ণ [স] *বিণ* তান্ত্রিক আচার অনুরাগী ও পালনকারী। 'কুলাচারপরায়ণ দণ্ডী ও পরমহংসেরা যেরূপ চক্র করিয়া সুরাপানাদি করেন, তাহার নাম মহাবিদ্যা।' *অক্ষয়*, ১৮৫০।

কুলাচারী [স] *বিণ* বংশীয় আচার পালনকারী। 'সন্ন্যাসীরা অনেকেই কুলাচারী অর্থাৎ মদ্য মাংসাদি ব্যবহার করেন।' *অক্ষয়*, ১৮৫০।

কুলাচার্য, কুলাচার্য্য [স] *বি* কুল-পুরোহিত; ধর্মগুরু। 'কুলাচার্য্য কহিলেন।' *দর্পণ*, ১৮২১।

কুলাদর্শানুযায়ী [স] *ক্রিবিণ* বংশের নিয়ম অনুযায়ী। 'ডুবাল কহিলেন ... কুলাদর্শানুযায়ী ভাষায় নিজ আভিজাতিক চিহ্ন বর্ণন করুন।' *বিদ্যা*, ১৮৪৯।

কুলাধিদেবতা [স] *বি* বংশ পরম্পরায় পূজিত দেবতা। 'কুলাধিদেবতা মোর মদনমোহন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুলাধিপতি [স] *বি* কুলের প্রধান ব্যক্তি। 'মামা এখানকার কুলাধিপতি।' *তারা*, ১৯৪২।

কুলানুগত [স] *বিণ* বংশগত। 'সেই জাতির কুলানুগত আচার ব্যবহার শিক্ষা দীক্ষার ধারা ধরে চলতে চলতে ...।' *অবন*, ১৯২৫।

কুলে কালি দেওয়া *ক্রি* বিবাহবহির্ভূত প্রণয় করে বংশকে কলঙ্কিত করা। 'অভাগিনী কেন কুলে কালি দিয়ে দুপা বেরয়ে দাঁড়াল না।' *উমেশ*, ১৮৫৭।

কুলোজ্জ্বল [স কুল-উজ্জ্বল] *বিণ* বংশের মুখ উজ্জ্বল করে এমন। 'ইহারা মহাশয়ের নাম সম্ভ্রম ও কুলোজ্জ্বল করিবেন।' *ভবানী*, ১৮২৫।

কুলোত্তম [স কুল-উত্তম] *বিণ* উত্তম বংশে জাত। 'সুপুরুষ কুলোত্তম কোথা না ঘটয়।' *আলাওল*, ১৬৮০।

কুলোদ্ভবা [স কুল-উদ্ভবা] *বি স্ত্রী* ভালো বংশে জন্ম যার। 'কোন কুলোদ্ভবা তার মাতা।' *গিরিশ*, ১৮৯৬।

কুলোদ্ভূত [স কুল-উদ্ভূত] *বিণ* ভালো বংশে জাত। 'বিশিষ্ট কুলো জনেরদের গমনাভাবপ্রযুক্ত সমাজ প্রায় হইয়াছে।' *দর্পণ*, ১৮৩০।

কুলোদ্ধার [স] *বি* পূর্বপুরুষের সদ্‌গতি। 'অতি দুষ্প্রাপ্য মহামহা-বারুণীতে গঙ্গাস্নানে ত্রিকোটি কুলোদ্ধার ...।' *রামমোহন*, ১৮২৩।

কুল[৩] [আ] *বিণ* সমস্ত। **কুলকপাল** [আ কুল+স কপাল] *বি* পুরো ভাগ্য। 'যা থাকে কুলকপালে, দেশে ফিরে গিয়েই ঐ মেয়েটিকে বিয়ের প্রস্তাব করবে।' *প্রমথ*, ১৯২৪।

কুলআঁ ঘাট [স কূল>] *বি* খেয়া ঘাট। 'কর কুলআঁ ঘাটে।' *বড়ু*, ১৪৫০।

কুলকুচি, কুলকুচো [হি কুলকুলানা] *বি* কুলি। 'এই ভাবের কুলকুচি দিয়ে ভূত ভাগাবে মনে করছ।' *নজরুল*, ১৯২৫; 'সেই ঠাণ্ডা চোখের জলে রোজ মুখ ধুতাম ও কুলকুচো করেছি জানালা দিয়ে।' *সুনীল*, ১৯৬৬।

কুলকুণ্ডলিনী [স] ১ *বি* (তন্ত্র) মানবদেহের নির্দিষ্ট স্থানে অবস্থিত কল্পিত চক্রের নাম। 'কুলকুণ্ডলিনী দশ হয় নাভিমূলে।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বিণ* জীবনীশক্তি। 'জগদাদ্যা কুলকুণ্ডলিনী।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুলকুল [ধ্বন্যা] *বি* পানি বয়ে যাওয়ার ধ্বনি। 'কূলে জল নাহী শুধু শুনি কুলকুল।' *মুকুন্দ*, ১৬০০; 'চার দিকে জল কুল কুল করে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯২।

কুলকুলধ্বনি [কুলকুল+স ধ্বনি] *বি* পানি বয়ে যাওয়ার শব্দ। 'নদীর কুলকুলধ্বনি, পাতার মর-মর শব্দ।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

কুলক্ষণ [স] *বি* অশুভ লক্ষণ। 'পাছে কি কুলোকে কুলক্ষণ করে দেখে।' *মদনমোহন*, ১৮৩৪।

কুলক্ষণা, কুলক্ষণী [স] *বিণ স্ত্রী* অশুভ লক্ষণযুক্ত। 'রাজার নিকটে কুরূপা ও কুলক্ষণী বলিয়া পরিচয় দেওয়া যাউক।' *বিদ্যা*, ১৮৪৭।

কুলগ্ন [স] *বি* অশুভ সময়। 'কি কুলগ্নেই বা দৈত্যদেশে পদার্পণ করেছিলেম।' *মাইকেল*, ১৮৫৯।

কুলঙ্গি, কুলঙ্গী ১ *বি* দেয়ালের মাঝের ছোটো খোপ। 'চারিভিতে কাটিল কুলঙ্গি।' *কেতকা*, ১৬৫০; 'একটি কুলঙ্গীর মধ্যে পঞ্চপ্রদীপ, কোষাকোষি, কতকগুলি সলিতা।' *সিরাজী*, ১৯১৮। ২ *বি* নীড়। *মানোএল*, ১৭৪৩।

কুলচি [স কুলপঞ্জি] *বি* বংশ-তালিকা। 'বর্ত্তমান শব্দ সকলের কুলচি স্থির করিয়া মূল গোত্র নির্ণয় করা অত্যন্ত কঠিন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কুলজি, কুলজী [স কুলপঞ্জি] *বি* বংশপরিচয়। 'কুলাচার্য্যসকল কুলজীর ব্যাখ্যা করিতেছেন।' *ভবানী*, ১৮২৩; 'শিখণ্ডিবাহন ত ব্রহ্মাধিপতির কন্যার পাণিগ্রহণ কচ্চে না যে কুলজির আবশ্যক।' *দীনবন্ধু*, ১৮৭৩।

কুলটা [স] *বি স্ত্রী* অসতী। 'দেখিয়া কুলটা নারি কামে অচেতন।' *মালাধর*, ১৫০০।

কুলটাবর্ত্ম [স] *বি* অসতীদের পথ। 'কুলের পথ হারাইয়া কুলটাবর্ত্মে প্রবর্ত্ত হওনের মনস্থ করিয়া ...। *ভবানী*, ১৮২৮।

কুলপি, কুলপী, কুলফি [আ কুলফ] *বি* বরফ জমাট করার ছাঁচ। *বিদ্যা*, ১৮৯১; 'দু-করে কুলপী শোডে শঙ্খ।' *মুকুন্দ*, ১৬০০।

কুলপিওলা [আ কুলফ+হি ওয়ালা] *বি* কুলপি বিক্রেতা। 'তাকে রাত-দুপুরে দেখতো পাড়ার হুলো বেড়াল, কুলপিওলা।' *বুদ্ধ*, ১৯৬৬।

কুলপির বরফ [আ কুলফ>+ফা বরফ] *বি* কুলফি মালাই; এক রকমের আইসক্রীম। 'নন্দ ভাজা মসলা ও কুলপির বরফ ...।' *রবীন্দ্র*, ১৯০০।

কুলফিওয়ালা [আ কুলফ+হি ওয়ালা] *বি* কুলফি বিক্রেতা। 'কুলফিওয়ালা আসত রোজ।' *অন্নদা*, ১৯৭২।

কুলফি বরফ [আ কুলফ>+ফা বরফ] *বি* একপ্রকার বরফের মিষ্টি;

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আইসক্রিম। 'বরফ-দেওয়া নোনতা জলে ছোটো টিনের চোঙে থাকত, যাকে বলা হত কুলফি বরফ।' *রবীন্দ্র*, ১৯৪০।

কুল-মখলুক [আ] *বি* সমগ্র সৃষ্টি। 'কুল-মখলুক দেখিতে লাগিল শুধু ইসলামি খাব।' *নজরুল*, ১৯২৮।

কুল মুলুক, কুল মুলুক [আ কুল+আ মুলক] *বি* পুরো দেশ। 'কুল মুলুকের কুষ্ঠি করে জোর দেখালে।' *নজরুল*, ১৯২২।

কুলা [স কুল্য] *বি* অর্ধবৃত্তাকার ডালাবিশেষ। 'বিছন পুড়া ভান্যা খাইতে ঢেঁকি কুলা দিবে।' *মুকুন্দ*, ১৬০০।

কুলাই *বি* ব্রতবিশেষ। 'কতকগুলি গ্রাম্যদেবতার ব্রত – ... শীতলা, বুড়োঠাকরুণ, ঘেঁটু, কুলাই, মূলাই।' *অবন*, ১৯১৯।

কুলাই ঠাকুরের ব্রত – ব্রতবিশেষ। 'রাখালেরা কুলাই ঠাকুরের ব্রত বলে একটা অনুষ্ঠান করে।' *অবন*, ১৯১৯।

কুলাঙ্গনা, কুলাঙ্গার দ্র **কুল**[৩]

কুলাচল [স] ১ *বি* পর্বত। 'বসুধা কম্পে অষ্ট কুলাচল ফিরে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* অষ্ট কুলাচল; পর্বতমালা। 'চলাচল সচঞ্চল কুলাচল লড়ে।' *মানিকরাম*, ১৭৮১।

কুলাচার [স কৌলি>+ফা আচার>] *বি* কুলের তৈরি আচার। 'কুলাচার কেবা ছাড়ে লয়ে কুলাচার।' *গুপ্ত*, ১৮৫৮।

কুলাচার্য, কুলাচার্য্য দ্র **কুল**[৩]

কুলাদর্শনুযায়ী, কুলাধিদেবতা, কুলাধিপতি, কুলানুগত দ্র **কুল**[৩]

কুলানো ১ *ক্রি* সংকুলান হওয়া। 'আগে কথা কুলাইত না।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *ক্রি* প্রয়োজন মেটা। 'দুই টাকা করিয়া কুলাইত।' *বঙ্কিম*, ১৮৭৯। ৩ *ক্রি* সামর্থ্য হওয়া। 'মাধুরীকে নজরে আনবার মত সাহসে কুলোয়নি।' *জীবন*, ১৯৩১। ৪ *ক্রি* প্রয়োজনের তুলনায় যথেষ্ট হওয়া। 'নালাই হোক আর ১৫ ইঞ্চি দেওয়ালই হোক, কোনোটাতেই কুলাইবে না।' *আজাদ*, ১৯৪১। ৫ *ক্রি* সচ্ছলভাবে দান করা। 'অকুলানের সংসারকে কুলিয়ে দেবার দম্ভ।' *শঙ্খ*, ১৮৫৫।

কুলান করা *ক্রি* সামলানো। 'সে বিধবা স্ত্রীলোক সকল দিক কুলান করিতে পারিল না।' *বঙ্কিম*, ১৮৮২।

কুলিয়ে ওঠা *ক্রি* প্রয়োজন মেটানো। 'আমি আমার সমস্ত বলবুদ্ধি নিয়ে আর কুলিয়ে উঠতে পারি নে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কুলান্তরিত [স] *বিণ* অন্য কুলে নীত। 'অন্য ঘরে যখন কুলান্তরিত হবে ...।' *রবীন্দ্র*, ১৯০০।

কুলাভিমান [স] *বি* আভিজাত্যের অহঙ্কার। 'রাজা ... কেবল কুলাভিমান ও খড়্গ, চর্ম সহায় করিয়া, চোরের সম্মুখীন হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

কুলায় [স] *বি* বাসা। 'বাবুই পক্ষীর কুলায় ও মধুমক্ষিকার মধুক্রম ...।' *অক্ষয়*, ১৮৫২।

কুলারাধ্যা [স] *বিণ* কুলের পূজনীয়। 'কুলময়ী কুলারাধ্যা কুলভক্ত জন বাধ্যা।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কুলাল[১] [স] *বি* কুম্ভকার। 'কর্মকার নাপিত কুলাল মালাকর।' *মানিকরাম*, ১৭৮১।

কুলালচক্র [স] *বি* কুমোরের চাকা। 'তাতে কুলালচক্র ভ্রমাইল চিন্তারাম চাপরাশী এসে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কুলাল[২] [স] *বি* পাখিবিশেষ। 'সারসী, ক্রৌঞ্চ, চক্রবাক, কাদম্ব, কুলাল।' *সুধীন্দ্র*, ১৯২৮।

কুলি[১] [স কোলি] *বি* কুল ফল। 'ফলহীন আম জাম কাটিল কুলি।' *মুকুন্দ*, ১৬০০।

কুলি[২] *বি* মাটির দুরমুশ। *মানোএল*, ১৭৪৩।

কুলি[৩], **কুলী** [তু] ১ *বি* শ্রমিক। 'সকল কুলি কর্মে না আসাতে ...।' *ভেরেলি*, ১৭৮০। ২ *বি* বোঝাবাহক মজুরবিশেষ। *ওসা*, ১৭৮৫; 'ভুরি২ কুলি লোক।' *দর্পণ*, ১৮৩৭; 'চাকরকে বলেন বেহারা, আর মুটেকে বলেন কুলী।' *রোকেয়া*, ১৯৩১।

কুলিগিরি [তু কুলি+ফা গিরি] *বি* কুলির কাজ। 'বিলেতি সভ্যতার কুলিগিরির মজুরি পোষায় না।' *প্রমথ*, ১৯০৫।

কুলি-ব্যারাক [তু কুলি+ই ব্যারাক] *বি* কুলিদের থাকার স্থান। 'কুলি-ব্যারাকেই নিতাই দিবাস্বপ্ন শুরু করিল।' *তারা*, ১৯৪২।

কুলিমজুর, কুলীমজুর [তু কুলি+ফা মজদুর] ১ মোটবাহী শ্রমিক। 'কুলি-মজুর।' *নজরুল*, ১৯২৬। ২ *বি* সাধারণ শ্রমিক। ' দেশের লোকের কাছে আমার জাত যাবে। আমি কি কুলিমজুর।' *রবীন্দ্র*, ১৯৩৪। ৩ *বি* শ্রমিক। 'নাইট-ইস্কুলে কুলীমজুরের ময়লা ছেলের দল/ প্রথম পড়ার বইগুলো লয়ে করিতেছে কোলাহল।' *জসীম*, ১৯৫১; 'শুদামে কুলি-মজুরদের সঙ্গে নিজ হাতে কাজ করিতেন।' *মনসুর*, ১৯৫৫।

কুলি[৪] [ধন্যা] *বি* কুলকুচা। 'ছেলেরা খাইয়া-দাইয়া কুলি ফেলতে ফেলতে যার যার ঘরে ছুইটা যায়।' *মনসুর*, ১৯৫৫।

কুলিখিত [স] *বিণ* খারাপভাবে লেখা। 'কুলিখিত তুচ্ছ পত্র স্বামীর কাছে আদর পাইবে না মনে করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

কুলিঙ্গ *বি* পাখিবিশেষ। 'কুলিঙ্গ সালিকা ভেঠা টেঁটারি গাঙ্গচিল।' *মুকুন্দ*, ১৬০০।

কুলিটা *বি* গাছবিশেষ। 'কুলিটা চালিতা কার্টিল বারাটি।' *মুকুন্দ*, ১৬০০।

কুলিনজন [স কুলীন-জন] *বি* কুলীনজন। 'অন্তে কুলিনজন মাঝে কাবালী।' *চর্যা ১৮*, ১২০০।

কুলিতা [স কুলত্থ] *বি* একটি গাছের নাম। 'দিআ কুলিতার ধনু তিন গোটা বাণ।' *মুকুন্দ*, ১৬০০।

কুলিন [স কুলীন] ১ *বিণ* অভিজাত। 'তোঁহে ভদ্রকুল হম কুলিন গোআলি।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* বিষধর। 'কুলিন সাপিনী যেন গরল উগরে।' *জ্ঞানদাস*, ১৬০০।

কুলিশ [স] ১ *বি* লিঙ্গ। 'কমল কুলিশ ঘাণ্টে করহূঁ বিআলী।' *চর্যা ৪*, ১২০০। ২ *বি* বজ্র। 'কমল কুলিশ মাঝেঁ ভইঅ মিঅলী।' *চর্যা ৪৭*, ১২০০।

কুলিশকঠিন [স] *বিণ* বজ্রের মতো কঠিন। 'কপটে প্রবীণ কুলিশকঠিন দারুণ তোমার হিআ।' *মুকুন্দ*, ১৬০০।

কুলিশকঠোর [স] *বিণ* বজ্রের মতো কঠোর। 'এ নারীচিত্ত কুলিশকঠোর।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কুলিস [স কুলিশ] *বি* বজ্র। 'মধু সম বচন কুলিস সম।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কুলীন [স] ১ *বি* অভিজাত ব্যক্তি। 'দীনেরে অধিক দয়া করে ভগবান/ কুলীন পণ্ডিত ধনীর বড় অভিমান।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* উচ্চ সামাজিক মর্যাদাবিশিষ্ট ভদ্রলোক। *ওসা*, ১৭৮৫। ৩ বিশেষ ধর্মীয়-সামাজিক মর্যাদাপ্রাপ্ত ব্রাহ্মণদের একাংশ। 'কুলীন ঠাকুরেরা স্বয়ং জগতের ঘৃণাপাত্র হইতেছেন।' *অক্ষয়*, ১৮৪২। ৪ *বিণ* উন্নত জাতের। 'ভালো কুলীন ময়রদের মুখের কাছে অম্লান বদনে পেখম

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নাড়িয়া আসেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **৫** *বিণ* শ্বেতাঙ্গ। 'শ্বেত ও কৃষ্ণ, অর্থাৎ কুলীন ও সাধারণ অধিবাসী।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৬** *বিণ* অভিজাত। 'এক কুলীন চীনেম্যানের সঙ্গে বিয়ে দিতে হবে।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৭** *বিণ* উৎকৃষ্ট। 'কামনার কুলীন পরাগে ফলাতে চাইনে কোনো মিথ্যে ফল।' *মাহমুদ*, ১৯৬৩।

কুলীনকন্যা [স] *বি* অভিজাত বংশের কন্যা। 'মেলবন্ধ থাকাতে অনেক কুলীনকন্যা জন্মাবচ্ছিন্ন অদত্তাই থাকিলেন।' *দর্পণ*, ১৮৩৪।

কুলুইচণ্ডী *বি* কুলুইচণ্ডীর ব্রত। 'আজ তো আমার কুলুইচণ্ডী।' *বিভূতি*, ১৯২৯।

কুলুকুচু [ধ্বন্যা] *বি* কুলকুচি। 'হানে গায়ে ঝরনা-কুলুকুচু।' *নজরুল*, ১৯২৪।

কুলুকুল [ধ্বন্যা] *ক্রিবিণ* নদী প্রবাহের সুললিত অনুচ্চ শব্দ ক'রে। 'বহে যায় নদী কুলুকুল।' *রবীন্দ্র*, ১৮৯০।

কুলুকুলু [ধ্বন্যা] **১** *বিণ* কলকাকলিযুক্ত। 'নদীর মুখে কুলু কুলু রা।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *বিণ* জলপ্রবাহের ধ্বনিপূর্ণ। 'বেলা শুধু যায় চলে কুলুকুলু নদীনীরে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কুলুকুলুকল [ধ্বন্যা] *বিণ* কুলুকুলু ধ্বনিবিশিষ্ট। 'কুলুকুলুকল নদীর স্রোতের মতো।' *রবীন্দ্র*, ১৮৯২।

কুলুখ [ফা] *বি* মলমূত্র ত্যাগের পর শুদ্ধির জন্য ব্যবহৃত মাটির ঢেলা। 'একদা মাবিয়া মূত্রত্যাগ করিয়া কুলুখ লইয়াছেন।' *মশাররফ*, ১৮৮৫।

কুলুঙ্গি, কুলুঙ্গী *বি* জিনিসপত্র রাখার জন্য দেয়ালের মাঝে ছোটো খোপ। 'পুরাতত্ত্বের কুলুঙ্গি হইতে পড়িয়া, ধুলা ঝাড়িয়া, সভাস্থলে পুতুল নাচ দেখায়।' *রবীন্দ্র*, ১৮৮৭; 'কাটা দেওয়ালের গায়ে একটি কুলুঙ্গী ছিল।' *শওকত*, ১৯৫৮।

কুলুজি, কুলুজী [স কুলপঞ্জি] *বি* বংশ-তালিকা। 'এদের চোদ্দ পুরুষ কুলীন, ঘটকের কাছে কুলুজী আছে।' *গিরিশ*, ১৮৮৯; 'পণ্ডিত আসিয়া আমাদের জ্ঞাতিসম্বন্ধের কুলুজি বাহির করিবার পূর্বেই ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কুলুজীরিক্ত [স কুলপঞ্জি-রিক্ত] *বিণ* আভিজাত্যের ইতিহাস নেই এমন। 'কুলুজীরিক্ত মাতামহ ... কলকাতায় এসে চিকিৎসক রূপে সমৃদ্ধি এবং সিদ্ধি অর্জন করেন।' *শিব*, ১৯৫৬।

কুলুপ[১] [আ কুফ্‌ল] **১** *বি* দরজার খিল। 'কুলুপ আঁটিয়া দিল লোহার কপাটে।' *কেতকা*, ১৬৫০। **২** *বি* তালা। 'লোহার কপাট খিল বিষম কুলুপ তায় সাজে।' *কেতকা*, ১৬৫০।

কুলুপা [আ কুফ্‌ল] *বিণ* কুলুপযুক্ত; কব্জা দেওয়া। '*মানিকরাম*, ১৭৮১।

কুলুফা [আ কুফ্‌ল] *ক্রি* তালা। 'দেখিয়া জুলুফে মদন কুলুফে।' *চণ্ডী*, ১৫৫০।

কুলুপ[২] [আ কুলুখ] *বি* প্রস্রাবান্তে ব্যবহৃত মাটির ঢেলা। 'বিচ্ছুর ছানা কুলুপের গায়।' *গরীব*, ১৭৬৫।

কুলুফ দ্র **কুলুপ**[১]

কুলেখক [স] *বি* নিম্নমানের লেখক। 'কুলেখকের আবির্ভাব হওয়াটা শ্রেয়স্কর নহে।' *মিহির*, ১৯০৩।

কুলেসিল [স কুলশীল] *বি* কুলশীল। 'কি করিব কুলে সিলে কি করিব দান।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কুলেহোঁ *ক্রিবিণ* কুলেও। 'কুলেহোঁ শ্রেষ্ঠ।' *বড়ু*, ১৪৫০।

কুলো [স কুল্য] *বি* বাঁশের তৈরি শস্য ঝাড়ার ডালা। 'ধুচনী, কুলো, বেগুন, মুলো ইত্যাদি।' *প্রভাকর*, ১৮৫৮।

কুলোর বাতাস দেওয়া – অবাঞ্ছিত লোককে তাড়িয়ে দেওয়া। 'আমি হলে এত দিনে কুলোর বাতাস দিয়ে বিদায় কর্তুম।' *মাইকেল*, ১৮৬০।

কুলোক [স] *বি* অসৎ লোক। 'পাছে কি কুলোকে কুলক্ষণ করে দেখে।' *মদনমোহন*, ১৮৩৪।

কুলোপানা [স কুল্যপ্রায়] *বিণ* কুলার মতো বড়ো; ভিত্তিহীন অহংকার। 'বিষের সঙ্গে খোঁজ নাই কুলোপানা চক্কোর।' *দীনবন্ধু*, ১৮৭২।

কুল্পী [আ কুলফ] *বি* কুলপি; বরফ জমাট করার ছাঁচ। 'দুধ খেতে গে' কুল্পীতে দি' মুখ।' *অন্নদা*, ১৯২৯।

কুল্ল মাল [আ কুল্লু>] *বি* সমুদয় রাজস্ব। 'কুল্ল মালে রঘুনন্দন মিত্র দেয়ান।' *ভারত*, ১৭৬০।

কুল্লে [আ কুল্লু>] **১** *বিণ* তাবৎ। 'দুনিয়ার কুল্লে জুর ঝেড়ে ফেলে উঠতে পারবে।' *মুজতবা*, ১৯৪৯। **২** *ক্রিবিণ* সব মিলিয়ে; সমুদয়ে। 'ইয়োরোপে তো দেখবেন কুল্লে এক ইয়োরোপীয় সভ্যতা।' *মুজতবা*, ১৯৫২।

কুল্লো *বি* পাখিবিশেষ। 'বাজবৌরী, চিল, কুল্লো।' *বিভূতি*, ১৯৩৮।

কুল্লোল [হি কুল্লা] *বি* কুলকুচা। 'কারে ছোয় কারো অঙ্গে কুল্লোল প্রদান।' *বৃন্দা*, ১৫৮০।

কুশ [স] **১** *বি* (হিন্দু পুরাণ) রামের পুত্র। 'লব-কুশ সঙ্গে যুদ্ধ যতেক হইল।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* একপ্রকার তৃণ। 'মোর কন্যা নিত্য দিব কুশ পুষ্প জল।' *মুকুন্দ*, ১৬০০।

কুশপুত্তলি [স] *বি* কুশ দিয়ে তৈরি পুতুল। 'আমার কুশপুত্তলি বানিয়ে খুব ধুম করে সেটাকে দাহ করেছে।' *রবীন্দ্র*, ১৯১৫।

কুশসূচি [স] *বি* কুশ তৃণের কাঁটা। 'কুশসূচিতে তার মুখ বিদ্ধ হলে ইঙ্গুদী তৈল মাখিয়ে শুশ্রূষা করছেন।' *রবীন্দ্র*, ১৯১৬।

কুশাগ্র [স] *বি* কুশের আগা। 'ক্ষৌরকর্মের অভাবে কুশাগ্রের ন্যায় অঙ্কুরিত হইয়া উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৯।

কুশাগ্রবুদ্ধি [স] *বিণ* কুশাগ্রতুল্য সূক্ষ্ম বুদ্ধির অধিকারী। [স] *বিণ* অত্যন্ত ধারালো বুদ্ধি আছে এমন। 'ভারতের কুশাগ্রবুদ্ধি রাজনৈতিক নেতা ...।' *আজাদ*, ১৯৩৬।

কুশাগ্রসূক্ষ্ম [স] *বিণ* কুশ ঘাসের ডগার মতো সূক্ষ্ম। 'বিশ্বউদ্ভাসিনী প্রতিভা, কুশাগ্রসূক্ষ্ম বুদ্ধি।' *সিরাজ*, ১৯১৮।

কুশাঙ্কুর [স] **১** *বি* নবজাত কুশতৃণ। 'গাছে তাঁহার বল্কল বাঁধিয়া যায়, পদে কুশাঙ্কুর বিঁধে।' *বঙ্কিম*, ১৮৮৭। **২** *বিণ* কুশের অঙ্কুরের মতো ধারালো। 'কুশাঙ্কুরবুদ্ধি শাণিতপ্রখরা কর্মহীন রাত্রিদিন বসি গৃহকোণে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কুশাঙ্কুরিত [স] *বিণ* কুশাঙ্কুরযুক্ত। 'এ রকম বহুতীক্ষ্ণ দৃষ্টিসঙ্কুল কুশাঙ্কুরিত পথে সহজে চলাফেরা ...।' *রবীন্দ্র*, ১৯২১।

কুশাঙ্গুরি [স] *বি* কুশের আংটি। 'অঙ্গুলেতে আরোপিলা কেশ কুশাঙ্গুরি।' *মুকুন্দ*, ১৬০০।

কুশণ্ডিকা [স] *বি* হিন্দু মাঙ্গলিক ক্রিয়া হিসেবে আগুন জ্বালিয়ে তাতে ঘৃতাদি প্রদানের অনুষ্ঠানবিশেষ। 'কুশণ্ডিকার রঙিন শিখায় শিউরেছে যে গেরুয়া দেখে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

কুশন [ই] **১** *বি* গদি। 'একটা কুশনে বসুন।' *জীবন*, ১৯৩৩। **২** *বি*

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গদিযুক্ত পিন রাখার বস্ত্র। 'আলপিন রাখার ছোট্ট পিন-কুশনটা পর্যন্ত উধাও হয়েছে।' *শিবরাম*, ১৯৫০। ৩ *বি* সোফার উপরে রাখা হয় এমন ছোটো আকৃতির বালিশ। 'সোফার কুশনগুলো জড়ো করে বালিশ বানিয়ে ...।' *মুক্তবা*, ১৯৬০।

কুশল [স] ১ *বিণ* নিরাপদ। 'কুশলে কি আছহ নাতিনী।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* শুভ পরিচয়। 'হইবেক তোর মোর সুরতী কাহ্নাঞি ল আল দুইহাঁর হউক কুশল।' *বড়ু*, ১৪৫০। ৩ *বি* মঙ্গল। 'তথা গেলে তোমা সভার অনেক কুশল।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বিণ* পটু। 'ভেদ, দণ্ড, সাম, দান, এই উপায় চতুষ্টয়েতে অতিশয় কুশল হও।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৫ *বিণ* কৌশল-জানা। 'বাণিজ্যকুশল বণিকেরাই ... সঞ্চিত ধন অল্পদিনের মধ্যেই অধিকার করিয়া লইল।' *অক্ষয়*, ১৮৪৮।

কুশলকর [স] *বিণ* মঙ্গলজনক। 'সকলি কুশলকর রুচি আর ভাত।' *গুপ্ত*, ১৮৫৮।

কুশলপ্রশ্ন [স] *বি* শুভাশুভ জিজ্ঞাসা। 'কেহ কাহাকেও একটা কুশলপ্রশ্নও করিল না।' *রবীন্দ্র*, ১৮৯২।

কুশলবার্তা, কুশলবার্ত্তা [স] *বি* ভালো থাকার খবরাদি। 'কুশলবার্ত্তা মহাপ্রভু পুছেন সনাতনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'দৈত্যপুরীর কুশলবার্তায় চরিতার্থ করুন।' *মাইকেল*, ১৮৫৯।

কুশল-মঙ্গল [স] *বি* ভালো থাকার খবর। 'তাঁকে থামাইয়া কুশল-মঙ্গলের কথা তুলে।' *মনসুর*, ১৯৫৫।

কুশলসংবাদ [স] *বি* মঙ্গলবার্তা। 'আমার কুশলসংবাদ দিয়া, ত্বরায় তাঁহার সর্বাঙ্গীণ মঙ্গলসংবাদ লইয়া আইস।' *বিদ্যা*, ১৮৪৭।

কুশলহস্ত [স] *বিণ* কল্যাণ বয়ে আনে এমন হাতবিশিষ্ট। 'তোমরা কুশলহস্ত, তোমরা অমরত্বপথে গমন কর।' *অবন*, ১৯২৫।

কুশলাদি, কুশলাদী [স কুশলাদি] *বি* কুশল ও অন্যান্য বিষয়। 'বিবরিয়া কুশলাদী লিখিয়া প্যায়িত করিবে।' *ওঝা*, ১৭৭৯।

কুশা [স কোষ] *বি* ছোটো তামার পাত্র। 'দুই হাতে লইয়া কুশা এইত মুনির দশা।' *বিজয়*, ১৬৫০।

কুশাদা [ফা] *বিণ* প্রশস্ত। 'কুশাদা শেকম তার বুলন্দ কালাম।' *মনসুর*, ১৯৪৩।

কুশান [ই] *বি* কুশন; গদি। 'কুশান-আঁটা শিঙারপুরি বেতের চেয়ারে এলিয়ে বসেন।' *বুদ্ধ*, ১৯৭১।

কুশাসন [স] *বি* কুশের তৈরি আসন। 'ফলমূলাহারী নিত্য, নিত্য কুশাসনে শয়ন।' *মাইকেল*, ১৮৬২।

কুশিআর [স কোষকার] *বি* আখ। 'লতা আম্ব কুশিআর।' *বড়ু*, ১৪৫০।

কুশিক্ষা [স] *বি* খারাপ শিক্ষা। 'তাহাদিগের স্বাস্থ্যক্ষতি ও কুশিক্ষা হয়।' *বঙ্কিম*, ১৮৮৭।

কুশিক্ষিত [স] *বিণ* কুসংস্কারপূর্ণ শিক্ষা পেয়েছে এমন। 'কুশিক্ষিত পিতা, অশিক্ষিত মাতা এবং অর্ধশিক্ষিত মাস্টারের কাছে ...।' *ধূর্জটি*, ১৯৩১।

কুশিয়ারি [স কোষকার] *বি* ইক্ষু। *মানোএল*, ১৭৪৩।

কুশীল [স] *বিণ* নিচু জাতের। 'কুশীল লোকেরা বিদ্যা ও ধন রহিত আপন ক্ষমতায় উদর পালন হয় না।' *দর্পণ*, ১৮২২।

কুশীলব [স] *বি* নাটকের অভিনেতা-অভিনেত্রী। 'যার কুশীলব হচ্ছে কুঠে বুড়ি নফর ফকরে ...।' *অচিন্ত্য*, ১৯৫০।

কুশ্চিত [স কুৎসিত] *বিণ* কুৎসিত। 'লাজে ব্যাকুল পদ্মা শুনিয়া কুশ্চিত।' *বিজয়*, ১৬৫০।

কুশ্রাব্য [স] *বিণ* শুনতে মন্দ এমন। 'কুশ্রাব্য শব্দ দ্বারা তাহাদের অন্তঃকরণের ...।' *অক্ষয়*, ১৮৫০।

কুশ্রী [স] ১ *বিণ* অশোভন। 'আঁচানো জল মুখ থেকে পড়ছে সে অতি কুশ্রী দেখায়।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বিণ* বিবেচনাহীন। 'বিষয়ের সবটাকেই পিলিয়া ফেলার কুশ্রী অভ্যাস তাহার থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *বি* কুৎসিত লোক। 'একজন কুশ্রী কেন রসভঙ্গ করলে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কুশ্রীতা [স] *বি* কদর্যতা। 'একটা সত্যিকার ছেলের মলিনতা কুশ্রীতা কাঁদুনিতা দেখে আমরা কিছুতেই ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কুশ্রীভাবে [স] *ক্রিবিণ* দৃষ্টিকটুরূপে। 'আমরা এতই কুশ্রীভাবে বেআব্রু করিয়া রাখিয়াছি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কুষল [স কুশল] *বি* কুশল শব্দের বানানভেদ। 'মহাসএর রাজন্নতি শ্রীশ্রী করিতেছেন তাহাতেই অত্র কুষল।' *মেয়র্স*, ১৭৭১।

কুষা [স কোষ] *বি* কুশা; ছোটো তামার পাত্র। 'মুনি বোলে পদ্মা মোরে আনিয়া দেও কুষা।' *বিজয়*, ১৬৫০।

কুষাণ্ডো [স কুষ্মাণ্ড] *বি* কুমড়া। 'তাহানে কেহো কহে কুষাণ্ডো আকৃতি, কেহো কহে মাংসোপ্রিণ্ড।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

কুষি [স কোষ] *বি* কোয়া। 'ছোট ছোট কুষি চুষি মুখে দিয়ে ছিটে।' *গুপ্ত*, ১৮৫৮।

কুষ্টা [স] [কোষ] *বি* পাট। 'কুষ্টার বানাত দেশ জুড়েছে।' *লালন*, ১৮৯০।

কুষ্ঠি [স কুষ্ঠ] *বিণ* কুষ্ঠরোগ আক্রান্ত। 'কুষ্ঠি লোকেরদের বিনা মূল্যে চিকিৎসার কারণ।' *দর্পণ*, ১৮১৯।

কুষ্ঠী [স কোষ্ঠী] *বি* কোষ্ঠী; জন্মপত্রিকা। 'সাওড়া হইতে লোক আসিআছে কুষ্ঠীর জন্যে।' *চিঠিপত্রে*, ১৮০৭।

কুষ্ঠ [স] *বি* রোগবিশেষ। 'কুষ্ঠ করাইল অঙ্গে তভু নাহি জানে।' *বৃন্দা*, ১৫৮০।

কুষ্ঠব্যাধি [স] *বি* কুষ্ঠরোগ। 'কুষ্ঠব্যাধিতে মুঞি হইয়াছি ব্যাকুল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুষ্ঠব্যাধিগ্রস্ত [স] *বিণ* কুষ্ঠরোগে আক্রান্ত। 'ভিখারী কুষ্ঠব্যাধিগ্রস্ত।' *বনফুল*, ১৯৩৬।

কুষ্ঠরোগ [স] *বি* রোগবিশেষ। 'কুষ্ঠরোগ কোন গোষ্ঠির মধ্যে প্রবিষ্ট হইলে তৎকুলোদ্ভব তাবতেই সেই রোগাবিষ্ট হয়।' *প্রভাকর*, ১৮৫৩।

কুষ্ঠরোগগ্রস্ত [স] *বিণ* কুষ্ঠরোগে আক্রান্ত। 'কুষ্ঠরোগগ্রস্ত ছেলের কাছে মেয়ে দেবে তারা।' *জীবন*, ১৯৩২।

কুষ্ঠরোগি [স কুষ্ঠরোগী] *বিণ* কুষ্ঠ রোগে আক্রান্ত। 'কুষ্ঠরোগি ব্যক্তিরদের চিকিৎসার্থ এক চিকিৎসালয়।' *দর্পণ*, ১৮৩৪।

কুষ্ঠরোগী [স] *বি* কুষ্ঠরোগে আক্রান্ত ব্যক্তি। 'পৃথিবীর কুষ্ঠরোগীর সংখ্যা সুদেআসলে বাড়তে থাকবে।' *অন্নদা*, ১৯২৮।

কুষ্ঠাশ্রম [স কুষ্ঠ-আশ্রম] *বি* কুষ্ঠরোগীদের চিকিৎসালয়। 'মহাশ্বেতা কুষ্ঠাশ্রম খুলিয়াছে।' *মানিক*, ১৯৪০।

কুষ্ঠি [স কোষ্ঠী] ১ *বি* জন্মপত্র। 'কোনো সুযোগে যদি একেবারে কুষ্ঠির শেষ কোঠায় আসিয়া পড়িয়া থাকি।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* নিন্দা। 'কুল মুলুকের কুষ্ঠি করে জোর দেখালে কদিন বেশ।' *নজরুল*, ১৯২২।

কুষ্ঠি কাটা *ক্রি* খুঁটে খুঁটে পরিচয় জানা। 'ব্যথা একটু কমতে দাও,

AMARBOI.COM

তার পর ওর কুষ্ঠি কেটো।' *প্রমথ*, ১৯৪১।

কুষ্ঠী [স] *বিণ* কুষ্ঠ রোগাক্রান্ত। 'স্বামী মূক, বধির, পঙ্গু, অন্ধ, কুব্জ, কুষ্ঠী যেরূপ হউন।' *বিদ্যা*, ১৮৪৭।

কুষ্মাণ্ড [স] *বি* কুমড়া। 'পটোল কুষ্মাণ্ড বড়ি মানচাকি আর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুষ্মাণ্ডফল [স] *বি* কুমড়া। 'অচেতন পড়ি আছে যেন কুষ্মাণ্ডফল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কুষ্মাণ্ডলতা [স] *বি* কুমড়া লতা। 'শুষ্ক ডালের মাচার উপর কুষ্মাণ্ডলতা উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কুসংবাদ [স] *বি* খারাপ খবর। 'কুকথা, কুসংবাদ যতক্ষণ চাপা থাকে ততক্ষণই মঙ্গল।' *মশাররফ*, ১৮৮৭।

কুসংসর্গ [স] *বি* অসৎ সঙ্গ। 'কুসংসর্গ ত্যাগ করিয়া সৎসঙ্গ সদালাপ করেন।' *দর্পণ*, ১৮২৫।

কুসংস্কার [স] ১ *বি* ভ্রান্ত বিশ্বাস। 'কুসংস্কার যুগ সহস্রেতেও লুপ্ত হইতে পারে না।' *দর্পণ*, ১৮২৮। ২ *বি* ভ্রান্ত ধর্মীয় আচার। 'ব্রাহ্মসমাজ হিন্দু সামজপ্রচলিত কুসংস্কার বিসর্জন দিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বি* ভুল ধারণা। 'বিনয়কে যদি তুমি আমার রক্ষক মনে কর সেটা তোমার একটা কুসংস্কার।' *রবীন্দ্র*, ১৯০৯।

কুসংস্কারগ্রস্ত [স] *বিণ* কুসংস্কারে বিশ্বাস করে এমন। 'কুসংস্কারগ্রস্ত মনের মত।' *অচিন্ত্য*, ১৯৫০।

কুসংস্কারপন্থী [স কুসংস্কার+স পন্থা] *বিণ* কুসংস্কারকে প্রাধান্য দেয় এমন। 'তিনি অত্যধিক কুসংস্কারপন্থী।' *বেগম*, ১৯৪৮।

কুসংস্কারপরতন্ত্র [স] *বিণ* কুসংস্কারে আচ্ছন্ন। 'কুসংস্কারপরতন্ত্র প্রাচীন সম্প্রদায়ী ধনাঢ্য মহাশয়েরা।' *অক্ষয়*, ১৮৫৫।

কুসংস্কারবাদী [স] *বিণ* কুসংস্কারে বিশ্বাসী। 'বাংলাদেশের শিক্ষিতা, অর্ধশিক্ষিতা এবং সম্পূর্ণ অশিক্ষিতা, সর্ববিধ মেয়েরাই কুসংস্কারবাদী।' *বেগম*, ১৯৪৮।

কুসংস্কারবিহীন [স] *বিণ* ভ্রান্ত বিশ্বাস থেকে মুক্ত। 'রামমোহন রায় স্বদেশীয় লোকদিগকে কুসংস্কারবিহীন ও উন্নত করিবার ... ব্রতারূঢ় করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪৭।

কুসংস্কারময় [স] *বিণ* কুসংস্কারপূর্ণ। 'যাজকদিগের কুসংস্কারময় আচার ও ধর্মপ্রচার।' *অক্ষয়*, ১৮৪৬।

কুসংস্কারমুক্ত [স] *বিণ* চিরাচরিত ভ্রান্ত বা যুক্তিহীন ধারণামুক্ত। 'কুসংস্কারমুক্ত, উন্নত, উদার দৃষ্টিভঙ্গি।' *বেগম*, ১৯৫০।

কুসংস্কারমূলক [স] *বিণ* ভ্রান্ত বিশ্বাসপূর্ণ। 'যে সকল ক্লেশ কেবল কুসংস্কারমূলক, জ্ঞান বৃদ্ধি ... হইলেই তাহা দূর হইতে পারে।' *অক্ষয়*, ১৮৪৮।

কুসংস্কারাচ্ছন্ন [স] *বিণ* কুসংস্কারে ঢাকা। 'একজন কুসংস্কারাচ্ছন্ন হিন্দু।' *রবীন্দ্র*, ১৯০৯।

কুসংস্কারাচ্ছন্না [স] *বিণ স্ত্রী* কুসংস্কার দ্বারা আচ্ছন্ন। 'অশিক্ষিতা ও কুসংস্কারাচ্ছন্না বিরাট মুসলিম নারী সমাজ।' *বেগম*, ১৯৪৭।

কুসংস্কারাপন্ন [স] *বিণ* কুসংস্কারপূর্ণ। 'তাহাদিগকে কুসংস্কারাপন্ন মূর্খ বলিয়া উপহাস করেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

কুসংস্কারাবিষ্টা [স] *বিণ স্ত্রী* কুসংস্কারগ্রস্ত। 'তাঁহার কুসংস্কারাবিষ্টা পত্নী তাহাই অবশ্যকর্তব্যরূপে অনুষ্ঠান করিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৪৮।

কুসঙ্গ [স] *বি* অসৎ সাহচর্য। 'কুসঙ্গে উপজে গর্ব বুদ্ধি লোপ হয়।' *আলাওল*, ১৬৮০।

কুসঙ্গিনী [স] *বি স্ত্রী* মন্দ সঙ্গী। 'তদ্রূপ ঐ গৃহস্থ চন্দ্রবদনার কুসঙ্গিনী চণ্ডালিনী দূতীর আতঙ্কা হয়।' *ভবানী*, ১৮২৮।

কুসন্তান [স] *বি* খারাপ সন্তান; কুলাঙ্গার। 'ধনলোলুপ কুসন্তানেরা জন্মভূমিকে ... বিক্রয় করিল।' *অক্ষয়*, ১৮৪৮।

কুসমব্যহার [স কু-সমভিব্যাহার] *বি* কুসঙ্গগ্রহণ। 'কুসমব্যহার করাতে আমরা কখনও অতি সাবধান থাকিতে পারি না।' *তারিণী*, ১৮০৩।

কুসময় [স] *বি* প্রতিকূল সময়। 'আমার ভাই এ নিতান্ত কুসময় ...।' *মাইকেল*, ১৮৬০।

কুসমাচার [স] *বি* খারাপ খবর। 'এত কুসমাচারের পর কিঞ্চিৎ সুসমাচার।' *দর্পণ*, ১৮১৯।

কুসমি [স কুসুম] *বি* শাড়ির প্রকারবিশেষ। 'কুসমি সন্দলি, জেঙ্গালি পেয়াঞ্জি ... ইত্যাদি নানা রঙ্গীন সাড়ি পরিধান করেন।' *ভবানী*, ১৮২৮।

কুসর [স কোষকার] *বি* আখ। 'মন আমার কুসর-মলা জাঠ হল রে।' *লালন*, ১৮৯০।

কুসল [স কুশল] ১ *বি* নিরাপত্তা। 'থাউক কুসলে পুত্র জলের ভিতরে।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বি* কুশল; মঙ্গল। 'অত্র কুসল আপনকার কুসল মঙ্গল তামেসা বাঞ্ছাতেই অত্রানন্দ।' *বোগল*, ১৭৭০।

কুসলাদি [স কুশলাদি] *বি* ভালোমন্দ খবর। 'সে বাটীর কুসলাদি লিখিয়া লিখিয়া প্যাইত করিবা।' *ওর্সা*, ১৭৭৯।

কুসিদজীবী [স কুসীদজীবী] *বি* সুদখোর। 'কতক কুসিদজীবী বা আভ্যন্তরিক বাণিজ্য ব্যবসায়ী ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কুসিয়ার [স কোষকার] *বি* আখ। 'আপনে রসে উকট কুসিয়ার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কুসী [স কোশ] *বি* কচি আম। *বিদ্যা*, ১৮৯১।

কুসীদ [স] *বি* সুদ। 'তাহারা প্রত্যুত কুসীদ ব্যবহার দ্বারা পাপসঞ্চার করে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কুসীদ ব্যবহার [স] *বি* সুদে টাকা খাটানো। 'তাহারা প্রত্যুত কুসীদ ব্যবহার দ্বারা পাপসঞ্চার করে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কুসুম [স] *বি* ফুলবিশেষ। 'শিরীষকুসুম কৌঅলী।' *বড়ু*, ১৪৫০; 'লাহা, নীল কিরিঞ্চী মঞ্জিষ্ঠা কুসুম কুঙ্কুম হরিদ্রা প্রভৃতি পুষ্পের কস।' *অক্ষয়*, ১৮৪১।

কুসুম-আসন [স] *বি* ফুলের তৈরি আসন। 'কোথায় কেহ কুসুম-কাননে, কুসুম-আসনে বসি।' *মাইকেল*, ১৮৬০।

কুসুমকণা [স] *বি* ফুলের রেণু। 'একটু কুসুমকণা তাও নিতে পারিল না।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কুসুম-কলাপ [স] *বি* পুষ্প ভূষণ। 'করি চুরি কামিনীর সুরভি নিশ্বাস/ দিয়াছে মদন যার কুসুম-কলাপে।' *মাইকেল*, ১৮৬০।

কুসুমকলি [স] *বি* ফুলের কুঁড়ি। 'কাননে কুসুমকলি সকলি ফুটিল।' *মদনমোহন*, ১৮৫৫।

কুসুম-কানন [স] *বি* ফুলের বাগান। 'কোথায় কেহ কুসুম-কাননে, কুসুম-আসনে বসি।' *মাইকেল*, ১৮৬০।

কুসুমকান্তি [স] *বি* ফুলের সৌন্দর্য। 'কুসুমকান্তি দেখি নাই, মধু-পিয়াসী।' *রবীন্দ্র*, ১৯০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কুসুমকামিনী [স] *বি* ফুলের মতো সুন্দরী নারী। 'যুকুতা-কুণ্ডলে তুমি সাজাও ললনে কুসুমকামিনী।' *মাইকেল*, ১৮৬১।

কুসুমকারা [স] *বি* ফুলের মতো কোমল স্থান। 'পরানের কুসুমকারায়/ কথাগুলি উঁড়িয়ে বেড়ায়।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কুসুমকীর্ণ [স] *বিণ* ফুলে ঢাকা। 'পথটি ছিল কুসুমকীর্ণ।' *রবীন্দ্র*, ১৯১৪।

কুসুমকুঞ্জ [স] *বি* ফুলের বাগান। 'তোলো মুখানি, তোলো মুখানি – কুসুমকুঞ্জ করো আলা।' *রবীন্দ্র*, ১৮৮০।

কুসুমকুমারী [স] *বি* ফুলের মতো সুন্দর ও পরিচ্ছন্ন নারী। 'হা কুসুমকুমারী! হা চারুশীলে! তোমার অদৃষ্টে ...।' *মাইকেল*, ১৮৫৯।

কুসুম-কুসুম [স] *বিণ* অল্প অল্প। 'বাতাস কুসুম-কুসুম গরম হতে থাকবে।' *মুজতবা*, ১৯৫২।

কুসুমকোরক [স] *বি* ফুলের কলি। 'মনের কথার কুসুমকোরক খোঁজে।' *রবীন্দ্র*, ১৯২৮।

কুসুমগুচ্ছ [স] *বি* প্রস্ফুটিত ফুলের রাশি। 'অতি শুভ্র প্রফুল্ল কুসুমগুচ্ছ ... সমস্তজনের অন্তঃকরণ হরণ করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৯।

কুসুমচয়ন [স] *বি* ফুল তোলা। 'দুখানি অধর হতে কুসুমচয়ন, মালিকা গাঁথিবে বুঝি ফিরে গিয়ে ঘরে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কুসুমছটা [স] *বি* ফুলের দীপ্তি। 'বন্ধুক কুসুমছটা কপালে সিন্দুর ফোঁটা।' *মুকুন্দ*, ১৬০০।

কুসুমজাল [স] *বি* ফুলের রাশি। 'নানাবিধ কুসুমজাল বিকশিত।' *মাইকেল*, ১৮৫৯।

কুসুমডোর [স কুসুম+ডোর] *বি* ফুলের বন্ধন। 'মোহ–কুসুমডোর, কিন্তু তোর শৃঙ্খল, রে ভব-কারাগার।' *মাইকেল*, ১৮৬০।

কুসুমতরু [স] *বি* ফুলের গাছ। 'রমণীয় কুসুমতরুর সহিত ইহার কণ্টকী বৃক্ষের ...।' *অক্ষয়*, ১৮৪৯।

কুসুমদল [স] *বি* পুষ্পরাশি। 'তরুশাখায় শোভিত হইয়া তাহার সুদৃশ্য কুসুমদলেই বা পুনঃপ্রকাশিত হউক।' *অক্ষয়*, ১৮৪৮।

কুসুমদাম [স] *বি* ফুলের মালা। 'কুসুমদাম কবরী তুমি বিনোদিনী।' *মাইকেল*, ১৮৬১।

কুসুমধনু [স] *বি* (হিন্দুপুরাণ) কামদেব। 'কুসুমধনুর তনু পুন দিল হর।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কুসুমধূলি [স] *বি* ফুলের রেণু। 'যৌবনবনে উড়াই কুসুমধূলি।' *রবীন্দ্র*, ১৯১৪।

কুসুমপাঁতি [স কুসুম+স পঙ্‌ক্তি] *বি* ফুলের দল। 'উঠিল ফুটি কত কুসুমপাঁতি।' *রবীন্দ্র*, ১৮৮৫।

কুসুমপাঙ্‌ক্তি [স কুসুমপঙ্‌ক্তি] *বি* কুসুমপঙ্‌ক্তি। 'কনক চম্পক কুসুমপাঙ্‌ক্তি।' বড়ু, ১৪৫০।

কুসুমপুঞ্জ [স] *বি* ফুলের স্তূপ। 'বিল্বদল ও কুসুমপুঞ্জ গলিতে হইয়া দুর্গন্ধ হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

কুসুমপেলব [স] *বিণ* ফুলের মতো কোমল। 'একটি ঈষৎস্ফুট কুসুমপেলব মুখ।' *রবীন্দ্র*, ১৮৯১।

কুসুমফুল [স কুসুম+ফুল] *বি* এক প্রকার ফুল। 'কুসুমফুলেতে রাঙা পাও দুটি দেখে আরো রাঙা করি।' *জসীম*, ১৯২৯।

কুসুম-বন [স] *বি* ফুলের বাগান। 'আপন মনে বসে আছি কুসুম-বনেতে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কুসুমবাগ [স কুসুম+ফা বাগ] *বি* ফুলের বাগান। 'ফুটাবে না ফুল/ তোমার কুসুম বাগে?' *নজরুল*, ১৯৩০।

কুসুমবান [স কুসুমবাণ] *বি* (হিন্দু পুরাণ) প্রেমের দেবতা মদনের পঞ্চবাণ। 'কুসুমবান বিলাস কানন কেস সিন্দুর রেহ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কুসুমভূষণ [স] *বি* ফুলের অলঙ্কার। 'সাজাইলা বরবপু, পুষ্পলাবী যথা সাজায় রাজেন্দ্রবালা কুসুমভূষণে।' *মাইকেল*, ১৮৬০।

কুসুমমঞ্জরী [স] *বি* ফুলের কুঁড়ি। 'খসি ঝরি পড়িত নন্দনবনে কুসুমমঞ্জরী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কুসুমময় [স] *বিণ* কুসুমপূর্ণ; পুষ্পিত। 'সকলকেই, সমান রূপে, স্বীয় কুসুমময় শরাসনের বশবর্তী করিয়া রাখিয়াছে।' *বিদ্যা*, ১৮৪৭।

কুসুমমাল [স] *বি* ফুলের মালা। 'মাথাত কুসুমমাল রচনে।' বড়ু, ১৪৫০।

কুসুমযুবতী [স] *বি* পূর্ণবিকশিত ফুল। 'কুসুমযুবতী হাসে মোদি দশ দিশ বাসে।' *মাইকেল*, ১৮৬১।

কুসুম-রাগ [স] *বি* ফুলের রং। 'হৈম বৃক্ষমূলে, – রঞ্জিত কুসুম-রাগে, – বসিলেন সবে।' *মাইকেল*, ১৮৬০।

কুসুমলাবণ্য [স] *বি* কুসুমতুল্য লাবণ্য। 'কোথা পাব কুসুমলাবণ্য, দু দণ্ডের জীবনের অকলঙ্ক শোভা।' *রবীন্দ্র*, ১৮৯২।

কুসুমশয্যা [স] *বি* ফুলের বিছানা। 'কুসুমশয্যায় সাধু ছিলা নিদ্রা-ভোলে।' *মুকুন্দ*, ১৬০০।

কুসুমশয়ন [স] *বি* ফুলশয্যা; নরম বিছানা। 'অসহ্য কোমল ঠেকে কুসুমশয়ন।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কুসুমশর [স] *বি* পুষ্পবাণ। 'দারুন কুসুমশর সুদৃঢ় সন্ধানে।' বড়ু, ১৪৫০।

কুসুমশরজ্বালা [স কুসুমশর+স জ্বালা] *বি* যৌনবাসনার জ্বালা। 'কত না সহিব রে কুসুমশরজ্বালা।' বড়ু, ১৪৫০।

কুসুমসদৃশ *বিণ* ফুলের মতো। 'পরম সুন্দরী ভার্য্যার কুসুমসদৃশ মনোহর লাবণ্যও অবিলম্বে অতি মলিন বোধ হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

কুসুমশায়ক, কুসুমসায়ক [স] *বি* (পুরাণ) মদনের পঞ্চশর। 'ইন্দ্রজালক কুসুম সায়ক কুহকি ভেলি বর নারি।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'সঙ্গে নায়ক কুসুমশায়ক ছোড়ি মঞ্জির লোল রে।' *গোবিন্দ*, ১৬০০।

কুসুমসুকুমার [স] *বিণ* ফুলের মতো লালিত্যপূর্ণ। 'যুবতীদিগের দেহের ন্যায় তাঁহার শব্দগুলিও কুসুমসুকুমার।' *প্রমথ*, ১৮৯০।

কুসুমসেজা [স কুসুমশয্যা] *বি* ফুলশয্যা। 'কুসুমসেজাত/ বসিআঁ আছে।' বড়ু, ১৪৫০।

কুসুম-হিয়া [স কুসুমহৃদয়] *বি* কোমল হৃদয়। 'কত সে কঠিন করিয়া তুলেছ তাহার কুসুম-হিয়া।' *নজরুল*, ১৯২৯।

কুসুমহীন [স] *বিণ* ফুল নেই এমন। 'কুয়াশায় ঢাকা আকাশ আমার, কানন কুসুমহীন।' *রবীন্দ্র*, ১৯২৫।

কুসুমাসন [স কুসুম-আসন] *বি* ফুলে শোভিত আসন। 'বাল্মীকির বামপার্শ্বে এক পরম রূপবান যুবাপুরুষ ... কুসুমাসনে উপবিষ্ট ছিলেন।' *অক্ষয়*, ১৮৪৯।

কুসুমাস্তীর্ণ [স কুসুম-আস্তীর্ণ] *বিণ* ফুল বিছানো; সুন্দর ও নিরাপদ।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'মেয়েদের পক্ষে কুসুমাস্তীর্ণ পথে সৌখিন ভ্রমণ নয়।' *বেগম*, ১৯৪৮।

কুসুমিত [স] ১ *বিণ* পুষ্পিত। 'কুসুমিত তরুগণ বসন্ত সমএ।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* কুসুমের মতো। 'কোথা কুসুমিত তনু পূর্ণবিকশিত।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কুসুমিতা [স] *বিণ স্ত্রী* পুষ্পিত। 'জরা-মৃত্যু-ভীষণা ধরা/ যাদের শাসনে হল সুন্দর কুসুমিতা মনোহরা।' *নজরুল*, ১৯২৯।

কুসুমি-রঙা [স কুসুম>+স রঙ্গ>] *বিণ* কুসুম ফুলের রংবিশিষ্ট। 'পরল ওই বন কুসুমি-রঙা চেলি।' *নজরুল*, ১৯৩৩।

কুসুমি-রাঙা [স কুসুম>+ রঙ্গ>] *বিণ* কুসুমের মতো লাল। 'কুসুমি-রাঙা শাড়িখানি চৈতি সাঁঝে পরবে রানী।' *নজরুল*, ১৯২৮।

কুসুম [স কুসুম] *বি* ফুল। 'যত উপবন চারু কুসুম শোভিত।' *আলাওল*, ১৬৮০।

কুসুম্ভ [স] *বি* কুসুম ফুল। 'সিঅলি কুসুম্ভ ওড় রেবতী রাঙ্গনাগর।' *বড়ু*, ১৪৫০।

কুসুম্ভা [হি] *বি* সিদ্ধি দিয়ে তৈরি মাদকদ্রব্য। 'দুধ কুসুম্ভায় আজি হয়েছে বাসনা।' *ভারত*, ১৭৬০।

কুস্তাকুস্তি [ফা কুশতি>] *বি* মারামারি। 'সৈনিকের খাটুনি ধস্তাধস্তি কুস্তাকুস্তিও দেখনি।' *নজরুল*, ১৯২৭।

কুস্তি [ফা কুশতি] ১ *বি* মল্লযুদ্ধ। *মানোএল*, ১৭৪৩; 'যত লোক সেখানে কুস্তি করিতে আইসে তাহারা পারিতোষিক পায়।' *দর্পণ*, ১৮২৫। ২ কসরৎ। 'উপরটীর উপর উঠিবার সময় কুস্তি করিতে হয়।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

কুস্তিগির, কুস্তিগীর [ফা] ১ *বিণ* কুস্তিতে পারদর্শী। 'বলিষ্ঠ ও কুস্তিগীর ব্যক্তিদিগকে দ্বারপালত্ব কার্য্যে নিযুক্ত রাখিয়াছেন।' *দূর্পণ*, ১৮৩৬। ২ *বি* কুস্তিতে পারদর্শী যে; মল্লযোদ্ধা। 'কুস্তিগির ... বিদ্যা', ১৮৯১; 'কুস্তিগিরদের গায়ে পরস্পরের পা ঠেকে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কুস্তিগীরি [ফা] *বিণ* মল্লযুদ্ধবিষয়ক। 'কুস্তিগীরি বিদ্যায় নিপুণ হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৬।

কুস্তিয়ান [ফা কুশতি>] *বি* মল্ল। *মানোএল*, ১৭৪৩।

কুস্থান [স] ১ *বি* খারাপ জায়গা। 'কুস্থানে গমন ... বালকেরা যাহাতে না করিতে পারে।' *অক্ষয়*, ১৮৪৫। ২ *বি* নিষিদ্ধ জায়গা। 'পুরুষমানুষে মদের দোকানে ও কুস্থানে ছুটবে।' *ধূর্জটি*, ১৯৩১।

কুস্বপন [স কুস্বপ্ন] ১ *বি* খারাপ চিন্তা। 'আপনারে ভুলে গেলে/ চাহোরে নয়ন মেলে, ত্যাজো কু-স্বপন।' *গিরিশ*, ১৮৮৩। ২ *বি* খারাপ স্বপ্ন। 'জীবন কুস্বপন – জনম ভুল!' *সত্যেন্দ্র*, ১৯১১।

কুস্বপ্ন [স] *বি* দুঃস্বপ্ন। 'দেখি কুস্বপ্ন বহু।' *মুকুন্দ*, ১৬০০।

কুস্বভাব [স] *বি* খারাপ আচরণ। 'তিনি তাহারদিগের কুস্বভাব ছাড়াইতে অনেক চেষ্টা করিয়াছেন।' *দর্পণ*, ১৮২২।

কুস্বাদ [স] *বি* খারাপ স্বাদ। 'এই কাব্যের কৃত্রিমতার কুস্বাদ যদি বদল করতে চাও।' *রবীন্দ্র*, ১৯৪০।

কুহ [স কুহ] *বিণ* অন্ধকার। 'কুহ রজনীতে যেন চন্দ্র নিরমল।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

কুহক [স] ১ *বি* জাদুকর। 'কাষ্ঠের পুত্তলী যেন কুহকে নাচায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* মায়া; জাদু। 'ইন্দ্রজাল শিল্পকারী দর্শায় কুহক।' *আলাওল*, ১৬৮০। ৩ *বি* ছলনা। 'কুলোকদিগের কুহক চক্রে ও কুপরামর্শে এই অহিতাচারে প্রবিষ্ট হইয়াছিল।' *সুধাবর্ষণ*, ১৮৫৫।

কুহককল্পনা [স] *বি* মায়াবী কল্পনা। 'নিম্নে তারি ভাঙে গড়ে মিথ্যা যত কুহককল্পনা।' *রবীন্দ্র*, ১৮৯০।

কুহকছল [স] *বি* মায়ার ছলনা। 'হায় রে, ভুলিবি কত আশার কুহকছলে।' *মাইকেল*, ১৮৭৩।

কুহকজাল [স] ১ *বি* ছলনা। 'শঠ শিরোমণি মোক্তার প্রভৃতির কুহকজালে পড়িয়া ...।' *এডুকেশন*, ১৮৭৩। ২ *বি* মায়া। 'সহৃদয়তা কুহক-জালেও আর আবদ্ধ হইতে হয় না।' *মশাররফ*, ১৯০৮।

কুহকবল [স] *বি* মায়ার প্রভাব। 'নিশার কুহকবলে নীরবতা-সিন্ধুতলে।' *রবীন্দ্র*, ১৮৭৮।

কুহক ভাঙা *ক্রি* মায়াজাল ছিন্ন হওয়া। 'নিশীথিনীর কুহক ভাঙিয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৮৪।

কুহকমাখা [স কুহক+মাখা] *বিণ* মায়াচ্ছন্ন। 'কুহকমাখা প্রণয়ী-প্রণয়িনীর পাইনবনের ভালোবাসার গল্পটাকে ...।' *জীবন*, ১৯৩২।

কুহকরাগিণী [স] *বি স্ত্রী* রহস্যময় গান। 'ওই কুহকরাগিণী এখনি কেন গো/ পথিকের প্রাণ বিবশে।' *রবীন্দ্র*, ১৮৯০।

কুহকলেখনী [স] *বি* জাদুর কলম। 'কুহকলেখনী ছুটায়ে কুসুম তুলিছে ফুটায়ে।' *রবীন্দ্র*, ১৮৮৮।

কুহকাবৃত [স কুহক-আবৃত] *বিণ* মায়াচ্ছন্ন। 'যে সুলভ সহজ রোমান্স – জীবনকেই বা কিছুকালের জন্য কুহকাবৃত করে ফেলে।' *জীবন*, ১৯৩২।

কুহকি [স কুহকী] *বিণ* মায়াবী। 'ইন্দ্রজালক কুসুম সায়ক কুহকি ভেলি বর নারি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কুহকিনী [স] *বিণ স্ত্রী* মায়াবী। 'উতরিলা ধীরে, বিরামদায়িনী নিদ্রা – রজনীর সখী – কুহকিনী স্বপ্নদেবী স্বজনীর সহ।' *মাইকেল*, ১৮৬০।

কুহকী [স] ১ *বিণ* মায়াবী। 'এই কুহকী পূর্ণিমার অপূর্ব সৌন্দর্যের ...।' *প্রমথ*, ১৯১৫। ২ *বি* ইন্দ্রজাল। 'কুহকীর ঝাড়ফুঁকে ডুবে গেছে সব তারপর।' *জীবন*, ১৯৩২।

কুহকী-ফাঁদ [স কুহকী+ফা ফন্দ] *বি* মায়ার ফাঁদ। 'পাতিয়া কুহকী-ফাঁদ ফেলিয়াছে পেড়ে।' *গুপ্ত*, ১৮৫৮।

কুহয় *বি* অর্জুনজাতীয় গাছ। 'সাহড় আঁকোড় কুহয় বহড়া।' *বড়ু*, ১৪৫০।

কুহরণ [স কুহর>] *বি* কুহধ্বনি। 'ভেবো না গাইছে পিক কল কুহরণে।' *মাইকেল*, ১৮৬৬।

কুহরা[১] [স কুহর] *বি* গহ্বর। 'মাঝা দেখি সিংহ গেলা পর্ব্বতকুহরা।' *বড়ু*, ১৪৫০।

কুহরা[২] [স কুহর>] *ক্রি* কুহু রব করা। 'কুহরে কোকিলকুল যোগীর বিষম।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'কোয়েলিয়া কুহরিল মহুয়া-বনে।' *নজরুল*, ১৯৩৫। **কুহরি ওঠা** *ক্রি* কুহধ্বনি করা; ডেকে ওঠা। 'তাহারি রূপের মাধুরি হেরিয়া কুহরি উঠিছে পাখী!' *সত্যেন্দ্র*, ১৯১১।

কুহলা [স কুহর>] *ক্রি* ডাকা। 'আম্বডালে বসী কুয়িলী কুহলে।' *বড়ু*, ১৪৫০।

কুহলি পাখি *বি* কোকিল। 'কুহলি পাখির পিছু পিছু।' *মাহমুদ*, ১৯৭৩।

কুহা [স কুহা] *বি* কুয়াশা। *মানোএল*, ১৭৪৩।

কুহু[১] [স] *বি* অমাবস্যা। 'কানড়া কুপিয়া কয় কুহুযোগ বলি।' *মানিকরাম*, ১৭৮১।

AMARBOI.COM

কুহুলীন [স] *বি* অন্ধকারে বিলীন। 'এখানে শিশির ঝরে দূরবীন-অগোচর কুহুলিন নক্ষত্রের থেকে।' *জীবন*, ১৯৩০।

কুহু[১] [ধ্বন্যা, স] *বি* কোকিলের গান; কুহুধ্বনি। 'কুহু বলে ডাক নাশিতে তায়।' *মদনমোহন*, ১৮৩৪; 'কুহুকুহরিত বিরহরোদন/ থেকে থেকে পশে শ্রবণে।' *রবীন্দ্র*, ১৮৯০।

কুহুকাকলি [স] *বি* কোকিলের কলরব। 'কোথায় চূতকষায়কণ্ঠ কোকিলের কুহুকাকলি?' *রবীন্দ্র*, ১৯০৬।

কুহুকুহরিত [কুহু+স কুহরিত] *বিণ* কোকিলের কূজনপূর্ণ। 'কুহুকুহরিত বিরহরোদন/ থেকে থেকে পশে শ্রবণে।' *রবীন্দ্র*, ১৮৯০।

কুহু কুহু [ধ্বন্যা] *বি* কোকিলের কূজন। 'পিকবর কি সুমধুর স্বরে কুহু কুহু ধ্বনি করিতেছে।' *উমেশ*, ১৮৫৭।

কুহুতান [কুহু+স তান] *বি* কোকিলের গান। 'আনো কুহুতান, প্রেমগান।' *রবীন্দ্র*, ১৮৮৮।

কুহুধ্বনি [কুহু+স ধ্বনি] *বি* কোকিলের ডাক। 'এক-একবার যেন দ্বিগুণ অস্থির হয়ে দ্রুতবেগে কুহুধ্বনি করছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

কুহুরব [কুহু+স রব] *বি* কণ্ঠস্বর। 'তোমার কুহুরবে কিছু যাদু আছে।' *বঙ্কিম*, ১৮৭৮।

কুহুরিত [স কুহরিত] *বিণ* ধ্বনিত; মুখরিত। 'প্রকৃতির অন্তর্বেদনা ... কুহুরিত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৯৮।

কুহূরাতি [স কুহূ+স রাত্রি>] *বি* অমাবস্যার রাত। 'নিদানে হইল কুহূরাতি।' *মুরারি*, ১৫৭০।

কুহেলি, কুহেলী [স] **১** *বি* কুয়াশা। 'হেমন্তের দিন কুহেলি বিলীন ভূষণ বিহীন।' *রবীন্দ্র*, ১৯২৩; 'হেমন্তের দিনান্তবেলায় কুহেলীগুণ্ঠনতলে।' *রবীন্দ্র*, ১৯২৫। **২** *বি* রহস্য। 'তুমি দেখেছিলে বন্ধু ছায়া-কুহেলির।' *নজরুল*, ১৯২৬। **৩** *বিণ* কুয়াশাপূর্ণ। 'সুদূর গাঁয়ের মাঠেতে চলিল কুহেলি রাতের আঁধার ঠেলি।' *জসীম*, ১৯৩৩।

কুহেলিবিলীন [স] *বিণ* কুয়াশা-ঢাকা। 'আজি এল হেমন্তের দিন/ কুহেলিবিলীন ভূষণবিহীন।' *রবীন্দ্র*, ১৯২২।

কুহেলির দোলা *বি* কুয়াশার দোলনা। 'কুহেলির দোলায় চড়ে।' *নজরুল*, ১৯২৮।

কুহেলীকানাত [স কুহেলী+আ কানাত] *বি* কুয়াশার আবরণ। 'প্রকৃতির লীলা আবরি কুহেলীকানাতে।' *সুধীন্দ্র*, ১৯৩৮।

কুহেলীগুণ্ঠন [স] *বি* কুয়াশার আবরণ। 'অশান্ত নিশীথ রাত্রে, হেমন্তের দিনান্তবেলায় কুহেলীগুণ্ঠনতলে।' *রবীন্দ্র*, ১৯২৫।

কুহেলিকা [স] **১** *বি* রহস্য। 'কোন কুহেলিকা-ঘেরা দেশে ...।' *রবীন্দ্র*, ১৮৮৬। **২** *বি* কুয়াশা। 'যখন মিলায়ে যায় মায়াকুহেলিকা কেন কাঁদি।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কুহেলিকা-ঘেরা [স কুহেলিকা+ঘেরা] *বিণ* রহস্যময়। 'কোন কুহেলিকা-ঘেরা দেশে ...।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কুহেলিকাচ্ছন্ন [স কুহেলিকা-আচ্ছন্ন] *বিণ* কুয়াশা-ঢাকা। 'রাজখেতাবের কুহেলিকাচ্ছন্ন গিরিচূড়ার প্রতি করুণ লোলুপ দৃষ্টি স্থিরনিবদ্ধ করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৮।

কুহেলিকাময় [স] *বিণ* ধোঁয়াটে। 'আমার স্মৃতিপথ ক্রমেই অস্পষ্টতর হয়ে কুহেলিকাময়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কূজন [স] **১** *বি* অস্ফুট কণ্ঠধ্বনি। 'রাধার সুণিআ কানু কণ্ঠ কূজনে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* পাখির ডাক। 'নিভৃতে করিতেছিল বিহ্বল কূজন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কূজন করা *ক্রি* গান গাওয়া; ডাকা। 'ঝরিছে মুকুল, কূজিছে কোকিল।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কূজনধ্বনি [স] *বি* কলকাকলি। 'পক্ষিসকল কূজনধ্বনি করে।' *মাইকেল*, ১৮৫৯।

কূজনহীন [স] *বিণ* নীরব; নিঃশব্দ। 'কূজনহীন কাননভূমি দুয়ার দেওয়া সকল ঘরে।' *রবীন্দ্র*, ১৯১০।

কূজনি [স কূজন>] *বি* মধুর স্বরে ডাকা পাখি। 'বজ্রনখ বাজে যথা পালায় কূজনি ভীতচিত।' *মাইকেল*, ১৮৬২।

কূজা [স কূজন>] *ক্রি* মধুর স্বরে ডাকা। 'কোকিল যেমন পঞ্চমে কূজে মাগিছে তেমনি সুর।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কূজিত [স] **১** *বিণ* ডাকছে এমন। 'কোকিল কূজিত ভ্রমর গুঞ্জিত।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *বিণ* পাখির ডাকে মুখরিত। 'সারসমরালকুল-কূজিত কমলকুমুদকহ্লার-বিকশিত সরোবর।' *রবীন্দ্র*, ১৮৮১।

কূট[১] [স] **১** *বিণ* জটিল। 'এটি বড় কূট প্রশ্ন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **২** *বি* তীব্র। 'ওঠে কোলাহল কূট হলাহল।' *নজরুল*, ১৯২২। **৩** *বি* অসৎ; অসাধু। 'কূট ব্যবসায়ী নীল পার্শ্বচরগুলো তার মৃত্যুর উৎসব?' *জীবন*, ১৯৩৩।

কূটকাল [স কূট+কচাল] *বি* ঘোরপ্যাঁচ। 'কূটকচালে অদ্ভুত গোলমেলে কাণ্ড আমার বেশিক্ষণ পোষায় না।' *রবীন্দ্র*, ১৮৮৯।

কূট-কচালে [স কূট+কচাল>] *বিণ* কূটতর্ককারী। 'বস্তিতে কূট-কচালে লোকের তো অভাব নেই।' *নরেন্দ্র*, ১৯৫৩।

কূটকৌশল [স] **১** *বি* ধূর্ততা; ফন্দি। 'এত কূটকৌশল সহকারে বিপক্ষদিগকে আক্রমণ করিতাম।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বি* কূটনৈতিক দক্ষতা। 'অপরাধব্যূহ হইতে নির্গমনের কূটকৌশল।' *রবীন্দ্র*, ১৮৯৮।

কূটকৌশলী [স] *বিণ* ধূর্ত। 'ইন্দ্র রায় কূটকৌশলী ব্যক্তি।' *তারা*, ১৯৪০।

কূটচক্র [স] *বি* কূটিলতার জাল। 'প্রতিপক্ষের কূটচক্রের তান।' *শামসুর*, ১৯৫৯।

কূটতর্ক [স] **১** *বি* মিথ্যা যুক্তি। 'বিশ্বামিত্র কূটতর্কে এবং শ্লেষোক্তিতে বশিষ্ঠকে পরাজিত করিয়াছেন।' *হরপ্রসাদ*, ১৮৮১। **২** *বি* অযৌক্তিক তর্ক। 'ধর্ম্মের কূটতর্ক তাদের মনকে একান্তভাবে বিকৃত না করার জন্যই ...।' *ওয়াজেদ*, ১৯৪৩।

কূটতর্কপূর্ণ [স] *বিণ* অযৌক্তিক তর্কে পরিপূর্ণ। 'কূটতর্কপূর্ণ ন্যায়শাস্ত্রে রোমন্থন।' *মোহাম্মদী*, ১৯৪০।

কূটনীতি [স] **১** *বি* রাষ্ট্র চালানোর উপযোগী কৌশলপূর্ণ নীতি। 'দণ্ডনীতি, ভেদনীতি, কূটনীতি কত শত।' *রবীন্দ্র*, ১৮৯৯। **২** *বি* কূটকৌশল। 'কালো বামুন চাণক্যের আঁটবে কে কূটনীতির ফেরে?' *সত্যেন্দ্র*, ১৯১২।

কূটনীতিবিদ [স] *বি* রাজনীতিবিদ। 'প্রত্যেক কূটনীতিবিদ এর বিধান দিয়ে গেছেন।' *অন্নদা*, ১৯৩৭।

কূটনৈতিক [স] *বিণ* কূটনীতি সম্বন্ধীয়। 'কূটনৈতিক আলোচনার প্রথম দিকে ... শুধু মিঠা কথাই বলা হয়।' *মনসুর*, ১৯৫৫।

কূটবুদ্ধি [স] *বি* ধূর্তবুদ্ধি। 'সকলের চেয়ে বড় বুদ্ধি হইল কূটবুদ্ধি।' *তারা*, ১৯৪২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কূটমর্ম-উদ্ভাবন [স] *বি* কূটকৌশল বের করা। 'আইনের কূটমর্ম-উদ্ভাবন, বিপক্ষ পক্ষের যুক্তি-খণ্ডন।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কূটযন্ত্র [স] *বি* ফাঁদ। 'আরও অনেক রাজপুত্র সেই কূটযন্ত্রে বদ্ধ হইয়া কষ্টভোগ করিতেছেন।' *মশাররফ*, ১৮৬৯।

কূটসংশয়চ্ছেদক [স] *বিণ* যুক্তিবাদী। 'সকল দায়াধিকরণ কূটসংশয়চ্ছেদক সজ্জন মানস।' *দর্পণ*, ১৮২২।

কূটার্থ [স] *বি* অপব্যাখ্যা। 'টাকার লোভে কূটার্থ করেছে।' *সিরাজী*, ১৯১৮।

কূট[২] [স] *বি* কক্ষ। 'দিল্লি প্রাসাদ কূটে/ হোথা বারবার বাদশাহজাদার/ তন্দ্রা যেতেছে ছুটে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কূটাগার [স কূট-আগার] *বি* দালানের সবচেয়ে উপরের ছোটো ঘর। 'কূটাগার থেকে দেখা স্বস্তিকলাঞ্ছন বালখিল্য নাট্সীদের সমস্বর নামসংকীর্তন।' *সুধীন্দ্র*, ১৯৪০।

কূট[৩] [স] *বি* চূড়া। 'সুমেরুর দুরাক্রম্য কূটে রূপের শাশ্বত হাসি।' *সুধীন্দ্র*, ১৯৩১।

কূটজ [স] *বি* কুড়চি ফুল। 'তার শুধু কূটজ ফুলের জীবন বাঁচানো পণ!' *সত্যেন্দ্র*, ১৯১২।

কূটা [স কূট] *বি* কুটা; খড়। 'প্রায় সকল পক্ষী খড়, কূটা, তৃণ প্রভৃতি আহরণ করিয়া অতি পরিষ্কৃত ক্ষুদ্র ক্ষুদ্র বাসা প্রস্তুত করে।' *বিদ্যা*, ১৮৫১।

কূতূহলি [স কুতূহল] *বি* কৌতূহলী যে। 'নিকটে করিণীমুখে যাচে কূতূহলি।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কূপ [স] ১ *বি* (সাদৃশ্যে) নাভি। 'কূপ গভীর তরঙ্গিনী তীর।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* কুয়া। 'কেহ কূপে জল ভরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* গর্ত। '... সম্মুখে এক কূপ ছিল, দেখিতে না পাইয়া, তাহাতে পড়িয়া গেলেন।' *বিদ্যা*, ১৮৫৬।

কূপতট [স] *বি* কূপের কিনার। 'সেই কূপতট হতে আর প্রত্যাগমন করবে না।' *মাইকেল*, ১৮৫৯।

কূপপার্শ [স কূপ-পার্শ্ব] *বি* কুয়ার পাশ। 'বারি হেতু আসিয়াছে কূপপার্শে।' *গিরিশ*, ১৮৮৭।

কূপমণ্ডূক [স] *বিণ* কুয়োর ব্যাঙের মতো ঘরকুণো; সংকীর্ণ জ্ঞানসম্পন্ন। 'শান্ত শিষ্ট মিষ্টভাষিণী, যদিও কূপমণ্ডূক।' *রোকেয়া*, ১৯০৪; 'অন্তরাত্মা চরম অবস্থায় নাভীগহ্বরে প্রবেশ করে হয়ে পড়েন কূপমণ্ডূক।' *রবীন্দ্র*, ১৯২৫।

কূপমণ্ডূকতা [স] *বি* সংকীর্ণ দৃষ্টিভঙ্গি। 'কূপমণ্ডূকতা বোধ হয় আমাদের দেশে যে রকম নির্বিচার হাততালি পায় অন্য কোনো দেশে সেভাবে গৃহীত হতে পারে না।' *রবীন্দ্র*, ১৯২৫।

কূপমধ্য [স] *বি* কুয়ার মধ্যস্থান। 'কূপমধ্যে রজ্জু কেবা করেছে ধারণ।' *গিরিশ*, ১৮৮৭।

কূপসন্নিধান [স] *বি* কুয়ার কাছাকাছি জায়গা। 'আসিলাম কূপসন্নিধানে।' *গিরিশ*, ১৮৮৭।

কূপিত [স] *বিণ* রাগান্বিত। 'তিনি অকারণে কূপিত হইয়া ... তিরস্কার করিতেন।' *বিদ্যা*, ১৮৬৩।

কূপো [স কূপক] *বিণ* পরাজিত। 'করেছে আমায় কূপো।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

কূর্চি, কূর্চ্চি [স কূর্চজা] *বি* ফুলবিশেষ। 'চাকভাঙা যত ভীমরুল এসে/ ব্যস্ত করিছে কূর্চ্চিফুলে।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

কূর্পর [স] *বি* কর্তব্য। *মানোএল*, ১৭৪৩।

কূর্ম, কূর্ম্ম [স] ১ *বি* কচ্ছপ; কাছিম। 'কূর্ম দেখি তাঁরে কৈল স্তবন প্রণামে।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'গোখিরা যাত্রিক নয় সকল পুরাণে কয় কূর্ম গণ্ডা শশক সৈলক।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* হিন্দু অবতারবিশেষ। 'মৎস্য কূর্ম নরসিংহ বরাহ বামন।' *বৃন্দা*, ১৫৮০।

কূর্মধর্মী [স] *বিণ* কচ্ছপের স্বভাববিশিষ্ট। 'কর্ম করে না কূর্মধর্মী হয়ে।' *নজরুল*, ১৯৪১।

কূর্মপৃষ্ঠ [স] *বি* কচ্ছপের পিঠ। 'নাগপৃষ্ঠ কূর্মপৃষ্ঠ প্রভৃতি নানা আধারোপরি স্থিতি করে, ইত্যাদি ...।' *অক্ষয়*, ১৮৪৭।

কূর্মাকার, কূর্ম্মাকার [স] *বিণ* কচ্ছপের অনুরূপ। 'কূর্মাকার অনুভাবের তাহাই উদগম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কূর্মী *বি* পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'কাচ্ছি, কোরি, লোধী, কূর্মী সবাই এসেছিল।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কূল [স] ১ *বি* অপর প্রান্ত। 'সমুদ্র তরিয়া পাইল কূল।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* আশ্রয়। 'সকল প্রাণী পায় কূল।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বি* আশ্রয়দাতা। 'ও অকূলের কূল।' *রবীন্দ্র*, ১৯১১। ৪ *বি* তীর। 'কূল থেকে মোর গানের তরী দিলেম খুলে।' *রবীন্দ্র*, ১৯১৪।

কূলকিনারা [স কূল+ফা কিনারাহ্] ১ *বি* সীমানা। 'ভাবনার কি ভাই কূল কিনারা আছে?' *উমেশ*, ১৮৫৭। ২ *বি* দিকনির্দেশনা। 'সে বিশৃঙ্খলার মধ্যে কিছুই কূলকিনারা পাইলেন না।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৩ *বি* মুক্তির উপায়। 'আজ সে কূল-কিনারা দেখিতে পাইল না।' *শরৎ*, ১৯১২।

কূলকিনারাহীন [স কূল+ফা কিনারাহ+স হীন] *বিণ* সীমাহীন। 'কূলকিনারাহীন অজানা মহাসমুদ্র।' *বিভূতি*, ১৯৩১।

কূলছাড়া [স কূল+ছাড়া] *বিণ* প্লাবিত। 'ঘন বর্ষণে গিরিনির্ঝরিণীগুলোকে খেপিয়ে কূলছাড়া করবে।' *রবীন্দ্র*, ১৯২৮।

কূলপরিপ্লাবিনী [স] *বিণ* স্ত্রী কূলকে বিশেষ প্লাবিত করে এমন। 'বর্ষার জলে শীর্ণা স্রোতস্বতী কূলপরিপ্লাবিনী হয়।' *বঙ্কিম*, ১৮৯২।

কূলপ্লাবিনী [স] *বিণ* স্ত্রী তীরকে ডুবিয়ে দেয় এমন। 'কূলপ্লাবিনী স্রোতস্বতী মূর্তি ধারণ করিয়াছে।' *জগদীশ*, ১৮৯৫।

কূলপ্লাবী [স] *বিণ* কূল প্লাবিত করে এমন। 'সেই যে ভালবাসা, সমুদ্রতুল্য ... মাধুর্য্যময়, – চাঞ্চল্যে কূলপ্লাবী।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কূলবর্তী, কূলবর্ত্তী [স] *বিণ* তীরবর্তী। 'তাহার দক্ষিণে সমুদ্রকূলবর্ত্তী কচ্ছদেশের বিষয় প্রায় কাহারও অবিদিত নাই।' *অক্ষয়*, ১৮৪৭।

কূলভগ্ন [স] *বিণ* তীর ভেঙেছে এমন। 'কূলভগ্ন হেতু মগ্ন হইল সেই নীরে।' *দর্পণ*, ১৮১৯।

কূলভঙ্গ [স] *বি* নদীর তীর ভাঙন। 'গোপীনাথ ঠাকুরের বাটী ভাগীরথীর কূলভঙ্গেতে ভগ্নপ্রায় হইয়াছিল।' *দর্পণ*, ১৮২২।

কূল-ভাঙা [স কূল+ভাঙা] *বিণ* কূল ছাপিয়ে উঠেছে এমন; অপরিসীম। 'কূল-ভাঙা ব্যথা কোলে ভরে সঞ্চিলি।' *জসীম*, ১৯৩১।

কূলময় [স] *বিণ* তীর পর্যন্ত বিস্তৃত। 'আনন্দ-ঢেউ ভুলের সাগরে উছলিয়া হোক কূলময়।' *রবীন্দ্র*, ১৯০৭।

কূলস্থ [স] *বিণ* তীরে অবস্থিত। 'ভূমধ্যসাগর কূলস্থ সীরিয়া ও পালেসটাইনের কতিপয় স্থান।' *অক্ষয়*, ১৮৪৭।

কূলস্থল [স] *বি* তীর। 'শ্যামকুণ্ড রাধাকুণ্ড কূলস্থলে পড়ি।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শ্রীরাসমণ্ডলে যেয়ে দেন গড়াগড়ি।' *মানিকরাম*, ১৭৮১।

কূলহারা [স] *বিণ* কিনারাহীন। 'কূলহারা সেই সমুদ্র-মাঝখানে।' *রবীন্দ্র*, ১৯১০।

কূলহীন [স] *বিণ* অকূল। 'আপনার ভরা ডুবিয়াছে সে যে অথই গভীর কূলহীন দরিয়াতে।' *জসীম*, ১৯৩৩।

কূলে কূলে *ক্রিবিণ* কানায় কানায়। 'নদী ভরা কূলে কূলে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কৃকলাশ, কৃকলাস [স] ১ *বি* গিরগিটি। 'অনেক বীভাৎস ধুলো কৃকলাসের মতো এসে ...।' *জীবন*, ১৯৩০। ২ *বিণ* বহুরূপী। 'শরীরে ফেরে তবু, যদিও কৃকলাশ, চোখের পাতা চায় চোখের চুম্বন।' *শঙ্খ*, ১৯৭৩।

কৃচ্ছ্র [স] *বিণ* কষ্টকর সাধনা। 'দীর্ঘকালের জন্য কৃচ্ছ্রব্রত গ্রহণ করিয়া আসিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৫।

কৃচ্ছ্রতামুক্ত [স] *বিণ* ব্যয় সংকোচের নীতিমুক্ত। 'আমদানী বাণিজ্যকে কৃচ্ছ্রতামুক্ত করা হইতেছে।' *আজাদ*, ১৯৬৪।

কৃচ্ছ্রব্রত [স] *বি* কষ্টকর সাধনা। 'দীর্ঘকালের জন্য কৃচ্ছ্রব্রত গ্রহণ করিয়া আসিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৫।

কৃচ্ছ্রসাধন [স] *বি* অতিশয় কষ্টসাধ্য সাধনা। 'ব্রহ্মচর্যপালন বলিতে যে কৃচ্ছ্রসাধন বুঝায় তাহা নহে।' *রবীন্দ্র*, ১৯০৮।

কৃচ্ছ্রসাধ্য [স] *বিণ* কষ্টসাধ্য। 'কৃচ্ছ্রসাধ্য কেরাত ও বহুবিধ শিরশ্চালনার সহিত সুরা ফাতেহার আবৃত্তি।' *ইমদাদুল*, ১৯২০।

কৃড়ন্তি [স ক্রীড়া>] *ক্রি* খেলা করে। 'কৃড়ন্তি গোবিন্দ দেবে।' *মালাধর*, ১৫০০।

কৃড়া [স ক্রীড়া] *বি* ক্রীড়া; সম্ভোগ। 'বন মৈদ্ধে ব্যাস্য পাইয়া কর তুহ্মি কৃড়া।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কৃত [স] ১ *ক্রি* রচিত। 'এত কহি পড়ে প্রভু তাঁর কৃত শ্লোক।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'শেখ মোহাম্মদ কৃত পুঁথি পদ্মাবতী।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* রচনা। 'তব কৃপালোকনেতে কৃত কন্যা সংকৃতে বিরচিলা অনেক পুরাণ।' *মানিকরাম*, ১৭৮১। ৩ *বিণ* করা হয়েছে এমন। 'অন্যকৃত উপকার।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

কৃতকর্মতা [স] *বি* কার্যক্ষমতা। 'সেখানকার ভাণ্ডারে সবচেয়ে বড়ো জিনিস যা সঞ্চিত হয় সে হচ্ছে কৃতকর্মতা।' *রবীন্দ্র*, ১৯১৯।

কৃতকর্মা, কৃতকর্ম্মা [স] *বিণ* কর্মপটু। 'বাঙ্গালি যদি অতিনিপুণ বিজ্ঞ কৃতকর্ম্মা থাকেন।' *দর্পণ*, ১৮৩৬; 'তারা ছিল বেজায় কৃতকর্মা ছেলে।' *প্রমথ*, ১৯১৮।

কৃতকাম [স কৃতকর্ম] *বিণ* সফল। 'সাংসারিক অর্থে সে হয়তো কৃতকাম নয়।' *অচিন্ত্য*, ১৯৫০।

কৃতকারিতা [স] *বি* সফলতা; সাফল্য। 'এমন কতকগুলি স্থল আছে যেখানে শুদ্ধমাত্র কৃতকারিতাই যোগ্যতার প্রমাণ নয়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কৃতকার্য, কৃতকার্য্য [স] *বিণ* সফলকাম। 'তাহাতে কৃতকার্য্য হইয়া এবং লব্ধপ্রতিষ্ঠিত হইয়া আইলাম।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২; 'পৃথিবীস্থ তাবজ্জাতি যে বিদ্যার দ্বারা অসাধ্য সাধনায় কৃতকার্য্য হইতেছেন।' *প্রভাকর*, ১৮৪৭; 'কিন্তু কোনও ক্রমে কৃতকার্য হইতে পারিল না।' *বিদ্যা*, ১৮৫৬।

কৃতকার্যতা, কৃতকার্য্যতা [স] *বি* সাফল্য। 'এতদ্দ্রূপ কৃতকার্য্যতা তাহা বলিবার প্রয়োজন নাই।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩০; 'প্রশংসাই তাহাদের কৃতকার্যতা পরিমাপের একমাত্র উপায়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কৃতকৃতার্থ [স] *বিণ* ধন্য। 'আমার এক বিষয়ে সন্দেহ আছে, মহাশয় ভঞ্জন করিয়া দিলে কৃতকৃতার্থ হইব।' *হরপ্রসাদ*, ১৮৮১।

কৃতকৃত্য [স] *বিণ* কৃতকার্য। 'লোচন সফল করো হঙ কৃতকৃত্য।' *বৃন্দা*, ১৫৮০।

কৃতনিশ্চয় [স] *বিণ* স্থিরসংকল্প। 'মান্যের সহিত বরণীয় হইয়া শত্রুসংহারে কৃতনিশ্চয় হইলেন।' *মশাররফ*, ১৯০৮।

কৃতফল [স] *বি* কর্মফল। 'নিজের কৃতফলের জন্য অনুশোচনাও করলো না।' *সেলিনা*, ১৯৬৯।

কৃতবর্মা [স] *বিণ* বর্ম ধারণকারী। 'নিকটে বসিলা কৃপ কৃতবর্মা রথী।' *মাইকেল*, ১৮৬৩।

কৃতবিদ্য [স] ১ *বিণ* শিক্ষিত। 'ব্যাকরণাদি শাস্ত্রে কৃতবিদ্য দশ জন ছাত্র অধ্যয়ন করিতেছেন।' *দর্পণ*, ১৮১৯। ২ *বিণ* জ্ঞানী। *দর্পণ*, ১৮২৬; 'অল্পদিনে অতিসুকঠিন সংস্কৃত শাস্ত্রে কৃতবিদ্য হইয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩৪।

কৃতবিদ্যা [স] *বিণ* শিক্ষিত। 'কৃতবিদ্যা হইলে পরে রাজসরকারে বড় কর্ম্ম হইতে পারে।' *চন্দ্রিকা*, ১৮৩০।

কৃতযত্ন [স] *বিণ* যত্নশীল। 'ডাক্তর কেরি ... নানা ব্যাকরণ ও কোষাদি শিক্ষার্থ কৃতযত্ন হইলেন।' *দর্পণ*, ১৮৩৪।

কৃতসংকল্প, কৃতসঙ্কল্প [স] *বিণ* দৃঢ়প্রতিজ্ঞ। 'ওবর্লিন তাহাদিগকে সর্ব্বতোভাবে সুখী করিতে কৃতসঙ্কল্প হইয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫৪; 'এক দলের প্রধান নায়ক পরশুরাম – ক্ষত্রিয়ের নাম পর্যন্ত লোপ করিতে কৃতসংকল্প।' *হরপ্রসাদ*, ১৮৮১।

কৃতসাধ্য [স] *বিণ* নিবৃত্ত করা সম্ভব এমন। 'কৃতসাধ্য ক্ষুধা নিবর্ত্ত করিতে পারে না।' *তারিণী*, ১৮০৩।

কৃতাংশ [স কৃত-অংশ] *বি* নির্ধারিত ভাগ। '২০০০০০০ লক্ষ ঐ কোম্পানীর অংশিতে কৃতাংশ হয় অবশিষ্ট ইংলণ্ডাধিকারের বেতন।' *বঙ্গদূত*, ১৮২৯।

কৃতাঞ্জলি [স কৃত-অঞ্জলি] ১ *ক্রি* হাত জোড় ক'রে। 'কৃতাঞ্জলি মুনিবরে জিজ্ঞাসেন গিরি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* ক্ষমা প্রার্থনাকারী। 'যে ক্লীব, যে কৃতাঞ্জলি, ... তাকেও মারবে না।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কৃতাঞ্জলিপুটে [স কৃত-অঞ্জলিপুট>] *ক্রিবিণ* দুই হাত জোড় ক'রে। 'যথোপযুক্ত ভক্তিযোগ সহকারে প্রণাম করিয়া, কৃতাঞ্জলিপুটে নিবেদন করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

কৃতান্ত [স কৃত-অন্ত] ১ *বি* মৃত্যুদূত। 'কোন পাপে কৃতান্তে তাহলে কৈল অন্ত।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বিণ* সংকল্পবান। 'বিরহি বধিতে বুঝি হইল কৃতান্ত।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কৃতান্তদূত [স কৃত-অন্ত-দূত] *বি* মৃত্যুদূত। 'যে কৃতান্তদূতে দূরে হেরি।' *মাইকেল*, ১৮৬১।

কৃতাভিসারা [স কৃত-অভিসার>] *বিণ* স্ত্রী অভিসার করেছে এমন। 'কৃতাভিসারা, তাম্বূলরাগরক্তাধরা, রাঙ্গাপেড়ে সাড়ীপরা, হাসিতে মুখভরা ফুলমণিকে দেখিয়া বলিলেন।' *বঙ্কিম*, ১৮৮২।

কৃতার্থ [স কৃত-অর্থ] ১ *বিণ* ধন্য। 'কৃতার্থ হইলাম আমি ইহার দর্শনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* সন্তুষ্ট। 'ঐ তিন সুবায় পদার্পণ হওনের ফরমান ও চিত্রবিচিত্র খেলাত পাওনেতে কৃতার্থ ...।' *রামরাম*, ১৮০১। ৩ *বিণ* বাধিত। 'যদি বিরক্ত না হইয়া উত্তর করেন

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তবে কৃতার্থ হই।' *ভবানী*, ১৮২৩।

কৃতার্থতা [স কৃত-অর্থতা] *বি* সফলতা। 'যাহারা তাহাকে কৃতার্থতা হইতে ভ্রষ্ট ...।' *রবীন্দ্র*, ১৯০২।

কৃতার্থপরায়ণ [স কৃত-অর্থপরায়ণ] *বিণ* নিজেকে কৃতার্থ বলে মনে করে এমন। 'লোকটার মন খুব কৃতার্থপরায়ণ।' *জীবন*, ১৯৩২।

কৃতার্থবোধ [স কৃত-অর্থবোধ] *বি* সার্থক বোধ। 'কেবল আমোদ লাভ ও লোকরঞ্জনা হইলেই আপনাকে কৃতার্থবোধ করেন।' *অক্ষয়*, ১৮৪৭।

কৃতার্থম্মন্য [স কৃত-অর্থম্মন্য] *বিণ* নিজেকে কৃতার্থ বলে মনে করে এমন। 'তপস্বীর অভ্যর্থনা শ্রবণে কৃতার্থম্মন্য ও অতিমাত্র ব্যগ্র হইয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭।

কৃতার্থা [স কৃত-অর্থ+] ১ *বিণ স্ত্রী* সফল। 'মৈত্রেয়ী সেই সদুপদেশ গ্রহণ করিয়া জ্ঞান পাইয়া কৃতার্থা হইয়াছেন।' *গৌর*, ১৮২২। ২ *বিণ স্ত্রী* ধন্য। 'কন্যার মাতা – যে বরের ঐশ্বর্য্য আছে তাহাতে কন্যার বিবাহ হইলেই কৃতার্থা হয়।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কৃতক [স] *বিণ* দত্তক। 'করীশিশু তাঁহার কৃতকপুত্র।' *রবীন্দ্র*, ১৯০৭।

কৃতকপুত্র [স] *বি* দত্তক পুত্র। 'করীশিশু তাঁহার কৃতকপুত্র।' *রবীন্দ্র*, ১৯০৭।

কৃতঘ্ন [স] *বিণ* উপকারীর অপকার করে এমন। 'দারুণ চণ্ডাল মুঞি কৃতঘ্ন গো-খর।' *বৃন্দা*, ১৫৮০।

কৃতঘ্নতা [স] *বি* উপকারের প্রতিদানে অপকার। 'না কহিলে হয় মোর কৃতঘ্নতা দোষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃতঘ্নী [স] *বিণ স্ত্রী* অকৃতজ্ঞ। 'প্রলয়-শিস দিয়ে ঘুরি কৃতঘ্নী ওই বিশ্বমাতার শোকাগ্নি।' *নজরুল*, ১৯২২।

কৃতজ্ঞ [স] *বিণ* উপকারীর উপকার স্বীকার করে এমন। 'সত্যনিষ্ঠ কৃতজ্ঞ, সাহসী ও বিশস্ত সন্তানেরা তাঁহার পুত্র নামের উপযুক্ত।' *অক্ষয়*, ১৮৪৯।

কৃতজ্ঞতা [স] ১ *বি* ঋণ। 'সকল লোকেই বিশেষরূপে আপনারদের কৃতজ্ঞতা স্বীকার করেন।' *বঙ্গদূত*, ১৮২৯। ২ *বি* শ্রদ্ধাসহ স্মরণ। 'তাঁহারদিগের নিকট উত্তরকালীন লোকেরদের কৃতজ্ঞতা।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭। ৩ *বি* মহৎ কাজের সবিনয় স্বীকৃতি। 'তাঁহাকে স্মরণ হইলে ... অন্তঃকরণ কৃতজ্ঞতা রসে আর্দ্র হয়।' *অক্ষয়*, ১৮৪৮। ৪ *বি* শিষ্টতা। 'য়ুরোপীয় পণ্ডিত সন্দেহ করেন আমাদের কৃতজ্ঞতা নাই।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কৃতজ্ঞতাকর্ষণ [স কৃতজ্ঞতা-আকর্ষণ] *বি* উপকারীর উপকার স্বীকার। 'মহোপকারীর প্রতি স্বভাব-প্রবৃত্তির কৃতজ্ঞতাকর্ষণে কাহার হৃদয় ... শ্রদ্ধানুরাগপূর্ণ না হয়?' *অক্ষয়*, ১৮৫৪।

কৃতজ্ঞতাপূর্ণ [স] *বিণ* সকৃতজ্ঞ। 'গভীর কৃতজ্ঞতাপূর্ণ দৃষ্টি।' *রবীন্দ্র*, ১৯০৯।

কৃতজ্ঞতাপূর্ব্বক, কৃতজ্ঞতাপূর্ব্বক [স] *ক্রিবিণ* উপকারীর উপকার মনে রেখে। 'আমি কৃতজ্ঞতাপূর্ব্বক স্বীকার করিতেছি।' *রাজ*, ১৮৭৪।

কৃতজ্ঞতা-বিগলিত [স] *বিণ* কৃতজ্ঞতায় আপ্লুত। 'ইংরাজরাজের দয়াতে কৃতজ্ঞতা-বিগলিত চিত্তা, ক্ষয়িষ্ণু সামন্ততন্ত্রের ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কৃতজ্ঞতাভাজন [স] *বিণ* কৃতজ্ঞতার পাত্র। 'তিনি প্রাণ ত্যাগ করিয়াও ... আমাদের ভক্তি ও কৃতজ্ঞতাভাজন হইয়া রহিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৬।

কৃতজ্ঞতারস [স] *বি* কৃতজ্ঞতারূপ রস। 'তাহার বিচার করিয়া দেখিলে চমৎকৃত ও প্রীতিপূর্ণ হইয়া কৃতজ্ঞতারসে আর্দ্র হইতে হয়'। *অক্ষয়*, ১৮৪৫।

কৃতমালা [স] *বি* নদীবিশেষ। 'কৃতমালায় স্নান করি আইলা তার ঘরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃতাকৃমিজি [স কৃত>+স কৃমিজ>; তু কিমিজ>] *বি* জরির কাজ করা পট্টবস্ত্র। 'কৃতাকৃমিজির জীন মুকুতা বেষ্টিত।' *সুলতান*, ১৬৫০।

কৃতি [স] *বি* কীর্তি। 'ত্রিভুবন ভরি তান কৃতির বাখান।' *বাহরাম*, ১৬৫০।

কৃতিত্ব [স] ১ *বি* যোগ্যতা; দক্ষতা। 'হাত পায়ের কৃতিত্ব ও পরিশ্রম অত্যন্ত বাখানিয়া লিলেক।' *তারিণী*, ১৮০৩। ২ *বি* নৈপুণ্য। 'বিদ্যা, ধন, কৃতিত্ব প্রভৃতি বিবিধ বিষয়ের ইতর-বিশেষই এরূপ শ্রেণী-ভেদের মূলীভূত।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* সাফল্য। 'শিক্ষার্থীবৃন্দ অধ্যয়ন ও তৎপরে পরীক্ষায় কৃতিত্ব লাভ করিয়াই মনে করেন ...।' *অক্ষয়*, ১৮৫৪। ৪ *বি* অবদান। 'আমাকে বাদশা বানানোর কৃতিত্বটা কাকার একার।' *হুমায়ুন*, ১৯৭২।

কৃতিত্বময় [স] *বিণ* কৃতিত্বপূর্ণ। 'যে বিবাহে স্বোপার্জিত প্রেমের কৃতিত্বময় আত্মসম্মান নেই।' *অন্নদা*, ১৯২৮।

কৃতিমান [স] *বিণ* খ্যাতিসম্পন্ন। 'অনেক কৃতিমান বাঙালীর কর্ম ও চিন্তাধারায় তার তাৎপর্যপূর্ণ ক্রিয়া প্রত্যক্ষ করি।' *শরীফ*, ১৯৭০।

কৃতী [স] ১ *বিণ* দক্ষ। 'আমি নহি রণে কৃতী কেন প্রাণ হারাবে বিফল।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* ভালো কাজ করেন এমন। 'ধনবান কৃতী প্রভৃতি ধনশালিনী কর্ত্রীর সহিত একযোগ হয়েন ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কৃতীকুশল [স] *বিণ* পাকা। 'সাংসারিক বুদ্ধিতে সে কৃতীকুশল।' *জীবন*, ১৯৪৮।

কৃতীপুরুষ [স] *বি* কীর্তিমান পুরুষ। 'কৃতী-পুরুষগণ যে যাহার আপন আপন পন্থা দেখিত।' *রবীন্দ্র*, ১৯০৭।

কৃৎ-তদ্ধিত [স] *বি* কৃৎপ্রত্যয় এবং তদ্ধিত প্রত্যয়; ব্যাকরণ। 'হেডমাস্টার পণ্ডিতমশায়ের কৃৎ-তদ্ধিতের বাই জানতেন।' *মুজতবা*, ১৯৫২।

কৃত্তিকা [স] *বি* নক্ষত্রবিশেষ। 'কৃত্তিকা নিকর তারে করিছে গরাস।' *আলাওল*, ১৬৮০।

কৃত্তিকাপুঞ্জ [স কৃত্তিকাপুঞ্জ] *বি* নক্ষত্রমণ্ডলী; ছোটো সপ্তর্ষি। *মানোএল*, ১৭৪৩।

কৃত্তিবাস [স কৃত্তিবাস>] *বিণ* কবি কৃত্তিবাসরচিত। 'কৃত্তিবাসি রামায়ণ।' *দর্পণ*, ১৮৩১।

কৃত্য [স] *বি* কর্তব্য। 'আমরা সবের কিছু পাছে কৃত্য আছে।' *বৃন্দা*, ১৫৮০।

কৃত্যকর্ম [স] *বি* করণীয় কাজ। 'দেশের কোনো যথার্থ কৃত্যকর্মে গবর্মেণ্টের সঙ্গে ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

কৃত্য-স্নান [স] *বি* পুণ্যস্নান। 'গণ-সঙ্গে কৈলা কৃত্য-স্নান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃত্রিম [স] ১ *বিণ* প্রাণহীন। 'কৃত্রিম পুতলী যেন আছে দাণ্ডাইয়া।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* লোক দেখানো। 'তাহার কৃত্রিম টিকি তাহার মিথ্যা ছলের সন্ধান।' *তারিণী*, ১৮০৩। ৩ *বিণ* জাল। 'কর্ম্মকারের নির্ম্মিত কৃত্রিম পয়সা।' *দর্পণ*, ১৮৩৩। ৪ *বিণ* হাতে তৈরি। 'বস্ত্র, দুলিচা, কৃত্রিম পুষ্প ইত্যাদি।' *অক্ষয়*, ১৮৪১। ৫ *বিণ* মনগড়া। 'তথায়

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অনৈসর্গিক বর্ণভেদ ও কৃত্রিম বংশমর্য্যাদা প্রতিষ্ঠিত ছিল না।' *অক্ষয়*, ১৮৪৬। ৬ *বিণ* ভান-করা। 'কত কৃত্রিম ধর্ম্মচ্ছলে অধর্ম্ম আচরণে তাহাদিগকে আকৃষ্ট করে।' *অক্ষয়*, ১৮৪৮। ৭ *বিণ* স্বতঃস্ফূর্ত নয় এমন। 'ইহাতে নৈষধাদি আধুনিক সাহিত্যের ন্যায় দীর্ঘছন্দ, কৃত্রিমভাব, উৎকট বর্ণন এবং শব্দ ও অনুপ্রাসের আড়ম্বর নাই।' *অক্ষয়*, ১৮৪৯। ৮ *বিণ* ভুয়া। 'কৃত্রিম সাক্ষী উপস্থিত করিয়া তাহাকে নষ্ট করিতেন।' *অক্ষয়*, ১৮৫০।

কৃত্রিমতা [স] ১ *বি* কপটতা। 'ক্রীড়া কৌতুকের এক অসাজন্ত কৃত্রিমতার সহিত।' *তারিণী*, ১৮০৩। ২ *বি* ভান। 'তাহার মধ্যে প্রণয়ের কৃত্রিমতা কিছুই ছিল না।' *রবীন্দ্র*, ১৯০২।

কৃত্রিমতামুক্ত [স] *বিণ* অকৃত্রিম। 'আমি হতে চাই প্রকৃতির মতো কৃত্রিমতামুক্ত।' *শিব*, ১৯৫০।

কৃত্রিমতাহীন [স] *বিণ* অমায়িক। 'প্রতিমার ব্যবহার কৃত্রিমতাহীন।' *মানিক*, ১৯৪০।

কৃত্রিম নয়ন [স] *বি* চশমা। 'নাসাবৃত কৃত্রিম নয়ন।' *এসলাম*, ১৯১৯।

কৃত্রিমপত্র [স] *বি* জালপত্র। 'তদীয় কিরণস্পর্শ মাত্র যাবতীয় কৃত্রিমপত্র দগ্ধ হইয়া গেল।' *অক্ষয়*, ১৮৪৯।

কৃত্রিমপ্রথা [স] *বি* বানানো নিয়ম বা রীতি। 'নিত্যসত্যের চেয়ে বাহ্যবিধান কৃত্রিমপ্রথা এদের মধ্যে এত প্রবল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কৃদন্ত [স] *বিণ* (ব্যাকরণ) কৃৎপ্রত্যয় পরে বসে এমন। 'পড়িল সমাসবৃত্তি কৃদন্ত তদ্ধিত।' *রূপরাম*, ১৭৫০।

কৃন্দন [স ক্রন্দন] *বি* কান্না। 'কৃন্দন করিয়া সুন পিতে মাগে মায়।' *মালাধর*, ১৫০০।

কৃপণ [স] ১ *বিণ* ব্যয়কুণ্ঠ; কঞ্জুস। 'তোহ্মার যৌবন রাধা কৃপণের ধন।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* কুণ্ঠিত। 'এই পত্রখানি বিদ্যাদর্শনের একাধারে উদিত করিতে কৃপণ হইবেন না।' *অক্ষয়*, ১৮৪২। ৩ *বিণ* অনুদার। 'ইহার আনুকূল্য করিতে কি কৃপণ হইতে পারেন?' *অক্ষয়*, ১৮৪৫। ৪ *বি* গালিবিশেষ। 'তারা ওকে গাল দেয় মনে মনে – বলে কৃপণ।' *রবীন্দ্র*, ১৯৩২। ৫ *বিণ* অনুজ্জ্বল। 'বাঁধলে তোমাকে বনস্পতির নিবিড় পাহারায় কৃপণ আলোর অন্তঃপুরে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কৃপণতা [স] ১ *বিণ* নীচতা। 'না জানন্ত কৃপণতা অধর্মতা পাপ।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* কার্পণ্য। 'আমি আপনাকে এক শত মুদ্রা পুরস্কার দিব, আর বৈবাহিক ব্যাপারে কৃপণতা করিব না।' *রামনারায়ণ*, ১৮৫৪। ৩ *বি* কাতরতা। 'প্রতিদিনের ভয়ভাবনা-কৃপণতায়।' *রবীন্দ্র*, ১৯২২।

কৃপণা [স] *বিণ স্ত্রী* দান করার ব্যাপারে কুণ্ঠিত। 'বসুমতি, কেন তুমি এতই কৃপণা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কৃপণী [স] *বিণ স্ত্রী* অনুদার। 'যদি মোরে নৈবেদ্য না দেহ হইয়া কৃপণী।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃপা [স] ১ *বি* করুণা। 'কৃপানিধি হইয়া কৃপা না করিলে তুমি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* দান। 'পাঠশালা কেবল সাধারণ লোকের কৃপা দ্বারা চলিবেক।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৪।

কৃপাকটাক্ষ [স] *বি* করুণার দৃষ্টি। 'ইহাতে কীর্ত্তিদেবী আমার প্রতি অনুকূল হইয়া কৃপাকটাক্ষ করেন।' *অক্ষয়*, ১৮৪৯।

কৃপাকার [স] *বিণ* দয়ালু। 'কৃপাকার মহাপ্রভু ঘুচাহ মোর ধন্দ।' *মালাধর*, ১৫০০।

কৃপাকৃষ্ট [স কৃপা-আকৃষ্ট] *বিণ* দয়াপরবশ। 'কৃপাকৃষ্ট হইয়া ... সাত হাজার বস্তা তণ্ডুল ... পাঠাইয়াছেন।' *দর্পণ*, ১৮১৯।

কৃপাজীবী [স] *বিণ* করুণাপ্রার্থী। 'পতঙ্গের সাম্যবাদে, কৃপাজীবী ক্লীবের ক্রন্দনে।' *সুধীন্দ্র*, ১৯৩১।

কৃপাদৃষ্ট্য [স] *বি* প্রসন্নতা। 'সবারে মিলিলা প্রভু কৃপাদৃষ্ট্যে হাসি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃপাদৃষ্টি [স] ১ *বি* দয়া (নেতিবাচক)। 'অচিথত ঝড়বৃষ্টি দিব চণ্ডী কৃপাদৃষ্টি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* প্রসন্ন। 'সদাগরে কৃপা দৃষ্টি হইলা ভবানী।' *মুকুন্দ*, ১৬০০।

কৃপাদৃষ্টিপাত [স] *বি* সদয় দৃষ্টি। 'এই তৃষ্ণার্ত্ত নরাধম সন্তানের প্রতি কৃপাদৃষ্টিপাত করিয়া কিঞ্চিৎ ...।' *মশাররফ*, ১৮৬৯।

কৃপানিধি [স] *বি* দয়ার সাগর। 'কৃপানিধি হইয়া কৃপা না করিলে তুমি।' *মালাধর*, ১৫০০।

কৃপানির্ঝর [স] *বি* কৃপারূপ ঝরনা। 'কৃপানির্ঝর পড়িছে ঝরিয়া।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কৃপাপরবশ [স] *বিণ* দয়াপরায়ণ। 'কৃপাপরবশ হয়ে যেই যোগিবর।' *গিরিশ*, ১৮৮৭।

কৃপাপাত্র [স] *বি* দয়ার পাত্র। 'হেনমতে মুরারি প্রভুর কৃপাপাত্র।' *বৃন্দা*, ১৫৮০।

কৃপাপূর্বক, কৃপাপূর্ব্বক [স] *ক্রিবিণ* প্রসন্ন হয়ে। 'আরণ্য রাজা তাহারদিগের কথায় কৃপাপূর্ব্বক মনোযোগ করিলেক।' *তারিণী*, ১৮০৩।

কৃপাবন্ত [স] *বিণ* অত্যন্ত দয়ালু। 'রূপবন্ত গুণবন্ত কৃপাবন্ত তনু।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কৃপাবলোকন [স কৃপা-অবলোকন] *বি* সদয় দৃষ্টি। 'গভর্ণমেন্ট কি তাহাদের প্রতি কৃপাবলোকন করিবেন না?।' *সোমপ্রকাশ*, ১৮৬৮।

কৃপাবলোকনপূর্বক, কৃপাবলোকনপূর্ব্বক [স কৃপা-অবলোকন-পূর্বক] *ক্রিবিণ* দয়া দেখিয়ে। 'আপনি কৃপাবলোকনপূর্ব্বক এ বিষয়ে কিঞ্চিত ...।' *দর্পণ*, ১৮৩৮।

কৃপাবশত, কৃপাবশতঃ [স] *ক্রিবিণ* অনুগ্রহপূর্বক। 'অজ্ঞতার প্রতি কৃপাবশতঃ ...।' *বিভূতি*, ১৯৩৮।

কৃপাবান [স] *বিণ* দয়ালু। '... আপনে কৃপাবান হইঞা স্বত্যয়ন করিবেন।' *চিঠিপত্রে*, ১৭৫৫।

কৃপাবিন্দু [স] ১ *বি* বিন্দুমাত্র করুণা। 'কৃপাবিন্দু বিতরণে ত্রাণ কর ওহে গঙ্গাধর।' *রামনারায়ণ*, ১৮৫৪। ২ *বি* করুণারূপ বর্ষণ। 'অম্বরব্যাপী ঝরে তব কৃপা-বিন্দু।' *নজরুল*, ১৯৩৩।

কৃপাভিক্ষা [স] *বি* কৃপা প্রার্থনা। 'পুরোহিত চৌধুরীদের কৃপাভিক্ষা করিয়া আত্মরক্ষা করিবার চেষ্টা করিতে লাগিলেন।' *বনফুল*, ১৯৩৬।

কৃপাভিখারী [স কৃপা+স ভিক্ষা>] *বিণ* দয়াপ্রার্থী। 'মুসলমানগণ একযুগ ধরিয়া গবর্ণমেন্টের কৃপাভিখারী হইয়া রাজনৈতিক আন্দোলনে বিরত ছিলেন।' *নবনূর*, ১৯০৫।

কৃপাময়ী [স কৃপাময়ী] *বিণ* দয়াময়ী। 'বলে কৃপাময়ী দেবী শুন কৃষ্ণরাম কবি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কৃপামন [স] *বিণ* দয়ালু হৃদয়। 'কৃপামন হইয়া তবে বলিলেক হর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কৃপাময় [স] *বিণ* করুণাময়। 'পতিতপাবন তুমি মহা কৃপাময়।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বৃন্দা, ১৫৮০।

কৃপাময়ি, কৃপাময়ী [স কৃপাময়ী, সম্বোধনে শব্দশেষে ই-কার] *বিণ* দয়াময়ী। 'ভরসা কেবলমাত্র কালী কৃপাময়ি।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'কৃপাময়ী কান্তিরূপ করে কাঞ্চীমালা।' *মানিকরাম*, ১৭৮১।

কৃপামিশ্রিত [স] *বিণ* করুণামাখা। 'তাঁহার কৃপামিশ্রিত মমতা আর-একটুখানি বাড়িল।' *রবীন্দ্র*, ১৯০২।

কৃপারজ্জু [স] *বি* করুণারূপ রশি। 'কৃপারজ্জু গলে বান্ধি চরণে আনিলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃপার পাত্র *বি* করুণার উপযুক্ত। 'ঘৃণার পাত্র শুধু, কৃপার পাত্র শুধু।' *জীবন*, ১৯৩২।

কৃপার্দ্র [স কৃপা-আর্দ্রী *বিণ* দয়াসিক্ত। 'কৃপার্দ্র তোমার মন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃপাল [স কৃপালু] *বিণ* করুণাময়। 'মহা মহত্তম অতি কৃপাল দয়াল।' *বাহরাম*, ১৬৫০।

কৃপালু [স] *বিণ* দয়ালু। 'সর্ব্বজ্ঞ কৃপালু তুমি ঈশ্বর স্বতন্ত্র।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃপালুতা [স] *বি* দয়ালুর ভাব। 'সর্বভূতে কৃপালুতা তোমার স্বভাব।' *বৃন্দা*, ১৫৮০।

কৃপালেশ [স] *বি* সামান্য করুণা। 'যে বংশের উপরে তোমার হয় কৃপালেশ/ সকল মঙ্গল তাহে খণ্ডে সব ক্লেশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃপালোকনেত [স কৃপা-আলোক-নেত্র>] *বি* কৃপাদৃষ্টি। 'তব কৃপালোকনেতে কৃত কন্যা সংস্কৃতে।' *মানিকরাম*, ১৭৮১।

কৃপাসিন্ধু [স] *বি* দয়ার সাগর। 'জয় কৃপাসিন্ধু দীনবন্ধু ন্যাসীবর।' *বৃন্দা*, ১৫৮০।

কৃপাসেবা [স] *বি* করুণারূপ সেবা। 'যাঁর কৃপাসেবা পেয়ে বশ ত্রিভুবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃপা-হ্রদ [স] *বি* কৃপারূপ হ্রদ। 'ডুবি তব কৃপা-হ্রদে।' *মাইকেল*, ১৮৬৬।

কৃপাণ [স] *বি* তরবারি। 'কাড়্যা নিল কালকেতু হাথের কৃপাণ।' *মুকুন্দ*, ১৬০০।

কৃপাণশোভিত [স] *বিণ* তলোয়ার সজ্জিত। 'এবং কৃপাণশোভিত বজ্রহাত দৃঢ় থেকে দৃঢ়।' *শঙ্খ*, ১৯৫৫।

কৃপিন [স কৃপণ>] *বি* কৃপণ। 'কৃপিন হইল রাজা কুবুদ্ধি লাগিল।' *মালাধর*, ১৫০০।

কৃপীট [স] *বি* কাষ্ঠ। 'অন্তরে যখন জ্বলে বিরহ কৃপীট।' *আলাওল*, ১৬৮০।

কৃমি [স] *বি* ক্ষুদ্র মেরুদণ্ডহীন কীটবিশেষ। 'মাংসময় অঙ্গ সব কৃমি বেড়ি খায়।' *বৃন্দা*, ১৫৮০।

কৃমিকীট [স] *বি* ক্ষুদ্র মেরুদণ্ডহীন কীটবিশেষ; কীড়া। 'যে সব কৃমিকীট চুম্বনে চুম্বনে তোমায় খাইয়া ফেলিতে থাকিবে।' *সবুজ*, ১৯২১।

কৃমিঘন [স] *বিণ* কৃমিতে পরিপূর্ণ। 'না-হয় ডুবিয়া আছি কৃমিঘন পঙ্কের সাগরে।' *বুদ্ধ*, ১৯৩০।

কৃমিদানা [স কৃমি+ফা দানা] *বি* লাক্ষা। 'উত্তম চর্ম্ম, কৃমিদানা, এবং আস্ত্রিচ পক্ষির পক্ষ।' *অক্ষয়*, ১৮৪১।

কৃমিপুঞ্জ [স] *বি* কীটদল। 'গলিত শবের কীট কৃমিপুঞ্জ – ঘৃণিত জটিল।' *শামসুর*, ১৯৫৯।

কৃয়া [স ক্রিয়া] *বি* কাজ। *ওসাঁ*, ১৭৮৪; 'এমনস্যন্ত কৃয়ার বারণ।' *ক্যালগে*, ১৭৯৪।

কৃশ [স] ১ *বিণ* আধ-মরা। 'জলাভাবে কৃশ শাখা শুখাইয়া মরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* দুর্বল। 'লালস উদ্বেগ জড় কৃশ জাগরণ।' *ভারত*, ১৭৬০। ৩ *বিণ* ক্ষীণ। 'নয়নরঞ্জন কাঞ্চী কৃশ কটিদেশে।' *মাইকেল*, ১৮৬১। ৪ *বিণ* শীর্ণ। 'কৃষ্ণপক্ষের কৃশ চাঁদ যেন।' *রবীন্দ্র*, ১৯৩২।

কৃশকায় [স] ১ *বিণ* শীর্ণ। 'পদ্মার জল অনেক কমে গেছে – বেশ স্বচ্ছ কৃশকায় হয়ে এসেছে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* ক্ষীণকায়। 'আজ তুমি কৃশকায় দীনপ্রাণ রোগজীর্ণ শিশুদের ক্রীড়াভূমি।' *রবীন্দ্র*, ১৮৯৬। ৩ *বি* শীর্ণদেহ যার। 'কৃশকায়টি একেবারে সঙ্গমে চড়িয়া বসে।' *জগদীশ*, ১৯১৬।

কৃশতনু [স] *বিণ* শীর্ণদেহী। 'যারা আধপেটা খেয়ে কৃশতনু তারাও বাহবা দেয়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কৃশতা [স] ১ *বি* শীর্ণতা। 'কিঞ্চিৎ কৃশতা ও বিবর্ণতা ব্যতিরেকে তাহাদের মুখশ্রীতে যাতনার আর কোন চিহ্ন দেখা যায় না।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বি* দুর্বলতা। 'অঙ্গবৈলক্ষণ্য, বল, পুষ্টি, দীর্ঘতা, হ্রস্বতা, কৃশতা প্রভৃতির ন্যায় মনেরও ...।' *অক্ষয়*, ১৮৫০।

কৃশদেহ [স] *বি* শুকিয়ে যাওয়া শরীর। 'কৃশদেহ পুষ্ট করবার চেষ্টা ওসময় ব্যর্থ।' *প্রমথ*, ১৯০৫।

কৃশা [স কৃশ>] *বিণ স্ত্রী* ক্ষীণ। 'শ্রমজাত তৃষা কৃশা হয় এই বেলে।' *গুপ্ত*, ১৮৫৮।

কৃশাঙ্গিনী [স>] *বিণ স্ত্রী* কাহিল দেহবিশিষ্ট। 'যখন দেখি, কোন মলিনবেশধারিণী কৃশাঙ্গিনী জননী আপনার ক্রোড়স্থিত ...।' *অক্ষয়*, ১৮৪৮।

কৃশাঙ্গী [স কৃষ-অঙ্গী] *বিণ স্ত্রী* ক্ষীণ দেহবিশিষ্ট। 'দীর্ঘাঙ্গী, কৃষ্ণাঙ্গী, কৃশাঙ্গী।' *বঙ্কিম*, ১৮৭৫।

কৃশোদর [স] *বি* ক্ষীণ উদর। 'কৃশোদর, হেরি বীর পর্বত-কন্দরে।' *মাইকেল*, ১৮৬০।

কৃশোদরি [স কৃশোদরী, সম্বোধনে ই-কার] *বি স্ত্রী* ক্ষীণোদর। 'যা কহিলে কৃশোদরি।' *রঙ্গ*, ১৮৫৮।

কৃশোদরী [স কৃশ-উদরী] *বিণ স্ত্রী* ক্ষীণকটি। 'বালা অতি কৃশোদরী ভার দুই কুচগিরি।' *মুকুন্দ*, ১৬০০।

কৃশানু [স] *বি* আগুন। 'জানু ভানু কৃশানু শীতের পরিত্রাণ।' *মুকুন্দ*, ১৬০০। দ্র **কৃষাণু**

কৃশানুদীপ্ত [স] *বিণ* অল্প আগুনে দীপ্ত। 'তিনি নর্মসখী কৃশানুদীপ্ত তন্ত্রকূটশীর্ষ ডাবাসুন্দরীর সুচিক্কণ কৃষ্ণগণ্ডে একটি মাত্র নিবিড় চুম্বন দিতে পারেননি।' *মুজতবা*, ১৯৫৮।

কৃশ্চান [ই] *বি* খ্রিস্ট ধর্মাবলম্বী। 'ব্রহ্মজ্ঞানী যেমন পৌত্তলিক, কৃশ্চান ও মোসলমানদের অপদার্থ ও অসার বলে জানেন।' *হুতোম*, ১৮৬১।

কৃশ্য [স] *বি* কৃশতা। 'তেলে কষে যায় ধাত, বেড়ে যায় কৃশ্য।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কৃষক [স] *বি* কৃষি কাজে করে যে; চাষী। 'কৃষকের নাম যজ্ঞদত্ত।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কৃষককুল [স] *বি* কৃষক সম্প্রদায়। 'স্থানীয় কৃষককুলের মধ্যে

AMARBOI.COM

হাহাকার পড়িয়া গিয়াছে।' *আজাদ*, ১৯৩৬।

কৃষকদুহিতা [স] *বি* চাষির মেয়ে। 'এক দরিদ্র কৃষকদুহিতা।' *বিভূতি*, ১৯২৯।

কৃষক-প্রজা [স] *বি* কৃষক শ্রেণীর নাগরিক। 'এই প্রজাস্বত্ব আইন বাঙ্গলার কৃষক-প্রজার স্বাধিকারের মেগনা কার্টা।' *এসলাম*, ১৯৩৮।

কৃষাণ [স] *বি* কৃষক। 'নানা শস্য দেখি চৌদিগে জায় ছেলি খেতের কৃষাণ সব দেই গালাগালি।' মুকুন্দ, ১৬০০।

কৃষাণপাড়া [স কৃষাণ+স পাটক] *বি* কৃষকদের পাড়া। 'গানের কাব্য আরম্ভ হল সারাটি কৃষাণ পাড়া।' *জসীম*, ১৯২৯।

কৃষাণপুর [স] *বি* কৃষকের আবাস। 'মোর ব্যথাখানি ছড়ায়েছি তার সুদূর কৃষাণ-পুরে।' *জসীম*, ১৯৩১।

কৃষাণী [স] *বি স্ত্রী* কৃষক। 'দাবায় শুইয়া কৃষাণ ঘুমায়, কৃষাণীর কাজ ভারি।' *জসীম*, ১৯২৯।

কৃষাণু [স] *বি* আগুন। 'মোহোর শরীরে দহে বাড়ব কৃষাণু।' *আলাওল*, ১৬৮০। *দ্র* **কৃশানু**

কৃষান [স কৃষাণ] *বি* কৃষক। 'গাড়োয়ান, কৃষান, রাস্তামেরামতকারী কন্ট্রাক্টর-মিস্ত্রি প্রভৃতি।' *প্রভাত*, ১৮৯৬।

কৃষি [স] **১** *বি* কৃষিকাজ। 'কৃষিকর্ম করে গোরক্ষণ।' মুকুন্দ, ১৬০০। **২** *বি* কৃষক। 'এক পড়ামুনিয়া এক কৃষিকে শণ রোপণ করিতে দেখিয়া...।' *তারিণী*, ১৮০৩। **৩** *বি* ফলন। 'নীলের উত্তম কৃষি হইতে পারে।' *দর্পণ*, ১৮২৬।

কৃষিঋণ [স] *বি* কৃষিকাজের জন্য প্রদেয় ঋণ। 'যাহাতে অভাবগ্রস্ত লোকদিগকে কৃষিঋণ, টেষ্টরিলিফ ইত্যাদি দেওয়ার ব্যবস্থা হয়।' *জামায়াত*, ১৯৩৯।

কৃষিকর্ম, কৃষিকর্ম্ম [স] *বি* চাষাবাদ। 'কৃষিকর্ম করে গোরক্ষণ।' মুকুন্দ, ১৬০০; 'কৃষিকর্মাদি বিষয়ে সমাজ নিযুক্ত হওনের সমাচার।' *দর্পণ*, ১৮২০; 'এদেশের কৃষিকর্মের প্রতি উচিতমত মনোযোগ করি নাই।' *অক্ষয়*, ১৮৪২।

কৃষিকর্মকারী, কৃষিকর্ম্মকারী [স] *বিণ* কৃষিকর্ম করে এমন। 'কৃষিকর্ম্মকারী দাস বিস্তর আছে।' *দর্পণ*, ১৮২৩।

কৃষিকর্মার্থক, কৃষিকর্ম্মার্থক [স] *বিণ* কৃষিভিত্তিক। 'কৃষিকর্ম্মার্থক সমাজ নিযুক্ত হইলে ...।' *দর্পণ*, ১৮২০।

কৃষি কায [স কৃষিকার্য] *বি* চাষাবাদ। 'মুই কৃষিকায করি আর কি।' *কেরি*, ১৮০২।

কৃষিকারী [স] *বি* কৃষি কাজ করে যে। 'বাণিজ্যকারী, শিল্পকারী, কৃষিকারী, সেবাকারী।' *অক্ষয়*, ১৮৪৪।

কৃষিকার্য, কৃষিকার্য্য [স] *বি* চাষাবাদ। 'এদেশের কৃষিকার্য্য অতিশয় দুরবস্থায় পতিত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪২; 'এই ধাতুতে লাঙ্গলের ফাল, কোদাল, কাস্তিয়া প্রভৃতি কৃষিকার্যের যন্ত্র সকল নির্মিত হয়।' *বিদ্যা*, ১৮৫১।

কৃষিকুটির [স] *বি* কৃষকের ঘর। 'গ্রাম্য পার্বণে, ব্রতকথায়, পল্লীর কৃষিকুটিরে পরিষৎ যেখানে স্বদেশকে সন্ধান করিবার জন্য ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

কৃষিক্ষেত্র [স] *বি* কৃষিজমি; কৃষিখামার। 'বহু শস্যশ্যামল কৃষিক্ষেত্র দৃষ্টিগোচর হয়।' *অক্ষয়*, ১৮৫৪; 'কৃষিক্ষেত্রে যেমন, কৃষ্টিক্ষেত্রেও তেমনি কঠিন নিয়মিত ভূমিকর্ষণ অত্যাবশ্যক।' *আইয়ুব*, ১৯৭৩।

কৃষিজনা [স কৃষিজন] *বি* কৃষক। 'কৃষিজনা সবে সুখী হয় রে।' *ভবানী*, ১৮২৮।

কৃষিজাত [স] *বিণ* কৃষি থেকে উৎপন্ন। 'এই সকল কৃষিজাত সামগ্রীর আধিক্য আবশ্যক।' *বঙ্কিম*, ১৮৯২।

কৃষিজীবি [স কৃষিজীবী] *বি* কৃষি যার জীবিকা। 'কৃষিজীবিরাই অধিকতর দুর্দশাপন্ন।' *সোমপ্রকাশ*, ১৮৬৮।

কৃষিজীবী [স কৃষিজীবী] **১** *বিণ* কৃষিকাজ করে জীবিকা নির্বাহকারী। 'গ্রামের প্রজা কৃষিজীবী।' *দর্পণ*, ১৮৩৪। **২** *বি* কৃষক। 'কৃষিজীবীদিগের উৎসাহবর্দ্ধনার্থে একটি কৃষিসমাজ সংস্থাপন করিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

কৃষিতত্ত্বপারদর্শী [স] *বিণ* কৃষিবিশেষজ্ঞ। 'কৃষিতত্ত্বপারদর্শীদের লইয়া আমরাও কি আমাদের দেশের ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

কৃষিনির্ভর [স] *বিণ* কৃষিকাজের উপর নির্ভরশীল। '... অর্থনীতি মূলতঃ কৃষিনির্ভর।' *আজাদ*, ১৯৬৩।

কৃষিপণ্য [স] *বি* কৃষিজাত পণ্য। 'মাঠে ঘাটে খামারে জাহাজে বোঝাই কৃষিপণ্য।' *হোসেন*, ১৯৪০।

কৃষিপরীক্ষাশালা [স] *বি* কৃষি গবেষণাগার। 'কৃষিপরীক্ষাশালা ও শিল্প-বিদ্যালয় খোলাই যে একমাত্র উপায় ...।' *সবুজ*, ১৯১৭।

কৃষিপ্রণালী [স] *বি* কৃষিকাজের পদ্ধতি। 'আপনার অবলম্বিত কৃষিপ্রণালী অবগত করিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

কৃষিপ্রধান [স] *বিণ* জীবিকার প্রধান উপায় কৃষিকাজ এমন। 'আমাদের দেশ কৃষিপ্রধান।' *রবীন্দ্র*, ১৯১৫।

কৃষিবিদ্যা [স] *বি* কৃষি শিক্ষা দেওয়ার বিদ্যা। 'কৃষিবিদ্যা ও আরামবিদ্যা বর্দ্ধনার্থক ... অতিব্যাঙ্কনীয়।' *দর্পণ*, ১৮২০।

কৃষিবিদ্যালয় [স] *বি* কৃষিবিষয়ক বিদ্যালয়। 'কৃষিবিদ্যালয় ... সংস্থাপিত হওয়া আবশ্যক।' *অক্ষয়*, ১৮৫২।

কৃষিবিপ্লব [স] *বি* কৃষির উৎপাদনে ব্যাপক বৃদ্ধির অভিযান। 'পরিবার-পরিকল্পনাই বলি আর কৃষিবিপ্লবই বলি ...।' *সিরাজুল*, ১৯৭৪।

কৃষিবিভাগ [স] *বি* কৃষিসংক্রান্ত বিষয়াবলি পর্যবেক্ষণকারী দপ্তর। 'কৃষিবিভাগ থেকে আমাদের এই পাথরগুলোকে যখন কঠিন বলে ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

কৃষিবিস্তার [স] *বি* কৃষিব্যবস্থার সম্প্রসারণ। 'ভারতবর্ষে কৃষিবিস্তারে তিনি একজন উদ্‌যোগী পুরুষ ছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

কৃষিবৃত্তি [স] *বি* কৃষিকাজ। 'সূর্যের প্রখর তাপে তাপিত হয়ে, কৃষিবৃত্তি পরিচালনা করা।' *মাইকেল*, ১৮৭৩।

কৃষি-ব্যাঙ্ক [স কৃষি+ই ব্যাংক] *বি* কৃষিকাজে সহায়তাকারী ব্যাংক। 'গ্রামে গ্রামে কৃষি-ব্যাঙ্ক স্থাপন করো।' *রবীন্দ্র*, ১৯০৫।

কৃষিভিত্তিক [স] **১** *বিণ* কৃষিই যার ভিত্তি। 'কৃষিভিত্তিক জীবন – জমিই সব।' *সুনীল*, ১৯৭০। **২** *বিণ* কৃষিপ্রধান। 'কৃষিভিত্তিক গ্রামীণ অর্থনীতির ক্ষেত্রে এই সব ... ভূমিকা গুরুত্বপূর্ণ।' *আজাদ*, ১৯৭১।

কৃষিমূল [স] *বিণ* কৃষিভিত্তিক। 'পৃথিবীর সকল সভ্যতাই হচ্ছে কৃষিমূল।' *প্রমথ*, ১৯২০।

কৃষিযুক্ত [স] *বিণ* চাষবাস হয় এমন। 'উত্তম কৃষিযুক্ত দেশ দিয়া আগমন করিতে পারিবেন।' *দর্পণ*, ১৮৩০।

কৃষিযোগ্য [স] *বিণ* চাষ করার উপযুক্ত। 'কৃষিযোগ্য স্থানের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অধিবাসীর নিকট যদি প্রমাণ করিতে বসা যায়।' *রবীন্দ্র*, ১৯০৫।

কৃষিলক্ষ্মী [স] *বি* কৃষিকাজের দেবতা। 'অসাধারণ কৃষিলক্ষ্মী দেশের প্রতি সুপ্রসন্না।' *বঙ্কিম*, ১৮৯২।

কৃষিলব্ধ [স] *বিণ* কৃষিজাত। 'আড়তে কৃষিলব্ধ দ্রব্য বিক্রয় করিতে আসিতে লাগিল।' *সৎসঙ্গ*, ১৮৯৮।

কৃষিলভ্য [স] *বিণ* কৃষিজাত। 'সে শিল্পের জন্য যে কৃষিলভ্য কাঁচা মালের দরকার তার সম্বন্ধেও সেই কথা।' *সবুজ*, ১৯২০।

কৃষিশালা [স] *বি* চাষাবাদ সম্পর্কিত শিক্ষালয়। 'এই কৃষিশালায় একজনও মুসলমান শিক্ষার্থী নাই।' *মোয়াজ্জিন*, ১৯২৮।

কৃষি শ্রমিক [স] *বি* কৃষিকাজে নিয়োজিত শ্রমিক। 'কারখানার শ্রমিক কৃষি শ্রমিকের তুলনায় অতি অল্প।' *আজাদ*, ১৯৩৬।

কৃষিসমবায় [স] *বি* কৃষকদের সংগঠন। 'আসন্নতা ভিত্তি গড়ে আরোগ্যভবনে, শিশুকেন্দ্রে, কৃষিসমবায়ে।' *অমিয়*, ১৯৩৯।

কৃষিসমাজ [স] *বি* কৃষিবিষয়ক সংগঠন। 'একটি কৃষিসমাজ সংস্থাপন করিলেন।' অক্ষয়, ১৮৫৪।

কৃষি সম্পাদিকা [স] *বি স্ত্রী* কৃষিবিষয়ক সম্পাদক। 'মিসেস ... কৃষি সম্পাদিকা।' *বেগম*, ১৯৭৪।

কৃষিয়ান [স কৃষি+ফা আন] *বি* কৃষকগণ। 'যেন ঢেলায় ঢেলা চূর্ণ করে যে কৃষিয়ান।' *গরীব*, ১৭৬৫।

কৃষী [স কৃষি] **১** *বি* কৃষক। 'এক ধনবান বৃদ্ধ কৃষী।' *তারিণী*, ১৮০৩। **২** *বি* কৃষি কাজ। 'সুখের শিশির-কালে কৃষীর কৃপায়।' *গুপ্ত*, ১৮৫৮।

কৃষীবল [স] *বি* যার কৃষিকর্ম আছে; কৃষক। 'অন্যান্য কৃষীবল বালকেরা অত্যন্ত ব্যাঘাত জন্মাইতে আরম্ভ করিল।' *বিদ্যা*, ১৮৪৯।

কৃষ্ণ[১] [স কৃষ্] **১** *বি* কৃষ্ণ। 'তোমার কনেষ্ট কৃষ্ণ সুন পুরন্দরে।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* কালো। 'সাদাটিরে সাদা বলে, কালো বাহা তাই কৃষ্ণ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কৃষ্ণ[২] [স] *বিণ* চষা; কর্ষিত। 'কোনস্থানে উপত্যকাভূমি ও উৎকৃষ্ট কৃষ্ণ ক্ষেত্র।' *দর্পণ*, ১৮৩১।

কৃষ্ণ-ব্যুরোক্রাসি [স কৃষ্ণ+ই ব্যুরোক্রাসি] *বি* চর্চিত আমলাতন্ত্র। 'তোমাদের সৃষ্ট কৃষ্ণ-ব্যুরোক্রাসি যদি ভারতবর্ষে আবার অন্ধকারের যুগ ফিরে আনে।' *প্রমথ*, ১৯২০।

কৃষ্টি [স] *বি* সংস্কৃতি। 'আধুনিক বাংলা ভাষায় কুশ্রীরা নাম দিয়েছে কৃষ্টি।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কৃষ্টিক্ষেত্র [স] *বি* সংস্কৃতিজগৎ। 'কৃষিক্ষেত্রে যেমন, কৃষ্টিক্ষেত্রেও তেমনি কঠিন নিয়মিত ভূমিকর্ষণ অত্যাবশ্যক।' *আইয়ুব*, ১৯৭৩।

কৃষ্টিগত [স] *বিণ* সাংস্কৃতিক। 'রাজনৈতিক ও কৃষ্টিগত জাতীয় অস্তিত্বের সর্বনাশের ...।' *মোহাম্মদী*, ১৯৩৭।

কৃষ্টিনাশ [স] *বি* সংস্কৃতি ধ্বংস। 'কৃষ্টিনাশের মিথ্যা অজুহাত তুলিয়া বাংলার কায়েমী স্বার্থ ...।' *আজাদ*, ১৯৪০।

কৃষ্টিমান [স] *বিণ* সংস্কৃতিবান; পরিশীলিত। 'এমন কৃষ্টিমান, এমন সদালাপী ও এমন সাহসী যুবক তাঁদের ....।' *মনসুর*, ১৯৫৫।

কৃষ্টিমূলক [স] *বিণ* সাংস্কৃতিক। 'হিন্দু-কৃষ্টিমূলক ও সংস্কৃত শব্দবহুল।' *মোহাম্মদী*, ১৯৪০।

কৃষ্টিয়ান [ই] *বি* যিশু খ্রিষ্টের অনুসারী সম্প্রদায়। 'শহরে রাজদত্ত কৃষ্টিয়ানেরদিগের নিমিত্ত বরিয়েল প্লেস আছে।' *দর্পণ*, ১৮২৬।

কৃষ্ণ[১] [স] *বি* (হিন্দুশাস্ত্র অনুযায়ী) অবতার কৃষ্ণ। 'কৃষ্ণ রহিল দৈবকী উদরে।' *বড়ু*, ১৪৫০।

কৃষ্ণ-অন্বেষণ [স] *বি* শ্রীকৃষ্ণের সন্ধান। 'তার মধ্যে করিল রাসে কৃষ্ণ-অন্বেষণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণকথা [স] *বি* শ্রীকৃষ্ণের বন্দনা। 'রায়ের দ্বারে তারে কৃষ্ণকথা শুনাইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণকার্য, কৃষ্ণকার্য্য [স] *বি* শ্রীকৃষ্ণের পূজা। 'কৃষ্ণকার্য্য করে বিপ্র না কৈল রোষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণকৃপা [স] *বি* কৃষ্ণের দয়া। 'কৃষ্ণকৃপা নাহি তারে নাহি তার গতি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণদাস [স] *বি* কৃষ্ণের দাস। 'হেন দীক্ষা দেহ যেন হঙ কৃষ্ণদাস।' *বৃন্দা*, ১৫৮০।

কৃষ্ণনাম [স] *বি* হরিনাম। 'মহাভাগবত তুমি তোমার দর্শনে/ তোমার কীর্তনে কৃষ্ণনাম শ্রবণে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণনামযজ্ঞ [স] *বি* শ্রীকৃষ্ণের নামকীর্তন। 'সর্ব্বযজ্ঞ হৈতে কৃষ্ণনামযজ্ঞ সার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণনিষেবণ [স] *বি* কৃষ্ণের আরাধনা। 'কৃষ্ণনিষেবণ করি নিভৃতে বসিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণপদ [স] *বি* কৃষ্ণের পদতল। 'তবু নাহি পায় কৃষ্ণপদে প্রেমধন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণপূজা [স] *বি* শ্রীকৃষ্ণের আরাধনা। 'কৃষ্ণপূজা কৃষ্ণকথা নাম-সঙ্কীর্তন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণপ্রাপ্তি [স] *বি* (হিন্দুমতে) মৃত্যু। 'যিনি তার প্রসাদ পাবেন তাঁর যে কৃষ্ণপ্রাপ্তি হবে।' *প্রমথ*, ১৯১৪।

কৃষ্ণপ্রেম [স] *বি* কৃষ্ণের প্রতি প্রেম। 'অকৈতব কৃষ্ণপ্রেম যেন জাম্বুনদ হেম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণপ্রেমময় [স] *বিণ* কৃষ্ণপ্রেমে বিভোর। 'কৃষ্ণপ্রেমময় তনু উদার মহা আর্য্য।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণপ্রেমা [স] *বি* কৃষ্ণের কৃপা। 'কৃষ্ণপ্রেমা সেই পায় যার ভাগ্যোদয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণপ্রেমামৃত [স] *বি* কৃষ্ণের প্রেমরূপ সুধা। 'কৃষ্ণপ্রেমামৃত বর্ষে যৈছে বর্ষাঘন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণপ্রেমোদয় [স] *বি* কৃষ্ণের প্রতি প্রেমের উদয়। 'নিত্যানন্দ বলিতে হয় কৃষ্ণপ্রেমোদয় আউলায় সর্ব্ব-অঙ্গ অশ্রুগঙ্গা বয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণভক্ত [স] **১** *বি* বৈষ্ণব। 'পরমানন্দগুপ্ত কৃষ্ণভক্ত মহামতি/ পূর্ব্বে যাঁর ঘরে নিত্যানন্দের বসতি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* কৃষ্ণের ভক্ত। 'সেইখানে কৃষ্ণভক্ত পাণ্ডব জয়ী হলেন।' *রবীন্দ্র*, ১৯২৯।

কৃষ্ণভক্তি [স] *বি* কৃষ্ণের প্রতি ভক্তি। 'যাহা হৈতে কৃষ্ণভক্তি হয় অন্তর্দ্ধান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণমন্ত্র [স] *বি* কৃষ্ণনাম। 'কৃষ্ণমন্ত্র জপ সদা এই মন্ত্র সার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণময় [স] *বিণ* কৃষ্ণের প্রতি ভাববিভোর। 'তাহার মন ও আত্মা কৃষ্ণময় হইয়া উঠে।' *হাই*, ১৯৫৪।

কৃষ্ণমুখী [স] *বিণ* কৃষ্ণের মুখাপেক্ষী। 'মদন সম্মোহন বাণ ছাড়িয়া

AMARBOI.COM

তাঁহাকে একেবারে কৃষ্ণমুখী করিয়া রাখিলেন।' হাই, ১৯৫৪।

কৃষ্ণমূর্তি [স] *বি* শ্রীকৃষ্ণের মূর্তি। 'কৃষ্ণমূর্তি দেখি প্রভু মহাসুখ পাইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণযাত্রা [স] *বি* শ্রীকৃষ্ণের জীবনী অবলম্বনে রচিত যাত্রা। 'বাড়ির উঠোনে কৃষ্ণযাত্রা।' *রবীন্দ্র*, ১৯২৯।

কৃষ্ণরস [স] *বি* বৈষ্ণব সাহিত্য। 'কৃষ্ণরস আস্বাদয়ে দুই বন্ধু সনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণলীলা [স] *বি* কৃষ্ণের লীলাখেলা। 'ভাগবতে কৃষ্ণলীলা বর্ণিলা বেদব্যাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণসাৎ [স] *বি* কৃষ্ণকে নিবেদন। 'দুগ্ধ আম্র পনসাদি করি কৃষ্ণসাৎ।' *বৃন্দা*, ১৫৮০।

কৃষ্ণসুখ [স] *বি* কৃষ্ণকে অনুভব করার সুখ। 'কৃষ্ণসুখে তাৎপর্য্য গোপীভাববর্য্য।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণস্মৃতি [স] *বি* কৃষ্ণনাম স্মরণ। 'কৃষ্ণস্মৃতি বিনু হয় নিষ্ফল জীবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণাধরামৃত [স কৃষ্ণ-অধর-অমৃত] *বি* শ্রীকৃষ্ণের মুখনিঃসৃত বাণী। 'কৃষ্ণাধরামৃতের ফল শ্লোক আস্বাদিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণাবতার [স] *বি* বিষ্ণুর অবতারবিশেষ। 'কৃষ্ণাবতারে জ্যেষ্ঠ হৈলা সেবার কারণে কৃষ্ণকে করাইল নানা সুখ-আস্বাদনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণেন্দ্রিয় [স কৃষ্ণ-ইন্দ্রিয়] *বি* কৃষ্ণের ইন্দ্রিয়। 'কৃষ্ণেন্দ্রিয় প্রীতি ইচ্ছা ধরে প্রেম নাম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৃষ্ণ[২] [স] **১** *বিণ* কালো। 'কালরাত্রি কৃষ্ণআখি কত জান কলা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* চান্দ্রমাসে পূর্ণিমা থেকে অমাবস্যা পর্যন্ত পনেরো দিন। 'দুই পক্ষ; শুক্ল ও কৃষ্ণ।' *বিদ্যা*, ১৮৫১।

কৃষ্ণআখি [স কৃষ্ণ-অক্ষি] *বি* কালোচোখ। 'কালরাত্রি কৃষ্ণআখি কত জান কলা।' *মুকুন্দ*, ১৬০০।

কৃষ্ণ-একাদশী [স] *বি* কৃষ্ণপক্ষের এগারোতম তিথি। 'কৃষ্ণ-একাদশীর রাতে।' *রবীন্দ্র*, ১৯৩২।

কৃষ্ণকণ্ঠ [স] *বি* (হিন্দু পুরাণ) নীলকণ্ঠ – শিব। 'আমি কৃষ্ণকণ্ঠ, মন্থন-বিষ পিয়া ব্যথা-বারিধির।' *নজরুল*, ১৯২২।

কৃষ্ণকলি [স] *বি* একধরনের গাছ ও ফুল। 'কৃষ্ণকলি আমি তারেই বলি।' *রবীন্দ্র*, ১৯০০।

কৃষ্ণকলেবর [স] *বি* কালো বর্ণের অবয়ব। 'কৃষ্ণকলেবর বিদ্যুতের মালায় ভূষিত করিয়া ...।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কৃষ্ণ কাফন [স কৃষ্ণ+আ কাফন] *বি* কালো কাফনের কাপড়। 'দিলে মোর পরে সকরুণ করে কৃষ্ণ কাফন টানি।' *নজরুল*, ১৯২৯।

কৃষ্ণকায় [স] *বিণ* কালো শরীরবিশিষ্ট। 'ওখেলো কৃষ্ণকায়।' *বঙ্কিম*, ১৮৮৭।

কৃষ্ণকেলি [স কৃষ্ণকলি] *বি* ফুলবিশেষ। 'কুন্দ জবা কৃষ্ণকেলি টগর বকুল।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কৃষ্ণকেশাবৃত [স] *বিণ* কালো চুলে ঢাকা। 'কৃষ্ণকেশাবৃত ললাটে তারার মালা গ্রথিত করিয়া বেড়াইতেছে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কৃষ্ণগণ্ড [স] *বি* কালো গাল; হুঁকোর কালো খোল। 'তিনি নর্মসখী কৃশানুদীপ্ত তাম্রকূটশীর্ষ ডাবাসুন্দরীর সুচিক্কণ কৃষ্ণগণ্ডে একটি মাত্র নিবিড় চুম্বন দিতে পারেননি।' *মুজতবা*, ১৯৫৮।

কৃষ্ণচতুর্দশী [স] *বি* কৃষ্ণপক্ষীয় চতুর্দশী তিথি। 'কৃষ্ণচতুর্দশী উপস্থিত হইল।' *বিদ্যা*, ১৮৪৭।

কৃষ্ণচমর [স কৃষ্ণ+চমর] *বি* কালো রঙের চামর। 'বিশাল কৃষ্ণচমর এদিক-ওদিক।' *বিভূতি*, ১৯২৯।

কৃষ্ণচূড়া [স] *বি* লাল-হলুদ বর্ণের ফুলবিশেষ। 'মোর কৃষ্ণচূড়া কেনে পরিবে ধরণী।' *মাইকেল*, ১৮৬১।

কৃষ্ণচ্ছদ [স] *বি* কালো পোশাক। 'সভ্যতা শুভ্রবসন ত্যাগ করে কৃষ্ণচ্ছদ অবলম্বন করেছে।' *প্রমথ*, ১৯০৫।

কৃষ্ণজাতি [স] *বি* কৃষ্ণাঙ্গ জাতি। 'শ্বেতজাতি দিনের ন্যায় সদাজাগ্রত ... কৃষ্ণজাতি রাত্রির ন্যায়।' *রবীন্দ্র*, ১৯০৮।

কৃষ্ণতড়াগ [স] *বি* কালো জলপূর্ণ দিঘি। 'তরঙ্গক্ষুব্ধ কৃষ্ণতড়াগতুল্য কেশদাম।' *বঙ্কিম*, ১৮৭৮।

কৃষ্ণতা [স] *বি* কৃষ্ণত্ব; কালিমা। 'বিমানের কৃষ্ণতাশূন্য উজ্জ্বলালোকময়ী ছায়া মেঘের উপর পড়িয়াছে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কৃষ্ণতাশূন্য [স] *বিণ* স্ত্রী কৃষ্ণত্ব নেই এমন। 'বিমানের কৃষ্ণতাশূন্য উজ্জ্বলালোকময়ী ছায়া মেঘের উপর পড়িয়াছে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কৃষ্ণ-তৃতীয়া [স] *বি* কৃষ্ণপক্ষের তৃতীয় তিথি। 'সে-দিন ছিল ভাদ্রের কৃষ্ণ-তৃতীয়া।' *নজরুল*, ১৯২২।

কৃষ্ণত্ব [স] *বি* কৃষ্ণত্ব; কালোত্ব। 'আকাশের কৃষ্ণত্ব ... দেখিতে পাওয়া যায়।' *বঙ্কিম*, ১৮৭৫।

কৃষ্ণদশমী [স] *বি* কৃষ্ণপক্ষের দশম তিথি। 'হয়ত কৃষ্ণদশমী চাঁদ; ... অন্ধকার তাতে একটুও ঘুচল না।' *জীবন*, ১৯৩২।

কৃষ্ণদেহ [স] *বি* কালো শরীর। 'আমরা কৃষ্ণদেহ খুলে রাখি।' *প্রমথ*, ১৯০২।

কৃষ্ণধূমশ্বসিত [স] *বিণ* কালোধোঁয়া ত্যাগকারী। 'এই-সকল কৃষ্ণধূমশ্বসিত দানবীয় কারখানাগুলার ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

কৃষ্ণনেত্র [স] *বি* কালো চোখ। 'তাহার সেই নবভাবোদ্দীপ্ত কৃষ্ণনেত্রের প্রথম কটাক্ষপাতে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

কৃষ্ণপক্ষ [স] **১** *বি* চান্দ্রমাসে পূর্ণিমা থেকে অমাবস্যা পর্যন্ত পনেরো দিন। 'ভাদ্র মাসে কৃষ্ণপক্ষে অষ্টমি সুতিথি।' *মালাধর*, ১৫০০। **২** *বি* খারাপ সময়। 'আবার ভাঁটা পড়তে আরম্ভ হয়, লন্ডনের কৃষ্ণপক্ষ আসে।' *রবীন্দ্র*, ১৮৮১। **৩** *বি* গায়ের রং কালো এমন ভারতীয়। 'নীলকুঠোল সাহেবের কৃষ্ণপক্ষের মেম, কুঠির হেড বরকন্দাজ উমেশ সর্দারের মেয়ে টগর বিবি।' *প্রমথ*, ১৯৩১।

কৃষ্ণপক্ষ [স] *বিণ* কালো লোমযুক্ত। 'চন্দ্রকান্ত নয়নের কৃষ্ণপক্ষ পাতা বিস্কারি তাকাও তুমি।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

কৃষ্ণ-প্রতিপদ [স] *বি* কৃষ্ণপক্ষের প্রথম তিথি; পূর্ণিমার পরের দিন। 'কৃষ্ণ-প্রতিপদের চাঁদটি ঠিক আমাদের পাঁচিলের উপরটিতে এসে মুখ বাড়িয়েছে।' *রবীন্দ্র*, ১৯১৫।

কৃষ্ণবর্ণ [স] *বিণ* কালো রংবিশিষ্ট। 'সে গরু অত্যুচ্চ ও কৃষ্ণবর্ণ।' *দর্পণ*, ১৮২৩।

কৃষ্ণবর্ণত্ব [স] *বি* কৃষ্ণত্ব। 'অঙ্গারের কৃষ্ণবর্ণত্ব অগ্নি-সংযোগেই নিরাকৃত হয়।' *অক্ষয়*, ১৮৪৬।

কৃষ্ণবর্ণা [স] *বিণ* স্ত্রী কালো রঙের। 'রাত্রিকে কৃষ্ণবর্ণা উষার স্বসা বলেছেন আর্য ঋষিরা।' *অবন*, ১৯২৫।

কৃষ্ণমুখমণ্ডল [স] *বি* কালো মুখাবয়ব। 'তেলোজ্জ্বল কৃষ্ণমুখমণ্ডলে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শুভ্রদন্তপংক্তির শোভা।' *প্রভাত*, ১৮৯৬।

কৃষ্ণমূর্তি [স] *বি* কালো মানুষ। 'আমরা যতগুলি কৃষ্ণমূর্তি আছি।' *রবীন্দ্র*, ১৮৮১।

কৃষ্ণযুগ [স] *বি* অন্ধকার যুগ। 'মধ্যযুগকে ইউরোপীয়েরা কৃষ্ণযুগ বলেন।' *প্রমথ*, ১৯১৪।

কৃষ্ণরাত [স কৃষ্ণরাত্রি] *বি* অন্ধকারময় রাত। 'কৃষ্ণরাতের অন্ধকারে বচনহারা।' *রবীন্দ্র*, ১৯২৬।

কৃষ্ণলবণ *বি* লবণবিশেষ। 'কৃষ্ণলবণ, হিঙ্গ, বোল, পর্বত মধু এবং লোবান।' *অক্ষয়*, ১৮৪৭।

কৃষ্ণশিখ [স] *বিণ* কালো শিখাবিশিষ্ট। 'অর্ধচন্দ্রলাঞ্ছিত কৃষ্ণশিখ ফেজের রক্ত-রাগ।' *নজরুল*, ১৯২২।

কৃষ্ণসর্প [স] *বি* কাল কেউটে। 'এক কৃষ্ণসর্প ঐ দুগ্ধে মুখার্পণ করাতে, তাহা অতিশয় বিষাক্ত হইয়াছিল।' *বিদ্যা*, ১৮৪৭।

কৃষ্ণসাগর [স] *বি* এশিয়া ও ইউরোপের মধ্যবর্তী একটি সাগর। 'কৃষ্ণসাগর এবং কাস্পিয়ান সাগরের মধ্যবর্তী।' *অক্ষয়*, ১৮৪১।

কৃষ্ণসার [স] *বি* হরিণের জাতবিশেষ। 'হাজার হাজার আর ঠাই ঠাই কৃষ্ণসার।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কৃষ্ণসারনি [স কৃষ্ণসার>] *বি* মাদি কৃষ্ণসার নামক হরিণবিশেষ। 'কৃষ্ণসারনি সইতে সে কি পারবে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কৃষ্ণা [স] **১** *বি* দাক্ষিণাত্যের নদীবিশেষ। 'কৃষ্ণা যমুনায় নয়।' *জীবন*, ১৯৩২। **২** *বিণ* কৃষ্ণপক্ষীয়। 'আজ ৭ই আষাঢ় কৃষ্ণা একাদশী তিথি।' *রবীন্দ্র*, ১৯৩২। **৩** *বিণ স্ত্রী* কালো রঙের। 'কৃষ্ণা মেয়ে মেঘের পানে আছে চেয়ে।' *নজরুল*, ১৯৩৫।

কৃষ্ণাঙ্গী [স কৃষ্ণ-অঙ্গী] *বিণ* কালো অঙ্গবিশিষ্ট। 'দীর্ঘাঙ্গী, কৃষ্ণাঙ্গী, কৃশাঙ্গী।' *বঙ্কিম*, ১৮৭৫।

কৃষ্ণাচতুর্দশী [স] *বি* কৃষ্ণপক্ষের চতুর্দশ তিথি। 'কাল গিয়াছে কৃষ্ণাচতুর্দশীর রাত্রি।' *মানিক*, ১৯৩৫।

কৃষ্ণাজিন [স] *বি* কৃষ্ণসার মৃগের চামড়া। 'কৃষ্ণাজিন দণ্ড কমণ্ডলু জটাধারী।' *বৃন্দা*, ১৫৮০।

কৃষ্ণাঞ্জন [স] *বি* কাজল। 'এরা হ্রদের নীল চোখের কৃষ্ণাঞ্জন।' *মুজতবা*, ১৯৫৮।

কৃষ্ণাপঞ্চমী [স] *বি* কৃষ্ণপক্ষের পঞ্চমীর তিথি। 'কৃষ্ণাপঞ্চমীতে যখন সন্ধ্যাবেলাকার জ্যোৎস্না ফুরিয়ে গিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯১৫।

কৃষ্ণাবগুণ্ঠন [স কৃষ্ণ-অবগুণ্ঠন] *বি* কালো ঘোমটা। 'ধরণী মসীময়ী–আকাশের মুখে কৃষ্ণাবগুণ্ঠন।' *বঙ্কিম*, ১৮৭৩।

কৃষ্ণাভ [স] *বিণ* কালচে। 'কৃষ্ণাভ মেঘের থেকে তাহাদের শরীরের 'পরে।' *জীবন*, ১৯৩০।

কৃষ্ণাম্বু [স] *বি* কালো জল। 'বেলাতটের নীলাভ কৃষ্ণাম্বুর মত তার চোখের তারায় গভীর নৈস্তব্ধ্য।' *মুজতবা*, ১৯৬০।

কৃষ্ণায়মান [স] *বিণ* ক্রমশ অন্ধকারাচ্ছন্ন হচ্ছে এমন। 'বন আরও কৃষ্ণায়মান।' *বিভূতি*, ১৯৩৮।

কৃষ্ণাসপ্তমী [স] *বি* কৃষ্ণপক্ষের সপ্তম তিথি। 'কৃষ্ণাসপ্তমীর চাঁদ।' *নজরুল*, ১৯৩১।

কৃষ্ণো [স কৃষ্ণ] *বি* অবতার কৃষ্ণ। 'তোমি জিগাসো : কোনো কার্যো কৃষ্ণো অযুতো করিয়াছেন, আমি বুঝাই।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

কৃসক [স কৃষক] *বি* জমি চাষ করে যে। 'জেনক কৃসক রহে দেখি অনাবৃষ্টি।' *মালাধর*, ১৫০০।

কৃসমাস [ই] *বি* যিশুখ্রিস্টের জন্মোৎসব। 'তাদের গুডফ্রাইডে, ইষ্টার মনডে, কৃসমাস এ সব আছে।' *হাই*, ১৯৫৮।

কৃসাঙ্গ [স কৃশাঙ্গ] *বিণ* কৃশকায়। 'অতিসয় মলিন কৃসাঙ্গ কেন দেখি।' *মালাধর*, ১৫০০।

কৃসান [স কৃষাণ] *বি* কৃষাণ। 'কৃসান ধরএ জেন উজানের মাছ।' *মুকুন্দ*, ১৬০০।

কৃসি, কৃসী [স কৃষি] *বি* চাষবাস। 'কৃসি বানিজ্জের হেতু রাখিল মনুস্য।' *মালাধর*, ১৫০০; 'কৃসী।' *এডমন*, ১৭৯৩।

কৃসাধ্য [স কৃচ্ছ্রসাধ্য] *বিণ* কষ্টসাধ্য। 'বৈধব্য ধর্ম্ম রক্ষা অতিকৃসাধ্য।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

-কে ১ ষষ্ঠী বিভক্তি। 'রূপা থোই নহি কে ঠাবী।' *চর্যা ৮*, ১২০০; 'কনত্রাক্ত ওলাকে উচিত জে ...।' *এডমন*, ১৭৯০। **২** *সপ্তমী বিভক্তি* = -তে। 'কেভুআল নাহি কেঁ কি বাহবকে পারঅ।' *চর্যা ৮*, ১২০০। **৩** *দ্বিতীয়া বিভক্তি*। 'সোরা ভরিবার কারণ নৌকাকে রওয়া(না) দিলাম।' *বোগল*, ১৭৮০।

কে *সর্ব* কোন ব্যক্তি। 'নেআলী মল্লী আরও নানা ফুল কে দিআঁ পাঠাইলে মোর।' *বড়ু*, ১৪৫০।

কেই *সর্ব* কে-ই; কেউ। 'তোমা বিনা প্রভু কেই ...।' *কৃষ্ণরাম*, ১৭৯০।

কেই বা *ত্রিবিণ* কোন ব্যক্তিই বা। 'বদনশোভা দর্শন করিলে কেই বা অপহৃত-মানস না হইত।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

কেউ *সর্ব* কোনো ব্যক্তি। *বিদ্যা*, ১৮৯১।

কেউ কেউ *সর্ব* কোনো কোনো লোক। 'বাবুরা কেউ কেউ জন্মতিথিতে বেতর গোছের আমোদ করে থাকেন।' *হুতোম*, ১৮৬১।

কেও *সর্ব* কেউ। 'সৈসব জৌবন উপজল বাদ। কেও ন মানএ জয় অবসাদ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কেটা *সর্ব* কে। 'কারে কব এ কৌতুক বুঝিবেক কেটা।' *ভারত*, ১৭৬০।

কেআ [স কেতক] *বি* কেয়া। 'সুন্দরি কনককেআ মুতি গোরী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কেউ *সর্ব* কোনো ব্যক্তি। 'যদি কেউ ওয়ারিণ করে জামিন দিবা।' *ভবানী*, ১৮২৫।

কেউকেটা ১ *বিণ* সুপরিচিত। 'মানুষ হিসেবেও কেউকেটা হয়।' *হাই*, ১৯৫৬। **২** *বিণ* (ব্যঙ্গ) মান্য। 'বছর পাঁচেকের মধ্যে এ অঞ্চলের মধ্যে কেউকেটা হয়ে পড়ল লোকটা।' *শামসুল*, ১৯৬২।

কেউটা [স কালটিকা>] *বি* অত্যন্ত বিষধর সাপবিশেষ; কেউটে। 'কেউটা সাপের দুলল ফণা।' *জসীম*, ১৯৩৩।

কেউটিআ [স কৃষ্ণটিকা] *বি* বিষধর সাপবিশেষ। 'কেউটিয়া, গোক্ষুর, বোড়া, বোয়া প্রভৃতি প্রকাণ্ড অজগরসমূহ নির্ভয়ে বিচরণ করিতেছে।' *হরপ্রসাদ*, ১৮৮১।

কেউটে [স কৃষ্ণটিকা] *বি* বিষধর সাপবিশেষ। 'কেউটে খরিশ কালীগোখুরা ময়াল।' *ভারত*, ১৭৬০।

কেউটে-ঢেউ [স কৃষ্ণটিকা+ঢেউ] *বি* কেউটেরূপ ঢেউ। 'কেউটে-ঢেউয়ের ফেনার ফণা ঠুকে।' *জীবন*, ১৯২৭।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কেউড় [স কেয়ূর] *বি* কেওড়া নামের বাঁশ। 'ঐ কেউড় বাঁশের বনের ভিতর।' *জীবন*, ১৯৩২।

কেউয়া *বি* কাক। 'সাধ করিয়াছেন কেউয়া পাকিলে খাবেন ডেউয়া।' *গৌর*, ১৮২২।

কেওকেটা *বিণ* তুচ্ছ; নগণ্য। 'মন সে বড় কেওকেটা নয়।' *সত্যেন্দ্র*, ১৯১২।

কেওট [স কৈবর্ত] *বি* হিন্দু পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'চলিলা কেওটকুল নৌকা সব ঠেলি।' *আলাওল*, ১৬৮০।

কেওড়া[১] [ফা করাওয়া>] *বিণ* সুগন্ধি। **কেওড়া-জল** [ফা করাওয়া>+স জল] *বি* সুগন্ধি জল; গোলাপ জল। 'পানগুলি বিশেষ করে কেওড়া-জলের-ছিটে-দেওয়া।' *রবীন্দ্র*, ১৯১৫।

কেওয়া [স কেতক] *বি* কেয়া গাছ। 'ডাইন ভিতে বট পাতা কেওয়া বাম ভিতে।' *বিজয়*, ১৬৫০।

কেওয়ার [স কপাট] *বি* দরজার কবাট; পাল্লা। 'দরওয়ান দিলেক কেওয়ার লাগাইয়া।' *গরীব*, ১৭৬৫।

কেওরা[১] [স কৈবর্ত] *বি* হিন্দু পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'কেওরা বসিল হাড়ি ঘাস কাট্যা লয় কড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

কেওরা[২] *বি* কাঠবিশেষ। 'কেওরা কাঠ কাটতে এসেছে সুন্দরবনে।' *সেলিনা*, ১৯৭৫।

কেণ্ডা [স কেতক] *বি* কেয়া। 'সমুদ্রে ভাসিয়া যায় শুকনা কেণ্ডার পাত।' *বিজয়*, ১৬৫০।

কেঁ *ক্রিবিণ* কাকে দিয়ে। 'কেড়ুআল নাহি কেঁ কি বাহবকে পারঅ।' *চর্যা ৮*, ১২০০।

-কেঁ নিমিত্তার্থ চতুর্থী। 'এতেকেঁ বুঝিল তোর কাজের ভাষ।' *বড়ু*, ১৪৫০।

কেঁউ-কেঁউ [ধ্বন্যা] *বিণ* অসহায়ত্ব জ্ঞাপন করে এমন। 'মনের কথা ব্যক্ত করবে/ ক্ষীণ অস্পষ্ট কেঁউ-কেঁউ শব্দে?' *সুকান্ত*, ১৯৪৮।

কেঁক [ধ্বন্যা] *বি* লাথি মারার ফলে সৃষ্ট শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

কেঁকানি [ধ্বন্যা] *বি* কেঁক কেঁক শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

কেঁকানো [ধ্বন্যা] *ক্রি* কেঁক কেঁক শব্দ করা। *বিদ্যা*, ১৮৯১।

কেঁকলাস [স কৃকলাস] *বি* গিরগিটি। 'দেখিলত কেঁকলাস অতি মহাকাএ।' *মালাধর*, ১৫০০।

কেঁচকি *বি* বাহুর ভাঁজ। 'আজও বাজুর কেঁচকিতে মাথা রেখে সে কথাই ভাবছে লেকু।' *কায়সার*, ১৯৬২।

কেঁচকেঁচ [ধ্বন্যা] *বি* কোমল জলীয় বস্তুর উপর কঠিন বস্তুর আঘাতজাত শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

কেঁচকেঁচানি [ধ্বন্যা] *বি* কেঁচ কেঁচ শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

কেঁচকেঁচিআ [ধ্বন্যা] *বিণ* কেঁচ কেঁচ শব্দকারী। *বিদ্যা*, ১৮৯১।

কেঁচুয়া [স কিঞ্চুল্লক] *বি* মাটির ভিতর বাস করে এমন লম্বা কৃমি। *ওসাঁ*, ১৭৮৫।

কেঁচেগণ্ডূষ [কাঁচা+স গণ্ডূষ>] *বি* অর্ধসমাপ্ত কাজ পুনরায় আরম্ভ। 'আমাদের অনেকেরই একটা বয়সে কেঁচেগণ্ডূষ করতে হয়।' *প্রমথ*, ১৯০৫।

কেঁচেগণ্ডূষ করা *ক্রি* অর্ধসমাপ্ত কাজ পুনরায় শুরু করা। 'আমাদের অনেকেরই একটা বয়সে কেঁচেগণ্ডূষ করতে হয়।' *প্রমথ*, ১৯০৫।

কেঁচে যাওয়া *দ্র* কাঁচা

কেঁচো [স কিঞ্চুল্লক] *বি* মাটিতে বাস করে এমন কৃমিজাতীয় কীট। 'সাপের কাছে কেঁচো যেন; সাত চড়ে রা ফোটে নাক।' *গুপ্ত*, ১৮৫৮।

কেঁচো খুঁড়তে খুঁড়তে সাপ – সামান্য নিরাপদ কাজ গুরুতর আকার ধারণ করা। 'ভাই কেঁচো খুঁড়তে খুঁড়তে সাপ বার করবে কেন?' *উমেশ*, ১৮৫৭।

কেঁচো-মাটি *বি* কেঁচোর তোলা মাটি। 'পথের কিনারায় কেঁচো-মাটির দাগ।' *শওকত*, ১৯৫৮।

কেঁটকেঁট [ধ্বন্যা] *বি* বিরক্তিকর কথা। *বিদ্যা*, ১৮৯১।

কেঁটকেঁটানি [ধ্বন্যা ক্যাঁটক্যাঁট>] *বি* বিরক্তিকর কথা বলার প্রবণতা। *বিদ্যা*, ১৮৯১।

কেঁটকেঁটিআ [ধ্বন্যা ক্যাঁটক্যাঁট>] *বিণ* বিরক্তিকর কথা বলে এমন। *বিদ্যা*, ১৮৯১।

কেঁড়ে [স কাণ্ড] *বি* দুধ রাখার পাত্রবিশেষ। 'কাঁকালে যদি দুধের কেঁড়ে থাকিল।' *বঙ্কিম*, ১৮৭৫।

কেঁতর *বি* পিচুটি। *মানোএল*, ১৭৪৩।

কেঁতরিয়া *বিণ* পিচুটিযুক্ত। *মানোএল*, ১৭৪৩।

কেঁথা [স কন্থা] *বি* কাঁথা। 'ভিখারী হলি, কেঁথা সার করলি কীসের অভাবে রে।' *লালন*, ১৮৯০।

কেঁদ[১] [স কৃন্দ>] *বি* গাছবিশেষ ও এর ফল। 'কেঁদ কাঠের চেয়েও এবড়োথেবড়ো।' *নজরুল*, ১৯২৪; 'অমৃতমধুর কেঁদফল।' *বিভূতি*, ১৯৩১।

কেঁদো [স স্কন্ধ] *বি* বড়ো। 'গাড়ির হররা সহিসের পয়িস পয়িস শব্দ, কেঁদো কেঁদো ওয়েলার ও নরম্যাণ্ডির টাপেতে রাস্তা কেপে উঠ্‌ছে।' *হুতোম*, ১৮৬১।

কেঁদোবাঘ *বি* খুব বড়ো বাঘ। 'শীতকালে কেঁদোবাঘও আসে।' *মনোজ*, ১৯৬১।

কেঁয়ে *বি* কাঁইয়া; মাড়োয়ারি বণিক। 'তিনি জমিদারি বন্ধক দিয়ে কেঁয়েদের কাছে ঋণ করতে শুরু করলেন।' *প্রমথ*, ১৯৩২।

কেক [ই কেইক] *বি* পিঠাজাতীয় খাবার। 'গড়াগড়ি ছড়াছড়ি কত শত কেক।' *গুপ্ত*, ১৮৫৮।

কেকটাস [ই] *বি* ফণিমনসা। 'কালিদাসের যুগে দ্বারে আঁকা থাকতো ভিন্ন ভিন্ন চিহ্ন যেমন শঙ্খচক্র – হেথায় কেকটাস।' *মুজতবা* ১৯৬৬।

কেকলাস [স কৃকলাস] *বিণ* গিরগিটির মতো সরু দেহবিশিষ্ট। 'কেকলাশ হৈল রাজা অধর্মের ফলে।' *রূপরাম*, ১৭৫০।

কেকা [স] **১** *বি* ময়ূরের ডাক। 'ময়ূর ময়ূরীর কেকা সহিত নৃত্য।' *কৃষ্ণকমল*, ১৮৫৮। **২** *বি* ময়ূর। 'কেকা তারস্বরে যে ... ক্রেঙ্কারধ্বনি উত্থিত করে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কেকাকলরব [স] *বি* ময়ূরের ডাক। 'উতলা কলাপী কেকাকলরবে বিহরে।' *রবীন্দ্র*, ১৯০০।

কেকাধ্বনি [স] *বি* ময়ূরের ডাক। 'করি যদি কেকাধ্বনি/ ঘৃণায় হাসে অমনি।' *মাইকেল*, ১৮৭৩।

কেকারব [স] *বি* ময়ূরের ডাক। 'কেকারব মিশি ফণীর স্বননে।' *মাইকেল*, ১৮৬১।

কেচরি [হি কচহরী] *বি* কাছারি। 'মুই সেরেব কেচরির ভেতর অনেক

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তামসা দেখেলাম।' *দীনবন্ধু*, ১৮৬০।

কেচিৎমতে [স] *ক্রিবিণ* কোনোমতে। 'কেচিৎমতে ভোগাভাব এ ভারতবর্ষীয় মনুষ্য ভিন্ন অন্যবর্ষীয় মনুষ্যের কর্ম্মাকর্ম্ম ভোগ।' *দর্পণ*, ১৮২১।

কেচ্চে [স কর্তরী] *বি* কাঁচি। 'ও বীনা বীইনা একবার তোগার কেচ্চে খান দিবি?' *রামনারায়ণ*, ১৮৫৪।

কেচ্ছা [আ কিস্সা] ১ *বি* কাহিনি। 'সয়ফুল মুলুক কেচ্ছা কহিলা প্রকাশি।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* গালগল্প। 'Rationalist খুলে দেখো তাতে Nationalist-এর কেচ্ছা ছাড়া আর কিছু নেই।' *প্রমথ*, ১৯১৮। ৩ *বি* ইতিহাস। 'ইংরেজ-ফরাসীর কেচ্ছা পড়ে পড়ে তো পরীক্ষা পাস করেছেন।' *মুজতবা*, ১৯৪৯।

কেজিয়া [আ কজিয়াহ] *বি* কাজিয়া; সংঘাত। 'শালী কেজিয়া খুঁজছে, ও বড় লড়াইউলি।' *গিরিশ*, ১৮৮৭।

কেজুর [স কেয়ূর] *বি* বাজু; বাহুর অলঙ্কারবিশেষ। 'কেজুর কুণ্ডল হার সহস্র ফেনাধরে।' *মালাধর*, ১৫০০।

কেজে [ফা কাজিয়া] *বি* মারামারি। 'বসতবাড়ির ঝগড়া কেজে কিছুই আমার মিটলো না।' *লালন*, ১৮৯০।

কেজো [স কার্য>] ১ *বিণ* কাজে লাগে এমন। 'কেবল কেজো কথাই কহেন – ফালতো কথা কিছুই কহেন না।' *প্যারী*, ১৮৫৮। ২ *বিণ* কার্যক্ষম। 'কেজো লোক সব আয় রে ধেয়ে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

কেট [স কাষ্ঠ>] *বি* জলপাত্র; ভিস্তি। 'রামদাস মুচির মন সরলে/ চামড়ার কেটয় গঙ্গা মেলে।' *লালন*, ১৮৯০।

কেটলি, কেটলী [ই কেট্‌ল] *বি* পানীয় গরম করার নলযুক্ত পাত্র। 'চায়ের জলের অর্ধেকটা ছিল কেটলির।' *নজরুল*, ১৯৩০; 'চাপাও চায়ের কেটলী রে।' *অন্নদা*, ১৯৪৫।

কেটো মোল্লা [স কাষ্ঠ+আ মুল্লা] *বি* (ব্যঙ্গ) রক্ষণশীল ধার্মিক। 'লালন তেমনি কেটো মোল্লা।' *লালন*, ১৮৯০।

কেঠো [স কাষ্ঠ>] ১ *বিণ* কাঠের। 'কেঠো বেপারি।' *ওসাঁ*, ১৭৮৫। ২ *বিণ* পরিশ্রমী। 'কেঠো হাতেও ফোসকা পড়িয়ে তবে ছেড়েচো।' *নজরুল*, ১৯২৭। ৩ *বিণ* রুক্ষ; শ্রীহীন। 'কেঠো কাঠ আছে।' *জীবন*, ১৯৪৮।

কেঠোমিস্ত্রী [স কাষ্ঠ>+প মিস্ত্রি] *বি* কাঠমিস্ত্রি। 'একটির বাপ কেঠোমিস্ত্রী।' *নরেন্দ্র*, ১৯৫৩।

কেড়ুআল [স কৃপীটপাল] *বি* দাঁড় টানে যে। 'কেড়ুআল নাহি কেঁ কি বাহবকে পারঅ।' *চর্যা ৮*, ১২০০।

কেণ্ডিডেট [ই] *বি* প্রার্থী। 'হিন্দু মুসলমান আরো দুটো ডাঙর কেণ্ডিডেট রয়েছে।' *মুজতবা*, ১৯৫২।

কেতক [স] *বি* কেয়া ফুল। 'কেতক ও কদম্ব পুষ্পের গন্ধে, চারি দিক আমোদিত হয়।' *মদনমোহন*, ১৮৪৯।

কেতকি [স কেতক] *বি* কেয়া ফুল ও গাছ। 'জাতকি ও কেতকি কুসুম সুবাস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কেতকী [স] *বি* কেয়া ফুলের গাছ ও তার ফুল। 'শেবতী কনক যুথী সুথী কনক কেতকী।' *বড়ু*, ১৪৫০।

কেতকীকেশর [স] *বি* কেয়া ফুলের পরাগ। 'কেতকীকেশরে কেশপাশ করো সুরভী।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কেতকীপত্র [স] *বি* কেয়াগাছের পাতা। 'ইন্দু-কিরণচ্ছটার ন্যায় একটি শুভ্র কেতকীপত্র আসক্ত।' *রবীন্দ্র*, ১৯০৭।

কেতকুতি [ধ্বন্যা] *বি* কাতুকুতু। *মানোএল*, ১৭৪৩।

কেতন[১] [স] *বি* কুঞ্জ। 'নিভৃত কেতনে হরল চেতনে হৃদয়ে রহল বাধা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কেতন[২] [স] *বি* পতাকা। 'নেবে নিবুক প্রদীপ বাতাসে, ঝড়ের কেতন উড়ুক আকাশে।' *রবীন্দ্র*, ১৯১৩।

কেতনবর [স] *বি* পতাকা; নিশান। 'ধ্বজধর বলী মেলিলা কেতনবর, রতনে খচিত।' *মাইকেল*, ১৮৬১।

কেতলি [ই কেট্‌ল] *বি* তরল পদার্থ গরম করার পাত্র। 'কেতলি ১ এক।' *মেয়র্স*, ১৭৬২।

কেতা [আ কিতআহ] ১ *বিণ* গুচ্ছ। 'এক জোন গোরিব লোক বেঙ্গাল বেঙ্কের এক কেতা তমোসুক হারান।' *ক্যালগে*, ১৭৮৭। ২ *বি* প্রস্থ। 'এক কেতা কাগজ পুনর্ব্বার দাখিল করিতে হইবেক।' *দর্পণ*, ১৮২৩। ৩ *বি* কায়দা। 'সহরের ইংরাজি কেতার বাবুরা এখন দুটি দল হয়েছেন, প্রথম দল 'উচুকেতা সাহেবের গোবরের বস্‌ট।'' *হুতোম*, ১৮৬১। ৪ *বি* স্বভাব। 'মুদিনীর এমনি কেতা, পড়ে থাকে যেথা সেথা।' *গিরিশ*, ১৮৮৯।

কেতাদুরস্ত [আ কিতআহ+ফা দুরস্ত] ১ *বিণ* সুশৃঙ্খল; পরিপাটি। 'তুর্কিরা আধুনিক কায়দা-কানুনে কেতাদুরস্ত।' *নজরুল*, ১৯১৯। ২ *বিণ* কৃচিসম্মত। 'তার সঙ্গে আবার কেতাদুরস্ত কথা!' *ওয়াজী*, ১৯৪৮। ৩ *বিণ* বিধিসম্মত। 'শখের ব্রাহ্ম নয়, কেতাদুরস্ত ব্রাহ্ম।' *সচিত্তা*, ১৯৫০।

কেতাব [আ কিতাব] *বি* গ্রন্থ। 'কেতাব আল্লার যত তৃতীয়ে বন্দিনু।' *গরীব*, ১৭৬৫।

কেতাব কোরাণ, কেতাব-কোরান [আ কিতাব-কুরআন] *বি* ইসলামি ধর্মগ্রন্থাদি। 'কাজী কহে তোমার যৈছে বেদ পুরাণ তৈছে আমার শাস্ত্র কেতাব কোরাণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কেতাব-কোরানে না পাইলে দেল-কোরানে সব পাবে।' *লালন*, ১৮৯০।

কেতাবি, কেতাবী [আ কিতাব>] ১ *বিণ* পুস্তকনির্ভর। *বিদ্যা*, ১৮৯১। ২ *বিণ* বইয়ের। 'সে শুধু কেতাবী কথা আজও সে স্বপন।' *নজরুল*, ১৯২৭। ৩ *বিণ* বইয়ের বর্ণনার মতো। ' ... পাছে তা কেতাবী হয়ে পড়ে।' *প্রমথ*, ১৯৩১।

কেতাবত [আ] *বি* ললাট লিখন। 'এজিদের কেতাবত লেখে বদজাত।' *গরীব*, ১৭৬৫।

কেতার্থ [স কৃতার্থ] *বিণ* ধন্য; কৃতার্থ। 'তিনি এসে আমায় কেতার্থ করে দিলেন।' *নজরুল*, ১৯২৭।

কেতু[১] [স] ১ *বি* (জ্যোতিষ) কল্পিত গ্রহবিশেষ। 'বার রাশি সাতাইশ নক্ষত্র রাহু কেতু।' *সুলতান*, ১৬৫০। ২ *বি* পতাকা। 'ধাইল চৌদিকে হেরি সে কেতুর কান্তি।' *মাইকেল*, ১৮৬০।

কেতুর দশা *বি* কেতু গ্রহের প্রভাব। 'আমার জন্মলগ্নে কেতুর দশা চলছিল।' *হুমায়ুন*, ১৯৭২।

কেতুকি [স কেতক] *বি* কেয়া ফুল। 'কেতুকি ধাতুকি কাটিল বামনহাটী।' *মুকুন্দ*, ১৬০০।

কেৎনা [হি] *ক্রিবিণ* কী পরিমাণ। 'মোর কেৎনা ফিকির, কেৎনা পেঁচ, কেৎনা শেস্ত তা জবানীতে বলা যায় না।' *প্যারী*, ১৮৫৮।

কেথলিক [ই ক্যাথলিক] *বি* আদি খ্রিস্টীয় ধর্মসম্প্রদায়। 'কেথলিক দল সব প্রেমানন্দে দোলে।' *গুপ্ত*, ১৮৫৮।

AMARBOI.COM

কেদার [স] *বি* (সংগীত) রাগবিশেষ। 'কেদাররাগ।' বড়ু, ১৪৫০।

কেদারা [স কেদার] *বি* রাতের প্রথম প্রহরে গেয় রাগ। 'মুলতান, ইমন-কল্যাণ, কেদারা প্রভৃতিতে কী কী সুর বাদী আর কী কী সুর বিসম্বাদী।' *রবীন্দ্র*, ১৮৮১।

কেদারি [স কেদার] *বি* কেদারা রাগিণী। 'ঠিক সুরে তার বাঁধা ... নাম দিতে পারি তবে কেদারি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কেদারা[১] [প] *বি* চেয়ার; উচ্চ কাষ্ঠাসনবিশেষ। '... তিনি মেজ ও কেদারা গড়া শিখিতে লাগিলেন।' *বিদ্যা*, ১৮৫৬।

কেদারা[২] দ্র কেদার

কেন [স] *ক্রিবিণ* কী কারণে। 'কেন কানু হেন পড়িহাসে।' বড়ু, ১৪৫০।

কেনমতে, কেনমতেঁ *ক্রিবিণ* কেমনে; কিভাবে। 'আহ্মা এড়ি কেনমতেঁ ধরিলে পরাণী।' বড়ু, ১৪৫০; 'কেনমতে এড়াইল কমললোচন।' *মালাধর*, ১৫০০।

কেনমনে ১ *ক্রিবিণ* কোনোমতে। 'মোএঁ না জীবোঁ কেনমনে।' বড়ু, ১৪৫০। **২** *ক্রিবিণ* কিভাবে; কিরূপে। 'রাধিকা এড়িআঁ আজি জীবোঁ কেনমনে।' বড়ু, ১৪৫০।

কেনना [স কেন>] **১** *অব্য* যেহেতু। 'ওহে হরিণ এ বড় সুসময় কেননা পুষ্প সকল বিকশিত হইয়াছে।' *চণ্ডীচরণ*, ১৮০৫। **২** *অব্য* কারণ। 'তাহার কপালে আগুন কেননা আকৃতি বিস্মৃতকিমাকার।' *ভবানী*, ১৮২৮।

কেনা[১]**, কিনা** [স ক্রী>] *ক্রি* ক্রয় করা। 'ফুটকলই কিনি দিল বড়াই আচল।' *মালাধর*, ১৫০০। **কিনএ** *ক্রি* কেনে; দাম দিয়ে ক্রয় করে। 'কোন জন বেচএ কিনএ কোন হাট।' *বাহরাম*, ১৬৫০। **কিনয়** *ক্রি* ক্রয় করে। 'কিনয় সহস্র সংখ্যা পরম সুন্দরী।' *আলাওল*, ১৬৮০। **কিনি ১** *ক্রি* কিনে; ক্রয় ক'রে। 'ফুটকলই কিনি দিল বড়াই আচল।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* ক্রয় করি। 'ডিঙ্গা ভরে নানা দ্রব্য কিনি।' *মুকুন্দ*, ১৬০০। **কিনিছি** *ক্রি* ক্রয় করেছি। 'বুলিআ কহল মূল্যে কিনিছি এ মূর্তি।' *সুলতান*, ১৬৫০। **কিনিঞা, কিনিঞাঁ** *ক্রি* ক্রয় ক'রে। 'বিধিমত মহাপ্রসাদ আনিল কিনিঞা।' *বৃন্দা*, ১৫৮০; 'কিনিঞাঁ প্রসাদ অন্ন করিল ভোজন।' *মুকুন্দ*, ১৬০০। **কিনিত** *ক্রি* ক্রয় করতো। 'জতন করিআ তাহা কিনিত অবলা।' *মুকুন্দ*, ১৬০০। **কিনিনু** *ক্রি* কিনলাম। 'কর্পূর কিনিনু আগে আর আর এড়্যা।' *কৃষ্ণরাম*, ১৭২০। **কিনিবার** *ক্রি* কেনার। *ক্যালগে*, ১৭৮৪। **কিনিলাম** *ক্রি* কিনলাম। 'কিনিলাম তাহে বলি উপযুক্ত মেষ।' *রামপ্রসাদ*, ১৭৮০। **কিন্যা** *ক্রি* কিনে। 'বেচা কিন্যা হইলে ধনী ইহা ভালে আমি জানি।' *মুকুন্দ*, ১৬০০। **কেনে** *ক্রি* ক্রয় করে। 'চতুর্দিকে যার যেই ইচ্ছা সেই কেনে।' *বৃন্দা*, ১৫৮০।

কেনানো *ক্রি* অন্যকে দিয়ে ক্রয় করানো। 'কুবেরকে তার জমি কিনিয়েই দিতে হবে।' *শ্যামল*, ১৯৬৭।

কেনা[২] [স ক্রী>] *বিণ* ক্রীত; যেন ক্রীত হয়েছে এমন। 'চিরকালের জন্য তোমার কেনা হইয়া থাকি।' *বিদ্যা*, ১৮৫৬।

কেনাকাটা *বি* ক্রয়। 'সদর রাস্তায় কেনাকাটা করতে পারে নির্বিবাদে।' *ওয়ালী*, ১৯৪৫।

কেনাকেনি *বি* কেনাকাটা। 'বিনি মূলে আজ কেনাকেনি।' *নজরুল*, ১৯২৮।

কেনাদাসী [স ক্রীতদাসী] *বিণ* ক্রীতদাসী। 'আমি লো তার কেনা দাসী।' *গিরিশ*, ১৮৮৩।

কেনাবেচা *বি* পণ্য ক্রয় ও বিক্রয়। 'নৌকায় এবং কতক ডাঙায় কেনবেচা চলিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'যে পৃথিবী কেনাবেচা বাদানুবাদ মামলা-মকদ্দমা এবং আত্মগরিমার বিজ্ঞাপন প্রচার করে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কেনারা [ফা কিনারহ্] *বি* কিনারা। 'কেনারায় পড়।' *বঙ্কিম*, ১৮৬৬।

কেনারি [হি ক্যানারি] *বি* ছোটো গানের পাখিবিশেষ। 'শশী খাঁচার মধ্যে কেনারি পাখির নাচ দেখিবে।' *মানিক*, ১৯৩৬।

কেনাল [ই] *বি* খাল। 'কেনালটিতে কলাকুশলতা কী পরিমাণ আছে তা স্থপতিরাই জানেন।' *অন্নদা*, ১৯২৯।

কেনি[১] [প্রা কিণো> কেন] *ক্রিবিণ* কী কারণে; কী জন্য। 'কৃষ্ণ নাম তোমার সত্ত্ব পাসরিলে কেনি।' *মালাধর*, ১৫০০।

কেনি[২] [স কফোণি] *বি* কনুই। 'গাঙ্গা টিপচি তা নইলে শেকহ্যাগু কত্তেম – নেভার মাইন্ড, কেনি দাও।' *দীনবন্ধু*, ১৮৭২।

কেনে[১] [স কেন] **১** *ক্রিবিণ* কেন। 'তবে কেনে পরদারে মজে তোর মতি।' বড়ু, ১৪৫০। **২** *ক্রিবিণ* কী কারণে। 'আচার্য্য করে ইহাকে কেনে দিলে দরশন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *ক্রিবিণ* কিভাবে। 'অরণ্যে সামাইল মৃগী আনিবেক কেনে।' *সুলতান*, ১৬৫০।

কেনেরি [হি ক্যানারি] *বি* ছোটো গানের পাখিবিশেষ। 'এক জোড়া কেনেরি পাখি ধরা থাকে।' *অবন*, ১৯২৭।

কেনো [স কেন] *অব্য* কেন। 'পরমেশ্বরের আজ্ঞাএ যে কার্য্যে করি তাহার পুরষ্কার নিমু কেনো আমি করিবো?' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

কেন্দ[১] [স] *বি* গাব গাছ। 'কুজা কুটুঞ্জ কদম্ব বাসক কেন্দু কুন্দ।' বড়ু, ১৪৫০।

কেন্দুয়া [স স্কন্ধ] *বি* নেকড়ে। 'এক কেন্দুয়া আপন ডেড়ার পালে।' *তারিণী*, ১৮০৩।

কেন্দ্র [স] **১** *বি* প্রধান স্থান। 'এই দুই কেন্দ্র থেকে বালপাঠোপযোগী পুস্তক-পুস্তিকা অনূদিত ... হয়।' *গৌর*, ১৮২২। **২** *বি* মধ্যবিন্দু। 'নাভির শেষ ভাগকে কেন্দ্র কহা যায়।' *অক্ষয়*, ১৮৪১। **৩** *বি* গভীরতম স্থান। 'আমার প্রাণের কেন্দ্রে নিশ্বাস দাও পুরে।' *রবীন্দ্র*, ১৯১৬। **৪** *বি* নির্বাচনের এলাকা। 'নিজ নিজ কেন্দ্র উদ্যোগ-আয়োজন আরম্ভ করিয়া দিয়াছেন।' *আজাদ*, ১৯৩৬।

কেন্দ্রকুহর [স] *বি* কেন্দ্রবিন্দু। 'বেদনায় সমস্ত জল-স্থল-আকাশের কেন্দ্রকুহর হইতে ... বাঁশি বাজে।' *রবীন্দ্র*, ১৯০২।

কেন্দ্রগত [স] *বিণ* প্রধানতম। 'আমাদের একাধিক এক সহস্র সমস্যার কেন্দ্রগত সমস্যা তো এই।' *অন্নদা*, ১৯২৮।

কেন্দ্রগতা [স] *বিণ স্ত্রী* কেন্দ্র থেকে বহির্গত। 'যে কেন্দ্রগতা সরল রেখার উভয় প্রান্ত পরিধিতে লগ্ন হয় তাহার নাম ব্যাস।' *অক্ষয়*, ১৮৪৭।

কেন্দ্রচূড়া [স] *বি* কেন্দ্রবিন্দু। 'সেই দৈশিক কেন্দ্রগুলি একটি মহাদেশিক কেন্দ্রচূড়ায় পরিণত হইবে।' *রবীন্দ্র*, ১৯০৮।

কেন্দ্রচ্যুত [স] *বিণ* কেন্দ্র থেকে বিচ্ছিন্ন। 'সে ততটা কেন্দ্রচ্যুত, ততটা উন্মার্গগামী।' *প্রমথ*, ১৯০৫।

কেন্দ্রপ্রদেশ [স] *বি* মধ্যবর্তী অঞ্চল। 'এর কেন্দ্রপ্রদেশ ঘোর কালো।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কেন্দ্রবদ্ধ [স] *বিণ* কেন্দ্রে আবদ্ধ। 'তাহারই একটি কেন্দ্রবদ্ধ সংহত অংশ বলা যাইতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৫।

কেন্দ্রবর্তী, কেন্দ্রবর্ত্তী [স] *বিণ* কেন্দ্রে আছে এমন। 'বস্তুর উপরে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পতিত আলোক প্রতিক্ষিপ্ত হইয়া কেন্দ্রবর্তী ছিদ্রপথে ...।' *অক্ষয়*, ১৮৫৪; 'অনাদিকালের কেন্দ্রবর্তী জ্ঞান ক'রে ... নিজেকে চির প্রতিষ্ঠিত অনুভব করছিলুম।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কেন্দ্রবাসী [স] *বিণ* মধ্যখানে থাকে এমন। 'আমাদের কেন্দ্রবাসী আত্মা সেইরূপ।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কেন্দ্রবিন্দু [স] *বি* মূল বিষয়। 'আমার এই বক্তব্যই সেই কেন্দ্রবিন্দু।' *উমর*, ১৯৬৮।

কেন্দ্রভূতা [স] *বিণ স্ত্রী* কেন্দ্রে অবস্থিত। 'এই এক সিদ্ধান্ত তাঁহাদের বিশ্বাসক্ষেত্রে বদ্ধমূল হইয়াছিল যে, পৃথিবী অচলা ও অপরিচ্ছিন্ন বিশ্বের কেন্দ্রভূতা।' *বিদ্যা*, ১৮৪৯।

কেন্দ্রভ্রষ্ট [স] *বিণ* কেন্দ্রচ্যুত। 'তাঁরা আহেল বিলেতি ইঙ্গবঙ্গদের মতে কেন্দ্রভ্রষ্ট।' *প্রমথ*, ১৯০৫।

কেন্দ্রমূল [স] *বি* কেন্দ্রস্থল। 'এ শহরটিই ছিল কোয়েটা চামান কান্দাহারের সঙ্গে ব্যবসা বাণিজ্যের কেন্দ্রমূল।' *মাহেনও*, ১৯৪৯।

কেন্দ্ররূপী [স] *বিণ* কেন্দ্রে পরিণত। 'সেই রাজবংশ কেন্দ্ররূপী হইয়া নেশন পাকাইয়া তোলে।' *রবীন্দ্র*, ১৯০৫।

কেন্দ্রস্থ [স] *বিণ* কেন্দ্রে অবস্থিত। 'তাহলেও তোমার অস্থিতি নিয়েছে হরণ ক'রে ব্রহ্মাণ্ডের কেন্দ্রস্থ প্রমিতি।' *সুধীন্দ্র*, ১৯৩১।

কেন্দ্রস্থল [স] ১ *বি* মধ্যবর্তী স্থান। 'সে বর্ণরাজ্যের কেন্দ্রস্থল অধিকার করে থাকে।' *প্রমথ*, ১৯১৪। ২ *বি* মধ্যবিন্দু। 'একটি অখণ্ড বিস্তারে কেন্দ্রস্থলে দেখলে নিজেকে।' *রবীন্দ্র*, ১৯৩৩। ৩ *বি* আশ্রয়স্থল। 'গৃহ নিরানন্দ ... ঝগড়া ফ্যাসাদের কেন্দ্রস্থল হইয়া উঠিবে।' *বেগম*, ১৯৫৭।

কেন্দ্রস্থান [স] *বি* গুরুত্বপূর্ণ জায়গা। 'একটি কেন্দ্রস্থানে ঈদের নমাজের ব্যবস্থা করিতে হইবে।' *এসলাম*, ১৯১৯।

কেন্দ্রাতিগ [স] *বিণ* কেন্দ্র থেকে বহির্মুখী। 'তিনি কেন্দ্রাতিগ, 'সেন্ট্রিফ্যুগল' –।' *রবীন্দ্র*, ১৯০৭।

কেন্দ্রানুগ [স] *বিণ* কেন্দ্রমুখী। 'তাহার কেন্দ্রানুগ শক্তি।' *রবীন্দ্র*, ১৯০৭।

কেন্দ্রাভিগ [স] *বিণ* কেন্দ্রমুখী। 'যন্ত্রবিপ্লব শুধু আর্থিক সংগঠনকে কেন্দ্রাভিগ করেনি ...।' *শিব*, ১৯৬০।

কেন্দ্রাভিগতা [স] *বি* কেন্দ্রমুখিনতা। 'বিশ শতকে পৃথিবীর সমস্ত দেশেই কেন্দ্রভিগতা দ্রুত শক্তিশালী হয়ে উঠেছে।' *শিব*, ১৯৬০।

কেন্দ্রায়ণ [স] *বি* কেন্দ্রীভূতকরণ। 'একদিকে ক্ষমতার প্রবল কেন্দ্রায়ণ প্রবণতা; অন্যদিকে সর্বত্র দেখতে পাচ্ছি ...।' *শিব*, ১৯৫৬।

কেন্দ্রীভবনজাত [স] *বিণ* কেন্দ্রীকরণের ফলে সৃষ্ট। 'নীতির কেন্দ্রীভবনজাত এই শোচনীয়তা থেকে আমাদের মুক্তি দিতে পারে নীতির বিকেন্দ্রীকরণ।' *মোতাহের*, ১৯৫০।

কেন্দ্রীভূত [স] ১ *বিণ* কেন্দ্রে আছে এমন। 'সৌর জগতের কেন্দ্রীভূত।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বিণ* সঞ্চিত। 'সমাজের সকল জ্ঞান সাহিত্যে কেন্দ্রীভূত।' *প্রমথ*, ১৯১৪। ৩ *বিণ* কেন্দ্রের দিকে ধাবিত। 'জাতির অর্থ কেন্দ্রীভূত হইয়া আবার সমস্ত জাতির মধ্যে সঞ্চালিত না হইলে সে জাতি বাঁচে না।' *আজাদ*, ১৯৩৬।

কেন্দ্রীয় [স] ১ *বিণ* কেন্দ্রস্থ। 'কেন্দ্রীয় পঞ্চায়েতে সভ্য নির্বাচনপ্রণালী প্রতিষ্ঠিত হইবে।' *নজরুল*, ১৯২৬। ২ *বিণ* জাতীয়; ফেডারেল। 'ভাবী কেন্দ্রীয় শাসনতন্ত্রে হয় মুসলমানকে সম্পূর্ণ পৃথক জাতি হিসাবে ...।' *আজাদ*, ১৯৪০। ৩ *বিণ* প্রধানতম। 'এখন এই কেন্দ্রীয় প্রতিষ্ঠান বা মজলিস-এর অধীনে থাকিবে।' *বেগম*, ১৯৫২।

কেন্নো [স কর্কটিক] *বি* অনেক পা আছে এমন কীটবিশেষ। 'হয়ে গেল একেবারে বহুপদবিশিষ্ট একটি অলস কেন্নো।' *নজরুল*, ১৯২৭।

কেপচি *বি* ছিপি। 'সোডার বোতলের কেপচি।' *রশীদ*, ১৯৬৩।

কেপাইত, কেফাইত [আ কিফায়ত] *বিণ* প্রাপ্য। 'হাকিমের মালগুজারি করিয়া কেপাইত তিন হাজার টাকা পাইয়াছিলাম।' *ওসী*, ১৭৮২। 'কেফাইত।' *ক্যালগে*, ১৭৮৭।

কেপিটাল [ই] *বি* পুঁজি; মূলধন। 'দোকান খুলতে কেপিটাল লাগে না?' *সুনীল*, ১৯৭০।

কেবল [স] *ক্রিবিণ* একমাত্র। 'বিষ্ণুভক্তি সর্বশ্রেষ্ঠ জানিহ কেবল।' *বৃন্দা*, ১৫৮০।

কেবলই *ক্রিবিণ* শুধুই। 'সে কি নিরর্থক, অথবা কেবলই অপকারী?' *অক্ষয়*, ১৮৪৫।

কেবলমাত্র [স] *ক্রিবিণ* শুধু। 'আমি সব কেবলমাত্র সামগ্রী-আহর্তা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কেবলাম্বয়ী [স কেবল-অন্বয়ী] *বি* একঘরনের যুক্তি। 'মানুষ এতকাল যুদ্ধ করছে সুতরাং চিরকাল করবে এও যেমন কেবলাম্বয়ী, এম্পিরিক যুক্তি ...।' *সবুজ*, ১৯২১।

কেবলা, ভাব [স] *বি* একাত্মভাব। 'ঐশ্বর্য্য হৈতে জ্ঞানে কেবলা-ভাব পর্য্য প্রধান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কেবলি *ক্রিবিণ* শুধুই। 'মাটি খাএ গোবিন্দাই জসোদা কেবলি।' *মালাধর*, ১৫০০।

কেবলা [আ কিবলাহ] *বি* পিতামাতা বা শিক্ষকের স্থলাভিষিক্ত হতে পারেন এমন ব্যক্তি। 'হুজুর কেবলা, আপনার কথা মোটেই বুঝিতে পারিলাম না।' *মনসুর*, ১৯৩৫।

কেবলাহ [আ কিবলাহ] *বি* কাবাঘর। 'বায়তুল মোকাদ্দাস মোসলেম জাহানের সর্ব্বপ্রথম কেবলাহ।' *জামায়াত*, ১৯৩৭।

কেবা *সর্ব* কোন ব্যক্তি। 'এমন নির্ঘৃণ মোরে কেবা কৃপা করে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কেবিন [ই ক্যাবিন] *বি* জাহাজের কক্ষ। 'কাছেই আমার কেবিন।' *বিভূতি*, ১৯৩৩।

কেমণ *বিণ* কেমন; কীরূপ। 'আম্মোত করিব তথা কেমণ পরকার।' *বড়ু*, ১৪৫০।

কেমত [স কিম্] *বিণ* কী। 'কেমত প্রকারে পাই নন্দের নন্দন।' *মালাধর*, ১৫০০।

কেমন ১ *ক্রিবিণ* কী প্রকার। 'তোমা বিনু প্রান তার করএ কেমন।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রিবিণ* কিভাবে। *ওসী*, ১৭৮২।

কেমন করা ১ *ক্রি* ব্যাকুল হওয়া। 'মা মারা গেছে মনে করিলে আমার প্রাণটা কেমন করিয়া উঠে।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *ক্রি* উদাস হওয়া। 'আমার মন কেমন করে / কী জানি, কাহার তরে!' *রবীন্দ্র*, ১৯৩৮।

কেমন করে *ক্রিবিণ* কিভাবে। 'পরকুচ্ছা অধর্ম্ম বিনা কেমন করে রহে গো।' *চণ্ডী*, ১৫৫০।

কেমন কেমন ১ *ক্রিবিণ* অস্বস্তির মতো। 'আমার যেন কেমন কেমন ঠেকছে।' *গিরিশ*, ১৮৮৭। ২ *বিণ* উদাস। 'মাঠের পানে চেয়ে মনটা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কেমন-কেমন করে ওঠে।' *ওয়ালী*, ১৯৪৩।

কেমনতর, কেমনতরো *বিণ* কী রকমের। 'তা বলনা ভাই মদন কেমনতর?' *রামনারায়ণ*, ১৮৫৪; 'চোখের আড়াল প্রাণের আড়াল কেমনতরো ঢঙ এ গো!' *রবীন্দ্র*, ১৮৮৬।

কেমনধারা *বিণ* কী রকমের। 'তুমি কেমনধারা লোক!' *রবীন্দ্র*, ১৮৯২।

কেমনে *ক্রিবিণ* কী ক'রে; কিভাবে। 'কেমনে কাহ্নের/ বোল পালিবো।' *বড়ু*, ১৪৫০।

কেম্নে [কেমন] *ক্রিবিণ* কেমনে। 'পশু হয়ে প্রজার পালন কেম্নে করে।' *মানিকরাম*, ১৭৮১।

কেমবিস [ই ক্যানভাস] *বি* মোটা ও মজবুত কাপড়বিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

কেমিক্যাল [ই] *বি* রাসায়নিক দ্রব্য; রসায়ন। 'কেমিক্যাল নিয়ে মাইক্রস্কোপ নিয়ে নিক্তি নিয়ে বসি।' *রবীন্দ্র*, ১৯৪০।

কেমিস্ট [ই] *বি* ওষুধ প্রস্তুতকারক ও বিক্রেতা। 'কেমিস্টের কাছ থেকে ওষুধপত্র ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

কেমিস্ট্রি, কেমেস্ট্রি [ই] *বি* রসায়নবিদ্যা। 'মূলে আছে তার কেমেস্ট্রি আর শুধু পদার্থতত্ত্ব।' *রবীন্দ্র*, ১৯০০; 'কেমিস্ট্রি না পড়লে তুমি বস্তু-জগতের এত রহস্যের কথা জানতে পারতে?' *সুনীল*, ১৯৭০।

কেয়লা *বি* নির্দিষ্ট পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'দুরন্ত কিরাত কোল হাটেতে বাজায় ঢোল জাতিজীবী বসিল কেয়লা।' *মুকুন্দ*, ১৬০০।

কেয়া [স কেতক>] *বি* কেতকী ফুল ও তার গাছ। 'কেয়া-পত্র দ্রোণি আইল বোঝা পাঁচ সাত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কেয়াখয়ের [স কেতক+স খদির>] *বি* কেয়াফুলের রেণু ও অন্যান্য মসলার মিশ্রণে তৈরি পানের খয়েরবিশেষ। 'সে তাহার মাতৃভাণ্ডারের সমস্ত কেয়াখয়ের চুরি করিয়া পুরস্কার দিতে পারিত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কেয়ামত [আ কিয়ামত] *বি* ইসলামি মতে শেষ বিচারের দিন। 'কেয়ামত অবধি কাফের দুঃখ-জাল।' *আলাওল*, ১৬৮০। দ্র **কিয়ামত**

কেয়ামতরাত্রি [আ কিয়ামত+স রাত্রি] *বি* কেয়ামতরূপ রাত্রি। 'তার উপর এই কেয়ামত-রাত্রি।' *পাশা*, ১৯৭১।

কেয়ার[১] [ই] *বি* পরোয়া। **কেয়ার করা** [ই কেয়ার+করা] *ক্রি* পরোয়া করা। 'নবাবজাদা কাছে এলে, কে আর তারে কেয়ার করে?' *মশাররফ*, ১৮৬৯।

কেয়ারটেকার [ই] *বি* তত্ত্বাবধায়ক। 'কেয়ারটেকার ... বয়স্ক লোক।' *নরেন্দ্র*, ১৯৪৮।

কেয়ারলেস [ই] *বিণ* অসতর্ক। 'তোমার মতো কেয়ারলেস হাঁদা।' *মানিক*, ১৯৩৭।

কেয়ার[২] *বি* ঝাঁপ; দরজা। 'কেয়ার বা ঝাঁপ বাঁধিয়া ঘরের দরজা।' *জসীম*, ১৯৬৪।

কেয়ারি, কেয়ারী [স কেদারিকা] **১** *বি* আল দিয়ে ঘেরা উদ্যান বা ক্ষেত। 'মধ্যে অপূর্ব্ব কেয়ারি।' *রামরাম*, ১৮০১; 'দোপাটীর কেয়ারী ঝকঝক করে।' *মাহেনও*, ১৯৪৯। **২** *বি* সযত্ন বিন্যাস। 'সমস্ত সুধারস কোথায় উবিয়া গেছে। সেই কেয়ারি-করা বাগান, তাহার পরে ...। *রবীন্দ্র*, ১৯০২; 'কপালের কেয়ারিতে হাত বুলোতেই চিনতে পারলাম।' *মণীশ*, ১৯৫৭।

কেয়ারী করা *বিণ* আল দিয়ে ঘেরা এমন। 'কেয়ারী করা পথটা দিয়ে ওরা হেঁটে গেল।' *আলাউদ্দিন*, ১৯৫৫।

কেয়াস [আ কিয়াস] *বি* অনুমান। 'এটা কোন কেয়াসের ব্যাপার নয়।' *কায়সার*, ১৯৬২।

কেয়ূর [স] *বি* বাহুর অলঙ্কারবিশেষ; বাজু। 'হার কেয়ূর আর যত আভরণ সব।' *বড়ু*, ১৪৫০।

-কের *ষষ্ঠী বিভক্তি*। 'যেহ্ন নদীকের বাণে।' *বড়ু*, ১৪৫০।

কেরতাত [স কৃতার্থ] *বিণ* কৃতার্থ। 'তপস্যা করিতে তাহাতে মুনি সকোলের কন্যা সকোলে কেরতাত করিতেন।' *আম্ভোনিয়ো*, ১৭৪৩।

কেরদানি, কেরদানী [ফা কারদানী] **১** *বি* নৈপুণ্য; বাহাদুরি। 'মনটি অধিকার করতে হাজার রকমের কায়দা-কেরদানি দেখানো।' *নজরুল*, ১৯২৭। **২** *বি* কর্মকৌশল। 'এতে কেরদানি করে।' *নজরুল*, ১৯২৭। **৩** *বি* কৃতিত্ব। 'তারিফ করবার মত কেরদানী।' *মুজতবা* ১৯৫২।

কেরদার [ফা কারদার] *বি* প্রধান। 'আসেষ কেরদার শ্রীসেখ কুতবদ্দীন বাজ ...।' *চিঠিপত্র*, ১৮৬৪।

কেরপা [স কৃপা] *বি* কৃপা। 'তা মোদের পত্তি এমনি কেরপা বটে।' *দীনবন্ধু*, ১৮৬০।

কেরয়াল [স করবাল] *বি* দাঁড়। 'ঘন কেরয়াল পড়ে চলে তরা তরা।' *মুকুন্দ*, ১৬০০।

কেরলী [স কেরল>] *বি* মালাবার (কেরালা) দেশের নারী। 'সজল-জলদ-রুচি কেরলীর চুল।' *দীনবন্ধু*, ১৮৬৭।

কেরাণি, কেরাণী [স করণিক] **১** *বি* কেরানি; দাপ্তরিক কাজ ও হিসাব-নিকাশ রক্ষণাবেক্ষণ করে এমন নিম্নপদস্থ কর্মচারী। 'লালদিগীর ধারে কেরাণিরদের থাকিবার যে তেতালা ঘর।' *দর্পণ*, ১৮২১। **২** *বি* কর্মজীবী। 'উকীল মোক্তার কেরাণী মাষ্টারের দল যে কাজের লোক, সে বিষয়ে সন্দেহ নেই।' *প্রমথ*, ১৯১৭।

কেরাণিগিরি, কেরাণীগিরি [স করণিক+ফা গিরি] *বি* কেরানির কাজ। 'কেরাণীগিরি করিব না।' *দর্পণ*, ১৮২১; 'মুনসীগিরি ও মহুরিগিরি কিম্বা কেরাণিগিরি।' *ভবানী*, ১৮২৫।

কেরানি, কেরানী [স করণিক] *বি* দপ্তরের নিম্নপদস্থ কর্মচারী। *বিদ্যা*, ১৮৯১; 'সন্ধ্যাকালে আহত হইয়া কেরানির পতন।' *রবীন্দ্র*, ১৯০৭; 'ব্যাঙ্কের কেরানী।' *শরৎ*, ১৯১৪।

কেরানিগিরি, কেরানীগিরি, কেরানীগিরী [স করণিক+ফা গিরি] *বি* কেরানির কাজ। 'বাঙালি কেরানিগিরি ছাড়িতে পারিল না।' *রবীন্দ্র*, ১৮৮৭; 'যতটুকু কেরানীগিরির সহায়তা করিবে।' *রবীন্দ্র*, ১৯০৮; 'স্কুলের চাকরি কিম্বা মাস্টারী নয়, কেরানীগিরী।' *নরেন্দ্র*, ১৯৫৩।

কেরানিশালা [স করণিক+স শালা] *বি* কেরানিদের থাকার স্থান। 'কেরানিশালার এক কোণে।' *রবীন্দ্র*, ১৯০৫।

কেরাপাত [প কেরাবু] *বি* কানের অলঙ্কারবিশেষ। 'কেহ কেরাপাত পরে কেহ বা চৌদানী।' *রামনারায়ণ*, ১৮৫৪।

কেরাবু [প] *বি* এক রকমের কানের অলঙ্কার। 'কেরাবু ২ দুইটা।' *মেয়র্স*, ১৭৬২।

কেরামত, কেরামৎ [আ কারামত] **১** *বি* অলৌকিক শক্তি। 'বড় খাঁর মহাকায় গোরে কেরামত তায়।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বি* বাহাদুরি। 'কত কেরামৎ জান রে বন্দা কত কেরামৎ জানো।' *দীনবন্ধু*, ১৮৭২।

কেরামতকুশল [আ কারামত+স কুশল] *বিণ* অলৌকিক

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ক্ষমতাসম্পন্ন। 'এই পীরগোষ্ঠি যে কত বড় কেরামতকুশল।' *ইমদাদুল*, ১৯২০।

কেরামতি, কেরামতী [আ কারামত>] **১** *বি* জাদুকরি ক্ষমতা। 'সবুজ ঘাসে রোদের পাশে আলোর কেরামতি।' *সুকুমার*, ১৯২০। **২** *বি* বাহাদুরি। 'কে কাকে ঠেকিয়ে রাখতে পারি খাশা জিনিশের কেরামতিতে।' *জীবন*, ১৯৩২। **৩** *বি* অলৌকিক ক্ষমতা। 'ঐতিহাসিক সিদ্ধার কেরামতী বর্ণনা করিয়া ... ধর্মীয় উদারতাও প্রদর্শন করিয়াছেন।' *এনামুল*, ১৯৫৫।

কেরায়া [আ কিরায়া] *বি* ভাড়া। 'কেরায়া লওয়া জাবেক।' *ক্যালগে*, ১৭৮৭। *দ্র* **কেরেয়া**

কেরায়া-নাও [আ কিরায়া+স নৌকা>] *বি* ভাড়া করা নৌকা। 'কেরায়া-নাও আর ঘাসিনৌকার লাল-লাল আলো।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

কেরাস বিল [ই ক্রস বিল] অনাদায়ী বিলের অভিযোগ। 'দুই কেরাস বিল।' *মেয়র্স*, ১৭৫৭।

কেরাসিন [ই কেরোসিন] *বি* অপরিশোধিত জ্বালানি তেলবিশেষ। 'দুই ভাই মোরা সমাসীন, মেজের উপরে জ্বলে কেরাসিন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কেরাসিন কুপি [ই কেরোসিন+স কূপী] *বি* কেরোসিন তেলে জ্বলে এমন ধাতব বাতি। 'কালো ধোঁয়া উড়িয়ে জ্বলছে কেরাসিন কুপি।' *আলাউদ্দিন*, ১৯৭১।

কেরুআল, কেরুআল, কেরুয়াল, কেরোআল [স করবাল] *বি* নৌকার হাল; দাঁড়। 'বাহিআঁ নিবোঁ নাঅ উড কেরোআলে।' *বড়ু*, ১৪৫০; 'ঝমর ঝমর সব্দে বাজে কেরুআল।' *মালাধর*, ১৫০০; 'তেজি দণ্ড কেরুআলে ঝাঁপ দিআ পড়ে জলে।' *মুকুন্দ*, ১৫৫০; 'এবে কেরুয়াল পড়ে জলে লাগে সাট।' *মুকুন্দ*, ১৬০০।

কেরে [স কেন>] *অব্য* কেন। 'দেল ধুঁড়িলে জানতে পাবি/ আহাম্মদ নাম হল কেরে।' *লালন*, ১৮৯০।

কেরেয়া [আ কিরায়াহ] *বি* ভাড়া। 'পঞ্চাস টাকার কেরেয়ার যোগ্য বাটীতে বাস করে।' *দর্পণ*, ১৮২৫।

কেরেস্তানি [ই ক্রিশ্চিয়ান>] *বি* খ্রিস্টানি; ইউরোপীয়। 'আপনি হিন্দু, আপনার পরনে কেরেস্তানি সুট কেন?' *মুজতবা* ১৯৫২।

কেরোসিন [ই] *বি* অপরিশোধিত পেট্রোলিয়াম; প্যারাফিন। 'এক প্রকার পাথরিয়া কয়লা আছে, তাহা চুয়াইলে কেরোসিন তৈল নির্গত হয়।' *বিদ্যা*, ১৮৫১।

কেরোসিন কাঠ [ই কেরোসিন+কাঠ] *বি* প্যাকিংয়ের কাজে ব্যবহৃত হালকা কাঠবিশেষ। 'কেরোসিন কাঠের তক্তার ... খোপ।' *মানিক*, ১৯৪০।

কেরোসিন-চুলা [ই কেরোসিন+স চুল্লি] *বি* স্টোভ; কেরোসিন তেলে চালিত চুলা। 'কেরোসিন-চুলা বাহির করিয়া জল গরম করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০২।

কেরোসিন-টিন [ই] *বি* কেরোসিন রাখার পাত্র তৈরিতে ব্যবহৃত টিন। 'বারান্দার ওপর দিয়ে আছে কেরোসিন-টিনের চাল।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

কেরোসিন ল্যাম্প [ই] *বি* কুপি; টিনের তৈরি ডিবার মতো বাতি। 'ভৃত্য প্রজ্বলিত কেরোসিন ল্যাম্প হাতে করিয়া ঘরের মধ্যে প্রবেশ করিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কেরোসিন-শিখা [ই কেরোসিন+স শিখা] *বি* কেরোসিন-প্রদীপের শিখা। 'কেরোসিন-শিখা বলে মাটির প্রদীপে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কেরোসিনি [ই কেরোসিন>] *বিণ* কেরোসিনের। 'চাঁদেরে মলিন করিতে পারে না কেরোসিনি ডিবেকালি ঢালি!' *নজরুল*, ১৯২৯।

কেলটিক [ই] *বি* প্রাচীন ইংল্যান্ডে রোম্যানদের আগে বসতি স্থাপনকারী নৃগোষ্ঠী সম্পর্কিত। 'জর্মান, ওলন্দাজি, ইংরেজি; ব্রিটেনীয় আদিমবাসীদিগের কেলটিক ভাষা।' *বঙ্কিম*, ১৮৯২।

কেলশ [স ক্লেশ] *বি* কষ্ট। 'ঘোচে এই কেলশ।' *ভবানী*, ১৮২৫।

কেলা[১] [স কদল] *বি* কলা। 'এক পোন দিয়া আমি চিড়া কেলা খামু।' *বিজয়*, ১৬৫০।

কেলা[২] [আ কিলআ] *বি* দুর্গ। 'বাদসাহী লস্কর রাজমহলের কেলা সেই মতে ছাড়াইলে রাজার সেনাও তাহারদের পশ্চাৎবর্ত্তি।' *রামরাম*, ১৮০১। *দ্র* **কেল্লা, কিল্লা**

কেলাস[১] [ই] *বি* ক্লাস; শ্রেণী। *দর্পণ*, ১৮২৭; 'সংস্কৃত কালেজের যে কএক কেলাস অর্থাৎ শ্রেণী আছে।' *চন্দ্রিকা*, ১৮৩০।

কেলাস[২] [স] *বি* দানা; ক্রিস্টাল। 'মিছরি-কেলাস, অম্ল, খর্জুরের মজ্জার আফিম।' *শক্তি*, ১৯৬১।

কেলাসিত [স] *বিণ* দানাবাঁধা অবস্থা। 'কেলাসিত হয়ে আছে নক্ষত্রের দোষ।' *জীবন*, ১৯৪০।

কেলি [স] **১** *বি* খেলা। 'বাঁধিসুআ জিম কেলি করই খেলই বহুবিহ ওড়া।' *চর্যা ৪১*, ১২০০। **২** *বি* লীলা। 'পুত্র পৌউএ লইয়া কৃষ্ণ সুখে করে কেলি।' *মালাধর*, ১৫০০। **৩** *বি* প্রমোদ। 'কেলি সুখে বঞ্চিমু দোহে নিরন্তর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কেলিকদম্ব [স] *বি* নীপ; এক শ্রেণীর কদম গাছ। 'কেলিকদম্ব গাছের ...।' *বিভূতি*, ১৯৩৮।

কেলিকলা [স] *বি* কামকলা। 'কেলিকলা মনে মান।' *বাহরাম*, ১৬৫০।

কেলিকুঞ্জ [স] *বি* প্রমোদালয়। 'এই বিলাস-আলয়ের কেলিকুঞ্জে যমরাজ তাঁর ...।' *নজরুল*, ১৯২৭।

কেলিকৌতূহল [স] *বি* লীলারহস্য। 'অধ্যাত্মবাদ ও রহস্যঘন প্রেম তত্ত্বকে তাদের পার্থিব প্রেয়সীদের প্রেমপরিচর্যার ও পিচ্ছিল কেলিকৌতূহলের উপকরণ হিসেবে গ্রহণ করলেন।' *মাহেনও*, ১৯৪৯।

কেলিগৃহ [স] *বি* আনন্দ-ফূর্তি করা হয় যে গৃহে। 'তুমি মালতীকে নিয়ে আমার কেলিগৃহে যেতে পার না?' *দীনবন্ধু*, ১৮৬৩।

কেলিপরায়ণ [স] *বিণ* ক্রীড়ারত। 'কেলিপরায়ণ মাছের মতন কোন সংবাদের লেজ ধরে ...।' *শামসুর*, ১৯৭২।

কেলিবিলাস [স] *বি* ক্রীড়া-কৌতুক। 'ঢেউয়ের কেলিবিলাস মায়ের কথা মনে করায়।' *সেলিনা*, ১৯৭৫।

কেলির কুসুম *বি* বিনোদনের ফুল। 'বারবিলাসিনী আমি, কেলির কুসুম।' *গিরিশ*, ১৮৮৭।

কেলিরতা [স] *বিণ স্ত্রী* প্রমোদে মগ্ন। 'লোকের সাথে কেলিরতা অবস্থায় দেখতেই সে ভালোবাসে।' *আলাউদ্দিন*, ১৯৬০।

কেলিরস [স] *বি* আদিরস। 'কেলিরসে বলী বটে অলি।' *গুপ্ত*, ১৮৫৮।

কেলী [স কেলি] *বি* ক্রীড়া। 'না জাণো সুরতী কেলী।' *বড়ু*, ১৪৫০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কেলু *বি* তৃণবিশেষ। 'আমাদের বাসার নিম্নবর্তী অধিত্যকায় কিত্তীর্ণ কেলুবন ছিল।' *রবীন্দ্র*, ১৯১২।

কেলে [স কাল] *বিণ* কালো। 'লাউয়ের মাচায় কেলে হাঁড়ির মত।' *জীবন*, ১৯৪৮।

কেলে সোনা [স কাল>+সোনা] *বি* হিন্দু অবতার কৃষ্ণ। 'ধুলেপুরের কেলেসোনায় করি শির-ধার্য।' *মানিকরাম*, ১৭৮১; 'চার যুগেতে ঐ কেলে সোনা তবু শ্রীরাধার দাস হইতে পারলে না।' *লালন*, ১৮৯০।

কেলে হাঁড়ি [স কাল>+হাঁড়ি] *বি* পাখিকে ভয় দেখানোর জন্য মাচার উপর ব্যবহৃত কালো হাঁড়ি। 'লাউয়ের মাচায় কেলে হাঁড়ির মত।' *জীবন*, ১৯৪৮।

কেলেক্টরী [ই কালেক্টরেট] *বি* রাজস্ব দপ্তর। 'সদর কেলেক্টারী কচহরিতে নিলাম হবেক।' *ক্যালগে*, ১৭৯৪।

কেলেঙ্কারি, কেলেঙ্কারী [স কলঙ্ককার] *বি* কলঙ্কজনক ব্যাপার। 'নায়ক নায়িকার কেলেঙ্কারী।' *প্রচারক*, ১৯০১; 'তাহার কেলেঙ্কারি আর বলিলাম না।' *নজরুল*, ১৯২২; 'অদৃষ্টে শেষে কিনা এই কেলেঙ্কারী।' *বিভূতি*, ১৯৩১।

কেলেন্ডার [ই] *বি* পঞ্জিকা। 'দেয়ালের কেলেন্ডার বেঁকে যায়।' *মুজতবা*, ১৯৫২।

কেলেম [ই ক্লেইম] *বি* দাবি। 'চরটা তিনি আপনার ব'লে কেলেম করেন।' *তারা*, ১৯৪০।

কেলেশ [স ক্লেশ] *বি* কষ্ট। 'বদিউজ্জামাল ভাবে পাই বহু কেলেশ।' *আলাওল*, ১৬৮০।

কেলেস [স ক্লেশ] *বি* কষ্ট। 'বিস্য পুত্র হতে মোর ঘুচিবেক কেলেস।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কেল্লা [আ কিলাহ] **১** *বি* দুর্গ। *ওসাঁ*, ১৭৮৫; 'সেই কালে প্রাগের কেল্লা রচনা যাহা অদ্যাপিও আছে।' *রামরাম*, ১৮০১। **২** *বি* ব্যূহ। *ভবানী*, ১৮২৩।

কেল্লা ফতে [আ কিলাহ+আ ফাতাহ্] *বি* বাজিমাত। 'হানিফাই শেষে কেল্লা ফতে করেছিলেন।' *নজরুল*, ১৯৩১।

কেল্লা ফতেহ্ [আ কিলাহ+আ ফাতাহ্] *বি* বাজিমাত। 'মৌলানা, কেল্লা ফতেহ্, সীট পেয়ে গিয়েছি।' *মুজতবা*, ১৯৪৯।

কেশ [স] *বি* চুল। 'পাকিল দাড়ী মাথার কেশ।' *বড়ু*, ১৪৫০। *দ্র* **কেস**[১]

কেশ করন *ক্রি* চুল আঁচড়ানো ও চুলের যত্ন নেওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

কেশকলাপ [স] *বি* চুলের গোছা। 'কেশকলাপ ঈষৎ দুলিয়া দুলিয়া গোলাপীগণ্ড চুম্বন করিতেছিল।' *সিরাজী*, ১৯১৮।

কেশচয় [স] *বি* চুলের গোছা। 'সমরসময়, ভয়ে কেশচয়,/ পাছে ছিল বলে বেন্ধে রাখিল।' *মদনমোহন*, ১৮৩৪।

কেশচুম্বন [স] *বি* চুল চুম্বন। 'মহেন্দ্র তাহাকে বক্ষে বদ্ধ করিয়া কেশচুম্বন করিল।' *রবীন্দ্র*, ১৯০২।

কেশছটা [স] *বি* কেশশোভা। 'কিবা কেশছটা, নবমেঘঘটা: দেখিয়া চমরী, মনে লাজধরি।' *ভবানী*, ১৮২৫।

কেশজাল [স] *বি* কেশরাশি। 'দশ দিক্‌বধূ খুলি কেশজাল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কেশতৈল [স] *বি* চুলে দেওয়ার তেল। 'সুগন্ধি কেশতৈল।' *রবীন্দ্র*, ১৯২৯।

কেশদাম [স] *বি* চুলের গুচ্ছ। 'তাঁহার অংসসংবিলম্বী কেশদামের সহিত মিশিয়াছে।' *বঙ্কিম*, ১৮৬৬।

কেশপাশ [স] **১** *বি* সিঁথি। 'কেশপাশে শোভে তার সুরঙ্গ সিন্দুর।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* চুলের গোছা। 'নাহী দেবী কেশপাশ বান্ধে।' *মুকুন্দ*, ১৬০০; 'নারিল সে কেশপাশ বাঁধিতে দানবে।' *মাইকেল*, ১৮৬০।

কেশবতী [স] *বিণ* স্ত্রী সুকেশী। 'একটি কেশবতী মেয়ে ... মাথা আঁচড়াচ্ছে।' *নরেন্দ্র*, ১৯৫২।

কেশবন্ধন [স] *বি* চুলের বিন্যাস। 'সে কেশবন্ধন দেখি না রহে গেয়ান।' *বৃন্দা*, ১৫৮০।

কেশবর্ধক [স] *বিণ* চুলবৃদ্ধি করে এমন। 'আমরা কেশবর্ধক তৈলের বড়ো একটা সন্ধান রাখিনে।' *প্রমথ*, ১৯১২।

কেশবাস [স] *বি* চুলের বিন্যাস। 'এল্যো থেল্যো কেশবাস।' *ভবানী*, ১৮২৫।

কেশবিন্যাস [স] *বি* চুলের পরিচর্যা। 'কেশবিন্যাস করিতে করিতে ...।' *বিনোদিনী*, ১৮৭৫।

কেশবিলাসিনী [স] *বিণ* স্ত্রী সুবিন্যস্ত কেশবিশিষ্ট। 'চিত্তহারিণী কেশবিলাসিনী ক্ষীণকটি কঠোরকুচা বেশ্যাদিগমনে পাপ।' *ভবানী*, ১৮২৫।

কেশবেশ [স] *বি* কেশের সজ্জা। 'কেশবেশ বিন্যাসের প্রতি বিশেষ দৃষ্টি।' *রবীন্দ্র*, ১৮৯১।

কেশভার [স] *বি* কেশপাশ। 'আঁচড়িল কেশভার নানা পরিবন্ধে'। *মুকুন্দ*, ১৬০০।

কেশমার্জনী, কেশমার্জ্জনী [স] *বিণ* চুল পরিষ্কারক। *সেবধি*, ১৮৩৯।

কেশমূল [স] *বি* খোঁপা। 'নাহি বান্ধে কেশমূল।' *মুকুন্দ*, ১৬০০।

কেশরঞ্জন [স] *বি* চুলের প্রসাধনীবিশেষ। 'চুলে, গায়ে, জামায় বেশ করে কেশরঞ্জন মেখে ...।' *নজরুল*, ১৯৩১।

কেশরাশি [স] *বি* চুলের রাশি। 'কেশরাশি জলে ঋজু।' *বঙ্কিম*, ১৮৭৮।

কেশসংস্কার [স] *বি* চুল আঁচড়ানো। 'কুল্লোল দন্তধাবন কেশসংস্কার।' *বৃন্দা*, ১৫৮০।

কেশসংস্কারধূপ [স] *বি* চুল সুবাসিত করার ধূপ। 'পুরবধূদিগের কেশসংস্কারধূপ উড়িয়া আসিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

কেশ-সম্পদ [স] *বি* চুলরূপ সম্পদ। 'নাতিদীর্ঘ নাতিখর্ব দেহ, অতীব সুগঠনা, কেশ-সম্পদে সমৃদ্ধা।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কেশাকর্ষণ [স কেশ-আকর্ষণ] *বি* চুল ধরে টানা। 'যমেতে কেশাকর্ষণ করিয়া থাকে।' *গোলোক*, ১৮০১।

কেশাকর্ষণ করা *ক্রি* চুল টানা। 'শালাবাবুর কেশাকার্ষণ করে বলিব হে শ্যালক-কুল-তিলক ...।' *দীনবন্ধু*, ১৮৭৩।

কেশাকেশি [স] *বি* পরস্পর চুল ধরে টানাটানি করে ঝগড়া। 'কেশাকেশি দুহেঁ অঙ্গনে ফিরে।' *মুকুন্দ*, ১৬০০।

কেশাগ্র [স কেশ-অগ্র] *বি* চুলের ডগা। 'কেশরঞ্জনবাবুর কেশাগ্রও সে দেখতে পেল না।' *নজরুল*, ১৯৩১।

কেশারণ্য [স কেশ-অরণ্য] *বি* কেশরাশি। 'সুবাসিত তেল কেশারণ্যের গভীরে।' *সুভাষ*, ১৯৪০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কেশন *বি* জাফরান। *মানোএল*, ১৭৪৩।

কেশর[১] [স] ১ *বি* বকুল ফুল। 'নাগেশর কেশর আর তিশিশ শিরিষ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* ফুলের পাপড়ির মধ্যস্থ কেশর মতো সূক্ষ্ম প্রত্যঙ্গ। 'কেশরনিকরেতে কদম্ব-কুসুমের গ্রন্থির ন্যায় গ্রথিত আছে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

কেশর[২] [স] *বি* সিংহের ঘাড়ের দীর্ঘ চুল। 'এই লম্বমান দীর্ঘ লোমাবলী কেশর নামে খ্যাত।' *অক্ষয়*, ১৮৫৪।

কেশর-ফোলা *বিণ* সিংহের ঘাড়ের দীর্ঘ চুল ফুলে আছে এমন। 'সমস্ত আকাশটা ডেকে উঠল যেন কেশর-ফোলা সিংহ।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কেশরি, কেশরী [স কেশরী, সন্ধিতে ই-কার] ১ *বি* সিংহ। 'হুহুঙ্কার মালসাটে কেশরীর রব ছুটে।' *মুরারি*, ১৫৭০; 'কেশরিশাবককে জেন ধরে মাতা হাথি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* শ্রেষ্ঠ বা প্রধান যে। 'বীরকেশরীর সম্মুখে আনিয়া উপস্থিত করিল।' *মশাররফ*, ১৮৮৫।

কেশরিযান [স কেশরী-যান] *বি* সিংহবাহন। 'নন্দনদী দেখিয়া রহিলা কেশরিযানে।' *মুকুন্দ*, ১৬০০।

কেশরিণী [স] *বি* সিংহী। 'কেশরিণী কামিনীরে, – কহিলা সুমতি।' *মাইকেল*, ১৮৬০।

কেশরী-কিশোর [স] *বি* সিংহশাবক। 'পশয়ে যেমতি কেশরী কিশোর ত্রাসে, কেশরিণী-কোলে।' *মাইকেল*, ১৮৬১।

কেশাকর্ষণ, কেশাকেশি, কেশাগ্র, কেশারণ্য *দ্র* **কেশ**

কেশিয়ারি [ই ক্যাশিয়ার+বা ই] *বি* কোষাধ্যক্ষের কাজ। 'হৌসে কেশিয়ারি করিতেন।' *বঙ্কিম*, ১৮৭৩।

কেশুর [স কশেরু] *বি* এক জাতীয় ঘাসের মূল। 'পানিফল কেশুর পশারে।' *মুকুন্দ*, ১৬০০।

কেশ্বর [স কেশর] *বি* ফুলবিশেষ। 'পরম সোন্দর এহী যৌবন কেশ্বর।' *রবীন্দ্র*, ১৬৮৯।

কেষ *বি* পদবিবিশেষ। 'পঞ্চানন কেষ।' *চিঠিপত্রে*, ১৬৫৭।

কেষ্ট [স কৃষ্ণ] *বি* হিন্দুদের দেবতা কৃষ্ণ। 'আড়ালে কী ঘটে জানেন কেষ্ট।' *রবীন্দ্র*, ১৮৯৯।

কেষ্টচূড়া [স কৃষ্ণচূড়া] *বি* কৃষ্ণচূড়া। 'কেষ্টচূড়া ফুলগুলো।' *জীবন*, ১৯৩২।

কেষ্টবিষ্টু [স কৃষ্ণবিষ্ণু] ১ *বি* নামিদামি ব্যক্তি। 'যদি একটা কেষ্টবিষ্টু হইয়া আসিতে পারা যায়।' *প্রভাত*, ১৮৯৮। ২ *বি* (ব্যঙ্গ) সম্মানিত লোক। 'দরবারে ধ্রুপদের চলন হলো তখন রাজাবাদশাই কেষ্টবিষ্টু হয়ে উঠলেন।' *ধূর্জটি*, ১৯৩১।

কেস[১] [স কেশ] *বি* চুল। 'উর হিল্লোলিত চাঁচর কেস।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'জেনমত জার অঙ্গ জার জেন কেসে।' *মালাধর*, ১৫০০। *দ্র* **কেশ**

কেসভার [স কেশভার] *বি* কেশরাশি। 'গণ্ডসেল দুই স্তন কপিল কেসভার।' *মালাধর*, ১৫০০।

কেসমার্জন, কেসমার্জ্জন [স কেশমার্জন] *বি* চুল আঁচড়ানো। 'কেসমার্জ্জন করে কেহো চিরনি লইয়া।' *মালাধর*, ১৫০০।

কেসা [স কেশ] *বি* কেশ। 'অরুণ নয়ন লোরে তীতল কলেবর বিলুলিত দীঘল কেসা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কেস[২] [ই] ১ *কি* মামলা। 'এর মধ্যে একটি ইন্সলভেন্ট কেস পেয়েছিলাম।' *গিরিশ*, ১৮৮৬; 'একটা উইল-কেস লইয়া বিরুদ্ধ পক্ষের সঙ্গে ...।' *রবীন্দ্র*, ১৯০৩। ২ *বি* রোগী। 'গোটা দুই কেসও দেখেছি।' *শ্যামল*, ১৯৬৭।

কেস[৩] [ই কেইস] ১ *বি* বাক্স। 'আমার সিগারেটের কেসটা লইয়া আসিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* থলে। 'চামড়ার কেস বের করে মধুসূদন বললে, তোমার জন্যে মুক্তার মালা এনেছি।' *রবীন্দ্র*, ১৯২৯।

কেসব [স কেশব] *বি* হিন্দুদেবতা বিষ্ণু। 'হৃদয়ে কেসব বৈসে।' *মালাধর*, ১৫০০।

কেসমত [আ কিসমত] *বি* ভাগ্য। 'এবার আমাদের কেসমত ভাল।' *এড়ুকেশন*, ১৮৭৩।

কেসর[১] [স কেশর] *বি* নাগকেশর ফুল। 'কেসর কুসুম ধএল হেমদণ্ড।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কেসর[২] [স কেশ] চুলের গোছা। 'সিংহ ইচ্ছা করিলে কেসর ফুলাইতে পারে।' *মদনমোহন*, ১৮৫০।

কেসরি [স কেশরী] *বি* সিংহ। 'শ্রীগা হইয়া আসি ভাণ্ডিলে কেসরি।' *মালাধর*, ১৫০০।

কেসরিআ [স কেশর>] *বি* রঙিন চূর্ণবিশেষ। 'কেসরিআর তিলকে রঞ্জিত কৈল বেশ।' *মুকুন্দ*, ১৬০০।

কেসসা [আ কিস্‌সা] *বি* লোককাহিনি। 'এও যে একটা কেসসা।' *নজরুল*, ১৯২৪।

কেসসা-কাহিনী [আ কিস্‌সা+কাহিনি] *বি* বিরক্তিকর বৃত্তান্ত। 'মতান্তর মনান্তরের কেসসা-কাহিনী নূতন করিয়া শুনাইয়া ...।' *আজাদ*, ১৯৬৪।

কেসু [স কিংশুক] *বি* কিংশুক। 'কেসু কুসুম করু সিঁদুর দান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কেসুর [স কশেরু] *বি* কন্দজাতীয় রসালো ফলবিশেষ। 'খোয়া খেজুর খরমুজ; ইক্ষু শশা তরমুজ; পানিফল কেসুর, আম জাম আঙুর; দধি দুগ্ধ ক্ষীর মাখন বেদানা ইত্যাদি।' *ভবানী*, ১৮২৮।

কেসেম [আ কিসম] *বি* রকম। 'আমার তিনটি মামানি তিন কেসেমের।' *নজরুল*, ১৯২৭।

কেহ *সর্ব* কেউ। 'বাপ বলি ডাকে কেহ বলে আই ভাই।' *মালাধর*, ১৫০০; 'ঝাঁপ দিয়া পড়ে কেহ অচেষ্ট হইয়া।' *বৃন্দাবন*, ১৫৮০।

কেহ কেহ *সর্ব* কোনো কোনো ব্যক্তি। 'কেহ২ বলেন যে কি কুরীতি ছিল।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩০।

কেহত [স কঅপি>] *সর্ব* কেউ। 'কেহত পুতুনা হৈল কেহ হৈল কান।' *মালাধর*, ১৫০০।

কেহবা *সর্ব* হয়তো কেউ। 'কেহ সোনাবান্ধা হুঁকাতে, কেহ গুড়গুড়িতে, কেহবা আলবোলাতে তামাক খাইতে আরম্ভ করিলেন।' *ভবানী*, ১৮২৫।

কেহর *সর্ব* কারও। 'চেতন্য নাহিক কেহর চক্ষুতে না দেখে।' *বিজয়*, ১৬৫০।

কেহেণ *ক্রিবিণ* কিরূপ। 'নাহি জাণো নারী তোর কেহেণ মন।' *বড়ু*, ১৪৫০।

কেহেন *ক্রিবিণ* কেমন; কিরূপ। 'কি নাম তাহার কেহেন তার রূপ।' *বড়ু*, ১৪৫০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কেহ্[১] *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'কেহ্ কোড়া ভূপালী চাহিব রাত্রি শেষে।' *আলাওল*, ১৬৮০।

কেহ্[২] *বি* গম। *মানোএল*, ১৭৪৩।

কেহো *সর্ব* কেউ। 'কেহো কেহো তোহোরে বিরুআ বোলই।' *চর্যা* ১৮, ১২০০।

কেহোত [স কঃঅপি>] *সর্ব* কেউই। 'কেহোত জিনিতে নারে ...।' *মালাধর*, ১৫০০।

কেহ্মনে *ক্রিবিণ* কিরূপে। 'কেহ্মনে পার হয়িব ছোট নাঅখানী।' *বড়ু*, ১৪৫০।

কেহ্নে *ক্রিবিণ* কেন। 'মোরে কেহ্নে বোলএ ধামালী।' *বড়ু*, ১৪৫০।

কৈ[১] *ক্রিবিণ* কোথায়। 'এই তো এলেম কৈ কি দেখাবি বল্লি যে।' *উমেশ*, ১৮৫৭।

কৈ[২] [স কবয়ী] *বি* কই মাছ। 'লোহার চাটুতে তপ্ত তৈলে কৈমাছ ভাজে।' *বঙ্কিম*, ১৮৭৪।

কৈকরী লতা *বি* বুনো লতাবিশেষ। 'কৈকরী লতা পায়ে জড়িয়ে যায়।' *সেলিনা*, ১৯৭৫।

কৈক্ষ [স কক্ষ] *বি* কাঁখ। 'কেহ্ কৈক্ষে কেহ্ বৈক্ষে কেহ ধরে গলে।' *মালাধর*, ১৫০০।

কৈচা [হি কচ্চা] *বিণ* কোমল। *মানোএল*, ১৭৪৩।

কৈছে *ক্রিবিণ* কিভাবে। হাম শিশুমতি তাহে অপযশ ভীত।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'ঐছ নগরকা বিচ কৈছে লোক জিয়ে।' *বৃন্দা*, ১৫৮০।

কৈতব [স] ১ *বি* প্রতারণা। 'অজ্ঞান তমের নাম কহিয়ে কৈতব।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* মিথ্যা। 'গিআ সাধু রাজধানী কহিল কৈতববাণী।' *মুকুন্দ*, ১৬০০।

কৈতর [ফা কবুতর] *বি* কবুতর। 'শূন্য পরে ফিরে যেন কৈতর পাখী।' *আলাওল*, ১৬৮০।

কৈন্যা [স কন্যা] ১ *বি* কনে। 'কৈন্যা কর শিরে ধরি মাগে মনস্কাম।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* কুমারী মেয়ে। 'পুরি মেদ্ধে জাবা জদি পাইবা এক কৈন্যা।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কৈন্যাকাল [স কন্যাকাল] *বি* বিয়ের আগের কুমারী অবস্থা। 'কৈন্যাকালে জন্মাইলেক পরাশর মুনি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কৈন্যাদান [স কন্যাদান] *বি* কন্যা সম্প্রদান; বিবাহ দেওয়া। 'বেদবিধি মতে কৈল কৈন্যা দান।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কৈফত [আ কায়ফিয়াত] *বি* জবাবদিহি। 'কত কি ছাইভস্ম লিখিয়া সম্পাদকের নিকট কৈফত তলব করিয়াছেন।' *মশাররফ*, ১৮৮৯।

কৈফিত [আ কায়ফিয়াত] *বি* জবাবদিহি। 'কৈফিতের পাঁজিখান নিল সাবধানে।' *মুকুন্দ*, ১৬০০।

কৈফিয়ত [আ কায়ফিয়াত] ১ *বিণ* তালিকাভুক্ত। 'কলুয়া লাকড়ি ওগয়রহ কৈফিয়ত মাল সরত নিলাম।' *ক্যালগে*, ১৭৯৬। ২ *বি* ব্যাখ্যা। 'এরূপ কৈফিয়তে কোনো শিক্ষিত লোকের সন্তোষ হইতে পারে না।' *রবীন্দ্র*, ১৮৯১। ৩ *বি* কারণ। 'যখন কৈফিয়ত সন্ধান করি তখন মনে হয় ...।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৪ *বি* কৃত দোষের কারণ দেখানো। 'কাকীর কাছে কী কৈফিয়ত দেব।' *শিবরাম*, ১৯৪০।

কৈফিয়ত তলব করা *ক্রি* ঘটনার কারণ জানতে চাওয়া। 'পণ্ডিত মহাশয়কে ডাকিয়া কৈফিয়ত তলব করিবেন।' *শরৎ*, ১৯১৭।

কৈবর্ত, কৈবর্ত্ত [স] *বি* হিন্দু পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'চান্দ বোলে কৈবর্ত্ত শুন মোর কথা।' *বিজয়*, ১৬৫০।

কৈবর্তপাড়া [স কৈবর্ত-পাটক] *বি* কৈবর্ত সম্প্রদায়ের পল্লী। 'ঘিয়ের জন্য কৈবর্তপাড়ায় যেতে হবে।' *শওকত*, ১৯৫৮।

কৈবল্য [স] *বি* মোক্ষ। 'জরা মৃত্যু নাই অপরূপ ঠাঁই কেবল কৈবল্য মূল।' *ভারত*, ১৭৬০।

কৈবল্যদশা [স] *বি* মোক্ষ লাভের অবস্থা। 'কবির বুঝি কৈবল্যদশাপ্রাপ্তি হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কৈবল্যদায়িনি [স কৈবল্যদায়িনী, সম্বোধনে ই-কার] *বিণ* স্ত্রী মুক্তিদাতা। 'হে জননি, কৈবল্যদায়িনি, কৃপা কর আমা সবা প্রতি।' *মাইকেল*, ১৮৬০।

কৈবল্যপ্রাপ্তি [স] *বি* সমাপ্তি। 'আমার সকল বইয়েরই এক সংস্করণেই কৈবল্যপ্রাপ্তি।' *রবীন্দ্র*, ১৯২৮।

কৈবল্যানন্দ [স কৈবল্য-আনন্দ] *বি* পরম সুখ। 'আর্তকে রক্ষা করার কৈবল্যানন্দ সে তখন ভোগ করে।' *মুজতবা*, ১৯৪৯।

কৈয়া *দ্র* কওয়া

কৈরব [স] *বি* শাপলা। 'কহলার কৈরব কালা পানিসিউলি পানিকলা।' *মুকুন্দ*, ১৬০০।

কৈলাস [স] *বি* হিমালয় পর্বতের অংশবিশেষ হিন্দু শাস্ত্রমতে যেখানে শিবের বসতি। 'কৈলাসশিখর ত্যজি একবার কণ্ঠে হও অধিষ্ঠান।' *মাণিক্যরাম*, ১৭৮১।

কৈলাসশিখর [স] *বি* পর্বতের চূড়াবিশেষ। 'অম্বরতী ধায়্যা চলে কৈলাসশিখর।' *রূপরাম*, ১৭৫০।

কৈলু *বি* ফুল গাছবিশেষ। 'কৈলু গাছের রক্তবর্ণ পুষ্পমঞ্জরী হইতে ফুল ঝরিয়া পড়িতেছিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

কৈল্যান [স কল্যাণ] *বি* মঙ্গল। 'এক পুত্রে তোহ্মার করিব কৈল্যান।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কৈশিকাকর্ষণ [স কৈশিক-আকর্ষণ] *বি* জলের ঊর্ধ্বচাপ; যে শক্তির ফলে সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট নলে তরল পদার্থ উপরের দিকে ওঠে। 'আমরা মাধ্যাকর্ষণ কৈশিকাকর্ষণ এবং বহুবিধ আকর্ষণ-বিকর্ষণের দ্বারা পীড়িত মর্তমানুষ।' *রবীন্দ্র*, ১৯০৭।

কৈশোদরী [স কৃশোদরী] *বিণ* ক্ষীণ কটিবিশিষ্ট। 'কৈশোদরী তুমি কন্যা হয় গিয়া তার।' *মানিকরাম*, ১৭৮১।

কৈশোর [স] *বি* বাল্য ও যৌবনের মধ্যবর্তী অবস্থা। 'বাল্য পৌগণ্ড কৈশোর যৌবন চারি ভেদ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৈশোর-যবনিকা [স] *বি* কৈশোর বয়সের সমাপ্তি। 'এই তো সেদিন মাত্র পড়েছে কৈশোর-যবনিকা।' *রবীন্দ্র*, ১৯৪০।

কৈশোর-শিক্ষা [স] *বি* কিশোর কালের বা অপরিণত বয়সের শিক্ষা। 'এই তো কৈশোর-শিক্ষা।' *গিরিশ*, ১৮৯৬।

কৈশোরিকা [স] *বি* কিশোর কালের প্রিয়া। 'কৈশোরিকা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কৈসে *ক্রিবিণ* কেমনে। 'কৈসে গমাঅবি হরিবিনে দিনরাতিয়া।' *বিদ্যাপতি*, ১৪৬০।

-কো *দ্বিতীয়া বিভক্তি*; -কে। 'রাইকো পেখি উপেখি জগ ভাবিনী ভাবি রহই হৃদিমাঝ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

-কো *ষষ্ঠী বিভক্তি* -এর। 'তুঁঝে দান দিব সব ভূপকো নিকটে।' *বৃন্দা*, ১৫৮০।

কো [স কঃ] ১ *সর্ব* কে। 'আইস সংবোহেঁ কো পতিআই।' *চর্যা* ২৯,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১২০০। ২ *সর্ব* কোন। 'সুধামুখী কো বিহি নিরমিল বালা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কো-অপ [ই কোঅপারেটিভ] *বি* সমবায় সমিতির দোকান। 'বনমালী কো-অপেতে গেলে টফি-চকোলেট যদি মেলে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কো-অপারেটিভ [ই] ১ *বিণ* সমবায়ী; সহযোগিতামূলক। 'শ্রমিকগণের আর্থিক অবস্থার উন্নতির জন্য কো-অপারেটিভ প্রতিষ্ঠান স্থাপন করা।' *নজরুল*, ১৯২৬। ২ *বি* সমবায়ী প্রতিষ্ঠান। 'বোলপুরের কো-অপারেটিভের অবস্থা ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

কোঅপারেশন [ই] *বি* সহযোগিতা। 'পুলিসের কোঅপারেশনের উপরও তাঁরা ভরসা রাখেন।' *প্রমথ*, ১৯১৯।

কোঅলী [স কোমল] *বিণ স্ত্রী* কোমল। 'আতি দুখিনী বালী ল। আল লবলীদলকোঅলী ল।' *বড়ু*, ১৪৫০।

কোই *সর্ব* কেউ। 'ভব জাই ণ আবই এসু কোই।' *চর্যা ৪২*, ১২০০।

কোঈ *সর্ব* কেউ। 'মরনক বেরি হেরি কোঈ ন পূহত করম সঙ্গ চলি জায়।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কোউচল [ই কাউন্সিল] *বি* কাউন্সিল। 'তোমার নামে কোউচলে ফৈরাদ হইয়া ডিঙ্গিরি হয়।' *ভেরলি*, ১৭৮৯।

কোএ *সর্ব* কেউ। 'খমজ সভাবে রে বাণত কাকোএ।' *চর্যা ৪৩*, ১২০০।

কো-এডুকেশন [ই] *বি* ছেলেমেয়েদের একসঙ্গে লেখাপড়া; সহশিক্ষা। 'সহ-অধ্যয়ন বা কো-এডুকেশন।' *বেগম*, ১৯৪৮।

কোএলা [কয়লা] *বি* কয়লা। 'কোএলা – ১ এক চাই।' *চিঠিপত্রে*, ১৭৯৩।

কোঁঅরী [স কুমারী] *বি* কুমারী। 'রাজার কোঁঅরী ভৈল আইহনের রাণী।' *বড়ু*, ১৪৫০।

কোঁঅলী [স কোমল] *বিণ স্ত্রী* কোমল। 'শিরীষকুসুম কোঁঅলী।' *বড়ু*, ১৪৫০।

কোঁক [স কুক্ষি] *বি* গর্ভ। 'তোমার জননী অঞ্জনার সার্থক কোঁক।' *দীনবন্ধু*, ১৮৬৬।

কোঁকড়া [স কর্কট] ১ *বিণ* কোঁচানো; কুঁজো। 'বাতাসে নুইয়া কিংবা কোঁকড়া হইয়া তাহার সমস্ত বেগ হইতে বাচিল।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* এলোমেলো। 'বাঁকা রোদ্দুর, কোঁকড়া হাওয়া।' *বুদ্ধ*, ১৯৬৬।

কোঁকড়া কোঁকড়া *বিণ* স্থানে স্থানে কুঞ্চিত। 'ইহার ঘাড়ে লম্বা লম্বা কোঁকড়া কোঁকড়া লোম হয়।' *মদনমোহন*, ১৮৫০।

কোঁকড়া-ঝাঁকড়া *বিণ* স্থানে স্থানে কুঞ্চিত ও লম্বা। 'এক-মাথা কোঁকড়া-ঝাঁকড়া চুল নাড়াইয়া, পরম উৎসাহে গান গাহিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কোঁকড়ানো [স কর্কট>] ১ *বিণ* কোঁচানো। 'মাথায় নানাপ্রকার কোঁকড়ানো পরচুলো বসানো রয়েছে।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *ক্রি* কুঞ্চিত বা বক্র করা। *বিদ্যা*, ১৮৯১।

কোঁকানি [ধ্বন্যা] *বি* কোঁ কোঁ শব্দ। 'রবিয়ল সাহেবের এসরাজ-সারেঙ্গির কোঁকানি একটু মন্দা পড়েচে।' *নজরুল*, ১৯২৭।

কোঁ কোঁ [ধ্বন্যা] *বি* মুরগির ডাক। 'কোঁ কোঁ করে প্রতিবাদ জানায় ওরা।' *কায়সার*, ১৯৬২।

কোঁখব্যথা [স কক্ষ+ব্যথা] *বি* অম্লশূল। *মানোএল*, ১৭৪৩।

কোঁড়া [স কুব্জ] *বিণ* কুঁজো। *বিদ্যা*, ১৮৯১।

কোঁচ[১] [স ক্রৌঞ্চ] জলচর পাখিবিশেষ। 'চৌদিকে কোঁচের বাটী।' *মুকুন্দ*, ১৬০০।

কোঁচ[২] [স কুঞ্চন] *বিণ* লজ্জিত। 'কোঁচ বধূ ভিক্ষা দেই থালে।' *মুকুন্দ*, ১৬০০।

কোঁচ[৩] [স কুন্ত] *বি* তীক্ষ্ণ শলাকাযুক্ত বর্শাবিশেষ। 'দাওয়ায় ডিবরির আলোতে কুবের একটা কোঁ চেক লোহার শলাকাগুলি পরীক্ষা করিতেছিল।' *মানিক*, ১৯৩৬।

কোঁচবিদ্ধ [কোঁচ+স বিদ্ধ] *বিণ* কোঁচ দ্বারা বিদীর্ণ। 'কোঁচবিদ্ধ হয়ে নিহত।' *ওয়ালী*, ১৯৪৮।

কোঁচ[৪] [স কুঞ্চন] *বি* কোঁচড়। 'এক কোঁচ ভরা বেথুল তাহার ঝামুর ঝুমুর বাজে।' *জসীম*, ১৯২৭।

কোঁচড় [স কুঞ্চ>] *বি* কোঁচা; পরিধেয় কাপড়ের কোঁচকানো অংশ দিয়ে তৈরি আধারবিশেষ। 'কোঁচড় হতে, খাবার নিয়ে খায়।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কোঁচা [স কুঞ্চন>] ১ *বি* কাপড়ের কুঞ্চিত প্রান্ত। 'ফোঁটা পাটা মহাদম্ভ ছিঁড়া জোড়ে কোঁচা লম্ব।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* ধুতি বা লুঙ্গির সামনের কোঁচানো ঝোলা অংশ। 'কোঁচার মুড়া হইতে এক টাকা ও কাছার মুড়া হইতে এক টাকা ...।' *মশাররফ*, ১৮৬৯।

কোঁচানো [স কুঞ্চন>] *বিণ* কুঞ্চিত। 'একটি কোঁচানো চাদর কাঁধের উপর ফেলিয়া।' *রবীন্দ্র*, ১৮৯১।

কোঁছড় [স কুঞ্চন>] *বি* কোঁচড়; ক্রোড়ের বস্ত্রাংশের আধার বা থলিবিশেষ। 'কোঁছড় পূরণ করে হাঁড়ি থেকে কেড়ে।' *গুপ্ত*, ১৮৫৮।

কোঁছা [স কুঞ্চন>] *বি* পরিধেয় বস্ত্রের কুঞ্চিত অগ্রভাগ। *বিদ্যা*, ১৮৯১।

কোঁড় [স কোরক] ১ *বি* কুঁড়ি। *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* বাঁশের অঙ্কুর। 'কচি বাঁশের কোঁড়।' *বিভূতি*, ১৯৩৭।

কোঁড়ক [স কোরক] *বি* ছত্রাক; ব্যাঙের ছাতা। 'ছত্রাক বা কোঁড়ক জাতীয় কোনও কোনও উদ্ভিদ এত ক্ষুদ্র যে, অণুবীক্ষণ যন্ত্রের সাহায্য ব্যতিরেকে দৃষ্টিগোচর হয় না।' *বিদ্যা*, ১৮৫১।

কোঁড়া[১] [স কোরক] ১ *বি* কুঁড়ি। 'বিধি নিরমিল কুলকলঙ্কের কোঁড়া।' *জ্ঞান*, ১৬০০। ২ *বি* অঙ্কুর। 'কেটেছি বাঁশের কোঁড়া।' *শক্তি*, ১৯৬৫।

কোঁড়া[২] [হি কোড়া] *বি* চাবুক। 'পিটেতে মাচ্ছে খুব কোঁড়া।' *গুপ্ত*, ১৮৫৮।

কোঁড়োয়া *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'সাঁওতাল, খাড়িয়া, মুণ্ড, কোঁড়োয়া, ওঁরাও বা ধাঙ্গড় প্রভৃতি অনার্য্য জাতি বাস করে।' *বঙ্কিম*, ১৮৯২।

কোঁৎ কোঁৎ [ধ্বন্যা] *ক্রিবিণ* অবিরাম কোঁৎ শব্দ ক'রে। 'কোঁৎ কোঁৎ গেলে ভাত যত দেয় পাতে।' *গুপ্ত*, ১৮৫৮।

কোঁত [স কুন্থন>] *বি* মল ইত্যাদি ত্যাগের বেগ। *বিদ্যা*, ১৮৯১।

কোঁতকা, কোঁৎকা [তু কোতকা] ১ *বি* লাঠির আঘাত। 'কাছে এলেই কোঁৎকা খাবে।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বি* মোটা লাঠি। 'ঢাকে জমাদারের হেতে কোঁতকা পড়বামাত্রই সহর নিস্তব্ধ হলো।' *হুতোম*, ১৮৬১; 'আঁধকে উঠে কোঁৎকা খুঁজবে না।' *মুজতবা*, ১৯৪৯।

কোঁতকোঁত [ধ্বন্যা] ১ *বি* কাতরতা প্রকাশক ধ্বনি। *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* খাদ্যদ্রব্য গেলার শব্দ। 'কোঁত কোঁত করে গিলতে গিলতে।' *জীবন*, ১৯৩১।

কোঁতা[১] [স কুন্থন>] *ক্রি* মলাদি ত্যাগের জন্য জোরে চাপ দেওয়া। *বিদ্যা*,

AMARBOI.COM

১৮৯১।

কোঁতা[১] *বিণ* মোটা; চ্যাপটা। 'সব চেয়ে ভাই ইবলিশ হয় যে ছেলেদের ঘাড় কোঁতা।' *নজরুল*, ১৯২৬।

কোঁথানো [স কুন্থন>] *ক্রি* শক্ত হওয়া। 'কোঁথাইয়া বসিল কবির বরাবরে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কোঁদল [স কন্দল] *বি* ঝগড়া। 'চাপিয়া বসো না হাত নাড়িয়া কোঁদল কর।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

কোঁদলিআ [স কন্দল>] *বিণ* ঝগড়াটে; কলহপ্রিয়। *বিদ্যা*, ১৮৯১।

কোঁদুলে [স কন্দল>] *বিণ* ঝগড়াটে। 'ও দেশের মেয়েরা ওইরকম কোঁদুলে হয়।' *নজরুল*, ১৯২৭।

কোঁদা [ফা কন্দাহ্] *ক্রি* খোদাই করা। 'তার তামাটে মুখ যেন পাথরে কোঁদা।' *হাসান*, ১৯৭৪।

কোঁদো *বিণ* ডানা গজায়নি এমন। 'এ-সব কোঁদো পায়রার মাংস।' *জীবন*, ১৯৪৮।

কোঁপা [স কূপী] *বি* তৈলাদির পাত্রবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

কোঁমল [স কোমল] *বিণ* কোমল। 'নবনীদল কোঁমল আহ্মার দেহে।' *বড়ু*, ১৪৫০।

কোঁয়ল [স কোমল] *বি* কোমল। 'কোঁয়ল কাহ্নাঞি কেহ্নে বিষজালে মায়িল।' *বড়ু*, ১৪৫০।

কোঁয়লী [স কোমল] *বিণ স্ত্রী* কোমল। 'আঙ্গে আতিশয় বালী লবলীদল কোঁয়লী।' *বড়ু*, ১৪৫০।

কোঁসা [স কোষা] *বি* এক ধরনের ছোটো নৌকা বা ডিঙি। *বিদ্যা*, ১৮৯১।

কোঁসিল [ই কাউন্সিল] *বি* গভর্নর জেনারেলের উপদেষ্টা সভা। 'বিদ্যাসাগর সম্পর্কীয় কোমিটী সাহেবরা কোঁসিলে লেখিয়াছেন।' *দর্পণ*, ১৮৩১।

কোঁস্তা [ফা কুশতম] *বি* ঝাঁটাবিশেষ। 'ঝাঁটায় বল, কোঁস্তায় বল ...।' *বঙ্কিম*, ১৮৭৪।

কোক[১] [স কোকনদ] *বি* লাল পদ্ম। 'কণ্ঠ কমুসম কুচ কোকযুগলা।' *বড়ু*, ১৪৫০।

কোক[২] [স] *বি* নেকড়ে বাঘ। 'কোক শার্দূল আগে দুই সেনাপতি দক্ষিণে ধাইল তারা যেন বায়ুগতি।' *মুকুন্দ*, ১৬০০।

কোক[৩] [ই] *বি* আংশিক পোড়ানো রান্নার উপযোগী পাথুরে কয়লা। 'পাথরিয়া কয়লাকে রন্ধনকার্যের উপযোগী করিতে হইলে, একবার কি দুইবার পোড়াইয়া লইতে হয়; তখন উহাকে কোক কয়লা বলে।' *বিদ্যা*, ১৮৫১।

কোক[৪] [ধ্বন্যা] *ক্রি* অনুচ্চস্বরে কাঁদা। 'কোকয়ে কি সব কাজ হয়?' *উমেশ*, ১৮৫৭।

কোকনদ [স] *বি* রক্তপদ্ম। 'তোহ্মার নয়ন/ মলিন নলিন/ ধরে কোকনদ রূপে।' *বড়ু*, ১৪৫০; 'মধুহীন করো নাগো তব মনঃ কোকনদে।' *মাইকেল*, ১৮৬২।

কোকনদফুল [স কোকনদ+ফুল] *বি* পদ্মফুল। 'কোকনদফুল ফুটি শোভিল সেখানে।' *মাইকেল*, ১৮৬০।

কোকরা *বি* কাপড়ের নামবিশেষ। 'লকনয়ের কাপড় নামে কোকরা লম্বা ২৬ ছাব্বিশ হাত।' *ক্যালগে*, ১৭৮৫।

কোকসিমা [স কুক্কর+শোকা] *বি* কুকুরশুঁয়া গাছ। *বিদ্যা*, ১৮৯১।

কোকাকোলা [ই] *বি* কোমল পানীয়ের ব্র্যান্ডবিশেষ। 'এক তেতলা বাড়ির ছাদে কোকাকোলার বিজ্ঞাপন নক্ষত্রের মতো জ্বলতে-নিভতে শুরু করলো।' *মান্নান*, ১৯৬৮।

কোকানো [স ক্রন্দ্>] *ক্রি* অনুচ্চস্বরে কাঁদা। 'সস্তা লেখক কোকিয়ে মরে, ঢাক নিয়ে সে খালি পিটোয়।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কোকাফ [আ] *বি* দুর্গম পর্বতবিশেষ; পরিদের কল্পিত আবাস। 'পরিস্থানের কোন পরি কোন সে কোকাফ-সুন্দরী।' *নজরুল*, ১৯২২।

কোকিল [স] *বি* কোকিল। 'কোকিল পঞ্চম গাএ।' *বড়ু*, ১৪৫০; 'কুহরে কোকিলকুল যোগীর বিষম।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কোকিলকণ্ঠী [স] *বিণ স্ত্রী* যার কণ্ঠস্বর কোকিলের মতো সুমধুর। 'মৃগনয়না নিশ্চয়ই কোকিলকণ্ঠী ছিলেন।' *ধূর্জটি*, ১৯৩১।

কোকিলকেশ [স] *বিণ* কোকিলের মতো কালো চুল। 'কোকিলকেশের অন্ত শোভয়ে মদন-কুন্ত।' *মুকুন্দ*, ১৬০০।

কোকিলগঞ্জিনী [স] *বিণ* কোকিলের চেয়ে সুকণ্ঠী। 'মধুরভাষিণী! কোকিলগঞ্জিনী।' *রবীন্দ্র*, ১৮৮৯।

কোকিলপেড়ে [স কোকিল+স পার>] *বিণ* কোকিলের মতো কালো পাড়বিশিষ্ট। 'ভোমরাপেড়ে, কোকিলপেড়ে, দাঁতে মেশী পেড়ে ... ইত্যাদি নানা রঙ্গীন সাড়ি পরিধান করেন।' *ভবানী*, ১৮২৮।

কোকিলবাহনী [স] *বি* সরস্বতী। 'কোকিলবাহনী মা।' *রূপরাম*, ১৭৫০।

কোকিলস্বর [স] *বি* কোকিলের কণ্ঠের মতো মধুর স্বর। 'সে সর্বদা সুকোমল কোকিলস্বরে আমার সহিত কথাবার্তা কহিত।' *মাইকেল*, ১৮৭৩।

কোকিলা [স] *বি স্ত্রী* কোকিল। 'কাল হৈল মোরে কোকিলার স্বর।' *বড়ু*, ১৫৭০।

কোকিলি [স কোকিলা] *বি স্ত্রী* কোকিল। 'হেনবেলে কোকিলির কলরব সুনি।' *মালাধর*, ১৫০০।

কোকিলাক্ষ [স কোকিল-অক্ষি] *বি* একপ্রকার ফুল। 'কোকিলাক্ষ তুলিল দুলাল।' *মুকুন্দ*, ১৬০০।

কোকিলাহারী [স কোকিল-আহারী] *বিণ* কোকিলকে পরাজিত করে এমন। 'সঙ্গীতে দগ্ধ কোকিলাহারী।' *বঙ্কিম*, ১৮৭৪।

কোকো [ই কৌকো] *বি* কোকো বীজের গুঁড়া দিয়ে তৈরি পানীয়। 'আমার মেম চায়ের চেয়ে কোকো বেশি ভালোবাসে।' *রবীন্দ্র*, ১৮৯২।

কোক্ষগত [স কুক্ষিগত] *বিণ* আত্মসাৎ। 'প্রথানুসারে স্বামীর যথাসর্বস্ব কন্যার কোক্ষগত করিয়া স্বামীকে পথের ভিখারী করা হইতেছে।' *মশ্যররফ*, ১৮৮৫।

কোঙর [স কুমার>] *বি* পুত্র। 'দেখি দেখি বলি কোলে করিল কোঙর।' *মালাধর*, ১৫০০।

কোঙা [স কুমার>] *বিণ* কুঁজো। *বিদ্যা*, ১৮৯১।

কোঙারা *ক্রি* কাতর হওয়া। 'তখন এ-মন যেমন কেমন কেমন কোন তিয়াসে কোঙারি।' *নজরুল*, ১৯২৬।

কোঙারি [স কুমারী] *বি* কন্যা। 'ডাকে প্রেম-সাধিকা আজও শত রাধিকা গোপ-কোঙারি।' *নজরুল*, ১৯৩২।

কোচ [ই] **১** *বি* ঘোড়ার গাড়িবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বি* আসনবিশেষ। 'লোমাচ্ছাদিত উচ্চপুচ্ছধারী মহোদয়গণ চেয়ারে বেঞ্চে কোচে বিরাজ কচ্চেন।' *দীনবন্ধু*, ১৮৭২। **৩** *বি* দূরপাল্লার যাত্রীবাহী আরামদায়ক মোটরগাড়ি। 'পিপড়ের সারির মতো যানবাহন – সেই কোচ, ট্রাক,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

টিউব-বাস-ট্যাক্সী।' *হাই*, ১৯৫৮।

কোচবাক্স [ই] *বি* গাড়োয়ান যেখানে বসে গাড়ি চালায়। 'কোচবাক্সে একটি চাপরাশি চড়িয়ে যাত্রা আরম্ভ করে দিলুম।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কোচম্যান [ই] *বি* ঘোড়ার গাড়ির চালক। *ওর্সা*, ১৭৮৫।

কোচমেন [ই কোচম্যান] *বি* ঘোড়ার গাড়ির চালক। 'কোচমেন তুমি আপনার কাজে সাবধান থাকো।' *মিলার*, ১৭৯৭।

কোচম্যান [ই] *বি* ঘোড়ার গাড়ির চালক। 'তোমার মত ডেপুটি আমার কোচম্যান আছে।' *দীনবন্ধু*, ১৮৬৬।

কোচড় [স ক্রোড়াঞ্চল] *বি* পরিহিত বস্ত্রাংশের আধার বা থলিবিশেষ। 'এক কোচড় থানকুনি এনে দিতে পারবে।' *শামসুল*, ১৯৫৭।

কোচা [স ক্রোড়াঞ্চল] *বি* পরিধেয় বস্ত্রের কোঁচানো অংশ। 'নীল পাটের শাটী কোচার বলনী।' *চণ্ডী*, ১৫৫০।

কোচোয়ান [ই কোচ+ফা ওয়ান] *বি* ঘোড়ার গাড়ির চালক। 'কোচোয়ানের বসবার জায়গায় ...।' *বিমল*, ১৯৫৩।

কোছ[১] [স ক্রোড়াঞ্চল] *বি* কোলের কাছের বস্ত্রাঞ্চল। 'খান কত ছোবা লহিল উল্টা কোছে।' *বিজয়*, ১৬৫০।

কোছ[২] *বি* কোচবিহারের আদিম বাসিন্দা। 'মেছ গারো কোছ লেপচা প্রভৃতি অনার্য্য জাতিগণ।' *বঙ্কিম*, ১৮৯২।

কোজাগর [স] *বি* আশ্বিন মাসের পূর্ণিমা। 'কোজাগর-লক্ষ্মীপূজা।' *মাইকেল*, ১৮৬৬; 'কোজাগর পূর্ণিমায় শিশু শূন্যে হেসে চায়।' *রবীন্দ্র*, ১৮৯০।

কোজাগরী [স] *বিণ* আশ্বিন মাসের পূর্ণিমাকালীন। 'তা হলে তো আমার ঘরে কোজাগরী লক্ষ্মীপূজা।' *রবীন্দ্র*, ১৯২৯; 'কোজাগরী-লক্ষ্মী-পূর্ণিমার দিন গ্রামসুদ্ধ লোক সেখানে পাত পাড়িত।' *বিভূতি*, ১৯২৯।

কোএঁর [স কুমার] *বি* পুত্র। 'আপনা পাসর কেনে রাধার কোএঁর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কোঞ্চ *বিণ* কোনো। 'কোঞ্চ আক্ষেসার করিবেন না।' *চিঠিপত্রে*, ১৮০৭।

কোঞ্চা [স কুঞ্চিকা] *বি* চাবি। 'সাসু ঘরেঁ ঘালি কোঞ্চা তাল।' *চর্যা ৪*, ১২০০।

কোট[১] [স কোট্ট] **১** *বি* খেলার নির্দিষ্ট স্থান। 'খেলে টিকা কোট ভেটা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* অধিকার; পক্ষ। 'কৌশল করে অবোধ শত্রুকে নিজের কোটে নিয়ে এলেন।' *দীনবন্ধু*, ১৮৭২। **৩** *বি* জিদ; গোঁ। 'তিনি অপর ভাষার কোটই বজায় রেখেছেন।' *প্রমথ*, ১৯১৭। **৪** *বি* সীমানা। 'ভীমকে আজি পাঠিয়েছি রাক্ষসের কোটে।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

কোট[২] [ই কোর্ট] *বি* আদালত। 'ইস্কাট সাহেব এককৌনটেন্ট জেনেরেল ষুপ্রম কোটের টরনী বাবু মজকুর হইয়াছেন।' *ক্যালগে*, ১৮০০।

কোট[৩] [ই] *বি* জামার উপরে পরার ইউরোপীয় ধরনের মোটা জামাবিশেষ; জ্যাকেট। 'সুখেতে সাজান বোট, বাঁধে কোট তাহার ভিতরে।' *গুপ্ত*, ১৮৫৮।

কোটপকেট [ই] *বি* কোটের পকেট। 'কোটপকেট হইতে ঘড়ী বাহির হইয়া ...।' *বঙ্কিম*, ১৮৭৫।

কোটপ্যান্টলুন [ই কোট+প্যান্টালুনস] *বি* কোট-প্যান্ট। 'দাড়ি কামাইয়া কোটপ্যান্টলুন পরিয়া, ব্যারিস্টার হইয়া ফিরিয়া আসিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কোটনা *বি* কোটার কাজ। '"কুট" থেকে হয় কোটনা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

কোটনা-কুটনি *বি* তরকারি যে কোটে; রাঁধুনি। 'স্বামী হবে এঞ্জিনিয়ার আর স্ত্রী হবে কোটনা-কুটনি।' *রবীন্দ্র*, ১৯৪০।

কোটনা-কোটা *বি* রান্নার জন্য সবজি, মাছ ইত্যাদি কাটা। 'বাটনা-বাটা কোটনা-কোটা সম্বন্ধে ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

কোটনামী [স কুট্টনী] *বি* বিবাহ বহির্ভূত প্রণয়ে সহায়তা করার কাজ। 'চুরি জুয়াচুরি পরদারী ভাঁড়ামী ঠকামী বদনামী কোটনামীতে অদ্বিতীয়।' *ভবানী*, ১৮২৮।

কোটপাল [ফা কুতওয়াল] *বি* কোটাল। 'কোটপালের কাছ থেকে আলো সংগ্রহ করে আনিগে।' *রবীন্দ্র*, ১৯২২।

কোট ভোগ *বি* রাজভোগ। 'কোট ভোগের অর্থাৎ রাজভোগের বাসন পরিষ্কার করে।' *দর্পণ*, ১৮২৫।

কোটর [স] **১** *বি* গর্ত। 'কোটর বাটুল দুই আখি।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* গাছের গুঁড়ির মধ্যস্থ গর্ত। 'যেন পেচা পাখি রয় দিবসে কোটরে।' *গরীব*, ১৭৬৫। **৩** *বি* অভ্যন্তর। 'লুকায়ে, শুকায়ে, শরীর শুটায়ে কেবলি কোটরে বাস।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৪** *বি* ঘর। 'কালীপদ কোটরের মধ্যে প্রবেশ করিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

কোটরগত [স] *বিণ* কোটরে বা গহ্বরে প্রবিষ্ট। 'বুড়ার শীর্ণ দেহ, শুষ্ক ওষ্ঠ, চক্ষু কোটরগত।' *বঙ্কিম*, ১৮৮২।

কোটরপ্রবিষ্ট [স] *বিণ* কোটর বা গর্তে ঢুকে আছে এমন। 'অদৃষ্টের দৃষ্টিকে কোটরপ্রবিষ্ট হতাশ শূন্যদৃষ্টি বদ্ধ করে দল বেঁধে মরতে আরম্ভ করি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কোটরাগত [স] *বিণ* কোটরে বা গহ্বরে প্রবিষ্ট। 'নবাগত লোকটির কোটরাগত চোখে আগুন।' *ওয়ালী*, ১৯৪৮।

কোটা[১] [স কর্তন>] **১** *ক্রি* ভানা। 'ছিয়া লৈয়া কন্যা সেই ধান্য কোটে ঘরে।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* কেটে খণ্ড খণ্ড করা। 'মাছ কোটা প্রভৃতি কার্যে তাহার তেমন পটুতা ছিল না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কোটা[২] [ধন্যা কট>] *বি* তালগাছের পোকাবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

কোটা[৩] [স কোষ্ঠ] **১** *বি* ঘর; ঘরের কোঠা; প্রকোষ্ঠ। 'দুই কোটা সমেত সে বাটী তোমার স্থানে বন্দক রাখিয়া ...।' *মেয়র্স*, ১৭৫৭; 'বড় বড় কোটাবাড়ী ভঙ্গ করিয়া ...।' *প্রভাকর*, ১৮৫৮। **২** *বি* প্রকার। '৬৭ নং অষ্ট কোটা – ।' *চিঠিপত্রে*, ১৮৬৪। **৩** *বি* ক্ষেত্র। 'এক নাম দিয়া ভিন্ন বস্তুকে এক কোটায় ফেলা যায়।' *সবুজ*, ১৯১৭।

কোটাবাড়ি, কোটাবাড়ী [স কোষ্ঠবাটী] *বি* ঘরবাড়ি। 'বড় বড় কোটাবাড়ী ভঙ্গ করিয়া ...।' *প্রভাকর*, ১৮৫৮; 'দীপালোকিত কোটাবাড়ি দেখা যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কোটা-ভিটে [স কোষ্ঠ+ভিটা>] *বি* ঘর-বাড়ি। 'বেচতে হলো কোটা-ভিটে।' *গুপ্ত*, ১৮৫৮।

কোটাল[১] [ফা কুতওয়াল] *বি* প্রহরী। 'দিয়ানে নাহিক দেখা বোলায়ে কোটাল।' *বৃন্দা*, ১৫৮০।

কোটালনি [ফা কুতওয়াল>] *বি* স্ত্রী নগর-রক্ষক; প্রহরী। *বিদ্যা*, ১৮৯১।

কোটালি [ফা কুতওয়াল>] *বি* কোটালের কাজ। 'মাতালে কোটালি দিয়া পাইনু আপন কিয়া দূরে গেল সরম ভরম।' *ভারত*, ১৭৬০।

কোটালিআ [ফা কুতওয়াল>] *বি* চৌকিদার; প্রহরী। *বিদ্যা*, ১৮৯১।

কোটালিয়া [ফা কুতওয়াল>] *বি* কোটালের কাজ করে যে। 'বলে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রাজা কোটালিয়া থাও বৃত্তি-ভূমি।' *মুকুন্দ*, ১৬০০।

কোটাল[২] [তা কড়েল] *বি* সাগর ও নদীর জলস্ফীতি। 'পূর্ণিমার কোটাল ইহারে স্ফীত করে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

কোটি[১], **কোটী** [স] **১** *বিণ* এক শো লক্ষ। 'দুই কোটি দান তাহাত মোর।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* অসংখ্য। 'প্রভুকে কহিয় আমার কোটী নমস্কার।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'না জানি কি কোটী সূর্য চন্দ্রমণি জ্বলে।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* প্রান্তদেশ। 'মনুষ্যত্বের আদর্শ এক কোটিতে সমাপ্ত।' *রবীন্দ্র*, ১৯৩৩।

কোটি-কল্পে [স] *ক্রিবিণ* অনন্তকাল ধ'রে। 'কোটি-কল্পে তবে তার নাহিক নিস্তার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কোটি কোটি [স] *বিণ* অগণিত। 'কোটি কোটি জন্ম ব্রহ্মা তপ করি মরি।' *মালাধর*, ১৫০০; 'কোটী কোটী তিরন্দাজ, যে যা বিন্ধে একান্দাজ।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কোটিগুণ [স] *বিণ* অসংখ্য গুণ। 'তাহার অপেক্ষা সহস্রগুণ – কোটিগুণ মূল্যবান বিদ্যারত্ন প্রদান করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৫।

কোটিপতি [স] *বিণ* বিপুল ধনের অধিকারী। 'কোটিপতি ধনাঢ্য ব্যক্তি ... পরম সুখে কাল হরণ করিতেছিলেন।' *অক্ষয়*, ১৮৪৯।

কোটিসূর্যপ্রভাসম [স] *বিণ* এক কোটি সংখ্যক সূর্যের মতো উজ্জ্বল। 'জ্যোতির্ময় জটাজাল/ কোটিসূর্যপ্রভাসম।' *রবীন্দ্র*, ১৮৮৩।

কোটীশ্বর [স কোটি-ঈশ্বর] *বি* মহাধনবান ব্যক্তি। 'আছেন দেশে দুঃখহারী লক্ষদাতা কোটীশ্বর।' *সত্যেন্দ্র*, ১৯২৪।

কোটি[২] [স কটি] *বি* কোমর। 'কোটি দেশ ভাঙ্গী তার প্রান সংহারিল।' *রুবীন্দ্র*, ১৬৮৯।

কোটী [স কোষ্ঠ] *বি* ব্রিটিশ ভারতের ইংরেজ ব্যবসায়ীদের কুঠিবাড়ি। 'গোমাস্তা ও কোটীর দোসরা আমলা হায়ের সঙ্গে এক এত্তফাক হইয়া।' *হ্যালহেড*, ১৭৭৩।

কোটেওয়ার [ফা কুতওয়াল] *বি* নগররক্ষক। 'কোটেওয়ার আর চৌকিদাররা খোলাখুলি ভাবেই রুশ্তিগুলো দিয়ে আসছে।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কোটেশন, কোটেশান, কোটেশ্যন, কোটেসন [ই] *বি* উদ্ধৃতি। 'আপনি কোটেশ্যন ভালবাসেন।' *বঙ্কিম*, ১৮৭৫; 'রাশ রাশ ইংরেজী কোটেসনের মার সহ্য করবার জন্য বক্তাকে প্রস্তুত হতে হয়।' *প্রমথ*, ১৯১৭; 'বহু ইংরেজ কবির কাব্য থেকে দেদার কোটেশানের সাহায্যে প্রমাণ করছিলেন।' *প্রমথ*, ১৯৩৩।

কোটেশন মার্কা [ই কোটেশন মার্ক] *বি* উদ্ধৃতি-চিহ্ন। 'আমি তো কোটেশন মার্কা দিয়ে দিয়ে কথা বলতে পারি নে।' *রবীন্দ্র*, ১৯৪০।

কোটোয়াল [ফা কোতওয়াল] *বি* প্রহরী; নগররক্ষক। 'জানিয়া কৃষ্ণের ঠাঞি কোটোয়াল কহে।' *মালাধর*, ১৫০০।

কোঠ [স কোষ্ঠ] *বি* দুর্গের মতো সুরক্ষিত ঘর বা প্রাসাদ। 'পলাইয়া কোঠে গিয়া নবাব রহিল।' *ভারত*, ১৭৬০।

কোঠর [স কোটর] *বি* গহ্বর। 'কোঠরের পেঁচা অন্য গোধিকার আঁত।' *মুকুন্দ*, ১৬০০।

কোঠরগত [স কোটর] *বিণ* গহ্বরে প্রবিষ্ট। 'চক্ষু কোঠরগত হইল।' *হরপ্রসাদ*, ১৮৮১।

কোঠা [স কোষ্ঠক] **১** *বি* দাবার ছক। 'চউষঠ্ঠি কোঠা শুনিআ লেহুঁ।' *চর্যা* ১২, ১২০০। **২** *বি* ঘর। 'হানিফা সেসব কোঠা বানাতে কহিল।' *গরীব*, ১৭৬৫; 'আমার বসতবাটী কারণ জমী ও একটী কোঠা দিয়াছিলেন সর্ত ত্যাগ করিয়া।' *মেয়ার্স*, ১৭৭০। **৩** *বি* শ্রেণী। 'উভয়ই পাপীর কোঠায় পড়ায় ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

কোঠাঘর [স কোষ্ঠ+ঘর] *বি* পাকা ঘর। 'কোঠাঘর চতুশ্খিমা বসুদ্দ মাএ আমলা সমেত ...।' *মেয়র্স*, ১৭৫৭; 'এখনকার অপেক্ষা তখন কোঠাঘর অধিক ছিল।' *বঙ্কিম*, ১৮৮৪।

কোঠা-দালান [স কোষ্ঠ+ফা দালান] *বি* পাকা বাড়ি। 'সময় ভাল হইলে ইহাতে কোঠা-দালান দিবেন।' *শরৎ*, ১৯১৭।

কোঠাবাটী [স কোষ্ঠবাটী] *বি* পাকা বাড়ি। 'আমী তিন কোঠাবাটী আমার ছাওয়ালকে দিলাম।' *মেয়র্স*, ১৭৬২।

কোঠাবাটী বালাখানা [স কোষ্ঠবাটী+ফা বালাখানাহ্] *বি* পাকা দোতলা বাড়ি। 'কোঠাবাটী বালাখানা ১।' *মেয়র্স*, ১৭৬২।

কোঠাবাড়ি [স কোষ্ঠবাটী] *বি* দালান; পাকা ঘর। 'মাঝে মাঝে দুই-একটা কোঠাবাড়ি।' *রবীন্দ্র*, ১৮৮১।

কোঠা-বালাখানা [স কোষ্ঠ+ফা বালাখানাহ্] *বি* দোতলা অথবা ততোধিক তলাবিশিষ্ট একাধিক কক্ষের দালান। 'ক্লার্করা কোঠা-বালাখানা ক'রে গেছে।' *গিরিশ*, ১৮৮৬।

কোঠার ঘর [স কোষ্ঠ>] *বি* দৃঢ় ঘরবিশেষ। 'ধূলিঞা কোঠার ঘরে লৈয়া গেল সদাগরে।' *মুকুন্দ*, ১৬০০।

কোঠি [স কোষ্ঠ>] *বি* কুঠি; আবাস। 'কলিকাতায় কোঠি করিয়া আছেন।' *রাজীব*, ১৮০৫।

কোড[১] [ই] **১** *বিণ* সাংকেতিক। 'চম্পাকে কোড-ওয়ার্ডে কী কথা বলিতেই সে লাফাইয়া উঠিয়া।' *নজরুল*, ১৯৩১। **২** *বি* নিয়মাবলি। 'নূতন কোড দিয়ে রদবদল করার কোনো প্রয়োজন নেই।' *মুজতবা*, ১৯৫৯।

কোড-ওয়ার্ড [ই] *বি* সাংকেতিক ভাষা। 'চম্পাকে কোড-ওয়ার্ডে কী কথা বলিতেই সে লাফাইয়া উঠিয়া।' *নজরুল*, ১৯৩১।

কোডেসেল [ই কোডিসিল] *বি* উইলের পরিশিষ্ট। 'এক কোডেসেল করেন তাহাতে ঐ দুই জনকে অনেক পুণ্যকর্ম করিতে আজ্ঞা দেন।' *দর্পণ*, ১৮৩০।

কোড় [স ক্রোড়] *বি* কোল। 'পরশে নাগরী হইলা আগরী পড়িলা বেণ্যানী কোড়ে।' *মুকুন্দ*, ১৬০০।

কোড়া[১] *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'কোড়ারাগঃ।' *বড়ু*, ১৪৫০; 'কেহ কোড়া ভূপালী চাহিব রাত্রি শেষে।' *আলাওল*, ১৬৮০।

কোড়াদেশ *বি* (সঙ্গীত) রাগিণীবিশেষ। 'কোড়াদেশরাগঃ।' *বড়ু*, ১৪৫০।

কোড়াদেশাগ *বি* (সঙ্গীত) রাগিণীবিশেষ। 'কোড়াদেশাগরাগঃ।' *বড়ু*, ১৪৫০।

কোড়া[২] *ক্রি* খনন করা। 'নখে কোড়ে হনুমান দিঘি সরোবর।' *মুকুন্দ*, ১৬০০; 'কুড়িতে।' *মানোএল*, ১৭৪৩। **কোড়িব** *ক্রি* খনন করবো। 'কোদাল খন্তা মাতা না পাই নিয়ড়ে তুমি আজ্ঞা দিলে মাতা কোড়িব চেয়াড়ে।' *মুকুন্দ*, ১৬০০। **কোড়ে** *ক্রি* ঠোকে; আঘাত করে। 'কেহো গা আছাড়ে কেহো মাথা কোড়ে।' *মালাধর*, ১৫০০। **কোড়েন** *ক্রি* খনন করেন। 'সবে মেলি কোড়েন অবনী।' *মুকুন্দ*, ১৬০০।

কোড়া[৩] [হি] *বি* চাবুক। 'কোড়া দিয়া মারিতে।' *মানোএল*, ১৭৪৩; 'ঘোড়াকে মারিতে মেরা গায় লাগে কোড়া।' *গরীব*, ১৭৬৫।

কোড়াঘাত [হি কোড়া+স আঘাত] *বি* চাবুকের আঘাত। 'সমস্ত শরীর কোড়াঘাতে জর্জর।' *শওকত*, ১৯৬২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কোড়াদার [হি কোড়া+ফা দার] *বি* চাবুক দিয়ে প্রহার করে এমন ব্যক্তি। 'চতুরের পাশে দণ্ডায়মান তাতারী ও কোড়াদার।' *শওকত*, ১৯৬২।

কোড়ানো *ক্রি* চাবুক মারা। *বিদ্যা*, ১৮৯১।

কোড়াবরদার [হি কোড়া+ফা বরদার] *বি* চাবুক বহনকারী। 'আমীন, তাগাদগীর, কোড়াবরদারসহ ... মনিবের অপেক্ষায় দাঁড়াইয়া আছে।' *মশাররফ*, ১৮৯০।

কোড়াহত [হি কোড়া+স আহত] *বিণ* চাবুকের ঘায়ে আহত। 'কোড়াহত ও-মুখ কি অনড় স্থৈর্যে অবিকল?' *শওকত*, ১৯৬২।

কোড়া[৪] *বি* এক ধরনের পাখি। 'ডাক ডাকিতেছে, ঘুঘু ডাকিতেছে, কোড়া করিতেছে রব।' *জসীম*, ১৯৩৩।

কোড়ি [স কোটি] *বিণ* কোটি। 'কোড়ি মঝে একু হিঅহিঁ সমাইড়।' *চর্যা ২*, ১২০০।

কোড়োয়া *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'সাঁওতাল, খাড়িয়া, মুণ্ড, কোড়োয়া, ওঁরাও বা ধাঙ্গড় প্রভৃতি অনার্য্য জাতি বাস করে।' *বঙ্কিম*, ১৮৯২।

কোণ[১] *অব্য* কোন; কী। 'কোণ সুখে কংশ তোর মুখে উঠে হাস।' *বড়ু*, ১৪৫০।

কোণ[২] [স] **১** *ক্রিবিণ* আয়তক্ষেত্রের এক প্রান্ত থেকে বিপরীত প্রান্ত পর্যন্ত। 'মাপে কোণে দিয়া দড়া পনর কাঠায় কুড়া।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* দুই রেখার মিলনস্থল। 'রেখা ও কোণ ও চতুষ্কোণ।' *তারিণী*, ১৮০৩। **৩** *বি* দিক। 'অগ্নি, নৈর্ঋত, বায়ু, ঈশান, চারি কোণ।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **৪** *বি* অন্তঃপুর। 'এখন পায় পায় জেলা, পায় পায় মহকুমা, কোণের বউ পর্য্যন্ত আইন আদালতের খবর রাখে।' *মশাররফ*, ১৮৬৯। **৫** *বি* প্রান্ত। 'মনে হল আঁখির কোণে/ আমায় যেন ডেকে গেছে সে।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৬** *বি* অভ্যন্তর। 'মর্ম্মের কোণের সব দীনতা মলিনতা ধুইয়ে দাও।' *রবীন্দ্র*, ১৯১৫।

কোণ-উপকোণ [স] *বি* প্রতিটি অংশ। 'মুখচ্ছবি সমস্ত কোণ-উপকোণ হইতে ঠিকরিয়া বাহির ...।' *প্রমথ*, ১৮৯৮।

কোণওয়ালা [স কোণ+হি ওয়ালা] *বিণ* কোণ আছে এমন। 'খোঁচাওয়ালা কোণওয়ালা গথিক গির্জের ছাঁদে, মন্দিরের মণ্ডপের ছাঁদে নয়।' *রবীন্দ্র*, ১৯২৮।

কোণঘেঁষা [স কোণ+ঘেঁষা] *বিণ* কোণঠাসা। 'আমাদের মতো জীবিতকে ... নিতান্তই কোণঘেঁষা করিয়া রাখিবেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

কোণছেঁড়া [স কোণ+ছেঁড়া] *বিণ* কোনা ছিঁড়ে গেছে এমন। 'মার্বেলকাগজ-মণ্ডিত কোণছেঁড়া-মলাটওয়ালা মলিন বইখানি।' *রবীন্দ্র*, ১৯১২।

কোণজাত [স] *বিণ* কোণে জমা হওয়া। 'সাময়িক অনৈক্যগুলিকে ক্ষুদ্র কোণজাত ধুলার মতো ঝাড়িয়া ফেলিতে হইবে।' *রবীন্দ্র*, ১৯০৮।

কোণঠাসা [স কোণ+ঠাসা] **১** *বিণ* উপেক্ষিত; অবহেলিত। *বিদ্যা*, ১৮৯১। **২** *বিণ* সংকীর্ণ গণ্ডির মধ্যে আবদ্ধ। 'বাসার সবে যে হল কোণঠাসা।' *সত্যেন্দ্র*, ১৯০৮। **৩** *বিণ* নানামুখী চাপে জড়োসড়ো। 'কোণঠাসা হলে মানুষ এমনই আবোল-তাবোল বলে।' *মানিক*, ১৯৩৭।

কোণঠেসা [স কোণ+ঠেসা] **১** *ক্রিবিণ* জোরালো। 'তাঁরা একেবারে কোণঠেসা করে ধরেছেন।' *রবীন্দ্র*, ১৯৩৩। **২** *বিণ* সংকুচিত। 'সেটা বৈঠকখানাকে কোণ-ঠেসা করে রাখেনি।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কোণমাত্র [স] *বিণ* ক্ষুদ্র অংশ। 'ক্ষুধাদগ্ধ পেটের একটা কোণমাত্র ভরাইত।' *রবীন্দ্র*, ১৯৩৭।

কোণাকানছি [স কোণ>+কানাচ>] *বি* একাধিক কোণ। 'অসমতল মাঠের কোণাকানছি দিয়ে।' *মণীশ*, ১৯৩৯।

কোণাকুণি [স কোণ>] *ক্রিবিণ* কোণ বরাবর। 'নৌকা কোণাকুণি পাড়ি দিতেছে।' *শরৎ*, ১৯১৭।

কোণাভাঙা [স কোণ>] *বিণ* কোণ ভেঙে গেছে এমন। 'কোণাভাঙা আর সীতলাপড়া।' *হাসান*, ১৯৬৭।

কোণে কোণে ১ *ক্রিবিণ* সর্বত্র। 'অশ্রুঘন কুহেলিকায় লুকায় কোণে কোণে।' *রবীন্দ্র*, ১৯২৫। **২** *ক্রিবিণ* রন্ধ্রে রন্ধ্রে। 'তার গোপনতম কোণে কোণে ... আবর্জনা পুঞ্জীভূত হয়ে উঠেছে।' *নজরুল*, ১৯৩৬।

কোণোহো *সর্ব* কোনো। 'কোণোহো দানীর পোএঁ না দিল্ল উত্তর।' *বড়ু*, ১৪৫০।

কোতওাল [ফা কুতওয়াল] *বি* নগর-রক্ষক। 'প্রজা কোতওাল মৌফিক চকনামা দরখাস্ত মতে ...।' *চিঠিপত্রে*, ১৭৯৭। *দ্র* **কোতোয়াল**

কোতওালি [আ] *বি* নগর-রক্ষকের দপ্তর। *এডমন*, ১৭৯০।

কোতরা গুড় [আ আলকাতরাহ+স গুড়] *বি* ঝোলা গুড়। 'মল্লিকে ঐ কোণে ফরমাসে গামলায় কোতরা গুড় আছে।' *জীবনবন্ধু*, ১৮৬৩।

কোতল [আ কতল] *বি* শিরশ্ছেদ। 'রাজার সমস্ত ক্ষমতাই তাঁর ছিল, এমনকি, মানুষকে কোতল করবারও।' *প্রমথ*, ১৯৩২।

কোতা *বিণ* খাটো। 'মাথা নেড়া দাঁত চটা কোতা গরদান।' *ভবানী*, ১৮২৮।

কোতোয়াল, কোতোআল [ফা কুতওয়াল] *বি* নগর-রক্ষক। 'কোতোয়াল হরিদাস জাগাইতে ভার।' *বৃন্দা*, ১৫৮০; 'পঞ্চ কোতোআল সঙ্গে ফিরে অনুচর।' *আলাওল*, ১৬৮০। *দ্র* **কোতওাল**

কোতোয়ালি, কোতোআলি [ফা কুতওয়াল>] *বি* নগর-রক্ষকের কর্ম বা পদ। 'কোতোয়ালি।' *ওর্সা*, ১৭৮২। 'কোতোআলি।' *বিদ্যা*, ১৮৯১।

কোৎরং *বি* মলের মতো বাদামি রং। 'এসব কোৎরঙের এক নম্বর ইঁট নয়।' *শ্যামল*, ১৯৬৭।

কোথা *ক্রিবিণ* কোথায়। 'কোথা জাসি জাসি হরিয়া পরনারি।' *মালাধর*, ১৫০০।

কোথাএ *ক্রিবিণ* কোথায়। 'কি করি কোথাএ জাই কোথা গেলে তরি আপনার দন্তদুটা আপনার অরি।' *মুকুন্দ*, ১৬০০।

কোথাও *ক্রিবিণ* কোনো স্থানে। 'কোথাও জীবনে সুখ নাহিক তাহার।' *বৃন্দা*, ১৫৮০।

কোথাকার *বিণ* কোন স্থানের। 'কোথাকার কৃষ্ণ তোর মহাদস্যু সে।' *বৃন্দা*, ১৫৮০।

কোথাকার জল কোথায় মরে – কী হয়। 'দেখনা কোথাকার জল কোথায় মরে।' *উমেশ*, ১৮৫৭।

কোথাকারে *ক্রিবিণ* কোথায়। 'ডাক দিয়া বলে বির জাসি কোথাকারে।' *মালাধর*, ১৫০০।

কোথাত *ক্রিবিণ* কোথাও। 'তিলার্দ্ধেক মায়া মাত্র নাহিক কোথাত।' *বৃন্দা*, ১৫৮০।

কোথায় *ক্রিবিণ* কোনখানে। 'জীবকীট কোথায় পাইবে তার পার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কোথাহ *ক্রিবিণ* কোথাও। 'হেন অদ্ভুত কথা কোথাহ না সুনি।' *মালাধর*, ১৫০০।

কোদণ্ড [স] *বি* ধনুক। 'কোদণ্ড ধরেন রঘুমণি।' *মুকুন্দ*, ১৬০০।

কোদণ্ডোত্তম [স কোদণ্ড-উত্তম] *বিণ* ধনুকের মধ্যে শ্রেষ্ঠ। 'বাম করে গাণ্ডীব – কোদণ্ডোত্তম।' *মাইকেল*, ১৮৬২।

কোদাল [স কুদ্দাল] *বি* মাটি কাটার হাতিয়ারবিশেষ। 'দন্তগুলা মেলে জেন পাজাল কোদাল।' *মুকুন্দ*, ১৬০০।

কোদালি [স কুদ্দাল] *বি* মাটি কাটার হাতিয়ারবিশেষ। 'কুঠার কোদালি লহ দ্বার যে করিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কোদালিয়া [স কুদ্দাল>] *বি* কোদাল দিয়ে মাটি কোপানোর কাজ করে যে। 'কোদালিয়া কাটিয়া করিল খেত।' *মুকুন্দ*, ১৬০০।

কোদালে *বিণ* কোদাল দিয়ে মাটি কোপালে যেমন দেখায় তেমন। 'কোদালে মেঘের মউজ উঠেছে গগনের নীল গাঙে।' *নজরুল*, ১৯২৮।

কোন[১] **১** *ক্রিবিণ* কী প্রকারে। 'অক্রূর বলিয়া নাম কোন গুনে থুইল।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* কী। 'যৌবন রাখহ কোন কাজে।' *বড়ু*, ১৫৭০। **৩** *সর্ব* কে; কোন জন। 'কাকেরে গরুড় করে ঐছে কোন হয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বিণ* কোনো প্রকার। 'নাহি কোন অধর্ম্মের লেশ।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৫** *সর্ব* কেউ একজন। 'তদ্ভিন্ন অন্য কোন ব্যক্তিকে তৎকার্য্যে নিযুক্ত করা কর্ত্তব্য নহে।' *অক্ষয়*, ১৮৫০। *দ্র* **কোনো**

কোন কোন *বিণ* কী। 'অপর সাধারণ সকলের কোন কোন বিষয় শিক্ষা করা কর্ত্তব্য।' *অক্ষয়*, ১৮৫০।

কোনও *সর্ব* কেউ একজন। 'কোনও আরোহীর একটি অতি অল্পবয়স্কা কন্যা সমুদ্রে পতিত হইল।' *বিদ্যা*, ১৮৬৩।

কোনওবিধ *বিণ যে*-কোনো রকমের। 'পারস্পরিক সম্পর্কের আতুড় ধরে না নিলে ইতিহাসের অথবা সমাজের কোনওবিধ ব্যাখ্যাই অসম্ভব।' *শিব*, ১৯৫৬।

কোনকালে *ক্রিবিণ* কোনো সময়ে। 'কোনকালেও শুনি নাই যে মরা গরুতে ঘাসজল খাইয়া থাকে।' *ভবানী*, ১৮২৫।

কোনক্রমে **১** *ক্রিবিণ* কোনো প্রকারে। 'সাহেবের জোনাব দৌলাতে কোনক্রমে রক্ষা পাইয়া ...।' *ভেরলি*, ১৭৯৪; *তাঁতি*, ১৭৯২; 'কোন ক্রমে কাঙ্গালি লোক দুঃখ না পায় এই মত রাজ্য করিতেছেন।' *রামরাম*, ১৮০১। **২** *ক্রিবিণ* কোনোমতে। 'কোনক্রমে কষ্টেসৃষ্টে কালহরণ করা।' *অক্ষয়*, ১৮৫২।

কোনখানে *ক্রিবিণ* কোন জায়গায়। 'কি জানি কপালে মোর কোনখানে ঘটে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কোন জনা *বি* কোন ব্যক্তি। 'রামনামে কত সুধা জানে কোন জনা।' *রূপরাম*, ১৭৫০।

কোনপ্রকার *বিণ* কোনো-একটি বিষয়ের। '... যদি কোনপ্রকার তত্ত্বোদ্ঘাটন করিতে পারি।' *অক্ষয়*, ১৮৪৭।

কোনপ্রকারে *ক্রিবিণ* কষ্টেসৃষ্টে। 'পর-পরিচর্যায় নিযুক্ত থাকিয়া, কোনপ্রকারে কালাতিপাত করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৭।

কোনমতে *ক্রিবিণ* কোনো রকমে। 'আলগোছে এমত রান্ধিলে কোনমতে।' *বৃন্দা*, ১৫৮০।

কোনমতেই *ক্রিবিণ* কিছুতেই। 'দুঃশীল বালকদিগের সহিত সহবাস করিতে দেওয়া কোনমতেই উচিত নহে।' *অক্ষয়*, ১৮৪৯।

কোনরূপ *বিণ* কোনো প্রকার। 'তাহারা পশ্বাদি শিকার বা কোনরূপ বৈরনির্য্যাতনে ধাবিত হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

কোনরূপেই *ক্রিবিণ* কিছুতেই। 'শিশুগণ বর্ণ ও শব্দ শিক্ষায় কোনরূপেই অনুরক্ত নহে।' *অক্ষয়*, ১৮৪৯।

কোনা [স কোণ>] *বি* এক সেরের চার ভাগের এক ভাগ; পোয়া। 'উত্তম চাল এক কোনা আনহ মাগিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কোনাকুনি, কোনাকোনি [স কোণ>] *ক্রিবিণ* এক কোণ থেকে বিপরীত কোণ পর্যন্ত। 'কোনাকোনি নেত্রবন্ধ খেলায় সদাই দ্বন্দ্ব।' *মুকুন্দ*, ১৬০০; 'কে কোনাকুনি চলবে।' *প্রমথ*, ১৯১৫।

কোনে[১] *সর্ব* কে। 'কামিনি কোনে গঢ়লী।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'ন জানম কোন হোস্তে শিশু কোনে নিল।' *সুলতান*, ১৬৫০।

কোনে[২] [স কন্যা>] *বি* স্ত্রী নববিবাহিত বধূ। 'এখানে একলা কোনের বৌটীর মত বসে আছ।' *উমেশ*, ১৮৫৭।

কোনো ১ *বিণ* অনির্দিষ্ট বা অনির্ধারিত একজন লোক বা একটি বস্তু। 'কোনো মহাপুরুষে সে জানে এই মর্ম।' *বৃন্দা*, ১৫৮০। *দ্র* **কোন**

কোনো-এক *বিণ* জনৈক। 'ডাকিনীর মন্ত্রগুণে কোনো-এক মূঢ়মতি জ্যেষ্ঠতাতের বুদ্ধিভ্রম হইয়া থাকে।' *রবীন্দ্র*, ১৮৯১।

কোনো কোনো *বিণ* যে কেউ। 'সঙ্গদোষ হইলে কোনো কোনো ছেলে বিগড়িয়া যাইতে পারে।' *প্যারী*, ১৮৫৮।

কোনোগতিকে [কোনো+স গতি] *ক্রিবিণ* কোনোপ্রকারে। 'যাঁরা কোনোগতিকে সংস্কৃত বা বাঙলার শিক্ষক হয়ে হাইস্কুলগুলোতে স্থান পেলেন।' *মুজতবা*, ১৯৫২।

কোনোদিন [কোনো+স দিন] *ক্রিবিণ* কখনো; কোনো সময়ে। 'কোনোদিন হাহুতাশ করিয়া সন্ধ্যাযাপন করে না।' *রবীন্দ্র*, ১৮৯২।

কোনো-না-কোনো *বিণ* যে-কোনো। 'পিতৃমাতৃহীনা হৈমবতী মাঝে মাঝে কোনো-না-কোনো কুটুম্ববাড়িতে আশ্রয় গ্রহণ করিত।' *রবীন্দ্র*, ১৮৯১।

কোনোপ্রকার [কোনো+স প্রকার] *বিণ* কোনো ধরনের। 'মনোহরণের প্রধান সিঁধ মুখটিতে কোনোপ্রকার মরচে না পড়লেই হল।' *রবীন্দ্র*, ১৮৮১।

কোনোপ্রকারে *ক্রিবিণ* কষ্টেসৃষ্টে; কোনোমতে। 'কোনোপ্রকারে কর্তব্য পালন করলুম।' *রবীন্দ্র*, ১৮৮১।

কোনোমতে *ক্রিবিণ* কিছুতেই। 'না খেলে কোনোমতেই ছাড়ত না।' *রবীন্দ্র*, ১৮৮১।

কোনোরকম *বিণ* খুব সাধারণ। 'শুকনো কাঠকুটো সংগ্রহ করে ... কোনোরকম করে আহার চলে যায়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কোন্দল [স কন্দল] *বি* ঝগড়া। 'কাহার সহিত কিবা কোন্দল করিলা।' *বৃন্দা*, ১৫৮০।

কোপ[১] [স] **১** *বি* রাগ; ক্রোধ। 'যবেঁ সত্যে কোপ কয়িলেঁ।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* অভিশাপ। 'হর-কোপে মৈল মীনকেতু।' *মুকুন্দ*, ১৬০০। **কোপে** *ক্রিবিণ* রাগের বশে। 'কোপেতে পুঁথির বাড়ি মারিল ব্রাহ্মণ।' *রূপরাম*, ১৭৫০। **কোপেঁ** *ক্রিবিণ* রাগের বশে। 'কোপেঁ কভোঁ মোকে হাথে না ছুইল সামী।' *বড়ু*, ১৪৫০।

কোপকুটিল [স] *বিণ* ক্রোধে কুটিল। 'কোপকুটিল কটাক্ষ করিয়া বলিল।' *বঙ্কিম*, ১৮৭৮।

কোপকোতোয়াল [স কোপ+ফা কুতওয়াল>] *বি* ক্রুদ্ধ কোতোয়াল।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'মহারাজের শ্রবণদ্বারে কোপকোতোয়াল দাঁড়য়ে আছেন।' *দীনবন্ধু*, ১৮৬৩।

কোপচিহ্ন [স] *বি* ক্রোধের চিহ্ন। 'কোনপ্রকার ঔদ্ধত্য বা কোপচিহ্ন প্রদর্শন করিলেন না।' *বিদ্যা*, ১৮৬৩।

কোপছলেঁ [স কোপ+স ছল>] *ক্রিবিণ* রাগের ছলে। 'কোপছলেঁ পরিখে তোহ্মার মতি কাহ্নে।' *বড়ু*, ১৪৫০।

কোপদৃষ্টি [স] *বি* ক্রুদ্ধদৃষ্টি। 'কোপদৃষ্টি ব্যতীত একদিনের নিমিত্তে প্রণয়-দৃষ্টিতে ...।' *অক্ষয়*, ১৮৪৬।

কোপদৃষ্টে [স] *ক্রিবিণ* ক্রুদ্ধভাবে। 'সিংহ চাহে কোপদৃষ্টে বীরের আচড়ে পিষ্টে।' *মুকুন্দ*, ১৬০০।

কোপন [স] *বিণ* ক্রুদ্ধ। 'দানব কোপন যেন অমিয়া খাইতে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কোপনস্বভাব [স] **১** *বিণ* সহজে রুষ্ট হয় এমন। 'তথাচ এরূপ সারল্যহীন ও কোপন-স্বভাব হইতে পারেন।' *অক্ষয়*, ১৮৫৫। **২** *বি* ক্রুদ্ধ; রাগান্বিত। 'একজন কোপনস্বভাব মুসলমান বলিল, ... দলপতি কৃষ্ণদেব রায়ের মুণ্ডচ্ছেদ করিতে পারিলেই আমাদিগের উদ্দেশ্য সফল হইত।' *এডুকেশন*, ১৮৮৬। **৩** *বি* রাগান্বিত আচরণ। 'কোপন স্বভাব দেখিলে অমনি গোপন খাষা আড়্।' *নজরুল*, ১৯২৪।

কোপনা [স] *বি* স্ত্রী রাগী লোক। 'মূর্খে বলে কীর্তিনাশা, হে কোপনা!' *সত্যেন্দ্র*, ১৯১২।

কোপমনে [স কোপমন] *ক্রিবিণ* রাগের বশে। 'এতেক সুনি সম্বর উঠে কোপমনে।' *মালাধর*, ১৫০০।

কোপমান [স] *বিণ* রাগান্বিত। 'কাটালিআ কোপমান ঘন ডাকে হান হান।' *মুকুন্দ*, ১৬০০।

কোপযুতা [স কোপ>] *বিণ স্ত্রী* ক্রোধান্বিত। 'আছে কোপযুতা বহিবে করিল হেলা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

কোপাকুল [স কোপ-আকুল] *বিণ* রাগান্বিত। 'দেখে ঘেষে কামরাজে হল কোপাকুল।' *ভবানী*, ১৮২৫।

কোপাগ্নি [স কোপ-অগ্নি] *বি* ক্রোধের আগুন। 'ডাকিনী বিদ্যার কথা নাম শুনিলে সকলের কোপাগ্নি প্রজ্বলিত হইত।' *বঙ্গদূত*, ১৮২৯।

কোপানল [স কোপ-অনল] *বি* ক্রোধাগ্নি। 'স্মরহর কোপানল যেন বিরহ-অনল রূপ ধরি।' *মাইকেল*, ১৮৬০।

কোপাবিষ্ট [স কোপ-আবিষ্ট] *বিণ* ক্রুদ্ধ। 'বহু জনতা দেখিয়া কোপাবিষ্ট হইয়া ...।' *দর্পণ*, ১৮২৪।

কোপ[২] [স কৃপ>] *বি* কাটার উদ্দেশ্যে যে আঘাত। 'কার কোপে প্রাণ গেল কাটিব কাহারে।' *সুলতান*, ১৬৫০।

কোপ পড়া *ক্রি* আঘাত লাগা। 'তখনই সাহিত্যের একবারে গোড়াতে কোপ পড়ে।' *শিব*, ১৯৭৩।

কোপ মারা *ক্রি* আঘাত করা। 'কোপ মারিতে।' *মানোএল*, ১৭৪৩।

কোপা [স কোপ] *ক্রি* ক্রুদ্ধ হওয়া। 'হৃদএতে লক্ষি কোপি মোহিত উমাপতি।' *মালাধর*, ১৫০০। **কোপিয়া** *ক্রি* ক্রুদ্ধ হয়ে। 'দ্বিগু কোপিয়া বিরে চাহীল লাড়িয়া।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কোপাই *বি* বর্ধমানের একটি নদী। 'যদি এখানকার কোপাই নদীর ধারে আমার কোনো প্রণয়িনীর বাড়ি থাকত।' *রবীন্দ্র*, ১৮৯২।

কোপানো [স কৃপ্>] *ক্রি* কাটার উদ্দেশ্যে আঘাত করা। 'কোদাল নিয়ে মাটি কোপায় মালী।' *রবীন্দ্র*, ১৯০৩।

কোপাবিষ্ট *দ্র* কোপ[২]

কোপি [প কোডি] *বি* বাঁধাকপি ও ফুলকপি। 'কোপি সলগ্রাম সলুপা পালঙ্গ ...।' *কেরি*, ১৮০২।

কোপিনী [স কৌপীন] *বি* নেংটি। 'করুয়া ধারণ তার করেতে কোটিতে ডোর-কোপিনী।' *লালন*, ১৮৯০।

কোপিল [স কোপ>] *বিণ* ক্রুদ্ধ। 'দেখিল কোপিল কাহাঞি রহিলছে পাশে।' *বড়ু*, ১৪৫০।

কোপীধারী [স কৌপীনধারী] *বিণ* নেংটি পরিহিত। 'কোতা গরদন কোতা ভারী কোপীধারী আনরপুরী।' *ভবানী*, ১৮২৮।

কোপীন [স কৌপীন] *বি* নেংটি। 'আঁচলা ঝুলা করুয়া কোপীন সার।' *লালন*, ১৮৯০।

কোপ্তা [ফা কুফতাহ্] *বি* মাছ বা মাংসের বড়াবিশেষ। *বিদ্যা*, ১৮৯১; 'কোপ্তা-পোলাওয়ের কোপ্তাগুলোকে যদি ছোট্ট ছোট্ট টুকরো করে পোলাওয়ে মিশিয়ে দেওয়া হয়, তবে তাই হবে রিসেত্তো।' *মুজতবা*, ১৯৫২।

কোপ্নীধারী [স কৌপীনধারী] *বিণ* কৌপীন-পরিহিত; নেংটি-পরা। 'কোপ্নীধারী প্রেমদাস সেবাদাসী নিয়ে।' *গুপ্ত*, ১৮৫৮।

কোফতা [ফা কুফতাহ্] *বি* মাছ বা মাংসের বড়াবিশেষ। 'প্রত্যহ পোলাও কালিয়া কোরমা কোফতা দোপেয়াজা কাবাব ...।' *ভবানী*, ১৮২৮।

কোফর [আ কুফ্‌র] *বি* অধর্ম। 'তোমরা কোফরের অন্ধকারে কারারুদ্ধ ছিলে।' *রোকেয়া*, ১৯২২।

কোফরী [আ কুফর] *বিণ* ইসলামে অবিশ্বাসী। 'অনৈসলামিক রীতিনীতি ও কোফরী ধর্মবিশ্বাস প্রবেশ করিয়াছে।' *এসলাম*, ১৯২১।

কোব [কোপ] **১** *বি* আঘাত। 'সাপিনীরে দেয় থোব সাপিনী বাঢ়য়ে কোব।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বি* ছুরির আঘাতে ক্ষত। *মানোএল*, ১৭৪৩।

কোব দেওয়া *ক্রি* আঘাত করা। 'কোব দিতে।' *মানোএল*, ১৭৪৩।

কোবানো *ক্রি* খনন করা। *মানোএল*, ১৭৪৩।

কোবরেজ [স কবিরাজ] *বি* কবিরাজ। 'বিজয় সেনগুপ্তকে আমরা ডাকতাম কোবরেজ বলে।' *অচিন্ত্য*, ১৯৫০।

কোবালা [আ কাবালাহ্] *বি* বিক্রয়ের চুক্তি। 'উইলখানি হঠাৎ বিক্রয় কোবালা হইয়া গিয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৮।

কোবাল্ট [ই] *বি* রুপার মতো শক্ত সাদা ধাতুবিশেষ। 'নিকেল কোবাল্ট নামক দুই ধাতু আছে।' *অক্ষয়*, ১৮৫৪।

কোবিদ [স] **১** *বিণ* পণ্ডিত। 'তোমার কোবিদ বৈদ্য? এই ভাবি মনে।' *মাইকেল*, ১৮৬৬। **২** *বিণ* নিপুণ। 'বন্দনা-বাণী ধ্বনিছে নিখিল বিশ্ব-কোবিদ-কণ্ঠময়।' *নজরুল*, ১৯২২।

কোবী *সর্ব* কাউকেই। 'পঞ্চ বিষত্ত রে নায়ক রে বিপখ কোবী ন দেখী।' *চর্যা* ১৬, ১২০০।

কোমণ *বিণ* কী প্রকার; কী রূপ। 'কোমণ বাণে লএ পরাণ।' *বড়ু*, ১৪৫০।

কোমপানি [ই] *বি* সেনাবাহিনীর ছোটো দল। '৭ সংখ্যক আর্টিলরি দলের ৫ কোমপানি।' *সুধাবর্ষণ*, ১৮৫৫।

AMARBOI.COM

কোমর [ফা কমর] *বি* কটিদেশ। 'সূর্যতোগ চন্দ্রমণি কোমরে পরিল।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কোমর আঁটা [ফা কমর>] *ক্রি* দৃঢ়সংকল্প হওয়া। 'রুটি সেঁটে, কোমর এঁটে, এক দৌড়ে পগার পার।' *গিরিশ*, ১৮৮৩।

কোমর কনকনানি [ফা কমর>] *বি* কোমরের ব্যথা। 'আন্নাকালীর প্রাত্যহিক কোমর কনকনানিটাও যেন কিছু কম পড়িয়াছে।' *বনফুল*, ১৯৩৬।

কোমর-পানি [ফা কমর>+হি পানি] *বি* মাজা সমান পানি। 'কোমর-পানি পর্যন্ত কাছে কাছেই ছিল।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

কোমরবন্দ [ফা] *বি* কটিবন্ধ; বেল্ট। 'ভুঁড়ি কমাবার কোমরবন্দ সঙ্গে নিয়ে যাবেন।' *মুজতবা*, ১৯৫২।

কোমরবন্ধ [ফা] *বি* কোমর বাঁধার বস্ত্র বা ফিতা; বেল্ট। 'লম্বা সাপের মতো জরির কোমরবন্ধ।' *অবন*, ১৯২৭।

কোমর বাঁধা [ফা কমর>] ১ *ক্রি* কার্যসাধনে উঠে-পড়ে লাগা। 'কোমর বাঁধিয়া মারামারি করিতে উদ্যত হইতাম।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বিণ* কোমরে কাপড়-বাঁধা। 'কোমরবাঁধা মেছুনিরা চুপড়ি লইয়া জেলেদের নিকট হইতে মাছ কিনিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কোমর বেঁধে দাঁড়ানো – দৃঢ়তার সঙ্গে রুখে দাঁড়ানো। 'শ্রোতাদের মন তার বিরুদ্ধে কোমর বেঁধে দাঁড়ায়।' *রবীন্দ্র*, ১৮৮১।

কোমর বেঁধে লাগা – কার্যসাধনে উঠে-পড়ে লাগা। 'শেখরের ফিরিয়া আসিবার পূর্বেই ... কোমর বাঁধিয়া লাগিয়া গেল।' *শরৎ*, ১৯১৪।

কোমর ভাঙা [ফা কমর>] *ক্রি* কোমর ভেঙে যাওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

কোমল [স] ১ *বিণ* সুকুমার। 'আহ্লার কোমল দেহে না জ্বালো দয়া পরপুরুষের নেহে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* নরম। 'কদম উলাঁত কোমল পাতত থাকিলা কাহ্নাঞি বসী।' *বড়ু*, ১৪৫০। ৩ *বিণ* স্পর্শকাতর। 'চক্ষু অতি কোমল বস্তু।' *অক্ষয়*, ১৮৪৩। ৪ *বিণ* মৃদু। 'আনন্দজনক কোমল চন্দ্রকিরণ তাহাকে দূরীকরণ করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৩। ৫ *বিণ* নম্র। 'অনেকে বোধ করেন, স্ত্রীলোকের প্রকৃতি অতি কোমল।' *অক্ষয়*, ১৮৪৯। ৬ *বিণ* অদৃঢ়; অপুষ্ট। 'তাহাতে ২৯টি অপোগণ্ড বালকের কোমল কপাল সঙ্কুচিত ছিল!' *অক্ষয়*, ১৮৫০। ৭ *বিণ* মোলায়েম। 'দেহাংশ মখমলসদৃশ কোমল, অতি ক্ষুদ্র ক্ষুদ্র পালকে আবৃত।' *অক্ষয়*, ১৮৫৪। ৮ *বি* (সংগীত) মূল স্বরের থেকে এক শ্রুতি নীচের স্বর, কেবল রে, গা, ধা ও নি-এর ক্ষেত্রে প্রযোজ্য (তুল. কড়ি)। 'কড়ি বাজে কি কোমল বাজে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কোমলকান্ত [স] *বিণ* মনোরম। 'ঈশ্বরের দয়াকে তাহারা বড়োই সকরুণ বড়োই কোমলকান্তরূপে দেখে।' *রবীন্দ্র*, ১৯৪০।

কোমলকান্তা [স] *বি স্ত্রী* লাবণ্যময়ী। 'প্রদীপ লুকায়ে শঙ্কিত পায়ে চলে না কোমলকান্তা।' *রবীন্দ্র*, ১৯৪০।

কোমলকায় [স] *বিণ* নরম। 'বনতলস্থ কোমলকায় গুল্মসমূহ, শৈত্য সৌগন্ধ্য মান্দায় পবনহিল্লোলে ...।' *হরপ্রসাদ*, ১৮৮১।

কোমল গান্ধার [স] *বি* (সংগীত) গান্ধার স্বরের চেয়ে এক শ্রুতি নিচের গান্ধার; কোমল গা। 'আশাবরি সুরের কোমল গান্ধারে আর ধৈবতে।' *নজরুল*, ১৯৩১; 'তাই তো আমি নাম দিয়েছি কোমল গান্ধার।' *রবীন্দ্র*, ১৯৩২।

কোমলতা [স] ১ *বি* পেলবতা। 'কাঠিন্য, কোমলতা, ঘনত্ব, তারল্য প্রভৃতি প্রত্যক্ষ পরীক্ষা করিয়া দেখিতে পারে।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বি* স্নিগ্ধতা। 'তাহার সে চম্পকবর্ণ ত্বকের কোমলতা দেখিলে কে বলিবে ...।' *বঙ্কিম*, ১৮৬৫। ৩ *বি* নরম ভাব। 'ইহার কোমলতা গুণ জানিতেছ।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ৪ *বি* মাধুর্যমণ্ডিত স্বভাব। 'এই দৃশ্যে মেঘনাদের কোমলতা সুন্দর বর্ণিত হইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৭৭।

কোমলতাময় [স] *বিণ* স্নিগ্ধতাপূর্ণ। 'অঙ্গুলি চম্পকাবলী কোমলতাময়।' *দীনবন্ধু*, ১৮৬৭।

কোমল দুর্বলতা [স] *বি* সহনীয় মাত্রার ত্রুটি। 'মানুষের কথাবার্তা চরিত্রের মধ্যে কাঁচা রঙটুকু, অসমাপ্তির কোমল দুর্বলতাটুকু।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কোমলপ্রাণা [স] *বিণ স্ত্রী* কোমল হৃদয়ের অধিকারী। 'কোমলপ্রাণা সখিনার সুকোমল হস্ত ধরিয়া ...।' *মশাররফ*, ১৮৮৫।

কোমলবিরল [স] *বিণ* নরম ও পাতলা। 'ঐ গ্রীবার উপরে কোমলবিরল কেশগুলি ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

কোমলমতি [স] *বিণ* নরম হৃদয়সম্পন্ন। 'কোমলমতি বালক-বালিকাদের জন্য পাঠ্যপুস্তক রচনা করা ...।' *মোহাম্মদী*, ১৯৩২।

কোমলমনা [স] *বিণ* নরম মনের অধিকারী। 'মধ্যবিত্ত সংসারের অনভিজ্ঞ, কোমলমনা, ছেলেমানুষ মেয়ে।' *মানিক*, ১৯৪০।

কোমলমূর্তি [স] *বি* শান্ত-সুন্দর রূপ। 'তোমার ঐ শ্যামলবরন কোমলমূর্তি মর্মে গাঁথা।' *রবীন্দ্র*, ১৯০৫।

কোমল রেখাব [স] *বি* শুদ্ধ ঋষভ স্বরের চেয়ে এক শ্রুতি নীচের স্বর; চতুর্শ্রুতি রে। 'দিবাবসানের রাগিণীতে কোমল রেখাব এবং কড়ি মধ্যমের যোগই বিশেষ লক্ষ্য করিবার বিষয়।' *রবীন্দ্র*, ১৮৮১।

কোমলসুন্দর [স] *বিণ* কোমল ও সুন্দর। 'এই কোমলসুন্দর শিকারটিকে আপনার বুকের কাছে লুকাইয়া রাখিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৩।

কোমলস্বভাবা [স] *বিণ স্ত্রী* নরম স্বভাববিশিষ্ট। 'নিরাশ্রয়া কোমলস্বভাবা যাত্রীদিগের ...।' *তমোলুক*, ১৮৭৪।

কোমল-হৃদয় [স] *বিণ* নরম মনের অধিকারী। 'স্ত্রীলোকের ন্যায় কোমল-হৃদয়, অসাধারণ পত্রবৎসল।' *রবীন্দ্র*, ১৯৭৮

কোমলহৃদয়া [স] *বিণ স্ত্রী* নরম মনের অধিকারী। 'আমার কোমলহৃদয়া মেয়েটি সংসারলীলা শেষ করিয়াও ...।' *রবীন্দ্র*, ১৯০০।

কোমলা [স] *বিণ স্ত্রী* নরম; ক্লেশ সহ্য করতে পারে না এমন। 'পুরুষ ক্লেশসহিষ্ণু, স্ত্রী কোমলা।' *বঙ্কিম*, ১৮৭৯।

কোমলাঙ্গী [স কোমল-অঙ্গী] *বিণ স্ত্রী* কোমল দেহবিশিষ্ট। 'শর্ম্মাদিগের মতে ইনি কোমলাঙ্গী।' *বঙ্কিম*, ১৮৭৫।

কোমলাভ [স] *বিণ* কোমল আভাবিশিষ্ট। 'এরূপ কোমলাভ মূর্ত্তি ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কোমিটী [হি] *বি* পরিষদ। *দর্পণ*, ১৮১৮।

কোমিটী সাহেব [হি কমিটি+আ সাহিব] *বি* কমিটির সদস্যবৃন্দ। 'বিদ্যালয় সম্পর্কীয় কোমিটী সাহেবরা কৌসিলে লেখিয়াছেন।' *দর্পণ*, ১৮২২।

কোমিটী [হি] *বি* কাজের দায়িত্বপ্রাপ্ত সংস্থা বা সভ্য। 'শহরের যে সংস্থান পূর্ব্বে ছিল ... তাহা কোমিটীতে স্থির হইয়া প্রকাশ হইতেছে।' *দর্পণ*, ১৮২১।

কোমেটী [হি] *বি* পরিষদ। 'বাঙ্গালি কোমেটীর মধ্যে শ্রীযুত মিরজা

WWW.AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মহম্মদ অস্করি ...।' *দর্পণ*, ১৮২১।

কোম্‌থদর্শন [ফ (বংশনাম) কোম্‌থ+স দর্শন] *বি* ফরাসি পণ্ডিত ওগুস্ত কোঁতের দর্শন। 'সাংখ্যদর্শন ও কোম্‌থদর্শন নিরীশ্বর হইলেও ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কোম্পানি, কোম্পানী [ই] **১** *বি* ইস্ট ইন্ডিয়া কোম্পানি। *ওসাঁ*, ১৭৮২; 'কোম্পানীর কাজ পাইয়া মহা ধনাঢ্য হইয়াছে।' *কেরি*, ১৮০২; 'কেরি সাহেব কোম্পানি বাহাদুরের অনুমতি না পাইয়াও ...।' *দর্পণ*, ১৮৩৪। **২** *বি* ইস্ট ইন্ডিয়া কোম্পানির সাহেব। 'হে কোম্পানি আমি যাহাতে অন্তে সুখ পাই সেরূপ অনুমতি কর।' *দর্পণ*, ১৮২১। **৩** *বি* সেনাবাহিনীর বিশেষ সংখ্যার একটি দল। 'দুটি রেজিমেন্ট ... দুটি কোম্পানি।' *মহাশ্বেতা*, ১৯৫৬। *দ্র* **কম্পানি**

কোম্পানির কাগজ *বি* সরকার কর্তৃক গৃহীত ঋণের স্বীকারপত্রবিশেষ; বন্ড। 'কোম্পানির কাগজের **সকল** টাকা ...।' *ক্যালগে*, ১৭৮৫।

কোম্পানী বাহাদুর [ই কোম্পানি+ফা বহাদর] *বি* ইস্ট ইন্ডিয়া কম্পানি সরকার। 'কোম্পানী বাহাদুর ধনী হওনের অনেক পন্থা করিয়াছেন।' *ভবানী*, ১৮২৫।

কোম্পাস [ই কম্পাস] *বি* দিক নির্ণয়ের যন্ত্র। *ওসাঁ*, ১৭৮২।

কোয়ন্টম থিয়োরি [ই] *বি* ইলেকট্রনের শক্তি বিকীর্ণ হয় নিরবচ্ছিন্নভাবে নয়, বরং নির্দিষ্ট মাত্রায় – এই তত্ত্ব। 'তোমার কোয়ন্টম থিয়োরির বইখানা নিয়ে আসি।' *রবীন্দ্র*, ১৯৪০।

কোয়র [স কুমার] *বি* পুত্র। 'হস্তীর পৃষ্ঠে চড়ি যারে সাধুর কোয়র।' *বিজয়*, ১৬৫০।

কোয়া [স কোষ>] **১** *বি* রেশমের কোষ; গুটি। '... রেশম নির্মিত একটা ডিম্বাকার আবরণে রুদ্ধ হইয়া যায়। এই আবরণকে গুটি বা কোয়া বলে।' *বিদ্যা*, ১৮৫১। **২** *বি* ফলের কোষ। 'খাজা কোয়াওলা ডাঙ্গ কাঁঠাল।' *হুতোম*, ১৮৬১।

কোয়াওলা [স কোষ+হি ওয়ালা] *বিণ* কোষযুক্ত। 'খাজা কোঁয়াওলা ডাল কাঁঠাল।' *হুতোম*, ১৮৬১।

কোয়াককো [ধ্বন্যা] *বি* চখির ডাক। 'নদীর পার চখির ডাক কোয়াককো।' *নজরুল*, ১৯২৫।

কোয়াক কোয়াক [ধ্বন্যা] *বি* ডাহুক ডাকার শব্দ। 'হঠাৎ ডাহুক কোয়াক কোয়াক করে ওঠে।' *ইসহাক*, ১৯৫৫।

কোয়া জ্বর [স কোষ>+স জ্বর] *বি* কোষক্ষীতিজনিত জ্বর। 'কোয়া জ্বরের ঔষধ সদাই পাব কতি।' *মুকুন্দ*, ১৬০০।

কোয়ার্টার্লি [ই] *বিণ* ত্রৈমাসিক। 'এখনো কোয়ার্টার্লি পরীক্ষা হয়নি।' *শিবরাম*, ১৯৪০।

কোয়ার্টর, কোয়ার্টার [ই] **১** *বি* আবাসস্থল। 'মুসলমান মেয়েদের কোয়ার্টারে নেলীকে মোটেই যেতে দেয় না।' *রোকেয়া*, ১৯২২। **২** *বি* চার ভাগের এক ভাগ। 'তিন কোয়ার্টার খেতে না খেতেই হয়ে গেল।' *মুজতবা*, ১৯৫৮।

কোয়ার্টর মাষ্টার [ই] *বি* জাহাজের কর্মচারীবিশেষ। 'চারিজন লোক আছে ... কোয়ার্টর মাষ্টার ... ইহারা পর্য্যায়ক্রমে অধ্যক্ষ ও কর্ম্মচারীদের আজ্ঞা পালন করে।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

কোয়ার্টার গার্ড [ই] *বি* সামরিক বাহিনীর উপশাখাবিশেষ; রশদ সরবরাহ বিভাগ। 'আমায় ঠেলে ঢোকানো হল কোয়ার্টার গার্ডে।' *নজরুল*, ১৯২৭।

কোয়ালি *বি* পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'গোহাল্যে গাইয়া গীত কোয়ালি ফিরয়ে নিত।' *মুকুন্দ*, ১৬০০।

কোয়ালিটি [ই] *বি* গুণগত মান। 'আপনে বড় ভাল কোয়ালিটির তামাক খান।' *মনসুর*, ১৯৫৫।

কোয়ালিফিকেশন [ই] *বি* যোগ্যতা। 'দেশের কাজ করতে গেলে কি কোয়ালিফিকেশনের প্রয়োজন?' *প্রমথ*, ১৯৩৫।

কোয়ালিশন [ই] *বি* রাজনৈতিক মোর্চা; একাধিক রাজনৈতিক দলের সাময়িক মিলন। 'সর্বদলীয় কোয়ালিশন গভর্ণমেন্টের পক্ষপাতী।' *মনসুর*, ১৯৩৫।

কোয়াশা *বি* কুয়াশা। 'লণ্ডনের ফগ অর্থাৎ গাঢ় কোয়াশা ...।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

কোয়াশাময় *বিণ* কুয়াশাপূর্ণ। 'এ রকম কোয়াশাময় দিন কাহাকে বলে আমাদের দেশের লোকেরা মনেও ভাবিতে পারেন না।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

কোয়েফি হওয়া [আ কৈফি] *ক্রি* মদের নেশায় ভোর হওয়া। 'কোয়েফি হইতে।' *মানোএল*, ১৭৪৩।

কোয়েরী [ই] *বি* অনুসন্ধান। 'তখন ঐ কোয়েরীওলো আর্জেন্ট।' *সাদত*, ১৯৬৭।

কোয়েল [স কোকিল] *বি* মধুর কণ্ঠবিশিষ্ট পাখিবিশেষ। 'কোয়েল, দোয়েল, পাপিয়া।' *নজরুল*, ১৯২২।

কোয়েলা [স কোকিল] *বি* স্ত্রী কোকিল। 'গায় মোবারকবাদ কোয়েলা।' *নজরুল*, ১৯২৮; 'ডাকে কোয়েলা বারে বারে।' *অতুলপ্রসাদ*, ১৯৩০।

কোয়েলি [স কোকিল] *বি* স্ত্রী কোকিল। 'সে বিয়োগ-ব্যথায় বিধুর কোয়েলিটাও কেঁদে কেঁদে চোখ লাল ...।' *নজরুল*, ১৯২২।

কোর[১] [স ক্রোড়] **১** *বি* কোল। 'ক্ষেণে ক্ষেণে উঠই মুরছি তনু লোটই সুবল সখা করু কোর।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* বাঁকা। 'গড়ের মধ্যভাগে কোর হইয়া মাটিয়া পোস্তা লাগিয়া দশ হস্ত পরিসর দেয়াল।' *রামরাম*, ১৮০১।

কোর[২] *বি* পাখিবিশেষ। 'কামী কোর কলবিষ্ক বুঝতে পারলাম না।' *মুকুন্দ*, ১৬০০।

কোরক[১] [স] *বি* কুঁড়ি। 'কৌসলে কুচ কোরক করে লেল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কোরক[২] [ই ক্রোক] *বি* আটক। 'কাপড় তাবত কুটীতে কোরক রাখিবা।' *হ্যালহেড*, ১৭৭৩।

কোরকওয়ালা [ই ক্রোক+হি ওয়ালা] *বি* আটককারী। *ওসাঁ*, ১৭৮৫।

কোরক তুলিতে *ক্রি* অবরোধ তুলে নিতে। *ওসাঁ*, ১৭৮৫।

কোরকদার [ই ক্রোক+ফা দার] *বি* হুকুম অনুযায়ী যে মালামাল আটক করে। *ওসাঁ*, ১৭৮৫।

কোরকী [ই ক্রোক>] *বিণ* ক্রোকের; ক্রোক থেকে পাওয়া। 'কোরকী জমি ছাড়িতে পারিবেন না।' *মেয়ার*, ১৭৮৭।

কোরকাপ *বি* ছল; কপটতা। *বিদ্যা*, ১৮৯১।

কোরঙ্গা [স কৌতুকরঙ্গক] *বি* পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'চৌদুলি চুনারি মাঝি কোরঙ্গা দেখায় বাজি।' *মুকুন্দ*, ১৬০০।

কোরতা [ফা কুরতাহ্] *বি* ঊর্ধাঙ্গের জামাবিশেষ। 'মহাশয়েরা জামা নিমা কাবা কোরতা ... ব্যবহার করিয়া থাকেন।' *দর্পণ*, ১৮৩৫।

কোরন্দ [স কুরণ্ড] *বি* অণ্ডকোষ বৃদ্ধির রোগ। *বিদ্যা*, ১৮৯১।

কোরন্দিআ [স কুরণ্ড>] *বিণ* অণ্ডকোষ বৃদ্ধি রোগে আক্রান্ত এমন।

AMARBOI.COM

বিদ্যা, ১৮৯১।

কোরবান [আ কুরবান] *বি* উৎসর্গ। 'ভগ্নীসুত কিবা সুত করিলে কোরবান।' *সুলতান*, ১৬৫০।

কোরবানি, কোরবাণী [আ কুরবানী>] **১** *বি* ইসলামি-মতে সৃষ্টিকর্তার সন্তুষ্টির উদ্দেশে পশু বলিদান। 'এগ্লাম ধর্ম্মে বলিতেছে কোরবাণী কর।' *মশাররফ*, ১৮৮৯। **২** *বি* নিঃশেষে দান। 'প্রস্তুত হউন যথা-সর্ব্বস্ব কোরবাণীর জন্য।' *মাহেনও*, ১৯৪৯।

কোরবানি দেওয়া *ক্রি* উৎসর্গ করা। 'নিজেদের জানমাল কোরবানি দিতে কুণ্ঠাবোধ করেনি।' *হাফিজুর*, ১৯৫৩।

কোরমা [তু কুরমাহ] *বি* তুর্কি পদ্ধতিতে রান্না করা ঝালহীন মাংস। 'প্রত্যহ পোলাও কালিয়া কোরমা কোফতা ...।' *ভবানী*, ১৮২৮।

কোরসবরদার [আ খরজ+ফা বরদার] *বি* খাদ্য-সরবরাহকারী। *ওসাঁ*, ১৭৮৫।

কোরা[১] [ফা কুরা] *বিণ* আধোয়া মাড়যুক্ত (কাপড়); রাসায়নিক ব্যবহার করে সাদা করা হয়নি এমন। *ওসাঁ*, ১৭৮২; 'কোরা খদ্দরের কল্লিদার কোর্তা ও সাদা লুঙ্গি পরিয়া ...।' *মনসুর*, ১৯৩৫।

কোরা[২] *বি* চাবুক। *ওসাঁ*, ১৭৮৫।

কোরা[৩] *বি* কোড়া; শিকারি পাখিবিশেষ। 'কোরা-ডাহুকের বুকে কান পেতে শুনে যায় গান।' *জীবন*, ১৯৩০।

কোরা[৪] *বি* ধান রাখার বাঁশের পাত্র। 'কোরাটা নিয়ে যা মুনশি বাড়ি।' *কায়সার*, ১৯৬২।

কোরান, কোরাণ [আ কুরআন] *বি* মুসলমানদের প্রধান ধর্মগ্রন্থ। 'অনুক্ষণ পড়য়ে কোরান।' *মুকুন্দ*, ১৬০০; 'যেই কিছু নিরঞ্জনে কহিছে কোরানে।' *আলাওল*, ১৬৮০; 'কোরাণ হইতে গৃহীত কৃষ্ণবর্ণ অক্ষরে অনেক আয়েৎ খোদিত আছে।' *দর্পণ*, ১৮৩৩।

কোরাণশরীফ [আ কুরআন+আ শরীফ] *বি* মুসলমানদের প্রধান ধর্মগ্রন্থ। 'অনেকেই পবিত্র কোরাণশরীফের আএত দ্বারা প্রমাণ ...।' *মশাররফ*, ১৮৮৯।

কোরান খানি [আ কুরআন>] *বি* কোরান পাঠ ও আবৃত্তি। 'আগে কোরবান সাহেবের কোরান খানি হোক।' *মাহেনও*, ১৯৪৯।

কোরান পাঠ [আ কুরআন+স পাঠ] *বি* কোরান পড়া। 'কোরান পাঠ ও হাদিস-সুন্নার প্রয়োজনীয়তা।' *ওয়ালী*, ১৯৬৪।

কোরানি *বি* নারকেল ইত্যাদি কোরানোর হাতিয়ারবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫।

কোরাম [ই] *বি* সভার কাজ চালানোর জন্য বিধিসম্মত উপস্থিতি। 'কোরামের অভাবে অধিকাংশ সময়ে সেসব বৈঠকের অধিবেশন হইতে পারে না।' *আজাদ*, ১৯৩৬।

কোরাল[১] [ই] *বি* প্রবাল। 'কোরাল জলে আদিম রঙীন ভাষা/ নীল সমুদ্রে, নীচে।' *অমিয়*, ১৯৩৮।

কোরাল[২] [স করাল] *বি* মাছবিশেষ; ভেটকি মাছ। 'নদীর উজ্জ্বল জল কোরালের মতো কলরবে ...।' *জীবন*, ১৯৪২।

কোরালী *বি স্ত্রী* কোরাল মাছ। 'কেড়ে নেয় কোরালীর ভ্রূণ।' *জীবন*, ১৯৪২।

কোরাস [ই] *বি* সমবেত সংগীত বা আবৃত্তি। 'কোরাসের কোনো আত্মীয়তা নেই, বিদ্যাসুন্দরী গানের সঙ্গে যে অতুলপ্রসাদের সংগীতের ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কোরাস গান [ই কোরাস+স গান] *বি* সমবেত সংগীত। 'ছেলেরা খুব জোরে কোরাস গান ধরে।' *মনসুর*, ১৯৫৫।

কোরি *বি* পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'কাচ্ছি, কোরি, লোধী, কুর্মী সবাই এসেছিল।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কোরীয় *বিণ* কোরিয়া দেশীয়। 'সেই কোরীয় যুবকের কথাটা বাজছিল।' *রবীন্দ্র*, ১৯৩১।

কোরেশ [আ] *বি* কুরাইশ; কোরেশ বংশের সদস্য। 'সকল কোরেশগণ হইয়া একত্তর।' *সুলতান*, ১৬৫০।

কোরোক [ই] *বি* আইনের সাহায্যে সম্পত্তি আটক। 'সেই বৎসর কোরোকের আইনও প্রথম বিধিবদ্ধ হইল।' *বঙ্কিম*, ১৮৯২।

কোরোগদার [আ কুর্ক+ফা দার; ই ক্রোক+ফা দার] *বি* আদালতের আদেশে অপরাধীর মালপত্র আটক করে যে। *ওসাঁ*, ১৭৮৫।

কোরোগু [স করগু] *বি* অণ্ডকোষ বৃদ্ধিজনিত রোগ। 'নুনা নারিকেল খাএ কোরোগু হইল।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কোর্ট [ই] *বি* আদালত। 'বাঙ্গালার মধ্যে তিন স্থানে কোর্ট আপীল আছে।' *দর্পণ*, ১৮২৩।

কোর্ট অফ রিকোএষ্ট [ই] *বি* নিম্ন আদালত। 'কোর্ট অফ রিকোএষ্ট ইহাতে বিচারাদি হইয়া লিখিত পঠিত সকলি বাঙ্গলায় হইতেছে।' *দর্পণ*, ১৮৩৫।

কোর্ট আপীল [ই] *বি* পুনরায় বিচারের জন্য উচ্চ আদালত। 'বাঙ্গালার মধ্যে তিন স্থানে কোর্ট আপীল আছে।' *দর্পণ*, ১৮২৩।

কোর্টকাছারী [ই কোর্ট+হি কচহরী] *বি* আদালত। 'কাইজ্যা-ফ্যাসাদ, কোর্টকাছারী নানা শ্রেণীর কিছু লোকের জন্য অর্থাগমের উৎস হইয়া ওঠায়।' *আজাদ*, ১৯৬৯।

কোর্টশিপ [ই] *বি* ইউরোপীয় রীতিতে বিয়ের আগে পাত্র-পাত্রীর মধ্যে ভাবের আদান-প্রদান ও প্রেমের সম্পর্ক। 'তাঁদের দুজনে কোর্টশিপ চলছে।' *রবীন্দ্র*, ১৮৮১।

কোর্তা, কোর্ত্তা [তু কুরতাহ] *বি* পুরুষের ঊর্ধ্বাঙ্গের জামাবিশেষ। 'কোর্ত্তা ও সামান্য সুতার মোজা প্রস্তুত করিতে যত্নবতী হইবে।' *হালিসহর*, ১৮৭১; 'প্রবল ঘূর্ণাবাতাস আমার সেই কোর্তা এবং টুপি ঘুরাইতে ঘুরাইতে লইয়া চলিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কোর্ফা [আ কুরফাহ] *বি* অন্যের জমি নিয়ে চাষ করে যে। 'তাঁহার কোর্ফা প্রজা দুখির অনেক টাকা খাজনা বাকি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কোর্মা, কোর্ম্মা [তু] *বি* তুর্কি পদ্ধতিতে রান্না করা ঝালহীন মাংস। 'অতি উৎকৃষ্ট পারাটা, কোর্ম্মা, কাবাব উপস্থিত।' *রোকেয়া*, ১৯০৪; 'বাদল দিনে ভুনিখিচুড়ি ও কোর্মার সারবত্তা ...।' *নজরুল*, ১৯২৭।

কোর্স, কোর্শ [আ কুর্সি] *বি* আসন। 'আরশ কোর্স কম্পএ কান্দএ অনির্বার।' *বাহরাম*, ১৬৫০; 'আর্শের কোর্শের জ্যোতি ভুবন সুলতান।' *আলাওল*, ১৬৮০।

কোর্স[১] [ই] *বি* পাঠ্যক্রম। 'চেম্বর্স এডুকেশনল কোর্স নামক গ্রন্থাবলি বা তাদৃশ সুপ্রণালী সিদ্ধ অন্যান্য পুস্তক।' *অক্ষয়*, ১৮৫০; 'ওটা কিনা আমাদের এম. এ. কোর্সে আছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কোল[১] [স ক্রোড়] **১** *বি* ক্রোড়। 'ভর পায়ি রাধা কাহ্নাঞিকে মাঙ্গে কোল।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* আলিঙ্গন। 'সরস হৃদয় করি দেহ চুম্ব কোল।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* ঘনিষ্ঠতা। 'ধন্য জুবতির কোল।' *মালাধর*, ১৫০০। **৪** *বি* আশ্রয়। 'ও জনমের দোলা, ও মরণের কোল।' *রবীন্দ্র*, ১৯১১। **৫** *বি* সীমানা। 'রাতের কোলে যায় গো চলে সোনার হাসি হেসে।' *রবীন্দ্র*, ১৯২৪। **৬** *বি* মাঝখান। 'মালতীলতা দোলে, পিয়াল তরুর কোলে।' *রবীন্দ্র*, ১৯৩৬। **৭** *বি* কিনার। 'স্বাতী তারার কোল ঘেঁষে।' *জীবন*, ১৯৪২।

কোল কিনার [স ক্রোড়>+ফা কিনারাহ] *বি* কোলের কাছ। 'বুক হতে মুখ আসত নেমে লুটিয়ে কখন কোল-কিনারে।' *নজরুল*, ১৯২৩।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কোলজোড়া [কোল+জোড়া] **১** *বিণ* কোলে বসে মায়ের মনে আনন্দ ও শান্তি দেয় এমন। 'জীয়্যা থাকুক জননীর কোলজোড়া হয়ে।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বিণ* কোল-ঘেঁষা। 'কোলজোড়া অন্ধকারে থামিয়া একবার পশ্চাতে চাহিল।' *শওকত*, ১৯৫৮।

কোল দেওয়া *ক্রি* আলিঙ্গন করা। 'কোল দিতে।' *মানোএল*, ১৭৪৩।

কোলপাঁজা *বি* পিঠ ও দুই উরুর নীচে হাত দিয়ে কোলে নেওয়া। 'কোলপাঁজা করে ওকে তুলে দিয়ে একঠেলায় নাওটা ভাসিয়ে দিল।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

কোল পাতা *ক্রি* আশ্রয়ের আশ্বাস দেওয়া। 'জননী আছে বসে, দুর্বলের তরে কোল পাতি।' *রবীন্দ্র*, ১৮৯০।

কোলপুঁছা, কোলপোঁছা [কোল+পোঁছা>] *বিণ* সর্বশেষ গর্ভজাত। 'কোলপুঁছা ছোটো মেয়েটি।' *নজরুল*, ১৯২৪; 'কোলপোঁছা ছেলের মতন আবদেরে।' *নজরুল*, ১৯২৭।

কোল বাড়ানো *ক্রি* কোল এগিয়ে দেওয়া। 'যথায় আতুর সন্তানে মা কোল বাড়ায়ে ডাকে।' *নজরুল*, ১৯৩৫।

কোলবালিশ [কোল+ফা বালিশ] *বি* পাশবালিশ। 'একটা কোলবালিশ জড়িয়ে ধরে।' *জীবন*, ১৯৩২।

কোলভরা [কোল+ভরা] *বিণ* কোল পূর্ণ। 'কোলভরা তার কনক ধানে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

কোল-মুছা [কোল+মোছা] *বিণ* সর্বশেষ গর্ভজাত। 'থাক আমার ও কোল-মুছা খ্যাপা ছেলে হয়ে।' *নজরুল*, ১৯২৭।

কোলশিয়রী *বিণ* কোলে শুয়ে আছে এমন। 'কোলশিয়রী হয়ে কনখল গভীর ঘুমে অচৈতন্য হয়ে যায়।' *মণীশ*, ১৯৬৩।

কোলে করা *ক্রি* কোলে নেওয়া। 'তুষ্ট হঞা আই কোলে করে বারবার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কোলে কোলে *ক্রিবিণ* আশেপাশে। 'তট-তরু কোলে কোলে সারাদিন কলরোলে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

কোলেত *ক্রিবিণ* কোলে। 'কুন্তির কোলেত কৈল পুত্র সমার্পণ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কোলেথু *ক্রিবিণ* কোলে। 'ধাত্রির কোলেথু শিশু হৈল আলোপন।' *সুলতান*, ১৭০০।

কোলে-পিঠে *ক্রিবিণ* কোলে এবং পিঠে বসিয়ে। 'খানিকটা কোলে-পিঠে, খানিকটা টেনে-হিঁচড়ে ... এনে একটা টাঙ্গায় বসালেন।' *মুজতবা*, ১৯৪৯।

কোলের ছেলে *বি* সবচেয়ে ছোটো ছেলে। 'আহা! তা বটেই তো, কোলের ছেলে!' *গিরিশ*, ১৮৮৯।

কোল[২] [স] **১** *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'দুরন্ত কিরাত কোল হাটেতে বাজায় ঢোল।' *মুকুন্দ*, ১৬০০; 'কোলজাতি ছোটনাগপুরের কিয়ৎভাগে অধিবাস করে।' *অক্ষয়*, ১৮৪৭। **২** *বি* কোল সৈন্য। 'পদাতি উঠিল জিআ তের কাহন কোল।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* হিজরা। *মানোএল*, ১৭৪৩।

কোলবংশীয় [স] *বিণ* কোল বংশজাত। 'এই কয়টি কোলবংশীয় বাঙ্গালার লোঃ গবর্ণরের শাসন-অধীনে পাওয়া।' *বঙ্কিম*, ১৮৯২।

কোলীয় [স] *বিণ* কোল বংশীয়। 'বাঙ্গালা অধিকার করিলে কোলীয় ও দ্রাবিড়ী অনার্য্যগণ তাঁহাদিগের তাড়নায় পলায়ন ...।' *বঙ্কিম*, ১৮৯২।

কোল[৩] **সরা** *বি* হাঁড়ির ঢাকনা; হিন্দুদের মঙ্গলাচারে ব্যবহৃত লাল সুতা দিয়ে পরস্পর মুখোমুখি করে বাঁধা দুটি সরা। 'সর্ষব পুটলি ভরা বান্ধ্যা নিল কোল সরা।' *মুকুন্দ*, ১৬০০।

কোল[৪] *বি* শূকর। 'কোলমাংস ভক্ষণ যবনী বারাঙ্গনা গমন।' *দর্পণ*, ১৮২৫।

কোল[৫] [ফা] *বি* স্রোতহীন জলভাগ। 'যে অংশ প্রায় ভূমি দ্বারা বেষ্টিত তাহাকে কোল কহা যায়।' *অক্ষয়*, ১৮৪১।

কোলঝক [স] *বি* বীণার বাহ্যিক কাঠামো। 'মুকুতা-খচিত কোলঝক।' *মাইকেল*, ১৮৬১।

কোলা [আ কুলা] **১** *বিণ* মোটা। *বিদ্যা*, ১৮৯১। **২** *বি* মাটির তৈরি বড়ো পাত্র। 'গুড়ের নয়া পাটালিতে হুড়ুমের কোলা ভরে।' *জসীম*, ১৯২৭।

কোলাব্যাং, কোলাব্যাঙ [আ কুলা>+স ব্যঙ্গ] *বি* বড়ো ও মোটা আকারের ব্যাং। 'কোলাব্যাং।' *ওসাঁ*, ১৭৮৫; 'কোলা ব্যাঙে ছিপগুলো টেনে নিল।' *অবন*, ১৮৯৬; 'তাঁকে দেখে আমার শুধু কোলাব্যাঙের কথা মনে পড়তে লাগল।' *প্রমথ*, ১৯১৮; 'বুড়ো গোরুর টিকে যেন শুয়ে কোলা ব্যাং।' *নজরুল*, ১৯২৬।

কোলাকুলি, কোলাকুলী [স ক্রোড়>] *বি* পরস্পর আলিঙ্গন। 'নিত্যানন্দ-চৈতন্যে করিয়া কোলাকুলী।' *বৃন্দা*, ১৫৮০; 'কর্ণধার সহিত করিয়া কোলাকুলি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

কোলাকোলি, কোলাকোলী [স ক্রোড়>] *বি* পরস্পর আলিঙ্গন। 'উঠিয়াত কোলাকোলি কৈল দুই জনে।' *মালাধর*, ১৫০০; 'নিত্যানন্দ অদ্বৈতে হইল কোলাকোলী।' *বৃন্দা*, ১৫৮০।

কোলাচ [স ক্রোড়াঞ্চল] *বি* অতি অল্পবয়স্ক; শিশু। *বিদ্যা*, ১৮৯১।

কোলাপসিবল [ই] *বি* ভাঁজ করে বন্ধ করা যায় এমন দরজা। '... সদরের কোলাপসিবল বন্ধ।' *শিবরাম*, ১৯৫০।

কোলাপুরী *বিণ* কোলাপুর নামক স্থানে তৈরি। 'কোলাপুরী স্যান্ডেল।' *শ্যামল*, ১৯৬৭।

কোলাহল [স] **১** *বি* গুঞ্জন। 'ভ্রমরা ভ্রমরী সমে করে কোলাহলে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* শব্দ। 'কর্ণে কিছু নাহি শুনি বাদ্য-কোলাহলে।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* কলকল ধ্বনি। 'সমুদ্রসলিলে করালতম কল্লোল-কোলাহল উৎপাদিত করিয়া ...।' *অক্ষয়*, ১৮৪৯। **৪** *বি* হৈচৈ। 'তাহার উল্লাস, কোলাহল স্মরণ করিলে অদ্যাপি কয় ব্যক্তির চিত্ত বিকলিত না হয়?' *অক্ষয়*, ১৮৪৫। **৫** *বি* ডাকাডাকি। 'আঁধার কাকের দল/ সাঙ্গ করি কোলাহল।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৬** *বি* শিহরণ। 'কৃষ্ণচূড়ার মত/ তাজা সোচ্চার/ রক্তের কোলাহলে।' *ওবায়দুল্লাহ*, ১৯৭৪।

কোলাহল-কুণ্ঠিত [স] *বিণ* কোলাহলের কারণে শ্রীহীন। 'কোলাহল-কুণ্ঠিত এ-নগরের ভিড়ে/ দুষ্টশ্বাস জনতা-আঁধারে বার হয়ে এলে।' *বিষ্ণু*, ১৯৩২।

কোলাহলভরা [স কোলাহল+ভরা] *বিণ* কোলাহলপূর্ণ। 'কোলাহলভরা সংসারের বাস্তবতার মধ্যে ...।' *মানিক*, ১৯৪০।

কোলাহলমুখর [স] *বিণ* শোরগোলপূর্ণ। 'সেই অনুপাতে কোলাহলমুখর নয়।' *অন্নদা*, ১৯২৯।

কোলাহলরত [স] *বিণ* কলরবরত। 'শাদা বকের দল বিলের ধারে কোলাহলরত।' *শওকত*, ১৯৫৮।

কোলাহলী [স] *বিণ* কলরবপূর্ণ। 'কোলাহলী কৌতূহলী দৃষ্টির

AMARBOI.COM

অন্তরালে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কোলি [সা] *বি* কুল; বরই। 'নেবু কোলি-আদি নানা প্রকার আচার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কোলিখণ্ড [সা] *বি* কুল ফলের টুকরা। 'কোলিতণ্ঠি কোলিচূর্ণ কোলিখণ্ড আর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কোলিচূর্ণ [সা] *বি* কুলের গুঁড়া। 'কোলিতণ্ঠি কোলিচূর্ণ কোলিখণ্ড আর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কোলিতণ্ঠি [সা] *বি* শুকনা কুল। 'কোলিতণ্ঠি কোলিচূর্ণ কোলিখণ্ড আর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কোলিয়ারি [ই] *বি* কয়লাখনি। 'অনেকগুলো কোলিয়ারি কিনে ফেললে সে।' *জীবন*, ১৯৩২।

কোলু [স কলা>] *বি* তেল উৎপাদন ও বিপণনের সঙ্গে যুক্ত পেশাধারী সম্প্রদায়বিশেষ; কলু। *বিদ্যা*, ১৮৯১।

কোলুনি [স কলা>] *বি* কলুর স্ত্রী। *বিদ্যা*, ১৮৯১।

কোল্ড ড্রিংক [ই] *বি* কোমল পানীয়। 'তুমি যে কোল্ড-ড্রিংক দিলে এনে।' *মণীশ*, ১৯৫৭।

কোশ[১] [স ক্রোশ] *বি* ক্রোশ; চার হাজার গজের সমান দূরত্ব। 'সমুখে মদনপুর সওয়া কোশ বাট।' *মুকুন্দ*, ১৬০০।

কোশেক *বিণ* প্রায় এক ক্রোশ পরিমাণ। 'ভুড়িআ কোশেক বাট বরযাত্র চলে ঠাট।' *মুকুন্দ*, ১৬০০।

কোশ[২] [স কোষ] *বি* তলোয়ার রাখার খাপ। 'বাইরে ফাঁকা পাঁইতারা তাই, নাই তলোয়ার খাপ-কোশ।' *নজরুল*, ১৯২৪।

কোশা [স কোশ] *বি* নৌকা। 'কোশা ভাউরা অতি ভাল নানা মতে ধরে হাল।' *আলাওল*, ১৬৮০। দ্র **কোষা**

কোশাকুশি [স কোশ>] *বি* পূজায় ব্যবহৃত তামার পাত্রবিশেষ। 'কোশাকুশি প্রভৃতি পাত্র পবিত্রতম বলিয়া ...।' *অক্ষয়*, ১৮৫৪।

কোশাদা [ফা কোশাদাহ] *বিণ* প্রশস্ত। 'খোদা আপনার নসীব কোশাদা করুন।' *ইমদাদুল*, ১৯২০।

কোশিদা [ফা কোশাদাহ] *বিণ* চওড়া। 'তাঁধে কোশিদা কাপড়ের বড়ো রুমাল।' *মণীশ*, ১৯৬৩।

কোশিস [ফা কোশিশ] *বি* চেষ্টা। 'আমি কোশিস করেছি।' *ওয়ালী*, ১৯৬২।

কোশেশ, কোশেষ [ফা] *বি* প্রয়াস। 'বহুত কোশেশে ডেরে আইল মোহাম্মদ।' *গরীব*, ১৭৬৫; 'নিজের ঘুম ভাঙ্গিয়া দিবার অনেক কোশেষ করে।' *মনসুর*, ১৯৫৫।

কোশ্চেন [ই] *বি* প্রসঙ্গ। 'ওদের অ্যাপয়েন্টমেন্টের কোশ্চেন ধামাচাপা পড়ে যাবে।' *সাদত*, ১৯৬৭।

কোষ [সা] **১** *বি* ভাণ্ডার। 'লুটিআ লইল সব কোষে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* খাপ; যার মধ্যে তলোয়ার থাকে। 'নিরপরাধে অপমানগ্রস্ত হইয়া আপন কোষ হইতে খড়্গ লইয়া আত্মহত্যার উদ্যোগ করিল।' *দর্পণ*, ১৮২১। **৩** *বি* সংকলনগ্রন্থ; অভিধান। 'ডাক্তর কেরি ... তাঁহার নিজরচিত কোষ ও ব্যাকরণ গ্রন্থ ...।' *দর্পণ*, ১৮৩৪। **৪** *বি* কোয়া। 'বাড়ীর টেক্স বৃদ্ধি হইলে পরের মাতায় কাঁটাল রাখিয়া অনায়াসেই সেই কোষ খাইবেন।' *প্রভাকর*, ১৮৫১। **৫** *বি* অণ্ডকোষ; মুষ্ক। 'সমুদ্রের জল খেয়ে বৃদ্ধি কর কোষ।' *গুপ্ত*, ১৮৫৮। **৬** *বি* হাতের তালু। 'কোষ-কোষ তেল নিয়ে গায়ে মাখে।' *আলাউদ্দিন*, ১৯৬৩। **৭** *বি* জীবদেহের ক্ষুদ্রতম একক। 'যা ছিলো সঞ্চিত এই সঞ্চারিত শরীরের কোষে।' *মাহমুদ*, ১৯৬৩।

কোষকর্তা, কোষকর্ত্তা [স] *বি* অভিধান-প্রণেতা। 'উত্তম কোষকর্ত্তারা সত্য অমর হন।' *দর্পণ*, ১৮২৫।

কোষ-কোষ [স] *বিণ* হাতের তালুভর্তি। 'কোষ-কোষ তেল নিয়ে গায়ে মাখে।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

কোষগ্রন্থ [স] *বি* অভিধান জাতীয় বই। 'তাঁর ব্যক্তিগত গ্রন্থাগারে ... দুর্লভ কিতাব এবং কোষগ্রন্থ সংগৃহীত ছিল।' *শিব*, ১৯৫৬।

কোষবদ্ধ [স] *বি* জোড়বদ্ধ। 'বালিকাবধূর অঞ্জলি কোষবদ্ধ হাতে গ্রহণ করে ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

কোষমুক্ত [স] *বিণ* খাপ থেকে বের করা হয়েছে এমন; উন্মুক্ত। 'শমনের কোষমুক্ত সুতীক্ষ্ণ অসি সর্বক্ষণ যে মস্তকোপরি রয়েছে।' *মাইকেল*, ১৮৭৩।

কোষাদি [স কোষ-আদি] *বি* শব্দকোষ জাতীয় গ্রন্থাদি। 'ডাক্তর কেরি ... নানা ব্যাকরণ ও কোষাদি শিক্ষার্থ কৃতযত্ন হইলেন।' *দর্পণ*, ১৮৩৪।

কোষার্ধ, কোষার্দ্ধ [স কোষ-অর্ধ] *বি* ঝিনুকের খোলা। 'শুক্তির কোষার্দ্ধে ছাগদুগ্ধ পূর্ণ করিয়া তাহার মুখবিবরে প্রদান করিতে উদ্যোগ করিতেছেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

কোষা [স কোষ>] **১** *বি* হিন্দুদের পূজায় ব্যবহৃত নৌকাকৃতি তামার তৈরি জলপাত্রবিশেষ। 'কোষা ধরা গোঁসা ভরা তপে জপে রত।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বি* এক ধরনের ক্ষুদ্র নৌকা। 'তার পর বুঝি তোমার কোষায় উঠলেন?' *দীনবন্ধু*, ১৮৭২।

কোষাকোষি [স কোষ>] *বি* হিন্দুদের পূজায় ব্যবহৃত ক্ষুদ্র নৌকাকৃতির জলপাত্রবিশেষ। 'একটি কুলঙ্গীর মধ্যে পঞ্চপ্রদীপ, কোষাকোষি, কতকগুলি সলিতা।' *সিরাজী*, ১৯১৮।

কোষাগার [স কোষ-আগার] *বি* অর্থভাণ্ডার। 'রাজা স্ববাক্যপ্রতিপালন কারণ ... প্রতিমা লইয়া স্বকীয় কোষাগারে রাখিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কোষাধীশ [স কোষ-অধীশ] *বি* কোষাধ্যক্ষ; ধনাগারের রক্ষক। 'রাজা কোষাধীশকে কহিলেন তুমি দরিদ্র আইলে হাজার হুন দিবা ...। *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কোষাধ্যক্ষ [স] **১** *বিণ* অর্থাদির রক্ষক। 'শ্রীযুত হরিমোহন সেন ঐ টাকার সংগ্রাহক ও কোষাধ্যক্ষ হইলেন।' *দর্পণ*, ১৮৩২। **২** *বি* সম্পদশালী লোক। 'তাঁহাদিগের বিবেচনা করা উচিত যে, তাঁহারা ঈশ্বরের কোষাধ্যক্ষ।' *অক্ষয়*, ১৮৫৫।

কোষাধ্যক্ষতা [স] *বি* ধনাগার রক্ষা করার কাজ। 'সাহেব কোষাধ্যক্ষতা কর্মে নিযুক্ত হন।' *দর্পণ*, ১৮৩৯।

কোষাধ্যক্ষা [স] *বি* স্ত্রী ধনাগারের কর্তা। 'কোষাধ্যক্ষা – মিসেস .... খান।' *বেগম*, ১৯৪৭।

কোষ্টা [স কোষ] *বি* পাট; পাটের আঁশ। *মানোএল*, ১৭৪৩; 'কোষ্টার উপর দাদনি করিয়া টাকা দিবেক।' *কেরি*, ১৮০২।

কোষ্ঠ [স] *বি* প্রকোষ্ঠ। 'পৃথক পৃথক কোষ্ঠ প্রস্তুত করিয়া পৃথক পৃথক ভক্ষ্যবস্তু গ্রহণ করে।' *অক্ষয়*, ১৮৫০।

কোষ্ঠপরিষ্কারক [স] *বিণ* কোষ্ঠ পরিষ্কার করে এমন। 'একটি কোষ্ঠপরিষ্কারক পুরিয়াও দিলেন।' *বনফুল*, ১৯৩৬।

কোষ্ঠী [সা] *বি* জন্মপত্রিকা। *ওসাঁ*, ১৭৮৫; 'লগ্ন নিরূপণ করিয়া কুমার

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বাহাদুরের কোষ্ঠী স্থির করিলেন।' *রামরাম*, ১৮০১।

কোষ্ঠীপত্র [স] *বি* জন্মপত্রিকা; গ্রহের অবস্থান, রাশি-লগ্ন ও ভবিষ্যদ্বাণী-সহ জ্যোতিষীর ঠিকুজি। 'কাগজখানি দীর্ঘ, কোষ্ঠীপত্রের মতো গুটানো।' *রবীন্দ্র*, ১৯০৭।

কোস [স ক্রোশ] *বি* ক্রোশ। 'পড়িল পুতুনা পথ ছয় কোস জুড়ি।' *মালাধর*, ১৫০০।

কোসাই, কোসাবি [স কোষ>] *বি* ছোটো খরগোশ। *মানোএল*, ১৭৪৩।

কোস্ত [ফা কুশতম>?] *বি* অমার্জিত ভাষায় গালাগালি। 'তোরে কেহ কোস্ত মারিতে পারিবে না।' *কেরি*, ১৮০২।

কোস্তাকুস্তি [ফা কুশতম্-কুশতা] **১** *বি* কুচকাওয়াজ। 'আমি দিনকতক ছন্দ নিয়ে সৈনিকের মতই কোস্তাকুস্তি করেছি।' *নজরুল*, ১৯২১। **২** *বি* মারামারি; ধস্তাধস্তি। 'তোর মতো ভূতো মারহাট্টা ছেলেদেরই এসব কোস্তাকুস্তি সাজে!' *নজরুল*, ১৯২৭। **৩** *বি* জোরাজুরি। 'পুরনো দলিল পেড়ে দর নিয়ে কোস্তাকুস্তি।' *শ্যামল*, ১৯৬৭।

কোহানে *ক্রিবিণ* কোথায়। 'এ মাড়ুয়াবাদি শালা গেল কোহানে।' *মাইকেল*, ১৮৬০।

কোহিঅ *ক্রি* আটকে গেলাম। 'আদঅ ফিট্টি টাঙ্গী নিবাণে কোহিঅ।' *চর্যা ৫*, ১২০০।

কোহিনুর [ফা কোহ্-ই-নূর] *বি* বিশ্বের সবচেয়ে মূল্যবান এবং সম্ভবত সবচেয়ে বড়ো হীরা। এটি অন্ধ্র প্রদেশে পাওয়া যায় বলে ধারণা করা হয়। বিভিন্ন সময়ে রাজপুত, মোগল, আফগান, ইরান ও পাঞ্জাবের রাজার অধিকারে ছিলো। বর্তমানে ব্রিটিশ মুকুটের অংশবিশেষ। 'সূর্যমুখী সেই কোহিনূর।' *বঙ্কিম*, ১৮৭৩।

কোহিলে *ক্রি* বললে। 'কোহিলে শেষব কথা নাহি আদি অন্ত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

কোহ্নো *বিণ* কোনো। 'কোহ্নো জন্তু তাত না করএ জলপান।' *বড়ু*, ১৪৫০।

কৌঁসল, কৌঁচল [হি কাউন্সিল] *বি* পরিষদ। *মেয়র্স*, ১৭৫৭।

কৌঁসিল [হি] *বি* কাউন্সিল। 'কৌঁসিলের কর্ম্মে নিযুক্ত হইবার কারণ ফতেহগড় হইতে মোং কলিকাতায় আইসেন।' *দর্পণ*, ১৮২০।

কৌচ [হি] *বি* ঘোড়ার গাড়ি। *ওঝা*, ১৭৮৫। 'কৌচ টিপাই ইত্যাদি বহুবিদ এতদ্দেশীয় শিল্পদ্রব্য।' *ইংলিশম্যান*, ১৮৩৬।

কৌচকেদারা [হি কৌচ+প কেদারা] *বি* গদিযুক্ত আরামদায়ক চেয়ার। 'ভাল কৌচকেদারা।' *বিভূতি*, ১৯৩৮।

কৌটি [স কুটনী] **১** *বি* কুটনি; অবৈধ যৌন মিলনে সহায়তাকারী দূতী। 'নিজুতে না হয় যদি লাগইমু কৌটে।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* মিথ্যা। 'কৌট কবে কও কিন্তু এই যুক্তি রবে।' *ভবানী*, ১৮২৫।

কৌটা [স কাষ্ঠ>] *বি* ঢাকনিযুক্ত ছোটো পাত্রবিশেষ। 'খএরের গাছ কৌটা ইত্যাদি দ্রব্যের আকার গড়ন।' *গৌর*, ১৮২২।

কৌটাবাদাম [স কাষ্ঠ>+স বাতাম্র] *বি* এক ধরনের বাদাম। 'এই দেশে অপরূপ কৌটাবাদামের চাষ হয়।' *শক্তি*, ১৯৬৬।

কৌটা-ভরা [স কাষ্ঠ>+ভরা] *বিণ* কৌটাপূর্ণ। 'কৌটা-ভরা সিঁদুর দিব, সিঁদুর মেঘের গায়।' *জসীম*, ১৯২৯।

কৌটিল্য [স] *বি* কুটিলতা। 'কৌটিল্য মাৎসর্য্য হিংসা না জানে তাঁর চিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৌটিল্যভাব [স] *বি* চতুর মনোভাব। 'তাঁহার অত্যন্ত কৌটিল্যভাব প্রকাশ পাইতেছে।' *অক্ষয়*, ১৮৫১।

কৌটো [স কাষ্ঠ>] **১** *বি* ঢাকনাযুক্ত ছোটো পাত্রবিশেষ। 'যেই পাবে না ... কৌটো পানের জর্দার।' *নজরুল*, ১৯৩১। **২** *বি* গহ্বর। 'ধারণ করি হৃদয়ের কোমল কৌটোয়।' *মাহমুদ*, ১৯৬৩।

কৌড় [স কপর্দক] *বি* কড়ি। 'খেলে সদা টিকা কৌড় ভেটা।' *মুকুন্দ*, ১৬০০।

কৌড়ি, কৌড়ী [স কপর্দক] *বি* কপর্দক; কড়ি। 'কৌড়ী আণিআঁ দেএ সাসুড়ীর থানে।' *বড়ু*, ১৪৫০; 'দুই নিমন্ত্রণে লাগে কৌড়ি অষ্টপণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৌণপ [স] *বি* রাক্ষস। 'কৌণপ ফাঁফর ক্রোধ দেখিয়া কন্যার।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

কৌণিক [স] *বিণ* কোনাকুনি। 'জমাট মেঘ উড়ে এল, যার অভিক্ষেপগুলো কৌণিক ও তীক্ষ্ণ।' *ওয়ালী*, ১৯৪৩।

কৌণিকতা [স] *বি* কুটিলতা? 'কাঠিন্য ও কৌণিকতাগুলি সযত্নে বাদ দিয়ে ...।' *সুনীল মুখো*, ১৯৭০।

কৌতর [ফা কবুতর] *বি* কবুতর। *মানোএল*, ১৭৪৩।

কৌতরের টাঙ্গ *বি* কবুতরের ঘর। *মানোএল*, ১৭৪৩।

কৌতুক[১] [স] **১** *বি* আনন্দ। 'কৌতুকে মঙ্গল হৈল পূতি ঘরে ঘরে।' *মালাধর*, ১৫০০। **২** *বি* ঠাট্টা। 'তাহাতে যে দেব মোহে এ নহে কৌতুক।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* সৌন্দর্য। 'উদ্যানে উদ্যানে ভ্রমে কৌতুক দেখিতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বি* রং-তামাশা। 'গবাক্ষের দ্বার হইতে পথের কৌতুক দেখিতেছিলেন।' *চণ্ডীচরণ*, ১৮০৫। **৫** *বি* জানার ঔৎসুক্য; কৌতূহল। 'কৌতুক শব্দের অর্থ কৌতূহল।' *অক্ষয়*, ১৮৪৯; 'দ্রুত কৌতুকে তব বাতায়নে কী দেখে চেয়ে।' *রবীন্দ্র*, ১৯০০।

কৌতুককর [স] *বিণ* মজাদার। 'একটি কৌতুককর কথা।' *অক্ষয়*, ১৮৪৯।

কৌতুককরী [স] *বিণ* আনন্দদায়ক। 'সেই বিষয়ে কৌতুককরী কথাটি এই ...।' *বিদ্যা*, ১৮৭৩।

কৌতুকচেতসী [স] *ক্রিবিণ* কৌতুক চিত্তে; কুতূহল মনে। 'কুসুমে লুকান ধর্ম্ম কৌতুকচেতসী।' *মানিকরাম*, ১৭৮১।

কৌতুকচ্ছলে [স] *ক্রিবিণ* ঠাট্টা করার ছলনায়। 'কৌতুকচ্ছলে কতকগুলি হিতকর বাক্য বলা।' *রাজ*, ১৮৭৪।

কৌতুকজনক [স] **১** *বিণ* আমোদজনক। 'এইরূপ এক পরম কৌতুকজনক আখ্যান আছে।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বিণ* মজাদার। 'আমি এই সমুদায় পরম কৌতুকজনক ব্যাপার দর্শন করতঃ ...।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বিণ* আগ্রহব্যঞ্জক। 'ফুটবল ম্যাচের একটা কৌতুকজনক গল্প শুনিতে শুনিতে অন্যমনস্ক হইয়া পড়িয়াছিল।' *বনফুল*, ১৯৩৬।

কৌতুকতীব্র [স] *বিণ* পরিহাসে তীক্ষ্ণ। 'বিনোদিনীর চক্ষে যে কৌতুকতীব্র কটাক্ষ দেখিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০২।।

কৌতুকদর্শী [স] *বিণ* কৌতুকপ্রিয়। 'কৌতুকদর্শী স্বরূপে ... হাস্য করিতে থাকি।' *অক্ষয়*, ১৮৫০।

কৌতুকদীপ্ত [স] *বিণ* কৌতূহলপূর্ণ। 'যুবতীর কৌতুকদীপ্ত নয়ন দুটিতে চাপা হাসি ফুটি-ফুটি করিতে লাগিল।' *বনফুল*, ১৯৩৬।

কৌতুকনয়নে [স] *ক্রিবিণ* কৌতুকের দৃষ্টি নিয়ে। 'পাছে কেহ কুতূহলে কৌতুকনয়নে/ হৃদয়দুয়ারে এসে দেখে হেসে যায়।' *রবীন্দ্র*,

AMARBOI.COM

১৮৯০।

কৌতুকনাট্য [স] *বি* হাস্যরসাত্মক নাটক। 'বেশ মনে পড়ে, বড়দাদা একবার কী একটা বিস্তৃত কৌতুকনাট্য রচনা করিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯১২।

কৌতুকপরতা [স] *বি* হাস্যপরায়ণতা। 'মৃত্যুর পরেও তাহার কৌতুকপরতা কমে নাই।' *রবীন্দ্র*, ১৯১২।

কৌতুকপরায়ণ [স] *বিণ* পরিহাসপ্রিয়। 'কৌতুকপরায়ণ উপরতলার দল তাহার ঘরে প্রবেশ করিয়া থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কৌতুকপূর্ণ [স] *বিণ* হাস্যপূর্ণ। 'প্রেমিক প্রেমিকার কৌতুকপূর্ণ বাক বিনিময়।' *মুখলেস*, ১৯৭০।

কৌতুকপ্রদ [স] *বিণ* কৌতুক উদ্রেককারী। 'উপন্যাস ততই বেশী কৌতুকপ্রদ হ'য়ে সময় কাটানো ও নিদ্রাকর্ষণের পক্ষে বেশী উপযোগী হবে।' *মোতাহার*, ১৯৩৭।

কৌতুকপ্রফুল্ল [স] *বিণ* কৌতুকবশত আনন্দিত। 'পথের মধ্যে কৌতুকপ্রফুল্ল পরিপূর্ণ হাস্যমুখখানি লইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

কৌতুকপ্রবণ [স] *বিণ* পরিহাসপ্রিয়। 'কৌতুকপ্রবণ মনের খুশী।' *বিভূতি*, ১৯৩১।

কৌতুকপ্রবণতা [স] *বিণ* স্ত্রী রহস্যোন্মুখ; রহস্য করতে উৎসাহী। 'হেমাঙ্গিনী কৌতুকপ্রবণতা হইয়া উঠিলেন।' *তারা*, ১৯৪০।

কৌতুকপ্রযুক্ত [স] *ক্রিবিণ* কৌতূহলী হয়ে। 'কৌতুকপ্রযুক্ত যোগপাদুকারোহণ করিয়া নানা দেশ ভ্রমণ।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কৌতুকপ্রিয় [স] *বিণ* আমুদে। 'কোনো কৌতুক প্রিয় শিশু-দেবতা যদি দুষ্টামি করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

কৌতুকপ্রিয়তা [স] *বি* তামাশাপ্রীতি। 'ইহাদের বুদ্ধিশালিতা, দয়ালুতা, কৃতজ্ঞতা, কৌতুকপ্রিয়তা প্রভৃতি বিস্ময়াবহ।' *অক্ষয়*, ১৮৫৪।

কৌতুকপ্রিয়া [স] *বিণ স্ত্রী* কৌতুক ভালোবাসে এমন। 'অনেকগুলি কৌতুকপ্রিয়া মেয়ে জমে গেল।' *বিভূতি*, ১৯৩১।

কৌতুকপ্রোজ্জ্বল [স] *বিণ* কৌতুকসমৃদ্ধ। 'এই স্থিতধী মানুষটির কৌতুকপ্রোজ্জ্বল প্রবন্ধাবলীর তুলনা মেলা কঠিন।' *শিব*, ১৯৭৩।

কৌতুকবিমুখ [স] *বিণ* কৌতূহলহীন। 'শান্ত, বিমর্ষ ও কৌতুকবিমুখ সংগ্রামপরায়ণতা তার সর্ব অবয়বে।' *হাসান*, ১৯৬৭।

কৌতুক বেহার [স কৌতুকবিহার] *বি* আমোদজনক বিহার। 'কুচনীর সঙ্গে করে কৌতুক বেহার।' *মানিকরাম*, ১৭৮১।

কৌতুকভরে *ক্রিবিণ* কৌতুকের ছলে। 'কৌতুকভরে স্বপ্নটির বিশ্লেষণকার্য নিয়ে অগ্রসর হয়।' *ওয়ালী*, ১৯৬৪।

কৌতুকমতী [স] *বি স্ত্রী* রসিক। 'কৌতুকমতীরা একে অপরের কানে কানে কথা বলিতে লাগিলেন।' *জসীম*, ১৯৬১।

কৌতুকময় [স] *বিণ* রহস্যময়। 'ঘনানো মৃত্যুর স্বাদে পাগলদিদি কৌতুকময়।' *মানিক*, ১৯৩৬।

কৌতুকময়ী [স] *বিণ* রহস্যময়ী। 'এ কী কৌতুক নিত্যনূতন ওগো কৌতুকময়ী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

কৌতুকরস [স] *বি* কৌতুকমিশ্রিত রস। 'ভাষায় এমন একটু কৌতুকরস লইয়া সে জাগিয়া উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

কৌতুকশীলা [স] *বিণ স্ত্রী* রহস্যপ্রিয়। 'কৌতুকশীলা সঙ্গীরা ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

কৌতুক-সরসতা, কৌতুকসরসতা [স] *বি* কৌতুকের ভাব। 'সে চোখ কৌতুক-সরসতা হারাইয়া এমন তীব্র হইয়া উঠিল।' *তারা*, ১৯৪০; 'তাঁর কল্পনার কৌতুকসরসতাও এর ফলে ক্ষীণ হয়ে আসে।' *শিব*, ১৯৭৩।

কৌতুকহাসি [স কৌতুকহাস] *বি* কৌতুকজনিত হাসি। 'তাহার নিঃশব্দ কৌতুকহাসি থাকিয়া থাকিয়া উচ্চহাস্যে পরিণত হইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

কৌতুকহাস্য [স] *বি* কৌতুকপূর্ণ হাসি। 'কৌতুকহাস্যে সমুজ্জ্বল একটি যুবকের মূর্তি।' *তারা*, ১৯৪০।

কৌতুকাগার [স কৌতুক-আগার] *বি* জাদুঘর। 'যে গৃহে কৌতুক-বিষয়ক সমুদায় সামগ্রী বিদ্যমান থাকে, তাহার নাম কৌতুকাগার।' *অক্ষয়*, ১৮৪৯।

কৌতুকানন্দ [স কৌতুক-আনন্দ] *বি* ঠাট্টাচ্ছলে সৃষ্ট খুশি। 'রূপের ছটা বিস্তার করিয়া দিয়া কৌতুকানন্দ উপলব্ধি করিতেছেন।' *হাই*, ১৯৫৪।

কৌতুকাবহ [স কৌতুক-আবহ] ১ *বিণ* হাস্যকর। '২৪ ইঞ্চ মাপ অতীব কৌতুকাবহ ও সৃষ্টিছাড়া।' *সুলভ*, ১৮৭৩। ২ *বিণ* কৌতূহলজনক। 'তাহা অত্যন্ত কৌতুকাবহ।' *বঙ্কিম*, ১৮৭৪।

কৌতুকাবিষ্ট [স কৌতুক-আবিষ্ট] ১ *বিণ* কৌতূহলী। 'কৌতুকাবিষ্ট অনাহূত লোকের সমাগমে নিতান্ত নিরবকাশ হইয়া যায়।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বিণ* জানার আগ্রহ আছে এমন; জিজ্ঞাসু। 'তাঁহারা কৌতুকাবিষ্ট চিত্তে, সতৃর গমনে, তথায় উপস্থিত হইয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭। ৩ *বিণ* আনন্দিত। 'কৌতুকাবিষ্ট মনে মৃদু মৃদু হাস্য করিতে থাকি।' *অক্ষয়*, ১৮৫০।

কৌতুকালাপ [স কৌতুক-আলাপ] *বি* আমোদজনক কথাবার্তা। 'পিতার অসাক্ষাতে ফেলনাও যে সেই কৌতুকালাপে যোগ দিত না তাহা বলিতে পারি না।' *রবীন্দ্র*, ১৮৯১।

কৌতুকে *ক্রিবিণ* খেলাচ্ছলে। 'কৌতুকে রাখিলোঁ গাই।' *বড়ু*, ১৪৫০।

কৌতুকি, কৌতুকী [স কৌতুকী] ১ *বিণ* আনন্দিত। 'বুকে বুকে জুদ্ধ করি হইলা কৌতুকি।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* পরিহাসপ্রিয়। 'কৌতুকী নিত্যানন্দ সহজে দয়াময়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বিণ* কৌতূহলী। 'হইআ কৌতুকি ধাইল ধানকি আরপে শ্রীমন্তের গায়।' *মুকুন্দ*, ১৬০০; 'তরুণী রজনীগন্ধা আগ্রহে উৎসুক-উন্নমিতা, একান্ত কৌতুকী।' *রবীন্দ্র*, ১৯০০।

কৌতূহল [স] ১ *বিণ* আগ্রহব্যঞ্জক। 'বিনা কোন সাজকোজ ও কোন উপদেষ্টা কিম্বা উত্তরসাধক ব্যতিরেক, কৌতূহল স্থলে উপস্থিত হইল।' *তারিণী*, ১৮০৩। ২ *বি* আগ্রহ। 'ইহার বিবরণ জানিতে অনেকেরই কৌতূহল হইতে পারে।' *অক্ষয়*, ১৮৪৭। ৩ *বি* বাসনা। 'মনের ভিতর রাশীকৃত কৌতূহল ছিঁপি-আটা শ্যাম্পেনের মতো চাপা ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কৌতূহলকাতর [স] *বিণ* নতুন কিছু জানার জন্যে ব্যাকুল। 'একটি কথাও কৌতূহলকাতর বালিকার নিকট ফাঁস করিত না।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কৌতূহলজনক [স] *বিণ* কৌতূহলপূর্ণ। 'তাঁহারা সমস্ত বিজ্ঞানশাস্ত্র ও লৌকিকজ্ঞান কেবল কৌতূহলজনক ও ধনাগমের উপায় বলিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৪৮।

কৌতূহলজাত [স] *বিণ* কৌতূহল থেকে সৃষ্ট। 'কৌতূহলজাত প্রশ্ন

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এক লহমায়, বিনা কসরতে ফৈসালা করে দেন।' *মুজতবা*, ১৯৫৮।

কৌতূহলদৃষ্টি [স] *বি* কৌতূহলপূর্ণ চাহনি। 'যেখান-সেখান হইতে সকলের তীক্ষ্ণ কৌতূহলদৃষ্টি আসিয়া ক্ষতস্থানে পতিত হয়।' *রবীন্দ্র*, ১৯০২।

কৌতূহলনিবৃত্তি [স] *বি* কৌতূহল প্রশমন। 'কৌতূহলনিবৃত্তি করা তিনি আবশ্যক বোধ করিলেন না।' *রবীন্দ্র*, ১৯০৬।

কৌতূহলপর [স] *বিণ* কৌতূহল-পরায়ণ। 'সেই শক্তিই কৌতূহলপর পরীক্ষাপ্রিয় সাধনশীল পুরুষশক্তিকে পরাভূত করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

কৌতূহলপরিতৃপ্তি [স] *বি* আগ্রহ নিরসন। 'একি কতকটা কৌতূহলপরিতৃপ্তি নয়?' *রবীন্দ্র*, ১৮৯৩।

কৌতূহলপূর্ণ [স] *বিণ* জিজ্ঞাসাপূর্ণ। 'জানালার ফাঁক দিয়া কোনো কৌতূহলপূর্ণ নেত্র আমাকে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

কৌতূহলপ্রদ [স] *বিণ* ঔৎসুক্যজনক। 'অদ্ভুত কৌতূহলপ্রদ ও মুগ্ধকর জিনিস।' *বিভূতি*, ১৯৩১।

কৌতূহলবশত [স] *ক্রিবিণ* কৌতূহলী হয়ে। 'দ্বারী কল্যকে কৌতূহলবশত তাহার আয়ব্যয় সম্বন্ধে প্রশ্ন করিতেছিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

কৌতূহলবশে [স] *ক্রিবিণ* কৌতূহলের বশবর্তী হয়ে। 'দেশে দেশান্তরে করা করেছে ভ্রমণ কৌতূহলবশে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

কৌতূহলবৃত্তি [স] *বি* অনুসন্ধিৎসা। 'বিজ্ঞানের অপ্রতিহত প্রভাবে অলজ্জ কৌতূহলবৃত্তি দুঃশাসনমূর্তি ধরে ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

কৌতূহলবৃদ্ধি [স] *বি* আগ্রহ সঞ্চার। 'সেই সূত্রে জগৎ সম্পর্কে কৌতূহলবৃদ্ধি ও বৈকল্পিক নানা ভাবনাচিন্তার প্রবল ঘাত-প্রতিঘাত ...।' *শিব*, ১৯৫৬।

কৌতূহলভরে [স] *ক্রিবিণ* আগ্রহের সঙ্গে। 'কে তুমি পড়িছ বসি কৌতূহলভরে আমার কবিতাখানি।' *রবীন্দ্র*, ১৮৯৬।

কৌতূহলরূপ [স] *বিণ* কৌতূহলের অনুরূপ। 'কৌতূহলরূপ দীপ্তি হুতাশন ক্রমশ প্রজ্বলিত হইতে লাগিল।' *অক্ষয়*, ১৮৪৯।

কৌতূহলশূন্যতা [স] *বি* আগ্রহহীনতা। 'তাঁর মুখে একটি কৌতূহলশূন্যতার ভাব জাগে।' *ওয়ালী*, ১৯৬৪।

কৌতূহল স্থল [স] *বি* রঙ্গমঞ্চ। 'বিনা কোন সাজকোজ ও কোন উপদেষ্টা কিম্বা উত্তরসাধক ব্যতিরেক, কৌতূহল স্থলে উপস্থিত হইল।' *তারিণী*, ১৮০৩।

কৌতূহলহীনতা [স] *বি* আগ্রহহীনতা। 'জগৎ সম্পর্কে কৌতূহলহীনতা ... ও নিরভিযানী ভোগবৃত্তি।' *শিব*, ১৯৫৬।

কৌতূহলাক্রান্ত [স কৌতূহল-আক্রান্ত] *বিণ* উৎসুক। 'ভূদেব কৌতূহলাক্রান্ত হইয়া কহিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

কৌতূহলাবিষ্ট [স কৌতূহল-আবিষ্ট] *বিণ* উৎসুক। 'তিনি তাহাদের ঐ ক্ষমতার পরীক্ষার্থে, সাতিশয় কৌতূহলাবিষ্ট হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

কৌতূহলোদ্দীপক [স কৌতূহল-উদ্দীপক] *বিণ* কৌতূহলের উদ্রেক করে এমন। 'যেরূপ বৃত্তান্ত আছে তাহা অতি বিস্ময়কর ও কৌতূহলোদ্দীপক।' *অক্ষয়*, ১৮৪৭।

কৌতূহলী [স] ১ *বিণ* আগ্রহী। 'বিচিত্র রচনা দর্শনার্থে পরম কৌতূহলী হইয়া আমি কিয়ৎকালাবধি দেশ ভ্রমণে প্রবৃত্ত হইয়াছি।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বি* উৎসুক ব্যক্তি। 'কৌতূহলীরা দাঁড়িয়ে দেখছে।' *অন্নদা*, ১৯২৯। ৩ *বিণ* কৌতূহল জাগায় এমন। 'ফুরিয়ে গেল পৌষের দিন কৌতূহলী ভোরের আলো।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কৌতূহলোদ্দীপক দ্র কৌতূহল

কৌথ্যসিত্য [স] *বি* অশ্লীলতা। 'তার কৌথ্যসিত্য বোঝাতে পারবো না।' *মণীশ*, ১৯৬৩।

কৌন *বিণ* কোন। 'পাপ-পয়োনিধি পার হব কৌন উপায়।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কৌনসল [ই কাউন্সেল] *বি* গভর্নর জেনারেলের উপদেষ্টা পরিষদের সচিব। 'কৌনসলের সকরটর সাহেবের নিকট পহুছিল।' *ক্যালগে*, ১৭৯৪।

কৌনসলী [ই কাউন্সেলি] *বি* আইনজীবী। 'উকিল কৌনসলী কি কর্ম্ম করে তাহাও জ্ঞাত নহে।' *ভবানী*, ১৮২৫।

কৌনসুলি [ই] *বি* আইনজীবী। 'কৌনসুলি সাহেবকে সওগাত পাঠাতে হবে।' *গিরিশ*, ১৮৮৯।

কৌন্ত [স] *বি* বর্শা জাতীয় অস্ত্র। 'শেল, শক্তি, জাটি, তোমর, ভোমর, নারাচ, কৌন্ত – শোভে দন্তরূপে।' *মাইকেল*, ১৮৬১।

কৌন্তিক-কুল [স] *বি* বর্শাধারী সৈন্যদল। 'দুরন্ত কৌন্তিক-কুল কুন্তে আস্ফালিল।' *মাইকেল*, ১৮৬১।

কৌন্তেয় [স] *বি* মহাভারতোক্ত কুন্তীর পুত্র। 'হে কৌন্তেয়, যদি এ প্রীতিত্য, এ কোমল তীরুতা ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

কৌন্সলী [ই] *বি* আইনজীবী। 'তাঁহারা কৌন্সলীরদিগকে তর্ক এবং জজেরদিগের প্রশ্ন বুঝিতে পারেন।' *দর্পণ*, ১৮২৫।

কৌন্সিল [ই] *বি* উপদেষ্টা পরিষদ। 'কৌন্সিলের মেম্বর কর।' *বঙ্কিম*, ১৮৭৪।

কৌন্সুলি [ই কাউন্সেল] *বি* আইনজীবী। 'কৌন্সুলির টাকা যোগাড় কত্তে হবে, সই কর।' *গিরিশ*, ১৮৮৯।

কৌন্সেল [ই] *বি* গভর্নর জেনারেলের উপদেষ্টা পরিষদ। 'তাঁহাকে কৌন্সেলে নিযুক্ত করিলেন ...।' *দর্পণ*, ১৮২৮; 'বৃদ্ধাবস্থায় কৌন্সেলে পেন্সানের দরখাস্ত।' *দর্পণ*, ১৮৩৩।

কৌন্সেলভুক্ত [ই কৌন্সেল+স ভুক্ত] *বিণ* গভর্নর জেনারেলের উপদেষ্টা পরিষদের অন্তর্ভুক্ত। 'সদর দেওয়ানী আদালতের প্রধান জজ ছিলেন পরে কৌন্সেলভুক্ত হইয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩৭।

কৌপয়ী *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'আসাম প্রদেশের নাগা, কুকি, মণিপুরী, কৌপয়ী।' *বঙ্কিম*, ১৮৯২।

কৌপিন [স কৌপীন] *বি* নেংটি। 'উড়িয়ান বন্ধ কটি পৈরন কৌপিন।' *আলাওল*, ১৬৮০।

কৌপিনধারী [স কৌপীনধারী] *বিণ* নেংটি-পরিহিত। 'প্রণয়ের বৈরাগী, প্রণয় নিমিত্ত তিনি অল্পাহারী, প্রণয় নিমিত্ত কৌপিনধারী।' *তমোলুক*, ১৮৭৪।

কৌপীন [স] *বি* নেংটি। 'এক কৌপীন নাহি দ্বিতীয় পরিধান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

কৌপীনবন্ত [স] *বিণ* নেংটিবিশিষ্ট। 'যে কৌপীনবন্ত হয়ে বেলাভূমির বালুকা চষে বেড়াচ্ছে।' *অন্নদা*, ১৯২৮।

কৌপীনমাত্রাবশেষ [স কৌপীন-মাত্র-অবশেষ] *বিণ* একমাত্র নেংটি পরা আছে এমন। 'আমি দ্যূতকার অদ্য দ্যূতক্রীড়াতে সর্ব্বস্ব হারিয়া

AMARBOI.COM

কৌপীনমাত্রাবশেষ হইয়াছি।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

কৌম [আ কওম] *বি* সম্প্রদায়; জাতি। 'ফজর হল যে, আজান দিতেছে কৌম।' *নজরুল*, ১৯২৮।

কৌম সমাজ [আ কওম+স সমাজ] *বি* গোষ্ঠীবদ্ধ সমাজ। 'আমি কৌম সমাজের লোক।' *মাহমুদ*, ১৯৭৩।

কৌমারাবস্থা [স কৌমার-অবস্থা] *বি* অবিবাহিত অবস্থা। 'স্ত্রীলোকের কৌমারাবস্থায় পিতা রক্ষক।' *ভবানী*, ১৮২৮।

কৌমারী [স] *বি* অবিবাহিত মেয়ে। 'কৌমারী রঙ্গে জুগিনী সঙ্গে করী ধরি দেই পাক।' *মুকুন্দ*, ১৬০০।

কৌমার্য [স] **১** *বি* অবিবাহিত অবস্থা। 'আপনারা ভদ্রলোক, কৌমার্যব্রত অবলম্বন করেছেন।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বি* নবযৌবন। 'চেয়েছিলে অযাচিত উপহার দিতে অনুপম কৌমার্য তোমার।' *সুধীন্দ্র*, ১৯২৯।

কৌমার্যব্রত [স] *বি* বিয়ে না করার শপথ। 'আপনারা ভদ্রলোক, কৌমার্যব্রত অবলম্বন করেছেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

কৌমার্যসভা [স] *বি* অবিবাহিতদের সভা। 'কৌমার্যসভার কেন সভ্য না হব।' *রবীন্দ্র*, ১৯০৭।

কৌমুদিনী [স] *বি* স্ত্রী চাঁদের কিরণ। 'সরের সুকান্তি দেখি যথা পড়ে খসি কৌমুদিনী তার কোলে, লও কোলে ধরি।' *মাইকেল*, ১৮৬৬।

কৌমুদী [স] *বি* জ্যোৎস্না। 'শ্বেতভুজে, আন সঙ্গে, শশিকলা কৌমুদী যেমতি।' *মাইকেল*, ১৮৬০।

কৌমুদীজাগর [স] *বি* জ্যোৎস্নালোকিত রাত। 'কবিতু আমার ধর্ম, তাই বুঝি কৌমুদীজাগরে ... এত মনোলোভা।' *সুধীন্দ্র*, ১৯৩২।

কৌমুদীবসনা [স] *বিণ* স্ত্রী শুভ্রবেশ পরিধানকারী। 'গেলা সতী কৌমুদীবসনা শিলাতলে দেবরাজ বিরাজেন যথা।' *মাইকেল*, ১৮৬০।

কৌমুদীরাশি [স] *বি* জ্যোৎস্নার আলোকমালা। 'ইসলামের একত্ববাদ ও সাম্যের কৌমুদীরাশি।' *সিরাজী*, ১৯১৮।

কৌমুদীস্নাত [স] *বিণ* জ্যোৎস্নাযুক্ত। 'বন্যকুসুম-সুগন্ধি কৌমুদীস্নাত বায়ুস্তরসকলে সেই বীণার শব্দ তেমনি খেলিতেছিল।' *বঙ্কিম*, ১৮৮৪।

কৌরাগ *বি* (সংগীত) রাগবিশেষ। 'কৌরাগ।' *মালাধর*, ১৫০০।

কৌল [স ক্রোড়] *বি* কোল। 'মোঞি কাহ্নাঞির কৌলে বসী।' *বড়ু*, ১৪৫০।

কৌলিক [স] *বিণ* কুল বা বংশবিষয়ক। 'কৌলিক ধর্মপথে অন্ধকার দেখিয়া একেবারে কুলের পথ হারাইয়া ...।' *ভবানী*, ১৮২৮।

কৌলিকব্রত [স] *বি* বংশপরম্পরাগত নিয়ম। 'বিদ্যাদানকে কৌলিকব্রত বলিয়া গ্রহণ করেন।' *রবীন্দ্র*, ১৯০৫।

কৌলীন্য [স] **১** *বি* বল্লাল সেন কর্তৃক প্রবর্তিত বাঙালি হিন্দু সমাজের কিছু জাতের উচ্চ সামাজিক মর্যাদা। 'কৌলীন্য পদ যে গুণেতে প্রাপ্ত হইলেন তাঁহারদের ইদানীং তদ্গুণ লোপ হইয়াও তাদৃশ পদ থাকিল।' *দর্পণ*, ১৮৩০। **২** *বি* প্রাধান্য। 'স্বাস্থ্যের কৌলীন্যে ক্রূর যন্ত্রণার অসুস্থ প্রলাপে।' *শামসুর*, ১৯৬৩।

কৌলীন্য প্রথা [স] *বি* বল্লাল সেন কর্তৃক প্রবর্তিত বাঙালি হিন্দু সমাজের কিছু জাতের উচ্চ সামাজিক মর্যাদা অনুসরণের রীতি। 'কৌলীন্য প্রথার সমাদর থাকাতে ...।' *অক্ষয়*, ১৮৪২।

কৌলীন্যসর্বস্ব [স] *বিণ* কুলীনত্বই সার এমন। 'কৌলীন্যসর্বস্ব ব্রাহ্মণদের বিনা মূলধনে আয়ের একটি নিশ্চিত পথ বলে ...।' *মুরশিদ*, ১৯৭০।

কৌলীন্যাচার [স কৌলীন্য-আচার] *বি* কুলীন প্রথা। 'কৌলীন্যাচার-জনিত যত ঘৃণাকর ও ভয়ঙ্কর পাপ উৎপন্ন হয়।' *অক্ষয়*, ১৮৪২।

কৌশল [স] **১** *বি* ছলাকলা। 'কতহুঁ মনোরথ কৌশল কতরি।' *গোবিন্দ*, ১৬০০। **২** *বি* দক্ষতা। 'রাজা ... অনঙ্গার রূপলাবণ্য, কামকলাকৌশলে অনঙ্গাতে ... অনুরক্ত।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **৩** *বি* নিয়ম। 'তাহার এরূপ কৌশল করিয়া দিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৩। **৪** *বি* কারিগরি; নৈপুণ্য। 'জগতে এমত বস্তুর স্থিতি নাই যাহাতে কোন বিশেষ কৌশল দৃষ্ট না হয়।' *অক্ষয়*, ১৮৪৩। **৫** *বি* রহস্য। 'পৃথিবীর সৃষ্টি কৌশল।' *অক্ষয়*, ১৮৪৩। **৬** *বি* চেষ্টা। 'অনেক কৌশলে কোন এক স্বব্যস্ক ধনির আশ্রয় গ্রহণ করে।' *অক্ষয়*, ১৮৪৫। **৭** *বি* ধূর্তামি। 'কি কুৎসিত কৌশল!' *অক্ষয়*, ১৮৫১। **৮** *বি* প্রযুক্তি। 'কৌশলবিশেষ দ্বারা উক্ত প্রতিবিম্বিত প্রতিরূপকে বিশেষ কৌশল আস্তরণের উপরে স্থায়ীভাবে ধরিয়া রাখা যায়।' *অক্ষয়*, ১৮৫৪।

কৌশলকর্তা, কৌশলকর্ত্তা [স] *বি* সৃষ্টিকর্তা। 'এই বিশ্বযন্ত্রের কৌশল দেখিয়া কৌশলকর্তাকে নিয়তই ধন্যবাদ করিতে থাকেন।' *অক্ষয়*, ১৮৫৫।

কৌশলক্রমে [স] **১** *ক্রিবিণ* চাতুর্যের সঙ্গে। 'কৌশলক্রমে আপনকার নিকট পাঠাইব।' *রাজীব*, ১৮০৫। **২** *ক্রিবিণ* চালাকি ক'রে। 'একজন বণিকের চিত্রপট কৌশলক্রমে প্রায় বিনা মূল্যেই হস্তগত ...।' *মাইকেল*, ১৮৬১।

কৌশলচক্র [স] *বি* সৃষ্টিরহস্য। 'বিশ্বরাজ্যের কৌশলচক্রের মর্ম্মাবধারণ করিয়া ...।' *অক্ষয়*, ১৮৫৪।

কৌশলজাল [স] *বি* চক্রান্ত। 'ইঁহারা তজ্জন্য নানা প্রকার কৌশলজাল বিস্তার করিতেছেন।' *অক্ষয়*, ১৮৪৪।

কৌশলজ্ঞান [স] *বি* প্রযুক্তিবিদ্যা। 'বিস্তর কৌশলজ্ঞান, ও গণিতবিদ্যায় বিশিষ্টরূপ ব্যুৎপত্তি থাকা আবশ্যক।' *অক্ষয়*, ১৮৫০।

কৌশলধৃত [স] *বিণ* প্রযুক্তিগত। 'কৌশলধৃত এই স্থায়ী প্রতিরূপ ব্যাপারই আলোকচিত্র বা ফটোগ্রাফ নামে অভিহিত।' *অক্ষয়*, ১৮৫৪।

কৌশলনিপুণ [স] *বিণ* চতুর। 'ভক্তের অভিলাষ সম্পূর্ণ কর – হে কৌশলনিপুণ রুক্মিণীহৃদয়বল্লভ।' *দীনবন্ধু*, ১৮৭৩।

কৌশলপূর্ণ [স] *বিণ* চাতুর্যপূর্ণ। 'পাঠ্যতালিকায় স্থান না দেওয়ার একটা কৌশলপূর্ণ চেষ্টা।' *মোহাম্মদী*, ১৯৪৩।

কৌশলময় [স] *বিণ* দক্ষতাসম্পন্ন। 'মহাকবি আশ্চর্য্য কৌশলময়, এবং তীক্ষ্ণ দৃষ্টিশালী।' *বঙ্কিম*, ১৮৮৭।

কৌশললব্ধ [স] *বিণ* কৌশলের মাধ্যমে লাভ-করা। 'কোনো কৌশললব্ধ সুযোগে কোনো প্রার্থনালব্ধ অনুগ্রহে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

কৌশলসহকারে [স] **১** *ক্রিবিণ* নিপুণভাবে। 'কুন্দকলিকা ইত্যাদি অতি কৌশলসহকারে সংযোজনা করিয়া ...।' *প্রমথ*, ১৮৯০। **২** *ক্রিবিণ* দক্ষতার সঙ্গে। 'কৌশলসহকারে তাকে বিপথে চালিত করবার প্রয়াস পায়।' *ওয়াশী*, ১৯৪৮।

কৌশলসাধ্য [স] *বিণ* চাতুর্যপূর্ণ। 'কৌশলসাধ্য ব্যাখ্যা দ্বারা আপনাকে ভুলিয়ে কতকগুলি সংকীর্ণ বাহ্য সংস্কারের মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

কৌশলী [স] **১** *বিণ* কুশলতাসম্পন্ন; নিপুণ। 'বিহঙ্গ

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অদ্ভুতসৃষ্টিকৌশলী জগৎপতির একটি অপূর্ব্ব সৃষ্টি।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বিণ* ধূর্ত। 'লোকটা অসামান্য কৌশলী।' *রবীন্দ্র*, ১৯৪০।

কৌশিক-ধ্বজ [স] *বি* রেশমি বস্ত্রের পতাকা। 'উড়িছে কৌশিক-ধ্বজ; উঠিছে আকাশে কাঞ্চন-কঞ্চুক-বিভা।' *মাইকেল*, ১৮৬১।

কৌশিকী [স] *বি* নাটকের রচনা ভেদবিশেষ। 'কৌশিকী, ভারতী প্রভৃতি ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

কৌশী কানাড়া *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'কৌশী কানাড়া – কাফি ঠাটের সম্পূর্ণ রাগিণী।' *নজরুল*, ১৯৩৫।

কৌষল [স কৌশল] ১ *বি* ছলনা। 'গবনর জ্ঞানেরেল কৌষলেতে মালুম হইল।' *ক্যালগে*, ১৭৮৯। ২ *বি* ফন্দি। 'আমি এমত কৌষল করব যে রাজা পুনরায় তোমাতে তুষ্ট হবেন।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

কৌষিক [স] *বিণ* রেশমি। 'কৌষিক বস্ত্র কৌষিক উত্তরী।' *মাইকেল*, ১৮৬১।

কৌষেয় [স] *বিণ* রেশমি। 'নেত কৌষেয় বস্ত্র দিল পিন্ধাইয়া।' *আলাওল*, ১৬৮০।

কৌসল [স কৌশল] *বি* চাতুর্য; ছল। 'কৌসলে কুচ কোরক করে লেল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

কৌসলকলা [স কৌশলকলা] *বি* কলাকৌশল। 'সুধন্য কৌসলকলা তুলিল রন্ধনশালা।' *মুকুন্দ*, ১৬০০।

কৌসলি [হি] *বি* উচ্চ আদালতের আইনজীবী। 'হুকুম শ্রীযুত বড় সাহেবের ও কৌসলি সাহেবান মোকাম ...।' *ক্যালগে*, ১৭৮৪। দ্র **কৌঁসুলি**

কৌসাল [ই কাউন্সিল] *বি* গভর্নর জেনারেলের উপদেষ্টা পরিষদ। *হ্যালহেড*, ১৭৭২।

কৌস্তুভ [স] *বি* (পুরাণ) মণিবিশেষ। 'জয় জয় শ্রীবৎস-কৌস্তুভভূষণ।' *বৃন্দা*, ১৫৮০।

ক্কড়ক্কড় [ধ্বন্যা] *বি* বজ্রপাতের শব্দ। 'শন – শন – শনশন-ক্কড়ক্কড় ক্কড় –।' *নজরুল*, ১৯২৪।

ক্কাটো পেজ [ই কোয়ার্টো+পেজ] *বি* বড়ো পৃষ্ঠার চার ভাগের এক ভাগ; ১১.২৫ ইঞ্চি লম্বা, ৮.৭৫ ইঞ্চি চওড়া। 'ইহার পত্রসংখ্যা ক্কাটো পেজের ... হইয়াছে।' *দর্পণ*, ১৮২৫।

কৃচিৎ [স] ১ *ক্রিবিণ* কখনো কখনো। 'বড় কৃচিৎ।' *মানোএল*, ১৭৪৩; 'যে ব্যক্তি মনুষ্যত্বের ভাবনা রাখে না, সে জ্ঞানোপদেশ কৃচিৎ মানে।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* খুব কম। 'হে মূর্খজনপ্রতি কৃচিৎ কৃপাকারিণি।' *বঙ্কিম*, ১৮৬৫।

কৃচিদ্বা [স কৃচিৎ-বা] *ক্রিবিণ* কখনো বা। 'কৃচিদ্বা সময়দোষে দুঃস্থ কায়স্থজাতীয় মহাশয়েরা গুরু মহাশয়ের কর্ম্ম করিতেছেন।' *ভবানী*, ১৮২৫।

কৃড়াৎকৃড়াৎ [ধ্বন্যা] *বি* উচ্চ নিশ্বাসের শব্দ। 'প্রবল নিশ্বাসধ্বনি ঢাকের আওয়াজের মতো কৃড়াৎকৃড়াৎ ডেকে ওঠে।' *হাসান*, ১৯৬৭।

কৃণ [স] *বি* ধ্বনি। 'রথীবৃন্দ রথে মৃদুগতি, বাজে বাদ্য সকরুণ কৃণে।' *মাইকেল*, ১৮৬১।

কৃণিত [স কৃণ] ১ *বি* ধ্বনি। 'ঘাগর কিঙ্কিণী বাজে ঘণ্টার কৃণিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* ঝঙ্কৃত। 'শুনেছি কৃণিত কঙ্কণে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

কৃণা [স কৃণ>] *ক্রি* ধ্বনিত হওয়া। 'নিতম্ব-বিম্বে কৃণিছে রশনা।' *মাইকেল*, ১৮৬১।

ক্বাথ [স] ১ *বি* গাছগাছড়া পানিতে সিদ্ধ করে তৈরি নির্যাস। 'বৃক্ষের ত্বক সিদ্ধ করিলে যে ক্বাথ হয় ...।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বি* ময়লার স্তর। 'মূল ও পত্রের ক্বাথ ইত্যাদি নানা দ্রব্যে কীটাণু বাস করে।' *অক্ষয়*, ১৮৫২। ৩ *বি* কষানো ঘন ঝোল। 'পেঁয়াজ-ঘিয়ের ঘন ক্বাথে সেরখানেক দুম্বার মাংস।' *মুজতবা*, ১৯৪৯।

ক্যাণ্ডট [স কৈবর্ত] *বি* পেশাজীবী হিন্দু সম্প্রদায়বিশেষ। 'যদিও বন্দ্য জাতিতে কায়স্থ, কিন্তু কার্য্যে ক্যাণ্ডট।' *দীনবন্ধু*, ১৮৬০।

ক্যাওরা *বি* পেশাজীবী হিন্দু সম্প্রদায়বিশেষ; কাওরা। 'এক ক্যাওরার মেয়েকে মুসলমান করে নেকা করেছে।' *নজরুল*, ১৯৩০।

ক্যাঁক [ধ্বন্যা] *বি* আর্ত শব্দ। 'ক্যাঁক করে তার গলা টিপে ধরে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ক্যাঁক করে *ক্রিবিণ* আকস্মিকভাবে। 'টুটি ক্যাঁক করে চেপে ধরবে।' *রবীন্দ্র*, ১৯৪১।

ক্যাঁক ক্যাঁক [ধ্বন্যা] ১ *বি* হাঁসের ডাক। 'এ যে হাঁসের মতো ক্যাঁক ক্যাঁক করে।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* ঘর্ষণজনিত শব্দ। 'কিলা দুটো ক্যাঁক ক্যাঁক কেঁদে যায়।' *কায়সার*, ১৯৬২।

ক্যাঁকড়া [স কর্কট] *বি* কাঁকড়া। 'ক্যাঁকড়ার সম নিসপিস নাড়ো দাঁড়।' *নজরুল*, ১৯২৪।

ক্যাঁকলেসে [স কৃকলাস] *বিণ* কাঁকলাসের মতো। 'গিরিগিটে তার ক্যাঁকলেসে চং।' *নজরুল*, ১৯২৬।

ক্যাঁ-কোঁ [ধ্বন্যা] *বি* যান্ত্রিক শব্দবিশেষ। 'ইদারা হতে যন্ত্রযোগে গোরুদের জল তোলবার সকরুণ ক্যাঁ-কোঁ শব্দ শুনতে পেতুম।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ক্যাঁচকড়াৎ [ধ্বন্যা] *বি* মুদ্রণ যন্ত্রের শব্দ। 'ক্যাঁচকড়াৎ করিয়া একটা শব্দ হইল।' *প্রভাত*, ১৮৯৬।

ক্যাঁচকোঁচ [ধ্বন্যা] ১ *বি* গোরুর গাড়ির চাকার শব্দ। 'কিন্তু শকটের চক্রগুলি অতি ভীষণ ক্যাঁচ কোঁচ রব করিতেছিল।' *বিদ্যা*, ১৮৫৬। ২ *বি* নাগরদোলা দুলুনির শব্দ। 'এইমাত্র ক্যাঁচকোঁচ শব্দে নাগরদোলাটি চালু হল।' *হাসান*, ১৯৬৭।

ক্যাঁচোর ক্যাঁচোর [ধ্বন্যা] *বি* গাড়ির চাকার শব্দ। 'গাড়ি ক্যাঁচোর ক্যাঁচোর করতে করতে বাজারের দিকে চলেছে।' *শামসুল*, ১৯৫৭।

ক্যাঁ-চ্চ [ধ্বন্যা] *বি* ধারালো অস্ত্র দিয়ে কাটার শব্দ। 'ধারাল দায়ে সূক্ষ্মফলার ক্যাঁ-চ্চ করিয়া একটা মৃদু আর্ত্তনাদ উঠিল।' *মাহেনও*, ১৯৪৯।

ক্যাকটাস [ই] *বি* গ্রীষ্মমণ্ডলে জন্মে এমন পাতাহীন এক ধরনের ছোটো কাঁটাগাছ। 'ক্যাকটাস গাছের ঝোপ-ঝাপের আড়ালে।' *বিভূতি*, ১৯৩১।

ক্যাঙারু, ক্যাঙ্গারু [ই] *বি* পিছনের দু পা এবং লেজে ভর দিয়ে লাফিয়ে লাফিয়ে চলে অস্ট্রেলিয়ার এমন একটি জন্তু। 'ক্যাঙারুর বাচ্চা যেন পো।' *নজরুল*, ১৯৩২; 'ছাগল, লুমড়ি, হরিণের বাচ্চা, ক্যাঙ্গারু, এরাই এখানে বেশী।' *হাই*, ১৯৫৮।

ক্যাচক্যাচ [ধ্বন্যা] ১ *বি* ইতর প্রাণীর আর্তচিৎকার। 'নেজ মাড়িয়ে ধরিলে বেঁজী যেমন ক্যাচ ক্যাচ করে ...।' *দীনবন্ধু*, ১৮৬০। ২ *বি* চিৎকার-চেঁচামেচির শব্দ। 'অসংখ্য ছেলেপিলের ক্যাচক্যাচ।' *জীবন*, ১৯৩২।

ক্যাচরম্যাচর [ধ্বন্যা] *বিণ* ক্যাঁচ ক্যাঁচ করছে এমন। 'একটিমাত্র গরুর গাড়ি, চাকার ক্যাচরম্যাচর শব্দ তুলে এগিয়ে যাচ্ছে।' *রশীদ*,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৬৩।

ক্যাজুয়াল লিভ [ই] *বি* নৈমিত্তিক ছুটি। 'ন'দিন ক্যাজুয়াল লিভ নিতে হয়েছে।' *শ্যামল*, ১৯৬৭।

ক্যাট ক্যাট [ধ্বন্যা] *বি* অনর্গল বিরক্তিকর কথা। 'ক্যাট ক্যাট করিস না তো?' *কায়সার*, ১৯৬২।

ক্যাটাগরি, ক্যাটাগরী [ই] *বি* শ্রেণী। 'ডবল ক্যাটাগরীর লাইসেন্সিং-এর বিরুদ্ধে এখানকার ব্যবসায়ী মহল অনেকদিন হইতেই অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উঠিয়াছেন।' *আজাদ*, ১৯৬৪।

ক্যাটারপিলার [ই] *বি* প্রজাপতির কীড়া; (এখানে) গাড়ির বা অন্য কোনো যন্ত্রের চাকার উপরে ব্যবহৃত খাঁজকাটা ধাতব বেল্ট। 'কলের হুসহুস আর ক্যাটারপিলারের চিৎকারে মুখরিত।' *আলাউদ্দিন*, ১৯৬০।

ক্যাটালগ, ক্যাটলগ [ই] **১** *বি* পণদ্রব্যের তালিকা। 'মদের দোকানের ক্যাটলগ?' *দীনবন্ধু*, ১৮৬৬। **২** *বি* গ্রন্থ-তালিকা। 'ক্যাটালগের তালিকা ওল্টাতে ওল্টাতে ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

ক্যান্টনমেন্ট [ই] *বি* সেনানিবাস। 'ক্যান্টনমেন্টের মাঠে দেখি ক্ষীর-পুতুলের নাচ।' *শক্তি*, ১৯৬৬।

ক্যাণ্ডল, ক্যাণ্ডেল [ই] *বি* মোমবাতি। 'দাদা কয়েকটা ক্যাণ্ডেল নিয়ে এস।' *নরেন্দ্র*, ১৯৪৯।

ক্যাণ্ডল-পাওয়ার [ই] *বি* আলো মাপার এককবিশেষ; মোমশক্তি। 'এক সহস্র ক্যাণ্ডল-পাওয়ার-বিশিষ্ট বিজলির আলোর চেয়ে এক কণা সূর্যের আলোর দাম যে কত বেশি।' *অন্নদা*, ১৯২৯।

ক্যাতাব [আ কিতাব] *বি* বই। 'দুই চারিখানা ক্যাতাব পড়িয়াছ।' *রোকেয়া*, ১৯৩০।

ক্যাথলিক [ই] *বি খ্রিস্টান* ধর্ম সম্প্রদায়বিশেষ। 'খ্রিষ্টীয় ধর্মও রূপান্তরিত ও পরিশোধিত হইয়া ক্যাথলিক, প্রটেষ্টান্ট ইয়ুনিটেরিয়ান প্রভৃতি বিবিধ সম্প্রদায়ে বিভক্ত হইল।' *অক্ষয়*, ১৮৫৪।

ক্যাথা [স কন্থা] *বি* কাঁথা। 'ছেড়ে রাজস্ব প্রেমে উদ্দিশ্য/ কৃষ্ণের চিন্তে ক্যাথা ওড়ে গায়।' *লালন*, ১৮৯০।

ক্যাথিড্র্যাল [ই] *বি* বিশপের এলাকাধীন প্রধান গির্জা, যেখানে বিশপের আসন থাকে। 'ক্যাথিড্র্যালটি তৈরী করা হয়েছিল একটা পুরাতন ভিতের উপর।' *সিরাজুল*, ১৯৭৪।

ক্যান [স কেন] *অব্য* কেন। 'তবে মোরে গুদোমে পোরলে ক্যান।' *দীনবন্ধু*, ১৮৬০।

ক্যানটিন [ই] *বি* স্কুল-কলেজ, অফিসাদি সংলগ্ন চা, নাস্তা প্রভৃতির দোকান। 'ফ্রী কিচেন ক্যানটিন ও লঙ্গরখানার ...।' *মনসুর*, ১৯৪৩।

ক্যানডিডেট [ই] *বি* প্রার্থী। 'ক্যানডিডেটের ভিড় হয়েছে খুব বেশি।' *মনসুর*, ১৯৪৪।

ক্যানভাস[১] [ই] *বি* এক ধরনের মোটা কাপড়। 'এতদ্ব্যতীত ক্যানভাসের জুতা, পশমের মোজা, শাল প্রভৃতি কে না ব্যবহার করিতে চাহেন।' *রোকেয়া*, ১৯০৪।

ক্যানভাস[২] [ই] *বি* কোনো বিষয় অবগতির জন্য প্রচারণা। 'তবে ক্যানভাস করতে পারলে মাটি বিক্রি করেও ...।' *জীবন*, ১৯৩১।

ক্যানভাস করা *ক্রি* প্রচারণা চালানো। 'সাধ্যমত ক্যানভাসও করছে সবাই।' *মনসুর*, ১৯৪৪।

ক্যানভাসার [ই] *বি* প্রচারক। 'ক্যানভাসার-জীবনের নিত্য অভাবের মাঝে এই অভাবিত উপায় তার মাথা ঘুরিয়ে দিলে।' *শিবরাম*, ১৯৪০।

ক্যানভাসারি করা *ক্রি* শহর বন্দর হাটবাজার ইত্যাদি স্থানে পণ্যের প্রচারণা চালানো ও বিক্রি করা। 'আমি তো ক্যানভাসারি করি।' *মান্নান*, ১৯৬৮।

ক্যানভাসিং [ই] *বি* প্রচারণার কাজ। 'বীমা-এজেন্ট ক্যানভাসিং ছেড়ে ... সেবা ও সৎকারে লেগে গেলেন।' *মনসুর*, ১৯৪৫।

ক্যানসার [ই] *বি* শরীরের কোনো অংশের কোষসমূহের অস্বাভাবিক বৃদ্ধিজনিত রোগ; কর্কটরোগ। 'একজনের ক্যানসার, ম্যালেরিয়া, একজনের আলসার।' *নজরুল*, ১৯২৬।

ক্যানা *বি* ফুলবিশেষ। 'খানিকটা জমিতে নানা আকারের চানকায় ... দোপাটি, ক্যানা ও পাতাবাহার।' *রবীন্দ্র*, ১৯২৯।

ক্যানান [আ কেনান] *বি* প্যালেসটাইনের পূর্ব নাম। 'চালডিয়াবাসীদিগের সিচেন হইতে ক্যানান দেশে গমন।' *অক্ষয়*, ১৮৪৭।

ক্যানারি [ই] *বি* হলুদ-রঙা শিস দেওয়া ছোটো পাখিবিশেষ। 'কুকুরের ক্যানারির কান্নার মতন।' *জীবন*, ১৯৪৮।

ক্যানাস্তারা [ই ক্যানিস্টার] *বি* টিনের তৈরি পাত্রবিশেষ। 'তিনটে ঘিয়ের ক্যানাস্তারা ফাঁক।' *শিবরাম*, ১৯৫০।

ক্যানেল [ই] *বি* খাল। 'সাবধান হয়ে ক্যানেলের পাড়ে বসল।' *হাসান*, ১৯৫৯।

ক্যানেস্তারা, ক্যানেসতারা [ই ক্যানিস্টার] *বি* টিনের পাত্রবিশেষ। 'দাদা যখন ক্যানেসতারা থেকে বা'র করে একটু একটু খান।' *গিরিশ*, ১৮৮৯; 'তেলের ভাঙা ক্যানেস্তারা।' *রবীন্দ্র*, ১৯১৮।

ক্যানেস্তা [ই ক্যানিস্টার] *বি* টিনের পাত্রবিশেষ। 'ক্যানেস্তা পিটাইতে হয়।' *বিভূতি*, ১৯৩৮।

ক্যান্টনমেন্ট [ই] *বি* সেনানিবাস। 'ঢাকা ক্যান্টনমেন্ট আওয়ামী লীগ মহিলা শাখার কার্যকরী কমিটি গঠন করা হয়েছে।' *বেগম*, ১৯৭২।

ক্যান্টিন [ই] *বি* অফিসাদি সংলগ্ন চা, নাস্তা ইত্যাদি খাবারের দোকান। 'কলিকাতা মহানগরীর সর্ব্বত্র সে সকল লঙ্গরখানা ও ক্যান্টিন খুলিতেছেন ...।' *আজাদ*, ১৯৪৩।

ক্যান্ডিডেট [ই] **১** *বি* চাকরি প্রার্থী। 'আর ক্যান্ডিডেট কোথায়?' *ইমদাদুল*, ১৯২০। **২** *বি* পরীক্ষার্থী। 'ক্যান্ডিডেটরা এলে অমুক রোগীকে পাঠিয়ে দিয়ো।' *মুজতবা*, ১৯৬৬।

ক্যান্সার [ই] *বি* দেহকোষের অস্বাভাবিক বৃদ্ধিজনিত রোগ। 'দেহে কখনো কখনো কর্কটরোগ অর্থাৎ ক্যান্সার জন্মায়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

ক্যাপ [ই] *বি* টুপি। 'সামলা, ক্যাপ, টোপর, টুপি ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ক্যাপটেন [ই] *বি* সেনাধ্যক্ষ। 'ক্যাপটেন ডানলপ হিন্দু সৈন্যদিগকে নিরস্ত্র করিতে আদেশ করিলেন।' *রবীন্দ্র*, ১৮৭৭।

ক্যাপবন্দী [ই ক্যাপ+ফা বন্দী] *বিণ* নিব আটকানো। 'একটি কলম আছে, ক্যাপবন্দী।' *শামসুর*, ১৯৭২।

ক্যাপাসিটি [ই] *বি* সামর্থ্য। 'তোমার যখন ট্রেন করার ক্যাপাসিটি আছে।' *শিবরাম*, ১৯৪০।

ক্যাপিটাল [ই] **১** *বি* মূলধন। 'নিজের ক্যাপিটাল নিজের কোম্পানিতে আসবে।' *জীবন*, ১৯৩১। **২** *বিণ* বড়ো ছাঁদের (বর্ণ)। 'সবটাই ক্যাপিটাল অক্ষর।' *রবীন্দ্র*, ১৯৪০।

ক্যাপিটালিজম [ই] *বি* পুঁজিবাদ। 'চতুর্থ বর্ণ বৈশ্যের শুশ্রূষা, এরি

AMARBOI.COM

নাম ক্যাপিটালিজম বা মহাজনতন্ত্র।' *সবুজ*, ১৯২০।

ক্যাপিটালিষ্ট [ই] *বি* পুঁজিপতি। 'ক্যাপিটালিষ্টরা আমার চেয়েও সেয়ানা।' *নজরুল*, ১৯২৬।

ক্যাপ্টেন [ই] **১** *বি* অধিনায়ক। 'নিত্যশরণ ওদের ক্যাপ্টেন।' *রবীন্দ্র*, ১৯৩০। **২** *বি* সেনা বা নৌবাহিনীর কর্মকর্তা। 'কালো চামড়াদের জন্য শিক্ষার বন্দোবস্ত করিয়া ক্যাপ্টেন চলিয়া গেল।' *শওকত*, ১৯৫৮।

ক্যাফেটেরিয়া [ই] *বি* স্বয়ং ক্রেতাকে খাবার সংগ্রহ ও পরিবেশন করে নিতে হয় এমন খাবারের দোকান। 'আমরা বেরিয়ে গেলেই ক্যাফেটেরিয়ার দরজা বন্ধ করে দেবে।' *মুনীর*, ১৯৬৬।

ক্যাব [ই] *বি* ভাড়ায় চালিত ছোটো গাড়ি; ট্যাক্সি। 'দেখতে না দেখতেই ক্যাবখানি অদৃশ্য হয়ে গেল।' *প্রমথ*, ১৯১৫।

ক্যাবলা [আ কাবিল] *বিণ* বোকা। 'না, হাসবে না! ক্যাবলা কোথাকার!' *বুদ্ধ*, ১৯৪৯।

ক্যাবলাকান্ত [আ কাবিল+স কান্ত] *বিণ* অত্যন্ত বোকা। 'হাঁদা! ক্যাবলাকান্ত! চাষাড়ে।' *নজরুল*, ১৯২৬।

ক্যাবারে [ই] *বি* নাচ-গানের নৈশ ক্লাব। 'ক্যাবারে কাঁ কাঁ'র ব্যবস্থা না থাকতে পারে।' *মুজতবা*, ১৯৬৬।

ক্যাবিন [ই] *বি* জাহাজের কক্ষ। 'আবার আমার ক্যাবিনে এলেম।' *রবীন্দ্র*, ১৮৮১।

ক্যাবিনবয় [ই] *বি* যে জাহাজের কামরাগুলোতে সেবা প্রদানের কাজ করে। 'ক্যাবিন-বয়েরে ডাক দাও আজি, সিরাজী সাকীরে ডাকো।' *জসীম*, ১৯৫১।

ক্যাবিনেট [ই] **১** *বি* আলমারি; ড্রয়ারগুচ্ছ। 'তাঁর ড্রয়িংরুমের ক্যাবিনেটের এক পার্শ্বে সাজিয়ে রাখতে পারেন।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বি* মন্ত্রীসভা। 'তা পার্লামেন্ট বা ক্যাবিনেটের ডিপ্লোম্যাসির অংশীদার থাকবে না।' *রবীন্দ্র*, ১৯২১।

ক্যাবিনেট-মিশন [ই] *বি* বিশেষ দায়িত্ব দিয়ে পাঠানো প্রতিনিধিবৃন্দ। 'ব্রিটিশ কর্তৃপক্ষ খোলাখুলি ক্যাবিনেট-মিশনের পরিকল্পনার ...।' *আজাদ*, ১৯৪৬।

ক্যামন *ক্রিবিণ* কেমন। 'তবে এগোনের গারনাল সাহেব কুটি২ আইবুড়ো ভাত খেয়ে বেড়য়েলো ক্যামন করে?' *দীনবন্ধু*, ১৮৬০।

ক্যামেরা [ই] *বি* আলোকচিত্র গ্রহণের যন্ত্র। 'ক্যামেরা মেরামত করিয়া আরক কিনিয়া ছবি তুলিতে শুরু করিল।' *রবীন্দ্র*, ১৯০২।

ক্যামেরাওয়ালা [ই ক্যামেরা+হি ওয়ালা] *বি* আলোকচিত্রী। 'এখন ক্যামেরাওয়ালা, ডায়ারিওয়ালা, নোটবুকনেওয়ালা অত্যন্ত সতর্ক।' *রবীন্দ্র*, ১৯২৯।

ক্যামেরাম্যান [ই] *বি* চিত্রগ্রাহক। 'ক্যামেরাম্যান খুশিমনে শট নিল।' *নরেন্দ্র*, ১৯৫০।

ক্যামেলিয়া [ই] *বি* ফুলবিশেষ। 'বেরিয়ে এসে দেখি ক্যামেলিয়া সাঁওতাল মেয়ের কানে।' *রবীন্দ্র*, ১৯১৪।

ক্যাম্প [ই] *বি* অস্থায়ী শিবির; তাঁবু। 'এখানে বনের কাছে ক্যাম্প আমি ফেলিয়াছি।' *জীবন*, ১৯৬৬; 'কনসেনট্রেশন ক্যাম্পের কাছে গিয়ে বসে রইল তারা।' *শিবরাম*, ১৯৫০।

ক্যাম্পখাট [ই] *বি* ক্যাম্পের উপযোগী ভাঁজ-করা কাঠামো বিশিষ্ট ও ক্যানভাস দিয়ে তৈরি হালকা খাট। 'অতিতুচ্ছ ক্যাম্পখাটের উপর শ্রীযুক্ত মাতঙ্গ-কালেক্টরকে একদৃষ্টে নিরীক্ষণ করিয়া দেখিতেছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ক্যাম্পচেয়ার [ই] *বি* অস্থায়ী শিবিরে ব্যবহারযোগ্য হালকা চেয়ার-বিশেষ। 'বাংলোর বাইরে ক্যাম্পচেয়ারে শুয়ে ...।' *বিভূতি*, ১৯৩৩।

ক্যাম্প টেবিল [ই] *বি* ক্যাম্পের উপযোগী ছোটো আকারের টেবিলবিশেষ। 'একটি ক্যাম্প-টেবিলের শীর্ষদেশে বেত্রাসনে প্রধান নায়ক শ্রীযুক্ত রবীন্দ্রনাথ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ক্যাম্বিশ, ক্যাম্বিস [ই] **১** *বি* মোটা ও মজবুত এক প্রকার কাপড়। 'ছেঁড়া ক্যাম্বিসের জুতা পরিয়া মাস্টারির উমেদারিতে হরলাল আসিয়া জুটিল।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বি* এক ধরনের মোটা ও মজবুত কাপড়। 'পিসেমশায় ক্যাম্বিশের খাটের উপর শুইয়া ...।' *শরৎ*, ১৯১৭।

ক্যারাম, ক্যারম [ই] *বি* কাঠের তৈরি চারকোনা বোর্ডে গুটি দিয়ে এক ধরনের খেলা। 'সাইকেল আছে, ক্যারামবোর্ড আছে আমার।' *শিবরাম*, ১৯৫০; 'ক্যারম খেলতে গিয়ে সারা খেলাটাই করো মাটি।' *শামসুর*, ১৯৬৩।

ক্যারামবোর্ড, ক্যারমবোর্ড [ই] *বি* ক্যারাম খেলার জন্য নকশা করা চারকোনা কাঠের বোর্ড। 'খালি ড্রামের ওপর রাখা ক্যারমবোর্ড।' *ইলিয়াস*, ১৯৭২।

ক্যারল [ই] *বি* আনন্দ বা প্রশংসার গান, বিশেষত বড়োদিনের স্তবগান। 'ইংরেজ নরনারীর সমবেত ক্যারলের সুর ...।' *হাই*, ১৯৫৮।

ক্যারাণি, ক্যারাণী [স করণিক] *বি* কেরানি। 'আজ গবর্মেন্টের অফিস বন্ধ, সুতরাং আমরা ক্লার্ক, ক্যারাণি, বুককিপার ও হেড রাইটরদিগকে দেখিতে পেলাম না।' *হুতোম*, ১৮৬১; 'দুর্বুদ্ধিপরায়ণ ক্যারাণী, কুটেল ও বাজে লোকেরা ... রণস্থল জুড়ে রইলো।' *হুতোম*, ১৮৬১।

ক্যারাভান, ক্যারাভেন [ই] *বি* উট ইত্যাদি জন্তু অথবা যানসহ মরুভূমিতে চলমান যাত্রীদল। 'মরুতে ক্যারাভেন যায় দুলে।' *জীবন*, ১৯২৭; 'যদিও গিয়েছে ঢের ক্যারাভান ম'রে।' *জীবন*, ১৯৪২।

ক্যারামত [আ কারামত] *বি* বাহাদুরি। 'এক জন নিরীহ ভদ্র সন্তানের প্রতি কার্দ্দানি ও ক্যারামত জাহির করবেন।' *হুতোম*, ১৮৬১।

ক্যারিকুলাম [ই] *বি* পাঠ্যক্রম। 'স্কুলের শিক্ষা বা ক্যারিকুলামের মধ্যে এখন আর কোনই পার্থক্য নাই।' *জামায়াত*, ১৯৪০।

ক্যারিকেচর [ই] *বি* ব্যঙ্গাত্মক বর্ণনা। 'হিন্দুদর্শনের সংক্ষিপ্তসার তো নয়ই, এমনকি তা ক্যারিকেচর পর্যন্ত নয়।' *প্রমথ*, ১৯২৭।

ক্যারিয়ার [ই] *বি* গাড়ি ইত্যাদিতে মালামাল বহনের জন্য সংযুক্ত বাহক। 'মোটরের প্রসারিত ক্যারিয়ারে বাঁধিয়া হালিম যখন বাড়ির বাহির হয়।' *মনসুর*, ১৯৫৫।

ক্যারেক্টর, ক্যারেক্টার, ক্যারেকটার [ই] **১** *বি* বৈশিষ্ট্য। 'সৃষ্টির দিকে বিশেষত্ব এই তো আছে ক্যারেক্টার, সৃষ্টিকর্তার দিকে বিশেষত্ব প্রতিভায়।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বি* চরিত্র। 'ইংরেজি ভাষায় ক্যারেকটার শব্দের ...।' *রবীন্দ্র*, ১৯২৯। **৩** *বি* ব্যক্তিত্ব। 'তার জোর হচ্ছে আপন সুনিশ্চিত আত্মতা নিয়ে ইংরেজিতে যাকে বলে ক্যারেক্টর।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ক্যালকেশিয়ান [ই] *বি* কলকাতার অধিবাসী। 'বাইরের লোকের সামনে চোস্ত ক্যালকেশিয়ান।' *সুনীল*, ১৯৭০।

ক্যালেন্ডার [ই] **১** *বি* পঞ্জিকা। 'ক্যালেন্ডার খুলিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *বি* দেয়ালপঞ্জি। 'সামনের দেয়ালে যে ক্যালেণ্ডার ছিল।' *মুজতবা*, ১৯৪৯।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ক্যাশ [ই] *বি* নগদ অর্থ। 'হোটেলের ক্যাশবাক্সে এবং ক্যাশবাক্স হইতে আয়রণচেষ্টে।' *প্রভাত*, ১৮৯৬।

ক্যাশ-ড্রয়ার [ই] *বি* টাকা-পয়সা রাখার দেরাজ। 'ক্যাশ-ড্রয়ার অবশ্য চাবি-বন্ধ।' *সুনীল*, ১৯৭০।

ক্যাশবই [ই ক্যাশ+আ বহী] *বি* হিসাবের খাতা। 'দৈনিক ক্যাশবই সই করা।' *বিভূতি*, ১৯৩৮।

ক্যাশবাক্স [ই] *বি* টাকার বাক্স। 'হোটেলের ক্যাশবাক্সে এবং ক্যাশবাক্স হইতে আয়রণচেষ্টে।' *প্রভাত*, ১৮৯৬।

ক্যাশবুক [ই] *বি* জমাখরচের খাতা। 'সে টাকা কোম্পানির ক্যাশবুকে জমা নাই।' *মনসুর*, ১৯৫৫।

ক্যাশমেমো [ই] *বি* নগদটাকা গ্রহণের প্রমাণপত্র। 'দোকানের ক্যাশমেমো জড়ানো।' *শিবরাম*, ১৯৫০।

ক্যাশিয়ার [ই] *বি* তহবিলের ভারপ্রাপ্ত কর্মচারী। 'সে হল ক্যাশিয়ার সদাগরের আপিসেতে।' *রবীন্দ্র*, ১৯১৮।

ক্যাসিওপিয়া [ই] *বি* দ্বিতীয় শতাব্দীতে টলেমি যে ৪৮টি নক্ষত্রের তালিকা করেছিলেন, তার একটি। এর পাঁচটি উজ্জ্বল নক্ষত্র ইংরেজি বর্ণ ডাবলিউ-এর মতো দেখতে এবং খুব সহজেই চোখে পড়ে। 'ওটা সপ্তর্ষি, ওটা ক্যাসিওপিয়া।' *বিভূতি*, ১৯৩৭।

ক্যাস্টর অয়েল [ই] *বি* ভেন্না গাছের বীজ দিয়ে তৈরি ঈষৎ হলুদ রঙের বিরেচক তেল। 'কাল হতে কেরোসিন এবং ক্যাস্টর অয়েল মাখাব।' *রবীন্দ্র*, ১৯০২।

ক্রনোমিটার [ই] *বি* সময় মাপার যন্ত্রবিশেষ। 'আপনার জন্যে রেখেছি এই ক্রনোমিটার।' *রবীন্দ্র*, ১৯৪০।

ক্রনোলজি [ই] *বি* ঘটনাপঞ্জির কালানুক্রমিক বিন্যাস। 'সেটি গল্প, ক্রনোলজি নয়।' *প্রমথ*, ১৯২৬।

ক্রন্দন [স] ১ *বি* কান্না। 'না পাইঅঁা জুড়িল ক্রন্দনে।' *বড়ু*, ১৪৫৫। ২ *বি* বিলাপ। 'হানিফার পায় সবে করে যে ক্রন্দন।' *গরীব*, ১৭৬৫।

ক্রন্দন-আভাস [স] *বি* কান্নার ইঙ্গিত। 'মুক্তি-মাগা ক্রন্দন-আভাস।' *নজরুল*, ১৯২৪।

ক্রন্দন-উলু [স ক্রন্দন+স হুলহুলী] *বি* কান্নার রোল। 'ঘরে ঘরে উঠে ক্রন্দন-উলু, চালে চালে ওড়ে কাক।' *নজরুল*, ১৯২৫।

ক্রন্দনজয়ী [স] *বিণ* কান্নাকে জয় করেছে এমন। 'পুরুষ ক্রন্দনজয়ী, – দুঃখ দেখে দুঃখ পায় – ধিক তারে ধিক।' *নজরুল*, ১৯২৪।

ক্রন্দন-ধ্বনি [স] *বি* কান্নার শব্দ। 'অকস্মাৎ স্ত্রীলোকের ক্রন্দনধ্বনি শ্রবণগোচর করিয়া, রাজা বীরবরকে আহ্বান করিলে ...।' *বিদ্যা*, ১৮৪৭।

ক্রন্দনপরায়ণ [স] *বিণ* সহজেই কাঁদে এমন। 'ক্রন্দনপরায়ণ ছেলেকে নিজের কোলে নিয়া ...।' *মানিক*, ১৯৩৯।

ক্রন্দনময় [স] *বিণ* ক্রন্দনপূর্ণ। 'ক্রন্দনময় নিখিল হৃদয় তাপদহনদীপ্ত।' *রবীন্দ্র*, ১৯৩২।

ক্রন্দনমুখর [স] *বিণ* কান্নারত। 'অনুতাপদগ্ধ বিদ্যাপতির ক্রন্দনমুখর গলার স্বরই সেখানে কাঁপিয়া উঠিতেছে।' *হাই*, ১৯৫৪।

ক্রন্দনরত [স] *বিণ* কান্নারত। 'ক্রন্দনরত জমায়েতের নিকটবর্তী।' *ওয়ালী*, ১৯৪৮।

ক্রন্দনরতা [স] *বিণ* স্ত্রী কাঁদছে এমন। 'সে ক্রন্দনরতা রহিমার স্বামী।' *ওয়ালী*, ১৯৪২।

ক্রন্দনরোল [স] *বি* কান্নার রব। 'যে তীব্র ক্রন্দনরোল যুগের পর যুগ ঠেলিয়া আসিয়া তোমারই অনন্তের বেলাভূমে আছাড়িয়া পড়িতেছে।' *সবুজ*, ১৯২১; 'ক্রন্দন-রোল আকাশে-বাতাসে ধ্বনিবে না।' *নজরুল*, ১৯২২।

ক্রন্দনশব্দ [স] *বি* কান্নার আওয়াজ। 'দক্ষিণ দিকে স্ত্রীলোকের ক্রন্দনশব্দ শুনা যাইতেছে।' *বিদ্যা*, ১৮৪৭।

ক্রন্দনশীলা [স] *বিণ* স্ত্রী কাঁদছে এমন। 'ক্রন্দনশীলা পিসিমার বক্ষলগ্ন হইয়া থাকিবার সময় ...।' *মানিক*, ১৯৩৭।

ক্রন্দনশ্বাস [স] *বি* কান্নাজড়ানো নিশ্বাস। 'আমি বিধবার বুকে ক্রন্দন-শ্বাস।' *নজরুল*, ১৯২২।

ক্রন্দনহারা [স] *বিণ* কান্না হারিয়ে গেছে এমন। 'আমি চেয়ে থাকি শুধু মুখে/ ক্রন্দনহারা দুখে।' *রবীন্দ্র*, ১৮৯০।

ক্রন্দনোচ্ছ্বাস [স] *বি* কান্নার উচ্ছ্বাস; ক্রন্দনাবেগ। 'তীব্র লবণাশ্রুনিমগ্ন হৃদয়ের সুগভীর ক্রন্দনোচ্ছ্বাস।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ক্রন্দনোন্মুখী [স ক্রন্দন-উন্মুখী] *বিণ* স্ত্রী কাঁদতে উদ্যত এমন। 'স্ত্রীকে ক্রন্দনোন্মুখী দেখিবামাত্র চোখ বুজিয়া নাক ডাকাইতে আরম্ভ করেন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ক্রন্দসী [স] ১ *বি* স্বর্গ ও মর্ত্য। 'ওই শুন দিশে দিশে তোমা লাগি কাঁদিছে ক্রন্দসী।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বি* আকাশ। 'ক্রন্দসী কাঁদিয়া ওঠে বহ্নিহরা মেঘে।' *রবীন্দ্র*, ১৯১৬। ৩ *বি* ক্রন্দনরত নারী। 'কাঁদে কোন ক্রন্দসী কারবালা ফোরাতে।' *নজরুল*, ১৯২২।

ক্রন্দা [স ক্রন্দন>] *ক্রি* কান্না করা। 'স্বর্গ উঠিছে ক্রন্দি, সুরপরিষদ বন্দী।' *রবীন্দ্র*, ১৯০০।

ক্রন্দিত [স] *বিণ* কান্নাময়। 'তার প্রথম ক্রন্দিত নিশ্বাস।' *রবীন্দ্র*, ১৯২৯।

ক্রপা [স কৃপা] *বি* কৃপা। 'এক দিন গোসাঞি ক্রপা করি বৈল।' *মালাধর*, ১৫০০।

ক্রব্যাদ [স] ১ *বি* রাক্ষস। 'শব্দভেদী শর দ্বারা ক্রব্যাদের প্রাণসংহার করিয়া ... প্রত্যাগমন করিল।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বি* মাংসাশী প্রাণী। 'দেখিয়ে ক্রব্যাদ দলে করে হাহাকার।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

ক্রম [স] *বি* অনুক্রম। 'এবে কহি চৈতন্যলীলার ক্রম-অনুবন্ধ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ক্রমগঠিত [স] *বিণ* ক্রমান্বয়ে বিন্যস্ত। 'বর্তমান ক্রমগঠিত হয়েছে অতীতের গর্ভে।' *প্রমথ*, ১৯১৭।

ক্রমগতি [স] *বিণ* ক্রমবিবর্তন। 'ঐতিহাসিক ক্রমগতির সর্বাধুনিক এবং প্রবলতম প্রকাশ ইসলাম।' *মাহেনও*, ১৯৪৯।

ক্রমনিম্নতা [স] *বি* ক্রমে নিম্নগামিতা। 'পূর্ব দিকে ক্রমনিম্নতার একটা একটানা প্রবাহ চলিয়া গিয়াছে।' *তারা*, ১৯৪২।

ক্রমপরিবর্তনশীল [স] *বিণ* ক্রমে পরিবর্তন হচ্ছে এমন। 'সেই কারণেই জীবন্ত ভাষা ক্রমপরিবর্তনশীল।' *প্রমথ*, ১৯১৭।

ক্রমপরিশীলিত [স] *বিণ* ক্রমান্বয়ে পরিমার্জিত। 'নিরবচ্ছিন্ন সাধনার দ্বারা ক্রমপরিশীলিত না হওয়ায় ...।' *মুরশিদ*, ১৯৭০।

ক্রমবর্ধনশীল, ক্রমবর্দ্ধনশীল [স] *বিণ* ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে এমন। 'ক্রমবর্দ্ধনশীল শিক্ষিত সমাজকে ইসলামের গণ্ডী হইতে খারিজ ...।' *শহীদুল্লাহ*, ১৯৩১; 'ক্রমবর্ধনশীল উত্তেজনায় সে হইয়া থাকে বোমার মতো।' *মানিক*, ১৯৪০।

ক্রমবর্ধমান [স] *বিণ* ক্রমে বৃদ্ধিশীল। 'সে দাবী দেখিতে দেখিতে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বাহিরের ক্রমবর্ধমান জনতার দাবী হইয়া উঠিল।' *বেগম*, ১৯৪৭।

ক্রমবর্ধিষ্ণু [সা] *বিণ* ক্রমাগত বৃদ্ধিপ্রাপ্ত। 'ক্রমবর্ধিষ্ণু দ্রব্যমূল্যের চাপ হইতে আশু মুক্ত করা প্রয়োজন।' *আজাদ*, ১৯৬০।

ক্রমবিকাশ [সা] *বি* ক্রমে উন্নতি হওয়া। 'এক অর্থে বাঙালি হিন্দু মধ্যবিত্তের ক্রমবিকাশের ইতিহাস।' *আনিস*, ১৯৬৪।

ক্রমবিকাশন [সা] *বি* ক্রমোন্নতি; বিবর্তন। 'উৎকর্ষসাধনে ও ক্রমবিকাশনে ...।' *অক্ষয়*, ১৮৫৪।

ক্রমবিকাশপদ্ধতি [সা] *বি* বিবর্তনের ধারা। 'ক্রমবিকাশপদ্ধতি অনুসারে আজ কাল যাহা kinder garten-এ পরিণত হইয়াছে।' *প্রমথ*, ১৯২০।

ক্রমবিকাশমান [সা] *বিণ* একটু একটু করে উন্নত হচ্ছে এমন। 'আমাদের ক্রমবিকাশমান স্বায়ত্তশাসনাধিকার প্রাপ্তির মেয়াদ ...।' *মনসুর*, ১৯৪০।

ক্রমবিদূরণ [সা] *বি* পর্যায়ক্রমিক দূরকরণ। 'মানুষের অজ্ঞতার ক্রমবিদূরণ, জীবনবোধের প্রসার, প্রজ্ঞা, বুদ্ধি ও বোধির ক্রমবিকাশ।' *শরীফ*, ১৯৬৮।

ক্রমবিবর্তন [সা] *বি* ধারাবাহিক বিবর্তন। 'প্রতিবাসীদের মতোই এ ঐতিহাসিক ক্রমবিবর্তনের সৃষ্টি।' *মাহেনও*, ১৯৪৯।

ক্রমবিলয় [সা] *বি* একটু একটু করে বিনাশ। 'ইউরোপের প্রকৃতির যেমন ক্রমবিকাশ নেই, তেমনি ক্রমবিলয়ও নেই।' *প্রমথ*, ১৯১৬।

ক্রমবিস্তৃতি [স] *বি* ক্রমান্বয়ে প্রসার। 'এমনি ভাবেই গ্রাম্য সমাজের ক্রমবিস্তৃতি ছিল।' *তারা*, ১৯৪২।

ক্রমমুক্তি [সা] *বি* ক্রমাগত সমৃদ্ধি। 'এ পথেই পৃথিবীর ক্রমমুক্তি হবে।' *জীবন*, ১৯৪২।

ক্রমশ [স] *ক্রিবিণ* ধীরে ধীরে। *মানোএল*, ১৭৪৩; 'জলও ক্রমশ উড়োন চণ্ডীর টাকার মত জায়গা খালি হয়ে হটে যেতে লাগলো।' *হুতোম*, ১৮৬১।

ক্রমশই *ক্রিবিণ* ক্রমে ক্রমে। 'বঙ্গমহিলা ক্রমশই আত্মশূন্য হইয়া পড়িতেছেন।' *দীপিকা*, ১৮৮৭।

ক্রমশঃ [সা] ১ *ক্রিবিণ* ধীরে ধীরে। 'ক্রমশঃ বাঙ্গলা সম্বাদপত্রের বাহুল্য হওয়াতে এতদ্দেশীয় লোকেরদের বিশিষ্টোপকার।' *দর্পণ*, ১৮৩০। ২ *ক্রিবিণ* কালে কালে। 'অনেক অনেক জলস্তম্ভ ক্রমশঃ হেলিয়া পড়ে।' *অক্ষয়*, ১৮৫২। ৩ *ক্রিবিণ* পর্যায়ক্রমে। 'বাণিজ্য ও শিল্পকার্যেরও ক্রমশঃ উন্নতি হইয়া আসিতেছে।' *অক্ষয়*, ১৮৫৪।

ক্রমশূন্যায়মান [সা] *বিণ* ক্রমশ শূন্য হচ্ছে এমন। 'ক্রমশূন্যায়মান কাঁসার জামবাটির দিকে হতাশভাবে চাহিতেছে।' *বিভূতি*, ১৯২৯।

ক্রমসূত্র [সা] *বি* পরম্পরা। 'জাতির ক্রমসূত্র গ্রথিত।' *ইসলাম*, ১৯৩২।

ক্রমস্ফীত [সা] *বিণ* ক্রমবর্ধমান। 'ক্রমস্ফীত সমস্যা হইতে যথাসম্ভব মুক্ত করার জন্যই ...।' *আজাদ*, ১৯৬৪।

ক্রমহ্রস্বমান [সা] *বিণ* ক্রমশ কমে যাচ্ছে এমন। 'একটা ক্রমহ্রস্বমান ধারা লক্ষ করেন।' *ধূর্জটি*, ১৯৩১।

ক্রমাগত [স ক্রম-আগত] ১ *ক্রিবিণ* ক্রমশ। 'ক্রমাগত বিবিধবিত্ত বিশিষ্ট বিদ্যাযুত শ্রীযুত বাবু ...।' *ভবানী*, ১৮২৫। ২ *ক্রিবিণ* প্রতিনিয়ত। 'যাহারা ক্রমাগত দলবদ্ধ হইয়া ... থাকে।' *অক্ষয়*, ১৮৪৫। ৩ *ক্রিবিণ* ধীরে ধীরে। 'ক্রমাগত দ্বাদশ দিবস গত হইলে ...।' *অক্ষয়*, ১৮৪৭। ৪ *ক্রিবিণ* ধারাবাহিকভাবে। 'দুই শতাব্দী ক্রমাগত যুদ্ধ ও ক্রমাগত হত্যা করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৫ *ক্রিবিণ* অব্যাহতভাবে। 'চামচিকে বাহিরের বারান্দায় উন্মত্ত দরবেশের মতো ক্রমাগত চক্রকারে ঘুরিত।' *রবীন্দ্র*, ১৯১২।

ক্রমাগতভাবে [স ক্রম-আগত-ভাবে] *ক্রিবিণ* একের পর এক। 'শৈশব হইতেই ক্রমাগতভাবে বাধা পাইতে থাকে।' *বেগম*, ১৯৪৭।

ক্রমানুসারে [সা] *ক্রিবিণ* পর্যায়ক্রমে। 'কি প্রকার ক্রমানুসারে এতাদৃশ সদবস্থা হইল?' *অক্ষয়*, ১৮৪৮।

ক্রমান্বয়ে [স ক্রম-অন্বয়ে] *ক্রিবিণ* একের পর এক। 'ইঁহার প্রযত্নে ক্রমান্বয়ে ৪টি আশ্রমান স্থাপিত হইয়াছে।' *প্রচারক*, ১৮৯৯।

ক্রমাবনতি [স ক্রম-অবনতি] *বি* ক্রমে অধোগতি। 'সমাজে নারীর স্থান ক্রমাবনতির দিকে।' *বেগম*, ১৯৫১।

ক্রমাবিষ্কৃত [স ক্রম-আবিষ্কৃত] *বিণ* ধারাবাহিকভাবে আবিষ্কৃত। 'মানবিক বুদ্ধিবলে ক্রমাবিষ্কৃত বৈজ্ঞানিক নিগূঢ় তত্ত্বসমূহই ইহার প্রধানতম নিদান।' *অক্ষয়*, ১৮৫৪।

ক্রমে [সা] ১ *ক্রিবিণ* অতঃপর। 'ক্রমে দৈবকীর গর্ভও হৈল দশ মাস।' *বড়ু*, ১৪৫০; 'সকল আবাস ক্রমে করিল শোধন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *ক্রিবিণ* অনুক্রমে। 'হাট বাট পন্থ রথ ক্রমে কুসুমিত।' *আলাওল*, ১৬৮০। ৩ *ক্রিবিণ* অনুযায়ী। 'জৈদুন নিজ পৌরুষ ক্রমে ইহা স্বীকার না করিয়া ...।' *তারিণী*, ১৮০৩। ৪ *ক্রিবিণ* একে একে। 'উৎকর্ষ ক্রমে সম্পন্ন হইতেছে।' *দর্পণ*, ১৮২৮।

ক্রমে ক্রমে [সা] ১ *ক্রিবিণ* ধীরে ধীরে। 'ক্রমে ক্রমে দেখিতে পাইবে পরতেকে।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রিবিণ* একের পর এক। 'অনন্তর ক্রমে ক্রমে অগ্রসর হইয়া ... জানা যায়।' *অক্ষয়*, ১৮৪৩।

ক্রমোচ্ছ্বসিত [সা] *বিণ* ক্রমশ স্ফীত হচ্ছে এমন। 'ঘনগর্জ্জিত তুষার প্রপাতের গলিত ধারায় ক্রমোচ্ছ্বসিত জলস্রোত মত।' *সবুজ*, ১৯২১।

ক্রমোন্নতি [সা] *বি* ক্রমবিকাশ। 'উহার নিশ্চয়ই ক্রমোন্নতি হইবে।' *অক্ষয়*, ১৮৪৮।

ক্রমোন্নতিশীল [সা] *বিণ* যুগোপযোগী। 'বাধা অপসারিত করার জন্য চাই ... ক্রমোন্নতিশীল যন্ত্র, রীতিনীতি, প্রযুক্তিবিদ্যা ইত্যাদির সাহায্যে ...।' *শিব*, ১৯৫৬।

ক্রমায়ত [সা] ১ *বিণ* ক্রমাগত। 'ক্রমায়ত ঋণে ন্যস্ত আমার সত্তা।' *সুধীন্দ্র*, ১৯৩৯। ২ *ক্রিবিণ* অনবরত। 'আকৃতির প্রবীণতা ক্রমায়ত করে সে বিদীন?' *জীবন*, ১৯৪০।

ক্রমিক [সা] ১ *ক্রিবিণ* ধারাবাহিকভাবে। 'টেলিস্কোপ নামক ইংরাজি পত্রে ক্রমিক প্রকাশ হইতেছে।' *অক্ষয়*, ১৮৪২। ২ *ক্রিবিণ* অনবরত। 'ক্রমিক আনাগোনা করতে দেখে ব্যাকুল।' *রবীন্দ্র*, ১৮৯১।

ক্রয় [সা] *বি* অর্থের বিনিময়ে লাভ। 'আফিনের ক্রয় ও বিক্রয়াদি ব্যাপারে আসক্ত হইলে।' *ফরস্টার*, ১৭৯৭।

ক্রয়কেন্দ্র [সা] *বি* যেখান থেকে ক্রয় করা হয়। 'এখন ইহাদের ক্রয়কেন্দ্র বাঙ্গলাদেশ।' *ইস্লাম*, ১৯৪৫।

ক্রয়নার্থ [সা] *ক্রিবিণ* ক্রয়ের জন্য। 'গ্রাহকেরদিগের ক্রয়নার্থ নিবারণ করি।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

ক্রয়বিক্রয় [সা] *বি* কেনাবেচা। 'এখন অতিশয় দ্রব্য ক্রয়বিক্রয় করিতেছেন।' *রাজীব*, ১৮০৫; 'ইহাতেও ... ক্রয়-বিক্রয়ের কথাবার্তা দেখিতে পাওয়া যায়।' *অক্ষয়*, ১৮৪৮।

ক্রয়শক্তি [সা] *বি* ক্রয় করার ক্ষমতা। 'মুদ্রাস্ফীতি কমাইয়া দেয়

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সর্ব্বসাধারণের ক্রয়শক্তি।' *মাহেনও*, ১৯৪৯।

ক্রয়াধীন [স ক্রয়-অধীন] *ক্রিবিণ* কেনার কারণে। 'জমিদারী ক্রয়াধীন বহুতর দিবাবসানে অধিকতর ধনাঢ্য হইয়াছেন।' *ভবানী*, ১৮২৫।

ক্রয়ার্থ [স] *ক্রিবিণ* কেনার জন্য। 'একটি দুঃখিনী স্ত্রীলোক একখানি বস্ত্র ক্রয়ার্থ ব্যগ্র হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯।

ক্রয়ার্থে [স] *ক্রিবিণ* ক্রয় করার উদ্দেশ্যে। 'পুস্তক ক্রয়ার্থে কত টাকা ... দিতে হইবেক।' *দর্পণ*, ১৮২২।

ক্রল [ই] *বি* হামাগুড়ি। 'দ্যাখো তবু ১৯৭৩ জন শামসুর রাহমান ক্রল ক'রে আসছে এখানে।' *শামসুর*, ১৯৭৪।

ক্রশচিহ্ন [ই ক্রশ+স চিহ্ন] *বি* খ্রিস্টান ধর্মের প্রতীক। 'গলায় ক্রশচিহ্ন ঝুলিয়ে ধর্মভাবে আপ্লুত হয়ে ...।' *উমর*, ১৯৬৮।

ক্রস [ই] *বি* জেরা। 'আসামীর পক্ষে তোমাকে ক্রস করিব।' *বঙ্কিম*, ১৮৭৫।

ক্রসওয়ার্ড [ই] *বি* শব্দ সাজানোর ধাঁধাবিশেষ। 'সে লটারি-টিকিট কেনা ও ক্রসওয়ার্ড খেলা আরম্ভ করিবার সিদ্ধান্ত করিল।' *মনসুর*, ১৯৪০।

ক্রস চেক [ই] *বি* আড়াআড়ি রেখাটানা চেক। 'প্রকাশক ক্রস চেক দিয়ে ছলনা করতেন আমাকে।' *শিবরাম*, ১৯৭০।

ক্রস ফেটার্স [ই] *বি* কয়েদিদের বাঁধার বিশেষ ব্যবস্থা। 'নানা রকম শৃঙ্খল বন্ধন (লিংক ফেটার্স, ক্রস ফেটার্স প্রভৃতি)।' *নজরুল*, ১৯২৬।

ক্রসিং [ই] *বি* সাধারণ পথ ও রেলপথের সংযোগস্থল। 'ক্রসিং-এর পর একটু খাড়াই পথ।' *হাফিজুর*, ১৯৫৩।

ক্রাইম [ই] *বি* আইনানুযায়ী অপরাধ। 'ডেপুটি বাবু, আমি তোমার পিনাল কোড, এতে সব ক্রাইম আছে।' *দীনবন্ধু*, ১৮৬৬।

ক্রাইস্ট, ক্রাইষ্ট [ই] ১ *বি* যিশু খ্রিস্ট। 'বিলাতি জুজেস ক্রাইষ্ট এক টুকরো রুটিতে একশ লোককে খাইয়েছিলেন।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* খ্রিস্টের মূর্তি। 'একটি আবলুশকাঠের ক্রুশে আঁটা রুপোর ক্রাইস্ট তার বুকের উপর অষ্টপ্রহর ঝুলত।' *প্রমথ*, ১৯১৫।

ক্রান্ত [স] *বিণ* অতীত। 'হয়তোবা ক্রান্ত ইতিহাস শানিত সাপের মতো অন্ধকারে নিজেকে করেছে প্রায় গ্রাস।' *জীবন*, ১৯৪৪।

ক্রান্তি [স] *বি* হিসাবের অতি সূক্ষ্মভাগ; কড়ার তৃতীয়াংশ পরিমাণ। 'নবীর ভেদ পেলে এক ক্রান্তি/ ঘুচে যেত মনের ভ্রান্তি।' *লালন*, ১৮৯০।

ক্রান্তিকাল [স] *বি* অবস্থা পরিবর্তনের সময়। 'একুশে ফেব্রুয়ারী তাই পূর্ব পাকিস্তানের ইতিহাসে একটি অশেষ গৌরবমণ্ডিত ক্রান্তিকালের দিন।' *হাফিজুর*, ১৯৫৩।

ক্রান্তিবলয় [স] *বি* বিষুব রেখার প্রায় চল্লিশ ডিগ্রি উত্তর ও দক্ষিণে কল্পিত বলয়াকৃতি রেখা। 'হৃদয় আমার, ক্রান্তিবলয়ে তিমিরান্তক।' *বীরেন্দ্র*, ১৯৫৬।

ক্রান্তিলগ্ন [স] *বি* অবস্থা পরিবর্তনের সময়। 'মনের সহস্র গলি রক্তস্নাত জানায় প্রণাম/ ক্রান্তিলগ্ন আবির্ভাবে।' *বীরেন্দ্র*, ১৯৫১।

ক্রিং [ধ্বন্যা] *বি* সাইকেলের বেলের শব্দ। 'ক্রিং ক্রিং ক্রিং সাইকেলের আওয়াজ।' *রবীন্দ্র*, ১৯৪১।

ক্রিকেট [ই] *বি* ব্যাট-বলের খেলাবিশেষ। 'তাহাদের অনেকে নৌকার দাঁড় টানে না, ক্রিকেট খেলে না, বই কামড়াইয়া পড়িয়া থাকে।' *রবীন্দ্র*, ১৮৯১।

ক্রিকেট-টীম [ই] *বি* ক্রিকেট দল। 'ক্রিকেট-টীমে আর রঙ্কন-টীমে কোনও তফাত নেই।' *মুজতবা*, ১৯৫৮।

ক্রিকেট-ব্যাট [ই] *বি* ক্রিকেট খেলায় বল চালনার জন্য ব্যবহৃত ব্যাট। 'তাদের কারো হাতে রয়েছে ক্রিকেট-ব্যাট।' *প্রমথ*, ১৯৩১।

ক্রিটিক [ই] *বি* সমালোচক। 'যত বেকার ক্রিটিক ভুলি টিকটিক ...।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

ক্রিটিকাল [ই] *বিণ* জটিল। 'আমাদের দর্শনচর্চা রিয়ালও নয়, ক্রিটিকালও নয়।' *প্রমথ*, ১৯১৫।

ক্রিটিসিজম [ই] *বি* সাহিত্য সমালোচনা। 'এই ত ক্রিটিসিজম। একেই ত বলে চরিত্র-সমালোচনা।' *শরৎ*, ১৯১৭।

ক্রিড়া [স ক্রীড়া] *বি* খেলা। 'তাসনে করএ ক্রিড়া পালঙ্কে বসিয়া।' *মালাধর*, ১৫০০।

ক্রিম [ই] *বি* মলমের মতো প্রসাধনীবিশেষ। 'সাবানদানি, ক্রিমের কৌটো, ম্যাকাসারের তেল।' *রবীন্দ্র*, ১৯৪০।

ক্রিমি [স] *বি* কৃমি। 'কফ বাত ক্রিমি কুষ্ঠ ব্রণ করে নাশ।' *শুশু*, ১৮৫৮।

ক্রিমিনাল, ক্রিমিন্যাল [ই] ১ *বিণ* ফৌজদারি। 'এক দফা ক্রিমিন্যাল আর এক দফা সিভিল।' *গিরিশ*, ১৮৮৬। ২ *বি* অপরাধী। 'ক্রিমিনাল শব্দটা আমরা বাংলায় গ্রহণ করিতে ইচ্ছা করি।' *রবীন্দ্র*, ১৯১৮। ৩ *বিণ* কূটবুদ্ধিপূর্ণ। 'ওই শ্রেণীর ক্রিমিনাল ব্রেনের আমেরিকায় জোড়া মিলাতে পারে।' *শিবরাম*, ১৯৫০।

ক্রিমিন্যাল কেস [ই] *বি* অপরাধ সংক্রান্ত মামলা। 'কিছু না হয়, এক ক্রিমিন্যাল কেসেই চলে যেতো।' *গিরিশ*, ১৮৮৬।

ক্রিয়মাণ [স] *বিণ* ক্রিয়াশীল। 'বর্ত্তমান দেহে ক্রিয়মাণ ঈশ্বর পূজাদিরূপ কর্ম্মের ফলভোগ যে দেহান্তরে হয়।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

ক্রিয়া [স] ১ *বি* ধর্মীয় আচার। 'যথোচিত ক্রিয়া করি করি গঙ্গাস্নান।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* কাজ। 'সর্ব্বাপেক্ষা অগ্রে এই ক্রিয়া আবশ্যক।' *ফরস্টার*, ১৭৯৫; 'কদাচ মন্দ ক্রিয়া করিও না।' *রাজীব*, ১৮০৫। ৩ *বি* ঘটনা। 'সেই স্থানে এক আশ্চর্য্য ক্রিয়া হইয়াছে।' *রামরাম*, ১৮০১। ৪ *বি* (ব্যাক.) ক্রিয়াবাচক বিশেষ্যপদ। 'বৈদিক সংস্কৃতের অন্তর্গত 'শবতি' ক্রিয়ার অর্থ প্রতিপাদনে লেখেন ...।' *অক্ষয়*, ১৮৪৭। ৫ *বি* অনুষ্ঠানাদি। 'তদ্ভিন্ন তাঁহার বাটীতে কোন ক্রিয়া উপস্থিত হইলে ...।' *অক্ষয়*, ১৮৫০।

ক্রিয়াকর্ম, ক্রিয়া কর্ম্ম [স] ১ *বি* কাজকর্ম। 'ক্রিয়া কর্ম্ম এইক্ষণে যেরূপ করিতেছ তাহা নিন্দিত।' *কেরি*, ১৮০২। ২ *বি* শাস্ত্রীয় বা সামাজিক কার্যের অনুষ্ঠান। 'ক্রিয়া-কর্ম, দান-ধ্যান, লাঠালাঠি পূর্বমতই হইতে লাগিল।' *বঙ্কিম*, ১৮৮২।

ক্রিয়াকর্মনিরত [স] *বিণ* কাজকর্মে নিবিষ্ট। 'যে দেশে বেদবিহিত ক্রিয়াকর্মনিরত আর্যেরা ...।' *প্রমথ*, ১৯১৫।

ক্রিয়াকলাপ [স] *বি* কাজকর্ম। 'যাত্রা মহোৎসবাদি ক্রিয়াকলাপের অনুষ্ঠান করিতেছেন।' *অক্ষয়*, ১৮৪৭।

ক্রিয়াকাণ্ড [স] ১ *বি* কাজকর্ম। 'আবার যখন ক্রিয়াকাণ্ডের সময়ে চন্দ্রাতপে আচ্ছাদিত হয়।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* রীতিনীতি। 'আচার ব্যবহার ও ক্রিয়াকাণ্ড।' *ইসলাম*, ১৮৯২।

ক্রিয়াত্মক [স] *বিণ* কর্মমুখী। 'বৈদিক ধর্ম্ম ক্রিয়াত্মক।' *বঙ্কিম*, ১৮৮৭।

ক্রিয়ানিষ্ঠ [স] *বিণ* আচারনিষ্ঠ। 'ব্রাহ্মণেরা পূর্ব্বে অত্যন্ত ক্রিয়ানিষ্ঠ

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

থাকিত।' *দর্পণ*, ১৮২৯।

ক্রিয়ানুষ্ঠান [স ক্রিয়ানুষ্ঠান] *বি* সামাজিক বা ধর্মীয় অনুষ্ঠান। 'যথাবিহিত কারণ অর্থাৎ ক্রিয়ানুষ্ঠান দ্বারা তাঁহাদের সাধন করা কর্তব্য।' *অক্ষয়*, ১৮৫০।

ক্রিয়াপদ [স] *বি* ক্রিয়াবাচক শব্দ। 'ক্রিয়াপদ ও সর্বনামের সাধুবিভক্তির সন্ধান সংস্কৃত ব্যাকরণের ভিতর পাওয়া যায় না।' *প্রমথ*, ১৯১৭।

ক্রিয়াপ্রণালী [স] *বি* কর্মপদ্ধতি। 'তোমরা তাঁহার ক্রিয়াপ্রণালী স্থির করিয়া রাখো।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ক্রিয়াপ্রতিক্রিয়া [স] *বি* পারস্পরিক ক্রিয়া। 'ক্রিয়াপ্রতিক্রিয়ার দ্বন্দ্বের মধ্য দিয়া অভিব্যক্ত।' *রবীন্দ্র*, ১৯০৮।

ক্রিয়াবান [স] *বিণ* কর্মপ্রিয়; কর্মঠ। 'এদেশীয় যত ব্যক্তি অত্যন্ত ক্রিয়াবান ও সন্ত্রান্ত বলিয়া প্রসিদ্ধ আছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

ক্রিয়াবৃক্ষ *বি* ক্রিয়ারূপ বৃক্ষ। 'মনুষ্যের ক্রিয়াবৃক্ষে এরূপ কল্যাণকর ফল উৎপন্ন হওয়া দুঃসাধ্য।' *অক্ষয়*, ১৮৫২।

ক্রিয়াময় [স] *বিণ* ক্রিয়াশীল। 'আলোকিত থাকে শুধু সম্মুখ মঞ্চের ক্রিয়াময় অংশ।' *মুনীর*, ১৯৬৬।

ক্রিয়ারম্ভ *বি* অনুষ্ঠান শুরু। 'বিবাহ ক্রিয়ারম্ভের পূর্বক্ষণ পর্যন্ত ...।' *অক্ষয়*, ১৮৫০।

ক্রিয়াশালী [স] *বিণ* ক্রিয়াশীল। 'বর্তমান যুগরচনায় আজও তাঁর প্রভাব ক্রিয়াশালী।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ক্রিয়াশীল [স] *বিণ* কর্মরত। 'বিধাতৃবিহিত স্ব স্ব কর্তব্যসাধনে ক্রিয়াশীল।' *অক্ষয়*, ১৮৫৪।

ক্রিয়াশীলতা [স] *বি* সক্রিয়তা। 'বাস্তব কর্মক্ষেত্রে ইয়ংবেঙ্গলের ক্রিয়াশীলতা কোনদিনই তেমন পরিলক্ষিত হয়নি।' *মুরশিদ*, ১৯৭০।

ক্রিয়াসক্ত [স] *বিণ* কর্মে অনুরক্ত। 'এই নিত্যসচলা প্রকৃতির মতো ... সর্বদায় ক্রিয়াসক্ত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ক্রিয়াসাপেক্ষ [স] *বিণ* ক্রিয়ানির্ভর। 'গঠন যে ক্রিয়াসাপেক্ষ, এই হচ্ছে দেহবিজ্ঞানের মূল তত্ত্ব।' *প্রমথ*, ১৯১৩।

ক্রিয়ে [স ক্রিয়া>] *বি* কাজকর্ম। 'কোন দিন না করিলে সংসারের ক্রিয়ে।' *গুপ্ত*, ১৮৫৮।

ক্রিয়েটিভিটি [ই] *বি* সৃষ্টিশীলতা। 'অধুনা সমজদারি কথাটা ক্রিয়েটিভিটির চেয়ে কম মূল্য পেলেও আসলে কম মূল্য নয়।' *মোতাহের*, ১৯৫০।

ক্রিশ্চান [ই ক্রিশ্চিয়ান] *বিণ* খ্রিস্টধর্মীয়। 'আপনাদের ক্রিশ্চান নাম?' *রবীন্দ্র*, ১৯০৭।

ক্রিশ্চিয়ান [ই] *বি* খ্রিস্টধর্মাবলম্বী। 'এসো ক্রিশ্চিয়ান।' *নজরুল*, ১৯২২।

ক্রিশ্চিয়ানিটি [ই] *বি* খ্রিস্টধর্ম। 'হিন্দুত্বের সঙ্গে ইসলামের যে অমিল ক্রিশ্চিয়ানিটির সঙ্গে তার চেয়ে কম নয়।' *অন্নদা*, ১৯৩৭।

ক্রিসমাস [ই] *বি* যিশুখ্রিস্টের জন্মদিনে পালিত উৎসব; বড়োদিন। 'ক্রিসমাস ফুরোল, আবার দেখতে দেখতে আরেকটা উৎসব এসে পড়ল।' *রবীন্দ্র*, ১৮৮১।

ক্রিসমাস কার্ড [ই] *বি* ক্রিসমাস উপলক্ষে বন্ধু-পরিজনকে পাঠানো শুভেচ্ছা লিপি। 'ক্রিসমাস কার্ড পাঠানোর রেওয়াজ এখানে আছে।' *হাই*, ১৯৫৮।

ক্রিসমাস ট্রি [ই] *বি* ক্রিসমাস উপলক্ষে চুমকি, মোমবাতি, উপহারসামগ্রী ইত্যাদি দিয়ে সাজানো ছোটো চিরসবুজ গাছ। 'এদের ঐ ক্রিসমাস ট্রি মঙ্গলের স্মরণ চিহ্ন।' *হাই*, ১৯৫৮।

ক্রিস্টমাস [ই] *বি* খ্রিস্টের জন্মদিন উপলক্ষে খ্রিস্টানদের সবচেয়ে বড়ো উৎসব। 'ক্রিস্টমাসের সময় আগতপ্রায়।' *রবীন্দ্র*, ১৮৮০।

ক্রিসেনথিমাম [ই] *বি* চন্দ্রমল্লিকা ফুল। 'লজ্জায় বিবর্ণ মন ঢেকে যাবে ক্রিসেনথিমামে।' *মাহমুদ*, ১৯৬৩।

ক্রিস্টলাইজড [ই] *বিণ* দানা-বাঁধা। 'যে ধর্ম আমার জীবনের ভিতরে সংসারের দুঃসহতাপে ক্রিস্টলাইজড্ হয়ে ওঠে সেই আমার যথার্থ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ক্রিস্ট্যাল [ই] *বি* স্ফটিকমণি; কেলাস। 'প্রত্যেক নুড়িটি ষ্ট্রোহেড্রন ক্রিস্ট্যাল।' *বিভূতি*, ১৯৩৭।

ক্রীজ [ই] *বি* কাপড়ের ভাঁজ পড়া প্রান্তিক দাগ। 'শিলওয়ার – তার ভাঁজ ধারালো ছুরির মত ক্রীজের দুদিক বেয়ে কেতায় কেতায় নেমে এসেছে।' *মুজতবা*, ১৯৪৯।

ক্রীড়ক [স] *বি* খেলার পুতুল। 'ক্রীড়ক, গর্বিত হইও না।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ক্রীড়ন [স] *বি* খেলা। 'তাহে কর অভীষ্ট ক্রীড়ন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ক্রীড়নক [স] *বি* খেলনা। 'সে একটি তুচ্ছ সামান্য ক্রীড়নক মাত্র।' *জীবন*, ১৯৩২।

ক্রীড়া [স] **১** *বি* খেলা। 'বেদ উদ্ধারিলো ক্রীড়া সাগরজলে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* (সংগীত) তালবিশেষ। 'বরাড়ীরাগং ॥ ক্রীড়া।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* লীলা। 'কিশোরস্বরূপ কৃষ্ণ স্বয়ং অবতরী ক্রীড়া করে এই ছয় রূপে বিশ্ব ভরি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বি* হাসি-তামাশা। 'মহাপ্রভু ভক্তগণ-সঙ্গে, নিরন্তর ক্রীড়া করে সংকীর্ত্তন-রঙ্গে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৫** *বি* যৌন সম্ভোগ। 'বন মধ্যে বেশ্যা পাইয়া কর তুহি ক্রীড়া।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৬** *বি* কুচকাওয়াজ। 'সৈনিকদিগের দৈনিক ক্রীড়া করিবার উপযুক্ত প্রাঙ্গণ নাই।' *মশাররফ*, ১৮৮৫।

ক্রীড়াকলাপ [স] *বি* খেলাধুলা। 'সঙ্গিনীদিগের সংসর্গে ক্রীড়াকলাপে অনুরাগী থাকে।' *অক্ষয়*, ১৮৪৬।

ক্রীড়াকৌতুক [স] *বি* খেলাধুলা ও আমোদপ্রমোদ। 'পেশবা আর তার ঘৃণ্য অনুচরদের সমুচিত শিক্ষা না দিয়ে ক্রীড়াকৌতুকে মন মজাবো না।' *মুনীর*, ১৯৬১।

ক্রীড়াক্ষেত্র [স] *বি* খেলার জায়গা। 'অবজ্ঞাভরে ক্রীড়াক্ষেত্র ত্যাগ করে।' *রবীন্দ্র*, ১৮৯১।

ক্রীড়াচঞ্চল [স] *বিণ* ক্রিয়াশীল। 'বিদ্যাসাগরের শিল্পীমনের ক্রীড়াচঞ্চল রূপটি সেখানে অনুপস্থিত।' *মুরশিদ*, ১৯৭০।

ক্রীড়াচ্ছলে [স] *ক্রিবিণ* খেলার ছলে। 'বাংলা ভাষার বানান এবং ব্যাকরণ ক্রীড়াচ্ছলে পদদলিত করিতে পারেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

ক্রীড়াদি [স] *বি* খেলাধুলা। 'একসঙ্গে ক্রীড়াদি করাতে প্রণয়ের বিশেষ আধিক্য জন্মিয়াছিল।' *মশাররফ*, ১৮৬৯।

ক্রীড়ানুষ্ঠান [স] *বি* খেলাধুলার অনুষ্ঠান। 'ক্রীড়ানুষ্ঠান ও সমাজ উন্নয়নমূলক বিভিন্ন কর্মসূচী।' *বেগম*, ১৯৬৩।

ক্রীড়াপরায়ণ [স] *বিণ* খেলায় অনুরক্ত। 'আপনি কি ক্রীড়াপরায়ণ প্রজাপতিটার কেউ?' *শামসুর*, ১৯৭২।

ক্রীড়াপ্রদর্শক [স] *বিণ* খেলা প্রদর্শনকারী। 'ক্রীড়াপ্রদর্শক বেদিয়া

AMARBOI.COM

প্রভৃতি জাতিরা ...।' *অক্ষয়*, ১৮৫৪।

ক্রীড়াপ্রদর্শন [স] *বি* খেলা দেখানো। 'ইহাদের নানারূপ ক্রীড়াপ্রদর্শন দ্বারা অর্থোপার্জন করে।' *অক্ষয়*, ১৮৫৪।

ক্রীড়াপ্রবণতা [স] *বি* খেলার প্রতি ঝোঁক। 'অরুণির ভোজনপটুতা, ক্রীড়াপ্রবণতা, ব্রাহ্মমুহূর্তে শয্যাত্যাগ-অনিচ্ছা, পাঠে অমনোযোগ প্রভৃতি অসদ্‌গুণাবলীই ...।' *বনফুল*, ১৯৩৬।

ক্রীড়াবন [স] *বি* খেলার স্থান। 'ক্রীড়াবনে গিয়া শ্লেষোক্তি বক্রোক্তিতে নিপুণা ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

ক্রীড়াবিদ [স] *বি* খেলোয়াড়। 'সেরা মহিলা ক্রীড়াবিদের গৌরব অর্জন করেছেন।' *বেগম*, ১৯৬৩।

ক্রীড়াভূমি [স] *বি* খেলার মাঠ। 'তাহাদের ক্রীড়াভূমি সুপরিষ্কৃত পরিপাটী করা।' *অক্ষয়*, ১৮৪৯।

ক্রীড়াশীল [স] *বিণ* খেলারত। 'ক্রীড়াশীল করিশাবক।' *বঙ্কিম*, ১৮৮৭।

ক্রীড়াশৈল [স] *বি* খেলার জন্য নির্ধারিত উঁচু স্থান। 'ক্রীড়াশৈলে আপন মনে/ দিতাম কণ্ঠ ছাড়ি।' *রবীন্দ্র*, ১৯০০।

ক্রীড়াস্থান [স] *বি* খেলার জায়গা। 'যাহাতে শিশুগণ শিক্ষাস্থানকে ক্রীড়াস্থান ... বোধ করে।' *অক্ষয়*, ১৮৪৯।

ক্রীত [স] *বিণ* অর্থের বিনিময়ে প্রাপ্ত; কেনা। 'কর্ত্তার ক্রীত তোতা আমি।' *চণ্ডীচরণ*, ১৮০৫; 'তদ্দ্বারাই দেশীয় দ্রব্য ক্রীত হইত।' *অক্ষয়*, ১৮৪৭।

ক্রীতকিঙ্কর [স] *বি* ক্রয়কৃত দাস। 'মহিষীর ক্রীতকিঙ্কর।' *দীনবন্ধু*, ১৮৭৩।

ক্রীতদাস [স] *বি* কেনা গোলাম। 'ক্রীতদাসকেও এরূপ দাসত্ব করিতে হয় না।' *অক্ষয়*, ১৮৫০।

ক্রীতদাসত্ব [স] *বি* কেনা গোলামের কাজ। 'উপরিস্থ ব্যক্তির ইচ্ছানুযায়ী ভূমিস্বত্ব ক্রীতদাসত্বের আইনসঙ্গত নামান্তর মাত্র।' *নজরুল*, ১৯২৬।

ক্রীতদাসী [স] *বি* স্ত্রী কেনা দাসী। 'ক্রীতদাসী লইয়া, স্বস্থানে প্রস্থান করিল।' *বিদ্যা*, ১৮৬৩।

ক্রীতা [স] *বিণ* স্ত্রী কেনা হয়েছে এমন। 'বেশ্যা বাটীতে ক্রীতা দাসী অধিক থাকে।' *দর্পণ*, ১৮২৩; 'তত্তজ্জাতির ব্যয়ে ক্রীতা ভূমি আছে।' *দর্পণ*, ১৮২৬।

ক্রীম [ই] *বি* ননি। 'আগে ডেভনশিয়রের ক্রীম তাঁদের এত ভালো লাগত।' *রবীন্দ্র*, ১৮৮১।

ক্রীরা [স ক্রীড়া] *বি* ক্রীড়া। 'গোপিনী লইয়া ক্রীরা করিলেন।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

ক্রীশ্চান [ই] *বি* খ্রিস্টান; খ্রিস্টধর্মাবলম্বী। 'বিশ্বসংসার জ্ঞানে স্কচরা ভয়ঙ্কর গোঁড়া ক্রীশ্চান।' *মুজতবা*, ১৯৫২।

ক্রুদ্ধ [স] **১** *বিণ* ক্ষুব্ধ। 'জগদানন্দে ক্রুদ্ধ হওয়া করে তিরস্কারে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* ক্ষিপ্র। 'এমন সময় শোনা গেল ক্রুদ্ধ চটিজুতার চটাচট শব্দ নিকটবর্তী হইতেছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

ক্রুদ্ধকণ্ঠ [স] *বি* রাগান্বিত কণ্ঠস্বর। 'ক্রুদ্ধকণ্ঠে চাকরকে ডাকলেন।' *বনফুল*, ১৯৩৬।

ক্রুদ্ধা [স] *বিণ* স্ত্রী রাগান্বিত। 'অন্তঃস্থ না জানি বৃথা ক্রুদ্ধা হয়ে অতি।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

ক্রুপা [স কৃপা] *বি* কৃপা। 'ধর্মের ক্রুপায় দাদা জাতিরক্ষা হৈল।' *মানিকরাম*, ১৭৮১।

ক্রুশ [ই] *বি* যোগচিহ্নের মতো কাঠের কাঠামো, যাতে বিদ্ধ করে যীশুকে হত্যা করা হয়েছিল। 'ক্রুশের ক্রুশের ঘায়ে ত্যাজিলেন প্রাণ।' *গুপ্ত*, ১৮৫৮; 'ক্রুশ আর সমাধি দেখেছ?' *জীবন*, ১৯৩৩।

ক্রুশকাঠ [ই ক্রুশ+স কাষ্ঠ] *বি* খ্রিস্টানদের মতে যিশুখ্রিস্টকে যে কাঠের দণ্ডে বিদ্ধ করা হয়েছিল। 'এ ব্যাপক কাঁটাতারে জীবন ঝুলছে, যেন ক্রুশকাঠ।' *শামসুর*, ১৯৭২।

ক্রুশবিদ্ধ [ই ক্রুশ+স বিদ্ধ] *বিণ* ক্রুশের সঙ্গে বিদ্ধ করা হয়েছে এমন। 'যিশু-জননীর কাঁদন দেখেছি ভেস্তের পায়াধরে/ ক্রুশবিদ্ধ যে ক্ষত-বিক্ষত বেটার বেদন স্বরে।' *জসীম*, ১৯৫১।

ক্রুসেড [ই] *বি* মধ্যযুগে পূর্ব ইউরোপীয় অঞ্চলের খ্রিস্টান বসতিপূর্ণ এলাকা মুসলমানদের দখল থেকে উদ্ধারের জন্যে খ্রিস্টানদের ধর্মযুদ্ধ। 'এই নৃপতি ক্রুসেড যুদ্ধকালে একবার শূকর-মাংস খাইবার অভিলাষ ...।' *রবীন্দ্র*, ১৮৮৩; 'আজিকার দিনে ক্রুসেড ও জেহাদের পুনরাভিনয় সম্পূর্ণ অসম্ভব।' *সওগাত*, ১৯২৮।

ক্রুসেডার [ই] *বি* ধর্মযোদ্ধা। 'এদেশের সাধারণ খৃষ্টান মুসলমানদের সম্বন্ধে জানে যে, মুসলমানেরা ক্রুসেডার।' *হাই*, ১৯৫৮।

ক্রূর [স] **১** *বি* ঘৃণা। *ওসী*, ১৭৮৫। **২** *বিণ* বিষাক্ত। 'মস্তকে কতকগুলি ক্রূর সর্প ধারণপূর্বক ...।' *অক্ষয়*, ১৮৪৯। **৩** *বিণ* খল; কপট। 'প্রচণ্ড স্বভাব ধারী ক্রূর মূর্খ বলে তারি।' *রামনারায়ণ*, ১৮৫৪। **৪** *বি* নিষ্ঠুর। '... সর্পকে সম্বোধন করিয়া কহিল, অরে ক্রূর!' *বিদ্যা*, ১৮৬৬। **৫** *বিণ* নিষ্ঠুর। 'কহিলেন শেষে ক্রূর হাসি হেসে, আচ্ছা সে দেখা যাবে।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৬** *বিণ* হিংস্র। 'সহস্র ক্রূর চক্ষু মেলিয়া শিকারলুব্ধ দানবের মতো চুপ।' *রবীন্দ্র*, ১৯০৭।

ক্রূরকর্মা [স] *বিণ* নির্দয়। 'শবর-নামক ক্রূরকর্মা ব্যাধজাতির ...।' *রবীন্দ্র*, ১৯০২।

ক্রূরকাণ্ড [স] *বি* নিষ্ঠুর ঘটনা। 'হংসপদিকার সরল করুণ গীত এই ক্রূরকাণ্ডের ভূমিকা হইয়া রহিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

ক্রূরতম [স] *বিণ* নিষ্ঠুরতম। 'শতাব্দীর ক্রূরতম এই অভিশাপ।' *ফররুখ*, ১৯৪৩।

ক্রূরতর [স] *বিণ* অপেক্ষাকৃত নির্দয়। 'আমরা মানুষ ঢের ক্রূরতর।' *জীবন*, ১৯৪০।

ক্রূরতা [স] **১** *বি* কপটতা। 'দুষ্ট লোকের ক্রূরতা হইতে পরিত্রাণ পাইয়া ...।' *কৃষ্ণকমল*, ১৮৫৮। **২** *বি* নির্দয়তা। 'ক্রোধ দ্বেষ ক্রূরতা ও কুটিলতার অবতার-স্বরূপ ...।' *প্রমথ*, ১৯১৫। **৩** *বি* ক্রূর স্বভাব। 'কত যে ক্রূরতা এর, কত কুটিলতা।' *অন্নদা*, ১৯২৯।

ক্রূরমতি [স] *বিণ* নিষ্ঠুর। 'ক্রূরমতি দুর্যোধন পাণ্ডবৈশ্বর্য্য দর্শনে সাতিশয় মর্ম্মাহত হইয়া ...।' *অক্ষয়*, ১৮৪৭।

ক্রূরমনা [স] *বিণ* নিষ্ঠুর মনের অধিকারী। 'দুর্যোধন পাপী দুর্যোধন ক্রূরমনা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ক্রূরসর্পিল [স] *বিণ* ক্রুদ্ধ সাপের গতির মতো আঁকাবাঁকা। 'গভীর সম্মোহনে তার ক্রূরসর্পিল রেখা।' *শওকত*, ১৯৪৬।

ক্রূরহিংসা [স] *বি* নিষ্ঠুর হিংসা। 'ক্রূরহিংসায় তাদের হৃদয়ে অশান্তির সৃষ্টি হবে।' *ওয়ালী*, ১৯৬৪।

ক্রেংকার, ক্রেঙ্কার [ধ্বন্যা] *বি* হাঁস অথবা ময়ূরের ডাক। 'রহিয়া রহিয়া কেকা তারস্বরে যে একটি কাংস্য-ক্রেঙ্কারধ্বনি উত্থিত করে ...।'

AMARBOI.COM

রবীন্দ্র, ১৯০৭।

ক্রেডিট [ই] **১** *বি* অন্যদের কাছে ধারে কেনার আস্থা। 'বাজারে তাহার ক্রেডিট রাখা কঠিন হইয়া পড়িয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯৮। **২** *বি* ধার। 'যাহার ব্যবসা চলিতেছে বাজারে তাহারই ক্রেডিট থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ক্রেডিটর [ই] *বিণ* ঋণী। 'এ লাগি তোমার কাছে দেশটাই ক্রেডিটর।' *রবীন্দ্র*, ১৯৪১।

ক্রেতব্য [স] *বিণ* ক্রয় করতে হবে এমন। 'এই মূল্যটি কৃষকের ক্রেতব্য পণ্যগুলির বর্দ্ধিত মূল্যের তুলনায় নিতান্ত অল্প।' *সওগাত*, ১৯৪৪।

ক্রেতা [স] *বি* খরিদ্দার। 'তবে ক্রীতদাস ও ক্রেতা স্বামীই বা সেই শব্দের প্রতিপাদ্য কেন না-হইবে?' *অক্ষয়*, ১৮৫৪।

ক্রেত্রী [স] *বি স্ত্রী* ক্রেতা। 'দোকানে ক্রেতা ক্রেত্রীর ভিড়।' *অন্নদা*, ১৯২৯।

ক্রেন [ই] *বি* যে যন্ত্রের সাহায্যে ভারী জিনিস তোলা হয়। 'ক্লান্তিহীন ক্রেন এরিয়েল।' *জীবন*, ১৯৪০।

ক্রেপ [ই] *বি* কোঁচকানো পাতলা রেশমি কাপড়। 'কেবল ক্রেপের ওড়নার ভিতর হইতে বাদলা জড়ানো স্থূল ও সুদীর্ঘ চুলের বেণী দেখা যাইতেছে।' *রোকেয়া*, ১৯৩০।

ক্রেপা [স কৃপা] *বি* কৃপা। 'ধর্ম্মে কার্য করিতে শাস্তোর দিয়াছেন তাহান ক্রেপাএ।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

ক্রেপাবন্ত [স কৃপাবন্ত] *বিণ* কৃপাবন্ত। 'রূপবন্ত গুণবন্ত ক্রেপাবন্ত তনু।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ক্রেম [স ক্রম] *বি* অনুক্রম। 'চলাচল হইয়াছে এ ক্রেমে।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

ক্রেয় [স] *বি* ক্রয়ের উপযুক্ততা। 'স্বতন্ত্রতা মূল্য দিয়া তাহার ক্রেয় অতি দুর্ম্মূল্য।' *তারিণী*, ১৮০৩।

ক্রেয়া [স ক্রয়] *বিণ* ক্রীত। 'খানিক জমিও ... এই কর্ম্মের কারণ ক্রেয়া হইয়াছে।' *দর্পণ*, ১৮১৮।

ক্রেসান্থেমাম [ই] *বি* দোপাটি ফুলের মতো ফুলবিশেষ। 'ক্রেসান্থেমাম কার্নেশনের কেয়ারি-সমেত ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

ক্রেস্কোগ্রাফ [ই] *বি* গাছের বৃদ্ধি পরিমাপক যন্ত্র। 'নূতন কল আবিষ্কার করিতে হইয়াছে, তাহার নাম ক্রেস্কোগ্রাফ।' *জগদীশ*, ১৯১৯।

ক্রোক [ই] *বি* দেনার দায়ে আদালতের হুকুমে সম্পত্তি আটক। 'আমরা তাহার ধান্য ক্রোক করিব।' *বঙ্কিম*, ১৮৭৯।

ক্রোকী [ই ক্রোক>] *বিণ* ক্রোক করা হয়েছে এমন। 'ক্রোকী জিনিসপত্র।' *মনসুর*, ১৯৫৫।

ক্রোকাস [ই] *বি* বসন্তের প্রথম দিকে ফোটে এমন রঙিন ফুলবিশেষ। 'পুষ্পিত প্রান্তরে উন্মূলিত ক্রোকাসের দল।' *সুধীন্দ্র*, ১৯২৯।

ক্রোটন [ই] *বি* পাতাবাহারের গাছ। 'কে একজন শখ করিয়া গোটাকতক ক্রোটন রোপণ করিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ক্রোড় [স] *বি* কোল। 'আমার ক্রোড়ে নিদ্রা যাও।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

ক্রোড়গামিনী [স] *বিণ স্ত্রী* আলিঙ্গনাবদ্ধ। 'সুতরাং আর দুই দিবস পরে আমারে তাঁহার ক্রোড়গামিনী হইতে হইবে।' *মশাররফ*, ১৮৬৯।

ক্রোড়পতি [স] *বিণ* কোটিপতি। 'বঙ্গে ক্রোড়পতি ও লক্ষপতি মুসলমান নবাব-জমিদার আছেন।' *প্রচারক*, ১৮৯৯।

ক্রোড়পত্র [স] *বি* অতিরিক্ত অংশ। 'তিনি উইলের এক ক্রোড়পত্র সৃজন করিলেন।' *বঙ্কিম*, ১৮৭৪।

ক্রোড়পথ [স] *বি* মাঝপথ। 'সমস্যার ক্রোড়পথে স্বাক্ষর যোজনা তোমারে করেছে ক্লান্ত।' *আহসান*, ১৯৪৪।

ক্রোড়বিচ্যুত [স] *বিণ* নিরাশ্রয়। 'জগতের ক্রোড়বিচ্যুত সেই অনাথিনীকে সঙ্গে করিয়া লইয়া আসি।' *রবীন্দ্র*, ১৮৯১।

ক্রোড়সঙ্গিনী [স] *বিণ* অঙ্কশায়িনী। 'সেই তাঁহার স্বহস্তসম্পূর্ণ স্নেহপালিত ক্রোড়সঙ্গিনী বঙ্গভাষা আজ ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

ক্রোড়স্থ [স] *বিণ* কোলের। 'হয় তোমরা এই ক্রোড়স্থ দুগ্ধপোষ্য শিশুটিকে এখনি বিনাশ কর ...।' *গুপ্ত*, ১৮৫৫।

ক্রোড়স্থিত [স] *বিণ* কোলের। 'জননী আপনার ক্রোড়স্থিত ...।' *অক্ষয়*, ১৮৫০।

ক্রোদ [স ক্রোধ] *বিণ* ক্রুদ্ধ। 'ক্রোদ হইয়া বিস্য কৈল আটোপ টঙ্কার।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ক্রোধ [স] **১** *বি* রাগ; ক্ষোভ। 'ক্রোধে কাহ্নাঞি রাধার আঞ্চলে ধরি মনে মনে হাসে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* অভিশাপ; ঘৃণা। *ওসাঁ*, ১৭৮৫।

ক্রোধগত [স] *বিণ* রুষ্ট। 'ক্রোধগত মুখ হই বসিয়া আছএ।' *সুলতান*, ১৬৫০।

ক্রোধজ [স] *বি* রাগ। 'ক্রোধজ অষ্ট প্রকার।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

ক্রোধজুত [স ক্রোধযুক্ত] *বিণ* ক্রুদ্ধ। 'হাতে বজ্র ধাএ ইন্দ্র ক্রোধজুত হৈয়া।' *মালাধর*, ১৫০০।

ক্রোধদীপ্ত [স] *বিণ* রাগে জ্বলছে এমন। 'ক্রোধদীপ্ত ডাক ছাড়িয়া নাচে।' *জসীম*, ১৯৩৩।

ক্রোধ-নাদ [স] *বি* ক্ষুব্ধ গর্জন। 'মেঘের মুখে যেমতি নিঃসরে ক্রোধ-নাদ বজ্রনাদে।' *মাইকেল*, ১৮৬৬।

ক্রোধপরতন্ত্র [স] *বিণ* ক্রোধপরায়ণ। 'তোমরা ক্ষত্রিয়, সহজেই ক্রোধপরতন্ত্র।' *মাইকেল*, ১৮৭৪।

ক্রোধপরায়ণ [স] *বিণ* ক্রুদ্ধ। 'কোরান ও বায়িবল অনুসারে পরমেশ্বরকে ক্রোধপরায়ণ ... বলিয়াও বিশ্বাস করিতে পারেন না।' *অক্ষয়*, ১৮৫৪।

ক্রোধভরে [স] *ক্রিবিণ* রাগতভাবে; রেগে। 'ক্রোধভরে যদি মোরে ত্যজ অকারণ।' *মদনমোহন*, ১৮৩৪।

ক্রোধভাজন [স] *বিণ* রোষের পাত্র। 'স্বজাতি ও স্বধর্মের মানুষের ক্রোধভাজন হলে ...।' *হাই*, ১৯৫৪।

ক্রোধমতি [স] *বিণ* ক্রুদ্ধ। 'একদিকে স্বার্থান্বেষী হিংসুক ক্রোধমতি ...।' *নজরুল*, ১৯৪১।

ক্রোধমন [স] *বিণ* রাগান্বিত। 'এত শুনি মহাপ্রভু হৈলা ক্রোধমন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ক্রোধরিপু [স] *বি* ক্রোধরূপ রিপু। 'শরীর পীড়িত হইলে, ক্রোধরিপু প্রবল হয়।' *অক্ষয়*, ১৮৫০।

ক্রোধাকুল [স] *বিণ* অত্যন্ত ক্রুদ্ধ। 'ক্রোধাকুল হয়ে শেষ দিলে অভিশাপ।' *গুপ্ত*, ১৮৫৮।

ক্রোধাকুলা [স] *বিণ স্ত্রী* ক্রোধে আকুল। 'ভাবিলা মনেতে দাসী ক্রোধাকুলা।' *ভবানী*, ১৮২৫।

ক্রোধাক্রান্ত [স] *বিণ* রুষ্ট। 'তাহাদিগেরই ক্রোধাক্রান্ত রক্তিমাভ

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মুখমণ্ডল ...।' *অক্ষয়*, ১৮৪৯।

ক্রোধাগ্নি [স] *বি* ক্রোধরূপ আগুন। 'ক্রোধাগ্নি তড়িত-রূপে; রকত নয়নে ...।' *মাইকেল*, ১৮৬৬।

ক্রোধানল [স ক্রোধ-অনল] *বি* ক্রোধরূপ অনল; ক্ষুব্ধতা। 'তাহাতে আমেরিকাবাসীদিগের ক্রোধানল প্রজ্বলিত হইল।' *অক্ষয়*, ১৮৫০।

ক্রোধান্ধ [স] *বিণ* অতিশয় ক্রুদ্ধ। 'ক্রোধান্ধ মেঘের চক্ষে জ্বলে যথা খরে।' *মাইকেল*, ১৮৬৬।

ক্রোধান্বিত [স] *বিণ* রাগান্বিত। 'দোতরফি নালিসে বাদসাহ ক্রোধান্বিত।' *রামরাম*, ১৮০১।

ক্রোধান্বিত হওয়া *ক্রি* রাগান্বিত হওয়া। 'রাজা ক্রোধান্বিত হইয়া মনে বিবেচনা করিলেন বুঝি এ স্ত্রী ভ্রষ্টা হবে।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

ক্রোধাবিষ্ট [স] *বিণ* রাগান্বিত। 'করিল দান ক্রুদ্ধ ক্রোধাবিষ্ট হৈয়া।' *মালাধর*, ১৫০০।

ক্রোধাবেশ [স] *বি* ক্রুদ্ধ অবস্থা। 'ক্রোধাবেশে প্রভু তারে কৈল অবজ্ঞান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ক্রোধি, ক্রোধী [স ক্রোধী] **১** *বিণ* ক্রোধান্বিত। 'আফিম চরস ইত্যাদি খায় সদাই ক্রোধি।' *রামরাম*, ১৮০১; 'ক্রোধী ব্যক্তি আপনার বিষে আপনি জ্বালাতন হয়।' *অক্ষয়*, ১৮৫২। **২** *বি* সংগীতের একটি শ্রুতি। 'ক্রোধী।' *নজরুল*, ১৯৩৫।

ক্রোধিত [স] *বিণ* রাগান্বিত। 'ক্রোধিত হইল রাজা সাধুর বচনে।' *মুকুন্দ*, ১৬০০।

ক্রোধীশ [স] *বিণ* রাগান্বিত। 'মহিষমর্দ্দিনী দেবী ক্রোধীশ ভৈরব।' *ভারত*, ১৭৬০।

ক্রোধে অবিসার *বিণ* রাগে অস্থির। 'ক্রোধে অবিসার ছোট জমাদার।' *মানিকরাম*, ১৭৮১।

ক্রোধোদ্রেক [স ক্রোধ-উদ্রেক] *বি* রাগের উদয়। 'ক্রোধোদ্রেক হইতে ক্রোধশান্তি পর্যন্ত বশিষ্ঠ চুপ করিয়া রহিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ক্রোরপতি [স] *বিণ* কোটিপতি। 'আপনি ক্রোরপতি ভূস্বামীকে এমন কথা বলেন?' *দীনবন্ধু*, ১৮৭২।

ক্রোশ [স] *বি* প্রায় চার হাজার গজ। 'ক্রোশ চারি সকলে আছেন বক্রেশ্বর।' *বৃন্দা*, ১৫৮০।

ক্রোশার্ধ [স] *বিণ* প্রায় দুই হাজার গজ পরিমাণ। 'ক্রোশার্ধ দূরে একটি ক্ষুদ্র খাল বহিত।' *বঙ্কিম*, ১৮৬৬।

ক্রোশী [স] *বিণ* ক্রোশ পরিমাণ দীর্ঘ। 'একটা হাজার-ক্রোশী খালের ধারে মুখোমুখি দেখা।' *রবীন্দ্র*, ১৯২৮।

ক্রোস [স ক্রোশ] *বি* প্রায় চার কিলোমিটার দূরত্ব; ক্রোশ। 'এক ক্রোস অন্তর আছে।' *ক্যালগে*, ১৭৮৪।

ক্রৌঞ্চ [স] *বি* এক জাতের বক; কোঁচবক। 'ক্রৌঞ্চবধূ সহ ক্রৌঞ্চে নিষাদ বিঁধিলা।' *মাইকেল*, ১৮৬১।

ক্রৌঞ্চবধূ [স] *বি* নারী ক্রৌঞ্চ। 'ক্রৌঞ্চবধূ সহ ক্রৌঞ্চে নিষাদ বিঁধিলা।' *মাইকেল*, ১৮৬১।

ক্রৌঞ্চী [স] *বি* স্ত্রী বকজাতীয় পাখি। 'ক্রৌঞ্চী কাঁদে করুণ কুহু।' *সত্যেন্দ্র*, ১৯১২।

ক্র্যাফটসম্যান [ই] *বি* কারিগর। 'নীচের তলার ক্র্যাফটসম্যানেরও দরকার।' *অবন*, ১৯৪১।

ক্লব [ই] *বি* ক্লাব; খেলাধুলা বা সংস্কৃতিচর্চার প্রতিষ্ঠান। 'লীগ, সোসাইটি, ক্লব প্রভৃতি কিছুই নহে।' *বঙ্কিম*, ১৮৭৫। *দ্র* **ক্লাব**

ক্লাইমেকস [ই] *বি* (সাহিত্য) চূড়ান্ত অবস্থা। 'ক্লাইমেকস বাদ দিয়েও সরেস ছোট গল্প লেখা যায়।' *মুক্তবা*, ১৯৫২।

ক্লান্ত [স] **১** *বিণ* অবসন্ন। 'একদা, গ্রীষ্মকালে, কতিপয় পথিক, মধ্যাহ্ন সময়ের রৌদ্রে, অতিশয় তাপিত ও নিতান্ত ক্লান্ত হইয়া পড়িল।' *বিদ্যা*, ১৮৫৬। **২** *বিণ* শেষ। 'দিন যে এল ক্লান্ত হয়ে।' *রবীন্দ্র*, ১৯০৬। **৩** *বিণ* ক্ষীণ। 'ধূসর জীবনের গোধূলিতে ক্লান্ত মলিন যেই স্মৃতি।' *রবীন্দ্র*, ১৯৩৯।

ক্লান্তকায় [স] *বি* পরিশ্রান্ত শরীর। 'এত ভার ... কোমল করুণ ক্লান্তকায়!' *রবীন্দ্র*, ১৯০০।

ক্লান্তগমন [স] *বিণ* ক্লান্তিভরে গমন করে এমন; ধীরগামী। 'ক্লান্তগমন পান্থ হাওয়া।' *রবীন্দ্র*, ১৯২৬।

ক্লান্তপক্ষ [স] *বিণ* ক্লান্তিকর ডানাবিশিষ্ট। 'শেষে সেই সৌরভেরি ভারে ক্লান্তপক্ষ মন্থর পবন।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

ক্লান্তশ্বাস [স] *বি* ক্লান্তিপূর্ণ নিঃশ্বাস। 'ক্লান্তশ্বাস ছুঁয়েছে আকাশ, মাটি ভিজে গেছে ঘামে।' *সুকান্ত*, ১৯৪৮।

ক্লান্তা [স] *বিণ* স্ত্রী পরিশ্রান্ত। 'যবে নৃত্য-পরিশ্রম ক্লান্তা সীমন্তিনী ছাড়েন নিশ্বাস ঘন।' *মাইকেল*, ১৮৬০।

ক্লান্তি [স] *বি* অবসন্নতা। 'কিয়ৎ ক্ষণের মধ্যেই, তাহাদের শরীর শীতল ও ক্লান্তি দূর হইল।' *বিদ্যা*, ১৮৫৬।

ক্লান্তিকর [স] *বিণ* বিরক্তিকর। 'শ্রুত সংবাদ ক্লান্তিকর হতে পারে।' *রবীন্দ্র*, ১৯২৯।

ক্লান্তিদীর্ণ [স] *বিণ* ক্লান্তিতে ভেঙে পড়েছে এমন। 'তবু সেই ক্লান্তিদীর্ণ অবসন্ন মনে ...।' *সিকান্দার*, ১৯৪৩।

ক্লান্তিবিহীন [স] *বিণ* অক্লান্ত। 'সঁপিয়ে প্রাণ ক্লান্তিবিহীন কাজে।' *রবীন্দ্র*, ১৯১০।

ক্লান্তিবিহীনা [স] *বিণ* স্ত্রী ক্লান্তি নেই এমন। 'ক্লান্তিবিহীনা নবীনা বীণায় বেঁধেছি তার।' *রবীন্দ্র*, ১৯২৮।

ক্লান্তি-বোঝাই [স ক্লান্তি+বোঝাই] *বিণ* শ্রান্তিপূর্ণ। 'স্বপ্নশেষের ক্লান্তি-বোঝাই রাতি –।' *রবীন্দ্র*, ১৯৩৮।

ক্লান্তিবোধ [স] *বি* অবসাদ অনুভব। 'ক্লান্তিবোধ হইলে, লম্বমান রজ্জু অবলম্বন করিয়া জাহাজে উঠিত।' *বিদ্যা*, ১৮৬৩।

ক্লান্তিহর [স] *বিণ* ক্লান্তি দূর করে এমন। 'ক্লান্তিহর আদিম নিদ্রায় মগ্ন অকাতরে।' *শ্যামসুর*, ১৯৫৯।

ক্লান্তিহরণ [স] *বিণ* ক্লান্তি দূর করে এমন। 'নেমে এসেছে ক্লান্তিহরণ স্তব্ধতা।' *অচিন্ত্য*, ১৯৫০।

ক্লান্তিহরা [স] *বিণ* ক্লান্তি দূরকারী। 'সীমাহীন পথে সে-জল ক্লান্তিহরা!' *শ্যামসুর*, ১৯৬৬।

ক্লান্তিহারা [স] *বিণ* ক্লান্তিহীন। 'আকাশে অসংখ্য তারা চিন্তাহারা ক্লান্তিহারা, হৃদয় বিস্ময়ে সারা হেরি একদিঠি।' *রবীন্দ্র*, ১৮৯০।

ক্লান্তিহীন [স] *বিণ* অক্লান্ত; অবিরাম। 'ত্রিভুবনদেবতার ক্লান্তিহীন আনন্দের মাঝে।' *রবীন্দ্র*, ১৯১৪।

ক্লাব [ই] *বি* সংঘ। 'সোসাইটি, ক্লাব, এসোসিয়েশন ... নিবেদন, সমবেদন, – আমি তাহাতে নহি।' *বঙ্কিম*, ১৮৭৪।

ক্লায়েন্ট [ই] *বি* মক্কেল। 'আগে ক্লায়েন্ট উকিলের সঙ্গে কি দেখা করতে

AMARBOI.COM

পেতো।' *গিরিশ*, ১৮৮৬।

ক্লারিওনেট [ই ক্লারিনেট্যো] *বি* ধাতুনির্মিত এক ধরনের বাঁশি। 'ক্লারিওনেট ও কর্নেট পরস্পরে জ্ঞাতি-শত্রুতার ঝগড়া শুরু করে দিলে।' *প্রমথ*, ১৯১৬।

ক্লারেট [ই] *বি* মদবিশেষ। 'যাঁহারা বিয়ার কি শেরি কি পোর্ট কি ক্লারেট ... মদ্যের নামও সহ্য করেন না।' *প্যারী*, ১৮৫৯।

ক্লার্ক [ই] *বি* কেরানি। 'ক্লার্করা কোঠা-বালাখানা ক'রে গেছে।' *গিরিশ*, ১৮৮৬।

ক্লার্কগিরি [ই ক্লার্ক+ফা গিরি] *বি* কেরানির কাজ। 'তাদের ছেলেরা এখন সার্ভিং ক্লার্কগিরি করছে।' *গিরিশ*, ১৮৮৬।

ক্লাশ [ই ক্লাস] *বি* বিদ্যালয়ের শ্রেণী। 'দ্বিতীয় ক্লাশের বালকেরদিগকে পারিতোষিক দিলেন।' *দর্পণ*, ১৮২৮। *দ্র* **ক্লাস**

ক্লাশফ্রেণ্ড [ই] *বি* সহপাঠী। 'সে পাঠশালায় আমির আলির ক্লাশফ্রেণ্ড ছিল।' *মনসুর*, ১৯৫৩।

ক্লাস [ই] **১** *বি* শ্রেণী। 'বিদ্যালঙ্কার ছয় ক্লাস অর্থাৎ শ্রেণী বদ্ধ করিয়া অতিসুধারানুসারে বালকেরদিগকে উপযুক্ত স্থানে বসাইয়াছিলেন।' *দর্পণ*, ১৮২৩। **২** *বি* ট্রেন ইত্যাদি যানবাহনে স্বাচ্ছন্দ্য অনুযায়ী ভাগ। 'সেকেন ক্লাস ও শুড্‌স ও লগেজ ডিপার্টমেন্টেও এই প্রকার গোল।' *হুতোম*, ১৮৬১; 'আমরা সেকেণ্ড ক্লাসে উঠিলাম।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৩** *বি* শ্রেণীকক্ষ। 'যদিও ক্লাসের বাইরে যেতে পারতুম না।' *রবীন্দ্র*, ১৮৯৪। *দ্র* **ক্লাশ**

ক্লাস-টিচার [ই] *বি* শ্রেণী-শিক্ষক। 'ক্লাস-টিচারের কাছে ছুটি নিয়ে বেরুচ্ছি।' *শিবরাম*, ১৯৪০।

ক্লাস-ফ্রেণ্ড [ই] *বি* সহপাঠী। 'তিনি আমার ক্লাস-ফ্রেণ্ড ছিলেন।' *রবীন্দ্র*, ১৯১৫।

ক্লাসরুম [ই] *বি* শ্রেণীকক্ষ। 'সেখানে ক্লাসরুম টেবিল চেয়ার্স ...।' *অবন*, ১৯২৫।

ক্লাসসুদ্ধ [ই] *বিণ* পুরো শ্রেণীকক্ষের। 'ক্লাসসুদ্ধ ছেলে বেত খাইল।' *বনফুল*, ১৯৩৬।

ক্লাসিক [ই] *বিণ* ধ্রুপদী। 'আরবী ফারসী 'ক্লাসিক' রূপে শিক্ষার ব্যবস্থা স্কুল কলেজে ও ইউনিভার্সিটিতে হওয়াই যথেষ্ট।' *সওগাত*, ১৯২৯।

ক্লাসিকতন্ত্র [ই ক্লাসিক+স তন্ত্র] *বি* ধ্রুপদীবাদ। 'এই সত্যানুসন্ধিৎসাই ক্লাসিকতন্ত্রের আত্মা।' *শিব*, ১৯৫০।

ক্লাসিকধর্মী [ই ক্লাসিক+স ধর্মী] *বিণ* আদর্শিক। 'বিদ্যাসাগরের ক্লাসিকধর্মী গদ্যরচনায় এবং সমাজ ও শিক্ষাসংস্কারক কাজে স্থায়িত্ব ...।' *শরীফ*, ১৯৭০।

ক্লাসিকযুগ [ই ক্লাসিক+স যুগ] *বি* ধ্রুপদী যুগ। 'আমি ক্লাসিকযুগের অজিতকুমার।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ক্লাসিকাল, ক্লাসিক্যাল [ই] *বিণ* ধ্রুপদী। 'ক্লাসিকাল মিউজিকের ভাষা বাংলা হতেই পারে না।' *নজরুল*, ১৯৩১; 'ক্লাসিক্যাল সাহিত্য থেকে কোটেশন করা।' *রবীন্দ্র*, ১৯৪১।

ক্লাসিসিজম [ই] *বি* ক্লাসিক মতবাদ; ধ্রুপদী মতবাদ। 'ক্লাসিসিজম ও রোমান্টিসিজম – এর মধ্যে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ক্লিক [ই] *বি* ক্যামেরা দিয়ে ছবি তোলার শব্দ। 'ক্যামেরা ক্লিক করে উঠল।' *অচিন্ত্য*, ১৯৫০।

ক্লিন [ই] *বিণ* নিখুঁত। 'ক্লিন হিসেব।' *শ্যামল*, ১৯৬৭।

ক্লিনিক [ই] *বি* বিশেষ উদ্দেশ্যে প্রতিষ্ঠিত চিকিৎসাকেন্দ্র। 'ক্লিনিকের কথায় নাচের কথা উঠল।' *অন্নদা*, ১৯২৯।

ক্লিন্ন [স] **১** *বিণ* আর্দ্র। 'শেষে ক্লিন্ন জনপদে লঘু করে করিবে বর্ষণ।' *সত্যেন্দ্র*, ১৯১০। **২** *বিণ* নোংরা। 'ঘরটা আগাগোড়া ক্লিন্ন।' *রবীন্দ্র*, ১৯২৯।

ক্লিন্নতা [স] *বি* ক্লেদ। 'তোমার শীর্ণ ক্লিন্নতা মুছে যাক।' *ফররুখ*, ১৯৪৩।

ক্লিন্নমনা [স] *বিণ* ক্লেদাক্ত। 'মিথ্যার জীবন-যাত্রা চির ক্লিন্নমনা।' *মাহেনও*, ১৯৪৯।

ক্লিপ [ই] *বি* কাগজ ইত্যাদি একত্রে এঁটে ধরে রাখার কল। 'পিন, ক্লিপ যা চাই তাই দিতে পারেন ভুবনবাবু।' *নরেন্দ্র*, ১৯৪৮।

ক্লিষ্ট [স] *বিণ* বিরহিত; খণ্ডিত। 'ক্লিষ্ট করিলে ভজনু দুঃখে।' *মানিকরাম*, ১৭৮১।

ক্লিয়ার [ই] *বিণ* খোলা। 'তাড়া করলে খেঁচে হাওয়া দেওয়ার মতো লাইন ক্লিয়ার আছে কিনা।' *নজরুল*, ১৯২৭।

ক্লিয়ার করা *ক্রি* দূরে সরিয়ে দেওয়া। 'গোল-এরিয়ার ভেতর থেকে বল ক্লিয়ার করাই ওদের মুসকিল।' *শিবরাম*, ১৯৪০।

ক্লিশিত [স] *বিণ* ক্লেশপ্রাপ্ত; জর্জরিত। 'ভয়ে নয়, বেদনা ক্লিশিত কোনো কুণ্ঠাতেও নয়।' *সিকান্দার*, ১৯৪৬।

ক্লিষ্ট [স] **১** *বিণ* ক্লান্ত; অবসন্ন। 'ইতিমধ্যে শারীরিক পীড়া হইয়া অত্যন্ত ক্লিষ্ট হইলেন।' *রাজীব*, ১৮০৫। **২** *বিণ* কষ্ট পেয়েছে এমন। 'সর্বদা ক্ষুব্ধ ও ক্লিষ্ট যৎপরোনাস্তি যন্ত্রণা প্রদান করে।' *অক্ষয়*, ১৮৪৬। **৩** *বিণ* কষ্টদায়ক। 'আমার এ ক্লিষ্ট ভালোবাসা।' *নজরুল*, ১৯২৩। **৪** *বিণ* যথার্থ নয় এমন। 'ভুল উপমা দোষদুষ্ট উপমা ক্লিষ্ট উপমা ... এসব কিছুর কোনো মূল্য থাকে না।' *অবন*, ১৯২৫।

ক্লিষ্টকণ্ঠ [স] *বি* কাতর কণ্ঠ। 'ক্লিষ্টকণ্ঠে এলা বললে, তুমি ভুললে কেন অন্তু।' *রবীন্দ্র*, ১৯৩৪।

ক্লিষ্ট করা *ক্রি* পীড়া দেওয়া। 'আমাদের মতো পাঠককে তাহাতে অত্যন্ত ক্লিষ্ট করে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ক্লিষ্টকরুণ [স] *বিণ* বেদনাদায়ক ও করুণ। 'ক্লিষ্টকরুণরাগে তাদের/ ক্লান্ত বাঁশি বাজে।' *রবীন্দ্র*, ১৯০৬।

ক্লিষ্টতা [স] *বি* কষ্ট। 'বহু দুঃখ, ক্লিষ্টতা আর গ্লানি পৃথিবীর বুকে।' *মাহেনও*, ১৯৪৯।

ক্লিষ্টদেহ [স] *বিণ* অবসন্ন শরীরবিশিষ্ট। 'অসুস্থ ক্লিষ্টদেহ রাজলক্ষ্মী বিছানায় পড়িয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯০২।

ক্লিষ্টবিক্ষিপ্ত [স] *বিণ* কষ্টপ্রাপ্ত ও অস্থির। 'বাহিরের বহুতর আঘাতে আকর্ষণে ক্লিষ্টবিক্ষিপ্ত প্রেম কহিল ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

ক্লিষ্টভাব [স] *বি* কষ্টবোধ। 'শচীন্দ্রের দুর্বলতা ও ক্লিষ্টভাব কমিল না।' *বঙ্কিম*, ১৮৭৪।

ক্লিষ্টমুখ [স] *বি* ক্লান্তি জড়ানো মুখ। 'কোরবান আর কিছু বললো না, ক্লিষ্টমুখে এগিয়ে চললো।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

ক্লিষ্টশব্দ [স] *বি* বিরক্তিকর শব্দ। 'চাকার ক্লিষ্টশব্দে মুচড়ে দিচ্ছিল বাতাসকে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ক্লিষ্ট হওয়া *ক্রি* পীড়াদায়ক হওয়া। 'উভয়ের বন্ধুত্ব ক্লিষ্ট হইয়া উঠিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০২।

ক্লিষ্টহৃদয় [স] *বি* দুঃখিত মন। 'ইহাই সে নিতান্ত ক্লিষ্টহৃদয়ে সন্ধান

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০২।

ক্লীব [স] **১** *বিণ* অকর্মণ্য। 'কর্মের সুবিধার জন্য নিজেকে ক্লীব করে দিলে।' *রবীন্দ্র*, ১৯২১। **২** *বি* অক্ষম। 'হে ক্লীব, হে জড়, মরিয়া যাও।' *নজরুল*, ১৯২৪। **৩** *বিণ* কাপুরুষ। 'অগ্নে চলে না ক্লীব ভীরু, ভয় দেখায়।' *নজরুল*, ১৯৪২।

ক্লীবতা [স] *বি* কাপুরুষতা। 'নিজের ক্লীবতার জন্যে অন্যকে দোষ দিয়ো না।' *নজরুল*, ১৯২৫।

ক্লীবত্ব [স] **১** *বি* নিষ্ক্রিয়তা। 'যে দেশের অধিকাংশ লোক কোনো প্রলোভনে বা অনুশাসনে অক্ষভাবে নিজের শক্তির ক্লীবত্ব সাধন করতে ...।' *রবীন্দ্র*, ১৯২১। **২** *বি* পৌরুষহীনতা। 'ইহা কি তাঁহাদের নির্জ্জীবতা ও ক্লীবত্বের পরিচায়ক নহে?' *ছোলতান*, ১৯২৩।

ক্লীবলিঙ্গ [স] *বি* পুরুষ বা স্ত্রীবাচক নয় এমন শব্দ। 'ক্লীবলিঙ্গ প্রয়োগ সম্পূর্ণ ব্যাকরণবিরুদ্ধ।' *বিদ্যা*, ১৮৭৩।

ক্লু [ই] *বি* হদিস। 'কোনো ক্লু অনুসন্ধানের জন্যে।' *সাদত*, ১৯৬৭।

ক্লেদ [স] *বি* পুঁজ। 'কণ্ডু-ক্লেদ মহাপ্রভুর শ্রীঅঙ্গে লাগিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'রক্ত, মাংস, ... ক্লেদ, লালা ইত্যাদি দুর্গন্ধ ও অপবিত্র পদার্থময় এ শরীরের ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

ক্লেদক্লিষ্ট [স] **১** *বিণ* কষ্ট জর্জরিত। 'ক্লেদক্লিষ্ট পৃথিবীতে একী পরিহাস!' *সুকান্ত*, ১৯৪৮। **২** *বিণ* ক্লেদাক্ত। 'পাকিস্তানের পাক মাটির ক্লেদক্লিষ্ট পঙ্কাদ্‌ভূমিকে।' *আজাদ*, ১৯৬০।

ক্লেদলিপ্ত [স] *বিণ* কলুষমাখা। 'আছে মূঢ় ক্লেদলিপ্ত লোভ।' *বুদ্ধ*, ১৯৩০।

ক্লেদসিক্ত [স] *বিণ* কলুষিত। 'সর্বশরীর ঘৃণায় যেন ক্লেদসিক্ত হইয়া গেল।' *রবীন্দ্র*, ১৯১৪।

ক্লেদাক্ত [স ক্লেদ-অক্ত] **১** *বিণ* নোংরা। 'এই যে একটা লোলজিহ্বা লোলুপতার ক্লেদাক্ত সরীসৃপকে ...।' *রবীন্দ্র*, ১৯০২। **২** *বিণ* কর্দমময়। 'ধ্বংসের ফাটলে যেন সূর্যডীরু ক্লেদাক্ত দাদুরী।' *সুধীন্দ্র*, ১৯২৭।

ক্লেদান্বিত [স ক্লেদ-অন্বিত] *বিণ* ময়লাযুক্ত। 'কত শত ব্যক্তি ক্লেদান্বিত ... বাষ্পরূপ বিষম বিষ অবিরতই শরীরস্থ করিতে থাকে।' *অক্ষয়*, ১৮৪৮।

ক্লেশ [স] **১** *বি* কষ্ট। 'ইহাথে ভাবহ মনে ক্লেশ।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* গ্লানি। 'যদি তাহা থাকিত তবে এত ক্লেশ পাইত না।' *ভবানী*, ১৮২৫।

ক্লেশকণ্টক [স] *বি* যন্ত্রণাদায়ক কাঁটা। 'চরণে ফুটিল ক্লেশকণ্টক বিশেষ।' *বাহরাম*, ১৬৫০।

ক্লেশকর [স] *বিণ* কষ্টকর। 'শ্রীযুত আদাম সাহেব ষ্টেসিনরি কমিটির ক্লেশকর কর্ম্ম হইতে মুক্ত হইয়া ...।' *দর্পণ*, ১৮৩৮।

ক্লেশদ [স] *বিণ* কষ্টদায়ক। 'সেখানে দুর্ভাগ্য ঘোড়া আপন অবশিষ্ট বয়েস ক্লেশদ দাসত্বে কাটাইলেক।' *তারিণী*, ১৮০৩।

ক্লেশদায়ক [স] *বিণ* কষ্টকর। 'লোকের যাতায়াত করা বড় ক্লেশদায়ক হইয়া উঠে।' *মদনমোহন*, ১৮৪৯।

ক্লেশদায়িনী [স] *বিণ স্ত্রী* কষ্ট দেয় এমন। 'কিন্তু ভিক্ষাবৃত্তি মৃত্যুযন্ত্রণা অপেক্ষাও সমধিক ক্লেশদায়িনী।' *বিদ্যা*, ১৮৪৭।

ক্লেশ-পাথার [স ক্লেশ+স প্রাস্তর] *বি* কষ্টের সাগর। 'ক্লেশ-পাথারের সাঁতার জল।' *নজরুল*, ১৯২৬।

ক্লেশপ্রপঞ্চ [স] *বি* কষ্টের উৎস। 'যে ব্যক্তি, রাজ্যেশ্বর হইয়া, অভিলাষানুরূপ বিষয়ভোগ না করে, তাহার রাজ্য ক্লেশপ্রপঞ্চ মাত্র।' *বিদ্যা*, ১৮৪৭।

ক্লেশভোগ [স] *বি* কষ্টভোগ। 'তোমায় অনেক ক্লেশভোগ করিতে হইয়াছে।' *বিদ্যা*, ১৮৪৭।

ক্লেশসহনশীল [স] *বিণ* কষ্টসহিষ্ণু। 'কৃষকেরা অতিশয় শ্রমপরায়ণ ক্লেশসহনশীল ও নিরীহ।' *সোমপ্রকাশ*, ১৮৬৮।

ক্লেশসাধ্য [স] *বিণ* কষ্টকর। 'ইহার সংযম তত ক্লেশসাধ্য হয় ।' *অক্ষয়*, ১৮৫৪।

ক্লেশানুভব [স ক্লেশ-অনুভব] *বি* দুঃখ অনুভব। 'দুঃসহ ক্লেশানুভবপূর্ব্বক বিলাপ ও ক্রন্দন করে।' *অক্ষয়*, ১৮৫৫।

ক্লেশান্ত [স ক্লেশ-অন্ত] *বি* দুর্ভোগের অবসান। 'ইহা দ্বারা প্রজাদের ক্লেশান্ত না হউক ...।' *ভারত সংস্কারক*, ১৮৭৩।

ক্লেশাবনত [স ক্লেশ-অবনত] *বিণ* দুঃখ-যন্ত্রণায় কাতর। 'পরিবার প্রতিপালনে বহু ক্লেশাবনত হইয়া ...।' *ভবানী*, ১৮২৫।

ক্লেশিত [স] *বিণ* দুঃখিত। 'জনসমূহ সমূহ দুঃখে অর্থাৎ কায়িক ও মানসিক ক্লেশে ক্লেশিত থাকিত।' *বঙ্গদূত*, ১৮২৯।

ক্লেস [স ক্লেশ] *বি* যন্ত্রণা। 'বন্দি সালে রাজাগন পায়ে বড় ক্লেস।' *মালাধর*, ১৫০০।

ক্লৈব্য [স] *বি* ক্লীবত্ব। 'আলস্য, কর্মবিমুখতা, ক্লৈব্য, অবিশ্বাস দূর করার জন্য।' *নজরুল*, ১৯২৭। **২** *বি* অক্ষমতা। 'স্বপ্নদুঃস্থ ক্লৈব্য থেকে অকস্মাৎ অব্যাহতি পাবে।' *সুধীন্দ্র*, ১৯৩৮। **৩** *বি* কাপুরুষতা। 'সুবিধাবাদের ক্লৈব্য বাচাল দম্ভে।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

ক্লোক [ই cloak] *বি* আলখাল্লা। 'গায়ে নকল পারসিক শালের ক্লোক।' *রবীন্দ্র*, ১৯২৮।

ক্লোজ [ই] *বিণ* বন্ধ। 'কারবার ক্লোজ করেছি।' *গিরিশ*, ১৮৮৯।

ক্লোজ-অপ [ই] *বি* নিকটদৃশ্য। 'মুখোমুখি পুরুষ-নারীর নীল নিট ক্লোজ-অপে।' *জীবন*, ১৯৩০।

ক্লোনিজেসিয়ান [ই কলোনাইজেশন] *বি* উপনিবেশ স্থাপন। 'ক্লোনিজেসিয়ান অর্থাৎ ইঙ্গরেজলোকের এ প্রদেশে ...।' *দর্পণ*, ১৮৩০।

ক্লোরাইন [ই] *বি* রাসায়নিক মৌলবিশেষ। 'সডিয়ামের সঙ্গে ও ক্লোরাইনের সঙ্গে অম্লজানের সংযোগবিশেষ লবণ।' *বঙ্কিম*, ১৮৭৫।

ক্লোরোফর্ম, ক্লোরোফরম [ই] **১** *বি* বর্ণহীন চেতনানাশক তরলবিশেষ। 'ক্লোরোফর্ম দিয়া অসাড় করিয়া লওয়া যায়।' *জগদীশ*, ১৯১৬; 'সে গন্ধ ক্লোরোফরমের দাদা।' *প্রমথ*, ১৯২৭। **২** *বিণ* অচেতন। 'তাকে একবার ক্লোরোফরম করা হয়েছিল।' *মানিক*, ১৯৩৫।

ক্লোরোফিল [ই] *বি* গাছের পাতার সবুজ উপাদান যা সূর্য থেকে গাছের খাদ্য আহরণ করতে সাহায্য করে। 'তাদের মধ্যে ক্লোরোফিল বলে একটি পদার্থ আছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ক্লোসঅপ [ই] *বিণ* নিবিড়। 'ক্লোসঅপ আলিঙ্গনে মদালস গভীর চুম্বনে ...।' *বিষ্ণু*, ১৯৪১।

ক্ষ [স] *বি* ক্ষ বর্ণ। **ক্ষকারান্ত** [স] *ক্রিবিণ* ক্ষ বর্ণ পর্যন্ত। 'অকারাদি ক্ষকারান্ত সুশ্রেণীক্রমে সংগৃহীত হইয়া শব্দকামধুরা সংজ্ঞক অভিধান প্রকাশিত হইবেক।' *চন্দ্রিকা*, ১৮৩১।

ক্ষএ [স ক্ষয়] *বি* ধ্বংস। 'আর জন্ম লভিয়া করিমু বিস্য ক্ষএ।' *কবীন্দ্র*,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬৮৯।

ক্ষওয়া [স ক্ষয়>] *ক্রি* ক্ষয় হওয়া। 'মূলধনের সমস্ত তলা একেবারে ক্ষইয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯১৪।

ক্ষণ [স] **১** *বি* সময়। 'তুমি দিবা তুমি রাত্ দণ্ড প্রহর ক্ষণ।' *মালাধর*, ১৫০০। **২** *বি* মুহূর্ত। '... তাহার এই বিপদ দেখিয়া, ক্ষণমাত্র বিলম্ব না করিয়া, জাল কাটিতে আরম্ভ করিল।' *বিদ্যা*, ১৮৫৬।

ক্ষণকাল [স] *বি* অল্প সময়। *ওঝা*, ১৭৮৫; 'দেখ চারি দিকে, দেব, নিরীক্ষণ করি ক্ষণকাল।' *মাইকেল*, ১৮৬০।

ক্ষণকালিক [স] *বিণ* অল্প সময়ের। 'একটি ক্ষণকালিক সদিচ্ছার কাহিনী।' *অচিন্ত্য*, ১৯৫০।

ক্ষণকালীন [স] *বিণ* অল্প সময় স্থায়ী হয় এমন। 'একটা গোলার কেবল ক্ষণকালীন অবস্থা আমাদের চোখে পড়ে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ক্ষণকৃত [স] *বিণ* মুহূর্তে করা হয়েছে এমন। 'ক্ষণকৃত অতি ক্ষুদ্র অপরাধে ... দণ্ডের বিধান করেন।' *বঙ্কিম*, ১৮৯২।

ক্ষণচর [স] *বিণ* ক্ষণিকের। 'ছিল যাহা ক্ষণচর/ চেতনার প্রত্যন্ত প্রদেশে।' *রবীন্দ্র*, ১৯৪০।

ক্ষণজন্মা [স] **১** *বিণ* বিরল। 'ক্ষণজন্মা ক্ষিতিপতি নির্দ্দোষ শরীর।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *বিণ* অসাধারণ গুণসম্পন্ন। 'পুত্র প্রাকৃত মনুষ্য নহেন ক্ষণজন্মা।' *দর্পণ*, ১৮২১।

ক্ষণজীবিনী [স] *বিণ স্ত্রী* অল্পকাল স্থায়ী। 'সে ক্ষণজীবিনী উষার বিদায়ের অশ্রুবিন্দুটি নয়।' *রবীন্দ্র*, ১৯১৪।

ক্ষণজীবী [স] *বিণ* স্বল্পায়ু। 'অনবরত ক্ষণজীবী নভেলগুলো তাঁর ওখানে যাতায়াত করে।' *রবীন্দ্র*, ১৮৮১।

ক্ষণতরে [স] *ক্রিবিণ* কিছুক্ষণের জন্য। 'এসেছ ক্ষণতরে, ক্ষণপরে যাইবে চলে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ক্ষণদীপ্ত [স] *বিণ* ক্ষণিকের জন্যে প্রদীপ্ত। 'যেথা হতে ঝরে ঝড় বিদ্যুতের ক্ষীণদীপ্ত টিকা।' *রবীন্দ্র*, ১৯২৫।

ক্ষণদ্যুতি [স] *বি* অস্থায়ী উজ্জ্বলতা। 'ক্ষণদ্যুতিকে স্থায়িত্ব দানের চেষ্টা হয় শুধু রচনায়, জীবনে নয়।' *মোতাহের*, ১৯৫০।

ক্ষণপরে [স] *ক্রিবিণ* কিছুক্ষণ বাদে। 'এসেছ ক্ষণতরে, ক্ষণপরে যাইবে চলে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ক্ষণপূর্ব [স] *বি* অনতিপূর্বকাল। 'অবকাশ কোথায় ক্ষণপূর্বের দুঃখ মনে করে রাখার?' *নজরুল*, ১৯৩০।

ক্ষণপ্রতীক্ষা [স] *বি* ক্ষণিকের প্রতীক্ষা। 'ক্ষণপ্রতীক্ষায় ফুল ফুটেছিল যত চারাগাছে।' *ফররুখ*, ১৯৬৩।

ক্ষণপ্রভা [স] *বি* বিদ্যুৎ। 'বহ্নিবাণের ন্যায় ক্ষণে২ ক্ষণপ্রভা প্রকাশিত।' *দীনবন্ধু*, ১৮৬০।

ক্ষণপ্রাণ [স] *বিণ* দুর্বল প্রাণবিশিষ্ট। 'ক্ষণপ্রাণ মানুষের ভঙ্গুর রঙ্গিল অঙ্গীকার।' *সুধীন্দ্র*, ১৯৩১।

ক্ষণপ্রেয়সী [স] *বি* অল্প সময়ের প্রিয়তমা। 'এ ভাষায় ওদের বরণ করে নেয় বন্দরের ক্ষণপ্রেয়সীরা।' *কায়সার*, ১৯৬২।

ক্ষণবাদ [স] *বি* জগতের সবকিছুই ক্ষণস্থায়ী – এই মতবাদ। 'প্রাচীন ক্ষণবাদেরই সাম্প্রতিক সংস্করণ ... আমার রচনামাত্রেই অতিশয় অস্থায়ী।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

ক্ষণবিনশ্বর [স] *বিণ* অল্পকাল স্থায়ী। 'ক্ষণবিনশ্বর পাঞ্চভৌতিক দেহ দেবসেবায় নিয়োজিত হইবেক।' *বিদ্যা*, ১৮৪৭।

ক্ষণবিলাসী [স] *বিণ* সাময়িক আরামপ্রিয়। 'উদ্দেশ্যহীন, ক্ষণবিলাসী, প্রাত্যহিকতার স্রোতে ভেসেযাওয়া জীবনের পথ নয়।' *আইয়ুব*, ১৯৭৩।

ক্ষণভঙ্গুর [স] *বিণ* অল্পকাল পরেই ভেঙে যায় এমন। 'বিনশ্বর অবনীমণ্ডলে মানবলীলা ... গভীর স্রোতস্বতীর অত্যুচ্চকূলতুল্য ক্ষণভঙ্গুর।' *দীনবন্ধু*, ১৮৬০।

ক্ষণভঙ্গুরতা [স] *বি* খুব দ্রুত ভেঙে যাওয়ার প্রবণতা। 'কমঠবৃত্তির অহংকারে ঢাকো ক্ষণভঙ্গুরতা।' *সুধীন্দ্র*, ১৯৩২।

ক্ষণমাত্র [স] *ক্রিবিণ* মুহূর্তের জন্য। 'ক্ষণমাত্র নাহি ছাড়ে প্রভুর চরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ক্ষণমুখরা [স] *বিণ স্ত্রী* ক্ষণকাল মুখর থাকে এমন। 'সাহিত্যের ইতিহাসে ক্ষণমুখরা খ্যাতির মৌনসাধন বার বার দেখা গেছে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ক্ষণলিখন [স] *বি* ক্ষণিকের লেখা। 'সে ক্ষণলিখন তখন কোথায় রবে!' *রবীন্দ্র*, ১৯৪১।

ক্ষণসঙ্গিনী [স] *বিণ স্ত্রী* অল্পকালের জন্য সঙ্গদানকারী। 'আপনার ক্ষণসঙ্গিনী।' *বনফুল*, ১৯৩৬।

ক্ষণস্থায়িত্ব [স] *বি* অল্পকালের স্থিতিশীলতা। 'বৈজ্ঞানিক পদ্ধতি অনুসারে যখন চাঞ্চল্য ও ক্ষণস্থায়িত্বকে দোষের কিছু নয় প্রমাণ করবেন।' *ধূর্জটি*, ১৯৩১।

ক্ষণস্থায়ী [স] **১** *বিণ* স্বল্পকালীন। 'অসভ্য অবস্থায় সন্তানের প্রতি আতার কর্তব্য অপেক্ষাকৃত লঘু ও ক্ষণস্থায়ী।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *বিণ* ভঙ্গুর। 'মরণ-হরণ কীর্ত্তি তোমার, মোর সে ক্ষণস্থায়ী।' *সত্যেন্দ্র*, ১৯২৪।

ক্ষণহাসি [স ক্ষণহাস] *বি* মুহূর্তের হাসি। 'সুখের দশা যেন সে বিদ্যুৎ ক্ষণহাসির দূত।' *রবীন্দ্র*, ১৯৪৫।

ক্ষণে ক্ষণে [স] **১** *ক্রিবিণ* ক্রমে ক্রমে। 'শ্রীমুখ সুন্দরকান্তি বাড়ে ক্ষণে ক্ষণে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *ক্রিবিণ* বার বার। 'ক্ষণে ক্ষণে আপন নিমন্ত্রিত ব্যক্তিরদিগে চাহিয়া জিজ্ঞাসিতে লাগিল।' *তারিণী*, ১৮০৩। **৩** *ক্রিবিণ* থেকে থেকে। 'নানা দিকে নানা বিষয় ক্ষণে ক্ষণে দর্শন করিবার প্রয়োজন।' *অক্ষয়*, ১৮৪৩।

ক্ষণেক [স ক্ষণ-এক] *ক্রিবিণ* অল্প সময়ের জন্য। 'ক্ষণেক থাকিয়া পুন আইলেন ঘরে।' *বৃন্দা*, ১৫৮০।

ক্ষণিক [স] **১** *বিণ* ক্ষণস্থায়ী। 'আমরা কি নির্বোধ, ক্ষণিক সুখের জন্য, প্রাণ হারালাম।' *বিদ্যা*, ১৮৫৬। **২** *বিণ* সাময়িক। 'ক্ষণিকের গান গারে আজি প্রাণ ক্ষণিক দিনের আলোকে।' *রবীন্দ্র*, ১৯০০।

ক্ষণিকক্ষিপ্র [স] *বিণ* ক্ষণিকের জন্য দ্রুতগামী। 'মৌন আলোর থামে ক্ষণিকক্ষিপ্র ট্র্যাফিকে।' *বিষ্ণু*, ১৯৪১।

ক্ষণিকতা [স] *বি* ক্ষণস্থায়িত্ব। 'দৈনিক জীবনের ক্ষণিকতা এবং স্বাতন্ত্র্য ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ক্ষণিকা [স] **১** *বিণ স্ত্রী* অল্পক্ষণ স্থায়ী। 'কে জানিত সেই ক্ষণিকা মুরতি/ দূরে করি দিবে বরষন।' *রবীন্দ্র*, ১৯০০। **২** *বি স্ত্রী* ক্ষণস্থায়ী নারী। 'পরশমণিকা নিয়ে, কাছে কাছে ভ্রমিছে ক্ষণিকা।' *সুধীন্দ্র*, ১৯২৫।

ক্ষত [স] **১** *বি* আঘাতপ্রাপ্ত স্থান। 'উঠিয়া দেখিল কর্ণের ক্ষত বহুতর।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *বি* ঘা। 'তখন ঐ ব্যক্তি বলিল, কুকুরের কামড়ে যে ক্ষত হইয়াছে ...।' *বিদ্যা*, ১৮৫৬।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ক্ষতচিহ্ন [স] *বি* স্বাভাবিক হওয়ার পরেও থেকে যাওয়া আঘাতের দাগ। 'বৃহৎ সীমায় যুদ্ধের ক্ষতচিহ্নে যাহা চিহ্নিত।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ক্ষতপক্ষ [স] *বিণ* আঘাতপ্রাপ্ত পাখাবিশিষ্ট। 'ক্ষতপক্ষ পতঙ্গ রাগিয়া ভোঁ-ভোঁ করিতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৮।

ক্ষতপ্রাণ [স] *বি* দগ্ধ হৃদয়। 'তোমার সান্ত্বনাসুধা অশ্রুবারিসম পড়ে যেন বিন্দু বিন্দু ক্ষতপ্রাণে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

ক্ষতবিক্ষত [স] ১ *বিণ* আঘাতের ফলে বহু স্থানে ক্ষত সৃষ্টি হয়েছে এমন। 'আমরা অতি নির্বোধ, সর্ব শরীর ক্ষতবিক্ষত করিয়া, ... এক ধূর্তের আহারের যোগাড় করিয়া দিলাম।' *বিদ্যা*, ১৮৫৬। ২ *বিণ* অসংখ্য আঘাতে জর্জরিত। 'ওই মহাবীর অনবরত শরবর্ষণপূর্বক রাবণকে ক্ষতবিক্ষত করিতে লাগিলেন।' *রবীন্দ্র*, ১৮৭৭।

ক্ষতস্থল [স] *বি* আঘাতপ্রাপ্ত স্থান। 'সামাজিক মানুষের বেদনার ক্ষতস্থল খুঁজে বের করে ...।' *শরীফ*, ১৯৭০।

ক্ষতস্থান [স] *বি* আঘাতপ্রাপ্ত স্থান। 'ছুরি মেরেছে, সেই ক্ষতস্থান উঠল বিষিয়ে।' *বিভূতি*, ১৯৩৭।

ক্ষতান্বিত [স] *বিণ* ক্ষত হয়েছে এমন। 'নেজ পর্য্যন্ত ক্ষতান্বিত হইয়া, বড়ই ঠকঠকিতে ছাড়ান পাইলেক।' *তারিণী*, ১৮০৩।

ক্ষতরা [স ক্ষতি] *বি* ক্ষতি। *ভবানী*, ১৮২৩।

ক্ষতি[১] [আ খত] *বি* উৎকোচ। 'দশ উট তাহাত পঠাই দিল ক্ষতি।' *সুলতান*, ১৭০০।

ক্ষতি[২] [স] ১ *বি* মাশুল। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* লোকসান। 'তাহারদিগেরও সামগ্রী বিক্রয় না হওয়াতে যথোচিত ক্ষতি হইল।' *দর্পণ*, ১৮১৮। ৩ *বি* অসুবিধা। 'অনেক ক্ষতি হইত।' *দর্পণ*, ১৮৩০। ৪ *বি* ক্ষয়ক্ষতি। 'ঘোরতর সংগ্রাম হইলে কার্থেজীয় লোকের বিস্তর ক্ষতি হয়।' *অক্ষয়*, ১৮৪৭।

ক্ষতিকর [স] *বিণ* অকল্যাণকর। 'সৎকথাকে বিরস ও বিদ্বেষ করিয়া তোলা মনুষ্যসমাজের জন্য যেমন ক্ষতিকর এমন আর কিছুই নয়।' *রবীন্দ্র*, ১৯০৬।

ক্ষতিকারক [স] *বিণ* হানিকর। 'তাহার এমত প্রার্থনা ক্ষতিকারক হইবে।' *দর্পণ*, ১৮৩৪।

ক্ষতিগ্রস্ত [স] *বিণ* ক্ষতির শিকার হয়েছে এমন। 'যাহাতে প্রকাশককে ক্ষতিগ্রস্ত হইতে না হয়, সেজন্য ...।' *রবীন্দ্র*, ১৮৮৮।

ক্ষতিগ্রাহ্য [স] *বিণ* ক্ষতিকর। 'তাঁহার পরামর্শ অনেকেরি ক্ষতিগ্রাহ্য হইবে।' *দর্পণ*, ১৮৩১।

ক্ষতিজনক [স] *বিণ* ক্ষতিকর। 'যদি প্রকটনের সঙ্গে সঙ্গে পরের ক্ষতিজনক কোন কার্য্য না হয় ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ক্ষতিপীড়িত [স] *বিণ* ক্ষতির দরুন কাতর। 'ক্ষতিপীড়িত শঙ্কিত চিত করো সম্পদবান।' *রবীন্দ্র*, ১৯০৫।

ক্ষতিপূরণ [স] *বি* লোকসানের জন্য মূল্যপ্রদান। 'আপনি অবশ্যই আমার ক্ষতিপূরণ করিবেন।' *বিদ্যা*, ১৮৬৩।

ক্ষতিবৃদ্ধি [স] *বি* লাভ-লোকসান। 'তাহাতে তাঁহারা বিশেষ ক্ষতিবৃদ্ধি বোধ করেন না।' *অক্ষয়*, ১৮৫০।

ক্ষতিসাধন [স] *বি* অনিষ্ট সাধন। 'দুঃসাধ্য ক্ষতিসাধনের শক্তি দেহে দুর্জয়বেগে সঞ্চার করলে কে?' *রবীন্দ্র*, ১৯৩৬।

ক্ষত্র [স] *বি* ক্ষত্রিয়। 'বিপ্র ক্ষত্র বৈশ্য শূদ্র মিলিয়া সকলে মহৎ ক্ষুদ্র।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ক্ষত্রবীর [স] *বি* ক্ষত্রিয় বীর। 'নারী তুমি, নহ তুমি ক্ষত্রবীর।' *রবীন্দ্র*, ১৮৮৯।

ক্ষত্রসৈন্য [স] *বি* ক্ষত্রিয় সৈনিক। 'প্রত্যেক ক্ষত্রসৈন্য আপন রাজাকে বা প্রভুকে অবলম্বন করিয়া।' *রবীন্দ্র*, ১৯০৫।

ক্ষত্রি [স ক্ষত্রিয়] *বিণ* ক্ষত্রিয়। 'ক্ষত্রি ব্যবহার বিদ্যা যকল জানন্ত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ক্ষত্রিয় [স] *বি* হিন্দু বর্ণাশ্রম অনুযায়ী দ্বিতীয় বর্ণ। 'ক্ষত্রিয় কুলে জনম আহ্মার।' *বড়ু*, ১৪৫০।

ক্ষত্রিয়নায়ক [স] *বি* ক্ষত্রিয় বীর। 'পূর্বকালের ক্ষত্রিয়নায়কের সঙ্গে মানুষের যে-সম্বন্ধ ছিল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ক্ষত্রিয়বংশীয় [স] *বি* যোদ্ধা জাতির লোকজন। 'য়ুরোপে সাবেককালের ক্ষত্রিয়-বংশীয়েরা ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ক্ষত্রিয়শূন্য [স] *বিণ* নিঃক্ষত্রিয়। 'ক্ষত্রিয়শূন্য দেশে ক্ষত্রিয় বলে গণ্য হয়েছিল।' *অন্নদা*, ১৯৩৭।

ক্ষন [স ক্ষণ] *বি* সময়। **ক্ষনেক** [স ক্ষণ+এক>] *ক্রিবিণ* কখনো। 'ক্ষনে চাহএ উষ্ণ ক্ষনেক সিতল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ক্ষম [স] *বিণ* সক্ষম; সমর্থ। 'তিনি পরীক্ষার দ্বারা ... বিবেচনা করিতে ক্ষম হন।' *দর্পণ*, ১৮৩১।

ক্ষমতা [স] ১ *বি* প্রভাব। 'খলতা আর অন্যায় ক্ষমতার অস্ত্র ধারণ।' *অন্বেষণ*, ১৮০৩। ২ *বি* শক্তি। 'স্বীয় ক্ষমতায় অপ্রতিভ ও বিস্ময়ে একান্ত স্তম্ভিত হইয়া পড়ে।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বি* সামর্থ্য। 'তাঁহার পরিশ্রম করিবার ক্ষমতা যাওয়াতে ... অসুবিধা উপস্থিত হইল।' *বিদ্যা*, ১৮৬৩। ৪ *বি* সাধ্য। 'মানুষের ব্যক্ত করিবার ক্ষমতা অতিশয় অল্প।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ক্ষমতা-অনুভূতি [স] *বি* ক্ষমতা অনুভব। 'ক্ষমতা-অনুভূতির স্ফূর্তি মানুষকে কিরূপ একটা প্রেরণা দান করে।' *রবীন্দ্র*, ১৯০৫।

ক্ষমতাগর্ব [স] *বি* প্রভাব-প্রতিপত্তির অহংকার। 'নিজের ক্ষমতাগর্ব অনুভব করা বোধ হয় মানুষের একটা স্বভাব।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ক্ষমতাচ্যুত [স] *বিণ* ক্ষমতা থেকে বিতাড়িত। 'যাঁরা ইংরেজ রাজত্বে ক্ষমতাচ্যুত হয়েছিল।' *উমর*, ১৯৬৮।

ক্ষমতাদর্প [স] *বি* ক্ষমতার অহংকার। 'নিষ্ঠুর ক্ষমতাদর্প, অন্ধ অজ্ঞানতা।' *রবীন্দ্র*, ১৮৯০।

ক্ষমতাধীন [স] *বিণ* নিয়ন্ত্রণাধীন। 'তার আচরণ-ব্যবহার আর তার ক্ষমতাধীন নয় যেন।' *ওয়ালী*, ১৯৬৪।

ক্ষমতানুসারে [স] *ক্রিবিণ* যোগ্যতা অনুসারে। 'সকলেই স্ব স্ব ক্ষমতানুসারে কর্ম্ম করিলে, সকলের ভারের লাঘব হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

ক্ষমতাপন্ন [স] ১ *বিণ* ক্ষমতার অধিকারী। 'এ আশ্চর্য্য ক্ষমতাপন্ন।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* পটু; কর্মদক্ষ। 'রামচন্দ্রের কনিষ্ঠ পুত্র শিবানন্দ অধিক ক্ষমতাপন্ন।' *রামরাম*, ১৮০১। ৩ *বিণ* সক্ষম। 'যে সকল গ্রন্থ অধ্যয়ন করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৬।

ক্ষমতাপ্রয়োগ [স] *বি* ক্ষমতা ব্যবহার। 'যে ব্যক্তি ক্ষমতাপ্রয়োগের অধিকার পায় নাই ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

ক্ষমতাবল [স] *বি* শক্তির জোর। 'নারী স্বীয় ক্ষমতাবলে তার বিনষ্ট স্বাধীনতা পুনরুদ্ধার করবে।' *বেগম*, ১৯৫২।

ক্ষমতাবান [স] *বিণ* প্রভাবশালী। 'ক্ষমতাবান হইতে পারেন ইত্যাদি

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আরও কএক নূতন নিয়ম।' *বঙ্গদূত*, ১৮২৯।

ক্ষমতাময় [স] *বিণ* শক্তিশালী। 'ওর ক্ষমতাময় মমতাময় প্রত্যুত্তর আসবে জানে।' *জীবন*, ১৯৩১।

ক্ষমতামাতাল [স] *বিণ* ক্ষমতা লাভের জন্য উন্মত্ত। 'ক্ষমতামাতাল জঙ্গী হে প্রভুরা।' *শামসুর*, ১৯৭৩।

ক্ষমতালোভী [স] *বিণ* চীনদেশে আজ নায়কত্ব নিয়ে জনকয়েক ক্ষমতালোভী ... *রবীন্দ্র*, ১৯৩১।

ক্ষমতাশালী [স] ১ *বিণ* শক্তিমান। 'যে প্রতিভাশালী, যে ক্ষমতাশালী, সেই তখনকার সমস্ত স্থান অধিকার করিয়া লইত।' *রবীন্দ্র*, ১৮৯৭। ২ *বিণ* প্রতিভাবান। 'কেবল ক্ষমতাশালী লেখকের উপর বাংলা সাহিত্য নির্ভর করিতেছে না।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বিণ* প্রভাবশালী। 'ক্ষমতাশালী অভিভাবকের টেলিফোন কল কিম্বা অনুরোধের বদৌলতে ... রেহাই পায়।' *বেগম*, ১৯৬৫।

ক্ষমতাসম্পন্ন [স] *বিণ* ক্ষমতাবান। 'যে জ্ঞানী গুণী ক্ষমতাসম্পন্ন লোক জন্মগ্রহণ করেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

ক্ষমতাসীন [স] *বিণ* ক্ষমতায় অধিষ্ঠিত। 'কয়েকটি উপনির্বাচনের সময় ক্ষমতাসীন আওয়ামী লীগ দলের বিরুদ্ধে ...।' *আজাদ*, ১৯৫৭।

ক্ষমতাস্পৃহা [স] *বি* ক্ষমতার লোভ। 'ক্ষমতাস্পৃহা, সঙ্কীর্ণতা, নিষ্ঠুরতা ইত্যাদি আদিম বৃত্তি থেকে ছাঁকাই করে আলাদা পরিবেশন ...।' *শিব*, ১৯৫০।

ক্ষমতাহীন [স] *বিণ* শক্তি নেই এমন। 'জনক জননী ... পীড়িত ও জরাজীর্ণ হইয়া ক্ষমতাহীন ও উপায়হীন হন।' *অক্ষয়*, ১৮৫২।

ক্ষমা[১] [স] *বি* মার্জনা। 'ক্ষমা কর ঘর যাহা দেব গদাধর।' *বঢু*, ১৪৫০।

ক্ষমাগুণ [স] *বি* সহিষ্ণুতারূপ গুণ। 'ব্রহ্মা বলিলেন, বৎস তোমার ন্যায় প্রকাণ্ড পুরুষকে ক্ষমা না করিলে সৃষ্টিকর্তার ক্ষমাগুণ বৃথামাত্র।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ক্ষমাদাত্রী [স] *বিণ স্ত্রী* ক্ষমাশীল। 'সে হঠাৎ ক্ষমাদাত্রী হয়ে বলল।' *মানিক*, ১৯৩৫।

ক্ষমা দেওয়া *ক্রি* ক্ষমা করা। 'তবে ক্ষমা দাও পিতৃদেব।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ক্ষমানেত্রে [স] *ক্রিবিণ* ক্ষমাসুন্দর দৃষ্টিতে। 'ক্ষমানেত্রে বারেক হে, নেহার নন্দনে।' *গিরিশ*, ১৮৮৭।

ক্ষমা পড়া *ক্রি* ক্ষান্ত হওয়া। 'সায়ংকাল তাগাদ আমদানির ক্ষমা পড়িল।' *রামরাম*, ১৮০১।

ক্ষমাপন্ন [স] *বিণ* ক্ষমাশীল। 'অন্যেরদিগকে নীত্যাভ্যাসে ক্ষমাপন্ন হওয়া নহে।' *রামরাম*, ১৮০২।

ক্ষমাপ্রার্থী [স] *বিণ* দোষ বা অপরাধের মার্জনা চায় এমন। 'সর্বদা লজ্জিত ও ক্ষমাপ্রার্থী হইয়া থাকে।' *রবীন্দ্র*, ১৮৯২।

ক্ষমাশীল [স] *বিণ* ক্ষমাবান। ' যেহেতু আমি ক্ষমাশীল ব্রাহ্মণ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ক্ষমাশীলতা [স] *বি* ক্ষমা করার গুণ। 'এত নম্রতা, ক্ষমাশীলতা, আবেদন-নিবেদন ...।' *ওয়ালী*, ১৯৬২।

ক্ষমাসুন্দর [স] *বিণ* ক্ষমাশীল। 'রূঢ় দীপের আলোক লাগিল/ ক্ষমাসুন্দর চক্ষে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ক্ষমা-সুন্দর দৃষ্টি [স] *বি* ক্ষমা করার মনোভাব। 'ব্যাপারটাকে ক্ষমা-সুন্দর দৃষ্টিতে দেখতে হবে।' *পাশা*, ১৯৭১।

ক্ষমাস্নিগ্ধ [স] *বিণ* ক্ষমাশীল। 'এসেছি তোমার ক্ষমাস্নিগ্ধ বুকের কাছে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ক্ষমাহীন [স] *বিণ* ক্ষমার অনুপযুক্ত। 'সেই ক্ষমাহীন চিরবিদায়ের নীরব ক্রোধানল রাজীবের সমস্ত ইহজীবনে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ক্ষমাহীনতা [স] *বি* ক্ষমা করার অক্ষমতা। 'ক্ষমিবে না, ক্ষমিবে না আমার ক্ষমাহীনতা।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ক্ষমাহীনা [স] *বিণ স্ত্রী* ক্ষমা করে না এমন। 'সে কঠিনা, ক্ষমাহীনা সুন্দরী সে নারী।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

ক্ষমা[২] [স ক্ষমা] *ক্রি* মার্জনা করা। 'নিত্যানন্দ প্রভু মোর ক্ষম অপরাধ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **ক্ষমহ** *ক্রি* ক্ষমা করো। 'এতেক ক্ষমহ প্রভু মোর অপরাধ।' *বৃন্দা*, ১৫৮০। **ক্ষমহোঁ** *ক্রি* ক্ষমা করবো। 'কর জোড় করি দোস ক্ষমহোঁ তোমারে।' *মালাধর*, ১৫০০। **ক্ষমুন** *ক্রি* ক্ষমা করুন। 'ক্ষমুন এ অধিনীর অপরাধ।' *গিরিশ*, ১৮৮৭। **ক্ষমি** *ক্রি* ক্ষমা করি। 'তোমার অপেক্ষা হেতু ক্ষমি শুধু আমি।' *কাশীরাম*, ১৬৫০।

ক্ষয় [স] ১ *বি* বিনাশ। 'ধর্মাধর্ম ক্ষয় করি সাম্ভাইল উদরে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* ক্ষতি। 'মোর কীর্ত্তন মানা করিস করিমু তোর ক্ষয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* মুক্তি। 'বীরের বন্ধন ক্ষয় দেখি রাজা সবিস্ময়।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বিণ* নষ্ট। 'হর্ষ ক্ষয় হইল।' *রামরাম*, ১৮০১। ৫ *বিণ* ক্ষীণ। 'ভ্রমর দিন দিন ক্ষয় হইতে লাগিলেন।' *অক্ষয়*, ১৮৭৮।

ক্ষয়কর [স] *বিণ* ক্ষয়িষ্ণু। 'সৌন্দর্য তো আসলে একটা অশক্ত, ক্ষয়কর ব্যাপার, তা দিয়ে জগতের কি লাভ?' *মোতাহের*, ১৯৫০।

ক্ষয় করা *ক্রি* গ্রাস করা। *মানোএল*, ১৭৪৩।

ক্ষয়কারী [স] *বিণ* বিনাশকারী। 'ইশ্বরপরায়ন সত্ত্ব ক্ষয়কারী শ্বরনাপন্ন রক্ষিতা মহাশয়।' *ওসী*, ১৭৮২।

ক্ষয়কাশ [স] *বি* যক্ষ্মারোগ। 'ক্ষয়কাশে রোগীর কপোলে রক্তিম-লাবণ্য ফুটিয়া ওঠে।' *রবীন্দ্র*, ১৯০৮।

ক্ষয়কেশো [স ক্ষয়কাশ>] *বিণ* যক্ষ্মারোগে আক্রান্ত। 'সত্যিকারের মজুর, ক্ষয়কেশো হাড়চামড়া বের করা।' *নজরুল*, ১৯২৬।

ক্ষয়ক্ষতি [স] ১ *বি* ক্ষতিসমূহ। 'সব ক্ষয়ক্ষতিশেষে অবশিষ্ট রবে।' *রবীন্দ্র*, ১৯৩৮। ২ *বি* বিনষ্টি। 'প্রচণ্ডতম নিদাঘেও যার ক্ষয়ক্ষতি হয় না।' *মুজতবা*, ১৯৬০।

ক্ষয়-ক্ষয়া [স ক্ষয়>] *বিণ* ক্রমশ ক্ষীণ হচ্ছে এমন। 'রোগা ক্ষয়-ক্ষয়া চেহারা।' *বিমল*, ১৯৫৩।

ক্ষয়ধরা [স ক্ষয়+ধরা] *বিণ* ক্রমশ ক্ষয়প্রাপ্ত হচ্ছে এমন। 'কী জ্যোৎস্না বিলানোর শখ অতটুকু আনমনা ক্ষয়ধরা চাঁদের।' *মানিক*, ১৯৩৯।

ক্ষয়প্রাপ্ত [স] ১ *বিণ* নিঃশেষিত। 'এ দিকে, ব্যয়নির্বাহের জন্য, যৎকিঞ্চিৎ যাহা সমভিব্যাহারে আনিয়াছিল, তাহা ক্রমে ক্ষয়প্রাপ্ত হইল।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* ক্ষয়িত; ক্ষয় পেয়েছে এমন। 'সময়ে পূর্ণ ও ক্ষয়প্রাপ্ত হয়।' *মশাররফ*, ১৮৬৯।

ক্ষয়মান [স ক্ষীয়মাণ] *বিণ* ক্ষীণ হয়ে আসছে এমন। 'কৃষ্ণা দ্বাদশীর পাণ্ডু ক্ষয়মান চাঁদ।' *ফররুখ*, ১৯৪৬।

ক্ষয়রোগ [স] ১ *বি* যক্ষ্মা রোগ। 'শিরোমণি ক্ষয়রোগে পরলোকগত হইয়াছেন।' *দর্পণ*, ১৮২৮। ২ *বি* দিনে দিনে নিঃশেষ করে ফেলার

AMARBOI.COM

মতো রোগ। 'এই ক্ষয়রোগও সাধারণ রোগ নহে।' *রবীন্দ্র*, ১৯০৫।

ক্ষয়সৃষ্টিশীল [স] *বিণ* ক্ষয় ও গঠন একসঙ্গে চলছে এমন। 'জন্ম থেকে মৃত্যু পর্যন্ত এই নিয়ত ক্ষয়সৃষ্টিশীল দেহই ব্যক্তির অস্তিত্বগত ঐক্যের একমাত্র অবলম্বন।' *শিব*, ১৯৫০।

ক্ষয়ে আসা *ক্রি* হ্রাস হওয়া। 'অভ্যাসের দ্বারা পথ ক্ষয়ে আসে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ক্ষয়ে যাওয়া *বিণ* স্মরণাতীত। 'এই পুরোনো ক্ষয়েযাওয়া কথা তোমার ঠোঁটে ধোরো না।' *শঙ্খ*, ১৯৬৬।

ক্ষয়িষ্ণু [স] ১ *বিণ* ভঙ্গুর। 'ক্ষয়িষ্ণু।' *রবীন্দ্র*, ১৯৩৫। ২ *বিণ* ক্রমে ক্ষয় হয়ে যায় এমন। 'না ভুলে ক্ষয়িষ্ণু মোমবাতি।' *শামসুর*, ১৯৬৩।

ক্ষয়িষ্ণুতা [স] *বি* ক্ষয়শীলতা। 'সব কিছুর মধ্যে একটা ক্ষয়িষ্ণুতা দেখা দিল।' *উমর*, ১৯৬৭।

ক্ষরণ [স] *বি* নিঃসরণ। 'এই-যে বাতাস দেহে করে অমৃত ক্ষরণ।' *রবীন্দ্র*, ১৯০৯।

ক্ষরা [স ক্ষরণ>] *ক্রি* ফোঁটা ফোঁটা ক'রে পড়া। 'তৈলবিন্দু ক্ষরিয়া পড়ে।' *রবীন্দ্র*, ১৯০২।

ক্ষরিত [স] *বিণ* নিঃসৃত। 'ক্ষরিত হয়ে যাওয়ার অদৃশ্য শিহরণ জাগলো।' *শামসুল*, ১৯৫৬।

ক্ষাতি [স খ্যাতি] *বি* প্রসিদ্ধি। 'সতি ক্ষাতি কেন মোর করিলে লঙ্ঘন।' *মালাধর*, ১৫০০।

ক্ষাত্র [স] *বি* ক্ষত্রিয়রা অনুসরণ করে এমন ধর্ম। **ক্ষাত্রধর্ম** [স] *বি* ক্ষত্রিয়ের ধর্ম, কর্ম বা শক্তি। 'তবে দাও, ফিরে দাও ক্ষাত্রধর্ম মোর –।' *রবীন্দ্র*, ১৮৮৯।

ক্ষাত্রবুদ্ধি [স] *বি* ক্ষত্রিয়ের উপযুক্ত বুদ্ধি। 'রাজার ক্ষাত্রবুদ্ধিতে যথেষ্ট প্রভেদ আছে।' *নজরুল*, ১৯৩৮।

ক্ষাত্রব্রত [স] *বি* ক্ষত্রিয়দের ব্রত গ্রহণের আচার। 'যাঁহারা ক্ষাত্রব্রত বৈশব্রত গ্রহণ করিবার অধিকারী।' *রবীন্দ্র*, ১৯০৫।

ক্ষাত্রশক্তি [স] *বি* স্বজাতীয়তাবোধ। 'যে মুসলমানের ক্ষাত্রশক্তি নাই, সে মুসলমান নয়।' *নজরুল*, ১৯২৭।

ক্ষান্ত [স] ১ *বিণ* সমাপ্ত। *ডানকান*, ১৭৮৪। ২ *বিণ* নিরস্ত। 'নির্দয় মিরণ কদাচ ক্ষান্ত হইল না।' *রাজীব*, ১৮০৫। ৩ *বিণ* সন্ত্রষ্ট। 'রাঁড় ভাঁড় চাকর এয়ার ইহারদিগের ক্ষান্ত করা মুস্কিল হইল।' *ভবানী*, ১৮২৫।

ক্ষান্তবর্ষণ [স] *বিণ* বর্ষণ থেমেছে এমন। 'আজ ক্ষান্তবর্ষণ প্রাতঃকালে ম্লান রৌদ্র ও খণ্ড মেঘে মিলিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ক্ষান্তমতি [স] *বিণ* ধ্যানমগ্ন। 'ক্ষান্তমতি হয়ে আছে দেবের অর্চ্চনে।' *ভবানী*, ১৮২৫।

ক্ষান্তা [স] *বিণ* স্ত্রী বিরত। 'তাহাতে কোন মতে কেহ কাহাকেও ক্ষান্তা করিতে পারেন নাই।' *দর্পণ*, ১৮২৯।

ক্ষান্তি [স] *বি* বিরতি। 'একমুঠো অন্নের জন্যে কলা-কৌশলের এক মুহূর্ত ক্ষান্তি নেই।' *অন্নদা*, ১৯২৮।

ক্ষান্তিহীন [স] *বিণ* অবিরাম। 'শরমিন্দা হলে তুমি ক্ষান্তিহীন সজল চুম্বনে।' *মাহমুদ*, ১৯৭৩।

ক্ষাপা [স ক্ষিপ্>] *বিণ* ক্ষিপ্ত। 'ক্ষাপা হইয়া উঠিয়া আমাদের হাড় গুঁড়া করিয়া দিতে চায়।' *রবীন্দ্র*, ১৯০৮।

ক্ষামতা [স ক্ষমতা] *বি* সামর্থ্য। 'আপন ক্ষামতায় উদর পালন হয় না।' *দর্পণ*, ১৮২৫।

ক্ষামা [স] *বি* সরু কোমর। 'অতনুতরে করেনি রচনা সে ত্রিবলি সিঁড়ি কুটিল কটিতটে, সতত তবু ক্ষামার আশেপাশে টংকারিত কুসুমধনু রটে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

ক্ষার [স] ১ *বি* সাজিমাটি। 'ধোপানী কাপড় কাচে ক্ষার আর খোলে।' *কেতকা*, ১৬৫০। ২ *বি* সোডা জাতীয় পদার্থ। 'পূর্ব্বে পল্লীবাসিনীগণ ক্ষার প্রস্তুত করিয়া কাপড় কাচিত।' *রোকেয়া*, ১৯২১।

ক্ষার কাচা *ক্রি* সোডা দিয়ে কাপড় ধোয়া। 'মা-র আসতে ঢের দেরী – ক্ষার কাচতে গিয়েচে।' *বিভূতি*, ১৯২৯।

ক্ষালন [স] ১ *বি* ধোয়া। 'শত হাতে করে যেন ক্ষালন মার্জ্জন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* মোচন। 'এমন কোনো দোষারোপ করিলেন না যাহা সে ক্ষালন করিতে চেষ্টা করিতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ক্ষালা [স ক্ষালন>] ১ *ক্রি* ক্ষালন করা; মোচন করা। 'দুই ভাই হৃদয়ে ক্ষালি অন্ধকার দুই ভাগবত সঙ্গে করান সাক্ষাৎকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'একতিল তব কলঙ্ক ক্ষালিতে।' *রবীন্দ্র*, ১৮৭৭। ২ *ক্রি* দূর করা। 'নিশার আঁধাররাশি ফেলিল ক্ষালিয়া।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ক্ষালিত [স] ১ *বিণ* ধৌত। 'মহাসাগরের সমুদায় জলেও ক্ষালিত হইবার নহে।' *অক্ষয়*, ১৮৫০। ২ *বিণ* দূরীকৃত। 'মনের কলুষ ক্ষালিত করে নাই।' *বঙ্কিম*, ১৮৯২।

ক্ষিণি [স ক্ষীণ] *বিণ* সরু; চিকন। 'জিনি মৃগরাজ মাঝা অতিশয় ক্ষিণি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ক্ষিতি [স] ১ *বি* ভূমি। 'পর্যটনে চলিলা পবিত্র করি ক্ষিতি।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* পৃথিবী। 'চাহিয়া রোদন করে ভাসে সব ক্ষিতি।' *বৃন্দা*, ১৫৮০।

ক্ষিতিজ [স] ১ *বি* মহীরুহ; বৃক্ষ। *গোরেসিও*, ১৮৭০। ২ *বিণ* ভূমিজাত। 'তা নিতান্তই ক্ষিতিজ।' *সত্যেন্দ্র*, ১৯২২।

ক্ষিতিজ রেখা [স] *বি* দিগন্তরেখা। 'যদিও নেইকো কিছু ক্ষিতিজ রেখার পথে আর।' *জীবন*, ১৯৩০।

ক্ষিতিতল [স] *বি* পৃথিবীপৃষ্ঠ। 'যথেক রসুল জন্মিয়াছে ক্ষিতিতল।' *সুলতান*, ১৬৫০।

ক্ষিতিপতি [স] *বি* পৃথিবীর অধিপতি; ভূপতি। 'যেই প্রভু আমারে করিছে ক্ষিতিপতি।' *আলাওল*, ১৬৮০।

ক্ষিত্যাকার [স ক্ষিতি-আকার] *বি* কঠিন আকার। 'ক্ষিত্যাকারে – অর্থাৎ কঠিনরূপে।' *জগদীশ*, ১৮৯৫।

ক্ষিদ্যমান [স] *বিণ* দুঃখিত। 'আমি কিছু এ বালকের জন্য ক্ষিদ্যমান নহি।' *রামরাম*, ১৮০১।

ক্ষিধে [স ক্ষুধা>] *বি* খাওয়ার ইচ্ছা। 'দূর ফোকলা, জল ক্ষিধে বুঝি বলে! জল তেষ্টা।' *রবীন্দ্র*, ১৮৯২।

ক্ষিপ্ত [স] ১ *বিণ* পাগল। *ওর্সা*, ১৭৮৫; 'যে জন বড় নির্ব্বোধ অজ্ঞান ক্ষিপ্ত সেই জন এক মুষ্টি ...।' *চণ্ডীচরণ*, ১৮০৫। ২ *বিণ* বিক্ষুব্ধ। 'এই সমস্ত ক্ষিপ্ত প্রজাগণের প্রতি, দৃঢ়াদেশ প্রচার করেন।' *গ্রামবার্তা*, ১৮৭৩।

ক্ষিপ্তচিত্ততা [স] *বি* ক্ষিপ্ত মানসিকতা। 'সেটাকে ক্ষিপ্তচিত্ততার লক্ষণ মনে হওয়া স্বাভাবিক।' *উমর*, ১৯৬৮।

ক্ষিপ্ততা [স] *বি* উন্মত্ততা। 'এক অজানার ওপর অন্ধ অভিমানের ক্ষিপ্ততায় হত্যা করবি?' *নজরুল*, ১৯২৭।

ক্ষিপ্তনিবাস [স] *বি* পাগলাগারদ। 'ক্ষিপ্তনিবাসের তত্ত্বানুসন্ধান করিয়া ১২০০৭ জন উন্মাদগ্রস্ত ব্যক্তির বিবরণ ...।' *অক্ষয়*, ১৮৪৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ক্ষিপ্তপ্রায় [স] *বিণ* পাগলের মতো। 'ক্ষিপ্তপ্রায় হইয়া অবিলম্বে কালগ্রাসে পতিত হইয়াছিল।' *অক্ষয়*, ১৮৪৮।

ক্ষিপ্তমতি [স] *বিণ* অতিশয় ক্রুদ্ধ। 'চিতোর ঘেরিল আসি হয়ে ক্ষিপ্তমতি।' *রঙ্গ*, ১৮৫৮।

ক্ষিপ্তমন [স] *বিণ* বেখাপ্পা; অস্থিরমতি। *ওসাঁ*, ১৭৮৫।

ক্ষিপ্তোন্মত্ত [স ক্ষিপ্ত-উন্মত্ত] *বিণ* প্রমত্ত। 'চারিদিকে ক্ষিপ্তোন্মত্ত জল।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ক্ষিপ্র [স] ১ *বিণ* দ্রুত। 'সাহসে মৃন্ময়, ক্ষিপ্রকারিতায় গঙ্গারাম।' *বঙ্কিম*, ১৮৮৪। ২ *ক্রিবিণ* তৎক্ষণাৎ। 'বাজিল শঙ্খ, বাজিল ডঙ্ক, সেনানী ধাইল ক্ষিপ্র।' *রবীন্দ্র*, ১৮৯৯। ৩ *বিণ* বেগবান। 'তাকে মন্থরতা থেকে মুক্তি দিয়ে ক্ষিপ্র, সতেজ, চতুর করা।' *সবুজ*, ১৯১৭।

ক্ষিপ্রকলা [স] *বি* দ্রুতগতির কৌশল। 'ক্ষিপ্রকলায় চিত্র আঁকছে/ রঙ ছুঁড়ে দিয়ে যাচ্ছেতাই।' *শামসুর*, ১৯৬৬।

ক্ষিপ্রকারিতা [স] *বি* দ্রুত কার্য সমাধা করার গুণ। 'সাহসে মৃন্ময়, ক্ষিপ্রকারিতায় গঙ্গারাম।' *বঙ্কিম*, ১৮৮৪।

ক্ষিপ্রগতি [স] *বিণ* বেগবান। 'স্বচ্ছ শীর্ণ ক্ষিপ্রগতি স্রোতস্বতী তমসার তীরে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ক্ষিপ্রগামী [স] *বিণ* : গামী। 'শোণিতসিক্ত মৃত্তিকায় ক্ষিপ্রগামী অশ্বপদ স্খলিত হইতে' *দশারথ*, ১৮৮৫।

ক্ষিপ্রতা [স] *বি* দ্রুততা। 'খণ্ডকাব্য লিখিতে ইহার ক্ষিপ্রতা অসামান্য ছিল।' *রবীন্দ্র*, ১৯১২।

ক্ষিপ্রদৃষ্টি [স] *বি* দ্রুতগতিসম্পন্ন দৃষ্টি। 'ক্ষিপ্রদৃষ্টিতে দাদাসাহেবের দিকে একবার তাকায়।' *ওয়ালী*, ১৯৬৪।

ক্ষিপ্রবেগে [স] *ক্রিবিণ* দ্রুতগতিতে। 'দাশুরায়ের অনুপ্রাস ক্ষিপ্রবেগে বর্ষণ করিয়া চলিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ক্ষিপ্রভঙ্গি [স] *বি* ক্ষিপ্রতাপূর্ণ ভঙ্গি। 'ক্ষিপ্রভঙ্গিতে সে দরজার দিকে তাকায়।' *ওয়ালী*, ১৯৬৪।

ক্ষিপ্রভাবে [স] *ক্রিবিণ* দ্রুততার সাথে। 'মজিদও ক্ষিপ্রভাবে উঠে দাঁড়াল।' *ওয়ালী*, ১৯৪৮।

ক্ষিপ্রহস্ত [স] *বিণ* খুব পারদর্শী। 'কেটি সিডিশন দমন করতে ক্ষিপ্রহস্ত।' *রবীন্দ্র*, ১৯২৮।

ক্ষির *বি* কষ। 'কচু পাতার ক্ষির।' *জহির*, ১৯৬৪।

ক্ষীণ [স] ১ *বিণ* ওষ্ঠাগত। 'দেখি ভক্তগণের হয় প্রাণ ক্ষীণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* ক্ষমতাহীন। 'আমি পরাধীন অতিবড় ক্ষীণ।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* শীর্ণ। 'বলবুদ্ধি হারাইল তনু হৈল ক্ষীণ।' *ব্যহরাম*, ১৬৫০। ৪ *বিণ* ক্ষুদ্র। 'বিজ্ঞ বট ভাব দেখি কি প্রকার ক্ষীণ।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৫ *বিণ* লুপ্ত। 'যাহার মনের কপটতা ক্ষীণ হয় নাই ...।' *অক্ষয়*, ১৮৫০। ৬ *বিণ* দুর্বল। 'বীর্য্যহীন ক্ষীণ লোকের উপর আক্রমণ ... করিয়া আসিতেছে।' *অক্ষয়*, ১৮৫০। ৭ *বিণ* ক্ষয়প্রাপ্ত। 'ক্ষীণ চন্দ্র অস্ত গেল।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ক্ষীণকটি [স] *বিণ* সরু কোমরবিশিষ্ট। 'চিত্তহারিণী কেশবিলাসিনী ক্ষীণকটি কঠোরকুচা বেশ্যাদিগমনে পাপ বোধ।' *ভবানী*, ১৮২৫।

ক্ষীণকণ্ঠ [স] *বি* মৃদু স্বর। 'তাঁহার ক্ষীণকণ্ঠকে বহুদূরে ছাড়াইয়া গেল।' *রবীন্দ্র*, ১৯১২।

ক্ষীণকণ্ঠে [স] *ক্রিবিণ* মৃদুস্বরে। 'ক্ষীণকণ্ঠে গান হল। তারপরে যবনিকা উদ্ঘাটন করে ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

ক্ষীণকায় [স] *বিণ* শীর্ণকায়। 'ভিক্ষোপজীবীরা সাতিশয় বুভুক্ষায় ক্ষীণকায় ...।' *রামনারায়ণ*, ১৮৫৪।

ক্ষীণকায়া [স] *বিণ* মৃদু শিখাবিশিষ্ট। 'আমার প্রদীপখানি অতি ক্ষীণকায়া।' *রবীন্দ্র*, ১৯১৪।

ক্ষীণখর্ব [স] *বিণ* শীর্ণ ও ক্ষুদ্র। 'নরক্তে দিয়া অভিষেক করিবার কথা অত্যন্ত ক্ষীণখর্ব হইয়া আসে।' *রবীন্দ্র*, ১৯০৮।

ক্ষীণচন্দ্র [স] *বি* স্বল্পালোকিত চাঁদ। 'যেন তৃতীয়ার ক্ষীণচন্দ্র।' *মুজতবা*, ১৯৬০।

ক্ষীণজীবি, ক্ষীণজীবী [স ক্ষীণজীবী] *বিণ* অল্পায়ুবিশিষ্ট। 'ক্ষীণজীবি সন্তান।' *অক্ষয়*, ১৮৪৯; 'উহারা আমাদের অপেক্ষাও ক্ষীণজীবী।' *বিদ্যা*, ১৮৫৬।

ক্ষীণজীবিত [স] *বি* স্বল্পায়ু বিশিষ্ট লোক। 'ক্ষীণজীবিতেরে করে দান জীবনের প্রথম সম্মান।' *রবীন্দ্র*, ১৯৪০।

ক্ষীণজীর্ণ [স] *বিণ* রোগদুর্বল। 'কলিকাতার ক্ষীণজীর্ণ স্বল্পায়ু কেরানিদের লইয়া সে কী করিবে।' *রবীন্দ্র*, ১৯০২।

ক্ষীণজ্যোতি [স] *বিণ* আলো মৃদু হয়ে এসেছে এমন। 'সূর্য ক্ষীণজ্যোতি হয়ে অস্তাচলের খুব কাছে গিয়ে পৌঁচেছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

ক্ষীণতম [স] *বিণ* সামান্যতম। 'অন্তঃপুরে কভু দৈববলে দূরতম জ্যোতিষ্কের ক্ষীণতম পদধ্বনি তিল নাহি পশে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ক্ষীণতর [স] *বিণ* অপেক্ষাকৃত ক্ষীণ। 'আলোকেও ক্ষীণতর হইতে লাগিল।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ক্ষীণতা [স] ১ *বি* শীর্ণ অবস্থা। 'রঘুনাথের ক্ষীণতা মালিন্য দেখিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* হ্রস্বতা। 'কিন্তু রাজ্যের অনেক ক্ষীণতা হইয়াছে।' *রাজীব*, ১৮০৫। ৩ *বি* খেদ। 'মদিরা ক্রয় বিক্রয় করিতে পারিত না ইহাতে কলির অত্যন্ত ক্ষীণতা ছিল।' *দর্পণ*, ১৮২৯। ৪ *বি* অভাব। 'মহাশত্রুদিগের উৎসাহ ও সাহসের ক্ষীণতা।' *দর্পণ*, ১৮৩৮। ৫ *বি* দুর্বলতা। 'শারীরিক ক্ষীণতা ও রুগ্নতাবশত তাহারা অকর্মণ্য হইয়া পড়িল।' *অক্ষয়*, ১৮৫০। ৬ *বি* অসুস্থতা। 'ক্ষীণতা বিনাশ করে বৃদ্ধি করে বল।' *গুপ্ত*, ১৮৫৮।

ক্ষীণতোয়া [স] *বিণ* ক্ষীণ জলধারাবিশিষ্ট। 'ওগো ক্ষীণতোয়া নির্ঝরিণীর নির্মল ধারা।' *নজরুল*, ১৯২২।

ক্ষীণদীপ [স] *বিণ* নিভু নিভু প্রদীপ থেকে উৎপন্ন। 'ক্ষীণদীপ উর্বর আলোতে/ চিরন্তন পথের সংকেত।' *সুকান্ত*, ১৯৪৮।

ক্ষীণদৃষ্টি [স] *বিণ* দুর্বল দৃষ্টিশক্তিসম্পন্ন। 'এই বিস্ময়ময় বালিকাটি ক্ষীণদৃষ্টি শশিভূষণের মনোযোগ আকর্ষণ করিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ক্ষীণদেহ [স] *বি* শীর্ণ দেহ। 'কত প্রচণ্ড শক্তি এই ক্ষীণদেহ পুরুষের।' *রবীন্দ্র*, ১৯৪১।

ক্ষীণপ্রভ [স] *বিণ* অনুজ্জ্বল। 'অর্দ্ধবৃত্তাকার অত্যুজ্জ্বল দীপ্তিময় আয়তন ক্রমশঃ ক্ষীণপ্রভ হইয়া আসে।' *অক্ষয়*, ১৮৫৪।

ক্ষীণপ্রাণ [স] *বিণ* দুর্বল। 'আমাদের মতো ক্ষীণপ্রাণ জাতকেও তারা ... ডেকেছিল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ক্ষীণবল [স] *বিণ* দুর্বল। 'ক্ষীণবল ক্ষুদ্র তনু অতি হএ তার।' *সুলতান*, ১৬৫০।

ক্ষীণবুদ্ধি [স] *বিণ* দুর্মতি। 'ক্ষীণবুদ্ধি অবিবেচক অধিকাংশ লোক।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

ক্ষীণভাবে [স] *ক্রিবিণ* মৃদুভাবে। 'বঙ্গক্ষেত্রেরই অবর্তমানে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ক্ষীণভাবে বিক্ষিপ্ত হইয়া যাইত না।' *রবীন্দ্র*, ১৯০৬।

ক্ষীণমতি [স] *বিণ* অল্প বুদ্ধিসম্পন্ন। 'আমি যে অভাগা অতি, স্বভাবতঃ ক্ষীণমতি।' *গুপ্ত*, ১৮৫৮।

ক্ষীণমধ্য [স] *বিণ* সরু কোমরবিশিষ্ট। 'ক্ষীণমধ্য দেহে আজ কোলাহল।' *আহসান*, ১৯৫৯।

ক্ষীণমধ্যা [স] *বিণ স্ত্রী* সরু কোমরবিশিষ্ট। 'হে কবিতা, হে বনিতা/ হও ক্ষীণমধ্যা।' *অন্নদা*, ১৯৭২।

ক্ষীণ-মর্মর [স] *বিণ* মৃদু ধ্বনিময়। 'বুকে বাজে আশাহীনা ক্ষীণ-মর্মর বীণা।' *রবীন্দ্র*, ১৯১৯।

ক্ষীণশিখা [স] *বিণ* মৃদু আলোবিশিষ্ট। 'ঘরের কোণে একটি ক্ষীণশিখা প্রদীপ।' *রবীন্দ্র*, ১৮৯১।

ক্ষীণসত্ত্ব [স] *বিণ* অল্পপ্রাণ। 'শিক্ষিতসম্প্রদায়ের চোখে ক্ষীণসত্ত্ব ও হীনপ্রভ হয়ে পড়ল।' *প্রমথ*, ১৯১৭।

ক্ষীণসত্য [স] *বিণ* আংশিক সত্য। 'ক্ষীনসত্য ভাষা তার।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ক্ষীণসুর [স] *বি* মৃদু কণ্ঠস্বর। 'ক্ষীণসুরে বলিল – ও পারবে না।' *বিভূতি*, ১৯৩১।

ক্ষীণস্বাস্থ্য [স] *বি* দুর্বল শরীর। 'আমি কৃষকের কন্যা, ক্ষীনস্বাস্থ্যের রাজকুমারী নই।' *মুন্সীর*, ১৯৬৬।

ক্ষীণস্রোত [স] *বিণ* ক্ষীণ স্রোতবিশিষ্ট। 'ক্ষীনস্রোত তটিণীর অলস কল্লোল।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ক্ষীণস্রোতা [স] *বিণ স্ত্রী* অল্প স্রোতবিশিষ্ট। 'বামে ক্ষীণস্রোতা ফল্গু।' *বিভূতি*, ১৯৩১।

ক্ষীণা [স] *বিণ স্ত্রী* মলিন। 'নিশাযোগে নলিনী যেরূপ হয় ক্ষীণা।' *গুপ্ত*, ১৮৫৮।

ক্ষীণাকারা [স ক্ষীণ-আকারা] *বিণ স্ত্রী* শীর্ণ আকারবিশিষ্ট। 'দীনা, হীনা, ক্ষীণাকারা অবিরত ভাবনা।' *দীনবন্ধু*, ১৮৬৭।

ক্ষীণাঙ্কুর [স ক্ষীণ-অঙ্কুর] *বি* ক্ষীণ আকাঙ্ক্ষা। 'আড্ডা জমাবার রৌদ্রাতুর ক্ষীণাঙ্কুর উপড়ে ফেলতে বেশী টানাহেঁচড়া করতে হল না।' *মুজতবা*, ১৯৪৯।

ক্ষীণাঙ্গিনী [স ক্ষীণ-অঙ্গিনী] *বিণ স্ত্রী* রোগাপাতলা। 'ভদ্রলোকের ক্ষীণাঙ্গিনী এক স্ত্রী ও দুই ছেলের সংসার লইয়া ...।' *মানিক*, ১৯৩৬।

ক্ষীণাঙ্গী [স ক্ষীণ-অঙ্গী] *বিণ* শীর্ণ দেহবিশিষ্ট। 'শরদে ক্ষীণাঙ্গী যথা সুরতরঙ্গিনী শোভিছে পূজার পদ্ম পুলিনে যাঁহার।' *রবীন্দ্র*, ১৮৮৮; 'যে-ক্ষীণাঙ্গী মেয়েটি বসে ছিল নীরবে।' *ওয়ালী*, ১৯৪২।

ক্ষীণাদপি ক্ষীণ [স] *বিণ* ক্ষুদ্র থেকে ক্ষুদ্রতর। 'হিন্দু ও মুসলমানের মধ্যে যে ক্ষীণাদপি ক্ষীণ পার্থক্যের রেখা।' *প্রচারক*, ১৯০৫।

ক্ষীণায়ু [স ক্ষীণ-আয়ু] *বিণ* অল্প আয়ুবিশিষ্ট। 'মানুষ ক্ষীণায়ু।' *সুধীন্দ্র*, ১৯৩৯।

ক্ষীণালোক [স ক্ষীণ-আলোক] *বি* মৃদু আলো। 'আমি সেই ক্ষীণালোকে কাগজের উপর ঝুঁকে পড়ে চিঠি লিখছি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ক্ষীণাশ্বাস [স ক্ষীণ-আশ্বাস] *বিণ* অল্প আকাঙ্ক্ষা করে এমন। 'ক্ষীণাশ্বাস যজ্ঞেশ্বর।' *রবীন্দ্র*, ১৯০০।

ক্ষীণাস্থি [স ক্ষীণ-অস্থি] ১ *বিণ* কৃশ। 'কান্তার ক্ষীণাস্থি তনু বক্ষে ধরে দুর্বিষহ বলে।' *সুধীন্দ্র*, ১৯২৭। ২ *বিণ* দুর্বল। 'তার আশ্লেষের ক্ষীণাস্থি ভঙ্গিমা কালের কবল হতে কেড়ে, পারে না ...।' *সুধীন্দ্র*, ১৯৩০।

ক্ষীণি [স ক্ষীণ] *বিণ* চিকন। 'মধ্য ভাগে অতি ক্ষীণি।' *সুলতান*, ১৬৫০।

ক্ষীণী [স ক্ষীণ] *বিণ* হ্রস্ব। 'দীরঘ যামিনী দিবস ভএ ক্ষীণী ঝাপন তপন তুহার।' *বাহরাম*, ১৬৫০।

ক্ষীয়মাণ [সা] ১ *বিণ* হ্রাসপ্রাপ্ত হয়ে যাচ্ছে এমন। 'ব্যবধান ক্ষীনমাণ হইয়া আসিল।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বিণ* ক্রমশ মৃদু হয়ে যাচ্ছে এমন। 'ক্ষীয়মাণ তব কণ্ঠস্বর।' *সুধীন্দ্র*, ১৯৩১। ৩ *বিণ* ক্রমশ অস্পষ্ট হচ্ছে এমন। 'পারো না উড়তে! সেতারা কি ক্ষীয়মাণ?' *ফররুখ*, ১৯৪৩।

ক্ষীর [স] ১ *বি* দুধ। 'ছাড়াইবোঁ তার ক্ষীর কাঞ্চুলী করিবোঁ চীর।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* দুধে তৈরি মিষ্টান্নবিশেষ। 'নানা ব্যঞ্জন ক্ষীর পিঠা পায়স রান্ধিলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* স্তন্য। 'বাপে দিল জনম খানি মায়ে দিল ক্ষীর।' *মর্তুজা*, ১৭৫০।

ক্ষীরগ্রাহী [স] *বিণ* অমৃত গ্রহণকারী। 'সমুদায় লোক বিভিন্ন-মতাবলম্বীদিগের সমগ্র উপদেশের ক্ষীরগ্রাহী হইয়াছেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ক্ষীরতা [স] *বি* মিষ্টতা। 'নদচয় যথা লভয়ে ক্ষীরতা বহি ক্ষীরোদ সাগরে।' *মাইকেল*, ১৮৬০।

ক্ষীরধারা [স] *বি* ক্ষীরের ধারা। 'এই যুগ্ম-ধারাই ... ধরিত্রীমাতার বক্ষে ক্ষরিত ক্ষীরধারা।' *তারা*, ১৯৪২।

ক্ষীরপায়ী [স] *বিণ* ফুল বা ফলে থাকা দুধের মতো রস পানকারী। 'ক্ষীরপায়ী পক্ষী।' *বঙ্কিম*, ১৮৭৫।

ক্ষীরপুলি, ক্ষীরপুলী [স ক্ষীর>] *বি* ক্ষীরের পুর দেওয়া মিষ্টান্নবিশেষ। 'ক্ষীরপুলী নারিকেল যত পিঠা ইষ্ট।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'যথা, মোণ্ডা মুণ্ডি মনোহরা রসকরা ক্ষীরপুলি ক্ষীরপোরা বাদামতক্তী বাদাম দেওয়া।' *ভবানী*, ১৮২৮।

ক্ষীরপোরা [স ক্ষীর>+পোরা] *বি* ক্ষীরের পুর দেওয়া মিষ্টান্নবিশেষ। 'যথা, মোণ্ডা মুণ্ডি মনোহরা রসকরা ক্ষীরপুলি ক্ষীরপোরা বাদামতক্তী বাদাম দেওয়া।' *ভবানী*, ১৮২৮।

ক্ষীরভক্ষি [স ক্ষীর>+স ভক্ষণ] *বিণ* দুধ পানকারী। 'নীর পরিত্যাগি ক্ষীরভক্ষি হংসের ন্যায় দোষ পরিত্যাগপূর্ব্বক অবশ্যই সারগ্রাহী হইবেন।' *দর্পণ*, ১৮৪০।

ক্ষীরভর [স ক্ষীর>] *বিণ* ক্ষীরভর্তি। 'ক্ষীরভর ঘট হোয়ত বনট গোচন গন্ধ ন মিলাএ।' *বাহরাম*, ১৬৫০।

ক্ষীরমোহন [স] *বি* মিষ্টান্নবিশেষ। 'ক্ষীরমোহন খেতে আমি বড্ড ভালোবাসি।' *শরৎ*, ১৯১৬।

ক্ষীরসমুদ্র [স] *বি* ভারতীয় পুরাণে উল্লিখিত সাত সমুদ্রের অন্যতম। 'ক্ষীরসমুদ্রে সর্ব্বদা দুগ্ধপান করিয়া থাকে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

ক্ষীরসর [স] *বি* উপাদেয় খাবার। 'যে-শান্তিতে পৃথিবীর সমস্ত ক্ষীরসর বাটি চেটে নিরাপদে খাওয়া যেতে পারে।' *রবীন্দ্র*, ১৯১৯।

ক্ষীরসা [স ক্ষীর>] *বি* ক্ষীরের মিষ্টান্নবিশেষ। 'অমৃতগুটিকা-আদি ক্ষীরসা অপার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ক্ষীরসিন্ধু [স] *বি* ক্ষীরসাগর। 'ক্ষীরসিন্ধু-ফেনা যেন – অতি মনোহর।' *মাইকেল*, ১৮৬০।

ক্ষীরাইজালি *বি* এক ধরনের ধান। 'গোলায় তোলে সে ধান – রূপসাল, তিলককাচারী/ বালাম, ক্ষীরাইজালি, দুধসর – মাঠের ঝিয়ারি।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ফররুখ, ১৯৬৩।

ক্ষীরুই [স ক্ষীরিকা] *বি* শশাজাতীয় সবজি ও তার লতানো গাছ। 'ক্ষীরুই গাছের পাশে একাকী দাঁড়ায়ে।' *জীবন*, ১৯৩২।

ক্ষীরোদ [স] *বি* ভারতীয় পুরাণে বর্ণিত ক্ষীরের সমুদ্র। 'তিনি ক্ষীরোদশায়ী ভগোবান বট পত্রে ভাসিতে ভাসিতে ফিরেন।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

ক্ষুজরা [ফা খুরদাহ্] *বিণ* খুচরা। 'চাঁদার দ্বারা ক্ষুজরা টাকা সংগ্রহার্থ ...।' *দর্পণ*, ১৮৩৩।

ক্ষুজরা বিক্রয় [ফা খুরদাহ্+স বিক্রয়] *বি* কম পরিমাণে যে বিক্রি। 'ক্ষুজরা বিক্রয়ের হুকুম।' *দর্পণ*, ১৮৩৬।

ক্ষুণ্ন [স] ১ *বিণ* বিক্ষুব্ধ। 'যথোচিত ক্ষুণ্ন ভাবিলেন।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* ব্যথিত। 'ভাবনা করিবেন না যে বঙ্গদূত তজ্জন্য ক্ষুণ্ন হইবেন।' *বঙ্গদূত*, ১৮২৯। ৩ *বিণ* অপমানিত। 'নিমন্ত্রণ অগ্রাহ্য করলে ... বিশেষ ক্ষুণ্ন করা হয়।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৪ *বিণ* খর্ব। 'অধিকার ক্ষুণ্ন করার যে প্রচেষ্টা।' *আজাদ*, ১৯৪৫। ৫ *বিণ* কাতর। 'আমজাদ আরো ভয় পায়, ক্ষুণ্ন স্বরে সে ডাকে, মা।' *শওকত*, ১৯৫৯।

ক্ষুণ্নচিত্ত [স] *বি* ব্যথিত মন। 'ভোজপুরী-ধাত্রীর ক্ষুণ্নচিত্তে প্রাণত্যাগ করিয়াছে।' *বনফুল*, ১৯৩৬।

ক্ষুণ্নতা [স] *বি* খর্বতা। 'ভিত্তিরন্ধ্রে বাজে আনন্দে ঢাকি দিয়া তব ক্ষুণ্নতা।' *রবীন্দ্র*, ১৯২৫।

ক্ষুণ্ন-মতি [স] *বি* ব্যথিত জন। 'কভু দাস, কভু প্রভু, শুন, ক্ষুণ্ন-মতি।' *মাইকেল*, ১৮৬৬।

ক্ষুণ্নমন [স] *বি* ভগ্নহৃদয়। 'হীরালাল ... ক্ষুণ্নমনে বিদায় হইল।' *বঙ্কিম*, ১৮৭৪।

ক্ষুণ্নমনা [স] *বিণ* মনঃক্ষুণ্ন; অসন্তুষ্ট। 'কেহ ক্ষুণ্নমনা হইয়া গমন করে নাই।' *দর্পণ*, ১৮২৬।

ক্ষুণ্নমনে *ক্রিবিণ* ভগ্নহৃদয়ে। 'হীরালাল ... ক্ষুণ্নমনে বিদায় হইল।' *বঙ্কিম*, ১৮৭৪।

ক্ষুৎকাম [স] *বিণ* ক্ষুধায় কাতর। 'আমার ক্ষুৎকাম দেহ হইতে মাংস কর্ত্তনপূর্ব্বক ...।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

ক্ষুৎকামোদর [স] *বিণ* আগ্রাসী। 'অপরিণামদর্শী ক্ষুৎকামোদর অনেক জমিদার।' *গ্রামবার্ত্তা*, ১৮৭৩।

ক্ষুৎপিপাসা [স] *বি* ক্ষুধা ও তৃষ্ণা। 'রাজা, যৎপরোনাস্তি ভীত ও ক্ষুৎপিপাসায় অভিভূত হইয়া ... চিন্তাকুল হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

ক্ষুৎপিপাসাতুর [স] *বিণ* ক্ষুধা ও তৃষ্ণায় কাতর। 'বাড়ির ভিতরে ক্ষুৎপিপাসাতুর ঝি-র দল।' *শরৎ*, ১৯১৭।

ক্ষুৎপীড়িত [স] *বিণ* ক্ষুধায় কাতর। 'ইহারা ক্ষুৎপীড়িত ও বিশেষ উত্তেজিত না হইলে ... অকারণ জীবপ্রাণহরণ করে না।' *অক্ষয়*, ১৮৫৪।

ক্ষুদকুঁড়া [স ক্ষুদ্র>+কুঁড়া] *বি* খুদের সঙ্গে মেশানো কুঁড়া। 'ক্ষুদকুঁড়া গুঁড়া করি কুটিলাম ঢেঁকি।' *গুপ্ত*, ১৮৫৮।

ক্ষুদা [স ক্ষুধা] *বি* ক্ষুধা। 'গেল ক্ষুদা পাইল সুধা তাহে কি অনাদর।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ক্ষুদে [স ক্ষুদ্র] *বিণ* ছোটো। 'তোমার বড্ড ক্ষুদে মন।' *জীবন*, ১৯৪৮।

ক্ষুদ্র [স] ১ *বিণ* ছোটো। 'আমি অতিক্ষুদ্র জীব পক্ষী রাঙ্গাটুনি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* কম; অল্প। 'ক্ষুদ্র দামে খেতে পাই এতটুকু গাছে।' *গুপ্ত*, ১৮৫৮। ৩ *বিণ* হীন। 'ক্ষুদ্র কণ্ঠে যবে উঠে তব নাম।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৪ *বি* দুর্বল মানুষ। 'গর্ব চলে যায় অকাতরে ক্ষুদ্রেরে দলিয়া পদতলে।' *রবীন্দ্র*, ১৮৯০। ৫ *বিণ* খর্বকায়। 'অনেকগুলো মানুষ ভারী ক্ষুদ্র এবং বিজিবিজি।' *রবীন্দ্র*, ১৮৯২। ৬ *বিণ* অপমানিত। 'মানুষকে কত ক্ষুদ্র করে তার মানবধর্মকে নষ্ট করবার আয়োজন চলছে।' *রবীন্দ্র*, ১৯১৬।

ক্ষুদ্রক [স] *বিণ* সামান্য। 'মুঞি পাপী ক্ষুদ্রক এ সব ফিরিস্তাএ।' *সুলতান*, ১৬৫০।

ক্ষুদ্রকায় [স] *বিণ* ক্ষুদ্রদেহী। 'এই নবাগত, ক্ষুদ্রকায়, স্তন্যপিপাসু, নিদ্রাতুর শ্যালকটি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ক্ষুদ্র ক্ষুদ্র [স] *বিণ* ছোটো ছোটো। 'ফলবীজজাত বৃক্ষ হইতে অম্লস্বাদ বিশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র ফলোৎপত্তি হইতে পারে।' *অক্ষয়*, ১৮৪৬।

ক্ষুদ্রখণ্ড [স] *বি* সামান্য অংশ; অল্প কিছু। 'বিস্বাদ না জন্মে যেন বিশ্বচরাচরে ক্ষুদ্রখণ্ড হারাইয়া।' *রবীন্দ্র*, ১৯০১।

ক্ষুদ্রজীবী [স] *বিণ* অধম প্রকৃতির। 'বর্বর! কে চাহে তোরে, তুই ক্ষুদ্রজীবী।' *মাইকেল*, ১৮৬১।

ক্ষুদ্রতমা [স] *বি* সবার চেয়ে ছোটো কন্যাসন্তান। 'আমার ঘরের ক্ষুদ্রতমাটি তাঁর ক্ষুদ্র ঠোঁট ফুলিয়ে অভিমান করতে শিখেছেন।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ক্ষুদ্রতর [স] *বিণ* অতিশয় ক্ষুদ্র। 'ক্ষুদ্র কীটাণুর গাত্রেও আবার ক্ষুদ্রতর কীটাণু সঞ্চরণ করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯০।

ক্ষুদ্রতা [স] ১ *বি* সামান্যতা। 'বুদ্ধির অতি ক্ষুদ্রতা ও অকিঞ্চিৎকরতা উপলব্ধি করিয়া ... স্তম্ভিত।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* সংকীর্ণতা। 'আমাদের হৃদয়ের মধ্যে চাহিয়া দেখো, সেখানে সেই জীর্ণতা, দুর্বলতা, অসম্পূর্ণতা, ক্ষুদ্রতা ...।' *রবীন্দ্র*, ১৮৮৭।

ক্ষুদ্রপত্র [স] *বি* ছোটো পত্রিকা। 'একখানি ক্ষুদ্রপত্র তৎপ্রকাশক অন্য মুদ্রাযন্ত্রের দ্বারা মুদ্রা মুদ্রাঙ্কিত করাইয়া প্রকাশ করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৮।

ক্ষুদ্রপল্লব [স] *বি* ছোটো পাতা। 'ক্ষুদ্রপল্লবের মতো ঘূর্ণমান তার অশান্ত উদ্ভ্রান্ত চোখ।' *ওয়ালী*, ১৯৪৮।

ক্ষুদ্রপ্রাণ [স] ১ *বিণ* ভীরু। 'আমি ক্ষীণ ক্ষুদ্রপ্রাণ কোথা পড়ে আছি।' *রবীন্দ্র*, ১৮৯৬। ২ *বিণ* অল্প সমৃদ্ধ। 'আমাদের ভাষার ক্ষুদ্রপ্রাণ সাহিত্যে ভারতচন্দ্রের নামটিও উক্ত পর্যায়ভুক্ত।' *প্রমথ*, ১৯২৮।

ক্ষুদ্রপ্রাণী [স] *বি* সামান্য জীব। 'আমি অতি ক্ষুদ্রপ্রাণী।' *ভবানী*, ১৮২৫।

ক্ষুদ্রবর্ণ [স] *বি* ক্ষুদ্র জাতি বা সে জাতির মানুষ। 'পঞ্চাশপ্রকার অন্য ক্ষুদ্রবর্ণ ৩৬০০।' *দর্পণ*, ১৮৩০।

ক্ষুদ্রবারিবিন্দু [স] *বি* সূক্ষ্ম জলের ফোঁটা। 'ক্ষুদ্রবারিবিন্দু হয়ে করছে টলমল।' *নজরুল*, ১৯৩৫।

ক্ষুদ্রবুদ্ধি [স] *বিণ* অল্পবোধসম্পন্ন। 'জীব ক্ষুদ্রবুদ্ধি তাহা কে পারে বর্ণিতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ক্ষুদ্রমতি [স] *বিণ* সংকীর্ণমনা। 'ক্ষুদ্রমতি তুমি অতি রাগি কহে তরুপতি।' *মাইকেল*, ১৮৭৩।

ক্ষুদ্রমনা [স] *বি* সংকীর্ণ মনের অধিকারী। 'বর্বর বলি যাহাদের গালি পাড়িল ক্ষুদ্রমনা।' *নজরুল*, ১৯২৯।

ক্ষুদ্র লোক [স] *বি* হীন প্রকৃতির লোক। 'অতি ক্ষুদ্র লোকেরা প্রায় অতি অহঙ্কৃত হয়।' *তারিণী*, ১৮০৩।

AMARBOI.COM

ক্ষুদ্রসঞ্চয় [স] *বি* স্বল্প পরিমাণে সঞ্চয়। 'বরঞ্চ ক্ষুদ্রসঞ্চয়ের স্বাভাবিক কার্য্যকারিতা।' *আজাদ*, ১৯৬২।

ক্ষুদ্রা [স] *বিণ স্ত্রী* ছোটো। 'ক্ষুদ্রা এই পুরী।' *বঙ্কিম*, ১৮৭৪।

ক্ষুদ্রাকার [স ক্ষুদ্র-আকার] *বি* ছোটো আকার। 'লঘুতার অনুরোধে ... ক্ষুদ্রাকারে লিখিত হইত।' *বঙ্কিম*, ১৮৭৫

ক্ষুদ্রাক্ষর [স ক্ষুদ্র-অক্ষর] *বি* ছোটো হরফ। 'প্রশস্তাক্ষরে মূল এবং ক্ষুদ্রাক্ষরে তদর্থ।' *চন্দ্রিকা*, ১৮৩১।

ক্ষুদ্রাখাত [স ক্ষুদ্র>] *বি* ক্ষুদ্র জলাশয়। 'যে মহাসাগর বা সাগরের অংশ অখাত অপেক্ষা ক্ষুদ্র তাহাকে ক্ষুদ্রাখাত কহা যায়।' *অক্ষয়*, ১৮৪১।

ক্ষুদ্রাদপি ক্ষুদ্র [স ক্ষুদ্রাৎ-অপি-ক্ষুদ্র] *বিণ* অতি ছোটো। 'ধূলিকণা অপেক্ষাও ক্ষুদ্রাদপি ক্ষুদ্র।' *প্রচারক*, ১৮৯৯।

ক্ষুদ্রায়তন [স ক্ষুদ্র-আয়তন] *বিণ* স্বল্পপরিসরবিশিষ্ট। 'কেবল একটি ক্ষুদ্রায়তন গ্রাম্য ছবি চোখে পড়ে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ক্ষুদ্রাশয় [স ক্ষুদ্র-আশয়] *বিণ* সংকীর্ণমনা। 'তথায় গো মনুষ্যাদি ক্ষুদ্রাশয় অহিংস্র পশুগণই বাস করে।' *বঙ্কিম*, ১৮৭৪।

ক্ষুদ্রাশয়া [স ক্ষুদ্র-আশয়া] *বিণ স্ত্রী* সংকীর্ণমনা। 'কলহপ্রিয়া, ক্ষুদ্রাশয়া রমণীর পাণিগ্রহণ হওয়া অশেষ ক্লেশের বিষয়।' *অক্ষয়*, ১৮৪৯।

ক্ষুধা [স] ১ *বি* খাওয়ার ইচ্ছা। 'পাসরিয়া ক্ষুধা তৃষ্ণা গৃহধর্ম শোক।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* চাহিদা। 'নব নব ক্ষুধা, নূতন তৃষ্ণা, নিত্যনূতন কর্মনিষ্ঠা।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বি* আকাঙ্ক্ষা। 'সেই বজ্রগর্ভ মেঘগর্জনের মতো বাক্য শুনিবার ক্ষুধা।' *রবীন্দ্র*, ১৯০৯। ৪ *বি* অশ্রদ্ধা। 'উত্তরে মুহূর্তকামীরা বললে তাহলে বিদায়, এক্সপেরিমেন্টের ক্ষুধা আমার রক্তে।' *মোতাহের*, ১৯৫০।

ক্ষুধাএ *ক্রিবিণ* অনাহারে। 'উদর নিত্য ক্ষুধাএ বিকল।' *ব্যাহরাম*, ১৬৫০।

ক্ষুধাকাতর [স] *বিণ* ক্ষুধায় পীড়িত। 'ক্ষুধাকাতর বিদেশী বন্ধু তিনটির ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

ক্ষুধাকাতরতা [স] *বি* ক্ষুধা উদ্রেককারিতা। 'হাওয়ায় ক্ষুধাকাতরতা ছাড়া শিলঙে আর-কিছু আছে এ কথা কেউ ভাবতে না পারে।' *রবীন্দ্র*, ১৯২৮।

ক্ষুধাজীর্ণ [স] *বিণ* ক্ষুধায় কাতর। 'ও লোভীর ক্ষুধাজীর্ণ মূর্তি।' *নজরুল*, ১৯৩১।

ক্ষুধাতুর [স] *বিণ* ক্ষুধায় কাতর। 'মুনি বোলে ক্ষুধাতুর নহি জান মোকে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ক্ষুধাতুরা [স] *বিণ স্ত্রী* ক্ষুধার্ত। 'জননী কতোই না ক্ষুধাতুরা, তৃষ্ণাতুরা।' *হাসান*, ১৯৬৭।

ক্ষুধাতৃষ্ণা [স] *বি* ক্ষুধা এবং তৃষ্ণা। 'বিদ্যাবিনে ক্ষুধাতৃষ্ণা মনে কিছু নাঞি।' *রূপরাম*, ১৭৫০।

ক্ষুধাদগ্ধ [স] *বিণ* ক্ষুধাকাতর। 'ক্ষুধাদগ্ধ পেটের একটা কোণমাত্র ভরাইত।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ক্ষুধানল [স] *বি* ক্ষুধারূপ অনল। 'অন্ধকার ঘরে প্রজ্জ্বলিত ক্ষুধানলে গৃহিণীর রুক্ষবচন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ক্ষুধানিবৃত্তি [স] *বি* ক্ষুধার উপশম। 'রাজা, ফল ও জল পাইয়া, ক্ষুধানিবৃত্তি ও পিপাসাশান্তি করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

ক্ষুধাপীড়িত [স] *বিণ* ক্ষুধায় কাতর। 'তাহাতে আবার শরীর ক্লিষ্ট, ক্ষুধাপীড়িত।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

ক্ষুধাবৃদ্ধি [স] *বি* ক্ষুধার আধিক্য। 'অযথা বংশবৃদ্ধি ও ক্ষুধাবৃদ্ধি হইলে।' *রবীন্দ্র*, ১৯০৮।

ক্ষুধামান্দ্য [স] *বি* ক্ষুধার অল্পতা। 'ক্ষুধামান্দ্য, দৌর্ব্বল্য ইত্যাদি অশেষ প্রকার যন্ত্রণা।' *অক্ষয়*, ১৮৪৯।

ক্ষুধাযুক্ত [স] *বিণ* ক্ষুধাতুর। 'শস্য দেখিয়া ক্ষুধাযুক্ত হইয়া তৃপ্তিজন্য খাইতে নামিয়াছ।' *রামরাম*, ১৮০২।

ক্ষুধার্ত, ক্ষুধার্ত্ত [স] ১ *বিণ* ক্ষুধায় কাতর। 'এক ক্ষুধার্ত্ত কুকুর।' *তারিণী*, ১৮০৩; 'ক্ষুধার্ত কেশরী যেন নাদিছে ভীষণে।' *মাইকেল*, ১৮৬৬। ২ *বিণ* প্রতীক্ষিত। 'দুটি হাতে হাত দিয়ে ক্ষুধার্ত নয়নে চেয়ে আছি দুটি আঁখি-মাঝে।' *রবীন্দ্র*, ১৮৯০।

ক্ষুধার্থ [স ক্ষুধার্ত] *বি* ক্ষুধায় কাতর ব্যক্তি। 'ক্ষুধার্থের ভোজন যথা তথা দরিদ্রকে দান।' *রামরাম*, ১৮০২।

ক্ষুধাশান্তি [স] *বি* ক্ষুধার উপশম। 'কোনো সুজাতার কল্যাণে ক্ষুধাশান্তি করতে পেতেন হয়তো।' *অন্নদা*, ১৯২৯।

ক্ষুধাশীর্ণ [স] *বিণ* ক্ষুধায় শুকিয়ে গেছে এমন। 'ক্ষুধাশীর্ণ মুখে যেই ঢেলে দিই ফ্যান।' *প্রেমেন্দ্র*, ১৯৪৬।

ক্ষুধাশ্রান্তি [স] *বি* অনাহার এবং ক্লান্তি। 'মানবসংসারের মধ্যে প্রতিদিবসের রোগশোক ক্ষুধাশ্রান্তি কত বৃহৎ।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ক্ষুধাহরা [স] *বিণ স্ত্রী* ক্ষুধা দূর করে এমন। 'কল্যাণময়ী ছিলে তুমি অয়ি, ক্ষুধাহরা সুধারাশি!' *রবীন্দ্র*, ১৮৯৯।

ক্ষুধিত [স ক্ষুধা>] *বিণ* ক্ষুধা পেয়েছে এমন। 'তিন দিবস অভুক্ত অত্যন্ত ক্ষুধিত।' *রাজীব*, ১৮০৫।

ক্ষুধিতকাতর [স] *বি* ক্ষুধায় কাতর ব্যক্তি। 'আমার আহারের সময়ে আমার সম্মুখে আট-নয়টি ক্ষুধিতকাতরকে বসাইয়া রাখেন ...।' *রবীন্দ্র*, ১৯০২।

ক্ষুধিতচক্ষে [স] *ক্রিবিণ* ক্ষুধায় কাতর হয়ে। 'কমলা ক্ষুধিতচক্ষে জানলা হইতে বাহিরের দিকে চাহিয়া রহিল।' *রবীন্দ্র*, ১৯০৬।

ক্ষুধিত হওন *বি* ক্ষুধা পাওয়া। *ওসী*, ১৭৮৫।

ক্ষুধিতহৃদয়া [স] *বিণ স্ত্রী* কামনা-কাতর। 'ক্ষুধিতহৃদয়া বিনোদিনীও নববধূর নবপ্রেমের ইতিহাস ...।' *রবীন্দ্র*, ১৯০২।

ক্ষুন্নিবৃত্তি [স] *বি* ক্ষুধার উপশম। 'মুরসেনাপতি ক্ষুন্নিবৃত্তি পিপাসাশান্তি ও ক্লান্তিপরিহার করিয়া উপবিষ্ট হইলে।' *বিদ্যা*, ১৮৬৩।

ক্ষুপ [স] *বি* গুল্মবিশেষ। 'ক্ষুপ জাতের সুবিধে আছে যে কোনো গতিকে টব থেকে ছাড়া পেলে সে তেজে বেড়ে ওঠে।' *অবন*, ১৯২৫।

ক্ষুব্ধ [স] ১ *বিণ* ক্রুদ্ধ। 'সর্ব্বদা ক্ষুব্ধ ও ক্লিষ্ট যৎপরোনাস্তি যন্ত্রণা প্রদান করে।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বিণ* ব্যথিত। 'সুতরাং এমত মহাপুরুষের "জীবনচরিত" অপ্রকাশ থাকাতে অনেকেই ক্ষুব্ধ হইতে পারেন।' *গুপ্ত*, ১৮৫৫। ৩ *বিণ* উত্তাল। 'ক্ষুব্ধ সমুদ্রের মতো আঁধার অরণ্য।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৪ *বিণ* আন্দোলিত। 'আজিকে দুয়ার রুদ্ধ ভবনে/ জনহীন পথ কাঁদিছে ক্ষুব্ধ পবনে।' *রবীন্দ্র*, ১৯০০। ৫ *বিণ* বিপর্যস্ত। 'ধর্মের ক্ষুব্ধ ব্যবস্থায় সামঞ্জস্য আনিতে চেষ্টা করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ক্ষুব্ধচিত্ত [স] *বি* ব্যথিত মন। 'আমরা শাসনকর্ত্তাগণের সুগোচরার্থে সাদরে ক্ষুব্ধচিত্তে তদবিকল নিম্নভাগে প্রকটন করিলাম।' *প্রভাকর*, ১৮৫৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ক্ষুব্ধতা [স] *বি* ব্যাকুলতা। 'ভিতরে আজ ভারি একটা ক্ষুব্ধতা ছিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

ক্ষুব্ধবিরক্ত [স] *বিণ* ব্যথিত ও বিরক্ত। 'তাই অত্যন্ত ক্ষুব্ধবিরক্ত মনে ... গাড়িতে উঠিল।' *রবীন্দ্র*, ১৯০২।

ক্ষুব্ধস্তর [স] *বি* বায়ুর স্তরবিশেষ; troposphere। 'সমগ্র বায়ুমণ্ডলের মাপে এই ক্ষুব্ধস্তরে উচ্চতা খুবই কম।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ক্ষুব্ধস্বর [স] *বি* রাগত কণ্ঠ। 'ইশা খাঁ সহসা বিষণ্ন হইয়া ক্ষুব্ধস্বরে কহিলেন।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ক্ষুভা [স ক্ষোভ>] *ক্রি* আলোড়িত হওয়া। 'ধূলিজালে ক্ষুভিল বাতাস/ সন্ধ্যার আকাশে।' *রবীন্দ্র*, ১৯২৯।

ক্ষুভিত [স] *বিণ* আলোড়িত। 'প্রকৃতি ক্ষুভিত করি বীর্য্যের আধান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ক্ষুর [স] ১ *বি* ধারালো অস্ত্রবিশেষ, যা দিয়ে সাধারণত দাড়ি কামানো হয়। 'এয়ছাই সাকোর ধার যেন তেজ ক্ষুর।' *গরীব*, ১৭৬৫; 'দাড়ি কামাবার পর পায়ে ক্ষুর চালাই।' *শিবরাম*, ১৯৭০। ২ *বি* গবাদি পশুর শক্ত হাড়ের পদতল। 'তালপাতা তাঁর ক্ষুর-ওলা ঠ্যাং।' *নজরুল*, ১৯২৬।

ক্ষুরধার [স] *বিণ* ক্ষুরের মতো তীক্ষ্ণ ধারবিশিষ্ট। 'সে অবশ্যই বলিবেক ক্ষুরধার ছুঁচে কাটে মাছি।' *ভবানী*, ১৮২৩।

ক্ষুরধারা [স] *বিণ* ক্ষুরের ন্যায় ধারালো। 'ভরা নদী ক্ষুরধারা খরপরশা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ক্ষুরসুন্দর [স] *বিণ* ক্ষুর দিয়ে দাড়ি-গোঁফ কামানোয় অভিজ্ঞ। 'নরসুন্দরকে না পাঠিয়ে ক্ষুরসুন্দর কাউকে পাঠাবেন।' *নজরুল*, ১৯৩১।

ক্ষুরস্য [স] *বিণ* ক্ষুরের মতো। 'তার রিপার্টি এমনই তীক্ষ্ণ এবং ক্ষুরস্য ধারার ন্যায় নির্মম যে ...' *মুজতবা*, ১৯৫৮।

ক্ষুরোজ্জ্বল [স ক্ষুর-উজ্জ্বল] *বিণ* অত্যন্ত দীপ্তিমান। 'ক্ষুরোজ্জ্বল চক্ষু ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

ক্ষুরিকর্ম, ক্ষুরিকর্ম্ম [স ক্ষৌরকর্ম] *বি* ক্ষুর দিয়ে চুল-দাড়ি কামানোর কাজ; খেউরি। 'এক ব্যক্তি নাপিত বাজারে ক্ষুরিকর্ম্ম করিয়া বেড়ায়।' *ভবানী*, ১৮২৩।

ক্ষুরোজ্জ্বল *দ্র* ক্ষুর

ক্ষেউর [স ক্ষুর>] *বি* দাড়ি গোঁফ কামানো। 'করিল ক্ষেউর কর্ম্ম দেবের নাপিত।' *বিজয়*, ১৬৫০।

ক্ষেউরি [স ক্ষুর>] *বি* গোঁফ-দাড়ি কামানোর কাজ। 'ল্যাণ্ডলেডি যাতে ঘর গোছাবার সময় ক্ষেউরির জিনিসপত্র না দেখে।' *মুজতবা*, ১৯৫২।

ক্ষেণে [স ক্ষণ>] *ক্রিবিণ* ক্ষণিকের জন্যে। **ক্ষেণে ক্ষেণে** *ক্রিবিণ* ক্ষণে ক্ষণে। 'ক্ষেণে ক্ষেণে উঠই মুরছি তনু লোটই সুবল সখা করু কোর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ক্ষেৎ [স ক্ষেত্র] *বি* ক্ষেত। 'ক্ষেৎ ভরা খেঁসারী পেকেছে এই শীতে।' *গুপ্ত*, ১৮৫৮।

ক্ষেত [স ক্ষেত্র] ১ *বি* ফসলি জমি। 'আজি ক্ষেতে পাতা রুইতে হবেক।' *কেরি*, ১৮০২। ২ *বি* ফসল। 'ক্ষেত কাটিবার কথা হইলে তোমরা মন দিয়া শুনিয়ো।' *তারিণী*, ১৮০৩।

ক্ষেত কাটা *ক্রি* ফসল তোলা। 'ক্ষেত কাটিবার কোন কথা হইলে ...।' *তারিণী*, ১৮০৩।

ক্ষেতখামার [ক্ষেত+ফা খিরমন>] *বি* আবাদি জমি। 'সে মরে গেলে তার ক্ষেত-খামার দেখবে কে।' *মুজতবা*, ১৯৫২।

ক্ষেতঝরা [ক্ষেত+ঝরা] *বিণ* জমি থেকে ঝরে গেছে এমন। 'আশ্বিনের ক্ষেতঝরা কচি কচি শ্যামাপোকাদের কাছে ডেকে।' *জীবন*, ১৯৩২।

ক্ষেতি[১] [স খ্যাতি] *বি* সুনাম; যশ। 'বুদ্ধে বৃহস্পতি আমি ক্ষেতিতে অধ্রতি।' *মালাধর*, ১৫০০।

ক্ষেতি[২], **ক্ষেতী** [স ক্ষতি] ১ *বি* লোকসান। 'কম্পানির ক্ষেতি না হয়।' *ক্যালগে*, ১৭৮৪। ২ *বি* ক্ষতি। 'ক্ষেতী কি হালের কাপড় সরষ কবর্দ্দক ...।' *তাঁতি*, ১৭৯২।

ক্ষেতি[৩] [স ক্ষেত্র] *বি* চাষাবাদের ক্ষেত। 'গ্রামের ঘরবাড়ি ক্ষেতি বাজেয়াপ্ত হয়ে গেল।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

ক্ষেতৃ [স ক্ষত্র] *বি* ক্ষত্রিয় সম্প্রদায়। 'দ্বিজ হউক ক্ষেতৃ হউক করাইব সুখ।' *মালাধর*, ১৫০০।

ক্ষেতৃধর্ম, ক্ষেতৃধর্ম্ম [স ক্ষত্রধর্ম] *বি* ক্ষত্রিয়ের পালনীয় ধর্ম। 'ক্ষেতৃধর্ম্ম সুন পুত্র ক্ষেতৃর লক্ষন।' *মালাধর*, ১৫০০।

ক্ষেতেল [স ক্ষেত>] *বিণ* ফসলি জমি আছে এমন। 'ক্ষেতেল চাষী, গুরুমশায়, ডাক্তারবাবু, গানের ছোকরা – হরেক-গুণের মানুষ।' *মনোজ*, ১৯৬১।

ক্ষেদ[১] [স] ১ *বি* পৃথিবী। 'পঞ্চভূত ক্ষেত্র তেজ মরুৎ ব্যোম আপ।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বি* স্থান। 'যথা হৈতে ক্ষেত্র দশ যোজন প্রমাণ।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* স্ত্রী। 'বেদব্যাস ... বিচিত্রবীর্য্য রাজার ক্ষেত্রে তিন সন্তানোৎপাদন করিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৪ *বি* ভূমি। 'ইতিহাস অঙ্ক বিদ্যা ক্ষেত্র পরিমাণ বিদ্যা।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৬। ৫ *বি* ফসলি জমি। 'ক্ষেত্রে করি নেত্রপাত কাঁদে যত চাষা।' *গুপ্ত*, ১৮৫৮। ৬ *বি* গণ্ডী। 'সাহিত্যের ক্ষেত্র স্বভাবতই সংকীর্ণ হইয়া আসে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৭ *বি* এলাকা। 'তাহাদের বিচরণের ক্ষেত্র প্রশস্ত।' *রবীন্দ্র*, ১৮৮৮। ৮ *বি* প্রেক্ষিত। 'সকল প্রকার মুগ্ধ বিশ্বাসের এরূপ প্রশস্ত ক্ষেত্র মানবের ইতিহাসে আর কোথাও ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

ক্ষেত্রজ [স] *বিণ* নিজ স্ত্রীর গর্ভে অপরের ঔরসজাত। 'বিধবা জন্যায় জদি ক্ষেত্রজ তনএ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ক্ষেত্রনিরপেক্ষ [স] *বিণ* অবস্থার উপর নির্ভরশীল নয় এমন। 'ক্ষেত্রনিরপেক্ষ প্রমা প্রতিকারী প্রমাদের গুণে।' *সুধীন্দ্র*, ১৯৪৫।

ক্ষেত্রপতি [স] *বি* খেতের মালিক। 'ইতিমধ্যে ক্ষেত্রপতি দেখিলেন যে ভূমির শস্য কিসে খাইয়া যায়।' *গোলোক*, ১৮০১।

ক্ষেত্রপরিমাণবিদ্যা [স] *বি* জ্যামিতি। 'ছেলে ইঙ্গরেজী অঙ্ক গণিত শাস্ত্র ক্ষেত্রপরিমাণবিদ্যা ... পড়ে।' *চন্দ্রিকা*, ১৮৩০।

ক্ষেত্র-মাঝে *ক্রিবিণ* মাঠের মাঝখানে। 'জনশূন্য ক্ষেত্র-মাঝে দীপ্ত দ্বিপ্রহরে শব্দহীন গতিহীন ...।' *রবীন্দ্র*, ১৯০১।

ক্ষেত্রমাপক বিদ্যা [স] *বি* জ্যামিতি। 'ক্ষেত্রমাপক বিদ্যাতেও কিঞ্চিৎ নিপুণ হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৬।

ক্ষেত্রি [স ক্ষত্রিয়] *বি* ক্ষত্রিয়। 'কভূ ক্ষেত্রি কভূ গোপ নাহিক নিসচএ।' *মালাধর*, ১৫০০।

ক্ষেদ [স খেদ] *বি* খেদ; আফসোস। 'সুকুমার এইরূপে ক্ষেদ করিতেছেন ...।' *মশাররফ*, ১৮৬৯।

ক্ষেদা [স খিদ্>] *বি* হাতি ধরার ফাঁদ। 'ত্রিপুরা· লুসাই পর্ব্বতে আর

AMARBOI.COM

হস্তিধারণ ক্ষেদা প্রস্তুত করেন না।' *দীনবন্ধু*, ১৮৭৩।

ক্ষেন [স ক্ষণ] *বি* সময়। 'হেনই সমএ ক্ষেন মাহেন্দ্র হইল।' *মালাধর*, ১৫০০।

ক্ষেনেক *ক্রিবিণ* ক্ষণেক। 'সোনাই বোলে ধনা রহোত ক্ষেনেকে।' *বিজয়*, ১৬৫০।

ক্ষেনে ক্ষেনে *ক্রিবিণ* থেকে থেকে। 'ক্ষেনে ক্ষেনে ভূঞিকক্ষ কুক্কুর ক্রন্দন।' *মালাধর*, ১৫০০।

ক্ষেপ [স] ১ *বি* ক্ষেপণ; কাটানো। *দর্পণ*, ১৮১৯। ২ *বিণ* অতিবাহিত। 'অনৌপাধিক উপকার করত বহুকাল ক্ষেপ করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮১৯। ৩ *বি* নৌকায় মালামাল ও আরোহী নিয়ে যাত্রা। 'এই শরীর লইয়া তার মধ্যে আর ক্ষেপ দেওয়ার কাম করন যাইবে না।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

ক্ষেপণ [স] ১ *বি* নিক্ষেপ। 'দ্বারপালেরা সে পুল ক্ষেপণ করিলে গড়ের উপর বন্ধিমত লোকেদের গতায়াতে পথ হয়।' *রামরাম*, ১৮০১। ২ *বি* যাপন; অতিবাহন। 'রাজকন্যা ... রোদনমাত্র ক্রিয়াতে দিবারাত্রি ক্ষেপণ করিতে লাগিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

ক্ষেপণী [স] ১ *বি* নৌকার দাঁড়। 'দক্ষিণ হস্ত দ্বারা পিনেসের ক্ষেপণী ধারণ করিলেন।' *বিদ্যা*, ১৮৬৩। ২ *বি* নিক্ষিপ্ত বস্তু। 'যখন ক্ষেপণী একবারে বেগহীন হয়।' *বঙ্কিম*, ১৮৭৫।

ক্ষেপা [স ক্ষেপণ>] ১ *ক্রি* নিক্ষেপ করা। 'ক্ষেপে সজল নয়নে।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* ক্রুদ্ধ হওয়া। 'ক্ষেপিয়া উঠিলে আমাদের কোন হানি হইবেক না।' *মধ্যস্থ*, ১৮৭৩। **ক্ষেপসি** *ক্রি* মারো। 'তাহারে ক্ষেপসি মূঢ় বিদিত মোহর।' *কবীন্দ্র*, ১৬৮৯। **ক্ষেপি** *ক্রি* নিক্ষেপ ক'রে। 'গিরি ক্ষেপি ফিরিস্তাএ করুক সংহার।' *সুলতান*, ১৬৫০। **ক্ষেপিও** *ক্রি* চালনা করবে। 'ক্ষেপিও তোহ্মার কর উদর অন্তর।' *সুলতান*, ১৬৫০। **ক্ষেপিলেন্ত** *ক্রি* চালনা করলো। 'কর ক্ষেপিলেন্ত ধাএঁ উদর অন্তর।' *সুলতান*, ১৬৫০। **ক্ষেপে** *ক্রি* নিক্ষেপ করে। 'ক্ষেপে সজল নয়নে।' বড়ু, ১৪৫০।

ক্ষেপামি *বি* পাগলামি। 'কংগ্রেসের এই ক্ষেপামির দুঃখময় পরিণতি।' *আজাদ*, ১৯৪৭।

ক্ষেপিয়ে তোলা *ক্রি* ক্ষিপ্ত করা। 'ভদ্রলোকটাকে এই ভোরের বেলাতে ও একেবারে ক্ষেপিয়ে তুলেছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

ক্ষেম [স] ১ *বি* কল্যাণ। 'কানে তোর দিব হেম চিন্তহ আমার ক্ষেম।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'মতিলাল ক্ষেম।' *সেবধি*, ১৮৪০।

ক্ষেমংকর [স] *বি* কল্যাণকারী। 'হায়, ক্ষেমংকর, অজস্র মঙ্গল তব পারিবে কি করিতে সুন্দর।' *সুধীন্দ্র*, ১৯৩২।

ক্ষেমঙ্করী [স] *বিণ স্ত্রী* মঙ্গলদায়ক। 'আও মায়া-বলে স্বর্ণ ক্ষেমঙ্করী-রূপ লইয়া জননী।' *মাইকেল*, ১৮৬৬।

ক্ষেমদাত্রী [স] *বিণ স্ত্রী* কল্যাণময়ী। 'শিবানী ইন্দ্রানী শিবা ক্ষেমদাত্রী কাত্যায়িহ্বা।' *রূপরাম*, ১৭৫০।

ক্ষেমনিয়া [স ক্ষেম>] *বিণ* সহিষ্ণু। *মানোএল*, ১৭৪৩।

ক্ষেমটা [হি খেমটা] *বি* খেমটা নর্তকী। 'সুতরাং বাই ক্ষেমটা বেশ্যার প্রয়োজন হয়।' *তমোলুক*, ১৮৭৪।

ক্ষেমা[১] [স ক্ষমা] *ক্রি* ক্ষমা করা। 'ক্ষেমা করু কাহ্ন মণে।' বড়ু, ১৪৫০। **ক্ষেম** *ক্রি* ক্ষমা করো। 'অপরাধ কৈল দোস ক্ষেম নারায়ন।' *মালাধর*, ১৫০০। **ক্ষেমহ** *ক্রি* ক্ষমা করো। 'মিথ্যাপুত্র মারিল দোস ক্ষেমহ আমাএ।' *মালাধর*, ১৫০০। **ক্ষেমাইব** *ক্রি* ক্ষমা করাবো। 'ক্ষেমাইব যথেক তুহ্মি করিয়াছ বদি।' *সুলতান*, ১৬৫০। **ক্ষেমি** *ক্রি* ক্ষমা ক'রে। 'অপরাধ ক্ষেমি রাখ দাসীর আইয়াত।' মুকুন্দ, ১৬০০। **ক্ষেমিএগ্রা** *ক্রি* ক্ষমা ক'রে। 'ক্ষেমিএগ্রা সকল দোষ হও মোরে পরিতোষ।' *মুকুন্দ*, ১৬০০। **ক্ষেমিতে** *ক্রি* ক্ষমা করতে। 'ক্ষেমিতে।' *মানোএল*, ১৭৪৩। **ক্ষেমিব** *ক্রি* দূর করবো। 'কেমনে ক্ষেমিব বোলো দারুণ রোদনা।' *বাহরাম*, ১৬৫০। **ক্ষেমিবার** *ক্রি* ক্ষমা করতে। 'সে সকল পাপ কিছু পারি ক্ষেমিবার।' *সুলতান*, ১৬৫০। **ক্ষেমিবেক** *ক্রি* ক্ষমা করবে। 'তুহ্মি তাহে না ক্ষেমিলে ক্ষেমিবেক কোনে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **ক্ষেমিলাঙ** *ক্রি* ক্ষমা করলাম। 'শিশুজন দেখি আমি ক্ষেমিলাঙ দায়।' মুকুন্দ, ১৬০০।

ক্ষেমা করা *ক্রি* ক্ষমা করা। 'ক্ষেমা করু কাহ্ন মণে।' বড়ু, ১৪৫০।

ক্ষেমা দেওয়া *ক্রি* ক্ষান্ত করা। 'এখন এই তাগাদি ক্ষেমা দেও।' *কেরি*, ১৮০২।

ক্ষেমা[২] [স ক্ষমা] *বি* ক্ষমা। 'ক্ষেমা করি আছে বস্তু তাহা করহ প্রকাস।' *মালাধর*, ১৫০০।

ক্ষেমাবন্ত [স] *বিণ* ক্ষমাশীল। *মানোএল*, ১৭৪৩; 'তিলোকনাথ রায় তলয়ার বাহাদুর দিজপ্রজা প্রিতিপালক সান্ত দান্ত দয়াসিল ক্ষেমাবন্ত গরিব নেওয়াজ।' *ওসাঁ*, ১৭৮২।

ক্ষেমাযুক্ত [স ক্ষমাযুক্ত] *বিণ* ক্ষমাশীল। *মানোএল*, ১৭৪৩।

ক্ষেয়নি [স ক্ষেপণ>] *বি* খেয়া মাঝি। 'ধনা মনা দুই ভাই ঘাটের ক্ষেয়নি।' *বিজয়*, ১৬৫০।

ক্ষেয়া [স ক্ষেপ>] *বি* নদী পারাপারের নৌকা। 'সে ক্ষেয়ারীর ক্ষেয়ায় বোঝাই দিয়া, বিনা কড়িতে পাড় করিয়া লইয়া যাই।' *বঙ্কিম*, ১৮৮৪।

ক্ষেয়ারী [স ক্ষেপ>] *বি* খেয়ার মাঝি। 'সে ক্ষেয়ারীর ক্ষেয়ায় বোঝাই দিয়া, বিনা কড়িতে পাড় করিয়া লইয়া যাই।' *বঙ্কিম*, ১৮৮৪।

ক্ষোদিত [স ক্ষুদ্>] *বিণ* খোদাইকৃত। 'যাহার ক্ষোদিত গ্রন্তরখণ্ডগুলি ধূলিলুণ্ঠিত।' *রবীন্দ্র*, ১৯০৫।

ক্ষোদিতা [স ক্ষুদ্>] *বিণ স্ত্রী* খোদাই করে নির্মিত। 'মেষ্টর চেলটু দ্বারা যে সকল অতি চমৎকৃত প্রতিমূর্ত্তি ক্ষোদিতা হইয়াছে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৮।

ক্ষোপ ১ *বিণ* নিম্নমানের। 'আর-এক রকমের জাত ক্ষোপ জাত, মৃত জাত।' *অবন*, ১৯২৫। ২ *বি* অভ্যন্তর। 'ক্ষোপে খাপে ফোঁপরা কাঠ তাতে টেবিল-চৌকিও তৈরি হয় না।' *অবন*, ১৯২৫।

ক্ষোভ [স] ১ *বি* মনঃকষ্ট। 'আমাদের ক্ষোভের আর পরিসীমা ছিল না এখন তোমাকে দেখে পরমাপ্যায়িত হইলাম।' *রামরাম*, ১৮০১; 'তুমি কোন বিষয় ক্ষোভ পাইবা না।' *কেরি*, ১৮০২। ২ *বি* অসন্তোষ। 'আমারদিগের ক্ষোভের বিষয় এই যে ...।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৮; 'প্রবন্ধে লেখক সাহেবিয়ানার নকল লইয়া ক্ষোভ প্রকাশ করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৮। ৩ *বি* অনুতাপ। 'যাহা ব্যক্ত করিতে হইলে ক্ষোভ, দুঃখ ও বিস্ময় যুগপৎ উদয় হইয়া, মনকে অত্যন্ত ব্যাকুল করে।' *অক্ষয়*, ১৮৪৭। ৪ *বি* অতৃপ্তি। 'কোনো আকাঙ্ক্ষার কোনো ক্ষোভ নাহি থাক মনে।' *রবীন্দ্র*, ১৯১৪। ৫ *বি* আলোড়ন। 'মুহূর্তে ইন্দ্রিয়ক্ষোভ করিয়া দমন।' *রবীন্দ্র*, ১৯১৭। ৬ *বি* দুঃখ। 'ক্ষতির ক্ষোভ সকলি গেল টুটি।' *রবীন্দ্র*, ১৯২৯। ৭ *বি* অভিমান। 'ক্ষোভ কি রাখিবে তবু যখন রব না আমি আর।' *রবীন্দ্র*, ১৯৪১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ক্ষোভভরে *ক্রিবিণ* ক্ষুব্ধভাবে। 'শুনি রাজা ক্ষোভভরে সিংহাসন হতে নামি গেলা চলি ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

ক্ষোভময় [স] *বিণ* ক্ষুব্ধ। 'মানুষের মতো ক্ষোভময় বেঁচে থাকা।' *সুনীল*, ১৯৬৬।

ক্ষোভহীন [স] *বিণ* ক্ষোভ নেই এমন। 'আশাহীন ক্ষোভহীন বহ্নিতপ্ত ধ্যানাসনে রব।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ক্ষোভিত [স] ১ *বিণ* ক্ষুব্ধ। 'ইহাতে সকলেই ক্ষোভিত।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* ব্যথিত। 'তুমি রাখিয়া রাখিয়া খাইতেছ দেখিয়া বড় ক্ষোভিত হই।' *তারিণী*, ১৮০৩।

ক্ষোম *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'হারাধন ক্ষোম।' *সেবধি*, ১৮৪০।

ক্ষৌমবাস [স] *বি* রেশমের কাপড়। 'ক্ষৌমবাস পরিধান করেছেন।' *প্রমথ*, ১৯২৭।

ক্ষৌর [স] *বিণ* দাড়ি গোঁফ কামানো হয়েছে এমন। 'নাপিতকে ডাক ক্ষৌর হইব।' *কেরি*, ১৮০২।

ক্ষৌরকর্ম [স] *বি* ক্ষুরকর্ম; কামানো। 'ক্ষৌরকর্ম নাপিত না পারে করিবার।' *বৃন্দা*, ১৫৮০।

ক্ষৌরকার [স] *বি* নাপিত। 'চর্মকার, ক্ষৌরকার, গোয়ালা।' *রওশন*, ১৯২৫।

ক্ষৌরমসৃণ [স] *বিণ* দাড়ি কামানোর ফলে মসৃণ। 'ক্ষৌরমসৃণ মুখের গর্বোজ্জ্বল জ্যোতি ম্লান হইয়া আসিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ক্ষৌরিত [স] *বিণ* কামানো হয়েছে এমন। 'একজন ক্ষৌরিতমস্তক শুশ্রূধারী ব্যক্তি ...।' *রাজ*, ১৮৭৪।

ক্ষৌরিতচিকুর [স] *বিণ* চুল-দাড়ি কামানো। 'সেই গোহত্যাকারী ক্ষৌরিতচিকুর, মুসলমানের স্বকপোলকল্পনের উপর তোমার বিশ্বাস।' *বঙ্কিম*, ১৮৯২।

ক্ষৌরিতমস্তক [স] *বিণ* মাথা কামানো এমন। 'একজন ক্ষৌরিতমস্তক শুশ্রূধারী ব্যক্তি ...।' *রাজ*, ১৮৭৪।

ক্ষৌরী [স] *বিণ* চুলদাড়ি কামানো হয়েছে এমন। 'দুই মাস অন্তরে ক্ষৌরী হইয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৫০।

ক্ষ্যান্তি [স ক্ষান্তি] *বি* বিরাম। 'এদিকে পানি উঠছে তো উঠছেই তার আর ক্ষ্যান্তি নেই।' *কায়সার*, ১৯৬২।

ক্ষ্যাপা [স ক্ষিপ্>] ১ *বি* বাউল। 'ফলতঃ ক্ষ্যাপা ও বাউল উভয়ই একার্থ শব্দ।' *অক্ষয়*, ১৮৫০। ২ *বিণ* ক্ষিপ্ত। 'রুক্ষস্বভাব সাহেবটি মহা ক্ষ্যাপা হয়ে চেঁচিয়ে উঠলেন।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বিণ* পাগল। 'এনে মহাজনের ধন বিনাশ করলি ক্ষ্যাপা।' *লালন*, ১৮৯০। ৪ *বিণ* উত্তাল। 'এই ক্ষ্যাপা নদীর উপরে চড়ে আমরা দুলতে দুলতে চলেছি।' *রবীন্দ্র*, ১৮৯২।

ক্ষ্যাপামি [স ক্ষিপ্>] *বি* পাগলামি। 'দু-তিন বৎসরে একবার ক্ষ্যাপামি করে বেশি।' *তারা*, ১৯৪৬।

ক্ষ্যামতা [স ক্ষমতা] *বি* ক্ষমতা। 'তোমায় ধরে নিয়ে যেতেও তো তার ক্ষ্যামতা আছে।' *মশাররফ*, ১৮৬৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও ~ www.amarboi.com ~

খ

খ[১] *বি* বাংলা ভাষার ধ্বনিবিশেষ ও দ্বিতীয় ব্যঞ্জনবর্ণ। 'পড়এ সাধুর বালা ক খ আঠার ফলা।' *মুকুন্দ*, ১৬০০।

খয়ের [খ-এর] *বিণ* খ বর্ণ-সংক্রান্ত। 'খয়ের বিবরণ খৃসি খানকী খানা খয়রাত।' *ভবানী*, ১৮২৫।

খ[২] *বি* আকাশ; নভমণ্ডল। 'খ-তত্ত্বের পাঁজি পুরাণ ঘাঁটতে হয়।' *অন্নদা*, ১৯২৮।

খঅ [স ক্ষয়] *বি* ক্ষয়। 'জরম গেল করমের খঅ।' *বড়ু*, ১৪৫০।

খই [স খদিকা] ১ *বি* ধান ভেজে তৈরি মুড়ির মতো খাবার। 'হইল সকল পথ খই-কড়িময়।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* খইয়ের মতো ফুল ফোটে এমন ভেষজ গুল্মবিশেষ। 'খইক্ষেতের সোনালি ফুলের মতো অজস্র তারা।' *জীবন*, ১৯৪২।

খই ফোটা *ক্রি* অনর্গলভাবে কথা বলা। 'আমার কাছে সয়ের মুখে খই ফুটতে থাকে।' *দীনবন্ধু*, ১৮৬৭; 'ঘট ভরে নিতি ওই/ চোখে মুখে ফোটে খই।' *নজরুল*, ১৯২৮।

খইরঙা [খই+স রঙ্গ>] *বিণ* খই রঙের। 'খইরঙা হাঁসটিরে নিয়ে যাবে।' *জীবন*, ১৯৩২।

খইদ্দার [ফা খরিদদার] *বি* ক্রেতা। 'এই নি খইদ্দারে কেনবে পয়সা দিয়া?' *নরেন্দ্র*, ১৯৪৭।

খইনি [হি খৈনী] *বি* চুন মাখানো শুকনা তামাক পাতা। 'আমার যেমন বিড়ি ওর তেমনি খইনি।' *অচিন্ত্য*, ১৯৫০।

খইরত [আ খয়রাত] *বি* ভেট। 'আইসে চড়িআ তাজি সৈয়দ মোলনা কাজী খইরত দেয় বীর বাড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

খইল [স খলি] ১ *বি* তিল সরিষা প্রভৃতির বীজ থেকে তেল বের করার পর যে অংশ অবশিষ্ট থাকে। 'বিচালি খইলের জগৎ ছেড়ে ...' *জীবন*, ১৯৩২। ২ *বি* কানের ভিতরের ময়লাবিশেষ। 'কানের খইল খেতে ভীষণ তেতো?' *নজরুল*, ১৯৪১।

খইহার [স খদিকা>] *বি* এক জাতের ধানের নাম। *কৃষ্ণরাম*, ১৭২০।

খউ [স খ] *বি* আকাশ। 'নখশোভা হেরি, বিধুলাজভরে, গেল খউ পরে।' *ভবানী*, ১৮২৫।

খএ [স ক্ষয়] *বি* বিনাশ। 'তোহ্মে নানা রূপ কইলে আসুরের খএ।' *বড়ু*, ১৪৫০।

খএবরা [আ খবর] *ক্রি* খবর দেওয়া। 'সেই সেঁকা খাসী আনি খএবরী সকলে।' *সুলতান*, ১৭০০।

খএর[১] [স খদির] *বি* খয়ের; খদির গাছ থেকে প্রস্তুত পানের মসলাবিশেষ। 'কেনটিন খএর জাঁতা আফিম।' *ক্যালগে*, ১৭৮৪; 'খএরের গাছ।' *গৌর*, ১৮২২।

খএর[২] [আ খায়র] *বি* মঙ্গল। 'দরগায় মোনাজাত করিতেছি জাহাতে এ গোলামের খএর হয়।' *ভেরলি*, ১৮০০।

খএরখাঁ [আ খায়র+ফা খাহ্] *বিণ* খোশামুদে। *বিদ্যা*, ১৮৯১।

খএরখুবি [আ খায়র+আ খুব] *বি* অত্যন্ত মঙ্গল; অত্যন্ত কুশল। 'শ্রীযুত সাহেবের খএরখুবি হামেসা ...।' *তাঁতি*, ১৭৯২।

খওয়া [স ক্ষয়>] *ক্রি* ক্ষয় পাওয়া। 'পারে পায়ে খইয়ে দিতে চায়।' *রবীন্দ্র*, ১৯২৮।

খং [ধ্বন্যা] *বি* শুষ্ক কাঠের উপর আঘাতজনিত শব্দ। 'খোট্টাকাঠের উপরও চোট পড়লে সেটা এমন আর্তনাদপূর্ণ খং শব্দ করে ওঠে।' *নজরুল*, ১৯২৭।

খঃসম [স খ+সম] *বি* শূন্যতা। 'হেরি যে মেরি তইলাবাড়ী খঃসমে সমতুলা।' *চর্যা ৫০*, ১২০০।

খক [ধ্বন্যা] *বি* কাশি বা উচ্চ হাসির শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

খক খক [ধ্বন্যা] *বি* কাশির শব্দ। 'খক খক করে কাশছে।' *রবীন্দ্র*, ১৮৯০।

খকখকানি [ধ্বন্যা খকখক>] *বি* কাশির শব্দ। *বিদ্যা*, ১৮৯১; 'গলার ভিতর খকখকানি।' *অন্নদা*, ১৯২৯।

খগ [স] *বি* পাখি। 'হেন কালে খগান্তক [খগ-অন্তক] ব্যাধ আইল তথা।' *মুকুন্দ*, ১৬০০।

খগচঞ্চু [স] *বি* পাখির ঠোঁট। 'নাসা খগচঞ্চু জিনি হেরে খগপাখী।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

খগপতি [স] *বি* গরুড়। 'খগপতি চঞ্চু জিনি নাসা সুললিত।' *আলাওল*, ১৬৮০।

খগপতিচঞ্চু [স] *বি* গরুড় পাখির ঠোঁট। 'নাসা খগপতিচঞ্চু ভরম ভয়ে কুচগিরি সান্ধি নিবাসা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

খগপাখী *বি* পাখিবিশেষ। 'নাসা খগচঞ্চু জিনি হেরে খগপাখী।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

খগান্তক [স খগ-অন্তক] *বিণ* পাখি হত্যাকারী। 'হেন কালে খগান্তক ব্যাধ আইল তথা।' *মুকুন্দ*, ১৬০০।

খগী [স] *বি* স্ত্রী পাখি। 'অতি ভয়ঙ্কর খগী গয়াল বহুল।' *বাহরাম*, ১৬৫০।

খগেন্দ্রবাহন [স খগ-ইন্দ্র-বাহন] *বি* গরুড় পাখি যার বাহন। 'খগেন্দ্রবাহনে বন্দো দেব নারায়ণ।' *রূপরাম*, ১৭৫০।

খগোল [স] ১ *বিণ* আকাশমণ্ডল বিষয়ক। 'বৃহৎ২ যন্ত্র দর্শনে ভূগোলবিদ্যা ও খগোল বিদ্যা ...।' *দর্পণ*, ১৮২২। ২ *বি* গ্রহনক্ষত্রাদি সম্পর্কে জ্ঞাতব্য বিষয়। 'ছেলে ... পুরাতন রাজারদিগের উপাখ্যান ভূগোল খগোল ইতিহাস ইত্যাদি পড়ে।' *চন্দ্রিকা*, ১৮৩০। ৩ *বিণ* আকাশের মতো গোল। 'খগোল নিতম্ব-বিম্ব; শোভিল তাহাতে মেখলা।' *মাইকেল*, ১৮৬০।

খগোলবিদ্যা [স] *বি* জ্যোতির্বিদ্যা। 'বৃহৎ২ যন্ত্র দর্শনে ভূগোলবিদ্যা ও খগোল বিদ্যা ও রসায়ন বিদ্যা ও শিল্প বিদ্যা ও পূর্ব্ববৃত্তান্ত বিদ্যা প্রভৃতি শিক্ষা পাইবেন।' *দর্পণ*, ১৮২২

খগোলীয় [স] *বিণ* জ্যোতির্বিদ্যা-সংক্রান্ত। *দর্পণ*, ১৮২২; 'বাঙ্গালা ব্যাকরণ ও অভিধান ও ভূগোলীয় খগোলীয় গ্রন্থ অতিশীঘ্র কমিটির উদ্যোগে ... প্রকাশ হইবেক।' *দর্পণ*, ১৮৩৯।

খঙ্গ *বি* ক্রোধ। 'কি করিব তোর খঙ্গে।' *বড়ু*, ১৪৫০।

খঙ্গানো *ক্রি* তিরস্কার করা। 'ঘরে না দেখিঅা বড় খঙ্গায়িবে মোরে।' *বড়ু*, ১৪৫০।

খচ [ধ্বন্যা] *বি* এক চোটে কাটার বা অনুভূতিবাচক শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

খচখচ [ধ্বন্যা] ১ *বি* অনবরত কাটার বা বেধার কল্পিত শব্দ। *বিদ্যা*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৯১। ২ *বি* দ্রুতগামিতা নির্দেশক শব্দবিশেষ। 'চলে খচখচ রাগে গজ্জগজ্জ জুতা মচমচ তানে।' *সুকুমার*, ১৯২০। ৩ *বি* অনবরত নড়াচড়ার শব্দ। 'বিড়ালের ছানাটা উড়ো কাগজপত্রের ভেতর খচখচ করছে।' *জীবন*, ১৯৩২। ৪ *বি* আক্ষেপের অনুভূতিব্যঞ্জক শব্দ। 'মজিদের মনে অস্বস্তিটা রাতদিন আরো খচখচ করে।' *ওয়ালী*, ১৯৪৮।

খচখচানি [ধ্বন্যা] *বি* খচখচ শব্দ। 'কলের খচখচানিতে নিজেরই বিরক্ত ধরিতেছে ...।' *বনফুল*, ১৯৩৬।

খচখচে [ধ্বন্যা] *বিণ* ক্ষণে ক্ষণে ব্যথা দেয় এমন। 'সেই খচখচে যন্ত্রণা।' *কায়সার*, ১৯৬২।

খচমচ [ধ্বন্যা] ১ *বি* ঝঞ্ঝাট; ঝামেলা। 'রাজসেবা কত খচমচ।' *ভারত*, ১৭৬০। ২ *বিণ* খচখচ ধ্বনিবিশিষ্ট। 'নৌকার দাঁড়িমাল্লাগুলো ... খচমচ শব্দে আকাশ বিদীর্ণ করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

খচর [স] *বিণ* আকাশে বিচরণকারী। *বিদ্যা*, ১৮৯১।

খচা [স সূচি>] *ক্রি* খোঁচানো। 'সেই ভুমি খচিয়া জে ফেলাএ জলেতে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

খচিৎ [স খচিত] *বিণ* অলঙ্কৃত। 'রত্ন খচিৎ ছত্র।' *রামরাম*, ১৮০১।

খচিত [স] ১ *বিণ* সংযুক্ত। 'চুনী ইত্যাদি নানা বর্ণের প্রস্তর খচিত মুক্তার ঝালর।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* অলঙ্কৃত। 'বাসবের চাপ যথা বিবিধ রতনে খচিত।' *মাইকেল*, ১৮৬১। ৩ *বিণ* আবৃত। 'গাছের ছায়ায় খচিত নিস্তব্ধ রাস্তা দিয়ে আমরা দুই পথিক নিঃশব্দে মন্দগমনে চলতে লাগলুম।' *রবীন্দ্র*, ১৮৯২।

খচোখচোখচকার [ধ্বন্যা] *বি* মাদল, করতাল প্রভৃতি বাজানোর ফলে সৃষ্ট শব্দ। 'মাদল করতালের খচোখচোখচকার যোগে একঘেয়ে পদের পুনঃপুন আবর্তিত গর্জ্জনে ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

খচো মচো [ধ্বন্যা] *বি* হাঁকডাক। 'কহিতেছে করি খচো মচো।' *ভক্ত*, ১৮৫৮।

খচ্চর [স খেসর] *বি* ঘোড়া ও গাধার মিলনজাত প্রাণীবিশেষ। 'উট গাধা খচ্চর গণিতে কেবা পারে।' *ভারত*, ১৭৬০।

খজরা [ফা খুরদাহ্] *বিণ* খুচরা। 'চাউলের খজরা বিক্রীর নিরিখ।' *ক্যালগে*, ১৭৮৯।

খঞ্জর [আ খঞ্জর] *বি* খঞ্জর; উভয় দিকে ধারবিশিষ্ট ছোরা। 'খোরাসানি খঞ্জর কোমরে ধরধার।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খঞ্জা [স খচ্>] *ক্রি* খচিত করা। 'মাণিকে খঞ্জিল দুই পাশে।' *বড়ু*, ১৪৫০।

খঞ্জী *বি* লতাফুল-বিশেষ। 'আশোক কিংশুক চুআঁ চিতা খঞ্জী।' *বড়ু*, ১৪৫০।

খঞ্জ [স] *বি* খোঁড়া। 'রাজা পরমাহ্লাদে শত ২ সুবর্ণ ... খঞ্জকে প্রদান করিতে লাগিলেন।' *রাজীব*, ১৮০৫।

খঞ্জপদ [স] *বিণ* পা খোঁড়া হয়েছে এমন। '... নগরবাসীদিগের হতাবশিষ্টগণ কেহ খঞ্জপদ, কেহ চক্ষুকানা।' *হরপ্রসাদ*, ১৮৮১।

খঞ্জন [স] ১ *বি* এক রকমের ছোটো চঞ্চল পাখি। 'আঞ্চল চঞ্চল তোর নয়ন খঞ্জন।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* (সাদৃশ্যে) চোখ। 'চহকি চহকি দুই খঞ্জন খেল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

খঞ্জন গঞ্জন [স] *বিণ* খঞ্জনকে লজ্জা দেয় এমন; চঞ্চল। 'অঞ্জন রঞ্জন খঞ্জন গঞ্জন অলি মধুপ্রিয় পানে।' *আলাওল*, ১৬৮০।

খঞ্জন-গঞ্জনি [স খঞ্জন-গঞ্জন>] *বিণ স্ত্রী* খঞ্জনকে লজ্জা দেয় এমন; চঞ্চল। 'শুন গো খুল্লনা উত্তমমধ্যমা খঞ্জন-গঞ্জনি রামা।' *মুকুন্দ*, ১৬০০।

খঞ্জনগমনী [স] *বিণ* খঞ্জন পাখির মতো চলে এমন। 'খঞ্জনগমনী হৈল বিরহে আতুরী।' *বাহরাম*, ১৬৫০।

খঞ্জন-নয়ন [স] *বি* খঞ্জন পাখির ন্যায় চোখ। 'পদ্ম-আঁখি, খঞ্জন-নয়ন, তিলফুল, শুকচঞ্চু।' *অবন*, ১৯২৫।

খঞ্জনা [স খঞ্জন>] *বি স্ত্রী* সব সময়ে পুচ্ছ নাচায় এমন এক ধরনের ছোটো পাখি। 'নদীর নাম সই অঞ্জনা, নাচে তীরে খঞ্জনা।' *নজরুল*, ১৯৩২।

খঞ্জনাক্ষী [স খঞ্জন-অক্ষি] *বিণ* খঞ্জন পাখির চোখের মতো। 'নাসামূলে দ্বিদল পদ্ম খঞ্জনাক্ষী।' *চণ্ডী*, ১৫৫০।

খঞ্জনী [স] *বি স্ত্রী* খঞ্জনা; খঞ্জন-এর স্ত্রীজাতি। 'খঞ্জন-খঞ্জনী-প্রেমতিলেক না টুটে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

খঞ্জনীর লেজ *বিণ* দুষ্ট; চঞ্চল। 'তোর মতো খঞ্জনীর লেজ-ছেলে এতো অল্পেই শান্ত হবে?' *হাফিজুর*, ১৯৫৩।

খঞ্জনি, খঞ্জনী [স খঞ্জন>] *বি* একদিকে চামড়ার আবরণযুক্ত বাদ্যযন্ত্র। 'দ্বারে দ্বারে ভিক্ষা করে খঞ্জনী বাজিয়ে।' *গুপ্ত*, ১৮৫৮; 'সে ... রসকলি ও খঞ্জনিতে চিত্ত বিক্রীত করিয়া ...।' *বঙ্কিম*, ১৮৮২।

খঞ্জনী² দ্র খঞ্জন

খঞ্জর [আ] *বি* উভয়দিকে ধারবিশিষ্ট ছোরা। 'ঘোরতর খঞ্জর চৌদিকে ঝিকিমিকি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খঞ্জরি, খঞ্জরী [স খঞ্জন>] *বি* বাদ্যযন্ত্রবিশেষ; খঞ্জনি। 'মঙ্গল বাজনা বাজে খঞ্জরিতে ঘাই।' *মানিকরাম*, ১৭৮১; 'খনকাল খমক খঞ্জরী ক্ষীণ তিগী।' *মানিকরাম*, ১৭৮১।

খঞ্জরীট [স] *বি* খঞ্জন পাখি। 'হংস খঞ্জরীটে দেখি পদে দিটে।' *ভারত*, ১৭৬০।

খট [ধ্বন্যা] *বি* কঠিন জিনিসের পরস্পর আঘাতজনিত শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

খটকা [স খট্>] ১ *বি* দ্বিধা; সংশয়। 'এখন কেবল একটা আইনের খটকা উঠেছে।' *রবীন্দ্র*, ১৯০২। ২ *বি* সন্দেহ। 'আমার একটা খটকা লাগছে ভাই।' *শিবরাম*, ১৯৪০।

খটকা খাওয়া *ক্রি* বেখাপ্পা মনে হওয়া। 'যেখানেই মন খটকা খায় সেখানেই ভাঙিয়ে সহজ করে।' *জীবন*, ১৯৩২।

খটকা বাধা *ক্রি* অবিশ্বাস তৈরি হওয়া। 'আমার মনের মধ্যে যে একটুখানি খটকা বেধেছিল।' *রবীন্দ্র*, ১৯১৫।

খটকা লাগা *ক্রি* সন্দেহ তৈরি হওয়া। 'নতুন পুস্তকের নামটিতে আমার একটু খটকা লেগেছিল।' *প্রমথ*, ১৯১২।

খটখট [ধ্বন্যা] *বি* ক্রমাগত খট শব্দ। 'রাত্রে বাতাসে তাহার হাড়গুলো খটখট শব্দ করিয়া নড়িত।' *রবীন্দ্র*, ১৮৯১।

খটখটানি [ধ্বন্যা খটখট>] *বি* ক্রমাগত খটখট শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

খটখটি [ধ্বন্যা খটখট>] *বি* খটখট শব্দ। 'সিবাদস্ত খটখটি সুনি মহারন।' *মালাধর*, ১৫০০।

খটখটিআ [ধ্বন্যা খটখট>] *বিণ* কঠিন; নীরস। *বিদ্যা*, ১৮৯১।

খটখটে [ধ্বন্যা খটখট>] ১ *বিণ* খটখট শব্দ করে এমন। 'বাজীকরের রুলের পুত্তলের মত খটখটে ছটফটে।' *দীপিকা*,

AMARBOI.COM

১৮৮৭। ২ *বিণ* রুক্ষ। 'ভাবলুম ভারতবর্ষের রোদে ঝলসা শুকনো খটখটে হাড়-পাকা ভূতান্ত ঝাঁজালো ...।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* অত্যন্ত শুষ্ক। 'পাকামেঝের খটখটে ঘরখানার দক্ষিণখোলা সুন্দর একটা কামরা।' *জীবন*, ১৯৩২।

খটমটি [ধ্বন্যা] *বি* ঝগড়া; দ্বন্দ্ব। 'দুইজনে খটমটি লাগায় কোন্দল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

খটা [স ক্ষোড়>] *বি* খুঁটা। 'স্বর্গ যেত্যে শক্তি খাট সদ্য হল খটা।' *মানিকরাম*, ১৭৮১।

খটাং খটাং [ধ্বন্যা] *বি* ক্যারাম খেলায় গুটি চলাচলের শব্দ। 'খটাং খটাং করে ক্যারম পিটতে শুরু করে দিল সবাই।' *শিবরাম*, ১৯৭০।

খটাখট [ধ্বন্যা] ১ *বিণ* খটখট করে এমন। 'এ স্থান ভরে শুধু খটাখট শব্দ।' *ওয়ালী*, ১৯৪৩। ২ *ক্রিবিণ* ক্রমাগত খটখট শব্দে। 'দরজা জানলা খড়খড়ি খটাখট বন্ধ হয়ে গেল।' *বিমল*, ১৯৫৩; 'রামদয়াল তাঁতে বসিয়া খটাখট মাকু মারিতেছে।' *মনসুর*, ১৯৫৫।

খটাৎ খটাৎ [ধ্বন্যা] *বি* খড়ম পায়ে হাঁটার শব্দ। 'পাঁড়েজি তাঁর খড়ম নিয়ে চলেন খটাৎ খটাৎ।' *রবীন্দ্র*, ১৯৪১।

খটাশ, খটাস[১] [স খট্টাশ] *বি* দুর্গন্ধযুক্ত বিড়াল জাতীয় প্রাণীবিশেষ। 'বরাহ কুক্কুর খটাস সজারু।' *ভারত*, ১৭৬০; 'খটাশ।' *ওসী*, ১৭৮৫।

খটাস[২] [ধ্বন্যা] *বি* কোনো কিছু খোলা বা লাগানোর সময়ে উদ্ভূত জোরালো শব্দবিশেষ। 'খটাস করিয়া খড়খড়ি খুলিয়া।' *বিভূতি*, ১৯৩১।

খটেল *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'নিত্যানন্দ খটেল।' *সেবধি*, ১৮৪০।

খট্ট [স খত্] *বি* শূন্যতা। 'নাড়ি শক্তি দিঢ় ধরিঅ খট্টে।' *চর্যা* ১১, ১২০০।

খট্টা [স খট্টা] *বি* খাট। 'খট্টায় নিদ্রা জায় বান্যা করিআ শয়ন।' *মুকুন্দ*, ১৬০০।

খট্টারূঢ়া [স খট্টারূঢ়া] *বিণ স্ত্রী* খাটে শায়িত। 'খট্টারূঢ়া সুন্দরী তৎক্ষণাৎ ত্রস্তে গাত্রোত্থান করিলেন।' *বঙ্কিম*, ১৮৬৫।

খট্টাস [স খট্টাশ] *বি* গন্ধ ছড়ায় এমন এক ধরনের বনবিড়াল। 'দুটো জ্বলজ্বলে চোখ দেখেছিলাম – ভামবিড়াল কিংবা খট্টাসের।' *সুনীল*, ১৯৭০।

খট্টা [স] *বি* খাট। 'খট্টায় পাতিআ তুলি খাটায়্যা মসারী জালি শয়ন করিল শশিকলা।' *মুকুন্দ*, ১৬০০।

খড [হি] *বি* দুই পাহাড়ের মধ্যবর্তী সুগভীর নিম্নভূমি। 'আবার পরক্ষণেই গভীর খড।' *হরপ্রসাদ*, ১৮৮১।

খড়[১] [স] *বি* মাড়াইকৃত শুকনা ধানগাছ; বিচালি। 'ঘরে বল এই দেখিতেছি খড় নাঞি।' *বৃন্দা*, ১৫৮০।

খড়কুটা, খড়কুটো [স খড়+কুটা] *বি* খড় ও শুষ্ক তৃণাদি। 'তপ্ত বাতাস ধুলোবালি খড়কুটো উড়িয়ে নিয়ে হুহু শব্দ করে ছুটেছে।' *রবীন্দ্র*, ১৮৯৪; 'সারা বৎসর এতে খড়কুটা, লাকড়ি-পাটগুলা থাকে।' *মনসুর*, ১৯৫৫।

খড়বিচিলি, খড়বিচুলি [স খড়+বিচালি] *বি* শস্যহীন শুকনা ধান গাছ; নাড়া। 'চামড়ার মধ্যে খড়বিচিলি ভরে দিয়ে সাজিয়ে রেখেছিল।' *রবীন্দ্র*, ১৯৩৩; 'একটি ইঁদুর থমকে দাঁড়ায় খড়বিচুলির ক্ষেতে।' *শক্তি*, ১৯৬১।

খড়-ভরা বাছুর *বি* বাছুরের চামড়ার ভিতরে খড় ভ'রে তৈরি করা পুতুল-বাছুর। 'সে খড়-ভরা বাছুরের মতো ছিল।' *ওয়ালী*, ১৯৪৫।

খড়মাটি [খড়+মাটি] *বি* খড় ও মাটি। 'মূর্তির রঙ খসিয়ে ফেললে বাকি থাকে খড়মাটি।' *রবীন্দ্র*, ১৯২৯।

খড়ের আগুন *বি* যে আগুন সহজেই জ্বলে আবার সহজেই নিভে যায়। 'তাহারা যেন খড়ের আগুন।' *শরৎ*, ১৯১৩।

খড়ো [স খড়>] *বিণ* খড় দিয়ে ছাওয়া বা তৈরি। **খড়োঘর** *বি* খড়ের তৈরি ঘর। 'থাকি খড়ো ঘরে।' *মশারফ*, ১৮৮৯।

খড়[২] [স খর] *বি* জলস্রোত। *মানোএল*, ১৭৪৩।

খড়ক [স খড়>] *বি* উলুখড়ের শক্ত মূল বা কঠিন অংশ। 'মাঝে মাঝে কেবল কতকগুলো শুকনো খড়কের মতো আছে মাত্র।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খড়কি [স খড়ক্কী] *বি* পিছনের দরজা। 'জাইতে বীরের পাশ ধায় বান্যা খড়কির পথে।' *মুকুন্দ*, ১৬০০।

খড়কুটা, খড়কুটো দ্র খড়[১]

খড়কে [স খড়>] *বিণ* খড়ের মতো সরু। 'রুমালপেড়ে, খড়কেপেড়ে ... ইত্যাদি নানা রঙীন সাড়ি পরিধান করেন।' *ভবানী*, ১৮২৮।

খড়কেকাঠি [খড়কে+স কাষ্ঠিকা>] *বি* উলুখড়ের কাঠি। 'টুকরো বাসন চিনেমাটির মুড়ো ঝাঁটা খড়কেকাঠির।' *রবীন্দ্র*, ১৯৩৬।

খড়কেপেড়ে [খড়কে+স পার>] *বিণ* খড়ের মতো চিকন পাড়যুক্ত। 'রুমালপেড়ে, খড়কেপেড়ে ... ইত্যাদি নানা রঙীন সাড়ি পরিধান করেন।' *ভবানী*, ১৮২৮।

খড়কী [স] *বি* খিড়কি। 'বৃদ্ধাকে, অন্তঃপুরের খড়কী দিয়া, বিদায় করিয়া দিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

খড়কীদ্বার [স] *বি* পিছন-দরজা। 'তিনি খড়কীদ্বারের প্রতি দৃষ্ট করিয়া রহিলেন।' *বঙ্কিম*, ১৮৬৬।

খড়খড় [ধ্বন্যা] ১ *বি* শুষ্কতা প্রকাশক শব্দ। 'একেবারে শুকিয়ে যেন খড় খড় করছে।' *রবীন্দ্র*, ১৮৮৯। ২ *বি* চাকার শব্দ। 'পথে শুনি কদাচিৎ চক্র খড়খড়।' *রবীন্দ্র*, ১৮৯০। ৩ *বি* শুকনা পাতা বা কাগজের নাড়াচাড়ায় উত্থিত শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

খড়খড়ানি [ধ্বন্যা খড়খড়>] *বি* ক্রমাগত খড়খড় শব্দ। *বিদ্যা*, ১৮৯১; 'স্ক্যাভেঞ্জারের গাড়ির খড়খড়ানিতে রাত পোয়ালো।' *রবীন্দ্র*, ১৯২৯।

খড়খড়ায়িত [ধ্বন্যা খড়খড়>] *বিণ* খড়খড় শব্দ করছে এমন। 'জানলার খড়খড়িগুলো ক্ষণে ক্ষণে খড়খড়ায়িত।' *রবীন্দ্র*, ১৯৩১।

খড়খড়ি [ধ্বন্যা খড়খড়>] *বি* ঝড়ের সময়ে পাতায় পাতায় ঘর্ষণের শব্দ। 'ঝরঝরি জলের বাউর খড়খড়ি।' *হ্যালহেড*, ১৭৭৮।

খড়খড়িআ [ধ্বন্যা খড়খড়>] *বিণ* শুষ্কতাবোধক খড়খড় করে এমন। *বিদ্যা*, ১৮৯১।

খড়খড়ে ১ *বিণ* খড়খড় শব্দ করে এমন শুষ্ক। 'শুকিয়ে একেবারে শোলার মতো চিমসে ও খড়খড়ে হয়ে গিয়েছিল।' *প্রমথ*, ১৯১৮। ২ *বিণ* স্বতঃস্ফূর্ত। 'কথাবার্তায় আগের সেই খড়খড়ে ভাবটা কেটে গেছে।' *জীবন*, ১৯৪৮।

খড়খড়ি[১] দ্র খড়খড়

খড়খড়ি[২] [স খড়ক্কী] *বি* দরজা-জানালার ফাঁকযুক্ত পাল্লা। 'খড়খড়ি দেওয়া একটা গ্যালারিতে মেয়েদের জায়গা।' *রবীন্দ্র*, ১৮৮১।

খড়খড়িয়া [স খড়ক্কী] *বি* জানালা অথবা দরজা ঢাকার জন্যে ব্যবহৃত

AMARBOI.COM

ভাঁজ-করা ঢাকনা। *ক্যালগে*, ১৭৮৯।

খড়খড়ে[১] [স খড়ক্কী>] *বি* খড়খড়ি; জানালার আবরণ; ভেনিশিয়ান ব্লাইন্ড। 'বওয়াটে ছেলেরা ... মাটির চাপ ছুড়ে আমোদ কত্তে লাগলো, সুতরাং সে ধারের খড়খড়েগুলো বন্ধ কত্তে হলো।' *হুতোম*, ১৮৬১।

খড়খড়ে[২] দ্র খড়খড়

খড়্গ [স খড়্গ] *বি* খাঁড়া। 'সীমন্ত চিকুর খড়্গ ধার জোর/ সর্বভূত মনে ত্রাস।' *আলাওল*, ১৬৮০।

খড়্গী [স খড়্গী] *বি* পিছনের দরজা। 'খড়্গী উত্তরভাগে জলহরি তার আগে।' *মুকুন্দ*, ১৬০০।

খড়্তড়ি [স খট+স তট] *বি* ওঠানামা। 'ঘাট ন গুমা খড়্তড়ি নো হোই আখি বুজিঅ বাট জাইউ।' *চর্যা ১৫*, ১২০০।

খড়্বিচিলি দ্র খড়[১]

খড়ম *বি* কাঠের পাদুকা। 'রঙ্গিম খড়ম পায় যায় সদাগর।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খড়মড়ে [ধ্বন্যা খড়মড়্>] *বিণ* খসখসে। 'এসে তুলোট কাগজের খড়মড়ে শব্দে।' *অবন*, ১৯২৫।

খড়মাটি দ্র খড়[১]

খড়া [স খর] *বি* জলস্রোত। *মানোএল*, ১৭৪৩।

খড়ি [স খট>] **১** *বি* লেখার কাজে ব্যবহৃত এক ধরনের শক্ত চুন; চক। 'ডানি করে নিল খড়ি বাম করে পুঁথি।' *মুকুন্দ*, ১৬০০; 'সুবত্ত সাধন হেতু টল্যা পড়ে খড়ি।' *রূপরাম*, ১৭৫০। **২** *বি* শুষ্ক চামড়া। 'তৈল বিনা চুলে জটা খড়ি উড়ে গায়।' *ভারত*, ১৭৬০। **৩** *বি* জ্বালানি কাঠ। 'খড়ি কুড়াও সোনার মেয়ে! শুকনো গাছের ডাল।' *জসীম*, ১৯২৯। **৪** *বি* নলজাতীয় তৃণ। 'ধীর-সমীরে খড়িবনে শন শন শব্দ উত্থিত হয়।' *শওকত*, ১৯৫৮।

খড়ি ওঠা *ক্রি* শুষ্ক চামড়া ওঠা। 'শরীর রুক্ষ হইয়া খড়ি উঠিতে আরম্ভ করিয়াছে।' *মানিক*, ১৯৩৬।

খড়ি কষা *ক্রি* অঙ্ক করা। 'নীরবে গণনা করিতে লাগিল গৃহতলে খড়ি কষি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

খড়িগুড়া [স খড়>+স গুড়>] *বি* চকঠাঁর মিহি দানা। 'ঘরের চালের উপর খড়িগুড়ার ন্যায় এক পদার্থ ...।' *রাজ*, ১৮৭৪।

খড়ি পাড়া *ক্রি* ছবি আঁকা। 'মিছা খড়ি পাড়ে কাহ্নাঞি কপট নাটে।' *বড়ু*, ১৪৫০।

খড়িবন *বি* নল জাতীয় তৃণের বন। 'ধীর-সমীরে খড়িবনে শন শন শব্দ উত্থিত হয়।' *শওকত*, ১৯৫৮।

খড়িমাটি [স খড়>+মাটি] *বি* শুকনা চুনবিশেষ। 'মুখে মাখে ঘুটে পাশ পায় খড়িমাটি।' *মানিকরাম*, ১৭৮১।

খড়িকা [স খড়্>] *বি* খড়ি। 'জল খড়িকা জোগাইলা অনাদ্দর ঠাঞি।' *রামাই*, ১৭১০।

খড়িকামুঠি [স খড়>+স মুষ্টি] *বি* একপ্রকার ধান ও তার চাল। 'সুধা দুধকমল খড়িকামুঠি রান্ধে।' *ভারত*, ১৭৬০।

খড়িশ গোখরো [স খটিকা>+গোক্ষুর] *বি* এক জাতের গোখরো সাপ। 'একটা হলদে খড়িশ গোখরো।' *বিভূতি*, ১৯৩৭।

খড়ী[১] [স খটিকা] *বি* শুকনা চুনবিশেষ। **খড়ী পাড়া** *ক্রি* ছবি আঁকা। 'লেখা করে কাহ্নাঞি আপনে খড়ী পাড়ী।' *বড়ু*, ১৪৫০। দ্র খড়ি

খড়ী[২] [স খাত] *বি* নদীবিশেষ। 'খড়ী নদী কাটাইয়া গৌর নদীতে আনাইয়া ...।' *দর্পণ*, ১৮১৯।

খড়ীচোঁচ [স খটিকচঞ্চু] *বি* চিকন আকৃতির বিষাক্ত সাপ। 'খড়ীচোঁচ অজগর বিষের ভাণ্ডার।' *ভারত*, ১৭৬০।

খড়ুয়া, খড়ুআ [স খড়্>] *বিণ* খড় দ্বারা নির্মিত। 'অট্টালিকা ও খড়ুয়া ঘরেতে একবারে ব্যাপ্ত।' *দর্পণ*, ১৮৩৫। 'খড়ুআ।' *বিদ্যা*, ১৮৯১। দ্র খড়ো

খড়ো দ্র খড়[১]

খড়্গ [স] **১** *বি* খাঁড়া; তরবারি। 'আজী কালী যদি না দেখাও মহাবীর/ খড়্গেতে কাটিয়া তোরে করিব দুই চির। *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* শিং। 'জন্মকালে এই গণ্ডারশিশু খড়্গহীন থাকে।' *অক্ষয়*, ১৮৫৪।

খড়্গকৃপাণ [স] *বি* তরবারি। 'অত্যাচারীর খড়্গ কৃপাণ ভীম রণ ভূমে রণিবে না।' *নজরুল*, ১৯২২।

খড়্গধার [স] *বি* তরবারির মতো তীক্ষ্ণ ধার। 'আমরা তোমার শত্রুকে খড়্গধারের পরিচিতি কিম্বা চিতাশায়ী করি।' *হরপ্রসাদ*, ১৮১৫।

খড়্গনাসা [স] *বিণ* লম্বা নাকবিশিষ্ট। 'বৃহৎ খড়্গনাসা গৌরবর্ণ চেহারাটি।' *ওয়াপী*, ১৯৪৮।

খড়্গনির্মিত, খড়্গনির্ম্মিত [স] *বিণ* শিঙের তৈরি। 'হিন্দুদের দৃষ্টিতে ইহাদিগের খড়্গনির্ম্মিত কোশাকুশি প্রভৃতি পাত্র পবিত্রতম।' *অক্ষয়*, ১৮৫৪।

খড়্গপ্রহার [স] *বি* খড়্গ দিয়ে প্রহার। 'এইরূপে জীবিতাধিক সহোদরের প্রাণবিনাশ দেখিয়া, খড়্গপ্রহার দ্বারা প্রাণত্যাগ করিল।' *বিদ্যা*, ১৮৪৭।

খড়্গ-রক্ত [স] *বি* খড়্গের আঘাতে নিঃসৃত রক্ত। 'তোমার খড়্গ-রক্ত হউক স্রষ্টার বুকে লাল ফিতা।' *নজরুল*, ১৯২২।

খড়্গহস্ত [স] *বিণ* অত্যন্ত ক্ষুব্ধ। 'কাহারও উপর খড়্গহস্ত হইও না।' *মদনমোহন*, ১৮৪৯।

খড়্গ-হস্ততা [স] *বি* মারার জন্য প্রস্তুত অবস্থা; প্রতিকূলতা। 'ঘরে-বাইরে সমান খড়্গ-হস্ততা।' *অচিন্ত্য*, ১৯৫০।

খড়্গাঘাত [স খড়্গ-আঘাত] *বি* খাঁড়া বা তরবারির কোপ। 'খড়্গাঘাতে রণেত হোছন মহাশএ।' *বাহরাম*, ১৬৫০।

খড়্গিনী [স] *বিণ* স্ত্রী খড়্গ ধারণ করে আছে এমন। 'খড়্গিনী খেটকধরা খড়্গপতাকিণী।' *মুকুন্দ*, ১৬০০।

খড়্গেশ্বরী [স খড়্গ-ঈশ্বরী] *বি* স্ত্রী হিন্দুদেবী দুর্গা। 'মহাতীমা ভয়ঙ্করী বিশ্বরূপা খড়্গেশ্বরী দুর্গতিনাশিনী হরজায়া।' *রূপরাম*, ১৭৫০।

খণ [স ক্ষণ] *বি* ক্ষণ। 'খণহ ণ ছাড়অ সহজ উন্মত্তো।' *চর্যা* ১৯, ১২০০।

খণে খণে *ক্রিবিণ* থেকে থেকে। 'খণে খণে হাসে বিণি কারণে। *বড়ু*, ১৪৫০।

খণা [স খনন] *ক্রি* খনন করা। 'ভব বিংদারঅ মুসা খণঅ গাতী।' *চর্যা* ২১, ১২০০।

খণিএক [স ক্ষণেক] *ক্রিবিণ* এক মুহূর্ত। 'খণিএক কাহ্নের বুকত সুতিলী।' *বড়ু*, ১৪৫০।

খণেক [স ক্ষণ>] *ক্রিবিণ* ক্ষণেক। 'খণেক মনে বিমরিষে।' *বড়ু*, ১৪৫০।

খষ্ট [স খণ্ড] *বি* বাটপাড়। 'পথে পাইঅা কিবা খষ্টে মাইল ফাসী দিআ

AMARBOI.COM

কণ্ঠে।' *মুকুন্দ*, ১৬০০।

খণ্ড [স] **১** *বিণ* টুকরা। 'হৃদের কাঞ্চুলী তোর করিবে খণ্ড খণ্ড।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* পরিচ্ছেদ। 'ইতি জন্মখণ্ডং সমাপ্তং।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* পাটালি গুড়। 'ফল-ফুল-পত্রযুক্ত খণ্ডের বিকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'খণ্ডে মিসাইয়া রান্ধ করঞ্জার ফল।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *বি* সহযোগী। 'খণ্ডের সম্প্রদায় করে অন্যত্র কীর্ত্তন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৫** *বি* বাটপাড়। 'বেদপথি হয় খণ্ড সভার পণ্ডিত ভণ্ড।' *মুকুন্দ*, ১৬০০। **৬** *বি* অঙ্গ। 'শরীরের খণ্ডসকল পেটের চরিত্র হইতে রুষ্ট হইয়া এই স্থির করিলেক।' *তারিণী*, ১৮০৩। **৭** *বি* ভূখণ্ড। 'ইউরোপ ও আসিয়া ও আফ্রিকা ও আমেরিকা এই চারি খণ্ডের তাবৎ শিষ্ট ও পণ্ডিত লোকদিগের নিকট ...।' *দর্পণ*, ১৮৩৪। **৮** *বি* ভাগ। 'অতি বৃহৎ জলখণ্ডকে মহাসাগর কহা যায়।' *অক্ষয়*, ১৮৪১। **৯** *বি* গ্রন্থের ভাগ বা ভল্যুম। 'তাঁহার ভারতবর্ষীয় উপাসক-সম্প্রদায়, দুই খণ্ডে রচিত ...।' *হরপ্রসাদ*, ১৮৮৬। **১০** *বি* কণি; খানা। 'এই সকল বিরোধ-বিদ্বেষের বাক্য লক্ষ লক্ষ খণ্ড ছাপা হইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

খণ্ডকপালিনী [স] *বিণ* অভাগিনী। 'খণ্ডকপালিনী ছায়া শঙ্কর ছাড়িল দয়া।' *মুকুন্দ*, ১৬০০।

খণ্ডকাব্য [স] *বি* ছোটো কাব্য। 'খণ্ডকাব্যের মধ্যে আমরা অনেক প্রকার কাব্যের স্থান করিয়াছি।' *বঙ্কিম*, ১৮৮৭।

খণ্ড খণ্ড [স] **১** *বিণ* ক্ষত-বিক্ষত। 'হিআ খণ্ড খণ্ড নখের ঘাএ।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* টুকরা টুকরা। 'হৃদের কাঞ্চুলী তোর করিবে খণ্ড খণ্ড।' *বড়ু*, ১৪৫০। **৩** *বিণ* বিভক্ত। 'সে অধম জনে মোরে খণ্ড খণ্ড করে।' *বৃন্দা*, ১৫৮০। **৪** *বিণ* ছিন্নভিন্ন। 'শিলাভূমি সূর্য্য-কিরণে শুষ্ক ও বিদীর্ণ হইয়া খণ্ড খণ্ড হয়।' *অক্ষয়*, ১৮৫৪। **৫** *বিণ* ছোটো ছোটো। 'খণ্ড খণ্ড মেঘগুলি উড়ে উড়ে যায়।' *রবীন্দ্র*, ১৮৮৪।

খণ্ডগাথা [স খণ্ড>] *বি* ক্ষুদ্র ক্ষুদ্র কাহিনি। 'ইলিয়াড এবং অডেসিতে নানা খণ্ডগাথা ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

খণ্ডতা [স] *বি* ক্ষুদ্রতা। 'স্খলন খণ্ডতা ক্ষতি ভগ্নদীর্ণ জীর্ণতার 'পরে।' *রবীন্দ্র*, ১৯১৪।

খণ্ডদেশ [স] *বি* দেশের অংশ। 'পরস্পর অসংযুক্ত নানা খণ্ডদেশ।' *প্রমথ*, ১৯১৫।

খণ্ডপ্রলয় [স] **১** *বি* জলপ্লাবন। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* ঘোর দাঙ্গাহাঙ্গামা। 'এ প্রকার ঘটনা হইলে একটা খণ্ড-প্রলয় উপস্থিত হইত।' *অক্ষয়*, ১৮৫০। **৩** *বি* কলহ। 'অর্ধ অন্ধকারে ঘরের মধ্যে একটা খণ্ডপ্রলয় চলেছে।' *বিভূতি*, ১৯৩১।

খণ্ড-বিখণ্ড [স] *বিণ* ছিন্নভিন্ন। 'কতকগুলো ছিন্ন-বিচ্ছিন্ন খণ্ড-বিখণ্ড সামাজিক কর্তব্যের মধ্যে মনটা যখন ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

খণ্ডবিখণ্ডতা [স] *বি* এলোমেলো অবস্থা। 'কেমন করে খণ্ডবিখণ্ডতা থেকে আর্টে একত্ব দেওয়া যাবে।' *অবন*, ১৯২৫।

খণ্ডবিখণ্ডিত [স] *বিণ* টুকরা টুকরা করা হয়েছে এমন। 'খণ্ডবিখণ্ডিত তরকারিগুলো স্তূপাকার হয়ে উঠছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

খণ্ডব্রত [স খণ্ডব্রত] *বি* অসমাপ্ত ব্রত। 'জন্মান্তরে কত আমি খণ্ডব্রত কৈল।' *মালাধর*, ১৫০০।

খণ্ডব্রত [স] *বি* অসম্পূর্ণ ব্রত। 'খণ্ডব্রত কইল আক্ষে।' *বড়ু*, ১৪৫০।

খণ্ডভূমি [স] *বি* টুকরা ভূমি; সীমাবদ্ধতা। 'নিজেকে টেনে তুলেছে খণ্ডভূমির থেকে বিশ্বভূমির দিকে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

খণ্ডমাত্র [স] *বিণ* অংশমাত্র। 'কোন নির্দ্দিষ্ট ইতিহাসের কোন নির্দ্দিষ্ট খণ্ডমাত্র।' *অক্ষয়*, ১৮৫০।

খণ্ডমিলন [স] *বি* সাময়িক মিলন। 'যেন খণ্ডমিলন পূর্ণ করে নতুন জীবন এসে!' *নজরুল*, ১৯২৩।

খণ্ডযুদ্ধ [স] *বি* ছোটোখাটো যুদ্ধ। 'বিকালে মাঠে যথার্থই খণ্ডযুদ্ধ অনুষ্ঠিত হয়।' *আজাদ*, ১৯৭০।

খণ্ড-রাষ্ট্র [স] *বি* ছোটো ছোটো সার্বভৌম দেশ। 'দেশ তখনই বিভিন্ন খণ্ড-রাষ্ট্রে বিভক্ত হয়ে গিয়েছে।' *ওয়াজেদ*, ১৯৪৩।

খণ্ড-শক্তি [স] *বি* আত্মশক্তি। 'আপন খণ্ড-শক্তিকে উন্মীলিত করবা মাত্রই ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

খণ্ডসত্য [স] *বি* সূক্ষ্ম সত্য। 'যার দ্বারা বহু খণ্ডসত্যের লাভ করা যায়, সেই হচ্ছে বিজ্ঞান।' *প্রমথ*, ১৯১৪।

খণ্ডসার [স] *বি* মিছরি। 'পদ্মচিনি চন্দ্রকান্তি খাজা খণ্ডসার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

খণ্ডস্থিত *বিণ* মহাদেশের। 'ইউরোপ খণ্ডস্থিত কোপার্নিকস নামক জ্যোতির্বেত্তা নির্ণয় করেন।' *অক্ষয়*, ১৮৪৭।

খণ্ডহীন [স] *বিণ* অখণ্ড; সমগ্র। 'খণ্ডহীন মণ্ডলের মতো বেলোয়ারি।' *জীবন*, ১৯৪৮।

খণ্ডন [স] **১** *বি* মোচন; নিবারণ। 'ললাট লিখিত খণ্ডন না জাএ।' *বড়ু*, ১৪৫০; 'বিধির নির্ব্বন্ধ কভু না জাএ খণ্ডন।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *বি* পূর্ণ। 'সানা মতে কৈল তার গর্ব্ব খণ্ডন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বি* ত্যাগ। 'এইমত তিনবার করিয়া খণ্ডন।' *বৃন্দা*, ১৫৮০। **৪** *বি* উলটপালট। *মানোএল*, ১৭৪৩। **৫** *বি* যুক্তি দিয়ে ভ্রান্ত প্রমাণকরণ। 'সাহেব তাঁহার যুক্তিসিদ্ধ কথাসকল খণ্ডন করণার্থ যত্ন করিলেন।' *দর্পণ*, ১৮৩১। **৬** *বি* নিষ্পত্তি। 'বাক্যের বিবাদ কার্য্যের দ্বারা খণ্ডন কর।' *অক্ষয়*, ১৮৪৫। **৭** *বি* নিরসন। 'আমরা তাহার দোষ খণ্ডনে নিরস্ত হই।' *অক্ষয়*, ১৮৪৯।

খণ্ডনপূর্বক [স] *ক্রিবিণ* অস্বীকার ক'রে। 'কেবলমাত্র রোমাঞ্চজনক ভাষার প্রভাবে সতেজে খণ্ডনপূর্বক একটি উপাদেয় প্রবন্ধ ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খণ্ডনা [স খণ্ডন] *বি* খণ্ডন। 'ভাবীর লিখন ভাই না যায় খণ্ডনা।' *মানিকরাম*, ১৭৮১।

খণ্ডনার্থ [স] *ক্রিবিণ* নিরসনের জন্য। 'এমন দুঃশীল দুরাত্মার দোষ খণ্ডনার্থ ... নানা প্রকার যত্ন করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫০।

খণ্ডনীয় [স] *বিণ* পরিবর্তনযোগ্য। 'সে নিষেধাজ্ঞা খণ্ডনীয় নয়।' *ওয়ালী*, ১৯৬৪।

খণ্ডা[১] [স খণ্ড>] **১** *ক্রি* নিরসন করা। 'খণ্ড কোপ ভয় দেহ শৃঙ্গারে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* মোচন করা। 'এ দুখ খণ্ডিব কবেঁ যশোদার পুত।' *বড়ু*, ১৪৫০। **৩** *ক্রি* খণ্ডিত করা। 'খণ্ডউ সব জঞ্জাল আর ঠেঁটা দান।' *বড়ু*, ১৪৫০। **৪** *ক্রি* ত্যাগ করা। 'কেমতে খণ্ডএ লাজ চিত্তিল তথাই।' *মালাধর*, ১৫০০। **৫** *ক্রি* দূর করা। 'সবে মাত্র খণ্ডাইলা কাফেরের রীতি।' *আলাওল*, ১৬৮০। **খণ্ড** *ক্রি* নিরসন করো। 'খণ্ড কোপ ভয় দেহ শৃঙ্গারে।' *বড়ু*, ১৪৫০। **খণ্ডউ** *ক্রি* খণ্ডিত হোক। 'খণ্ডউ সব জঞ্জাল আর ঠেঁটা দান।' *বড়ু*, ১৪৫০। **খণ্ডএ ১** *ক্রি* ত্যাগ করে। 'কেমতে খণ্ডএ লাজ চিত্তিল তথাই।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* দূর হয়। 'যার নাম স্মরণে খণ্ডএ জন্মপাপ।' *বাহরাম*, ১৬৫০। **৩** *ক্রি* দূর করে। 'তিমির খণ্ডএ যথ অঙ্গের পসর।' *সুলতান*, ১৭০০। **খণ্ডা** *ক্রি* উলটপালট করা। 'খণ্ডা।' *মানোএল*, ১৭৪৩। **খণ্ডাইতে** *ক্রি* দূর করতে। 'লীলায় খণ্ডাইতে পারি নাহিক সংসয়।' *কবীন্দ্র*, ১৬৮৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খণ্ডাইব *ক্রি* খণ্ডন করবো। 'তোহ্মার আপদ কহ খণ্ডাইব নিশ্চএ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **খণ্ডাইবোঁ** *ক্রি* মোচন করবো। 'বড়ায়ির করিআঁ তোষে খণ্ডাইবোঁ আপণ দোষে।' *বড়ু*, ১৪৫০। **খণ্ডাইল** *ক্রি* খণ্ডন করলো। 'সর্প মারি নারায়ণ সাঁপ খণ্ডাইল।' *মালাধর*, ১৫০০। **খণ্ডাএ** *ক্রি* দূর করে। 'শরণাগত জনের খণ্ডাএ মনোব্যথা।' *আলাওল*, ১৬৮০। **খণ্ডি** *ক্রি* খণ্ডন ক'রে। 'রোগ-শোক-দুখ-খণ্ডি পূজা না করিল চণ্ডী।' *মুকুন্দ*, ১৬০০। **খণ্ডিতে** *ক্রি* খণ্ডন করতে। 'অখণ্ড মণ্ডলাকারে খণ্ডিতে ইচ্ছিল।' *সুলতান*, ১৭০০। **খণ্ডিব ১** *ক্রি* মোচন করবো। 'এ দুখ খণ্ডিব কবেঁ যশোদার পুত।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* খণ্ডন করবো। 'সাপান্ত খণ্ডিব তোর ব্যাস উপদেসে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **খণ্ডিবে** *ক্রি* দূর হবে। 'শুনিলে খণ্ডিবে চিত্তের অজ্ঞানাদি দোষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **খণ্ডিবেক** *ক্রি* দূর হবে। 'এহার হতে খণ্ডিবেক প্রিথিবির ভার।' *কবীন্দ্র*, ১৬৮৯। **খণ্ডিবোঁ** *ক্রি* দূর করবো। 'কাহের সকল দোষণ খণ্ডিবোঁ আপুণী।' *বড়ু*, ১৪৫০। **খণ্ডিল ১** *ক্রি* দূর পেলো। 'আয়াস খণ্ডিল কিছু শীতল পবনে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* মোচিত হলো। 'খণ্ডিল সভার ভয় বাত বরিসন।' *মালাধর*, ১৫০০। **৩** *ক্রি* দূর হলো। 'খণ্ডিল যকল পাপ বিনাশিল আক্ষি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৪** *ক্রি* খণ্ডিত হলো; খণ্ডিত করলো। *ওসাঁ*, ১৭৮২। **খণ্ডিলেক ১** *ক্রি* পরিহার করলো। 'স্বামিরে ছাড়িলেক ভয় খণ্ডিলেক লাজ।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* ঘুচলো। 'খণ্ডিলেক দুঃখ-শোক প্রমোদে পূরিতে লোক।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *ক্রি* বর্জন করলো। 'তাহারা তত্রাপি তাহার পরামর্শ খণ্ডিলেক।' *তারিণী*, ১৮০৩। **খণ্ডী** *ক্রি* ক্ষমা ক'রে। 'খণ্ডী সব দোষ গুণে।' *বড়ু*, ১৪৫০। **খণ্ডুক** *ক্রি* খণ্ডিত হোক। 'মোর একবার কর উপকার খণ্ডুক রাধার বিমতী।' *বড়ু*, ১৪৫০। **খণ্ডে** *ক্রি* দূর হয়। 'সকল আপদ খণ্ডে মোহর স্মরণে।' *বৃন্দা*, ১৫৮০। **খণ্ড্যা** *ক্রি* উপেক্ষা ক'রে। 'দীর্ঘ পরবাস লাজ খণ্ড্যা কহিঁ মোর গর্ভ ছয় মাস।' *মুকুন্দ*, ১৬০০।

খণ্ডা[২] [স খণ্ড>] *বি* বাটপাড়। 'চোর খণ্ডা হইতে কিবা নাঞি কর ভয়।' *মুকুন্দ*, ১৬০০।

খণ্ডিত [স] *বিণ* অতৃপ্ত। 'আজ বিনোদিনীকে সম্মুখে দেখিয়া তাঁহার খণ্ডিত প্রেমের দাহ শান্তি মানিল না।' *রবীন্দ্র*, ১৯০২।

খণ্ডিত-জড়িত [স] *বিণ* খণ্ডীভূত ও জড়ীভূত। 'সংসারের দ্বারা সেই ভূমাকে খণ্ডিত-জড়িত করিলে চলিবে না।' *রবীন্দ্র*, ১৯০৮।

খণ্ডিতা [স] *বি* অন্য নারীতে আসক্ত প্রেমিকের প্রতি ক্রুদ্ধ প্রেমিকা। 'খণ্ডিতা তাহার নাম বলে শুদ্ধমতি।' *ভারত*, ১৭৬০।

খণ্ডিনি [স খণ্ডন] *বিণ* খণ্ডনকারিণী। 'দুঃখ সুখ দারিদ্র খণ্ডিনি।' *মালাধর*, ১৫০০।

খৎ[১], **খত**[১] [ফা] *বি* ঘর্ষণ। 'তুমি অঙ্ক দেও নাকে খত দেই আমি।' *বিজয়*, ১৬৫০; 'বাপ, নাকে খৎ!' *গিরিশ*, ১৮৮৭।

খৎ[২] [ফা] *বি* স্বীকারপত্র। 'এক যোগে খৎ লিখিয়া মনোহরলালের কাছারিতে ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

খত[২] [আ] **১** *বি* ঋণস্বীকার পত্র। *মানোএল*, ১৭৪৩; 'ইহার করার টাকা লইয়া খত দিলাম।' *মেয়র্স*, ১৭৫৬; 'আর্জি ও খত ও তর্দ্বিনামা ও হিতোপদেশ প্রভৃতি আছে।' *দর্পণ*, ১৮১৮। **২** *বি* প্রতিশ্রুতিপত্র। 'এজিদা কুফর যত খত লিখেছিল।' *গরীব*, ১৭৬৫।

খতপত্র [আ খত+স পত্র] *বি* প্রতিশ্রুতিপত্র; কোম্পানির কাগজ। *ক্যালগে*, ১৭৮৯।

খততোরিয়া [গু খদ্দর] *বি* এক ধরনের মোটা কাপড়। 'রঙ্গ লাল ও জরদ ও খততোরিয়া।' *ক্যালগে*, ১৭৮৪।

খতম [আ] **১** *বি* পাঠ শেষ। 'কোরান খতম করি যেই মাগে মিলে।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* মৃত্যু। 'সেই যে শক্ত ব্যামো জল দেখলে ঘাবড়ায় তাতেই খতম হবে নির্ঘাত!' *শিবরাম*, ১৯৪০। **৩** *বিণ* বাতিল। 'এই অধিবেশন ৬ই মার্চের মধ্যে খতম করিয়া দেওয়া হইবে...।' *আজাদ*, ১৯৪২।

খতরা [ফা] **১** *বি* ক্ষতি। 'তাহাদিগের জ্ঞাওনে খরিদের কাজের খতরা ... হয়।' *হ্যালহেড*, ১৭৭৩; 'মালগুজারিতেও খতরা হয়।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *বি* ভয়। 'কোন্ কাজে খতরা করি।' *চিঠিপত্রে*, ১৮০৮।

খতা, খতানো [আ খত>] *ক্রি* হিসাবনিকাশ করা। 'খতান।' *বিদ্যা*, ১৮৯১; 'নিয়মসাধনার লোভও ক্লেশের পরিমাণ খতাইয়া আনন্দভোগ করে।' *রবীন্দ্র*, ১৯০৭।

খতিয়ে দেখা *ক্রি* হিসাব ক'রে দেখা। 'তা আজ খতাইয়া দেখার প্রয়োজন রহিয়াছে।' *আজাদ*, ১৯৫২।

খতি [আ খত>] *বি* ঘুষ। 'বিনা উপকারে খায় খতি।' *মুকুন্দ*, ১৬০০; 'মরা লোকের খতি খাইয়া যেবা লইয়া আইস ধাইয়া।' *বিজয়*, ১৬৫০।

খতিআন [আ খাতান] *বি* খাজনার পরিমাণ ও আদায়-উসুলের হিসাবপত্র। *বিদ্যা*, ১৮৯১।

খতিব [আ] *বি* খোতবাপাঠক। 'কারে তবে খতিব করিব।' *গরীব*, ১৭৬৫।

খতিয়ান [আ খাতান] *বি* জমা-খরচের বিস্তারিত হিসাবপত্র। 'বাজেটের খতিয়ান কোথা তার আছে রক্ত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

খতেন [আ খাতান] *বি* খতিয়ান। 'খতেন পেয়ে গেলে শরিকানি বুঝে নেব।' *শ্যামল*, ১৯৬৭।

খত্তান [আ খত>] *বি* খতিয়ান। *বিদ্যা*, ১৮৯১।

খৎনা [আ] *বি* ইসলামিমতে পুরুষের লিঙ্গমুখের ত্বকছেদনের রীতি। 'খৎনার সময়ে আমোদ আহ্লাদ।' *হাফেজ*, ১৮৯৭।

খদ [স খাত] *বি* দুই পাহাড়ের মাঝখানের নিচু ভূমি। 'ডান দিকে জঙ্গলে ঢাকা খদ।' *রবীন্দ্র*, ১৯২৮।

খদর [গু খদ্দর] *বিণ* খদ্দরের মোটা কাপড়ে তৈরি। 'একটা খদর চাদর হলেই শীত-ভাঙানো সম্ভব।' *রবীন্দ্র*, ১৯২৫।

খদা [ফা খুদা] *বি* খোদা। 'বেপারি বৈশ্যের খদা।' *মুকুন্দ*, ১৬০০।

খদির [স] *বি* খয়ের গাছ। **খদিরকুসুম** *বি* খয়ের গাছের ফুল। 'খদিরকুসুমমালা আউলাইল চিকুরে।' *বড়ু*, ১৪৫০।

খদ্দর [গু] *বি* তাঁতে-বোনা দেশি কাপড়বিশেষ। **খদ্দর-বাস** [গু খদ্দর+স বাস] *বি* তাঁতে বোনা এক রকমের মোটা কাপড়; খাদি। 'খদ্দর-বাস বর্ম তোর রে অস্ত্র সত্য-ভোর।' *নজরুল*, ১৯২৪।

খদ্দরধারী [গু খদ্দর+স ধারী] *বিণ* খদ্দর পরিহিত। 'খদ্দরধারী শয়তানের দল ... সর্ব্বনাশ করিতে উদ্যত হইয়াছে।' *মোহাম্মদী*, ১৯২৮।

খদ্দের [স খরিদ্দার>] **১** *বি* ক্রেতা। 'ইংরেজ খদ্দেরের আসা যাওয়ায় ও দু চার ইংরাজি কোম্পানির কন্ট্র্যাক্টে "কম" আইস "গো" যাও প্রভৃতি কথাও আসে।' *হুতোম*, ১৮৬১। **২** *বি* গ্রাহক। 'গ্রামে গ্রামে কৃষি-ব্যাঙ্ক স্থাপন করো, তবে নিজে খদ্দের ডাকিয়া আনিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

খদ্যোত [স] *বি* জোনাকি পোকা। 'মুঞি কোন ক্ষুদ্র যেন খদ্যোত প্রকাশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

AMARBOI.COM

খদ্যোতখচিত [স] *বিণ* জোনাকি পোকাপূর্ণ। 'খদ্যোতখচিত বনের পার্শ্বে নৌকা বাঁধিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

খদ্যোতিকা [স] *বি* জোনাকি পোকা। 'খদ্যোতিকাকে অন্ধকারে দীপ্তি পাইতে দেখা যায়।' *অক্ষয়*, ১৮৫২।

খদ্যোতিকাদ্যোতি [স] *বি* জোনাকির আলো। 'খদ্যোতিকাদ্যোতি যথা পূর্ণ-শশী-তেজে।' *মাইকেল*, ১৮৬১।

খধূপ [স] *বি* আতশবাজি। 'অনুবন্ধী শান্তি-শান্তি; একান্তর উল্কা ও খধূপ।' *সুধীন্দ্র*, ১৯৪০।

খন[১] [স ক্ষণ] *বি* ক্ষণ। 'যোইপি তঁই বিণু খনহিঁ ন জীবমি।' *চর্যা ৪*, ১২০০; 'খনহ ন ছাড়অ ভুসুকু অহেরী।' *চর্যা ৬*, ১২০০।

খনিঅ [স ক্ষণিক] *ক্রিবিণ* কিছুক্ষণ। 'উত্তরিল খনিঅ আসিয়া অবিরখ।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খনে খনে [স ক্ষণ>] *ক্রিবিণ* বারে বারে। 'চাঁদ দিনহি দিন হীনা। সে পুন পলটি খনে খনে খীনা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

খন[২] *অব্য* ভবিষ্যৎ অর্থব্যঞ্জক প্রত্যয়বিশেষ। 'ছাব্বিশের দরেই দেবেখন।' *শ্যামল*, ১৯৬৭।

খনক [স] *বি* খননকারী। 'সিফাই খনক বৈসে নুঙাইয়া মাথা।' *রূপরাম*, ১৭৫০।

খনখন [ধ্বন্যা] ১ *বি* ধাতুপাত্রে আঘাতজনিত শব্দবিশেষ। *বিদ্যা*, ১৮৯১; 'কহিল কাঁসার ঘটি খন খন স্বর।' *রবীন্দ্র*, ১৮৯৯। ২ *বি* কাশির শব্দ। 'খক খক খন খন ঘড় ঘড়।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বি* ক্রুদ্ধতা প্রকাশক শব্দ। 'তার মা খনখন করে উঠল।' *ওয়াজী*, ১৯৪৫।

খনখনা [ধ্বন্যা] *বিণ* খনখন শব্দবিশিষ্ট; কর্কশ। 'সর্দারের উত্তেজিত খনখনা গলার আওয়াজের তলায়।' *মনসুর*, ১৯৫৫।

খনখনে [ধ্বন্যা খনখন>] *বিণ* খনখন শব্দ করে এমন; কর্কশ শব্দবিশিষ্ট। 'ভাঙা বাঁশের চোঙার মতো খনখনে নয়।' *সজরুল*, ১৯২৭।

খনজন [স খঞ্জন] *বি* খঞ্জন পাখি। 'নয়ন বি খনজন জোর।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খনন [স] *বি* গর্ত করণ; খোঁড়া। 'পুষ্করিণী খনন করিবে দান উচ্চয় করিয়া ভোগ করহ।' *চিঠিপত্রে*, ১৭৯৭; 'তাঁহারা ইহাও বলিতে পারেন যে ভারতবর্ষের তাবৎ ভূমি খনন করিয়া ইংলণ্ড ভূমি দ্বারা তাহা পূর্ণ করিবেন।' *অক্ষয়*, ১৮৪৮।

খননলব্ধ [স] *বিণ* খননের ফলে জানা যায় এমন। 'প্রত্নতাত্ত্বিক খননলব্ধ জ্ঞান আমাদের এ কল্পনা নিয়ন্ত্রণ করবে।' *মাহেনও*, ১৯৪৯।

খনখনিআ [ধ্বন্যা খনখন>] *বিণ* খনখন শব্দবিশিষ্ট। *বিদ্যা*, ১৮৯১।

খনা *বি* প্রাচীন বাংলার প্রখ্যাত নারী জ্যোতিষী। 'খনা নামে মিহিরাচার্য্যের স্ত্রী জ্যোতিষ শাস্ত্রের শেষ পর্য্যন্ত পড়িয়াছিলেন।' *গৌর*, ১৮২২।

খনার বচন *বি* শস্য, বৃক্ষরোপণ, গৃহনির্মাণ, জ্যোতিষ প্রভৃতি সম্বন্ধে ছড়ার আকারে প্রচলিত বচন যা খনার রচিত বলে প্রসিদ্ধ। 'প্রবাদবাক্যে ও ডাক ও খনার বচনে কত যুগের ভূয়োদর্শনের পরিপক্ব ফল।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

খনি [স] ১ *বি* আকর। 'প্রভু কহে রামানন্দ বিনয়ের খনি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* ভূগর্ভস্থ বিভিন্ন ধাতুর উৎপত্তিস্থান। 'তখন রত্ন অনুসন্ধিৎসুর রত্নের খনি লাভের আনন্দ উপস্থিত হইল।' *অক্ষয়*, ১৮৫৫। ৩ *বি* উৎস। 'পণ্ডিতে দেয় নাই মেজে – প্রাণের ভাষাই এর খনি।' *রবীন্দ্র*, ১৯৪০।

খনিকার [স] *বি* যারা খনি থেকে রত্ন তোলে। 'এ কথা অবশ্যস্বীকার্য যে, আগে আসে খনিকার, তারপর মণিকার।' *প্রমথ*, ১৯১৪।

খনিখনক [স] *বি* খনিশ্রমিক। 'যাহাদিগের মধ্যে খনিখনক ও মণিকারের ব্যবসায় প্রচলিত ছিল।' *অক্ষয়*, ১৮৪৯।

খনিখোঁড়া [স খনি+খোঁড়া] *বিণ* খনি থেকে আহরিত। 'খনিখোঁড়া রত্ন হাইয়ের গাদায় হারিয়ে না ফেলি।' *রবীন্দ্র*, ১৯৪০।

খনিজ [স] *বিণ* খনি থেকে পাওয়া যায় এমন। 'স্বর্ণ, রৌপ্য ও হীরকাদি খনিজ দ্রব্য।' *অক্ষয়*, ১৮৪৮।

খনিজবিদ্যা [স] *বি* খনিজ পদার্থবিষয়ক বিদ্যা। 'ন বছর কাটিয়েছি খনিবিদ্যা খনিজবিদ্যা শিখতে।' *রবীন্দ্র*, ১৯৪০।

খনিজ সম্পদ [স] *বি* খনি থেকে পাওয়া সম্পদ। 'আমাদের মুদ্রানীতি, শিল্প, বাণিজ্য, কৃষি, খনিজ সম্পদ সবকিছুকে নিয়ন্ত্রিত করিতে হইবে।' *আজাদ*, ১৯৪১।

খনিজীবী [স] *বি* খনিতে কাজ ক'রে জীবিকা নির্বাহকারী। 'ডিফুক ক্ষুধিত খনিজীবী খুসি নয়।' *সত্যেন্দ্র*, ১৯১০।

খনিত [স] *বিণ* খোঁড়া হয়েছে এমন। 'খনিত পথ সঙ্গে সঙ্গে সুদৃঢ়ভাবে প্রস্তুত খিলান দ্বারা সুরক্ষিত করিয়া গিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

খনিবিদ্যা [স] *বি* খনিবিষয়ক বিদ্যা। 'ন বছর কাটিয়েছি খনিবিদ্যা খনিজবিদ্যা শিখতে।' *রবীন্দ্র*, ১৯৪০।

খনিবিশিষ্ট [স] *বিণ* খনি আছে এমন। 'হার্টস নামক রত্নখনিবিশিষ্ট পর্ব্বতময় প্রদেশ পর্য্যটন করিতে যায়।' *অক্ষয়*, ১৮৪৮।

খনিত্র [স] *বি* মাটি কাটার হাতিয়ারবিশেষ। 'কেবল স্বহস্তে হল-চালন ও খনিত্র ব্যবহার না করিলে, সংসারে উপকার করা হয় না ...।' *অক্ষয়*, ১৮৫৪।

খনে খনে *ক্রিবিণ* থেকে থেকে। 'খনে খনে দসনছটা ছুট হাস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

খন্তা [স খনিত্র] *বি* মাটি খোঁড়ার লোহার হাতিয়ারবিশেষ। 'লহ খুড়ি কোদাল খন্তা খুরধার।' *মুকুন্দ*, ১৬০০।

খন্তিক [স খনিত্র] *বি* খন্তা আকৃতির বৈষ্ণব চিহ্নযুক্ত দণ্ড। 'খন্তিক পুতিয়া মুকুতা ঝুলায়া কহয়ে গাহকী আগে।' *চণ্ডী*, ১৫৫০।

খন্তী [স খনিত্র] *বি* খন্তা আকৃতির বৈষ্ণব চিহ্নযুক্ত দণ্ড। 'প্রভু তুরী খন্তী ও খোল নিয়ে উপস্থিত হলেন।' *হুতোম*, ১৮৬১।

খন্দ[১] [স কন্দ] *বি* ফসল। 'জখন পাকিবে খন্দ।' *মুকুন্দ*, ১৬০০।

খন্দের কাল *বি* ফসল কাটার মৌসুম। 'তখন খন্দের কাল।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

খন্দ[২] [আ খন্দক] *বি* গর্ত। 'খন্দগুলোর আর সদ্গতি হয়নি – পিণ্ডি দেয়নি কেউ।' *শ্যামল*, ১৯৬৭।

খন্দক [আ] ১ *বি* নালা। 'পগার খন্দক খানা উলু কাস্যা নল বেনা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* পরিখা। 'সেই ব্যূহের চারিদিকে খন্দক কাটি ছিল।' *সুলতান*, ১৭০০। ৩ *বি* গর্ত; নিচু জমি। 'চৌদিকে খন্দক খানা একে একে চায়।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খন্দকারী [ফা খোন্দকার>] *বি* পিরগিরি। 'করেন তিনি খন্দকারী পেশা।' *মনসুর*, ১৯৪৪।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খদ্ধ [স কন্দ] *বি* ফসল। 'খদ্ধ নঠ করে যেহ্ন উদার্ত্ত সাত্তে।' *বড়ু*, ১৪৫০।

খন্যে [স খনি] *বি* মূল্যবান সম্পদ রাখার আধার। 'খন্যে হইতে হারে মাপ্যা দিল তাঁরে টাকা।' *মুকুন্দ*, ১৬০০।

খপ [ধ্বন্যা] *বিণ* অতর্কিত। *বিদ্যা*, ১৮৯১।

খপ করে *ক্রিবিণ* তৎক্ষণাৎ। 'একটি আদটি ঠাকুর হলে খপ করে বলা যায়।' *দীনবন্ধু*, ১৮৬৬।

খপড়দার [আ খবর+ফা দার] *বিণ* সতর্ক; সাবধান। *বিদ্যা*, ১৮৯১।

খপড়দারি [আ খবর+ফা দার>] *বি* তত্ত্বাবধান। *বিদ্যা*, ১৮৯১।

খপতা [আ খত] *বি* ঘর্ষণ; খত। 'ফের হপ্তা? তৌবা – নাক খপতা।' *নজরুল*, ১৯২৬।

খপর [আ খবর] *বি* খবর। 'বাড়ীর ভেতরে খপর ...।' *হুতোম*, ১৮৬১।

খপরদার [আ খবর+ফা দার] *ক্রিবিণ* সাবধান। 'না না, খপরদার! বলিস নি!' *গিরিশ*, ১৮৮৯।

খপসুরতি [ফা খুব+আ সুরত] *বি* সৌন্দর্য। 'খপসুরতি দেখে বেটার ধর্মজ্ঞান লোপ পেয়েছে!' *প্রমথ*, ১৯১৮।

খপুষ্প [স] *বি* আকাশ-কুসুম। 'সকলই খপুষ্প হইয়া গেল।' *অক্ষয়*, ১৮৫৬।

খপ্পর [স খর্পর] *বি* কবল। 'জীবনের ভবিষ্যৎটা এই সব কারণেই তোমার প্রশ্নের খপ্পরে পড়ে না।' *জীবন*, ১৯৩১।

খপ্পরে আসা *ক্রি* ফাঁদে পড়া। 'গণেশও হোসেন মিয়ার খপ্পরে আসিয়া পড়িবে।' *মানিক*, ১৯৩৬।

খফনাক [ফা খতরনাক] *বিণ* ভীতিজনক। 'নানা দিক হ'তে আসতে লাগলো ... খাবার মিঠাই নয়, খফনাক খবর।' *মাহেনও*, ১৯৪৯।

খবর [আ] **১** *বি* সংবাদ। 'ইঁমা আনি না বুঝিলে মহান্ত খবর।' *অনাদি*, ১৬৮০; 'রসুলক খদিজাএ পুছিলা খবর।' *সুলতান*, ১৭৭৯। **২** *বি* তথ্য। *ওসাঁ*, ১৭৮২। **৩** *বি* সন্ধান। 'চেতনগুরুর সঙ্গ ধর খবর কর ভাই।' *লালন*, ১৮৯০।

খবরওয়ালা [আ খবর+হি ওয়ালা] *বি* খবরের কাগজ বিলি করে যে। 'পথে দেখা দেয় খবরওয়ালা বাইক-রথের পরে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

খবর-কাগজ [আ] *বি* সংবাদপত্র। 'বড়ো কলারের খবর-কাগজ আঁকা শার্ট।' *ইলিয়াস*, ১৯৭৫।

খবর কাগজওলা *বি* বাড়ি বাড়ি পত্রিকা পৌঁছে দেয় যে হকার। 'সকালে খবর কাগজওলা (ব্যাটা ধড়ীবাজ) দেয়নি কাগজ কোন।' *হোসেন*, ১৯৬৯।

খবর-টবর [আ খবর>] *বি* খবরাখবর। 'তারপর খবর-টবর কি।' *নরেন্দ্র*, ১৯৪৮।

খবরদার [আ খবর+ফা দার] **১** *ক্রিবিণ* সাবধানে। 'করিবে খেদমতগারী খুব খবরদার।' *গরীব*, ১৭৬৫। **২** *বিণ* সাবধান। 'জদি তাতি খবরদার না হয়।' *হ্যালহেড*, ১৭৭৩। **৩** *বি* তত্ত্ববিদ। 'আদালতের রীতিজ্ঞ অর্থাৎ আইন খবরদার হয়েন।' *ভবানী*, ১৮২৫।

খবরদারি, খবরদারী [আ খবর+ফা দার>] **১** *বি* সাবধানতা; তত্ত্বাবধান; নজরদারি। 'খবরদারি করিবেক জেন নমুনা সহি সরস রকম হয়।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *বি* নজরদারি। 'অসৎক্রিয়া না হইতে পারিবার কারণ খবরদারী করে।' *ফরস্টার*, ১৭৯৬।

খবরদারি করা *ক্রি* কর্তৃত্ব প্রদর্শন করা। 'চেনা উঠানের খবরদারি করিতে বাহির হইয়াছে যেন।' *শওকত*, ১৯৫৮।

খবর দেওয়া *ক্রি* আসার সংবাদ জানানো। 'খবর দে তোর সাহেবকে।' *মিলার*, ১৭৯৭।

খবর-পরী [আ খবর+ফা পরি] *বি* খবর সংগ্রহকারী কাল্পনিক প্রাণী (পরী)। 'খবর-পরীরা এখানে আসে তোমাদের আগে।' *সুকান্ত*, ১৯৪৮।

খবরবার্তা [আ খবর+স বার্তা] *বি* খবরাখবর। 'তাহাদের ঘরকন্নার আধুনিক সমস্ত খবরবার্তা জানাইল।' *রবীন্দ্র*, ১৯০২।

খবরাখবর [আ খবর>] **১** *বি* খোঁজখবর। 'জেব্রাইল তাহার নিকট সর্বদা খবরাখবর করেন।' *মশাররফ*, ১৯০৮। **২** *বি* তথ্য-সংবাদ ইত্যাদি। 'খবরাখবরের জন্য সকল চিঠিপত্রই সম্পাদিকা ...।' *বেগম*, ১৯৪৭।

খবরিয়া [আ খবর>] *বিণ* খোশামুদে। *মানোএল*, ১৭৪৩।

খবরের কাগজ [আ খবর>+আ কাগজ] *বি* সংবাদপত্র। 'অস্মদাদির এতৎপত্র খবরের কাগজ জ্ঞান করিবেন না।' *দর্পণ*, ১৮৩৬।

খবরের কাগজওলা [আ খবর>+আ কাগজ+হি ওয়ালা] *বি* বাসায় প্রতিদিন সংবাদপত্র সরবরাহ করে যে। 'খবরের কাগজওলা অসময়ে কিছু আগামের জন্য দরখাস্ত পেশ করে।' *রশীদ*, ১৯৬৩।

খবরের কাগজওয়ালা [আ খবর>+আ কাগজ+হি ওয়ালা] **১** *বিণ* সাংবাদিকতার কাজ করে এমন। 'কোন খবরের কাগজওয়ালা হিন্দু ঠাট্টা করিয়া বলিয়াছিলেন।' *ইমান*, ১৯০০। **২** *বি* খবরের কাগজ প্রকাশক-সম্পাদক। 'খবরের কাগজওয়ালারা মোচকাঠিতে সংবাদদাতা পাঠাতে শুরু করলে।' *রবীন্দ্র*, ১৯৪১।

খবরের-কাগজী [আ খবর>+আ কাগজ>] *বিণ* সংবাদপত্রে ব্যবহৃত। 'আজকালকার খবরের-কাগজী বিস্তৃত ভাষায়।' *রবীন্দ্র*, ১৯২৮।

খবর্দার [আ খবর+ফা দার] *ক্রিবিণ* সাবধান। 'খবর্দার, কেউ নোড়ো-চোড়ো নাকো।' *রবীন্দ্র*, ১৮৯৯।

খবুরে [আ খবর>] *বি* খবর সংগ্রহকারী। 'উভয় পক্ষেরই গুপ্ত সন্ধানী, চর অনুচর, খবুরে, – সকলি আছে।' *মশাররফ*, ১৮৯০।

খবিশ, খবিস [আ খবীছ] **১** *বি* অপদেবতা। 'খবিশ পাইল বলি ডাকি আনি ওঝা।' *ভারত*, ১৭৬০। **২** *বি* কদাচারী ব্যক্তি (গালিবিশেষ)। 'অরে রে খবিস তোরে ডাকে ব্রহ্মদূত।' *ভারত*, ১৭৬০; 'খবিশগুলো রাইফেল হাতে কি ভাবে তাকাচ্ছে।' *পাশা*, ১৯৭১।

খবুজ [ফা খরবুজ] *বি* তরমুজ। 'শুকনো খবুজ খোর্মা চিবায়ে উমর দারাজ-দিল।' *নজরুল*, ১৯২৮।

খবুরে দ্র খবর

খমক [ফা খুমক] *বি* খঞ্জনি জাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। 'খমক জগঝম্প বাজয়ে ডুমুক বিধান।' *মুকুন্দ*, ১৬০০।

খমণ [স ক্ষপণক] *বি* ভিক্ষু। 'হাঁউ নিরাসী খমণ ভতারে।' *চর্যা ২০*, ১২০০।

খমুখ [স] *বি* আকাশ। 'পশ্চাতে খমুখে রাখি আলোকের রেখা।' *মাইকেল*, ১৮৬১।

খম্ভাঠাণা [স স্তম্ভস্থানাক] *বি* স্তম্ভখানা। 'পাপপুণ্য বেণি তিড়িঅ সিকল মোড়িঅ খম্ভাঠাণা।' *চর্যা ১৬*, ১২০০।

খয়রা [স খদির] *বি* মাছবিশেষ। 'পাঁকাল খয়রা চেল্লা তেচক্ষা এলেঙ্গা।' *ভারত*, ১৭৬০।

AMARBOI.COM

খয়রাত, খয়রাৎ [আ] **১** *বি* দান। 'নামাজ খয়রাত রোজা কর শুদ্ধ মনে।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* সেবা দান। *ভবানী*, ১৮২৩। **৩** *বি* ভিক্ষা। 'আমিও খয়রাৎ করিব ইচ্ছা করিয়াছি।' *বঙ্কিম*, ১৮৯২। **৪** *বি* প্রদান। 'তিনি ও তাঁর দলবল আজ যত্রতত্র উপদেশ খয়রাত করিতেছেন।' *আজাদ*, ১৯৪৩।

খয়রাতি [আ খয়রাত>] **১** *বিণ* দাতব্য। 'খয়রাতি বিষয়ে সালিয়ানা জমা হয়।' *দর্পণ*, ১৮২৯। **২** *বি* দানের জিনিস। 'দান-খয়রাত করলেন ও সে খয়রাতির বরসাত রুখাসুখা জেলগুলোতেও পৌঁছল।' *মুজতবা*, ১৯৪৯।

খয়রী [স খদির] *বিণ* খয়েরি রঙের। 'খয়রী শাড়ীতে তাঁর/ হলুদের ছোপ।' *ওবায়দুল্লাহ*, ১৯৭৪।

খয়ে-গোখরো *বি* বিষধর গোখরো সাপবিশেষ। 'একটা প্রকাণ্ড খয়ে-গোখরো নিয়ে তার হাতসাফাই দেখাবে।' *প্রমথ*, ১৯৩১।

খয়ের[১] দ্র খ[১]

খয়ের[২]**, খএর** [আ খায়ির] **১** *বিণ* মঙ্গলজনক। *ভেরলি*, ১৮০০। **২** *বি* মঙ্গল। *ভেরলি*, ১৮০০। **৩** *বিণ* খোশামুদে। 'পাকা খয়ের তার পেছন ছাড়েনি।' *শ্যামল*, ১৯৬৭।

খয়ের খাঁ, খয়ের খাই [আ খায়ির+ফা খাহ] **১** *বিণ* খোশামুদে। 'কর্ত্তাপক্ষের নিকট খয়ের খাঁ হওনের মানসে আপনাপন অধীনস্ত কার্য্যালয়ে ...।' *প্রভাকর*, ১৮৫৩। **২** *বি* ধামাধরা; তল্পিবাহক। 'খয়েরখাই গণের মধ্যে ভেটরূপে গিয়ে পৌঁছায়।' *মুন্সিজিন*, ১৯৩৩।

খয়ের[৩] [স খদির] **১** *বি* খদির গাছের নির্যাস থেকে প্রস্তুত পানের মসলাবিশেষ। 'বাজুবন্ধ নীলাবতী আর খয়েরচুর/ অঙ্গুরি তুলসী-বাকই বেড়িল প্রচুর।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'খয়ের হয়ত থাকে কাপড়ের বাক্সে।' *রোকেয়া*, ১৯২১। **২** *বিণ* খয়েরের মতো রঙিন। 'পেকে একেবারে খয়ের।' *শ্যামল*, ১৯৬৭।

খয়েরচুর [স খদিরচূর্ণ] *বি* এক জাতের ধান। 'বাজুবন্ধ নীলাবতী আর খয়েরচুর/ অঙ্গুরি তুলসী-বাকই বেড়িল প্রচুর।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খয়েরি [স খদির>] *বিণ* খয়েরের রংবিশিষ্ট; গাঢ় বাদামি রঙের। 'হলুদ পাতা মিশিতেছে উঠানের খয়েরি পাতায়।' *জীবন*, ১৯৩২।

খর[১] [স] **১** *বিণ* তীব্র। 'পঁউ খর জালা ধূম ণ দিশই।' *চর্যা ৪৭*, ১২০০। **২** *বিণ* প্রবল। 'খর সোঁত পাণী রাখা বড় বহে বাএ।' *বড়ু*, ১৪৫০। **৩** *বিণ* কর্কশ। 'রোষিলি রাধিকা দিল খর বচন।' *বড়ু*, ১৪৫০। **৪** *বিণ* অধিক। 'সে টঙ্গি ডাঙ্গর বড় সস্তর হাজার খর ...।' *সুলতান*, ১৭০০। **৫** *বিণ* কড়া। 'তাজা তাজা খর ভাজা মজা বড় খেতে।' *গুপ্ত*, ১৮৫৮। **৬** *বিণ* ধারালো। 'সঘনে খর শর সন্ধিয়া।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৭** *বিণ* প্রখর। 'আকাশে উঠেছে খর রবি।' *রবীন্দ্র*, ১৮৯০। **৮** *বিণ* ঝড়ের মতো। 'গগন ঢাকা ঘন মেঘে, পবন বহে খর বেগে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৯** *বিণ* তীক্ষ্ণ। 'খরকণ্টকে ছিন্ন চরণ।' *রবীন্দ্র*, ১৮৯৫। **১০** *বিণ* রুক্ষ। 'লাবণ্য খরচোখে তাকিয়ে রইলো পূর্ণিমার দিকে।' *সুনীল*, ১৯৭০।

খরকণ্টক [স] *বি* তীক্ষ্ণ কাঁটা। 'খরকণ্টকে ছিন্ন চরণ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

খর কর [স] *বি* প্রখর তেজ। 'প্রভাকরের খর করের কিঞ্চিৎ হ্রাস হইয়াছিল।' *দর্পণ*, ১৮৩২।

খরখড়্গ [স] *বি* ধারালো তরবারি। 'রসনায় মম সত্যবাক্য ঝলি উঠে খরখড়্গসম।' *রবীন্দ্র*, ১৯০১।

খরখুর [স খর>] *বি* তীক্ষ্ণ ধার। 'দিআ চড়া খরখুর কাহে তিন বাণ।' *মুকুন্দ*, ১৬০০।

খরগতি [স] *বিণ* দ্রুতগতিসম্পন্ন। 'খরগতি অয়লার (ঘোড়ার নাম) পুচ্ছ গুচ্ছ অনবরত নাড়িয়া হেষারবে সকলের দৃষ্টি আকর্ষণ করিতেছে।' *মশাররফ*, ১৮৯০।

খরজ্বাল [স] *বি* কড়া জ্বাল। 'খরজালে কর্য্যা পাক।' *মুকুন্দ*, ১৬০০।

খরতণ্ড [স] *বিণ* প্রখর উত্তাপযুক্ত। 'বৈশাখের খরতণ্ড তেজে/ ক্লান্ত দুবাহু তব লৌহময় হোক।' *সুকান্ত*, ১৯৪৮।

খরতর [স] **১** *বিণ* অতি কঠোর। 'রাজা বড় খরতর নাহিঁ শুন কথা।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* প্রবল। 'যমুনা বহে খরতর ধার।' *বড়ু*, ১৪৫০। **৩** *বিণ* দ্রুততর। 'খরতর বেগ সমীরণ সঞ্চরু চঞ্চরি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৪** *বিণ* অতিশয় প্রখর। 'পথ পোড়ে খরতর রবির কিরণ।' *মুকুন্দ*, ১৬০০। **৫** *বিণ* তীক্ষ্ণতর। 'টঙ্ক অতি খরতর টান দিয়া পঞ্চশর।' *বাহরাম*, ১৬৫০। **৬** *বিণ* মারাত্মক। 'গরলে জড়িত বিষ দুষ্ট খরতর।' *বাহরাম*, ১৬৫০। **৭** *বিণ* খুব ক্রুদ্ধ। 'অত্যন্ত উগ্রভাবে সকলের উপর খরতর দৃষ্টিপাত করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৯। **৮** *বিণ* অত্যন্ত উন্নত। 'হিন্দুর কপালক্রমে সুখ-দিনকর/ হয়েছিল এককালে অতি খরতর।' *গুপ্ত*, ১৮৫৮। **৯** *বিণ* তীব্রতর। 'খরতর বক্র হাসি শূন্যে বরষিয়া।' *রবীন্দ্র*, ১৮৯০।

খরতরলহরি [স] *বি* প্রবল ঢেউ। 'খরতরলহরি ধাইল গোদাবরী।' *মুকুন্দ*, ১৬০০।

খরতাপ [স] *বি* প্রচণ্ড উত্তাপ। 'বৈশাখের খরতাপে মূর্চ্ছাগত গ্রাম।' *সত্যেন্দ্র*, ১৯১২।

খরদন্ত [স] *বি* ধারালো দাঁত। 'রহস্যসন্ধানকারী সূক্ষ্মঘ্রাণ তীক্ষ্ণদৃষ্টি খরদন্ত চঞ্চল।' *রবীন্দ্র*, ১৯২৯।

খরদীপালি [স খর-দীপাবলি] *বি* দীপ্ত মশাল। 'বুকের ভিতর খরদীপালি জ্বালিয়ে বলে তালি তালি।' *শঙ্খ*, ১৯৬৬।

খরদীপ্তি [স] *বি* প্রখর রোদ। 'মাথার উপরে আকাশব্যাপী খরদীপ্তি।' *রবীন্দ্র*, ১৯১২।

খরদুপুর [স খর-দ্বিপ্রহর] *বি* উত্তপ্ত দুপুর। 'এই খরদুপুরে খোয়া ভেঙ্গে চলছে।' *মাহেন*ও, ১৯৪৯।

খরধার [স] *বিণ* তীক্ষ্ণ ধারালো। 'ধরে ঢাল তলোয়ার খোরাসানি খরধার।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খরপরশা [স খরস্পর্শ] *বিণ* স্পর্শ ধারালো মনে হয় এমন। 'ভরা নদী ক্ষুরধারা খরপরশা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খরপ্রবাহিণী [স] *বিণ* তীব্র স্রোতে প্রবাহিত। 'বর্ষা নামিলে খরপ্রবাহিণী নদী।' *রবীন্দ্র*, ১৯৪০।

খর বচন [স] *বি* কটূক্তি; কর্কশ কথা। 'রোষিলি রাধিকা দিল খর বচন।' *বড়ু*, ১৪৫০।

খরবাণী [স] *বি* কটূবাক্য। 'না বোলে কাহাঞি এখো খরবাণী।' *বড়ু*, ১৪৫০।

খরবাহিনী [স] *বিণ* স্ত্রী খরস্রোতবিশিষ্ট। 'খরবাহিনী বৈতরণীসৈকতে দাঁড়াইয়া একাকিনী শ্রী এই কথা বলিতেছিল।' *বঙ্কিম*, ১৮৮৪।

খরবেগ [স] *বি* তীব্র গতি। 'আন্দোলনও পূর্ব্বাপেক্ষা খরবেগ ধারণ করে।' *নবনূর*, ১৯০৫।

খরভূমি [স] *বি* মরুভূমি। 'এই অস্থিশুষ্ক খরভূমিতে পল্লবঘন বীথিকা নির্মাণ করতে পেরেছিল।' *মুজতবা*, ১৯৬০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খরযৌবন [স] *বি* উদ্ধত যৌবনদশা। 'বিনোদিনীর মুখে খরযৌবনের যে একটি দীপ্তি সর্বদাই বিরাজ করিত ...।' *রবীন্দ্র*, ১৯০২।

খররবি [স] *বি* মহাসুখ রূপ সূর্য। 'খররবি কিরণ সংতাপে রে গঅণাঙ্গণ গই পইঠা।' *চর্যা* ১৬, ১২০০।

খররোদ [স খররৌদ্র] *বি* প্রখর রোদ। 'ওধারে উলঙ্গ প্রান্তর ধু-ধু করছে খররোদে।' *ওয়ালী*, ১৯৪৫।

খররৌদ্র [স] *বি* প্রখর রোদ। 'জ্যৈষ্ঠের খররৌদ্রই তো জ্যৈষ্ঠেরই অশ্রুশূন্য রোদন।' *রবীন্দ্র*, ১৯১৪।

খরলোচন [স] *বি* তীক্ষ্ণ দৃষ্টি। 'খরলোচন শর করত বিথার।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

খরশর [স] *বি* ধারালো তির। 'কোটালেরে বীরবর ছোড়এ খরশর মেঘে জেন পানি পসলা।' *মুকুন্দ*, ১৬০০।

খরশাণ [স খর+আ সেহেন] *বিণ* তীক্ষ্ণ ধারবিশিষ্ট। 'আর বাম করেতে কৃপাণ খরশাণ।' *ভারত*, ১৭৬০।

খরশান [স খর+আ সেহেন] *বিণ* তীক্ষ্ণ ধারবিশিষ্ট। 'খরশান কাতি এক আনিল যতনে।' *বৃন্দা*, ১৫৮০।

খরশ্বাস [স] *বি* ঘন শ্বাস। 'খরশ্বাস বহে তার কর্ণে লাগে তালা।' *মুকুন্দ*, ১৬০০।

খরসান [স খর+আ সেহেন] **১** *বিণ* তীক্ষ্ণ ধারবিশিষ্ট। 'প্রবরের বান সব অতি খরসান।' *মালাধর*, ১৫০০। **২** *বি* শুকনা তামাক পাতা; দোক্তা। 'বিদ্যাধরীর বক্তৃতা শুনছি আর খরসান খেয়ে কাসছি।' *গিরিশ*, ১৮৮৯।

খরশ্বাস [স খরশ্বাস] *বি* ঘন নিশ্বাস। 'খরশ্বাস বহে পক্ষরাজ আছে জথা।' *মালাধর*, ১৫০০।

খরস্রোত [স] *বিণ* প্রবল স্রোতবিশিষ্ট। 'খরস্রোত বামনার কূলে।' *মুকুন্দ*, ১৬০০।

খরস্রোতা [স] *বিণ স্ত্রী* প্রবল স্রোতবিশিষ্ট। 'খরস্রোতা জীবনের কোল ঘেঁষে যেখানে অসাড়।' *ফররুখ*, ১৯৪৩।

খর[২] [ফা খোর] *বিণ* খাদক। 'দারুণ চণ্ডাল মুঞি কৃতঘ্ন গো-খর।' *বৃন্দা*, ১৫৮০।

খর[৩] [ফা] **১** *বি* খচ্চর। 'কারোয়ানেরা ঘোড়া হাতি উট খর ... ইত্যাদি পালে২ লইয়া বসিয়া আছে।' *রামরাম*, ১৮০১। **২** *বি* গাধা। 'খর ও হরিণ এই দুই পশুতে ...।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

খর-দরজাল [ফা খর+আ দজ্জাল] *বি* ইসলামি বিশ্বাসমতে দজ্জাল নামের অত্যাচারী। 'খর-দরজাল আসছে বুঝি শিঙায় দিয়ে হাঁক!' *জসীম*, ১৯২৯।

খর-বাহন [স] *বি* গাধার গাড়ি। 'তাঁহাকে খর-বাহন করিয়া অপমান করা হইতেছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

খরকি [স খড়ক্কী] *বি* দরজা। 'পাচ খরকি দিয়া ডোমনী পলায়ে ডরে।' *বিজয়*, ১৬৫০।

খরখর [ধ্বন্যা] **১** *বিণ* নৌকার সঙ্গে পানির সংঘর্ষে সৃষ্ট ধ্বনির মতো। 'জল যেন ইস্পাতের করাতের মতো বোটের তলাটা খরখর শব্দে কাটতে চলেছে।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* খরখর করে এমন। 'কাগজের খরখর শব্দ, কারো কারো কলমের খসখস শব্দ।' *মোতাহার*, ১৯৩৭। **৩** *বি* তীব্রতা প্রকাশক শব্দ। 'এক ভরা দিনে রোদ খরখর করছে।' *ওয়ালী*, ১৯৪৫।

খরখতি [আ খায়ির+ফা খত>] *বি* চুক্তিনামা। 'এই করারে তালুক ভূম বিক্রয় খরখতি দিলাম।' *ওসী*, ১৭৮২।

খরগোশ, খরগোস, খরগস [ফা খরগোশ] *বি* বড়ো কানওয়ালা দ্রুতগামী তৃণভোজী ক্ষুদ্র জন্তুবিশেষ; শশক। *মানোএল*, ১৭৪৩। 'খরগোস।' *ওসী*, ১৭৮৫; 'খরগোশ ও শৃগাল হইতেও আপন শত্রুর পদবিক্ষেপের শব্দ শ্রবণ করে।' *অক্ষয়*, ১৮৪৯; 'এক খরগস কোনও কচ্ছপকে উপহাস করিতে লাগিল।' *বিদ্যা*, ১৮৫৬।

খরচ [আ খরজ] **১** *বি* ব্যয়। 'কোলে নিধি খরচ করিতে হয় খুন/ চিনির বলদ সবে একখানি গুণ।' *ভারত*, ১৭৬০। **২** *বি* অর্থ। 'সাহেবেরা যে খরচ দিতেছেন।' *দর্পণ*, ১৮৩৭।

খরচ করা *ক্রি* উচ্চারণ করা। 'এই অহিংস কাজ সম্পর্কে একটা কথাও খরচ করিয়াছিলেন?' *আজাদ*, ১৯৩৯।

খরচখরচা [আ খরজ>] *বি* মূল খরচ ও আনুষঙ্গিক খরচ। 'ইহার খরচখরচা লাগীবেক না।' *ক্যালগে*, ১৭৯১।

খরচ দেওয়া *ক্রি* ব্যয় নির্বাহ করা। 'এক২ সাহেব ঐ বিষয়ের এক২ মাসের খরচ দিবেন।' *দর্পণ*, ১৮২৩।

খরচপত্তর [আ খরজ+স পত্র] *বি* নানা ধরনের ব্যয়। 'অনেক খরচপত্তর করলাম, কিছুতেই বাঁচল না।' *বনফুল*, ১৯৩৬।

খরচপত্র [আ খরজ+স পত্র] **১** *বি* নানা ধরনের ব্যয়। 'তুমি খরচপত্র না পাঠাইয়া খাতির জমায় সেখানে বসীয়া আছহ।' *ওসী*, ১৭৮২; 'ভদ্রা পোষণার্থের খরচ পত্র মাস২ তত্ত তল্লাস করিয়া দেন।' *রামরাম*, ১৮০১। **২** *বি* যাবতীয় ব্যয়। 'খরচপত্র বাদেও যথেষ্ট উদ্বৃত্ত যদি থাকে।' *রবীন্দ্র*, ১৯২৯।

খরচপাতি [আ খরজ+স পত্র>] *বি* নানা ধরনের ব্যয়। 'কোনো খরচপাতি না, পয়সা-কড়ি না।' *ইলিয়াস*, ১৯৭৫।

খরচ বরদার [আ খরজ+ফা বরদার] *বি* খরচ করার দায়িত্বপ্রাপ্ত কর্মচারী; বাজার সরকার। *ওসী*, ১৭৮২।

খরচা [আ খরজ>] **১** *বি* ব্যয়। 'ঘরের খরচা আর কত ধন পায়।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বি* করবিশেষ। 'জমিদার কাছারিতে পদার্পণ করিলেন, খরচা দিতে হইবে।' *সুলভ*, ১৮৭৩।

খরচান্ত [আ খরজ+স অন্ত] *বি* অতিরিক্ত খরচ। 'যদ্যপি সাক্ষির আইসা যাওয়াতে খরচান্ত হয় ...।' *ডানকান*, ১৭৮৪।

খরচান্তিক [আ খরজ+স অন্ত>] *বিণ* ব্যয়বহুল; অধিক খরচ করতে হয় এমন। 'পাঁচটি মানুষের খরচান্তিক সংসারের দিকে চেয়ে বাবা তখন দীর্ঘ নিশ্বাস ফেলেছিলেন।' *হাফিজুর*, ১৯৫৩।

খরচিআ [আ খরজ>] *বিণ* মুক্তহস্তে ব্যয় করে এমন। *বিদ্যা*, ১৮৯১।

খরচী [আ খরজ>] *বিণ* ব্যয়-সংক্রান্ত। 'আইন্দাম জমা খরচী কাজ দূর করিবার কারন।' *হ্যালহেড*, ১৭৭৩।

খরচে [আ খরজ>] *বিণ* মুক্তহস্তে ব্যয় করে এমন। 'যেমন রোজগেরে, তেমনি খরচে।' *তারা*, ১৯৪৬।

খরজ[১] [আ] *বি* ব্যয়। 'খরজ করিতে।' *মানোএল*, ১৭৪৩।

খরজবরদার [আ খরজ+ফা বরদার] *বি* খরচ করার দায়িত্বপ্রাপ্ত কর্মচারী; বাজারসরকার। *ওসী*, ১৭৮৫।

খরজ[২] [স ষড়জ (সংগীতের সপ্তসুরের প্রথম)] *বিণ* কর্কশ। 'খরজ শব্দ।' *বঙ্গদর্শন*, ১৮৭২; 'তানপুরার কর্ণপীড়ক খরজ সুরের জন্মদাতাগণ

AMARBOI.COM

তাহাকে কী চক্ষে সমালোচনা করেন?' *রবীন্দ্র*, ১৮৮১।

খরতা *বি* পাখিবিশেষ। 'কিশোর কণ্টকে কবে খরতার বাসা?' *দীনবন্ধু*, ১৮৬৭।

খরবুজ [ফা] *বি* ফুটির মতো ছোটো ফল; খরমুজ। *ওসাঁ*, ১৭৮৫।

খরমুজ [ফা খরবুজ] *বি* তরমুজ সদৃশ ফলবিশেষ। 'খোয়া খেজুর খরমুজ; ইক্ষু শশা তরমুজ।' *ভবানী*, ১৮২৮।

খরমুজা [ফা খরবুজ] *বি* খরমুজ; ফুটি জাতীয় ফল। 'খরমুজা কাহুড়ী।' *বড়ু*, ১৪৫০।

খরতুলা, খরতুল্বা [স খর-শফর] *বি* মাছবিশেষ। 'খরতুল্বা তপসিয়া পাঙ্গাস ইলিশা।' *ভারত*, ১৭৬০।

খরশোলা [স খর-শফর] *বি* মাছবিশেষ; খরতুলা। 'টাটকিনি খরশোলার পানশে ব্যঞ্জন সমানে খেয়ে যাচ্ছেন।' *মণীশ*, ১৯৬৩।

খরা [স খর>] ১ *বি* উত্তাপ। 'বড় খরা লাগে গাএ যৌষ্টের তপনে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* অনাবৃষ্টি। 'চৈত্র গেল ভীষণ খরায়, বোশেখ রোদে ফাটে।' *জসীম*, ১৯২৯।

খরাভীত [স খরা-ভীত] *বিণ* খরাকে ভয় পায় এমন। 'চাঁদের আলোয় খরাভীত কিষাণেরা বহুক্ষণ মাঠ গুলজার করিয়া রাখিবে আজ।' *শওকত*, ১৯৫৮।

খরাখরি [ধ্বন্যা] *ক্রিবিণ* ঝনঝন শব্দ ক'রে। 'দুই বীর যুদ্ধ হৈল অস্ত্র খরাখরি।' *আলাওল*, ১৬৮০।

খরাত [আ খয়রাত] *বি* ভিক্ষা। 'মা, তুমি আর খরাত কইর্য্য না।' *ইসহাক*, ১৯৫৫।

খরাতনী *বি* স্ত্রী ভিখারি। 'মাইনষে কয় খরাতনীর পুত?' *ইসহাক*, ১৯৫৫।

খরান [স খর>] *বি* অনাবৃষ্টি। *বিদ্যা*, ১৮৯১।

খরাপ [আ খরাব] *বি* ক্ষতি। 'মোলনা মারিয়া সব করিল খরাপ।' *বিজয়*, ১৬৫০।

খরাব [আ] *বিণ* খারাপ; মাতাল। 'খরাব হওয়ার শরাবখানায় ছুটছি আমি আবার আজ।' *নজরুল*, ১৯৫৯।

খরিকা [স খটিকা] *বি* দাঁতের মাজন। 'উপরের দন্তে যেই খরিকা লাগাইব।' *সুলতান*, ১৭০০।

খরিত [ফা খরীদ] *বি* খরিদ। *ক্যালগে*, ১৭৮৫।

খরিতকী [ফা খরীদ>] *বি* ক্রয়দলিল। 'রসিদ ও হুণ্ডী ও খত খরিতকী প্রভৃতি মূল্যক্রমে ষ্টাম্প কাগজে লেখাপড়া হইবেক।' *দর্পণ*, ১৮২৫।

খরিতা *বি* থলিবিশেষ। 'খিল্লাত পরিধান করে রেশমের খরিতায় পত্রাদি বাঁধতেন।' *ওয়ালী*, ১৯৬৪।

খরিতানফর [ফা খরীদ+আ নফর] *বি* অত্যন্ত অনুগত সেবক; ক্রীতদাস। *ওসাঁ*, ১৭৮২।

খরিদ [ফা] *বি* ক্রয়; কেনা। 'কোনো রেসম খরিদ করি নাই।' *মেয়র্স*, ১৭৫৭।

খরিদওয়ালা *বি* ক্রেতা। *ক্যালগে*, ১৭৮৫; 'পুনরায় সেই জিনিষ বিক্রয় হইবেক তাহাতে যে খেসারত হয় তাহা প্রথম খরিদওয়ালা নিসা করিবেক।' *ক্যালগে*, ১৭৮৪।

খরিদদার [ফা খরীদ+ফা দার] *বি* ক্রেতা। 'সেখানে খরিদদার বিস্তর আছে।' *ওসাঁ*, ১৭৭৯।

খরিদা [ফা খরীদ] ১ *বি* ক্রয়। *ওসাঁ*, ১৭৮২; 'খরিদার বাকী চাউল লইয়া জাওনের রওয়ানা ও ছাড় চিঠী পাইবেক।' *ক্যালগে*, ১৭৯৬। ২ *বিণ* ক্রয়কৃত; কেনা। 'ইহাতে তফায়ত হইলে ঐ খরিদা মাল পুনরায় বিক্রয় হইবেক।' *ক্যালগে*, ১৭৮৮।

খরিদানফর [ফা খরীদ+আ নফর] *বি* ক্রীতদাস; অত্যন্ত অনুগত সেবক। 'মহাশএর আশীর্ব্বাদপত্র পাইয়া এ খরিদানফর বড়ই ভিতু হইল।' *ওসাঁ*, ১৭৮২।

খরিদা বন্দী [ফা খরীদ+ফা বন্দি] *বি* কেনা বন্দী; কেনা বাঁদি। *ওসাঁ*, ১৭৮২।

খরিদার [ফা খরীদ>] *বি* ক্রেতা। 'জদি কিছু লোকসান হয় পহিলা খরিদারের জিম্মা হইবেক।' *ক্যালগে*, ১৭৯৬।

খরিদারান [ফা খরীদ>] *বি* ক্রেতারা। 'এ কারণ তাঁতিদিগের হক ও খরিদারানের হক রক্ষ্য কারণ হুকুমনামা নতুন।' *মেয়ার*, ১৭৮৭।

খরিদ্দার [ফা খরীদ+ফা দার] *বি* ক্রেতা। 'খরিদ্দার নাই, সকলেই বেচিতে চায়।' *বঙ্কিম*, ১৮৮১।

খরিশ, খরিষ, খরিস [স খরবিষ] *বি* গোখরা সাপ। 'লিখিল কালিয়হ্রদে ভুজঙ্গমগণ গোনয খরিষ কালী উভ জার ফণ।' *মুকুন্দ*, ১৬০০; 'কেউটে খরিশ কালীগোখুরা ময়াল।' *ভারত*, ১৭৬০; 'প্রকাণ্ড খরিস সাপটা শুকাইয়া হইয়া আছে একেবারে দড়ি।' *মানিক*, ১৯৩৬।

খরীতা *বি* চিঠি সংবলিত কারুকার্যখচিত রেশমের আবরণ। 'সাতটি শর্ত-সংবলিত খরীতাটি ... জেনারেলের কাছে পাঠালেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

খরুচে [আ খরজ] *বিণ* বেশি খরচ করে এমন। 'পানুটা চিরকাল খরুচে।' *শামসুল*, ১৯৬২।

খরসালা [স খর-শফর] *বি* ছোটো মাছবিশেষ। 'খরসালা কিনে কই কিনিল মহিষা দই।' *মুকুন্দ*, ১৬০০।

খরে [স খর] *বিণ* প্রবল। 'কুল লই খরে সোস্তে উজাঅ।' *চর্যা* ৩৮, ১২০০।

খরে-দজ্জাল [ফা খর+আ দজ্জাল] *বিণ* উগ্র ও ঝগড়াটে। 'তৃতীয় পক্ষটি একেবারে খরে-দজ্জাল।' *নজরুল*, ১৯৩১।

খরোষ্ঠী [স] *বি* ভারতের উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলের প্রাচীন ভাষা ও লিপিবিশেষ। 'খরোষ্ঠী ... হরফে লেখা।' *মুজতবা*, ১৯৪৯।

খর্গ [স খড়্গ] *বি* তরবারি। 'এক মুনাফেক হাতে খর্গ করি।' *সুলতান*, ১৭০০।

খর্চা [আ খরজ] *বি* ব্যয়। 'বেজায় বাজে খর্চা।' *মুজতবা*, ১৯৪৯।

খর্জুর, খর্জ্জুর [স খর্জ্জর] *বি* খেজুর গাছ ও তার ফল। 'অর্জ্জুন খর্জ্জুর খিরি গয়া আস্তত বোহারি।' *মালাধর*, ১৫০০; 'আম্র খর্জ্জুর যথ আছএ বদরি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

খর্জুরকুঞ্জ [স খর্জ্জুরকুঞ্জ] *বি* খেজুরের বাগান। 'শীতল উৎসের তীরে খর্জুরকুঞ্জের ছায়ায়।' *রবীন্দ্র*, ১৮৯৫।

খর্জুর, খর্জ্জুর [স] *বি* খেজুর গাছ ও তার ফল। 'উত্তম অশ্ব, খর্জুর, নীল, মুক্তা, এবং কাওয়া।' *অক্ষয়*, ১৮৪১; 'স্বাধীনেরা খর্জ্জুর ভক্ষণ করুক।' *রোকেয়া*, ১৯২২।

খর্জুরবীথি [স] *বি* খেজুরগাছের সারি। 'খর্জুরবীথির পাশে একটা টিলার উপর আতাহিয়া ও আবু নওয়াস উপবিষ্ট।' *শওকত*, ১৯৬২।

খর্তাল [স করতাল] *বি* মন্দিরাবিশেষ। 'খর্তাল বাজিয়ে তিনি শুধু/ মন্দিরে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বেড়ান গেয়ে গেয়ে।' *রবীন্দ্র*, ১৯১৭।

খর্পর [স কপর] **১** *বি* মাথার খুলি। 'দুহাথে খর্পর কাতি বদন বিশালা।' *রূপরাম*, ১৭৫০। **২** *বি* পাত্র। 'লোভ খর্পরে পাতিত করিয়া মনস্কামনা সিদ্ধ করেন।' *অক্ষয়*, ১৮৫০। **৩** *বি* মাটির পাত্র। 'বাম হস্তে ঝুলী ও খর্পর ও দক্ষিণ হস্তে চিমটা লইয়া ... ভিক্ষার্থ পর্য্যটন করে।' *অক্ষয়*, ১৮৫০।

খর্ব, খর্ব্ব [স] **১** *বিণ* মনঃক্ষুণ্ন। 'প্রভুর বচন শুনি সে হইল খর্ব্ব।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* দূরীভূত। 'পরশুরামের দর্প শ্রীরাম করিল খর্ব।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* এক প্রকার ছন্দ। 'খর্ব।' *আলাওল*, ১৬৮০। **৪** *বিণ* খাটো। 'কনক কান্তি জিত শরীর সুবলিত খর্ব দীর্ঘ নহে অতি।' *সুলতান*, ১৭০০; 'শিবসুত মহামতি স্থূল তনু খর্ব্ব অতি।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৫** *বি* সহস্র কোটি। 'ইহা ভিন্ন অর্বুদ, বৃন্দ, খর্ব প্রভৃতি আরও কতকগুলি সংখ্যা আছে ...।' *বিদ্যা*, ১৮৫১। **৬** *বিণ* হ্রস্ব; কম। 'মনুষ্য অনেক পশুদিগের অপেক্ষা শারীরিক সামর্থ্য বিষয়ে খর্ব্ব বটেন।' *অক্ষয়*, ১৮৫৫।

খর্ব করা, খর্ব্ব করা *ক্রি* চূর্ণ করা। 'সুধাংশুর গর্ব্ব খর্ব্ব করহ এখন।' *উমেশ*, ১৮৫৭।

খর্বকায়, খর্ব্বকায় [স] **১** *বি* বেঁটে লোক; বামন। 'খর্ব্বকায়দিগের অপেক্ষা প্রাংশু দেহ থাকাতে আমার ... শোভা হইত।' *কৃষ্ণকমল*, ১৮৫৮। **২** *বিণ* ক্ষীণ কলেবরবিশিষ্ট। 'তাহা অত্যুক্তি হইলেও খর্বকায়।' *রবীন্দ্র*, ১৯০৫।

খর্বকারী, খর্ব্বকারী [স] *বিণ* হীন করে এমন। 'রুসিয়ার গর্ব্ব খর্ব্বকারী প্লেভনা সমরে জগদ্বিখ্যাত।' *প্রচারক*, ১৮৯৯।

খর্বকেশিনী [স] *বিণ* ছোটো চুলবিশিষ্ট। 'আমরাও খর্বকেশিনী খর্ববেশিনী সাহিত্যকীর্তির টেকনিকের হালফ্যাশন নিয়ে গম্ভীরভাবে আলোচনা করি।' *রবীন্দ্র*, ১৯৩১।

খর্বতর [স] *বিণ* আরও খাটো। 'নিজেদের অধিকারকে পূর্ব্ব হতে খর্বতর করে নিজেদের অঙ্গপ্রত্যঙ্গ ছেঁটে ফেলেছি।' *অন্নদা*, ১৯২৮।

খর্বতা, খর্ব্বতা [স] **১** *বি* অল্পতা। 'পণ্ডিতবর্গের সহিত শাস্ত্র প্রসঙ্গে সাধারণামোদপ্রমোদের খর্ব্বতা।' *দর্পণ*, ১৮৩৮। **২** *বি* অমর্যাদা। 'এ বিষয়েও লোকের শ্রদ্ধার খর্ব্বতা হইতেছে।' *অক্ষয়*, ১৮৫৪। **৩** *বি* ক্ষীণতা। 'তিনি দৃষ্টির খর্ব্বতা হেতু পড়িতে কষ্টবোধ করিতেন।' *অক্ষয়*, ১৮৫৫। **৪** *বি* হ্রস্বতা। 'আয়ের খর্বতা বশতঃ এক্ষণে সেরূপ চলা তাঁহার ক্ষমতা বহির্ভূত।' *বিদ্যা*, ১৮৬৩। **৫** *বি* ঘাটতি। 'বিদ্যার অভাব বুদ্ধির খর্বতা একটা প্রকাশ্য জাঁকের বিষয়।' *রবীন্দ্র*, ১৮৮১। **৬** *বি* ক্ষুদ্রতা; ভীরুতা। 'সর্ব খর্বতারে দহে তব ক্রোধদাহ।' *রবীন্দ্র*, ১৯২৯।

খর্বতু [স] *বি* বেঁটে অবস্থা। 'গাছের মতো পাশাপাশি না বাড়লে উভয়ের খর্বত্ব অবশ্যম্ভাবী।' *আলাউদ্দিন*, ১৯৬০।

খর্বদেহ [স] *বিণ* লম্বা নয় এমন। 'খর্বদেহ নিঃসহায়, তবু তার মুষ্টিবদ্ধ হাত উত্তোলিত।' *সুকান্ত*, ১৯৪৮।

খর্ববেশিনী [স] *বিণ* স্ত্রী খাটো মাপের বস্ত্রপরিহিত। 'আমরাও খর্ববেশিনী সাহিত্যকীর্তির টেকনিকের হালফ্যাশন নিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

খর্বা [স খর্ব>] *ক্রি* হেঁট করা। 'খর্বিলা বলির গর্ব খর্বাকার ছলে, বামন।' *মাইকেল*, ১৮৬১।

খর্বাকৃতি, খর্ব্বাকৃতি [স খর্ব-আকৃতি] *বিণ* বেঁটে। 'বিড়ালচক্ষু খর্বাকৃতি রমাই ঠাকুর সংকুচিত হইয়া পড়িল।' *রবীন্দ্র*, ১৮৮৪; 'বর্ত্তমানের ভারাতুর, লজ্জাকাতর, স্বাস্থ্যহীন, শ্রীহীন, সৌষ্ঠবহীন, খর্ব্বাকৃতি শীর্ণকায় বাঙালী নারী নয়!' *ওয়াজেদ*, ১৯৪৩।

খর্বাঙ্গিণি, খর্ব্বাঙ্গিণি [স খর্বাঙ্গিণী] *বিণ* স্ত্রী বেঁটে। 'খর্ব্বাঙ্গিণি নাহি সহে করে গর্ব্ব খর্ব্ব।' *মদনমোহন*, ১৮৩৪।

খর্বীকৃত [স] *বিণ* লঘু। 'ইহার বিশাল আয়তন (বিহার ও উড়িষ্যাসহ) কতকটা খর্বীকৃত হইয়া বাংলাদেশ সুদৃঢ় ভিত্তিতে গড়িয়া উঠে।' *এনামুল*, ১৯৫৫।

খর্মুজ [ফা খরবুজ] *বি* তরমুজ-জাতীয় ফল। 'আমিও কাটিব এ খর্মুজ।' *কেরি*, ১৮০২।

খর্সান [স খর>] *বি* শুকনা তামাক পাতা। 'খর্সান খেয়ে, লাঙ্গল নিয়ে, যাচ্চে চাসার সার।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

খল[১] [স] **১** *বিণ* হিংসক। 'একে একে সখিজন সব মোর খল।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* দুর্জন। 'খলের চরণে পাতিয়া শ্রবণে খাইনু আপন মাথা।' *দ্বিজচণ্ডী*, ১৬০০। **৩** *বিণ* কূটবুদ্ধিসম্পন্ন। 'মোর স্বামী খল বড়।' *বিজয়*, ১৬৫০। **৪** *বিণ* কপট। 'অয়ি খল, ছলণ্ঠিতা ...।' *রবীন্দ্র*, ১৯০৪।

খল-কোলাহল [স] *বি* কপটতাপূর্ণ কোলাহল। 'অসুরের খল-কোলাহলে এসো সুরের বৈতালিক।' *নজরুল*, ১৯৩০।

খলতা [স] **১** *বি* নিষ্ঠুরতা। 'অন্যের কুশল ও সুখপতনে আহ্লাদ করণ অন্যায় ও খলতা বটে।' *তারিণী*, ১৮০৩। **২** *বি* নীচতা; পাপ, মদ, মাৎসর্য্য, খলতা ... দমন করা আবশ্যক।' *অক্ষয়*, ১৮৫২। **৩** *বি* কপটতা। 'অভিমান, খলতা, হিংসা, দ্বেষ, অহঙ্কার।' *প্যারী*, ১৮৬০।

খল-পনা *বি* খলের মতো অবস্থা। 'বাইরেতে এক ভিতরে এক এ যেন কার খল-পনা।' *রবীন্দ্র*, ১৮৮৬।

খলমতী [স] *বিণ* কপটাচারী। 'ধর্মসভায় নাচ হইআ খলমতী।' *মুকুন্দ*, ১৬০০।

খলমানুষ [স] *বি* দুর্জন। *ওসী*, ১৭৮৫।

খলমানুষী [স] *বি* প্রতিশোধপরায়ণতা। *ওসী*, ১৭৮৫।

খলরূপ [স] *বিণ* ছলনাকারী; কপট। 'তুমি সৃজিলে আমায় খলরূপ করি।' *মালাধর*, ১৫০০।

খলস্বভাব [স] *বিণ* কপট স্বভাববিশিষ্ট। 'তাঁহাকে পরোপকারকাতর খলস্বভাব পাষণ্ড বলিব।' *বঙ্কিম*, ১৮৯২।

খল[২] [স খল্ল] *বি* ঔষধ পেষণে ব্যবহৃত পাথরের পাত্র। 'সাধু খল আনয়ন কর আমি ঔষধ বাহির করি।' *দীনবন্ধু*, ১৮৬০; 'পদ্মমধু, অনুপান, চ্যবনপ্রাশ, খল – ইত্যাদি।' *হাসান*, ১৯৬৯।

খলই [স খল্ল] *বি* মাছ রাখার বাঁশের ঝুড়ি। 'পদ্মাবতী বস্বি বায়ে খলই ধরে নেতা।' *বিজয়*, ১৬৫০।

খলকচা ওঠা *ক্রি* নদী ফুলে ওঠা। *মানোএল*, ১৭৪৩।

খলখল[১] [ধ্বন্যা] *ক্রিবিণ* বারংবার খল শব্দ ক'রে। 'মহাঁমায়া গগনে হাসেন খলখল।' *মুকুন্দ*, ১৬০০।

খলখলখল [ধ্বন্যা] *ক্রিবিণ* বারংবার খল শব্দ ক'রে। 'শুনি খলখলখল অট্ট হাসিনু, আজিও সে হাসি বাজে।' *নজরুল*, ১৯২৪।

খলখলি, খল খলি [ধ্বন্যা খলখল>] *ক্রিবিণ* খলখল শব্দে। 'বিমুখ হয়িআঁ খলখলি হাস তোর।' *বড়ু*, ১৪৫০; 'রধে চড়ি বিস্য বির হাসে খল খলি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

AMARBOI.COM

খলখলে *বিণ* প্রাণখোলা। 'শিশুর খলখলে হাসি আমি শুনেছি।' *মুজতবা*, ১৯৫৮।

খলপা [স খলপদা] *বি* বাঁশের তৈরি চাটাই। 'অনেকখানি টিনের, খানিকটা খলপার।' *জীবন*, ১৯৩২।

খলবল [ধ্বন্যা] *ক্রিবিণ* তাড়াহুড়ার সঙ্গে। 'খোকা খলবল করিয়া হামাগুড়ি দিয়া ...।' *বিভূতি*, ১৯২৯।

খলল [আ] *বি* ক্ষতি। 'অনেক খলল হইতেছে।' *তাঁতি*, ১৭৯২; 'আবাদের বড়ই খলল হইয়াছে।' *কেরি*, ১৮০২।

খলসে [স খলিশ] *বি* কই জাতীয় ছোটো মাছবিশেষ। 'হাতির পিছে নেংচে চলে/ ব্যাংচা এবং খলসে রে।' *নজরুল*, ১৯৩১।

খলা[১] [স স্খলন>] **১** *ক্রি* খুলে পড়া। 'তাহা তাহা খলকমলদল খলই।' *গোবিন্দ*, ১৬০০। **২** *ক্রি* স্খলিত হওয়া। 'না নাড়িলে যদি বিন্দু খলএ।' *সুলতান*, ১৭০০।

খলা[২] [স খল্ল] *বি* ধান মাড়ানোর ও শুকানোর জন্য বিস্তৃত জায়গা। 'সেইগুলো এখন ভিড়েছে এসে নিজ নিজ গেরস্তের খলার কাছে।' *মাহেনও*, ১৯৪৯।

খলি [স খলী] *বি* খইল; তিল, সরিষা প্রভৃতি থেকে তেল বের করার পর যে বর্জ্য থাকে। 'খলি-মিশান ললিত বিচালিচূর্ণ।' *বঙ্কিম*, ১৮৭৫।

খলিত [স স্খলিত] *বিণ* স্খলিত হয়েছে এমন। 'কাহার নূপুর হাতে খলিত বসন মাথে।' *মুকুন্দ*, ১৬০০।

খলিতবসন [স স্খলিতবসন] *বি* বস্ত্র স্খলিত হয়েছে এমন অবস্থা। 'খলিতবসনে সাধু পালটে অম্বর।' *মুকুন্দ*, ১৬০০।

খলিপা [আ খলীফাহ্] *বি* প্রতিনিধি। *বিদ্যা*, ১৮৯১।

খলিফা, খলীফা [আ খলীফাহ্] **১** *বি* বিদ্যালয়ের শিক্ষক। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বি* প্রতিনিধি। 'বাবু সহি করিলেন টাকা খলিফা বুঝিয়া লইলেন।' *ভবানী*, ১৮২৫। **৩** *বি* প্রধান শাসনকর্তা। 'আরবদিগের খলীফা হারুন উর রশীদের ... ধর্মপরায়ণ মন্ত্রী ছিলেন।' *বিদ্যা*, ১৮৬৩; 'এই দুনিয়ার মৃত্তিকা ছিল তখত যে খলিফার।' *নজরুল*, ১৯৪১। **৪** *বি* দরজি। 'খলিফা সাহেব! সেলাম আলেকুম!' *প্রভাত*, ১৮৯৭। **৫** *বি* ইসলাম ধর্মের প্রবর্তকের মৃত্যু-পরবর্তী শাসনকর্তা। 'হজরতের সময়ে বা তাঁহার খলিফা চতুষ্টয়ের যুগে।' *মোহাম্মদী*, ১৯২৭।

খলিফারূপে [আ খলীফাহ্+স রূপে] *ক্রিবিণ* খলিফার পদমর্যাদায়; খলিফা হিসেবে। 'কিন্তু আজ খলিফারূপে আমি তোমাকে ডাকিনি।' *শওকত*, ১৯৬২।

খলিশা, খলিসা [স খলিশ] *বি* কই জাতীয় ছোটো মাছবিশেষ। 'গাঙ্গদাড়া ভেদা ঢেঙ্গ কুড়িশা খলিশা।' *ভারত*, ১৭৬০; 'খলিসা।' *বিদ্যা*, ১৮৯১।

খলীপা [আ খলীফাহ্] *বি* সমর প্রশিক্ষক। 'যাহারা ঐ যুদ্ধসেনার শিক্ষক অর্থাৎ খলীপা রণভূমিতে উপস্থিত ...।' *চন্দ্রিকা*, ১৮৩৪।

খলু [স] *বিণ* কেবল। 'খলু সার শ্বশুর-মন্দির।' *বঙ্কিম*, ১৮৭৫।

খল্ল [স] *বি* ঔষধ পেষণের পাত্র; খল। 'ঔষধমারা খল্ল ও অস্ত্র ইত্যাদি ক্রয় করিয়া ...।' *দর্পণ*, ১৮২৫।

খশ *বি* প্রাচীন বাংলার জাতিবিশেষ। 'বঙ্গদেশের পূর্ব্ব পর্ব্বতে খশদিগের নিবাস আছে।' *অক্ষয়*, ১৮৪৭।

খশখশ [ধ্বন্যা] *বি* গাছের পাতা প্রভৃতির ঘর্ষণের শব্দ। 'একটি শৃগাল খশ খশ করিয়া শরবনের উপর দিয়া চলিয়া গেল।' *কৃষ্ণকমল*, ১৮৫৮। দ্র **খসখস**[১]

খশখশানি [ধ্বন্যা খশখশ] *বি* শুষ্ক কাপড়, গাছের পাতা প্রভৃতির ঘর্ষণের শব্দ। 'শাড়ির খশখশানি উশখুশানি না থাকলে চলে না।' *জীবন*, ১৯৪৮।

খশম, খসম [আ] *বি* স্বামী। 'তাহার উন্মত হৌক খসম আহ্মার।' *সুলতান*, ১৭০০; 'খশম ছাড়িয়া যেবা নিকা করে রাঁড়।' *ভারত*, ১৭৬০।

খশানো *ক্রি* খুলে ফেলা। 'রাত্রিযোগে হড়কা খশাই তয়তয়।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খস[১] [ধ্বন্যা] *বি* এক প্রকার তৃণ। 'খাটায়ে খসের টাট্টি মুড়িয়াছে ঘর।' *গুপ্ত*, ১৮৫৮।

খস[২] *বি* প্রাচীন ভারতীয় জাতিবিশেষ। 'আর্য্যক্ষেত্রের চতুষ্পার্শে শক, খস, দরদ ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

খসখস[১] [ধ্বন্যা] **১** *বি* শুষ্ক কাপড়, গাছের পাতা প্রভৃতির ঘর্ষণের শব্দ। *বিদ্যা*, ১৮৯১; 'কাপড়ের একটুখানি খসখস ...।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বিণ* অবিরাম খস শব্দ হয় এমন। 'ঘন শৈবালের মধ্যে দিয়ে যেতে খস খস শব্দ হচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯১। **৩** *বিণ* অমসৃণ; কর্কশ। 'তাঁহার সিল্কের শাড়ি বেশি খসখস।' *রবীন্দ্র*, ১৯০৯। **৪** *বি* শরীরের শুষ্কতাজনিত ভাব। 'গায়ের চামড়াটা কুবেরের আজ বড়ো খসখস করিতেছিল।' *মানিক*, ১৯৩৬। দ্র **খশখশ**

খসখসানি [ধ্বন্যা খসখস>] *বি* খসখস শব্দ। 'কানখাড়া করে শুনল শাড়িওই খসখসানি।' *কায়সার*, ১৯৬২।

খসখসিয়া [ধ্বন্যা খসখস>] *বিণ* অমসৃণ। 'খসখসিয়া বস্ত্র।' *মানোএল*, ১৭৪৩।

খসখসে [ধ্বন্যা খসখস>] *বিণ* অমসৃণ। 'তুফানী নিজের আঙুল দিয়ে ছুঁলো পিতার খসখসে চামড়া।' *আলাউদ্দিন*, ১৯৭১।

খসখস[২] [ফা খস] *বি* বেনা; সুগন্ধি তৃণবিশেষ। 'জীর্ণ চিকের ছায়া-মিশানো অস্পষ্ট আলোয় ভিজে খসখসের গন্ধের মধ্যে।' *রবীন্দ্র*, ১৯৩২।

খসড়া [আ খুসরাহ্] *বি* চূড়ান্ত করা হয়নি এমন পাণ্ডুলিপি। 'মোদের তরে আছে মাত্র খসড়া।' *রবীন্দ্র*, ১৯০৬।

খসন [স স্খল্>] *বি* খুলে ফেলা। 'বসন কসন ছলে বসন খসন।' *ভবানী*, ১৮২৮।

খসমসভাব [স খ+সম+স্বভাব] *বিণ* আকাশের মতো। 'খসমসভাবে রে বাণত কাকোএ।' *চর্যা* ৪৩, ১২০০।

খসলৎ [আ] *বি* স্বভাব। 'ইল্লত যায় ধুলে, আর খসলৎ যায় মলে।' *নজরুল*, ১৯২৭।

খসা[১], **খসানো** [স স্খল্>] **১** *ক্রি* খুলে পড়া। 'খসিল দেহ বসনে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* মুক্ত করা। 'জাল খসাইতে তার অঙ্গস্পর্শ হৈল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *ক্রি* স্থানচ্যুত করা। *মানোএল*, ১৭৪৩। **৪** *ক্রি* ছাড়ানো। 'ছিলকা খসাইতে।' *মানোএল*, ১৭৪৩। **৫** *ক্রি* বিচ্যুত হওয়া। 'আর কি পড়ে লো এবে তোর জলে খসি।' *মাইকেল*, ১৮৬৬। **৬** *ক্রি* খুলে ফেলা। *বিদ্যা*, ১৮৯১; 'আমরা এসেছি কী করতে – খসিয়ে দেব।' *রবীন্দ্র*, ১৯৩৩। **৭** *ক্রি* দূর করা; দূর হওয়া। 'কবে আমার এ লজ্জাভয় খসাবে।' *রবীন্দ্র*, ১৯১৪; 'আমারো চোখের ঘুম খসেছিল হায়।' *জীবন*, ১৯৩৬। **খসয়** *ক্রি* খুলে ফেলে। 'এমন সময় কাঁচুলি খসয় দূর কর ছাড়ি সন্দে।' *কৃষ্ণরাম*, ১৭২০। **খসাআঁ** *ক্রি* খুলে; স্খলিত ক'রে। 'খসাআঁ বান্ধিল পুণী কুন্তলভার।' *বড়ু*, ১৪৫০। **খসাইআ** *ক্রি* খসিয়ে। 'ছাল

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খসাইআ প্রিয়ে কর্য সিকপোড়া।' মুকুন্দ, ১৬০০। **খসাইআঁ** *ক্রি* মুক্ত ক'রে। 'কাহ্নাঞি হাথ খসাইআঁ।' বড়ু, ১৪৫০। **খসাইয়া** *ক্রি* খুলে ফেলে। 'আপন গলার হার রসে খসাইয়া।' *মালাধর*, ১৫০০। **খসাইল ১** *ক্রি* মুক্ত করলো। 'রাবণ মারিয়া রামে বন্ধ খসাইল।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *ক্রি* বিচ্ছিন্ন করলো। 'উদর ফাড়িয়া তান খসাইল পিত।' *সুলতান*, ১৭০০। **৩** *ক্রি* খুললো। 'বিদ্যার অঙ্গের বস্ত্র খসাইল টানি।' *কৃষ্ণরাম*, ১৭২০। **খসায়া** *ক্রি* খুলে; পরিত্যাগ ক'রে। 'ভূমিতে বসিয়া সভে খসায়া বসন।' *মালাধর*, ১৫০০। **খসাল্য ১** *ক্রি* মুক্ত করলো। 'হুহুঙ্কারে খসাল্য বন্ধন।' মুকুন্দ, ১৬০০। **২** *ক্রি* খসিয়ে ফেললো। 'ফুরাল্য মনের সাধ খসাল্য খোঁপার জাদ।' *রূপরাম*, ১৭৫০। **খসি** *ক্রি* খুলে। 'হাতে হৈতে খসি গেলা আকাস উপরে।' *মালাধর*, ১৫০০। **খসিআঁ** *ক্রি* খ'সে গিয়ে; খুলে। 'বাহুর বলএ সব খন খসিআঁ পড়এ।' বড়ু, ১৪৫০। **খসিআ পড়ে** *ক্রি* খুলে পড়ে। 'সুশীলার খসিআ পড়ে গায়ের অলঙ্কার।' মুকুন্দ, ১৬০০। **খসিয়া** *ক্রি* খুলে। 'অঙ্গে হৈতে খসিয়া পড়ে জত অভরন।' *মালাধর*, ১৫০০। **খসিল ১** *ক্রি* খুলে গেলো। 'খসিল দেহ বসনে।' বড়ু, ১৪৫০। **২** *ক্রি* খুললো। 'নিগর খসিল বসুদেব হরসিত।' *মালাধর*, ১৫০০। **খসে** *ক্রি* খুলে পড়ে। 'অঙ্গে ঘর্ম বহে দেখ খসে অলঙ্কার।' *কবীন্দ্র*, ১৬৮৯। **খসে পড়া** *ক্রি* খুলে পড়ে যাওয়া। 'প্রভুকণ্ঠ হৈতে মালা খসিয়া পড়িল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **খস্যা** *ক্রি* খুলে। 'দরশনে সুমেরু পর্বত খস্যা পড়ে।' *রূপরাম*, ১৭৫০।

খসে-পড়া ১ *বিণ* খ'সে পড়েছে এমন। 'মালা হতে খসে-পড়া ফুলের একটি দল।' *রবীন্দ্র*, ১৯১৪। **২** *বিণ* হঠাৎ প্রকাশিত। 'কুড়ায়ে এনেছে মুখর দিনের খসে-পড়া ভাঙা ভাষা।' *রবীন্দ্র*, ১৯২৭। **৩** *বিণ* ছুটন্ত। 'খসেপড়া নক্ষত্র বেজে রইল বুকের মাঝখানে।' *শঙ্খ*, ১৯৬৬।

খসা[২] [স স্খল>] *বিণ* খুলে-যাওয়া। 'গলুই ভাঙ্গা জলুই খসা বেয়ারির এমনি দশা।' *লালন*, ১৮৯০।

খসানিআ *বি যে* খসায়। *বিদ্যা*, ১৮৯১।

খসানো দ্র খসা[২]

খস্তরী [স কস্তুরী] *বি* ফুলবিশেষ ও তার গাছ। 'খস্তরী কুসুম তোর বসনে।' বড়ু, ১৪৫০।

খাই [খা>] **১** *বি* খাওয়ার জন্য অগ্রহ প্রকাশ। 'একেবারে ভরপুর ইচ্ছা – চাই চাই খাই খাই করতে করতে কোটালের বানের মতো গর্জে চলেছে।' *রবীন্দ্র*, ১৯১৬। **২** *বি* চাহিদা। 'এমনি খাই বাড়ছে উনাগো যে এইসব আর মুখে রোচে না।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

খাইখরচ [খাই+আ খরজ] *বি* খাওয়ার খরচ; খোরাকি। 'দু-তিন মাস খাইখরচ পর্যন্ত কমিয়ে লোকসান পুষিয়ে নিয়েছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

খাইখরচা [খাই+আ খরজ] *বি* খোরাকি; খাওয়ার খরচ। 'খাই খরচা চালিয়েও কিছু টাকা জমাতে পেরেছিল।' *কায়সার*, ১৯৬২; 'বেড়াতে এসেছি তার আবার খাইখরচা দিতে হবে নাকি!' *শিবরাম*, ১৯৭০।

খাইখর্চা [খাই+আ খরজ] *বি* খাওয়ার খরচ। 'খাইখর্চার জন্য অন্ততঃ পঞ্চাশটি টাকা তো দিতে হয়।' *মুজতবা*, ১৯৫২।

খাইখাই *বি* খাওয়ার জন্য অত্যন্ত আগ্রহ। 'খাইখাই করো কেন, এসো বসো আহারে।' *সুকুমার*, ১৯১৮।

খাইখালাসী [খাই+আ খলাসী] *বিণ* জমির ফসল থেকে ঋণ পরিশোধিত হয় এমন। 'খাইখালাসী বন্ধকদারদের দেনা ১৫ বৎসর পরে আপনা-আপনি শোধ হইয়া যাইবে।' *মোহাম্মদী*, ১৯৩৮।

খাউই [স খল্ল>] *বি* বাঁশ বা বেতের তৈরি ঝুড়িবিশেষ। 'চরখা খাউই ফেল্যা পলাইল রাঁড়ি।' *মানিকরাম*, ১৭৮১।

খাউকী [খা>] *বি* খাই খাই ভাব। 'চাষীগণের শঠতা ও খাউকীতে সাবধান।' *ফরস্টার*, ১৭৯৭।

খাউজ [স খর্জু] *বি* চুলকানি। *মানোএল*, ১৭৪৩।

খাউনি [স খা>] *বি* যে খায়। 'তই আসছে খাউনি থালা হাতে ক'রে।' *অবন*, ১৯১৯।

খাউন্তি, খাউন্তিয়া [স খা>] *বি* যে খায়। *বিদ্যা*, ১৮৯১।

খাওন [খা>] *বি* খাওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

খাওন্দ [ফা] *বি* প্রভু; স্বামী। *মানোএল*, ১৭৪৩।

খাওয়া [স খা>] **১** *ক্রি* আহার করা। 'রুখের তেত্তলি কুম্ভীরে খাঅ।' *চর্যা* ২, ১২০০। **২** *ক্রি* পান করা। 'বৎস প্রায় হইয়া গাভীর দুগ্ধ খায়।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *ক্রি* প্লাবিত করা। 'হায়রে নদী খেয়েছে সব কিছু।' *মাহমুদ*, ১৯৭৩। **খা** *ক্রি* খাওয়া ক্রিয়ার তুচ্ছার্থক মধ্যম পুরুষের রূপ। 'এই ঘাস খা।' *অক্ষয়*, ১৮৪৯। **খাঅ ১** *ক্রি* খায়। 'রুখের তেত্তলি কুম্ভীরে খাঅ।' *চর্যা* ২, ১২০০। **২** *ক্রি* খাও। 'ফুল পহু ফল খাঅ ত্রিভুবনে সার।' বড়ু, ১৪৫০। **খাআঁ** *ক্রি* খেয়ে। 'তিন লোক খাআঁ মাহাদাণী।' বড়ু, ১৪৫০। **খাআন** *ক্রি* ভোজন বা পান করায়। 'পরম পিরিতে গোপি কানুরে খাআন।' *মালাধর*, ১৫০০। **খাআর** *ক্রি* খাও। 'কর্পূরবাসিত রাধা খাআর তাম্বুল।' বড়ু, ১৪৫০। **খাই ১** *ক্রি* খায়। 'রাজসাপ দেখি জো চমকিই ধারে কিং কং বোড়ো খাই।' *চর্যা* ৪১, ১২০০। **২** *ক্রি* সহ্য করি। 'লাভে কিল বাড়ী খাই বান্ধিল জাই।' বড়ু, ১৪৫০। **৩** *ক্রি* খেয়ে। 'নগরিয়াগুলা বোলে মাগি খাই মরে।' *বৃন্দা*, ১৫৮০। **৪** *ক্রি* আহার করি। 'উইচারা খাই পশু নাম ভল্লুক।' মুকুন্দ, ১৬০০। **৫** *ক্রি* উপভোগ করি। 'আইঢাই করে খাই পাখার বাতাস।' *গুপ্ত*, ১৮৫৮। **খাইআ** *ক্রি* আঘাত সহ্য ক'রে। 'মুটকি খাইআ বাঘা পুনুরুপি ধায়।' মুকুন্দ, ১৬০০। **খাইএ** *ক্রি* খেতে। 'ভুখিল হয়িলে কাহ্নাঞি দুঈ হাথে না খাইএ।' বড়ু, ১৪৫০। **খাইছি** *ক্রি* শুনেছি। 'মাআবিআ বোলিলেন্ত শব্দ খাইছি।' *বাহরাম*, ১৬৫০। **খাইতা** *ক্রি* খেতো। 'যদি সে খাইতা সুরা অধিক হইত বুরা।' *সুলতান*, ১৭০০। **খাইতে** *ক্রি* খেতে। 'কাঁজিপাড়া খাইতে বদনে লাগে ঝাল।' *রূপরাম*, ১৭৫০। **খাই দাই** *ক্রি* খাওয়া দাওয়া করি। 'স্নান করি খাই দাই লেখা দিব শেষে।' *রামপ্রসাদ*, ১৭৮০। **খাইব** *ক্রি* খাবো। 'খাইব মই দুঠ কুতুর্বা।' *চর্যা* ৩৯, ১২০০। **খাইবার** *ক্রি* খাওয়ার। 'নন্দ ঘোসে বেড়িলেক খাইবার মনে।' *মালাধর*, ১৫০০। **খাইবারে** *ক্রি* খেতে। 'উপহার যথ আছে দিত খাইবারে।' *সুলতান*, ১৭০০। **খাইবি** *ক্রি* খাবি। 'আহা মিছা দোষ কাহ্ন খাইবি দুই আখী।' বড়ু, ১৪৫০। **খাইবে** *ক্রি* খাবে। 'কেমনে খাইবে আসি মোর ঘোল দই।' *মালাধর*, ১৫০০। **খাইবোঁ** *ক্রি* খাবো। 'বড় অপমান পাইলোঁ এবেঁ খাইবোঁ বিসে।' বড়ু, ১৪৫০। **খাইমু** *ক্রি* খাবো। 'খাইমু ভষিমু সংহারিমু সব থাক।' *বৃন্দা*, ১৫৮০। **খাইয়া ১** *ক্রি* খেয়ে। 'ভক্ষদ্রব্য খাইয়া কৃষ্ণ রজনি বঞ্চিল।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* পান ক'রে। 'দধি দুগ্ধ খাইয়া ভাণ্ড ভাঙ্গিয়া পেলায়।' *মালাধর*, ১৫০০। **৩** *ক্রি* লজ্জাহীন হয়ে। 'চক্ষু খাইয়া এমন বরে দিলাঙ দুহিতা।' মুকুন্দ, ১৬০০। **খাইয়া-দাইয়া** *ক্রিবিণ* খাওয়া-দাওয়া ক'রে। 'তুমি খাইয়া-দাইয়া বিয়া-থাওয়া করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯৩৭। **খাইল** *ক্রি* খেলো। 'ধান্য দিয়া ফল খাইল দেব নারায়ন।' *মালাধর*, ১৫০০। **খাইলি** *ক্রি* খেয়েছিস। 'আলপ বএসে খাইলি লাজে।' বড়ু, ১৪৫০। **খাইলুঁ** *ক্রি* খেলাম; ভোগ করলাম। 'প্রেম

AMARBOI.COM

শেল খাইলুঁ না পারি সহিবার।' *বাহরাম*, ১৬৫০। **খাইলে** *ক্রি* খেলে। 'ফুল পিক্কিলে সে খাইলে তাম্বূল।' *বড়ু*, ১৪৫০। **খাইলেঁ** *ক্রি* খেলে। 'ছুইলেঁ খাইলেঁ মরী।' *বড়ু*, ১৪৫০। **খাইলো** *ক্রি* খেলো। 'আতি বিরহে অন্ন না খাইলো।' *বড়ু*, ১৪৫০। **খাইলোঁ** *ক্রি* খেলাম। 'হাথে তুলী মোঁ খাইলোঁ বীষে।' *বড়ু*, ১৪৫০। **খাউ ১** *ক্রি* খাক। 'যে তোর বাঁশী নিল সে খাউ দুয়ি আখী।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* পান করুক। 'বৃন্দাবনে লোক সব সুখে জল খাউ।' *মালাধর*, ১৫০০। **খাউক** *ক্রি* খাক। 'পানি পিয়া সুখে ঘাস খাউক বাছুরগণ।' *মালাধর*, ১৫০০। **খাএ** *ক্রি* আহার করে। 'মুখ অভ্যন্তর গেলে সে ধরিয়াত খাএ।' *মালাধর*, ১৫০০। **খাও ১** *ক্রি* আহার করো। 'প্রসন্ন হইল সুন খাও ঝাট আসি।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* নষ্ট করো। 'খাও ভ্রমরীর মাথা।' *মুকুন্দ*, ১৬০০। **খাওঁ** *ক্রি* খাই। 'কার পান চুন নাহিঁ খাওঁ।' *বড়ু*, ১৪৫০। **খাওআ, খাওয়া** *ক্রি* আহার করা; ভোজন করা। *বিদ্যা*, ১৮৯১। **খাওয়া** *ক্রি* ভোগ করা। 'ইহা লইয়া আমরা প্রায় বকুনি খাই।' *রবীন্দ্র*, ১৯০৫। **খাওয়াএ** *ক্রি* ভোজন করিয়ে। 'সবাকে খাওয়াএ পুনি না খএ আপন।' *আলাওল*, ১৬৮০। **খাওসিয়া** *ক্রি* খাও এসে। 'বিশ্বম্ভর বোলে ভাই ভাত খাওসিয়া।' *বৃন্দা*, ১৫৮০। **খাকু** *ক্রি* খাক; কাটুক। 'খাকু তাকে কাল সাপে যে করেছে ঘটনা।' *রামনারায়ণ*, ১৮৫৪। **খাতি** *ক্রি* খেতে। 'কাজ অইলে মশয়রে কিছু পান খাতি দিয়ে যাইব।' *গিরিশ*, ১৮৮৬। **খাতিস** *ক্রি* খাইতিস। 'আমানি খাতিস গর্তে না ছিল আধার।' *মানিকরাম*, ১৭৮১। **খাতে** *ক্রি* খেতে। 'রড় দিয়া ফল খাতে জায় গদাধরে।' *মালাধর*, ১৫০০। **খাত্যে** *ক্রি* খেতে। 'খাত্যে শুত্যে বাক্য বলে জ্বলন্ত আগুন।' *রূপরাম*, ১৭৫০। **খাব** *ক্রি* ভক্ষণ করবো। 'প্রানে মারি খাব আজি দসন বিকটে।' *মালাধর*, ১৫০০। **খাবদাব** *ক্রি* খাবো ও আনুষঙ্গিক কাজ করবো। 'আমি আর খাব দাব না।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **খামু** *ক্রি* খাবো। 'এক পোন দিয়া আমি চিড়া কেলা খামু।' *বিজয়*, ১৬৫০। **খায় ১** *ক্রি* ভোগ করে। 'জুড়লে জতেক ধন পাপে বটোরলুঁ মেলি পরিজনে খায়।' *বিদ্যাপতি*, ১৪৬৩; 'ভাত নাহি খায় কেন নাঞি আস্য ঘর।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* পান করে। 'বৎস প্রায় হইয়া গাভীর দুগ্ধ খায়।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *ক্রি* লাভ করে। 'পাই লভ্য খায় দিন প্রতি।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *ক্রি* নেয়। 'চাতুরী করিয়া মাগী কড়ি খায় মোর।' *রামপ্রসাদ*, ১৭৮০। **খায়দায়** *ক্রি* খাওয়াদাওয়া করে। 'স্ত্রীজাতি খায়দায় ঘরকর্ণা করে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। **খায়া** *ক্রি* খেয়ে। 'দধি খায়া ভাণ্ড ভাঙ্গে দেব নারায়ন।' *মালাধর*, ১৫০০। **খায়িআঁ** *ক্রি* খেয়ে। 'কিবা মরোঁ গরল খায়িআঁ।' *বড়ু*, ১৪৫০। **খায়িব** *ক্রি* খাবে। 'এহা দেখি গরুড় না খায়িব তোহ্মারে।' *বড়ু*, ১৪৫০। **খায়িলেঁ** *ক্রি* খেলে; খেয়েছো। 'আল বহুত ফল খায়িলেঁ।' *বড়ু*, ১৪৫০। **খায়ে** *ক্রি* খায়। 'না খায়ে আহার না পিয়ে নীর।' *চিচণ্ডী*, ১৬০০। **খায়েন** *ক্রি* খান। 'আছাড় খায়েন হরিদাস প্রেমরসে।' *বৃন্দা*, ১৫৮০। **খায়্যা** *ক্রি* খেয়ে। 'ভাত খায়্যা পুনরপি খেলাহ আসিয়া।' *মালাধর*, ১৫০০। **খাস** *ক্রি* খাচ্ছিস। 'কেন মাটি খাস বাছা কীবা নাঞি ঘরে।' *মালাধর*, ১৫০০। **খাসু** *ক্রি* খাস। 'ভারিভুরি করিয়া নগর ভেড়্যা খাসু।' *মানিকরাম*, ১৭৮১। **খাহ** *ক্রি* খাও। 'কর্পূরবাসিত রাখা খাহ তাম্বূল।' *বড়ু*, ১৪৫০। **খাহা** *ক্রি* খাও। 'এহা শুআ পান তোহ্মে আপণেই খাহা।' *বড়ু*, ১৪৫০। **খেঅ** *ক্রি* খেয়ো। 'বিস মধু খেঅনাক বোলেন নারাঅন।' *রামাই*, ১৭১০। **খেয়েইচেন** *ক্রি* খেয়েছেন। 'সেথায় খানা খেয়েইচেন, তার ভুল নাই।' *হুতোম*, ১৮৬১। **খেয়ে খেয়ে** *ক্রি* অবিরাম খেয়ে। 'কেবল সর্ব্বদাই রোগ, মদ খেয়ে খেয়ে জুজু, স্ত্রীর দাস।' *হুতোম*, ১৮৬১। **খেয়্যাছিল** *ক্রি* খেয়েছিলো। 'তোর কৃষ্ণ খেয়্যাছিল গোয়ালার ভাত।' *মানিকরাম*, ১৭৮১।

খাওআখাই *ক্রি* খাওয়া ও খাওয়ানো। *বিদ্যা*, ১৮৯১।

খাওয়া-খাওয়ি [স খা>] *বি* কামড়া-কামড়ি। 'মাংস নিয়ে টানাটানি খাওয়া-খাওয়ি।' *নজরুল*, ১৯২৬।

খাওয়াছোঁওয়া *বি* খাওয়া-দাওয়া ও ছোঁয়াছুঁয়ি। 'খাওয়াছোঁওয়া নিয়ে আমি কিছু বাছ-বিচার করি নে।' *রবীন্দ্র*, ১৯০৯।

খাওয়া দাওয়া *বি* খাবার ও পানীয় গ্রহণ ইত্যাদি। 'খাওয়া দাওয়া হ'লে একবার আমার কাছে যেও।' *গিরিশ*, ১৮৮৯।

খাওয়ানো *ক্রি* অন্যকে খাওয়ানো। 'মানুষ খেয়ে সুখী আর খাইয়ে সুখী।' *হাই*, ১৯৪৭। **খাওয়াইমু** *ক্রি* খাওয়াবো। 'কোটিজন্ম এইমত কীড়ায় খাওয়াইমু।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **খাওাবে** *ক্রি* খাওয়াবে। 'ধুধা না সহিতে পারে খাওাবে সকালে।' *মানিকরাম*, ১৭৮১। **খাবাই ১** *ক্রি* পান করিয়ে। 'বধিল দুর্জনগণে খাবাই গরল।' *বাহরাম*, ১৬৫০। **২** *ক্রি* খাওয়াবে। 'ধাঞিরে বুলিলা তৃষ্ণি খাবাই ওষুধ।' *সুলতান*, ১৭০০। **খাবাইয়া** *ক্রি* খাইয়ে। 'বিষ নাড়ু খাবাইয়া ফালাইল জলে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **খাবাইলুম** *ক্রি* খাওয়ালাম। 'ভাণ্ড ভাঙ্গিয়া ননী খাবাইলুম তোরে।' *মর্তুজা*, ১৭৫০। **খাবাএ** *ক্রি* খাওয়ায়। 'যত্ন করি বৈদ্যগণ খাবাএ যতনে।' *বাহরাম*, ১৬৫০। **খাবায়** *ক্রি* খাওয়াবো। 'ক্ষুদা পেলে ক্ষীর রেখেছি খাবায়।' *মানিকরাম*, ১৭৮১। **খাবায়** *ক্রিবিণ* খাওয়ায়। 'ক্ষীরখণ্ড নাড়ু নুচি খাবায় নিয়ত।' *মানিকরাম*, ১৭৮১।

খাওয়া-পরা *বি* অন্নবস্ত্র। 'বিবাহের পর হইতে খাওয়া-পরা সম্বন্ধে ছেলের আদর্শের অনেক হইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

খাওয়ানো-পরানো [স খা>+পরা>] *বি* খাওয়া ও পরা। 'খাওয়ানো-পরানো সাজানো-গোজানোর দ্বারা আমাদের চিত্তকে ... ঠাসিয়া ধরা হয় নাই।' *রবীন্দ্র*, ১৯১২।

খাওয়া পরা *বি* খাওয়া ও পরা। 'খাওয়া পরা বল, যাহা কিছু চাই/ আপনার বলিতে কিছুই তো নাই।' *অশ্বিনী*, ১৯২০।

খেয়ে-পরে *ক্রিবিণ* খাদ্য খেয়ে ও বস্ত্র পরিধান ক'রে। 'তিরিশটি টাকা মাইনের উপর খেয়ে-পরে, লোক-লৌকতা, কুটুম্বিতে করে ... কি থাকে বল দেখি?' *শরৎ*, ১৯১৬।

খেয়ে পরে বেঁচে থাকা – কোনো রকমে জীবনযাপন করা। 'খেয়ে পরে বেঁচে থাকাই যেখানে সমস্যা হয়ে দাঁড়িয়েছে।' *হাই*, ১৯৫৩।

খাওয়াস [আ খাবাস] *বি* ঘনিষ্ঠজন। 'বরযাত্র খাওয়াসমাত্র বিবাহেতে বরের খরচ কেবল দুই বা চারি পয়শার সিন্দুর।' *দর্পণ*, ১৮২৬।

খাঁ [ফা খান] **১** *বি* সম্মানসূচক উপাধিবিশেষ। 'শ্রীযুত মৌলবি সোলেমান খাঁ।' *দর্পণ*, ১৮৩৬। **২** *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। *সেবধি*, ১৮৪০।

খাঁই [ফা খাহিশ] *বি* চাহিদা। 'এখন আমাদের তণ্ড খোলা – বড়ো খাঁই ...।' *প্যারী*, ১৮৫৮।

খাঁই খাঁই করা *ক্রি* হন্যে হওয়া। 'বাবুরা সব বাড়ির জন্যি খাঁই খাঁই করে বেড়ায়।' *ইমদাদুল*, ১৯২০।

খাঁকতি *বি* অভাব। 'দল ভাঙ্গা ও টাকার খাঁকতিতে মন মরা হয়ে পড়েছে।' *হুতোম*, ১৮৬১।

খাঁ খাঁ [ধ্বন্যা] *বি* শূন্যতার ভাব। 'বাড়ি ঘর খাঁ খাঁ করে।' *শরৎ*, ১৯১৭।

খাঁখার [স ঝঙ্কার] **১** *বিণ* কলঙ্কিত। 'আলপ বএসে কৈল বড়ায়ি খাঁখার।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* হেনস্তা। 'আহ্মার খাঁখার যবে না করহ তোহ্মে।' *বড়ু*, ১৪৫০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খাঁচা [ফা খাঞ্চা] *বি* পিঞ্জর। 'রাজহংস পুরি খাঁচা জোড়ে জোড়ে পায়রার ছা।' *মুকুন্দ*, ১৬০০।

খাঁচা-ছাড়া [ফা খাঞ্চা+ছাড়া] *বিণ* পিঞ্জর ত্যাগ করেছে এমন। 'আমার আত্মারাম তো খাঁচা-ছাড়া।' *নজরুল*, ১৯৩১।

খাঁচি [স কর্তরী] *বি* কাটার যন্ত্রবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

খাঁজ [স খাদ] ১ *বি* রেখা; ভাঁজ। *বিদ্যা*, ১৮৯১; 'জড়পদার্থ ভাঙিয়া গেলে ... খাঁজে খাঁজে মিলাইয়া দেওয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বি* সোপানের প্রান্ত। 'ঘাটের খাঁজের উপর উবু হইয়া বসিয়া আরম্ভ করিয়া দিল জটলা।' *মানিক*, ১৯৩৬।

খাঁজকাটা [স খাদ+কাটা] *বিণ* খাঁজযুক্ত; মাঝখানে ফাঁক রয়েছে এমন। 'কুমির যেমন খাঁজকাটা দাঁতের মধ্যে শিকারকে বিদ্ধ করিয়া জলের তলে অদৃশ্য হইয়া যায়।' *রবীন্দ্র*, ১৯১২।

খাঁজে-খাঁজে *বিণ* ধাপে ধাপে; ভাঁজে ভাঁজে। 'নিশ্চল পাহাড়ের খাঁজে-খাঁজে ঘাসের ডগায় আর গাছের চূড়ায়।' *ওয়ালী*, ১৯৪২।

খাঁট [স খণ্ড] ১ *বি* দস্যু। 'লাগ পাইল কাহ্নাঞি যেহেন খাঁটে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* বদমাশ। 'সিংহলে সজ্জন নাহী সবগুলো খাঁট।' *মুকুন্দ*, ১৬০০।

খাঁটি[১] [স অখণ্ড] ১ *বিণ* নির্ভেজাল; বিশুদ্ধ। 'গিলটি পিতল হইতে খাঁটি রূপা ভাল।' *বঙ্কিম*, ১৮৭০। ২ *বিণ* সত্যিকার। 'এখন আর খাঁটি বাঙ্গালী কবি জন্মে না।' *বঙ্কিম*, ১৮৮৫।

খাঁটিরস [খাঁটি+স রস] *বি* যথার্থ রস। 'ও দুখানি নাটকের খাঁটিরস করুণরস, বীররস নয়।' *প্রমথ*, ১৯২১।

খাঁটি[২] [স খট্টা] *বি* মৃতদেহ বহনের খাটিয়া। 'যখন চার ইয়ারে বাঁধবে খাঁটি কাঁদবে রে ভাই মা-বাপে।' *লালন*, ১৮৯০।

খাঁড় [স খণ্ড] *বি* দানাওয়ালা গুড়। 'দধি দুগ্ধ খাঁড় পূরিআত ভাঁড়।' *বাসুয়া*, ১৭১০।

খাঁড়া [স খড়্গ] *বি* খড়্গ। 'নফরের হাথে খাঁড়া বহুড়িজনের ভাঁড়া পরিণামে সেই মহাদুঃখ।' *মুকুন্দ*, ১৬০০; 'অকস্মাৎ কেহ যেন হানিলেক খাঁড়া।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খাঁড়া-ঘাত [স খড়্গাঘাত] *বি* খড়্গের আঘাত। 'রণে কড়কড়কাড়া খাঁড়া-ঘাত।' *নজরুল*, ১৯২২।

খাঁড়ি[১] [স খাত] ১ *বি* নদীর মোহনা। 'খাঁড়ির বাড়ীতে রায় লইয়া পরিবার।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* নিচু খাল। 'জমিটার একটেরে ছোট্ট শীতল খাঁড়িটায় গোখরোটিকে শুয়ে থাকতে দেখতে পেল।' *হাসান*, ১৯৬৭।

খাঁড়ি[২] [স অখণ্ড] *বি* আস্ত বা আভাঙা ডাল। 'খাঁড়ির খিচুড়ি খেলে ভুলিব না আর।' *গুপ্ত*, ১৮৫৮।

খাঁড়ে দজ্জাল [ফা খর+আ দজ্জাল] *বি* প্রচণ্ড অত্যাচারী। 'মুসলমানেরা বলিত খাঁড়ে দজ্জাল।' *নজরুল*, ১৯৩১।

খাঁদা [স ক্ষুদ্র] *বিণ* বোঁচা। 'চীনদেশে খাঁদা নাকের আদর।' *বঙ্কিম*, ১৮৭৫।

খাঁদাখাঁদি [স ক্ষুদ্র>] *বি* বোঁচা নাকবিশিষ্ট নরনারী। 'গোদা পায়ে ঘুঙুর বেঁধে নাচিছে খাঁদা-খাঁদি।' *নজরুল*, ১৯৩৩।

খাঁদি [স ক্ষুদ্র>] *বিণ স্ত্রী* বোঁচা; চ্যাপটা। *বিদ্যা*, ১৮৯১।

খাঁদু [স ক্ষুদ্র>] *বিণ* চ্যাপটা নাকবিশিষ্ট। 'খাঁদু-দাদু নাকু হবেন, নাক ডেঙাডেং ড্যাং।' *নজরুল*, ১৯২৬।

খাঁন [ফা খান] *বি* সম্মানসূচক উপাধিবিশেষ। 'গুনরাজ খাঁন বলে কৃষ্ণের বিজয়ে।' *মালাধর*, ১৫০০।

খাক [ফা] ১ *বি* মাটি। 'আব আতস খাক আর রহিলেক বাই।' *সুলতান*, ১৭০০। ২ *বি* ধ্বংস। 'নীলকর বেটাদের জুলুমে মুলুক খাক হইয়া গেল।' *প্যারী*, ১৮৫৮। ৩ *বি* ছাই। 'সে জলে অনল জ্বলে পুড়ে হই খাক।' *গুপ্ত*, ১৮৫৮।

খাক করা [ফা খাক+করা] *ক্রি* ধ্বংস করা। 'চাইর পাঁচখান গাঁও জ্বলাইয়া খাক করছে।' *ইলিয়াস*, ১৯৭৫।

খাকড়া, খাগড়া [স খড়্গ] *বি* তৃণজাতীয় উদ্ভিদবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

খাকড়ার কলম [স খড়্গ] *বি* খাগড়ার নল দিয়ে তৈরি কলম। 'বুড়োমানুষের এই খাকড়ার কলম দিয়া বাহির হইল।' *রবীন্দ্র*, ১৮৮৭।

খাকতি *বি* ঘাটতি। 'হরিচরণের দেয়া জলে খাকতি পড়ে নাকি?' *জীবন*, ১৯৩২।

খাকরানি [হি খঁখার>] *বি* গলা পরিষ্কার করার কৃত্রিম কাশি। 'মাঝে মাঝে একটা গলার খাকরানি।' *জীবন*, ১৯৩২।

খাকরি [হি খঁখার>] *বি* অশ্রুসিক্ত গলার খাকরি।' *জীবন*, ১৯৩২।

খাকারি [হি খঁখার>] *বি* কৃত্রিম কাশি। 'হঠাৎ গলায় খাকারি দিয়ে খানসামাদুর মোত্তালেব সাহেব উঠে দাঁড়ালেন।' *মাহেনও*, ১৯৪৯।

খাকসার [ফা] *বি* সেবক। 'এরাই মানবজাতির খাদেম, ইহারাই খাকসার।' *নজরুল*, ১৯৪১।

খাকা *বি* কবচ; মন্ত্র। *মানোএল*, ১৭৪৩।

খাকান[১] [তু খাকান] *বি* সম্রাট। 'বাহরাম আসি শীঘ্র খাকান সম্মুখ।' *আলাওল*, ১৬৮০।

খাকান[২] [ধ্বন্যা] *বি* থুতু। *মানোএল*, ১৭৪৩।

খাকার [স ঝঙ্কার] *বি* কলঙ্ক। 'তোমা হইতে হইল তার কুলের খাকার।' *গরীব*, ১৭৬৫।

-খাকি দ্র -খাগি

খাকি, খাকী [ফা] ১ *বিণ* মাটির তৈরি। 'খাকি আদমের ভেদ পশু কি বোঝে।' *লালন*, ১৮৯০। ২ *বিণ* মেটে। 'খাকী রঙে খাক হ'ল দুই আঁখি।' *সত্যেন্দ্র*, ১৯১২। ৩ *বিণ* বাদামি-হলুদ রঙের (বস্ত্র)। 'খাকি নরফোক কোর্তা।' *রবীন্দ্র*, ১৯২৮।

খাকি-পুলিস [ফা খাকি+ই পুলিস] *বি* খাকি পোশাক পড়া পুলিস। 'খাকি-পুলিসকেই মানুষ কতো সুনজরে দেখে।' *সাদত*, ১৯৬৭।

খাখা [ধ্বন্যা] *বি* ব্যাকুলতা প্রকাশ। 'মিষ্টিমধুর আশার কথার জন্য খাখা করে।' *ওয়ালী*, ১৯৪৮।

খাখার [স ঝঙ্কার] *বি* কলঙ্ক। 'আরব নগরে এই রহিল খাখার।' *বাহরাম*, ১৬৫০।

খাগড়াই [স খড়্গ>] *বিণ* খাগড়া নামক স্থানে প্রস্তুত। *বিদ্যা*, ১৮৯১।

-খাগি, -খাকি [খা>] *বিণ* খায় তথা লোপ করায় এমন। 'ফিরাইয়া আঁখি সে গরবাখাকি সঘনে আমারে তাজে।' *দীনচণ্ডী*, ১৬০০; 'ভালডাখাগি তোর বুকে কি পাঁশ দিয়াছিলাম হাড়ে।' *কেরি*, ১৮০২।

খাগি [স খাদিকা] *বি* অভাব। 'তোহরা হৃদয় ন রহল খাগি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খাঙরা *বি* ঝাঁটা। *বিদ্যা*, ১৮৯১।

খাছ [আ খাস] *বিণ* খাঁটি। 'নবি-পয়গাম্বর কি খাছ ভেবে আমি পাইনে দিশে।' *লালন*, ১৮৯০।

খাছবাত [আ খাস+হি বাত] *বি* খাঁটি কথা। 'খাছবাত করিয়াছিল মদিনার লোকে।' *গরীব*, ১৭৬৫।

খাজগী [ফা খস্তগী] *বিণ* অস্থাবর। 'আপিল করে খাজগী সম্পত্তি উদ্ধার করবার প্রয়াস করেছিলেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

খাজগীদৌলতী [ফা খস্তগী+আ দৌলত>] *বি* অস্থাবর সম্পদের অধিকার। 'এই ব্যক্তিগত টাকা ও খাজগীদৌলতী রানিকে দেবার জন্য ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

খাজনা [আ খাজানাহ] **১** *বি* কর। 'আমিত হইনু বাদশা ভেজহ খাজনা।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* ভূমিকর। 'আমার মহল জরিপ করিয়া বুঝাইয়া না দিলে আমি খাজনা দিব না।' *কেরি*, ১৮০২। **৩** *বি* মাশুল; জরিমানা। 'সমস্ত জীবন ধরে খ্যাতির খাজনা দিতে হয়।' *রবীন্দ্র*, ১৯৪০।

খাজনা অপেক্ষা বাজনা বেশী – প্রয়োজনের তুলনায় বাহ্যিক আড়ম্বরের আধিক্য। 'খাজনা অপেক্ষা বাজনাই বেশী হইতে লাগিল।' *ইমদাদুল*, ১৯২০।

খাজনাখানা [আ খাজানাহ+ফা খানাহ] *বি* কোষাগার। 'মিরটের খাজনাখানাতে এই নিমিত্ত দাখিল করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৩।

খাজনাদাতা [আ খাজানাহ+স দাতা] *বিণ* কর প্রদানকারী। 'প্রজা হইল জমির খাজনাদাতা মালিক।' *সওগাত*, ১৯৪৬।

খাজনা-দেবী [আ খাজানাহ+স দেবী] *বি* খাজনারূপ দেবী। 'আজ খাজনা-দেবীর নিকটে বলিদানের বাদ্য বাজিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

খাজলতি [আ খসলত] *বি* খাসলত; স্বভাব। 'খাজলতি কিসে যায়।' *লালন*, ১৮৯০।

খাজা[১] [স খাদ্য] **১** *বি* তিলের তৈরি মিষ্টান্নবিশেষ। 'পদ্মচিনি চন্দ্রকান্তি খাজা খণ্ডসার।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'খাজা গজা সরভাজা অতি সুমধুর কাঁচাগোল্লা বাদামভক্তি আতা অনুপাম।' *ভবানী*, ১৮২৫। **২** *বিণ* পাকলেও গলে না এমন। 'খাজা কোয়াওলা ভাল কাঁঠাল।' *হুতোম*, ১৮৬১।

খাজা[২] [ফা খাজা] **১** *বি* ব্যবসায়ীদের প্রধান। 'কোনও দিন ফকীরের বেশ, কোনও দিন খাজা অর্থাৎ সওদাগরের বেশ।' *প্রভাত*, ১৮৯৭। **২** *বি* মালিক; প্রভু। 'মোটা লোকের সাজা ছিল/ রোগা লোকের খাজা ছিল।' *অন্নদা*, ১৯৬৮।

খাজা[৩] *বিণ* অপদার্থ। 'আছিস তো কতকগুলো খাজা মেয়ের সঙ্গে।' *জীবন*, ১৯৩২।

খাজাছারা [ফা খাজা সরা] *বি* অন্দরমহলের প্রহরী। 'নিম্নশ্রেণীর সামরিক অফিসার, খাজাছারা, গোয়েন্দা কর্ম্মচারী প্রভৃতি ফাঁসিকাষ্ঠে প্রাণ দিয়াছেন।' *প্রচারক*, ১৯০৮।

খাজাঞ্চি, খাজাঞ্চী [আ খাজানাহ+তু চি] **১** *বি* হিসাবরক্ষক। 'খাজাঞ্চি আমার পতি সবারি অধম।' *ভারত*, ১৭৬০। **২** *বি* কোষাধ্যক্ষ। 'খাজাঞ্চী শ্রীযুত রামসুন্দর সরকার।' *চিঠিপত্রে*, ১৭৯৮। **৩** *বি* বাঙালি হিন্দু পদবি-বিশেষ। *সেবধি*, ১৮৪০।

খাজাঞ্চিখানা, খাজাঞ্চীখানা [আ খাজানাহ+ফা খানাহ] **১** *বি* কোষাগার। 'খাজাঞ্চিখানা নহবত বাজাইবার স্থান নহে।' *রবীন্দ্র*, ১৮৯৭। **২** *বি* কোষাধ্যক্ষের কার্যালয়। 'বাঁ ধারে বদরিকাবাবুর বৈঠকখানা আর ডানদিকে খাজাঞ্চীখানা।' *বিমল*, ১৯৫৩।

খাজানা [আ খাজানাহ] **১** *বি* রাজস্ব। 'খাজানা তহবিল জেয়াদা হবেক তখন ...।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *বি* কোষাগার। 'জাহারা চাহেন আপন নগদ টাকা কোম্পানির খাজানাতে দাখিল করণ ...।' *ক্যালগে*, ১৭৮৬।

খাজারি [স খাত>] *বি* ইটের একপ্রকার গাঁথুনি। *বিদ্যা*, ১৮৯১।

খাজুয়া [স খর্জন>] *বি* পাঁচড়া। 'গাত্রকণ্ডু হৈলা রসা পড়ে খাজুয়া হৈতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

খাজুয়ানো [স খর্জন>] *ক্রি* চুলকানো। 'আপনে খাজুয়াইতে।' *মানোএল*, ১৭৪৩।

খাজুর [স খর্জূর] *বি* খেজুর। 'খিরী খাজুর বনকেন্দু।' *বড়ু*, ১৪৫০।

খাজুরছড়ি [স খর্জূর>+ছটা>] *বি* একপ্রকার ধান। 'কৈজুড়ি খাজুরছড়ি চিনা ধলবার।' *ভারত*, ১৭৬০।

খাজুরি [স খর্জ্জ>] *বিণ* খেজুরের রস থেকে তৈরি। 'গুড় নাও। খাজুরি গুড়।' *জহির*, ১৯৬৪।

খাঞ্চা [ফা] *বি* কাঠের বড়ো থালা। 'মেওয়া-মিষ্টির খাঞ্চা ঘরে ঘরে ভেট দিয়েছিল!' *নজরুল*, ১৯২৭।

খাঞ্চাপোশ [ফা] *বি* পানপাত্রের আবরণ। 'চোখের পানির ঝালর-ঝুলানো হাসির খাঞ্চাপোশ।' *নজরুল*, ১৯২৮।

খাপ্পা [দ্র খাপ্পর] *বি* খপ্পর। 'খাপ্পার উপরে খাপ্পা পড়ে নিরান্তর।' *বাহরাম*, ১৫৫০।

খাট [স খট্টা] **১** *বি* পালঙ্ক। 'তিঅ ধাউ খাট পড়িলা সবরো মহাসুহে সেজি ছাইলী।' *চর্যা* ২৮, ১২০০। **২** *বি* মৃতদেহ বয়ে নেওয়ার খাটিয়া। 'ঘাটে যারে নিয়ে যাব চড়াইয়া খাটে।' *গুপ্ত*, ১৮৫৮। **খাট পাড়া** *ক্রি* বিছানা করা। 'খাট পাড় যমুনার তীরে।' *বড়ু*, ১৪৫০। **খাটে মাদুরে** *বিণ* শোচনীয়। 'তোর আবার এই রকম খাটে মাদুরে অবস্থা।' *নজরুল*, ১৯২৪।

খাট-পালং [স খট্টা-পর্যঙ্ক] *বি* শোয়ার আসববিশেষ। 'খাট পালং টেবিল কেদারা ছাড়তে ছাড়তে প্রায় ...।' *রবীন্দ্র*, ১৯২৮।

খাটশয্যা [স খট্টাশয্যা] *বি* খাটের উপর বিছানো শয্যা। 'বাসরের খাটশয্যা চাঁদোয়া ঝালর।' *জীবন*, ১৯৩২।

খাট[২] [স খর্ব] **১** *বিণ* ছোটো। 'মসহাত করিল রাজা দিআ খাটদড়ি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* তুচ্ছ; হীন। 'কোন জীব কাহারও এত খাট নহে।' *তারিণী*, ১৮০৩। **৩** *বিণ* চিকন। 'খাটপেড়ে, কৌচপেড়ে ... ইত্যাদি নানা রঙ্গীন সাড়ি পরিধান করেন।' *ভবানী*, ১৮২৮।

খাটপেড়ে [স খর্ব+স পার>] *বিণ* চিকন পাড়বিশিষ্ট। 'খাটপেড়ে, কৌচপেড়ে ... ইত্যাদি নানা রঙ্গীন সাড়ি পরিধান করেন।' *ভবানী*, ১৮২৮।

খাটনি, খাটনী [স কষ্ট>] *বি* পরিশ্রম; মেহনত। 'খাটনি।' *বিদ্যা*, ১৮৯১; 'জোর হাঁটুনি খাটনি ভারি।' *সত্যেন্দ্র*, ১৯১২; 'অথচ আমাদের খাটনীর দামটা দিলে না।' *শওকত*, ১৯৫৮।

খাটা, খাটানো [স কষ্ট>] **১** *ক্রি* স্থাপন করা। 'উঠানে খাটাইল্যা পাট কথুবার কিতা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *ক্রি* পরিশ্রম করা। 'বেগার খাটিতে জান।' *ভারত*, ১৭৬০। **৩** *ক্রি* কাজে লাগানো। 'কেবল স্বার্থবিষয়ে না খাটাইয়া দেশ হিতার্থে খাটান।' *দর্পণ*, ১৮৩৩। **৪** *ক্রি* লগ্নি করা; বিনিয়োগ করা। 'নগদ দশ বার লাক টাকা দাদন ও চোটায় খাটে!' *হুতোম*, ১৮৬১। **৫** *ক্রি* উপযুক্ত হওয়া। 'তাহার

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অনেক গুলি বাঙ্গালি সম্বন্ধে বিশেষ খাটিতে পারে।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ৬ *ক্রি* পরিশ্রম করানো। 'প্রজাগণকে বিনাবেতনে খাটাইয়া লয়েন।' *সাধারণী*, ১৮৭৪। ৭ *ক্রি* প্রয়োগ করা। 'কল-কৌশল খাটাইয়া খাদ্যাদি প্রস্তুত করারও উপায় আছে।' *মশারফ*, ১৮৮৯। ৮ *ক্রি* নিয়োজিত করা। 'সাড়ে চব্বিশ জেলায় খাটাও পান্তি পালাবে সে কোন শহরে।' *লালন*, ১৮৯০। ৯ *ক্রি* প্রযোজ্য হওয়া। 'আমাদের সেকালের নিয়ম এখন খাটিবে না।' *রবীন্দ্র*, ১৮৯৩। ১০ *ক্রি* গৃহীত হওয়া। 'ভবিষ্যতের ফাঁকা আশ্বাস একদিনও খাটিল না।' *রবীন্দ্র*, ১৯০৭। ১১ *ক্রি* আরোপ করা। 'স্বামীর বিরুদ্ধে নিজের মত তেমন জোর করিয়া কোনোদিন খাটান নাই।' *রবীন্দ্র*, ১৯০৭। ১২ *ক্রি* রত থাকা। 'মন্দ-ভালোর দ্বন্দ্বে খেটে/ গেছে তো দিন অনেক কেটে।' *রবীন্দ্র*, ১৯১২। ১৩ *ক্রি* বিস্তার করা। 'তোমাদের 'পরে রাজপ্রতাপের সম্বন্ধ খাটাত।' *রবীন্দ্র*, ১৯৩১।

খাটাখাটনি [স কষ্ট>] *বি* অনেক পরিশ্রম। 'খাটা খাটনি খাটিয়া কোন মত প্রকারে দিব।' *কেরি*, ১৮০২।

খাটাখাটি [স কষ্ট>] *বি* অনেক পরিশ্রম। *বিদ্যা*, ১৮৯১; 'আপনার কাগজের জন্যই খাটাখাটি করেছে।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

খাটাখুটি *বি* পরিশ্রম। 'দিনরাত খাটাখুটি করে ... এতদিনে রাস্তায় নামাতে পেরেছে।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

খাটান [স কষ্ট>] *ক্রি* কাজে লাগানো। 'ঐ সাহেবের এতদ্দেশে বহুকালাবধি দৃষ্টকর্মতা এবং বিশেষগুণ দেশীয় ভাষার বিদ্যাধ্যাপনীয় মহাগুরুতর ব্যাপারে খাটান যায়।' *দর্পণ*, ১৮৩৮।

খাটানো [স কষ্ট>] *বিণ* টাঙানো। 'মাঝে মাঝে চাঁদোয়া-খাটানো সংকীর্ণ রাজপথ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

খাটিয়ে [স কষ্ট>] *বিণ* পরিশ্রমী। 'অকারণে খাটিয়ে মনটা পাগলামি প্রকাশ করতেছে।' *লালন*, ১৮৯০।

খাটুনি [স কষ্ট>] ১ *বি* মজুরি। 'তোর যত খাটুনি হবে তা মুই তোকে দিব।' *কেরি*, ১৮০২। ২ *বি* পরিশ্রম। 'খাটুনি আমার দিবসরাত্র।' *রবীন্দ্র*, ১৮৯৯।

খাটুনে *বিণ* পরিশ্রমপটু। 'চার জন জোয়ান খাটুনে ব্যাটা ঘরে।' *শওকত*, ১৯৭২।

খাটুয়ে *বিণ* পরিশ্রমী। 'খাটুয়ে কৃষাণ হিসেবে এরাই সবচাইতে দক্ষ।' *হাসান*, ১৯৬৯।

খেটেখুটে *ক্রিবিণ* খাটাখাটি ক'রে; পরিশ্রম ক'রে। 'বন বাদাড় সব ঘেঁটে ঘুঁটে/ আমরা মরি খেটে খুটে।' *রবীন্দ্র*, ১৮৮১।

খাটাল ১ *বি* ঘরের মেঝে। 'মধ্য খাটালে সোনাই গড়াগড়ি জাএ।' *বিজয়*, ১৬৫০। ২ *বি* বড়ো ঘর। *মানোএল*, ১৭৪৩। ৩ *বি* গরু-মহিষ রাখার স্থান; বাথান। 'চাকরিটা কি তোমার – খাটালের গরু-মহিষের জাবনা মাখা?' *মনোজ*, ১৯৬১।

খাটাশ [স খট্টাশ] *বি* ভাম; গন্ধমার্জার। *ওসাঁ*, ১৭৮৫; 'বনশোর, খাটাশ, ছাগল কী না বলে?' *জীবন*, ১৯৩২।

খাটাশ-মুখো *বিণ* খাটাশের মতো মুখবিশিষ্ট। 'না হয় নাচলই লক্ষ্মীছাড়া মেরিটা ঐ খাটাশ-মুখো সেপাইটার সঙ্গে।' *মুজতবা*, ১৯৫২।

খাটি[১], **খাটী** [স অখণ্ড] ১ *বিণ* বোজা; বন্ধ। 'মহাশয় আলি দুই চক্ষু খাটি ছিল।' *সুলতান*, ১৭০০। ২ *বিণ* আসল। 'খাটী।' *মেয়র্স*, ১৭৫৭।

খাটি[২] [স খাত] *বি* দাগ। *মানোএল*, ১৭৪৩।

খাটিয়া, খাটিআ [স খট্টিকা] ১ *বি* ছোটো খাট। 'খাটিআ।' *বিদ্যা*, ১৮৯১; 'দড়ির খাটিয়ার উপর কে একজন।' *শরৎ*, ১৯১৭। ২ *বি* লাশ বহনের খাটবিশেষ। 'মড়ার খাটিয়ার উপর শুয়ে।' *জীবন*, ১৯৪৮।

খাটী [স অখণ্ড] *বিণ* অকৃত্রিম। *ভবানী*, ১৮২৩।

খাটুপনা [স খর্ব>] *বি* নীচতা। 'বচন বিষের কণা সভঅ মাঝে খাটুপনা।' *মুকুন্দ*, ১৬০০।

খাটুলি, খাটুলী [স খট্>] *বি* ছোটো খাটবিশেষ। 'ঘোড়ন খাটুলী চড়ে কমল দেখিতে নড়ে।' *মুকুন্দ*, ১৬০০; 'খাটুলিটা বাইরে এনে আঙিনাটার কোণে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

খাটো [স খর্ব] ১ *বিণ* ছোটো। 'খাটো করিতে।' *মানোএল*, ১৭৪৩। ২ *বিণ* লম্বা নয় এমন। *ওসাঁ*, ১৭৮৫; 'আমার সাহেবি হ্যাট এবং খাটো কোর্তা।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বিণ* কম। 'যে মন্দ উদ্দীপন করে সে মন্দকারী ব্যক্তি হইতে কিছু খাটো দোষী নহে।' *তারিণী*, ১৮০৩। ৪ *বিণ* তুচ্ছ। 'পাঁড়াটা কিছু খাটো নয় শক্ত হইয়াছে।' *দর্পণ*, ১৮২১। ৫ *বিণ* নীচ; হীন। 'কতকগুলো মানুষে একত্রে থাকলে তারা পরস্পরকে ছেঁটেছুঁটে অত্যন্ত খাটো করে রেখে দেয়।' *রবীন্দ্র*, ১৮৯২।

খাটো করা *ক্রি* বিনীত করা। 'নিজেকে খাটো করিয়া আমাকে গ্রহণ করিতে আসিবেন।' *রবীন্দ্র*, ১৯০৯।

খাটো কান *বিণ* কানে কম শোনে এমন। 'দোষের মধ্যে একটু বেশী খাটো কান।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

খাটা [হি] ১ *বি* নৌকার পাল। 'আগা পাছা তুলি দিলুম খাট্টা।' *সুলতান*, ১৭৫০। ২ *বিণ* রুক্ষ; কর্কশ। 'খাট্টা মেজাজ গাঁট্টা মারিছে দেশ-শত্রুর পিঠে পিঠে।' *নজরুল*, ১৯২৮।

খাটায়্যা [স কষ্ট>] *ক্রি* টানিয়ে। 'খট্টায় পাতিআ তুলি খাটায়্যা মসারী জালি শয়ন করিল শশিকলা।' *মুকুন্দ*, ১৬০০।

খাড় [স খড়ক] *বি* (বাউল) আশ্রয়। 'খাড় করে মীন রয় চিরদিন প্রেমসন্ধি স্থলে।' *লালন*, ১৮৯০।

খাড়ব [স খাড়ব] *বি* (সংগীত) ছয়টি স্বরবিশিষ্ট রাগ। 'ওড়ব খাড়ব প্রণব উদারা তারা লইয়া তর্ক।' *রবীন্দ্র*, ১৯০৭।

খাড়া[১] [স খড়্গ] *বি* খাঁড়া; খড়্গ। 'ঢাল খাড়া লই সবে হও সমবায়।' *বৃন্দা*, ১৫৮০।

খাড়া[২] [স খড়ক] ১ *বিণ* দণ্ডায়মান। 'শুনিয়া রাছুল খাড়া ইমামের আগে।' *গরীব*, ১৭৬৫। ২ *ক্রিবিণ* শীঘ্র। *ভবানী*, ১৮২৩। ৩ *বিণ* সজাগ। 'কানাকানিতে বাবুর কান খাড়া হয়।' *ভবানী*, ১৮২৮। ৪ *বিণ* লম্বভাবে অবস্থিত। 'শৃঙ্গ খাড়া ছাড়া ছাড়া লোমে লোমে থোপ।' *শুশ্রু*, ১৮৫৮। ৫ *বিণ* সোজা। 'চড়ক গাছ পুকুর থেকে তুলে মোচ বেন্ধে মাথায় ঘি কলা দিয়ে খাড়া করা হয়েচে।' *হুতোম*, ১৮৬১। ৬ *বি* ডাঁটা। 'সৌখীন চড়ক পার্ব্বণ শেষ হলো বলেই যেন দুগ্ধে সজনে খাড়া ফেটে গেলেন।' *হুতোম*, ১৮৬১; 'চিবুতে সজনে খাড়া সজনিরা ভুলে যায়।' *নজরুল*, ১৯৩২। ৭ *বিণ* কড়া। 'কেফাতুল্যা দরওয়ান, সিঁড়ির সম্মুখে পায়চারী করিয়া খাড়া পাহারা দিতেছে।' *মশারফ*, ১৮৯০। ৮ *বিণ* হাজির। 'নিকাশের দায় করে খাড়া মারিবে আতশের কোড়া।' *লালন*, ১৮৯০। ৯ *বি* উপস্থিত। 'একটি বিরুদ্ধ-পক্ষ খাড়া করিবার উদ্দেশ্যে ...।' *রবীন্দ্র*, ১৮৯০। ১০ *বি* কল্পনা। 'মনের মধ্যে খাড়া করিয়া লইতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯০। ১১ *বিণ* অক্ষত। 'শিকল-দেবীর ওই পূজাবেদী চিরকাল কি রইবে খাড়া।' *রবীন্দ্র*, ১৯১৬। ১২ *বিণ* হঠাৎ ঢালবিশিষ্ট। 'পদ্মার

www.amarboi.com ~

ভাঙনলাগা খাড়া পাড়ির বনঝাউবনে ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

খাড়াই [স খড়ক>] *বি* খাদ; পরিখা। 'কেই বা জানতো পথের দুপাশে খাড়াই ইচ্ছে করে ছাড়াই।' *শক্তি*, ১৮৮৯।

খাড়াওন *বি* দাঁড়ানো। *ওসাঁ*, ১৭৮৫।

খাড়া করা ১ *ক্রি* সাজানো। 'হিসাবের বহুতর কষাকষি-দ্বারা খাড়া করিয়া তুলিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *ক্রি* প্রমাণ করা। 'প্রেমের আবরণ খুলে স্বার্থপরতার মূর্তি ... খাড়া করে দিয়েছেন।' *প্রমথ*, ১৯১৬। **৩** *ক্রি* তৈরি করা। 'মনের মতো বাড়ি খাড়া করেছে ভবানীপুরে।' *রবীন্দ্র*, ১৯৩২। **৪** *ক্রি* প্রতিষ্ঠিত করা। 'জীবনটাকে খাড়া করবে সে।' *জীবন*, ১৯৩২।

খাড়া খাড়া ১ *ক্রিবিণ* শীঘ্র। 'সেখানকার জবাব আইলেই খাড়া২ লোক পাঠাইব।' *ওসাঁ*, ১৭৭৯। **২** *ক্রিবিণ* সঙ্গে সঙ্গে; দাঁড়িয়ে থেকে। *ওসাঁ*, ১৭৮২।

খাড়াখোড়া [স খড়ক>] *বিণ* সতর্ক। 'খুব খাড়াখোড়া তাই আজও সে টিকে গেছে।' *জীবন*, ১৯৩২।

খাড়া হওয়া *ক্রি* দৃঢ় হওয়া। 'একটু খাড়া হও তুমি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

খাড়ি [তা খাডাল>] **১** *বি* খাল। 'খাড়ি জুড়ী আদি করি দস্তরে গণনা।' *ভারত*, ১৭৬০। **২** *বি* নদীর গভীর অংশ। 'নিচে ছিলো নদীর খাড়ি।' *সেলিনা*, ১৯৭৫।

খাড়ি জুড়ী [তা খাডাল>] *বি* খাল ও জলাশয়। 'খাড়ি জুড়ী আদি করি দস্তরে গণনা।' *ভারত*, ১৭৬০।

খাড়িয়া *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'সাঁওতাল, খাড়িয়া, মুণ্ড, কোড়োয়া, ওঁরাও বা ধাঙ্গড় প্রভৃতি অনার্য্য জাতি বাস করে।' *বঙ্কিম*, ১৮৯২।

খাড়ু [স খাদি] *বি* পায়ের অলংকারবিশেষ। 'পএর মগর খাড়ু মাথে ঘোড়ী চুলে।' *বড়ু*, ১৪৫০।

খাণিএক [স ক্ষণ>] *ক্রিবিণ* একটুক্ষণ; খানিক। 'বাটে এক তরুতলে খাণিএক বসিলী।' *বড়ু*, ১৪৫০।

খাণিকেহো [স ক্ষণ>] *ক্রিবিণ* ক্ষণেকের জন্যও। 'খাণিকেহো না তেজিবোঁ যেহেন পরাণে।' *বড়ু*, ১৪৫০।

খাণী নির্দেশক প্রত্যয়বিশেষ; খানা। 'উরুখাণী পাতি মোরে দেহ গোবিন্দ।' *বড়ু*, ১৪৫০।

খাণী খাণী *বিণ* এক একটি। 'মধু রসময় তোর বোল খাণী খাণী।' *বড়ু*, ১৪৫০।

খাণ্ঠ [স খণ্ড] *বি* দস্যু। 'বাটঅ ভঅ খাণ্ঠ বি বলআ।' *চর্যা ৩৮*, ১২০০।

খাণ্ঠি [স খণ্ডিকা] নির্দেশক প্রত্যয়বিশেষ; খানি। 'কাঅ ণাবড়ি খাণ্ঠি মণ কেডুআল।' *চর্যা ৩৮*, ১২০০।

খাণ্ডব [স] *বি* বনবিশেষ। 'ইন্দ্রের খাণ্ডব দহি মোর কর হিত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

খাণ্ডবদাহ, খাণ্ডবদাহন [স] *বি* ভয়াবহ অগ্নিকাণ্ড। 'তা হলে দুদিনের মধ্যে খাণ্ডব দাহন করি।' *দীনবন্ধু*, ১৮৬৩।

খাণ্ডা [স খণ্ড] *বি* খড়্গ; খাঁড়া। 'ডাহিন হাথে খাণ্ডা কাড়ি পেলেন শ্রীহরি।' *মালাধর*, ১৫০০।

খাণ্ডানো [স খণ্ড>] *ক্রি* খণ্ডন করা। 'অধর্ম খাণ্ডায়া কৈলে ধর্ম্মের উৎপতি।' *মালাধর*, ১৫০০।

খাণ্ডার [স খণ্ড>] *বিণ.* উগ্র স্বভাববিশিষ্ট। 'যূথপতি হস্তী কিংবা খাণ্ডার গণ্ডার।' *সিকান্দার*, ১৯৬৩।

খাণ্ডারণী [স খণ্ড>] *বিণ* স্ত্রী ঝগড়াটে। 'বড়বৌটা যে খাণ্ডারণী।' *গিরিশ*, ১৮৮৯।

খাত[১] [স] **১** *বি* নালা। 'ভূশবার একাকার নদ নদী খাতং।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বি* বিপদ। 'উভয়ই কূপখণ্ডগামী ও খাতমধ্যে পতিত হয়।' *দর্পণ*, ১৮৩৬। **৩** *বি* খাঁড়ি; মোহনা। 'উপত্যকাভূমির মধ্যস্থলবর্ত্তী স্বর্ণময়-বালুবিশিষ্ট বৃহৎ খাত দিয়া এক দীর্ঘ নদী গিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯।

খাত[২] [আ খত] *বি* হিসাব। 'এক কড়া, দু কড়া ও পাঁচ কড়ার হিসেবে বারোইয়ারি খাতে জমা হয়ে থাকে।' *হুতোম*, ১৮৬১।

খাতক [স] **১** *বিণ* ঋণগ্রহণকারী। 'সকালে তোমার খুড়া গেছেন খাতকপাড়া।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* মহাজনের কাছে ঋণী। 'খাতক শ্রীগিরিধর সেন তথা শ্রীধরনিধর সেন শ্রীগৌরসুন্দর সেন কর্জ্জপত্র মিদংকাঞ্চঃ আগে।' *মেয়র্স*, ১৭৫৭।

খাতকি [স খাতক>] *বিণ* ঋণদান সম্বন্ধীয়। 'সাধু খাতকি।' *কেরি*, ১৮০২।

খাতন [আ খীতান] *বি* খতিয়ান। 'খাতন, দাখিলে – কোন জায়গাতেই কুবের সব শরিকের নাম পায়নি।' *শ্যামল*, ১৯৬৭।

খাতনা [আ খতনাহ্] *বি* বিসর্জন। 'মোছলেমবঙ্গের জাতীয় অন্তরকে খাতনা দিয়া আসিতেছে বহুদিন হইতে।' *আজাদ*, ১৯৩৬।

খাতরখা [ফা খতর>] *বিণ* বাতিল। 'তাহাদিগের জামিন খাতরখা হইবেক।' *এডমন*, ১৭৯৩।

খাতা[১] [আ] *বি* দোষ। 'মুখে হাত যেই দিল গো খাতা মাফ হইল।' *গরীব*, ১৭৬৫।

খাতা-কসুর [আ] *বি* ভুল-ত্রুটি। 'খাতা-কসুর যদি কিছু কৈরাও থাকে।' *মনসুর*, ১৯৫৫।

খাতা[২] [আ খৎ] *বি* দল। 'শুকুনী গৃধিনী পক্ষ খাতা২ উড়ে।' *মানিকরাম*, ১৭৮১

খাতা খাতা *ক্রিবিণ* দলে দলে। 'শুকুনী গৃধিনী পক্ষ খাতা২ উড়ে।' *মানিকরাম*, ১৭৮১; 'তাহারা খাতা২ আসিয়া ... পরীক্ষা দিয়াছিল।' *দর্পণ*, ১৮২৫।

খাতায় খাতায় *ক্রিবিণ* দলে দলে। 'তুখোড় ইয়ারের দল ... খাতায় খাতায় এর দরজায়, তার দরজায় টু মেরে বেড়াচ্চেন।' *হুতোম*, ১৮৬১।

খাতা[৩] [আ খাতা] **১** *বি* লেখার বই; হিসাবের বই। 'নমুনা সহী খাতা করিয়া মোকাম কাশীমবাজারের কুঠীতে দিব।' *ওসাঁ*, ১৭৮২। **২** *বি* হিসাব মেলানো। *ওসাঁ*, ১৭৮২; 'পূর্বেকার সমস্ত খাতা মিলাইয়া যাহার কোনো প্রকার হিসাব পাওয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

খাতাপত্তর [আ খাতা+স পত্র] *বি* হিসাবপত্র। 'ছুটি দেওয়া যায় অতি সত্বর, খুলতে হয় না খাতাপত্তর।' *রবীন্দ্র*, ১৮৯৯।

খাতাপত্র [আ খাতা+স পত্র] *বি* হিসাব-নিকাশ। 'কোন ভাষা কিম্বা খাতা পত্র শিক্ষিতে বাঞ্ছা করে ...।' *দর্পণ*, ১৮৩৫।

খাতাবাহক [আ খাতা+স বাহক] *বি* চাঁদা আদায়ের খাতা বহন করে যে। 'খাতাবাহকের পলায়ন।' *রবীন্দ্র*, ১৯০৭।

খাতাঞ্জি, খাতাঞ্জী [আ খাজানাহ+ফা চি] *বি* কোষাধ্যক্ষ। 'বাবু ... থিফ রোগ এণ্ড পিকপকেট উকীল সাহেবের আফিসের খাতাঞ্জী।' *হুতোম*, ১৮৬১; 'তোর বাপের খাতাঞ্জি কি না।' *গিরিশ*, ১৮৯৬।

AMARBOI.COM

খাতাঞ্জিখানা [আ খাজানাহ+ফা খানাহ] *বি* কোষাগার। 'সরকারি খাতাঞ্জিখানায় ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

খাতাল [আ] *বিণ* ঝগড়াটে; দুষ্ট। *বিদ্যা*, ১৮৯১।

খাতি [স ক্ষতি] *বি* ক্ষতি। 'বিস তিরিস টাকা তহপেল খাতি হইআ আছে।' *চিঠিপত্রে*, ১৮৬২।

খাতির [আ] ১ *বি* সম্মান। 'ভাল জামা কোথা পাব ইমাম খাতিরে।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* ভাব। 'তুমি খাতির জমাতে থাক।' *চণ্ডীচরণ*, ১৮০৫। ৩ *বি* সমাদর। 'মুখুয্যেদের ছোট বাবু লোকের খাতির কচ্চেন।' *হুতোম*, ১৮৬১। ৪ *বি* প্রীতিপূর্ণ সম্পর্ক। 'মৌখিক বিলক্ষণ খাতির রাখেন।' *বিদ্যা*, ১৮৭৩। ৫ *বি* হেতু। 'চাকরির খাতিরে আমাদের দুর্বলতা কতদূর বাড়িতেছে তাহা ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

খাতির করা *ক্রি* সমাদর করা। 'কাব্য সুন্দরকে সত্য-হিসাবে খাতির করে না।' *রবীন্দ্র*, ১৮৯৪।

খাতির জমা [আ] ১ *বি* আরাম; মানসিক শান্তি। 'খরচপত্র না পাঠাইয়া খাতির জমায় সেথা বসীয়া আছহ।' *ওস্যা*, ১৭৭৯। ২ *বি* খেয়ালখুশি। 'খাতির জমায় আবাদ তরদুদ করহ।' *ভেরলি*, ১৭৯১। ৩ *বিণ* নিশ্চিন্ত। 'দুই ভ্রাতা খাতিরজমা হইয়া গেল রাজারদের সহিতও।' *রামরাম*, ১৮০১।

খাতির জমানো *ক্রি* ভাব করা। 'তুমি খাতির জমাতে থাক।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

খাতিরদারি [আ খাতির+ফা দার>] *বি* সমাদর। 'খাতিরদারিতে সে দিবস বাসায় বিদায় করিল।' *রামরাম*, ১৮০১।

খাতিরদারি করা *ক্রি* সন্তুষ্ট করা। *মানোএল*, ১৭৪৩।

খাতির-নদারত [আ খাতির+ফা নাদারদ] *বিণ* উন্নাসিক। 'তাঁর চলাফেরা বলা-কওয়ার ভিতর একটা খাতির-নদারত ভাব ছিল।' *প্রমথ*, ১৯৩১।

খাতির পাতানো *ক্রি* সদ্ভাব গড়ে তোলা। 'সাকের আবার রোহিনী চৌধুরীর সঙ্গে খাতির পাতাইয়াছে।' *শওকত*, ১৯৫৮।

খাতিরি [আ খাতির>] *বিণ* খাতির আছে এমন। *বিদ্যা*, ১৮৯১।

খাতুন [তু খাতুন] *বি* স্বর্গের নেত্রী। 'রাছুল নন্দিনী তিনি বেহেস্তের খাতুন।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

খাতেমা [আ খাতিমাহ] *বিণ* চূড়ান্ত। 'আসামী ফেরার বলিয়া এক খাতেমা রিপোর্ট দাখিল করিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮।

খাতের [আ খাতির] *বি* আন্তরিকতা। 'দূর কর বদি মর্ম্ম খাতেরে থাকিয়া।' *গরীব*, ১৭৬৫।

খাতেরজমা [আ খাতির+আ জমা] *বিণ* নিশ্চিন্ত। 'খাতেরজমা হয়ে সবাই বাড়ি ফিরল।' *মনসুর*, ১৯৪৪।

খাতেরদারী [আ খাতির+ফা দার>] *বি* সমাদর। 'করেন খাতেরদারী বিবির খাতির।' *গরীব*, ১৭৬৫।

খাদ[১] [আ] ১ *বি* নিচু জায়গা; খানা। 'পড়িনু অন্ধ মুক্রি খাদের অন্তরে।' *বাহরাম*, ১৬৫০। ২ *বি* ঝরনা। *ওস্যা*, ১৭৮৫।

খাদ[২] [স ক্ষয়দ] *বি* সোনা বা রুপার সঙ্গে মিশ্রিত অন্য ধাতু। 'এইরূপ তামা ও রূপা মিশ্রিত করাকে খাদ দেওয়া বলে।' *বিদ্যা*, ১৮৫১।

খাদ মিশ্রিত [স ক্ষয়দ-মিশ্রিত] *বিণ* আন্তরিকতাহীন। 'গহরের সহানুভূতি আদৌ খাদ মিশ্রিত নয়, আজহার বুঝিতে পারে।' *শওকত*, ১৯৫৮।

খাদক [স] *বি* যে খায়; ভক্ষক। 'খাদ্য বা খাদক সম্বন্ধ পরস্পর।' *গুপ্ত*, ১৮৫৮।

খাদিম, খাদীম [আ খাদিম] ১ *বি* ভৃত্য। 'খাদীমকে খত লিখিবার সেরেস্তা পির মুরিদের জবানী–।' *চিঠিপত্রে*, ১৮৬৪। ২ *বি* সেবক। 'সাম্য মৈত্রী মানবতার খাদিম।' *নজরুল*, ১৯৩৭।

খাদেম [আ খাদিম] *বি* সেবক। 'ইব্রাহীম ওস্তর নাম খাদেম তোমার।' *গরীব*, ১৭৬৫।

খাদেমা [আ খাদিম>] *বি* স্ত্রী পরিচারকের কাজ করে যে। 'মা বাড়ির খাদেমা।' *শওকত*, ১৯৪৬।

খাদেমী [আ খাদিম>] *বি* দেখাশোনা করার দায়িত্ব। 'তোস্কারে খাদেমী দিল আস্কি।' *সুলতান*, ১৭০০।

খাদ্দরিক [গু খদ্দর>] *বিণ* খদ্দর সম্বন্ধীয়। 'সে অক্ষতাই আজ রাষ্ট্রিক ও আর্থিক ক্ষেত্রে আবির্ভূত হয়ে চরকাখাদ্দরিক অস্পৃশ্যতাতত্ত্ব জাগিয়ে তুলছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

খাদ্য [স] *বি* খাবার। 'খাদ্য সামিগ্রি ক্রয় করিতে রাজমহলে আসিয়াছিল।' *রামরাম*, ১৮০১।

খাদ্যদ্রব্য [স] *বি* খাবার জিনিস। 'সেই বৎসরেদের খাদ্যদ্রব্য ঐ পুত্তলিকার জামার দামনে আর আস্তিনে রাখিত।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

খাদ্যনিয়ন্ত্রণ [স] *বি* কম খেয়ে শরীরের ওজন নিয়ন্ত্রণে রাখার কাজ। 'রোগা হবার জন্য খাদ্যনিয়ন্ত্রণ আরম্ভ করেছিল।' *মানিক*, ১৯৩৮।

খাদ্যপরম্পরা [স] *বি* খাদ্য সরবরাহ বা ভোজনের ক্রম। 'ভোজনে প্রোগ্রামটা খাদ্যপরম্পরা এইভাবে অগ্রসর হয়ে পরিসমাপ্তিতে গিয়ে পৌছান উচিত।' *শিবরাম*, ১৯৫০।

খাদ্যপরিচারক [স] *বি* খাবার তৈরি ও পরিবেশন সংক্রান্ত চাকর। 'ভিস্তি, খাদ্যপরিচারক প্রভৃতি সকল ভৃত্যই রাখিল।' *মধু*, ১৮৫৭।

খাদ্যপরিপাক [স] *বি* খাদ্য হজমের প্রক্রিয়া। 'তাম্বুলের সহিত তাম্রকূটধূম সংযোগ করিয়া খাদ্যপরিপাকে প্রবৃত্ত ছিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খাদ্যপূর্ণ [স] *বিণ* খাদ্যভরা। 'নানারূপ খাদ্যপূর্ণ এক প্লেট খাবার আগাইয়া দিতেই হরিমোহন বলিল ...।' *বনফুল*, ১৯৩৬।

খাদ্যপেয় [স] *বি* খাবার ও পানীয়। 'সুখভোগ্য খাদ্যপেয়ের সুগন্ধবাহী ধোঁয়া।' *অন্নদা*, ১৯২৯।

খাদ্যবস্তু [স] *বি* খাদ্যদ্রব্য। 'বাইরে থেকে খাদ্যবস্তু গ্রহণ করার দ্বারাই প্রাণী আপনাকে রক্ষা করে।' *রবীন্দ্র*, ১৯৩০।

খাদ্যবস্ত্র [স] *বি* খাদ্য ও বস্ত্র। 'ভূরি ভূরি খাদ্যবস্তু ফলপুষ্প-পত্রের নৈবেদ্যের মধ্যে নানারকম মুদ্র সহযোগে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

খাদ্যবিলাসী [স] *বিণ* ভোজনরসিক। 'দু-চারজন খাদ্যবিলাসী লোক।' *বিভূতি*, ১৯৩৮।

খাদ্যমন্ত্রী [স] *বি* খাদ্যবিষয়ক মন্ত্রী। 'খাদ্যমন্ত্রী শহীদ সাহেব।' *মনসুর*, ১৯৪৫।

খাদ্যরস [স] ১ *বি* খাদ্যের তরল অবস্থা। 'খাদ্যরস এবং পাকরস মিশিয়া তবে আহার পরিপাক হয়।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* ভোজনবিলাসিতা। 'অন্য আরও দু-একটা রসের সন্ধান করি। তারই একটি খাদ্যরস।' *মুজতবা*, ১৯৫৮।

খাদ্যরূপে [স] *ক্রিবিণ* খাদ্য হিসেবে। 'সেই সকল সামগ্রীই পুষ্টিকর

AMARBOI.COM

খাদ্যরূপে গ্রাহ্য হইতে পারে।' *অক্ষয়*, ১৮৪৯।

খাদ্যলোভী [স] *বিণ* খাদ্যবস্তুর প্রতি লোলুপ। 'আমারে ভাসিয়ে নেয় খাদ্যলোভী ক্ষোভের কাতারে।' *মাহমুদ*, ১৯৭৩।

খাদ্যশস্য [স] *বি* কৃষিজাত আহার্য দ্রব্যাদি। 'প্রয়োজনীয় খাদ্যশস্য রেশনিং প্রথা দ্বারা সরবরাহ করা হইবে।' *জাময়াত*, ১৯৪৩।

খাদ্যশোষণ [স] *বি* অপরকে খাদ্য থেকে বঞ্চিত করা। 'না জানিয়া খাদ্যশোষণ ... নিজের পুষ্টিসাধন করা।' *রবীন্দ্র*, ১৯০৮।

খাদ্যসম্ভার [স] *বি* খাদ্যসামগ্রী। 'পাশের একটি রেস্তোরাঁ হইতে দেশী-বিদেশী নানাবিধ খাদ্যসম্ভার আনানো হইয়াছে।' *বনফুল*, ১৯৩৬।

খাদ্যসামগ্রী [স] *বি* খাদ্য-উপকরণ। 'বসুমতী আপনা হইতে অনবরতই তাহাদের খাদ্যসামগ্রী প্রস্তুত করিয়া রাখিতেছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

খাদ্য সামিগ্রি [স খাদ্যসামগ্রী] *বি* খাদ্য-উপকরণ। 'খাদ্য সামিগ্রি ক্রয় করিতে রাজমহলে আসিয়াছিল।' *রামরাম*, ১৮০১।

খাদ্যসুখ [স] *বি* ভোজনবিলাসিতা। 'আত্মলাভ, দম্ভ, খাদ্যসুখ, যশোলাভ প্রভৃতিকে ইহার মূলকারণ বলিয়া ব্যক্ত করিলেন।' *অক্ষয়*, ১৮৪২।

খাদ্যাদি [স] *বি* খাদ্য, পানীয় ইত্যাদি। 'কল-কৌশল খাটাইয়া খাদ্যাদি প্রস্তুত করারও উপায় আছে।' *মশাররফ*, ১৮৮৯।

খাদ্যাভাব [স খাদ্য-অভাব] *বি* দুর্ভিক্ষ। 'ইংলন্ডের জনসংখ্যা প্রতিবৎসর বৃদ্ধি হইয়া ... খাদ্যাভাব হইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

খাদ্যার্থে [স] *ক্রিবিণ* খাওয়ার উদ্দেশ্যে। 'তাহাতে ধর্মার্থে কি খাদ্যার্থে কোন প্রাণিহিংসা হইতে পারিবে না।' *দর্পণ*, ১৮৩০।

খাদ্যাহরণ [স খাদ্য-আহরণ] *বি* খাদ্য সংগ্রহ। 'সৈন্যের পুনরোধ এবং খাদ্যাহরণের ব্যাঘাত, প্রধান উপায়।' *বঙ্গদর্শন*, ১৮৭৯।

খাদ্যোৎপাদন [স খাদ্য-উৎপাদন] *বি* খাদ্যশস্য ফলানো। 'ব্যাপক খাদ্যোৎপাদন, জনস্বাস্থ্য, জনশিক্ষা ইত্যাদি।' *ওদুদ*, ১৯৪৮।

খাদ্যোপযোগী [স খাদ্য-উপযোগী] *বিণ* খাবারের উপযুক্ত। 'সেগুলিকে খাদ্যোপযোগী করণের মত কঠিন কাজও তাদের নিজ হাতে সম্পন্ন করতে হয়।' *বেগম*, ১৯৫৩।

খাধ [স খাত] *বি* খাদ; গর্ত। 'অন্যেশন করিতে২ দেখেন সে পড়িয়া রহিয়াছে একটা খাধের মধ্যে।' *রামরাম*, ১৮০১।

খান[১] [স খণ্ড>] নির্দেশক প্রত্যয়বিশেষ; টি। 'ভাঙ্গিল সকটখান সন্দ গেল দুর।' *মালাধর*, ১৫০০।

খান[২] [স স্থান] *বি* স্থান। 'অপচয় করি পলাইল কোন খানে।' *বৃন্দা*, ১৫৮০; 'মূরছি পড়িয়া ধরি কান্দে ভূম খানে।' *দ্বিজশ্রী*, ১৬০০।

খান[৩] [তু] ১ *বি* উপাধিবিশেষ। 'চলিলেন বুদ্ধিমন্ত খান মহাশয়।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* মহাশয়। *মানোএল*, ১৭৪৩।

খান[৪] [স খণ্ড>] *বি* খণ্ড। 'গদার প্রহারে গদা কৈল দুই খান।' *সুলতান*, ১৭০০।

খানকত [স খণ্ড>+কত] *বিণ* কিছু পরিমাণ। 'খানকত দলভ্রষ্ট বিচ্ছিন্ন মেঘ সূর্যালোকে শুভ্র।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খানকতক [স খণ্ড>+কতক] *বিণ* কয়েকটি। 'মার নামে খানকতক কাগজ ব্যাঙ্কে জমা রেখেছি।' *গিরিশ*, ১৮৮৯।

খান খান, খানখান [স খণ্ড>] *বিণ* টুকরা টুকরা; খণ্ড খণ্ড। 'চক্রে কাটি গদাধর করে খান খান।' *মালাধর*, ১৫০০; 'আঘাতে খানখান হল দ্বারের আগল।' *রবীন্দ্র*, ১৯৩২।

খানকা[১] [ফা খাহ্‌মাখাহ্] *ক্রিবিণ* অযথা। 'খানকা আমার পুত কাটে নাথি মারে।' *কেরি*, ১৮০২।

খানকা[২] [ফা খানগাহ>] *বি* বৈঠকখানা। 'আবু মোল্লার খানকা ঘরে বসে সারা রাত আল্লা আল্লা করে জেহীর করেছি।' *মশাররফ*, ১৮৬৯।

খানকা[৩] [ফা খানগাহ>] *বি* পিরের আস্তানা। 'দরবার শরীফ, খানকা শরীফ প্রভৃতির কথা।' *সওগাত*, ১৯৩০।

খানকি, খানকী [ফা খানগী] *বি* বারবনিতা; বেশ্যা। 'হাট বাজার কুড়ানি খানকি যা।' *কেরি*, ১৮০২; 'এক জন খানকীর নিকটে দশ টাকাতে আপন স্ত্রী বিক্রয় করিল।' *দর্পণ*, ১৮১৯।

খানকিগিরি [ফা খানগী>+ফা গিরি] *বি* বেশ্যাবৃত্তি। *বিদ্যা*, ১৮৯১।

খানকিপনা [ফা খানগী>+স প্রবণ>] *বি* যৌনকর্মীর ন্যায় আচরণ। *বিদ্যা*, ১৮৯১।

খানদান [ফা] ১ *বি* বংশ বা পরিবার। 'আপন মৌক্তিলের খানদানের অর্থাৎ বংসের কুরসিনামা ...।' *চিঠিপত্রে*, ১৮১১। ২ *বিণ* বংশমর্যাদাসম্পন্ন। 'ম্লান হাসি হেসে কহিল ভাইটি, আমরা যে খানদান/ আমাদের মেয়ে হেথায় আসিলে ভীষণ অসম্মান।' *জসীম*, ১৯৫১। দ্র **খান্দান**

খানদানি, খানদানী [ফা] ১ *বিণ* বংশগত। 'এ বিদ্যে যাঁদের খানদানী।' *প্রমথ*, ১৯৩৭। ২ *বিণ* অভিজাত। 'রেওয়াজ ছিল খানদানী হতে হলে ... কিছু একটা হতেই হবে।' *মুজতবা*, ১৯৪৯। ৩ *বি* বংশগৌরব। 'শুধু হতবিত্ত খানদানির খেদ আর হায় আফসোস।' *কায়সার*, ১৯৬২।

খানপোষ [ফা খাঞ্জাপোশ] *বি* ঢাকনা। 'একখানা বড় থালায় রাখিয়া উপরে একটা খানপোষ বা সরপোষ ঢাকা দেন।' *রোকেয়া*, ১৯০৪।

খানবাহাদুর [ফা] *বি* ব্রিটিশ আমলের সরকারি খেতাববিশেষ। 'খান বাহাদুর কান খুইয়ে।' *নজরুল*, ১৯৩১।

খানম [তু] *বি* খানের স্ত্রী। 'চতুর্থা খানম মোটেই ঘর সংসার দেখেন না।' *রোকেয়া*, ১৯৩০।

খানশামা [ফা খানসামান] *বি* পরিচারক। 'মাশুম খাঁ খানশামা পর্ব্বত হইতে নামিয়া ...।' *রামরাম*, ১৮০১।

খানসামা [ফা খানসামান] ১ *বি* পরিচারকবিশেষ। 'ঘোড়া দাবাইয়া রণ করে খানসামা।' *রূপরাম*, ১৭৫০। ২ *বি* বাবুর্চি। 'খানসামা কি কার্য্য করে।' *কেরি*, ১৮০১। ৩ *বি* আয়া। 'খানসামা খেজমৎগার ফরাস হুকাবর্দ্দার পাঙ্খাবর্দ্দার।' *ভবানী*, ১৮২৫।

খানসামাগিরি [ফা খানসামান+ফা গিরি] *বি* খানসামার কাজ। 'আমি সাহেবলোকের খানসামাগিরির কার্য্য করিয়া থাকি।' *কেরি*, ১৮০১।

খানসামানি [ফা খানসামান>] *বি* রাজকোষ। 'জানকীবল্লভকে রাজা বসন্তরায় খেতাব দিয়া খানসামানির দেওয়ান করিলেন।' *রামরাম*, ১৮০১।

খানসেনা [ফা খান] *বি* পাকিস্তানি সৈনিক। 'তরুণীর উপর পাঁচ-ছয়জন খানসেনা উপর্যুপরি পাশবিক অত্যাচার করেছিল।' *শওকত*, ১৯৭২।

খানা[১] [ফা খানাহ্] ১ *বি* ক্ষুদ্র খাল। 'ধাইল কাঁসাই মহানদী বিড়াই খরস্রোত বামনার খানা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* খাত; গর্ত। 'পগার খন্দক খানা উলু কাস্যা নল বেনা।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* ধোয়ার জায়গা। *মানোএল*, ১৭৪৩। ৪ *বি* ডোবা; খাদ। *ওসাঁ*, ১৭৮৫। ৫

AMARBOI.COM

বি আবর্জনা ফেলার গর্ত। 'বাটীর নিকটে এমন খানা আছে যে দুর্গন্ধে নিকটে যাওয়া ভার!' *প্যারী*, ১৮৫৮। ৬ *বি* স্থান। 'নিঃশব্দ নহবৎখানা, হস্তীহীন হস্তীশালা, প্রভুশূন্য রাজতক্ত।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৭ *বি* বাসস্থান। 'হুজুরের একবালে গরিবখানার অমঙ্গলের সম্ভাবনা কি?' *বঙ্কিম*, ১৮৮৪।

খানাখন্দ [ফা খানাহ্+আ খন্দক] *বি* নানা প্রকার গর্ত। 'খানাখন্দ, শিলা, পাইওরাইটের স্তূপ কে মানে?' *বিভূতি*, ১৯৩১।

খানা খন্দক [ফা খানাহ্+আ খন্দক] *বি* গর্ত, নালা ইত্যাদি। 'খানা খন্দক প্রভৃতি নানা নামাল জায়গা উচ্চ করা যাইবেক।' *দর্পণ*, ১৮২৯।

খানাডোবা [ফা খানাহ্+ডোবা] *বি* জলাশয়াদি। 'খানাডোবা সব থৈ থৈ করিতেছে।' *বিভূতি*, ১৯২৯।

খানাতল্লাসি [ফা খানাহ্+ফা তলাশ] *বি* বাসস্থানে বিশেষ তল্লাশি। *বিদ্যা*, ১৮৯১।

খানাতল্লাশ [ফা খানাহ্+ফা তলাশ] *বি* গৃহে বিশেষভাবে খুঁজে দেখা। 'বিভিন্ন মহল্লায় খানাতল্লাশ করে অনেকগুলো পঞ্চমবাহিনীকে গ্রেফতার করেছে।' *মনসুর*, ১৯৪৫।

খানাতল্লাশি [ফা খানাহ্+ফা তলাশ] *বি* গৃহে বিশেষভাবে খুঁজে দেখা। 'কোমর বাঁধিয়া খানাতল্লাশি করিতে উদ্যত হন।' *রবীন্দ্র*, ১৯০৭।

খানাতল্লাস [হি খানা+ফা তলাশ] *বি* বাসস্থানে বিশেষ অনুসন্ধান। 'খানাতল্লাসের হিড়িক পড়িয়া যায়।' *মনসুর*, ১৯৫৫।

খানাতল্লাসি, খানাতল্লাসী [ফা খানাহ্+ফা তলাশ] *বি* গৃহে বিশেষভাবে খুঁজে দেখা। 'সন্ন্যাসীর তোবড়া-তুবড়ির খানাতল্লাসী কত্তে লাগলেন।' *হুতোম*, ১৮৬১; 'পুলিস খানাতল্লাসিতে হরলালের বাক্স সন্ধান করিতে ছাড়িল না।' *রবীন্দ্র*, ১৯০৭।

খানায়ে-কাবা [ফা খানাহ্+আ কাবা] *বি* কাবাঘর। 'পড়ব, মসরেবের নামাজ/ কবে খানায়ে-কাবায়।' *নজরুল*, ১৯৩২।

খানা[১] [হি] ১ *বি* ভোজ। *মানোএল*, ১৭৪৩; 'আমরা যখন একটা খানা দিই তখন ...।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বি* খাবার। 'বাবুরচিকে কহ অদ্য খানা শীঘ্র প্রস্তুত করে।' *কেরি*, ১৮০২। ৩ *বি* ভোজ অনুষ্ঠান; ডিনার। 'ইহারই অভ্যর্থনা উপলক্ষে বন্ধুমহলে একটা খানা হইয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

খানা-কামরা [হি খানা+প কামরা] *বি* ভোজনকক্ষ। 'আমরা খানা-কামরায় ঢুকে সবে টেবিলে বসেছি।' *প্রমথ*, ১৯১৫।

খানাঘর [হি খানা+ঘর] *বি* খাবার ঘর; ভোজনকক্ষ। 'প্রথম দিনই খানাঘরে লক্ষ্য করলুম।' *মুজতবা*, ১৯৫২।

খানা-জিয়াফত [হি খানা+আ জিয়াফত] *বি* ভোজনোৎসব। 'খানা-জিয়াফত আকীকা কোরবাণীর রেওয়াজ আজও ... পুরোদস্তুর বজায়।' *মাহেনও*, ১৯৪৯।

খানাটেবিল [হি খানা+ই টেবিল] *বি* যে টেবিলে বসে খাওয়া হয়; ডাইনিং টেবিল। 'তুর্কী টুপির ট্যাসেল দুলিয়ে দুলিয়ে খানা-টেবিল যে বিলক্ষণ তপ্ত-গরম রাখলেন।' *মুজতবা*, ১৯৫২।

খানাপিনা [হি] *বি* পান ও ভোজন। 'ফাতেমা দরুদ যত খানাপিনা কইল।' *গরীব*, ১৭৬৫।

খানা[৩] *অব্য* নির্দেশক পদ। 'খানা বা খানি যোগ করি এর অন্যথা হয় না।' *রবীন্দ্র*, ১৯৩৭।

খানি[১] – বচন নির্দেশক প্রত্যয়। 'সঙ্গে কেহে লআঁ বুল নাতিনি খানি।' *বড়ু*, ১৪৫০।

খানি[২] [স ক্ষণ] *বিণ* কিছু। 'এসব বচন বোল লাজ নাহি খানি।' *মালাধর*, ১৫০০।

খানি খানি ১ *ক্রিবিণ* একটু একটু ক'রে। 'কথা খানি খানি কহিল বড়ায়ি।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* খণ্ড খণ্ড। 'খানি খানি করি কাটি পেড়াইল তারে।' *মালাধর*, ১৫০০।

খানিক [স ক্ষণ>] ১ *ক্রিবিণ* কিছুক্ষণ; অল্পসময়। 'খানিক থাকিয়া কৃষ্ণ পাইলা চেতন।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* অল্প। 'খানিক বেগনি কাপড় টুকরা টুকরা করিয়া কাটিলেন।' *মধু*, ১৮৫৭।

খানিকক্ষণ [স ক্ষণেক+স ক্ষণ] *ক্রিবিণ* কিছুক্ষণ। 'খানিকক্ষণ আপনার মুখচন্দ্রমা নিরীক্ষণ করি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

খানিকটা *বিণ* অল্প। 'গোরুর আর কিছু না থাকে ত খানিকটা গোবোর এনে দে না?' *রাজ*, ১৮৭৪।

-খানী – বচন নির্দেশক প্রত্যয়। 'সঙ্গে কেহে লআঁ বুল নাতিনিখানী।' *বড়ু*, ১৪৫০।

খানেওয়ালা [হি] *বি* খাওয়ার লোক; খাদক। 'খানেওয়ালার সংখ্যানুসারে খোরাকির পরিমাণ ...।' *মনসুর*, ১৯৩৫।

খানেক [স ক্ষণ>] *ক্রিবিণ* একটু সময়ের জন্যে। 'এইখানে এসে খানেক দাঁড়াও এই গেঁও পথ বাঁকে।' *জসীম*, ১৯৫১।

খানেখোস [স খণ্ড] *বিণ* টুকরা টুকরা। 'কাঁকড়ি জেন খানে খান।' *মুকুন্দ*, ১৬০০।

খানেখারাপ [ফা খান+আ খারাব] *বিণ* নাকাল। 'হোগা হারামজাদ খানেখারাপ।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'খানার পোশাকের কায়দা-কানুন কন্ত করতে নাস্তানাবুদ খানেখারাপ হতে হয়।' *প্রমথ*, ১৯০৫।

খানেজাদ [ফা খানাজাদ] *বি* দাসীপুত্র। 'চেলা খানেজাদ যত কে করে গণন।' *ভারত*, ১৭৬০।

খান্দা [আ খন্দ] *বি* জমির পরিমাণবিশেষ। 'খান্দা বান্দা ভূত চালানি।' *লালন*, ১৮৯০।

খান্দান [ফা] ১ *বি* বংশ। 'চৌদ্দ খান্দান আর বন্দিনু চারি পীর।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* উচ্চবংশ। 'শুনিয়াছি বঙ্গদেশে কোন খান্দানের বাড়ীর নিয়ম।' *রোকেয়া*, ১৯৩১।

খান্দানহীন [ফা খান্দান+স হীন] *বিণ* বংশমর্যাদাহীন। 'মেয়ের বিয়ে খান্দানহীন বিবাহিত ও সস্ত্রীক হালিমের সহিত ঠিক করিয়া ফেলিয়াছেন।' *মনসুর*, ১৯৫৫।

খান্দানি [ফা খান্দান>] *বিণ* উচ্চবংশীয়। 'আরবের যত খান্দানি ঘর।' *নজরুল*, ১৯৪১।

খান্নাস [আ খন্নাস] *বি* শয়তান। 'হাঁকে খান্নাস, খবিস দল।' *ফররুখ*, ১৯৪৬।

খাপ [আ খাফা; ফা খাম] *বি* অস্ত্রাধার। 'খাপেতে রাখিল মন্দ হাতের তলওয়ার।' *গরীব*, ১৭৬৫।

খাপ খাইয়ে নেওয়া *ক্রি* মানিয়ে নেওয়া। 'বিবাহিত জীবনকে পুরোপুরি খাপ খাইয়ে নেওয়া।' *বেগম*, ১৯৬৬।

খাপ খাওয়া ১ *ক্রি* মিল হওয়া। 'আমার কোন জিনিস তাঁকে কেমন খাপ খাচ্ছে না।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *ক্রি* শোভা পাওয়া। 'বিলিতি নভেল কোনো মতেই খাপ খায় না।' *রবীন্দ্র*, ১৮৯৪।

AMARBOI.COM

খাপ খাওয়ানো *ক্রি* সামঞ্জস্য বিধান করা। 'অশিক্ষার আবহাওয়ায় নিজেকে খাপ খাইয়ে নিতে পারবে না।' *বেগম*, ১৯৪৮।

খাপখোলা *বিণ* কোষমুক্ত। 'খাপখোলা ক্ষীণ চাঁদ।' *হোসেন*, ১৯৪০।

খাপ-খোশ [আ খাফা+স কোষ] *বি* তলোয়ার রাখার কোষ। 'বাইরে ফাঁকা পাঁইতারা তাই, নাই তলোয়ার খাপ-খোশ।' *নজরুল*, ১৯২৪।

খাপেখাপে মিল *ক্রি* খাঁজে খাঁজে বসা। 'কী করে এমন খাপেখাপে মিলে গেছে।' *ওয়ালী*, ১৯৪৮।

খাপে-ঢাকা *বিণ* খাপে বন্দী। 'যেন খাপে-ঢাকা বাঁকা তলোয়ার।' *রবীন্দ্র*, ১৯১৬।

খাপে পোরা *বিণ* খাপের ভিতর আছে এমন। 'দিনরাত খাপে পোরা থাকলে মরচে ধরে যায়।' *নজরুল*, ১৯২৫।

খাপচি [আ খামসহ] *বি* খামচি। 'আর না খাপচি খেলো।' *নজরুল*, ১৯২৬।

খাপচু [আ খামসহ] *বি* অল্প খাবার। 'খাচ্ছে জ্বরে খাপচু?' *নজরুল*, ১৯২৬।

খাপছাড়া [আ খাফা+ছাড়া] ১ *বিণ* সামঞ্জস্যহীন। 'পুরুষরা বেশ খাপছাড়া আর মেয়েরা বেশ সুসম্পূর্ণ।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* বেমানান। 'কতকগুলা খাপছাড়া জিনিসপত্র লইয়া।' *রবীন্দ্র*, ১৯০৫। ৩ *বিণ* উদ্ভট। 'এই খাপছাড়া সৃষ্টিছাড়া দিনের মতো হঠাৎ আসিয়া ... লোকের কাজ নষ্ট করিয়া দিয়া যায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

খাপড়া [স খর্পর] *বি* মাটির পাত্রবিশেষ। 'শীতরাতে শান্তর মার আগুনে খাপড়ার মত কেমন একটা ...।' *জীবন*, ১৯৪৮।

খাপর [স খর্পর] *বি* ভিক্ষাপাত্র। 'হাথে খাপর ভিখ মাঙ্গএ যোগিনী।' *বড়ু*, ১৪৫০।

খাপরা [স খর্পর] ১ *বি* মাটির হাঁড়ির ভাঙা অংশ। 'খাপরা ভরিয়া জল ঊর্দ্ধে চালাইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* ঘর ছাওয়ার টালি। 'ওই খাপরা-ছাওয়া বস্তিখানার চালে।' *সুধীন্দ্র*, ১৯৩২।

খাপরি [স খর্পর] *বি* মাটির হাঁড়ির তলা। 'পাছে পাছে শিশুগণে খাপরি বাজাএ।' *বাহরাম*, ১৬৫০।

খাপরেল [স খর্পর] *বি* খোলা বা টালির ছাউনি দেওয়া ঘর। 'খড়ুয়াঘর অপেক্ষা খাপরেলে অধিক তাপ লাগে।' *দর্পণ*, ১৮৩৭।

খাপসুরত, খাপসুরৎ [ফা খুব+আ সুরত] *বিণ* অত্যন্ত সুন্দর। 'লোকটির চেহারার দিকে ভালো করে তাকিয়ে দেখলুম, কই তেমন কিছু খাপসুরৎ অ্যাপলো তো নন।' *মুজতবা*, ১৯৪৯।

খাপা [ফা খফাহ] *বিণ* ক্ষিপ্ত। 'মোর ঝাপটা দেখে মোর ভাতর বড় খাপা হয়েলো।' *দীনবন্ধু*, ১৮৬০।

খাপাখাপি [ফা খফাহ>] *বি* ক্ষিপ্ততা। 'দুই দলে খাপাখাপি ছাপাছাপি কত।' *গুপ্ত*, ১৮৫৮।

খাপানো [ফা খাম>] *ক্রি* খাপ খাওয়ানো। *বিদ্যা*, ১৮৯১।

খাপি [আ খাফা; ফা খাম] *বিণ* ঠাসবুননযুক্ত। 'মিহিন খাপি সিল্কু-কাফি শিফন চমৎকার।' *সত্যেন্দ্র*, ১৯২৪।

খাপ্পা [ফা খফাহ] ১ *বিণ* ক্রুদ্ধ। 'তেনা মোর উপর বড়ো খাপ্পা।' *প্যারী*, ১৮৫৮। ২ *বিণ* অপ্রসন্ন। 'হাঃ হাঃ, ভায়া খাপ্পা বড়ো।' *রবীন্দ্র*, ১৮৮১।

খাপুআ [ফা খফাহ] *ক্রিবিণ* খেপে গিয়ে। 'খাপুআ মারএ পুনি হানএ কাটারি।' *বাহরাম*, ১৬৫০।

খাব, খাঁব [ফা] *বি* স্বপ্ন। 'সেই রাতে স্বপনেতে দেখে খাব সকলেতে।' *গরীব*, ১৭৬৫; 'খাঁবে দেখেছিলেন ইবরাহিম।' *নজরুল*, ১৯২৪।

খাবড়া [স খর্পর] *বিণ* ছোপ ছোপ। 'মোষের কালো পিঠের মতো রোঁয়া ওঠা খাবড়া খাবড়া দাগে ভরা।' *সেলিনা*, ১৯৭৫।

খাবড়ি [স খর্পর] *বি* ভাঙা বাসনকোসনের টুকরা; খোলা। 'নাদায় গুড় নাইরে মনা খাবড়ি ছোঁ ছোঁ করে ছুটে বেড়াও।' *লালন*, ১৮৯০।

খাবল [স কবল] *বি* গ্রাস। 'খাবলে খাবলে অস্থি লইল ধুইয়া।' *বিজয়*, ১৬৫০।

খাবলা [স কবল>] ১ *বি* পাঞ্জা; থাবা; মুষ্টি। *বিদ্যা*, ১৮৯১; 'গাল দুটি তার খাবলা-মতন চোখ দুটি তার ফাঁকা।' *সুকুমার*, ১৯২০। ২ *বিণ* মুষ্টি পরিমাণ। 'তার বুকের এক খাবলা মাংস যেন সকলে ছিনাইয়া লইয়াছে।' *মানিক*, ১৯৩৬।

খাবলা-খাবলা [স কবল>] *বিণ* এলোমেলো। 'খাবলা-খাবলা রুঠাজমি, ডোবাজমি, কাদাজমি।' *ওয়ালী*, ১৯৪৮।

খাবলানো [স কবল>] *ক্রি* হাত দিয়ে তুলে নেওয়া। *বিদ্যা*, ১৮৯১।

খাবসুরৎ [ফা খুব+আ সুরত] *বিণ* সুন্দর। 'সে বড় খাবসুরৎ।' *মুজতবা*, ১৯৪৯।

খাবা [স খাদ্য] *বি* খাওয়া। 'পোস্ত খাবার হোলাটী সেই ভাস্যা গেল।' *মুকুন্দ*, ১৬০০; 'কত বেলা হল আপনারা নাবা খাবা করবেন না।' *দীনবন্ধু*, ১৮৬০।

খাবার [স খাদ্য>] ১ *বি* খাদ্য। 'মায়ের খাবার দাবার সব রেখে এলুম।' *উমেশ*, ১৮৫৭। ২ *বিণ* আহার্য। 'খাবার দ্রব্য অনেক আছে।' *গুপ্ত*, ১৮৫৮।

খাবারওয়ালা [খাবার+হি ওয়ালা] *বি* খাবার বিক্রেতা। 'খাবারওয়ালার কাছ থেকে চানাচুর, চিনেবাদাম কিনে যে ক্রয়সুখ উপভোগ করে অনিমা।' *নরেন্দ্র*, ১৯৪৮।

খাবার করা [খাবার+করা] *ক্রি* খাবার বানানো। 'মা ঘামতে ঘামতে খাবার করলেন।' *হুমায়ূন*, ১৯৭২।

খাবার দাবার *বি* খাদ্যদ্রব্য। 'মায়ের খাবার দাবার সব রেখে এলুম।' *উমেশ*, ১৮৫৭।

খাবাস [আ খবাস] *বি* একান্ত চাকর। 'খাবাসে তুলিয়া দেয় পান।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খাবি [ফা খাপ>] ১ *বি* বাধাপ্রাপ্ত হয়ে নিশ্বাস গ্রহণের অক্ষমতা। 'খাবি খেয়ে মরে লোক হাজার হাজার।' *ভারত*, ১৭৬০। ২ *বি* হাঁসফাঁস; শ্বাসকষ্ট। 'মুমূর্ষুর খাবির মতো মাঝে মাঝে বেরোতে থাকে।' *রবীন্দ্র*, ১৯২২।

খাবি খাওয়া *ক্রি* হাঁসফাঁস করা। 'খাবি খায় তবু চাবি ছাড়ে নাকো।' *নজরুল*, ১৯৪১।

খাম[১] [ফা] ১ *বিণ* অপুষ্ট। 'খাম-আলু কিনে কিছু।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* অপরিণত। 'জখন থান খাম সোজ ধোলাই হইবেক।' *হ্যালহেড*, ১৭৭৩। ৩ *বিণ* জমি থেকে কাঁচা অবস্থায় তোলা। 'খাম আফিঙ্গে জল মিশাইয়া কনত্রাক্টওালাকে দেয় ...।' *এডমন*, ১৭৯৩।

খাম[২] [ফা] ১ *বিণ* দুমড়ানো; ভাঁজ-করা। *হ্যালহেড*, ১৭৭৩। ২ *বি* লেফাফা; ইনভেলাপ। 'দরখাস্ত খামের মধ্যে মহর করিয়া।' *ক্যালগে*, ১৭৮৭।

AMARBOI.COM

খাম করন *বি* ভাঁজ করা। *ওসাঁ*, ১৭৮৫।

খাম করা[১] *ক্রি* চিঠি সিলমোহর করা। 'খাম করিতে।' *মানোএল*, ১৭৪৩।

খাম করা[২] *বিণ* খামে আটকানো। 'খাম করা দরখাস্ত।' *এডমন*, ১৭৯৩।

খাম[৩] [স স্তম্ভ] ১ *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'নীলাম্বর খাম।' *সেবধি*, ১৮৪০। ২ *বি* খুঁটি; থাম। 'গোয়াল ঘরের খাম খুয়ে তার চাল যে নিল টানি।' *জসীম*, ১৯২৯।

খামকা, খামখা [ফা খাহ্‌মাখাহ্] ১ *ক্রিবিণ* হঠাৎ। 'অজরাহ জবরজন্তি খামখায় দেহতপুরকে জালাএা পোড়াএা ...।' *চিঠিপত্রে*, ১৭৮৭। ২ *ক্রিবিণ* অহেতুক; অযথা। 'খামখা কোন২ ব্যক্তি ... পতিত হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৩। ৩ *ক্রিবিণ* অযথার্থভাবে। 'পাড়ার একটা ডানপিটে ছেলে খামকা মেরে গেল ...।' *রবীন্দ্র*, ১৯০৭। ৪ *ক্রিবিণ* অপ্রত্যাশিতভাবে। 'কোথা হইতে খামকা একটা-না একটা কর্তা ফুঁড়িয়া ওঠে।' *রবীন্দ্র*, ১৯১৭।

খামকা খামকা [ফা খাহ্‌মাখাহ্] *ক্রিবিণ* শুধু শুধু। 'এ ভদ্রলোকের ছেলেকে খামকা খামকা অপমান কর্ব্বেন না।' *গিরিশ*, ১৮৮৯।

খামকাখুশি [ফা খাহ্‌মাখাহ্+খুশি] *বি* অকারণ আনন্দ। 'শরতের শাদা খামকাখুশির মেঘ – পৃথিবী পাঠায় কাশের নিমন্ত্রণ।' *বিষ্ণু*, ১৯৩৭।

খামখাম করা *ক্রি* খাই খাই করা। 'না হলে পুরুষ-মরদের জন্যে মন খামখাম করে।' *ওয়ালী*, ১৯৬৪।

খামখাহ [ফা খাহ্‌মাখাহ্] *ক্রিবিণ* অকারণে। 'হালিম খামখাহ ভাবিয়া আকুল হইতেছে।' *মনসুর*, ১৯৫৫।

খামখেয়াল [ফা খাম+আ খায়াল] *বি* স্বেচ্ছাচার। 'জোর কি শুধু আস্ফালন, শুধু খামখেয়াল।' *রবীন্দ্র*, ১৯১৫।

খামখেয়ালি, খামখেয়ালী [ফা খাম+আ খায়াল>] *বিণ* অস্থিরচিত্ত। 'খামখেয়ালী লোকের দণ্ডে দণ্ডে মত ফেরে।' *প্যারী*, ১৮৫৮; 'কোন খামখেয়ালী খেলোয়াড় যে এই তাস ডীল ক'রে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* অকারণ বা অযৌক্তিক। 'অদৃষ্ট মন্দ, এই সকল খামখেয়ালী কথা তুলিয়া বসিলে!' *মশাররফ*, ১৮৮৫। ৩ *বিণ* বেহিসাবি। 'এই তাস ডীল ক'রে এই খামখেয়ালী খেলা খেলে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৪ *বিণ* অসচেতন। 'একজন খামখেয়ালী লেখকের ছেঁদো কথায় সায় দেওয়া উচিত ছিল না।' *নজরুল*, ১৯১৯।

খামচ [আ খমসাহ্] *বি* থাবা; খাবল। *বিদ্যা*, ১৮৯১; 'তিনিও খামচ তুলেছেন।' *তারা*, ১৯৪০।

খামচা [আ খমসাহ্] *বি* সবগুলো নখ দ্বারা আঘাত। *বিদ্যা*, ১৮৯১।

খামচাখামচি [আ খমসাহ্>] *বি* পরস্পরকে আঁচড় কাটা। 'পাশাপাশি বসি আর খামচাখামচি নুচোনুচি খুনসুড়ি মস্তানি করি।' *নজরুল*, ১৯২৭।

খামচানি [আ খমসাহ্>] *বি* খামচি। *বিদ্যা*, ১৮৯১।

খামচানো [আ খমসাহ্>] *ক্রি* নখ দ্বারা আঁচড় দেওয়া। *বিদ্যা*, ১৮৯১; 'পাগলের মত এখানে ওখানে খ্যাঁস খ্যাঁস করে খামচান।' *মুজতবা*, ১৯৫২।

খামচে ধরা *ক্রি* আঁকড়ে ধরা। 'নগরের নির্ভাজ পোশাক খামচে ধরেছে হাঁটু।' *মাহমুদ*, ১৯৭৩।

খামটি *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'ব্রহ্মদেশের সম্মুখে দেখিতে পাই খামটি, সিংফো, মিশমি, চুলকাটা মিশমি।' *বঙ্কিম*, ১৮৯২।

খামতি [ফা খাম>] *বি* কমতি। 'কোনো খামতি নেই।' *জীবন*, ১৯৩৩।

খামার [ফা খিরমন] ১ *বি* ক্ষেত থেকে ফসল তুলে তা মাড়াই করা ও রাখার স্থান। 'রাজাকে মানিআ দিব শতেক খামার।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* শস্য উৎপাদনের জায়গা। *ওসাঁ*, ১৭৮৫।

খামারবাড়ি [ফা খিরমন+স বাটী] *বি* শস্য ঝাড়াই মাড়াই ও মজুদ করার স্থান। 'খামারবাড়িতে শুকাইতে দেওয়া ধান।' *তারা*, ১৯৪২।

খামি [ফা খাম>] *বি* অলংকার বা হারের মধ্যমণি; লকেট। *বিদ্যা*, ১৮৯১।

খামিন [ফা খাম>] *বি* অলংকার। 'তোমার দাসীর অঙ্গে খামিন! তোমার খুসীর মতন সাজ।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

খামিন্দ, খামীন্দ [ফা খাম>?] *বি* মালিক। 'খামীন্দ সাক্ষ্যাত তজবিজ আজ্ঞা হয়।' *হ্যালহেড*, ১৭৭৩; 'খামিন্দ।' *বিদ্যা*, ১৮৯১।

খামির, খামিরা, খামীর [আ খমীর] ১ *বি* সিদ্ধ ময়দার পিণ্ড। 'খামির।' *মানোএল*, ১৭৪৩। ২ *বি* মসলাযুক্ত সুগন্ধি তামাকবিশেষ। 'খামিরা।' *বিদ্যা*, ১৮৯১। ৩ *বি* স্তূপ। 'খামীর করা মাটি দেওয়া হল।' *মাহেনও*, ১৯৪৯।

খামীর করা *বিণ* স্তূপীকৃত। 'খামীর করা মাটি দেওয়া হল।' *মাহেনও*, ১৯৪৯।

খামুশ [ফা] *বিণ* নীরব; নিঃশব্দ। 'ফুলকি মোরা সুর-দরদী! রইবো খামুশ গানে।' *মাহেনও*, ১৯৪৯।

খামেখা [ফা খাহ্‌মাখাহ্] ১ *ক্রিবিণ* অসঙ্গতভাবে। 'খামোখা আমার পুষ্করিনির ... তিন সও মৎস্য ধরাইয়া লইলেক।' *ওসাঁ*, ১৭৮২। ২ *ক্রিবিণ* অনর্থক। 'খামোখা ঘরের খেয়ে বেচারীদের রূপ বর্ণনায় মুখে ফেনা উঠিয়েছেন?' *নজরুল*, ১৯১৯।

খামোশ [ফা] *বিণ* বন্ধ। 'বাস! চুপ খামোশ রোদন!' *নজরুল*, ১৯২২; 'জবাব খামোশ রেখে ফুপুজান আইন বাঁচিয়ে চলতেন।' *রশীদ*, ১৯৬৩।

খাম্বা [স স্তম্ভ] *বি* খুঁটি। 'খাম্বা লাগাইতে।' *মানোএল*, ১৭৪৩।

খাম্বা আড় [স স্তম্ভ>] *বি* স্তম্ভের আড়াল। 'কোপন স্বভাব দেখিলে অমনি গোপন খাম্বা আড়।' *নজরুল*, ১৯২৪।

খাম্বা লাগানো *ক্রি* খুঁটি গাড়া। *মানোএল*, ১৭৪৩।

খাম্বাজ *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'রাগিণী খাম্বাজ – তাল কাওয়ালী।' *মশাররফ*, ১৮৬৯।

খায়ুর [স খর্জুর] *বি* খেজুর। 'আনি খায়ুর গোটা যার মূল দর টাকা।' *বিজয়*, ১৬৫০।

খায়ের [আ খায়র] *বিণ* শান্ত। 'কোনো ঘটনা ঘটলে গুঞ্জন ওঠে শুধু, তারপর সব খায়ের।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

খায়েশ [ফা খাহিস] *বি* আকাঙ্ক্ষা। 'কারও নাই খায়েশ।' *নজরুল*, ১৯২৮।

খার [স ক্ষার] *বি* ছাই। 'ছারে খারে জাউ মুগধী বড়ায়ি।' *বড়ু*, ১৪৫০; 'চুনে পান খদিরে করিআ তার খার।' *মুকুন্দ*, ১৬০০।

খারদার [ফা] *বিণ* অভীতিকর। 'মানুষ মারি মানুষ ধরি মানুষ খারদার।' *লালন*, ১৮৯০।

খার পুথি *বি* শব্দকোষ। *মানোএল*, ১৭৪৩।

খারা [হি খরা] ১ *বি* বেগুনের বোঁটা ও ফলের মাঝখানকার অপেক্ষাকৃত

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শক্ত অংশ। 'বাগ্যানের খারা লাউ কুমড়া বাকল্যা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* সরল। 'মুই ত দেখিলাম যে মানুষ বড় খারা মোকে আশু এক টাকা দিয়াছে।' *কেরি*, ১৮০২। **খারা খারা** *ক্রিবিণ* শীঘ্র। 'য়াপুনি একবার খারা খারা বাটি য়াসিবেন।' *চিঠিপত্রে*, ১৮২৮।

খারাজী [আ খারিজি] *বিণ* খারেজি। 'আত্মীয় স্বজনকে খারাজী ধর্ম্ম শিক্ষা দিবার জন্য তিতু বড়ই উদ্যোগী হইয়াছিল।' *সখা*, ১৮৮৮।

খারাপ [আ খরাব] ১ *বিণ* নিকৃষ্ট মানের। 'ছেহাই খারাপ ছিল কাগজ পাতল।' *সুলতান*, ১৭০০; 'ভালো লেখক থেকে খুব খারাপ লেখক পর্যন্ত সকলেই।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বিণ* মন্দ। 'মনটাকে খুশী না রাখলে শরীরটা খারাপ হয়ে যাবে।' *প্যারী*, ১৮৫৯। ৩ *বিণ* বদ। 'খারাপ গন্ধ পাওয়া যায়।' *বঙ্কিম*, ১৮৭৫।

খারাপ পাড়া [আ খরাব+স পাটক>] *বি* পতিতালয়। 'অজ পাড়াগাঁয়ে খারাপ পাড়া বলে নির্দিষ্ট কিছু নেই।' *হাসান*, ১৯৬০।

খারাপি [আ খরাব>] *বি* কষ্ট। *বিদ্যা*, ১৮৯১; 'এমন যে ঘোর মনখারাপি/ বুকের মধ্যে ছিল চাপি।' *রবীন্দ্র*, ১৯২২।

খারাব [আ খরাব] ১ *বিণ* দুষ্ট। 'খারাব হইয়া যাবি হুকুম আল্লার।' *গরীব*, ১৭৬৫। ২ *বিণ* ক্ষতিগ্রস্ত। 'মকর্দ্দমা রফা হইল না আমী সর্ব্বতোভাবে খারাব হইলাম।' *ওসাঁ*, ১৭৮২। ৩ *বিণ* মন্দ; খারাপ। *ভবানী*, ১৮২৩; 'এ কিন্তু বড্ডো খারাব।' *নজরুল*, ১৯২২। ৪ *বিণ* অবিশুদ্ধ। 'সকলে কহে জে ডাকটর মজকুরের জে মষলা আছে শে অতি খারাব।' *চিঠিপত্রে*, ১৮৩১।

খারাবি, খারাবী [আ খরাব>] ১ *বি* দুঃসময়। 'মালের জোরেতে গেল খারাবির দিনে।' *গরীব*, ১৭৬৫। ২ *বিণ* খারাপ। 'কাজটা খারাবী হলো।' *বঙ্কিম*, ১৮৬৬। ৩ *বি* ক্ষতি। 'তোমার জন্য যদি আমার ঘরকন্না রসাতলে যায়, দীন-দুনিয়ার খারাবী হয়।' *মশাররফ*, ১৮৮৫।

খারিজ [আ] ১ *বি* ত্যাগ। 'খারিজ করাব গারি ঘর।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* ভিন্ন হওয়া; বাতিল। *ওসাঁ*, ১৭৮২। ৩ *বিণ* বহির্ভূত। 'যাহার বয়স ৯৯ বৎসর কেবল তাঁহারাই খারিজ আছেন।' *প্যারী*, ১৮৫৯। ৪ *বি* জমির মালিকানা পরিবর্তন। 'আপন নামে খারিজ করিয়া লইয়া উহাকে ভিটাছাড়া করেন।' *সোমপ্রকাশ*, ১৮৬৮।

খারিজ দাখিল [আ] *বি* জমি খারিজ করার উপর মাশুল। 'খারিজ দাখিল – জমিদারি খাতায় প্রজার নাম খারিজ করিবার সময় টাকায় সিকি খরচা।' *ভারত সংস্কারক*, ১৮৭৪।

খারু, খারু [হি খড়ুবা] *বি* হাতের অলংকারবিশেষ; কঙ্কণ। 'স্বামী উদ্ধারিতে সেই খারু পাঠাইলা।' *সুলতান*, ১৭০০; 'খারু হস্তে দেখা ...।' *চিঠিপত্রে*, ১৮৫৩।

খারুয়া [হি খড়ুবা] ১ *বি* হাতের অলংকারবিশেষ; কঙ্কণ। 'শুভ্র আইন্দা খারুয়া তোরল বিরাজিত।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* লালবর্ণের মোটা সুতার এক প্রকার কাপড়। 'তাহার উপর খারুয়ার কাপড়ে ঘিরিয়া সেলাই করে।' *রোকেয়া*, ১৯৩১।

খারেজ [আ খারিজ] *বি* বহিষ্কার। 'তাহাকে সমাজ হইতে খারেজ করা হইবে।' *এসলাম*, ১৯১৯।

খারেজী [আ খারিজি] *বিণ* দেওবন্দ ঘরানার। 'এতেক শুনিয়া এক সেফাই খারেজী।' *গরীব*, ১৭৬৫।

খাল[১] ১ পথ। 'বাম দাহিণ জো খাল বিখলা।' *চর্যা* ৩২, ১২০০। ২ *বি* ছোটো নদী। 'বাজ নাব পাড়ী পঁউআ খালেঁ বাহিউ।' *চর্যা* ৪৯, ১২০০। ৩ *বি* গর্ত। 'মাটি খেদাইয়া খাল বানাইয়া।' *চণ্ডী*, ১৫৫০; 'খালের ভিতরে গিয়া পড়ে কোন জন।' *বৃন্দা*, ১৫৮০।

খাল কাটা [খাল+কাটা] ১ *ক্রি* মাটি কেটে পানি চলাচলের পথ তৈরি করা। 'যদি এই মত খাল কাটা যায় তবে তাহাতে এই উপকার হইবে।' *দর্পণ*, ১৮১৮। ২ *বিণ* খাল কেটে নির্মিত। 'কলিকাতা পূর্ব্বে এক খালেতে বেষ্টিত ছিল তাহাতে এই সহরকে খালকাটা বলিত।' *দর্পণ*, ১৮২৬।

খাল কেটে কুমীর আনা – বিপদ ডেকে আনা। 'পাড়ায় পাড়ায় খাল কেটে কুমীর আনছে কেউ কেউ।' *শ্যামসুর*, ১৯৭২।

খালপাড় *বি* খালের তীর। 'দু' তিনশো ফুট জুড়ে খালপাড়।' *শ্যামল*, ১৯৬৭।

খাল পার হওয়া *ক্রি* নদী পার হওয়া। *মানোএল*, ১৭৪৩।

খালবিল [খাল+স বিল] *বি* জলপূর্ণ নিম্নভূমি। 'খালবিল বনবাদাড় ভাঙারাস্তা এবং পানাপুকুরের ধারে বাস করি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খালভরা *বি* গালিবিশেষ। 'ওরে খালভরা, যাস না, সাপে কামড়াবে।' *হাসান*, ১৯৬২।

খালে থোয়া *ক্রি* কবর দেওয়া। 'খালে থুইতে।' *মানোএল*, ১৭৪৩।

খাল[২] [স খল্ল] ১ *বি* আঙুলের কড়া। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* চামড়া। 'চাবুকে পীঠের খাল তুলিতেছে।' *মশাররফ*, ১৮৯০।

খালা [আ খালাহ্] *বি* মায়ের বোন; মাসি। 'দোছরা কুলসুম মানা করে তেহা খালা।' *গরীব*, ১৭৬৫।

খালাআম্মা [আ খালাহ্+হি অম্মা] *বি* মায়ের বোন। 'বলিলেন, 'খালাআম্মা, চলুন।' *রোকেয়া*, ১৯৩২।

খালাজি [আ খালাহ্+হি জী] *বি* মায়ের বোন; মাসি। 'তা খালাজি কিছুতেই বুঝলেন না।' *নজরুল*, ১৯২৭।

খালাড়ি [স ক্ষার>] *বি* লবণ প্রস্তুতক্ষেত্র। 'প্রত্যেক খালাড়ির জন্য ৫০০ টাকা দণ্ড দিতে হইবেক।' *প্রভাকর*, ১৮৫৩।

খালাষ [আ খালাস] *বি* দায় থেকে মুক্তি; অব্যাহতি। 'ইহাতে জে কমী হয় আমাকে খালাষ দিবেন।' *মেয়র্স*, ১৭৭০; 'রফা করিতে আর পাওনা দিতে আর খালাষ দিতে।' *ক্যালগে*, ১৮০০। দ্র **খালাস**

খালাষএ *বি* মুক্তি। 'বাকীর দায় খালাষএ দিলাম।' *মেয়র্স*, ১৭৬৭।

খালাষ করা *ক্রি* ছাড় করা। 'এই মতে না দেয় ও আফিম খালাষ না করে তবে ঐ আমানত ...।' *ক্যালগে*, ১৮০১।

খালাস [আ] ১ *বি* মুক্তি; অব্যাহতি। 'যদি দুষ্ট চোর মিলে খালাস পাইবে ...।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বিণ* মুক্ত। 'খালাস করিয়া দিব যদি কহ সাচা।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৩ *বিণ* অভিযোগমুক্ত। *মেয়র্স*, ১৭৫৭। ৪ *বিণ* দায়মুক্ত। 'মামীমারা খাওয়াইয়া দিয়াই খালাস।' *বিভূতি*, ১৯৩১।

খালাস করা *ক্রি* ছাড় করা। 'টাকা দিয়া মাল খালাস করিয়া আর সে কথা বলিল না।' *মানিক*, ১৯৩৬।

খালাস হওয়া *ক্রি* সন্তান প্রসব করা। 'শ্যাষ রাইতে তর বউ খালাস হইছে কুবির।' *মানিক*, ১৯৩৬।

খালাসী [আ খালাস>] *বি* মুক্তি। 'সেই সকল বিপদগ্রস্ত লোকের খালাসীর কারণ জথোচিত চেষ্টা হয়।' *ক্যালগে*, ১৭৯৪।

খালাসি, খালাসী[১] [আ খলাসী] ১ *বি* ভারী বস্তু উঠানো-নামানোর কাজে নিযুক্ত শ্রমিক। 'খালাসীরদিগকে কহিয়া রাখেন যে ...।' *দর্পণ*, ১৮২২। ২ *বি* জাহাজের শ্রমিক। *বিদ্যা*, ১৮৯১; 'জাহাজের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হাঁসফাঁসানি, আগুনের তাপ, খালাসীদের গোলমাল।' *রবীন্দ্র*, ১৯০৭; 'জাহাজের খালাসী।' *বিভূতি*, ১৯৩৭।

খালাসিগিরি [আ খলাসী+ফা গিরি] *ক্রি* জাহাজে শ্রমিকের কাজ। 'জাহাজের খালাসিগিরি করিয়া নিঃসম্বলে আমেরিকায় গিয়া ... বেড়াইতেছে।' *রবীন্দ্র*, ১৯১৭।

খালাসী[১] দ্র **খালাস**

খালাসী[২] [আ খালিসাহ্] *বি* রাজস্ব কর্মকর্তা। 'যদি তুমি আমিন খালাসীর কথা না শোনো ...।' *দীনবন্ধু*, ১৮৬০।

খালি[১] [স খাত>] *বি* খাল। **খালিজুলি** [স খাত>] *বি* ক্ষুদ্র জলস্রোত। 'দেহলা পাতিল আঠার খালি জুলি।' *মুকুন্দ*, ১৬০০।

খালি[২] [আ] ১ *বিণ* অনাবৃত। 'জার দেখে খালি মাথা তা সনে না কহে কথা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* নগ্ন। 'খালি পাও।' *মানোএল*, ১৭৪৩। ৩ *বিণ* কেবল। 'খালি শির দেখি ধড় রহিল কোথায়।' *গরীব*, ১৭৬৫। ৪ *বিণ* অপ্রয়োজনীয়; অযৌক্তিক। *ওসাঁ*, ১৭৮২। ৫ *বিণ* শূন্য। 'জায়গা খালি হইবেক।' *ক্যালগে*, ১৭৮৫।

খালি-খালি ঠেকা *ক্রি* শূন্য বোধ হওয়া। 'বুকের হাড় কখানা খসে গেলে যেমন একদম খালি-খালি ঠেকে, ঐ স্ত্রীটি আড়াল হলেও তেমনি নেহাত ফাঁকা বোধ হয়।' *রবীন্দ্র*, ১৮৯২।

খালিশা [আ খালাসা] *বিণ* বাজেয়াপ্ত। *মানোএল*, ১৭৪৩।

খালিসা [আ খালিসাহ্] *বি* রাজস্ব দপ্তর। 'খালিসা সরিফার কচহরিতে নিলামে বিক্রী হবেক।' *ক্যালগে*, ১৭৮৭।

খালিসা সরিফা [আ খালিসাহ্+আ শরফ] *বি* প্রধান দপ্তর। 'খালিসা সরিফার কচহরিতে নিলামে বিক্রী হবেক।' *ক্যালগে*, ১৭৮৭।

খালু, খালুজী [আ খালা>] *বি* খালার স্বামী। 'মামুজী ও খালুজী ফুপুজী।' *চিঠিপত্রে*, ১৮৬৪।

খালুই [স খল্ল>] *বি* মাছ বা তরকারি প্রভৃতি বহন করার ঝুড়িবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

খালুয়া [স খল্ল] *বি* মেঘের চামড়া। *মানোএল*, ১৭৪৩।

খাশ [আ খাস] ১ *বিণ* সরকারের মালিকানাভুক্ত। 'জীব পশু মারি কৈল চাকলা সব খাশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* প্রধান। 'যাহাকে বাদসাহর মনোরম হইত ... তিনি হইতেন খাশ বেগম।' *রামরাম*, ১৮০১। দ্র **খাস**

খাশ করা *ক্রি* অন্যের অধিকার থেকে ভূসম্পত্তি নিজের অধিকারে আনা। 'লোভদার জমি খাশ করিয়া পতিত ফেলিয়া রাখিয়াছেন।' *আজাদ*, ১৯৪৬।

খাশ কামরা [আ খাস+প কামারা] *বি* একান্ত কামরা। 'ছুটেছে সে তাই রোজ মন্ত্রীদের খাশ কামরায়।' *হোসেন*, ১৯৬৯।

খাশ বেগম [আ খাস+তু বেগম] *বি* প্রধান রানি; পাটরানি। 'যাহাকে বাদসাহর মনোরম হইত ... তিনি হইতেন খাশ বেগম।' *রামরাম*, ১৮০১।

খাশা [আ খাসসাহ্] *বিণ* উত্তম। 'কে কাকে ঠেকিয়ে রাখতে পারি খাশা জিনিশের কেরামতিতে।' *জীবন*, ১৯৩২।

খাস [আ] ১ *বিণ* সত্যিকার। 'আরবী আল্লার খাস জানিও জবান।' *সুলতান*, ১৭০০; 'মাদি তোরা বাঁদি-বাচ্চা দাস-মহলের খাস গোলাম।' *নজরুল*, ১৯২৪। ২ *বিণ* সরকারের মালিকানাভুক্ত। 'আমি খাস তালুকের প্রজা, আমি কখন নাতান কখন সাতান।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৩ *বি* সরকারি মালিকানা। 'অনেক মহল সরকারের খাসে ছিল।' *দর্পণ*, ১৮৩৬। ৪ *বিণ* বিশেষ। 'মহারানীর খাস হুকুম আছে।' *রবীন্দ্র*, ১৮৯২। ৫ *বিণ* পার্থিব। 'এই আম-মহল ও খাস-মহলের দুই কর্তা – স্বার্থ ও পরমার্থ।' *রবীন্দ্র*. ১৮৯৫। ৬ *বিণ* অন্দর; গোপন। 'সে দূতমাত্র, হৃদয়ের খাস-মহলে তাহার অধিকার নাই।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৭ *বিণ* মূল। 'খাস কলিকাতায় এত শিশু নষ্ট হওয়ার আর একটি প্রধান কারণ।' *রোকেয়া*, ১৯২২। দ্র **খাশ**

খাস-কামরা [আ খাস+প কামারা] *বি* নিভৃত স্থান। 'এটা আমার অন্তরের খাস-কামরায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

খাসগেলাস [আ খাস+ই গ্লাস] *বি* শোভাযাত্রায় ব্যবহৃত অভ্রের তৈরি বাতিদানবিশেষ। 'লাল বনাতের খাস গেলাস ও রুপোর ডান্ডিতে রেসমের নিসেন ধরা তকমা পরা মুটে ও ক্ষুদে ছোঁড়ারা।' *হুতোম*, ১৮৬১; 'ককে ফুলের কুঞ্জবনে জ্বলছে আলো খাসগেলাসে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

খাস জমি [আ খাস+ফা জমীন] *বি* জমিদারের নিজ তত্ত্বাবধানের ভূসম্পত্তি। 'খাস জমি রাখার সর্বোচ্চ পরিমাণ বসতবাটী ও বাগানসহ ১০০ একর।' *আজাদ*, ১৯৫৯।

খাসদখল [আ] *বি* একচেটিয়া অধিকার। 'যাদেরকে ও নিজে আবিষ্কার করেছে তাদের উপর ওর খাসদখল।' *রবীন্দ্র*, ১৯২৮।

খাস দপ্তর, খাস-দফতর [আ খাস+ফা দফতর] *বি* মূল কার্যালয়। 'সর্বশক্তিমানের খাস-দফতরের রহস্য কে ভেদ কর্বে?' *মাহেনও*, ১৯৪৯; 'ওঁর খাস দপ্তরে এ সম্বন্ধে কোনো খবরই নেই।' *সাদত*, ১৯৬৭।

খাস-দরবার [আ খাস+ফা দরবার] ১ *বি* অন্তরঙ্গদের সভা। 'খাস-দরবার এবং আম-দরবার ব্যতীত সাহিত্যের রাজ-দরবার।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বি* বিশিষ্ট বৈঠকখানা। 'এদের শৌখিনতার আমদরবারে দানদাক্ষিণ্য, খাসদরবারে ভোগবিলাস।' *রবীন্দ্র*, ১৯২৯।

খাস-পেয়ারা [আ খাস+স প্রিয়>] *বি* ভালোবাসার পাত্র। 'বাচ্চার খাস-পেয়ারারা প্রথম খবর পেয়েছিল।' *মুজতবা*, ১৯৪৯।

খাসপ্রজা [আ খাস+স প্রজা] *বি* সরকারের প্রজা। 'সে মহারাণীর খাসপ্রজা হইবে।' *অমৃতবাজার*, ১৮৭৩।

খাসবরদার [আ খাস+ফা বরদার] *বি* যে সৈন্য বন্দুক বহন করে আগে চলে। 'আগে চলে লালপোশ খাসবরদার।' *ভারত*, ১৭৬০।

খাসমহল [আ] *বি* সরকারি জমি। 'খাসমহলের কর বৃদ্ধি।' *বঙ্কিম*, ১৮৯২।

খাসমহলী [আ খাসমহল>] *বিণ* সরকারি জমি সংক্রান্ত। 'জমিদারী প্রথার উচ্ছেদের সঙ্গে খাসমহলী দুর্দশা-প্রবর্তনের একটা অচ্ছেদ্য সম্পর্ক ...।' *বুলবুল*, ১৯৩৭।

খাসলত [আ] *বি* অভ্যাস। 'ঐসব খাসলত তার একেবারেই ছিলো না।' *ইলিয়াস*, ১৯৭৫।

খাসা [আ খাসসাহ্] ১ *বিণ* উত্তম। 'অঙ্গে হৈতে উতারিআ দিল খাসা জোড়া।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* আকর্ষণীয়। 'মহিচাঁদের মেয়ে খাসা দেখতে ভাই!' *রবীন্দ্র*, ১৮৮৯। ৩ *বিণ* সুশ্রাব্য। 'যেটা গাইলে ওটা খাসা হয়েছে।' *রবীন্দ্র*, ১৯০১। ৪ *বিণ* উপাদেয়; সুস্বাদু। 'খুব খাসা খাবার খেয়ে এল।' *জীবন*, ১৯৩২। ৫ *ক্রিবিণ* ভালোভাবে। 'প্রবীরের পার্ট জমিবে। খাসা জমিবে।' *মানিক*, ১৯৩৬। ৬ *বি* একপ্রকার মসলিন কাপড়। 'এগুলোর নাম হচ্ছে ঝুণা, রঙ, সরকারে আলী, খাসা, সবনাম।' *মাহেনও*, ১৯৪৯।

AMARBOI.COM

খাসি, খাসী [আ] *বি* ছিন্নমুক্ত ছাগল। 'জোড়ে জোড়ে নিল খাসী জুঝারিআ ভেড়া।' *মুকুন্দ*, ১৬০০; 'খাসি।' *মানোএল*, ১৭৪৩।

খাসির গোস্ত *বি* ছাগলের মাংস। *ওসাঁ*, ১৭৮৫।

খাসিয়ত [আ] *বি* গুণ। 'শরিফ ঘরের মেয়ের উপযুক্ত আদত-খাসিয়ত অনুসারে বিনা কলহে ...।' *মনসুর*, ১৯৫০।

খাসিয়া *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'মিকির, জয়ন্তীয়া, খাসিয়া ও গারো জাতি।' *বঙ্কিম*, ১৮৯২।

খাস্ত [ফা খাস্তাহ] *বিণ* নষ্ট। 'ওপরে মাল খাস্ত পড়েছে।' *জীবন*, ১৯৪৮।

খাস্তা [ফা খাস্তাহ] **১** *বি* ময়দার মচমচে খাবারবিশেষ। 'গজা খাজা খাস্তা বাদাম কিসমিস পেস্তা ...।' *ভবানী*, ১৮২৮। **২** *বি* মচমচে অবস্থা। 'ভাত খাইবার অবকাশ নাই কিন্তু খাস্তার কচুরি ...।' *প্যারী*, ১৮৫৮। **৩** *বিণ* ভঙ্গুর। 'তিন নকলে আসল খাস্তা হইয়া যাইবে যে।' *এসলাম*, ১৯১৭। **৪** *বিণ* কড়কড়ে। 'নিত্য তবু খাস্তা তবিল গুণি।' *বেনজীর*, ১৯৪৫।

খাহেশ [ফা খাহিস] *বি* আকাঙ্ক্ষা। 'মানুষের খাহেশ তো সারাজীবনে মেটানো যায় না।' *মান্নান*, ১৯৬৮।

খাহেস [ফা খাহিস] *বি* শখ; সাধ। 'খাহেস করিয়া বাল্যবিবাহ দিবার জন্য।' *রওশন*, ১৯২৫।

খিআ [খেয়া] *বি* নৌকায় নদী পারাপার; খেয়া। *বিদ্যা*, ১৮৯১।

খিআঘাট [খেয়াঘাট] *বি* নৌকাযোগে নদী পার হওয়ার ঘাট। *বিদ্যা*, ১৮৯১।

খিআনো [স ক্ষেপ>] *ক্রি* নৌকাযোগে পারাপার করা। *বিদ্যা*, ১৮৯১।

খিআতি [স খ্যাতি] *বি* সুনাম। 'নজদীব বসুমতি রাখিল খিআতি।' *রামাই*, ১৭১০।

খিআল [আ খেয়াল] *বি* স্বপ্ন; কল্পনা। *বিদ্যা*, ১৮৯১।

খিআলি [আ খেয়াল>] *বিণ* কল্পনাবিলাসী। *বিদ্যা*, ১৮৯১।

খিচ [হি খিচনা>] *বি* টান; আকর্ষণ। *বিদ্যা*, ১৮৯১।

খিচড় [হি খচ্চর] *বিণ* দুষ্ট; বদ। *বিদ্যা*, ১৮৯১।

খিচড়ন [হি খচ্চর>] *বি* দুষ্টামি। *বিদ্যা*, ১৮৯১।

খিচড়া [হি খচ্চর>] *বিণ* দুষ্ট; বদ। *বিদ্যা*, ১৮৯১।

খিচড়ে [হি খচ্চর>] *ক্রিবিণ* বিক্ষিপ্ত হয়ে। 'তার মেজাজ আছে ভীষণ খিচড়ে।' *হাসান*, ১৯৭৪।

খিচন [হি খিচনা>] *বি* অঙ্গভঙ্গিকরণ। *বিদ্যা*, ১৮৯১।

খিচা [হি খিচনা>] **১** *ক্রি* টানটান করা। 'কুকুরের চামড়া খিচা সে কী ভাই যায় রে ভুলা।' *নজরুল*, ১৯২৬। **২** *ক্রি* রাগে টানটান করা। 'মুখ দাঁত খিঁচে বেহদ্দ ...।' *নজরুল*, ১৯২৬।

খিচানো *ক্রি* বিকৃতভাবে প্রদর্শন করা। 'যখন দাঁত খিচোন মনে হয় দাঁত সর্বস্ব শরীর।' *শামসুল*, ১৯৫৭।

খিচিয়ে ওঠা *ক্রি* মুখ বিকৃত ক'রে চিৎকার করা। 'আরও কিছুটা এগিয়ে গিয়ে খিঁচিয়ে উঠল।' *নজরুল*, ১৯৩০।

খিচুনি [হি খিচনা>] *বি* বিকৃত ভঙ্গিতে আক্রমণ। 'মুলা-বিনিন্দিত বড়ো বড়ো দন্তের পূর্ণ বিকাশ আর খিঁচুনি।' *নজরুল*, ১৯২৭।

খিচুনি-খোঁচা [হি খিচনা>] *বি* বিকৃত ভঙ্গিতে আক্রমণ। 'এ রকম খিঁচুনি-খোঁচা এসে পড়ল বলে ...।' *জীবন*, ১৯৪৮।

খিকখিক [ধ্বন্যা] *বি* খিক খিক ক'রে উচ্চ হাসির শব্দ। 'খিকখিক হেসে ছেলেরা বলবে না, কর্তা উঠল রে!' *হাসান*, ১৯৬০।

খিজ্ঞ করা [স খিন্ন>] *ক্রি* ছেঁটে দেওয়া। *মানোএল*, ১৭৪৩।

খিচ খিচ করা *ক্রি* খিটমিট করা। 'খিচ খিচ করে উঠল রাজমিস্ত্রী।' *মাহেনও*, ১৯৪৯।

খিচখিচি [ধ্বন্যা] *বি* অনবরত বকাবকি। *বিদ্যা*, ১৮৯১।

খিচড় [হি খচ্চর] *বি* ময়লা। *মানোএল*, ১৭৪৩।

খিচড়ি [স কৃসর] *বি* চাল-ডাল মিশিয়ে তৈরি করা খাবারবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

খিচনি [ফা খেন্থ] *বি* গাঁথনি। 'তহি রত্ন আভরণ রত্নের খিচনি।' *বৃন্দা*, ১৫৮০।

খিচমিচিয়ে [হি খিচনা>] *ক্রিবিণ* বকাবকি ক'রে। 'দেখেই রাজা দাদার মতন খিচমিচিয়ে উঠে ...।' *নজরুল*, ১৯২৬।

খিচরি [স কৃসর] *বি* খিচুড়ি। 'ঘৃত দিয়া খায় যদি রান্ধিয়া খিচরি।' *বিজয়*, ১৬৫০।

খিচিমিচি [ধ্বন্যা] *বি* একটানা বকাবকি। *বিদ্যা*, ১৮৯১।

খিচুড়ি, খিচুরী [স কৃসর] **১** *বি* চাল ও ডাল মিশিয়ে তৈরি করা খাবারবিশেষ। 'কাঁচার খিচুড়ি তার সুধার অধিক।' *গুপ্ত*, ১৮৫৮; 'স্কুল প্রাঙ্গণে দরিদ্রদের খিচুরী খাওয়ানো হয়।' *বেগম*, ১৯৬৩। **২** *বি* তালগোল। 'তাকায় ওদিকে বটে পাকায় খিচুড়ি।' *গুপ্ত*, ১৮৫৮। **৩** *বি* একাধিক বিষয়ের বিসদৃশ সংমিশ্রণ। 'ক্রমে ইঙ্গবঙ্গ নামে একটা খিচুড়িতে পরিণত হয়।' *রবীন্দ্র*, ১৮৮১। **৪** *বিণ* মিশ্র প্রকৃতির। 'শুনেছি জাতি হিসাবেও আমরা খিচুড়ি।' *ধূর্জটি*, ১৯৩১।

খিচুড়ি গেলানো *ক্রি* বিশৃঙ্খলা সহ্য করতে বাধ্য করা। 'তোমরা খিচুড়ি পাকাবে কেন, তোমাদের টুটি চেপে ধরে খিচুড়ি গেলাবে।' *রবীন্দ্র*, ১৯১৬।

খিচুড়ি পাকানো *ক্রি* বিশৃঙ্খলা সৃষ্টি করা। 'সগুণে নির্গুণে এমন একটা খিচুড়ি পাকাইয়া তোলা পূর্ব্বে আমরা কোথাও দেখি নাই।' *রবীন্দ্র*, ১৮৯২।

খিচুড়ি-ভাষা *বি* একাধিক ভাষার মিশ্রণজাত ভাষা। 'অনুবাদ করে যে খিচুড়ি-ভাষার সৃষ্টি করেছেন, সেই ভাষা।' *প্রমথ*, ১৯১৩।

খিজমত, খিজমৎ [ফা খিদমত] *বি* সেবাযত্ন; পরিচর্যা। 'আমাকে গোমাস্তাগীরীতে খিজমৎ বহন করিলেন।' *চিঠিপত্রে*, ১৮০৮; 'খিজমত।' *বিদ্যা*, ১৮৯১।

খিজমতগার *বি* সেবক; ভৃত্য। *বিদ্যা*, ১৮৯১।

খিজি [আ খিজালাহ] *বি* জ্বালাতন। 'ও সে পাগলা বেটার পাগলা খিজি।' *লালন*, ১৮৯০।

খিজিবিজি [আ খিজালাহ>] *বিণ* উৎপাতকারী। 'অনেকগুলো মানুষ ভারী ক্ষুদ্র এবং খিজিবিজি।' *রবীন্দ্র*, ১৮৯২।

খিজুর [স খর্জূর] *বি* খেজুর। *ওসাঁ*, ১৭৮৫।

খিঞ্চা [স খচিত] *ক্রি* অলংকৃত করা। 'খিঞ্চিল মাণিকে হিরা মণী।' *বড়ু*, ১৪৫০।

খিঞ্জির [আ] *বি* শূকর। 'জিঞ্জির পরা মোরা খিঞ্জির।' *নজরুল*, ১৯২২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খিটখাট [ধ্বন্যা] *বি* কোনো কিছু কাটার শব্দ। 'ঠুকঠাক খিটখাট ছেনির শব্দ হচ্ছেই।' *অবন*, ১৯২৭।

খিটখিট [ধ্বন্যা] *বি* বিরক্তি প্রকাশক শব্দ। 'দিনরাত খুঁতখুঁত খিটখিট করেন।' *রবীন্দ্র*, ১৮৮১।

খিটখিটিআ [ধ্বন্যা খিটখিট>] *বিণ* বদমেজাজি। *বিদ্যা*, ১৮৯১।

খিটখিটে [ধ্বন্যা খিটখিট>] **১** *বিণ* অসহিষ্ণু। 'দেশের সম্বন্ধে মেজাজ খিটখিটে হয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বিণ* বদমেজাজি; রগচটা। 'অস্বাস্থ্যকর অনুভূতি তাহাকে বিষণ্ন ও খিটখিটে করিয়া রাখিল।' *মানিক*, ১৯৪০।

খিটখিটেনি [ধ্বন্যা] *বি* সবসময় খিটখিট করে এমন স্বভাব। 'তার খিটখিটেনি এখন অসহ্য।' *ধূর্জটি*, ১৯৩১।

খিটখিটেমি [ধ্বন্যা] *বি* খিটখিটানি; ছোটোখাটো বিষয় নিয়ে সবসময়ে অসন্তোষ, বিরক্তি বা রাগ প্রকাশ। 'অসুখ, খিটখিটেমি আর খাপছাড়া রসিকতা।' *মুজতবা*, ১৯৫২।

খিটমিট [ধ্বন্যা] *বি* ভর্ৎসনা। 'নিজের ছেলেদের সহিতও নাহক অনেক খিটমিট করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

খিটমিটে [ধ্বন্যা] *বিণ* সহজেই বিরক্ত হয় এমন। 'এমন খিটমিটে মেজাজও হয়ে গেছে জানেন।' *নরেন্দ্র*, ১৯৫০।

খিটিমিটি [ধ্বন্যা] *বি* তুচ্ছ কলহ। 'তবু কেন খিটিমিটি।' *রবীন্দ্র*, ১৮৯০।

খিটিমিটি করা *ক্রি* তুচ্ছ বিষয় নিয়ে ঝগড়া করা। 'ভাইয়ের সঙ্গে খিটিমিটি করে ফের এসে শরণ নেন সুবিমলের।' *নরেন্দ্র*, ১৯৪৮।

খিটির-মিটির [ধ্বন্যা] *বি* সামান্য বিষয় নিয়ে ঝগড়া। 'ঠিক সময়ে কাগজ না পেলে বাঁধা গ্রাহকরা খিটির-মিটির করবেন।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

খিড়কি, খিড়কী [স খড়ক্কিকা] **১** *বি* বাড়ির পিছনের ছোটো দরজা। 'খিড়কি দুয়ার পথে বাড়ি প্রবেসে করিয়া।' *মালাধর*, ১৫৫৩। 'খিড়কী দোরে পাল্কি আনিস।' *উমেশ*, ১৮৫৭। **২** *বি* বাড়ির পিছনের দিক। 'তারি পাশে যে পচা পুকুর, সেই আমাদের খিড়কি।' *হুতোম*, ১৮৬১।

খিড়কি-দরজা [স খড়ক্কিকা+ফা দরওয়াজা] *বি* বাড়ির পিছনের ছোটো দরজা। 'ঐ যে বেরিয়ে আসছে রাজার মহলের খিড়কি-দরজা দিয়ে।' *রবীন্দ্র*, ১৯২৬।

খিড়কিদার, খিড়কীদার [স খড়ক্কিকা-দ্বার] *বিণ* একটু ফাঁক আছে এমন; জাফরিকাটা। 'মাথায় খিড়কিদার পাগড়ি ...।' *প্যারী*, ১৮৫৮; 'মাথায় খিড়কীদার পাগড়ী।' *হুতোম*, ১৮৬১।

খিড়কিদোর, খিড়কীদোর [স খড়ক্কিকা-দ্বার] *বি* বাড়ির পিছন দিকের ছোটো দরজা। 'খিড়কী দোরে পাল্কি আনিস।' *উমেশ*, ১৮৫৭; 'বাড়ীর খিড়কিদোরের বাঁশ বাগানে গিয়া হাঁক দেয়।' *বিভূতি*, ১৯২৯।

খিড়কিদ্বার [স খড়ক্কিকা-দ্বার] *বি* ছোটো দরজা। 'একেবারে বাহিরে খিড়কিদ্বার পার হইল।' *বঙ্কিম*, ১৮৮২।

খিড়কিমহল [স খড়ক্কিকা+আ মহল] *বি* অন্দরমহল। 'বিদেশে এসে তাদের পণ্যহাটের খিড়কিমহলে রাজ্য জুড়ে দিতে লাগল।' *রবীন্দ্র*, ১৯৩১।

খিড়কির দুয়োর [স খড়ক্কিকা-দ্বার] *বি* বাড়ির পিছনের ছোটো দরজা। 'খিড়কির দুয়োর দিয়ে পালিয়ে গেলেন।' *প্রমথ*, ১৯৩২।

খিতাব [আ] *বি* সম্মানজনক উপাধি। *বিদ্যা*, ১৮৯১।

খিতি [স ক্ষিতি] *বি* পৃথিবী। 'কেশরী ঠেলিয়া উঠে জেন খিতি উদয় তপন।' *মুকুন্দ*, ১৬০০।

খিতিতল [স ক্ষিতি-তল] *বি* পাতাল। 'অবিহিত গতি তোর হব খিতিতলে।' *মালাধর*, ১৫০০।

খিতিনাথ [স ক্ষিতিনাথ] *বি* রাজা। 'বড় ধন্য তুমি খিতিনাথ।' *মুকুন্দ*, ১৬০০।

খিদমত [আ] *বি* সেবা। 'আমরা ইউরোপীয় সভ্যতার খিদমতগারির পুরস্কারস্বরূপ ... শিরোপা লাভ করেছি।' *প্রমথ*, ১৯০৫।

খিদমতগার, খিদমৎগার [আ খিদমত+ফা গার] **১** *বি* পরিচর্যাকারী; তত্ত্বাবধায়ক। 'সে আগে লাটসাহেবের কুকুরদের খিদমতগার ছিল।' *প্রমথ*, ১৯৩১। **২** *বিণ* সেবাদাতা। 'জাতিগঠনের এই মহান কাজে আমরা আপনাদেরই খিদমৎগার।' *মাহেনও*, ১৯৪৯।

খিদমতগারি [আ খিদমত+ফা গার>] **১** *বি* গোলামি। 'আমরা ইউরোপীয় সভ্যতার খিদমতগারির পুরস্কারস্বরূপ ... শিরোপা লাভ করেছি।' *প্রমথ*, ১৯০৫। **২** *বি* লালন-পালন। 'ঘোড়ার খিদমতগারিতে নিযুক্ত।' *প্রমথ*, ১৯২৬।

খিদা, খিদে [স ক্ষুধা] *বি* খাবার ইচ্ছা। 'খিদা।' *মানোএল*, ১৭৪৩; 'শুইতে আরাম নাই খিদা নাই পেটে।' *গরীব*, ১৭৬৫; 'সর্ব্বদা খিদে পেলে খরচ বাড়বে বলে এক দিন অন্তর পাইখানায় যান।' *হুতোম*, ১৮৬১। দ্র **খিধা**

খিদার্ত [স ক্ষুধার্ত] *বিণ* ক্ষুধার্ত। *মানোএল*, ১৭৪৩।

খিদেতেষ্টা [স ক্ষুধাতৃষ্ণা] *বি* ক্ষুধা ও পিপাসা। 'খিদেতেষ্টা পায় না?' *বিভূতি*, ১৯২৯।

খিদ্যমান [স] *বিণ* দুঃখিত। 'স্বয়ং খিদ্যমান হইয়া বিবেচনা করিলেন।' *দর্পণ*, ১৮২২।

খিদ্যমানা [স] **১** *বিণ স্ত্রী* দুঃখপ্রাপ্ত। 'বেগম বিসন্ন বদনা খিদ্যমানা অতি কাতরা হইয়া ...।' *রামরাম*, ১৮০১। **২** *বিণ স্ত্রী* আক্ষেপ করছে এমন। 'রায়ের গৃহিণী ... বিপদ সাগরে মগ্না খিদ্যমানা রোদনপরা।' *রাজীব*, ১৮০৫।

খিদ্র [স ক্ষুদ্র] *বিণ* ক্ষুদ্র। *মানোএল*, ১৭৪৩।

খিধা, খিধে [স ক্ষুধা] *বি* ক্ষুধা। 'যাত খিধা বসে/ নাগরি রাধা।' *বড়ু*, ১৪৫০; 'কিছু নেই খিধে।' *রবীন্দ্র*, ১৮৯৯। দ্র **খিদা**

খিন [স ক্ষীণ] **১** *বিণ* শীর্ণ। 'দিনে দিনে খিন তনু।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'ত্রাসে খিন তনু তবে হইল রুক্মিনি।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* সরু। 'খিন মাঝা খুল্লনার জেন মধুকরি।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বিণ* কৃশ। 'ভেবে ব্রজপুর লোক সভে হইল খিন।' *মানিকরাম*, ১৭৮১।

খিনী [স ক্ষীণ] *বিণ* সরু। 'মাঝা খিনী গুরুতর বিপুল নিতম্বে।' *বড়ু*, ১৪৫০।

খিন্ন [স] *বিণ* কাতর। 'বিষাদ করয়ে কামবাণে খিন্ন হৈয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

খিন্নমনা [স] *বিণ* ক্ষুণ্ন। 'আপন দেশে স্বধর্ম্মের দুরবস্থা দৃষ্টে অতি খিন্নমনা।' *অক্ষয়*, ১৮৪৯।

খিমচি [আ খমসাহ্] *বি* খামচি; নখ দ্বারা আঁচড়। 'বরের ঘাড়ে ঝাঁপিয়ে পড়ে খিমচি কেটে ঝগড়া করে বউ অনর্থ করে।' *মনোজ*, ১৯৬১।

খিমা [আ খীমাহ্] **১** *বি* তাঁবু। 'আপনার খিমা হইতে জানানা খিমায়।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* কুটির। 'পাতার খিমায় নির্জীব আছি পড়ি।' *নজরুল*, ১৯২৮।

AMARBOI.COM

খিয়াতি [স খ্যাতি] *বি* সুনাম। 'ভৃগু নামে মহামুনি সংসারে খিয়াতি।' *রূপরাম*, ১৭৫০।

খিয়ানো [স ক্ষিপ>] *ক্রি* ভাসানো। 'সমুদ্রে খিয়ানু নৌকা বড় প্রতিআশে।' *মুকুন্দ*, ১৬০০।

খিয়ারি [খেয়া>] *বি* মাঝি। 'তবে আমি নৌকা নিয়া খিয়ারির রূপে।' *বৃন্দা*, ১৫৮০।

খিয়াল [আ খেয়াল] *বি* নেশা। 'সিদ্ধির খিয়ালে সদা শুদ্ধ বুদ্ধিহীন।' *মানিকরাম*, ১৭৮১।

খির [স ক্ষীর] *বি* দুগ্ধজাত মিষ্টান্ন। 'খির নবনি আছে আর দুগ্ধ সর।' *মালাধর*, ১৫০০; 'খির ভোজন করিল দুহেঁ মহেশ ভবানী।' *মুকুন্দ*, ১৬০০।

খিরখণ্ড [স ক্ষীর-খণ্ড] *বি* খিরের নাড়ু। 'দম্পত্যে প্রবেশে ঘরে খিরখণ্ড ভোগ করে।' *মুকুন্দ*, ১৬০০।

খিরচাঁপা [স ক্ষীর>] *বি* মিঠাইবিশেষ। 'তবে একখান খিরচাঁপা দিচ্চি প্রাণ ভরে খাও।' *দীনবন্ধু*, ১৮৭৩।

খিরপুলি [স ক্ষীর>] *বি* পিঠাবিশেষ। 'খিরখণ্ড ছেনা নাড়ু ... খিরপুলি পদ্মচিনি খায়্যা।' *মুকুন্দ*, ১৬০০।

খিরকা [আ খিরকাহ্] *বি* ফকির দরবেশদের অঙ্গাবরণবিশেষ। 'সামান্য খিরকা গায়ে হজরত চলেছে ঈদগাহে।' *মাহেনও*, ১৯৪৯।

খিরকি [স খড়্কিকা] *বি* দরজা। 'পাষাণদেউলের খিরকিতে।' *নজরুল*, ১৯২৭।

খিরগিজ [তু] *বি* মধ্য এশিয়ার দেশ কিরগিজিস্তানের অধিবাসী। 'সে খিরগিজ-জাতীয় চাষীর ছেলে।' *রবীন্দ্র*, ১৯৩১।

খিরদ [স ক্ষীরোদ] *বি* পৌরাণিক ক্ষীরোদ সাগর। 'পৃথুবির বচনে বসুধা খিরদেরে গিয়া।' *মালাধর*, ১৫০০।

খিরদমথন [স ক্ষীরোদ-মন্থন] *বি* ক্ষীরসমুদ্র দলন >স মন্থন। 'খিরদমথনে জেন অমৃত উঠিল।' *মালাধর*, ১৫০০।

খিরপাই *বি* গুল্মবিশেষ। 'মহরি সোলপা ধন্যা খিরপাই বেত।' *মুকুন্দ*, ১৬০০।

খিরমিজ [আ কিরমিজ] *বিণ* রক্তবর্ণ। *মানোএল*, ১৭৪৩।

খিরা [স ক্ষীরাবী] *বি* শসাজাতীয় ফলবিশেষ। 'এক ব্যক্তি বাহ্যে বসিয়া খিরা খাইতেছিল।' *মশাররফ*, ১৮৮৯।

খিরি, খিরী [স ক্ষীরাবী] *বি* শসাজাতীয় ফল। 'খিরী খাজুর বনকেন্দু মহ্কুত আর।' *বড়ু*, ১৪৫০; 'অর্জুন খর্জুর খিরি গয়া আম্বত বোহারি।' *মালাধর*, ১৫০০।

খিরেলা [স ক্ষীর>] *বি* ক্ষীরের তৈরি খাদ্যবিশেষ। 'একদিন ডাক্তার বাবু তাঁর স্ত্রীর হাতের খিরেলা, খাজা, নিমকি পাঠিয়ে দিচলেন।' *দীনবন্ধু*, ১৮৬৬।

খিরোদ [স ক্ষীরোদ] *বি* পৌরাণিক ক্ষীরসমুদ্র। 'খিরোদ শমুদ্রের তিরে।' *মালাধর*, ১৫০০।

খিরোসা [স ক্ষীর>] *বি* দুগ্ধজাত মিষ্টান্নবিশেষ। 'কলা-বড়া মুগ-সাণ্ডলি খিরোসা খিরের পুলি।' *মুকুন্দ*, ১৬০০।

খিল[১] [স] *বিণ* অনাবাদি; চাষের অনুপযোগী। 'সরকার হইল কাল খিল তুমি লিখে নাল।' *মুকুন্দ*, ১৬০০।

খিল[২] [স কীল>] **১** *বি* কপাটের অর্গল। 'লোহার কপাট খিল বিষম কুলুপ তায় সাজে।' *কেতকা*, ১৬৫০; 'খিল খসানো।' *মানোএল*, ১৭৪৩। **২** *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'দশরথ খিল।' *সেবধি*, ১৮৪০। **৩** *বি* মাংসপেশির আড়ষ্টতা বা টেনে ধরার ভাব। 'বুকে পিঠে লাগে খিল নাহি থাকে চেতনা।' *রামনারায়ণ*, ১৮৫৪। **৪** *বি* আঁকশি; হুক। 'গৃহিণী ... হাতের বাউটির খিল খুঁটিতে খুঁটিতে কর্তা মহাশয়ের নিকেতনে সমুপস্থিতা।' *বঙ্কিম*, ১৮৮২।

খিল ধরা *ক্রি* অঙ্গ-প্রত্যঙ্গে খিচুনি ধরা। 'রোগীর হাতে পায়ে খিল ধরে আসে।' *রবীন্দ্র*, ১৯০৭।

খিলখিল [ধ্বন্যা] **১** *বি* খিল খিল শব্দ ক'রে। 'বামনি হাসে খিলখিল।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* বিদ্রূপাত্মক উঁচু স্বরের। 'পরিচিত কণ্ঠের খিল খিল হাসি শুনিতে পাইল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খিলখিল করে হাসা *ক্রি* উচ্চ স্বরে হাসা। 'ছোকরার দলের মধ্যে একজন খিলখিল করিয়া হাসিয়া উঠিল।' *ইমদাদুল*, ১৯২০।

খিলান [স কীল>] *বি* ইট-পাথর দিয়ে তৈরি দরজা অথবা তোরণের উপরের অর্ধবৃত্তাকার কাঠামো। *ওসাঁ*, ১৭৮২; *ক্যালগে*, ১৭৮৯; 'তিন খিলানের একটা পাকা সাঁকো।' *দর্পণ*, ১৮৩৩।

খিলান-করা [স কীল>] *বিণ* দুই থামের মাঝখানে ইট বা পাথরের অর্ধ বৃত্তাকার গাঁথনি-সংবলিত। 'প্রকোষ্ঠসকল খিলান-করা।' *অক্ষয়*, ১৮৫৪।

খিলানো [হি খিলানা] *ক্রি* খাওয়ানো। 'জাতি নাশ করিব আজি গোস্ত খিলাইয়া।' *বিজয়*, ১৬৫০; 'বিষ মিলাওসি মধু খিলাওসি মোর জীউ বধ্‌বাসি।' *বাহরাম*, ১৬৫০।

খিলাত [আ] *বি* রাজার দেওয়া সম্মানসূচক পরিচ্ছদ। 'প্রজার পাপের ফলে খিলাত পাইল মামুদ সরিপ।' *মুকুন্দ*, ১৬০০।

খিলাপ [আ খিলাফ] *বি* অন্যথাচরণ। 'পাছে কোনো অপরাধপ্রথা খিলাপে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

খিলাফ [আ] **১** *বি* ভঙ্গ। 'ওয়াদা খিলাফের বিরোধ ঝটিতি ভঞ্জন না হয়।' *ডানকান*, ১৭৮৪। **২** *বি* চুক্তিভঙ্গ। 'জে জে তাতি গাফিলতিতে কিস্তি খিলাফ করিয়াছে।' *তাঁতি*, ১৭৯২। দ্র **খেলাপ, খেলাফ**

খিলাফত, খিলাফৎ [আ] *বি* তুরস্কের বাদশাকে মুসলিম জগতের খলিফা হিসেবে বহাল রাখার উদ্দেশ্যে ভারতবর্ষে মুসলমানদের রাজনৈতিক আন্দোলন ও দলবিশেষ। 'কংগ্রেস ও খিলাফতের এই মিলনটার ভিতর সহৃদয়তা আদপেই নেই।' *প্রমথ*, ১৯২০; 'সেটা ঘটেছিল খিলাফৎ সূত্রে হিন্দু-মুসলমানের সন্ধির ভরা জোয়ারের মুখেই।' *রবীন্দ্র*, ১৯৩৭।

খিলাল [আ] *বি* কাঠি দ্বারা দাঁত পরিষ্কার করার কাজ। 'কেহ কেহ টুথ পিক দিয়া খিলাল করিতেছেন।' *মনসুর*, ১৯৪৫।

খিলি [স কীল] **১** *বি* খিল। 'মাঝারে রহিয়া তারা দ্বারে দিল খিলি।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* কীলক আকারে সাজা পান। 'পানের খিলি প্রদানপূর্ব্বক মর্য্যাদা করিয়া বিদায় করিলেন।' *দর্পণ*, ১৮২৪।

খিলিখিলি [ধ্বন্যা] *ক্রিবিণ* খিলখিল ক'রে। 'নদী হেসে চলে খিলিখিলি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খিলেন [স কীল>] *বি* দুই থামের মাঝখানে ইট বা পাথরের অর্ধবৃত্তাকার গাঁথনি। 'গাড়িবারান্দার খিলেনের কাছটাতে এসেই ...।' *অবন*, ১৯২৭।

খিল্লাত [আ খিলাত] *বি* রাজার দেওয়া সম্মানসূচক পোশাক। 'খিল্লাত পরিধান করে রেশমের খরিতায় পত্রাদি বাঁধতেন।' *ওয়াসী*, ১৯৬৪।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খিসা *বি* ক্ষীর। 'ভিতরে তিলের খিসা, সোঁদা সোঁদা গন্ধ।' *আলাউদ্দিন*, ১৯৭৫।

খিস্তি *বি* অমার্জিত ভাষায় গালাগালি। 'ঘোরতর উত্তেজনা, ধূমপান, আর্তনাদ, খিস্তি, অট্টহাসি।' *বিষ্ণু*, ১৯৪১।

খিস্তি-খেউড় *বি* ঝগড়া; গালাগালি। 'এখন তোমাকে ঘিরে খিস্তি-খেউড়ের পৌষমাস।' *শ্যামসুর*, ১৯৭০।

খী [স ক্ষেপ>] *বি* সুতার গাছা। 'এক-খী রেশমে সাত-খী সুতো।' *অবন*, ১৮৯৬।

খীকার [হি খীখার>] *বি* কলঙ্ক। 'কেন হেন কইলে পাপ সংগ্রাম খীকার।' *মালাধর*, ১৫০০।

খীড়কি [স খড়ক্কিকা] *বি* বাড়ির পেছনের দিক। 'বাটীর খীড়কির ঘাট হইতে ... গিয়াছে।' *ওসাঁ*, ১৭৮২।

খীন [স ক্ষীণ] ১ *বিণ* শীর্ণ। 'উন্নত গণ্ড কপোল খীনে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* ক্ষীণতা। 'কটিক গৌরব পাওল নিতম্ব/ ইহিকে খীন উনকে অবলম্ব।' *বিদ্যাপতি*, ১৪৬০।

খীনা [স ক্ষীণা] *বিণ* স্ত্রী শীর্ণ। 'সে পুন পলটি খনে খনে খীনা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

খীনিম [স ক্ষীণ>] *বিণ* ক্ষীণ। 'গুরু নিতম্ব ভরে চলএ ন পারএ মাঝ খীনিম নিমাই।' *বিদ্যাপতি*, ১৪৬০।

খীর [স ক্ষীর] ১ *বি* দুধের তৈরি মিষ্টান্নবিশেষ। 'সকল গোঠ মেলাইবোঁ বড়ায়িক খীর যোগাইবোঁ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* স্তন্য। 'মায় জসোদা পুষিলেক দিএঁ খীর।' *বড়ু*, ১৪৫০।

খীরি [স ক্ষীর] *বি* দুধের তৈরি মিষ্টান্নবিশেষ। 'ভোজন করিয়া খাই হাঁড়ি দশ খীরি।' *মুকুন্দ*, ১৬০০

খীল [স খিল] *বি* অনুর্বরতা। 'শুন নাই আচট ভূমের ভাঙ্গে খীল।' *রামপ্রসাদ*, ১৭৮০।

খীলাত [আ] *বি* রাজকীয় পোশাক। 'সাহেবরা রূপময় পাত্রে খীলাত রাখিয়া রাজাকে দিলেন।' *দর্পণ*, ১৮২১।

খীলান [স কীল>] *বি* ইট বা পাথরের অর্ধগোলাকার গাঁথনিবিশেষ। 'চান্দপালের ঘাটে অতিমনোহর এক খীলান গ্রন্থন হয়।' *দর্পণ*, ১৮২২।

খীলাফী [আ খিলাফ] *বি* প্রতিশ্রুতি ভঙ্গ করে যে। 'খীলাফীর হকীকত লীখীবে।' *তাঁতি*, ১৭৯২।

খুআ [স ক্ষুমা] *বি* রেশম; শণ; পাট। *বিদ্যা*, ১৮৯১।

খুআড় [স ক্ষয়>] *বি* ইটের ভাঙা টুকরা। *বিদ্যা*, ১৮৯১।

খুআর [ফা খওয়ার] *বি* নিন্দা; অপযশ। *বিদ্যা*, ১৮৯১।

খুইয়ে বসা দ্র খোয়া

খুঁগি [স করঙ্গ] *বি* খুঙ্গি; দোয়াতকলম রাখার পাত্র। 'বিদায় হইএ আমি লএ খুঁগি পুঁথি।' *মানিকরাম*, ১৭৮১।

খুঁচ [ধ্বন্যা] *বি* ধারালো ছুরি ইত্যাদি দ্বারা কাটার শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

খুঁচনি [ধ্বন্যা খুঁচ>] *বি* জেরা। 'ব্লাকিয়র সাহেবের খুঁচনিতে এক এক বার ঘাবড়িয়া যাইতে লাগিল।' *প্যারী*, ১৮৫৮।

খুঁচা [ধ্বন্যা খুঁচ>] *বি* বস্তুর আঘাত; তীক্ষ্ণ আঘাত। *বিদ্যা*, ১৮৯১।

খুঁচানি [ধ্বন্যা খুঁচ>] *বি* বিদ্ধকরণ। *বিদ্যা*, ১৮৯১।

খুঁচানো [ধ্বন্যা খুঁচ>] ১ *ক্রি* তীক্ষ্ণ আঘাত করা। 'আগে খাঁচার ভিতর যাক, তার পর খুঁচয়ে আদমারা করবো।' *দীনবন্ধু*, ১৮৬৩। ২ *ক্রি* প্রশ্ন করা। 'খুঁচিয়ে খুঁচিয়ে অনেক জিনিস কুবেরের মুখ দিয়ে শুনেছে।' *শ্যামল*, ১৯৬৭।

খুঁচি, খুঁচী [ধ্বন্যা খুঁচ>] ১ *বি* মাটি বা ধাতুর ছোটো পাত্র। 'আকবরী মোহর পোরা লক্ষ্মীর খুঁচীর নিত্য সেবা হয়ে থাকে।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* ছোটো খোঁচা। *বিদ্যা*, ১৮৯১। ৩ *বিণ* তীক্ষ্ণমুখ। 'খুঁচি খুঁচি সূচি-সারি হাঁড়ি মুখে কালো দাড়ি।' *নজরুল*, ১৯৩১। ৪ *বি* খড়ের চালের গুঁজি। 'ঘরটা এবার খুঁচি দিয়ে রেখো।' *বিভূতি*, ১৯৩১। ৫ *বি* চাল মাপার আধার। 'এক খুঁচি চীনার দানা।' *বিভূতি*, ১৯৩৮।

খুঁজিয়াল [খোজ>] *বি* খুঁটিয়ে খুঁটিয়ে খবর সংগ্রহ করে যে। 'খুঁজিয়াল খুঁটিয়ে খুঁটিয়ে যাবতীয় খবর সংগ্রহ করেছে।' *মনোজ*, ১৯৬১।

খুঁট [স খণ্ড] ১ *বি* দোষ; ত্রুটি। *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* ধুতি বা শাড়ির কোণ। 'কোঁচার খুঁট দিয়া নিঃশব্দে চোখ মুছিতে লাগিল।' *শরৎ*, ১৯১৪।

খুঁট আখুরে [স খণ্ড+স অক্ষর>] *বিণ* অক্ষর পরিচয় ঘটছে এমন। 'এতে যে খুঁট আখুরে ছেলে মেয়ের প্রাণান্ত হয়ে যাচ্ছে।' *সওগাত*, ১৯২৯।

খুঁটনি [স খণ্ড>] *বি* বিন্দু; চিহ্ন। *বিদ্যা*, ১৮৯১।

খুঁটরে খুঁটরে *ক্রিবিণ* খুঁটিয়ে খুঁটিয়ে। 'আমরা ... খুঁটরে খুঁটরে রাজা প্রতাপচাঁদের কথা জিজ্ঞাসা করতেম।' *হুতোম*, ১৮৬১।

খুঁটা[১] [স খণ্ড>] ১ *ক্রি* সূক্ষ্মভাবে সংগ্রহ করা। 'তোমরা সকলে এক চিত্ত হইয়া ইহা খুঁটিয়া লও।' *তারিণী*, ১৮০৩। ২ *ক্রি* হালকাভাবে আঘাত করা। 'ইচ্ছা করে দিবানিশি নখ দিয়া খুঁটি।' *গুপ্ত*, ১৮৫৮। ৩ *ক্রি* একটা একটা করে তোলা। 'ছড়িয়ে গেছে সুতো ছিঁড়ে তাই খুঁটে আজ মরব কি রে।' *রবীন্দ্র*, ১৯০৮।

খুঁটিয়া *ক্রিবিণ* পুঙ্খানুপুঙ্খভাবে। 'মহাশয়ের নানা গুণ, সকল খুঁটিয়া বর্ণনা করা ভার।' *প্যারী*, ১৮৫৮।

খুঁটিয়ে খুঁটিয়ে *ক্রিবিণ* সযত্নে পরীক্ষা ক'রে। 'সমালোচকেরা দেখেছেন ... চোখে ম্যাগনিফায়িং গ্লাস লাগিয়ে খুঁটিয়ে খুঁটিয়ে।' *আলাউদ্দিন*, ১৯৬০।

খুঁটিয়ে জানা *ক্রি* পুঙ্খানুপুঙ্খ জেনে নেওয়া। 'সব খুঁটিয়ে না জেনে রেজিষ্ট্রারি করে না।' *গিরিশ*, ১৮৮৯।

খুঁটিয়ে দেখা *ক্রি* সব দিক ভালোভাবে পরীক্ষা করে দেখা। 'তা একটু খুঁটিয়ে দেখা আবশ্যক।' *প্রমথ*, ১৯১৭।

খুঁটে খাওয়া *ক্রি* কুড়িয়ে খাওয়া। 'খুঁটে খায় পরস্পরবিরোধী আহার।' *মাহমুদ*, ১৯৭৩।

খুঁটে খুঁটে *ক্রিবিণ* একটা একটা ক'রে। 'কাঁচের টুকরোগুলো খুঁটে খুঁটে তোল।' *রবীন্দ্র*, ১৮৯০।

খুঁটে বের করা *ক্রি* সযত্নে খুঁজে দেখা। 'কালের ভাঙাকুলো থেকে খুঁটে বের করবার জো নেই।' *রবীন্দ্র*, ১৯২৯।

খুঁটা[২] [স ক্ষোড] *বি* খুঁটি। *বিদ্যা*, ১৮৯১; 'খুঁটাটাকে জোরে জোরে নাড়া দিল মালু।' *কায়সার*, ১৯৬৫।

খুঁটাবন্দী *বিণ* খুঁটিতে বাঁধা আছে এমন। 'গরুটা রাস্তার ধারে ফাঁকা জায়গায় খুঁটাবন্দী করে নিলে...।' *শওকত*, ১৯৭৩।

খুঁটি[১], **খুঁটী** [স ক্ষোড] ১ *বি* বাঁশ বা কাঠের দণ্ড। 'আমরা দেওয়াল, খুঁটি, কপাট, গাছ ইত্যাদির উচ্চতা মাপিতে পারি।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বি* বাঁশ বা কাঠের ছুঁচালো মুখ বিশিষ্ট ছোটো দণ্ড। 'ছাগলের খুঁটি।'

AMARBOI.COM

শ্যামসুর, ১৯৬৩।

খুঁটী গাড়া ক্রি স্থায়ীভাবে অবস্থান করা। 'মানুষের অন্তরে খুঁটী গেড়ে থাকলেই যে সেটি তাদের পক্ষে মঙ্গলজনক।' *উমর*, ১৯৬৮।

খুঁটি[১] [স খণ্ড>] *বি* পরিধেয় কাপড়ের প্রান্তভাগ। 'ধুতির খুঁটি দিয়ে খুব পরিষ্কার করে।' *জীবন*, ১৯৩৩।

খুঁটিনাটি [স ক্রটি>] **১** *বি* কড়াকড়ি। 'স্কুলের তদারকের কথা লইয়া খুঁটিনাটি করিলে ...।' *প্যারী*, ১৮৫৮। **২** *বিণ* সূক্ষ্ম। 'খুঁটিনাটি করে বর্ণনা করতে গেলে পুঁথি বেড়ে যায়।' *রবীন্দ্র*, ১৮৮১। **৩** *বি* সূক্ষ্ম বিষয়। 'চশমার ভিতর দিয়া কেবল অনেকগুলা খুঁত এবং খুঁটিনাটি চোখে পড়ে।' *রবীন্দ্র*, ১৮৮৭। **৪** *বিণ* ছোটোখাটো। 'নিজের আনন্দ নানা খুঁটিনাটি কাজে এটা-ওটা জিনিসে।' *অবন*, ১৯১৯। **৫** *বি* ছোটোখাটো বিষয় নিয়ে কলহ। 'রায়-বংশের সহিত আবার খুঁটিনাটি আরম্ভ হইয়া গেল।' *তারা*, ১৯৪০।

খুঁটো [স ক্ষোড] **১** *বি* থাম; খুঁটি। 'আন্দাজি এক খুঁটো গেড়ে চেনে না সীমানা কার।' *লালন*, ১৮৯০। **২** *বি* খুঁটিতে বাঁধা অবস্থায় গোরু যতদূর পর্যন্ত বিচরণ করতে পারে, সেই পরিমাণ স্থান। 'দড়ি ধরে যে দু-খুঁটো খাইয়ে আনব।' *শরৎ*, ১৯২৬। দ্র **খুঁটা**[২]

খুড়া[১] [স খুল্ল] *বি* কাকা। *বিদ্যা*, ১৮৯১।

খুঁড়া[২] [স খন>] ক্রি খনন করা। 'কে হায় হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাসে!' *জীবন*, ১৯৪২।

খুঁড়ি [স খুল্ল>] *বি* কাকি; চাচি। *বিদ্যা*, ১৮৯১।

খুঁড়িআ *বি* ক্ষুদ্রাকৃতির কলাইবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

খুঁত [স ক্ষত] **১** *বি* দোষ। 'খুঁত ধরা।' *মানোএল*, ১৭৪৩; 'চশমার ভিতর দিয়া কেবল অনেকগুলা খুঁত এবং খুঁটিনাটি চোখে পড়ে।' *রবীন্দ্র*, ১৮৮৭। **২** *বি* অসম্পূর্ণতা। 'কামিনীর অঙ্গে কোন খুঁত নেই।' *দীনবন্ধু*, ১৮৬৩। **৩** *বি* অসঙ্গতি। 'এর ভিতর থেকে খুঁত ধরে করা খুব সহজ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খুঁতখুঁত [ধ্বন্যা] **১** *বি* অসন্তোষ প্রকাশক শব্দ। 'দিনরাত খুঁতখুঁত খিটখিট করেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বি* বিরক্তবোধ। 'লুনা খুঁতখুঁত করতে থাকে।' *শিবরাম*, ১৯৫০। **৩** *বি* অস্বস্তিবোধ। 'মনটা কেমন খুঁতখুঁত করে তার।' *শ্যামসুন্দর*, ১৯৫৭।

খুঁতখুঁত করা **১** ক্রি সাধারণ ত্রুটিতে অসন্তোষ প্রকাশ করা। 'জেন্টল্যানেরা সর্বদা খুঁতখুঁত করতেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** ক্রি অব্যক্ত শব্দে অসন্তোষ প্রকাশ করা। 'আত্মীয়স্বজনেরা খুঁত খুঁত করতে লাগল।' *রবীন্দ্র*, ১৯২৯। **৩** ক্রি সম্পূর্ণ সন্তুষ্ট না হওয়া। 'অপুর মন খুঁত খুঁত করিতে লাগিল।' *বিভূতি*, ১৯৩১।

খুঁতখুঁতনি [ধ্বন্যা খুঁতখুঁত>] *বি* খুঁতখুঁতে স্বভাব। 'খুঁতখুঁতনি আর তার শোভা পায় না।' *ধূর্জটি*, ১৯৩১।

খুঁতখুঁতানি [ধ্বন্যা খুঁতখুঁত>] *বি* ঠিক সন্তুষ্ট হতে না পারার অনুভূতি। 'মনে মৃদু একটু খুঁতখুঁতানি জাগিবে কিনা।' *মানিক*, ১৯৩৮।

খুঁতখুঁতি *বি* সন্দেহপ্রবণতা। 'আরতির মনেও যে খুঁতখুঁতি একটু না ছিল, তা নয়।' *নরেন্দ্র*, ১৯৪৯।

খুঁতখুঁতিআ [ধ্বন্যা খুঁতখুঁত>] *বিণ* সন্দেহ-প্রবণ। *বিদ্যা*, ১৮৯১।

খুঁতখুঁতুনি [ধ্বন্যা খুঁতখুঁত>] *বি* কিছুতেই সন্তুষ্ট না-হওয়ার ভাব। 'ওর খুঁতখুঁতুনি সংসারকে অতিষ্ঠ করে তুলত।' *রবীন্দ্র*, ১৯৪০।

খুঁতখুঁতে [ধ্বন্যা খুঁতখুঁত] *বিণ* সহজে সন্তুষ্ট হয় না এমন। 'তিনি খুঁতখুঁতে বটে, রাগী নন।' *রবীন্দ্র*, ১৮৮১।

খুঁৎখুঁৎ [ধ্বন্যা] *বি* অব্যক্ত শব্দে বিরক্তি প্রকাশ। 'বেলিটা অকারণে খুঁৎ খুঁৎ আরম্ভ করলে।' *রবীন্দ্র*, ১৮৮৯। দ্র **খুঁতখুঁত**

খুঁৎখুঁৎ করা ক্রি অব্যক্ত শব্দে বিরক্তি প্রকাশ করা। 'আমি কোণে ব'সে ব'সে খুঁৎখুঁৎ করব।' *রবীন্দ্র*, ১৮৯২।

খুঁতমুত [স ক্ষত>] *বি* দোষত্রুটি। 'খুঁতমুত কিছু নেই তো?' *রবীন্দ্র*, ১৯১০।

খুঁতো [স ক্ষত>] *বিণ* দোষযুক্ত; ত্রুটিযুক্ত। 'তার পাঁঠাটি খুঁতো।' *তারা*, ১৯৪৬।

খুঁয়া [স ক্ষুমা] *বি* তিসিগাছের ছাল থেকে তৈরি সুতা। 'শিরে দিতে নাহি আঁটে খুঁয়ার বসন।' *মুকুন্দ*, ১৬০০।

খুঁয়ে তাঁতি [স ক্ষুমা+তাঁতি] *বি* তিসিগাছের ছালের সুতা দিয়ে কাপড় তৈরি করে যে। 'খুঁয়ে তাঁতি হয়ে দেহ তসরেতে হাত।' *ভারত*, ১৭৬০।

খুক [ধ্বন্যা] *বি* অল্প কাশির শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

খুকখুক [ধ্বন্যা] *বি* ক্রমাগত অনুচ্চ কাশির শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

খুকরি [নেপালি কুকরি] *বি* নেপাল দেশীয় ছোরাবিশেষ। 'এদের খুকরি দেখলে এখনও জার্মানরা রাইফেল ছেড়ে পালায়।' *নজরুল*, ১৯২২।

খুকি, খুকী [ওরাওঁ কোকি] *বি* ছোটো মেয়ে; শিশুকন্যা। 'দুখী সুখী মেয়ে কেউ কেঁচে হবে খুকী।' *গুপ্ত*, ১৮৫৮; 'দেখো বাছা, তুমি কিছু আর খুকি নও।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খুকু [ওরাওঁ কোকা] *বি* ছোটো মেয়ে। 'শ্যামলী মায়ের কোলে সোনামুখ খুকু রে।' *নজরুল*, ১৯২৬।

খুকুনি [ওরাওঁ কোকি] *বি* ছোটো মেয়ের আদরসূচক ডাকনাম। 'মলিনা! অ খুকুনি!' *নজরুল*, ১৯২৬।

খুকুমণি [ওরাওঁ কোকা+স মণি] *বি* ছোটো মেয়ের আদুরে ডাকনাম। 'খুকুমণি ওঠো রে।' *নজরুল*, ১৯২৬।

খুঙি [স করঙ্ক] *বি* ঝাঁপি। *বিদ্যা*, ১৮৯১।

খুঙ্গি [স করঙ্ক] **১** *বি* লেখার সরঞ্জাম রাখার পাত্র। 'কাখে করি পুথি খুঙ্গি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* পুথি রাখার ঝাঁপি। 'খুঙ্গি পুঁথি লয়্যা পুনু করিল গমন।' *রূপরাম*, ১৭৫০।

খুঙ্গিপুঁথি [স করঙ্ক>] *বি* বই রাখার থলি ও বই। 'খুঙ্গিপুঁথি লইয়া ধীরে ধীরে ঘরের মধ্যে প্রবেশ করিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

খুচড়া [ফা খুরদা] *বিণ* অল্প; ক্ষুদ্র। *বিদ্যা*, ১৮৯১।

খুচরা, খুচরো [ফা খুরদা] **১** *বিণ* অল্প মূলধনসম্পন্ন। 'খুচরা খুচরা মহাজনেরা ...।' *প্যারী*, ১৮৫৮। **২** *বিণ* ভাংতি। 'খুচরা নোটও থাকবে।' *গিরিশ*, ১৮৮৬। **৩** *বিণ* ভেঙে ভেঙে দ্রব্য বিক্রয়কারী। 'খুচরা ব্যবসায়ী ও পাইকেরগণ যাহাতে তাহাদের সঙ্গে ব্যবসা বন্ধ করে ...।' *রবীন্দ্র*, ১৯০৫। **৪** *বিণ* গুরুত্বহীন। 'চুটকি হাসি এবং খুচরো কথা।' *রবীন্দ্র*, ১৯০৭। **৫** *বিণ* ছোটো ছোটো। 'খুচরো প্রশ্নের যা তা জবাব দেয়।' *রবীন্দ্র*, ১৯২৯। **৬** *ক্রিবিণ* ঘুরে ঘুরে। 'কলকাতার পথে পথে খুচরো চা বিক্রি করত শুধু।' *জীবন*, ১৯৩২।

খুচি **১** *বি* কানের অলংকারবিশেষ। 'শ্রবণে কুণ্ডল ফুলি খুচি পিলত্তর।' *সুলতান*, ১৭০০। **২** *বি* ধান চাল ইত্যাদি মাপার পাত্রবিশেষ। 'গৃহ অন্নে নাই রুচি ত্যজিছি লক্ষ্মীর খুচি।' *রামনারায়ণ*, ১৮৫৪।

খুচরা [ফা খুরদা] *বি* ছোটো কাজ। 'খুচরা বুঝ কতগুলা।' *কৃষ্ণরাম*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৭২০।

খুজ [হি খোজ] *বি* খোঁজ; সন্ধান। *বিদ্যা*, ১৮৯১।

খুজরা [ফা খুরদা] **১** *বি* খুচরা বিক্রয়। 'খুজরার লেখাজোখা বড়ই উৎপাত।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *বিণ* খুচরা। 'নিরিকদর হওয়াতে খুজরা ব্যাপারির পক্ষে ভাল।' *দর্পণ*, ১৮৩৭।

খুজলি [হি] *বি* খোস; পাঁচড়া। *ওসাঁ*, ১৭৮৫।

খুজা [হি খোজ] *ক্রি* সন্ধান করা; তালাশ করা। *বিদ্যা*, ১৮৯১।

খুজানো [হি খোজ] *ক্রি* অন্যের দ্বারা অনুসন্ধান করানো। *বিদ্যা*, ১৮৯১।

খুএা [স ক্ষুমা] *বি* রেশম। 'খরতর রবির কিরণ শিরে দিলে নাই আঁটে খুএার বসন।' *মুকুন্দ*, ১৬০০।

খুঞ্চ [ফা খাওয়াঞ্চাহ] *বি* বড়ো থালা; ট্রে। 'খুঞ্চের উপর জলখাবার।' *রবীন্দ্র*, ১৯০৯।

খুঞ্চা [ফা খাওয়াঞ্চাহ] *বি* থালা। 'পুষ্পের তোররা এক খুঞ্চা ভরিয়া বিবি সাহেবের সম্মুখে রাখিলেন ...।' *দর্পণ*, ১৮২৩।

খুঞ্চেপোশ [ফা খাওয়াঞ্চাহ+ফা পোশ] *বি* থালা ঢাকার আবরণ। 'ঢাকলো মেঘের খুঞ্চেপোশে তালপাটালির থাল।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

খুট *বি* জমির পরিমাণবিশেষ। 'চৌর্দ্ধ খুট জমি আমাদের দখলে আছে।' *চিঠিপত্রে*, ১৮৬৭।

খুটখাট [ধ্বন্যা] *বি* ছোটো বস্তুর নাড়াচাড়ার ফলে সৃষ্ট শব্দ। 'শব্দ হচ্ছে ধুপধাপ, খুটখাট।' *কায়সার*, ১৯৬৫।

খুটখুট [ধ্বন্যা] *বি* ক্রমাগত খুট শব্দ। *বিদ্যা*, ১৮৯১; 'এরা খুট খুট করে দ্রুত লয়ে চলে।' *রবীন্দ্র*, ১৯২৮।

খুটরি [স কট>] *বি* ছোটো কৌটা বা খোরা। 'চুন খাইবেন খুটরি ভরা।' *অবন*, ১৯১৯।

খুটা[১] [স ক্ষোড] *বি* ঘরের খুঁটি; নৌকা বাঁধার দণ্ড। *ওসাঁ*, ১৭৮২।

খুটা[২] *ক্রি* কুড়িয়ে তোলা। 'তুমি হইতে শিকি দুয়ানি প্রভৃতি অতি ক্ষুদ্র ক্ষুদ্র দ্রব্য খুটিয়া লইতে পারে।' *মদনমোহন*, ১৮৫০। *দ্র* **খুঁটা**[২]

খুটি [স ক্ষোড] *বি* পাটাতন। 'খুটি লাগাইতে।' *মানোএল*, ১৭৪৩।

খুড় [স খুল্ল] *বি* খুড়া; পিতার ছোটো ভাই। 'জেটতুতা ভগ্নি, জেটতুত ভগ্নিপতি, জেট সম্বুর, খুড় সম্বুড়।' *ওসাঁ*, ১৭৮২; 'খুড় আমার তিন বিদ্যাতেই মূর্তিমন্ত।' *বিদ্যা*, ১৮৭৩।

খুড়তত [স খুল্লতাত] *বিণ* পিতার ছোটো ভাইয়ের সঙ্গে সম্পর্কিত। *বিদ্যা*, ১৮৯১।

খুড়ততো [স খুল্লতাত] *বিণ* পিতার ছোটো ভাইয়ের সঙ্গে সম্পর্কিত। 'বিন্দু তার খুড়ততো ভাইদের বাড়ি গিয়েছিল।' *রবীন্দ্র*, ১৯১৪।

খুড়তা [স খুল্লতাত] *বিণ* পিতার ছোটো ভাইয়ের সঙ্গে সম্পর্কিত। 'ভিন্নপর নহ তুমি খুড়তা বহিনী।' *মুকুন্দ*, ১৬০০।

খুড়তুত [স খুল্লতাত] *বিণ* পিতার ছোটো ভাইয়ের সঙ্গে সম্পর্কিত। 'আমার সেই খুড়তুত ভাই এসে পৌঁচেছেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

খুড়তুতা, খুড়তুতো [স খুল্লতাত] *বিণ* পিতার ছোটো ভাইয়ের সঙ্গে সম্পর্কিত। 'খুড়তুতা ভগ্নিপতি', 'খুড়তুতা সালা।' *ওসাঁ*, ১৭৮২; 'খুড়তুতো-জাঠতুতো ভাইবোন।' *রবীন্দ্র*, ১৯০২।

খুড়তুতাভগ্নি *বি* পিতার ছোটো ভাইয়ের মেয়ে। *ওসাঁ*, ১৭৮২।

খুড়তুতাভাই *বি* পিতার ছোটো ভাইয়ের ছেলে। *ওসাঁ*, ১৭৮২।

খুড়সম্বুর [স খুল্ল-শ্বশুর] *বি* স্বামী বা স্ত্রীর খুড়া। *ওসাঁ*, ১৭৮২।

খুড়সাশুড়ী [স খুল্ল-শ্বশ্রূ] *বি* স্বামী বা স্ত্রীর খুড়ি। *ওসাঁ*, ১৭৮২।

খুড়সাস [স খুল্ল-শ্বশ্রূ] *বি* খুড়শাশুড়ি। *বিদ্যা*, ১৮৯১।

খুড়া [স খুল্ল] *বি* পিতার ছোটো ভাই; পিতৃব্য। 'রঘুনাথ দাসের তিঁহো হয় জ্ঞাতি খুড়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

খুড়াতত [স খুল্লতাত] *বিণ* খুড়ার সঙ্গে সম্পর্কিত। 'পালিত খুড়াতত ভাই সিষ্টজোগ্য ধর্ম্মবন্ত দয়াসিল কল্যানবরেষু।' *ওসাঁ*, ১৭৭৯।

খুড়াশ্বশুর [স খুল্ল+স শ্বশুর] *বি* শ্বশুরের ছোটো ভাই। *বিদ্যা*, ১৮৯১।

খুড়াসম্বুর [স খুল্ল+স শ্বশুর] *বি* স্বামী বা স্ত্রীর খুড়া। *ওসাঁ*, ১৭৮২।

খুড়ি[১] [স ক্ষুদ্র>] *বি* খোঁড়ার হাতিয়ার। 'লহ খুড়ি কোদাল খন্তা খুরধার।' *মুকুন্দ*, ১৬০০।

খুড়ি[২], **খুড়ী** [স খুল্ল>] *বি স্ত্রী* পিতার ছোটো ভাইয়ের স্ত্রী। 'খুড়ি সব প্রতি দিলা করিতে ভূষণ।' *সুলতান*, ১৭০০; 'খুড়ী।' *ওসাঁ*, ১৭৮২।

খুড়িমা [স খুল্ল>] *বি* পিতার ছোটো ভাইয়ের স্ত্রী। 'খুড়িমাকে লইয়া খুড়া দেশে থাকিয়া বিষয়কর্ম দেখেন।' *রবীন্দ্র*, ১৯০৯।

খুড়িআ [স খণ্ডকারী] *বি* খেসারি। 'গোধূম কিনে খুড়িআ সরিষা মুগ তিল মাড়ুয়া ছোলা।' *মুকুন্দ*, ১৬০০।

খুড়ো [স খুল্ল>] *বি* পিতার ছোটো ভাই; চাচা; কাকা। 'খুড়ো আমার ভাইপো বলে ...।' *ভক্ত*, ১৮৫৮। *দ্র* **খুড়া**

খুড়্যা [স খুল্ল] *বি* খুড়া। 'ই সে সিত ত্রয়োদশী খুড়্যা হইল স্বর্গবাসী।' *মুকুন্দ*, ১৬০০।

খুণ্টি [স ক্ষোড] *বি* খুঁটি। 'খুণ্টি উপাড়ী মেলিলি কাচ্ছী।' *চর্যা ৮*, ১২০০।

খুতি *বি* ছোটো থলেবিশেষ। 'কোমরে টাকার খুতি বেঁধে কতবারই না গেল।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

খুৎখুতে *বিণ* সন্দেহপ্রবণ। 'এমন খুৎখুতে হওয়ার কোনো মানে নেই।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

খুদ [স ক্ষুদ্র] **১** *বিণ* ছোটো। 'খুদ বড়সিএঁ রুহী বান্ধসী।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* চালের কণা। 'খুদ লয়া গেলা বিপ্র দ্বারিকা নগরে।' *মালাধর*, ১৫০০।

খুদকুঁড়া, খুদকুঁড়ো [স ক্ষুদ্র+স কণ্ডনা **১** *বি* সামান্য খাবার। 'গুমান হইল গুঁড়া না মিলিল খুদ কুঁড়া।' *ভারত*, ১৭৬০। **২** *বি* ক্ষুদ্র কণা। 'সেই আনন্দ-উৎসবের উদ্বৃত্ত খুদকুঁড়াও ... বাহিরে আসিয়া পড়ে না।' *রবীন্দ্র*, ১৯০৫।

খুদ-ঘাঁটা [খুদ+ঘাঁটা] *বি* চালের ক্ষুদ্র কণার জাউ। 'হেথা পায় নাকো কেহ খুদ-ঘাঁটা, কেহ দুধ-সর-ননী।' *নজরুল*, ১৯২৫।

খুদে খুদে *বিণ* ছোটো ছোটো। 'খুদে খুদে অ্যারিস্টক্রাটে পৃথিবী ছেয়ে গেল।' *রবীন্দ্র*, ১৯২৮।

খুদের খুদ *বিণ* অতি সামান্য। 'পরে যাহা বাকি রহিল – অল্পাবশিষ্ট, অল্প খুদের খুদ।' *বঙ্কিম*, ১৮৯২।

খুদরা [ফা খুরদা] *বিণ* খুচরা। 'কেবল আখুলি সিকিমাত্র আছে তজ্জন্য খুদরা দেনা পাওনাবিষয়ে যে ক্লেশ ছিল।' *চন্দ্রিকা*, ১৮৩০।

খুদা[১] [স ক্ষুদ্র>] **১** *ক্রি* খোদাই করা। 'পশ্চিমে খুদিবে তাহা যক্ষ এক হয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'তাঁহারা এক কাষ্ঠপট্টে একেবারে পুস্তকের এক এক পৃষ্ঠ খুদিয়া গ্রন্থ মুদ্রিত করে।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *ক্রি* খনন

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

করা। 'কয়েক বৎসর খুদতে খুদতে দুই যন্ত্রিদল ... সমুখাসমুখি হয়।' *রবীন্দ্র*, ১৮৮১। **খুদিআছে** *ক্রি* খনন করেছে। 'চারি দিকে কোটের খন্দক খুদিআছে।' *সুলতান*, ১৭০০। **খুদে** *ক্রি* খনন ক'রে। 'চারিদিকে গড় খুদে গড়বন্দী কইল।' *গরীব*, ১৭৬৫।

খুদানো [স ক্ষুদ্>] *ক্রি* অন্যের দ্বারা খোদাই কাজ করানো। *বিদ্যা*, ১৮৯১।

খুদা[১] [ফা] *বি* খোদা; আল্লাহ। 'মা শা আল্লা, সোবান আল্লা, খুদা তোমার জিন্দেগী দরাজ করুন।' *মুজতবা*, ১৯৪৯।

খুদাতালা [ফা খুদা+আ তাআলা] *বি* মহান আল্লাহ। 'খুদাতালা মেহেরবান।' *মুজতবা*, ১৯৪৯।

খুদি[১] [ফা খুদা] *বি* স্বয়ম্ভূ। 'কোনরূপে ফানা করে খোদে খুদি হয়।' *লালন*, ১৮৯০।

খুদি[২] [স ক্ষুদ্র>] *বিণ* ছোটো। 'খুদি খুদি পোকায় একেবারে অষ্টাঙ্গ ছেঁকে ধরত।' *তারা*, ১৯৪০।

খুদে [স ক্ষুদ্র>] *বিণ* ছোটো। 'আমাদের খুদে কুকুরটা।' *রবীন্দ্র*, ১৯১১।

খুদ্যা [স ক্ষুদ্র] *বিণ* ক্ষুদ্র। 'নিদ্রা নাহি হয় খুদ্যা পিপীলিকার জালে।' *মুকুন্দ*, ১৬০০।

খুদ্র [স ক্ষুদ্র] *বিণ* ছোটো। 'আজী সংহারিব তোকে অতি সিসু খুদ্র।' *কবীন্দ্র*, ১৬৮৯।

খুধা [স ক্ষুধা>] *বি* ক্ষুধা। 'সুন ভাই খুধা বড় পাইল আমারে।' *মালাধর*, ১৫০০।

খুধাতুর [স ক্ষুধাতুর] *বিণ* ক্ষুধায় কাতর। 'খুধাতুর হৈয়াছে দুহাঁর সরিরে।' *মালাধর*, ১৫০০।

খুধাতুরা [স ক্ষুধাতুরা] *বিণ স্ত্রী* ক্ষুধার্ত। 'মূর্ছায় মরিল বহি ভৈয়া খুধাতুরা।' *মুকুন্দ*, ১৬০০।

খুধাতৃসা [স ক্ষুধাতৃষ্ণা] *বি* ক্ষুধা ও তৃষ্ণা। 'জেই বাঞ্চ তাই দিব খণ্ডিব খুধাতৃসা।' *মালাধর*, ১৫০০।

খুধার্ত, খুধার্ত্ত [স ক্ষুধার্ত] *বিণ* ক্ষুধায় কাতর। 'আমি খুধার্ত্ত আছি বিদায় হই।' *মিলার*, ১৭৯৭।

খুন[১] [ফা] *বি* লাল রং। 'উলাইল আগুনের খুন।' *জ্ঞানদাস*, ১৬০০।

খুন[২] [ফা] ১ *বি* হত্যা। 'হের দেখ পিঠে চুন ভাঁড়ু দত্ত করে খুন।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* নিহত। 'ভূমিকম্পে ... এক শত ছেষট্টি লোক খুন হইয়াছে।' *দর্পণ*, ১৮১৯। ৩ *বি* বিনাশ। *ভবানী*, ১৮২৩। ৪ *বিণ* রক্তাক্ত। 'আন গো তোরা লাল ছড়ি। খোকাকে মেরে খুন করি।' *রবীন্দ্র*, ১৯০৭। ৫ *বি* রক্ত। 'ভাইদের খুন-মাখানো সমাধি।' *নজরুল*, ১৯২২।

খুন-আলুদা [ফা] *বিণ* রক্ত-রাঙা। 'শিমুল গাছটার দিকে চেয়ে মনে হলো যেন তার ডালে ডালে নিরাশ প্রেমিকের 'খুন-আলুদা' হৃৎপিণ্ডগুলো টাঙানো রয়েছে!' *নজরুল*, ১৯২২।

খুন-খাদক [ফা খুন+স খাদক] *বি* রক্তখেকো। 'প্রেম মানে না খুন-খাদক।' *নজরুল*, ১৯২৪।

খুনখারাপি, খুনখারাপী [ফা খুন+আ খারাবী] ১ *বি* খুন করা এবং অনুরূপ অপরাধ। 'খুনখারাপীর ব্যাপার এলোমেলো।' *সত্যেন্দ্র*, ১৯১৫। ২ *বি* দাঙ্গা-হাঙ্গামা। 'পারতপক্ষে খুন-খারাপি করতে চায় না।' *মুজতবা*, ১৯৪৯।

খুনখারাবি, খুনখারাবী [ফা খুন+আ খারাবী] ১ *বি* খুনোখুনি; রক্তারক্তি। 'পূর্ব্বে কি এত খুন খারাবী হইত।' *চন্দ্রিকা*, ১৮৩৬; 'পৈশাচিক খুন-খারাবি আমাদিগকে ... সচেতন করিয়া দিয়াছে।' *নজরুল*, ১৯২২। ২ *বি* দাঙ্গা-হাঙ্গামা। 'খুন-খারাবি যে যত করিতে পারিবে।' *নজরুল*, ১৯২২।

খুন-খুবি [ফা] *বি* রক্তোন্মত্ততা। 'রণ-দুন্দুভি শুনি খুন-খুবি।' *নজরুল*, ১৯২২।

খুন-খেগো [ফা খুন+স খাদক>] *বিণ* রক্তপায়ী। 'খুন-খেগো তলওয়ার আজ শুধু রণ চায়।' *নজরুল*, ১৯২২।

খুন-খোশরোজ [ফা] *বি* রক্তের মহোৎসব। 'সেই পুর রে যথা খুন-খোশরোজ খেলে হররোজ দুশমন – খুনে ভাই!' *নজরুল*, ১৯২২।

খুন চাপা *ক্রি* ক্রোধের ফলে মাথায় রক্ত ওঠা। 'সংসারের উপর বিনোদিনীর যেন খুন চাপিয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯০২।

খুনজোশি, খুনজোশী [ফা খুন-জোশ>] ১ *বিণ* রক্তোন্মত্ত। 'মোরা খুনজোশি বীর।' *নজরুল*, ১৯২২। ২ *বি* রক্তোন্মত্ততা। 'পশ্চিমে নীলা 'লোহিতে'র খুন-জোশীতে রে লাগে আগ।' *নজরুল*, ১৯২৪।

খুন ঝরা *বি* রক্তপাত হওয়া। 'সাদিরের খুন ঝরা থেমেছে।' *মাহেনও*, ১৯৪৯।

খুন-ঝারা [ফা খুন+স ধারা] *বি* রক্তের ধারা। 'আঁধিয়ারা হয়ে গেছে দশ দিশি, ঝরে মুখে খুন-ঝারা।' *নজরুল*, ১৯২৪।

খুন-বদন [ফা খুন+স বদন] *বিণ* অতিশয় ক্রুদ্ধ। 'আজ জল্লাদ নয়, প্রহ্লাদ সম মোল্লা খুন-বদন!' *নজরুল*, ১৯২২।

খুন-মাখা [ফা খুন+মাখা] *বিণ* রক্তিম; রক্তমাখা। 'মদন মারে খুন-মাখা তূণ।' *নজরুল*, ১৯২৩।

খুন-মাখানো [ফা খুন+মাখা>] *বিণ* রক্ত-মাখা। 'ভাইদের খুন-মাখানো সমাধি।' *নজরুল*, ১৯২২।

খুন-মোচন [ফা খুন+স মোচন] *বি* রক্তপাত। 'ওরে সত্য মুক্তি স্বাধীনতা দেবে এই সে খুন-মোচন।' *নজরুল*, ১৯২২।

খুন-রঙিন [ফা খুন+রঙিন] *বিণ* রক্তের মতো লাল। 'পিণ্ডারিদের খুন-রঙিন নখ-ভাঙা এই নীল সঙিন।' *নজরুল*, ১৯২২।

খুনরেজি [ফা খুন>] *বি* অবলীলায় খুন করে যে। *ওসা*, ১৭৮৫।

খুন হওয়া *ক্রি* দিশাহারা হওয়া। 'শুনিয়া গোবু ভাবিয়া হলো খুন।' *রবীন্দ্র*, ১৯০০।

খুনে [ফা খুন>] *বি* কাউকে হত্যা করতে পারে এমন লোক। 'দু বেটাই মৃত্যাপুরি গুণ্ডা, দু বেটাই খুনে।' *প্রমথ*, ১৯৩১।

খুনের টান *বি* রক্তের আকর্ষণ। 'জ্ঞানো বৌমা, একেই বলে খুনের টান।' *শওকত*, ১৯৫৮।

খুনখুনে *বিণ* অত্যন্ত বৃদ্ধ। 'তাঁর মা একেবারে খুনখুনে হয়ে পড়েছেন।' *মনোজ*, ১৯৬১।

খুনশী, খুনসি [হি খুনসী] ১ *বিণ* ক্রুদ্ধ। 'বখশী আমার পতি সদাই খুনশী।' *ভারত*, ১৭৬০। ২ *বি* ক্রোধ। 'আসনা সুতা কাটে খুনসি ভাঙ্গে।' *প্যারী*, ১৮৬০।

খুনসুটি [ফা খুন>] ১ *বি* মান-অভিমান। 'প্রিয়ার সাথে খুনোখুনি খেলি না, কিন্তু খুনসুটি হয়তো করি।' *নজরুল*, ১৯২৭। ২ *বি* ছোটোখাটো ঝগড়া। 'ঘাড়ে মুখে আলতো বুলিয়ে নিয়ে পাউডার পরস্পর খুব করি খুনসুটি।' *শামসুর*, ১৯৭০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খুনসুড়ি [ফা খুন>] ১ *বি* হুল। 'ও কি ভাই আসতে চায়, কত খুনসুড়ি কর্ত্তে লাগল।' *দীনবন্ধু*, ১৮৭৩। ২ *বি* উৎপাত। 'ইলশে গুড়ির খুনসুড়িতে/ ঝাড়ছে পাখা – টুনটুনিতে।' *সত্যেন্দ্র*, ১৯১৬। ৩ *বি* মান-অভিমান; প্রণয়-কলহ। 'দিলে দিলে আজ খুনসুড়ি করে দিললগী।' *নজরুল*, ১৯২৮।

খুনাখুনি [ফা খুন>] *বি* রক্তপাত। 'ছাগল মুড়ির তরে বয় খুনাখুনি।' *রূপরাম*, ১৭৫০।

খুনি[১] [স ক্ষুমা] *বি* শণ থেকে উৎপাদিত বস্ত্র। 'শত শত এক জায় গুজরাটে তন্ত্রবায় ভুনি খুনি ধুতি বোনে গড়া।' *মুকুন্দ*, ১৬০০।

খুনি[২], **খুনী** [ফা খুন>] ১ *বি* হত্যা। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বিণ* বীর। *ওসাঁ*, ১৭৮৫। ৩ *বি* হত্যাকারী। 'খুনি ও দস্যু ও সকল হাঙ্গামী লোক।' *মেয়ার*, ১৭৮৭। ৪ *বি* খুনের কাজ। 'কাহারনামে খুনি ও ডাকাতি।' *এডমন*, ১৭৯০। ৫ *বিণ* খুন সংক্রান্ত। 'জন হেহু সাহেবের উপরে এক খুনী মোকদ্দমা হইয়াছিল।' *দর্পণ*, ১৮২২; 'আমি যখন খুনী মামলার আসামী হই।' *প্রমথ*, ১৯২৭।

খুনিয়া [ফা খুন>] ১ *বিণ* হত্যাকারী। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* ঘাতক। 'দুনিয়াটা খুনিয়ার, তবে কেন মানো আর।' *নজরুল*, ১৯২২।

খুনিয়ারা [ফা খুন>] *বিণ* রক্তাক্ত। 'সেই খুনে খুনিয়ারা হলো ঘর, আর আমার কাপড়।' *মাহেনও*, ১৯৪৯।

খুনোখুনি, খুনোখুনী [ফা খুন>] ১ *বি* রক্তারক্তি। 'দুই দলে খুনোখুনি পড়ে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* তুমুল ঝগড়াবিবাদ। 'একটা খুনোখুনি হইতে পারে।' *বঙ্কিম*, ১৮৭৮। ৩ *বি* পরস্পর মারামারি। 'গল্প নইলে হবে খুনোখুনী।' *সত্যেন্দ্র*, ১৯১৫। ৪ *বিণ* তুলকালাম। 'এক একদিন তুই যেরকম খুনোখুনি ব্যাপার বাধিয়ে তুলতিস।' *নজরুল*, ১৯২৭।

খুন্তি [স খনিত্র] ১ *বি* খন্তা আকৃতির বৈষ্ণব চিহ্নযুক্ত দণ্ড। 'রথের প্রথমে পেটা ঘড়ি, নিশান, খুন্তি, ভোড়াং ও নেড়ির কবি।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* রান্নার কাজে ব্যবহৃত হাতিয়ারবিশেষ। 'জটিলা শাশুড়ী খুন্তি পোড়াইয়া তাঁহার গাত্রে ...।' *বামাবোধিনী*, ১৮৮৬।

খুপড়ি, খুপরি [স ক্ষুপ] *বি* খোপের মতো ছোটো ঘর। 'কুলীদের বাসের খুপড়ি।' *বিভূতি*, ১৯৩১; 'খুপরির গান।' *শ্যামসুর*, ১৯৬৩।

খুপসুরৎ [ফা খুব+আ সুরত] *বিণ* সুদর্শন। 'ওর বিবী বুঝি খুব খুপসুরৎ?' *মশাররফ*, ১৮৬৯।

খুপি, খুবি [স ক্ষুপ] *বি* প্রকোষ্ঠ। *মানোএল*, ১৭৪৩।

খুব [ফা] ১ *বিণ* বেশি; অত্যন্ত। 'করিবে খেদমতগারী খুব খবরদার।' *গরীব*, ১৭৬৫; 'এ হুকুম খুব তহকিক ...।' *হ্যালহেড*, ১৭৭৩। ২ *ক্রিবিণ* অত্যন্ত। 'ইজারা বেরাজ করিব আর খুব সাজাই দিব।' *ওসাঁ*, ১৭৮২। ৩ *বিণ* উত্তম। *ভবানী*, ১৮২৩। ৪ *বিণ* রক্ষণশীল। 'আমার স্বামী খুব হিন্দু।' *রবীন্দ্র*, ১৯০৯।

খুবছুরত [ফা খুব+আ সুরত] *বিণ* রূপবতী। 'হামেল রহিতে বুড়ি খুবছুরত হইল।' *গরীব*, ১৭৬৫।

খুবসুরত [ফা খুব+আ সুরত] *বিণ* রূপবান। 'রাহেলা বিবির একটি সুন্দর খুবসুরত ছেলে হইল।' *মনসুর*, ১৯৫০।

খুবসুরতি [ফা খুব+আ সুরত>] *বিণ স্ত্রী* রূপবতী। 'মতলব হাসিল করো তোমার খুবসুরতি রতির সাথে।' *নজরুল*, ১৯৩০।

খুবরি [স ক্ষুপ>] *বি* ছোটো ঘর। 'একটি অন্ধকার খুবরি ঘরে বসিয়া শিখাইতে লাগিলেন।' *প্যারী*, ১৮৬০।

খুবলানো *ক্রি* খাবলে নেওয়া। 'কয়েকটি ক্রুদ্ধ পশু রাত্রিটাকে খুবলে খেতে পরম উৎসাহী।' *শামসুর*, ১৯৭০।

খুবানি, খুবানী [ফা] *বি* কমলা রঙের গোলাকার ফলবিশেষ। 'আকরোট পেস্তা খুবানী চলগোজা।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬; 'রসাল খুবানি মাটিতে পড়েছে ঝরে।' *ফররুখ*, ১৯৪৩।

খুবি [ফা খুবী] *বি* কল্যাণ। 'তবে মেরা মউতের খুবি।' *গরীব*, ১৭৬৫।

খুবিকর [ফা খুবী+স কর] *বিণ* কল্যাণকর। 'খুবিকর অশ্বরব নাচএ মেদিনী।' *বাহরাম*, ১৬৫০।

খুয়ানো [স ক্ষয়] *ক্রি* হারানো। 'কামিনীর কাঞ্চন লুটে পিতৃধন খুয়ায়।' *লালন*, ১৮৯০।

খুর[১] [পা] ১ *বি* গবাদি পশুর পায়ের শেষ প্রান্তের শক্ত অংশ। 'তরগন্তে হরিণার খুর ন দীসঅ।' *চর্যা* ৬, ১২০০। ২ *বি* হিল; জুতার নিচের গোড়ালি। 'উঁচু খুরওয়ালা জুতো।' *রবীন্দ্র*, ১৯২৮।

খুরওয়ালা [পা খুর+হি ওয়ালা] *বিণ* উঁচু গোড়ালিবিশিষ্ট। 'খুরওয়ালা জুতোয় যুগান্তরের জয়তোরণ।' *রবীন্দ্র*, ১৯২৮।

খুর-রেণু [পা খুর+স রেণু] *বি* খুর থেকে ওঠা ধুলা। 'মাঠের পথে ধেনু চলে/ উড়িয়ে গোখুর-রেণু।' *রবীন্দ্র*, ১৯০০।

খুর[২] [স ক্ষুর] *বি* চুল কামানোর ধারালো অস্ত্রবিশেষ; ক্ষুর। 'খুর দিতে নাপিত সে চাঁচর চিকুরে।' *বৃন্দা*, ১৫৮০।

খুরধার [স ক্ষুরধার] ১ *বিণ* উগ্রস্বভাব। 'সতিন দুর্যার জেন খুরধার তাহারে ছাগ রাখায়।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* খুরের মতো ধার আছে এমন। 'খাড়া যেন খুরধার ছুঁতে মাটি কাটে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খুরনখ [পা খুর+স নখ] *বিণ* খুরের মতো ধারালো নখবিশিষ্ট। 'দেখি বীর খুরনখ।' *মুকুন্দ*, ১৬০০।

খুরপা [স ক্ষুরপ্র>] *বি* মাটি খোঁড়ার জন্য ব্যবহৃত ছোটো খন্তা। *বিদ্যা*, ১৮৯১।

খুরপি [স ক্ষুরপ্র>] *বি* ছোটো খন্তা। *বিদ্যা*, ১৮৯১; 'এছাড়া, খুরপি, নিড়ুনি নাগালের মধ্যে চাই।' *শক্তি*, ১৯৬৯।

খুরপো [স ক্ষুরপ্র] *বি* মাটি খোঁড়ার হাতিয়ারবিশেষ; খুরপা; খুরপি। 'খোন্তা, খুরপো, নিড়ুনি, কাঁচি, কোদালি।' *বঙ্কিম*, ১৮৭৮।

খুরপাচ *বি* ঘোড়ার জিন সংলগ্ন ফিতা ইত্যাদি। 'ঘোড়ার পিঠ হইতে জিন খুরপাচ খুলিয়া ঘোড়াকে ছায়ায় বাঁধিল।' *বিভূতি*, ১৯৩৮।

খুরপ্র [স] *বি* ঘাস চেঁচে তোলার যন্ত্রবিশেষ। 'তিনি, খুরপ্র লইয়া, ঘাস তুলিতেছেন।' *বিদ্যা*, ১৮৬৩।

খুরপ্রধারিণী [স] *বিণ স্ত্রী* অস্ত্র ধারণকারী। 'খুরপ্রধারিণী তুমি বাণ-বিধারিণী।' *মুকুন্দ*, ১৬০০।

খুরসান [স খর+আ সেহেন] *বি* উভয় দিকে ধারালো ছোরা। 'অর্জ্জুনে ছেদিল তাকে খুরসান ঘায়ে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

খুরা [পা খুর>] *বি* খাটের পায়া। 'খাটের খুরার সহিত তাঁহার আঁচল বাঁধিয়া।' *রবীন্দ্র*, ১৮৯৪।

খুরাকি [ফা খুরাক] *বি* খাবার। 'পরের ভানা ভানতে তানতে নিজের ঘরে নাই খুরাকি।' *লালন*, ১৮৯০।

খুরি, খুরী [ফা খোরাহ] *বি* ছোটো বাটি বা পাত্রবিশেষ। 'বাম করে নারায়ণ তৈলে পুর্য্যা খুরি।' *মুকুন্দ*, ১৬০০; 'খুরী – ১০০০।' *চিঠিপত্রে*, ১৭৫৩।

AMARBOI.COM

খুরু [স ক্ষুর] *বি* ধারালো হাতিয়ারবিশেষ; ক্ষুর। 'নখর-রঞ্জিত খুরু নাহী কাটে তাল-তরু।' *মুকুন্দ*, ১৬০০।

খুলতা [স খুল্ল>] *বি* মাতুল; মাতার ভাই। *মানোএল*, ১৭৪৩।

খুলা[১] [আ খুলআ] *ক্রি* মুক্ত করা। *ওসাঁ*, ১৭৮২।

খুলানো [আ খুলআ>] *ক্রি* অন্যের দ্বারা মুক্ত করানো। *বিদ্যা*, ১৮৯১।

খুলে দেওয়া *ক্রি* অবারিত করা। 'দূর হতে কার পায় সাড়া খুলে দেয় প্রাণ।' *রবীন্দ্র*, ১৮৮১; 'মাঝিরা নৌকা খুলিয়া দিল।' *রবীন্দ্র*, ১৮৮৪।

খুলে বলা *ক্রি* বিস্তারিতভাবে বলা। 'তবে আজ সমস্ত খুলিয়া বলো।' *রবীন্দ্র*, ১৮৯২।

খুলে যাওয়া *ক্রি* জেগে ওঠা। 'হৃদয় আজি মোর কেমনে গেল খুলি!' *রবীন্দ্র*, ১৮৮৩।

খুলে লেখা *ক্রি* বিস্তারিত বর্ণনা ক'রে লেখা। 'তোকে সমস্ত খুলে লিখিনি বলে তোর এই প্রশ্ন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খুলা[২] *বি* স্ত্রী কর্তৃক বিবাহবিচ্ছেদ বা তালাক। 'দরকার হলে স্ত্রীও স্বামীকে বর্জ্জন করতে পারে; এরূপ বর্জ্জনকে খুলা বলা হয়।' *মাহেনও*, ১৯৪৯।

খুলি[১] [স কর্পর] *বি* মাথার হাড়; করোটি। 'শিল বাজে জেন গুলি ভাঙ্গিল মাথার খুলি।' *মুকুন্দ*, ১৬০০।

খুলি[২] [স খল্ল] *বি* (কলাগাছের) খোল। 'আনিয়া কলার খুলি ...।' *বিজয়*, ১৬৫০।

খুলিনা *বি* খুলনা। 'কলিকাতা হইতে খুলিনা মোকাম।' *ক্যালগে*, ১৭৮৫।

খুল্লতাত [স] *বি* পিতার কনিষ্ঠ ভাই। 'পঞ্চ সহোদর তবে বন্দে খুল্লতাত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

খুল্লতাতপত্নী [স] *বি* পিতার ছোটো ভাইয়ের স্ত্রী। 'আমার খুল্লতাতপত্নী কুলত্যাগিনী হইয়াছিলেন।' *বঙ্কিম*, ১৮৭৪।

খুশ [ফা] ১ *বি* খুশি; আনন্দ। 'খুশকারী।' *ওসাঁ*, ১৭৮৫। ২ *বিণ* সরস। 'হাসি থাকে খুশদিলে।' *মুজতবা*, ১৯৪৯। ৩ *বিণ* মজাদার। 'খুশ গল্প লিখব বলে কলম ধরেছিলুম।' *মুজতবা*, ১৯৫২। ৪ *বিণ* স্বতঃস্ফূর্ত। 'তোমাদের পক্ষে স্বেচ্ছায় খুশ এক্তেয়ারে, বহালতবিয়তে ... যোগ দি, সে হচ্ছে অন্য কথা।' *মুজতবা*, ১৯৫৮। ৫ *বিণ* শৌখিন। 'প্যারিসের এক সুবিখ্যাত গুর্মে অর্থাৎ খুশখানেওলা বা ভোজনরসিক একবার তুর্কীতে বেড়াতে যান।' *মুজতবা*, ১৯৫৮। দ্র খোশ

খুশকারী [ফা খুশ+স কারী] *বিণ* মিষ্টভাষী। *ওসাঁ*, ১৭৮৫।

খুশখত্কো *বি* ক্যালিগ্রাফার; সুদর্শন নকশা করে যে। 'এই জাপানী শ্রমণ, কবি, দার্শনিক এবং খুশখত্কো।' *মুজতবা*, ১৯৫৯।

খুশখানেওলা *বি* খাদ্য বা খাওয়ার ব্যাপারে শৌখিন ব্যক্তি। 'প্যারিসের এক সুবিখ্যাত গুর্মে অর্থাৎ খুশখানেওলা বা ভোজনরসিক একবার তুর্কীতে বেড়াতে যান।' *মুজতবা*, ১৯৫৮।

খুশগল্প [ফা খুশ+স জল্প] *বি* মজার গল্প। 'খুশ গল্প লিখব বলে কলম ধরেছিলুম।' *মুজতবা*, ১৯৫২।

খুশদিল [ফা] *বি* সরস হৃদয়। 'হাসি থাকে খুশদিলে।' *মুজতবা*, ১৯৪৯।

খুশনসিব [ফা খুশ+আ নসিব] *বি* সৌভাগ্য। 'শহীদে কারবালা হবার খুশনসিবই-বা ক'জনের হয় বল!' *রশীদ*, ১৯৬৩।

খুশনাম [ফা] *বি* সুনাম। 'এ জাহাজের রান্নার খুশনাম আছে।' *মুজতবা*, ১৯৫২।

খুশবাই [ফা খোশবু] *বি* সুগন্ধ। 'বোস্তানের খুশবাই হয়ে সকল দুর্গন্ধ মেরে ফেলে।' *মুজতবা*, ১৯৪৯।

খুশবোদার [ফা খোশবুদার] *বিণ* সুগন্ধযুক্ত। 'এ দুর্দিনে এরকম সোনামুখী খুশবোদার সিগারেট পেল কোথায়।' *মুজতবা*, ১৯৬০।

খুশকি [ফা] *বি* মাথার শুকনা চামড়া। *ওসাঁ*, ১৭৮৫।

খুশরোজ [ফা] *বি* আনন্দ-উৎসব। 'এসেছে কেউ খেলিতে সেরেফ খুশরোজ হেথা।' *নজরুল*, ১৯২৮।

খুশরোজী [ফা] *বিণ* নতুন দিনের। 'খুশরোজী মুসাফের।' *জীবন*, ১৯২৭।

খুশি, খুশী [ফা খুশী] ১ *বিণ* আনন্দিত। 'পাতশা হইলা খুশি কহিতে লাগিলা তুষি।' *ভারত*, ১৭৬০; 'মনটাকে খুশী না রাখলে শরীরটা খারাপ হয়ে যাবে।' *প্যারী*, ১৮৫৯। ২ *বি* আনন্দ। 'কোন দিকে হয় খুশির বাগান।' *লালন*, ১৮৯০। ৩ *বি* ইচ্ছা। 'ডাকি তারে যা খুশি।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৪ *বিণ* তুষ্ত। 'লিখিয়া ভারী খুশি হইলাম।' *রবীন্দ্র*, ১৯১২। ৫ *বি* প্রসন্ন। 'খুশি হয়ে একটুকু হেসো।' *রবীন্দ্র*, ১৯৩৫। ৬ *বি* ভোরের আলো। 'লেবুর ডালে খুশি যেমন প্রথম জেগে ওঠে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

খুশী মা ধরা *ক্রি* আনন্দে আত্মহারা হওয়া। 'ধরার খুশি ধরে না গো।' *রবীন্দ্র*, ১৯২৪।

খুশিভরা [ফা খুশী+ভরা] *বিণ* আনন্দপূর্ণ। 'সদা খুশিভরা বুক হেথা হাসিভরা গাল।' *নজরুল*, ১৯২৫।

খুশিমতো [ফা খুশী+মতো] *ক্রিবিণ* ইচ্ছা অনুযায়ী। 'মামলাকে জটিলতরো করিয়া খুশিমতো মীমাংসার দিকে ...।' *মানিক*, ১৯৩৭।

খুশিমনে [ফা খুশী+স মন>] *ক্রিবিণ* আনন্দিত হয়ে। 'তিনি সন্ধ্যেবেলায় খুশিমনে বাসার রোয়াকে বসে গুড়গুড়ি টানছেন।' *রবীন্দ্র*, ১৯৪০।

খুশিমুখ [ফা খুশী+স মুখ] *বিণ* হাসিমাখা মুখবিশিষ্ট। 'বিদায় নেবার দিন দেখি ... ভারি খুশিমুখ।' *মুজতবা*, ১৯৫২।

খুশীগমী [ফা খুশী+আ গম>] *বি* সুখ-দুঃখ। 'বিবিজানের খুশীগমীতে তাঁহাকে স্বহস্তে স্বস্কন্ধে।' *মুজতবা*, ১৯৪৯।

খুষকি [ফা খুশকী] *বি* শুকনা পথ। 'নায়ে যাবা না খুষকি যাবা।' *কেরি*, ১৮০২।

খুস [ফা খুশ] *বিণ* আনন্দিত; সন্তুষ্ট। *বিদ্যা*, ১৮৯১।

খুসকি, খুসকী [ফা খুশকী] *বি* মাথার শুকনো চামড়া। *ভবানী*, ১৮২৩।

খুসকী পথ [ফা খুশকী+পথ] *বি* পায়ে চলার পথ। 'বারাণসী ধামে খুসকী পথে প্রস্থান করিবেন।' *দর্পণ*, ১৮২২।

খুসখুস [ধ্বন্যা] *বি* গলা দিয়ে তৈরি কাশির অনুরূপ এক ধরনের শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

খুসখুসানি [ধ্বন্যা খুসখুস>] *বি* গলা দিয়ে তৈরি কাশির অনুরূপ এক ধরনের শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

খুসখুসানো [ধ্বন্যা খুসখুস>] *ক্রি* গলা দিয়ে কাশির অনুরূপ এক ধরনের শব্দ করা। *বিদ্যা*, ১৮৯১।

খুসখুসুনি [ধ্বন্যা খুসখুস>] *বিণ* খুসখুস ধ্বনিবিশিষ্ট। 'গলার মধ্যে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

একটু খুসখুসুনি কাশিরও সাড়া পাওয়া যায়নি।' *রবীন্দ্র*, ১৯৪০।

খুসবু [ফা খুশবূ] *বি* সুগন্ধ। 'খসখসের পর্দায় খাসা গুলাবপানি ছিটিয়ে খুসবুতে দিল মশগুল করতেন না।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

খুসি, খুসী [ফা খুশী] **১** *বি* আনন্দ। 'বেণ্যানী মনেতে খুসি।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বি* ইচ্ছা। 'তোমার খুসী মাফিক হয় পাঠাইবা।' *ওসী*, ১৭৭৯। **৩** *বি* তৃপ্তি। 'যত চুসী তত খুসী হাড়ে হাড়ে রস।' *গুপ্ত*, ১৮৫৮। **৪** *বিণ* সন্তুষ্ট। 'দস্তজা ঘরপোড়া কাটের হিসাবে ও দাওয়ানজীকে খুসি রাখবার জন্য তাতে আর কথা কইলেন না।' *হুতোম*, ১৮৬১।

খুসিয়ানা [ফা খুশী>] *বিণ* আমোদের জন্য করা হয়েছে এমন। 'বাকী সকলি তামাসা ও খুসিয়ানা।' *ভবানী*, ১৮২৮।

খুসীমাফিক [ফা খুশী+আ মাফিক] *ক্রিবিণ* খুশিমতো; ইচ্ছা অনুযায়ী। 'পাদরি কাতিয়ানের স্থানে ছাওয়ালের খুসীমাফিক তঙ্কা লইবেক।' *মেয়র্স*, ১৭৬২।

খুস্কী [ফা খুশকী] *বিণ* শুষ্ক। 'জমি মজকুরা পতিত খুস্কী হয়।' *চিঠিপত্রে*, ১৮৬৭।

খুড় [স খুল্ল] *বি* খুড়া; পিতার ছোটো ভাই। 'মনে মনে খুড়র উপর মর্মান্তিক চটা।' *বিদ্যা*, ১৮৭৩।

খুধা [স ক্ষুধা] *বি* ক্ষুধা। 'খুধা তৃষা দুঃখ সুখ আপনার জ্ঞেন রূপ।' *মুকুন্দ*, ১৬০০।

খৃঃ অঃ, খৃঃ অব্দ [খ্রিস্ট+অব্দ] *বি* খ্রিস্টাব্দ। 'তিনি ১৪১৭ খৃঃ অব্দে, ফেব্রুয়ারির উনবিংশ দিবসে, বিটুলানদীর তীরবর্তী খরননগরে জন্মগ্রহন করেন।' *বিদ্যা*, ১৮৪৯; 'রাজশেখর ১৩৪৮ খৃঃ অঃ গ্রন্থ রচনা করেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

খৃষ্ট, খৃস্ট [ই ক্রাইস্ট] *বি* যিশুখ্রিস্ট। 'খৃষ্টের ধর্মবিষয়ক মত।' *অক্ষয়*, ১৮৪৪; 'খৃস্ট যেদিন মৃত্যুহীন প্রাণ উৎসর্গ করলেন।' *রবীন্দ্র*, ১৯৩২।

খৃষ্টসংঘ, খৃস্টসংঘ [ই ক্রাইস্ট+স সংঘ] *বি* খ্রিস্ট ধর্মাবলম্বীদের সংঘ বা সম্প্রদায়। 'সম্পূর্ণ পৃথক দুটি খৃষ্টসংঘের সৃষ্টি হল।' *প্রমথ*, ১৯১৭; 'খৃস্টসংঘ গড়ে উঠেছে ...।' *প্রমথ*, ১৯৩০।

খৃষ্টান, খৃস্টান [ই ক্রিশ্চিয়ান] **১** *বিণ* খ্রিস্টীয়। 'খৃষ্টান ধর্ম্মে প্রবৃত্তি দিতে মহোদ্যোগ হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৫০। **২** *বিণ* খ্রিস্টধর্মের অনুসারী। 'যে ইংরেজ নয়, যে খৃস্টান নয়।' *রবীন্দ্র*, ১৮৮১।

খৃষ্টানি, খৃস্টানি, খৃষ্টানী, খৃস্টানী [ই ক্রিশ্চিয়ান>] **১** *বি* খ্রিস্টানসুলভ আচরণ। 'নিতান্তই খৃস্টানি বলিয়া অগ্রাহ্য করিতেন।' *রবীন্দ্র*, ১৯০৯। **২** *বিণ* খ্রিস্টানসুলভ। 'এই-সব খৃস্টানি কাণ্ড ঘটিতে দিব না।' *রবীন্দ্র*, ১৯০৯। **৩** *বি* খ্রিস্টান। 'অহরহ আহ্বান প্রচারিত শুনি তব উদার বাণী/ হিন্দু বৌদ্ধ শিখ জৈন পারসিক মুসলমান খৃস্টানী।' *রবীন্দ্র*, ১৯৩১।

খৃষ্টাব্দ [ই ক্রাইস্ট+স অব্দ] *বি* খ্রিস্টাব্দ; যিশুখ্রিস্টের জন্ম থেকে গণনা করা বৎসর। 'তিনি ১৭২০ খৃষ্টাব্দে এ বিষয়ে তত্ত্বানুসন্ধানে প্রবৃত্ত হন।' *অক্ষয়*, ১৮৫৪।

খৃষ্টিয়ান, খৃষ্টীয়ান [ই ক্রিশ্চিয়ান>] **১** *বি* খ্রিস্টধর্মের অনুসারী। 'মুসলমান ও খৃষ্টিয়ানের তর্কযুদ্ধ।' *প্রচারক*, ১৮৯১; 'যীশু মন্ত্র গ্রহণপূর্বক খৃষ্টীয়ানদের দলপুষ্টি করিতেছিলেন।' *প্রচারক*, ১৯০১। **২** *বিণ* খ্রিস্টান ধর্মাবলম্বী। 'কি মুসলমান, কি য়িহুদি, কি খৃষ্টিয়ান।' *প্রচারক*, ১৯০৩।

খৃষ্টীয় [ই ক্রিশ্চিয়ান>+স ঈয়] *বিণ* যিশুখ্রিস্ট সংক্রান্ত। '... কিন্তু খৃষ্টীয় শকের ষোড়শ শতাব্দীর পূর্বে, জ্যোতির্মণ্ডলীর বিষয় বিশুদ্ধ রূপে বিদিত হয় নাই।' *বিদ্যা*, ১৮৪৯।

খে [স ক্ষেপ] *বি* প্রসঙ্গ; সূত্র। *বিদ্যা*, ১৮৯১।

খেআ [স ক্ষেপ্>] *বি* নৌকা দ্বারা নদী পারাপার। *বিদ্যা*, ১৮৯১।

খেআঘাট *বি* নৌকাযোগে পার হওয়ার ঘাট। *বিদ্যা*, ১৮৯১।

খেআনি [স ক্ষেপ্>] *বি* খেয়ার মাঝি। 'চাহিআ খেআনি তবে না পাইল আর।' *মালাধর*, ১৫০০।

খেআনো [স ক্ষেপ>] *ক্রি* খেয়া পার করা। 'নাঅ খেআইলোঁ রাধা না পায়িলোঁ কুল।' *বড়ু*, ১৪৫০; 'কথো দূর খেআইলে নাঅ চক্রপাণী।' *বড়ু*, ১৪৫০।

খেআতি [স খ্যাতি] *বি* সুনাম; যশ। 'উচিতে পালিলে প্রজা রাখিলে খেআতি।' *মালাধর*, ১৫০০।

খেআনো [স ক্ষেপ>] *ক্রি* নৌকা বাওয়া। 'নাঅ খেআইলোঁ রাধা না পায়িলোঁ কুল।' *বড়ু*, ১৪৫০।

খেআমত [আ কিয়ামত] *বি* মহাপ্রলয়ের দিন। *বিদ্যা*, ১৮৯১।

খেআল [আ খেয়াল] *বি* স্বপ্ন; কল্পনা। *বিদ্যা*, ১৮৯১।

খেআলি [আ খেয়াল>] *বিণ* কল্পনাবিলাসী। *বিদ্যা*, ১৮৯১।

খেই [স ক্ষেপ] **১** *বি* সুতার মুখ বা প্রান্ত। 'দেড় কাহন হবে দেখ দিকি কেমন খেই।' *কেরি*, ১৮০২। **২** *বি* প্রসঙ্গ। 'বড়দিনে বাবু সেজে শ্রীরূপ খেই।' *গুপ্ত*, ১৮৫৮। **৩** *বি* ধারাবাহিকতা। 'গানের খেই হারাইয়া ফেলিল।' *তারা*, ১৯৪২। **৪** *বি* তল। 'তার না পাই খেই না পাই ফাঁক।' *অচিন্ত্য*, ১৯৫০।

খেই-খেই *বি* হইচই। 'কারা যেন খেই-খেই করছে।' *ওয়ালী*, ১৯৪৫।

খেইহারা *বিণ* খেই হারিয়ে ফেলেছে এমন। 'মনও বেশিক্ষণ খেইহারা চিন্তার ... মতো নয়।' *মানিক*, ১৯৩৫।

খেই হারানো [খেই+স হারা] *ক্রি* মূল প্রসঙ্গ ভুলে যাওয়া। *বিদ্যা*, ১৮৯১।

খেউ [ধ্বন্যা] *বি* কুকুরের ডাক। 'খেউ কল্লেই শিকারী কুকুর বলে বুঝা যায়।' *দীনবন্ধু*, ১৮৭৩।

খেউখানো *ক্রি* ঘেউ ঘেউ করা। 'খেউখাইতে।' *মানোএল*, ১৭৪৩।

খেউড় [স ক্ষেড়] *বি* আঠারো শতকে কলকাতায় উদ্ভূত বাদ-প্রতিবাদমূলক অনেক ক্ষেত্রে অশ্লীল গান। 'বিরহ, লাহড়, খেউড়, টপ্পা ... গাইয়া পল্লীকে কম্পিত করেন।' *প্যারী*, ১৮৫৯।

খেউড়ি, খেউরি [স ক্ষৌর>] *বি* নাপিতের দ্বারা চুল দাড়ি কামানো। 'আসি নরসুন্দ পরম আনন্দ খেউরি কৈল সবাকারে।' *কেতকা*, ১৬৫০; 'নাপিত ... বহু রকমের লোককে খেউড়ি করে।' *জসীম*, ১৯৬০।

খেউর [স ক্ষৌর] *বি* চুল দাড়ি কামানো। 'বিচারিয়া ধর্মাধর্ম করাই খেউর কর্ম।' *আলাওল*, ১৬৮০।

খেউরি দ্র খেউড়ি

খেওআ, খেওয়া [স ক্ষেপ] **১** *বি* নৌকায় পারাপার করার কাজ। 'বল করি খেওআ রাজা গছাইল মোরে।' *মালাধর*, ১৫০০। **২** *বি* পারাপারের খেয়া। 'খেওয়া নাও পাতিয়া গোসাইরে করে পার।' *বিজয়*, ১৬৫০।

খেংরা *বি* ঝাঁটা। 'চাকরদের কাছে ... তামাকের গুল, মুড়ো খেংরার দিনে

AMARBOI.COM

দু বার নিকেশ নেওয়া হয়।' *হুতোম*, ১৮৬১।

খেংরাপেটা *বি* ঝাড়ু দিয়ে প্রহার। 'বলতে বলতেই খেংরাপেটা শুরু করলে।' *পাশা*, ১৯৭১।

খেঁই খেঁই [ধ্বন্যা] *বিণ* কুকুরের ডাকের মতো। 'তাহাদের খেঁই খেঁই আওয়াজের মধ্যে কোনোপ্রকারে গাম্ভীর্য অথবা গৌরব নাই।' *রবীন্দ্র*, ১৯০৮।

খেঁউড় [স ক্ষেড়] *বি* অকথ্য ভাষায় গালাগালি। 'হুতোমের নকশা কেবল ... খেঁউড় ও পচালে পোরা।' *হুতোম*, ১৮৬৮।

খেঁউড় গীত [স ক্রীড়া>+স গীত] *বি* অশ্লীল গান। 'নেড়ীর গান শকের যাত্রা খেঁউড় গীত শুনিয়া থাকেন।' *দর্পণ*, ১৮২১।

খেঁকশিয়াল [ধ্বন্যা খেঁক+স শৃগাল>] *বি* এক জাতীয় শিয়াল। *ওসাঁ*, ১৭৮৫; 'এক খেঁকশিয়াল সাঁতারিয়া নদী পার হইতে ...।' *তারিণী*, ১৮০৩।

খেঁকশিয়ালী [ধ্বন্যা খেঁক+স শৃগালী] *বি স্ত্রী* এক জাতীয় শিয়াল। 'এক খেঁকশিয়ালী দেখিলেক।' *তারিণী*, ১৮০৩।

খেঁকশেয়াল [ধ্বন্যা খেঁক+স শৃগাল>] *বি* এক জাতীয় শিয়াল। 'ঢোলকান খেঁকি খেঁকশেয়াল ঘোড়ারু।' *ভারত*, ১৭৬০।

খেঁকসিআলি [ধ্বন্যা খেঁক+স শৃগাল>] *বি স্ত্রী* এক রকমের শিয়াল। *বিদ্যা*, ১৮৯১।

খেঁকানো [ধ্বন্যা খেঁক>] **১** *ক্রি* তাড়া করা। 'হঠাৎ আমাদের প্রতি খেঁকাইয়া আসে ...।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *ক্রি* বিরক্তি প্রকাশ করা। 'ঝাঁকালো গলায় খেঁকিয়ে উঠলেন।' *সাদত*, ১৯৬৭।

খেঁকি [ধ্বন্যা খেঁক>] *বিণ* খ্যাঁক খ্যাঁক শব্দকারী। 'ঢোলকান খেঁকি খেঁকশেয়াল ঘোড়ারু।' *ভারত*, ১৭৬০।

খেঁকি কুকুর *বি* খ্যাঁক খ্যাঁক ক'রে বিরক্তি সৃষ্টি করে এমন কুকুর। 'কুকুর-সম্প্রদায়ের মধ্যে খেঁকি কুকুর বলিয়া একটা বিশেষ জাত আছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

খেঁচ [হি খিঁচনা] *বি* টান। 'ঘন ঘন মারে খেঁচ বড় মৎস্য উঠে।' *কেতকা*, ১৬৫০।

খেঁচকা [হি খিঁচনা] *বি* আকর্ষণ; টান। *বিদ্যা*, ১৮৯১।

খেঁচকানো [হি খিঁচনা] *ক্রি* অনবরত বিরক্তিকর অনুরোধ করা। *বিদ্যা*, ১৮৯১।

খেঁচে হাওয়া দেওয়া *ক্রি* দ্রুত পালানো। 'তাড়া করলে খেঁচে হাওয়া দেওয়ার মতো লাইন ক্লিয়ার আছে কিনা।' *নজরুল*, ১৯২৭।

খেঁচড়া [স খচর>] *বিণ* দুষ্ট; পাজি; বজ্জাত। *বিদ্যা*, ১৮৯১।

খেঁচড়ানি [স খচর>] *বি* দুষ্টামি। *বিদ্যা*, ১৮৯১।

খেঁচড়াপনা [স খচর>+পনা] *বি* দুষ্টের ন্যায় আচরণ। *বিদ্যা*, ১৮৯১।

খেঁচনি [হি খিঁচনা] *বি* রোগে হাত পা প্রভৃতি খিল ধরা। *বিদ্যা*, ১৮৯১।

খেঁচা [হি খিঁচনা] *ক্রি* আকর্ষণ করা। 'কামান খেঁচিতে।' *মানোএল*, ১৭৪৩; 'নিকাড়ি খেঁচিয়া মুখে দিলেক লাগাম।' *মানিকরাম*, ১৭৮১।

খেঁচাখেঁচি [হি খিঁচনা>] *বি* টানাটানি; চেঁচামেচি। *বিদ্যা*, ১৮৯১।

খেঁচানো [হি খিঁচনা>] *ক্রি* খিঁচুনি হওয়া। *বিদ্যা*, ১৮৯১।

খেঁট [স খেট] *বি* ভোজ। 'সুরা খেঁট বিনে মাত্র নাহিক আরতি।' *আলাওল*, ১৬৮০।

খেঁটে [স খেট>] *বি* মোটা লাঠি। 'রেয়ে যে খেঁটে এনেছিল, সাধুদাদা না ধরলিই জন্মের মত ভাত কাপড় দিত।' *দীনবন্ধু*, ১৮৬০।

খেঁড়ু [স ক্ষেড়] *বি* আদিরসাত্মক গানবিশেষ; খেঁউড়। 'নদে শান্তিপুর হৈতে খেঁড়ু আনাইব।' *ভারত*, ১৭৬০।

খেঁতখেঁত [ধ্বন্যা] *বি* শিশুর অসুস্থতায় করা কান্নার শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

খেঁতখেঁতানি [ধ্বন্যা খেঁতখেঁত>] *বি* খেঁতখেঁত ক'রে কান্নার শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

খেঁতখেঁতানো [ধ্বন্যা খেঁতখেঁত>] *ক্রি* খেঁতখেঁত ক'রে কাঁদা। *বিদ্যা*, ১৮৯১।

খেঁসারি, খেঁসারী [স খঞ্জকারী] *বি* খেসারি; এক রকম ডাল। 'ক্ষেৎ ভরা খেঁসারী পেকেছে এই শীতে।' *গুপ্ত*, ১৮৫৮; 'খেঁসারি ডালেরও চাষ করিস বুঝি?' *রবীন্দ্র*, ১৯১১।

খেকন [ধ্বন্যা খেক>] *বি* থুতু। *মানোএল*, ১৭৪৩।

খেকরানো [ধ্বন্যা খেক>] *ক্রি* থুতু ফেলা। *মানোএল*, ১৭৪৩।

খেকো *বিণ* ভোজনকারী। 'রোঘো খেকো, রোঘো সব সাজে।' *গুপ্ত*, ১৮৫৮।

খেগো *বিণ* খাদক। 'যদি কোনো মানুষ-খেগো সভ্যজাত থাকত।' *রবীন্দ্র*, ১৮৮১।

খেঙরা, খেঙ্গরা *বি* ঝাঁটা। 'মনে করেছিলুম কালামুখীর দেখা পেলে মুড়ো সাধে খেঙ্গরা পেটা করবো।' *উমেশ*, ১৮৫৭; 'খেঙরা মারিয়া বিদায় করিব।' *বঙ্কিম*, ১৮৭৪।

খেঙরানো *ক্রি* ঝাঁটা দিয়ে আঘাত করা। *বিদ্যা*, ১৮৯১।

খেঙ্গরা *দ্র* খেঙরা

খেচড়া [স কৃসর] *বি* খিচুড়ি। 'তোমার খেচড়া আর কেলে মার গোস্ত, পোলাও কালিয়ে।' *দীনবন্ধু*, ১৮৬৬।

খেচর [স] **১** *বি* পাখি। 'গগনতলে উঠে নীল ধুঙা চাতক খেচর জত।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* আকাশচারী। 'কিবা তিলিসমাত কিবা খেচর প্রমাণ।' *আলাওল*, ১৬৮০।

খেচরান্ন [স কৃসর-অন্ন] *বি* খিচুড়ি। 'পরমান্ন পরে খেচরান্ন রান্ধে আর।' *ভারত*, ১৭৬০।

খেচরান্নজীবী [স কৃসর-অন্ন-জীবী] *বিণ* খিচুড়িভোজী। 'ছিল জাত হবিষ্যান্নজীবী, হল ক্রমে খেচরান্নজীবী।' *অবন*, ১৯২৫।

খেচরী [স কৃসরা] *বি* খিচুড়ি। 'খেচরী ও অন্ন ব্যঞ্জন ও পাখাল অন্নের চারি ভোগ।' *দর্পণ*, ১৮২৫।

খেচা [হি খিঁচনা] *ক্রি* টানা। 'তবে বাগ খেচি জাঙ্গে চাপিল কিঞ্চিৎ।' *আলাওল*, ১৬৮০। **খেচিয়া** *ক্রি* বিদ্ধ ক'রে। 'হোসেনেরে মারিবেক তলোয়ার খেচিয়া।' *গরীব*, ১৭৬৫। **খেচিল** *ক্রি* মারলো। 'ক্রুদ্ধ হই শাহ আলি চাবুক খেচিল।' *সুলতান*, ১৭০০।

খেচাখেচি [হি খিঁচনা] *বি* ঘাত-প্রতিঘাত। 'খেচাখেচি মিশামিশি করএ অবিশ্রাম।' *সুলতান*, ১৭০০।

খেচামেচী [হি খিঁচনা] *বি* চেঁচামেচি ও বকাবকি। 'তোমার খেচামেচীতে দু'একদিনের মধ্যেই পালাবে।' *মাহেনও*, ১৯৪৯।

খেজমত [আ খেদমত] *বি* সেবা। *মানোএল*, ১৭৪৩।

খেজমতগার, খেজমৎগার [আ খেদমত+ফা গার] *বি* খেদমতগার; সেবক। 'খানসামা খেজমৎগার ফরাস হুকাবর্দার পাল্কীবর্দার।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভবানী, ১৮২৫; 'কেহ বা দরবান কেহ বা খেজমতগার।' *চন্দ্রিকা*, ১৮৩১।

খেজাব [আ খিজাব] *বি* কলপ। 'বাবু দেন মেখে দাড়িতে খেজাব।' *নজরুল*, ১৯৩১।

খেজালতী [আ খিজালত] *বিণ* যন্ত্রণাদায়ক। 'অর্ধেক সময় যায় পাঁচ টাকাকে একত্রিশ ভাগ করে দুই কিংবা তিন দিয়ে গুণ করার খেজালতী কর্মে।' *মুজতবা*, ১৯৫৮।

খেজুর [স খর্জূর] **১** *বি* এক জাতীয় ফল ও তার গাছ। 'শয়ন করিল দোহ খেজুরের তলে।' *বাহরাম*, ১৬৫০। **২** *বিণ* খেজুরের রস থেকে তৈরি। 'শীতকালে খেজুর গুড়ের সন্দেশ উঠিল।' *বঙ্কিম*, ১৮৮৪।

খেজুরগুঁড়ি *বি* খেজুর গাছের কাণ্ড। 'কর্তিত খেজুরগুঁড়ি দিয়া রস চোঁয়াইতেছে।' *নজরুল*, ১৯৩১।

খেজুরছড়ি [স খর্জূর+স ছটা] *বি* খেজুরের কাঁদি। 'খেজুরছড়ি, নারকোলঝিরঝিরি ঝাউয়ের শনশনানি।' *জীবন*, ১৯৪৮।

খেজুর-বীথি [স খর্জূর+স বীথি] *বি* খেজুর গাছের সারি। 'কোথায় আমার খেজুর-বীথির গান?' *ফররুখ*, ১৯৪৩।

খেজুর-মেতি [স খর্জূর+মাথা>] *বি* খেজুর গাছের মাথার কোমল অংশ; খেজুর গাছের মাথি। 'খেজুর-মেতি কাটিয়া খাইলে ধরা পড়িবার সম্ভাবনা।' *শরৎ*, ১৯১৮।

খেজুরিআ [স খর্জূর>] *বিণ* খেজুর সম্বন্ধীয়। *বিদ্যা*, ১৮৯১।

খেজুরে [স খর্জূর>] *বিণ* খেজুরের রস থেকে তৈরি। 'নতুন খেজুরে গুড়-সহযোগে চারি খণ্ড লুচি ... খাওয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

খেজুরের গুড় *বি* খেজুর গাছের রস থেকে প্রস্তুত গুড়। 'কোনটাতে সামান্য একটু খেজুরের গুড়।' *বিভূতি*, ১৯২৯।

খেএগ [স ক্ষমা>] *ক্রি* ক্ষমা করা। 'মোরি অবিনএ যত পরলি খেএজব তত।' *বিদ্যাপতি*, ১৪৬০।

খেটক [স] *বি* ঢাল। 'পাশাকুশ ঘণ্টা খেটক শরাসন বাম।' *মুকুন্দ*, ১৬০০।

খেটকধরা [স খেটক+স ধারী] *বিণ* ঢাল ধারণকারী। 'খড়গিনী খেটকধরা খড়্গপতাকিণী।' *মুকুন্দ*, ১৬০০।

খেটে-খাওয়া *বিণ* শ্রমজীবী। 'আমি খেটে-খাওয়া মানুষ।' *প্রমথ*, ১৯৪০।

খেটেখুটে দ্র খাটা

খেটেল [স কষ্ট] *বি* শ্রমজীবী। 'কখন খেটেল কখন ভাঁড়ারী।' *ভারত*, ১৭৬০।

খেড়[১] [স খড়] *বি* বিচালি। 'খেড় আগুণী এক করিআঁ।' *বড়ু*, ১৪৫০।

খেড়খানা [স খড়+ফা খানা] *বি* সুগন্ধি খড়ের ঘর। *মানোএল*, ১৭৪৩।

খেড় ঘর [স খড়+ঘর] *বি* খড়ের ঘর। *মানোএল*, ১৭৪৩।

খেড়[২] [স ক্ষেড়] *বি* খেউড়; বাদ-প্রতিবাদমূলক স্থূল রসাত্মক গানবিশেষ। 'আমি বাইয়ানা গাহনা জানি, পীরির গীত জানি, সখীসম্বাদ বিরহ খেড় জানি, একটা শোনবা?' *ভবানী*, ১৮২৮।

খেড়া [স ক্রীড়া] *বি* খেলা। 'বাংধিসুআ জিম কেলি করই খেলই বহুবিহ খেড়া।' *চর্যা ৪১*, ১২০০; 'প্রাণ লয়্যা খেড়া হইল আগ হে বড়াই।' *বড়ু*, ১৪৫০।

খেড়ি, খেড়ী[১] [স ক্রীড়া] *বি* খেলা। 'খেড়ী খেলাইএ আহ্মে নান্দের ঘরে।' *বড়ু*, ১৪৫০; 'খেড়ি হেতু বসিল যকল সভাচএ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

খেড়ী[২] *বি* শ্যামা ঘাস। 'দু-বিঘে খেড়ী ক্ষেত আছে।' *বিভূতি*, ১৯৩৮।

খেড়ুয়া[১] [স ক্রীড়া>] *বি* খেলোয়াড়। 'পুনি ফিরাইতে পারে সেই সে খেড়ুয়া।' *আলাওল*, ১৬৮০।

খেড়ুয়া[২] [স খড়>] *বি* খড়ের ঘর। *মানোএল*, ১৭৪৩।

খেণেক [স ক্ষণেক] *ক্রিবিণ* কখনো। 'খেণেকে আলোপ চন্দ্র খেণেকে বিদিত।' *আলাওল*, ১৬৮০।

খেৎ [স ক্ষেত্র] *বি* খেত। 'বিছুটির খেৎ দেও বিছানা করিয়া।' *গুপ্ত*, ১৮৫৮।

খেত [স ক্ষেত্র] **১** *বি* ফসলের জমি। 'টিটেন টিটানি, খেতের মিঠানি।' *চণ্ডী*, ১৫৫০; 'কাপাসের খেত হইতে আনিল গোমুণ্ড।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* জলা জায়গা। *মানোএল*, ১৭৪৩।

খেতখামার [স ক্ষেত্র+ফা খিরমন] *বি* আবাদি জমি; চাষাবাদ। 'চাষী খেতখামারের কাজে মাঠে গিয়াছে।' *জসীম*, ১৯৬০।

খেতপাথার [স ক্ষেত্র+স প্রান্তর] *বি* খেতখামার। 'খেতপাথারে জোয়ারের পানি আসার সাথে সাথে করিম বকশের মনে আসে এক জোয়ার।' *ইসহাক*, ১৯৫৫।

খেতমজুর [স ক্ষেত্র+ফা মজদুর] *বি* খেতের কাজ করে যে। 'মুক্তিযুদ্ধে যোগ দেবার আগে সে ছিল খেতমজুর।' *হাসান*, ১৯৭৪।

খেতরানা *বি* (সংগীত) তালবিশেষ। 'উত্তরে খেতরানা বসে দেব মহামতি।' *আলাওল*, ১৬৮০।

খেতাপ [আ খিতাব] *বি* উপাধি। 'সেপাই পাহারা, আসা সোটা ও রাজা খেতাপ রাস্তায়, পাদাড়ে ও ভাগাড়ে গড়াগড়ি যেতে লাগলো।' *হুতোম*, ১৮৬১।

খেতাব [আ খিতাব] *বি* উপাধি। 'বাপের খেতাব দিলা মোরে।' *বাহরাম*, ১৬৫০।

খেতাববর্জিত [আ খিতাব+স বর্জিত] *বিণ* খেতাবের অপেক্ষা রাখে না এমন। 'এই রাজানুগৃহীত ব্যক্তি অকস্মাৎ খেতাববর্জিত-লোকে গমন করিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৮।

খেতাবি [আ খিতাব] *বিণ* মর্যাদার আসনে প্রতিষ্ঠিত। 'সাধুভাষা কেতাবি হলেও খেতাবি নয়।' *প্রমথ*, ১৯১৭।

খেতি[১] [স ক্ষতি] *বি* দুঃখ। 'খেতি করে আহ্মার পরাণে।' *বড়ু*, ১৪৫০।

খেতি[২] [স ক্ষিতি] **১** *বি* ক্ষিতি। 'জতেক পড়িল খেতি তলে।' *মালাধর*, ১৫০০। **২** *বি* কৃষিক্ষেত্র। 'কড়্যা সাক তোলে দুয়া ফিরে খেতি খেত।' *মুকুন্দ*, ১৬০০।

খেত্রি [স ক্ষত্রিয়] *বি* ক্ষত্রিয়। 'বীর খেত্রি অদ্ভুত দোসর যমের দূত সমরে রহাএ রবিরথ।' *মুকুন্দ*, ১৬০০।

খেদ [স] **১** *বি* দুঃখ। 'ন ভেলে রঙ্গ রঙস দুর গেল/ ইথি হম খেদ একও নহি ভেল।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* ক্লান্তি। 'স্বরিরে যথ খেদ সভ করি পরিচ্ছেদ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৩** *বি* আক্ষেপ। 'চারিজোনে সে কন্যাকে দেখিয়া বিস্তর খেদ করিলেন।' *হ্যালহেড*, ১৭৭৩। **৪** *বি* অনুতাপ। 'তাদের জন্যে আমার খেদ কি?' *প্যারী*, ১৮৫৮।

খেদ করন *বি* আক্ষেপ করা। *ওঝা*, ১৭৮৫।

খেদন [স] *বি* খেদ করা। *ওঝা*, ১৭৮৫।

খেদার্ণব [স খেদ–অর্ণব] *বি* দুঃখের সাগর। 'অত্যন্ত খেদার্ণবে মগ্ন

AMARBOI.COM

হইয়া প্রকাশ করিতেছি ...।' *দর্পণ*, ১৮৩৭।

খেদং [স খেদঙ্গ] *বিণ* তীক্ষ্ণ। 'প্রাণে যেন খেদং তিরের মতো এসে বিঁধে।' *নজরুল*, ১৯২৪।

খেদমত, খেদমৎ, খেদমদ [আ খিদমত] ১ *বি* চাকরি। 'ধন্য রে কোটালি খেদমত।' *ভারত*, ১৭৬০। ২ *বি* সেবা। 'খোদায় ভেজিল দুনু করিতে খেদমত।' *গরীব*, ১৭৬৫; 'পীর সাহেবের খেদমতে পৌঁছে দেবার জন্য।' *ওয়ালী*, ১৯৪৮।

খেদমতগার [আ খিদমত+ফা গার] *বি* সেবক। 'আছিলুম ইমামের খেদমতগার।' *বাহরাম*, ১৬৫০।

খেদমতগারী [আ খিদমত+ফা গার>] *বি* পরিচর্যার কাজ। 'করিবে খেদমতগারী খুব খবরদার।' *গরীব*, ১৭৬৫; 'জমাদারী, খেদমতগারী, ও আর২ সব রকম তাবেদারী ও ফরমাবরদারী কিয়াথা।' *ভবানী*, ১৮২৮।

খেদমৎকার [আ খিদমত>+স কার] *বি* দাস। 'মুটিয়া, মজুর ... খেদমৎকারের জাতিতে পরিণত।' *হোলতান*, ১৯২৩।

খেদমৎগার [আ খিদমত+ফা গার] *বি* সেবক; ভৃত্য। 'শরিফ সন্তানেরা এবং তাহাদের খেদমৎগারগণ উর্দু বলেন।' *ইমান*, ১৯০০।

খেদমদগারি [আ খিদমত+ফা গার>] *বি* সেবকের কাজ। 'হিসটিরিয়া-ওয়ালী মেয়ের খেদমদগারি করবার ফুরসত আমার নেই।' *রবীন্দ্র*, ১৯২৯।

খেদা[১] [স খিদ্>] *বি* হাতি ধরার ফাঁদ। **খেদা করা** *ক্রি* বিশেষ ফাঁদ দিয়ে হাতি ধরা। 'তিনি একবার মহারাজ কিরাতনাথের সঙ্গে গারো পাহাড়ে খেদা করতে গিয়েছিলেন।' *প্রমথ*, ১৯২২।

খেদা[২] [স খিদ্>] *বি* তাড়া। 'চক্র লৈয়া গোবিন্দাই পাছু খেদা দিয়া।' *মালাধর*, ১৫০০।

খেদাওন [হি খেদনা] *বি* বিতাড়ন করা। *ওর্সা*, ১৭৮৫।

খেদানিআ [স খিদ্>] *বি*, *বিণ* তাড়নকারী। *বিদ্যা*, ১৮৯১।

খেদানো [স খিদ্>] ১ *ক্রি* তাড়ানো। 'খেদব মোঞে কোকিল অলিকুল বারব করকঙ্কন ঝমকাই।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *ক্রি* কেটে তোলা; খনন করা। 'মাটি খেদাইয়া খাল বানাইয়া।' *চণ্ডী*, ১৫৫০। **খেদব** *ক্রি* তাড়াবো। 'খেদব মোঞে কোকিল অলিকুল বারব করকঙ্কন ঝমকাই।' *বিদ্যাপতি*, ১৪৬০। **খেদাই** *ক্রি* তাড়িয়ে। 'খেদাই লইল লাগ হইয়া ক্রুদ্ধ মুখী।' *সুলতান*, ১৭০০। **খেদাইতে** *ক্রি* তাড়াতে। 'পক্ষ খেদাইতে।' *মানোএল*, ১৭৪৩। **খেদাইয়া** *ক্রি* তাড়িয়ে। 'বিনা জওয়াবে কাছেদেরে খেদাইয়া দিল।' *গরীব*, ১৭৬৫। **খেদায়** *ক্রি* তাড়ায়। 'ধর ধর বলিয়া রাখোয়ালে খেদায়ে।' *বিজয়*, ১৬৫০। **খেদারিয়া** *ক্রি* বিতাড়িত ক'রে। 'বেহেশত হইতে বুঝি দিবে খেদারিয়া।' *গরীব*, ১৭৬৫। **খেদি** *ক্রি* তাড়িয়ে। 'ইন্দ্র খেদি সর্গ লিতে কৈল অনুমানে।' *মালাধর*, ১৫০০। **খেদিয়া** *ক্রি* তেড়ে। 'রাম য়ৈয়া কেহো তাকে জাএত খেদিয়া।' *মালাধর*, ১৫০০। **খেদিয়ে** *ক্রি* বিতাড়িত ক'রে। 'ছেলে রাজা হয়ে তোকে খেদিয়ে দিবে।' *গিরিশ*, ১৮৮৭। **খেদিল** *ক্রি* তাড়া করলো। 'আমারে খাইতে পাছু গরড় খেদিল।' *মালাধর*, ১৫০০।

খেদরে দেওয়া *ক্রি* তাড়িয়ে দেওয়া। 'আমি যদি না থাকতুম ত তোকে এত দিন পয়জার দিয়ে খেদরে দিত।' *গিরিশ*, ১৮৮৭।

খেদাড়ানো [স খিদ্>] *ক্রি* তাড়ানো। 'মাংস লোভে পক্ষসব তাহা খেদাড়িল।' *মালাধর*, ১৫০০। **খেদাড়িআ** *ক্রি* তাড়িয়ে। 'অনন্ত বাসুকি তারে খেদাড়িআ খাএ।' *রামাই*, ১৭১০। **খেদাড়িয়া** *ক্রি* তেড়ে। 'খেদাড়িয়া আইসে সেই দসন বিকটে।' *মালাধর*, ১৫০০। **খেদাড়িল** *ক্রি* তাড়ালো। 'মাংস লোভে পক্ষসব তাহা খেদাড়িল।' *মালাধর*, ১৫০০। **খেদাড়ে** *ক্রি* বিতাড়ন করে। 'মার মার কর্যা কোপে খেদাড়ে বামনী।' *মুকুন্দ*, ১৬০০।

খেদান্বিত [স] ১ *বিণ* রাগান্বিত। 'মহন্দরি খেদান্বিত হইয়া ... আজ্ঞা করিলেক।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* অনুতাপযুক্ত। 'বাবু খেদান্বিত হইয়া কহিলেন।' *দর্পণ*, ১৮২১।

খেদার্ণব দ্র খেদ

খেদিত [স] ১ *বিণ* বিষণ্ন। 'পুত্র না হওয়াতে সর্বদা খেদিত থাকেন।' *রাজীব*, ১৮০৫। ২ *বিণ* দুঃখিত। 'ইহার পরলোক হওয়াতে অনেকে খেদিত হইয়াছে।' *দর্পণ*, ১৮২২।

খেদিব [ফা খিদীব] *বি* মিশরের রাজার উপাধি। 'এখানে মিশরের খেদিব কখন কখন আসিয়া বাস করেন।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

খেদোক্তি [স] ১ *বি* দুঃখের কথা। 'এই সকল খেদোক্তি শুনিয়া অনেকেই সে ব্যক্তিকে জিজ্ঞাসা করিলেন।' *প্রভাকর*, ১৮৩১। ২ *বি* আক্ষেপের কথা। 'ভায়া লিপিতে যে খেদোক্তি করিয়াছেন তাহা পাঠ করিলে পাষাণ ভেদ হয়।' *দীনবন্ধু*, ১৮৬০।

খেন [স ক্ষণ] *বি* ক্ষণ; সময়। 'এই খেনে রসাবেশে কহে বড়ু চণ্ডীদাসে।' বড়ু, ১৫৭০।

খেনেক [স ক্ষণেক] *ক্রিবিণ* ক্ষণমাত্র। 'খেনেক রহিয়া কাম পাইল চেতন।' *মালাধর*, ১৫০০।

খেনে খেনে *ক্রিবিণ* ক্ষণে ক্ষণে। 'খেনে খেনে মন্দগতি চলন ঠমরু।' *আলাওল*, ১৬৮০; 'খেনে খেনে দণ্ডবত হএ বহুতর।' *সুলতান*, ১৭০০।

খেপ *বি* বার; দফা। 'প্রতি খেপেই প্যারীমোহন সেনগুপ্ত নির্মমের মত তা প্রত্যর্পণ করেন।' *অচিন্ত্য*, ১৯৫০।

খেপলা [স ক্ষেপ্>] *বি* মাছ ধরার জালবিশেষ। 'আমরা খেপলা জাল আর ফেলব না ভাই।' *নজরুল*, ১৯২৬।

খেপা[১] [স ক্ষেপ্>] ১ *ক্রি* উপভোগ করা। 'খেপহুঁ জোইণি লেপ ন জায়।' *চর্যা ৪*, ১২০০। ২ *ক্রি* যাপন করা। 'তরুন তরুনি সঙ্গে রইনি খেপবি রঙ্গে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

খেপা[২], **খেপানো** [স ক্ষিপ্>] ১ *ক্রি* ছেড়ে দেওয়া। 'ছোলঙ্গ চিপিআঁ নিমঝোলে খেপিলোঁ।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* ক্ষেপণ করলো। 'সহসা রাধা চাহল সচকিত, দূরে খেপল মালা।' *রবীন্দ্র*, ১৮৭৮। ৩ *ক্রি* ক্ষিপ্ত করা। *বিদ্যা*, ১৮৯১। ৪ *ক্রি* উত্তাল হওয়া। 'ঢেউ উঠেছে ঐ খেপে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

খেপা[৩] [স ক্ষিপ্>] ১ *বিণ* উন্মাদ। 'হারাইলে তুমি বাপা চায়্যা বুলি হয়্যা খেপা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* ক্ষিপ্ত। 'ভয়েতে হইল খেপা কমণ্ডাত এজিদা।' *গরীব*, ১৭৬৫। ৩ *বিণ* এলোমেলো। 'বিধুর বিকল হয়ে খেপা পবনে ফাগুন করিছে হাহা ফুলের বনে।' ১৯০৯। ৪ *বিণ* বৃষ্টিমুখর। 'কোন খেপা শ্রাবণ ছুটে এলো আশ্বিনেরই আঙিনায়।' *রবীন্দ্র*, ১৯১৫। ৫ *বিণ* পাগলামিপূর্ণ। 'কোথা থেকে নামল রে সেই খেপা দিনের মন।' *রবীন্দ্র*, ১৯৩২।

খেপামি [স ক্ষিপ্>] *বি* পাগলামি। 'এই খেপামির বন্যাকে ... সহজ স্রোতে কেমন করিয়া পরিণত করিবে।' *রবীন্দ্র*, ১৯০২।

খেপে ওঠা *ক্রি* রাগান্বিত হওয়া। 'বিনা কারণে ক্ষেপিয়া উঠিয়া বায়ুরাজ্য লণ্ডভণ্ড করিতে উদ্যত হইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খেপে যাওয়া ১ *ক্রি* পাগল হওয়া। 'ছেলেটা একে খেপিয়া যাইবার জো হইয়াছে ...।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *ক্রি* বেপরোয়া হওয়া। 'দেখিয়া শুনিয়া খেপিয়া গিয়াছি।' *নজরুল*, ১৯২৬।

খেপি, খেপী [স ক্ষিপ্>] ১ *বি স্ত্রী* ক্ষিপ্ত ব্যক্তি। *বিদ্যা*, ১৮৯১। ২ *বিণ স্ত্রী* উন্মাদ। 'একরাশ ছিন্ন-মুণ্ড খেপী বেটির পানে ছলছল চোখে ...।' *নজরুল*, ১৯২৬।

খেবা [স ক্ষেপ>] *বি* খেয়া। 'ব্যাজ নারিলুম খেবা।' *সুলতান*, ১৭৫০।

খেম [স ক্ষমা] ১ *বি* মাফ। 'উদ্দেসে ভাবনা করি মনে করে খেম।' *মালাধর*, ১৫০০। ২ *বি* ভাতা। 'খেম নাহী পাএ চারি মাস।' **মুকুন্দ**, ১৬০০।

খেমটা [হি] ১ *বি* (সংগীত) একপ্রকার তাল। 'আমি খেমটা বাদ্য বাজাই।' *দর্পণ*, ১৮২১। ২ *বি* খেমটা তালের নাচ। 'দুটো ... ছোকরা সখী সেজে ঘুরে ঘুরে খেমটা নাচ্চে।' *হুতোম*, ১৮৬১। ৩ *বিণ* মত্তপ্রায়। 'কেমন কানাভাস্তা খোনা খেমটা উত্তেজের অবসাধে।' *জীবন*, ১৯৪৮।

খেমটাওয়ালী, খেমটাওআলি [হি] *বি* পেশাদার নর্তকী। 'বেয়ারা – ঐ খেমটাওয়ালীদের ডেকে দে তো।' *মাইকেল*, ১৮৬০। 'খেমটাওআলি।' *বিদ্যা*, ১৮৯১।

খেমটি [হি] *বি* নর্তকী। 'তোমার কল্যাণে আজ খেমটির নাচ দেব।' *দীনবন্ধু*, ১৮৬৭।

খেমা [স ক্ষমা] *বি* ক্ষমা। 'কাকুতী করিআঁ বোলো খেমা কর মনে।' *বড়ু*, ১৪৫০। **খেমএ** *ক্রি* ক্ষমা করো। 'সবে মিলি যত দোষ খেমএ আমাএ।' *বাহরাম*, ১৬৫০। **খেমা করন** *বি* ক্ষমা করা। *ওসাঁ*, ১৭৮৫। **খেমিআ** *ক্রি* ক্ষমা ক'রে। 'খেমিআ সকল দোষ বীরকে করিব সেনাপতি।' **মুকুন্দ**, ১৬০০। **খেমিল** *ক্রি* ক্ষমা করলো। 'খেমিল সকল দোস জাহ নিজ পুরি।' *মালাধর*, ১৫০০।

খেয়া [স ক্ষেপ>] ১ *বি* নদী পারাপারের নৌকা। 'অনন্ত অর্ব্বুদ বোঝি হৈল খেয়া ঘাটে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* নদী পার হওয়ার মাশুল। 'কর্ণ ধরে পার করবেন দু-এক পয়সা খেয়া দিলে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

খেয়াঘাট [স ক্ষেপ>] *বি* নৌকায় পারাপারের নির্দিষ্ট জায়গা। 'পূর্বে পরিকর সনে আসি খেয়াঘাটে।' *বৃন্দা*, ১৫৮০।

খেয়া-তরী [স ক্ষেপ>+স তরী] *বি* নদী পারাপারের নৌকা। 'কত খেয়া-তরী দেয় পাড়ি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খেয়াতরীহারা [স ক্ষেপ>+স তরীহারা] *বিণ* পারাপারের ব্যবস্থাহীন। 'আর রবে খেয়াতরীহারা এ পারের ভালোবাসা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

খেয়া দেওয়া *ক্রি* খেয়া নৌকায় পারাপার করা। 'নৌকোয় খেয়া দেওয়া, জল তোলা ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

খেয়ানী *বি* খেয়া পার করে যে। 'খেয়ানী ভাইরে হাতে নাই মোর কড়ি।' *মাহেনও*, ১৯৪৯।

খেয়া নৌকা, খেয়া নৌকো *বি* মাশুল দিয়ে নদী পারাপারের নৌকা। 'খেয়া নৌকা।' *ওসাঁ*, ১৭৮৫; 'চাষারা মাথায় টোকা প'রে গায়ে চট মুড়ি দিয়ে খেয়া-নৌকোয় পার হচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪; 'খেয়ানৌকা পাল তুলিয়া ঢেউয়ের উপর দিয়া পাড়ি দিতেছে।' *রবীন্দ্র*, ১৯১২।

খেয়া পার *বি* নৌকাযোগে পারাপার। 'পাটনি পাতিল খেয়া পার হইয়া যাইতে।' *ভবানী*, ১৮২৫।

খেয়া-পারাপার *বি* খেয়ায় পারাপার করার কাজ। 'খেয়া-পারাপার বন্ধ হয়েছে আজিরে।' *রবীন্দ্র*, ১৯০১।

খেয়ার নৌকা *বি* নদী পারাপারের নৌকা। *ওসাঁ*, ১৭৮৫।

খেয়ার পাই *বি* খেয়া পারাপারের পয়সা। 'নয়ানি যৌবন দিমু খেয়ার পাই পার।' *মর্তুজা*, ১৭৫০।

খেয়ারি [খেয়া>] *বি* খেয়ার মাঝি। 'খেয়ারি করিতে পার পড়িল সঙ্কটে।' *বৃন্দা*, ১৫৮০।

খেয়াতি [স খ্যাতি] *বি* যশ। 'খেয়াতি ক্ষিতির নাম বটে সর্ব্বসহা।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খেয়ানত [আ খিয়ানত] *বি* বিশ্বাসভঙ্গ। 'আমানতে খেয়ানত সাবুদ রাখিয়া জোখোন জেখানে জে জবাব সওয়াল হয় করিবা।' *হ্যালহেড*, ১৭৭২।

খেয়াল [আ] ১ *বি* লীলা। 'ইহা দেখ আল্লার খেয়াল।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* কাল্পনিক দৃশ্য। 'না এ তো স্বপ্ন নয়, তবে কি খেয়াল দেখিলাম?' *প্যারী*, ১৮৫৮। ৩ *বি* উচ্চাঙ্গ সংগীতের আঙ্গিকবিশেষ। 'কত কত কলায়ত, ধাড়ি ও আতাই বীণা, মৃদঙ্গ ... খেয়াল, প্রবন্ধ ... চতুরং ও নক্সগুলে মশগুল হইয়া আছে।' *প্যারী*, ১৮৫৮। ৪ *বি* যুক্তি। 'তর্কের খেয়াল অনুসারে যখন যেটাকে প্রাধান্য দেওয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৫ *বি* চিন্তা। 'এ হয়তো আপনার একটা খেয়াল।' *নজরুল*, ১৯৩১।

খেয়াল-খবর [আ খেয়াল+আ খবর] *বি* ভালো-মন্দ খোঁজ। 'খেয়াল-খবর রাখি নে তো কোনো-কিছুরই।' *রবীন্দ্র*, ১৯০০।

খেয়ালখাতা [আ খেয়াল+আ খাতা] *বি* খুশিমতো রচনার খাতা। 'নূতন বৎসরের প্রথম দিন হতে ভারতীর জন্য একটি খেয়ালখাতা খুলবেন।' *প্রমথ*, ১৯০৫।

খেয়াল খাসলত [আ] *বি* আচার-আচরণ। 'বড় আপার খেয়াল খাসলতটা দিন দিন কেমন যেন বদলে যাচ্ছে।' *কায়সার*, ১৯৬২।

খেয়ালখুশি, খেয়ালখুশী [আ খেয়াল+ফা খুশী] ১ *বি* সুবিধা-অসুবিধা। 'কেবল নিজের খেয়ালখুশি দেখলে চলে না।' *নরেন্দ্র*, ১৯৪৮। ২ *বি* নিজের ইচ্ছামতো চালচলন। 'খেয়ালখুশীর ছিট নিয়ে কেউ সরাইয়ে আশ্রয় নেয় না।' *মুজতবা*, ১৯৪৯।

খেয়ালখুশিমতো [আ খেয়াল+ফা খুশী+স মত্ত] *ক্রিবিণ* স্বেচ্ছাচারে। 'মানুষের সুখ-দুঃখ ঘটে মানব-ভাগ্য-বিধাতার একান্ত খেয়ালখুশিমতো।' *আইয়ুব*, ১৯৭৩।

খেয়াল-খোলা [আ খেয়াল+খোলা] *বিণ* বেখেয়ালি। 'আয়রে ভোলা খেয়াল-খোলা স্বপনদোলা নাচিয়ে আয়।' *সুকুমার*, ১৯১৮।

খেয়ালি, খেয়ালী [আ খেয়াল>] ১ *বি* খেয়াল গায়ক। 'খেয়ালী যতই কার্দানি করুন না কেন, তালচ্যুত ... হবার অধিকার তাঁর নেই।' *প্রমথ*, ১৯০৫। ২ *বিণ* কল্পনাবিলাসী। 'খেয়ালী লেখা বড়ো দুষ্প্রাপ্য জিনিস।' *প্রমথ*, ১৯০৫; 'যেন কোন খেয়ালী খেলাশেষের ভাঙা খেলাঘর।' *নজরুল*, ১৯৩০। ৩ *বিণ* স্বেচ্ছাচারী। 'আমি খেয়ালী বিধির বক্ষ করিব ভিন্ন!' *নজরুল*, ১৯২২।

খেয়ালিপনা [আ খেয়াল>+স প্রবণ>] *বি* খেয়ালি স্বভাব। 'একবার খুলতে আবার বন্ধ হচ্ছে তার খেয়ালিপনা।' *অচিন্ত্য*, ১৯৫০।

খেয়াল্যৎ [আ খেয়াল>] *বি* মতাদর্শ। 'ইহাদের খেয়াল্যৎ ঠিক ইউরোপীয় নাস্তিকদিগেরই অনুরূপ।' *প্রচারক*, ১৯০৬।

খেয়ুড় [স ক্ষেড়>] *বি* আদিরসাত্মক গানবিশেষ; খেউড়। 'নদিয়া সান্তিপুর হইতে খেয়ুড়া আনাইব নৌতুন নৌতুন জাতে খেয়ুড় শুনাইব।'

AMARBOI.COM

হ্যালহেড, ১৭৭৮। দ্র **খেউড়**

খেয়ুড়া [স ক্ষেড়>] *বি* আদিরসাত্মক গান খেউড়ের পরিবেশক। 'নদিয়া শান্তিপুর হইতে খেয়ুড়া আনাইব নৌতুন নৌতুন জাতে খেয়ুড় শুনাইব।' *হ্যালহেড*, ১৭৭৮।

খেয়োখেয়ি *বি* পরস্পর তর্জনগর্জনসহ তুমুল ঝগড়া বা মারামারি। 'এমন খারাপ লাগে আমার এক-এক সময়ে এই খেয়োখেয়ি কাণ্ডে।' *শিবরাম*, ১৯৪০।

খের *বি* খড়। 'আসুক না খেরের নেড়ায় আগুন ধরিয়ে পুড়িয়ে দেব না ...?' *কায়সার*, ১৯৬২।

খেরাজ [আ খিরাজ] *বি* রাজস্ব। 'মৌরসী-মোকররী প্রভৃতির জরীয়াতেই খাজনা-খেরাজ মায় আবওয়াব আদায়-উসুল করে আসছেন।' *মাহেনও*, ১৯৪৯।

খেরি [স ক্রীড়া] *বি* খেলনা। 'সম্মুখে লইয়া খেরি খেলে শিশুগণ।' *আলাওল*, ১৬৮০।

খেরু [হি খারুয়া] *বিণ* ধূসর। 'খেরু বর্ণ।' *মানোএল*, ১৭৪৩।

খেরুআ, খেরুয়া, খেরুয়া [হি খারুয়া] *বি* লালবর্ণের মোটা সুতার কাপড়বিশেষ। 'ক্ষুরের ভাঁড়ি খেরুয়া কাপড় মোড়া আছে।' *ভবানী*, ১৮২৩; 'খেরুআ।' *বিদ্যা*, ১৮৯১; 'লাল খেরুয়ার পুরু পর্দা।' *অবন*, ১৯২৭।

খেরেওয়ালি [স খেল>+হি ওয়ালী] *বি* বেশ্যা। 'খেরেওয়ালি ১৬০০।' *দর্পণ*, ১৮৩০।

খেরেস্তান [হি ক্রিশ্চিয়ান] *বি* খ্রিস্টান। 'খেরেস্তান হয়ে গিয়েছে।' *নজরুল*, ১৯৩০।

খেরো [হি খারুয়া] *বি* লালবর্ণের মোটা সুতার এক প্রকার কাপড়। 'উঠোনে ... তার উপর মাঁদরাজি খেরোর জাজিম হাসচে।' *হুতোম*, ১৮৬১।

খেল [স খেল>] *বি* খেলা। 'সোনালী আলোর খেল।' *জসীম*, ১৯৩১।

খেল ভুলানী *বিণ* খেলাধুলার কথা ভুলিয়ে দেয় এমন। 'চোখের পাতায় বাজে বাণী/ কাজ ভুলানী খেল ভুলানী।' *অন্নদা*, ১৯২৯।

খেলআড় [স খেল>] *বি* খেলোয়াড়। *বিদ্যা*, ১৮৯১।

খেলওয়াড় [স খেল>] *বি* খেলোয়াড়। 'ভাল খেলওয়াড়ে হক্কা করিবার বড় আস্থা প্রদর্শন করে না।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

খেলওয়াত [আ] *বি* রাজদত্ত পোশাক। 'ফটক দুয়ারে আইল খেলওয়াত খানা।' *গরীব*, ১৭৬৫। দ্র **খেলাত**

খেলকা [আ খিরকাহ্] *বি* সুফিদের পরিধেয় লম্বা জামাবিশেষ। 'গাত্রে খেলকা, পিরাণ, অথবা আলখেল্লা দিয়া ... ভিক্ষা করিতে যায়।' *অক্ষয়*, ১৮৫০; 'তখন খেলকা তহবন ছিল না।' *লালন*, ১৮৯০।

খেলন *বি* খেলা। 'শিশুগণে মিলি করে বিবিধ খেলন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

খেলনক [স] *বি* খেলার পুতুল। 'মনুষ্যমূর্তির সহিত বস্ত্রখণ্ডরচিত খেলনকের কোনো বৈসাদৃশ্য তাহার চক্ষে পড়ে না।' *রবীন্দ্র*, ১৯০৭।

খেলনা [স খেলনক] *বি* খেলার জিনিস। 'চীনদেশে ... নানাবিধ খেলনা, চর্ম্ম পাদুকা।' *অক্ষয়*, ১৮৪১।

খেলনাওয়ালা [স খেলনক+হি ওয়ালা] *বি* খেলনা বিক্রেতা। 'বইয়ের দোকান না দেখে একজন খেলনাওয়ালাকে সেই বই ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

খেলনাওলা [স খেলনক+হি ওয়ালা] *বি* খেলনা বিক্রেতা। 'খেলনাওলা, অস্ত্র কোন নেই ঝাঁকায়?' *হোসেন*, ১৯৪০।

খেলনা পুতুল [খেলনা+পুতুল] *বি* খেলায় কাজে লাগে এমন পুতুল। 'আমরা পাব খেলনা পুতুল, আমরা পাব চমচম।' *সুকুমার*, ১৯২০।

খেলনাসম [খেলনা+স সম] *বিণ* পুতুলের মতো। 'অগ্নিরে খেলনাসম পিতৃদান জানি।' *রবীন্দ্র*, ১৮৯৯।

খেলনেওয়ালি [খেলনা+হি ওয়ালী] *বিণ স্ত্রী* কোনো কাজে পটুত্ব আছে এমন। 'আরেষা মাই এত বড়ো শিকার খেলনেওয়ালি।' *মণীশ*, ১৯৬৩।

খেলয়ার [স খেল>] *বি* কূটকৌশলী খেলোয়াড়। 'তুই পোড়াকপালি বড় খেলয়ার।' *দীনবন্ধু*, ১৮৭২।

খেলা[১], **খেলানো**[১] [স খেল>] **১** *ক্রি* খেলা করা। 'করুণা পিহাড়ি খেলহুঁ নয়বল।' *চর্যা* ১২, ১২০০। **২** *ক্রি* উদয় হওয়া। 'এই প্রশ্নের জবাব হঠাৎ আজহার খাঁর মাথায় খেলে।' *শওকত*, ১৯৫৮। **খেলই** *ক্রি* খেলে। 'বাঁমিসুআ জিম কেলি করই খেলই বহবিহ খেড়া।' *চর্যা ৪১*, ১২০০। **খেলএ** *ক্রি* খেলা করে। 'খেলএ কউতুক নব পঁচবান।' *বিদ্যাপতি*, ১৪৬০। **খেলত** *ক্রি* খেলতে। 'খেলত না খেলত লোক দেখি লাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **খেললি** *ক্রি* খেলা করলি। 'খেললি খেলা খেলার ঘরে।' *লালন*, ১৮৯০। **খেলহুঁ** *ক্রি* খেলা করি। 'করুণা পিহাড়ি খেলহুঁ নয়বল।' *চর্যা* ১২, ১২০০। **খেলাঅন্ত** *ক্রি* খেলা করে। 'বসিআ কুমার সবে খেলাঅন্ত সারী।' *আলাওল*, ১৬৮০। **খেলাই** *ক্রি* খেলা করি। 'সব ছাওালে গিয়া ভাণ্ডিরে খেলাই।' *মাণিকচন্দ্র*, ১৫০০। **খেলাইএ** *ক্রি* খেলা করি। 'খেড়ী খেলাইএ আহ্মে নান্দের ঘরে।' *বড়ু*, ১৪৫০। **খেলাইতে** *ক্রি* খেলা করতে। 'খেলাইতে আছে শিশু ঈষৎ হাসিয়া।' *সুলতান*, ১৭০০। **খেলাএ** *ক্রি* খেলা করে। 'গোকুআ খেলাএ খনে গোকুল ভিতরে।' *বড়ু*, ১৪৫০। **খেলাএন্ত** *ক্রি* খেলা করে। 'খেলাএন্ত কৌতুক কলেবর।' *বাহরাম*, ১৬৫০। **খেলাওঁ** *ক্রি* খেলা করি। 'চাঁচরী খেলাওঁ মোএঁ যমুনার কূলে।' *বড়ু*, ১৪৫০। **খেলান** *ক্রি* খেলা করেন। 'দুই কুমার নবাব জাদার সহিত লেখা পড়া করেন একত্তরেতে খেলান ও বেড়ান।' *রামরাম*, ১৮০১। **খেলানো** *ক্রি* খেলা করা। 'খেলাইতে।' *মানোএল*, ১৭৪৩। **খেলাবার** *বি* খেলা করার। 'আমি যে রে নিখিলের খেলাবার সাথি।' *রবীন্দ্র*, ১৮৮৩। **খেলায়** *ক্রি* খেলা করে। 'খেলায় অসুর তথা সিসুরূপ হৈয়া।' *মালাধর*, ১৫০০। **খেলাহ** *ক্রি* খেলা করো। 'ভাত খায়্যা পুনরপি খেলাহ আসিয়া।' *মালাধর*, ১৫০০। **খেলি** *ক্রি* খেলে। 'খেলা খেলি সর্ব অঙ্গ ধূলায় ধূসর।' *বৃন্দা*, ১৫৮০। **খেলিছে** *ক্রি* খেলছে। 'করশঙ্খে খেলিছে বিজুলি।' *রূপরাম*, ১৭৫০। **খেলিবাম** *ক্রি* খেলবো। 'ক্রীড়া খেলিবাম তৃষ্ণি সনে।' *সুলতান*, ১৭০০। **খেলিমু** *ক্রি* খেলবো। 'খেলিমু কপট সারি সে জাইব সর্ব্বস্ব হারি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **খেলিয়** *ক্রি* খেলা কোরো। 'বুজাই জতন করি না খেলিয় পাষা সারি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **খেলিয়া বেড়ায়** *ক্রি* খেলা করে। 'হামাগুড়ি দিয়া গোরা খেলিয়া বেড়ায়।' *রূপরাম*, ১৭৫০। **খেলু** *ক্রি* খেলে। 'বিমল কঞ্চন কমল চচ্চি জনি খেলু খঞ্জন জোল।' *বিদ্যাপতি*, ১৪৬০। **খেলে** *ক্রি* খেলা করে। 'ছাওালের সঙ্গে খেলা খেলে দামোদর।' *মালাধর*, ১৫০০। **খেলে যাওয়া** *ক্রি* শিহরিত করা। 'শরীরের মধ্যে বিদ্যুতের মতো খেলিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৯।

খেলা[২] [স খেল>] **১** *বি* লীলা। 'ভূঞ্জিয়া ম্রণাল দণ্ড করে নানা খেলা।' *মালাধর*, ১৫০০। **২** *বি* ক্রীড়া। 'সর্বকাল খেলার সঙ্গি পড়ুআ ভাই।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* হাস্যপরিহাস। 'এহীমতে নানা খেলা করিল কুমার বালা।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৪** *বি* আসা-যাওয়া। 'জানলা দিয়েও বাতাস খেলা করছিল।' *জীবন*, ১৯৩৩। **৫** *বি* ধূর্ত কাণ্ড-কারখানা।

AMARBOI.COM

'ব্রিটিশের এই একই খেলা আমরা ফেলিস্তিনেও দেখিতেছি।' *আজাদ*, ১৯৪৬।

খেলাওয়ালা [খেলা+হি ওয়ালা] *বি* অন্যকে খেলা করায় এমন লোক। 'খেলাওয়ালা খেলুড়েকে এক পয়সায় চার পয়সা হিসাবে দেয়।' *বিভূতি*, ১৯৩৮।

খেলা করা *ক্রি* খেলানো। 'খেলা করিতে।' *মানোএল*, ১৭৪৩।

খেলাখেলি [খেলা>] *বি* খেলা করা। 'হৃদয়ের মৃদু খেলাখেলি ফুলেতে ফলেতে হেলাহেলি।' *রবীন্দ্র*, ১৮৮১।

খেলাগেহ [খেলা+স গৃহ] *বি* খেলার জায়গা। 'পল্লবঘন আম্রকানন রাখালের খেলাগেহ।' *রবীন্দ্র*, ১৮৯৯।

খেলাঘর [খেলা+পা ঘর] **১** *বি* কৃত্রিম সংসার। 'ওই দূর খেলাঘরে খেলাইছ কারা!' *রবীন্দ্র*, ১৮৮৬। **২** *বি* খেলার স্থান বা ঘর। 'শিশুকে বার বার আপনাদের খেলাঘরে আহ্বান করিল।' *রবীন্দ্র*, ১৮৯১। **৩** *বি* কল্পনার জগৎ। 'খেলাঘর বাঁধতে লেগেছি মনের ভিতরে।' *রবীন্দ্র*, ১৯২২। **৪** *বি* ক্ষণস্থায়ী ঘর। 'খেলাঘরের দেয়াল গেঁথে খেয়াল নিয়ে ছিলেম মেতে।' *রবীন্দ্র*, ১৯৩২।

খেলাঘোড়া [খেলা+স ঘোটক] *বি* খেলনা ঘোড়া। 'তুমি এলে আমার প্রিয়/ বাঁশের খেলা-ঘোড়ায় চড়ে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

খেলাচ্ছলে **১** *ক্রিবিণ* খেলার ভঙ্গিতে। 'হত্যা জীবিকার তরে, হত্যা খেলাচ্ছলে।' *রবীন্দ্র*, ১৮৯০। **২** *ক্রিবিণ* খেলতে খেলতে। 'তবু তোমাদের কাছে ফিরে আসি খেলাচ্ছলে।' *শামসুর*, ১৯৭০।

খেলাছড়া [খেলা+ছড়া] *বি* ক্রীড়া-কৌতুক। 'কী নিরবচ্ছিন্ন ভাবেই না খেলাছড়া করছে।' *জীবন*, ১৯৩২।

খেলাছলে *ক্রিবিণ* গুরুত্ব না দিয়ে। 'খেলাছলে করো দান ধ্যান ব্রত।' *রবীন্দ্র*, ১৮৯৯।

খেলাড়ু [স খেল্>] *বি* খেলোয়াড়। 'বালিকা কালের যতো খেলাড়ু সবাই।' *কৃষ্ণরাম*, ১৭২০।

খেলাধুলা, খেলাধুলা [খেলা+স ধূলি>] *বি* নানা রকমের খেলা। 'খেলাধূলা কে ভাঙ্গিবা।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'কুসুমেরে ফেলে রেখে/ খেলাধুলা ভুলে গিয়ে ...।' *রবীন্দ্র*, ১৮৮৩।

খেলাধুলো *বি* খেলা ও আনুষঙ্গিক বিনোদন। 'ইতর লোকেরই ছেলেমেয়েগুলো হেসেখুশে ছুটে করে খেলাধুলো।' *রবীন্দ্র*, ১৮৯৭।

খেলাধূলি [খেলা+স ধূলি] *বি* খেলাধুলা। 'করিছে যেন রে খেলাধূলি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

খেলানো [স খেল্>] **১** *ক্রি* খেলা করা। *ওসাঁ*, ১৭৮৫। **২** *ক্রি* খেলা দেখানো। *বিদ্যা*, ১৮৯১।

খেলাপাহাড় [খেলা+স পাষাণ>] *বি* কৃত্রিম পাহাড়। 'নেবুগাছ ঝাঁকড়া হয়ে উঠেছে/ খেলাপাহাড়ের গায়ে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

খেলা ফাঁদা *ক্রি* খেলার আয়োজন করা। 'এই যে প্রেমের খেলা ফেঁদেছেন এতে তিনি নিজেকে দিয়ে নিজেকেই লাভ করেছেন।' *রবীন্দ্র*, ১৯১৬।

খেলাব্যস্ত [খেলা+স ব্যস্ত] *বিণ* খেলারত। 'উঠানে খেলাব্যস্ত যোগীন ও গোপাল।' *শওকত*, ১৯৫৮।

খেলার ঘর *বি* পৃথিবী। 'খেললি খেলা খেলার ঘরে।' *লালন*, ১৮৯০।

খেলার পুতুল *বি* ইচ্ছামতো নিয়ন্ত্রণ করা যায় এমন লোক। 'তারা ছিল খেলার পুতুল।' *রবীন্দ্র*, ১৯২৮।

খেলাশ্রান্ত [খেলা+স শ্রান্ত] *বিণ* খেলা ক'রে ক্লান্ত। 'বসন্তের কোলে খেলাশ্রান্ত প্রাণ।' *রবীন্দ্র*, ১৮৮০।

খেলাসভা [খেলা+স সভা] *বি* খেলার জায়গা। 'লেখা হাতে করিয়া খেলাসভায় প্রবেশ করিল।' *রবীন্দ্র*, ১৯০১।

খেলাহার [খেলা+স হার] *বি* খেলায় পরাজয়। 'বারে বারে ফিরে ফিরে খেলাহারের গ্লানি।' *রবীন্দ্র*, ১৯৩৩।

খেলা-হারা *বিণ* খেলাহীন। 'সতত-সঞ্চরমান বল খেলা-হারা, বেগলুপ্ত সে আমার-ও।' *শক্তি*, ১৯৬১।

খেলে যাওয়া *ক্রি* ছড়িয়ে পড়া। 'দরিয়াবিবির ঠোঁটে হাসি খেলিয়া যায়।' *শওকত*, ১৯৫৮।

খেলা[৩], খেলানো[২] [হি খিলানা] *ক্রি* খাওয়ানো। 'খাও যদি তোমারে খেলাই আনিয়া।' *গরীব*, ১৭৬৫।

খেলাত, খেলাৎ [আ খিল'আত] *বি* রাজপোশাক। 'বহুমূল্য খেলাৎ বস্ত্রাদি দিলেন।' *চণ্ডীচরণ*, ১৮০৫; 'তিন লাখ টাকা আর খেলাত সহিত।' *গরীব*, ১৭৬৫।

খেলানা [স খেলনক] *বি* খেলার জিনিস। 'শূন্যে উত্তম উত্তম কৌট, বাটী, জলপাত্র ও খেলানা প্রস্তুত হয়।' *মদনমোহন*, ১৮৫০।

খেলানিয়া [স খেল্>] *বি* খেলোয়াড়। *মানোএল*, ১৭৪৩।

খেলাপ, খেলাফ [আ খিলাফ] **১** *বিণ* নিয়ম ভঙ্গকারী। 'যতেক খেলাফ আমি যতেক বদকার।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* প্রতিশ্রুতি অথবা চুক্তিভঙ্গ। 'জে২ কিত্তি খেলাপ করে।' *তাঁতি*, ১৭৯২। **৩** *বি* ভঙ্গ। 'ওয়াদা-খেলাফ যাঁ পছন্দ করে না।' *শওকত*, ১৯৫৮।

খেলাপ হলফ [আ খিলাফ+আ হলফ] *বি* শপথ ভঙ্গ। 'খেলাপ হলফের দায়ে মারা যাইব যে।' *বঙ্কিম*, ১৮৭৮।

খেলাপী [আ খিলাফ>] *বিণ* কিস্তি পরিশোধে ব্যর্থতার জন্য আরোপিত। 'খেলাপী সুদ ধরিয়া তাহার নামে কিস্তীখরচ লেখা হয়।' *সোমপ্রকাশ*, ১৮৬৮।

খেলাফি [আ খিলাফ>] *বি* প্রতিশ্রুতি ভঙ্গকারী। 'সওদার ও কর্জ্জা ও ওয়াদা খেলাফির বিরোধ।' *ডানকান*, ১৭৮৪।

খেলাফত, খেলাফৎ, খেলাফাত [আ খিলাফত] *বি* খলিফার পদ বা মর্যাদা। 'খেলাফত দিলেন মালেক আল্লা।' *লালন*, ১৮৯০; 'খুদি বিকাশের তৃতীয় স্তর খেলাফাত।' *মাহেনও*, ১৯৪৯।

খেলাফত/খেলাফৎ আন্দোলন *বি* তুরস্কের বাদশাকে মুসলিম জগতের খলিফা হিসেবে বহাল রাখার উদ্দেশ্যে ভারতবর্ষে মুসলমানদের রাজনৈতিক আন্দোলনের সমর্থক। 'খেলাফৎ ও তুরস্কের সহিত হিন্দুর কোন স্বার্থ জড়িত নাই।' *ছোলতান*, ১৯২৩।

খেলাফতী [আ খিলাফত>] *বি* খেলাফত আন্দোলনের সমর্থক। 'খেলাফতীদিগের শিরোমণি – স্বনামখ্যাত মওলানা আবুল কালাম আজাদ।' *দর্শন*, ১৯২৫।

খেলাফ, খেলাফি দ্র **খেলাপ**

খেলায়াৎ [আ খিল'আত] *বি* সম্মানসূচক রাজপোশাক। 'ভদ্রলোকের খেলায়াৎ সিরোপা হইল।' *দর্পণ*, ১৮৩৩। দ্র **খিলাত, খেলাত**

খেলাল [আ খিলাল] *বি* দাঁতের ফাঁক পরিষ্কার করার কাঠি। 'দাঁতের ফাঁকে ফাঁকে কাউকে খেলাল চালাতে দেখলাম না।' *হাই*, ১৯৫৮।

খেলি [স কেলি] *বি* লীলা। 'মন সুখে কর খেলি হের ঘরে চলি আমি।'

AMARBOI.COM

বিজয়, ১৬৫০।

খেলুআ [স খেল্>] *বি* খেলোয়াড়। *বিদ্যা*, ১৮৯১।

খেলুড়ি [হি খেলাড়ী] ১ *বিণ স্ত্রী* খেলা করছে এমন। 'শুনিয়া কাগজ ফেলে খেলুড়ি যুবতি।' *ভবানী*, ১৮২৫। ২ *বি স্ত্রী* খেলোয়াড়। 'যথাভিরুচি রূপ দেখিয়ে পালিয়ে যাচ্ছে খেলুড়ির মতো খেলা শেষে।' *অবন*, ১৯২৭।

খেলুড়ে [হি খেলাড়ী] ১ *বি* খেলোয়াড়। 'ছেলেদের মধ্যে দেখি একটা-দুটো খেলুড়ে থাকে তারাই খেলার সর্দার।' *অবন*, ১৯২৫। ২ *বি* খেলার সহযোগী। 'তাহার খেলুড়ে রাগ করিয়া বলে ...।' *বিভূতি*, ১৯২৯। ৩ *বিণ* খেলায় মগ্ন। 'গলিতে খেলুড়ে ছেলেমেয়েদের দু'একজনের ...।' *শ্যামল*, ১৯৬৭।

খেলেনা [স খেল্>] *বি* খেলার উপকরণ। 'শয্যার পায়ের কাছে খেলেনা ছড়ানো আছে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

খেলেনাওয়ালা *বি* খেলনা বিক্রেতা। 'খেলেনাওয়ালা সুর ধরিয়া 'চাই খেলেনা চাই' 'চুড়ি চাই' করিয়া ডাকিয়া যাইত।' *রবীন্দ্র*, ১৮৯১।

খেলো [খেলা>] ১ *বিণ* নিম্নমানের। 'এবং সস্তা করার অর্থ খেলো করা।' *প্রমথ*, ১৯১৫। ২ *বিণ* গুরুত্বহীন। 'ভারতবর্ষের কাছে আমরা এতটা খেলো হয়ে পড়তুম না।' *প্রমথ*, ১৯২০। ৩ *বিণ* অপদস্থ। 'তাঁকে খেলো করবার দুর্মতি।' *নজরুল*, ১৯২৮। ৪ *বিণ* লঘুপ্রকৃতির। 'একজাতের বাইজিমহলে চলতি খেলো সংগীত।' *রবীন্দ্র*, ১৯২৯।

খেলোনা *বি* ছোটো অলংকার বা রত্ন। *ক্যালগে*, ১৭৮৪।

খেলোয়াড় [স খেল্>] ১ *বি* যে খেলা করে। 'একজন খেলোয়াড় মাথায় হাত দিয়া ভাবিতেছে।' *প্যারী*, ১৮৫৮। ২ *বিণ* ধূর্ত; ছলনাময়ী। 'খেলোয়াড় মেয়েছেলে।' *বিভূতি*, ১৯৩১।

খেলোয়াৎ [আ খিল'আত] *বি* খিলাত; রাজার দেওয়া সম্মানসূচক পোশাক। 'সকলকে খেলোয়াৎ দিয়া বিদায় করিলেন।' *বঙ্কিম*, ১৮৬৫। *দ্র* **খিলাত, খেলাত**

খেশ [ফা খেশ] *বি* আত্মীয়। 'মাস্টারসাবের খেশ আসিয়াছেন।' *মনসুর*, ১৯৫৫।

খেশ-আকারেব [ফা খেশ+আ আকরিবা] *বি* নিকট আত্মীয়স্বজন। 'খেশ-আকারেব, দোস্ত-দুশমন ... প্রভৃতি খোশ-মেজাজে বহাল তবীয়তে হাজারো বৎসর যাবত বিবাহ-মজলিসে বিরাজমান।' *মাহেনও*, ১৯৪৯।

খেশ-কুটুম [ফা খেশ+স কুটুম্ব] *বি* আত্মীয়স্বজন। 'গরিব খেশ-কুটুমের বিপদে সাহায্য করেন।' *মনসুর*, ১৯৫৫।

খেশ-কুটুম্বিতা [ফা খেশ+স কুটুম্বিতা] *বি* আত্মীয়তা। 'গ্রীক রমণী ক্লিয়োপাত্রার সঙ্গে তার নাকি খেশ-কুটুম্বিতা আছে।' *মুজতবা*, ১৯৫২।

খেশারত *দ্র* **খেসারত**

খেশারি [স খঞ্জকারি>] *বি* ডালবিশেষ। 'কাঁচকলা ভাজা, খেশারির ডাল।' *জীবন*, ১৯৩৩। *দ্র* **খেসারি**

খেস [ফা খেশ] *বিণ* আপন। *বিদ্যা*, ১৮৯১।

খেসি [ফা খেশ>] *বিণ* আপনজনের মতো। 'খেসি কুটুম্বিতা না থাকুক তোর বাপ আমার বাপজানকে তো ভাই বলেই ডাকত।' *কায়সার*, ১৯৬২।

খেসারত, খেশারত, খেসারৎ [আ খসারত] ১ *বি* লোকসান। 'পুনরায় সেই জিনিষ বিক্রয় হইবেক তাহাতে যে খেসারত হয় তাহা প্রথম খরিদওয়ালা নিসা করিবেক।' *ক্যালগে*, ১৭৮৪। ২ *বি* জরিমানা। 'ত্রিশ হাজার খেসারৎ দিতে হয়।' *মণীশ*, ১৯৬৩। ৩ *বি* ক্ষতিপূরণ। 'ভবিষ্যতে খেসারত পাইবার সম্পূর্ণ সম্ভাবনা আছে তখন রাজি হইল।' *রবীন্দ্র*, ১৮৯৪; 'তাঁদের দৃষ্টির অনচ্ছতা এবং বিজাতীয় মনোভাবের খেশারত দিয়েছেন পরবর্তী মুসলমান জেনারেশন।' *মুরশিদ*, ১৯৭১।

খেসারতি [আ খসারত>] ১ *বি* ক্ষতিপূরণ। *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* ক্ষতিপূরণের অর্থাদি। 'আমার বাজে খরচার খেসারতির কথা ভাবছে না।' *মুজতবা*, ১৯৪৯। ৩ *বি* প্রতিদান। 'মেয়েদের কর্ম হচ্ছে পুরুষের আকাট মূর্খতার জন্য চোখের জল ফেলে খেসারতি দেওয়া।' *মুজতবা*, ১৯৪৯।

খেসারি [স খঞ্জকারি>] *বি* খেসারির ডাল। 'খেসারি কলই কিনি কিছু দিল তাএ।' *মালাধর*, ১৫০০।

খৈ [স খদিকা] *বি* খই। 'ধনেখালির খৈচুর শান্তিপুরের মোয়া।' *ভবানী*, ১৮২৫।

খৈ ফোটা *ক্রি* বেশি কথা বলা। 'তাদের মুখ দিয়ে অনর্গল খৈ ফুটতে থাকে।' *ওয়ালী*, ১৯৪৩।

খৈচুর [স খদিকা-চূর্ণ] *বি* চিনিতে পাকানো খইয়ের মোয়াবিশেষ। 'ধনেখালির খৈচুর শান্তিপুরের মোয়া।' *ভবানী*, ১৮২৫।

খৈনি, খৈনী [হি] *বি* তামাকপাতা ও চুনের এক রকমের মিশাল। 'খৈনী খাইতেছে।' *বিভূতি*, ১৯৩১; 'খৈনি খায়।' *বিভূতি*, ১৯৩৮।

খোআ [স ক্ষয়] *বি* ক্ষতি। *বিদ্যা*, ১৮৯১।

খোআনো [স ক্ষয়>] *ক্রি* হারানো। *বিদ্যা*, ১৮৯১।

খোই [স খদিকা] *বি* ধান ভেজে তৈরি করা মুড়ির মতো খাদ্যবিশেষ। 'মোর কাছে ছোট হালদার্ণির মুখি খোই ফুটতি থাকে।' *দীনবন্ধু*, ১৮৬০। *দ্র* **খই, খৈ**

খোওয়া [স ক্ষয়>] *বি* হারানো। 'তাহা খোওয়া গেলে অত্যন্ত বেশি ক্ষতি নাই।' *রবীন্দ্র*, ১৯০৫।

খোওয়ানো [স ক্ষয়>] *ক্রি* হারানো। 'কেবলই খোয়াইতে থাকিব।' *রবীন্দ্র*, ১৯০৫।

খোওয়া যাওয়া *ক্রি* হারিয়ে যাওয়া। 'যাহা খোওয়া যাইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

খোওয়াব [ফা] *বি* স্বপ্ন। 'ইব্রাহীম এয়ছাই যে খোওয়াব দেখিয়া।' *গরীব*, ১৭৬৫।

খোঁআড় [আ খুমারা] *বি* গোরু, ছাগল প্রভৃতি পশু রাখার স্থান। *বিদ্যা*, ১৮৯১।

খোঁআরি [ফা খারী] *বি* মদের নেশা কাটার পর অবসাদ। *বিদ্যা*, ১৮৯১।

খোঁচ [স সূচি] ১ *বি* তীক্ষ্ণ খোঁচা। 'মরি কুচনয়নে খোঁচ মারে প্রাণে।' *গিরিশ*, ১৮৮৭। ২ *বি* কাঁটা। *বিদ্যা*, ১৮৯১। ৩ *বি* খাঁজ। 'পথিক কোনো পাহাড়ের খোঁচে প্রাণপণে পাথর আঁকড়ে ঝুলে থাকে।' *শামসুর*, ১৯৬৬।

খোঁচাখুঁচি [স সূচি>] *বি* পরস্পর আঘাতকরণ। *বিদ্যা*, ১৮৯১।

খোঁচানি [স সূচি>] *বি* খোঁচা দেওয়ার কাজ। *বিদ্যা*, ১৮৯১।

খোঁচানো [স সূচি>] *ক্রি* খোঁচা দেওয়া। *বিদ্যা*, ১৮৯১।

খোঁচা [স সূচি>] *বি* তীক্ষ্ণ বস্তু দিয়ে আঘাত। 'কাঁটা খোঁচা ভুকে পায়

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঊর্ধ্বশ্বাসে সাধু ধায়।' মুকুন্দ, ১৬০০; 'বড়বাবুর বুকে একটু খোঁচা লাগে।' *দীনবন্ধু*, ১৮৬০; 'কাঁটা আছে, খোঁচা আছে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

খোঁচাওয়ালা *বিণ* সুচালো। 'খোঁচাওয়ালা কোণওয়ালা গথিক গির্জের ছাঁদে, মন্দিরের মণ্ডপের ছাঁদে নয়।' *রবীন্দ্র*, ১৯২৮।

খোঁচাখুঁচি [স সৃচি>] **১** *বি* পরস্পর বিবাদ। 'স্বভাবের গীত তুলিয়া সকলেই কিচিকিচি ও খোঁচাখুঁচি করিয়া মরিতেছি।' *রবীন্দ্র*, ১৮৮৭। **২** *বি* পরস্পর আঘাতকরণ। *বিদ্যা*, ১৮৯১; 'চঞ্চুতে চঞ্চুতে খোঁচাখুঁচি।' *রবীন্দ্র*, ১৯৩৯। **৩** *বি* ক্রমাগত অপবাদ ও সমালোচনা। 'চতুর্দিক হইতে খোঁচাখুঁচি লাগাইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৮। **৪** *বি* পরস্পরের প্রতি ব্যঙ্গবিদ্রূপ। 'কাগজগুলিই ছিল ওইরকম সব খোঁচা-খোঁচিতে ভরা।' *অবন*, ১৯৪১।

খোঁচা খোঁচা [স সৃচি>] **১** *ক্রিবিণ* তীক্ষ্ণাগ্র হয়ে। 'মুখের এ দিকে ও দিকে খোঁচা খোঁচা বেরিয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯১। **২** *বিণ* অমসৃণ। 'দীর্ণবিদীর্ণ রুক্ষ খোঁচাখোঁচা উলঙ্গ।' *নজরুল*, ১৯২৭। **৩** *বিণ* অল্প গজিয়েছে এমন। 'কদাকার মুখ, খোঁচা খোঁচা দাড়িতে অন্ধকার।' *মণীশ*, ১৯৫৭।

খোঁচাখোঁচি [স সৃচি>] *বি* কটাক্ষপূর্ণ আলোচনা। 'প্রায় প্রতি সংখ্যায় ইহা লইয়া দুই একটি খোঁচাখোঁচি থাকে।' *এসলাম*, ১৯৩৩।

খোঁচা দেওয়া *ক্রি* লেখায় পরস্পরের প্রতি তীক্ষ্ণ মন্তব্য প্রকাশ করা। 'তুমি আমাকে খোঁচা দিয়ে লিখিয়ে সাধারণের সামনে অপদস্থ কোরো না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

খোঁচানো [স সৃচি>] **১** *ক্রি* খোঁচা দেওয়া। *বিদ্যা*, ১৮৯১। **২** *ক্রি* বার বার উস্কে দেওয়া। 'কাগজ-কলম লইয়া বসিবার জন্য কে তোমাকে খোঁচাইতেছিল?' *রবীন্দ্র*, ১৮৯৭।

খোঁচা মারা *ক্রি* কটাক্ষ করা। 'ওদের মনে খোঁচা মারার ভিতর বেশি কিছু নিষ্ঠুরতাও নেই।' *প্রমথ*, ১৯১৫।

খোঁজ [হি খোজ] *বি* সন্ধান। 'সকলে খোঁজ করিয়া তাহাকে গ্রামে ফিরাইয়া আনিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

খোঁজখবর [হি খোজ+আ খবর] *বি* তত্ত্বতল্লাস। 'বিহারীর খোঁজখবর কে রাখিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০২।

খোঁজদার [হি খোজ+ফা দার] *বি* সন্ধানদাতা। 'সেই খোঁজদার আদি অবস্থায় গড়েপিটে গোছগাছ করে দিল।' *মনোজ*, ১৯৬১।

খোঁজদারি [হি খোজ+ফা দার>] *বি* খোঁজখবর করার কাজ। 'খোঁজদারির বখরা অন্য লোকের যদি হয় এক আনা, ক্ষুদিরামের নিদেনপক্ষে ছয় পয়সা।' *মনোজ*, ১৯৬১।

খোঁজ লওয়া *ক্রি* খবর নেওয়া। 'সকালে আজহার প্রতিবেশী সাকেরের খোঁজ লইতে গেল।' *শওকত*, ১৯৫৮।

খোঁজা [হি খোজ>] **১** *ক্রি* অনুসন্ধান করা। 'বহু দিন খুঁজিয়া পাইল দানঘাটে।' *বড়ু*, ১৫৭০। **২** *ক্রি* প্রত্যাশা করা। 'আস্বাদন নাহি জানে পেটভরা খোঁজে।' *গুপ্ত*, ১৮৫৮। **খুঁজিতে** *ক্রি* চাইতে। 'দান খুঁজিতে মোকে দেখায়সী সহী।' *বড়ু*, ১৪৫০। **খুঁজিয়া** *ক্রি* খুঁজে। 'কৃষ্ণকে খুঁজিয়া কুলে গোকুল নগর।' *রূপরাম*, ১৭৫০। **খুঁজিল** *ক্রি* খুঁজলো। 'ঘরে ঘরে খুঁজিল না দেখে নারায়ণ।' *রূপরাম*, ১৭৫০। **খুজন্তি** *ক্রি* চাচ্ছেন। 'স্বামীর নিজ ধন খুজন্তি কানাঞি।' *বড়ু*, ১৪৫০। **খুজি** *ক্রি* খুঁজে। 'পঞ্চগুণে এক পতি খুজি বারে বার।' *কবীন্দ্র*, ১৬৮৯। **খুজিআ** *ক্রি* খুঁজে। 'খুজিআ নগরে জ্ঞানী করহ ঔষধপানি।' *মুকুন্দ*, ১৬০০। **খুঁজিয়া** *ক্রি* খুঁজে। 'বহু দিন খুঁজিয়া পাইল দানঘাটে।' *বড়ু*, ১৫৭০। **খুঁজ্যা** *ক্রি* খুঁজে। 'তুমি যাও পাঠ পড়িতে আমি খুঁজ্যা বুলি।' *রূপরাম*, ১৭৫০। **খোঁজ** *ক্রি* অনুসন্ধান করো। 'কি হেতু তাঁহাকে খোজ কিবা প্রয়োজন।' *মানিকরাম*, ১৭৮১। **খোঁজে** *ক্রি* অনুসন্ধান করে। 'আহল বিহল খোজে আন্ধারিআ কোণ।' মুকুন্দ, ১৬০০। *দ্র* **খোজা**[১]

খুঁজে নেওয়া *ক্রি* আবিষ্কার করা। 'আপনারে খুঁজে লও, ধরো তারে বুকে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

খুঁজেপেতে *ক্রিবিণ* খোঁজাখুঁজি ক'রে। 'আমি অনেক খুঁজেপেতে আর একটা প্রবন্ধের সাক্ষাৎ লাভ করেছি।' *প্রমথ*, ১৯২০।

খোঁজাখুঁজি [হি খোজ>] *বি* অনুসন্ধান। 'দোঁহার মুখে দোঁহে চেয়ে নাই হৃদয়ের খোঁজাখুঁজি।' *রবীন্দ্র*, ১৯০০।

খোঁট [স খণ্ড] *বি* শাড়ি, লুঙ্গি বা গামছার প্রান্তভাগ। 'গামছার খোঁট হইতে রুটি চারখানা খুলিয়া নাড়াচাড়া করিতে লাগিল।' *জসীম*, ১৯৬০।

খোঁটজাল *বি* মাছ ধরার জালবিশেষ। 'ডিঙ্গির মানুষগুলি হাতের খোঁটজালের ফাঁদ গাঙ্গে নামাইয়া সন্তর্পণে বসিয়া ...।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

খোঁটা[১] [স ক্ষত] **১** *বি* অপবাদ। 'চিরকাল না রহিবে থাকি জাইবে খোঁটা।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* মেকি। 'যদি টাকা দিয়াছিলা সবগুলি খোঁটা।' *ভারত*, ১৭৬০। **৩** *বিণ* অদক্ষ। 'বাক্যে জেঠা, কর্মে খোঁটা।' *ভবানী*, ১৮২৮। **৪** *বি* দোষের প্রতি ইঙ্গিত। 'প্রায়ই আমাদিগকে খোঁটা দিয়া বলেন।' *রবীন্দ্র*, ১৯০৫।

খোঁটা খাওয়া *ক্রি* অপবাদ সহ্য করা। 'কথায় কথায় তাঁদের কত খোঁটাই খেয়েছি।' *রবীন্দ্র*, ১৯১৫।

খোঁটা দেওয়া *ক্রি* দোষারোপ করা। 'এ ধর্ম্মের ঘরে যিনি খোঁটা দিলেন, তাঁর বছর পার হবে না।' *উমেশ*, ১৮৫৭।

খোঁটা[২] [স খন>] **১** *ক্রি* ছোটো বস্তু একটি একটি করে সংগ্রহ করা। 'তোমরা সকলে এক চিত্ত হইয়া ইহা খুঁটিয়া লও।' *তারিণী*, ১৮০৩। **২** *ক্রি* নখ দিয়ে আলতোভাবে আঘাত করা। 'গৃহিণী ... হাতের বাউটির খিল খুঁটিতে খুঁটিতে কর্তা মহাশয়ের নিকেতনে সমুপস্থিতা।' *বঙ্কিম*, ১৮৮২।

খুঁটিয়ে দেখা *ক্রি* যত্নের সঙ্গে সব দিক বিশ্লেষণ করে দেখা। 'ভ্রূ কুঁচকিয়ে কী দেখে খুঁটিয়ে খুঁটিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩২।

খোঁটা[৩] [স ক্ষোড] **১** *বি* গোঁজ। 'গাওনার বেতরো আওয়াজে চমকে উঠে খোঁটা ও দড়ি নিয়ে দৌড়ুলো!' *হুতোম*, ১৮৬১। **২** *বি* খুঁটি। 'ভূতের খোঁটায় বাঁধা।' *রবীন্দ্র*, ১৯২২।

খোঁড়া[১] [স খঞ্জ] *বিণ* পঙ্গু। 'অন্ধ খোঁড়া লোক সব চলে সাথে সাথে।' *বৃন্দা*, ১৫৮০।

খুঁড়িয়ে চলা, খুঁড়িয়ে খুঁড়িয়ে চলা **১** *ক্রি* পায়ের পঙ্গুত্বের কারণে ধীরে গমন করা। 'সে খোঁড়াইয়া খোঁড়াইয়া কতদূর চলিবে।' *রোকেয়া*, ১৯২১; 'মনে হল একটু যেন খুঁড়িয়ে চলে।' *রবীন্দ্র*, ১৯৩২। **২** *ক্রি* কোনো কিছু অপ্রত্যাশিতভাবে মন্থর গতিতে চলা। 'কীর্তিনাশা খুড়ে খুড়ে চলে বারো মাস।' *জীবন*, ১৯৩২।

খোঁড়ানো [স খঞ্জ>] *ক্রি* খোঁড়ার মতো হাঁটা। 'তুই খোঁড়াচ্ছিস যে!' *রবীন্দ্র*, ১৯০৭।

খোঁড়ার পা খানায় পড়ে – বিপন্ন লোকের উপরই আরও বিপদ এসে পড়ে। 'খোঁড়ার পা খানায় পড়ে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খোঁড়া[২] [স খন>] **১** *ক্রি* আঘাত করা। 'এর উপরে মাথা খুঁড়ে মলেও

AMARBOI.COM

...।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *ক্রি* খনন করা। 'কুয়ো খুঁড়তে খুঁড়তে গুপ্তধন পেলে।' *রবীন্দ্র*, ১৯১০।

খোঁড়াখুঁড়ি ১ *বি* গভীর অনুসন্ধান। 'উত্তরপশ্চিম দেশে মহা খোঁড়াখুঁড়ি আরম্ভ করেছেন।' *প্রমথ*, ১৯২৫। ২ *বি* খননের কাজ। 'মাটি খোঁড়াখুঁড়ি।' *রবীন্দ্র*, ১৯৩৬। ৩ *বিণ* চাষ দেওয়া হয়েছে এমন। 'জায়গায় জায়গায় মাটি খোঁড়া।' *রবীন্দ্র*, ১৮৯৪।

খোঁড়া[৩] [স খুল্ল>] *বি* চাচা; পিতার ছোটো ভাই। 'বিধু খোঁড়া সেটা নেহাত বাঁদর।' *রবীন্দ্র*, ১৮৯৯।

খোঁড়া[৪] [স খুল্ল>] *বি* চাচা; পিতার ছোটো ভাই। 'বিধু খোঁড়া সেটা নেহাত বাঁদর।' *রবীন্দ্র*, ১৮৯৯।

খোঁদল [স ক্ষোদ>] *বি* গর্ত; কোটর। *বিদ্যা*, ১৮৯১; 'পথের খোঁদলে খোঁদলে গ্যাসের আলো আছে জমে।' *প্রেমেন্দ্র*, ১৯৪০।

খোঁপা [স ক্ষুপ] *বি* মেয়েদের ঝুঁটিবাঁধা চুল। 'লবঙ্গ দোলঙ্গ খোঁপা বান্ধিআঁ উল্লাসে।' *বড়ু*, ১৪৫০।

খোঁপার ফাঁস *বি* খোঁপার বাঁধন। 'তাদের খোঁপার ফাঁস খুলে যায়।' *জীবন*, ১৯৩২।

খোঁমারি [ফা খারী] *বি* নেশা। 'শারীরিক গ্লানি অত্যন্ত, খোঁমারি হইয়াছে।' *রাজ*, ১৮৭৪।

খোঁয়াড়, খোঁয়ার [আ খুমার>] ১ *বি* গোরু, ছাগল প্রভৃতি পশু রাখার স্থান। 'নেকড়ে বাঘ, খোঁয়াড় হইতে একটি মেষশাবক লইয়া যাইতেছিল।' *বিদ্যা*, ১৮৫৬; 'খোঁয়ারের দিকে।' *জীবন*, ১৯৩৩। ২ *বি* হাঁস-মুরগি রাখার জায়গা। 'একাধারে ঢেঁকিঘর, রসুইঘর, হাঁস-মুরগির খোঁয়াড়।' *কায়সার*, ১৯৬২।

খোঁয়ার *দ্র* **খোঁয়াড়**

খোঁয়ারি [ফা খারী>] ১ *বিণ স্ত্রী* লাঞ্ছনাপ্রাপ্ত। 'অভাগী খোঁয়ারি লাগি না আইল যমরা।' *মর্তুজা*, ১৭৫০। ২ *বি* মদের নেশা কাটার পর অবসাদ। 'তাঁহার অন্তরাত্মা খোয়ারিগ্রস্ত মাতালের মতো আজ যে অবস্থায় আছে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

খোকন [ওরাওঁ কোকা] *বি* ছোটো শিশুর আদরের ডাকনাম। 'দোল দিয়ে শুধাতেন, কী হল খোকন?' *নজরুল*, ১৯২৬।

খোকা [ওরাওঁ কোকা] ১ *বি* অল্পবয়সী বালক। 'বুড়ো মিনসে হয়েও ... খোকা সেজে বেরুতে লজ্জিত হন না।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* সন্তান। 'বৎসরে শুধু সংসারে আসে/ একখানি করে খোকা।' *রবীন্দ্র*, ১৮৯০।

খোকাখুকি [ওরাওঁ কোকা>] *বি* ছোটো ছেলেমেয়ে। 'ছুটল ওই খোকাখুকি সব।' *নজরুল*, ১৯২৬।

খোকাবাবু [ওরাওঁ কোকা+ফা বাবু] *বি* অবুঝ শিশু। 'আপনি কি মনে করেন আমি এখনো সেই খোকাবাবু আছি।' *রবীন্দ্র*, ১৯০৭।

খোকামণি [ওরাওঁ কোকা>+স মণি] *বি* ছোটো শিশুর আদরের ডাকনাম। 'বলে মোর খোকামণি।' *নজরুল*, ১৯২৬।

খোকামি [ওরাওঁ কোকা>+আমি] *বি* ছেলেমানুষি। 'মরে তবু বাঁচিবার আবদার খোকামি/ সংসারে এর চেয়ে নেই ঘোর বোকামি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

খোক্কস [স রাক্ষস>] *বি* রাক্ষস জাতীয় কাল্পনিক প্রাণীবিশেষ। 'ভৈরব রাক্ষস বোক্কস খোক্কস...।' *ভারত*, ১৭৬০।

খোচা [স সূচি] *ক্রি* চাষ করা। 'জমিন খোচা।' *মানোএল*, ১৭৪৩।

খোজা[১] [হি খোজ] *ক্রি* অনুসন্ধান করা। 'স্বামীর নিজ ধন খোজন্তি কাহ্নাঞি।' *বড়ু*, ১৪৫০। **খুঁজি** *ক্রি* খুঁজে। 'উকটিল কত ঠাঞি খুজি লাগ নাহি পাই।' *মালাধর*, ১৫০০। **খোজ** *ক্রি* অনুসন্ধান করো। *মানোএল*, ১৭৪৩। **খোজএ** *ক্রি* খোঁজ করে। 'চৈত্যা চোষ্যা লেহ্যা পেয় খোজএ সকল।' *কবীন্দ্র*, ১৬৮৯। **খোজ দেওয়া** *ক্রি* পথের সন্ধান দেওয়া। *মানোএল*, ১৭৪৩। **খোজন্তি** *ক্রি* খুঁজছে। 'স্বামীর নিজ ধন খোজন্তি কাহ্নাঞি।' *বড়ু*, ১৪৫০। **খোজল** *ক্রি* খুঁজলাম। 'খোজল সকল মহীতল গেহ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **খোজসি** *ক্রি* খুঁজছিস; অন্বেষণ করছিস। 'পাত্তরে হারাইআঁ বাঁশী মোর থানে খোজসি।' *বড়ু*, ১৪৫০। **খোজিলেঁ** *ক্রি* অনুসন্ধান করলে। 'খোজিলেঁ আহ্মা পাইবে নাহিঁ।' *বড়ু*, ১৪৫০। **খোজে** *ক্রি* প্রত্যাশা করে। 'তপ্ত পরমান্ন খোজে পার্ব্বন করিতে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

খোজা[২] [ফা খাজা] ১ *বি* হিজড়া। 'চটরে বেড়িয়া মাজা ডাকিয়া আনিল খোজা।' *বিজয়*, ১৬৫০। ২ *বিণ* যৌনাবেগহীন। 'মেয়ে হিজড়ে, পুরুষ খোজা, তবে হয় কর্ত্তাভজা।' *অক্ষয়*, ১৮৪৮।

খোজা করা *ক্রি* নপুংসক করা। *মানোএল*, ১৭৪৩।

খোজাপ্রহরী [ফা খাজা+স প্রহরী, সমাসে ই-কার] *বি* হেরেমে নিযুক্ত নপুংসক প্রহরী। 'খোজাপ্রহরিরক্ষিত প্রাসাদ-অন্তঃপুরে রহস্যনিকেতনের ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

খোজা[৩] [ফা খাজা] *বি* পশ্চিম ভারত ও পাকিস্তানে বসবাসরত মুসলমান সম্প্রদায়বিশেষ; ইসমাইলি সম্প্রদায়। 'তখন আলী খানের খোজা কর্মচারীর সঙ্গে আমার যোগাযোগ হয়েছিল।' *মুজতবা*, ১৯৫৯।

খোজামিএঁা [ফা খাজা] *বি* মান্য ব্যক্তি। 'খোজামিএঁা সাজে হাতে রাঙ্গা লাঠি।' *মুকুন্দ*, ১৬০০।

খোট[১] [স কূট] *বি* ঠোকর। 'আঁখিত কুক্কুটে খোট মারিলেক তবে।' *সুলতান*, ১৭০০।

খোট[২] [স খণ্ড] *বি* কাপড়ের প্রান্তভাগ বা কোণ। 'কোঁচার খোটেতে চক্ষু মুছিয়া কহিত।' *জঙ্গীম*, ১৯৩১।

খোটা[১] [স ক্ষত] ১ *বি* গঞ্জনা। 'সভায় কন্দল-দ্বন্দ্বে খোটা দিব লোক।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* দুর্বলতার প্রতি ইঙ্গিত। 'দ্বন্দ্বকন্দলে সদাই মোরে দেই বাঁজের খোটা।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* মেকি। 'জটি টাকা দিয়াছিলে সবগুলি খোটা।' *হ্যালহেড*, ১৭৭৫।

খোটা[২] *ক্রি* ঠোকর দেওয়া। 'সেই পদে খোটাই ডংসিলা।' *সুলতান*, ১৭০০

খোটা[৩] [স ক্ষোড] ১ *বি* খুঁটি। 'ঘাটে চাপাইয়া নৌকা বাঁধিল খোটায়।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* দণ্ড। 'বাঁশের খোটা পোঁতা।' *রবীন্দ্র*, ১৯১১।

খোটাগাড়ি [স ক্ষোড>+গাড়ি] *বি* যে ঘাটে নৌকা বাঁধার জন্য প্রদেয় করবিশেষ। 'ঘাটে নৌকা লাগাইবে, জমিদার "খোটাগাড়ি" লইবেন।' *সুলভ*, ১৮৭৩।

খোটিলা *বি* কানের অলংকারবিশেষ। 'ক্ষণে ক্ষণে খোটিলা পৈরএ মনোহর।' *আলাওল*, ১৬৮০।

খোট্টা [স ক্ষুদ্র>] ১ *বি* (অবজ্ঞাসূচক) হিন্দুস্তানি তথা উত্তর ভারতীয়। 'খোট্টা মোট্টা বুঝি নাই লুকাইব কোন ঠাঁই।' *ভারত*, ১৭৬০। ২ *বিণ* নীরস। 'খোট্টা লোকে তা বোঝে না।' *গুপ্ত*, ১৮৫৮।

খোট্টাই [স ক্ষুদ্র>] *বিণ* হিন্দুস্তানি। 'রামলীলা এদেশের পরব নয় – এটি প্রলয় খোট্টাই।' *হুতোম*, ১৮৬১।

খোট্টাকাঠ [স ক্ষুদ্রকাষ্ঠ] *বি* শুষ্ক কাঠ। 'খোট্টাকাঠের উপরও চোট

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পড়লে সেটা এমন আর্তনাদপূর্ণ খং শব্দ করে ওঠে।' *নজরুল*, ১৯২৭।

খোট্টাগিরি [স ক্ষুদ্র>+ফা গিরি] *বি* হিন্দুস্তানিদের মতো আচরণ। *বিদ্যা*, ১৮৯১।

খোট্টামোট্টা [স ক্ষুদ্র>] *বি* (অবজ্ঞাসূচক) হিন্দুস্তানি তথা উত্তর ভারতীয় লোকজন। 'খোট্টা মোট্টা বুঝি নাই লুকাইব কোন ঠাঁই।' *ভারত*, ১৭৬০।

খোড় [স খঞ্জ] *বিণ* পঙ্গু। 'খণে হএ খোড় খোণেকেঁ কানে।' *বড়ু*, ১৪৫০।

খোড়ল [স ক্ষোড>] *বি* গহ্বর। 'রাতের খোড়ল থেকে আকাশের কিনারায়।' *আহসান*, ১৯৪৪।

খোড়া[১] [স খঞ্জ] *বিণ* পঙ্গু। 'না পারে চষিতে খোড়া সাত বাড়ি করে জোড়া আঁতরে পাঁতরে রোপে কলা। *মুকুন্দ*, ১৬০০।

খোড়া[২]**, খোড়ানো** [স খঞ্জ>] *ক্রি* খুঁড়িয়ে চলা। 'ঈমান না হল পোক্তা খোড়াই জমিনে।' *লালন*, ১৮৯০।

খোড়ো [স খড়>] *বিণ* খড়ের তৈরি। **খোড়োঘর** *বি* খড়ের তৈরি ঘর। 'খোড়ো ঘরে ভগবতগীতা লইয়া কালযাপন করিতেছেন।' *রবীন্দ্র*, ১৯০০।

খোণেকেঁ [স ক্ষণ] *ক্রিবিণ* মাঝে মাঝে। 'খণে হএ খোড় খোণেকেঁ কানে।' *বড়ু*, ১৪৫০।

খোত [স ক্ষতি] *বি* ক্ষতি। 'আমি এমত চাকর নহী জে আপনকার কাজের খোত হইবেক।' *ওসাঁ*, ১৭৮২।

খোতখতরি [বা খুঁত+ফা খতরা] *বি* ক্ষয়ক্ষতি। 'কোন দফায় খোতখতরি চুরি লোকসান করি নাই।' *ওসাঁ*, ১৭৮২।

খোতবা, খোৎবা [আ খুতবা] *বি* খলিফার প্রশংসা-বচন।। 'মিম্বর উপরে উঠি খোতবা পড়এ।' *বাহরাম*, ১৬৫০; 'লাগিলা খোতবা পড়াইবারে।' *সুলতান*, ১৭০০।

খোদ [ফা খুদ] ১ *বিণ* স্বয়ং। 'আমি আপন সযুর্গথায় খোদ মুক্তারে হরেক চাকুরি করিয়া ...।' *চিঠিপত্রে*, ১৭৯৩। ২ *বি* সৃষ্টিকর্তা; আল্লাহ। 'খোদ সুরাতে পয়দা আদম।' *লালন*, ১৮৯০।

খোদকস্ত [ফা খুদ+ফা কশ্‌ত] *বি* স্থানীয় প্রজা। 'প্রজা ... প্রধানত দুই শ্রেণীতে বিভক্ত ছিল – খোদকস্ত আর পাইকস্ত।' *প্রমথ*, ১৯১৯।

খোদকস্তা [ফা খুদ+ফা কশ্‌ত] *বিণ* নিজে চাষ করে এমন। 'এক্ষণে গাঁতি অর্থাৎ খোদকস্তা প্রজা এত ও পাইকস্তা এত।' *প্যারী*, ১৮৫৮।

খোদকারী [স ক্ষুদ্র+স কারী>] *বি* বিশেষজ্ঞের কাছে কম বিদ্যা নিয়েই সব জানার বড়াই করা। 'খোদার উপর খোদকারী করবার প্রবৃত্তিটে কাজের লোকের পক্ষে যেমন অদম্য, সৌভাগ্যবশতঃ তেমনি নিষ্ফল।' *প্রমথ*, ১৯১৭।

খোদকারি [স ক্ষুদ্র>] *বি* খোদাই শিল্প। 'সেখানে বসুক ছেলেরা চিত্রকারি খোদকারি নানা কারিগরি শিখতে।' *অবন*, ১৯২৫।

খোদন [স ক্ষুদ্র>] ১ *বি* খোদাই করা। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* খনন। 'এ ঢিপি খোদন করিয়া যাহা পাইবি।' *রামরাম*, ১৮০১।

খোদল [স ক্ষোড>] *বি* কোটর। 'ডিঙ্গির খোদল ভরে উঠেছে বড়-বড় চকচকে মাছে।' *ওয়ালী*, ১৯৪৫।

খোদা[১] [ফা খুদা] *বি* আল্লাহ; ঈশ্বর। 'হিন্দু যারে বলে কৃষ্ণ খোদায় যবনে।' *বৃন্দা*, ১৫৮০।

খোদা-অন্বেষী *বিণ* খোদাকে খোঁজ করে এমন। 'উত্তর শুনে স্তম্ভিত হয়ে গেলেন খোদা-অন্বেষী সাধক।' *কায়সার*, ১৯৬৫।

খোদাই শিরনি *বি* কলেরা বা বসন্ত রোগ থেকে মুক্তির উদ্দেশে পালিত লোকাচারবিশেষ। 'কোথাও কলেরা-বসন্ত লেগেছে। তার জন্য খোদাই শিরনি হচ্ছে।' *ইসহাক*, ১৯৫৫।

খোদাওন্দ [ফা খুদাবন্দ] *বি* মান্য ব্যক্তিকে সম্বোধনের শব্দবিশেষ; মালিক। 'খানসামা উত্তর করিল, নহি হ্যায় খোদাওন্দ।' *রাজ*, ১৮৭৪।

খোদাতাআলা, খোদাতালা [ফা খুদা+আ তাআলা] *বি* মহান সৃষ্টিকর্তা। 'খোদাতালার মর্জি।' *মাইকেল*, ১৮৬০; 'মহাবিচারক খোদাতাআলা।' *ইসলাম*, ১৯০৭।

খোদাতাল্লা [ফা খুদা+আ তাআলা] *বি* মহান সৃষ্টিকর্তা। 'কেয়ামত দিনে খোদাতাল্লার আরশ ধরি।' *জসীম*, ১৯৩৩।

খোদাদাদী *বিণ* খোদাপ্রদত্ত। 'নাড়া দেওয়ার শক্তিটা খোদাদাদী, সমজদারের শক্তিটা সাধনা-লভ্য।' *মোতাহের*, ১৯৫০।

খোদাদ্রোহী [ফা খুদা+স দ্রোহী] *বিণ* খোদাকে অস্বীকারকারী। 'খোদাদ্রোহী নরাধম নাস্তিকদিগকেও পরাজিত করিয়াছে।' *দর্শন*, ১৯২২।

খোদাপ্রেমিক [ফা খুদা+স প্রেমিক] *বিণ* সৃষ্টিকর্তার অনুরাগী। 'খোদাভক্ত খোদাভীত খোদাপ্রেমিক দীনদয়াময়।' *ওয়ালী*, ১৯৬৪।

খোদাবন্দ [ফা] *বি* মান্য ব্যক্তিগণের প্রতি সম্বোধনে ব্যবহৃত শব্দ; প্রভু। 'জিলার খোদাবন্দ জজ সাহেবেরা সেই অত্যাচারি লবণের কর্ম্মচারিদিগের প্রতিই সাহায্য করিতেছেন।' *প্রভাকর*, ১৮৫৪।

খোদাভক্ত [ফা খুদা+স ভক্ত] *বিণ* সৃষ্টিকর্তার প্রতি অনুরক্ত। 'খোদাভক্ত খোদাভীত খোদাপ্রেমিক দীনদয়াময়।' *ওয়ালী*, ১৯৬৪।

খোদাভাবমত্ত [ফা খুদা+স ভাব-মত্ত] *বিণ* খোদাপ্রেমে মাতোয়ারা। 'যার পা খোদাভাবমত্ত লোকেরা চুম্বনে চুম্বনে সিক্ত করে।' *ওয়ালী*, ১৯৪৮।

খোদাভীত [ফা খুদা+স ভীত] *বিণ* আল্লাহকে ভয় পায় এমন। 'খোদাভক্ত খোদাভীত খোদাপ্রেমিক দীনদয়াময়।' *ওয়ালী*, ১৯৬৪।

খোদা মালুম, খোদায় মালুম – একমাত্র খোদা জানে। 'খোদায় মালুম কি, তাই নিয়ে বাহ্যজ্ঞানশূন্য।' *মুজতবা*, ১৯৪৯; 'তাড়াতাড়িতে কি নাম নোট করেছেন ... তা খোদা মালুম।' *সাদত*, ১৯৬৭।

খোদায়ি [ফা] *বি* খোদার ভাব। 'নিজের খোদায়ি দাবি ত্যাগ কর।' *মনসুর*, ১৯৫০।

খোদার উপর খোদকারি, খোদার উপর খোদকারী ১ *বি* কর্তার উপর কর্তৃত্ব করা। 'খোদার উপর খোদকারী করবার প্রবৃত্তিটে কাজের লোকের পক্ষে যেমন অদম্য, সৌভাগ্যবশতঃ তেমনি নিষ্ফল।' *প্রমথ*, ১৯১৭। ২ *বিণ* কর্তার উপর কর্তৃত্বকারী। 'এই খোদার উপর খোদকারি শক্তিকে দলিত করো।' *নজরুল*, ১৯২২।

খোদার খাসি *বি* (ব্যঙ্গার্থে) চিন্তাভাবনাহীন অলস অকর্মণ্য হৃষ্টপুষ্ট লোক। 'পূজারী দিনে দিনে ফুলে হচ্ছে খোদার খাসি।' *নজরুল*, ১৯২৪।

খোদার ঢিল *বি* বৃষ্টির সঙ্গে পড়া বরফখণ্ড। 'ছেলেরা ছুটত বাইরে, লুফে লুফে খেত খোদার ঢিল।' *ওয়ালী*, ১৯৪৮।

খোদে [ফা খুদা] *ক্রিবিণ* নিজে। 'আদমের কালেবে খোদা খোদে বিরাজে।' *লালন*, ১৮৯০।

AMARBOI.COM

খোদা[২] [স ক্ষুদ্>] *ক্রি* খনন করা। 'চারি দিকে কোটের খন্দক খুঁদিআছে।' *সুলতান*, ১৭০০।

খোদাইকর [স ক্ষুদ্>+স কর] *বি* খননকারী। 'সুড়ঙ্গ-খোদাইকর বালক।' *রবীন্দ্র*, ১৯২৬।

খোদাই-নৃত্য [স ক্ষুদ্>+স নৃত্য] *বি* খনন শ্রমিকদের আনন্দ-নাচ। 'আজ আমাদের খোদাই-নৃত্য হবে।' *রবীন্দ্র*, ১৯২৬।

খোদা[৩] [স ক্ষুদ্>] *বিণ* খোদিত; উৎকীর্ণ। 'গোরস্থানে ভ্রমণকালে গোরস্তম্ভ দেখিতে দেখিতে তাহার নিচে যে-সকল খোদা অক্ষর দেখিলে ...।' *হরপ্রসাদ*, ১৮৭৮।

খোদাই [স ক্ষুদ্>] *বি* উৎকীর্ণ করণ। 'কাঠে খোদাই করা ছবির মতো আঁকা।' *রবীন্দ্র*, ১৮৮১।

খোদানি [স ক্ষুদ্>] *বি* খোদাইয়ের কাজ। *বিদ্যা*, ১৮৯১।

খোদানো [স ক্ষুদ্>] *ক্রি* অন্যের দ্বারা খোদাই কাজ করানো। *বিদ্যা*, ১৮৯১।

খোদিত [স ক্ষুদ্>] *বিণ* খোদাইকৃত। 'কৃষ্ণবর্ণ অক্ষরে অনেক আয়েৎ খোদিত আছে।' *দর্পণ*, ১৮৩৩।

খোনকার [ফা খোন্দকার] *বি* লেখাপড়ার কাজে নিয়োজিত ব্যক্তি; শিক্ষক; পীর। 'খোনকার সাহেবকে দং দুই তঙ্কা–।' *চিঠিপত্রে*, ১৭৫৯।

খোনকারী *বি* খোন্দকারি; পীরগিরি। 'আমি বুঝি সেখানে খোনকারী করতে যাব!' *ইমদাদুল*, ১৯২০।

খোনা [আ খাননা] *বিণ* নাকি সুরযুক্ত। 'তাঁহার খোনা আওয়াজ আশেপাশের দুই-একজন পাড়াগেঁয়ে মেয়েমানুষ শুনিবামাত্রে ...।' *প্যারী*, ১৮৫৮।

খোনুস *বি* ঘৃণা। *মানোএল*, ১৭৪৩।

খোন্তা [স খনিত্র] **১** *বি* মাটি খোঁড়ার হাতিয়ারবিশেষ। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* শাবল। 'বানরের হাতে হ'ল কালের খোন্তা।' *শুভ*, ১৮৫৮।

খোন্দ [স খন্দ] *বি* ফসল। 'আর দু'মাস পরে খোন্দ উঠবে।' *মাহেনও*, ১৯৪৯।

খোন্দকারী [ফা] *বি* খোন্দকারের পেশা; পির ব্যবসায়। 'খোন্দকারী ব্যবসায়েরও উত্তরাধিকার পাইয়াছিলেন।' *ইমদাদুল*, ১৯২০।

খোপ [স ক্ষুপ] **১** *বি* হাঁস-মুরগি বা পায়রার বাসা। 'খোপের মধ্যে দুপুরবেলাকার পায়রার মতো সমস্তক্ষণ কেবল বকবক করছি।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বি* গর্ত; কোটর। 'তাদের খোপে খোপে গাঁঠে গাঁঠে পাখি বাসা বাঁধে কুটো-কাঠে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খোপওয়ালা [স ক্ষুপ+হি ওয়ালা] *বিণ* খোপ আছে এমন। 'ইহা খোপওয়ালা একটি বড়ো বাক্স।' *রবীন্দ্র*, ১৯১২।

খোপখাপ *বি* ফাঁক ফোকর। 'খোপেখাপে ঝোপেঝাপে কত-না বিস্ময় ভয়।' *রবীন্দ্র*, ১৮৮৩।

খোপনা [স ক্ষুপ] *বি* খোঁপা। 'মাজ্যা পিড়া খোপনা বান্ধে দিআ শিলা।' *মুকুন্দ*, ১৬০০।

খোপা[১] [স ক্ষুপা] *বি* গোলকাকারে বিন্যস্ত লম্বা চুল। 'বড় পতিআর্শে মৌ খোপা ফুলে ভরী।' *বড়ু*, ১৪৫০; 'খোপাত লুলয়ে তোর দোলঙ্গের মাল।' *বড়ু*, ১৪৫০; 'খোপাএ মৃগমদ বেড়ি ময়ুর ভ্রমর।' *সুলতান*, ১৭০০।

খোপায় *বি* চুলের কাঁটা। 'খোপায় ১ এক খান।' *মেয়র্স*, ১৭৬২।

খোপা[২] *বি* কাঠ। *মানোএল*, ১৭৪৩।

খোবসুরত [ফা খুবসুরত] *বিণ* সুন্দর। 'কোন দেশের মেয়েছেলে সবচেয়ে খোবসুরত?' *ওয়াদী*, ১৯৪৫।

খোবানি [ফা খুবানী] *বি* ফলবিশেষ। 'কিসমিস খোবানি বাহির করিয়া তাহাকে দিতে গেল।' *রবীন্দ্র*, ১৮৯২।

খোমা [স ক্ষমা] *বি* বন্ধ। 'তুষ্ট হইয়া বলে গোঁসাই নৃত্য খোমা কর।' *বিজয়*, ১৬৫০।

খোমার মহল [আ খুমার+ফা মহল] *বি* ঘুমানোর অথবা বিশ্রাম নেওয়ার জায়গা। *শৌভে*, ১৭৮৯।

খোম্পা [স ক্ষুপ] *বি* খোঁপা। 'খোম্পাত উপর গুজরে ভ্রমর।' *বড়ু*, ১৪৫০।

খোয়া[১], **খোয়ানো** [স ক্ষয়>] **১** *ক্রি* নষ্ট করা। 'খোয়াইতে।' *মানোএল*, ১৭৪৩। **২** *ক্রি* হারিয়ে ফেলা। 'মন আমার দিন কাটালি মূল খোয়ালি।' *গিরিশ*, ১৮৮৯। **৩** *ক্রি* পার ক'রে নষ্ট করা। 'কী জানি কোথায় সারাদিন আজি খোয়ালে।' *রবীন্দ্র*, ১৯০০। **খুইয়ে বসা** *ক্রি* হারানো। 'তুমি বুড়োবয়সে আক্কেল খুইয়ে বসেছ!' *রবীন্দ্র*, ১৯০৭। **খোয়াইনু** *ক্রি* খোয়ালাম। 'খোয়াইনু নখের ছন্দ।' *চণ্ডী*, ১৫৫০। **খোয়াবি** *ক্রি* নষ্ট করবি। 'আপনার কর্মদোষে ইহকালটা গেছে আবার পরকালটা কেন খোয়াবি?' *উমেশ*, ১৮৫৭।

খোয়া [স ক্ষয়] *বি* হারানো। 'আমার কাগজপত্র খোয়া গিয়াছে।' *মেয়র্স*, ১৭৫৭।

খোয়া[২] [হি] *বি* ইটের ছোটো টুকরা। *ওসাঁ*, ১৭৮৫; 'খোয়া পাচ হাজার।' *ক্যালগে*, ১৭৮৭।

খোয়া[৩] [স ক্ষীর] **১** *বি* ফলবিশেষ। 'খোয়া খেজুর খরমুজ; ইক্ষু শশা তরমুজ।' *ভবানী*, ১৮২৮। **২** *বি* গাঢ় শক্ত ক্ষীর। 'আপনাকে রোজ খোয়া খাওয়াতাম।' *বিভূতি*, ১৯৩৮।

খোয়াই *বি* বর্ধমানের একটি নদী। 'খোয়াইয়ের মধ্যে একটা গুহার ছায়ায় পা ছড়িয়ে দিয়ে বসতুম।' *রবীন্দ্র*, ১৮৯৪।

খোয়াকার [স কুয়াশা] *বিণ* কুয়াশাচ্ছন্ন। 'খোয়াকার নৈরাকার দেব পুরন্দর।' *অন্নাওল*, ১৬৮০।

খোয়াড় [স কুটির] **১** *বি* পশু-পাখি রাখার ঘেরবিশেষ। 'খোয়াড় ভাঙ্গার কথা শুন বলি রায়।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বি* বন্দীশালা। 'বিবেক বিক্রয় করে বানাতেন বাকোর খোয়াড়।' *মাহমুদ*, ১৯৭৩।

খোয়ানিয়া [স ক্ষয়>] *বিণ* নাশশীল। *মানোএল*, ১৭৪৩।

খোয়াব [ফা খাব] *বি* স্বপ্ন। 'যেমন তাদের খোয়াব।' *শিবরাম*, ১৯৭০।

খোয়ার [ফা] **১** *বি* নেশা-পরবর্তী অবসাদ। 'নারীর প্রেমের খোয়ার ভারি।' *গিরিশ*, ১৮৮৩। **২** *বি* অপমান। 'বলি পায়ে ধরে মাথার কীরে, আর সয় না খোয়ার।' *অমৃত*, ১৯০০।

খোয়ারি [ফা খারী] *বি* মদের নেশা কাটবার পর অবসাদ। 'নেসার খোয়ারি।' *হুতোম*, ১৮৬১।

খোর [ফা খোর] **১** *বিণ* খাদক। 'বান্দি বাচ্চা বদবক্ত ওরে হারামখোর।' *গরীব*, ১৭৬৫। **২** *বিণ* আসক্ত। 'গ্রামের নেশাখোর বাউলের দল।' *রবীন্দ্র*, ১৮৯১।

খোরপোশ, খোরপোষ [ফা] *বি* ভরণপোষণের ব্যয়। 'স্বামীর নিকট হইতে খোরপোষ লয়েন না।' *বঙ্কিম*, ১৮৭৫; 'আমরা অনেকে একটা খোরপোশের বন্দোবস্ত করতে বিলেত যাই।' *প্রমথ*, ১৯০৫।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খোরমা, খোরমান [ফা খুরমা] *বি* বড়ো খেজুর। 'সেব ও আঙুর আর খোরমা খাজুর।' *আলাওল*, ১৬৮০; 'চিনি আদি সর্করা আঙুর খোরমান।' *সুলতান*, ১৭০০।

খোরল *বি* গর্ত। 'একটি সারি খোরল বানিয়েছে।' *কায়সার*, ১৯৬২।

খোরসানী *বি* জাতিবিশেষ। 'খোরসানী মোগল পাঠান।' মুকুন্দ, ১৬০০।

খোরা [ফা আবখোরা] *বি* মাটি বা পাথরের বাটি। 'বড় খোরা লইয়া তেঁতুল গুলিতে বসিলেন।' *বঙ্কিম*, ১৮৮৪।

খোরাক [ফা খুরাক] ১ *বি* খাবার। *মানোএল*, ১৭৪৩; 'খোরাক পোসাক পাবে।' *মেয়র্স*, ১৭৬২। ২ *বি* রসদ। 'কল্পনাকে সর্বদাই সত্যের খোরাক দিয়ে বাঁচিয়ে রাখতে পারিনে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

খোরাক পোশাক, খোরাক-পোষাক [ফা খুরাক+ফা পোশাক] *বি* ভরণ-পোষণ। 'ইহাতে বেতন দুই টাকা ও খোরাক পোশাক ...।' *প্যারী*, ১৮৫৮; 'বউয়ের খোরাক-পোষাকটা ধরিয়া নিতে পার নাই?' *বঙ্কিম*, ১৮৮২।

খোরাকি, খোরাকী [ফা খুরাক>] ১ *বি* খাবার জন্যে খরচ। 'খোরাকীর টাকা পাঠাইবা।' *ওসাঁ*, ১৭৭৯; 'মায় খোরাকি তিনতঙ্কা পাইবা।' *ভবানী*, ১৮২৫। ২ *বি* খাদ্য বা ভরণপোষণ। *ওসাঁ*, ১৭৮২; 'দেশে হাহাকার পড়েছে; কারণ নাকি খোরাকির অভাব।' *মনসুর*, ১৯৩৫।

খোরাকী খাওয়া *ক্রি* ভরণপোষণের অর্থ নষ্ট করা। 'এখানে খামোখা বসে বসে খোরাকী খাওয়া।' *শওকত*, ১৯৫৮।

খোরাসানি, খোরাসানী [ফা খুরাসা] ১ *বি* খোরাসান দেশের অধিবাসী। 'আরবী মিসরী সামী তুরকী হাবসী রূমী খোরাসানী উজবেকী সকল।' *আলাওল*, ১৬৮০। ২ *বিণ* খোরাসান দেশে তৈরি। 'ধরে ঢাল তরোয়ার খোরাসানি খরধার।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৩ *বি* খোরাসান দেশের সৈনিক। 'খোরাসানি মঙ্গল সকল।' *কৃষ্ণরাম*, ১৭২৯।

খোর্মা [ফা খুরমা] *বি* শুকনা খেজুর। 'আজ চাই-ই লাল-শিরাজি স্বচ্ছ-সরস খোর্মা-পারা।' *নজরুল*, ১৯২৬।

খোর্মাবিথি [ফা খুরমা+স বীথি] *বি* খেজুর বাগান। 'সাত সাহারার সাইমুমে শোনে খোর্মাবীথির ডাক।' *ফরুখ*, ১৯৪৬।

খোল[১] [স খল্ল/ খোলক] ১ *বি* পানি সেঁচার পাত্র। 'গঙ্গণ দুখোর্লে সিংচই পাণী ন পইসই সান্ধী।' *চর্যা ১৪*, ১২০০। ২ *বি* কলা গাছের ছাল এবং তা থেকে তৈরি ক্ষার। 'ধোপানী কাপড় কাচে ক্ষার আর খোলে।' *কেতকা*, ১৬৫০। ৩ *বি* বাদ্যযন্ত্রবিশেষ; মৃদঙ্গ। 'বাজে খোল দণ্ডা।' *কেতকা*, ১৬৫০। ৪ *বি* গর্ত। 'দুই চক্ষু যেন তার নাকারার খোল।' *গরীব*, ১৭৬৫। ৫ *বি* আচ্ছাদন। 'তালা এক স্থানে ও খোল আর এক স্থানে।' *রামরাম*, ১৮০১। ৬ *বি* নারকেলের মালা বা শক্ত আবরণ। 'নারিকেলের খোল রাখিয়া ... এ পানীয় ঢালিয়া দিল।' *কৃষ্ণকমল*, ১৮৫৮। ৭ *বি* বালিশ বা লেপ-তোশকের প্রথম আবরণ, যার মধ্যে তুলা ভরা থাকে। 'বালিশের খোল সেলাই করিতে বসিয়া গেলেন।' *রবীন্দ্র*, ১৯০৯। ৮ *বি* নৌকা বা জাহাজের পাটাতনের নীচের অংশ। *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫; 'তোমরা তবু হাল ছাড়নি যখন জলে ভরেছে জাহাজের খোল।' *রবীন্দ্র*, ১৯৩৪। ৯ *বি* দিয়াশলাইয়ের কাঠি রাখার বাক্স। 'একটা দেশালাইয়ের কাঠিও সে বের করল খোল থেকে।' *হাফিজুর*, ১৯৫৩। ১০ *বি* কচ্ছপের শক্ত বহিরাবরণ। 'কচ্ছপের খোলের মত শক্ত শার্ট।' *মুজতবা*, ১৯৫৯। ১১ *বি* সুপারি গাছের পাতার গোড়ার চওড়া অংশ। 'সেটাকে পিছল করে সুপুরির খোল দিয়ে আসন বানিয়ে হটহট করে নিচে নেমে যাই।' *মুজতবা*, ১৯৬০। ১২ *বি* ঢালু জায়গা। 'গাঙের খোল থেকে ঠিক দেখা যাচ্ছে না।' *মনোজ*, ১৯৬১।

খোল[২] [স খলি] ১ *বি* খইল; তেলের কাইট। 'কেবল খাবো খোল, বিচিলি ঘাস।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বি* কানের ভিতরের ময়লাবিশেষ। 'তোমায় কানের খোল খাওয়ালাম?' *নজরুল*, ১৯৪১।

খোলবিচালি *বি* খইল এবং খড়। 'এক বৃহৎকায় বৃষ আসিয়া কলুর বলদের সেই খোলবিচালি-পরিপূর্ণ নাদায় মুখ দিয়া জাবনা খাইতেছিল।' *বঙ্কিম*, ১৮৭৩।

খোলকরতাল [স খোলক+করতাল] *বি* খোল ও করতাল; মৃদঙ্গ ও মন্দিরা। 'রাসলীলা নবনলিনী, খোলকরতাল তার কাঁটা।' *দীনবন্ধু*, ১৮৭৩।

খোলতাই [স ঋল্>] ১ *বিণ* দীপ্তিমান; শোভাময়। 'চেহারা আরও খোলতাই হয়েছে।' *নজরুল*, ১৯৩১। ২ *বি* প্রচলন। 'বে-অঞ্চলে জন্ম আমার, সেখানে তেতোটার খোলতাই নেই।' *মুজতবা*, ১৯৫৮।

খোলন *বি* খোলা। *ওসাঁ*, ১৭৮৫।

খোলনলচে [স খোলক+ফা নইচহ্] *বি* সামগ্রিক কাঠামো। 'এর খোলনলচে দুই বদলে একেবারে নতুন করে সৃষ্টি করব।' *নজরুল*, ১৯৩২।

খোলশ [স খোলক] *বি* সাপের গায়ের চামড়া। 'সাপ ঝরিয়ে দেয় তার খোলশ।' বৃদ্ধ, ১৯৪০।

খোলস [স খোলক] ১ *বি* বহিরাবরণ। 'পড়ে আছে শুধু পৈতেখানা তেজোহীন ব্রহ্মণ্যের নির্বিষ খোলস।' *রবীন্দ্র*, ১৮৮৯। ২ *বি* সাপের গায়ের চামড়া। *বিদ্যা*, ১৮৯১; 'যেন একটা প্রকাণ্ড সাপের নানা-রঙা খোলসের মতো দেখাচ্ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৩ *বি* ছদ্মবেশ। 'মেজবউয়ের খোলস ছিন্ন হতে এক নিমেষও লাগে না।' *রবীন্দ্র*, ১৯১৪।

খোলসমুখোশ [স খোলক+স মুখকোষ] *বি* ছদ্মবেশ। 'কত রকমের না বাইরের খোলসমুখোশ রয়েছে।' *নজরুল*, ১৯২৭।

খোলসা [আ খুলাসাহ্] ১ *বি* মুক্তি। 'যত মনে রাকবি ততই মন্দ, বলে ফেল্যে মন খোলসা পায়।' *রামনারায়ণ*, ১৮৫৪। ২ *বিণ* স্পষ্ট; বিশদ। 'এখানে মতামত নামক আসমানগামী ডানা দুটো খোলসা আছে বটে ...।' *রবীন্দ্র*, ১৮৮৫। ৩ *বিণ* খোলাখুলি; খোলামেলা। 'না জেনে ভেদ খোলসা কথায় কি মেলে।' *লালন*, ১৮৯০। ৪ *বিণ* উন্মুক্ত। 'পথ খোলসা হোক।' *রবীন্দ্র*, ১৯৩৭।

খোলা[১] [স খল্ল] ১ *বি* কলাগাছের বাকল। 'খোলাবেচা অর্থ তোর আছয়ে প্রচুর।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* ফলের বহিরাবরণ। '... লেখকদিগকে আমি তেঁতুল বলিয়া গণি। নিজের সম্পত্তি খোলা আর সিটে।' *বঙ্কিম*, ১৮৭৫। ৩ *বি* খোসা। 'ডিমের খোলা ভেঙে ফেললেই কিছু পাখি বেরোয় না।' *রবীন্দ্র*, ১৯০৭। ৪ *বি* দেহের শক্ত আবরণ। 'খোলা ছাড়াইয়া জীবিত ঝিনুক অথবা অয়স্টারকে যখন গলাধঃকরণ করা হয়।' *জগদীশ*, ১৯১৭। ৫ *বি* বাঁশের কুরুলের ছিলকা বা খোসা। 'বাঁশের খোলা উড়িয়া পড়িতেছে।' *বিভূতি*, ১৯২৯।

খোলার চাল *বি* সুপারি গাছের খোলা দিয়ে তৈরি চালা। 'খোলার চালে ঘুপসি একখানা বিচ্ছিন্ন ঘর এই মণীন্দ্রর।' *অচিন্ত্য*, ১৯৫০।

খোলা[২] [স খর্পর] ১ *বি* টেকির যে অংশে ধান থেকে তুষ আলাদা হয়; লোট। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* ভাজার পাত্রবিশেষ। 'খোলায় পিটুলি দেন হয়ে অতি শুচি।' *গুপ্ত*, ১৮৫৮। ৩ *বি* টালি; ঘরের ছাদ আচ্ছাদনের জন্য ব্যবহৃত পোড়ামাটির ফলক। 'চুনাগলি অধিবাস খোলার আলয়/ তাহাতেই কতরূপ আড়ম্বর হয়।' *গুপ্ত*, ১৮৫৮।

AMARBOI.COM

খোলাকুচি [স খর্পর>] *বি* মাটির হাঁড়িকলসি প্রভৃতির ভাঙা টুকরা। *বিদ্যা*, ১৮৯১।

খোলা[৩] **১** *ক্রি* মোচন করা; খুলে নেওয়া। 'বেহারা বুট খোল।' *কেরি*, ১৮০২। **২** *ক্রি* চালু করা বা হওয়া। 'পাঠশালা অগৌণেই খুলিবেন।' *বঙ্গদূত*, ১৮২৯। **৩** *ক্রি* তাকিয়ে থাকা; উন্মীলন করা। 'আদিদেব খুলিলা নয়ান।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৪** *ক্রি* বের করা। 'ঘোমটা তুলিলেন, মুখ খুলিলেন।' *দীপিকা*, ১৮৮৭। **৫** *ক্রি* শ্রুতিমধুর হওয়া। 'কানমলা খেলে তবে খোলে তার গানটা।' *সুকুমার*, ১৯২০। **৬** *ক্রি* প্রতিষ্ঠা করা। 'মহিলা বিভাগ খোলা সম্ভবপর হইয়াছে।' *বেগম*, ১৯৪৮।

খোলা[৪] **১** *বিণ* বেচাবিক্রির জন্যে মুক্ত। 'এত দোকান থাকিতে কেবল মদের দোকান খোলা।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫। **২** *বিণ* অনাবৃত। 'আধো-ঢাকা আধো-খোলা ওই তোর মুখ।' *রবীন্দ্র*, ১৮৯০। **৩** *বিণ* অবারিত। 'কোথা সে খোলা মাঠ।' *রবীন্দ্র*, ১৮৯০। **৪** *বিণ* দরজা দেওয়া নয় এমন। 'দেখে ঘর খোলা।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৫** *বি* **ফসল** মাড়ানোর জন্য নির্ধারিত উন্মুক্ত জায়গা। 'ওপারেতে ধানের খোলা/ এই পারেতে হাট।' *রবীন্দ্র*, ১৯০০। **৬** *বিণ* বাঁধা নয় এমন। 'বিনোদিনী খোলা চুল পিঠে মেলিয়া।' *রবীন্দ্র*, ১৯০২। **৭** *বিণ* মুক্ত। 'গঙ্গার খোলা হাওয়া।' *রবীন্দ্র*, ১৯০২। **৮** *বিণ* উদ্দাম। 'তোমার খোলা হাওয়া লাগিয়ে পালে।' *রবীন্দ্র*, ১৯১৪। **৯** *বি* ধান শুকানোর চাতাল। 'ধানকল-পায়রা উড়ে চলে যায় খোলাক্ষেত ছেড়ে।' *শক্তি*, ১৯৬৬। **১০** *বি* ইট তৈরি ও পাঁজা পোড়ানোর স্থান। 'বাতিল খোলাগুলো ধানী-জমির মাঝে মাঝে বর্ষার জলে এক একটি দীঘি হয়ে আছে।' *শ্যামল*, ১৯৬৭।

খোলা-খাড়া *বিণ* সজাগ। 'চোখ-কান খোলা-খাড়া না রাখলেও সেখানে আপনাকে অনেক খবর অনেক শুজব শুনতে হয়।' *মুজতবা*, ১৯৫৮।

খোলাখুলি ১ *বিণ* অসংকুচিত। 'এতদূর ইংরেজি কায়দা শিখিয়ে যে, তাদের সঙ্গে বেশ খোলাখুলি ভাবে কথাবার্তা কইতে পার্ত্যি।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বিণ* অকপট; স্পষ্ট। 'খুব খোলাখুলি ও দিলদরিয়া মেজাজের।' *বিভূতি*, ১৯৩৮।

খোলাখুলিভাবে *ক্রিবিণ* অকপটে। 'ইংরেজ লেখক হ'লে কুরুচি-পরিচায়ক প্রসঙ্গগুলো অমন খোলাখুলিভাবে বীরদর্পে উল্লেখ করত না।' *অন্নদা*, ১৯২৯।

খোলাচিঠি *বি* যে চিঠি সবার পড়ার জন্য উন্মুক্ত থাকে। 'তিনি যে একখানি খোলাচিঠি লেখেন।' *প্রমথ*, ১৯২০।

খোলাপ্রাণ *বিণ* উদার। 'তোরা ফুল, তোরা পাখি, তোরা খোলাপ্রাণ।' *রবীন্দ্র*, ১৮৮৩।

খোলামাঠ *বি* অবারিত প্রান্তর। 'অগ্রহায়ণের শীত খোলামাঠে হাড় কাঁপায়।' *ওয়াদী*, ১৯৪৮।

খোলামেলা ১ *বিণ* উন্মুক্ত। 'একখানা খোলামেলা কোঠায় থাকে।' *জীবন*, ১৯৩২। **২** *বিণ* সরাসরি; রাখা-ঢাকা নয় এমন। 'খোলামেলা কথা পছন্দ করি।' *শামসুল*, ১৯৬২।

খোলা-হাত *বিণ* উদার। 'দিল-দরাজ, খোলা-হাত পাঠক হয়ত অসহিষ্ণু হয়ে বলবেন ...।' *মুজতবা*, ১৯৫৯।

খোলাই [খোলা>] *বি* কোনো কিছু খুলে দেওয়ার বিনিময়ে প্রদেয় অর্থ। 'আমায় বে-ইজ্জত কোরবেন না, আমি কোমর খোলাই টাকা দিচ্ছি।' *মশাররফ*, ১৮৬৯।

খোলাডাই *বি* ধাত্রী। 'আমি অভাগিনী তার খোলাডাই মা।' *রূপরাম*, ১৭৫০।

খোলামকুচি, খোলামকুঁচি [স খোলক+স কূর্চ] **১** *বি* মাটির হাঁড়ি, কলসি প্রভৃতির ভাঙা টুকরা। 'খেজুর গুড়িটাতে বসে একটা খোলামকুঁচি নিয়ে পায়ের কাছে ...।' *নজরুল*, ১৯৩০; 'খোলামকুচির মতো ... ঠেলিয়া দেন।' *মানিক*, ১৯৩৭। **২** *বি* তুচ্ছ বস্তু। 'গরীবরা পায় খোলামকুচি, একী অনাসৃষ্টি?' *সুকান্ত*, ১৯৪৮।

খোলাঘা [আ খুলাসা] *বিণ* পরিষ্কার। **খোলাযারূপে** *ক্রিবিণ* পরিষ্কারভাবে; সংক্ষেপে। *হ্যালহেড*, ১৭৭৩।

খোলাসা, খোলোসা [আ খুলাসা] **১** *বি* মীমাংসা। 'তাহার খোলাসা হইয়া আইলে ফয়সল হইবেক।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *বিণ* অবাধ। 'তোমার কাজ যুবিতামত ও খোলাসারূপে জাহাতে চলিবেক তাহা লিখিতেছি।' *হ্যালহেড*, ১৭৭৩। **৩** *বিণ* ফাঁকা। 'স্তম্ভ ভাঙ্গিয়া পরমিট ঘরের সম্মুখ খোলাসা করা যাইবেক।' *দর্পণ*, ১৮২১। **৪** *বিণ* আটকানো নয় এমন। 'একটা ব্যাঘ্র সে খোলাসা ও মনুষ্যের দ্বেষ করে না।' *দর্পণ*, ১৮২৩। **৫** *ক্রিবিণ* বিস্তারিতভাবে। 'খোলোসা পড়।' *দীনবন্ধু*, ১৮৬০। **৬** *বিণ* বিস্তৃত। 'বেশি খোলাসা করে বলতে গেলে শ্রোতার বিরক্তি বোধ হতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

খোলাসারূপে *ক্রিবিণ* অবাধে। 'তোমার কাজ যুবিতামত খোলাসারূপে জাহাতে চলিবেক তাহা লিখিতেছি।' *হ্যালহেড*, ১৭৭৩।

খোলী [দ্র খল্লা] *বি* খোল; গাছের বাকল। 'সুপারি গাছের খোলী থেকেও সোনার ঢোল বানায়।' *মাহেনও*, ১৯৪৯।

খোশ [ফা খুশ] *বিণ* আনন্দিত। 'হেকমতে ওস্তাদ হৈল বড় খোশ দিল।' *গরীব*, ১৭৬৫। *দ্র* **খোষ, খোস**

খোশ-আমদেদ [ফা খুশ+ফা আমদিদা] **১** *বি* আনন্দ সংবাদ। 'খোশ-আমদেদ! স্বাগত হে দেশবন্ধু।' *নজরুল*, ১৯২৬। **২** *বি* স্বাগতম। 'খোশ আমদেদ।' *নজরুল*, ১৯২৮।

খোশ আলাপ [খোশ+স আলাপ] *বি* আমোদপূর্ণ আলাপ-আলোচনা। 'প্রশংসাসূচক খোশ আলাপে গা ভাসিয়ে দিইনে।' *হাই*, ১৯৫৬।

খোশ-কবলিতি [ফা খুশ+আ কবালা>] *বি* স্বেচ্ছা-বিক্রয় পত্র; সম্পত্তি হস্তান্তরের দলিল। 'যখন ভিটেয় হও বসতি দিয়েছিলে খোশ-কবলিতি।' *লালন*, ১৮৯০।

খোশখৎ [ফা খুশ+আ খত] *বিণ* প্রখর। 'খুড়র মত খোশখৎ বুদ্ধি প্রায় দেখিতে পাওয়া যায় না।' *বিদ্যা*, ১৮৭৩।

খোশ-খবর [ফা খুশ+আ খবর] *বি* সুসংবাদ। 'কেশর-রেণুর গন্ধ লুটে নিয়ে লালস-আলস ক্লান্ত সমীর এরই খোশ-খবর চারিদিকে রটিয়ে এল।' *নজরুল*, ১৯২২।

খোশখবরী [ফা খুশ+আ খবর>] *বি* সুসংবাদ। 'আশু বিজয়ের খোশখবরী তাহাদিগকে হাতছানী দিয়া ডাকিতেছে।' *আজাদ*, ১৯৬৫।

খোশ-খুমার [ফা খুশ+আ খুমার] *বি* খুশির নেশা। 'খোশ-খুমারে বিশ্বাস সুরমা-ডাগর চোখ করে ঢুলঢুল।' *নজরুল*, ১৯২২।

খোশখেয়াল [ফা খুশ+আ খেয়াল] *বি* খামখেয়াল। 'খোশখেয়ালে উড়াই ঢাকা, ডুবাই বর্ধমান।' *নজরুল*, ১৯২৪।

খোশ-খেয়ালী [ফা খুশ+আ খেয়াল] *বিণ* খামখেয়ালি। 'পড়ে আছে আকাশটা খোশ-খেয়ালী।' *রবীন্দ্র*, ১৯০৬।

খোশখোশাল [ফা খুশ+ফা খুশ+আ হাল] *বিণ* প্রফুল্ল। 'সদস্যদের

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মেজাজও হল অনেকটা খোশখোশাল।' *মনসুর*, ১৯৩৫।

খোশগল্প [ফা খুশ+স জল্প] *বি* মজাদার গল্পগুজব। 'খোশগল্পে মাতিয়া।' *ইসলাম*, ১৯২২।

খোশ-তবিয়ত [ফা খুশ+আ তবিয়ত] *বি* ভালো মানসিক অবস্থা। 'মেজাজটাও নাকি আজকাল বহাল খোশ-তবিয়েতে নেই।' *নজরুল*, ১৯২৭।

খোশ নসীবী [ফা খুশ+আ নসীব] *বি* সৌভাগ্য। 'জিরাত, জায়দাদ প্রভৃতি আজও দস্তুর মত খোশ নসীবীর নমুনা।' *মাহেনও*, ১৯৪৯।

খোশনাম [ফা খুশনাম] *বি* সুনাম। 'ফাঁস করে দিই যদি, হবে সে কি খোশনাম।' *রবীন্দ্র*, ১৯৪১।

খোশবাই [ফা খোশবু] *বিণ* সুগন্ধে পরিপূর্ণ। 'বৌবাজার অঞ্চলটা একেবারে খোশবাই হয়ে যাবে।' *বিমল*, ১৯৫৩।

খোশবাগ [ফা খুশবাগ] *বি* ফুলবাগান। 'খোশবাগ-ভরা কত যূথী আর টগরই।' *নজরুল*, ১৯২২।

খোশবান [ফা খোশবু] *বিণ* সুগন্ধি। 'খোশবান পানি।' *ওসাঁ*, ১৭৮৫।

খোশবু [ফা] *বি* সুগন্ধ। 'খোশবুই নিয়ামত উঠাইয়া লিব।' *গরীব*, ১৭৬৫।

খোশবুদা [ফা] *বিণ* সুরভিত। 'যদিই পাই তায় তোমার বোঁতার খোশবুদা খাক ধুল থোড়া!' *নজরুল*, ১৯৩৯।

খোশবুপানি [ফা খোশবু+হি পানি] *বি* সুগন্ধিযুক্ত পানি। 'যেতে সে খোশবুপানি ছিটায় কূলের ফুলমহলায়!' *নজরুল*, ১৯৪১।

খোশবো [ফা খোশবু] *বি* সুগন্ধ। 'তীব্র-মিঠে খোশবো তাহার উঠবে আমার ছাপিয়ে গোর।' *নজরুল*, ১৯৫৯।

খোশমহল [ফা খুশ+আ মহল] *বি* খাসমহল। 'মহারাজ ... আমদুল জব্বারের সহিত খোশমহলে বার দিয়াছেন।' *মশাররফ*, ১৮৮৫।

খোশ-মেজাজ [ফা খুশ+আ মিজাজ] *বি* প্রফুল্লচিত্ত। 'কাবীন-মোহরাণা ... প্রভৃতি খোশ-মেজাজে বহাল তবীয়তে হাজারো বৎসর যাবৎ বিবাহ-মজলিসে বিরাজমান।' *মাহেনও*, ১৯৪৯।

খোশমেজাজী [ফা খুশ+আ মিজাজ] **১** *বিণ* ফুরফুরে। 'ইংলণ্ডের ওয়েদার এমনি খোশমেজাজী যে ...।' *অন্নদা*, ১৯২৯। **২** *বিণ* টগবগে; প্রাণোচ্ছল। 'আহাহা আরবী তাজী খোশমেজাজী।' *অন্নদা*, ১৯৫৪।

খোশরোজ [ফা] *বিণ* আনন্দপূর্ণ। 'বিজয়-পতাকা ওড়াতে হলে খুন খোশরোজ খেলা খেলতে হবে।' *নজরুল*, ১৯২৪।

খোশহাল [ফা খুশ+আ হাল] *বি* সন্তোষজনক অবস্থা; বহাল তবিয়ত। 'দিব্যি আছিস খোশহালে।' *নজরুল*, ১৯২৬।

খোশা [স কোষ] *বি* ফলের আবরণ। 'খোশা ছাড়াতে-ছাড়াতে স্বাতী আস্তে-আস্তে বললো।' *বুদ্ধ*, ১৯৪৯।

খোশামোদ, খোশামদ, খোসামদ [ফা খুশামদ] **১** *বি* স্তাবকতা; চাটুকারিতা। *ওসাঁ*, ১৭৮৫; 'বক্রেশ্বর খোশামোদ ও বরামদ করিয়া ফ্যা ফ্যা করত।' *প্যারী*, ১৮৫৮। **২** *বি* তোয়াজ। 'এতো খোশামদ করেন বুঝিতে পারি না।' *দর্পণ*, ১৮৩৯। **৩** *বি* অকারণ প্রশংসা। 'খোশামোদ করতে হবে না।' *শিবরাম*, ১৯৭০। *দ্র* **খোসামদ**

খোশামুদি [ফা খুশামদ>] *বি* তোয়াজ। 'আমার এত ... গরজ পড়েনি লোককে খোশামুদি করে চিঠি দিবার।' *নজরুল*, ১৯২৭।

খোশামুদে [ফা খুশামদ>] *বিণ* চাটুকার। 'অর্থী ও স্বার্থপর খোশামুদে মিষ্ট মুখো।' *দর্পণ*, ১৮২১।

খোশাল [ফা খুশ+আ হাল] *বিণ* আনন্দিত। 'কোন বাহানায় যে খোশাল হও মোরে।' *গরীব*, ১৭৬৫; 'খোশাল হইয়া রণে রক্ত খায় পেতি।' *মানিকরাম*, ১৭৮১।

খোশালিত [ফা খুশ+আ হাল+স ত] *বিণ* আনন্দিত। 'ছেলে লৈয়া ছিল বুড়ি খোশালিত দেলে।' *মনসুর*, ১৯৪৩।

খোষ [ফা খুশ] *বি* খুশি। 'ঘরমধ্যে প্রবেশিল মনে বড় খোষ।' *বিজয়*, ১৬৫০। *দ্র* **খোশ, খোস**[১]

খোষখানা [ফা খুশ+ফা খানাহ্] *বি* বাগানবাড়ি। 'তার আগে খোষখানা নানা রঙ্গে পক্ষী নানা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

খোষ রেজা [ফা খুশ+আ রিজা] *বি* নিজের ইচ্ছা। 'খোষ রেজাতে আমার টরনি তোমাকে করিলাম।' *মেয়র্স*, ১৭৬৬।

খোষামোদ [ফা খুশামদ] *বি* সুবিধা লাভের আশায় মিথ্যা প্রশংসা; চাটুকারিতা। **খোষামোদকারক** [ফা খুশামদ+স কারক] *বি* চাটুকারিতা করে যে। 'ভাগ্যবন্তের অধীন ও খোষামোদকারক আর জ্ঞানেরো পরিপাক হয় নাই।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩২।

খোস[১] [ফা খুশ] **১** *বি* খুশি। 'কুকুর বদলে মেড়া লইয়া বড় খোস।' *বিজয়*, ১৬৫০। **২** *বিণ* উত্তম। *ভবানী*, ১৮২৩। *দ্র* **খোশ, খোষ**

খোসখৎ [ফা খুশ+আ খত] *বি* আনন্দের চিঠি। 'এমন খোসখৎ আর কে লিখতে পারে।' *দীনবন্ধু*, ১৮৭৩।

খোসখরিদ [ফা খুশ+ফা খরীদ>] *বি* সন্তোষজনক বিক্রি। 'আপরেল মাষের পহিলা তক খোসখরিদে বিক্রি না হয়।' *ক্যালগে*, ১৭৮৪।

খোসখেয়ালি [ফা খুশ+আ খেয়াল] *ক্রিবিণ* খামখেয়ালিভাবে। 'খোসখেয়ালি মুকুট পরে রাজ্য করে জয়।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

খোসগপ্প [ফা খুশ+স জল্প] *বি* হালকা মেজাজের গল্প-গুজব। 'কতিপয় খোসগপ্প তন্মধ্যে সংগ্রহীত হইয়াছে।' *দর্পণ*, ১৮৪০।

খোসগল্প [ফা খুশ+স জল্প] *বি* হালকা মেজাজের গল্পগুজব। 'তাঁহারদিগের সহিত দুটো খোসগল্প করিয়া স্নান করিলাম।' *অক্ষয়*, ১৮৪২।

খোস-চেহারা [ফা খুশ+ফা চিহরাহ্] *বি* সুন্দর চেহারা। 'আহা! এমন খোস-চেহারা কি হানফের ঘরে সাজে।' *মাইকেল*, ১৮৬০।

খোসনবীসী [ফা খুশ+আ নবীস>] *বি* খোশনবিসের কাজ; সুন্দর হাতের লেখার কাজ। 'কৌসিলের বাঙ্গলা খোসনবীসী কর্ম্মে নিযুক্ত ছিলেন।' *দর্পণ*, ১৮২২।

খোসনাম [ফা খুশনাম] *বি* সুনাম। 'জাহাতে মহারাজার খোসনাম থাকে।' *ওসাঁ*, ১৭৮২।

খোসপোসাকী [ফা খুশ+ফা পোশাক>] *বি* পোশাকবিলাসী। 'প্যালানাথ বাবু ... খোসপোসাকীর হদ্দ।' *হুতোম*, ১৮৬১।

খোসবু [ফা খুশবু] *বি* সুগন্ধ। 'আতরের খোসবু বড় পছন্দ করে।' *মাইকেল*, ১৮৬০।

খোস মেজাজ [ফা খুশ+আ মিজাজ] *বি* ফুরফুরে মন। 'মোসাহেবলোক সমভিব্যাহারে খোস মেজাজে থাকিতেন।' *দর্পণ*, ১৮২৫।

খোসমেজাজী [ফা খুশ+আ মিজাজ] *বিণ* প্রফুল্লচিত্তে আছে এমন। 'খোসমেজাজী বানর তোমায়।' *সত্যেন্দ্র*, ১৯১০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খোসরজা, খোষ রেজা [ফা খুশ+আ রিজা] *বি* খুশি; নিজের ইচ্ছা। *মেয়র্স*, ১৭৫৭।

খোস[১] [হি খোসনা] *বি* পায়ের ছাপ। 'নবীর পদের খোস নীচ হই রহে উচ্চ পাষাণেতে রহিল নিশান।' *সুলতান*, ১৭০০।

খোস[২] [স কোষ] *বি* ছাল। *মানোএল*, ১৭৪৩।

খোসক *বি* ভরণ পোষণ। *মানোএল*, ১৭৪৩।

খোসলা [হি খেসড়া] *বি* পাট বা শণের বস্ত্র। 'হরিণ বদলে পাইল পুরাণ খোসলা/ উড়িতে সকল অঙ্গে বরিসএ ধুলা।' *মুকুন্দ*, ১৬০০।

খোসা [স কোষ] ১ *বি* ফলের আবরণ। 'দাড়িম্ব বিদরে যেন খোসা না ধরিয়া।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* ডিমের শক্ত আবরণ। *ওসাঁ*, ১৭৮৫।

খোসাপুরু *বিণ* অনুভূতি প্রখর নয় এমন। 'ইংরেজ খোসাপুরু জাত।' *প্রমথ*, ১৯০৫।

খোসা-ভাঙা [খোসা+ভাঙা] *বিণ* খোসা ছাড়ানো হয়েছে এমন। 'বৃথা খোসা-ভাঙা বাদাম পাথরে পড়ে।' *ফররুখ*, ১৯৪৩।

খোসামোদ, খোসামদ [ফা খুশামদ] ১ *বি* তোয়াজ; চাটুকারিতা। 'খোসামোদ করন।' *ওসাঁ*, ১৭৮৫; 'কেবল খোসামদ, তোষামদ?' *এসলাম*, ১৯১৯। ২ *বি* উপাসনা। *ভবানী*, ১৮২৩। দ্র **খোশামোদ**

খোসামদি [ফা খুশামদ>] *বি* চাটুকারিতা। 'তবে ছায়াপ্রায় খোসামদি করিয়া থাকেন।' *ভবানী*, ১৮২৫।

খোসামদিআ [ফা খুশামদ>] *বিণ* চাটুকার। *বিদ্যা*, ১৮৯১।

খোসামুদিয়া [ফা খুশামদ>] *বিণ* খোসামুদে। *মানোএল*, ১৭৪৩।

খোসামুদী [ফা খুশামদ>] *বি* চাটুকারিতা। 'গোয়েন্দাগিরী, দালালী, খোসামুদী ও ঠিকে রাইটরী করে যা পান।' *হুতোম*, ১৮৬১

খোসামুদে [ফা খুশামদ>] *বি* তোষামোদকারী। 'খোসামুদেরা কর্ত্তার নিকট কহেন।' *ভবানী*, ১৮২৫।

খোসামোদি [ফা খুশামদ>] *বি* তোষামোদ; স্তুতি। 'অন্য লোকের খোসামোদি করিতে হয়।' *বিদ্যা*, ১৮৭৩।

খোসালিত [ফা খুশ] *বিণ* আনন্দিত। 'রহে নবী খোসালিত হইয়া।' *গরীব*, ১৭৬৫।

খোস্কি [ফা খুশকি] *বি* শুকিয়ে মরে যাওয়া। 'খোস্কি ও খেসারত বাবুদি ... লইবেক না।' *এডমন*, ১৭৯৩।

খ্যাংটো *বিণ* একগুঁয়ে স্বভাববিশিষ্ট। 'মাথায় শণের মতো চুলওয়ালা খ্যাংটো বুড়ি।' *ওয়াশী*, ১৯৪৮।

খ্যাংরা *বি* ঝাঁটা। 'ব'লে দেবে খ্যাংরা পিটে।' *গুপ্ত*, ১৮৫৮।

খ্যাংরা কাঠি *বি* ঝাঁটার শলা। 'তার দাঁতগুলি খ্যাংরা কাঠির মতো, মুখমণ্ডল বড়োই ঝাঁঝালো।' *হাসান*, ১৯৬৭।

খ্যাঁক [ধ্বন্যা] *বি* কর্কশভাবে ক্রোধ প্রকাশক শব্দ। 'খ্যাক খ্যাঁক করে মিছে, সব-তাতে দাঁত খিঁচে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

খ্যাঁকি [ধ্বন্যা খ্যাঁক>] *বিণ* অবিরত খ্যাঁক শব্দকারী। 'বাস রে খ্যাঁকি খ্যাঁক-শেয়ালি।' *নজরুল*, ১৯২৬।

খ্যাঁকশেয়ালি, খ্যাঁকশেয়ালী [ধ্বন্যা খ্যাঁক+স শৃগাল>] *বি* স্ত্রী এক প্রজাতির শিয়াল। 'কুঁদুলিকে নিয়ে গেল খ্যাঁকশেয়ালি এসে।' *সত্যেন্দ্র*, ১৯১০; 'কুকুরে খুঁজে খ্যাঁকশেয়ালী বার করে।' *প্রমথ*, ১৯৪১।

খ্যাঁচখ্যাঁচ [ধ্বন্যা] *বি* উচ্চ কলস্বর। 'চায়ের বাগানে পাখিদের খ্যাঁচখ্যাঁচ।' *জীবন*, ১৯৩১।

খ্যাঁচাখেঁচি [ধ্বন্যা খ্যাঁচখ্যাঁচ>] *বি* ঝগড়া-বিবাদ। 'থও না বাপু খ্যাঁচাখেঁচি।' *সুকুমার*, ১৯২০।

খ্যাঁট মারা *ক্রি* নেশা করা। 'খ্যাঁট মেরে বদহজম হলে ও-সব বিলকি-ছিলকি স্বপ্ন দেখা যায়।' *জীবন*, ১৯৪৮।

খ্যাঁড় [স খড়] *বি* শুকনা তৃণ। 'তাহাদের উপরে চাকণ চিকণ, ভিতরে খ্যাঁড়।' *প্যারী*, ১৮৫৮।

খ্যাঁতা [স কন্থা] *বি* কাঁথা। 'আর একটা খ্যাঁতা দে, মরে গেলাম, হেই বউ।' *হাসান*, ১৯৬৬।

খ্যাঁদা [স ক্ষুদ্র] *বিণ* বোঁচা। 'খ্যাঁদা নাকে নাচছে ন্যাদা।' *নজরুল*, ১৯২৬।

খ্যাঁশ খ্যাঁশ, খ্যাঁস খ্যাঁস [ধ্বন্যা] *বি* আলতোভাবে কোনো কিছু কাটার শব্দ। 'খ্যাঁশ খ্যাঁশ ঘ্যাঁচ ঘ্যাঁচ, রাত কাটে ঐরে।' *সুকুমার*, ১৯১৮; 'পাগলের মত এখানে ওখানে খ্যাঁস খ্যাঁস করে খামচান।' *মুজতবা*, ১৯৫২।

খ্যাক খ্যাক [ধ্বন্যা] *বি* পরিহাসযুক্ত হাসির শব্দ। 'খ্যাক খ্যাক করে হাসতে লাগল।' *জীবন*, ১৯৩২।

খ্যাঙরা-কাটি *বিণ* ঝাঁটার শলার মতো। 'খ্যাঙরা-কাটি আঙুলাগুলো।' *নজরুল*, ১৯২৬।

খ্যাদরা *বি* ঝাঁটা। 'গোঁপ জোড়াটি খ্যাঙরার মুড়া।' *প্যারী*, ১৮৫৯।

খ্যাচখেচানো [ধ্বন্যা খ্যাচখ্যাচ>] *ক্রি* নিরন্তর ঝগড়াঝাটি করা। 'ঠ্যাং চ্যাগাইয়া প্যাঁচা যায় যাইতে যাইতে খ্যাচখেচায়।' *নজরুল*, ১৯৩১।

খ্যাড় [স খড়] *বি* মাড়াইকৃত শুকনা ধানগাছ। 'গরু তো লয় যে খ্যাড় খাবে।' *হাসান*, ১৯৬০।

খ্যাত [স] ১ *বিণ* পরিচিত। 'তোর বাপ রাজ্যে খ্যাত নাম উজাড়দত্ত মুখদোষে শ্রবণবর্জিত।' *মুকুন্দ*, ১৬০০; 'খ্যাত বিখ্যাত অতি ক্ষমা কর মুখ জ্যোতি।' *বাহরাম*, ১৬৫০। ২ *বিণ* জ্ঞাত। 'সেই তাঁর হৃদয়েশ খ্যাত ইহা সর্ব্বদেশ।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৩ *বিণ* কুখ্যাত। 'খবর পায় যে তাহার এলাকায় খ্যাত ডাকাইত ওগয়রহ আশ্রয় লইয়াছে।' *ফরস্টার*, ১৭৯৩। ৪ *বিণ* অভিহিত। 'তাঁহারা স্বদেশে গিয়া নবাব নামে খ্যাত হয়।' *অক্ষয়*, ১৮৫০।

খ্যাতনামা [স] *বিণ* বিখ্যাত। 'কেননা খ্যাতনামা লেখকদের বিচার করবার অধিকার ...।' *প্রমথ*, ১৯১৫।

খ্যাতনাম্নী [স] *বিণ স্ত্রী* বিখ্যাত। 'খ্যাতনাম্নী নেত্রী শ্রীযুক্তা লীলাবতী মুন্সী।' *বেগম*, ১৯৪৮।

খ্যাতবিদ্য [স] *বিণ* বিদ্যার জন্যে খ্যাত। 'অনেকানেক খ্যাতবিদ্য ইংরাজ তাহা দৃষ্টি করিয়া উল্লেখ করেন।' *অক্ষয়*, ১৮৫০।

খ্যাতা [স] *বিণ স্ত্রী* পরিচিত। 'হটী বিদ্যালঙ্কার নামে খ্যাতা হইয়া বৃদ্ধাবস্থাতে কাশীতে অধ্যাপনা করিয়াছেন।' *দর্পণ*, ১৮২২।

খ্যাতাপন্ন [স খ্যাত-আপন্ন] *বিণ* খ্যাতিমান; যশস্বী। 'দেশান্তরে খ্যাতাপন্ন হইয়াছেন।' *রাজীব*, ১৮০৫।

খ্যাতাপন্না [স খ্যাত-আপন্না] *বিণ স্ত্রী* সুপরিচিত। 'যত আর বেশ্যামহলে খ্যাতাপন্না মান্যা ধন্যা অগ্রগণ্যা ছিলেন।' *ভবানী*, ১৮২৮।

খ্যাতি [স] ১ *বি* প্রচার। 'জগৎ ভরিয়া আমার হবে পুণ্য খ্যাতি।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কৃষ্ণদাস, ১৫৮০। ২ *বি* সম্মান। 'বিশারদের সমাধ্যায়ী এই তাঁর খ্যাতি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* উপাধি। 'অত্যন্ত তুষ্ট হইয়া আত্মকার্য্যের মধ্যে প্রধান কার্য্যে ভবানন্দকে নিযুক্ত করিলেন খ্যাতি রাখিলেন রায়মজুমদার। *রাজীব*, ১৮০৫। ৪ *বিণ* সুনাম। 'তাহারা খ্যাতি প্রতিপত্তি লাভ করিয়া গণ্য ও মান্য হইতে পারে।' *অক্ষয়*, ১৮৪৯।

খ্যাতি-অখ্যাতি [সা] *বি* সুনাম এবং দুর্নাম। 'এখন আমি খ্যাতি-অখ্যাতির বাইরে।' *অবন*, ১৯৪১।

খ্যাতিকীর্তি [সা] *বি* যশ। 'আমার জীবনের সমস্ত খ্যাতিকীর্তি কেবল আপনার মধ্যে বদ্ধ থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

খ্যাতিক্লান্ত [সা] *বিণ* খ্যাতি লাভ ক'রে ক্লান্ত। 'খ্যাতিক্লান্ত মনে যেতে যেতে পথের ধারে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

খ্যাতিপ্রতিপত্তি [সা] *বি* সুনাম ও মর্যাদা। 'যাঁহাদের বিদ্যাবিষয়ে খ্যাতিপ্রতিপত্তি লাভের বাসনা আছে...।' *অক্ষয়*, ১৮৫০।

খ্যাতিপ্রত্যাশী [সা] *বিণ* খ্যাতি চায় এমন। 'খ্যাতিপ্রত্যাশী অর্বাচীন বালকের সেই অপরাধ ... মার্জনা করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯১২।

খ্যাতিবিহীন [সা] *বিণ* খ্যাতি নেই এমন। 'বিনা বেতনে বিনা পুরস্কারে খ্যাতিবিহীন কর্মে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

খ্যাতিমান [সা] *বিণ* প্রসিদ্ধ। 'একজন প্রবীণ বিজ্ঞ ধার্মিক খ্যাতিমান লোক এই কবিতা পড়ে বড়ো লজ্জা পেয়েছিলেন।' *রবীন্দ্র*, ১৯৩৬।

খ্যাতির খাজনা [সা খ্যাতি>+আ খাজানাহ্] *বি* খ্যাতির মাশুল; খ্যাতির আনুষঙ্গিক অসুবিধা। 'সমস্ত জীবন ধরে খ্যাতির খাজনা দিতে হয়।' *রবীন্দ্র*, ১৯৪০।

খ্যাতিলাভ [সা] *বি* সুনাম অর্জন। 'সুলেখক হইয়া জগতে খ্যাতিলাভ করিতে সক্ষম হইত।' *অক্ষয়*, ১৮৫৫।

খ্যাতিশূন্য [সা] *বিণ* খ্যাতিহীন। 'অনামিক স্মৃতিচিহ্ন তারা খ্যাতিশূন্য অগোচরে রবে যেন অস্পষ্ট বিস্মৃতি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

খ্যাতিসম্পন্ন [সা] *বিণ* সুপ্রসিদ্ধ। 'করাচী ডাকের উন্নয়নের কাজটার ভার দেওয়া হয়েছে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন একটা কোম্পানীর হাতে।' *মাহেনও*, ১৯৪৯।

খ্যাতিসম্পন্না [সা] *বিণ* স্ত্রী খ্যাতিমান। 'খ্যাতিসম্পন্না মহিলাও রয়েছেন।' *বেগম*, ১৯৫০।

খ্যাতিহীন [সা] ১ *বিণ* অপরিচিত। 'তাঁহাকেও খ্যাতিহীন নিভৃত আশ্রমে অজ্ঞাতবাস ...।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* খ্যাতির ঝামেলা নেই এমন। 'স্তব্ধ অচেতন – খ্যাতিহীন শান্তি চাই আমি।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বিণ* অখ্যাত। 'খ্যাতিহীন কোনো গায়ক আত্মতৃপ্তি লাভ করার জন্যে গান রচনা করে।' *হাই*, ১৯৫৪।

খ্যাতিহীনতা [সা] *বি* অপ্রসিদ্ধি। 'কোনোমতে নির্জন নিঃশব্দ খ্যাতিহীনতার মধ্যে ফিরে যাই।' *রবীন্দ্র*, ১৮৯৪।

খ্যাদ [স খেদ] *বি* খেদ; আক্ষেপ। 'সে খ্যাদের কথা আর তুলিস নে।' *দীনবন্ধু*, ১৮৬০।

খ্যাদা [স খিদ্>] *ক্রি* খেদানো; তাড়িয়ে দেওয়া। 'খ্যাদায়ে দেবে যে, তাই যাচ্ছি।' *রামনারায়ণ*, ১৮৫৪।

খ্যান-খ্যানানি [ধ্বন্যা] *বি* বিরক্তিসূচক শব্দ। 'কেন জানিনে তার খ্যান-খ্যানানিটে যেন নূতন করে ...।' *প্রমথ*, ১৯১৫।

খ্যানখেনে [ধ্বন্যা] *বিণ* কর্কশ। 'ভিতর থেকে একটা খ্যানখেনে গলায় উত্তর শোনা গেল।' *সুনীল*, ১৯৭০।

খ্যাপন [সা] ১ *বি* প্রচার। 'দৃঢ় প্রেমমুদ্রা লোকে করিল খ্যাপন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* প্রকাশ। 'প্রাচীন শ্লোক অভ্যাস করিয়া স্বকবিত্ব খ্যাপন করিতেছেন ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

খ্যাপ মারা [স ক্ষিপ্>+মারা] ১ *ক্রি* বৈঠা বাওয়া। 'কুবের বলিল, গাও লাগাও বাই, জোরে খ্যাপ মার।' *মানিক*, ১৯৩৬। ২ *ক্রি* প্রত্যাশা অনুযায়ী লাভ করা। 'সুযোগ মতো খ্যাপ মারতে না পারলে বাঁচার উৎসাহ অনেক থিতিয়ে আসে।' *সেলিনা*, ১৯৭৫।

খ্যাপলা [স ক্ষিপ্>] *বি* মাছ ধরার জালবিশেষ। 'তোর খ্যাপলা খেলে না/ তাই কাতলা মেলে না।' *অমৃত*, ১৯০০।

খ্যাপা [স ক্ষিপ্ত>] ১ *বি* পাগল। 'খ্যাপার মতন আছি চিরদিন।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* আবেগপ্রবণ। 'সে কেবল খ্যাপা হৃদয়ের উদার উল্লাসে ...।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৩ *বি* বাউল। 'আপন-মনে খ্যাপার মতো।' *রবীন্দ্র*, ১৯১০। ৪ *বিণ* উন্মত্তের মতো বেগবান। 'কোন খ্যাপা শ্রাবণ ছুটে এল।' *রবীন্দ্র*, ১৯১৫। ৫ *বিণ* ক্রোধে উন্মত্ত। 'আমি খ্যাপা দুর্বাসা-বিশ্বামিত্র-শিষ্য।' *নজরুল*, ১৯২২। ৬ *বি* বাউণ্ডুলে। 'ওই খ্যাপাটাকে ভালোবেসেছিল।' *নজরুল*, ১৯২৭।

খ্যাপা কুত্তা *বি* পাগলা কুকুর। 'ওরা এখন খ্যাপা কুত্তা।' *পাশা*, ১৯৭১।

খ্যাপাটে [স ক্ষিপ্ত>] *বিণ* উন্মত্ত। 'সেদিন এক রকম খ্যাপাটে ভাবে সেদিনকার দক্ষিণের বারান্দাটায় নিষ্কর্মার মতো বেড়াচ্ছিলুম।' *রবীন্দ্র*, ১৮৯৫।

খ্যাপানো [স ক্ষিপ্ত>] *ক্রি* রাগানো। 'আমাকে খ্যাপাত দাদা নিশি-পাওয়া ব'লে।' *রবীন্দ্র*, ১৯৩২।

খ্যাপামি [স ক্ষিপ্ত>] *বি* পাগলামি। '... কোনো খ্যাপামি নেই, ও ভারী স্নিগ্ধ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

খ্যাপামো [স ক্ষিপ্ত>] *বিণ* পাগলামিপূর্ণ। 'এই খ্যাপামো হঠকারিতায় কী তোমার চেয়ে আমি কম কষ্ট পেয়েছি।' *নজরুল*, ১৯২৭।

খ্যাপান *বি* কীর্তন। 'বিস্মৃতপ্রায় খ্যাপানটি সুর করিয়া উচ্চস্বরে বলিতে বলিতে ...।' *প্রভাত*, ১৮৯৮।

খ্যামটা [হি খেমটা] *বিণ* (সংগীত) খেমটা তালযুক্ত। 'মাতায় চাদর জড়িয়ে খ্যামটা নাচের উচ্ছুগ কচ্চেন।' *হুতোম*, ১৮৬১।

খ্যামটাওয়ালি [হি খেমটাওয়ালী] *বি* নর্তকী। 'নৃত্য করিবার জন্য এক জোড়া খ্যামটাওয়ালি উপস্থিত হয়।' *দীনবন্ধু*, ১৮৭২।

খ্যাল [স খেল্>] *বি* ভেলকিবাজি। 'তুক তাক মন্ত্রতন্ত্র কত সব খ্যাল।' *ভণ্ড*, ১৮৫৮।

খ্যালনা [তুল হি খেলৌনা] *বি* খেলার জিনিস। 'সেকেলে ঢাল তলোয়ার, চীনে বাসন, গোরুর গলার ঘণ্টা ... যত রাজ্যের খ্যালনা।' *শিবরাম*, ১৯৪০।

খ্যালা [স খেল্>] ১ *বি* খেলা। 'চুপি চুপি বহুরূপী লুকাচুরি খ্যালা।' *ভণ্ড*, ১৮৫৮। ২ *ক্রি* খেলা করা। 'শীলকরেরা অনরেরী মেজেষ্টর হয়ে মিউটিনি উপলক্ষ করে দাদন, গাদন ও শামচাঁদ খ্যালাতে লাগলেন।' *হুতোম*, ১৮৬১।

খ্রিষ্টান [ই ক্রিশ্চিয়ান] *বি* খ্রিস্টধর্মাবলম্বী। 'জনকেশ্বর, তনয়েশ্বর ও কপোতেশ্বর, এই ঈশ্বরত্রয় খ্রিষ্টানদিগের উপাস্য দেবতা।' *অক্ষয়*, ১৮৫৪।

খ্রীষ্টানধর্ম [ই ক্রিশ্চিয়ান+স ধর্ম] *বি* খ্রিস্টধর্ম। 'এই কি তোমার

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খ্রীষ্টানধর্মের জিতেন্দ্রিয়তা?' *দীনবন্ধু*, ১৮৬০।

খ্রিষ্টীয় [স ক্রিশ্চিয়ান+স ঈয়] *বিণ* খ্রিস্টধর্ম সম্পর্কিত। 'কোন ব্যক্তি রোম নগরীয় খ্রিষ্টীয় সমাজকে অভ্রান্ত বলিয়া স্বীকার করেন?' *অক্ষয়*, ১৮৫৪।

খ্রিস্ট [ই ক্রাইস্ট] *বিণ* যিশু খ্রিস্ট। **খ্রিস্টাশ্রয়ী** [ই ক্রাইস্ট+স আশ্রয়ী] *বিণ* খ্রিস্টধর্ম অবলম্বনকারী। 'খ্রিস্টাশ্রয়ী এলিয়ট এবং বৈদান্তিক হাকসলি উভয়েই তাই শেষ পর্যন্ত সিদ্ধান্ত করেছেন ...।' *শিব*, ১৯৬০।

খ্রিস্টাননি [স ক্রিশ্চিয়ান>] *বি স্ত্রী* খ্রিস্টান নারী। 'যেতে দিবেন তো ওখানে খ্রিস্টাননিকে।' *নজরুল*, ১৯৩০।

খ্রিস্তান [ই ক্রিশ্চিয়ান] *বি* খ্রিস্টান। 'জরুর কেবল আছে যে খ্রিস্তান এহা না করুক।' *মানোএল*, ১৭৪৩।

খ্রীশ্চান [ই ক্রিশ্চিয়ান] *বি* খ্রিস্টধর্মাবলম্বী। 'ওঁ-তে যেরকম হিন্দুর ব্রহ্ম লাভ, ক্রুশে যে রকম খ্রীশ্চানের গড লাভ।' *মুক্ততবা*, ১৯৫৮।

খ্রীষ্ট, খ্রীস্ট [ই ক্রাইস্ট] *বি* যিশুখ্রিস্ট। *দর্পণ*, ১৮২৪।

খ্রীষ্টধর্মাবলম্বী, খ্রীষ্টধর্ম্মাবলম্বী [ই ক্রাইস্ট+স ধর্মাবলম্বী] *বিণ* খ্রিস্টধর্মের অনুসারী। 'যে-জাতি খ্রীষ্টধর্ম্মাবলম্বী তাহাদের দ্বারা ...।' *অক্ষয়*, ১৮৪৭।

খ্রীষ্টবাদী [ই ক্রাইস্ট+স বাদী] *বি* খ্রিস্টের মতবাদ অনুসরণ করে যে। 'খ্রীষ্টবাদীরা যে সকল অসার প্রমাণ প্রয়োগ করেন।' *প্রচারক*, ১৮৯৯।

খ্রীষ্টান [ই] ১ *বিণ* খ্রিস্ট প্রবর্তিত; খ্রিস্টের। 'খ্রীষ্টান ধর্ম্মে প্রবৃত্তি দিতে মহোদ্যোগী হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৪। ২ *বিণ* খ্রিস্ট ধর্মসম্বন্ধীয়। 'কর্ম্ম প্রাপ্তি হেতু খ্রীষ্টান মতাবলম্বী হইলেও হইতে পারে।' *অক্ষয়*, ১৮৪৪। ৩ *বি* খ্রিস্টধর্ম অবলম্বন করেছে যে। 'খ্রীষ্টানদিগের সহিত বিচারকালে বাইবেলের বচন উদ্ধৃত করিতেন।' *অক্ষয়*, ১৮৪৮। ৪ *বিণ* খ্রিস্টধর্মাবলম্বী। 'আমি খ্রীষ্টান হইয়া যে সকল আশা সিদ্ধ করিব মনে করিয়াছিলাম ...।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

খ্রীষ্টানী [ই ক্রিশ্চিয়ান>] ১ *বিণ* খ্রিস্টধর্ম সম্পর্কিত। 'ইসাই বা খ্রীষ্টানী ধোঁকাভঞ্জন।' *সুধাকর*, ১৮৯৩। ২ *বি* খ্রিস্টান সম্প্রদায়। 'জৈন পারসিক মুসলমান খ্রীষ্টানী।' *রবীন্দ্র*, ১৯১১। ৩ *বি* খ্রিস্টান ধর্ম। 'খ্রীষ্টানকে খ্রীষ্টানী ছাড়িতে হইবে।' *রোকেয়া*, ১৯২১।

খ্রীষ্টাব্দ [ই ক্রাইস্ট+স অব্দ] *বি* যিশু খ্রিস্টের জন্মের পর থেকে গণনাকৃত বছর। 'খ্রীষ্টাব্দের প্রথম বা দ্বিতীয় শতাব্দীর বুদ্ধ গয়ার যে বোধিবৃক্ষ বিদ্যমান ছিল ...।' *অক্ষয়*, ১৮৪৯।

খ্রীষ্টিয়ান [ই ক্রিশ্চিয়ান>] *বিণ* খ্রিস্টধর্ম অবলম্বনকারী। 'হাফ খ্রীষ্টিয়ান হাফ হিন্দু।' *দর্পণ*, ১৮৩৭।

খ্রীষ্টিয়ানি [ই ক্রিশ্চিয়ান>] *বিণ* খ্রিস্টানি। 'এই সকল খ্রীষ্টিয়ানি মত।' *মাইকেল*, ১৮৬০।

খ্রীষ্টীয় [ই ক্রাইস্ট+ স ঈয়] ১ *বিণ* খ্রিস্টের জন্ম থেকে গণনাকৃত। 'অষ্টাদশ বৎসর পর খ্রীষ্টীয় ১৮৪৩ অব্দে।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বিণ* খ্রিস্ট সম্বন্ধীয়। 'বাইবেল অনুবাদকগণ সেই ভাষার সর্ব্ব অঙ্গে খ্রীষ্টীয় তিলক চিহ্ন দিয়া গিয়াছেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

খ্রীষ্টীয়ান [ই ক্রিশ্চিয়ান] *বি* খ্রিস্টান। 'ফ্রিমেসনসংজ্ঞক খ্রীষ্টীয়ান ধর্ম্মাবলম্বিদিগের মধ্যে২ যে সংপ্রদায় আছেন।' *দর্পণ*, ১৮২৪।

খ্রীস্টমাস [ই] *বি* যিশুখ্রিস্টের জন্মদিন। 'খ্রীস্টমাস ইভে খ্রীস্টমাস ট্রি স্থাপনা হলো।' *অন্নদা*, ১৯২৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গ বাংলা ব্যঞ্জনের মধ্যে তৃতীয় বর্ণ। 'গ গাগানো (মুমূর্ষু অবস্থা) গছানো (গচ্ছিত) গড়া (গঠন) ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গঅণ, গঅণা [স গগন] *বি* গগন। 'বাহ তু কামলি গঅণ উবেসেঁ।' *চর্যা* ৮, ১২০০; 'শিরন্তর গঅণন্ত তুসেঁ ঘোলহ।' *চর্যা* ১৬, ১২০০; 'মই অহারিল গঅণত পণিআঁ।' *চর্যা* ৩৫, ১২০০; 'সরহ ভণই গঅণেঁ পমাএঁ।' *চর্যা* ৩৮, ১২০০; 'অকট হুঁ ভব গঅণা।' *চর্যা* ৩৯, ১২০০।

গঅণাঙ্গণ [স গগন+অঙ্গন] *বি* আকাশগঙ্গা। 'খররবি কিরণ সংতাপে রে গঅণাঙ্গন গই পইঠা।' *চর্যা* ১৬, ১২০০।

গঅন্দা [স গজেন্দ্র] *বি* গজেন্দ্র। 'মাতেল চীঅ গঅন্দা ধাবই।' *চর্যা* ১৬, ১২০০।

গঅবর [স গজবর] *বি* হাতি। 'গঅবর সমরস সান্ধি গুণিআ।' *চর্যা* ১৭, ১২০০।

গআল [স গোপালক>] *বি* গোপ। 'ধনে জনে মজাইলা গআলের মাইআ।' *মালাধর*, ১৫০০।

গই দ্র যাওয়া

গইন্দা [ফা গোয়িন্দাহ] *বি* গুপ্তচর। *বিদ্যা*, ১৮৯১।

গইন্দাগিরি [ফা গোয়িন্দাহ-গিরি] *বি* গুপ্তচরবৃত্তি; গোয়েন্দার কাজ। *বিদ্যা*, ১৮৯১।

গইব [আ গায়ীব] *বিণ* অদৃশ্য। *বিদ্যা*, ১৮৯১।

গইবি [আ গায়ীব>] *বিণ* গুপ্ত; আজগুবি। *বিদ্যা*, ১৮৯১।

গইরা [স গভীর] *বিণ* গভীর। *মানোএল*, ১৭৪৩।

গউ [স গতম্] *বিণ* গত। 'চালিঅ ষষহর গউ নিবাণেঁ।' *চর্যা* ২৭, ১২০০।

গউড় [স গৌড়] *বি* গৌড়। 'সুখে আছ গউড় নগরে।' *মুকুন্দ*, ১৬০০।

গউড়া [স গৌড়] *বি* (সংগীত) রাগবিশেষ। 'রাগ গউড়া হুর্গা ১৮, ১২০০।

গউন [স গৌণ] *বি* বিলম্ব। 'তিলেক গউন নাই ত্বরিত গমনে।' *মানিকরাম*, ১৭৮১।

গএ [স গয়া>] *ক্রিবিণ* গয়াতীর্থে। 'গএ গদাধর।' *বড়ু*, ১৪৫০।

গওনা [স গ্রহণ] *বি* গহনা; অলংকার। 'কত গওনার লোভ দেখিয়েছি, কিছুতেই ভোলে না!' *মশাররফ*, ১৮৬৯।

গওর [আ ঘওর] *বি* খেয়াল। 'কিছু গওর না করিয়া ...।' *চিঠিপত্রে*, ১৮৩১।

গওহর [ফা গওহার] *বি* মূল্যবান মতি। 'আনি জিবরাইল আজ হরদম দানে গওহর।' *নজরুল*, ১৯২৪।

গংকিণী *বি* নদীবিশেষ। 'একখানি হাসি! গংকিণী-জলে যেন বেহুলার ভেলা।' *জসীম*, ১৯৩০।

গঁণাখাঁদা [ও গ্রহণখণ্ডিয়া] *বিণ* উপরের ঠোঁট-কাটা। 'সাদাসিধে লোক কিন্তু জন্মাবধি গঁণাখাঁদা।' *প্যারী*, ১৮৫৮।

গঁদ [হি গোঁদ] *বি* জিওল, বাবলা ইত্যাদি গাছের কষ থেকে তৈরি আঠা। *ওসাঁ*, ১৭৮৫; 'মুখে দিলে, না অম্ল, না মিষ্ট, না তিক্ত, না কটু, কিছুই বোধ হয় না; যেমন, গঁদ, চুয়ান জল ইত্যাদি।' *বিদ্যা*, ১৮৫১।

গঁদানো [হি গোঁদ>] *ক্রি* আঠা লাগানো। *বিদ্যা*, ১৮৯১।

গগড় *বি* গাছবিশেষ। 'দেবধান গগড় ময়না কাঁটা।' *মুকুন্দ*, ১৬০০।

গগণ [স গগন] *বি* আকাশ। 'যেন মেঘ মহাঘোরে আসিয়া গগণ পরে।' *গরীব*, ১৭৬৫।

গগন [স] **১** *বি* আকাশ। 'মৃগমদ কুচযুগ গগন মাঝার।' *বড়ু*, ১৪৫০; 'মেঘে আৎসাদিত হৈল গগন মণ্ডল।' *মালাধর*, ১৫০০। **২** *বি* স্বর্গ। 'কত গগনবাসী অন্সরা।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

গগন-অঙ্গন [স] *বি* আকাশমণ্ডল। 'পূর্ণ কর রে গগন-অঙ্গন তাঁর বন্দনগানে।' *রবীন্দ্র*, ১৯০৯।

গগনগম্বুজ [স গগন+ফা গুম্বজ] *বি* আকাশ রূপ গম্বুজ। 'আ-নীল গগনগম্বুজ-ছোঁয়া।' *নজরুল*, ১৯৩০।

গগনচারিণী [স] *বিণ স্ত্রী* আকাশে বিচরণ করে এমন। 'কত গগনচারিণী ভৈরবী।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

গগনচারী [স] *বি* খেচর। 'স্বাধীন-গগনচারী, কাতরে নিশ্বাসি সহস্র কন্দর হতে বাষ্প রাশি রাশি।' *রবীন্দ্র*, ১৮৯০।

গগনচুম্বী [স] *বিণ* আকাশস্পর্শী। 'ইহার অব্যবহিত উত্তরপ্রান্তে গগনচুম্বী ... কারাকোরামনাম্নী শাখা অবস্থিতা।' *অক্ষয়*, ১৮৫৪।

গগন-ঢাক [স গগন+স ঢক্ক] *বি* প্রচণ্ড শব্দ করে এমন ঢাক। 'পড়িল গগন-ঢাকে কাঠি।' *নজরুল*, ১৯২৪।

গগনতট [স] *বি* আকাশের প্রান্ত। 'মেঘের খেলা গগনতটে।' *রবীন্দ্র*, ১৯১৪।

গগনতল [স] *বি* আকাশের পৃষ্ঠ। 'জুঝে রে দানব সব কোটালের ঠাটে হান হান শব্দ করে গগনতল ফাটে।' *মুকুন্দ*, ১৬০০।

গগনপর্যটক, গগনপর্য্যটক [স] *বি* আকাশচারী। 'গগনপর্য্যটকেরা ইহা পরীক্ষা করিয়া জানিয়াছেন।' *বঙ্কিম*, ১৮৭৫।

গগনপার [স] *বি* আকাশ। 'গগনপারের কারা আসে।' *রবীন্দ্র*, ১৯১৪।

গগনবাসী [স] *বিণ* স্বর্গে বাস করে এমন। 'কত গগনবাসী অপ্সরা।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

গগনবিচুম্বী [স] *বিণ* আকাশছোঁয়া। 'গগনবিচুম্বী তুষারকিরীটি হিমগিরি।' *সিরাজী*, ১৯১৮।

গগনবিদারি [স গগন+স বিদার>] *বিণ* আকাশ বিদীর্ণ করে এমন। 'মা তুমি গগনবিদারি।' *নজরুল*, ১৯৩১।

গগনবিদারিণী [স] *বিণ স্ত্রী* আকাশ বিদীর্ণ করে এমন। 'গগনবিদারিণী বিদ্যুল্লতা মানব জাতির দাস্যকর্মে নিযুক্ত।' *অক্ষয়*, ১৮৫৪।

গগনবিদারী [স] *বিণ* আকাশভেদী। 'বৃংহণের গগনবিদারী প্রচণ্ড নাদ।' *নজরুল*, ১৯২৭।

গগনবিহারী [স] *বিণ* আকাশে বিহার করে এমন। 'মানুষ গগনবিহারী হইয়া নীলাকাশে তাহার সম্রাজ্য বিস্তার করিতে সমর্থ হইয়াছে।' *জগদীশ*, ১৮৯৫।

গগনবুক [স গগন-বক্ষ>] *বি* আকাশের মধ্যস্থল। 'প্রকৃতি শান্তমুখে/ ছুটায় গগনবুকে/ গ্রহতারাময় তার রথ।' *রবীন্দ্র*, ১৮৯০।

গগন-ভরা [স গগন+ভরা] *বিণ* আকাশ-জোড়া। 'এ গগন-ভরা প্রভাত পশিল আমার অণুতে অণুতে।' *রবীন্দ্র*, ১৯০৫।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গগনভাল [স] *বি* আকাশরূপ কপাল। 'অনল উঠিছে গগনভালে।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

গগনভেদ [স] *বি* আকাশ ছেদন। 'তাহাই হিমালয়রূপে গগনভেদ করিয়া উঠিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৭।

গগনভেদি [স গগনভেদী] *বিণ* আকাশ ভেদ করে এমন। 'তুলিবে গগনভেদি হাহাকার ধ্বনি।' *গিরিশ*, ১৮৮৩।

গগনভেদিনী [স] *বিণ স্ত্রী* আকাশ ভেদ করে এমন। 'কলপনা গগনভেদিনী।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গগনভেদী [স] *বিণ* আকাশ ভেদ করে এমন। 'সঙ্গিগণ তিন বার গগনভেদী স্বরে ...।' *রাজ*, ১৮৭৪।

গগনমণ্ডল [স] *বি* সমস্ত আকাশ। 'নিমিষেকে জোড়ি মেঘ গগনমণ্ডল।' *মুকুন্দ*, ১৬০০।

গগনমণ্ডলস্থ [স] *বিণ* আকাশে আছে এমন। 'তিনি কখনও বা গগনমণ্ডলস্থ ভূরিসঙ্খ্য বৃহদাকার পদার্থ দর্শনে পরিতৃপ্ত।' *অক্ষয়*, ১৮৫৪।

গগনময় [স] *বিণ* আকাশজুড়ে বিস্তৃত। 'তার কলধ্বনি দখিন হাওয়ায় ছড়ায় গগনময়।' *রবীন্দ্র*, ১৯২২।

গগনমার্গ [স] *বি* আকাশপথ। 'ক্রোধানল গগনমার্গে উদ্ভীয়মান।' *দীনবন্ধু*, ১৮৭৩।

গগন-মূল [স] *বি* দিগন্ত; আকাশপ্রান্ত। 'ওই যে পুরব গগন-মূলে/ সোনার বরন পালটি তুলে।' *রবীন্দ্র*, ১৯১৪।

গগনযান [স] *বি* উড়োজাহাজ। 'এরোপ্লেন ও জেপলিন নামে অত্যদ্ভুত গগনযানদ্বয় তদ্বিষয়ের প্রকৃষ্ট প্রমাণস্থল।' *অক্ষয়*, ১৮৫৪।

গগনলগন [স গগনলগ্ন] *বিণ* আকাশছোঁয়া। 'শ্রাবস্তীপুরীর গগনলগ্ন প্রাসাদে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গগনললাট [স] *বি* দিগন্ত। 'অবারিত মাঠ, গগনললাট-চুমে তব পদধূলি।' *রবীন্দ্র*, ১৮৯৬।

গগনশির [স] *বি* আকাশপ্রান্ত। 'যার চারু-রত্ন-কান্তিছটা শোভে গো গগনশিরে।' *মাইকেল*, ১৮৬০।

গগনস্থ [স] *বিণ* আকাশে অবস্থিত। 'ষোড়শী পূর্ণযৌবনবতী হয় তখন গগনস্থ চন্দ্রের যেরূপ রাহু গ্রহণের শঙ্কা হয়।' *ভবানী*, ১৮২৮।

গগনস্থিতি [স] *বি* আকাশের অবস্থান। 'চলিল মন্দাকিনী ছাড়িআ গগনস্থিতি।' *মুকুন্দ*, ১৬০০।

গগনস্পর্শী [স] *বিণ* আকাশ স্পর্শ করতে চায় এমন। 'মধ্যে মধ্যে ... গগনস্পর্শী চূড়াসম্বলিত মনোমুগ্ধকর অট্টালিকাশ্রেণী।' *অক্ষয়*, ১৮৪৯।

গগনস্পর্শীয় [স] *বিণ* আকাশছোঁয়া; আকাশকে স্পর্শ করে এমন। 'গগনস্পর্শীয় প্রলয় অনলাকার হইল।' *রামরাম*, ১৮০১।

গগনাঙ্গন [স গগন-অঙ্গন] *বি* আকাশ রূপ অঙ্গন। 'পথ দেখিয়ে নিয়ে যায় ঊর্ধ্বতর প্রেম গগনাঙ্গনে।' *মুজতবা*, ১৯৬০।

গগলস, গগল্‌স [ই] *বি* রোদ থেকে চোখকে আরাম দেওয়ার বিশেষ রঙিন চশমা। 'তাঁহাদের মাথায় হেলমেট, কানে টেলিফোন এবং চক্ষে গগলস ছিল।' *রোকেয়া*, ১৯৩২; 'রাতেও গগলস-পরা।' *মান্নান*, ১৯৬৮।

গঙানো *ক্রি* কালযাপন করা। 'পাশায় গঙাইলে দিন মর্যাদা করাইলে হীন।' *মুকুন্দ*, ১৬০০।

গঙ্গ [স গঙ্গা] *বি* গঙ্গা। 'মালতি মাল সিরে নহ গঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গঙ্গা [স] **১** *বি* নদীবিশেষ। 'যেহ্ন শোভ করে সুমেরু গঙ্গার ধারে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* হিন্দু দেবীবিশেষ। 'গঙ্গা গঙ্গা বলি বহু করিলা স্তবন।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* গঙ্গানদীর জল। 'অন্তে শ্রীশ্রী - গঙ্গা দিবে।' *ওসাঁ*, ১৭৮৪।

গঙ্গাজল [স] *বি* গঙ্গা নদীর জল। 'গঙ্গাজলে পৈস গলে কলসি বান্ধিআঁ।' *বড়ু*, ১৪৫০।

গঙ্গাজলি [স গঙ্গাজল>] *বি* হাতে গঙ্গার জল নিয়ে শপথ। *বিদ্যা*, ১৮৯১।

গঙ্গাজলিআ [স গঙ্গাজল>] *বিণ* গঙ্গাজলের বর্ণবিশিষ্ট। *বিদ্যা*, ১৮৯১।

গঙ্গাজলী [স গঙ্গাজল>] *বিণ* গঙ্গার পানির মতো গেরুয়া রংবিশিষ্ট। 'এক২ যোড়া গঙ্গাজলী শাল হীরক অঙ্গুরীয়ক ...।' *দর্পণ*, ১৮২৬।

গঙ্গাতীর [স] *বি* গঙ্গার কিনারা। 'গঙ্গাতীরে বহুগ্রামযুক্ত মাকন্দী নগরী।' *অক্ষয়*, ১৮৪৭।

গঙ্গা দেওন *বি* মৃত্যুর আগে মুখে গঙ্গাজল দেওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

গঙ্গাধর [স] *বি* হিন্দুদেবতা শিব। 'গঙ্গাধর হর শ্মশান বিহারী।' *গিরিশ*, ১৮৮৩।

গঙ্গাধারা [স] **১** *বি* গঙ্গার জলপ্রবাহ। 'গঙ্গাধারা মিশবে নাকি কালো যমুনাতে।' *রবীন্দ্র*, ১৯৩৩। **২** *বি* গঙ্গাজলের ছিটা। 'তোর, প্রসাদিফুল পাই যদি মা/ গঙ্গাধারাও চাইনা শিরে।' *নজরুল*, ১৯৩৫।

গঙ্গা পাওয়া, ভাগের মা – 'ভাগের মা গঙ্গা পায় না অর্থাৎ মাকে গঙ্গাযাত্রা করানো এক বিষম লেঠা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গঙ্গা পার করে দেওয়া *ক্রি* সজ্ঞানে মৃত্যুর মুখে ঠেলে দেওয়া। 'তার গালে চূণ কালি দিয়ে, মাথায় ঘোল ঢেলে গঙ্গা পার করে দেই।' *উমেশ*, ১৮৫৭।

গঙ্গাপুত্র [স] *বি* মৃতদেহ দাহকারী সম্প্রদায়ের মানুষ। 'গঙ্গাপুত্র ১০০০।' *দর্পণ*, ১৮৩০।

গঙ্গাপ্রাপ্তি [স] *বি* মৃত্যু। 'তোমার ভাই অনুপমের হৈল গঙ্গাপ্রাপ্তি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গঙ্গাফড়িং [স গঙ্গা+স পতঙ্গ] *বি* সবুজ রঙের এক জাতের পতঙ্গ। 'গঙ্গাফড়িং লাফিয়ে চলে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

গঙ্গাফল [স গঙ্গা+স ফল] *বি* কচ্ছপের ডিম। 'গঙ্গাফল তার নাম অমৃত অসীম।' *ভারত*, ১৭৬০।

গঙ্গাবন্দনা [স] *বি* গঙ্গার পূজা। 'গুরুবন্দনা, গঙ্গাবন্দনা ও দাতাকর্ণাদি যাহার সমুদয় ...।' *অক্ষয়*, ১৮৫৫।

গঙ্গাবাস [স] *বি* গঙ্গার তীরে বসবাস। 'প্রভুর আজ্ঞাতে যেঁহো কৈল গঙ্গাবাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গঙ্গামৃত্তিকা [স] *বি* তিলক। 'নববাবুরা খিল খিল করিয়া হাসিতে হাসিতে গঙ্গামৃত্তিকা, ঝমা ও থুথকুড়ি গাত্রে বর্ষণ করিতে লাগিলেন।' *প্যারী*, ১৮৫৮।

গঙ্গা-যমুনা [স] *বি* শিশুতোষ লোকক্রীড়াবিশেষ। 'গঙ্গা-যমুনা খেলায় কোনখানায় ভাল তাক হয়।' *বিভূতি*, ১৯২৯।

গঙ্গা যমুনা হয়ে যাওয়া *ক্রি* সহাবস্থান করা। 'কেশগুলি শাদা কালোয় গঙ্গা যমুনা হইয়া গিয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৪।

গঙ্গাযাত্রা [স] *বি* গঙ্গাজল স্পর্শ করে মরার জন্য মুমূর্ষু ব্যক্তির

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গঙ্গাতীরে গমন। 'অমুকের মাতাকে গঙ্গাযাত্রা করাইয়াছে।' *দর্পণ*, ১৮২১।

গঙ্গাযাত্রী [স] *বি* মৃত্যুপথযাত্রী। 'বসছে উঠে গঙ্গাযাত্রী – সহমরণ করছি দাবী।' *সত্যেন্দ্র*, ১৯১২।

গঙ্গালাভ [স] *বি* মৃত্যু। 'অত্যাশ্চর্য্যরূপে গঙ্গালাভ হইয়াছে।' *দর্পণ*, ১৮৩০।

গঙ্গাসাগর [স] *বি* গঙ্গা নদী যে স্থানে সাগরের সঙ্গে মিলিত হয়েছে – প্রসিদ্ধ তীর্থস্থান। 'তাহা এইক্ষণে গঙ্গাসাগর ছাড়িয়া সমুদ্রগত হইয়াছে।' *দর্পণ*, ১৮৩০।

গঙ্গাস্নান [স] *বি* গঙ্গা নদীর জলে অবগাহন; হিন্দুমতে পুণ্যস্নান। 'যথোচিত ক্রিয়া করি করি গঙ্গাস্নান।' *বৃন্দা*, ১৫৮০।

গঙ্গাস্রোত [স] *বি* গঙ্গার পানিপ্রবাহ। 'গঙ্গাস্রোতে হস্তিনাপুর ভগ্ন হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৭।

গঙ্গোদক [স গঙ্গা-উদক] *বি* গঙ্গাজল। 'তিল তুলসী গঙ্গোদক।' *মুকুন্দ*, ১৬০০।

গঙ্গোত্রী [স] *বি* হিমালয়ের প্রান্তবর্তী হিন্দু তীর্থস্থানবিশেষ। **গঙ্গোত্রীশিখর** [স] *বি* হিমালয় পর্বতের গঙ্গোত্রী নামক হিমবাহের চূড়া। 'জগতের গঙ্গোত্রীশিখর হতে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

গঙ্গোপাধ্যায় [স] *বি* হিন্দু ব্রাহ্মণের পদবি-বিশেষ। 'বরাহনগরে শ্রীযুত গঙ্গোপাধ্যায়ের বাটীতে হইয়াছে।' *দর্পণ*, ১৮২২।

গচ [স গাত্র] *বি* ঘনত্ব। *বিদ্যা*, ১৮৯১।

গচানো [পা গচ্ছ>] *ক্রি* চাপানো; গোছানো। 'গচাইআ এড়িলেক জমুনার ঠাই।' *মালাধর*, ১৫০০। *দ্র* **গছা**

গচ্চা [পা গচ্ছ>] *বি* অযথা ব্যয়। 'চার চারটা টাকা গচ্চা গেছে।' *শিবরাম*, ১৯৭০।

গচ্ছা[১] [পা গচ্ছ>] *ক্রি* চলে যাওয়া। **গচ্ছন্তি** *ক্রি* চলে গেলো। 'গচ্ছন্তি বৈকুণ্ঠে দেবদেবে।' *মালাধর*, ১৫০০।

গচ্ছা[২] [পা গচ্ছ>] *বি* ক্ষতিপূরণ। *বিদ্যা*, ১৮৯১।

গচ্ছিত [পা গচ্ছ>] *বিণ* সঞ্চিত। 'সামুদায়িক বস্ত্র দুই ভ্রাতার স্থানে গচ্ছিত হইল।' *রামরাম*, ১৮০১।

গছ [স গাত্র] ১ *বি* বাঁকের ভার। 'চিনির পুরিআ নিল গছ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* ঘনত্ব। *বিদ্যা*, ১৮৯১।

গছা, গছানো [পা গচ্ছ>] ১ *ক্রি* চাপানো। 'বল করি খেওআ রাজা গছাইল মোরে।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রি* গচ্ছিত করা। 'লেজ কাটি গছায় ফুল্লরা বরাবরি।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *ক্রি* কৌশলে সম্মত করা। 'সেইখানে ধনজন গছাইয়া থো।' *বিজয়*, ১৬৫০। ৪ *ক্রি* অর্পণ করা। 'গছাল।' *বিদ্যা*, ১৮৯১। *দ্র* **গচানো**

গছিআ [স গচ্ছ] *বি* গাছ। 'মোরাহি রে অঁগনা চাঁদনকেরি গছিআ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গজ[১] [স] ১ *বি* হাতি। 'অসংক্ষ তুরগ গজ রথ দাসদাসি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* দাবা খেলার খুঁটিবিশেষ; বিশপ। *ওসাঁ*, ১৭৮৫; 'George হচ্ছে দাবার নৌকা, আর তুমি গজ।' *প্রমথ*, ১৯১৫।

গজকচ্ছপ [স] *বিণ* অত্যন্ত প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ। 'লাগিয়াছে দেহে গজকচ্ছপ রণ।' *নজরুল*, ১৯৩১।

গজকন্দা [স গজস্কন্ধ] *বিণ* হাতির কাঁধের মতো মোটা কাঁধবিশিষ্ট। 'গজকন্দা চেহারার মানুষের মনের বিমর্ষতা।' *জীবন*, ১৯৩২।

গজ-কপালিয়া [স গজ-কপাল>] *বিণ* খুব ভাগ্যবান। 'আপনে হৈলেন গজ-কপালিয়া মানুষ।' *মনসুর*, ১৯৫৩।

গজকুম্ভ [স] *বি* হাতির মাথার উপরের কলস আকৃতির মাংসপিণ্ড। 'সুররাজগজকুম্ভ কুচযুগল।' *বড়ু*, ১৪৫০।

গজগড়ি [স গজ+স গড়>] *বিণ* হাতির হাঁটার মতো আয়েশি গতিসম্পন্ন। 'হেন বুলী রাধা কলসী লঅঁ জাএ গজগড়ি ছান্দে।' *বড়ু*, ১৪৫০।

গজগমা [স গজ+স গমন] *বি* হাতির গতির মতো চলে যে। 'দেখিতে আইসে গজগমা।' *মুকুন্দ*, ১৬০০।

গজগামিনি [স গজগামিনী, সম্বোধনে ই-কার] *বি স্ত্রী* হাতির মতো সুন্দর ও মন্থর গতিতে চলে এমন ব্যক্তি। 'বঁউসি আনহ গজগামিনি রে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গজগামিনী [স] ১ *বিণ স্ত্রী* হাতির মতো চলনবিশিষ্ট। 'গজগামিনী, গোয়ালিনী।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *বিণ* ধীরগতিবিশিষ্ট। 'এমন গজগামিনী রেলগাড়ি সর্বত্র দেখতে পাওয়া যায় না।' *রবীন্দ্র*, ১৮৮১।

গজগিরি [স] *বি* কুয়াদির পাড়ে শান-বাঁধানো চত্বর। 'ঐ কুণ্ড সকল চতুর্দিগে পাকা গজগিরি করিয়া বান্ধা।' *দর্পণ*, ১৮২৩।

গজঘড় [স গজ>] *বি* হস্তিবাহিনী। 'বিষম অতিবড় আইসে গজঘড়।' *মুকুন্দ*, ১৬০০।

গজঘণ্টা [স] *বি* হাতির গলায় বাঁধা ঘন্টা। 'গজঘন্টা বাজে ভীষণাল।' *মুকুন্দ*, ১৬০০।

গজঘোট [স গজ>] *বি* হাতির পিঠে বিছানোর বস্ত্র। 'চামর পামরি ভোট সকলাত গজঘোট পট্টি সতরঞ্জ লাখে লাখে।' *মুকুন্দ*, ১৬০০।

গজ-ঢাক [স গজঢক্কা] *বি* হাতির গলায় বাঁধা হয় যে বাদ্যযন্ত্র। 'চলেন যেন ব্যাংটি হো হো উ-র গজ-ঢাক গাল পুরু।' *নজরুল*, ১৯২৬।

গজদন্ত [স] *বি* হাতির দাঁত। 'আঙ্গুলে অঙ্গুরী পরি বিচিত্র রত্তনে জড়ি করে গজদন্তের কঙ্কণ।' *সুলতান*, ১৭০০।

গজদন্তময় [স] *বিণ* হাতির দাঁত দিয়ে তৈরি। 'স্বর্ণ ও রত্নখচিত গজদন্তময় যান, বহুমূল্য শয্যা ...।' *অক্ষয়*, ১৮৪৭।

গজপতি [স] *বি* হাতিশ্রেষ্ঠ। 'অশ্বপতি গজপতি নর নৌকাপতি।' *বাহরাম*, ১৬৫০।

গজপীঠ [স গজপৃষ্ঠ] *বি* হাতির পিঠ। 'গজপীঠে বাজে দামা সাজিল রাজার মামা।' *মুকুন্দ*, ১৬০০।

গজবল [স] *বি* গজারোহী সৈন্য। 'পাইআ কুশলল উঠিল গজবল।' *মুকুন্দ*, ১৬০০।

গজবাজি [স] *বি* হাতি ও ঘোড়া। 'কৌতুক দেখন্তি বেড়ি গজবাজি রথে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গজবেনি [স গজ>] *বি* হাতির পিঠের উপর যে বাদ্য বাজানো হয়। 'রায়বেনি গজবেনি বাজে রুদ্রবীণা।' *মুকুন্দ*, ১৬০০।

গজবৃন্দ [স] *বি* হাতিসমূহ। 'সংগ্রামপরিচালনাকার্য্যে গজবৃন্দের সহায়তা আর গ্রহণ করে না।' *অক্ষয়*, ১৮৫৪।

গজভুক্ত কপিত্থ ফল [স] *বি* অন্তঃসারশূন্য ফল। 'নিশ্চয় করিতে কেহ পারে না গজভুক্ত কপিত্থ ফলের শস্যের ন্যায়।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

গজমতি, গজমতী [স গজমৌক্তিক] *বি* হাতির মাথায় উৎপন্ন কল্পিত

AMARBOI.COM

মানিকবিশেষ। **গজমতি হার** [গজমতি+স হার] *বি* গজমতির মালা। 'তহিত নক্ষত্রগণ গজমতীহার।' *বড়ু*, ১৪৫০; 'রানী গলার গজমতি হার দেখিয়ে বললেন ...।' *অবন*, ১৮৯৬।

গজমুকুতা [স গজ+স মুক্তা] *বি* হাতির মাথায় উৎপন্ন হয় এমন কল্পিত মুক্তা। 'হৃদয়ে কাঞ্চলী গজমুকুতার হার।' *বড়ু*, ১৪৫০।

গজমুক্তা [স] *বি* হাতির মাথায় উৎপন্ন হয় এমন কল্পিত মুক্তা। 'গজমুক্তা শোভে গুপ্ত শুক্তির সদনে।' *মাইকেল*, ১৮৫৯।

গজমুতি, গজমুতী, গজমোতি [স গজ+স মৌক্তিক] *বি* হাতির মাথায় উৎপন্ন হয় এমন কল্পিত মুক্তা। 'গাছে লাগি ছিণ্ডি সকল গজমুতী।' *বড়ু*, ১৪৫০; 'যেন বিগঠ গজমুতি।' *বাহরাম*, ১৬৫০; 'গলে হার গজমোতি কৃপা কর সরস্বতী।' *রূপরাম*, ১৭৫০।

গজমূর্খ [স] *বি* নিরেট মূর্খ। 'রে গজমূর্খ! বলি প্রভুপাদ।' *নজরুল*, ১৯৩১।

গজযূথ [স] *বি* হাতিসমূহ। 'রণে যূথনাথ সহ গজযূথ যথা।' *মাইকেল*, ১৮৬১।

গজরাজ [স] *বি* গজশ্রেষ্ঠ। 'গজরাজগতি পরিমল পারিজাত।' *বড়ু*, ১৪৫০।

গজরাজক [স] *বি* গজরাজ। 'পল্লবরাজ চরনভুগ সোভিত গতি গজরাজক ভানে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গজরাজি [স] *বি* হাতির দল। 'গজ রাজি সারি ২ লক্ষে ২ দাষ দাষী।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গজস্কন্ধ [স] *বিণ* হাতির ঘাড়ের মতো। 'সিংহগ্রীব গজস্কন্ধ কমলনয়ন।' *বৃন্দা*, ১৫৮০

গজাদি [স] *বি* হাতি এবং অন্যান্য পশু। 'বাদ্যের গভীর শব্দ গজাদির চীৎকার।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

গজারূঢ় [স গজ-আরূঢ়] *বিণ* হাতিতে সওয়ার। 'গৃহীতাস্ত্র ও গজারূঢ় হইয়া রাজার সম্মুখে গিয়া তাঁহাকে দর্শন করিলেন।' *হরপ্রসাদ*, ১৮১৫।

গজাস্তরণ [স] *বি* হাতির পিঠের আবরণ। 'মুক্তারাশি এবং গজাস্তরণ আনয়নের বিষয় উক্ত পর্ব্বে সন্নিবেশিত আছে।' *অক্ষয়*, ১৮৪৭।

গজেন্দ্র [স] *বি* শ্রেষ্ঠ হাতি। 'গজেন্দ্র জিনিয়া স্কন্ধ হৃদয় সুপীন।' *বৃন্দা*, ১৫৮০।

গজেন্দ্রগমন [স] *বি* সেরা হাতির গতিতে গমন। 'গজেন্দ্রগমনে কক্ষান্তরে গমন।' *বঙ্কিম*, ১৮৭৮।

গজেন্দ্রগামিনী [স] *বি স্ত্রী* হাতির ন্যায় হেলেদুলে মন্থর গতিতে চলে এমন রমণী। 'স্থূল নিতম্বিনী মধুরভাষিণী গজেন্দ্রগামিনী।' *ভবানী*, ১৮২৫।

গজেন্দ্রবদন [স] *বিণ* হাতির মতো মুখবিশিষ্ট। 'গীর্বাণপ্রধান দেব গজেন্দ্রবদন।' *মানিকরাম*, ১৭৮১।

গজেশ্বর [স গজ-ঈশ্বর] *বি* হাতি চালক। 'একশত ছত্রধারী সভানের অধিকারী/ ধবল অরুণ গজেশ্বর।' *বাহরাম*, ১৬৫০।

গজ[২] [ফা] **১** *বি* পরিমাপের একক; ৩৬ ইঞ্চি পরিমাণ দৈর্ঘ্য। 'প্রথমে করিল সজ দিঘে ডিঙ্গা শত গজ।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* কাপড় মাপার কাঠি। 'কাপড়-মাপা গজ দিয়া ...।' *মানিক*, ১৯৩৬।

গজকাঠি [ফা গজ+স কাষ্ঠিকা] *বি* একগজ পরিমাপক কাঠি। 'গজকাঠিতে বা ওজনের বাটখারায় জীবিতবস্তুর পরিমাপ হয় না।' *রবীন্দ্র*, ১৯০৮।

গজবর [ফা] *ক্রিবিণ* গজকাঠির মাপ অনুযায়ী। 'হরেক থান কাপড় তজবিজ করিয়া লইবা গজবর ও গোছে হরগিজ।' *হ্যালহেড*, ১৭৭৩।

গজগজ [ধ্বন্যা] **১** *বিণ* অসন্তোষ প্রকাশক অস্পষ্ট উক্তি করে এমন। 'চলে খচখচ রাগে গজগজ জুতা মচমচ তানে।' *সুকুমার*, ১৯২০। **২** *বি* অসন্তোষ প্রকাশক শব্দ। 'গজগজ করে ওঠে।' *জীবন*, ১৯৩২।

গজগজানো *ক্রি* অসন্তোষ প্রকাশ করা। 'মনুমিয়া আপন মনে গজগজায়।' *সেলিনা*, ১৯৭৫।

গজব [আ গজব] **১** *বি* বিপদ। 'কোন দোষে এলাহী গজব এয়ছা কইল।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* অভিশাপ। 'খোদার গজব সতুরই নাজেল হইবে।' *মোসলেম*, ১৯২৫।

গজব নাজেল হওয়া *ক্রি* সৃষ্টিকর্তার অভিশাপ কার্যকর হওয়া। 'কোন পাপে এমন গজব নাজেল হলো।' *আলাউদ্দিন*, ১৯৭১।

গজব নামা *ক্রি* বিপদ ঘনানো। 'আগামী বছর যে গজব নেমে আসবে তাতে সন্দেহ নেই।' *আলাউদ্দিন*, ১৯৫৪।

গজবি [আ গজব] *বি* বিপদ। *বিদ্যা*, ১৮৯১।

গজর [হি] *বি* কাল নির্দেশক ধ্বনি বা ঘণ্টা। 'দুই প্রহরের ঘড়ি গজরের তড়বড়ি।' *ভারত*, ১৭৬০।

গজর গজর [ধ্বন্যা] *বি* বিরক্তি বা ক্রোধ প্রকাশক অস্পষ্ট উক্তি। 'যুদ্ধে গুঁর মানিয়া নিবারণ গজর গজর করিতেছে।' *মানিক*, ১৯৪০।

গজরানো [স গর্জন>] **১** *ক্রি* আক্রোশে গর্জন করা। 'শাশুড়ী মাগী যেন বিষন্ন বাগিনীর মত গজরাতে লাগলো।' *দীনবন্ধু*, ১৮৬৩। **২** *ক্রি* চাপা গর্জন করা। *বিদ্যা*, ১৮৯১; 'গজরাতে গজরাতে তার পিছু-পিছু যাই।' *শিবরাম*, ১৯৭০। **গজরিয়ে** *ক্রি* গর্জন ক'রে। 'অমনি সে গজরিয়ে উঠে সুখপাখিরে হানা দেয়।' *লালন*, ১৮৯০।

গজল [আ] **১** *বি* (সংগীত) ধ্রুপদ, খেয়াল, ঠুংরির মতো এক শ্রেণীর গান। 'টপ্পা, নক্সা, জঙ্গলা, গজল ও রেক্তা গাইয়া পল্লীকে কম্পিত করেন।' *প্যারী*, ১৮৬১। **২** *বি* প্রণয়গীতি। 'চৈতী রাতের গাইত গজল বুলবুলিয়ার বর।' *নজরুল*, ১৯২৫।

গজল্লা [আ গজল] *বি* হইচই। 'তাড়ি খেয়ে গজল্লা বাধাবে রাত-দুপুরে।' *শ্যামল*, ১৯৬৭।

গজা[১]**, গজানো** **১** *ক্রি* অনুগমন করা। 'পার উআরে সোই গজিই।' *চর্যা* ৩২, ১২০০। **২** *ক্রি* জন্মানো। 'ও জটা কি গজিয়েছে?' *গিরিশ*, ১৮৮৭। **৩** *ক্রি* অঙ্কুরিত হওয়া। 'আবার নতুন নতুন পাতা গজাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৪** *ক্রি* পরানো। 'তার গায়ে গজাইল কাশ্মীরী শাল।' *সত্যেন্দ্র*, ১৯১৭। **৫** *ক্রি* অনুভূত হওয়া। 'একটা প্রশ্নের চারা মনে গজাতে দিয়ে ...।' *পাশা*, ১৯৭১।

গজিয়ে ওঠা *ক্রি* জন্মানো। 'বরফ গলার দিনে গাছপালা গজিয়ে উঠতে থাকে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গজা[২] [স গজ] *বি* ময়দা দিয়ে তৈরি শুকনা মিষ্টান্নবিশেষ। 'খাজা গজা সরভাজা অতি সুমধুর কাঁচাগোল্লা বাদামতক্তি আতা অনুপাম।' *ভবানী*, ১৮২৫।

গজাড়ু [স গজ+অরি] *বি* গজারি; একজাতীয় গাছ। 'কি গজাড় জঙ্গল সারা পাহাড়ো।' *বিভূতি*, ১৯৩৮।

গজার [স গজারি] *বি* গজারি গাছ। 'বড্ড গজার জঙ্গল।' *বিভূতি*, ১৯৩৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গজারি [স] *বি* গাছবিশেষ। 'গজারি গাছ, বাবলা, বন্য কাঁটাবাঁশ।' *বিভূতি*, ১৯৩৮।

গজারূঢ় *দ্র* **গজ**[২]

গজাল [ফা গজ>] *বি* বড়ো আকারের পেরেক। *মানোএল*, ১৭৪৩; 'না বুঝবি ত মগজ তোর গজাল মেরে গোঁজাব।' *সুকুমার*, ১৯১৮।

গজি [ফা গজ>] ১ *বি* মোটা কাপড়। *ক্যালগে*, ১৭৮৪। ২ *বিণ* গজ পরিমাণ। *বিদ্যা*, ১৮৯১।

গজেন্দ্র *দ্র* **গজ**[২]

গজেশ্বর *দ্র* **গজ**[২]

গঞ্জ ১ *বি* বন্য জন্তু। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* বর্বর। *মানোএল*, ১৭৪৩।

গঞ্জনা [স গঞ্জনা] *বি* তিরস্কার। 'কহিতে লাগিলা মাতা বচন গঞ্জনা।' *বাহরাম*, ১৬৫০।

গঞ্জ [ফা] *বি* ব্যবসা-বাণিজ্যের স্থান। 'যে কেহ গঞ্জ মজকুরে উতরিবেক।' *ক্যালগে*, ১৭৮৫।

গঞ্জগ্রাম [ফা গঞ্জ+স গ্রাম] *বি* হাট সংবলিত গ্রাম। 'গঞ্জ-গ্রামের রাস্তায়, মাঠের আলে হাঁটবে।' *হাসান*, ১৯৬০।

গঞ্জপাতা [ফা গঞ্জ+স পত্তন] *বি* বাণিজ্য স্থান ও বসতি। 'বিশাশয় গঞ্জপাতা বাইশ বাজার।' *মানিকরাম*, ১৭৮১।

গঞ্জন [স] ১ *বি* তিরস্কার। 'সে জন কন্যার পতি দেবকুলে কেবল গঞ্জন।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* বদনাম; দুর্নাম। 'সভে করে কানাকানি না ঘুচিল কুলের গঞ্জন।' *মুকুন্দ*, ১৬০০।

গঞ্জনা [স] *বি* তিরস্কার। 'জানাইল গঞ্জনা আপ্পার।' *বাহরাম*, ১৬৫০।

গঞ্জনি [স গঞ্জন>] *বিণ* গঞ্জনা দেয় এমন। 'শুন গো পুলুনা উত্তমধীষণা খঞ্জন-গঞ্জনি রামা।' *মুকুন্দ*, ১৬০০।

গঞ্জিত [স] ১ *বিণ* তিরস্কৃত। 'বীণাগঞ্জিত মঞ্জুভাষিণী।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* গঞ্জনাপ্রাপ্ত। 'কত দিনে রাতে অপমানঘাতে আছি নতশির গঞ্জিত।' *রবীন্দ্র*, ১৮৯৬।

গঞ্জল *বি* (সংগীত) তালবিশেষ। 'রাগ ধানশী। গঞ্জল।' *বড়ু*, ১৫৭০।

গঞ্জা [স গঞ্জন] *ক্রি* তিরস্কার করা। 'আহ্মাক গঞ্জিহ বড়ায়ি নির্ভয় মনে।' *বড়ু*, ১৪৫০। **গঞ্জএ** *ক্রি* তিরস্কার করে। 'গতি গঞ্জএ গজরাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **গঞ্জি** *ক্রি* গঞ্জনা ক'রে। 'আসিয়া আমারে গঞ্জি শ্রবণ করাল্য পঞ্জি।' *মুকুন্দ*, ১৬০০। **গঞ্জিআ** *ক্রি* তিরস্কার ক'রে। 'বীরকে গঞ্জিআ তারা কহে কটু কথা।' *মুকুন্দ*, ১৬০০। **গঞ্জিতে** *ক্রি* তিরস্কার করতে। 'গঞ্জিতে লাগিল দুর্জ্জোধনে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **গঞ্জিব** *ক্রি* তিরস্কার করবে। 'বৃদ্ধ কালে লোক সবে গঞ্জিব আহ্মারে।' *সুলতান*, ১৭০০। **গঞ্জিয়া** *ক্রি* গঞ্জনা ক'রে। 'নিষ্ঠুর বচন বলে গঞ্জিয়া কোটাল।' *মুকুন্দ*, ১৬০০। **গঞ্জিল** *ক্রি* তিরস্কার করলো। 'উমর খত্তাব প্রতি বহুল গঞ্জিল।' *সুলতান*, ১৭০০। **গঞ্জিহ** *ক্রি* গঞ্জনা দিয়ো। 'আহ্মাক গঞ্জিহ বড়ায়ি নির্ভয় মনে।' *বড়ু*, ১৪৫০।

গঞ্জি [ই] *বি* ব্রিটেনের গ্রুয়েনজি দ্বীপে উদ্ভাবিত জামার নিচে পরার বোনানো বস্ত্র। 'সে গঞ্জি গায় দিয়া খড়ম পায়েই ঘরের বাহির হইয়া পড়ে।' *মনসুর*, ১৯৫৫। *দ্র* **গেঞ্জি**

গঞ্জিকা [স] *বি* গাঁজা। **গঞ্জিকাশাস্ত্র** *বি* গাঁজাখুরি শাস্ত্র। 'পঞ্জিকাশাস্ত্রকে গঞ্জিকাশাস্ত্র বলে গণ্য করে।' *প্রমথ*, ১৯০৫।

গঞ্জিত *দ্র* **গঞ্জনা**

গঞ্জিফা [ফা গন্‌জ্‌ফাহ্] ১ *বি* ১৪৮ তাসের খেলা। 'গঞ্জিফা খেলায় সকটা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* তাস। *মানোএল*, ১৭৪৩।

গঞ্জীয়াত [ফা] *বি* গঞ্জসমূহ। *শৌভে*, ১৭৮৯; 'গঞ্জীয়াত ও বাজার।' *চেরী*, ১৭৯২।

গট [স ঘট] *বিণ* স্থির; নিশ্চল। *বিদ্যা*, ১৮৯১; 'ওর মনটিও তেমনি ওর অন্তঃকুহরটির মধ্যে দিব্যি গট হয়ে বসে আছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গট গট [ধ্বন্যা] ১ *বি* জুতা পায়ে হাঁটার শব্দ। 'গট গট করে চলতে চলতে গার্ড আমার দিকে একটু তাকালে।' *রবীন্দ্র*, ১৯৩৬। ২ *বি* দম্ভে পা ফেলার শব্দ। 'গটগট করে বেরিয়ে যায় সালু আপা।' *শামসুল*, ১৯৫৭।

গটর গটর [ধ্বন্যা] *বি* দম্ভভরে দৃঢ় পদক্ষেপে চলার শব্দ। 'ফুটপাথে গটর-গটর করে টহল দেয়।' *মুজতবা*, ১৯৫২।

গটরা [আ গরগরহ্] *বি* তুমুল শব্দ। 'ঢাকের গটরার সঙ্গে গাজন বেরিয়েচে।' *হুতোম*, ১৮৬১।

গঠন [স] ১ *বি* নির্মিত বস্তু। 'সকলে সুবর্ন্ন দর্ব্য জতেক গঠন।' *মালাধর*, ১৫০০। ২ *বি* নির্মাণ। 'পুর মধ্যে বইসে নড়ি নানা বর্ণে গড়ে চুড়ি জৌ দিয়া করয়ে গঠন।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* গড়ে তোলা। 'ভিন্ন ভিন্ন সম্প্রদায় বা জাতি গঠন আরব্ধ হয়।' *অক্ষয়*, ১৮৪৭। ৪ *বি* আকার; অবয়ব। 'শারীরিক গঠন বিষয়ে ইতর জন্তুদিগের সহিত বহু অংশে তাঁহার সাম্য আছে।' *অক্ষয়*, ১৮৪৮।

গঠনকার্য [স] *বি* নির্মাণ কাজ। 'সভ্যতার যে মহৎ গঠনকার্য।' *রবীন্দ্র*, ১৯০৫।

গঠন-গাঠন [স গঠন>] *বি* শারীরিক গড়ন। 'ওই মেয়েটির গঠন-গাঠন চলন-চোলন ভালো।' *জসীম*, ১৯২৯।

গঠনতন্ত্র [স] *বি* রাষ্ট্র অথবা কোনো সংগঠনের সংবিধান বা কার্যপ্রণালী। 'এক প্রকারের গঠনতন্ত্র।' *রবীন্দ্র*, ১৯০৫।

গঠনতান্ত্রিক [স] *বিণ* গঠনতন্ত্র সংক্রান্ত। 'কোনো একটি লীগের গঠনতান্ত্রিক ব্যাপারের খুঁটিনাটির আলোচনা ...।' *আজাদ*, ১৯৪৩।

গঠননীতি [স] *বি* গঠনপ্রণালী। 'তখন তার গঠননীতি ও রূপকর্ম থাকবেই না।' *ধূর্জটি*, ১৯৩১।

গঠনপত্রিকা [স] *বি* প্রতিষ্ঠান পরিচালনার নীতিমালা। 'ইস্কুল বিভাগের একটি গঠনপত্রিকা তৈরি করিবার জন্য আমার উপরে ভার দিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯১৫।

গঠনপ্রকৃতি [স] *বি* গঠিত হওয়ার ধরন বা বৈশিষ্ট্য। 'ভাষার এ রূপ তার ধ্বনি ও গঠন প্রকৃতির দিক থেকে।' *হাই*, ১৯৫৮।

গঠনপ্রণালী [স] *বি* গঠনপদ্ধতি। 'গঠনপ্রণালী এবং কার্যপদ্ধতি অনুমোদন করেন।' *নজরুল*, ১৯২৬।

গঠন প্রতিভা [স] *বি* উদ্ভাবনী বুদ্ধি। 'এই কলেজ-তাড়িত ... মজিদের মধ্যে এমন গঠন প্রতিভা ছিল?' *মনসুর*, ১৯৫৫।

গঠনমূলক [স] *বিণ* গঠনের সহায়তা করে এমন। 'সমাজের উন্নতি, গঠনমূলক কার্য্য ...।' *এসলাম*, ১৯৩৪।

গঠনশক্তি [স] *বি* সৃজনশীলতা। 'মানুষ ... নিজেরই গঠনশক্তি ধীশক্তি ইত্যাদির পরিচয় দিতে চেয়ে রচনা করলে কিছু।' *অবন*, ১৯২৫।

গঠনিয়া [স গঠন>] *বিণ* রচক। *মানোএল*, ১৭৪৩।

গঠনীয় [স গঠন>] *বিণ* গঠনযোগ্য। 'বিধ্বস্ত প্রাচীন ও গঠনীয়

AMARBOI.COM

নবমূল্যবোধহীন অন্তর্বর্তীকাল – সমাজতত্ত্বে যাকে বলে anomy।' *মুরশিদ*, ১৯৭০।

গঠা [স গঠন>] *ক্রি* গঠন করা। 'চন্দ্রমণি সূর্যমণি গঠ দুই বাট।' *আলাওল*, ১৬৮০। **গঠিছে** *ক্রি* গঠিত হয়েছে। 'নিজ করে যত্নে কি গঠিছে করতার।' *আলাওল*, ১৬৮০। **গঠিয়া** *ক্রি* গঠন ক'রে। 'আদেশ পাইয়া বিধি গঠিয়া রূপের নিধি।' *কৃষ্ণরাম*, ১৭২০। **গঠিল** *ক্রি* গড়ে তুললো। 'বিধি কার জন্য, গঠিল বটে।' *রামপ্রসাদ*, ১৭৮০। **গঠে** *ক্রি* গঠন করে। 'সেই সে সকল গঠে সকল ভাঙএ।' *আলাওল*, ১৬৮০; 'মৃত্তিকা আনিয়া গঠে।' *কৃষ্ণরাম*, ১৭২০। **গঠেছে** *ক্রি* গঠন করেছে। 'করে অতি আজব ভাঙা গঠেছে সাঁই মানুষ-মক্কা।' *লালন*, ১৮৯০।

গঠিত [সা *বিণ* নির্মিত। 'ভূতলে অতুল সভা – স্ফটিকে গঠিত; তাহে শোভে রত্নরাজি।' *মাইকেল*, ১৮৬১।

গড [ই] *বি* ঈশ্বর। 'ও গড ও গড গড লেখে বাইবেলে/ ঈশ্ত কি তোমার শিশু ঔরসের ছেলে।' *গুপ্ত*, ১৮৫৮।

গড়া [স গঠন] *ক্রি* গড়িয়ে পড়া। 'অতি শান্ত হৈয়া শেষে ভূমে পড়ে গড়ি।' *আলাওল*, ১৬৮০।

গড্ডল [স] *বি* ভেড়া। 'মূঢ় মূক গড্ডলেরে'দিই যেন বলি রক্তপিপাসিত যূপে।' *সুধীন্দ্র*, ১৯৩২।

গড্ডলবৃত্তি [স] *বি* গাড়লপনা। 'গড্ডলবৃত্তিই তখন তার বিবেকের মুখ্য অবলম্বন।' *শিব*, ১৯৫০।

গড্ডরিকা [স] *বি* এক মেষের অনুসারী মেষদল। 'তৎসংসর্গি গড্ডরিকাবলিকাবৎ গতানুগতিক অনেক ধনি লোকেরা।' *দর্পণ*, ১৮২২।

গড্ডলিকা, গড্ডালিকা [স] *বি* স্ত্রী মেষ। 'শার্দূল কি গড্ডলিকার সংখ্যাধিক্য দর্শনে সঙ্কুচিত হয়?' *দীনবন্ধু*, ১৮৭৩।

গড্ডলিকাপ্রবাহ, গড্ডালিকাপ্রবাহ [স] ১ *বি* বিবেচনাহীন অনুসরণ। 'গড্ডালিকাপ্রবাহ শব্দের প্রয়োগ পণ্ডিতেরা করিয়া থাকেন।' *রামমোহন*, ১৮২৩; 'এখনো অনুকরণের গড্ডালিকা প্রবাহেই ভাসিয়া চলিয়াছে।' *আজাদ*, ১৯৪২। ২ *বি* এক মেষের অনুবর্তী মেষদল। 'গড্ডলিকাপ্রবাহ ঐরাবতীপ্রবাহে নিমগ্না হবে।' *দীনবন্ধু*, ১৮৭৩।

গড্ডলিকাপ্রবাহী [স] *বিণ* গতানুগতিক। 'নেতাদের মধ্যে তার অপ্রতুলতা এখানকার রাজনীতিকে গড্ডালিকাপ্রবাহী এবং উচ্ছ্বাসনির্ভর করে।' *শিব*, ১৯৫৬।

গড়[১] [স গর্ত>] ১ *বি* দুর্গ। 'আকাশপ্রমাণ লঙ্কার গড়।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* গর্ত। 'থাকের মধ্যে ইন্দুর গড় করিয়াছিল।' *চিঠিপত্রে*, ১৮১৭। ৩ *বি* গড়ান; ঢালু স্থান। 'রাস্তার গড়ে ২৫ ফুট নীচে।' *দর্পণ*, ১৮৩৪। ৪ *বি* আচ্ছাদন। 'এক ছড়া যুঁই ফুলের গড়ে সেই কেশরাজি সংবেষ্টন করিতেছে।' *বঙ্কিম*, ১৮৮২।

গড়খাই [গড়+স খাত>] *বি* পরিবেষ্টক জলখাত। 'কেহ গিয়া পড়ে গড়খাইর ভিতরে।' *বৃন্দা*, ১৫৮০।

গড়খাই-করা [গড়খাই+করা] *বিণ* নির্দেশিত। 'এইজন্য ওস্তাদের গড়খাই-করা গানকে আমাদের সকলের করা চাই।' *রবীন্দ্র*, ১৯১৭।

গড়চক্র [গড়+স চক্র] *বি* দুর্গের প্রাচীর। 'লম্ফেতে উল্লম্ফেতে, ধাবনেতে, গড়চক্র-ভেদেতে ... নিপুণ হও।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

গড়চক্র-ভেদ [গড়+স চক্র-ভেদ] *বি* দুর্গের প্রাচীর ডিঙানো। 'লম্ফেতে উল্লম্ফেতে, ধাবনেতে, গড়চক্র-ভেদেতে ... নিপুণ হও।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

গড়-বন্দি, গড়বন্দী [গড়+ফা বন্দি] *বিণ* প্রাচীর ঘেরা; অবরুদ্ধ। 'চারিদিকে গড় খুদে গড়বন্দী কইল।' *গরীব*, ১৭৬৫। 'ইহার বাটীর চতুর্দ্দিগে গড়-বন্দি ছিল।' *গুপ্ত*, ১৮৫৫।

গড়বাসী [গড়+স বাসী] *বি* দুর্গের অধিবাসী। 'কহাভয় উপজিল গড়বাসী মনে।' *আলাওল*, ১৬৮০।

গড়ভুক্ত [গড়+স ভুক্ত] *বিণ* গড়ের সঙ্গে যুক্ত। 'যাম্যে দামোদর নদ গড়ভুক্ত বাঁকা নদ।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গড়ের বাদ্য *বি* বিলাতি ব্যান্ডের বাজনা। 'কলিকাতার মোক্তারকে গড়ের বাদ্য বায়না দিতে আদেশ করিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গড়ের মাঠ *বি* মধ্য কলকাতার সবচেয়ে বড়ো মাঠ। 'কাজল ... গড়ের মাঠ দেখিল।' *বিভূতি*, ১৯৩১।

গড়[২] [স গল্] *বি* মাটিতে নিচু হয়ে প্রণাম। 'শিব শিব বলি সাতবার করে গড়।' *কেতকা*, ১৬৫০।

গড় করা *ক্রি* প্রণাম করা। 'দেবতা তেত্রিশ কোটি গড় করি সবে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

গড় হওয়া *ক্রি* প্রণত হওয়া; নত হওয়া। 'গুরুঠাকুরের পায়ের কাছে গড় হয়ে প্রণাম করে।' *রবীন্দ্র*, ১৯১৫।

গড়[৩] [স গঠন>] *বি* গঠন। 'অতি শুদ্ধ সুবর্ণের গড় সব জড়িত রত্তন।' *সুরাচার্য*, ১৭০০।

গড়[৪] [স গণ্য] ১ *ক্রিবিণ* মাথাপিছু। 'ওঁসা', ১৭৮২। ২ *বি* মোটামুটি সাধারণ হিসাব। 'গড়ে প্রতিদিন যদি চারি শত করিয়া ধরা যায়।' *দর্পণ*, ১৮২৫।

গড়পড়তা [গড়+পড়তা] ১ *ক্রিবিণ* গড় হিসেবে। 'বেসেলের কৃত কটিবন্ধ ... গড়পড়তা করা আছে।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *ক্রিবিণ* গড়ে। 'গড় পড়তা মাথা পিছু বাৎসরিক মাত্র সাড়ে চার টাকা।' *মাহেনও*, ১৯৪৯। ৩ *বিণ* সাধারণ আটপৌরে। 'গড়পরতা বাঙালীকে মুরগী বলার হক এদের আছে।' *মুজতবা*, ১৯৪৯।

গড়ই [স গড়ক] *বি* টাকি মাছবিশেষ। 'গড়ই মাছের পোঁটা মুড়া তায় মেলা।' *মুকুন্দ*, ১৬০০।

গড়গড় [ধ্বন্যা] ১ *বি* রাগান্বিতভাবে দ্রুত হেঁটে যাওয়ার শব্দ। 'গাঁ গাঁ করে চিৎকার করে, এবং গড় গড় করে চলে যায়।' *রবীন্দ্র*, ১৮৮৯। ২ *বি* কোনো কিছু আবর্তিত হওয়ার বা গড়িয়ে যাওয়ার শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

গড়গড়া [ধ্বন্যা গড়গড়>] *বি* তামাক খাওয়ার হুঁকাবিশেষ। 'মুখুয্যেমশায় বাহিরে বসিয়া গড়গড়ায় তামাক খাইতেছিলেন।' *শরৎ*, ১৯১৭।

গড়গড়ানি [ধ্বন্যা গড়গড়>] *বি* ক্রমাগত গড়গড় শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

গড়গড়িয়ে [ধ্বন্যা] *ক্রিবিণ* গড়গড় শব্দ ক'রে। 'কেউ বা তেড়ে গড়গড়িয়ে মুখস্থ কয় ঝাড়া।' *সুকুমার*, ১৯২০।

গড়গড়ি *বি* বাঙালি ব্রাহ্মণের পদবিবিশেষ। 'দুর্গাচরণ গড়গড়ি।' *সেবধি*, ১৮৪০।

গড়গল [স গলগণ্ড] *বি* গলগণ্ড। *মানোএল*, ১৭৪৩।

গড়ন [স গঠন] ১ *বি* গঠন। 'উত্তম গড়ন ভালে নিঃসন্ধি করহ চালে।' *কেতকা*, ১৬৫০। ২ *বি* রূপ; কাঠামো। 'বিদ্যাসাগর মহাশয়ই যে

AMARBOI.COM

সর্ব্বপ্রথম বাঙ্গলা গদ্যের গড়ন দেন।' *প্রমথ*, ১৯১৭।

গড়নপিটন [স গঠন>] *বি* দেহসৌষ্ঠব। 'গড়নপিটন বেশ মাট মাট।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

গড়নপিঠোন [স গঠন>] *বি* গঠন ও সৌষ্ঠব। 'তার গড়নপিঠোন আপনি ঘটতে থাকে।' *রবীন্দ্র*, ১৯২৮।

গড়না [স গঠন] *বি* গঠন। 'যদ্যপিস্যাৎ এমত২ রচনা গড়না হইত ...।' *রামরাম*, ১৮০১।

গড়বড় *বি* সমস্যা। 'জলন্ত অনল গড় বড় ঘোরতর।' *মালাধর*, ১৫০০।

গড়বড়ি *বি* হইগোল। 'সহিতে না পারি আমি লোকের গড়বড়ি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গড়া[১] [স গল্>] **১** *ক্রি* গত হওয়া। 'যৌবন গড়িলেঁ তোর তনু হৈবে লাউ।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* অতিক্রান্ত হওয়া। 'গড়াল্য দুপুর বেলা।' *মুকুন্দ*, ১৬০০।

গড়া[২] [স গঠন>] **১** *ক্রি* তৈরি করা। 'রতন আস্তে আস্তে উঠিয়া রান্নাঘরে রুটি গড়িতে গেল।' *রবীন্দ্র*, ১৮৯১। **২** *ক্রি* রচনা করা। 'বহু চেষ্টায় সে লাইন গড়তে পারি কি না সন্দেহ।' *রবীন্দ্র*, ১৮৯৪। **গড়া** *ক্রি* সৃষ্টি করো। 'তুমি বিশ্ব গড় তুমি বিশ্বে বড়।' *ভারত*, ১৭৬০। **গড়ানি** *ক্রি* নির্মাণ করো। 'গড়নি পঞ্চনি মহাঁকায়া।' *মুকুন্দ*, ১৬০০। **গড়াইতে** *ক্রি* তৈরি করতে। 'গড়াইতে পঞ্চর গৌড় নগর গেলাঙ আপনা খায়্যা।' *মুকুন্দ*, ১৬০০। **গড়ায়্যা** *ক্রি* গড়িয়ে বা তৈরি ক'রে। 'গড়ায়্যা আন্যাছে কেহ রজত কাঞ্চন।' *মুকুন্দ*, ১৬০০। **গড়াল্য** *ক্রি* গড়ালো। 'গড়াল্য দুপুর বেলা।' *মুকুন্দ*, ১৬০০। **গড়িয়া** *ক্রি* তৈরি ক'রে। 'এখনি গড়িয়া দেও বেউলার কাছলি।' *বিজয়*, ১৬৫০। **গড়িয়্যা** *ক্রি* তৈরি ক'রে। 'গড়িয়্যা অনিয়াছে কেহ রজত কাঞ্চন।' *মুকুন্দ*, ১৬০০। **গড়িল** *ক্রি* গড়া হলো। 'চারিবাসে গড়িল রে দিব্য চণ্ডালী।' *চর্য্যা ৫০*, ১২০০। **গড়ে** *ক্রি* নির্মাণ করে। 'প্রতিমা গড়ে ভাস্করে/ মনপ্রাণ প্রতিষ্ঠা করে।' *লালন*, ১৮৯০।

গড়াগাঁথা *বি* সৃষ্টি। 'তাদের জন্য আমাদের কিছু গড়াগাঁথার দরকার আছে।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

গড়া[৩] [স গল্>] *ক্রি* গড়াগড়ি দেওয়া। **গড়াহলি** *ক্রি* গড়াগড়ি দাও। 'আরে ভৈরবপতনে গাত্র গড়াহলি গিআঁ।' *বড়ু*, ১৪৫০। **গড়ি** *ক্রি* শুয়ে। 'রহিল চৌরঙ্গি হই ধরণীত গড়ি।' *সুলতান*, ১৭০০। **গড়িআ** *ক্রিবিণ* গড়িয়ে পড়ে। 'রোদএ ইমাম ভাবে ভূমিত গড়িআ।' *বাহরাম*, ১৬৫০। **গড়িয়া** *ক্রি* গড়াগড়ি ক'রে। 'ভূমিতে গড়িয়া সভ কান্দিতে লাগিল।' *কবীন্দ্র*, ১৬৮৯। **গড়িয়ানো** *ক্রি* গড়াগড়ি দেওয়া। *মানোএল*, ১৭৪৩।

গড়া[৪] [হি গাড়া] *বি* থান কাপড়। 'চঞ্চের বদলে চন্দন দিবে পাগের বদলে গড়া।' *মুকুন্দ*, ১৬০০।

গড়াগড়ি[১] *বি* লুটোপুটি; ছড়াছড়ি। **গড়াগড়ি জাওয়া/যাওয়া** **১** *ক্রি* লুটিয়ে পড়া। 'গন্দে লুকাইয়া কেহো জাএ গড়াগড়ি।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* হাবুডুবু খাওয়া। 'বাবু প্রেম বাবুর প্রেমসাগরে গড়াগড়ি যাইতেছেন।' *প্রভাকর*, ১৮৩১। **৩** *ক্রি* ছড়িয়ে ছিটিয়ে থাকা। 'সেপাই পাহারা, আসা সোটা ও রাজা খেতাপ ... রাস্তায়, পাদাড়ে ও ভাগাড়ে গড়াগড়ি যেতে লাগলো।' *হুতোম*, ১৮৬১।

গড়াগড়ি[২] *বি* হিন্দু পদবিবিশেষ। 'অফিসের মাইতি-দে-গড়াগড়ি-গুঁইবাবুদের মত।' *জীবন*, ১৯৪৮।

গড়ান[১] [স গল্>] **১** *বি* ঢালু স্থান। 'নদী পর্য্যন্ত একটি গড়ানে কাঁচা ঘাট।' *রবীন্দ্র*, ১৮৯১। **২** *বি* গানের স্থায়ী তুক। 'গানের গড়ান গাহিয়া দোহারদের ছাড়িয়া দিত।' *জসীম*, ১৯৬১।

গড়ান[২] [স গঠন>] *বিণ* গঠিত। 'ইহা ইংরেজ আমলদারীর বিগত শতাব্দীর গড়ান বাঙ্গালা ভাষার নূতন সংস্করণ নামে অভিহিত হইতে পারে।' *এসলাম*, ১৯১৫।

গড়ানিয়া [স গল্>] *বিণ* ঢালু। 'পাহাড়ের গড়ানিয়া পার্শ্বে।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

গড়ানে [স গল্>] **১** *বিণ* ঢালু। 'ছাদগুলি গড়ানে।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫। **২** *বিণ* গড়িয়ে চলে এমন। 'একটা গড়ানে গোলা হঠাৎ এসে পথিককে দিলে ধাক্কা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গড়ানো[১] [স গল্>] **১** *ক্রি* বাহিত হওয়া। 'রুদ্র রাগ আলাপিয়া গড়ায়ে পড়িছে হিমরাশ।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *ক্রি* ঢালা। 'তাড়াতাড়ি কুঁজা হইতে জল গড়াইয়া লইয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯২। **৩** *ক্রি* অতিবাহিত হওয়া। 'দুপুর প্রায় গড়াইয়া গিয়াছে।' *বিভূতি*, ১৯৩১। **৪** *ক্রি* উত্তীর্ণ হওয়া। 'স্বাধীনতা সংগ্রামের দৌড় আর কতদূর পর্য্যন্ত গড়াইয়াছে।' *আজাদ*, ১৯৪৬। **৫** *ক্রি* শুয়ে এপাশ-ওপাশ করা। 'স্বপ্নচারী বিছানায় গড়াই, লড়াই করি।' *শ্যামসুর*, ১৯৬৩।

গড়াতে গড়াতে *ক্রিবিণ* গড়িয়ে পড়ছে এমনভাবে। 'গড়াতে গড়াতে অনেক দূরে গিয়ে থামে।' *সেলিনা*, ১৯৭৫।

গড়িয়ে-গড়িয়ে *ক্রিবিণ* অনবরত প্রবাহিত হয়ে। 'নিঃশব্দে গড়িয়ে গড়িয়ে এসে রক্তের সাগর তৈরি করেছে।' *ওয়ালী*, ১৯৪৭।

গড়িয়ে দেওয়া *ক্রি* তৈরি করে দেওয়া। 'ছোটবাবু কি করবে? জায়গা গড়িয়ে দেবে?' *মানিক*, ১৯৩৬।

গড়িয়ে যাওয়া *ক্রি* অতিক্রান্ত হওয়া। 'সন্ধ্যা তখন গড়িয়ে যায়।' *মণীশ*, ১৯৩৯।

গড়ানো[২] [স গঠন>] **১** *ক্রি* তৈরি করা। *বিদ্যা*, ১৮৯১; 'সুরবালার জন্য গহনা গড়াইতে দেয়।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *ক্রি* গড়ে তোলা। 'চরিত্রবান লোক গড়ানই আমাদের অভিপ্রেত।' *এসলাম*, ১৯২০।

গড়াপেটা [স গঠন>] **১** *বি* পছন্দমতো রূপদান। 'একে উকিলী ফন্দী, তাতে পূর্বে গড়াপেটা হইয়াছিল।' *প্যারী*, ১৮৫৮। **২** *বিণ* পরিকল্পিতভাবে গঠিত। 'ভারী ছাঁটাছোঁটা গড়াপেটা আইনে-বাঁধা মজবুত রকমের ভাব।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গড়েপিটে *ক্রিবিণ* নিজের রুচি অনুযায়ী আকৃতি দিয়ে। 'গড়ে পিটে তার একটা আগা-গোড়া খাড়া করে তুলতে চেষ্টা করি।' *রবীন্দ্র*, ১৯০৭।

গড়াভাটি [স গল্>+ভাটি] *বি* ভাটির টান। 'দেও যদি মন গড়াভাটি কূল পাবা না।' *লালন*, ১৮৯০।

গড়ি [স গল্>] *বি* গড়াগড়ি। 'আছাড় খাইয়া পড়ি ভূমি গড়ি যায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গড়িআন [স গরীয়ান] *বিণ* গৌরবসম্পন্ন; মর্য্যাদাপূর্ণ। *বিদ্যা*, ১৮৯১।

গড়িমসি [স গল্>] **১** *বি* আলস্য। 'মানুষগুলোর তেমন ভারী ব্যস্ত ভাব নেই, গড়িমসি করে চলছে।' *রবীন্দ্র*, ১৮৮০। **২** *বি* টালবাহানা। 'ভিন্ন ভিন্ন পরিকল্পনা অনুমোদনে গড়িমসি ... অস্বাভাবিকভাবে বাড়িয়া গিয়াছে।' *আজাদ*, ১৯৭০।

গড়িমসি করা *ক্রি* এড়িয়ে যাওয়ার চেষ্টা করা। 'গহর এই দিকে বারো আনা গড়িমসি করে।' *শওকত*, ১৯৫৮।

গড়িয়া [স গল্>] **১** *ক্রিবিণ* ভূলুণ্ঠিত হয়ে। 'ভূমি পরে নরপতি গড়িয়া রহিল।' *সুলতান*, ১৭০০। **২** *বিণ* অলস। *মানোএল*, ১৭৪৩।

গড়িয়ামি [স গল্>] *বি* ঢিলেমি। *মানোএল*, ১৭৪৩।

AMARBOI.COM

গড়ুই [স গড়ক] *বি* মাছবিশেষ। 'বানি লাটা গড়ুই উলকা শৌল শাল।' *ভারত*, ১৭৬০। *দ্র* **গড়ই**

গড়ুর [স] *বি* গরুড়; পুরাণে উল্লিখিত পাখিবিশেষ। 'সর্প আর গড়ুরে আছীল দুই ভাই।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গড়ুলী মন্ত্র [স গরুড়>+স মন্ত্র] *বি* গরুড় মন্ত্র। 'গড়ুলী ওই মন্ত্র কেবা নাগের মাথায় যায় যে ঝাড়ি।' *জসীম*, ১৯৩৩।

গঢ় [স গর্ত>] *বি* গড়; দুর্গ। 'সুমেরু আক্কাক গঢ়ে।' *বড়ু*, ১৪৫০।

গঢ়ন [স গঠন] *বি* গঠন। 'পাঞ্চ শুটী পাট নাঅ গঢ়ন আক্কার।' *বড়ু*, ১৪৫০।

গঢ়া [স গঠন>] *ক্রি* গঠন করা। 'ধামার্থে চাটিল সান্তম গঢ়ই।' *চর্যা ৫*, ১২০০। **গঢ়ই** *ক্রি* তৈরি করলো। 'ধামার্থে চাটিল সান্তম গঢ়ই।' *চর্যা ৫*, ১২০০। **গঢ়ল** *ক্রি* গড়লো। 'মানিনি মন তোর গঢ়ল পসানে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **গঢ়ণী** *ক্রি* গড়লো। 'কামিনি কোনে গঢ়ণী।' *বিদ্যাপতি*, ১৪৬০। **গঢ়ায়িবোঁ** *ক্রি* গড়াবো; তৈরি করাবো। 'খাট পালঙ্কি গঢ়ায়িবোঁ।' *বড়ু*, ১৪৫০। **গঢ়ায়িল** *ক্রি* তৈরি করলো; নির্মাণ করলো। 'নাঅ গঢ়ায়িল কাহ্নাঞি গুণিআঁ হৃদয়ে।' *বড়ু*, ১৪৫০। **গঢ়িল** *ক্রি* গড়লো। 'বিধিএঁ গঢ়িল রাধা তোর দুঈ তন।' *বড়ু*, ১৪৫০। **গঢ়িলেঁ** *ক্রি* গড়লে; নির্মাণ করলে। 'অনেক যতনে নাঅ গঢ়িলেঁ।' *বড়ু*, ১৪৫০। **গঢ়িলেক** *ক্রি* মাটিতে প্রবেশ করালো। 'মোক গঢ়িলেক।' *বড়ু*, ১৪৫০।

-গণ [স] *প্রত্যয়* সমূহ; বৃন্দ। 'সময় উপেখিআঁ রহিলা দেবাগণ।' *বড়ু*, ১৪৫০; 'সুসর পঞ্চম শর গাএ পিক গণে।' *বড়ু*, ১৪৫০; 'দেখিলেন বসি আছে সন্ন্যাসীর গণে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গণ[১] [স গগন] *বি* গগন। 'গণ সমুদেঁ টলিআঁ পইঠা।' *চর্যা ৩৫*, ১২০০।

গণ[২] [স] **১** *বি* ভক্ত। 'গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে।' *বড়ু*, ১৪৫০। *বি* পারিষদ। 'দেখিলেন বসি আছে সন্ন্যাসীর গণে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বি* দল। 'পাছে শুনিলেন সব সন্ন্যাসীর গণ।' *বৃন্দা*, ১৫৮০। **৪** *বি* সম্প্রদায়। 'সাবধানে শুনে সবে গন্ধর্বেরগণে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৫** *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'প্রাণচন্দ্র গণ।' *সেবধি*, ১৮৪০।

গণঅভ্যুত্থান [স] *বি* সাধারণ মানুষের ব্যাপক রাজনৈতিক আন্দোলনের চূড়ান্ত অবস্থা। 'আর এই গণঅভ্যুত্থানের পশ্চাতে মুসলমানদের ভূমিকা যে সক্রিয়।' *আনিস*, ১৯৬৪।

গণ-অসন্তোষ [স] *বি* সর্বসাধারণের বিদ্রোহ। 'গণ-অসন্তোষের মুখে সরকারের বেপরোয়া দমননীতিতে ...।' *আজাদ*, ১৯৬৮।

গণ-আন্দোলন [স] *বি* জনসাধারণের আন্দোলন। 'গণ-আন্দোলনের ... দ্বারাই নিরস্ত্র জাতির পক্ষে স্বাধীনতা লাভের একমাত্র উপায়।' *নজরুল*, ১৯২৬।

গণউত্থান [স] *বি* গণজাগরণ। 'কখনো তুমুল ভাসো গণউত্থানের গমগমে তরঙ্গ মালায়।' *শামসুর*, ১৯৭০।

গণকবর [স গণ+আ কবর] *বি* একসাথে অনেক লোকের কবর। 'গণকবরের খাঁ খাঁ প্রতিবেশ সত্তা জুড়ে রয়।' *শামসুর*, ১৯৭৪।

গণগোষ্ঠী [স] *বি* জনগণের প্রতিষ্ঠান। 'সংঘ সমূহ গণগোষ্ঠী।' *অচিন্ত্য*, ১৯৫০।

গণচেতনা [স] *বি* জনগণের চিন্তাধারা। 'তিনি যোগ স্থাপন করতে চেয়েছিলেন গণচেতনার।' *উমর*, ১৯৬৮।

গণজাগরণ [স] *বি* জনতার জাগরণ। 'এই গণজাগরণের যুগে এরূপ ধারণা আঁকড়াইয়া ...।' *আজাদ*, ১৯৪০।

গণজীবন [স] *বি* সাধারণ মানুষের জীবন। 'গণজীবন যখন এইভাবে এক শোচনীয় উদ্যমহীনতায় আক্রান্ত...।' *সনৎ*, ১৯৭০।

গণজীবনেতর [স] *বিণ* সর্বসাধারণের পর্যায়ভুক্ত। 'তথাপি তা গণজীবনেতর রইল।' *শরীফ*, ১৯৬৮।

গণজোট [স] *বি* জনসাধারণের জোট। 'সে নিজেকে এই মুসলিম গণজোট হইতে আলাদা রাখিতেও পারে না।' *মনসুর*, ১৯৫৫।

গণতরঙ্গিত [স] *বিণ* জনতার ভিড় আছে এমন; জনাকীর্ণ। 'তবে আমি হাতবোমা ছুঁড়ে দেবো গণতরঙ্গিত চৌরাস্তায় দিনদুপুরেই।' *শামসুর*, ১৯৭৪।

গণতোষণ [স] *বি* গণমানুষকে খুশি করা। 'যারা শক্তিমানের পৃষ্ঠপোষণ এবং পৃথুল গণতোষণ উভয়কেই বর্জন করবার হিম্মত রাখেন।' *শিব*, ১৯৬০।

গণ-দল [স] *বি* জনগণ। 'গণ-দল যত, তার পতি গণদেব, রাঙা কলেবরে।' *মাইকেল*, ১৮৬৬।

গণদেব [স] *বি* জনগণের দেবতা। 'গণ-দল যত, তার পতি গণদেব, রাঙা কলেবরে।' *মাইকেল*, ১৮৬৬।

গণদেবতা [স] *বি* জনসাধারণরূপ দেবতা। 'বিক্ষুব্ধ গণদেবতার, পীড়িত মানবাত্মার হুংকার।' *নজরুল*, ১৯৩০।

গণমুখ [স] *বি* গণমুখিতা। 'এই নবসাহিত্য রাজধর্ম ত্যাগ করে গণধর্ম অবলম্বন করছে।' *প্রমথ*, ১৯১৩।

গণধর্মাবলম্বী [স] *বি* প্রচলিত বিশ্বাসের অনুসারী। 'এ কথা গণধর্মাবলম্বীরা সহজে মানতে চান না।' *প্রমথ*, ১৯১৩।

গণনাট্য [স] *বি* সর্বসাধারণের উপভোগের জন্য রচিত নাটক। 'প্রাচ্যের সংস্কৃতি গড়ে উঠবে গণনৃত্য গণনাট্য গণসাহিত্যের উপর।' *মুজতবা*, ১৯৫৯।

গণনায়ক [স] *বি* জনসাধারণের নেতা। 'বাগ্মীপ্রবর গণনায়ক।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গণনৃত্য [স] *বি* অনেকজনের সম্মিলিত নাচ। 'পূর্বেই নিবেদন করেছি গণনৃত্য নিন্দনীয় নয়।' *মুজতবা*, ১৯৫৯।

গণনেতা [স] *বি* জনগণের নেতা। 'হায় গণনেতা ভোটের ভিখারি নিজের স্বার্থ তরে।' *নজরুল*, ১৯৪১।

গণপতি [স] **১** *বি* হিন্দু দেবতাবিশেষ; গণেশ। 'বন্দো দেব গণপতি।' *রূপরাম*, ১৭৫০। **২** *বি* রাজা। 'যে কালে ক্ষত্রিয়েরা ছিল গণপতি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গণপরিষদ [স] *বি* আইন পরিষদ। 'কংগ্রেস গণপরিষদ লইয়া যেসব বাগাড়ম্বর করিতেছে ...।' *আজাদ*, ১৯৩৯।

গণপূজা [স] *বি* সর্বজনীন পূজা। 'আপনিই কতবার গণপূজার বিপক্ষে আপত্তি তুলেছেন এই বলে যে হট্টমন একটি মিথ্যামন্ত্র।' *ধূর্জটি*, ১৯৩১।

গণপ্রতিষ্ঠান [স] *বি* সর্বজনীন প্রতিষ্ঠান। 'কংগ্রেস প্রকৃত গণপ্রতিষ্ঠান হইলে এই কমিটীর প্রয়োজন কি?' *আজাদ*, ১৯৩৬।

গণবন্দিত [স] *বিণ* জনগণ বন্দনা করে এমন। 'এ সাহিত্য আজ বিশ্বনন্দিত ও গণবন্দিত।' *শরীফ*, ১৯৬৮।

গণবিচার [স] *বি* সামগ্রিক বিবেচনা। 'তুরস্কের অগ্রনায়ক গণবিচার করিয়া দেখিয়াছেন।' *ছায়াবীথি*, ১৯৩৩।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গণবিদ্রোহ [স] *বি* গণঅভ্যুত্থান। 'তখনই তা ব্যাপক গণবিদ্রোহে পরিণত হল।' *আনিস*, ১৯৬৪।

গণবিধ্বস্ত [স] *বিণ* জনসংখ্যার চাপে বিপর্যস্ত হয়ে পড়েছে এমন। 'গণবিধ্বস্ত বাংলাদেশকে সোনার বাংলায় রূপান্তর ...।' *বেগম*, ১৯৭২।

গণবিপ্লব [স] *বি* জনসাধারণের বিদ্রোহ। 'গণবিপ্লব ঠেকাইয়া রাখার সমস্ত ফন্দি-ফিকিরে এরা সকলেই একপন্থী।' *মনসুর*, ১৯৫৫।

গণবিবেক [স] *বি* জনগণের সুবিবেচনা। 'কথার অসামঞ্জস্য বাংলার গণবিবেক সম্যকভাবে বুঝিতে পারিয়াছে।' *আজাদ*, ১৯৩৯।

গণভিত্তি [স] *বি* জনগণের সমর্থন। 'আত্মরক্ষা সমিতির গণভিত্তি গড়ে তুলতে হবে।' *বেগম*, ১৯৪৮।

গণভোট [স] *বি* সকল যোগ্য নাগরিকের ভোট। 'যদি মোছলেম ভারত গণভোটের ভিতর দিয়া পাকিস্তান চায়।' *আজাদ*, ১৯৪২।

গণমত [স] *বি* জনমত। 'এই সাফল্য শুধু গণমত গঠনে বা আইনে পাশ করাতেই সীমাবদ্ধ থাকেনি।' *সনৎ*, ১৯৭০।

গণমন [স] **১** *বি* জনমত। 'গণমনের এই রকম ঝোড়ো অবস্থায়।' *রবীন্দ্র*, ১৯৩৭। **২** *বি* সাধারণ মানুষের মন। 'গণমনের এই আকুল ও বিপুল আকাঙ্ক্ষাকে পূর্ণ পরিণত করিয়া ...।' *আজাদ*, ১৯৩৯।

গণমানব [স] *বি* সাধারণ মানুষ। 'গণমানবের আত্মিক উন্নতির জন্যেই সাহিত্য।' *শরীফ*, ১৯৬৮।

গণমানস [স] *বি* গণচেতনা। 'আরবী বাঙ্গালী মিলে সৃষ্টি হচ্ছিল নতুন গণমানস।' *মাহেনও*, ১৯৪৯।

গণমানুষ [স] *বি* সাধারণ মানুষ। 'গণমানুষ, নারীপুরুষ ... অর্থহীন হয়ে গেলে।' *জীবন*, ১৯৪০।

গণরায় [স] *বি* হিন্দু দেবতা গণেশ। 'ধর্মের কিঙ্কর গায় কৃপা গণরায়।' *রূপরাম*, ১৭৫০।

গণশক্তি [স] *বি* জনসাধারণের শক্তি। 'সত্যকারের গণশক্তিতে তিনি বিশ্বাস করেন।' *মোহাম্মদী*, ১৯২৮।

গণশিক্ষা [স] *বি* সর্বজনীন শিক্ষা। 'গণশিক্ষার প্রসার, বিশেষ করে নারী শিক্ষার প্রসারের ব্যাপারে ...।' *বেগম*, ১৯৫১।

গণসংগীত, গণসঙ্গীত [স] *বি* জনসাধারণের কল্যাণকামী ও দেশপ্রেমমূলক গান। 'বিপ্লবের স্বপ্ন চোখে কণ্ঠে গণসংগীতের সুর।' *সুকান্ত*, ১৯৪৮; 'সবশেষে গণসঙ্গীত পরিবেশন করা হয়।' *বেগম*, ১৯৭২।

গণসচেতনতা [স] *বি* জনসাধারণের কল্যাণ সম্পর্কে সচেতন অবস্থা। 'রবীন্দ্রনাথের গণসচেতনতার স্বরূপ।' *মুরশিদ*, ১৯৬৯।

গণসমাজ [স] *বি* জনসমাজ। 'দেশের সাধারণ গণসমাজ যদি স্বদেশের মধ্যে মাকে অনুভব না করে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

গণসাধারণ [স] *বি* জনসাধারণ। 'য়ুরোপে এখন গণসাধারণ সেই বুনিয়াদি বংশের স্থান অধিকার করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

গণসাহিত্য [স] *বি* সাধারণ মানুষের উপভোগের জন্য রচিত সাহিত্য। 'প্রাচ্যের সংস্কৃতি গড়ে উঠবে গণনৃত্য গণনাট্য গণসাহিত্যের উপর।' *মুজতবা*, ১৯৫৯।

গণসেবা [স] *বি* সর্বসাধারণের কল্যাণ। 'গণসেবার পথে অগ্রসর হইতে হইবে।' *সওগাত*, ১৯৪৫।

গণস্বাক্ষর [স] *বি* জনগণের স্বাক্ষর। 'পত্র-পত্রিকায় প্রবন্ধ লিখে গণস্বাক্ষর সংগ্রহের মাধ্যমে জনমত সৃষ্টি করে ...।' *মুরশিদ*, ১৯৭০।

গণ-স্বার্থ [স] **১** *বি* জনগণের সুবিধা। 'স্বাভাবিকভাবে অর্থনৈতিক গণস্বার্থই রাজনৈতিক আন্দোলনের প্রথম এবং প্রধান বিষয়।' *ওয়াজেদ*, ১৯৪৩। **২** *বি* সাধারণ স্বার্থ। 'তাহা হিন্দুর গণ-স্বার্থ।' *আজাদ*, ১৯৪৭।

গণহত্যা [স] *বি* নির্বিচারে মানুষ হত্যা। 'নির্বিচার গণহত্যা সেখানে চালাতে পারে।' *পাশা*, ১৯৭১।

গণতন্ত্র [স] *বি* জনগণের প্রতিনিধি দ্বারা জনগণের জন্যে শাসন। 'ডিমোক্রাসি কথাটার নানারূপ সংকৃত অনুবাদ করা হয়েছে যথা – প্রজাতন্ত্র, গণতন্ত্র, জনতন্ত্র ...।' *প্রমথ*, ১৯২০।

গণতন্ত্রকামী [স] *বি* গণতন্ত্র চায় যে। 'প্রকৃত স্বাধীনতা ও গণতন্ত্রকামীর কাজ এটা নয়।' *সওগাত*, ১৯৩৯।

গণতন্ত্রবাদ [স] *বি* গণতান্ত্রিক আদর্শ। 'ইসলামের সত্যকার প্রাণশক্তি গণতন্ত্রবাদ, সর্বজনীন ভ্রাতৃত্ব ও সমানাধিকারবাদ।' *নজরুল*, ১৮২৭।

গণতন্ত্রমনা [স] *বিণ* গণতন্ত্রকামী। 'দেশের লোক গণতন্ত্রমনা তখনও ছিল।' *আজাদ*, ১৯৬০।

গণতন্ত্রসম্মত [স] *বিণ* গণতন্ত্রের সঙ্গে সঙ্গতিপূর্ণ। 'তার এই রচনাই হইবে একমাত্র গণতন্ত্রসম্মত।' *আজাদ*, ১৯৩৯।

গণতন্ত্রী [স] *বিণ* গণতন্ত্রের নীতি অনুসরণকারী। 'তুমি বামপন্থী গণতন্ত্রী।' *মনসুর*, ১৯৫৫।

গণতান্ত্রিক [স] *বিণ* গণতন্ত্রের নীতি অনুসরণকারী। 'এ যুক্তি কোন গণতান্ত্রিক সমাজই মানিয়া লইতে ...।' *বুলবুল*, ১৯৩৬।

গণতান্ত্রিক জাতীয়তাবাদ [স] *বি* গণতান্ত্রিক পদ্ধতিতে জাতীয়তাবাদের প্রতিষ্ঠা। 'এই বিকাশকে ... গণতান্ত্রিক জাতীয়তাবাদের বিকাশ বলা চলে না।' *উমর*, ১৯৬৬।

গণতান্ত্রিক জাতীয়-রাষ্ট্র [স] *বি* প্রতিনিধিত্বমূলক সংসদীয় ব্যবস্থার মাধ্যমে গড়ে ওঠা জাতীয়তাবাদী রাষ্ট্র। 'প্রতিষ্ঠিত হলো গণতান্ত্রিক জাতীয়-রাষ্ট্র।' *উমর*, ১৯৬৬।

গণতান্ত্রিকতা [স] **১** *বি* গণতন্ত্রের আদর্শ। 'ভারতের রাজনীতিক্ষেত্রে বাঙালীই গণতান্ত্রিকতা এবং জাতীয়তাবাদের প্রধান এবং বিশ্বস্ত সমর্থক।' *ওয়াজেদ*, ১৯৪৩। **২** *বি* গণতান্ত্রিক শাসন। 'বর্তমান গণতান্ত্রিকতার যুগে জাতীয় জীবনে জনমতের স্থান খুবই উর্ধ্বে।' *মাহেনও*, ১৯৪৯।

গণক [স] **১** *বি* জ্যোতিষী; ভাগ্য গণনাকারী। 'গণক কহিল মোরে দিবে দ্বিতীয় বরে বিচারিএ বিধবা-লক্ষণ।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* যিনি গণনা করেন। 'আর যত গণক গণিতে কি শকতি।' *ভারত*, ১৭৬০। **৩** *বি* বাঙালি ব্রাহ্মণের পদবিবিশেষ। 'কালাচাঁদ গণক।' *সেবধি*, ১৮৪০।

গণৎকার [স গণনাকার>] *বি* ভাগ্য গণনা করে যে; জ্যোতিষী। 'এক বিখ্যাত মারাঠি গণৎকার আসিয়াছে।' *রবীন্দ্র*, ১৯১৪।

গণন [স] *বি* গণনা। 'কৈশোরলীলার সূত্র করিল গণন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গণনযোগ্য [স] *বিণ* গণনা করা যায় এমন। 'মানুষটির হাড় পাঁজর সহজেই গণনযোগ্য।' *হাসান*, ১৯৬৭।

গণনা [স] **১** *বি* চন্দ্র ও গ্রহের অবস্থানের সাহায্যে ভবিষ্যৎ শুভাশুভ নির্ণয়। 'প্রশ্নেতে পারগ বড় গণনাতে আর্য্য।' *দ্বিজভী*, ১৬০০। **২** *বি*

AMARBOI.COM

হিসাব। 'জাত্যনুসারে এই গণনাতে এত লোক আছে।' *দর্পণ*, ১৮১৯।

গণনা করা *ক্রি* গণ্য করা। 'যুক্ত সম্পাদকগণ মধ্যে আমরা তাহাকে গণনা করি।' *দর্পণ*, ১৮৩৯।

গণনাচ্ছলে *ক্রিবিণ* গণনা করতে গিয়ে। 'জ্যোতিষ গণনাচ্ছলে যেন তাবৎ বিষয় এককালে নিঃসন্দেহ রূপে প্রমাণ করিতেছেন।' *অক্ষয়*, ১৮৪৭।

গণনাতন্ত্র [স] *বি* পরিসংখ্যান। 'সাহিত্যের গণনাতন্ত্রে এক অনেক সময়েই হাজারের চেয়ে সংখ্যায় বেশি।' *রবীন্দ্র*, ১৯২৯।

গণনানন্তর [স] *ক্রিবিণ* গণনা ক'রে। 'বার তিথি নক্ষত্র ইত্যাদি গণনানন্তর ... লিখিত হইয়াছে।' *দর্পণ*, ১৮২৭।

গণনাবিদ্যা [স] *বি* গণনা করার দক্ষতা। 'রাজা আপনার গণনাবিদ্যা প্রকাশ ... করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪৭।

গণনাবিহীন [স] *বিণ* অগণিত। 'ব্যক্তির মৃত্যু গণনাবিহীন হয়ে পড়ে থাকে।' *জীবন*, ১৯৪০।

গণনালয় [স] *বি* ভাগ্য গণনা করা হয় যেখানে। 'যার বেশির ভাগ জ্যোতিষার্ণবের গণনালয়।' *মানিক*, ১৯৩৮।

গণনাহীন [স] *বিণ* অগণিত। 'এই নিমেষে গণনাহীন নিমেষ গেল টুটে।' *রবীন্দ্র*, ১৯১৪।

গণনিত [স] *বিণ* নিরূপিত। 'সরম সংহার তাহে নহে গণনিত।' *দীনবন্ধু*, ১৮৬৭।

গণনীয় [স] *বিণ* গণনার উপযুক্ত। 'অশিক্ষিত ব্যক্তি ... নিকৃষ্ট জীবের মধ্যে গণনীয় হয়।' *অক্ষয়*, ১৮৫০; 'তাহা হইলেই, তিনি, সকলের নিকট, বিদ্বান বলিয়া গণনীয় ও মাননীয় হইবেন।' *বিদ্যা*, ১৮৫৬

গণা [স গণ>] **১** *ক্রি* বিবেচনা করা। 'ব্রহ্মা আদি দেবগণ পরমাদ্য গণি।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* গুরুত্ব বা আমল দেওয়া। 'না গণি আপন দুখ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *ক্রি* গণনা করা। 'করঞ্জা যুগল গণা দাড়িম্ব মুদিতমনা রাঙ্গ তুলসী তুলিল বিচারি।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *ক্রি* গণ্য করা। 'এখন বিষ্ণুপুর বর্দ্ধমান জিলার মধ্যে গণা যায়।' *দর্পণ*, ১৮১৯। **৫** *ক্রি* মনে করা। 'ভারতে ভারতী-পদ উপযুক্ত গণি।' *মাইকেল*, ১৮৬৬। **৬** *ক্রি* পরীক্ষা করা। 'তারগুলি তার দেখছে গুনে সকল লোকে।' *রবীন্দ্র*, ১৯১৫। **গণি ১** *ক্রি* তোয়াক্কা করি। 'স্বর্গমর্ত্ত্য পাতালেত কাহার না গণি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *ক্রি* গণনা ক'রে। 'ইসুক কাহনে গণি চাহিলেক তবে।' *সুলতান*, ১৭০০। **গণিঞা** *ক্রি* বিবেচনা ক'রে। 'শঙ্খদত্ত আদি জেবা আস্যাছিল এথা অন্তরে গণিঞা সভে হেট কৈল মাথা।' *মুকুন্দ*, ১৬০০। **গণিতে** *ক্রি* গণনা করতে। 'ভাবিতে গণিতে মোর তনু হৈল ক্ষীণ।' *দ্বিজ*, ১৬০০। **গণিয়া** *ক্রি* গণনা ক'রে। 'মোহরে গণিয়া দশ দিলে বটে তুমি।' *কৃষ্ণরাম*, ১৭২০। **গণিল** *ক্রি* গণনা করলো। 'একে একে বীজ যত গণিলা সকল।' *বাহরাম*, ১৬৫০। **গণিলা** *ক্রি* গুরুত্ব দিলে। 'অহঙ্কার করিয়া মোহোকে না গণিলা।' *সুলতান*, ১৭০০। **গণে** *ক্রি* বিবেচনা করে। 'শিল্পকারি গুণ গণে এই জ্ঞান হয়।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৮।

গণ্যা গণ্যা *ক্রিবিণ* গুণে গুণে। 'গণ্যা গণ্যা বারি করে ঔষধের বড়ি।' *রূপরাম*, ১৭৫০।

গণাক্রান্ত [স] *বিণ* দলভুক্ত। 'আপনাদিগের গণাক্রান্ত পণ্ডিতবর্গকে ... নিয়োজন করিতেছেন।' *অক্ষয়*, ১৮৫৫।

গণাগনি [স গণ+স অগণ>] *বি* জ্ঞাতি। 'হাবস দেশেতু আইলা যথ গণাগনি।' *সুলতান*, ১৭০০।

গণাধিপ [স গণ-অধিপ] *বি* গণেশ। 'গণাধিপ জ্ঞানবীজ শশিধর বিদ্বরাজ।' *মানিকরাম*, ১৭৮১।

গণাপড়া [স গণন>+পড়া] *বি* ভাগ্য গণনা। 'হাত না দেখিয়াই গণাপড়া করিতে পারে!' *জসীম*, ১৯৬০।

গণি [ই gunny>] *বি* মোটা সুতার বস্ত্র। **গণিচট** [ই gunny>] *বি* মোটা সুতার বস্ত্র। 'তদ্দ্বারা ... পোসাক ও গণিচটের থলে পর্য্যন্ত সেলাই হইয়া থাকে।' *প্রভাকর*, ১৮৫৩।

গণিব্যাগ [ই gunny-bag] *বি* পাটের সুতো দিয়ে তৈরি করা ব্যাগ। 'গণি ব্যাগ ও ছেঁড়া চটের আস পাশ থেকে উঁকী ঝুকী মাচ্চে।' *হুতোম*, ১৮৬১।

গণিকা [স] *বি* বারবনিতা। 'দক্ষিণে গণিকা দ্বিজ বিকশিত সরসিজ বাঁয়ে শিবা পূর্ণ ঘটে জল।' *মুকুন্দ*, ১৬০০।

গণিকাবল্লভ [স] *বি* বারবনিতাপ্রণয়ী। 'রাজপথের দ্বিতীয় যামের মদ্যানুরাগী সখা ক্ষুদ্রপ সঙ্গীতস্তনিত গণিকাবল্লভ সকলেই ...।' *মুজতবা*, ১৯৬০।

গণিকাবৃত্তি [স] *বি* বেশ্যাবৃত্তি। 'গণিকাবৃত্তির প্রতি ইঁহাদিগের ঘৃণার উদ্রেক হয় না।' *অক্ষয়*, ১৯৪৬।

গণিকালয় [স] *বি* পতিতালয়। 'গণিকালয়ে স্বীয় বালক পুত্রাদি ... তাঁহার অনুমতিক্রমে স্বচ্ছন্দে গমনাগমন করে।' *অক্ষয়*, ১৮৪৬।

গণিত [স] **১** *বিণ* গণ্য। 'অতএব তাহারা দিল্লীস্থ সম্রাটদের মধ্যে গণিত নহে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **২** *বি* অঙ্কশাস্ত্র। 'তাহাতে পড়িবার কারণ পাঠ ও গণিত ও নামতা ও ব্যাকরণ ...।' *দর্পণ*, ১৮১৮। **৩** *বিণ* গোনা হয়েছে এমন। 'যে সকল বালকাদি গণিত না হইয়া থাকে তাহারদের সংখ্যা অনুমান ...।' *দর্পণ*, ১৮৩০। **৪** *বিণ* গণনার যোগ্য। 'তাহারা এই হিসাবের মধ্যে গণিত নহে।' *দর্পণ*, ১৮৩০। **৫** *বি* হিসাবশাস্ত্র। 'গণিত ও অঙ্কের হিসাব উত্তমরূপ লিখিত ছিল।' *দর্পণ*, ১৮৩৬। **৬** *বিণ* হিসাবকৃত। 'দেশস্থ লোকদিগের পরমায়ু গণিত হইয়া, গড়ে প্রত্যেক ব্যক্তির ২৮ বৎসর নির্দিষ্ট হয়।' *অক্ষয়*, ১৮৫০। **৭** *বিণ* সংখ্যক। '৩১ গণিত সেনাবলির ৪০০ সিপাহী।' *সুধারর্ষণ*, ১৮৫৫।

গণিতজ্ঞ [স] *বি* গণিত বিষয়ে বিশেষজ্ঞ। 'এরূপ প্রসিদ্ধি আছে তিনি, প্রাচীন গণিতজ্ঞদিগের গ্রন্থ...।' *বিদ্যা*, ১৮৪৯।

গণিততত্ত্ব [স] *বি* গাণিতিক জ্ঞান। 'ব্যক্তিত্বহারা অস্তিত্বের গণিততত্ত্ব নিয়ে তখন বিরাট বিশ্বভুবনে ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

গণিত-ধুরন্ধর [স] *বি* গণিতশাস্ত্রে দক্ষ। 'এসো গণিত-ধুরন্ধর।' *রবীন্দ্র*, ১৯২৪।

গণিতবিদ [স] *বি* গণিত শাস্ত্রে পারদর্শী। 'নীরস গণিতবিদ।' *নজরুল*, ১৯২৮।

গণিতবিদ্যা [স] *বি* গণিতবিষয়ক বিদ্যা। 'পুনর্বার বিশুদ্ধ ও বিমিশ্র গণিতবিদ্যার অনুশীলন আরম্ভ করিতেন।' *বিদ্যা*, ১৮৪৯।

গণিতবিষয়ক [স] *বিণ* গণিত সংক্রান্ত। 'উপবেশন পূর্বক, গণিতবিষয়ক প্রশ্ন সমাধান করিতেন।' *বিদ্যা*, ১৮৪৯।

গণিতবৃক্ষ [স] *বি* গণিতরূপ বৃক্ষ। 'এক গণিতবৃক্ষ অর্ধ কানন ব্যাপিয়া রহিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯।

গণিতবেত্তা [স] *বি* গণিতজ্ঞ; গণিতবিদ্যায় পারদর্শী। 'লেগ্রেঞ্জ নামক গণিতবেত্তা অতি কষ্টে সিদ্ধান্ত করেন।' *অক্ষয়*, ১৮৪৭।

গণিতব্যবসায়ী [স, সমাসে ই-কার] *বি* গণিতজ্ঞ। 'প্রাচীন

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গণিতব্যবসায়িগণ অনুমান করিতেন ...।' *বঙ্কিম*, ১৮৭৫।

গণিতরূপ [স] *বি* পরিসংখ্যান। 'লোকালয় বলতে কেবলমাত্র অনেকে একত্র জমা হওয়ার গণিতরূপ নয়।' *রবীন্দ্র*, ১৯২৮।

গণিতশাস্ত্র [স] *বি* গণিতবিষয়ক বিদ্যা। 'মহা বুদ্ধিমান ব্যক্তিরা গণিতশাস্ত্র করিলেও ...।' *অক্ষয়*, ১৮৪৭।

গণিতশাস্ত্রজ্ঞ [স] *বিণ* গণিত বিষয়ে পারদর্শী। 'গণিতশাস্ত্রজ্ঞ পণ্ডিত ত্রিভুজ আলোচনা করিয়া আহ্লাদিত হয়েন।' *অক্ষয়*, ১৮৪৪।

গণিতশাস্ত্রবিৎ [স] *বি* গণিতজ্ঞ। 'দান্তে নামে একজন গণিতশাস্ত্রবিৎ।' *বঙ্কিম*, ১৮৭৫।

গণিতশাস্ত্রী [স] *বি* গণিতবিদ্যায় পণ্ডিত। 'গণিতশাস্ত্রীরা পৌরাণিকদের সঙ্গে একমত।' *প্রমথ*, ১৯২৫।

গণিতাধ্যাপক [স গণিত-অধ্যাপক] *বি* গণিতের অধ্যাপক। 'সমধিক বেতনে গণিতাধ্যাপকের পদ পুনর্গ্রহণ করেন।' *বিদ্যা*, ১৮৪৯।

গণিতালেখ্য [স গণিত-আলেখ্য] *বি* পরিসংখ্যান। 'নিম্নে গণিতালেখ্য প্রদর্শিত হইল।' *দর্শন*, ১৯২৪।

গণিতা [স] *বিণ স্ত্রী* গণনা করা হয়েছে এমন। 'শকে রস রস বেদ শশাঙ্ক গণিতা।' *মুকুন্দ*, ১৬০০।

গণিমাত [আ] *বি* শত্রুর সম্পত্তি। **গণিমাতের মাল** *বি* শত্রুর নিকট থেকে অপহৃত মালামাল। 'সকল সম্পদ এখন গণিমাতের মাল।' *পাশা*, ১৯৭১।

গণেশ [স] *বি* হিন্দুদেবতা-বিশেষ। 'কার্তিক গণেশ হর স্থাণু শিব গুণাকর।' *মুকুন্দ*, ১৬০০।

গণেশজননী পূজা [স] *বি* দুর্গাপূজা। 'মধ্য পাড়ায় বিন্ধ্যবাসিনী পূজা ও উত্তর পাড়ায় গণেশজননী পূজা।' *দর্পণ*, ১৮১৯।

গণ্ড [স] ১ *বি* গাল। 'উন্নত গণ্ড কপোল ঈষনে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* বড়ো। 'গণ্ড ও ক্ষুদ্র গ্রামসকল।' *দর্পণ*, ১৮৩৫।

গণ্ডগল [স গলগণ্ড] *বি* গলগণ্ড। *মানোএল*, ১৭৪৩।

গণ্ডগ্রাম [স] ১ *বি* বৃহৎ গ্রাম। 'শান্তিপুর প্রভৃতি প্রধান২ গণ্ডগ্রাম।' *দর্পণ*, ১৮৩৮। ২ *বি* প্রত্যন্ত গ্রাম; পল্লী। 'জামতরা নামক গণ্ডগ্রাম লুঠিত হইবে।' *সুধাবর্ষণ*, ১৮৫৫।

গণ্ডময় [স] *বিণ* গালময়। 'সযত্নে আজো কামিয়েছি দাড়ি, আফটার শেভ লোশনের ঘ্রাণ গণ্ডময়।' *শামসুর*, ১৯৭৩।

গণ্ডমূর্খ [স] *বিণ* একবারে মূর্খ। 'দূর বেটা গণ্ডমূর্খ পাষণ্ড, পাঁজি দেখিতে জানিস না?' *রামনারায়ণ*, ১৮৫৪।

গণ্ডযুগ [স] *বি* গালজোড়া; দুই গাল। 'গণ্ডযুগ শোভে মধুক অখণ্ড।' *বড়ু*, ১৪৫০।

গণ্ডযোগ [স] *বি* ভাগ্যগণনার শাস্ত্রমতে যে যোগে জন্ম হলে পিতা-মাতার মৃত্যু হয়। 'গণ্ডযোগে জন্ম হলে সে হয় মাখেকো ছেলে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গণ্ডশিলা [স] *বি* বড়ো আকারের পাথর। 'গণ্ডশিলার উপর দিয়ে ছুটছে অবিরত।' *সত্যেন্দ্র*, ১৯১০।

গণ্ডশৈল [স] *বি* গণ্ডসদৃশ ছোটো পাহাড়। 'জীমূতবাহন মিত্রাবসুকে জিজ্ঞাসা করিলেন, বয়স্য! গণ্ডশৈলের ন্যায়, ধবলবর্ণ, রাশীকৃত কি বস্তু দৃষ্ট হইতেছে।' *বিদ্যা*, ১৮৪৭।

গণ্ডসৈল [স গণ্ডশৈল] *বি* ছোটো আকারের পাহাড়। 'গণ্ডসৈল দুই স্তন কপিল কেস ভার।' *মালাধর*, ১৫০০।

গণ্ডস্থল [স] *বি* গাল। 'মধু ক্ষরে গণ্ডস্থলে ব্যালোল মধুপকুলে।' *মানিকরাম*, ১৭৮১।

গণ্ডক [স] ১ *বি* গণ্ডার। 'গণ্ডক বারণ মহিষ তিন সেনাপতি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* বিঘ্ন সৃষ্টিকারী। 'নানাবিধ খোসামুদে তোষামুদে বড়ামুদে বক্তলে রমণীমেলক গণ্ডক।' *ভবানী*, ১৮২৫।

গণ্ডকী [স] *বি* নদীবিশেষ। 'গঙ্গার সহিত গণ্ডকী নদীর সঙ্গম হইয়াছে তথাতে।' *দর্পণ*, ১৮২২।

গণ্ডগোল [স গণ্ড>] ১ *বি* শোরগোল। 'সকল গোকুল কান্দে করি গণ্ডগোল।' *মালাধর*, ১৫০০। ২ *বি* বিপত্তি। 'ই বড় বিষম গণ্ডগোল।' *রামাই*, ১৭১০। ৩ *বি* বৃথা আস্ফালন। 'প্রেতের ন্যায় সকল প্রকার উপরে গণ্ডগোল, মধ্যে জলবিকার।' *ভবানী*, ১৮২৮। ৪ *বিণ* এলোমেলো। 'ওদিকে তাকালেই দিনটা গণ্ডগোল।' *শ্যামল*, ১৯৬৭।

গণ্ডগোল করন *বি* গোলমাল করা; বিরোধিতা করা। *ওসাঁ*, ১৭৮৫।

গণ্ডা[১] [স গণ্ড>] *বি* গণ্ডার। 'গণ্ডা মহিস পোড়ে পোড়এ কটাস।' *মালাধর*, ১৫০০।

গণ্ডা[২] [মু] ১ *বি* গণনায় চারটির এক। 'পিণ্ডভোগের এক চৌঠি পাঁচ গণ্ডার ব্যঞ্জন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* চার কড়া পরিমাণ। 'পৈতালিস তঙ্কা চৌদ্দ আনা আট গণ্ডা খাজনা সহি দিবা।' *মেয়র্স*, ১৭৬৪। ৩ *বি* জমি পরিমাপের একক। 'ঠিক পড়ে না কুড়ো কাঠা মূলে ধরে সতের গণ্ডা।' *লালন*, ১৮৯০।

গণ্ডাকিমা [মু গণ্ডা+স ক্রিয়া>] *বি* গণ্ডার নামতা। *বিদ্যা*, ১৮৯১।

গণ্ডা গণ্ডা *বিণ* প্রচুর; অনেক। 'গণ্ডা গণ্ডা খনার বচন আমার কণ্ঠায় রহিয়াছে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

গণ্ডায় গণ্ডায় *ক্রিবিণ* প্রচুর পরিমাণে। 'কোনো দেশেই প্রতিভা গণ্ডায় গণ্ডায় জন্মায় না।' *শরীফ*, ১৯৬৮।

গণ্ডার এগায় সায় দেওয়া – গোলমালের মধ্যে কর্তব্যে ফাঁকি দেওয়া। 'পাঠশালের ছেলেদের ন্যায় গণ্ডার এগায় সায় দিয়ে গোলে হরিবোলে সাল্লেন।' *হুতোম*, ১৮৬১।

গণ্ডার [স] *বি* হিংস্র বন্যজন্তুবিশেষ। 'পাইলে গণ্ডার চণ্ড গিলয় ধরিয়া।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গণ্ডারগ্রাস [স] *বি* গণ্ডারের মতো ভক্ষণ। 'নিজে গণ্ডারগ্রাসে খাবে বিরয়ানি, বুরহানী কাবাব-মুসল্লম।' *মুজতবা*, ১৯৬৬।

গণ্ডার-চর্ম [স] *বিণ* গণ্ডারের চামড়ার মতো; অসংবেদনশীল। 'আমাদের গণ্ডার-চর্ম মন।' *রবীন্দ্র*, ১৮৮২।

গণ্ডারশিশু [স] *বি* গণ্ডার শাবক। 'জন্মকালে এই গণ্ডারশিশু খড়্গহীন থাকে।' *অক্ষয়*, ১৮৪৯।

গণ্ডারী [স] *বি* মাদি গণ্ডার। 'গণ্ডারীর এককালে একটিমাত্র শাবক হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

গণ্ডারের চামড়া [স গণ্ডার-চর্ম>] *বিণ* গণ্ডারের চামড়ার মতো মোটা বা শক্ত অর্থাৎ কিছুই গায়ে লাগে না এমন। 'গণ্ডারের চামড়া নয়, কেবল সহ্যগুণটাই একটু বেশি।' *নজরুল*, ১৯২১।

গণ্ডারের সীংঘা [স গণ্ডার-শৃঙ্গ>] *বি* গণ্ডারের শিং। *ওসাঁ*, ১৭৮২।

(মারি তো) গণ্ডার লুঠি তো ভাণ্ডার – কিছু করলে বড়ো করেই করা ভালো। *রবীন্দ্র*, ১৯০৪।

গণ্ডি, গণ্ডী [স] ১ *বি* ধনুক। 'গণ্ডী শর লয়া পাছু গেলেন লক্ষ্মণ।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মানিকরাম, ১৭৮১। ২ *বি* নির্দিষ্ট পরিসর। 'গণ্ডির মধ্যে বদ্ধ থাকিলে কিছুই হয় না।' *প্রভাকর*, ১৮৪৭। ৩ *বি* আবরণ। 'জ্ঞান-অস্ত্রে কেটে দেহ মায়ারূপ গণ্ডী।' *গুপ্ত*, ১৮৫৮। ৪ *বি* বেষ্টনী। 'আমার চারিদিকেই এমন একটি গণ্ডী আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৫ *বি* সীমানা। 'গণ্ডী ভাঙিয়া বন্ধুরা আসে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

গণ্ডিদেওয়া [স গণ্ডি+দেওয়া] *বিণ* স্তূপীকৃত। 'গণ্ডিদেওয়া মাটি পাথরের দেয়ালের বাইরে।' *নজরুল*, ১৯২৫।

গণ্ডিবান [স] *বি* ধনুক। 'হাথে গণ্ডিবান জান লঙ্কামুখে।' *মালাধর*, ১৫০০।

গণ্ডিমুক্ত [স] *বিণ* সীমানা অতিক্রম করেছে এমন। 'বন্দি তোমায় ফন্দি-কারার গণ্ডিমুক্ত বন্দি-বীর।' *নজরুল*, ১৯২৪।

গণ্ডিশর [স] *বি* তিরধনুক। 'লইতে চাহে ফুল্লরা হাথের গণ্ডিশর।' *মুকুন্দ*, ১৬০০।

গণ্ডীবদ্ধ [স] *বিণ* এক গণ্ডীতে আবদ্ধ। 'যাঁদের অন্তর একান্ত বিষয়বাসনার গণ্ডীবদ্ধ।' *প্রমথ*, ১৯২৭।

গণ্ডুষ [স গণ্ডূষ] *বি* খাওয়ার আগে বা পরে শাস্ত্রানুসারে ব্রাহ্মণাদির দ্বারা গৃহীত হাতের এককোষ পরিমাণ জল। 'সুরনদীর জলে সাধু করিল গণ্ডুষ।' *মুকুন্দ*, ১৬০০।

গণ্ডুষ [স] *বি* হাতের কোষ। 'গৃঢ়াচারী বণিকগণের এক গণ্ডুষেই রত্নপূর্ণ উপসাগর শোষিত হইল।' *অক্ষয়*, ১৮৪৮; 'পরকালে এক গণ্ডুষ জল পাইবেন, এই নিমিত্ত পুত্রের কামনা।' *তত্মোলুক*, ১৮৭৪।

গণ্ডূষজল [স] *বি* হাতের কোষ পরিমাণ জল। 'সপ্তাহ এক গণ্ডূষজল আর তুলসীপত্র ভক্ষণ।' *গিরিশ*, ১৮৮৭।

গণ্ডূষজলের সফরী *বিণ* সীমিত জ্ঞানের অধিকারী। 'তিনি গণ্ডূষজলের সফরী।' *মুজতবা*, ১৯৪৯।

গণ্ডূষমাত্র [স] *বিণ* সামান্য। 'পুঠি মাছ গণ্ডূষমাত্র জলে ফরফর করিয়া বেড়ায়।' *বিদ্যা*, ১৮৭৩।

গণ্ডোলা [ইতালিয়ান] *বি* পর্যটকদের জন্যে ব্যবহৃত এক মাঝিওয়ালা নৌকাবিশেষ। 'এ দেশে গণ্ডোলা বলে, ইহাদের দেখিতে আমাদের দেশের ডিঙ্গীর মত।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫; 'চিল্কার জলে ভাসালাম গণ্ডোলা।' *শক্তি*, ১৯৬৫। দ্র **গণ্ডোলা**

গণ্য [স] ১ *বিণ* স্বীকৃত। 'পূর্ব্বে কেবল শব্দালঙ্কার শ্রেয়োমধ্যে গণ্য ছিল।' *দর্পণ*, ১৮৩০। ২ *বিণ* বিবেচিত। 'স্বামী স্বীয় পত্নীকে আপনার দাসীপ্রায় গণ্য করেন।' *অক্ষয়*, ১৮৪৬।

গণ্যমান্য [স] *বিণ* বিশেষ সম্মানযোগ্য। 'আসে এক বুড়া গণ্যমান্য।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গণ্যা [স] *বিণ* স্ত্রী বিবেচিত। 'ইনি ... অন্যতম শ্রেষ্ঠ দেশসেবিকা রূপে গণ্যা।' *বেগম*, ১৯৪৯।

গৎ [স গতি>] ১ *বি* যন্ত্রসংগীতের বোল। 'গৎ সব ভুলিয়া যাইতে লাগিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *বি* নিয়ম; রীতি। 'পরিচিত বাঁধি গতের সীমা লঙ্ঘন করতে সাহস হয় না।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বি* বুলি; কথা। 'দুইটী ইংরেজী বর্ণমালা বা দুই গৎ বাঙ্গলা ভাষা যাহার কণ্ঠস্থ ...।' *মশারফ*, ১৮৮৯। ৪ *বি* গানের বাঁধা সুর। 'আমাদের হাল ফ্যাশনের কন্সর্টের গৎগুলি তার প্রমাণ।' *রবীন্দ্র*, ১৯১৭।

গৎবাঁধা [গৎ+বাঁধা] *বিণ* গতানুগতিক। 'ব্যবসায়ীদের এই সব পুরাতন গৎবাঁধা যুক্তিতে মন্ত্রিমণ্ডলী কর্ণপাত করেন নাই।' *সওগাত*, ১৯৩৯।

গত[১] [স] ১ *বিণ* অন্তর্গত। 'তোর তনুগত রেণু চলিল পবনে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* সংক্রান্ত। 'সট কর্ম্ম গত পাপ লুকাইলে নহে।' *মালাধর*, ১৫০০। ৩ *বি* গমন; যাওয়া। 'বিবি ও সাহেব লোকেরা গত মাত্রই সমাদৃত হন।' *দর্পণ*, ১৮৩০। ৪ *বিণ* বিগত। 'যাঁহারা গত সভ্যক বিদ্যাদর্শনে আমাদিগের প্রস্তাবিত বিষয় পাঠ করিয়া ...।' *অক্ষয়*, ১৮৪২। ৫ *বিণ* মৃত। 'যে সমুদয় গুণীব্যক্তি ... পূর্ব্বে গত হইয়াছেন, তাঁহারাও আমাদিগের প্রেমপাত্র হইতেছেন।' *অক্ষয়*, ১৮৪২। ৬ *বিণ* অতিক্রান্ত। 'গত নিশি করিয়াছে গত।' *অক্ষয়*, ১৮৪৩। ৭ *বিণ* নিঃশেষিত। 'মিথ্যাভিমান প্রকাশেই আমার সমস্ত আয়ু গত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯। ৮ *বিণ* শরণাগত। 'গুরু গত নাহলে ... সে ধন পায় না রে।' *লালন*, ১৮৯০।

গতকল্য [স] *ক্রিবিণ* গতকাল। 'গতকল্য সমস্ত দিবস বহুক্লেশে স্বকার্য্য ... করিতেছিলাম।' *অক্ষয়*, ১৮৪৯।

গতকল্যকার [স] *বিণ* গতকালের। 'গতকল্যকার প্রত্যাখ্যান-ব্যাপার সকলের কাছে বর্ণনা করিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

গতকাল [স গতকল্য] *বি* গত দিন। *মানোএল*, ১৭৪৩।

গতকালকার [স গতকল্যকার] *বিণ* গতকালের। 'গতকালকার আঁকাড়া চাল আর একটা কুলো নিয়ে ...।' *কায়সার*, ১৯৬২।

গত-গৌরব [স] *বিণ* মর্যাদাহারা। 'গত-গৌরব হৃত আসন নত-মস্তক লাজে।' *রবীন্দ্র*, ১৯১৭।

গতজনম [স গতজন্ম] *বি* পূর্বজন্ম। 'ভালোবেসেছিলে গতজনমের বাটি।' *শক্তি*, ১৯৬৫।

গতজন্ম [স] *বি* পূর্বজন্ম। 'এসো আমারি গতজন্ম তোমায় চেনা যায় কিনা।' *সুনীল*, ১৯৬৬।

গতজীব [স] *বিণ* মৃত। 'হেরি গতজীব শিশু, বিবশা বিষাদে।' *মাইকেল*, ১৮৬১।

গতজীবন [স] ১ *বি* বিগত জীবন। 'বার্দ্ধক্যদশা উপস্থিত হইলে আপনার গতজীবনের তাবৎ কার্য্য পর্য্যালোচনা করিয়া দেখেন।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বিণ* প্রাণহীন। 'অশ্ব তৎক্ষণাৎ গতজীবন হইয়া ভূমিতে পড়িয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০২।

গতনিদ্র [স] *বিণ* নিদ্রাহীন। 'গতনিদ্র প্রকাণ্ড অজগরসর্পের অনেকগুলা কুণ্ডলীর মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

গত পরশু [স গতপরশ্ব] *বি* গতকালের আগের দিন। *ওসাঁ*, ১৭৮৫।

গতপ্রাণ [স] *বি* হত্যা। 'শুকশিশুগুলিকে ... গতপ্রাণ করিয়া ক্ষিতিতলে নিক্ষেপ করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

গতপ্রাণা [স] *বিণ* প্রাণহীন। 'রোহিণী গতপ্রাণা হইয়া ভূপতিতা হইল।' *বঙ্কিম*, ১৮৭৮।

গতবর্ষ [স] *বি* পূর্ববর্তী বৎসর। 'গতবর্ষে শ্রীযুক্ত মেডাক ও বীটন সাহেব ... সদ্বভূতা করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫০।

গতবল [স] *বিণ* বলহীন। 'গতবল শরীরের শিথিল অর্গল ভেঙে দিয়ে/ অন্তরে প্রবেশ করে ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

গতবৃষ্টি [স] *বিণ* বৃষ্টি-পরবর্তী। 'হায় গতবৃষ্টি পূর্ণিমার রাত্রি।' *রবীন্দ্র*, ১৯০২।

গতভূষণা [স] *বিণ স্ত্রী* গহনাহীন। 'গতভূষণা ইন্দ্রাণী আবার নয়নতারার অন্তঃপুরে নিমন্ত্রণে গমন করিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গতমাত্র [স] *ক্রিবিণ* যাওয়া মাত্র। 'গতমাত্র বিমুক্ত করিল বৃকোদর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

AMARBOI.COM

গতযৌবন [স] *বিণ* যৌবন গত হয়েছে এমন। 'স্ত্রী গতযৌবনে পুরুষ নির্ধনে।' *মুকুন্দ*, ১৬০০।

গতযৌবনা [স] *বিণ স্ত্রী* যৌবন গত হয়েছে এমন। 'যেহেতু অতি প্রাচীনা গতযৌবনা ললিতমাংসা ... হইয়াছে।' *ভবানী*, ১৮২৮।

গতশ্বাস [স] *বিণ* মৃতপ্রায়। 'বদ্ধমোহ গতশ্বাস আলুথালু বাঁচা।' *শঙ্খ*, ১৯৫৫।

গতশ্রী [স] *বিণ* সৌন্দর্যহীন। 'গতশ্রী, আনন্দহীন, প্রেরণাহীন, কলহপ্রিয় বাঙালী নারী নয়!' *ওয়াজেদ*, ১৯৪৩।

গতসর্বস্ব, গতসর্ব্বস্ব [স] *বিণ* সব হারিয়েছে এমন। 'গতসর্ব্বস্ব হইলেও, তিনি অধীর হন না।' *অক্ষয়*, ১৮৫২।

গত হওয়া *ক্রি* অতিবাহিত হওয়া। 'কতক দিবস গত হইল।' *দর্পণ*, ১৮২৮।

গতে *ক্রিবিণ* গত হয়ে যাওয়ার পরে। 'ত্রয়োদশ রাত্রি গতে এই মহাবায়ু নিবৃত্ত হইলে পর ...।' *অক্ষয়*, ১৮৫০।

গত[২] [স গতি>] *বি* গানের বাঁধা সুর; গৎ। 'বেণু-বীণার মধুর গত।' *নজরুল*, ১৯৫৯।

গতর [স গাত্র] **১** *বি* শরীর। *মানোএল*, ১৭৪৩; 'কেবল গতর শোগা মাগিরা একথার সৃষ্টি করিয়া তিলে তাল করিয়াছে।' *গৌর*, ১৮২২। **২** *বি* শারীরিক শক্তি। 'গতর থাকিলে দাসীগিরি করিয়া ছেলেদের খাওয়া পরা দিতে পারব।' *প্যারী*, ১৮৫৯। **৩** *বি* স্বাস্থ্য। 'কপাল ভাঙলে আর কার গতর ভাল থাকে, দাদা।' *শওকত*, ১৯৫৮

গতরখাকি, গতরখাকী [গতর+খা>] **১** *বি* (গালি) শরীরসর্বস্ব। 'দুদিন বাদে শাশুড়ি গতরখাকিকে মা বলবে গিয়ে।' *নজরুল*, ১৯২৭; 'যারা গতরখাকী তারাই জন্ম জন্ম গতরের খোঁটা দিক।' *বিমল*, ১৯৫৩।

গতরখাকুআ [গতর+খা>] *বি* (গালি) শরীরসর্বস্ব। *বিদ্যা*, ১৯৫৯।

গতরখাগী [গতর+খা>] *বি স্ত্রী* (গালি) শরীরসর্বস্ব। 'কোন আবাগী গতরখাগী গরব করে যায়?' *গুপ্ত*, ১৮৫৮।

গতর খাটানো *ক্রি* পরিশ্রম করা। 'আমরা কি গতর খাটাই না?' *শওকত*, ১৯৫৮।

গতরশোগা [গতর+শোঁকা>] *বিণ স্ত্রী* একাধিক পুরুষ-সংসর্গকারী। 'কেবল গতরশোগা মাগিরা এ কথার সৃষ্টি করিয়া তিলে তাল করিয়াছে।' *গৌর*, ১৮২২।

গতা [স] **১** *বিণ স্ত্রী* গত। 'ওরে মোহময়ী রাত্রি গতা।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *বিণ স্ত্রী* মৃত। 'মধ্যমা কনিষ্ঠা গতা।' *দর্পণ*, ১৮২৮।

গতাআত [স গত-আগত>] *বি* যাতায়াত। 'দ্বার বাহির ঘর গতাআত করে।' *মালাধর*, ১৫০০। *দ্র* **গতায়াত**

গতাআতা [স গত-আগত>] *বিণ* আসা-যাওয়া সংক্রান্ত। 'গতাআতা সেখানকার কুশলাদী লিখীবা।' *ওসাঁ*, ১৭৭৯।

গতাআতে [স গত-আগত>] *ক্রিবিণ* যাতায়াতের মাধ্যমে। 'গতাআতে মঙ্গলাদী সমাচার লিখিতে আজ্ঞা হইবেক।' *ওসাঁ*, ১৭৮২।

গতাগত [স গত-আগত] *বি* যাতায়াত। 'মানবের গতাগত নাহিক প্রকাশ।' *বাহরাম*, ১৬৫০।

গতাগতি [স গত-আগত>] *বি* গমনাগমন। 'সেই দুই পথে বাউ গতাগতি হএ।' *মালাধর*, ১৫০০।

গতানুগতা [স] *বি* প্রাচীনত্বের প্রতি আনুগত্য। 'চিন্তার গতানুগতা কাটিয়ে তাঁরা বিদ্যাসাগরকে দেখতে পেতেন তাঁর যথার্থরূপে।' *শরীফ*, ১৯৭০।

গতানুগতিক [স] **১** *বিণ* প্রচলিত ধারার মতো। 'তৎসংসর্গে গড্ডরিকাবলিকাবৎ গতানুগতিক অনেক ধনি লোকেরা।' *দর্পণ*, ১৮২২। **২** *বি* অনুসারী। 'তাঁহার গতানুগতিকেরা তৎপ্রদর্শিত পথ হইতে পরিভ্রষ্ট হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৫০। **৩** *বিণ* পূর্বপ্রথানুসারী। 'গতানুগতিক ভাববাহারা বর্জন।' *বেগম*, ১৯৪৮। **৪** *বিণ* একঘেয়ে। 'দুর্বিষহ জিন্দেগানি, জীর্ণপ্রথা গতানুগতিক।' *ফররুখ*, ১৯৬৩।

গতানুগতিকতা [স] *বি* চিরাচরিত ধারণা। 'স্বাধীনতার পরিপন্থী যে-সব গতানুগতিকতা আছে।' *মনসুর*, ১৯৩৫।

গতানুশোচনা [স] *বি* যা ফিরে পাওয়া যাবে না তার জন্য আফসোস। 'গতানুশোচনা বৃথা।' *অক্ষয়*, ১৮৪৬।

গতানুশোচনারূপ [স] *বিণ* যা ফিরে পাওয়া যাবে না তার জন্য আফসোসের মতো। 'গতানুশোচনারূপ অন্তর্দাহের উদ্রেক হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫২।

গতানো [স গম্>] *ক্রি* পছানো। 'অমিতের হাতে তাকে গতিয়ে দেবার কৌশল করছে।' *রবীন্দ্র*, ১৯২৮।

গতাস্ত শোচন [স] *বি* আগের কাজের জন্য অনুশোচনা। 'আগে না ভাবিলে হএ গতাস্ত শোচন।' *আলাওল*, ১৬৮০।

গতায়ত [স গত-আগত] *বি* যাতায়াত। 'বেওয়ারিস স্থান কঠিন তটে গতায়তের পথ নাই।' *রামরাম*, ১৮০১।

গতায়তি [স গত-আগত>] *বি* যাওয়া-আসা। 'এই পথে নিতি কর গতায়তি।' *চণ্ডী*, ১৫৫০।

গতায়াত [স গত-আগত>] *বি* যাতায়াত। 'পরিসে লহনা রামা করে গতায়াত।' *মুকুন্দ*, ১৬০০। *দ্র* **গতাআত**

গতায়ু [স] **১** *বিণ* মৃত। 'যতদিন না লুটনেওয়ালারা গতায়ু হন।' *ধূর্জটি*, ১৯৩১। **২** *বিণ* নিঃশেষিত। 'সোনার তুলির গতায়ু উজ্জ্বল টানে দিবস মদির হয়েছিলো একদিন।' *আহসান*, ১৯৪৪।

গতাশ্রয় [স] *বিণ* নিরাশ্রয়। 'হতাশ্বাস গতাশ্রয় মন ...।' *রবীন্দ্র*, ১৯০০।

গতাসু [স] **১** *বিণ* মৃত। 'তাহার এক প্রহারেই যে কোন মনুষ্য তৎমুহূর্তে গতাসু হয়।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বিণ* গত হয়েছে এমন; বিগত। 'গতাসু বরষে সহসা উঠিল জেগে নিম্নের বিপিনে।' *সুধীন্দ্র*, ১৯৩০।

গতি [স] **১** *বি* গমন। 'গজরাজগতি পরিমল পারিজাত।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* আশ্রয়। 'তোহ্মার গমন দেখি রাজহংস গতি করিল সলিলে।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* অবস্থা। 'যাবৎ বুদ্ধির গতি তাবৎ বর্ণিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'দরিদ্র বরণ করে অনাথের গতি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৪** *বি* পরিণতি। 'ভোজন করি না জানি হবে কোন গতি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৫** *বি* সহায়। 'পাপ তাপ আপদেত তুহ্মি মাত্র গতি।' *বাহরাম*, ১৬৫০। **৬** *বি* উপায়। 'আজ্ঞা কর মোহোর হইব কোন গতি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৭** *বি* চলন। 'ঝলকএ বিজুলির গতি।' *সুলতান*, ১৭০০। **৮** *বি* দখল। 'ন্যায় দর্শনে এবং তন্ত্রে বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যের এরূপ গতি ছিল।' *দর্পণ*, ১৮৩২। **৯** *বি* চলার বেগ। 'পৃথিবী যে গতি দ্বারা ২৪ ঘটিকায় ... একবার নিজ নাভিকে বেষ্টন করে।' *অক্ষয়*, ১৮৪১। **১০** *বি* কার্যক্ষমতা। 'আপন প্রত্যক্ষ গতি স্বীকারপূর্বক শাস্ত্র প্রকাশ করিবেন।' *অক্ষয়*, ১৮৪৭। **১১** *বি* আবর্তন। 'এই গতির নাম প্রাতিবার্ষিক আবৃত্তি, তাহাতে আমাদিগের বৎসর হয়।' *অক্ষয়*, ১৮৪৭। **১২** *বি* ব্যবস্থা। 'গতি করে দাও তো

AMARBOI.COM

মেয়েটা তরে যায়।' *রবীন্দ্র*, ১৯০৯। **১৩** *বি* কার্যধারা। 'আমার সকল গতির মাঝে পরম গতি হে।' *রবীন্দ্র*, ১৯১০।

গতি করানো *ক্রি* নিয়ে যাওয়া। 'মহারাজাকে চতুর্দোলে আরোহণ করাইয়া গতি করাইলেন।' *রামরাম*, ১৮০১।

গতিক্রিয়া [স] **১** *বি* দীর্ঘসূত্রতা। 'গতিক্রিয়াক্রমে তাহার মত চলন না করেন।' *ক্যালগে*, ১৭৮৪। **২** *বি* সমাধান। 'গতিক্রিয়ার কোন গতিক্রিয়া হইবেক না।' *ভবানী*, ১৮২৮।

গতিচঞ্চল [স] *বিণ* গতিময়। 'বর্ত্তমান জগৎ এরই প্রভাবে গতিচঞ্চল।' *মোতাহের*, ১৯৫০।

গতি-চাঞ্চল্য [স] *বি* চলার ছন্দ। 'শত বন্ধনের মধ্যে তাহার জীবনের গতি-চাঞ্চল্য হারাইয়া ফেলে।' *নজরুল*, ১৯২২।

গতিচিত্র [স] *বি* রং, রেখা, রূপ ও ভাব দিয়ে অঙ্কিত চিত্রবিশেষ। 'তাকে আলংকারিকেরা গতিচিত্র বলেন।' *অবন*, ১৯২৫।

গতিচিহ্ন [স] *বি* চলন চিহ্ন। 'সেখানে বিরাট সত্তা উড়ে যায় গতিচিহ্ন আঁখি।' *ফররুখ*, ১৯৬৩।

গতিচ্ছন্দ [স] *বি* গতিময় ছন্দ। 'সেই নিরন্তর হাসি অবলীল গতিচ্ছন্দে বাজে।' *রবীন্দ্র*, ১৯৩১।

গতিছন্দ [স] *বি* নাচের তাল। 'উচ্চাঙ্গ নৃত্যে পদসঞ্চালনের যে কারুকার্য ও গতিছন্দের বৈচিত্র্য লক্ষিত হয় ...।' *মুজতবা*, ১৯৫৯।

গতিতত্ত্ব [স] *বি* গতি বিষয়ক তত্ত্ব। 'নাক্ষত্রিক গতিতত্ত্ব অতি আশ্চর্য্য।' *বঙ্কিম*, ১৮৭৫।

গতিধারা [স] *বি* চলার পথ; গতিপথ। 'প্রবহমান সিন্ধুনদের গতিধারার পরিবর্তনই সম্ভবতঃ তার প্রধান কারণ।' *মাহেনও*, ১৯৪৯।

গতিপথ [স] *বি* চলার পথ। 'গতিপথ বিরোধিয়া রহে ঝঞ্ঝাবাত।' *রবীন্দ্র*, ১৬৮৯।

গতিপরিবর্তন [স] *বি* গতির বদল বা রূপান্তর। 'তড়িৎপ্রবাহের আকস্মিক গতিপরিবর্তনাদি হইতেই ইহার আবির্ভাব সংঘটিত হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

গতিপ্রকৃতি [স] **১** *বি* গতির বৈশিষ্ট্য। 'তার গতিবেগ এবং তার গতিপ্রকৃতি সম্বন্ধে বিশ্বপরিচয় গ্রন্থে ...।' *রবীন্দ্র*, ১৯৩৯। **২** *বি* আদর্শ। 'ভারতের রাষ্ট্রীয় জীবনের গতিপ্রকৃতি ও ধারাবাহিক ক্রমবিকাশ আমাদের সেই নির্দেশই দিয়ে থাকে।' *ওয়াজেদ*, ১৯৪৩। **৩** *বি* বৈশিষ্ট্য। 'বৈষ্ণব কাব্যের গতিপ্রকৃতিতেও গভীর প্রভাব বিস্তার করিয়া গিয়াছেন।' *হাই*, ১৯৫৪।

গতিপ্রবণ [স] *বিণ* চলনশীল। 'দুই সংখ্যাটা স্থিতিপ্রবণ, তিন সংখ্যাটা গতিপ্রবণ।' *রবীন্দ্র*, ১৯৩৬।

গতিপ্রবাহ [স] *বি* গতিপ্রকৃতি। 'সেই রকম গতিপ্রবাহের ক্ষীণ রেখা অঙ্কিত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গতিবতী [স] *বিণ* গতিশীল। 'এবার বড় গতিবতী জায়েদা।' *শওকত*, ১৯৭২।

গতি-বিজ্ঞান [স] *বি* গতি বা বেগবিষয়ক বিজ্ঞান বা শাস্ত্র। 'গতিবিজ্ঞানে যে গণিত দিগ্বিজয়ী।' *সবুজ*, ১৯১৭।

গতিবিধি [স] **১** *বি* কার্যকলাপ। 'জ্যোতির্বিদের কুত্রাপি গতিবিধি বারণ নাই।' *কেরি*, ১৮১২। **২** *বি* যাতায়াত। 'ইংরেজ লোকের গতিবিধি ঐ রাজার দুই বাটী।' *বঙ্গদূত*, ১৮২৯। **৩** *বি* পরিক্রমণ। 'জ্যোতির্গণের গতিবিধি পরিমাণাদি প্রতিপাদক বিদ্যাকে পণ্ডিতেরা জ্যোতির্ব্বিদ্যা ...।' *অক্ষয়*, ১৮৪৭। **৪** *বি* আদান-প্রদান। 'হৃদয়ে হৃদয়ে গতিবিধির একটা মস্ত বাধা দূর হইয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গতিবিশিষ্ট [স] *বিণ* প্রচলিত। 'একারের ব্যবহার এখনো গতিবিশিষ্ট্য।' *রবীন্দ্র*, ১৯১১।

গতিবৃদ্ধি [স] *বি* গতির বিকাশ। 'তাহার মনের যেন একটা গতিবৃদ্ধি নাই।' *রবীন্দ্র*, ১৮৯৭।

গতিবেগ [স] **১** *বি* গতিময়তা। 'গল্পে লঘুতা এবং গতিবেগ আবশ্যক।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বি* চলার বেগ। 'সে অপরাধ ... আমার দৃপ্ত গতিবেগের।' *নজরুল*, ১৯৩১।

গতিবৈচিত্র্য [স] *বিণ* গতির নানারূপ। 'তালের গতিবৈচিত্র্য এমন অভাবিতপূর্ব ও সুন্দর ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

গতি-বৈলক্ষণ্য [স] *বি* চলার বেগের বিভিন্নতা। 'ইউরেনাস গ্রহের গতি-বৈলক্ষণ্য হইতে এই সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন।' *মোতাহার*, ১৯৩৭।

গতিভঙ্গি, গতিভঙ্গী [স] **১** *বি* গতিপ্রকৃতি। 'তুচ্ছ উপলক্ষের গতিভঙ্গিতেই লোকটার যে প্রাণের বেগ।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বি* চলার ঢং। 'কিশোরীর ... গতিভঙ্গীর প্রতি চাহিয়া রহিলেন।' *শরৎ*, ১৯১৬।

গতিমতী [স] *বিণ স্ত্রী* গতিসম্পন্ন। 'কৃষ্ণবর্ণ অন্ধকার হইতে প্রভাময়ী, বিচিত্র গতিমতী ... ঊষা উদয় হইলেন।' *অবন*, ১৯২৫।

গতিমত্ত [স] *বিণ* উত্তাল। 'তরঙ্গিত গতিমত্ত সেই জল।' *রবীন্দ্র*, ১৯৩৯।

গতিময়তা [স] *বি* বেগবানতা। 'বাধা দেবে তার স্বচ্ছন্দ গতিময়তায়।' *ওয়ালী*, ১৯৪৫।

গতিমান [স] *বিণ* গতিশীল। 'এই জন্যই সত্য গতিমান।' *রবীন্দ্র*, ১৯১৬।

গতিমুক্তি [স] *বি* মুক্তির উপায়। 'বাণিজ্যই আমাদের চরমতম গতিমুক্তি নহে।' *রবীন্দ্র*, ১৯০৫।

গতিমুখরতা [স] *বি* গতিময়তা। 'গতিমুখরতার বিচিত্র অট্টহাস্য কোথাও ধ্বনিত হচ্ছে না।' *সেলিনা*, ১৯৬৯।

গতিরহিত [স] *বিণ* গতিহীন। 'বলছি ব্যক্তি বা জাতির জীবনে দীর্ঘদিন গতিরহিত অবস্থার কথা।' *আইয়ুব*, ১৯৭৩।

গতি-রাগ [স] *বি* গতিরূপ রাগ। 'গতি-রাগের সে ছিল গান।' *রবীন্দ্র*, ১৯১৮।

গতিরুদ্ধ [স] *বিণ* রুদ্ধবেগ। 'সে-আলোরেখায় যখন গতিরুদ্ধ স্তব্ধতা।' *ওয়ালী*, ১৯৪৫।

গতিরোধ [স] *বি* পথরোধ। 'তুই কে, কি নিমিত্তে আমার গতিরোধ করিতেছিস, বল।' *বিদ্যা*, ১৮৪৭।

গতিশক্তি [স] *বি* চলার সামর্থ্য। 'অবশেষে গতিশক্তি রহিতপ্রায় হইল।' *অক্ষয়*, ১৮৫০।

গতিশক্তিহীন [স] *বিণ* চলতে পারে না এমন। 'মোরা পরিক্ষীণ শীর্ণ নদ, নষ্টপ্রাণ, গতিশক্তিহীন।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গতিশক্তিহীনা [স] *বিণ স্ত্রী* চলতে পারে না এমন। 'পঙ্কপতনে গতিশক্তিহীনা হইয়াছে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

গতিশব্দ [স] *বি* চলার শব্দ। 'বিহানায় চক্ষু মেলে চিৎ হয়ে পড়ে তার গতিশব্দ মনে মনে গণনা করা যেতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গতিশীল [স] **১** *বিণ* প্রগতিশীল; আধুনিক। 'স্থিতিশীল ও গতিশীল দলভুক্তরা প্রতিরাত্রে পার্লামেন্টের রাজনৈতিক ...।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বিণ* বেগবান। 'সুরে-বেসুরে খণ্ডে-অংশে মিলে একটা গতিশীল প্রকাণ্ড হার্মনির জটলা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গতিশীলতা [স] *বি* চলমানতা। 'কবিতার বৈশিষ্ট্য হচ্ছে তার গতিশীলতা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গতিশীলা [স] *বিণ স্ত্রী* বেগবান। 'তাহারই উপর তীব্র গতিশীলা এই ক্ষুদ্র তরণীটি।' *শরৎ*, ১৯১৭।

গতিশূন্য [স] *বিণ* স্থির। 'অট্টালিকা অচল গতিশূন্য।' *বঙ্কিম*, ১৮৭৫।

গতিস্রোত [স] *বি* চলার বেগ। 'আমাদের তির্যক গতিস্রোত।' *জীবন*, ১৯৪২।

গতিহারা [স] **১** *বিণ* স্থির। 'স্থির জলে নাহি সাড়া, পাতাগুলি গতিহারা।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* উপায়হীন। 'হায় পথবাসী, হায় গৃহহীন, হায় গতিহারা!' *রবীন্দ্র*, ১৯২২। **৩** *বিণ* সহায়হীন। 'গতিহারা, আপনজনহারা মুক্ত খ্যাপার দল।' *নজরুল*, ১৯২৫।

গতিহীন [স] **১** *বিণ* নিশ্চল। 'কি আশ্চর্য! আমি যে গতিহীন হলেম।' *মাইকেল*, ১৮৬১। **২** *বি* অসহায় জন। 'হায় পথবাসী, হায় গতিহীন, হায় গৃহহারা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গতিক [স] **১** *বি* সংকার; অন্ত্যেষ্টিক্রিয়া। 'কহিলাম সন্যাসির গতিক করিবার কী হইবেক।' *ওসাঁ*, ১৭৭৬। **২** *বি* অবস্থা। 'তাহাদিগের সকলের গতিকও সেইরূপ বোধ হইল।' *অক্ষয়*, ১৮৪৯। **৩** *বি* হালচাল। 'কবি ভাবে মুখ করি বিবরন, "আজিকে গতিক মন্দ।"' *রবীন্দ্র*, ১৮৯৩।

গতী [স গতি] **১** *বিণ* সদৃশ। 'নাচএ নারদ ভেকের গতী।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* গতিবিধি। 'ভালমতেঁ কহ বড়ায়ি তার থান গতী।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* সহায়। 'গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগতী।' *বড়ু*, ১৪৫০। **৪** *বি* গতি; অবস্থা। 'সংসারে নানা প্রকার বিষয় দর্শনে ও শ্রবণে মনের গতী চঞ্চল হইয়া পড়ে।' *প্যারী*, ১৮৬০। *দ্র* **গতি**

গতো [স গত] *বিণ* বিগত। 'কাপড় খরিদ গতো সনে করিয়া ছিলাম।' *ওসাঁ*, ১৭৭৯।

গতোকালি [স গতকাল] *ক্রিবিণ* আগের দিন। *ওসাঁ*, ১৭৮২।

গতোর [স গাত্র] *বি* গতর; শরীর। 'বলে, গতোর আছে, খেটে খেগে ...।' *গুপ্ত*, ১৮৫৮।

গত্তি *বি* মাংস। 'গায়ে গত্তি লাগে, মনে স্ফূর্তি আসে।' *মনোজ*, ১৯৬১।

গৎবাঁধা [স গতি+স বন্ধন>] *বিণ* গতানুগতিক। 'ব্যবসায়ীদের এই সব পুরাতন গৎবাঁধা যুক্তিতে মন্ত্রিমণ্ডলী কর্ণপাত করেন নাই।' *সওগাত*, ১৯৩৯।

গত্যন্তর [স] *বি* বিকল্প উপায়। 'শাসননীতি পরিচালন ব্যতীত গত্যন্তর নাই।' *এসলাম*, ১৯১৯।

গথিক [ই] *বিণ* দ্বাদশ থেকে ষোড়শ শতক পর্যন্ত পশ্চিম ইউরোপে প্রচলিত বিশেষ স্থাপত্যরীতিতে নির্মিত। 'খোঁচাওয়ালা কোণওয়ালা গথিক গির্জের ছাঁদে, মন্দিরের মণ্ডপের ছাঁদে নয়।' *রবীন্দ্র*, ১৯২৮।

গদ [স ক্রোধ] *বি* ক্রোধ। *মানোএল*, ১৭৪৩।

গদগদ, গদ গদ [ধ্বন্যা] **১** *বিণ* আবেগাপ্লুত। 'জব পিয় ধরি বলে লেঅব পাস। নহি নহি বোলবি গদ গদ ভাষ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* ভয়জনিত কারণে অস্ফুট। 'গদগদ বাণী মোর উঠিল সকল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* আবেগপ্রবণ করে এমন। 'বারিরাশির গদগদ নিনাদ শুনা যাইতেছে।' *বঙ্কিম*, ১৮৮৭। **৪** *বিণ* বিভোর। 'দুপুরবেলা আকাশের দিকে গদগদ হইয়া তাকাইয়া থাক কেন।' *রবীন্দ্র*, ১৯০২। **৫** *বিণ* স্বতঃস্ফূর্ত। 'অগ্নিগিরিনিঃসৃত গদগদকলমুখর পঙ্কস্রোত।' *রবীন্দ্র*, ১৯৩২।

গদগদকণ্ঠ [ধ্বন্যা গদগদ+স কণ্ঠ] *বি* আবেগে জড়ানো কণ্ঠ। 'মাথায় হাত রাখিয়া অশ্রুগদগদকণ্ঠে ঈশান কহিল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গদগদচিত্ত [ধ্বন্যা গদগদ+স চিত্ত] *বি* আপ্লুত মন। 'গদগদচিত্তের পূর্ব ইতিহাসটি সম্পূর্ণ বে-কবুল যায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

গদগদবচন [ধ্বন্যা গদগদ+স বচন] *বি* আবেগে কাঁপা কাঁপা জড়ানো কথা। 'জজ গগ জজ গগ গদগদবচন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গদগদভাষী [ধ্বন্যা গদগদ+স ভাষী] *বিণ* আবেগাপ্লুত কণ্ঠে কথা বলছে এমন। 'তার পূর্বে সন্ধ্যাসঙ্গীতের পর্বে আমার মনে কেবলমাত্র হৃদয়াবেগের গদগদভাষী আন্দোলন চলছিল।' *রবীন্দ্র*, ১৮৮৩।

গদগদস্বর [ধ্বন্যা গদগদ+স স্বর>] *বি* আহ্লাদিত স্বর। 'তাহারা গদগদস্বরে কহিতে লাগিল।' *এডুকেশন*, ১৮৭৩।

গদগদে [ধ্বন্যা গদগদ>] *বিণ* মেকি আবেগ দেখায় এমন। 'গদগদে দালাল, বখাটে যুবক আর ভাড়াটে গুণ্ডারা।' *শামসুর*, ১৯৭২।

গদরজমা [আ] *বি* জামানত-বিশেষ। 'কোন গদরজমা হিসাব মুফ্ত করিয়া তৈয়ার করাইতে ...।' *ক্যালগে*, ১৭৮৭।

গদা [স] *বি* শক্ত ও মোটা লাঠি। 'যে কৃষ্ণ রহিল দৈবকী উদরে/ সেহি শঙ্খ চক্র গদা শারঙ্গ ধরে।' *বড়ু*, ১৪৫০।

গদাইনস্করি [স গদা>+ফা লশকর>] *বিণ* মন্থরগতিবিশিষ্ট। *বিদ্যা*, ১৮৯১।

গদাইলশকর [স গদা>+ফা লশকর>] *বি* গদাধারী যোদ্ধা। 'সোয়ালক্ষ গদাইলশকর হন হন করিয়া ছুটিল।' *জসীম*, ১৯৬০।

গদাই-লশকরি, গদাই-লশকরী [স গদা>+ফা লশকর>] *বিণ* অলস; ঢিলে। 'লেখকের গদ্য গদাই-লশকরি ভাবে চলে।' *প্রমথ*, ১৯১২; 'প্রেম যখন গদাই-লশকরী টিমেতালে চলতে থাকে।' *নজরুল*, ১৯৩৮।

গদাইলস্কর [স গদা>+ফা লশকর>] *বি* কুঁড়ে। 'তাকে গদাইলস্কর ছাড়া আর কিছু ভাববে না।' *ওয়ালী*, ১৯৪৫।

গদাইলস্করী চাল [স গদা>+ফা লশকর>] *বি* গাধাবোটের মতো খুব মন্থর গতি। 'গদাই লস্করী চাল ভারিক্কি ধরন।' *অন্নদা*, ১৯৫৫।

গদাঘাত [স গদা-আঘাত] *বি* গদার আঘাত। 'বিরুদ্ধ পক্ষকে বক্তৃতার গদাঘাতে পাড়িয়া ফেলাই যে এই বৃহৎ কাজের পরিণাম।' *রবীন্দ্র*, ১৯০৮।

গদাজুদ্ধ [স গদাযুদ্ধ] *বি* গদায় গদায় যুদ্ধ। 'অসম্ভালে ছিল রাজা গদাজুদ্ধ জিনি।' *মালাধর*, ১৫০০।

গদাধর [স] *বি* কৃষ্ণ। 'বাঁশী পায়িলেঁ কিছু না বুলিব গদাধর।' *বড়ু*, ১৪৫০।

গদাধারী [স] *বিণ* গদা বহনকারী। 'রসুলের খুড়া হামজা গদাধারী।' *সুলতান*, ১৭০০।

গদাপাণি [স] *বি* গদা যার অস্ত্র; বিষ্ণু। 'গজদন্ত-গদাপাণি ফিরে দানাগণ মারিআ গদার বাড়ি বধএ জীবন।' *মুকুন্দ*, ১৬০০।

গদাবিদ্যা [স] *বি* লাঠি চালানো সংক্রান্ত বিদ্যা। 'গদাবিদ্যায়

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

যদুকুলতিলক বলভদ্রতুল্য।' *মাইকেল*, ১৮৭৪।

গদাযুদ্ধ [স] *বি* গদার সাহায্যে যুদ্ধ। 'মল্লযুদ্ধ গদাযুদ্ধ অনেক শিখাইল।' *ব্যহরাম*, ১৬৫০।

গদি, গদী [হি গদ্দী] **১** *বি* আরামদায়ক বসার জায়গা। 'হস্তপরিমিত উচ্চ গদির উপর বসিলেন।' *ভবানী*, ১৮২৫। **২** *বি* ব্যবসায়ীর দপ্তর। 'গদির গোমস্তা কহিলেন।' *দর্পণ*, ১৮২৭। **৩** *বি* কর্তৃত্ব নির্দেশক আসন। 'দক্ষিণাপথে রামানুজ-সম্প্রদায়ের ভূরি ভূরি আখড়া বিদ্যমান আছে। তাঁহার গদিও ঐ প্রদেশে প্রতিষ্ঠিত।' *অক্ষয়*, ১৮৪৭। **৪** *বি* সিংহাসন। 'রাজা ম'রে গেলে আমি যখন গদিতে বসব।' *গিরিশ*, ১৮৮৭। **৫** *বি* উচ্চ আসন। 'থাক সে বসে গদির পরে, কালকে প্রেমে আসবে নেমে।' *রবীন্দ্র*, ১৯০৫। **৬** *বি* মর্যাদাসম্পন্ন পদ। 'সম্প্রতি তিনি ওজারতির গদি হারিয়েছেন।' *মনসুর*, ১৯৩৫।

গদিআঁটা, গদীআঁটা [গদি+আঁটা] *বিণ* গদিযুক্ত। 'শেখর একটা গদিআঁটা আরাম চৌকির উপর হেলান দিয়া।' *শরৎ*, ১৯১৪।

গদিওয়ালা [হি গদ্দীওয়ালা] *বি* গদির মালিক। 'উমেদার, দালাল, প্যায়দা, গদিওয়ালা ও পাইকেরে ভরে গ্যাল।' *হুতোম*, ১৮৬১।

গদিচ্যুত [গদি+স চ্যুত] *বিণ* ক্ষমতা থেকে বিতাড়িত। 'তাঁর দলবল গদিচ্যুত হওয়ার পর হইতে ...।' *মোহাম্মদী*, ১৯৪২।

গদিনশীন, গদীনশীন [গদি+ফা নিশীন] **১** *বিণ* স্থলাভিষিক্ত। 'ছাহেবজাদাগণ যাহাতে তাহাদের গদিনশীন হইতে পারে।' *মোয়াজ্জিন*, ১৯৩২। **২** *বিণ* ক্ষমতায় অধিষ্ঠিত। 'এই অধিবেশনে গদীনশীন মন্ত্রীদের মুখ দর্শন ...।' *আজাদ*, ১৯৪২।

গদিপ্রাপ্ত [গদি+স প্রাপ্ত] *বিণ* গদিনশিন। 'গ্রামে টিকিকার হইয়া গেল মতিলাল গদিপ্রাপ্ত হইলেন।' *প্যারী*, ১৮৫৮।

গদিমুখী, গদীমুখী [গদি+স মুখী] *বিণ* ক্ষমতালোভী। 'আমরা গদীমুখী রাজনীতিবিদদিগকে অভয় দিয়া বলিতে পারি।' *আজাদ*, ১৯৫৬।

গদিয়ান, গদীয়ান [গদি+ফা আন] **১** *বি* আড়তদার। 'গদিয়ান মহাজন যে-জন বসে কেনে প্রেম-রতন।' *লালন*, ১৮৯০। **২** *বিণ* ক্ষমতাবান; কর্তা। 'ঘরের তৈরি সমাজে যে যার গদীতে গদীয়ান।' *অন্নদা*, ১৯২৮।

গদী[২] [স গদা>] *বিণ* গদাধর। 'বেঁধাবেঁধি জমধর পড়িল বীরবর গদাহাতে পড়িল গদী।' *মুকুন্দ*, ১৬০০।

গদোগদো [ধ্বন্যা] *বিণ* আবেগে বিহ্বল। 'শ্রদ্ধায় ভক্তিতে মনুমিয়া গদোগদো হয়ে যায়।' *সেলিনা*, ১৯৭৫।

গদ্‌গদ [ধ্বন্যা] *বিণ* বিভোর বা বিহ্বল। 'আহ্লাদে গদ্‌গদ হইয়াছি।' *বিদ্যা*, ১৮৭৩।

গদ্দিনশিন [হি গদ্দী+ফা নিশীন] *বিণ* অধিষ্ঠিত। 'ওই গদির গদ্দিনশিন করবার জন্য।' *নজরুল*, ১৯২৭।

গন্ধব [স গর্দভ] *বি* গাধা। 'আঙসরা আনে আর গন্ধবের দই।' *মুকুন্দ*, ১৬০০।

গদ্য [স] **১** *বি* গুণকীর্তন। 'বিষ্ণুপদতলে সেন নানা গদ্য গায়।' *রূপরাম*, ১৭৫০। **২** *বি* পাল্টা উত্তর। 'কৌতুক করণের পূর্ব্বে আমাদিগে বিবেচনা করা কর্ত্তব্য যে সে ফিরে গদ্য করিলে তাহা আমরা সহিতে পারিব কি না।' *তারিণী*, ১৮০৩। **৩** *বি* ছন্দবদ্ধ নয় এমন রচনা। 'কেহ যদি গদ্য পদ্য দ্বারা মনের চমৎকারিত্ব জন্মাইতে পারেন ...।' *গৌর*, ১৮২২। **৪** *বি* গ্রন্থ। 'পুনর্বার আরবী ভাষাতে তাহার গদ্য প্রস্তুত হইল।' *অক্ষয়*, ১৮৪৭। **৫** *বি* রচনা। 'দুচারটি কথা বলে এই নীরস গদ্যের অবসান করব।' *নজরুল*, ১৯১৯। **৬** *বি* গদ্যছন্দ। 'ফর্মাশ, ভাষা হওয়া চাই অমিত্রাক্ষর। আমি লিখেছি গদ্যে।' *রবীন্দ্র*, ১৯৩২।

গদ্য অবস্থা [স] *বি* বাস্তবতা। 'ঋণদায়রূপ গদ্য অবস্থা তিনি বুঝিতে অক্ষম।' *রোকেয়া*, ১৯২১।

গদ্য-আখ্যায়িকা [স] *বি* গদ্যভাষায় রচিত কাহিনি। 'ইংরেজী সাহিত্যের ভাণ্ডার থেকে উপকরণ নিয়ে অপূর্ব গদ্য-আখ্যায়িকাসমূহ রচনা করেছিলেন।' *মুরশিদ*, ১৯৭০।

গদ্য-কবি [স] *বি* গদ্যকবিতা রচয়িতা। 'ইসলামপ্রেমী গদ্য-কবির ভাষায় ...।' *মাহেনও*, ১৯৪৯।

গদ্য কহা *ক্রি* ধন্যবাদ দেওয়া। *মানোএল*, ১৭৪৩।

গদ্যকাব্য [স] *বি* গদ্য রীতির কবিতা। 'বাঙ্গালীরা এক্ষণে গদ্যকাব্য, নাটক, দেশ পর্য্যটন বৃত্তান্ত ... ইত্যাদি লিখিতেছেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

গদ্যকার [স] *বি* গদ্য লেখেন যাঁরা। 'তাহা আমাদের প্রথম গদ্যকারদের রচনা দেখলেই বুঝা যায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

গদ্যকাহিনী [স গদ্য-কথনিকা] *বি* গদ্যরচনা। 'রবীন্দ্রনাথের এ যুগের গদ্যকাহিনীতে তা সম্যক পুষ্টি এবং পরিণতি প্রকাশ করেছে।' *শিব*, ১৯৫০।

গদ্যছন্দ [স] *বি* গদ্যরচনার ছন্দ। 'অনেকেই মনে রাখেন না যে, যেহেতু গদ্য সহজ, সেই কারণেই গদ্যছন্দ সহজ নয়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গদ্যজীবী [স] *বিণ* কাঠখোট্টা; রসবোধহীন। 'কিন্তু অবিশ্বাসী গদ্যজীবী লোকেরা এতটা কবিত্ব বিশ্বাস করে না।' *রবীন্দ্র*, ১৯০৭।

গদ্যপদ্য [স] **১** *বি* স্তুতিমূলক রচনা। 'স্তবন গদ্যপদ্যে সঘন মুখবাদ্যে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* গদ্য এবং কবিতা। 'গদ্যপদ্যর সহযোগ-ব্যতীত কখনো কোনো সাহিত্য সম্পূর্ণতা প্রাপ্ত হইতে পারে না।' *রবীন্দ্র*, ১৯০৭।

গদ্যপ্রবন্ধ [স] *বি* গদ্যরচনা। 'গদ্যপ্রবন্ধের আদ্যন্তমধ্যে যুক্তিসম্বন্ধের নিবিড় যোগ।' *রবীন্দ্র*, ১৯০৭।

গদ্যবন্ধ [স] *বি* গদ্যশৈলী। 'ভাষার এর চাইতে ভারী অঙ্গের গদ্যবন্ধ জার্মানির বাইরে পাওয়া যায়।' *প্রমথ*, ১৯১৫।

গদ্যবাণী [স] *বি* গদ্যময় কথা। 'আকাশে উঠে পড়ল গদ্যবাণীর মহাদেশ।' *রবীন্দ্র*, ১৯৩২।

গদ্যবোধশক্তি [স] *বি* গদ্যরচনা বোঝার সামর্থ্য। 'গদ্য ছিল না গদ্য বোধশক্তিও ছিল না।' *রবীন্দ্র*, ১৯০৭।

গদ্যভাষা [স] *বি* ছন্দবদ্ধ নয় এমন রচনার ভাষা। 'এই গদ্যভাষারই প্রকাশক্ষমতা যাচাই করার উদ্দেশ্য নিয়ে ...।' *মুরশিদ*, ১৯৭০।

গদ্যময় [স] *বিণ* নীরস। 'ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়।' *সুকান্ত*, ১৯৪৮।

গদ্যময়ী [স] *বিণ স্ত্রী* সাধারণ। 'সে করে অতিশয় গদ্যময়ী ব্যবসা।' *মুজতবা*, ১৯৫৮।

গদ্যরচনাশৈলী [স] *বি* গদ্য রচনার ধরনবিশেষ। 'তাঁর গদ্যরচনাশৈলী চূড়ান্ত বিকাশ লাভ করেছে।' *মুরশিদ*, ১৯৭০।

গদ্যরীতি [স] **১** *বি* গদ্য ভাষায়। 'গদ্যরীতিতে সেই বইখানি ছাপানো ছিল।' *রবীন্দ্র*, ১৯১২। **২** *বি* গদ্য লেখার ঢং। 'সেই যে

AMARBOI.COM

বাংলা গদ্যরীতির জনক বলে তাঁর এক খ্যাতি আছে।' *মুরশিদ*, ১৯৭০।

গদ্যলেখক [স] *বি* গদ্য রচনা করেন যিনি। 'তোমাদের প্রথম গদ্যলেখক সাহেব ফরেস্টর ও কেরি।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

গদ্যসাহিত্য [স] *বি* গদ্যে রচিত সাহিত্য। 'বাংলাদেশে গদ্যসাহিত্যের ভূমিপত্তন করিয়া দেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

গদ্যাত্মক [স গদ্য-আত্মক] *বিণ* গদ্যধর্মী। 'যাহা সহজ সুলভ সাধারণ গদ্যাত্মক।' *সবুজ*, ১৯২১।

গদ্যিকা [স] *বিণ* গদ্যোচিত। 'গানের আলাপের সঙ্গে পুনশ্চ কাব্যগ্রন্থের গদ্যিকারীতির যে তুলনা করেছ সেটা মন্দ হয়নি।' *রবীন্দ্র*, ১৯৩৬।

গন[১] [স গণ] *বি* গণ; সম্প্রদায়। 'রঙ্গিনি গন রস রঙ্গহি নটই। রনরনি কঙ্কন কিঙ্কিনি রটই।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'অচিন্ত ভৈরব পৃআ গন লৈয়া সঙ্গে।' *মালাধর*, ১৫০০।

গন[২] [ই gun] *বি* বন্দুক। 'রেজিমেন্টকে রেজিমেন্ট গোরা, গন, বোট ও এসপেসিয়েল কমিসনর চল্লো।' *হুতোম*, ১৮৬১।

গনগন [ধ্বন্যা] *বি* বিরক্তির বহিঃপ্রকাশক ভাব। 'বিরক্তির সঙ্গে এক কেটলি চা এনে ... গনগন করতে থাকবে।' *জীবন*, ১৯৩১।

গনগন করা *ক্রি* প্রখর হওয়া। 'দুপুরের রোদ গনগন করছে।' *শামসুল*, ১৯৬২।

গনগনে [ধ্বন্যা গনগন>] *বিণ* প্রচণ্ড উত্তাপযুক্ত। 'গনগনে।' *রবীন্দ্র*, ১৯০০; 'গনগনে আগুন।' *বিভূতি*, ১৯৩৮।

গনগর্বিত [স গণ+গর্বিত?] *বি* গুরুজন। 'গনগর্বিত দেখ্যা বুকে না দেই বসন।' *মুকুন্দ*, ১৬০০।

গনতি [স গণিত>] *বি* গণনা। *বিদ্যা*, ১৮৯১।

গনৎকার [স গণনাকার] *বি* ভাগ্য গণনা করে যে; জ্যোতিষী। 'গনৎকার তো প্রচুর পারিতোষিক লইয়া বিদায় হইয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

গনন [স গণন] *বি* বর্ণনা; হিসাব। 'পৃথুবির রেনু জদি করিএ গনন।' *মালাধর*, ১৫০০।

গনপতী [স গণপতি] *বি* হিন্দু দেবতা গণেশ। 'গনপতী প্রনমোহঁ বিঘ্নী করতার।' *মালাধর*, ১৫০০।

গনমার্গ [স গণ-মার্গ] *বি* চলার পথ। 'গনমার্গে গমন করিল গৌড়মুখে।' *মানিকরাম*, ১৭৮১।

গনা [স গণন>] **১** *ক্রি* অনুভব করা। 'ভনহুঁ বিদ্যাপতি লেহ মনে গনি কহিলে কি জানি হয়ে কাজে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রি* গণনা করা। 'আকাসের তারা জদি একে একে গনি।' *মালাধর*, ১৫০০। **৩** *ক্রি* হিসাব করা। 'তিন চারি পাঁচ সাত গনিঞা অনুচরে।' *মালাধর*, ১৫০০। **৪** *ক্রি* আশঙ্কা করা। 'প্রমাদ গনিল সব ভাগবতগণ।' *বৃন্দা*, ১৫৮০। **৫** *ক্রি* গ্রাহ্য করা। 'সেই সভ মহাবলী কাহাকে না গনে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৬** *ক্রি* মান্য করা। 'রাজা প্রজা, উঁচ নিচু, কিছু না গনি!' *রবীন্দ্র*, ১৮৮১। **৭** *ক্রি* মিলিয়ে দেখা। 'টাকাগুলি গনিয়া আয়রন-চেস্টে না তুলিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭। **গন্যা** *ক্রি* গণনা ক'রে। 'একে একে দিব গন্যা।' *মুকুন্দ*, ১৬০০।

গনা-গোষ্ঠী [স গণ+স গোষ্ঠী] *বি* গোষ্ঠীবর্গ; সমস্ত আত্মীয়স্বজন। 'ইয়াজুস-মাজুসের গনা-গোষ্ঠী ঐ দেওয়ালের আড়ালে আটকা পড়িল।' *মনসুর*, ১৯৫০।

গনানো [স গণনা] *ক্রি* গণনা করানো। *বিদ্যা*, ১৮৯১।

গন্ডোলা [ইতালিয়ান] *বি* এক ধরনের নৌকা। 'সিনমার্ক দর্শন করে, চন্দ্রালোকে গন্ডোলা চড়ে।' *মুজতবা*, ১৯৫২। *দ্র* **গণ্ডোলা**

গন্তব্য [স] *বিণ* পৌঁছাতে হবে এমন। 'গন্তব্য পথ মশালেতে সুশোভিত হইয়াছিল।' *দর্পণ*, ১৮২৯।

গন্তব্যস্থান [স] *বি* যেতে হবে এমন স্থান; গম্যস্থান। 'নাম, ধাম, গন্তব্যস্থান, পিতৃপুরুষের পরিচয়।' *প্রভাত*, ১৮৯৬।

গন্তা [স গম্>] *বি* গমনকারী। 'উত্তরকালে জলপথগন্তারা বক্র ও পীড়াজনক সুন্দরবন দিয়া ককএ দিবস পর্য্যন্ত গমন।' *দর্পণ*, ১৮৩০।

গন্তকাম [স] *বিণ* গমনে উদ্যোগী। 'গন্তকাম সন্ন্যাসী হইলা উষাকালে।' *বৃন্দা*, ১৫৮০।

গন্দ [ফা] *বি* দুর্গন্ধ। 'গন্দে লুকাইয়া কেহো জাএ গড়াগড়ি।' *মালাধর*, ১৫০০।

গন্দ পুষ্প [স গন্ধ-পুষ্প] *বি* সুগন্ধি ফুল। 'মুক্ষ রাজা বর তুহ্মি গন্দ পুষ্প দিয়া।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গন্দম [ফা] *বি* ইসলামি বিশ্বাস অনুযায়ী স্বর্গের নিষিদ্ধ ফল। 'গন্দম ভক্ষিআ হৈল দুক্ষিত অন্তর।' *বাহরাম*, ১৬৫০।

গন্দর্ব্ববিভা, গন্দর্ব্ববিভা [স গন্ধর্ব-বিবাহ] *বি* শুধু বর ও কন্যার পারস্পরিক সম্মতিতে বিবাহ। 'গন্দর্ব্ব বিভার কার্য্যে সভে নিয়োজিল।' *মালাধর*, ১৫০০।

গন্ধোলী [ইতালিয়ান গন্ডোলা] *বি* পর্যটকদের ব্যবহারের জন্যে এক-মাঝিওয়ালা নৌকাবিশেষ। 'চাঁদের আলোয় আন্দোলিত গন্দোলাতে রূপসীকে জানায় পূজা ছেঁড়া খাতায়।' *বুদ্ধ*, ১৯৬৬। *দ্র* **গণ্ডোলা, গন্ডোলা**

গন্ধ[১] [স] **১** *বি* সুবাস। 'তাত নাহিঁ গন্ধের পরসে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি বিণ* সুগন্ধিযুক্ত। 'রক্ত এবং শ্বেতচন্দন গন্ধ কাষ্ঠের মধ্যে প্রধান।' *অক্ষয়*, ১৮৪১। **৩** *বি* আভাস। 'কোম্পানী তাহাদের গতিবিধির গন্ধ পাইয়াছে।' *শওকত*, ১৯৫৮।

গন্ধওলা [স গন্ধ+হি ওয়ালা] *বিণ* ঘ্রাণযুক্ত। 'কড়া গন্ধওলা অন্য কোনো মাল নেওয়া হয় না।' *মুজতবা*, ১৯৫২।

গন্ধকাতর [স] *বিণ* গন্ধাচ্ছন্ন। 'আমি এমন গন্ধকাতর লোক দেখেছি।' *মুজতবা*, ১৯৬০।

গন্ধকালি [স গন্ধ>] *বি* মৎস্যগন্ধা; পৌরাণিক নারীচরিত্রবিশেষ। 'গন্ধকালি কুম্ভিরিনি তাথাই মারিয়া।' *মালাধর*, ১৫০০।

গন্ধগহন [স] *বিণ* সুগন্ধপূর্ণ। 'এই গন্ধগহন-সন্ধ্যা-কুসুম-মালাতে।' *রবীন্দ্র*, ১৯১৪।

গন্ধ-গোকুল [স] *বি* বেজিজাতীয় প্রাণীবিশেষ। 'অন্ধবনের গন্ধ-গোকুল, ওরে আমার হোঁচকা রে।' *সুকুমার*, ১৯২০।

গন্ধজাল [স] *বি* গন্ধের প্রবাহ। 'ওরে শিরীষ ... গন্ধজালে শূন্য ঘিরিস।' *রবীন্দ্র*, ১৯১৫।

গন্ধঝিটি [স গন্ধ>] *বি* গুল্মবিশেষ ও তার ফল। 'গন্ধঝিটি কেতকী কেসর।' *মালাধর*, ১৫০০।

গন্ধটগর [স গন্ধ>] *বি* ফুলবিশেষ। 'গন্ধটগর বনমাল্লী।' *বড়ু*, ১৪৫০।

গন্ধতেল [স গন্ধতৈল] *বি* সুবাসিত তেল। 'গন্ধতেলে খোঁপা বাঁধিলেই শুধু চলিত না।' *মানিক*, ১৯৪০।

দুনিয়ার পাঠক এক হও ~ www.amarboi.com ~

গন্ধতৈল [স] *বি* সুবাসিত তেল। 'সে প্রদীপখানি আমি জ্বালাইয়া দিব গন্ধতৈল আনি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গন্ধদ্রব্য [স] *বি* গন্ধ ছড়ায় যে দ্রব্য। 'জায়ফল অগুরা প্রভৃতি গন্ধ দ্রব্য এই স্থান হইতে নানা দেশে প্রেরিত হয়।' *অক্ষয়*, ১৮৪১।

গন্ধধূপ [স] *বি* সুগন্ধি দ্রব্যবিশেষ। 'তারি দুইধারে ধূপাধার হতে উঠিছে গন্ধধূপ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গন্ধনিবিড় [স] *বিণ* গন্ধ ছড়িয়ে থাকে এমন। 'গন্ধনিবিড় আমব্যগানে কোকিল ডাকছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

গন্ধপিপ্পলী [স] *বি* গন্ধপিপুল। 'গন্ধারী গন্ধপিপ্পলী।' *বঢ়ু*, ১৪৫০।

গন্ধপ্রবাহ [স] *বি* সুগন্ধের ধারা। 'অতীতের সমস্ত অস্পষ্ট মিশ্রিত মৃদু গন্ধপ্রবাহ বহন করে আনতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গন্ধবণিক [স] *বি* হিন্দু ব্যবসায়ী সম্প্রদায়বিশেষ। *ওসী*, ১৭৮৫; 'গন্ধবণিক ৫৫১৫২।' *দর্পণ*, ১৮১৯।

গন্ধবতী [স] *বিণ* স্ত্রী সুগন্ধ-বিশিষ্ট। 'গুরু হোক স্তোত্রপাঠ গন্ধবতী তোমার সুনামে।' *মাহমুদ*, ১৯৬৩।

গন্ধবশ [স] *বিণ* ঘ্রাণের বশবর্তী। 'সেই গন্ধবশ নাসা/ সদা করে গন্ধের আশা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গন্ধবহ [স] *বি* বাতাস। 'শীতল সুগন্ধ গন্ধবহের মন্দ মন্দ সঞ্চার দ্বারা, পরম রমণীয়া হইয়া আছে।' *বিদ্যা*, ১৮৪৭।

গন্ধবাণী [স] *বি* গন্ধ রূপ বাণী। 'যূথীবনের গন্ধবাণী ছুটল নিরুদ্দেশে।' *রবীন্দ্র*, ১৯২৯।

গন্ধবান্যা [স গন্ধবণিক] *বি* হিন্দু গন্ধবণিক সম্প্রদায়। 'বৈসে যত গন্ধবান্যা গন্ধ বেচে ধূপধূনা।' *মুকুন্দ*, ১৬০০।

গন্ধবারি [স] *বি* গোলাপজল। 'গন্ধদ্রব্য, গন্ধবারি, কুসুমদাম চর্চ্চিত আমোদ করিতেছে।' *বঙ্কিম*, ১৮৬৬।

গন্ধবাস [স] *বি* সুগন্ধ। 'কমলের বুকে অজানিতে জাগে মধুর গন্ধবাস।' *নজরুল*, ১৯৩০।

গন্ধবাসিত [স] *বিণ* ঘ্রাণযুক্ত। 'সেই তৃণপত্রের গন্ধবাসিত বাতাস বুক ভরিয়া একটিমাত্র শেষ নিশ্বাসে গ্রহণ করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

গন্ধবিক্রেতা [স] *বি* আতর বিক্রেতা। 'পুষ্পবিক্রেতা, গন্ধবিক্রেতা, তাম্বূলবিক্রেতা।' *বঙ্কিম*, ১৮৬৫।

গন্ধবিধুর [স] *বিণ* গন্ধভরা। 'আমি খুঁজি কারে অন্তরে মনে গন্ধবিধুর সমীরণে।' *রবীন্দ্র*, ১৯১০।

গন্ধবেণে, গন্ধবেনে [স গন্ধবণিক] *বি* হিন্দু ব্যবসায়ী সম্প্রদায়বিশেষ। 'ছুতর, গয়লা, গন্ধবেণে ও কাঁশারির আনন্দের সীমা নাই।' *হুতোম*, ১৮৬১; 'গন্ধবেনেরা গন্ধ আনে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

গন্ধব্যাকুল [স] *বিণ* গন্ধে আকুল। 'বনে দুলেছিল ফুল গন্ধব্যাকুল বাতাসে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গন্ধভরা ১ *বিণ* সুগন্ধী। 'সুর্মা আঁকি দিল আঁখির পাতে, গন্ধভরা রুমাল নিল হাতে।' *রবীন্দ্র*, ১৮৯৯। **২** *বিণ* গন্ধে পরিপূর্ণ। 'হেথা বাতাস গীতি গন্ধ-ভরা।' *দ্বিজেন্দ্র*, ১৯১১। **৩** *বিণ* মধুর। 'গন্ধভরা বন্দনাতে দিয়েছি ধূপ জ্বালি।' *রবীন্দ্র*, ১৯২৮।

গন্ধভাদাল [স গন্ধদ্রব্য] *বি* ভেষজগুণসম্পন্ন লতাবিশেষ। 'আটটা ডিম নিয়ে গন্ধভাদাল পাতার মাঝে বসিয়ে দেয়।' *ইসহাক*, ১৯৫৫।

গন্ধভার [স] *বি* গন্ধময়তা। 'অঙ্গ ভরি অবিরাম উঠিছে উচ্ছ্বসি ছন্দ-ভরা ঘন গন্ধভার।' *বনফুল*, ১৯৩৬।

গন্ধভেদালি [স গন্ধদ্রব্য] *বি* ভেষজগুণসম্পন্ন লতাবিশেষ। 'দুপুরের হাওয়ায় গন্ধভেদালি লতার কটু গন্ধ আসে।' *বিভূতি*, ১৯২৯।

গন্ধভেলা *বি* গন্ধরূপ ভেলা। 'শূন্যতলে গন্ধভেলা ভাসায় বাতাসেতে।' *রবীন্দ্র*, ১৯২৬।

গন্ধমধু [স] *বি* গন্ধরূপ মধু। 'লুকাইতে নারে বুকের গোপন গন্ধমধু।' *নজরুল*, ১৯৩১।

গন্ধময় [স] *বিণ* সুবাসিত। 'জ্বালায়ে শত গন্ধময় বাতি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গন্ধমাদন [স] *বি* (পুরাণ) সুগন্ধিবনযুক্ত পর্বতবিশেষ। 'ঔষধ আনিতে গেলা গন্ধমাদনে।' *মালাধর*, ১৫০০।

গন্ধমোদিত [স] *বিণ* গন্ধে আমোদিত। 'তব নন্দনগন্ধমোদিত ফিরি সুন্দর ভুবনে।' *রবীন্দ্র*, ১৯০০।

গন্ধরস [স] *বি* ধূপ। 'কাহার করে হৈম ধূপদান, তাহে পুড়ি গন্ধরস, কুন্দুরু, অগুরু।' *মাইকেল*, ১৮৬০।

গন্ধ রাংগ [স গন্ধরাগ] *বি* গন্ধরাগ। 'তাম্বুলরাগে/ গন্ধ রাংগে রচিল বদনে।' *বঢ়ু*, ১৪৫০।

গন্ধরাজ [স] *বি* সুগন্ধি ফুলবিশেষ। 'গন্ধরাজ চাঁপা মাঝে বকুলের মালা।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গন্ধলোভী [স] *বিণ* গন্ধলোলুপ। 'হস যদি ওর গন্ধলোভী।' *নজরুল*, ১৯৩০।

গন্ধশিলা [স] *বি* বাসমতী ধান। 'দ্বিজগণে বেদগান মহি গন্ধশিলা ধান।' *মুকুন্দ*, ১৬০০।

গন্ধসলিল [স] *বি* সুগন্ধ তরল। 'ঝারিতে গন্ধসলিল।' *রবীন্দ্র*, ১৯৩২।

গন্ধস্নিগ্ধ [স] *বিণ* সুবাসে স্নিগ্ধ। 'ঝরে-পড়া বকুলের গন্ধস্নিগ্ধ বিজন বিপিনে।' *বুদ্ধ*, ১৯৩০।

গন্ধস্মৃতি [স] *বি* স্মৃতিময়তা। 'নানা ঋতুর গন্ধস্মৃতি।' *রবীন্দ্র*, ১৯০৮।

গন্ধহস্তী [স] *বি* মদগন্ধ হাতি। 'গুর্জরের অন্দ্রা, গাঙ্গাররাজরূপ গন্ধহস্তীর পিত্তজ্বর, লাটচোরের উপর বাটপাড়।' *প্রমথ*, ১৯৩০।

গন্ধা [ফা গন্দা] *বি* ঘৃণা। *মানোএল*, ১৭৪৩।

গন্ধক [স] *বি* হলুদ রঙের রাসায়নিক পদার্থবিশেষ; সালফার। 'সোহাগা গন্ধক মিশায়ে, সোনাতে রং ধরায়েছি।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গন্ধব [স গন্ধর্ব] *বি* গন্ধর্ব। 'মরুমরীচি গন্ধব নইরী দাপতিবিমু জইসা।' *চর্যা ৪১*, ১২০০।

গন্ধম [ফা গনদুম] *বি* ইসলামি মতে বেহেশতের নিষিদ্ধ ফল। 'বেহুঁশে খেয়ে গন্ধম তাইতে এলো ভাবনগরে।' *লালন*, ১৮৯০।

গন্ধর্ব, গন্ধর্ব্ব [স] **১** *বি* স্বর্গের গায়কগোষ্ঠী। 'রথে চড়িয়া গন্ধর্ব্ব কৃষ্ণে স্তুতি করে।' *মালাধর*, ১৫০০। **২** *বি* শুধু পাত্র-পাত্রীর সম্মতিতে সংঘটিত হিন্দু বিবাহবিশেষ। 'করিব গন্ধর্ব বিভা লইয়া যাব কাশী।' *বিজয়*, ১৬৫০। **৩** *বি* নর্তক। *মানোএল*, ১৭৪৩।

গন্ধর্ব-কিন্নর, গন্ধর্ব্ব-কিন্নর [স] *বি* (পুরাণোক্ত) স্বর্গের গায়ক শ্রেণী গন্ধর্ব ও কিন্নর। 'মনুষ্যের বেশে আসে গন্ধর্ব্ব-কিন্নর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গন্ধর্বত্ব [স] *বি* গন্ধর্বের বৈশিষ্ট্য। 'আমার গন্ধর্বত্ব গিয়াছে।' *বিদ্যা*, ১৮৪৭।

গন্ধর্বপাবনী, গন্ধর্ব্বপাবনী [স] *বিণ* গন্ধর্ব্বগণের ত্রাণকারী। 'গন্ধর্ব্বপাবনী যশোদা নন্দিনী রাধা নাম ভানুসুতা।' *চণ্ডী*, ১৫৫০।

গন্ধর্ববিদ্যা, গন্ধর্ব্ববিদ্যা [স] *বি* সংগীতশাস্ত্র। 'জ্ঞানশাস্ত্র, নীতিশাস্ত্র ... গন্ধর্ব্ববিদ্যা ... উত্তমরূপে অধ্যয়ন কর।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

গন্ধর্ববিবাহ, গন্ধর্ব্ব বিবাহ [স] *বি* শুধু পাত্র-পাত্রীর সম্মতিতে সংঘটিত হিন্দু বিবাহবিশেষ। 'শাস্ত্র বিচারে জয়ী হইয়া বিদ্যাকে গন্ধর্ব্ব বিবাহ করিলেন।' *রাজীব*, ১৮০৫।

গন্ধর্বলোক, গন্ধর্ব্বলোক [স] *বি* কল্পিত গন্ধর্বদের বাসস্থান। 'নাগলোক, গন্ধর্বলোক, দেবলোক।' *দীনবন্ধু*, ১৮৭৩।

গন্ধা [স গন্দুক] *বি* গাঁদা; ফুলবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫।

গন্ধাধিবাস [স গন্ধ-অধিবাস] *বি* দেবপূজার আগে চন্দন, তেল, হলুদ দিয়ে অনুষ্ঠিত আচারবিশেষ। 'সঙ্কল্প সমাচরি গন্ধাধিবাস করি।' *ভারত*, ১৭৬০।

গন্ধাধিবাসন [স গন্ধ-অধিবাসন] *বি* হিন্দুদের পূজায় বা বিয়েসহ অন্যান্য শুভকর্মে গন্ধদ্রব্য দিয়ে করা আচারবিশেষ। 'জতেক বিপ্রমুনি করিল বেদধ্বনি কন্যার গন্ধাধিবাসনে।' *মুকুন্দ*, ১৬০০।

গন্ধামোদ [স গন্ধ-আমোদ] *বি* সুখকর গন্ধ। 'দাতা যথা রাজেন্দ্রনন্দিনী – গন্ধামোদে মোদিয়া কানন।' *মাইকেল*, ১৮৬১।

গন্ধামোদী [স] *বিণ* আকুলকারী। 'গন্ধামোদী গন্ধবহে সুগন্ধ প্রদানি।' *মাইকেল*, ১৮৬৬।

গন্ধার *বি* (সংগীত) রাগিণীবিশেষ। *বাহরাম*, ১৬৫০।

গন্ধিত [স] *বিণ* গন্ধযুক্ত। 'বোকেন্দ্র-গন্ধিত ছাগ সেও দাড়ি রাখে।' *নজরুল*, ১৯২৯।

গন্ধী [স গন্ধ] ১ *বি* সুগন্ধি দ্রব্যের ব্যবসায়ী। *ওসাঁ*, ১৭৮৫; ২ *বিণ* গন্ধযুক্ত। 'সে-গন্ধের তীব্রতার কাছে অন্যান্য গন্ধীগাছ যেন ম্লান হয়ে গেছে।' *ওয়ালী*, ১৯৪২।

গন্ধেশ্বরী [স] ১ *বি* একপ্রকার ধান। 'বিষ্ণুভোগ গন্ধেশ্বরী গন্ধভার কান্ধে।' *ভারত*, ১৭৬০। ২ *বি* গন্ধবণিকদের কুলদেবী। 'সেখানে রাজত্ব করে সিদ্ধেশ্বরী, গন্ধেশ্বরী, ঘেঁটু।' *রবীন্দ্র*, ১৯২৯।

গন্নাকাটা [ও গহণখণ্ডিয়া>] *বিণ* উপরের ঠোঁট কাটা এমন। 'গন্নাকাটা মেয়ে।' *দীনবন্ধু*, ১৮৬৩।

গপ [স গল্প] *বি* গল্প। *মানোএল*, ১৭৪৩।

গপগপ [ধ্বন্যা] *বি* দ্রুত খাওয়ার শব্দ। *বিদ্যা*, ১৮৯১; 'এই বা ডালুকের মতো, নীল আকাশ গপগপ করে গেলে।' *হাসান*, ১৯৬৭।

গপগপি [ধ্বন্যা] *বি* তোলপাড়। 'বুকের ভেতর এখন হাজার যন্ত্রণার গপগপি।' *সেলিনা*, ১৯৭৫।

গপাগপ [ধ্বন্যা] *ক্রিবিণ* দ্রুত গপগপ শব্দ ক'রে। 'গপাগপ খাও না সোজা।' *নজরুল*, ১৯২৬।

গপাস [ধ্বন্যা] *বি* দ্রুততা নির্দেশক শব্দ। 'গপাস করে গিলবে।' *নজরুল*, ১৯২৬।

গপ্প, গপ্প [স জল্প] ১ *বি* গালগল্প। 'আমরা গপ্প করতেছিলেম।' *উমেশ*, ১৮৫৭। ২ *বি* রূপকথা। 'খোকন-মণি! গপ্প তুমি জানো?' *নজরুল*, ১৯২৬।

গপ্প টপ্প [স জল্প>] *বি* আলাপ-আলোচনা। 'এখন সুলোচনার কথা যা শুনলি, যেন কোথাও গপ্প টপ্প করিসনে।' *উমেশ*, ১৮৫৭।

গপ্পি [স জল্প>] ১ *বি* গল্পকারী। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* গল্প। 'গোলবালিশে ঠ্যাশ মারি গুড়ুক তামুক খায়, গপ্পি করে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

গপ্পিআ [স জল্প>] *বি* যে গল্প করে। *বিদ্যা*, ১৮৯১।

গপ্পো, গপ্পো [স জল্প>] *বি* অবাস্তব গল্প। 'বড় যে গপ্পো মাচ্চিস।' *উমেশ*, ১৮৫৭; 'কচি খুকির মতো সকালে উঠে গপ্পো গিলছিস।' *মানিক*, ১৯৩৫।

গফিল [আ গাফিল] *বিণ* অমনোযোগী; যত্নহীন। 'ইহাতে গফিল না হইবেন।' *চিঠিপত্রে*, ১৮০৭।

গবগব [ধ্বন্যা] *বি* বড়ো বড়ো গ্রাসে তাড়াতাড়ি গিলে খাওয়ার শব্দ। 'কাকা গব গব করে গিললেন।' *জীবন*, ১৯৩২।

গবগবানো *ক্রি* লাফালাফি করা। 'চাইলেই কি আর ফসল গবগবায়।' *সেলিনা*, ১৯৭৫।

গবড়া [স গৌড়] *বি* রাগবিশেষ। 'রাগ গবড়া।' *চর্যা* ২, ১২০০।

গবনর [ই গভর্নর] *বি* শাসক। *মেয়র্স*, ১৭৫৭। দ্র **গবরনর**

গবয় [স] *বি* গয়াল। 'শরভ করভ হয় গবয় হরিণ।' *মুকুন্দ*, ১৬০০।

গবরনর, গবর্ণর, গবর্নর [ই] ১ *বি* পরিচালক। 'বর্দ্ধমানের মৃতমহারাজ যে হিন্দু কালেজের প্রধান গবরনর ছিলেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৫। ২ *বি* উপদেশের শাসনকর্তা। 'ইহার পরে গবরনর ফ্রিক ... সাহেবেরা রাজত্ব করেন।' *দর্পণ*, ১৮৩৭; 'লোকগণনা করিয়া কাগজ শ্রীশ্রীযুত গবর্ণর জেনেরাল বাহাদুরের নিকটে দাখিল করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮২২।

গবরনর জেনরল, গভরনর জেনেরাল [ই] *বি* ব্রিটিশ অধিকৃত এলাকায় রাজা বা রানির প্রতিনিধি। 'শ্রীশ্রীযুত গবরনর জেনেরাল বাহাদুরের নিকটে দরখস্ত করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮১৯; 'বিজ্ঞবর গবরনর জেনরল শ্রীযুক্ত লার্ড হার্ডিঞ্জ সাহেব ...।' *প্রভাকর*, ১৮৫২।

গবরনরমেন্ট [ই] *বি* গভর্নমেন্ট। 'গবরনরমেন্ট গেজেট হইতে তাহার চুম্বক লইয়া আমরা প্রকাশ করিতেছি।' *দর্পণ*, ১৮২৯।

গবরনরী [ই গভর্নর>] *বিণ* গভর্নরের। 'এই শহরের গবরনরী পদ প্রাপ্ত হইলেন।' *দর্পণ*, ১৮৩২।

গবর্ণর জেনারেল, গবর্ণর জেনেরাল [ই] *বি* ব্রিটিশ ভারতে নিয়োজিত রানীর প্রতিনিধি। 'লোকগণনা করিয়া কাগজ শ্রীশ্রীযুত গবর্ণর জেনেরাল বাহাদুরের নিকটে দাখিল করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮২২; 'কয়েক বৎসর পরে গবর্ণর জেনারেল তাঁহাকে আশাপুর নামক একখানি গ্রাম জায়গীর দেন।' *অক্ষয়*, ১৮৪৭।

গবর্ণর হাউস [ই] *বি* গবর্নরের বাসভবন। 'ঢাকায় গবর্ণর হাউসে ... বৈঠক অনুষ্ঠিত হয়।' *বেগম*, ১৯৫১।

গবর্নর জেনারেল [ই] *বি* সর্বপ্রধান শাসনকর্তা; বড়লাট। 'গবর্নর জেনারেল লর্ড এলেনবরা সাহেব বাহাদুর।' *রাজ*, ১৮৭৪।

গবরাট *বি* দরজার চৌকাঠ। 'ঘরের দুয়ারের গবরাটে মাথাটা হেলাইয়া ঠেস দিয়া ...।' *বিভূতি*, ১৯২৯।

গবর্ণমেন্ট, গবর্নমেন্ট, গবরমেন্ট [ই] ১ *বি* সরকার। 'এতদ্দেশীয় গবর্ণমেন্টকে যে পরাক্রম দেওয়া গিয়াছে তাহার বিবেচনা করা।' *দর্পণ*, ১৮২৫; 'একপাশের পাঁচখানি বেঞ্চিতে গবর্নমেন্টের দল।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* প্রদেশের শাসনকর্তা। 'বাংলার গবর্নমেন্টের কর্তৃত্ব উড়িষ্যায় ছিল না।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

AMARBOI.COM

গবরণমেন্ত [হি] *বি* গভর্নমেন্ট। 'গবরণমেন্ত গেজেটে ইস্তাহার দিয়াছেন।' *দর্পণ*, ১৮২০।

গবর্মেন্ট, গবর্মেন্ট [হি] *বি* সরকার। 'ময়লার গাড়ি দ্যাখা দিয়েছেন, এঁরা গবর্মেন্টের পুষ্যি পুত্র।' *হুতোম*, ১৮৬১।

গবর্ণমেন্টো [ই গবর্নমেন্ট] *বি* সরকার। 'গবর্ণমেন্টো আমার গ্রেপ্তারে জন্য তিন হাজার টাকা পুরস্কার ছাপয়ে দিলে।' *দীনবন্ধু*, ১৮৬৭।

গবর্ণমেন্ত [ই গবর্নমেন্ট] *বি* সরকার। 'গবর্ণমেন্ত আজ্ঞা করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৩।

গবর্ণর দ্র গবরনর

গবর্নর দ্র গবরনর

গবর্নেস, গবর্ণেস [ই] *বি* স্ত্রী গৃহশিক্ষিকা। 'কাহারও বাড়ীতে গবর্ণেস হইতেন অথবা কোন অথবা কোন আতুরাশ্রমে অতি সামান্য বেতনে সেবিকা হইতেন।' *রোকেয়া*, ১৯২২; 'পরিভাষাগত শ্রেণীবিভাগে লাবণ্য গবর্নেস।' *রবীন্দ্র*, ১৯২৮। দ্র **গভর্নেস**

গবস্তিত [স গ্রীবাস্থিত] *বিণ* গ্রীবাস্থিত। 'গবস্তিত গজেন্দ্রবদন।' *মানিকরাম*, ১৭৮১।

গবাক্ষ[১] [স] *বি* এক শ্রেণীর বানর। 'সরভ গবাক্ষ আর বির হনুমান।' *মালাধর*, ১৫০০।

গবাক্ষ[২] [স] **১** *বি* জানালা। 'গবাক্ষে আরোপী নেত্র।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* বায়ু চলাচলের ছোটো পথ। 'কোন স্থানেই জানালা নাই, কেবল মধ্যে মধ্যে গবাক্ষ আছে।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

গবাক্ষদ্বার [স] *বি* জানালা। 'তৎক্ষণাৎ তথা হইতে অপসৃতা হইয়া, গবাক্ষদ্বার দিয়া রাজপথ নিরীক্ষণ করিতে লাগিল।' *বিদ্যা*, ১৮৪৭।

গবাক্ষবর্তিনী [স] *বিণ* স্ত্রী জানালার পার্শ্ববর্তী। 'দ্বিতলবাসিনী গবাক্ষবর্তিনী পুটিকে দেখিবামাত্র তাহার অন্তরের সমস্ত তন্ত্রীগুলি।' *বনফুল*, ১৯৩৬।

গবাদি [স] *বি* গোরু ও গোরু জাতীয় গৃহপালিত পশু। 'গবাদি সেবা আমরা করিতাম।' *দর্পণ*, ১৮২২।

গবাস্থি [স] *বি* গোরুর হাড়। 'গবাস্থি প্রভৃতি হিন্দুদিগের অনুচ্চার্য্য দ্রব্যর ...।' *দর্পণ*, ১৮৩৮।

গবিআ [স গবী] *বি* গাভি। 'বলদ বিআএল গবিআ বাঝৈ।' *চর্যা* ৩৩, ১২০০।

গবেট *বিণ* বোকা। 'কেউ গবেট, কেউ আকাট গবেট।' *হাই*, ১৯৫৬।

গবেটামি *বি* বোকামি। 'এ দম্ভ আমি করেছিলুম কোন গবেটামিতে।' *মুজতবা*, ১৯৬০।

গবেষণা [স] *বি* তত্ত্বানুসন্ধান। 'তাঁহার গবেষণা প্রামাণ্য বটে।' *অক্ষয়*, ১৮৪৭।

গবেষণাগার [স] *বি* পরীক্ষানিরীক্ষার জায়গা। 'সাম্প্রদায়িকতার গবেষণাগাররূপে কাজ করিতেছে।' *সওগাত*, ১৯৪৬।

গবেষণাপরায়ণ [স] *বিণ* গবেষণায় নিয়োজিত আছে এমন। 'বিজ্ঞান-গবেষণাপরায়ণ পণ্ডিতগণ বহু আলোচনা ও প্রমাণপ্রয়োগ দ্বারা ...।' *অক্ষয়*, ১৮৫৪।

গবেষণাপূর্ণ [স] *বিণ* গবেষণাভিত্তিক। 'তাঁর গবেষণাপূর্ণ গ্রন্থে প্রায় একই গল্প বলেছেন।' *প্রমথ*, ১৯২৮।

গবেষণাপ্রসূত [স] *বিণ* অনুসন্ধানে পাওয়া গেছে এমন। 'তাঁহাদের সেই গবেষণাপ্রসূত সিদ্ধান্তের বিচার ও মীমাংসা ...।' *অক্ষয়*, ১৮৫৪।

গবেষণামূলক [স] *বিণ* গবেষণাধর্মী। 'ঔষধের সমক্রিয়া সম্বন্ধীয় একটি গবেষণামূলক বিষয় ব্যাখ্যান করি।' *জগদীশ*, ১৯২৬।

গবেষণাশীল [স] *বিণ* অনুসন্ধানে নিয়োজিত। 'জাগতিক তত্ত্বগবেষণাশীল পাশ্চাত্য পণ্ডিতগণের প্রকাশিত বিবরণ।' *অক্ষয়*, ১৮৫৪।

গব্যযন্ত্রণা [স গর্ভযন্ত্রণা] *বি* গর্ভ যাতনা। 'রাধামাধব, এ কী গব্যযন্ত্রণা।' *মুজতবা*, ১৯৫২।

গব্য [স] *বি* গোরুর দুধ থেকে তৈরি দধি, ঘি ইত্যাদি। 'পুরীগোসাঞি কৈল কিছু গব্যভোজন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'লোহা লাক্ষা লোন গব্য বিক্রএ সঞ্চিব বহু ধন।' *মুকুন্দ*, ১৬০০।

গব্যঘৃত [স] *বি* গরুর দুধে উৎপন্ন ঘি। 'এই স্থলে ক্রমাগত গব্যঘৃত মর্দন করা হয়েছে।' *হাসান*, ১৯৬৭।

গব্যভোজন [স] *বি* গোরুর দুগ্ধজাত বস্তু ভোজন। 'পুরীগোসাঞি কৈল কিছু গব্যভোজন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গব্যরস [স] *বি* গরুর দুধ। 'গব্যরসে যেমন পারা শোধন করে।' *মনোজ*, ১৯৬১।

গব্যূতি [স] *বিণ* দুই ক্রোশ। 'অনুব্রজে আইল যেন গব্যূতি অয়ন।' *মানিকরাম*, ১৭৮১।

গভর্নর [ই] *বি* শাসনকর্তা। 'বাংলার প্রথম গভর্নর।' *মণীশ*, ১৯৬৩।

গভর্নিং বডি [ই] *বি* পরিচালনা পর্ষদ। 'মহিলা সমিতির গভর্নিং বডি তার তীব্র সমালোচনা করে।' *বেগম*, ১৯৫৩।

গভর্মেন্ট [ই] *বি* সরকার। 'আমি অবাক হয়ে বললুম, ব্রিটিশ গভর্মেন্টের।' *রবীন্দ্র*, ১৮৮১। দ্র **গবর্মেন্ট**

গভর্নেস [ই] *বি* গৃহশিক্ষিকা। 'গভর্নেস আছেন, তিনি ছেলেপিলেদের পড়াশুনা দেখেন।' *রবীন্দ্র*, ১৮৮১। দ্র **গবর্নেস**

গভির [স গভীর] *বিণ* প্রচণ্ড; গম্ভীর। 'অসেস গভির আমি তোমার শ্রীজিত।' *মালাধর*, ১৫০০; 'আসাড়ে নবিন মেঘ গভির গর্জন।' *হ্যালহেড*, ১৭৭৮।

গভীর [স] **১** *বিণ* ভিতর দিকে বিস্তৃত। 'নাডি গভীর তোর প্রেয়াগ উপামা।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* নিচু তলদেশবিশিষ্ট। 'কূপ গভীর তরঙ্গিনী তীর।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *বিণ* অধিক। '২ মাঘ তারিখের গভীর রাত্রি।' *দর্পণ*, ১৮২৪। **৪** *বিণ* নিবিড়। 'এক অতি বিস্তৃত ঘোরতর গভীর অরণ্যমধ্যে ...।' *অক্ষয়*, ১৮৪৯। **৫** *বিণ* উদার। 'কুত্রাপি গভীর হৃদয়ের সৌন্দর্য্য ও সৌরভ নাই।' *অক্ষয়*, ১৮৫০। **৬** *বিণ* গম্ভীর। 'বজ্রধ্বনি তুল্য ঘোরতর গভীর নাদ।' *অক্ষয়*, ১৮৫২। **৭** *বিণ* তীব্র। 'গভীর দুখে দুখী।' *রবীন্দ্র*, ১৮৮৯। **৮** *বিণ* প্রগাঢ়। 'যেখানে বৃহৎ দৃশ্য, অসীম আকাশ, নিবিড় মেঘ, গভীর ভাব ...।' *রবীন্দ্র*, ১৮৯২। **৯** *ক্রিবিণ* তলদেশ পর্যন্ত। 'আপনারা কিছুই গভীরে তলিয়ে দেখেন না।' *রবীন্দ্র*, ১৯০৭। **১০** *বিণ* ভাবাবিষ্ট। 'গোপন রহি গভীর প্রাণে আমার দুঃখসুখের গানে।' *রবীন্দ্র*, ১৯১৩। **১১** *বিণ* গাঢ়। 'আর একটা খুবই গভীর লাল।' *নজরুল*, ১৯২২। **১২** *বিণ* প্রবল। 'গভীর হাওয়ার রাত ছিল কাল।' *জীবন*, ১৯৪২। **১৩** *বিণ* আন্তরিক। 'মানুষের তরে এক মানুষীর গভীর হৃদয়।' *জীবন*, ১৯৪২। **১৪** *বিণ* রহস্যময়। 'হে উট, গভীর ধমনী, আমারে নাও।' *শক্তি*, ১৯৬১।

গভীর জলের মাছ – গভীর পানিতে বাসকারী মাছের মতো বুদ্ধিমান ও চাপা। 'মিঃ গান্ধী যে গভীর জলের মাছ ইহা অনেকবার দেখা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গিয়াছে।' *আজাদ*, ১৯৪৫।

গভীরতম [স] ১ *বিণ* অতিশয় গভীর। 'সেই পদার্থের গভীরতম নিগূঢ় তথ্য তাহার অজ্ঞাতই রহিল দেখিতে পায়।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বিণ* চূড়ান্ত। 'যা আমার পক্ষে সর্বাপেক্ষা গভীরতম সত্য।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গভীরতর [স] *বিণ* আরও গভীর। 'আমাদের কাছে গভীরতর এবং স্পষ্টতর রূপে প্রতীয়মান হয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গভীরতল [স] *বি* জলের নিম্নতম স্তর। 'গভীরতলের সঙ্গে উপরিতলের অখণ্ড ঐক্যে স্তব্ধ।' *রবীন্দ্র*, ১৯২২।

গভীরতলা [স গভীরতল>] *বি* অবহেলিত অংশ। 'সমাজের যে গভীরতলায় পল্লী তলিয়ে আছে ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

গভীরতা [স] ১ *বি* নিচের দিকের দৈর্ঘ্য। 'বস্তুর নীচের দিকের যে দৈর্ঘ্য, তাহার নাম গভীরতা।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বি* গুরুত্ব; গাঢ়তা। 'তাহার ঔজ্জ্বল্য আছে, চাঞ্চল্য আছে, কাঠিন্য আছে, কিন্তু ভাবের গভীরতা নাই।' *রবীন্দ্র*, ১৮৯৭।

গভীরত্ব [স] *বি* গভীরতা। 'আঁধারের গভীরত্ব ভয় জমিয়ে তোলে মানুষের মনে।' *মাহেনও*, ১৯৪৯।

গভীরভাবে [স] *ক্রিবিণ* দৃঢ়ভাবে। 'লিখতে গিয়ে আপনার নিগূঢ় মানসরাজ্যের মধ্যে গভীরভাবে প্রবেশলাভ হতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গভীরা [স] *বিণ স্ত্রী* ঘোর। 'যবে গভীরা যামিনী।' *গিরিশ*, ১৮৮৭।

গভ্বর [স গহ্বর] *বিণ* দুর্গম। 'গহন গভ্বর গিরি কাননে চুকীল।' *মালাধর*, ১৫০০।

গম[১] [স গোধূম] *বি* শস্যবিশেষ। 'গুড় তিল মুগ মাষ গম সর্ষা কাপাস।' *মুকুন্দ*, ১৬০০।

গম[২] [আ] *বি* শোক; দুঃখ। 'আগ বরাবর ছুটে ভাতিজার গমে।' *গরীব*, ১৭৬৫।

গমক [স] ১ *বি* সংগীতের স্বরকম্পন বা স্বরবিন্যাসবিশেষ। 'আর একটু গমক খেলাতে চেষ্টা কর।' *নজরুল*, ১৯২৪। ২ *বি* কম্পন। 'আবার দুরাশা বাসনা তিয়াসা গমকে, চমকে মেঘের উরে।' *সুধীন্দ্র*, ১৯২৫।

গমকা [স গমক>] *ক্রি* প্রচণ্ড শব্দে কেঁপে ওঠা। 'রণ-বাজা বাজে ... দামা দামা দ্রিমি দ্রিমি গমকি গমকি।' *নজরুল*, ১৯২২।

গমকে গমকে [স গমক>] *ক্রিবিণ* ফুঁপিয়ে ফুঁপিয়ে। 'গমকে গমকে কান্না আসছে।' *আলাউদ্দিন*, ১৯৬০।

গমগম, গম গম [ধ্বন্যা] ১ *বি* ধ্বনিত-প্রতিধ্বনিত হওয়ার ভাব। 'গম গম তোপ আবাজে।' *ভারত*, ১৭৬০। ২ *বি* জনসমাগম নির্দেশক শব্দ। *বিদ্যা*, ১৮৯১। ৩ *ক্রিবিণ* সরগরম। 'বিস্ময়রাশিতে গম গম করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯২; 'শত সূর্যের জ্বালাময় রোষ গমকে শিরায় গমগম।' *নজরুল*, ১৯২২।

গমগমা [ধ্বন্যা] *বিণ* সরগরম। 'উভয় অঞ্চলের আবহাওয়া গমগমা হইয়া উঠে।' *মনসুর*, ১৯৫৫।

গমগমে [ধ্বন্যা] *বিণ* জমজমাট। 'মায়ের উঠোন ছেড়ে এখন সে শার্ট ... গমগমে এভেন্যুর আনাচে কানাচে উড়ছে।' *শামসুর*, ১৯৭০।

গমন [স] ১ *বি* হাঁটা। 'আগু গেলি সতুর গমনে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* প্রস্থান। 'রাধা সব সখি সমে করিলা গমনে।' *বড়ু*, ১৪৫০। ৩ *বি* চলন। 'রূপেতে রতির পতি, গমনেতে হংসগতি।' *ভবানী*, ১৮২৮।

গমন করা *ক্রি* প্রস্থান করা। 'রথে হৈতে উলি পদে গমন করিল।' *মালাধর*, ১৫০০।

গমনকর্তা, গমনকর্ত্তা [স] *বি* গমনকারী ব্যক্তি। 'গমনকর্ত্তা পূর্ব্বে ডাকের অধ্যক্ষের নিকট সমাচার জানাইলে ...।' *দর্পণ*, ১৮২৪।

গমনকাল [স] *বি* যাওয়ার সময়। 'একজন আঢ্য পাঠান বঙ্গদেশ হইতে দিল্লী নগরে গমনকালে কাশীধাম দিয়া যান।' *বঙ্কিম*, ১৮৬৫।

গমনকালীন [স] *বিণ* যাওয়ার সময়কার। 'গমনকালীন তমোবিশিষ্ট যামিনীজন্য ইতস্ততঃ সকল দৃষ্টি হয় নাহি।' *দর্পণ*, ১৮৩০।

গমনচোর [স] *বি* গোপনে গমনকারী জন। 'তুখারী দীনতা নির্ভরহতা গমনচোর – জ্বেলে দিবে সহমরণের চিতা।' *সুধীন্দ্র*, ১৯২৬।

গমন-দোল [স গমন+দোল] *বি* চলার ছন্দ। 'গমন-দোল অতুল তুল।' *নজরুল*, ১৯২৩।

গমন-নিরস্ত [স] *বিণ* থেমে গেছে এমন। 'ছেলেটি গমন-নিরস্ত, হঠাৎ মুখ ঢাকিয়া সে ফোঁপাইতে লাগিল।' *শওকত*, ১৯৫৮।

গমনপথ [স] *বি* যাত্রাপথ; গমনের পথ। 'কাশী পর্য্যন্ত গমনপথে যত নদী আছে।' *দর্পণ*, ১৮২৫।

গমনপূর্বক, গমনপূর্ব্বক [স] *ক্রিবিণ* যাওয়ার পরে। 'উত্তমাশা অন্তরীপ বা উত্তর মহাসাগর গমনপূর্ব্বক।' *অক্ষয়*, ১৮৪৭।

গমনমানস [স] *বি* যাত্রার ইচ্ছা। 'পোতাস্থিত লোকদিগকে আপন গমনমানস জানাইল।' *বিদ্যা*, ১৮৬৩।

গমনরতা [স] *বিণ স্ত্রী* গমন করছে এমন। 'গমনরতা কোন তরুণী।' *বিভূতি*, ১৯৩৮।

গমনশীল [স] ১ *বিণ* গমনরত। 'নৌকায় গমনশীল দেশ বিদেশীয় পুরুষেরদের।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৩। ২ *বিণ* অতিক্রান্ত। 'গমনশীল দিন ও রাত্রিকে বিস্তার করিয়া ... নৌকায় আরোহণ করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪৮।

গমনশীলতা [স] *বি* হাঁটার গতি। 'শারীরিক বল, দ্রুতগমনশীলতা প্রভৃতি বিস্ময়করই বলিতে হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

গমনাগমন [স গমন-আগমন] *বি* যাওয়া আসা; যাতায়াত। 'তার মধ্যে ছয় বৎসর গমনাগমন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'সপ্তবার করিলেন্ত গমনাগমন।' *সুলতান*, ১৭০০।

গমনাগমনকারী [স গমন-আগমনকারী] *বিণ* যাতায়াত করে এমন। 'গমনাগমনকারী বহুবিধ জলযান পরিচালিত হইতেছে।' *অক্ষয়*, ১৮৫৪।

গমনান্তর [স গমন-অন্তর] *ক্রিবিণ* গমনের পর। 'মহদোয়ের গমনান্তর ক্ষণকাল তদ্রূপ সুখসাগরে নিমগ্না।' *মাইকেল*, ১৮৫৯।

গমনেচ্ছুক [স গমন-ইচ্ছুক] *বিণ* যেতে ইচ্ছুক। 'বোখারার আমীর এ বৎসর পবিত্র হজ্জব্রত সম্পাদনের জন্য আরবভূমে গমনেচ্ছুক ছিলেন।' *প্রচারক*, ১৯০৩।

গমনোদ্যত [স গমন-উদ্যত] *বিণ* প্রস্থান করতে উদ্যোগী। 'পেয়াদাগণ যখন বজ্রদৃষ্টি নিক্ষেপ করিয়া গমনোদ্যত হইল।' *রবীন্দ্র*, ১৮৯৮।

গমনোদ্যোগ [স গমন-উদ্যোগ] *বি* যাত্রার প্রস্তুতি। 'সতীর দক্ষালয়ে গমনোদ্যোগ।' *ভারত*, ১৭৬০।

গমনোদ্যোগী [স গমন-উদ্যোগী] *বিণ* যেতে প্রস্তুত। 'দিবাকর পশ্চিম দিক রক্তিমাবর্ণ করিয়া ক্রমশঃ অস্তাচলে গমনোদ্যোগী

AMARBOI.COM

হইতেছেন।' *উমেশ*, ১৮৫৭।

গমনোন্মুখ [স গমন-উন্মুখ] **১** *বিণ* অস্তগামী। 'অনন্তর যেমন সূর্যদেব অস্তাচল গমনোন্মুখ হইলেন।' *ভবানী*, ১৮২৮; 'প্রিয়তম দিনকরকে গমনোন্মুখ দেখে বিষাদে মুদিত প্রায়।' *মাইকেল*, ১৮৫৯। **২** *বিণ* যেতে উদ্যত। 'মন্ত্রিনন্দন এই বর প্রাপ্ত হইয়া, তপস্বীকে প্রণাম প্রদক্ষিণ পূর্বক গমনোন্মুখ হইলেন।' *মশাররফ*, ১৮৬৯।

গমনোপযোগী [স গমন-উপযোগী] *বিণ* যাতায়াতের উপযুক্ত। '... তাহা জলধি পারাপার গমনোপযোগী করা মনুষ্য বুদ্ধির কি চমৎকার কৌশল।' *প্রভাকর*, ১৮৪৭।

গমভাঙানি [স গোধূম+ভাঙানি] *বি* গমের গুঁড়া। 'তারই সঙ্গে মিশিয়ে নিলে গমভাঙানির খুদ।' *রবীন্দ্র*, ১৯৪১।

গমস্থা [ফা গুমাশতাহ্] *বি* খাজনা আদায়কারী। *ভবানী*, ১৮২৩।

গমাগম [স] *বি* যাতায়াত। 'মনুষ্যের গমাগমের অত্যন্ত ক্লেশ হত্যাশ্ব শকটাদির গমন সুদূরপরাহত।' *দর্পণ*, ১৮৩৩।

গমানো [স গম্>] *ক্রি* কাটানো। 'সগরে রজনী বইসি গমাওল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গমার [স গ্রাম>] *বি* গোঁয়ার। 'গোপ ভরমে জনু বোলহ গমার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গমাস্তা [ফা গুমাশতা] *বি* খাজনা আদায়কারী; জমিদারের কর্মচারী। *ক্যালগে*, ১৭৮৯।

গমি [আ গম>] **১** *বি* শোক। *ভবানী*, ১৮২৩। **২** *বি* দুঃখ। **'নিতান্ত** গমিতে থেকেও গুরুদাসকে স্নানযাত্রায় যাবার আয়োজন কত্তে হয়।' *হুতোম*, ১৮৬১।

গমোপযুক্ত [স] *বিণ* যাওয়ার উপযুক্ত। 'বিলাতে গমোপযুক্ত জাহাজ নির্মাণার্থ চাঁদা।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৩।

গম্বুজ [ফা গুম্বজ] *বি* ভবনের ছাদে পিঁয়াজ-আকৃতির ফাঁপা স্থাপনাবিশেষ। 'মর্মরাদিপ্রস্তরনির্মিত মিনার গম্বুজ বুরুজ ...।' *বঙ্কিম*, ১৮৭৮; 'বসতবাটীতে গম্বুজ ওঠাতে হবে এ কখনোই হতে পারে না।' *রবীন্দ্র*, ১৯৩০।

গম্বুজওয়ালা [ফা গুম্বজ+হি ওয়ালা] *বিণ* গম্বুজবিশিষ্ট। 'যেখানে সেখানে ভারত জুড়ে কেবলই গম্বুজওয়ালা পাথরের বুদ্বুদ বানিয়ে চলত।' *রবীন্দ্র*, ১৯২৮।

গম্ভারী [স গাম্ভারিকা] *বি* বৃক্ষবিশেষ। 'গম্ভারী গন্ধপিপ্পলী ভাঁটি ঘাটাপারলী।' *বঢ়ু*, ১৪৫০।

গম্ভীর [স] **১** *বিণ* গভীর। 'ভবনই গহণ গম্ভীর বেগেঁ বাহী।' *চর্যা ৫*, ১২০০। **২** *বিণ* নীরব। 'তোমার গম্ভীর হৃদয় বুঝিতে না পারি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* ধীরস্থির। 'নির্বিকার হরিদাস গম্ভীর-আশয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বিণ* ভারিক্কি। 'অশ্বের আকার পৃষ্ঠ চলন গম্ভীর।' *সুলতান*, ১৭০০। **৫** *বিণ* গাম্ভীর্যপূর্ণ। 'অবিনশ্বর কীর্তিপতাকা মহারত্ন বেদ ... গম্ভীর স্বরে ব্যক্ত করিতেছেন।' *অক্ষয়*, ১৮৪৭। **৬** *বিণ* প্রচণ্ড। 'গম্ভীর নিনাদে আইল রথ।' *মাইকেল*, ১৮৬০। **৭** *বিণ* স্তম্ভিত হতে হয় এমন। 'যেখানে চাই সেই দিকেই অন্ধকার ... সে এক মহা গম্ভীর দৃশ্য।' *রবীন্দ্র*, ১৮৮১। **৮** *বিণ* থমথমে। 'অনেক দূর জুড়ে অন্ধকার, খুব গম্ভীর, খুব নিস্তব্ধ।' *রবীন্দ্র*, ১৮৮১।

গম্ভীরতর [স] **১** *বি* আরও গভীর। 'ছায়াময় অন্ধকার গম্ভীরতর দেখাইতেছে।' *রবীন্দ্র*, ১৮৮৫। **২** *বিণ* অতিশয় গম্ভীর। 'প্রতিবারে গম্ভীরতর হুঙ্কার দিয়ে বলল।' *মুজতবা*, ১৯৫৯।

গম্ভীরতা [স] *বি* গাম্ভীর্য। 'রামছাগলের গম্ভীরতা কেউ করে না মান্য।' *রবীন্দ্র*, ১৯৪১।

গম্ভীরনিনাদী [স] *বিণ* প্রচণ্ড গর্জনকারী। 'গম্ভীরনিনাদী জলপ্রপাত।' *বিভূতি*, ১৯৩১।

গম্ভীরভাবে [স] *ক্রিবিণ* গাম্ভীর্যসহকারে। 'একটি অন্তররুদ্ধ অব্যক্ত হুঁ বলিয়া গম্ভীরভাবে মাথা নাড়িল।' *রবীন্দ্র*, ১৯১২।

গম্ভীরা [স] **১** *বি* মন্দিরের ভিতরে অবস্থিত ছোটো ঘরবিশেষ। 'গম্ভীরাতে স্বরূপগোসাঞি প্রভুকে শোয়াইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* ভারিক্কি। 'রসিকা বিমলার পরিবর্তে গম্ভীরা, অনুতাপিতা।' *বঙ্কিম*, ১৮৬৫। **৩** *বিণ* গভীর। 'গম্ভীরা নিশি কাটে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

গম্ভীরে [স] *বিণ* গভীরে। 'যে জনে পড়িল প্রেমসাগর গম্ভীরে।' *আলাওল*, ১৬৮০।

গম্ভু [স গম্ভীর] *বি* মর্ম। 'কে পাইবে গম্ভু তারি।' *লালন*, ১৮৯০।

গম্য [স] **১** *বিণ* গন্তব্য। 'কদাচিত কেহ যদি যাএ গম্য আশে।' *আলাওল*, ১৬৮০। **২** *বিণ* গমনের যোগ্য। 'মনুষ্যের গম্য নহে সেই স্থানে যাইব।' *ভারত*, ১৭৬০। **৩** *বিণ* লভ্য। 'ধ্যানগম্য ধবল ভূষণ।' *মানিকরাম*, ১৭৮১।

গম্যদেশ [স] *বি* গন্তব্য স্থল। 'মরুভূমি পথমাঝে পথিক যখন গম্যদেশে তার করিতে গমন ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

গম্যপথ [স] *বি* গন্তব্যের রাস্তা। 'গাড়ির আরোহী নিজের গম্যপথে চলিয়া গেলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

গম্যবিহীন [স] *বিণ* লক্ষ্যহীন। 'সেইজন্যেই গম্যবিহীন আলাপের পথে ওর এত দুঃসাহস।' *রবীন্দ্র*, ১৯২৮।

গম্যমান [স] *বিণ* চলমান। 'গম্যমান শরীর, প্রবহমান ভাব, পরিবর্তমান অবস্থা ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

গম্যমানোত্তম [স] *বিণ* যাওয়ার জন্য উত্তম। 'প্রস্থানান্তর গম্যমানোত্তম স্থানে ...।' *দর্পণ*, ১৮২২।

গম্যস্থান [স] *বি* গন্তব্যস্থান। 'গম্যস্থানের প্রশ্ন যদি কেহ করে ...।' *সেবধি*, ১৮৩৯।

গম্যহীন [স] *বিণ* গন্তব্যশূন্য বা লক্ষ্যহীন। 'গম্যহীন পথে উদ্দেশ্যহীন ভ্রমণে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গয়ংগচ্ছ, গয়ঙ্গচ্ছ [স] *বিণ* অলস (যাচ্ছি-যাবো)। 'গয়ঙ্গচ্ছ।' *বিদ্যা*, ১৮৯১; 'গংগচ্ছভাব ছিল না তাঁর ধাতুতে।' *মুরশিদ*, ১৯৭০।

গয়ঙ্গচ্ছ দ্র **গয়ংগচ্ছ**

গয়না [স গ্রহণ>] *বি* গহনা; অলংকার। *ওসাঁ*, ১৭৮৫; 'আমি গিয়ে গা ধুয়ে গয়না পরি ঘরে।' *ভবানী*, ১৮২৫।

গয়নাগাঁটি, গয়নাগাটি *বি* অলংকারাদি। 'গয়নাগাটিও মন্দ দেবে না বলচে।' *শরৎ*, ১৯১৬; 'মেয়েকে গয়নাগাঁটিও দিবে কম।' *মানিক*, ১৯৩৭।

গয়না-যেওর [স গ্রহণ>+ফা জীওর] *বি* নানাবিধ দামি অলংকার। 'গয়না-যেওর দিয়া ... মন ভোলাবার চেষ্টা করেন।' *মনসুর*, ১৯৫৫।

গয়রত [আ গারত] *বি* ধ্বংস। 'ভিতরে-ভিতরে ভয় করছিল, আজকেই না দুনিয়া গয়রত হয়ে যায়।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

গয়রহ [আ ওগায়রাহু] *অব্য* ইত্যাদি। 'জমীদার তাতি লোকের উপর

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আসুরা খরচ গয়রহ তলপ করিয়া ...।' *তাঁতি*, ১৭৯২।

গয়লা [স গোপাল] *বি* গোরু পালনকারী সম্প্রদায়; গোয়ালা। 'ছুতর, গয়লা, গন্ধবেণে ও কাঁশারির আনন্দের সীমা নাই।' *হুতোম*, ১৮৬১।

গয়লানি, গয়লানী [স গোপাল>] *বি* গয়লার স্ত্রী। 'গুণী গয়লানীকে থামকা একটা কথা বলে কি ঢলানটাই ঢলালে।' *দীনবন্ধু*, ১৮৬৩। 'গয়লানি।' *বিদ্যা*, ১৮৯১।

গয়া[১] *বি* ফলবিশেষ ও তার গাছ। 'অর্জ্জুন খর্জ্জুর খিরি গয়া আশ্বত বোহারি।' *মালাধর*, ১৫০০

গয়া[২] [স] *বি* হিন্দুদের তীর্থক্ষেত্রবিশেষ। 'গয়াতে বন্দিব আমি দেব গদাধরে।' *রূপরাম*, ১৭৫০।

গয়াসুর [স] *বি* (পুরাণ) অসুরবিশেষ। 'সেইদিন গয়াসুর মহাযুদ্ধ দিবে।' *রূপরাম*, ১৭৫০।

গয়াওগয়রাহ্ [আ ওগায়রাহ্] *অব্য* ইত্যাদি। *শৌভে*, ১৭৮৯।

গয়ানদার [স গায়ন+ফা দার] *বি* গায়ক। 'প্রত্যেক নৌকায় গয়ানদার।' *মনসুর*, ১৯৫৫।

গয়াল [স গবল] *বি* বুনো মহিষ। 'অতি ভয়ঙ্কর খণী গয়াল বহুল।' *বাহরাম*, ১৬৫০।

গয়ের *বি* শ্লেষ্মা। 'অনবরত কাসছেন আর গয়ের ফেলচেন।' *কালীপ্রসন্ন*, ১৯৬১।

গর [আ গায়র] *অব্য* অভাব, বৈপরীত্য, না প্রভৃতি বোধক উপসর্গবিশেষ। 'আর মহল আবাদি কি গর-আবাদি।' *কেরি*, ১৮০২

গর-আদালত [আ গায়র+আ আদালত] *বি* অবিচার। *ওসাঁ*, ১৭৮৫।

গর-আবাদি [আ গায়র+ফা আবাদ>] *বিণ* চাষের অনুপযোগী। 'আর মহল আবাদি কি গর-আবাদি।' *কেরি*, ১৮০২।

গর-এতবারি [আ গায়র+আ ইতিবার] **১** *বি* বিশ্বাসঘাতকতা। *মানোএল*, ১৭৪৩। **২** *বিণ* অবিশ্বাসী। *ওসাঁ*, ১৭৮৫।

গরকবুল [আ গায়র+আ কবুল] **১** *বি* অস্বীকার। 'গর কবুল করন।' *ওসাঁ*, ১৭৮৫। **২** *বিণ* অস্বীকৃত। 'গরকবুল হওন।' *ওসাঁ*, ১৭৮৫।

গরকবুলওন [আ গায়র+আ কবুল] *বি* অস্বীকারকরণ; রাজি না হওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

গরকবুলন [আ গায়র+আ কবুল] *বি* অস্বীকার করণ। *ওসাঁ*, ১৭৮৫।

গরখুশি [আ গায়র+ফা খুশী] *বি* নিরানন্দ। *ওসাঁ*, ১৭৮৫।

গরচুঙ্গী [আ গায়র+হি চুকতী] *বিণ* চুক্তিহীন। 'গরচুঙ্গী ৩৮৭১ থান দাখীল দাম।' *তাঁতি*, ১৭৯২।

গরঠিকানা [আ গায়র+ফা ঠিকানা] **১** *বিণ* ঠিকানাহীন। 'যে মেয়ের ব্যর্থ প্রত্যাশায় ঘটকালি করি সে গরঠিকানা মেয়ে।' *রবীন্দ্র*, ১৯২৮। **২** *বি* অজানা ঠিকানা। 'সেও তো এসেছে বিনা নামের অতিথি/ গরঠিকানার পথিক।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গরঠিকানি, গরঠিকানী [আ গায়র+ফা ঠিকানা>] *বিণ* ঠিকানা নেই এমন। 'গরঠিকানি।' *রবীন্দ্র*, ১৯৩৮; 'কানা-লণ্ঠন মাথার উপর টলছে যেন গরঠিকানী পান্থ।' *শক্তি*, ১৯৬১।

গরঠিকানিয়া [আ গায়র+ফা ঠিকানা>] *বিণ* ঠিকানাহীন। 'গরঠিকানিয়া বন্ধু কে আছ/ কবির বাণীর বন্দী।' *রবীন্দ্র*, ১৯৪০।

গরবিক্রী [আ গায়র+স বিক্রয়] *বিণ* অবিক্রীত। 'গরবিক্রী নমক জাহা থাকিবেক।' *ক্যালগে*, ১৭৮৭।

গরবিলি [আ গায়র+হি বিলানা] *বিণ* বিলি হয়নি এমন। 'অনেক জমি গরবিলি থাকিল।' *প্যারী*, ১৮৫৮।

গরমিল [আ গয়র+স মিল] **১** *বি* অমিল। 'পৃথিবীর মানুষে মানুষে গরমিল।' *হরপ্রসাদ*, ১৮৮১। **২** *বি* প্রভেদ। 'এ দু মতের ভিতর কিন্তু একটু গরমিল আছে।' *প্রমথ*, ১৯১৯।

গরমেজাজি [আ গয়র+আ মিজাজ] *বিণ* নাখোশ। 'ডগলাসকে গরমেজাজি মনে হল।' *মণীশ*, ১৯৬৩।

গররাজি, গররাজী [আ গায়র+আ রাজি] *বিণ* অসম্মত। 'জামাই একটু আশ্রয় দিতে কি গররাজী হইবে?' *বিভূতি*, ১৯২৯; 'গররাজি লোককে নিমরাজি নিজের পারে পটিয়ে টেনে নিয়ে যেতে পারেন।' *মুক্তত্ব*, ১৯৫২।

গরসহী [আ গায়র+আ সহিহ] *বিণ* স্বাক্ষরহীন। 'জদী কেহ কিছু কাপড় আমদানী করে সে কাপড় খাতা সহী কিম্বা গরসহী নাএক লিখিবে।' *তাঁতি*, ১৭৯২।

গরহজম [আ গায়র+আ হজম] *বি* বদহজম। 'কিন্তু গরহজমের জন্যে দায়ী কে?' *ধূর্জটি*, ১৯৩১।

গরহাজির, গরহাজীর [আ গায়র-হাজির] *বিণ* অনুপস্থিত। 'পরের হাজির গরহাজির লিখিতে।' *ভারত*, ১৭৬০; 'জদি গরহাজীর হইয়া কোনোখানে জাই ...।' *হ্যালহেড*, ১৭৭২।

গরহাজিরা [আ গায়র-হাজির>] *বিণ* অনুপস্থিত। 'হুকুম হইল যে গরহাজিরা আসামীগণের নামে ওয়ারিন করিয়া গ্রেপ্তার হয় ...।' *নীলদর্পণ*, ১৮৬৯।

গরাগজ [হি] *বি* কেল্লায় কামান বসানোর স্তম্ভ। 'শীঘ্র করি গরগজ বান্ধহ পুনি তবে।' *আলাওল*, ১৬৮০।

গরগর [ধ্বন্যা] **১** *বিণ* ব্যাকুল। 'রসে গর গর রসের সেই সে মরম জানে।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বিণ* অভিভূত। 'স্বপ্নাবেশে প্রেমে প্রভুর গরগর মন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বি* ক্রোধের ভাব প্রকাশক শব্দ। 'আগায় পিছায় বাঘ করে গরগর।' *রূপরাম*, ১৭৫০। **৪** *বি* গর্জনের শব্দ। 'নিবিড় নীরদ গগনে গরগর গরজে সঘনে।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৫** *বি* গদগদ ভাব। 'প্রেমের সৃষ্টি গরগর, কাঁপে ভাবে থরথর।' *অশ্বিনী*, ১৯২০। **৬** *বিণ* গদগদ। 'আদর গরগর আদর দরদর।' *নজরুল*, ১৯২৬। **৭** *বি* চাকায় চাকায় ঘর্ষণের শব্দ। 'আঁকাবাঁকায় ঘুরন্ত চাকায় গরগর গরগর।' *হোসেন*, ১৯৬৯।

গর গর করা *ক্রি* ক্রোধের ভাব প্রকাশ করা। 'তুমি যে রেগে গর গর করচো।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

গরগরানি *বি* চাপা ক্রোধ। 'কেবল মেজাজ। কেবল গরগরানি।' *সেলিনা*, ১৯৭৫।

গরগরে *বিণ* গদগদ ভাবযুক্ত। 'গাঁজা টানে, গরগরে স্বরে বলে কথা।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

গরজ [আ] **১** *বি* আগ্রহ। 'বুঝাইবার গরজ নাই।' *মানোএল*, ১৭৪৩। **২** *বি* প্রয়োজন। *ওসাঁ*, ১৭৮২; 'আমারো সেইরূপ ভারী গরজ উপস্থিত।' *ভবানী*, ১৮২৮।

গরজি [আ গরজ>] *বি* যার আগ্রহ আছে। *বিদ্যা*, ১৮৯১।

গরজের আত্মীয়তা *বি* স্বার্থের সম্পর্ক। 'গরজের আত্মীয়তা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গরজন [স গর্জন] *বি* গর্জন। 'বাঁহাতে মোচড়ে দাড়ি হুসার হুসার করি গরজন গভীর বিশাল।' *কৃষ্ণরাম*, ১৭২০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গরজনি [স গর্জন] *বি* গর্জন। 'ঘুমের ঘোরে ভেবেছিলেম/ মেঘের গরজনি।' *রবীন্দ্র*, ১৯০৬।

গরজা, গরজানো [স গর্জন>] *ক্রি* গর্জন করা। 'আসাঢ় মাসে নব মেঘ গরজএ।' *বড়ু*, ১৪৫০। **গরজ** *ক্রি* গর্জন করে। 'গগন গরজ ঘন জামিনি ঘোর। রতনহুঁ লাগি ন সঞ্চর চোর।' *বিদ্যাপতি*, ১৪৬০। **গরজএ** *ক্রি* গর্জন করে। 'আসাঢ় মাসে নব মেঘ গরজএ।' *বড়ু*, ১৪৫০। **গরজন্তি** *ক্রি* গর্জন করছে। 'ঝম্পি ঘন গরজন্তি সন্ততি ভুবন ভরি বরিখন্তিয়া।' *শেখর*, ১৬০০। **গরজায়** *ক্রি* গর্জন করে। 'পৃথিবীর আলগ হইয়া ক্ষণে গরজায়।' *বৃন্দা*, ১৫৮০। **গরজি** *ক্রি* উচ্চশব্দ করে। 'জখনে গরজি ঘন বরিসতা রে কণ্ঞেন সে বিপরাণ্ঞো।' *বিদ্যাপতি*, ১৪৬০। **গরজিলী** *ক্রি* গর্জন করলো। 'কোপেঁ গরজিলী রাধা যেন কালসাপ।' *বড়ু*, ১৪৫০। **গরজে** *ক্রি* গর্জন করে। 'সিংহ যেন ফিরে গিয়ে গরজে নগরে।' *গরীব*, ১৭৬৫।

গরজালী [ফা] *বিণ স্ত্রী* কলহপ্রিয়। 'গরজালী বুড়ী আছে তোহ্মার পাশে।' *বড়ু*, ১৪৫০।

গরদ [আ গরজ>] *বি* এক প্রকার রেশমি কাপড়। 'তসর, গরদ, চেলী প্রভৃতি নানাবিধ বহুমূল্য বস্ত্র রেশমে প্রস্তুত হয়।' *বিদ্যা*, ১৮৫১।

গরদন, গরদান [ফা গরদান] *বি* ঘাড়; গর্দান। 'গরদন।' *ওসাঁ*, ১৭৮৫; 'কোতা গরদন ফোতা ভারী কোপীধারী ...।' *ভবানী*, ১৮২৮।

গরদানি *বি* ঘাড় ধাক্কা; গলা ধাক্কা। 'ওকে কি আমাকে কাউকে গরদানি দিতে হবে না।' *প্রমথ*, ১৯১৮।

গরব [স গর্ব] *বি* অহংকার। 'যৌবন গরবেঁ রাধা না চিহ্নসি মোরে।' *বড়ু*, ১৪৫০; 'তোমার গরবে গরবিনি হাম রূপসী তোহার রূপে।' *জ্ঞান*, ১৬০০।

গরবা *বি* গুজরাটের একপ্রকার নৃত্যগীত। 'সাঁওতাল কিংবা গুজরাতের গরবা নাচ।' *মুজতবা*, ১৯৫৯।

গরবাখাকি [স গর্ব-খাদিকা] *বি* সতীত্বের গর্ব হারিয়েছে এমন নারী; গালিবিশেষ। 'ফিরাইয়া আঁখি সে গরবাখাকি সঘনে আমারে তাজে।' *দীচণ্ডী*, ১৬০০।

গরবাগুকি [স গর্ভশোকী] *বি* গালিবিশেষ (যে নারীর গর্ভস্থিত শিশু মারা যায়)। 'এমন গরবাগুকি বল্লে আবার গালাগালি ঝকড়া করে।' *কেরি*, ১৮০২।

গরবি, গরবী [স গর্বিত] **১** *বিণ স্ত্রী* গর্বিত। 'হরি বড় গরবী গোপমাঝে বসই/ ঐসে করবি জৈসে বৈরি ন হসই।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ স্ত্রী* গর্বিত। 'বনকুণ্ডলে গরবি আমি কানন-করবী।' *নজরুল*, ১৯৩১।

গরবিনি, গরবিণী [স গর্বিণী] **১** *বিণ স্ত্রী* গর্বিত। 'তোমার গরবে গরবিনি হাম রূপসী তোহার রূপে।' *জ্ঞান*, ১৬০০; 'কাহারে রাখিবি ধরে দুটি ছোটো হাতে গরবিনী।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বিণ* সৌন্দর্যগর্বিত। 'হোথা গরবিণী ফুটেছে ম্যাগনোলিয়া – কাননের যেন চোখের সামনে রূপরাশি খুলি দিয়া।' *রবীন্দ্র*, ১৮৮৫।

গরবী *দ্র* **গরবি**

গরভ [স গর্ভ] *বি* গর্ভ; উদর। 'যশোদার গরভে কাহ্ন উপজিল।' *বড়ু*, ১৪৫০।

গরভিণী [স গর্ভিণী] *বিণ স্ত্রী* গর্ভবতী। 'ভ্রূণ লয়ে কাঁদে গরভিণী নারী কুঁড়ি লয়ে কাঁদে লতা।' *অন্নদা*, ১৯২৭।

গরম [ফা] **১** *বিণ* ক্রুদ্ধ। 'নরম গরম করি তাহা সভার তরে।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বিণ* তপ্ত। 'গরম জল।' *মানোএল*, ১৭৪৩। **৩** *বিণ* সবল। 'নরমেতে করে জোর, গরমে নরম তার কাছে।' *ভবানী*, ১৮২৫। **৪** *বিণ* চড়া মূল্যের। 'বাজার বড় গরম! পাঁঠা পাঁঠি বিচার চলিবে না!।' *সংগ্রহ*, ১৮৬১। **৫** *বিণ* শীতনিবারক। 'কতকগুলো গরম কাপড় জড়িয়ে বাতি জ্বেলে উর্বশী নামক একটা কবিতা শেষ করে ফেললুম।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৬** *বিণ* উত্তেজনাপূর্ণ। 'তাহাদের রক্ত গরম হইয়া উঠিল।' *নজরুল*, ১৯২২। **৭** *বিণ* জ্বরতপ্ত। 'গা-টি গরম হলে মা সে চোখের জলে।' *নজরুল*, ১৯২৬। **৮** *বি* গ্রীষ্মকাল। 'গরমের ছুটিতে ওরা যায় দার্জিলিঙে।' *রবীন্দ্র*, ১৯৩২। **৯** *বি* জোর। 'অসুখ হলে পয়সার গরমে ...।' *মনোজ*, ১৯৬১।

গরম গরম ১ *ক্রিবিণ* একেবারে সদ্য-ভাজা অবস্থায়। 'খোলা থেকে একেবারে গরম গরম নাবিয়ে এনেছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **২** *বিণ* সদ্য প্রকাশিত। 'ইংরেজি কাগজের দ্রুতলিখিত গরম গরম ঝাঁঝালো প্রবন্ধকে ইতিহাসে প্রতিফলিত করা।' *রবীন্দ্র*, ১৯০৮।

গরমজল [ফা গরম+স জল] *বি* গরম করা জল। 'ঘড়ায় গরমজল মিশাইতেও ভৃত্যেরা কেহ সাহস করিত না।' *রবীন্দ্র*, ১৯১২।

গরম জামা [ফা গরম+ফা জামাহ্] *বি* ঊর্ধ্বাঙ্গে পরার পশমি বস্ত্রবিশেষ। 'গায়ে একটা গরম জামা পর্যন্ত নেই।' *নরেন্দ্র*, ১৯৫২।

গরম-মশলা [ফা গরম+আ মসালিহ্] *বি* এলাচ, লবঙ্গ, দারুচিনি প্রভৃতি উত্তেজক মসলা। কিছু হলদি গরম-মশলা আর পান সুপারি আনতে অইব।' *আলাউদ্দিন*, ১৯৬০।

গরম মসলা [ফা গরম+আ মসালিহ্] *বি* লবঙ্গ, এলাচ, দারুচিনি প্রভৃতি মসলা। 'তাহাতে গরম মসলা ও সুগন্ধি দ্রব্যের উল্লেখ নাই।' *অক্ষয়*, ১৮৪৭।

গরমাগরম [ফা গরম>] **১** *বিণ* গরম গরম। *বিদ্যা*, ১৮৯১। **২** *ক্রিবিণ* সঙ্গে সঙ্গে। 'তজ্জন্য খুব গরমাগরম কৃতজ্ঞতা প্রকাশ করেন।' *নজরুল*, ১৯২২।

গরমাই [ফা গরম>] **১** *বি* উষ্ণতা। 'পৃথিবীর গরমাই।' *মানোএল*, ১৭৪৩। **২** *বি* অহংকার। 'ব্যবহারে টাকার গরমাইয়ের পরিচয় পর্যন্ত কোনোদিন পাইনি।' *প্রমথ*, ১৯৪২।

গরমানি [আ গায়র+মানা>] *বি* অমান্য; বিদ্রোহ। *ওসাঁ*, ১৭৮৫।

গরমি, গরমী [ফা] **১** *বি* উত্তাপ। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বিণ* গ্রীষ্ম। 'গরমি কালের কারণ কিছু চোস্ত হইয়াছে।' *কেরি*, ১৮০১। **৩** *বি* গরম। 'অদ্য বড় গরমী।' *দর্পণ*, ১৮২১। **৪** *বি* রোগের নাম। 'তাই দেখে গরমি আর থাকতে পাল্লেন না, "ঘরে আগুন" "জলে ডোবা" ও "ওলাউঠো" প্রভৃতি নানা রকম বেশ ধরে চার দিকে ছড়িয়ে পড়লেন।' *হুতোম*, ১৮৬১। **৫** *বি* রাগ; ক্রোধ। 'মনে বিলক্ষণ গরমি হইতেছে।' *বিদ্যা*, ১৮৭৩। **৬** *বিণ* অত্যন্ত। 'তাঁহার মেজাজ গরমী চড়িয়াছে।' *মশাররফ*, ১৮৯০। **৭** *বি* দাম। 'বিদেশী টাকার তখন এমনি গরমী যে সেই পঞ্চাশ টাকার ... দিন গুজরান হয়ে যেত।' *মুজতবা*, ১৯৫২।

গরমির কাল [ফা গরমী>+স কাল] *বি* গ্রীষ্মকাল। 'শীত কাল গেলে গরমির কাল হএ।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

গরমিল *দ্র* **গর**

গররা [আ গরার] *বি* উচ্চ হাসিসহ কলরব। 'কেবল হো হো শব্দ – হাসির গররা।' *প্যারী*, ১৮৫৮।

গররাজি, গররাজী *দ্র* **গর**

গরল [স] **১** *বিণ* বিষাক্ত। 'আর যত বুইল রাধা গরল বচনে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* বিষ। 'অমিয়া বলিয়া গরল কিনিয়া।' *চণ্ডী*, ১৫৫০।

গরলকণ্ঠ [স] *বিণ* কণ্ঠে বিষ আছে এমন। 'মাৎসর্য – যার সুখ,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পরদুখে, গরলকণ্ঠ!' *মাইকেল*, ১৮৬০।

গরলজুত, গরলযুত [স গরলযুক্ত] *বিণ* বিষাক্ত। 'গরলযুত হইল সুত দেখি মুনি কৌতুক।' *মুকুন্দ*, ১৬০০; 'কাজল গরলজুত বাণ।' *মুকুন্দ*, ১৬০০।

গরল-পিয়ালা [স গরল+ফা পিয়ালাহ্] *বি* বিষের পেয়ালা। 'সাধ করে নিল গরল-পিয়ালা, বর্শা হানিল বুকে।' *নজরুল*, ১৯২৯।

গরলশ্বাস [স] *বি* বিষাক্ত নিশ্বাস। 'বিষের ফণীর গরলশ্বাসে।' *নজরুল*, ১৯২৯।

গরলাধার [স গরল-আধার] *বিণ* বিষাক্ত। 'সে অসুরীয় গরলাধার।' *বঙ্কিম*, ১৮৬৫।

গরশাল, গরসাল [আ গায়র-সালিক] **১** *বিণ* ধর্মান্তরিত। 'হিন্দু হইআ মুসলমান হয় গরসাল।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* অচল। 'ছটা ছিল গরশাল ছটা ছিল মেকী।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গরহাজির, গরহাজিরা দ্র গর

গরা[১] [স গ্রন্থি] *বি* গাঁট। 'কাপোরিয়া তোলে গরা ইজার মসরির ধরা।' *বিজয়*, ১৬৫০।

গরা[২] *বি* সংগীতের রাগবিশেষ। 'রামক্রিয়া হিন্দোল কানড়া গরা বৈসে।' *আলাওল*, ১৬৮০।

গরাঞী *বি* কলু; পদবিবিশেষ। 'শ্রীহরিনাথ গরাঞী।' *চিঠিপত্রে*, ১৮৭০।

গরাট [প গরাদে] *বি* শিক। 'জানলার গরাটের নিচে মাটির দেয়াল আধখানা চাঁদের মত কেটেছে।' *মনোজ*, ১৯৬১।

গরাণ *বি* বন্য বৃক্ষবিশেষ। 'শ্রীহট্টের বনাঞ্চলে জন্মে গরাণ, বাবুল ও সোনালী প্রভৃতি গাছ।' *মাহেনও*, ১৯৪৯।

গরাদ [প গরাদে] *বি* শিক। 'সমস্তই লোহার গরাদ দ্বারা বিলক্ষণ রূপে রক্ষিত।' *বিদ্যা*, ১৮৬৩।

গরাদে [প] *বি* শিক। 'সেই ক্ষুদ্র গরাদে-দেওয়া ঘর, সেই এসম্বতল গ্রাম্যপথ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গরান *বি* বন্য বৃক্ষবিশেষ ও তার মজবুত কাঠ। 'কোম্পানির গরান সালি তাম্বা।' *মেয়র্স*, ১৭৫৬; 'আর বাঁস গরান দরমা এবং জাহাতে হটাত অগ্নি লাগে।' *ক্যালগে*, ১৮০০।

গরাপ *বি* জাহাজ। *মানোএল*, ১৭৪৩। দ্র **গোরাপ**

গরাস [স গ্রাস] *বি* গ্রাস; লোকমা। 'খাবার সময় গরাস ছোট কর।' *দীনবন্ধু*, ১৮৭৩।

গরাসা [স গ্রাস>] *ক্রি* গ্রাস করা। 'ভৈ নহি করখি গরাসে।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'আকালে গরাসে রাহু চন্দ্র দিবাকর।' *মালাধর*, ১৫০০। **গরাসিয়া** *ক্রি* গ্রাস ক'রে। 'মুখশশী গরাসিয়া করিল মলিন।' *বাহরাম*, ১৬৫০। **গরাসিল** *ক্রি* গ্রাস করলো। 'আনে চন্দ্র গরাসিল।' *সুলতান*, ১৭০০। **গরাসে** *বি* গ্রাস করে। 'আকালে গরাসে রাহু চন্দ্র দিবাকর।' *মালাধর*, ১৫০০।

গরাহক [স গ্রাহক] *বি* গ্রাহক। 'আইল গরাহক অপণে বহিআ।' *চর্যা* ৩, ১২০০।

গরি [স গ্রহ] *বি* পাপ। 'গরি হল কেবল যেন গোলাহাটের নটী।' *মানিকরাম*, ১৭৮১।

গরিব, গরীব [আ] **১** *বিণ* দরিদ্র; নিঃস্ব। 'দেশান্তরি গরিব বৃক্ষের তলবাসী।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* দরিদ্র লোক। 'গরীবের বেটি আমি মালে কিবা কাম।' *গরীব*, ১৭৬৫। **৩** *বিণ* বিনীত। 'বাবুর মেজাজ গরিব! সৌখীনের রাজা!' *হুতোম*, ১৮৬১।

গরিবখানা [আ গরীব+ফা খানাহ্] *বি* দীনের কুটির। 'হুজুরের একবালে গরিবখানার অমঙ্গলের সম্ভাবনা কি?' *বঙ্কিম*, ১৮৮৪।

গরিবগুনা [আ গরীব>] *বি* দরিদ্র লোকজন। 'বিনা ফি-তেই গরিবগুনা মধ্যবিত্তদের ঘরে চিকিৎসা করে এসেছেন।' *তারা*, ১৯৫৩।

গরিবগুর্বো [আ গরীব+আ গুরবো] *বি* দীন-দরিদ্র লোক। 'ডাক্তারবাবুর মতন গরিবগুর্বোর উপকার কেউ করে না।' *তারা*, ১৯৪২।

গরিবগোর, গরীবগোর [আ গরীব+ফা গোর] *বি* গরিবের সমাধি। 'গরীবগোরে দীপ জ্বেল না ফুল দিয়ো না কেউ ভুলে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

গরিব-ঘর [আ গরীব+পা ঘর] *বি* দরিদ্র পরিবার। 'সে বুঝি মা তোমার মতো গরিব ঘরের মেয়ে।' *রবীন্দ্র*, ১৯২২।

গরিব নেওয়াজ [আ গরীব+ফা নেওয়াজ] *বি* গরিবের রক্ষাকর্তা। 'গরিব নেওয়াজ শলামত।' *হ্যালহেড*, ১৭৭৮।

গরিবমানুষি [আ গরীব+স মানুষ>] *বি* গরিবি। 'অনেকের গরিবমানুষি করিবার সাধ্য নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

গরিবানা [আ গরীব>] *বিণ* দরিদ্রোচিত। 'মহতের কার্য্য কর গরিবানা চেলে।' *গুপ্ত*, ১৮৫৮।

গরিষি [আ গরীব>] **১** *বি* দৈন্য। *মানোএল*, ১৭৪৩। **২** *বিণ* দরিদ্রোচিত। 'একজন কেরানির হাতে পড়ে তাতে গরিবি ভদ্রতার অল্প একটু আঁচ লেগেছিল।' *রবীন্দ্র*, ১৯২৯।

গরিবিআনা [আ গরীব>] *বি* দরিদ্রের ভাব। 'আমার ধাঁচটা গরিবিআনায় আপাদমস্তক ঢেকা।' *শক্তি*, ১৯৬৯।

গরিবিয়ানা [আ গরীব+ফা আনা] *বি* দরিদ্রের ভাব। 'গরিবিয়ানায় সে মাগী শ্রেষ্ঠ।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গরিবের কথা বাসি হলে ফলে – গুরুত্বহীন ব্যক্তির বক্তব্যও মূল্যবান হতে পারে। 'এই গায়েরি খবর দিয়ে রাখলাম, এ গরিবের কথা বাসি হলে ফলবেই ফলবে।' *নজরুল*, ১৯২৭।

গরীবখানা [আ গরীব>] *বি* গরিবের বাড়ি। 'মেহেরবানি করে গরীবখানায় তশরীফ আনবেন।' *ইমদাদুল*, ১৯২০।

গরিমা [স] **১** *বি* মাহাত্ম্য। 'নারদ বীণাপাণি গাওেন্ন দ্বিজমুনি শঙ্করগুণের গরিমা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* অহংকার। 'সমস্ত মানুষের মধ্যে অতি ক্ষুদ্র ব্যক্তিও কচিৎ গরিমা রহিত হয়।' *তারিণী*, ১৮৩৩। **৩** *বি* শ্রেষ্ঠত্ব। 'গরিমার পুরস্কার এই কি রে শেষে।' *মাইকেল*, ১৮৬১।

গরিমাজনিত [স] *বিণ* অহঙ্কার থেকে সৃষ্ট। 'বর্ণ এবং সভ্যতার গরিমাজনিত ঔদাসীন্য ক্রমশ প্রকট হয়ে উঠেছিল।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

গরিমাহীন [স] *বিণ* নিরহংকার। 'অনাথ আজি ত্রিদিবের নাথ/ হায় রে, গরিমাহীন গরিমা-নিধান!' *মাইকেল*, ১৮৬০।

গরিলা [ই] *বি* বানরশ্রেণীর প্রাণী। 'গরিলা সাধারণত বানরশ্রেণীরই অন্তর্ভুক্ত প্রাণী।' *অক্ষয়*, ১৮৫৪।

গরিষ্ট [স গর্হিত] *বিণ* গর্হিত। 'মুনি হইয়া রাজ্জ চিন্তা বড়হি গরিষ্ট।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গরিষ্ঠ [স] **১** *বিণ* সবচেয়ে যোগ্য। 'সর্ব্ব রাজ্জ সাসি দিতে অর্জ্জুন

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গরিষ্ঠ।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বিণ* সবচেয়ে বড়ো। 'আমি স্ব বাহুবলেতে বলিষ্ঠ গরিষ্ঠ গো মৃগ মহিষ মানুষাদি মারিয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। ৩ *বিণ* সবচেয়ে প্রধান। 'ফেল-করা ছেলেদের সবচেয়ে গরিষ্ঠ।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গরিষ্ঠতম [স] *বিণ* সবচেয়ে বেশি সংখ্যক; অধিকাংশ। 'সমাজের গরিষ্ঠতম মানুষ আজো অশিক্ষিত।' *বেগম*, ১৯৫২।

গরীবনেবাজ, গরীবনোয়াজ [আ গরীব+ফা নেওয়াজ] *বি* গরিবের সহায়। 'প্রাণ রাখ গরীবনেবাজ।' *ভারত*, ১৭৬০; 'গরীবনোয়াজ বলি নোঙাইল শির।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গরীয়সী [স] ১ *বিণ* স্ত্রী গৌরবান্বিত। 'জন্মভূমি জননী স্বর্গের গরীয়সী।' *ভারত*, ১৭৬০। ২ *বি* অহংকারী নারী। 'কনক জঙ্ঘার বিপুল মাঝখানে রচেছো গরীয়সী এ কোন দর্প?' *মাহমুদ*, ১৯৭৩।

গরীয়ান [স] *বিণ* মর্যাদাপূর্ণ; মহান। 'জগৎপিতার গরীয়ান প্রভাময় মূর্ত্তির ...।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

গরু[১] [পা] *বি* গুরু। 'উমত সবরো গরুআ রোষে।' *চর্যা ২৮*, ১২০০।

গরু[২] [স গোরূপ] ১ *বি* গোরু। 'নান্দের ঘরের গরু রাখোঁআল।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* (ব্যঙ্গার্থ) মূর্খ। 'যথার্থ ব্রাহ্মণ পণ্ডিতকে চোর ও ডাকাইত গরু বলে পিতা পিতৃব্যদিগকে নির্ব্বোধ কহে।' *চন্দ্রিকা*, ১৮৩০।

গরুখোঁজা করা *ক্রি* সবখানে সন্ধান করে বের করার চেষ্টা করা। 'আমি তোমাকে গরুখোঁজা করছি।' *শ্যামসুল*, ১৯৭৩।

গরুখোর *বিণ* গোরু খায় এমন। 'এই গরুখোর বেটারগো দৌলতেই মোগর পোঁচঘর এত ফেঁপে ওঠ্‌তেচে।' *মাইকেল*, ১৮৬০।

গরুগাড়ি *বি* গোরু দ্বারা চালিত গাড়ি। 'গরুগাড়ি ঠিক করিবার জন্য হালিম নিজেই বাহির হইয়া পড়ে।' *মনসুর*, ১৯৫৫।

গরুদৌড় [গোরু+দৌড়] *বি* গোরুর দৌড় প্রতিযোগিতা। 'গরুদৌড়ের মাঠখানি।' *জসীম*, ১৯৩১।

গরুবাছুর *বি* গোরু, বাছুর এবং অন্য গবাদি পশু। 'তৈজষপত্র ঘরবাটী গরুবাছুর গহনাগাটী গাছপালা জিনিষপত্র।' *ওসাঁ*, ১৭৮২।

গরু মেরে জুতা দান – বড়ো অপরাধের পর যৎসামান্য দণ্ড দেওয়া। 'ডাইনামাইট আবিষ্কর্ত্তা গরু মেরে জুতা দান হে।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

গরুর গাড়ি *বি* গোরুতে টানা গাড়ি। 'একজন গেছে মালের সঙ্গে গরুর গাড়িতে।' *শামসুল*, ১৯৫৭।

গরুর মাংস *বি* গোমাংস। *ওসাঁ*, ১৭৮৫।

গরুঅ [স গুরুক] ১ *বিণ* গুরুভার। 'ভার গরুঅ নহে গরুঅ বড় লাজ।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* উল্লসিত। 'হাসে হাসি খলখলি কাহ্নাঞি গরুঅ মনে।' *বড়ু*, ১৪৫০। ৩ *বিণ* প্রসন্ন। 'উচিতেঁ গরুঅ মনে/ তোঞ্চ মুচুকে।' *বড়ু*, ১৪৫০। ৪ *বি* গুরু। 'অপন চতুরপন পিসুন হাথ দেল গরুঅ গরব দূর গেলা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গরুড় [স] *বি* পুরাণে বর্ণিত পাখিবিশেষ। 'আঅর দেখিলো নাসা গরুড় সমান।' *বড়ু*, ১৪৫০।

গরুড়ধ্বজ [স] *বি* হিন্দু দেবতা বিষ্ণু। 'গুরুড়ে গরুড়ধ্বজ গোত্রভিৎ গজে।' *মানিকরাম*, ১৭৮১।

গরুড়বাহন [স] *বি* বিষ্ণু। 'গরুড়বাহন মাহাবীরে।' *বড়ু*, ১৪৫০।

গরুড়মণি [স] *বি* সাপ নিয়ন্ত্রণকারী বস্তু। 'অঙ্গুলিজড়িত মোর আছে গরুড়মণি/ এই হেতু হাথে মোর না খাইল ফণী।' *মুকুন্দ*, ১৬০০।

গরুত্মতী [স] *বিণ* পাখির মতো। 'চলিলা যথা গরুত্মতী তরি।' *মাইকেল*, ১৮৬১।

গরুত্মন্ত [স] *বি* পাখি। 'শান্ত্রিত যেমতি কিম্বা নাগারি গরুর, গরুত্মন্ত-কুলপতি।' *মাইকেল*, ১৮৬০।

গরুত্মান [স] *বি* পাখিবিশেষ। 'উড়ি গরুত্মান, দেবতেজঃ হর আজি রণে।' *মাইকেল*, ১৮৬১।

গরুরী *বি* গর্ব। 'গ্রিসের গরুরী গারত করিয়া বোঁও বোঁও তলোয়ার ঘোরায়!' *নজরুল*, ১৯২৮।

গরু [স গোরূপ] *বি* গোরু। 'গরু রাখে কিবা বনে নান্দের নন্দনে।' *বড়ু*, ১৪৫০।

গরুচনা [স গোরোচনা] *বি* উজ্জ্বল হলুদ রঙের মূল্যবান পদার্থবিশেষ। 'অতিসঅ রূপ ষুভা গরুচনা সঙ্গে।' *মালাধর*, ১৫০০।

গরুড় [স গরুড়] *বি* (পুরাণ) সর্পভুক পাখিবিশেষ; বিষ্ণুর বাহন। 'না খাইব গরুড় আসি নাগ তোমার।' *মালাধর*, ১৫০০।

গর্গর [স] *বি* নদীর নামবিশেষ। 'পশ্চিমে গর্গর নদী পূর্ব্বে ঘণ্টস্বর।' *বিজয়*, ১৬৫০।

গর্গরি [স গর্গরী] *বি* কলসি। 'সোনার গর্গরি তবে ভাসায়ে কমলে।' *মানিকরাম*, ১৭৮১।

গর্জন, গর্জ্জন [স] ১ *বি* উচ্চ শব্দ। 'কোটি সিংহ প্রায় যেন বিশাল গর্জন।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* ক্রোধ, উদ্ধত্য ইত্যাদি সূচক শব্দ। 'তর্জ্জন গর্জ্জন করে লোক করে কোলাহল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* হুঙ্কার; প্রলয়ঙ্করী ঝড়ের মতো বিকট চিৎকার বা ধ্বনি। 'প্রলয়কালীন গর্জ্জনতুল্য বার২ বৃহৎ শব্দ করিতে লাগিল।' *দর্পণ*, ১৮২২। ৪ *বি* প্রতিকৃপতা। 'কালের গর্জন অগ্রাহ্য করে এরা দাঁড়িয়ে আছেন হিমালয়ের মতো উন্নতশিরে।' *মোতাহের*, ১৯৫০।

গর্জন করা *ক্রি* জোরে চিৎকার করা। 'যখন গর্জন ক'রে হাত পা ছুঁড়তে থাকে সেও মিষ্টি লাগে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গর্জনগান [স] *বি* গর্জনরূপ গান। 'ঝটিকা উড়ায়ে রুদ্র পাখা গাহিছে গর্জনগান।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গর্জনবিরত [স] *বিণ* গর্জন বন্ধ আছে এমন। 'স্থগিত-বিদ্যুৎ-লীলা, গর্জনবিরত।' *রবীন্দ্র*, ১৮৯৬।

গর্জনমুখর [স] *বিণ* হুহুঙ্কারপূর্ণ। 'মোগল-পাঠানের গর্জনমুখর ...।' *রবীন্দ্র*, ১৯০২।

গর্জনরত [স] *বিণ* গর্জনপূর্ণ। 'মেঘের ন্যায় গর্জনরত।' *রবীন্দ্র*, ১৮৭৭।

গর্জনশব্দ [স] *বি* উচ্চ ও গম্ভীর ধ্বনি। 'সেই গৃহহারা তরঙ্গের গর্জন শব্দ দূর স্বপ্নের মতো।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গর্জমান [স] *বিণ* গর্জনরত। 'মার্জনা তোমার গর্জমান বজ্রাগ্নিশিখায়।' *রবীন্দ্র*, ১৯১৬।

গর্জিত [স] ১ *বিণ* প্রচণ্ড শব্দে নিনাদিত। 'উচ্চরব দামা সব গর্জিত আকাশ।' *বাহরাম*, ১৬৫০। ২ *বিণ* গর্জনশীল। 'ঘন ঘন গর্জিত মেহ।' *রবীন্দ্র*, ১৮৭৭।

গর্জা, গর্জ্জা, গর্জানো [স গর্জন>] *ক্রি* গর্জন করা। **গর্জএ** *ক্রি* গর্জন করে। 'আষাড়ে গর্জএ ঘন নাচএ মউর।' *মুকুন্দ*, ১৬০০। **গর্জয়ে, গর্জ্জয়ে** *ক্রি* গর্জন করে। 'নরদেহ সিংহমুখ গর্জ্জয়ে বিস্তর।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কৃষ্ণদাস, ১৫৮০। **গর্জি** *ক্রি* গর্জন ক'রে। 'প্রভঞ্জনসম ভীমপরাক্রম হনু, গর্জি ভীমনাদে।' *মাইকেল*, ১৮৬১। **গর্জিতে** *ক্রি* গর্জন করতে। 'যেহেন গর্জিতে আছে মত্তকরী গণ।' *সুলতান*, ১৭০০। **গর্জিয়া, গর্জিয়া** *ক্রি* গর্জন ক'রে। 'সাগর-খোঁজা নির্ঝর সেই, গর্জিয়া নর্তিয়া ...।' *মুকুন্দ*, ১৬০০; 'মোহামত্ত গজ জেন উঠিল গর্জ্জিয়া।' *কবীন্দ্র*, ১৬৮৯। **গর্জিলা** *ক্রি* গর্জন করলো। 'পান করি রক্ত-স্রোতঃ গর্জিলা পাবনি।' *মাইকেল*, ১৮৬৬। **গর্জে, গর্জ্জে** *ক্রি* গর্জন করে। 'মনে মনে গর্জে চিত্তে না পায় সোয়াথ।' *বৃন্দা*, ১৫৮০; 'এ বলিয়া শিশুপাল গর্জ্জে ক্ষনেং।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গর্জী [আ গরজ>] *বি* স্বার্থপর। *ভবানী*, ১৮২৩।

গর্জুন, গর্জ্জুন [স গর্জন] *বি* গর্জন গাছ। 'আর্জুন গর্জ্জুন হরিড়া।' *বড়ু*, ১৪৫০।

গর্ত, গর্ত্ত [স] ১ *বি* খানা; ডোবা। 'ইহার বাপ-জেঠা বিষয়-বিষ্ঠা-গর্ত্তের কীড়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* মাটির মধ্যে খোঁড়া গহ্বর। 'বাহিরে উচ্ছিষ্ট গর্তে ফেলাইল লঞা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* ছিদ্র। *ওসাঁ*, ১৭৮২। ৪ *বি* মাটির ঘর। 'যে যার নিজের গর্তে পড়ল।' *মণীশ*, ১৯৫৭।

গর্তগড় [স গর্ত>] *বি* সৈনিকদের ট্রেঞ্চযুক্ত ছাউনি। 'পদাতিক সৈন্যের একদল বিশ্রামের জন্য গর্তগড়ের বাহিরে আসিয়াছে।' *রবীন্দ্র*, ১৯১৭।

গর্তগাড়ি [স গর্ত>] *বি* খানাখন্দ। 'যেখানেই জলাজঙ্গল, গর্তগাড়িকে সরিয়ে ফেলে মানুষ আপনার বাসভূমিকে ...।' *রবীন্দ্র*, ১৯১৭।

গর্তসমীপে [স] *ক্রিবিণ* গর্তের সামনে। 'নিপু একটা পলাতক কীটের গর্তসমীপে ওৎ পাতিয়া বসিয়া আছে।' *বনফুল*, ১৯৩৬।

গর্দভ, গর্দ্দভ [স] *বি* গাধা। 'গর্দভ শৃগাল তুল্য শিষ্যগণ লৈয়া।' *বৃন্দা*, ১৫৮০; 'গর্দ্দভ ও ক্ষুদ্র কুকুরের।' *তারিণী*, ১৮০৩।

গর্দভী [স] *বি* স্ত্রী গাধা। 'এতদিনে কথামালার চিত্রিতা গর্দভী হয়ে যেত।' *মুজতবা*, ১৯৫৮।

গর্দান, গর্দ্দান [ফা] *বি* ঘাড়। 'নেকালিয়া দিল মুঝে ধরিয়া গর্দ্দান।' *গরীব*, ১৭৬৫।

গর্দানা, গর্দ্দানা [ফা গর্দান>] *বি* ঘাড়ধাক্কা। 'বেহারা, মাগীকে গর্দানা দে।' *গিরিশ*, ১৮৮৯।

গর্দ্দানা নেওয়া *ক্রি* শিরশ্ছেদ করা। 'রাজকুমার টের পেলে যে গর্দ্দানা নেবে।' *গিরিশ*, ১৮৯৬।

গর্দিশ [ফা গরদিশ] *বি* বিপর্যয়। 'যখন কপালের গর্দিশে কাইরোতে বাসা বাঁধতে হল।' *মুজতবা*, ১৯৫২।

গর্প [স জল্প] *বি* গল্প। 'এই মত প্রকাশমান গর্প তাহার ঠেকানা অদ্যাপিও আছে।' *রামরাম*, ১৮০১।

গর্প সর্প [স জল্প>] *বি* গল্পসল্প। '... কেবল বসিয়া গর্প সর্প মাত্র।' *কেরি*, ১৮০২।

গর্ব, গর্ব্ব [স] *বি* অহংকার। 'নানা মতে কৈল তার গর্ব্ব খণ্ডন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'আমা সনে বিচার না কৈল গর্ব করি।' *মুকুন্দ*, ১৬০০।

গর্বগঞ্জন [স] *বিণ* অহংকার বিনাশকারী। 'তোমার প্রকাশে শশী তপন পায় লাজ, সকলের তুমি গর্বগঞ্জন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গর্বনাশ, গর্ব্বনাশ [স] *বি* অহংকার ধ্বংস করা। 'সন্ন্যাসী পণ্ডিতগণের করিতে গর্ব্বনাশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গর্ববিস্ফারিত [স] *বিণ* অহংকারে প্রসারিত। '... গর্ববিস্ফারিতপুচ্ছে লঘুবেগে সাহেবিয়ানার দিকে ছিটকিয়া যাইতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৮।

গর্বভরে *ক্রিবিণ* গর্বের সঙ্গে। 'সেই গর্বভরে সর্বভয়ে থাকো তুমি নির্ভয় অন্তরে।' *রবীন্দ্র*, ১৯০২।

গর্বশূন্য, গর্ব্বশূন্য [স] *বিণ* অহংকারমুক্ত। 'আমি জিতি এই গর্ব্বশূন্য হউক চিত্ত/ ঈশ্বরস্বভাব করে সবাকার হিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গর্বস্ফীত [স] *বিণ* গর্বে ফুলে উঠেছে এমন। 'অভদ্র, অনুদার, সংকীর্ণ গর্বস্ফীত ভাবের প্রাদুর্ভাব।' *রবীন্দ্র*, ১৮৮৩।

গর্বানুভব, গর্ব্বানুভব [স গর্ব-অনুভব] *বি* গর্ববোধ। 'প্রত্যেক পাকিস্তানীর ইহার জন্য গর্ব্বানুভব করা উচিত।' *বেগম*, ১৯৫২।

গর্বান্ধ [স গর্ব-অন্ধ] *বিণ* অহংকারের কারণে ঔচিত্যবোধশূন্য। 'প্রাণে আঘাত দেয় গর্বান্ধ নিষ্ঠুর অত্যাচারে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গর্বান্বিতা [স গর্ব-অন্বিতা] *বি* স্ত্রী গর্বিত। 'হায়, গর্বান্বিতা ... যোগাও ইন্ধন তার লাগি?' *সুধীন্দ্র*, ১৯২৯।

গর্বিণী, গর্ব্বিণী [স] *বিণ* স্ত্রী অহংকারী। 'গৌরবে গর্ব্বিণী বড় আসিলাম ঘরে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

গর্বিত, গর্ব্বিত [স] *বিণ* অহংকারী। 'শুক্ল গর্ব্বিত কেহো রাখিতে নারিল।' *মালাধর*, ১৫০০; 'আর, এও অতি মূঢ়, সৌভাগ্যের সময়, গর্বিত হইয়া অকারণে, আমার অপমান করিয়াছিল।' *বিদ্যা*, ১৮৫৬।

গর্বিতকণ্ঠ [স] *বি* দর্পযুক্ত স্বর। 'গর্বিতকণ্ঠে সংবাদটি আবার পড়ে শোনান।' *ওয়ালী*, ১৯৬৪।

গর্বিতচিত্ত, গর্ব্বিতচিত্ত [স] *বিণ* অহংকারপূর্ণ। 'রামায়ণের রামচন্দ্রের গর্ব্বিতচিত্তভাব।' *বঙ্কিম*, ১৮৮৭।

গর্বিতা, গর্ব্বিতা [স] *বিণ* স্ত্রী অহংকারী। 'গর্ব্বিতা গান্ধারীর অহঙ্কার চূর্ণ।' *দীনবন্ধু*, ১৮৭৩; 'তব জলমগ্নীর বাজাইয়া তুমি ওগো গর্বিতা চলিয়াছ নিজ পথে।' *নজরুল*, ১৯২৯।

গর্বী, গর্ব্বী [স] *বিণ* অহংকারী। 'কালিকার বড়ুয়া জগা ঐছে গর্ব্বী হৈল।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'তুমি সভ্যতা-গর্বীদের মিটাওনি শুধু যুদ্ধ-সাধ।' *নজরুল*, ১৯২৯।

গর্বোচ্ছ্বাস [স গর্ব-উচ্ছ্বাস] *বি* গর্বের আতিশয্য। 'ইহাকে কেহ যেন গর্বোচ্ছ্বাস বলিয়া মনে না করেন।' *রবীন্দ্র*, ১৯১২।

গর্বোজ্জ্বল [স গর্ব-উজ্জ্বল] *বিণ* গৌরবে উদ্ভাসিত। 'ক্ষৌরমসৃণ মুখের গর্বোজ্জ্বল জ্যোতি ম্লান হইয়া আসিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গর্বোদ্ধত [স গর্ব-উদ্ধত] *বিণ* দাম্ভিক। 'পরিপাটি-বেশধারী গর্বোদ্ধত স্ফীতবক্ষ মোহিতমোহনকে দেখিতে পাইত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গর্বোদ্ধত [স] *বিণ* অহঙ্কারে উদ্ধত। 'একটি গর্বোদ্ধত প্রবল তরঙ্গের ন্যায় দিল্লির সিংহাসনে গিয়া আঘাত করিল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গর্ব, গর্ব্ব [স গর্ভ] *বি* গর্ভ। 'গর্ব্ব হতে জন্ম হইল কান্দে ঘৃতভার।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গর্বজাত, গর্ব্বজাত [স গর্ভজাত] *বিণ* গর্ভজাত। 'তিনপুত্র কুন্তির হইল গর্ব্বজাত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গর্বধারণ, গর্ব্বধারণ [স গর্ভধারণ] *বি* গর্ভধারণ; অন্তঃসত্ত্বা হওয়া। 'সুভদ্রার গর্ব্বধারণ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গর্ববতী, গর্ব্বতী [স গর্ভবতী] *বিণ* গর্ভবতী। 'কালে দিনে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সৈত্যবতী হইল গর্ব্ববতী।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গর্ববাস, গর্ব্ববাস [স গর্ভবাস] *বি* গর্ভবাস। 'দাষিক উদরে গীয়া কর গর্ব্ববাস।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গর্ববৃদ্ধি, গর্ব্ববৃদ্ধি [স গর্ভবৃদ্ধি] *বি* গর্ভবৃদ্ধি; গর্ভজাত ভ্রূণের বিকাশ। 'দিনে ২ সুভদ্রার গর্ব্ববৃদ্ধি হএ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গর্বা *বি* গুজরাটি লোকগীতি। 'হঠাৎ তোমার কাঁপল গলা খাঁচার পাখির গর্বাতে।' *নজরুল*, ১৯২৭।

গর্ভ, গর্বভ [স] **১** *বি* সন্তান। 'যে হৈবেক দৈবকীর গর্বভ অষ্টম।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* অন্তঃসত্ত্বা অবস্থা। 'হেনঞি সময়ে দৈবকীর গর্ভ সাত মাস।' *মালাধর*, ১৫০০। **৩** *বি* গর্ভের ভ্রূণ। 'দিনে দিনে বাঢ়ে গর্ভ দেবী-অনুবলে।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *বি* অভ্যন্তর। 'মুখ, প্রতিমুখ, গর্ভ, বিমর্ষ, উপসংহৃতি প্রভৃতি।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **৫** *বি* গর্ভ। 'আমার গর্ভের মধ্যে বিশ্বের ভেক।' *রবীন্দ্র*, ১৮৮৪। **৬** *বি* কবল। 'একবার এড্‌মিনেষ্ট্রেটারের গর্ভে গেলে আর কিছু বার হবে না।' *গিরিশ*, ১৮৮৯। **৭** *বি* ভাণ্ডার। 'সমস্ত টাকা ভাবী জামাতার ভবিষ্যতের গর্ভ পূরণ করিয়া তুলিতেছে।' *রবীন্দ্র*, ১৯১৪।

গর্ভকেশর [স] *বি* ফুলের বীজাধারের উপরস্থ রোম। 'তন্মধ্যে যে সূত্রগাছি সর্ব্বাপেক্ষা স্থূল, তাহার নাম গর্ভকেশর।' *অক্ষয়*, ১৮৫২।

গর্ভচিন [স গর্ভচিহ্ন] *বি* অন্তঃসত্ত্বার লক্ষণ। 'দশ মাস দশ দিন পূর্ণ হইল গর্ভচিন।' *বাহরাম*, ১৬৫০।

গর্ভজ [স] *বিণ* গর্ভজাত। 'সীতার গর্ভজ পুত্রদিগকে মনে পড়িল।' *বঙ্কিম*, ১৮৮৭।

গর্ভজাত [স] *বিণ* গর্ভে জাত। 'তিনপুত্র কুন্তীর হইল গর্ভজাত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গর্ভতল [স] *বি* অতলদেশ। 'ধরণীর কোন ঘোর গর্ভতলে এ ধ্বনি কোথায় গেলে পশিবে না কানে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গর্ভতি [স গর্ভবতী] *বিণ* গর্ভবতী। 'স্ত্রী গর্ভতি।' *মানোএল*, ১৭৪৩।

গর্ভদাস [স] *বি* ক্রীতদাসীর গর্ভে জাত পুত্র। 'তারা ... ক্রীতদাস না হলেও যে গর্ভদাস।' *প্রমথ*, ১৯১৯।

গর্ভদাসী [স] *বি* স্ত্রী গর্ভধারণই একমাত্র কাজ এমন দাসী। 'নারী সে গর্ভদাসী।' *সত্যেন্দ্র*, ১৯১০।

গর্ভ ধরা *ক্রি* অন্তঃসত্ত্বা হওয়া। 'প্রথম শৃঙ্গারে গর্ভ ধরিল কন্যার।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গর্ভধারণ [স] *বি* অন্তঃসত্ত্বা হওয়া। 'সিংহী পাঁচ মাস গর্ভ ধারণ করিয়া একবারে তিন চারিটি সন্তান প্রসব করে।' *মদনমোহন*, ১৮৫০।

গর্ভধারিণী [স] *বি* মা। 'আপন গর্ভধারিণীকে বিস্মৃতা হইয়া ঐ বয়স্থাকেই মাতৃসম্বোধন করেন।' *ভবানী*, ১৮২৮।

গর্ভপাত, গর্ব্ভপাত [স] *বি* নির্দিষ্ট সময়ের আগে গর্ভ থেকে ভ্রূণের অপসরণ। 'মাএর গর্ব্ভপাত ছল করিআঁ আপণে রহিলা রোহিণীগর্ব্ভ গিআঁ।' *বড়ু*, ১৪৫০; 'গর্ভপাত ছল করি।' *মালাধর*, ১৫০০।

গর্ভপাতন [স] *বি* ভ্রূণহত্যা। 'সহধর্ম্মিণীর উদরে পদাঘাত দ্বারা গর্ভপাতন।' *দীনবন্ধু*, ১৮৬০।

গর্ভবতী, গর্ব্ভবতী [স] *বিণ* অন্তঃসত্ত্বা। 'গর্ভবতী নারী চলে ঘন শ্বাস বয়।' *বৃন্দা*, ১৫৮০; 'পরাণের বিধবা ভ্রাতৃবধূ গর্ব্ভবতী হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৯।

গর্ভবাস [স গর্ভ+বাস] *বি* মাতৃজঠরে অবস্থান। 'হরি হরি নারায়ন গর্ভবাস লৈল।' *মালাধর*, ১৫০০।

গর্ভভূমি [স] *বি* মধ্যবর্তী স্থান। 'ওইখানেই ছিল কালী নদীর গর্ভভূমি।' *তারা*, ১৯৪০।

গর্ভমতী [স] *বিণ* অন্তঃসত্ত্বা। 'স্ত্রীলোক গর্ভমতী হইলে ...।' *দীনবন্ধু*, ১৮৬৭।

গর্ভমন্দির [স] *বি* মন্দির অভ্যন্তরের অন্ধকার কুঠরি। 'এ মন্দিরে কোনো গর্ভমন্দির থাকবে না।' *প্রমথ*, ১৯১৪।

গর্ভযন্ত্রণা [স] *বি* প্রসববেদনা। 'তার উপর গর্ভযন্ত্রণা।' *মুজতবা*, ১৯৪৯।

গর্ভযুতা [স] *বিণ স্ত্রী* গর্ভবতী। 'পুরুষ 'দিবা'র ঔরসে গো 'রাত্রি' নাকি গর্ভযুতা।' *নজরুল*, ১৯৩০।

গর্ভশয়ন [স] *বি* গর্ভরূপ শয্যা। 'অকালে বিফলে জাগালে বিকলে/ গর্ভশয়ন-শায়ী।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

গর্ভসঞ্চার [স] *বি* গর্ভাধান। 'আমার সহযোগে, ইহার গর্ভসঞ্চার হইয়াছে।' *বিদ্যা*, ১৮৪৭।

গর্ভস্থ [স] *বিণ* গর্ভে আছে এমন। 'গর্ভস্থ বালকের চক্ষুর সহিত আলোক সংযোগের কোন সম্ভাবনা নাই।' *অক্ষয়*, ১৮৪৩।

গর্ভস্রাব [স] **১** *বি* গচ্ছা; অনর্থক দণ্ড। 'তাহার জন্যে এত টাকা গর্ভস্রাবে গেল তবু ছিঁড়েন নাই।' *প্যারী*, ১৮৫৮। **২** *বি* নির্দিষ্ট সময়ের আগে গর্ভ থেকে ভ্রূণের অপসারণ; গর্ভপাত। 'এ সব গর্ভস্রাব যত্রতত্র নিক্ষেপ করে গেল।' *মুজতবা*, ১৯৫২। **৩** *বিণ* অপদার্থ। 'বেটা নিষ্কর্মা, হতভাগা, গর্ভস্রাব ইত্যাদি শব্দে সোরগোল করিতে করিতে ...।' *মনসুর*, ১৯৫৫।

গর্ভাঙ্ক [স] *বি* নাটকের অঙ্কের মধ্যস্থিত দৃশ্য। 'প্রথম গর্ভাঙ্ক।' *মাইকেল*, ১৮৬০।

গর্ভাধান, গর্ব্ভাধান [স] *বি* গর্ভধারণ। 'অদ্য তোমার গর্ব্ভাধান হইল এ কথা অন্যকে কহিবা না।' *রাজীব*, ১৮০৫।

গর্ভাবস্থা [স] *বি* গর্ভে সন্তান ধারণের কাল। 'সীতার পূর্ণ গর্ভাবস্থার কথা গ্রহণ করেছেন।' *মুরশিদ*, ১৯৭০।

গর্ভাশ্রিত [স] *বিণ* গর্ভাস্থিত। 'গর্ভাশ্রিত শুক্রের সহকার ভিন্নও মনুষ্যের শরীর উৎপন্ন হয়।' *অক্ষয়*, ১৮৪৩।

গর্ভে-ধরা *বিণ* গর্ভে ধারণ করা হয়েছে এমন। 'দশ মাস দশ দিন গর্ভে-ধরা বুকের লোহু দিয়ে মানুষ-করা একমাত্র মেয়ে।' *নজরুল*, ১৯২৭।

গর্ভিণী, গর্ব্ভিণী [স] *বিণ* গর্ভবতী। 'বুড়া আধবুড়া যুবা নবোঢ়া গর্ভিণী/ সেলামী দিলেন সবে চতুর্গুণ তার।' *ভারত*, ১৭৬০; 'কিঞ্চিৎ কালান্তরে রায়ের বনিতা গর্ব্ভিণী হইয়া ...।' *রাজীব*, ১৮০৫।

গর্মি [ফা গর্মী] **১** *বি* ক্রোধ। 'এমতো অবস্থায় মনের গর্মি বড়ো ভয়ানক হইয়া উঠে।' *প্যারী*, ১৮৫৮। **২** *বি* গ্রীষ্মকাল। 'কিন্তু বাঙলাদেশের গর্মিকে ফাঁকি দেওয়া বড়ো আশ্চর্য কথা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গর্শাল [আ গয়র-সালিক] *বি* মেকি টাকা। *মানোএল*, ১৭৪৩।

গর্হা [স] *বিণ* নিন্দাযোগ্য। 'আত্মারামা অপি অপি গর্হা অর্থ কয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গর্হিত [স] *বিণ* নিন্দনীয়। 'ভিক্ষুক অধম মুঞি পাপিষ্ঠ গর্হিত।' *বৃন্দা*, ১৫৮০।

গর্হিতকার্য, গর্হিতকার্য্য [স] *বি* অত্যন্ত নিন্দাযোগ্য কাজ। 'কোনও

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বিষয়ে ইউরোপীয়দিগের শ্রেষ্ঠত্ব স্বীকার করা গর্হিতকার্য্য বলিয়া গণ্য।' *প্রমথ*, ১৯২০।

গর্হ্য [স] *বিণ* নিন্দনীয়। 'এমত গর্হ্য কর্ম্ম হইত না।' *দর্পণ*, ১৮৩১।

গল[১] [স গল] *বি* গলা। 'জো বুঝই তা গলেঁ গলপাস।' *চর্যা* ৩৭, ১২০০; 'হাথ পাত্র গল জড়ী রাখিল তথাঞ্জি।' *বড়ু*, ১৪৫০।

গলকম্বল [স] ১ *বি* গোরু-মহিষের গলার নিচের ঝোলানো মাংসপিণ্ড। *সেবধি*, ১৮৩৯; 'লোল গল-কম্বলের রহি রহি করিছে লেহন।' *সত্যেন্দ্র*, ১৯১০। ২ *বি* গলায় জড়ানোর জন্য পশমি কাপড়বিশেষ। 'কমফর্টার নামক গলকম্বলটি তাঁর গলদেশের ভার যে পরিমাণে বৃদ্ধি করেছিল।' *প্রমথ*, ১৯১৬।

গলক্ষত [স] *বি* রোগবিশেষ। 'শোথ, রক্তাতিসার, গলক্ষত আর কামলা।' *শিবরাম*, ১৯৪০।

গলগণ্ড [স] *বি* থাইরয়েডের অতিরিক্ত ক্ষরণহেতু গলদেশ ফুলে ওঠার রোগ। 'যেই কুঁজ – গলগণ্ড মাংসে ফলিয়াছে।' *জীবন*, ১৯৩৬।

গলগ্রহ [স] *বিণ* পরের উপর ভারস্বরূপ। 'পরের গলগ্রহ হইয়া থাকে।' *বিদ্যা*, ১৮৫১।

গলঘণ্ট [স গলগণ্ড] *বি* গলার মাংস ফুলে যাওয়ার রোগ; গলগণ্ড। 'পুরাকালীন শহরে গলঘণ্ট কুণ্ঠরোগী।' *সুধীন্দ্র*, ১৯৪০।

গলদেশ [স] *বি* গলা; কণ্ঠদেশ। 'মতির দোনর কণ্ঠা গলদেশ সাজে।' *ভবানী*, ১৮২৫।

গলনালী [স] *বি* কণ্ঠনালি। 'ফুসফুস থেকে গলনালী ও মুখবিবর দিয়ে বাতাস বের হয়ে যাবার সময়।' *হাই*, ১৯৫৪।

গলপাস [স গলপাশ] *বি* গলার দড়ি। 'জো বুঝই তা গলেঁ গলপাস।' *চর্যা* ৩৭, ১২০০।

গলবন্ধন [স] ১ *বি* গলার বাঁধন। 'ক্ষিপ্ত কুক্কুরের গলবন্ধন মোচন করিয়া তাহাকে পথমধ্যে পরিত্যাগ করা ...।' *অক্ষয়*, ১৮৫২। ২ *বি* ফাঁসি। 'প্রতিজ্ঞাসূত্রদ্বারা জমীদারপদে কৃষকের গলবন্ধন।' *এডুকেশন*, ১৮৭৩; 'রায়েদের বউ গলবন্ধনে মরেছিল যার শাখে।' *জসীম*, ১৯৩৩।

গলবস্ত্র [স] *বিণ* (গলায় বস্ত্র ধারণ ক'রে) অত্যন্ত বিনীত। 'রাজা ব্রাহ্মণের মুখে অমঙ্গল বাক্য শ্রবণে গলবস্ত্র হইয়া বলিলেন, ঠাকুর!' *মশাররফ*, ১৮৬৯।

গলবস্ত্রে প্রণাম *বি* গলায় কাপড় পেঁচিয়ে বিনয়ের সঙ্গে প্রণাম। 'দেবীর পদে পুষ্পাঞ্জলি দিয়া গলবস্ত্রে প্রণাম।' *মাইকেল*, ১৮৭৪।

গলল্গ্ন [স] ১ *বিণ* গলায় জড়ানো। 'গললগ্ন বাসে কহে কর জোড় করি।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬। ২ *বিণ* জীবনসঙ্গী। 'স্ত্রীরত্নদের জীবনের একমাত্র উদ্দেশ্য হচ্ছে ... পুরুষের গললগ্ন হওয়া।' *প্রমথ*, ১৯১৫।

গললগ্নীকৃত [স] *বিণ* গলায় ধারণ করা হয়েছে এমন। 'গললগ্নীকৃত বস্ত্রে, কৃতাঞ্জলিপুটে, তদীয় পদে পুষ্পাঞ্জলি প্রদান করিতেছেন।' *অক্ষয়*, ১৮৫৪।

গললগ্নীকৃতবাস [স] *বিণ* অতিশয় বিনীত। 'জন সমাজ পূজ্যা বারাঙ্গনাগণধন্যা বকনাপেয়ারী প্রভৃতির নিকটে নববাবু গললগ্নীকৃতবাস।' *ভবানী*, ১৮২৫।

গললগ্নীকৃতবাসা [স] *বিণ* বিনয় প্রকাশের জন্যে গলায় বস্ত্রধারণ করেছে এমন। 'জনসমাজ পূজ্যা বারাঙ্গনাগণধন্যা বকনাপেয়ারী প্রভৃতির নিকটে নববাবু গললগ্নীকৃতবাসা।' *ভবানী*, ১৮২৫।

গল-শৃঙ্খল [স] *বি* গলার বন্ধন। 'গল-শৃঙ্খল টুটেনি আজিও, করিতে পারি না প্রণাম পায়।' *নজরুল*, ১৯২৪।

গলহস্ত [স] *বি* গলাধাক্কা। 'এ অনুকূল গলহস্ত, অপ্রশস্ত নহে।' *বিদ্যা*, ১৮৪৭।

গলহার [স] *বি* গলার মালা। 'গলহার হোক নীল ফাঁসি।' *নজরুল*, ১৯২২।

গল[২] *বি* পদবি-বিশেষ। 'ভাগবৎ গল।' *চিঠিপত্রে*, ১৮৭৫।

গলই [স গল] *বি* নৌকার অগ্র বা প্রান্তভাগ। 'তাঙ্গিল নায়ের গলই।' *বিজয়*, ১৬৫০।

গলগল [ধ্বন্যা] ১ *বি* দ্রুতবেগে পানি থাওয়ার শব্দ। 'সে কেবল গল গল করে জল খায়।' *রবীন্দ্র*, ১৮৮৯। ২ *বি* তীব্র প্রবাহসূচক শব্দ। 'জল কলকল গলগল করতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৫; 'গলগল করে পাকিয়ে উঠছে ধোঁয়া।' *হাসান*, ১৯৭৪।

গলগলানো [ধ্বন্যা গলগল>] *ক্রি* কুলকুচা করা। *মানোএল*, ১৭৪৩।

গলগলিয়ে *ক্রিবিণ* গড়িয়ে পড়ে এমনভাবে। 'স্নেহ-মমতাই যদি গলগলিয়ে, গদগদ হয়ে জেগে উঠত।' *ওয়ালী*, ১৯৪৮।

গলৎ [আ গলৎ] *বি* ত্রুটি। 'আরও একটি মস্ত গলৎ আছে।' *সওগাত*, ১৯৩৮।

গলৎকুষ্ঠী [স গলিতকুষ্ঠ] *বি* যে রোগে আক্রান্ত হলে শরীরে ক্ষত সৃষ্টি হয় এবং তা থেকে পুঁজ, রক্ত প্রভৃতি বের হয়। 'বাসুদেব গলৎকুষ্ঠী তাতে কীড়াময়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গলতা [আ গলৎ] *বি* ভুল। 'দরবারের মুৎসুদ্দী লোক গলতা করিয়া যে কাবিলায় অবধি ...।' *ওসাঁ*, ১৭৮২।

গলতি [আ গলৎ] ১ *বিণ* ফাঁক আছে এমন; ত্রুটিপূর্ণ। 'এমন সব গলতি মামলায় আমি হাত দি না।' *প্যারী*, ১৮৫৮। ২ *বি* ত্রুটি। 'এটা না দিলে ব্যাকরণের গলতি হয়।' *মুজতবা*, ১৯৫৮।

গলদ [আ গলৎ] *বি* ভুল; ত্রুটি। *ওসাঁ*, ১৭৮২; 'রসিককাকা যাতে হাত দেবেন তাতেই গলদ।' *রবীন্দ্র*, ১৯০৭।

গলদশ্রু [স] *বিণ* ক্রমাগত অশ্রু ঝরছে এমন। 'একান্ত শোকাক্রান্ত হইয়া, গলদশ্রু লোচনে, আকুল বচনে জিজ্ঞাসিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

গলদ্ঘর্ম, গলদ্‌ঘর্ম [স] ১ *বিণ* ঘাম ঝরছে এমন। 'প্রচণ্ড রৌদ্রে গলদ্ঘর্ম কলেবরে অবিশ্রান্ত পথ পর্য্যটন করিলে ...।' *অক্ষয়*, ১৮৪৯; 'প্রখর রৌদ্রে সর্বশরীর দগ্ধপ্রায় ও গলদ্‌ঘর্ম হইতেছে ...।' *বিদ্যা*, ১৮৫৬। ২ *ক্রিবিণ* অত্যন্ত বিব্রত ক'রে। 'তুচ্ছ সারেগামায় আমায় গলদ্ঘর্ম ঘামায়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গলদা [ফা গাবদী>] *বি* বড়ো আকারের চিংড়িবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'গলদা চিত্তড়ি মাছ নাম যার মোচা।' *গুপ্ত*, ১৮৫৮।

গলদাচিংড়ি [ফা গাবদী>+চিংড়ি] *বি* বড়ো আকারের চিংড়িবিশেষ। 'কইমাছ, গলদাচিংড়ি, ডিম, আলু।' *বিভূতি*, ১৯৩১।

গলস্ত [স] *বিণ* গলছে এমন। 'বিক্ষোভ ফেটে পড়ল আগ্নেয়গিরির গলস্ত লাভার মত।' *হাফিজুর*, ১৯৫৩।

গলব্লাডার, গলব্ল্যাডার [ই] *বি* পিত্ত থলি। 'গলব্ল্যাডারে ক্রমে ক্রমে/ চিনি জমছে কি ওরই।' *রবীন্দ্র*, ১৯৪১; 'কিডনিতে হতে পারে – গলব্লাডারে হতে পারে।' *জীবন*, ১৯৪৮।

গলহিজ [আ গলীজ] *বিণ* গলিজ; নোংরা। 'ঘিন ঘিন করে আমার এরকম ময়লা গলহিজ সংসারে থাকতে।' *মাহেনও*, ১৯৪৯।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গলা[১] [স গল] **১** *বি* গলদেশ। 'গলাত পাথর বান্ধী দহে পসী মরে।' *বড়ু*, ১৪৫০; 'কুম্ভকর্ণ সুগ্রিবের গলা চাপি ধরি।' *মালাধর*, ১৫০০। **২** *বি* কণ্ঠস্বর। 'শানিত তরবারি গলাটি যেন/ নাচিয়া ফিরে দশ দিকে।' *রবীন্দ্র*, ১৮৯৯। **৩** *বি* কণ্ঠ। 'বঁধুর কাছে আসার বেলায় গানটি শুধু নিলেম গলায়।' *রবীন্দ্র*, ১৯১৩।

গলা কাটাকাটি *বি* ক্ষতিকর প্রতিযোগিতা। 'পরস্পরের গলা কাটাকাটির প্রতিযোগী করিয়া তুলিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

গলা কাঠ হওয়া *ক্রি* গলা শুকানো। 'ভয়ে তাঁহার গলা কাঠ হইয়া গেল।' *শরৎ*, ১৯১৩।

গলা খাকরী [গলা+খাঁকারি] *বি* কৃত্রিম কাশি। 'গলা খাকরী দিয়ে কার্দির মনোযোগ আকর্ষণ করে।' *মুনীর*, ১৯৬১।

গলা-খাঁকারি [গলা+খাঁকারি] *বি* গলা পরিষ্কার অথবা অন্যদের হুঁশিয়ার করার জন্যে দেওয়া কাশি। 'বাইরে থেকে গলা-খাঁকারি শোনা গেল।' *রবীন্দ্র*, ১৯২৯।

গলা খা-খা দেওয়া *ক্রি* নিজের উপস্থিতি বোঝানোর জন্য কাশি দেওয়া। 'রহমত সরকার পর্দার আড়াল হইতে গলা খা-খা দিয়া ঘরে ঢুকেন।' *মনসুর*, ১৯৫৫।

গলা খাট করা, গলা খাটো করা *ক্রি* নিচু স্বরে কথা বলা; স্বর মৃদু করা। 'তারপর গলা খাট করিয়া বলিল।' *শরৎ*, ১৯১৪; 'কেউ যে গলা খাটো করে বলবে সমাজে সে দয়া বা ভদ্রতা নেই।' *রবীন্দ্র*, ১৯২৯।

গলাগলি **১** *ক্রিবিণ* পরস্পর আলিঙ্গন ক'রে। 'দুই বিপ্র গলাগলি কান্দে প্রভুর গুণে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* পরস্পর আলিঙ্গন। 'গলাগলি করি দোঁহে করেন ক্রন্দন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* ঘনিষ্ঠ। 'দুই-এক দিনের মধ্যেই হলাহলি গলাগলি ভাব হইল।' *প্যারী*, ১৮৫৮। **৪** *বিণ* আলিঙ্গনাবদ্ধ। 'অবিরল বিগলিত জলাধারকুল লোচনে গলাগলি হইয়া রোদন করিতেছেন।' *দীনবন্ধু*, ১৮৭২। **৫** *বি* গণ-সম্মিলন। 'যাত্রী যায়, জয়-গান গায় রাজপথে গলাগলি।' *রবীন্দ্র*, ১৮৮৭।

গলা চড়ানো *ক্রি* চিৎকার করা। 'সে একেবারে গলা চড়াইয়া শুরু করিয়া দিল।' *রবীন্দ্র*, ১৯১৪।

গলা চেপে *ক্রিবিণ* কণ্ঠস্বর নিচু ক'রে। 'গলা চেপে কথা কচ্ছ কেন?' *গিরিশ*, ১৮৮৭।

গলা-চেরা [গলা+চেরা] *বিণ* গলা প্রায় ফেটে যায় এমন । 'গলা-চেরা ধমকে গাছপালা চমকে।' *সুকুমার*, ১৯১৮।

গলা ছেড়ে *ক্রিবিণ* উচ্চৈঃস্বরে। 'গলা ছেড়ে আপনাকে ডাক দিয়েছি।' *রবীন্দ্র*, ১৯২৮।

গলা ছেড়ে গাওয়া *ক্রি* কণ্ঠস্বর উঁচু ক'রে গাওয়া। 'গলা ছেড়ে গান গাইতে হবে?' *রবীন্দ্র*, ১৯১১।

গলাজল [গলা+স জল] *বি* গলা পর্যন্ত ডুবে যায় এতোটা পরিমাণ পানি। **গলাজলে-ডোবা** *বিণ* পানিতে গলা পর্যন্ত ডুবে আছে এমন। 'গলাজলে-ডোবা নাচিছে আমন ধান।' *জসীম*, ১৯৫১।

গলা জাহির করা *ক্রি* উচ্চকণ্ঠে আস্ফালন করা। 'সবাই গলা জাহির করে, চেঁচায় কেবল মিহিমিহি।' *রবীন্দ্র*, ১৮৮৬।

গলা টেপা *ক্রি* শ্বাস রুদ্ধ করা। 'গলা টিপিয়া তাহার একমাত্র পুত্র এবং কন্যাকে হত্যা করিয়াছে।' *আজাদ*, ১৯৩৬।

গলা-ধরাধরি [গলা+ধরা>] *বিণ* অন্তরঙ্গ। 'গলা-ধরাধরি কথা মেয়েদের।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গলাধাক্কা [গলা+ধাক্কা] *বি* ঘাড়ে হাত দিয়ে ধাক্কা। 'নববধূরা কবিরাজকে গলাধাক্কা দিয়া ফেলিয়া ...।' *প্যারী*, ১৮৫৮।

গলাধাক্কা খাওয়া *ক্রি* চাপের মুখে বাধ্য হওয়া। 'গলাধাক্কা খেতে খেতে তেরো নম্বরের গর্তে ঢুকেছি।' *সাদত*, ১৯৬৭।

গলা নামানো *ক্রি* কণ্ঠস্বর নিচু করা। 'গলা নামিয়ে বললেন।' *শামসুল*, ১৯৬২।

গলাপানি *বি* গলা পর্যন্ত ডুবে যায় এমন পানি। 'গলাপানিতে ঢেউয়ের দোলায় দুলতে দুলতে চিৎকার করে উঠল।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

গলা ফসকানো *ক্রি* মুক্তি পাওয়া। 'ভয়ে লোকটা গলা ফসকাবার চেষ্টা করতাছে।' *মনসুর*, ১৯৫৩।

গলা-ফাটা [গলা+ফাটা] **১** *বিণ* উচ্চ শব্দপূর্ণ। 'আজ লোক বসে আছে, কিন্তু গলা-ফাটা চঞ্চলতা নেই।' *হাফিজুর*, ১৯৫৩। **২** *বিণ* গলা ফেটে যায় এমন। 'লোকটার গলা-ফাটা চিৎকার ...।' *মনসুর*, ১৯৫৫।

গলাবন্দ [গলা+ফা বন্দ] *বি* নেকটাই অথবা গলায় জড়ানোর বস্ত্র। 'ঢাকাই গলাবন্দ ৪২ থান।' *মেয়র্স*, ১৭৫৭।

গলাবন্ধ [গলা+ফা বন্দ] **১** *বি* গলায় ঠাণ্ডা না লাগার জন্য ব্যবহৃত লম্বা বস্ত্রখণ্ড; মাফলার। 'মাথায় গলাবন্ধ জড়ানো উবাচরগণ প্রীতিশ্রমণ সমাধা করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বি* টাই। 'গলায় গলাবন্ধ।' *শরৎ*, ১৯১৭।

গলাবাজি, গলাবাজী [গলা+ফা বাজি] **১** *বি* গান গাওয়ার চেষ্টা। 'নিজে ভাল গাইতে পারুন আর নাই পারুন, আড়ালে ও নির্জনে সর্বদা গলাবাজী কর্ত্তেন।' *হুতোম*, ১৮৬১। **২** *বি* বাগাড়ম্বরতা। 'আমরা কোনো উপায়ে গলাবাজি করিয়া চালাকি করিয়া প্রতিবেশীর ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

গলা বাড়ানো *ক্রি* অনধিকার প্রবেশ করা। 'আমাদের সর্ব কারুকাজে, অস্তিবাদী জিরাফেরা বাড়িয়েছে ব্যক্তিগত গলা।' *মাহমুদ*, ১৯৭৩।

গলা ভাঙা, গলা ভাঙ্গা [গলা+ভাঙা] **১** *ক্রি* স্বরভঙ্গ হওয়া। 'গলা ভাঙ্গা।' *মানোএল*, ১৭৪৩; 'গলা ভাঙা।' *ওসাঁ*, ১৭৮৫। **২** *ক্রি* চিৎকার করা। 'আমি যে গলা ভেঙে মরছি, আমার দিকে একবার তাকালেও না।' *রবীন্দ্র*, ১৮৮৪। **৩** *ক্রি* আবেগে কণ্ঠরোধ হওয়া। 'বলিতে বলিতে রাজলক্ষ্মীর গলা ভাঙিয়া আসিল।' *রবীন্দ্র*, ১৯০২। **৪** *বিণ* কর্কশ স্বরযুক্ত। 'এরকম গলাভাঙা ঘড়ি কলকাতা শহরে আর দ্বিতীয়টি নেই।' *প্রমথ*, ১৯১৫।

গলাযোগ *বি* কথায় যোগদান। **গলাযোগ করা** *ক্রি* সুর মিলানো।'সে গোলযোগে আমি গলাযোগ করতে চাই।' *প্রমথ*, ১৯১৬।

গলায় কাঁটা বাদলে লোকে বেরালের পায় পড়ে – বিপদে পড়লে তুচ্ছ লোকেরও সাহায্য নিতে হয়। 'তা গলায় কাঁটা বাদলে লোকে বেরালের পায় পড়ে, কি করবো।' *উমেশ*, ১৮৫৭।

গলায় গলায় ১ *ক্রিবিণ* নিবিড়ভাবে। 'যেই প্রেমে বরি গলায় গলায়, যাইতাম সুখে অধ্যয়ন তরে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **২** *ক্রিবিণ* গলা পর্যন্ত। 'চাল গলায় গলায় তুলে দিয়ে রান্না চড়িয়েছে।' *শরৎ*, ১৯১২। **৩** *ক্রিবিণ* প্রতিটি গলায়। 'গলায় গলায় গান ছিল ভাই।' *নজরুল*, ১৯২৬।

AMARBOI.COM

গলায় গলায় খাতির *বি* অতি মাত্রায় ভালোবাসা। 'মানুষটির সঙ্গে গলায় গলায় খাতির।' *জীবন*, ১৯৩২।

গলায় গলায় মিল *বি* অতি মাত্রায় ভালোবাসা। 'আমাতে এত গলায় গলায় মিল ছিল।' *নজরুল*, ১৯২৭।

গলায় ছুরি চালানো *ক্রি* সর্বনাশ করা। 'কংগ্রেসের কর্তাগিরি লাভ করিয়া ... মুসলমান সমাজের গলায় ছুরি চালাইতেছেন।' *দর্শন*, ১৯২৪।

গলায় ছুরি/ছুরী দেওয়া ১ *ক্রি* সর্বনাশ করা। 'আমার গলায় যিনি ছুরি দিবেন তাহার বংশ থাকিবেক না।' *দর্পণ*, ১৮২১। **২** *ক্রি* আত্মহত্যা করা। 'সুলোচনা এ জানতে পাল্লে আপনা আপনি গলায় ছুরী দেবে।' *উমেশ*, ১৮৫৭।

গলায় দড়ি/দড়ী দেওয়া *ক্রি* গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করা। 'যদি বড় পেড়াপেড়ি হয় তবে এই রাত্রেই গলায় দড়ি দিয়ে ম'র্ব্বো।' *মশাররফ*, ১৮৬৯; 'এই বুড়ো বয়েসে আমায় গলায় দড়ী দিয়ে মত্তে হবে।' *উমেশ*, ১৮৫৭।

গলায় রশি দেওয়া *ক্রি* গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করা। 'ঘরের বধূ গলায় রশি দিক না যেয়ে!' *জসীম*, ১৯৩৩।

গলার আল *বি* অশান্তি। 'রেখে গেলে গলার আল, নিয়ে গেলে লোকের গাল।' *মুজতবা*, ১৯৪৯।

গলার কাঁটা *বিণ* অবাঞ্ছিত। 'আমি সকলের গলার কাঁটা।' *শওকত*, ১৯৫৮।

গলার চোট *বি* কথার তেজ। 'শুধু মুখের জোরে গলার চোটে লুট-করা ধন নেব লুটে।' *রবীন্দ্র*, ১৮৮১।

গলার মোতীদানা *বি* গলার মুক্তোর হার। *ওসাঁ*, ১৭৮৫।

গলা-সাধা [গলা+সাধা] **১** *ক্রি* কণ্ঠের অনুশীলন করা। 'দুনিয়া জোর যে জন্যই সৃষ্টি হোক বক্তৃতাকারের গলা-সাধবার জন্য হয়নি।' *প্রমথ*, ১৯১৪। **২** *বি* ডাকাডাকি। 'কোয়েল আর দোয়েল-বধূর চলা-সাধার ধূম পড়ে গিয়েছে।' *নজরুল*, ১৯২২।

গলাস্থ হওয়া *ক্রি* গলায় বাধা। 'ফলে ইলিশাস্থি তাঁহার গলাস্থ হয়।' *মুজতবা*, ১৯৫৯।

গলা-হাঁড়ি *বি* হাঁড়ির গলা পরিমাণ। 'যে গাছ থেকে রস পড়তো আধ-হাঁড়ি, রাজেকের হাতে পড়লে সে রস গলা-হাঁড়িতে উঠতো।' *নরেন্দ্র*, ১৯৪৭।

গলিয়ে দেওয়া *ক্রি* প্রবেশ করানো। 'ট্রাউজার্স জোড়াটার হাঁ-দুটোতে পা-জোড়া গলিয়ে দিই।' *অন্নদা*, ১৯২৯।

গলা[৩], গলানো ১ *ক্রি* খুশি করা। 'মনসিজ গলতহি জপেলু তমালে রে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রি* ঝরা। 'অবিরল নয়ন গলএ জলধার।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'হরিসে গলএ অশ্রু দুইত নয়ানে।' *মালাধর*, ১৫০০। **৩** *ক্রি* মিশ্রিত করা। 'যাহাঁ ঘন চন্দন শ্রমজলে গলই।' *গোবিন্দ*, ১৬০০। **৪** *ক্রি* বিকৃত হওয়া। 'খস্যা পড়ে অস্থি মাংস গল্যা জায় দেহ।' *মানিকরাম*, ১৭৮১। **৫** *ক্রি* বিগলিত হওয়া। 'চন্দ্র হাসে আনন্দে গলিয়া।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৬** *ক্রি* আবেগে আপুত হওয়া। 'সোহাগে গলিয়া তোমার গায়ে আসিয়া পড়িবে।' *দীপিকা*, ১৮৮৭। **৭** *ক্রি* প্রবেশ করানো। 'আমি ঝুঁটী গলালে মারতে আসে।' *গিরিশ*, ১৮৮৭; 'পাঁচিলের ফোঁকল গলে ঢুকি গ্যে বোসদের ঘরে।' *নজরুল*, ১৯২৬। **গলএ** *ক্রি* ঝরে। 'হরিসে গলএ অশ্রু দুইত নয়নে।' *মালাধর*, ১৫০০। **গলতহি** *ক্রি* গলাচ্ছে। 'মনসিজ গলতহি জপেলু তমালে রে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **গলয়ে** *ক্রি* ঝরে পড়ে। 'নয়নে গলয়ে নীর।' *মুকুন্দ*, ১৬০০। **গলিয়া** *ক্রি* গ'লে। 'কাজল গলিয়া পড়ে ...।' *কৃষ্ণরাম*, ১৭২০। **গলে পড়া ১** *ক্রি* গদগদ হওয়া। 'তোমার নামে গলে পড়েন, তিনি আবার তোমা ছাড়া হবেন।' *উমেশ*, ১৮৫৭। **২** *ক্রি* বর্ষিত হওয়া। 'মুখে যেন গলে পড়ে চাঁদ।' *রবীন্দ্র*, ১৮৮৩। **গলে যাওয়া** *ক্রি* আকুল হওয়া। 'এই চাঁদের আলোতে তুমি হেসে গলে যাও।' *রবীন্দ্র*, ১৮৮৬। **গল্যা** *ক্রি* গ'লে। 'খস্যা পড়ে অস্থি মাংস গল্যা জায় দেহ।' *মানিকরাম*, ১৭৮১।

গলা[৩] ১ *বিণ* অধিক সিদ্ধ হওয়ায় নরম। 'কখন গলা ভাত কখন মোরলা মাছের ঝোল।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বিণ* গলিত। 'উটগুলো শুয়ে শুয়ে পড়ে গলা বরফে।' *রবীন্দ্র*, ১৯৩২।

গলাসীসা *বি* গলিত সিসা। 'গলাসীসার মতো অবশেষে লজ্জা আসে।' *ওয়ালী*, ১৯৪৮।

গলাগলি ১ *ক্রিবিণ* গলা জড়িয়ে ধ'রে। 'গলাগলি দুইভাই কান্দে নিরন্তর।' *রূপরাম*, ১৭৫০। **২** *বি* পরস্পরকে আলিঙ্গন। *হ্যালহেড*, ১৭৭৮। **৩** *বিণ* খুব আন্তরিক। 'আলস্যের সহিত গলাগলি প্রেম করিতে থাকেন।' *প্রভাকর*, ১৮৪৭। **৪** *বি* আন্তরিক সম্পর্ক। 'গ্রামের সঙ্গে তার গলাগলি।' *রবীন্দ্র*, ১৯৩২।

গলাগলি ধরা *ক্রি* কণ্ঠলগ্ন হওয়া; আলিঙ্গন করা। 'আয় দাদু, গলাগলি ধরি কেঁদে যদি হয় সুখ।' *জসীম*, ১৯২৭।

গলাট [গলা>] *বি* রশি। 'সরু চামড়ার গলাট দিয়ে সেটাকে বেঁধে ...।' *অরণ্য*, ১৯২৭।

গলাধঃ [স গলাধঃ] *বি* ভক্ষণ; গ্রাস। 'গো মাংস গলাধ করিতেই হইবে।' *মশাররফ*, ১৮৮৯।

গলাধঃকরণ [স] *বি* উদরপূর্তি। 'আহারাদি করিয়া থাক তাহা গলাধঃকরণ হয় কি না।' *ভবানী*, ১৮২৫।

গলাধঃকরণ হওয়া *ক্রি* উদরপূর্তি হওয়া। 'আহারাদি করিয়া থাক তাহা গলাধঃকরণ হয় কি না।' *ভবানী*, ১৮২৫।

গলি [হি গলী] **১** *বি* সরু পথ। 'কত গণ্ডা আলি আছে গলির মাঝার।' *সুলতান*, ১৭০০। **২** *বি* জাহাজের গোল জানালা। *ওসাঁ*, ১৭৮৫। **৩** *বি* উপপথ। 'আমাদের রাস্তা সোজা, নাইকো গলি।' *রবীন্দ্র*, ১৯১৫।

গলিঘুঁচি [হি গলী+ফা গজ্জ>] *বি* অলিগলি। 'অবশ্য আরো বহু গলিঘুঁচিও আছে।' *মুজতবা*, ১৯৫২।

গলি ঘুঁজি [হি গলী+ফা গজ্জ>] **১** *বি* অতি অপ্রশস্ত পথ ও তার নানা শাখা-প্রশাখা। 'অন্ধকারে গলি-ঘুঁজি পার হইয়া অনেক পথ হাঁটিল।' *বঙ্কিম*, ১৮৮৪। **২** *বি* প্রত্যন্ত এলাকা। 'অবতারে ভরে গেল যত রাজ্যের গলিঘুঁজি।' *রবীন্দ্র*, ১৮৮৬। **৩** *বি* সূক্ষ্মতম স্থান। 'মনের নানান আঁকা-বাঁকা গলি-ঘুঁজিতে সে খুজে বেড়িয়েছে।' *অচিন্ত্য*, ১৯৫০।

গলিঘুপচি [হি গলী+ফা গজ্জ>] *বি* অলিগলি। 'অঘটন তো কতই ঘটে রোজ রোজ রাস্তাঘাটের গলিঘুপচিতে।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

গলিপথ [হি গলী+স পথ] *বি* চলাচলের সংকীর্ণ পথ। 'স্বপ্নের অচেনা গলিপথে দেখেছে অনেক কাঁটাবন।' *শামসুর*, ১৯৭০।

গলিরাস্তা [হি গলী+ফা রাস্তা] *বি* সরু রাস্তা। 'রাজপথ না হয় তো অন্তত গলিরাস্তা হওয়া চাই।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গলীস্থ [হি গলী+স স্থ] *বিণ* গলিতে অবস্থিত। 'গলীস্থ এক বাটীতে থাকিয়া প্রতিদিন ...।' *প্যারী*, ১৮৬০।

গলিজ [আ গলীজ] **১** *বিণ* পচা; দুর্গন্ধময়। 'ময়লা গলিজ কিছু দেখিতে না চায়।' *ভবানী*, ১৮২৫। **২** *বিণ* বাজে; খারাপ। 'অতি গলিজ কাজ।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গিরিশ, ১৮৮৯। ৩ *বিণ* নোংরা। 'গলিজ মুখে কোরান ভাঁজে।' *নজরুল*, ১৯২২।

গলিত [স] ১ *বিণ* স্খলিত। 'গলিত বসন হীন রসন জঘনে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* শিথিল; নত। 'গলিত তোমার কুচ হেলএ পবনে।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* প্রবাহিত। 'রোদনের ধারা দেখি বদনে গলিত।' *সুলতান*, ১৭০০। ৪ *বিণ* কুষ্ঠব্যাধিযুক্ত। *মানোএল*, ১৭৪৩। ৫ *বিণ* গলে গিয়েছে এমন। 'মৃত শরীর ... অল্পকালের মধ্যেই গলিত ও দুর্গন্ধ হইয়া পড়ে।' *বিদ্যা*, ১৮৫১।

গলিতদন্ত [স] *বি* দাঁত পড়ে গেছে এমন। 'অতিবৃদ্ধ এমতো যে তার মুখের ভাঁজ গণনীয় না, গলিতদন্ত সে।' *হাসান*, ১৯৬৭।

গলিতদশনা [স] *বিণ স্ত্রী* বয়সের কারণে দাঁত পড়ে গেছে এমন। 'অতি প্রাচীনা ... গলিতদশনা মলিনবসনা হইয়াছে।' *ভবানী*, ১৮২৮।

গলিতমাংস [স] *বিণ* মাংস ঝুলে গেছে এমন। 'শ্বেতকেশা গলিতমাংস গলিত যৌবনা ...।' *ভবানী*, ১৮২৫।

গলিতযৌবনা [স] *বিণ* বিগত-যৌবনা। 'শ্বেতকেশা গলিতমাংস গলিতযৌবনা ভগ্নদশনা ...।' *ভবানী*, ১৮২৫।

গলিতা [স] *বিণ স্ত্রী* বিগত-যৌবন। 'যত প্রধানা নবীনা গলিতা যবনী বারাঙ্গনা আছে।' *ভবানী*, ১৮২৫।

গলিস [আ গলীজ] *বি* নোংরা; আবর্জনা। 'ওই এগারোর মারপ্যাঁচে সব ধোঁয়াস গলিস, বদ-নসিব।' *নজরুল*, ১৯৫৯।

গলিসূতা [হি গলী+স সূত্র>] *বি* একপ্রকার চিকন সুতা। 'চুঁচ আর গলিসূতা এনেছি।' *বিভূতি*, ১৯৩১।

গলুই [স গল] *বি* নৌকার দুই প্রান্তের সরু অংশ। 'কেহ বা গলুয়ে বসিল ...।' *প্যারী*, ১৮৫৮।

গল্প [স জল্প] *বি* কাহিনি। 'হিঁতোরী অর্থাৎ গল্পের বহি।' *দর্পণ*, ১৮৬৮।

গল্প-উপন্যাস [গল্প+স উপন্যাস] *বি* গল্প ও উপন্যাস। 'আমি গল্প-উপন্যাস লিখে থাকি।' *নজরুল*, ১৯২৭।

গল্পকথা [গল্প+স কথা] *বি* গালগল্প; মিথ্যা কাহিনি। 'তালীবনে তাল রোদে লাল হতে দেখেছি – এ নহে গল্পকথা।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

গল্পকাহিনী [গল্প+স কথনিকা] *বি* গল্পকথা। 'গল্পকাহিনীর মারফতে, নরনারীর বিচিত্র সুখ-দুঃখে বাঁচা...।' *মোতাহের*, ১৯৫০।

গল্পখোর [গল্প+ফা খোর] *বি* গল্পপাঠক। 'ঘটনা সত্য কি কল্পিত, সে বিচার গল্পখোররা করে না।' *প্রমথ*, ১৯৩৩।

গল্পগুজব [গল্প+ফা গুজাফ] *বি* আলাপ-আলোচনা। 'নানাপ্রকার গল্পগুজব।' *হরপ্রসাদ*, ১৮৭৮।

গল্প-গুজারি, গল্পগোজারি, গল্পগোযারি [গল্প+ফা গুজারাহ্] *বি* গল্পগুজব। 'নিরুদ্বেগে গল্পগোজারি ... করিতে লাগিল।' *মনসুর*, ১৯৩৫; 'গল্পগোযারি ও আমোদ-আহ্লাদ ফেলিয়া ...।' *মনসুর*, ১৯৫৩; 'এক পাল লোক বসিয়া গল্প-গুজারি ও তামাক সেবন করিতেছে।' *মনসুর*, ১৯৫৫।

গল্প ছাড়া *ক্রি* বড়ো বড়ো কথা বলা। 'তাই ভাই-বোনদের সঙ্গে নানা গল্প ছাড়িল।' *শওকত*, ১৯৫৮।

গল্প জোড়া *ক্রি* গল্প করতে শুরু করা। 'ঘরের মধ্যে প্রবেশ করিয়া গল্প জুড়িয়া দিতেছে।' *রবীন্দ্র*, ১৯১২।

গল্পটল্প [গল্প>] *বি* গল্প বা এ জাতীয় কোনো রচনা। 'আপনার লেখা গল্পটল্প? দিন না।' *বিভূতি*, ১৯৩১।

গল্পপোষ্য [গল্প+স পোষ্য] *বিণ* গল্প শুনতে আগ্রহী। 'সকল বয়সেই মানুষ গল্পপোষ্য জীব।' *রবীন্দ্র*, ১৯২২।

গল্পময় [গল্প+স ময়] *বিণ* গল্পে ভরপুর। 'চোরের জীবন গল্পময়।' *মানিক*, ১৯৩৭।

গল্পমূলক [গল্প+স মূলক] *বিণ* কাহিনিভিত্তিক। 'গল্পমূলক রচনা পড়ে কবির স্বভাবসুলভ ভাবের আতিশয্যে ...।' *ওয়াজেদ*, ১৯৪৩।

গল্পরস [গল্প+স রস] *বি* গল্প পাঠের সুখ। 'রসবুভুক্ষু মানুষের গল্পরস-পিপাসা মিটানোর কাজে ...।' *মুরশিদ*, ১৯৭০।

গল্পলেখক [গল্প+স লেখক] *বি* গল্প রচয়িতা। 'ভদ্রলোকের সহিত বিখ্যাত গল্পলেখক পান্নালাল চক্রবর্তী নামিয়া গেলেন।' *বনফুল*, ১৯৩৬।

গল্পলোক [গল্প+স লোক] *বি* গল্পের জগৎ। 'চলিয়াছে চিরদিন/ খোকাদের গল্পলোক-মাঝে।' *রবীন্দ্র*, ১৯০৩।

গল্পলোলুপ [স] *বিণ* গল্প শুনতে আগ্রহী। 'রাজশ্রোতারা যদি গল্পলোলুপ হইতেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

গল্পসল্প [গল্প>] ১ *বি* আলাপ-আলোচনা। 'খুব সহজভাবে গল্পসল্প করতে পারেন।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* গল্প ও অন্যান্য রচনা। 'তোমার মা গল্প-সল্প কিছু লিখছেন তো?' *সুকান্ত*, ১৯৪১।

গল্পসাহিত্য [গল্প+স সাহিত্য] *বি* কাহিনি। 'তাঁর গল্প-সাহিত্যের ভদ্রনাথ-ক্ষেত্রে জাত-বিচারের কথা উঠতেই পারে না।' *রবীন্দ্র*, ১৯২৭।

গল্পস্রোত [গল্প+স স্রোত] *বি* চলমান গল্প। 'সাকেরের মা ঘরে ঢুকিতে গল্পস্রোত মন্দীভূত হইয়া গেল।' *শওকত*, ১৯৫৮।

গল্পী [স জল্পী] *বি* গল্পকার। 'গোকুল সে শিল্পী গল্পী কবি ছিল কি-না!' *নজরুল*, ১৯২৬।

গলফ [ই] *বি* একটি বিশেষ আকৃতির লাঠির আঘাতে দূরবর্তী স্থানে বল ছোঁড়ার খেলাবিশেষ। **গলফস্টিক** [ই] *বি* গলফ খেলার ব্যাট। 'ক্যান্টনমেন্টের মাঠে রুপোবাঁধানো গলফস্টিকে এখন তিনি গলফ খেলবেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

গসগস [ধ্বন্যা] *বি* চাপা রাগের ভাব প্রকাশক শব্দ। 'রাজধর গসগস করিয়া চলিয়া গেলেন।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গসা [আ গুস্সাহ্] *বি* ক্রোধ; অভিমান। 'ক্রোধ করে কৃত্তিবাস যান করে গসা।' *মানিকরাম*, ১৭৮১।

গস্ত [ফা গশ্ত] *বি* মালামাল। 'বলে যারা জবরদস্ত, তাদের ঘরে লাভের গস্ত, মাগো।' *গুপ্ত*, ১৮৫৮।

গস্তানি, গস্তানী [ফা গাশ্তন] *বি* কুলটা নারী। 'কুটনী গস্তানী বড় যে মস্তানী।' *ভারত*, ১৭৬০; 'চোপরাও গস্তানি!' *গিরিশ*, ১৮৮৯।

গহণ [স গহন] *বিণ* গভীর। 'ভবনই গহণ গম্ভীর বেগে বাহী।' *চর্যা ৫*, ১২০০।

গহন [স] ১ *বিণ* গভীর। 'আনুপাম বল বীর মতীএঁ গহন।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* সমাগম। 'হইতে লাগিল বড় লোকের গহন।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* দুর্গম স্থান। 'যে সময়ে তিনি গ্রাম ও গহন ভ্রমণ করেন ...।' *অক্ষয়*, ১৮৫৪। ৪ *বিণ* নিবিড়। 'গহন ঘন ছাইল গগন ঘনাইয়া।' *রবীন্দ্র*, ১৮৮২। ৫ *বিণ* দুর্গম। 'যদি গহন পথে যাবার কালে কেউ ফিরে না চায়।' *রবীন্দ্র*, ১৯০৫। ৬ *বিণ* গাঢ়। 'শ্রাবণ ঘন গহন মোহে গোপন তব চরণ ফেলে।' *রবীন্দ্র*, ১৯০৯। ৭ *বিণ*

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মর্মপীড়াদায়ক। 'ওইনা গাঁয়ের মেয়ের সাথে গহন ব্যথায় ঝুরে!' *জসীম*, ১৯২৯। ৮ *বি* গহ্বর। 'ঘুমের ঘন গহন হতে যেমন আসে স্বপ্ন।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গহনতল [স] *বি* গভীর তলদেশ। 'যদি গাহন করিতে চাহ এসো নেমে এসো হেথা গহনতলে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গহননাদ [স] *বি* ঘন গর্জন। 'কর্ণবরষণ গহননাদ।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গহনবালা [স] *বি* বনবালা। 'বনের হরিণ বাঁধবে বৃথা লক্ষ্মী গহনবালা।' *নজরুল*, ১৯২৫।

গহনে গহনে *ক্রিবিণ* অরণ্যে অরণ্যে। 'গহনে গহনে যা রে তোরা।' *রবীন্দ্র*, ১৮৮১।

গহনা [হি] *বি* অলংকার। 'সোনার গহনা ছাওয়াল বিবাহ করিলে বহু পাইবেক।' *ময়ের্স*, ১৭৬২।

গহনাগাঁটি [হি গহনা>] *বি* অলংকারাদি। 'যে সকল জিনিষপত্র এবং গহনাগাঁটি আছে এ সমস্তই আমার মায়ের।' *ভবানী*, ১৮২৮।

গহনাগাটী *বি* অলংকারাদি। 'তৈজসপত্র ঘরবাটী গরুবাছুর গহনাগাটী গাছপালা জিনিষপত্র।' *ওসাঁ*, ১৭৮২।

গহনা দেওয়া *ক্রি* বন্ধক দেওয়া। *মানোএল*, ১৭৪৩।

গহনাপত্র [হি গহনা+স পত্র] *বি* গয়নাগাঁটি। 'তোমার এই কাপড়চোপড় গহনাপত্র।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গহনার নৌকা *বি* নির্দিষ্ট সময় অনুযায়ী চলাচলকারী যাত্রীবাহী বড়ো নৌকা। 'একখানা গহনার নৌকা যাইতেছিল।' *বঙ্কিম*, ১৮৭৪।

গহব্বর [স গহ্বর] *বি* গর্ত। 'শেষে এক হনুমানের গহব্বরে গেল।' *তারিণী*, ১৮০৩।

গহরি [হি গহর] *বি* মাল খালাস করা অথবা জাহাজ ছাড়ার বিলম্বজনিত মাশুল। 'জাহাজ ঘাটে থাকীবেক তাহার গহরি খরচ জতে লাগিবেক তাহা দিব।' *ওসাঁ*, ১৭৮২।

গহল [হি] *বি* ভিড়। 'আর বার আসি মহা লোকের গহলে।' *বৃন্দা*, ১৫৮০।

গহিন [স গহন] *বিণ* গভীর। 'সমুদ্রো বরো গহিন।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

গহিনা *বিণ স্ত্রী* গভীর। 'কালিমার গহিনা মন।' *দর্পণ*, ১৮২৮।

গহেরা [স গভীর] *বিণ* গভীর। 'পৌনে পোনের হাত গহেরা।' *দর্পণ*, ১৮১৮।

গহ্বর [স] ১ *বি* গর্ত। 'অতি বড় গহ্বরের মধ্যে এক অপূর্ব্ব মনোহর বৃক্ষ ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ২ *বি* গুহা; খাদ। 'তাহারা পর্ব্বত-গহ্বর ও গর্ত্ত প্রভৃতির রন্ধ্রাদির মধ্যে নখ নিবেশিত করিয়া লম্বমান থাকে।' *অক্ষয়*, ১৮৪৫। ৩ *বি* গুহা। 'আঁধার সে পর্ব্বতের গহ্বর বিশাল।' *রবীন্দ্র*, ১৮৮৫। ৪ *বি* অন্দর। 'তাঁহার পাঠকগণের হৃদগহ্বর হইতে দীর্ঘশ্বাস ঘন ঘন ...।' *রবীন্দ্র*, ১৯০২। ৫ *বি* গর্ভ। 'বিরহের কালোগুহা ক্ষুধিত গহ্বর থেকে ...।' *রবীন্দ্র*, ১৯৩২। ৬ *বি* শূন্যতা। 'নিজের মনোহীনতার গহ্বর ভরাবার জন্যেই ...।' *রবীন্দ্র*, ১৯৩৪। ৭ *বি* ভিতরের তলা। 'টুপিটা খুলে তার গহ্বরে ফুঁ দিয়ে ঠাণ্ডা করে।' *ওয়ালী*, ১৯৪৮। ৮ *বি* ঘর। 'খড়ে ছাওয়া স্বপ্নের গহ্বরে।' *মাহমুদ*, ১৯৬৬।

গা [স গাত্র] ১ *বি* শরীর। 'নাগরী রাধা হাণএ সকল গাএ।' *বড়ু*, ১৪৫০; 'আঘোর পাপেঁ তোএঁ গায় বেআপিবেঁ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* বঙ্গদেশ। 'কাঞ্চলী টানএ মোর গাএ।' *বড়ু*, ১৪৫০। ৩ *বি* ইচ্ছা; গরজ। 'বুঝি টাকা দিবার গা নাই।' *কেরি*, ১৮০২। ৪ *বিণ* সংলগ্ন। 'আমাদের বাসার গায়েই এই-যে গলি ...।' *রবীন্দ্র*, ১৯০৯। ৫ *বি* খেয়াল। 'এদিকে কারুর গা নাই আজই না আমার বিয়ে!' *নজরুল*, ১৯২৬।

গা করা *ক্রি* উদ্যোগ নেওয়া। 'তাহাকে আনিবার জন্য কেহ গা করিবেন না।' *বিভূতি*, ১৯২৯।

গা কাঁটা দেওয়া *ক্রি* ভয় বোধ হওয়া। 'এমন লোক নেই যার ভয়ে গা কাঁটা দিয়ে না ওঠে।' *মাহেনও*, ১৯৪৯।

গা কুটানো *ক্রি* শরীর চুলকানো। 'আমজাদের গা কুটাইতেছিল ভয়ানক।' *শওকত*, ১৯৫৮।

গা কেমন করা *ক্রি* শারীরিক অস্বস্তি বোধ করা। 'পাশ দিয়ে যেতে গা কেমন করে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গা-খোলা *বিণ* ঊর্ধ্বাঙ্গে জামা নেই এমন। 'গা-খোলা ঈশানচন্দ্র টুলের উপর বসিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গা-ঘিনঘিন করা *ক্রি* ঘৃণায় গা গুলানো। 'দিনরাত গা-ঘিনঘিন করছে।' *রবীন্দ্র*, ১৯১০।

গা-ঘেঁষা ১ *বিণ* গায়ে লাগানো। 'গা-ঘেঁষা সংকীর্ণ এবং দরিদ্র।' *রবীন্দ্র*, ১৯১৫। ২ *বিণ* ঘন। 'পাবলিক গা-ঘেঁষা হয়ে শ্রোতারূপে ছিল না।' *রবীন্দ্র*, ১৯২৯।

গা-ঘেঁষে চলা *ক্রি* সমান পাল্লা দিয়ে চলা; পাশাপাশি চলা। 'ওদের ট্রেঞ্চ বিলিতি কোম্পানির গা ঘেঁষে চলে।' *রবীন্দ্র*, ১৯২৯।

গা ছুঁয়ে বলা *ক্রি* শপথ ক'রে বলা। 'তুই আমার গা ছুঁয়ে বল।' *রবীন্দ্র*, ১৮৯২।

গা ছোঁয়া *ক্রি* দিব্যি দেওয়া। 'এই তোমার গা ছুঁয়ে বললুম।' *রবীন্দ্র*, ১৮৯১।

গা-জোয়ারি [স গাত্র>+ফা জোর>] *বি* জবরদস্তি। 'মোটেই গা-জোয়ারি না।' *জীবন*, ১৯৩২।

গা জ্বালা [গা+জ্বালা] *বি* রাগ। 'আমার গা জ্বালা করে।' *রবীন্দ্র*, ১৯০২।

গা-জ্বালানো [গা+জ্বালানো] *বিণ* গা জ্বালা করে এমন। 'সেই গা-জ্বালানো হাসি।' *মানিক*, ১৯৪০।

গা-ঝাড়া [গা+ঝাড়া] *বি* জড়তা ত্যাগ। 'তুষার-জনতা বুঝি জাগ্রত হয় —/ গা-ঝাড়া দেবার প্রস্তাব দ্বিধাহীন।' *সুকান্ত*, ১৯৪৮।

গা ঝাড়া দেওয়া *ক্রি* আলস্য ত্যাগ ক'রে কর্মে প্রবৃত্ত হওয়া। 'তারা মাঝ-দরিয়ায় না পৌঁছালে গা ঝাড়া দেবে না।' *ওয়ালী*, ১৯৪৫।

গাঝাড়া মারা *ক্রি* নড়েচড়ে ওঠা। 'গাঝাড়া মারিলে হইল পর্ব্বত দেউল।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গা-টেপাটেপি করা *ক্রি* পরস্পর গোপন ইশারা বিনিময় করা। 'দিদিমারা পরস্পর গা-টেপাটেপি করিলেন।' *রবীন্দ্র*, ১৯১৪।

গা ঢাকা *বিণ* আত্মগোপন। 'একটু গা ঢাকা হইয়া ছিলাম।' *বঙ্কিম*, ১৮৭৪।

গা-ঢাকা দেওয়া *ক্রি* পালানো। 'পূর্বরাত্রেই সে গা-ঢাকা দিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গা ঢাকা হইয়া থাকা *ক্রি* আত্মগোপনে থাকা। 'একটু গা ঢাকা হইয়া ছিলাম।' *বঙ্কিম*, ১৮৭৪।

গা-ঢাকা হওয়া *ক্রি* আত্মগোপনে থাকা। 'তাই শুনে ব্রাহ্মণী বাপের

AMARBOI.COM

বাড়ি এমনি গা-ঢাকা হয়েছেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

গা-ঢালা ১ *বিণ* অলস। 'কোনো কঠিন পণ দুরূহ চেষ্টা, মানস সংগ্রাম আজিকার এই হালছাড়া গা-ঢালা বসন্তের দিনের উপযুক্ত নহে।' *রবীন্দ্র*, ১৯০২। **২** *ক্রি* শোয়া। 'ঘুম যেন পরম সুখকর তরল ধারা, গা ঢেলে দিয়েছে তাতে।' *মণীশ*, ১৯৬৩।

গা ঢেলে দেওয়া *ক্রি* বিনা বিবেচনায় মিশে যাওয়া। 'গা ঢেলে দিতে চান, সেই অন্যায় সমাজের বীভৎস পাপস্রোতে।' *মোতাহার*, ১৯৩৭।

গা তোলা *ক্রি* গাত্রোত্থান করা। *মানোএল*, ১৭৪৩; 'মোশায়কে একবার গা তুলে শিবতলায় যেতে হবে।' *হুতোম*, ১৮৬১।

গা দেওয়া *ক্রি* গ্রাহ্য করা। 'মহেন্দ্র কোনোমতেই গা দিল না।' *রবীন্দ্র*, ১৯০২।

গা ধোয়া *ক্রি* স্নান করা। 'মেয়েরা গঙ্গার জলে গা ধুইতে আসিয়াছে।' রবীন্দ্র, ১৯০৭; 'গা ধুতে যাবার আগে ঘরের সামনে বসে ... চুল বাঁধত।' *রবীন্দ্র*, ১৯৪০।

গা পাক দেওয়া *ক্রি* বমি বমি ভাব হওয়া। 'জ্বর আসবার মুখে যেরকম গা পাক দেয়; মাথা ঘোরে।' *প্রমথ*, ১৯১৮।

গা বমি বমি করা, গা বমী বমী করা ১ *ক্রি* বার বার বমির ভাব হওয়া। 'দিন রাত গা বমী বমী করে, যেখানে শুই সেই খানেই ঘুমুই।' *উমেশ*, ১৮৫৭। **২** *ক্রি* ঘৃণা বোধ করা। 'ঘা দেইখাও আমার তেমনি গা বমি বমি করে।' *মনসুর*, ১৯৫৫।

গা বাঁচানো *ক্রি* নিজেকে বাঁচানো। 'খোঁচা দিতে হবে গোপনে গা বাঁচিয়ে।' *পাশা*, ১৯৭১।

গা-ভাসান দেওয়া *ক্রি* ভেসে ওঠা। 'অত বড় কাতলা গা ভাসান দিলে অনেকেই গাঁথবার চেষ্টায় ঘুরবে।' *গিরিশ*, ১৮৮৬।

গা ভাসানো *ক্রি* চিন্তা-ভাবনা না ক'রে অন্যদের দেখে কোনো কাজে যুক্ত হওয়া। 'অধিকাংশ মুসলমান গা-ভাসিয়ে দিলেন আন্দোলনের স্রোতে।' *মাহেনও*, ১৯৪৯।

গা-মত *বিণ* সম্পূর্ণ; ভালোমতো। 'ঘুম যেন গা-মত হয় নাই।' *শওকত*, ১৯৫৮।

গাময় *বিণ* সমস্ত দেহে আছে এমন। 'মারের চোটে সে বেচারা কাঁপছে – গাময় কাদা।' *বনফুল*, ১৯৩৬।

গা মাজনা করন *বি* গা রগড়ানো। *ওসী*, ১৭৮৫।

গা-মোছা *বি* গামছা। 'আর যে-গামছায় গা-মোছা তারও সেই দশা।' *রবীন্দ্র*, ১৯২৯।

গা মোড় দেওয়া *ক্রি* গা মোচড়ানো। 'বেণীবাবু অধ্যয়নানন্তর গা মোড় দিয়া উঠিয়া তামাক খাইতেছেন।' *প্যারী*, ১৮৫৮।

গা ম্যাজ ম্যাজ করা *ক্রি* খানিকটা অসুস্থ বোধ করা। 'গা ম্যাজ ম্যাজ করা: ঠিক এসব শব্দের ভাব বোঝানো ...।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গায়গায় *ক্রিবিণ* শরীর দ্বারা। 'সুন্দরী আসিয়া শোধ দিবে গায়গায়।' *ভবানী*, ১৮২৫।

গা-শিওরনো *বি* গা শিউরে ওঠা। 'তাহারা মাথায় আকাশ-ভাঙা, গা-শিওরনো, চমক-লাগা ঘটনার ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

গা সিউরে ওঠা *ক্রি* গায়ে কাঁটা দেওয়া। 'আমার গাটা সিউরে উঠলো।' *উমেশ*, ১৮৫৭।

গায় হাত তোলা *ক্রি* প্রহার করা। 'তুমি স্বামীর গায় হাত তোল।' *দীনবন্ধু*, ১৮৭২।

গায়ে কাঁটা দেওয়া *ক্রি* শিহরিত করা; ঢেউ তোলা। 'ধীরি ধীরি বাতাসটি দেয় জলের গায়ে কাঁটা।' *রবীন্দ্র*, ১৮৮৬।

গায়েগতরে *ক্রিবিণ* শারীরিকভাবে। 'জমিজিরাৎ যা আছে গায়েগতরে খাটলে অন্তত ডালভাতের অভাব হবে না।' *শওকত*, ১৯৭২।

গায়ে গায়ে *বিণ* শরীরের সাথে শরীর লেগে আছে এমন। '*ঠেলাঠেলি* গণ্ডগোল গায়ে গায়ে লোক।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গায়ে-পড়া *বিণ* অযাচিত। 'বড্ডো বেশি গায়ে-পড়া কবিত্ব।' *রবীন্দ্র*, ১৮৯২।

গায়ে-পড়া সখ্য *বি* অযাচিত সখ্য বা বন্ধুতা। 'মেয়েদের নিয়ে তোমার এই গায়ে-পড়া সখ্য।' *রবীন্দ্র*, ১৯৪০।

গায়ে পড়ে *ক্রিবিণ* অযাচিতভাবে। 'ভদ্রলোকের গায়ে পড়ে কলম নেড়ে কালি ছিটোয়।' *রবীন্দ্র*, ১৮৮৬।

গায়ে বাজা *ক্রি* কষ্ট লাগা। 'নিন্দা-বিরোধ গায়ে বাজে না, এমন কথা অল্প লোকই বলিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৭।

গায়ে বাতাস দেওয়া *ক্রি* দায়িত্বহীনভাবে চলা। 'নির্ভাবনায় গায়ে বাতাস দিয়া কাটাইয়া দিয়াছি।' *হাই*, ১৯৫৪।

গায়ে-মাখা ১ *ক্রি* ধর্তব্যের মধ্যে গণ্য করা। 'পোড়া মন মান-অপমান মাখে না তো গায়।' *গিরিশ*, ১৮৮৩। **২** *বিণ* গোসলে পরিহৃত। 'গায়ে-মাখা রঙিন সাবান।' *মাহেনও*, ১৯৪৯। **৩** *ক্রি* গুরুত্ব দেওয়া। 'ওর যাবার কথাটা গায়েই মাখবে না।' *কায়সার*, ১৯৬২।

গায়ের জোর *বি* বাহুবল; শারীরিক শক্তি। 'কেবলমাত্র গায়ের জোরে ভয় দেখাইয়া বশে রাখিতে হইবে।' *রবীন্দ্র*, ১৯০৮।

গায়ের জোর খাটানো *ক্রি* জুলুম করা। 'কোনো অবস্থাতেই গায়ের জোর খাটাব না।' *পাশা*, ১৯৭১।

গায়ের জোরে *ক্রিবিণ* জবরদস্তিভাবে। 'শব্দের সঙ্গে একটা-একটা অভিধা গায়ের জোরে চাপিয়ে দেয় না।' *অবন*, ১৯২৫।

গায়ের ঝাল মেটানো *ক্রি* মনে পোষা রাগ প্রবলভাবে প্রকাশ করা। 'তাকে পেলে একবার গায়ের ঝাল মেটাই।' *উমেশ*, ১৮৫৭।

গায়ের মহরুম [স গ্রাম>+আ মহরুম] *বিণ* গ্রামবাসী অথচ জ্ঞাতিসম্পর্কহীন। 'সে হল ধরগে তোমার গায়ের মহরুম।' *ইমদাদুল*, ১৯২০।

গায়ে-লাগা *বিণ* সংশ্লিষ্ট। 'ওর জমির গায়ে-লাগা এ অংশটুকু অন্যের।' *সেলিনা*, ১৯৭৫।

গায়ে-হলুদ *বি* বিয়ের আগে বর-কনের গায়ে হলুদ মাখার অনুষ্ঠান। 'গায়ে-হলুদের দিনে রাত তিনটার সময়ে হঠাৎ শশীকে ওলাওঠায় ধরিল।' *রবীন্দ্র*, ১৯০০।

গায়ে হাওয়া লাগানো *ক্রি* নির্ভার হওয়া। 'শরতের যে হালকা মেঘ বিনা কারণে গায়ে হাওয়া লাগাইয়া উড়িয়া বেড়ায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

গায়ে হাত বুলানো *ক্রি* সান্ত্বনা দেওয়া। 'গায়ে হাত বুলিয়ে কিছু হবে না।' *রবীন্দ্র*, ১৯১৫।

গা লাগা *ক্রি* উৎসাহ পাওয়া। 'আজ আর কিছুতে গা লাগছে না।' *রবীন্দ্র*, ১৮৯০।

গা-সওয়া *বিণ* অভ্যস্ত। 'পরিচিত এবং গা-সওয়া হয়ে এসেছে।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প্রমথ, ১৯১৫।

গা-সহা *বিণ* সহনীয়। 'শুনতে শুনতে গা-সহা হয়ে গেছে।' *কায়সার*, ১৯৬২।

গা[১] *বিণ* সুপারির ক্ষেত্রে গণনার একক, সাধারণত ১১টি। 'গা চারি গুয়া দুয়া গালে ভরে।' *মুকুন্দ*, ১৬০০।

গা[২] [ধ্বন্যা] *অব্য* সম্বোধনসূচক শব্দ। 'একবার দাঁড়াও ত গা।' *বঙ্কিম*, ১৮৭৪।

গা[৩] *বি* (সংগীত) তৃতীয় স্বর গান্ধার। 'কানাড়ায় সা রে গা-কোমল কি মা পা ...।' *রবীন্দ্র*, ১৯৩৪।

গাঅ [স গাত্র] *বি* শরীর। 'আঁচলে না ধর কাহ্ন ডরেঁ কাঁপে গাঅ।' *বড়ু*, ১৪৫০।

গাঅখানী *বি* দেহখানি। 'মিনতী করিআঁ বোলোঁ গাঅখানী তোল।' *বড়ু*, ১৪৫০।

গাআঁ দ্র গাওয়া

গাই[১] [স গো] *বি* গাভি। 'বৃন্দাবন মাঝে চরে শতসংখ্য গাই।' *বড়ু*, ১৪৫০।

গাই[২] দ্র গাওয়া[১]

গাইট [স গ্রন্থি] *বি* গেরো। 'আচলে আচলে গাইট বান্দিয়া নিয়্যাস।' *বিজয়*, ১৬৫০।

গাইড [ই] ১ *বিণ* পথপ্রদর্শক। 'কেবলা হাকিমের গাইড হচ্চেন আরদালি খুড়ো।' *দীনবন্ধু*, ১৮৬৬। ২ *বি* পেশাদার পথপ্রদর্শক। 'অনেকগুলি গাইড পাণ্ডা আমাদের ছেঁকে ধরল।' *রবীন্দ্র*, ১৮৮০। ৩ *বি* গার্ল গাইড। 'পাঁচদিন ব্যয়িত হইবে গাইড গাইডারদের জন্য।' *বেগম*, ১৯৪৮।

গাইড-বই [ই গাইড+আ বই] *বি* 'মতভেদে নাই – গাইড-বই সাহিত্য নহে।' *রবীন্দ্র*, ১৯০৭।

গাইডবুক [ই] *বি* ভৌগোলিক নির্দেশনামূলক বই। 'শিল্পলোকে যাত্রীদের জন্য একটা গাইডবুক পর্যন্ত রচনা করার ...।' *অবন*, ১৯২৫।

গাইডার [ই] *বি* প্রশিক্ষক। 'গার্ল গাইড গাইডারদের প্রথম আবাসিক ট্রেনিং।' *বেগম*, ১৯৪৮।

গাইতি [হি গৈংতী] *বি* কোদাল জাতীয় হাতিয়ার। 'গাইতি-দেঁতো, উঁচকে কপাল।' *নজরুল*, ১৯২৬।

গাইতি-দেঁতো [হি গৈংতী+স দন্ত>] *বিণ* গাইতির মতো দাঁত বিশিষ্ট। 'গাইতি-দেঁতো, উঁচকে কপাল।' *নজরুল*, ১৯২৬।

গাইত্রি, গাইত্রী [স গায়ত্রী] *বি* গায়ত্রী মন্ত্র। 'গাইত্রি।' *মানোএল*, ১৭৪৩; 'গাইত্রী ভেদিরে তবে সে গিয়ান কহি।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

গাইন [স গান>] *বি* গায়েন। 'গীত শুনিবারে দিলা গাইন সুস্বর।' *বাহরাম*, ১৬৫০।

গাইনোকোলজি [ই] *বি* স্ত্রীরোগ ও প্রসূতিবিজ্ঞান। 'গাইনোকোলজি বিভাগের আবাসিক সার্জন।' *বেগম*, ১৯৬৫।

গাইয়া [স গৈ>] *বি* গায়ক। 'এক্ষণে মোছলমান ওস্তাদের প্রয়োজন নাই, আমি একজন বাঙ্গালী গাইয়া চাহি।' *ভবানী*, ১৮২৮।

গাইয়ে [স গৈ>] *বি* গায়ক। 'দু চার গাইয়ে বাজিয়ে ওস্তাদরা আসবেন।' *হুতোম*, ১৮৬১।

গাইল, গাইলি [স গালি] *বি* গালি। *মানোএল*, ১৭৪৩।

গাউন [ই] *বি* ইউরোপীয় মহিলাদের ঢিলেঢালা পোশাক; ড্রেস। 'কখন গাউনে বসি কভু বসি মুখে।' *গুপ্ত*, ১৮৫৮।

গাউল গম্বল *বি* বাঁশের আগায় ধ্বজাধারী পদাতিকবৃন্দ। 'রথ আগে গাউল গম্বল।' *মুকুন্দ*, ১৬০০।

গাএন [স গান>] *বি* গায়ক। 'জাইতি গাএন বাএন দুআরি দুআরপাল।' *রামাই*, ১৭১০।

গাও [স গাত্র] *বি* শরীর। 'মুখ ফিরাইলে তার ভয়ে কাঁপে গাও।' *দ্বিজমাধব*, ১৬০০; 'বেদনাএ জর্জ্জর তনু রক্ত পড়ে গাও।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গাও মাজন করন *বি* গা ঘষা; গা মাজা। *ওসাঁ*, ১৭৮৫।

গাওন [স গায়ন] ১ *বি* গাওয়া। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* গায়ক। *ওসাঁ*, ১৭৮৫।

গাওনা [স গায়ন>] ১ *বি* গান। 'গাওনা বাজনা কিছু শিক্ষা কর।' *ভবানী*, ১৮২৫। ২ *বি* যাত্রাপালা প্রদর্শনী। 'দিন পাঁচেক পরে যাত্রা দলের গাওনা শেষ হইয়া গেলে ...।' *বিভূতি*, ১৯২৯।

গাওনা বাজনা [স গায়ন>+স বাদন] *বি* গান ও বাজনা। 'গাওনা বাজনা কিছু শিক্ষা কর।' *ভবানী*, ১৮২৫।

গাওনারসা [স গায়ন>] *বি* বাদ্যযন্ত্র। *মানোএল*, ১৭৪৩।

গাওনিয়া [স গায়ন>] *বি* গায়ক। *মানোএল*, ১৭৪৩।

গাওয়া[১] [স গৈ] ১ *ক্রি* গান করা। 'কাহ্নে গাই তু কামচণ্ডালী।' *চর্যা* ১৮, ১২০০। ২ *ক্রি* বর্ণনা করা। 'কংসে বলে শুন ভাই আপনার দোষ গাই।' *মুকুন্দ*, ১৬০০; 'ইতি আদির শুভ খবর দিনে দিনে যায় যে গাহি।' *জসীম*, ১৯৩১। **গা** *ক্রি* 'গাওয়া' ক্রিয়ার তুচ্ছার্থক শ্রোতাপক্ষের অনুজ্ঞা রূপ। 'আয় সখী, গা লো সেই পুরানো গান।' *রবীন্দ্র*, ১৮৭৮। **গাঅ** *ক্রিবিণ* গাহে; গায়। 'দ্বিজ শ্রীমানিক গাঅ।' *মানিকরাম*, ১৭৮১। **গাআঁ** *ক্রি* গেয়ে; গান করে। 'সুন্দর সে গীত গাআঁ বাআঁ করতালী।' *বড়ু*, ১৪৫০। **গাই** ১ *ক্রি* গায়। 'কাহ্নে গাই তু কামচণ্ডালী।' *চর্যা* ১৮, ১২০০। ২ *ক্রি* গান পরিবেশন করি। 'তথাপিও দেবকীনন্দন করি গাই।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *ক্রি* বর্ণনা করি। 'কংসে বলে শুন ভাই আপনার দোষ গাই।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *ক্রি* গাইয়া; গেয়ে। 'চলেছ কী কাতর গান গাই।' *রবীন্দ্র*, ১৮৯৭। **গাইড়** *ক্রি* গাইলেন। 'অইসন চর্যা কুক্কুরীপাএঁ গাইড়।' *চর্যা* ২, ১২০০। **গাইআ** *ক্রি* গেয়ে। 'গোহ্যালে গাইআ গীত কোয়ালি ফিরয়ে নিত।' *মুকুন্দ*, ১৬০০। **গাইল** *ক্রি* গান করলো। 'গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে।' *বড়ু*, ১৪৫০। **গাএ** ১ *ক্রি* গাইছে। 'সুসর পঞ্চম শর গাএ পিকগণে।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* বলে। 'বিশ্বম্ভর নাম মোর সর্ব্বলোকে গাএ।' *বড়ু*, ১৫৭০। ৩ *ক্রি* গায়; গান করে। 'কোপে অতি কাম্পাইয়া গাএ।' *মানিকরাম*, ১৭৮১। **গাও** *ক্রি* বর্ণনা করো। 'প্রভু বোলে গাও কিছু কৃষ্ণের মঙ্গল।' *বৃন্দা*, ১৫৮০। **গাওঁ** *ক্রি* গান গাও। 'যথাতথা যাওঁ গুণ গাওঁ নিরন্তর।' *আলাওল*, ১৬৮০। **গাচ্ছিলুম** *ক্রি* গাইছিলাম। 'আমি কাল-পরশু প্রায় মাঝে মাঝে সেই গানটা গাচ্ছিলুম।' *রবীন্দ্র*, ১৮৯৫। **গাএঁা** *ক্রি* গান ক'রে। 'মহাপ্রভুর গুণ গাএঁা করেন কীর্ত্তন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **গান** *ক্রি* গান করেন। 'বাশুলী বন্দিয়া বড়ু চণ্ডীদাসে গান।' *বড়ু*, ১৫৭০। **গাম্ভি** *ক্রি* গায়। 'নাচন্তি বাজিল গাম্ভি দেবী।' *চর্যা* ১৭, ১২০০। **গাব** ১ *ক্রি* গাইবো। 'ই রস বিদ্যক রূপ নরাঅন কবি বিদ্যাপতি গাব।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *ক্রি* গাইব। 'তপস্যাপ্রসঙ্গে লাচাড়ি গাব গীত।' *মুকুন্দ*, ১৬০০; 'কী গাব আমি কী শোনাব আজি আনন্দধামে।' *রবীন্দ্র*, ১৮৮৫। ৩ *ক্রি* প্রশংসা করবো। 'লোকে গাব অতুল সম্মান।' *মুকুন্দ*, ১৬০০। **গায়** *ক্রি* গান করে। 'নাচে গায়

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কান্দে হাসে প্রেমে পূর্ণ হৈয়া।' *বৃন্দা*, ১৫৮০। **গায়ন্ত** *ক্রি* গায়। 'সহেলা গায়ন্ত সবে বিবাহ মঙ্গল।' *সুলতান*, ১৭০০। **গায়ায়** *ক্রি* গাওয়ায়। 'দ্বিজ শ্রীমানিক ভনে সখা বাঁকুড়ারায় ধনপুত্র লক্ষী হয় যে গান গায়ায়।' *মানিকরাম*, ১৭৮১। **গায়িতে** *ক্রি* গাইতে। 'জায়িতে হরষিত মণে গায়িতে মঙ্গল।' *বড়ু*, ১৪৫০। **গায়িল** *ক্রি* গাইলো। 'অনন্ত নামে বড়ু চণ্ডীদাস গায়িল।' *বড়ু*, ১৪৫০। **গায়েন** *ক্রি* গান করেন। 'যে যশ গায়েন ব্রহ্মা-স্থানে শ্লোকবন্ধে।' *বৃন্দা*, ১৫৮০। **গায়্যা** *ক্রি* গেয়ে। 'নাচ্যা গায়্যা উপায় করিতে চল কড়ি।' *রূপরাম*, ১৭৫০। **গাহে** *ক্রি* গায়। 'কেহ কেহ সুস্বরে মঙ্গলগীত গাহে।' *আলাওল*, ১৬৮০।

গাওয়া[২] [স গো>] *বিণ* গোরুর দুধে তৈরি। **গাওয়া ঘি** [স গো>+স ঘৃত] *বি* গোরুর দুধ থেকে উৎপন্ন ঘি। 'যিনি যাহাই বলুন লুনের ট্যাক্স বিধবাবিবাহ কিম্বা গাওয়া ঘি ...।' *রবীন্দ্র*, ১৯০৭; 'তিনিই তখন বললেন টাটকা গাওয়া ঘিয়ে লুচি ভাজতে।' *অবন*, ১৯২৫।

গাওয়াই *বি* গায়ক। 'আধুনিক গাওয়াইদের কণ্ঠেও সেই সুর শুনতে পাই।' *মুজতবা* ১৯৬৬।

গাওয়ার [হি] *বি* গোঁয়ার। 'দূর হইয়া হেথা হইতে যাওরে গাওয়ার।' *গরীব*, ১৭৬৫।

গাং [স গঙ্গা] *বি* নদী। *ওসাঁ*, ১৭৮৫; 'মাচেরটক সাহেবডারে গাংপার করবার কোমেট কত্তি লেগেচে।' *দীনবন্ধু*, ১৮৬০।

গাংচিল [স গঙ্গা+স চিল্ল] *বি* নদী এলাকায় বসবাসকারী চিলজাতীয় পাখিবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'নোটের তাড়া গাংচিলের চাঞ্চল্যে অধীর ছোঁয় না দেরাজ।' *শামসুর*, ১৯৭০।

গাংপার [স গঙ্গা+স পার] *বি* নদীর অপর পাড়। 'মাচেরটক সাহেবডারে গাংপার করবার কোমেট কত্তি লেগেচে।' *দীনবন্ধু*, ১৮৬০।

গাং শালিক [স গঙ্গা+স সারিকা] *বি* নদী এলাকায় বসবাসকারী শালিক জাতীয় পাখি। *ওসাঁ*, ১৭৮৫; 'গাংশালিকের ঝাঁক, মনে হয়।' *জীবন*, ১৯৩২।

গাঁ [স গ্রাম] *বি* গ্রাম। 'চণ্ডিবাটি জার গাঁ।' *মুকুন্দ*, ১৬০০; 'পরিচয় দিবে সভে কোন গাঁয়ে ঘর।' *রূপরাম*, ১৭৫০।

গাঁএ মানে না আপনি মণ্ডল – লোকে স্বীকার না করলেও নিজেকে প্রধান বলে জাহির করা। 'কোথাকার কেবা তুমি কিসের আমল গায় নাই মানে যেন আপনি মণ্ডল।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'আর গাঁএ মানে না আপনি মণ্ডল।' *গৌর*, ১৮২২।

গাঁছাড়া *বিণ* গ্রামত্যাগী। 'ঐ চোটেই দুই মোড়ল গাঁছাড়া হয়।' *দীনবন্ধু*, ১৮৬০।

গাঁয়ে গাঁয়ে *ক্রিবিণ* গ্রামে গ্রামে। 'ফৌজিব্যারাক থেকে গাঁয়ে গাঁয়ে ঘুরছে হাতে গড়া চাপাটি।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

গাঁ-সুদ্ধ *বিণ* পুরো গ্রামের। 'হারু নাপিতের পর গাঁ-সুদ্ধ লোক চটা ছিল।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গাঁই [স গ্রাম>] *বি* গ্রামের নাম অনুযায়ী ব্রাহ্মণের শ্রেণী। 'বাঙ্গাল গাঙ্গুলী গাঁই বেলডিহায় ঘর।' *মানিকরাম*, ১৭৮১।

গাঁইগোত্র [স গ্রাম>+স গোত্র] *বি* গাঁই ও গোত্র; সূক্ষ্ম জাত-পরিচয়। 'পিতামাতা গাঁইগোত্র নিয়ে তারাই সব মাথা ঘামাক।' *মনোজ*, ১৯৬১।

গাঁইট [স গ্রন্থি] ১ *বি* বাঁধন; গিঁট। 'কপাটের খিল দড়ার গাঁইটও খুলিতে পারে।' *মদনমোহন*, ১৮৫০। ২ *বি* আঁটি। 'এক গোযানচালক গোশকটে বিস্তর পাটের গাঁইট বোঝাই দিয়া গ্রাম হইতে রেলষ্টেশনে যাইতেছিল।' *বিদ্যা*, ১৮৫৬।

গাঁইতি [হি গৈংতী] *বি* লোহার তৈরি কোদাল জাতীয় হাতিয়ার। 'হাতুড়ি শাবল গাঁইতি চালায়ে ভাঙিল যারা পাহাড়।' *নজরুল*, ১৯২৫।

গাঁইয়া [স গ্রাম>] *বিণ* গেঁয়ো। 'এদের যেন একটু গাঁইয়া।' *মুজতবা*, ১৯৫২।

গাঁও[১] [স গাত্র] *বি* শরীর। 'দেখে গাঁও করে জ্বালা।' *জসীম*, ১৯৩১।

গাঁও[২] [স গ্রাম] *বি* গ্রাম। 'নেলা গানের ঝঙ্কারে গাঁও কানছে বারে বারে।' *জসীম*, ১৯২৯।

গাঁও-ঘেরা *বিণ* গ্রাম আচ্ছাদিত। 'সেই কথাটাই হেমন্তের গাঁও-ঘেরা কুয়াসার মতো মাহবুবার মনটা ঘিরে থাকে।' *হাফিজুর*, ১৯৫৩।

গাঁওছাড়া [স গ্রাম+ছাড়া] *বিণ* গ্রামছাড়া। 'মুসলমানেরে গাঁওছাড়া করি তাড়াইয়া দিব?' *জসীম*, ১৯৩৩।

গাঁওবুড়া, গাঁওবুড়ো *বিণ* গাঁয়ের প্রবীণ লোক। 'গাঁও-বুড়োরা নাকি তখন সান্ত্বনা দিয়ে বলেছিলেন।' *মুজতবা*, ১৯৫২; 'শান্ত গাঁওবুড়া গল্প বলে চায়ের মজলিসে।' *নীরেন*, ১৯৫৫।

গাঁওয়ার [হি] ১ *বিণ* যোদ্ধা। 'সে গাঁওয়ার মানুষ।' *মহাশ্বেতা*, ১৯৫৬। ২ *বি* গোঁয়ার; অসভ্য লোক। 'বলবে নাকি, এসেছে কোন গাঁওয়ার?' *মাহমুদ*, ১৯৭৩।

গাঁওয়াল[১] [স গ্রাম>] *বি* ফেরি; হেঁটে হেঁটে জিনিসপত্র বিক্রি করা। 'দেশে দেশে গাঁওয়াল করিব।' *জসীম*, ১৯৬০।

গাঁক গাঁক [ধ্বন্যা] *বি* চড়া স্বর। 'আমি গাঁক গাঁক করে বললুম।' *মুজতবা*, ১৯৪৯।

গাঁ গাঁ [ধ্বন্যা] *বি* ইঞ্জিনের শব্দ। 'গাঁ গাঁ করে চিৎকার করে, এবং গড় গড় করে চলে যায়।' *রবীন্দ্র*, ১৮৮৯।

গাঁগোল [স গ্রাম>+স গোল] *বি* গ্রামময় শোরগোল। 'চেঁচিয়ে গাঁগোল করিস না।' *তারা*, ১৯২৯।

গাঁঙ্গ [স গঙ্গা>] *বি* নদী। 'সাত ডিঙ্গা করি সাঁজে আনে ভ্রমরার গাঁঙ্গে।' *মুকুন্দ*, ১৬০০।

গাঁজর [স গর্জর] *বি* গাজর; সবজিবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

গাঁজলা [হি গাজ>] *বি* ফেনা। 'যেন স্ফটিক পেয়ালায় বাদশাহী মদের শেষ গাঁজলা।' *অবন*, ১৯২৫।

গাঁজা[১], **গাঁজানো** [হি গাজ>] *ক্রি* গেঁজে ওঠা; পচে ওঠা। 'সমাজ গাঁজিয়া উঠিয়া ভ্রষ্টাচাররূপ জঘন্য তাড়ি উৎপন্ন করিতেছে।' *রাজ*, ১৮৭৪; 'আমার মোদো রক্ত গাঁজিয়ে উঠে।' *রবীন্দ্র*, ১৯৪০।

গাঁজা[২] [স গঞ্জিকা; হি গাঁজা] ১ *বি* সিদ্ধি গাছের জটা থেকে তৈরি মাদক-বিশেষ। 'গাঁজাখোর রাজপুত।' *ভারত*, ১৭৬০; *ক্যালগে*, ১৭৮৫; 'তামাক গাঁজা ভাঙ্গ চরস বিক্রি হইতেছে।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* মিথ্যা। 'অথবা হয়ত ভেবেছে সমস্তটাই গাঁজা।' *মুজতবা*, ১৯৪৯।

গাঁজাখুরি, গাঁজাখুরী [গাঁজা+ফা খোর>] ১ *বি* আজগুবি। 'গাঁজাখুরী ঝকমারি সবলোট ইত্যাদি তৎকালে বিদ্যার অপ্রাচুর্য্য হেতুক ...।' *দর্পণ*, ১৮৩১। ২ *বিণ* ভিত্তিহীন। 'মারণ, উচাটন, বশীকরণ – এগুলো কি বেবাক গাঁজাখুরি ...।' *রবীন্দ্র*, ১৯০১।

গাঁজাখোর [গাঁজা+ফা খোর>] *বিণ* গাঁজায় নেশাগ্রস্ত। 'গাঁজাখোর রাজপুত।' *ভারত*, ১৭৬০।

গাঁজাখোরি, গাঁজাখোরী [গাঁজা+ফা খোর>] *বিণ* অবিশ্বাস্য। *বিদ্যা*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৯১; 'গাঁজাখোরী গল্প তোমার কেটা বিশ্বাস করব?' *মনসুর*, ১৯৫৫।

গাঁজাগুল *বি* অদ্ভুত, অবিশ্বাস্য গল্প। 'না জানে ইতিহাস না পারে ছড়াতে গাঁজাগুল।' *মুজতবা*, ১৯৫৯।

গাঁজাগাঁজি *বি* ঠাসাঠাসি। 'স্ত্রীকে লইয়া সে গাঁজাগাঁজি করিয়া বাস করিতেছে।' *মনসুর*, ১৯৫৫।

গাঁট [স গ্রন্থি] **১** *বি* হাড়ের জোড়া বা সন্ধিস্থল। *ওসাঁ*, ১৭৮৫; 'পায়ের গাঁট ফুলিয়া বিষম বাত উপস্থিত হইল।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বি* বস্তা; প্যাটরা; বান্ডিল। 'মহাশয়ের সমীপে আট গাঁট নরকপাল প্রেরণ করিতেছি।' *অক্ষয়*, ১৮৫০। **৩** *বি* ট্যাঁক। 'শেষে গাঁট থেকে কিছু বার কল্লে।' *হুতোম*, ১৮৬১। **৪** *বি* পুটলি। 'দেড় পয়সার তামাক এবং মাজন লইয়া গাঁটে।' *জসীম*, ১৯২৭।

গাঁটওঠা *বিণ* গিঁঠ উঠছে এমন। 'আঁকাবাঁকা গাঁটওঠা আঙুলে তার মাথায় হাত বুলোতে বুলোতে ...।' *হাসান*, ১৯৭৪।

গাঁটওয়ালা *বিণ* গাঁট আছে এমন; গ্রন্থিল। 'উঁচু গাঁটওয়ালা লাঠিগুলো বন বন করে মৌমাছিদের মত ঘুরতে শুরু করেছে।' *হাফিজুর*, ১৯৫৩।

গাঁটকাটা, গাটকাটা [স গ্রন্থি>] **১** *বি* পকেটমার। 'দু ভরি রূপো গাঁটকাটায় ক্যেটে নিয়েছে।' *হুতোম*, ১৮৬১; 'কয়েকজন জুয়াড়ি, গাটকাটা ও পকেটমারও আসিয়াছে।' *মনসুর*, ১৯৪৫। **২** *বি* পকেটমারা। 'বুড়ো বয়সে গাঁটকাটা ব্যবসা ধরবে নাকি।' *রবীন্দ্র*, ১৯০৭। **৩** *ক্রি* নিঃস্ব করা। 'মোক্তার তাহাদের গাঁট কাটিতেছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গাঁটছড়া [স গ্রন্থি>+স ছল্ল>] **১** *বি* হিন্দু-বিয়েতে বরের চাদরের খুঁটের সঙ্গে কনের শাড়ির আঁচলের প্রান্ত বেঁধে দেওয়া। 'পুরোহিত মহাশয় দুইজনকে এক সূতায় গাঁথিয়া গাঁটছড়া বাঁধিয়া দিলেন।' *বঙ্কিম*, ১৮৮১। **২** *বি* মিত্রতা। 'আইডিয়ার সঙ্গে গাঁটছড়া বেঁধে তোর দিন কাটবে না গো।' *রবীন্দ্র*, ১৯৩৩। *দ্র* **গাঁটি ছড়া**

গাঁটবন্দী [স গ্রন্থি>] *বি* বস্তাবন্দী। 'কলিকাতার কলে গাঁটবন্দী হইয়া ... চড়া দামে বিকাইতেছে।' *বঙ্কিম*, ১৮৯২।

গাঁটবাঁধা [স গ্রন্থি+স বন্ধ] *বিণ* পুঁটলি করে বাঁধা। 'আমার গাঁটবাঁধা চাদরের কোনা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গাঁটের পয়সা-কড়ি *বি* নিজের জমানো টাকা পয়সা। 'ক্রমে গাঁটের পয়সা-কড়ি ফুরাইয়া যায়।' *মনসুর*, ১৯৫৫।

গাঁটরি, গাঁটরী [স গ্রন্থি>] *বি* কাপড় দিয়ে বাঁধা পুঁটলি। 'কখন ধোবার গাঁটরি বহ।' *বঙ্কিম*, ১৮৭৪; 'বস্তার মতো বড় একটা গাঁটরী।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

গাঁটরী-পেটরা *বি* বোচকা-বুচকি। 'হাটের শেষে গাঁটরী-পেটরা বাঁধিয়া তাঁহারা বাড়ী গেলেন।' *আজাদ*, ১৯৬৪।

গাঁটি, গাঁটী [স গ্রন্থি] *বি* কাপড় অথবা সুতার বস্তা। 'গাঁটীতে খোরমা ছিল অল্প অল্প খাই।' *আলাওল*, ১৬৮০; 'গাঁটি।' *ক্যালগে*, ১৭৮৫; 'এক গাঁটি পাট দিয়া ঢাকিয়া অগ্নি প্রদান করিল।' *দর্পণ*, ১৮২৩।

গাঁটি ছড়া [স গ্রন্থি>+স ছল্ল] *বি* গাঁটছড়া; হিন্দুবিয়েতে বরের চাদরের সঙ্গে কনের শাড়ির আঁচলের গিঁট বাঁধা। 'পরে গাঁটি ছড়া বাঁধিয়া এই মন্ত্রে আশীর্বাদ করিবে ...।' *রামনারায়ণ*, ১৮৫৪।

গাঁট্টা [হি গট্টা] *বি* হাত মুঠি ক'রে আঙুলের গাঁট দিয়ে আঘাত। **গাঁট্টা মারা** [হি গট্টা+মারা] *ক্রি* ঘুষি মারা। 'খাট্টা মেজাজ গাঁট্টা মারিছে দেশ-শত্রুর গিঁঠে গিঁঠে।' *নজরুল*, ১৯২৮।

গাঁট্টাগুট্টা [হি গট্টা>] *বিণ* বেঁটে, মোটা ও হৃষ্টপুষ্ট। 'ছাই রঙের গাঁট্টাগোট্টা গুণ্ডা অবলা।' *হাসান*, ১৯৬৯।

গাঁঠ [স গ্রন্থি] **১** *বি* গাঁটি নামক সবজি। 'গাঁঠেতে মাহুর বিষ খাইলে সে মরি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* শরীরের বিভিন্ন অস্থিসন্ধি। 'গাঁঠে গাঁঠে শিরে শিরে জড়াইয়া পাদপে।' *রবীন্দ্র*, ১৮৭৭। **৩** *বি* গাছের কাণ্ডের ভাঁজ; জোড়া। 'তাদের খোপে খোপে গাঁঠে গাঁঠে পাখি বাসা বাঁধে কুটো-কাঠে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৪** *বি* পকেট। 'গাঁঠের পানে গাঁঠ-কাটারা দৃষ্টি হানে।' *রবীন্দ্র*, ১৯১০। **৫** *বি* বন্ধন। 'দুজনের মনে দেখাদেখির গাঁঠ বেঁধে দিলে।' *রবীন্দ্র*, ১৯২৮। **৬** *বি* বান্ডিল; বস্তা। 'গাঁঠ গাঁঠ বিলাতী বস্ত্রের ভার।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

গাঁঠ-কাটা *বি* পকেটমার। 'গাঁঠের পানে গাঁঠ-কাটারা দৃষ্টি হানে।' *রবীন্দ্র*, ১৯১০।

গাঁঠবাঁধা [স গ্রন্থি>] *বিণ* দৃঢ় বন্ধনে আবদ্ধ। 'পাণ্ডিত্যের সঙ্গেই চিরদিন নয় গাঁঠবাঁধা হয়ে থাকল।' *রবীন্দ্র*, ১৯২৮।

গাঁঠে গাঁঠে *ক্রিবিণ* গ্রন্থিতে গ্রন্থিতে। 'গাঁঠে গাঁঠে শিরে শিরে জড়াইয়া পাদপে।' *রবীন্দ্র*, ১৮৭৭।

গাঁঠারি [স গ্রন্থি] *বি* পুঁটলি। 'ও বিষ গাঁঠরি করা না যায় হরা।' *লালন*, ১৮৯০।

গাঁঠরি টানা [স গ্রন্থি>] *বি* তল্পিবাহক। 'আমার হল কামলোভী মন হলাম মদনরাজার গাঁঠরি টানা।' *লালন*, ১৮৯০।

গাঁঠা [স গ্রন্থি>] *বি* গহনা শব্দের অনুকার শব্দ; গাঁটি। 'গহনা গাঁঠা বড় বেশী ভাল না আশ।' *ভবানী*, ১৮২৫।

গাঁঠি [স গ্রন্থি] **১** *বি* পুটুলি। 'প্রভু বলে দেখিলাম গাঁঠি দশ ঠাঞি।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* গ্রন্থি। 'আইদ গাঁঠি উরধ গাঁঠি বস্তগাঁঠি মূলে।' *রামাই*, ১৭১০। **৩** *বি* গিঁঠ। *মানোএল*, ১৭৪৩।

গাঁড়ি [স গর্ত] *বি* গুহ্যদ্বার। *মানোএল*, ১৭৪৩।

গাঁতা [স গ্রন্থন] *বি* কৃষকদের পরস্পর শ্রমবিনিময়ে চাষাবাদের ব্যবস্থা। 'মোরা গাঁতা দিতি তো নারাজ নই।' *দীনবন্ধু*, ১৮৬০।

গাঁতাঘর [স গ্রন্থন>] *বি* পুথির ভান্ডার। 'পীতার দোলাত আদী গাঁতাঘর হইতে ...।' *চিঠিপত্রে*, ১৮১১।

গাঁতি[১] [স গ্রন্থন] **১** *বি* এক ধরনের প্রজাস্বত্ব। 'এক্ষণে গাঁতি অর্থাৎ খোদকস্তা প্রজা এত ও পাইকস্তা এত।' *প্যারী*, ১৮৫৮। **২** *বি* অল্প জোত-জমা। 'গাঁতিও যায় যায় হয়েছে।' *দীনবন্ধু*, ১৮৬০।

গাঁতি জমা [গাঁতি+আ জমা] *বি* জমিদারির জমা। 'যে২ গ্রাম ইজারদার ও গাঁতি জমা তাহার তাগাবি সরকার হইতে দেওনের আবশ্যক নাহি।' *রামরাম*, ১৮০২।

গাঁতিদার[১] [গাঁতি+ফা দার] *বি* এক ধরনের প্রজা; গাঁতির মালিক। 'অনেক গাঁতিদারও জাল ও জুলুমে ভাজাভাজা হইয়া ...।' *প্যারী*, ১৮৫৮।

গাঁতি[২] [হি গৈংতী] *বি* গাঁইতি; শক্ত মাটি, কয়লা ইত্যাদি কাটার হাতিয়ার-বিশেষ। 'লাঠি, সড়কি, গাঁতি, মুগুর।' *বিভূতি*, ১৯৩৭।

গাঁতিদার[২] [হি গৈংতী+ফা দার] *বিণ* গাঁইতি ব্যবহারকারী; গাঁতি বা গাঁইতি দিয়ে কাজ করে এমন। 'গাঁতিদার কুলীদের একবার দেখে।' *বিভূতি*, ১৯৩৭।

গাঁতের মাল *বি* চোরাই মাল। 'দারোগা ও আমলাদিগকে বশ করিতে – গাঁতের মাল লইয়া হজম করিতে।' *প্যারী*, ১৮৫৮।

গাঁথন [স গ্রন্থন] **১** *বি* গাঁথনি; গাঁথুনি। 'দশ হস্ত পরিসর দেয়াল গাঁথন।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রামরাম, ১৮০১। ২ *বি* মালা। 'আসবি তোরা গন্ধরাজের গাঁথন নিয়ে হাতে।' *রবীন্দ্র*, ১৯০৬।

গাঁথনি, গাঁথনী [স গ্রন্থন] ১ *বিণ* গ্রন্থিত। 'ধনি অলপ বয়সী বালা জনু গাঁথনি পুহুপ মালা।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* মালা। 'এলাইয়া বেণী ফুলের গাঁথনি।' *দ্বিজী*, ১৬০০; 'নৃপবালা পাবে জ্বালা এ গাঁথনী ভালী।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৩ *বি* নির্মাণ। 'ফটিকের গাঁথনি সুধমাণিকের চাকা।' *রূপরাম*, ১৭৫০। ৪ *বি* ইঁট দিয়ে কাঠামো নির্মাণের পদ্ধতি। 'পূর্ব্ব কালের গাঁথনি বড় শক্ত।' *দর্পণ*, ১৮১৮। ৫ *বি* বিন্যাস। 'ভাষায় সুন্দর রূপে গাঁথনি করিতে পারেন ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ৬ *বি* মাধুর্য। 'চিত্ত আপনারে পরাইতে চায় সুরের গাঁথনি।' *রবীন্দ্র*, ১৯৩১। ৭ *বি* নির্মাণ প্রক্রিয়া। 'এখনো সংস্কার-কাজের গাঁথনি কাঁচা রয়েছে, এখনো পরিবর্তন চলবে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গাঁথা[১] [স গ্রন্থন>] ১ *ক্রি* তৈরি করা; নির্মাণ করা। 'সার চুনি চুনি হার জে গাঁথল।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'এক বাম্পীয় কল বসান যায় ও প্রণালী গাঁথা যায়।' *দর্পণ*, ১৮৩৩। ২ *বিণ* সংকলন করা। 'কণ্ঠে গাঁথি ষোড়শ দল পদ্ম দিল রাখি।' *চণ্ডী*, ১৫৫০। ৩ *ক্রি* বিদ্ধ করা। 'সক্রোধিয়ে শেল মারে শূলে করে গাঁথে।' *মানিকরাম*, ১৭৮১। ৪ *ক্রি* বড়শিতে আটকানো। 'অত বড় কাতলা গা ভাসান দিলে অনেকেই গাঁথবার চেষ্টায় ঘুরবে।' *গিরিশ*, ১৮৮৬। ৫ *ক্রি* যোগ করা। 'তানে তানে প্রাণে প্রাণে গাঁথ নন্দনহার।' *রবীন্দ্র*, ১৯১০। **গাঁথিআ** *ক্রি* গেঁথে। 'সে ফুল গাঁথিআ পরাব হার।' *মুকুন্দ*, ১৬০০। **গাঁথিয়া গাঁথিয়া** *ক্রিবিণ* বারবার রচনা ক'রে। 'নানা কাজ গাঁথিয়া গাঁথিয়া এক অনাবিষ্কৃত নিয়মে একটি জীবন গড়িয়া চলিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৭। **গাঁথিল** *ক্রি* গাঁথলো। 'তলত গাঁথিল তার দুগুটি বেণ্ডুআ।' *বড়ু*, ১৪৫০। **গাঁথে** ১ *ক্রি* একত্র করে। 'সমভাগ, গাঁথে নাগ, কেশর ধাতকী।' *রামপ্রসাদ*, ১৭৮০। ২ *ক্রি* বিদ্ধ করে। 'সক্রোধিয়ে শেল মারে শূলে করে গাঁথে।' *মানিকরাম*, ১৭৮১। **গেঁথেছি** *ক্রি* তৈরি করেছি। 'যতনে কুসুম তুলি গেঁথেছি এ হার।' *গিরিশ*, ১৮৮৭।

গাঁথা[২] [স গ্রন্থন>] ১ *বিণ* গ্রথিত। 'রামপ্রসাদ বলে হৃদিস্থলে গুরুতত্ত্ব রাখ গাঁথা।' *রামপ্রসাদ*, ১৭৮০। ২ *বিণ* আবদ্ধ। 'নদেয় সাধব আছে ইচ্ছা প্রেমঋণে গাঁথা।' *লালন*, ১৮৯০। ৩ *বিণ* রচিত। 'তোর গাঁথা গান।' *জসীম*, ১৯৩১।

গাঁথুনি [স গ্রন্থন>] ১ *বি* রচনা। 'পীযূষ প্রকাশে যেন পদের গাঁথুনি।' *মানিকরাম*, ১৭৮১। ২ *বি* গ্রন্থন। 'ইটের গাঁথুনি।' *জসীম*, ১৯৩৩।

গাঁদা [স গেন্দুক] *বি* ফুলবিশেষ। *ওসা*, ১৭৮৫; 'সাজায়েছে গাঁদা-গাদা ডেক্‌সের উপরে।' *গুপ্ত*, ১৮৫৮।

গাঁদা-হার [স গেন্দুক>+স হার] *বি* গাঁদা ফুলের মালা। 'প্রতি গেটে গাঁদা-হার কারিগুরি হাতে।' *গুপ্ত*, ১৮৫৮।

গাঁদাল [স গন্ধভদ্রা] *বি* ভেষজগুণসম্পন্ন লতাবিশেষ। 'পচানী ঘাঁটার সাথে গাঁদাল পাতার ...।' *নজরুল*, ১৯৩১।

গাঁদি [গাদা>] *বি* ধুম। 'আজ লাচনের লেগেছে গাঁদি।' *নজরুল*, ১৯৩৩।

গাঁধি *বি* খোসা। 'ক্যাঁকড়ার গাঁধি, চিংড়ির দাঁড়া, ছিবড়ে পিঁপড়ে।' *জীবন*, ১৯৪৮।

গাগনিক [স] *বিণ* আকাশ সম্পর্কীয়। 'আট শত গাগনিক খণ্ড।' *বঙ্কিম*, ১৮৭৫।

গাগর [স গর্গরী] ১ *বি* মাছবিশেষ। 'মাগুর গাগর আড়ি বাটা বাচা কই।' *ভারত*, ১৭৬০। ২ *বি* কলসি। 'বারিবাহিনী দিকবালারা/ মাথায় মেঘের গাগর।' *মণীশ*, ১৯৩৯।

গাগরি, গাগরী [স গর্গরী] *বি* ঘড়া; কলসি। 'গাগরি বারি ঢারি করু পীছল চলতহি অঙ্গুলি চাপি।' *গোবিন্দ*, ১৬০০; 'সোনার গাগরী দিল বিষ ভরি।' *দ্বিজী*, ১৬০০।

গাঙ [স গঙ্গা] *বি* নদী। 'ভাঙন ধরিলে গাঙে রাখে সাধ্য কার।' *গুপ্ত*, ১৮৫৮।

গাঙচিল [স গঙ্গা+স চিল্লা] *বি* নদী এলাকায় বিচরণকারী চিলবিশেষ। 'জোড়া ভুরু ওড়া যেন আসমানে গাঙচিল।' *নজরুল*, ১৯২৫। দ্র **গাঙ্গচিল**

গাঙচিল-মন *বিণ* গাঙচিলের মতো উড়ন্ত মন। 'গাঙচিল-মন ঢেউয়ে ঢেউয়ে মেলে পাখা।' *মাহমুদ*, ১৯৬৩।

গাঙশালিক [স গঙ্গা-সারিকা] *বি* নদী এলাকায় বসবাসকারী শালিকবিশেষ। 'ধু ধু করে বালুচর সেথায় গাঙশালিকের ঘর।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গাঙেপড়া *বিণ* নদীতে পতিত। 'গাঙেপড়া লোক যেমন করিয়া তৃণটি আঁকড়ি ধরে।' *জসীম*, ১৯২৯।

গাঙটি [স গ্রাম>] *বিণ* গ্রাম্যতাপূর্ণ। 'সঘনে নাড়িআ শির গাঙটি প্রবন্ধে ধীর ভাঁড়ু দত্ত কহে কানকথা।' *মুকুন্দ*, ১৬০০।

গাঙিনী [স গঙ্গা] *বি* নদী। 'শূন্য যখন গাঙিনীর তীর।' *সত্যেন্দ্র*, ১৯১২।

গাঙুড় *বি* নদীবিশেষ। 'গাঙুড়ের জলে ভেলা নিয়ে।' *জীবন*, ১৯৩২।

গাঙ্গ [স গঙ্গা] ১ *বি* গঙ্গা। 'তোহ্মে গাঙ্গ বারানসী সরুপৈসি জাণ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* নদী। 'গাঙ্গে ফেল যেন দুঃখ পায় চিরকাল।' *বৃন্দা*, ১৫৮০।

গাঙ্গচিল [স গঙ্গা+স চিল্লা] *বি* নদী এলাকায় বসবাসকারী চিলবিশেষ। 'পায়রা কপোত লিখি লিখে গাঙ্গচিল কুলিঙ্গ সালিকা ডেঁঠা টেঁঠারি কোকিল।' *মুকুন্দ*, ১৬০০।

গাঙ্গদাড়া [স গঙ্গা+স দণ্ড] *বি* মাছবিশেষ। 'গাঙ্গদাড়া ভেদা চেঙ্গ কুড়িশা খলিশা।' *ভারত*, ১৭৬০।

গাঙ্গদেবি [স গাঙ্গদেবী] *বি* গঙ্গাদেবী। 'আগে জাএ গাঙ্গদেবি অন্তরিক্ষ পথে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গাঙ্গরি [স গঙ্গা>] *বি* নদী। 'ঘরখান ভাঙিয়া ফালায় গাঙ্গরির জলে।' *বিজয়*, ১৬৫০।

গাঙ্গলী [স গাঙ্গাকুল] *বি* বাঙালি ব্রাহ্মণের পদবি-বিশেষ। 'সাবর্ণ গোত্রে বেদগর্ভ বংশোদ্ভব বীরব্রত গাঙ্গলী।' *রামনারায়ণ*, ১৮৫৪।

গাঙুড় [স গঙ্গা>] *বি* নদী। 'কলার মান্দাস ভাসে গাঙুড়ের জলে।' *কেতকা*, ১৬৫০।

গাঙ্গুলী [স গাঙ্গাকুল] *বি* বাঙালি ব্রাহ্মণের পদবি-বিশেষ। 'বাঙ্গাল গাঙ্গুলী গাঁই বেলডিহায় ঘর।' *মানিকরাম*, ১৭৮১।

গাঙ্গেয় [স] ১ *বিণ* গঙ্গা নদীর। 'স্বর্ণকুম্ভে পূত অম্ভোরাশি গাঙ্গেয়।' *মাইকেল*, ১৮৬১। ২ *বিণ* গঙ্গাতীরবর্তী। 'এই গাঙ্গেয় দেশই হচ্ছে প্রকৃত হিন্দুস্থান।' *প্রমথ*, ১৯২৫।

গাঙ্গোতা *বি* সম্প্রদায়বিশেষ। 'গনু মাহাতো, জাতি গাঙ্গোতা।' *বিভূতি*, ১৯৩৮।

গাচ [স গচ্ছ] *বি* গাছ। 'ডাঙ্গর দিগল গাচ।' *বিজয়*, ১৬৫০।

-গাচা – গাছা; গ্রন্থ। 'হাতে চার গাচা করে সোনার দমদম।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গাছ[২] [স গচ্ছ] *বি* বৃক্ষ। 'কাল কাক রএ সুখান গাছের ডালে।' *বড়ু*, ১৪৫০।

গাছ করা *ক্রি* গাছ লাগানো। 'তাহার চারিদিকে ফুলের গাছ করে।' *রবীন্দ্র*, ১৯০৫।

গাছকোমর বাঁধা *ক্রি* কোনো কাজের সময়ে কাপড়ের আঁচল কোমরে শক্ত ক'রে জড়ানো। 'গাছকোমর বাঁধিয়া ভোঁদার মাতা ...।' *বঙ্কিম*, ১৮৭৪।

গাছগাছড়া [গাছ>] *বি* নানা জাতীয় গাছপালা ও লতাপাতা। 'রাজারাজড়া গাছগাছড়া কাঠকাঠরা।' *রবীন্দ্র*, ১৯০৮; 'গাছ-গাছড়ার বিপুল বৃদ্ধির সঙ্গে সঙ্গে ... বাতাস দূর হইয়া যাইতে লাগিল।' *নজরুল*, ১৯২২।

গাছ-গাছালি [গাছ>] *বি* গাছ-লতাপাতা ইত্যাদি। 'ঘন গাছ-গাছালির গন্ধ।' *রবীন্দ্র*, ১৯৩২।

গাছড়া *বি* ভেষজ গুণবিশিষ্ট গুল্মাদি। *বিদ্যা*, ১৮৯১; 'গাছড়া নশরৎ আলী পেয়েছিলেন কিন্তু ফল কিছু পাননি।' *নরেন্দ্র*, ১৯৪৫।

গাছতলা [গাছ+স তল>] *বি* গাছের নীচের স্থান। 'নিন্দের আশেকে শুইয়া রহে গাছ তলা।' *গরীব*, ১৭৬৫।

গাছ-পাঁঠা *বি* কাঁচা কাঁঠাল; এঁচড়। 'আইজ নাড়ুর মা গাছ-পাঁঠা রানধছে!' *সুনীল*, ১৯৭০।

গাছপাকা [গাছ+স পক্ব>] **১** *বিণ* গাছে থাকতেই পেকেছে এমন। 'গাছপাকা মর্ত্তমান বর্ত্তমান চোকে।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বিণ* পরিণত। 'আমাদের সমাজ যদি গাছপাকা হইয়া উঠিত তবে আর ভাবনা থাকিত না। *রবীন্দ্র*, ১৮৯৫।

গাছপাথর [গাছ+স প্রস্তর>] *বি* ঠিক-ঠিকানা। 'তোমার কি বয়সের গাছ-পাথর আছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

গাছপালা *বি* তরু-লতা-গুল্মাদি। 'পর্ব্বতের গাছপালা জন্তুতে আছিল।' *মালাধর*, ১৫০০।

গাছ-পৌতা *বি* বৃক্ষ-রোপণ। 'তোর এক গাছ-পৌতা বাতিক হয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

গাছ মরিচ [গাছ>] *বি* এক প্রকার মরিচ। 'সে২ ভূমিতে তামাকু ও তুলা ও গাছ মরিচ ... সুন্দর জন্মিতেছে।' *দর্পণ*, ১৮২০।

গাছে কাঁঠাল গোঁপে তেল – কাজ শুরুর আগেই ফলভোগের উচ্চাশা। 'তুই মুখ্যু কি না, গাছে কাঁঠাল গোঁপে তেল দিয়ে বসেছিস।' *গিরিশ*, ১৮৮৯।

গাছে কাঁঠাল গোঁফে তেল – কাজ সম্পন্ন হওয়ার আগেই ফল প্রত্যাশা। 'তুমি যে গাছে কাঠাল গোঁফে তেল গোছ কচ্ছ।' *ইমদাদুল*, ১৯২০।

গাছে গাছে *ক্রিবিণ* প্রতিগাছে। 'গাছে গাছে চাহে গোপি চাহে তরূতলে।' *মালাধর*, ১৫০০।

গাছে তুলে দিয়ে মই কেড়ে নেওয়া – আশা দিয়ে পরে নিরাশ করা। 'যদি দুর্লভ করিয়া তোলা হয়, তবে গাছে তুলিয়া দিয়া মই কাড়িয়া লওয়া হয়।' *রবীন্দ্র*, ১৯০৫।

গাছে নাই উঠিতে এক কাঁধি – কাজ শুরুর আগেই ফলের আশা। 'ওলো গাছে নাই উঠিতে এক কাঁধি।' *গৌর*, ১৮২২।

গাছেরও খাওয়া তলারও কুড়ানো – সব দিক দিয়ে লাভবান হওয়ার চেষ্টা। 'শুর্খারা গাছেরও খাইবেন, তলারও কুড়াইবেন।' *আজাদ*, ১৯৪৭।

গাছের খাই তলার কুড়াই – সব দিক দিয়ে লাভের চেষ্টা। 'ভাবনা হলো গাছের খাই তলার কুড়াই মানসিকতা।' *শক্তি*, ১৯৬১।

গাছের গোড়া কেটে আগায় জল দেওয়া – কারও সর্বনাশ করে অর্থহীন উপকারের চেষ্টা করা। 'গাছের গোড়া কেটে আগায় জল দিতে বলে।' *উমেশ*, ১৮৫৭।

গাছের ছ্যান *বি* খেজুর গাছ কাটার হাতিয়ার। 'হানরে লাঠি – হানরে কুঠার, গাছের ছ্যান আর রামদা ঘুরা।' *জসীম*, ১৯২৯।

-গাছ[২] – নির্দেশক প্রত্যয়বিশেষ। 'গঠিলে কামানচয় কতগাছ লোহার শিকলে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গাছর [স গর্জর] *বি* গাজর। *মানোএল*, ১৭৪৩।

-গাছা – নির্দেশক প্রত্যয়বিশেষ। 'সবে মাত্র দুই গাছা খাড়ু ছিল হাতে।' *গুপ্ত*, ১৮৫৮।

-গাছি – নির্দেশক প্রত্যয়বিশেষ। 'দুগাছি সঙ্খ এড়ি কাড়িয়া পেলিল।' *মালাধর*, ১৫০০।

গাছি [গাছ>] *বি* খেজুর প্রভৃতি গাছে চড়ে গাছের উপযুক্ত স্থানে কেটে রস সংগ্রহকারী। 'রাজেকের মত অমন নামডাকওয়ালা গাছি ধারেকাছে ছিল না।' *নরেন্দ্র*, ১৯৪৭।

গাছু [গাছ>] *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'দ্বারকানাথ গাছু।' *সেবধি*, ১৮৪০।

গাছুনি [গাছ>] *বি* যারা খেজুর প্রভৃতি গাছে চড়ে গাছের উপযুক্ত স্থানে কেটে রস সংগ্রহ করে। 'তিন চারজন গাছুনির সঙ্গে দেখা হয়ে গেলো।' *জহির*, ১৯৬৪।

গাজ [হি] *বি* তুলা বা রেশমের তৈরি কাপড়বিশেষ। 'চীনদেশে ... গাজ, কার্পাস বস্ত্র, দুলিচা, কৃত্রিম পুষ্প ইত্যাদি প্রস্তুত হয়।' *অক্ষয়*, ১৮৪১।

গাজশ [স গর্জন] *বি* চৈত্র সংক্রান্তিতে অনুষ্ঠিত হিন্দুদের শিব পূজার অনুষ্ঠান। 'গাজণ উপলক্ষে – ৭ দীন।' *চিঠিপত্রে*, ১৮৬২।

গাজন [স গর্জন] **১** *বি* ধর্মরাজের উৎসব। 'সহিত গমনে জাইল্য ধর্ম্মর গাজন।' *রামাই*, ১৭১০। **২** *বি* চৈত্র সংক্রান্তিতে অনুষ্ঠিত হিন্দুদের শিব পূজার অনুষ্ঠান। 'ষোল শত ভক্ত হৈল আদ্যের গাজনে।' *রূপরাম*, ১৭৫০। **৩** *বি* শিবের ভক্তগণ বা সন্ন্যাসীর দল। 'ঢাকের গটরার সঙ্গে গাজন বেরিয়েচে।' *হুতোম*, ১৮৬১।

গাজনওয়ালা [গাজন+হি ওয়ালা] *বিণ* হিন্দুদের গাজন উৎসব আয়োজনকারী। 'যদ্যপি ঐ গাজনওয়ালা মহাশয়েরা গাজন না উঠান ...।' *দর্পণ*, ১৮৩১।

গাজনতলা [গাজন+স তল>] *বি* গাজন উৎসবের স্থান। 'ছেলেরা গাজনতলাই বাড়ি করে তুলেছে।' *হুতোম*, ১৮৬১।

গাজর [স গর্জর] *বি* মুলার মতো কমলা রঙের সবজিবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'কপি, সালগম, গাজর, বেদানা, পেস্তা।' *বঙ্কিম*, ১৮৭৪।

গাজা [স গর্জ>] *ক্রি* গর্জন করা; আস্ফালন করা। **গাজই** *ক্রি* গর্জন করে। 'তিণিএঁ পাটেঁ লাগেলি রে অণহ্ কসণ ঘণ গাজই।' *চর্যা* ১৬, ১২০০। **গাজে** *ক্রিবিণ* আস্ফালন করে। 'জনুরবাজন জেমন বাজে মনাঞিঃ কল্পিকা কঙ্কণ গাজে।' *মুকুন্দ*, ১৬০০।

গাজি, গাজী [আ] **১** *বি* ধর্মযুদ্ধে জয়ী। 'পশ্চিম দ্বারে রহে সৈয়দ উমর গাজি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* গাজি পির। 'কোপে কহেন গাজী কাঁহাকা আখক পাজি।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'কী করিবে বদর গাজি।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

লালন, ১৮৯০।

গাজি মিয়াঁর বস্তানি *বি* কাগজের বস্তা বা কাগজের বান্ডিল। 'একটা গাজি মিয়াঁর বস্তানি বা মধু মিয়ার দফতর হয়ে যাবে।' *নজরুল*, ১৯২৭।

গাজির গান, গাজীর গান *বি* লোকসংগীতবিশেষ; গাজি পিরের মাহাত্ম্যসূচক গান। 'জারিগান আর গাজির গানেতে সারা গ্রাম চঞ্চল!' *নজরুল*, ১৯২৮; 'গাজীর গানের সুর শুনে শুনে পরান যেমন করে।' *জসীম*, ১৯৩৩।

গাজিত্ব, গাজীত্ব *বি* গাজির মর্যাদা। 'পালিয়ে গিয়ে গাজীত্ব লাভ করেছে।' *মুজতবা*, ১৯৪৯।

গাজির গীত, গাজীর গীত *বি* গাজির গান; গাজি পিরের মাহাত্ম্যসূচক গানবিশেষ। 'জারিগান, গাজীর গীত ইত্যাদি।' *সওগাত*, ১৯২৯।

গাজোন [স গর্জন>] *বি* চৈত্র সংক্রান্তিতে অনুষ্ঠিত হিন্দুদের শিব পূজার অনুষ্ঠান। 'আমাদের বাবুদের বাড়ি গাজোন।' *হুতোম*, ১৮৬১।

গাজ্যা [আ] *বি* গাজি। 'সাজে কত সেখ সৈয়দ অনেক আগু দলে ধায় গাজ্যা।' *মানিকরাম*, ১৭৮১।

গাএা দ্র গাওয়া

গাএী [স গ্রাম>] *বি* ব্রাহ্মণ সম্প্রদায়ের গ্রামভিত্তিক পরিচয়। 'প্রত্যেকে দেখিয়েছিল এতকাল গাঞী, গোত্র, মেল।' *নীরেন*, ১৯৬১।

গাএেন *বি* গায়ক। 'নারদ বীণাপাণি গাএেন দ্বিজমুনি।' *মুকুন্দ*, ১৬০০।

গাটকাটা দ্র গাঁটকাটা

গাটা *ক্রি* স্থাপন করা। 'বড় ঝোল কামান গেটে খোশাল সকলে আটা।' *গরীব*, ১৭৬৫।

গাটাপার্চা [ই] *বি* মালয়ের গেটাহ পার্চা (প্যালাকুইয়াম গট্টা) নামক গাছের রস থেকে তৈরি প্লাস্টিক ও রাবার জাতীয় পদার্থ। 'গাটাপার্চা পুতুলের হে চিকুর জননী।' *জীবন*, ১৯৩০।

গাটি [স গ্রন্থি] *বি* গ্রন্থি। '*ঠেলাঘাএ* গাটি তবে বাউ যে ভরিয়া।' *সুলতান*, ১৭০০।

গাটী [স গ্রন্থি] *বি* কাপড় অথবা সুতার বস্তা বা পোঁটলা। 'রেসম ২ গাটী করার করিয়া লইয়াছিলাম।' *মেয়র্স*, ১৭৫৭; 'তোমার ছাব গাটী ভাঙ্গে নাহি।' *বোগল*, ১৭৭০।

গা-টেপাটেপি [গা+টেপা>] *বি* শরীরে মৃদু টিপ দিয়ে কোনো বিষয়ের প্রতি ইশারা। 'সবাই গা-টেপাটেপি করে বলে।' *রবীন্দ্র*, ১৯২৯।

গাট্টা [হি গট্টা] *বি* মুষ্টিবদ্ধ হাত বা তা দিয়ে আঘাত। *ওসাঁ*, ১৭৮৫; 'মাথায় একটা গাট্টা মারি।' *ওয়ালী*, ১৯৪৩।

গাট্টাগোট্টা *বিণ* খাটো ও স্থূল অথচ বলিষ্ঠ দৃঢ় অস্থি গ্রন্থিযুক্ত। 'এরা তাগড়া, গাট্টাগোট্টা ও প্রশস্ত।' *ওয়ালী*, ১৯৪৮।

গাট্টা-মারা *বিণ* ঘুষির মতো। 'ঠাট্টাগুলোও গাট্টা-মারা।' *অচিন্ত্য*, ১৯৫০।

গাট্টিবোচকা [হি গট্টা+তু বোগচহ] *বি* কাপড়ের টুকরা দিয়ে বাঁধা ছোটো বস্তা বা পুঁটলি। 'এই রহিল আপনার গাট্টিবোচকা।' *জসীম*, ১৯৬০।

গাঠ [স গ্রন্থি] *বি* সন্ধিস্থল। 'তৃতীয়াত বৈসে কাম পদের গাঠেত।' *সুলতান*, ১৭০০।

গাঠি [স গ্রন্থি] *বি* গিঁট। 'গাঠি ছোড়াইতে হল করি সখীগণ।' *আলাওল*, ১৬৮০।

গাঠুরি [স গ্রন্থি] *বি* বোচকা। *মানোএল*, ১৭৪৩।

গাঠ্যা [স গ্রন্থি] *বি* নারীর হাতের অলংকার-বিশেষ। 'দুইটা সোনার গাঠ্যা পাইল ইনাম।' *মুকুন্দ*, ১৬০০।

গাড়[১] [স গর্ত] ১ *বি* গর্ত। 'গাড়ের ভিতর থাকি লুকাবারে জানি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* বৃক্ষের অংশবিশেষ। *মানোএল*, ১৭৪৩। ৩ *বি* পশ্চাদ্ভাগ। 'সে সেই জন্তুর গাড়ে এমন কামাড়াইয়া ধরিত যে ...।' *বিদ্যা*, ১৮৫৬।

গাড়[২] [স গড্ডল] *বি* ভেড়া। 'আমরা সিভিল গাড়।' *নজরুল*, ১৯২৪।

গাড়ওয়ান [গাড়ি>] *বি* গাড়ির চালক। 'ওই যে রকম ঢাকার কুট্টি গাড়ওয়ান, এক ভদ্রলোককে ভি-শেপের গেঞ্জি উলটো পরে যেতে দেখে জিজ্ঞেস করেছিল।' *মুজতবা*, ১৯৫৮।

গাড়তা [স গাঢ়>] *বি* গভীরতা। 'অন্যাপেক্ষা হৈলে প্রেমের গাড়তা না স্ফুরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গাড়ন্ত দ্র গাড়া[২]

গাড়র [স গড্ডল] *বি* ভেড়া। 'ছাগল গাড়র পায় তাহারে মারিআ খায়।' *মুকুন্দ*, ১৬০০।

গাড়ল [স গড্ডল] *বিণ* মূর্খ বা নির্বোধ। 'তুমি যে কি পদার্থ, তা কি গাড়ল রাজাগুলোর কর্ম বোঝা।' *মাইকেল*, ১৮৬১।

গাড়া[১] [স গর্ত] ১ *বি* অস্ত্রবিশেষ। 'বন কাটে দিআ গাড়া।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* ছোটো ডোবা। '*বহুল* ভস্টিল মূর্তি গাড়াতে পেলাই।' *সুলতান*, ১৭০০। ৩ *বি* গর্ত। *মানোএল*, ১৭৪৩; 'ভুয়েসের গাড়া এটা এ কথা নিশ্চয়।' *ভারত*, ১৭৬০।

গাড়া[২] [স গর্ত] ১ *ক্রি* পুঁতে রাখা। 'কণ্টক গাড়ি কমল সম পদতল মঞ্জির চীরহি ঝাঁপি।' *গোবিন্দ*, ১৬০০। ২ *ক্রি* নিক্ষেপ করা। 'কুপেতে গাড়িআ পুত্র করিল সংহার।' *বাহরাম*, ১৬৫০। ৩ *ক্রি* দেবে যাওয়া। 'রেণু মধ্যে সভানের পদ অতি গাড়ে।' *সুলতান*, ১৭০০। ৪ *ক্রি* ভাঁজ করা। 'ভীমাঘাতে হস্তী নিরস্ত, পড়িলা হাঁটু গাড়ি।' *মাইকেল*, ১৮৬১। ৫ *ক্রি* পতিত হওয়া। 'গেড়ে গাঙ্গে রে ক্ষ্যাপা হাপুড় হুপুড় ডুব পাড়িলে।' *লালন*, ১৮৯০। ৬ *ক্রি* মাটির গভীরে প্রবেশ করা। 'যে ভিত শিকড় গেড়ে দাঁড়িয়ে ছিল এতকাল।' *অবন*, ১৯২৫। **গাড়ন্ত** *ক্রি* পুঁতে ফেলে। 'নেজা হানি গজ সব ভূমিতে গাড়ন্ত।' *বাহরাম*, ১৬৫০। **গাড়ি** *ক্রি* পুঁতে। 'কণ্টক গাড়ি কমল সম পদতল মঞ্জির চীরহি ঝাঁপি।' *গোবিন্দ*, ১৬০০। **গাড়িআ** *ক্রি* নিক্ষেপ ক'রে। 'কুপেতে গাড়িআ পুত্র করিল সংহার।' *বাহরাম*, ১৬৫০। **গাড়িয়া** *ক্রি* পুঁতে। 'আমা সবাকারে তবে ডালিবে গাড়িয়া।' *গরীব*, ১৭৬৫। **গাড়ে** ১ *ক্রি* পোঁতে। 'সতেক দূরে গাড়ে ঘরের চারি ভিত।' *রবীন্দ্র*, ১৬৮৯। ২ *ক্রি* দেবে যায়। 'রেণু মধ্যে সভানের পদ অতি গাড়ে।' *সুলতান*, ১৭০০। **গেড়ে** *ক্রি* পুঁতে রেখে। 'নহেত মহদানে গেড়ে করহ নিশান।' *গরীব*, ১৭৬৫।

গাড়িয়া দেওয়া *ক্রি* কবর দেওয়া। 'গাড়িয়া দিয়াছি কত সোনামুখ নাওয়ায়ে চোখের জলে।' *জসীম*, ১৯২৭।

গাড়েপাড়ে যাওয়া *ক্রি* গোল্লায় যাওয়া। 'পুজো-আচ্চা করবি, না গাড়েপাড়ে যাবি?' *তারা*, ১৯৪৬।

গেড়ে ফেলা *ক্রি* পুঁতে ফেলা। 'রাজা জানলে তোকে গেড়ে ফেলবে।' *গিরিশ*, ১৮৮৭।

গেড়ে বসা *ক্রি* স্থায়ী হয়ে বসা। 'এখানে গেড়ে বসবে না।' *জীবন*, ১৯৩২।

গাড়ি, গাড়ী [স গন্ত্রী>] ১ *বি* যাতায়াতের জন্য ব্যবহৃত যান। 'পাঁকে

AMARBOI.COM

গাড়া গেল গাড়ী উট তার সাথী।' *ভারত*, ১৭৬০; 'গাড়ি ফের স্বস্থানে লইয়া যা।' *কেরি*, ১৮০২। ২ *বি* মোটরগাড়ি। 'দেশের ধনী-মানীরা জন্মস্থানের বাতি নিবাইয়া দিয়া কলিকাতায় মোটরগাড়ি চড়িয়া ফিরিতেছে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

গাড়িওআলা, গাড়িওয়ালা, গাড়ীওয়ালা [গাড়ি+হি ওয়ালা] *বি* যে গাড়ি চালায়। *মানোএল*, ১৭৪৩; 'কুণ্ঠিত সে গাড়িওয়ালা গাছে বাঁধা।' *নজরুল*, ১৯৩৯; 'গাড়ীওয়ালা, দোকানদার থেকে শুরু করে ... সর্বত্র প্রবল বিক্ষোভের সঞ্চার হল।' *হাফিজুর*, ১৯৫৩।

গাড়িখানা [গাড়ি+ফা খানাহ্] *বি* গাড়ি রাখার স্থান। 'ভাঙা গাড়িকে যখন গাড়িখানায় রাখা যায়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গাড়িঘোড়া [গাড়ি+স ঘোটক>] *বি* যানবাহন ইত্যাদি। 'সারথির সঙ্গে গাড়িঘোড়ার এমন অসামঞ্জস্য যে কী বলব!' *রবীন্দ্র*, ১৮৮১।

গাড়িঘোড়া চড়া *ক্রি* সুখে থাকা। 'লেখাপড়া করে যেই গাড়িঘোড়া চড়ে সেই।' *মদনমোহন*, ১৮৪৯।

গাড়িচাপা [গাড়ি+চাপা] *বি* গাড়ির নীচে পড়া। 'আপনি গাড়িচাপা পড়েছিলেন।' *শরৎ*, ১৯১৩।

গাড়িজুড়ি [গাড়ি+মু জুড়ি] *বি* গাড়ি-ঘোড়া ইত্যাদি। 'তাহাদের ভোগ-বিলাসের দীনতা-কৃশতা-ঘৃণ্যতা গাড়িজুড়ি এবং তকমা-চাপরাসের ঘারা ঢাকা পড়ে না।' *রবীন্দ্র*, ১৯০৭।

গাড়িবারাণ্ডা [গাড়ি+প ভারাণ্ডা] *বি* ঘরের সামনে গাড়ি রাখার বারান্দা। 'গাড়িবারাণ্ডা থেকে বাবুর্চীখানা পর্যন্ত ব্রাহ্মণ পণ্ডিতের ঠেল ধরলো।' *হুতোম*, ১৮৬১।

গাড়িবারান্দা, গাড়ীবারান্দা [গাড়ি+প ভারাণ্ডা] *বি* ঘরের সামনে গাড়ি রাখার বারান্দা। 'গেটওয়ালা লোহার রেলিঙের মধ্যে আগুদের গাড়িবারান্দা।' *রবীন্দ্র*, ১৮৯১; 'গাড়ীবারান্দায় বড় একখানা মোটর গাড়ী।' *বিভূতি*, ১৯৩৮।

গাড়ি ভাড়া [গাড়ি+স ভাটক] *বি* অর্থের বিনিময়ে নির্দিষ্ট সময় পর্যন্ত অন্যের গাড়ি ব্যবহার। 'মহাত্মারা সেলর ও গোরাদের গাড়ি ভাড়া করে ... ব্যাড়ান।' *হুতোম*, ১৮৬১।

গাড়ির ঘর *বি* গাড়ি রাখার ঘর। *ওর্সা*, ১৭৮৫।

গাড়ির ঘোড়া *বি* গাড়ি টানার ঘোড়া। *ওর্সা*, ১৭৮৫।

গাড়ির নিশান *বি* যে পথ দিয়ে গেছে সেই পথে গাড়ির চাকার দাগ। *ওর্সা*, ১৭৮৫।

গাড়িসমেত *ক্রিবিণ* গাড়িসহ। 'বোঝাই গাড়িসমেত খাদের মধ্যে পড়িয়া হতভাগ্য বলদ ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

গাড়িয়া [স গর্ত] *বি* গর্ত। 'মাটির গাড়িয়া।' *মানোএল*, ১৭৪৩।

গাড়িয়ান [স গন্ত্রী>+ফা -আন] *বি* গাড়ির চালক। *মানোএল*, ১৭৪৩।

গাড়িয়াল *বি* গোরু অথবা মোষের গাড়ির চালক। 'ও কি গাড়িয়াল ভাই ...।' *আব্বাসউদ্দিন*, ১৯৩০।

গাড়ু [স গড্ডুক] *বি* লম্বা নলযুক্ত জলপাত্র। 'দুই দিকে আলবাটী জলে পুর্‌য়া গাড়ু ঘটী।' *মুকুন্দ*, ১৬০০।

গাড়ুয়া [গড়ুক] *বি* গেড়ুয়া। 'খেলা বাড়ি হানিয়া গাড়ুয়া কৈল দূড়।' *আলাওল*, ১৬৮০।

গাড়োয়ান [স গন্ত্রী>] *বি* গাড়িয়াল; গোরু অথবা ঘোড়ার গাড়ির চালক। 'মিয়াজান গাড়োয়ান এক একবার গান করিতেছে – টিটকারি দিতেছে।' *প্যারী*, ১৮৫৮।

গাড়োয়ানি, গাড়োয়ানী *বিণ* গাড়োয়ানের মতো; গাড়োয়ানসুলভ। '... জানিতে পারিলে এডিটরি কাম পরিত্যাগ করিয়া গাড়োয়ানি কাম লইতাম।' *প্রভাকর*, ১৮৫১; 'গাড়োয়ানী ফ্যাশানের দশ আনা ছ'আনা চুলের ওপরে চিমনী প্যাটার্নের সিল্ক টুপি পরে।' *অন্নদা*, ১৯২৯।

গাড়োয়াল *বি* ভারতের উত্তরাঞ্চলের গাড়োয়ান প্রদেশের অধিবাসী। 'এই গুর্খা আর তাদের ভায়রা-ভাই গাড়োয়াল।' *নজরুল*, ১৯২২।

গাঢাকা [গা+ঢাকা] *বিণ* গাঢ়। 'ক্রমে অন্ধকার গাঢাকা হয়ে এলো।' *হুতোম*, ১৮৬১।

গাঢ় [স] ১ *বিণ* নিবিড়। 'জাএ খনে দিতহু আলিঙ্গন গাঢ়।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'সোহাগ চুম্বনে উঠি গাঢ় আলিঙ্গনে।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বিণ* নিবিষ্ট। 'আপন কারুণ্যে লোকের বৈরাগ্য-শিক্ষণ/ ভক্তের গাঢ় অনুরাগ প্রকটীকরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বিণ* প্রবল। 'নামমাত্র বালা দেখি ইচ্ছা বড় গাঢ়।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৪ *বিণ* দুর্ভেদ্য। 'ঘরের চারিদিগে গাঢ় চৌকি আছে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৫ *বিণ* প্রগাঢ়। 'ইউরোপীয়রা কখন সংস্কৃত বিদ্যা বিষয়ে গাঢ় সংস্কারাপন্ন হইতে পারেন না।' *দর্পণ*, ১৮৩৩। ৬ *বিণ* ঘন। 'অবশিষ্ট ভাগ গাঢ় হইয়া লোমকূপ সমুদায় রোধ করে।' *অক্ষয়*, ১৮৫০। ৭ *বিণ* গভীর। ভেদি অমা নিশীথের গাঢ় অন্ধকার।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৮ *বিণ* গহন। 'নিশার কালিমা, গাঢ় সে তিমির তলে।' *রবীন্দ্র*, ১৯০০। ৯ *বিণ* ঘনিষ্ঠ। 'সেই পথ, সেই পথ-চলা গাঢ় স্মৃতি।' *নজরুল*, ১৯২৬। ১০ *বিণ* উত্তম। 'তবুও পদ্মার রূপ একুশ রত্নের চেয়ে আরো ঢের গাঢ়।' *জীবন*, ১৯৩২। ১১ *বিণ* নিঝুম। 'আমার খোকন গাঢ় দুপুরে ঘুমাতো।' *শ্যামসুর*, ১৯৬৩।

গাঢ়চ্ছায়া [স] *বি* গভীর ছায়া। 'বনভূমি গাঢ়চ্ছায়ায় অন্ধকার হয়ে আসুক।' *রবীন্দ্র*, ১৮৯২।

গাঢ়তম [স] ১ *বিণ* অতিশয় গম্ভীর। 'স্বর ক্রমেই গাঢ়, গাঢ়তর, গাঢ়তম হইতে লাগিল।' *হরপ্রসাদ*, ১৮৮১। ২ *বিণ* অত্যন্ত ঘনীভূত। 'আজি বর্ষা গাঢ়তম নিবিড়কুন্তলসম।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গাঢ়তর [স] ১ *বিণ* স্বাভাবিকের চেয়ে বেশি ঘন। 'জল ... কিঞ্চিৎ গাঢ়তর।' *অক্ষয়*, ১৮৪৩। ২ *বিণ* গম্ভীরতর। 'স্বর ক্রমেই গাঢ়, গাঢ়তর, গাঢ়তম হইতে লাগিল।' *হরপ্রসাদ*, ১৮৮১।

গাঢ়তা [স] ১ *বি* ঘনত্ব। 'তাপক্ষয়ে তাহা গাঢ়তা এবং কঠিনত্ব প্রাপ্ত হয়।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বি* তীব্রতা। 'বরঞ্চ তার গাঢ়তা ঢের বেশি বেড়েছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গাঢ়নীল [স] *বিণ* ঘন নীল; ইন্ডিগো; নেভি ব্লু। 'আর এক দিকে গাঢ়নীল সমুদ্র।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গাঢ়বন্ধ [স] *বিণ* দৃঢ়তাযুক্ত। 'ভাষাকে যতদূর সম্ভব গাঢ়বন্ধ, গম্ভীর ও গতিশীল করার চেষ্টা পেয়েছে।' *মুরশিদ*, ১৯৭০।

গাঢ়স্নেহ [স] *বি* নিবিড় স্নেহ। 'গাঢ়স্নেহ/ চক্ষু দিয়া লেহন করেছে মোর দেহ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গাঢ়ান্ধকার [স গাঢ়-অন্ধকার] *বি* ঘন অন্ধকার। 'রজনী গাঢ়ান্ধকার হইলে ... নিজমন্ত্র সাধনের উদ্যোগ করিতেছিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

গাঢ়াসক্ত [স গাঢ়-আসক্ত] *বি* অতি আসক্তি। 'গাঢ়াসক্তে পিয়ে কৃষ্ণের বদনকমল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গাঢ়া [স গর্ত>] *বি* নিচু ভূমি। 'উঁচছে আলে নামছে গাঢ়ায়।' *সত্যেন্দ্র*, ১৯১২।

AMARBOI.COM

গাণপত্য [স] **১** *বিণ* গণেশ সম্বন্ধীয়। 'গিরিজাপুত্র দ্বারা গাণপত্য মত ও বটুকনাথ দ্বারা ভৈরব উপাসনা প্রচারিত হয়।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বি* গণেশের উপাসক। 'অবশিষ্ট দুই প্রকারের উপাসকের নাম সৌর ও গাণপত্য।' *অক্ষয়*, ১৮৪৯।

গাণিতিক [স] **১** *বিণ* গণিত বিষয়ক। 'গাণিতিক নিয়মগুলো জটিল।' *রবীন্দ্র*, ১৯৩২। **২** *বিণ* গণিতের। 'আজ মানুষের চরম ভৌতিক উপলব্ধি পৌঁছল গাণিতিক চিহ্নসংকেতে।' *রবীন্দ্র*, ১৯৩৩। **৩** *বি* গণিতজ্ঞ। 'তিনি জ্যোতির্বিজ্ঞানবিৎ গাণিতিক।' *রবীন্দ্র*, ১৯৩৬।

গাণ্ঠি [স গ্রন্থি] *বি* বন্ধন; গিঁট। 'কটির কাপড় গাণ্ঠি কতবার খোলে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গাণ্ডার [স গণ্ড>] *বি* গণ্ডার; প্রাণীবিশেষ। 'গাণ্ডারের বাচ্চা আসিয়াছে।' *দর্পণ*, ১৮১৯।

গাণ্ডিব, গাণ্ডীব [স] *বি* ধনুক। 'ধর্মপুত্র নৃপমণি জথা ভীম গদাপাণি গাণ্ডিব ধরেন ধনঞ্জয়।' *মুকুন্দ*, ১৬০০; 'বাম করে গাণ্ডীব – কোদণ্ডোত্তম।' *মাইকেল*, ১৮৬২।

গাণ্ডী [স গাণ্ডি] *বি* ধনুক। *মানোএল*, ১৭৪৩।

গাণ্ডীব দ্র **গাণ্ডিব**

গাত[১] [স গাত্র] *বি* শরীর। 'পুলকে ভরয়ে গাত।' *দ্বিচণ্ডী*, ১৬০০।

গাত[২] [স গর্ত] *বি* গর্ত। 'হেন কালে সর্প তথা গাতেথু নিকলি মাথা।' *সুলতান*, ১৭০০।

গাতর [স গাত্র] *বি* শরীর; গা। 'পাঞ্চ পাটের নাঙ্র গাতর ভরা।' *বড়ু*, ১৪৫০।

গাতী [স গর্ত] *বি* গর্ত। 'ভব বিংদারঅ মুসা খণঅ গাতী।' *চর্যা* ২১, ১২০০।

গাথান *বি* ঝড়। *মানোএল*, ১৭৪৩।

গাত্র [স] *বি* দেহ; গা। 'সফল উভয় নেত্র লোমাঞ্চসিঞ্চিত গাত্র।' *মুকুন্দ*, ১৬০০।

গাত্রকণ্ডু [স] *বি* শরীরের চুলকানি। 'গাত্রকণ্ডু হৈলা রসা পড়ে খাজুয়া হৈতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গাত্রগন্ধ [স] *বি* শরীরের ঘ্রাণ। 'নবজাত শিশুর গাত্রগন্ধে পেয়েছি প্রথম আষাঢ়ের ভিজে মাটির গন্ধ।' *মুজতবা*, ১৯৫৮।

গাত্রঘাম [স গাত্রঘর্ম] *বি* গায়ের ঘাম। 'রইবে শুধু বোঁটকা খানিক গাত্রঘাম।' *নজরুল*, ১৯৩১।

গাত্রচর্ম, গাত্রচর্ম্ম [স] *বি* গায়ের ত্বক। 'গাত্রচর্ম্ম ঘর্ষণ।' *দর্পণ*, ১৮৩৪।

গাত্রদাহ [স] *বি* মানসিক যন্ত্রণা। 'কটু কথা উক্ত করিয়া গাত্রদাহ নিবারণ করেন।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

গাত্রধৌতার্থ *ক্রিবিণ* স্নান করার জন্য। 'সমীপবর্ত্তিনী পুষ্করিণীমধ্যে গাত্রধৌতার্থ গমন করিয়াছিল।' *দর্পণ*, ১৮২৫

গাত্রনিঃসৃত [স] *বিণ* শরীর থেকে নির্গত। 'ইহাদের গাত্রনিঃসৃত দুগ্ধবৎ রস হইতে তার্পিণ তৈল ও ধুনা প্রস্তুত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৪।

গাত্রপাত [স] *বি* শরীর স্থাপন। 'শয্যাতে গাত্রপাত করিয়া কাল হরণ করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৬।

গাত্রবর্ণ [স] *বি* ত্বকের রং। 'গাত্রবর্ণ কালো হয়ে যায়।' *মাহমুদ*, ১৯৬৬।

গাত্রবস্ত্র [স] *বি* গায়ের কাপড়। 'লোমে গাত্রবস্ত্র ও তাম্বু প্রস্তুত করে।' *মদনমোহন*, ১৮৫০।

গাত্রময় [স] *বিণ* শরীরময়। 'গাত্রময় লোমাবলি প্রযুক্ত তাহারা শীত দ্বারা ক্লিষ্ট হয় না।' *অক্ষয়*, ১৮৪৩।

গাত্রমার্জন [স] *বি* গা-মোছা। 'গামছা দিয়ে গাত্রমার্জন প্রথা প্রচলিত ছিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

গাত্রমার্জনী, গাত্রমার্জ্জনী [স] *বি* যা দিয়ে গা মোছা হয়; গামছা। *সেবধি*, ১৮৩৯।

গাত্রস্পর্শ [স] *বি* গা ছোঁয়া। 'গাত্রস্পর্শপূর্বক শপথ করিতে উদ্যত হইলেও ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

গাত্রস্থিত [স] *বিণ* গায়ে আছে এমন। 'পুত্রদিগের অমানুষিকতায় গাত্রস্থিত অলংকারগুলি পরায়ত্ত হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৮।

গাত্রাচ্ছাদন [স গাত্র+আচ্ছাদন] **১** *বি* শরীরের আবরণ। 'প্রবাল কীটদিগের সেইরূপ গাত্রাচ্ছাদন থাকে।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বি* পোশাক। 'সেখানকার একটি গাত্রাচ্ছাদন তুলে নিয়ে আসি তা হলে কী।' *রবীন্দ্র*, ১৮৯১।

গাত্রাবরণ [স গাত্র-আবরণ] *বি* বস্ত্র। 'মেঝের উপর পরিত্যক্ত গাউন পেটিকোট প্রভৃতি স্ত্রীলোকের গাত্রাবরণ বিক্ষিপ্ত।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গাত্রাবাস [স গাত্র-আবাস] *বি* পোশাক। 'এই লহো মোর আশীর্বাদসহ আমার গেরুয়া গাত্রাবাস।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গাত্রোত্থান [স গাত্র-উত্থান] **১** *বি* শয্যাত্যাগ। 'অতিপ্রাতে গাত্রোত্থান করিয়া ...।' *রাজীব*, ১৮০৫। **২** *বি* আসন ত্যাগ। 'বাবু গাত্রোত্থান করেন।' *দর্পণ*, ১৮২১। **৩** *বি* জাগরণ। 'সূচনা দেখিয়া গাত্রোত্থান করিলেন না কেন।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

গাত্রোত্থান করা *ক্রি* শয্যা ত্যাগ করা। 'গাত্রোত্থান করিয়া আপন প্রিয়তমের নিকট শীঘ্র যাও।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

গাথ [স গাথা>] *বি* গাথা। 'দ্বিজ শ্রীমানিক রচিল গাথ।' *মানিকরাম*, ১৭৮১।

গাথক [স] *বি* পালার গান রচয়িতা এবং গায়ক। 'গাথকগণের মৃদু মধুর মনোহর সুস্বর।' *দর্পণ*, ১৮২৯।

গাথনি [স গ্রন্থ>] **১** *বিণ* গ্রন্থিত। 'কণ্ঠে কনকহার হিরায় গাথনি জার কার সঙ্গে দিব বা উপাম।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* ইটের সঙ্গে ইট গাঁথা। *ক্যালগে*, ১৭৮৯।

গাথা[১] [স গ্রন্থন>] *ক্রি* মালা গাঁথা। 'মালতী ফুল গাথিবোঁ।' *বড়ু*, ১৪৫০।

গাথা[২] [স] **১** *বি* বর্ণনা। 'অতএব শুনিলাম হরিগুণ গাথা।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* স্তুতিমূলক গান। 'দক্ষযজ্ঞভঙ্গ কথা প্রথমে রচহ গাথা।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৩** *বি* সংগীত। 'গাথা শব্দের একটি আভিধানিক অর্থ সঙ্গীত বা গেয়-শ্লোক।' *অক্ষয়*, ১৮৪৭। **৪** *বি* কবিতা। 'কত-না আশ্চর্য গাথা, অপূর্ব কাহিনী, যত কিছু রচিয়াছে যত কবিগণে।' *রবীন্দ্র*, ১৮৯৬। **৫** *বি* বৃত্তান্ত। 'রাজার চিত্তে কৌতুক হল শুনিতে সাধুর গাথা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গাথিনুঁ [স গ্রন্থন] *ক্রি* গাঁথলাম। 'গাথিনুঁ ফুলের মালা।' *দ্বিচণ্ডী*, ১৬০০।

গাদ [স কর্দ] **১** *বি* তলানি। 'নইলে তাঁদের গাদে পড়ে থাকতে হবে।' *প্রমথ*, ১৯১৫। **২** *বি* তরল পদার্থের উপরে ভেসে ওঠা ময়লা। 'তেলের গাদমাখা পাত্র।' *মানিক*, ১৯৩৬।

গাদমাখা [স কর্দ+মাখা] *বিণ* গাদ লেগে আছে এমন। 'তেলের গাদমাখা পাত্র।' *মানিক*, ১৯৩৬।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গাদন [হি গাদনা] **১** *বি* চাপাচাপি। 'দাদনের গাদনে বাঁধনের ছাদনে ভিটে মাটি চাটি সার।' *প্রভাকর*, ১৮৫৮। **২** *বি* প্রহার। 'নীলের দাদন, ঠেঙ্গার গাদন, বাঁধন চমৎকার।' *গুপ্ত*, ১৮৫৮। **৩** *বি* নিষ্পেষণ। 'নীলের গাদন বল্যে ভাল হয় না।' *দীনবন্ধু*, ১৮৬০। **৪** *বি* অত্যাচার। 'নীলকরেরা অনরেরী মেজেষ্টর হয়ে মিউটিনি উপলক্ষ করে দাদন, গাদন ও শামচাঁদ খ্যালাতে লাগলেন।' *হুতোম*, ১৮৬১।

গাদনি [হি গাদনা] *বি* চাপিয়ে দেওয়া। *বিদ্যা*, ১৮৯১।

গাদা[১] **১** *বি* বোঝা; রাশি; গুচ্ছ। *ওসাঁ*, ১৭৮২। **২** *বি* স্তূপ। 'পাঁচ সাত জন টাকার গাদায় গড়াগড়ি দিবে।' *বঙ্কিম*, ১৮৯২। **৩** *বি* খড়ের স্তূপ। 'কার ধানে মুখ দেবে, কার গাদা ফেড়ে খাবে।' *শরৎ*, ১৯২৬।

গাদা গাদা **১** *বিণ* অগণিত। 'পাঞ্জাবীরা গাদা গাদা রেস্তোরাঁ খুলেছে।' *মুজতবা*, ১৯৫৮। **২** *বিণ* স্তূপ স্তূপ। 'গাদাগাদা ছাই শুধু।' *পাশা*, ১৯৭১।

গাদাগাদি [গাদা>] *ক্রিবিণ* চাপাচাপি ক'রে; ঠেসাঠেসি ক'রে। 'ভিড়ের মধ্যে গাদাগাদি দাঁড়াইয়া হিন্দুস্থানী সিপাহীরা।' *শরৎ*, ১৯১৭।

গাদা-গোদা *বিণ* মোটাসোটা। 'গাদা-গোদা হাব্বা-হোব্বা জর্মন আর ডাচ।' *মুজতবা*, ১৯৫২।

গাদা[২] [স গর্দভ] *বি* গাধা। 'গাদা সকল ভার বইতে পারেন।' *বিদ্যা*, ১৮৭৩।

গাদা বন্দুক [আ গাদ+তু বন্দুক] *বি* দীর্ঘ বাঁটের বন্দুকবিশেষ, যাতে ঠেসে গুলি ভরতে হয়। 'গগনবাবুদের একটা মুন্সেরী গাদা বন্দুক ছিল।' *শরৎ*, ১৯১৭।

গাদারা *বি* কীটের প্রজাপতি। *মানোএল*, ১৭৪৩।

গাদালি [হি গাদা>] *বিণ* রাশি রাশি। 'ঝড়ে যেন গাদালি পড়িল কলাগাছ।' *মানিকরাম*, ১৭৮১।

গাদি, গাদী **১** *বি* স্তূপ। 'খামারে গিয়া খোলায় আমাড়া ধানের গাদির আড়ে মেইর নিকটে লুকাইয়া থাকিল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। **২** *বি* বাঙালি হিন্দু পদবি-বিশেষ। 'হরলাল গাদি।' *সেবধি*, ১৮৪০। **৩** *বি* বোঝা। 'খাতার গাদি ফেলে উঠে দাঁড়ালেন।' *জীবন*, ১৯৩৩। **৪** *বি* ভিড়। 'গাদি করবেন না এক মুরায়।' *মণীশ*, ১৯৫৭।

গাধা [স গর্দভ] **১** *বি* চতুষ্পদ প্রাণীবিশেষ; গর্দভ। 'উট গাধা খেম খাবে রাজার নফর হবে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* গালিবিশেষ। 'শূয়র! গাধা! ভূ ধাতুর উত্তর ক্ত ক'রে ভূত হয়।' *বঙ্কিম*, ১৮৭৪। **৩** *বিণ* নির্বোধ। 'তুই পালা না – গাধা কোথাকার!' *শরৎ*, ১৯১৭।

গাধাখাটুনি [গাধা+খাটুনি] *বি* গাধার মতো অনবরত পরিশ্রম। 'এত গাধাখাটুনির মাঝেও সেই একান্ত অন্ধস্মৃতিটার ব্যথা ...।' *নজরুল*, ১৯২৪।

গাধাবোট [গাধা+ই বোট] *বি* ইঞ্জিনবিহীন ভারবাহী নৌকা। 'বোঝাই-ভরা গাধাবোটটাকে স্রোতের অনুকূলে ও প্রতিকূলে টানিয়া লইয়া চলে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

গাধামি [গাধা>] *বি* বোকামি। 'তা হলে আরো গাধামি হত।' *জীবন*, ১৯৩২।

গাধার টুপি *বি* শাস্তিস্বরূপ মাথায় পরানো অবমাননাকর টুপি। 'হেডমাস্টার ... তাহার মাথায় গাধার টুপি দিবার আয়োজন করিতেই সে মর্মাহত।' *শরৎ*, ১৯১৭।

গাধিনি [গাধা>] *বি* মাদি গাধা। *মানোএল*, ১৭৪৩।

গাধী [গাধা>] *বি* স্ত্রী মাদি গাধা। *ওসাঁ*, ১৭৮৫।

গান [স] **১** *বি* সংগীত। 'বংশ বাজাওঁ গানে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* স্তুতি। 'বৃন্দাবনদাস তছু পদযুগে গান।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* সুমধুর ধ্বনি বা রব। 'বিহঙ্গম সকল মধুর স্বরে মনের সুখে গান করিয়া পথিকের মন হরণ করে।' *অক্ষয়*, ১৮৫০। **৪** *বি* পদাবলি। 'বৈষ্ণবের গান, কৃত্তিবাসের রামায়ণ, কাশীরাম দাসের মহাভারত ...।' *রবীন্দ্র*, ১৯০৫। **৫** *বি* সুর। 'গানের ঝরনাতলায় তুমি সাঁঝের বেলায় এলে।' *রবীন্দ্র*, ১৯২৪। **৬** *বি* স্মৃতি। 'গান আমার যায় ভেসে যায়, চাসনে ফিরে, দে তারে বিদায়।' *রবীন্দ্র*, ১৯২৫। **৭** *বি* উপহার। 'দিয়ে গেনু বসন্তের এই গানখানি।' *রবীন্দ্র*, ১৯২৭।

গানওয়ালা *বি* গান রচনা করে যে। 'গান সম্বন্ধে যে কর্তৃত্ব গান-রচয়িতার, আমাদের দেশে তাহাই দুইজনে বখরা করিয়া লইয়াছে, গানওয়ালা আর গাহনেওয়ালা।' *রবীন্দ্র*, ১৯১৭।

গান করা *ক্রি* গান গাওয়া। 'উচ্চৈঃস্বরে গান করিতে লাগিল।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

গানখানি *বি* একটি গান। 'গুণহীনের গানখানি আজ বাজল তোমার প্রেমে।' *রবীন্দ্র*, ১৯১০।

গান গাওয়া **১** *ক্রি* সংগীত পরিবেশন করা। 'সারা দিন বসে পাশে/ একটি শুধু আদরের গান গায়।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *ক্রি* গর্জন করা। 'গান গায় যেখানে সাগর তার জলের উল্লাসে।' *জীবন*, ১৯৩৬।

গানটিস *বি* গান ইত্যাদি। 'ওঁর কাছে গিয়ে একটু গান-টান গেয়ে শোনালে উনি ভালো থাকেন।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গান ধরা *ক্রি* গান গাইতে শুরু করা। 'ধরতার সময় পার হইয়া গেল, তবু নিতাই আর গান ধরিল না।' *তারা*, ১৯৪২।

গান বাঁধা *ক্রি* গান রচনা ক'রে তাতে সুর দেওয়া। 'নূপুরশিঞ্জনের সুরে আপনার গান বাঁধিত।' *রবীন্দ্র*, ১৮৯২।

গানবাজনা [স গান+বাদন] *বি* সংগীতানুষ্ঠান; বাদ্যযন্ত্রসহ গান পরিবেশন। 'আমোদ দেবার জন্য সেখানে গিয়ে গানবাজনা করা।' *রবীন্দ্র*, ১৮৮১।

গানব্যবসায়ী [স] *বি* পেশাদার সংগীতশিল্পী। 'গানব্যবসায়ীর চরিত্রের সঙ্গে জড়িত করে গানবিদ্যাটিরই পবিত্র রূপকে বীভৎস ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গানভোলা [স গান+ভোলা] *বিণ* গান ভুলে গেছে এমন। 'গানভোলা তুই গান ফিরে নে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

গানমুজরো [স গান+আ মুজরা] *বি* গান-বাজনা। 'গানমুজরো না ভালোবাসে তা নয়।' *জীবন*, ১৯৪৮।

গান-রচন [স] *বি* গান লেখা। 'আজও মালা হয়নি গাঁথা হয়নি আজও গান-রচন।' *নজরুল*, ১৯২৯।

গানশক্তি [স] **১** *বি* গান রচনার প্রতিভা। 'গানশক্তি ও কবিতাশক্তি অতিশয় ছিল।' *দর্পণ*, ১৮১৯। **২** *বি* সংগীতচর্চার সামর্থ্য। 'আমাদিগকে গান-শক্তি ও পরিহাসপ্রবৃত্তি প্রদান করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫২।

গানশাস্ত্র [স] *বি* সংগীত বিষয়ক বিদ্যা। 'তিনি গান-শাস্ত্রের মহামহোপাধ্যায়।' *অক্ষয়* ১৯৪৮।

গান সাধা *ক্রি* গান অনুশীলন করা। 'একসঙ্গেই গান সাধিত।' *জসীম*, ১৯৬৪।

গানহীন [স] *বিণ* নিস্তব্ধ। 'প্রাণহীন গানহীন/ পুতলির মতো বসে

AMARBOI.COM

রবে।' *রবীন্দ্র*, ১৮৯০।

গানারম্ভ করা [স গান-আরম্ভ+করা] *ক্রি* গান শুরু করা। 'আসরে আসিয়া উপস্থিত হইলেন প্রথমতঃ বাগবাজারবাসিরা গানারম্ভ করিবেন।' *দর্পণ*, ১৮২৯।

গানাসক্ত [স গান-আসক্ত] *বিণ* সংগীতে আসক্তি আছে এমন। *সেবধি*, ১৮৩৯।

গানেওয়ালা [স গান+হি ওয়ালা] *বি* গায়ক। 'ভালো গানেওয়ালা না হইলে মেলায় চলিবে না।' *তারা*, ১৯৪২।

গানেওয়ালী [স গান+হি ওয়ালী] *বি* গায়িকা। 'কোনো গানেওয়ালী নাচনেওয়ালী ছ'মাসের বেশী টিকতে পারে না।' *মুজতবা*, ১৯৪৯।

গানে গানে *ক্রিবিণ* ধারাবাহিক বিভিন্ন গানের মাধ্যমে। 'সকল দেহ পূর্ণ হোলো গানে গানে।' *রবীন্দ্র*, ১৯১৪।

গানের ফুল *বি* গানরূপ ফুল; সুর। 'আমার গানের ফুল ছড়িয়ে যাই গো।' *নজরুল*, ১৯৩৫।

গানের মহাদেশ *বি* গীতময় পরিবেশ। 'আকাশ পুরিয়া যাবে শেষ, উঠিবে গানের মহাদেশ।' *রবীন্দ্র*, ১৮৮৩।

গানবোট [ই] *বি* কামান বা ক্ষেপণাস্ত্রবাহী যুদ্ধজাহাজ। 'চওড়া খালের মধ্যে গানবোট নিয়ে ...।' *শওকত*, ১৯৭২।

গানা [হি] *বি* গান। 'থিয়েটার গান, ফিলমি গানা পর্যন্ত ...।' *ধূর্জটি*, ১৯৩১।

গাছা [স গ্রন্থন>] *ক্রি* গাঁথা। 'এক করী গাছিল মদনে।' *বড়ু*, ১৪৫০। **গাছি** *ক্রি* গেঁথে। 'রতিরণে জয়ধ্বনি/ করঁএ কিঙ্কিণী তাক গাছি বান্ধিল মাঝে।' *বড়ু*, ১৪৫০। **গাছিআঁ** *ক্রি* গেঁথে; গ্রথিত ক'রে। 'আঅর গাছিআঁ নৈল মাহলী।' *বড়ু*, ১৪৫০। **গাছিল** *ক্রি* বিদ্ধ করলো। 'এক করী গাছিল মদনে।' *বড়ু*, ১৪৫০।

গান্ধর্ব, গান্ধর্ব্ব [স] *বি* হিন্দু পুরাণে বর্ণিত স্বর্গের গায়ক। **গান্ধর্ব বিবাহ, গান্ধর্ব্ব বিবাহ** [স] *বি* নারী-পুরুষের পরস্পরের সম্মতিতে সংগঠিত হিন্দু বিবাহরীতি। 'মাধব ঐ কন্যাকে দেখিয়া পাগলের ন্যায় হইয়া তাহার সহিত গান্ধর্ব্ব বিবাহ অর্থাৎ বলাৎকার করিতে উদ্যত হইলে ...।' *গৌর*, ১৮২২।

গান্ধর্ব বিধান [স] *বি* নারী-পুরুষের পরস্পরের সম্মতিতে সংগঠিত হিন্দু বিবাহরীতি। 'রাজকুমার ও রাজকুমারী সহচরীদিগকে সাক্ষী করিয়া গান্ধর্ব বিধানে, দাম্পত্যবন্ধনে আবদ্ধ হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

গান্ধর্বশাস্ত্র, গান্ধর্ব্বশাস্ত্র [স] *বি* সংগীতবিদ্যা। 'এই চতুর্দ্দশ বিদ্যা আয়ুর্ব্বেদ ধনুর্ব্বেদ গান্ধর্ব্বশাস্ত্র ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

গান্ধর্বীকলা [স] *বি* সংগীতবিদ্যাবিশেষ। 'গান্ধর্বীকলার নৃত্যে বধূকে বর প্রদক্ষিণ করে।' *রবীন্দ্র*, ১৯৩২।

গান্ধার [স] **১** *বি* প্রাচীন দেশবিশেষ; কান্দাহার। 'গান্ধার রাজ্য অধিকার ও ম্লেচ্ছদেশে আধিপত্য করিবার প্রসঙ্গ উল্লেখিত আছে।' *অক্ষয়*, ১৮৪৭। **২** *বি* স্বরগ্রামের তৃতীয় স্বর 'গা।' *ষড়ঙ্গ, ঋষভ*, গান্ধার প্রভৃতি সপ্ত সুরই তোমার কণ্ঠে।' *বঙ্কিম*, ১৮৭৪। **৩** *বিণ* গান্ধার দেশজাত। 'যত রকমের মূর্তি চান, গান্ধার-শৈলীর যত উদাহরণ চান।' *মুজতবা*, ১৯৪৯।

গান্ধারি, গান্ধারী [স গান্ধার>] **১** *বি* আশাবরী ঠাটের রাগবিশেষ। 'গান্ধারি রাগ।' *মালাধর*, ১৫০০; 'দীপকা গান্ধারী বেলাবলির গমন।' *আলাওল*, ১৬৮০। **২** *বিণ* গান্ধারজাত। 'গান্ধারি মেষের ন্যায় রোমস।' *অক্ষয়*, ১৮৪৮।

গান্ধারীয় [স] *বিণ* গান্ধার দেশের। 'গ্রীকঐন্দ্রকর্ত্তা ... গান্ধারীয় জাতিবিশেষের নিবাস উল্লেখ করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৭।

গান্ধি, গান্ধী *বি* গুজরাটী বংশনামবিশেষ। 'ইহার উদ্ভাবক ভারতের আদর্শ কৃতী সন্তান মহাত্মা গান্ধী।' *এসলাম*, ১৯২০।

গান্ধিক্যাপ [গান্ধী+ই ক্যাপ] *বি* মহাত্মা গান্ধী যে-ধরনের টুপি পরতেন, সে রকমের টুপি। 'হিন্দু সাজে গান্ধিক্যাপে।' *নজরুল*, ১৯৩১।

গান্ধীবাদ [গান্ধী+স বাদ] *বি* মহাত্মা গান্ধীর মতবাদ। 'জিন্না যেহেতু বিমুখ গান্ধীবাদে।' *সুধীন্দ্র*, ১৯৪৫।

গান্ধিবাদী [গান্ধী+স বাদী] *বিণ* মহাত্মা গান্ধীর অহিংস মতবাদে বিশ্বাসী। 'গান্ধিবাদী নই, তবু হিংসাকে ডরাই ...।' *শ্যামসুর*, ১৯৭২।

গান্ধীটুপি [গান্ধী+টুপি] *বি* মহাত্মা গান্ধী যে-ধরনের টুপি পরতেন সেই ধরনের টুপি। 'সাধারণ লোকদিগকে অল্পান বদনে গান্ধীটুপি পরিয়া বেড়াইতে দেখা যায়।' *দর্শন*, ১৯২১।

গান্ধীভক্ত [গান্ধী+স ভক্ত] *বিণ* গান্ধীজীর ভক্ত। 'বেজায় গান্ধীভক্ত এবং কট্টর কংগ্রেসী।' *সাদত*, ১৯৬৭।

গাপ [আ গায়িব] *বিণ* অদৃশ্য। 'রানি কোথায় গাপ।' *নজরুল*, ১৯২৬।

গাপুস গুপুস [ধ্বন্যা] *বি* দ্রুত খাওয়ার ভাবব্যঞ্জক শব্দ। 'গাপুস গুপুস একশটি খাও হাপুস হুপুস।' *নজরুল*, ১৯২৬।

গাফিলাত, গাফলত [আ গাফিলত] *বি* ঔদাসীন্য। 'গাফলত।' *ওসাঁ*, ১৭৮২; 'মোছলমানেরা খাবে গাফলাতে আরামে ঘুমাইতেছিলেন।' *এসলাম*, ১৯১৭; 'শুধু গাফলতে, শুধু খেয়ালের ভুলে।' *ফরুখ*, ১৯৪৩।

গাফলতি, গাফলতী [আ গাফিলত>] **১** *বি* অবহেলা। 'তুমি বাজে কাজে মন দিয়া পার্চেজে করহ গাফলতি।' *মনসুর*, ১৯৫৫। **২** *বি* অলসতা। 'গাফলতি হলে শুধু যে নিজের বুদ্ধিই বিপথগামী হয় তা নয়।' *উমর*, ১৯৬৭। **৩** *বি* ফাঁকি। 'কর্তব্যে গাফলতী দেখা দিলে।' *উমর*, ১৯৬৮।

গাফলিয়ত [আ গাফিলত] *বি* অবহেলা। 'গাফলিয়তের ঘুমে যখন/ গ্রামের সবাই রয় ঘুমিয়ে।' *নজরুল*, ১৯৩০।

গাফিলত [আ] *বি* অবহেলা। *ওসাঁ*, ১৭৮২।

গাফিলতি, গাফিলতী [আ গাফিলত>] *বি* ফাঁকিবাজি; অবহেলা। 'জে জে তাতি গাফিলতিতে কিত্তি খিলাফ করিয়াছে।' *তাঁতি*, ১৭৯২।

গাফেলতি [আ গাফিলত] *বি* অবহেলা। 'গাফেলতির ঘুম ভেঙে দাও/ হউক নিশি অবসান।' *নজরুল*, ১৯৩২।

গাফিল [আ] **১** *বি* অলস। 'কার সাথে জঙ্গ নাই গাফিল আছিল।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* বেখেয়াল। 'নামাজের বেলা হইল নবীর গাফিল হইল।' *গরীব*, ১৭৬৫।

গাফিলি [আ গাফিল>] *বি* গাফিলতি; অবহেলা। *ওসাঁ*, ১৭৮৫; 'জিনিসটা টিপে খুব গাফিলি গড়িমসি করে খেতে হচ্ছিল।' *জীবন*, ১৯৪৮।

গাফিলী, গাফীলী [আ গাফিল>] *বি* অবহেলা। 'মাতামহের অন্নেই প্রতিপালিত ... সুতরাং তাঁর লেখাপড়া ও শারীরিক তদ্বিরে বিলক্ষণ গাফিলী হয়।' *হুতোম*, ১৮৬১।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গাফীলীওয়ালা [আ গাফিল>+হি ওয়ালা] *বিণ* অবহেলাকারী। 'গাফীলীওয়ালা চারিপাচ তাতির নাম ... লীখীবে।' *তাঁতি*, ১৭৯২।

গাফেল [আ গাফিল>] ১ *বিণ* বেখেয়াল। 'আমাদের সকলেই অপ্রস্তুত ও গাফেল ছিল।' *সিরাজী*, ১৯১৮। ২ *বিণ* অবহেলাপরায়ণ। 'কর্মক্ষেত্রে আমরা আত্মভোলা গাফেল মুসলমানগণ ...।' *মাহেনও*, ১৯৪৯।

গাফেলি [আ গাফিল>] ১ *বি* অবহেলা। *ওসাঁ*, ১৭৮৫; 'কর্তব্যের গাফেলি এতই ভালো লাগছে।' *রবীন্দ্র*, ১৯৪০। ২ *বি* কুঁড়েমি; ঢিলেমি। 'পলটনে এসে গাফেলিই তো এক মহা অন্যায়।' *নজরুল*, ১৯২৭।

গাব [স গালব] ১ *বি* তবলার উপরি তলের খয়েরি বা কালো রঙের গোল অংশ। 'কেহ বাঁয়ার গাব আছে কি না তাহা ধপ ধপ করিয়া পিটে দেখে।' *প্যারী*, ১৮৫৮। ২ *বি* কষালো মিষ্টি ফলবিশেষ ও এর গাছ। 'কোনো গতিকে একটা গাবগাছ জন্মেছে।' *রবীন্দ্র*, ১৯১৪।

গাবকালি [গাব+কালি] *বি* গাব গাছের কষ থেকে প্রস্তুত আঠালো পদার্থবিশেষ। 'গাবকালিতে যায় না কসা কী করি তার নাই দিশে।' *লালন*, ১৮৯০।

গাব জল [গাব+স জল] *বি* গাবের কষ। 'হোগলার ছই নতুন বাঁধিয়া গাব জলে মাজা নায়।' *জসীম*, ১৯৫১।

গাবের টেঁকি *বিণ* বিকটদর্শন। 'গাবের টেঁকি কোথাকার!' *বিভূতি*, ১৯২৯।

গাবইয়া *বি* গুণ বা যশোগায়ক; কীর্তন বা ভজনকারী। 'আমি একে ব্রাহ্মণ, তা উপর গাবইয়া।' *প্রমথ*, ১৯৩৭।

গাবদা [ফা গাবদী] ১ *বিণ* স্থূল। 'কমিক জিনিসটা ভারী গাবদা এবং প্রকাণ্ড।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বিণ* মোটা। 'গাবদা ছেলের মনটা সাদা।' *নজরুল*, ১৯২৬।

গাবনর [ই গভর্নর] *বি* গভর্নর। 'কোর্ট অফ ডেরেক্টর্স সাহেবেরা গাবনর জেনরল সাহেবকে সংপ্রতি এরূপ পত্র লিখিয়াছেন।' *ঈশ্বরচন্দ্র*, ১৮৫৫।

গাবর [হি গবরা] *বি* নব-যুবক। 'আর ভিঙ্গাখান তোলে নামে দুর্গাবর আখণ্ড চাপিআ তার বসিব গাবর।' মুকুন্দ, ১৬০০।

গাবা[১] [স গর্ভ] *বি* গর্ভ। 'যুগল জঠর পাশ পুথুরের গাবা।' *রূপরাম*, ১৭৫০।

গাবা[২] *বি* গাওয়া। 'আমি গান গাবার উদ্যোগ করছিলাম।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গাবি, গাবী [স গবী] ১ *বি* গাভি। 'কুড়ি সহস্র গাবি দিল কনক সালিনি।' *মালাধর*, ১৫০০; 'পরের গাবীর দুগ্ধ তাহা দুহি খায়।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* গোজাত। 'সপ্তদশে গাবী-মধ্যে প্রভুর পতন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গাবিন [স গর্ভিণী] *বিণ* গর্ভবতী। *বিদ্যা*, ১৮৯১।

গাবুর [হি গবরা] *বি* নব-যুবক। 'সেই গাবুরের সাথে সেকান্দর নিজেও ফুরসত মতো হাল ধরে।' *কায়সার*, ১৯৬৫।

গান্দাগোন্দা [ফা গাবদী>] *বিণ* মোটাসোটা। 'এক গান্দাগোন্দা ফিরিঙ্গী মেম।' *মুজতবা*, ১৯৪৯।

গাব্বা [ফা গাবদী] *বি* অন্ধকার। 'গাছের ছায়ার গাব্বা – তাতে টুকরো রোদের ফুলকরী।' *সত্যেন্দ্র*, ১৯২৪।

গা-ভরা [গা+ভরা] *বিণ* শরীরজোড়া। 'গা-ভরা বস্ত্র পেয়ে সন্তুষ্ট হয় না।' *নজরুল*, ১৯২৭।

গাভা [স গর্ভক] *বি* গুচ্ছ বা মালা। 'কবরী বান্ধিল রামা কুসুমের গাভা।' *মুকুন্দ*, ১৬০০।

গা-ভাসান [গা+ভাসা>] *ক্রি* অন্যদের সঙ্গে তাল মেলানো। 'তারা প্রচলিত ধারায় গা-ভাসান দিয়ে চলে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গাভি, গাভী [স গবী] *বি* স্ত্রী গোরু। 'স্বভাবসুন্দর স্থানে শোভে গাভীগণে।' *বৃন্দা*, ১৫৮০; 'একটি গাভি মছরবানকে বিক্রয় করিআছিলাম।' *চিঠিপত্রে*, ১৮২৩।

গাভিন, গাভীন [স গর্ভিণী] *বিণ* গর্ভবতী। 'গাভীন হইলে তুমি রস তায় কত।' *গুপ্ত*, ১৮৫৮; 'গাভিন গরুর মতো কালো ছায়া ফলের বাগানে।' *শক্তি*, ১৯৬১।

গাভুরালি [হি গবরা>] *বি* স্পর্ধা। 'ইরাকেত আসি বেটা এথ গাভুরালি।' *সুলতান*, ১৭০০।

গামছা, গামচা [গা+মোছা>] *বি* গা মোছার কাপড়বিশেষ। 'সীঙলি গামছা দিব ভূষিত কস্তরি।' মুকুন্দ, ১৬০০; 'গামচা।' *ওসাঁ*, ১৭৮৫; 'তিলকেতে নাকবেড়া গামচা কাঁধে চুরুট কানে।' *ভবানী*, ১৮২৮।

গামবুট [ই] *বি* রাবারের তৈরি উঁচু বুট জুতা। 'গামবুট রেনকোট মোড়া দুর্গা হাস্টার হাতে এগিয়ে এলো।' *ইলিয়াস*, ১৯৭২।

গাময় দ্র গা

গামলা [পা] ১ *বি* মাটি বা ধাতুর তৈরি বাটির মতো বড়ো পাত্র। 'যেন রাঙা মামলা, তুলে মামলা, গামলা ভাঙ্গে না।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বি* জলপথে পারাপার উপযোগী গোল মাটির পাত্র; মাটির চাঁড়ি। 'মাটির গামলার মধ্যে বসে একখণ্ড বাখারিকে দাঁড়ের মতো ব্যবহার করে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গামা [ই] *বি* ল্যাটিন বর্ণমালার তৃতীয় বর্ণ; কোনো নক্ষত্রমণ্ডলীর তৃতীয় উজ্জ্বলতম নক্ষত্র বোঝানোর জন্যে ব্যবহৃত। 'বীণা নামক নক্ষত্রসমষ্টির বিটা ও গামা নক্ষত্রের মধ্যবর্ত্তী।' *বঙ্কিম*, ১৮৭৫।

গামার, গামারি [স গম্ভারী] *বি* বৃক্ষবিশেষ। 'বরূনা গামার জাসি সেই বৃন্দাবন।' *মালাধর*, ১৫০০; 'কুক্কুরছড়া কাটিল গামারি।' মুকুন্দ, ১৬০০।

গামা-রশ্মি [ই গামা+স রশ্মি] *বি* তেজস্ক্রিয় রশ্মিবিশেষ। 'বের হয় আরো খাটো ঢেউ যাদের বলি গামা-রশ্মি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গামিনী [স] *বি* স্ত্রী গমন করে যে। 'সে মন্দ গামিনী হেলিয়া হেলিয়া পড়ে।' *দ্বিজ*, ১৬০০।

-গামী [সা] *বিণ* গমনকারী। 'সে মূঢ় নরকগামী আমি ছাড়ি তাকে।' *মানিকরাম*, ১৭৮১।

গামেলান [জাভা গ্যামেলান] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'গামেলান বাজনার সঙ্গে ছোটো মেয়ে দুটি নাচলে।' *রবীন্দ্র*, ১৯২৯।

গামোছা [গা+মোছা>] *বি* গা মোছার মোটা বস্ত্রবিশেষ। 'যে-জলে তার স্নান সে জলও যেমন, আর যে-গামছায় গা-মোছা তারও সেই দশা।' *রবীন্দ্র*, ১৯২৯।

গাম্ভারি [স গম্ভারী] ১ *বি* বৃক্ষবিশেষ ও তার কাঠ। 'সাধু ধনপতি মদন জিনি মূর্তি বসিলা গাম্ভারির পীঠে।' মুকুন্দ, ১৬০০। ২ *বি* গ্রামের মণ্ডল। 'যুক্তি কইল গাম্ভারির সনে।' মুকুন্দ, ১৬০০।

গাম্ভারী [স] *বি* বৃক্ষবিশেষ। 'গাম্ভারী – রোগান্তকারী যথা ধন্বন্তরি – দেবতাকুলের বৈদ্য।' *মাইকেল*, ১৮৬০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গাম্ভীর্য, গাম্ভীর্য্য [স] ১ *বি* গম্ভীরতা। 'না জানিয়া বড় গাম্ভীর্য্য রূপে ছলিল।' *তারিণী*, ১৮০৩; 'ক্রিয়াকলাপের মধ্যে যে একটি দিগ্‌গজ্ঞ গাম্ভীর্য আছে ...।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বি* গুরুত্ব। 'সকলেই সমান গাম্ভীর্য্য বুঝিয়া চলিতে পারিত না।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* গভীরতা। 'কানাড়া টোড়ি প্রভৃতি বড়ো বড়ো রাগিণীর মধ্যে যে গাম্ভীর্য...।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৪ *বি* নীরবতা। 'ধাক্কা খেয়ে মানুষের অঙ্গহানি বা গাম্ভীর্যহানির যে আশঙ্কা।' *রবীন্দ্র*, ১৯৩৩।

গাম্ভীর্যশালী, গাম্ভীর্য্যশালী [স] *বিণ* গম্ভীর ভাবসম্পন্ন। 'ঐ শিবমূর্তি দেখিতে অতীব গাম্ভীর্য্যশালী।' *অক্ষয়*, ১৮৫০।

গাম্ভীর্যহানি [স] ১ *বি* নীরবতা ভঙ্গ। 'ধাক্কা খেয়ে মানুষের অঙ্গহানি বা গাম্ভীর্যহানির যে আশঙ্কা।' *রবীন্দ্র*, ১৯৩৩। ২ *বি* গম্ভীরতা হ্রাস। 'তোমারও যেন গাম্ভীর্যহানি হয়েছে বলে বোধ হচ্ছে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

গায়ক [স] *বি* গান গায় যে। 'নাচিছে নাটক গাইছে গায়ক।' *ভারত*, ১৭৬০।

গায়ক-গায়িকা [স] *বি* গান করে যারা। 'শ্রেষ্ঠ ঠুংরি গায়ক-গায়িকা কত সাবধানে শব্দ উচ্চারণ করেন।'

গায়ক পাখি [স গায়ক+স পক্ষী>] *বি* মিষ্টি সুরে ডাকে এমন পাখি। 'ওই যে ক্ষান্ত বর্ষণ-স্নিগ্ধ সন্ধ্যায় মুগ্ধ দু-চারটি গায়ক পাখির ...।' *নজরুল*, ১৯২৭।

গায়ক-বাদক [স] *বি* যারা গান করে এবং যারা বাদ্য বাজায়। 'গায়ক-বাদকের কুরুক্ষেত্রযুদ্ধ বিবাদ ...।' *রবীন্দ্র*, ১৮৮৬।

গায়কী [স] *বি* গায়কের নৈপুণ্যপ্রকাশক ঢং। 'সুরসৃষ্টির ধারা গায়কী ধারা নয়।' *ধূর্জটি*, ১৯৩১।

গায়ত্রী [স] *বি* বেদমন্ত্রবিশেষ। 'তুমি দেবমাতা গায়ত্রী।' *চণ্ডী*, ১৫৫০।

গায়ত্রীগাথা [স] *বি* (বেদের) গায়ত্রী মন্ত্রাদি। 'প্রাচীন নীরব কণ্ঠ হইতে উঠে গায়ত্রীগাথা।' *রবীন্দ্র*, ১৯১৪।

গায়ত্রীমন্ত্র [স] *বি* বেদমন্ত্রবিশেষ। 'যে সম্প্রদায়ের গায়ত্রীমন্ত্রে জন্মসুলভ অধিকার আছে।' *প্রমথ*, ১৯২৮।

গায়ন [স] ১ *বি* গায়ক; গান করে যে। 'নর্ত্তকী নাচএ গিত গাএত গায়নে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* গান। 'সন্ন্যাসী হইয়া করে গায়ন নর্ত্তন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গায়নে-বায়নে *বিণ* গান-বাজনা করে এমন। 'গায়নে-বায়নে জুটল এসে আরেক ওস্তাদ।' *অচিন্ত্য*, ১৯৫০।

গায়বী [আ] *বিণ* গায়েবি; রহস্যময়। 'গিরিরাজের গায়বী-টোপর ওই গো দেখা যায়।' *সত্যেন্দ্র*, ১৯১২।

গায়া [স গব্য] *বিণ* গোরুর দুধ থেকে উৎপন্ন। 'উত্তম গায়া ঘৃত।' *দর্পণ*, ১৮২২।

গায়ানী [স গায়ন] *বি* গায়েন; গায়ক। 'ছুবু কর্ম্মকার, গহের গায়ানী, মেহের বয়াতী।' *মাহেনও*, ১৯৪৯।

গায়িকা [স] *বি* স্ত্রী গান করে যে। 'একজন সুগায়িকা স্বদেশ হতে সঙ্গে এনেছেন।' *মাইকেল*, ১৮৫৯; 'বিমলা গায়িকাদিগের সহিত গায়িতেছেন।' *বঙ্কিম*, ১৮৬৫।

গায়িত্রী [স গায়ত্রী] *বি* বৈদিক মন্ত্রবিশেষ। 'ছেল্যা গায়িত্রী শিখিলেই হয়।' *দর্পণ*, ১৮২১।

গায়েন [স গায়ন] ১ *বি* গান করে যে। 'রঘুনাথ নরপতি গায়েনেরে দিলেন ভূষণ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* গান পরিবেশন। 'তুমি বুঝি খুব ভাল গায়েন করেছ, লয়?' *তারা*, ১৯৪২।

গায়ে-পড়া ১ *বিণ* অযাচিত। 'অকারণ গায়ে পড়া রূঢ় ব্যবহার ও আড়ম্বরপূর্ণ আস্ফালনের ...।' *রবীন্দ্র*, ১৮৮৪। ২ *বিণ* আক্রমণাত্মক। 'একপ্রকার গায়ে-পড়া উদ্ধত হিন্দুয়ানি তাহাকে এখনো মনে মনে আঘাত করিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০৯। ৩ *বিণ* স্বতঃপ্রণোদিত। 'ওর সব তাতেই গায়ে-পড়া বাহাদুরী।' *রবীন্দ্র*, ১৮৩৪।

গায়েব [আ গায়ীব] *বি* অদৃশ্য। 'ফাতেমা দেখিল শির গায়েব হইল।' *গরীব*, ১৭৬৫।

গায়েবি, গায়েবী [আ গায়বী] ১ *বিণ* দৈব। 'গায়েবী আওয়াজ এক শুনি হেনকালে।' *গরীব*, ১৭৬৫। ২ *বিণ* রহস্যময়। 'এই গায়েবি খবর দিয়ে রাখলাম।' *নজরুল*, ১৯২৭। ৩ *বিণ* অনির্দেয়। 'কখনও কখনও গায়েবি আওয়াজ করিয়া থাকেন।' *জসীম*, ১৯৬০।

গায়ে-হলুদ [স গাত্র-হরিদ্রা] *বি* বিয়ের আগে কনের গায়ে হলুদ মাখার অনুষ্ঠান। 'তবে আজি তোমার গায়ে হলুদ দিব।' *বঙ্কিম*, ১৮৬৬।

গারড় [স গড্ডল] *বি* গাড়ল; ভেড়া। 'গারড়ের হেন যুদ্ধ মাথে মাথে করি।' *মালাধর*, ১৫০০।

গারড়ি [স গরুড়>] *বি* বিষমন্ত্র দিয়ে সাপের বিষ ঝাড়ে যে। 'মরিল ওজা সঙ্গে গারড়ি।' *বিজয়*, ১৬৫০।

গারত [আ] *বি* ধ্বংস। 'গোলার চোটে নৌকা সমেত সমস্ত সেনা গারত করিয়া দেয়।' *রামরাম*, ১৮০১।

গারদ [হি] ১ *বি* কারাগার। 'কাছারির গারদে কয়েদ আছে।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *বি* পাগলদের বন্দি রাখার ও চিকিৎসা করার কেন্দ্র। 'ওখানটায় কি রকম খুদে পাগলা-গারদ সাজিয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

গারদখানা [হি গারদ+ফা খানাহ্] *বি* জেলখানা। 'সামরিক গারদখানায় বাস।' *নজরুল*, ১৯২৭।

গারদ সেলামি [হি গারদ+আ সালাম] *বি* জমিদার জেলখানায় থাকলে তাঁর আটক থাকার সময়ে খরচা বাবদ প্রজাদের কাছ থেকে আদায় করা মাশুলবিশেষ। 'ভূস্বামী একদা কারারুদ্ধ হইলে তাঁহার কারাগৃহে থাকিবার ব্যয় নির্ব্বাহার্থে প্রজাদিগের নিকট এক মাথট হয়, তাহার নাম গারদ সেলামি।' *অক্ষয়*, ১৮৫০।

গারনাল [হি গভর্নর?] *বি* গভর্নর। 'এগোনের গারনাল সাহেব কুটি২ আইবুড়ো ভাত খেয়ে বেড়ুয়েলো ক্যামন করে?' *দীনবন্ধু*, ১৮৬০।

গারহা [স গর্ত] *বি* গুহা। 'রসুলে বুলিলা গারহার এক ঠাম/ তাহাতে নির্জন স্থলী অতি অনুপাম।' *সুলতান*, ১৭০০।

গারাজ [ফা] *বি* গাড়ি রাখার নির্দিষ্ট ঘর। 'গাড়ীখানা চিনে নিয়ে সেখানা পুরবে গারাজে।' *মুজতবা*, ১৯৪৯।

গারি[১] [স অগার] *বি* ঘরসংসার। 'খারিজ করাব গারি ঘর।' *মুকুন্দ*, ১৬০০।

গারিঘর [স অগার>+পা ঘর] *বি* গৃহস্থালি। 'নচেৎ করিব গর্ত নিব গারিঘর।' *মানিকরাম*, ১৭৮১।

গারি[২] [স গালি] *ক্রি* গালিপালাজ। 'গরল গারি কুল মহাকারি।' *আলাওল*, ১৬৮০।

গারিহস্ত [স গার্হস্থ্য] *বি* সংসারধর্ম। 'গারিহস্ত ছাড়ি প্রভু করিব সন্ন্যাস।' *বৃন্দা*, ১৫৮০।

গারী[১] [স গালি] *বি* গালি। 'ইথে কেই কর পরচারী/ কাঁদন মাখী হাসি

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দেই গারী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গারী[২] [স অগার] *বি* গৃহস্থালি সম্পদ। 'লুঠি নিল নারী গারী দিল বেড়ি তোক।' *ভারত*, ১৭৬০।

গারুড়ী [স গরুড়>] *বি* বিষ-বৈদ্য; ওঝা। 'আন্ধোহো ভাল গারুড়ী।' *বড়ু*, ১৪৫০।

গারো *বি* আসামের গারো পাহাড় অঞ্চলের অধিবাসী। 'মেছ গারো কোছ লেপচা প্রভৃতি অনার্য্য জাতিগণ।' *বঙ্কিম*, ১৮৯২।

গারোয়ান [স গন্ত্রী>] *বি* গাড়িয়াল; চালক। 'হাঁকিয়ে গাড়ি কোন গাড়োয়ান।' *রবীন্দ্র*, ১৯২২।

গার্জন [ই গার্ডিয়ান] *বি* অভিভাবক। 'কেঁদে বলে, আমাদের নেই কোনো গার্জন।' *রবীন্দ্র*, ১৯৩৬।

গার্জিয়ান [ই] *বি* অভিভাবক। 'না বুঝলে গার্জিয়ানদের জানাতে হবে।' *আলাউদ্দিন*, ১৯৬০।

গার্জেন [ই] *বি* অভিভাবক। 'বাসার লোক ত আমার গার্জেন নয়।' *শরৎ*, ১৯১৭।

গার্ড [ই] **১** *বি* প্রহরী। 'এঞ্জিনের দিকে গার্ড হাত তুলে জাবার সঙ্কেত করে।' *হুতোম*, ১৮৬১। **২** *বি* পাহারা। 'উনি বলেছেন উনি আবার গার্ড দেবেন।' *শিবরাম*, ১৯৫০।

গার্ডার [ই] *বি* সেতুর ধারকবিশেষ। 'মেঘনাব্রীজের দৈত্যাকার গার্ডারগুলোর বিকট সৌন্দর্য।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

গার্ত [স গাত্র] *বি* শরীর। 'গার্ত হৈতে বাহির না হৈত কদাচন।' *আলাওল*, ১৬৮০।

গার্বেজ [ই] *বি* আবর্জনা। 'আমাকে নিক্ষেপ করো গার্বেজ ডাস্পের অন্ধকারে।' *শামসুর*, ১৯৭৩।

গার্য়াল [পা ঘর>] *বি* সাংসারিক কাজকর্ম। 'তোমায় ঝি হইতে আর মজিল গার্য়াল।' *মুকুন্দ*, ১৬০০।

গার্লফ্রেন্ড [ই] *বি* পুরুষের নারী-সঙ্গী। 'কুলি-মেয়েদের বলে ওর গার্লফ্রেন্ড।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

গার্লস্কুল [ই] *বি* বালিকা বিদ্যালয়। 'ভব্য বেশে পরদিন গার্লস্কুলে প্রাইজ বিলায়।' *মণীশ*, ১৯৩১।

গার্হস্থ্য [সা] **১** *বিণ* সংসার সম্পর্কিত। 'দ্বিতীয় ভাগে দারপরিগ্রহণপূর্বক গার্হস্থ্যধর্ম্ম পালন করিবে।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বি* গৃহস্থালি। 'এই প্রেমের গার্হস্থ্য সহসা তাহার নিকট অত্যন্ত বিকট বীভৎস আকার ধারণ করিয়া দেখা দিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গার্হস্থ্যধর্ম, গার্হস্থ্যধর্ম্ম [স] *বি* গৃহস্থালি বিষয়ক আচার। 'দ্বিতীয় ভাগে দারপরিগ্রহণপূর্বক গার্হস্থ্যধর্ম্ম পালন করিবে।' *অক্ষয়*, ১৮৪৯।

গার্হস্থ্যপ্রধান [স] *বিণ* সংসারধর্ম-কেন্দ্রিক। 'গার্হস্থ্যপ্রধান হিন্দুসমাজের যত-কিছু ধর্ম।' *রবীন্দ্র*, ১৯০৭।

গার্হস্থ্য-বিজ্ঞান [স] *বি* গৃহকর্ম বিষয়ক বিদ্যা। 'গার্হস্থ্য-বিজ্ঞান, সুকুমার কলা, শুশ্রূষা ও সংগীত ছাত্রীদের শিক্ষণীয়।' *বেগম*, ১৯৪৯।

গার্হস্থ্যাশ্রম [স গার্হস্থ্য-আশ্রম] *বি* গৃহস্থজীবন। 'আমাদিগের সমুদায় মনোবৃত্তিই গার্হস্থ্যাশ্রমের উপযোগী।' *অক্ষয়*, ১৮৪৯।

গাল[১] [স গল্লা] **১** *বি* মুখবিবর। 'গালে যত বাজিয়াছে অঙ্গুলি-অঙ্গুরী।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* কপোল; গণ্ড। 'ডাইনের গাল ফিরাইয়া দিতেছ।' *বিদ্যা*, ১৮৯২।

গাল-কম্বল *বিণ* কম্বলের মতো ঘন ও কালো। 'মান-মনোহর, গাল-কম্বল দাড়ি।' *মুজতবা*, ১৯৫৯।

গালগল্প [গাল+স জল্প>] *বি* অপ্রয়োজনীয় গল্প। 'নামমালা হাতে করি, গালগল্পে কেবল কাল যায়।' *ভবানী*, ১৮২৫।

গালচাল্লা [গাল+চাল্লা] *বি* বর্ধিত জুলফি; গালপাট্টা। 'দ্বারবান গালচাল্লা বাঁধিয়া সিদ্ধি ঘোঁটে।' *বঙ্কিম*, ১৮৮৪।

গালপাট্টা [গাল+পাট্টা] **১** *বি* বর্ধিত জুলফি। 'তাহার বলিষ্ঠ গঠন, চৌপোঁপা ও ছাঁটা গালপাট্টা আছে।' *বঙ্কিম*, ১৮৮২। **২** *বি* গালের দু পাশের দাড়ি। 'বর এসেছে বীরের ছাঁদে, বিয়ের লগ্ন আটটা / পিতল-আঁটা লাঠি কাঁধে, গালেতে গালপাট্টা।' *রবীন্দ্র*, ১৯৩৬।

গাল ফুলানো, গাল ফোলানো *ক্রি* অভিমানে মুখ ভার করা। 'গম্ভীর ভাবে গাল ফুলিয়ে চেয়ে থাকত।' *রবীন্দ্র*, ১৮৯৪; 'ড্যাবরা ছেলে ড্যাবড্যাবিয়ে তাকিয়ে থেকে গাল ফুলান।' *নজরুল*, ১৯২৬।

গালফোলা [গাল+ফোলা] *বিণ* রাগে বা অভিমানে গাল ফুলেছে এমন। 'গালফোলা একটা খোকা যেন!' *জীবন*, ১৯৩২।

গালবাদ্য [গাল+স বাদ্য] *বি* মুখ দিয়ে বাজানো বাজনা। 'বমবম শব্দে বহু গালবাদ্য করে।' *ভবানী*, ১৮২৫।

গালভরা [গাল+ভরা] **১** *বিণ* সমস্ত গালজোড়া। 'গালভরা হাসিমুখে চালভাজা মুড়ি।' *সুকুমার*, ১৯১৮। **২** *বিণ* আড়ম্বরপূর্ণ। 'পূর্ণ স্বাধীনতার গালভরা কথা তাঁরা বলিতেছেন ...।' *আজাদ*, ১৯৩৯।

গালভর্তি [গাল+ভর্তি] *বিণ* সমস্ত মুখগহ্বর পূর্ণ। 'গালভর্তি পানদোক্তা।' *বিমল*, ১৯৫৩; 'গালভর্তি পানের পিক ছিটকে পড়ছে ওরই গায়ে, আশপাশে।' *কায়সার*, ১৯৬৫।

গালভাঙা [গাল+ভাঙা] *বিণ* চিবুকের অস্থি বেরিয়ে গেছে এমন। 'গালভাঙা তামাটে মানুষগুলি বসে আছে অসহায়ের মতো।' *আলাউদ্দিন*, ১৯৫৪।

গালে-গাল *বিণ* খুব কাছাকাছি অবস্থিত। 'কৃষ্ণচূড়ার পাশে রঙন অশোক গালে-গাল।' *নজরুল*, ১৯৩২।

গালে চূণ কালি দেওয়া – অপরাধের শাস্তিস্বরূপ লাঞ্ছিত করা। 'তার গালে চূণ কালি দিয়ে, মাথায় ঘোল ঢেলে গঙ্গা পার করে দেই।' *উমেশ*, ১৮৫৭।

গালে দেওয়া *ক্রি* মুখে পোরা। 'যেমন নবদন্তোদ্গতা রেণুকা মনে করছেন সমস্ত বিশ্বসংসার তিনি গালে দিতে পারেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

গাল[২] [স গালি] *বি* গালি। 'আপনি যে নেড়েদের এত গাল পাড়তেন ...।' *মাইকেল*, ১৮৬০।

গাল দেওয়া *ক্রি* গালি দেওয়া। 'চাকরবাকরদের অজস্র গাল দিতে আরম্ভ করেছেন।' *রবীন্দ্র*, ১৮৮১।

গাল পাড়া *ক্রি* গালাগালি করা। 'আপনি যে নেড়েদের এত গাল পাড়তেন ...।' *মাইকেল*, ১৮৬০।

গালমন্দ [স গালি>+স মন্দ] *বি* গালাগালি; তিরস্কার। 'সমস্ত গালমন্দ মাথায় করে নিয়েই ... আছি।' *রবীন্দ্র*, ১৯০৯।

গালচ [ফা গালিচা] *বি* গালিচা। 'ছেঁড়া গালচের উপর খুদাবখ্শ গড়াগড়ি দিচ্ছেন।' *মুজতবা*, ১৯৪৯।

গালচে [ফা গালিচা] *বি* গালিচা। 'মেঝেতে একখানা গালচে পাতা।' *বিমল*, ১৯৫৩।

AMARBOI.COM

গালা[১] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'ভৃঙ্গী বাজাওত গালা।' *ভারত*, ১৭৬০।

গালা[২] [স গল>] *বি* লাক্ষা। 'লাক্ষা বা গালা কীটজ পদার্থ।' *বিদ্যা*, ১৮৫১।

গালাভরা [স গল>+ভরা] *বিণ* গালাপূর্ণ। 'বালা গালাভরা হলেও চলে।' *প্রমথ*, ১৯১৩।

গালা[৩] [স গল্>] ১ *ক্রি* নিঃসৃত করা। 'রাহুঞ গালিল যেন চাঁদ সুধাধার।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* তরল নিষ্কাশন করা। 'ফেন গালি কামানলে তখনি নিভায়।' *ভবানী*, ১৮২৫।

গালা[৪] *ক্রি* হলফ করিয়ে নেওয়া। 'নারীপ্রগতি সঙ্ঘে দিব্যি গালিয়ে নিয়েছে ...।' *রবীন্দ্র*, ১৯৪১।

গালাগাল [স গালি>] *বি* গালি; কটূবাক্য প্রয়োগ। 'গুরু মহাশয় আমাদের গালাগাল দিচ্চে।' *উমেশ*, ১৮৫৭।

গালাগালি, গালাগালী [স গালি>] *বি* কটূবাক্য প্রয়োগ। 'করে দোঁহে যৈছে গালাগালি।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'আনোআনি গালাগালী দুই বীর রোষে।' *মুকুন্দ*, ১৬০০।

গালি [স] *বি* কটূবাক্য। 'বাপ মাএ গালি তোরেঁ দিবোঁর বিখর।' *বড়ু*, ১৪৫০।

গালিগালাজ, গালীগালাজ [স গালি>] *বি* গালাগালি; বকাঝকা। 'তাহাকে গালিগালাজ দিয়া বাহির করিয়া দিতেছেন।' *প্যারী*, ১৮৫৮; 'ছেড়ছাড় মিষ্টি গালী গালাজ চলিল।' *মশাররফ*, ১৮৯০।

গালি পাড়া *ক্রি* গালি দেওয়া। 'সাসু দুরুবার ঘরে পাড়িব গালী।' *বড়ু*, ১৪৫০।

গালিবর্ষণ [স] *বি* কটূবাক্য প্রয়োগ। 'মাওলানা সাহেব বেরিয়ে এসে মহিলাদের উপর কিছুক্ষণ গালিবর্ষণ করলেন।' *বেগম*, ১৯৫৩।

গালিমন্দ [স গালি>] *বি* কটু কথা; ভর্ৎসনা। 'গ্রিফিন যখন ... গালিমন্দ দিয়াছেন ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

গালিয়ানো [স গালি>] *ক্রি* গালি দেওয়া। 'গালিয়াইতে।' *মানোএল*, ১৭৪৩।

গালিচা [ফা] *বি* মাদুর; কার্পেট। 'সতরঞ্চ গালিচা কত বিছায় মসজিদে।' *গরীব*, ১৭৬৫।

গালিম [ফা গালিব] *বি* শত্রু। 'গোলাম গোলামী কৈল গালিম কয়েদ হইল।' *ভারত*, ১৭৬০।

গালিমি, গালিমী [ফা গালিব>] *বি* শত্রুতা। 'গালিমী করিল তাহে পাঠানু তোমায়।' *ভারত*, ১৭৬০; 'গালিমি।' *বিদ্যা*, ১৮৯১।

গালিয়ানো *দ্র* গালি

গালিহো [স গালি] *বি* গালি। 'গালিহো সাসুড়ী স্থানে না পাইল আব্দী।' *বড়ু*, ১৪৫০।

গালী [স গালি] *বি* গালি। 'না কর কাকুতী বড়ায়ি নাহিঁ লঅ গালী।' *বড়ু*, ১৪৫০।

গাহক [স গ্রাহক] *বিণ* গ্রাহক। 'পেশাওয়ারী হুরী ... তার গাহক দিল্লী থেকে বাগদাদ অবধি।' *মুজতবা*, ১৯৪৯।

গাহকি [স গ্রাহক] *বি* গ্রাহক। 'দোকান দাকান মেলিল তখন দেখিয়া গাহকিগণ।' *চণ্ডী*, ১৫৫০।

গাহন[১] [স গান] *বি* গান। 'গাহন বাজন তথা হইলে প্রকাশ।' *আলাওল*, ১৬৮০।

গাহনেওয়ালা *বি* গাইয়ে। 'গান সম্বন্ধে যে কর্তৃত্ব গান-রচয়িতার, আমাদের দেশে তাহাই দুইজনে বখরা করিয়া লইয়াছে গানওয়ালা আর গাহনেওয়ালা।' *রবীন্দ্র*, ১৯১৭।

গাহন[২] [স] *বি* অবগাহন। 'যদি গাহন করিতে চাহ এসো নেমে এসো হেথা গহনতলে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গাহনা [স গান] ১ *বি* বর্ণনা। 'অল্প কিছু কহিতে আছি রূপের গাহনা।' *বাহরাম*, ১৬৫০। ২ *বি* আবৃত্তি। 'সকের কবিতা পরস্পর গাহনা করিয়াছেন ...।' *দর্পণ*, ১৮২৫। ৩ *বি* গান। 'আর ফারমাইস খাটে, এবং বাইআনা গাহনাও জানে।' *ভবানী*, ১৮২৮।

গাহনি [স গান>] *বি* গাওয়া। 'দিয়েছে কি সে রাতের বাঁশি/ গহন-হান গাহনি।' *রবীন্দ্র*, ১৯২৫।

গাহা [স গান>] *ক্রি* গাওয়া। 'নূতন কণ্ঠে গাহো নূতনের জয়।' *নজরুল*, ১৯৩০।

গাহুলে [স গ্রাম>] *বিণ* নিকৃষ্ট মানের। 'উড়য়ে পাণ্ডুর গাহুলে চামর দেখিআ হাসেন ভবানী।' *মুকুন্দ*, ১৬০০।

গাহেক [স গ্রাহক] *বি* ক্রেতা। 'খুলবে কেন সে ধন ও তার গাহেক বিনে।' *লালন*, ১৮৯০।

গিআ, গিআঁ, গিআছিলাঙ, গিয়াছিলাম *দ্র* যাওয়া

গিএ [স গ্রীবা>] *ক্রিবিণ* গলায়। 'গিএ তোর মুকুতার হার।' *বড়ু*, ১৪৫০।

গিওম [স গোধুম] *বি* গম। *মানোএল*, ১৭৪৩।

গিট [স গ্রন্থি] *বি* বাঁধন। 'তার সব গিট গেছে ঘুচে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

গিটে বাত *বি* বাতরোগ-বিশেষ। 'তুমি দোহার ধরবে সাথে/ গিটে বাতের গিটকিরিতে।' *নজরুল*, ১৯৩৩।

গিঠা [স গ্রন্থি] *বি* গিঁঠ; জোড়া। 'বাঁধা যে গিঁঠাতে গিঁঠাতে।' *রবীন্দ্র*, ১৯১৪।

গিজগিজ [ধ্বন্যা] *বি* ঠাসাঠাসি ক'রে একত্র অবস্থানের ভাব প্রকাশক শব্দ। 'গিজগিজ গিসপিস গুটগুট।' *রবীন্দ্র*, ১৯০০।

গিজগিজে [ধ্বন্যা] *বিণ* ঠাসাঠাসি করে আছে এমন। 'মানুষে গিজগিজে ট্রেন।' *হোসেন*, ১৯৪০।

গিটকারি, গিটকিরি [হি] ১ *বি* (সংগীত) কয়েকটি স্বরের পরপর দ্রুত উচ্চারণ; তানবিশেষ। 'সে তো হাসি নয়, হাসির গিটকারি।' *প্রমথ*, ১৯১৬। ২ *বিণ* (সংগীত) সুরের কম্পন-মাধুর্যপূর্ণ। 'গিটকিরি গান শুনতে ভাল।' *সুকুমার*, ১৯১৮।

গিত [স গীত] *বি* গান; সংগীত। 'গিতে মোহিত হৈয়া পরান হারাইল।' *মালাধর*, ১৫০০।

গিদের [হি গীদড়া] *বিণ* নোংরা। 'থাক লো ছার কপালি গিদেরি থাক।' *কেরি*, ১৮০২।

গিদ্দা [ফা গিরদা] *বি* তাকিয়া। 'গিদ্দায় গৌরব কর্য্যা হেল্যাচে গা।' *মানিকরাম*, ১৭৮১।

গিদ্‌ধড় [স গৃধ্র] *বি* শকুন। 'দূর্বল এ গিদধড়ে কেন তড়পানো আর।' *নজরুল*, ১৯২২।

গিধি [স গৃধিনী] ১ *বি* শকুনবিশেষ। 'মজুরা করিয়া বলে এই গিধি চোর ...।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* কুলাঙ্গার। 'সেই গিধি নামাকুল হবে মালাউন।' *গরীব*, ১৭৬৫।

গিধিনি, গিধিনী [স গৃধিনী] *বি স্ত্রী* শকুন। 'গিধিনীসদৃশ তোর দেখো দুই কান।' *বড়ু*, ১৪৫০; 'দৈত্য রাজের মাথে পড়ে সুকিনি গিধিনি।' *মালাধর*, ১৫০০।

AMARBOI.COM

গিধ্বড় [হি গীদড়] *বি* শিয়াল। 'গিধ্বড়কি শালা, তোমরা মোনাসেফ না হোয় কাম ছোড়ে দেও।' *দীনবন্ধু*, ১৮৬০।

গিনি [ই] *বি* ইংল্যান্ডের মুদ্রা; এক পাউন্ডের চেয়ে একটু বেশি। 'তাহাতে ৩০০ তিন সও টাকা আর কিছু গিনি আর রূপার টাকা হরেক রকমের ছিল।' *ক্যালগে*, ১৮০০।

গিনিপিগ [ই] *বি* খরগোশ জাতীয় প্রাণীবিশেষ। 'একজোড়া গিনিপিগের বাচ্চা উপহার পাঠিয়েছিলেন।' *শিবরাম*, ১৯৭০।

গিন্নি, গিন্নী [স গৃহিণী] *বি* গৃহকর্ত্রী। 'কোথা গো, গিন্নি কোথা।' *উমেশ*, ১৮৫৭; 'তুমি এতদিন বৌ ছিলে, আজ গিন্নী হলে।' *গিরিশ*, ১৮৮৯।

গিন্নিপনা, গিন্নীপনা [স গৃহিণী>+পনা] *বি* গৃহিণীর মতো আচরণ। 'উনি আমার কাছে গিন্নীপনা কত্তে এলেন।' *দীনবন্ধু*, ১৮৬৬; 'পয়সা বাঁচাবার জন্যে নানা প্রকার গিন্নিপনার চাতুরী খেলা।' *রবীন্দ্র*, ১৮৮১।

গিন্নিবান্নি [স গৃহিণী>] *বি* অভিজ্ঞতাসম্পন্না গৃহকর্ত্রী। 'যে সকল গিন্নিবান্নি জীবিত আছেন।' *রাজ*, ১৮৭৪।

গিন্নিমা *বি* যে গৃহিণী মায়ের মতো। 'ছিনেলীপনার জন্যে সেটাকে দেখতে পারতেন না গিন্নিমা।' *সাদত*, ১৯৬৭।

গিন্নী-অন্তপ্রাণ [স গৃহিণী-অন্তপ্রাণ] *বিণ* স্ত্রীকে ছাড়া কিছুই বোঝে না এমন। 'কর্তা নতুন গিন্নী-অন্তপ্রাণ।' *শরৎ*, ১৯১৭।

গিন্নেপানা [স গৃহিণী>] *বি* অল্পবয়সীর প্রবীণার মতো আচরণ। 'তোর আর গিন্নেপানা দেখে বাঁচিনে।' *উমেশ*, ১৮৫৭।

গিব [স গ্রীবা] *বি* গলা। 'মোরঙ্গি পীচ্ছে পরহিণ সবরী গিবত গুঞ্জরী মালী।' *চর্যা* ২৮, ১২০০।

গিবত [আ] *বি* পরচর্চা। 'তাহার গিবত গিধি জবানে চালায়।' *ভারত*, ১৭৬৫।

গিম [স গ্রীবা] *বি* গলা। 'গিম নীলকণ্ঠ গিরি সম্মুখে দেখিয়া।' *আলাওল*, ১৬৮০।

গিমা [স গ্রীষ্ম] *বি* ক্ষুদ্র শাকবিশেষ। 'ইঙ্গিচা পলতা গিমা বোআলি ঘাঁটিয়া কর পাক।' *মুকুন্দ*, ১৬০০।

গিমিক [ই] *বি* চটকদার আচরণ। 'এটা আমার একটা স্টাইল, একটা গিমিকও বলতে পারো।' *সুনীল*, ১৯৭০।

গিয়া দ্র যাওয়া

গিয়াঁত [স জ্ঞাতি] *বি* জ্ঞাতি: সগোত্র। 'আমার সাতপুরুষের কুটুম না গিয়াঁত?' *নজরুল*, ১৯২৪।

গিয়ান [স জ্ঞান] *বি* জ্ঞান। 'তুমি জোগ তুমি ভোগ পরম গিয়ান।' *মালাধর*, ১৫০০।

গিয়ামোত্তো [স জ্ঞানবন্ত] *বিণ* জ্ঞানী। 'তুমি এমত গিয়ামোত্তো হইয়া আমারদিগের পরমেশ্বরের নিন্দা করহ?' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

গিরগিটি [হি গিরগিট] *বি* টিকটিকি জাতীয় এক প্রকার সরীসৃপ। 'আর একপ্রকার জন্তু আছে, তাহাদিগকে সরীসৃপ বলে; যেমন সাপ, গোসাপ, টিকটিকি, গিরগিটি, বেঙ ইত্যাদি।' *বিদ্যা*, ১৮৫১।

গিরগির [ধ্বন্যা] *বি* উত্তেজনাজনিত অনুভূতিবিশেষ। 'রাগে তার শরীর গিরগির করিয়া উঠে।' *মনসুর*, ১৯৫৫।

গিরস্ত [স গৃহস্থ] *বি* সংসারী লোক। *ওসাঁ*, ১৭৮৫।

গিরস্তি [স গৃহস্থ] *বি* চাষবাস। 'একটি চাকর গিরস্তির কাজ দেখে।' *মনসুর*, ১৯৫৩।

গিরস্থালি [স গৃহস্থ>] *বি* সংসারের কাজ। 'বাপের স্বাস্থ্য এবং গিরস্থালি দুইটাই সংশোধনের বাইরে চলিয়া গিয়াছে।' *মনসুর*, ১৯৫৫।

গিরা[১] [ফা গিরাহ] **১** *বি* গোড়ালি। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* গিঁট। *মানোএল*, ১৭৪৩; 'পটপটপট গিরা ছিঁড়ে হাহা নড়ে ছটফট।' *নজরুল*, ১৯২২।

গিরা দেওন *বি* গিঁট দেওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

গিরা[২] [ফা] *ক্রি* ঘিরে ধরা। 'রাছুলের পায় মর্ম্ম গিরিল আসিয়া।' *গরীব*, ১৭৬৫। **গিরিল** *ক্রি* ধরলো। 'গিরিল কুফর যেন কলাগাছ ঝড়ে।' *গরীব*, ১৭৬৫।

গিরাপি [ফা গিরাফ্‌ত] *বি* নোঙর; নৌকা বাঁধার আঁকশি। 'মায়ার গিরাপি কাট ত্বরায় প্রেমতরীতে ওঠ।' *লালন*, ১৮৯০।

গিরাম [স গ্রাম] *বি* গ্রাম। 'গিরাম বেড়ে অগাধ পানি/ ও তার নাই কিনারা নাই তরণী পারে।' *লালন*, ১৮৯০।

গিরি[১] [স গৃহ] *বি* গৃহ; ঘর। 'গিরি করিলোঁ গোবালী মোথড়া।' *বড়ু*, ১৪৫০।

গিরি[২] [স] *বি* পাহাড়। 'সিআর কা জঞো সীগ জনমএ গিরি উপারএ চাহ।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'কুন্দ কনয়া গিরি তোর দুই স্তন।' *বড়ু*, ১৫৭০।

গিরিকন্দর [স] *বি* পর্বত-গুহা। 'কবরীভয়ে শিখী গেয় গিরিকন্দরে মুখওয়ে চান্দ অকাসে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গিরিকন্যা [স] *বি* স্ত্রী ঝরনা। 'নাচে গিরিকন্যা চঞ্চল ঝরনা।' *নজরুল*, ১৯৩৩।

গিরিকূট [স] *বি* পর্বতশৃঙ্গ। 'যাই মোরা উচ্চ গিরিকূটে।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

গিরি-গর্ভ [স] *বি* পর্বতের গুহা। 'যথায় তিমিরাগারে রুদ্ধ বায়ু যত গিরি-গর্ভে।' *মাইকেল*, ১৮৬১।

গিরিগহ্বর [স] *বি* পর্বতের গুহা। 'কত দিকে কত বন-উপবন গিরিগহ্বর নিকুঞ্জ দিয়া গিয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

গিরিগুহা [স] *বি* পর্বতের গুহা। 'গম্ভীর স্বরলহরীতে গিরিগুহা কন্দরাদি প্রতিধ্বনিত করিয়া ...।' *হরপ্রসাদ*, ১৮৮১।

গিরিগৃহ [স] *বি* পর্বতরূপ ঘর। 'তার সঙ্গে তাল দেয় গিরিগৃহত্যাগিনী অভিসারিণী ঝরনার 'চল চল চল।'' *অন্নদা*, ১৯২৯।

গিরিচয় [স] *বি* পাহাড়সমূহ। 'আছে বটে গিরিচয়, তাহে মাত্র তৃণ হয়।' *মদনমোহন*, ১৮৩৪।

গিরিচর [স] *বি* পাহাড়চারী। 'ডাহুক দাদুর কুহকে গিরিচর।' *আলাওল*, ১৬৮০।

গিরিচ্যুত [স] *বিণ* পর্বত থেকে বিচ্ছিন্ন। 'সরলস্বভাব, শ্রমশীল অরণ্যচরগণ তুঙ্গগিরিচ্যুত নদের ন্যায়।' *সৎসঙ্গ*, ১৮৯৮।

গিরিচূড়া [স] *বি* পর্বত-শৃঙ্গ। 'রাজখেতাবের কুহেলিকাচ্ছন্ন গিরিচূড়ার প্রতি করুণ লোলুপ দৃষ্টি স্থিরনিবদ্ধ করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৮।

গিরিচ্ছায়া [স] *বি* পর্বতের ছায়া। 'উন্নত শিখর, গিরিচ্ছায়া, বন্ধুর ভূমি ইত্যাদি অবলোকন করিতে পারেন।' *অক্ষয়*, ১৮৫৪।

গিরিজাত [স] *বিণ* পর্বত থেকে উৎপন্ন। 'গিরিজাত স্রোতঃসম ভীমধ্বনি করে।' *মাইকেল*, ১৮৬৬।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গিরিতট [স] *বি* পর্বতের উপরের সমতল ভূমি। 'সেই সন্ধ্যাকালে নিস্তব্ধ গিরিতটে ... কোথাও কিছুমাত্র শব্দ ছিল না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গিরিতটচ্যুত [স] *বিণ* পর্বতের উপরিস্থ সমতল ভূমি থেকে বিচ্যুত। 'গিরিতটচ্যুত পাথরের ব্যথা বাতাস আনিছে বয়ে।' *ফররুখ*, ১৯৪৬।

গিরিতটতল [স] *বি* পাহাড়ের উপত্যকা। 'অন্ধকার গিরিতটতলে দেওদার তরু সারে সারে।' *রবীন্দ্র*, ১৯১৬।

গিরিতনয়াধব [স] *বি* (হিন্দুদেবতা) শিব। 'গিরিতনয়াধব কতহি নাম লব জপি জপি জীবন শেষ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গিরিদরি [স গিরি-দরি] *বি* পর্বতের গুহা। 'সারি সারি গিরিদরি দাঁড়ায়ে দুয়ারে।' *নজরুল*, ১৯২৮।

গিরিনদী [স] *বি* পাহাড়ি নদী। 'একটি গিরিনদী স্বচ্ছ সফেন জলরাশি নিয়ে সংকীর্ণ উপলপথ দিয়ে ঝরে পড়ছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গিরিনন্দিনী [স] *বি* হিন্দুদেবী দুর্গা। 'এ কী নূতন সংগীত ধ্বনিয়া উঠিল আজি, হে গিরিনন্দিনী।' *রবীন্দ্র*, ১৮৯০।

গিরি-নিঃস্রাব [স] *বি* ঝরনা। 'আষাঢ়ের গিরি-নিঃস্রাবসম কোনো বাধা মানিল না।' *নজরুল*, ১৯২৯।

গিরিনির্ঝর [স] *বি* পাহাড়ি ঝরনা। 'মুক্তস্রোত গিরিনির্ঝরের তালে।' *বিভূতি*, ১৯৩১।

গিরিনির্ঝরিণী [স] *বি* স্ত্রী পাহাড়ি ঝরনা। 'ঘন বর্ষণে গিরিনির্ঝরিণীগুলোকে খেপিয়ে কূলছাড়া করবে।' *রবীন্দ্র*, ১৯২৮।

গিরিপথ [স] *বি* পাহাড়ি পথ। 'তুমি ... ওই পার্বত্য-গিরিপথ রক্ষা করবে।' *নজরুল*, ১৯৩১।

গিরিপদ [স] *বি* পাহাড়ের পাদদেশ। 'শৈলশিখরের মধ্যস্থ পথকে গিরিবর্ত্ম বা গিরিপদ কহে।' *অক্ষয়*, ১৮৪১।

গিরিবর [স] *বি* পর্বত। 'গিরিবর সিহর সন্ধি পইসন্তে সবরো সোড়িব কইসেঁ।' *চর্যা* ২৮, ১২০০।

গিরিবর্ত্ম [স] *বি* গিরিপথ। 'শৈলশিখরের মধ্যস্থ পথকে গিরিবর্ত্ম বা গিরিপদ কহে।' অক্ষয়, ১৮৪১।

গিরিবিবর [স] *বি* পর্বত গহ্বর। 'ইঙ্গলকে এক গিরিবিবরে লইয়া গেল।' *বিদ্যা*, ১৮৬৩।

গিরিব্রজ [স] **১** *বি* বিহারের অন্তর্গত প্রসিদ্ধ নগরবিশেষ। 'গিরিব্রজ বৌদ্ধদিগের গ্রন্থে তীর্থস্থান রাজগৃহ নামে সুপ্রসিদ্ধ আছে।' *অক্ষয়*, ১৮৪৭। **২** *বি* পর্বতশ্রেণী। 'জরাসন্ধের পুরী গিরিব্রজ দ্বারা বেষ্টিত আছে।' *অক্ষয়*, ১৮৪৭।

গিরিবেষ্টিত [স] *বিণ* পাহাড়-ঘেরা। 'গিরিবেষ্টিত উপত্যকা আর সমতল প্রান্তর।' *প্রেমেন্দ্র*, ১৯৪০।

গিরিমণ্ডলী [স] *বি* পর্বতশ্রেণী। 'নীল গিরিমণ্ডলীর কোলে বাঙাঁ শহর।' *রবীন্দ্র*, ১৯২৯।

গিরিমাটি [স গিরিমৃত্তিকা] *বি* পার্বত্য লাল মাটি। 'গিরিমাটি-গোলা জলভরা নদীর বাঁকটিকে দেখে মনে হয় ...।' *তারা*, ১৯৪৬।

গিরিমালা [স] *বি* পর্বতসমূহ; পর্বতশ্রেণী। 'দিগন্তরোধী নীল গিরিমালার পরপারে সর্বদা ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

গিরিরাজ [স] *বি* হিমালয়। 'গিরিরাজ-রাণী মেনকা সুন্দরী।' *মাইকেল*, ১৮৬০।

গিরিরাজকন্যা [স] *বি* পর্বত রাজার কন্যা; হিন্দুদেবী পার্বতী। 'গিরিরাজকন্যার করুণা সর্বদা সঞ্চরণ করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

গিরিরাজি [স] *বি* পাহাড়ের সারি। 'দেখিতেছি আমি আজি এই গিরিরাজি।' *রবীন্দ্র*, ১৯১৬।

গিরিশিখর [স] *বি* পর্বতচূড়া। 'তিনি মানসপথ পর্যটনপূর্ব্বক গিরিশিখরে উত্থিত হইয়া নত নয়নে নিরীক্ষণ করিতে পারেন।' *অক্ষয়*, ১৮৫৪।

গিরিশির [স] *বি* পর্বতের চূড়া। ' 'উপাদি অভ্রভেদী মহীরূহ, হানে গিরিশিরে ঝড়ে।' *মাইকেল*, ১৮৬১।

গিরিশৃঙ্গ [স] *বি* পর্বতের চূড়া। 'তিনি কল্পনাপথ অবলম্বন করিয়া গিরিশৃঙ্গ দেশে আরোহণ করিতে পারেন।' *অক্ষয়*, ১৮৫৪।

গিরিসংকট, গিরিসঙ্কট [স] *বি* পর্বতশ্রেণীর মধ্যবর্তী পথরূপে ব্যবহৃত অল্পপরিসর ভূমি। 'গিরিসংকট, ভীরু যাত্রীরা।' *নজরুল*, ১৯২৬; 'তিনটি দুরূহ গিরিসঙ্কট অধিকার করে ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

গিরিসম [স] *বিণ* পর্বতের মতো। 'গিরিসম স্কন্ধ নাসিকা দেখিতে ভয়ঙ্করি।' *মালাধর*, ১৫০০।

গিরিসানু [স] *বি* পাহাড়ের উপত্যকা। 'তরুতে শ্যামায়মান গিরিসানু।' *বিভূতি*, ১৯৩১।

গিরিসুত [স] *বি* মৈনাক নামক পর্বত। 'অবু তবু গিরিসুত মায় বলে পর পুত।' *ভবানী*, ১৮২৫।

গিরিসুতা [স] *বি* (হিন্দু পুরাণ) হিমালয় কন্যা পার্বতী। 'গিরি হস্তে নাগি আইল কিবা গিরিসুতা।' *আলাওল*, ১৬৮০।

গিরীন্দ্র [স] *বি* সর্বশ্রেষ্ঠ পর্বত; হিমালয়। 'গিরীন্দ্রের বন্য মধুকরী।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গিরিগিটে [হি গিরগিট] *বিণ* গিরগিটির মতো কৃশ। 'গিরিগিটে তার ক্যাঁকলেসে ঢং।' *নজরুল*, ১৯২৬।

গিরিজা [প ইগ্রেজা] *বি* খ্রিস্টানদের উপাসনালয়। 'ইংরেজি গিরিজার এমারতে খরচ হইবেক।' *ক্যালগে*, ১৭৮৪। *দ্র* **গির্জা**

গিরিদা [ফা গির্দা] *বি* বালিশ। 'রত্নসিংহাসন পাতে গিরিদা যুগল তাতে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গিরিনার *বি* পর্বতবিশেষ। 'গিরিনার নামে পর্ব্বতে গোরক্ষনাথ নামে এক ব্যক্তি সিদ্ধ পুরুষ বসতি করিতেন।' *দর্পণ*, ১৮২২।

গিরিশ [স গ্রীষ্ম] *বি* গ্রীষ্ম। 'উপস্থিত হৈল হের গিরিশ সমএ।' বড়ু, ১৪৫০।

গিরিস [স গ্রীষ্ম] *বি* গ্রীষ্ম। 'শীতের ওড়নি পিয়া গিরিসের বাও।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গিরী [স গিরি] *বি* পর্বত। 'গোকুল রাখিল আক্ষে করে গিরী ধরী।' বড়ু, ১৪৫০।

গিরীন্দ্র *দ্র* **গিরি**[২]

গিরুয়া [ফা গিরা] *বি* মিঠা। *মানোএল*, ১৭৪৩।

গিরে [ফা গিরাহ্] **১** *বি* গেরো; প্যাঁচ। 'কার বা কথায় মন সুতায়/ দেই গিরে।' *লালন*, ১৮৯০। **২** *বি* পরিমাপের এককবিশেষ, এক গজের ষোলো ভাগের এক ভাগ, যা সোয়া দুই ইঞ্চির সমান। 'আমার দেশকে এক গিরে জমি কিংবা এক কড়ির আমদানি খোয়াতে হবে না।' *মুজতবা*, ১৯৫৮।

গিরেফতার [ফা গিরিফতার] *বি* আটক। 'তাঁহাকে নিভৃত স্থানে গিরেফতার করিল।' *বঙ্কিম*, ১৮৮৪।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গিরো [ফা গিরা] *বি* গিঁঠ। *মানোএল*, ১৭৪৩; 'যেমন বস্ত্র আঁটন তেমন ফসকা গিরো।' *রবীন্দ্র*, ১৯০৮।

গির্জা, গির্জ্জা [প ইগ্লেজা] *বি* খ্রিস্টীয় উপাসনালয়। 'পোর্তুগীশীয় গির্জায় তাঁহার গোর হইয়াছে।' *দর্পণ*, ১৮২৪; 'গির্জ্জার ঘড়িতে টুং টাং ঢং টুং টাং ঢং করে চারটে বেজে গ্যালো।' *হুতোম*, ১৮৬১।

গির্জাঘর, গির্জ্জা ঘর [প ইগ্লেজা+পা ঘর] *বি* খ্রিস্টীয় উপাসনালয়। 'একটা নূতন গির্জ্জা ঘর হবেক।' *দর্পণ*, ১৮১৮; 'গির্জাঘর তার মাথা তুলেছে ঊর্ধ্বদিকে।' *মুজতবা*, ১৯৫২।

গির্জে [প ইগ্লেজা] *বি* খ্রিস্টীয় উপাসনালয়। 'এখানে রাত্রে কোনো গির্জের ঘড়িতে ঘণ্টা বাজে না।' *রবীন্দ্র*, ১৮৯২।

গির্জেঘর [প ইগ্লেজা+ঘর] *বি* খ্রিস্টীয় উপাসনালয়। 'ভগবানকে ফাঁকি প্রতি রবিবারে গির্জেঘরে সে দেয়ই।' *মুজতবা*, ১৯৫২।

গির্দা [ফা] *বি* ঠেস দেওয়ার জন্য গদি। *মানোএল*, ১৭৪৩; 'পিঠের কাছে এক গির্দা নিয়ে খাতা-পত্রে হিসাবনিকেশ লিখতেন।' *অবন*, ১৯৪১।

গির্যা [ফা গিরা] *বি* গিঁঠ। 'কলাচোপা ইক্ষু গির্যা গিয়াছে ফেলিয়া।' *কেতকা*, ১৬৫০।

গিলটি, গিলটী [ই গিল্ট] **১** *বি* সোনার প্রলেপ দেওয়ার কাজ। 'পৈতৃক পেশা গিলটী।' *হুতোম*, ১৮৬১। **২** *বি* সোনার প্রলেপ। 'স্বরূপে রূপ আছে গিলটি করা।' *লালন*, ১৮৯০।

গিলটি করা *বিণ* সোনার প্রলেপ-দেওয়া। 'না অনুভব করিয়া কবি হইবার এক প্রকার গিলটি করা কল্পনা আছে, তাহা জালিয়াতের কল্পনা।' *রবীন্দ্র*, ১৮৮২।

গিলন [স] *বি* গলাধঃকরণ। *ওসাঁ*, ১৭৮৫।

গিলা[১], **গেলা** [স গিলন>] *ক্রি* গলাধঃকরণ করা। 'অমিআ আচ্ছন্তেঁ বিস গিলেসিরে।' *চর্যা* ৩৯, ১২০০। **গিলএ** *ক্রি* খায়। 'হয়্যা দেহে বিপরীত কামিনী গিলএ করিবরে।' *মুকুন্দ*, ১৬০০। **গিলয়** *ক্রি* গিলে খায়। 'পাইলে গণ্ডার চণ্ড গিলয় ধরিয়া।' *কৃষ্ণরাম*, ১৭২০। **গিলিআ** *ক্রি* গিলে ফেলে। 'ভুবনমোহন নারী গিলিআ উগারে কেহ।' *মুকুন্দ*, ১৬০০। **গিলিতে** *ক্রি* গলাধঃকরণ করতে। 'গিলিতে আইসে যেন দেখি কম্প হয়।' *বৃন্দা*, ১৫৮০। **গিলিবেক** *ক্রি* গিলবে। 'বুঝিলেক যে এখনি আমাকে গিলিবেক।' *তারিণী*, ১৮০৩। **গিলিলেক** *ক্রি* খেয়ে ফেললো; গিলে ফেললো। 'গিলিলেক মৎস্য গোটা কৃষ্ণের কোঙর।' *মালাধর*, ১৫০০। **গিলুক** *ক্রি* খাক। 'যে আছে কপালের চন্দ্র তারে গিলুক রাউ।' *বিজয়*, ১৬৫০। **গিলে** *ক্রি* খায়। 'কুঞ্জর উগারে গিলে।' *মুকুন্দ*, ১৬০০। **গিলেসি** *ক্রি* গিলেছি। 'অমিআ আচ্ছন্তেঁ বিস গিলেসিরে।' *চর্যা* ৩৯, ১২০০। **গিল্যাছিল** *ক্রি* গলাধঃকরণ করেছিলো। 'তারাদীঘির জলে দাদা গিল্যাছিল সাপ।' *রূপরাম*, ১৭৫০।

গিলে খাওয়া *ক্রি* লোভাতুরভাবে দেখা। 'চোখ দিয়ে গিলে খাবার ধাত একেবারেই নয়।' *রবীন্দ্র*, ১৯২৮।

গিলে ফেলা **১** *ক্রি* গোপন করা। 'যদি বিষয়ের সবটাকেই গিলিয়া ফেলার কুশ্রী অভ্যাস তাহার থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৭। **২** *ক্রি* গলাধঃকরণ করা; প্রলোভনে ভুলে যাওয়া। 'টানাটানি করে টোপ গিলে ফেলল শেষ পর্যন্ত।' *সাদত*, ১৯৬৭।

গিলা[২] [স গিলন>] *বি* গলাধঃকরণ। 'উপরোধের কাজ ঢেঁকির মত গিলা কঠিন হয় কত।' *লালন*, ১৮৯০।

গিলাই *বি* দৈন্য। *মানোএল*, ১৭৪৩।

গিলানো [স গিলন>] *ক্রি* খাওয়ানো। 'কুপী ভরি গিলাইব হারামের হাড়।' *ভারত*, ১৭৬০।

গিলাপ [আ গিলাফ] *বি* বালিশের ওয়াড়। *মানোএল*, ১৭৪৩।

গিলিপ [আ গিলাফ] *বি* গিলাফ। 'সোনার গিলিপে ছিল সাধের চিরণি।' *রূপরাম*, ১৭৫০।

গিলে করা [ও গিল>+করা] *ক্রি* কুঞ্চিত করা। 'চাদর ও জামার আস্তিন বহু যত্নে ও পরিশ্রমে গিলে করিয়া রাখিতেন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গিলোটিন [ই] *বি* শিরশ্ছেদ করতে ব্যবহৃত অস্ত্রসংবলিত যন্ত্রবিশেষ। 'ফরাসী বিদ্রোহের সময় গিলোটিনের অভাব হয়নি।' *মুজতবা*, ১৯৫৮।

গিল্টি [ই গিল্ট] *বিণ* সোনার প্রলেপ-দেওয়া। 'গিল্টির গয়না কোথায় পাওয়া যায়?' *শরৎ*, ১৯১৭।

গিল্টিকরা [ই গিল্ট+করা] *বিণ* সোনার পাতলা প্রলেপ-দেওয়া। 'তামার উপর গিল্টিকরা একজোড়া চুড়ির অর্ডার দিয়া ফেলিয়াছেন।' *মনসুর*, ১৯৫৫।

গিল্লা [ফা গিল্লাহ্] *বি* কুৎসা। **গিল্লা গাওয়ানো** *ক্রি* কুৎসা রটানো। 'সভা কৈরা আমার গিল্লা গাওয়াইছে।' *মনসুর*, ১৯৫৫।

গিল্লে [ফা গিল্লাহ্] *বি* নিন্দা। 'থাক এসব পরের গিল্লে চর্চা।' *নজরুল*, ১৯২৭।

গিল্লাদ [ফা গিল্লাহ্] *বি* কপটতা। 'হতে চাও হুজুরের দাসী মনে গিল্লাদ পোরা রাশি রাশি।' *লালন*, ১৮৯০।

গিস্‌গিস্ [স ঘৃষ্>] *বি* ঠাসাঠাসি করে একত্র অবস্থানের ভাব। 'বৈঠকখানা লোকারণ্য ... দালাল, আইবুড়, অন্নদাস গিস গিস কচ্চে।' *হুতোম*, ১৮৬১।

গিসাই *বি* স্যাঁতসেঁতে ভাব। *মানোএল*, ১৭৪৩।

গিহী [স গৃহী] *বি* গৃহকর্তা। 'বুলী চৌর পৈসে ঘরে গিহ্নীক সতুর করে।' *বড়ু*, ১৪৫০।

গী [স গ্রীবা] *বি* গ্রীবা। 'গীএ সাতেসরী হারে।' *বড়ু*, ১৪৫০।

গীটার [ই] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'তবলা সঙ্গীতে মিসেস ... ও গীটারে মিসেস ...।' *বেগম*, ১৯৬৬।

গীত [স] **১** *বি* গান। 'ঢেণ্ঢণ পাএর গীত বিরলেঁ বুঝঅ।' *চর্যা* ৩৩, ১২০০। **২** *বি* স্তুতি। 'গীত কর আমার মঙ্গল।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৩** *বি* গান করা। *ওসাঁ*, ১৭৮৫; 'দেবোৎসব উপলক্ষে নিমন্ত্রণ, আমন্ত্রণ, গীতাদি বর্ণনাতীত উৎসাহ ...।' *অক্ষয়*, ১৮৪৭। **৪** *বিণ* বর্ণিত। 'ভারতবর্ষের গৌরব পশ্চিম রোমকে, পূর্ব্বে চীনে গীত হইয়াছিল।' *বঙ্কিম*, ১৮৭৯। **৫** *বি* কলধ্বনি। 'সিন্ধুর গম্ভীর গীত, মেঘের গম্ভীর কণ্ঠস্বর।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৬** *বিণ* গাওয়া হয় এমন। 'গীত হওয়াই গীতিকাব্যের আদিম উদ্দেশ্য।' *বঙ্কিম*, ১৮৮৭।

গীত করা *ক্রি* গান গাওয়া। 'বাসুদেব গীত করে প্রভুর বর্ণনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গীতকলা [স] *বি* সংগীতবিদ্যা। 'নাট্যকলা গীতকলা ইত্যাদিতে মিলে একটুখানি কামনার প্রতিচ্ছবি।' *অবন*, ১৯১৯।

গীতকলি [স] *বি* গানের বাণী। 'সে গীতকলি মুঞরে অধরতলে।' *নজরুল*, ১৯৩৫।

গীতগান [স] *বি* সংগীত। 'আর্দ্র-পাখা পাখিগুলি গীতগান গেছে ভুলি।' *রবীন্দ্র*, ১৮৮৬।

গীতঝংকার [স] *বি* গানের সুর। 'মূর্ছনাভরে গীতঝংকার ধ্বনিছ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মর্মমাঝে?' *রবীন্দ্র*, ১৮৯৫।

গীতধর্ম [স] *বি* সাঙ্গীতিক বৈশিষ্ট্য। 'সে তার ধ্বনিপ্রধান গীতধর্মে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গীতধার [স] *বি* গানের ধারা; কলকাকলি। 'পাখির গীতধার ফুলের বাসভার।' *রবীন্দ্র*, ১৮৮৩।

গীতধারা [স] *বি* সুরের প্রবাহ। 'অনন্ত প্রাণের পথে/ বরিষিবি গীতধারা।' *রবীন্দ্র*, ১৮৮৩।

গীতনাট [স] *বি* গীতিনাট্য। 'প্রতিঘরে গীতনাট অভিনব জেন দ্বারাবতী।' *মুকুন্দ*, ১৬০০।

গীতপণ্ডিত [স] *বি* সংগীতবিশেষজ্ঞ। 'গীতপণ্ডিতদের কাছে তা অবজ্ঞার যোগ্য।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গীতপত্রী [স] *বি* গানরূপ চিঠি। 'গোলাপবাগানের বুলবুলের গীতপত্রী মনে সে পৌঁছল ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

গীতবসন্ত [স] *বি* গানে পূর্ণ বসন্ত ঋতু। 'লাগল যেন গীতবসন্তের হাওয়া।' *রবীন্দ্র*, ১৯৩২।

গীত বাঁধা *ক্রি* গান রচনা করা। 'কবি ও পাঁচালিওয়ালারা এই ভাষায় গীত বাঁধিত।' *হরপ্রসাদ*, ১৮৮১।

গীতবাদ্য [স] *বি* গানবাজনা। 'দৌত্য গীতবাদ্যতৎপর হইয়া কিম্বা পৌরোহিত্য ...।' *ভবানী*, ১৮২৫।

গীতময় [স] *বিণ* সুরে আন্দোলিত। 'দুলিছে পবন সন সন বন-বীথিকা, গীতময় তরুলতিকা।' *রবীন্দ্র*, ১৮৯৭।

গীতমুখর [স] *বিণ* গানে মুখরিত। 'কর সুন্দর গীতমুখর নীরব আরাধন।' *রবীন্দ্র*, ১৯২১।

গীতমুখরিত [স] *বিণ* সংগীত-মুখরিত। 'দীপগুলি তব গীতমুখরিত।' *রবীন্দ্র*, ১৯১৪।

গীতমুগ্ধ [স] *বিণ* সংগীতের মধুর ধ্বনিতে মোহিত। 'গীতমুগ্ধ মুখের দিকে কেবলই চেয়ে চেয়ে।' *রবীন্দ্র*, ১৯২৯।

গীতরঙ্গ [স] *বি* গান-বাজনা। 'যেদিন তোমার সঙ্গে গীতরঙ্গে ...।' *রবীন্দ্র*, ১৯২৫।

গীতরব [স] *বি* গানের ধ্বনি। 'উত্থলিত গীতরবে খুলে দে রে মনপ্রাণ।' *রবীন্দ্র*, ১৮৭৯।

গীতরস [স] *বি* সংগীত-মাধুর্য। 'নানারঙ্গে গীতরসে আইলাঙ লাভের আশে।' *মুকুন্দ*, ১৬০০।

গীত-রসিক [স] *বিণ* গানের সমঝদার। 'শুধু কথা রসিক নন, গীতরসিক।' *নজরুল*, ১৯২৯।

গীতরাগ [স] *বি* গানের সুর। 'তৃপ্ত তুমি আমার গীতরাগে।' *রবীন্দ্র*, ১৯১০।

গীতলেখা [স] *বি* গানের কথা। 'যেমন তোমার বসন্তবায় গীতলেখা যায় লিখে।' *রবীন্দ্র*, ১৯১৬।

গীতলোক [স] *বি* সংগীতের জগৎ। 'দেশের সুখ দুঃখ আশা আকাঙ্ক্ষা অমৃত-অভিষিক্ত গীতলোকে অমরত্ব লাভ করুক।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গীতশব্দহীন [স] *বিণ* গানের সুরহীন। 'তন্দ্রাঘন বটশাখা-পরে ছায়ামগ্ন পক্ষিনীড় গীতশব্দহীন।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গীতশিল্পী [স] *বি* সংগীতশিল্পী। 'সৈন্ধবী রাগিণীকে গীতশিল্পীরা সাধারণত সিন্দুড়া নামে অভিহিত করিয়া থাকেন।' *নজরুল*, ১৯৩৫।

গীতসুধা [স] *বি* সংগীতরূপ অমৃত। 'চিত্ত পিপাসিত রে গীত-সুধার তরে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গীতসুধারস [স] *বি* অমৃতরূপ সংগীতের রস। 'গীতসুধারসে এসো।' *রবীন্দ্র*, ১৯১০।

গীতসুর [স] *বি* গানের সুর। 'মৃদু মৃদু মধু উঠে গীতসুর।' *রবীন্দ্র*, ১৮৮০।

গীতস্বর [স] **১** *বি* গানের সুর। 'সুখ দুঃখ গীতস্বর ফুটিতেছে নিরন্তর।' *রবীন্দ্র*, ১৮৯০। **২** *বি* গানের কণ্ঠ। 'পেয়েছে অক্ষয় গীতস্বর।' *রবীন্দ্র*, ১৮৯৬।

গীতহার [স] *বি* গানের মালা। 'চিরকাল ধরে মুগ্ধ হৃদয় গাঁথিয়াছে গীতহার।' *রবীন্দ্র*, ১৮৯০।

গীতহীনা [স] *বিণ স্ত্রী* গানহীন। 'আনিয়াছি গীতহীনা আমার প্রাণের একটি যন্ত্র ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গীতাত্মক [স গীত-আত্মক] *বিণ* গীতিধর্মী। 'এ ধরনের সৃষ্টি সাধারণত হয় গীতাত্মক বা বিবৃতিমূলক।' *শরীফ*, ১৯৬৮।

গীতানুরাগিণী [স গীত-অনুরাগিণী] *বিণ স্ত্রী* সংগীত পছন্দ করে এমন। 'গীতানুরাগিণী একটি গৃহবধূর সঙ্গেও আমার পরিচয় ঘনিষ্ঠ।' *নরেন্দ্র*, ১৯৭৫।

গীতানুরাগী [স গীত-অনুরাগী] *বিণ* সংগীতের প্রতি অনুরাগী। 'গীতানুরাগী বিচক্ষণ ভাবুক ব্যক্তি।' *রবীন্দ্র*, ১৮৮১।

গীতাবলী [স] *বি* গানের সংগ্রহ: পদাবলি। 'তাঁহার নিকট ব্যাকরণ, পাটীগণিত, গীতাবলী, এই তিন খানি মাত্র পুস্তক ছিল।' *বিদ্যা*, ১৮৫৬।

গীতাভিনয় [স গীত-অভিনয়] *বি* গীতসহযোগে অভিনয়; অপেরা। 'আমাদের দেশে এবং য়ুরোপে গীতাভিনয় আছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

গীতাভ্যাস [স গীত-অভ্যাস] *বি* সংগীত চর্চা। 'মাঝে মাঝে নিচের ঘর থেকে শোনা যায় বিজুর গীতাভ্যাস।' *বুদ্ধ*, ১৯৪৯।

গীতোচ্ছ্বাস [স গীত-উচ্ছ্বাস] *বি* গানের উচ্ছ্বাস। 'আকাশ পুরিয়া গীতোচ্ছ্বাসে।' *রবীন্দ্র*, ১৮৮১।

গীতোদ্দেশ্য [স গীত-উদ্দেশ্য] *বি* গানের উদ্দেশ্য। 'তখন গীতোদ্দেশ্য দূরে রহিল।' *বঙ্কিম*, ১৮৮৭।

গীতোপকরণ [স গীত-উপকরণ] *বি* গানের উপাদান। 'কানাড়া আড়ানা মালকোষ দরবারী তোড়ির বহুমূল্য গীতোপকরণ।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গীতা [স] *বি* হিন্দু ধর্মগ্রন্থবিশেষ। 'যদি বা পড়ায় কেহো গীতা ভাগবত।' *বৃন্দা*, ১৫৮০।

গীতাকার [স] *বি* গীতার রচয়িতা। 'গীতাকার আজকাল জন্মালে ... তাঁকে অন্য উপমার আশ্রয় খুঁজতে হত।' *নরেন্দ্র*, ১৯৫০।

গীতাপাঠ [স] *বি* হিন্দুদের ধর্মগ্রন্থ শ্রীমদ্ভগবদ্‌গীতা পাঠ। 'এই লাগি গীতাপাঠে না ছাড়ে মোর মন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গীতি [স] *বি* গান। 'চারিসাতে রচিল আটাশপদী গীতি।' *মুকুন্দ*, ১৬০০।

গীতিকবি [স] *বি* গীতপ্রধান কাব্য রচয়িতা। 'গীতিকবি চারি মুখে/ করিতে লাগিলা বেদগান।' *রবীন্দ্র*, ১৮৮৩।

গীতিকবিতা [স] *বি* লিরিক; খণ্ডকবিতা। 'গীতিকবিতা বাংলাদেশে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বহুকাল চলিয়া আসিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গীতিকলা [স] **১** *বি* সংগীতকলা। 'গীতিকলার নিজেরই একটি বিশেষ প্রকৃতি ও বিশেষ কাজ আছে।' *রবীন্দ্র*, ১৯১২। **২** *বি* সুর। 'শুধু মনে জানি বাজিল না বীণাতারে/ পরমের সুরে চরমের গীতিকলা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গীতিকাব্য [স] *বি* গাওয়ার মতো কাব্য। 'গীত হওয়াই গীতিকাব্যের আদিম উদ্দেশ্য।' *বঙ্কিম*, ১৮৮৭; 'গীতিকাব্যসমূহের বীজ মাত্র সেই মহাকাব্যের মধ্যে ছিল।' *রবীন্দ্র*, ১৯০৮।

গীতিকাব্যিক [স] *বিণ* গীতল। 'একটা সময় এসেছিল যখন আমার গীতিকাব্যিক মনোবৃত্তির ফাঁকের মধ্যে মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৮৮০।

গীতিকার [স] *বি* গান-রচয়িতা। 'সে ধর্ম যে কৃষ্ণ-প্রচারিত, কি গীতিকার-প্রণীত তাহার স্থিরতা কি?' *বঙ্কিম*, ১৮৭৫।

গীতিধারা [স] *বি* সাঙ্গীতিক ধারা। 'এ তিন কাব্যরথীর রচনা পড়লেই গীতিধারা বাদ দিয়ে মধ্যযুগের ...।' *হাই*, ১৯৪৯।

গীতিনকশা [স গীতি+আ নকশা] *বি* গান দিয়ে সাজানো অনুষ্ঠান। 'এক আকর্ষণীয় গীতিনকশার আয়োজন করা হয়।' *বেগম*, ১৯৬৯।

গীতিনাটকীয় [স] *বিণ* গীতিনাট্যসুলভ। 'এই গানটিকে পূর্ববর্তী গানের গীতিনাটকীয় প্রত্যুত্তর ভাবা যেতে পারে।' *আইয়ুব*, ১৯৭৩।

গীতিনাট্য [স] *বি* গান দিয়ে অভিনীত নাটক। 'বাল্মীকিপ্রতিভা গীতি-নাট্য বিদ্বজ্জন সমাগম উপলক্ষে রচিত ও অভিনীত।' *রবীন্দ্র*, ১৮৮১।

গীতি-নির্ঝর [স] *বি* গানের ঝরনাধারা। 'গলিয়া সুরের তুষার গীতি-নির্ঝর বয়ে যায়।' *নজরুল*, ১৯৩২।

গীতিবন্দনা [স] *বি* গান গেয়ে বন্দনা। 'প্রভাতিক গীতিবন্দনা সমাপনান্তে আশ্রমিকগণ স্ব স্ব কর্মে নিযুক্ত হইয়াছেন।' *বনফুল*, ১৯৩৬।

গীতিবীথিচর [স] *বি* সংগীত-সাধক। 'এসো গীতিবীথিচর তম্বুর ধর।' *রবীন্দ্র*, ১৯২৪।

গীতিব্যবসায়িনী [স] *বি* পেশাদার গায়িকা। 'যখন গীতিব্যবসায়িনীর অট্টালিকা হইতে বাদ্যনিক্বণ, সান্ধ্য সমীরণে কর্ণে আসিত।' *বঙ্কিম*, ১৮৭৪।

গীতিময় [স] *বিণ* সংগীতময়। 'দুলছে পবনে সনসন বনবীথিকা, গীতিময় তরুলতিকা।' *রবীন্দ্র*, ১৯০০।

গীতিময়ী [স] *বিণ স্ত্রী* সংগীতপূর্ণ। 'ক্ষুদ্র বিহঙ্গের গীতিময়ী ভাষা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গীতিরচয়িতা [স] *বিণ* গীতিকার। 'গীতরচয়িতা রবীন্দ্রনাথের হৃদয়-মন যে দুই প্রত্যন্ত রেখার মধ্যে দোদুল্যমান ছিল ...।' *আইয়ুব*, ১৯৭৩।

গীতিরস [স] *বি* সংগীতময়তা। 'রবীন্দ্রনাথের গল্প মোপাসাঁ চেখফ দুজনের গল্পকেই হার মানায় তার গীতিরস দিয়ে।' *মুজতবা*, ১৯৫২।

গীতিশব্দ [স] *বি* গানের কথা। 'দুই একজন সুরাপহৃতবুদ্ধি কামিনীর অসম্বদ্ধ গীতিশব্দ।' *বঙ্কিম*, ১৮৭৫।

গীতিশিল্পী [স] *বি* গায়ক। 'খ্যাতনামা গীতিশিল্পী হেমন্ত মুখোপাধ্যায়।' *বেগম*, ১৯৪৭।

গীতিশূন্য [স] *বিণ* সুর নেই এমন। 'গোধূলির গীতিশূন্য স্তম্ভিত প্রহরখানি।' *রবীন্দ্র*, ১৯২৯।

গীতিশৈলী [স] *বি* গানের শৈলী। 'গুরুদেবের গীতিশৈলী পূর্বদিনের সূর্যাস্তের সময় যে লীলামুক্ত নীলাম্বরের সৃষ্টি করেছিল ...।' *মুজতবা*, ১৯৫৯।

গীতিসাহিত্য [স] *বি* গীতধর্মী সাহিত্য। 'রবীন্দ্রনাথ গান ও কবিতা দিয়ে যে বাঙলা গীতিসাহিত্য রচে গিয়েছেন।' *মুজতবা*, ১৯৫২।

গীতিহীন [স] *বিণ* সংগীতবিহীন। 'সারাদিন গীতিহীন স্তুতিহীন চলে গেছে মোর বীণাপাণি।' *রবীন্দ্র*, ১৮৯৬।

গীতিকা [স] **১** *বি* ছন্দোবদ্ধ পত্র। 'লিখিল কমলদলে গীতিকা অভাগী ...।' *মাইকেল*, ১৮৬২। **২** *বি* গীতিকবিতা; গাথা। 'ধ্বনিয়া তুলিছে মত্ত মদির বাতাসে শতেক যুগের গীতিকা।' *রবীন্দ্র*, ১৮৯৬।

গীম [স গ্রীবা] *বি* গ্রীবা। 'আধ নেহারবি বঙ্কিম গীম।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গীমহার [স গ্রীবা-হার] *বি* গলার হার। 'সম্বরএ গীমহার কটির বসন।' *আলাওল*, ১৬৮০।

গীমা [স গ্রীবা] *বি* গ্রীবা। 'লোভে মুখ সোঙ গেলে বাঁধি ভুজপাস পিয় ধরব গীমা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গীয়মান [স] *বিণ* গাওয়া হয়েছে এমন। 'কোনো পুরুষ কর্তৃক গীয়মান বক্ষ্যমাণ আর্যাটি শুনলেন।' *প্রমথ*, ১৯৩০।

গীয়া দ্র যাওয়া

গীয়ার [ই] *বি* যান্ত্রিক যানের চালক অংশ। 'মটোরের ইঞ্জিন গীয়ার বদলের সাথে কঁকিয়ে উঠল।' *হাফিজুর*, ১৯৫৩।

গীরগিট [হি গিরগিট] *বি* টিকটিকি; সরীসৃপবিশেষ। 'বোধ হয় কেবল গীরগিটি অপ্রতুল ছিল।' *হুতোম*, ১৮৬১।

গীরি [হি গিরি] *বি* পাহাড়। 'লাফ দিয়া গেলা জথা গোবর্দ্ধন গীরি।' *সালাধর*, ১৫০০।

গীরিদা [ফা গিরদা] *বি* তাকিয়া। 'গীরিদা হেলান গা মউর পুচ্ছের বা।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গীর্জা [প ইগ্রেজা] *বি* খ্রিস্টানদের উপাসনালয়। 'বিসাপকালেজেতে যে গীর্জা আছে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

গীর্বাণ [স] *বি* দেবতা। 'গীর্বাণপ্রধান দেব গজেন্দ্রবদন।' *মানিকরাম*, ১৭৮১।

গীর্যা, গীর্য্যা [প ইগ্রেজা] *বি* গির্জা; খ্রিস্টানদের উপাসনালয়। 'যে স্থানে খ্রীষ্টিয়ান গীর্য্যা হওনের কল্প হইয়াছিল।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৯।

গু [পা গূথ, ফা গুহ্] *বি* মল; বিষ্ঠা। 'দেখ্ আমি গু দিয়া খিরা খাইব।' *মশাররফ*, ১৮৮৯।

গু ঘাঁটা *ক্রি* আজেবাজে কাজ করা। 'ঢের গু ঘাঁটানো হয়েছে যেন সারাদিন ভরে।' *জীবন*, ১৯৩১।

গুয়ে গোবরে – বিপর্যস্ত অবস্থা। 'কপালের নাম গোপালচন্দ্র কপালের নাম গুয়ে গোবরে।' *লালন*, ১৮৯০।

গুআ [স গুবাক] *বি* সুপারি। 'এহা গুআ পান তোহ্মে আপণেই খাহা।' *বড়ু*, ১৪৫০।

গুংজরী [স গুর্জরী] *বি* রাগবিশেষ। 'রাগ কহুগুংজরী।' *চর্যা ৪১*, ১২০০।

গুঁই *বি* হিন্দু পদবি-বিশেষ। 'কাশীনাথ গুঁই।' *সেবধি*, ১৮৪০।

গুঁজড়ানো *ক্রি* লুকানো। 'মুখ গুঁজড়ে ঘরের কোণে পড়ে থাকা আমার কর্ম নয়।' *রবীন্দ্র*, ১৯১৪।

গুঁজা[১] [স গুঞ্জা] *বি* গুঞ্জা ফল। 'জতনে কত ন কেন বেসাহ্এ গুঁজা দে দহ্ কীন।' *বিদ্যাপতি*, ১৪৬০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গুঁজা[১] [স কুজ] *বিণ* কুঁজা। 'গুঁজা হই দুই করে কচালএ আঁখি।' *সুলতান*, ১৭০০।

গুঁজাবুড়ি [স কুজ>+বুড়ি] *বি* কুঁজো বুড়ি। 'অনেক দেমাকির দেমাক কিনেছে গুঁজাবুড়ি।' *শহীদুল্লাহ*, ১৯৬২।

গুঁজা[২] [হি গোজা] **১** *ক্রি* নোয়ানো। 'যার গন্ধে মাথা গুঁজি বাসুকি পলায়।' *ভারত*, ১৭৬০। **২** *ক্রি* গাঁথা। 'নেকটাইয়ে একটি তলবারের আকারে পিন গুঁজে এসেছিলেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **৩** *ক্রি* লুকানো। 'তোমার এতদিনকার কবিত্ব শেষকালে পয়সার থলির মধ্যে গুঁজলে হে!' *রবীন্দ্র*, ১৮৯২।

গুঁজিকাটি [হি গোজা+কাঠি>] *বি* খোপার কাঁটা। *বিদ্যা*, ১৮৯১।

গুঁটিখেলা *বি* খেলাবিশেষ। 'পল্লীগ্রামে নাটাখেলা দেখা আছে কিংবা গুঁটিখেলা।' *মনোজ*, ১৯৬১।

গুঁড়া [স গুণ্ডক] **১** *বিণ* চূর্ণ। 'কামড় দিয়া মেঘ করে গুঁড়া।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* অবশেষ। 'এবে বুড়া তবু কিছু গুঁড়া আছে শেষে।' *ভারত*, ১৭৬০।

গুঁড়া গাঁড়া *বিণ* অতি সামান্য পরিমাণ। 'যাহা গুঁড়া গাঁড়া পড়িয়া থাকে তাহা জমিদারেরা লয়েন।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

গুঁড়াগড়া [ধ্বন্যা] *বি* পাতার মর্মরধ্বনি। *মানোএল*, ১৭৪৩।

গুঁড়ানো [স গুণ্ডক>] *ক্রি* চূর্ণ-বিচূর্ণ হওয়া। 'রথের চাকায় গেছে সে গুঁড়ায়ে।' *রবীন্দ্র*, ১৯০৬।

গুঁড়ি[১] [স গুণ্ডিক] **১** *বি* রেণু। 'ধূলি গুঁড়ি পায় মাত্র যে সুকৃতি জন।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* সূক্ষ্ম চূর্ণ। 'কিউটিকিউরা ট্যালকামের গুঁড়ি পড়েছিল।' *জীবন*, ১৯৪৮।

গুঁড়িগুঁড়ি [গুঁড়ি>] *বিণ* ইলশেগুঁড়ি; খুব হালকা ধারায়। 'সন্ধ্যা হইতে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি নামিয়াছিল।' *মানিক*, ১৯৩৬।

গুঁড়ি[২] [স গণ্ডি] **১** *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'প্রেমচাঁদ গুঁড়ি।' *সেবধি*, ১৮৪০। **২** *বি* বৃক্ষের কাণ্ড। 'কাঁটালের গুঁড়ি প্রায় ডুঁড়ি এলাইয়া।' *গুপ্ত*, ১৮৫৮।

গুঁড়িওয়ালা [গুঁড়ি+হি ওয়ালা] *বিণ* গুঁড়িবিশিষ্ট। 'কাঠের মত শক্ত গুঁড়িওয়ালা।' *বিভূতি*, ১৯৩৮।

গুঁড়ি[৩] *বি* হামাগুড়ি। 'তার পাশে সে গুঁড়ি মেরে এগিয়ে গেল।' *ওয়ালী*, ১৯৪৩।

গুঁড়ি মারা *বি* সংকুচিত দেহে চলা। 'এত সংকীর্ণ যে গুঁড়ি মারিয়া চলিতে হয়।' *রবীন্দ্র*, ১৯০৭।

গুঁড়িসুঁড়ি *বিণ* জড়োসড়ো। 'দিব্যি গুঁড়িসুঁড়ি হয়ে আরাম করে ঘুমুচ্ছে।' *মণীশ*, ১৯৫৭।

গুঁড়ী [স গুড়>] **১** *বি* গুড় উৎপাদক। 'সেকরা ছুতার নুড়ী ধোবা জেলে গুঁড়ী।' *ভারত*, ১৭৬০। **২** *বি* রসিক। 'বিদ্যা বলে নহ বুড়ী, মাসাস রসের গুঁড়ী।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গুঁড়ো [স গুণ্ডক>] *বি* চূর্ণ। 'ইটের গুঁড়ো দিয়ে ঘসে ঘসে ফরসা করে এনেছিলেন।' *দীনবন্ধু*, ১৮৬৬।

গুঁত *বি* বাঙালি হিন্দু পদবি-বিশেষ। 'দেবীদাস গুঁত।' *সেবধি*, ১৮৪০।

গুঁতগুঁতি [আ গোতা>] *বি* ধাক্কাধাক্কি। 'দুজনে হুড়হুড়ি ও গুঁতগুঁতি করিয়া মরিবেন।' *বিদ্যা*, ১৮৭৩।

গুঁতনি [আ গোতা>] *বি* শিং দিয়ে ধাক্কা মারার কাজ। *বিদ্যা*, ১৮৯১।

গুঁতনিআ [আ গোতা>] *বিণ* শিং দিয়ে ধাক্কা মারা স্বভাব এমন। *বিদ্যা*, ১৮৯১।

গুঁতনো, গুঁতানো [আ গোতা] *ক্রি* শিং দিয়ে আঘাত করা। *বিদ্যা*, ১৮৯১; 'গুঁতোবে না কি!' *শরৎ*, ১৯২৬।

গুঁতানি *বি* গুঁতা বা ধাক্কা মারা। 'এর ধাঁতানি ওর গুঁতানি চাঁদপানা মুখ করে সয়।' *মুজতবা*, ১৯৫২।

গুঁতি [আ গোতা>] **১** *বি* গুঁতা; ধাক্কা। 'ওরে জান না কি ডাকের কথা না পড়িলে ঠেঙ্গার গুঁতি।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *বি* ঠ্যাঙানি। 'পড়িলে শুনিলে দুদিভাতি না পড়িলে ঠেঙ্গার গুঁতি।' *ভবানী*, ১৮২৫।

গুঁতো [আ গোতা>] *বি* ধাক্কা। 'বাবুর মান গুঁতোয় গুঁতোয় থেঁতো হয়ে গেছে।' *দীনবন্ধু*, ১৮৭২।

গুঁতোগুঁতি **১** *বি* তর্কাবিতর্ক। 'দেশী ও বিলেতি ভাবের ঠেলাঠেলি গুঁতোগুঁতি চলছে।' *প্রমথ*, ১৯২০। **২** *বি* ধাক্কাধাক্কি। 'গুঁতোগুঁতি করে নামবার চেষ্টা করল।' *হাসান*, ১৯৬৩।

গুঁতাগাঁতা *বি* মারধোর। 'দু-চারটে গুঁতাগাঁতা খাওয়ার পরই হিম্মৎ সিংয়ের সঙ্গে দেখা হয়ে গেল।' *মুজতবা*, ১৯৫২।

গুঁপো [স গুম্ফ] *বিণ* গোঁফওয়ালা। 'কাঁচি-কপচানো গুঁপো।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

গুঁয়ানো [স গম্>] *ক্রি* কাটানো। 'গোবর্ধন গিরিতে গুঁয়ালাম দিন কত।' *মানিকরাম*, ১৭৮১।

গুঁড়ি [স গুঙ্ক>?] *বি* সিঁদ। *মানোএল*, ১৭৪৩।

গুখুরি [ফা গুহ্+ফা খোর>] *বিণ* আহাম্মকি। 'অনেক কিছুই দাদার গুখুরির জন্য।' *জীবন*, ১৯৩২।

গুগলি[১], **গুগলী** *বি* ছোটো শামুক। 'গুগলি।' *ওসাঁ*, ১৭৮৫; 'ছোট ছোট গুগলী ও ছোট ছোট কীট ধরিয়া খায়।' *মদনমোহন*, ১৮৪৯।

গুগলি[২] [ই] *বিণ* (ক্রিকেটে) লেজব্রেক বলের ভঙ্গিতে করা অফব্রেক বল। 'ফাস্ট মিডিয়ম স্লো গুগলি বোলার।' *মুজতবা*, ১৯৫৮।

গুগ্‌গুল [স] *বি* এক প্রকার সুগন্ধি নির্যাস। 'পুড়ছে দেদার ধূপ-ধুনো গুগ্‌গুল।' *নজরুল*, ১৯২২।

গুঙরানো [ধ্বন্যা] *ক্রি* গোঁ গোঁ শব্দ করা। 'অজ্ঞান হয়ে থাকিস বলেই তো স্বপ্নের চোটে তোরা গুঙরে মরিস।' *রবীন্দ্র*, ১৯২৯।

গুঙানো [স গমন>] *ক্রি* অতিবাহিত করা। 'বার সোল বৎসরে লোক জৌবন গুঙাই।' *মালাধর*, ১৫০০।

গুঙাইল *ক্রি* অতিবাহিত করলো। 'জন্ম গুঙাইল বিপ্র কুলটা লইয়া।' *মালাধর*, ১৫০০।

গুচ্ছ [স] **১** *বি* গোছা। 'মস্তকে যে কেশগুচ্ছ রাখা হয়, তাহাকেই নূর বলে।' *অক্ষয়*, ১৮৫০। **২** *বি* থোকা; স্তবক। 'অতিশুভ্র প্রফুল্ল কুসুম গুচ্ছ ... সমস্তজনের অন্তঃকরণ হরণ করিতেছে।' *অক্ষয়*, ১৮৫১; 'আঙুরের গুচ্ছ, গোলাপের বন, বুলবুলের গান।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গুচ্ছ গুচ্ছ [শ] *বিণ* থোকা থোকা। 'নিম্নবৃক্ষ ঘনশাখা গুচ্ছ গুচ্ছ পুষ্পে ঢাকা, আম্রবন তাম্রফলময়।' *রবীন্দ্র*, ১৮৯০।

গুচ্ছবদ্ধ [স] *বিণ* থোকা থোকা। 'ক্রমশ এদেশে গুচ্ছবদ্ধ রক্ত-কুসুম/ ছড়ায় শত্রু-শবের গন্ধ, ভাঙে ভীত ঘুম।' *সুকান্ত*, ১৯৪৮।

গুছানো [স গুচ্ছ>] **১** *ক্রি* সংগ্রহ করা। 'টাকা করি থাহে, নাবালক ছেইলে, এমনি সব লাসের খবর গুছায়ে রাখবেন।' *গিরিশ*, ১৮৮৬। **২** *ক্রি* সাজানো। 'জিনিসপত্র গুছাইয়া এমনভাবে বসিয়া আছেন ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গুছানো গাছানো *ক্রি* বিন্যস্ত করা; পরিচ্ছন্ন করা। 'শস্যকণাগুলিকে মুখের মধ্যে গুছিয়ে গাছিয়ে জুত করে নেওয়া হয় – ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গুছি [স গুচ্ছ>] *বি* গুচ্ছ। 'অলকে তার একটি গুছি করবীফুল রক্তরুচি।' *রবীন্দ্র*, ১৯২২।

গুছোন [প্রা গচ্ছ>] *বিণ* সাজানো। 'ও বৌমার হবিষ্যির সামগ্রী; কাল থেকে গুছোন ছিল।' *গিরিশ*, ১৮৮৬।

গুজ, গুজা [স কুব্জ] *বিণ* কুঁজা। *মানোএল*, ১৭৪৩।

গুজগাজ [ধ্বন্যা] *বি* চাপা উত্তেজনাপূর্ণ চুপি চুপি আলাপ। 'চার দিকে অসন্তোষের গুজগাজ পড়ে গ্যাল।' *হুতোম*, ১৮৬১।

গুজব [ফা গুজাফ] ১ *বি* জনরব। 'সূর্য তো এখানে গুজবের মধ্যে হয়ে পড়েছে।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* ভিত্তিহীন প্রচার। 'ও-সব গুজবের কথা শোনেন কেন?' *রবীন্দ্র*, ১৯০৭।

গুজরাটি, গুজরাটী [গুজরাট>] *বিণ* গুজরাট সংক্রান্ত; গুজরাট দেশীয়। *বিদ্যা*, ১৮৯১; 'গুজরাটি অঁজনী ছন্দে।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

গুজরাটীভাষী *বিণ* গুজরাটি ভাষা ব্যবহারকারী। 'পাঞ্জাবীভাষী ও গুজরাটীভাষী জনগণের উপর ঐ দুটি ভাষা চাপিয়ে দেওয়া হবে।' *হাফিজুর*, ১৯৫৩।

গুজরাণ [ফা] *বি* জীবিকা নির্বাহ। 'বসুপ্রাপ্তীচ্ছুক যাত্রীকেরা যে কিছু দেয় তদ্দ্বারা গুজরাণ করে।' *দর্পণ*, ১৮২৯।

গুজরাতি, গুজরাতী [গুজরাট>] ১ *বিণ* গুজরাটের। 'গুজরাতি হাতি।' *নজরুল*, ১৯৩১। ২ *বি* গুজরাটের অধিবাসী। 'গুজরাতীদের পতৌড়ি।' *মুজতবা*, ১৯৫৮।

গুজরান [ফা] ১ *বি* চলার মতো আয়। 'চাকরী ছাড়িয়া দিলাম আমার গুজরান হইল না।' *মেয়র্স*, ১৭৫৭। ২ *বি* দিনযাপন। *মেয়র্স*, ১৭৫৭; 'মায়ের নিকটে থাকিয়া গুজরান করি।' *দর্পণ*, ১৮২৭।

গুজরান করা *ক্রি* কাটানো। 'পাড়া-পতিবেশীরা কোন রকমে দিন গুজরান করে।' *শওকত*, ১৯৫৮।

গুজরানো[১] [স গুজর>] *ক্রি* গুজন করা। 'মধুলোভে ভ্রমর গুজরে।' *বড়ু*, ১৪৫০।

গুজরানো[২] [ফা গুজরান] *ক্রি* সময় কাটানো। 'কোন দরবারে গুজরানিবার জন্যে।' *ক্যালগে*, ১৭৮৭।

গুজরি, গুজরী [স গুজর] *বি* পায়ের অলংকারবিশেষ। 'অষ্টবেকি গুজরি কড়া, পায়েতে ঘুঙ্গুর জড়া।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

গুজরী পঞ্চম [স গুজর>+স পঞ্চম] *বি* প্রাচীনকালে প্রচলিত পায়ের অলংকার। 'আলতাপরা ছোট পায়ের গুজরী পঞ্চম।' *বঙ্কিম*, ১৮৭৫।

গুজরী পাঁইজোর [স গুজর+স পাদ>+ফা জোর] *বি* পায়ের অলংকার-বিশেষ। 'গুজরী পাঁইজোরের রুমুঝুমু।' *নজরুল*, ১৯২৪।

গুজস্তা পয়স্তা [ফা গুজসতা+ফা পয়ওয়স্ত] *ক্রিবিণ* পূর্বাপর। 'গুজস্তা পয়স্তা জে মালগুজারি করিয়া আসিতেছে তাহাই করিবে।' *ভেরলি*, ১৭৯১।

গুজারা[১] [ফা গুজরান] *ক্রি* পালন করা; সম্পন্ন করা। **গুজারিতে** *ক্রি* সম্পন্ন করতে। 'গুজারিতে নামাজ যে মনেত ইচ্ছিল।' *সুলতান*, ১৭০০। **গুজারিলে** *ক্রি* পালন করলে। 'দুই গুজারিলে দুই ক্বেমিব খোদাএ।' *আলাওল*, ১৬৮০।

গুজারা[২] [ফা গুজরান] *বি* অতীত জীবন। *মানোএল*, ১৭৪৩।

গুজুর [ফা গুজারাহ] *বি* উপস্থাপন। 'রুজুর মিছিল গুজুর করিতে পারে না।' *প্রভাকর*, ১৮৫৮।

গুজুর গুজুর [ধ্বন্যা] *বি* গোপন পরামর্শ। 'গাঁয়ের শালারা এখনও সব গুজুর গুজুর করছে।' *তারা*, ১৯৪২।

গুজুর-ঘুণে [ধ্বন্যা গুজুর+স ঘুণ] *বিণ* গুজরি কীটের দ্বারা আক্রান্ত। 'গুজুর-ঘুণে, দেড়-পাঁজুরে ল্যাডাগ্যাপচার।' *নজরুল*, ১৯২৬।

গুজুরি *বি* বাঙালি হিন্দু পদবি-বিশেষ। 'বদনচন্দ্র গুজুরি।' *সেবধি*, ১৮৪০।

গুজোব [ফা গুজাফ] *বিণ* অহেতুক রটেছে এমন। 'এডা কেবল গুজোব কথা।' *দীনবন্ধু*, ১৮৬০।

গুজ্জরী *বি* (সংগীত) রাগবিশেষ। 'গুজ্জরীরাগঃ।' *বড়ু*, ১৪৫০।

গুজ্জান [ফা গুজরান] *বি* গুজরান; সময় কাটানো। 'সসময় মাফিক গুজ্জান করিব।' *ওসা*, ১৭৭৯।

গুএা [স গুবাক] *বি* সুপারি। 'সকল কটক মিলি লব পান গুয়া।' *বিজয়*, ১৬৫০।

গুঞ্জ [স] *বি* ফুলের গুচ্ছ। 'লতাকুঞ্জে বেড়িল বিবিধ গুঞ্জে।' *বড়ু*, ১৪৫০।

গুঞ্জৎ [স] *বিণ* গুঞ্জনকারী। 'বিচিত্রবর্ণপক্ষযুক্ত গুঞ্জৎ পক্ষীরা প্রাণবান সকোণ কাচখণ্ডের ন্যায় ...।' *রবীন্দ্র*, ১৯১৭।

গুঞ্জন [স] *বি* গুনগুন ধ্বনি। 'মলয়-বীজন, ভ্রমর-গুঞ্জন।' *রবীন্দ্র*, ১৮৮১।

গুঞ্জনগান [স] *বি* গুনগুন ধ্বনি। 'তোমার মৌচাক থেকে বিদায় হবার গুঞ্জনগান করে নেওয়া যাক।' *রবীন্দ্র*, ১৯১৫।

গুঞ্জনধ্বনি [স] *বি* গুনগুন ধ্বনি। 'চার দিক থেকে একটা প্রশংসার গুঞ্জনধ্বনি উঠল।' *রবীন্দ্র*, ১৮৮১।

গুঞ্জনমুখর [স] *বিণ* গুনগুন শব্দে ধ্বনিত। 'নবীন শিশিরসিক্ত গুঞ্জনমুখর স্নিগ্ধবনপথ।' *রবীন্দ্র*, ১৯০১।

গুঞ্জনরাগ [স] *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'গুঞ্জনরাগ।' *মালাধর*, ১৫০০।

গুঞ্জনা [স গুঞ্জন>] *বি* ঝঙ্কার। 'উঠিতেছে ধ্বনি তোমারি বীণার গুঞ্জনা।' *রবীন্দ্র*, ১৮৯৬।

গুঞ্জনালাপ [স গুঞ্জন-আলাপ] *বি* অনুচ্চ আলাপ। 'দুইজনের গুঞ্জনালাপ তৎক্ষণাৎ থামিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৬।

গুঞ্জর [স] *বি* গুঞ্জন। 'মঞ্জুরী মঞ্জুর ভ্রমর গুঞ্জর।' *বাহরাম*, ১৬৫০।

গুঞ্জরণ [স গুঞ্জর>] ১ *বি* গুনগুন ধ্বনি। 'এইমত অস্ফুটধ্বনির গুঞ্জরণ।' *রবীন্দ্র*, ১৯১৬। ২ *বি* ঝঙ্কার। 'বীণার গুঞ্জরণ আকাশে মেলে দেয়।' *রবীন্দ্র*, ১৯৩২।

গুঞ্জরণময় [স গুঞ্জর>+স ময়] *বিণ* গুনগুন রবে পূর্ণ। 'এ-বিকেল মানুষ না মাছিদের গুঞ্জরণময়।' *জীবন*, ১৯৪৮।

গুঞ্জরতান [স] *বি* গুনগুন রব। 'গুঞ্জরতান করিয়াছি গান জ্যোৎস্নারাতে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গুঞ্জরা [স গুঞ্জর>] *ক্রি* গুনগুন ধ্বনি তোলা। 'বিদ্যাপতি এহো ভানে গুঞ্জরী ভজু ভগবানে, কহৈয়া।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'গুঞ্জরি বেড়ায় পুষ্পবনে।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'গুঞ্জরিল অলি চারি দিকে।' *মাইকেল*, ১৮৬০।

গুঞ্জরিত [স] *বিণ* গুনগুন রব করে এমন। 'গুঞ্জরিত তানে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গুজরি [স গুর্জর>+রাগ] *বি* (সংগীত) গুর্জরী রাগিণী। 'গুজরিরাগ।' *মালাধর*, ১৫০০; 'মঙ্গল গুজরি রাগ।' *মালাধর*, ১৫০০।

গুজরী[১] [স গুর্জর] *বি* (সংগীত) রাগবিশেষ। 'রাগ গুজরী।' *চর্যা* ২২, ১২০০।

গুজরী[২] [স গুঞ্জা] *বি* গুঞ্জা ফল। 'মোরঙ্গি পীচ্ছ পরহিণ সবরী গিবত গুঞ্জরী মালী।' *চর্যা* ২৮, ১২০০।

গুঞ্জা[১] [স গুঞ্জন] *বি* গুঞ্জন করা। 'সরস ভ্রমর গুঞ্জে।' বড়ু, ১৪৫০; 'অলিকুল গুঞ্জে নওবত বাজে।' *বাহরাম*, ১৬৫০।

গুঞ্জা[২] [স] ১ *বি* কুঁচফল। 'সিন্দুর বদলে হিঙ্গুল পাব গুঞ্জা বদলে পলা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* গুঞ্জালতা। 'যারা গুঞ্জাফুলের মালা গেঁথে পরে পরায় গলে।' *রবীন্দ্র*, ১৯০০।

গুঞ্জামালা [স] *বি* কুঁচফলের মালা। 'গোবর্ধনের শিলা গুঞ্জামালা তারে দিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গুঞ্জাহার [স] *বি* কুঁচের মালা। 'বেত্র বংশী শিঙ্গা ছাঁদদড়ি গুঞ্জাহার।' *বৃন্দা*, ১৫৮০।

গুঞ্জায়েশ [ফা গুঞ্জায়িশ] *বি* স্থান। 'এতেও গুঞ্জায়েশ হলো না।' *মাহেনও*, ১৯৪৯।

গুঞ্জিত [স] *বিণ* গুনগুন ধ্বনিতে মুখর। 'কোকিল কুজিত ভ্রমর গুঞ্জিত।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গুটলি [স গুটি] *বি* ধাতব মুদ্রাবিশেষ। 'গুটলি বলিয়া বিখ্যাত ছোট ত্রিশূলি পয়সা।' *দর্পণ*, ১৮৩৩।

গুটানো[১] [স গোষ্ঠ>] *বিণ* গুছিয়ে-রাখা। 'ছাতের উপর গুটানো বিছানা।' *রবীন্দ্র*, ১৮৮৯।

গুটানো[২] [স গোষ্ঠ>] ১ *ক্রি* সংকুচিত করা। 'পা গুটাইয়া পেটের ভেতর রাখে।' *মদনমোহন*, ১৮৫০। ২ *ক্রি* ভাঁজ করা। 'আঁধার রাখি গুটিয়ে পাখা।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *ক্রি* টেনে সঙ্কুচিত করা। 'আকাশ থেকে গুটিয়ে নিয়ে এক প্রান্তে পাকিয়ে জড়ো করেছেন।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৪ *ক্রি* তুলে নেওয়া। 'গুটাইয়া ঘরে তুলিতেছিলাম।' *রবীন্দ্র*, ১৯০৫। ৫ *ক্রি* স্থগিত করা। 'সাতচল্লিশ বছরের ব্যবসা গুটালে?' *জীবন*, ১৯৩২। ৬ *ক্রি* বন্ধ করা। 'হেথা এসে গণক গুটাল পুঁথি।' *সুধীন্দ্র*, ১৯৩৩। **গুটে** *ক্রি* গুটিয়ে। 'দমের ঘরে রয়েছে সে আসলে কলের মূলটি গুটে।' *লালন*, ১৮৯০।

গুটি[১] *অব্য* সংখ্যাবাচক পদাশ্রিত নির্দেশক। 'গুটি চারি ফুল হের আছে মোর হাথে।' বড়ু, ১৪৫০।

গুটিকএক *বিণ* অল্পসংখ্যক। 'বিবেকাদির প্রত্যায়ক গুটিকএক শব্দ আছে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩২।

গুটিকত *বিণ* কয়েকটি। 'তেমনি গুটিকত কারিকাও আছে।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

গুটিকতক ১ *বিণ* কয়েকজন। 'ভদ্রলোক তাঁর জন্মতিথি উপলক্ষে গুটিকতক ফ্রেন্ডকে মধ্যাহ্ন ভোজনের নিমন্ত্রণ করেন।' *হুতোম*, ১৮৬১। ২ *বিণ* অল্প কয়েকটি। 'গুটিকতক গাছ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গুটি কয় *বিণ* কয়েকটি। 'গুটি কয় হাঁস।' *ওবায়দুল্লাহ*, ১৯৭৪।

গুটিকয়েক *বিণ* কয়েকটি। 'প্রায়-অসম্পর্কীয় গুটিকয়েক ছোটো ছোটো মেয়ে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

গুটিগুটি ১ *ক্রিবিণ* একে একে। *বিদ্যা*, ১৮৯১। ২ *ক্রিবিণ* আস্তে আস্তে পা ফেলে। 'আসে গুটি গুটি বৈয়াকরণ।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *ক্রিবিণ* ধীরে ধীরে। 'নঈমা যেন গুটিগুটি পা ফেলিয়া ... ফাঁক তালাস করিয়া বেড়াইতেছে।' *মনসুর*, ১৯৫৫।

গুটি[২] [স] ১ *বি* লুডু, পাশা ইত্যাদি খেলার চাল নির্ভর করে যে চারকোনা উপকরণের ওপর; ডাইস। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* দাবার ঘুঁটি। *ওসাঁ*, ১৭৮৫। ৩ *বি* রেশমের কোষ। 'রেশম নির্মিত একটা ডিম্বাকার আবরণে রুদ্ধ হইয়া যায়। এই আবরণকে গুটি বা কোয়া বলে।' *বিদ্যা*, ১৮৫১। ৪ *বিণ* কচি ফল। 'ফুলেতে ধরেছে ফল গুটি গুটি সুঁটি।' *গুপ্ত*, ১৮৫৮। ৫ *বি* ছোটো গোলাকার বড়ি। 'খেতে দেয় গোবরের গুটি।' *রবীন্দ্র*, ১৯৩২।

গুটিগুটি *বিণ* ছোটো ছোটো। 'ফুলেতে ধরেছে ফল গুটি গুটি সুঁটি।' *গুপ্ত*, ১৮৫৮।

গুটিপোকা [স গুটি+স পুত্তিকা] *বি* রেশমের কীট। 'গুটিপোকা কিরূপ নিজ লালায় বন্দী হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

গুটি মারা *ক্রি* জড়সড় হওয়া। 'সুদূর কুটুম্বিতার মধ্যেই গুটি মারিয়া বসিয়া থাকিব।' *রবীন্দ্র*, ১৮৮৭।

গুটিসুটি *ক্রিবিণ* জড়সড়। 'গুটিসুটি মেরে শুয়ে পড়লুম।' *রবীন্দ্র*, ১৮৯১।

গুটিসুটি মারা *ক্রি* জড়সড় হয়ে থাকা। 'আমজাদ গুটিসুটি মারিয়া গতিবিধি লক্ষ্য করে শুধু।' *শওকত*, ১৯৫৮।

গুটিক [স গুটি>] *বিণ* একজনমাত্র। 'হৃদয় মুখেতে এক সমতুল কোটিকে গুটিক পাই।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গুটিকা [স] *বি* গোল ফল। 'অমর্ত গুটিকা দিলা জোড়া নারিকল।' *রামাই*, ১৭১০।

গুটী [স ক্ষোড] *বি* ঘুঁটি। 'পাঞ্চ গুটী পাট নাঅ গঢ়ন আহ্মার।' বড়ু, ১৪৫০।

গুঠী [স গুটি] *বি* গুটিকা; গুলি। 'দুই পাশে নিরমিল গুশোভন গুঠী।' বড়ু, ১৪৫০।

গুড [হি] *বিণ* শুভ। **গুড ইভনীং** [হি] *বি* শুভ সন্ধ্যা। 'বাবু উপরে এলেন – সেকহ্যাণ্ড, গুড ইভনীং ও নমস্কারের ভিড় চুকতে আদ ঘণ্টা লাগলো।' *হুতোম*, ১৮৬১।

গুড ঈভনিং [হি] শুভ সন্ধ্যা। 'এমন সময় গোরা "গুড ঈভনিং স্যর" ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

গুডউইল [হি] *বি* সুনাম। 'এর গুডউইল কিনেছে তিন বছর আগে।' *জীবন*, ১৯৩২।

গুড-ডে [হি] *বি* (সম্বোধনে) শুভ দিন। '(প্রকাশ্যে) গুড-ডে খুদিরাম বাবু!' *গিরিশ*, ১৮৮৬।

গুড ফ্রাইডে [হি] *বি* খ্রিস্টানদের ধর্মীয় অনুষ্ঠান। 'খ্রীষ্টীয় রোজার (গুড ফ্রাইডের) সময় ধর্মপরায়ণ খ্রীস্টানগণ ...।' *রোকেয়া*, ১৯০৪।

গুডবয় [হি] *বি* সুবোধ বালক। 'গুডবয় হয়ে গিলিছে আফিম।' *নজরুল*, ১৯৩১।

গুডবাই [হি] *বি* শুভ বিদায়। 'গুডবাই শচীশ।' *রবীন্দ্র*, ১৯১৪।

গুড মর্নিঙ, গুড মারনিং, গুড মার্ণিং [হি] *বি* সুপ্রভাত। 'গুড মার্ণিং ম্যডম।' *প্রভাকর*, ১৮৩১; 'গুড মারনিং শব্দান্তরেঃ সকলে শেকেহেন।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৬; 'গুড মর্নিঙ স্যার, বলে এস্টেসন মাষ্টার নিশেনটা তুল্লেন।' *হুতোম*, ১৮৬১।

গুডস [হি] ১ *বি* জিনিসপত্র; পণ্য। 'সেকেন ক্লাস ও গুডস ও লগেজ ডিপার্টমেন্টেও এই প্রকার গোল।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* মালবাহী

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ট্রেন। 'ট্রেন আসে ... মেল, গুডস, সাটল, স্পেশাল, প্যাসেঞ্জার।' *হোসেন*, ১৯৪০।

গুড়[১] [স] ১ *বি* আখ, খেজুর প্রভৃতির রস থেকে তৈরি মিষ্ট দ্রব্য। 'কাঠ কঠিন মোদক উপরে মাখিয়া গুড়।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'গুড় এবং মধুতে যে গাঁজ উৎপন্ন হয়।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বি* লাভ; কমিশন। 'দালালির গুড়ে সবারই লোভ।' *শ্যামল*, ১৯৬৭।

গুড়পিটে [স গুড়+স পিষ্টক] *বি* গুড় দিয়ে তৈরি মালপোয়া জাতীয় পিঠা। 'চিনি দিব ক্ষীর দিব দিব গুড়পিটে।' *গুপ্ত*, ১৮৫৮।

গুড়বীজ [স] *বি* আখ; তাল, খেজুর ইত্যাদি যা থেকে গুড় তৈরি হয়। 'গুড়বীজ নাম ধরে গেলে পরে ভাঙ্গা।' *গুপ্ত*, ১৮৫৮।

গুড়-মুড়ি [স গুড়+মুড়ি] *বি* গুড় মাখানো মুড়ি। 'এক পাথর গুড়মুড়ি জলযোগের কারণ দিলেন।' *দর্পণ*, ১৮২৫।

গুড়ে পাথর *বি* নিষ্ফল আশা। 'শাকসব্জী? সে গুড়ে পাথর।' *মুজতবা*, ১৯৪৯।

গুড়ে বালি পড়া *ক্রি* আশাভঙ্গ হওয়া। 'আজ কাল ইংরাজি লেখা পড়ার কল্যাণে সে গুড়ে বালি পড়েচে।' *হুতোম*, ১৮৬১।

গুড়ের পাটালি *বি* পাটায় জমানো গুড়ের খণ্ড। 'ও-হাঁড়িতে ঢাকা আছে দুই-চারিখান গুড়ের পাটালি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গুড়[২] [স] *বি* বাঙালি ব্রাহ্মণের পদবি-বিশেষ। 'রাধাকৃষ্ণ গুড়।' *সেবধি*, ১৮৪০।

গুড়কাঁউলি *বি* উদ্ভিদবিশেষ। 'পাতা সিজ ঘোড়া সিজ গুড়কাঁউলি।' *মুকুন্দ*, ১৬০০।

গুড়গুড় [ধ্বন্যা] ১ *বি* পাখিবিশেষ। 'গুড়গুড় ভারই ঘটা টুনটুনি তালচটা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* অবিরাম গুড় শব্দকারী। 'হুক্কার গুড়গুড় আওয়াজ হঠাৎ থেমে গেল।' *ওয়ালী*, ১৯৪৫।

গুড়গুড়ি [ধ্বন্যা] ১ *বি* নলযুক্ত হুঁকা। 'কেহ সোনাবান্ধা হুঁকায় তেছে, কেহ গুড়গুড়িতে, কেহবা আলবোলাতে তামাক খাইতে আরম্ভ করিলেন।' *ভবানী*, ১৮২৫। ২ *বি* গুড়গুড় শব্দ। 'দামামা নাকাড়ায় গুড়গুড়ি ডাঙ্কায় কর্ণভেদী ধ্বনি আর অস্ত্রের চাকচিক্য।' *মশাররফ*, ১৮৮৭।

গুড়গুড়িয়ে [ধ্বন্যা] *ক্রিবিণ* চুপিসারে। 'সেই সময়ে গুড়গুড়িয়ে পিছন হতে এসে।' *সুকুমার*, ১৯১৮।

গুড়মী *বি* বুনো ফলবিশেষ। 'জঙ্গলে গুড়মী ফল ফলে।' *বিভূতি*, ১৯৩৮।

গুড়া[১] [স গণ্ডি] *বি* নৌকার ধারে বসানো সরু পাটাতন। 'গড়ে ডিঙ্গা মধুকর ... পাশে গুড়া বসিতে গাবর।' *মুকুন্দ*, ১৬০০।

গুড়া[২] [স গুরু] ১ *বিণ* চূর্ণ। 'জাতে ঠেকে সেই সব হইয়া জাএ গুড়া।' *মালাধর*, ১৫০০। ২ *বি* হত্যা। 'দশবিশ বীরবর ধায় নৈয়া জমধর শ্রীমন্তে করিতে গুড়া।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* নষ্ট। 'ছয় মাস খুঞা বাস হয়্যা গেল গুড়া/ লহনা প্রসাদ কৈল একখানি মুড়া।' *মুকুন্দ*, ১৬০০।

গুড়াকেশ [স] *বিণ* নিদ্রাকে বশ করেছে এমন; হিন্দু দেবতা শিব। 'আমি গুড়াকেশ নই, নিদ্রা আমি জয় করিনি।' *মুজতবা*, ১৯৫২।

গুড়াচুন [স গুরুকচূর্ণ] *বি* গুঁড়া চুন। *ওসী*, ১৭৮২।

গুড়ানো [স গুরুক] *ক্রি* চূর্ণ করা। 'মনে আশা এহার পশ্চাত গুড়াইব।' *রূপরাম*, ১৭৫০।

গুড়ামুড়ি [স গুড়+মুড়ি] *বি* গুড় মাখানো মুড়ি। 'গুড়ামুড়ি খান ষোল আড়ি।' *নজরুল*, ১৯২৬।

গুড়ি [স গণ্ডি] *বি* গাছের মূলের দিকের মোটা অংশবিশেষ; কাণ্ড। *ওসী*, ১৭৮৫।

গুড়ি গুড়ি [স গণ্ডি] *ক্রিবিণ* গুটি গুটি। 'ক্ষণে চলে গুড়ি গুড়ি।' *মুরারি*, ১৫৭০।

গুড়ি মেরে বসা *ক্রি* শরীরটাকে সংকুচিত করে লুকিয়ে থাকা। 'গিয়া দেখিলেন, খর্বকায় রমাই ভাঁড় গুড়ি মারিয়া বসিয়া আছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গুড়িসুড়ি [স গণ্ডি] *ক্রিবিণ* গুটিসুটি; জড়সড় হয়ে। 'সারা রাত গুড়িসুড়ি মেরে শুয়ে থাকে।' *জীবন*, ১৯৩০।

গুড়ুক [স গুড়] *বি* মিঠা তামাক। 'গোলবালিশে ঠ্যাশ মারি গুড়ুক তামুক খায়, গপ্পি করে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

গুড়ুচ্যাদি তৈল [গুড়ুচি [স গুলঞ্চ]+স আদি-তৈল] *বি* গুলঞ্চ লতা থেকে তৈরি তেল। 'কবিরাজ মহাশয় এক বোতল গুড়ুচ্যাদি তৈল লইয়া বাহিরে যাইতেছিলেন।' *প্যারী*, ১৮৫৮।

গুড়ুম [ধ্বন্যা] *বি* প্রচণ্ড ধ্বনি। *বিদ্যা*, ১৮৯১; 'ভয়ানক শব্দ! – গুড়ুম-দ্রুম-দুম।' *নজরুল*, ১৯২২।

গুড়ুম গুড়ুম ১ *ক্রিবিণ* গুড়ুম গুড়ুম শব্দ ক'রে। 'বড় গোলা ফাটছে গুড়ুম গুড়ুম।' *নজরুল*, ১৯২২। ২ *ক্রিবিণ* অব্যাহত গুড়ুম শব্দে। 'চুল ধরে তারে গুড়ুম গুড়ুম মারিল দু'তিন কিল।' *জসীম*, ১৯২৯।

গুড়া [স গুড়] *বি* সংযোজক কাঠ। 'তাত গুড়া যোড়ী দিল তৌলঝাঁপে।' *ওসী*, ১৪৫০।

গুণ[১] [স] ১ *বি* নৌকা টানার দড়ি। 'নৌবাহী নৌকা টাণ্ডও গুণে।' *চর্যা* ৩৮, ১২০০; 'গুণ টেনে তোর বয়েস চলে।' *রবীন্দ্র*, ১৯৩৫। ২ *বি* ধনুকের ছিলা; জ্যা। 'পরার বচনে তোঁ ধনুত না দেঁ গুণ।' *বড়ু*, ১৪৫০। ৩ *বিণ* গুচ্ছবিশিষ্ট। 'চারী গুণ দড়ী পাকাইল দামোদর।' *বড়ু*, ১৪৫০। ৪ *বি* দফা। 'পাঁচ গুণ অধিক।' *দর্পণ*, ১৮১৯। ৫ *বি* (গণিত) পূরণ; গুণন। 'এ দেশের ধনের কেবলই ভাগ হয়, গুণ হয় না।' *রবীন্দ্র*, ১৯৩১; 'বড় বড় গুণ ভাগ হয়ে যায়।' *শ্যামল*, ১৯৬৭।

গুণ গুণ *বিণ* মৃদু গুঞ্জনমুখর। 'গুণ গুণ সুরে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গুণটানা[১] [স গুণ>] *বিণ* গুণ টানা হয় এমন। 'বুনো ঝাউয়ের ঝোপ, গুণটানা পথ।' *রবীন্দ্র*, ১৯২৯।

গুণ টানা[২] *ক্রি* নৌকার মাস্তুলে দড়ি বেঁধে টেনে নিয়ে যাওয়া। 'যারা গুণ টানছে তারা সবলে মাটির উপর ঝুঁকে পড়েও ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গুণবৃক্ষ [স] *বি* মাস্তুল। 'কত ব্যক্তি ইন্দ্রিয় ভোগের আতিশয্য দ্বারা ... নৌকার গুণবৃক্ষ ... হইতে পতিত হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

গুণ[২] [স] ১ *বি* ভালো বৈশিষ্ট্য; সদ্‌গুণ। 'সকলগুণসংপুর্ণী রাধা চন্দ্রাবলী।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* ফল। 'রক্ষা পাইলাম আমি পরমায়ু গুণে।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* যোগ্যতা। 'ভুলাইতে পারি এই গুণ আছে।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৪ *বি* সুফল। 'এরূপ বর্ণনার গুণ এই যে, এক মুহূর্তে বীরবরের সহিত আমাদের আলাপ হইয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৮১। ৫ *বি* বৈশিষ্ট্য। 'স্বাধীনতা-প্রিয়তা ও বীরত্ব স্যাক্সন জাতীয়দের প্রধান গুণ।' *রবীন্দ্র*, ১৮৮১। ৬ *বি* জাদু করা। 'কী যে বলে কেউ না জানে – কী গুণ করেছ।' *রবীন্দ্র*, ১৯১২। ৭ *বি* উদ্দীপনা। 'আগুনের কী গুণ আছে কে জানে?' *রবীন্দ্র*, ১৯১৪। ৮ *বি* বস্তুর প্রকৃতি। 'শিক্ষক এখন হইতে বস্তু ও গুণ নির্দেশ করিয়া ছাত্রকে ইংরেজিতে বাক্য রচনা করিতে উৎসাহ দিবেন।' *রবীন্দ্র*, ১৯১৭।

গুণআগর [স গুণ-আকর] *বি* গুণের আকর। 'তোহে গুণআগর নাগরা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রে সুন্দর সুপহু হমার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গুণকথা [স] *বি* গুণকীর্তন। 'এইমত সনাতন রহে প্রভুস্থানে/ কৃষ্ণচৈতন্য-গুণকথা হরিদাস সনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গুণকরণ [স] *বি* সম্মোহিত করা। 'তিনি তন্ত্রমন্ত্র, গুণকরণ, বশীকরণ, মারণ, উচ্চাটন, ভূতকাক, জাদু, ভেলিক ও নানা প্রকার দৈব বিদ্যা ভালো জানেন।' *প্যারী*, ১৮৫৮।

গুণ করা *ক্রি* জাদু দ্বারা বশীভূত করা। 'ছোঁড়াকে গুণ করে ভেড়া বানিয়েছে।' *প্যারী*, ১৮৫৮।

গুণকর্ম, গুণকর্ম্ম [স] *বি* গুণের বিশিষ্টতা। 'যে গুণকর্ম্ম জ্ঞানী লোকের দ্বারা উজ্জ্বল হইতে পারে।' *অক্ষয়*, ১৮৪৭।

গুণকারী [স] *বিণ* গুণসম্পন্ন; কল্যাণকর। 'নম্রতা অনেক বিষয়ে কোপ অপেক্ষা গুণকারী।' *তারিণী*, ১৮০৩।

গুণ কাহিনী [স গুণ+হি কহানী] *বি* গুণের আখ্যান। 'সতী রমণীগণের গুণ কাহিনী।' *বাসনা*, ১৯০৯।

গুণকীর্তন [স] **১** *বি* প্রশংসা। 'বিদ্যাধরী তাঁহাদের নাম ও গুণকীর্তন করিলেন।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বি* মহিমা প্রচার। 'কাহার রসনা, – দেব কি মানব, – গুণকীর্তনে তোমার পারক?' *মাইকেল*, ১৮৬০।

গুণগণ [স] *বি* গুণাবলি। 'ভগবান তাঁর শক্তি তাঁর গুণগণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গুণগণাধার [স] *বিণ* সদ্‌গুণসম্পন্ন। 'তিনি গুণগণাধার হইলেও কেবল হিন্দুত্বদোষে মোসলমানেরা তাঁহার প্রতি তাদৃশ অনুরাগী হইলেন না।' *দর্পণ*, ১৮৩৬।

গুণগত [স] *বিণ* গুণ সম্পর্কিত। 'যাঁহারদের উক্ত গুণগত কিঞ্চিৎ তারতম্য ছিল ...।' *দর্পণ*, ১৮৩০।

গুণ-গরিমা [স] *বি* গুণাবলির মাহাত্ম্য; গুরুত্ব। 'ইংরেজি ভাষায় গুণ-গরিমা প্রতিবেশী হিসাবে যারা সব চাইতে বেশি জানে এক্ষেত্রে।' *মুজতবা*, ১৯৫৮।

গুণগান [স] *বি* গুণকীর্তন। 'বৃন্দাবন গুণগান বিভোর হইয়া।' *মুরারি*, ১৫৭০।

গুণ গুণ [ধ্বন্যা] *বিণ* মৃদু ধ্বনিবিশিষ্ট। 'পথে গুণ গুণ স্বরে গোরাগুণ গায়।' *ভবানী*, ১৮২৫।

গুণগ্রাম [স] *বি* গুণাবলি। 'অন্য নাহি জানয়ে এসব গুণগ্রাম।' *বৃন্দা*, ১৫৮০।

গুণগ্রাহক [স] *বিণ* গুণের সমঝদার। 'গুণগ্রাহক ব্যক্তি কর্তৃক তাঁহারা অতিপ্রশংসা ও ধন্যবাদের যোগ্য হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৪।

গুণগ্রাহকতা [স] *বি* গুণ গ্রহণের ক্ষমতা। 'তাঁহার বদান্যতা ও গুণগ্রাহকতা কীর্তি শ্রবণ করিয়া ... উপস্থিত হইল।' *বিদ্যা*, ১৮৪৭।

গুণগ্রাহিতা [স] *বি* গুণের সমাদর। 'কত উপেক্ষিত গুণবান ব্যক্তিরা তাঁহার গুণগ্রাহিতায় ...।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

গুণগ্রাহী [স] *বিণ* গুণ গ্রহণ করতে জানে এমন। 'গুণগ্রাহী অদোষদরশী সবা প্রতি।' *বৃন্দা*, ১৫৮০।

গুণচয় [স] *বি* গুণরাশি। 'ধৃত পুষ্পধনু চারু গুণচয় ভৃঙ্গ।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গুণজ্ঞ [স] **১** *বিণ* বিশেষ গুণ আছে এমন। 'ইহার তুল্য গুণজ্ঞ বালক আমি দেখি নাই।' *রামরাম*, ১৮০১। **২** *বিণ* পারদর্শী। 'প্রাণ্ড ধাতুপিণ্ড হইতে তাহার স্বাভাবিক গুণজ্ঞ হইয়া নানাবিধ আশ্চর্য্য বস্ত্র নির্ম্মাণ করে।' *অক্ষয়*, ১৮৪৩।

গুণদাম [স] *বিণ* নানা গুণের অধিকারী। 'কাক্‌কা মোছেব তার বেটা অতি গুণদাম।' *গরীব*, ১৭৬৫।

গুণধর [স] **১** *বিণ* গুণবান। 'ধর্মবন্ত কলেবর/ মহাদাতা গুণধর।' *বাহরাম*, ১৬৫০। **২** *বিণ* (ব্যঙ্গার্থে) গুণবর্জিত। 'গুণধর ভাইয়ের কাণ্ড দেখে হাসি পায় সকলের।' *শওকত*, ১৯৫৮।

গুণধরা [স] *বিণ স্ত্রী* গুণী। 'উষানামে নন্দিনী সকল গুণধরা।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গুণধাম [স] *বি* গুণী ব্যক্তি। 'ধৌত ধুতি পরি সসঙ্কল্প গুণধাম।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গুণধার [স] *বিণ* গুণবান। 'স্থির ধীর গম্ভীর অনেক গুণধার।' *বাহরাম*, ১৬৫০।

গুণনাথ [স] *বি* গুণের অধিপতি। 'গুণনিধি গুণনাথে বিষম দশনাঘাতে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গুণনাশা [স] *ক্রি* গুণ নষ্ট করা। 'তারকের গুণনাশে সুলোচনা যুঝে রোষে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গুণনিধি [স] *বি* গুণসম্পন্ন ব্যক্তি। 'সেই গুণনিধি ছাড়িয়া পিরীতি আর জানি কার হয়।' *দ্বিচন্ত্রী*, ১৬০০।

গুণনিধী [স গুণনিধি] *বি* গুণনিধি; কৃষ্ণ। 'হাথে হাথে ছাড়িলী কেহ্নে গুণনিধী।' *বড়ু*, ১৪৫০।

গুণপনা [স গুণ+পনা] *বি* দক্ষতা। 'তাহাতে কোনো গুণপনা নাই।' *রবীন্দ্র*, ১৮৯২।

গুণপনাযুক্ত [স] *বিণ* দক্ষ। 'আমাদের দেশের আজকাল প্রধান অভাব গুণপনাযুক্ত ছিবলেমি।' *প্রমথ*, ১৯০৫।

গুণপানা [স গুণ+পনা] *বি* নৈপুণ্য। 'ফুল নানা গুণপানা কি বলিব তার।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গুণবৎ [স] *বিণ* গুণস্বরূপ। 'তৎপ্রযুক্তই বা হউক কিম্বা তাদৃশ গুণবৎ সংসর্গপ্রযুক্তই বা হউক।' *দর্পণ*, ১৮৩০।

গুণবতি, গুণবতী [স গুণবতী] **১** *বিণ স্ত্রী* গুণান্বিত; গুণসম্পন্ন। 'কত কত জনমক পুন ফলে মীলব সে হেন গুণবতী রাধা।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি স্ত্রী* গুণসম্পন্ন ব্যক্তি। 'বিদ্যা সম্বোধিয়া বলে শুন গুণবতি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গুণবন্ত [স] *বিণ* পুণ্যবান। 'যো গুণবন্ত সো পুন পায়।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গুণবর্জিত [স] *বিণ* গুণহীন। 'চরিত্রসমূহ মানবীয় গুণবর্জিত।' *আনিস*, ১৯৬৪।

গুণবর্ণন [স] *বি* গুণের প্রকাশ। 'তাহারদিগেরও কিছু গুণবর্ণন করি।' *ভবানী*, ১৮২৫।

গুণবান [স] *বিণ* গুণের অধিকারী। 'জগতের বন্দ্য তুমি রূপ-গুণবান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গুণবার্তা, গুণবার্ত্তা [স] *বি* গুণের প্রচার। 'নাগরিক গুণে নাগরীর গুণবার্ত্তা হওনের উপক্রম হইল।' *ভবানী*, ১৮২৮।

গুণবাহী [স] *বিণ* গুণান্বিত। 'কল্লোল যে উদার ও গুণবাহী তাতে সন্দেহ কি।' *অচিন্ত্য*, ১৯৫০।

গুণবোদ্ধা [স] *বিণ* গুণের সমঝদার। 'মহাশয়ের তুল্য গুণবান ও গুণবোদ্ধা আর দেখি না।' *ভবানী*, ১৮২৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গুণব্যাখ্যা [স] *বি* গুণের বর্ণনা। 'যে অহম সুরসুন্দরীর গুণব্যাখ্যা ও কীর্তন করেন।' *নজরুল*, ১৯২৭।

গুণভেদ [স] *বি* গুণের পার্থক্য। 'উদ্ভিদতত্ত্ববিৎ পণ্ডিত কৃষক এই গুণভেদের কারণ জ্ঞাত ... করিতে পারেন।' *অক্ষয়*, ১৮৪৬।

গুণভ্রম [স] *বি* ভুলবশত গুণ বিবেচনা। 'দোষগুলিকেই গুণভ্রমে বুকে আঁকড়ে ধরে রাখতে চান।' *প্রমথ*, ১৯১৩।

গুণমণি [স] *বি* বিশিষ্ট গুণের অধিকারী। 'মায় ছেড়ে কোথা যাবে গৌরগুণমণি।' *মানিকরাম*, ১৭৮১।

গুণমন্ত [স গুণবন্ত] *বিণ* গুণবান। 'মনেত ভাবিয়া দেখ প্রভু গুণমন্ত।' *বাহরাম*, ১৬৫০।

গুণময় [স] *বিণ* গুণধর। 'তথাপি সে যেন নাহি হয় গুণময় লো।' *মদনমোহন*, ১৮৩৪।

গুণময়ী [স] *বিণ স্ত্রী* গুণধর। 'গোপসুতা গুণময়ী গোপালভগিনী।' *মুকুন্দ*, ১৬০০।

গুণমুগ্ধ [স] *বিণ* গুণের দ্বারা আকৃষ্ট। 'তানসেনের গানের চর্চা করিয়াই গুণমুগ্ধ গায়কগণ তানসেনকে যথার্থ ভাবে স্মরণ করে।' *রবীন্দ্র*, ১৯০২।

গুণযুত [স] *বিণ* গুণী। 'বীর মাধবের সুত বাঁকুড়ায় গুণযুত।' *মুকুন্দ*, ১৬০০।

গুণযুতা [স] *বিণ স্ত্রী* গুণযুক্ত। 'দিনমণি জিনি রূপ গুণে গুণযুতা।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

গুণযুক্ত [স] *বিণ* গুণবিশিষ্ট। 'ইউরোপীয়দিগের যে উত্তম২ গুণযুক্ত উত্তমাবস্থা।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩০।

গুণযুক্তা [স] *বিণ স্ত্রী* গুণবিশিষ্ট। 'পরমেশ্বর বহু গুণযুক্তা উর্ব্বরা ভূমি প্রদান করিয়াছেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩০।

গুণযোগ [স] *বিণ* গুণসম্পন্ন। 'তাদৃশ গুণযোগ হয় নাই।' *দর্পণ*, ১৮২৮।

গুণরজ্জু [স] *বি* গুণরূপ রজ্জু। 'সভার গুণরজ্জুকে অনেকে আহ্লাদপূর্ব্বক ... স্পর্শ করিতেছেন।' *অক্ষয়*, ১৮৪১।

গুণরত্ন [স] *বি* গুণ রূপ যে রত্ন; গুণমণি। 'এই সভা নানা গুণরত্নমণ্ডিত পণ্ডিত জনে আকীর্ণ।' *রামনারায়ণ*, ১৮৫৪।

গুণরাশি [স] *বি* যাবতীয় গুণ। 'দারিদ্র্যে গুণরাশি নাশে।' *মুকুন্দ*, ১৬০০।

গুণলুব্ধ [স] *বিণ* গুণের প্রতি আকৃষ্ট। 'তাঁরা ছিলেন রূপভক্ত, আমরা গুণলুব্ধ।' *প্রমথ*, ১৯১৮।

গুণশক্তি [স] *বি* গুণের ক্ষমতা। 'উহা কার্য্যে পরিণত করিতে হইলে কতকগুলি গুণশক্তির প্রয়োজন।' *অক্ষয়*, ১৮৪৭।

গুণশালি [স গুণশালী] *বিণ* গুণসম্পন্ন। 'সম্যক গুণশালি বস্তুও যদি অনায়াসলব্ধ হয় ...।' *হরপ্রসাদ*, ১৮১৫।

গুণশালিনী [স] *বিণ স্ত্রী* গুণসম্পন্ন। 'সে পরম সুন্দরী ও সাতিশয় গুণশালিনী।' *বিদ্যা*, ১৮৪৭।

গুণশালী [স] *বিণ* গুণবান। 'অধোমুখে কহে রাণী শুন গুণশালী।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গুণশিক্ষা [স] *বি* ধর্মশিক্ষা। 'সন্তানের প্রতিপালন, ও গুণশিক্ষা করিবেন।' *গৌর*, ১৮২২।

গুণশীল [স] *বিণ* গুণসম্পন্ন। 'ভাগ্যবন্ত পুরুষ যে হএ গুণশীল।' *বাহরাম*, ১৬৫০।

গুণসম্পন্ন [স] *বিণ* গুণবান। 'এ প্রকার গুণসম্পন্ন হইয়া আলস্যের বশীভূত থাকা উচিত নয়।' *অক্ষয়*, ১৮৪৯।

গুণসিন্ধু [স] *বিণ* অত্যন্ত গুণবান। 'গুণসিন্ধু রাজার কুমার।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গুণহীন [স] *বিণ* নির্গুণ। 'যে গো গুণহীন সন্তানের মাঝে।' *মাইকেল*, ১৮৬১।

গুণহেতু *ক্রিবিণ* গুণের কারণে। 'গুণহেতু মহাজনে করন্ত আদর।' *আলাওল*, ১৬৮০।

গুণাকর [স গুণ-আকার] *বিণ* গুণসম্পন্ন। 'কার্তিক গণেশ হর স্থাণু শিব গুণাকর।' *মুকুন্দ*, ১৬০০।

গুণাক্রান্ত [স গুণ-আক্রান্ত] *বিণ* গুণসম্পন্ন। 'সে সর্ব্ব গুণাক্রান্ত বটে, তা হইলে কি হইবে?' *রামনারায়ণ*, ১৮৫৪।

গুণাখ্যান [স গুণ-আখ্যান] *বি* শ্রেষ্ঠত্ব প্রচার। 'শ্রীবিক্রমাদিত্যের গুণাখ্যান করেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

গুণাগুণ [স গুণ-অগুণ] *বি* ভালো ও খারাপ বৈশিষ্ট্য; গুণ ও দোষ। 'তাহার গুণাগুণ প্রমিত না করিয়া অসীমা ...।' *রামরাম*, ১৮০২।

গুণাতিরেক [স গুণ-অতিরেক] *বিণ* অতিরিক্ত গুণসম্পন্ন। 'সে সকল দোষ গুণাতিরেক-মাত্র।' *বঙ্কিম*, ১৮৮৭।

গুণাতীত [স গুণ-অতীত] *বি* গুণের অতীত; পরম ব্রহ্ম। 'তোমারে যে গুণাতীত সত্করূপা কহি।' *বৃন্দা*, ১৫৮০।

গুণাধিপ [স গুণ-অধিপ] *বিণ* গুণশ্রেষ্ঠ। 'রাজা গুণাধিপ ... পুনর্বার রাজকার্যে নিবিষ্টমনা হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

গুণানুবাদ [স গুণ-অনুবাদ] *বি* গুণের বর্ণনা। 'তোমার গুণানুবাদ রচিব করযাচি সাধ।' *মানিকরাম*, ১৭৮১।

গুণানুসারে [স গুণ-অনুসারে] *ক্রিবিণ* গুণ অনুযায়ী। 'সকলের নিজ নিজ গুণানুসারে নামকরণ হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯।

গুণান্তিকা [স গুণ-অন্তিকা] *বি স্ত্রী* অশেষ গুণযুক্তা। 'গড় রক্ষ গুণান্তিকা গণেশ জননী।' *মানিকরাম*, ১৭৮১।

গুণান্বিত [স গুণ-অন্বিত] *বিণ* গুণসম্পন্ন। 'সুখদ সুশৃঙ্খল ও সর্বগুণান্বিত।' *অবন*, ১৯২৫।

গুণাপেক্ষা [স গুণ-অপেক্ষা] *বি* গুণের উপর নির্ভর। 'সকলেই নিজ নিজ গুণাপেক্ষা করিয়া উৎকৃষ্ট পদ প্রাপ্তির নিমিত্তে ব্যগ্র হইলেন।' *অক্ষয়*, ১৮৪৯।

গুণাবলী [স গুণ-আবলী] *বি* গুণসমূহ। 'ইহার সৌন্দর্য্য, সুকুমারতা, প্রভৃতি গুণাবলী।' *প্রভাত*, ১৮৯৫।

গুণাবলোকন [স গুণ-অবলোকন] *বি* গুণ লক্ষ করা। 'অপর জাতির গুণাবলোকন বিষয়ে তাহার নিমীলিত নেত্র উন্মীলিত হইবার নয়।' *অক্ষয়*, ১৮৫৪।

গুণামৃত [স গুণ-অমৃত] *বি* গুণরূপ অমৃত। 'নিজ-গুণামৃতে বাড়ায় বৈষ্ণব আনন্দ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গুণালঙ্কৃত [স গুণ-অলঙ্কৃত] *বিণ* গুণসম্পন্ন। 'জননী আপনার অশেষ-গুণালঙ্কৃত তরুণ বয়স্ক সন্তানকে ...।' *অক্ষয়*, ১৮৪৮।

গুণালয় [স গুণ-আলয়] *বিণ* গুণবিশিষ্ট। 'জ্ঞানবন্ত গুণালয়/ ধর্মবন্ত

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অতিশয়।' *বাহরাম*, ১৬৫০।

গুণাশয় [স গুণ-আশয়] *বি* গুণের আধার। 'খগেন্দ্রাসনে গুণাশয় সুশোভন।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গুণা[১] [স গুণ>] **১** *ক্রি* প্রতীক্ষা করা। 'গজবর সমরস সান্ধি গুণিআ।' *চর্যা* ১৭, ১২০০। **২** *ক্রি* ভাবা। 'কেহ্নে রাধা মনত গুণসি পাঁচ সাত।' *বড়ু*, ১৪৫০। **৩** *ক্রি* হিসাব করা। 'নিজ মনে আবদুল্লাএ গুণিতে লাগিলা।' *সুলতান*, ১৭০০।

গুণা[২] [ফা গুনাহ] *বি* দোষ। 'উম্মী মুমিনের গুণা করিমে বকিসব।' *আলাওল*, ১৬৮০।

গুণাগার [ফা] **১** *বি* ক্ষতি। 'ঘর দ্বার গুণাগার হবেক সরকারে।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বিণ* পাপী। 'তাদের মধ্যে গুণাগার আছে, নেকবন্দ আছে।' *ওয়ালী*, ১৯৪৮। *দ্র* **গুনা**[২]

গুণাগারি [ফা] *বি* পাপ। 'খোদার গজব নামে তখনি যখন দুনিয়া গুণাগারিতে ভরে যায়।' *আলাউদ্দিন*, ১৯৫৪।

গুণাহ্‌গার [ফা] *বিণ* পাপী। 'আমার ত প্রত্যেকটি লোম গুণাহগার।' *রোকেয়া*, ১৯৩১। *দ্র* **গুনাগার**

গুণা[৩] [স গুণ] *বি* লোহা ইত্যাদির তার। *ফরস্টার*, ১৮০১।

গুণাগুনি করা *ক্রি* বারে বারে বলা। 'গুণাগুনি করিতে সকলে জান পাএ।' *সুলতান*, ১৭০০।

গুণাহ্‌গার *দ্র* **গুনাগার**

গুণিআঁ [স গুণ>] *বি* সুতার মালা। 'আঅর কাড়িআঁ নিল গুণিআঁ গলার।' *বড়ু*, ১৪৫০।

গুণিন [স] **১** *বি* শিল্পী। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* ওঝা। 'পড়িলে গুণিনে কিরে তারে পাই।' *লালন*, ১৮৯০।

গুণী ১ *বি* প্রেমিক। 'হেন গুণী মনত চড়িলী রাধা নাএ।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* জ্ঞানী ব্যক্তি। 'অখনেহ গুণী বিচারিলে জ্ঞান পাএ।' *আলাওল*, ১৬৮০। **৩** *বিণ* গুণসম্পন্ন। 'সমুদয় গুণী ব্যক্তি ... আমাদিগের প্রেমপাত্র হইতেছেন।' *অক্ষয়*, ১৮৪২। **৪** *বি* গুণীজন। 'তুমি কেমন করে গান কর হে গুণী, আমি অবাক হয়ে শুনি।' *রবীন্দ্র*, ১৯০৯।

গুণিগণ [স গুণী-গণ, সমাসে ই-কার] *বি* গুণী ব্যক্তিগণ। 'নানা রস প্রসঙ্গ কহন্ত গুণিগণে।' *আলাওল*, ১৬৮০।

গুণিগণাগ্রগণ্য [স গুণী-গণাগ্রগণ্য, সমাসে ই-কার] *বিণ* গুণীদের মধ্যে শ্রেষ্ঠ। 'বিশিষ্টশিষ্ট সমূহমান্য গুণিগণাগ্রগণ্য মহাশয়েরদের প্রতি ...।' *দর্পণ*, ১৮৩০।

গুণিজন [স গুণী-জন, সমাসে ই-কার] *বি* পারদর্শী ব্যক্তিগণ। 'খলিপা গায়েন গুণিজনকে দুইজন মোছাহেবদিগকে ...।' *ভবানী*, ১৮২৫।

গুণিপনা [স গুণ+পনা] *বি* গুণপনা; দক্ষতা। 'লেখকের নীল-লোহিতের অনুরূপ গুণিপনা থাকা চাই।' *প্রমথ*, ১৯২২।

গুণীজন [স] *বি* ধার্মিক ব্যক্তি। 'আহাদ সেথায় বিরাজ করেন/ হেরে গুণীজন।' *নজরুল*, ১৯৩২।

গুণীজনসুলভ [স] *বিণ* গুণী ব্যক্তির মধ্যে দেখা যায় এমন। 'ইহার ফলে সাহেব যাহা করিলেন তাহা প্রকৃতই গুণীজনসুলভ।' *বনফুল*, ১৯৩৬।

গুণীজ্ঞানী [স] *বি* জ্ঞান ও গুণের অধিকারী ব্যক্তি। 'গুণীজ্ঞানী যে শুধু বিশ্ববিদ্যালয়ের ভিতরেই পাওয়া যায় তা নয়।' *মুজতবা*, ১৯৫৮।

গুণীলোক [স] *বি* গুণবান ব্যক্তি। 'ইহা সেওয়ায় কালওয়াতি গুণীলোক অনেক ...।' *দর্পণ*, ১৮১৯।

গুণোৎকীর্তন [স গুণ-উৎকীর্তন] *বি* গুণের বর্ণনা; গুণকীর্তন। 'বিজ্ঞ ব্রাহ্মণের নানা গুণোৎকীর্তনানন্তর ভারতবর্ষের হিতার্থে তাঁহার ...।' *দর্পণ*, ১৮৩১।

গুণোদয় [স গুণ-উদয়] *বি* সদ্‌গুণের উন্মেষ। 'ছাত্রেরা যে২ প্রস্তাব করেন তদ্বিষয়ের জনপদের গুণোদয়ের সম্ভাবনা না হয়।' *কৌমুদী*, ১৮৩০।

গুণোপেত [স গুণ-উপেত] *বিণ* গুণসম্পন্ন। 'অথবা ভিটেয় যেই গুণোপেত একটি বা দুটো ঘুঘু চরে।' *জীবন*, ১৯৩০।

গুণ্ডা[১] [স গুণ্ডক] *বি* গুঁড়া। 'যত্ন করি গুণ্ডা করি পুরাণ সুকুতা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গুণ্ডা[২] [স গোণ্ড] **১** *বি* গৃহহীন। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* দুর্জন; বদমাশ। 'পুরস্কারলোভী গুণ্ডার দল বালক দুইটিকে জোর করিয়া লইয়া যাইবে।' *মশাররফ*, ১৮৮৫; 'ভূতপূর্ব গুণ্ডাগণ আমায় সাদরে বরণ করে নিল।' *নজরুল*, ১৯২৪। **৩** *বি* সন্ত্রাসী। 'কংগ্রেসী গুণ্ডার হাতে মার খাইয়াছে।' *আজাদ*, ১৯৪৬।

গুণ্ডাই [স গোণ্ড>] *বি* ভবঘুরে বৃত্তি। *মানোএল*, ১৭৪৩।

গুণ্ডাগিরি [স গোণ্ড>+ফা গিরি] *বি* বদমায়েশি; গুণ্ডামি। 'গুণ্ডাগিরিকে যদি একবার রীতিমত জাগাইয়া তুলি।' *রবীন্দ্র*, ১৯০৮।

গুণ্ডাগোছের *বিণ* গুণ্ডার মতোন। 'একটি গুণ্ডাগোছের লোকের সহিত মিস্ পরিহাসে মুখর হইয়া উঠিয়াছে।' *বনফুল*, ১৯৩৬।

গুণ্ডাতন্ত্র [গুণ্ডা+স তন্ত্র] *বি* উচ্ছৃঙ্খলতা। 'গুণ্ডাতন্ত্রের আখড়া জমল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গুণ্ডামি, গুণ্ডামী [স গোণ্ড>] **১** *বি* গুণ্ডার আচরণ। 'ঘরে আগুন লাগানো এবং মারধর করিয়া গুণ্ডামি করিতে আমাদের কদাচই প্রবৃত্তি হইবে না।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *বি* হেনস্তা; উৎপীড়ন। 'নাৎসিরা রাস্তায় কম্যুনিস্টদের উপর গুণ্ডামি করতো।' *মুজতবা*, ১৯৫২।

গুণ্ডা সাণ্ডা *বি* দুশ্চরিত্র লোকজন। 'লুন্দর শেখের বদনজর, গ্রামের যত গুণ্ডা সাণ্ডার কুই।' *কায়সার*, ১৯৬২।

গুণ্ডি *বি* যে বিছানার চাদর প্রস্তুত করে। *মানোএল*, ১৭৪৩।

গুণ্ডুর *বি* পাখিবিশেষ। 'গুণ্ডুর ভারই ভাউক লিখিল বক।' *মুকুন্দ*, ১৬০০।

গুণ্ঠন [স] *বি* ঘোমটা। 'লাজ-সুখে আজ যাচে গুণ্ঠন।' *নজরুল*, ১৯২৮।

গুণ্ঠনাবৃতা [স] *বিণ স্ত্রী* ঘোমটায় ঢাকা। 'নিভৃতদেশে গুণ্ঠনাবৃতা স্থিতা।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

গুণ্ঠিত [স] *বিণ* অবগুণ্ঠিত। 'আলোতে ঝিকিয়া-ওঠা ঘট কাঁখে পল্লীমেয়েদের/ ঘোমটায় গুণ্ঠিত আলোকে ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

গুণ্ঠিতা [স] *বিণ স্ত্রী* অবগুণ্ঠিত। 'ধীরি ধীরি কুণ্ঠিত ভাষা গুণ্ঠিতারে ...।' *নজরুল*, ১৯৩১।

গুতাগুতি [আ গোতা] *বি* গোলমাল। *মানোএল*, ১৭৪৩।

গুতানো [আ গোতা] **১** *ক্রি* পশুর শিং দিয়ে আঘাত করা। 'পাঁজর ভাঙ্গিল মোর ষাঁড়ের গুতায়।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *ক্রি* ঠেলা দেওয়া। 'চিরদিন গুতায় পড়ে আঁটলো না রে।' *লালন*, ১৮৯০। **গুতিয়ে** *ক্রিবিণ* মুষ্টির আঘাত দিয়ে। 'ভাব জান না ভাবুক রঙ্গা ভাংলি রে মাটি গুতিয়ে।' *লালন*, ১৮৯০।

গুতিয়া [স গুপ্ত>] *বি* মাছবিশেষ। 'গুতিয়া ভাঙ্গন রাগি ভোলা ভোলচেঙ্গা।' *ভারত*, ১৭৬০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গুত্তা [আ গুত্তা] *বি* আঁচড়। 'তুলির গুত্তা ডাইনে মারেন, মারেন কভু বাঁয়ে।' *মুজতবা*, ১৯৫৯।

গুথা [স গ্রন্থন] *ক্রি* গাঁথা। 'বিরচিত কুসুম গুথিত মুক্তাহার।' *আলাওল*, ১৬৮০।

গুদ [স] *বি* গুহ্যদ্বার। 'গুদে ব্যথা করে যোনি বীর্য অতিরেক।' *সুলতান*, ১৭০০।

গুদড়ি [হি গুদড়ী] *বি* ছেঁড়া কাঁথা। *বিদ্যা*, ১৮৯১।

গুদম জাৎ [প গুদাঁও>] *বিণ* গুদামজাত; সঞ্চিত। 'বারোইয়ারির গুদম জাৎ সংগুলির মত অন্ধকারে বসে রইলেম।' *হুতোম*, ১৮৬১।

গুদাম [প গুদাওঁ] *বি* মালপত্র জমা করে রাখার ঘর। 'রাত্রে গুদাম খুলিয়া দুই গাঁটি কাপড় চুরি করিয়াছে।' *ক্যালগে*, ১৭৮৫।

গুদামঘর [প গুদাওঁ+পা ঘর] *বি* মালপত্র জমা করে রাখার ঘর। *ওসাঁ*, ১৭৮৫; 'আপিসঘর-গুদামঘরের আশে-পাশে।' *রবীন্দ্র*, ১৯২৯।

গুদামজাত [প গুদাওঁ +স জাত] **১** *বিণ* আটক। 'যিনি একটু ওজর আপত্তি করিলেন, তিনিই সিরাজদ্দৌলার অন্ধকূপসম গুদামজাত হইলেন।' *মশাররফ*, ১৮৯০। **২** *বিণ* সঞ্চিত। 'কিছুটা চাল গুদামজাত করেছিলাম।' *মনসুর*, ১৯৪৫।

গুদামবাটী [প গুদাওঁ+স বাটী] *বি* মালামাল রাখার ভাণ্ডার বা ঘর। 'কলিকাতায় নূতন গুদামবাটী নির্ম্মাণ।' *দর্পণ*, ১৮৩৬।

গুদামযাতকরণ [প গুদাওঁ+স জাত-করণ] *বিণ* মালামাল সংরক্ষণের জন্য ভাণ্ডারে রাখা। 'বিনা মাসুলে ঐ গুদামযাতকরণ।' *দর্পণ*, ১৮৩৬।

গুদাম সরকার [প গুদাওঁ+ফা সরকার] *বি* মালখানার হিসাবরক্ষক। 'কেহ গুদাম সরকারের পৌত্র।' *দর্পণ*, ১৮৩০।

গুদারা [ফা গুদার] *বি* খেয়াঘাট। 'ভূমির রাজস্ব, ষ্টাম্পের কর, গুদারার কর, মোকদ্দমার খরচা ইত্যাদি।' *প্রভাকর*, ১৮৫৩।

গুদোম [প গুদাওঁ] *বি* মালামাল রাখার বড়ো ঘরবিশেষ। 'তবে মোরে গুদোমে পোরলে ক্যান।' *দীনবন্ধু*, ১৮৬০।

গুধড়ি, গুধরি [হি গুদড়ী] *বি* ছেঁড়া কাঁথা। 'প্রেমের আবেশে প্রভুর তিতিল গুধড়ি।' *বৃন্দা*, ১৫৮০; 'আমার দশা তলা ফাঁসা জল ছেঁচি আর গুধরি গলায়।' *লালন*, ১৮৯০।

গুধ্র [স গোধা] *বি* এক ধরনের সাপ; গোধিকা। 'আনন্দে জম্বুক কাক নাচে গুধ্র কঙ্ক।' *আলাওল*, ১৬৮০।

গুন[১] [স গুণ] **১** *বি* ধনুকের ছিলা; জ্যা। 'ঝাঁট করী ফুলের ধনুত দেহ গুন।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* নৌকা টেনে নেওয়ার রশি। 'একখানা বোট গুন টেনে ফিরিয়া যাইতেছিল।' *প্যারী*, ১৮৫৮।

গুনচট [স গুণ>] *বি* শণের সুতা দিয়ে তৈরি মোটা চট। 'আমি গুনচট আজ ছয় মাস আগাম খরিদ করে রেখেছি।' *রবীন্দ্র*, ১৯০২।

গুন[২] [স গুণ] **১** *বিণ* বার; দফা। 'তুহুঁ জদি কহসি করিএ অনুসঙ্গ। চৌরি পিরীতি হএ লাখ গুন রঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* ভালো বৈশিষ্ট্য। 'এহনি সুন্দরি গুনক আগরি পুনে পুনমত পাব।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *বি* প্রশংসা। 'নিরন্তর গুন কহি হরুক তার মন।' *মালাধর*, ১৫০০। **৪** *বি* বৈশিষ্ট্য। 'অক্রূর বলিয়া নাম কোন গুনে থুইল।' *মালাধর*, ১৫০০। **৫** *বি* গুণাবলি। 'কি কহিব রূপ গুন অঙ্গরাগ লোভে।' *মালাধর*, ১৫০০। **৬** *বি* উদারতা। 'কৃষ্ণের গুনেতে আমা রাখিল গোসাঞি।' *মালাধর*, ১৫০০।

গুনধাম [স গুণধাম] *বিণ* গুণবান। *হ্যালহেড*, ১৭৭৮।

গুণধামা *বি স্ত্রী* গুণী ব্যক্তি। 'রামা গুণধামা তুমি গুণনিধি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গুনবতি [স গুণবতী] *বিণ স্ত্রী* গুণসম্পন্ন। 'সোই গুনবতি গুন গনি গনি না জানি কি গতি মোর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গুনবন্ত [স গুণবন্ত] *বিণ* গুণী। 'নানা গুনবন্ত হয়ে সায়ের কোয়র।' *বিজয়*, ১৬৫০।

গুনমতি [স গুণবতী] *বিণ* গুণবতী। 'গুনমতি ধনি পুনমত জনু পাবে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গুনমনি [স গুণমণি] *বি* বিশিষ্ট গুণী ব্যক্তি। 'কেমনে প্রেবেসিব পুরি সেহ গুনমনি।' *মালাধর*, ১৫০০।

গুনসাগর [স গুণসাগর] *বিণ* সাগরের মতো সীমাহীন গুণসম্পন্ন। *হ্যালহেড*, ১৭৭৮।

গুন গুন [ধ্বন্যা] *বি* মৃদু অস্পষ্ট মধুর ধ্বনি। 'কুসুমে পুন পুন ভ্রমর গুন গুন।' *ভারত*, ১৭৬০।

গুনগুন করা *ক্রি* আস্তে আস্তে কথা বলা। 'কানের কাছে গুনগুন করে আবার চলে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গুনগুনা [ধ্বন্যা] *ক্রি* গুনগুন শব্দ করা। 'ঘরেতে ভ্রমর এল গুনগুনিয়ে।' *রবীন্দ্র*, ১৯১১।

গুনগুনানি [ধ্বন্যা] **১** *বি* মৃদু অস্পষ্ট মধুর ধ্বনি। *বিদ্যা*, ১৮৯১; 'তাই তো এত গুনগুনানি সব কাজই ভুল ভুল!' *নজরুল*, ১৯২২। **২** *বি* পতঙ্গের ডানা থেকে উদ্ভূত ধ্বনিবিশেষ। 'মশার গুনগুনানি মানুষকে ঘুম পাড়ায়।' *প্রমথ*, ১৯১৪।

গুনগুনিয়ে [ধ্বন্যা] *ক্রিবিণ* মৃদু মধুর ধ্বনিতে। 'তখনো গুনগুনিয়ে কোরান শরিফ পড়ছে।' *ওয়ালী*, ১৯৪৮।

গুনচি *বি* বেড়। *মানোএল*, ১৭৪৩।

গুনতি [স গণন>] **১** *বি* উপস্থিতি; হাজিরা। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বি* গণনা। 'হাত কেঁপে গিয়ে গুনতিতে যাও ভুলে।' *রবীন্দ্র*, ১৯৪০।

-গুনা *নির্দেশক* গুলো। 'বারুয়ের অন্নগুনা খেতে হল বটে।' *মানিকরাম*, ১৭৮১।

গুনা[১], **গোনা** [স গণ>] **১** *ক্রি* গণনা করা। 'চঊষঠ্ঠি কোঠা গুনিআ লেহুঁ।' *চর্যা* ১২, ১২০০। **২** *ক্রি* গণ্য করা। 'তৈখন লঘু গুরু কিছু নহি গুনল অব পচতাবকে জাঈ।' *বিদ্যাপতি*, ১৪৬৩। **গুন ১** *ক্রি* গণনা করো। 'এহা গুন মনে মনে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* মনে করো। 'পুরুব আপর কথা রাধা মণে গুন।' *বড়ু*, ১৪৫০। **গুনল** *ক্রি* গুণলাম। 'তৈখন লঘু গুরু কিছু নহি গুনল অব পচতাবকে জাঈ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **গুনসি** *ক্রি* গোনো। 'নৃপ ভূমগুলে লাজ ভয় না গুনসি।' *আলাওল*, ১৬৮০। **গুনি** *ক্রি* ভেবে। 'না গেলা বাপের রার্য্য পৃতিজ্ঞা মনে গুনি।' *মালাধর*, ১৫০০। **গুনিআ** *ক্রি* গুণে। 'চঊষঠ্ঠি কোঠা গুনিআ লেহুঁ।' *চর্যা* ১২, ১২০০। **গুনিএঁা** *ক্রি* গণনা ক'রে। 'গুনিএঁা তোলে শত ফুল।' *মুকুন্দ*, ১৬০০। **গুনিবে** *বিণ* বিবেচনা করবে। 'এলাহী গুনিবে তারে রাছুল খান্দানে।' *গরীব*, ১৭৬৫। **গুনিল** *ক্রি* গণ্য করলো। 'দ্বারিকার লোক সব গুনিল প্রমাদ।' *মালাধর*, ১৫০০। **গুনে** *ক্রি* চিন্তা ক'রে। 'দেখিয়া সম্বর তবে গুনে মনে মন।' *মালাধর*, ১৫০০।

গুনে গুনে *ক্রিবিণ* হিসাব ক'রে। 'গুনে গুনে রেজগি দিয়ে প্রতিদিন।' *শামসুর*, ১৯৬৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গুনেগেটে *ক্রিবিণ* সঠিকভাবে গণনা ক'রে। 'গুনেগেটে দেখলে হয়তো প্রায় সাড়ে আট লাখ।' *জীবন*, ১৯৩২।

গুনা[১] [ফা গুনাহ] *বি* পাপ। 'সুন্নতের গুনা তবে কত গুন তার।' *ভারত*, ১৭৬০।

গুনাখাতা [ফা গুনাহ+আ খাতা] *বি* পাপের লিখিত হিসাব। 'লালন কয় বোঝ দেখি কখন হয় শিশুর গুনাখাতা।' *লালন*, ১৮৯০।

গুনাগার, গুণাগার [ফা] **১** *বিণ, বি* অপরাধী। *য়েয়র্স*, ১৭৫৭। **২** *বি* ক্ষতিপূরণ। 'ইহার গুনাগার তিন কুড়া টাকা।' *বোগল*, ১৭৭০। **৩** *বিণ* অপরাধ। 'লদি সাবুদ করিতে না পারি তবে হাকিমের গুনাগার।' *হ্যালহেড*, ১৭৭২। **৪** *বি* ক্ষতি। 'ঘর দ্বার গুণাগার হবেক সরকারে।' *মানিকরাম*, ১৭৮১। **৫** *বি* জরিমানা। 'তবে হাকীমের সরকারে এক সও টাকা গুনাগার দিব।' *ওসাঁ*, ১৭৮২। **৬** *বিণ* পাপী। 'তাদের মধ্যে গুণাগার আছে, নেকবন্দ আছে।' *ওয়ালী*, ১৯৪৮।

গুনাগারি, গুনাগারী [ফা] **১** *বি* অপরাধ। 'গুনাগারী।' *ওসাঁ*, ১৭৮২। **২** *বি* জরিমানা। 'তাহার উপর গুনাগারি ফিমন আফিম তিনসও পচাত্তরি টাকা।' *ক্যালগে*, ১৭৮৯।

গুনাগীর [স গুণ+ফা গির] *বিণ* গুণগ্রাহী। 'মহানন্দে জাহাঁগীর গুনাগীর হয়ে।' *ভারত*, ১৭৬০।

গুনানো [স গণনা>] *ক্রি* গনৎকার দিয়ে শুভাশুভ স্থির করা। 'দেবিজ্ঞি ঠাকুরের কাছে গুনিয়ে নিয়ে আসতে হবে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

গুনাহ [ফা] *বি* ইসলাম ধর্মমতে পাপ। **গুনাহগার** [ফা] *বি* পাপী লোক। 'বদনসিব আয়, আয় গুনাহগার।' *নজরুল*, ১৯৩২।

গুনাহগিরি [ফা] *বি* পাপ কাজ। 'গান-বাজনার উপর গুনাহগিরির ধমকগুলনরে যে আর খেয়াল রাখতে আছো না।' *শ্যামসুন্দর*, ১৯৪৮।

গুনিজন [স গুণীজন] *বি* অভিজ্ঞ ব্যক্তি। 'নানা জন্ত্র বাজনা লইয়া গুনিজন গাএ।' *মালাধর*, ১৫০০।

গুনিন [স গুণিনা] *বি* ওঝা। 'গুনিনের জেনই এ কাম করেছে।' *হাসান*, ১৯৬৪।

গুনোগার [ফা গুনাহগার] *বি* জরিমানা। 'নিমকহারামির গুনোগার দিতে হবে না?' *বিমল*, ১৯৫৩।

গুন্তা দ্র **গুণ্ডা**

গুন্থা [স গ্রন্থন>] *ক্রি* গাঁথা। 'গুন্থিল ত্রিগুণ বেণী।' *আলাওল*, ১৬৮০।

গুন্থিত [স গ্রন্থন>] *বিণ* গ্রথিত। 'ঘর্মবিন্দু মুকুতা গুন্থিত।' *সুলতান*, ১৭০০।

গুন্দম [ফা গনদুম] *বি* ইসলামি বিশ্বাসমতে বেহেস্তের নিষিদ্ধ ফল। 'আদম না হও এহি গুন্দম খাবাইতুম।' *সুলতান*, ১৭০০।

গুন্ন [স গুণ] *বি* গুণ। 'বয়সে কনিষ্ঠ হয়ে জ্যেষ্ঠগুন্ন তার।' *গুপ্ত*, ১৮৫৮।

গুন্নোজ [স গুম্ফজ] *বি* গম্বুজ। 'কিল্লার ... নয়টা গুন্নোজ ও অনেক দেওয়াল এক কালে পড়িয়াছে।' *দর্পণ*, ১৮১৯।

গুন্যে [স গণন>] *ক্রি* গণনা ক'রে। 'ব্যয় করিবারে কিছু রাখিলেন গুন্যে।' *মুকুন্দ*, ১৬০০।

গুপগাপ [ধ্বন্যা] *বি* গিলে খাওয়ার শব্দ। 'মন্ত্রী পড়ে টুপটাপ/ সোনা গেলে গুপগাপ।' *বীরেন্দ্র*, ১৯৬৭।

গুপত [স গুপ্ত] **১** *বি* আড়াল। 'গুপতে ধরিল কাহে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* গোপন। 'রাঘব লইয়া যায় গুপত করিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বি* গোপনীয়তা। 'প্রকটে গুপতে আছে সবাক বেআপি।' *আলাওল*, ১৬৮০।

গুপতি [স গুপ্তি] *বিণ* গোপন। 'অকথ কথা গুপতি বেথা নঅনে তেজএ নোর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গুপতে [স গুপ্ত] *ক্রিবিণ* আড়ালে। 'গুপতে ধরিল কাহে।' *বড়ু*, ১৪৫০।

গুপিযন্তর [স গোপীযন্ত্র] *বি* এক তারযুক্ত এক ধরনের বাদ্যযন্ত্র। 'গুপিযন্তর বাজবে বাঃ খুব।' *নজরুল*, ১৯২৬।

গুপিযন্ত্র [স গোপীযন্ত্র] *বি* এক তারযুক্ত এক ধরনের বাদ্যযন্ত্র। 'একদল বৈষ্ণব ভিক্ষুক গুপিযন্ত্র ও খোলকরতাল যোগে গান গাহিতেছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গুপুস [ধ্বন্যা] *বি* কামানের গুলি ছোড়ার শব্দ। 'গুপুস করে তোপ পড়ে গ্যাল।' *হুতোম*, ১৮৬১।

গুপ্ত [স] **১** *বিণ* গোপন। 'গুপ্ত বেসে রোহিনির কথোকাল গেল।' *মালাধর*, ১৫০০। **২** *বি* গোপন স্থান। 'গুপ্তে তা সবারে আনি ঠাকুর নিত্যানন্দ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* লুকানো। 'এই গুপ্ত ধন যাহা বাপ কহিয়াছিলেন ...।' *তারিণী*, ১৮০৩। **৪** *বি* বাঙালি হিন্দু পদবি-বিশেষ। 'ব্রজকুমার গুপ্ত।' *সেবধি*, ১৮৪০। **৫** *বিণ* অব্যক্ত। 'তাঁহার পূর্ব্বকথিত গুপ্ত বিষয় গোপন রাখিব।' *অক্ষয়*, ১৮৫০।

গুপ্তকথা [স] *বি* অব্যক্ত কথা। 'এ মোর গুপ্তকথা জে ব্যক্ত করিব।' *মালাধর*, ১৫০০।

গুপ্তক্ষত [স] *বি* গোপন ঘা। 'গোপন স্থানে গুপ্তক্ষতের মতো।' *ওয়ালী*, ১৯৬৪।

গুপ্তঘাতক [স] *বি* গোপনে হত্যাকারী; আততায়ী। 'কংস তোমার গুপ্তঘাতক জেনো।' *মণীশ*, ১৯৩১।

গুপ্তঘাতী [স] *বিণ* গোপনে হত্যাকারী। 'গুপ্তঘাতী শত্রুদের করি না আজ গণ্য।' *সুকান্ত*, ১৯৪৮।

গুপ্তচর [স] *বি* গোপনে সংবাদ সংগ্রহকারী। 'অগ্রেই গুপ্তচর, চিত্রকর এবং কুঠারধারীগণকে ছদ্মবেশে প্রেরণ করিতে হইতেছে।' *মশাররফ*, ১৮৮৫।

গুপ্তচরবিদ্যা [স] *বি* গোপনে সংবাদ সংগ্রহের দক্ষতা। 'গুপ্তচরবিদ্যা উত্তরাধিকারসূত্রে দাক্ষিণ্য পেয়েছেন।' *মুজতবা*, ১৯৬০।

গুপ্তচরবৃত্তি [স] *বি* গোয়েন্দাগিরি; গোয়েন্দার কাজ। 'গুপ্তচরবৃত্তি, প্রেস্টিজ রক্ষার লোভে ন্যায় ও সত্যকে বলিদান।' *রবীন্দ্র*, ১৯১৫।

গুপ্তচরী [স] *বিণ স্ত্রী* গোপনে কাজ করে এমন। 'গুপ্তচরী দাসীগণ লাম্পট্যের সংবাদ মুহুর্মুহু বহন করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৬।

গুপ্তচারী [স] *বিণ স্ত্রী* গোপনে চলে এমন। 'ওগো গুপ্তচারী শিশু যাদুকর?' *সত্যেন্দ্র*, ১৯১৬।

গুপ্তচিহ্ন [স] *বি* গোপন চিহ্ন বা প্রতীক। 'সাঙ্কেতিক ও গুপ্তচিহ্ন ব্যবহার করা হয়েছে।' *বিভূতি*, ১৯৩৭।

গুপ্তচৈতন্য [স] *বি* অব্যক্ত চেতনা। 'আমার গুপ্তচৈতন্য সুপ্ত হয়ে ছিল।' *প্রমথ*, ১৯২৬।

গুপ্ততোয়া [স] *বিণ* অন্তঃসলিলা। 'উলসি ওঠে গুপ্ততোয়া সুপ্ত নদী।' *সত্যেন্দ্র*, ১৯১২।

গুপ্তদলন [স] *বি* গোপন নির্যাতন। 'পুলিসের গুপ্তদলনের হাতে নির্বিচারে ছাড়িয়া দেওয়া।' *রবীন্দ্র*, ১৯৩৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গুপ্তদূতী [স] *বি স্ত্রী* গোপন দূত। 'পেয়েছিনু অন্তঃপুরে গুপ্তদূতী-হাতে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গুপ্তদ্বার *বি* গোপন দরজা। 'সমুদায়ই বহির্দ্বার অথবা গুপ্তদ্বারের সমীপে রাশীকৃত।' *অক্ষয়*, ১৮৪৯।

গুপ্তধন [স] **১** *বি* লুকানো সম্পদ। 'পুত্রেরা মনে করিল, ঐ সকল ভূমির অভ্যন্তরে, পিতার গুপ্তধন স্থাপিত আছে।' *বিদ্যা*, ১৮৫৬। **২** *বি* ব্রতবিশেষ। 'ব্রাহ্মণদের মনগড়া ব্রত – দধিসংক্রান্তি, কল্পাছড়া, গুপ্তধন, ...।' *অবন*, ১৯১৯।

গুপ্তপথ [স] *বি* গোপন পথ। 'কতকগুলি লোক ... অপ্রশস্ত গুপ্তপথ দ্বারা স্থানান্তর গমন করিতেছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

গুপ্তপুর [স] *বি* লুকানো স্থান। 'সেই গুপ্তপুর হতেই শুনতে পেলুম।' *নজরুল*, ১৯২৪।

গুপ্ত-পুলিস [স গুপ্ত+ই পুলিস] *বি* গোয়েন্দা পুলিস। 'গুপ্ত-পুলিসে চাকরি করতে এসে ...।' *সাদত*, ১৯৬৭।

গুপ্তবাক্য [স] *বি* গোপন কথা। 'গুপ্তবাক্যে তুষ্ট হৈলা বরাহ ঈশ্বর।' *বৃন্দা*, ১৫৮০।

গুপ্তবার্তা, গুপ্তবার্ত্তা [স] *বি* গোপন তথ্য। 'ইহাদের মধ্যে কিছু গুপ্তবার্তা বা রহস্য খুঁজিয়া পান নাই।' *সবুজ*, ১৯২০।

গুপ্তবিদ্রূপ [স গুপ্ত+স বিদ্রব] *বি* প্রচ্ছন্ন কটাক্ষ। 'হারান বাবুর গুপ্তবিদ্রূপের আঘাতে সে সমস্ত সংকোচ ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

গুপ্ত বিভাগ [স] *বি* গোয়েন্দা বিভাগ। 'তৎকালীন গুপ্ত বিভাগের মধ্যমণি।' *সাদত*, ১৯৬৭।

গুপ্তবেদনা [স] *বি* গোপন ব্যথা। 'তাহার কত দিনের গুপ্তবেদনার সঞ্চয় আছে তাহা কেহ ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

গুপ্তবেশ [স] *বি* ছদ্মবেশ। *সেবধি*, ১৮৩৯।

গুপ্তবেস [স গুপ্তবেশ] *বি* ছদ্মবেশ। 'না জানিল কেহো আছে গুপ্তবেসে তারে।' *মালাধর*, ১৫০০।

গুপ্তভাবে [স] *ক্রিবিণ* লুকিয়ে। 'মুদিত-কমল-দলে থাকে গুপ্তভাবে।' *মাইকেল*, ১৮৬২।

গুপ্তমন্ত্র [স] *বিণ* যে মন্ত্র কেউ জানতে পারে না। 'আর্ট মানে কোন গুপ্তমন্ত্র নয়।' *ধূর্জটি*, ১৯৩১।

গুপ্তযুগ [স] *বি* প্রাচীন ভারতের গুপ্ত রাজবংশের রাজত্বকাল। 'গুপ্তযুগের শিল্পপ্রচেষ্টা গান্ধারের কাছে কতটা ঋণী।' *মুজতবা*, ১৯৪৯।

গুপ্তরূপে [স] *ক্রিবিণ* গোপনীয়ভাবে। 'এক বৃক্ষের নীচে গুপ্ত রূপে এক শত টাকা রাখিলেন।' *দর্পণ*, ১৮২২।

গুপ্তলিখন [স] *বি* অদৃশ্যলিপি। 'বিধাতা ইহার ললাটে যে গুপ্তলিখন লিখিয়া রাখিয়াছেন ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

গুপ্তশক্তি [স] *বি* অব্যক্ত শক্তি। 'তার অন্তরেও গুপ্তশক্তি নিহিত থাকে।' *প্রমথ*, ১৯১৪।

গুপ্তসন্ধানী [স] *বিণ* গোপনে অনুসন্ধানকারী। 'গুপ্তসন্ধানী অনুচরকে কাসেদ পদে নিযুক্ত করিয়া ...।' *মশাররফ*, ১৮৮৫।

গুপ্তসেবা [স] *বি* আড়ালে খাদ্যগ্রহণ। 'প্রভুর গুপ্তসেবা কৈল স্বরূপের সাথে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গুপ্তস্থান [স] *বি* গোপন জায়গা। 'এক গুপ্তস্থানে অবস্থিত হইয়া লোভদেবের পূজাদ্রব্য আহরণে নিয়ত নিযুক্ত আছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

গুপ্তহত্যা [স] *বি* গোপনে হত্যা। 'স্বাধীনতা গুপ্তহত্যার সাহায্যে আসিতে পারে না।' *নজরুল*, ১৯২৬।

গুপ্তহন্তা [স] *বি* গোপনে খুন করে যে। 'গুপ্তহন্তা দ্বারা ডাকাতের মত মদিনাবাসীদিগকে হত্যা করিল।' *মশাররফ*, ১৯০৮।

গুপ্তে *ক্রিবিণ* গোপনে। 'গুপ্তে রাজমহলে পৌঁছিয়া অস্পষ্ট উকিল পাঠাইলেন।' *রামরাম*, ১৮০১।

গুপ্তা [স গুপ্ত] *বি স্ত্রী* গোপন। 'পণ্ডিতদের অন্তঃকরণেই গুপ্তা থাকিত।' *দর্পণ*, ১৮২০।

গুপ্তাবাস [স] *বি* গোপন অবস্থান। 'পিতা মাতা প্রতি দেখাইল গুপ্তাবাস।' *বৃন্দা*, ১৫৮০।

গুপ্তি [স] *বিণ* গোপন। **গুপ্তি মন্ত্র** [স] *বি* গোপন রক্ষামন্ত্র। 'গুপ্তি মন্ত্রে দীক্ষা দিলে হয়তো ভাবীকালে ...।' *নজরুল*, ১৯৩১।

গুফাদার [গুফা+ফা দার] *বি* গুফা নামক নৌকাবিশেষের মাঝি। 'গুফাদাররা গজল গাইছে, দাঁড় টানছে।' *শওকত*, ১৯৬২।

গুব [ধ্বন্যা] *বি* জলে ডুব দেওয়ার শব্দ। 'গুবকগুলো থেকে থেকে খামকা জলের উপরে গুব করে দিগবাজি খেলে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গুবরে পোকা, গুবরো পোকা [স গোবিট>+পোকা] *বি* পোকাবিশেষ। 'গুবরে পোকার ডাক শুনিলেও অন্তর্জলে শুইব।' *বঙ্কিম*, ১৮৭৪; 'গুবরো পোকার লেগেছে মড়ক।' *রবীন্দ্র*, ১৯৪১।

গুবলেট [হি] *বি* জগাখিচুড়ি। 'চিকেন পোলাওয়ের সঙ্গে মটন-কারিতে দুটো মাংসের ককটেলকে আমার গুবলেট বলে মনে হয়।' *মুজতবা*, ১৯৫৮।

গুবাক [স] *বি* সুপারি। 'মালা চন্দন গুবাক পান অনেক আনিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গুম[১] [ফা] **১** *বিণ* অদৃশ্য। 'জিবরিলের বাত শুনি নবী হইল গুম।' *গরীব*, ১৭৬৫। **২** *বিণ* নিখোঁজ। 'গট হইয়া বসা, গুম হইয়া থাকা, ভোঁ হইয়া থাকা, বুঁদ হইয়া যাওয়া।' *রবীন্দ্র*, ১৯০৮। **৩** *বিণ* নিশ্চুপ ও গম্ভীর। 'সে গুম হইয়া বসিয়া থাকে।' *মানিক*, ১৯৩৬।

গুম করা *ক্রি* গায়েব করা। 'তাই লোকটারে ... গুম করাও সম্ভব না।' *মনসুর*, ১৯৫৫।

গুম খাওয়া *ক্রি* অসন্তুষ্ট মনে চুপ করে থাকা। 'রাগে সে গুম খাইয়া রহিল।' *মানিক*, ১৯৩৬।

গুম হওয়া *ক্রি* গম্ভীর হওয়া। 'জহির সাহেব গুম হয়ে গেলেন।' *হাফিজুর*, ১৯৫৩।

গুম হয়ে থাকা *ক্রি* রাগে চুপ ক'রে থাকা। 'গুম হইয়া বসিয়া রইল।' *শরৎ*, ১৯১৩।

গুমে গুমে *ক্রিবিণ* ধীরে ধীরে। 'মাংস যেমন গুমে গুমে সিদ্ধ হতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

গুম[২] [স গুণ] *বি* ধনুকের গুণ। *মানোএল*, ১৭৪৩।

গুমখুন [ফা] *বি* গুপ্তহত্যা। *বিদ্যা*, ১৮৯১।

গুমগুম [ধ্বন্যা] *বিণ* গুম গুম করছে এমন। 'ভুবন ও কমল ... গুম গুম শব্দে দ্বারে কিল মারিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গুমগুমিয়ে [ধ্বন্যা] *ক্রিবিণ* গুম গুম শব্দে। 'গুমগুমিয়ে থেকে থেকে উঠছে ভেসে খোল-মৃদঙ্গের হাসি।' *মুজতবা*, ১৯৫৯।

গুমগুমে [ধ্বন্যা গুমগুম>] *বিণ* জমজমাট। 'খুব গুমগুমে কোম্পানি।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জীবন, ১৯৩২।

গুমট [ফা গুম>] *বি* বায়ু চলাচলের অভাবে ভাপসা গরম। 'বাপ বাপ বাপ একি গুমটের দাপ।' *গুপ্ত*, ১৮৫৮।

গুমট কামান *বি* খিলানের গোল অংশ। *মানোএল*, ১৭৪৩।

গুমটভরা *বিণ* জমাটবদ্ধ। 'অহমিকার গুমটভরা অন্ধকারে সংস্কৃতিকর্মীর শ্বাস বন্ধ হয়ে আসে।' *মোতাহের*, ১৯৫০।

গুমটি [হি] *বি* প্রহরী বা দারোয়ানের থাকার জন্য তিন দিক বন্ধ ও অপ্রশস্ত ছোটো কুঠুরি। 'সমস্ত স্টেশন, গুমটি, লোকালয় এবং ময়দানে –।' *শক্তি*, ১৯৭০।

গুমটিঘর *বি* অপ্রশস্ত ঘর। 'হাঁফ-ধরা দম আটকানো গুমটিঘরের মতো।' *সেলিনা*, ১৯৭৫।

গুমড় [ফা গুমর] ১ *বি* চাপা শোক দুঃখ বা বেদনা। 'আহত অভিমান আমার সারা বক্ষ আলোড়িত করে গুমড়ে উঠল।' *নজরুল*, ১৯২২। ২ *বি* রহস্য। 'মনের ভেতরেও কেমন একটা গুমড় পাকিয়ে উঠল।' *জীবন*, ১৯৩২।

গুমর[১] [ফা গুমার] *বি* গির্জার খিলানো ছাদ। *মানোএল*, ১৭৪৩।

গুমর[২] [ফা] ১ *বি* অহংকার। 'যে স্ত্রীলোক স্বয়ং উপার্জন করে তাহার একটু একটু গুমর হয়।' *প্যারী*, ১৮৫৮; 'ওটার গুমর দেখলে হাসি পায়।' *রবীন্দ্র*, ১৯৩২। ২ *বি* গোপন কথা। 'সব গুমর ফাঁস হইয়া যাইত।' *মনসুর*, ১৯৫০।

গুমরা, গুমরানো [ফা গুমর>] ১ *ক্রিবিণ* মনে মনে দুঃখ পাওয়া। 'বাঙ্গালি জাতিকে গুমরে গুমরে পুড়াইতেছে।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ২ *ক্রি* কষ্ট চেপে রাখা। 'সারা দিন রাত গুমরি গুমরি কেবলি আছিস বসে।' *রবীন্দ্র*, ১৮৮৩; 'গুমরি ক্রন্দন তব রুদ্ধ অনুতাপে ফুলে ফুলে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *ক্রি* প্রকাশোন্মুখ হওয়া। 'মরমে গুমরি মরিছে কামনা কত।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'অব্যক্ত ধ্বনির পুঞ্জ গুহাকারে উঠেছে গুমরি।' *রবীন্দ্র*, ১৯১৫। ৪ *ক্রি* গুঞ্জন করা। 'চিচর চুলে ভ্রমর গুমরে না।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

গুমরি গুমরি *ক্রিবিণ* ক্ষুব্ধভাবে। 'সারা দিন রাত গুমরি গুমরি কেবলি আছিস ব'সে।' *রবীন্দ্র*, ১৮৮৫; 'গুরু গুরু মেঘ গুমরি গুমরি গরজে গগনে গরজে।' *রবীন্দ্র*, ১৯০০।

গুমরে ওঠা *ক্রি* প্রকাশিত হওয়া। 'গুমরিয়া ওঠে কাঙালের লজ্জাহীন গুরু বেদনাতে!' *নজরুল*, ১৯২৩।

গুমরে থাকা *ক্রি* বিষাদগ্রস্ত হওয়া। 'আজও যদি দিনটা গুমরে থাকে তার?' *জীবন*, ১৯৩৩।

গুমরে মরা *ক্রি* চাপা কষ্টে জর্জরিত হওয়া। 'তুই শুধু ওরে ভিতরে বসিয়া গুমরি মরিতে চাস!' *রবীন্দ্র*, ১৮৮৩।

গুমরানি [ফা গুমর>] *বি* কষ্ট। 'আমার এ মন-গুমরানি শেষে যখন অসহ্য হয়ে দাঁড়াল।' *নজরুল*, ১৯২৭।

গুমরানো দ্র **গুমরা**

গুমরানো[২] [ফা গুমর>] ১ *বিণ* সুপ্ত। 'মনের গুমরানো আগুন দপ করিয়া জ্বলিয়া উঠিল।' *মানিক*, ১৯৩৬। ২ *বিণ* চাপা; ক্ষুব্ধ। 'কেমন একটা গুমরানো ধ্বনি পাশের ঘর থেকে আমার কানে আসে।' *শিবরাম*, ১৯৭০।

গুমরাওন [ফা গুমার>] *বি* ক্ষোভ প্রকাশ করা। *ওসাঁ*, ১৭৮৫।

গুমরাহ [ফা] *বিণ* বিপথগামী। 'নারীদের বেলা গুম হয়ে রয় গুমরাহ যত চোরে!' *নজরুল*, ১৯২৮।

গুমরাহা [ফা গুমরাহ্] *বিণ* বিপথগামী। 'জানি না এবার কোন স্রোতে মোরা হব ফিরে গুমরাহা।' *ফররুখ*, ১৯৪৩।

গুমরুক *বি* শুল্ক আদায়ের কার্যালয়। 'গুমরুক বা কাস্টম হাউস তখন বন্ধ হয়ে গিয়েছে।' *মুজতবা*, ১৯৪৯।

গুমশো, গুমসো [ফা গুম>] *বিণ* গম্ভীর। 'ধর্মকর্ম করতে গেলেই যে মুখ গুমশো করে সব কিছু করতে হবে।' *মুজতবা*, ১৯৫২; 'মুখ গুমসো করে বসে আছি।' *মুজতবা*, ১৯৫২।

গুমসা [ফা গুম>] *বি* বায়ু চলাচলের অভাবে ভাপসা গরম। *বিদ্যা*, ১৮৯১।

গুমা [স গুল্ম] *বি* থানা। 'ঘাট ন গুমা খড়তড়ি নো হোই আখি বুজিঅ বাট জাইউ।' *চর্যা ১৫*, ১২০০।

গুমান [ফা] ১ *বি* অহংকার। 'এমত কহে হিন্দুয়ান বেটা এতেক গুমান।' *বিজয়*, ১৬৫০। ২ *বি* ঔদ্ধত্য। *মানোএল*, ১৭৪৩।

গুমার [ফা গুমর] *বি* রহস্য। 'ভাঙিবে সকল গুমার যেদিন শমন রায় আসিবে।' *লালন*, ১৮৯০।

গুমি [ফা গুম>] ১ *বি* লুকিয়ে রাখা ব্যক্তি। 'চারিদিকে তল্লাশ করিল কিন্তু গুমি পাইল না।' *প্যারী*, ১৮৫৮। ২ *বি* হত্যা ক'রে মৃতদেহ লুকিয়ে ফেলার কাজ। 'ডিস্পেন্সারি স্কুল হইলেই আপনারা, খুন গুমি হইলেই ...।' *দীনবন্ধু*, ১৮৬০।

গুমো [ফা গুম>] *বিণ* ছাতা পড়া। 'গুমো চিড়ে জলো দই তিত গুড় ধেনো পচা।' *রামনারায়ণ*, ১৮৫৪।

গুমোট [ফা গুম>] ১ *বিণ* স্তব্ধ। 'এই সংশয়াচ্ছন্ন গুমোটের ভাবটা দূর করিয়া দেওয়া উচিত।' *রবীন্দ্র*, ১৯০২। ২ *বি* ভাপসা গরম। 'জোষ্ঠিমাসের গুমোট রে বন্ধু আসত নাকো নিঁদ।' *নজরুল*, ১৯৩৫।

গুমোর [ফা গুমর] ১ *বি* দুঃখপ্রকাশ। 'গুনিয়া গজবে গোপী গুমোর করিয়ে।' *ভবানী*, ১৮২৫। ২ *বি* রহস্য। 'না হলে কুঞ্জবনের এত কী গুমোর।' *গিরিশ*, ১৮৮৩। ৩ *বি* অহংকার। 'অত গুমোর কোরো না।' *রবীন্দ্র*, ১৯৩৩। ৪ *বি* গোপন কথা। 'তবে তার গুমোর বুঝতে পারবে।' *রবীন্দ্র*, ১৯৪১। ৫ *বি* মূল্য। 'ফুলের গুমোর সবার চেয়ে বড়ো।' *রবীন্দ্র*, ১৯৪১।

গুম্ফ [স] *বি* গোঁফ। 'গুম্ফ ধরিয়া টানিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

গুম্ফগুচ্ছ [স] *বি* গোঁফের গোছা। 'নাসিকার ঠিক নিম্নবর্তী গুম্ফগুচ্ছটি পর্যবেক্ষণ করিবার ব্যর্থ চেষ্টা করিতে করিতে ...।' *বনফুল*, ১৯৩৬।

গুম্ফধারী [স] *বিণ* গোঁফ আছে এমন। 'গুম্ফধারী প্রৌঢ় পুরুষ চাপকানপরিহিত বক্ষের ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গুম্ফপ্রান্তদ্বয় [স] *বি* গোঁফের দুই প্রান্ত। 'গুম্ফপ্রান্তদ্বয়কে সুচালো করাই বর্তমানে তাহার সাধনার বিষয়।' *বনফুল*, ১৯৩৬।

গুম্ফবিশিষ্ট [স] *বিণ* গোঁফ আছে এমন। 'দৈর্ঘ্য-প্রস্থে সুগোল, গুম্ফবিশিষ্ট কোন দৈত্য নয়।' *শওকত*, ১৯৫৮।

গুম্ফবিহীন [স] *বিণ* গোঁফ নেই এমন। 'শুকায় কিনা গুম্ফবিহীন বালক-সাথে মদ্রাসায়!' *নজরুল*, ১৯৫৯।

গুম্ফমুখী [স] *বিণ* গোঁফের দিকে। 'দণ্ডমহাশয় নয়নের দৃষ্টিকে নিজ গুম্ফমুখী করিলেন।' *বনফুল*, ১৯৩৬।

গুম্ফরাজি [স] *বি* গোঁফের রাশি। 'মাতুল মহাশয় তাঁহার সুপ্রচুর গুম্ফরাজির অন্তরালে ঈষদ্ধাস্য করিয়া...।' *বনফুল*, ১৯৩৬।

গুম্ফরেখা [স] *বি* গোঁফের রেখা। 'ইংরেজ যুবক বিরল গুম্ফরেখা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নিয়ে তার আসন দখল করলে।' *রবীন্দ্র*, ১৯৩২।

গুম্ফশ্মশ্রু [স] *বি* দাড়ি-গোঁফ। 'গুম্ফশ্মশ্রুবহুল বিশাল লাঠিস্কন্ধে ভোজপুরি মশাই।' *নজরুল*, ১৯২৭।

গুম্ফাগ্র [স গুম্ফ-অগ্র] *বি* গোঁফের ডগা। 'ডাক্তারবাবু গলা খাঁকারি দিয়া গুম্ফাগ্রটিকে তর্জনী ও অঙ্গুষ্ঠ সহযোগে সূক্ষ্মতর করিতে লাগিলেন।' *বনফুল*, ১৯৩৬।

গুম্বজ [ফা] *বি* ভবনশীর্ষে অর্ধবেলুন আকারের চূড়া; গম্বুজ। 'দেখিতে গুম্বজের ন্যায়।' *অক্ষয়*, ১৮৫২।

গুম্ভ [ফা গুম্বজ] *বি* গম্বুজ। 'সহস্রেক গুম্ভ ভরি একসত দ্বার করি এক ক্রোশ কর পরিসর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গুয়া [স গুবাক>] *বি* সুপারি। 'সিমলি পলাস সত গুয়া জলপাই কত।' *মালাধর*, ১৫০০।

গুয়াগুটি [স গুবাক-গুটি] *বি* সুপারি। 'দর্পণে নেহালি দেখে জেন গুয়াগুটি।' *মুকুন্দ*, ১৬০০।

গুয়াখুবি [স গুবাক>] *বি* একপ্রকার ধান। 'গুয়া শালি হরিলেবু গুয়াখুবি সুঁদী ...।' *ভারত*, ১৭৬০।

গুয়াপান [স গুবাক-পর্ণ] *বি* পানসুপারি। 'হরীতকী বহেড়া আমার গুয়াপান।' *রূপরাম*, ১৭৫০।

গুয়ামোরি [স গুবাক+স মধুরিকা] *বি* মউরি; মৌরি। *মানোএল*, ১৭৪৩।

গুয়ারেখি [স গুবাক>] *বি* ডিঙি নৌকাবিশেষ। 'গড়ে ডিঙ্গা সিংহমুখী নামে ডিঙ্গা গুয়ারেখি।' *মুকুন্দ*, ১৬০০।

গুয়াল [স গোপাল>] *বি* গোয়ালা। 'লয়্যা অস্ত্রজাল সহস্র গুয়াল সাজিয়া চলিল বেগে।' *মানিকরাম*, ১৭৮১।

গুয়ালা [স গোপাল>] *বি* গোয়ালা। 'জনম লভিনু আমি গুয়ালার কুলে।' *বড়ু*, ১৫৭০।

গুয়ালি, গুয়ালী [স গোপাল>] *বি* গোয়ালিনী; গোপনারী। 'বার বরিখের দান দিবে জে গুয়ালি।' *বড়ু*, ১৪৫০; 'অনাথী গুয়ালী মোকে রক্ষা কর বিধি।' *বড়ু*, ১৫৭০।

গুয়ে গোবরে দ্র গু

গুর [স গুড়] *বি* গুড়। 'আর আমি বাসায় গিয়া চিরা গুর চিবাইমু।' *গিরিশ*, ১৮৮৬।

গুরিয়া [স গুড়িকা] *বিণ* ছোটো। 'ছেড়া ন্যাকড়ার তইরি গুরিয়া পুতুল।' *হুতোম*, ১৮৬১।

গুরু [স] **১** *বি* শিক্ষক। 'আলে গুরু উএসই সীস।' *চর্যা ৪০*, ১২০০। **২** *বিণ* প্রবল। 'জঘনে বসে নূপুরু আতিশয় রুচি গুরু।' *বড়ু*, ১৪৫০। **৩** *বিণ* গুরুতর। 'গুরু পাপে বেড়িলে আলপ কালে।' *বড়ু*, ১৪৫০। **৪** *বিণ* ভারী। 'গুরু জঘন নিতম্ব উরু করিকরে।' *বড়ু*, ১৪৫০। **৫** *বি* সংগীতের লয়বিশেষ। 'লঘু ১৪ চৌদ্দ কলা। পরে গুরু।' *বড়ু*, ১৫৭০। **৬** *বিণ* কঠিন। 'লঘু দোষে গুরু দণ্ড নহে সমুচিত।' *মুকুন্দ*, ১৬০০। **৭** *বিণ* মোটা। 'অর্ধ গুরু অর্ধ সরু।' *সুলতান*, ১৭০০। **৮** *বিণ* মূল। 'চোর দারিদ্র্যের গুরু রাজকন্যা কল্পতরু ...।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৯** *বিণ* বৃহৎ। 'গুরু কার্য্যের গুরু উপায় আবশ্যক।' *অক্ষয়*, ১৮৪৮। **১০** *বিণ* তীব্র। 'তাহার সুকুমার কর্ণ প্রতিক্ষণে গুরু, লঘু, মধুর, কর্কশ, বিবিধ শব্দ শ্রবণ করিতে থাকে।' *অক্ষয়*, ১৮৪৯। **১১** *বিণ* বড়ো।। 'গুরুকার্য্য সম্পাদনে ইহাদিগকে নিযুক্ত দেখা যায়।' *অক্ষয়*, ১৮৫৪। **১২** *বিণ* প্রধান। 'লঘু হয়ে হও তুমি সকলের গুরু।' *গুপ্ত*, ১৮৫৮। **১৩** *বিণ* সহজে পরিপাক হয় না এমন; দুষ্পাচ্য। 'পাকে গুরু বটে করে পিত্ত কফ দূর।' *গুপ্ত*, ১৮৫৮। **১৪** *বি* ধর্ম-উপদেষ্টা; দীক্ষাদাতা। 'ধোরে গুরু পুরুত মারে জুতো, ভিখারী কি অন্ন পাবে?' *গুপ্ত*, ১৮৫৮। **১৫** *বিণ* পরিমাণের চেয়ে বেশি ওজন। 'গুরুওজনে তাহা ক্রয় করিয়া, লঘুতর ওজনে লবণ দিতে লগিল।' *সংসঙ্গ*, ১৮৯৮। **১৬** *বি* ভর্ৎসনা। 'গুরুবাক্য ও গুরুতর চপেটাঘাত স্পষ্ট মনে জাগিতেছে।' *রবীন্দ্র*, ১৯১২। **১৭** *বি* কবিগুরু (রবীন্দ্রনাথ)। 'গুরু কন তুই করেছিস গুরু তলোয়ার দিয়ে দাড়ি চাঁছা।' *নজরুল*, ১৯২৬। **১৮** *বিণ* সুন্দর। 'ব্যাবিলনের জাদু বুঝি গুরু তব চটুল চোখের।' *নজরুল*, ১৯৩০।

গুরুকরণ [স] *বি* গুরুর কাছে দীক্ষা গ্রহণ। 'আর্টিস্টদের আর গুরুকরণ দরকার নেই?' *রবীন্দ্র*, ১৯১৫।

গুরুকুল [স] *বি* গুরুর বংশ। 'আক্ষি তোর পিত্রিতুল্য গুরুকুল ধিক।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গুরুগম্ভীর [স] *বিণ* গভীর অর্থপূর্ণ ও গম্ভীর শব্দবিশিষ্ট। 'সাম্রি একবার গুরুগম্ভীর আওয়াজে 'চ্যালেঞ্জ' করলে, হল্ট, হু কামস দেয়ার।' *নজরুল*, ১৯২৪।

গুরু-গরজন [স গুরুগর্জন] *বি* গম্ভীর গর্জন। 'আমার চিরবাঞ্ছিত মেঘ গুরু-গরজনে ডেকে উঠল।' *নজরুল*, ১৯২২।

গুরুগর্বিত [স গুরু-গর্বিত] *বি* শ্রদ্ধাভাজন। 'আশপড়শীগণ গুরুগর্বিত জন।' *ভবানন্দ*, ১৮০০।

গুরুগর্জন [স] অত্যন্ত উচ্চস্বর। 'জনপুঞ্জব আমার সম্মুখে আসিয়া গুরুগর্জনে বলিলেন।' *প্রমথ*, ১৮৯৮।

গুরুগিরি [স গুরু+ফা গিরি] *বি* গুরুর কর্তৃত্ব প্রকাশ। 'শিষ্যকে নিয়ে গুরুগিরি করা সহজ।' *রবীন্দ্র*, ১৯০৯।

গুরুগুরু [ধ্বন্যা] *বিণ* অব্যাহত গুরু গুরু শব্দ করে এমন। 'উদ্দামপবনবেগ, গুরুগুরু রব।' *রবীন্দ্র*, ১৮৯০।

গুরুগুষ্টি [স গুরুগোষ্ঠী] *বি* গুরুবংশ। 'ভাটপাড়ার গুরুগুষ্টিরে প্রকৃত হিন্দু ...।' *হুতোম*, ১৮৬১।

গুরুগৃহ [স] *বি* গুরুর বাড়ি। 'অধ্যয়নের নিমিত্ত, গুরুগৃহে প্রস্থান করিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

গুরুগৃহবাস [স] *বি* গুরুর বাড়িতে থেকে শিক্ষা। 'তার শিক্ষা, দীক্ষা, ব্রহ্মচর্য, গুরুগৃহবাস ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গুরু-গৌরব [স] *বিণ* শ্রদ্ধাপূর্ণ। 'গুরু-গৌরব ব্যবহার নিয়োজিত কৈল ভার।' *মুকুন্দ*, ১৬০০।

গুরুজন [স] **১** *বি* শিক্ষক। 'পুত্রে বাপ লংঘিব শিষ্য গুরুজনে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* শ্রদ্ধাভাজন ব্যক্তি। 'না মানে গুরুজনে।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* অভিভাবক। 'পরিবারস্থ গুরুজনেরা ... যৎপরোনাস্তি মনঃপীড়া পাইতেছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

গুরুজনা [স] *বি* শ্রদ্ধেয় ব্যক্তি। 'তার মধ্যে যেবা যুবা, মান্য গুরুজনা সবা ...।' *মদনমোহন*, ১৮৩৪।

গুরুজায়া [স] *বি* গুরুর পত্নী। 'এ নব যুবতি ভজে নিশাপতি গুরুজায়া লৈল তারা।' *মুকুন্দ*, ১৬০০।

গুরুজি [স গুরু>] *বি* গুরু মহাশয়। 'গুরুজির ভিক্ষাভাণ্ড।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গুরুজ্ঞান [স] *বি* গুরু হিসেবে বিবেচনা। 'চৈতন্যগোসাঞি মোরে করে গুরুজ্ঞান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গুরু-ট্রেনিঙ |স গুরু+ই ট্রেনিং| *বি* প্রাইমারি-শিক্ষকদের প্রশিক্ষণ। 'গুরু-ট্রেনিঙের এক পিলেওয়ালা ছাত্তর।' *রবীন্দ্র*, ১৯৩৬।

গুরুঠাকুর |স গুরু+ঠাকুর| *বি* হিন্দুদের পারিবারিক ধর্মগুরু। 'উনি আমাদের গুরুঠাকুর।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গুরুতত্ত্ব |স| *বি* গুরুর দেওয়া মন্ত্র। 'রামপ্রসাদ বলে হৃদিস্থলে গুরুতত্ত্ব রাখ গাঁথা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গুরুতম |স| *বিণ* দুরূহ। 'অতি উৎকৃষ্ট গুরুতম বিদ্যা সকলও স্বদেশীয় ভাষার দ্বারা শিক্ষা করা যায়।' *অক্ষয়*, ১৮৪৮।

গুরুতর |স| **১** *বিণ* ভারী। 'মাঝা খিনী গুরুতর বিপুল নিতম্বে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* অত্যন্ত। 'চতুর্দিগে পাষণ্ড বাড়য়ে গুরুতর।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বিণ* কঠোর। 'অতি লঘু মোর পাপ দিলে গুরুতর সাঁপ।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *বিণ* গুরুত্বপূর্ণ। 'এই গুরুতর ও বহুলোকের অনুশীলিত প্রশ্ন বিচারার্থ বিতর্ত্তিত হইল।' *দর্শন*, ১৮৩২। **৫** *বিণ* শ্রেষ্ঠ। 'আমারদিগের সংস্কৃতই সকল অপেক্ষা গুরুতর হইবে।' *অক্ষয়*, ১৮৪৮। **৬** *বিণ* কঠিন। 'গণিত বিদ্যা অতি গুরুতর বিদ্যা।' *অক্ষয়*, ১৮৪৯। **৭** *বিণ* অমার্জনীয়। 'গুরুতর দোষে পতিত হইবার বিলক্ষণ সম্ভাবনা।' *অক্ষয়*, ১৮৪৯। **৮** *বিণ* অধিক। 'অত্যন্ত গুরুতর ভোজন করিলে, শরীর ও মন উদ্বেয়েই ...।' *অক্ষয়*, ১৮৫০। **৯** *বিণ* বিষময়। 'গতানুশোচনা ... পাপানুষ্ঠানের গুরুতর প্রতিফল।' *অক্ষয়*, ১৮৫২। **১০** *বিণ* গুরুর মতো। 'কেহ বা গুরুতর লোকের সামনে দম্ভ করে।' *প্যারী*, ১৮৬০। **১১** *বিণ* বেশি শক্তিসম্পন্ন। 'অস্তবল অপেক্ষা বাক্যবল গুরুতর।' *বঙ্কিম*, ১৮৭৯। **১২** *বিণ* গুরুত্বপূর্ণ। 'অন্যান্য আর্য্যনারী-চরিত্র হইতে দ্রৌপদী চরিত্রের যে গুরুতর প্রভেদ, ...।' *বঙ্কিম*, ১৮৮৭। **১৩** *বিণ* অত্যধিক। 'বিদেশ হইতে আনীত সামগ্রীর উপর গুরুতর শুল্ক বসাইতেন।' *বঙ্কিম*, ১৮৯২। **১৪** *বিণ* বেশি মূল্যবান। 'সকল কর্তব্য চেয়ে প্রিয় গুরুতর।' *রবীন্দ্র*, ১৮৮৯। **১৫** *বিণ* প্রবল। 'গুরুতর বাধাযুক্ত করিতে পারিলেন না।' *রবীন্দ্র*, ১৯০০। **১৬** *বিণ* জরুরী। 'আনন্দলাভকেই গুরুতর বলিয়া গণ্য করেন।' *রবীন্দ্র*, ১৯০৮। **১৭** *বিণ* জোরালো। 'গুরুবাক্য ও গুরুতর চপেটাঘাত স্পষ্ট মনে জাগিতেছে।' *রবীন্দ্র*, ১৯১২। **১৮** *বিণ* মারাত্মক। 'মাদ্রাতে একটা গুরুতর দাঙ্গাহাঙ্গামা ঘটিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯১৬। **১৯** *বিণ* দারুণ। 'বাদশার মুখখানা গুরুতর গম্ভীর।' *রবীন্দ্র*, ১৯৩৭। **২০** *বিণ* জটিল। 'যে – গুরুতর বিষয় নিয়ে আলাপ আলোচনা হচ্ছে।' *ওয়ালী*, ১৯৪৮।

গুরুতুল্য |স| *বিণ* গুরুর মতো। 'ব্যবহারে পরমার্থে তুমি গুরুতুল্য।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গুরুত্ব |স| **১** *বি* ওজন। 'তাহার আকার, প্রকার, লঘুত্ব, গুরুত্ব, কাঠিন্য, ... পরীক্ষা করিয়া দেখিতে পারে।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বি* আধিক্য। 'এইরূপে গুরুত্বের নিয়ম আবিষ্কৃত হইল।' *বিদ্যা*, ১৮৪৯; 'ঋণের গুরুত্ব।' *নবনূর*, ১৯০৩।

গুরুত্বপূর্ণ |স| **১** *বিণ* মহৎ। 'হিন্দু মুছলমান সমস্যা মোটেই গুরুত্বপূর্ণ নহে।' *আজাদ*, ১৯৩৭। **২** *বিণ* প্রধান। 'গুরুত্বপূর্ণ বিষয়াদির আলোচনা।' *বেগম*, ১৯৪৯।

গুরুত্বপূর্ণতা |স| *বি* গুরুত্বপূর্ণ ভাব। 'ভাষা ও গলার গুরুত্বপূর্ণতা বজায় রেখে সে বলল।' *মানিক*, ১৯৪৭।

গুরুত্বভাব |স| *বি* মহত্ত্বভাব। 'প্রশ্নকারের উচ্চকণ্ঠে গুরুত্বভাব।' *ওয়ালী*, ১৯৬৪।

গুরুত্বসম্পন্ন |স| *বিণ* গুরুত্ব আছে এমন। 'এবারকার অধিবেশন অত্যন্ত গুরুত্বসম্পন্ন।' *আজাদ*, ১৯৩৬।

গুরুদক্ষিণা |স| *বি* গুরুকে দেওয়া অর্থ অথবা উপঢৌকন। 'সেই যজ্ঞ-সমাধার ভার গুরুদক্ষিণার স্বরূপ চারুলতা গ্রহণ করিত।' *রবীন্দ্র*, ১৯০১।

গুরুদণ্ড |স| *বি* বড়ো ধরনের শাস্তি। 'লঘুদোষে গুরুদণ্ড।' *মুকুন্দ*, ১৬০০; 'গুরুদণ্ড দিয়ো না তাহারে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

গুরুদত্ত |স| *বিণ* শিক্ষক প্রদত্ত। 'নোট নামক গুরুদত্ত নানা আকারের ও নানাপ্রকারের গোলাগুলি বিদ্যালয়ে ...।' *প্রমথ*, ১৯১৮।

গুরুদরবার |স গুরু+ফা দরবার| *বি* শিখদের তীর্থ। 'অমৃতসরে গুরুদরবার আমার স্বপ্নের মতো মনে পড়ে।' *রবীন্দ্র*, ১৯১২।

গুরুদর্শন |স| *বি* গুরুর সাক্ষাৎ লাভ। 'অহীরা কন্যা সমভিব্যাহারে করিয়া গুরুদর্শনে গমন করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪৭।

গুরু দশা |স| *বি* পিতা-মাতার মৃত্যুজনিত অবস্থা। 'গুরু দশা লোকের দুঃসময়েতেই হয়।' *কেরি*, ১৮০২।

গুরুদায়িত্ব |স| *বি* মহান কর্তব্যভার। 'নারী-শিক্ষার যে গুরুদায়িত্ব সমাজের স্কন্ধে।' *বেগম*, ১৯৪৮।

গুরুদেব |স| **১** *বি* দেবতুল্য গুরু। 'শ্মশানবাসী গুরুদেব আমায় এই অলঙ্কার বিক্রয় করিতে পাঠাইয়াছেন।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বি* ধর্মগুরু। 'কত কত গুরুদেব ঐ শ্রেণী হইতে বহিষ্কৃত হইয়া লজ্জায় অধোমুখ হইলেন।' *অক্ষয়*, ১৮৪৯। **৩** *বি* রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতি ভক্তদের সম্মানসূচক সম্বোধনবিশেষ। 'গুরুদেব যতদিন বেঁচে ছিলেন ততদিন এ পদ্য ছাপানো হয়নি।' *মুজতবা*, ১৯৪৯।

গুরুদ্রোহী |স| *বিণ* গুরুর প্রতি বিদ্রোহী। 'অকৃতজ্ঞ, গুরুদ্রোহী, পিতৃ-মর্মঘাতী, স্বেচ্ছাচার!' *রবীন্দ্র*, ১৮৯০।

গুরু নিকেতন |স| *বি* গুরুগৃহ। 'পড়িবারে গেলা তবে গুরু নিকেতনে।' *রূপরাম*, ১৭৫০।

গুরুনিতম্বিনী *বিণ স্ত্রী* স্থূল নিতম্ববিশিষ্ট। 'তপ্ত কাঞ্চনবর্ণা, গুরুনিতম্বিনী, আহা কি অপরূপ ঐ বালিকা।' *হাসান*, ১৯৬৭।

গুরুনিন্দা |স| *বি* গুরুর নিন্দা। 'এইরূপে তাহারদিগের ক্রোধ, দ্বেষ, গুরু নিন্দা ও অকৃতজ্ঞতাদি ...।' *অক্ষয়*, ১৮৪৮।

গুরুপত্নী |স| *বি* গুরুর স্ত্রী। 'গুরুপত্নী তারাক হরিল শশধরে।' *বড়ু*, ১৪৫০।

গুরুপদ |স| *বি* গুরুর পা। 'গুরুপদ ভজিয়া পড়এ প্রতিনিধি।' *বাহরাম*, ১৬৫০।

গুরুপাক |স| **১** *বিণ* সহজে পরিপাক হয় না এমন। 'সংস্কৃতবিদ্যা নিরতিশয় গুরুপাক দ্রব্য।' *বিদ্যা*, ১৮৭৩। **২** *বিণ* অসাগঞ্জস্যপূর্ণ। 'বাংলা ভাষার পক্ষে এ শব্দটা একেবারে গুরুপাক।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গুরুপাকত্ব |স| *বি* গূঢ়ার্থ। 'সারবান ওয়াজের গুরুপাকত্ব হজম করিতে না পারিয়া ...।' *মনসুর*, ১৯৩৫।

গুরুপাট |স| *বি* গুরুর আবাস। 'আপনাকে একেবারে খোদ গুরুপাটে নিয়ে উপস্থিত করব।' *নরেন্দ্র*, ১৯৪৫।

গুরুপাপ |স| *বি* গুরুতর অপরাধ। 'ব্রাহ্মণবধে গুরুপাপ।' *বঙ্কিম*, ১৮৭৯।

গুরুপুত্র |স| *বি* গুরুর পুত্র। 'অশ্বত্থামা গুরুপুত্র তাঁহাকে বধ করা অনুপযুক্ত।' *গৌর*, ১৮২২।

গুরুপ্রসাদী |স| *বি* প্রথাবিশেষ। 'মেদিনীপুর অঞ্চলে বৈষ্টব তন্ত্রের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গুরুপ্রসাদী প্রথা প্রচলিত ছিল।' *হুতোম*, ১৮৬১।

গুরুবচন [স গুরু+বচন] *বি* গুরুবচন। 'গুরুবচণ বিহারেঁ রে।' *চর্যা* ৩৯, ১২০০।

গুরুবচন [স] *বি* গুরুজনের উপদেশ। 'গুরুবচনে শ্রদ্ধা করিও।' *মদনমোহন*, ১৮৪৯।

গুরুবন্দনা [স] *বি* গুরুকে দেবতাজ্ঞানে শ্রদ্ধা। 'যাহার সম্যক লিপিবন্দনা, গুরুবন্দনা, গঙ্গাবন্দনা, ও দাতাকর্ণাদি ...।' *অক্ষয়*, ১৮৪৮।

গুরুবর [স] *বি* শিক্ষক। 'দোহানের প্রেমভাব ... গুরুবরে শুনিলা কহিলা শিশুগণ।' *বাহরাম*, ১৬৫০।

গুরুবর্ষা [স] *বি* প্রবল বর্ষণ। 'আকস্মিক গুরুবর্ষার মতো সমস্ত বোম্বাই প্রদেশের মাথার উপর ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

গুরুবল [স] *বি* গুরুর আশীর্বাদ। 'আমার বড়ো গুরুবল যে অদ্যাপিও সরকারগিরি কর্মটি বজায় আছে।' *প্যারী*, ১৮৫৮।

গুরুবাক [স গুরুবাক্য] *বি* গুরুবাক্য। 'গুরুবাক পুচ্ছআ বিন্ধ ণিঅমণে বাণেঁ।' *চর্যা* ২৮, ১২০০।

গুরুবাক্য [স] ১ *বি* গুরুর উপদেশ। 'গুরুবাক্যে দিআ কর্ণ চিনিল অনেক বর্ণ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* গুরুর আদেশ। 'গুরুবাক্য সার যার শান্তি সেই লভে।' *গিরিশ*, ১৮৮৭। ৩ *বি* ভর্ৎসনা। 'গুরুবাক্য ও গুরুতর চপেটাঘাত স্পষ্ট মনে জাগিতেছে।' *রবীন্দ্র*, ১৯১২।

গুরুবাণী [স] *বি* গুরুর কথা। 'না শুনিলুম গুরুবাণী না পাইলুম শুদ্ধি।' *বাহরাম*, ১৬৫০।

গুরুবার [স গুরু+ফা বার] *বি* বৃহস্পতিবার। 'গুরুবার মৃগশিরা তিথি একাদশী।' *মুকুন্দ*, ১৬০০।

গুরুবিষয়ক [স] *বিণ* গুরুগম্ভীর। 'এখানি মোটের উপরে কোন রকমের গুরুবিষয়ক গ্রন্থ হইয়া উঠিয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৫।

গুরুবৃত্তি [স] *বি* গুরুদক্ষিণা। 'দোল, দুর্গোৎসব, বিবাহ, গুরুবৃত্তি প্রভৃতি।' *এডুকেশন*, ১৮৭৩।

গুরুভক্তি [স] *বি* গুরুর প্রতি ভক্তি। 'তাহাদের প্রগাঢ়তর গুরুভক্তি উৎপন্ন হইয়া জ্ঞান পরিপক্ব হয়।' *অক্ষয়*, ১৮৫০।

গুরুভাই [স গুরু+ভাই] *বি* একই গুরুর শিষ্য। 'চরণদাস বাবাজি আছেন ওঁর গুরুভাই, সে লোকটার দয়ামায়া নেই।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গুরুভার [স] ১ *বি* অত্যধিক ওজন। 'বৎশাদি মহীসুরে পিথুবির গুরুভারে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* অধিক দায়িত্ব। 'তাঁহারা এই যৎকিঞ্চিৎ কৃপা বিতরণ করাও গুরুভার বোধ করিলেন।' *অক্ষয়*, ১৮৪৭। ৩ *বিণ* গুরুত্বপূর্ণ। 'ক্ষিতি আমাদের সকলের মধ্যে গুরুভার।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৪ *বিণ* দুঃসহ। 'তাহা বিষাদকে গুরুভার এবং নৈরাশ্যকে অশ্রুহীন করিয়া তোলে।' *রবীন্দ্র*, ১৯০২।

গুরুভারাক্রান্ত [স] *বিণ* বেশি ওজন বহন করছে এমন। 'গুরুভারাক্রান্ত গোরুর গাড়ির চাকার মতো ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

গুরুভোজন [স] *বি* অধিক ভোজন। 'গুরুভোজনে দোষ উপস্থিত।' *বঙ্কিম*, ১৮৮৪।

গুরুমশাই [স গুরুমহাশয়] *বি* শিক্ষক। 'গুরুমশাই দুপুরবেলায় বসে বসে ঢোলে।' *রবীন্দ্র*, ১৯২২।

গুরুমশাইগিরি [স গুরুমহাশয়+ফা গিরি] *বি* শিক্ষকতার কাজ। 'আপনিও কি গুরুমশাইগিরি শুরু করলেন?' *নরেন্দ্র*, ১৯৪৯।

গুরুমশায় [স গুরুমহাশয়] *বি* শিক্ষক। 'গুরু মশায়ের পাঠশাল বন্দ হয়ে গিয়েছে।' *হুতোম*, ১৮৬১; 'মাদুর পেতে গুরুমশায় ভুলুকে উচ্চৈঃস্বরে সুর করে করে নামতা ...।' *রবীন্দ্র*, ১৮৮০।

গুরুমশায়গিরি [স গুরুমহাশয়+ফা গিরি] *বি* মাস্টারি। 'বোধ হয় গুরুমহাশয়গিরি অপেক্ষা সরকারি ভালো।' *প্যারী*, ১৮৫৮; 'সে পূর্বে গুরুমশায়গিরি করিত।' *রবীন্দ্র*, ১৯১২।

গুরুমশায়ি [স গুরুমহাশয়>] *বিণ* পণ্ডিতসুলভ। 'তার সেই গুরুমশায়ি আপশোশের সঙ্গে কথা বলা ...।' *মানিক*, ১৯৪৭।

গুরুমস্তিষ্ক [স] *বি* যুক্তিবাদী মস্তিষ্ক। 'সব মানুষই অন্য প্রাণীর তুলনায় অনেক বেশি সামর্থ্যসম্পন্ন গুরুমস্তিষ্কের অধিকারী।' *শিব*, ১৯৫৬।

গুরুমহাশয় [স] *বি* শিক্ষক মহোদয়। 'পঞ্চবর্ষবয়স্ক বালক বাবুদিগের শিক্ষাকারণ গুরুমহাশয় নিকটে নিযুক্ত করিয়া থাকেন।' *ভবানী*, ১৮২৫।

গুরুমহাশয়ের কর্ম/কর্ম্ম *বি* শিক্ষকতা বৃত্তি। 'কায়স্থজাতীয় মহাশয়েরা গুরু মহাশয়ের কর্ম্ম করিতেছেন।' *ভবানী*, ১৮২৫।

গুরুমা [স গুরু+মা] *বি* শিক্ষিকা। 'ইস্কুলের গুরুমা নই।' *জীবন*, ১৯৩৩।

গুরুমারা বিদ্যা [স গুরু+মারা+স বিদ্যা] *বি* শিষ্য কর্তৃক গুরুকে অপদস্থ করার কৌশল। 'কেবল গুরুমারা বিদ্যাই শিক্ষা করিল।' *প্যারী*, ১৮৫৮।

গুরুয়া [স গুরু>] ১ *বিণ* বিশাল। 'গুরুয়া নিতম্ব ভরে নানারূপ বেশ ধরে চলে রাজহংসের গমনে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* ভারী। 'শরীর গুরুয়া তার অতি ভয়ঙ্কর।' *বাহরাম*, ১৬৫০।

গুরুলোক [স] *বি* গুরুজন। 'গুরুলোকের নাম ধরিও না।' *মদনমোহন*, ১৮৪৯।

গুরুশাপ [স] *বি* গুরুর দেওয়া অভিশাপ। 'গুরুশাপ ব্রহ্মশাপ।' *মুজতবা*, ১৯৪৯।

গুরুশিষ্য [স] *বি* শিক্ষক ও ছাত্র। 'গুরুশিষ্যভাবে কিঞ্চিৎ অর্থসঙ্গতি করিয়া ...।' *ভবানী*, ১৮২৫।

গুরুশ্বাস [স] *বি* ভারী শ্বাস। 'শঙ্কার কারণে ঘন ঘন গুরুশ্বাস বহিতেছিল।' *বঙ্কিম*, ১৮৬৬।

গুরু-সেবা [স] ১ *বি* গুরুর ভোজন। 'আমায় ভোজ্যসামগ্রী দিন, কারণ গুরু-সেবার সময় অতীত হচ্চে।' *গিরিশ*, ১৮৮৭। ২ *বি* গুরুর যত্নআত্তি। 'আমার গুরুসেবা দেখিয়া আমার স্বামীর মন ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

গুরুস্থানীয় [স] *বিণ* গুরুতুল্য। 'যাহারা গুরুস্থানীয় ছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৫।

গুরুহস্ত [স] *বি* কঠোর হস্ত। 'সরকারের গুরুহস্তের ভার পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

গুরুহীন [স] *বিণ* গুরু নেই এমন। 'অনিত্যলুব্ধ গুরুহীন মেঘাচ্ছন্ন মানবের জ্ঞানও তেমনি।' *ফজলল*, ১৯১৩।

গুরুআ [স গুরু] *বিণ* গুরুতর। 'কতদিনে ঘুচব ইহ হাহাকার/ কতদিনে ঘুচব গুরুআ দুখভার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গুরুগুরু [ধ্বন্যা] ১ *বি* মেঘগর্জন ধ্বনি। 'গুরুগুরু নীরদ গরজনে।' *রবীন্দ্র*, ১৮৮২। ২ *বিণ* ভয়জনিত হৃৎস্পন্দনের অস্বাভাবিক

AMARBOI.COM

শব্দবিশিষ্ট। 'মনে পড়ে মেঘের ডাকে গুরুগুরু বুক।' *রবীন্দ্র*, ১৯০৩। ৩ *বি* ভয়জনিত হৃৎস্পন্দনের অস্বাভাবিক শব্দ। 'বুকের মধ্যে উঠল বেজে গুরু গুরু।' *রবীন্দ্র*, ১৯৩৩।

গুরুজ [ফা গোর্জ] *বি* বড়ো মুগুর জাতীয় যুদ্ধাস্ত্র। 'গুরুজ কামান হাতে শেল পাটী পাটী।' *মুকুন্দ*, ১৬০০।

গুরুজবরদার [ফা গোর্জ+ফা বরদার] *বি* মুগুরধারী। 'বাণবরদার ও গুরুজবরদার ও নওবত ইত্যাদি।' *দর্পণ*, ১৮১৯।

গুরুপ [ইং] *বি* গোষ্ঠী। 'বিভিন্ন প্রতিদ্বন্দ্বী গুরুপের মধ্যকার বিভেদ আরও বাড়িয়া গিয়াছে।' *আজাদ*, ১৯৬৪।

গুরুব [আ] *বিণ* অস্তমিত। 'তখনো আসমানী আফতাব গুরুব হয়নি।' *মাহেনও*, ১৯৪৯।

গুরু [স গুরু] *বি* গুরু। 'গুরুর আসনে কিবা চাপিআঁ বসিলোঁ।' *বড়ু*, ১৪৫০।

গুরুগর্বিত [স গুরুগর্বিত] *বি* গুরুজন। 'গুরুগর্বিতে মন্দ বলি আবেভার।' *মালাধর*, ১৫০০।

গুরুজন [স গুরুজন] *বি* সম্মানিত ব্যক্তি; সম্মানিত ব্যক্তি। 'কুর্দ্ধ হৈয়া গুরুজন পথ আগুলিল।' *মালাধর*, ১৫০০।

গুরুতর [স গুরুতর] *বিণ* ভয়ানক। 'খণ্ডাইব পৃথুবির ভার গুরুতরে।' *মালাধর*, ১৫০০।

গুরুপদেশ [স] *বি* গুরুর উপদেশ। 'গুরুপদেশ ব্যতিরিক্ত অনায়াসে সংস্কৃত পদ পদার্থ বোধ হইতে পারিবেক।' *দর্পণ*, ১৮২১।

গুর্খা *বি* নেপাল ও পশ্চিমবঙ্গের উত্তর প্রান্তে বসবাসকারী জাতিবিশেষ। 'গোহত্যা-নিবারণ সম্বন্ধে নেপালের গুর্খা হইতে পঞ্জাবের শিখ পর্যন্ত একমত।' *রবীন্দ্র*, ১৯০৮।

গুর্খালী *বি* গুর্খা জনগোষ্ঠী। 'এক সভায় ভারত গুর্খালীদের প্রতি ... ।' *আজাদ*, ১৯৪৭।

গুর্জ [ফা গোর্জ] *বি* গদা। 'আশী মণ লোহার গুর্জ হাতে করি।' *সুলতান*, ১৭০০।

গুর্জঘাত [ফা গোর্জ+স আঘাত] *বি* গুরুজের আঘাত। 'মারিয়া গুর্জঘাত ভাঙ্গিল কপাট।' *সুলতান*, ১৭০০।

গুর্জর ১ *বি* গুজরাত; ভারতের পশ্চিমদিকস্থ প্রদেশবিশেষ। 'আভীরেরা আহির নামে অদ্যাপি গুর্জর রাজ্যে বাস করে।' *অক্ষয়*, ১৮৪৭। ২ *বি* গুজরাটবাসী। 'গুর্জরের অনিদ্রা, গান্ধাররাজরুপ গন্ধহস্তীর পিত্তকুর, লাটচোরের উপর বাটপাড়।' *প্রমথ*, ১৯৩০।

গুর্জরী, গুর্জ্জরী [স গুর্জর] ১ *বি* (সংগীত) রাগবিশেষ। 'রাগ গুর্জ্জরী।' *চর্যা ৫*, ১২০০। ২ *বি* গুজরাটের স্ত্রীলোক। 'গুর্জরীর অহঙ্কার উরোজ রঞ্জন।' *দীনবন্ধু*, ১৮৬৭।

গুর্বিণী, গুর্ব্বিণী [স] ১ *বিণ* বিগতযৌবনা। 'মোরা ইবে হয়্যাচি গুর্বিণী।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* গর্ভবতী। 'গুর্ব্বিণী স্ত্রী অন্ধ বধিরাদি দৃষ্টি করিলে ... ।' *অক্ষয়*, ১৮৪৯।

গুর্বী [স] *বিণ স্ত্রী* গুরুপত্নী। 'তোমার গুর্বী এই গরিব ভাবিজি'কে কি এক-আখখান চিঠিপত্তর দেবে?' *নজরুল*, ১৯২৭।

গুল[১] [ফা] ১ *বি* পোড়ানো তামাকের গুঁড়া। 'মড়ার মাথার চুল, হাতেতে চড়ায় গুল ... ।' *ভবানী*, ১৮২৫। ২ *বি* কলিকার মধ্যে ব্যবহৃত গুটিকা। 'রাজারা তার গায়ে গুল পুড়িয়ে দ্যান।' *হুতোম*, ১৮৬১। ৩ *বি* ভিত্তিহীন গল্প। 'তুমি ফের আরেকখানা গুল ছাড়লে।' *মুজতবা*, ১৯৫২।

গুলমারা *ক্রি* বানিয়ে গল্প করা। 'কুল্লে মাল তো আর গুলমারা বলে উড়িয়ে দেওয়া যায় না।' *মুজতবা*, ১৯৫২।

গুল[২] [ফা] *বি* গোলাপ ফুল। 'কোথায় ঈরাণী গুল এ ফুলের সমতুল।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

গুলদার [ফা] *বিণ* ফুলের নকশা-কাটা। 'ছুতরেরা গুলদার ঢাকাই উড়ুনিতে কাঠের কুচো বাঁদতে আরম্ভ কলে।' *হুতোম*, ১৮৬১।

গুলফাম [ফা] *বিণ* ফুলময়। 'বাজে কাহারবা বাজা, গুলজার গুলশান গুলফাম।' *নজরুল*, ১৯২৪।

গুলবদন [ফা গুল+স বদন] *বি* ফুলের মতো মুখশ্রী যার। 'সুরসোহাগে তন্দ্রা লাগে কুসুম-বাগের গুলবদনে।' *নজরুল*, ১৯৩৫।

গুল-বদনী [ফা গুল+স বদনী] *বি* ফুলের মতো কোমল দেহমুখের অধিকারী নারী। 'হয়তো কোনো গুল-বদনীর কবর-ঢাকা নীল চাদর।' *নজরুল*, ১৯৪০।

গুলবন [ফা গুল+স বন] *বি* ফুলবাগান। 'শারাব বিনে হেরো গুলবন উচাটন।' *নজরুল*, ১৯৩২।

গুল-বনোসা [ফা গুল-বনফশা] *বি* ফুলবিশেষ। 'নার্গিস আর গুল-বনোসার দেখবে যেথায় সুনীল দল।' *নজরুল*, ১৯৪০।

গুলবাগ [ফা] *বি* ফুলের বাগান। 'খাতুনে জান্নাত মাতা ফাতেমার গুলবাগে।' *নজরুল*, ১৯২৮।

গুলবাগিচা [ফা] *বি* ফুলের বাগান। 'গুলবাগিচায় চলছে হাওয়া।' *নজরুল*, ১৯২৬।

গুলবাহার [ফা] ১ *বি* সুশোভিত ফুলবাগান। 'গুলবাহারের উত্তরি কার জড়ালো তরুলতায়।' *নজরুল*, ১৯৩২। ২ *বি* রঙিন ফুল তোলা শাড়িবিশেষ। 'গুলে গুলে শাড়ি গুলবাহার/ পরি সেদিন ধরণি মা।' *নজরুল*, ১৯৪১।

গুল-মজলিশ [ফা গুল+আ মজলিস] *বি* পুষ্পোৎসব। 'মোরা ফোটা ফুল, তোমরা মুকুল এসো গুল-মজলিশে।' *নজরুল*, ১৯৪৫।

গুলমোর [ফা গুলমর] *বি* লাল রঙের ফুলবিশেষ। 'উন্মীলিত গুলমোরের থোলো বনের মন্দির মাঝে।' *রবীন্দ্র*, ১৯২৮।

গুলমোহর [ফা গুলমর] *বি* ফুলবিশেষ। 'ফুটছে কি ঈশক আগুনের দাহে রঙিন গুলমোহর?' *ফররুখ*, ১৯৪৬।

গুলমৌর [ফা গুলমর] *বি* গুলমোহর; এক জাতীয় ফুলের গাছ। 'পীত-লোহিতের চূর্ণমঠি গুলমৌরের ফুলে।' *সুধীন্দ্র*, ১৩৩১।

গুলরুখ [ফা গুল+ফা রুখ] *বি* ফুলের মতো মুখ। 'নীলিম প্রিয়ার নীলা গুলরুখ অবগুণ্ঠনে ঢাকা।' *নজরুল*, ১৯২৮।

গুলশন [ফা] *বি* ফুলের বাগান। 'গুলশনে গুল ফুটল যখন – নাই তুমি বুলবুল!' *নজরুল*, ১৯২৯।

গুলশান [ফা] *বি* ফুলের বাগান। 'বাজে কাহারবা বাজা, গুলজার গুলশান গুলফাম।' *নজরুল*, ১৯২৪।

গুলসুবাস [ফা গুল+স সুবাস] *বি* গোলাপের সুগন্ধ। 'পিরাহানে মাখরে ত্যাগের গুলসুবাস।' *নজরুল*, ১৯৪১।

গুলগুলা [ধ্বন্যা] *বি* গুঞ্জন। 'আমি এই গুলগুলা শুনিলাম সহরের মধ্যে।' *রামরাম*, ১৮০১।

গুলজার [ফা] ১ *বিণ* জমজমাট। 'এদিকে যে নরক গুলজার হয়েছে তার খবর রাখ?' *উমেশ*, ১৮৫৭। ২ *বিণ* জনাকীর্ণ। 'কলকেতা সহর

AMARBOI.COM

বড়ই গুলজার।' *হুতোম*, ১৮৬১। ৩ *বিণ* জাঁকজমকপূর্ণ। 'বাজে কাহারবা বাজা, গুলজার গুলশান গুলফাম।' *নজরুল*, ১৯২৪।

গুলঞ্চ [স গুড়ূচী] *বি* লতাবিশেষ। 'কী জানি কেমনে দুটো গুলঞ্চের ফুলে সব গেনু ভুলে!' *নজরুল*, ১৯২২; 'কাছির মতো মোটা মোটা অনেককালের পুরানো গুলঞ্চ লতা।' *বিভূতি*, ১৯২৯।

গুলটাকা [ফা গুল+স বটিকা] *বি* তামাকের তৈরি গুলিবিশেষ। 'আদি হুকা পানদান গুল টীকা তামাকু ভেলসা অঘুরি।' *ভবানী*, ১৮২৫।

গুলতাই [ফা গুলেল] *বি* গুলতি। 'গুলতাই কর‍্যা করে পক্ষী অন্বেষণ করে।' *মানিকরাম*, ১৭৮১।

গুলতান [ফা] *বিণ* মুখর। 'কোমরেতে এক ওড়না জড়িয়ে নেচে করে সভা গুলতান।' *রবীন্দ্র*, ১৯৩৬।

গুলতান করা *ক্রি* কলরব করা। 'নীড়-প্রত্যাগত বকের দল গুলতান করিতেছে।' *শওকত*, ১৯৫৮।

গুলতানি [ফা গুলতান] ১ *বি* জটলা। 'মনে মনে গুলতানি পাকিয়ে আড্ডা গাড়বে।' *জীবন*, ১৯৩২। ২ *বি* গল্পগুজব। 'সারাদিন অফিসে গুলতানি।' *সাদত*, ১৯৬৭।

গুলতানি পাকানো *ক্রি* কয়েকজন একত্র হয়ে জটলা করা। 'মনে মনে গুলতানি পাকিয়ে আড্ডা গাড়বে।' *জীবন*, ১৯৩২।

গুলতানি মারা *ক্রি* আড্ডা দেওয়া। 'নাটকের মহড়া, বন্ধুরা মিলে গুলতানি মারছে।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

গুলতাপ্পি *বি* গালগল্প। 'গুলতাপ্পি, কটুকাটব্যের ঝড় তুলি নিত্য ধারের বুলির ভরসায়।' *শ্যামসুর*, ১৯৬৮।

গুলতি [ফা গুলেল] *বি* মাটির গুলি বা ঢিল ছোড়ার ধনুকবিশেষ। 'গুলতির গুলি এদের প্রাণ।' *নজরুল*, ১৯৪৫।

-গুলা [স কূল] *অব্য* বহুত্ব নির্দেশক প্রত্যয়। 'সেই গুলা আইল্লা তারা আমাকে ভাগিয়া।' *মালাধর*, ১৫০০।

গুলা *ক্রি* জলের সঙ্গে মেশানো। 'হরিদ্রা গুলিয়া অঙ্গে দিলেন থুল্লনা।' *মুকুন্দ*, ১৬০০। **গুলিয়ে উঠা** *ক্রি* উথলে ওঠা। 'প্রাণের মধ্যে গুলিয়ে উঠে হাউগোলের মাঝারে।' *রবীন্দ্র*, ১৮৮৬। **গুলিলে** *ক্রি* মিশালে। 'এক ঘটি জলে কিঞ্চিৎ অলক্ত গুলিলে ...।' *অক্ষয়*, ১৮৫২।

-গুলান [স কূল>] *অব্য* সমষ্টিবোধক শব্দ; বৃন্দ। 'তথাচ ভট্টাচার্য্যগুলান ছাড়ে না।' *ভবানী*, ১৮২৫।

গুলাপ [ফা গুলাব] *বি* গোলাপ ফুল। 'গুলাপ মল্লিকা ধাই।' *বিজয়*, ১৬৫০।

গুলাব [ফা] *বি* গোলাপ ফুল। 'গুলাব সেউতী দেশী বিলাতী।' *ভারত*, ১৭৬০।

গুলাবগোলা [ফা গুলাব+গোলা] *বিণ* গোলাপের সুবাস মিশ্রিত। 'সে যে গুলাবগোলা/ রঙে লহর তোলা।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

গুলাবপানি [ফা গুলাব+পানি] *বি* গোলাপ ফুলের গন্ধযুক্ত সুবাসিত পানি। 'খসখসের পর্দায় খাসা গুলাবপানি ছিটিয়ে খুসবুতে দিল মশগুল করতেন না।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

গুলাবি [ফা] *বিণ* গোলাপি। *ওর্সা*, ১৭৮৫।

গুলাল [ফা গুল্লালাহ্] ১ *বি* বাবুই তুলসী গাছ ও তার ফুল। 'ফুটিল গুলাল মাহলী।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* আবির-বিশেষ। 'পরানে ছড়ায়ে আবীর গুলাল।' *রবীন্দ্র*, ১৯২৮।

গুলাশ [হি] *বি* হাঙ্গেরিয়ান ঢঙে রান্না মাংসের ঝোলবিশেষ। 'হাঙ্গেরিয়ান গুলাশ আর সাদা-মাটা মাংসের ঝোলে কোনো তফাৎ নেই।' *মুজতবা*, ১৯৫২।

-গুলি *প্রত্যয়* বৃন্দ; সমূহ। 'মহেশ ঝাড়িল ঝুলি চালু হইল কথোগুলি।' *মুকুন্দ*, ১৬০০; 'পোস্তের হুলনাগুলি মারিল আছাড়ে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গুলি[১], **গুলী**[১] [হি গুলী] ১ *বি* বন্দুকের গুলি। 'ঝাঁকে ঝাঁকে তবক পুরিআ এড় গুলি।' *মুকুন্দ*, ১৬০০; 'তাতে গুলী গোলা সকল তোলা, ভক্তি-অস্ত্রে আছে শাণা।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বি* কন্দুক। *মানোএল*, ১৭৪৩।

গুলি খাওয়া ১ *ক্রি* গুলিতে আহত হওয়া। 'যুদ্ধে যে গুলি খায় গুলিখোর সেও কি?' *সুকুমার*, ১৯২০। ২ *বিণ* গুলিবিদ্ধ। 'প্রতিটি নাগরিক যে গুলিখাওয়া ক্ষ্যাপা বাঘ।' *হাফিজুর*, ১৯৫৩।

গুলি-গোলা [গুলি+স গোলক>] *বি* বন্দুকের গুলি ও কামানের গোলা। 'গুলি-গোলাসকল অতি দূরে নিক্ষিপ্ত ... করিতে পারা যায়।' *অক্ষয়*, ১৮৫৪।

গুলিবাঁট [গুলি+স বণ্টন] *বি* লটারি। 'ছাত্রেরদের গুলিবাঁট করিয়া ঐ পুরস্কার নির্দিষ্ট হয়।' *দর্পণ*, ১৮৩৬।

গুলিবাঁশ [গুলি+বাঁশ] *বি* বাঁটুল। 'গুলিবাঁশ হাতে নিয়ে।' *জীবন*, ১৯৩২।

গুলিবিদ্ধ [গুলি+স বিদ্ধ] *বিণ* শরীরে গুলির আঘাতপ্রাপ্ত। 'গুলিবিদ্ধ ... দেহ নিয়ে রিক্সাওয়ালারা ছুটে যায় হাসপাতালের দিকে।' *হাফিজুর*, ১৯৫৩।

গুলিবৃষ্টি [গুলি+স বৃষ্টি] *বি* বৃষ্টির মতো গুলিবর্ষণ। 'দ্বিগুণ জোরে গুলিবৃষ্টির আওয়াজ এলো।' *হাসান*, ১৯৭৪।

গুলীবর্ষণ [গুলি+স বর্ষণ] *বি* গুলি ছোড়া। 'অগণ্য স্থানে দাঙ্গা-হাঙ্গামা, গুলীবর্ষণ ইত্যাদি হইয়া কেন?' *আজাদ*, ১৯৪০।

গুলীভরা *বিণ* বুলেটপূর্ণ। 'বুকের ওপর মালার মতন বন্দুকের গুলীভরা বেল্ট।' *বিমল*, ১৯৫৩।

গুলি[২], **গুলী**[২] [হি গুলী] *বি* আফিম থেকে প্রস্তুত মাদক দ্রব্যবিশেষ। 'গাজা গুলি চরস গ্রাফস এবং মদিরার মেদেরা ... সর্ব্বদাই কর্ম্ম চলে।' *ভবানী*, ১৮২৮; 'গাঁজা গুলী এবং চরসের পরিবর্তে ... তামাকের প্রচলন বৃদ্ধিপ্রাপ্ত হয়ে থাকে।' *প্রমথ*, ১৯০৫।

গুলিখোর [গুলি+ফা খোর] ১ *বি* আফিম খায় যে। *বিদ্যা*, ১৮৯১; 'যুদ্ধে যে গুলি খায় গুলিখোর সেও কি?' *সুকুমার*, ১৯২০। ২ *বি* গুলি খেয়ে মরতে প্রস্তুত যে। 'আমরা গুলিখোরের জাত।' *নজরুল*, ১৯৩০।

গুলিখোরসুলভ [গুলি+ফা খোর+স সুলভ] *বিণ* আফিমখোরের মতো। 'তাহার ঘোলাটে চোখের দৃষ্টিতে গুলিখোরসুলভ যে প্রাণহীনতা প্রতীয়মান হয় তাহা ...।' *বনফুল*, ১৯৩৬।

গুলি[৩] *বি* মল্লযুদ্ধকালীন আক্রমণ। 'করিআ আখড়া ঘরে দণ্ডযুদ্ধ কেহ করে মল্লবিদ্যা গুলি চাপপারি।' *মুকুন্দ*, ১৬০০।

গুলিডাণ্ডা, গুলিডান্ডা [হি গুলী+স দণ্ড>] ১ *বি* একপ্রকার খেলা। 'পূর্ব্বে গুলিডাণ্ডা ও কপাটি নামক যে সকল ক্রীড়া প্রচলিত ছিল ...।' *রাজ*, ১৮৭৪। ২ *বি* মারপিট। 'ডানপিটেরা ঝুলঝাপপুর গুলি-ডাণ্ডায় মদ্দ খুব।' *নজরুল*, ১৯২৬।

-গুলিন *প্রত্যয়* বৃন্দ; সমূহ। 'কোম্পানির কার্যকর্ম্ম করিয়া কতক গুলিন ধনসঞ্চয় করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩১; 'কতকগুলিন সিবিল সরবেন্ট কর্তৃক এক কমিটি রচনা করা হইয়াছে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৪।

AMARBOI.COM

গুলিস্তাঁ [ফা] *বি* ফুলের বাগান। 'দলিত শুষ্ক এ মরুভূ পুন হয়ে গুলিস্তাঁ হাসিবে ধীরে।' *নজরুল*, ১৯২৪।

গুলিস্তান [ফা] *বি* ফুলের বাগান। 'গুলিস্তানের বুলবুল পাখি।' *নজরুল*, ১৯২৮।

-গুলী *প্রত্যয়* বৃন্দ; সমূহ। 'কমরবন্দিতে যত গুলী পয়সা ধরিতে পারে, তত তুলিয়া লইল।' *মধু*, ১৮৫৭।

গুলী[১] *বি* গোলমাল। 'উমত সবরো পাগল শবরো মা কর গুলী গুহাডা তোহোরী।' *চর্যা ২৮*, ১২০০।

গুলী[২] *দ্র* **গুলি**[১], **গুলি**[২]

-গুলীন *প্রত্যয়* বৃন্দ; সমূহ। 'কতকগুলীন ধনি লোকের সাহায্য।' *দর্পণ*, ১৮৩৬।

গুলেনার [ফা গুল+ফা আনার] *বি* ডালিমের ফুল। 'প্রশান্ত বাতাসে শুধু জাগিতেছে গুলেনার বন।' *ফররুখ*, ১৯৪৩।

গুলে-বকৌলি *বি* (উর্দুসাহিত্যে ব্যবহৃত) সাদা রঙের সুগন্ধি ফুলবিশেষ। 'গুলে-বকৌলি উর্বশীর এ চাঁদনি-চক।' নজরুল, ১৯২৮।

-গুলো *প্রত্যয়* বৃন্দ; সমূহ। 'তুই আগে তুকতাকগুলো কর।' *উমেশ*, ১৮৫৭।

গুল্ম [স গুল্ফ>?] *বি* অলংকার-বিশেষ। 'গুল্ম আইদ্য খারুয়া তোরল বিরাজিত।' *আলাওল*, ১৬৮০।

গুল্ফ, গুল্‌ফ [স] *বি* পায়ের গোড়ালি। 'বিভাসেতে বাম গুল্‌ফ ফেলিলা কেশব।' *ভারত*, ১৭৬০।

গুল্ম [স] ১ *বি* শক্ত কাণ্ডহীন ছোটো উদ্ভিদ। 'লতা গুল্ম থরে থরে শোভা করে ঘরে ঘরে।' *রূপরাম*, ১৭৫০। ২ *বি* প্লীহাবৃদ্ধি রোগ। 'গুল্ম হইল বুঝি পেটে।' *ভারত*, ১৭৬০।

গুল্মবায়ু [স] *বি* রোগগ্রস্ততা। 'ঘরে-ঘরে বিবর্ণ ছায়াতে গুল্মবশ বিশ্রামের গুল্মবায়ু কল্মষবিলাস।' *বিষ্ণু*, ১৯৪১।

গুল্মময় [স] *বিণ* গুল্মপূর্ণ। 'এই মাটি গো এই পৃথিবী – এই যে তৃণ গুল্মময়।' *সত্যেন্দ্র*, ১৯১২।

গুল্মান্তরাল [স গুল্ম–অন্তরাল] *বি* গুল্মের বা ঝোপের আড়াল। 'তিস্তির-দম্পতিও এই শব্দে সচকিত হইয়া গুল্মান্তরালে আত্মগোপন করিল।' *বনফুল*, ১৯৩৬।

গুষ্টি, গুষ্ঠি, গুষ্ঠী [স গোষ্ঠী] *বি* গোষ্ঠী। 'বেটা মাগুরাঁড়িয়া গুষ্টিখেগো আমাকে যাহা খুশি তাহাই বলে ...। *মৃত্যুঞ্জয়*, ১৮১৩; 'আমাদের গুষ্টিতে এমন কখনো হয়নি।' *রবীন্দ্র*, ১৯১০।

গুষ্টি-কুটুম [স গোষ্ঠীকুটুম্ব] *বি* আত্মীয়স্বজন। 'তাদের গুষ্টি-কুটুম কান্নাকাটি করছে।' *মুজতবা*, ১৯৪৯।

গুষ্টিখেগো [স গোষ্ঠী>+খা>] *বি* গালিবিশেষ। 'বেটা মাগুরাঁড়িয়া গুষ্টিখেগো ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

গুষ্টিশুদ্ধ, গুষ্ঠিশুদ্ধ [স গোষ্ঠীশুদ্ধ] ১ *ক্রিবিণ* গোষ্ঠীর সবাই মিলে। 'হাতেম বখশের গুষ্টিশুদ্ধ শহরে মদ টানে।' *শওকত*, ১৯৫৮। ২ *ক্রিবিণ* গোষ্ঠীর সবাই। 'পতঙ্গের গুষ্ঠিশুদ্ধ খেতলে দিতে যায়।' *মাহমুদ*, ১৯৭৩।

গুষ্টিসুখ, গুষ্ঠীসুখ [স গোষ্ঠীসুখ] ১ *বি* আত্মীয়-পরিজনের সঙ্গসুখ। 'শহরে এসে গুষ্টিসুখ অনুভব করার সুবিধে হল।' *মুজতবা*, ১৯৪৯; 'আঙা-বাচ্চা নিয়ে গুষ্ঠীসুখ অনুভব করছেন।' *মুজতবা*, ১৯৪৯। ২ *বি* বন্ধুজনের সঙ্গসুখ। 'সবাই মিলে বিড়ি ফুঁকে গুষ্ঠীসুখ অনুভব করি।' *মুজতবা*, ১৯৫২।

গুহ [স] *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'আমি জেমত শ্রীযুক্ত ভবানীপ্রসাদ গুহর এবং সকলের তত্তাষ করিতাঙ ...।' *মেয়র্স*, ১৭৬৬।

গুহর জাঙ্গাল *বি* ছায়াপথ। *মানোএল*, ১৭৪৩।

গুহা [স] ১ *বি* পর্বতের গায়ের গর্ত। 'দণ্ডক অরন্যে গুহা থুইলেক লিয়া।' *মালাধর*, ১৫০০। ২ *বি* উৎস। 'যে সুর গোপন গুহা হতে ছুটে আসে আকুল স্রোতে।' *রবীন্দ্র*, ১৯২৪। ৩ *বি* গহ্বর। 'জুতোর গুহায়।' *শামসুর*, ১৯৬৩।

গুহাগর্ত [স] *বি* খোঁড়ল বা গহ্বর। '...তলিয়ে যাচ্ছে অতলে অথবা অন্তহীন কোনো গুহাগর্তে।' শওকত, ১৯৭২।

গুহাগহ্বর [স] *বি* পাহাড়ের গুহাদেশ। 'গুহাগহ্বর-অরণ্যের ছায়ায় ছায়ায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

গুহাচর [স] *বি* বিবরবাসী। 'গুহাচরের মন তখন ঝুঁকল লোকালয়ের দিকে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গুহাচিত্র [স] *বি* গুহার ভিতরে আঁকা চিত্র। 'গুহাচিত্রে করিছে সজাগ তার তুলি।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গুহাতল [স] *বি* গুহার অভ্যন্তর ভাগ। 'গহন তিমির গুহাতলে যাই নামি যে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গুহানিবাসী [স] *বিণ* গুহায় বাস করে এমন। 'যাহারা গুহানিবাসী সুপ্ত শার্দূলকে ভল্লের আঘাতে হনন করে ...।' *বনফুল*, ১৯৩৬।

গুহা-নিরুদ্ধ [স] *বিণ* গুহাবন্দী। 'গুহা-নিরুদ্ধ নদীর মতো তাকে যে ভেঙে ফেলতে চাচ্ছে।' *মানিক*, ১৯৩৫।

গুহানিহিত [স] *বিণ* গুহার মধ্যে অবস্থিত। 'গুহানিহিত রাজপ্রাসাদ, রাজসমাধি।' *বিভূতি*, ১৯৩৮।

গুহাবাস [স] *বি* গুহার মধ্যে বসবাস। 'আলো-বাতাসহীন গুহাবাস।' *বিভূতি*, ১৯৩৮।

গুহাবাসী [স] *বিণ* গুহার মধ্যে বসবাসকারী। 'সেই অন্তর-গুহাবাসী রহস্যময় লোকটি অবাধে বাহির হইয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'গুহাবাসী নৃসিংহেরে বাঁধিব না শীলের শৃঙ্খলে।' *সুধীন্দ্র*, ১৯৩১।

গুহাবিদারণ [স] *বি* গুহা বিদীর্ণ হওয়া। 'বন্যাবারির গুহাবিদারণের রলরোল।' *রবীন্দ্র*, ১৯৩২।

গুহাভিত্তি [স] *বি* গুহার ভিত্তি। 'ছবি আঁকছে গুণী গুহাভিত্তির পরে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গুহামুখ [স] *বি* গুহার প্রবেশপথ। 'গুহামুখ ধূলায় পতিত বালিকা।' *রবীন্দ্র*, ১৮৮৪; 'গুহা-মুখে বসি ডাকিছে সাপুড়ে মারণমন্ত্র সুরে!' *নজরুল*, ১৯২৫।

গুহায়িত [স] *বিণ* অন্তর্হিত। 'এমন ক্ষেত্রে সময়ের পাখনা ছিঁড়ে যায়, শতাব্দী মুহূর্তের মধ্যে গুহায়িত হয়।' *শওকত*, ১৯৬২।

গুহাশায়ী [স] *বিণ* গোপনে রয়েছে এমন; লুক্কায়িত। 'তাহার গুহাশায়ী বেদনাতুর হৃদয়।' *রবীন্দ্র*, ১৯০২।

গুহাশ্রয় [স] *বি* গুহায় আশ্রয়। 'সম্বরি বসন ফিরে গুহাশ্রয় খুঁজি।' *রবীন্দ্র*, ১৮৯০।

গুহাহিত [স] *বিণ* গুপ্ত। 'প্রকৃতির গুহাহিত শক্তিকে আবিষ্কার ও ব্যবহার।' *রবীন্দ্র*, ১৯৩৩।

গুহাডা [স গোহ্বণা] *বি* অনুনয়। 'উমত সবরো পাগল শবরো মা কর গুলী গুহাডা তোহোরী।' *চর্যা ২৮*, ১২০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গুহ্য [স] **১** *বি* মলদ্বার। 'উপহাস করে রাঙ্গা গুহ্য দেখাইয়া।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* গোপন। 'গুহ্য অঙ্গের হয় তার দর্শন স্পর্শন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* অব্যক্ত। 'বন্ধুজন সম্পর্কীয় কোন গুহ্য কথা ব্যক্ত করিলে স্বার্থলাভ হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

গুহ্যতম [স] *বিণ* গোপনতম। 'প্রজাদিগের অন্তরের গুহ্যতম প্রদেশে ইহার মূল রোপিত হয় নাই।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

গুহ্যতর [স] *বিণ* গোপনতর। 'সেই গুহ্যতর তত্ত্ব।' *মুজতবা*, ১৯৪৯।

গুহ্যদ্বার [স] *বি* মলদ্বার। 'বাম পদ মুড়া নিয়া দিব গুহ্যদ্বারে।' *সুলতান*, ১৭০০।

গুহ্যভাব [স] *বি* রহস্যময়তা। 'উহার মধ্যে যে একটু গুহ্যভাব আছে, তাহা আমি ...।' *মশাররফ*, ১৮৮৫।

গুহ্যমূল [স] মলদ্বার। 'গুহ্যমূলে চতুর্দ্দল পদ্ম বিরাজিত।' *চণ্ডী*, ১৫৫০।

গুহ্যলীলা [স] *বি* গুপ্ত সাধনা। 'সখীভাবে গুহ্যলীলা কর দরশন।' *গিরিশ*, ১৮৮৭।

গুহ্যসাধনা [স] **১** *বি* গোপন সাধনা। 'ইঁহাদিগের গুহ্যসাধনার বিষয় ব্যক্ত করিতে হইলে সবিশেষ অশ্লীল হইয়া পড়ে।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বি* গূঢ় সাধনা। 'ব্যঙ্গার্থের অনুশীলন যদি কবিকর্মকে গুহ্যসাধনায় পর্যবেসিত করে ...।' *শিব*, ১৯৭৩।

গুহ্যসাধনাবাদী [স] *বিণ* গোপন সাধনায় বিশ্বাসী। 'রবীন্দ্রনাথ মুখ্যত গুহ্যসাধনাবাদী মরমী নন।' *ওদুদ*, ১৯৪৬।

গুহ্যস্থান [স] *বি* গোপন আস্তানা। 'কত কত পরম গুহ্যস্থানে প্রবিষ্ট হইয়া ... লেখ্যপত্র প্রকাশ করিয়া ফেলিল।' *অক্ষয়*, ১৮৪৯।

গুহ্যি [স গুহ্য] *বি* গুহ্যদ্বার। *মানোএল*, ১৭৪৩।

গূঢ় [স] **১** *বিণ* গুপ্ত। 'ইহা যেই শুনে তার জুড়ায় মন কান/ অলৌকিক গূঢ় প্রেম হয় চেষ্টা জ্ঞান।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* প্রকৃত। 'মূঢ় না বুজয়ে গূঢ় অবতার।' *শেখর*, ১৬০০। **৩** *বিণ* রহস্যময়। 'লেখক কি গূঢ় কথা প্রকাশ করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৮। **৪** *বিণ* অজ্ঞাত। 'বিজ্ঞানানুশীলনের ফলে এক্ষণে সে গূঢ়রহস্য তাহার জ্ঞানাধিগত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪। **৫** *বিণ* গোপন। 'হৃদয়ের গূঢ় দেশে অশ্রুরাশি মিলি ফাটিয়া বাহির হতে করিল প্রয়াস।' *রবীন্দ্র*, ১৮৮৪। **৬** *বিণ* সুপ্ত। 'মনের গূঢ় ক্ষমতাগুলি যেমন সতেজে মাটি ফুঁড়িয়া উঠে।' *রবীন্দ্র*, ১৮৮৮। **৭** *বিণ* সহজাত। 'স্বভাবের গূঢ় নিয়মেই ধর্মশিক্ষা হইতে পারে।' *রবীন্দ্র*, ১৯১২। **৮** *বিণ* গভীর। 'সেইখানে নিঃশব্দের গূঢ় গুহার হতে যেখানে বিশ্বের কণ্ঠে নিঃসরিছে চিরন্তন স্রোতে সংগীত তোমার।' *রবীন্দ্র*, ১৯২৫। **৯** *বিণ* অপ্রতীয়মান। 'ভূমিতলে সমুদ্রে পর্বতে কী গূঢ় সংকল্প বহি করিতেছে সূর্যপ্রদক্ষিণ।' *রবীন্দ্র*, ১৯৪০। **১০** *বিণ* অজ্ঞাপিত। 'নির্জন বনের গূঢ় আনন্দের যত ভাষাহীন বিচিত্র সংকেতে লভিতাম হৃদয়েতে ...।' *রবীন্দ্র*, ১৯৪০। **১১** *বিণ* লুক্কায়িত। 'মানবচিত্তের সাধনায় গূঢ় আছে যে সত্যের রূপ ...।' *রবীন্দ্র*, ১৯৪১। **১২** *বিণ* অন্ধকারাচ্ছন্ন। 'রাতের গূঢ় আকাশের দিকে ইঙ্গিত তুলে।' *মাহমুদ*, ১৯৬৩।

গূঢ়চারী [স] *বিণ* গোপনচারী। 'দুর্নীমত, অসংযত, গূঢ়চারী, গহন-গম্ভীর।' *সত্যেন্দ্র*, ১৯১২।

গূঢ়তত্ত্ব [স] *বি* গভীর জ্ঞান। 'হেত্বাভাস প্রভৃতির গূঢ়তত্ত্ব ... বুঝাইয়া দিতেছেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

গূঢ়তম [স] *বিণ* গোপনতম। 'সৃষ্টির গূঢ়তম রহস্য, তাহার অন্তরাত্মার কথা ...।' *সবুজ*, ১৯২১।

গূঢ়তলচারী [স] *বিণ* অব্যক্ত। 'মনুষ্যহৃদয়ের গূঢ়তলচারী ভাবসকল প্রধান স্থান গ্রহণ করে।' *বঙ্কিম*, ১৮৮৭।

গূঢ়দর্শী [স] *বিণ* অন্তর্দর্শী। 'যে গূঢ়দর্শী ভাবুক, কবির কাব্যের ভিতর হইতে এই সমগ্ররূপটিকে দেখিতে পান ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

গূঢ়ফণা [স] *বিণ* গুটানো বা সংকুচিত ফণা। 'পথে পথে গুপ্তসর্প গূঢ়ফণা।' *রবীন্দ্র*, ১৯১৬।

গূঢ়রহস্য [স] *বি* অনাবিষ্কৃত সত্য। 'বিজ্ঞানানুশীলনের ফলে এক্ষণে সে গূঢ়রহস্য তাহার জ্ঞানাধিগত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

গূঢ়াচারী [স গূঢ়-আচারী] *বিণ* গুপ্তচর। 'গূঢ়াচারী বণিকগণের এক গণ্ডুষেই রত্নপূর্ণ উপসাগর শোষিত হইল।' *অক্ষয়*, ১৮৪৮।

গূঢ়াদপি গূঢ় [স] *বিণ* জটিলতর। 'জগতের চেতনাচেতনের গূঢ়াদপি গূঢ় তত্ত্ব সকলই নখদর্পণ করিয়া ফেলিয়াছি।' *বঙ্কিম*, ১৮৭৪।

গূঢ়ার্থ [স গূঢ়-অর্থ] *বি* দুর্বোধ্য অর্থ। 'তাহার গূঢ়ার্থ না হয় আর একদিন বুঝাইব।' *বঙ্কিম*, ১৮৯২।

গূঢ়ার্থসূচক [স গূঢ়-অর্থসূচক] *বিণ* রহস্যপূর্ণ। 'পরস্পরের দিকে চাহিয়া একটু গূঢ়ার্থসূচক হাস্য করিলেন।' *ইমদাদুল*, ১৯২০।

গৃধ [স গৃধ্র] *বি* শকুন। 'গৃধ শৃগাল স্বপ্নে গায়ের মাস খাএ।' *সুলতান*, ১৭০০।

গৃধিনী [স গৃধ্র>] *বি* শকুনি। 'গৃধিনী জম্বুকী নাচে করি রক্তপান।' *আলাওল*, ১৬৮০।

গৃধ্নু [স] *বিণ* লোভী। 'চোর স্বভাবতঃ অর্থগৃধ্নু।' *বিদ্যা*, ১৮৪৭; 'গৃধ্নু ওরা, লুব্ধ ওদের লক্ষ অসুর বল।' *নজরুল*, ১৯২২।

গৃধ্নুতা [স] *বি* লোভ। 'যে ব্যক্তি নিতান্ত ধনগৃধ্নুতা প্রযুক্ত অযুক্ত কন্যাবিক্রয়রূপ দুঃসহ পাতক স্বীকার করে তাহাকে বিষ্ঠাহ্রদ নরকে গমন করিতে হয়।' *রামনারায়ণ*, ১৮৫৪।

গৃধ্র [স] *বি* শকুন। 'গোমায়ু মাতিয়া বুলে গৃধ্র কাক বিচ্ছ।' *মানিকরাম*, ১৭৮১।

গৃবা [স গ্রীবা] *বি* গ্রীবা। 'পৃষ্ঠে জানু দিয়া তবে গৃবাত ধরিল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গৃম [স গ্রীবা] *বি* গ্রীবা। 'চন্দনে চরচু পয়োধর গৃম।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গৃহ [স] **১** *বি* ঘর। 'গৃহকর্ম্ম নাহি পাণ্ড তোমার লাগিয়া।' *মালাধর*, ১৫৫০। **২** *বি* আশ্রয়। 'সকল গৃহ হারাল যার।' *রবীন্দ্র*, ১৯২৯।

গৃহ-ওঝা [স গৃহ>] *বি* গণক। 'আখি ঠারে হইল কথা অঙ্গে গৃহ-ওঝা।' *মুকুন্দ*, ১৬০০।

গৃহক [স] গৃহবাসী। 'জগতের শ্বেত শ্যামল যথ গৃহক।' *আলাওল*, ১৬৮০।

গৃহকর্তা [স] *বি* পরিবারের প্রধান পুরুষ; গৃহস্বামী। 'নিমন্ত্রণসভায় গৃহকর্তার বড়ো উঁচু পদ নেই।' *রবীন্দ্র*, ১৮৮১।

গৃহকর্ত্রী [স] *বি* গিন্নি; পরিবারের প্রধান নারী। 'ঘরের দুয়ারের কাছে গৃহকর্ত্রী দাঁড়িয়ে আছেন।' *রবীন্দ্র*, ১৮৮১।

গৃহকর্ম, গৃহকর্ম্ম [স] *বি* ঘরকন্নার কাজ। 'গৃহকর্ম্ম নাহি পাণ্ড তোমার লাগিয়া।' *মালাধর*, ১৫০০; 'গৃহকর্ম এবং সামাজিক ধর্ম প্রভৃতি ... উন্নত ও পরিশোধিত হইয়া আসিয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

গৃহকর্মকারী, গৃহকর্ম্মকারী [স] *বিণ* ঘরের কাজ করে এমন। 'গৃহকর্ম্মকারী দাস ধনি লোকের বাটীতে অধিক থাকে।' *দর্পণ*,

AMARBOI.COM

১৮২৩।

গৃহকর্মনির্বাহক, গৃহকর্ম্মনির্বাহক [সা *বিণ* গার্হস্থ্য। 'শিল্পবিদ্যা, গৃহকর্ম্ম-নির্বাহক বিদ্যা ... শিক্ষা করিয়া থাকে।' *প্যারী*, ১৮৬০।

গৃহকর্মশিক্ষা [সা] *বি* সাংসারিক কাজ শেখা। 'গৃহকর্মশিক্ষা নিয়ত অভ্যাস ও অভিজ্ঞতাসাপেক্ষ।' *রবীন্দ্র*, ১৯০২।

গৃহকর্মাদি [সা] *বি* ঘরকন্নার কাজ। 'পরগৃহের গৃহকর্মাদিতে অনুদিন নিরত।' *বঙ্কিম*, ১৮৭৩।

গৃহকাজ [স গৃহকার্য] *বি* ঘরকন্নার কাজ। 'অফুরান হল গৃহ-কাজে।' *দ্বিজেন্দ্রী*, ১৫৫০; 'গৃহকাজ লয়ে রহিব বলো কী মতে।' *রবীন্দ্র*, ১৯০৬।

গৃহকার্য, গৃহকার্য্য [সা] *বি* সাংসারিক কাজ। 'তাহাতে গৃহকার্য্য হয় না।' *বঙ্কিম*, ১৮৬৫; '... এই পৃথিবীর গৃহকার্য চালাইতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

গৃহকার্যনিরতা [সা] *বিণ স্ত্রী* বাড়ির কাজে নিয়োজিত। 'নর্থবিভূষিতা – গৃহকার্য্যনিরতা।' *দীপিকা*, ১৮৮৭।

গৃহকার্যবিরহিতা, গৃহকার্য্যবিরহিতা [সা] *বিণ স্ত্রী* বাড়ির কাজ করে না এমন। 'গৃহকার্য্যবিরহিতা – সাবান-বিধৌত-দেহা।' *দীপিকা*, ১৮৮৭।

গৃহকার্যরতা [সা] *বিণ স্ত্রী* বাড়ির কাজে রত। 'তাঁহার অশিক্ষিতা গৃহকার্যরতা স্ত্রীর অপেক্ষা বিদ্যাবুদ্ধি রূপগুণ সর্ব বিষয়েই শ্রেষ্ঠতর ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গৃহকোণ [সা] *বি* অন্তঃপুর। 'একদা গৃহকোণে দু-কথা বলি যদি কাছে তার।' *রবীন্দ্র*, ১৮৮৯

গৃহকোণা [স গৃহকোণ>] *বি* অন্তঃপুর। 'ইচ্ছে করে বসে বসে/ পদ্য লিখি গৃহকোণায়।' *রবীন্দ্র*, ১৯০০।

গৃহক্রোড় [সা] *বি* ঘরের কোনা। 'হে স্নেহার্ত বঙ্গভূমি, তব গৃহক্রোড়ে চিরশিশু করে আর রাখিয়ো না ধরে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

গৃহগঠন [সা] *বি* সংসার গড়া। 'গৃহগঠন এবং গৃহবিচ্ছেদ স্ত্রীলোকেই করিয়া থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

গৃহগত [সা] *বিণ* ঘরে থাকতে ভালোবাসে এমন। 'কাঁদিতেছে রাখালের গৃহগত প্রাণ।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গৃহ-গবাক্ষ [সা] *বি* ঘরের জানালা। 'কাছের সুস্নিগ্ধ নিষ্প্রদীপ গৃহ-গবাক্ষ চন্দ্রশালা-হর্ম্যমালা।' *মুক্তধারা*, ১৯৬০।

গৃহগ্রন্থন [সা] *বি* ঘরবাড়ি তৈরি। 'গৃহগ্রন্থনের ক্রম ও স্তম্ভের উচ্চত্ব ও স্থূলত্ব এবং কুঠরি করিবার ... বিবরণ।' *দর্পণ*, ১৮২৫।

গৃহচারিণী [সা] *বিণ স্ত্রী* ঘরে ঘরে ফেরে এমন। 'এইসমস্ত গৃহচারিণী অকৃতবেশা অসংস্কৃতা মেয়েলি ছড়াগুলি ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

গৃহচূড়া [সা] *বি* ঘরের শীর্ষদেশ। 'শত শত গৃহচূড়া হীরকমণ্ডিত/ শত শত সৌধশিরে ভাতে সারি সারি কাঞ্চন-নির্মিত।' *মাইকেল*, ১৮৬০।

গৃহচ্ছায়া [সা] *বি* ঘরের ছায়া। 'অপরাহ্ণ বেলায় গৃহচ্ছায়ায় একা দাঁড়াইয়া।' *মানিক*, ১৯৩৬।

গৃহচ্ছিদ্র [সা] *বি* পারিবারিক কলঙ্ক। 'ঔষধ, মন্ত্রণা, গৃহচ্ছিদ্র, এসকল সর্বসমক্ষে ব্যক্ত করা বিধেয় নহে।' *বিদ্যা*, ১৮৪৭।

গৃহচ্ছেদন [সা] *বি* ঘর ভাঙা। 'রাজা প্রত্যহ সেই গৃহচ্ছেদন করিয়া ... দরিদ্র সকলকে বিতরণ করেন।' *হরপ্রসাদ*, ১৮১৫।

গৃহ-চ্যুত [সা] *বিণ* নিজের বাড়ি থেকে বিতাড়িত। 'গৃহ-চ্যুত করি তোরে, লুটি লয় বলে।' *মাইকেল*, ১৮৬৬।

গৃহছাড়া *বিণ* গৃহত্যাগী। 'মোর গৃহছাড়া এই পথিক পরান তরুণ হৃদয় লোভাতে।' *রবীন্দ্র*, ১৮৯০।

গৃহছায় [সা] *বি* ঘরের দাওয়া। 'গৃহছায়ে বসি সজলনয়ন।' *রবীন্দ্র*, ১৮৯০।

গৃহজাত [সা] *বিণ* গৃহে থাকে এমন (বিলাসবহুল) সামগ্রী। 'জমিদারদিগের ন্যায় গৃহজাত সামগ্রী অল্পই দেখিতে পাওয়া যায়।' *এডুকেশন*, ১৮৭৮।

গৃহতল [সা] *বি* ঘরের মেঝে। 'গৃহতল অর্থাৎ ঘরের মেজে যত উচ্চ হইলে ...।' *অক্ষয়*, ১৮৫২।

গৃহত্যাগ [সা] **১** *বি* সন্ন্যাস গ্রহণ। 'হরিদাস যবে নিজ গৃহত্যাগ কৈলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* ঘর থেকে বের হয়ে যাওয়া। 'দ্রুতবেগে গৃহত্যাগ করিয়া গিয়া গোলারোহণ করিলেন।' *বঙ্কিম*, ১৮৬৫।

গৃহত্যাগিনী [সা] *বিণ স্ত্রী* ঘরছাড়া। 'শৈবলিনীকে গৃহত্যাগিনী না করিলে, এ সকল কিছুই ঘটিত না।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

গৃহত্যাগী [সা] *বিণ* নিজের সংসার ত্যাগ করেছে এমন। 'আনাক্যাষ্ট কনবর্ট গৃহত্যাগী যারা।' *গুপ্ত*, ১৮৫৮।

গৃহদাহ [সা] *বি* আগুনে ঘর পোড়া। 'তুণকাষ্ঠ নির্ম্মিত গৃহদাহ হইতেছে।' *দর্পণ*, ১৮৩১।

গৃহদীপ [সা] *বি* ঘরের প্রদীপ। 'তার গৃহদীপ আমার কলকাতার বাড়িতেই জ্বলল।' *রবীন্দ্র*, ১৯১৭; 'দুঃখে সুখে ঘরে গৃহদীপ জ্বালো কল্যাণ-করে।' *রবীন্দ্র*, ১৯২২।

গৃহদুয়ার [স গৃহদ্বার] *বি* ঘরের দরজা। 'খুলি দিয়া গেলে তুমি যে গৃহদুয়ার ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

গৃহদুর্গ [সা] *বি* আবাসরূপ দুর্গ। 'গৃহদুর্গের বাহিরে তিনি আপনাকে কিছুতেই নিরাপদ মনে করিতেন না।' *রবীন্দ্র*, ১৮৯১।

গৃহদেবতা [সা] *বি* গৃহে প্রতিষ্ঠিত দেবতা। 'গোবিন্দলালের মাতা গৃহদেবতাকে প্রণাম করিয়া ...।' *বঙ্কিম*, ১৮৭৮।

গৃহদ্বার [সা] *বি* ঘরের দরজা। 'তাঁহাকে তিরস্কৃত করিবার উদ্দেশে আপন ক্ষুদ্র গৃহদ্বার অবরুদ্ধ করিতেছিল তখন তিনি ...।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গৃহদ্রোহী [সা] *বি* ঘরের শত্রু। 'মিত্র যবে গৃহদ্রোহী, পৌর পরিবার/ নিশ্চেতন।' *রবীন্দ্র*, ১৮৯৬।

গৃহধর্ম, গৃহধর্ম্ম [সা] *বি* সংসার ধর্ম। 'পাসরিয়া ক্ষুধা তৃষ্ণা গৃহধর্ম শোক।' *বৃন্দা*, ১৫৮০; 'গৃহিণী বিনা গৃহধর্ম্ম না হয় শোভন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৃহধর্মপরায়ণা [সা] *বিণ স্ত্রী* সংসার অনুরাগী। 'নারী এই কারণে গৃহধর্মপরায়ণা।' *বেগম*, ১৯৪৭।

গৃহধর্মার্থে [সা] *ক্রিবিণ* সংসার ধর্ম পালনের জন্য। 'গৃহধর্মার্থে তাহার গৃহিণী আছে।' *বঙ্কিম*, ১৮৭৪।

গৃহনিরীশ্বরী [সা] *বিণ* গৃহিণীহীন। 'গৃহনিরীশ্বরী ঘরে আতিথ্যের ত্রুটি হবে।' *রবীন্দ্র*, ১৯৩০।

গৃহনির্মাণ [সা] *বি* ঘরবাড়ি তৈরি। 'অনাথের গৃহনির্মাণ করাইয়া দিয়াছি।' *বিদ্যা*, ১৮৬৩।

গৃহনির্মাতা, গৃহনির্ম্মাতা [সা] *বি* ঘর তৈরি করে যে। 'তাহারা উত্তম

AMARBOI.COM

গৃহনির্মাতা বলিয়া প্রসিদ্ধ নহে।' *অক্ষয়*, ১৮৫২।

গৃহনৈতিক [স] *বিণ* সাংসারিক নিয়ম সংক্রান্ত। 'গৃহনৈতিক ক্ষেত্রে কেবলই জ্যেষ্ঠ যিনি তিনি কনিষ্ঠের ...।' *রবীন্দ্র*, ১৯৩৯।

গৃহপতি [স] *বি* গৃহস্বামী। 'তদ্‌গৃহপতিরা এই সকল আচরণকেই ... করেন।' *বঙ্গদূত*, ১৮২৯।

গৃহ-পরিকর [স] *বি* বাড়ির তত্ত্বাবধায়ক। 'চারি ভাইর দাস-দাসী গৃহ-পরিকর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৃহপরিচালনা [স] *বি* ঘরসংসার চালানো। 'সেলাই, গৃহপরিচালনা, রন্ধন ও ধোলাইয়ের কাজ ইত্যাদি।' *বেগম*, ১৯৪৯।

গৃহ-পানে *ক্রিবিণ* ঘরের দিকে। 'বনপথ দিয়ে ধীরে ধীরে ফিরে যাওয়া শূন্য গৃহপানে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গৃহপালিত [স] *বিণ* পোষা। 'গৃহপালিত বিড়াল কুক্কুরাদি ভোজন করিয়া থাকে।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

গৃহপিঞ্জর [স] *বি* গৃহ রূপ খাঁচা। 'স্ত্রীলোককে গৃহপিঞ্জর হইতে বাহির করিয়া উড়াইয়া দাও।' *বঙ্কিম*, ১৮৮৭।

গৃহপিণ্ডা [স] *বি* ঘরের রোয়াক। 'পুষ্পোদ্যানে গৃহপিণ্ডায় রহিলা পড়িয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৃহপোষ্য [স] *বিণ* একই সংসারে লালিত। 'তাঁহার গৃহপোষ্য একটি মামাতো ভাই ছিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

গৃহ-প্রত্যাবর্তন [স] *বি* ঘরে ফেরা। 'ভারতবর্ষ বাহিরের রাজহাট হইতে তাহার সন্তানদের গৃহ-প্রত্যাবর্তনের প্রতীক্ষা করিয়া আছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

গৃহপ্রদীপ [স] *বি* ঘরে নিত্য জ্বালানোর বাতি। 'কোথা জ্বলে গৃহপ্রদীপ কোন্ সিন্ধুপারে।' *রবীন্দ্র*, ১৯০২।

গৃহপ্রবেশ [স] **১** *বি* বসবাসের জন্য গৃহে প্রথম প্রবেশ। 'রামঘাটের পুরীর গৃহপ্রবেশ।' *রামরাম*, ১৮০১। **২** *বি* নতুন বাড়িতে আনুষ্ঠানিকভাবে প্রবেশ। 'গৃহপ্রবেশের সানাই যেন আজ শরতের আকাশে বাজতে আরম্ভ করেছে।' *রবীন্দ্র*, ১৯২৫।

গৃহপ্রাঙ্গণ [স] *বি* গৃহসংলগ্ন উঠান। 'অগ্নি আমাদের গৃহপ্রাঙ্গণে।' *রবীন্দ্র*, ১৯০৭।

গৃহপ্রাচীর [স] *বি* ঘরের দেয়াল। 'আমাদের গৃহপ্রাচীরের পাষাণ ভেদ করিতে পারিবে না।' *রবীন্দ্র*, ১৯০৫।

গৃহপ্রিয় [স] *বিণ* ঘর-সংসারের প্রতি খুব টান আছে এমন; ঘরকুনো। 'আমরা এই গৃহপ্রিয় শান্তিপ্রিয় জাতিই থাকব।' *রবীন্দ্র*, ১৯০৮।

গৃহ-ফেরা [স গৃহ+ফেরা] *বিণ* ঘরে ফিরছে এমন। 'খেয়াতরী যাক বয়ে গৃহ-ফেরা লোক লয়ে ও পারের গ্রামে।' *রবীন্দ্র*, ১৯০০।

গৃহবধূ [স] *বি* ঘরের বউ। 'নারীরা আজ আর শুধু গৃহবন্দী নন্দিনী বা গৃহবধূই নয়।' *বেগম*, ১৯৭১।

গৃহবন্দী [স গৃহ+ফা বন্দি] *বিণ* ঘরে আবদ্ধ। 'যার স্বামী গৃহবন্দী আছে ভিন্নরাজ।' *আলাওল*, ১৬৮০।

গৃহবলিভুক [স] *বিণ* গৃহের খাদ্য খেয়ে জীবনধারণ করে এমন। 'গৃহবলিভুক পাখিরা নীড় আরম্ভ করিতে মহাব্যস্ত।' *রবীন্দ্র*, ১৯০৭।

গৃহবহিষ্কৃত [স] *বিণ* ঘর থেকে বের ক'রে দেওয়া হয়েছে এমন। 'বাঙ্গারাম পুত্রকে গৃহবহিষ্কৃত করিয়া দিলেন।' *বঙ্কিম*, ১৮৭৪।

গৃহবহ্নি [স] *বি* পারিবারিক সমস্যা। 'অর্থনৈতিক বন্যা তাহাদের গৃহবহ্নি নির্বাপিত করেছিল।' *মুজতবা*, ১৯৫৯।

গৃহবাতায়ন [স] *বি* ঘরের জানালা। 'গৃহবাতায়ন হইতে, মধুর হাস্যলহরী পাখা তুলিয়া ... মিলাইয়া যাইবে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গৃহবাস [স] **১** *বি* গৃহে অবস্থান। 'চব্বিশ বৎসর প্রভু কৈল গৃহবাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* বাসস্থান। 'গৃহবাস তেজিল তেজিল আত্মজ্ঞান।' *বাহরাম*, ১৬৫০। **৩** *বি* সংসারজীবন। 'গৃহবাস আর কার তরে?' *গিরিশ*, ১৮৮৭।

গৃহবাসী [স] **১** *বি* গৃহস্থজন। 'ছিলাম গৃহবাসী, করলে উদাসী।' *গিরিশ*, ১৮৮৩; 'ওরে গৃহবাসী, তোরা খোল দ্বার।' *রবীন্দ্র*, ১৯৩১। **২** *বিণ* গৃহে বসবাসরত। 'পথচারী, গৃহবাসী, ব্যবসায়ী ও চাকুরিয়া।' *নওরোজ*, ১৯৪৬।

গৃহবিচ্ছেদ [স] **১** *বি* পরিবারের মধ্যে কলহ ও স্বামী-স্ত্রীর পরস্পর ছাড়াছাড়ি। 'বহুবিবাহের জন্য তাঁহাদের গৃহবিচ্ছেদ।' *অক্ষয়*, ১৮৪৬। **২** *বি* অভ্যন্তরীণ বিবাদ। 'এমনি করে ... গৃহবিচ্ছেদ ঘটিয়ে দিয়ে আপনার পথটি করে নেবার চেষ্টা করছে।' *রবীন্দ্র*, ১৮৯১। **৩** *বি* সংসার ভাঙা। 'গৃহগঠন এবং গৃহবিচ্ছেদ স্ত্রীলোকেই করিয়া থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

গৃহ-বিত্ত [স] *বি* ঘরের সম্পদ। 'গৃহ-বিত্ত যেবা ছিল ব্রাহ্মণেরে দিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৃহবিপ্লব [স] *বি* পরিজনদের মধ্যে সংঘটিত কলহ। 'আকস্মিক গৃহ-বিপ্লবের কোনো তাৎপর্য না বুঝিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০২।

গৃহবিবাগী [স] *বিণ* ঘরছাড়া; সংসারত্যাগী। 'এক উদাস, গৃহবিবাগী পথিক।' *বিভূতি*, ১৯২৯।

গৃহবিবাদ [স] *বি* পারিবারিক কলহ। 'পরিবারের মধ্যে গৃহবিবাদ ঘটিয়া রক্তপাতে ক্রান্ত দুর্বল হইয়া পড়িয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৮৩; 'গৃহবিবাদের ঘোর মত্ততা ব্যাপিল সর্ব দেশ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গৃহ-ব্যবহার্য [স] *বিণ* ঘরে ব্যবহৃত। 'বিলাতের সচরাচর গৃহ-ব্যবহার্য বস্তুগুলি প্রায়ই কদাকার এবং কুৎসিত।' *প্রমথ*, ১৯০৫।

গৃহভিত্তি [স] *বি* ঘরের দেয়াল। 'অপরাহ্ণে গৃহভিত্তির যে দিকটাতে ছায়া পড়ে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গৃহভৃত্য [স] *বি* গৃহস্থালির কাজ করে এমন বেতনভোগী কর্মচারী। 'কেরানী মানে নারী, স্কুল শিক্ষক মানে নারী, গৃহভৃত্য মানে নারী।' *অন্নদা*, ১৯২৯।

গৃহমণি [স] *বি* মঙ্গলদীপ। 'চৌদিগে হুলুই ধ্বনি কেহ জ্বালে গৃহমণি।' *মুকুন্দ*, ১৬০০।

গৃহমধ্য [স] *বি* ঘরের অভ্যন্তর। 'গৃহমধ্যে সজ্জিত মনোহর দ্রব্য সকল দৃষ্টিগোচর করিয়া ...।' *বিদ্যা*, ১৮৬৩।

গৃহমাঝ [স] *বি* ঘরের অভ্যন্তর। 'যথা গৃহমাঝে বহ্নি জ্বলিলে উত্তেজে।' *মাইকেল*, ১৮৬১।

গৃহমার্জন [স] *বি* ঘর পরিষ্কার করার কাজ। 'বালক পুনরায় গৃহমার্জনে প্রবৃত্ত হইল।' *বিদ্যা*, ১৮৬৩।

গৃহমার্জনী, গৃহমার্জ্জনী [স] *বি* ঝাড়ু; ঝাঁটা। 'গৃহমার্জ্জনী দ্বারা তাহাকে প্রহার করিয়া বিদায় করে।' *অক্ষয়*, ১৮৫০।

গৃহলক্ষ্মী [স] **১** *বি* ঘরের লক্ষ্মীস্বরূপা বধূ। 'তাঁহার গৃহলক্ষ্মী ... তথায় উপস্থিত হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বি* স্ত্রী। 'হৃদয়দেবতা আছ, গৃহলক্ষ্মী হবে।' *রবীন্দ্র*, ১৮৮৯। **৩** *বি* গৃহের অধিষ্ঠাত্রী দেবী। 'আমার সন্ধ্যাতারাটি আমার এই ঘরের গৃহলক্ষ্মী।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গৃহলেপন [স] *বি* ঘর নিকানো। 'ভোজনাদি পাত্র মার্জন, গৃহ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গৃহশত্রু [সা] ১ *বি* আভ্যন্তরীণ শত্রু। 'গৃহশত্রু।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বি* নিজের বিবেক। 'মাঝখানে তাহার হৃদয়বাসী কোন গ্রহশত্রু তাহার বিরুদ্ধে আজ সাক্ষ্য দিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০৯। ৩ *বি* বিশ্বাসঘাতক। 'অন্যান্য নিষাদগণ তাহাকে আর্যপদলেহী গৃহশত্রু বলিয়া সন্দেহ করিতেন।' *বনফুল*, ১৯৩৬।

গৃহশিক্ষক [সা] *বি* গৃহে এসে পাঠদানকারী। 'প্রাতরাশ, গৃহশিক্ষকের কাছে পাঠশিক্ষা ইত্যাদির তত্ত্বাবধান করতেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

গৃহশিল্প [সা] *বি* কুটিরশিল্প। 'বাঙ্গালার না আছে কল কারখানা ও গৃহশিল্প।' *সাম্যবাদী*, ১৯২৪।

গৃহশূন্য [সা] ১ *বিণ* গৃহহীন। 'সর্ব্বদা ... গৃহশূন্য, তিতিক্ষাযুক্ত, লোকসংসর্গবর্জিত ও নিরুপদ্রব থাকিবে।' *অক্ষয়*, ১৮৫০; 'চলে যায় লক্ষ্যহারা গৃহশূন্য পান্থ উদাসীন।' *রবীন্দ্র*, ১৯৩৩। ২ *বিণ* ঘরে স্ত্রী নেই এমন। 'আপনি গৃহ-শূন্য হইবামাত্র বিবাহ না করিয়া থাকিতে পারেন না।' *তমোলুক*, ১৮৭৪।

গৃহশ্রেণী [সা] *বি* সারিবদ্ধ বাড়ি। 'অবকাশ-শূন্য নিবিড় গৃহশ্রেণী দ্বারা প্রতিবদ্ধ।' *অক্ষয়*, ১৮৪৮।

গৃহ-সংসার [সা] *বি* ঘর-সংসার। 'জননীর সন্তান, পিতার আত্মজ, গৃহ-সংসারে অভিসঞ্চারী তাঁর রক্ত-মাংসে-গড়া মানুষের দেহ।' *মাহেনও*, ১৯৪৯।

গৃহসংস্কার [সা] *বি* গৃহ পরিষ্কারকরণ। 'গৃহসংস্কার না করিলে লোক বাস করিতে পারে না।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

গৃহসজ্জা [সা] ১ *বি* ঘরের সজ্জা। 'গৃহসজ্জা, বেশবিন্যাস, নৃত্যগীতাদি বর্ণনাতীত উৎসাহ ...।' *অক্ষয়*, ১৮৪৭। ২ *বি* আসবাবপত্র। 'গৃহসজ্জা চারি দিকে ছড়ানো রহিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গৃহসঞ্চিত [সা] *বিণ* গৃহে সঞ্চিত। 'মহোৎসবের জন্য গৃহসঞ্চিত যাবতীয় শস্য।' *সংসঙ্গ*, ১৮৯৮।

গৃহসামগ্রী [সা] *বি* ঘরের প্রয়োজনীয় জিনিসপত্র। 'ভূগর্ভ হইতে ধাতুখনন ও তদ্বারা গৃহসামগ্রী নির্ম্মাণ, বিনা, শ্রম সম্পন্ন হয় না।' *বিদ্যা*, ১৮৫১।

গৃহসুখ [সা] *বি* পারিবারিক স্বস্তি। 'বড় নির্ব্বঞ্ঝাট গৃহসুখ অনুভব করিতেছিল ইয়াকুব।' *শওকত*, ১৯৫৮।

গৃহস্ত [স গৃহস্থ] *বি* সংসারী মানুষ। 'কোন ধর্ম্ম গৃহস্তের সংসার তরিব।' *মালাধর*, ১৫০০।

গৃহস্তালী [স গৃহস্থালি] *বি* গৃহস্থালি; ঘরকন্না বা সংসারের কাজ। 'খাদ্য গৃহস্তালী ছিল বটে।' *তারিণী*, ১৮০৩।

গৃহস্তো [স গৃহস্থ] *বিণ* গৃহস্থ। 'হিংসক, অগ্যান, গৃহস্তো বীর্যের শরীর নাশী।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

গৃহস্থ [সা] ১ *বিণ* সংসারী। 'কৃষ্ণদাস কহে মুঞি গৃহস্থ পামর।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* সংসারের কর্তা। 'গৃহস্থ ও তাহার পুত্র এখানে আসিয়াছিল।' *তারিণী*, ১৮০৩। ৩ *বিণ* সংসারকর্মে ব্যাপৃত। 'মনুষ্য গৃহস্থ আশ্রমে জন্মগ্রহণ করে।' *অক্ষয়*, ১৮৪৩।

গৃহস্থ-আশ্রম [স] *বি* সংসার-জীবন। 'চব্বিশ বৎসর ছিলা গৃহস্থ-আশ্রমে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৃহস্থঘর [স গৃহস্থ+ঘর] *বি* গার্হস্থ্য বাড়ি; সংসার। 'গৃহস্থঘরের প্রাত্যহিক কাজকর্মের তুচ্ছতার মধ্যে কল্যাণের সেই-যে দিব্যমূর্তি।'

গৃহস্থজন [স] *বি* সংসারী মানুষ। 'মেঠো পথ দিয়ে গৃহস্থজন আসিছে গ্রামের হাটে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গৃহস্থজীবন [স] *বি* সাংসারিক জীবন। 'গৃহস্থজীবনের ভার বহন।' *রবীন্দ্র*, ১৯০৮।

গৃহস্থধর্ম [স] *বি* গৃহস্থের কাজ। 'গৃহস্থাশ্রমে থাকিয়া, গৃহস্থধর্ম প্রতিপালন কর।' *বিদ্যা*, ১৮৪৭।

গৃহস্থপ্রাঙ্গণ [স] *বি* ঘরসংলগ্ন উঠান। 'গৃহস্থপ্রাঙ্গণের সচ্ছল শান্তির মধ্যে এই করুণচ্ছবি।' *রবীন্দ্র*, ১৯০০।

গৃহস্থবউ [স গৃহস্থ+বউ] *বি* ঘরের বউ। 'গৃহস্থবউ, জিব কেটে তার হঠাৎ পিছন-ফেরা –।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গৃহস্থা [স] *বিণ* স্ত্রী গৃহে আছে এমন। 'তাঁহাদেরই গৃহস্থা বিধবা বিবাহার্থ হইলেও ...।' *বঙ্কিম*, ১৮৭৯।

গৃহস্থালি [সা] ১ *বি* সংসারের কাজ। 'ধন ধান্য ও শান্তিপূর্ণ গৃহস্থালী।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বি* কর্মনিপুণতা। 'যেখানে ভাষার গান আর যেখানে ভাষার গৃহস্থালি।' *রবীন্দ্র*, ১৯৩২।

গৃহস্থাশ্রম [স] *বি* সংসারধর্ম। 'গৃহস্থাশ্রম পরিত্যাগ।' *দর্পণ*, ১৮৩২।

গৃহস্থাশ্রমী [সা] *বি* সাধারণ গৃহী লোক। 'কন্যাজন্মই গৃহস্থাশ্রমীর অশেষ ক্লেশদায়ক।' *রামনারায়ণ*, ১৮৫৪।

গৃহস্থি [স গৃহস্থ>] *বি* ঘরসংসার। 'করিম শেখের উচ্ছন্ন-যাওয়া গৃহস্থি আবার চালু করিয়া ফেলে।' *মনসুর*, ১৯৫৫।

গৃহস্থিত [সা] *বিণ* ঘরে বাস করে এমন। 'গৃহস্থের গৃহস্থিত বিড়াল গাত্রের লোমগুলি কেমন পরিষ্কৃত ও চিক্কণ করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৪।

গৃহস্বরূপ [স] *বিণ* নিজ ঘরের মতো। 'তিনি সমুদায় ভূমণ্ডলকে স্বকীয় দেশ এবং ভারতবর্ষকে গৃহস্বরূপ জ্ঞান করিতেন।' *অক্ষয়*, ১৮৪৮।

গৃহস্বামিনী [স] *বি* স্ত্রী বাড়ির কর্ত্রী। 'গৃহস্বামিনী, ঐ সময়ে ... শুনিতে পাইয়াছিলেন।' *বিদ্যা*, ১৮৬৩।

গৃহস্বামী [স] *বি* সংসারের কর্তা; বাড়ির কর্তা। 'গৃহস্বামী তাহার এই অদ্ভুত কর্ম্ম দেখিয়া বিস্ময়াপন্ন হইল।' *তারিণী*, ১৮০৩।

গৃহহারা [স] ১ *বিণ* ঘরহীন। 'এরা সব কোথা ছিল, কেই বা সংবাদ দিল গৃহহারা আনন্দের দল।' *রবীন্দ্র*, ১৮৮৬। ২ *বি* ঘরহীন মানুষ। 'হায় পথবাসী, হায় গতিহীন, হায় গৃহহারা।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বিণ* গৃহত্যাগী। 'সে তো আজকের গৃহহারা নয় রে।' *নজরুল*, ১৯২৭।

গৃহহীন [স] ১ *বিণ* ঘরছাড়া। 'আমাদের কে পারে করিতে গৃহহীন।' *রবীন্দ্র*, ১৮৮৯। ২ *বিণ* আশ্রয়হীন। 'কোন দেশ হতে এসে চলে গেল কোন গৃহহীন দেশে?' *রবীন্দ্র*, ১৮৯০।

গৃহহীনতা [স] *বি* ঘর না-থাকা। 'বাঙালী, মুসলমানের জীবনে গৃহহীনতা আরো এক ধাপ উঁচুতে।' *সিরাজুল*, ১৯৭৪।

গৃহহীনা [স] *বিণ* স্ত্রী আশ্রয় নেই এমন। 'কোন গৃহহীনা মরুবাসিনীর কোলে জন্মগ্রহণ করিয়াছিলে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গৃহাংগন [স গৃহাঙ্গন] *বি* বাড়ির উঠান। 'গৃহাংগন ছেড়ে বাইরে বেরিয়ে আসবার সুযোগই নারীস্বাধীনতা নয়।' *বেগম*, ১৯৪৮।

গৃহাগত [স গৃহ-আগত] *বিণ* বাড়িতে আগত। 'হরিদাসকে গৃহাগত শুনিয়া ... আলয়ে উপস্থিত হইল।' *বিদ্যা*, ১৮৪৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গৃহাগ্র [স গৃহ-অগ্র] *বি* ঘরের উপরিভাগ। 'তাহার মাঝারে হৈম গৃহাগ্র অযুত দ্যোতে।' *মাইকেল*, ১৮৬০।

গৃহাঙ্গন [স গৃহ-অঙ্গন] *বি* বাড়ির উঠান। 'জাতিকে শ্মশানঘাট থেকে গৃহাঙ্গনে, সংসারে ফিরিয়ে আনতে হবে।' *ওয়াজেদ*, ১৯৪৩।

গৃহাদি [স] *বি* ঘরবাড়ি। 'সুন্দররূপে গৃহাদি নির্ম্মাণ করিতে সমর্থ হইবেন।' *দর্পণ*, ১৮২৫।

গৃহাবলী [স] *বি* ঘরবাড়ি। 'পশ্চিম দ্বার দেখ রঘুমণি। হিরণ্ময়; এ সুদেশে হীরক-নির্মিতি গৃহাবলী।' *মাইকেল*, ১৮৬১।

গৃহাভিমুখে [স গৃহ+অভিমুখে] *ক্রিবিণ* বাড়ির দিকে। 'আকর্ষণী শক্তি বলে গৃহাভিমুখে ধাবিত হও।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

গৃহাভ্যন্তর [স] *বি* ঘরের অভ্যন্তর। 'গৃহাভ্যন্তরে মন্ত্রণাদাতা মারওয়ানসহ এব্রিদ জাগরিত।' *মশাররফ*, ১৮৮৫।

গৃহারূঢ় [স] *বি* বাড়ির উপরে শোভিত।। 'শত শত বিমান ও দেবায়তন, গৃহারূঢ় উড্ডীয়মান বিবিধ পতাকা।' *অক্ষয়*, ১৮৪৭।

গৃহাশ্রম [স গৃহ-আশ্রম] *বি* সংসার। 'গৃহাশ্রম এমন গৌরবের বলিয়া গণ্য হইত।' *রবীন্দ্র*, ১৯০৫।

গৃহে গৃহে *ক্রিবিণ* ঘরে ঘরে। 'গণেশ-ঝুলীধারীরা ভিক্ষার্থ গৃহে গৃহে গমন করে।' *অক্ষয়*, ১৮৫০।

গৃহোচিত [স গৃহ-উচিত] *বিণ* গৃহতুল্য। 'সরাইখানায় কি কেউ আসে গৃহোচিত নীরবতা উপভোগে?' *শওকত*, ১৯৬২।

গৃহন [স গ্রহণ] *বি* সূর্যগ্রহণ। 'সূর্য্য গৃহনে প্রভাসকে করিল গমন।' *মালাধর*, ১৫০০।

গৃহবিপ্র [স গ্রহবিপ্র] *বি* দৈবজ্ঞের পেশাধারী ব্রাহ্মণ সম্প্রদায়বিশেষ। 'গৃহবিপ্র আনি ঘরে লগ্ন বিচার করে।' *মুকুন্দ*, ১৬০০।

গৃহা [স গ্রহণ>] *ক্রি* গ্রহণ করা। 'হে পুত্র, পবিত্রতর জনম গৃহিলা।' *মাইকেল*, ১৮৭২।

গৃহিণী [স] ১ *বি* গৃহকর্ত্রী। 'নিশ্বাস ছাড়িতে না দেয় ঘরের গৃহিণী।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বি* পত্নী। 'অদ্বৈত-গৃহিণী মহাসতী পতিব্রতা।' *বৃন্দা*, ১৫৮০।

গৃহিণীপনা [স গৃহিণী+পনা] ১ *বি* গৃহিণীর দায়িত্ব পালনে দক্ষতা। 'তখন ইহাকে গৃহিণীপনা বলে।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বি* গৃহিণীর আচরণ। 'এইরকম নানাপ্রকার গৃহিণীপণা। তারপর ছেলেদের জন্য মোজা কাপড়-চোপড় ...।' *রবীন্দ্র*, ১৮৮০।

গৃহিনী [স গৃহিণী] *বি* গৃহকর্ত্রী। 'গৃহিনী বলিয়া ডাক দিলেন শঙ্কর।' *মুকুন্দ*, ১৬০০।

গৃহী [স] ১ *বি* সংসারী ব্যক্তি। 'কি গণ্ডিত কি তপস্বী কিবা গৃহী যতী।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'গৃহী বলা দায় ভিক্ষা মাগি খায় না করে অতিথিসেবা।' *ভারত*, ১৭৬০। ২ *বিণ* বৈষয়িক। 'ভোগাসক্তচিত্ত গৃহী ব্যক্তির চর্ম্মচক্ষুর দৃষ্টিতে অতি অশুভ কাণ্ড বলিয়া প্রতিপন্ন হয়।' *অক্ষয়*, ১৮৫৪। ৩ *বিণ* বাস্তবতাপূর্ণ। 'ভাবালু কবিতা আমরা যত লিখেছি গৃহী ও কর্মঠ গদ্য তত লিখিনি।' *সিরাজুল*, ১৯৭৪।

গৃহীণী [স গৃহিণী] *বি* গৃহকর্ত্রী। 'এ জল নয় – এ দুধ – না হলে গৃহীণী কেন বলবেন?' *প্যারী*, ১৮৫৮।

গৃহীত [স] ১ *বিণ* গ্রহণ করা হয়েছে এমন। 'তিনি অতিসমাদর পুরঃসর তত্রত্যকর্তৃক গৃহীত হন।' *দর্পণ*, ১৮৩১। ২ *বিণ* গ্রহণযোগ্য। 'কেবল হিন্দুবংশ্য বালকগণ ছাত্ররূপে গৃহীত হইবেন।' *দর্পণ*, ১৮৩৮। ৩ *বিণ* স্বীকৃত। 'প্রস্তাবগুলি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।' *নজরুল*, ১৯২৬।

গৃহীতশস্ত্র [স] *বিণ* সশস্ত্র। 'পঁচিশ জন গৃহীতশস্ত্র সৈনিক সঙ্গে লইয়া ... উপস্থিত হইলেন।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

গৃহীতাস্ত্র [স গৃহীত-অস্ত্র] *বিণ* অস্ত্র গ্রহণ করেছে এমন। 'গৃহীতাস্ত্র ও গজারূঢ় হইয়া রাজার সম্মুখে গিয়া তাঁহাকে দর্শন করিলেন।' *হরপ্রসাদ রায়*, ১৮১৫।

গৃহ্য [স] *বিণ* গৃহসংক্রান্ত। 'যাবদীয় গৃহ্য কর্ম্ম সম্পাদনে একান্ত বাধ্য ছিলেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

গেআন [স জ্ঞান] *বি* জ্ঞান; চেতনা। 'এভোঁহো কাহ্নাঞি তোত না ভৈল গেআনে।' *বড়ু*, ১৪৫০।

গেআনবাণ [স জ্ঞান-বাণ] *বি* জ্ঞানরূপ তির। 'গেআনবাণে ছেদিলোঁ মদনবাণ।' *বড়ু*, ১৪৫০।

গেউর [স গৈরিক] *বিণ* গেরুয়া। 'রসুলে গেউর মাটি কিনিলা বহুল।' *সুলতান*, ১৭০০।

গেঁও [স গ্রাম্য] *বিণ* গ্রাম্য। 'এইখানে এসে খানেক দাঁড়াও এই গেঁও পথ বাঁকে।' *জসীম*, ১৯৫১।

গেঁও [ফা গন্দম] *বি* গম। 'আড়াইসের গেঁও পেয়েছিল আগের হপ্তায়।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

গেঁজ [ফা গজ] *বি* অঙ্কুর। *বিদ্যা*, ১৮৯১।

গেঁজে [দ্র গাঁজ>] *বি* টাকা ইত্যাদি রাখার সরু লম্বা থলি। 'গেঁজেটায় একটি কর্ষণ থলি ধরে।' *বিভূতি*, ১৯২৯।

গেঁজেল [স গঞ্জিকা>] *বি যে* গাঁজা সেবন করে। 'গাঁজার কল্কেয় গেঁজেল যে ভাবে দম দেয়।' *প্রমথ*, ১৯৩৮।

গেঁট [স গ্রন্থি] *বি* গাঁট। 'গেঁটে গেঁটে ভরা রস রসের আধার।' *গুপ্ত*, ১৮৫৮; 'আমার কিছু সম্বল নাইকো গেঁটে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গেঁটেবাত [স গ্রন্থিবাত] *বি* রোগবিশেষ; শরীরের জোড়ায় জোড়ায় ব্যথা। 'গেঁটেবাতে ভুগে মরে ও পাড়ার নন্দী।' *সুকুমার*, ১৯১৮।

গেঁঠা [স গ্রন্থি] *বিণ* হৃষ্টপুষ্ট। 'গেঁঠার গাবর নায়ের নফর।' *কেতকা*, ১৬৫০।

গেঁঠি [স গ্রন্থি] *বি* গাঁটছড়া। 'সুরত নিকুঞ্জ বেদি ভলি ভেলি জনম গেঁঠি দুহু মানস মেলি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গেঁড় [স গেণ্ডুক] *বি* গাঁটযুক্ত মূল। *বিদ্যা*, ১৮৯১; 'জলজ ফুলের গেঁড় পুতিয়াছিলাম।' *বিভূতি*, ১৯৩৮।

গেঁয়াতকুটুম [স জ্ঞাতিকুটুম] *বি* জ্ঞাতিকুটুম; আত্মীয়-স্বজন। 'ঝ্যাটা মার নিজের জাতের মুখে, গেঁয়াতিকুটুমের মুখে।' *নজরুল*, ১৯৩০।

গেঁয়ো [স গ্রাম্য] ১ *বিণ* গ্রামে প্রচলিত আছে এমন। 'অপণ্ডিতের মুখে এই কথাটি শুনলুম তাঁর গেঁয়ো সুরে সহজ ভাষায়।' *রবীন্দ্র*, ১৯২৭। ২ *বিণ* গ্রামে থাকে এমন। 'পথ দিয়া যেতে গেঁয়ো পথিকেরা মুছিয়া যাইত চোখ।' *জসীম*, ১৯২৭। ৩ *বিণ* গ্রাম্য। 'গেঁয়ো স্নেহের নানান ছলে পড়ল বাঁধা দুইটি হিয়া।' *জসীম*, ১৯২৭। ৪ *বিণ* গ্রামীণ। 'সেই ঘাটেতে ডুব দিয়েছে দীঘল গেঁয়ো বাঁট।' *জসীম*, ১৯৩১। ৫ *বিণ* লোকজীবনে সৃষ্ট; লোকজ। 'শহরে সাহিত্যের বালাখানার পাশে গেঁয়ো সাহিত্যের জোড়বাংলা ঘর তুলতে।' *শহীদুল্লাহ*, ১৯৩১। ৬ *বিণ* গ্রামের সমাজ কর্তৃক গৃহীত। 'ওদের মনের মতো করে যা-হয়-একটা গেঁয়ো ব্যবস্থা করলেই হবে।' *রবীন্দ্র*, ১৯৪০। ৭ *বিণ* অর্ধশিক্ষিত। 'আপনারা গেঁয়ো পুলিস এসবের কি জানেন।' *সাদত*, ১৯৬৭।

গেঁহু [হি] *বি* গম। 'গেঁহুর রুটি, গরম কোরমা।' *নজরুল*, ১৯৪১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গেছলাম, গেছলি, গেছলেম, গেছিল, গেছিলুম, গেছে দ্র যাওয়া

গেছো [স গচ্ছ>] *বিণ* ডানপিটে। 'একটা গেছো মেয়ের হাতে পড়েছেন।' *বঙ্কিম*, ১৮৭৪।

গেজ [ফা গজ] *বি* দাগাঙ্কিত মাপের ফিতা বা কাঠি। 'গেজের অন্তিম দাগে কাঁপে নীল তরঙ্গ আঙুল, আদিম ড্রাগন যেন ড্রেজারের উঁচু করা ঘাড়।' *মাহমুদ*, ১৯৬৩।

গেজিটি [ই গেজেট] *বি* সরকারী বিজ্ঞপ্তিবিশেষ। 'গবর্ণমেন্ট গেজিটিতে প্রকাশ পাইয়াছে।' *দর্পণ*, ১৮২৭।

গেজেট [ই] *বি* সংবাদপত্র। 'গবরণরমেন্ত গেজেটে ইস্তাহার দিয়াছেন।' *দর্পণ*, ১৮২০।

গেজেটপত্র [ই গেজেট+স পত্র] *বি* সরকারি বিজ্ঞাপন। 'স্কালার-সিপের নিমিত্ত ... গেজেটপত্রে এরূপ ঘোষণাপত্র প্রকাশ করিয়াছিলেন ...।' *প্রভাকর*, ১৮৫২।

গেজেটেড [ই] *বিণ* সরকারী গেজেটভুক্ত উচ্চশ্রেণীর কর্মকর্তা। 'একমাত্র গেজেটেড অফিসারগণকে এই কার্যের ভার অর্পণ করা হউক।' *আজাদ*, ১৯৪০।

গেঞ্জি [ই guernsey] *বি* ব্রিটেনের গুয়ের্নজি দ্বীপে উদ্ভাবিত জামার নীচে পরার উপযোগী বোনোনো বস্ত্র। 'গোটাকতক ময়লা তোয়ালে এবং গেঞ্জি।' *রবীন্দ্র*, ১৯২৯।

গেট [ই গেইট] *বি* প্রবেশপথের তোরণ। 'যোড়াসাঁকোর চতুরস্র পথে এক গেট নির্ম্মিত।' *বঙ্গদূত*, ১৮২৯।

গেট আপ [ই] *বি* বইয়ের অঙ্গসজ্জা। 'ছাপা গেট আপ যখন ভাল হয়েছে।' *মাহেনও*, ১৯৪৯।

গেটপাশ [ই গেইট-পাস] *বি* প্রবেশের অনুমতিপত্র। 'বহু গেটপাস দোজখীদের হস্তগত হয়েছে।' *মনসুর*, ১৯৪৩।

গেটবাবু [ই গেট+ফা বাবু] *বি* রেলস্টেশনের গেটে টিকিট চেক করে যে লোক। 'সকাতরে গেট-বাবুকে বলে, পরের গাড়ি কখন স্যার?' *মনোজ*, ১৯৬১।

গেডানো *ক্রি* ক্রমিক মুখস্থ করানো। 'ছেলেদের গেডিয়ে দেও, অর্থাৎ ক্রমিক মুখস্থ করাও।' *রাজ*, ১৮৭৪।

গেড়ুয়া [স গেণ্ডুক] *বি* গোলক। 'মধ্যভাগে আরোপিয়া গেড়ুয়া ফেলিল।' *আলাওল*, ১৬৮০।

গেড়ে [স গর্ত] *বি* গাড়া; ডোবা। 'সরোবর ত্যাগ করে পচা গেড়েয় সরে।' *মানিকরাম*, ১৭৮১।

গেণ্ডু [স গেণ্ডুক] *বি* গেণ্ডুয়া; বল। 'হাথে বাশী করি গেণ্ডু খেলাও গোকুলে।' *বড়ু*, ১৪৫০।

গেণ্ডুআ [স গেণ্ডুক] *বি* গেণ্ডুয়া; বল। 'গেণ্ডুআ খেলাএ বনে গোকুল ভিতেরে।' *বড়ু*, ১৪৫০।

গেণ্ডুয়া [স গেণ্ডুক] *বি* বল; গোলক। 'রাত্রে নরমুণ্ডের গেণ্ডুয়া খেলিয়া নৃত্য।' *শরৎ*, ১৯১৭।

গেদা [স গর্ভিত] **১** *বি* শিশু। *বিদ্যা*, ১৮৯১। **২** *বি* একপ্রকার জামদানি শাড়ি। 'বালেআর, ডুরিয়া, গেদা, সাবুরগা প্রভৃতি।' *মাহেনও*, ১৯৪৯।

গেন্দা [প] *বি* গাঁদা ফুল। 'অতসী গেন্দা এলাচী কৃষ্ণচূড়া পদ্ম গোলরাজ।' *বিজয়*, ১৬৫০।

গেবদাগাবদা [হি গাবদী] *বিণ* মোটাসোটা। 'আনমনা হাতের খসখসে তালুটা ঘষে গেবদাগাবদা টেবিলের কোণে।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

গেম [ই] *বি* খেলা। 'তোমায় হারাবো আমি কোন গেম-এ?' *শক্তি*, ১৯৬৯।

গেয়[১] [স] *বিণ* কণ্ঠে গাওয়া যায় এমন। **গেয়-শ্লোক** [স] *বি* গীতিকাব্য। 'গাথা শব্দের একটি আভিধানিক অর্থ সঙ্গীত বা গেয়-শ্লোক।' *অক্ষয়*, ১৮৪৭।

গেয়ান [স জ্ঞান] **১** *বি* জ্ঞান। 'এতদিন অছলিহ অপনে গেয়ানে।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'তাহা হৈতে হৈল মোর উত্তম গেয়ান।' *মালাধর*, ১৫০০। **২** *বি* সম্বিত। 'আর কিছু বলে নাহি আছিল গেয়ান।' *গরীব*, ১৭৬৫।

গেরদ [ফা গিরদ] **১** *বি* আটক। 'জত আফিঙ্গ জমদারের উৎপত্য গেরদ করে।' *এডমন*, ১৭৯৩। **২** *বি* এলাকা। 'এত বড় ঈদগা এ গেরদের মদ্দি নেই।' *ইমদাদুল*, ১৯২০।

গেরদা [ফা গিরদাহ] *বি* বড়ো বালিশ। *বিদ্যা*, ১৮৯১।

গেরবাজ [স গৃহ+ফা বাজ] *বি* ডিগবাজি খায় এমন পায়রাবিশেষ। 'তুই আর-জন্মে ছিলি গেরবাজ।' *প্রমথ*, ১৯১৮।

গেরমারী [স গম্ভীর>] *বিণ* গম্ভীর। 'গুটি দুই গেরমারী রাঁড়।' *হুতোম*, ১৮৬১।

গেরস্ত [স গৃহস্থ] *বি* গৃহস্থ লোক। 'ভাল গেরস্তের নাঞি জোড়এ সম্বল।' *মুকুন্দ*, ১৬০০।

গেরস্ত কথা *বি* সাধারণ কথাবার্তা। 'অনেকগুলো শব্দের হাত থেকে নিস্তার মিলেছে/ গেরস্ত কথায় – ছুটি।' *শক্তি*, ১৯৬৯।

গেরস্তঘর [স গৃহস্থ+ঘর] *বি* সংসারী মানুষের বাড়ি। 'গেরস্তঘরে ঢুকলেই সবাই তাকে দূর দূর করে।' *রবীন্দ্র*, ১৯৩২।

গেরস্তালি [স গৃহস্থালি] **১** *বিণ* গৃহস্থের তৈরি। 'গেরস্তালি বাগানের একটু রজনীগন্ধার ঘ্রাণ।' *জীবন*, ১৯৩২। **২** *বি* গৃহ। 'সুষুপ্তির পরিবেশ নামে গেরস্তালি ঘিরে।' *মণীশ*, ১৯৬৩।

গেরস্তো [স গৃহস্থ] *বি* সংসারী লোক। 'গরিব দুঃখী গেরস্তোর হাঁড়ি চড়েনি।' *হুতোম*, ১৮৬১।

গেরস্থ [স গৃহস্থ] *বি* সংসারী লোক। 'গেরস্থ হইল আবার ফকির বার আনা।' *মিত্রপ্রকাশ*, ১৮৭১।

গেরস্থালি [স গৃহস্থালি] *বি* ঘরকন্না। 'আপনাকে ঘিরে দৈনন্দিন ঘাস আর পোকামাকড়ের গেরস্থালি।' *শামসুর*, ১৯৭২।

গেরা [স গ্রন্থি>] *বি* অঙ্কুর। 'ভিজলে ধানে গেরা হয়ে যাবে।' *মাহেনও*, ১৯৪৯।

গেরাম [স গ্রাম] *বি* গ্রাম। 'গেরাম ভরি নাচে তারা।' *জসীম*, ১৯৩৩।

গেরাস [স গ্রাস] *বি* গ্রাস। 'এক গেরাস ভাত মুখে দিল।' *জীবন*, ১৯৩২।

গেরাহ্য [স গ্রাহ্য] *বি* গুরুত্ব। 'একে তুমি এনোই না গেরাহ্যে।' *সুকান্ত*, ১৯৪৮।

গেরিলা [ই] *বি* ছোটো দলে বিভক্ত চোরাগোপ্তা আক্রমণকারী যোদ্ধা। 'এখন আমার কবিতার প্রতিটি অক্ষরে বনবাদাড়ের গন্ধ, গেরিলার নিশ্বাস।' *শামসুর*, ১৯৭২।

গেরিলাযুদ্ধ [ই গেরিলা+স যুদ্ধ] *বি* ছোটো দলে বিভক্ত হয়ে ও চোরাগোপ্তা আক্রমণ করে বিধ্বস্ত করার যুদ্ধপ্রণালী। 'ছোটখাটো গেরিলাযুদ্ধ চলছে।' *ওয়ালী*, ১৯৪২।

গেরিমাটি [স গৈরিক>+মাটি] *বি* গেরুয়া রঙের মাটি। 'এখানে ওখানে গেরিমাটির গুঁড়ো ঘষে লাগিয়ে দিলে।' *অবন*, ১৯৪১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গেরিসন [ই] *বি* সেনাছাউনি। 'কোম্পানির গেরিসন ইষ্টুরের মধ্যে ...।' *ক্যালগে*, ১৭৮৪।

গেরু মাটি [স গৈরিক>+মাটি] *বি* গৈরিক মাটি। *মানোএল*, ১৭৪৩।

গেরুয়া [স গৈরিক>] ১ *বিণ* গিরিমাটির মতো রংযুক্ত। 'গেরুয়া-বস্ত্র, পরিয়া কোথায় চলিয়া গেল।' *বঙ্কিম*, ১৮৭৪। ২ *বি* গেরুয়া পোশাক। 'আমার গেরুয়াখানা দাও।' *গিরিশ*, ১৮৮৭।

গেরুয়াধারী [স গৈরিক>] *বিণ* গেরুয়া পোশাক পরিহিত। 'গেরুয়াধারী সন্ন্যাসীর দল ...।' *বনফুল*, ১৯৩৬।

গেরুয়াবসন [স গৈরিক>+স বসন] *বি* গৈরিক পোশাক। 'গেরুয়াবসন ও তিলকধারী দীর্ঘশ্মশ্রু বিরলকেশ ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গেরে [স গ্রন্থি] *বি* পকেট। 'জামার গেরে এবং পীঠ-বোচকায় মোহর ঠাস্যা।' *মধু*, ১৮৫৭।

গেরেপ্তার [ফা গিরিফ্তার] *বি* আটক। 'ঠকচাচা জাল এত্তাহামে গেরেপ্তার হইয়াছে।' *প্যারী*, ১৮৫৮।

গেরেপ্তারি [ফা গিরিফতার>] *বি* আটক-করণ। 'এখন গুমি গেরেপ্তারি লাঠিদাঙ্গা ফোর্জ চলবে না।' *হুতোম*, ১৮৬১।

গেরেপ্তারি পরোয়ানা [ফা গিরিফতার-পরওয়ানা] *বি* গ্রেপ্তারের আদেশ। 'গেরেপ্তারি পরোয়ানা নিয়ে ছুটছো।' *শ্যামসুর*, ১৯৭৩।

গেরেফতার [ফা গিরিফতার] *বি* আটক। 'সহজেই তো গেরেফতার করিয়া লইতে পারিত।' *নজরুল*, ১৯২২।

গেরেমভারী [স গম্ভীর] *বিণ* গম্ভীর। 'সুইসরা ইংরেজের মত গেরেমভারী লোক নয়।' *মুজতবা*, ১৯৫২।

গেরেস্ত [স গৃহস্থ] *বি* সাধারণ মানুষ; সিটিজেন। *ওসাঁ*, ১৭৮৫। **গেরস্ত, গেরস্থ**

গেরো [ফা গিরাহ] ১ *বি* গিট। 'একটি গেরোর উপর আর একটি গেরো দিলে।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* মুশকিল। 'নগরের দুই ক্রোশ দূরে আসিয়া পৌঁছিলাম; কিন্তু কি গেরো!' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫। ৩ *বি* বিপদ। 'আচ্ছা গেরো রে বাবা।' *মুজতবা*, ১৯৪৯।

গেরোন [স গ্রহণ] *বি* গ্রহণ। 'গেরোনের দিনে কি হল সেবার – পাথরপটির ভিতরে।' *মনোজ*, ১৯৬১।

গেরোবাজ [স গৃহ+ফা বাজ] *বি* ভালো জাতের পায়রাবিশেষ। 'গেরোবাজের মতো আকাশে ডিগবাজি খেতে খেতে উঠতে হত।' *প্রমথ*, ১৯১৪।

গেরোস্ত [স গৃহস্থ] *বি* গৃহস্থ। 'গেরোস্তরা বাহির হইয়া বলে মার মার।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গের্দা [ফা] *বি* মোটা তাকিয়া। *ওসাঁ*, ১৭৮৫; 'গের্দা হেলান দিয়া একটা সবুজ বোরখা বসিয়া আছেন।' *মনসুর*, ১৯৪৫।

গের্দ্দ [ফা গির্‌দা] *বি* অঞ্চল। 'পাঁচ লক্ষ সামন্ত দিল্লি গের্দ্দে ছিল।' *রামরাম*, ১৮০১।

গের্দ্দওয়ারি [ফা গির্‌দ+ওয়ারি] *ক্রিবিণ* এলাকা অনুযায়ী। *মেয়ার*, ১৭৮৭।

গেল *বিণ* গত। 'ঠাকুরুণ গেল হাটে মহাশয়কে আন্‌তে বলেছিলেন।' *দীনবন্ধু*, ১৮৬০।

গেলমান [আ গিলমান] *বি* ইসলাম ধর্মমতে বেহেশতের সেবাদানকারী বালক। 'রেজওান গেলমান দরুস্ত তুবার।' *আলাওল*, ১৬৮০।

গেলা *ক্রি* মুখস্থ করা। 'বিদেশী ব্যাকরণের শুষ্ক সূত্র, বীজগণিতের কঠিন আঁটি ও জ্যামিতির তীক্ষ্ণ ত্রিকোণ চতুষ্কোণ গিলিতে থাকে ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

গেলানো [স গলা>] ১ *ক্রি* খাইয়ে দেওয়া। 'আমাকে দশ রকম ওষুধ গেলান।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *ক্রি* জোর ক'রে চাপানো। 'বিয়ে গিলিয়ে দেবে না।' *রবীন্দ্র*, ১৮৯২।

গেলাপ [আ গিলাফ] ১ *বি* ওয়াড়। 'বীরকৃষ্ণ বাবু ... প্লেটওয়ালা (ঝাড়ের গেলাপের মত) কামিজ ও ঢাকাই ট্যারচা কাজের চাদরে শোভা পাচ্চেন।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* আবরণ। 'অভিনয়ের পরে কাপড়ের গেলাপটি খুলে ফেললেই হল।' *অবন*, ১৯৪১।

গেলাপমোড়া [আ গিলাফ+স মুণ্ডন>] *বিণ* ওয়াড়পরানো। 'কাপড়ের গেলাপমোড়া একটার পর একটা বড়ো ঝাড়।' *অবন*, ১৯২৭।

গেলাফ [আ গিলাফ] ১ *বি* কাবাঘরের আচ্ছাদন। 'খাস করে এই যে গেলাফপাকের কাপড়টুকু আপনি দিলেন।' *ইমদাদুল*, ১৯২০। ২ *বি* কাপড়ের থলি। 'কোরান শরিফ বন্ধ করে, গেলাফে ভরে।' *ওয়ালী*, ১৯৪৮। ৩ *বি* চাদর। 'নিজের গায়ের গেলাফটা ওর গায়ে জড়িয়ে দিয়ে দুই হাতে ধরে।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

গেলাশ [ই গ্লাস>] *বি* পান করার জন্য ব্যবহৃত পাত্রবিশেষ। 'মুখের কাছে ব্র্যান্ডির গেলাশ ধরলেন।' *মুজতবা*, ১৯৪৯।

গেলাশফ্রেম [ই গ্লাস+ফ্রেম] *বি* কাচের ফ্রেম। *ক্যালগে*, ১৭৮৯।

গেলাস [ই গ্লাস>] *বি* পান করার জন্য ব্যবহৃত পাত্রবিশেষ। 'কাঁসায় বাটী, বাটী, গেলাস ইত্যাদি নানা বস্ত্র প্রস্তুত করে।' *বিদ্যা*, ১৮৫১।

গেলাসওয়ালা [ই গ্লাস>+হি ওয়ালা] *বিণ* কাচের পাল্লাবিশিষ্ট। 'দুই গেলাসওয়ালা আলমারির মধ্যে সুন্দর শ্রেণী পূর্ব্বক এমত সাজাইয়া রাখেন।' *ভবানী*, ১৮২৩।

গেলাস-দোলা [ই গ্লাস>+দোল>] *বি* ঝাড়বাতি। 'পলাশের গেলাস-দোলা কাননের রংমহলা।' *নজরুল*, ১৯২৮।

গেলাসি, গেলাসী [ই গ্লাস>] ১ *বিণ* গ্লাস আকৃতির। 'গেলাসী ঝাড়।' *দর্পণ*, ১৮১৯। ২ *বি* খাবারবিশেষ। 'পাগলার দোকানে এক প্লেট গেলাসি মেরে দেবে।' *ইলিয়াস*, ১৯৭২।

গেলাসী ঝাড় *বি* বাতিবিশেষ। 'তাহাতে মোমবাতি সংযোগ এমত পাঁচ শত বাগীচা গেলাসী ঝাড় তিন হাজার।' *দর্পণ*, ১৮১৯।

গেলাসী বাগীচা *বি* বাতিবিশেষ। 'গেলাসী বাগীচা এক হাজার।' *দর্পণ*, ১৮১৯।

গেলিক [স] *বি* আয়ারল্যান্ডের ভাষাবিশেষ। 'আইরিশ জাতি নিজের গেলিক ভাষা ও গেলিক কালচারের উদ্ধার সাধন ...।' *মোহাম্মদী*, ১৯৩০।

গেলির [স গত>] *বিণ* গত। 'গরু রাখি তোর কাহ্ন গেলির জরমে।' *বড়ু*, ১৪৫০।

গেলী[১] [স গত>] *বিণ* গত। 'গেলী জাম বহুড়ই কইসেঁ।' *চর্যা ৮*, ১২০০।

গেলী[২] [স গত>] *ক্রি* চলে গেলো। 'পাছে রাধিকা লআঁ বড়ায়ি গেলী ঘর।' *বড়ু*, ১৪৫০।

গেলেমান [আ গিলমান] *বি* ইসলাম ধর্মমতে বেহেশতের সেবাদানকারী বালক। 'স্বর্গের হুর-গেলেমান ... শুনিতে লাগিল, হায় হোসেন!' *মশাররফ*, ১৮৮৫।

গেসোলীন [ই] *বি* পেট্রোল; গাড়ির তেল। 'গেসোলীনে ভিজিয়েছে সমস্ত

AMARBOI.COM

ব্যাঙ্ক।' *হোসেন*, ১৯৬৯।

গেস্ট [ই] *বি* অতিথি। 'দ্বিতীয় পেয়িং গেস্টটি প্রথমটির পদাঙ্ক অনুসরণ করে ...।' *শিবরাম*, ১৯৭০।

গেহ [স গৃহ] *বি* গৃহ। 'দেহ গেহ সমর্পণ করহ উহানে।' *বৃন্দা*, ১৫৮০।

গেহকাজ [স গৃহকার্য] *বি* ঘরের কাজ। 'মাঠের কাজেতে ব্যস্ত রূপাই, নয়া বউ গেহকাজে।' *জসীম*, ১৯২৯।

গেহহীন [স গৃহহীন] *বিণ* আশ্রয়হীন। 'গেহহীন, স্নেহহীন ... মুক্ত খ্যাপার দল।' *নজরুল*, ১৯২৫।

গেহিনী [স গৃহিণী] *বি* গৃহিণী। 'সাবিত্রী সারদা শচী গৌরের গেহিনী।' *মানিকরাম*, ১৭৮১।

গৈদ্য [স গদ্য] *বি* ঠাট্টা মস্করা। *মানোএল*, ১৭৪৩।

গৈব [আ গায়ীব] *বিণ* গায়েবি; অদৃশ্য; গোপন। 'এই গৈব বাণীও আট-দশ দিনের মধ্যে প্রেস থেকে ছাপা হয়ে এল।' *নজরুল*, ১৯৩১।

গৈবী [আ গায়বী] *বিণ* গোপন। 'আমাদের চোখঠার দিয়ে তারা গৈবী পণ্য নিয়ে যায়।' *জীবন*, ১৯৩০।

গৈরিক [স] ১ *বি* গিরিধারা; ঝরনা। 'বহএ গৈরিক হৈয়া নয়ানের জল।' *বাহরাম*, ১৬৫০। ২ *বি* গিরিজাত একধরনের রক্তবর্ণ মাটি। 'মিশ্রিত গৈরিকে পড়ে তলে প্রস্রবণ।' *মাইকেল*, ১৮৬১। ৩ *বিণ* গেরুয়া রঙের। 'পরিধানে গৈরিক বাস।' *বঙ্কিম*, ১৮৭৪; 'গৈরিক বসনে হে ব্রতচারিণী তুমি সাজি উদাসীনা।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৪ *বি* গেরুয়া রঙের বস্ত্র। 'লাল গৈরিক-গায় সৈনিক ধায়।' *নজরুল*, ১৯২২।

গৈরিকধারী [স] *বিণ* গেরুয়া কাপড় পরিধানকারী। 'বীর সন্ন্যাসী চীর গৈরিকধারী।' *নজরুল*, ১৯৩২।

গৈরিকরাঙা [স গৈরিক+স রঙ্গ>] *বিণ* পোড়ামাটির রংবিশিষ্ট। 'চলিয়াছে কাঁদি বরষার নদী গৈরিকরাঙা-বসনা।' *নজরুল*, ১৯২৬।

গৈরিকস্রাব [স] *বি* ঝরনার ধারা। 'অনর্গল গৈরিকস্রাব।' *নজরুল*, ১৯৩০।

গো[১] [ধ্বন্যা] অব্য সম্বোধনসূচক শব্দ; ওগো। 'ফেটলিউ গো মাএ অন্তউড়ি চাহি।' *চর্যা* ২০, ১২০০।

গো[২] [স] ১ *বি* গোরু। 'আপণা না চিহ্নসি গো রাখোআল।' বড়ু, ১৪৫০। ২ *বি* ঐশ্বর্য; বিভূতি; জ্ঞান। 'এই গো অর্থে ঐশ্বর্য, বিভূতি, জ্ঞান।' *নজরুল*, ১৯৪১।

গো-খর [স গো+ফা খোর] *বিণ* গোমাংসভোজী। 'দারুণ চণ্ডাল মুঞি কৃতঘ্ন গো-খর।' *বৃন্দা*, ১৫৮০।

গোখাদক [স] *বিণ* গোরুর মাংস ভোজনকারী। 'আমরা যেন আর গোখাদক বলিয়া অভিহিত না হই।' *মশাররফ*, ১৮৮৯।

গোখুর [স গো-ক্ষুর>] *বি* গোরুর পায়ের শক্ত তল। 'গ্রামপথ হতে প্রভাত-আলোতে উড়িছে গোখুরধূলি।' *রবীন্দ্র*, ১৯০০।

গোখুরধূলি [স গো-ক্ষুর>+ধূলি] *বি* গোরুর খুরের আঘাতে ওড়া ধুলা। 'গ্রামপথ হতে প্রভাত-আলোতে উড়িছে গোখুরধূলি।' *রবীন্দ্র*, ১৯০০।

গোখুররেণু [স গো-ক্ষুর>+রেণু] *বি* গোধূলি। 'সাঁঝের হিয়ায় রঙিয়া উঠিছে গোখুর-রেণু।' *জসীম*, ১৯৩০।

গোগাড়ি [স গো+গাড়ি] *বি* গোরুর গাড়ি। *ওসাঁ*, ১৭৮৫।

গোগ্রাস [স] *বি* গোরুর মতো বড় গ্রাস। 'গোগ্রাসে গিলিতেছে।' *শরৎ*, ১৯৩৮।

গোঘ্ন [স] *বিণ* গো-হত্যাকারী। 'গোঘ্ন ব্রাহ্মণ যজ্ঞ অপ্রচলিত হওয়ায় গোমাংসের স্বাদ হারিয়েছেন।' *অন্নদা*, ১৯৩৭।

গোচর [স] *বি* গোরুর খাওয়ার জন্য ঘাসের জমি। 'গোচরটুকু ছিল তাও পয়সার লোভে জমা-বিলি করে দিলে।' *শরৎ*, ১৯২৬।

গোচারণ [স] *বি* গোরু চরানোর কাজ। 'অরণ্যে থাকিয়া গোচারণ করিয়া নিরুদ্বেগে জীবনক্ষেপণ করিব।' *বিদ্যা*, ১৮৪৯।

গোচারণভূম [স] *বি* গোরু বিচরণের ক্ষেত্র। 'কলিকাতারূপ গোচারণভূমে তাহার রাখাল।' *বঙ্কিম*, ১৮৮৪।

গোচারণ ভূমি *বি* যে ভূমিতে গোরু চরে বেড়ায়। 'গোচারণ ভূমিতে গাভীগুলি চরে।' *রবীন্দ্র*, ১৯৩০।

গো-চিকিৎসক [স] *বি* গোরুর চিকিৎসক। 'গো চিকিৎসকের সন্ধান।' *বিভূতি*, ১৯৩১।

গোচোর [স গো-চোর] *বি* গোরু চোর। 'তাঁহারা গোচোর।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

গোজন্ম [স] ১ *বি* গোরু হিসেবে জন্ম। 'তিনি গোজন্ম গ্রহণ করিয়া বাবুদিগের ভক্ষ্য হইবেন।' *বঙ্কিম*, ১৮৭৪। ২ *বি* নিম্নশ্রেণীর জীবনধারণ। 'এতোদিনে ... গো-জন্ম ঘুচে গেল, পাকা ইন্সপেক্টার হলেন তিনি।' *সাদত*, ১৯৬৭।

গোজাতি [স] *বি* যাবতীয় গোরু। 'গোজাতির মনের কথা কি প্রকারে বলিব।' *বঙ্কিম*, ১৮৭৩।

গোজাতী [স গোজাতি] *বি* গোকুলবাসী জাতি। 'গোকুলে গোজাতী।' বড়ু, ১৪৫০।

গোদান [স] *বি* হিন্দুদের গোরুদানের আচারবিশেষ। '... গোদান, ভূমিদান, পিতৃকৃত্য প্রভৃতি শাস্ত্রবিহিত অবশ্যকর্তব্য।' *বিদ্যা*, ১৮৪৭।

গোদুগ্ধ [স] *বি* গোরুর দুধ। 'প্রভু কহে গোদুগ্ধ খাও গাভী তোমার মাতা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গোধন [স] *বি* গোরু। 'ভালমতে ঘাস হৈলে জিএত গোধন।' *মালাধর*, ১৫০০।

গোবৎসাদি [স] *বি* গোরুবাছুর। 'এইরূপ যাবৎ গোবৎসাদি থাকে তাবৎ ভিটায়।' *দর্পণ*, ১৮২২।

গোবদ্যি [স গোবৈদ্য] *বি* হাতুড়ে চিকিৎসক। 'কেউ কেউ বলে, গোবদ্যি।' *তারা*, ১৯৫৩।

গোবধ [স] *বি* গোহত্যা। 'প্রবৃত্তিমার্গে গোবধ করিতে বিধি হয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গোবধী [স] *বিণ* গোঘাতক। 'তথাপি যদ্যপি আমি ব্রহ্মঘ্ন গোবধী।' *বৃন্দা*, ১৫৮০।

গোবাঘা [স গো+স ব্যাঘ্র] *বি* চিতা বাঘ। 'সে গোবাঘা নয়।' *দীনবন্ধু*, ১৮৬৭।

গো-ভাগাড় [স গো+ভাগাড়] *বি* গোরু মরে গেলে যে স্থানে ফেলা হয়। 'এক এক জনের পাত গো-ভাগাড়কে হারিয়ে দিলে।' *হুতোম*, ১৮৬১।

গোভূত [স] *বি* (লোকবিশ্বাস) গোরুকে বিভ্রান্তকারী প্রেতাত্মা। 'দুপুর রাতে স্ত্রীকে নিয়ে মাঠে মাঠে ঘুরে বেড়ানো গোভূতের মতো।' *জীবন*, ১৯৩২।

গোমড়ক [স গো+মরক] *বি* গোরুর সংক্রামক রোগবিশেষ।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'গোমড়কের ন্যায় সংক্রামক রোগে মরিলে ...?' *মশাররফ*, ১৯০৮।

গোমাংস [স] *বি* গোরুর মাংস। 'ব্রাহ্মণ হইয়া মদ্য গোমাংস ভক্ষণ।' *বৃন্দা*, ১৫৮০।

গোমাতা [স] *বি* গোরুরূপ মাতা। 'গোমাতা অতি প্রাচীন সাদৃশ্য পৃথিবীকে বোঝাতে।' *অবন*, ১৯২৫।

গো-মুখ্যু [স গোমূর্খ] *বি* নিরেট মূর্খ। 'আমার মতো গো-মুখ্যুর কথা যদি শুনিস তাহলে ...।' *নজরুল*, ১৯২৭।

গোমুণ্ড [স] *বি* গোরুর মাথা। 'কাপাসের খেত হইতে আনিল গোমুণ্ড।' *মুকুন্দ*, ১৬০০।

গো-মূর্খ [স] *বিণ* গোরুর মতো নির্বোধ। 'পুরুষমানুষ তা বিদ্বান হোক বা গোমূর্খ হোক ...।' *সাদত*, ১৯৬৭।

গোমূর্খামি [স গোমূর্খ>] *বি* বোকামি। 'গোমূর্খামির জন্য আমি মনে মনে নিজেকে খুব জুতোপেটা করলুম।' *মুজতবা*, ১৯৫২।

গোমেধ [স] *বি* যজ্ঞবিশেষ। 'কাহাকে গোমেধ, অশ্বমেধ, রাজসূয় ... প্রভৃতি শিক্ষা দিতেছেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

গোমেষ [স] *বি* গোরু ও ভেড়া। 'গোমেষ শূকর হংস কুকুড়া প্রভৃতি পালন করে।' *দর্পণ*, ১৮২১।

গোযান [স] *বি* গোরুর গাড়ি। 'তাঁহাদের পায়েতে মোজা এবং জামা ইত্যাদি বেশ এবং গোযান ছিল।' *রামমোহন*, ১৮১৫।

গোযানচালক [স] *বি* গোরুর গাড়ির চালক। 'এক গোযানচালক গোশকটে বিস্তর পাটের গাঁইট বোঝাই দিয়া গ্রাম হইতে রেলষ্টেশনে যাইতেছিল।' *বিদ্যা*, ১৮৫৬।

গোরক্ষক [স] *বি* রাখাল। 'বাড়ীর গোরক্ষক [illegible]বর্দ্ধন।' *বঙ্কিম*, ১৮৭৪।

গোরক্ষণ [স] *বি* গোরু রাখার কাজ। 'কৃষিকর্ম করে গোরক্ষণ।' *মুকুন্দ*, ১৬০০।

গো-রক্ষা [স] *বি* গোরু রক্ষা করা। 'গো-রক্ষা আন্দোলনের প্রবর্তক আর্যসমাজীরা ...।' *মনসুর*, ১৯৩৫।

গোরক্ষ্যক [স গোরক্ষক] *বি* রাখাল। 'ইহার পুত্র গোরক্ষ্যক ছিল।' *চিঠিপত্রে*, ১৭৭৬।

গোরখ [স গোরক্ষক] *বি* গোরু রক্ষক। 'দোহানের গোরখ যদি কাছে থাকে।' *সুলতান*, ১৭০০।

গোরস [স] *বি* গোরুর দুধ। 'গোরস খাইলা প্রতি বাড়ি বাড়ি ফিরি।' *মালাধর*, ১৫০০।

গো-রাখা [স গোরক্ষক] *বিণ* গোরু রাখে এমন। 'রাজার সাজে কেমন মানায় গো-রাখা রাখাল-রাজে।' *নজরুল*, ১৯৩৩।

গোলাদ [স গো+হি লাদ] *বি* গোবর। 'রাস্কিলে গোলাদ জ্বালে নাপাক কেবল।' *আলাওল*, ১৬৮০।

গো-শকট [স] *বি* গোরুর গাড়ি। 'গো-শকট প্রস্তুত।' *শরৎ*, ১৯১৭।

গোশালা [স] *বি* গোরু রাখার ঘর; গোয়ালঘর। 'গোয়ালার গোশালা হয় অত্যন্ত বিস্তার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গোসালা [স গোশালা] *বি* গোয়াল। 'একটী ব্রীর্দ্ধ অথর্ডাই গোসালে বন্ধ ছিল।' *চিঠিপত্রে*, ১৮৫৪।

গোসেবা [স] *বি* গোরুর পরিচর্যা। 'দুরন্ত জমিদার গৃহস্থের ন্যায় গোসেবা করেন।' *প্রভাকর*, ১৮৫৮।

গোহত্যা [স] *বি* গোরু হত্যা। 'গোহত্যা, ব্রহ্মহত্যা, স্ত্রীহত্যা, ঘর জ্বালান অঙ্গের আভরণ হইয়াছে।' *দীনবন্ধু*, ১৮৬০।

গোহত্যাকারী [স] *বিণ* গোরু হত্যাকারী। 'পুরোহিত ... খড়্গ লইয়া গোহত্যাকারী মুসলমানদিগকে হত্যা করিলেন।' *হিতৈষি*, ১৮৯৫।

গো-হাটা [স গো+স হট্টা] *বি* গোরু কেনাবেচার হাট। 'লোকে বলে তোকে গো-হাটায় বেচে ফেলতে।' *শরৎ*, ১৯২৬।

গোহাড় [স গো-হড্ড] *বি* গোরুর হাড়। 'গোহাড় ইটাল দিয়া ইট শূন্য হৈতে পড়ে।' *ভারত*, ১৭৬০।

গোহিংসা [স] *বি* গোহত্যা। 'শাসনে গোহিংসা তো থামবেই না।' *রবীন্দ্র*, ১৯১৫।

গো[৩] *অব্য* যদিও। *মানোএল*, ১৭৪৩।

গোআ, গোআনো [স গোপন>] *ক্রি* লুকানো। 'জইঅও জতনে গোঅএ চাহএ হিমগিরি ন লুকাএ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গোআর [হি গাঁওয়ার] *বিণ* গোঁয়ার; অসভ্য। 'মিছাই ঝগড় কর কাহাঞিঁ গোআরে।' *বড়ু*, ১৪৫০।

গোআরি [স গোপালিকা] *বি স্ত্রী* গোয়ালা। 'ভনই বিদ্যাপতি অরেরে গোআরি। বড়ে পুনে সম্ভব আদর মুরারি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গোআরী [হি গোহারী] *বি* অভিযোগ। 'রাজা কংসে করিবেঁ গোআরী।' *বড়ু*, ১৪৫০।

গোআল-ঁ [স গোপাল] *বি* গোয়ালা। 'বিণী বিকীএঁ হএ গোআলের ধনে।' *বড়ু*, ১৪৫০।

গোআলকুল [স গোপালকুল] *বি* গোকুল। 'গোআলকুলে কি তোহ্মে উপজিল সাগু।' *বড়ু*, ১৪৫০।

গোআলত [স গোপাল>] *ক্রিবিণ* গোয়ালাদের মধ্যে। 'তোহ্মে এবেঁ গোআলত ভৈলা বড় জাতী।' *বড়ু*, ১৪৫০।

গোআলা [স গোপাল>] *বি* গোয়ালা। 'পণ্ডআ তোর গোআলা।' *বড়ু*, ১৪৫০।

গোআলি, গোআলী [স গোপাল>] *বি* গোপনারী। 'কাল উতপল নয়নে শোভসি গোআলী।' *বড়ু*, ১৪৫০; 'তোঁহে জদুকুল হম কুলিন গোআলি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গোআলিনি, গোআলিনী, গোআলীনী [স গোপালিনী] *বি* গোপনারী। 'আহ্মার বচন না কর গোআলিনী আনে।' *বড়ু*, ১৪৫০; 'দিবেহেঁ দধির দান সুনহ গোআলীনী।' *বড়ু*, ১৪৫০। 'গোআলিনি।' *বিদ্যা*, ১৮৯১।

গোই [স গোপন>] *বিণ* গোপন। 'লাজে রহলু হিয়ে আনন গোই।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'গোই করণিয়া।' *মানোএল*, ১৭৪৩।

গোইন্দা [ফা গোয়িন্দাহ] *বি* গুপ্তচর। 'তিনিই কি গোইন্দা।' *বঙ্কিম*, ১৮৮২।

গোএন্দা [ফা গোয়িন্দাহ] *বি* গুপ্তচর। *বিদ্যা*, ১৮৯১।

গোএন্দাগিরি [ফা গোয়িন্দাহ-গিরি] *বি* গুপ্তচরের কাজ। *বিদ্যা*, ১৮৯১।

গোওয়ার [হি গাঁওয়ার] *বিণ* একরোখা; উদ্ধত। 'আগু বাড়াইয়া আনে এজিদা গোওয়ার।' *গরীব*, ১৭৬৫।

গোওাল [স গোপাল] *বি* গোপ; গোয়ালা। 'এত সুনি বলে মুনি সুনহ গোওাল।' *মালাধর*, ১৫০০।

গোওালা [স গোপাল>] *বি* গোয়ালা; গরলা। 'চলিলা গোওালা সব জার

AMARBOI.COM

জেই স্থানে।' *মালাধর*, ১৫০০।

গোংগানী [ধ্বন্যা] *বি* গোঁ গোঁ শব্দ। 'বাবা গোংগানীর মত শব্দ করে কাঁদেন।' *হুমায়ূন*, ১৯৭২।

গোঁ [ফা গুঙ্গ] **১** *বি* জিদ। 'কোন রকমেই জেলের গোঁ ঘুচলো না।' *হুতোম*, ১৮৬১। **২** *বিণ* ক্রুদ্ধ। 'আপনার ক্যাবিনে গোঁ হয়ে বসে আছেন।' *রবীন্দ্র*, ১৮৮১।

গোঁ ধরা *ক্রি* জিদ প্রকাশ করা। 'সে গোঁ ধরেছে, চাকরী করবে।' *ইমদাদুল*, ১৯২০।

গোঁআ [স গম্>] *ক্রি* অতিবাহিত করা। **গোঁআইবা** *ক্রি* অতিবাহিত করবে। 'না পড়িলে অনুশোচে গোঁআইবা কাল।' *আলাওল*, ১৬৮০। **গোঁআইল** *ক্রি* যাপন করলো। 'রসভোগে গোঁআইল কাল।' *আলাওল*, ১৬৮০। **গোঁওব** *ক্রি* কাটাবে। 'কৈসে গোঁওব যামিনী।' *বাহরাম*, ১৬৫০। **গোঁয়াই** *ক্রি* অতিবাহিত করি। 'তে কারণে অনুদিন কান্দিয়া গোঁয়াই।' *সুলতান*, ১৭০০। **গোঁয়ায়লুঁ** *ক্রি* কাটালাম। 'দিবস দিবস করি মাসা। মাস মাস করি বরস গোঁয়ায়লুঁ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গোঁআর [হি গাঁওয়ার] *বিণ* জেদি। *বিদ্যা*, ১৮৯১।

গোঁগানি [ধ্বন্যা] *বি* রাগ, কষ্ট ইত্যাদির জন্য চাপা আর্তনাদে গোঁ গোঁ শব্দ। 'মানুষের গোঁগানির শব্দ শুনে এলেম।' *মাইকেল*, ১৮৬০।

গোঁজ [হি গোজী] **১** *বি* বাঁশের খোঁটা; খুঁটি। 'গোঁজে বান্ধ্যা এড়ে ডিঙ্গা লোহার সিকলে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* নিম্নমুখী। 'কেহ কেহ মুখটি গোঁজ করিয়া বসিয়া থাকে।' *প্যারী*, ১৮৫৮। **৩** *বিণ* নির্বাক ও গম্ভীর। 'লীলা খানিকক্ষণ গোঁজ হয়ে চুপ করে রইল।' *জীবন*, ১৯৩২। **৪** *বি* সুতা পেঁচিয়ে রাখার কীলক। 'ঘরে-ঘরে ঘুরে চলে সুতোর গোঁজটা।' *কায়সার*, ১৯৬২।

গোঁজা [হি গোজী>] **১** *ক্রি* গুঁজে রাখা। 'কৈফিতের পাঁজিগুলি সাবধানে হরি শ্রুতি করিয়া কলম গোঁজে কানে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *ক্রি* হিসাবে মনগড়া মিল দেওয়া। 'নিকাশে তাহার গোঁজা ভারে হয় গোঁজা।' *ভারত*, ১৭৬০। **৩** *ক্রি* গেলা। 'আপিসে যাইবার সময় নাকে মুখে ভাত গোঁজা।' *রবীন্দ্র*, ১৮৮৪। **৪** *বিণ* লুকানো। 'কতকগুলো গদির নীচে গোঁজা।' *রবীন্দ্র*, ১৮৯২। **৫** *ক্রি* আটকে রাখা। 'কানে তাদের গোঁজা জবার ফুল।' *রবীন্দ্র*, ১৯০৩; 'কানে কলম গোঁজা।' *রবীন্দ্র*, ১৯৩৭। **৬** *ক্রি* নত করা। 'মড়কের ইঁদুরের মতো ঘাড় গুঁজি।' *জীবন*, ১৯৪৪।

গোঁজা[২] [হি গোজী>] *বিণ* ঢোকানো। 'রান্নাঘরে রকে উঠতে ডান দিকে চালের বাতায় গোঁজা আছে।' *দীনবন্ধু*, ১৮৬০।

গোঁজা-গাঁজা [হি গোজী>] *বি* মেরামতের জন্য গুঁজে দেওয়া। 'তালপাতার গোঁজা-গাঁজা দিয়ে এ বর্ষাটা কাটিয়ে দেব।' *শরৎ*, ১৯২৬।

গোঁজামিল [হি গোজী>+স মিলন] *বি* ফাঁকি; আপাত দৃষ্টিতে মিল। 'অনেক চাতুরী অনেক গোঁজামিলের প্রয়োজন হয়।' *রবীন্দ্র*, ১৮৮৮।

গোঁজামিলন [হি গোজী>+স মিলন] *বি* যেনতেন প্রকারে মিল। 'গোঁজামিলন দিয়া না লইলে যেন হিসাব মিলে না।' *রবীন্দ্র*, ১৮৯০।

গোঁট [স ঘট্ট] *বি* দল। 'সুমুন্দির গোঁট বেঁদে তাঁনারে বর সেজ্য়ে মোদের কুটিতি এনেলো?' *দীনবন্ধু*, ১৮৬০।

গোঁড় *বি* ক্ষুদ্র নৃগোষ্ঠীবিশেষ। 'গোঁড়-পরিবারের দুটি মেয়ে আছে।' *বিভূতি*, ১৯৩৮।

গোঁড়া [স গোত্>] **১** *বিণ* রক্ষণশীল। 'ছিল গোঁড়া বৈষ্ণব হইল গোঁড়া শৈব।' *ভারত*, ১৭৬০। **২** *বি* উগ্র সমর্থক। 'তিনি বিধবাবিবাহের পক্ষে এক জন প্রধান গোঁড়া।' *উমেশ*, ১৮৫৭।

গোঁড়া-রাম [স গোত্র+স রাম] *বি* গোঁড়া হিন্দু। 'গোঁড়া-রাম ভাবে নাস্তিক আমি।' *নজরুল*, ১৯২৬।

গোঁড়াসমাজ [স গোত্র>+স সমাজ] *বি* রক্ষণশীল সমাজ। 'গোঁড়াসমাজের মানস-প্রকৃতি লক্ষ করেই তিনি শাস্ত্রের সমর্থন খুঁজেছিলেন।' *মুরশিদ*, ১৯৭০।

গোঁড়ামি, গোঁড়ামী [স গোত্র>] *বি* রক্ষণশীলতা। 'ঘুচাব গোঁড়ামী রোগ দিয়া ছাগ-নাদী।' *গুপ্ত*, ১৮৫৮; 'ও গোঁড়ামি ভাল লাগে না।' *সাধারণী*, ১৮৮০।

গোঁড়ামিবর্জিত [স গোত্র>+স বর্জিত] *বিণ* রক্ষণশীলতাহীন। 'ধর্মীয় গোঁড়ামিবর্জিত শিক্ষা হিন্দু কলেজে লাভ করেছিলেন।' *মুরশিদ*, ১৯৭০।

গোঁৎ [আ গৃতাহ্] *বি* মাথা নিচের দিক করে পতন। 'আকাশেতে কাৎ হয়ে গোঁৎ খায় ঘুড়িটা।' *সুকুমার*, ১৯২০।

গোঁৎ খাওয়া *ক্রি* হঠাৎ টাল খাওয়া বা ঘুরে পড়া। 'আকাশেতে কাৎ হয়ে গোঁৎ খায় ঘুড়িটা।' *সুকুমার*, ১৯২০।

গোঁতা [আ গৃতাহ্] *বি* মাথা নিচু করে মাথা দ্বারা আঘাত। 'ঠিক যেন একটা চিলেঘুড়িকে খেলোয়াড় গোঁতা মারছে।' *নজরুল*, ১৯২২।

গোঁত্তা [আ গৃতাহ্] *বি* গুঁতা; খোঁচা। 'শিগগির তোদের ওই দাঁতের পাটি তুলিতে হবে। গুঁতো সকলের উপর পড়বে।' *রবীন্দ্র*, ১৮৮৯; 'গুঁতো মেরে, লাথি মেরে, কিল মেরে, ঘুষো মেরে কনুয়ের গুঁতো মারে।' *রবীন্দ্র*, ১৯৪০।

গোঁদ [হি] *বি* আঠা। 'গোঁদ ও রেশম ও তুলাভরা মাজা ও পেঁয়াজ রসুন।' *দর্পণ*, ১৮২৬।

গোঁফ [স গুম্ফা] *বি* ঠোঁটের উপরিভাগের লোম; মোচ। 'ঘন পাক দেই গোঁফে।' *মুকুন্দ*, ১৬০০।

গোঁপ [স গুম্ফা] *বি* গোঁফ; মোচ। 'হাঁড়িয়া চামর গোঁপ।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গোঁফওআলা [গোঁফ+হি ওয়ালা] *বিণ* গোঁফ রয়েছে এমন। 'ফুলো গোঁফওআলা প্রকাণ্ড জোয়ান গোরা তার সুন্দরী পার্শ্ববর্তিনীর সঙ্গে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গোঁফওয়ালা *বিণ* গোঁফ আছে এমন। 'বালতি হাতে ঢুকলো গোঁফওয়ালা মেথর।' *ইলিয়াস*, ১৯৭২।

গোঁফওলা [গোঁফ+হি ওয়ালা] *বিণ* গোঁফ আছে এমন। 'একটি শ্যামল রঙের পাংলা-গোঁফওলা যুবক।' *বুদ্ধ*, ১৯৫৫।

গোঁফদাঁড়ি [গোঁফ+স দাটিকা] *বি* গোঁফ এবং দাঁড়ি। 'তাহার গোঁফদাঁড়ি কামানো।' *রবীন্দ্র*, ১৮৯১।

গোঁফসুদ্ধ [গোঁফ+স শুদ্ধ>] *বিণ* গোঁফসহ। 'ইশা খাঁ তাহার গোঁফসুদ্ধ দাড়িসুদ্ধ মুখ বিকৃত করিলেন।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গোঁফে তা দেওয়া *ক্রি* ভবিষ্যৎ লাভের আশায় উৎফুল্ল হওয়া। 'গোঁফে তা দিতে দিতে পায়চারি করে বেড়াচ্ছিলুম।' *রবীন্দ্র*, ১৮৯১।

গোঁফে-তেল-গাছে-কাঁঠাল *বি* কাজ আরম্ভ হওয়ার আগেই ফলভোগের উচ্চাশা এবং প্রস্তুতি। 'বঙ্গদেশ গোঁফে-তেল-গাছে-কাঁঠালের দেশ।' *রবীন্দ্র*, ১৮৮৭।

গোঁয়া [হি গাঁওয়ার] *বি* অনুন্নত সম্প্রদায়বিশেষ। 'কলিকাতার গোঁয়ারা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বাহিরে যাইতে পারিবে না।' *দর্পণ*, ১৮২০।

গোঁয়ার [হি গাঁওয়ার] **১** *বিণ* বর্বর। 'কন্যা বলে তুই বড় অধম গোঁয়ার।' *আলাওল*, ১৬৮০। **২** *বিণ* নির্বোধ। 'জন কত তোমরা গোঁয়ার আছ জানি।' *ভারত*, ১৭৬০। **৩** *বিণ* উদ্ধত। 'বর্ব্বর এক গুঁইয়া গোঁয়ার ব্যাঘ্র ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। **৪** *বি* কাণ্ডজ্ঞানহীন। 'দোয়ার না হইলে গান করা গোঁয়ারের কর্ম্ম।' *ভবানী*, ১৮২৮।

গোঁয়ারগোছ [হি গাঁওয়ার>] *বি* একগুঁয়ে স্বভাব। 'আমিও গোঁয়ারগোছের ছিলাম।' *রবীন্দ্র*, ১৯০৯।

গোঁয়ারগোবিন্দ [হি গাঁওয়ার>+স গোবিন্দ] *বিণ* কাণ্ডজ্ঞানহীন ও দুঃসাহসী। 'আমি ঐ-সব গোঁয়ারগোবিন্দ লোকের যথেচ্ছারের কথা শুনতে চাইনে।' *প্রমথ*, ১৯১৮।

গোঁয়ারতিমো [হি গাঁওয়ার>] *বি* ঔদ্ধত্য। 'গোস্বামী ... গোঁয়ারতিমোয় গরম হয়ে পিটটানের পথ দেখবেন।' *হুতোম*, ১৮৬১।

গোঁয়ারতুমি [হি গাঁওয়ার>] *বি* হঠকারিতা। 'যা কাজের বেলায় গোঁয়ারতুমিতে পরিণত নয়।' *প্রমথ*, ১৯১৭।

গোঁয়ারি [হি গাঁওয়ার>] *বি* বর্বরতা। *মানোএল*, ১৭৪৩।

গোঁয়ার্তমি [হি গাঁওয়ার>] *বি* যুক্তিহীন জেদ। 'এই সকল সমস্যার প্রতি মনোযোগ করিয়অ এক প্রকার গোঁয়ার্তমি গোঁড়ামি পরিত্যাগ করা।' *রবীন্দ্র*, ১৮৮৮।

গোঁয়ার্তুমি, গোয়ার্তুমি [হি গাঁওয়ার>] **১** *বি* একগুঁয়েমি; হঠকারিতা। 'গোঁয়ার্তুমি করতে গেলেই মুশকিল বাধে।' *রবীন্দ্র*, ১৯০২; 'ওদের গোয়ার্তুমি আর আবদারের যে অন্ত নেই।' *নজরুল*, ১৯৩১। **২** *বি* বিবেচনাবর্জিত জোরজবরদস্তি। 'গোঁয়ার্তুমির দ্বারা উপর ও নীচের অসামঞ্জস্য ঘোচে না।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গোঁয়ারা [ফা গোর>] *বি* হাসান-হোসেনের কবরের প্রতীক। 'অধিকাংশ মুসলমান গোঁয়ারা, তাজিয়া ও মসজিদে ফয়তা দেওয়া আদি পরিত্যাগ করিয়া ...।' *এডুকেশন*, ১৮৮৫।

গোঁসা [আ গুস্‌সাহ্‌] *বি* অভিমান। 'কোষা ধরা গোঁসা ভরা তপে জপে রত।' *গুপ্ত*, ১৮৫৮।

গোঁসাই [স গোস্বামী] **১** *বি* বৈষ্ণবীয় গুরু। 'আচার্য গোঁসাই দেবিও নিতাই আমার আঁখির তারা।' *মুরারি*, ১৫৭০। **২** *বি* ঈশ্বর। 'তোমার কারণে মোরে পাঠাইছেন গোঁসাই।' *বিজয়*, ১৬৫০। **৩** *বি* সন্ন্যাসীবিশেষ। 'গোঁসাই লোক বলিলে শৈব উদাসীন বুঝিতে হয়।' *অক্ষয়*, ১৮৫০।

গোকুল [স] **১** *বি* গোরুর পাল। 'শতেক ব্রাহ্মণ আর মায়িলেঁ গোকুল।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* (পুরাণ) কৃষ্ণের বাল্য লীলাভূমি। 'মথুরা গোকুল বন্দো গোবর্ধন গিরি।' *রূপরাম*, ১৭৫০।

গোকুলপুরী [স] *বি* স্থানবিশেষ। 'তুয়া প্রেম সাধি গোরি আইনু গোকুলপুরী।' *চণ্ডী*, ১৫৫০।

গোকুলের শাঁড়/ষাঁড় *বি* স্বেচ্ছাচারী লোক। 'হলধর, গদাধর ও মতিলাল গোকুলের ষাঁড়ের ন্যায় বেড়ায়।' *প্যারী*, ১৮৫৮; 'গোকুলের শাঁড়ের মত চুল ফিরিয়ে বুক ফুলিয়ে ব্যাড়াচ্চে।' *হুতোম*, ১৮৬১; ।

গোক্ষুর [স গো+স ক্ষুর] *বি* গোখরো সাপ। 'কেউটিয়া, গোক্ষুর, বোড়া, বোয়া প্রভৃতি প্রকাণ্ড অজগরসমূহ ...।' *হরপ্রসাদ*, ১৮৮১।

গোক্ষুরা [স গো+স ক্ষুর] *বি* বিষধর সাপবিশেষ যার ফণায় গোরুর ক্ষুরের মতো চিহ্ন আছে। 'মজে গিয়ে গোক্ষুরার ফাটলে হারায়।' *জীবন*, ১৯৩২।

গো-খর *দ্র* গো[১]

গোখরো [স গো+স ক্ষুর] *বি* বিষধর সাপবিশেষ। 'গোখরো সাপের মতন ফণা গুটিয়ে বসে পড়েছিস।' *নজরুল*, ১৯২৭।

গোখাদক *দ্র* গো[১]

গোখুর *দ্র* গো[১]

গোখুরা [স গো-ক্ষুর>] *বি* বিষধর সাপবিশেষ, যার ফণায় গোরুর ক্ষুরের চিহ্ন আছে। 'গোখুরা সাপের মাথায় যে আছে।' *সত্যেন্দ্র*, ১৯১১।

গোখুরী [স গো+ফা খোর>] *বি* অপকর্ম। 'সহরের যুবকদল গোখুরী ঝকমারি ও পক্ষির দলে বিভক্ত হলেন।' *হুতোম*, ১৮৬১।

গোখুরে [স গো-ক্ষুর>] *বি* বিষধর সাপবিশেষ। 'গোখুরেকে নিয়ে অবশ্য একটু সাবধান হতে হয়।' *কায়সার*, ১৯৬২।

গোখুরো [স গো-ক্ষুর>] *বি* বিষধর সাপবিশেষ, যার ফণায় গোরুর ক্ষুরের মতো চিহ্ন আছে। 'ঢোড়া, গোখুরো, দুধরাজ, পাঁড়রাজ।' *জীবন*, ১৯৩৩।

গোগাড়ি *দ্র* গো[১]

গোগাল *বি* কালি। 'অনেকেরই চোখে গোগাল পড়ে গেছে।' *নজরুল*, ১৯২৭।

গোগালচি *বি* ঝুঁটি বা কেশর। 'ঘোড়ার গোগালচির মতো আমার সামনের লম্বা চুলগুলো।' *নজরুল*, ১৯২৪।

গোগাস *দ্র* গো[১]

গোঙরানি [ফা গুঙ্গ>] *বি* গোঁ গোঁ ধ্বনি; গোঙানি। 'গলার ভিতর তার মৃত্যুর গোঙরানি।' *জীবন*, ১৯৩০।

গোঙরানো [ফা গুঙ্গ>] *ক্রি* চাপা গর্জন করা। 'বাতাস ক্ষিপ্ত জন্তুর মতো সমস্ত আকাশ জুড়ে রাগে গোঙরাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গোঙানি, গোঙানী [ফা গুঙ্গ>] *বি* গোঁ গোঁ শব্দ। 'তীব্র গোঙানি ব্যথিয়ে উঠছে।' *নজরুল*, ১৯২২; 'মাঝে মাঝে কোথা থেকে অস্ফুট গোঙানী আসে।' *সেলিনা*, ১৯৭৫।

গোঙানো[১] [স গমন>] *ক্রি* কাল কাটানো। 'দিন গোঙায় মিছা কার্যে মন নাহি দেহ রাজ্যে।' *মুকুন্দ*, ১৬০০। **গোঙাই** *ক্রি* যাপন করি। 'এক তনু হইয়া মোরা রজনী গোঙাই।' *দ্বিজচণ্ডী*, ১৬০০। **গোঙাইব** *ক্রি* কাল কাটাবো। 'পৌহে গোঙাইব নাথ অষ্ট প্রকারে।' *মুকুন্দ*, ১৬০০। **গোঙাইল** *ক্রি* কাটালো; অতিবাহিত করলো। 'নানা রঙ্গে ঢঙ্গে কথো দিবস গোঙাইল।' *মালাধর*, ১৫০০। **গোঙাইলা** *ক্রি* কাটালে। 'সর্বদিন গোঙাইলা সংকীর্তন-রঙ্গে।' *বৃন্দা*, ১৫৮০। **গোঙাএ** *ক্রি* অতিবাহিত করে। 'হরিসে গোঙাএ কাল মূর্খ নাহি জানি।' *মালাধর*, ১৫০০। **গোঙায়েন** *ক্রি* কাল কাটান। 'ছাড়িয়া সংসারদুঃখ গোঙায়েন রঙ্গে।' *বৃন্দা*, ১৫৮০। **গোঙাব** *ক্রি* সময় অবিবাহিত করবো। 'দেবরূপ পরিহরি কেমনে গোঙাব নরলোকে।' *মুকুন্দ*, ১৬০০। **গোঙায়লুঁ** *ক্রি* কাটালাম। 'আধ জনম হম নিন্দে গোঙায়লুঁ জরা সিসু কতদিন গেলা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গোঙানো[২] [ফা গুঙ্গ>] *ক্রি* গোঁ গোঁ শব্দ করা। 'রকম-বেরকমের গোঙানি দিতে দিতে হাওয়াগাড়ি ছুটছে দশদিকে।' *রবীন্দ্র*, ১৯৪০।

গোচ [স গুচ্ছ] **১** *বি* গুচ্ছ। 'দেতো দেখি গোচের হয়তো নিব।' *কেরি*, ১৮০২। **২** *বি* ধরন। 'বিয়ার কি শেরি কি পোর্ট কি ক্লারেট অথবা অন্যবিধ নরম গোচের মদ্যের নামও সহ্য করেন না।' *প্যারী*, ১৮৫৯।

AMARBOI.COM

গোচ গাচ [স গুচ্ছ>] *বি* গোছগাছ। 'গোচে গাচে বাবু হয় পচা শাল চেয়ে।' *গুপ্ত*, ১৮৫৮।

গোচন [স গো+চোনা] *বি* গোরুর মূত্র। 'ক্ষীরভর ঘট হোয়ত বনট গোচন গন্ধ ন মিলাএ।' *বাহরাম*, ১৬৫০। *দ্র* **গোচোনা**

গোচর[১] [স] **১** *বিণ* চাক্ষুষ। 'ত্রিভুবনজনমন গোচর তোহ্মাএ।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* সামনে। 'মৎস গিপিলে আইল কাম তোমার গোচর।' *মালাধর*, ১৫০০; 'যতনে আনিলা তবে মালিক গোচর।' *বাহরাম*, ১৬৫০। **৩** *বিণ* জ্ঞাত। 'তত্ত্ববোধিনী সভার গোচর হইবার পূর্ব্বে ...।' *অক্ষয়*, ১৮৪৬; 'তাহা সংবাদপত্রে উদিত হইয়া, সর্ব্বসাধারণের গোচর হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৯। **৪** *বিণ* প্রত্যক্ষ। 'হিমালয়ের শিখর কত হাজার ফিট উঁচু, তাহার মাথায় কতখানি বরফ আছে, তাহার মাথায় কতখানি বরফ আছে ... বলিলেও হিমালয় আমাদের গোচর হয় না।' *রবীন্দ্র*, ১৮৮৮। **৫** *বিণ* পরিচিত। 'তিনি বিশ্বের বরেণ্যরূপে সকলের কাছে গোচর হইবেন।' *রবীন্দ্র*, ১৯১১। **৬** *বিণ* গ্রাহ্য। 'তা কল্পনারও গোচর হতে পারত না।' *রবীন্দ্র*, ১৯১৬। **৭** *বিণ* দৃশ্যমান। ' তোমার গলায় তুমি তো গোচর হবেই।' *রবীন্দ্র*, ১৯২৫।

গোচরতা [স] *বি* প্রত্যক্ষতা। 'এই ইন্দ্রিয়ের গোচরতাকে ভেদবুদ্ধির তিরস্করণিকার দ্বারা আবৃত করা ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

গোচরবর্তী [স] *বিণ* প্রকাশিত। 'যে অংশটা প্রধানত দেখাইতে চান সেইটাকে বিশেষরূপে গোচরবর্তী করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

গোচর হওয়া *ক্রি* জ্ঞাত হওয়া। 'উপকার হইতেছে তাহা সাধারণের গোচর হইলে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

গোচরার্থ, গোচরার্থে [স গোচর-অর্থ] *ক্রিবিণ* জানার জন্য। 'মেজষ্টর সাহেবেরদিগের গোচরার্থে সম্বাদপত্র পাঠাইবে।' *দর্পণ*, ১৮২৪; 'পাঠকবর্গের গোচরার্থ ... উদ্ধৃত করিলাম।' *অক্ষয়*, ১৮৪৯।

গোচরীভূত [স] *বিণ* অবগত। 'লোকচক্ষুর গোচরীভূত হওয়ার সঙ্গে সঙ্গেই পুলিশ ...।' *মনসুর*, ১৯৩৫।

গোচরে আনা *ক্রি* অবগত করানো। 'শুধু গোচরে আনা নয় ... অভিজ্ঞতাকে ... সঞ্চারিত করতে পারলে তবেই তিনি সুখী।' *শিব*, ১৯৭৩।

গোচর *দ্র* **গো**[২]

গোচরা [স গোচর>] *ক্রি* জানা। 'গোচরিআঁ ফল করাইবোঁ জেন জাণী।' *বড়ু*, ১৪৫০। **গোচরিআঁ, গোচরিঞা** *ক্রি* প্রত্যক্ষ ক'রে; জেনে। 'গোচরিআঁ ফল করাইবোঁ জেন জাণী।' *বড়ু*, ১৪৫০; 'গোচরিঞা ফল ধরাইব জেবা জানি।' *বড়ু*, ১৫৭০। **গোচরিল** *ক্রি* জানলো। 'তাহার বৈকুল্য তার পুত্রে গোচরিল।' *মালাধর*, ১৫০০। **গোচরিলা** *ক্রি* অবগত করলো। 'ইব্রিসের আগে আসি সব গোচরিলা।' *সুলতান*, ১৭০০।

গোচান দেওয়া *ক্রি* সমর্পণ করা। *মানোএল*, ১৭৪৩।

গোচারণ *দ্র* **গো**[২]

গো-চিকিৎসক *দ্র* **গো**[২]

গোচোনা [স গো>+ধ্বন্যা চন্>] *বি* গোরুর মূত্র। 'গোচেনেরে গোচোনা কহি।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

গোচোর *দ্র* **গো**[২]

গোচ্ছা [স গুচ্ছ] *বি* গোছা; গুচ্ছ। 'বুক ফোলান, বাঁকা শিতি, পইতের গোচ্ছা গলায়।' *হুতোম*, ১৮৬১।

গোছ [স গুচ্ছ] **১** *বি* অবস্থা; জোগাড়। 'অতি ঘোর কল্লোল শব্দে কর্ণ রোধ হওনের গোছ।' *রামরাম*, ১৮০১। **২** *বি* ধরন। 'একটি বালিকা কিছু বিবিয়ানা গোছে চলিত।' *প্যারী*, ১৮৬০। **৩** *বিণ* ধরনের। 'মনযোগান গোছ কথা বলিতে হইবে না।' *বঙ্কিম*, ১৮৭৩। **৪** *বিণ* মতো। 'ঠিক যেন সাপের ছুঁচো গেলা গোছ।' *নজরুল*, ১৯২২।

গোছগাছ [স গুচ্ছ>] *বি* সাজানো-গোছানোর কাজ। 'গোছগাছ মোটমাট খোপখাপ খোলাখালা জোগাড়-জাগাড়।' *রবীন্দ্র*, ১৯০৪; জিনিসপত্র গোছগাছ বাঁধাছাঁদা করচি।' *শরৎ*, ১৯১৬।

গোছগাছাল [স গুচ্ছ>] *বিণ* সুবিন্যস্ত। 'গোছগাছাল শীতল নিবিড় নক্ষত্রগুলো।' *জীবন*, ১৯৩১।

গোছমত [স গুচ্ছ>] *ক্রিবিণ* ব্যবস্থা অনুযায়ী। 'কাপড় সরকারি গোছমত দাখিল না করে জদি।' *হ্যালহেড*, ১৭৭৩।

গোছল [আ] *বি* স্নান। 'তৃতীএ গোছল অতি জত্তনে করিব।' *বাহরাম*, ১৬৫০।

গোছা[১] [প্রা গচ্ছ>] *ক্রি* গ্রহণ করা। 'কৃষ্ণের সঙ্গে করলে প্রেম সর্বসখি গোছবে না।' *লালন*, ১৮৯০।

গোছা[২] [স গুচ্ছ] **১** *বি* গুচ্ছ। 'তাহাকে এক গোছা চাবি ফেলিয়া দিলেন।' *বঙ্কিম*, ১৮৬৫; 'সূর্য্যমুখীর চুলের গোছা লইয়া বসিয়া গেলেন।' *বঙ্কিম*, ১৮৭২। **২** *বি* হাঁটুর নীচের ও গোড়ালির উপরের অংশ। 'পায়ের গোছা পুরু।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

গোছানো, গোছান [স গুচ্ছ>] **১** *বিণ* সম্পন্ন। 'দুই দিগে কাজ গোছান হৈলো।' *উমেশ*, ১৮৫৭। **২** *বিণ* সুবিন্যস্ত। 'আলনাতে কয়েকখানি কাপড় গোছান রহিয়াছে।' *শরৎ*, ১৯১৭।

গোছানো[২] [স গুচ্ছ>] *ক্রি* সুবিন্যস্ত করা। 'গোছাতে গোছাতেই তোর সময় বয়ে যাবে।' *মাহমুদ*, ১৯৭৩।

গোছালো [স গুচ্ছ] **১** *বিণ* সম্পন্ন করা সহজ এমন। 'গোঁসাইরা ... শ্রীকৃষ্ণের গোছালো গোছালো লীলে গুলি করে থাকেন।' *হুতোম*, ১৮৬১। **২** *বিণ* পরিপাটি। 'অনেকে গোছালো গোছের মেয়ে মানুষ দেখে সং এর তরজমা করে বোঝাচ্চেন।' *হুতোম*, ১৮৬১। **৩** *বিণ* মনোহর; মনোমুগ্ধকর। 'আহা, কী গোছালো কথা!' *রবীন্দ্র*, ১৮৮১।

গোছের [স গুচ্ছ>] *বিণ* মতো। *মানোএল*, ১৭৪৩।

গোজন্ম *দ্র* **গো**[২]

গোজরানো [ফা গুজারাহ্] *ক্রি* অতিবাহিত হওয়া। 'ওয়াক্ত গোজরে যাবার পর বাকায়দা নিয়ত করে সুরা ইত্যাদি।' *মাহেনও*, ১৯৪৯।

গোজরে যাওয়া *ক্রি* অতিবাহিত হওয়া। 'চার বছর গোজরে গেছে।' *মাহেনও*, ১৯৪৯।

গোজাতি *দ্র* **গো**[২]

গোজারা [ফা গুজারাহ] *ক্রি* অতিবাহিত হওয়া। 'এয়ছাই কয়েক রোজ গোজারিয়া যায়।' *গরীব*, ১৭৬৫।

গোজারেশ [ফা গুজারিশ] *বি* নিবেদন; বক্তব্য। 'রাষ্ট্র-ভাষার নাম নিয়ে আমার কিছু গোজারেশ রয়েছে।' *মাহেনও*, ১৯৪৯।

গোজাশতা [ফা গুজশতা] *বিণ* বিগত। 'সোবেহ সাদেকেও গোজাশতা রাতের জোনাকীর ঝিকিমিকির কথা মনে পড়ে।' *মাহেনও*, ১৯৪৯।

গোজেস্তা [ফা গুজশতা] *বি* পূর্বকথা। 'গোজেস্তা কখন সব কহিতে লাগিল।' *গরীব*, ১৭৬৫।

গোএরানো [স গম্>] *ক্রি* কাটানো। **গোএরাই** *ক্রি* অতিবাহিত করি।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'অনুক্ষণ কান্দিয়া গোঞাই রাত্রদিন।' *বাহরাম*, ১৬৫০। **গোঞাইলা** *ক্রি* পোহালো। 'গণিতে গণণে তারা গোঞাইলা রজনী।' *বাহরাম*, ১৬৫০। **গোঞাএ** *ক্রি* কাল কাটায়। 'কুলবতী সকলে গোঞাএ মনোরঙ্গে।' *বাহরাম*, ১৬৫০। **গোঞাও** *ক্রি* অতিবাহিত করো। 'আনন্দে গোঞাও নিশি নিজপতি সঙ্গে।' *বাহরাম*, ১৬৫০।

গোট[১] [স গোষ্ঠ] *বি* দল। 'এক গোট সারিকা পণ্ডিত গুণধারী।' *আলাওল*, ১৬৮০।

গোট[২] [স গোষ্ঠক>] *বি* কটিভূষণ। 'সুবর্ণ সুন্দর গোট কটীদেশে দিয়ে।' *ভবানী*, ১৮২৫।

গোটছড়া *বি* স্ত্রীলোকের কোমরের অলঙ্কারবিশেষ। 'গোটছড়াটি পর্যন্ত নষ্ট করে ফেললে।' *শরৎ*, ১৯১৬।

গোটা[১] [স অখণ্ড] **১** *বিণ* সম্পূর্ণ। 'যেন উয়ে গগনে চান্দ গোটা।' *বড়ু*, ১৪৫০। **২** *সংখ্যা নির্দেশক* খানা। 'চারি গোটা টঙ্গি তথা অতি মনোহর।' *সুলতান*, ১৭০০। **৩** *বিণ* বৃত্তাকার। *মানোএল*, ১৭৪৩। **৪** *বিণ* আস্ত। 'ঝোলের সহিত দিলে গোটা গোটা আলু।' *গুপ্ত*, ১৮৫৮। **৫** *নির্দেশক* টা। 'ব্যাঙ্কে আছে সব জমা, ট্যাকে আছে খালি গোটা দুপ্তিন।' *রবীন্দ্র*, ১৮৮৬। **৬** *বিণ* গুটিক; সংখ্যক। 'আরো কুল পাড়ো গোটা ছয়।' *রবীন্দ্র*, ১৮৯০। **৭** *বিণ* অবিভক্ত। 'আমাদের দেশে যাত্রার দল বেশী দিন গোটা থাকে না।' *প্রমথ*, ১৯১৭। **৮** *বিণ* পুরো। 'আমাদের গোটা দেশ আর-একটি গোটা দেশের পণ্যদ্রব্যে পরিণত।' *রবীন্দ্র*, ১৯৩১। **৯** *বি* ফুসকুড়ি। 'সমস্ত মুখের ফাঁপানো মাংস বড়ো বড়ো গোটায় ভরিয়াছিল।' *মানিক*, ১৯৪০। **১০** *বিণ* সমগ্র। 'অমর-সৃষ্টি বলে গোটা দুনিয়ায় অভিনন্দিত।' *শরীফ*, ১৯৬৮।

গোটাকত *বিণ* গোটাকতক। 'গোটাকত টাকা নিয়া হাটে যাই মাসী।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গোটাকতক ১ *বিণ* কয়েকটি; কিছুসংখ্যক। 'গোটা কতক বিলাতী অক্ষর লিখিতে শেখেন।' *দর্পণ*, ১৮২১। **২** *বিণ* কয়েকজন। 'আছে গোটাকতক বুড়ো যদিন তদিন কিছু রক্ষা পাবে।' *গুপ্ত*, ১৮৫৮।

গোটা গোটা *বিণ* কাটা কাটা; আলাদা আলাদা। 'বড়ো বড়ো গোটা গোটা/ লিখব যখন তখন তুমি দেখো।' *রবীন্দ্র*, ১৯০৩।

গোটাতক *বিণ* সামান্য কয়েকটি। 'তাহার গোটাতক স্থূল স্থূল চিহ্ন পাওয়া যায়।' *বঙ্কিম*, ১৮৮৭।

গোটা[২] *বি* ব্যক্তি। *মানোএল*, ১৭৪৩।

গোটানাল [গোটা+স নাল] *বি* গাঁজলা। 'বালিশটা ময়লা তাতে তোমার গোটানালে রাতদিন রসবতী।' *দীনবন্ধু*, ১৮৭২।

গোটী [স একটি] *বিণ* একটি। 'বেরল পাটর গোটী সভা করে।' *রামাই*, ১৭১০।

গোটো করা *ক্রি* গোটানো। 'পা গোটো করিয়া ঝুপ করিয়া পড়িয়া যাইত।' *বঙ্কিম*, ১৮৭৮।

গোঠ [স গোষ্ঠ] **১** *বি* গবাদি পশু বিচরণের মাঠ। 'সকল গোঠ মেলাইবো।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* গোয়াল। 'গোঠে ধায় গরু।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৩** *বি* দল। 'ব্যবস্থা পরিষদের কয়েকজন ... একটা গোঠ গঠন করার জন্য।' *আজাদ*, ১৯৪২।

গোঠচারী [স গোষ্ঠচারী] *বিণ* গোচারণভূমিতে বিচরণকারী। 'মাধব বংশীধারী বনোয়ারি গোঠচারী।' *নজরুল*, ১৯৩২।

গোঠা [স শুষ্ক] *বি* গোড়ালি। 'তৃতীয়াত রহে চন্দ্র পাএর গোঠাত।' *সুলতান*, ১৭০০।

গোড়া *বি* গালিবিশেষ; গুয়োটা। 'গোড়ার নীলি কল্লে কি।' *দীনবন্ধু*, ১৮৬০।

গোড়িম [স গুদ+স ডিম্ব] *বি* শিশুর জন্মের পর থেকে ছয় মাস বয়স পর্যন্ত কাল। 'গোড়িম ভাঙ্গেনি যবে উঠে নাই গোঁপ।' *গুপ্ত*, ১৮৫৮।

গোড়িমওয়ালা [স গুদ+স ডিম্ব+হি ওয়ালা] *বিণ* অতি ছোটো। 'কতক গুলো গোড়িমওয়ালা ছেলে ন্যাংটা দাঁড়িয়ে রয়েছে।' *হুতোম*, ১৮৬১।

গোড় [স ঘুট] *বি* পা; চরণ। 'জুতা গোড়ে প্রাণ যায় করে হেই ঢেই।' *গুপ্ত*, ১৮৫৮।

গোড়তলা [স ঘুট+স তল>] *বিণ* উঁচু গোড়ালি লাগানো। 'গোড়তলা জুতা।' *রবীন্দ্র*, ১৯০৮।

গোড়তোলা [স ঘুট+স তুল্>] *বিণ* উঁচু গোড়ালিযুক্ত। 'কালাচর্ম্মের পাদুকা ফিতেবাঁধা গোড়তোলা মাথানেড়া বোঁচা সকল পায়ে দেন।' *ভবানী*, ১৮২৩।

গোড়মুড়া [স ঘুট+স মুণ্ড] *বি* গোড়ালি। *মানোএল*, ১৭৪৩।

গোড়া[১] [স ঘুট>] *ক্রি* অনুসরণ করা। 'দেখিয়াত গোবিন্দাই পশ্চাত গোড়াই।' *মালাধর*, ১৫০০। **গোড়াএ** *ক্রি* অনুসরণ করে। 'জনম হইআ ঠাকুরাণী পাছুতে গোড়াএ।' *রামাই*, ১৭১০। **গোড়ায়্যা** *ক্রি* পদ্ধিরে। 'যৌবন গোড়ায়্যা গেল।' *মুকুন্দ*, ১৬০০।

গোড়া[২] [স শুষ্ক] **১** *বি* পাদদেশ। 'চেতন্যের গোড়া।' *মানোএল*, ১৭৪৩। **২** *বি* মূল। 'ভাই বন্ধু দারাসুত কেবল মাত্র মায়ার গোড়া।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৩** *বি* উৎস। 'সেই খালের গোড়া অবধি একটা নূতন খাল কাটিবার নিমিত্ত।' *দর্পণ*, ১৮১৮। **৪** *বি* ভিত্তি। 'উদ্ভ মানুষ জগতের মূল গোড়া হয়।' *লালন*, ১৮৯০। **৫** *বি* সূচনা। 'আমাদের য়ুনিভার্সিটি গোড়াতেই বিদেশের নকল।' *রবীন্দ্র*, ১৯০৫। **৬** *ক্রিবিণ* সর্বপ্রথম। 'গোড়ায় তোমরা যেটা বলে দিয়েছিলে।' *রবীন্দ্র*, ১৯১১।

গোড়াকার [গোড়া+স কার] *বিণ* শুরুর দিকের। 'কতকগুলি গোড়াকার কথা স্পষ্টরূপে ভাবিয়া লইতে হইবে।' *রবীন্দ্র*, ১৯০৫।

গোড়া কেটে আগায় জল – কারও বড়ো রকমের ক্ষতি করে পরে কপট সহৃদয়তা দেখিয়ে উপকারের চেষ্টা। 'আর গোড়া কেটে আগায় জল কেন? সুনাম খুয়েছি।' *গিরিশ*, ১৮৮৯।

গোড়াগুড়ি [গোড়া>] *ক্রিবিণ* সবসময়ে। 'গোড়াগুড়িই বলছিলুম কায়স্থর পো'কে বলতে দাও।' *রবীন্দ্র*, ১৮৮৯।

গোড়াঘাট [গোড়া+ঘাট] **১** *বি* সূচনা। 'বক্তার গোড়াঘাটেও সে ভুল করে ফেলেছে।' *জীবন*, ১৯৩২। **২** *বি* ভিত্তিমূল। 'নিঃস্বার্থতা, ত্যাগশীলতা এবং আত্মসংযম ধর্মের গোড়াঘাট।' *ওয়ালী*, ১৯৬৪।

গোড়াপত্তন [গোড়া+স পত্তন] *বি* সূচনা। 'স্বদেশীয়তার গোড়াপত্তন ঐখানেই।' *প্রমথ*, ১৯০৫।

গোড়া ফাঁদা *ক্রি* ভিত নির্মাণ করা। 'এমন করিয়া গোড়া ফাঁদিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

গোড়ায় *ক্রিবিণ* শুরুতে। 'সেই জন্যে গোড়ায় চেষ্টা করতেই ভয় হয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গোড়ায় গলদ – শুরুতেই ভুল। 'গোড়ায় গলদ।' *রবীন্দ্র*, ১৮৯২; 'গোড়ায় গলদ থাকবার দরুন, ইংরেজের হাতগড়া জিনিস প্রায়ই আর্টিস্টিক হয় না।' *প্রমথ*, ১৯০৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গোড়ার গলদ *বি* প্রারম্ভিক ভুল। 'এই গোড়ার গলদ দূর করার জন্য আজ যত্নশীল হওয়ার প্রয়োজন।' *আজাদ*, ১৯৫৯।

গোড়াসুদ্ধ [গোড়া+স ওদ্ধা] *ক্রিবিণ* গাছের শিকড়সহ। 'গোড়াসুদ্ধ ও গাড়ে অমনি।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গোড়ে গোড় *বি* পদান্ত অনুসরণ। 'মেজো বউ মন্দ নয় সেই গোড়ে গোড়।' *গুপ্ত*, ১৮৫৮।

গোড়ানো *ক্রি* পিছু পিছু যাওয়া। 'কৃষ্ণপ্রেমে প্রতিষ্ঠা সঙ্গে চলে গোড়াইয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গোড়ালি [স গুল্ফ] *বি* পায়ের পাতার পেছনের অংশ। 'কেমনে লাগিল গায়ে গোড়ালির পানি।' *কেতকা*, ১৬৫০।

গোড়ি [গোড়া] *বি* মূল; শিকড়। 'সভা করে গোড়ি বসে থরে থর।' *রামাই*, ১৭১০।

গোড়ে [গড়িয়া (স্থাননাম)>] *বি* সুন্দর করে গাঁথা ফুলের মালা। 'কব্জিতে গোড়ে, গোঁফে আতর।' *মুজতবা*, ১৯৪৯।

গোড়েমালা [গড়িয়া (স্থাননাম)+স মালা] *বি* সুন্দর করে গাঁথা ফুলের মোটা মালা। 'হস্তে একটা গোড়েমালা দিয়া ভগিনীরা তাহাকে টানাটানি করিল।' *রবীন্দ্র*, ১৮৯৮।

গোণ [স গুণ] *বি* গুণ। 'রূপ গোণ জৌবন জে রসেত পুরিয়া।' *মালাধর*, ১৫০০।

গোণা [ফা] *বি* পাপ। 'ফেরেশতা করিল কোন গোণা।' *গরীব*, ১৭৬৫।

গোণাগার [ফা] *বিণ* পাপী। 'না হক এ বাত কৈয়া হও গোণাগার।' *গরীব*, ১৭৬৫।

গোণ্ডা [মু গণ্ডা] *বিণ* গণনার একক; গণ্ডা। 'অস্ত্র তুলে কত গোণ্ডা, কেহ আনে লুচি মোণ্ডা।' *গুপ্ত*, ১৮৫৮।

গোত [গোত্র] *বি* গোত্র; গোষ্ঠী। 'তার গোত মুণ্ডিলেক আহ্মার গোষ্ঠীত।' *বড়ু*, ১৪৫০।

গোতর [স গোত্র] *বি* গোত্র। 'তাদের গোতর করে পাছে রাখে ধর‍্যা।' *মানিকরাম*, ১৭৮১।

গোত্তা [আ গুত্তাহ্] *বি* আঘাত। **গোত্তা খাওয়া** *ক্রি* আঘাত পাওয়া। 'বেয়াড়া ঘুড়ির মত গোত্তা খেয়ে সেদিকে টুঁ দিলুম।' *মুজতবা*, ১৯৪৯।

গোত্র [স] *বি* বংশ। 'দুর্বারিষি গোত্র বটে কুলের প্রধান।' *মুকুন্দ*, ১৬০০।

গোত্রছাড়া *বিণ* গোষ্ঠী-বহির্ভূত। 'সে দলছাড়া, গোত্রছাড়া জীব।' *মোতাহের*, ১৯৫০।

গোত্রজ [স] *বিণ* গোত্রভুক্ত। 'পিকিং থেকে প্যারিস পর্যন্ত মানুষমাত্রই এক গোত্রজ।' *প্রমথ*, ১৯৩০।

গোত্রজাত [স] *বিণ* বংশজাত। 'এবং ঐ সকল গোত্রজাত ...।' *রামনারায়ণ*, ১৮৫৪।

গোত্রদেবতা [স] *বি* গোত্রের অধিষ্ঠাত্রী দেবতা। 'গোত্রদেবতা গর্ভে পুঁতিয়া/ এশিয়া মিলাল শাক্যমুনি।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

গোত্রপ্রীতি [স] *বি* গোষ্ঠীর প্রতি টান। 'গোত্রপ্রীতির প্রভাব এখনও প্রত্যেক রাষ্ট্রে গভীরভাবে অনুভূত হয়।' *ওয়াজেদ*, ১৯৪৩।

গোত্রবন্ধন [স] *বি* জ্ঞাতিত্ব। 'বললাভের জন্য বৃহৎ জ্ঞাতিবন্ধন বা গোত্রবন্ধন ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

গোত্রভিৎ [স] *বি* ইন্দ্র। 'গুরুড়ে গরুড়ধ্বজ গোত্রভিৎ গজে।' *মানিকরাম*, ১৭৮১।

গোত্রভুক্ত [স] *বি* গোত্রের অন্তর্ভুক্ত। 'সেমীয়, নিগ্রো প্রভৃতি নানা গোত্রভুক্ত মানবের রক্ত-সংমিশ্রণজাত এক বিচিত্র জনসমষ্টি।' *এনামুল*, ১৯৫৫।

গোত্রহীন [স] *বিণ* প্রজাতি খুঁজে পাওয়া যায় না এমন। 'নামগোত্রহীন রূপহীন ... কাঁটাগাছের ফুল।' *বিভূতি*, ১৯৩৮।

গোত্রাদি, গোত্রাদী [স] *বি* গোত্র ইত্যাদি; একই গোত্রের লোক। 'তাহার জ্ঞাতি গোত্রাদী শ্রাদ্ধাদীকারি কিম্বা ধনাধিকারী কেহ।' *ওসা*, ১৭৮৪; 'তাহার শ্রীশ্রী প্রাপ্তী হইলে তাহার জ্ঞাতি গোত্রাদি ...।' *ওসা*, ১৭৮২।

গোত্রিক [স] *বিণ* গোত্রকেন্দ্রিক। 'ধ্বনিগুলোর অর্থবহতা একান্তভাবে স্থানিক বা গোত্রিক চুক্তিনির্ভর।' *শরীফ*, ১৯৬৮।

গোত্রীয় [স] ১ *বিণ* গোষ্ঠীগত। 'উন্নতশীল রাষ্ট্রে কোনরূপ গোত্রীয় ঐক্য নাই।' *ওয়াজেদ*, ১৯৪৩। ২ *বিণ* গোত্রের অন্তর্ভুক্ত। 'কলকাতায় বাঙালী রান্নার রেস্তোরাঁ অনুসন্ধান এই একই গোত্রীয়।' *মুজতবা*, ১৯৫৮।

গোত্রোদ্ভব [স] *বিণ* গোত্রে জন্মগ্রহণ করেছে এমন। 'শ্রীহর্ষ ভরদ্বাজ গোত্রোদ্ভব।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

গোদ [স] *বি* রসে পা ফুলে যাওয়ার রোগবিশেষ। 'গোদে তৈল দিতে কত তুলিব নেকার।' *মুকুন্দ*, ১৬০০।

গোদা [স গোদ>] ১ *বিণ* গোদরোগে আক্রান্ত। 'আর জুবতি বলে সেই গোদা মোর পতি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* গোদ বিশিষ্ট পা। *ওসা*, ১৭৮৫।

গোদের উপর বিষফোঁড়া – বিপদের উপর বিপদ। 'যেন গোদের উপর বিষফোঁড়া।' *গুপ্ত*, ১৮৫৮।

গোদাগা [স গো+ফা দাগ>] *বি* হাতুড়ে পশুচিকিৎসক। 'উলো অঞ্চলে মড়ক হওয়াতে অনেক গোদাগাও বিলক্ষণ সঙ্গতি করে নেছেন।' *হুতোম*, ১৮৬১।

গোদান দ্র গো[২]

গোদাবরী [স] *বি* দক্ষিণ ভারতের একটি নদী। 'যাইবোঁ বারাণসী কিবা গোদাবরী।' *বড়ু*, ১৪৫০।

গোদাম [প গুদাঙ] *বি* গুদাম। *এডমন*, ১৭৯৩।

গোদুগ্ধ দ্র গো[২]

গোধড়ি [স গোধূলি] *বি* গোধূলি। *মানোএল*, ১৭৪৩।

গোধন দ্র গো[১]

গোধা [স] *বি* গোধিকা; গুঁইসাপ। 'সসক সৈলক গোধা নকুল শৃগাল।' *মুকুন্দ*, ১৬০০।

গোধিকা [স] ১ *বি* গুঁইসাপ। 'লোন কিছু দিবে বাড়া নেউল গোধিকা পোড়া।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* উত্তর-পশ্চিম আকাশে জানুয়ারি মাসে দেখতে পাওয়া গুঁইসাপ সদৃশ তারকামণ্ডলী। 'কিছুকাল পূর্বে লার্সেটা অর্থাৎ গোধিকা নামধারী নক্ষত্ররাশির কাছে ... জ্বলে উঠল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গোধুম, গোধূম [ফা গনদুম] *বি* গম। 'গোধূম খুড়্যা মুগ মাষ মাড়ুয়্যা তিল যব আন্যাছি ছোলা।' *মুকুন্দ*, ১৬০০।

গোধূমাদি চূর্ণ [ফা গনদুম+স আদি+স চূর্ণ] *বি* আটা বা ময়দা। 'গ্রামের যত তণ্ডুল দালি গোধূমাদি চূর্ণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গোধূমভোজী [ফা গনদুম+স ভোজী] *বি* গম বা তা থেকে উৎপন্ন দ্রব্যাদি খায় এমন ব্যক্তি। 'গোধূমভোজীদিগের শরীর অধিক বলবান।' *বঙ্কিম*, ১৮৮৭।

গোধূমাদি [ফা গনদুম+স আদি] *বি* গম ও অন্যান্য শস্য। 'পৃথিবীতে ধান্য গোধূমাদি শস্য জন্মে।' *অক্ষয়*, ১৮৪৯।

গোধূলি [স] **১** *বি* সূর্যাস্তের কাল। 'জব গোধূলি সময় বেলি/ ধনি মন্দির বাহর ভেলি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* গোরুর পায়ের আঘাতে উড়ন্ত ধূলি। 'দূরতীরে মাঠ ধূসর গোধূলিধূলিময়।' *রবীন্দ্র*, ১৯০১। **৩** *বিণ* গোধূলিকালীন। 'গোধূলি গগন মেঘে ঢেকেছিল তারা।' *রবীন্দ্র*, ১৯৩৮। **৪** *বি* শেষবেলা। 'ধূসর জীবনের গোধূলিতে ক্লান্ত মলিন যেই স্মৃতি।' *রবীন্দ্র*, ১৯৩৯।

গোধূলি-অন্ধকার [স] *বি* গোধূলিকালীন অন্ধকার। 'শূন্যঘর গোধূলি-অন্ধকারে পুরীর প্রান্তে অতিথি আসিনু দ্বারে।' *রবীন্দ্র*, ১৯৩২।

গোধূলি-আলো *বি* গোধূলিকালীন আলো। 'গোধূলি-আলো, যেথা হতে নামে পুরী-পরে শ্রাবণের সায়াহ্নযূথিকা।' *রবীন্দ্র*, ১৯০০।

গোধূলি-ছায়ে *ক্রিবিণ* গোধূলির ছায়ায়। 'গোধূলি-ছায়ে হল বিলীন।' *রবীন্দ্র*, ১৯৩০।

গোধূলি-ধূসর [স] *বিণ* সন্ধ্যাবেলার মতো ছাই রংবিশিষ্ট। 'আরক্তিম গোলাবের পাপড়িতে, গোধূলি-ধূসর।' *ফররুখ*, ১৯৬৩।

গোধূলি-নিকেতন [স] *বি* গোধূলির আবাস। 'এইরূপে সায়াহ্নের কোলে রচেছি গোধূলি-নিকেতন।' *রবীন্দ্র*, ১৮৮৩।

গোধূলিবেলা [স] *বি* সন্ধ্যাবেলা। 'গোধূলিবেলায় তখনো জ্বলেনি দীপ।' *রবীন্দ্র*, ১৯০০।

গোধূলি-মদির [স] *বিণ* সন্ধ্যার আলোছায়াময় পরিবেশে বিভোর। 'পাড়াগাঁর বাসরঘরে সবচেয়ে গোধূলি-মদির মেয়েটির মতো।' *জীবন*, ১৯৪২।

গোধূলিরাগ [স] *বি* সূর্যাস্তকালীন রং। 'শেষ বয়সের পথে বেরিয়ে গোধূলিরাগে রাঙা আলোতে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

গোধূলি-রেণু [স] *বি* গোরুর পাল ঘরে ফেরার সময়ে খুরের আঘাতে উড়ানো ধূলি। 'অঙ্গে গোধূলি-রেণু কটি তটে বেত্র বেণু।' *মুকুন্দ*, ১৬০০।

গোধূলি-লগন *বি* গোধূলির সময়। 'প্রেয়সীর মুখ কত রূপে রূপে জন্মে জন্মে, নামহারা নক্ষত্রের গোধূলি-লগনে।' *রবীন্দ্র*, ১৯১৬।

গোধূলি-লগ্ন [স] *বি* সন্ধ্যাবেলা। 'এক গোধূলি-লগ্নে সদ্যস্নাতা আলুলায়িতা-কেশা।' *নজরুল*, ১৯২৭।

গোন [স গুণ] *বি* গুণ। 'কি কহিব রূপ গোন লাবন্যের উর।' *মালাধর*, ১৫০০।

গোনজায়েশ [ফা গুঞ্জাইশ] *বি* অবকাশ। 'এই বিষয়ে তর্ক-তক্‌রারের গোনজায়েশ নাই।' *মাহেনও*, ১৯৪৯।

গোনষ [স গোনস] *বি* একজাতীয় বড়ো সাপ। 'লিখিল কালিয়হ্রদে ভুজঙ্গমগণ/ গোনষ খরিষ কাণী উড জ্বার ফণ।' *মুকুন্দ*, ১৬০০।

গোনা[১] [স গণনা>] **১** *ক্রি* ভাগ্য গণনা করা। 'তিনি মহিলাদের হাত দেখে গুনতে আরম্ভ করলেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *ক্রি* পরীক্ষা করা। 'তারগুলি তার দেখছে গুনে সকল লোকে।' *রবীন্দ্র*, ১৯২৩।

গোনাগাঁটা [স গণনা>] *বিণ* কাঁটায় কাঁটায় হিসাব করা হয়েছে এমন। 'একেবারে গোনাগাঁটা তিন তিনটে বছর।' *জীবন*, ১৯৩১।

গোনাপড়া [স গণনা>+পড়া] *বি* ভাগ্য গণনা। 'আপনারা গোনাপড়া করাইবেন?' *জসীম*, ১৯৬০।

গোনা[২] [ফা গুনাহ] *বি* পাপ। 'আমাদের গোনা হবে।' *শিখা*, ১৯২৬: 'সাজু বলেই ডাকে সবে, নাম নিতে যে গোনা।' *জসীম*, ১৯২৯।

গোনাগারি [ফা গুনাহ্‌গারী] *বি* পাপী। 'গোনাগারির লাগি দোওয়া করা হরেক মুসলমানের উচিত।' *মনসুর*, ১৯৫৩।

গোনাহ [ফা গুনাহ] *বি* পাপ। 'বড় গোনাহের কার্যগুলিকে বন্ধ করিতে পারে না।' *হেদায়েৎ*, ১৯২৬।

গোনাহগার [ফা গুনাহ্‌গার] *বিণ* অপরাধী। 'আমাকে গোনাহগার করবেন না, হুজুর!' *ইমদাদুল*, ১৯২০।

গোনাগুষ্ঠি [স গণগোষ্ঠী] *বি* আত্মীয় পরিজন। 'কি বলছ, তুমি তার গোনাগুষ্ঠি খাইয়ে পরিয়ে রাখছ।' *প্রমথ*, ১৯১৮।

গোনীবন্ধ [ই গানি+স বন্ধ] *বিণ* বস্তাবন্দী। 'তাহাদিগকে গোনীবন্ধ করিয়া জলমগ্ন করে।' *অক্ষয়*, ১৮৫০।

গোন্দ *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'গোন্দেরা দ্রাবিড়ী বটে।' *বঙ্কিম*, ১৮৯২।

গোন্দম [ফা গনদুম] *বি* গম। 'গোন্দম রঙের ভোলী ভোলী পেয়ারী সুরত দেখিয়াছি।' *রোকেয়া*, ১৯৩০।

গোপ[১] [স] **১** *বি* গোরক্ষক সম্প্রদায়বিশেষ; গোয়ালা। 'সব গোপ যার মান ধরে।' *বড়ু*, ১৪৫০; 'নন্দ আদি গোপ নাচে উভ বাহু করি।' *মালাধর*, ১৫০০। **২** *বি* হিন্দু পদবি-বিশেষ। 'মাখন মণ্ডল, গণেশ গোপ প্রভৃতি।' *তারা*, ১৯৪২।

গোপকুমার [স] *বি* গোয়ালার সন্তান। 'আর যত ছিল গোপকুমার।' *বড়ু*, ১৪৫০।

গোপ-কোঙারি [স গোপকুমারী] *বি* গোপ সম্প্রদায়ের কন্যা। 'ডাকে প্রেম-সাধিকা আজও শত রাধিকা গোপ-কোঙারি।' *নজরুল*, ১৯৩২।

গোপগণ [স] *বি* গোয়ালাগণ। 'লবণিএা দিল লোন ঘৃত দধি গোপগণ বান্যা দেই ভাঙ্গের পুটুলি।' *মুকুন্দ*, ১৬০০।

গোপগোপী [স, সমাসে ই-কার] *বি* গোয়ালা-গোয়ালিনি। 'আনন্দিত হৈয়া রহে গোপগোপিগন।' *মালাধর*, ১৫০০।

গোপজাতি [স] *বি* গোয়ালা সম্প্রদায়। 'গোপজাতি আমরা অরণ্যে করি ঘর।' *মালাধর*, ১৫০০।

গোপ-ঝিয়ারি [স গোপদুহিতা] *বি* গোপকন্যা। 'এলে শ্যাম বংশীধারী/ গোপনের গোপ-ঝিয়ারি।' *নজরুল*, ১৯২৮।

গোপনারি [স গোপনারী] *বি* গোয়ালিনি। 'উদ্ধব পাঠায়া সান্ত কৈল গোপনারি।' *মালাধর*, ১৫০০।

গোপনারী [স] *বি* গোয়ালিনি। 'তোর ফুল তুলী লৈল সব গোপনারী।' *বড়ু*, ১৪৫০।

গোপবধূ [স গোপবধূ] *বি* গোপনারী। 'এ সব গোপবধূজন লঞাঁ।' *বড়ু*, ১৪৫০।

গোপ-বধূ [স] *বি* গোপনারী। 'মঞ্জাইলা গোপ-বধূ-ব্রজ বাজায়ে বাঁশরী।' *মাইকেল*, ১৮৬২

গোপবালক [স] *বি* গোয়ালা কিশোর; কৃষ্ণ। 'আমি কোনো জন্মে পারি হতে ব্রজের গোপবালক।' *রবীন্দ্র*, ১৯০০।

গোপবেশ [স] *বি* রাখালের বেশ। 'পারিষদগণে দেখি সব গোপবেশ/ কৃষ্ণ কৃষ্ণ কহে সবে সপ্রেম আবেশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

AMARBOI.COM

গোপযুবতী [স] *বি* গোপনারী। 'হেনই সম্ভেদে সব গোপযুবতী।' *বড়ু*, ১৪৫০।

গোপরামা [স] *বি* গোপপত্নী। 'সরেস্বতি গোপরামা রসেতে চতুর।' *মালাধর*, ১৫০০।

গোপরূপ [স] *বি* গোয়ালার বেশ। 'আছি গোপরূপ ধরী।' *বড়ু*, ১৪৫০।

গোপসুতা [স] *বি* গোয়ালার কন্যা। 'গোপসুতা গুণময়ী গোপালভগিনী।' *মুকুন্দ*, ১৬০০।

গোপস্বামী [স] *বি* গোরুর মালিক: গোয়ালা। 'গোপস্বামী ও তস্কর।' *বঙ্কিম*, ১৮৭৫।

গোপহার [স] *বি* গলার অলংকারবিশেষ। 'গোপহার সরস্বতীহার সাতনরীও তার গলায় ওতপ্রোতভাবে দেওয়া হয়েছিল।' *প্রমথ*, ১৯৪০।

গোপাঙ্গনা [স গোপ-অঙ্গনা] *বি* গোয়ালা নারী; গোপনারী। 'ঘাটে গোপাঙ্গনা ডরে কাঁপে।' *রবীন্দ্র*, ১৯০০।

গোপালয় [স] *বি* গোয়ালঘর। 'নরকতুল্য ন্যক্কারজনক গোপালয়, গৃহ সমুদায়ের অপ্রশস্ততা ও অসচ্ছলতা ...।' *অক্ষয়*, ১৮৪৯।

গোপ[১] [স গোপন] *বিণ* গোপন। 'যেহ্ন তোহ্মে গোপ কথা করহ বিকাশ।' *বড়ু*, ১৪৫০।

গোপ[২] [স গুফ] *বি* গোঁফ। 'লম্প লম্প করে গোপ দাড়ি।' *বিজয়*, ১৬৫০।

গোপত [স গুপ্ত] *বিণ* গুপ্ত; লুক্কায়িত। 'গোপত কাজত কাহ্নাঞি ছয় আখি বারী।' *বড়ু*, ১৪৫০।

গোপন [স] **১** *বিণ* লুক্কায়িত; গুপ্ত। 'বালক এক কুটীনীর দ্বারা গোপনে খোজেস্তার নিকট বাক্য প্রেরণ করিলেন।' *চণ্ডীচরণ*, ১৮০৭। **২** *বিণ* অপ্রকাশিত। 'তাঁহাদিগের যে প্রসিদ্ধ অনাদর আছে, তাঁহা আর গোপন রাখিতেও যত্ন করিলেন না।' *অক্ষয়*, ১৮৪৮। **৩** *বিণ* অপরিজ্ঞাত; অনবগত। 'ব্যবস্থাপকেরা বিচারস্থলে ... নিগূঢ় অভিপ্রায় গোপন করিয়া রাখেন।' *অক্ষয়*, ১৮৫১। **৪** *বিণ* অব্যক্ত। 'কোন বিষয়ই তাঁহার নিকট গোপন রাখিবার বিধয় নয়। *অক্ষয়*, ১৮৫৫। **৫** *বিণ* সংরক্ষিত। 'দুয়ার রুধিয়া রেখেছিনু তারে গোপন ঘরে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গোপনকারিণী [স] *বিণ স্ত্রী* গোপনকারী। 'সেই চিঠি গোপনকারিণী বৌদির কাছে।' *সুকান্ত*, ১৯৪২।

গোপনকারী [স] *বিণ* লুকিয়ে রেখেছে এমন। 'বড়ো বড়ো লোককে মিথ্যুক, প্রবঞ্চক, সত্যগোপনকারী বলা ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

গোপনগুহা [স] *বি* গুপ্ত গহ্বর। 'যে সুর গোপনগুহা হতে ছুটে আসে আকুল স্রোতে।' *রবীন্দ্র*, ১৯২৪।

গোপনচর [স] *বিণ* গুপ্তচর। 'যে ছিল গোপনচর/ জীবনের অন্তরতর।' *রবীন্দ্র*, ১৯০৯।

গোপনচারিণী [স] **১** *বিণ স্ত্রী* অন্তর্মুখী স্বভাববিশিষ্ট। 'অস্বাভাবিক রকমের গোপনচারিণী ছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৯। **২** *বি স্ত্রী* মনের গোপনে বিচরণকারী। 'গোপনচারিণী মোর, লো চির-প্রেয়সী।' *নজরুল*, ১৯২৮।

গোপনচারী [স] *বি* গোপনে বিচরণকারী। 'বিনা আদেশে পূজা, হে গোপনচারী।' *রবীন্দ্র*, ১৯০১।

গোপনতম [স] **১** *বিণ* অত্যন্ত গোপনে আছে এমন। 'আমার গোপনতম কে যেন ... নিশ্চুপ থাকতে আদেশ করে।' *নজরুল*, ১৯২৬। **২** *বিণ* গভীরতম। 'তার গোপনতম কোণে কোণে ... আবর্জনা পুঞ্জীভূত হয়ে উঠেছে।' *নজরুল*, ১৯৩৬।

গোপনতা [স] **১** *বি* রহস্যময়তা। 'একটি নীরব গোপনতা আমার মধ্যে স্থিরভাবে বিরাজ করছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **২** *বি* গোপনীয়তা। 'এখন গোপনতার উৎসাহ তাহার চলিয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯০১। **৩** *বি* লুকোছাপা। 'গবর্নমেন্টের নিরতিশয় শঠকারিতা ও একান্ত গোপনতা পরম দুঃখের বিষয় হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

গোপনতাপ্রিয় [স] *বিণ* গোপন রাখতে ভালোবাসে এমন। 'গোপনতাপ্রিয় সাবধানী মতিবাবু।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গোপনত্ব [স] *বি* গোপনীয়তা। 'তবু তার গোপনত্ব ঘোচেনি।' *নরেন্দ্র*, ১৯৫০।

গোপনবাসী [স] *বি* আড়ালে অবস্থানকারী জন। 'কোন গোপনবাসীর কান্নাহাসির গোপন কথা।' *রবীন্দ্র*, ১৯২২।

গোপনভার [স] *বি* গোপন বেদনা। 'আজ অপমানের গোপনভারে আক্রান্তহৃদয় হইয়া কমলা চুপ করিয়া তরকারি কুটিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০৬।

গোপনমর্মদাহিনী [স] *বিণ স্ত্রী* নিভৃতে মনকে পোড়ায় এমন। 'অতৃপ্ত যত মহৎ বাসনা/ গোপনমর্মদাহিনী।' *রবীন্দ্র*, ১৮৯০।

গোপনমিলন [স] *বি* অভিসার। 'বাঁশঝাড়ের মধ্যে ক্ষুদ্র খোলা স্থানে তাঁদের গোপনমিলন হয়।' *ওয়ালী*, ১৯৬৪।

গোপনলোক [স] *বি* অজানা ভুবন। 'আজ নিবাস যার গোপনলোক।' *সত্যেন্দ্র*, ১৯১২।

গোপনসঞ্চার [স] *বি* গোপন চলাচল। 'অমনি চলে যেতো নাকো গোপনসঞ্চারে।' *রবীন্দ্র*, ১৯১৫।

গোপনীয় [স] **১** *বিণ* অপ্রকাশ্য। 'তোমার কাছে কোনও কথাই গোপনীয় নাই।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* সংরক্ষণীয়। 'যদিও ঐ স্থান অতি গোপনীয় বটে।' *অক্ষয়*, ১৮৪৯।

গোপনীয়তা [স] *বি* অপ্রকাশ্যতা। 'গঠনশালার গোপনীয়তা নষ্ট করিয়া কতগুলি কুগঠিত কাঠ-খড়-বাহির-করা অসম্পূর্ণ বিরূপ মূর্তি ...।' *রবীন্দ্র*, ১৮৮৪; 'গোপনীয়তার ছায়া মাড়াতে চাইল না।' *জীবন*, ১৯৪৮।

গোপনে [স] **১** *ক্রিবিণ* একান্তে। 'দূত রাজা আজ্ঞা পাইয়া বালককে গোপনে লইয়া ...।' *চণ্ডীচরণ*, ১৮০৫। **২** *ক্রিবিণ* চুপিসারে। 'নিরপরাধে গোপনে গুপ্তহস্তা দ্বারা ... হত্যা করিল।' *মশাররফ*, ১৯০৮।

গোপনে গোপনে *ক্রিবিণ* চুপিসারে। 'মনের তলায় তলায় অতি গোপনে গোপনে ... একটি ভাবনাস্রোত সকলেরই মনে বহিতে লাগিল।' *হরপ্রসাদ*, ১৮৮১।

গোপথ [স গুপ্ত] *বি* গুপ্ত পথ। 'গোপথে আইসে যদি অন্তরিক্ষ গতি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গোপা [স গোপন>] *ক্রি* গোপন করা। 'গোপিলে এ সব কথা প্রাণ যেন ফাটে।' *মাইকেল*, ১৮৬১।

গোপাঙ্গনা দ্র গোপ[১]

গো-পাদপ [স] *বি* একপ্রকার গাছ। 'আমেরিকার দক্ষিণখণ্ডে গো-পাদপ নামে একপ্রকার বৃক্ষ জন্মে।' *অক্ষয়*, ১৮৫০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গোপাল [স] *বি* রাখাল। 'আবাল গোপাল না কর জঞ্জাল।' *বড়ু*, ১৪৫০; 'উঠপুত্র আবাল গোপাল।' *মালাধর*, ১৫০০।

গোপাল-কাছা [স গোপাল+কাছা] *বিণ* গোপালের ন্যায় কাছাবিহীন। 'উলঝলুল প্রায় গোপাল-কাছা হইয়া চিৎপটাং দিয়া শুইয়া।' *নজরুল*, ১৯৩১।

গোপালপুরী নৌকা *বি* এক ধরনের নৌকা। 'গোপালপুরী নৌকা আসছে।' *ওয়ালী*, ১৯৪৫।

গোপালয় দ্র গোপ[১]

গোপি [স গোপী] *বি* গোপবধূ। 'সোলহ সহস গোপি মহ রাণি। পাট মহাদেবি করবি হে আনি।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'গোপি লইয়া বৃন্দাবনে করিল বেহার।' *মালাধর*, ১৫০০।

গোপিকা [স] *বি* গোপনারী। 'বস্ত্র অলঙ্কার দিয়া গোপিকা তুসিল।' *মালাধর*, ১৫০০।

গোপিনি [স গোপিনী] *বি* গোপনারী। 'বিদ্যুতের য্যোতি জিনি গোপিনি সুন্দর।' *মালাধর*, ১৫০০।

গোপিনী [স] *বি* গোপনারী। 'মিছা করি দান সাধি রাখিতা গোপিনী।' *বৃন্দা*, ১৫৮০।

গোপিনীদল [স] *বি* গোপনারীদের দল। 'শোকিনী গোপিনীদল, যমুনা-পুলিনে।' *মাইকেল*, ১৮৬০।

গোপী [স] *বি* গোপনারী। 'সব গোপী লআঁ রাধা করি বিমরিষে।' *বড়ু*, ১৪৫০।

গোপীগণ [স] *বি* গোপনারীগণ। 'সকল গোপীগণে মিলিআঁ বুইল গিআঁ।' *বড়ু*, ১৪৫০।

গোপীচন্দন [স] *বি* হিন্দুদেবতা কৃষ্ণের লীলাস্থল বৃন্দাবনের পীত মাটি। 'গোপীচন্দন গন্ধ মুখে এর বরণ সোনার চাঁদ চুমা।' *নজরুল*, ১৯৩০।

গোপীজন [স] *বি* গোপনারীগণ। 'তোর কুবচন সব গোপীজন কহে।' *বড়ু*, ১৪৫০।

গোপীভাববর্য্য [স] *বিণ* সখীভূই প্রধান এমন। 'কৃষ্ণসুখে তাৎপর্য্য গোপীভাববর্য্য।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গোপীরঞ্জন [স] *বি* হিন্দুদেবতা কৃষ্ণের নামবিশেষ। 'সব গোপীরঞ্জন কাহ্নাঞি।' *বড়ু*, ১৪৫০।

গোপীসমাজ [স] *বি* গোপনারীগণ। 'বিলসিবোঁ গোপীসমাজে।' *বড়ু*, ১৪৫০।

গোপুর *বি* মন্দির-দ্বার। 'জনশূন্য উন্মুখ গোপুর।' *সুধীন্দ্র*, ১৯৩৮।

গোপ্ত [স গুপ্ত] **১** *বিণ* গোপনীয়। 'এ গোপ্ত বস্তু তোহ্মার রাখিলা যার মনে।' *আলাওল*, ১৬৮০। **২** *বিণ* আবৃত। 'বানরে দেখিল তোহ্মা গোপ্ত এ সরির।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গোপ্তচর [স গুপ্তচর] *বি* গুপ্তচর। 'বিদুরে পাঠায় গোপ্তচর একজন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গোপ্তবেশ [স গুপ্তবেশ] *বি* ছদ্মবেশ। 'গোপ্তবেশ মুকুত কেশ।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গোপ্তে *ক্রিবিণ* গোপনে। 'বুলিলা মোহোর সুতা গোপ্তে বিহা কৈলা।' *সুলতান*, ১৭০০।

গোপ্পা, গোপ্পা [স জল্প>] *বি* আজগুবি কল্পকাহিনি বলে বেড়ায় যে। 'গোপ্পাকে লইয়া পাড়ার লোকের হাসি-তামাশার আর শেষ নাই।' *জসীম*, ১৯৬০।

গোপ্য [স] *বি* গোপন কথা। 'রাধার গোপ্য রাখিল সুবুধী বড়ায়ি।' *বড়ু*, ১৪৫০।

গোপ্যা [স জল্প>] *বি* আজগুবি কল্পকাহিনি বলে বেড়ায় যে। 'গোপ্যার বউ।' *জসীম*, ১৯৬০।

গোপ্যানন্দ [স গোপী+আনন্দ] *বি* মঙ্গলাচরণ। 'অধিবাস গোপ্যানন্দ করি গদাধর।' *মালাধর*, ১৫০০।

গোফ [স গুম্ফ] *বি* গোঁফ; নাকের নীচের লোম। 'গোফ দুটা লাগ্যাছে শ্রবণে।' *মুকুন্দ*, ১৬০০।

গোফা [স গুহা] *বি* গুহা। 'গঙ্গাতীরে থাক গিয়া নির্জন গোফায়।' *বৃন্দা*, ১৫৮০।

গোফা-দ্বার [স গুহা-দ্বার] *বি* গুহামুখ। 'তুলসী-পরিক্রমা করি গেলা গোফা-দ্বার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গোবদা [ফা গাবদী] *বিণ* মোটা। 'গোবদা গড়ন এমনি ধরন আবদারে কেউ ঠোঁট ফুলোয়।' *সুকুমার*, ১৯২০।

গোবদা গোবদা [ফা গাবদী>] *বিণ* হৃষ্টপুষ্ট। 'অমন গোবদা গোবদা যার পায়ের গোছ।' *কায়সার*, ১৯৬২।

গোবদ্যি দ্র গো[২]

গোবধ দ্র গো[২]

গোবর [স গোমল] *বি* গো-বিষ্ঠা। 'পাত্র মিত্র গোবরগণেশ।' *ভারত*, ১৭৬০।

গোবরকুঁড় [স গোমলকুণ্ড] *বি* গোবর-গাদা। 'সে যে গোবরকুঁড়ে পদ্মফুল।' *প্যারী*, ১৮৫৮।

গোবরকুঁড়ে পদ্মফুল – অতি সাধারণ ঘরে জন্ম নেওয়া অসাধারণ ব্যক্তি। 'সে যে গোবরকুঁড়ে পদ্মফুল!' *প্যারী*, ১৮৫৮।

গোবরগণেশ [গোবর+স গণেশ] *বিণ* অকর্মণ্য। 'পাত্র মিত্র গোবরগণেশ।' *ভারত*, ১৭৬০।

গোবর-গাদা [গোবর+গাদা] *বিণ* মেধাহীন। 'গোবর-গাদা মাথায় তোদের কাঁঠাল ভেঙে খায় শেয়ান।' *নজরুল*, ১৯২৪।

গোবর ছড়া [গোবর+ছড়া] *বি* পামিতে গোলানো গোবরের ছিটা। 'শেষে দিবে গোবর ছড়া।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গোবরজল [গোবর+স জল] *বি* গোবর মিশ্রিত জল। 'উঠানে গোবরজল ছিটাইতে দেখিয়া ...।' *বিভূতি*, ১৯৩১।

গোবরমস্ত [গোবর+মস্ত] *বিণ* গোবরযুক্ত। 'আজ গোবরগণেশ গোবরমস্ত।' *নজরুল*, ১৯২৪।

গোবরলেপা *বিণ* গোবরের পোঁচ-দেওয়া। 'একটু এগিয়েই গোবরলেপা উঠান।' *নরেন্দ্র*, ১৯৫৭।

গোবরে পদ্মফুল – অতি সাধারণ ঘরে জন্ম নেওয়া অসাধারণ ব্যক্তি। 'এ যে গোবরে পদ্মফুল ফুটেছে।' *মাইকেল*, ১৮৬০।

গোবরাট [স গর্ভকাষ্ঠ] *বি* দরজা-জানালার নীচের কাঠ। *বিদ্যা*, ১৮৯১।

গোবর্ধন, গোবর্দ্ধন [স] **১** *বি* বৃন্দাবনে অবস্থিত পাহাড়বিশেষ। 'শ্রীমধুবন-গোবর্ধন-সঙ্কেতবট।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* বৃহৎ স্তূপ। 'মিঠে, কড়া, ভ্যালসা, অম্বুরি ও ইরানী তামাকের গোবর্দ্ধন হয়েচে।' *হুতোম*, ১৮৬১।

গোবাক [স গবাক্ষ] *বি* বাতায়ন। 'দ্বারে দ্বারে কলা রুইল গোবাক সুন্দর।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মালাধর, ১৫০০।

গোবাঘা দ্র গো[২]

গোবালী [স গোপালক>] *বি* গোপী। 'গিরি করিলোঁ গোবালী মোথড়া।' *বড়ু*, ১৪৫০।

গোবি[১] *বি* সবজিবিশেষ। *মানোএল*, ১৭৪৩; 'মটর-গোশ্‌ৎ গোবি (কপি) গোশ্‌ৎ বাঙালী বিলকুল চেনে না।' *মুজতবা*, ১৯৫৮।

গোবি[২] [চী গোবি] *বি* চীনের উত্তরাংশ এবং মঙ্গোলিয়ায় পাঁচ লক্ষ বর্গমাইল বিস্তৃত পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মরুভূমি। 'সাহারা গোবিতে সবজার জাগে দাগ।' *নজরুল*, ১৯২৪।

গোবিন্দ [স] *বি* (হিন্দু অবতার) কৃষ্ণ। 'দেখ সঙ্কে নিকুঞ্জে গোবিন্দ গেলা কতী।' *বড়ু*, ১৪৫০।

গোবিন্দ-পূজক [স] *বিণ* গোবিন্দের পূজা করে এমন। 'তাঁর শিষ্য গোবিন্দ-পূজক চৈতন্যদাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গোবিষ্ঠা [স] *বি* গোবর। 'আমরা গোবিষ্ঠা অপবিত্র মনে করি।' *মশাররফ*, ১৮৮৯।

গোবু [স গো>] *বি* বোকা। 'বাঁচিল গোবু, রক্ষা পেল ধরা।' *রবীন্দ্র*, ১৯০০।

গোবেচারা [স গো+ফা বেচারাহ্] *বিণ* শান্তশিষ্ট। 'একবার পোষ মানলে ঐ মস্ত প্রাণীগুলো এমনি গরিব গোবেচারা হয়ে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯২।

গোবেচারি [স গো+ফা বেচারাহ্>] *বিণ স্ত্রী* নিরীহ। 'এই যে গোবেচারি ভালো মানুষটিকে দেখছ।' *মানিক*, ১৯৩৫।

গোবেচারিত্ব [স গো+ফা বেচারাহ্+স ত্ব] *বি* নিরীহ ভাব। 'গোবেচারিত্বের লক্ষণ নয়।' *মানিক*, ১৯৪৭।

গোবোদ *বি* গর্ভ। 'কোথায় গোবোদে ফেলিয়ে দিবে।' *নজরুল*, ১৯৩৯।

গোবোর [স গোমল>] *বি* গো-বিষ্ঠা। 'গোরুর আর কিছু না থাকে ত খানিকটা গোবোর এনে দে না?' *রাজ*, ১৮৭৪। দ্র **গোবর**

গো-ভাগাড় দ্র গো[১]

গোম [স গোধূম] *বি* গম। 'মাস মসুরি তণ্ডুল বরবটি যব গোম মাড়ুয়া ছোলা।' *মুকুন্দ*, ১৬০০।

গোমঞ [স গোময়] *বি* গোবর। 'গোমঞে লেপি সদ্ম অষ্টদল পদ্ম।' *মুকুন্দ*, ১৬০০।

গোমখুনি [ফা গুম+খুন] *বি* গুপ্তহত্যা। 'আপনার নামে গোমখুনির নালিশ হইয়াছে।' *প্যারী*, ১৮৫৮।

গোমড়া [ফা গুমরাহ্] *বিণ* বিষণ্ন। **গোমড়ামুখো** [ফা গুমরাহ্+স মুখ>] *বিণ* বিষণ্নমনা। 'গোমড়ামুখো হয়ে থাকব কেন?' *জীবন*, ১৯৩২।

গোমতি [স গোমতী] *বি* গোমতী নদী। 'গোমতি নদির ও গঙ্গার আমদ রপ্তিতে ...।' *ক্যালগে*, ১৭৮৯।

গোমতী [স] *বি* নদীবিশেষ। 'ধাইল কুন্তী কানা ধায় গোমতী সরজু কংসাবতী।' *মুকুন্দ*, ১৬০০।

গোময় [স] *বি* গোবর। 'জল গোময় দিয়া স্থান লেপাইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গোময়জল [স] *বি* গোবর মিশ্রিত জল। 'গোময়জলে লেপিলা সব মন্দিরপ্রাঙ্গণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গোময়পঙ্ক [স] *বি* গোবরমাখা কাদা। 'গোময়পঙ্ক লেপন করিয়াছি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গোময়লিপ্ত [স] *বিণ* গোবরমাখা। 'থরথরিয়ে কাঁপে, পশ্চাদ্দেশ গোময়লিপ্ত।' *হাসান*, ১৯৬৭।

গোমরামুখো [ফা গুমরাহ্+স মুখ>] *বিণ* মলিন মুখবিশিষ্ট। 'গোমরামুখো মুখ্যু ঢেঁকি।' *সুকুমার*, ১৯২০।

গোমরাহ [ফা গুমরাহ্] *বিণ* বিপথগামী। 'বাঙ্গলার গোমরাহ মুসলমানকে হেদায়েৎ করিবার জন্য।' *সওগাত*, ১৯২৮।

গোমরাহি, গোমরাহী [ফা গুমরাহ্>] *বি* বিপথগমন। 'দেশবাসী ততই বেশরা গোমরাহির দিকে যাইতেছে।' *মনসুর*, ১৯৪৫।

গোমস্ত [ফা গুমাশতা] *বি* রাজস্ব বিভাগের অধস্তন কর্মচারী। *মেয়র্স*, ১৭৫৭।

গোমস্তা [ফা গুমাশতা] *বি* জমিদারের খাজনা আদায়ের কর্মচারী। 'গোমস্তা ফৈরাদির বাটী গেলেন।' *মেয়র্স*, ১৭৫৭।

গোমস্তাগিরি [ফা গুমাশতা-গিরি] *বি* খাজনা আদায়ের কাজ। 'একটা কোথাও গোমস্তাগিরিতে প্রবৃত্ত করাইয়া দিবেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

গোমান [ফা গুমান] *বি* ঔদ্ধত্য। 'গোমান মতে।' *মানোএল*, ১৭৪৩।

গোমায়ু [স] *বি* শৃগাল। 'গৌড়েশ্বর রাজাকে গোমায়ু জ্ঞান করি।' *মানিকরাম*, ১৭৮১।

গোমাস্তা [ফা গুমাশতা] *বি* রাজস্ব বিভাগের অধস্তন কর্মচারী। *মেয়র্স*, ১৭৫৭।

গোমে গোমে [ফা গুম>] *ক্রিবিণ* ভিতরে ভিতরে। 'পাপের আগুন পাঁজার আগুনের মত গোমে গোমে জ্বলে।' *দীনবন্ধু*, ১৮৭৩।

গোমেদ [স গোমেধ] *বি* রত্নবিশেষ; গার্নেট। 'গোমেদ ভৃষিত অঙ্গে শত সংখ্যা সখি।' *আলাওল*, ১৬৮০।

গোমেনচো [স গোমাংস] *বি* গোরুর মাংস। 'গোবধ ... গোমেনচো ভখোনের ...? *আন্তোনিয়ো*, ১৭৪৩।

গোম্প [স গুম্ফ] *বি* গোঁফ। 'তাহারা আপন গোম্প পরিষ্কৃত মদিরাতে ভিজাইলেক।' *তারিণী*, ১৮০৩।

গোয় [স গোপন>] *ক্রিবিণ* গোপনে। 'জব কিছু পিয় পুছব তোয়/ অবনত মুখ রহবি গোয়।' *চিচণ্ডী*, ১৬০০।

গোয়া [স গুবাক্] *বি* সুপারি। 'গোয়া নারিকেল দেখি দুয়ারে দুয়ারে।' *মালাধর*, ১৫০০।

গোয়াঙ্গন *বি* সনির্বন্ধ অনুরোধ করা। *ওসাঁ*, ১৭৮৫।

গোয়ানি *বি* ভারতের গোয়ার অধিবাসী। 'গোয়ানি বাঙালি মালাঙ যাই হোক না কেন।' *জীবন*, ১৯৩৩।

গোয়ানো [স গম্>] *ক্রি* অতিবাহিত করা। 'তাঁহা পড়ি রহোঁ একা কাল গোয়াঙ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **গোয়াইল** *ক্রি* কাটালো। 'রজনিত সুখ ভোগ রজনি গোয়াইল।' *কবীন্দ্র*, ১৬৮৯। **গোয়াঙ** *ক্রি* কাটাই। 'তাঁহা পড়ি রহোঁ একা কাল গোয়াঙ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **গোয়াঞি** *ক্রি* কাটায়। 'দান ধর্ম্ম পুণ্যকথা দিবস গোয়াঞি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **গোয়াঞিব** *ক্রি* কাটাবো। 'অজ্ঞাত বরিষ এক গোয়াঞিব বাস।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গোয়ার[২] [হি গাঁওয়ারা] **১** *বি* অসভ্য লোক। 'পণ্ডিত হইয়া কর গোয়ারের কাজ।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বিণ* দুঃসাহসী। 'বাঙ্গালী গোয়ার ভয় নাহিক তিলেক।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৩** *বি* অমার্জিত লোক। 'গোঁয়ার

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ত্বরিত চলে কুফের গোয়ার।' *গরীব*, ১৭৬৫।

গোয়ার[২] *বি* উপকরণ। *মানোএল*, ১৭৪৩।

গোয়ারা [স গোশালা] *বি* গবাদি পশুর আহারপাত্র। *মানোএল*, ১৭৪৩।

গোয়ার্তুমি, গোয়ার্দুমি [হি গাঁওয়ার>] *ক্রিবিণ* একগুঁয়েমি। 'কংগ্রেস গোয়ার্তুমি করিয়া মানিয়া লয় নাই।' *আজাদ*, ১৯৪৬। *দ্র* **গোঁয়ার্তুমি**

গোয়াল[১] [স গোপাল] *বি* দুধ ব্যবসায়ী; গোপাল। 'মহেশপণ্ডিত ব্রজের উদার গোয়াল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গোয়াল-গাথা [স গোপাল+গাথা] *বি* গোয়ালাদের মধ্যে প্রচলিত গান। 'গেয়েছে গোকুলের গোয়াল-গাথা ভূপালি মূলতানি সুরে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গোয়াল-ছাওয়াল [স গোপাল+স শাবক] *বি* রাখালবালক। '... কৃষ্ণের প্রসঙ্গে রঙ্গি পুলুকিত গোয়াল-ছাওয়াল।' *মুকুন্দ*, ১৬০০।

গোয়াল[২] [স গোশালা] ১ *বি* গোরু থাকার ঘর। 'গোয়ালের ভিতর গেলাম বাছুর খাইতে।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* সংসার। 'তোর গোয়াল দিনে দিনে পরিপূর্ণ হয়ে উঠুক।' *রবীন্দ্র*, ১৮৯২।

গোয়ালঘর [স গোশালা+পা ঘর] *বি* গোরু রাখার ঘর। 'যেখানে ঐ গোঁসাইদের গোয়ালঘরের বেড়া দেখিতেছ।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গোয়াল-থানা [স গোপাল+থানা] *বি* গোয়ালঘর। 'গরুর বাথান গোয়াল-থানা।' *সত্যেন্দ্র*, ১৯১২।

গোয়ালি [স গোশালা>] *বি* গোয়ালঘর। *মানোএল*, ১৭৪৩।

গোয়ালন্দী *বিণ* গোয়ালন্দ থেকে বিভিন্ন জায়গায় যাতায়াত করে এমন। 'হুবহু গোয়ালন্দী জাহাজ।' *মুজতবা*, ১৯৫২।

গোয়ালা [স গোপাল] *বি* দুধ ব্যবসায়ী সম্প্রদায়বিশেষ; গোপ। 'সকল গোয়ালা ধায়।' *মালাধর*, ১৫০০।

গোয়ালিনী [স গোপালক>] *বি* গোয়ালার স্ত্রী; গোপনারী। 'চৌদিকে মঙ্গলধ্বনি দক্ষিণে আশুশ্রুণি দধি দধি ডাকে গোয়ালিনী।' *মুকুন্দ*, ১৬০০।

গোয়ালে *বি* লতাবিশেষ। 'ছোট গোয়ালে, নাটাকাঁটা, ও নীল বন-অপরাজিতা।' *বিভূতি*, ১৯২৯।

গোয়েন্দা [ফা গোয়িন্দাহ] *বি* গুপ্তচর। 'দারোগা ও গোয়েন্দারা ঐ দণ্ডের টাকার অংশ পাইয়া থাকে।' *প্রভাকর*, ১৮৫৩।

গোয়েন্দাগিরি, গোয়েন্দাগীরী [ফা গোয়িন্দাহ+ফা গিরি] *বি* গুপ্তচরবৃত্তি। 'গোয়েন্দাগীরী, দালালী, খোসামুদী ও ঠিকে রাইটরী করে যা পান।' *হুতোম*, ১৮৬১; 'গোয়েন্দাগিরি করিয়া সত্যকে মিথ্যা করিয়া তুলিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

গোয়েন্দা-বিভাগ [ফা গোয়িন্দাহ+স বিভাগ] *বি* গুপ্তচর দপ্তর। 'গোয়েন্দা-বিভাগের একটি চালাক চতুর সুদর্শন ছেলের সঙ্গে আমার ঘনিষ্ঠতা হল।' *নরেন্দ্র*, ১৯৫৬।

গোয়েন্দাবৃত্তি [ফা গোয়িন্দাহ+স বৃত্তি] *বি* গুপ্তচরের কাজ। 'পাকিস্তানের অভ্যন্তরে গোয়েন্দাবৃত্তি চালানো ভারতের হীনমন্যতার পরিচায়ক।' *আজাদ*, ১৯৬৮।

গোয়েন্দারূপী [ফা গোয়িন্দাহ+স রূপী] *বিণ* গুপ্তচরের বেশধারী। 'ভারতীয় গোয়েন্দারূপী কূটনীতিকরা হয়তো তাহা জানিতেন না।' *আজাদ*, ১৯৬৮।

গোর[১] [স গৌর] *বিণ* ফর্সা। 'গোর শরীর মৃগী সম দুয়ি আখী।' *বড়ু*, ১৪৫০।

গোর[২] [ফা] *বি* বন্য গাধা। 'এক গোর দেখি বনে।' *আলাওল*, ১৬৮০।

গোর[৩] [ফা] *বি* কবর। 'গোরের সোয়াল আদ্যে যথেক কথন।' *আলাওল*, ১৬৮০।

গোরখোদক [ফা গোর+স ক্ষুদ্>] *বি* কবর খননকারী। 'মৃতেরা এবং গোরখোদকের দল।' *শামসুর*, ১৯৭২।

গোরপূজা [ফা গোর+স পূজা] *বি* কবরপূজা। 'শেরেক, বেদাত, পীর পূজা, গোর পূজা ও বৃক্ষ পূজা।' *দর্শন*, ১৯২০।

গোরস্তম্ভ [ফা গোর+স স্তম্ভ] *বি* কবরের ফলক। 'গোরস্তম্ভ দেখিতে দেখিতে তাহার নিচে যে-সকল খোদা অক্ষর ...।' *হরপ্রসাদ*, ১৮৭৮।

গোরস্তান [ফা] *বি* কবরস্থান। 'গোরস্তানের চারপাশে সারি-বাঁধা আমগাছ।' *মনসুর*, ১৯৫৫।

গোরস্থান [ফা গোরস্তান] *বি* কবরস্থান। 'আউলিয়া সবের বহুল গোরস্থান।' *আলাওল*, ১৬৮০।

গোরের কাফন [ফা গোর>+আ কাফন] *বি* মুসলিম সমাজের বিধিমতে যে কাপড় পরিয়ে মৃত ব্যক্তিকে সমাধিস্থ করা হয়। 'গোরের কাফনে সাজায়ে তাহারে চলিলাম যবে বয়ে।' *জসীম*, ১৯২৭।

গোরক্ত [স] *বি* গোরুর রক্ত। 'যদি তিনি কখনো এক পয়সা দেন তবে তাহা গোরক্তপাতের সহিত গণ্য হইবে।' *রবীন্দ্র*, ১৮৯১।

গোরা[১] [স গৌর] ১ *বিণ* ফর্সা। 'মোর সে কালিয়া তনু তহু গোরা অঙ্গ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* চৈতন্যদেব। 'ভূমিষ্ঠ হইল গোরা উত্তম দিবসে।' *রূপরাম*, ১৭৫০। ৩ *বি* শ্বেতাঙ্গ; ইউরোপীয়। 'মাস দুই অবধি গোরা ও সেপাই ও সাহেব লোক।' *ক্যালগে*, ১৭৮৫। ৪ *বি* শ্বেতাঙ্গ সৈন্য। 'একটি গোরা পুনা-রাজপথে বায়ু-বন্দুক ছুঁড়িয়া আমোদ করিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০৮।

গোরাগুণ [স] *বি* গৌরাঙ্গের গুণগান। 'পথে গুণ গুণ স্বরে গোরাগুণ গায়।' *ভবানী*, ১৮২৫।

গোরাচাঁদ [স গৌরচন্দ্র] *বি* চৈতন্যদেব। 'গোরাচাঁদ দেয় হামাগুড়ি।' *মুরারি*, ১৫৭০।

গোরাচান্দ [স গৌরচন্দ্র] *বি* চৈতন্যদেব। 'নবদ্বীপে হও গোরাচান্দ অবতার।' *রূপরাম*, ১৭৫০।

গোরা[২] *বি* গোড়ালি। 'শাড়ির পাড়ের নীচে পুষ্ট পায়ের গোরা।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

গোরাপ *বি* জলযান। 'সুলুপা নানান ভাতি মাছুয়া গোরাপ পাতি জালিআ ভাঅরি নানা রঙ্গ।' *আলাওল*, ১৬৮০। *দ্র* **গরাপ**

গোরি [স গৌরী] ১ *বি* সুন্দরী। 'মঝু মনে মনমথ রাখলি গোরি।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* গৌরবর্ণ। 'ওহার সবে রাঙ্গা সাঁকা ঐ সে বরনে গোরি।' *মুকুন্দ*, ১৬০০।

গোরিব [আ গরীব] *বিণ* দরিদ্র। 'একজোন গোরিব লোক।' *ক্যালগে*, ১৭৮৭।

গোরিলা [হি] *বি* আফ্রিকার বৃহদাকার বানরজাতীয় প্রাণী। 'ক্রুদ্ধ চোখে চায় গোরিলা।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

গোরী [স গৌরী] *বি* গৌরবর্ণা। 'সুন্দরি কনককেআ মুতি গোরী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

গোরীরূপ [স গৌরীরূপা] *বি* গৌরীর প্রতিকৃতি। 'গোরীরূপে কালি

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মেখে এলি।' *নজরুল*, ১৯৩৫।

গোরু [স গোরূপ] *বি* সুপরিচিত গৃহপালিত চতুষ্পদ প্রাণীবিশেষ। 'ধান্য গোরু কেহ নাঞি কেনে।' *মুকুন্দ*, ১৬০০।

গোরু-খেদা [গোরু+খেদা] *বিণ* গোরু তাড়ানোর মতো। 'গোরু-খেদা করে খেদিয়ে তেপান্তরের মাঠে ঠেলে উঠাই।' *নজরুল*, ১৯২৭।

গোরু-খোঁজা করা *ক্রি* তন্ন তন্ন ক'রে খোঁজা। 'কাব্যকে খুঁজেছি প্রায় গোরু-খোঁজা ক'রে।' *সুভাষ*, ১৯৪০।

গোরুগোস্ত [গোরু+ফা গোশ্ত] *বি* গোরুর মাংস। 'বড় বড় করে কাটা গোরুগোস্ত।' *ওয়ালী*, ১৯৬৪।

গোরু-চরা [গোরু+চরা] *বিণ* গোরু চরানো হয় এমন। 'শীতের মধ্যাহ্নকালে গোরু-চরা শস্যরিক্ত মাঠে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গোরুচোর [গোরু+স চোর] *বি* গোরু চুরি করে যে। 'গোরুচোরকে ছেড়ে দে।' *বঙ্কিম*, ১৮৭৫।

গোরুবাছুর [গোরু+বাছুর] *বি* গবাদি পশু। 'প্রচুর ওদের জমিজমা, গোরুবাছুর, জনমজুর, পালপার্বণ, আদায়বিদায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

গোরু মেরে জুতা দান – বড়ো অপরাধের পর খুব সামান্য দণ্ড দেওয়া। 'এঁরাই খোলেন লঙরখানা – গোরু মেরে জুতা দান।' *অন্নদা*, ১৯৪৩।

গোরুর গাড়ি *বি* গোরুতে টানা গাড়ি। 'বাহন-হীন একটি শূন্য গোরুর গাড়ি পড়ে রয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

গোরূপ [স] *বি* গোরুর রূপ। 'এক দেবতা জীর্ণ গোরূপ ধারণ করিলেন ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

গোরোকচাঙলি *বি* তৃণবিশেষ। 'চাকন্দিআ কাসন্দিআ নিসন্ধ্যা গোরোকচাঙলি কাটে কাসীমলা।' *মুকুন্দ*, ১৬০০।

গোরোচন [স গোরোচনা] *বি* উজ্জ্বল হলুদ রঙের পদার্থবিশেষ। 'দূর্ব্বা ধান্য গোরোচন হরিদ্রা কুঙ্কুম চন্দন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গোরোচনা [স] *বিণ* উজ্জ্বল হলুদ রঙের। 'গোরোচনা গোরী, নবীনাকিশোরী।' *চণ্ডী*, ১৫৫০।

গোরোচোণ [স গোরোচনা] *বি* উজ্জ্বল হলুদ রঙের পদার্থবিশেষ। 'রজত দর্পণ তম্র গোরোচোণ।' *মুকুন্দ*, ১৬০০।

গোর্জ, গোর্জ্জ [ফা] *বি* মুগুর; লোহার ভারী অস্ত্রবিশেষ। 'পহেলা মারিল গোর্জ্জ কমজাত কুফরে।' *গরীব*, ১৭৬৫; 'রুস্তমের গোর্জের মতো এই মস্ত ঠ্যাং।' *নজরুল*, ১৯২৭।

গোর্দা [ফা গুর্দাহ্] *বি* অসম সাহস। 'যাহাদের জ্ঞান দিবার মতো গোর্দা আছে।' *নজরুল*, ১৯২২।

গোল[১] [স] **১** *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'রামকান্ত গোল।' *সেবধি*, ১৮৪০। **২** *বিণ* বৃত্তাকার। *মানোএল*, ১৭৪৩; 'পৃথিবীর আকার গোল।' *অক্ষয়*, ১৮৪১।

গোল আলু [স গোল+ওরাওঁ আলু] *বি* আলুবিশেষ। 'তাঁহার যে গোল আলুর চাষ ছিল ...।' *অক্ষয়*, ১৮৫৪।

গোলগাল [স গোল>] **১** *বিণ* হৃষ্টপুষ্ট। 'দেখিতে শুনিতে মোটসোটা, গোলগাল।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বিণ* প্রায় গোলাকার। 'খানিকটা রঙচঙ বা গোলগাল আকৃতি দেখিলেই খুশি হইয়া ওঠে।' *রবীন্দ্র*, ১৯০৭।

গোল গোল *বিণ* অনেকগুলি গোলাকার। 'গোল গোল পাতাতে ইচ্ছাটি মেলে তার।' *রবীন্দ্র*, ১৯২২।

গোলটেবিল [স গোল+ই টেবিল] **১** *বি* গোলাকার যে টেবিলের চারপাশে বৈঠক বসে। 'লণ্ডনে একটি গোলটেবিল বৈঠক আয়োজন করিবেন।' *সওগাত*, ১৯৩০। **২** *বি* গোলাকার টেবিল। 'জানালার কাছে একটা গোলটেবিল।' *জীবন*, ১৯৩২।

গোলটেবিলের বক্তৃতা *বি* আন্তঃকক্ষ বক্তৃতা। 'অনুভূতিকে জাগ্রত করিয়া দিয়াছেন ... তাঁহার গোলটেবিলের বক্তৃতায়।' *আজাদ*, ১৯৩৬।

গোলতাল পাকিয়ে ফেলা *ক্রি* বিশৃঙ্খলা সৃষ্টি করা। 'পেছনে ছন্দের একটা টুইটাং ছড়িয়ে সব যেন গোলতাল পাকিয়ে ফেলেছে।' *শওকত*, ১৯৭২।

গোলবন্দী [স] *বিণ* বৃত্তাকার। 'মিছিলের লাইন ভাঙ্গিয়া জনতা রাস্তায় গোলবন্দী জটলায় পরিণত হইয়াছে।' *মনসুর*, ১৯৫৫।

গোলবালিশ, গোলবালিস [স গোল+ফা বালিশ] *বি* গোলাকার বালিশবিশেষ; কুশন। 'গোলবালিসে ঠেস দিয়া আলস্যের সহিত গলাগলি প্রেম করিতে থাকেন।' *প্রভাকর*, ১৮৪৭; 'গোলবালিশে ঠ্যাশ মারি গুড়ুক তামুক খায়।' *রামনারায়ণ*, ১৮৫৪।

গোলমরিচ [স] *বি* ক্ষুদ্র গোলাকার ঝালওয়ালা মসলা। *ক্যালগে*, ১৭৮৫।

গোলমল [স গোল+স বলয়>] *বি* পায়ের অলংকারবিশেষ। 'সুবর্ণের গোলমল পরিয়াছে পায়।' *ভবানী*, ১৮২৫।

গোলাকার [স] *বিণ* গোলকের মতো। 'পৃথিবীর আকার প্রায় গোল অর্থাৎ যেমন কমলালেবু গোলাকার।' *অক্ষয়*, ১৮৪১।

গোলাকৃতি [স] *বিণ* গোলাকার; বৃত্তাকার। 'রৌপ্যনির্মিত গোলাকৃতি বিশেষে গ্রথিত হার।' *বঙ্গদূত*, ১৮২৯।

গোলাঙ্গুলাকৃতি [স গোল-অঙ্গুলাকৃতি] *বিণ* আঙুলের মতো গোলাকৃতি বিশিষ্ট। 'তাহার লাঙ্গুল গোলাঙ্গুলাকৃতি।' *দর্পণ*, ১৮২৩।

গোল[২] [ফা] **১** *বি* বিবাদ। 'তাতিলোক সকলে গোল করিয়া নালিষ কারন জদি কলিকাতা জাইতে ...।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *বি* হল্লা। 'বাটীর ভিতর তো ভারি গোল।' *প্যারী*, ১৮৫৮। **৩** *বি* সমস্যা। 'সকল গোল মিটিয়া যাইত।' *বিদ্যা*, ১৮৭৩। **৪** *বি* ধাঁধা। 'আমি বড় গোলে পড়িলাম।' *বঙ্কিম*, ১৮৭৮। **৫** *বি* হৈচৈ। 'কাড়াকাড়ি করি করেন গোল।' *রবীন্দ্র*, ১৮৮১। **৬** *বি* গণ্ডগোল। 'এমন কি, গোল থামাইতে গোল করে।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৭** *বি* উচ্ছৃঙ্খলা। 'আজ মদ খাইয়া আর কোনো প্রকার গোল করিব না।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৮** *বি* তর্ক। 'যার নাই আচার বিচার বেদ পড়িয়ে গোল বাধায়।' *লালন*, ১৮৯০। **৯** *বিণ* এলোমেলো। 'গোল হত সব বানানেতে, ভুল হত সব ঠিকে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গোল পড়া *ক্রি* ঝামেলা তৈরি হওয়া। 'কলিকাতায় যাইবার সময় ভারি গোল পড়িয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯১।

গোল বাধা *ক্রি* জটিলতা তৈরি হওয়া। 'দেখিলাম বড়ো গোল বাধিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৭৭; 'প্রথমত রচনাপ্রণালী লইয়া বড়োই গোল বাধে।' *হরপ্রসাদ*, ১৮৮১।

গোলমাল [ফা গোল>] **১** *বি* ঝামেলা। 'একাকি নাগর আছে নাহি গোলমাল।' *ভবানী*, ১৮২৫। **২** *বি* অনেক লোকের মিলিত চিৎকার। 'এ নিমিত্তে গোলামাল ধ্বনি করণ ...।' *দর্পণ*, ১৮২৭। **৩** *বি* বিশৃঙ্খলা। 'যাহাতে শীঘ্র তাহার পীড়ার শান্তি হইতে পারে, সেরূপ ঔষধ না দিয়া, কিছুদিন গোলমাল করিয়া কাটাইলেন।' *বিদ্যা*,

AMARBOI.COM

১৮৫৬। **৪** *বি* বিচ্ছৃঙ্খলা। 'তাহারা একত্রে মদ্যপান করিয়া অত্যন্ত গোলমাল করিত।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৫** *বি* হৈচৈ। 'এ কথা বলিবামাত্রই চারিদিকের খুচরা কাগজপত্রে বড় গোলমাল উঠিবে।' *রবীন্দ্র*, ১৮৮৪। **৬** *বি* জটিলতা। 'তাহাকে আবার এ-সকল গোলমালের কথা বলিবার আবশ্যক কী।' *রবীন্দ্র*, ১৮৯২। **৭** *বি* সমস্যা। 'আমার চিঠির কোনো রকম গোলমাল হলে ভারী ব্যস্ত হয়ে পড়ি।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৮** *বি* প্রতিবাদ। 'আর-কেউ হলে গোলমাল করতেম, কিন্তু যে সুন্দর চেহারা, গোলমাল করবার জো কী!' *রবীন্দ্র*, ১৯০১। **৯** *বি* চেঁচামেচি। 'অনেকগুলো ছেলে থাকলে যেমন তারা গোলমাল করে।' *রবীন্দ্র*, ১৯২৯। **১০** *বি* ধন্দ। 'কি বোঝায় তা নিয়ে অনেকে একটু গোলমালে পড়েন।' *বেগম*, ১৯৪৮।

গোলমাল বাধা *ক্রি* ঝামেলা হওয়া। 'পাড়ায় যে একটা গোলমাল বাধিল ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

গোলমেলে ১ *বিণ* অসংলগ্ন। 'কূটকচালে অদ্ভুত গোলমেলে কাণ্ড আমার বেশিক্ষণ পোষায় না।' *রবীন্দ্র*, ১৮৮৯। **২** *বিণ* ঝাপসা। 'পাগলাটে চোখের দৃষ্টি আরো গোলমেলে হয়ে উঠল।' *হাসান*, ১৯৭৪।

গোলযোগ [ফা গোল+স যোগ] **১** *বি* হট্টগোল; গোলমাল। 'সে গোলযোগমাত্র।' *দর্পণ*, ১৮২৯। **২** *বি* বিপত্তি। 'এই বিবাহ উপলক্ষে যে কত গোলযোগ হয়ে উঠবে, তার কি সংখ্যা আছে।' *মাইকেল*, ১৮৬১। **৩** *বি* বিশৃঙ্খলা। 'এই গোলযোগের উৎপত্তি হয়।' *এডুকেশন*, ১৮৭৩। **৪** *বি* বিতর্ক। 'এপিক শব্দটা লইয়া এইরূপ গোলযোগ হইয়া থাকে।' *রবীন্দ্র*, ১৮৭৭। **৫** *বি* মামলা-মকদ্দমা; ঝগড়া-ঝাটি। 'উত্তরাধিকারীদের মধ্যে গোলযোগ চলিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৯। **৬** *বি* অসুখ। 'নাহয় হবে পেটের গোলযোগ।' *রবীন্দ্র*, ১৯৩৯।

গোলে হরি বলা – ভিড়ের মধ্যে ঈশ্বরের নাম করা। 'গোলে হরি বললে কী হয়/ নিগূঢ় তত্ত্ব নিরালা পায়।' *লালন*, ১৮৯০।

গোলে হরিবোল দেওয়া – অনেক লোক থাকার সুযোগে কাজে ফাঁকি দেওয়া। 'মতিলাল গোলে হরিবোল দিত।' *প্যারী*, ১৮৫৮।

গোল[৩] [ই] *বি* ফুটবল খেলায় বলের জয়সূচক অবস্থান। **গোল-কীপার** [ই] *বি* গোলরক্ষক। 'এঁর তুল্য গোল-কীপার ভূ-ভারতে আর নাই।' *প্রমথ*, ১৯৩১।

গোলপোস্ট [ই] *বি* ফুটবল, হকি ইত্যাদি খেলায় বল যে নির্দিষ্ট স্থানে প্রবেশ করাতে হয়। 'আছে কি খেলার মাঠ ... গোলপোস্ট?' *শক্তি*, ১৯৬৬।

গোলবার [ই] *বি* ফুটবল খেলার গোলপোস্টের আড়া। **গোল লাইন** [ই] *বি* বল গোলপোস্টের যে রেখা অতিক্রম করলে গোল স্বীকৃত হয়। 'একবার তো বলটা গোলবারের ভিতরে লেগে দুম করে পড়ে গেল গোল লাইনের উপর।' *মুজতবা*, ১৯৫৯।

গোলক[১] [স গোলোক] *বি* পৃথিবী। 'হেন মতে তিন পুত্র জন্মিল গোলক।' *কবীন্দ্র*, ১৬৮৯।

গোলক-চাঁপা [স গোলোক>+চাঁপা] *বি* ফুলবিশেষ। 'গোলক-চাঁপার ফুলে গন্ধের হিল্লোল তুলে ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

গোলকধাম [স গোলোকধাম] *বি* সংসার। 'গোলকধাম হল শূন্যাকার।' *গুপ্ত*, ১৮৫৮।

গোলক[২] [স] *বি* গোলাকৃতি বস্তু। 'সূর্য্য অতি বৃহৎ তেজোময় গোলক।' *বঙ্কিম*, ১৮৭৫।

গোলকধাঁধা [স গোলক>+স ধন্ধ] *বি* যে স্থানে ঢুকলে বাইরে যাওয়ার পথ পাওয়া দুষ্কর। 'আমি এই সুড়ঙ্গ হইতে, অন্ধকার হইতে, গোলকধাঁধা হইতে, এই সোনার গারদ ...।' *রবীন্দ্র*, ১৯০৪।

গোলকরূপী [স] *বিণ* গোলকের মতো। 'বিশ্বের সঙ্গে সঙ্গে গোলকরূপী আকাশটাও বিস্তারিত হয়ে চলেছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গোলগাছ *বি* সুন্দরবনাঞ্চলের গাছবিশেষ যার পাতা দিয়ে ঘরের ছাউনি দেওয়া হয়। 'নদীতীরে ঝুপকি হইয়া থাকা গোলগাছের সবুজ সারিও নয়।' *বিভূতি*, ১৯৩১।

গোলগোলি [স গোল>+ফা গুল>] *বি* ফুলবিশেষ। 'হলুদ রঙের গোলগোলি ফুলের মেলা।' *বিভূতি*, ১৯৩৮।

গোলজার [ফা গুলজার] *বিণ* জাঁকজমকপূর্ণ। 'ইয়াকুব ইসহাক দোন আইল গোলজার।' *গরীব*, ১৭৬৫।

গোলতু [স] **১** *বি* গোলাকার অবস্থা। 'অতি ধীরে বক্রতায় এবং বক্ররেখা অতি যত্নে গোলত্বে পরিণত হইয়াছে।' *প্রমথ*, ১৮৯৮। **২** *বি* গোল আকার। 'ছোটো গোলকের গোলত্ব বুঝিতে কষ্ট হয় না।' *রবীন্দ্র*, ১৯০৫।

গোলদার [আ ঘালা+ফা দার>] *বি* আড়তদার। 'ডেগচি, কাফণীরের ঘনসংঘাতে গোলদারবাড়ী মুখরিত হইতে লাগিল।' *ইমদাদুল*, ১৯২০।

গোলদারী [আ ঘালা+ফা দার>] *বি* আড়তদারি। 'কুণ্ডুদের গোলদারী দোকান পুড়িয়া যাইবার কথা।' *বিভূতি*, ১৯২৯।

গোলন্দাজ [ফা] *বি* কামান দাগে যে সৈনিক। 'গাড়ির উপর কামান তুলিয়া গোলন্দাজ।' *গরীব*, ১৭৬৫।

গোলন্দাজী [ফা গোলন্দাজ>] *বি* কামানের গোলা ছোঁড়ার কাজ। 'দিনামার এলেমান করে গোলন্দাজী।' *ভারত*, ১৭৬০।

গোলপাতা [স গোল>] *বি* নারকেলের পাতার মতো গোলগাছের পাতা, যা দিয়ে ঘরের ছাউনি দেওয়া হয়। 'খ্যামটা খানকির খাসা বাড়ি, ভদ্রভাগ্যে গোলপাতা।' *হুতোম*, ১৮৬১।

গোলরাজ *বি* উদ্ভিদবিশেষ। 'অতসী গেন্দা এলাচী কৃষ্ণচূড়া পদ্ম গোলরাজ।' *বিজয়*, ১৬৫০।

গোলা[১] [আ ঘালা] **১** *বি* আড়ত। 'কিনিঞা বহুতর অনিঞাহে সদাগর লবণের পাতিআ গোলা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* ধান-চাল ইত্যাদি শস্য রাখার আধার। *শৌভে*, ১৭৮৯; 'আছে ধান গোলাভরা, সেথা খড়তলা রাশ-করা।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৩** *বি* হাট; বাজার। 'আপনি এখানে আইলে তবে ওই মোকামে গঞ্জ গোলা হবে।' *চিঠিপত্রে*, ১৭৯৮। **৪** *বি* জমায়েত। 'খাদ্যদ্রব্যের দোকান ও মহাজন লোকের গোলা হইবে।' *দর্পণ*, ১৮১৮।

গোলাওয়ালা [আ ঘালা+হি ওয়ালা] *বিণ* আড়তদার। 'নন্দলাল ওঝা গোলাওয়ালা আপনার সঙ্গে দেখা করতে এসেছে।' *বিভূতি*, ১৯৩৮।

গোলা করা *ক্রি* আড়ত করা। 'এমন জিনিস গোলা করিয়া কেহ সহরে রাখিতে পারিবা না।' *ক্যালগে*, ১৮০০।

গোলাগঞ্জ [আ ঘালা+ফা গঞ্জ] *বি* হাটবাজার। 'ঐরাবতী নদীর তীরে মধ্যে২ গোলাগঞ্জ আছে।' *দর্পণ*, ১৮২৬।

গোলাঘর [আ ঘালা+পা ঘর] *বি* শস্য রাখার ঘর। 'নিশিতে শুইলাম গোয়ালার গোলাঘরে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গোলাপায়রা [আ ঘালা+স পারাবত>] *বি* পায়রাবিশেষ। 'আমার করুগেট ছাদের উপর গোলাপায়রা ছুটি-হওয়া ইস্কুলের ছেলের মতন

AMARBOI.COM

বসেছিলো।' *শক্তি*, ১৯৬৯।

গোলাবাড়ি, গোলাবাড়ী [আ ঘালা+স বাটী] *বি* শস্যভাণ্ডার। *ওসাঁ*, ১৭৮৫; 'তাঁহার ধানের গোলা ও গোলাবাড়ী আছে।' *বঙ্কিম*, ১৮৭৯; 'গোলাবাড়ি।' *বিদ্যা*, ১৮৯১।

গোলাভরা *বিণ* গোলা ভরে আছে এমন। 'আছে ধান গোলাভরা, সেথা বড়গুলা রাশ-করা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গোলায় গোলায় *বিণ* ভাণ্ডারপূর্ণ। 'গোলায় গোলায় ধান।' *নজরুল*, ১৯২৬।

গোলাহাট [আ ঘালা+স হট্ট] *বি* পাইকারি বাজার। 'নগর চাতর গোলাহাট।' *মুকুন্দ*, ১৬০০।

গোলা[২] [স গোল] **১** *বি* গোলাকার বস্তুবিশেষ। *মানোএল*, ১৭৪৩; 'কাগজের গোলাটা কিসের।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বি* কামান-বন্দুক থেকে ছোড়া অগ্নিময় পিণ্ড। 'গোলার শবদ শুনি নিঃসরে শালুর।' *রূপরাম*, ১৭৫০। **৩** *বি* বল। 'ক্রিকেট খেলায় গোলা ছুঁড়িতেও সে অদ্বিতীয় ছিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

গোলাগুলি, গোলাগুলী [গোলা>] **১** *বি* কামান-বন্দুক প্রভৃতির গোলা ও অনুরূপ উপকরণ। 'সীসে গোলাগুলি নির্মিত হয়।' *বিদ্যা*, ১৮৫১। **২** *বি* গুলি ছোঁড়া যায় এমন অস্ত্রাদি। 'বাহিরে গোলাগুলী সৈন্য দেখাইয়া বীরত্ব প্রকাশ করিতেছেন।' *সুধাবর্ষণ*, ১৮৫৫। **৩** *বি* ওষুধ-পত্তর। 'নোট নামক গুরুদত্ত নানা আকারের ও নানাপ্রকারের গোলাগুলি বিদ্যালয়ে ...।' *প্রমথ*, ১৯১৮। **৪** *বি* পরস্পর গুলি বিনিময়। 'গোলাগুলি চলল।' *মুজতবা*, ১৯৪৯।

গোলাবর্ষণ [স] *বি* গুলিবর্ষণ। 'মদিনার রওজা মোবারক আজ ... ওহাবীদের গোলাবর্ষণে বিচূর্ণিত।' *দর্শন*, ১৯২৫।

গোলাবারুদ [গোলা+তু বারুদ] *বি* বিস্ফোরক সামগ্রী। 'আরক্ত আকৃতিবিশিষ্ট দুর্গটিকে গোলাবারুদ, রসদ, অস্ত্রশস্ত্র ইত্যাদির গুদাম হিসেবে ব্যবহার করা হতো।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

গোলাবৃষ্টি [গোলা+স বৃষ্টি] *বি* কামান-বন্দুকের ক্রমাগত গোলাবর্ষণ। 'এত দূরেও আমাদের উপর গোলাবৃষ্টি ...।' *নজরুল*, ১৯২২।

গোলা[৩] [স গোল>] *ক্রি* তরল পদার্থের সঙ্গে মিশিয়ে তরল করা। 'দন্ত সব করে কাল দিয়া গোলা মিসি।' *ভবানী*, ১৮২৫।

গোলাকার *দ্র* **গোল**[১]

গোলাকৃতি *দ্র* **গোল**[১]

গোলাধ্যায় [স] *বি* ভূগোল শাস্ত্র। 'অঙ্ক বিদ্যা ক্ষেত্র পরিমাপক বিদ্যা গোলাধ্যায় জ্যোতির্বিদ্যা ...।' *দর্পণ*, ১৮৩৯।

গোলানো *ক্রি* মিশ্রিত করা। 'গামলাতে হাত ডুবিয়ে নুনপানি মেশানো ভুষি গোলায়।' *ওয়ালী*, ১৯৪৮।

গোলাপ [ফা গুলাব] *বি* ফুলবিশেষ। 'সেঁউতি গোলাপ নাগকেশর সুগন্ধ।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গোলাপকুঁড়ি [ফা গুলাব+স কোরক] *বি* গোলাপের কলি। 'গোলাপকুঁড়ির ডাক শুনেছে আজ বুঝি বুলবুল।' *নজরুল*, ১৯২২।

গোলাপগন্ধী [ফা গুলাব+স গন্ধ>] *বিণ* গোলাপের ন্যায় গন্ধবিশিষ্ট। 'স্নানশালার ফোয়ারার মুখ হইতে গোলাপগন্ধী জলধারা উৎক্ষিপ্ত হইতে থাকিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গোলাপজল [ফা গুলাব+স জল] *বি* গোলাপ ফুলের সুবাসযুক্ত পানি। 'ভক্তগণেরা গোলাপজলে শরীর ধৌত করাইলেক।' *ভবানী*, ১৮২৫।

গোলাপজাম [ফা গুলাব+জাম] *বি* গোলাপের মতো সুগন্ধযুক্ত ফলবিশেষ। *বিদ্যা*, ১৮৯১; 'গোলাপজাম কামরাঙা লটকান।' *জীবন*, ১৯৪৮।

গোলাপ-পানি [ফা গুলাব+হি পানি] *বি* গোলাপের পাপড়ি থেকে নিষ্কাষিত সুগন্ধ পানি। 'আনো গোলাপ-পানি, আনো আতরদানি।' *নজরুল*, ১৯৩৫।

গোলাপপাশ [ফা গুলাব+ফা পাশ] *বি* গোলাপ পানি ছিটানোর ছিদ্রযুক্ত পাত্রবিশেষ। 'আদি শোভাযুত আতরদান গোলাপপাশ ...।' *ভবানী*, ১৮২৫।

গোলাপ-ফোটা [ফা গুলাব+ফোটা] *বিণ* প্রস্ফুটিত গোলাপের মতো সুন্দর। 'হেসে তাকাবো গোলাপ-ফোটা তোমার মুখে।' *বুদ্ধ*, ১৯৩২।

গোলাপ-বাগ [ফা গুলাব-বাগ] *বি* গোলাপ ফুলের বাগান। 'লু হাওয়ার জ্বালা না আনে গোলাপ-বাগে।' *নজরুল*, ১৯৪১।

গোলাপ-বালা [ফা গুলাব+স বালা] *বি* গোলাপের মতো সুন্দরী কন্যা। 'বলি, ও আমার গোলাপ-বালা – তোলো মুখানি, তোলো মুখানি – কুসুমকুঞ্জ করো আলা।' *রবীন্দ্র*, ১৮৮০।

গোলাপ-বিতান [ফা গুলাব+স বিতান] *বি* গোলাপের বাগান। 'যদি না ফুলের কুঁড়ি বিকশিত হয়ে গড়ে গোলাপ-বিতান।' *মাহেনও*, ১৯৪৯।

গোলাপী[১] [ফা গুলাব>] **১** *বিণ* গোলাপের মতো রংবিশিষ্ট। 'গোলাপী, বেগুনে, জরদা, সবুজ ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২; *বিদ্যা*, ১৮৯১; 'চরণ গোলাপী মখমল-আসনের উপর অলসভাবে স্থাপিত রহিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* গোলাপ থেকে জাত। 'এ বুকে জমে না গোলাপী মধু।' *সত্যেন্দ্র*, ১৯১১। **৩** *বিণ* মৃদু; হালকা। 'আমার চোখে গোলাপী ঘুমের মোলায়েম তন্দ্রা এনে দেয়।' *মুজতবা*, ১৯৪৯।

গোলাপী খিলি [স গুলাব>+হি ঠিলি] *বি* গোলাপের সুগন্ধিযুক্ত পান। 'গোলাপী খিলির দোনা বিক্রী হচ্চে।' *হুতোম*, ১৮৬১।

গোলাপী রকম [ফা গুলাব+আ রকম] *বিণ* হালকা ধরনের। 'বাবু ... গোলাপী রকম নেসায় তর হয়ে বসেছিলেন।' *হুতোম*, ১৮৬১।

গোলাপী-রেউড়ি [ফা গুলাব+হি রেউড়ী] *বি* গোলাপি রঙের একপ্রকার মিষ্টান্ন। 'ছিল এক পয়সা দামের গোলাপী-রেউড়ি।' *রবীন্দ্র*, ১৯৪০।

গোলাব [ফা গুলাব] *বি* গোলাপ। 'পুষ্পেত গোলাব পুষ্প কস্টক সঙ্গতি।' *আলাওল*, ১৬৮০।

গোলাবজল [ফা গুলাব+স জল] *বি* গোলাপ ফুল থেকে উৎপন্ন সুগন্ধি জল। 'বেগমদের হামামে ছুটছে গোলাবজলের ফোয়ারা।' *রবীন্দ্র*, ১৯৪০।

গোলাবজাম [ফা গুলাব+জাম] *বি* গোলাপের মতো সুগন্ধি ফলবিশেষ। 'রসের-পীড়ায়-টসটসে-বুক ঝুরছে গোলাবজাম।' *নজরুল*, ১৯২৫।

গোলাব-পানি [ফা গুলাব+হি পানি] *বি* গোলাপ ফুল থেকে উৎপন্ন সুবাসিত পানি। 'সাদা মেঘের গোলাব-পাশে/ ঝরিছে গোলাব-পানি।' *নজরুল*, ১৯৩৩।

গোলাবফুলী [ফা গুলাব+স ফুল্ল] *বিণ* গোলাপ ফুলের মতো। 'গোলাবফুলী গাল গো তাহার।' *নজরুল*, ১৯৩০।

AMARBOI.COM

গোলাবাড়ি, গোলাবাড়ী দ্র গোলা[২]

গোলাবি, গোলাবী [ফা গুলাব>] **১** *বিণ* গোলাপের মতো রংবিশিষ্ট; গোলাপি। 'গোলাবি রঙের গামছা কাঁদে।' *ভবানী*, ১৮২৫; 'চলচলে চোখ দুটি গোলাবি নীল আকাশের পানে তুলে।' *নজরুল*, ১৯২৭। **২** *বিণ* গোলাপ ফুলের সুগন্ধযুক্ত। 'খোসবু বিলায় গোলাবী আতর।' *মাহেনও*, ১৯৪৯।

গোলাবৃষ্টি দ্র গোলা[১]

গোলাম [আ গুলাম] **১** *বি* দাস। 'জ্ঞান শূন্য হএ পড়ে যতেক গোলাম।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'বিচার নাহিক কোথা সাহেব গোলাম।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* ক্রীতদাস। 'গোলাম স্বরূপ বেচিবার কারণ।' *ক্যালগে*, ১৭৮৯। **৩** *বি* গোলামের ছবি আছে এমন তাস। 'এই নিন গোলাম কেটেছি, আর পাল্লেম না, গোলামেই সব হবে।' *মশাররফ*, ১৮৬৯।

গোলামখানা [আ গুলাম+ফা খানাহ্] *বি* গোলামের বাসস্থান। 'গোলামখানা হইতে বাহির হইয়া আসিয়াছেন।' *নজরুল*, ১৯২২।

গোলামগর্দিস [আ গুলাম+ফা গর্দিশ] *বি* দাসদের ভিড় বা জটলা। 'গোলামগর্দিসে খাড়া গোলাম সকল।' *ভারত*, ১৭৬০।

গোলামচোর [আ গুলাম+স চোর] *বিণ* অন্ধ অনুসারী। 'আর্ট সম্বন্ধে ইউরোপের গোলামচোর হওয়ার লজ্জা পাওয়া দূরে যাক।' *প্রমথ*, ১৯০৫।

গোলামজাতি [আ গুলাম+স জাতি] *বি* জাতিগতভাবে গোলাম। 'আমরা যে গোলামজাতি নই।' *রোকেয়া*, ১৯২১।

গোলাম-পাশ [আ গুলাম+স পাশ] *বি* গোলামির শৃঙ্খল। 'সমাজে গোলাম-পাশ করে দেওয়াতেই বণিক-বুদ্ধির সার্থকতা।' *প্রমথ*, ১৯১৩।

গোলামবুদ্ধি [আ গুলাম+স বুদ্ধি] *বি* সীমাবদ্ধ বুদ্ধি। 'স্বার্থের মোটবওয়া গোলামবুদ্ধি, মুক্ত নিরঞ্জন প্রভুবুদ্ধি নয়।' *মৈত্যহের*, ১৯৫০।

গোলামি, গোলামী [আ গুলাম>] *বি* দাসত্ব। 'গোলাম গোলামী কৈল গালিম কয়েদ হইল।' *ভারত*, ১৭৬০; '... ভুতার তলে থাকিয়া গোলামি করনের আবশ্যক কি।' *প্রভাকর*, ১৮৪৭।

গোলামি করা *ক্রি* দাসত্ব করা। 'বিদ্যাশিক্ষার সুযোগ যদি পরের কাছে মাগিয়া লইতে হয়, তবে শিক্ষাকে পরের গোলামি করিতেই হইবে।' *রবীন্দ্র*, ১৯০৫।

গোলামিচাপা [আ গুলাম>+স চাপ>] *বিণ* দাসত্বপিষ্ট। 'গোলামিচাপা এই খর্ব মনুষ্যত্বের দেশে ...।' *রবীন্দ্র*, ১৯৩৪।

গোলাল [স গোশালা>] *বি* গোয়াল; গোরুর ঘর। 'একটী গরুর গোলাল ভাঙ্গিতে লাগীল।' *চিঠিপত্রে*, ১৭৭৬।

গোলালো [স গোল>] *বিণ* গোলগাল। 'সুকোমল ভুজবল্লী গোলালো গঠন।' *দীনবন্ধু*, ১৮৬৭।

গোলি[১] [স গোল] *বি* গোলাকার বস্তুবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

গোলি[২] [ই] *বি* গোলরক্ষক। 'গোলি সেটা তড়িঘড়ি সরিয়ে ফেললে।' *মুজতবা*, ১৯৫৯।

গোলুনি [তুলনীয় ঘোলা] *বি* কাদা। 'জলকেলি করে বেউলা গোলুনি মারে পায়ে।' *বিজয়*, ১৬৫০।

গোলেমালে [হি গোলমাল>] *ক্রিবিণ* বিশৃঙ্খলার মধ্যে। 'গোলেমালে হরিবোল গণ্ডগোল সার।' *গুপ্ত*, ১৮৫৮।

গোলোক [স] *বি* স্বর্গ। 'গোলোকে ব্রজের সহ নিত্য বিহার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গোলোক-ধাম [স] *বি* স্বর্গ। 'ভালো ছেলেদের জন্যে গোলোক-ধামে বাসা তৈরি হচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

গোলোকপ্রাপ্তি [স] *বি* মৃত্যু। 'বাবাজির গোলোকপ্রাপ্তি হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৯২।

গোল্লা [স গোল>] **১** *বি* রসগোল্লা। 'এক দিকে দ্বিজ তুষ্ট গোল্লা ভোগ দিয়া।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বি* শূন্য। 'গোল্লা পেয়ে ঝোল্লা ভরে আবার না হয় যাবেন কাজে।' *সুকুমার*, ১৯২০।

গোল্লায় যাওয়া *ক্রি* উচ্ছন্নে যাওয়া। 'মরি লো গোল্লায় গেলি লাজ খেলি হায়।' *রামপ্রসাদ*, ১৭৮০।

গোল্লা চিংড়ি *বি* গলদা চিংড়ি। *ওসাঁ*, ১৭৮৫।

গো-শকট দ্র গো[২]

গোশত [ফা গোশ্ত] *বি* মাংস। 'এক টুকরা গোশত ও একটুখানি লোআব তুলিয়া লইয়া ...।' *ইমদাদুল*, ১৯২০।

গোশা [আ গুস্সাহ্] *বি* ক্রোধ; অসন্তোষ। *মানোএল*, ১৭৪৩; 'দুচারটা বদলোকের দোষে ... সব চাষীর উপর গোশা হবার পার না।' *মনসুর*, ১৯৫৫। দ্র **গোসা**

গোশালা দ্র গো[২]

গোষা [আ গুস্সাহ্] *বি* রাগ। 'কন্যা তাহা গোষা করিয়া ফিলিয়া দীলেন।' *হালহেড*, ১৭৭৩। দ্র **গোসা**

গোষ্ঠ [স] **১** *বি* গোচারণভূমি। 'অক্রুর আইলা কি বা পুনঃ গোষ্ঠ মাঝে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* গোয়াল। 'পাখিরা নীড়ে, গাভীরা গোষ্ঠে, চাষারা কুটীরে ফিরে গেল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গোষ্ঠখেলা [স গোষ্ঠ+খেলা] *বি* (হিন্দুপুরাণ) কৃষ্ণের গোচারণ লীলা। 'অনাদির আদি শ্রীকৃষ্ণনিধি তার কি আছে কভু গোষ্ঠখেলা।' *লালন*, ১৮৯০।

গোষ্ঠ-গৃহ [স] *বি* গোয়ালঘর। 'গোষ্ঠ-গৃহে গাভী-বৃন্দ ধায় হাম্বা রবে।' *মাইকেল*, ১৮৬১।

গোষ্ঠঘর [স] *বি* গোয়াল। 'গোষ্ঠঘরে ফিরছে ধেনু শ্রান্তকায়া।' *রবীন্দ্র*, ১৯০০।

গোষ্ঠপ্রাঙ্গণচ্ছায়া [স] *বি* গোয়াল ঘরের ছায়া। 'গোষ্ঠপ্রাঙ্গণচ্ছায়ায় তাহাকে স্নেহবিগলিত গৃহলক্ষ্মীটির মতো দেখিতে হইল।' *রবীন্দ্র*, ১৯০০।

গোষ্ঠবিদ্যা [স] *বি* পশুপালনবিদ্যা। 'আমার ছেলেকে আর সন্তোষকে পাঠালুম কৃষিবিদ্যা আর গোষ্ঠবিদ্যা শিখে আসতে।' *রবীন্দ্র*, ১৯২৮।

গোষ্ঠবিহার [স] *বি* কৃষ্ণের গোচারণ লীলার স্মারক উৎসব। 'রামনবমীর দোল, চড়কপূজা ও গোষ্ঠবিহার অল্পদিন পরে পরে পড়িল।' *বিভূতি*, ১৯২৯।

গোষ্ঠবিহারী [স] *বি* কৃষ্ণ। 'শোভে শঙ্খ-চক্র-গদা-পদ্ম করে,/ গোষ্ঠবিহারী কভু, কভু দানবারি।' *নজরুল*, ১৯৩৩।

গোষ্ঠবৃত্তি [স] *বি* গোয়ালের বেড়া। 'সহজে প্রাবন যথা ভাঙে ভীমাঘাতে বালিবন্ধ! কিম্বা যথা ব্যাঘ্র নিশাকালে গোষ্ঠবৃত্তি।' *মাইকেল*, ১৮৬১।

গোষ্ঠলীলা [স] *বি* হিন্দুপুরাণোক্ত বৃন্দাবনে কৃষ্ণের গোচারণ লীলা। 'এত সকালে? গোষ্ঠলীলা বুঝি?' *রবীন্দ্র*, ১৯১৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গোষ্ঠী [স, সন্ধিতে ই-কার (গোষ্ঠি)] **১** *বি* পূর্বপুরুষ। 'আদ্যে শ্রীচৈতন্যপ্রিয় গোষ্ঠীর চরণে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* দল। 'দুই জন বসি কৃষ্ণকথা গোষ্ঠী কৈলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বি* বংশ। 'হোমাঙ্গ ছিলেন বৃহত গোষ্ঠী তাহার অনেকগুলিন সন্তান।' *রামরাম*, ১৮০১; 'কুষ্ঠরোগ কোন গোষ্ঠির মধ্যে প্রবিষ্ট হইলে ...।' *প্রভাকর*, ১৮৫৩।

গোষ্ঠিপ্রধান [স গোষ্ঠী-প্রধান, সন্ধিতে ই-কার] *বি* গোত্রের প্রধান। 'গ্রামের মাতব্বর বা গোষ্ঠিপ্রধানের তত্ত্বাবধানে কৃষককুল আপন আপন জমিজমা চাষ করে ...।' *মুরশিদ*, ১৯৭০।

গোষ্ঠীকুটুম [স গোষ্ঠীকুটুম্ব] *বি* আত্মীয়স্বজন। 'সর্বশেষে গোষ্ঠীকুটুমকে জিজ্ঞেস করলেন।' *মুজতবা*, ১৯৫২।

গোষ্ঠীজীবন [স] *বি* সঙ্ঘবদ্ধ জীবন। 'গোষ্ঠীজীবন ভাল কী মন্দ জানি না।' *ধূর্জটি*, ১৯৩১।

গোষ্ঠীজ্ঞাপক [স] *বিণ* গোষ্ঠীকেন্দ্রিক। 'এই সমস্ত জনপদের অধিকাংশের নাম যে স্থানজ্ঞাপক না হইয়া গোষ্ঠীজ্ঞাপক ছিল।' *এনামুল*, ১৯৫৫।

গোষ্ঠীপতি [স] **১** *বি* গোষ্ঠীর প্রধান। 'রাঢ়ীয় কেশরী গ্রামী গোষ্ঠীপতি দ্বিজ স্বামী।' *ভারত*, ১৭৬০। **২** *বি* সমাজপতি। 'বড় কুলীন ও গোষ্ঠীপতি কি নিমিত্ত হইয়াছিল।' *দর্পণ*, ১৮২১।

গোষ্ঠীবদ্ধ [স] *বিণ* সমাজবদ্ধ। 'মনে হচ্ছে প্রাগৈতিহাসিক গোষ্ঠীবদ্ধ মানুষ।' *হাসান*, ১৯৬২।

গোষ্ঠীবাদী [স] *বিণ* গোষ্ঠীতান্ত্রিক। 'বিভিন্ন গোষ্ঠীবাদী সমাজদর্শন জনসাধারণের মনে ক্রমেই প্রভাব বাড়িয়ে চলেছে।' *শিব*, ১৯৬০।

গোষ্ঠীভুক্ত [স] *বিণ* সম্প্রদায়ের অন্তর্ভুক্ত। 'বং-গোষ্ঠীভুক্ত মানুষের বাসভূমি বাংলাদেশ।' *এনামুল*, ১৯৫৫।

গোষ্ঠীভোজন [স] *বি* পরিজন ও জ্ঞাতিবর্গকে খাওয়ানো। 'সাংবাৎসরিক গোষ্ঠীভোজনের আয়োজনটা এগিয়ে এল।' *হাসান*, ১৯৬২।

গোষ্ঠীমূলক [স] *বিণ* সম্প্রদায়কেন্দ্রিক। 'আদর্শ হিসেবে গোষ্ঠীমূলক পরিকল্পনা এখন সভ্যজগৎ থেকে একরকম লোপ পেয়েছে।' *ওয়াজেদ*, ১৯৪৩।

গোষ্ঠোৎপন্ন [স গোষ্ঠ-উৎপন্ন] *বিণ* গোয়ালে প্রস্তুত। 'গোষ্ঠোৎপন্ন ঘৃত ... বিক্রয় দ্বারা জীবিকা নির্ব্বাহ।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

গোষ্পদ [স] **১** *বি* গোরুর পা রাখার ফলে সৃষ্ট ছোটো গর্ত। 'গোষ্পদ আস্পদ কভু হয় রত্নাকরে?।' *রঙ্গ*, ১৮৫৮। **২** *বি* অতি ক্ষুদ্র জলাশয়। 'কোথাও ডোবা বলি কোথাও গোষ্পদ বলি।' *বঙ্কিম*, ১৮৯২।

গোসআরা [ফা গোশওয়ারাহ] *বি* পুরুষের কানের অলঙ্কার। 'এক যোড়া শাল ও এক গোসআরা দিয়াছেন।' *দর্পণ*, ১৮২৪।

গোসঙ্গ [স গো>] *বি* মাখন। 'আর ব্রমাএ গোসঙ্গ চোরি করিয়াছিলেন ...।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

গোসবারা [ফা গোশওয়ারাহ] *বি* পুরুষের কানের অলঙ্কার। 'এক যোড়া শাল ও এক গোসবারা পাইয়াছেন।' *দর্পণ*, ১৮২৭।

গোসল [আ গুসল] *বি* স্নান। 'গোসল করিআ চক্ষে সুরমা পড়িবা।' *আত্মাওল*, ১৬৮০।

গোসলখানা [আ গুসল+ফা খানাহ] *বি* স্নানের ঘর। 'একটা গলা শোনা গেল, গোসলখানার থেকে।' *জীবন*, ১৯৩২।

গোসসা, গোস্‌সা [আ গুস্‌সাহ] *বিণ* রাগান্বিত; ক্ষুব্ধ। 'ফেরাউন খুব গোসসা হইলেন।' *মনসুর*, ১৯৫০।

গোস্‌সাঘর [আ গুস্‌সাহ+ঘর] *বি* রাগ করে থাকার ঘর। 'তাই বলে কি উষ্মাভরে গোস্‌সাঘরে এখনও খিল দিয়ে বসে রইবেন?' *মুজতবা*, ১৯৫৮।

গোসা [আ গুস্‌সাহ] **১** *বি* রাগ। 'হরিষে বিষাদে আছে মন করো না এ কথায় গোসা।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *বি* অভিমান। 'অথচ ছেলেটিও আদুরে – গোসা করিলে পাছে প্রমাদ ঘটে।' *প্যারী*, ১৮৫৮।

গোসা এড়ানো *ক্রি* প্রকৃতিস্থ হওয়া। *মানোএল*, ১৭৪৩।

গোসা খাওয়া *ক্রি* অভিমান করা। 'একথা ওকথা শুন্যা গাজী গোসা খান।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গোসাই [স গোস্বামী] *বি* সাধুপুরুষ। 'খেওয়া নাও পাতিয়া গোসাইরে করে পার।' *বিজয়*, ১৬৫০।

গোসাঁই [স গোস্বামী] *বি* সাধুপুরুষের উপাধিবিশেষ। 'আসনে বসিয়া উন্নমা হইয়া ভাবেন ব্যাস গোসাঁই।' *ভারত*, ১৭৬০।

গোসাঞি, গোসাঞিঁ, গোসাঞী [স গোস্বামী] *বি* প্রভু। 'ছাওআল নহোঁ রাধা আইহন গোসাঞি।' *বড়ু*, ১৪৫০; 'ভক্ত অনুক্রান্তে গোসাঞি দেব নারায়ন।' *মালাধর*, ১৫০০; 'গোসাঞীর জর্ম্ম কর্ম্ম কে কহিতে পারে।' *মালাধর*, ১৫০০। **গোসাঞের** *ক্রিবিণ* গোঁসাইয়ের। 'গোসাঞের আজ্ঞা হৈল তোমা মারিবার তরে।' *মালাধর*, ১৫০০।

গোসাপ [স গো+সাপ] *বি* গোধা; গুইসাপ। 'তাহাদিগকে সরীসৃপ বলে; যেমন সাপ, গোসাপ, টিকটিকি ... ইত্যাদি।' *বিদ্যা*, ১৮৫১।

গোসালা দ্র গো[২]

গোসেবা দ্র গো[২]

গোসোয়ারা [ফা গোশওয়ারা] **১** *বি* কানের অলঙ্কারবিশেষ। 'সাত পার্চার খেলাৎ ও গোসোয়ারা এবং একজোড়া শাল।' *দর্পণ*, ১৮৩৫। **২** *বি* হিসাবের খাতা। 'কাহাকে বলে চিঠা, কাহাকে বলে গোসোয়ারা ...।' *প্যারী*, ১৮৫৮।

গোস্ত [ফা গোশ্‌ত] *বি* মাংস। 'জাতি নাশ করিব আজি গোস্ত খিলাইয়া।' *বিজয়*, ১৬৫০।

গোস্তাকি [ফা গুস্তাখী] **১** *বি* ধৃষ্টতা। 'গোস্তাকি! তোর দাদনের জন্যে দশখানা গ্রামের দাদন বন্ধ রহিয়াছে।' *দীনবন্ধু*, ১৮৬০। **২** *বি* বেয়াদবি। 'হুজুর, গোস্তাকি হয়েছিল।' *রবীন্দ্র*, ১৯১৫।

গোস্তাখি, গোস্তাখী [ফা গুস্তাখী] **১** *বি* বেয়াদবি। 'শাস্তি দিয়েছি গোস্তাখির।' *নজরুল*, ১৯২২। **২** *বি স্পর্ধা*। 'গোস্তাখি এই যে, তিনি নানা সমস্যার সমাধান করিতে যাইয়া সকল দলের এবং সকল প্রতিষ্ঠানের সাহায্য লাভ করিতেছেন।' *আজাদ*, ১৯৪৩।

গোস্তাকী [ফা গুস্তাখী] *বি* অপরাধ। 'কী, এতবড় গোস্তাকী?' *সাদত*, ১৯৬৭।

গোস্বা [আ গুস্‌সাহ] *বিণ* ক্ষুব্ধ। 'শুনিয়া রাছুল কহেন গোস্বা দিল হইয়া।' *গরীব*, ১৭৬৫। দ্র **গোসা**

গোস্বাধৃত [আ গুস্‌সাহ+স ধৃত] *বিণ* রাগান্বিত। 'গোস্বাধৃত তার গলার আওয়াজ।' *শওকত*, ১৯৬২।

গোস্বামী, গোস্বামি [স, সন্ধিক্ষেত্রে ই-কার] **১** *বি* (হিন্দু) গুরু বা ধর্মোপদেষ্টা। 'শ্রীরামপুরের গোস্বামিদিগের স্থাপিত।' *দর্পণ*, ১৮২২। **২** *বি* বৈষ্ণব ও ব্রাহ্মণদের উপাধিবিশেষ। 'শ্রীযুত গোপালচন্দ্র

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গোস্বামী।' *দর্পণ*, ১৮৩৬।

গোহত্যা দ্র গো[২]

গো-হাটা দ্র গো[২]

গোহা [স গুহা] *বি* গুহা। 'সয়ন করিয়া আছে গোহার ভিতর।' *মালাধর*, ১৫০০।

গোহাড় দ্র গো[২]

গোহারি, গোহারী [হি গোহার] **১** *বি* অভিযোগ। 'রাজা কংসে করিব গোহারি।' *বড়ু*, ১৪৫০; 'রাজা আগেঁ করিবোঁ গোহারী।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* আবেদন। 'নাঞি মানে প্রজার গোহারি।' *মুকুন্দ*, ১৬০০।

গোহারিক *বিণ* অভিযুক্ত। 'গোহারিক জন কেহ লাগ নাহি পায়।' *আলাওল*, ১৬৮০।

গোহাল [স গোশালা] *বি* গোয়াল। 'মানুষের গোহাল প্রস্তুত করিয়া মনুষ্য পালন করিব।' *বঙ্কিম*, ১৮৭৪।

গোহালা [স গোপাল>] *বি* গোয়ালা। **গোহালি** *বি স্ত্রী* গোয়ালিনি। 'জ্যৈষ্ঠ মাসে গোহালা গোহালি জেন পিটে।' *মুকুন্দ*, ১৬০০।

গোহালী [স গোশালা] *বি* গোয়ালিনি। 'সরহ ভণন্তি বর সৃণ গোহালী।' *চর্যা* ৩৯, ১২০০।

গোহাল্যে [স গোশালা>] *বিণ* গোয়াল-সম্পর্কিত। 'গোহাল্যে গাইয়া গীত কোয়ালি ফিরয়ে নিত।' *মুকুন্দ*, ১৬০০।

গৌখানা [স গৌ+ফা খানাহ্] *বি* গোয়ালঘর। 'গৌখানা উঠাইয়া দিবেক।' *দর্পণ*, ১৮২১।

গৌড় [স] *বি* বঙ্গদেশ। 'জগতের ভাগ্যে গৌড়ে করিলা উদয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'পূর্ব্বকালে বঙ্গরাজ্যের রাজধানী গৌড় ছিল।' *অক্ষয়*, ১৮৪১।

গৌড়জন [স] *বি* গৌড়দেশের মানুষজন। 'গৌড়জন যাহে আনন্দ করিবে পান।' *মাইকেল*, ১৮৬১।

গৌড়দেশ [স] *বি* প্রাচীন বঙ্গদেশের নাম। 'গৌড়দেশ-ইন্দ্র জয় নিত্যানন্দ রায়।' *বৃন্দা*, ১৫৮০।

গৌড়দেশবাসী [স] *বিণ* গৌড়দেশে বসবাসকারী। 'আর যত ভক্তগণ গৌড়দেশবাসী।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৌড়-বাংলা [স গৌড়-বঙ্গ] *বি* গৌড়কেন্দ্রিক বঙ্গদেশ। 'এশিরিয়া, উজ্জয়িনী, গৌড়-বাংলা।' *জীবন*, ১৯৩২।

গৌড়-বৈষ্ণব [স] *বি* গৌড় অঞ্চলের বৈষ্ণব-সম্প্রদায়। 'গৌড়-বৈষ্ণবদিগের সহিত তাহাদের বিভিন্নতা দেখিতে পাওয়া যায়।' *অক্ষয়*, ১৮৫০।

গৌড়ভূমি [স] *বি* বঙ্গভূমি। 'নারিবে শোধিতে ধার কভু গৌড়ভূমি।' *মাইকেল*, ১৮৬৬।

গৌড়-মল্লার *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'গৌড়-মল্লার।' *রবীন্দ্র*, ১৮৮১।

গৌড়-সারঙ্গ *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'শূন্যতা থেকে উচ্ছ্বসিত গৌড়-সারঙের আলাপ।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গৌড়াদি [স] *বি* গৌড় ও অন্যান্য দেশ। 'গৌড়াদি পূর্ব্ব দেশের নাম পুণ্ড্রদেশ ছিল।' *অক্ষয়*, ১৮৪৭।

গৌড়িয়া [স গৌড়ীয়] *বি* গৌড়দেশের নাগরিক। 'হেনকালে এক গৌড়িয়া সুবুদ্ধি সরল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৌড়ী [স] *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'এবে কহি নিশিগীত সন্ধ্যাকালে গৌড়ী।' *আলাওল*, ১৬৮০।

গৌড়ীয় [স] **১** *বিণ* গৌড়দেশে প্রচলিত। 'তাহাদের বিবরণ ১,৮০০ যিশবীয় সনে গৌড়ীয় ভাষাতে রচিত হইল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০; 'গৌড়ীয় ভাষার ব্যাকরণ।' *রামমোহন*, ১৮২৬। **২** *বিণ* গৌড় দেশের। 'ছয় শত বৎসর হইল গৌড়ীয় রাজা বল্লাল সেন।' *দর্পণ*, ১৮৩০।

গৌড়ীয় ভাষা [স] *বি* বাংলা ভাষা। 'তাহাদের বিবরণ ১,৮০০ যিশবীয় সনে গৌড়ীয় ভাষাতে রচিত হইল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

গৌড়ীয় সমাজ [স] *বি* উনিশ শতকের প্রথম দিকে কলকাতায় প্রতিষ্ঠিত সমাজবিশেষ। 'বিদ্যালয়ে গৌড়ীয় সমাজের সভা হইয়াছিল।' *দর্পণ*, ১৮২৩।

গৌড়ীয়া [স] *বি* গৌড় দেশের লোক। 'এ তিন ঠাকুর গৌড়ীয়াকে করিয়াছে আত্মসাৎ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৌড়েশ্বর [স] *বি* গৌড় রাজ্যের রাজা। 'চিরঞ্জীব রহু পঞ্চ গৌড়েশ্বর কবি বিদ্যাপতি ভনে।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'পঞ্চ গৌড়েশ্বর ভোগ-পুরন্দর ভণে যশরাজ খান।' *মালাধর*, ১৫০০।

গৌণ [স] **১** *বি* অপেক্ষা। 'আর এ স্থানে গৌণ করিও না।' *রাজীব*, ১৮০৫। **২** *ক্রিবিণ* পরে। 'কিঞ্চিৎ কাল গৌণে ভবানন্দ বিদ্যা অভ্যাস করিতে প্রবর্ত্ত।' *রাজীব*, ১৮০৫। **৩** *বিণ* পরোক্ষ। 'কপালস্থ মস্তিষ্ক ও মেরুদণ্ডস্থ মজ্জার সহিত মুখ্যরূপে বা গৌণরূপে ইহাদের সংযোগ আছে।' *অক্ষয়*, ১৮৪৯।

গৌণকল্প [স] *বি* অপ্রধান কল্পনা। 'তাহার প্রতিলিপি দ্বারা সম্যক্প্রকারে গৌণকল্প করেন।' *দর্পণ*, ১৮৩৫।

গৌণফল [স] *বি* পরোক্ষ ফল। 'এটা কেবল গৌণফল।' *রবীন্দ্র*, ১৯০৭।

গৌণরূপে *ক্রিবিণ* পরোক্ষভাবে। 'কপালস্থ মস্তিষ্ক ও মেরুদণ্ডস্থ মজ্জার সহিত মুখ্যরূপে বা গৌণরূপে ইহাদের সংযোগ আছে।' *অক্ষয়*, ১৮৪৯।

গৌণার্থ [স গৌণ-অর্থ] *বি* অপ্রধান অর্থ। 'মুখ্যার্থ ছাড়িয়া কর গৌণার্থ কল্পনা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৌন [স গৌণ] **১** *বি* অবহেলা। 'তুমি ও তোমার নাএব গৌন করিবা না।' *বোগল*, ১৭৭০; 'দাদনির দফায় তুমি ও তোমার নাএব কিছু গৌন করিবা না।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *ক্রিবিণ* বিলম্বে; আরও পরে। 'আশীবার গৌন কি তাগাদী ...।' *হ্যালহেড*, ১৭৭৩।

গৌর [স] **১** *বিণ* ফর্সা। 'দেহকান্তি গৌর কভু দেখিয়ে অরুণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* গৌরাঙ্গ। 'অখিলের সার প্রভু গৌর চিন্তামণি।' *জ্ঞান*, ১৬০০। **৩** *বি* নদীবিশেষ। 'খড়ী নদী কাটাইয়া গৌর নদীতে আনাইয়া ...।' *দর্পণ*, ১৮১৯।

গৌরকান্তি [স] *বি* ফর্সা চেহারা। 'প্রদীপ ধরিয়া হেরিল তাঁহার নবীন গৌরকান্তি।' *রবীন্দ্র*, ১৮৯৯।

গৌরকৃষ্ণ [স] *বি* (হিন্দুপুরাণ) কৃষ্ণ। 'সেইক্ষণে গৌরকৃষ্ণ ভূমি অবতরি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৌরগুণমণি [স] *বি* চৈতন্যদেব। 'মায় ছেড়ে কোথা যাবে গৌরগুণমণি।' *মানিকরাম*, ১৭৮১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গৌরচন্দ্র [স] *বি* চৈতন্যদেব। 'বিনা গৌরচন্দ্র নাহি জানে দেবী-দেবা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৌরচন্দ্রিকা [স] *বি* ভূমিকা। 'কেবল গৌরচন্দ্রিকা ভেজেছে।' *দীনবন্ধু*, ১৮৬৬।

গৌরতনু [স] *বি* ফর্সা দেহ। 'দেখিলা চাহিয়া নব গৌরতনুতলে আরক্তিম আলজ্জ আভাস।' *রবীন্দ্র*, ১৮৯২।

গৌরপটল [স গৌর+স পদতল] *বি* পেঁয়াজ। 'গৌরপটল নাম দিয়ে – রান্নাঘরে পেঁয়াজের জন্য স্বতন্ত্র উনান।' *তারা*, ১৯৪৩।

গৌরপ্রেম [স] *বি* চৈতন্যদেবের প্রতি প্রেম। 'গৌরপ্রেম অথাই, ঝাঁপ দিয়েছি তাই।' *লালন*, ১৮৯০।

গৌরবদন [স] *বিণ* ফর্সা মুখবিশিষ্ট। *মানোএল*, ১৭৪৩।

গৌরবরন [স গৌরবর্ণ] *বিণ* ফর্সা রঙের। 'কেউ বা দিব্যি গৌরবরন, কেউ বা দিব্যি কালো।' *রবীন্দ্র*, ১৮৯২।

গৌরবর্ণ [স] *বিণ* ফর্সা রঙের। 'গৌরবর্ণ শরীর ব্রাহ্মণের নারী।' *বিজয়*, ১৬৫০।

গৌরবর্ণা [স] *বিণ স্ত্রী* গায়ের রং ফর্সা এমন। 'মেয়েটি গৌরবর্ণা।' *কায়সার*, ১৯৬৫।

গৌরভগবান [স] *বি* চৈতন্যদেব। 'ভক্তবাৎসল্য যাঁহা দেখাইল গৌরভগবান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৌরমণি [স] *বি* চৈতন্যদেব। 'ঈষৎ হাসিয়া কিছু কহে গৌরমণি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৌরহরি [স] *বি* চৈতন্যদেব। 'সন্ন্যাসী হইবে গৌরহরি।' *মুরারি*, ১৫৭০।

গৌরাঙ্গ [স] **১** *বি* চৈতন্যদেব। 'নিভৃতে বসিলা গিয়া গৌরাঙ্গ শ্রীহরি।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* উজ্জ্বলবর্ণযুক্ত (দেহ)। 'বাহিরে গৌরাঙ্গ তার ভিতরেতে শাদা।' *গুপ্ত*, ১৮৫৮।

গৌরাঙ্গমতাবলম্বিনী [স] *বি স্ত্রী* চৈতন্যদেবের অনুসারী। 'এই গৌরাঙ্গমতাবলম্বিনী দুর্ভাগ্য স্ত্রীলোকদিগের সতীত্ব রক্ষা করা অতি ...।' *অক্ষয়*, ১৮৪৪।

গৌরাঙ্গসুন্দর [স] *বি* চৈতন্যদেব। 'হেন চিত্রলীলা করে গৌরাঙ্গসুন্দর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৌরাঙ্গী [স] *বিণ* গৌরবর্ণ দেহবিশিষ্ট। 'যাঁহাদিগকে প্রকৃতপক্ষে গৌরাঙ্গী বলি।' *বঙ্কিম*, ১৮৬৬।

গৌরনর [ই] *বি* গভর্নর। **গৌরনর জনরেল** [ই] *বি* গভর্নর জেনারেল। 'শ্রীযুত প্রবল প্রতাপ গৌরনর জনরেল সাহেবর হযুরে।' *ক্যালগে*, ১৭৮৭।

গৌরব [স] **১** *বি* সম্মান। 'আপণ গৌরব রাধা রাখহ আপণে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* আত্মসম্মান। 'গৌরব চিনিআ বেটা হেতা হইতে জা।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* আনন্দ। 'কৌতুকে সৃজিলা প্রভু করিয়া গৌরব।' *বাহরাম*, ১৬৫০। **৪** *বি* প্রশংসা। 'ইহাতে সকলেই গৌরব করিলেন।' *কৌমুদী*, ১৮৩৩; 'যে সকল মহাশয়েরা স্ত্রীবিদ্যার গৌরব করেন না ...।' *অক্ষয়*, ১৮৪২। **৫** *বি* মর্যাদা। 'এই কথা লইয়া তাঁহার খুব গৌরব বৃদ্ধির চেষ্টা পাইয়াছেন।' *অক্ষয়*, ১৮৫০। **৬** *বি* প্রসিদ্ধি। 'তাহা হইলে দেশের গৌরব কতদূর রক্ষিত হয় তাহা বলা যায় না।' *অক্ষয়*, ১৮৫৫। **৭** *বি* সুখ্যাতি। 'সাহিত্য সম্বন্ধে বঙ্গদর্শনের গৌরব অক্ষুণ্ন রহিল।' *বঙ্কিম*, ১৮৭৫। **৮** *বি* আত্মতৃপ্তি। 'স্বজাতির যোগ্যতা প্রমাণ করিয়া গৌরব লাভ করিব।' *রবীন্দ্র*, ১৮৯০। **৯** *বি* পদমর্যাদা। 'পরীক্ষা দেওয়া গৌরব লোভে একপ্রকার জুয়া খেলা।' *রবীন্দ্র*, ১৮৯১। **১০** *বি* গুরুত্ব। 'পুত্রশোকের গৌরব প্রকাশ করিতেও চায়।' *রবীন্দ্র*, ১৯০৭। **১১** *বিণ* সম্মানসূচক। 'এ স্থলে তো গৌরবে বহুবচন খাটবে না।' *রবীন্দ্র*, ১৯০৭। **১২** *বি* ভারত্ব। 'যেন তাদের কোনো গৌরব নেই, অর্থাৎ যেন তারা ভারাকর্ষণের কোনো ধার ধারে না।' *রবীন্দ্র*, ১৯৩০। **১৩** *বিণ* গৌরবময়। 'অখ্যাত তিমিরতলে এসো গৌরব নিশীথে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

গৌরবকর [স] *বিণ* গৌরবজনক। 'তাহার সহিত আমাদের গৌরবকর আত্মীয় সম্বন্ধ ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

গৌরবঘোষণা [স] *বি* মর্যাদা প্রকাশ। 'যাঁহারা সাহিত্যবীর তাঁহারাও অস্তিত্বমাত্রের গৌরবঘোষণা করিবার ভার লইয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

গৌরবচ্ছটা [স] *বি* উৎকর্ষের দ্যুতি। 'সেই গৌরবচ্ছটা সমস্ত দেশ হইতে সহস্র রশ্মিতে বিচ্ছুরিত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গৌরবজনক [স] *বিণ* সম্মানজনক। 'জমিদারের অন্যান্য গৌরবজনক অধিকারও উঠিয়া গিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গৌরবদীপ্ত [স] *বিণ* গৌরবমণ্ডিত। 'সে সাহিত্য হবে জাতীয় গৌরবদীপ্ত অথচ বিশ্বমানবতার ভাবে অনুপ্রাণিত।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

গৌরবদৃষ্টি [স] *বি* সুদৃষ্টি। 'আল্লাহর গৌরবদৃষ্টি তাহার উপরে।' *বাহরাম*, ১৬৫০।

গৌরবপুষ্ট [স] *বিণ* গৌরবপূর্ণ। 'হিন্দু গৌরবপুষ্ট হিন্দুসাহিত্য।' *এসলাম*, ১৮৯৯।

গৌরববর্জিত, গৌরববর্জ্জিত [স] *বিণ* মর্যাদাহীন। 'তথাপি গুরুর ধর্ম্ম গৌরববর্জ্জিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গৌরববিশিষ্ট [স] *বিণ* মর্যাদাপূর্ণ। 'কাপুরুষতার প্রতি যথোচিত ঘৃণা এবং ধিক্কারের দ্বারা তাহা গৌরববিশিষ্ট।' *রবীন্দ্র*, ১৮৯৮।

গৌরববিহীন *বিণ* গৌরব নেই এমন। 'গবর্মেন্টের সমুন্নত ফাঁসিকাষ্ঠ কি তোদের মতো গৌরববিহীন প্রাণীদের জন্য হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯৮।

গৌরবভূমি [স] *বি* মর্যাদাপূর্ণ স্থান। 'এসলামের গৌরবভূমি তুরস্কের বুকের উপর ...।' *এসলাম*, ১৯৩৪।

গৌরবমণ্ডিত [স] *বিণ* মহিমান্বিত। 'একুশে ফেব্রুয়ারী তাই পূর্ব পাকিস্তানের ইতিহাসে একটি অশেষ গৌরবমণ্ডিত ক্রান্তিকালের দিন।' *হাফিজুর*, ১৯৫৩।

গৌরবময় [স] *বিণ* গৌরবপূর্ণ। 'অতীতের গৌরবময় স্মৃতি ও সে স্মৃতির অনুরূপ ভবিষ্যতের আদর্শ।' *রবীন্দ্র*, ১৯০১।

গৌরবমিনার [স গৌরব+আ মিনার] *বি* মহিমাত্মক মিনার। 'তাঁর কোন কৃতি গৌরবমিনার হয়ে রইল কীর্তি হিসেবে?' *শরীফ*, ১৯৭০।

গৌরবলাঘব [স] *বি* মর্যাদা হ্রাস। 'গৌরবলাঘবের ভয়ে ...।' *রবীন্দ্র*, ১৯০২।

গৌরবলাভেচ্ছা [স] *বি* গৌরব লাভের ইচ্ছা। 'গৌরবলাভেচ্ছা হিন্দুকুশ ও হিমালয় পর্ব্বত থেকেও উঁচু হয়ে উঠলো।' *হুতোম*, ১৮৬১।

গৌরবলোক [স] *বি* গর্বের ভুবন। 'পলিটিকস-ইকনমিকস'-এর বাইরেও আমাদের গৌরবলোক আছে।' *রবীন্দ্র*, ১৯৩২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গৌরবশূন্য [স] *বিণ* মর্যাদাহীন। 'মুছলমানরা পুরাপুরি গৌরবশূন্য হইয়া উঠিয়াছিল।' *আজাদ*, ১৯৬৪।

গৌরবসবিতা [স] *বি* গৌরবরূপ সূর্য। 'ব্রহ্মাণ্ড-অম্বর-মধ্যে অনির্বাণ গৌরবসবিতা।' বুদ্ধ, ১৯৩০।

গৌরবসূচক [স] *বিণ* সম্মানজনক। 'ক্রিয়াটি আমাদের পক্ষে বিশেষ গৌরবসূচক না হলেও মেনে নিতে হবে।' *প্রমথ*, ১৯১২।

গৌরবসূর্য, গৌরবসূর্য্য [স] *বি* গৌরবরূপ সূর্য। 'হিন্দুস্থানের গৌরবসূর্য চিরদিনের মতো অস্তমিত হইবে।' *রবীন্দ্র*, ১৮৯২।

গৌরবস্পর্ধিনী [স] *বিণ স্ত্রী* গৌরবমণ্ডিত। 'বঙ্গভূমির রাজধানী দিল্লীর গৌরবস্পর্ধিনী গৌর নগরীতে রাজত্ব।' *সিরাজী*, ১৯১৮।

গৌরবহানি [স] *বি* মর্যাদা লোপ। 'কলঙ্ক সত্ত্বেও গৌরবহানি হইতেছে না।' *রবীন্দ্র*, ১৮৮৮।

গৌরবহানিকর [স] *বিণ* মর্যাদা নষ্ট করে এমন। 'ইসলাম ধর্ম্মের প্রতি গৌরবহানিকর যথেচ্ছ লেখনী পরিচালনা ...।' *মোসলেম*, ১৯২৫।

গৌরবহীন [স] *বিণ* গুরুত্বহীন। 'এই গৌরবহীন মুখের চতুর্দ্দিকে অনন্ত অতৃপ্তিভরে ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

গৌরবান্বিত [স] *বিণ* মহিমান্বিত; গৌরবযুক্ত। 'অতি গৌরবান্বিত ব্যক্তিরাই মনোনীত হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৩।

গৌরবীয়া [স গৌরব] *বিণ* সম্মানিত। 'তাঁহার বিদ্যা ভদ্রসমাজে অবশ্যই গৌরবীয়া বটে।' *দর্পণ*, ১৮৩১।

গৌরবেচ্ছা [স] *বি* শ্রেষ্ঠত্বের বাসনা। 'জাতীয় গৌরবেচ্ছা সঞ্চারিত হয়।' *রাজ*, ১৮৭৪।

গৌরবোজ্জ্বল [স] *বিণ* মর্যাদা বা গৌরবে পূর্ণ। 'বোনের দেওয়া স্নেহ-বিজড়িত অশ্রু গৌরবোজ্জ্বল ...।' *নজরুল*, ১৯২৪। 'সেই গৌরবোজ্জ্বল প্রতিভাদীপ্ত মুখচ্ছবি চিরকাল ...।' *রবীন্দ্র*, ১৯৬৯।

গৌরবদন দ্র গৌর

গৌরবরন দ্র গৌর

গৌরবর্ণ, গৌরবর্ণা দ্র গৌর

গৌরয়াল [স গৌর>] *বিণ* গেরুয়ামিশ্রিত শ্বেতবর্ণ। *ওসাঁ*, ১৭৮৫।

গৌরাঙ্গী দ্র গৌর

গৌরাল [স গৌর>] *বিণ* গৌর বর্ণের। *ওসাঁ*, ১৭৮৫।

গৌরি [স গৌরী] *বি* (সঙ্গীত) রাগবিশেষ। 'গৌরি রাগ।' *মালাধর*, ১৫০০।

গৌরিকাল [স] *বি* কুমারী নারীর আট বছর বয়সের সময়। 'তিনি, ধনবতীনাম্নী নিজ কন্যার, গৌরিকালে, গৌরিদত্ত নামক ধনাঢ্য বণিকের সহিত বিবাহ দিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

গৌরিমা [স গৌরী] *বি* গৌরবর্ণ। 'মুখের স্বাভাবিক গৌরিমা বর্ণপ্রলেপের দ্বারা এনামেল-করা।' *রবীন্দ্র*, ১৯২৮।

গৌরী [স] ১ *বি* (হিন্দুপুরাণ) দুর্গা বা পার্বতী দেবী। 'বাঁশী পাইল হর গৌরী বরে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* (সংগীত) রাগবিশেষ। 'গৌরীরাগঃ।' *বড়ু*, ১৪৫০। ৩ *বি* কুমারী। 'পুষিআ পালিয়া সুত গৌরীকোলে করিল আধান।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* স্ত্রী নদীবিশেষ। 'গৌরী, পদ্মা, যমুনা, পার হইয়া সপরিবারে এ অঞ্চলে আসিয়াছে।' *মশাররফ*, ১৮৮৯। ৫ *বিণ* ফর্সা। 'গৌরী কাপালিকা দাঁড়াল সম্মুখে আসি।' *সুধীন্দ্র*, ১৯২৯।

গৌরীদান [স] *বি* আট বছর বয়সী কন্যার বিবাহ দানের রীতি। 'আমার পিতা যে গৌরীদানের পক্ষপাতী ছিলেন না ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

গৌর্যাদি [স] *বি* গৌরী আদি দেবতা। 'গৌর্যাদি করিল পূজা।' *মানিকরাম*, ১৭৮১।

গৌল [স গোশালা>] *বি* গোয়াল। 'দুষ্ট গরু থাকাচ্ছেয়ে শূনুগৌল ভাল।' *রামনারায়ণ*, ১৮৫৪।

গ্যড় [স গর্ত>] *বি* গর্ত। 'নকুল শেয়াল গ্যড়ে লুকাইল জমুকি।' *মুকুন্দ*, ১৬০০।

গ্যাং [ই] *বি* দল। 'আমির তার গ্যাংকে চুপিচুপি কী বললে।' *নজরুল*, ১৯৩০।

গ্যাংস্টার [ই] *বি* অপরাধীদের দল। 'মার্কিন গ্যাংস্টাররা যে রকম পকেটের ভিতর থেকেই ...।' *মুজতবা*, ১৯৬০।

গ্যাঁও গ্যাঁও [ধ্বন্যা] *বি* বিরক্তিকর শব্দের আওয়াজ। 'গ্যাঁও গ্যাঁও আওয়াজ অন্ধকারকে ধরে মুচড়ে দিলে।' *হাসান*, ১৯৬৭।

গ্যাঁগোঁ [ধ্বন্যা] *বি* বিরক্তিকর শব্দের আওয়াজ। 'গ্যাঁগো করে রেডিয়োটা, কে জানে কার জিত।' *রবীন্দ্র*, ১৯৪১।

গ্যাঁজা [স গঞ্জিকা] *বি* নেশাদ্রব্যবিশেষ। 'আমি স্বচক্ষে দেখেছি পুরুত ঠাকুর গ্যাঁজা খায়।' *হাসান*, ১৯৬৭।

গ্যাঁজলো [স গঞ্জিকা>] *ক্রি* বাজে বকা; বার বার এক কথা বলা। 'ওর গ্যাঁজাচ্ছিস, না?' *শামসুল*, ১৯৭৩।

গ্যাঁট *বিণ* স্থির। **গ্যাঁট হয়ে বসা** *ক্রি* অটল হওয়া। 'মুদীও গ্যাঁট হয়ে বসে আছে, দাম চড়াবার আশায়।' *মুজতবা*, ১৯৪৯।

গ্যাঁড়াকল *বি* বিপদ; ঝামেলাযুক্ত ফাঁদ। 'ও চলে গেলে আপন মনে বিড়বিড় করে, আচ্ছা গ্যাঁড়াকল।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

গ্যাগ [ই] *বি* মুখাবরোধ; মুখের ঠুলি। 'গ্যাগ পরাইতে করো সশস্ত্র ডাক্তারে ইনভিটেশন।' *নজরুল*, ১৯৩১।

গ্যাগা *বিণ* পাজি; দুষ্ট। 'আমি যত গ্যাগা-ই হই না কেন।' *মুজতবা*, ১৯৬৬।

গ্যাঙোর গ্যাঙোর [ধ্বন্যা] *বি* ব্যাঙের ডাক। 'ব্যাঙের গ্যাঙোর গ্যাঙোর ডাক।' *তারা*, ১৯৪২।

গ্যাঙওয়ে [ই] *বি* জাহাজের পার্শ্বদ্বার থেকে তীরে নামানোর সিঁড়ি। 'গ্যাঙওয়ে এখনো তোলা হয়নি।' *ওয়ালী*, ১৯৪৫।

গ্যাট *বিণ* নিশ্চল। 'কারখানার সদর দরজায়ি গ্যাট হয়ে বসল।' *ওয়ালী*, ১৯৪৫।

গ্যাট ম্যাট *বি* কোনো কিছু পরোয়া না করা বোঝাতে ব্যবহৃত শব্দ। 'এরা গ্যাট ম্যাট করে হাঁটতে শিখলে না।' *মুজতবা*, ১৯৫৮।

গ্যাদা *বি* অভিমান। 'আর গ্যাদা করে হতচ্ছেদা করিস নে।' *দীনবন্ধু*, ১৮৭২।

গ্যাদারি [হি গীধড়] *বিণ* নোংরা। 'এমন গ্যাদারি বউ দেখিনি।' *দীনবন্ধু*, ১৮৬৭।

গ্যান [স জ্ঞান] *বি* জ্ঞান। 'যাহার মহা গ্যান পরমেশর পরাচএ ভেদ থাকে।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

গ্যাপোন [স জ্ঞাপনা] *বিণ* নিবেদিত। 'সকোলি তোমাতে গ্যাপোন আছে ...।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গ্যারাজ [ফ গারাঝ] *বি* গাড়ি মেরামতের স্থান; গাড়ি রাখার ঘর। 'কোথায় যে একটা গ্যারাজের আংটাতে পা দিয়ে সামান্য তকলিফেই ছাতে ওঠা যায়।' *মুজতবা*, ১৯৬৬।

গ্যারান্টি [ই] **১** *বি* নিশ্চয়তা। 'হাজেরান মজলিসকে পুনঃপুনঃ গ্যারান্টি দান করিলেন।' *মনসুর*, ১৯৩৫। **২** *বি* প্রতিশ্রুতি। 'সে বিষয়ে আমাদের গ্যারান্টি।' *শিবরাম*, ১৯৪০।

গ্যারেজ [ফ গারাঝ] *বি* গাড়ি মেরামতের স্থান; গাড়ি রাখার ঘর। 'সব আবার আস্তাবল, গ্যারেজ ও কারখানায় ফিরে গিয়েছে।' *মাহেনও*, ১৯৪৯।

গ্যালন [ই] *বি* তরল পদার্থের মাপ (৪.৫ লিটার)। 'সোয়া কোটী হইতে দেড় কোটী গ্যালন জল পানোপযোগী ...।' *আজাদ*, ১৯৪১।

গ্যালারি [ই] **১** *বি* নীচ থেকে উপরের দিকে উঠে গেছে এমন সারিতে বিন্যস্ত আসন। 'ঘরের চারি দিকে গোল গ্যালারি।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বি* চিত্রশালা। 'মস্কৌ শহরে ট্রেটিয়াকভ নামে এক বিখ্যাত চিত্রভাণ্ডার আছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

গ্যাস [ই] **১** *বি* বায়বীয় দাহ্য বস্তু। 'জন্মতিথির দিন গ্যাসের আলোর গেট, নাচ ও ইংরেজদের খানা দিয়ে ...।' *হুতোম*, ১৮৬১। **২** *বি* বায়বীয় পদার্থ। 'বায়ুতে কয় প্রকার গ্যাস আছে।' *রোকেয়া*, ১৯২২।

গ্যাসচেম্বার [ই] *বি* গ্যাসপূর্ণ করে যে কক্ষে প্রাণনাশ করা হয়। 'কারাগারে, দাসশিবিরে কি গ্যাসচেম্বারে প্রাণ দিয়েছেন।' *শিব*, ১৯৫০।

গ্যাসদেহী [ই গ্যাস+স দেহী] *বিণ* গ্যাসের তৈরি দেহবিশিষ্ট। 'এরা গ্যাসদেহী সূর্যেরই স্বগোত্র।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গ্যাসপুঞ্জ [ই গ্যাস+স পুঞ্জ] *বি* গ্যাসের সমষ্টি। 'নক্ষত্রের বিস্ফোরণ হতে ছাড়া পাওয়া গ্যাসপুঞ্জ হতেই গ্রহের উৎপত্তি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গ্যাসপোস্ট [ই] *বি* ল্যাম্পপোস্ট; রাস্তার ধারে যে স্তম্ভে গ্যাসের আলো জ্বলে। 'একটি গ্যাসপোস্টের নীচে একটা মানুষ দেখিলাম।' *রবীন্দ্র*, ১৮৯৮।

গ্যাসময় [ই গ্যাস+স ময়] *বিণ* গ্যাসপূর্ণ। 'এমন নক্ষত্র আছে যারা গ্যাসময় বটে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গ্যাস-মাস্ক [ই] *বি* গ্যাস প্রতিরোধক মুখোশ। 'প্রতিবেশীদের কেউ কেউ লঙ্কা-ফোঁড়ন চড়লে গ্যাস-মাস্ক পরত।' *মুজতবা*, ১৯৫২।

গ্যাসলাইট [ই] *বি* গ্যাসে জ্বলে এমন বাতি। 'পথে পথে গ্যাসলাইটে রয়েছে ঝাঁঝালো।' *জীবন*, ১৯৩০।

গ্যাস লাইটার [ই] *বি* গ্যাসচালিত আগুন ধরানোর যন্ত্রবিশেষ। 'গ্যাস লাইটারের দীর্ঘ নীলাভ শিখায় তার মুখের আঁকাবাঁকা রেখা।' *ইলিয়াস*, ১৯৭৫।

গ্যাসল্যাম্প [ই] *বি* রাস্তার ধারের গ্যাসের বাতি। 'গ্যাসল্যাম্পগুলোর গায়ে সূর্যের আলো এমনি চিকমিক করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

গ্যাসালোক [ই গ্যাস+স আলোক] *বি* গ্যাসের বাতি। 'পাল্টিক-নামক গ্যাসালোক-জ্বলা স্টেজের উপর আর নাচতে ইচ্ছে করে না।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গ্যাসীয় [ই গ্যাস+স ঈয়] *বিণ* গ্যাস থেকে উৎপন্ন। 'গ্যাসীয় অগ্নিকাণ্ডের অনেক খবর মেলে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গ্যাসট্রিক [ই] *বিণ* পেটের অম্লজনিত। 'গ্যাসট্রিক পেনের কথা বলেছিলে।' *জীবন*, ১৯৩২।

গ্যাসোলিন [ই] *বি* পেট্রল। 'সবখানে গ্যাসোলিন পাইপ বিশুষ্ক।' *শামসুর*, ১৯৭০।

গ্রথিত [স] **১** *বিণ* রচিত; প্রস্তুত। 'সূত্ররূপে মুরারি গুপ্ত করিলা গ্রথিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* গাঁথা। 'কেশরনিকরেতে কদম্ব-কুসুমের গ্রন্থির ন্যায় গ্রথিত আছে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **৩** *বিণ* নির্মিত। 'সুরকীন্যরা প্রথম গ্রথিত করিয়াছেন।' *দর্পণ*, ১৮২০। **৪** *বিণ* লিখিত। 'কুলীনের অংশ বংশ মিশ্র গ্রন্থে গ্রথিত আছে।' *দর্পণ*, ১৮৩৭।

গ্রন্থচূড়া [স] *বি* গাঁটছড়া। 'গ্রন্থচূড়া পিতামহ করিল বন্ধনে।' *মুকুন্দ*, ১৬০০।

গ্রন্থ[১] [স] *বি* পুস্তক; বই। 'কোন জন্মে না জানহ গ্রন্থ-অভিমত।' *বৃন্দা*, ১৫৮০।

গ্রন্থকর্তা, গ্রন্থকর্ত্তা [স] *বিণ* গ্রন্থের লেখক। 'গ্রন্থকর্তা ভাস্করাচার্য্যের কন্যা দ্বিতীয় লীলাবতী।' *দর্পণ*, ১৮২২।

গ্রন্থকর্ত্রী [স] *বি* স্ত্রী লেখক। 'গ্রন্থকর্ত্রী।' *অবোধবন্ধু*, ১৮৬৮; 'শৈশবাবস্থাতেই যখন এইরূপ প্রতিভাশালিনী গ্রন্থকর্ত্রী প্রাপ্ত হইয়াছে।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

গ্রন্থকার [স] *বি* গ্রন্থ প্রণেতা। *মিলার*, ১৭৯৭। 'অনতিপ্রাচীন গ্রন্থকারেরা লিখিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৭।

গ্রন্থকারক [স] *বি* গ্রন্থ রচয়িতা। 'বাঙ্গলা গ্রন্থ ও গ্রন্থকারক।' *দর্পণ*, ১৮৩৮।

গ্রন্থকীট [স] *বি* বইয়ের জগতেই সীমাবদ্ধ যে। 'অন্ধ গ্রন্থকীটগণ বহু বর্ষ ধরি শুধু করিছে রচন শব্দময়ীচিকাজাল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গ্রন্থগত [-ন] *বিণ* গ্রন্থের অন্তর্গত। 'যাঁহার পাণ্ডিত্য শৈশবাভ্যস্ত গ্রন্থগত।' *বঙ্কিম*, ১৮৭৪।

গ্রন্থদাস [স] *বি* বইপাগল। 'কেউ কেউ গ্রন্থদাস।' *শামসুর*, ১৯৭৩।

গ্রন্থদ্বয় [স] *বি* দুইটি বই। 'অস্মদাদির অনুমেয় যে বর্ত্তমান গ্রন্থদ্বয় উত্তমাতিশয়রূপে বিখ্যাত হইবেক।' *দর্পণ*, ১৮৩০।

গ্রন্থপত্র [স] *বি* গ্রন্থের পাতা। 'মহান সে গ্রন্থপত্র।' *রবীন্দ্র*, ১৯৪১।

গ্রন্থপাঠ [স] *বি* বই পড়া। 'এই গ্রন্থপাঠে আমাদিগের প্রয়াস ...।' *অক্ষয়*, ১৮৫৪।

গ্রন্থপাঠক [স] *বি* বইয়ের পাঠক। 'নাপিতকে তাহাতে গ্রন্থপাঠক জ্ঞান করিয়া যদি বল যে ...।' *ভবানী*, ১৮২৩।

গ্রন্থবর [স] *বি* প্রার্থিত বই। 'অবিলম্বে তাঁহার নিকট গ্রন্থবর প্রেরণ করা যাইবেক।' *দর্পণ*, ১৮৩০।

গ্রন্থবাক্য [স] *বি* গ্রন্থের পদাবলি; গ্রন্থের বিষয়বস্তু। 'সেই দুই গ্রন্থবাক্যে নাহি অবধান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গ্রন্থবিতান [স] *বি* বই বিক্রির দোকান। 'যেখানে যাই, অলিতে-গলিতে,/ গ্রন্থবিতানে, ক্যাফেটারিয়ার ভিড়ে।' *শামসুর*, ১৯৭৩।

গ্রন্থ-বিবরণ [স] *বি* গ্রন্থের আলোচনা; গ্রন্থ-তালিকা। 'পাঠকবর্গ পূর্ব্বোক্ত গ্রন্থ-বিবরণ ... দেখিতে পাইবেন।' *অক্ষয়*, ১৮৫০।

গ্রন্থবিস্তার [স] *বি* (বিষয় অনুসারে) পুস্তকের ব্যাপ্তি। 'গ্রন্থবিস্তারভয়ে তেঁহো ছাড়িল যে যে স্থানে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গ্রন্থবিহারী [স] *বিণ* গ্রন্থের মধ্যে যার মন বিহার করে এমন। 'সংসারে অনভিজ্ঞ গ্রন্থবিহারী শশিভূষণের ধারণা ছিল যে ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

AMARBOI.COM

গ্রন্থভারনত [স] *বিণ* বইয়ের ভারে নত। 'গ্রন্থভারনত শিক্ষকমহাশয়।' *রবীন্দ্র*, ১৯০৫।

গ্রন্থ-মুখবন্ধ [স] *বি* বইয়ের ভূমিকা। 'দ্বাদশ প্রবন্ধ তাতে গ্রন্থ-মুখবন্ধ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গ্রন্থরচক [স] *বি* গ্রন্থ রচয়িতা। 'গ্রন্থরচকের নহে এমত বোধ হয়।' *দর্পণ*, ১৮৩০।

গ্রন্থরহস্য [স] *বি* বইয়ের অজানা বক্তব্য। 'গ্রন্থরহস্য মধ্যে মন্দার পর্বতের মতো আপাতাল-নিমজ্জিত হওয়ারই নাম অন্তরঙ্গ পর্যালোচনা।' *প্রমথ*, ১৯২৭।

গ্রন্থলোক [স] *বি* বইয়ের জগৎ। 'গ্রন্থলোকের পরিক্রমা তো শেষ!' *বিষ্ণু*, ১৯৩৭।

গ্রন্থশালা [স] *বি* লাইব্রেরি। 'যাচ্ছে পুড়ে নূতন করে সেকেন্দ্রিয়ার গ্রন্থশালা।' *সত্যেন্দ্র*, ১৯১২।

গ্রন্থশোধক [স] *বি* গ্রন্থে প্রাপ্ত ভুল সংশোধনকারী। 'লিখিত গ্রন্থশোধক দুই জনের ৮০ টাকা।' *দর্পণ*, ১৮২২।

গ্রন্থসমালোচনা [স] *বি* বইয়ের আলোচনা। 'তাহা গ্রন্থসমালোচনা।' *রবীন্দ্র*, ১৯১২।

গ্রন্থসমূহ *বি* রচনাবলি। 'তাঁহার আজ্ঞানুসারে মতপ্রকাশ জন্য ভাষ্যাদি গ্রন্থসমূহ রচনা করিলেন।' *অক্ষয়*, ১৮৫০।

গ্রন্থসাহেব [স গ্রন্থ+আ সাহিব] *বি* শিখ ধর্মাবলম্বীদের ধর্মগ্রন্থ। 'সর্দারজী ... বললেন, আমি তো গ্রন্থসাহেব মানি।' *মুজতবা*, ১৯৪৯।

গ্রন্থসূত্র [স] *বি* বইয়ের তথ্য। 'পূর্ব্বলিখিত গ্রন্থসূত্র অনুসারে/ যেই নাহি লিখি তাহা লিখিয়ে বিস্তারে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গ্রন্থস্থ [স] *বিণ* বইয়ের অন্তর্ভুক্ত। 'লেখাকে আমি এখনও গ্রন্থস্থ করিনি।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

গ্রন্থাকার [স] *বি* গ্রন্থের আকার। 'সমস্ত কথা ... অনতিকাল পরেই গ্রন্থাকারে আবদ্ধ হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৫।

গ্রন্থাকৃতি [স গ্রন্থ-আকৃতি] *বি* বইয়ের আকার। 'পীরের আদেশে তিনি এটাকে গ্রন্থাকৃতি দেন।' *আনিস*, ১৯৬৪।

গ্রন্থাগার [স গ্রন্থ-আগার] *বি* পাঠাগার। 'জনসমাজের মঙ্গল নিমিত্তে গ্রন্থাগার স্থাপন করা আবশ্যক।' *অক্ষয়*, ১৮৪৯।

গ্রন্থাগারিক [স গ্রন্থ-আগারিক] *বি* গ্রন্থাগারের পরিচালক; লাইব্রেরিয়ান। 'গ্রন্থাগারিক প্রভাতকুমার মুখোপাধ্যায়ের বাড়ি।' *জসীম*, ১৯৬১।

গ্রন্থাদি [স গ্রন্থ-আদি] *বি* গ্রন্থ ও অন্যান্য বস্তু। 'তাঁহার ... বৌদ্ধধর্ম্ম গ্রন্থাদি সাগরগর্ভে নিক্ষেপ করে।' *অক্ষয়*, ১৮৪৯।

গ্রন্থানুশীলন [স গ্রন্থ-অনুশীলন] *বি* গ্রন্থের অনুশীলন; গ্রন্থচর্চা। 'তৎমূলক গ্রন্থানুশীলন দ্বারা স্বয়ং চরিতার্থ হইয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫০।

গ্রন্থানুসারে [স] *ক্রিবিণ* গ্রন্থ অনুযায়ী। 'উক্ত গ্রন্থানুসারে বিয়াফরের অর্থ বিদ্যাফল।' *অক্ষয়*, ১৮৪৭।

গ্রন্থাবলম্বনে [স] *ক্রিবিণ* গ্রন্থ অবলম্বন ক'রে। 'এতদ্ভিন্ন ভারতবর্ষীয় অন্যান্য প্রাচীন গ্রন্থাবলম্বনে ...।' *অক্ষয়*, ১৮৪৮।

গ্রন্থাবলি, গ্রন্থাবলী [স গ্রন্থ-আবলি] *বি* গ্রন্থসমূহ। 'চেম্বর্স এডুকেশনল কোর্স নামক গ্রন্থাবলি।' *অক্ষয়*, ১৮৫০; 'তাঁহার গ্রন্থাবলী দ্বারা বঙ্গদেশের যে প্রভূত উপকার হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৫।

গ্রন্থারম্ভ [স গ্রন্থ-আরম্ভ] *বি* পুস্তকের শুরু। 'এই ত কহিল গ্রন্থারম্ভে মুখবন্ধ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গ্রন্থি[১] [স] *বি* গ্রন্থি। 'কদম্ব পুষ্পের কেশরসকল তাহার গ্রন্থকে বেষ্টন করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৯।

গ্রন্থন [স] ১ *বি* রচনা। 'সূত্র করি সব লীলা করিল গ্রন্থন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* গাঁথন। 'কেহ বলে মালা আমি করিব গ্রন্থন।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* নির্মাণ। 'গৃহগ্রন্থনের ক্রম ও স্তম্ভের উচ্চত্ব ... বিবরণ তাহাতে আছে।' *দর্পণ*, ১৮২৫।

গ্রন্থনা [স] *বি* গাঁথনি; রচনা। 'অসংখ্য বর্তমানের গ্রন্থনা আমাদের জীবন।' *শামসুল*, ১৯৭৩।

গ্রন্থা [স গ্রন্থন>] *ক্রি* গ্রন্থিত করা। 'বিচিত্রের সুরগুলি গ্রন্থিবারে করেছি প্রয়াস/ আপনার বীণার তন্ত্রতে।' *রবীন্দ্র*, ১৯৩২।

গ্রন্থাকারিত [স] *বিণ* গ্রন্থিত। 'ক্রমে বইটা গ্রন্থাকারিত হল।' *অচিন্ত্য*, ১৯৫০।

গ্রন্থি [স] ১ *বি* দেহের হাড়ের মিলনস্থান। 'অস্থি-গ্রন্থি ভিন্ন চর্ম্ম আছে মাত্র তাত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* ফুলের পাপড়িসমূহের সন্ধিস্থল। 'কেশরনিকরেতে কদম্ব-কুসুমের গ্রন্থির ন্যায় গ্রথিত আছে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ৩ *বি* তালি; পট্টি। 'তিনি শতগ্রন্থিযুক্ত চীর পরিধান করিয়া রহিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৯। ৪ *বি* গাঁট। 'জলপাইয়ের গাছগুলো নিতান্ত বাঁকাচোরা, গ্রন্থি ও ফাটল-বিশিষ্ট।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৫ *বি* গেরো। 'গুটিয়ে তাতে লাগায় গ্রন্থি।' *রবীন্দ্র*, ১৯৩২। ৬ *বি* বন্ধন। 'আচারের হাজার গ্রন্থি।' *রবীন্দ্র*, ১৯৩২।

গ্রন্থিচ্ছেদন [স] *বি* বন্ধন ছিন্নকরণ। 'অকস্মাৎ গ্রন্থিচ্ছেদন খর সংঘাত, লুপ্তি, সুপ্তি, বিস্মৃতি।' *রবীন্দ্র*, ১৯২৩।

গ্রন্থিডোর [স গ্রন্থি+ডোর] *বি* গাঁটবন্ধন। 'ছিন্ন কর এ গ্রন্থিডোর/ রিক্ত হয়েছে চিত্ত মোর।' *সুকান্ত*, ১৯৪৮।

গ্রন্থিত [স] ১ *বিণ* গাঁথা হয়েছে এমন। 'মধ্য স্থল সামুদায়িক রেকতায় গ্রন্থিত।' *রামরাম*, ১৮০১। ২ *বি* প্রস্তুত। 'ঘর গ্রন্থিত করাইয়া দিব্য সেবার বন্ধান করিয়া দিলেন।' *রামরাম*, ১৮০১। ৩ *বিণ* লিখিত। 'তাহার বিবরণ কিঞ্চিৎ পারস্য ভাষায় গ্রন্থিত আছে।' *রামরাম*, ১৮০১।

গ্রন্থিবদ্ধ [স] ১ *বিণ* নথিভুক্ত। 'এটি গ্রন্থিবদ্ধ হয় নাই।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *বিণ* গিঁট বাঁধা। 'তাহার গ্রন্থিবদ্ধ শিখাটি কাঁচি দিয়া কাটিয়া ছোট করিয়া দিয়াছিল।' *শরৎ*, ১৯১৭।

গ্রন্থিবন্ধন [স] *বি* গাঁটছড়া বাঁধা। 'একটা বিশেষ গ্রন্থিবন্ধন হইয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯০৯।

গ্রন্থিবাঁধা [স গ্রন্থিবন্ধন] *বিণ* গিঁট দিয়ে বাঁধা হয়েছে এমন। 'পুরাতন বৎসরের গ্রন্থিবাঁধা জীর্ণ মালাখানি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

গ্রন্থিযুক্ত [স] *বিণ* জোড়াতালি রয়েছে এমন। 'তিনি শতগ্রন্থিযুক্ত চীর পরিধান করিয়া রহিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

গ্রন্থিল [স] ১ *বিণ* অনেক গ্রন্থিযুক্ত। 'গ্রন্থিল বাঁকা হিন্তাল শাখা।' *সত্যেন্দ্র*, ১৯১২। ২ *বিণ* গ্রন্থিযুক্ত। 'সে কোনো কোনো আদিম জীবের মতো বহুগ্রন্থিল।' *রবীন্দ্র*, ১৯৩৬।

গ্রস্ত [স] ১ *বিণ* আক্রান্ত। 'যক্ষ্মারোগগ্রস্ত হইয়া অল্পকালে পরলোকগত হইলেন। *মৃত্যুঞ্জয়*, ১৮১০। ২ *বিণ* কবলিত। 'সকল বিপত্তিগ্রস্ত

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হইব।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

গ্রহ [স] **১** *বি* সূর্য অথবা নক্ষত্রকে প্রদক্ষিণকারী জ্যোতিষ্ক। 'সপ্ত ঋষি ঋতু ছয় গ্রহ আদি রবি।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বিণ* গৃহীত। 'কোন২ কথার তাৎপর্য গ্রহ হইল না।' *দর্পণ*, ১৮২৩।

গ্রহকক্ষ [স] *বি* গ্রহের কক্ষপথ। 'ক্রমে সমস্ত গ্রহকক্ষ অতিক্রম করিয়া অন্য সৌর-জগতে উপনীত হইলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

গ্রহকুলরাজা [স] *বি* সূর্য। 'গ্রহকুলরাজা সসম্ভ্রমে প্রণাম করিলা মহিপতি।' *মাইকেল*, ১৮৬০।

গ্রহগণ [স] *বি* নক্ষত্রপুঞ্জ। 'গ্রহগণ তাহা হইতে ভিন্ন ভিন্ন দূরে স্থিতি করতঃ তাহাকে প্রদক্ষিণ করে।' *অক্ষয়*, ১৮৪৭।

গ্রহতারক [স] *বি* গ্রহ-নক্ষত্র। 'গ্রহতারক চন্দ্রতপন ব্যাকুল দ্রুত বেগে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গ্রহতারকা [স] *বি* গ্রহ-নক্ষত্র। 'উর্ধ্বনেত্রে নিশীথগগনের গ্রহতারকার গতিবিধি নির্ণয় করিত।' *রবীন্দ্র*, ১৮৯৭।

গ্রহতারা [স] *বি* গ্রহ-নক্ষত্র। 'বিশ্ব দেখা দেয় তার গ্রহতারা লয়ে।' *রবীন্দ্র*, ১৮৯০।

গ্রহতারাময় [স] *বিণ* গ্রহনক্ষত্রবেষ্টিত। 'প্রকৃতি শান্তমুখে/ ছুটায় গগনবুকে/ গ্রহতারাময় তার রথ।' *রবীন্দ্র*, ১৮৯০।

গ্রহদল [স] *বি* গ্রহাণুপুঞ্জ। 'চারি দিকে গ্রহদল দাঁড়ায় সকলে নতভাবে।' *মাইকেল*, ১৮৬০।

গ্রহদোষ [স] **১** *বি* (জ্যোতিষ) গ্রহের অশুভ প্রভাব। 'গ্রহদোষে নরপতি নাহি করে দয়া।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* দুর্ভাগ্য। 'গ্রহদোষে তাঁর সে অভিলাষ নিষ্ফল হলো।' *মাইকেল*, ১৮৭৩।

গ্রহনক্ষত্র [স] *বি* নক্ষত্র, তাদের গ্রহ ও জ্যোতিষ্কমণ্ডলী। 'পৃথিবীর গতি দ্বারা যে চন্দ্র সূর্য গ্রহনক্ষত্রাদির উদয় অস্ত বোধ হয়।' *অক্ষয়*, ১৮৪৭।

গ্রহপরিচয়ওয়ালা [স গ্রহপরিচয়+হি ওয়ালা] *বিণ* গ্রহ আছে এমন। 'গ্রহপরিচয়ওয়ালা নক্ষত্রসৃষ্টি এই বিশ্বে প্রায় অঘটনীয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গ্রহপ্রযুক্ত [স] *বিণ* (জ্যোতিষ) মন্দ ভাগ্যযুক্ত। 'কি দোষে গৃহস্থের কন্যা গ্রহপ্রযুক্ত গৃহ হইতে বাহির হয়।' *ভবানী*, ১৮২৮।

গ্রহফল [স] *বি* (জ্যোতিষ) ভবিতব্য। 'নাহি জানি কিবা গ্রহফল।' *মুকুন্দ*, ১৬০০।

গ্রহবংশ [স] *বি* গ্রহ-উপগ্রহ। 'প্রত্যেক প্রাচীন নক্ষত্রেরই ... বিস্ফোরণের দশা আসে, আর গ্রহবংশের সৃষ্টি করে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গ্রহবশত [স] *ক্রিবিণ* (জ্যোতিষ) দুর্ভাগ্যক্রমে। 'গ্রহবশত তিনি কাজের লোক হইয়া জন্মগ্রহণ করিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯০১।

গ্রহ-বিচ্ছিন্ন [স] *বিণ* গ্রহ থেকে আলাদা হয়েছে এমন। 'আমাকে গ্রহ-বিচ্ছিন্ন উল্কার সঙ্গে তুলনা করেছিস।' *সুকান্ত*, ১৯৪১।

গ্রহবিজ্ঞান [স] *বি* জ্যোতির্বিজ্ঞান। 'গ্রহবিজ্ঞানের বইখানা।' *বিভূতি*, ১৯৩১।

গ্রহবিপ্র [স] *বি* পেশাজীবী ব্রাহ্মণবিশেষ, যাদের অন্যতম জাতপেশা জ্যোতিষচর্চা। 'গ্রহবিপ্র বেশে যান ভানুর ভবন।' *দ্বিচণ্ডী*, ১৬০০।

গ্রহবৈগুণ্য [স] *বি* (জ্যোতিষ) দুর্ভাগ্য। 'আমারদিগের গ্রহবৈগুণ্য কেবল লেখা মাত্র সার হইয়াছে।' *প্রভাকর*, ১৮৫৩।

গ্রহমালা [স] *বি* গ্রহসমূহ। 'আকাশে গ্রহমালার আবর্তনের মতো।' *রবীন্দ্র*, ১৯২৯।

গ্রহযজ্ঞ [স] *বি* গ্রহপূজা। 'তারপর তিনি সহস্রপক্ষ, কুণ্ড মণ্ডপসহ গ্রহযজ্ঞ অনুষ্ঠান করেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

গ্রহশশী [স] *বি* গ্রহ ও চাঁদ। 'যেতান দিয়ে অবাক কর গ্রহশশীরে।' *রবীন্দ্র*, ১৯১০।

গ্রহশান্তি [স] *বি* হিন্দুদের মধ্যে অশুভ গ্রহের প্রভাব নষ্ট করার জন্য পূজা। 'দৈবজ্ঞকে জিজ্ঞাসিলে তিনি গ্রহশান্তির পরামর্শ দিবেন।' *অক্ষয়*, ১৮৪৮।

গ্রহশ্রেণী [স] *বি* গ্রহের সারি। 'পৃথিবীর ন্যায় বৃহৎ বৃহৎ গ্রহশ্রেণী।' *অক্ষয়*, ১৮৪৩।

গ্রহসকল [স] *বি* সকল গ্রহ। 'গ্রহসকল প্রজ্বলিত হইয়া উঠিল।' *বনফুল*, ১৯৩৬।

গ্রহসন্তান [স] *বি* গ্রহরূপ সন্তান। 'সূর্য এক সময়ে ... আপন উৎসারিত বিচ্ছিন্ন অংশ থেকেই গ্রহসন্তানদের জন্ম দিয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গ্রহস্থ [স গৃহস্থ] *বি* গৃহস্থ। 'গ্রহস্থ কহিলেক, ওরে কৃতঘ্ন পাষণ্ড।' *তারিণী*, ১৮০৩।

গ্রহাচার্য, গ্রহাচার্য্য [স] *বি* জ্যোতিষী; গ্রহবিপ্র। 'দ্বিজ চণ্ডীদাসে বলে এই গ্রহাচার্য্য।' *দ্বিচণ্ডী*, ১৬০০।

গ্রহান্তর [স] *বি* অন্য গ্রহ। 'গ্রহ হতে গ্রহান্তরে লয়ে যায় মোরে।' *বঙ্গকৌল*, ১৯২৮।

গ্রহেন্দ্র [স গ্রহ-ইন্দ্র] *বিণ* গ্রহের অধিপতি। 'জ্যোতিষী? গ্রহেন্দ্র তুমি, শনি মহামতি।' *মাইকেল*, ১৮৬৬।

গ্রহের ফের *বি* (জ্যোতিষ) গ্রহের অশুভ প্রভাব। 'গ্রহের ফেরে এবার আমি ডুবেছি নির্ঘাত।' *সত্যেন্দ্র*, ১৯১০।

গ্রহণ[২] [স] **১** *বি* সূর্য বা চন্দ্রের আংশিক বা পুরোটা অদৃশ্য হওয়া। *ওসাঁ*, ১৭৮২; 'চন্দ্র সূর্য্যের গ্রহণ দেখায় পাঠাণ্ডে কোন দিন ধর্ম্মশাস্ত্র ও জ্ঞানশাস্ত্র পাড়ে।' *চন্দ্রিকা*, ১৮৩০। **২** *বি* নেওয়া। *ওসাঁ*, ১৭৮২; পারিতোষিকাদি গ্রহণ করিলে, তৎক্ষণাৎ পদচ্যুত হইবেন।' *অক্ষয়*, ১৮৫৫। **৩** *বি* বিবাহ। 'কুলীনেরা নিকুল হইতে কন্যা গ্রহণ করাতে শীয়২ মর্য্যাদা প্রদানের অনেক মূল্য লইতে লাগিলেন।' *দর্পণ*, ১৮৩০। **৪** *বি* বরণ। 'তাঁহাকে অতি সমাদরপূর্ব্বক গ্রহণ করেন।' *দর্পণ*, ১৮৩২। **৫** *বি* স্বীকার। 'সভার প্রতিজ্ঞাত মহৎকার্য্যে ... একবাক্যতাকে গ্রহণ করুন।' *অক্ষয়*, ১৮৪৩। **৬** *বি* অবলম্বন। 'প্রথমে লোকে যদ্‌চ্ছা ব্যবসায় গ্রহণ করিতে পারিত।' *অক্ষয়*, ১৮৪৮। **৭** *বি* ভোজন। 'অন্ন গ্রহণ ...।' *অক্ষয়*, ১৮৪৯। **৮** *বি* ধারণ। 'আপনি কাষ্ঠপাদুকা গ্রহণ করিয়া গঙ্গার উপর দিয়া গমন করে।' *অক্ষয়*, ১৮৫০। **৯** *বি* অর্জন। 'শিক্ষা গ্রহণ করে।' *রবীন্দ্র*, ১৮৮১। **১০** *বি* লাভ। দাসত্ব অনেকে আহ্লাদের সহিত গ্রহণ করিত।' *রবীন্দ্র*, ১৮৮১। **১১** *বি* স্বীকার। 'ঋণদায় গ্রহণ করিয়া কন্যাদায় ...।' *রবীন্দ্র*, ১৮৯১। **১২** *বি* অবলম্বন। 'আমাকে ভুল বুঝিয়া তাহার অন্য ভাব গ্রহণ না করেন।' *রবীন্দ্র*, ১৮৮৪। **১৩** *বি* ভোগ। 'সেও যে শাস্তিগ্রহণ করিতেছে।' *মানিক*, ১৯৪০।

গ্রহণজন্য [স] *ক্রিবিণ* গ্রহণের কারণে। 'নকল গ্রহণজন্য মহা ধূমধাম।' *এডুকেশন*, ১৮৭৩।

গ্রহণপূর্বক [স] *ক্রিবিণ* গ্রহণ করার পর। 'অগ্নিগর্ভ দীপশলাকা গ্রহণপূর্বক সহসা আলোক উৎপাদন করিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮।

গ্রহণযোগ্য [স] *বিণ* গ্রহণ করা যায় এমন। 'লোষ্ট্রখণ্ডের ন্যায়

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আমাদের গ্রহযোগ্য নয়।' *রবীন্দ্র*, ১৯০৩।

গ্রহণলাগা [স গ্রহণ+লাগা] *বিণ* গ্রহণ বা গ্রাস লেগে আছে এমন। 'যক্ষপুরী গ্রহণলাগা পুরী।' *রবীন্দ্র*, ১৯২৬।

গ্রহণশীল [স] *বিণ* সবকিছু উপলব্ধি করতে পারে এমন। 'মন তখন ছিল অদ্ভুত রকমের তাজা ... গ্রহণশীল।' *বিভূতি*, ১৯৩১।

গ্রহণসাপেক্ষ [স] *বিণ* গ্রহণনির্ভর। 'মনোরাজ্যেও দান গ্রহণসাপেক্ষ।' *প্রমথ*, ১৯১৮।

গ্রহণার্থ [স] *ক্রিবিণ* গ্রহণের উদ্দেশে। 'তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়ের স্বাক্ষর করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৬।

গ্রহণী [স] *বি* পেটের কঠিন রোগবিশেষ। 'অজীর্ণ, গ্রহণী, অর্শ আর যক্ষ্মাকাশ।' *গুপ্ত*, ১৮৫৮।

গ্রহণীয় [স] ১ *বিণ* গ্রহণযোগ্য। 'যে বালকগণ পাঠবিষয়ে ব্যগ্রাশক্ত হইবেন ... বিনা বেতন গ্রহণে গ্রহণীয় হইবেন।' *দর্পণ*, ১৮৩৮। ২ *বিণ* গ্রহণ করা উচিত এমন। 'যাহা গ্রহণীয় তাহাও গ্রহণ করিতে পারি না।' *রবীন্দ্র*, ১৮৮৪।

গ্রহণীয়তা [স] *বি* গ্রহণযোগ্যতা। 'দলগুলির গ্রহণীয়তা বা অগ্রহণীয়তা বিচারপূর্বক জনসাধারণকে এক একটি দলের পক্ষে বা বিপক্ষে ...।' *সওগাত*, ১৯৪৫।

গ্রহণীরোগ [স] *বি* একজাতীয় কঠিন উদরাময় রোগ। 'গ্রহণীরোগ তাও ছিল শেষ ভাগ্যে।' *নজরুল*, ১৯৩১।

গ্রহণেচ্ছা [স] *বি* গ্রহণের ইচ্ছা। 'যাহার গ্রহণেচ্ছা হয়।' *দর্পণ*, ১৮২৫।

গ্রহণোপযোগী [স] *বিণ* গ্রহণযোগ্য। 'যদি সমাজের গ্রহণোপযোগী হয়।' *দর্পণ*, ১৮২৩।

গ্রহা [স গ্রহণ>] *ক্রি* সংবরণ করা। 'কাটারী গ্রহিয়া ধৈর্য আচরি রহিল।' *আলাওল*, ১৬৮০।

গ্রহান্তর দ্র গ্রহ

গ্রহিকা [স] *বি* গ্রহণু। 'ওদের নাম দেওয়া যাক গ্রহিকা। ইংরেজিতে বলে asteroids।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গ্রহিতব্য [স গৃহীতব্য] *বিণ* গ্রহণ করার উপযুক্ত। 'একস্থানে যাহা পরিত্যাজ্য, অপর স্থলে গ্রহিতব্য।' *তমোলুক*, ১৮৭৪।

গ্রহীতা [স] *বি* গ্রাহক। 'গ্রহীতাকে হীন করা হয়।' *রবীন্দ্র*, ১৯০৫।

গ্রাউণ্ড ফ্লোর [ই] *বি* একতলা। 'মাটির সঙ্গে লাগানো তলাটিকে এরা ফার্স্ট ফ্লোর বলে না – বলে গ্রাউণ্ড ফ্লোর।' *হাই*, ১৯৫৮।

গ্রাজুয়েট [ই] *বি* স্নাতক ডিগ্রিধারী। 'দুই একটা মেয়ে গ্রাজুয়েট।' *দীপিকা*, ১৮৮৭।

গ্রাণ্ডুরি [ই] *বি* বিচারের উপযুক্ত সাক্ষ্যপ্রমাণ আছে কি না তা ঠিক করে যে জুরি। 'প্রথমতঃ গ্রাণ্ডুরি, যাহারা পুলিশ-চালানি ও অন্যান্য লোক যে ইণ্ডাইটমেণ্ট করে তাহা বিচারযোগ্য কি না।' *প্যারী*, ১৮৫৮।

গ্রানাইট [ই] *বি* ধূসর রঙের কঠিন পাথরবিশেষ। 'চুনাপাথর ও গ্রানাইটের ছোট বড় পাহাড়।' *বিভূতি*, ১৯৩৭।

গ্রাণ্ড [ই] *বিণ* চমৎকার। 'তোমার মামাটি গ্রাণ্ড।' *শিবরাম*, ১৯৫০।

গ্রান্দজুরি, গ্রান্দজুরী [ই] *বি* বিচারের উপযুক্ত সাক্ষ্যপ্রমাণ আছে কি না তা ঠিক করে যে জুরি। 'গ্রান্দজুরি হইবার অনুপযুক্ত হইয়াছেন ...।' *দর্পণ*, ১৮২৫; 'যে নালিশ হইয়াছিল তাহা গ্রান্দজুরীর সাহেবেরা গ্রাহ্য করিলেন।' *দর্পণ*, ১৮২৯।

গ্রাফ খাতা [ই গ্রাফ+ফা খাতা] *বি* নকশা আঁকার খাতাবিশেষ। 'রুলকাটা গ্রাফের খাতার মত।' *জীবন*, ১৯৩১।

গ্রাফস [ই গ্রেইপস] *বি* মদবিশেষ। 'গাজা গুলি চরস গ্রাফস এবং মদিরার মেদেরা ... সর্ব্বদাই কর্ম্ম চলে।' *ভবানী*, ১৮২৮।

গ্রাবু [ই] *বি* তাস খেলাবিশেষ। 'তাহারই অনুলিপি তাসের গ্রাবু খেলায়।' *বঙ্গদর্পণ*, ১৮৭২।

গ্রাভিটেশন [ই] *বি* মাধ্যাকর্ষণ শক্তি। 'পাছে সার আইজাকের গ্রাভিটেশন যায় ন'ড়ে।' *রবীন্দ্র*, ১৯৪০।

গ্রাম[১] [স] ১ *বি* কয়েকটি পাড়ার সমষ্টি। 'নানা গ্রাম হৈতে সব নানা উপায়ন।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* গ্রামের। 'গ্রাম-সম্বন্ধে তুমি আমা সবাকার ভাই।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* ক্ষুদ্র জনবসতি। 'যেখানে অল্প লোক বাস করে, তাহার নাম গ্রাম।' *বিদ্যা*, ১৮৫১।

গ্রাম-কুক্কুট [স] *বি* পোষা মোরগ। 'মিষ্টিসুরের নহবৎ বাজে গ্রাম-কুক্কুটের অনবসন্ন কণ্ঠে।' *অন্নদা*, ১৯২৯।

গ্রামখরচা [স গ্রাম+আ খরজ] ১ *বি* গ্রামীণ সালিসি বাবদ খরচ। 'প্রজারা কিছু গোলযোগ বাদাইলে ... থামাইবার জন্য গ্রামখরচা দিতে হইবে।' *সুলভ*, ১৮৭৩। ২ *বি* ঘুষবিশেষ। 'উৎকোচস্বরূপ যাহা দেয়, তাহাকেই গ্রামখরচা কহে।' *এডুকেশন*, ১৮৭৩।

গ্রামচৈত্য [স] *বি* গ্রামের পূজার স্থান। 'বর্ষার প্রাক্কালে গ্রামচৈত্যে গৃহবলিভুক পাখিরা নীড় আরম্ভ করিতে মহাব্যস্ত।' *রবীন্দ্র*, ১৯০৭।

গ্রামছাড়া ১ *বিণ* গ্রাম থেকে দূরবর্তী। 'গ্রামছাড়া ঐ রাঙা মাটির পথ আমার মন ভুলায়।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বিণ* গ্রাম পরিত্যক্ত। 'কার্যোপলক্ষে স্বামীটিকে প্রায়ই গ্রামছাড়া হতে হয়।' *ওয়ালী*, ১৯৬৪।

গ্রামছাড়া করা *ক্রি* গ্রাম থেকে তাড়িয়ে দেওয়া। 'শশীকে গ্রামছাড়া করিতে হইবে বলিয়া ... প্রতিজ্ঞা করিয়া বসিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গ্রামজীবন [স] *বি* গ্রামীণ জনজীবন। 'গ্রামজীবনের অর্থনৈতিক কর্মপ্রচেষ্টার মূল কথা স্বয়ংসম্পূর্ণতার ধারণা ...।' *সনৎ*, ১৯৭০।

গ্রামণ্য [স গ্রাম>] *বি* গ্রামের প্রধান শ্রেণীর ব্যক্তি। 'আর জত গ্রামণ্য নামে সম্বন্ধে তাই।' *মুকুন্দ*, ১৬০০।

গ্রামতলি [স গ্রাম+স তল>] *বি* গ্রামের উপকণ্ঠ। 'তফাতে একটি গ্রামতলি পড়িয়া উঠিয়াছে।' *মানিক*, ১৯৩৭।

গ্রামদাহ [স] *বি* গ্রাম পোড়ানো। 'প্রায় প্রত্যহ গ্রামদাহ ও লুণ্ঠনের সংবাদ আসিতে লাগিল।' *সৎসঙ্গ*, ১৮৯৮।

গ্রামদৃশ্য [স] *বি* গ্রামের দৃশ্য। 'নিভৃত গ্রামদৃশ্য শ্রেণীবদ্ধ হয়ে দেখা দিচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গ্রাম-দেবতা [স] *বি* গ্রামের অধিষ্ঠাতা দেবতা। 'গ্রাম-দেবতার কাছে, নীরবে কহিও ছোট মনে তব যত না বাসনা।' *জসীম*, ১৯৩১।

গ্রামদেশী [স গ্রামদেশীয়] *বিণ* গ্রামে তৈরি। 'আমাদের গ্রামদেশী পুতুলগুলি আইডিয়ালিস্টিক।' *জসীম*, ১৯৬১।

গ্রামনাশা [স] *বিণ* গ্রামকে ধ্বংস করে এমন। 'যদি এমন গ্রামনাশা বিবাদ বেধে ওঠে।' *তারা*, ১৯৪০।

গ্রামনিবাসী [স] *বি* গ্রামে বাস করে যে। 'একজন গ্রামনিবাসী এই গত বৃত্তান্ত দেখিয়া ...।' *তারিণী*, ১৮০৩।

গ্রামপতি [স] *বি* গ্রামের মোড়ল। 'গ্রামপতি, পুরপতি প্রভৃতির শাসন-কর্তৃত্ব পদের উল্লেখ দেখিতে পাওয়া যায়।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

গ্রামপথ [স] *বি* গ্রামের রাস্তা। 'গ্রামপথে উক্ত গিরিবালার আসা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উচিত ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গ্রামপ্রান্ত [স] গ্রামের শেষ সীমানা। 'নদীতীরে কোনো-এক গ্রামপ্রান্তে প্রচ্ছন্ন কুটিরে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গ্রামবধূ [স] *বি* গাঁয়ের বউ। 'গ্রামবধূদের জল তোলা, স্নান করা প্রায় বন্ধ।' *রবীন্দ্র*, ১৯০০।

গ্রামবাসি [স গ্রামবাসী] *বিণ* গ্রামে বাসকারী। 'গ্রামবাসি বালকেরাই তথায় পাঠ করিবেন।' *দর্পণ*, ১৮৩৭।

গ্রামবাসিনী [স] *বিণ স্ত্রী* গ্রামে বাসকারী। 'কেবল গ্রামবাসিনী একটি বালিকার ঈর্ষা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গ্রামবাসী [স] *বিণ* গ্রামে বাস করে এমন। 'এক গ্রামবাসী নিরাকাঙ্ক্ষী ইন্দুর ...।' *তারিণী*, ১৮০৩।

গ্রামবৃদ্ধ [স] *বি* গ্রামের বয়স্ক লোক। 'গ্রামবৃদ্ধদের দ্বারের নিকটে যে চৈত্যবট শুষ্ককাকলীতে মুখর ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

গ্রাম ভাঁটি, গ্রামভাটি [স গ্রাম>] *বি* বিয়ের মতো সামাজিক উৎসবে গ্রামের বারোয়ারিতে দেয় চাঁদা। 'গ্রামভাটি ও নানা প্রকার বারের কথা উপস্থিত হইতে লাগিল।' *প্যারী*, ১৮৫৮; 'বওআটে ছোঁড়ারা গ্রাম ভাঁটির জন্য বরকর্তাকে ঘিরে দাঁড়ালো।' *হুতোম*, ১৮৬১।

গ্রামভিত্তিক [স] *বিণ* গ্রামকেন্দ্রিক। 'প্রাক-বৃটিশ পর্বে এ দেশে সমাজব্যবস্থা ছিল সামন্ততান্ত্রিক ও প্রধানতঃ গ্রামভিত্তিক।' *সনৎ*, ১৯৭০।

গ্রামমুখী [স] *বিণ* গ্রামকেন্দ্রিক। 'কর্মতৎপরতা শহরকেন্দ্রিক না হয়ে গ্রামমুখী হওয়া উচিত।' *বেগম*, ১৯৭৫।

গ্রামযাজী [স] *বি* গ্রামের পুরোহিত। 'এক ঘরে পায়্যা মান গ্রামযাজী দ্বিজ জ্ঞান।' *মুকুন্দ*, ১৬০০।

গ্রামযুক্ত [স] *বিণ* গ্রাম সমন্বিত। 'গঙ্গাতীরে বহু গ্রামযুক্ত [কলিকাতা] নগরী।' *অক্ষয়*, ১৮৪৭।

গ্রামযুদ্ধ [স] *বি* গ্রাম্য বিবাদ। 'মৌলানাগণ সেনাপতিরূপে এই গ্রামযুদ্ধ পরিচালনা করিতে লাগিলেন।' *শওকত*, ১৯৫৮।

গ্রামলক্ষ্মী [স] *বি* গ্রামের ধন-ঐশ্বর্য ও সৌভাগ্যের প্রতীক। 'গ্রামলক্ষ্মী স্রোতস্বিনী ... অসংখ্য কল্যাণকার্যে চলিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

গ্রামলগ্ন [স] *বিণ* গ্রামের সঙ্গে লাগোয়া। 'গ্রামলগ্ন দ্বিতীয় দিঘিটিতে জল তোলপাড়।' *হাসান*, ১৯৬৭।

গ্রামশ্রী [স] *বি* গ্রামের সৌন্দর্য। 'তাহার গানে ... গ্রামশ্রী সন্ধ্যার বিপুল অন্ধকারে মুগ্ধ নিস্তব্ধ হইয়া রহিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গ্রামসম্পর্ক [স] *বি* গ্রামের বাসিন্দা হওয়ার সূত্রে সম্পর্ক। 'প্রায় গ্রামসম্পর্ক বলিলেই হয়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গ্রাম-সম্বন্ধ [স] *বি* গ্রামের বাসিন্দা হওয়ার সূত্রে সম্পর্ক। 'গ্রাম-সম্বন্ধে তুমি আমা সবাকার ভাই।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গ্রামসীমা [স] *বি* গ্রামের প্রান্ত। 'তাহার পরিচিত গ্রামসীমার মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

গ্রামসীমানা [স] *বি* গ্রামের প্রান্ত। 'অন্ধকার হইয়া গিয়াছে দূর গ্রামসীমানা।' *শওকত*, ১৯৫৮।

গ্রামসুদ্ধ [স গ্রাম-শুদ্ধা] *বিণ* সমগ্র গ্রামের। 'কোজাগরী লক্ষ্মী-পূর্ণিমার দিন গ্রামসুদ্ধ লোক সেখানে পাত পাড়িত।' *বিভূতি*, ১৯২৯।

গ্রামসুবাদ [স] *বি* একই গ্রামের বাসিন্দা হিসেবে সম্পর্ক। 'তোমাদের সঙ্গে আমাদের গ্রাম সুবাদ মাত্র।' *বঙ্কিম*, ১৮৭৮।

গ্রামস্থ [স] *বিণ* গ্রামের। 'ঈশ্বরী গঙ্গা স্নানে গ্রামস্থ প্রায় সকলি আসিয়াছিলেন ...।' *কেরি*, ১৮০২।

গ্রামহায় [স গ্রাম+ফা হায়] *ক্রিবিণ* গ্রামসমূহে। 'গ্রামহায় মহাজন কেহো নাঞী।' *ওসাঁ*, ১৭৮২।

গ্রামাঞ্চল [স] *বি* পল্লী এলাকা। '... খুলনার গ্রামাঞ্চল সফর করেন।' *বেগম*, ১৯৫১।

গ্রামাধ্যক্ষ [স] *বি* গ্রামের প্রধান। 'গ্রামাধ্যক্ষ ইত্যাদি ইহারদের শীল প্রজাগণকে দুঃখ দিয়া ধন সঞ্চয় করে।' *রামরাম*, ১৮০২।

গ্রামান্ত [স] *বি* গ্রামের শেষ। 'খেয়ালি আশায় সন্ধানে যার দিনের শেষে গ্রামান্তে কোনো।' *শামসুর*, ১৯৫৯।

গ্রামান্তর [স] *বি* অন্য গ্রাম। 'আর গ্রামান্তর হইতে সামগ্রী আনিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গ্রামে গ্রামে *ক্রিবিণ* সর্বত্র। 'গ্রামে গ্রামে কৃষি-ব্যাঙ্ক স্থাপন করো।' *রবীন্দ্র*, ১৯০৫।

গ্রাম[২] *বি* সুর-সপ্তক, কোমল ও কড়ি-সহ মোট বারোটি স্বর। 'প্রত্যেক গ্রামে ১২ সুর থাকায় ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

গ্রামফোন [ই] *বি* রেকর্ড বাজিয়ে যে কোনো ধ্বনি শোনার যন্ত্র। 'টেলিফোন, গ্রামফোন – ফনোগ্রাফ ইত্যাদিতে মানুষের কণ্ঠস্বর ধরা যায়।' *রোকেয়া*, ১৯২২।

গ্রামভারি, গ্রামভারী [স গম্ভীর] *বিণ* গুরুগম্ভীর। 'গ্রামভারী গাঁও-বুড়োরা রবিবারের নেভিব্লু সুট পরে চলেছেন।' *মুজতবা*, ১৯৫২; 'ভীরু অঙ্গুলি দিয়ে গ্রামভারি সর্বগ্রন্থের কপালে তিলক দেয়।' *মুজতবা*, ১৯৬০।

গ্রামার [ই] *বি* ব্যাকরণ। 'ঐ ভাষায় যে প্রথম গ্রামার।' *দর্পণ*, ১৮৩০।

গ্রামিক [স] **১** *বিণ* গ্রামীণ চিন্তাধারাবিশিষ্ট। 'বছর দশেক ধরে শহরেই আছে ... তবু সে নাগরিক নয়, মনে মনে গ্রামিক।' *নরেন্দ্র*, ১৯৪৮। **২** *বি* গ্রামরক্ষক। 'এগিয়ে গেলো সোনামিঞার সঙ্গে আসা চার-পাঁচজন গ্রামিক।' *মাহেনও*, ১৯৪৯।

গ্রামিজন [স গ্রাম>+স জন] *বি* গ্রামের লোকজন। 'বাণীনাথ বসু আদি যত গ্রামিজন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গ্রামিনি [স গ্রামণী] *বি* নাপিত। 'কাটাইল নখদাড়ি আনিয়া গ্রামিনি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

গ্রামী [স, সমাসে ই-কার] *বিণ* গ্রামের। 'বাণীনাথ বসু আদি যত গ্রামিজন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'রাঢ়ীয় কেশরী গ্রামী গোষ্ঠিপতি দ্বিজ স্বামী।' *ভারত*, ১৭৬০।

গ্রামীণ [স] *বিণ* গ্রামের। 'গ্রামীণ উৎসব।' *জীবন*, ১৯৪০।

গ্রামীয় [স] *বিণ* গ্রামে অবস্থিত। 'সুখচরগ্রামীয় বৌণ্ডীয়স সিমিনেরি।' *দর্পণ*, ১৮৩৬।

গ্রামোফোন [ই] *বি* কলের গান। 'একটা গ্রামোফোনে বাজত দিশি-বিদিশি সংগীত।' *রবীন্দ্র*, ১৯০৮।

গম্ভারি, গম্ভারী [স গম্ভীর] **১** *বিণ* গুরুগম্ভীর। 'পলিটিক্স এবং অন্যান্য গম্ভারি বিষয় নিয়ে ...।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বিণ* গুরুপাক। 'গম্ভারী রান্না কেন, মামুলী রান্নায় সামান্যতম মশলা দিলেও জর্মনরা ... পারে না।' *মুজতবা*, ১৯৫২।

গ্রাম্য [স] **১** *বিণ* পার্থিব। 'গ্রাম্য বিসএ জন্ম লইলাঙ আমি।' *মালাধর*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫০০। **২** *বিণ* গ্রামে বাস করে এমন। 'গ্রাম্য মূষিকা।' *তারিণী*, ১৮০৩। **৩** *বিণ* গ্রাম সম্পর্কিত। 'তদ্দেশের যে ইতর ভাষা তাহার নাম গ্রাম্য।' *অক্ষয়*, ১৮৪৭। **৪** *বি* স্বল্পশিক্ষিত। 'গ্রাম্য পাণ্ডিত্য ও গ্রাম্য বর্বরতা, উভয়ের হস্ত হইতে উদ্ধার করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৫** *বিণ* গ্রামীণ; গ্রামের মধ্যে সীমাবদ্ধ। 'পতিসরের নদী নিতান্তই গ্রাম্য।' *রবীন্দ্র*, ১৮৯৬। **৬** *বিণ* স্থূল। 'যাহাদের হিসাব অতিশয় সূক্ষ্ম তাহারা মোটা-হিসাবের লোকদিগকে অবজ্ঞা করে; তাহাদিগকে বলে গ্রাম্য।' *রবীন্দ্র*, ১৯০৭। **৭** গ্রাম্য প্রতিনিধিদের আসন সংখ্যা অধিক করা হইয়াছে।' *আজাদ*, ১৯৩৬।

গ্রাম্যকথা [স] *বি* লোকসমাজের কথা। 'গ্রাম্যকথাগুলিকে আত্মসাৎ করিয়া লইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

গ্রাম্যচেতনা [স] *বি* গ্রাম্যতাবোধ। 'পৃথিবীর বয়েসি গ্রাম্যচেতনায় উপস্থিত হতে জানত।' *হাসান*, ১৯৬৭।

গ্রাম্যজন [স] *বি* গ্রামের লোক। 'আমি যেন গ্রাম্যজন বসে আছি বিমূঢ়, উৎসুক।' *বিষ্ণু*, ১৯৪১।

গ্রাম্যজীবন [স] *বি* পল্লীতে জীবনযাপন। 'সাজাদপুরে যখন আসতুম চোখে পড়ত গ্রাম্যজীবনের চিত্র।' *রবীন্দ্র*, ১৯৩৩।

গ্রাম্যতা [স] **১** *বি* ভাঁড়ামি। 'তাঁহাদের কাছে রসিকতার নাম গ্রাম্যতা।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **২** *বি* ভাষার শব্দগত অর্থগত অশোভনতা। 'দুটো-চারটে গ্রাম্যতা-দোষ সংশোধন করে দিতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯২। **৩** *বি* অমার্জিত ভাব। 'অদ্ভুত গ্রাম্যতা উপরের দলের পক্ষে বিষম হাস্যকর ছিল।' *রবীন্দ্র*, ১৯০৭। **৪** *বি* অজ্ঞতা। 'কৈলাসের গ্রাম্যতায় বিস্ময় প্রকাশ করিয়া কহিলেন ...।' *রবীন্দ্র*, ১৯০৯। **৫** *বি* অশ্লীলতা। 'উক্তিটি গ্রাম্যতা-দোষে দুষ্ট।' *প্রমথ*, ১৯২৮।

গ্রাম্যদেবতা [স] *বি* লৌকিক দেবতা। 'কতকগুলি গ্রাম্যদেবতার ব্রত – ... শীতলা, বুড়োঠাকরুণ, ঘেঁটু, কুলাই, মুলাই।' *অবন*, ১৯৪১।

গ্রাম্যপথ [স] *বি* কাঁচামাটির পথ। 'সেই ক্ষুদ্র গরাদে-দেওয়া ঘর, সেই অসমতল গ্রাম্যপথ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গ্রাম্যপশু [স] *বি* গৃহপালিত পশু। 'গো, অশ্ব, গর্দভ, কুকুর, বিড়াল প্রভৃতি কতকগুলি জন্তু লোকালয়ে থাকে ... এই সকল জন্তুকে গ্রাম্যপশু বলে।' *বিদ্যা*, ১৮৫১।

গ্রাম্যবধূ [স] *বি* গ্রামের বউ। 'আসিছে শুশ্রূষা বহি গ্রাম্যবধূসম।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গ্রাম্যবার্তা, গ্রাম্যবার্ত্তা [স] *বি* গ্রামের মানুষের কথা। 'গ্রাম্যবার্তা ভয়ে দ্বিতীয় জনসঙ্গহীন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গ্রাম্যব্যাঙ্ক [স গ্রাম্য+ই ব্যাংক] *বি* গ্রামাঞ্চলে পরিচালিত ব্যাংক। 'ঐ টাকার দ্বারা গ্রাম্যব্যাঙ্ক প্রতিষ্ঠা করিয়া ...।' *সওগাত*, ১৯৩৯।

গ্রাম্যভাবে [স] *ক্রিবিণ* স্থূলভাবে। 'সাহিত্যকে এমনি করিয়াই গ্রাম্যভাবেই দেখিয়া থাকি।' *রবীন্দ্র*, ১৯০৭।

গ্রাম্যভাষা [স] *বি* গ্রামের অমার্জিত ভাষা। 'গ্রাম্যভাষায় লিখিতে তাহা যেন অতি লঘু হইয়া পড়ে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

গ্রাম্যরস [স] *বি* আদিরস। 'গ্রাম্যরস ভুঞ্জিয়া সে করিলা সন্ন্যাসে।' *বৃন্দা*, ১৫৮০।

গ্রাম্যলোক [স] *বি* গ্রামে বাসরত জনসাধারণ। 'বহুবিবাহ আমারদিগের গ্রাম্যলোকের এক প্রকার ব্যবসায় হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪২।

গ্রাম্যসংগীত [স] *বি* লোকসংগীত। 'গ্রাম্যসংগীত, বাউলের গান, এ-সবের মার নাই।' *রবীন্দ্র*, ১৯১৭।

গ্রাম্যসমাজ [স] *বি* গ্রামীণ সমাজ। 'এমনি ভাবেই গ্রাম্যসমাজের ক্রমবিকৃতি ছিল।' *তারা*, ১৯৪২।

গ্রাম্যসাহিত্য [স] *বি* লোকসাহিত্য। 'গ্রাম্যসাহিত্য'-নামক প্রবন্ধে আমি বলিয়াছি।' *রবীন্দ্র*, ১৯০৭।

গ্রাস [স] **১** *বি* গলাধঃকরণ। 'বিশাল বোদালি তারে করিবেক গ্রাস।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* ভস্মীভূত। 'কীটার মধ্যে হইতে এক অগ্নি নির্গত হইবেক যে লবনার সর বৃক্ষাদিকেও গ্রাস করিবেক।' *তারিণী*, ১৮০৩। **৩** *বি* খাদ্য। 'এমন সুস্বাদু গ্রাস কেমন করিয়া হাত করিতে পারিব।' *তারিণী*, ১৮০৩। **৪** *বি* জোরপূর্বক দখল। 'গোরা মিস্ত্রী আসিয়া ঐ কর্ম্ম তাবৎ গ্রাস করিলেন।' *দর্পণ*, ১৮৩০। **৫** *বি* আচ্ছাদন। 'রাহু দৈত্যের গ্রাস দ্বারা সময়ে সময়ে তাহাদিগের গ্রহণ হইতেছে।' *অক্ষয়*, ১৮৪৮। **৬** *বি* অধিকার। 'পুঞ্জ পুঞ্জ মিথ্যা আসি গ্রাস করে তারে চতুর্দিকে।' *রবীন্দ্র*, ১৯০১। **৭** *বি* লোপ। 'মৃত্যু শুধু ফেলে ছায়া, পারে না করিতে গ্রাস জীবনের অমৃত।' *রবীন্দ্র*, ১৯৪১।

গ্রাসক [স] *বিণ* গ্রাসকারী। 'হায় রে, গ্রাসক যথা কাল, তবু সদা অশনায় পীড়িত।' *মাইকেল*, ১৮৬০।

গ্রাসকট [ই] *বি* ঘাস বা খাদ্য সরবরাহকারী। 'অশ্ব তৃণাহরক গ্রাসকটের আশা করিয়া থাকে।' *বঙ্কিম*, ১৮৭৪।

গ্রাসভুক্ত [স] *বিণ* অধিকারভুক্ত। 'তাহাও ক্রমশঃ মহাজনদের গ্রাসভুক্ত হইয়া যাইতে থাকে।' *মোহাম্মদী*, ১৯৩২।

গ্রাসমুক্ত [স] *বিণ* কবলমুক্ত। 'অসুর-গ্রাসমুক্ত।' *নজরুল*, ১৯২২।

গ্রাসপিণ্ড [স] *বি* খাওয়ার জন্য এক-একবার মুখে দেওয়া খাদ্যের পরিমাণ। 'প্রাতাহিক বরাদ্দ গ্রাসপিণ্ডের মতো প্রবেশ করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯১২।

গ্রাসাচ্ছাদন [স গ্রাস-আচ্ছাদন] *বি* খোরপোশ; অন্নবস্ত্র। 'ছাত্রদিগের গ্রাসাচ্ছাদনের চিন্তা ছিল না।' *দর্পণ*, ১৮২৮।

গ্রাসেক *বিণ* এক গ্রাসে খাওয়া যায় এমন। 'অর্দ্ধপেট না ভরিবে এই গ্রাসেক অন্নে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গ্রাসা [স গ্রাস>] **১** *ক্রি* ভস্মীভূত করা। 'গ্রাসিতে আইসে অগ্নি কর নিবারন।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* শিকার করা। 'গ্রাসিলে কুরঙ্গে সিংহ ছাড়ে কি হে কভু তাহায়।' *মাইকেল*, ১৮৬১।

গ্রাসী [স] *বিণ* জবরদখল করেছে এমন। 'সর্ব্বগ্রাসী বণিকদিগের ... হস্তে আসিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৮।

গ্রাহক [স] *বি* ক্রেতা। 'গ্রাহকেরদিগকে ক্রয়নার্থ নিবারণ করি।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

গ্রাহকতা [স] *বি* কেনার বা লাভের ইচ্ছা। 'কোন নূতন অদৃষ্ট দ্রব্য দৃষ্ট হইলে গ্রাহকের গ্রাহকতা হয়।' *বঙ্গদূত*, ১৮২৯।

গ্রাহকত্ব [স] *বি* গ্রাহকস্বত্ব। 'এক্ষণে তদ্‌গ্রন্থ গ্রাহকাগ্রগণ্য অর্থাৎ যাঁহারা গ্রাহকত্বসূচক স্বনাম স্বাক্ষর করিয়াছেন তাঁহারদিগের নিকট পুস্তক প্রেরিত হইতেছে।' *দর্পণ*, ১৮৩০।

গ্রাহ্য [স] **১** *বি* গ্রহণ। 'সে মোকদ্দমা ডিসমিস হইবেক অর্থাৎ গ্রাহ্য করা যাইবে না।' *ফরস্টার*, ১৭৯৫। **২** *বিণ* গৃহীত। 'তাহা অনায়াসে গ্রাহ্য হইল।' *তারিণী*, ১৮০৩। **৩** *বিণ* গ্রহণযোগ্য। 'অন্য দেশীয় লোকেরদের গ্রাহ্য বস্তু এখানে উৎপন্ন হয়।' *দর্পণ*, ১৮১৮। **৪** *বি* স্বীকার। 'এই ত্রুটি বিজ্ঞ মহাশয়েরা গ্রাহ্য করিবেন না।' *দর্পণ*,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৩৯। **৫** *বিণ* গোচর। 'জল ... লঘুতর হইলে বায়ুবৎ হইয়া আমাদিগের গ্রাহ্য হইত না।' *অক্ষয়*, ১৮৪৩। **৬** *বি* বিবেচনা। 'জমিদারেরা অর্থমোহে অন্ধ হইয়া তাহার কিছুই গ্রাহ্য করেন না।' *দিকপ্রকাশ*, ১৮৬৯। **৭** *বিণ* গ্রহণীয়। 'স্বদেশীয় সজ্জা ত্যাজ্য এবং বিদেশী পোশাকই গ্রাহ্য।' *রবীন্দ্র*, ১৯০১। **৮** *বিণ* মান্য। 'সেখানে কোনো কৈফিয়ত কেউ গ্রাহ্য করে না।' *রবীন্দ্র*, ১৯১৬। **৯** *বি* পরোয়া। 'মৃত্যুকে গ্রাহ্য করে না।' *রবীন্দ্র*, ১৯১৬।

গ্রাহ্য করা **১** *ক্রি* মেনে নেওয়া। 'দয়ালু ভগবান কৃপা পূর্ব্বক তাহা গ্রাহ্য করিয়া ... দিলেন।' *তারিণী*, ১৮০৩। **২** *ক্রি* পরোয়া করা। 'রৌদ্রের উত্তাপকে আমি বড়ো একটা গ্রাহ্য করি নে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গ্রিজা [প ইগ্রেজা] *বি* খ্রিস্টানদের উপাসনালয়। **গ্রিজাঘর** [প ইগ্রেজা+পা ঘর] *বি* খ্রিস্টানদের উপাসনালয়। 'মদরসার নিকটে কোম্পানির এক গ্রিজা ঘর হইবেক।' *দর্পণ*, ১৮১৯।

গ্রিজাবাটী [প ইগ্রেজা+স বাটী] *বি* খ্রিস্টানদের উপাসনা-গৃহ। 'টাকশালের সম্মুখস্থ প্রধান গ্রিজাবাটীতে প্রধান স্থানে তাঁহার কবর হইয়াছে।' *দর্পণ*, ১৮২২।

গ্রিন [ই] *বিণ* সবুজ। 'রং বেরং ... সাদা, গ্রিন, লাল।' *হুতোম*, ১৮৬১।

গ্রিনিজ মানদণ্ড [ই গ্রিনিজ+স মানদণ্ড] *বি* লন্ডনের উপকণ্ঠে গ্রিনিচ মানমন্দিরের অবস্থানকে শূন্য ডিগ্রি দ্রাঘিমা বলে ধরে নিয়ে সে স্থানের সময়কে মান সময় বলে বিবেচনা করা। 'তিনি গ্রিনিজ মানদণ্ড-বিভাগে সংবাদ নিয়ে জানলেন।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গ্রিল [ই] **১** *বিণ* দোহার শিকে গেঁথে আগুনে ঝলসানো। 'গ্রিল কাবাব ঝলসাও না কেন।' *মুজতবা*, ১৯৫৯। **২** *বি* লোহার পাত। 'গ্রিল দেওয়া জানালা।' *শ্যামল*, ১৯৬৭।

গ্রিলদান [ই গ্রিল+ফা দান] *বি* রান্না করার অথবা ঢাকা দেওয়ার পাত্রবিশেষ কাঠামোবিশেষ। *ওসা*, ১৭৮৫।

গ্রিসিয়ান [ই] *বিণ* গ্রীস দেশীয়। 'গ্রিসিয়ান স্লিপারটা নেচে উঠে।' *জীবন*, ১৯৩২।

গ্রিস্মতাপ [স গ্রীষ্ম-তাপ] *বি* গ্রীষ্মের উষ্ণতা। 'গ্রিস্মতাপে নিতি নিতি জল হয় ক্ষয়।' *মালাধর*, ১৫০০।

গ্রিহ [স গৃহ] *বি* ভবন। 'রাজ গ্রিহে হৈব উপনিতী।' *মালাধর*, ১৫০০।

গ্রিহস্ত [স গৃহস্থ] *বিণ* গৃহস্থ। 'পাচ খান হাল আমার নিজে গ্রিহস্ত লোক ...।' *ওসা*, ১৭৮২।

গ্রীক [ই] **১** *বি* গ্রীসের ভাষা। 'আমি লাটিন অভ্যাস করিলাম তিন বৎসর আর গ্রীক ...।' *কেরি*, ১৮০১। **২** *বিণ* গ্রীক দেশের। 'প্লুটার্ক নামক সুবিখ্যাত গ্রীক পণ্ডিত কহিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৭। **৩** *বি* গ্রীক দেশের অধিবাসী। 'গ্রীক, আরব, রোমক, জারমান ইংরেজ ইত্যাদি জাতি।' *অক্ষয়*, ১৮৪৮।

গ্রীকলোক [ই গ্রীক+স লোক] *বি* গ্রীক দেশের অধিবাসী। 'ইউরোপীয় গ্রীকলোক যাহারা কিয়ৎকাল ভারতবর্ষের পশ্চিম বাহ্লীক (বালখ) ...।' *অক্ষয়*, ১৮৪৭।

গ্রীজাঘর [প ইগ্রেজা>+ঘর] *বি* খ্রিস্টানদের উপাসনালয়। 'প্রধান গ্রীজা ঘরে তিনি ধর্ম্মোপদেশ করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৩।

গ্রীন [ই] *বিণ* তরুণ। 'তুমি হয়ে উঠছ, যাকে বলে গ্রীন, এখানকার পাইন গাছের মতো।' *রবীন্দ্র*, ১৯২৮।

গ্রীনরুম [ই] *বি* সাজঘর। 'মস্তাবস্থায় গ্রীনরুমের মধ্যে প্রবেশ করিয়া ভারী গোল বাধাইয়া দিল।' *রবীন্দ্র*, ১৮৯৫; 'কানাতের ছেঁড়া দিয়া গ্রীনরুমের মধ্যে উঁকি।' *শরৎ*, ১৯১৭।

গ্রীন হাউস [ই] *বি* শীতপ্রধান অঞ্চলে গাছের চারা জন্মানো ও বৃদ্ধির জন্য নির্মিত কাচের ঘর। 'মানুষকে যাঁরা গ্রীন হাউসে পূরে সতী বা যতি বানাতে চান ...।' *অন্নদা*, ১৯২৯।

গ্রীব [স গ্রীবা] *বি* গ্রীবা; ঘাড়। 'সিংহগ্রীব গজস্কন্ধ কমলনয়ন।' *বৃন্দা*, ১৮৮০।

গ্রীবা [স] **১** *বি* ঘাড়। 'আমার ঘোড়ার গ্রীবা না ফিরায় ঊর্দ্ধে নাহি চায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* গলদেশ। 'অসাধুর বোল কিবা কেবল কূর্মর গ্রীবা।' *মুকুন্দ*, ১৬০০।

গ্রীবা-আন্দোলন [স] *বি* ঘাড় দোলানো। 'তারাও গ্রীবা-আন্দোলনে আমাদের প্রত্যভিবাদন করতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গ্রীবাচ্যুত [স] *বিণ* ঘাড় হতে বিচ্ছিন্ন। 'মস্তকটি গ্রীবাচ্যুত হইয়া পক্ক তালের মত সশব্দে ভূপতিত হইল।' *সিরাজী*, ১৯১৮।

গ্রীবাদেশ [স] *বি* গলা; ঘাড়। 'গ্রীবাদেশ বক্র করিয়া অত্যন্ত উগ্রভাবে সকলের উপর খরতর দৃষ্টিপাত করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৯।

গ্রীবামূল [স] *বি* ঘাড় ও গলদেশের সংযোগস্থল। 'লজ্জায় গ্রীবামূল পর্য্যন্ত রক্তিম হইয়া উঠে।' *প্রমথ*, ১৮৯৮।

গ্রীষ্ম [স] **১** *বি* গরম কাল; বৈশাখ ও জ্যৈষ্ঠ মাস। 'এককালে ছয় ঋতু গ্রীষ্ম হিম শিশির বসন্ত।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* গরম। 'পরে যেমন গ্রীষ্মের প্রাদুর্ভাব হইতে লাগিল।' *দর্পণ*, ১৮৩৪; 'অতিশয় গ্রীষ্ম হওয়াতে নিদ্রাহীন রাত্রি অতিবাহন করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৩** *বি* ক্ষুধা। 'কেটে যায় জঠরের গ্রীষ্ম।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গ্রীষ্মকঠিন [স] *বিণ* গ্রীষ্মের ন্যায় রুক্ষ। 'গ্রীষ্মকঠিন বর্ষাকোমল শহরের মুখ।' *শামসুর*, ১৯৫৯।

গ্রীষ্মকাতর *বিণ* গ্রীষ্মের দরুন কাতর। 'এই বীজনপরায়ণ গ্রীষ্মকাতর মেমমূর্তিটির প্রতি কালীপদর ...।' *রবীন্দ্র*, ১৯১১।

গ্রীষ্মকাল [স] *বি* বাংলা সনের প্রথম ঋতু। 'গ্রীষ্মকালে গোপীনাথ পরিবে চন্দন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

গ্রীষ্মকালীন [স] *বিণ* গ্রীষ্ম ঋতুর। 'পাঞ্জাবের গ্রীষ্মকালীন রাজধানী।' *মাহেনও*, ১৯৪৯।

গ্রীষ্মক্লিষ্ট [স] *বিণ* গ্রীষ্মের তীব্র গরমে কাতর। 'গ্রীষ্মক্লিষ্ট বন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

গ্রীষ্মতপ্ত [স] *বিণ* গ্রীষ্মের প্রখর তাপযুক্ত। 'গ্রীষ্মতপ্ত পৃথিবী আমাদের কাছে আভাসিত হয়ে দেখা দিত।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গ্রীষ্মতাপসঞ্জাত [স] *বিণ* গ্রীষ্মের উত্তাপ থেকে সৃষ্ট। 'শকুন্তলার পীড়া গ্রীষ্মতাপসঞ্জাত নয়।' *মুরশিদ*, ১৯৭০।

গ্রীষ্মদগ্ধ [স] *বিণ* গ্রীষ্মের গরমে পোড়া। 'গ্রীষ্মদগ্ধ তাপতপ্ত মারী-ধ্বংস-স্তূপে।' *নজরুল*, ১৯২৫।

গ্রীষ্মদিন [স] *বি* গরমের দিন। 'নিচের একটা খাতে গ্রীষ্মদিনেও জল থাকে।' *বিভূতি*, ১৯৩১।

গ্রীষ্মপ্রত্যূষ [স] *বি* গ্রীষ্মের প্রভাত। 'গ্রীষ্মপ্রত্যূষের ঝিরঝির হাওয়ার মতো।' *ওয়ালী*, ১৯৪৮।

গ্রীষ্মপ্রধান [স] *বিণ* গ্রীষ্ম যেখানে দীর্ঘস্থায়ী। 'গ্রীষ্মপ্রধান দেশ এর জন্মস্থান।' *মদনমোহন*, ১৮৫০।

AMARBOI.COM

গ্রীষ্মরিক্ত [স] *বিণ* গ্রীষ্মের তীব্র গরমে নিঃস্ব। 'গ্রীষ্মরিক্ত অবলুপ্ত/ নদীপথে অকস্মাৎ প্লাবনের দুরন্ত ধারায় ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

গ্রীষ্মশীর্ণ [স] *বিণ* গ্রীষ্মকালে শুকিয়ে গেছে এমন। 'এখানকার গ্রীষ্মশীর্ণ ছোটো নদীর শান্ত স্রোত ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

গ্রীষ্মাতিশয্য [স] *বি* গ্রীষ্মকালীন উত্তাপের আধিক্য। 'দুর্বলতা, মনঃকষ্ট, গ্রীষ্মাতিশয্য ... এই অনুমান করটি প্রাধান্য পাইল বেশি।' *মানিক*, ১৯৩৭।

গ্রীষ্মাবকাশ [স] *বি* গ্রীষ্মকালীন ছুটি। 'গ্রীষ্মাবকাশে দেবদাস বিদেশ বেড়াইতে গিয়াছিল।' *শরৎ*, ১৯১৭।

গ্রীষ্মাবাস [স] *বি* গ্রীষ্মকালে বাসযোগ্য আবাসস্থান। 'এখানে তাঁহাদের গ্রীষ্মাবাসের প্রতিষ্ঠা করতঃ ...।' *অক্ষয়*, ১৮৫৪।

গ্রীস [ই] *বি* দক্ষিণ-পূর্ব ইউরোপের প্রাচীন ঐতিহ্যসমৃদ্ধ দেশ। 'ইজিপ্ট, গ্রীস, ভারতবর্ষ প্রভৃতি নানা জনপদে।' *বিদ্যা*, ১৮৪৯।

গ্রীসদেশীয় [ই গ্রিস+স দেশীয়] *বিণ* গ্রীস দেশ সম্বন্ধীয়। 'গ্রীসদেশীয় বেক্সদেবেরও লিঙ্গপূজা বিস্তৃতরূপে প্রচলিত ছিল।' *অক্ষয়*, ১৮৫০।

গ্রীসিয়ান [ই] *বিণ* গ্রীসদেশে তৈরি। 'হাইহীলের জায়গায় গ্রীসিয়ান স্যান্ডেল।' *বেগম*, ১৯৫১।

গ্রীসীয় [ই গ্রিস+স ঈয়] *বিণ* গ্রীসদেশীয়। 'গ্রীসীয় কবি হোমরকে সেই জাতীয় গৌরবকল্পনায় উদ্দীপিত করিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৭৭।

গ্রীহিনি [স গৃহিণী] পত্নী। 'অবন্তি নগরে বসি সঙ্গেতে গ্রীহিনি।' *মালাধর*, ১৫০০।

গ্রুপ [ই] **১** *বিণ* সমষ্টিগত। 'প্রত্যেকের ব্যক্তিগত জীবনে গ্রুপ পার্সোনালিটি এবং ইনডিভিজুয়াল পার্সোনালিটি জাগ্রত আছে।' *রবীন্দ্র*, ১৯২১। **২** *বি* দল। 'ব্রিটিশ গভর্ণমেন্ট গ্রুপ গঠন-সম্বন্ধে তাঁদের চূড়ান্ত ব্যাখ্যা ঘোষণা করিয়াছেন।' *আজাদ*, ১৯৪৬।

গ্রুপ ফটো [ই] *বি* যৌথ ছবি। 'নিজের নানা বয়সের ছবি ছাড়াও আছে পারিবারিক গ্রুপ ফটো।' *নরেন্দ্র*, ১৯৫২।

গ্রেট [ই] *বিণ* মহান। 'তুমি হবে শালীবাহন দি গ্রেট।' *রবীন্দ্র*, ১৯০৭।

গ্রেট ওঅর [ই] *বি* প্রথম মহাযুদ্ধ। 'গ্রেট ওঅর-এর থেকেও বিশালতর যে দ্বন্দ্ব জগৎ জুড়ে চলছে।' *রবীন্দ্র*, ১৯২১।

গ্রেটম্যান [ই] *বিণ* বিখ্যাত ব্যক্তি। 'সকলেই গ্রেটম্যান।' *রবীন্দ্র*, ১৯০৫।

গ্রেড [ই] *বি* পদমর্যাদা। 'নীচের গ্রেডের চাকুরীতে কোন সম্প্রদায়ের একচেটিয়া অধিকার ...।' *মোহাম্মদী*, ১৯৩১।

গ্রেণ, গ্রেন [ই] *বি* গ্রেন; এক আউন্সের ৪৩৭ ভাগের ১ ভাগ। 'ওজনে এক গ্রেণের ... ভাগের এক ভাগ।' *বঙ্কিম*, ১৮৭৫। 'কুইনিন খেতে হল দশ গ্রেন।' *রবীন্দ্র*, ১৯৩২।

গ্রেনেড [স] *বি* হাতবোমা। 'খোঁজে রাইফেল, গ্রেনেড, মেশিনগান, মুক্তিফৌজ, বিদ্রোহী তরুণ।' *শামসুর*, ১৯৭২।

গ্রেপ্তার [ফা গিরিফতার] *বিণ* আটক। 'সন্ন্যাসীকে গ্রেপ্তার করিয়াছে।' *দর্পণ*, ১৮২৪।

গ্রেপ্তারি, গ্রেপ্তারী [ফা গিরিফতার>] *বিণ* গ্রেপ্তারের আদেশযুক্ত। **গ্রেপ্তারী ওয়ারেন্ট** [ফা গিরিফতার+ই ওয়ারেন্ট] *বি* গ্রেপ্তারের আদেশযুক্ত পত্র। 'তাহার গ্রেপ্তারী ওয়ারেন্ট হওয়ার জন্য কোর্ট ইনস্পেক্টর মহাশয় দ্বারা প্রার্থনা করিয়া ...।' *মশাররফ*, ১৮৬৯।

গ্রেপ্তারী পরওয়ানা [ফা গিরিফতার+ফা পরোয়ানা] *বি* গ্রেপ্তারের আদেশযুক্ত পত্র। 'তখনকার গ্রেপ্তারি পরওয়ানার জন্য বড় আইন-কানুন খুঁজিতে হইত না।' *বঙ্কিম*, ১৮৮২।

গ্রেফতার [ফা গিরিফতার>] *বি* আটক। 'তুমি যদি তাহাদের জানোই তবে তাহাদের গ্রেফতার করিয়া দাও-না কেন?' *রবীন্দ্র*, ১৮৮৪।

গ্রেফতারী [ফা গিরিফতার>] *বিণ* আটকের আদেশযুক্ত। 'পুত্রের নামে গ্রেফতারী এক পরওয়ানা বাহির করেন।' *দর্পণ*, ১৮৩৬।

গ্রেফতারী পরোয়ানা [ফা গিরিফতার+ফা পরোয়ানা] *বি* গ্রেপ্তার করার আদেশ। 'কর্মীদের মাথার উপর যদি গ্রেফতারী পরোয়ানা ঝুলিতে থাকে।' *আজাদ*, ১৯৬৪।

গ্রে-হাউণ্ড [ই] *বি* শিকারি কুকুরবিশেষ। 'দুটি গ্রে-হাউণ্ড, দুটি ফক্স আর একটি বুল-টেরিয়র।' *প্রমথ*, ১৯৩১।

গ্রোন [ই] *বি* আর্তনাদ। 'ভারতমাতা করেন গ্রোন।' *রবীন্দ্র*, ১৮৯০।

গ্রোস [ই] *বি* বারো ডজন; ১৪৪টি। 'এক গ্রোস যুবতি সুন্দরী ভারতের বিভিন্ন প্রদেশ হইতে সংগ্রহ ...।' *নজরুল*, ১৯৩১।

গ্র্যাচুয়িটি [ই] *বি* চাকরি শেষে প্রাপ্য এককালীন টাকা। 'গ্র্যাচুয়িটি কিংবা ইনভ্যালিড পেনসন নিয়ে ...।' *সাদত*, ১৯৬৭।

গ্র্যাজুয়েট [ই] *বি* স্নাতক ডিগ্রিধারী ব্যক্তি। 'কলেজ পাশ গ্র্যাজুয়েটের ফলে সমাজ পুষ্ট হইতেছে।' *প্রচারক*, ১৯০১।

গ্র্যাজুয়েটত্ব [ই গ্র্যাজুয়েট+স ত্ব] *বি* স্নাতক ডিগ্রি। 'গ্র্যাজুয়েটত্ব অর্জন করিয়া বিশ্ববিদ্যালয়ে নাম লেখাইয়া ...।' *মানিক*, ১৯৩৭।

গ্র্যাডিফ্লোরা [ই] *বি* একপ্রকার বিদেশি ফুল। 'ওর নাম গ্র্যাডিফ্লোরা।' *রবীন্দ্র*, ১৯০৮।

গ্র্যান্ড পিয়ানো [ই] *বি* বড়ো পিয়ানো। 'সিমপ্যাথেটিক গ্র্যান্ড পিয়ানো কি কটেজ পিয়ানো সে সম্বন্ধেও ভ্রম হয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

গ্র্যান্যুড়ি [ই] *বি* বিচারের উপযুক্ত সাক্ষ্যপ্রমাণ আছে কি-না তা বিচার করে যে জুরি। 'পুলিসের বিচারে শেষে সঁপতো তোমায় গ্র্যান্যুড়ি।' *হুতোম*, ১৮৬১।

গ্র্যাভিটি [ই] **১** *বি* আপেক্ষিক গুরুত্ব। 'স্বকীয় একটা স্পেসিফিক গ্র্যাভিটি আছে।' *রবীন্দ্র*, ১৯২৮। **২** *বি* গৌরব; সম্মান। 'নিজের গ্র্যাভিটি নিয়ে থাকবেন।' *শ্যামল*, ১৯৬৭।

গ্লান [স] *বিণ* কলঙ্কিত। 'তবু যবনিকাপাত দেবে গ্লান পরাজয় ঢেকে।' *সুধীন্দ্র*, ১৯৪১।

গ্লানি [স] **১** *বি* মলিনতা। 'নগরবাসিরদিগের মানের হানি ও মনের গ্লানি।' *বঙ্গদূত*, ১৮২৯। **২** *বি* নিন্দা। 'তাহাতে ... ঘরের কথাসম্বলিত অনেক গ্লানি আছে।' *দর্পণ*, ১৮৩১। **৩** *বিণ* অবমাননাকর। 'নানা সময়ে তিনি যে গ্লানি উক্তি কহিয়াছেন।' *দর্পণ*, ১৮৩১। **৪** *বি* অনুশোচনা। 'মনের গ্লানির আর পরিসীমা থাকে না।' *অক্ষয়*, ১৮৪৯। **৫** *বি* কালিমা। 'অঙ্গে লিপ্ত করে ড্রানি লালসার।' *রবীন্দ্র*, ১৯২৫। **৬** *বি* কলঙ্ক। 'মুছে যাক গ্লানি, ঘুচে যাক জরা, অগ্নিস্নানে শুচি হোক ধরা।' *রবীন্দ্র*, ১৯২৬। **৭** *বি* ক্ষুদ্রতা। 'কালে কালে দেশে দেশে শিল্পস্বপ্নে দেখে রূপখানি, নাহি তাহে প্রত্যহের গ্লানি।' *রবীন্দ্র*, ১৯৪০। **৮** *বি* অবহেলা। 'কোনো কাজে কেহুমাত্র গ্লানি সেবার মাধুর্যে ছায়া নাহি দেয় আনি।' *রবীন্দ্র*, ১৯৪১।

গ্লানিকর [স] *বিণ* নিন্দাসূচক; অপমানজনক। 'তাঁকে কোন গ্লানিকর কথা কইও না।' *মাইকেল*, ১৮৭৩।

গ্লানিজনক [স] *বিণ* অপমানজনক। 'অসম যুদ্ধে পরাভব স্বীকার করা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বীরপুরুষের গ্লানিজনক নহে।' *জগদীশ*, ১৮৯৫।

গ্লানিপূর্ণ [স] *বিণ* কলঙ্কময়। 'যখন নাগরিকদের নৈতিক জীবন গ্লানিপূর্ণ হয়।' *ওয়াজেদ*, ১৯৪৩।

গ্লানিবিহীন [স] *বিণ* কালিমামুক্ত। 'দৈবে যে গান গ্লানিবিহীন ফুলের মতো উঠল ফুটে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

গ্লানিমা [স] *বি* অবসন্নতা। 'নিরাশা গ্লানিমা ত্রাস।' *জীবন*, ১৯২৭।

গ্লানিমিশ্রিত [স] *বিণ* অপমানজনক। 'গ্লানিমিশ্রিত কথা ... কহিয়া শেষে কহিলেন।' *মশাররফ*, ১৯০৮।

গ্লানিহর [স] *বিণ* গ্লানি দূরকারী। 'আমি রাজনর্তকী। জীবনের সুরা। গ্লানিহর। ক্লান্তিহর।' *মুনীর*, ১৯৬৬।

গ্লানিহীন [স] ১ *বিণ* নির্মল। 'দাও সেই তপোবন পুণ্যচ্ছায়ারাশি, গ্লানিহীন দিনগুলি, সেই সন্ধ্যাস্নান ...।' *রবীন্দ্র*, ১৮৯৬। ২ *বিণ* প্রশান্ত। 'রোগ যদি আসে রুখে সকরুণ শান্ত হাসি লেগে থাকে গ্লানিহীন মুখে।' *রবীন্দ্র*, ১৯২৫।

গ্লাভস [ই] *বি* দস্তানা; হাতমোজা। 'হাতে গ্লাভস।' *হাই*, ১৯৫৮।

গ্লাশ [ই] *বি* গ্লাস; জলীয় পদার্থ খাওয়ার পাত্রবিশেষ। 'তবে সেই বোতলটা আর একটা গ্লাশ শীঘ্র করে আন।' *মাইকেল*, ১৮৬০।

গ্লাস [ই] ১ *বি* জলীয় পদার্থ খাওয়ার পাত্রবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'কট গ্লাসের কোষা পড়িল।' *বঙ্কিম*, ১৮৭৩। ২ *বি* আয়না; দর্পণ। 'সোনাউল্লা সাহেবের কএক জোড়া কাপড় তৈলিয়া চিরূণী, ব্রাস, গ্লাস ...।' *মশাররফ*, ১৮৯০। ৩ *বিণ* গ্লাস পরিমাণ। 'ততক্ষণ এক গ্লাস বরফ-দেওয়া জল খান।' *রবীন্দ্র*, ১৯০৪।

গ্লাসকেস [ই] *বি* পানপাত্র রাখার তাক বা আধার-বিশেষ। 'দেওয়ালপিরি, আয়না, গ্লাসকেসের মধ্যে ...।' *শরৎ*, ১৯১৭।

গ্লাসভরা *বিণ* গ্লাসপূর্ণ। 'গ্লাসভরা রঙীন পানীয়।' *নরেন্দ্র*, ১৯৪৬।

গ্লাসের ঝাড় *বি* কাচের ঝাড়বাতি। 'গ্লাসের ঝাড় হাজার করিয়াছিলেন।' *ফেরি*, ১৮০২।

গ্লুকোজ [ই] *বি* পরিশুদ্ধ শর্করা। 'একটু গ্লুকোজ দাও তো।' *জীবন*, ১৯৩৩।

গ্লেসিআর [ই] *বি* হিমবাহ। 'কামনার টানে সংহত গ্লেসিআর।' *বিষ্ণু*, ১৯৩৭।

গ্লোব [ই] *বি* ভূগোলক। 'ইংরেজী গ্লোবের অর্থাৎ ভূগোলের ও দেশ বিভাগের ... পরীক্ষা দিলেন।' *দর্পণ*, ১৮২৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঘচি করা *ক্রি* কোনো কিছু চাপিয়ে দেওয়া। *মানোএল*, ১৭৪৩।

ঘট [স] **১** *বি* ঘড়া; কলস। 'আগে সুনা ঘটে নারী হাঁহী জিঠিহো না বারী।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* মূর্তি চিত্রিত কলস। 'লঙ্ঘিয়া তোমার ঘট ছয় ডিঙ্গা হইব নঠ।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* ঘর। 'যে আলিম জানিঅ দীনের ঘটে চোর।' *আলাওল*, ১৬৮০। **৪** *বি* দেহ। 'নিরঞ্জন আদমের ঘটে স্থাব্য থুইলা।' *সুলতান*, ১৭০০। **৫** *বি* পাত্র। 'ছোট মুখের লম্বা লম্বা ঘটে কুটি কুটি মাংস ভরা রাখিয়াছে।' *তারিণী*, ১৮০৩। **৬** *বি* মাথা। 'একটু ঘটে বুদ্ধি নেই।' *গিরিশ*, ১৮৮৯। **৭** *বি* ভাগ্য। 'আমি শুনে হাসি আঁখিজলে ভাসি, এই ছিল মোর ঘটে।' *রবীন্দ্র*, ১৮৯৯। **৮** *বি* আধার। 'কৃতান্ত আজ ব্যক্ত সর্ব ঘটে।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

ঘটকক্ষ [স] *বি* ঘট সংবলিত কক্ষ। 'ঘটকক্ষে ধাপে ধাপে উঠে চলে যান।' *বিভূতি*, ১৯৩১।

ঘট-কঙ্কণ [স] *বি* কলস ও হাতের কাঁকন। 'তটে তটে ঘট-কঙ্কণে নটমল্লারে ওঠে গান।' *নজরুল*, ১৯৩১।

ঘটদাসী [স] *বি স্ত্রী* ধর্মঠাকুরের পূজারী। 'চন্দ্র কটাল আইল বসুআ ঘটদাসী।' *রামাই*, ১৭১০।

ঘট পট [স] *বি* পূর্ণ কলস ও চিত্রপট। 'ঘটে পটে সব জাগায় আছে আবার নাই বলা যায়।' *লালন*, ১৮৯০।

ঘট পাওয়া *ক্রি* কমানো। 'ঘট পাইতে।' *মানোএল*, ১৭৪৩।

ঘটস্থাপনা [স] **১** *বি* অভিষেক। 'কাব্যমন্দিরে দেশের মাটির ঘটস্থাপনা করে তার মধ্যে সবুজ পত্রের প্রতিষ্ঠা করতে চাই।' *প্রমথ*, ১৯১৪। **২** *বি* বিশেষ আচরণের মাধ্যমে পূজার ঘট সাজিয়ে রাখা। 'প্রথমে সামান্যকাণ্ড – যেমন আচমন, স্বস্তিবাচন ... ঘট-স্থাপন।' *অবন*, ১৯১৯।

ঘটক [স ঘটক+আ বিদা] **১** *বি* বিবাহের মধ্যস্থতাকারী। 'দৈবে বনমালী ঘটক শচী স্থানে আইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* রাঁধুনি। 'তাঁর মত লুচী অনেক ঘটক ও মেঠাইওয়ালা বামুনেও ভাজতে পাত্তো না।' *হুতোম*, ১৮৬১।

ঘটকতা [স] *বি* ঘটকের কাজ; ঘটকালি। 'আমিও ঘটকতা করিয়া থাকি।' *রামনারায়ণ*, ১৮৫৪।

ঘটকবিদায় [স ঘটক+আ বিদা] *বি* ঘটকের পারিশ্রমিক। 'তোমাদিগকে ঘটকবিদায়স্বরূপ কিছু দিব।' *বঙ্কিম*, ১৮৭৪।

ঘটকালি, ঘটকালী [স ঘটক>] **১** *বি* ঘটকের কাজের পারিশ্রমিক। 'ঘটকালী পাবে ওঝা দ্বাদশ কাহন।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* ঘটকের কাজ। 'ঘটকালি মালীর মহিলা ভাল জানে।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'বলে চলে যাব কালি ঘটকালী কি করিবে আর।' *রামনারায়ণ*, ১৮৫৪।

ঘটকী [স] *বি স্ত্রী* যে ব্যক্তি মধ্যবর্তী হয়ে বিবাহ সম্বন্ধ ঘটিয়ে দেয়। 'এখন যে অনেক ঘটকী হয়েছে।' *উমেশ*, ১৮৫৭।

ঘটঘট [ধ্বন্যা] **১** *বি* বারে বারে ঘোঁটার শব্দ। *বিদ্যা*, ১৮৯১। **২** *বি* ধাতব পদার্থের পরস্পরের সঙ্গে বার বার ঘর্ষণের ধ্বনিবিশেষ। 'দিবারাত্রি যন্ত্রের ঘটঘট শব্দ মনে হইত।' *প্রভাত*, ১৮৯৬।

ঘটন [স] **১** *বি* ঘটনা। 'দৈবে সে জাণএ যার যেহেন ঘটনে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* বিধান। 'দৈব ঘটন কভু খণ্ডন না জাএ।' *মালাধর*, ১৫০০। **৩** *বি* স্থাপন। 'শচীর ইঙ্গিতে সদ্বন্ধ করিল ঘটন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঘটনা [স] **১** *বি* গঠন। 'চাঁদ সার লএ মুখ ঘটনা করু।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* ব্যাপার। 'অনেক ঘটনা উপস্থিত হইয়া তাঁহার অভিলাষের পোষকতা করিল।' *অক্ষয়*, ১৮৪২। **৩** *বি* ঘটনাপরম্পরা। 'এই ঘটনার প্রাচীনত্বের নিদর্শন স্বরূপ এমত এক আখ্যান আছে।' *অক্ষয়*, ১৮৪৭। **৪** *বি* কর্ম সম্পাদনা। 'তদবধি সেখানে কি কি বিষয়ের ঘটনা হইয়াছে?' *অক্ষয়*, ১৮৪৮। **৫** *বি* রেওয়াজ। 'ঈদৃশ অঘটন-ঘটনা ভূমণ্ডলে অতীব বিরল।' *অক্ষয়*, ১৮৪৮। **৬** *বি* পরিস্থিতি। 'মানসিক বৈলক্ষণ্যই অনেক্য ঘটনার একমাত্র কারণ।' *অক্ষয়*, ১৮৪৯। **৭** *বি* অপ্রীতিকর বিষয়ের অবতারণা। 'অন্য দেশে এ প্রকার ঘটনা হইলে একটা খণ্ড-প্রলয় উপস্থিত হইত।' *অক্ষয়*, ১৮৫০। **৮** *বি* সংঘটিত বিষয়। 'ঘটনাস্থলে শীঘ্র শীঘ্র উপস্থিত।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

ঘটনাক্রম [স] *বি* ঘটনা পরম্পরা। 'ঘটনাক্রম আর সংলাপের অনুসরণও করেছেন বিদ্যাসাগর।' *মুরশিদ*, ১৯৭০।

ঘটনাক্রমে [স] *ক্রিবিণ* দৈবাৎ; ঘটনাগতিকে। 'দৈবের ঘটনাক্রমে নবাবের বিপদ উপস্থিত হইল।' *রাজীব*, ১৮০৫।

ঘটনাঘটন [স ঘটন-অঘটন] *বি* ভালো ও খারাপ নানা ঘটনা। 'যার বহিঃপ্রকাশ আবার ইদানীন্তন ঘটনাঘটন।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

ঘটনাচক্র [স] *বি* ঘটনা পরম্পরা। 'সেই আদর্শকে ঘটনাচক্রের খেয়ালী বিবর্তনের উপর ছাড়িয়া দেওয়া যায় না।' *আজাদ*, ১৯৭০।

ঘটনাধীন [স] *বিণ* পরিস্থিতিজাত। 'সে ইচ্ছাপূর্বক নহে, ঘটনাধীন।' *বঙ্কিম*, ১৮৮২।

ঘটনাপঞ্জী [স] *বি* ঘটনাবলি। 'একুশের ঘটনাপঞ্জী।' *হাফিজুর*, ১৯৫৩।

ঘটনাপরম্পরা [স] *বি* পর পর সংঘটিত ঘটনা। 'ইহার পূর্ববর্তী যে সকল ঘটনাপরম্পরা এই শেষ ঘটনাটিকে সম্ভবপর করিয়াছে ...।' *বনফুল*, ১৯৩৬।

ঘটনাপ্রবাহ [স] *বি* কতোগুলো ঘটনার পরম্পরা। 'যে অনতিতরঙ্গিত ঘটনাপ্রবাহের মধ্যে এতক্ষণ কালযাপন করিতেছিলাম ...।' *রবীন্দ্র*, ১৮৮৩।

ঘটনাপ্রবাহে [স] *ক্রিবিণ* পাকচক্রে। 'ঘটনাপ্রবাহে ইহা জঘন্য ঘাতকতায় পর্যবসিত হইয়াছে।' *আজাদ*, ১৯৭০।

ঘটনাবলী [স] *বি* নানা ঘটনার সমাহার। 'এই সমস্ত প্রামাণিক ঘটনাবলী দ্বারা ... প্রাচীনত্ব সপ্রমাণ হইতেছে না।' *অক্ষয়*, ১৮৪৯।

ঘটনাবহুল [স] *বিণ* ঘটনার আধিক্য সম্পন্ন। 'বুশ এবং সুকুমার রায়ে প্রধান তফাত এই যে, বুশ বেশির ভাগই ঘটনাবহুল।' *মুজতবা*, ১৯৫৮।

ঘটনামূলক [স] **১** *বিণ* ঘটানার উপর নির্ভরশীল এমন। 'এই-সমস্ত ইতিহাসকে ঘটনামূলক বলিয়া গণ্য করিবার কোনো প্রয়োজন নাই।' *রবীন্দ্র*, ১৯১১। **২** *বিণ* ঘটনাপ্রধান। 'ঐতিহাসিকের মাপকাঠি ঘটনামূলক।' *অবন*, ১৯২৫। **২** *বিণ* ঘটনাসম্পর্কিত। 'প্রথম ঘটনামূলক সাদৃশ্য – নিছক প্রতিরূপ পেলেম সেটি দিয়ে।' *অবন*, ১৯২৫।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঘটনাসংস্থান [স] *বি* ঘটনার বিন্যাস। 'তিনি ... ঘটনাসংস্থানের প্রতি দৃক্‌পাত মাত্র করেন না।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঘটনাস্থল [স] *বি* যে স্থানে ঘটনা ঘটে। 'ঘটনাস্থলে শীঘ্র শীঘ্র উপস্থিত।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

ঘটনাস্রোত [স] *বি* অনেকগুলি সংঘটিত বিষয়ের প্রবাহ। 'ঘটনা-স্রোতের পরে তাহার নির্ভর নহে।' *রবীন্দ্র*, ১৯১২।

ঘটপটিয়া *বিণ* বাজে বকে এমন। 'ঘটপটিয়া মূর্খ তুমি কাঁহা তোমার জ্ঞান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঘটয়িতা [স] *বি* সংঘটনকারী। 'সে আর ঘটনার দলে থাকবে না, ঘটয়িতার দলে গিয়ে ভর্তি হবে।' *রবীন্দ্র*, ১৯১৫।

ঘটর-ঘটর [ধ্বন্যা] *বি* অবিরাম ঘট শব্দ। 'শিল আর নোড়ায় ঘষাঘষি করে শব্দ তুলছে ঘটর-ঘটর।' *অবন*, ১৯২৭।

ঘটা[১] [স ঘট্] **১** *ক্রি* সংঘটিত হওয়া। 'সমুদ্রের জল জদি ঘটে পরমানি।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* দেখা পাওয়া। 'সুপুরুষ কুলোত্তম কোথা না ঘটয়।' *আলাওল*, ১৬৮০। **৩** *ক্রি* হওয়া। 'সুন্দর এক পতি যারে লো ঘটে।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৪** *ক্রি* বওয়া। 'সুন্দর সৌরভ ছুটে মন্দ মন্দ বায়ু ঘটে।' *রামপ্রসাদ*, ১৭৮০। **ঘটাবে** *ক্রি* সংঘটিত করবে। 'কোনজন কবে, ঘটাবে এনে।' *রামপ্রসাদ*, ১৭৮০। **ঘটিবেক** *ক্রি* ঘটবে। 'অল্প দিনের মধ্যেই, রাজার প্রাণান্তায় ঘটিবেক।' *বিদ্যা*, ১৮৪৭। **ঘটিল** *ক্রি* হলো। 'আসন্ন কালে বিপরীত বুদ্ধি দাউদকে ঘটিল।' *রামরাম*, ১৮০১।

ঘটে ওঠা *ক্রি* সম্ভবপর হওয়া। 'পরীক্ষায় পাশ করা অনেকের পক্ষেই ঘটে উঠবে না।' *বেগম*, ১৯৪৯।

ঘটা[২] [স ঘট] **১** *বি* আড়ম্বর। 'এ ঘোর রজনী মেঘের ঘটা।' *ভিচণ্ডী*, ১৬০০। **২** *বি* আয়োজন। 'পূজার ঘটা করিতে সাধ্যপর্য্যন্ত কেহ কসুর করে না।' *দর্পণ*, ১৮১৯।

ঘটাঘটি *বি* জাঁকজমক। '... ঘটাঘটি কৈ লো, কিছুই যে দেখিনে?' *রামনারায়ণ*, ১৮৫৪।

ঘটা[৩] *বি* পরিজন। *মানোএল*, ১৭৪৩।

ঘটা[৪] [স ঘট] *বি* জল রাখার ছোটো মাটির পাত্র। 'মাটির ঘটায় করে পানি তুলে আনে ডোবা থেকে।' *কায়সার*, ১৯৬২।

ঘটাকাশ [স] *বি* ঘটনার স্থান। 'ঘটাকাশের ঘটনা সমস্ত থেকে অনেক দূরে।' *অবন*, ১৯২৫।

ঘটাঘট [স] **১** *বি* কঠিন বস্তু দিয়ে আঘাতের শব্দ। 'সঘন ঘটাঘট বিজলী ছটাছট দশদিশ বরিষয় আপিনী।' *আলাওল*, ১৬৮০। **২** *ক্রিবিণ* দ্রুততার সঙ্গে। 'খানিক নোড়া ঘষে দিলে ঘটাঘট।' *অবন*, ১৯২৭।

ঘটাটোপ [স] **১** *বি* আচ্ছাদন। 'স্বর্ণমণ্ডিত উপরি ভাগে মখমলের ঘটাটোপ।' *রামরাম*, ১৮০১। **২** *বি* পর্দা। 'রহস্যের ঘটাটোপ কীর্ণ করে প্রপন্ন জগতে।' *সুধীন্দ্র*, ১৯২৮।

ঘটাপটা [স ঘটপট>] *বি* জাঁকজমক। 'বড় ঘটাপটা কিছু হইল না।' *বঙ্কিম*, ১৮৮২।

ঘটামেঘ [ঘটা+স মেঘ] *বি* আকস্মিক মেঘের আড়ম্বর। 'শ্রীবৈষ্ণব-ঘটামেঘে হইল বাদল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঘটি [স ঘটী] **১** *বি* ঘটিকা; ঘণ্টা। 'সাত ঘটি গেল হএ দুঅজ পহর।' বড়ু, ১৪৫০। **২** *বি* ক্ষুদ্র আকৃতির জলপাত্রবিশেষ। 'দূর হতে দেখে চোর ঘটি বাটি থালা।' *রূপরাম*, ১৭৫০; 'ঘোষেরা পাতকোতলার বড় পেতলের ঘটিটী পাচ্চে না।' *হুতোম*, ১৮৬১। **৩** *বি* (অপকর্ষমূলক) পশ্চিমবঙ্গের লোক। 'হ্যাঁ, ঘটিদের মেয়ে, তাদের আবার স্বভাব-টভাব অন্যরকম।' *সুনীল*, ১৯৭০।

ঘটি খেলা *বি* খেলাবিশেষ। 'ঘটি খেলা খেলিতে লাগিল আর জলে একজাই ডেলা বৃষ্টি করিলেক।' *তারিণী*, ১৮০৩।

ঘটিজল [স ঘটী+স জল] *বি* ঘটিতে রাখা জল। 'ঘটিজল বলে, ওগো মহাপারাবার/ আমি স্বচ্ছ সমুজ্জ্বল, তুমি অন্ধকার।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ঘটিবাটি [স ঘটী>] *বি* থালাবাটি ইত্যাদি; তৈজসপত্র। 'নানা দ্রব্য পরিপাটি তুতি লোটা ঘটিবাটি।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'সপরিবারে ঘটি-বাটি ... সমেত দাখিল হইল।' *বঙ্কিম*, ১৮৮৪।

ঘটিকা [স] **১** *বি* ঘড়ি। 'ইউরোপীয় ঘটিকা যন্ত্রের বাহুল্য দ্বারা বেলা কালের পরিমাণ প্রচলিত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৭। **২** *বি* ঘণ্টা; সময়ের একক; দিনরাত্রির ২৪ ভাগের এক ভাগ। 'প্রতি দিবস পূর্ব্বাহ্ণে বেলা ১১ ঘটিকার অবধি ... আফিসে উপস্থিত।' *প্রভাকর*, ১৮৪৮।

ঘটিত [স] **১** *বিণ* যুক্ত। 'প্রবাল ঘটিত চক্ষু চরন তাহার।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* সম্পর্কিত। 'মালগুজারির ঘটিত যে কোন বিষয়।' *ক্যালগে*, ১৭৮৪। **৩** *বিণ* ঘটেছে এমন। 'রজনীতে যে সমস্ত শুভাশুভ ঘটনা ঘটিত হয়, তাহা লিপিবদ্ধ হইয়া ...।' *অক্ষয়*, ১৮৪৬।

ঘটী[১] [স] **১** *বি* ছোটো জলপাত্রবিশেষ। 'কাচ ঘটী অনুগত জন জেম।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'অম্বল খাইআ পিলা জল ঘটী ঘটী।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* ঘটিকা; সময়। 'সেই ঘটী ক্ষণ পল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঘটী-যন্ত্র [স] *বি* ঘড়ি। 'ঘটী-যন্ত্রের ন্যায় কালচক্রের ভ্রমণ বশতঃ বর্ত্তমান ...। *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

ঘটোদরী [স] *বিণ* স্থূল কটিবিশিষ্ট। 'যৌবন বিহনে তুমি হবে ঘটোদরী।' *মুকুন্দ*, ১৬০০।

ঘটোষ্ণী [স] *বিণ* ঘটের মতো প্রশস্ত এবং স্থূল স্তনবিশিষ্ট। 'উভয়েই লাবণ্যময়ী এবং ঘটোষ্ণী।' *বঙ্কিম*, ১৮৭৫।

ঘট্টা [স ঘট্টা] *বি* ঘাট। 'দিব্য ঘট্টা হিঙ্গুলে পিত্তলে শোভা করে।' *বৃন্দা*, ১৫৮০।

ঘড়ই *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'ভিকারিদাস ঘড়ই।' *সেবধি*, ১৮৪০।

ঘড়ঘড় [ধ্বন্যা] **১** *বি* গাড়ি চলার শব্দ। 'ট্রামের ঘড়ঘড় না থাকত।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বি* শ্লেষ্মাজনিত গলার শব্দ। 'খক খক খন খন ঘড় ঘড়।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঘড়ঘড়ানি [ধ্বন্যা ঘড়ঘড়>] *বি* ঘড় ঘড় শব্দ। 'কলকাতার দৌড়ধাপ হাঁসফাঁস ফড়ফড়ানি ঘড়ঘড়ানি ভারী ছোটো।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘড়ঘড়ি [ধ্বন্যা] *বি* ঘড় ঘড় শব্দ। 'লরির নটখটি ঘড়ঘড়ির চেয়ে এ কান্না ঢের আলাদা।' *জীবন*, ১৯৪৮।

ঘড়র ঘড়র [ধ্বন্যা] *বি* চরকা ঘোরার শব্দ। 'চরকার ঘড়র ঘড়রও শুনি না।' *জসীম*, ১৯৬০।

ঘড়া [স ঘট] **১** *বি* কলস। 'লোহার সীকলে ছিল সাত ঘড়া ধন।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* বড়ো পাত্র। *মানোএল*, ১৭৪৩; 'এক ঘড়ার উপর পীঠ, যাহাতে কিছু ঝোল পড়িয়াছিল।' *তারিণী*, ১৮০৩।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঘড়া ঘড়া *বিণ* বহু ঘট। 'ঘড়া ঘড়া টাকা ঘরে গগড়াগড়ি।' *রবীন্দ্র*, ১৯০৫; 'ঘড়া ঘড়া তীর্থবারি।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঘড়াঞ্চি [স ঘট>] *বি* ঘড়া বসানোর কাঠের মঞ্চ। *বিদ্যা*, ১৮৯১।

ঘড়ি [স ঘটিকা] *বি* **১** *বি* ঘড়া। 'চউশঠী ঘড়িয়ে দেট পসারা।' *চর্যা* ৩, ১২০০। **২** *বি* ঘর। 'না জানি কোন ঘড়ি যাই।' *সুলতান*, ১৭৫০। **৩** *বি* ঘণ্টা; সময়ের এককবিশেষ। 'দুইজনে রাত্রি আট নয় ঘড়ির সময় আমার বাটীর দরোওয়াজায় আসীয়া কহিলেক ...।' *মেহর্স*, ১৭৫৭। **৪** *বি* সময়মাপক যন্ত্র। 'আপনে আমাকে একটী বড় ঘড়ি দিতে চাহিছেন।' *বোগল*, ১৭৮০; 'ঘড়ি ছোট অল্প কিমত।' *ক্যালগে*, ১৭৮৪; 'সময়ের ঘড়ির কল চিরকালের মতো বন্ধ হইয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯২। **৫** *বি* পিতলের থালাকৃতি ঘণ্টা। 'আশা শোটা, ঘড়ি ও ঢক্কা একত্র হলো।' *হুতোম*, ১৮৬১।

ঘড়িআলি [স ঘটী+হি ওয়ালী] *বি* ঘড়ি বিক্রেতা; ঘড়ি নির্মাতা; ঘড়ি মেরামতকারী। *ওসাঁ*, ১৭৮৫।

ঘড়িওয়ালা [ঘড়ি+হি ওয়ালা] *বিণ* ঘড়ি টানানো আছে এমন। 'ঘড়িওয়ালা কোন বাড়িতে ঘণ্টাধ্বনি বাজে।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঘড়িখানেক *বিণ* ঘণ্টাখানেক। 'ঘড়িখানেক হইল কাছারিতে গিয়াছে।' *কেরি*, ১৮০২।

ঘড়ি ঘড়ি *ক্রিবিণ* থেকে থেকে। 'ঘড়ি ঘড়ি ঘড়িআলে ঘন ফুকারএ।' *আলাওল*, ১৬৮০।

ঘড়িঘর [ঘড়ি+ঘর] *বি* ঘড়ি টানানো আছে এমন ঘর। 'তাহার উপরি ভাগে ঘড়িঘর।' *রামরাম*, ১৮০১।

ঘড়িধরা [ঘড়ি+ধরা] *বিণ* নির্ধারিত। 'চিরাভ্যাসমত একেবারে ঘড়িধরা সময়ে মধুসূদন ঘুমিয়ে পড়ে।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঘড়িবানাইয়া [স ঘটী+হি বনানা>] *বি* ঘড়িওয়ালা; ঘড়ি বানায় যে। *মানোএল*, ১৭৪৩।

ঘড়ি স্লো করা *ক্রি* ঘড়িতে সময় কমিয়ে রাখা। 'ঘড়িটা ডাবে কে স্লো করে রেখেছিল।' *ওয়ালী*, ১৯৪২।

ঘড়িআল[১] দ্র ঘড়িয়াল

ঘড়িআল[২] [স ঘটিকা>] **১** *বি* ঘণ্টাবাদক। 'ঘড়ি ঘড়ি ঘড়িআলে ঘন ফুকারএ।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* ঘড়ি। *মানোএল*, ১৭৪৩।

ঘড়িয়াল, ঘড়িআল [হি] *বি* মেছো কুমির। 'ঘড়িআল কুম্ভীর তাহাত আপার।' *বড়ু*, ১৪৫০; 'কুম্ভীর হাঙ্গর লিখে ঘড়িয়াল সুশুক।' *মুকুন্দ*, ১৬০০।

ঘড়ী[১] [স ঘটী] *বি* ছোটো ঘট। 'সোনার চুপড়ী রাধা রূপার ঘড়ী।' *বড়ু*, ১৪৫০।

ঘড়ী[২] [স ঘটিকা] **১** *বি* ঘণ্টা বা প্রহর নির্ণায়ক পাত্র। 'কোঠায় কাঙ্গুরা ঘড়ী নিশান নহবৎ।' *ভারত*, ১৭৬০। **২** *বি* ঘড়ি; সময় নিরূপক যন্ত্র। 'মেহেরবান করায়া ঘড়ী গঠাইবেন।' *বোগল*, ১৭৮০। **৩** *বি* ঘণ্টা। 'কেহ ৬ কেহ বা ১২/ ১৮ ঘড়ী বসিয়া থাকিবে।' *দর্পণ*, ১৮২৬।

ঘড়ীওয়ালা [স ঘটী+হি ওয়ালা] *বি* ঘড়িনির্মাতা। *ওসাঁ*, ১৭৮৫।

ঘড়ী ঘড়ী *ক্রিবিণ* ঘণ্টায় ঘণ্টায়। 'এই ঔষধ দুই প্রহর রাত্রি পর্যন্ত ঘড়ী ঘড়ী খাওয়াইবেন।' *বঙ্কিম*, ১৮৬৫।

ঘড়ুলী [স ঘটী>] *বি* ছোটো ঘড়া। 'এক সে ঘড়ুলী সরুই নাল।' *চর্যা* ৩, ১২০০।

ঘড়েল [ঘড়িয়াল] **১** *বিণ* ধূর্ত; সতর্ক। 'ঘড়েল পতির জ্বালে আমি হইনু ভাল।' *ভারত*, ১৭৬০। **২** *বিণ* সুচতুর। 'গাছের তলায় ঘড়েল শেয়াল।' *নজরুল*, ১৯৩১।

ঘণ [স ঘন] *বিণ* ঘন। 'তিণিএ পার্টে লাগেলি রে অণহ কসণ ঘণ গাজই।' *চর্যা* ১৬, ১২০০।

ঘণা, ঘনানো *ক্রি* ঘনিষ্ঠ হওয়া। 'দেও পরী যক্ষ প্রেত কাছে না ঘনাএ।' *আলাওল*, ১৬৮০।

ঘন্ট [স ঘন্ট] *বি* কয়েক রকম সবজি একত্র করে রান্না-করা এক প্রকার ব্যঞ্জন। 'অপূর্ব্ব মোচার ঘন্ট তাঁহা যে খাইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঘন্টস্বর [স ঘন্টা+স স্বর] *বি* নদীবিশেষ। 'পশ্চিমে গর্গর নদী পূর্ব্বে ঘন্টস্বর।' *বিজয়*, ১৬৫০।

ঘন্টা[১] [স] **১** *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'আলিকালি ঘন্টা নেউর চরণে।' *চর্যা* ১১, ১২০০। **২** *বি* সময়ের একক; ৬০ মিনিটের সমান। *ওসাঁ*, ১৭৮২। **৩** *বি* কাঁসার তৈরি এক প্রকার বাদ্যযন্ত্র। *ওসাঁ*, ১৭৮২; 'ঢাকীরা ... ঘন্টা ও ঘুমুর বেঁধে পাড়ায় পাড়ায় বাজিয়ে বাজিয়ে ...।' *হুতোম*, ১৮৬১। **৪** *বি* বিদ্যালয়ে পাঠদানের নির্দিষ্ট সময়। 'ইতিহাসের পরে লজিকের ঘন্টা।' *বিভূতি*, ১৯৩১।

ঘন্টাঘর [স ঘন্টা+ঘর] *বি* ঘন্টা বাঁধা আছে এমন ঘর। 'মন্দিরের আকার চূড়া তাহার নাম ঘন্টাঘর।' *রামরাম*, ১৮০১।

ঘন্টাধ্বনি [স] *বি* ঘন্টার আওয়াজ। 'ঘড়িওয়ালা কোন বাড়িতে ঘন্টাধ্বনি বাজে।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঘন্টা-নিনাদিনী [স] *বিণ* ঘন্টাবাদক। 'ঘোর ঘন্টা-নিনাদিনী ঘম্বরাস্যা ভাতিকিনী।' *মুকুন্দ*, ১৬০০।

ঘন্টা পড়া *ক্রি* ছুটি বা নির্দিষ্ট সময় শেষের ঘন্টা বাজিয়ে সংকেত জানানো। 'ক্লাস শেষ হওয়ার ঘন্টা পড়ে।' *বিভূতি*, ১৯৩১।

ঘন্টাবধি [স ঘন্টা-অবধি] *ক্রিবিণ* নির্দিষ্ট ঘন্টা পর্যন্ত। 'প্রতিদিন প্রাতে ১১ ঘন্টাবধি ৪ ঘন্টাবধি পরাহ্ন পর্য্যন্ত।' *দর্পণ*, ১৮৩৭।

ঘন্টাবাদক [স] *বি* ঘন্টা বাজায় যে। 'ঘন্টাবাদক কল ফিরাইলেই আপনা হতে ঘন্টা ঠনাঠন শব্দ করে।' *রামরাম*, ১৮০১।

ঘন্টাব্যাপিয়া [স ঘন্টাব্যাপী] *ক্রিবিণ* নির্দিষ্ট ঘন্টা ব্যাপী। 'তিন ঘন্টাব্যাপিয়া এতদ্রূপ পরীক্ষা লণ্ডনের পর ...।' *দর্পণ*, ১৮৩৬।

ঘন্টা[২] [স ঘন্ট] *বি* রাজপথ। *মানোএল*, ১৭৪৩।

ঘন্টিওয়ালা [স ঘন্টা+হি ওয়ালা] *বি* ঘন্টা বাজায় যে ব্যক্তি। 'সিগন্যালের লোক, ক্রম্যান, মায় ঘন্টিওয়ালা।' *শ্যামল*, ১৯৬৭।

ঘন্টো [স ঘন্ট] *বি* পাঁচমিশালি ব্যঞ্জন। 'এক পেট ফির্নি, মেটো, ঘন্টো ও আটা নেবড়ান লুফে ফরসা ধুতি চাদরে ফিট হয়ে বসে আচেন।' *হুতোম*, ১৮৬১।

ঘন্তা [স ঘন্টা] *বি* বাদ্যযন্ত্র-বিশেষ। 'কালো ধলো কেহ রাঙ্গা দামা ঘন্তা বাজায় সিঙ্গা।' *মুকুন্দ*, ১৬০০।

ঘন [স] **১** *বিণ* প্রবল। 'নিশি আন্ধকার ঘন বারি বরিষে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* নিরেট। 'নীল কুটিল ঘন মৃদু দীর্ঘ কেশ।' *বড়ু*, ১৪৫০। **৩** *বিণ* পুষ্ট। 'দূর করোঁ তোর হার ঘন পীন তনে।' *বড়ু*, ১৪৫০। **৪** *বিণ* দ্রুত। 'মনতোষ ভৈল কাহ্নাঞি ছাড়ে ঘন শাসে।' *বড়ু*, ১৪৫০। **৫** *বি* মেঘ। 'উনঞ্চাস বাএ রাধা কৈল ঘন গড়।' *বড়ু*, ১৪৫০। **৬** *বি* (গণিত) সমান তিন রাশির গুণফল (যেমন ৩x৩x৩)। 'ছাত্রেরদিগের প্রতি বর্গ ও বর্গমূল ও ঘন ও ঘনমূল প্রভৃতি জিজ্ঞাসা করিল।' *দর্পণ*, ১৮২২। **৭** *বিণ* ঠাসবুননযুক্ত। 'অত্যন্ত ঘন ও মলিন বস্ত্র পরিধান করিলেও ...।' *অক্ষয়*, ১৮৪৯। **৮** *বিণ* গাঢ়। 'তিনি একপ্রকার ঘন

AMARBOI.COM

মসী প্রস্তুত করিলেন।' *অক্ষয়*, ১৮৫৪। **৯** *বিণ* নিবিড়। 'ঘনবনতলে এসো।' *রবীন্দ্র*, ১৮৯৭। **১০** *বিণ* গভীর অন্ধকারাচ্ছন্ন। 'কালকে ছিল এমন ঘন রাত, আকুল ধারে এমন বারিপাত।' *রবীন্দ্র*, ১৯০০। **১১** *বিণ* ভারী; প্রশস্ত। 'ঘন শ্রোণির, গুরু উরুর, দাড়িম-ফাটার ক্ষুধা।' *নজরুল*, ১৯২৫।

ঘন-আঁওটা *বিণ* গাঢ়। 'আজকের দুধটুকু বেশ ঘন-আঁওটা।' *নরেন্দ্র*, ১৯৫২।

ঘন-ইঞ্চি [স ঘন+ই ইঞ্চ] *বি* (গণিত) দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ প্রতিটি এক ইঞ্চি পরিমাণ। 'প্রত্যেক ঘন-ইঞ্চিতে আধ ডজন মাত্র পরমাণু।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঘনকৃষ্ণ [স] **১** *বিণ* মেঘের মতো কালো। 'ঘনকৃষ্ণ পল্লব।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বিণ* গভীর। 'তাহার শূন্যনিবিষ্ট ঘনকৃষ্ণ দৃষ্টি।' *রবীন্দ্র*, ১৯০০।

ঘনগন্ধ [স] *বি* প্রবল লক্ষণ। 'সে ঘরে যেন একটা রহস্যের ঘন গন্ধ ছিল।' *রবীন্দ্র*, ১৯১২।

ঘনগর্জিত, ঘনগর্জ্জিত [স] *বিণ* মেঘের গর্জনযুক্ত। 'ঘনগর্জ্জিত তূষার প্রপাতের গলিত ধারায় ক্রমোচ্ছ্বসিত জলস্রোত মত।' *সবুজ*, ১৯২১।

ঘনঘটা [স] **১** *বি* মেঘাড়ম্বর। 'সে সময়ে ঘোরতর ঘনঘটা দ্বারা আকাশমণ্ডল আবৃত হয়ে প্রবলতর ঝটিকা বইতে থাকে।' *মাইকেল*, ১৮৫৯। **২** *বি* সমারোহ। 'বরষার ঘনঘটা, বিজুলি খেলায়।' *রবীন্দ্র*, ১৮৯০।

ঘনঘটাচ্ছন্ন [স] *বিণ* মেঘাচ্ছন্ন। 'এক কর্দ্দমাকীর্ণ ঘনঘটাচ্ছন্ন বৈতরণী, যেখানে স্বর্গের কোন দৃষ্টিই প্রবেশের পথ পায় না।' *সবুজ*, ১৯২১।

ঘন ঘন, ঘনঘন ১ *ক্রিবিণ* বারবার। 'মেলে ঘনঘন জীহের স্যাস।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* ক্ষণে ক্ষণে। 'নভোমণ্ডল পরিব্যাপ্ত করিয়া ... ঘন ঘন বিদ্যুৎস্ফুরণ হইতে থাকে।' *অক্ষয়*, ১৮৫৪; 'গগন ঢাকা ঘন মেঘে, ধ্বনিছে ঘন ঘন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঘনঘনে *ক্রিবিণ* বারবার। 'শ্রমের কারণে হাণ্ডী হৈল ঘন ঘনে।' *বড়ু*, ১৪৫০।

ঘনঘুম [স] *বি* গভীর ঘুম। 'আঁখি তোমার তড়িৎবৎ ঘনঘুমের মোহে।' *রবীন্দ্র*, ১৯২৬।

ঘনঘোর [স] *বিণ* গাঢ় মেঘে আচ্ছন্ন। 'অরণ্যেতে ঘনঘোর ছায়া।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘনঘোরা [স] *বিণ* স্ত্রী মেঘে অন্ধকার। 'সেই ঘনঘোরা নিশি স্বপ্নে জাগরণে মিশি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঘনচয় [স] *বি* মেঘমালা। 'ঘনচয় অহর্নিশি যিনি তমোহিয়া।' *আলাওল*, ১৬৮০।

ঘনচ্ছায়া [স] **১** *বিণ* গাঢ় ছায়ায় আচ্ছন্ন। 'মুখ তুলে দেখি ঘনচ্ছায়া গ্রামের ধারে একটি ঘাট এসেছে।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বি* গাঢ় ছায়া। 'বড়ো বড়ো গাছের অতি ঘনচ্ছায়ার মধ্য দিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঘনতম [স] *বিণ* অতিশয় গাঢ়। 'আঁধার কেন গো ঘনতম হয় উদয়-উষার আগে?' *নজরুল*, ১৯৪১।

ঘনতমসা [স] *বি* গাঢ় অন্ধকার। 'ঘনতমসার মধ্যে হাতড়িয়ে ফিরছে।' *ওয়ালী*, ১৯৬৪।

ঘনতর [স] *বিণ* অত্যন্ত গাঢ়। 'যমুনার নির্ম্মল জল ঘনতর শ্যামবর্ণ হইয়া অন্তঃকরণ হরণ করিতেছিল।' *অক্ষয়*, ১৮৪৯।

ঘনতা [স] *বি* গাঢ়তা। 'পাখিকে নির্ভর দিতে পারে এতটা ঘনতা আছে বাতাসের।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঘনত্ব [স] *বি* গাঢ়তা। 'কাঠিন্য, কোমলতা, ঘনত্ব, তারল্য প্রভৃতি প্রত্যক্ষ পরীক্ষা করিয়া দেখিতে পারে।' *অক্ষয়*, ১৮৫০।

ঘনধারা [স] *বি* জলের বিপুল প্রবাহ। 'ঝরে ঘনধারা নব পল্লবে।' *রবীন্দ্র*, ১৯০০।

ঘননিবদ্ধ [স] *বিণ* গাঢ়। 'বিটপীসমূহের ঘননিবদ্ধ ছায়া এবং স্থানটি ঠাণ্ডা ও জনবিরল।' *হাসান*, ১৯৬৭।

ঘননিশ্বসিত [স] *বিণ* ঘন ঘন নিশ্বাস পড়ছে এমন। 'ঘননিশ্বসিতমুখে যুবকের কাঁধে/ হেলিয়া বসেছে শ্যামা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ঘননীল [স] *বিণ* গাঢ় নীল বর্ণের। 'ঘননীল সমুদ্রের রেখা দেখতে পাওয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঘনপঙ্কিল [স] *বিণ* খুব কাদাময়। 'কভু বা পন্থ গহন জটিল, কভু পিচ্ছল ঘনপঙ্কিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঘনপতি [স] *বি* মেঘশ্রেষ্ঠ। 'চল, ঘনপতি! ঘন-কুলোত্তম তুমি।' *মাইকেল*, ১৮৬০।

ঘনপিনদ্ধ [স] *বিণ* শক্ত গাঁথুনি বিশিষ্ট। 'কভু কাষ্ঠলোষ্ট্রইষ্টক দৃঢ় ঘনপিনদ্ধ কায়া।' *রবীন্দ্র*, ১৯২২।

ঘনবনসমাচ্ছন্ন [স] *বিণ* ঘন জঙ্গলে ঢাকা। 'নদীর পরপার ঘনবনসমাচ্ছন্ন।' *বনফুল*, ১৯৩৬।

ঘনবরন [স ঘনবর্ণ] *বি* গাঢ় রঙের যে। 'ওগো স্নিগ্ধ ঘনবরন।' *রবীন্দ্র*, ১৯১৪।

ঘনবর্ষণ [স] **১** *বি* প্রবল বৃষ্টি। 'ঘনবর্ষণের আড়ালে কলকাতার ইটকাঠের বাড়িগুলো এল মোলায়েম হয়ে।' *রঈস*, ১৯৩৩। **২** *বিণ* প্রবল বর্ষণমুখর। 'এসেছিনু দ্বারে ঘনবর্ষণ রাতে, প্রদীপ নিবালে কেন অঞ্জলঘাতে।' *রবীন্দ্র*, ১৯৪০।

ঘনবর্ষা [স] *বি* মুষল ধারায় বৃষ্টি। 'ঘনবর্ষায় রোগকাতর শরীরে একটুখানি সেবা পাইতে ইচ্ছা করে।' *রবীন্দ্র*, ১৮৯১।

ঘনবসতি [স] *বি* জনবহুলতা। 'মানুষের ঘনবসতির ঢেউ নিরুত্তেজ রোদের ভিতরে।' *জীবন*, ১৯৩০।

ঘনবসতিপূর্ণ [স] *বিণ* জনবহুল। 'ঘনবসতিপূর্ণ এলাকার রাস্তাঘাটের ব্যাপারে কর্তৃপক্ষকে ধীরে চলার নীতি অবশ্যই পরিহার করিতে হইবে।' *আজাদ*, ১৯৬৮।

ঘনবিন্যস্ত [স] *বিণ* নিবিড়ভাবে বিন্যস্ত। 'ঘনবিন্যস্ত লতাস্তূপিবশোভী বিশাল বিটপীসকল।' *বঙ্কিম*, ১৮৬৮।

ঘনবুনুনি [স ঘন+স বপন>] *বি* ঘনবদ্ধ। 'গোটানো ঘনবুনুনির পালক মেলে গেল।' *হাসান*, ১৯৬০।

ঘনবৃষ্টি [স] *বি* প্রবল বৃষ্টি। 'ঘনবৃষ্টির ঝমঝম শব্দ মনের ভিতরে সুপ্তির চেয়েও নিবিড়তর ...।' *রবীন্দ্র*, ১৯১২।

ঘনমূল [স] *বি* (গণিত) ঘনের মূলরাশি; কিউব-রুট। 'যেমন ৮ এর ঘনমূল ২; ২৭ এর ঘনমূল ৩; ৬৪ এর ঘনমূল ৪।' *দর্পণ*, ১৮২২।

ঘনমেঘ [স] *বিণ* জমাটবদ্ধ মেঘ। 'তখন ঘনমেঘের আড়ালে সূর্য আছে কি নেই জানি না।' *হাসান*, ১৯৬৩।

ঘনম্লানিমা [স] *বি* গভীর মলিনতা। 'এখনো তোমার ছেয়ে আছে ঘনম্লানিমা।' *ফররুখ*, ১৯৪৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঘনরব [স] *বি* অবিরাম শব্দ। 'ঘনরব কৈলে ঘন ঘণ্টার বাজনা।' *মুকুন্দ*, ১৬০০।

ঘনরাঙা [স ঘন+স রঙ্গ] *বিণ* গাঢ় লাল। 'ঘনরাঙা ফুলের গুচ্ছ দোলে।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঘনশীতল [স] *বিণ* বরফ-ঠাণ্ডা। 'ঘনশীতল অন্ধকারের নিভৃত নেপথ্য হইতে কুলকুল করিয়া ঝরিয়া পড়িতেছে।' *রবীন্দ্র*, ১৯১২।

ঘনশ্বাস [স] *বি* দ্রুত শ্বাস। 'মহাভাগবত বিপ্র ছাড়ে ঘনশ্বাস।' *বৃন্দা*, ১৫৮০।

ঘনশ্যাম [স] *বিণ* গাঢ় সবুজবর্ণের। 'গঙ্গার জল ঘন নীল – তটারূঢ় বনরাজী ঘনশ্যাম, উপরে আকাশ রত্নখচিত নীল।' *বঙ্কিম*, ১৮৭৪।

ঘনশ্যামল [স] *বিণ* গাঢ় সবুজবর্ণের। 'ঘনশ্যামল তমাল-তরুমূলে দাঁড়িয়েছি এই দণ্ড-দুয়ের তরে।' *রবীন্দ্র*, ১৯০০।

ঘনশ্রেণী [স] *বিণ* নিবিড়ভাবে সারিবদ্ধ। 'নীলমেঘ ঘনশ্রেণী-গাছপালার উপরে ভারাবনত।' *রবীন্দ্র*, ১৯০২।

ঘনসন্নিবিষ্ট [স] *বিণ* ঘনবিন্যস্ত; মধ্যে প্রায় ফাঁকশূন্য। 'বাংলা পদে ঘনসন্নিবিষ্ট বিশেষণবিন্যাসের প্রথা না থাকাতে ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

ঘনসার [স] *বি* কর্পূর। 'হিঙ্গ হিঙ্গুল দ্রাক্ষা ঘনসার গজভক্ষা।' *মুকুন্দ*, ১৬০০।

ঘনস্নিগ্ধ [স] *বিণ* স্নিগ্ধতায় পরিপূর্ণ এমন। 'খুলে দাও কেশভার, ঘনস্নিগ্ধ অন্ধকার।' *রবীন্দ্র*, ১৮৯০।

ঘন হওয়া *ক্রি* অন্তরঙ্গ হওয়া; কাছে আসা। 'হাজি সাহেব একটু ঘন হয়ে বসলেন।' *শামসুল*, ১৯৬২।

ঘনাকার [স ঘন-আকার] *বি* মেঘের আকার। 'ঘন ঘনাকারে ধূলা উঠিল আকাশে।' *মাইকেল*, ১৮৬১।

ঘনাচ্ছন্ন [স ঘন-আচ্ছন্ন] *বিণ* মেঘাবৃত। 'সদা ঘনাচ্ছন্ন হয় শশধর।' *মাইকেল*, ১৮৫৯।

ঘনান্ধকার [স] *বি* ঘোর অন্ধকার। 'দুঃখের ঘনান্ধকারে দেছিস ফেলিয়া।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ঘনান্ধতমময়ী [স] *বিণ* গাঢ়তম অন্ধকারময়। 'রাত্রি প্রদোষকালেই ঘনান্ধতমময়ী হইল।' *বঙ্কিম*, ১৮৭৩।

ঘনাবর্ত, ঘনাবর্ত [স ঘন+আবর্ত] *বিণ* জ্বাল দিয়ে ঘন-করা; গাঢ়। 'তিন পাত্রে ঘনাবর্ত দুগ্ধ দিলা ধরি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঘনাবৃততা [স] *বি* মেঘে আবৃত অবস্থা; মেঘাচ্ছন্নতা। 'আকাশের ঘনাবৃততা প্রযুক্ত নাবিকেরা ভীত হইয়া ...।' *অক্ষয়*, ১৮৪৭।

ঘনায়মান [স] *বিণ* ঘনীভূত। 'সেই ঘনায়মান গভীর রাতের ঘুম।' *জীবন*, ১৯৩২।

ঘনায়িত [স] ১ *বিণ* জমাট; ঘনিয়ে এসেছে এমন। 'চতুর্দিকে ঘনায়িত নিবিড় দুঃখের মধ্যে।' *রবীন্দ্র*, ১৯০২। ২ *বিণ* গাঢ়। 'আষাঢ়ে শ্যামায়মান তমালতালীবনের দ্বিগুণতর ঘনায়িত অন্ধকারে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঘনাসন [স ঘন-আসন] *বি* মেঘের আসন। 'ঘনাসন ত্যজি আশু নামিলা ইন্দ্রাণী।' *মাইকেল*, ১৮৬০।

ঘনে ঘনে, ঘনে ঘন ১ *বিণ* অবিরাম। 'মঞ্জুরিআ বুলী ডাক দিল ঘনে ঘনে।' *বড়ু*, ১৪৫০; 'নিত্যানন্দ বলি শ্বাস ছাড়ে ঘনে ঘন।' *বৃন্দা*, ১৫৮০। ২ *ক্রিবিণ* বারবার। 'নির্ঘাত সন্দ তথা হইল ঘনেঘন।' *মালাধর*, ১৫০০।

ঘনা[১] [স ঘন>] *বিণ* তেল ব্যবসায়ী সম্প্রদায়। 'তেলি বৈসে কত জনা কেহ চাষী কেহ ঘনা।' *মুকুন্দ*, ১৬০০।

ঘনা[২], **ঘনানো** [স ঘন>] ১ *ক্রি* কাছে আসা। 'কেহ না ঘনায় মন্দ কুচরিত্র পাশে।' *আলাওল*, ১৬৮০। ২ *ক্রি* ঘনীভূত হওয়া। 'নিজের নিশাসে কুয়াশা ঘনায়ে ঢেকেছে নিজের কায়া।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *ক্রি* নিবিড় হয়ে আসা। 'নিবিড় আঁধার ঘনাল বাহিরে।' *রবীন্দ্র*, ১৯০২।

ঘনায়ে আসা, ঘনিয়ে আসা ১ *ক্রি* কাছে আসা। 'ঘোর কলি এসেছে ঘনায়ে।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *ক্রি* গাঢ় হয়ে ওঠা। 'এমনি স্তরে স্তরে ঘনিয়ে এল।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৩ *ক্রি* নিকটবর্তী হওয়া। 'বিদায়ের বেলা মোর ঘনায়ে আসে।' *নজরুল*, ১৯৩৫।

ঘনিমা [স] *বি* ঘনতা। 'নূতন মেঘের ঘনিমার পানে চেয়ে।' *রবীন্দ্র*, ১৯১০।

ঘনিষ্ঠ [স] ১ *বিণ* অবিচ্ছেদ্য। 'তখন কর্মের সহিত বর্ণের ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল।' *অক্ষয়*, ১৮৪৭। ২ *বিণ* নিবিড়; 'বাস্তব সত্যের ঘনিষ্ঠ সম্প্রবে তাঁহাদিগকে শক্ত হইয়া উঠিতে হইবে।' *রবীন্দ্র*, ১৮৯৯। ৩ *বিণ* নিকট। 'হিন্দু-মুসলমানে প্রতিবেশিসম্বন্ধ খুব ঘনিষ্ঠ।' *রবীন্দ্র*, ১৯০০। ৪ *বিণ* একান্ত। 'সৃজনকার্যে বিশ্বকর্মার ঘনিষ্ঠ সহযোগী হইবে না।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঘনিষ্ঠতম [স] *বিণ* অতি অন্তরঙ্গ। 'মণির ঘনিষ্ঠতম বন্ধু জুটল ইউসুফ হাফিজুর, ১৯৫৩।

ঘনিষ্ঠতর [স] *বিণ* অধিক অন্তরঙ্গ। 'সেখানে পুত্রবিচ্ছেদকাতরা বিধবা শাশুড়ির সহিত পতিবিরহবিধুরা বধূর ঘনিষ্ঠতর যোগ স্থাপিত হইল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঘনিষ্ঠতা [স] ১ *বি* অন্তরঙ্গ সম্পর্ক। 'সাহেবেরা বাঙ্গালীদের সহিত এতদূর ঘনিষ্ঠতা করিতেন।' *রাজ*, ১৮৭৪। ২ *বি* অন্তরঙ্গতা; প্রণয় সম্পর্ক। 'ল্যাণ্ডলেডির যুবতী কন্যার সঙ্গে ঘনিষ্ঠতা করে নেন,দু-তিন দিনের মধ্যে তার একটি আদরের নামকরণ করা হয়, সপ্তাহ অতীত ...।' *রবীন্দ্র*, ১৮৮০। ৩ *বি* ঘনভাবে অবস্থান। 'অনেক পাতার ঘনিষ্ঠতায় একটি প্রগাঢ় নিকুঞ্জ।' *আহসান*, ১৯৬২।

ঘনিষ্ঠভাবে [স] *ক্রিবিণ* নিবিড়ভাবে। 'ঘনিষ্ঠভাবে, এমন কি, অচ্ছেদ্যভাবে পরস্পর জড়িত ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঘনিষ্ঠরূপে [স] *ক্রিবিণ* ঘনিষ্ঠভাবে; নিবিড়ভাবে। 'ঘনিষ্ঠরূপে প্রতীয়মান হয়।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঘনীকৃত [স] *বিণ* ঘন হয়েছে এমন। 'শীত দ্বারা ঘনীকৃত হইয়া তুষাররূপে অবস্থান করে।' *অক্ষয়*, ১৮৪৩।

ঘনীভূত [স] ১ *বিণ* জমাট। 'সেই সমস্ত পরমাণু শীতল হইলে ঘনীভূত হয়।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বিণ* জোরালো। 'পর্বতদৈত্যের যেন ঘনীভূত ঘোর অট্টহাস।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *বিণ* গহিন। 'জলের উপর স্থির ছায়া ফেলে ও পারের ঘনীভূত বন স্তম্ভিত হয়ে রয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯২। ৪ *বিণ* অন্ধকারময়। 'যখন গোধূলি ঘনীভূত হয়ে চন্দ্র উঠল।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৫ *বিণ* সংহত। 'বাঙালি মনের এক ঘনীভূত চেতনাকে বাংলাদেশের এক সীমা হইতে অন্য সীমায় ...।' *জগদীশ*, ১৮৯৫। ৬ *বিণ* পরিণত। 'ভালোবাসা প্রেমে ঘনীভূত হইতে কতক্ষণ?' *সিরাজী*, ১৯১৮।

ঘনেশ্বর [স] *বি* মেঘরাজ। 'কোথায় পুষ্কর, আবর্তক – ঘনেশ্বর?' *মাইকেল*, ১৮৬০।

ঘনেশ্বরী [স] *বিণ* স্ত্রী অত্যধিক কালো। 'ঘৃণাময়ী ঘোর ঘনেশ্বরী।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মুকুন্দ, ১৬০০।

ঘয়লা [স ঘট] *বি* জলপাত্রবিশেষ। 'এদেশী পিতলের ঘয়লা।' *বিভূতি*, ১৯৩৮।

ঘর [পা] ১ *বি* আবাসগৃহ। 'টালত মোর ঘর নাহি পড়বেী।' *চর্যা* ৩৩, ১২০০। ২ *বি* সংসার। 'হইআ সতন্তর তুমি করহ ঘর।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* বিবাহিত স্ত্রী। 'অধার্মিক হব নর দুই তিন/ জ্ঞাত্যে ঘর জার ধন সেই কুলজন।' মুকুন্দ, ১৬০০। ৪ *বি* দেশ। 'রাজা বলে সদাগর কোথায় তোমার ঘর।' *মুকুন্দ*, ১৬০০। ৫ *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'হিরালাল ঘর।' *সেবধি*, ১৮৪০। ৬ *বি* কক্ষ। 'কলের গাড়ীর কামরার মত ছোট ছোট ঘর।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫। ৭ *বি* (বাউল) দেহ। 'ঘরের মধ্যে আছে লতিফা ছয়জন।' *লালন*, ১৮৯০। ৮ *বি* পরিবার। 'তাহাতে রামমোহন রায়ের ঘরের কথাসম্বলিত অনেক গ্লানি আছে।' *দর্পণ*, ১৮৩১।

ঘরওয়া [ঘর>] *বিণ* পারিবারিক। 'আপনার অসুখ, আমরা তো ঘরওয়া একটা পরামর্শ করি নি।' *গিরিশ*, ১৮৮৯।

ঘরকন্না [ঘর+স করণ>] ১ *বি* গৃহস্থালি। 'ঘরের কায কর্ম্ম রাঁধা বাড়া না শিখিলে পরের ঘরকন্না কেমন করিয়া চালাইবি।' *গৌর*, ১৮২২। ২ *বি* সংসার। 'কেমন করে সে ভাতারকে নিয়ে ঘরকন্না করবে?' *উমেশ*, ১৮৫৭।

ঘরকরণ [ঘর+স করণ] *বি* ঘরকন্না; সংসারধর্ম। 'ভাবে মনে মনে সাধিছে আপন ঘরকরণের কাজ।' *রবীন্দ্র*, ১৯০৬।

ঘরকরণা, ঘরকরনা, ঘরকর্ণা, ঘরকর্না [ঘর+স করণ>] ১ *বি* সংসারধর্ম। 'হিয়া বড় উতরোল ঘরকরণায় নাই সাধ।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'ঘরকর্নার কাজ নিয়ে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯১; 'দুটিতে মিলে ঘরকরনা করছি।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বি* সংসারের দৈনন্দিন কাজকর্ম। 'স্ত্রীজাতি খায়দায় ঘরকর্ণা করে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

ঘর করা ১ *ক্রি* বিবাহিত জীবন যাপন করা। 'মনেতে ভাবিয়া দেখ কার ঘর কর।' *মুকুন্দ*, ১৬০০; 'আমার ঘরে গিয়া আমার ঘর করিবে।' *বঙ্কিম*, ১৮৮৩। ২ *ক্রি* জীবন অতিবাহিত করা। 'যে হরফকে নিয়ে রবিঠাকুর, নজরুল ইসলাম সুখে-স্বচ্ছন্দে ঘর করতে পেরেছিলেন।' *উমর*, ১৯৬৮। ৩ *ক্রি* মিলেমিশে থাকা। 'মনকষাকষির থেকেই হিন্দু মুসলমানের এক সাথে ঘর না করার সিদ্ধান্ত।' *উমর*, ১৯৬৮।

ঘরকুনো *বিণ* ঘরে থাকতে পছন্দ করে এমন। 'এমন ঘরকুনো মানুষ আপনি পাবেন না।' *শামসুল*, ১৯৬২।

ঘর কে ঘর *ক্রিবিণ* ঘরের পর ঘর। 'ঘর কে ঘর উজাড় হয়ে তাতে তালাচাবি পড়ল।' *নজরুল*, ১৯২৪।

ঘর খরচ [ঘর+আ খরজা] *বি* ঘরের খরচ; সংসার চালনার খরচ। '২২ বাইষ তঙ্কা তহবিলে আছে তাহা এখন ঘর খরচ হইবেক।' *মেয়র্স*, ১৭৬২।

ঘর-গড়া কথা *বি* বানানো কথা। 'এ যেমন আমার ঘর-গড়া কথা নয়।' *রবীন্দ্র*, ১৯১৫।

ঘরগাড়ি [ঘর+গাড়ি] *বি* গৃহস্থালি। 'সবংশে নাশিব নয় নিব ঘরগাড়ি।' *মানিকরাম*, ১৭৮১।

ঘরগারী [ঘর>] *বি* গৃহস্থালি। 'দুঃখ রহিল মনে স্বামী দিব অন্য জনে সঞ্চয় করিআ ঘরগারী।' মুকুন্দ, ১৬০০।

ঘরগুষ্টি [ঘর+স গোষ্ঠী] *বি* বংশের সব লোক। 'রাজার ঘরগুষ্টি সব পুড়ে ছাই হয়ে গেছে।' *নজরুল*, ১৯২৪।

ঘর-গৃহস্থালী [স ঘর+স গৃহস্থালি] *বি* ঘর-সংসার। 'ঘর-গৃহস্থালী সুনিপুণ হাতে সুসজ্জিত রাখিয়া ...।' *বেগম*, ১৯৪৭।

ঘরগেরস্থ [ঘর+স গৃহস্থ] *বিণ* ঘর-সংসারের মধ্যেই সীমাবদ্ধ। 'আমরা বুড়োবুড়ি ঘরগেরস্থ মানুষ কী বুঝব বল।' *জীবন*, ১৯৩২।

ঘর গেরস্তি [ঘর+স গৃহস্থ] *বি* ঘর-সংসার। 'ভালমতো ঘর গেরস্তি করিতে পারিবে।' *রোকেয়া*, ১৯৩০।

ঘর-গেরস্থালি [ঘর+স গৃহস্থালি] *বি* ঘর-সংসার। 'ঘর-গেরস্থালির একটু ঝাঁঝ সইতে হবে।' *নজরুল*, ১৯২৭।

ঘর ঘর *ক্রিবিণ* ঘরে ঘরে। 'তবে ঘর ঘর উকীল হয়ে কিছু প্যাঁচ পরছে।' *গিরিশ*, ১৮৮৬।

ঘরঘ্যাঁশা [ঘর+ঘেঁষা] *বিণ* অতি চেনাজানা বিষয়ের মতো। 'অ্যাত ঘরঘ্যাঁশা করে এনেও অনেকে আপনারে বা আপনার চিরপরিচিত বন্ধুরে নকশায় চিনতে পারেন না।' *হুতোম*, ১৮৬৮।

ঘরছাড়া [ঘর+ছাড়া] ১ *বিণ* ঘর থেকে বিতাড়িত। 'গৃহস্থকে কী করিয়া ঘরছাড়া করিতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বি* ঘর ত্যাগ করেছে যে। 'ঘর-ছাড়া আজ ঘর পেল যে রইল মজে আপন মনে।' *রবীন্দ্র*, ১৯২১। ৩ *বিণ* আশ্রয়হীন। 'নিয়ে যায় ... ঘরছাড়া কোন পথের পানে।' *রবীন্দ্র*, ১৯২৪। ৪ *বিণ* গৃহত্যাগী। 'কোন ঘর-ছাড়া বিবাগির বাঁশি শুনে উঠেছিলে জাগি।' *নজরুল*, ১৯২৫। ৫ *বিণ* ঘরে নেই এমন। 'প্রবীণ ভৃত্য ছুটি নিয়ে ঘরছাড়া।' *রবীন্দ্র*, ১৯৩২। ৬ *বিণ* বেহাত। 'প্রাচীন সামগ্রী ঘরছাড়া হইবে।' *শওকত*, ১৯৫৮।

ঘরজামাই [ঘর+স জামাতৃ] *বি* শ্বশুরালয় নিবাসী ও শ্বশুর পালিত জামাতা। 'আজ তারা ঘরজামাই ও অন্নদাস ভাগনেদের দলে গণ্য।' *হুতোম*, ১৮৬১।

ঘর-ডাকা [ঘর+ডাকা] *বিণ* গৃহাভিমুখী। 'সন্ধ্যা-দীপ-জ্বালা গৃহ-পানে ঘর-ডাকা পথে।' *নজরুল*, ১৯২৩।

ঘরদল [ঘর+স দল] *বি* নিজ দেশের বাদ্যদল। 'ঘরদল পরদল নাহি চিনি তোমা/ প্রবেশিআ রাজপুরে কেন বাজায় দামা।' মুকুন্দ, ১৬০০।

ঘর-দুয়ার [ঘর+স দ্বার] ১ *বি* ঘরবাড়ি। 'ধীবরের ঘর-দুয়ার ভাঙিয়া পড়িবার জো হইল।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বি* সংসার। 'রহিল তোমার এ ঘর-দুয়ার কেষ্টারে লয়ে থাক।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বি* ঘর ও দরজা। 'ঘরদুয়ার মাজিয়া ঘষিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

ঘরদুয়োর [ঘর+স দ্বার] *বি* ঘর, দরজা ইত্যাদি। 'ঘরদুয়োর বিশেষ করে সাজানো হয়েছে ফুলে পাতায়।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঘরদোর [ঘর+স দ্বার] *বি* ঘরবাড়ি। 'আঁধিয়ার রেতে ঘরদোর দিল জ্বেলে রে!' *নজরুল*, ১৯২২।

ঘরদ্বার [ঘর+স দ্বার] *বি* সংসার। 'কী করিব ঘরদ্বার সব মায়াবন্ধ।' *মালাধর*, ১৫০০।

ঘর নাই তার উত্তর শিয়র – বৃথা আস্ফালন। 'কথায় বলে ঘর নাই তার উত্তর শিয়র।' *উমেশ*, ১৮৫৭।

ঘরন্তী [ঘর>] *বিণ স্ত্রী* গৃহকর্মে নিপুণ। 'নিজেরই ঘরের জন্যে ঘরন্তী শক্তির নির্মমতা।' *জীবন*, ১৯৩০।

ঘরপণ *বি* ঘরকন্না। 'আঙ্গণ ঘরপণ সুনহো বিআতী।' *চর্যা* ২, ১২০০।

ঘরপর [ঘর+স পর] *বি* আপন ও পর। 'স্ত্রীলোকেরা মূর্খপ্রযুক্তই ঘরেপরে বিবাদ।' *দর্পণ*, ১৮৩৮।

ঘর-পলাতক [ঘর+স পলাতক] ১ *বিণ* ঘর থেকে পালিয়েছে এমন।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'ফিরিছে বালক ঘর-পলাতক ঝরা পালকের ঝড়ে।' *জীবন*, ১৯২৭। ২ *বিণ* ফেরারি। 'আমজাদও আজকাল ঘর-পলাতক।' *শওকত*, ১৯৫৮।

ঘরপাঠ [পা ঘর+স পাঠ্য] *বি* পাঠশালা। *মানোএল*, ১৭৪৩।

ঘরপোড়া কাটের হিসাব – লোকসানের মধ্যেও সামান্য লাভ। 'দত্তজা ঘরপোড়া কাটের হিসাবে ও দাওয়ানজীকে খুসি রাখবার জন্য তাতে আর কথা কইলেন না।' *হুতোম*, ১৮৬১।

ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ভয় পায় – যে একবার ঠেকেছে সে আর দ্বিতীয়বার সেই কাজে এগোয় না। 'তবে শুনিতে পাওয়া যায় নাকি ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ভয় পায়।' *জামায়াত*, ১৯৩৬।

ঘরপোষা [ঘর+পোষা] *বিণ* ঘরকুনো। 'ঘরপোষা নির্জীব মেয়ে অন্ধকার কোণ থেকে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ঘরবন্ধন [ঘর+স বন্ধন] *বি* লৌকিক মন্ত্রবিশেষ। 'ঘর-বন্ধন, দেহ-বন্ধন, ধুলো-পড়া এ সব জান তো?' *শরৎ*, ১৯১৭।

ঘরবসত *বি* সংসার। 'বিবাহের পর বধূ এই প্রথম ঘরবসত করিতে আসিল।' *প্রভাত*, ১৮৯৬।

ঘর বাঁধা ১ *বি* সংসার পাতা। 'তারে নিয়ে হল না ঘর বাঁধা।' *রবীন্দ্র*, ১৯১৬। ২ *ক্রি* ঘর মেরামত করা। 'রূপাই ছিল ঘর বাঁধিতে, পিছন ফিরে চায়।' *জসীম*, ১৯২৯।

ঘরবাটী *বি* ঘরবাড়ি। 'শ্রী সেকরমজানি মেস্ত্রি কস্য ঘরবাটী বন্দকপত্রমিদং।' *ময়ের্স*, ১৭৫৮।

ঘরবাড়ি, ঘরবাড়ী [ঘর+স বাটী] *বি* ঘর ও বাড়ি। 'পুরের পশ্চিম পাটী বলায় হাসনহাটি এক মুদনিয়া ঘরবাড়ি।' *মুকুন্দ*, ১৬০০; 'কোথা রবে ঘরবাড়ী।' *রামপ্রসাদ*, ১৭৮০।

ঘরবারান্দা [ঘর+ফা বরামদহ্] *বি* ঘর ও বারান্দা। 'আশেপাশে ঘরবারান্দা।' *ইলিয়াস*, ১৯৭৫।

ঘরবাসী [ঘর+স বাসী] *বিণ* গৃহবাসী; সংসারী। 'ঘরবাসী তুই মনরে আমার পিঞ্জরে তোর বাড়।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

ঘর-ব্যাভারি [ঘর+স ব্যবহার>] *বি* নিত্যব্যবহার্য জিনিসপত্র। 'ঘর-ব্যাভারি থাকে, প্রীতি-উপহারও থাকে।' *মনোজ*, ১৯৬১।

ঘরভরা [ঘর>+ভরা] ১ *বিণ* পুরো ঘর। 'পরিপূর্ণ কৈল ঘরভরা।' *রূপরাম*, ১৭৫০। ২ *বিণ* কানায় কানায় ভরা। 'ঘর-ভরা মোর শূন্যতার বুকের পরে।' *রবীন্দ্র*, ১৯১৩।

ঘর ভাড়া *বি* অর্থের বিনিময়ে অন্যের বাড়ি ব্যবহার। 'এখানকার মতো ঘর ভাড়া দেবার প্রথা।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঘর-ভোলানো [ঘর+ভোলানো] *বিণ* ঘরের কথা বা কাজের কথা ভুলিয়ে দেয় এমন। 'বাজাত কোন ঘর-ভোলানো সুর।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঘরময় [ঘর+স ময়] *ক্রিবিণ* ঘর জুড়ে। 'ছয়গাছা মল বাহির করিয়া, পরিয়া ঘরময় ঝমঝম করিয়া, রামসদয়ের নিদ্রা ভাঙ্গিয়া দিত।' *বঙ্কিম*, ১৮৭৪।

ঘরমুখ [পা ঘর+স মুখ] *বিণ* গৃহাভিমুখী। 'বারফটকা বাবুরা ঘরমুখ হয়েচে।' *হুতোম*, ১৮৬১।

ঘরমুখী [ঘর+স মুখী] *ক্রিবিণ* ঘরের অভিমুখে। 'ঘরমুখী যাইতে মোর না চলএ পাও।' *বাহরাম*, ১৬৫০।

ঘরমুখো [পা ঘর+স মুখ>] ১ *বিণ* ঘরের দিকে যাচ্ছে এমন। 'ঘরমুখো পাল-তোলা পালিনৌকোখানি। *রবীন্দ্র*, ১৯৩৭। ২ *বিণ* গৃহাসক্ত। 'বর্ষায় আমাদের মন ঘরমুখো হয়।' *মুজতবা*, ১৯৪৯।

ঘর-লাগা *বি* ঘর-সংসার নিয়েই ব্যস্ত থাকে এমন। 'বিয়ে করে ঘর-লাগা শিষ্ট মানুষ হয়ে যাবে, এত বড় অপদার্থ ভাবলেন তাকে।' *মনোজ*, ১৯৬১।

ঘর-শত্রু [ঘর+শত্রু] *বি* আত্মীয়রূপী শত্রু। 'তাহাকে সত্যের ঘর-শত্রু করিয়া তাহার ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঘর-সংসার [ঘর+স সংসার] ১ *বি* সংসারের তাবৎ বিষয়। 'কহে কবিজায়া, "পারি নেকো আর, ঘরসংসার গেল ছারেখার।"' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বি* গৃহস্থালি। 'ছেলেবেলার ঘর-সংসার আবার বজায় হইল।' *বিভূতি*, ১৯২৯।

ঘর-সাজানা [ঘর+হি সজানা] *বিণ* ঘর সাজাতে ব্যবহৃত হয় এমন। 'সেলুলয়েডের ঘর-সাজানা জাপানী সামুরাই পুতুল।' *বিভূতি*, ১৯৩১।

ঘরসুদ্ধ [ঘর+স শুদ্ধ] *বিণ* ঘরব্যাপী। 'ঘরসুদ্ধ রমণী হাসিয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯০০।

ঘর হতে আঙিনা বিদেশ – ঘরকুনো; ঘর থেকে আঙিনা যার কাছে দূরের বলে মনে হয়। 'ঘর হতে যার আঙিনা বিদেশ।' *রবীন্দ্র*, ১৯৩৩।

ঘরহারা [ঘর+স হারা] ১ *বিণ* ঘর হারিয়েছে এমন। 'তাঁহার প্রাণ গুমরিয়া গুমরিয়া ফোঁপাইয়া উঠিতেছে, আর একজন আর এক রকমের ঘরহারা কবির কথায়।' *সবুজ*, ১৯২১। ২ *বিণ* আশ্রয়হীন। 'ঘর-হারা পরবাসী বন্ধুর পথে চলিতে চলিতে দেখিবে।' *জসীম*, ১৯৩১।

ঘরহীন [ঘর+স হীন] *বিণ* গৃহহারা। 'প্লাবন করেছে সত্তা ঘরহীন পথহীন প্রিয়হীন পরিচিতহীন।' *শঙ্খ*, ১৯৭১।

ঘরাভিমুখ [ঘর+স অভিমুখ] *বিণ* ঘরের দিকে চলছে এমন। 'শহরের মানুষরা সায়ন্তন ঘরাভিমুখ চাঞ্চল্যে থরথর করে কাঁপছে।' *ওয়ালী*, ১৯৪৫।

ঘরুয়া [ঘর>] *বিণ* পারিবারিক। 'শরৎচন্দ্রের উপন্যাস বাঙ্গালীর নেহাৎ ঘরুয়া কথা।' *মোতাহার*, ১৯৩৭।

ঘরে কে ও, না কিছু খাই নাই – অসাবধানতা বশত নিজের দোষ স্বীকার করা। 'একটা কথার কথা বলে "ঘরে কে ও, না কিছু খাই নাই"।' *উমেশ*, ১৮৫৭।

ঘরে গড়া *ক্রি* নিজে তৈরি করা। 'অক্ষর ও ভাষা তুমি ঘরে গড়িয়া বন্দোবস্ত করিয়া বদল করিতে পার ...।' *রবীন্দ্র*, ১৮৮৫।

ঘরে ঘরে *ক্রিবিণ* প্রত্যেক ঘরে। 'ঘরে ঘরে মধুপুরি ভ্রমিল যেমতে।' *মালাধর*, ১৫০০।

ঘরে ছুঁছার কীর্তন বাহিরে কোঁচার পত্তন – প্রকৃত অবস্থা গোপন ক'রে বাইরে আড়ম্বর প্রদর্শন। 'ঘরে ছুঁছার কীর্তন বাহিরে কোঁচার পত্তন।' *সুধাবর্ষণ*, ১৮৫৫।

ঘরে ঢোকা *বি* পরস্ত্রীতে গমন। 'আগে ঘরে ঢোকা নিত্যকার ব্যাপার ছিল।' *ওয়ালী*, ১৯৪৮।

ঘরে-ফেরা *বিণ* ঘরে ফিরে যায় এমন। 'ঘরে-ফেরা মুক্তি-দূত!' *নজরুল*, ১৯২৪।

ঘরে বাইরে *ক্রিবিণ* সর্বত্র। 'ঘরে বাইরে যত রসনা ছিল তার সমস্ত

AMARBOI.COM

রস বিষ হয়ে উঠল।' *রবীন্দ্র*, ১৯১৫।

ঘরের খেয়ে বনের মহিষ তাড়ানো – নিজের লাভ ছাড়া অন্যের জন্যে কাজ করা। 'ঘরের খাইয়া বনের মহিষ কত তাড়াইবে।' *গৌর*, ১৮২২।

ঘরের বেটি *বি* বাড়ির মেয়ে। 'জমির মাটি ঘরের বেটি।' *নজরুল*, ১৯৩০।

ঘরের ভাড়া *বি* অন্যের ঘরে থাকার জন্যে প্রদত্ত মাশুল। *ওসাঁ*, ১৭৮২।

ঘরের মেয়ে *বি* সংসারের একজন মেয়ে। 'এক কালে তুই ছিলি যেন ওদেরই ঘরের মেয়ে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

ঘরের রশি *বি* ঘরের টান। 'তোর ঘরের রশি ছিঁড়ে রে গেল/ ঘাটের কড়ি নাই।' *নজরুল*, ১৯২৯।

ঘরে লওয়া *ক্রি* গৃহত্যাগীকে আবার ঘরে আশ্রয় দেওয়া। 'সে মেয়েকে আর ঘরে লইতে পারিবে না।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘরের লক্ষ্মী *বি* সৌভাগ্যের প্রতীক। 'তুমি আমার ঘরের লক্ষ্মী।' *গিরিশ*, ১৮৮৯।

ঘরে লওয়া *ক্রি* ঘরে আশ্রয় দেওয়া। 'সে মেয়েকে আর ঘরে লইতে পারিবে না।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘরো *বিণ* ঘরের। 'লোকে বলে সউরে মেয়েগুলো কিছু ঠমকমারা, আর ঘরো বাজারে চেনা যয় না।' *দীনবন্ধু*, ১৮৬০।

ঘরোওয়ানা [ঘর+ওয়ানা] *বি* অভিজাত গৃহ। 'নিলেম থেকে দাঁওয়ে কেনা ঘরোওয়ানার আসল জামিওয়ার।' *সুধীন্দ্র*, ১৯৩২।

ঘরোয়া [ঘর>] **১** *বিণ* ব্যক্তিগত। 'এ আমাদের ননদ-ভাজের ঘরোয়া গোপন চিঠি।' *নজরুল*, ১৯২৭। **২** *বিণ* আত্মজন বা খুব পরিচিতদের মধ্যে সীমিত। 'ঘরোয়া।' *অবনী*, ১৯৪১; 'তারা ঘরোয়া বা সাধারণ মঞ্চে এ-নিয়ে জলসা বা অভিনয়ের ব্যবস্থা করতে পারে।' *বেগম*, ১৯৪৮।

ঘরোয়ানা [ঘর+ওয়ানা] **১** *বি* বিশেষ রীতি। 'এই সব ঘরোয়ানার সুর ভেঙে কিংবা হিন্দুস্থানি কথার বদলে ...।' *ধূর্জটি*, ১৯৩১। **২** *বি* বনেদি অবস্থা। 'চলতি ইতিহাস থেমে গেছে, দেখা যাচ্ছে তার পিছন-ফেরা বড়ো ঘরোয়ানা।' *রবীন্দ্র*, ১৯৪০।

ঘরঘর [ধ্বন্যা] *বি* চাকা ঘোরা বা চলার শব্দ। 'শির পিষে হাঁকে রথ-ঘর্ঘরধ্বনি ঘরঘর!' *নজরুল*, ১৯২২।

ঘর ঘর ঘর [ধ্বন্যা] *বি* চাকার চলার শব্দ। 'ছোটে শন শন শন ঘর ঘর ঘর সাঁই সাঁই।' *নজরুল*, ১৯২২।

ঘরঘরি [ধ্বন্যা] *বি* ঘরঘর শব্দ। 'ঘরঘরি করন।' *ওসাঁ*, ১৭৮৫।

ঘরঘরে [ধ্বন্যা ঘরঘর>] *বিণ* ঘরঘর করছে এমন। 'গলার স্বর কেমন ঘরঘরে শোনায়।' *শামসুল*, ১৯৬২।

ঘরঘুট্টি [স ঘোর>] *বিণ* অতি ঘোর। 'আমার সোয়ামীর ভিটে আজ ঘরঘুট্টি অন্ধকার।' *বিমল*, ১৯৫৩।

ঘরট্ট [ধ্বন্যা ঘর>] *বি* পেষণযন্ত্র; জাঁতা। 'তিনি সেই সময়ে নিবিষ্টমনা হইয়া, ঘরট্ট প্রভৃতি যন্ত্রের প্রতিরূপ নির্মাণ করিতেন।' *বিদ্যা*, ১৮৪৯।

ঘরণী [পা] *বি* গৃহিণী; স্ত্রী। 'হয় অনুকূল মাতা হরের ঘরণী।' *মুকুন্দ*, ১৬০০।

ঘরনি [পা ঘরণী] *বি* পত্নী; স্ত্রী। 'সুন দেবি নারায়নি হরের ঘরনি।' *মালাধর*, ১৫০০।

ঘরষা [স ঘর্ষণ>] *ক্রি* ঘর্ষণ করা। 'কত নিঠুর কঠোর দরশে ঘরষে মর্মমাঝারে শূল্য বরষে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

ঘরা [পা ঘর>] *বি* প্রকোষ্ঠ। 'এখন চুপনি ঘরা চুলকাইছে।' *লালন*, ১৮৯০।

ঘরাও [পা ঘর>] *বিণ* ঘরোয়া। 'এতো তোমার আমার ঘরাও কথা নয় ...।' *মশাররফ*, ১৮৬৯।

ঘরাও কথা *বি* ঘরোয়া কথা। 'এতো তোমার আমার ঘরাও কথা নয় ...।' *মশাররফ*, ১৮৬৯।

ঘরাও বিবাদ *বি* ঘরোয়া বিবাদ। 'ঘরাও বিবাদ ... ইত্যাদি যাবতীয় নালীশ সে সময় কেনী গ্রহণ করিতেন।' *মশাররফ*, ১৮৯০।

ঘরাঘরি [পা ঘর>] *ক্রিবিণ* নিজ নিজ ঘরে; ঘরে ঘরে। 'জলখেলা সাঙ্গ করি চলে সবে ঘরাঘরি।' *মুকুন্দ*, ১৬০০।

ঘরানা [হি] *বিণ* বিশেষ রীতি বা গোষ্ঠীর অনুসারী। 'লার্ড ঘরানা হো সকতা; লার্ড ঘারানা হোনে সে হি লার্ড হোতা নেহি।' *বঙ্কিম*, ১৮৭৫; 'বেহার অঞ্চলে শরীফ ঘরানার মহিলাগণ ...।' *রোকেয়া*, ১৯৩১।

ঘরামি [ঘর>] *বি* ঘর বানায় যে। *ওসাঁ*, ১৭৮৫; 'কোন ঘরামি ঘর বেঁধেছে কোথায়নে সে বসে আছে।' *লালন*, ১৮৯০; 'ঘরামি দিয়ে চাল ছাইতে হবে।' *রবীন্দ্র*, ১৮৩৮।

ঘরামিগিরি [ঘর>+ফা গিরি] *বি* ঘরামির কাজ। 'যখন শস্যের কোন কাজ থাকে না, ঘরামিগিরি করে।' *নরেন্দ্র*, ১৯৫১।

ঘরি [ঘর>] *বি* বাসিন্দা। 'আপনি ঘর সে আপনি ঘরি।' *লালন*, ১৮৯০।

ঘরিণী, ঘরিনী [পা ঘরণী] *বি* গৃহিণী। 'ণিঅ ঘরিণী চণ্ডালী লেলী।' *চর্যা ৪৯*, ১২০০; 'কতএ রাঘব রাএ ঘরিনী/ কতএ লঙ্কাপুর বাস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ঘরিষণ [স ঘর্ষণ] *বি* ঘর্ষণ। 'গদা গদা ঘরিষণে ঝনাঝনি শব্দ।' *সুলতান*, ১৭০০।

ঘরিষয় [স ঘর্ষণ] *ক্রি* ঘষে। 'কেহ ঘরিষয় হস্তে যুগল চরণ।' *আলাওল*, ১৬৮০।

ঘর্ঘর [ধ্বন্যা] *বি* চাকা বা ঐ জাতীয় কিছু ঘোরানোর শব্দ। 'ঘর্ঘর ঘুরান ঘোর ঘন ঘন ডাক।' *ভারত*, ১৭৬০।

ঘর্ঘরঘর [ধ্বন্যা] *বি* চাকা ঘোরার শব্দ। 'ঘর্ঘরঘর ঘূর্ণি তোর।' *নজরুল*, ১৯২৪।

ঘর্ঘরনাদিনী [ধ্বন্যা ঘর্ঘর+স নাদিনী] *বিণ* প্রচণ্ড শব্দকারিণী। 'বরাহী খেটকধরা ঘর্ঘরনাদিনী।' *মুকুন্দ*, ১৬০০।

ঘর্ঘরমন্দ্র [স] *বি* কোলাহল-ধ্বনি। 'মুহূর্তে উঠিল বাজি চারি দিক হতে কর্মের ঘর্ঘরমন্দ্র সংসারের পথে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

ঘর্ঘরা [ধ্বন্যা ঘর্ঘর>] *ক্রি* চাকার শব্দ হওয়া। 'স্বর্ণতেজঃপুঞ্জ রথ আইল দুয়ারে ঘর্ঘরি।' *মাইকেল*, ১৮৬৩; 'ঘর্ঘরিয়া চলেছি আজ কিসের ব্যর্থতায়।' *রবীন্দ্র*, ১৯০৬।

ঘর্ঘরিত [স] *বিণ* ঘর্ঘর ধ্বনিতে মুখরিত। 'ঘর্ঘরিত রথবেগ গৃহভিত্তি করি দিল গ্রাস।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঘর্ঘরা[১] [ধ্বন্যা] *বি* নদীবিশেষ। 'ঘর্ঘরা নদীর তীরে শ্রীকালিকার মন্দির।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঘর্ঘরা[২] দ্র ঘর্ঘর

ঘর্ম, ঘর্ম্ম [স] **১** *বি* গ্রীষ্ম। 'ঘর্ম্ম বৃষ্টি সহে আনের করয়ে রক্ষণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* ঘাম। 'পরিশ্রমে প্রভুর দেহে ঘন ঘর্ম্ম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঘর্মবারি [স] *বি* ঘামের জল। 'গায়ে বহে ঘর্মবারি।' *মুকুন্দ*, ১৬০০।

ঘর্মবিন্দু, ঘর্ম্মবিন্দু [স] *বি* ঘামের ফোঁটা। 'শ্রমযুক্ত হইল কৃষ্ণ মুখে ঘর্ম্মবিন্দু।' *মালাধর*, ১৫০০; 'ঘর্মবিন্দু মুকুতা গুছিত।' *সুলতান*, ১৭০০।

ঘর্মসিক্ত [স] *বিণ* ঘামে ভেজা। 'প্রতিদিনের সুখদুঃখসমাকুল ঘর্মসিক্ত কর্মনিরত সংসার।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঘর্মাক্ত, ঘর্ম্মাক্ত [স] *বিণ* ঘামে ভেজা। 'ঘর্ম্মাক্ত কলেবরে দালানে দণ্ডায়মান।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ঘর্মাক্তকলেবর [স] *বি* ঘামে ভেজা শরীর। 'আমার সেই ক্যাম্পখাটের উপরে ঘর্মাক্তকলেবরে বসিয়া আছি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঘর্ষণ [স] **১** *বি* মার্জন। 'এক গর্দভের গাত্র ঘর্ষণ করিতে লাগিল।' *কেরি*, ১৮১২। **২** *বি* ঘষাঘষি। 'বিছানাতে হস্ত পদাদি ঘর্ষণ করিতেছে।' *দর্পণ*, ১৮২১। **৩** *বি* আঘাত। 'শরীরের ঘর্ষণে গাছ পালা ভাঙ্গিয়া চুরিয়া যায়।' *মদনমোহন*, ১৮৫০।

ঘর্ষণজনিত [স] *বিণ* ঘর্ষণের ফলে সৃষ্ট। 'মধ্যমা এবং বৃদ্ধাঙ্গুষ্ঠের ঘর্ষণজনিত বায়ব তাপের ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঘলঘষি *বি* ফুলবিশেষ; দণ্ডকলস। 'লবঙ্গ তুলসী দনা ঘলঘষি বাকসনা প্রত্যঙ্গিরা তুলিল ধুস্তুর।' *মুকুন্দ*, ১৬০০।

ঘলঘসি *বি* ফুলবিশেষ; দণ্ডকলস। 'পথের পাশের এই আলোকলতা ঘলঘসি ফুল।' *নজরুল*, ১৯২৭।

ঘলাপাড়ী *বি* ছিদ্রবোধক পাটি। 'ঘলাপাড়ী সুরগুঠি দিল সব নাএ।' *বড়ু*, ১৪৫০।

ঘষড়ানি [স ঘর্ষণ>] *বি* ক্রমাগত আঘাত। 'কাঁটার ঘষড়ানিতে এই আখখুটে মেয়েটাকে ফালা ফালা করে দিয়েছে।' *জীবন*, ১৯৩২।

ঘষড়ানো [স ঘর্ষণ>] *ক্রি* ক্রমাগত ঘষা। 'নরম ছালটাকে কে যেন ঘষড়ে তুলে দিল।' *রবীন্দ্র*, ১৯২৯; 'কুষ্ঠরোগী ঘষড়াতে ঘষড়াতে রাস্তা দিয়ে ... চলেছে।' *জীবন*, ১৯৩২।

ঘষন [স ঘর্ষণ>] *ক্রি* ঘষা। *ওসা*, ১৭৮৫।

ঘষা[১] [স ঘর্ষণ>] **১** *ক্রি* লেপা; লেপন করা। 'এইমত প্রত্যহ দেয় চন্দন ঘষিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *ক্রি* মালিশ করা। 'পায়ের তলায় গরম তেল সবেগে ঘষিয়া দিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০২।

ঘষাঘষি [স ঘর্ষণ>] *বি* টানা-হ্যাঁচড়া; অতি চাপাচাপি। 'পরীক্ষা-পাসের ঘষাঘষিতেও তার বিদ্যাবুদ্ধিতে লোকসান ঘটাতে পারেনি।' *রবীন্দ্র*, ১৯২৮।

ঘষা পয়সা *বি* টাঁকশালের ছাপ মুছে যাওয়ার দরুন অচল মুদ্রা। 'শুধু ঘষা পয়সা ও মেকি চলবে না।' *প্রমথ*, ১৯০৫।

ঘষামাজা [ঘষা+মাজা] **১** *বি* পরিষ্কার পরিচ্ছন্ন করার কাজ। 'কত ঘষামাজা ঘটি বাটি থালা লয়ে।' *রবীন্দ্র*, ১৯১২। **২** *বি* চুল, দেহের তুক ইত্যাদি ঘষে সৌন্দর্যচর্চা। 'কাউয়ার মতো মুন্সী বাড়ির দাওয়ায় দেখবো বসে তোমার ঘষা মাজা।' *মাহমুদ*, ১৯৭৩।

ঘষা[২], **ঘসা** [স ঘর্ষণ>] **১** *বিণ* চকচকে। 'মিশী দাঁতে ঘষা মাথা, গোট কোমরে হাতে বেয়ালা।' *ভবানী*, ১৮২৮। **২** *বিণ* টাকশালের ছাপ মুছে গেছে এমন। 'পোদ্দারেরা টাকাতে ঘসা পয়সা ১৬ গণ্ডা করিয়া দিতে চাহে।' *দর্পণ*, ১৮৩৭। **৩** *বিণ* ঘষে ধারালো করা হয়েছে এমন। 'কাঁচা আম কাটিবার জন্য ঘষা ঝিনুক।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঘষ্টানি [স ঘৃষ্ট] *বি* ক্রমাগত ঘর্ষণ। 'দাঁতের তুমুল ঘষ্টানি।' *শামসুর*, ১৯৭২।

ঘষ্টানো [স ঘৃষ্ট] *ক্রি* ঘষাঘষি করা। 'শান বাঁধানো ছ'ফর্লোঙি চত্বর ঘষ্টাতে হয় না।' *মুজতবা*, ১৯৪৯।

ঘষ্টি-ঘর্ষণা [স ঘৃষ্ট+স ঘর্ষণা] *বি* দোষগুণের আলোচনা। 'রামলালের সংক্রান্ত ঘষ্টি-ঘর্ষণা এইরূপ হইতে লাগিল।' *প্যারী*, ১৮৫৮।

ঘস ঘস [ধ্বন্যা] *বিণ* যান্ত্রিক। 'একটা মোটর লরী ঘস ঘস আওয়াজ করিতেছে।' *বিভূতি*, ১৯৩১।

ঘসর ঘসর [ধ্বন্যা] *বি* হাতির কলাগাছ খাওয়ার শব্দ। 'তা বাদে কলাগাছ খাবে ঘসর ঘসর খচমচিয়ে।' *হাসান*, ১৯৬৭।

ঘসা[১] [স ঘর্ষণ>] *ক্রি* ঘর্ষণ করা। *ওসা*, ১৭৮২। **ঘসানো** *ক্রি* স্থানচ্যুত করা। *মানোএল*, ১৭৪৩। **ঘসিআঁ** *ক্রি* ক্ষয়প্রাপ্ত করে। 'ঝাঁওএঁ ঘসিআঁ তাক করিল চিকন।' *বড়ু*, ১৪৫০। **ঘসে** *ক্রি* ঘর্ষণ করে; ঘষে। 'পারিজাত সুগন্ধি কীবা দুর্গন্ধি ঘসে নাকে।' *মালাধর*, ১৫০০। **ঘস্যে** *ক্রি* ঘ'ষে। 'হানিয়া বাঁড়ার চোট ঘস্যে দিস লোন।' *রামপ্রসাদ*, ১৭৮০।

ঘসাঘসি [স ঘর্ষণ>] *বি* অবিরাম ঘর্ষণ। *বিদ্যা*, ১৮৯১।

ঘসামাথা [স ঘর্ষণ>] *বিণ* চুলহীন পরিষ্কার মাথা। 'নেড়ীবালা অতিভুল, ঘসামাথা ফাঁকাচুল।' *ভবানী*, ১৮২৫।

ঘসা[২] দ্র ঘষা[২]

ঘসি, ঘসী [স করীষ] *বি* শুষ্ক গোবর খণ্ড; ঘুঁটে। 'একেঁ দহদহ ঘসির আগুণ।' *বড়ু*, ১৪৫০; 'ঘসীর অনল তুষের ধুঁয়া সদায় জ্বইলা উঠেরে।' *জসীম*, ১৯৩৩।

ঘস্মরাস্যা *বিণ* বিবৃতবদনা; মুখ হা করে আছে এমন। 'ঘোর ঘণ্টা-নিনাদিনী ঘস্মরাস্যা পতাকিনী।' *মুকুন্দ*, ১৬০০।

ঘা [স ঘাত] **১** *বি* ক্ষত। 'তার ঘাএঁ পরবত চুরে।' *বড়ু*, ১৪৫০; 'ঘাএত লবণ যেন সহন না যাএ।' *বাহরাম*, ১৬৫০। **২** *বি* আঘাত। 'টাকারের ঘাএ কংসে লইব পরাণে।' *বড়ু*, ১৪৫০।

ঘা কশানো *ক্রি* আঘাত করা। 'একটা হাতুড়ির ঘা কশিয়ে দিলে আর কি!' *নজরুল*, ১৯২৭।

ঘা-খাওয়া *বিণ* তিক্ত অভিজ্ঞতা সম্পন্ন। 'ঘা-খাওয়া বংশ, ঘা-খাওয়া নেকড়ে বাঘের মতো।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঘা দেওয়া *ক্রি* আঘাত করা। 'তাহার সেই অহঙ্কারে রহম ঘা দিয়াছে।' *তারা*, ১৯৪২।

ঘা মারা *ক্রি* আঘাত করা। 'আধ-মরারে ঘা মেরে তুই বাঁচা।' *রবীন্দ্র*, ১৯১১৪।

ঘাঅ [স ঘাত] **১** *বি* ক্ষত। 'কাটিল ঘাঅত লেঘুরস দেহ কত।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* আঘাত। 'হৃদয়ত ঘাঅ দিআঁ রাধা গোআলিনী।' *বড়ু*, ১৪৫০।

ঘাই [স ঘাত] **১** *বি* আঘাত; বাদন। 'মঙ্গল বাজনা বাজে খঞ্জরিতে ঘাই।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বি* মাছের লাফ। 'রাঘববোয়াল কাব্য এখনি ভাষাজলে দিবে ঘাই।' *সত্যেন্দ্র*, ১৯১৭। **৩** *বিণ* শিকারের কাজে ব্যবহৃত। 'এক ঘাইহরিণীর ডাক শুনি।' *জীবন*, ১৯৩৬। **৪** *বি* জালের নিম্নপ্রান্ত। 'একখানির ঘাই অবধি পৌঁছে গেছে নবিতুন।'

AMARBOI.COM

কায়সার, ১৯৬২।

ঘাই মারা *ক্রি* জলের উপরে লেজ দিয়ে আঘাত করা। 'মাছ যেমন ঘাই মেরে ওঠে।' *প্রমথ*, ১৯১৫।

ঘাইমৃগী [ঘাই+স মৃগী] *বি* শিকারের কাজে ব্যবহৃত মাদি হরিণ। 'ঘাইমৃগী সারারাত ডাকে।' *জীবন*, ১৯৩৬।

ঘাইহরিণী [ঘাই+স হরিণী] *বি* শিকারের কাজে ব্যবহৃত মাদি হরিণ। 'এক ঘাইহরিণীর ডাক শুনি।' *জীবন*, ১৯৩৬।

ঘাইট [হি ঘটতি] ১ *বিণ* ঘাটতি। 'সে সবের ঘাইট না রহিবে চিরকাল।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* দোষ-ত্রুটি। *মানোএল*, ১৭৪৩; 'ঐ সাহেবলোকেরা আপনারদের ঘাইট স্বীকার করিয়া ...।' *দর্পণ*, ১৮৩৪। ৩ *বিণ* কম। 'ঘাইট কিছু।' *মানোএল*, ১৭৪৩।

ঘাইটবাড়ি [হি ঘটতি+স বৃদ্ধি>] *বিণ* কমবেশি। *মানোএল*, ১৭৪৩।

ঘাউ [স ঘাত] *বি* আঘাত। 'না দেখিয়া জসোদা বুকে ঘাউ হানি।' *মালাধর*, ১৫০০।

ঘাও [স ঘাত] ১ *বি* ঘা; ক্ষত। 'সেই গাড়ু মুনি শৃঙ্গে হইলেক ঘাও।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বি* আঘাত। 'দুই হাতে ঘাও হানে বুকে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ঘাওনা [স ঘাত] *বিণ* আহত। *মানোএল*, ১৭৪৩।

ঘাঁই [স ঘাত] *বি* কাঁটা ফোটানোর আঘাত। 'পোলোর ভেতরে হাত দিয়ে শিঙ্গি মাছের ঘাঁই খেয়েছিলো।' *সেলিনা*, ১৯৭৫।

ঘাঁউ ঘাঁউ [ধ্বন্যা] *বি* কাশির শব্দ। 'বৃদ্ধ মহিষের মতো ঘাঁউ ঘাঁউ শব্দে কেউ কেশেছিল।' *হাসান*, ১৯৬৭।

ঘাঁটা[১] [স ঘণ্টা] *বি* ক্ষুদ্র ঘণ্টা। 'ধবল চামর ছটা উরমাল ঘাঘর ঘাঁটা।' *মুকুন্দ*, ১৬০০।

ঘাঁটা[২] [স ঘট্ট>] ১ *ক্রি* ঘোঁটা; আলোড়ন করা। 'ইঙ্গিচা পলতা গিমা বোআলি ঘাঁটিয়া কর পাক।' *মুকুন্দ*, ১৬০০। ২ *ক্রি* উল্টেপালটে দেখা। 'পুরনো বই-ঘাঁটার ভিতর যে একটু আমোদ আছে ...।' *প্রমথ*, ১৯১৫। ৩ *ক্রি* খোঁজা। 'কিছুও তার পাই যদি ঘেঁটে কবিতা-সমাধিপৃত পেপার-বাস্কেটে।' *নজরুল*, ১৯২২। ৪ *ক্রি* ওলটপালট করা। 'হাতপাকা জন্তুর-নাড়িভুঁড়ি-ঘাঁটিয়ে।' *রবীন্দ্র*, ১৯৪১।

ঘাঁটাঘাঁটি ১ *বি* মাতামাতি। 'তোরা পথের ধারে ব্যথা নিয়ে করিস ঘাঁটাঘাঁটি।' *রবীন্দ্র*, ১৯০৫। ২ *বি* অনবরত নাড়াচাড়া। 'কৈচোগুলোকে লইয়া অস্থিরভাবে ঘাঁটাঘাঁটি করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯১১।

ঘাঁটা দেওয়া *ক্রি* চটিয়ে দেওয়া। 'ঘাঁটা দিলে রকমবেরকমের গল্প বেরিয়ে আসে।' *মনোজ*, ১৯৬১।

ঘাঁটা পড়া *ক্রি* দাগ পড়া। 'এত দিনেও মনে ঘাঁটা পড়ে যায়নি?' *প্রমথ*, ১৯১৫।

ঘাঁটিয়া *ক্রি* ঘুঁটে। 'ইঙ্গিচা পলতা গিমা বোআলি ঘাঁটিয়া কর পাক।' *মুকুন্দ*, ১৬০০।

ঘেঁটে দেখা, ঘাঁটিয়া দেখা *ক্রি* অনুসন্ধান করা। 'ছবি খুঁজিতে হইলে আমাদের অভিধানতিরস্কৃত শব্দগুলি ঘাঁটিয়া দেখিতে হয়।' *বঙ্কিম*, ১৮৯২।

ঘাঁটানো [স ঘট্ট>] *ক্রি* সমালোচনা ক'রে খেপিয়ে তোলা। 'আমরা ইংরেজের আইনকে ঘাঁটাইয়া তুলিয়াছি।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঘাঁটা-পড়া [স ঘট্ট>+পড়া] *বিণ* ক্রমাগত ঘর্ষণের ফলে দাগ পড়েছে এমন। 'ঘাঁটা-পড়া ঘাড় ওদের।' *নজরুল*, ১৯৩১।

ঘাঁটি, ঘাঁটী [স ঘট্ট] *বি* ঘাঁটি; সৈনিকদের আস্তানা। 'নিকটে শত্রুপক্ষের ঘাঁটী নাই।' *আজাদ*, ১৯৪০।

ঘাঁটু [স ঘন্টাকর্ণ] ১ *বি* উদ্ভিদবিশেষ। 'ঘাঁটুফুল ঘাঁটুকাল কাটিল কেয়া।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* হিন্দুসমাজে পূজিত লোকদেবতাবিশেষ। 'প্রণাম করিয়া বন্দো পুড়সের ঘাঁটু।' *রূপরাম*, ১৭৫০।

ঘাঁটুকাল *বি* উদ্ভিদবিশেষ। 'ঘাঁটুফুল ঘাঁটুকাল কাটিল কেয়া।' *মুকুন্দ*, ১৬০০।

ঘাঁটুফুল [স ঘন্টাকর্ণ] *বি* ফুলবিশেষ। 'ঘাঁটুফুল ঘাঁটুকাল কাটিল কেয়া।' *মুকুন্দ*, ১৬০০।

ঘাঁটোর নাচ [স ঘন্টাকর্ণ>] *বি* চৈত্র মাসে হিন্দুসমাজে ঘাঁটু পূজা উপলক্ষে পরিবেশিত নাচ। 'ঘাঁটোর নাচ অর্থাৎ চৈত্র মাসীয় নাচ।' *দর্পণ*, ১৮২২।

ঘাঁতঘুঁত [স ঘাত>] *বি* অন্ধিসন্ধি। 'এই দেশের ভাষা ও রীতি ব্যবহার ও ঘাঁতঘুঁত সকল ভালো বুঝিতেন।' *প্যারী*, ১৮৫৮।

ঘাঁৎঘোঁৎ [স ঘাত>] *বি* কাজের অনুকূল সুযোগ। 'অন্য সবাই যেখানে হাত ছেড়ে, ঘাঁৎঘোঁৎ খুঁজে ফিরছে, অমরেশ সেখানে ...।' *জীবন*, ১৯৪৮।

ঘাগর [স ঘর্ঘরা] *বি* ছোটো ঘণ্টা। 'ঘাগর কিঙ্কিণী বাজে ঘন্টার ক্বণিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঘাগরা [স ঘর্ঘরা] *বি* স্ত্রীলোকের স্কার্টজাতীয় লম্বা পোশাকবিশেষ। *ওসঁা*, ১৭৮৫; 'কেবল জামা ও ঘাগরা পরে।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

ঘাগরি [স ঘর্ঘরা>] *বি* স্ত্রীলোকের স্কার্টজাতীয় লম্বা পোশাকবিশেষ; ঘাগরা। 'ঘাগরির ঘূর্ণা তার ঘূর্ণি-ধাঁধা লাগায় নয়নালোকে।' *নজরুল*, ১৯২৪।

ঘাগি, ঘাগী [হি ঘাঘ] ১ *বিণ* ঘা খাওয়া এবং ধূর্ততায় পাকা। 'ঘাগী বটে কত ঠাঠে কথা দড় দড়।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'দুই তিন ঘণ্টা ... ঘাগি ও কুঁজড়া বেশ্যার সহিত বকাবকি করিতেন।' *প্যারী*, ১৮৫৯। ২ *বিণ* পূর্বে দণ্ডপ্রাপ্ত; দাগি। 'আসামিটা পাক্কা ঘাগী চোর।' *মনসুর*, ১৯৫৫। ৩ *বিণ* দক্ষ। 'খুব শক্ত এবং ঘাগী লড়ুয়ে।' *হাসান*, ১৯৬৯।

ঘাগু [হি ঘাঘ] *বিণ* সুচতুর। 'ঘাগু রশিদ সাহেব হাসলেন মিটিমিটি।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

ঘাঘর [স ঘর্ঘর] ১ *বি* ঘুঙুর। 'ঘাঘর মগর পাএ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* বাদ্যযন্ত্র-বিশেষ। 'ধবল চামর ছটা উরমাল ঘাঘর ঘাঁটা।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* এক ধরনের তাল। 'নেপুরে ঘাঘর তাল বাজয় সুরঙ্গে।' *আলাওল*, ১৬৮০।

ঘাঘরা [স ঘর্ঘরা] ১ *বি* শাড়ির নীচে পরার বস্ত্রবিশেষ; পেটিকোট। *ওসঁা*, ১৭৮৫। ২ *বি* মেয়েদের পায়ের গোড়ালি পর্যন্ত লম্বা ঢিলা পোশাক। 'রেসমীয় বস্ত্র ও ঘাঘরা পরিধান করে।' *দর্পণ*, ১৮২২।

ঘাঘরি [স ঘর্ঘরা] ১ *বি* সায়া। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* মেয়েদের পায়ের গোড়ালি পর্যন্ত লম্বা ঢিলা পোশাক। 'ঘাঘরি ঝলকি গাগরি ছলকি নাগরী জোহরা যায়।' *নজরুল*, ১৯২৫।

ঘাঘী [হি ঘাঘ] *বিণ* ঝানু। 'মাপী বড়ই ঘাঘী।' *ভবানী*, ১৮২৮।

ঘাট[১] [স ঘট্ট] ১ *বি* শুল্ক আদায়ের স্থান। 'ঘাট ন গুআ খড়তড়ি নো হোই আখি বুজিঅ বাট জাইউ।' *চর্যা ১৫*, ১২০০। ২ *বি* জলাশয়াদিতে অবতরণের জায়গা। 'ঘাটত ভেটিল নান্দের পো।' *বড়ু*, ১৪৫০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঘাটদান [স ঘট্ট+স দান] *বি* ঘাটের শুল্ক। 'ঘাটদান হাটদান আর ঘাটদানে।' *বড়ু*, ১৪৫০।

ঘাটবাঁধানো [ঘাট+বাঁধানো] *বিণ* পাকা ঘাট আছে এমন। 'জানালার নীচেই একটি ঘাটবাঁধানো পুকুর ছিল।' *রবীন্দ্র*, ১৯১২।

ঘাটমাঝি [ঘাট+মু মাঝি] *বি* খেয়াঘাটের মাঝি। 'নৌকাদির ভাড়াদায়ক ও ঘাটমাঝি প্রভৃতির কর্ম্মও কাড়িয়া লইলেন।' *দর্পণ*, ১৮৩০।

ঘাটের মড়া *বি* নিরুদ্যম ব্যক্তি। 'তা হলে কি ঘাটের মড়া নিয়ে দেশের কাজ করবে?' *রবীন্দ্র*, ১৯১৫।

ঘাট[২] [স ঘট্>] *বি* অপরাধ। 'পূরবের ঘাট তাহা কাহারে বধিবে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ঘাট মানা *ক্রি* দোষ স্বীকার করা। 'আমি ঘাট মানচি।' *শরৎ*, ১৯১৩।

ঘাট হওয়া *ক্রি* যথেষ্ট সাজা হওয়া। 'আমার ঘাট হয়েছে, আমাকে মাফ করো তুমি।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘাটতি [হি] *বি* কমতি। *ওসাঁ*, ১৭৮২।

ঘাটতি-পড়তি [হি ঘটতি+পড়>] *বি* মান-অভিমান। 'নানা রকম ঘাটতি-পড়তির ভিতর দিয়েই ... তার গভীর বন্ধুত্ব চলেছে।' *জীবন*, ১৯৩২।

ঘাটলা [ঘাট>] *বি* ঘাট। 'ভাঙা ঘাটলায় এই।' *জীবন*, ১৯৩২।

ঘাটা[১] [স ঘন্ট] **১** *ক্রি* আলোড়িত করা। 'তোর বাঁশী মোএঁ ঘসি না ঘাটোঁ।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* জোগাড় করা। 'বাঁশী যবেঁ পাইএ তবেঁ ঘসি ঘাটিএ চারি চীর করি বা পোড়াইএ।' *বড়ু*, ১৪৫০। **ঘাটো** *ক্রি* ঘাঁটি; আলোড়িত করি। 'তোর বাঁশী মোএঁ ঘসি না ঘাটো।' *বড়ু*, ১৪৫০।

ঘাটা[২] [স ঘট্>] *ক্রি* হার মানা। 'ঘাটিলোঁ ঘাটিলোঁ এই বলিল তোমারে।' *বৃন্দা*, ১৫৮০।

ঘাটা[৩] [স ঘট্ট] **১** *বি* পথ। 'ধীরে ধীরে বাড়াও পাও পিছল হৈছে ঘাটা।' *মর্তুজা*, ১৭৫০। **২** *বি* ঘাট। 'পারের ঘাটা পাঠালো তরী ছায়ার পাল তুলে।' *রবীন্দ্র*, ১৯২৫।

ঘাটাটোপ [স ঘটাটোপ] *বি* পর্দা রক্ষার জন্যে পালকি ঢাকার বস্ত্র। *ওসাঁ*, ১৭৮৫।

ঘাটানো *ক্রি* রাগানো। 'তাদের কাউকে ঘাটানো নিরাপদ নয়।' *পাশা*, ১৯৭১।

ঘাটাপারলী [স ঘন্টাপারুল] *বি* ঘন্টা পারুল; ঘন্টার মতো দেখতে এক প্রকার ফুল ও এর গাছ। 'ভাঁন্টি ঘাটাপারলী।' *বড়ু*, ১৪৫০।

ঘাটি, ঘাটী [স ঘট্>] **১** *বি* ত্রুটি। 'দোষ ঘাটী কিছুই নাঞি পাপ পরমাদ।' *মুকুন্দ*, ১৬০০; 'আমার ঘাটি ক্ষমা করিয়া আমার স্বামীর সহিত আমাকে মিলাইয়া দিবেন।' *চণ্ডীচরণ*, ১৮০৫। **২** *বি* ফাঁড়ি। 'ডাকাইতি রহিতের নিমিত্তে ঘাটী ও রৌদগস্তি।' *দর্পণ*, ১৮৩৪।

ঘাটিআল, ঘাটিয়াল [স ঘট্টপাল] *বি* মাঝি; পাটনি। 'ঘাটে ঘাটিআল আন্ধে তোহ্মার কারণে।' *বড়ু*, ১৪৫০; 'ঘাটিয়াল প্রবোধি দেন বাসস্থান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঘাটোআল [স ঘট্ট>] *বি* পাটনি; খেয়ানৌকার মাঝি। 'পার কর মথুরাক ঘাটোআল কহী।' *বড়ু*, ১৪৫০।

ঘাঠিআল [স ঘট্ট] *বি* ঘাটোয়াল; ঘাটের মাঝি। 'ঘাটে ঘাঠিআল তেজ নাগরাল।' *বড়ু*, ১৪৫০।

ঘাটিদানী [স ঘট্ট+স দানী] *বি* নদীর ঘাটে শুল্ক আদায়কারী। 'ঘাটি দানী হাড়াইতে রাজপাত্র দ্বারে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঘাটিয়াল দ্র **ঘাটিআল**

ঘাটী দ্র **ঘাটি**

ঘাটু [স ঘন্টাকর্ণ>] *বি* ফুলবিশেষ। 'স্যামলতা ঘাটুফুল কাল্যাকড়া তোলে মৌল।' *মুকুন্দ*, ১৬০০।

ঘাটু নাচ [স ঘন্টাকর্ণ+নাচ] *বি* হিন্দুসমাজে প্রচলিত ঘাঁটু পূজায় পরিবেশিত নাচ। 'তন্মধ্যে ঘাটু নাচ প্রধানতম।' *ইসলাহ*, ১৯৩৩।

ঘাটো [স ঘন্ট>] *বি* ভুট্টা বা মকাই সিদ্ধ। 'মকাই সেদ্ধ করলে বলে ঘাটো।' *বিভূতি*, ১৯৩৮।

ঘাড় [স ঘাট] *বি* কাঁধ; গর্দান। 'গোসাঞি তার ঘাড়ে হাত দিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঘাড়কাতা [ঘাড়+কাতা] *বি* মল্লযুদ্ধের কৌশল। 'ঘাড়কাতা মারি তার মস্তক ছিণ্ডিল।' *মালাধর*, ১৫০০।

ঘাড় থেকে দায় যাওয়া – ঝামেলা মুক্ত হওয়া। 'তা হলে আমার ঘাড় থেকে দায়টা যাবে।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘাড় ধরা *ক্রি* জোরজবরদস্তি করা। 'আমি নিজেকে ঘাড় ধরে কোনো একটা রচনাকার্যে নিযুক্ত করাতে পারি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঘাড়ধাক্কা [ঘাড়+ধাক্কা] *বি* গলা ধাক্কা। 'ঘাড়ধাক্কা মারিয়া বাড়ীর বারি করে।' *রূপরাম*, ১৭৫০।

ঘাড় ধাক্কা [ঘাড়+ধাক্কা] *বি* গলা ধাক্কা। 'ঘাড় ধাক্কা কী রকম?' *জীবন*, ১৯৩২।

ঘাড় নুয়ে পড়া *ক্রি* বিনয়ে মাথা নিচু হওয়া। 'ভদ্রতার ভারে প্রতি কথায় ঘাড় নুয়ে নুয়ে পড়ছে।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঘাড় পাতা *ক্রি* দায় স্বীকার করা। 'নিজের ঘাড় পাতিয়া লওয়াই সুযুক্তি।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘাড় বাঁকা ১ *বিণ* অবাধ্য। 'ওদের ঘাড় হল বাঁকা, চোখ হল রাঙা।' *রবীন্দ্র*, ১৯৩৬। **২** *বিণ* ঘাড় সোজা নয় এমন। 'যখন তার বাঁকা ঘাড় আরও বেঁকিয়ে বলত ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

ঘাড় বাঁকানো *ক্রি* অবজ্ঞা দেখিয়ে গতিপথ পরিবর্তন করা। 'দেশী লোক দেখলে নাক তুলে, ঘাড় বেঁকিয়ে চলে যায়।' *রবীন্দ্র*, ১৮৮১; 'আমাকে দেখেই ঘাড় বেঁকিয়ে নিল।' *রবীন্দ্র*, ১৯৪০।

ঘাড় ভাঙা *ক্রি* ক্ষতি করা। 'একটা শোকাতুর মানুষের ঘাড় ভেঙে পালাতে পারতাম না।' *মানিক*, ১৯৩৬।

ঘাড় ভেঙে খাওয়া *ক্রি* অন্যের অর্থে নিজের স্বার্থ সিদ্ধি করা। 'তুমি মনে করিয়াছ বেণুকে বশ করিয়া উহার ঘাড় ভাঙিয়া খাইবে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঘাড় মটকানো *ক্রি* ঘাড় ভেঙে দেওয়া। 'ভূতকে অবিশ্বাস করলে যদি সে ঘাড় মটকে দেয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঘাড়মোড় ভাঙা *ক্রি* নিবিষ্ট চিত্তে একটানা কোনো কাজ করা। 'তোমরা একবার পড়লে ব্যাটবল গুলিডাণ্ডা সবসুদ্ধ ঘাড়মোড় ভেঙে ...।' *রবীন্দ্র*, ১৯০০।

ঘাড়ে গদ্‌দানে *বিণ* অত্যন্ত স্থূল। 'শরীরটি ঘাড়ে গদ্‌দানে।' *হুতোম*, ১৮৬১।

AMARBOI.COM

ঘাড়ে-গর্দানে *ক্রিবিণ* অত্যন্ত স্থূল। 'এই লেখকদের রচনাও তেমনি ঘাড়ে-গর্দানে সামনে-পিছনে পিঠে-পেটে বেথাপ।' *রবীন্দ্র*, ১৯২৮।

ঘাড়ে চাপা *ক্রি* দায়-দায়িত্ব অন্যের উপর চাপিয়ে দেওয়া। 'সেই কর্মের ভার অন্যের ঘাড়ে চাপাইয়া।' *রবীন্দ্র*, ১৯০৫; 'ধর্ম তা ঘাড়ে চাপাতে চায়।' *উমর*, ১৯৬৮।

ঘাড়ে চাপানো *ক্রি* জোর ক'রে চাপিয়ে দেওয়া। 'ধর্ম তা ঘাড়ে চাপাতে চায়।' *উমর*, ১৯৬৮।

ঘাড়ে ভূত চাপা *ক্রি* বাতিক হওয়া। 'তোমার ঘাড়ে ম্যালথসের ভূত চাপল নাকি।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘাণ্ট [পা ঘট্ট (ঘর্ষণ)] *বি* ঘর্ষণ। 'কমল কুলিশ ঘাণ্টে করহুঁ বিআলী।' *চর্যা ৪*, ১২০০।

ঘাত [স] **১** *বি* আঘাত। 'চরণের ঘাত লাগে তাহার সরিরে।' *মালাধর*, ১৫০০। **২** *বি* বাধা। 'কত শত সহস্র প্রকারের ঘাত প্রতিঘাত!' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঘাত-প্রতিঘাত [স] **১** *বি* বাধা-বিঘ্ন। 'কত শত সহস্র প্রকারের ঘাত প্রতিঘাত!' *রবীন্দ্র*, ১৮৯৪। **২** *বি* আঘাত ও প্রত্যাঘাত। 'দ্বৈত-সত্তার ঘাতপ্রতিঘাত নিভাননীর চোখ এড়ায় না।' *মণীশ*, ১৯৬৩।

ঘাতসংঘাত [স] *বি* ঘাত-প্রতিঘাত। 'এক অংশের সঙ্গে আর-এক অংশের ঘাতসংঘাতে নব নব সমস্যার সৃষ্টি হচ্ছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঘাতসহ *বিণ* আঘাত সহ্য করতে সক্ষম। 'তাহা স্থূলবেধ ও সবিশেষ ঘাতসহ কাষ্ঠফলক ... মৃত্তিকামধ্যে ক্রমশঃ প্রোথিত করিবার ব্যবস্থা করেন।' *অক্ষয়*, ১৮৫৪।

ঘাতসহিষ্ণু [স] *বিণ* আঘাতে সহনশীল। 'বঙ্গীয় গ্রন্থকারগণ আর একটু ঘাতসহিষ্ণু হইলে ভাল হয়।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ঘাতক [স] *বিণ* হত্যাকারী। 'পুত্র পীড়ক, সন্তান ঘাতক, ভ্রূণঘাতী নারী হইতে হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

ঘাতকান্তর [স] *বি* অন্য ঘাতক। 'ঐ ব্যক্তি ব্যতিরিক্ত ঘাতকান্তর নিযুক্ত ছিল না।' *বিদ্যা*, ১৮৬৩।

ঘাতন [স] *বি* হত্যা। 'ঘোর রাজা নাঞি করে জাবত ঘাতন।' *মুকুন্দ*, ১৬০০।

ঘাতা [স ঘাত>] *ক্রি* নাশ করা। 'দুঃসহ দুঃস্বপ্ন ঘাতি অপগত করো ভয়।' *রবীন্দ্র*, ১৯৩১।

ঘানি, ঘানী [স ঘন] *বি* তিল-সরিষাদি তৈলবীজ পিষে তেল বানানোর যন্ত্র। 'কলু নগরে পিড়ে ঘানী।' *মুকুন্দ*, ১৬০০; 'কলুরা ঘানি জুড়ে দিয়েছে।' *প্যারী*, ১৮৫৮।

ঘানিকল [ঘানি+স কলা] *বি* তৈলবীজ থেকে তেল বের করার যন্ত্র। 'তার কান্না শোনালো যেন ঘানিকলের বাঁশি।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঘানিগাছ [ঘানি+গাছ] *বি* পেষণ ক'রে তেল বের করার যন্ত্রের মূল খুঁটি। 'কর্তব্যচক্রের ঘানিগাছের [সঙ্গে] মনটাকে শক্ত দড়িতে বেঁধে দেওয়া গেছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঘানিঘর [ঘানি+পা ঘর] *বি* যে ঘরে তৈলবীজ থেকে তেল তৈরি করা হয়। *ওসাঁ*, ১৭৮৫।

ঘানি-চক্র [ঘানি+স চক্র] *বি* ঘানির চাকা, যা পেষণের কাজ করে। 'তোর ভগবানকে ভূত বানালে ঘানি-চক্রে জুতে।' *নজরুল*, ১৯২৪।

ঘানি টানা **১** *ক্রি* অযথা ভার বহন করা। 'কেবল টাকার ঘানি টানিয়া দুই চারি হাত জমির মধ্যে ঘুরিয়া মরিতেছে।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *ক্রি* শাস্তি ভোগ করা। 'সে বেটা খুনী বিশ বছর জেলের ঘানি টানছে।' *মনসুর*, ১৯৫৫। **৩** *বিণ* ব্যর্থ ও কষ্টকর। 'জেগে রয় ঘানিটানা জীবনের চৌহদ্দিতে ফলে।' *শামসুর*, ১৯৫৯।

ঘাপটি [স গুপ্তি] *বি* গোপনে অপেক্ষা। 'আফগান মারে ঘাপটি।' *নজরুল*, ১৯৩১।

ঘাপ্টি [স গুপ্তি] *বি* উদ্দেশ্যমূলকভাবে গোপনে অপেক্ষা। 'উকিলদিগের দালাল ঘাপ্টি মেরে জাল ফেলিতেছে।' *প্যারী*, ১৮৫৮। *দ্র* **ঘুপটি**

ঘাপলা [হি ঘবড়া] *বি* ঝামেলা। 'চারদিকে খালি শত্রু, যেখানে যাও একটা না একটা ঘাপলা।' *ইলিয়াস*, ১৯৭৫।

ঘাবলা [হি ঘবড়া] *বি* বিপদ; ঝামেলা। 'এ আবার কি ঘাবলায় পড়া গেল।' *আলাউদ্দিন*, ১৯৬০।

ঘাবড়ানো [হি ঘবড়া] *ক্রি* ভয় পাওয়া; বিচলিত হওয়া। 'থেকে থেকে জান আমার ঘাবড়িয়ে উঠছে।' *নজরুল*, ১৯২২।

ঘাবড়ে যাওয়া *ক্রি* দমে যাওয়া। 'দম্ভের কথা পড়িয়া ঘাবড়াইয়া গেল।' *মনসুর*, ১৯৫০।

ঘাম [স ঘর্ম] **১** *বি* পরিশ্রমের ফলে দেহনির্গত লবণাক্ত জল। 'কাঞ্চুলী ভিজিআঁ গেল ঘামে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* অশ্রু। 'নয়নের ঘামে ঘামিল মুখশশী।' *মুকুন্দ*, ১৬০০।

ঘাম ছোটা *ক্রি* ভয়ে শরীর থেকে ঘাম বের হওয়া। 'মজুমদারের সর্বাঙ্গ দিয়া ঘাম ছুটিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঘামবিন্দু [স ঘর্মবিন্দু] *বি* ঘামের বিন্দু। 'ঘামবিন্দু মুখে হেরএ নাহ। চুঘএ হরসে সরস অবগাহ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ঘাম, মাথার ঘাম পায়ে ফেলা – কঠোর পরিশ্রম করা। 'নামাবলীখানা গায়ে দিয়ে , মাথার ঘাম পায়ে ফেলে সেখানা ...।' *রবীন্দ্র*, ১৯২৬।

ঘাম মোছা *ক্রি* শরীর থেকে ঝরে-পড়া ঘাম মুছে ফেলা। 'কপালের ঘাম মুছিয়া হর্ষ-বিস্ফারিত নেত্রে দশজন প্রতিবীকে ...।' *রবীন্দ্র*, ১৮৮৮।

ঘাম হওয়া *ক্রি* শরীর থেকে ঘাম বের হওয়া। 'সেখান থেকে বেরিয়ে খুব ঘাম হতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৭৯।

ঘামন [স ঘর্ম>] *ক্রি* ঘামা। *ওসাঁ*, ১৭৮৫।

ঘামা [স ঘর্ম>] **১** *ক্রি* ঝরে পড়া। 'ধূলট মেঘা, তুলট মেঘা, তোমরা সবে ঘামো!' *জসীম*, ১৯২৯। **২** *ক্রি* ঘাম বের হওয়া। 'দরদর করে ঘামতে লাগল সে।' *শামসুল*, ১৯৫৭।

ঘামাচি, ঘামাছি [স ঘর্ম>] *বি* ছোটো ছোটো ফুসকুড়ি। 'ঘামাছি ঘামের ছেলে উঠে দেহ ছেয়ে।' *গুপ্ত*, ১৮৫৮; 'ঘামাচি।' *বিদ্যা*, ১৮৯১; 'পরতে না পরতেই যা ঘামাচি উঠেছে।' *নরেন্দ্র*, ১৯৪৬।

ঘামানো [স ঘর্ম>] *ক্রি* ঘেমে যাওয়া। 'না ঘামাইনি।' *জীবন*, ১৯৩৩।

ঘামানো-চেমানো [স ঘর্ম>] *বিণ* ঘামে লেপ্টে আছে এমন। 'তেলময়লায় ঘামানো-চেমানো কৌচে বসল সে।' *জীবন*, ১৯৪৮।

ঘায় [স ঘাত] *বি* আঘাত। 'বুকে ঘায় হানিয়া।' *মালাধর*, ১৫০০।

ঘায়ে ঘোয়ে *ক্রিবিণ* গায়ে বাতাস লাগিয়ে। 'বিষয় আশয় বানিয়ে নিয়েছেন, বারো মাস ঘায়ে ঘোয়ে ফেরেন।' *হুতোম*, ১৮৬১।

ঘায়েল [স ঘাত] **১** *বি* আহত। 'বহুত ঘায়েল হইল লেখা জোখা নাই।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গরীব, ১৭৬৫। ২ *বিণ* শ্রান্ত; জব্দ। 'বাঘটাকে ঘায়েল করে মরিয়া করে তুলবেন।' *রবীন্দ্র*, ১৯৪০। ৩ *বিণ* পরাস্ত। 'যাকে এখনো কথা দিয়ে ঘায়েল করা যায়।' *ওয়ালী*, ১৯৪৪। দ্র **ঘাল**

ঘারগাতা [স ঘাট>] *বি* প্রহার-বিশেষ। 'দাড়িতে ধরিয়া কেহ মারে ঘারগাতা।' *বিজয়*, ১৬৫০।

ঘারেঁ পারেঁ [পা ঘর+পা পর] *ক্রিবিণ* ঘরে ও পরে। 'ঘারেঁ পারেঁ কা বুঝিলেঁ ম রে।' *চর্যা* ৩৯, ১২০০।

ঘারে ঘোরে *ক্রিবিণ* বুঝিয়ে-সুঝিয়ে। 'আমি মনে বুঝে তারে কব ঘারে ঘোরে।' *ভবানী*, ১৮২৫।

ঘাল [স ঘাত] *বিণ* ঘায়েল। 'কাস্তেন ঘাল হ'ল আর মদ কোথায় পাব?' *গিরিশ*, ১৮৮৯। দ্র **ঘায়েল**

ঘালা [স *ঘাতলা] ১ *ক্রি* মারা। 'সাসু ঘরেঁ ঘালি কোঙ্গা তাল।' *চর্যা* ৪, ১২০০। ২ *ক্রি* ঘায়েল করা। 'ঘন ঘন পঞ্চবাণ ঘালএ মোহর প্রাণ।' *বাহরাম*, ১৬৫০।

ঘাশ [স ঘাস] *বি* ঘাস; তৃণ। 'এক গাছ হোগলা ঘাশ আনিয়া নিরূপন করিল খড়গ।' *রামরাম*, ১৮০১। দ্র **ঘাস**

ঘাশি [স ঘাস>] *বি* ঘাস সরবরাহকারী। 'এ কাযে আর২ চাকরেরা মক্তার। সইশ ও ঘাশি আছে।' *কেরি*, ১৮০২।

ঘাস [স] ১ *বি* তৃণ। 'পানি পিয়া সুখে ঘাস খাউক বাছুরগণ।' *মালাধর*, ১৫০০। ২ *বি* দূর্বা। *ওসাঁ*, ১৭৮৫। দ্র **ঘাশ**

ঘাসকর [স] *বি* ঘাসের খাজনা। '... গোপের পসার লুটে নিত্য ধরে ঘাসকর দায়।' *মুকুন্দ*, ১৬০০।

ঘাসজল [স] *বি* ঘাস ও জল। 'কোনকালেও শুনি নাই যে মরা গরুতে ঘাসজল খাইয়া থাকে।' *ভবানী*, ১৮২৫।

ঘাসপাতা [স ঘাস+স পত্র] *বি* ঘাস ও পাতা। 'পোড়া ঘাসপাতার সঙ্গে বালি মিশিয়ে জমি তৈরি করে নিস।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঘাসপাথর [স ঘাস+স প্রস্তর] *বি* ঘাস ও পাথর। 'যা কিছু আমার চারপাশে ছিল/ ঘাসপাথর সরীসৃপ।' *শঙ্খ*, ১৯৬৯।

ঘাসফড়িং, ঘাসফড়িঙ [স ঘাস+স পতঙ্গ] *বি* একজাতীয় ক্ষুদ্র সবুজ পতঙ্গ। 'ঘাসফড়িঙের মত লাফাবে তখন।' *জীবন*, ১৯৩২; 'আকাশের রঙ ঘাসফড়িঙের দেহের মতো।' *জীবন*, ১৯৪২।

ঘাসবন [স] *বি* তৃণবন। 'গভীর জঙ্গলে ও ঘাসবনের মধ্যে বিলায়েতী ও আফগানদের সঙ্গে ইংরাজদের ভয়াবহ যুদ্ধ হয়।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

ঘাসশূন্য [স] *বিণ* ঘাসহীন। 'ঘাসশূন্য মসৃণ ক্ষুদ্র উঠানটা।' *ওয়ালী*, ১৯৪৮।

ঘাসসমৃদ্ধ [স] *বিণ* ঘাস দ্বারা আবৃত। 'শিশুর দোলনা কিংবা স্নিগ্ধ ঘাসসমৃদ্ধ কবর।' *শামসুর*, ১৯৭৪।

ঘাসিনৌকা *বি* ঘাস আনা-নেওয়ার উপযুক্ত নৌকা। 'কেরায়া-নাও আর ঘাসিনৌকার লাল-লাল আলো।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

ঘাসী [স] ১ *বিণ* ঘাস কাটে যে। 'মহাদেব আজ ঘোড়ার ঘাসী।' *নজরুল*, ১৯২৪। ২ *বিণ* ঘাস বোঝাই। 'ঘাসী নৌকাটা কাত হয়ে ওঠে।' *ওয়ালী*, ১৯৪৫।

ঘাসুয়া *বিণ* ঘাসের। 'বয়সী মোষের শ্বাসে ঘাসুয়া গন্ধ।' *সেলিনা*, ১৯৭৫।

ঘাসে ঘাসে *ক্রিবিণ* অণুতে অণুতে। 'তখন আমার হৃদয় কাঁপে তারি ঘাসে ঘাসে।' *রবীন্দ্র*, ১৯১৮।

ঘি [স ঘৃত] ১ *বি* দুগ্ধজাত স্নেহ পদার্থ। 'সুবর্ণের বাটিতে দুবলা দেই ঘি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* ঘিলু; মস্তিষ্ক। 'কোন পিচাশের ঝি মনুষ্য-মাথার ঘি।' *মুকুন্দ*, ১৬০০।

ঘিউ [স ঘৃত] *বি* ঘি। *মানোএল*, ১৭৪৩।

ঘিকলা [স ঘৃত-কদল] *বি* ধানের জাতবিশেষ। 'দলকচু ওড়কচু ঘিকলা পাতরা।' *ভারত*, ১৭৬০।

ঘিজিমিজি [ধ্বন্যা] *বিণ* মসৃণ। 'কেটে দিই ভালো করে। ঘিজিমিজি করে।' *শিবরাম*, ১৯৭০।

ঘিঞ্জি [ফা গুনজা] ১ *বিণ* ঝামেলাপূর্ণ। 'মানুষের জীবনটা ঘিঞ্জি।' *জীবন*, ১৯৩১। ২ *বিণ* ঘনবসতিপূর্ণ। 'লবটুলিয়ার নূতন তৈরী ঘিঞ্জি কুশী টোলা।' *বিভূতি*, ১৯৩৮।

ঘিণ [স ঘৃণা] *বি* ঘৃণা। 'ছাড়িঅ ভয় ঘিণ লোআচার।' *চর্যা* ৩১, ১২০০।

ঘিণি [স গৃহীত] *ক্রিবিণ* নিয়ে। 'কাহৈরি ঘিণি মেলি অচ্ছহ কীস।' *চর্যা* ৬, ১২০০।

ঘিত [স ঘৃত] *বি* ঘি। *মানোএল*, ১৭৪৩।

ঘিন [স ঘৃণা] *বি* ঘৃণা। 'না ফেলিও জীর্ণবস্ত্র যদি লাগে ঘিন।' *আলাওল*, ১৬৮০।

ঘিনঘিন [স ঘৃণা>] *বি* ঘৃণার ভাব। *বিদ্যা*, ১৮৯১; 'ঘিন ঘিন করে আমার এরকম ময়লা গলহিজ সংসারে থাকতে।' *মাহে নও*, ১৯৪৯।

ঘিনঘিনে [স ঘৃণা>] ১ *বিণ* ঘৃণার উদ্রেককারী। 'ফ্যাকাশে, ময়লা, ঘিনঘিনে হলদে রং।' *মুজতবা*, ১৯৪৯। ২ *বিণ* বিরক্তিকর। একরোখার মতো এক ঘেয়ে ঘিনঘিনে গলায় জবাব দিচ্ছে।' *হাসান*, ১৯৬০। ৩ *বিণ* প্যাঁচপেঁচে। 'যেন ঘিনঘিনে কাদা না জমে গলির মোড়ে।' *শামসুর*, ১৯৭০।

ঘিনপিত, ঘিনপিৎ [স ঘৃণা+স পিত্ত] *বি* ঘৃণা ও লজ্জা। 'ঘিনপিত ঝেড়ে ফেলে কিনলুম।' *মুজতবা*, ১৯৪৯; 'যুযুধান টেওড়র ঘিনপিৎ উপেক্ষা করে ... মেলা অস্ত্রশস্ত্র সংগ্রহ করে এনেছে।' *মুজতবা*, ১৯৬৬।

ঘিন্না [স ঘৃণা] *বি* ঘৃণা। 'ঘিন্নাএ শরীর মোর দহএ সদাএ।' *সুলতান*, ১৭০০।

ঘিমশানি *বিণ* ভ্যাপসা। 'ঘিমশানি গরম।' *সেলিনা*, ১৯৭৫।

ঘিয়ড় [স ঘৃত>] *বি* ময়দা ও চিনির তৈরি ঘিয়ে ভাজা পিঠাবিশেষ। 'কলাবড়া ঘিয়ড় পাপড় ভাজাপুলী।' *ভারত*, ১৭৬০।

ঘিরগিশটি *বিণ* ঘুটঘুটে। 'চোখের সামনে ঘিরগিশটি অন্ধকার।' *সেলিনা*, ১৯৭৫।

ঘিরা *ক্রি* আবৃত করা; অবরোধ করা। 'ঘোর নাত্তি ঘিরিয়া আছিল অন্ধকার।' *সুলতান*, ১৭০০। **ঘিরলো** *ক্রি* আচ্ছন্ন করলো। 'কী বৈদিকে ঘিরলো হৃদয় হ'লনা সুরাগের উদয়।' *লালন*, ১৮৯০। **ঘিরি** *ক্রি* ঘিরে। 'বহুত মাতম জহারী করিবে ময়দান ঘিরি।' *গরীব*, ১৭৬৫; 'ধরারে ঘিরি ঘিরি কেবলি যাবি বয়ে।' *রবীন্দ্র*, ১৮৮৩। **ঘিরিয়া** *ক্রি* বেষ্টন ক'রে। 'ঘোর নাত্তি ঘিরিয়া আছিল অন্ধকার।' *সুলতান*, ১৭০০। **ঘিরিল** *ক্রি* আচ্ছাদিত করলো। 'কুকুরে ঘিরিল যতো গিথিনির রেলা।' *কৃষ্ণরাম*, ১৭২০। **ঘিরিলেক** *ক্রি* ঘিরলো। 'তীরন্দাজ লোক সব ঘিরিলেক আসি।' *গরীব*, ১৭৬৫। **ঘিরে আসা** *ক্রি* বেষ্টন করে আসা। 'এলো আঁধার ঘিরে, পাখি এলো নীড়ে।' *রবীন্দ্র*, ১৯২৩।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঘিরা[২] *ক্রি* বেষ্টিত। 'জানগে নূরের খবর যাতে নিরঞ্জন ঘিরা।' *সুলতান*, ১৭০০।

ঘিরাণ [স ঘ্রাণ] *বি* ঘ্রাণ। 'আজও তাহার মুখ শুঁকিলে দুধের ঘিরাণ মেলে।' *জসীম*, ১৯২৯।

ঘিরিনা [স ঘৃণা] *বি* তীব্র অপছন্দ। *ওসাঁ*, ১৭৮৫।

ঘির্না [স ঘৃণা] *বি* ঘৃণা। *মনোএল*, ১৭৪৩।

ঘিলু [স ঘৃত>] *বি* মগজ। *মনোএল*, ১৭৪৩; 'মাথার ঘিলু বেরিয়ে আসছে।' *মানিক*, ১৯৪৭।

ঘিশালী *বি* একপ্রকার ধান। 'ঘিশালী পোয়ালবিড়া কলামোচা আর।' *ভারত*, ১৭৬০।

ঘিসকাপ [স ঘর্ষণ>] *বি* যে যন্ত্র দ্বারা ঘষে কাঠ মসৃণ করা হয়। 'গুরুদাস শুঁই গুলদার উড়নী পরিহার করে পুনরায় চিরপরিচিত র‍্যাঁদা ও ঘিসকাপ ধল্লেন।' *হুতোম*, ১৮৬১।

ঘী [স ঘৃত] *বি* ঘি। 'নঠ হৈল ঘোল দুধ আর নঠ ঘী।' *বড়ু*, ১৪৫০।

ঘীণ [স ঘৃণা] *বি* ঘৃণা। 'না ফেলিও জীর্ণ কাঁথা যদি লাগে ঘীণ।' *আলাওল*, ১৬৮০।

ঘু [স ঘৃত] *বি* ঘি। *মনোএল*, ১৭৪৩।

ঘুংগুর [ধন্যা] *বি* নূপুর। 'নটীদের ঘুংগুরে যেন নৃত্যের মুদ্রায় তাল রাখা।' *মাহমুদ*, ১৯৬৩।

ঘুঁচা *ক্রি* ঘুচা; লোপ পাওয়া। 'ঘুঁচিল মায়ার নদী যোগী নাহি কাছে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

ঘুঁচি *বি* মফস্বলের ছেলে। *ওসাঁ*, ১৭৮৫।

ঘুঁজি [ফা গুনজা] *বি* নোংরা জায়গা; এঁদো জায়গা। 'আঁধার ঘুঁজির কুকুর ঘুমায় এবার।' *জীবন*, ১৯৪৪।

ঘুঁটি [স গুটি] *বি* দাবা খেলার গুটি। 'গোটাকতক দাবার ঘুঁটি একটি ইস্কাবনের গোলাম।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘুঁটি চালা *ক্রি* দাবা খেলায় চাল দেওয়া। 'বাঁ হাত দিয়ে ঘুঁটি চালাচ্ছিলেন।' *মুজতবা*, ১৯৪৯।

ঘুঁটে [স গোবিষ্টা>] *বি* শুকনা গোবরের চাকতি, যা জ্বালানিরূপে ব্যবহৃত হয়। 'ঘুঁটে কুড়াইয়া স্বামী বেচেন বাজারে।' *ভারত*, ১৭৬০।

ঘুঁটেঅলা *বি* ঘুঁটে কুড়ায় যে। 'কাংস্য ঘুঁটেঅলা আমি ঘোর।' *শক্তি*, ১৯৭০।

ঘুঁটেকুড়ানি, ঘুঁটেকুড়ানী, ঘুঁটেকুড়ুনী *বি* ঘুঁটে কুড়ায় যে মেয়ে। 'ঘুঁটেকুড়ানীর ছেলে সদর নায়েব।' *দীনবন্ধু*, ১৮৬০; 'জন্ম নিল ঘুঁটেকুড়ুনীর ঘরে।' *বীরেন্দ্র*, ১৯৫৫; 'অথচ ঘুঁটেকুড়ানির হাত সযত্নে সেলাই করে আমার মলিন পরিচ্ছদ।' *শামসুর*, ১৯৫৯।

ঘুঁটে দেওয়া ১ *ক্রি* জ্বালানি হিসেবে ব্যবহারের জন্যে গোবর শুকানোর আয়োজন করা। 'ঘুঁটে দিয়া, হাত-পা ধুইয়া প্রদীপের জো করিতেছিলেন।' *শরৎ*, ১৯১৬। **২** *বিণ* ঘুঁটে দেওয়া হয় এমন। 'চেঁচাড়ি দিয়ে তার ঘুঁটে দেওয়া হাতের গোবর চেঁছে ...।' *নজরুল*, ১৯৩০।

ঘুঁড়ি [স ঘোটকী] *বি* মাদি ঘোড়া। *মনোএল*, ১৭৪৩।

ঘুঁষ [স ঘৃষ্>] *বি* হালকা আঘাত। 'তারা তাল ঠুকে এ ওকে ঘুঁষ মারে।' *নজরুল*, ১৯২৭।

ঘুঁষি [স ঘৃষ্>] *বি* মুষ্টির আঘাত। 'ঘুঁষি বাগিয়ে দিয়ে বীরের মতো সটান স্বগৃহাভিমুখে হাওয়া দিলুম।' *নজরুল*, ১৯২৪।

ঘুঁষোঘুঁষি [স ঘৃষ্>] *বি* হাতাহাতি; মারামারি। 'পায়জামা প্যান্ট ধুতি নিয়া হেথা হয় নাকো ঘুঁষোঘুঁষি।' *নজরুল*, ১৯২৫।

ঘুকসি, ঘুকসী [হি ঘুঘস] *বিণ* অনাহুত। 'রসিক পাড়ায় গেলে তোমায় ঘুকসি বলে দেয় নাথিয়ে।' *লালন*, ১৮৯০।

ঘুগনি [হি] *বি* মুখরোচক খাদ্যবিশেষ। **ঘুগনিদানা, ঘুগনীদানা** [হি ঘুঁঘনী+ফা দানহ্] *বি* টক ঝাল ও নানা মসলা মাখানো সিদ্ধ মটর আলু প্রভৃতি মিশ্রিত মুখরোচক খাদ্যবিশেষ। 'এক ঠোঙা ঘুগনিদানা নিয়ে এসেছে।' *জীবন*, ১৯৩১; 'সস্তা খেউড় ঘুগনীদানা।' *তারা*, ১৯৪২।

ঘুগনিওয়ালা *বি* ঘুগনি বিক্রি করে যে। 'পরে অনেক আস্ত ছোলা পেলাম, সেগুলো ঘুগনিওয়ালাদের দিয়েছি, কিন্তু নোট বিলকুল গায়েব।' *শিবরাম*, ১৯৪০।

ঘুঘু [স ঘুঘুকৃৎ] **১** *বি* সুপরিচিত পাখিবিশেষ। *মনোএল*, ১৭৪৩; 'বুভুক্ষিত সয়তান দেখিল ঘুঘু পাখি।' *রূপরাম*, ১৭৫০। **২** *বিণ* ধূর্ত। 'মল্লিক লোকটা ঘুঘু।' *বিভূতি*, ১৯৩১।

ঘুঘু চরা – সর্বনাশ হওয়া। 'এমন ছেলেকে তিনদিন রাখিলেই বাটীতে ঘুঘু চরিবে।' *প্যারী*, ১৮৫৮।

ঘুঘু দেখেছ ফাঁদ দেখনি – বিপদে ফেলার ভয় দেখানো। 'ঘুঘু দেখেছ ফাঁদ দেখনি।' *সুকুমার*, ১৯১৮।

ঘুঙড়ি কাশি [স ঘুর্ঘুরিকা+কাশি] *বি* হুপিং কাশি। 'ঘুঙড়ি কাশি, গুপী কবরেজ বলেছে ...।' *বিভূতি*, ১৯৩১।

ঘুঙনি [হি ঘুঁঘনি] *বি* ব্যঞ্জনবিশেষ। 'আরো কত ছিল পাতে আলুভাজা ঘুঙনি।' *সুকুমার*, ১৯১৮।

ঘুঙুর, ঘুঙ্গুর [স ঘর্ঘরা] *বি* নূপুর। 'সেই রজ্জুর দুই প্রান্তে ঘুঙ্গুর বান্ধিয়া রাখে।' *অক্ষয়*, ১৮৫০; 'নটী তার সোনার ঘুঙুর ছুঁড়িয়া ফেলেছে।' *নজরুল*, ১৯২৮।

ঘুঙুরওয়ালা ১ *বি* ঘুঙুর পরিহিত। 'ঘুঙুরওয়ালা চরণচক্রপরা বাড়ির নতুন বউ।' *মুজতবা*, ১৯৬০। **২** *বি* ঘুঙুরবাদক। 'নহবতখানায় শানাইওয়ালা বাঁশিওয়ালা ঘুঙুরওয়ালা।' *কায়সার*, ১৯৬৫।

ঘুঙ্গুর [স ঘর্ঘরা] *বি* মলজাতীয় অলঙ্কারবিশেষ। 'ঘুঙ্গুর পাইল পাএ নেপুর বেষ্টিত তাএ।' *সুলতান*, ১৭০০।

ঘুঙ্গুরি *বি* পায়ের অলংকারবিশেষ। 'রুনু ঝুনু বাজে সে ঘুঙ্গুরি।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

ঘুচানো ১ *ক্রি* দূর হওয়া। 'এভোঁহো নাহিঁ ঘুচে তোর মুখে দুধবাস।' বড়ু, ১৪৫০। **২** *ক্রি* ক্ষান্ত হওয়া। 'ঘুচাহ কচাল কাহ্নাঞি।' বড়ু, ১৪৫০। **৩** *ক্রি* অনাবৃত করা। 'কাঞ্চুলী ঘুচাআঁ রাধা দেহ মোরে কোল।' বড়ু, ১৪৫০। **৪** *ক্রি* সরে যাওয়া। 'এহা জাণী ঝাঁট ঘুচ আন্ধার পাশে।' বড়ু, ১৪৫০। **৫** *ক্রি* খুলে দেওয়া। 'বিপ্রের বন্ধন জত ঘুচাইয়া দিল।' *মালাধর*, ১৫০০। **৬** *ক্রি* ত্যাগ করা। 'উঠিআ বসিল বড়াই নিদ্রা ঘুচাহিআ।' *মালাধর*, ১৫০০। **৭** *বি* উন্মোচিত হওয়া। 'এক জ্ঞানে বহুজ্ঞান ঘুচিবে তোমার।' *গিরিশ*, ১৮৮৭। **৮** *ক্রি* দূর করা। 'আপন কলঙ্ক ঘুচায়ে মরিয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৯০। **৯** *ক্রি* শেষ হওয়া। 'তোমার পথে চলা যখন ঘুচে গেল।' *রবীন্দ্র*, ১৯১০। **১০** *ক্রি* ভাঙা। 'তিনশো পঁয়তাল্লিশ বছরের আগল তুমি ঘুচিয়েছ।' *রবীন্দ্র*, ১৯১১। **১১** *ক্রি* বন্ধ হওয়া। 'বড়োরানীরও দেবসেবা ঘুচে যেত।' *রবীন্দ্র*, ১৯১৫। **ঘুচ** *ক্রি* সরে যাও। 'এহা জাণী ঝাঁট ঘুচ আন্ধার পাশে।' বড়ু, ১৪৫০; 'ঘুচ ঘুচ মহাপাপী বিদ্যমান হৈতে।'

AMARBOI.COM

বৃন্দা, ১৫৮০। **ঘুচএ** *ক্রি* দূর হবে। 'কেমনে ঘুচএ কালি চিন্তিতে লাগিলা।' *মালাধর*, ১৫০০। **ঘুচয়** *ক্রি* ঘুচায়; দূর হয়। 'সকল ঘুচয়ে ধর্ম হইলে সদয়।' *মানিকরাম*, ১৭৮১। **ঘুচাআঁ** *ক্রি* খুলে। 'কাঞ্চুলী ঘুচাআঁ রাখা দেহ মোরে কোল।' *বড়ু*, ১৪৫০। **ঘুচাই** *ক্রি* দূর করি। 'যাইয়া যে ঘুচাই জঞ্জাল।' *গরীব*, ১৭৬৫। **ঘুচাইয়া** *ক্রি* খুলে। 'বিপ্রের বন্ধন জত ঘুচাইয়া দিল।' *মালাধর*, ১৫০০। **ঘুচাইল** *ক্রি* দূর করলো। 'গোসাঞির নিবন্ধ জেবা কে ঘুচাইল।' *মালাধর*, ১৫০০। **ঘুচাইল** *ক্রি* খুলে নিলো। 'তখন ঘুচাইল কাহ্নী হৃদয়ের হার।' *বড়ু*, ১৪৫০। **ঘুচাএ ১** *ক্রি* দূর করো। 'তুম্হি যদি এ কুণ্টক ঘুচাএ আহ্মার।' *সুলতান*, ১৭০০। **২** *ক্রি* খুলে। 'কপাট ঘুচাএ দিল উল্লুক মহাসএ।' *রামাই*, ১৭১০। **ঘুচাও** *ক্রি* দূর করো। 'যে কেহ আল্লার বান্দা ঘুচাও দেলের ধান্দা।' *গরীব*, ১৭৬৫। **ঘুচাবে** *ক্রি* দূর করবে। 'কারে শুধাবো এ কথা, কে ঘুচাবে ব্যথা।' *লালন*, ১৮৯০। **ঘুচায়** *ক্রি* খোলে। 'অঙ্গের বসন ঘুচায় কখন কখন ঝাঁপয়ে তাই।' *দ্বিজশ্রী*, ১৬০০। **ঘুচায়া** *ক্রি* দূর ক'রে। 'চিত্তের ঘুচায়া ধন্দ উকটএ কাটা কন্দ।' *মালাধর*, ১৫০০। **ঘুচায়্যা** *ক্রি* মুক্ত ক'রে। 'তাওরে ঘুচায়্যা লিলেক ডাওর নারি।' *মালাধর*, ১৫০০। **ঘুচাল্য** *ক্রি* দূর করলো। 'ভূঞাইয়া শ্রম তার ঘুচাল্য সকল।' *মালাধর*, ১৫০০। **ঘুচাহ** *ক্রি* ঘুচাও; ক্ষান্তি দাও। 'ঘুচাহ কচাল কাহ্নাঞি।' *বড়ু*, ১৪৫০। **ঘুচাহিআ** *ক্রি* দূর ক'রে; ত্যাগ ক'রে। 'উঠিআ বসিল বড়াই নিদ্রা ঘুচাহিআ।' *মালাধর*, ১৫০০। **ঘুচিব** *ক্রি* দূর হবে। 'তবে সে ঘুচিব মোর এই মনে দুখ।' *মালাধর*, ১৫০০। **ঘুচিবে** *বি* উন্মোচিত হবে। 'এক জ্ঞানে বহুজ্ঞান ঘুচিবে তোমার।' *গিরিশ*, ১৮৮৭। **ঘুচিবেক** *ক্রি* ঘুচবে; দূর হবে। 'বিস্য পুত্র হতে মোর ঘুচিবেক কেলেস।' *কবীন্দ্র*, ১৬৮৯। **ঘুচিল** *ক্রি* দূর হলো। 'ঘুচিল নিদাগ তাপ বৃন্দাবন শুনে।' *মালাধর*, ১৫০০। **ঘুচুক** *ক্রি* দূর হোক। 'মনের ঘুচুক মনবেথা।' *মুকুন্দ*, ১৬০০। **ঘুচুতে** *ক্রি* দূর করতে। 'সে একেবারে সব গেছে ঘুচুতে বসেছে।' *উমেশ*, ১৮৫৭। **ঘুচে** *ক্রি* দূর হয়। 'এভোঁহো নাহি ঘুচে তোর মুখে দুধবাস।' *বড়ু*, ১৪৫০। **ঘুচে যাওয়া** *ক্রি* বন্ধ হওয়া। 'বড়োরামীরও দেবসেবা ঘুচে যেত।' *রবীন্দ্র*, ১৯১৫।

ঘুজি [ফা গুনজা] *বি* অন্ধকার সংকীর্ণ জায়গা। 'গলি ঘুজিতে সন্ধ্যার পর কি মনুষ্য নির্ভয়ে গমনাগমন করিতে পারে।' *চন্দ্রিকা*, ১৮৩৬।

ঘুজিঘুজি [ফা গুনজা] *বি* বদ্ধ জায়গা। 'অত ঘুজিঘুজিতে ওদের কষ্ট হবে।' *জীবন*, ১৯৪৮।

ঘুটঘুট [স ঘুট্>] **১** *বিণ* গাঢ়। 'ঘুটঘুট ঘোর রাত্তিরে তোর সঙ্গীরা তোকে ডাকছে।' *বৃদ্ধ*, ১৯৪৩। **২** *বিণ* ঘোর; অন্ধকারাচ্ছন্ন। 'ঘন ঘুট ঘুট চারধার।' *হোসেন*, ১৯৬৯।

ঘুটঘুটে [স ঘুট্>] *বিণ* গাঢ়। 'দুই এক লহমার মধ্যেই চারিদিগে ঘুটঘুটে অন্ধকার হইয়া আসিল।' *প্যারী*, ১৮৫৮।

ঘুটনি [স ঘুট্>] *বি* ডাল ঘোটার চামচবিশেষ। 'ডালের পাতিলে ঘুটনি ঘোরাতে বলেন।' *শ্যামসুন্দর*, ১৯৫৭।

ঘুটে [স গূথ] *বি* ঘুঁটে; গোবরের শুকনা খণ্ড। 'মুখে মাখে ঘুটে পাশ গায় খড়িমাটি।' *মানিকরাম*, ১৭৮১।

ঘুটে পাশ *বি* ঘুঁটের ছাই। 'মুখে মাখে ঘুটে পাশ গায় খড়িমাটি।' *মানিকরাম*, ১৭৮১।

ঘুড্ডি, ঘুড্ডী [হি গুড্ডী] *বি* ঘুড়ি। 'লাট্টু, ঘুড্ডী, ক্রিকেট ও পায়রা পড়ে রইলো।' *হুতোম*, ১৮৬১; 'ছোঁড়ারা ঘুড্ডি বানায়।' *মনসুর*, ১৯৪৪।

ঘুড়ি, ঘুড়ী [হি গুড্ডী] *বি* ঘুড়ি। 'ঘুড়ী বুলবুলি প্রভৃতি খেলাতে সদা মগ্ন থাকেন।' *দর্পণ*, ১৮২১; 'ছিপ ঘুড়ি লাটাই নির্মাণ করিতেও তাঁহার বিস্তর সময় যাইত।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘুড়ি-ওড়া [ঘুড়ি+ওড়া] *বি* ঘুড়ি ওড়ানো। 'পাখি-ওড়া আর ঘুড়ি-ওড়ায় তফাত আছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঘুড়িণী [স ঘোটকী] *বি* স্ত্রী ঘোড়া। 'ঘোর হল ঘুড়িণী ঘোড়ায় অভিমুখ।' *মানিকরাম*, ১৭৮১।

ঘুড়ী [স ঘোটকী] *বি* মাদি ঘোড়া। 'আগাড়ি পিছাড়ি দড়ি ঘুড়ীর এলায়।' *ঘনরাম*, ১৭১১।

ঘুণ [স] **১** *বি* জীর্ণতা। 'যাবত যৌবনে রাধা নাহি লাগে ঘুণ।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* ক্ষতি করতে পারে এমন উপাদান। 'তাহার সামর্থ্যরূপ দারুণগর্ভে এমন বিষম ঘুণ গুপ্ত থাকিবে।' *অক্ষয়*, ১৮৫০। **৩** *বিণ* কাঠ নষ্টকারী পোকাবিশেষ। 'কল্পবৃক্ষে ঘুণ ধরে যেত।' *রবীন্দ্র*, ১৮৯৯। **৪** *বিণ* ক্ষতিকর। 'জমীদারীর ঘুণ কর্মচারী আমরা চাই নে।' *বিভূতি*, ১৯৩৮। **৫** *বিণ* সুদক্ষ। 'আমি ও কাজে ঘুণ হয়ে গেছি।' *বিভূতি*, ১৯৩৮।

ঘুণ ধরা *ক্রি* মরিচা ধরা। 'তাহার কলমে যেন ঘুণ ধরে।' *রবীন্দ্র*, ১৮৯৮।

ঘুণ-ধরা [ঘুণ+ধরা] **১** *বিণ* ঘুণ পোকায় আক্রান্ত। 'প্রভেদজ্ঞান ঘুণধরা বাঁশের মতই।' *সওগাত*, ১৯২৮। **২** *বিণ* জড়তাক্লিষ্ট। 'ঘুণধরা হাড় কড়কড় করে।' *ওয়ালী*, ১৯৪৮।

ঘুণ লাগা *ক্রি* পোকা লাগা। 'এ চারু প্রেমপ্রতিমায় ঘুণ লাগিয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৮।

ঘুণাক্ষর [স] *বি* সামান্যতম ইঙ্গিত। 'ঘুণাক্ষরেও যদি টের পাইয়া থাকেন।' *মশাররফ*, ১৮৮৫।

ঘুণে-ধরা ১ *বিণ* পোকায় ধরা; দুর্বল। 'তাহাদের লাঠি ঘুনে ধরা, বাহুতে বল নাই।' *বঙ্কিম*, ১৮৭২। **২** *বিণ* অন্তঃসারশূন্য। 'বলতে শুরু করেছে, যাকে মহৎ বলে মনে করি সে ঘুণে ধরা।' *রবীন্দ্র*, ১৯৩২। **৩** *বিণ* বিকারগ্রস্ত। 'ঘুণে-ধরা প্রাচীন সভ্যতাগুলোর হাত থেকে মুক্তি পাবার জন্যে।' *মাহেনও*, ১৯৪৯। **৪** *বিণ* জরাজীর্ণ। 'সেই সাবেক আমলের ঘুণে ধরা ইউনিয়ন বোর্ডের নাম পাল্টাইয়া ...।' *আজাদ*, ১৯৬৪।

ঘুণ্টি [স ঘণ্টা] *বি* ঘন্টা। 'উটের গলায় ঘুণ্টি শুধু বাজে।' *জীবন*, ১৯২৭।

ঘুণ্টিমালা [স ঘণ্টা-মালা] *বি* ঘন্টাযুক্ত গলার মালা। 'ছাড়া পেয়ে ছুটল হঠাৎ ঘুণ্টিমালা গলে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

ঘুণ্ডি [স ঘুণ্টিকা] *বি* বোতাম। *মানোএল*, ১৭৪৩।

ঘুৎকার [ধ্বন্যা ঘুৎ+স কার] **১** *বি* পেঁচার ডাক। 'ঘুৎকার করে উলূক অমনি।' *সত্যেন্দ্র*, ১৯১২। **২** *বি* ঘোঁৎ ঘোঁৎ ধ্বনি। 'ওঠে মৃত্যুআহত নিশাসে নিশাসে ঘুৎকার।' *নজরুল*, ১৯২২।

ঘুন [স ঘুণ] *বি* ঘুণ পোকা। 'পাঞ্জর বেধিআঁ বুকত লাগিল ঘুনে।' *বড়ু*, ১৪৫০।

ঘুনাক্ষর [স ঘুণ-অক্ষর] *বি* সামান্যতা। 'আমি ঘুনাক্ষরে এ সকল সম্বাদ জানি না।' *ওসাঁ*, ১৭৮২।

ঘুনঘান [ধ্বন্যা] *বি* নিচু স্বরে শব্দ। 'শুন সর বলি হবে ঢলাঢলি, যদি শুন ঘুনঘান।' *ভবানী*, ১৮২৫।

ঘুনঘুনে [ধ্বন্যা ঘুনঘুন>] *বিণ* ঘুনঘুন শব্দ করে এমন। 'ঘুনঘুনে মাছির চেয়েও ছোটো মিহিন জলের কণা ফিনফিন করছে।' *নজরুল*, ১৯২৭।

ঘুনসি *বি* কোমরে বাঁধা যে সুতা। 'কতগুলো চাবি ঘুনসিতে ঝোলান।' *বঙ্কিম*, ১৮৮৪।

AMARBOI.COM

ঘুনানো *ক্রি* কাছে আসা; ঘনানো। 'ক্রমে ক্রমে তাহার নিকটে ঘুনাইতে লাগিল।' *তারিণী*, ১৮০৩।

ঘুনি [স ঘন>] **১** *বি* কেশবন্ধনী-বিশেষ। 'লাসে পরে পাটের ঘুনি।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* বাঁশের শলার তৈরি ঝাঁচার মতো মাছ ধরার ফাঁদবিশেষ। 'বন্য বাঁশের ঘুনি পাতিয়া কুচো মাছ ধরিতেছে।' *বিভূতি*, ১৯৩৮।

ঘুনি-ঘুনি [ধ্বন্যা] *বিণ* গুঁড়ি গুঁড়ি। 'ঘুনি-ঘুনি বৃষ্টি পড়ছে।' *তারা*, ১৯৫৩।

ঘুপি [ঘুপ+রশি] *বি* কোমরে যে সুতা বাঁধা হয়; তাগা। 'কোমরেতে তিন পাক ঘুপি।' *রবীন্দ্র*, ১৯৪১।

ঘুপচি [স গুপ্তি] *বিণ* সংকীর্ণ। 'লন্ডনের কোন বাইলেনের কোন ঘুপচি আধো অন্ধকার কফিঘরে ...।' *আল্যউদ্দিন*, ১৯৬০।

ঘুপটি [স গুপ্তি] *বি* লুক্কায়িত ভাব। 'বাসিন্দারা সব পালিয়েছে না ঘুপটি মেরে দেয়ালের সঙ্গে মিশে গিয়েছে।' *মুজতবা*, ১৯৪৯। *দ্র* **ঘাপটি**

ঘুপটি মারা *ক্রি* অন্যের অগোচরে জড়সড় হয়ে ওত পেতে থাকা। 'বাসিন্দারা সব পালিয়েছে না ঘুপটি মেরে দেওয়ালের সঙ্গে মিশে গিয়েছে।' *মুজতবা*, ১৯৪৯।

ঘুপসি [স গুপ্তি] *বিণ* সংকীর্ণ। 'খোলার চালে ঘুপসি একখানা বিচ্ছিন্ন ঘর এই মণীন্দ্রর।' *অচিন্ত্য*, ১৯৫০।

ঘুম [স ঘূর্ণ>] *বি* নিদ্রা। 'আতিশয় রতিশ্রমে আকুলি হইলোঁ ঘুমে।' *বড়ু*, ১৪৫০।

ঘুম কাড়া *ক্রি* নিদ্রাহরণ করা। 'নয়নে ঘুম নিল কেড়ে/ উঠি বসি শয়ন ছেড়ে।' *রবীন্দ্র*, ১৯১০।

ঘুমকাতুরে [ঘুম+স কাতর>] *বিণ* ঘুমাতে ভালোবাসে এমন। 'ঘুমকাতুরে বলিয়া ... বকুনি সত্ত্বেও সে পড়িতে পারে না।' *বিভূতি*, ১৯৩১।

ঘুম-ঘুম *বিণ* তন্দ্রাচ্ছন্ন। 'মহাসিন্ধু উতলা ঘুম-ঘুম ঘুম চুমু দিয়ে করে নিখিল বিশ্বে নিঝঝুম।' *নজরুল*, ১৯২২।

ঘুম ঘুমিয়ে [ঘুম] *ক্রিবিণ* ঘুমাতে ঘুমাতে। 'ঘুম ঘুমিয়ে ঘুমের দেশে ঘুমলী স্বপন দেখছে খালি।' *জসীম*, ১৯৫১।

ঘুমঘোর [ঘুম+স ঘোর] *বি* ঘুমের ঘোর; ঘুমের জড়িমা। 'রহিবে মিশি দিবসনিশি আধো-আধো ঘুমঘোর।' *রবীন্দ্র*, ১৮৭৮।

ঘুমঘোরময় [ঘুম+স ঘোর+স ময়] *বিণ* ঘুমের ঘোরাচ্ছন্ন। 'ঘুমঘোরময় গান বিভাবরী গায়।' *রবীন্দ্র*, ১৮৭৮।

ঘুম ছুটানো *ক্রি* নিদ্রাচ্ছন্নতা দূর করা। 'নীল আকাশের ঘুম ছুটালে।' *রবীন্দ্র*, ১৯২৭।

ঘুম-জাগানো *বি* ঘুম থেকে জাগায় এমন। 'কখনো-বা প্রভাতের ঘুম-জাগানো গান।' *রবীন্দ্র*, ১৯১৬।

ঘুম-টুটানো [ঘুম+টুটানো] *বিণ* ঘুম দূরকারী। 'ঘুম-টুটানো আজান দিলে – 'আল্লাহো আকবর!' *নজরুল*, ১৯২৯।

ঘুম তরাসে *বিণ* ঘুমালে ভয় পায় এমন। 'আমি ঘুম তরাসে লোক।' *মণীশ*, ১৯৬৩।

ঘুমদার [ঘুম+ফা দার] *বি* ঘুমকাতুরে ব্যক্তি। 'সে বটে সুবিখ্যাত ঘুমদার।' *রবীন্দ্র*, ১৯৪১।

ঘুমপাড়ান গান *বি* শিশুকে ঘুমপাড়ানোর উদ্দেশে রচিত গীত। 'মনে করুন মায়ের সেই ঘুমপাড়ান গান।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

ঘুমপড়ানি, ঘুমপাড়ানি [ঘুম+পাড়া>] **১** *বিণ* ঘুমপাড়ানি; ঘুম পাড়ায় এমন। 'মায়াবিনী এই নিশি আসলো ঘুমপড়ানি মাসি।' *মশাররফ*, ১৮৬৯। **২** *বিণ* শিশুদের ঘুম পাড়ানোর জন্যে ব্যবহৃত। 'সব-সুদ্ধ এমন একটা করুণ ঘুম-পাড়ানি গান ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

ঘুমপাড়ানিয়া [ঘুম+পাড়া>] *বিণ* ঘুম পাড়ায় এমন। 'ঘুম লয়ে সাথে চড়েছে তাহাতে/ ঘুমপাড়ানিয়া মাসি।' *রবীন্দ্র*, ১৯০৩।

ঘুম পাড়ানো *ক্রি* ঘুমাতে সাহায্য করা। 'বর যে ঘুমুচ্ছে, কে ঘুম পাড়ালে লো?' *উমেশ*, ১৮৫৭।

ঘুম-পাড়ানো [ঘুম+পাড়া>] **১** *বিণ* ঘুম পাড়ায় এমন। 'কখনো-বা লোকালয়ের উপর রাত্রের ঘুম-পাড়ানো সুর।' *রবীন্দ্র*, ১৯১৬। **২** *বিণ* সুপ্ত। 'মস্ত ঘন ব্যথার বুকেও একটা বেশ আনন্দ ঘুম-পাড়ানো থাকে।' *নজরুল*, ১৯২২। **৩** *বিণ* ঘুমন্ত। 'তার ঘুমপাড়ানো চিতাকে সজাগ করে দিলি।' *নজরুল*, ১৯২৭। **৪** *বিণ* ঘুম আনতে সাহায্য করে এমন (কল্পিত নারী)। 'ঘুমপাড়ানো মাসিপিসি ভাড়া করা হইয়াছে।' *মানিক*, ১৯৪০।

ঘুমপুর [ঘুম+স পুর] *বি* ঘুমের রাজ্য। 'ঘুম পাড়িয়ে রাখছে নিতুই, সে ঘুমপুরে আসি।' *নজরুল*, ১৯২৯।

ঘুমপুরী [ঘুম+স পুরী] *বি* ঘুমানোর ঘর। 'ঘুমপুরীর সকল কটা আগল দিয়ে।' *মণীশ*, ১৯৩৯।

ঘুমভাঙা [ঘুম+ভাঙা>] *বিণ* ঘুম ভাঙিয়ে দেয় এমন। 'ঘুম-ভাঙা তার এলোচুলে কোন বাণী কয় একলা রাতে।' *রবীন্দ্র*, ১৯২৬।

ঘুমভাঙানিয়া [ঘুম+ভাঙা>] *বি* ঘুম ভাঙায় যে। 'তাই তো আমায় জাগিয়ে রাখো, ওগো ঘুম-ভাঙানিয়া।' *রবীন্দ্র*, ১৯২৩।

ঘুমভাঙানো [ঘুম+ভাঙা>] *বিণ* ঘুম ভাঙায় এমন। 'গাছের ফাঁকে তাকিয়ে থাকে ঘুমভাঙানো সঙ্গীবিহীন সন্ধ্যাতারা।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঘুমভোলা [ঘুম+ভোলা] *বিণ* ঘুমে বিভোর। 'দেহটি আলসে এলায়ে ঘুমাত সে ঘুম-ভোলা।' *জসীম*, ১৯৩১।

ঘুময়ে পড়ন [ঘুম+পড়া>] *বি* ঘুমিয়ে যাওয়া। *ওসা*, ১৭৮৫।

ঘুমলি, ঘুমলী [ঘুম>] **১** *বিণ* নিদ্রামগ্ন। 'ঘুমলী রাতের প্রহর।' *জসীম*, ১৯৩১। **২** *বিণ* তন্দ্রাজড়িত। 'রাঙা পায়ের ঘুমলি স্বপন দেখছে নয়ন বুঁজি।' *জসীম*, ১৯৩১; 'ঘুম ঘুমিয়ে ঘুমের দেশে ঘুমলী স্বপন দেখছে খালি।' *জসীম*, ১৯৫১।

ঘুম-সেতু [ঘুম+স সেতু] *বি* স্বপ্ন রূপ সেতু। 'তুই উগ্র ক্ষিপ্ত তেজ-মরীচিকা, নোস অমরার ঘুম-সেতু।' *নজরুল*, ১৯২২।

ঘুমহারা [ঘুম+স হারা] *বিণ* নির্ঘুম। 'ডাকছে থাকি থাকি ঘুমহারা কোন নাম-না-জানা পাখি।' *রবীন্দ্র*, ১৯২২।

ঘুমাইয়া-পড়া *বিণ* ঘুমিয়ে গেছে এমন। 'সে ঘুমাইয়া-পড়া শিশুটির মতো চুপ করিয়া থাকিত।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঘুমিয়ে-পড়া *বিণ* ঘুমিয়ে গেছে এমন। 'কোথায় দুটি নয়ন ঘুমে-ভরা, নেতিয়ে-পড়া ঘুমিয়ে-পড়া মেয়ে।' *রবীন্দ্র*, ১৯০৯।

ঘুমে-ভরা [ঘুম+ভরা] *বিণ* ঘুমন্ত; নিদ্রাচ্ছন্ন। 'কোথায় দুটি নয়ন ঘুমে-ভরা, নেতিয়ে-পড়া ঘুমিয়ে-পড়া মেয়ে।' *রবীন্দ্র*, ১৯০৯; 'বাঙালির সুষুপ্ত, ঘুমে-ভরা অলস-প্রাণ জাগিয়ে তোলো।' *নজরুল*, ১৯২২।

ঘুমের গাড়ি *বি* ঘুমরূপ গাড়ি। 'ঘুমের গাড়িতে চেপে স্বপ্ন-চাকায় শব্দ তুলে সে কোথায় চলেছে।' *ওয়ালী*, ১৯৪৫।

ঘুমের ঘোর *বি* নিদ্রার আবেশ। 'এত ঘুমের ঘোর কেন।' *উমেশ*,

AMARBOI.COM

১৮৫৭।

ঘুমের দুয়ার *বি* কাল্পনিক ঘুমের দেশে প্রবেশ করা দরজা। 'ঘুমের দুয়ার ঠেলে কে সেই খবর দিল মেলে।' *রবীন্দ্র*, ১৯১৩।

ঘুমের দেশ *বি* নীরব-নিস্তব্ধ জায়গা। 'ঘুমের দেশে ঘুমায় রাজবালা, তাহারি গলে পরায়ে দিনু মালা।' রবীন্দ্র, ১৮৯৩।

ঘুমের নূপুর *বি* ঝিঁঝি পোকার একঘেয়ে ডাক। 'ঝিঁঝিরা বাজায় ঘুমের নূপুর কত যেন বেসে ভালো।' *জসীম*, ১৯২৭।

ঘুমের পর্দা *বি* ঘুমের জগৎকে আলাদা করে রাখার কাল্পনিক পর্দা। 'সরিয়ে দিয়ে আমার ঘুমের পর্দাখানি।' *রবীন্দ্র*, ১৯১৪।

ঘুমের বুড়ি *বি* ঘুমরূপ কাল্পনিক বুড়ি। 'ঘুমের বুড়ি আসছে উড়ি নয়ন-দুলানী।' *রবীন্দ্র*, ১৯০৯।

ঘুমের সাগর *বি* ঘুমরূপ সাগর। 'বেড়াতেম সাঁতারিয়া ঘুমের সাগরময়।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ঘুমের স্রোত *বি* ঘুমের ঘোর। 'ঘুমের স্রোত সরে গেলে মনের চর শুষ্কতায় হাসে।' *ওয়ালী*, ১৯৪৫।

ঘুমোঘুমো [ঘুম>] *বিণ* তন্দ্রালু। 'ছড়ার নূপুর বাজিয়ে তোমায় করতে পারি ঘুমোঘুমো।' *জসীম*, ১৯৫১।

ঘুমোনো [ঘুম>] *ক্রি* ঘুমানো। *ওসা*, ১৭৮৫।

ঘুমোল [ঘুম>] *বিণ* ঘুমোচ্ছে এমন। 'সে-ঘুমোল চোখ দেখবার প্রয়োজন নেই।' *ওয়ালী*, ১৯৪৩।

ঘুমট [ফা গুম] *বি* আবরণ। *মানোএল*, ১৭৪৩।

ঘুমন্ত [স ঘূর্ণ>] **১** *বিণ* ঘুমিয়ে আছে এমন; নিদ্রিত। 'আর ঘুমন্ত যেন সেই গিন্নি।' *গিরিশ*, ১৮৮৯। **২** *বিণ* সুপ্ত। 'ঘুমন্তপ্রায় আকাঙ্ক্ষা যত/ পরানে উঠিবে জিয়ে।' *রবীন্দ্র*, ১৮৯০। **৩** *বিণ* অসচেতন। 'ইহা ঘুমন্ত মানুষের এক মাটিতে শুইয়া থাকিবার ঐক্য।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঘুমন্তপুরী [স ঘূর্ণপুরী] *বি* নিঃশব্দ নগরী। 'সমস্ত দেশটাই যেন একটা বিরাট ঘুমন্তপুরী।' *অন্নদা*, ১৯২৯।

ঘুমানো[১] [ঘুম>] *ক্রি* ঘুম পড়া। 'মৃদু মৃদু বিজইত ঘুমল হাম। ভনই বিদ্যাপতি রস অনুপাম।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ঘুমানো[২] [স ঘূর্ণা] *ক্রি* ঘুরানো। 'মারিল মোসেব পরে নেজা ঘুমাইয়া।' *গরীব*, ১৭৬৫।

ঘুমুর [স ঘর্ঘরা] *বি* নূপুর। 'ঢাকীরা ঢাকের চৌয়েতে চামর, পাখির পালক, ঘন্টা ও ঘুমুর বেঁধে পাড়ায় পাড়ায় বাজিয়ে ...।' *হুতোম*, ১৮৬১।

ঘুর [স ঘূর্ণ>] **১** *বি* ঘোর। 'তোমার পিছন পিছন নেচে নেচে ঘুর লেগেছে।' *রবীন্দ্র*, ১৯১০। **২** *বি* দূরত্ব। 'দূরে গিয়ে বাড়াই-যে ঘুর, সে-দূর শুধু আমারি দূর।' *রবীন্দ্র*, ১৯১৪। **৩** *বি* বেশি ঘুরে যেতে হয় এমন অবস্থা। 'গম্যস্থানে পৌঁছিতে ঘুর পড়ে বটে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঘুরখাওয়া [স ঘূর্ণ>+খাওয়া] **১** *বি* আবর্তন। 'চলেছে প্রোটন-ইলেকট্রনের ঘুরখাওয়া।' *রবীন্দ্র*, ১৯৩৭। **২** *বিণ* ঘুরছে এমন। 'কুমোরের ঘুরখাওয়া চাকার সংবেগে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

ঘুরঘুটি [স ঘোর+স ঘটা] *বিণ* ঘন। 'চারদিক আঁধার ঘুরঘুটি।' *তারা*, ১৯৪৬।

ঘুরঘুট্টি, ঘুরঘুট্টী *বিণ* নিশ্ছিদ্র; গাঢ়। 'অমাবস্যার রাত্তির – অন্ধকারে ঘুরঘুট্টী।' *হুতোম*, ১৮৬১; 'যেতে যেতে ঘুরঘুট্টি অন্ধকার হবে।' *মানিক*, ১৯৩৬।

ঘুর ঘুর [ধ্বন্যা] *বি* উদ্দেশ্যহীনভাবে ঘোরাফেরা। 'কেবল ঘরে ঘরে বারান্দায় বারান্দায় ঘুর ঘুর করে বেড়ানো যায়।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঘুর-ঘুর করা *ক্রি* ঘোরাঘুরি করা। 'হতভাগা কালেজে যাবার নাম করে রোজ বাগবাজারে এসে ঘুর-ঘুর করে।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘুর-চাকা [ঘুর+চাকা] *বি* ঘূর্ণনরত চাকা। 'তোর ঘুর-চাকাতে বল-দর্পীর তোপ কামানের টুটুক জোর।' *নজরুল*, ১৯২৪।

ঘুরতে থাকা **১** *ক্রি* মাথা ঘোরা; ঝিমুনির ভাব হওয়া। 'আমার এমন মাথা ঘুরতে থাকে যে আমার দেখাশোনা সব ঘুরে যায়।' *রবীন্দ্র*, ১৮৭৯। **২** *ক্রি* আবর্তিত হওয়া। 'কুমোরের চাকা যখন ঘুরতে থাকে, তখনই কুমোর যাহা পারে গড়িয়া লয়।' *রবীন্দ্র*, ১৯০৬। **৩** *ক্রি* বাস করা। 'কর্ম উপলক্ষ্যে ঘুরতে হয় নানা প্রদেশে।' *রবীন্দ্র*, ১৯৩৪।

ঘুরপথ *বি* ঘোরানো পথ। 'ঘুরপথ ছেড়ে কোনাকুনি রাস্তায় নেমে আসে।' *সেলিনা*, ১৯৭৫।

ঘুরপাক [স ঘূর্ণ>+পাক] *বি* চক্রাকারে ঘোরা। 'নড়েচড়ে বেড়ানো বাইনাচের মতো নয়, অনবরত ঘুরপাক।' *রবীন্দ্র*, ১৮৮০।

ঘুরপাক খাওয়া *ক্রি* আবর্তিত হওয়া। 'মানুষগুলো পরস্পরকে জড়াজড়ি করে ধরে পাগলের মতো তীব্র আমোদে ঘুরপাক খাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

ঘুরপাক-খাওয়া [স ঘূর্ণন>+পাক+খাওয়া] *বিণ* আবর্তমান। 'প্রকাণ্ড একটা চ্যাপটা ঘুরপাক-খাওয়া জগৎ।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঘুরপাক খাওয়ানো *ক্রি* অযথা হয়রানি করা। 'অপরপক্ষকে আদালতে কিছুদিন ঘুরপাক খাওয়াইয়া মজা দেখিয়া নিবে।' *আজাদ*, ১৯৬৯।

ঘুরপাক দেওয়া *ক্রি* ঘোরানো। 'বাহকেরা তাড়া খায়, ঘুরপাক দেয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঘুরন [স ঘূর্ণন] *ক্রি* পাক দেওয়া। 'বিচিত্র কাচুলি পৈরে সর্ব্বাঙ্গে ঘুরন।' *মালাধর*, ১৫০০।

ঘুরনচাকি [স ঘূর্ণনচক্র] *বি* ঘূর্ণিচক্র। 'ঠিক সেই সময়েই উঠিল একটি ঘুরনচাকি।' *তারা*, ১৯৪০।

ঘুরনি [স ঘূর্ণি] *বি* ধুতি। 'পরিধান দিব্য জোড়া উড়নি ঘুরনি পরিপাটী।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ঘুরন্ত [স ঘূর্ণন>] *বিণ* আবর্তমান। 'তারি 'পরে রূপ নিয়ে চ'লে যায়/ উদাসীন ঘুরন্ত প্রকৃতি।' *অমিয়*, ১৯৩৮।

ঘুরলা [স ঘূর্ণ>] *বি* ঘূর্ণি। *মানোএল*, ১৭৪৩।

ঘুরা, ঘুরানো [স ঘূর্ণা] **১** *ক্রি* ঘূর্ণিত হওয়া। 'কুম্ভকার চক্র যেন ঘুরে দুই অক্ষ।' *কাশীরাম*, ১৬৫০। **২** *ক্রি* ঘূর্ণন করানো। 'নয়ন ঘুরায় বড়ি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ঘুরি ঘুরি *ক্রিবিণ* ঘুরে ঘুরে। 'তালে তালে নাচে ঘুরি ঘুরি।' *মুরারি*, ১৫৭০।

ঘুরা ফিরা *ক্রি* পরিভ্রমণ করা। 'শ্রাবণগগন ঘিরে ঘন মেঘ ঘুরে ফিরে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঘুরিয়ে-ফিরিয়ে *ক্রিবিণ* নানাভাবে; একবার একভাবে তারপর অন্যভাবে। 'ফলিয়ে বলা ঘুরিয়ে-ফিরিয়ে কমিয়ে-বাড়িয়ে বলার অবসর নেই।' *অবন*, ১৯২৫।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঘুরে ঘুরে বেড়ানো *ক্রি* আবর্তিত হওয়া। 'ঘুরে ঘুরে বেড়ায় কূলে কূলে।' *রবীন্দ্র*, ১৯১৬।

ঘুরে ঘুরে মরা *ক্রি* দিশাহারার মতো ঘুরে ঘুরে ক্লান্ত হওয়া। 'ঘুরে ঘুরে মরি আঁধার গহনে।' *নজরুল*, ১৯৩১।

ঘুরে ঘুরে যাওয়া *ক্রি* বার বার ঘুরে যাওয়া। 'ইশারা তোমার বাতাসে বাতাসে ভেবে ঘুরে ঘুরে যেত।' *রবীন্দ্র*, ১৯২৫।

ঘুরে ফিরে *ক্রিবিণ* বার বার। 'ঘুরে ফিরে এই কথাই লিখতে হবে।' *রবীন্দ্র*, ১৮৯১।

ঘুরে মরা *ক্রি* ঘুরে ঘুরে ক্লান্ত হওয়া। 'নানা ঠাঁই ঘুরে মরে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঘুর‍্যা ঘুর‍্যা *ক্রি* ঘুরে ঘুরে। 'ঘুর‍্যা ঘুর‍্যা বুলি শুধু পলাসনের বিলে।' *রূপরাম*, ১৭৫০।

ঘুরাফেরা *বি* আনাগোনা। 'দুদশ মিনিট ঘুরাফেরা করিলেই স্পষ্ট বোঝা যায়।' *মনসুর*, ১৯৫৫।

ঘুরানি [স ঘূর্ণ] *বি* পাক। 'ওর নাকটা ধরে একটা ঘুরানি দিল।' *আলাউদ্দিন*, ১৯৭৫।

ঘুরানো *দ্র* ঘুরা

ঘুরুণিয়া [স ঘূর্ণ>] *বিণ* ঘূর্ণি। 'ঘুরুণিয়া ঝড়ে ডিঙ্গা ঘন বয় পাক।' *মুকুন্দ*, ১৬০০।

ঘুরুনি [স ঘূর্ণ>] *বি* পাক দেওয়ার কাজ। 'পাশা ফেলল নিপুণ হাতের ঘুরুনিতে।' *রবীন্দ্র*, ১৯৪০।

ঘুরুলি [স ঘূর্ণ>] *বি* ঘূর্ণিপাক। 'আঙুল দিয়ে টেনে-টেনে চুলের ঘুরুলি তৈরি করছে।' *অচিন্ত্য*, ১৯৫০।

ঘুর্ণি [স ঘূর্ণি>] ১ *বিণ* আবর্তিত। 'বার মাসে তের বার ঘুর্ণি মেঘে জল।' *রূপরাম*, ১৭৫০। ২ *বি* মাথা ঘোরানো; ঝিমানি। *ওসাঁ*, ১৭৮৫। *দ্র* ঘূর্ণি

ঘুর্ণিত [স ঘূর্ণিত] *বিণ* আবর্তিত। 'ধুনার আগুনে হল্য ঘুর্ণিত অচলা।' *রূপরাম*, ১৭৫০।

ঘুর্ণিয়া [স ঘূর্ণি>] *বি* ঘূর্ণাবর্ত। *ওসাঁ*, ১৭৮৫।

ঘুর্নিল [স ঘূর্ণি>] *বিণ* ঘূর্ণায়মান। 'ঘুর্নিল ফিল্মের রীল দ্রুত ভরে ওঠে।' *শামসুর*, ১৯৭০।

ঘুর্ণা [স ঘূর্ণা] *বি* ঘূর্ণি। 'পানির ঘুর্ণা।' *মানোএল*, ১৭৪৩।

ঘুর্লি [স ঘূর্ণা] *বি* ঘূর্ণি। *ওসাঁ*, ১৭৮৫।

ঘুল [স ঘূর্ণ>] *বি* মাখন তুলে নেওয়া পানি মিশ্রিত দই; ঘোল। 'দধি দুগ্ধ ঘৃত ঘুল সাজাইল পসার।' *মালাধর*, ১৫০০।

ঘুলঘুলি *বি* ছোটো জানালা। *বিদ্যা*, ১৮৯১; 'এই বেলা গিয়ে ঘুলঘুলিতে আড়াসি পেতে বসে থাকি।' *অবন*, ১৯২৫।

ঘুলা [স ঘূর্ণ>] *বি* স্রোতের ঘূর্ণি। 'লালন গেল ঘুলায় পড়ে।' *লালন*, ১৮৯০।

ঘুলানো [স ঘূর্ণ>] ১ *ক্রি* আলোড়ন করে কাদাময় করা; ঘোলা করা। 'যে জল আমি পান করিতেছি তাহা ঘুলাইতে কেমন করিয়া সাহস করিয়াছিস?' *তারিণী*, ১৮০৩। ২ *ক্রি* ওলিয়ে ফেলা। 'আমরা কেবল ধড়ফড় ক'রে যে জায়গাটাতে থাকি তার চতুর্দিক ঘুলিয়ে তুলি।' *রবীন্দ্র*, ১৮৯২। ৩ *ক্রি* এলোমেলো করা; ছড়িয়ে দেওয়া। 'ঘুলিয়ে দিয়ে নিত্যানিত্যে দু ধারে সব উদারচিত্তে।' *রবীন্দ্র*, ১৯০০।

ঘুলিয়ে ওঠা *ক্রি* ঘোলা হওয়া। 'নদী ফুলিয়ে ঘুলিয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঘুলিয়ে যাওয়া *ক্রি* তালগোল পাকিয়ে ফেলা। 'মাথা একেবারে ঘুলিয়ে যায়।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘুলি ঘুলি *বিণ* ঝাপসা। 'মায়ের দুঃখভরা মনটার মত ঘুলি ঘুলি অন্ধকার।' *বিভূতি*, ১৯৩১।

ঘুলি-পথ [ই গলি+স পথ] *বি* গলিপথ। 'সদর ছাড়িয়া সড়কের ঘুলি-পথে আসিয়া দাঁড়াইয়াছিল।' *শওকত*, ১৯৫৮।

ঘুষ[১] [স] *বি* উৎকোচ; কোনো কাজ করানোর জন্যে বাড়তি অর্থ প্রদান। 'মপশ্বলে কোন মকদ্দমার ঘুষ খাইয়া কারসাজি করিব না।' *ওসাঁ*, ১৭৮২।

ঘুষখোর [স ঘুষ+ফা খোর] *বি* উৎকোচ গ্রহণকারী। 'বেকনের ঘুষখোর অপবাদ।' *বঙ্কিম*, ১৮৭৪।

ঘুষখোরী [স ঘুষ+ফা খোর>] *বি* ঘুষ বা উৎকোচ নেওয়ার কাজ। 'ঘুষখোরী, সরকারী মাল চুরি ...।' *সওগাত*, ১৯৪৫।

ঘুষ[২] [স ঘৃষ্] *বি* ঘুষি। 'ভাই আজ শয়তান ভাই – এ মারে ঘুষ কিল।' *নজরুল*, ১৯২২।

ঘুষঘুষি *বি* ঘুষির মাধ্যমে মারামারি। 'তারা হাসাহাসি ঘুষঘুষি ও কিলাকিলি করিয়া ... আনন্দের আগুন নিভাইতে লাগে।' *মনসুর*, ১৯৫৩।

ঘুষ ঘুষ [স ঘুষ্>] *বি* চাপা আলোচনা। 'বিয়ে বাড়িআলারা অনেক সময়ই প্রায় ঘুষ ঘুষ করে।' *জীবন*, ১৯৩১।

ঘুষড়া [স ঘৃষ্>] *ক্রি* ঘুষি দিয়ে মারা। 'তাহাকে পোঁদে ছেঁচড়ি দিয়া ঘুষড়িয়া লইয়া কান মুচড়িয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

ঘুষা, ঘুসা [স ঘৃষ্>] *ক্রি* ঘোষণা করা। 'পুনমীর চান্দ তোহ্মার বদন ঘুসিএ জগত জনে ল।' *বড়ু*, ১৪৫০। **ঘুষি** *ক্রি* ঘোষণা করি। 'মোর কুল সভে ঘুষি।' *মুকুন্দ*, ১৬০০। **ঘুষিব** *ক্রি* ঘোষণা করবো। 'জুদ্ধে পলাইলে অবজ্ঞস ঘুসিব সংসার।' *মালাধর*, ১৫০০। **ঘুষিবেন্ত** *ক্রি* ঘোষণা করবে। 'স্ত্রীয়া কুলে অপযশ ঘুষিবেন্ত শুনি।' *আলাওল*, ১৬৮০। **ঘুষিয়া** *ক্রি* ঘোষণা ক'রে। 'কুতর্ক ঘুষিয়া সব অধ্যাপক মরে।' *বৃন্দা*, ১৫৮০। **ঘুষিল** *ক্রি* ঘোষণা করলো। 'কলঙ্ক ঘুষিল লোক।' *দীচণ্ডী*, ১৬০০। **ঘুসঘুসানি** *বি* মিনমিনে ভাব। 'সাধুর হাটে ঘুসঘুসানি কী বলিতে কী বলা।' *লালন*, ১৮৯০। **ঘুসি** *ক্রি* ঘোষণা করে। 'পুনমীর চান্দ তোহ্মার বদন ঘুসিএ জগত জনে ল।' *বড়ু*, ১৪৫০। **ঘুসিব ১** *ক্রি* ঘোষণা করবে। 'আর অনেক নাম ঘুসিব সংসার।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রি* ঘোষণা করবো। 'ঘুসিব তোমার যশ সকল ভুবন।' *মুকুন্দ*, ১৬০০। **ঘোসিবে** *ক্রি* ঘোষণা করবে। 'না হইবে পতন জগৎ ঘোসিবে যশ।' *চণ্ডী*, ১৫৫০।

ঘুষাঘুষি [স ঘৃষ্>] *বি* মুষ্টি প্রহার। 'ঘুষাঘুষির উদ্যোগ দেখিয়া অলঙ্কারগুলি সকল দারোগা মহাশয়ের পাদপদ্মে ঢালিয়া দিলাম।' *বঙ্কিম*, ১৮৭৪।

ঘুষি [স ঘৃষ্>] *বি* মুষ্টিপ্রহার। 'এক ঘুষিতে ভূতলশায়ী করিয়া ...।' *বঙ্কিম*, ১৮৭৯।

ঘুষিঘাষা *বি* মুষ্টি দ্বারা আঘাত। 'ইংরাজের ঘুষিঘাষা খাইয়া নাকিসুরে নালিশ করা ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঘুষো [স ঘৃষ্>] *বি* ঘুষি। 'সে যেন রাগী আকাশটার কিল চড় লাথি ঘুষোর আকারে আসতে থাকে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

AMARBOI.COM

ঘুস [স ঘুষ] *বি* উৎকোচ; কোনো কাজ করানোর জন্যে বাড়তি অর্থ প্রদান। 'আমলা বলপূর্বক টাকা ঘুস লইতেছেন।' *দর্পণ*, ১৮৩৭।

ঘুসখোর [স ঘুষ+স খোর] *বি* উৎকোচ গ্রহণকারী। *বিদ্যা*, ১৮৯১।

ঘুসঘাস [স ঘুষ>] *বি* কার্যসিদ্ধির জন্য অবৈধভাবে দেওয়া টাকা, দ্রব্য প্রভৃতি। 'সকলে করিনু রাজী দিয়ে ঘুসঘাস।' *ভবানী*, ১৮২৫।

ঘুসকি [স ঘুষ্>] *বি* গুপ্ত বেশ্যা। 'খানকি, ঘুসকি ও গেরস্ত মেয়েদের ম্যালা লেগে গ্যালো।' *হুতোম*, ১৮৬১।

ঘুসকো [স ঘুষ্>] *বিণ* ঘুসঘুসে; ভিতরে ভিতরে চলছে এমন। 'চুলগুলো সব বারুই দড়ি – ঘুসকো জ্বরের কাবুয় পড়ি।' *নজরুল*, ১৯২৬।

ঘুসঘুসানি [স ঘুষ্>] **১** *বি* গোপন কথা। 'সাধুর হাটে ঘুসঘুসানি কী বলিতে কী বলা।' *লালন*, ১৮৯০। **২** *বিণ* সামান্য; হালকা। 'হৈছিল একটু ঘুসঘুসানি জ্বর।' *মনসুর*, ১৯৫৩।

ঘুসঘুসাআঁ *ক্রিবিণ* ধিকিধিকি; ভিতরে ভিতরে। 'এবেঁ ঘুসঘুসাআঁ পোড়ে তোর মন।' *বড়ু*, ১৪৫০।

ঘুসঘুসে *বিণ* গোপন; চাপা। 'ঘুসঘুসে জ্বর।' *রবীন্দ্র*, ১৯১৬।

ঘুসা[১] [স ঘুষ্>] *ক্রি* ঘোষণা করা। 'মিছাই কাহ্নঞি ঘুসসি দানে।' *বড়ু*, ১৪৫০।

ঘুসা[২], **ঘুসানো** [স ঘুষ্>] *বি* মুষ্টি প্রহার। 'ঘুসা কিম্বা পিস্তল ইত্যাদি মারিয়া থাকেন।' *দর্পণ*, ১৮২১; 'ঘুসানো।' *বিদ্যা*, ১৮৯১।

ঘুসাঘাত [স ঘুষ্>] *বি* মুষ্টির আঘাত। 'চপেটাঘাত, কীলাঘাত এবং ঘুসাঘাত।' *বঙ্কিম*, ১৮৮৪।

ঘুসাঘুসি [স ঘুষ্>] *বি* পরস্পর ঘুষি দিয়ে মারামারি। *বিদ্যা*, ১৮৯১।

ঘুসি, ঘুসী [স ঘুষ্>] *বি* মুষ্টি প্রহার। 'যদি কেহ কিছু বলে ধ'রে দেগা ঘুসি।' *গুপ্ত*, ১৮৫৮; 'যদি অনাথ বামুন হাত পেতে চায়, ঘুসী ধ'রে ওঠেন তবে।' *গুপ্ত*, ১৮৫৮।

ঘুসিত [স ঘুষ্>] *বিণ* ঘোষিত। 'কোথা বীর পাইলা ধন ঘুসিত পিকল জন পরিবাদ ছিল লোক মাঝে।' *মুকুন্দ*, ১৬০০।

ঘুসিতড়া *বি* নদীবিশেষ। 'ঘুসিতড়া নদীতে এক শত হাত লম্বা এক সেতু।' *দর্পণ*, ১৮২৫।

ঘুসো [মারাঠি ঘুস] *বি* কুচা চিংড়িবিশেষ। 'দীনের তারণকারী চিঙড়ির ঘুসো।' *গুপ্ত*, ১৮৫৮।

ঘুণ্ড [পা ঘুণ্টা] *বি* পর্যটক। 'থাকিব তই ঘুণ্ড কইসেঁ।' *চর্যা* ৩৯, ১২০০।

ঘুমা [স *ঘূর্ম>] *ক্রি* ঘুমানো। 'ঘুমই ণ চেবই সপরবিভাগা।' *চর্যা* ৩৬, ১২০০।

ঘূর্ণ [স] *বিণ* আচ্ছন্ন। 'অতিঘুমে ঘূর্ণ হই শয়নে সুতিল।' *সুলতান*, ১৭০০।

ঘূর্ণচক্র [স] *বিণ* চাকার মতো ঘুরছে এমন। 'ঘূর্ণচক্র জনতাসংঘ বন্ধনহীন মহা-আসঙ্গ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঘূর্ণন [স] *বি* ক্রমাগত আবর্তন। 'ঘূর্ণন, বিঘূর্ণন, সংঘূর্ণন।' *বঙ্কিম*, ১৮৭৫।

ঘূর্ণনৃত্য [স] *বি* ঘুরে ঘুরে নাচ। 'সকলে মিলে জুড়ি জুড়ি ঘূর্ণনৃত্য আরম্ভ হল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঘূর্ণবায়ু [স ঘূর্ণিবায়ু] *বি* ঘূর্ণিবাতাস। 'সংসারপথে শত সংকট ঘুরিছে ঘূর্ণবায়ে।' *রবীন্দ্র*, ১৯০১।

ঘূর্ণমান [স] *বিণ* ঘুরছে এমন; ঘূর্ণনরত। 'আমিও সেই ঘূর্ণমান বিচ্ছিন্ন অংশগুলির অনুসরণ করিয়া ... ঘুরিয়া বেড়াইতাম।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঘূর্ণা [স ঘূর্ণি] **১** *বিণ* ঘূর্ণায়মান। 'একটা ঘূর্ণা বাতাস খানিকটা ধুলা এবং শুকনা পাতার ওড়না উড়াইয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৭। **২** *বি* জলের আবর্ত। 'ঘূর্ণা এক জায়গাতেই দাঁড়াইয়া উন্মত্তের মতো ঘুরিতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭। **৩** *বি* ঘূর্ণিবায়ু। 'ঘূর্ণা-হাতহানি দিয়া চলে ঘূর্ণি-পরি।' *নজরুল*, ১৯২৫।

ঘূর্ণাগতি [স ঘূর্ণি+স গতি] *বি* ক্রমাগত ঘোরার গতি। 'ঘূর্ণাগতির মধ্যে কেহ কখনো নিজেকে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঘূর্ণাপাক [স ঘূর্ণি+স পরিক্রম] *বি* ঘূর্ণিচক্র। 'চলার অঞ্চলে তোরে ঘূর্ণাপাকে বক্ষেতে আবরি।' *রবীন্দ্র*, ১৯১৬।

ঘূর্ণাবর্ত, ঘূর্ণাবর্ত্ত [স] **১** *বি* ঘূর্ণি; প্রচণ্ড পাক। 'উর্মি-সংঘাত, ঘূর্ণাবর্তও তুমুল গর্জে।' *নজরুল*, ১৯৩৯। **২** *বি* ঘূর্ণায়মান অবস্থা। 'দেশ ও জাতিকে রাজনীতির ঘূর্ণাবর্ত্ত হইতে মুক্তি লাভ করিয়া সম্মুখে আগাইয়া যাইতে হইবে।' *আজাদ*, ১৯৭১।

ঘূর্ণাবর্তসংকুল [স] *বিণ* ঘূর্ণায়মান। 'ঘূর্ণাবর্তসংকুল ফেনায়িত বেগে বয়ে চলেছিল।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ঘূর্ণাবাতাস [স] *বি* ঘূর্ণিঝড়। 'প্রবল ঘূর্ণাবাতাস আমার সেই কোর্তা এবং টুপি ঘুরাইতে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঘূর্ণায়মান [স] *বিণ* ঘুরছে এমন। 'সাগর বা মহাসাগরের জল যে স্থানে অত্যন্ত ঘূর্ণায়মান হয় সেই স্থানকে আবর্ত্ত কহা যায়।' *অক্ষয়*, ১৮৪১।

ঘূর্ণায়িত [স] *বিণ* পাক খাচ্ছে এমন। 'সাইকেলের চাকার ঘূর্ণায়িত তরঙ্গে ক্রমে ক্রমে উদ্বেলিত হতে লাগলো।' *বিমল*, ১৯৫৩।

ঘূর্ণি [স] **১** *বিণ* বাতাসের আবর্তনমূলক। 'হঠাৎ এক-এক জায়গায় একটা আজগবি ঘূর্ণি বাতাস দাঁড়িয়ে উঠে ...।' *রবীন্দ্র*, ১৮৯৪। **২** *বি* আবর্তন। 'বাংলাময় ঘূর্ণির মতো ... আগুন ছড়াইয়াছিলেন।' *আজাদ*, ১৯৪২।

ঘূর্ণি-আঘাত [স] *বি* চতুর্দিক থেকে আসা প্রচণ্ড আঘাত। 'য়ুরোপের চিত্তাকাশে যে হাওয়ার মেজাজ বদল হয় আমাদের দেশের হাওয়ায় তারই ঘূর্ণি-আঘাত লাগে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ঘূর্ণিঘোর [স] *বি* ঘূর্ণনজনিত ঘোর। 'ব্যক্তির আবর্তে ঘূর্ণিঘোর, কার শির ছেড়ে সুদর্শন।' *শঙ্খ*, ১৯৬৬।

ঘূর্ণিচাকা [স ঘূর্ণি+স চক্র] *বি* ঘুরছে এমন চাকা। 'তাহলে ঘূর্ণিচাকার নিয়মে বেগটা বাইরের দিকে বেশি হত।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঘূর্ণিঝড় [স] *বি* বাতাসের আবর্তে সৃষ্ট প্রচণ্ড গতির ঝড়ের মতো। 'তারা বন্ধন ছিঁড়ে গর্জন করতে করতে ছুটল চার দিকে যেন ঘূর্ণি-ঝড়ের মেঘ।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঘূর্ণিত [স] **১** *বিণ* আবর্তিত। 'সখিগণ প্রতি বলে ঘূর্ণিত লোচনে।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বি* চোখের তারা ঘোরাচ্ছে এমন। 'ঘূর্ণিত লোচনে চায় বলে বীরসিংহ রায় ...।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ঘূর্ণিদুর্গত [স] *বি* ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত। 'ঘূর্ণিদুর্গতের সাহায্যের উদ্দেশ্যে ইতিমধ্যে ... রিলিফ কমিটি গঠন করা হয়।' *বেগম*, ১৯৬৯।

ঘূর্ণি-ধুলা *বি* বাতাসে প্রবল বেগে ঘুরতে-থাকা ধুলা। 'মনে হল, বিশ্ব আমার চতুর্দিকে ঘোরে ঘূর্ণি-ধুলার মতো।' *রবীন্দ্র*, ১৯১৮।

ঘূর্ণিনাচ [স] *বি* ঘুরে ঘুরে যে নাচ। 'নাচের সভায় জুড়ি মিলিয়ে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঘূর্ণিনাচ নাচতে সামান্য একটু সংকোচ বোধ করে।' *রবীন্দ্র*, ১৯২৮।

ঘূর্ণিনাচন [স] *বি* ঘূর্ণিময় নাচ। 'কোন নটিনীর ঘূর্ণিনাচন লাগে আমার গায়ে।' *রবীন্দ্র*, ১৯৩৪।

ঘূর্ণিনৃত্য [স] *বি* ঘুরে ঘুরে যে নাচ। 'এই সকল ক্ষণস্থায়ী উত্তেজনার ঘূর্ণিনৃত্যের মধ্যে পাক খাইয়া ফিরিতে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঘূর্ণিনেশা [স] *বি* আবর্তনের নেশা। 'এই কর্ম-নাগরদোলার ঘূর্ণিনেশা যখন এক-একটা জাতিকে পাইয়া বসে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঘূর্ণিপথ [স] *বি* ঘূর্ণায়মান পথ। 'ক্রমাগত সময়তাড়িত তারা, ঘোরে ঘূর্ণিপথে।' *শামসুর*, ১৯৬৬।

ঘূর্ণি-পরি [স ঘূর্ণি+ফা পরি] *বি* ঘূর্ণায়মান বায়ুরূপ পরি। 'ঘূর্ণি-হাওয়ানি দিয়া চলে ঘূর্ণি-পরি।' *নজরুল*, ১৯২৫।

ঘূর্ণিপাক [স ঘূর্ণি+পাক] **১** *বি* প্রচণ্ড পাকে ঘোরানোর অবস্থা। 'শুষ্কবাক্যবালুকার ঘূর্ণিপাক-ঝড়ে পথিক ধুলায় শুয়ে পড়ে।' *রবীন্দ্র*, ১৯২৯। **২** *বি* বায়ু বা পানির প্রচণ্ড আবর্ত। 'মোরে কেন মায়ার ঘূর্ণিপাকে ফেললি এমন করে।' *নজরুল*, ১৯৩৫। **৩** *বি* দুর্বিপাক। 'তারা চারজন তেমনই ঘূর্ণিপাকে পড়েছিল।' *শওকত*, ১৯৭২।

ঘূর্ণিফল *বি* ফলবিশেষ। 'বসন্ত বিজ্ঞপ্তি আঁটে ঘূর্ণিফল গাছে।' *সুভাষ*, ১৯৪০।

ঘূর্ণিফুল [স ঘূর্ণি+ফুল] *বি* বাতাসে ঘোরে এমন নকশাদার ফুল। 'কাগজের ঘূর্ণিফুল।' *তারা*, ১৯৪২।

ঘূর্ণিবাত্যা [স] *বি* ঘূর্ণিঝড়। 'ঘূর্ণিবাত্যায় বিধ্বস্ত ফরিদপুর।' *বেগম*, ১৯৫১।

ঘূর্ণিবায় [স ঘূর্ণিবায়ু] *বি* ঘূর্ণিঝড়। 'নিকটের তাপতপ্ত ঘূর্ণিবায়ে ক্ষুব্ধ কোলাহল।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঘূর্ণি-বায়ু [স] *বি* ঘূর্ণি-বাতাস। 'ঐ বালুকা ঘূর্ণি-বায়ু দ্বারা গগনোপকণ্ঠ-মণ্ডলে উৎক্ষিপ্ত হইয়া ...।' *অক্ষয়*, ১৮৪৫।

ঘূর্ণিবালা [স] *বি* ক্রমাগত ধাঁধায় ফেলে যে নারী। 'ঘূর্ণিবালা হাসির হররা হানি বলে ...।' *নজরুল*, ১৯২৪।

ঘূর্ণিবেগ [স] *বি* বায়ু বা জলের প্রচণ্ড আবর্ত। 'সেই সনাতন মন্থনের ঘূর্ণিবেগ যে এখনো সমুদ্রের মধ্যে রয়ে গেছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঘূর্ণি-মাতন [স] *বি* পাকের মত্ততা। 'অসহ্য স্রোতের ঘূর্ণি-মাতন।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ঘূর্ণিস্রোত [স] *বি* প্রচণ্ড বেগে ঘুরপাক খেতে থাকা স্রোত। 'যুগান্তের ঘূর্ণিস্রোত ঘিরেছে তোমাকে নিরঙ্কুশ।' *ফররুখ*, ১৯৬৩।

ঘূর্ণী [স ঘূর্ণি] *বি* বায়ু বা জলের প্রচণ্ড পাক। 'কোথাও বিষম ঘূর্ণী।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

ঘূর্ণ্নবায়ু [স ঘূর্ণ>] *বি* ঘূর্ণিঝড়। 'ধূলায় তিমিরচয়, ঘূর্ণ্নবায়ু অতিশয়।' *ভবানী*, ১৮২৫।

ঘূর্ণ্যতাণ্ডবী [স] *বিণ* ঘুরে ঘুরে নাচে এমন। 'ও কি ঘূর্ণ্যতাণ্ডবী উন্মাদ সাধকের রুদ্রমন্ত্র-উচ্চারণ।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঘূর্ণ্যমান [স] *বিণ* ঘূর্ণনরত। 'অমনি সেই ঘূর্ণ্যমান জ্বলন্ত পদার্থ হইতে এক খণ্ড বাহির হইয়া ...।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ঘূষা [স ঘূষ্>] *বি* ঘুষি। 'সারজনও মধ্যে মধ্যে দুই এক কিল ও ঘূষা মারিতে লাগিল।' *প্যারী*, ১৮৫৮।

ঘৃণা[১] [স] **১** *বি* ধিক্কার। 'হেন বংশে ঘৃণা ছাড়ি কৈলে অঙ্গীকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* অরুচিকর কোনো বিষয়ের প্রতি অনুভূতি। 'ঘৃণা নাহি জন্মে তায় মহাসুখ পায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বি* অবজ্ঞা। 'অন্যে ছুইতে করে ঘৃণা।' *বিজয়*, ১৬৫০। **৪** *বি* বিতৃষ্ণা। 'অধর্মের প্রতি অশ্রদ্ধা ও ঘৃণা জন্মে।' *অক্ষয়*, ১৮৪৯। **৫** *বি* তুচ্ছতা। 'দোষী বালক যৎপরোনাস্তি ঘৃণা ও লজ্জা পাইয়া নিবৃত্ত হইতে পারে।' *অক্ষয়*, ১৮৫০। **৬** *বি* অপছন্দ। 'আমি রাম এবং তাঁহার দলবলগুলোকে ঘৃণা করি।' *রবীন্দ্র*, ১৮৭৭। **৭** *বি* তাচ্ছিল্য। 'কেন আমাদের স্বজাতিকে ঘৃণা করি।' *রবীন্দ্র*, ১৮৮৪। **৮** *বি* অনাগ্রহ। 'শুন বৎস, পিতৃ-রাজ্যে যদি তব ঘৃণা।' *গিরিশ*, ১৮৮৭। **৯** *বি* অনাদর। 'তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।' *রবীন্দ্র*, ১৯০১।

ঘৃণাকর [স] *বিণ* ঘৃণার যোগ্য। 'কৌলীন্যাচার-জনিত যত ঘৃণাকর ও ভয়ঙ্কর পাপ উৎপন্ন হয়।' *অক্ষয়*, ১৮৪২।

ঘৃণাদ্বেষ [স] *বি* অশ্রদ্ধা এবং প্রতিহিংসা। 'ধরণী হইতে যাক ঘৃণাদ্বেষ।' *রবীন্দ্র*, ১৮৯০।

ঘৃণাপূর্ণ *বিণ* ঘৃণার ভাবে পূর্ণ। 'অনেকেই বুঝিয়াছে যে, এই বিদ্রূপ ও ঘৃণাপূর্ণ কবিতার লক্ষ্য ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঘৃণাবশত [স] *ক্রিবিণ* ঘৃণার বশবর্তী হ'য়ে। 'তীব্র ঘৃণাবশত তাদের বাড়ি লুঠ করতে লাগল।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

ঘৃণাবহ [স] *বিণ* ঘৃণার উপযুক্ত। 'বিজ্ঞানবিহীন পশুচক্ষেও যাহা ঘৃণাবহ বিবেচিত হয়।' *সংগ্রহ*, ১৮৬১।

ঘৃণাবুদ্ধি [স] *বি* অশ্রদ্ধা-জ্ঞান। 'ঘৃণাবুদ্ধি করি যদি নিজ ধর্ম্ম যায়।' *কৃত্তিবাস*, ১৫৮০।

ঘৃণাবোধ [স] **১** *বি* ঘৃণার উদ্রেক বা চেতনা। 'যে আঘ্রাণে অসুখ ও ঘৃণাবোধ হয়, তাহাকে দুর্গন্ধ বলে।' *বিদ্যা*, ১৮৫১। **২** *বি* বিতৃষ্ণা। 'ইহাতে তাহার ধৈর্য থাকিত না, ঘৃণাবোধ হইত।' *রবীন্দ্র*, ১৯০২। **৩** *বি* অশ্রদ্ধাবোধ। 'সহযোগীদের প্রতি তীব্র ঘৃণাবোধ।' *ওয়ালী*, ১৯৬৪।

ঘৃণাব্যঞ্জক [স] *বিণ* ঘৃণা প্রকাশ পায় এমন। 'অত্যন্ত ঘৃণাব্যঞ্জক স্বরে বলে উঠলেন।' *প্রমথ*, ১৯১৮।

ঘৃণা-ভরে *ক্রিবিণ* ঘৃণায় পূর্ণ ক'রে। 'মর্মান্তিক বিরক্তি ও ঘৃণা-ভরে বলিয়া উঠিল ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঘৃণাভাজন [স] *বিণ* ঘৃণার পাত্র। 'ঘৃণাভাজন মনে করতে দ্বিধা বোধ করে না।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঘৃণাময়ী [স] *বিণ স্ত্রী* ঘৃণাপূর্ণ। 'ঘৃণাময়ী ঘোর ঘনেশ্বরী।' *মুকুন্দ*, ১৬০০।

ঘৃণার্হ [স] *বিণ* ঘৃণার যোগ্য। 'ভিন্নদেশীয় লোকেরও ঘৃণার্হ।' *দর্পণ*, ১৮৩৫।

ঘৃণাস্পদ [স] *বিণ* ঘৃণিত। 'তুমি এ ঘৃণাস্পদ কর্ম কত্যে আমাকে আর অনুরোধ করো না।' *মাইকেল*, ১৮৬১।

ঘৃণাহত [স] *বিণ* ঘৃণাপ্রাপ্ত। 'ঘৃণাহত মাটি-মাখা ছেলেরে তোমার।' *নজরুল*, ১৯২৩।

ঘৃণাহীন *বি* ঘৃণা নেই এমন। 'মানুষের প্রতি ঘৃণাহীন প্রেম ও পরমেশ্বরের প্রতি বিশ্বাসপূর্ণ ভক্তির ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

ঘৃণিত [স] **১** *বিণ* ঘৃণা উদ্রেককারী। 'এই ঘৃণিত ব্যবহার পরিবর্ত্তনে মনোযোগ করুন।' *দর্পণ*, ১৮৩৫। **২** *বিণ* অবজ্ঞাত। 'তদ্ব্যতীত এদেশ ঘৃণিত অসভ্য অবস্থায় পতিত থাকে।' *অক্ষয়*, ১৮৪৬। **৩** *বিণ* নিন্দাজনক। 'তাহাদের চরিত্র অত্যন্ত ঘৃণিত ছিল।' *অক্ষয়*, ১৮৪৭। **৪** *বিণ* জঘন্য। 'নরকতুল্য ঘৃণিত স্থানের বিষময় বাষ্প সংযোগে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নগরের বায়ু অনবরতই দূষিত হইতেছে।' অক্ষয়, ১৮৫০। **৫** *বিণ* তুচ্ছ। 'ভাবকে ফ্যাশানের ঘৃণিত হীনত্বে পরিণত করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৬** *বিণ* অবজ্ঞাত। 'সমাজে যাহারা ঘৃণিত ছিল তাহারাও দৈবশক্তির অধিকারী বলিয়া অভিমান করিল।' *রবীন্দ্র*, ১৯০৩।

ঘৃণিতা [সা] *বি* স্ত্রী ঘৃণার পাত্রী। 'নারী সমাজের এক বৃহত্তম অংশ পল্লী অঞ্চলে হীন অবস্থায় ঘৃণিতা ও রক্ষিতার জীবনযাপন করছে।' *বেগম*, ১৯৫২।

ঘৃণা[২] [স ঘৃ>] *ক্রি* ঘৃণা করা। 'সুদর্পণে হেরি বিভা তোর, ঘৃণিতাম কুরঙ্গনয়নে।' *মাইকেল*, ১৮৬১।

ঘৃণ্য [স] **১** *বিণ* ঘৃণার যোগ্য। 'যদ্দর হিন্দুধর্ম্ম ঘৃণা করি তদ্দর আমারদের অপর কোন ঘৃণ্য বস্তু নাই।' *দর্পণ*, ১৮৩১। **২** *বি* অরুচি। 'অপরিচ্ছন্ন স্থানে বাস করিতে অবশ্যই তাঁহার ঘৃণ্য ও বিরক্তি জন্মে তাহার সন্দেহ নাই।' *অক্ষয়*, ১৮৫৪। **৩** *বিণ* তুচ্ছ। 'দিশিকে ঘৃণ্য জ্ঞান করেন, সুতরাং দেশী সাহেবী প্রচলিত করেন ...।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৪** *বিণ* অবাঞ্ছিত। 'ওই ঘৃণাটাই ঘৃণ্য।' *রবীন্দ্র*, ১৯৩৪।

ঘৃণ্যতর [সা] *বিণ* অধিকতর ঘৃণিত। 'তোমার ব্যবসা ঘৃণ্যতর।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ঘৃণ্যতা [সা] **১** *বি* কদর্যতা। 'লুকোচুরির যে একটা ঘৃণ্যতা আছে।' *রবীন্দ্র*, ১৯০২। **২** *বি* ইতরতা। 'ভোগ-বিলাসের দীনতা-কৃশতা-ঘৃণ্যতা গাড়িজুড়ি এবং তকমা-চাপরাসের দ্বারা ঢাকা পড়ে না।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঘৃণ্যস্বার্থ [সা] *বি* কদর্য স্বার্থ। 'ঘৃণ্যস্বার্থ সর্বস্ব ব্যক্তি ছাড়া সমাজের কারও অধিকার।' *বেগম*, ১৯৬৩।

ঘৃত [সা] *বি* ঘি। 'ঘৃত দধি দুধ ঘোলে সাজিঅা পসার।' *বড়ু*, ১৪৫০।

ঘৃতকুম্ভ [সা] *বি* ঘিয়ে ভরা কলস। 'আমি ঘৃতকুম্ভ, সোনার ষাঁড় দিয়ে তোমার পূজা দেব।' *দীনবন্ধু*, ১৮৬৭।

ঘৃতপক্ক [সা] *বিণ* ঘি দিয়ে রান্না-করা। 'অপূর্ব্ব ঘৃতপক্ক মিঠাই অতিচুর জিলাপী পোলাও পানতুয়া প্রভৃতি।' *ভবানী*, ১৮২৫।

ঘৃতভার [সা] *বি* ঘিয়ের ভাণ্ড। 'গর্ভ হতে জন্ম হইল কান্দে ঘৃতভার।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ঘৃতসংক্রান্তি [সা] *বি* হিন্দুসমাজে প্রচলিত ব্রতবিশেষ। 'মনগড়া ব্রত ... ঘৃতসংক্রান্তি, দাড়িঘসংক্রান্তি, ধন-গোছানো।' *অবন*, ১৯১৯।

ঘৃতসিক্ত [সা] *বিণ* ঘিয়ে ভিজানো। 'গীত ঘৃতসিক্ত শাল্যন্নের স্তূপ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঘৃতাক্ত [সা] *বিণ* ঘিয়ে মাখা। 'পশুকুলে নাশি তীক্ষ্ণ শরে ঘৃতাক্ত করিয়া রক্ষঃ যতনে থুইল চারি দিকে।' *মাইকেল*, ১৮৬১।

ঘৃতাহুতি [সা] **১** *বি* মন্ত্রপূত ঘৃতদান। 'অগ্নিকুণ্ডে ঘৃতাহুতি অর্পণ করিয়া আপনাকে কৃতার্থবোধ করিতেছেন।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বি* যজ্ঞাগ্নিতে ঘৃত নিক্ষেপ। 'ঘৃতাহুতি না পাইলে, কুণ্ডের ভিতরে ...। *মাইকেল*, ১৮৬৬।

ঘৃতকুমারী [সা] *বি* ঔষধি গাছবিশেষ। 'প্রত্যহ একটা ঘৃতকুমারীর পাতা গঙ্গা জলে ভাসাইয়া দিত।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ঘৃনা [স ঘৃণা] *বি* অবজ্ঞা। 'ঘৃনা করি পরিহর কী বলিব আমি।' *মালাধর*, ১৫০০।

ঘেউ [ধ্বন্যা] *বি* কুকুরের ডাক। *বিদ্যা*, ১৮৯১। **ঘেউ ঘেউ** *বি* কুকুরের অব্যাহত ডাক। 'একটা কুকুর ঘেউ ঘেউ করিতেছে।' *প্যারী*, ১৮৫৮।

ঘেওর [স ঘৃত>] *বি* মুখরোচক খাবারবিশেষ। 'বরফী বুন্দে বৈচুর সেউ জিলাপী মতিচুর লুচি কচুরি ছানাবড়া নিমকী ঘেওর সিঙ্গারা ...।' *ভবানী*, ১৮২৮।

ঘেঁচি [স ঘৃষ্ট] *বিণ* খুঁতযুক্ত। 'সাত কাহন নিল বাছ্যা ঘিয়া ঘেঁচি কড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

ঘেঁচু [স ঘেণ্ডুলিকা] **১** *বি* ছোটো কচুবিশেষ। 'কচু, ঘেঁচু, দুনিয়ার যত সব বিদঘুটে আবোল-তাবোল দিয়ে মা যা রাঁধে।' *মুজতবা*, ১৯৫২। **২** *বি* (অবজ্ঞার্থে) কিছুই নয়। 'আমাদের ঘেঁচুটা করবে।' *সুনীল*, ১৯৭০।

ঘেঁট [স ঘন্ট] *বি* ঘন্ট। 'আছোলা আলুর ঘেঁট।' *নজরুল*, ১৯২৭।

ঘেঁটু [স ঘন্টাকর্ণ>] **১** *বি* ভাঁট ফুল ও তার গাছ। *বিদ্যা*, ১৮৯১; 'ঘেঁটু ফুলের গাছ।' *বঙ্কিম*, ১৮৭৮। **২** *বি* ব্রতবিশেষ। 'গ্রাম্যদেবতার ব্রত – ... শীতলা, বুড়োঠাকরুণ, ঘেঁটু, কুলাই, মুলাই।' *অবন*, ১৯১৯।

ঘেঁটু ফুল [স ঘন্টাকর্ণ>+ফুল] *বি* ভাঁটফুল। 'ঘেঁটু ফুলের গাছ।' *বঙ্কিম*, ১৮৭৮।

ঘেঁটে ঘুঁটে [স ঘন্ট>] *ক্রিবিণ* তন্ন তন্ন ক'রে খুঁজে। 'বন বাদাড় সব ঘেঁটে ঘুঁটে/ আমরা মরি খেটে খুটে।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঘেঁষড়ে [স ঘৃষ্ট>] *ক্রিবিণ* নিকটবর্তী হয়ে। 'ঘেঁষড়ে খানিকটা এগিয়ে এসে প্রশ্ন করলে।' *তারা*, ১৯৪৬।

ঘেঁষা[১] [স ঘৃষ্ট>] *বিণ* ঘনিষ্ঠ। 'ইয়ার গোচের ব্রাহ্মণেরা শহর-ঘেঁষা।' *প্যারী*, ১৮৫৮।

ঘেঁষাঘেঁষি [স ঘৃষ্ট>] **১** *বি* পাশাপাশি ঘনিষ্ঠ অবস্থান। 'দুই ভাবের মধ্যে এমন অসামঞ্জস্য যে, উভয়ে পাশাপাশি ঘেঁষাঘেঁসি থাকিয়াও ...।' *রবীন্দ্র*, ১৮৮০। **২** *বি* মাখামাখি। 'পরিচিতদের সঙ্গে অন্যায় ঘেঁষাঘেঁষি নেই।' *রবীন্দ্র*, ১৮৮১। **৩** *বি* গাদাগাদি; ঠাসাঠাসি। 'নিজের শরীরের চারি দিকেই অর্থহীন জিনিশপত্রের ঘেঁষাঘেঁষিটা বড়ো শ্রান্তিজনক।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঘেঁষা[২] [স ঘৃষ্ট>] **১** *ক্রি* গায়ে গায়ে লেগে থাকা। 'এ একবার সরিয়া দূরে যাইতেছে, ও আবার সরিয়া সরিয়া ঘেঁষিয়া ঘেঁষিয়া আসিতেছে।' *হরপ্রসাদ*, ১৮৮১। **২** *ক্রি* নিকটবর্তী হওয়া। 'তাঁদের কাছে ঘেঁষতে গেলে ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঘেঁস [স ঘর্ষ] *বি* পাথুরে কয়লার ছাই। 'হাওয়ায় ওঠে ... নরম রোদ্দুরে পোড়া মাটি, ঘেঁস, বালি আর কাঠখড়ো।' *শক্তি*, ১৯৬৯।

ঘেঁসড়ানো [স ঘৃষ্ট>] *ক্রি* ক্রমাগত ঘষা। 'দেওয়ালে গা ঘেঁসড়াইয়া ... তুলিতেছেন।' *নজরুল*, ১৯২২।

ঘেঁসা [স ঘৃষ্ট>] *ক্রি* স্পর্শ করা। *বিদ্যা*, ১৮৯১। **ঘেঁসে** *ক্রি* ঘেঁষে। 'তার কাছেত যম ঘেঁসে না।' *রামপ্রসাদ*, ১৭৮০। **ঘেঁসে ঘেঁসে** *ক্রিবিণ* স্পর্শ করছে এমন নিকবর্তী হয়ে। 'ঘেঁসে ঘেঁসে, কাছে বসে।' *দীনবন্ধু*, ১৮৬৭।

ঘেঁসাঘেঁসি [স ঘৃষ্ট>] *বি* খুব কাছে এসে চাপাচাপি করে অবস্থান। 'আজ বড়ই মিসামিসি ঘেঁসাঘেঁসি।' *মশাররফ*, ১৮৯০।

ঘেণ্ডা [ধ্বন্যা ঘ্যান>] *ক্রি* ঘেণ্ডানো; ঘ্যান ঘ্যান করা। 'হাজার ত্রিশ ঠিক কর, রোজ রোজ ঘেণ্ডা ভাল নয়।' *গিরিশ*, ১৮৮৬।

ঘেটা [স ঘট্>] *ক্রি* হ্রাস হওয়া। 'নব-কাদম্বিনীর বিড়ম্বনা পরমায়ু যায় ঘেটে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

ঘেটি [স ঘাট>] *বি* ঘাড়। 'না, না, ঘেটি ছেঁড়ার দরকার নেই।' *সুনীল*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৭০।

ঘেঁটু [স ঘন্টাকর্ণ>] *বি* হিন্দুসমাজে প্রচলিত লোকগানবিশেষ। 'অনেককে ঘেঁটু দলভুক্ত বা পতিতাবৃত্তিতে নিয়োজিত করেও অর্থ উপার্জনের ...।' *বেগম*, ১৯৭০। *দ্র* **ঘেঁটু**

ঘেটেল [স ঘট্ট>] *বি* ঘাটমাঝি। 'কখন ঘেটেল কখন কাঁড়ারী।' *ভারত*, ১৭৬০।

ঘেট্যেন [স ঘট্ট>] *বিণ* ঘাট সম্পর্কিত। 'ঘাট ঘেট্যেন নৌকার খরচপত্র জেকিছু হইবেক।' *ওর্সা*, ১৭৮২।

ঘেড়া *ক্রি* সায় দেওয়া। 'সোণামণির সঙ্গে পিরীত করতে যেতুম বেটী ঘেড়োয় না।' *গিরিশ*, ১৮৯৬।

ঘেনর ঘেনর [ধ্বন্যা] *বি* টানা সুরে বক বক। 'নিদ্রামগ্না বর্ষীয়সীর কাণের কাছে ঘেনর ঘেনর করিতে লাগিল।' *বঙ্কিম*, ১৮৮২।

ঘেন্না [স ঘৃণা] *বি* ঘৃণা। 'ভাত খেতে আমার ঘেন্না করত।' *রবীন্দ্র*, ১৯০৯।

ঘেন্না-পিত্তি [স ঘৃণা+স পিত্ত>] *বি* ঘৃণাবোধ। 'ঘেন্না-পিত্তি লজ্জা-সরম আর কিছু দেহতে নেই।' *শরৎ*, ১৯১৭।

ঘেমো [স ঘর্ম>] *বিণ* ঘামের। 'ও মা গো, তোমার জটায় যে ঘেমো গন্ধ।' *গিরিশ*, ১৮৮৭।

ঘেয়ারু [স ঘৃত>] *বি* ঘিয়ে রান্না করা মিষ্টান্ন। 'ঘেয়ারু, তাজফেনি, বেদানা, সেও ও জলগোজা খাইয়া টপ্‌পা মারিতে আরম্ভ করিলেন।' *প্যারী*, ১৮৫৮।

ঘেয়ো [স ঘাত>] *বিণ* ক্ষতযুক্ত। 'এমন ঘেয়ো কুকুর।' *জীবন*, ১৯৩২।

ঘের [স বেষ্ট] **১** *বি* আচ্ছাদন। 'চারি দিকে তমস্বিনী রজনী দিয়েছে টানি মায়াময়-ঘের।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বি* সীমা। 'আমার আপনারই ঘেরের মধ্যে।' *রবীন্দ্র*, ১৯২২।

ঘেরওয়া [স বেষ্টন>] *বিণ* অবরুদ্ধ। 'পাহারাওয়ালা জমাদার বাড়ী ঘেরওয়া করে রেখেছে।' *গিরিশ*, ১৮৮৯।

ঘের-দেওয়া [ঘের+দেওয়া] *বিণ* ঘোমটা ঢাকা। 'মুখখানিতে-ঘের-দেওয়া তাঁর শাড়িটি লালপেড়ে।' *রবীন্দ্র*, ১৯৪০।

ঘেরফের *বি* প্রভাবাদি। 'এক কালে ছাত্রমহলে কিছু প্রতিপত্তি থাকবার দরুণ রাজনীতির ঘেরফের সে বেশ কৌশলের সঙ্গে নিজের কাজে লাগাত।' *মাহেনও*, ১৯৪৯।

ঘেরা[১] [স বেষ্টন>] **১** *ক্রি* শুরু করা। 'ওলাও ওলাও কালিন্দীর বিষ আগে ঘের কাহিনী।' *বিজয়*, ১৬৫০। **২** *ক্রি* ঘিরে থাকা। 'চৌদিক ঘেরিয়া ঘোরসোয়ারের রেলা।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৩** *ক্রি* ঢেকে ফেলা। 'ঘেরুক আঁধার, আমি তোর, তুই রে আমার!' *গিরিশ*, ১৮৮৭।

ঘেরা[২] [স বেষ্ট>] **১** *বি* আবাস। 'কাফেরের ঘেরা তলে লাঙ্গাশিরে যাই।' *গরীব*, ১৭৬৫। **২** *বিণ* পরিবেষ্টিত। 'বাবুজি কুর্ণিশ ঘেরা, বর্দ্ধয়ান বিচ ডেরা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

ঘেরাও [স বেষ্ট>] *বি* অবরোধ। 'পাঁচখানি ছিপ ভাঁটি দিয়া দেবীর বজরা ঘেরাও করিতে চলিল।' *বঙ্কিম*, ১৮৮২।

ঘেরাটোপ [ঘেরা+স টোপ] **১** *বি* আবরণ। 'অন্ধকারের ঘেরাটোপে আমরা একাকী।' *সত্যেন্দ্র*, ১৯১৫। **২** *বি* আচ্ছাদন। 'ঝারলণ্ঠনে ময়লা রঙের ঘেরাটোপ পরিয়ে দেয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঘেরাটোপওয়ালা [ঘেরাটোপ+হি ওয়ালা] *বিণ* আচ্ছাদন দিয়ে ঘেরা। 'লাল বনাতের ঘেরাটোপওয়ালা পালকি এল দরজায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঘেরাটোপ-ঢাকা [ঘেরাটোপ+ঢাকা] *বিণ* রুদ্ধ; আবদ্ধ। 'ঘেরাটোপ-ঢাকা পিঞ্জরের বুলবুলকে ...।' *নজরুল*, ১৯৩৮।

ঘেরাটোপ দেওয়া *বিণ* আচ্ছাদন দিয়ে ঘেরা। 'নাই বা রইলো ঘেরাটোপ দেওয়া পাল্কি।' *বিমল*, ১৯৫৩।

ঘেরুয়ান [ঘের>] *বি* জামার গলার ঘের। *মানোএল*, ১৭৪৩।

ঘেরোয়া [ঘের>] *বি* বেষ্টনী। 'ওদের ঘরের ঘেরোয়াতে কভু যেয়ো না কেউ।' *নজরুল*, ১৯৪১।

ঘেসড়ানি [স ঘৃষ্ট>] *বি* হিঁচড়ে টানার শব্দ। 'তক্তা টানার ঘেসড়ানিতে সচকিত।' *নজরুল*, ১৯৩১।

ঘেসুড়ে [স ঘাস>] *বি* গবাদি পশুর জন্য ঘাস কাটে যে। 'ঘেসুড়ে সেজে বসেছেন সব।' *জীবন*, ১৯৪৮।

ঘেসেড়া [স ঘাস>] *বি* গবাদি পশুর জন্য ঘাস কাটে যে। 'ঘেসেড়া মরিল ডুবে তাহার হাবাসে।' *ভারত*, ১৭৬০।

ঘেসো [স ঘাস>] *বিণ* ঘাসের মতো। 'মেঠো-মেঠো ঘেসো-ঘেসো গন্ধ পাওয়া যাইতেছে।' রবীন্দ্র, ১৯০৭।

ঘোঁঘট [স গুণ্ঠন] *বি* ঘোমটা। 'যখনে চিকণ বস্ত্রে করএ ঘোঁঘট।' *আলাওল*, ১৬৮০।

ঘোঁচ [হি কুচা] *বি* কুঁচি। 'কোনো একটা ঘোঁচকে কিছুতেই যে পালিশ করতে পারা যাবে না।' *জীবন*, ১৯৩১।

ঘোঁট [স ঘট্ট>] **১** *বি* জটলা; আন্দোলন। 'দলের ঘোঁট প্রায় সর্ব্বদাই হয়।' *ভবানী*, ১৮২৩। **২** *বি* ঝামেলা। 'মিথ্যা গালগল্প কিংবা দলাদলির ঘোঁট।' *প্যারী*, ১৮৫৮। **৩** *বি* আলোচনা। 'তথাবিধ স্থানে বসিয়া ঘোঁট করিতে লাগিলেন।' *বঙ্কিম*, ১৮৭৩।

ঘোঁটকর্তা [স ঘট্ট>+স কর্তা] *বি* ঘোঁট পাকায় যে। 'ইহা লইয়া পাড়ার ঘোঁটকর্তারা যথেষ্ট সংশয় প্রকাশ করিয়া থাকেন।' *বঙ্কিম*, ১৮৯২।

ঘোঁট পাকানো *ক্রি* জটলা পাকানো। 'কথা ঘোঁট পাকিয়ে গেল সমস্ত ব্যাপারটা।' *হাসান*, ১৯৬৯।

ঘোঁটা [স ঘট্ট>] **১** *ক্রি* আলোচনা করা। 'রামপ্রসাদ কয় কিসে কি হয়/ মিছে মোলেম শাস্ত্র ঘোঁটে।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *ক্রি* আলোড়ন করা; মন্থন করা। 'ঘাঁটা ঘোঁটা কাঁটা চাটা, খেয়ে গেল বমি উঠে।' গুপ্ত, ১৮৫৮।

ঘোঁড়া [স ঘোটক] *বি* ঘোড়া। 'ভালো চাইলের ঘোঁড়ায় থাকিয়া লামিতে।' *মানোএল*, ১৭৪৩। *দ্র* **ঘোড়া**

ঘোঁড়ার ডাক *বি* হ্রেষা। *মানোএল*, ১৭৪৩।

ঘোঁড়ার বাগ *বি* লাগাম। *মানোএল*, ১৭৪৩।

ঘোঁড়ার লাদ *বি* ঘোড়ার বিষ্ঠা। *মানোএল*, ১৭৪৩।

ঘোঁৎ [ধ্বন্যা] *বি* শূকরের ডাক। 'বুনো শুয়োরের মত মুখহানা ঘোঁৎ করে উঠলেন।' *মুজতবা*, ১৯৫২।

ঘোঁতঘোঁত, ঘোঁৎঘোৎ [ধ্বন্যা] **১** *বি* নাক ডাকার শব্দ। 'কামিনী ঘোঁৎ ঘোঁৎ করে ঘুম ...।' *দীনবন্ধু*, ১৮৭২। **২** *বিণ* অবিরাম ঘোঁত ধ্বনিপূর্ণ। 'শূকরের দল ঘোঁতঘোঁত শব্দ করে।' *তারা*, ১৯৪৬।

ঘোঁতঘোঁতানো *ক্রি* চাপা ক্রোধজনিত শব্দ করা। 'একজনের আশা ঘোঁতঘোঁতিয়ে রোগা হবে।' *মুজতবা*, ১৯৫৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঘোগ, ঘোঘ [স কোক] *বি* কুকুরের আকৃতি বন্য জন্তুবিশেষ। 'বাঘের ঘরে ঘোগের বাসা করি।' *দীনবন্ধু*, ১৮৬৬; 'বাঙালী বাঘের ঘরে যেমন মাড়োয়ারী ঘোঘের বাসা।' *অন্নদা*, ১৯২৯।

ঘোঙা [হি ঘোঁঘা] *বিণ* লোভাতুর। 'মাকাল ফলটি রাঙাচোঙা তাই দেখে মন হলি ঘোঙা।' *লালন*, ১৮৯০।

ঘোচা [স ঘুস>] *ক্রি* দূর হওয়া। 'তোমার সঙ্গে গৃহবাসে মনের দুঃখ ঘোচে।' *বিজয়*, ১৬৫০।

ঘোচানো [স ঘুস>] **১** *ক্রি* নিয়ে যাওয়া। *মানোএল*, ১৭৪৩। **২** *ক্রি* দূর করা; মুছে ফেলা। 'পোড়া নেটিব নাম ঘোচাব।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঘোটক [স] *বি* ঘোড়া। 'হস্তী আগে থাকি যদি ঘোটক ধাবায়।' *আলাওল*, ১৬৮০।

ঘোটকশালা [স] *বি* ঘোড়ার আস্তাবল। 'হস্তিশালা ও ঘোটকশালা ও দুই২ শিবালয়।' *দর্পণ*, ১৮৩০।

ঘোটকারূঢ় [স] *বিণ* অশ্বারোহী। 'ঘোটকারূঢ় ব্যক্তি গন্তব্য পথের আর কিছু স্থিরতা পাইলেন না।' *বঙ্কিম*, ১৮৬৫।

ঘোটকিনী [স] *বিণ* ঘোটকীর মতো। 'জিরাফের গলা তার ঘোটকিনী মুখ।' *নজরুল*, ১৯৩১।

ঘোটকী [স] *বি স্ত্রী* ঘোড়া। 'ঘোটকীর লেজ ভালোবেসে।' *জীবন*, ১৯৪০।

ঘোটনা [স ঘট্ট>] *বি* দ্রব্যাদির মণ্ডবিশেষ। 'এ কাড়িআ নিল মোর হিঙ্গের ঘোটনা।' *মুকুন্দ*, ১৬০০।

ঘোটাটোপ [স ঘটাটোপ] *বি* গাড়ির ঢাকনা। *ওসাঁ*, ১৭৮৫।

ঘোটালা *বি* জটলা। 'এদিকে ওদিকে ছোট ছোট দলের ঘোটালা।' *মুজতবা*, ১৯৬৬।

ঘোড় [স ঘোটক>] *বি* ঘোড়া। 'দ্বারে বান্ধা হাথি-ঘোড়।' *মুকুন্দ*, ১৬০০।

ঘোড়দৌড় [স ঘোটক>+দৌড়] *বি* ঘোড়ার দৌড় প্রতিযোগিতা। *ওসাঁ*, ১৭৮৫; 'কলিকাতার গড়ের মাঠে ঘোড়দৌড়ের স্থানে।' *দর্পণ*, ১৮২২।

ঘোড়সওয়ার [ঘোড়া+ফা সওয়ার] *বি* অশ্বারোহী; ঘোড়ায় আরোহী সৈনিক। 'পুত্র জন্মিলে তাহাকে পাঁচ হাজার ঘোড়সওয়ারের উপরে আমীর করিব।' *দর্পণ*, ১৮২১।

ঘোড়সওয়ারি [ঘোড়া+ফা সওয়ার>] *বিণ* অশ্বারোহী। 'ঘোড়সওয়ারি সৈন্য সেথায় চলে পথে পথে।' *রবীন্দ্র*, ১৯৪১।

ঘোড়সোয়ার [ঘোড়া+ফা সওয়ার>] *বিণ* অশ্বারোহী। 'ঘোড়সোয়ার অবস্থায় বীরপুরুষের মতো প্রণয় নিবেদন করলে ...।' *প্রমথ*, ১৯২৪।

ঘোড়ন-খাটুলী [স ঘোটক>+খাট>] *বি* ঢাল আবৃত খাটিয়া। 'ঘোড়ন খাটুলী চড়ে কমল দেখিতে নড়ে।' *মুকুন্দ*, ১৬০০।

ঘোড়া [স ঘোটক] **১** *বি* অশ্ব। 'পএর মগর খাড়ু মাথে ঘোড়া চুলে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* বন্দুকের চাবি বা ট্রিগার। 'তার পর বন্দুকে ঘোড়া দুটি টানলেন।' *প্রমথ*, ১৯২৯; 'শঙ্কর ঘোড়া টেপবার আগে আলভারেজের রাইফেল ...।' *বিভূতি*, ১৯৩৩। **৩** *বি* দাবার ঘুঁটিবিশেষ। 'গজ ঘোড়া কাটাকাটি হয়ে যাবে।' *নজরুল*, ১৯৩১।

ঘোড়াওয়ালা [স ঘোটক>+হি ওয়ালা] *বি* ঘোড়ার মালিক। 'প্রত্যেক ঘোড়াওয়ালাকে নশরৎ আলী কলস দিয়ে সম্মান দেখাতেন।' *নরেন্দ্র*, ১৯৪৫।

ঘোড়াচুল [স ঘোটক>] *বি* ঘোড়ার চুলের মতো লম্বা চুল। 'মাথে ঘোড়াচুল হাথে মনোহর বাঁশী।' *বড়ু*, ১৪৫০।

ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া – উপরওয়ালাকে অতিক্রম ক'রে কার্যোদ্ধার। 'ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া আর-কি।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঘোড়ায় চড়ে আসা – দ্রুত চলে আসা। 'এখানকার রাস্তির তেমনি ঘোড়ায় চড়ে আসে, আর পায়ে হেঁটে ফেরে।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঘোড়ার গাড়ি *বি* ঘোড়ায় টানে এমন গাড়ি। 'চারি জন ঘোড়ার গাড়িতে এবং দুই জন অশ্বারোহি।' *দর্পণ*, ১৮৩৩।

ঘোড়ার ঘাসী *বি* ঘোড়ার ঘাস কাটে যে। 'মহাদেব আজ ঘোড়ার ঘাসী।' *নজরুল*, ১৯২৪।

ঘোড়ার ডিম ১ *বিণ* মূল্যহীন। 'ডালরুটির যম, কিন্তু কাজে ঘোড়ার ডিম।' *বঙ্কিম*, ১৮৭২। **২** *বি* অসম্ভব বস্তু। 'সকলে মিলিয়া একটা ঘোড়ার ডিম লইয়া তা দিতেছেন।' *রবীন্দ্র*, ১৮৮৩; 'দিল্লীর লাড্ডু, ঘোড়ার ডিম এরা কেউ প্রাচীন উপমা নয়।' *অবন*, ১৯২৫।

ঘোড়ারোগ [ঘোড়া+স রোগ] *বি* সাধ্যাতীত আকাঙ্ক্ষা। 'আজকাল ওই ঘোড়ারোগেই গরিব কাঁচা যুবকগুলো মরছে।' *নজরুল*, ১৯২৭।

ঘোড়াশাল [ঘোড়া+স শালা] *বি* আস্তাবল। 'আজি শূন্য হইল মোর হাথি-ঘোড়াশাল।' *মুকুন্দ*, ১৬০০।

ঘোড়াশালা [ঘোড়া+স শালা] *বি* আস্তাবল। *ওসাঁ*, ১৭৮৫।

ঘোড়া-সিজ [ঘোড়া+সিজ] *বি* ক্যাকটাস জাতীয় গাছবিশেষ। 'পাতা সিজ ঘোড়া সিজ গুড়কাঁউলি।' *মুকুন্দ*, ১৬০০।

ঘোড়েল [হি ঘড়িয়াল] **১** *বি* এক ধরনের কুমির; ঘড়িয়াল। 'ঘোড়েল ছুটিল দূরে।' *জসীম*, ১৯৩৩। **২** *বিণ* ফন্দিবাজ; ধূর্ত। 'মানুষটা তো ঘোড়েল কম নয়।' *জীবন*, ১৯৪৮।

ঘোপ [স ক্ষুপ] *বি* গোপন স্থান। *বিদ্যা*, ১৮৯১।

ঘোমটা [স গুণ্ঠন] **১** *বি* মাথা এবং মুখের অংশবিশেষ ঢাকা বস্ত্রের অংশ। 'শিরায় প্রদীপ দেয় টানিয়া ঘোমটা।' *ভারত*, ১৭৬০। **২** *বি* আবরণ। 'আঁধার ঘোমটা তুলি প্রকৃতি নয়ন খুলি ...।' *রবীন্দ্র*, ১৮৮৪। **৩** *বি* ঢাকনা। 'তার মেঘের ঘোমটা সরায়ে দিব গো।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ঘোমটা-আড়ে *ক্রিবিণ* চেনা মুখের ঘোমটা-আড়ে অচেনা সেই উঁকি মারে।' *রবীন্দ্র*, ১৯১২।

ঘোমটা-খসা *বিণ* ঘোমটা উন্মোচন করেছে এমন। 'বেরিয়ে এল ঘোমটা-খসা নারী।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ঘোমটাচ্ছন্ন [ঘোমটা+স আচ্ছন্ন] *বিণ* ঘোমটায় আবৃত। 'জড়োসড়ো ঘোমটাচ্ছন্ন স্ত্রীগণকে নিম্নশ্রেণীতে পুরে দেওয়া হয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

ঘোমটা-ছায়া *বি* ঘোটার ছায়া। 'আধেক-খোলা বিজন ঘরে ঘোমটা-ছায়ায় ঢাকা।' *রবীন্দ্র*, ১৯০৬।

ঘোমটাঢাকা [ঘোমটা+ঢাকা] *বিণ* সলজ্জ। 'সেই ঘোমটাঢাকা ভাবটুকু।' *দীপিকা*, ১৮৮৭।

ঘোমটা-দেওয়া *বিণ* ঘোমটা দিয়ে ঢাকা হয়েছে এমন। 'পারিপাট্য ও ঘোমটা-দেওয়া বিনীত ভাব।' *রবীন্দ্র*, ১৮৮৩।

ঘোমটা-পরা [ঘোমটা+পরা] *বিণ* গোপন। 'খিড়কির বাগানের ঘোমটা-পরা সৌন্দর্য।' *রবীন্দ্র*, ১৯১২।

ঘোমটাফাঁদা [ঘোমটা+ফাঁদা] *বিণ* অবগুণ্ঠিত। 'ঘোমটাফাঁদা আঁধার

AMARBOI.COM

মাঝে ক্রন্ত দুটি পাখি।' *রবীন্দ্র*, ১৯০০।

ঘোমটাবতী [ঘোমটা+স বতী] *বিণ* ঘোমটা দিয়ে আছে এমন। 'হঠাৎ কী করে ঘোমটাবতী কুলবতী হয়ে গেলেন।' *মণীশ*, ১৯৬৩।

ঘোমটাবৃত [ঘোমটা+স আবৃত] *বিণ* ঘোমটায় ঢাকা। 'ঘোমটাবৃত আশাকে বোঠান বলিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০২।

ঘোমটার আড়ালে খেমটা নাচ – বাইরে সরল সাধুর মতো ব্যবহার, ভিতরে পাকামো ও দুষ্টামি। 'ঘোমটার আড়ালে খেমটা নাচ দেখে ...।' *নজরুল*, ১৯১৯।

ঘোমটাশূন্য [ঘোমটা+স শূন্য] *বিণ* ঘোমটাহীন। 'ঘোমটাশূন্য তার মুখটা ঢাকা চাঁদের মতো।' *ওয়ালী*, ১৯৪৮।

ঘোমানো [স ঘূর্ণ>] *ক্রি* ঘুমানো। 'জাগিতে ঘোমাতে তোমা দেখিএ সপনে।' *মালাধর*, ১৫০০।

ঘোর [স] **১** *বিণ* ঘন; নিবিড়। 'এহা ঘোর বঁনে রাধা কেহো নাহিঁ সাথী।' বড়ু, ১৪৫০। **২** *বিণ* অন্ধকার। 'গগন গরজ ঘন জামিনি ঘোর। রতনহুঁ লাগি ন সঞ্চর চোর।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *বিণ* ভয়ঙ্কর। 'ভূগ্রিক্ষ হইল তথা ঘোর দরসন।' *মালাধর*, ১৫০০। **৪** *বিণ* ব্যাপক। 'সমুদ্রমথনে ঘোর উঠিল গরল।' *মুকুন্দ*, ১৬০০। **৫** *বিণ* প্রচণ্ড। 'অতি ঘোর কল্লোল শব্দে কর্ণ রোধ হওনের গোছ।' *রামরাম*, ১৮০১। **৬** *বিণ* গাঢ়। 'সেইখানে ঘোর নিদ্রা গেল।' *তারিণী*, ১৮০৩। **৭** *বিণ* তীব্র। 'রঙ্গিণীর ঘোর ঘটা, হেরিয়া রূপের ছটা।' *গুপ্ত*, ১৮৫৮। **৮** *বিণ* বিষম। 'আজ এক ঘোর যন্ত্রণায় পড়িয়াছিলাম।' *প্যারী*, ১৮৫৯। **৯** *বিণ* প্রবল। 'ওই ঘোর মত্ত করে নৃত্য রঙ্গমাঝারে।' *রবীন্দ্র*, ১৮৮০। **১০** *ক্রিবিণ* অত্যন্ত। 'অনেকেই মনে করেন যে আগেকার স্ত্রীলোকেরা ঘোর মূর্খ।' *দীপিকা*, ১৮৮৭। **১১** *বিণ* দুর্যোগপূর্ণ। 'এ ঘোর রাতে কিসের লাগি পরান মম সহসা জাগি ...।' *রবীন্দ্র*, ১৯০৯। **১২** *বি* মোহ। 'তিনি আমার এই ঘোর ভাঙাইয়া দিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯১৪।

ঘোর-ঘোর *বিণ* নেশাগ্রস্ত। 'চোখে তো অমন ঘোর-ঘোর ভাব।' *রবীন্দ্র*, ১৯০২।

ঘোরতপা [স] *বিণ* বিকট শব্দকারিণী। 'ঘোররূপা ঘোরতপা ঘোষণভূষণা।' *মুকুন্দ*, ১৬০০।

ঘোরতর [স] **১** *বিণ* ভয়ঙ্কর। 'জলন্ত অনল গড় বড় ঘোরতর।' *মালাধর*, ১৫০০। **২** *বিণ* প্রচণ্ড। *হ্যালহেড*, ১৭৭৮; 'ক্ষণেক গগনে ঘন ঘোরতর রব।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৩** *বিণ* তীব্রতর। 'মহাশয়দিগের পরস্পর ঘোরতর বিসংবাদ উপস্থিত হয়।' *অক্ষয়*, ১৮৫০। **৪** *বিণ* তুমুল। 'তবে সন্ধি, নহে, ঘোরতর রণ হবে।' *গিরিশ*, ১৮৮৭। **৫** *বিণ* প্রখর। 'ঘোরতর বুদ্ধির পরিচয়।' *রবীন্দ্র*, ১৯১১। **৬** *বিণ* পোঁড়া। 'ঘোরতর বৈরাগী এবং ঘোরতর অনুরাগী।' *অবন*, ১৯২৫।

ঘোর-নয়না [স] *বিণ স্ত্রী* মোহাচ্ছন্ন চোখবিশিষ্ট। 'মুক্তকেশী ঘোর-নয়না আজ হবে গো কান্তা সাকি।' *নজরুল*, ১৯২৬।

ঘোরনাদ [স] *বি* বিষম শব্দ। 'সৈন্যগণ বীরদর্পে ঘোরনাদে বলিয়া উঠিল।' *মশাররফ*, ১৮৮৫।

ঘোরনাদী [স] *বিণ* বিকট শব্দকারী। 'যারা ঘোরনাদী বজ্রে, জলে, মাটি ও পাথরে ঈশ্বর বলে পূজে গ্যাচে।' *হুতোম*, ১৮৬১।

ঘোর পড়া *ক্রি* আচ্ছন্ন হওয়া। 'যদি লেখাপড়ায় ঘোর পড়িতাম তবে কি এত মজা করিতে পারিতাম।' *ভবানী*, ১৮২৫।

ঘোরপেঁচ [স ঘোর+ফা পেঁচ] *বি* জটিলতা। 'সংসারের ঘোরপেঁচ বোঝে না।' *বিভূতি*, ১৯৩৮।

ঘোরপ্যাঁচ [স ঘোর+ফা পেঁচ] *বি* অস্পষ্টতা। 'ঘোরপ্যাঁচ এমনকী মেঘের নিজ মূর্তিগুলোর হুবহু ফটোগ্রাফও কাজে আসে না।' *অবন*, ১৯২৫।

ঘোরপ্যাচ [স ঘোর+ফা পেঁচ] *বি* কুটিলতা। 'রাজনীতির ঘোরপ্যাচ সুদীপ্ত ভালো বোঝেন না।' *পাশা*, ১৯৭১।

ঘোর ভাঙা *ক্রি* মোহ দূর করা। 'তিনি আমার এই ঘোর ভাঙাইয়া দিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯১৪।

ঘোরময় [স ঘোরময়] *বিণ* অন্ধকার। 'শশী বিনে প্রদীপেত যেন ঘোরময়।' *বাহরাম*, ১৬৫০।

ঘোরমাতাল [স ঘোর+মাতাল] *বিণ* অত্যন্ত মাতাল। 'স্বামী গোড়া থেকেই ঘোরমাতাল।' *বিভূতি*, ১৯৩১।

ঘোররূপা [স] *বিণ* অতি ভয়ঙ্কর আকৃতির। 'ঘোররূপা রাক্ষসি দেখিয়াত ভরবাসি।' *মালাধর*, ১৫০০।

ঘোর-লাগা [স ঘোর+লাগা] **১** *বিণ* বিভ্রান্তিকর। 'মাঝখানে আঁকাবাঁকা ঘোর-লাগা রাস্তা এই পৃথিবীর।' বুদ্ধ, ১৯৪০। **২** *বিণ* আবেশ জাগায় এমন। 'কিন্তু আমি ঘোরলাগা বর্ষণের মাঝে।' *মাহমুদ*, ১৯৭৩।

ঘোরস্বনা [স] *বিণ* তীব্র শব্দবিশিষ্ট। 'কালঘাম বহে মুখে মুকুট গগনে ঠেকে, জ্বলয়বদন ঘোরস্বনা।' মুকুন্দ, ১৬০০।

ঘোরস্বর [স] **১** *বি* ভয়ানক কণ্ঠস্বর। 'মোর বুকে নখ দিয়া ঘোরস্বরে বোলে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* বিকট শব্দ। 'একদা এক বিষম ঘোর স্বরে/ বজ্র আসি পড়িল মোর ঘরে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঘোরঘার [স ঘূর্ণ>] *বি* ঘোরাঘুরি। 'চুপে চুপে আমি যত করি ঘোরঘার।' *ভবানী*, ১৮২৫।

ঘোরসওয়ার [ঘোড়া+ফা সওয়ার] *বিণ* অশ্বারোহী। 'ঘোরসওয়ার পথিক।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঘোরসোয়ার [ঘোড়া+ফা সওয়ার] *বি* ঘোড়সওয়ার। 'চৌদিক ঘেরিয়া ঘোরসোয়ারের রেলা।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ঘোরা[১], **ঘোরানো** [স ঘূর্ণন>] **১** *ক্রি* ঘুরতে থাকা। 'বামবাহু নাচে তার ঘোরে বাম আঁখি।' *মুকুন্দ*, ১৬০০; 'মাতা ঘুরুতে লাগলো।' *হুতোম*, ১৮৬১। **২** *ক্রি* পরিবর্তিত হওয়া। 'বাসার আশা গিয়েছে মোর ঘুরে।' *রবীন্দ্র*, ১৯১৫। **৩** *ক্রি* ভ্রমণ করা। 'অনেক ঘুরেছি আমি।' *জীবন*, ১৯৪২।

ঘোরা[২] [স] **১** *বিণ স্ত্রী* ভয়ঙ্কর। 'রণরঙ্গে মাতো মা গো, ঘোরা উন্মাদিনী-পারা।' *রবীন্দ্র*, ১৮৮২। **২** *বিণ স্ত্রী* গভীর অন্ধকারাচ্ছন্ন। 'ঘোরা রজনী, দিক-ললনা ভয়বিভলা।' *রবীন্দ্র*, ১৮৮২।

ঘোরাঘুরি [স ঘূর্ণন>] **১** *বি* খোঁজাখুঁজি। 'সংস্কৃতের বেলায় ঠেকে, কেননা তাহার জন্য দূরে ঘোরাঘুরি করিত হয় – সকলের সামর্থ্যে ও সময়ে কুলোয় না।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *বি* আবর্তন। 'হালকা যেসব পরমাণু তাদের মধ্যে ইলেক্ট্রন প্রোটনের ঘোরাঘুরি।' *রবীন্দ্র*, ১৯৩৮। **৩** *বি* ভ্রমণ। 'পুলিস দু-একদিন অকুস্থলে ঘোরাঘুরি করে যায়।' *মুজতবা*, ১৯৪৯।

ঘোরান [স ঘূর্ণ>] *বি* পেঁচিয়ে বা গোল হয়ে উঠেছে এমন। 'তিনি আর একবার ঘোরান সিঁড়ি বেয়ে ওপরে উঠতে লাগলেন।' *নরেন্দ্র*, ১৯৪৫। *দ্র* **ঘোরানো**[২]

ঘোরাননা [স] *বিণ স্ত্রী* কালো মুখবিশিষ্ট। 'ধিয়া তাধিয়া নরমালী/

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঘোরাননা রক্তদশনা।' *গিরিশ*, ১৮৮৩।

ঘোরানো[১] দ্র ঘোরা

ঘোরানো[২] [স ঘূর্ণ>] *বিণ* প্যাঁচানো। 'দিনে মগ্ন রয় আঁখি, ওঠা-নামা ঘোরানো সিঁড়িতে।' *অমিয়*, ১৯৩৮। দ্র **ঘোরান**

ঘোরান্ধকার [স] *বি* ঘন অন্ধকার। 'জেলখানায় ঘোরান্ধকার।' *বঙ্কিম*, ১৮৭৮।

ঘোরাফেরা [স ঘূর্ণন>] ১ *বি* ঘোরাঘুরি। 'এত ঘোরাফেরা করিবার কোনো প্রয়োজন ছিল না।' *রবীন্দ্র*, ১৯০৯। ২ *বি* আবর্তন। 'আপনাকে কেন্দ্র করে তাঁর ঘোরা-ফেরা।' *তারা*, ১৯৪৩।

ঘোরাল [স ঘূর্ণন>] ১ *বিণ* অতি জটিল। 'এই মোকদ্দমা অতি ঘোরাল ও বিলম্বসাধ্য করণের উদ্যোগ করিতেছেন।' *দর্পণ*, ১৮৪০। ২ *বিণ* পেঁচানো। 'জলস্তম্ভের পার্শ্বদেশ ... ঘোরাল দেখায়।' *অক্ষয়*, ১৮৫২। দ্র **ঘোরালো**

ঘোরালো [স ঘূর্ণন>] ১ *বিণ* নিবিড়। 'বর্ষা আসে হইয়া ঘোরালো।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* গাঢ়। 'গন্ধে-ভরা অন্ধকার হয়েছে ঘোরালো।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বিণ* আঁকাবাঁকা। 'রাস্তা ঘোরালো।' *রবীন্দ্র*, ১৯৩২। ৪ *বিণ* বুঁদ। 'নেশা ক্রমেই ঘোরালো ও জমাট হইয়া ওঠে।' *মানিক*, ১৯৩৭। ৫ *বিণ* জটিল। 'কারণটা নয় মোটেই ঘোরোলো।' *হোসেন*, ১৯৪০। ৬ *বিণ* ভয়াবহ। 'দেশের এই ঘোরালো আবহাওয়া দূর করে শান্তির রাজ্য প্রতিষ্ঠা করবার মূলে তাঁদের কর্মপ্রচেষ্টা সমধিক কার্যকরী।' *বেগম*, ১৯৫০। দ্র **ঘোরাল**

ঘোরিঅ [স ঘূর্ণন>] *বিণ* ঘূর্ণ্যমান। 'ঘোরিঅ অবণাগমণ বিহুন।' *চর্যা* ৩৬, ১২০০।

ঘোরো [পা ঘর>] *বিণ* ঘরোয়া। 'সুন্দর করে ছেলেবেলাকার ঘোরো স্মৃতি দিয়ে সরস করে লিখতে পারতুম।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘোল [স ঘূর্ণ] ১ *বি* মাখন তোলা দই। 'ঘৃত দধি দুধ ঘোলে আছিআ পসার।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* ঘোলা। 'জল হৈল যেন ঘোল-কর্দমের রূপ।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* ঘূরপাক; নদীর পানিতে আবর্ত। *ওসাঁ*, ১৭৮২।

ঘোল খাওয়া ১ *ক্রি* অপদস্থ করা। 'ঘোল খাওয়ানো বলিয়া একটা কথা আমাদের শাস্ত্রে প্রচলিত ...। *রবীন্দ্র*, ১৮৮৪। ২ বেকায়দায় পড়া। 'কুবেরকে অনেকখানি ঘোল খেতে হল।' *শ্যামল*, ১৯৬৭।

ঘোল খাওয়ানো *ক্রি* উচিত শিক্ষা দেওয়া। 'স্বাধীনভাবে চলিলে জমিদারকে ঘোল খাওয়াইয়া দিতে পারে।' *সুলভ*, ১৮৭৩।

ঘোল খায় কৃষ্ণদাস কড়ি দেয় নিধি – একজনের বোঝা ভিন্ন জনে বহন করে। 'ঘোল খায় কৃষ্ণদাস কড়ি দেয় নিধি।' *দর্পণ*, ১৮২২।

ঘোলঘোলাট *বি* ফাঁকফোকর। 'আইনের ঘোলঘোলাট হেরফের অলিগলি বুঝি।' *ওয়ালী*, ১৯৬২।

ঘোলমউনি *বি* ঘোল তৈরির মন্থনদণ্ড। 'তোর ঘোলমউনির দিব্য।' *বঙ্কিম*, ১৮৭৫।

ঘোলা[১] [স ঘূর্ণন] ১ *ক্রি* ঘোরা। 'নিরন্তর গঅণন্ত তুসেঁ ঘোলই।' *চর্যা* ১৬, ১২০০। ২ *ক্রি* ঘায়েল করা। 'গঅবরেঁ তোলিআ পাঞ্চজণা ঘোলিউ।' *চর্যা* ১২, ১২০০।

ঘোলা[২] [স ঘূর্ণি>] ১ *বিণ* কর্দমময়। 'তোর এত বড় আস্পর্ধা যে, আমি জলপান করিতেছি দেখিয়াও, তুই জল ঘোলা করিতেছিস!' *বিদ্যা*, ১৮৫৬। ২ *বি* সন্দেহ; অস্পষ্টতা। 'ঘুচে যাবে মনের ঘোলা।' *লালন*, ১৮৯০। ৩ *বিণ* অনুজ্জ্বল; অসচ্ছ। 'আকাশের রঙ ঘোলা, আলোক মৃতব্যক্তির চক্ষুতারার মতো দীপ্তিহীন।' *রবীন্দ্র*, ১৯১২। ৪ *বিণ* অস্পষ্ট। 'ঘোলা ইতিহাসে নানাঘাটে উদ্ধার।' *বিষ্ণু*, ১৯৩৭। ৫ *বিণ* অস্থির। 'ঘোলা মনের এই যে সৃষ্টি।' *রবীন্দ্র*, ১৯৪১।

ঘোলাচোখ *বি* জ্যোতিহীন চোখ। 'বুড়ো বয়সের ঘোলাচোখে রঙের ফেরফার সহজে ধরা পড়ে না।' *মুজতবা*, ১৯৫২।

ঘোলাজল *বি* অস্বচ্ছ জল। 'বাঙ্গলা সাহিত্যের হাটে খাঁটী দুধ বলে হুবহু ঘোলাজল চালিয়ে দিচ্ছে।' *প্রমথ*, ১৯১৭।

ঘোলা জলের ডোবা – *বিণ* অনুকূল নয় এমন; অপ্রসন্ন। 'আবার বললুম মনে মনে, ভাগ্যটা ঘোলা জলের ডোবা।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঘোলাট [স ঘোলা>] *বিণ* অস্বচ্ছ। 'ঘোলাট মেঘের দল ছুটে আয়।' *জসীম*, ১৯৩৩।

ঘোলাটে [স ঘোলা>] ১ *বিণ* কাদাযুক্ত। 'কে যেন তাকে পঙ্কিল ঘোলাটে করে দিয়েছে।' *নজরুল*, ১৯২২। ২ *বিণ* ধূসর; অস্বচ্ছ। 'শিবের ত্রিনয়ন ঘন ঘোলাটে।' *নজরুল*, ১৯২২। ৩ *বিণ* ফ্যাকাশে। 'ঘোলাটে রঙের ভিভ।' *মাহমুদ*, ১৯৬৩। ৪ *বিণ* অস্পষ্ট। 'চোখের সামনে ঘোলাটে হয়ে যায়।' *সেলিনা*, ১৯৭৫।

ঘোলানো [স ঘূর্ণি>] *ক্রি* ঘুলানো; গুলিয়ে ফেলা। 'দুটোতে ঘোলাইয়া দিবার দরকার কি?' *রবীন্দ্র*, ১৯০৭।

ঘোষ [স] ১ *বি* হিন্দু পদবিবিশেষ। 'বাপ নান্দ ঘোষ/ চাহিআঁ বুলে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* গোয়ালা। 'ঘোষপাড়াতে হনহনিয়ে চলে নাড়ুগোপালটা।' *রবীন্দ্র*, ১৯৪১।

ঘোষজ, ঘোষজা [স] *বি* ঘোষবংশজাত। 'কাশীপ্রসাদ ঘোষজ ইঙ্গরেজী বিদ্যায় ইঁহার প্রতিযোগী কলিকাতায় প্রায় দেখি না।' *দর্পণ*, ১৮৩৩; 'গয়ারাম ঘোষজার তহবিল হইতে ... তঙ্কা কর্জ্জ করিলাম।' মেয়র্স, ১৭৫৬।

ঘোষণ [স ঘুষ্>] ১ *বি* প্রচার। 'মহাশয়ের যশ স্বদেশ বিদেশ ঘোষণ হইবেক।' *চন্দ্রিকা*, ১৮৩৪। ২ *বি* শব্দ করা। 'স্রোতঃ-পথে বহি যথা ভীষণ ঘোষণে।' *মাইকেল*, ১৮৬৬।

ঘোষণভূষণা [স ঘোষণ-ভূষণা] *বিণ স্ত্রী* শব্দকারী অলংকার পরিহিত। 'ঘোররূপা ঘোরতপা ঘোষণভূষণা।' *মুকুন্দ*, ১৬০০।

ঘোষণা [স] ১ *বি* উচ্চৈঃস্বরে প্রচার। 'শেষে জয় জয় ধ্বনি করয়ে ঘোষণা।' *বৃন্দা*, ১৫৮০; *বি* 'শিবে জয় কর যশ করিব ঘোষণা।' *মদনমোহন*, ১৮৩৪। ২ *বি* কীর্তিকথা। 'ঘোষণা রাখিব বীরের অবনি ভিতর।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* উচ্চ রব। 'স্বর্গ জায় বলি বীর উঠিল ঘোষণা ঘরে ঘরে গুজরাটে উঠিল কান্দনা।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* সংবাদ। 'তাঁহার ইউরোপ গমনের ঘোষণা দেশময় ব্যাপ্ত।' *অক্ষয়*, ১৮৪২। ৫ *বি* রটনা। 'আমাদিগের অপযশ ঘোষণা করিয়া স্বার্থ লাভ করিতে পারে।' *অক্ষয়*, ১৮৫৫।

ঘোষণা করা *ক্রি* প্রচার করা। 'আমাদিগের অপযশ ঘোষণা করিয়া স্বার্থ লাভ করিতে পারে।' *অক্ষয়*, ১৮৫৫।

ঘোষণাকারী [স] *বি* যে ঘোষণা করে। 'ঘোষণাকারীকে সাক্ষী মানতে হৈব।' *মনসুর*, ১৯৫৩।

ঘোষণাপত্র [স] ১ *বি* কোনো তথ্য বা আদেশ-নির্দেশ জানানোর জন্য প্রচারিত বিজ্ঞপ্তি। 'গবরনর জেনরল ... গেজেটপত্রে এরূপ ঘোষণাপত্র প্রকাশ করিয়াছিলেন।' *প্রভাকর*, ১৮৫২। ২ *বি* ইস্তাহার। 'পাবনার গোলযোগের সময় তিনি যে ঘোষণাপত্র প্রচার করেন।' *ভারত সংস্কারক*, ১৮৭৩।

ঘোষণা-পোত [স ঘোষণাপত্র] *বি* ঘোষণাপত্র। 'ভাসাল ঘোষণা-

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পোতে, এই কথা।' *মাইকেল*, ১৮৬৫।

ঘোষণাবাণী [স] *বি* বিজ্ঞপ্তি। 'ইহুদীদের নিবাস স্থল গড়িয়া তুলিবার উদ্দেশ্যে এক ঘোষণাবাণী প্রচারিত হয়।' *সওগাত*, ১৯২৯।

ঘোষণালিপি [স] *বি* প্রজ্ঞাপন। 'তিথি আর তিথির বাইরে তার মহাত্বের ঘোষণালিপির শমন পৌঁছয়।' *শব্দ*, ১৯৫৫।

ঘোষণীয় [স] *বিণ* প্রকাশের যোগ্য। 'গোপনীয় এবং ঘোষণীয়, সমস্তই আছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

ঘোষা [স ঘুষ্>] *ক্রি* ঘোষণা করা। 'তবে সে অদ্বৈতসিংহ নাম লোকে ঘোষে।' *বৃন্দা*, ১৫৮০। **ঘোষই** *ক্রি* ঘোষণা করে। 'নিজজন বচন ঢোল সম ঘোষই নিন্দা ত্রিশূল সম হানে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **ঘোষএ** *ক্রি* ঘোষণা করে। 'কি হৈল ২ করি ঘোষএ সকল।' *কবীন্দ্র*, ১৬৮৯। **ঘোষুক** *ক্রি* ঘোষণা করুক। 'চৌদিকে ঘোষুক শঙ্খধ্বনি।' *রবীন্দ্র*, ১৯৩২। **ঘোষে** *ক্রি* ঘোষণা করে। 'তবে সে অদ্বৈতসিংহ নাম লোকে ঘোষে।' *বৃন্দা*, ১৫৮০।

ঘোষাঘোষি *বি* উচ্চ স্বরে কথা বলা। 'ঘোষাঘোষি করন্ত বসিয়া এক মেলে।' *সুলতান*, ১৭০০।

ঘোষাণো [স ঘুষ্>] *বি* দ্রব্যের নাম সুর করে মুখস্থ বলানো। 'ঘোষাণোর অর্থ ... সমস্ত দ্রব্যের ইংরাজী নাম সুর করিয়া মুখস্থ বলা।' *রাজ*, ১৮৭৪।

ঘোষাল [স ঘোষ>] *বি* বাঙালি ব্রাহ্মণের উপাধিবিশেষ। 'ব্রহ্মবংশে জন্ম স্বামী বাপেরা ঘোষাল।' *মুকুন্দ*, ১৬০০।

ঘোষিত [স] *বিণ* ঘোষণা করা হয়েছে এমন। 'গৃহে গৃহে ঘোষিত হইল।' *বঙ্কিম*, ১৮৭৮।

ঘোষিতভাবে [স] *ক্রিবিণ* ঘোষণা অনুযায়ী। 'তাঁর প্রত্যয় ঘোষিতভাবে উদারতন্ত্রবিরোধী।' *শিব*, ১৯৬০।

ঘোসন [স ঘোষণা] *বি* প্রচার। 'এত অবজ্ঞস মোর হইল ঘোসন।' *মালাধর*, ১৫০০।

ঘোসনা [স ঘোষণা] *বি* উচ্চ শব্দে প্রচার। 'সাজ বলি ঘোসনা দিলত সতুরে।' *মালাধর*, ১৫০০।

ঘোসা [স ঘুষ্>] *ক্রি* ঘোষণা করা। **ঘোসএ** *ক্রি* ঘোষণা করে। 'উপেন্দ্র বলিয়া নাম ঘোসএ সংসারে।' *মালাধর*, ১৫০০। **ঘোসসি** *ক্রি* ঘোষণা করছো। 'কমণ কারণে রাধা ঘোসসি মাউলানী।' *বড়ু*, ১৪৫০। **ঘোসে** *ক্রি* ঘোষণা করে। 'অপুত্রা করিয়া মোরে ঘোসে বসুমতী।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ঘ্যাঁচ ঘ্যাঁচ [ধ্বন্যা] *বি* আলতোভাবে কোনো কিছু কাটার শব্দ। 'খ্যাঁশ খ্যাঁশ খ্যাঁচ খ্যাঁচ, রাত কাটে ঐরে।' *সুকুমার*, ১৯১৮।

ঘ্যাঁট [স ঘন্ট] *বি* পাঁচমিশালি তরকারি। 'খানিকটা ঘ্যাঁট দিয়া সেরখানেক বুকড়ি চাউলের অন্ন।' *প্রভাত*, ১৮৯৭।

ঘ্যাঁস [ধ্বন্যা] *বি* গাড়ির চাকার থেমে যাওয়ার শব্দ। 'একটি জিপ এসে ঘ্যাঁস করে ব্রেক কষে।' *হাসান*, ১৯৭৪।

ঘ্যাঙানো [ধ্বন্যা] *ক্রি* ঘ্যান ঘ্যান করা। 'ঘ্যাঙায় শুধু ঘ্যানর ঘ্যানর ঘ্যানঘ্যানে আর প্যানপ্যানে।' *সুকুমার*, ১৯১৮।

ঘ্যাচাং [ধ্বন্যা] *বি* নরম জিনিস কাটার শব্দ। 'ছুরি বসিয়ে দেবে ঘ্যাচাং করে।' *শিবরাম*, ১৯৭০।

ঘ্যাটাটোপ [স ঘটাটোপ] *বি* ঘেরাটোপ; আচ্ছাদন। 'এরা যে ফুলের গাছে এক-একটি ঘ্যাটাটোপ পরিয়ে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঘ্যানঘ্যান [ধ্বন্যা] *বি* বারবার বিরক্তিকর শব্দ। 'ঘ্যানঘ্যান কোরো না।' *মানিক*, ১৯৩৬।

ঘ্যানঘেনে [ধ্বন্যা] *বিণ* একঘেয়ে কথাপূর্ণ। 'তোমাদের ওইসব ঘ্যানঘেনে প্যানপেনে গান আমার এখন ভাল লাগবে না।' *মোতাহার*, ১৯৩৭।

ঘ্যান ঘ্যান প্যান প্যান [ধ্বন্যা] *বি* অনবরত নাকি কান্না ও অনুযোগ। 'রাত্রিদিন ঘ্যান ঘ্যান, প্যান প্যান।' *বঙ্কিম*, ১৮৭৪।

ঘ্যানঘ্যানানি [ধ্বন্যা] *বি* একঘেয়ে বিরক্তিকর কথা। 'শোন – আর ঘ্যানঘ্যানানি তুল না।' *গিরিশ*, ১৮৯৬।

ঘ্যানর ঘ্যানর [ধ্বন্যা] *বি* বিরতিহীনভাবে করা বিরক্তিকর ধ্বনি। 'ঘ্যাঙায় শুধু ঘ্যানর ঘ্যানর ঘ্যানঘ্যানে আর প্যানপ্যানে।' *সুকুমার*, ১৯১৮।

ঘ্যেঁটু [স ঘন্টাকর্ণ>] *বি* (হিন্দু পুরাণ) শিবের অনুচর ঘন্টাকর্ণ; ঘাঁটু। 'ঘ্যেঁটু পূজোতেও চিনির নৈবিদ্যি ও শকের যাত্রা বরাদ্দো ছিলো।' *হুতোম*, ১৮৬১।

ঘ্রত [স ঘৃত] *বি* ঘি। 'দধি দুগ্ধ ঘ্রত ঘোল সকটে সকটে ভরিয়া।' *মালাধর*, ১৫০০।

ঘ্রতধারা [স ঘৃতধারা] *বি* ঘৃতপ্রবাহ। 'নিরন্তর ঘ্রতধারা অগ্নি প্রজ্বলিল।' *সাঙ্কীর্ধর*, ১৫০০।

ঘ্রাণ [স] ১ *বি* সুবাস। 'যোজনেক যাউক তোর সুললিত ঘ্রাণ।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বি* ঘ্রাণেন্দ্রিয়; নাক। 'যাহার দ্বারা গন্ধ জ্ঞান হয়, তাহার নাম ঘ্রাণ।' *সেবধি*, ১৮৩৯। ৩ *বি* গন্ধ। 'কাউকে চেনে ঘ্রাণ।' *রবীন্দ্র*, ১৯০৬।

ঘ্রাণ করা *ক্রি* গন্ধ নেওয়া। 'নবকৌতূহলী শিশুদের মতো সকল জিনিসই তাহারা স্পর্শ করে, ঘ্রাণ করে, আস্বাদন করে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ঘ্রাণজ [স] *বিণ* ঘ্রাণেন্দ্রিয়গ্রাহ্য। 'ওটা তোমার ঘ্রাণজ প্রত্যক্ষ।' *বঙ্কিম*, ১৮৮২।

ঘ্রাণলুব্ধ [স] *বিণ* ঘ্রাণলোভী। 'চেটে যায় ঘ্রাণলুব্ধ পাড়ার কুকুর।' *রবীন্দ্র*, ১৯৪০।

ঘ্রাণশক্তি *বি* গন্ধ উপলব্ধি করবার ক্ষমতা। 'প্রখর ঘ্রাণশক্তি ও শ্রবণশক্তির বলে ... আক্রমণ করে।' *অক্ষয়*, ১৮৫৪।

ঘ্রাণে অর্ধভোজন – সরাসরি আস্বাদ না ক'রে পরোক্ষভাবে স্বাদগ্রহণ। 'ঘ্রাণে অর্ধভোজন হয় সেটা মিথ্যা কথা নয়।' *রবীন্দ্র*, ১৮৮৭।

ঘ্রাণেন্দ্রিয় [স] *বি* নাক। *সেবধি*, ১৮৩৯; 'ইহাদের ঘ্রাণেন্দ্রিয় প্রখরশক্তিসম্পন্ন।' *অক্ষয়*, ১৮৪৯।

ঘ্রান [স ঘ্রাণ] *বি* ঘ্রাণ। 'জোজনেক জাউক তোর সুললীত ঘ্রান।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ঘ্রেনা [স ঘৃণা] *বি* অবজ্ঞা। 'পামর তুঞা পরউচিষ্ট না করিলি ঘ্রেনা।' *মালাধর*, ১৫০০।

AMARBOI.COM

ঙমা [স উমা *বি* (হিন্দু পুরাণ) দুর্গা। 'ঙমা তুমি আসিয়া উদয়ে [illegible] দয়া।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ঙরা [স উত্তরণ>] *ক্রি* ত্রাণ করা। 'ঙরিতে উচিত বিদ্যা [illegible]।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ঙাপ্পি *বি* নাপ্পি; তীব্র গন্ধযুক্ত চাটনিজাতীয় খাবার। 'বার্মার ঙাপ্পিতে বাপরে কি গন্ধ।' *সুকুমার*, ১৯১৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চ *বি* বাংলা ষষ্ঠ ব্যঞ্জনবর্ণ। 'চকার বকার শব্দ উচ্চ করি বোলে।' *বৃন্দা*, ১৫৮০।

চবর্গ *বি* চ, ছ, জ, ঝ, ঞ – এই পাঁচটি বর্ণের সমষ্টি। 'দেবনাগরাদি ভারতবর্ষীয় অক্ষরের কবর্গ চবর্গাদি বর্গ বিভাগের নিয়মানুসারে বিভক্ত দেখা যায়।' *অক্ষয়*, ১৮৪৯।

চই [স চবিকা] *বি* পিপুলজাতীয় ঝাল স্বাদের লতা ও মূল। 'চই মরীচ সুন্ত দিয়ে সব ফল-মূলে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চইতন-চুটকি [স চৈতন্য+স চূড়া>] *বি* টিকি। 'ছিল চইতন-চুটকি আদিতে টিকি হয় যার বংশ।' *সত্যেন্দ্র*, ১৯১৭। *দ্র* **চৈতন**

চউকি [স চমকিত] *ক্রিবিণ* চমকিত হয়ে। 'চউকি চলএ খনে খনে চলু মন্দ। মনমথ পাঠ পহিল অনুবন্ধ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চউকোডি [স চতুঃ+কোটি] *বিণ* চার কোটি। 'চউকোডি ভণ্ডার মোর লইআ সেস।' *চর্যা ৪৯*, ১২০০।

চউখ [স চক্ষু] *বি* চোখ। 'এতো আর ধলাকর্তার ছানিপড়া চউখ না।' *নরেন্দ্র*, ১৯৫১।

চউখণ [স চতুঃক্ষণ] *বি* চতুর্থ ক্ষণ। 'আছহুঁ চউখণ সংবোহী।' *চর্যা ৪৪*, ১২০০।

চউঠ [স চতুর্থ] *বিণ* চতুর্থ। 'চউঠ পহরে কাহ্ন করিল আধর পান।' *বড়ু*, ১৪৫০।

চউদিস [স চতুর্দিশ] *বি* চতুর্দিক। 'মাঙ্গত চড়হিলে চউদিস চাহঅ।' *চর্যা ৮*, ১২০০।

চউধরি [স চতুর্ধুরী] *বি* রাজপ্রদত্ত পদবিবিশেষ। 'নিউণি চউধরি নহি নাকরি তালুক।' *মুকুন্দ*, ১৬০০।

চউপর [স চতুঃপ্রহর] *ক্রিবিণ* দিবানিশি। 'দেহত বরিষত চউপর চিন্তত বিরহিণী বৈরী।' *ব্যহরাম*, ১৬৫০।

চউশঠী [স চতুঃষষ্টিকা] *বিণ* চৌষট্টি। 'চউশঠী ঘড়িয়ে দেট পসারা।' *চর্যা ৩*, ১২০০।

চউষঠ্ঠি [স চতুঃষষ্টিক] *বিণ* চৌষট্টি। 'চউষঠ্ঠি কোঠা গুনিআ লেহঁ।' *চর্যা ১২*, ১২০০।

চউহাণী *বিণ স্ত্রী* আশঙ্কিত। 'না দেখিল তোহ্মা হেন কথাহোঁ চউহাণী।' *বড়ু*, ১৪৫০।

-চএ *প্রত্যয়* -চয়। 'নানা রত্ন নানা অস্ত্র নানা সাস্ত্র চএ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চওড়া [হি চৌড়া] **১** *বি* খোলা জায়গা। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বিণ* প্রশস্ত। 'ঝোল, চওড়া চেটকা পাত্রে রাখিয়াছে।' *তারিণী*, ১৮০৩। **৩** *বিণ* দীর্ঘ। 'বেশ একটু চওড়া গোছের নাম।' *রবীন্দ্র*, ১৯৩২।

চওড়া-পেড়ে *বিণ* প্রসারিত পাড়বিশিষ্ট। 'অসীমা চওড়া-পেড়ে খয়েরী রঙের পুরনো একখানা তাঁতের শাড়ি দিল।' *নরেন্দ্র*, ১৯৪৯।

চংক্রমণ [স] *বি* পরিভ্রমণ; ঘুরে ঘুরে ভ্রমণ। 'তবে কত দিনে কৈল পাদ-চংক্রমণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চক[১] [স চতুষ্ক] **১** *বি* চতুষ্কোণ ভূমি। 'চকের মাঝেতে কোতরালি চবুতরা।' *ভারত*, ১৭৬০। **২** *বি* এলাকা। 'এ চকের মধ্যে জে বাজে জমি আছে।' *তেরণি*, ১৭৮৩। **৩** *বি* হাট-বাজার। *ওসাঁ*, ১৭৮৫। **৪** *বি* চত্বর। 'চকের মুড়া পর্য্যন্ত দোকাতারি আসাবরদার ও চাপদার।' *রামরাম*, ১৮০১। **৫** *বি* মাঠ। 'জল উঠেছে কি, ডুহার চকের কাছে?' *জসীম*, ১৯৩১।

চক-কাটা *বিণ* খোপ খোপ। 'ধর্মনীতির যে সোজা সোজা চক-কাটা ঘর বানাইয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৯৯।

চক[২] [স চক্ষু] *বি* চোখ। 'কেবল চকের দেখা বৈতো নয়।' *উমেশ*, ১৮৫৭।

চক[৩] [ই] *বি* লেখার জন্য ব্যবহৃত খড়িমাটি। 'চকখড়ি চকখড়ি চক/ এইবার আঁকছি বক।' *অন্নদা*, ১৯৫০।

চকখড়ি [হি চক+হি খড়ী] *বি* খড়িমাটি। 'চকখড়ি চকখড়ি চক/ এই বার আঁকছি বক।' *অন্নদা*, ১৯৫০।

চকচক [ধ্বন্যা] *বি* দীপ্তি প্রকাশ। 'তাদের চোখ চকচক করে উঠেছে।' *ওয়ালী*, ১৯৪৫।

চকচকে [ধ্বন্যা চকচক>] *বিণ* উজ্জ্বল। 'হীরের মতো পল-কাটা চকচকে ঝকঝকে।' *প্রমথ*, ১৮৯৮।

চকনামা [চক+ফা নামাহ্] *বি* জমির সীমানা নির্ধারণ। 'কর্ম্মচারি ও প্রজা কোতওয়াল মৌফিক চকনামা দরখাস্ত মতে নিসাদা করিয়া দিবেক।' *চিঠিপত্রে*, ১৭৯৭।

চকবন্দী [চক+ফা বন্দী] *বিণ* চারদিকে দালান-ঘেরা; চকমিলান। 'তারমহলে চকবন্দী আঙিনা।' *মনসুর*, ১৯৫৫।

চকমক [তু] **১** *বিণ* অত্যন্ত উজ্জ্বল; ঝকমকে। 'চিকন কাবাই গায় চকমক সোনা।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বি* ইস্পাত। *ওসাঁ*, ১৭৮৫।

চকমকে [ধ্বন্যা] *বিণ* অত্যন্ত উজ্জ্বল। 'মাণিক কলগী তোরা চকমকে হীরা।' *ভারত*, ১৭৬০।

চকমকি [তু চকমক>] **১** *বি* আগুন জ্বালানোর কাজে ব্যবহৃত পাথর। *ওসাঁ*, ১৭৮২; 'চকমকি ঝেড়ে এক ছিলিম তামাক সাজা তো?' *প্যারী*, ১৮৫৮। **২** *বি* চোখ ধাঁধানো উজ্জ্বলতা। 'বিদ্যুতের চকমকিতে ভয়ে ক্ষুদে ক্ষুদে ছেলেরা মার কোলে কুণ্ডুলি পাকাতে আরম্ভ কল্লে।' *হুতোম*, ১৮৬১।

চকমকি-ঠোকা *বিণ* চকমকি দ্বারা আগুন জ্বালানো হয়েছে এমন। 'সেই সুন্দরীর চোখের চকমকি-ঠোকা আগুনের ফুলকিটি ...।' *প্রমথ*, ১৯১৮।

চকমকির পাথর *বি* আগুন জ্বালানোর পাথর। 'চকমকির পাথর যদি কারু থাকে।' *অচিন্ত্য*, ১৯৫০।

চকমিলান, চকমিলানো [স চতুষ্ক>] **১** *বি* পরিবেষ্টন। 'বাটী চতুর্দ্দিগে চকমিলান করিয়া তিন চারি মহাল করিয়াছেন।' *কেরি*, ১৮০২। **২** *বিণ* চারদিকে ঘর দিয়ে বেষ্টিত। 'সে আমলের চকমিলানো বাড়ি।' *তারা*, ১৯৪০।

চকমেলানো [স চতুষ্ক>] *বিণ* চতুষ্কোণ উঠান ঘিরে তৈরি হওয়া। 'চকমেলানো বাড়ি।' *প্রমথ*, ১৯০৫।

চকলখোর [ফা চুগল-খোর] *বিণ* পরনিন্দাকারী। *মানোএল*, ১৭৪৩।

চকলেট [ই চকোলেট] *বি* কোকোর গুঁড়া, দুধ, চিনি ইত্যাদি দিয়ে তৈরি শুকনা মিষ্টিবিশেষ। 'জরিশাড়ি-মোড়া চকলেট।' *নজরুল*, ১৯৩১। *দ্র* **চকোলেট**

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চকা[১] [স চক্র] *বি* চক্র। 'চন্দ সূজ্জ দুই চকা সিঠি সংহার পুলিন্দা।' *চর্যা ১৪*, ১২০০।

চকা[২] [স চক্রবাক>] *বি* চখা; হাঁসজাতীয় পাখিবিশেষ। 'হরিয়াল, চকা, ডাক আদি শত শত।' *গুপ্ত*, ১৮৫৮।

চকাচকী [স চক্রবাক>] *বি* পুরুষ ও স্ত্রী জাতের চখা পাখি। 'শরৎকালে যে নির্জনে চকাচকীর ঘর।' *রবীন্দ্র*, ১৯০০।

চকা[৩] [স চকিত>] *ক্রি* চকিত হওয়া। 'চকিয়া দিকে দিকে/ তিমির চিরি যায় চলে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চকার বকার [স চ-কার ব-কার] *বিণ* অশ্লীল (গালি)। 'চকার বকার শব্দ উচ্চ করি বোলে।' *বৃন্দা*, ১৫৮০।

চকিত [স] ১ *বিণ* চঞ্চল। 'চাহে দশ দিশ কাহ্ন চকিত নয়নে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* চমকিত। 'তাহার প্রাশস্ত্য ও তেজ এক বেন্ত দেখিয়া বড় চকিত হইল।' *তারিণী*, ১৮০৩। ৩ *বিণ* ঝলকিত। 'তড়িত চকিত অতি, ঘোর মেঘরব।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৪ *বিণ* ক্ষণিকের। 'চকিত এক হাসির ছটায়, ললিত কপোলে তার গোলাপ ফুটায়।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৫ *বি* ক্ষণকাল। 'দূর থেকে চকিতের মতো সেই অনির্বচনীয় চির-রহস্যকে দেহের স্ফটিক-বাতায়নে একটুখানি যেন দেখা গেল।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৬ *বিণ* বিস্মিত। 'মজুমদার চকিত হইয়া দেখিল, তাহাদেরই রাস্তায় গাড়ি দাঁড়াইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭। ৭ *বিণ* হঠাৎ। 'চঞ্চল আগ্রহের চকিত ঝংকার।' *রবীন্দ্র*, ১৯৪১।

চকিতমাত্র [স] *ক্রিবিণ* ক্ষণকালের জন্য। 'ধবলাকার কোন পদার্থ চকিতমাত্র দেখিতে পাইলেন।' *বঙ্কিম*, ১৮৬৫।

চকিত হওয়া ১ *ক্রি* বিস্মিত হওয়া। 'তখন রাজপুত্র চকিত হইয়া কহিতে লাগিলেন।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *ক্রি* দীপ্তি পাওয়া। 'বিদ্যুতের আলোক চকিত হইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

চকিতা [স] ১ *ক্রিবিণ* স্ত্রী হঠাৎ। 'পহিলহি রাধা মাধবক ভেটে/ চকিতাহি চাহি বয়ন করু হেট।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* স্ত্রী চঞ্চল। 'শুনিব বঁধুর বাঁশি বন-হরিণী চকিতা।' *নজরুল*, ১৯৩২।

চকিনী [স চক্রবাকী] *বি* স্ত্রী চাতক পাখি। 'চকোয়া বিচ্ছেদে যেন তাপিত চকিনী।' *বাহরাম*, ১৬৫০।

চকেবা [স চক্রবাক] *বি* চক্রবাক; পাখিবিশেষ। 'কুচজুগ চারু চকেবা। নিজ কুল মিলিত আনি কোন দেবা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চকো চকো [ধ্বন্যা] *বি* চুক চুক শব্দ। 'জল চকো চকো করে চাটে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চকোয়া [স চক্রবাক] *বি* চাতক পাখি। 'চকোয়া বিচ্ছেদে যেন তাপিত চকিনী।' *বাহরাম*, ১৬৫০।

চকোর [স] *বি* পাখিবিশেষ। 'তাত মজি গেল মোর নয়নচকোর।' *বড়ু*, ১৪৫০।

চকোরিণী [স চকোরী] *বি* স্ত্রী চকোর। 'চকোরিণী অভাগিনী হাহারব মুখে।' *গুপ্ত*, ১৮৫৮।

চকোরী [স] *বি* স্ত্রী পাখিবিশেষ। 'জলে তন্ত্রচূড় লেখে চকোর চকোরী।' *মুকুন্দ*, ১৬০০।

চকোলেট [ই] *বি* কোকোর গুঁড়া, দুধ, চিনি ইত্যাদি দিয়ে তৈরি শুকনা মিষ্টিবিশেষ। 'চকোলেট খাওয়ার লোভটাকে দিলে ছেড়ে।' *রবীন্দ্র*, ১৯৩২।

চক্কর, চক্কোর [স চক্র] ১ *বি* ঘূর্ণি। 'পূব কোণেতে মেঘের গায়ে চক্কর দিয়ে যায়।' *জসীম*, ১৯২৭; 'বিষের সঙ্গে খোঁজ নাই কুলোপানা চক্কোর।' *দীনবন্ধু*, ১৮৭২। ২ *বি* গোলাকার স্থান। 'মেহেদির বেড়া ঘেরা সবুজ চক্কর।' *অবন*, ১৯২৭।

চক্কোত্তি, চক্কোবর্ত্তি [স চক্রবর্তী] *বি* হিন্দু পদবি-বিশেষ; চক্রবর্তী। 'আমার সঙ্গে পাঠশালে সেই যে হরি চক্কোত্তির ছেলেটা ছিল।' *শওকত*, ১৯৫৮।

চক্কোবর্ত্তিগিরি [স চক্রবর্তী+ফা গিরি] *বি* চক্রবর্তী ব্রাহ্মণের পেশা। 'কিছু পেয়েছ? খড়ম পায়ে চক্কোবর্ত্তিগিরি করেছ।' *হাসান*, ১৯৬৭।

চক্র [স] ১ *বি* চক্রাকার পৌরাণিক অস্ত্র। 'যে কৃষ্ণ রহিল দৈবকী উদরে/ সেহি শঙ্খ চক্র গদা শারঙ্গ ধরে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* চক্রান্ত। 'মিছে কেহ্নে চক্র কাহ্নাঞি করহ বাখান।' *বড়ু*, ১৪৫০। ৩ *বি* (তন্ত্র) শরীরের কল্পিত কেন্দ্র। 'মূল চক্র হয় হংস যোগের আধার।' *চণ্ডী*, ১৫৫০। ৪ *বি* সংঘ; বর্গ। 'বাবু রাজদরবারে ও রাজমন্ত্রির চক্রের মধ্যে এইক্ষণে গৃহীত।' *দর্পণ*, ১৮৩১। ৫ *বি* চাকা। 'শকটের চক্রগুলি অতি ভীষণ ক্যাঁচ কোঁচ রব করিতেছিল।' *বিদ্যা*, ১৮৫৬। ৬ *বি* ব্যূহ স্থাপন প্রণালিবিশেষ। 'বৃত্ত, তার্ক্য, সৌত্র, চক্র, পদ্ম ... শব্দচাতুরী দেখাইয়া দিলেন।' *রবীন্দ্র*, ১৮৯২। ৭ *বি* চাকার মতো আকৃতি। 'একটি চক্র আঁকা।' *রবীন্দ্র*, ১৯০৭। ৮ *বি* দক্ষা। 'এই প্রথম চক্রে ভয় নাই।' *মশাররফ*, ১৯০৮। ৯ *বি* ফণা। 'চক্র তুলিয়া কামড়াইবার ভান করে।' *শরৎ*, ১৯১৮। **চক্রেত** *ক্রিবিণ* চক্রাকারে। 'দেখিলেন্ত সুর শশী বিশুদ্ধ চক্রেত।' *আলাওল*, ১৬৮০।

চক্রাস্ত্র [স] *বি* প্রাচীন যুদ্ধাস্ত্রবিশেষ। 'লোহার রাহাক আনি চক্রক করিল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চক্রচালন [স] *বি* চাকা ঘোরানো। 'কুমারের চক্রচালনও তাহার সম্পূর্ণ অজ্ঞাত নহে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চক্রচিহ্ন [স] *বি* চাকার ছাপ। 'গোরুর গাড়ি-চলাচলের সুগভীর চক্রচিহ্ন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চক্রদার [স চক্র+ফা দার] *বিণ* চাকার মতো গোল নকশাযুক্ত। 'চক্রদার যত অঙ্গর।' *মাহমুদ*, ১৯৬৩।

চক্রনৃত্য [স] *বি* চক্রাকারে নাচ। 'প্রচণ্ড বেগে চলেছে ব্যক্ত-অব্যক্তের চক্রনৃত্য।' *রবীন্দ্র*, ১৯৩৫।

চক্রনেমি [স] *বি* চাকার বেড়। 'ধায় রথ, ঘুরয়ে ঘর্ঘরে চক্রনেমি।' *মাইকেল*, ১৮৬১।

চক্রপথ [স] *বি* বৃত্তাকার পথ। 'চক্রপথে রবি শশী ভ্রমে।' *রবীন্দ্র*, ১৮৮৩; 'গাড়িটা কেবলই ... চক্রপথে ঘুরিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

চক্রপাণি [স] *বি* হিন্দুদেবতা বিষ্ণু। 'শূন্যভরে কৌতুকে রহিলা চক্রপাণি।' *রূপরাম*, ১৭৫০।

চক্রপাণী, চক্রপানি [স চক্রপাণি] *বি* হিন্দুদেবতা বিষ্ণু। 'এবেঁ তাক কি বুলিবোঁ বোল চক্রপাণী।' *বড়ু*, ১৪৫০; 'কোন আজ্ঞা হউক মোরে দেব চক্রপানি।' *মালাধর*, ১৫০০।

চক্রবাণ [স] *বি* অস্ত্রবিশেষ। 'দোয়াড়ি চেয়াড় বাণ তরয়ার খরসান ডুষণ্ডি ডাবুষ চক্রবাণ।' *মুকুন্দ*, ১৬০০।

চক্রবাত্যা [স] *বি* ঘূর্ণিবায়ু। 'পারস্যে তার চক্রবাত্যা যখন পাক দিয়ে উঠছিল।' *রবীন্দ্র*, ১৯৩৬।

চক্রবান [স] *বিণ* চাকাওয়ালা। 'চক্রবান যানবাহনকে গ্রহণ করে তাকে নিজের জীবনযাত্রার অনুগত করেছিল।' *রবীন্দ্র*, ১৯২৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চক্রবাল [স] *বি* দিগন্তরেখা। 'নীল পর্বতসানু সমুদ্রের বিলীন চক্রবাল সীমায়।' *বিভূতি*, ১৯২৯।

চক্রবালতট [স] *বি* আকাশ ও পৃথিবীর মিলনরেখা বলে মনে হয় যে স্থানকে। 'ধূধূ ধূধূ বালুকার বিজন সঙ্কটে, চক্রবালতটে ...।' *জীবন*, ১৯৩০।

চক্রবালরেখা [স] *বি* আকাশ ও পৃথিবীর মিলনরেখা। 'দূরবিসর্পিত চক্রবালরেখা।' *বিভূতি*, ১৯৩১।

চক্রবৃদ্ধি [স] **১** *বি* আসল ও সুদের সুদ দিয়ে বৃদ্ধি। 'কিস্তি বাকী পড়িয়া চক্রবৃদ্ধিহার ক্রমাগত বাড়িয়া চলিল।' *ইমদাদুল*, ১৯২০। **২** *বি* ক্রমে অধিক হারে বৃদ্ধি। 'বিপ্লবে বিপ্লবে বিনষ্টির চক্রবৃদ্ধি দেখে ...।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

চক্রব্যূহ [স] *বি* সৈন্যদের চক্রাকার বেষ্টনী। 'চক্রব্যূহ ভেদকথা কহত আঘাতে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চক্রভ্রমি [স চক্রভ্রম] *বি* কুঁদযন্ত্র। 'চক্রভ্রমি ভ্রমে যৈছে অলাত আকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চক্রমণ্ডলী [স] *বি* বৃত্তাকার বেষ্টনী। 'পাঁচটা গাছের চক্রমণ্ডলী ছিল বনের ধারে।' *রবীন্দ্র*, ১৯৪০।

চক্রমুখরমন্দ্রিত [স] *বিণ* চাকার শব্দে মুখরিত। 'নমো যন্ত্র, তুমি চক্রমুখরমন্দ্রিত।' *রবীন্দ্র*, ১৯২২।

চক্রযন্ত্র [স] *বি* মোটর; পাম্প। 'আমাদের ইঁদারার জন্যে আমেরিকা থেকে একটা বায়ুচল চক্রযন্ত্র এনেছিলুম।' *রবীন্দ্র*, ১৯৩১।

চক্ররেখা [স] *বি* আবর্তন রেখা। 'চক্ররেখা পূর্ণ হল আরম্ভে আর শেষে।' *রবীন্দ্র*, ১৯৪১।

চক্রলহরী [স] *বি* ঘূর্ণমান ঢেউ। 'ঘুরে ঘুরে চলে অশ্রুতবাণীর চক্রলহরী।' *রবীন্দ্র*, ১৯৩২।

চক্রলাঞ্ছিত [স] *বিণ* বিশেষ পদকধারী। 'সেই চক্রলাঞ্ছিত, ওষ্ঠাগতপ্রাণ, প্রভুভক্ত লিপিবরের বক্ষ চিরে ...।' *নজরুল*, ১৯২৭।

চক্রসীমা [স] *বি* আবর্তপথের সীমানা। 'সূর্য আপন চক্রসীমাটুকু ছাড়িয়ে বহুলক্ষ ক্রোশ ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চক্রহীন [স] *বিণ* চাকাহীন। 'শীতল-প্রদেশীয় লোকেরা একপ্রকার চক্রহীন শকটে আরোহণ-পূর্বক বরফের উপর দিয়া ...।' *অক্ষয়*, ১৮৫৪।

চক্রাকার [স চক্র-আকার] *বি* বৃত্ত। 'তার পরে চক্রাকারে সব অঙ্গে শোভে কুহার কুমুদ কুন্দ শ্বেত শতদল।' *দীনবন্ধু*, ১৮৬৭।

চক্রাকৃতি [স চক্র-আকৃতি] *বিণ* চাকার মতো গোলাকার। 'গোল২ চক্রাকৃতি চিহ্ন।' *দর্পণ*, ১৮১৯।

চক্রাদ্যস্ত্র [স চক্র-আদি-অস্ত্র] *বি* চক্র ও ঐ জাতীয় অস্ত্র। 'হস্ত মুখ নেত্র অঙ্গ চক্রাদ্যস্ত্র সম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চক্রান্তরে [স] *ক্রিবিণ* প্রকারান্তরে। 'যোগজীবনকে চক্রান্তরে পাপাত্মা বলা।' *দীনবন্ধু*, ১৮৬৭।

চক্রাবর্ত [স চক্র-আবর্ত] *বি* স্রোতের ঘূর্ণি। 'চক্রাবর্তে ঘোরে ডিঙ্গা সাধু কম্পমান।' *কেতকা*, ১৬৫০।

চক্রোদ্ধার বিদ্যা [স চক্র-উদ্ধার-বিদ্যা] *বি* মাকড়সার জাল বোনার কৌশল। 'মাকড়সা চক্রোদ্ধার বিদ্যাতে আপন নিপুণতার প্রাগল্‌ভ করিলেক।' *তারিণী*, ১৮০৩।

চক্রবর্তী, চক্রবর্ত্তী, চক্রবর্ত্তি [স চক্রবর্তী] **১** *বি* বাঙালি ব্রাহ্মণের পদবি-বিশেষ। 'নীলাম্বর চক্রবর্ত্তীর হয়েন দৌহিত্র।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'শ্রীরাধাকান্ত চক্রবর্ত্তি।' *চিঠিপত্রে*, ১৮৩৯। **২** *বিণ* প্রধান। 'আড্ডার চক্রবর্তী ছিলেন চাচা।' *মুজতবা*, ১৯৫২।

চক্রবাক [স] *বি* হাঁসজাতীয় পাখি; চখা। 'অপুরুব কুচ চক্রবাক যুগল।' *বড়ু*, ১৪৫০।

চক্রবাকী [স] *বি স্ত্রী* চক্রবাক পাখি। 'কুরলী কুরল চক্রবাক চক্রবাকী।' *ভারত*, ১৭৬০।

চক্রান্ত [স] *বি* ষড়যন্ত্র। 'এই চক্রান্ত করিয়া, তাহারা পরিশ্রম ছাড়িয়া দিল।' *বিদ্যা*, ১৮৫৬।

চক্রান্তকারী [স] *বি* ষড়যন্ত্রকারী। 'পৃথিবীর নির্মম কুটিলবুদ্ধি চক্রান্তকারীদের সম্বন্ধে বার বার সতর্ক করে দিলেন।' *রবীন্দ্র*, ১৮৯১।

চক্রান্তজাল [স] *বি* ষড়যন্ত্রের ফাঁদ। 'সে য়ুরোপীয় জাতির চক্রান্তজাল থেকে মুক্ত হতে পেরেছিল।' *রবীন্দ্র*, ১৯৪১।

চক্রী [স] **১** *বিণ* ঘূর্ণমান। 'আনে যদি চক্রী সমীরণ নিরতীত নৈরাজ্যের রূঢ় নিমন্ত্রণ।' *সুধীন্দ্র*, ১৯৩১। **২** *বি* চক্র নামক অস্ত্রধারী। 'পদাতিকের সঙ্গে চক্রীর মেলে না।' *রবীন্দ্র*, ১৯৩৬।

চক্ষ [স চক্ষু] *বি* চোখ। 'দর্পণে বদন দেখ চক্ষে বাত খো।' *মুকুন্দ*, ১৬০০।

চক্ষে অন্ধকার দেখা *ক্রি* মহাবিপদে পড়া। 'জাহাঙ্গীর চক্ষে অন্ধকার দেখিতে লাগিল।' *নজরুল*, ১৯৩১।

চক্ষে ধুলা দেওয়া *ক্রি* ফাঁকি দেওয়া। 'তুমি বাইরে আইলেই শত্রুর চক্ষে ধুলা দিবা।' *ভবানী*, ১৮২৮।

চক্ষে ধূলি দেওয়া *ক্রি* ফাঁকি দেওয়া। 'ঐ বই হুতোমের উত্তর বলে কতকগুলি ভদ্রলোকের চক্ষে ধূলি দিয়ে ব্যাচেন।' *হুতোম*, ১৮৬৮।

চক্ষের পলকে *ক্রিবিণ* খুব অল্প সময়ের মধ্যে; মুহূর্তের মধ্যে। 'তারে চ'ড়ে চক্ষের পলকে টেলিগ্রাফ এলেন।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চক্ষের পাতা *বি* চোখের ঢাকনা। *ওসা*, ১৭৮২; 'কখনো বিদ্যুৎবৎ, কখনো চক্ষের পাতা কাঁপিতেছে।' *হরপ্রসাদ*, ১৮৮১।

চক্ষের প্রবাহ *বি* অশ্রুধারা। 'দলনীর চক্ষের প্রবাহ আবার ছুটিল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

চক্ষের বিষ *বি* শত্রু। 'তেজোময় বজ্র-মাত্রই তার চক্ষের বিষ।' *মাইকেল*, ১৮৬১।

চক্ষের মণি *বি* অত্যন্ত স্নেহের পাত্র। 'ছোটো ছেলেটি, সেই তাহার চক্ষের মণি।' *রবীন্দ্র*, ১৮৯২।

চক্ষের মাথা খাওয়া *ক্রি* অমনোযোগী হওয়া। 'খাইয়া চক্ষের মাথা, মিছামিছি যথা তথা ...।' *মদনমোহন*, ১৮৩৪।

চক্ষের লাজ *বি* চোখের লজ্জা। 'এ পাপ চক্ষের লাজ।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চক্ষু, চক্ষুঃ [স চক্ষুঃ] **১** *বি* চোখ। 'প্রবাল ঘটিত চক্ষু চরন তাহার।' *মালাধর*, ১৫০০। **২** *বি* দৃষ্টি। 'ছেলেটিকে দেখে চক্ষু জুড়ায়।' *প্যারী*, ১৮৫৮।

চক্ষু অর্পণ করা *ক্রি* নজর দেওয়া। 'পূর্ব্ব সপ্তাহের দর্পণে চক্ষু অর্পণ করাতে ...।' *দর্পণ*, ১৮৩০।

চক্ষু-আবরণী *বি* চোখের ঢাকনা। 'চোখে গগল্‌সের স্থলাভিষিক্ত গাটাপার্চার চক্ষু-আবরণী।' *তারা*, ১৯৪৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চক্ষুঃজল [স] *বি* চোখের জল। 'অবিরল চক্ষুঃজল পুঁছিয়া আঁচলে।' *মাইকেল*, ১৮৬১।

চক্ষুঃপ্রকাশ [স] *বি* চোখ খোলা; চোখ উন্মোচন। 'অনেকে চক্ষুঃপ্রকাশ পূর্ব্বক ছাপার পত্র দেখিয়া থাকেন।' *বঙ্গদূত*, ১৮২৯।

চক্ষুঃশূল [স] **১** *বিণ* সকলের অপ্রিয়। 'সে চক্ষুঃশূল হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৩। **২** *বিণ* বিরক্তিকর। 'বাঙ্গালায় সন্ধি তাঁহার চক্ষুঃশূল।' *বঙ্কিম*, ১৮৯২।

চক্ষু কপালে উঠা *ক্রি* আতঙ্কগ্রস্ত হওয়া। 'সরকার সাহেবের চক্ষু কপালে উঠে।' *মনসুর*, ১৯৫৫।

চক্ষুকর্ণের বিবাদভঞ্জন হওয়া *ক্রি* কানে-শোনা বিষয় চোখে দেখে তার সত্যাসত্য সম্বন্ধে নিশ্চিত হওয়া। 'আজ চক্ষুকর্ণের বিবাদভঞ্জন হল।' *রবীন্দ্র*, ১৯০৭।

চক্ষুকানা [স চক্ষুঃ-কাণ] *বিণ* অন্ধ। '... নগরবাসীদিগের হতাবশিষ্টগণ কেহ খঞ্জপদ, কেহ চক্ষুকানা।' *হরপ্রসাদ*, ১৮৮১।

চক্ষুখাকী, চক্ষুখাগী, চক্ষুখাদিকা [স চক্ষুঃ-খাদিকা] *বি* গালিবিশেষ। 'চক্ষুখাকী তোর চোখের মাথা খাইয়া দেখিতে পাইস না।' *কেরি*, ১৮০২; 'চক্ষুখাগী তাহা কি দেখিস নাই।' *দর্পণ*, ১৮২১; 'চক্ষুখাদিকা ভর্তার মরমায়ুহন্ত্রী, অষ্টকুষ্টির পুত্রী।' *রবীন্দ্র*, ১৮৯১।

চক্ষু খোলা *ক্রি* জ্ঞান লাভ হওয়া। 'মেজদা, আমার ক্রমে চক্ষু খুলছে।' *গিরিশ*, ১৮৮৯।

চক্ষুগোচর [স] *বিণ* দৃষ্টিগ্রাহ্য। 'চক্ষুগোচর দেদীপ্যমান যে পরাক্রম।' *দর্পণ*, ১৮৩৩।

চক্ষু চড়কগাছ – বিস্ময়ে অভিভূত চক্ষু স্থির। 'সে-সব শুনলে চক্ষু চড়কগাছ হয়ে উঠবে।' *নজরুল*, ১৯২৪; 'রায়বাহাদুরের চক্ষু চড়কগাছ।' *সাদত*, ১৯৬৭।

চক্ষু ছানাবড়া – বিস্ময়ে চক্ষু বিস্ফারিত। 'শ্বেতাঙ্গ প্রভুদের চক্ষু ছানাবড়া।' *সাদত*, ১৯৬৭।

চক্ষু-জল [স] *বি* অশ্রু। 'দু-চোখ চক্ষু-জলেতে ভাসান।' *রবীন্দ্র*, ১৮৯৯।

চক্ষু জুড়ানো *ক্রি* চোখ জুড়িয়ে যাওয়া। 'ছেলেটিকে দেখে চক্ষু জুড়ায়।' *প্যারী*, ১৮৫৮।

চক্ষু টেরা *বিণ* টেরা চোখবিশিষ্ট। 'এক ব্যক্তি চক্ষু টেরা মাথা নেড়া লোম কটা ... মৃদুস্বরে কহিলেন, সালাম গো বিবি।' *ভবানী*, ১৮২৮।

চক্ষুতারকা, চক্ষুতারা [স] *বি* চোখের মণি। 'চক্ষুতারা বিবর্ণ হইয়া ঊর্দ্ধে উঠিয়াছে।' *মশাররফ*, ১৮৮৫; 'তাহার ঘনকৃষ্ণ বিপুল চক্ষুতারকায় সুগভীর আবেগতীব্র বেদনাপূর্ণ আগ্রহকটাক্ষপাত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চক্ষুতে ধুলা দেওয়া *ক্রি* ফাঁকি দেওয়া। 'কল্পিত ইংরেজি নাম রাখিয়া লোকের চক্ষুতে ধুলা দিতেছেন।' *নজরুল*, ১৯২২।

চক্ষুদান [স] *বি* দৃষ্টিশক্তি লাভ। 'পৃথিবীর চক্ষুদান হল সেই দিন।' *সুকান্ত*, ১৯৪৮।

চক্ষুদানি [স চক্ষু+ফা দান>] *বি* (বাউল) জ্ঞান। 'নিজ নামে হয় চক্ষুদানি।' *লালন*, ১৮৯০।

চক্ষুদীপ [স] *বি* চোখরূপ বাতি। 'রুদ্র বহ্নি তাই কি নিস্তেজে জ্বলে ক্ষুদ্র চক্ষুদীপে তার?' *সুধীন্দ্র*, ১৯৩০।

চক্ষুপল্লব [স] *বি* চোখের পাতা। 'চক্ষুপল্লবের মধ্য দিয়া ... গড়াইয়া পড়িতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০২।

চক্ষুপীড়া [স] *বি* চোখের রোগ। 'কানার চক্ষুপীড়া মাত্র।' *গোলোক*, ১৮০১।

চক্ষু ফোটা *ক্রি* জ্ঞান লাভ হওয়া। 'হিন্দুরদের চক্ষু ফুটিয়াছে।' *দর্পণ*, ১৮৩১।

চক্ষু ফোটানো *ক্রি* শিক্ষাদান করা। 'তাহারাই ইহাদের এ চক্ষু ফুটাইলেন।' *ভারত সংস্কারক*, ১৮৭৩।

চক্ষুর বালি *বি* চক্ষুশূল; অপ্রিয় পাত্র। 'আমি হব স্বামীর চক্ষুর বালি।' *মুকুন্দ*, ১৬০০।

চক্ষু বোঁজা, চক্ষু বুঁজা *ক্রি* চোখ বন্ধ করা; মরা। 'চক্ষু বুঁজে ... হুরপরির সঙ্গে সমান আসন দিয়েছেন।' *নজরুল*, ১৯১৯।

চক্ষু-বোঁজা *বি* মৃত্যু। 'শিখলি শুধু চক্ষু-বোঁজা।' *নজরুল*, ১৯২৪।

চক্ষু মুদা *ক্রি* মরে যাওয়া। 'বাবুজী চক্ষু মুদিয়া দেখ, কে কাহার।' *ভবানী*, ১৮২৫।

চক্ষু রাখা *ক্রি* সতর্ক দৃষ্টি রাখা। 'আমলারদের কর্ম্মেতে নিয়ত চক্ষু রাখেন।' *দর্পণ*, ১৮৩৭।

চক্ষু রাঙ্গানো *ক্রি* রাগ দেখানো। 'চক্ষু রাঙ্গাইবেন, ঠোঁট ফুলাইবেন।' *দীপিকা*, ১৮৮৭।

চক্ষুরিন্দ্রিয় [স] *বি* চোখ। 'চক্ষুরিন্দ্রিয় দ্বারা দেখিতেছে।' *ভবানী*, ১৮৩৮।

চক্ষুরুন্মীলন [স] *বি* চোখ খোলা। 'তিলোত্তমা চক্ষুরুন্মীলন করিলেন।' *বঙ্কিম*, ১৮৬৫।

চক্ষুরোগ [স চক্ষুরোগ] *বি* চোখের ব্যাধি। 'রোগশান্তির কারণ চক্ষুরোগ চিকিৎসায় অতিবিজ্ঞ শ্রীযুত এজেন্টন সাহেবকে এ দেশে পাঠাইয়াছেন।' *দর্পণ*, ১৮২৪।

চক্ষুর্গত [স] *বিণ* চোখ সংশ্লিষ্ট। 'অন্ধদিগের লজ্জা চক্ষুর্গত নহে।' *বঙ্কিম*, ১৮৭৪।

চক্ষুর্গোচর [স] *বিণ* দৃষ্টিগোচর। 'অস্মদাদির চক্ষুর্গোচর শীঘ্র হয় এই প্রতীক্ষায় রহিলাম।' *দর্পণ*, ১৮৩১।

চক্ষুর্দ্বয় [স] *বি* দুটি চোখ। 'ক্রোধে আরক্ত চক্ষুর্দ্বয়ে ব্যাঘ্রীর দিকে কটমট করিয়া চাহিয়া ...' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

চক্ষুলজ্জা [স] *বি* চোখে লজ্জাজনক ঠেকে এমন কিছু করতে বা বলতে সংকোচ বা কুণ্ঠা। 'একজন না একজন চক্ষুলজ্জায় পড়িয়া অবশ্য আসিবে।' *গৌর*, ১৮২২।

চক্ষুশূল [স] **১** *বি* অপ্রিয় পাত্র। 'এ প্রকারে বিবাহিত দম্পতি সাধারণের চক্ষুশূল।' *বামাবোধিনী*, ১৮৭০। **২** *বি* বিরক্তির কারণ। 'শাস্ত্র কচকচি তাঁহাদের চক্ষুশূল।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

চক্ষুষ্মান [স] **১** *বিণ* প্রত্যক্ষ। 'চক্ষুষ্মান উচ্ছলতায় অসিতের মুখোমুখি দাঁড়িয়ে ...।' *জীবন*, ১৯৩২। **২** *বিণ* সত্য উপলব্ধি করতে পারে এমন। 'মৃত্তিকা-ধূসর মাথা আশু বিশ্বাসে চক্ষুষ্মান।' *জীবন*, ১৯৪০।

চক্ষুস্থির [স] *বি* অত্যধিক বিস্ময়। 'ব্যাপার দেখে আমার চক্ষুস্থির।' *রবীন্দ্র*, ১৮৯০।

চক্ষুস্ফুট [স] *বি* দুরূহ বিষয় উপলব্ধি। 'দন্তস্ফুট অথবা চক্ষুস্ফুট করিতে সমর্থ হইবেন না।' *জগদীশ*, ১৮৯৫।

চক্ষুহীন [স] *বিণ* চোখ নেই এমন; দৃষ্টিহীন। 'তাহা চক্ষুহীন

AMARBOI.COM

লোককেও অঙ্গুলি দিয়া দেখাইতে হয় না।' *প্রচারক*, ১৯০৩।

চক্ষুরোগ [স] *বি* চোখের পীড়া। 'চক্ষুরোগ বিশেষজ্ঞ ডাক্তার ভবেশ।' *নরেন্দ্র*, ১৯৫৪।

চক্ষ্য [স চক্ষু>] *বি* দৃষ্টির তীক্ষ্ণতা। *মানোএল*, ১৭৪৩।

চখ [স চক্ষু] *বি* চোখ। 'তাই বাছা চখে আসে জল।' *গিরিশ*, ১৮৮৭।

চখা [স চক্রবাক] *বি* হাঁসজাতীয় পাখিবিশেষ। 'দলে দলে চখাচখী করে সারাদিন বকাবকি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চখাচখি, চখাচখী [স চক্রবাক-চক্রবাকী] *বি* চক্রবাক ও চক্রবাকী। 'দলে দলে চখাচখী করে সারাদিন বকাবকি।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'জলের ধারে চখাচখি কাকলি-কল্লোলে।' *রবীন্দ্র*, ১৯১৬।

চখি, চখী [স চক্রবাকী] *বি স্ত্রী* হাঁসজাতীয় পাখিবিশেষ। 'চখার পাশে আসে/ বিরহরাতের চখি।' *নজরুল*, ১৯২৯।

চখু [স চক্ষু] *বি* চোখ। 'হেন রূপ দেখি চখু আড় করে।' *বড়ু*, ১৪৫০।

চঙ[১] *বি* মই। 'বোঝা নিয়ে চঙ বেয়ে ওপরে ওটা।' *মাহেনও*, ১৯৪৯।

চঙ[২] দ্র রঙচঙ

চঙিম [স চঙ>] *বিণ* রূপসী। 'রামা অধিক চঙিম ভেল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চঙেতা [স চঙ্গপট্টা] *বি* চাঙাড়ি। 'তান্তি বিকণঅ ডোম্বী অবর না চঙেতা।' *চর্যা* ১০, ১২০০।

চঙ্গো [স চঙ্গ] *বি* মই। *মানোএল*, ১৭৪৩।

চচ্চড় [ধ্বন্যা চড়চড়>] **১** *বি* ব্যথার অনুভূতি। 'মাস্টারমশায় এমন মার মেরেছেন যে আজও পিঠ চচ্চড় করছে।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বি* অতিরিক্ত শ্রীত হয়ে ফেটে যাওয়ার মতো শব্দ। 'চচ্চড় করে ওই পাহাড়ের খাড়া শির-দাঁড়া।' *নজরুল*, ১৯২৪।

চচ্চড়ি [ধ্বন্যা চড়চড়>] *বি* শুকনা ব্যঞ্জনবিশেষ। 'সাধারণত ঝিঙেইয়ের ডাল ... কাঁটাচচ্চড়ি হচ্ছে খাদ্যসামগ্রী।' *রবীন্দ্র*, ১৯২৯।

চএ [স চঙ্গ] *বি* গন্ধদ্রব্য-বিশেষ। 'চএর বদলে চন্দন দিবে পাগের বদলে গড়া।' *মুকুন্দ*, ১৬০০।

চঞ্চর [স] *বি* ভ্রমর। 'পাখায় পাখায় দোঁহে দুহুঁ বাঁধে চঞ্চর-চঞ্চরী।' *নজরুল*, ১৯২৮।

চঞ্চরি [স চঞ্চরী] *বি স্ত্রী* ভ্রমর। 'খরতর বেগ সমীরণ সঞ্চরু চঞ্চরিগণ করু রোলে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চঞ্চরিকা [স] *বি স্ত্রী* ভ্রমর। 'কমল বনে নেই কমলা, চঞ্চরিকা চুপ!' *সত্যেন্দ্র*, ১৯১১।

চঞ্চল [স] **১** *বিণ* কম্পমান। 'চঞ্চল নূপুর ঘন কিঙ্কিণী বাজে।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* কটাক্ষপূর্ণ। 'চঞ্চল নয়ন তোর সিসতে সিন্দুর।' *বড়ু*, ১৪৫০। **৩** *ক্রিবিণ* দ্রুত। 'ভোজন করেন তিন ঠাকুর চঞ্চল।' *বৃন্দা*, ১৫৮০। **৪** *বিণ* নড়ছে এমন। 'সদাই চঞ্চল বসন অঞ্চল সংবরণ নাহি করে।' *চণ্ডি*, ১৬০০। **৫** *বিণ* সহজে স্থানচ্যুত হয় এমন। 'কেহ পরি চঞ্চল বসন।' *মুকুন্দ*, ১৬০০। **৬** *বিণ* অশান্ত। 'পবনে চঞ্চল খেলা।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৭** *বিণ* গতিশীল। 'আজ বর্ষণ-অন্তে চঞ্চল মেঘ এবং চঞ্চল রৌদ্রের পরস্পর শিকার চলছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৮** *বিণ* পরিবর্তনশীল। 'সাহিত্য সেই পরিবর্তমান মানবজগতের চঞ্চল প্রতিবিম্ব।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৯** *বিণ* অস্থির। 'আমি চঞ্চল হে, আমি সুদূরের পিয়াসী।' *রবীন্দ্র*, ১৯০২। **১০** *বি* অস্থিরচিত্ত ব্যক্তি। 'চঞ্চলেরে হৃদয়তলে লও বরি।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চঞ্চলকামী [স] *বিণ* বিচলিত। 'কার কামনার সৃষ্টিতে তব রূপ চঞ্চলকামী।' *নজরুল*, ১৯৪২।

চঞ্চলগতি [স] *বিণ* দ্রুতগতিসম্পন্ন। 'দেখিতে চঞ্চলগতি।' *মুকুন্দ*, ১৬০০।

চঞ্চলগামিনী [স] *বিণ স্ত্রী* অস্থিরভাবে চলাচল করে এমন। 'দ্যুলোকে ভূলোকে বিলসিছ চলচরণে তুমি চঞ্চলগামিনী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চঞ্চলচিত্ত [স] *বি* অস্থির মন। 'আশাকে হৃদয়ে যে বাসা দিয়েছেন তাহাও চঞ্চলচিত্তে চূর্ণায়মানা করিবেক।' *দর্পণ*, ১৮৩৮।

চঞ্চলতর [স] *বিণ* অপেক্ষাকৃত চঞ্চল। 'নৃত্য চঞ্চল হতে চঞ্চলতর।' *মানিক*, ১৯৩৫।

চঞ্চলতা [স] **১** *বি* দুষ্টামি। 'চঞ্চলতা না করিবা করাইল শিক্ষা।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* চপলতা। 'আমার এই চঞ্চলতার উপরে তুমি যেন কেবলই কটাক্ষপাত করছ!' *রবীন্দ্র*, ১৯১০। **৩** *বি* অস্থিরতা। 'কেন পান্থ, এ চঞ্চলতা! কোন শূন্য হতে এল কার বারতা।' *রবীন্দ্র*, ১৯২৬। **৪** *বি* নড়াচড়া। 'বকুল শাখার চঞ্চলতায় বনে উপবনে মর্মরে।' *রবীন্দ্র*, ১৯৩৪। **৫** *বি* উচ্ছ্বাস। 'উছল প্রাণের চঞ্চলতা।' *রবীন্দ্র*, ১৯৩৫। **৬** *বি* আবেগ। 'রক্তে অস্ত্র-ধারণের চঞ্চলতা সুদীপ্ত অনুভব করলেন।' *পাশা*, ১৯৭১।

চঞ্চলমতি [স] *বি* অস্থিরচিত্ততা। 'তেজহ চঞ্চলমতি স্থির কর মন।' *বাহরাম*, ১৬৫০।

চঞ্চলমুখর [স] *বিণ* অস্থির ও কোলাহলময়। 'রাস্তা ও গলির মধ্যে শ্রীত জনপ্রবাহে চঞ্চলমুখর হইয়া উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৬।

চঞ্চলমুখরতা [স] *বি* ব্যাকুল ধ্বনিবহুলতা। 'বসন্ত সমীরণের চঞ্চলমুখরতা মৌন করে দিল।' *মুজতবা*, ১৯৬০।

চঞ্চলা[১] [স] **১** *বিণ স্ত্রী* চপলা। 'রূপতরঙ্গিণী চঞ্চলা রোহিণীকে ভাবিতেছিল।' *বঙ্কিম*, ১৮৭৮। **২** *বিণ স্ত্রী* অস্থির। 'বঙ্গ-মহিলা বলিলে বুঝি – চঞ্চলা, চপলা ...।' *দীপিকা*, ১৮৮৭।

চঞ্চলা[২] [স চঞ্চল>] *ক্রি* ব্যাকুল হওয়া। 'আজ প্রভাতের হৃদয় ওঠে চঞ্চলি।' *রবীন্দ্র*, ১৯১৪।

চঞ্চলাক্ষী [স চঞ্চল-অক্ষি] *বিণ* চঞ্চল চোখবিশিষ্ট। 'কি গুণে বন্দিলা তারে চঞ্চলাক্ষী ধন্যা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চঞ্চলিত [স চঞ্চল>] *বিণ* আন্দোলিত। 'চঞ্চলিত বীণার তারে যৌবন মোর উঠল কেঁপে কেঁপে।' *রবীন্দ্র*, ১৯১৮।

চঞ্চলিনী [স] *বি স্ত্রী* চঞ্চল স্বভাবের নারী। 'চলে গেছে সে-চঞ্চলিনী।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চঞ্চালী *বি* বাঁশের সরু ফালি। 'চারিবাসে গড়িল রে দিআঁ চঞ্চালী।' *চর্যা* ৫০, ১২০০।

চঞ্চু [স] *বি* পাখির ঠোঁট। 'শুক চঞ্চু নাসিকা অধর বিশ্বজিৎ।' *আলাওল*, ১৬৮০।

চঞ্চুক্ষত [স] *বিণ* ঠোঁটের আঘাতে ক্ষত। 'বাদুড়ের চঞ্চুক্ষত ফলের মতো।' *রবীন্দ্র*, ১৯০৮।

চঞ্চুচুম্বন [স] *বি* ঠোঁটচুম্বন। 'বৃক্ষশাখায় একজোড়া কপোত-কপোতী চঞ্চুচুম্বন করিতেছে।' *বনফুল*, ১৯৩৬।

চঞ্চুজিৎ [স] *বিণ* ঠোঁটসদৃশ। 'শুক চঞ্চুজিৎ নাসিকা লালিত ঝলকে বেসর মোতি।' *আলাওল*, ১৬৮০।

চঞ্চুপুট [স] *বি* পাখির দুই ঠোঁটের মধ্যবর্তী স্থান। 'চক্রবাক চক্রবাকী

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

খেলে চঞ্চুপুটে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চঞ্চুসংলগ্ন [স] *বিণ* ঠোঁটে ঠোঁট লাগানো। 'পরস্পর চঞ্চুসংলগ্ন হংসমিথুন পাখা ঝাড়া দিল।' *হাই*, ১৯৫৪।

চঞ্চুস্পর্শ [স] *বি* ঠোকর। 'আমিও অনুভব করিয়াছি সেই যত সব হিংস্র বায়সের করাল চঞ্চুস্পর্শ।' *সবুজ*, ১৯২০।

চট[১] [স কট] *বি* পাটের তৈরি মোটা বস্ত্রবিশেষ। 'কাপোরিয়া তোলে গরা ইজার মসরির ধরা আর তোলে চট ঝগরা।' *বিজয়*, ১৬৫০।

চটকল [চট+কল] *বি* চট তৈরির কারখানা। 'চটকলের ঘড়িতে বারটা বাজিয়া গেল।' *শরৎ*, ১৯১৭।

চটকলওয়ালা [চটকল+হি ওয়ালা] *বি* চট-কারখানার মালিক। 'চটকলওয়ালারা দুই কোটি ছালার অর্ডার পাইয়াছেন।' *সওগাত*, ১৯৩৯।

চটকার [চট+স কার] *বি* চট তৈরির কাজ করে যে। 'চটকার পটকার মঠকার বেতননোপভূক হইয়া।' *ভবানী*, ১৮২৫।

চটবিছানা [চট+বিছানা] *বি* চটের বিছানা। 'কলসিদড়ি কাঠখড়ি আর চটবিছানা।' *লালন*, ১৮৯০।

চট[২] [ধ্বন্যা] *বি* দ্রুততা। **চট করে** *ক্রিবিণ* দ্রুত। 'আমি চট করে ফুল তুলে আনছি।' *রবীন্দ্র*, ১৮৯১।

চট চট [ধ্বন্যা] *বি* জুতা পায়ে চলার শব্দ। '... চট চট করিয়া চলিবার প্রতীক্ষায় অধীর হইয়া পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চটক[১] [স] *বি* চড়াই পাখি। 'চটক পর্ব্বত দেখি প্রভুর ধাবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'চটক কর্কট টিয়া বায়স পেচক।' *মুকুন্দ*, ১৬০০।

চটকা [স চটক] *বি* চড়াই পাখি। 'চটকা চটকী ফিঙ্গা ডাহুক টেঁটারি।' *রূপরাম*, ১৭৫০।

চটকী *বি* স্ত্রী চড়াই পাখি। 'চটকা চটকী ফিঙ্গা ডাহুক টেঁটারি।' *রূপরাম*, ১৭৫০।

চটক[২] [হি] ১ *বি* চমক। 'নূপুর-কাঞ্চিণী-ধ্বনি হংস-সারস জিনি/ কঙ্কণধ্বনি চটক লাগায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* চাকচিক্য। 'তিনি কপট লম্পটের নিকট চটক দেখাইয়া আদরণীয়া হয়েন।' *ভবানী*, ১৮২৮। ৩ *বি* ঘোর। 'পৃহিণীর চটক ভাঙিয়া গেলে আপনা আপনি বলিতে লাগিলেন ...।' *প্যারী*, ১৮৫৮। ৪ *বি* চমক। চটক লাগাইতে করতালি জাগাইতে চেঁচাইয়া ভূত ভাগাইতে নিতান্তই ঘৃণা বোধ করিব।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৫ *বি* চমকানি। 'বিজলী চটকের ন্যায় থেকে থেকে ঝলক দেয়।' *লালন*, ১৮৯০। ৬ *বি* বিস্ময়। 'এক মুহূর্তে আমার যেন চটক ভেঙে গেল।' *রবীন্দ্র*, ১৯১৯।

চটকদার [হি চটক+ফা দার] *বিণ* বিস্ময় সৃষ্টিকারী। 'মাসি প্রথমত অতি চটকদার লেখক।' *প্রমথ*, ১৯২৭।

চটকা[১] দ্র চটক[২]

চটকা[২] [স চটক>] ১ *বি* অন্যমনস্কতা। 'তাহা শুনিয়া আমার সাময়িক চটকা হইত।' *প্যারী*, ১৮৬০। ২ *বি* ঘোর। 'ওদের চটকা ভেঙে যেতে পারে।' *রবীন্দ্র*, ১৯২৬। ৩ *ক্রিবিণ* মুহূর্তে। 'এক চটকা ঘুরে এসেই পথ দেখিয়ে নিয়ে গেল।' *শামসুল*, ১৯৬২।

চটকা[৩] *বি* গাছবিশেষ। 'সকলেই কুঠীর চটকা তলায় পড়িয়া ... পয়গম্বর বা ইষ্টদেবতার নাম করিয়া থাকেন।' *মশাররফ*, ১৮৯০।

চটকানা *বি* থাপড়। 'তরে না একখান চটকানা দিয়া কলতাবাজার পাঠাইয়া দেই।' *ইলিয়াস*, ১৯৭২।

চটকানো [স চট্] ১ *ক্রি* চমকানো। 'চটকিতে।' *মানোএল*, ১৭৪৩। ২ *ক্রি* পেষণ করা। 'দুই হাতে সেটাকে চটকাতে পারে।' *রবীন্দ্র*, ১৯২৮।

চটকিত [হি চটক] *বিণ* উজ্জ্বল। 'হইয়া দিব্য মূর্ত্তি চটকিত মণি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চটচট [ধ্বন্যা] *বি* খাওয়ার সময়ে জিহ্বার শব্দ। 'জিব ও তালুতে একটু চট চট শব্দ করতে থাকে।' *হাই*, ১৯৪৭।

চটচটে *বিণ* আঠালো। 'এরকম চটচটে কড়কড়ে কাদা শুরকিগুলো ...।' *জীবন*, ১৯৩১।

চটনমান [স ঋট>] *বিণ* (কল্পিত) ক্ষোভের পরিমাণ নির্ণায়ক। 'তাঁদের চটাভাব চটনমান যন্ত্রে ব্লাড হীট ছাড়িয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৮১।

চটপট [স ঋট>] *ক্রিবিণ* তাড়াতাড়ি। 'ভেবে ভবে তার পায়ে ধরি চটপট।' *ভবানী*, ১৮২৫।

চটেমটে ১ *ক্রিবিণ* চটে গিয়ে। 'তুই যদি ভাটপাড়ার পণ্ডিতের ঘরে জন্মাতিস, তা হলে চটেমটে মেমসাহেব হয়ে উঠতিস।' *রবীন্দ্র*, ১৯২৬। ২ *ক্রিবিণ* রাগ ক'রে। 'চটেমটে শেষে যদি কড়া কড়া বোল দাও।' *রবীন্দ্র*, ১৯৩৭। ৩ *ক্রিবিণ* ক্রোধসহকারে। 'আমার সঙ্গে তর্কে হেরে গিয়ে চটেমটে বলল।' *মুজতবা*, ১৯৫২।

চটপটা [ধ্বন্যা] *বিণ* চটপট শব্দবিশিষ্ট। 'চটপটা করতালি।' *রবীন্দ্র*, ১৯০৫।

চটা[১] [স ঘট>] ১ *বিণ* নড়বড়ে। 'মাথা নেড়া দাঁত চটা কোতা গরদন।' *ভবানী*, ১৮২৮। ২ *বিণ* ক্ষিপ্ত। 'কিন্তু ব্যাটা আমার উপর ভারী চটা।' *দীনবন্ধু*, ১৮৬০। ৩ *বি* ফালি। 'পটু বাঁশের চটার বৈঠাখানা তুলিয়া লইয়া ...।' *বিভূতি*, ১৯২৯।

চটাচটি *বি* রাগারাগি; পরস্পর উত্তপ্ত বাক্য বিনিময়। 'খুড়র সঙ্গে চটাচটি করাও বিষম সঙ্কট।' *বিদ্যা*, ১৮৭৩।

চটাপট *বিণ* ক্রমাগত। 'চটাপট হাততালি পড়িতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৮৪।

চটাভাব *বি* ক্ষুব্ধ মনোভাব। 'তাঁদের চটাভাব চটনমান যন্ত্রে ব্লাড হীট ছাড়িয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৮১।

চটা-মারা *বিণ* চঞ্চল। 'লালন তেমনি চটা-মারা ঠিক দাঁড়ায় না একখানে।' *লালন*, ১৮৯০।

চটেমটে *ক্রিবিণ* ক্রোধসহকারে। 'আমার সঙ্গে তর্কে হেরে গিয়ে চটেমটে বলল।' *মুজতবা*, ১৯৫২।

চটা[২]**, চটানো** [স ঋটিতি>] ১ *ক্রি* রাগান্বিত হওয়া। 'বিশ্বামিত্র ... বশিষ্ঠকে দেখিয়াই চটিয়া গেলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১। ২ *ক্রি* রাগ করা। 'তাহারা চটিয়া আগুন হইল।' *রবীন্দ্র*, ১৯০০। ৩ *ক্রি* লোপ পাওয়া; নষ্ট হওয়া। 'ঘুম চটে গেল।' *জীবন*, ১৯৪৮। ৪ *ক্রি* কেটে যাওয়া। 'তার নেশা চটার উপক্রম।' *শওকত*, ১৯৫৮।

চটাং চটাং [ধ্বন্যা] *বিণ* আস্ফালনপূর্ণ। 'অমন যে চটাং চটাং কথা ছুড়ছিল ...।' *কায়সার*, ১৯৬৫।

চটাক চটাক [ধ্বন্যা] *বি* শস্যাদি ঝাড়ার সময় কুলায় আঙুলের আঘাত লাগার ফলে সৃষ্ট শব্দ। 'দুই আঙুলে চটাক চটাক শব্দ তুলে ঝেড়ে নিল চালগুলো।' *কায়সার*, ১৯৬২।

চটাচট [ধ্বন্যা] *বি* জুতা পায়ে চলার শব্দ। 'ক্রুদ্ধ চটিজুতার চটাচট শব্দ নিকটবর্তী হইতেছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

চটি[১] *বি* পায়ের পিছনের দিক খোলা জুতাবিশেষ। 'মুচি চটিজুতা পায়ে

AMARBOI.COM

পরিয়া ...।' *মধু*, ১৮৫৭; 'ক্রুদ্ধ চটিজুতার চটাচট শব্দ নিকটবর্তী হইতেছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

চটিকা [ধ্বন্যা চট্>] *বি* চামড়ার তৈরি হালকা জুতাবিশেষ; চটি। 'চটিকা ছাড়িয়া সেলিমি নাগরা ধরেছি।' *নজরুল*, ১৯৩১।

চটিজুতা [ধ্বন্যা চট>+জুতা] *বি* পায়ের পিছনের দিক খোলা হালকা জুতাবিশেষ। 'মুচি চটিজুতা পায়ে পরিয়া ...।' *মধু*, ১৮৫৭।

চটি[২] [ফা চতর] *বি* পথিকদের বিশ্রামস্থান। 'চটি কত দূর।' *বঙ্কিম*, ১৮৬৬।

চটি[৩], **চটী** [ধ্বন্যা চট>] *বিণ* পাতলা; অল্প পুষ্টার। 'বটতলার ছাপাখানা ওয়ালারা প্রায় দুই শত রকমারী চটী বই ছাপান।' *হুতোম*, ১৮৬৮।

চটিতং [স ঋটিতি] *বিণ* রাগান্বিত। 'দাদারা ভয়ানক রকমের চটিতং হইয়া যাইবেন।' *নজরুল*, ১৯২২।

চটুল [স] ১ *বিণ* দ্রুতগতিবিশিষ্ট। 'ব্যস্তসমস্ত চটুল স্রোতস্বিনী যেমন দেখিতে দেখিতে ...।' *রবীন্দ্র*, ১৮৮৪। ২ *বিণ* চঞ্চল। 'বাবিলনের জাদু বুঝি শুরু তব চটুল চোখের।' *নজরুল*, ১৯৩০। ৩ *বিণ* দ্রুত লয়বিশিষ্ট। 'সংগীতের তিনটি ভাগ। প্রথম অংশটা চটুল।' *রবীন্দ্র*, ১৯৩২; 'বাদলা হাওয়ায় তালবনা ওই বাজায় চটুল দাদরা তাল।' *নজরুল*, ১৯৩২। ৪ *বিণ* হালকা চালবিশিষ্ট। 'দেহ তার ছিপছিপে, চলা তার চটুল চকিত।' *রবীন্দ্র*, ১৯৩২।

চটুলতা [স] ১ *বি* চপলতা। 'দুটো একটা ইংরিজি ধরণ-ধারণ ভড়ং এবং চটুলতা দেখিয়ে ছোটোখাটো বাহবা ...।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বি* লঘুতা। 'আপনার বীভৎস অসংযমকে সহাস্য চটুলতায় পরিণত করিবে।' *রবীন্দ্র*, ১৯০২।

চটুলনয়না [স] *বিণ স্ত্রী* চঞ্চল চোখের অধিকারী। 'ছিপছিপে চটুলনয়না মেয়েটি আমার ভগ্নীর সখী।' *বনফুল*, ১৯৩৬।

চট্টগ্রামী *বিণ* চট্টগ্রামে ব্যবহৃত। 'এইগুলিকে এখন খাস চট্টগ্রামী শব্দ বলা গেলেও ...।' *এনামুল*, ১৯৫৫।

চট্টি [ফা চতর] *বি* সরাইখানা; হোটেল। 'হিমালয়ের চট্টিতে মানুষ যে রকম মাছি সম্বন্ধে নির্বিকার।' *মুজতবা*, ১৯৪৯।

চট্টো [হি চট্টা] *বি* চট্টোপাধ্যায়। 'শ্রী গোপীমোহন বন্দ ও শ্রীজগতরাম চট্টো।' *মেয়র্স*, ১৭৬৯।

চট্টোপাধ্যায় [হি চট্টা+স উপাধ্যায়] *বি* বাঙালি হিন্দুর পদবিবিশেষ। 'হরিদাস চট্টোপাধ্যায়।' *সেবধি*, ১৮৪০।

চড় [স চপেট] *বি* থাপড়। 'এহা বুলী বড়ায়িক চড়ে মাইল রোষে।' *বড়ু*, ১৪৫০।

চড়-চাপড় [স চপেট+স চর্পট] ১ *বি* করাঘাত। 'কালকেতু চড়-চাপড়ে করে রণ।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* ঢেউয়ের ছোটোবড়ো আঘাত। 'ঢেউয়ের চড়-চাপড়ের উপরেই দোষারোপ করে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চড়চিহ্ন [স চপেট+স চিহ্ন] *বি* চড়ের দাগ। 'ফুরিয়াছে চড়চিহ্ন দেখেন বিশাল।' *বৃন্দা*, ১৫৮০।

চড়ই [স চটক] *বি* পাখিবিশেষ। 'চড়ই মণিয়া পাবদুয়া টুনটুনি।' *ভারত*, ১৭৬০।

চড়ক [স চক্র] ১ *বি* চৈত্র সংক্রান্তিতে অনুষ্ঠেয় হিন্দু পার্বণবিশেষ। 'জিব কাটে জিব ফোড়ে করএ চড়ক।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* ঘোরে এমন। 'জলে ডুবে জলকাক পাতিলা চড়ক পাক।' *আলাওল*, ১৬৮০। ৩ *বি* চড়কগাছ। 'দুই জন একত্র হইয়া এক কালে চড়কে ঘুরিয়াছিল।' *দর্পণ*, ১৮১৯।

চড়কগাছ [চড়ক+গাছ] *বি* চড়ক উৎসবে গাজনের সন্ন্যাসীদের ঘুরপাক খাওয়ার খুঁটিবিশেষ। 'ছোট লোক কোথায় চড়কগাছ পায় যে চড়ক করে।' *দর্পণ*, ১৮৩১।

চড়কতলা [চড়ক+স তল] *বি* যে জায়গায় চড়ক উৎসব হয়। 'চড়কতলায় তলতাবাঁশের টিনের মুহরী দেওয়া বাঁশী ... বিক্রি কত্তে বসেচে।' *হুতোম*, ১৮৬১।

চড়কপূজা [চড়ক+স পূজা] *বি* চৈত্রসংক্রান্তিতে অনুষ্ঠিত হিন্দু পূজাবিশেষ। 'চড়কপূজার সময় সন্ন্যাসিরদের মধ্যে ...।' *দর্পণ*, ১৮২৭।

চড়কী [স চক্র>] *বি* চড়ক-উৎসবে পিঠে বড়শি গেঁথে যারা দোল খায়। **চড়কীর হাসি** *বি* কৃত্রিম হাসি। 'বাহিরে প্রকাশ করে চড়কীর হাসি।' *গুপ্ত*, ১৮৫৮।

চড়চড় [ধ্বন্যা] ১ *বি* কাগজের উপরে দ্রুতগতিতে কলম চালানোর শব্দ। 'চড়২ করিয়া টানাকলমে ইঙ্গরেজী লেখে।' *চন্দ্রিকা*, ১৮৩০। ২ *বি* কাপড় বা এ ধরনের কিছু দ্রুত ছেঁড়ার শব্দ। 'চড়চড় করিয়া তাহার কোঁচার খানিকটা টানিয়া ছিঁড়িয়া ফেলিল।' *শরৎ*, ১৯১৭। ৩ *বিণ* অবিরাম চড় শব্দ হয় এমন। 'সঙ্গে সঙ্গে চড়চড় শব্দ করে বাজ পড়ল।' *হাসান*, ১৯৬৪।

চড়চড় করা *ক্রি* তপ্ত হওয়া। 'দুপুরবেলা রোদ খুব চড়চড় করে উঠে।' *জীবন*, ১৯৪৮।

চড়চড়ানি [ধ্বন্যা চড়চড়>] *বি* চটচটে অবস্থা। 'পাহাড়ফাটা শুষ্কতার বিপুল চড়চড়ানি।' *নজরুল*, ১৯২৭।

চড়চড়িয়ে *ক্রিবিণ* বেড়ে। 'নদীর কানটায় কানটায় হাঁটতে হাঁটতে মনুমিঞার বুকের কটকটানি চড়চড়িয়ে ওঠে।' *সৈলিনা*, ১৯৭৫।

চড়চড়ে [ধ্বন্যা চড়চড়>] *বিণ* কড়া। 'এই দুপুরের রোদের চেয়ে ঢের বেশি চড়চড়ে।' *জীবন*, ১৯৩২।

চড়চড়ি, চড়চড়ী [ধ্বন্যা চড়চড়>] *বি* শুষ্ক ব্যঞ্জনবিশেষ। 'অম্ল দিয়া শৌল মাছে ঝোল চড়চড়ী।' *ভারত*, ১৭৬০; 'চড়চড়ি সরসড়ি পোড়া আর ভাজা।' *গুপ্ত*, ১৮৫৮।

চড়ন [স চট্>] *বি* আরোহণ। 'দুর্বারিসী পাইল মান চড়নের ঘোড়া।' *মুকুন্দ*, ১৬০০।

চড়নদার, চড়ন্দার [স চট্>+ফা দার] *বি* আরোহী। 'চড়ন্দার।' *ভবানী*, ১৮২৩; 'ওরে আমার জোছনা হাওয়ার স্বপ্নঘোড়ার চড়নদার।' *সুকুমার*, ১৯১৮।

চড়বড় [ধ্বন্যা] ১ *বিণ* চড় বড় শব্দ করছে এমন। 'তেল চড়বড় শব্দ করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০৯। ২ *ক্রিবিণ* বড়ো বড়ো ফোঁটায়। 'চড়বড় করিয়া গাছের পাতায় বৃষ্টি পড়িতে শুরু করিল।' *বিভূতি*, ১৯২৯।

চড়বড়ি [ধ্বন্যা চড়বড়>] *বি* বাজিবিশেষ। 'অন্যদল তখন তাদের লক্ষ্য করে পটকা কি চড়বড়ি ছুঁড়লো।' *হাই*, ১৯৫৮।

চড়বড়ে [ধ্বন্যা চড়বড়>] *বিণ* বাচাল; চালু। 'তুবড়ি মুখে চড়বড়ে গাল।' *নজরুল*, ১৯২৬।

চড়া[১], **চড়ানো** ১ *ক্রি* আরোহণ করা। 'লাফ দিয়া বলদেব তার কান্দ চড়ে।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রি* চাপানো। 'বীর দেয় অঙ্গুরি বান্যা প্রণাম করি জোঁখে বান্যা চড়াইআ পড়্যান।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *ক্রি*

AMARBOI.COM

চড়াও হওয়া। 'গৃহস্থের ঘরের মধ্যে চড়ে তাদের অপমান করবেন আপনার এ অধিকার ...।' *রবীন্দ্র*, ১৯০৭। **৪** *ক্রি* বাজারে দাম বাড়া। 'কেন গো তোমার বাজার চড়িল।' *সত্যেন্দ্র*, ১৯১৭। **চড়** *ক্রি* আরোহণ করে। 'তুহ্মি মোর পুচ্ঠে চড় যেইমত বেশ।' *সুলতান*, ১৭০০। **চড়য়া** *ক্রি* আরোহণ ক'রে। 'চলিলেন নীলাচলে হয়ে দণ্ডবত কত দূরে এড়ায়িয়া চড়য়া পর্ব্বত।' *ভারত*, ১৭৬০। **চড়সিআঁ** *ক্রি* এসে ওঠো। 'আপন ইছাএ রাথা নাএ চড়সিআঁ।' *বড়ু*, ১৪৫০। **চড়াইআ** *ক্রি* চাপিয়ে। 'বীর দেয় অঙ্গুরি বান্যা প্রণাম করি জোঁখে বান্যা চড়াইআ পড়্যান।' *মুকুন্দ*, ১৬০০। **চড়াইয়া** *ক্রি* চাপিয়ে। 'আর চাউল দেম চড়াইয়া।' *বিজয়*, ১৬৫০; 'দালালি টাকা খতের উপর চড়াইয়া দেও।' *ভবানী*, ১৮২৫। **চড়াইল** *ক্রি* আরোহণ করালো। 'হস্তী উপর তাম্বুগৃহে স্ত্রীগণে চড়াইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **চড়াইলোঁ** *ক্রি* (চুলায়) চাপালাম। 'বিণি জলেঁ চড়াইলোঁ চাউল।' বড়ু, ১৪৫০। **চড়ান** *ক্রি* বাড়ান। 'পালাপার্ব্বণে ও শনিবারে বেশী মাত্রায় চড়ান।' *হুতোম*, ১৮৬১। **চড়ায়** *ক্রি* তুলে নেয়। 'মড়ার মাথার চুল, হাতেতে চড়ায় গুল, ছাড়ায়ে আপন কুলধর্ম্ম।' *ভবানী*, ১৮২৫। **চড়ায়ন্ত** *ক্রি* লেপন করে। 'মহাসুখে চড়ায়ন্ত তেল।' *সুলতান*, ১৭০০। **চড়াহ** *ক্রি* চড়াও; উঠাও। 'দধির পসার নাএ চড়াহ আসিআঁ।' বড়ু, ১৪৫০। **চড়ি** *ক্রি* আরোহণ ক'রে। 'তহিঁ চড়ি নাচঅ ডোম্বী বাপুড়ী।' *চর্য্যা ১০*, ১২০০। **চড়িতে** *ক্রি* চড়তে। 'উম্মতে চড়িতে যদি পাএ অবশেষে।' *সুলতান*, ১৭০০। **চড়িবা** *ক্রি* চড়বে। 'নিশ্চিএ চড়িবা রথে কহিল জানিয়া।' *কবীন্দ্র*, ১৬৮৯। **চড়িবারে** *ক্রি* চড়তে। 'তবে সে তোহ্মারে আহ্মি দিব চড়িবারে।' *সুলতান*, ১৭০০। **চড়িমু** *ক্রি* চড়বো। 'আছুক চড়িমু সে পরস না করিব।' *কবীন্দ্র*, ১৬৮৯। **চড়িয়া** *ক্রি* আরোহণ ক'রে। 'লাফ দিয়া হনুমান পাঁচিরে চড়িয়া।' *মালাধর*, ১৫০০। **চড়িলা** *ক্রি* আরোহণ করলে। 'জো রথে চড়িলা বাহবা ণ জ্ঞাই কুলেঁ কুল বুড়ই।' *চর্য্যা ১৪*, ১২০০। **চড়িলে** *ক্রি* চড়লে। 'সাহ্মত চড়িলে দাহিণ বাম মাহোহী।' *চর্য্যা ৫*, ১২০০। **চড়িলেন্ত** *ক্রি* চড়লেন। 'এ বর্ষিণী মোহারাম চড়িলেন্ত রথে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **চড়িহ** *ক্রি* আরোহণ করো। 'বিনোদ মন্দিরে থাক না চড়িহ নায়।' *মুকুন্দ*, ১৬০০। **চড়ী** *ক্রি* আরোহণ ক'রে। 'কদম্বতরুত চড়ী দহে দিল ঝাঁপ।' বড়ু, ১৪৫০। **চড়ে** *ক্রি* আরোহণ করে। 'লাফ দিয়া বলদেব তার কান্দ চড়ে।' *মালাধর*, ১৫০০। **চড়ে যাওয়া** *ক্রি* দাম বাড়া। 'চামড়ার বাজার চড়ে গিয়েছে।' *রবীন্দ্র*, ১৯৪১।

চড়া[২] [স চট্>] **১** *বি* ধনুকের ছিলা। 'ধনুকের ছিণ্ডিল চড়া।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* বেশি। 'নাচঘরে রূপসীর দর অত্যন্ত চড়া।' *রবীন্দ্র*, ১৮৮১। **৩** *বিণ* উচ্চ। 'কলিকাতার কলে গাঁটবন্দী হইয়া ... চড়া দামে বিকাইতেছে।' *বঙ্কিম*, ১৮৯২। **৪** *বিণ* উগ্র। 'মেজাজ-চড়া উটগুলো।' *রবীন্দ্র*, ১৯৩২। **৫** *বি* প্রখর। 'রোদ চড়া হয়ে উঠলেও ওদের কাজের কোনো বিরাম নেই।' *ওয়ালী*, ১৯৪৩। **৬** *বিণ* তীক্ষ্ণ। 'কড়া, খাড়া, চড়া রেখা, যত চড়া তত বাঁকা।' *বুদ্ধ*, ১৯৫৫।

চড়া[৩] [স চটক] *বি* চড়ুই পাখি। *ওসাঁ*, ১৭৮৫।

চড়া[৪] [হি চর] *বি* চর; নদীতে পলি জমে গঠিত স্থলভাগ। 'চড়া পড়িয়া শুষ্ক হইয়াছে।' *দর্পণ*, ১৮১৯।

চড়া পড়া ১ *ক্রি* চর জেগে ওঠা; চর জাগা। 'তাহাতে মৃত্তিকা জমা হইয়া চড়া পড়ে।' *দর্পণ*, ১৮১৯। **২** *ক্রি* বিঘ্ন সৃষ্টি হওয়া। 'আনন্দের মাঝে একটু চড়া পড়ে গেছে বলেও তো মনে হচ্ছে না।' *অবন*, ১৯২৫।

চড়াই[১] [স চট্>] **১** *বি* হামলা; আক্রমণ। 'সমস্ত আনয়ন করিয়া হুকুম হইল গৌড়ে চড়াই করিতে।' *রামরাম*, ১৮০১। **২** *বি* হস্তক্ষেপ। 'তাহার অধিকারের উপর চড়াই না করিয়া ঠাওরাই কোন কৌশলে।' *রামরাম*, ১৮০১। **৩** *বিণ* ধীরে ধীরে উঁচু হচ্ছে এমন। 'কোথা-বা সে চড়াই উঁচু, কোথা-বা উৎরাই।' *রবীন্দ্র*, ১৯৪০।

চড়াই-উতরাই *বি* অসমতল পথ। 'হিন্দুকুশের চড়াই-উতরাই ভেঙে এসে পৌঁচেছে কাবুল।' *মুজতবা*, ১৯৪৯।

চড়াই[২] [স চটক] *বি* চড়ুই পাখি। 'চড়াই-ছানা কেঁদে কেঁদে ডাকছে মাকে।' *নজরুল*, ১৯২২।

চড়াইছানা [স চটক-শাবক] *বি* চড়ুই পাখির বাচ্চা। 'চড়াই-ছানা কেঁদে কেঁদে ডাকছে মাকে।' *নজরুল*, ১৯২২।

চড়াও [স চট্>] *বিণ* ক্রমশ উঁচু হচ্ছে এমন। 'একবার কষ্টেসৃষ্টে টানিয়া ঠেলিয়া গাড়ি চড়াও রাস্তার উপর তুলিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চড়াও হওয়া *ক্রি* আক্রমণ করা। 'রাত্রিযোগে চড়াও হইয়া সর্ব্বস্ব হরণ।' *দর্পণ*, ১৮৩৭।

চড়াচড়ি [স চপেট>] *বি* পরস্পর চপেটাঘাত। 'ঠেলা ঠেলি চড়াচড়ি মারিল কতক্ষণে।' *গরীব*, ১৭৬৫।

চড়াৎ [ধ্বন্যা] *বি* আকস্মিক নিদ্রাভঙ্গ নির্দেশক শব্দ। 'চড়াৎ করিয়ে ঘুম ভাঙ্গিল অমনি।' *দীনবন্ধু*, ১৮৬৭।

চড়াৎ চড়াৎ [ধ্বন্যা] *বি* হুঁকা টানার শব্দ। 'খেলো হুঁকো যেন ফেটে যাবে – কালীপ্রসন্ন চড়াৎ চড়াৎ টানে।' *হাস্যন*, ১৯৬৭।

চড়ানো[১] [স চপেট>] *ক্রি* চড় মারা। 'চড়াইতে।' *মানোএল*, ১৭৪৩।

চড়ানো[২] [স চট্>] **১** *ক্রি* চাপানো। 'দালালি টাকা খতের উপর চড়াইয়া দেও।' *ভবানী*, ১৮২৫। **২** *ক্রি* তুলে নেওয়া। 'মড়ার মাথার চুল, হাতেতে চড়ায় গুল, ছাড়ায়ে আপন কুলধর্ম্ম।' *ভবানী*, ১৮২৫। **৩** *ক্রি* তীব্রতর করা। 'শোকপ্রমাণের জন্য তাহার চেয়ে সুর চড়াইয়া না দিলে চলে না।' *রবীন্দ্র*, ১৯০৭।

চড়িভাতি [স চটক>] *বি* বনভোজন। 'দমদমের বাগানে চড়িভাতি করিয়া আসা যাক।' *রবীন্দ্র*, ১৯০২।

চড়ুই [স চটক] *বি* ছোটো পাখিবিশেষ; চড়াই। 'ফিঙ্গে চড়ুই গাঙ্গচিল বাদুড় সরিম।' *রূপরাম*, ১৭৫০।

চড়ুইভাতি [স চটকবৃত্তি] *বি* বনভোজন। *বিদ্যা*, ১৮৯১; 'চড়ুইভাতি করবি ...?' *বিভূতি*, ১৯২৯।

চড়ুক [স চক্র>] *বি* হিন্দুদের পর্ব চড়কে অংশগ্রহণকারী। 'চড়কের পর চড়ুকেরা ক্লেশ মনে করিয়া প্রতিজ্ঞা করে।' *প্যারী*, ১৮৫৯।

চড়ুয়া [স চটক] *বি* চড়ুই পাখি। *মানোএল*, ১৭৪৩।

চড়োয়া [স চট্>] *বি* চড়াও; হামলা। 'পুলিস যখন করে ঘরে এসে চড়োয়া।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চঢ়া, চঢ়ানো [স চট্>] **১** *ক্রি* আরোহণ করা। 'নিষধিতেঁ আল রাধা চঢ়িলা নাএ।' বড়ু, ১৪৫০। **২** *বি* চাপানো। 'মশল্লা আনিনু আগুনে চঢ়ানু বিছুরিনু আপন ভার।' *চণ্ডী*, ১৫৫০। **৩** *ক্রি* তুলে ধরা। 'অধম জীবেরে চঢ়াইল উর্দ্ধসীমা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **চঢ়ল** *ক্রি* আরোহণ করলো। 'চাঁদ রাহু ডর চঢ়ল সুমেরু।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চঢ়লিহু** *ক্রি* চড়লাম। 'তুঅ গুণ গৌরব সীল সোভাব। সেহে লএ চঢ়লিহু তোহরী নাব।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চঢ়াইল** *ক্রি* তুলে ধরলো। 'অধম জীবেরে চঢ়াইল উর্দ্ধসীমা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **চঢ়ানু** *বি* চাপালাম। 'মশল্লা আনিনু আগুনে চঢ়ানু বিছুরিনু আপন ভার।' *চণ্ডী*, ১৫৫০। **চঢ়িতেঁ** *ক্রি* আরোহণ করতে। 'না জাণিআঁ তত্ত চঢ়িতেঁ বুইলোঁ নাএ।' বড়ু, ১৪৫০। **চঢ়িলা** *ক্রি* চড়লো; আরোহণ করলে।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'নিষধিতে আল রাধা চঢ়িলা নাএ।' বড়ু, ১৪৫০। **চঢ়িলী** *ক্রি* উঠলো; আরোহণ করলো। 'হেন গুণী মনত চঢ়িলী রাধা নাএ।' বড়ু, ১৪৫০। **চঢ়িলেঁ** *ক্রি* চড়লে; আরোহণ করলে। 'সক্ষাই চঢ়িলেঁ নাঅ না সহিব ভরা।' বড়ু, ১৪৫০। **চঢ়ে** *ক্রি* আরোহণ করে। 'নমস্কার করিতে কারো উপরেতে চঢ়ে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চণক [স] *বি* ছোলা; চানা। 'চণক তিল সর্ষপাদিরূপ শস্যধন তাহার।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

চণ্ড [স] ১ *বিণ* প্রচণ্ড। 'যেন তূন যাএ চণ্ড বাতে।' বড়ু, ১৪৫০। ২ *বি* দানববিশেষ। 'চণ্ড মুণ্ড আদি বীর রণে কেহ নহে স্থির।' *রূপরাম*, ১৭৫০। ৩ *বিণ* উগ্র। 'মহাকালের চণ্ড-রূপে – ধূম্র-ধূপে। *নজরুল*, ১৯২২।

চণ্ডনীতি [স] *বি* ধ্বংসকর রীতি। 'এই চণ্ডনীতির পরিণাম কি?' *সওগাত*, ১৯২৮।

চণ্ডবৃষ্টি [স] *বি* প্রচণ্ড বৃষ্টি। 'চণ্ডবৃষ্টি-প্রপাত-ধারা-ফুলে/ বরষার বুকে ঝলে জল-মালা-হার।' *নজরুল*, ১৯২৪।

চণ্ড-রূপ [স] *বি* ভয়ংকর রূপ। 'মহাকালের চণ্ড-রূপে – ধূম্র-ধূপে। *নজরুল*, ১৯২২।

চণ্ডাশোক [স চণ্ড-অশোক] *বি* অহিংসা মন্ত্রে দীক্ষা নেওয়ার আগেকার সম্রাট অশোক। 'অশান্তিতে দেবতা হয় চণ্ডাশোক।' *নজরুল*, ১৯৪১।

চণ্ডাল [স] ১ *বি* ব্রাহ্মণের বিপরীতে উচ্চারিত পৌরাণিক সম্প্রদায়বিশেষ। 'চণ্ডালে ত হেন কর্ম্ম না করে আসিয়া।' *মালাধর*, ১৫০০। ২ *বি* গালিবিশেষ। 'কুক্কুর-চণ্ডাল অন্ত করি।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* তথাকথিত অস্পৃশ্য শ্রেণীর হিন্দু। 'চণ্ডাল মুছলমান ফিরিঙ্গী ইংরাজ ফরাসীয় নানা জাতির সহিত বিহার করিয়া মজা করিয়াছ।' *ভবানী*, ১৮২৮। ৪ *বি* নিম্নশ্রেণী। 'তা এরা সাহেব না, না এরা সাহেবদের চণ্ডাল।' *দীনবন্ধু*, ১৮৬০। ৫ *বিণ* হৃদয়হীন। 'আমি কি চণ্ডাল? না পাষণ্ড।' *মাইকেল*, ১৮৬১। ৬ *বি* শবদাহ পেশাধারী সম্প্রদায়বিশেষ। 'নদীতীরে শ্মশান, চণ্ডাল শবদাহে ব্যাপৃত।' *রবীন্দ্র*, ১৯৩২। *দ্র* **চাণ্ডাল**

চণ্ডালপনা [স চণ্ডাল+পনা] *বি* চণ্ডালের আচরণ। 'চণ্ডালপনা সব কাজে ওর।' *সত্যেন্দ্র*, ১৯২৪।

চণ্ডালিকা [স] *বি স্ত্রী* চণ্ডালকন্যা। 'চণ্ডালিকা।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চণ্ডালিনী [স] ১ *বিণ স্ত্রী* চণ্ডাল জাতীয়। 'চণ্ডালিনী দূতীর আতঙ্কা হয়।' *ভবানী*, ১৮২৮। ২ *বি* চণ্ডাল নারী। 'ওকে ছুঁয়ো না, ছুঁয়ো না, ছি, ও যে চণ্ডালিনীর ঝি।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চণ্ডালী [স] *বি* চণ্ডাল নারী। 'সমতা স্রোএঁ জলিঅ চণ্ডালী।' *চর্যা* ৪৭, ১২০০।

চণ্ডাশোক *দ্র* চণ্ড

চণ্ডিকা [স] *বি* হিন্দুদেবী চণ্ডী। 'পূজন্তি চণ্ডিকা ঘট সুবর্ণ্ণ পাতিয়া।' *মালাধর*, ১৫০০।

চণ্ডী [স] *বি* হিন্দু দেবীবিশেষ। 'চণ্ডীর কৃপায় দূর হইল বিপাক।' মুকুন্দ, ১৬০০।

চণ্ডীদাসী [স] *বিণ* বড় চণ্ডীদাসের পঙ্‌ক্তির মতো। 'দ্বিতীয় লাইন চণ্ডীদাসী।' *মুজতবা*, ১৯৫২।

চণ্ডীপাঠ [স] *বি* হিন্দুদেবী চণ্ডীর মাহাত্ম্যসূচক পুরাণ আবৃত্তি। 'বিশ ত্রিশ জন চণ্ডীপাঠ ও স্তব কবচাদি পাঠ করেন।' *দর্পণ*, ১৮১৯।

চণ্ডীপূজা [স] *বি* দুর্গাপূজা। 'একস্থানে বার্ষিক চণ্ডীপূজা হইবে।' *দর্পণ*, ১৮১৯।

চণ্ডীমঙ্গল [স] *বি* হিন্দুদেবী চণ্ডীর মাহাত্ম্য কীর্তন। 'চণ্ডীমঙ্গল।' মুকুন্দ, ১৬০০।

চণ্ডীমণ্ডপ [স] *বি* পূজামণ্ডপ। 'প্রতিমা আনিয়া লোকেরা সঙ্গোপনে তাহার চণ্ডীমণ্ডপে রাখিয়া যায়।' *দর্পণ*, ১৮২০।

চণ্ডীমূর্তি [স] *বি* ভয়ঙ্কর চেহারা। 'আজ কী আনন্দ, তোর চণ্ডীমূর্তি দেখে!' *রবীন্দ্র*, ১৮৯০।

চণ্ডু [হি] *বি* আফিম থেকে তৈরি মাদক দ্রব্য। 'চরস, গাঁজা, গুলি, ছরারা ও চণ্ডুতে তাহাদের মুণ্ড দিবারাত্রি ঘুরিত।' *প্যারী*, ১৮৫৯।

চণ্ডুখুড়ি [হি চণ্ডু+ফা খোর] *বিণ* চণ্ডুসেবনকারীর কাজের মতো হাস্যকর ও স্থূল। 'গপ্‌প করতে ঠাঁই পাওনি চণ্ডুখুড়ি আষাঢ়ে।' *নজরুল*, ১৯২৬।

চতুঃ [স] *বিণ* চার সংখ্যক। 'বাহির চতুঃশালাতে বসিলা দুইজন।' *বিজয়*, ১৬৫০।

চতুঃপার্শ্ব [স] *বি* চারপাশ। 'চতুঃপার্শ্বে গোলা গঞ্জ শহর বাজার নগর।' *রামরাম*, ১৮০১।

চতুঃপার্শ্ববর্তী [স] *বিণ* চারপাশের। 'চতুঃপার্শ্ববর্তী গ্রাম, নগর ... আবৃত করিয়া ফেলে।' *অক্ষয়*, ১৮৫২।

চতুঃশালা [স] *বি* কাছারি। 'বাহির চতুঃশালাতে বসিলা দুইজন।' *বিজয়*, ১৬৫০।

চতুঃষষ্টি [স] *বিণ* চৌষট্টি। 'নববিধি চতুঃষষ্টিপ্রকার বিহারবিদ্যায় বিলক্ষণ বিচক্ষণ হইলেন।' *ভবানী*, ১৮২৮।

চতুঃষষ্ঠি [স চতুঃষষ্টি] *বিণ* চৌষট্টি। 'চতুঃষষ্ঠি শুনি গেল পাতাল ভুবন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চতুঃসম [স] *বি* কস্তুরী, চন্দন, কুঙ্কুম, কর্পূর – এ চার দ্রব্যের মিশ্রিত রূপ। 'প্রথম দিবসে পাইল চতুঃসমের গন্ধ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চতুঃসষ্টি [স চতুঃষষ্টি] *বিণ* চৌষট্টি। 'চতুঃসষ্টি সুনি গেল পাতাল ভুবনে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চতুঃসীমা [স] *বি* চারদিকের সীমা। 'ভূমির চতুঃসীমা দেখিয়া লইবা।' *রামরাম*, ১৮০২।

চতুঃসীমানা [স] *বি* চতুর্দিকস্থ সীমানা; গণ্ডি। 'বিবাহের চতুঃসীমানার মধ্যে কেহই তাহাকে ধরিয়া রাখিতে পারিল না।' *রবীন্দ্র*, ১৯১৪।

চতুঃসীমাবদ্ধ [স] *বিণ* চারদিকে ঘেরা। 'এই চতুঃসীমাবদ্ধ ভূভাগের নাম পার্থীয়া।' *অক্ষয়*, ১৮৪৭।

চতুঃস্কন্ধরূপী [স] *বিণ* চার কাঁধযুক্ত শরীরের অধিকারী। 'দেখিলা রাক্ষসবল বাহিরিছে দলে অসংখ্য, প্রতিঘ-অক্ষ, চতুঃস্কন্ধরূপী।' *মাইকেল*, ১৮৬১।

চতুঃশ্রিমা [স চতুঃশীমা] *বি* চারদিক। 'জমী ১ বিঘা মাএ আমলা চতুঃশ্রিমা বহ ... বন্দক রাখিয়া।' *মেয়র্স*, ১৭৫৮।

চতুর্থী [চতুর্থী] *বি স্ত্রী* অমাবস্যা ও পূর্ণিমার পরবর্তী চতুর্থ দিবস। 'ভাদর মাসের তিথি চতুথীর রাতী।' বড়ু, ১৪৫০।

চতুর্দ্দিগ [স চতুর্দিক] *বি* চতুর্দিক; সকল দিক। 'ইহার বাটীর চতুর্দ্দিগে গড়-বন্দি ছিল।' *গুপ্ত*, ১৮৫৫।

চতুর [স] ১ *বিণ* বুদ্ধিমান। 'সরস কবি সুরস ভনে চারুতর চতুরপনে নারি আরাহিঅই পঞ্চবানা।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'সরেস্বতি গোপরামা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রসেতে চতুর।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* পরিশ্রমী। *মানোএল*, ১৭৪৩। ৩ *বি* বুদ্ধিমান। 'চতুরের দোস্ত।' *বোগল*, ১৭৭০। ৪ *বিণ* চালাক। 'চতুর ব্যারিস্টার অত্যন্ত কৌশলে ...।' *রবীন্দ্র*, ১৮৯১। ৫ *বিণ* ধূর্ত। 'আঁখির ঠারে চতুর হাসি হেসে।' *রবীন্দ্র*, ১৮৯৯। ৬ *বিণ* কপট; স্মার্ট। 'চতুর রাঙা ঠোঁটে।' *রবীন্দ্র*, ১৯০০। ৭ *বিণ* বুদ্ধিদীপ্ত। 'মামা নিজেকে অসামান্য চতুর বলিয়াই অভিমান করিয়া থাকেন।' *রবীন্দ্র*, ১৯১৪। ৮ *বিণ* ছলনাপূর্ণ। 'যে উদ্ধত শেল ও শল্য, যে চতুর ছোরা ও ছুরি।' *রবীন্দ্র*, ১৯৩২।

চতুরজন [স] *বি* বুদ্ধিমান ব্যক্তি। 'ইজ্জৎ বাঁচাইলেন চতুরজনের মত।' *শওকত*, ১৯৫৮।

চতুরতা [স] ১ *বি* দক্ষতা। 'তাঁহাদিগের চতুরতা বিবেচনা না করিয়া ...।' *ভবানী*, ১৮২৩। ২ *বি* ধূর্ততা। 'সাতিশয় চতুরতার সহিত ঘাড় নাড়িয়া কহিলেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

চতুরপণ [স চতুর-পণ] *বি* চতুরতা। 'কি মোরা জীবনে কি মোরা জৌবনে কি মোরা চতুরপনে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চতুরা [স] ১ *বিণ স্ত্রী* নিপুণ; দক্ষ। 'ইঙ্গিতাদিতে চতুরা সুরতিতে পণ্ডিতা।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ২ *বি* বুদ্ধিমতী। 'তাহা বুঝিতে বিমলার ন্যায় চতুরার অধিককাল অপেক্ষা করে না।' *বঙ্কিম*, ১৮৬৫। ৩ *বিণ স্ত্রী* ছলনাময়ী। 'আমি নয় চতুরা, যে থাকে আছে।' *গিরিশ*, ১৮৮৩।

চতুরং [স চতুরঙ্গ] *বি* একপ্রকার গান। 'কত কত কলায়ত, ... মৃদঙ্গ সারগম, চতুরং ও নক্সগুলে মশগুল হইয়া আছে।' *প্যারী*, ১৮৫৮।

চতুরক্ষর [স] *বিণ* চার অক্ষরবিশিষ্ট। 'প্রথম স্বর ব্যঞ্জন প্রভৃতি বর্ণমালা ... ত্র্যক্ষরযুক্ত চতুরক্ষরযুক্ত ও যথাস্থানে বর্ণোচ্চারণ।' *দর্পণ*, ১৮২১।

চতুরগুণিত [স] *বিণ* চারগুণ। 'দ্বিগুণিত, চতুরগুণিত।' *রবীন্দ্র*, ১৯০৫।

চতুরঙ্গ [স] ১ *বিণ* হাতি, ঘোড়া, রথ ও পদাতি – এই চার অঙ্গে সমন্বয়ে গঠিত সৈন্যদল। 'চতুরঙ্গ দল সাজে সমরে দুন্দুভি বাজে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* দাবা খেলা। 'প্রাচীন পারসীকের শতরঞ্জকে বিকৃত করিয়া চতুরঙ্গ করেন।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* সংগীতের প্রকারবিশেষ। 'অন্তরার লয়ের চেয়ে দ্রুততর হয়, চতুরঙ্গে তো হয়ই।' *ধূর্জটি*, ১৯৩১; 'রামছাগী গায় চতুরঙ্গ বেড়ার ধারে।' *নজরুল*, ১৯৩২।

চতুরঙ্গিণী [স] *বিণ স্ত্রী* হাতি, ঘোড়া, রথ ও পদাতি – এই চার শাখাবিশিষ্ট। 'রাজা, চতুরঙ্গিণী সেনা লইয়া, তদীয় রাজধানীর অবরোধ করিলে ...।' *বিদ্যা*, ১৮৪৭।

চতুরস্র [স] ১ *বি* চতুর্দিক। 'সে জিলাতে চতুরস্র বার শত ক্রোশ আছে।' *দর্পণ*, ১৮১৯। ২ *বিণ* চারকোনা। 'তদানন্তর চতুরস্র স্বর্ণ চিত্রিত দৃতি নির্ম্মিত পট্টে সুলিখিত।' *দর্পণ*, ১৮২২।

চতুরা দ্র **চতুর**

চতুরাই [স চতুর>] *বি* চতুরতা। 'পরিচয় করবি সময় ভাল চাই। আজ বুঝব সখি তুআ চতুরাই।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চতুরাংশ [স] *বি* চার ভাগ। 'যে টেক্স দেন তাহার চতুরাংশের একাংশ।' *দর্পণ*, ১৮২৬।

চতুরানন [স চতুর-আনন] *বি* (হিন্দুপুরাণ) ব্রহ্মা। 'কত চতুরানন মরি মরি জাওত ন তুয়া আদি অবসানা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চতুরালি, চতুরালী [স চতুর>] ১ *বি* ছলচাতুরী। 'চতুরালী জারী জুরি ভাঙ্গিল তো আজ।' *উমেশ*, ১৮৫৭; 'এ কী রীতি চতুরালি।' *নজরুল*, ১৯৩১। ২ *বি* রঙ্গকৌতুক। 'শ্যালীর সাথে হাস্যমুখে করিয়া চতুরালি।' *রবীন্দ্র*, ১৮৯০।

চতুরাশ্রম [স] *বি* ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস – মানবজীবনের এই চার অবস্থা। 'চতুর্ব্বর্ণ, ত্রিলোক, চতুরাশ্রম সকলই বেদ হইতে প্রকাশ।' *বঙ্কিম*, ১৮৮৭।

চতুর্গুণ [স] *বিণ* চারগুণ। 'সেলামী দিলেন সবে চতুর্গুণ তার।' *ভারত*, ১৭৬০।

চতুর্থ [স] ১ *বি* চতুর্থ স্থান। 'চতুর্থেতে নরনারায়ন অবতারে।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* চারসংখ্যক। 'চতুর্থ প্রহরে কান/ করিল আধর পান।' *বড়ু*, ১৫৭০।

চতুর্থ পক্ষ [স] *বি* চতুর্থ বিবাহ। 'আমার তৃতীয় পক্ষ গত হবার পর তো আমি অনায়াসে চতুর্থ পক্ষ করতে পারতুম।' *স্বপথ*, ১৯২৯।

চতুর্থ রাষ্ট্র [স] *বি* সংবাদপত্র এবং সেণ্ডলোর রাজনৈতিক ক্ষমতা। 'সংবাদপত্রকে চতুর্থ রাষ্ট্র বলে অভিহিত করা হয়।' *মাহেনও*, ১৯৪৯।

চতুর্থে *ক্রিবিণ* চতুর্থত। 'চতুর্থে শ্রীসনাতনের দ্বিতীয় মিলন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চতুর্থেতে *ক্রিবিণ* চতুর্থ স্থানে। 'চতুর্থেতে নরনারায়ন অবতারে।' *মালাধর*, ১৫০০।

চতুর্থাংশ [স] *বি* চতুর্থ ভাগ। 'বালকেরা ব্যাকরণের অর্দ্ধেক ও ত্র্যংশ ও চতুর্থাংশ আবৃত্তি করিল।' *দর্পণ*, ১৮২২।

চতুর্থী [স] ১ *বি স্ত্রী* তিথির নামবিশেষ। 'ভদ্র চতুর্থীর শশী দেখিয়াছি হেন নিতি।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বিণ স্ত্রী* চতুর্থ। 'সিংহাসনের চতুর্থী পুত্তলিকা কহিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

চতুর্দল, চতুর্দ্দল [স] *বি* (তন্ত্র) চার দল বিশিষ্ট চক্র। 'কণ্ঠাম্বুজবধি চতুর্দ্দলে অবস্থান।' *চণ্ডী*, ১৫৫০।

চতুর্দ্দল পদ্ম [স] *বি* (তন্ত্র) মূলাধার চক্র। 'গুহ্যমূলে চতুর্দ্দল পদ্ম বিরাজিত।' *চণ্ডী*, ১৫৫০।

চতুর্দশ, চতুর্দ্দশ [স] *বিণ* চোদ্দ সংখ্যক। 'চতুর্দ্দশ বাল্যলীলার কিছু বিবরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'চর্তুদশ ভুবনের পতি রঘুনাথ।' *মুকুন্দ*, ১৬০০।

চতুর্দশপদী [স] *বি* চোদ্দ চরণের কবিতাবিশেষ; সনেট। 'চতুর্দ্দশপদী কবিতাবলী।' *মাইকেল*, ১৮৬৬; 'বিরহ এত গাঢ় হবে যে চতুর্দশপদীও তার পক্ষে ঢিলে বোধ হবে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চতুর্দশবর্ষীয় [স] *বিণ* চোদ্দ বছর বয়সী। 'চতুর্দশবর্ষীয় একটি বালক – স্থানীয় স্কুলে পড়ে।' *বনফুল*, ১৯৩৬।

চতুর্দশশত [স] *বিণ* চোদ্দশো। 'চতুর্দশ শত বৎসরেরও পূর্বে ... বিদ্যমান ছিলেন।' *অক্ষয়*, ১৮৪৭।

চতুর্দশী [স] ১ *বি স্ত্রী* চতুর্দশ তিথি। 'এই চতুর্দশীর শশী আকাশ উপরে।' *সুলতান*, ১৭০০। ২ *বিণ স্ত্রী* চোদ্দ বছর বয়স্ক বালিকা। 'চতুর্দশী মুক্তকেশী কনে!' *নজরুল*, ১৯৩১।

চতুর্দশীতত্ত্ব [স] *বি* চোদ্দ মাত্রাযুক্ত পদের তত্ত্ব। 'সনেটের চতুর্দশীতত্ত্ব শাস্ত্রীয় কিংবা অশাস্ত্রীয় ...।' *প্রমথ*, ১৯১৩।

চতুর্দশে, চতুর্দ্দশে [স] *ক্রিবিণ* চতুর্দশত। 'চতুর্দ্দশে দিব্যোন্মাদ-আরম্ভ বর্ণন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চতুর্দিক, চতুর্দ্দিক [স] *বি* সকল দিক। 'মন্দিরের চতুর্দ্দিকে প্রক্ষালন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'চতুর্দিকে সারি সারি ঘৃত দীপ জ্বলে।' *বৃন্দা*, ১৫৮০।

চতুর্দিকবর্তী [স] *বিণ* চারদিকের; ধারে-কাছের। 'তার কাছে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চতুর্দিকবর্তী সমস্ত জিনিস নিতান্ত কেবল জিনিস নয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চতুর্দিকস্থ [স] *বিণ* চারপাশে আছে এমন। 'সূক্ষ্ম সূক্ষ্ম অণু চতুর্দিকস্থ বায়ুতে ব্যাপ্ত হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫২।

চতুর্দিগ, চতুর্দ্দিগ [স] **১** *বি* সকল দিক। 'চতুর্দিগে বিশ্বরূপ পায় মহাদুঃখ।' *বৃন্দা*, ১৫৮০; 'এই মাত্র শব্দ চতুর্দ্দিগে মহারাজার কুমার হইল।' *রামরাম*, ১৮০১। **২** *বি* চারদিক। 'চতুর্দ্দিগে প্রাচীর।' *রাজীব*, ১৮০৫।

চতুর্দিগবর্তী [স] *বিণ* চারদিকে বিদ্যমান। 'তাহাদের চতুর্দিগবর্তী স্বদেশীসমাজ।' *রবীন্দ্র*, ১৯০৫।

চতুর্দিগস্থ [স] *বিণ* চারপাশের। 'কোন২ জমীদারের নিয়ত চতুর্দিগস্থ বুভুক্ষু ভৃত্যবর্গ ...।' *দর্পণ*, ১৮৩৩।

চতুর্দিশ, চতুর্দ্দিশ [চতুর্দিক] *বি* পূর্ব পশ্চিম উত্তর দক্ষিণ এই চারটি দিক। 'চতুর্দ্দিশ চাহোঁ কৃষ্ণ দেখিতে না পাওঁ।' *বড়ু*, ১৪৫০।

চতুর্দোল, চতুর্দ্দোল [স] *বি* চার বাহকের পালকি। 'সঘনে হুলুই পড়ে রতি চতুর্দোলে চড়ে।' *মুকুন্দ*, ১৬০০; 'মহারাজাকে চতুর্দ্দোলে আরোহণ করাইয়া গতি করাইলেন।' *রামরাম*, ১৮০১।

চতুর্দোলা [স] *বি* চার বাহকের পালকি। *সেবধি*, ১৮৩৯। 'কত যোগ্য এবং অযোগ্য পাত্র চতুর্দোলায় চড়িল।' *রবীন্দ্র*, ১৮৯১।

চতুর্ধস, চতুর্দ্ধস [স চতুর্দশ] *বি* ১৪ বছর বয়স। 'চতুর্দ্ধসে নরসিংহ অদ্ভুত সরির।' *মালাধর*, ১৫০০।

চতুর্ধা [স] *বিণ* চার টুকরায় বিভক্ত। 'তোমরা চমসকে চতুর্ধা করিয়াছিলে।' *অবন*, ১৯২৫।

চতুর্ধার [স] *বি* চারদিক। 'শূন্যাকার চতুর্ধার বিহিন বসতি।' *আলাওল*, ১৬৮০।

চতুর্ধুরীণ, চতুর্দ্ধুরীণ [স] *বি* পদবি-বিশেষ; চৌধুরী। 'রঙ্গপুরস্থ ভূম্যধিকারী শ্রীল শ্রীযুক্ত বাবু কালীচন্দ্র চতুর্দ্ধুরীণ মহাশয় ...।' *রামনারায়ণ*, ১৮৫৪।

চতুর্বর্গ, চতুর্ব্বর্গ [স] *বি* ধর্ম, অর্থ, কাম, মোক্ষ – জীবনের এই চার লক্ষ্য। 'তুমি দাতা চতুর্ব্বর্গ দানে।' *ভারত*, ১৭৬০; 'দর্শনে কলুষ নাশ চতুর্ব্বর্গ হয়।' *মানিকরাম*, ১৭৮১।

চতুর্বর্ণ, চতুর্ব্বর্ণ [স] *বি* ব্রাহ্মণ, ক্ষত্রিয় বৈশ্য, শূদ্র – এই চার বর্ণ। 'চিরকালানুষ্ঠিত অবিগীত ভারতবর্ষীয় চতুর্বর্ণ ধর্ম্মের যথার্থ রূপে সমন্বয় ...।' *দর্পণ*, ১৮৪০; 'চতুর্ব্বর্ণ, ত্রিলোক, চতুরাশ্রম সকলই বেদ হইতে প্রকাশ।' *বঙ্কিম*, ১৮৮৭।

চতুর্বিংশ [স] *বিণ* চব্বিশ সংখ্যক। 'চতুর্বিংশে মায়া মোহ যথেক টুটএ।' *সুলতান*, ১৭০০।

চতুর্বিংশতি, চতুর্ব্বিংশতি [স] *বিণ* চব্বিশ সংখ্যক। 'চতুর্ব্বিংশতি কথা।' *তারিণী*, ১৮০৩; 'চতুর্বিংশতি বেলাতে অহোরাত্র হয়।' *অক্ষয়*, ১৮৪৭।

চতুর্বিংশতিতম [স] *বিণ* চব্বিশ সংখ্যক। 'আমি চতুর্বিংশতিতম বর্ষে পদার্পণ করিলাম।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

চতুর্বিধ, চতুর্ব্বিধ [স] *বিণ* চার প্রকার। 'আমারদের চর্ব্ব্য চোষ্য লেহ্য পেয় চতুর্ব্বিধ ভক্ষ্য তদন্য অন্ন অভক্ষ্য।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩; 'চতুর্বিধ ভক্ষ্য দ্রব্য প্রস্তুত করিয়া, ভূপতিসমীপে সংবাদ দিল।' *বিদ্যা*, ১৮৪৭।

চতুর্বিধাঘাত, চতুর্ব্বিধাঘাত [স] *বি* চার ধরনের আঘাত। 'পদাঘাত পাদুকাঘাত চতুর্ব্বিধাঘাতে ... প্রাণ্ড প্রায় হইলেন।' *দর্পণ*, ১৮২২।

চতুর্বেদ, চতুর্ব্বেদ [স] *বি* ঋক, সাম, যজুঃ, অথর্ব – এই চার বেদ। 'মীনরূপে প্রথমেতে ... উদ্ধার করিলে চতুর্বেদ।' *মানিকরাম*, ১৭৮১; 'চতুর্ব্বেদ চতুর্ম্মুখ ব্রহ্মার রচিত বলিয়া ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

চতুর্ভিত [স] *বি* চারদিক। 'নিরখিয়ে চতুর্ভিত, রাজা অতি পুলকিত।' *ফয়জুল্লেসা*, ১৮৭৬।

চতুর্ভিতি [স চতুর্ভিত] *বি* চারটি ভিত। 'জলময় তার চতুর্ভিতি মধ্যে থানা।' *লালন*, ১৮৯০।

চতুর্ভুজ [স] **১** *বিণ* চারহাত বিশিষ্ট। 'সঙ্খ চক্র গদা পদ্ম চতুর্ভুজ কলা।' *মালাধর*, ১৫০০। **২** *বি* চারহাত যুক্ত হিন্দুদেবতা বিষ্ণু। 'দেখাইল আগে তাঁরে চতুর্ভুজ রূপ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* চারকোনা বিশিষ্ট। 'ত্রিভুজ ও চতুর্ভুজ ক্রমে ... এসে যেত হিম হাওয়া।' *জীবন*, ১৩৩০।

চতুর্ভুজা [স] *বি* হিন্দুদেবীবিশেষ; জগদ্ধাত্রী। 'চতুর্ভুজা, চারি হস্ত আছ জোড় করি।' *রবীন্দ্র*, ১৮৯০।

চতুর্ভুজাকার [স] *বিণ* চার বাহুবিশিষ্ট। 'বাম ভাগ চতুর্ভুজাকার, ডান ভাগ অষ্টভুজাকার।' *মুনীর*, ১৯৬৬।

চতুর্মাস্য, চতুর্ম্মাস্য [স] *বি* চারমাস ব্যাপী কৃত্য। 'চতুর্ম্মাস্য করিবারে আসিছে দুর্বাসা।' *রবীন্দ্র*, ১৬৮৯।

চতুর্মুখ, চতুর্ম্মুখ [স] **১** *বিণ* চার মুখবিশিষ্ট। 'আপনে অনন্ত চতুর্মুখ পঞ্চানন।' *বৃন্দা*, ১৫৮০; 'হিন্দুরা চতুর্ব্বেদ চতুর্ম্মুখ ব্রহ্মার রচিত বলিয়া ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **২** *বি* চার মুখ। 'চতুর্মুখে ব্রহ্মা ভাবেন/ দেবী আছেন চতুর্বেদে।' *নজরুল*, ১৯৩৫।

চতুর্মূর্তি [স] *বি* চারজন মানুষ। 'তখনই চতুর্মূর্তির একজন হঠাৎ মাথা তুলে কান খাড়া করল।' *শওকত*, ১৯৭২।

চতুর্যাম [স] *বি* চার প্রহর। 'এই রূপে চতুর্যাম নিশি নির্ব্বাহিল।' *আলাওল*, ১৬৮০।

চতুর্সমে [স চতুঃসম] *ক্রিবিণ* চতুর্দিক সমান ক'রে। 'চতুর্সমে নির্মিয়াছে সে সবের অঙ্গ।' *সুলতান*, ১৭০০।

চতুর্হস্ত [স] *বি* চার হাতবিশিষ্ট প্রাণী। 'পণ্ডিতেরা উহাদিগকে চতুষ্পদ না বলিয়া চতুর্হস্ত বলিয়া থাকেন।' *বিদ্যা*, ১৮৫১।

চতুশ্চত্বারিংশৎ [স] *বিণ* চুয়াল্লিশ সংখ্যক। 'চতুশ্চত্বারিংশৎ কথা।' *তারিণী*, ১৮০৩।

চতুশ্চরণ [স] *বি* চার পা। 'এ কী অকারণ/ ধরি তব চতুশ্চরণ।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চতুশ্সিমা [স চতুঃসীমা] *বি* চতুর্দিকের সীমানা। 'চতুশ্সিমা বসুদ্দ মাএ আমলা সমেত তোমার স্থানে ...।' *মেয়র্স*, ১৭৫৭।

চতুষষ্টি [স চতুঃষষ্টি] *বিণ* চৌষট্টি সংখ্যক। 'নববিধি চতুষষ্টি প্রকার বিহারবিদ্যায় বিলক্ষণ বিচক্ষণ হইলেন।' *ভবানী*, ১৮২৮।

চতুষ্কোণ [স] *বি* যার চারটি কোণ আছে। 'রেখা ও কোণ ও চতুষ্কোণ।' *তারিণী*, ১৮০৩।

চতুষ্কোণা [স চতুষ্কোণ] *বিণ* চার কোণবিশিষ্ট। 'পৃথ্বি চতুষ্কোণা নয়, সহজে ত্রিকোণময় ...।' *মদনমোহন*, ১৮৩৪।

চতুষ্টয় [স] **১** *বি* চারটির সমষ্টি। 'ভেদ, দণ্ড, সাম, দান, এই উপায় চতুষ্টয়েতে অতিশয় কুশল হও।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **২** *বি* চার সংখ্যক। 'তাই বলি বৎসতরী চতুষ্টয় সহিত বৃষোৎসর্গ।' *রামনারায়ণ*,

AMARBOI.COM

১৮৫৪।

চতুষ্পঞ্চাশৎ [স] *বিণ* চুয়ান্ন সংখ্যক। 'চতুষ্পঞ্চাশৎ কথা।' *তারিণী*, ১৮০৩।

চতুষ্পথ [স] *বি* চৌরাস্তা । 'কোন কোন স্থানে ঐ উভয় পথই ভূমিতলে একত্র মিলিত হইয়া চতুষ্পথ অর্থাৎ চৌমাথা হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৫।

চতুষ্পদ [স] ১ *বিণ* চার পা আছে এমন। *ওঁসা*, ১৭৮৫; 'চতুষ্পদ জন্তুর মধ্যে হস্তীর আকার অতি বৃহৎ।' *মদনমোহন*, ১৮৫০। ২ *বি* চৌপদী কবিতা। 'কবিতাতে যদি নাহি মিলে চতুষ্পদ।' *রামনারায়ণ*, ১৮৫৪।

চতুষ্পদী [স] ১ *বি* চার পা আছে এমন প্রাণী । 'কাক পিক পক্ষী আদি শিবা সেজা চতুষ্পদী যোগাইলা সভান আহার।' *বাহরাম*, ১৬৫০। ২ *বি* স্ত্রী চার পদবিশিষ্ট ছন্দ। 'ত্রিপদী কালক্রমে চতুষ্পদীতে পরিণত হয়।' *প্রমথ*, ১৯১৩।

চতুষ্পাটী [স চতুষ্পাঠী] *বি* টোল; হিন্দুশাস্ত্র শেখার বিদ্যালয়। *দর্পণ*, ১৮২০; 'আশীর্ব্বাদ করিয়া স্ব২ চতুষ্পাটীতে গমন করিলেন।' *দর্পণ*, ১৮২২।

চতুষ্পাটীস্থ [স চতুষ্পাঠীস্থ] *বিণ* চতুষ্পাঠীতে অধ্যয়নরত। 'চতুষ্পাটীস্থ ভিন্ন বিদেশীয় ছাত্র ৮২ বিরাশী জন।' *দর্পণ*, ১৮২২।

চতুষ্পাঠী [স] *বি* যেখানে সংস্কৃত শাস্ত্র পড়ানো হয়; টোল। 'চতুষ্পাঠীতে আসিয়া প্রাচীন মহামহোপাধ্যায়দিগকে আনাইয়া কহিলেন ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

চতুষ্পায়া [স] *বি* চারপায়া চৌকিবিশেষ। 'দুই তিনটি চতুষ্পায়া।' *নজরুল*, ১৯৩১।

চতুষ্পার্শ্ব [স] *বি* চারপাশ। 'চতুষ্পার্শ্বস্থিত স্থান সমূহে ... বিস্তার করিতে পারিত।' *অক্ষয়*, ১৮৪৯।

চতুষ্পার্শ্ববর্তী [স] *বিণ* চারদিকে অবস্থানকারী। 'তাঁহারা চতুষ্পার্শ্ববর্তীদের প্রতি অনাবশ্যক উৎপীড়ন করিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

চতুষ্পার্শ্বস্থ [স] *বিণ* চারপাশের। 'আমাদের চতুষ্পার্শ্বস্থ রিয়ালিটির প্রতি মনোযোগ।' *প্রমথ*, ১৯১৪।

চতুষ্পার্শ্বস্থিত [স] *বিণ* চারপাশে অবস্থিত। 'চতুষ্পার্শ্বস্থিত স্থান সমূহে ... বিস্তার করিতে পারিত।' *অক্ষয়*, ১৮৪৯।

চতুস্ত্রিংশৎ [স] *বিণ* চৌত্রিশ সংখ্যক। 'চতুস্ত্রিংশৎ-কথা।' *তারিণী*, ১৮০৩।

চতুস্ত্রিংশদক্ষর [স] *বি* চৌত্রিশ অক্ষর। 'প্রথমতঃ তালপত্রস্থিত কণ্টকবিনির্ম্মিত চতুস্ত্রিংশদক্ষরে ...।' *ভবানী*, ১৮২৫।

চত্তির [স চৈত্র] *বি* বাংলা ষাদশ মাসের নাম; চৈত্র। 'এই চত্তির মাসের রোদ্দুরে, ফের দ্যাখো না এই জ্বরে পড়লো বলে।' *বিভূতি*, ১৯২৯।

চত্বর [স] ১ *বি* আঙিনা। 'ধূইল চত্বর-প্রাঙ্গণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* উন্মুক্ত স্থান। 'নগর-চত্বর মাঝে শিবের মন্দির সাজে অনাথমণ্ডপ অন্নশালা।' *মুকুন্দ*, ১৬০০।

চত্বারিংশৎ [স] *বিণ* চল্লিশ সংখ্যক। 'চত্বারিংশৎ কথা।' *তারিণী*, ১৮০৩।

চনক [স চণক] *বি* ছোলা; চানা। 'প্রকৃতি পুরুষ উভয় মিলিত চনকদলের ন্যায়।' *দর্পণ*, ১৮২১।

চন করা [ধ্বন্যা চন>] *বি* উত্তেজিত হওয়া। 'মাথায় রক্ত চন করে উঠল।' *রবীন্দ্র*, ১৯২৮।

চনচন [ধ্বন্যা] ১ *বি* তীব্র ব্যথার ভাবব্যঞ্জক শব্দ। 'শিরদাঁড়া করে চনচন।' *নজরুল*, ১৯২২। ২ *বি* তীব্র ক্ষুধার অনুভূতিসূচক শব্দ। 'খিদেয় চনচন করছে ওর পেটটা।' *কায়সার*, ১৯৬২।

চনচনে [ধ্বন্যা চনচন>] *বিণ* চনচন করে এমন। 'চনচনে একটানা ব্যথা।' *মানিক*, ১৯৩৬।

চনমনে [ধ্বন্যা] ১ *বিণ* চাঙ্গা। 'খিদেটা বহুগুণ চনমনে হয়ে উঠল।' *অচিন্ত্য*, ১৯৫০। ২ *বিণ* উদ্দীপক। 'কি চনমনে গন্ধ ফুলের।' *হুমায়ুন*, ১৯৭২।

চনাচুর [স চণকচূর্ণ] *বি* ডাল, বাদাম প্রভৃতির মিশ্রণে তৈরি এক ধরনের হালকা শুকনা খাবার। *বিদ্যা*, ১৮৯১।

চনার *বি* বৃক্ষবিশেষ। 'এই পাদপ ব্যতীত এখানে সররা বা সর্জ্জতরু, দেবদারু, আখরোট, চনার, সফেদা প্রভৃতি বহুবিধ সুবৃহৎ বৃক্ষনিচয় পরিদৃষ্ট হয়।' *অক্ষয়*, ১৮৫৪।

চন্দ [স চন্দ্রা] *বি* চাঁদ। 'চন্দ সূজ দুই চকা সিঠি সংহার পুলিংদা।' *চর্যা* ১৪, ১২০০।

চন্দন [স] ১ *বি* চন্দন নামের সুগন্ধি কাঠের কাথ। 'আগর চন্দন আঙ্গে মাখী।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* সুগন্ধি কাঠবিশেষ। 'জিনি কর্পূর বেনামূল চন্দন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চন্দনকাঠ [স চন্দনকাষ্ঠ] *বি* সুগন্ধি কাঠবিশেষ। 'চন্দনকাঠের বাক্সের মধ্যে আমি তাঁর চিঠিগুলি রাখতুম।' *রবীন্দ্র*, ১৯১৫।

চন্দনকাষ্ঠ [স] *বি* চন্দন গাছের সুগন্ধি কাঠ। 'খড়ম চন্দনকাষ্ঠের, তাহাতে হাতীর দাঁতের বৌল।' *বঙ্কিম*, ১৮৭৪।

চন্দনকুঙ্কুম [স] *বি* চন্দন ও কুঙ্কুম; চন্দন ও জাফরানের সুগন্ধি প্রলেপ। 'কোন জনমের চন্দনকুঙ্কুম।' *রবীন্দ্র*, ১৯১৪।

চন্দন-গন্ধ [স] *বি* চন্দনের সুগন্ধি। 'মনে আনে চন্দন-গন্ধ সোনার বধূয়ার।' *নজরুল*, ১৯৩৩।

চন্দন-গন্ধিত [স] *বিণ* চন্দনের গন্ধযুক্ত। 'চন্দন-গন্ধিত মন্দ দখিনাবায়।' *নজরুল*, ১৯৩১।

চন্দনচর্চিত, চন্দনচর্চ্চিত [স] *বিণ* বাটা চন্দন দ্বারা সজ্জিত। 'এই যে ললাট – প্রশস্ত, চন্দনচর্চ্চিত চিন্তারেখা বিশিষ্ট।' *বঙ্গদর্শন*, ১৮৭৪; 'ময়ূরপংখিতে একটি চন্দনচর্চিত অজাতশ্মশ্রু নববর।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চন্দনচৌকি [স চন্দন-চতুষ্কী] *বি* চন্দন কাঠের তৈরি বসার আসন। 'সুখের চন্দনচৌকি বুকে রেখে বসেছো উপরে।' *শক্তি*, ১৯৬১।

চন্দনটিকা [স চন্দনতিলক] *বি* চন্দনের ফোঁটা বা তিলক। 'শ্যাম সন্ধ্যার পল্লবঘন অলকে চন্দ্রকলার চন্দনটিকা জ্বলে।' *সুধীন্দ্র*, ১৯৩৮।

চন্দনতিলক [স] *বি* চন্দনের ফোঁটা। 'চন্দনতিলকে আতি শোভিত কপালে।' *বড়ু*, ১৪৫০।

চন্দনপঙ্ক [স] *বি* চন্দন বাটা। 'বিল ছেনে এনেছি চন্দনপঙ্ক।' *নজরুল*, ১৯৩৫।

চন্দনবর্ণা [স] *বিণ* চন্দনের ন্যায় বর্ণবিশিষ্ট। 'নাচে গিরিকন্যা চঞ্চল ঝরনা/ নন্দনপথ-ভোলা চন্দনবর্ণা।' *নজরুল*, ১৯৩৩।

চন্দনভূষণ [স] *বি* চন্দনের তিলক। 'চন্দনের অঙ্গদ বালা চন্দনভূষণ নৃত্যকালে পরি করেন কৃষ্ণসঙ্কীর্ত্তন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চন্দনভূষিত [স] *বিণ* চন্দনসজ্জিত। 'চন্দনভূষিত অঙ্গ দেখি দেবতার রঙ্গ।' *রূপরাম*, ১৭৫০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চন্দনলেপিত [স] *বিণ* চন্দন লেপন করা হয়েছে এমন। 'চন্দনলেপিত অঙ্গ তিলক সুঠাম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চন্দনা [স চন্দন>] ১ *বি* পাখিবিশেষ। 'টিয়া তোতা ফরিয়াদী, কাজালা চন্দনা আদি, হিরামন লালমন গুয়া।' *রামপ্রসাদ*, ১৭৮০। ২ *বি* নদীবিশেষ। 'চন্দনা নদীর তীরে।' *মশারফ*, ১৮৯০।

চন্দনিত [স] *বিণ* চন্দনের সুগন্ধযুক্ত। 'ধূলির পথ থেকে চন্দনিত নন্দনের পথে নিত্য ...।' *নজরুল*, ১৯২৮।

চন্দা[১] [স চন্দ্র] *বি* চাঁদ। 'সামি সমাজ হম পেমে অনুরঞ্জি কুমুদিনী সন্নিধি চন্দা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চন্দা[২] [স চন্দন] *বি* চন্দনা; পোষ মানে এমন পাখিবিশেষ। 'ময়না চন্দা কি আর চার আনায় হয়রে?' *জীবন*, ১৯৩৩।

চন্দেরী *বি* শাড়ির প্রকারভেদ। 'স্নানান্তে শ্বেত চন্দেরী শাড়ি ও সাদা চেলি পরেছেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

চন্দ্র [স] ১ *বি* চাঁদ। 'সংপুন্ন চন্দ্র তোহোর বদন।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'সহদেব চন্দ্র।' *সেবধি*, ১৮৪০।

চন্দ্রকর [স] *বি* চাঁদের আলো। 'নিকুঞ্জ প্লাবিত চন্দ্রকরে।' *রবীন্দ্র*, ১৮৮৮।

চন্দ্রকরচ্ছায়া [স] *বি* জ্যোৎস্না। 'স্বচ্ছ সরোবরে অকম্পিত চন্দ্রকরচ্ছায়া।' *রবীন্দ্র*, ১৮৯২।

চন্দ্রকরোজ্জ্বল [স] *বিণ* জ্যোৎস্নায় আলোকিত। 'লয়ে ধূর্জটির জটা চন্দ্রকরোজ্জ্বল।' *রবীন্দ্র*, ১৮৯০।

চন্দ্রকলা [স] ১ *বি* চাঁদের ষোলো ভাগের এক ভাগ। 'রাহু জেন গ্রাসে চন্দ্রকলা।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বি* চাঁদের সৌন্দর্য। 'চন্দ্রকলার ন্যায় অতিশয় রূপবান কুমার।' *রামরাম*, ১৮০১। ৩ *বি* নারী। 'নায়িকার নাম চন্দ্রকলা কি শশিরম্ভা রাখিবেন স্থির করিয়াছেন।' *বঙ্কিম*, ১৮৭৪। ৪ *বি* অলংকারবিশেষ। 'চতুরা বালিকা ... আভাস দিতে ছাড়ে নাই যে "বউ বরনে চন্দ্রকলা"।' *রবীন্দ্র*, ১৯০৭। ৫ *বি* নাচের মুদ্রাবিশেষ। 'অনেক রাত্রে আজ চন্দ্রকলা নাচটা নাচব মা।' *মানিক*, ১৯৩৫।

চন্দ্রকলা-নাচ [স চন্দ্রকলা নৃত্য] *বি* পূর্ণিমা তিথির নাচ। 'সেই প্রথম রাত্রিতে চন্দ্রকলা-নাচ শেষ করার পর ...।' *মানিক*, ১৯৩৫।

চন্দ্রকলাপ [স] *বি* অর্ধচন্দ্রাকার চিহ্নযুক্ত সজ্জা। 'চন্দ্রকলাপে দেখ নিজ পুচ্ছদেশে।' *মাইকেল*, ১৮৭৩।

চন্দ্রকান্ত [স] ১ *বি* মণিবিশেষ। 'চন্দ্রকান্ত মণি কত জ্বলে ঠাঞিঠাঞি।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* বাউল সাধনার উপলক্ষবিশেষ। 'চন্দ্রকান্ত যোগ মাসান্ত জানে কেবল রসিক যারা।' *লালন*, ১৮৯০। ৩ *বিণ* চাঁদের মতো সুন্দর। 'চন্দ্রকান্ত নয়নের কৃষ্ণপক্ষ পাতা বিস্তারি তাকাও তুমি।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

চন্দ্রকান্তমণি [স] *বি* মূল্যবান রত্নবিশেষ। 'চুনি চন্দ্রকান্তমণি সূর্য্যকান্তমণি নীলকান্তমণি অয়স্কান্তমণি।' *রাজীব*, ১৮০৫।

চন্দ্রকান্তি [স] *বি* লাড্ডু আকারের সাদা পিঠাবিশেষ। 'পদ্মচিনি চন্দ্রকান্তি খাজা খণ্ডসার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চন্দ্রকিরণ [স] *বি* চাঁদের আলো। 'বাহির চন্দ্রকিরণে সোঅ।' *বড়ু*, ১৪৫০।

চন্দ্রকীট [স] *বি* কালো রঙের পোকাবিশেষ। 'চন্দ্রকীটে ছেয়ে কালো থাক নিচে তৈলল প্রণালী।' *শক্তি*, ১৯৬১।

চন্দ্রখণ্ড [স] *বি* খণ্ডিত চাঁদ। 'চন্দ্রখণ্ড তাহার চোখের সম্মুখে ঘন বাঁশবনের অন্তরালে অদৃশ্য হইয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৬।

চন্দ্রগ্রহণ [স] *বি* পৃথিবীর ছায়ায় চাঁদের অন্ধকারাচ্ছন্ন হওয়া। 'সেইকালে দৈবযোগে চন্দ্রগ্রহণ হয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চন্দ্রচূড় [স] ১ *বি* হিন্দু দেবতা শিব। 'কুলেশ্বরী আরাধেন চন্দ্রচূড়ে রক্ষিতে নন্দনে।' *মাইকেল*, ১৮৬১। ২ *বি* অলংকারবিশেষ। 'চন্দ্রচূড় মেঘের গায়।' *নজরুল*, ১৯৩০।

চন্দ্রচূড়া [স] *বি* হিন্দুদেবতা শিবের পত্নী দুর্গা। 'আইলা দেবী চন্দ্রচূড়া মাহেশ্বরী বৃষারূঢ়া।' *মুকুন্দ*, ১৬০০।

চন্দ্রজ্যোতিঃ [স] *বি* চাঁদের আলো। 'গদাধর বোলে – প্রভু কোটী চন্দ্রজ্যোতিঃ।' *বৃন্দা*, ১৫৮০।

চন্দ্রজ্যোৎস্না [স] *বি* চাঁদের আলো। 'শৃঙ্গার-রস ছানি তারে চন্দ্রজ্যোৎস্না সানি/ জানি বিধি নিরমিল তায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চন্দ্রতপন [স] *বি* চাঁদ এবং সূর্য। 'গ্রহতারক চন্দ্রতপন ব্যাকুল দ্রুত বেগে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

চন্দ্রতারা [স চন্দ্র>] *বি* ডিঙি নৌকাবিশেষ। 'গড়ে ডিঙ্গা সর্বধরা হিরামুনী চন্দ্রতারা।' *মুকুন্দ*, ১৬০০।

চন্দ্রতুল্য [স] *বিণ* চাঁদের মতো সুন্দর। 'চন্দ্রতুল্য উত্তম পুত্র জন্মিল।' *দর্পণ*, ১৮২১।

চন্দ্রপুলি [স চন্দ্র>] *বি* পিঠাবিশেষ। 'ক্ষীরের ছাঁচ, চন্দ্রপুলি এবং রসাসরোবর রসমাধুরী খাওয়াইতে বড় ভালবাসেন।' *দীনবন্ধু*, ১৮৭৩।

চন্দ্রপৃষ্ঠ [স] *বি* চাঁদের উপরিতল। 'আমাদের ধনকুবেরেরা ... মধুযামিনী যাপন করবেন চন্দ্রপৃষ্ঠেই।' *আইয়ুব*, ১৯৭৩।

চন্দ্রবতী [স] *বিণ* জ্যোৎস্নাময়। 'চন্দ্রবতী রাত্রি বহে দক্ষিণ পবন।' *বৃন্দা*, ১৫৮০।

চন্দ্রবদন [স] *বি* চাঁদের মতো সুন্দর মুখ। 'ষোল কলা সংপুন্ন চন্দ্রবদন।' *বড়ু*, ১৪৫০।

চন্দ্রবদনা [স] *বিণ স্ত্রী* চাঁদের মতো সুন্দর মুখের অধিকারী। 'রমের রাজচক্রবর্ত্তীর চন্দ্রবদনা অতি সুন্দরী এক কন্যা আছে।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

চন্দ্রবদনী [স] *বিণ স্ত্রী* চাঁদের মতো সুন্দর মুখের অধিকারী। 'চন্দ্রবদনী রাধা সুন মোর বোল।' *বড়ু*, ১৪৫০।

চন্দ্রবয়ান [স চন্দ্রবদন] *বি* চাঁদমুখ। 'তোমার চন্দ্রবয়ান দেখে আমার প্রাণ আনচান করছে।' *গিরিশ*, ১৮৮৭।

চন্দ্রবাণ, চন্দ্রবান [স] *বি* অস্ত্রবিশেষ; অর্ধচন্দ্রাকৃতি বাণ। 'চন্দ্রবান জিনি ভাল গৃধিনী শ্রবণ।' *আলাওল*, ১৬৮০; 'গাড়ীতে কামান চলে বাণ চন্দ্রবান।' *ভারত*, ১৭৬০।

চন্দ্রবিন্দু [স] ১ *বি* চাঁদের মতো দেখতে অনুনাসিক বর্ণবিশেষ; (ঁ)। 'চন্দ্রবিন্দু।' *নজরুল*, ১৯৩০; 'ড়-এ চন্দ্রবিন্দুর মতো ওর উচ্চারণ।' *রবীন্দ্র*, ১৯৩৮। ২ *বি* চাঁদ-তারা। 'আকাশে উঠিল চির-জিজ্ঞাসা করুণ চন্দ্রবিন্দু!' *নজরুল*, ১৯৩১।

চন্দ্রবিম্ব [স] *বি* চন্দ্রমণ্ডল। 'অমৃতের ধারা চন্দ্রবিম্বে বহে যেন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চন্দ্রবোড়া [স চন্দ্র+স বোদ্ধ্র] *বি* ফণাহীন বিষধর সাপবিশেষ। 'চন্দ্রবোড়া কিংবা শঙ্খচূড় সাপের হাতে প্রাণ দিবং?' *বিভূতি*, ১৯৩৮।

চন্দ্রব্রত [স] *বি* রাজধর্মবিশেষ; চাঁদ যেমন বিকশিত হয়ে চারপাশ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

স্নিগ্ধ করে, রাজাও সবাইকে দান করেন এবং সবার দুঃখমোচন করেন – এই হলো চন্দ্রব্রত। 'রাজার ইন্দ্রব্রত ... চন্দ্রব্রত ও পৃথিবীব্রত; এই সপ্ত ব্রত।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

চন্দ্রভাগা [স] *বি* নদীবিশেষ। 'আমোদর দামুদর ধাইল দারকেশ্বর সিলাই চন্দ্রভাগা।' *মুকুন্দ*, ১৬০০।

চন্দ্রমণি [স] **১** *বি* চাঁদ। 'না জানি কি কোটী সূর্য চন্দ্রমণি জ্বলে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* এক জাতের ধানের নাম। 'সূর্যভোগ চন্দ্রমণি কোমরে পরিল।' *কৃষ্ণরাম*, ১৭২০।

চন্দ্রমণ্ডল [স] *বি* চাঁদ। 'জেহেন চন্দ্রমণ্ডল বরিসএ গরল।' *মালাধর*, ১৫০০।

চন্দ্রমল্লি, চন্দ্রমল্লী [স চন্দ্রমল্লিকা] *বি* চন্দ্রমল্লিকা ফুল। 'থরে থরে ফুটে চন্দ্রমল্লি।' *সত্যেন্দ্র*, ১৯১৫; 'ছুঁয়ে আছো চন্দ্রমল্লী, পৃথিবীর অমর বিধবা।' *শক্তি*, ১৯৬১।

চন্দ্রমল্লিকা [স] *বি* ফুলবিশেষ। 'জবা জুতী জাতী চন্দ্রমল্লিকা মোহন।' *ভারত*, ১৭৬০।

চন্দ্রমা [স] *বি* চাঁদ। 'সব তাপ সিত চন্দ্রমা রহিল।' *মালাধর*, ১৫০০।

চন্দ্রমা-গাঞ্জন [স চন্দ্রমা+গাঞ্জন] *বি* পূর্ণিমা। 'নাকি ওরা ক্ষমাহীন সমুদ্রের ফেনা/ টারা টাক টাক টাক চন্দ্রমা-গাঞ্জনে।' *শামসুল*, ১৯৬৯।

চন্দ্রমাবৎ [স] *বি* চাঁদের মতো। 'চন্দ্রমাবৎ, তাহার মাধুর্য্য কালিমাপ্রাপ্ত হয়।' *বঙ্কিম*, ১৮৮৭।

চন্দ্রমাস [স] *বি* চান্দ্রমাস; পৃথিবীকে প্রদক্ষিণ করতে চাঁদের যে-সময় লাগে (সাড়ে ২৯ দিন), সেই হিসাবে নির্ধারিত মাস। 'চন্দ্রমাস রবিয়ল আউয়ালের প্রথম তারিখ।' *মশাররফ*, ১৮৮৫।

চন্দ্রমাসা [স চন্দ্রমা] *বি* চাঁদ। 'বদন বিকশ রূপে যেন চন্দ্রমাসা।' *গরীব*, ১৭৬৫।

চন্দ্রমুখ [স] *বি* চাঁদমুখ। 'দেখিয়া সে চন্দ্রমুখ জগতজীবন।' *বৃন্দা*, ১৫৮০।

চন্দ্রমুখী [স] *বি* চাঁদবদনী। 'মৎস্য পুড়ী চন্দ্রমুখী পাঙশে মলিন দেখি।' *মুকুন্দ*, ১৬০০।

চন্দ্রলেখা [স] **১** *বি* চাঁদ। 'পাণ্ডুচন্দ্রলেখা আজি অস্ত গেল, আজি কুরুসূর্য একা।' *রবীন্দ্র*, ১৮৯৯। **২** *বি* চাঁদের আলো। 'নন্দনেরি নন্দিনী গো চন্দ্রলেখায় ছোঁওয়া।' *রবীন্দ্র*, ১৯২৬।

চন্দ্রলোক [স] *বি* হিন্দুপুরাণে উল্লিখিত দিব্যস্থান, যেখানে চাঁদ অবস্থান করে। 'কত দূরে চন্দ্রলোক অম্বরে শোভিল, রজতদ্বীপ নীলজল।' *মাইকেল*, ১৮৬০।

চন্দ্রশালা [স] *বি* চিলেকোঠা। 'কাহের সুস্তিময় নিস্প্রদীপ গৃহ-গবাক্ষ চন্দ্রশালা-হর্ম্যমালা।' *মুজতবা*, ১৯৬০।

চন্দ্রসম [স] *বিণ* চাঁদের মতো। 'মাণিকরচিত চন্দ্রসম নখপাত্তী।' *বড়ু*, ১৪৫০।

চন্দ্রসুধা [স] *বি* চাঁদের আলো। 'চন্দ্রসুধা চকোরের – বায়স কি পায়।' *গিরিশ*, ১৮৮৭।

চন্দ্রহার [স] **১** *বি* গলার অলংকারবিশেষ। 'চন্দ্রহার গোলমল পাওঞর ইত্যাদি।' *ভবানী*, ১৮২৮। **২** *বি* কোমরের অলঙ্কার বা মেখলাবিশেষ। 'কোমরে সোনার চন্দ্রহার বেরিয়ে পড়ে চিকচিক করছে।' *মনোজ*, ১৯৬১।

চন্দ্রহাস [স] *বি* উজ্জ্বল বাঁকা তলোয়ার। 'চন্দ্রহাস লইআ মাতা উর গো মশানে।' *মুকুন্দ*, ১৬০০।

চন্দ্রাঙ্কিত [স চন্দ্র-অঙ্কিত] *বিণ* চাঁদ আঁকা রয়েছে এমন। 'অর্দ্ধ চন্দ্রাঙ্কিত জাতীয় পতাকার তলে আইস।' *প্রচারক*, ১৯০৩।

চন্দ্রাতপ [স চন্দ্র-আতপ] **১** *বি* জ্যোৎস্না। 'চন্দ্রাতপ উড়ে কুসুম পরাগ। মলয়পবন সহ ভেল অনুরাগ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* শামিয়ানা। 'বড় বড় চন্দ্রাতপ সব টাঙ্গাইয়া।' *বৃন্দা*, ১৫৮০।

চন্দ্রানন [স চন্দ্র-আনন] *বি* চাঁদমুখ। 'তোমার চন্দ্রানন বক্ষে ধারণ করিয়া ...।' *দীনবন্ধু*, ১৮৬০।

চন্দ্রাননা [স চন্দ্র-আননা] **১** *বি স্ত্রী* চাঁদের মতো মুখবিশিষ্ট নারী। 'কাঁদিয়া কাঁদিয়া, নীরবিলা চন্দ্রাননা অশ্রুময় আঁখি।' *মাইকেল*, ১৮৬০। **২** *বিণ স্ত্রী* চাঁদের মতো মুখ এমন। 'চারুলোচনা কিঙ্করী দুলায়, মৃণালভুজ আনন্দে আন্দোলি চন্দ্রাননা।' *মাইকেল*, ১৮৬১।

চন্দ্রাননি [স চন্দ্রাননী, সম্বোধনে ই-কার] *বি স্ত্রী* চাঁদের ন্যায় মুখবিশিষ্ট নারী। 'ওগো চন্দ্রাননি! মম এই নিবেদন।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

চন্দ্রাবলি, চন্দ্রাবলী [স সম্বোধনে 'চন্দ্রাবলি'] **১** *বি* রাধা। 'নাম তোর রাধা চন্দ্রাবলী।' *বড়ু*, ১৪৫০, 'ভাল বোল বলিলে তো চন্দ্রাবলি রাণি।' *বড়ু*, ১৫৭০। **২** *বি* ছন্দের নাম। *আলাওল*, ১৬৮০।

চন্দ্রাভা [স চন্দ্র-আভা] *বি* চাঁদের আভা। 'চন্দ্রাভা পাথুর।' *মুজতবা*, ১৯৬০।

চন্দ্রালোক [স চন্দ্র-আলোক] *বি* চাঁদের আলো। 'চন্দ্রালোকে দাঁড়াইয়া স্তব্ধ হইয়া থাকি।' *রবীন্দ্র*, ১৮৮৪।

চন্দ্রালোকরেখা [স চন্দ্র-আলোক-রেখা] *বি* চাঁদের আলো। 'চন্দ্রালোকরেখা জননীর অঙ্গুলির মতো।' *রবীন্দ্র*, ১৯৩২।

চন্দ্রালোকিত [স চন্দ্র-আলোকিত] *বিণ* চাঁদের আলোয় উদ্ভাসিত। 'গম্যহীন পথে উদ্দেশ্যহীন ভ্রমণে চন্দ্রালোকিত শূন্যতার উপর দিয়া অবারিত চলিয়া যাইব।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চন্দ্রিকা [স] *বি* জ্যোৎস্না; চন্দ্রকিরণ। 'নখপাঁতি তোর চন্দ্রিকা জিণে।' *বড়ু*, ১৪৫০।

চন্দ্রিমা [স] *বি* চাঁদ। 'চন্দ্রিমা উদর যেন অরুণ আকারে।' *বাহরাম*, ১৬৫০।

চন্দ্রের কলঙ্ক *বি* ভালোর মধ্যে খারাপের উপস্থিতি। 'সুরসিক কবি মহাশয়েরা চন্দ্রের কলঙ্ক ... উদাহরণ স্বরূপ উপস্থিত করিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৫৪।

চন্দ্রের তুলামান *বি* চন্দ্রমণ্ডলের প্রান্তবর্তী অংশবিশেষের পর্যায়ক্রমে আবির্ভাব ও তিরোভাব। 'গালিলিয় ... ১৬৩৭ খৃঃ অব্দে, চন্দ্রের তুলামান প্রকাশ করেন।' *বিদ্যা*, ১৮৪৯।

চন্দ্রোদয় [স চন্দ্র-উদয়] *বি* চাঁদ ওঠা। 'যখন সূর্য্যাস্তে চন্দ্রোদয় হইল।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

চন্দ্রোদয়লগ্ন [স] *বি* চাঁদ ওঠার মুহূর্ত। 'বিনা ভূমিকায় হেমন্তসন্ধ্যার চন্দ্রোদয়লগ্নে ললিতের গৃহত্যাগিনী স্ত্রীর অভ্যাগমন।' *বনফুল*, ১৯৩৬।

চন্দ্রক [স] *বি* ময়ূরপুচ্ছের চক্রাকার চিহ্ন। 'চন্দ্রক কলাপময়, নাচে কুতূহলে।' *মাইকেল*, ১৮৬১।

চন্দ্রক-কলাপ [স] *বি* চন্দ্রকের আভরণ। 'প্রকাশিল শিখী চারু চন্দ্রক-কলাপ।' *মাইকেল*, ১৮৬০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চন্নমা [স চন্দন>] *বি* চন্দনা। 'ডাকিছে বিরস শাখে তাপিতা চন্নমা তৃতী।' *নজরুল*, ১৯৩০।

চন্নামৃত [স চরণামৃত] *বি* হিন্দুবিশ্বাস অনুযায়ী পূজ্য ব্যক্তি বা আরাধ্যবিগ্রহাদির পায়ের স্পর্শে পবিত্র জল; চরণামৃত। 'মুচি-মোচলমানের চন্নামৃতে গড়াগড়ি খেতে হয়।' *জীবন*, ১৯৪৮।

চন্নামেত্ত, চন্নামেত্তো, চন্নমেত্যো [স চরণামৃত] **১** *বি* হিন্দুবিশ্বাস অনুযায়ী পূজ্য ব্যক্তি বা আরাধ্যবিগ্রহাদির পায়ের স্পর্শে পবিত্র জল; চরণামৃত। 'বিখ্যাত বিখ্যাত জায়গার চন্নামেত্তো ও মাদুলী ধারণ হলো।' *হুতোম*, ১৮৬১; 'এরকম গুণীর চন্নামেত্যো খেতে হয়।' *মুজতবা*, ১৯৪৯। **২** *বি* (ব্যঙ্গার্থে) পবিত্র খাবার। 'ঐ এক কাঁচা চন্নামেত্তর মুখে না দিলেই নয়।' *গিরিশ*, ১৮৮৯।

চপ [ই] *বি* মাছ, মাংস, সবজি ইত্যাদির পিঠা বা বড়া; 'তাঁহারা দুর্গার্চন বাটীতে বিফষ্টেক ও মটন চপ ... মদিরা আনয়ন করেন।' *দর্পণ*, ১৮৩১।

চপ-কাটলেট, চপ কটলেট [ই] *বি* ইউরোপীয় প্রণালিতে তৈরি মাছ, মাংস, সবজি ইত্যাদির পিঠা বা বড়া। 'রঙ ভরপুর! সুপ চপ কটলেট, আন বাবা প্লেট প্লেট।' *বঙ্কিম*, ১৮৭৮; 'আলু-কাবলি, ফুচকিয়া বাজে দোকানের চপ-কাটলেট ইত্যাদি খেয়ে ...।' *শিবরাম*, ১৯৪০।

চপচপে [ধ্বন্যা] **১** *বিণ* বেশি পরিমাণে তেল জাতীয় তরলে মাখানো। 'তেলে চপচপে ছোলা ছুঁড়ে ছুঁড়ে গালে দিচ্ছে।' *শ্যামল*, ১৯৬৭। **২** *বিণ* মজাদার। 'ফূর্তির ফানুস চাই, চপচপে কথা আর গান চাই।' *শামসুর*, ১৯৭০।

চপর চপর [ধ্বন্যা] *বি* খাওয়ার শব্দ। 'থৈকশিয়াল অতি শীঘ্র চপর চপর করিয়া খাইতে লাগিল।' *তারিণী*, ১৮০৩।

চপল [স] **১** *বিণ* চঞ্চল। 'কিশোর বয়স দীর্ঘ চপল-নয়ন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* অস্থির। 'ধৈর্য্য গেল হইল চপল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চপল-চপলা *ক্রিবিণ* চঞ্চল বিদ্যুতের মতো। 'চপল চপলা প্রায়, তারা এক খসি যায় ...।' *বঙ্কিম*, ১৮৫৫।

চপলচিত্ত [স] *বিণ* অস্থিরমতি। 'যাঁহাদিগকে চপলচিত্ত বলিয়া জানিতাম।' *রবীন্দ্র*, ১৯০৫।

চপলতা [স] **১** *বি* চঞ্চলতা। 'সেখানে চপলতা, লঘুতা, আলস্য, বিলাস।' *রবীন্দ্র*, ১৮৮৭। **২** *বি* প্রগল্‌ভতা। 'চপলতা আজি ঘটে যদি তবে করিয়ো ক্ষমা।' *রবীন্দ্র*, ১৯০০।

চপলভঙ্গী [স] *বি* চঞ্চল অভিব্যক্তি। 'নামিয়া আসিল চটুল নৃত্যের চপলভঙ্গী।' *হাই*, ১৯৫৪।

চপলমতি [স] **১** *বি* অস্থির মন। 'তোমার চপলমতি না হয় একত্র স্থিতি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* চঞ্চল। 'চপলমতি বালকেরা এই সময় খুব করিয়া নামতা পড়ে।' *শওকত*, ১৯৫৯।

চপলা [স] **১** *বিণ* স্ত্রী চঞ্চল। 'তা দেখিয়া প্রভাবতি অধিক চপলা।' *মালাধর*, ১৫০০। **২** *বি* বিদ্যুৎ। 'তারক সমাজে যেন চমকে চপলা।' *আলাওল*, ১৬৮০।

চপলা-চপল [স] *বিণ* বিদ্যুতের মতো চঞ্চল। 'আমি চপলা-চপল হিন্দোল।' *নজরুল*, ১৯২২।

চপলাবিকাশ [স] *বি* বিদ্যুতের চমক। 'চপলাবিকাশ দর্শনে ও বজ্রনির্ঘোষ শ্রবণে ভয়ে একান্ত বিহ্বল।' *অক্ষয়*, ১৮৫৪।

চপলে *ক্রিবিণ* শীঘ্র। 'চপলে উলুকে চেপে চাঁপায়ে গমন।' *মানিকরাম*, ১৭৮১।

চপেটা [স চপেট] *বি* চড়। 'ধরো ধরো খুড়ো চপেটা মুষ্টি।' *নজরুল*, ১৯২৪।

চপেটাঘাত [স] **১** *বি* চড়। 'চপেটাঘাত মুষ্ট্যাঘাত পদাঘাত ... প্রাপ্ত প্রায় হইলেন।' *দর্পণ*, ১৮২২। **২** *বি* আঘাত। 'কাষ্ঠফলকের প্রচণ্ড চপেটাঘাত।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৩** *বি* মৃদু চড়। 'আমার পৃষ্ঠে চপেটাঘাত করিয়া বলিলেন ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চপ্পল [হি] *বি* পায়ে দেওয়ার চটিবিশেষ। 'মাথার সিঁথিময়ুর থেকে পায়ের চপ্পল পর্যন্ত আপাদমস্তক পরিবর্তন।' *শিবরাম*, ১৯৭০।

চবুতরা [ফা চবতরহ্] *বি* চাতাল; উচ্চ মঞ্চ। 'চবুতরা উপরে যত প্রভুর নিজগণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চবুতারা [ফা চবতরহ্] *বি* প্রাঙ্গণ। 'এক চবুতারায় আমির ও রাজা ও পণ্ডিত ইত্যাদি সমস্ত ওমরা লোকের বৈঠক হইয়াছে।' *রামরাম*, ১৮০১।

চবুয়া *বিণ* মূর্তি সম্পর্কিত। *মানোএল*, ১৭৪৩।

২৪ *বিণ* চব্বিশ সংখ্যক। '২৪ ইঞ্চ মাপ।' *সুলভ*, ১৮৭৩।

চব্বিশ [স চতুর্বিংশ] *বিণ* ২৪ সংখ্যক। 'চব্বিশ বৎসর শেষে যেই মাঘ মাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চব্বিশ প্রহর [স] *বি* তিন দিবারাত্র। 'একভাবে চব্বিশ প্রহর যাঁর নৃত্য।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চব্বিশে *বি*, *বিণ* চব্বিশ সংখ্যার পূরক; মাসের ২৪ তারিখ। *বিদ্যা*, ১৮৯১।

চব্বিস [স চতুর্বিংশ] *বি*, *বিণ* ২৪ সংখ্যা বা সংখ্যক। *ক্যালগে*, ১৭৮৭।

চমক [স চুম্বক] **১** *বি* চুম্বক। 'বালক মহিমা যেন চমক পাথর।' *বাহরাম*, ১৬৫০। **২** *বি* চৈতন্য; হুঁশ। 'কৃষ্ণকান্তের চমক হইল।' *বঙ্কিম*, ১৮৭৮। **৩** *বি* ঘোর। 'তখন চমক ভাঙল।' *বিভূতি*, ১৯৩৭।

চমক খাওয়া *ক্রি* মুহূর্তের জন্য স্তম্ভিত হওয়া। 'শব্দ পেলে লেজটি তুলে চমক খেয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

চমকদার [চমক+ফা দার] *বিণ* উজ্জ্বল। 'তখনকার রঙটা বেশ চমকদার।' *নজরুল*, ১৯২৭।

চমক দেওয়া *ক্রি* শিহরিত করা। 'বুকে চমক দিয়ে তাই তো ডাকো।' *রবীন্দ্র*, ১৯২৩।

চমকপ্রদ [স] **১** *বিণ* বিস্ময়কর। 'পতাকারাজীর সুবর্ণ-খচিত পূর্ণতারার চমকপ্রদ কিরণ।' *মশাররফ*, ১৯০৮। **২** *বিণ* আশ্চর্যজনক। 'একটি সরকারী এশতেহারে কংগ্রেস সমাজতন্ত্রী দলের একটি চমকপ্রদ ষড়যন্ত্রের বিবরণ সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে।' *আজাদ*, ১৯৪১।

চমক ভাঙা *ক্রি* ঘোর কেটে যাওয়া। 'তখন চমক ভাঙল।' *বিভূতি*, ১৯৩৭।

চমকময় [চমক+স ময়] *বিণ* চমকিত। 'তাহা তাহা বিজুরি চমকময় হোতি।' *গোবিন্দ*, ১৬০০।

চমক-মারা *বিণ* ঝলক দেওয়া। 'এ হঠাৎ চমক-মারা বিদ্যুল্লেখা শুধু।' *মুজতবা*, ১৯৬০।

চমক লাগা *ক্রি* চৈতন্য হওয়া। 'পায়ের স্পর্শে সহসা যেন চমক লাগিল।' *রবীন্দ্র*, ১৮৮৪।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চমক-লাগানো *বিণ* চমক সৃষ্টি করে এমন। 'সেখানে আছে কেবল চমকলাগানো শক্তির প্রকাশ।' *মোতাহের*, ১৯৫০।

চমকসঞ্চার [চমক+স সঞ্চার] *বি* ভয়জনিত শিহরণ। 'শব্দমাত্রেই উভয়ের দেহে যে একটি চমকসঞ্চার হইতেছিল।' *রবীন্দ্র*, ১৯০২।

চমকা [চমক>] **১** *বি* চমক। 'আমি দিই ছেপে যত চাপা হাসি যতেক মিছে চমকা।' *অন্নদা*, ১৯২৭। **২** *বিণ* দমকা। 'দাউ দাউ করা চমকা হাওয়ার গুমট।' *জসীম*, ১৯৩১।

চমকন [চমক>] *বি* চমকানি। 'বিজুলির চমকনে মিলে আলো।' *রবীন্দ্র*, ১৯৩৪।

চমকানি [চমক>] *বি* ঝিলিক। 'বিদ্যুতের উপর বিদ্যুতের চমকানি।' *রবীন্দ্র*, ১৯১৫।

চমকানো [স চমৎকার>] **১** *ক্রি* বিস্ময়ে আঁতকে ওঠা। 'রাজসাপ দেখি জো চমকিই যারে কিং কং বোড়ো খাই।' *চর্যা ৪১*, ১২০০। **২** *ক্রি* কাঁপা; শিহরিত হওয়া। 'চমকী চমকী উঠী মোর প্রাণ জাএ।' *বড়ু*, ১৪৫০। **৩** *ক্রি* ঝিলিক দেওয়া। 'মেঘের বিজুরী চমকি চলিয়া গেল।' *দ্বিজশ্রী*, ১৬০০। **৪** *ক্রি* বিস্মিত হওয়া। 'ছাও সবে মাওর বচনে চমকিল।' *সুলতান*, ১৭০০। **৫** *ক্রি* হঠাৎ ভীত হওয়া। 'চমকিতে।' *মানোএল*, ১৭৪৩। **চমকি ১** *ক্রি* চমকে। 'চমকি চমকি ধনি ছাড়য়ে নিসাস।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রি* ঝিলিক দিয়ে। 'মেঘের বিজুরী চমকি চলিয়া গেল।' *দ্বিজশ্রী*, ১৬০০। **চমকিই** *ক্রি* চমকিত হয়। 'রাজসাপ দেখি জো চমকিই যারে কিং কং বোড়ো খাই।' *চর্যা ৪১*, ১২০০। **চমকিয়া ১** *ক্রি* চমকে। 'চমকিয়া হিয়া উঠে।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *ক্রি* বিস্মিত হয়ে। 'অমনি কৃষকেরা চমকিয়া বলিল।' *এডুকেশন*, ১৮৭৩। **চমকিল** *ক্রি* বিস্মিত হলো। 'ছাও সবে মাওর বচনে চমকিল।' *সুলতান*, ১৭০০। **চমকী চমকী** *ক্রি-বিণ* কেঁপে কেঁপে। 'চমকী চমকী উঠী মোর প্রাণ জাএ।' *বড়ু*, ১৪৫০। **চমকে ১** *ক্রি* চমকায়। 'বিনি মেঘে চমকে বিজুলি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *ক্রি* বিস্মিত করে। 'ধমকে চমকে তনু ঘরা যায় তল।' *রামপ্রসাদ*, ১৭৮০। **চমকে ওঠা ১** *ক্রি* বিস্ময়ে আঁতকে ওঠা। 'অমনি চমকে উঠে ত্রস্ত হয়ে জিজ্ঞাসা করলেন।' *উমেশ*, ১৮৫৭। **২** *ক্রি* চমকিত হওয়া। 'শুনিয়া স্রোতস্বিনী চমকিয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চমকিৎ [চমক>] *বিণ* আতঙ্কিত। 'রাজা প্রথমত তটস্থ হইয়া চমকিৎ ছিলেন।' *রামরাম*, ১৮০১।

চমকিত [চমক>] **১** *বিণ* আতঙ্কিত। 'গদ গদ নাগর হেরি ভেল ভীত। বচন ন নিকসয়ে চমকিত চীত।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* বিস্মিত। 'দূর থেকে পঞ্চির দিকে চেয়েই ... চমকিত হয়ে যায়।' *মাহেনও*, ১৯৪৯।

চমকিলী [চমক>] *বিণ স্ত্রী* চমকিত। 'চমকিলী রাধা উঠিআঁ দেখিল কাহ্নে।' *বড়ু*, ১৪৫০।

চমকীত [চমক>] *বিণ* চমৎকৃত। 'চিত্রলেখা দেখি অনিরুদ্র চমকীত।' *মালাধর*, ১৫০০।

চমচম [চমক>] *বি* ছানার তৈরি মিষ্টান্নবিশেষ। 'আমরা পাব খেলনা পুতুল, আমরা পাব চমচম।' *সুকুমার*, ১৯২০।

চমৎকার [স] **১** *বিণ* বিস্ময়কর। 'অদ্ভুত চমৎকার সকল সংসারে।' *মালাধর*, ১৫০০। **২** *বি* বিস্ময়। 'দেখিয়া সকল লোক চমৎকার পায়।' *মালাধর*, ১৫০০; 'এত শুনি সনাতনের হৈল চমৎকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বিণ* বিস্মিত। 'সনাতন দেখি প্রভু হইল চমৎকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বি* আনন্দ। 'বিচার করিলে চিত্তে পাবে চমৎকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৫** *বিণ* আনন্দিত। 'দেখি রাজা হইল চমৎকার।' *মুকুন্দ*, ১৬০০। **৬** *বিণ* ভালো। 'শুনি বড় চমৎকার লাগিল সভায়।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৭** *বিণ* উত্তম। 'বড় গোলা শবদ নিশান চমৎকার।' *রূপরাম*, ১৭৫০। **৮** *বি* সৌন্দর্য। 'সুকবি সুন্দর ভ্রমে/ কত ঠাঁই কত চমৎকার।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৯** *বিণ* বিস্ময়করভাবে ভালো। 'সকল লোকের চমৎকার বোধ হইয়া বিস্তর২ প্রশংসা করিলেক।' *রাজীব*, ১৮০৫। **১০** *বি* ভক্তি। 'জ্ঞান স্বরূপ কারণের প্রতি যাহার বিশ্বাস ও চমৎকার না জন্মে ...।' *অক্ষয়*, ১৮৪৮।

চমৎকারা [স] **১** *বিণ* চমৎকার। 'মরি হায় কী নীলে কলিকালে/ বেদবিধি চমৎকারা।' *লালন*, ১৮৯০। **২** *বিণ* উত্তম। 'কোনো-একটা চমৎকারা চিন্তা পড়াশুনোর কাঁধে চেপে বসে।' *রবীন্দ্র*, ১৯২৮।

চমৎকারিণী [স] **১** *বিণ স্ত্রী* বিস্ময়কর। 'তাঁহার সংস্কৃতবিদ্যা সর্ব্বাপেক্ষায় চমৎকারিণী।' *দর্পণ*, ১৮৩৪। **২** *বিণ স্ত্রী* মনোহর; চমকপ্রদ। 'চমৎকারিণী লীলা সংক্ষেপে লিপিবদ্ধ করিলাম।' *বিদ্যা*, ১৮৯২।

চমৎকারিতা [স] **১** *বি* উৎকর্ষ; শ্রেষ্ঠত্ব। 'ইঙ্গলণ্ডীয়েরদিগের চিকিৎসার কিরূপ চমৎকারিতা তাহা জ্ঞাত নহে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৯। **২** *বি* মাধুর্য। 'ব্যঞ্জনার সঙ্গে অন্বিত হয়ে তাই হৃদয়ের চমৎকারিতার কারণ হতে পারে।' *শিব*, ১৯৭৩।

চমৎকারিত্ব [স] *বি* শ্রেষ্ঠত্ব। '... উপদেশপ্রণালীর চমৎকারিত্ব ও অভিনবত্ব প্রযুক্ত ভূরি ভূরি শ্রোতৃসমাগম হইল।' *বিদ্যা*, ১৮৪৯।

চমৎকারী [স] *বিণ* বিস্ময়কর। 'মানুষ জানেনি তার নিজের মধ্যেকার চমৎকারী শিল্পশক্তিকে।' *অবন*, ১৯২৫।

চমৎকৃত [স] **১** *বিণ* আশ্চর্যজনক। 'দৃঢ় আশা যে কিছু প্রকাণ্ড ও চমৎকৃত হইবেক।' *তারিণী*, ১৮০৩। **২** *বিণ* বিস্মিত। 'সকল লোক চমৎকৃত হইয়া ...।' *রাজীব*, ১৮০৫। **৩** *বিণ* সুন্দর। 'মেষ্টর চেলটু দ্বারা যে সকল অতি চমৎকৃত প্রতিমূর্ত্তি ক্ষোদিতা হইয়াছে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৮।

চমৎকৃতিজনক [স] *বিণ* বিস্ময়কর। 'তাহা না ছিল অত্যলঙ্কৃত, না চমৎকৃতিজনক, কিন্তু মূল্যবান।' *রবীন্দ্র*, ১৯১৭।

চমন [ফা] *বি* বাগান। 'চমন বুকে ফুটছে কলি, মলয় উদাস প্রাণা' *মাহেনও*, ১৯৪৯।

চমর [স] *বি* চমরী নামের তিব্বতীয় গোরু। **চমরছত্র** [স] *বি* চমর নামের তিব্বতীয় গোরুর লেজের চুল দিয়ে তৈরি ছাতা। 'সেকালের সব জিনিসপত্র আসাসোটা-গুলো চমরছত্র।' *রবীন্দ্র*, ১৮৯৯।

চমরি [স চমরী] *বি* চমরী নামের তিব্বতীয় গোরু। 'কেসপাস লএ চমরিকে সোপল পাএ মনোভব পীলা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চমরী [স] *বি স্ত্রী* চমরী নামের তিব্বতীয় গোরু। 'কিবা কেশছটা, নবমেঘঘটা; দেখিয়া চমরী, মনে লাজধরি।' *ভবানী*, ১৮২৫।

চমস [স] *বি* চামচ। 'তোমরা চমসকে চতুর্থা করিয়াছিলে।' *অবন*, ১৯২৫।

চমূ [স] *বি* বৃহৎ সেনাদল। 'চলে বাসবীয় চমূ জীমূত যেমতি ঝড় সহ মহারড়ে।' *মাইকেল*, ১৮৬০।

চমূর [স চমর] *বি* চমরী নামের তিব্বতীয় গোরু। 'বিশাল কৃষ্ণচমূর এদিক-ওদিক ...।' *বিভূতি*, ১৯২৯।

চম্পক [স] *বি* চাঁপা ফুল। 'আঙ্গুলী চম্পককলিকাজালে।' *বড়ু*, ১৪৫০।

চম্পক-অঙ্গুলি [স] *বি* চাঁপা ফুলের মতো সুন্দর আঙুল। 'চম্পক-

AMARBOI.COM

অঙ্গুলি দুটি দিয়ে ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

চম্পক-আভরণ [স] *বি* চাঁপা ফুলের অলঙ্কার। 'কোথা চম্পক-আভরণ।' *রবীন্দ্র*, ১৯০০।

চম্পককলি [স চম্পক-কলিকা] *বি* চাঁপা ফুলের কলি। 'আঙুলী চম্পককলিকাজালে।' *বড়ু*, ১৪৫০।

চম্পককোরক [স] *বি* চাঁপা ফুলের কুঁড়ি। 'আমি ছিনু অন্তঃপুরে পড়ে, রুদ্ধদল চম্পককোরক মাঝে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

চম্পকদাম [স] *বি* চাঁপা ফুলের মালা। 'সুবর্ণ চম্পকদাম গাঁথি যেন রতি।' *মাইকেল*, ১৮৬০।

চম্পকবন [স] *বি* চাঁপা ফুলের বাগান। 'চম্পকবন করুক রচন।' *রবীন্দ্র*, ১৯২১।

চম্পকবরণী [স চম্পকবর্ণ] *বিণ স্ত্রী* চাঁপার মতো রং এমন। 'বিভবশালিনী ধনী চম্পকবরণী।' *দীনবন্ধু*, ১৮৬৭।

চম্পকবর্ণ [স] *বি* চাঁপা ফুলের রং। 'তাহার সে চম্পকবর্ণ ত্বকের কোমলতা দেখিলে কে বলিবে ...।' *বঙ্কিম*, ১৮৬৫।

চম্পকবর্ণিমা [স] *বি* চাঁপা ফুলের রং। 'তার সুবর্ণ পূর্ণিমা চম্পক-বর্ণিমা।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চম্পকমালা [স] *বি* চাঁপা ফুলের মালা। 'বেকত বিজুলি শোভে চম্পক-মালা।' *বড়ু*, ১৪৫০।

চম্পকাধর [স চম্পক-অধর] *বি* চম্পকের মতো অধর। 'থরথর কাঁপে চম্পকাধর দিনের দুঃস্বপনে।' *মণীশ*, ১৯৩৯।

চম্পট [স চম্প্>] *বি* পলায়ন। 'গোলযোগের অবকাশে ফ্রেওরা পুলিসের ভয়ে সকলেই চম্পট দিলেন।' *হুতোম*, ১৮৬১।

চম্পটি [স] *বি* বাঙালি ব্রাহ্মণের পদবি-বিশেষ। 'শিবচন্দ্র চম্পটি' *সেবধি*, ১৮৪০।

চম্পা [স চম্পক] *বি* চাঁপা ফুল। 'চম্পা-একাবলী ছিন্ন ম্লান ছিঁড়ে আছে দিগন্ত ব্যাপিয়া।' *নজরুল*, ১৯২৫।

চম্পানগর [স চম্পকনগর] *বি* ভাগলপুরের প্রাচীন নাম। 'চম্পানগর বর্তমান ভাগলপুরের সন্নিধ্য, অতএব তৎপ্রদেশের নাম অঙ্গদেশ ছিল।' *অক্ষয়*, ১৮৪৭।

চম্পাবরণ [স চম্পকবর্ণ] *বিণ* চাঁপাফুলের বর্ণবিশিষ্ট। 'দেখে এলাম গাছের ডালে চম্পাবরণ কনে।' *জসীম*, ১৯৩৩।

চম্পূকাব্য [স] *বি* গদ্যপদ্যময় কাব্য। 'আমি, যাকে বলে, চম্পূকাব্য।' *রবীন্দ্র*, ১৮৯২।

চয়[১] [স] *প্রত্যয়* সমূহ; রাশি; পুঞ্জ। 'হেমরত্ন ছত্রচয়।' *আলাওল*, ১৬৮০; 'পামর করিল কেশ চামরের চয়ে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

চয়[২] [স চয়ন] *বি* চয়ন। 'প্রত্যহ প্রভাতে উঠ্য পদ্ম কর্য্যা চয়।' *মানিকরাম*, ১৭৮১।

চয়ন [স] *বি* সংগ্রহ। 'অন্য অন্য প্রশাখা চয়ন করিয়া দেখ।' *অক্ষয়*, ১৮৪৭।

চয়নিকা [স] *বি* সংগ্রহ। 'নিরবধিকালের চয়নিকায় একবার ধরা দেয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

চর[১] [স] ১ *বি* দূত। 'হেন কালে লঙ্কা হইতে বিভীষণ-চর।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* গুপ্তচর। 'আইল বামনী বুড়ি কোন নৃপতির হয়্যা চর।' *মুকুন্দ*, ১৬০০।

চর[২] [হি চর] ১ *বি* নদী অথবা সাগরে পলি জমে যে স্থলভাগ তৈরি হয়; চড়া। 'সাগরের মাঝে পড়িল চর।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* উপবেশনের মঞ্চ। *মানোএল*, ১৭৪৩।

চরবিহারী [হি চর+স বিহারী] *বিণ* চড়া অঞ্চলে বিচরণকারী। 'চরবিহারী জলচর পাখির ডাক।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চরভূমি [হি চর+স ভূমি] *বি* চর জেগে ওঠা ভূমি। 'রেবিনিউ বিভাগ চরভূমির উপর যে প্রকার খাজনার হার নির্দিষ্ট করিয়া দিয়াছেন।' *সোমপ্রকাশ*, ১৮৮২।

চরক [স] *বি* প্রাচীন ভারতীয় চিকিৎসক চরক-এর চিকিৎসাবিদ্যার সংক্ষিপ্ত সারগ্রন্থ। 'আরবী সরক এদেশীয় বৈদ্যক গ্রন্থ চরক।' *অক্ষয়*, ১৮৪৭।

চরকা [স চক্র] *বি* সুতা কাটার যন্ত্রবিশেষ। 'চরকাতে সূতা কাটি কাপড় বুনাইয়া পরি।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩; যেন আলকাৎরা মাখান বড় চরকা ঘুরছে।' *বঙ্কিম*, ১৮৭৫।

চরকা কাটা *ক্রি* চরকায় সুতা কাটা। 'দাদা চরকা কাটো কেন?' *বঙ্কিম*, ১৮৮২; 'বিকেলে চরকা কাটি মেয়েটিরে নিয়ে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

চরকা-টরকা *বি* সুতা কাটার যন্ত্রপাতি। 'কেউ যেন আমার চরকা-টরকা ভাঙ্গে না।' *বঙ্কিম*, ১৮৮২।

চরকাবুড়ি *বি* চরকা-কাটা বুড়ি। 'সেনাদল হল চরকাবুড়ি গো।' *নজরুল*, ১৯৩০।

চরকি, চরকী [স চক্র>] *বি* সুতা কাটার যন্ত্রবিশেষ। 'চাহিতে চাহিতে যেন চরকি ঘুরায়।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'পিতৃগৃহে যে চরকী ঘুরছে।' *বেগম*, ১৯৫৩।

চরকি-ঘুরুন [স চক্রঘূর্ণি] *বি* চরকির মতো ঘোরা। 'এমনি চরকি-ঘুরুন ঘুরাইয়া ছাড়িয়া দিল।' *জসীম*, ১৯৬০।

চরখা [স চক্র] *বি* হাত দিয়ে চালানো সুতা কাটার যন্ত্রবিশেষ। 'ঐ সময়ে টেকুয়া ও চরখায় সুত কাটিয়া ... গুজরান করিতেন।' *বিদ্যা*, ১৮৯১।

চরগিরি [চর+ফা গিরি] *বি* চরের কাজ। 'সে ওদের ওখানে চরগিরি করে।' *রবীন্দ্র*, ১৯৪১।

চরচা [স চর্চিত] *ক্রি* চর্চিত করা। 'চন্দনে চরচু পয়োধর গুম।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চরণ [স] ১ *বি* পা। 'আলিকালি ঘন্টা নেউর চরণে।' *চর্যা* ১১, ১২০০। ২ *বি* কবিতার পঙ্‌ক্তি। *ওসী*, ১৭৮৫। ৩ *বি* কবিতা। *ওসী*, ১৭৮৫। ৪ *বি* করুণা। 'তোমার চরণ দেবে তারে মধুর পরশ পাষাণ-গালা।' *রবীন্দ্র*, ১৯১৯।

চরণ-আশ্রয় [স] *বিণ* শরণাগত; পদাশ্রিত। 'নীলাচলে রহে প্রভুর চরণ-আশ্রয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চরণকমল [স] *বি* পদ্মরূপ পা। 'দেখিলাম মাতা তোমার চরণকমল।' *মুকুন্দ*, ১৬০০।

চরণক্ষেপ [স] *বি* পদক্ষেপ; পা ফেলা। 'কালের চরণক্ষেপে পদে পদে বাধা দিতে জানে।' *রবীন্দ্র*, ১৯৪১।

চরণঘাত [স] *বি* পায়ের আঘাত। 'ধূলিবিলুণ্ঠিত হয় কালের চরণঘাত লেগে।' *রবীন্দ্র*, ১৯৪৫।

চরণচক্র [স] *বি* পায়ের অলঙ্কারবিশেষ; মল। 'তাহার সঙ্গে সঙ্গে বাজুবন্ধ বা চরণচক্রের প্রয়োজন হয়।' *রবীন্দ্র*, ১৯০৭।

AMARBOI.COM

চরণচিহ্ন [স] ১ *বি* পায়ের ছাপ। 'একটি চরণচিহ্নও তো আমি বেশিক্ষণ ধরিয়া রাখিতে পারি না।' *রবীন্দ্র*, ১৮৮৪। ২ *বি* অনুসৃত পথ। 'যত মানবের গুরু মহৎজনের/ চরণচিহ্ন ধরিয়া।' *রবীন্দ্র*, ১৮৯০। ৩ *বি* স্পর্শ। 'কুসুমে কুসুমে চরণচিহ্ন দিয়ে যাও।' *রবীন্দ্র*, ১৯২৪।

চরণচুম্বন [স] *বি* পায়ের স্পর্শ। 'বিশ্বকমল ফুটে চরণচুম্বনে।' *রবীন্দ্র*, ১৯১৩।

চরণতরণী [স] *বি* চরণরূপ নৌকা। 'চরণতরণী দে মা।' *রবীন্দ্র*, ১৯০২।

চরণতল [স] *বি* পদতল। 'বাল্মীকি চরণতলে লুণ্ঠিত হইয়া বীণা গ্রহণ করিলেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

চরণতাড়ন [স] *বি* পদাঘাত। 'নিষ্ঠুর তার চরণতাড়নে বিঘ্ন পড়িছে খসে।' *রবীন্দ্র*, ১৯৪০।

চরণধূলা [স চরণধূলি] *বি* পায়ের ধুলা। 'আমি বিনা মইনের চাকর/ চরণধুলার অধিকারী।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চরণ-ধূলী [স চরণধূলি] *বি* পায়ের ধুলা। 'কি দায় চরণ-ধূলী সে রহক পাছে।' *বৃন্দা*, ১৫৮০।

চরণধূলি [স] *বি* পদধূলি। 'পাইনে চরণধূলি হে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

চরণধ্বনি [স] ১ *বি* পায়ের আওয়াজ। 'খেলা-মাঝে শুনিতে পেয়েছি থেকে থেকে যে চরণধ্বনি।' *রবীন্দ্র*, ১৯০১। ২ *বি* আগমন বার্তা। 'চরণধ্বনি শুনি তব, নাথ, জীবনতীরে।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বি* আগমনের শব্দ। 'প্রথম আলোর চরণধ্বনি উঠল বেজে।' *রবীন্দ্র*, ১৯২৩।

চরণ নিক্ষেপ করা *ক্রি* পা ফেলা। 'পিপীলিকার ন্যায় চরণ নিক্ষেপ করেন।' *দর্পণ*, ১৮২৬।

চরণপদ্ম [স] *বি* পদ্মের ন্যায় সুন্দর পা। 'সবার চরণপদ্মে মোর নমস্কার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চরণপল্লব [স] *বি* পায়ের পাতা। 'চরণপল্লব/ আরোপ রাধা/ মোর মাথার উপরে।' *বড়ু*, ১৪৫০।

চরণপাত [স] ১ *বি* পদচারণা। 'সেই আনন্দ-চরণপাতে ছয় ঋতু যে নৃত্যে মাতে।' *রবীন্দ্র*, ১৯০৯; 'তোমার চরণপাত মোর স্তব্ধ সায়াহ্ন-আকাশে।' *রবীন্দ্র*, ১৯১৪। ২ *বি* পদক্ষেপ। 'শব্দবিহীন চরণপাতে।' *রবীন্দ্র*, ১৯১৪।

চরণপুষ্কর [স] *বি* পাদপদ্ম। 'ঠক দৈত্যগণে হানি ঠাঞি দেহ ঠাকুরানি সুরগণে চরণপুষ্করে।' *মুকুন্দ*, ১৬০০।

চরণপূজা [স] *বি* পায়ের নিকটে বসে বন্দনা। 'করিয়া চরণপূজা ষোড়শোপচারে।' *বৃন্দা*, ১৫৮০।

চরণপ্রান্ত [স] *বি* পদমূল। 'চরণপ্রান্তে ভূতলে উপবেশন করিলেন।' *বঙ্কিম*, ১৮৭২; 'আপন চরণপ্রান্তে ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

চরণবন্দন [স] *বি* পায়ের নিকটে বসে পূজা। 'স্তুতি-ভক্ত্যে করেন তাঁর চরণবন্দন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চরণবর্তী [স] *বিণ* পায়ের নিকটস্থ। 'পৃথিবীর সমস্ত যুবাপুরুষ ... আমার চরণবর্তী হইয়া দাঁড়াইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

চরণ-ভঙ্গ [স] *বি* পা ফেলার ভঙ্গি। 'চরণ-ভঙ্গে ললিত অঙ্গে চমকে চকিত ছন্দে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চরণমঞ্জীর [স] *বি* পায়ের নূপুর। 'তাহারি তালটি শিখে তোমার চরণমঞ্জীরে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চরণমূল [স] *বি* পদমূল। 'কোথা হতে ভেসে কূলে লেগেছে চরণ-মূলে।' *রবীন্দ্র*, ১৮৯২।

চরণরজ [স] *বি* পদধূলি। 'অধরামৃত চরণরজ ইত্যাদি গ্রহণ ও ধারণ করেন।' *দর্পণ*, ১৮২২।

চরণরাজীব [স] *বি* পাদপদ্ম। 'চরণরাজীবরাজে লয়েছি আশ্রয়।' *গিরিশ*, ১৮৮৭।

চরণরেখা [স] *বি* পায়ের চিহ্ন। 'চরণরেখা তব যে পথে দিলে লেখি/ চিহ্ন আজি তারি আপনি ঘুচালে কি।' *রবীন্দ্র*, ১৯২৬।

চরণরেণু [স] *বি* পায়ের ধুলা। 'তাঁহার চরণরেণু শিরোদেশে গ্রহণ কর।' *বঙ্কিম*, ১৮৭৯।

চরণলেখা [স] *বি* পায়ের চিহ্ন। 'ঘাটের পথরেখা তারি চরণলেখা-ময়।' *রবীন্দ্র*, ১৯১৪।

চরণশব্দ [স] *বি* পায়ে চলার শব্দ। 'অলখ জনের চরণশব্দে মেতে।' *রবীন্দ্র*, ১৯২৮।

চরণশায়ী [স] *বিণ* পদাশ্রিত। 'লক্ষ্মীর চরণশায়ী পদ্মের মতন।' *রবীন্দ্র*, ১৮৮৫।

চরণশুশ্রূষা [স] *বি* পদসেবা। 'তোমার চিত্তরঞ্জন ও চরণশুশ্রূষা করিলেই, উভয় লোকে নিস্তার পাইব।' *বিদ্যা*, ১৮৪৭।

চরণ-শৃঙ্খল [স] *বি* পায়ের বাঁধন। 'সদ্য-ছিন্ন চরণ-শৃঙ্খল!' *নজরুল*, ১৯২৪।

চরণশোভা [স] *বি* পায়ের সৌন্দর্য। 'চরণশোভায় ভক্তজনের মনে লোভ বাড়ান।' *ভবানী*, ১৮২৮।

চরণসরোজ [স] *বি* পাদপদ্ম। 'শ্রীকবিকঙ্কণ গীত আরোপণ চণ্ডীর চরণসরোজে।' *মুকুন্দ*, ১৬০০।

চরণসুধা [স] *বি* পা ধোয়া জল; চরণামৃত। 'চিরদিবস করিব তোমার চরণসুধা পান।' *রবীন্দ্র*, ১৮৮১।

চরণসেবন [স] *বি* পূজা। 'গোসাঞিদাস পূজারী করেন চরণসেবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চরণসেবা [স] *বি* পদসেবা; পরিচর্যা। 'আমি যাবজ্জীবন তোমার চরণসেবা করিব।' *বিদ্যা*, ১৮৪৭।

চরণা [স চরণ>] *বি* চরণ। 'মঞ্জির রঞ্জিত চরণা।' *গোবিন্দ*, ১৬০০।

চরণাবরণ [স] *বি* জুতা। 'তিনি ... ঘন উপকেশ, কৃষ্ণবর্ণ রোমজ চরণাবরণ পরিতেন।' *বিদ্যা*, ১৮৪৯।

চরণাভিরত [স] *বিণ* চরণ সেবায় অনুরক্ত। 'পুরুষ রতন এক, চরণাভিরত দেখো/ তাঁর শিরে জটাজুট ফণী।' *কমলাকান্ত*, ১৮২০।

চরণাম্বুজ [স চরণ-অম্বুজ] *বি* পদ্মের মতো কোমল বা সুন্দর পা। 'প্রমত্ত অনিত্য কাজে, অলস চরণাম্বুজে/ কাম ক্রোধ লোভ মোহে ভ্রমি অহংকারে।' *কমলাকান্ত*, ১৮২০।

চরণায়ুধ [স চরণ-আয়ুধ] *বি* মোরগ। 'এই সময় চরণায়ুধ রব করিলেক প্রাতঃকাল হইল।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

চরণারবিন্দ [স চরণ-অরবিন্দ] *বি* পাদপদ্ম। 'চরণারবিন্দে রমা তুলসীর স্থান।' *বৃন্দা*, ১৫৮০।

চরণালক্তক [স] *বি* পায়ের আলতা। 'সুন্দরীকুল চরণালক্তকে বঙ্গভূমিকে উজ্জ্বলা করিতেছেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চরণাশ্রয় [স] *বি* পায়ের কাছে আশ্রয়। 'আমাকে তোমার চরণাশ্রয়ের যোগ্য করিয়া লও।' *রবীন্দ্র*, ১৯০২।

চরণাশ্রয়ী [স] *বিণ* হীনভাবে অধীন থাকে এমন। 'শ্বেতাঙ্গ-চরণাশ্রয়ী মন্ত্রিসভার পক্ষে কিরূপে সম্ভব।' *সওগাত*, ১৯৪৩।

চরণাশ্রিত [স] *বিণ* শরণাগত; পায়ের কাছে আশ্রয় গ্রহণ করেছে এমন। 'তাঁহার চরণাশ্রিত সেই বড় ধন্য।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চরণে *ক্রিবিণ* নিকটে। 'এড়িলোঁ ঘরের আশ ল বড়ায়ি কহিলোঁ তোর চরণে।' *বড়ু*, ১৪৫০।

চরন [স চরণ] *বি* চরণ। 'পল্লবরাজ চরনজুগ সোভিত।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চরনজুগ [স চরণযুগ] *বি* চরণদ্বয়। 'পল্লবরাজ চরনজুগ সোভিত গতি গজরাজক ভানে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চরনারবিন্দ [স চরণ-অরবিন্দ] *বি* পাদপদ্ম। 'কোটি লক্ষ্মি তোমার চরনারবিন্দে।' *মালাধর*, ১৫০০।

চরবি [ফা চর্বী] *বি* তেলজাতীয় পদার্থ; মেদ। 'ঘৃতের পরীক্ষা হইবাতে চরবি মিশ্রিত সপ্রমাণ হইল।' *দর্পণ*, ১৮২৯।

চরম [স] **১** *বিণ* চূড়ান্ত। 'অরণ্যে গিয়া ... চরমে চরম পুরুষার্থ মুক্তিপদার্থ প্রাপ্ত হইতে পারিব।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* অন্তিম। 'চরম কাল উপস্থিত।' *দীনবন্ধু*, ১৮৬০। **৩** *বি* চূড়ান্ত পরিণতি। 'প্রতিশোধের চরম হইবে।' *বঙ্কিম*, ১৮৬৬। **৪** *বিণ* অনন্ত। 'সন্ধ্যায় ফিরে ডেকেছ চরম বিশ্রামে।' *রবীন্দ্র*, ১৯৩৫। **৫** *বিণ* চূড়ান্ত। 'জগৎই চরম জগৎ নহে।' *রবীন্দ্র*, ১৯৪০।

চরম কাল [স] *বি* মৃত্যুর সময়। 'চরম কাল উপস্থিত।' *দীনবন্ধু*, ১৮৬০।

চরমকালিক [স] *বিণ* মৃত্যুকালীন। 'চরমকালিক দুঃখের কথা।' *বঙ্কিম*, ১৮৭৩।

চরমতত্ত্ব [স] **১** *বি* মূলস্বরূপ; সার কথা। 'সকলকে সমদৃষ্টিতে দেখাই তো আমাদের দেশের চরমতত্ত্ব ছিল।' *রবীন্দ্র*, ১৯০৯। **২** *বি* চূড়ান্ত তত্ত্ব। 'সেটাই চরমতত্ত্ব এবং পরমতত্ত্ব নয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চরমতম [স] *বিণ* সর্বোত্তম। 'বাণিজ্যই আমাদের চরমতম গতিমুক্তি নহে।' *রবীন্দ্র*, ১৯০৫।

চরমতা [স] *বি* চূড়ান্ত অবস্থা। 'কোনো কবিতারই প্রথম ছত্র থেকে শেষ ছত্র পর্যন্ত চরমতা প্রাপ্ত হয়নি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চরমদশা [স] *বি* শেষ অবস্থায় উপনীত হয়েছে এমন অবস্থা। 'আপনার প্রকৃতি ও তৎসম্বন্ধ বাহ্যবস্তুর জ্ঞান তাঁহার চরমদশা প্রাপ্তির অন্তরঙ্গ সাধন।' *অক্ষয়*, ১৮৪৯।

চরমদিন [স] *বি* অন্তিম দিন। 'এতদিনের সব আয়োজন/ চরমদিনে সাজিয়ে দিব উহারে।' *রবীন্দ্র*, ১৯১০।

চরমপত্র [স] *বি* শেষবারের মতো সতর্ক করে দেয় এমন পত্র। 'এক চরমপত্র দাখিল করিবার ক্ষমতা ... দেওয়া হইল।' *মনসুর*, ১৯৪০।

চরমপন্থী [স] *বি* উগ্রপন্থী। 'আমাদের দলের চরমপন্থীরা ...।' *বঙ্গীয়*, ১৯১৮।

চরমবিকাশ [স] *বি* চূড়ান্ত প্রকাশ। 'এই জিনিষটা হচ্ছে ইউরোপীয় সভ্যতার চরমবিকাশ।' *ইমাম*, ১৯৪৬।

চরমসময় [স] *বি* মৃত্যুর সময়। 'চরমসময়ে নাহি নত হয় মন।' *গিরিশ*, ১৮৮৭।

চরমা [স] *বিণ* স্ত্রী চূড়ান্ত। 'সব ভয় ভ্রম ভাবনার চরমা আবৃতি হে।' *রবীন্দ্র*, ১৯২৩।

চরমোচ্ছ্বাস [স চরম-উচ্ছ্বাস] *বি* চূড়ান্ত আনন্দ। 'মানসিক শক্তিতেই জীবনের চরমোচ্ছ্বাস।' *জগদীশ*, ১৯১৭।

চরমোৎকর্ষ [স] *বি* শ্রেষ্ঠত্ব। 'রমণী ঈশ্বরের কীর্তির চরমোৎকর্ষ।' *বঙ্কিম*, ১৮৭৮।

চরমোন্নতি [স চরম-উন্নতি] *বি* চূড়ান্ত উৎকর্ষ। 'পারলৌকিক চরমোন্নতি সাধনের নিমিত্ত ...।' *সুকান্ত*, ১৯৪২।

চরমোপলব্ধি [স চরম-উপলব্ধি] *বি* চূড়ান্ত উপলব্ধি। 'মানুষের চরমোপলব্ধির ভাষা সুরহীন হইয়া ...।' *হাই*, ১৯৫৪।

চরস [হি] *বি* গাঁজা থেকে তৈরি মাদকবিশেষ। 'তামাক গাঁজা ভাঙ্গ চরস বিক্রি হইতেছে।' *রামরাম*, ১৮০১।

চরা[১], চরানো [স চর্>] **১** *ক্রি* ছড়ানো। 'গঅণে উঠি চরঅ অমণ ধাণ।' *চর্যা* ২১, ১২০০। **২** *ক্রি* বিচরণ ক'রে আহার করা। 'পাহাড় তাহার তৃচ্ছ/ জলে চরে লক্ষ লক্ষ হাঁস।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৩** *ক্রি* গবাদি পশুকে মাঠে নিয়ে ঘাস খাওয়ানো। 'স্নান করছে, নৌকা বাচ্ছে, গোরু চরাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯২। **৪** *ক্রি* বিচরণ করা। 'আমরা সুখের স্ফীত বুকের/ ছায়ার তলে নাহি চরি।' *রবীন্দ্র*, ১৯০০। **চরঅ** *ক্রি* চরে খায়। 'গঅণে উঠি চরঅ অমণ ধাণ।' *চর্যা* ২১, ১২০০। **চরাইছে** *ক্রি* চরাচ্ছে। 'একে একে সকলে ছাগল চরাইছে।' *সুলতান*, ১৭০০। **চরাইত্যে** *ক্রি* বিচরণ করাতে। 'ছাগল চরাইত্যে নাঞি পেরিসর স্থল।' *মুকুন্দ*, ১৬০০। **চরাইলে** *ক্রি* চরালে। 'ছাগল চরাইলে বুদ্ধি বাড়এ বিশেষ।' *সুলতান*, ১৭০০। **চরাত্যে** *ক্রি* চারণ করাতে। 'ছাগল চরাত্যে স্থান নাহীক অবনি।' *মুকুন্দ*, ১৬০০। **চরায়্যা** *ক্রি* চরিয়ে। 'শূকর চরায়্যা বেটা গেছে সব দিন।' *মানিকরাম*, ১৭৮১। **চরাহ** *ক্রি* বিচরণ করাও। 'মনোহংস চরাহ তাহাতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **চরিতেছিল** *ক্রি* বিচরণ করছিলো। 'দূর গুল্ম-পাশে চরিতেছিল হরিণী।' *মাইকেল*, ১৮৬১। **চরিয়া** *ক্রি* বিচরণ ক'রে। 'বনে বনচর কত চরিয়া বেড়ায়।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চরাই করা *ক্রি* বেড়ানো। 'আপনি চরাই করে আসুক।' *শরৎ*, ১৯২৬।

চরে খাওয়া *ক্রি* অবাধে বিচরণ করা। 'ধেনুদের চরে খেতে দেওয়ারও দরকার হয়।' *রবীন্দ্র*, ১৯৩১।

চরেফিরে খাওয়া *ক্রি* নানা জনের সঙ্গে সম্পর্ক থাকা। 'মেমসাহেবটির নাকি বাইরে চরেফিরে খাবার অভ্যেস ছিল।' *সাদত*, ১৯৬৭।

চরে শিক্ষা *বি* পর্যটনমূলক শিক্ষা। 'বাঁধা শিক্ষার সঙ্গে সঙ্গেই চরে শিক্ষা মনের পক্ষে অত্যাবশ্যক।' *রবীন্দ্র*, ১৯৩১।

চরা[২] [স চর>] *বি* চর; চড়া। 'পলক ভরে বাড়ছে চরা/ পলকে যায় তরকা ধরা।' *লালন*, ১৮৯০।

চরাচর [স] *বি* সমস্ত সৃষ্টি। 'দেবলোক রক্ষা কৈল চরাচর গন।' *মালাধর*, ১৫০০।

চরাচরময় [স] *ক্রিবিণ* চরাচর জুড়ে। 'জাগিয়াছে সাধ চরাচরময় প্লাবিয়া বহিয়া যাই।' *রবীন্দ্র*, ১৮৮৩।

চরাচরলোক [স] *বি* সমগ্র সৃষ্টিজগৎ। 'সমুখ-আকাশে চরাচরলোকে এই অপরূপ আকুল আলোতে।' *রবীন্দ্র*, ১৯০৪।

চরাচরেশ্বরী [স চরাচর-ঈশ্বরী] *বি* সমগ্র বিশ্বসংসারের ঈশ্বরী। 'তুমি ভবসিন্ধুতরী তুমি চরাচরেশ্বরী।' *কৃষ্ণরাম*, ১৭২০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চরাৎ চরাৎ [ধ্বন্যা] *বি* ঘাস ছিঁড়ে খাওয়ার শব্দ। 'তিনি ওদের ঘাস খাওয়ার চরাৎ চরাৎ শব্দ শুনেছেন।' *হাসান*, ১৯৬৫।

চরি [স চর>] *বি* আর্থিক সুবিধার বিনিময়ে গো-মহিষ চরায় যে। 'চাষী ও চরির প্রজা।' *বিভূতি*, ১৯৩৮।

চরি-মহাল *বি* গো-মহিষ চরানোর জন্য ইজারা দেওয়া সরকারি জমি। 'আসিয়াছে চরি-মহাল ইজারা লইতে।' *বিভূতি*, ১৯৩৮।

চরিত [স] **১** *বি* আচরণ। 'কোণ গুরু শিখাইল হেনক চরিতে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* কার্যকলাপ। 'সবে তারা না মানিব আমার চরিত। *বৃন্দ*, ১৫৮০। **৩** *বি* চরিত্র। 'তাহার চরিতে হেন বুঝি চিতে হাত বাড়াইলা চাঁদে।' *দ্বিচণ্ডী*, ১৬০০। **৪** *বি* বৈশিষ্ট্য। 'দেখহ মালতবালা ঋতুর চরিত।' *বাহরাম*, ১৬৫০। **৫** *বিণ* মতো। 'বোরাকের দুই কর্ণ উটের চরিত।' *সুলতান*, ১৭০০। **৬** *বি* জীবন-বৃত্তান্ত। 'বহুতর গ্রন্থে তাঁহার চরিত বর্ণনা আছে।' *অক্ষয়*, ১৮৪৯।

চরিতকথা [স] *বি* জীবন-কাহিনি। 'অবাক হয়ে শুনছি রোঘোর চরিতকথা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

চরিতকাব্য [স] *বি* জীবনী বিষয়ক কাব্য। 'চরিতকাব্য আমাদের দেশে পূর্ণ সমাদর লাভ করিতে পারে না।' *রবীন্দ্র*, ১৯০২।

চরিতকার [স] *বি* জীবনী-লেখক। 'কোনো ভাবী চরিতকার ক্যামেরা হাতে সেই বাগানের ফোটোগ্রাফ নিতে আসবে।' *রবীন্দ্র*, ১৮৯১।

চরিত-গর্ভ [স] *বিণ* জীবনবৃত্তান্তমূলক। 'তাঁহার চরিত-গর্ভ একখানি গ্রন্থ রচনা করেন।' *অক্ষয়*, ১৮৫০।

চরিতগান [স] *বি* চরিত্রকীর্তন। 'তাঁহার চরিতগানকে মুকুটিত করিয়া তুলিল।' *রবীন্দ্র*, ১৯০৫।

চরিতবায়ুগ্রস্ত [স] *বিণ* জীবনীর ক্ষেত্রে অতি-উৎসাহী। 'য়ুরোপকে চরিতবায়ুগ্রস্ত বলা যাইতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৫।

চরিতাখ্যায়ক [স চরিত-আখ্যায়ক] *বিণ* জীবনী রচনাকারী। 'চরিতাখ্যায়ক ব্যক্তি লিখিতে লিখিতে পরম পরিতোষ প্রাপ্ত হন।' *বিদ্যা*, ১৮৪৯।

চরিতার্থ [স] **১** *বিণ* কৃতকার্য। *সেবধি*, ১৮৩৯। **২** *বিণ* পরিতৃপ্ত। 'আমরা শ্রেষ্ঠ মনোবৃত্তি সমুদায়কে চরিতার্থ করি নাই।' *অক্ষয়*, ১৮৪৯। **৩** *বিণ* ধন্য। 'তুমি সেই সর্ব্বগুণাদৃত কুশীল-মহারথী-কুমারে কুমারী প্রদান করিয়া চরিতার্থ হও।' *রামনারায়ণ*, ১৮৫৪। **৪** *বিণ* নিবৃত্ত। 'কৌতূহল চরিতার্থ করিবার জন্য সংক্ষেপে তীতুমীরের ইতিহাস প্রদত্ত হইল।' *হিতৈষি*, ১৮৯৫। **৫** *বিণ* সার্থক। 'চরিতার্থ হোক ব্যর্থতাও।' *রবীন্দ্র*, ১৯২৫। **৬** *বিণ* পূর্ণ। 'আজন্মকালের ভিক্ষাঝুলি চরিতার্থ হোক আজি।' *রবীন্দ্র*, ১৯৩৮। **৭** *বিণ* সফল। 'অন্তরে নিয়েছি আমি তুলি এই মহামন্ত্রখানি, চরিতার্থ জীবনের বাণী।' *রবীন্দ্র*, ১৯৪১।

চরিতার্থতা [স] **১** *বি* কৃতার্থতা। 'আপনকার সন্দর্শন ও সম্ভাষণানুগ্রহ দ্বারা, চরিতার্থতা প্রাপ্ত হইলাম।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বি* পরিপূর্ণতা। 'শখের খাটুনিতেই তাহার হৃদয়বৃত্তির চর্চা এবং চরিতার্থতা হইত।' *রবীন্দ্র*, ১৯০১। **৩** *বি* বাস্তবায়ন। 'কেবলমাত্র দৈহিক পরিতৃপ্তির চরিতার্থতা।' *প্রমথ*, ১৯১৮।

চরিতার্থা [স] *বিণ* স্ত্রী চরিতার্থ; সফল। 'তদ্দ্বারা মৈত্রেয়ী চরিতার্থা হইয়াছেন।' *দর্পণ*, ১৮২২।

চরিত্র [স] **১** *বি* স্বভাব। 'তোহ্মার চরিত্র দেখিআঁ কাহ্নাঞি ল।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* নানা গুণের সমন্বিত রূপ। 'তোমার চরিত্র আর কতবা বুঝিব।' *গরীব*, ১৭৬৫। **৩** *বি* উপন্যাস বা নাটকে পাত্র-পাত্রীর ভূমিকা। 'দুই একটি চরিত্র সুচিত্রিত হইলেই তাহার প্রশংসা করা যায়।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

চরিত্র-কথন [স] *বি* মাহাত্ম্যকথা। 'রাত্রিদিনে রাধাকৃষ্ণের মানস-সেবন প্রহরেক মহাপ্রভুর চরিত্র-কথন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চরিত্রগুণ [স] *বি* চারিত্রিক বৈশিষ্ট্য। 'চরিত্রগুণে তিনি হয়তো দেবতার মর্যাদা লাভ করতেন।' *সুনীল মুখো*, ১৯৭০।

চরিত্রচিত্র [স] *বি* চরিত্র-চিত্রণ। 'চরিত্রচিত্র বিষয়ে তাঁহার প্রশংসা করিলাম।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

চরিত্রচ্যুত [স] *বিণ* অসচ্চরিত্র। 'অচ্যুতের যত বয়স বাড়ছে তত ও চরিত্রচ্যুত হচ্ছে।' *নরেন্দ্র*, ১৯৫১।

চরিত্রতত্ত্বজ্ঞ [স] *বিণ* চরিত্রতত্ত্ব বিশেষজ্ঞ। 'রঙ্গপ্রিয়তার সঙ্গে প্রতিহিংসা-প্রবৃত্তির উদ্রেক হইয়াছিল কি না চরিত্রতত্ত্বজ্ঞ পণ্ডিতেরা স্থির করিবেন।' *রবীন্দ্র*, ১৮৯১।

চরিত্রতা [স] *বি* চরিত্র-বৈশিষ্ট্য। 'হিন্দু জাতির ন্যায়পরতা ... বিশুদ্ধ চরিত্রতা দেখিয়া বিদেশীয় লোকে বিস্ময়াপন্ন হইত।' *অক্ষয়*, ১৮৪৭।

চরিত্রদৈন্য [স] *বি* স্বভাবের দীনতা। 'যে চরিত্রদৈন্য শুভকর্মে পরস্পর মিলিত হবার পথে সচেষ্টভাবে কাঁটার বীজ বপন করে চলেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

চরিত্রদোষঘটিত [স] *বিণ* চরিত্রের ত্রুটির জন্য ঘটে এমন। 'নিজের ওই পরের চরিত্রদোষঘটিত অমঙ্গলের সঙ্গে যে-লড়াই সবে শুরু ...।' *আইয়ুব*, ১৯৭৩।

চরিত্রনীতি [স] *বি* চারিত্রিক নিয়ম। 'বিশ্বতত্ত্ব সম্বন্ধে যেমন, তেমনি চরিত্রনীতি সম্বন্ধেও।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চরিত্রপরিচয় [স] *বি* চারিত্রিক বৈশিষ্ট্য। 'উদ্‌ঘাটিত হল ... এই আগন্তুকের চরিত্রপরিচয়।' *রবীন্দ্র*, ১৯৪১।

চরিত্রবতী [স] *বিণ* স্ত্রী সচ্চরিত্র। 'চাই নারীদের সংঘবদ্ধ হয়ে আন্দোলন তাদের শিক্ষিতা, চরিত্রবতী, স্বাস্থ্যবতী ... হওয়া।' *বেগম*, ১৯৫২।

চরিত্রবল [স] *বি* চারিত্রিক দৃঢ়তা। 'জর্মানজাতির যথেষ্ট বাহুবল বুদ্ধিবল ও চরিত্রবল আছে।' *প্রমথ*, ১৯১৪।

চরিত্রবান [স] *বিণ* সচ্চরিত্র। 'বিদ্বান, রূপবান, চরিত্রবান যুবক নির্ধনতায় বিবাহ করিতে অসমর্থ হইতেছে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

চরিত্রবিকার [স] *বি* চারিত্রিক বিকৃতি। 'অবনীভূষণের চরিত্রবিকারের পরিচয় পেয়ে তিনি নিতান্ত কাতর হয়ে পড়লেন।' *প্রমথ*, ১৯৩৩।

চরিত্রবিকৃতি [স] *বি* চরিত্রহীনতা। 'চরিত্রবিকৃতি বা হিংস্রতা দেখে অবজ্ঞা প্রকাশ করেন।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চরিত্র-বিশ্লেষণ [স] *বি* চরিত্রের স্বভাব বিচার। 'ও হচ্ছে তোমার চরিত্র-বিশ্লেষণ।' *ওয়াশী*, ১৯৪২।

চরিত্রবিহীন [স] *বিণ* খারাপ চরিত্রের। 'যা চরিত্রবিহীন তা অসুন্দর।' *অবন*, ১৯২৫।

চরিত্রভ্রষ্ট [স] *বিণ* চরিত্রহীন। 'যাহারা চরিত্রভ্রষ্ট।' *রবীন্দ্র*, ১৯০৯।

চরিত্রময় [স] *ক্রিবিণ* চারিত্রিক বৈশিষ্ট্যে। 'যদি তার দেহময় ব্যাধি মনোময় পাপ ও চরিত্রময় কলঙ্ক থাকে।' *অন্নদা*, ১৯২৮।

চরিত্র-মহিমা [স] *বি* চরিত্রের মাহাত্ম্য। 'বিদ্যাসাগরের চরিত্র-মহিমা ও পাণ্ডিত্যে অভিভূত বহু সংস্কৃতপণ্ডিতও ...।' *সুনীল মুখো*, ১৯৭০।

চরিত্রশোধন [স] *বি* স্বভাব সংশোধন। 'চরিত্রশোধন জন্য তোমাকে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভ্রমরের আঁচলে বাঁধিয়া দিয়া গেল।' *বঙ্কিম*, ১৮৭৮।

চরিত্রসৃষ্টি [স] *বি* চরিত্রচিত্রণ। 'সব ক্ষেত্রে চরিত্রসৃষ্টি নিতান্ত অপ্রধান রয়ে গেছে।' *শিব*, ১৯৫০।

চরিত্রহানিকর [স] *বিণ* চরিত্র নষ্ট করে এমন। 'গদ্যরচনা সহ্য হলেও কবিতা ছিল চরিত্রহানিকর।' *অচিন্ত্য*, ১৯৫০।

চরিত্রহীন [স] *বিণ* দুশ্চরিত্র। 'চরিত্রহীন ধর্মসংশয়ীগণ অবাধে প্রবেশ করিতে পারিবে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চরিত্রহীনতা [স] *বি* বিপথগামিতা। 'বিষয়বুদ্ধির মতে ... রূপের চর্চা চরিত্রহীনতার পরিচয় দেয়।' *প্রমথ*, ১৯১৬।

চরিত্রহীনা [স] *বিণ স্ত্রী* দুশ্চরিত্র। 'যে সকল নীচ কুলোদ্ভবা – স্বধর্মত্যাগিনী – চরিত্রহীনা রমণী ...।' *দীপিকা*, ১৮৮৭।

চরিত্রালোচনা [স চরিত্র-আলোচনা] *বি* চারিত্রিক দোষগুণ উপস্থাপন। 'গ্রন্থকর্তার চরিত্রালোচনা আমার উদ্দেশ্য নয়।' *নরেন্দ্র*, ১৯৫২।

চরীত [স চরিত্র] *বি* চরিত্র; স্বভাব। 'ভাল না বুঝিএ তোর একোহি চরীত।' *বড়ু*, ১৪৫০।

চরু [স] *বি* পায়েস। 'কোথাএ জৈজ্ঞের চরু কুকুরের ভোগ।' *রবীন্দ্র*, ১৬৮৯।

চরুয়া [হি চর>] *বিণ* (অবজ্ঞার্থে) দ্বীপবাসী। 'সে-কথা চরুয়া ইংরেজ ছাড়া আর সবাই জানে।' *মুজতবা*, ১৯৫৮।

চর্কা [স চক্র] *বি* চরকা। 'স্ত্রীলোকেরা চর্কা ও আসনা সুতা কাটে।' *প্যারী*, ১৮৬০।

চর্কি [স চক্র] *বি* চক্র। 'চক্ষু বুজে কায়দা খেলায় চর্কিবাজির মত।' *সুকুমার*, ১৯১৮; 'বরফের পাঁজে যেন সে বাতাস ডাল গলাবার চর্কি চালিয়ে দিয়েছে।' *মুজতবা*, ১৯৪৯।

চর্কিপাক [স চক্র+পাক] *বি* চরকির মতো ঘুরপাক। 'যতটা নাচি উল্টো নাচন যতই না খাই চর্কিপাক।' *সুকুমার*, ১৯২০।

চর্কিবাজি, চর্কিবাজী [স চক্র+ফা বাজি] ১ *বি* চক্রাকারে ক্রুলিঙ্গ ছড়ানো আতশবাজি-বিশেষ। 'চক্ষু বুজে কায়দা খেলায় চর্কিবাজির মত।' *সুকুমার*, ১৯১৮; 'হেডমাস্টার ইস্কুলের সর্বত্র চর্কিবাজীর মতন তূর্কীনাচন নাচছেন।' *মুজতবা*, ১৯৫২। ২ *বি* ক্রমাগত ঘোরাঘুরি। 'অষ্টপ্রহর চর্কীবাজী কীর্তি-মন্দিরে।' *মুজতবা*, ১৯৫৯।

চর্চ, চর্চ্চ [ই] *বি* চার্চ। 'রোমানকাতোলিক চর্চ অর্থাৎ পোর্তুগীশীয় গির্জায়...।' *দর্পণ*, ১৮২৪; 'কেথলিক চর্চ্চে গিয়া দেখে এস মন।' *গুপ্ত*, ১৮৫৮।

চর্চা, চর্চ্চা [স] ১ *বি* পালন। 'ধর্ম্মচর্চ্চা রাজচর্চ্চা একে একে কৈল।' *মালাধর*, ১৫৫০। ২ *বি* অন্যের দোষ নিয়ে আলোচনা; পরচর্চা। 'চর্চা মাত্র করিলে সকল পুণ্য যাএ।' *আলাওল*, ১৬৮০। ৩ *বি* অনুসরণ। 'মনুষ্যের কোন প্রসিদ্ধ নামের চর্চ্চার লেশ নাই।' *রামমোহন*, ১৮১৫। ৪ *বি* কীর্তন। 'মহাপ্রভুর বিজয় প্রতিমার সঙ্গে চক্র লইয়া যায় এবং সকলের চর্চ্চা করে।' *দর্পণ*, ১৮২৫। ৫ *বি* সাধনা। 'বিদ্যার চর্চ্চা এবং অনুশীলন না ছিল এমত নহে।' *কৌমুদী*, ১৮৩০। ৬ *বি* অনুশীলন। 'তিনি আপনার অতিপ্রিয় সংস্কৃত বিদ্যার চর্চাতে বিরত হন নাই।' *দর্পণ*, ১৮৩৭। ৭ *বি* ব্যবহার। 'কোনো একটি ভাষার যতই অনুশীলন ও চর্চ্চা বৃদ্ধি হইতে থাকে ...।' *প্যারী*, ১৮৫৯। ৮ *বি* সেবন। 'কেবল মদের কথা – মদের চর্চ্চা – মদের আলাপ ...।' *প্যারী*, ১৮৫৯।

চর্চিয়া [স চর্চা>] *ক্রি* অনুসন্ধান ক'রে। 'চর্চিয়া আসিতে সব আকাশ উপর।' *সুলতান*, ১৭০০।

চর্চিত, চর্চ্চিত [স] *বিণ* প্রলিপ্ত। 'চন্দন চর্চ্চিত গাএ।' *বড়ু*, ১৪৫০; 'চন্দনে চর্চিত তনু।' *মুকুন্দ*, ১৬০০।

চর্দ্দ [স চতুর্দশ] *বিণ* চৌদ্দ সংখ্যক। 'চর্দ্দ সহস্র রাক্ষস একা রাম মাইল।' *মালাধর*, ১৫০০।

চর্ন্নমেত্তো [স চরণামৃত] *বি* চরণামৃত। 'সাফরিদের মাদুলি ও বালসির চর্ন্নমেত্তো নিয়েই ব্যতিব্যস্ত।' *হুতোম*, ১৮৬১।

চর্ব [স চর্ব্য] *বিণ* চিবিয়ে খাওয়া হয় এমন। 'প্রতি ভাণ্ডারে চর্ব চোষ্য লেহ্য পেয় চারি প্রকার সামগ্রী পরিপূর্ণ।' *রাজীব*, ১৮০৫।

চর্বণ, চর্ব্বণ [স] ১ *বি* ভক্ষণ। 'ঝারিখণ্ডপথে আইলা একলা চলিয়া/ কভু উপবাস কভু চর্ব্বণ করিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* চিবানোর কাজ। 'হাসিয়া করেন প্রভু তাম্বুল চর্বণ।' *বৃন্দা*, ১৫৮০।

চর্ব্বণ করা *ক্রি* চিবিয়ে খাওয়া। 'গরুর মত গিলিত চর্ব্বণ করে না।' *মদনমোহন*, ১৮৫০।

চর্বন, চর্ব্বন [স চর্ব্বণ] *বি* চিবানোর কাজ। 'করেতে ধরিয়া কার দেই তাম্বুল চর্ব্বন।' *মালাধর*, ১৫০০।

চর্বি, চর্ব্বি [ফা] ১ *বি* মেদ। *মানোএল*, ১৭৪৩; *ওসাঁ*, ১৭৮৫। 'মাংসচর্বিওআলা শরীরের ও সুস্বাদের জন্য বিখ্যাত।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* প্রাণীদেহের স্নেহজাতীয় পদার্থ। '১.৭৫ আউন্স চর্বি।' *বেগম*, ১৯৫৫।

চর্বিদার, চর্ব্বিদার [ফা] *বিণ* চর্বি বা তেলওয়ালা পদার্থ রয়েছে এমন। 'দিব্বি মোটাগোটা চর্ব্বিদার জিনিস বানাইয়া, কোরমা, কালিয়া ...।' *মশাররফ*, ১৮৮৯; 'ভারি চর্বিদার আর ওজনী হয়েছে হাঁস দুটো।' *কায়সার*, ১৯৬২।

চর্বিমাখা [ফা চর্বি+মাখা] *বিণ* চর্বিযুক্ত। 'তার মধ্যে সবচেয়ে বাজে হয়ে গিয়েছে চর্বিমাখা কার্তুজের কথা।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

চর্বির বাতি *বি* মোমবাতি। *ওসাঁ*, ১৭৮৫।

চর্বিত, চর্ব্বিত [স] *বিণ* চাবানো। 'এত বলি চর্বিত তাম্বুল কৈল দান।' *বৃন্দা*, ১৫৮০।

চর্বিতচর্বণ, চর্ব্বিতচর্বণ [স] ১ *বি* পূর্বে আলোচিত বিষয়ের পুনরালোচনা; রোমন্থন। 'পূর্বলেখকদের চর্ব্বিতচর্বণ নহে।' *বঙ্কিম*, ১৮৭৪। ২ *বি* প্রতিভা ও মৌলিকতার অভাবে অন্যের রচনা অনুকরণ। 'তাহার অধিকাংশই অপরের চর্ব্বিতচর্ব্বণ বলা যাইতে পারে।' *দর্শন*, ১৯২৬।

চর্বিতচর্বণশূন্য [স] *বিণ* পুনরাবৃত্তি নেই এমন। 'এর মধ্যে চৌর্যবৃত্তি নেই, চর্বিতচর্বণশূন্য।' *রবীন্দ্র*, ১৯০৭।

চর্বিশ [চব্বিশ>] *বিণ* ২৪ সংখ্যক। 'চর্বিশটা মৎস্য আনিয়াছি।' *কেরি*, ১৮১২।

চর্ব্য, চর্ব্ব্য [স] ১ *বিণ* চিবিয়ে খেতে হয় এমন। 'লেহ্য পেয় চস্য চর্ব্য জত অন্ন ব্যঞ্জন।' *মালাধর*, ১৫০০। ২ *বি* চিবিয়ে খেতে হয় এমন খাদ্য। 'চর্ব্য, চোষ্য, লেহ্য, পেয়র নানান উপাদেয়।' *শিবরাম*, ১৯৭০।

চর্ব্যচোষ্য [স] *বি* চিবিয়ে ও চুষে খাওয়া যায় এমন খাদ্যবস্তু। 'নিমন্ত্রণ-কারীর ঘরে চর্ব্যচোষ্য খাইয়া।' *রবীন্দ্র*, ১৯০৫।

চর্ব্যজাত [স] *বি* চিবিয়ে খেতে হয় এমন কিছু। 'কিন্তু পারিভাষিক চর্ব্যজাতের জিনিস।' *রবীন্দ্র*, ১৯৩৭।

AMARBOI.COM

চর্ম, চর্ম্ম [স] ১ *বি* চামড়া। 'পরস না লএ চর্ম্ম সর্ব্ব সমান।' *মালাধর*, ১৫০০; 'মাংস চর্ম সিদ্ধ হই শরীর রহিছে।' *সুলতান*, ১৭০০। ২ *বি* চামড়ার বর্ম। 'যুদ্ধের জানিএগ মর্ম গায়ে আরোপিল চর্ম।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* ঢাল। 'ফেলি দূরে বর্ম, চর্ম, অসি, তূণ, ধনু।' *মাইকেল*, ১৮৬২।

চর্মকার, চর্ম্মকার [স] *বি* জুতা তৈরি যার পেশা। 'চর্ম্মকার চটকার পটকার মঠকার বেতনোপভূক হইয়া ...।' *ভবানী*, ১৮২৫; 'এক চর্মকার, মৃত ব্যাঘ্রের মাংস ও চর্ম লইয়া, প্রস্থান করিল।' *বিদ্যা*, ১৮৪৭।

চর্মকারসুতা, চর্ম্মকারসুতা [স] *বি* চর্মকারের মেয়ে। 'চর্ম্মকারসুতা, কিবা প্রত্যয় কথায়?' *গিরিশ*, ১৮৮৭।

চর্মচক্ষে *ক্রিবিণ* বাস্তব চোখ দিয়ে। 'কিছুক্ষণ চর্মচক্ষে এবং মনশ্চক্ষে – চার চোখ মিলিয়ে ...।' *জীবন*, ১৯৪৮।

চর্মচক্ষু, চর্ম্মচক্ষু [স] *বি* প্রত্যক্ষদৃষ্টি। 'চর্মচক্ষে দেখে যৈছে সূর্য্য নির্ব্বিশেষ জ্ঞানমার্গে তৈছে নারে কৃষ্ণের বিশেষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'চর্মচক্ষুর অন্তরালবর্তী মনোনেত্রের উপর হইতে সমস্ত বাধা খসিয়া পড়িল।' *রবীন্দ্র*, ১৯০০।

চর্মচটিকা, চর্ম্মচটিকা [স] *বি* চামচিকা। 'চর্ম্মচটিকার জঙ্ঘা ও পদ অত্যন্ত অপটু।' *অক্ষয়*, ১৮৪৫।

চর্মধারী, চর্ম্মধারী [স] *বিণ* চামড়াযুক্ত। 'গণ্ডার স্থূল চর্ম্মধারী।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

চর্মপত্র [স] *বি* চামড়ার কাগজ। 'বহু সহস্র চর্মপত্রে রূপালি সোনালি অক্ষরে তাদের ধর্মগ্রন্থ আবেস্তা ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চর্মপাদুকা, চর্ম্মপাদুকা [স] *বি* চামড়ার জুতা। *সেবধি*, ১৮৩৯; 'অভীষ্ট উদ্ভিদবিদ্যার অনুশীলনসমাধানার্থে ... জীর্ণ চর্মপাদুকাযুগ্ম বল্কলের তালী দিয়া লইতে হইত।' *বিদ্যা*, ১৮৪৯; 'চর্ম্মপাদুকা ধারণ করে।' *অক্ষয়*, ১৮৫০।

চর্মপেটক [স] *বি* চামড়ার বাক্স; সুটকেস। 'বিক্ষিপ্ত জিনিসপত্র যেমন-তেমন করে চর্মপেটকের মধ্যে প্রবিষ্ট করিয়ে দিয়ে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চর্মপেটিকা, চর্ম্মপেটিকা [স] *বি* চামড়ার ব্যাগ। 'আমি সুকোমল চর্ম্মপেটিকায় বদ্ধ হইয়া সাহেবের পকেটে বাসা করিলাম।' *প্রভাত*, ১৮৯৬।

চর্মবিশারদ [স] *বি* চামড়া বিশেষজ্ঞ। 'সুশিক্ষিত চর্মবিশারদের সাহায্যে এইখানে একটা টেনারি খুলিতে পারেন।' *শিখা*, ১৯২৬।

চর্মযবনিকা [স] *বি* চামড়ার আবরণ। 'যদি হঠাৎ একদিন সেই লাবণ্যময় চর্মযবনিকা সমস্ত নরসংসার থেকে উঠিয়ে ফেলে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চর্মলোল [স] *বিণ* ঢিলা চামড়াবিশিষ্ট। 'ভাগাড়ে শ্মশানে উঠিল ঘোর/ কাঁদে সমাজ চর্মলোল।' *নজরুল*, ১৯২৯।

চর্মাবরণ [স চর্ম-আবরণ] *বি* চামড়ার আবরণ। 'গাত্রে কঠিন চর্মাবরণ দিয়া দেন নাই।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চর্মাম্বর, চর্ম্মাম্বর [স চর্ম-অম্বর] *বি* চামড়ার পোশাক। 'ব্রহ্মানন্দ ভারতীর ঘুচাইল চর্ম্মাম্বর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চর্মাসন [স চর্ম-আসন] *বি* চামড়ানির্মিত আসন। 'পৃষ্ঠে চর্মাসন ধর।' *মাইকেল*, ১৮৬৫।

চর্য [স] *বি* ব্রত। 'চিরশত্রুর সঙ্গে লড়াইয়ে যাত্রা করে ক্ষাত্রচর্যে দীক্ষা গ্রহণ করতে রাজি কি?' *রবীন্দ্র*, ১৯০৮।

চর্যা [স] ১ *বি* গান। 'অইসন চর্য্যা কুক্কুরীপাএঁ গাইড়।' *চর্য্যা ২*, ১২০০। ২ *বি* সেবা-শুশ্রূষা। 'আশু চিকিৎসা ও রোগিচর্য্যা সম্বন্ধে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চর্যাপদী [স] *বিণ* চর্যাপদের পঙ্‌ক্তির মতো। 'যার প্রথম লাইন চর্যাপদী।' *মুজতবা*, ১৯৫২।

চল [স] ১ *বিণ* চঞ্চল। 'সহসা জাগিয়া উঠে চলউর্মি সবে।' *রবীন্দ্র*, ১৮৭৫। ২ *বিণ* প্রচলিত। 'গ্রামের লোকের মুখেও ওই কথার চল আছে।' *রবীন্দ্র*, ১৯১৬; 'ভাষায় প্রেম অর্থে দুটো শব্দের চল আছে; ভালোলাগা আর ভালোবাসা।' *রবীন্দ্র*, ১৯২৯। ৩ *বি* রেওয়াজ। 'আজকাল বিয়েতে যৌতুক নেওয়ার কতকটা চল হয়ে গেছে।' *বেগম*, ১৯৪৮।

চলউর্মি [স] *বি* চঞ্চল ঢেউ। 'সহসা জাগিয়া উঠে চলউর্মি সবে।' *রবীন্দ্র*, ১৮৭৫।

চলচঞ্চল [স] *বিণ* অতি চপল। 'তরণীপতাকা চলচঞ্চল।' *রবীন্দ্র*, ১৯০০।

চলচপলা [স] *বিণ* বিদ্যুতের মতো চঞ্চল। 'চলচপলার চকিত চমকে করিছে চরণ বিচরণ।' *রবীন্দ্র*, ১৯০০।

চলচরণ [স] *বি* চঞ্চল পদক্ষেপ। 'দ্যুলোকে ভূলোকে বিলসিছ চলচরণে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চলচাহনি [স চল>] *বি* চঞ্চল চাউনি। 'চকিতে চকিতে চলচাহনিতে/ ভুলায়েছ বারে বারে।' *রবীন্দ্র*, ১৯২৫।

চলচিত্ততা [স] *বি* অস্থিরচিত্ততা। 'গভীর হতাশা ও স্বামীর চলচিত্ততা তাঁর মনকে গভীর আঘাত করল।' *মুখলেস*, ১৯৭০।

চলবিদ্যুৎ [স] *বি* চঞ্চল বিদ্যুৎ। 'চলবিদ্যুৎ – চকিত আঁখির চঞ্চল শিহরন।' *মণীশ*, ১৯৩৯।

চলকানো [স চল্‌>] *ক্রি* ছলকানো; উছলে পড়া। 'দুধ চলকে ... পড়িতে লাগিল।' *বঙ্কিম*, ১৮৭৫।

চলগোজা *বি* বাদামবিশেষ। 'আকরোট পেস্তা খুবানী চলগোজা।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

চলচল [ধ্বন্যা] *বি* জলস্রোতের শব্দ। 'শোন চলচল ছলছল সদাই গাহিয়া চলেছে জল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চলচিত্ত [স চলচিত্ত] ১ *বিণ* বিচলিত। 'আজ আপনাকে নিতান্ত চলচিত্ত দেখিতেছি।' *বিদ্যা*, ১৮৪৭। ২ *বিণ* উদ্বিগ্ন। 'তিনি তাহাতে ক্ষুব্ধ বা চলচিত্ত হইতেন না।' *বিদ্যা*, ১৮৯১।

চলচ্চিত্ত [স] *বি* অস্থির মন। 'যেটা তার চলচ্চিত্তের নিত্য প্রকাশের দিক।' *রবীন্দ্র*, ১৯২৯।

চলচ্চিত্র [স] *বি* ঘটনার চলমান ছবি। 'চলচ্চিত্র ছাড়া তার যথার্থ চিত্র হতেই পারে না।' *রবীন্দ্র*, ১৯২৯।

চলচ্চিত্রশালা [স] *বি* সিনেমা হল। 'প্রত্যেক জেলায় চলচ্চিত্রশালা প্রতিষ্ঠিত হইয়াছে।' *মোহাম্মদী*, ১৯৩৬।

চলচ্চিত্রশিল্পী [স] *বি* চলচ্চিত্রের অভিনেতা-অভিনেত্রী। 'ঢাকার চারুকলাশিল্পী, সঙ্গীতশিল্পী, চলচ্চিত্রশিল্পী, কুশলী ...।' *বেগম*, ১৯৭২।

চলচ্ছক্তি [স] *বি* চলার ক্ষমতা বা শক্তি। 'জগদীশ! আমাদের ... চলচ্ছক্তি রহিত কর!' *মশাররফ*, ১৮৮৫।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চলচ্ছবি [স] *বি* চলচ্চিত্র। 'চলচ্ছবির মতো চোখের সামনে ভেসে উঠল আপাদের চেহারা।' *শ্যামসুন্দর*, ১৯৬২।

চলৎ [স] *বি* চলাচল। 'পদবিশিষ্ট কিজন্য চলৎশক্তিহীন হয়, গুটিপোকা কিরূপ নিজ লালায় বন্দী হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

চলৎপ্রবাহ [স] *বি* চলন্ত ধারা। 'স্থাবরের মর্মের মধ্যে নিয়ে আসে প্রাণের চলৎ-প্রবাহ।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চলৎশক্তি [স] *বি* চলার ক্ষমতা বা শক্তি। 'আমি চলৎশক্তিরহিত হইয়া পড়িয়া আছি ...।' *বিদ্যা*, ১৮৫৬।

চলৎশক্তিহীন [স] ১ *বিণ* চলাফেরা করতে পারে না এমন। 'পদবিশিষ্ট কিজন্য চলৎশক্তিহীন হয়, গুটিপোকা কিরূপ নিজ লালায় বন্দী হয়।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বিণ* স্থবির। 'উহার চলৎশক্তিহীন মানসিক রাজ্যে এমনি একটা ভূমিকম্প উপস্থিত হয়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চলতা *বি* গতিশীলতা। 'ক্রিয়া উদ্যমশীল সেনাবাহিনীর মতো ভাষার চলতা ধর্মকে রক্ষা করে।' *হাই*, ১৯৫৪।

চলতি, চলতী [স চলিত] ১ *বিণ* প্রচলিত। 'এ তরজমা করিয়াছি চলতি কথার ধারায়।' *মিলার*, ১৭৯৭; 'ঐ রেশালার আগে আগে দুটি চলতী নবত ছিল।' *হুতোম*, ১৮৬১; 'ইংরাজিতে একটি চলতি কথা আছে।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বিণ* চলন্ত। 'বৈদ্যবাটীর ঘাটে খেয়া কিংবা চলতি নৌকা ছিল না।' *প্যারী*, ১৮৫৮; 'চলতি ছবি পরে চোখের পরে।' *রবীন্দ্র*, ১৯৪০। ৩ *বি* প্রচলন। 'সে সময়ে কেরোসিন তেলের চলতি হয় নাই।' *মশাররফ*, ১৮৯০। ৪ *বিণ* মৌখিক। 'চলতি ভাষার রূপ নানা জেলায় নানা রূপ।' *রবীন্দ্র*, ১৯১৬। ৫ *বিণ* বেশি বিক্রি হয় এমন। 'আমার সবচেয়ে চলতি বইগুলো গেল বাজেয়াপ্ত হয়ে।' *নজরুল*, ১৯২৭। ৬ *বিণ* জনপ্রিয়। 'তারা হল ... বহুবাজারে চলতি লেখক।' *রবীন্দ্র*, ১৯২৮। ৭ *বিণ* প্রামাণ্য কথ্য। 'দুটো ভাষা একটা সাধু, আর-একটা চলতি।' *রবীন্দ্র*, ১৯২৮। ৮ *বিণ* মুখে মুখে ফেরে এমন। 'চলতি খবর – বলতি খবর – উড়ো খবর।' *জসীম*, ১৯৩৩।

চলতি অর্থে *ক্রিবিণ* সাধারণভাবে। 'চলতি অর্থে যা বোঝায় তার সাথে তাঁর কোন সম্পর্কই কখনো থাকে নি।' *উমর*, ১৯৬৮।

চলদ্বেগ [স] *বি* চলন্ত বেগ। 'আপন ছন্দস্পন্দনের চলদ্বেগে আমাদের চৈতন্যকে গতিমান আকৃতিমান করে তুলছে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

চলন [স] ১ *বিণ* চঞ্চল। 'চরণ চলন গতি লোচন পাব/ লোচনক ধৈরজ পদতলে জাব।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* ভঙ্গি। 'ধানশী নটিকা আর কেদার চলন।' *আলাওল*, ১৬৮০। ৩ *বিণ* বর্তমানে প্রচলিত। 'চলন ১১০০ এগারো সত তঙ্কা।' *মেয়র্স*, ১৭৫৬। ৪ *ক্রি* চলতে থাকা। *ওর্সা*, ১৭৮৫। ৫ *বি* আচারব্যবহার। 'ইহারা কেহ নাস্তিক কেহ বা চার্ব্বাক ... ইঙ্গরেজী ব্যবহার ও চলনে অসীম ভক্তি।' *চন্দ্রিকা*, ১৮৩০। ৬ *বি* চাল্। 'অনেক ভাষার চলন রাখিয়া লোকের দৃঢ়জ্ঞান জন্মাইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৭। ৭ *বি* ব্যবহার। 'ফার্সীর চলন উঠিয়া যাইতেছে।' *প্যারী*, ১৮৫৮। ৮ *বি* চলাফেরা। 'তবু তোমার যায় না দেখি তেড়া চলন বদলোভা।' *লালন*, ১৮৯০। ৯ *বি* প্রচলন। 'মাংসের চলন ছিল না এমন নহে।' *রবীন্দ্র*, ১৯০৮; 'বইয়ে তখন পাতায় পাতায় ছবির চলন ছিল না।' *রবীন্দ্র*, ১৯১২।

চলন-চোলন [স চলন>] *বি* বাহ্যিক স্বভাব। 'ওই মেয়েটির গঠন-গাঠন চলন-চোলন ভালো।' *জসীম*, ১৯২৯।

চলনধর্ম [স] *বি* গতিশীলতা। 'যে জাতির মনের মধ্যে চলনধর্ম প্রবল সেই জাতিই পরের সম্পদকে নিজের সম্পদ করে নিতে পারে।' *রবীন্দ্র*, ১৯১৯।

চলনবলন [স চলন>] *বি* জীবনধারা। 'ভিন্ন জাতীয় চলনবলন অভ্যাস করিতেছেন।' *অক্ষয়*, ১৮৪৯।

চলন ভাষা [স] *বি* প্রচলিত ভাষা। 'এ দেশীয় চলন ভাষা অবগত নহিলে রাজক্রিয়া ক্ষম হইতে পারেন না।' *রামরাম*, ১৮০২।

চলনশীল [স] *বিণ* চলমান। 'বাতাসে চলনশীল জ্বলনধর্মী অক্সিজেনের পরিমাণ অল্প।' *রবীন্দ্র*, ১৯০৭।

চলনসই [স চলন+আ সওয়া] ১ *বিণ* কোনো রকমে ব্যবহার করা যায় এমন। 'এমন কি তাগে ফেলে চলন সই জুতো জোড়াটাও ছেড়ে আসেন না।' *হুতোম*, ১৮৬১। ২ *বিণ* কাজ চালানোর উপযোগী। 'অনেক ভাষায় চলনসই রকম কথা কইতে পারে।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বিণ* মাঝারি মানের। 'তাঁর কবিতাগুলো যে খুব খারাপ তা নয়, কেবল চলনসই মাত্র।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চলন হওয়া *ক্রি* চালু হওয়া। 'সর্ব্বত্র ইঙ্গরেজী অক্ষরে লিখনের চলন হইলে মনুষ্যদিগকে ...।' *দর্পণ*, ১৮৩৪।

চলনিয়া [স চলন>] *বিণ* চলে এমন। 'অপথে চলনিয়া।' *মানোএল*, ১৭৪৩।

চলন্ত [স] ১ *বিণ* চলছে এমন। 'একজন লোক কোনোক্রমে চলন্ত গাড়িতে ...।' *রবীন্দ্র*, ১৯০৬। ২ *বিণ* গতিশীল। 'পা-গাড়ীর মত চলন্ত এই দেবতা।' *জসীম*, ১৯৩৩। ৩ *বিণ* নড়ে-চড়ে বেড়াচ্ছে এমন। 'এ একটা সুস্পষ্ট চলন্ত জিনিস, যেন একটা ছন্দে-গড়া পতঙ্গ।' *রবীন্দ্র*, ১৯৩৩। ৪ *বিণ* চলমান। 'শুনব সব সুর, চলন্ত দিনরাত্রির মাঝখান দিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

চলন্তি ভাষা [স চলন্ত+ভাষা] *বি* চলিত ভাষা। 'অভিনেতার ভাষাকেও তেমনি বলতে পারো রূপের চলা-বলা-নিয়ে চলন্তি ভাষা।' *অবন*, ১৯২৫।

চলবিচল [স চলন>] *বি* এদিক-ওদিক। 'পুরুষের মন স্ত্রীর প্রতিও চল বিচল হয়।' *প্যারী*, ১৮৫৮।

চলমান [স] ১ *বিণ* চলছে এমন; গতিশীল। 'মাঝখানে পদ্মার চলমান স্রোতের পটে বুলিয়ে চলেছে দ্যুলোকের শিল্পী ...।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'চলমান-বেগে প্রাণ-উছল।' *নজরুল*, ১৯২৮। ২ *বিণ* নিত্যনতুন। 'চিরদিন তার স্রোতে/ বাঁধন-বাহিরে মোর চলমান বাসা।' *রবীন্দ্র*, ১৯৪০।

চলা[১] [স চল্>] ১ *ক্রি* অগ্রসর হওয়া। 'চল ঝাঁট জাই বিকে মথুরা নগর।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* গমন করা। 'তবল্লক ছাঁদে বসন পিঁধে সঙ্গে চলয়ে হাঁটি।' *চণ্ডী*, ১৫৫০। ৩ *ক্রি* বয়ে যাওয়া। 'নিজ অঙ্গ ধুই আগে চলে অশ্রুধার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৪ *ক্রি* কাজ হওয়া। 'যদি না চললেও চলে তবে আর চলবার দরকার কী?' *রবীন্দ্র*, ১৮৯১। ৫ *ক্রি* বিদায় নেওয়া। 'মতি। চললেম তবে।' *রবীন্দ্র*, ১৮৯৯। ৬ *ক্রি* জীবনযাপন করা। 'তবে ধীরেসুস্থে তোমার মতে চলা যেত।' *রবীন্দ্র*, ১৯০২। ৭ *ক্রি* সক্রিয় হওয়া। 'পা আর চলে না।' *রবীন্দ্র*, ১৯০৭। ৮ *ক্রি* ঘোরা; সক্রিয় থাকা। 'ঘড়িটার মতো – সে চলে ঠিক, বাজে ভুল।' *রবীন্দ্র*, ১৯০৭। **চইল্যা** *ক্রি* চ'লে। 'দাহ কোরা কি চইল্যা গেছে?' *গিরিশ*, ১৮৮৬। **চল** ১ *ক্রি* অগ্রসর হও। 'চল ঝাঁট জাই বিকে মথুরা নগর।' *বড়ু*, ১৪৫০; 'চল চল নন্দঘোষ চল সেই ঠাঞি।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রি* যাও। 'বাহুড়িআঁ চল সে নিষধ বনমালী।' *বড়ু*, ১৪৫০। **চলএ** *ক্রি* চলে। 'মত্ত রাজহংস জিনী চলএ বিলম্বে।' *বড়ু*, ১৪৫০। **চলতহি** *ক্রি* চলে। 'গাগরি বারি ঢারি করু পীছল চলতহি অঙ্গুলি চাপি।' *গোবিন্দ*, ১৬০০। **চলতে চলতে**

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ক্রিবিণ প্রচলিত হয়ে। 'মুখে মুখে চলতে চলতে সমাজমনে স্থিতি পায়।' *হাই*, ১৯৪৭। **চলবি** *ক্রি* অগ্রসর হবে। 'সখি অবলম্বনে চলবি নিতম্বিনি থম্ভবি থম্ভ সমীপে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চলয়ে** *ক্রি* গমন করে। 'তবল্লক ছাঁদে বসন পিঁধে সঙ্গে চলয়ে হাঁটি।' *চণ্ডী*, ১৫৫০। **চললহু** *ক্রি* চললাম। 'ঝাঁপল কূপ দেখহি নহি পারল আরতি চললহু ধাঈ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চললা** *ক্রি* চলে গেলো। 'বঞ্চিত তৈ পহু চললা।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চললি** *ক্রি* চলে গেলো। 'চমকি চললি গোরি চকিত নিহারি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চলহ ১** *ক্রি* চলো। 'চলহ রাধার পাশে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* চলছে। 'বিনতে ত্যজিয়া গঙ্গা চলহ হরিষে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **চলাইয়া-বলাইয়া** *ক্রিবিণ* হাঁটিয়ে এবং কথা বলিয়ে। 'বর পক্ষ তাহাকে চলাইয়া-বলাইয়া শেষে চুলের দৈর্ঘ্য মাপিয়া ডিসকোয়ালিফায়েড করিয়া ...।' *বেগম*, ১৯৪৮। **চলি** *ক্রি* চলে। 'ধরিহ মোর যুগতী/ রাধার হওঁ সংহতী/ চলি জাইহ মথুরার হাটে।' *বড়ু*, ১৪৫০। **চলিআ** *ক্রি* চলে যায়। 'কাহ্ন ডোম্বি বিবাহে চলিআ।' *চর্যা* ১৯, ১২০০। **চলি চলি** *ক্রিবিণ* যাই-যাই। 'তুমি চলি চলি করছ কেন?' *গিরিশ*, ১৮৮৭। **চলিত** *ক্রি* চলতো। 'দুবলা চলিত জেন কুঞ্জরগামিনী।' *মুকুন্দ*, ১৬০০। **চলিতেঁ চলিতেঁ** *ক্রিবিণ* প্রতি পদক্ষেপে। 'চলিতেঁ চলিতেঁ তোর রুণুঝুণু বাজে।' *বড়ু*, ১৪৫০। **চলিতে চলিতে** *ক্রিবিণ* একটু একটু ক'রে এগোনোর ভঙ্গিতে। 'এক বৎসরের একটি শিশু, টলিতে টলিতে, চলিতে চলিতে ... সেইখানে আসিয়া উপস্থিত হইল।' *বঙ্কিম*, ১৮৭৪। **চলিব** *ক্রি* যাবো। 'নিস্চয় চলিব আমি করিতে সন্ন্যাসে।' *বৃন্দা*, ১৫৮০। **চলিবাতে** *ক্রি* চলার জন্যে। *ক্যালগে*, ১৭৮৮। **চলিবেক** *ক্রি* চালু থাকবে। 'পাঠশালা কেবল সাধারণ লোকের কৃপাদ্বারা চলিবেক।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৪। **চলিয়া** *ক্রি* চ'লে। 'যেন ইচ্ছা তেন কর মুঞি যাঙ চলিয়া।' *বৃন্দা*, ১৫৮০। **চলিল** *ক্রি* চললো। 'চলিল কাহ্ন মহাসুহ সাঙ্গে।' *চর্যা* ১৩, ১২০০। **চলিলা** *ক্রি* চললো। 'বসুল চলিলা তবেঁ কাহ্ন করি কোলে।' *বড়ু*, ১৪৫০। **চলিলাঙ** *ক্রি* গেলাম। 'তোমা সবার আজ্ঞা বিনে চলিলাঙ বৃন্দাবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **চলিলী** *ক্রি* চললো। 'আগুত চলিলী মোর সুন্দরি নাতিনী।' *বড়ু*, ১৪৫০। **চলিলেক** *ক্রি* চললো। 'এত সুনি চলিলেক বির ধনঞ্জয়।' *কবীন্দ্র*, ১৬৮৯। **চলিলেন** *ক্রি* চললেন। 'এত বলি মিশ্র চলিলেন কার্যান্তর।' *বৃন্দা*, ১৫৮০। **চলিলোঁ** *ক্রি* চললাম। 'হরি হরি কিসকে চলিলোঁ বড়ায়ি মথুরা নগর।' *বড়ু*, ১৪৫০। **চলিলোঁ** *ক্রি* চললাম। 'চলিলোঁ তাহার উচিত পাওঁ ফলে।' *বড়ু*, ১৫০০। **চলিহ** *ক্রি* যাও। 'আমার মন্দিরে থাক না চলিহ পুর।' *মুকুন্দ*, ১৬০০। **চলিহলি** *ক্রি* যেয়ো; গমন কোরো। 'সখি সব সঙ্গে করি চলিহলি রাধা।' *বড়ু*, ১৪৫০। **চলী ভৈলী** *ক্রি* যাত্রা করলো। 'চলী ভৈলী চন্দ্রাবলী যমুনার কূলে।' *বড়ু*, ১৪৫০। **চলু** *ক্রি* চলে। 'সখি লখি অনতয় চলু বরনারি।' *শেখর*, ১৬০০। **চলে ১** *ক্রি* হাঁটে। 'কটিতে কীঙ্কিনি বাজে চলে মন্দ গতি।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* গমন করে। 'অন্ধ খোঁড়া লোক সব চলে সাথে সাথে।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* নড়চড় হয়। 'সুমেরু-পর্বত যদি চলে তথাপি মহাত্মা জনের বাক্য চলিত হয় না।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **চলেছ** *ক্রি* যাচ্ছো। 'একা লো যুবতি, চলেছ কোথা।' *মদনমোহন*, ১৮৩৪। **চলো** *ক্রি* গমন করো। 'নিজ নিকেতনে সকলে চলো।' *রামপ্রসাদ*, ১৭৮০। **চল্লেম** *ক্রি* গেলাম। 'এখন চল্লেম।' *উমেশ*, ১৮৫৭। **চল্লো** *ক্রি* গেলো। 'বই পড়ে সচ্ছন্দে রাঁড়মানুষ বে কত্তে চল্লো।' *উমেশ*, ১৮৫৭। **চল্যা** *ক্রি* চলে। 'গণেশের কাছে পুনঃ আখু চল্যা যাকু।' *কেতকা*, ১৬৫০।

চলাচল [স চল্>] **১** *বি* গমনাগমন। 'নহি ছিল ছিষ্টি আর ন ছিল চলাচল।' *রামাই*, ১৭১০। **২** *বি* চলাফেরা। 'তোমার ব'সে থাকা, আমার চলাচল।' *রবীন্দ্র*, ১৯১৬। **৩** *বি* জীবনযাত্রার ধরন। 'একটা ছেলে হলে সাকেরের চলাচল বদলে যেত।' *শওকত*, ১৯৫৮।

চলাচলতি [স চল্>] *বি* জীবন-জীবিকা। 'আপনার কাছে চলাচলতির কোন একটা উপায় হয়।' *বিভূতি*, ১৯৩৮।

চলা-পথ *বি* হাঁটার পথ। 'পাথরবসান চলাপথের উপর স্লো পড়াতে ...।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

চলাফিরা, চলাফেরা [চলা+হি ফেরনা] **১** *ক্রিবিণ* ঘোরাঘুরি। 'সেদিন সূর্য পশ্চিম দিকে ওঠেনি, পর্বত চলাফেরা করে বেড়ায়নি।' *রবীন্দ্র*, ১৮৮০। **২** *বি* হাঁটাহাঁটি। 'নানা ভঙ্গিতে চলাফেরা করে বেড়ায়।' *রবীন্দ্র*, ১৮৮১। **৩** *বি* চলাচল। 'যে-পথে চলাফেরা বন্ধ সে-পথে ঘাস জন্মায়।' *রবীন্দ্র*, ১৯১৩। **৪** *বি* ওঠা-বসা। 'লাট সাহেবের সাথে চলাফিরা করব।' *মনসুর*, ১৯৫৫।

চলাবলা [চলা+বলা] *বি* হাঁটা চলা ও কথাবার্তা। 'ঠমক ঠমক করে করো চলাবলা।' *ভবানী*, ১৮২৮।

চলায়মান [স] *বিণ* চলন্ত। 'চলায়মান রং রেখা রূপ ও ভাব।' *অবন*, ১৯২৫।

চলা-হাঁটা *বি* চলাফেরা। 'যখন বেঁচে ছিলেন তখনও চলা-হাঁটা করতে পারতেন না।' *বিমল*, ১৯৫৩।

চলাহীন [চলা+স হীন] *বিণ* স্থির। 'নিজেরে ঝরায়ে চল চলাহীন বেগে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

চলে যাওয়া[১] **১** *ক্রি* স্থান ত্যাগ করে যাওয়া। 'দেখ রে সবাই চলেছে বাহিয়ে সবাই চলিয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *ক্রি* অতিবাহিত হওয়া। 'আর কতদিন কাটিবে এমন সময় যে চলে যায়।' *রবীন্দ্র*, ১৮৮৩।

চলে-যাওয়া[২] *বিণ* চলে গেছে এমন। 'চলে-যাওয়া ফাগুনের ঝরা ফুলে ভুঁই।' *রবীন্দ্র*, ১৯৩৮।

চলে যেতে *ক্রি* চলতে। 'চলে যেতে চারিদিকে চরণ পড়ে কাঁপা।' *মানিকরাম*, ১৭৮১।

চলা[১] [চেরা>] *বি* ফাড়া কাঠের টুকরা। 'হাতের কাছের আমচলাটা দিয়ে সজোরে আঘাত করে।' *মাহেনও*, ১৯৪৯।

চলাচল[১] [স] *বি* চরাচর। 'নহি ছিল ছিষ্টি আর ন ছিল চলাচল।' *রামাই*, ১৭১০।

চলাচল[২] *দ্র* **চলা**[১]

চলান [ফা চালান] *বি* চালান। 'সে ছাবে মোহরে আমি চলান লয়াছিলাম।' *বোগল*, ১৭৭০।

চলিত [স] **১** *বিণ* নড়চড়। 'সুমেরু-পর্বত যদি চলে তথাপি মহাত্মা জনের বাক্য চলিত হয় না।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **২** *বিণ* প্রচলিত। 'এই হিন্দুস্থানের মধ্যে চলিত আছে।' *দর্পণ*, ১৮১৯। **৩** *বিণ* চলমান। 'আর একখানি এই চলিত সময়ের।' *দীপিকা*, ১৮৮৭।

চলিতদন্ত [স] *বিণ* দাঁত নড়ে গেছে এমন। 'কতকগুলি শুষ্ককেশ, লোলচর্ম, চলিতদন্ত বৃদ্ধ ... যুবকদিগের সঙ্গে গিয়া মিলিত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫০।

চলিতনামা [স চলিত+ফা নামাহ] *বিণ* চটপটে। 'তাই তাকে নামজাদা না হোক, চলিতনামা বলতেই হবে।' *আলাউদ্দিন*, ১৯৫৫।

চলিত ভাষা [স] *বি* প্রচলিত প্রামাণ্য ভাষা। 'সকল লোকের সহজে বোধার্থে চলিত ভাষায় প্রকাশ হইবেক।' *দর্পণ*, ১৮৩০।

চলিতা [স] *বি* স্ত্রী চালু। 'সেই রীতি সর্ব্বত্র চলিতা হইতেছে।' *দর্পণ*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮২৯।

চলিষ্ণু [স] **১** *বিণ* পারদর্শী। 'সাহেবেরা কোম্পানীর কর্ম্ম যোগ্য হইয়া কর্ম্মে চলিষ্ণু।' *দর্পণ*, ১৮২০। **২** *বিণ* চলন্ত। 'চলিষ্ণু রথ হইতে লম্ফ প্রদান করাতে, মৃত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৫। **৩** *বিণ* গতিশীল। 'তাঁহারা স্বভাবতই চলিষ্ণু।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চলিষ্ণুতা [স] *বি* প্রস্থান করতে উদ্যত এমন অবস্থা। 'মেয়েটির চলিষ্ণুতার কোনো লক্ষণ না দেখিয়া ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

চলোর্মি [স] *বি* চঞ্চল তরঙ্গ। 'যাদঃপতি-রোধঃ যথা চলোর্মি-আঘাতে।' *মাইকেল*, ১৮৬১।

চলোর্মি-চঞ্চল [স] *বিণ* তরঙ্গক্ষুব্ধ। 'ইহামতীর চলোর্মি-চঞ্চল স্বচ্ছ জলধারা।' *বিভূতি*, ১৯২৯।

চল্লিশ [পা চত্তালিস] *বিণ* চল্লিশ সংখ্যক। 'মূর্খ বলিতে নারে বৎসর চল্লিশে।' *মুকুন্দ*, ১৬০০।

চল্লিশা *বি* মুসলিম সমাজে মৃত্যুর চল্লিশ দিন পর পালনীয় অনুষ্ঠান। 'চল্লিশ দিন গত হওয়ার পর চেহলাম বা চল্লিশা এলো।' *মাহেনও*, ১৯৪৯।

চল্লিশেক *বিণ* চল্লিশ জনের মতো। 'আন্দাজ করি ভূমি বিঘা চল্লিশেক হইতে পারে।' *কেরি*, ১৮০২।

চশমখোর [ফা] *বিণ* নির্লজ্জ। 'বেহায়া চশমখোর, তাই কি বেহাই কই।' *নজরুল*, ১৯৩২।

চশমা [ফা চশম] *বি* দৃষ্টিশক্তির সাহায্যকারী কাচনির্মিত যন্ত্রবিশেষ। *ওঁসা*, ১৭৮৫; 'রামসদয়ের চশমাগুলি লবঙ্গ প্রায় চুরি করিয়া ভাঙ্গিয়া ফেলিত।' *বঙ্কিম*, ১৮৭৪।

চশমাআঁটা [ফা চশম>] *বিণ* চশমা পরিহিত। 'এই পল্লীর ভূমি শহরের চশমাআঁটা চোখের সামনে ধরতে পারবেন?' *শহীদুল্লাহ্*, ১৯৩১।

চশমাধারী [ফা চশম>+স ধারী] *বিণ* চশমা পরিহিত। 'টেরি-চশমাধারী যুবক।' *শরৎ*, ১৯১৭।

চশিমা [ফা চশম] *বি* চশমা। *মানোএল*, ১৭৪৩।

চষক [স] *বি* পানপাত্র। 'চষক যখের রাজা তাহাতে অক্ষয় সুধাপান।' *মুকুন্দ*, ১৬০০।

চষা[১] [স চষ্>] **১** *ক্রি* চাষ করা। 'তাহার তালুকে বসি দামিন্যায় চাষ চষি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *ক্রি* তন্ন তন্ন ক'রে খুঁজে বেড়ানো। 'কাঁচা পেয়ারার সন্ধানে সারা দুপুর পাড়া চষি।' *মুজতবা*, ১৯৫২। **চষি** *ক্রি* চাষ করি। 'তাহার তালুকে বসি দামিন্যায় চাষ চষি।' *মুকুন্দ*, ১৬০০। **চষিলো** *বি* চাষ করলো। 'কেহো ভম কারণ হাল চষিলো।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

চষা[২] [স চষ্>] *বিণ* চাষ করা হয়েছে এমন; কর্ষিত। 'জলা ও চষা মাঠ অতিক্রম করিয়া।' *রবীন্দ্র*, ১৮৮২।

চষা-ভূঁ *বি* কর্ষিত জমি। 'নকলী রাতে চাষার সাথে চষা-ভূঁয়ের হচ্ছে বিয়ে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

চষে বেড়ানো ১ *ক্রি* তন্ন তন্ন ক'রে খোঁজ করা। 'যে কৌপীনবন্ত হয়ে বেলাভূমির বালুকা চষে বেড়াচ্ছে।' *অন্নদা*, ১৯২৮। **২** *ক্রি* নানা স্থানে ঘুরে বেড়ানো। 'রাস্তাঘাট চষিয়া বেড়াইতেছি।' *বিভূতি*, ১৯৩৮।

চসম [ফা চশম] *বি* চোখ। 'তার উপদেশ হয় চসম বোলগার।' *আলাওল*, ১৬৮০।

চসমখোর [ফা চশম+ফা খোর] *বিণ* নির্লজ্জ। *বিদ্যা*, ১৮৯১।

চসমনামা [ফা চশম>] *বি* তিরস্কার। 'যে লিখেছিল, তার চসমনামাই হল।' *দীনবন্ধু*, ১৮৬৬।

চসমা [ফা চশমাহ্] *বি* চশমা। *ওঁসা*, ১৭৮২; 'কাহারো দন্ত বান্ধানো, কেহ চসমা ব্যতিরেকে দেখিতে পায়েন না।' *ভবানী*, ১৮২৮।

চসা [স চষ্>] *ক্রি* চাষ করা। 'অষ্ট হালে জঙ্গ ভূমি তথাই চসিল।' *মালাধর*, ১৫০০।

চস্য [স চষ্য] *বিণ* চুষে খাওয়া যায় এমন। 'লেহ্য পেয় চস্য চর্ব্য জত অন্ন ব্যঞ্জন।' *মালাধর*, ১৫০০।

চহকি [হি চমক] *ক্রিবিণ* চমকি। 'চহকি চহকি দুই খঞ্জন খেল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চহ চহ [ধ্বন্যা] *বি* ফরফর। 'ছোট পানী চহ চহ করপোঠী কে নহি জান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চা[১] [চী] *বি* চা গাছের পাতা দিয়ে তৈরি পানীয়। *ওঁসা*, ১৭৮৫; 'আমি চা খাইয়া আশীবো।' *মিলার*, ১৭৯৭; 'আমি চা খাইবার সময়ে দোয়াতের ভিতরে চামচে পুরিয়া চার অনুসন্ধান না করি।' *বঙ্কিম*, ১৮৭৪।

চা-আবাদী [চী চা+ফা আবাদ] *বিণ* চা উৎপন্ন হয় এমন। 'চা-আবাদী জেলাগুলি ম্যালেরিয়া ও কালাজ্বরের জন্য অত্যন্ত অস্বাস্থ্যকর।' *রবীন্দ্র*, ১৯১৬।

চা-উৎসব [চী চা+স উৎসব] *বি* চা-সম্পর্কিত উৎসব। 'জাপানে দেখেছি চা-উৎসব।' *রবীন্দ্র*, ১৯১৯।

চা-কর [চী চা+স কর] *বিণ* চা-উৎপাদনকারী। 'বার্মংহ্যাম রাজা, নীলকর রাজা, চা-কর রাজা।' *রবীন্দ্র*, ১৯০৮।

চা-খানা [চী চা+ফা খানাহ্] *বি* চা বিক্রি ও পান করার স্থান। 'চা-খানার যে ছেলেটি তাকে ঘুষি মেরেছিল।' *মাহেনও*, ১৯৪৯; 'স্বাধীনতা তুমি চা-খানায় আর মাঠে-ময়দানে ঝোড়ো সংলাপ।' *শামসুর*, ১৯৭২।

চা-খোর [চী চা+ফা খোর] *বিণ* অতি মাত্রায় চা পান করে এমন। 'যুগলপ্রসাদ অত্যন্ত চা-খোর।' *বিভূতি*, ১৯৩৮।

চা-চক্র [চী চা+স চক্র] *বি* চা ও হালকা নাস্তা গ্রহণের অনুষ্ঠান। 'বিদায়ী ছাত্রীদের এক চা-চক্রে আপ্যায়িত করা হয়।' *বেগম*, ১৯৭০।

চা-দানি [চী চা+ফা দানি] *বি* চা দেওয়া হয় যাতে; চায়ের পাত্র। 'অত্যন্ত ময়লা একটা দস্তার চাদানি।' *রবীন্দ্র*, ১৮৯০।

চা-পাত্র [চী চা+স পাত্র] *বি* চায়ের কাপ। 'অন্নদাবাবু আজ চাপাত্রের মুহুর্মুহু আহ্বান উপেক্ষা করিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৬।

চা-পানসভা [চী চা+স পানসভা] *বি* চা-চক্র। 'মেয়েদের চা-পান-সভা বসিত।' *রবীন্দ্র*, ১৯০৭।

চা-পিপাসু [চী চা+স পিপাসু] *বি* চায়ের জন্য তৃষ্ণার্ত ব্যক্তি। 'চাপিপাসুর ভিড় লাগে সাড়ে চারটের পর থেকে।' *রবীন্দ্র*, ১৯৩৪।

চা-পেয়ালা [চী চা+ফা পিয়ালাহ্] *বি* চা পান করা হয় যে-পেয়ালায়। 'ওঠে চা-পেয়ালার তলে, বিষম লেগে শৌখিনদের চোখ ভেসে যায় জলে।' *রবীন্দ্র*, ১৯৪১।

চা-বাগান [চী চা+ফা বাগ>] *বি* যে বাগানে চা জন্মানো হয়। 'তাঁহাদের চা-বাগানের কুলি, নীলক্ষেত্রে চাষি, পাট-জোগানে পাইকড়।' *রবীন্দ্র*, ১৯০৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চা-বিস্কুট [চী চা+ই বিস্কিট] *বি* হালকা নাশতা। 'একসঙ্গে বসে চা-বিস্কুটও খান।' *সাদত*, ১৯৬৭।

চা বৃক্ষ [চী চা+স বৃক্ষ] *বি* চা-পাতার গাছ। 'তাঁহার সহকারির সমভিব্যাহারে চা বৃক্ষ রোপণার্থে আসাম দেশে গমন করিয়াছেন।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

চা-রস [চী চা+স রস] *বি* চা পাতা থেকে তৈরি পানীয়। 'চা-রস পানে শরীরের জড়তা পরিহার করে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চা-সভা [চী চা+স সভা] *বি* চা পানের অনুষ্ঠান; টি পার্টি। 'চা-সভা, লন পার্টি, এক্সকার্শন, পিকনিক ইত্যাদি।' *রবীন্দ্র*, ১৮৮১।

চা-স্পৃহ [চী চা+স স্পৃহ] *বিণ* চা-পানে আগ্রহী। 'চা-স্পৃহ চঞ্চল চাতকদল চল চল হে।' *রবীন্দ্র*, ১৯২৪।

চা[২] *দ্র* চাওয়া[১]

চাইনিজ [ই] *বি* চীন দেশের অধিবাসী। 'সব চাইনিজে ভরা।' *জামায়াত*, ১৯৩৭।

চাইর [স চত্বারি] *বিণ* চার। 'কতো নরক আছে? চাইর।' *মানোএল*, ১৭৪৩।

চাইল [স তণ্ডুল] *বি* চাল; চাউল। 'তুমি গেলে চাইল কলা সব আসে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

চাউনি *বি* চাহনি; নজর। 'কি চাউনি!' *উমেশ*, ১৮৫৭।

চাউর *বি* গাছবিশেষ। 'পিছনের চাউর গাছের পাতায় পাতায় কী খুশির ঝিলিমিলি।' *মুজতবা*, ১৯৬০।

চাউল [স তণ্ডুল] *বি* চাল। 'বিথি জলেঁ চড়াইলোঁ চাউল।' *বড়ু*, ১৪৫০।

চাউলী [স তণ্ডুল>] *বি* চাল দিয়ে তৈরি লাড়ু। 'অমলা ফেলিয়া মনে গুড় চাউলী।' *কেতকা*, ১৬৫০।

চাওন *বি* চাওয়া। *ওসী*, ১৭৮৫।

চাওয়া[১] **১** *ক্রি* দেখা। 'এহি চিহ্নে কাহ্নাঞিকে চাইহ গোকুলে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* প্রত্যাশা করা। 'পরিচয় করবি সময় ভাল চাই।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *ক্রি* চাহিদা জানানো। 'দাও দাও বলে সকলি যে চাস, জঠর জ্বলিছে ভুখে।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৪** *বি* দেখা। 'কেন তোমার পানে নিত্য-চাওয়া চাওয়াও না।' *রবীন্দ্র*, ১৯১৩। **চা** *ক্রি* তাকা; দেখ। 'আয় রে বাছা কোলে বসে চা মোর মুখপানে।' *রবীন্দ্র*, ১৮৮৪। **চাঅ** *ক্রি* তাকাও; দেখো। 'আদির্ত্ত উদয় ভৈল আখি মেলি চাঅ।' *মালাধর*, ১৫০০। **চাই ১** *ক্রি* প্রত্যাশা করি। 'পরিচয় করবি সময় ভাল চাই।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রি* তাকাই। 'কাখে করি জসোদা পুত্র মুখ চাই।' *মালাধর*, ১৫০০। **৩** *ক্রি* তাকিয়ে। 'কাঠের পুতলী রৈয়াছে চাই।' *দ্বিজী*, ১৬০০। **৪** *ক্রি* চায়। 'অতেব করিতে চাই বিপ্রের বন্দনা।' *রূপরাম*, ১৭৫০। **চাইনি** *ক্রি* চাই না। 'আমি বেশী চাইনি, শুধু মাগী বশ করা অষুধটা আমায় শিখিয়ে দাও।' *গিরিশ*, ১৮৮৭। **চাইয়া** *ক্রি* চেয়ে। 'কান্দে সভে গোবিন্দ চাইয়া।' *মালাধর*, ১৫০০। **চাইহ** *ক্রি* চেয়ো। 'এহি চিহ্নে কাহ্নাঞিকে চাইহ গোকুলে।' *বড়ু*, ১৪৫০। **চাএ** *ক্রি* চায়। 'বসিল তরুর ছাএ/ ঘন কানু মুখ চাএ।' *বড়ু*, ১৫৭০। **চাও** *ক্রি* তাকাও। 'শিয়রে মনসা তোমার চক্ষু মেলি চাও।' *বিজয়*, ১৬৫০। **চাওনিয়া** *বিণ* চায় এমন। *মানোএল*, ১৭৪৩। **চাক** *ক্রি* তাকাক। 'নেঙ্গে ধরি দেই পাক সিংহ জেন ফিরে চাক।' *মুকুন্দ*, ১৬০০। **চাঞা** *ক্রি* চাহিয়া; চেয়ে। 'রহে পখ পানে চাঞা।' *দ্বিজী*, ১৬০০। **চান** *ক্রি* তাকান। 'অচক্ষু সর্ব্বত্র চান অকর্ণ শুনিতে পান অপদ সর্ব্বত্র গত্যাগতি।' *ভারত*, ১৭৬০। **চান্তি** *ক্রি* চায়। দিবে রাত্রি খেতে চান্তি।' *গুপ্ত*, ১৮৫৮। **চাবে** *ক্রি* দেখবে। 'কে চাবে মুখের পানে কেবা দিবে দানা।' *গরীব*, ১৭৬৫। **চায়** *ক্রি* তাকায়। 'আপাদমস্তক কৃষ্ণ ঘন ঘন চায়।' *দীনজী*, ১৫৫০। **চায়্যা ১** *ক্রি* চেয়ে। 'তোমার সে আজ্ঞা পায়্যা সকল সংসার চায়্যা।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* চায়। 'দুই ভাই চায়্যা সীতা।' *মুকুন্দ*, ১৬০০। **চাহ** *ক্রি* তাকাও। 'হে ভৈরব শক্তি দাও ভক্তপানে চাহ।' *রবীন্দ্র*, ১৯২৯। **চেএ** *ক্রি* চেয়ে। 'ফিরে চেএ দেখি ফের নাঞি সরোবর।' *মানিকরাম*, ১৭৮১। **চেয়ে ১** *ক্রিবিণ* ধার ক'রে। 'শেষে না কুলায় কড়ি আনিলাম চেয়ে।' *ভারত*, ১৭৬০। **২** *ক্রি* তাকিয়ে। 'ভ্রূকুটি করেন চেয়ে তা সবার পানে।' *মানিকরাম*, ১৭৮১। **চেহো** *ক্রি* চেয়ো। 'খোকা বলে আপনার পানে তুমি চেহো/ মা যে কেন ভালোবাসে/ বোঝে না তা কেহ।' *রবীন্দ্র*, ১৯৩৬।

চাই-ই-চাই *ক্রি* অবশ্যই প্রত্যাশা করি। 'ইসপার কি উসপার! তার চানভানুকে চাই-ই-চাই।' *নজরুল*, ১৯৩১।

চেয়ে চিন্তে *ক্রিবিণ* যাচঞা ক'রে। 'তুমি চেয়েচিন্তে যে প্রকারে পার, আনিয়া খাও।' *বঙ্কিম*, ১৮৮২।

চেয়ে চেয়ে *ক্রিবিণ* তাকিয়ে থেকে। 'সকাতরে গান গেয়ে পথপানে চেয়ে চেয়ে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

চাওয়াচাওয়ি *বি* পরস্পরের প্রতি অর্থবোধক দৃষ্টিপাত। 'দুইজনে একটু চাওয়াচাওয়ি করিয়া ...।' *বঙ্কিম*, ১৮৭৮।

চাওয়া-চিন্তা *বি* ইচ্ছা ও প্রার্থনা। 'তার পরে ভিক্ষুকের চাওয়া-চিন্তা নেই।' *রবীন্দ্র*, ১৮৯৯।

চাওয়া-চিন্তা *বি* ইচ্ছা ও প্রার্থনা। 'তার পরে ভিক্ষুকের চাওয়া-চিন্তা নেই –।' *রবীন্দ্র*, ১৮৯৯।

চাওয়া[২] *বি* দেখা। 'কেন তোমার পানে নিত্য-চাওয়া চাওয়াও না।' *রবীন্দ্র*, ১৯১৩।

চাং[১] [ফা চকলাহ্, শব্দসংক্ষেপ] *বি* চাকলা। 'চাং বর্দ্ধমান পরগনে বালিগাড়ি মৌজে।' *ওসী*, ১৭৭৯।

চাং[২] [স তুঙ্গ] *বি* বাঁশ বা কাঠের তৈরি ঘরের মাচা। 'লক্ষে রূপা আনলো পেড়ে চাং হতে তার সড়কিখানা।' *জসীম*, ১৯২৯।

চাঁই[১] [স চঙ্গ] *বি* প্রধান নেতা। 'সেপাইরা ... নানা সাহেবকে চাঁই করে ইংরেজদের রাজত্ব নেবে।' *হুতোম*, ১৮৬১।

চাঁই[২] [ফা চাঙ্গ] *বি* ঢেলা; টুকরা। 'বড় বড় পাথরের চাঁইয়ে ভরা।' *বিভূতি*, ১৯৩১।

চাঁই[৩] [স চ্যু>] *বি* বাঁশের শলার তৈরি মাছ ধরার ফাঁদবিশেষ। 'জোয়ানকালে গভীর পানিতে চিংড়ির চাঁই পেতে অভ্যস্ত।' *আলাউদ্দিন*, ১৯৭১।

চাঁওড় *বি* চেষ্টা। 'একটুকু চাঁওড় করে হাঁকিয়ে নিয়ে যাচ্ছি।' *নজরুল*, ১৯৩১।

চাঁচ [হি চাঁচনা] *বি* চাটাই; দরমা। 'শণে ছাওয়া চাঁচের বেড়ায় গ্রামেরই চিরন্তন নিজস্ব নীড়।' *মানিক*, ১৯৩৬।

চাঁচড়া [স চচ্চরী] *বি* ছোটো বাদুড়। *মানোএল*, ১৭৪৩।

চাঁচনি [হি চাঁচনা] *বি* চেঁছে তোলা অংশের ন্যায় সূক্ষ্ম আকৃতি। 'চাঁদ একটুখানি চাঁচনি থেকে আরম্ভ করে পূর্ণ সুন্দর ...।' *অবন*, ১৯২৫।

চাঁচর [স চচ্চরী] *বিণ* কুঞ্চিত। 'কাল কাহ্নাঞি চাঁচর কেশে।' *বড়ু*, ১৪৫০।

চাঁচরী [হি চাচরা] *বি* হিন্দুদের হোলি উৎসব। 'চাঁচরী খেলাওঁ মোএঁ যমুনার

AMARBOI.COM

কূলে।' *বড়ু*, ১৪৫০।

চাঁচা[১] [হি চাচনা] *ক্রি* মসৃণ করা। 'সুচাঁছে চাঁচিল ভার দুই মুঠী।' *বড়ু*, ১৪৫০।

চাঁচা[২] [হি চাচা] *বি* চাচা। 'চাঁচা ফুফা ডাকে জোলা অতি ত্বরাতরি।' *বিজয়*, ১৬৫০।

চাঁচা[৩] [হি চাচনা] ১ *বিণ* সুকোমল। 'মাজা-গলা চাঁচা সুর আহ্লাদে ভরপুর।' *সুকুমার*, ১৯১৮। ২ *বিণ* তীক্ষ্ণ। 'টেঁড়িকাটা যুবক হাসিমুখে চাঁচা গলায় উত্তর করলে।' *প্রমথ*, ১৯১৮।

চাঁচাছোলা [হি চাচনা>] ১ *বি* মসৃণ করার কাজ। 'বহুযত্নে বহুকাল ধরিয়া চাঁচাছোলার আবশ্যক।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বিণ* গোঁফদাড়িহীন। 'সোমনাথের চাঁচাছোলা মুখটি ছিল ঘড়ির ... মতো।' *প্রমথ*, ১৯১৫। ৩ *বিণ* স্পষ্ট। 'মুখের উপর চাঁচাছোলা ভাষায় বলিয়া দিয়াছেন!' *নজরুল*, ১৯২২।

চাঁচা মাজা [হি চাচনা>] *বিণ* মসৃণ। 'দাড়িগোঁফ-কামানো চাঁচা মাজা চিকন শ্যামবর্ণ পরিপুষ্ট মুখ।' *রবীন্দ্র*, ১৯২৮।

চাঁছা [হি চাচনা] ১ *ক্রি* কামানো। 'অপন মুর অপনে হম চাঁছল দোখ দিব গএ কাহি।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'গুরু কন তুই করেছিস গুরু তলোয়ার দিয়ে দাড়ি চাঁছা।' *নজরুল*, ১৯২৬। ২ *ক্রি* অস্ত্রের সাহায্যে উপরের আবরণ মসৃণ করা। 'শিলায় সানায়্যা বাশি পাটি চাঁছে রাশি রাশি।' *মুকুন্দ*, ১৬০০।

চাঁছাছোলা [হি চাচনা] *বিণ* রূঢ়। 'তত্ত্বের সিদ্ধান্তের মত ছাঁটাছোঁটা, চাঁছাছোলা, আটঘাট-বাঁধা নয়।' *রবীন্দ্র*, ১৯০৭।

চাঁছাপোছা [হি চাচনা] *বিণ* ঝকঝকে; ধুয়েমুছে পরিষ্কার-করা। 'বাসাটা যে *ঠেকছে* একেবারে চাঁছাপোছা নতুন?' *রবীন্দ্র*, ১৯৪১।

চাঁছি [হি চাচনা] *বি* দুধের শুষ্ক অবশেষ, যা পাত্র থেকে চেঁছে তুলতে হয়। 'দুধের চাঁছি শুষছে মাছি।' *সত্যেন্দ্র*, ১৯১২।

চাঁট [স চপেট] *বি* মুখরোচক খাবারবিশেষ। 'চাঁট ও চাটনি-চায়েরই নাতনি।' *নজরুল*, ১৯৩৩; 'ঝাল মেটুলির চাঁট আর এক নম্বর বাংলায় সন্ধ্যেটা বেশ গুলজার হয়।' *সুনীল*, ১৯৭০।

চাঁটি [স চপেট] *বি* করাঘাত। **চাঁটি মারা** *ক্রি* করতল দিয়ে হালকা আঘাত করা। 'পাত্র হয়ে পাত্র লয়ে ঢোলে মারি চাঁটি।' *গুপ্ত*, ১৮৫৮।

চাঁড় ইশ্বর *বি* গাছবিশেষ। 'চাঁড়-ইশ্বর মূল নৌকায় বান্ধিয়া।' *মুকুন্দ*, ১৬০০।

চাঁড়াল [স চণ্ডাল] *বি* (অপকর্ষমূলক) সামাজিক মর্যাদাহীন হিন্দু সম্প্রদায়বিশেষ; চণ্ডাল। 'চাঁড়াল বাগদী হাড়ী ডোম মুচী শুঁড়ী।' *ভারত*, ১৭৬০।

চাঁড়ালনী, চাঁড়ালণী [স চণ্ডালিনী] *বি* (অপকর্ষমূলক) চণ্ডাল নারী। 'বেদিণী, যুগিণী, চাঁড়ালণী, কলুণী, চারজাতের চারজনকে নিয়ে কেউ কেউ বুড়ো বয়সে রঙ্গ কোরছেন।' *মশায়রফ*, ১৮৬৯; 'চাঁড়ালনীকে ডাকিয়া জিজ্ঞাসা করিয়া দেখ।' *বঙ্কিম*, ১৮৭৮।

চাঁদ [স চন্দ্র] ১ *বি* চন্দ্র। 'সংপুন পুনমীচাঁদ তোহ্মার বদন।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* (বাউল) মনের মানুষ। 'অনেক ভাগ্যের ফলে সে চাঁদ কেউ দেখিতে পায়।' *লালন*, ১৮৯০। ৩ *বিণ* প্রিয়। 'চাঁদ মুখের মধুর হাসে তিপিকে জুড়াই।' *রবীন্দ্র*, ১৮৮১। ৪ *বি* আদরণীয় বস্তু। 'ন্যাশনালিটির স্পর্শমণির স্পর্শে সমস্ত অন্যায় সোনার চাঁদ হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৫ *বি* চান্দ্রমাস। 'অনেক চাঁদ আগেকার কথা।' *বিভূতি*, ১৯৩৩

চাঁদ চুয়ানো *বিণ* জ্যোৎস্নাকে পরিস্রুত করা হয়েছে এমন। 'কল্পনাতে আঁকব তোমার চাঁদ-চুয়ানো মুখ।' *নজরুল*, ১৯২৮।

চাঁদজাগা *বিণ* জ্যোৎস্নাময়ী। 'সেই চাঁদজাগা রাতে সৈয়দবাড়ি থেকে ফেরার সময় ...।' *কায়সার*, ১৯৬৫।

চাঁদপনা, চাঁদপানা [স চন্দ্র>] *বিণ* চাঁদের মতো। 'চাঁদপানা মুখখানা দেখে ভুলে গেল!' *বঙ্কিম*, ১৮৭৮; 'ওর চাঁদপনা মুখ।' *নজরুল*, ১৯৩০।

চাঁদপাল্লা [স চন্দ্র>+হি পল্লা] *বি* চাঁদের ফালির আকৃতিবিশিষ্ট পাঁচকল্লি টুপিবিশেষ। 'মাথায় চিকনিয়া চাঁদপাল্লা টুপি।' *ইমদাদুল*, ১৯২০।

চাঁদ ফোটা *ক্রি* জ্যোৎস্না বিচ্ছুরিত হওয়া। 'আকাশে ঢেউ লেগেছে/ চাঁদ ফুটেছে চাঁদের গায়।' *ক্ষীরোদ*, ১৯২৫।

চাঁদবদন [স চন্দ্রবদন] *বি* চাঁদের মতো উজ্জ্বল গোল মুখ। 'যে না দেখে সে চাঁদবদন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চাঁদবরণী [স চন্দ্রবর্ণ>] *বিণ* চাঁদের মতো গায়ের রংবিশিষ্ট; ফরশা। 'চান করে কে চাঁদবরণী।' *ওবায়দুল্লাহ*, ১৯৭৪।

চাঁদমালা [স চন্দ্রমালা] *বি* শোলা বা রাংতা দিয়ে তৈরি চাঁদের মতো মালা। 'ধবল বর্ণের চাঁদমালা।' *মানিকরাম*, ১৭৮১।

চাঁদমুখ [স চন্দ্রমুখ] *বি* চাঁদের মতো সুন্দর মুখ। 'আর না দেখিব চাঁদমুখ।' *মুকুন্দ*, ১৬০০।

চাঁদহাসা [স চন্দ্র+স হাস] *বিণ* চাঁদের আলোয় উজ্জ্বল। 'ফলফুল ওষধিলতাশোভিত চাঁদহাসা রজনীর স্তব্ধতায় পূর্ণ।' *নজরুল*, ১৯৪১।

চাঁদের কর *বি* জ্যোৎস্না। 'খেলি চকোরের সনে, মেখে চাঁদের কর।' *গিরিশ*, ১৮৮৩।

চাঁদের ফুল *বি* জ্যোৎস্না। 'চাঁদের ফুল উঠেছে ফুটে।' *রবীন্দ্র*, ১৯২২।

চাঁদের বুড়ি *বি* চাঁদের গায়ে দেখা-যাওয়া কল্পিত বুড়ি। 'মনপবন আর চাঁদের বুড়ি মিলে কেমন যেন ...।' *জীবন*, ১৯৪৮।

চাঁদের ভুরু *বি* ভ্রূর মতো বাঁকা চাঁদ। 'কেন কলঙ্ক টিপে চাঁদের ভুরু ভাঙিলে।' *নজরুল*, ১৯২৮।

চাঁদের হাট *বি* সৌন্দর্যের সমাবেশ। 'কর-নখ চাঁদের হাট বংশী উপর করে নাট।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চাঁদওয়া [স চন্দ্রাতপ] *বি* শামিয়ানা। 'মোটা রূপার ডাণ্ডার উপর একখানা কিংখাপের চাঁদওয়া।' *বঙ্কিম*, ১৮৮২।

চাঁদন [স চন্দন] *বি* চন্দন। 'চীর চাঁদন ডেল আগী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চাঁদনি, চাঁদনী [স চন্দ্রিকা] *বিণ* জ্যোৎস্না। 'দামিনি বেঢ়লি চাঁদনি বেলি।' *জ্ঞান*, ১৬০০; 'চাঁদনীর পোনেরো দিন সন্ধ্যার পর আলো জেলে ভাত খান না।' *হুতোম*, ১৮৬১।

চাঁদনি-চক *বি* রূপের হাট। 'গুলে-বকৌলি উর্বশীর এ চাঁদনি-চক।' *নজরুল*, ১৯২৮।

চাঁদনী-চর্চিত [স] *বিণ* জ্যোৎস্নালোকিত। 'এমনি এক চাঁদনী-চর্চিত যামিনী।' *নজরুল*, ১৯২২।

চাঁদমারি *বি* লক্ষ্যবস্তু; নিশানা। 'অব্যর্থলক্ষ্য শব্দটি সরাসরি চাঁদমারি বিদ্ধ করে।' *ওয়ালী*, ১৯৬৪।

চাঁদা[১] [ফা চান্দাহ্] ১ *বি* বিশেষ কাজের জন্যে সংগৃহীত অর্থ। 'উকীলেরা চাঁদা করিয়া পাঁচ হাজার টাকা জমা করিয়া ...।' *দর্পণ*, ১৮২২। ২ *বি* কোনো সংস্থার সদস্য হিসেবে নিয়মিত প্রদত্ত অর্থ। 'টাকাটা

AMARBOI.COM

প্রেট্রিয়টিক আসোসিয়াশ্যনে চাঁদা দিতে পারিত।' *বঙ্কিম*, ১৮৭৫।

চাঁদা-আদায় কার্য *বি* চাঁদা সংগ্রহের কাজ। 'পতিত ভারতের চাঁদা-আদায় কার্যে ব্যস্ত ছিলাম।' *রবীন্দ্র*, ১৮৯২।

চাঁদাওয়ালা [ফা চান্দা+হি ওয়ালা] *বি* চাঁদা সংগ্রহকারী। 'দ্বিরুক্তি না করিয়া চাঁদাওয়ালার প্রস্থান।' *রবীন্দ্র*, ১৯০৭।

চাঁদাচুরি [স চন্দ্র+স চোর] *বি* চাঁদার নামে চুরি। 'হিতসাধনী সভার চাঁদাচুরি কাণ্ড।' *রবীন্দ্র*, ১৯৪১।

চাঁদার খাতা *বি* চাঁদা আদায়ের হিসাবের খাতা। 'চাঁদার খাতা নিয়ে বেরোও এখনি।' *রবীন্দ্র*, ১৯০৭।

চাঁদার খাতা খোলা *ক্রি* চাঁদা তোলা শুরু করা। 'ভারতমাতার তরে হবে খুলতে চাঁদার খাতা।' *অমৃত*, ১৯০০।

চাঁদা সাধা *ক্রি* চাঁদা ভিক্ষা করা। 'তখন কি দ্বারে দ্বারে চাঁদা সেধে বেড়াতে হবে?' *রবীন্দ্র*, ১৯০৭।

চাঁদাস্বরূপ *ক্রিবিণ* চাঁদা হিসেবে। 'গ্রামবাসীদিগকে চাঁদাস্বরূপ কিঞ্চিৎ কিঞ্চিৎ সাহায্য করিতে অনুরোধ করেন।' *অক্ষয়*, ১৮৪২।

চাঁদা[১] [স চন্দ্র>] *বি* ছোটো রুপালি মাছবিশেষ। 'টেঙরা মৌরলা পুঁটি বেলে আর চাঁদা।' *গুপ্ত*, ১৮৫৮।

চাঁদা[২] [স চন্দ্র] *বি* চাঁদ। 'কোন গগনে মেঘের কোণে/ লুকায়ে কোন চাঁদা রে।' *রবীন্দ্র*, ১৮৯০।

চাঁদাকাঁটা [স চন্দ্র+স কণ্টক] *বি* কাঁটাযুক্ত গাছবিশেষ। 'চাঁদাকাঁটা বেতকাঁটার ঠাসবুনোন।' *জীবন*, ১৯৪৮।

চাঁদি [স চন্দ্র>] ১ *বি* মাথার তালু। *বিদ্যা*, ১৮৯১: 'চাঁদি-ফাটা রোদ্দুরের তাপে।' *নজরুল*, ১৯২৭। ২ *বি* রুপা। 'আজিকে দুয়ারে নাই চাঁদির কবাট/ মোতির কবরপোষ আর।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

চাঁদিফাটা [চাঁদি+ফাটা] *বিণ* অত্যন্ত প্রখর। 'চাঁদি-ফাটা রোদ্দুরের তাপে।' *নজরুল*, ১৯২৭।

চাঁদিনি, চাঁদিনী [স চন্দ্রিমা] ১ *বিণ* জ্যোৎস্নাময়ী। 'তবে সেথা কি হাসে না চাঁদিনী যামিনী।' *রবীন্দ্র*, ১৮৮৬। ২ *বি* জ্যোৎস্না। 'যেখানে বনের কাছে বনদেবতারা নাচে/ চাঁদিনিতে রুনুঝুনু নূপুরে।' *রবীন্দ্র*, ১৯০৩। ৩ *বি* জ্যোৎস্নাময়ী রাত। 'তার চোখে চেয়ে ম্লান হয়ে যায় গো চাঁদিনী।' *নজরুল*, ১৯৩২।

চাঁদিনী রাত [স চন্দ্রিমা+স রাত্র] *বি* জ্যোৎস্না-রাত। 'গোপনে চাঁদিনী রাতে দুটি অশ্রুকণা!' *রবীন্দ্র*, ১৮৮৬।

চাঁদিম [স চন্দ্রিমা] *বিণ* জ্যোৎস্নাময়। 'প্রসন্ন আকাশ চাঁদিম রাতি।' *সুকুমার*, ১৯২০।

চাঁদিমা [স চন্দ্রিমা] ১ *বি* চাঁদ। 'আমাদের তরে উঠে রে তপন/ আমাদেরি তরে চাঁদিমা ওঠে।' *রবীন্দ্র*, ১৮৭৫। ২ *বি* চন্দ্রকিরণ; জ্যোৎস্না। 'এই চাঁদিমা-গর্বিত যামিনীর সমগ্র বক্ষ ব্যেপে ...।' *নজরুল*, ১৯২২।

চাঁদিমা-গর্বিত *বিণ* জ্যোৎস্নায় উদ্ভাসিত। 'এই চাঁদিমা-গর্বিত যামিনীর সমগ্র বক্ষ ব্যেপে ...।' *নজরুল*, ১৯২২।

চাঁদুয়া [স চন্দ্রিমা] *বি* চাঁদোয়া। 'ধবল চাঁদুয়া খাট।' *মানিকরাম*, ১৭৮১।

চাঁদোয়া [স চন্দ্রিমা] *বি* শামিয়ানা; আচ্ছাদন। 'চাঁদের নীচে চাঁদোয়া খাটায়নি।' *রবীন্দ্র*, ১৮৯২।

চাঁন্দ [স চন্দ্র] *বি* চাঁদ। 'দশনখে দশ চাঁন্দ ভাসে।' *মুকুন্দ*, ১৬০০।

চাঁন্দমুখ [স চন্দ্রমুখ] *বি* চাঁদের মতো সুন্দর মুখ। 'ভৃঙ্গারে পাখাল চাঁন্দমুখ।' *মুকুন্দ*, ১৬০০।

চাঁপদাড়ি [ফা চাপীদন] *বিণ* চাপদাড়ি। 'তুরাণি মোগলঘটা, চাঁপ দাড়ি মেতীকটা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চাঁপদেড়ে [ফা চাপীদন>] *বি* সমস্ত চিবুক ও চোয়ালজোড়া দাড়ি আছে এমন ব্যক্তি। 'একেবারে মারা যায় যত চাঁপদেড়ে।' *গুপ্ত*, ১৮৫৮।

চাঁপা [স চম্পক>] ১ *বি* চাঁপা ফুলের গাছ। 'কুরুবক চাঁপা নাগেশ্বর।' *মালাধর*, ১৫০০। ২ *বি* এক জাতের কলা। 'চাঁপাকলা দধি সন্দেশ কহিতে না পারি।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'ভার দশ দধি কলা চাঁপা মত্তমান।' *মুকুন্দ*, ১৬০০।

চাঁপাকলা [চাঁপা+কলা] *বি* কলাবিশেষ। 'চাঁপাকলা দধি সন্দেশ কহিতে না পারি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চাঁপাকলি [চাঁপা+কলি] *বিণ* চাঁপাফুলের কলির মতো। 'চাঁপাকলি স্বর্ণমালা হাঁসলি রূপার।' *ভবানী*, ১৮২৫।

চাঁপাকুড়ি [চাঁপা+স কোরক] *বি* চাঁপা ফুলের কুঁড়ি। 'চাঁপাকুড়ি দেখিতে রূপসে।' *বড়ু*, ১৫৭০।

চাঁপাগাছ [চাঁপা+স গচ্ছ] *বি* চাঁপা ফুলের গাছ। 'এক পাশে অনেক কালের চাঁপাগাছ।' *রবীন্দ্র*, ১৯৩২।

চাঁপাবরণ [স চম্পকবর্ণ] *বিণ* চাঁপা ফুলের মতো রঙিন। 'চাঁপাবরণ লঘুবসনখানি।' *রবীন্দ্র*, ১৯১৪।

চাঁপা-রঙ [চাঁপা+স রঙ্গ] *বি* চাঁপা ফুলের রং। 'চাঁপা-রঙের গামছা।' *রবীন্দ্র*, ১৯২৯।

চাঁপার পেয়ালা [চাঁপা+ফা পিয়ালা] *বি* চাঁপা ফুলের গন্ধরূপ পেয়ালা। 'যে সুর চাঁপার পেয়ালা ভরে দেয় আপনারে উজাড় ক'রে।' *রবীন্দ্র*, ১৯২৪।

চাঁপালতা [চাঁপা+স লতা] *বি* চাঁপা ফুলের গাছ। 'তমালতরু চাঁপালতার মতো জড়িয়ে কত জনম হল গত।' *নজরুল*, ১৯৩৫।

চাঁপালি [স চম্পক>] *বিণ* চাঁপা ফুলের রঙের মতো। 'নিজের মনের রঙ মেলাবার বাটিতে/ চাঁপালি খড়ির মাটিতে।' *রবীন্দ্র*, ১৯৪০।

চাঁমঠুলি [স চর্ম>] *বি* চামড়ার চক্ষুবন্ধ। 'চাঁমঠুলি ঢাকি আখি লইল সয়চান পাখি।' *মুকুন্দ*, ১৬০০।

চাঁমর [স চমর] *বি* চমরী গোরুর লেজ। 'আশে পাশে পড়ে শ্বেত চাঁমরের বা।' *মুকুন্দ*, ১৬০০।

চাক[১] [স চক্র] ১ *বি* মাটির বাসনপত্র তৈরির কাজে ব্যবহৃত কুমারের গোলাকার চাকা। 'সেই বায়ে ফিরে যেন কুমারের চাক।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* মৌচাক। *ওসাঁ*, ১৭৮২: 'কিছু মৌমাছির মত, ... যে স্থানে চাক আছে তাহার চারিদিকে বেষ্টিয়া উড়িত।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* সজ্ঞ। 'সকলে মিলিয়া রাষ্ট্রের চাক বাঁধিয়া তুলিতে পারে নাই।' *রবীন্দ্র*, ১৯০৫।

চাক-নাড়া [চাক+নাড়া] *বিণ* মৌচাক থেকে উৎক্ষিপ্ত। 'মাথার চতুর্দিক হতে রাজ্যের বাংলা কথা চাক-নাড়া মৌমাছির মতো মুখদ্বারে ভিড় করে ছুটে আসে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চাকনাশক [চাক+স নাশক] *বিণ* মৌচাক ধ্বংসকারী। 'মধুমক্ষিকার চাকনাশক বাবু নাম রাখহ।' *দর্পণ*, ১৮২১।

চাকভরা [চাক+ভরা] *বিণ* চাকবাঁধা। 'একটি চাকভরা বোলতার দল আমার এই ঘরে অংশী।' *রবীন্দ্র*, ১৯১২।

চাকভাঙা [চাক+ভাঙা] *বিণ* চাকহারা। 'চাকভাঙা যত ভীমরুল এসে/

AMARBOI.COM

ব্যস্ত করিছে কুর্চিফুলে।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

চাকচক্য [স] *বি* চাকচিক্য। 'সড়কীর অগ্রভাগের চাকচক্য।' *মশাররফ*, ১৮৯০।

চাকচিক্য [স চাকচক্য] ১ *বিণ* উজ্জ্বল। 'স্থূল চাকচিক্য শরীর ও উদার স্বভাব।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। ২ *বি* জাঁকজমক। 'ইঁহাদিগের বেশের চাকচিক্য ও বাগাড়ম্বরের আর পরিসীমা নাই।' *অক্ষয়*, ১৮৫০।

চাকচিক্যময় [স চাকচক্যময়] *বিণ* জাঁকজমকপূর্ণ। 'চাকচিক্যময় টেবিলে বসে লেখনীর চোটে পিছিয়ে পড়া কোণঠাসা নারী জাতিকে জাগানো যায় না।' *বেগম*, ১৯৫২।

চাকণ চিকণ [স চিক্কণ, ফা চিকীন] *বিণ* উজ্জ্বল; চাকচিক্যপূর্ণ। 'তাহাদের উপরে চাকণ চিকণ, ভিতরে খ্যাড়।' *প্যারী*, ১৮৫৮।

চাকতি [স চক্র>] *বি* চাকার মতো গোল বস্তু। 'এই চাকতির খাঁকতি ছিল না এ জীবনে কোনোদিন।' *নজরুল*, ১৯৪১।

চাকতি নিক্ষেপ [স চক্রনিক্ষেপ>] *বি* খেলাবিশেষ। 'চাকতি নিক্ষেপ।' *বেগম*, ১৯৭০।

চাকন্দিআ *বি* বুনো ছোটো গাছবিশেষ; চাকুন্দা। 'চাকন্দিআ কাসন্দিআ নিসন্ধ্যা ভেলা গোরোকচাঙলি কাটে কাসীমলা।' *মুকুন্দ*, ১৬০০।

চাকভাঙরি [স চক্র-ভ্রমি] *বি* চক্রাকারে ভ্রমণ। 'লেঙে ধরি ফিরায় তারে চাকভাঙরি।' *মালাধর*, ১৫০০।

চাকমা *বি* নৃ-গোষ্ঠীবিশেষ। 'রাজবংশী, চাকমা, জুমিয়া প্রভৃতি মঙ্গোলীয় জনসমষ্টিভুক্ত মানুষ।' *এনামুল*, ১৯৫৫।

চাকর [ফা] ১ *বি* গৃহভৃত্য। 'চারিদিগে রহে জত নফর চাকর।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* বেতনভোগী কর্মচারী। 'বিবি রাষের চাকর সিবু সরকারের কাগজে জমা করিয়া দিলেন।' *মেয়ের্স*, ১৭৫৭।

চাকরবাকর *বি* ভৃত্য এবং ভৃত্য শ্রেণীর কর্মচারী। 'চাকরবাকর যারা, ধনে বশ হবে তারা।' *ভবানী*, ১৮২৫।

চা-কর দ্র চা[১]

চাকরান, চাকরাণ [ফা চাকরান] *বি* চাকর অথবা কর্মচারীকে ভরণ-পোষণের জন্য প্রদত্ত নিষ্কর জমি। 'চাকরাণ জমিভোগী বেহারাদিগের বাটিতে লোক ছুটিল।' *মশাররফ*, ১৮৯০; 'চাকরান।' *বিদ্যা*, ১৮৯১।

চাকরানভোগী [ফা চাকরান+স ভোগী] *বি* বেতনের পরিবর্তে নিষ্কর ভূমি প্রভৃতির সুবিধাদি ভোগ করে যে। 'কাজের জন্য চাকরানভোগী হিসেবে খেতাব পেয়েছিল।' *তারা*, ১৯৪৬।

চাকরানি, চাকরানী, চাকরাণী [ফা চাকর>] *বি স্ত্রী* গৃহপরিচারিকার কাজ করে এমন নারী। 'চাকরানি।' *ওসাঁ*, ১৭৮৫; 'কোন বাবু আইলে তাঁহাকে বহু সমাদরে ঘরে বসাইয়া চাকর ও চাকরাণীকে কহিয়া দিবা ...।' *ভবানী*, ১৮২৮; 'অনেক ভাড়াটে থাকলে তারা চাকরানী রাখে।' *রবীন্দ্র*, ১৮৮১।

চাকরাণী মহল [ফা চাকর>+আ মহল] *বি* চাকরানিরা থাকে যে জায়গায়। 'সুশোভিতা চাকরাণী মহলে একটা গোলযোগ উপস্থিত হইল।' *বঙ্কিম*, ১৮৭৮।

চাকরি, চাকরী [ফা চাকরী] ১ *বি* বেতনের বিনিময়ে কাজ করা। 'বিহিস্তের হুর সব করএ চাকরী।' *সুলতান*, ১৭০০; 'রাজার দরবারে গিয়া চাকরি করিব।' *রূপরাম*, ১৭৫০। ২ *বি* কাজ। 'সাহিত্যসম্ভোগের মাধ্যম হিসেবে কানের চাকরি গেল, তার জায়গা দখল করে বসল চোখ।' *শিব*, ১৯৫০।

চাকরিআ [ফা চাকরী>] *বিণ* চাকরিজীবী। *বিদ্যা*, ১৮৯১।

চাকরিজীবী [ফা চাকরী+স জীবী] *বিণ* চাকুরে; চাকরি করে জীবন ধারণকারী। 'আমরা চাকরিজীবী।' *নজরুল*, ১৯২২।

চাকরিপিপাসু [ফা চাকরী+স পিপাসু] *বি* চাকরিপ্রত্যাশী। 'চাকরিপিপাসুদের মতো কলেজে পাশ দেওয়া আমার বংশমর্যাদার হানিজনক ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

চাকরিপ্রার্থী [ফা চাকরী+স প্রার্থী] *বি* চাকরির প্রত্যাশাকারী ব্যক্তি। 'চাকরিপ্রার্থীদের চেষ্টার ত্রুটি নেই।' *অন্নদা*, ১৯৪০।

চাকরি-বঞ্চিত *বিণ* চাকরি নেই এমন; চাকরি-চ্যুত। 'চাকরি-বঞ্চিত নৈরাশ্যপীড়িত কৃশ কন্‌গ্রেসটাকে আরো ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

চাকরি বাকরি, চাকরী বাকরী [ফা চাকরী, অনুকার বাকরী] *বি* জীবিকার সংস্থান। 'চাকরী বাকরী করে আনছে – নিচ্ছে খাচ্ছে।' *গিরিশ*, ১৮৮৯; 'দুর্বলজাতির চাকরি-বাকরি ... অসুবিধা ঘটিবার কথা।' *রবীন্দ্র*, ১৯০৮।

চাকরিস্থল [ফা চাকরী+স স্থল] *বি* চাকরিক্ষেত্র। 'কি চাকরিস্থলই বলি ...।' *মুয়াজ্জিন*, ১৯৩২।

চাকরীয়া [ফা চাকরী>] *বি* চাকরিজীবী। 'চাকরীয়াদের যতটা মাইনা বাড়িয়াছে তাহা দ্রব্যমূল্য বৃদ্ধির তুলনায় অতি সামান্য।' *মাহেনও*, ১৯৪৯।

চাকরে [ফা চাকরী>] *বিণ* চাকরিজীবী। 'মধ্যবিধ শ্রেণীর চাকরে লোকদের স্ত্রীরা সুখী।' *সুলভ*, ১৮৭৩।

চাকলা [ফা চাকলাহ] ১ *বি* শাসন কার্য ও খাজনা আদায়ের জন্য নির্দিষ্ট ভূমিভাগ। 'জীব পশু মারি কৈল চাকলা সব খাশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* ভাতের নলা। 'মুখে দিব্যি চাকলা গিলে হুট করে গাছের মাথায় চড় গিয়ে।' *জীবন*, ১৯৪৮। ৩ *বি* টুকরা। 'বেচারাকে তিনি চৌ চাকলা করে ফ্যালেন একেবারে।' *শিবরাম*, ১৯৫০।

চাকলা চাকলা [ফা চাকলাহ] *বিণ* গোলাকার খণ্ডে বিভক্ত। 'ঠোঁটগাল ছেঁড়া ছেঁড়া, চাকলা চাকলা বুক।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

চাকলাদার [ফা চাকলাহ+ফা দার] *বি* চাকলার অধিকারী। *বিদ্যা*, ১৮৯১।

চাকলে, চাকেলে [ফা চাকলাহ] *বি* রাজস্ব আদায়ের এলাকা। *ওসাঁ*, ১৭৮২; 'চাকলে যশহর ওগএরহের রাজত্বর বহলি ফরমান রাজা প্রতাপাদিত্যের নামে হইল।' *রামরাম*, ১৮০১।

চাকলি *বি* ভেষজ গাছবিশেষ। 'তেজপাত ভোজপাত চাম্পাতী চাকলি।' *বড়ু*, ১৫০০।

চাকা[১] [হি চখনা] *ক্রি* স্বাদ গ্রহণ করা। **চাকিনু** *ক্রি* স্বাদ গ্রহণ করলাম। 'পরের বচনে চাকিনু বদনে খাঁইনু আপন মুড়।' *চণ্ডী*, ১৫৫০।

চাকিনি [হি চখনা] *বিণ স্ত্রী* স্বাদ গ্রহণকারী। 'উলসনের ভোগ রাগ চাকিনি।' *দীনবন্ধু*, ১৮৬৬।

চাকা[২] [স চক্র] ১ *বি* গোলাকার বস্তু। 'ফটিকের গাঁথনি সুধামাণিকের চাকা।' *রূপরাম*, ১৭৫০। ২ *বি* গাড়ির চাকা। *ওসাঁ*, ১৭৮৫; 'স্প্রিংওয়ালা ৪ চাকার যাবতীয় প্রকার গাড়ী ... ২ টাকা।' *প্রভাকর*, ১৮৫১।

চাকা-অলা *বিণ* চাকাযুক্ত। 'সাইকেল ছিলো, তিন চাকা-অলা।' *শামসুর*, ১৯৭২।

চাকা চাকা *বিণ* স্থানে স্থানে গোল হয়ে উঠেছে এমন। 'মার খেয়ে পিঠ ফুলে হল চাকা চাকা।' *জসীম*, ১৯৩৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চাকি, চাকী [স চক্র>] **১** *বি* চাক চাক করে কাটা অংশ। 'দেউল-প্রসাদ আদা চাকি লেম্বু সলবণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* কানের চক্রাকার অলঙ্কার। 'চড়কতলায় চিনের চাকী ... বিক্রি কত্তে বসেচে।' *হুতোম*, ১৮৬১। **৩** *বি* চাকতি। 'সপ্তমহী আকাশ ঢালের চাকি প্রাএ।' *আলাওল*, ১৬৮০। **৪** *বি* টাকা; মুদ্রা। 'অবিরত রূপার চাকি ও তামার চাকি সংগ্রহের চেষ্টায় কুমারের চাকের ন্যায় ...।' *বঙ্কিম*, ১৮৭৪।

চাকিয়া [স চতুষ্কী] *বি* পাটি। 'দশন এক চাকিয়া।' *কৃষ্ণরাম*, ১৭২০।

চাকী *দ্র* চাকি

চাকু [তু] *বি* ভাঁজ করে রাখা যায় এমন ছুরি। *ওসাঁ*, ১৭৮৫; 'যেন দুফলা চাকু।' *নজরুল*, ১৯৩০।

চাকুমচুকুম [ধ্বন্যা] *বি* চিবানোর শব্দ। 'সখিনা সেই চালিতা ... চাকুমচুকুম করিয়া খাইত মাথা দুলাইয়া দুলাইয়া।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

চাকুরা [ফা চাকর>] *বিণ* চাকরিজীবী। 'সে ব্যক্তি নিজে বরেহাঁ চাকুরা।' *কেরি*, ১৮০২।

চাকুরানি [ফা চাকর>] *বি* চাকরানি। *ওসাঁ*, ১৭৮৫।

চাকুরি, চাকুরী [ফা চাকরী] **১** *বি* বেতন নিয়ে নিয়মিত কাজ করার দায়িত্ব। 'আমি আপন সযুগথায় খোদ মুক্তারে হরেক চাকুরি করিয়া ...।' *চিঠিপত্রে*, ১৭৯৩; 'মেয়েরা চাকুরি করিবে না জমিদারি মহাজনী করিবে?' *রবীন্দ্র*, ১৮৮৪। **২** *বি* কাজ। 'পেয়েছ জল-ছেঁচা এক চাকুরি।' *লালন*, ১৮৯০।

চাকুরিজীবন [ফা চাকরী+স জীবন] *বি* চাকরিকালীন জীবন। 'চাকুরিজীবন শেষ হলে ... তিনি যেন হাঁফ ছেড়ে বাঁচলেন।' *ওয়াদুদ*, ১৯৬৪।

চাকুরিজীবী, চাকুরীজীবী [ফা চাকরী+স জীবী] *বি* চাকরি যাদের পেশা। 'চাকুরীজীবীর সংখ্যা বৃদ্ধি।' *প্রচারক*, ১৮৯৯।

চাকুরিপ্রার্থী, চাকুরীপ্রার্থী [ফা চাকরী+স প্রার্থী] *বিণ* চাকরির সন্ধানকারী। 'অসিতও চাকুরীপ্রার্থী।' *নরেন্দ্র*, ১৯৫০।

চাকুরিবতী [ফা চাকরী+স বতী] *বিণ স্ত্রী* চাকরি করে এমন; চাকরিজীবী। 'বন্ধু-বান্ধব মহলে চাকুরিবতী স্ত্রী কার কার ঘরে আছে।' *নরেন্দ্র*, ১৯৪৯।

চাকুরি-বাকুরি, চাকুরী-বাকুরী [ফা চাকরী>] *বি* জীবিকানির্বাহক কার্যাবলি। 'আন্তঃপ্রাদেশিক চাকুরী-বাকুরীর ব্যাপারও আছে।' *আজাদ*, ১৯৬৪।

চাকুরিয়া, চাকুরীয়া [ফা চাকরী>] *বি* চাকরিজীবী। 'তিনি বড় বিজ্ঞ মন্ত্রী ... এবং বড় চাকুরিয়া।' *দর্পণ*, ১৮২১; 'নূতন চাকরীয়া।' *কোহিনূর*, ১৮৯৮।

চাকুরিসমস্যা, চাকুরীসমস্যা [ফা চাকরী+স সমস্যা] *বি* চাকরিপ্রাপ্তি সংক্রান্ত জটিলতা। 'চাকুরীসমস্যার উপর প্রতিষ্ঠিত সাম্প্রদায়িক সমস্যা ...।' *ওয়াজেদ*, ১৯৪৩।

চাকুরে [ফা চাকরী>] *বি* চাকরিজীবী। 'দেশী চাকুরের যাহা কর্ত্তব্য।' *বঙ্কিম*, ১৮৭৪।

চাকোর [ফা চাকর] **১** *বি* চাকর; সেবায় নিযুক্ত ব্যক্তি। 'যতো কার্য করেন তাহার চাকোর নফরে।' *আন্তোনিয়ো*, ১৭৪৩। **২** *বি* কর্মচারী। 'তোমাকে ওকালতী খেদমতে চাকোর রাখিলাম।' *হ্যালহেড*, ১৭৭২। *দ্র* চাকর

চাক্কা [স চক্র] *বি* গাড়ির চাকা। *ওসাঁ*, ১৭৮৫; 'তুবড়ে যেত রেল গাড়ি লাগত গুঁতো চাক্কাতে।' *সুকুমার*, ১৯২০।

চাক্কু [তু চাকু] *বি* চাকু। 'পদ্মা নদী – কাটাল ভারি, চাক্কুতে যায় কাটা।' *জসীম*, ১৯২৭।

চাক্তি, চাক্তী [স চক্র] **১** *বি* ছোটো চাকা। 'ভিতরের হাতল একটা চাক্তী।' *ক্যালগে*, ১৮০০। **২** *বিণ* গোল ক'রে কাটা হয়েছে এমন। 'চাক্তি চাক্তি মাংস খেতে দিল।' *মুজতবা*, ১৯৫২।

চাক্ষুষ [স] **১** *বিণ* চোখ দিয়ে দেখা। 'ইহা চাক্ষুষ প্রত্যক্ষের ন্যায় আমার অন্তঃকরণে অবিরত অবভাসিত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫০। **২** *বি* চোখের দেখা। 'তোমার সঙ্গে আমার কখনও চাক্ষুষ হইত না।' *বঙ্কিম*, ১৮৬৬। **৩** *বিণ* দর্শনেন্দ্রিয় সম্বন্ধীয়। 'এইরূপ চাক্ষুষ, শ্রাবণ, ঘ্রাণজ, ত্বাচ এবং রাসন পঞ্চেন্দ্রিয়ের সাধ্য পাঁচ প্রত্যক্ষ।' *বঙ্কিম*, ১৮৮৭। **৪** *বিণ* প্রত্যক্ষ। 'আমাদের চাক্ষুষ পরিচয় হয়েছে।' *রবীন্দ্র*, ১৯২১; 'অনাসৃষ্টির চাক্ষুষ প্রমাণ দেবরা জন্যে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চাক্ষুষ প্রত্যক্ষ [স] *বি* দর্শনেন্দ্রিয়গ্রাহ্য দর্শন। 'চাক্ষুষ প্রত্যক্ষের বিষয় – রূপ, বহির্বিষয়।' *বঙ্কিম*, ১৮৮২।

চাখড়ি [হি চক+হি খড়ী] *বি* সাদা মাটিবিশেষ। 'অনেকগুলি পর্ব্বত কেবল চাখড়ি।' *বঙ্কিম*, ১৮৭৫।

চাখনাচুর [হি চখনা+স চূর্ণ] *বিণ* চূর্ণবিচূর্ণ; চুরমার। 'যশোখ্যাতির ঠুনকো এ কাচ করব ভেঙে চাখনাচুর।' *নজরুল*, ১৯৪২।

চাখা [হি চখনা] **১** *ক্রি* স্বাদ দেখা। 'সুধন্য কৌসলকালা তুলিল রন্ধনশালা বিবি চাখে বান্দি যথা রান্ধে।' *মুকুন্দ*, ১৬০০; 'কিঞ্চিৎ চাখিয়া সরবত উপহার।' *আলাওল*, ১৬৮০। **২** *ক্রি* উপভোগ করা। 'আমি অনন্তকাল সেই স্মৃতি চেখে কাটাতাম।' *হাসান*, ১৯৬৩। **চাখনি করা** *ক্রি* চেখে দেখা। 'চাখনি করিতে।' *মানোএল*, ১৭৪৩। **চাখে** *ক্রি* স্বাদ গ্রহণ করে। 'সুধন্য কৌসলকালা তুলিল রন্ধনশালা বিবি চাখে বান্দি যথা রান্ধে।' *মুকুন্দ*, ১৬০০। **চেখে** *ক্রি* স্বাদ নিয়ে। 'প্রেমের কি এই শিক্ষে/ বেড়ায় ব্যঞ্জন চেখে।' *লালন*, ১৮৯০। **চেখে খাওয়া** *ক্রি* আস্বাদন করা। 'মন দিয়ে চেখে খাবার ধাত আমার।' *রবীন্দ্র*, ১৯২৮।

চাখন [হি চখনা>] *বি* স্বাদ গ্রহণ। *ওসাঁ*, ১৭৮৫।

চাখাচাখি [হি চখনা>] *বি* বারে বারে স্বাদ গ্রহণ করা। *বিদ্যা*, ১৮৯১।

চা-খানা *দ্র* চা[১]

চাখি [স চতুষ্ক] *বি* দাবা জাতীয় খেলাবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫।

চাগানো [স তুঙ্গ>] **১** *ক্রি* উসকে দেওয়া। 'সুদের লোভে কাগজ কেনার বাতিক চাগাতে ...।' *প্রভাকর*, ১৮৫৩। **২** *ক্রি* গুটানো; ওঠানো। 'বাগিয়ে থাপড় দে হাওয়া চাগিয়ে কাপড়।' *নজরুল*, ১৯২৬। **৩** *ক্রি* চাড়া দেওয়া। 'আত্মসম্মানবোধ ... চাগিয়ে উঠেছে।' *নজরুল*, ১৯২৭।

চাঙ[১], চাঙ্গ [অ চাং, স তুঙ্গ] *বি* প্রাণদণ্ড দেওয়ার জন্য নির্মিত উঁচুস্থান বা মঞ্চ। 'গোপীনাথকে বড় জানা চাঙ্গে চড়াইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চাঙে ওঠা *ক্রি* বিফল হওয়া। 'বিমার ত্রিশ হাজার তো চাঙে উঠলো।' *মণীশ*, ১৯৬৩।

চাঙ[২] [ফা চাঙ] *বি* চাঁই; খণ্ড। 'মাঝে মাঝে ভেসে আসে বরফের চাঙ।' *হোসেন*, ১৯৪০।

চাঙা চোঙা [ফা চাঙ] *বি* পিণ্ড। 'চাঙা চোঙা করিয়া ভাজ্যা পেল বড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

AMARBOI.COM

চাঙড় [ফা চাঙ্গ] ১ *বি* দলা। 'জমাট রক্তের চাঙড়গুলো ধুয়ে ফেললে।' *জীবন*, ১৯৩৩। ২ *বি* খণ্ড। 'মাটির বড় বড় চাঙড় তুলিতেছে।' *তারা*, ১৯৪০।

চাঙারি, চাঙারী [পা চঙ্গোটক] *বি* চওড়া মুখ বাঁশের ঝুড়ি। 'ধামা চাঙারি কুলো প্রভৃতি তৈরি করছে।' *রবীন্দ্র*, ১৮৯১; 'মাথার চাঙারী নামাইতেই বাড়ীর ছেলেমেয়েরা কলরব করিতে করিতে ...।' *বিভূতি*, ১৯২৯।

চাঙ্গ দ্র চাঙ[১]

চাঙ্গড় [ফা চাঙ্গ] *বি* খণ্ড। 'এ যে আঁস্তাকুড়ে সোণার চাঙ্গড়।' *মাইকেল*, ১৮৬০।

চাঙ্গড়া [পা চঙ্গোটক] *বি* বাঁশের তৈরি ঝুড়ি। 'বান্ধিআ বাঁশের আগে পাটের পাছড়া ফিরাইল শত পল সুবর্ণ চাঙ্গড়া।' *মুকুন্দ*, ১৬০০।

চাঙ্গা [স তুঙ্গ] ১ *বিণ* দূরীভূত। 'জ্বরুর ভজনে বৈ চাঙ্গা নাহি হইবে দরদ।' *গরীব*, ১৭৫০। ২ *বিণ* উন্নত। 'লুটেছে এখানে মুক্ত আজাদ বেদুঈনদের চাঙ্গা শির!' *নজরুল*, ১৯২২। ৩ *বিণ* উচ্চমূল্যসম্পন্ন। 'আমরা লবণ এমন চাঙ্গা কৈরা দিছি।' *মনসুর*, ১৯৪৫। ৪ *বিণ* সতেজ; সজীব। 'টবের গাছগুলিতে পানি ঢেলে নিড়েন দিয়ে রোদ লাগিয়ে চাঙ্গা করে তোল তুমি।' *হোসেন*, ১৯৬৯।

চাঙ্গি, চাঙ্গী [অ চাং] *বি* ছাউনি। 'ঢের জায়গা আছে এখানে চাঙ্গি করি।' *কেরি*, ১৮০২; 'যবন উঠায়ে চাঙ্গী, নগরেতে করিল প্রবেশ।' *রঙ্গ*, ১৮৫৮।

চাচর [স চর্চরী] *বিণ* কোঁকড়া। 'সুবলিত মস্তকে চাচর ভাল কেশ।' *বৃন্দা*, ১৫৮০।

চাচরি [হি] *বি* এক ধরনের নৃত্যগীত। 'নাচিছে চাচরি সঙ্গে তিল যথা ...রহে।' *আলাওল*, ১৬৮০।

চাচা [হি চাচা] ১ *বি* পিতার ভাই বা পিতার বন্ধু। 'গ্রামসম্বন্ধে চক্রবর্তী হয় মোর চাচা।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'যাবত তোমার চাচা নাহি আসে দেশে।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* চাচার মতো বয়স্ক ব্যক্তি। 'ঠকচাচা দেখিলেন গতিক বড়ো ভালো নয়।' *প্যারী*, ১৮৫৮।

চাচা আপন বাঁচা – বিপদের মুহূর্তে অন্যের কথা না ভেবে নিজেকে নিরাপদ করা। 'কেবা আপত্তি করে! চাচা আপন বাঁচা।' *গিরিশ*, ১৮৮৯।

চাচাশ্বশুর *বি* স্ত্রী বা স্বামী অথবা স্ত্রীর চাচা। 'বৃদ্ধ চাচাশ্বশুরের সেবা করবে।' *মুজতবা*, ১৯৬০।

চাচী [হি] *বি* পিতার ভাইয়ের স্ত্রী। 'তখন মাথা কুটে চাচী মরে।' *মিত্রপ্রকাশ*, ১৮৭১।

চাঞ্চল্য [স] ১ *বি* চপলতা। 'শৈশব-চাঞ্চল্য কিছু না লবে আমার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* অস্থিরতা। 'এখন আমার সে চাঞ্চল্য কোথায়।' *দীনবন্ধু*, ১৮৬০।

চাঞ্চল্যকর [স] ১ *বিণ* আগ্রহব্যঞ্জক। 'কয়েকটা দিন আগে এমন চাঞ্চল্যকর জ্ঞান নাই বা জুটিত।' *মানিক*, ১৯৩৯। ২ *বিণ* উত্তেজনাপূর্ণ। 'চাঞ্চল্যকর মোকাদ্দমার ফলে ... অনেকেই মীরপুরের নাম জানে।' *মনসুর*, ১৯৫৫।

চাঞ্চল্যজনক [স] *বিণ* চাঞ্চল্যকর। 'আধুনিক খবরের কাগজের ভাষায় যাকে বলে চাঞ্চল্যজনক।' *রবীন্দ্র*, ১৯৩৮।

চাট[১] [হি] *বি* চেটে খাওয়ার মতো মুখরোচক খাদ্যবিশেষ। 'দু-পয়সার চাট দিগে, তামাক টামাক যা চায়, দিস।' *গিরিশ*, ১৮৮৯।

চাট[২] [স চট্] *বি* ছাপ। 'এ মেঝের উপর কখনো কোনো জুতোর চাট পড়েনি।' *মুজতবা*, ১৯৫২।

চাটগাঁ [স চট্টগ্রাম] *বি* চট্টগ্রাম। 'বাবাজীরা চাটগাঁ ও চন্দননগরের আমদানী পেরু ও মোরোগের মত থার্ড ক্লাস বন্ধ হয়ে বিজাতীয় যন্ত্রণা ভোগ কত্তে চল্লেন।' *হুতোম*, ১৮৬১।

চাটগাঁয়া [স চট্টগ্রাম] *বি* চট্টগ্রাম। 'বাবাজীরা চাটগাঁ ও চন্দননগরের আমদানী পেরু ও মোরোগের মত থার্ড ক্লাস বন্ধ হয়ে বিজাতীয় যন্ত্রণা ভোগ কত্তে চল্লেন।' *হুতোম*, ১৮৬১।

চাটগাঁয়া [স চট্টগ্রামী] *বি* বাঙালি মুসলমান সম্প্রদায়বিশেষ। 'সন্দীপী ও চাটগাঁয়া নামে পরিচিত।' *এসলাম*, ১৯১৮।

চাটগেঁয়ে *বিণ* চট্টগ্রামের। 'তাহারদিগের ন্যায় পোসাক পরিলে চাটগেঁয়ে ফিরিঙ্গি দেখায়।' *চন্দ্রিকা*, ১৮৩১।

চাটনি, চাটনী [হি চাটনী] *বি* টক-মিষ্টি স্বাদবিশিষ্ট খাবারবিশেষ। *বিদ্যা*, ১৮৯১; 'তাই সাথে চাই ঝালের চাটনি।' *রবীন্দ্র*, ১৮৯৯; 'এ যে চাটনীর মসলা –।' *রোকেয়া*, ১৯২২।

চাটা[১] [হি চাটনা>] *ক্রি* লেহন করা। 'লুকাইয়া সেই পাত্র আনি চাটি খায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **চাটি** *ক্রি* লেহন করি। 'ঝোলমাখা মাস নিয়া চাটি করে চাটি।' *শুণ্ড*, ১৮৫৮। **চাটিতে** *ক্রি* লেহন করতে। 'চাটিতে লাগিলা মাত্র না চটিলা পাএ।' *সুলতান*, ১৭০০। **চাটিলা** *ক্রি* লেহন করলো। 'চাটিলা খুড়ার অঙ্গ জিহ্বাএ নবীর।' *সুলতান*, ১৭০০। **চাঠে** *ক্রি* লেহন করে। 'পায় চাঠে লাউসেনে পাতাল চায় নিতে।' *রূপরাম*, ১৭৫০।

চাটা[২] [হি চাটনা>] *বিণ* চেটে খায় এমন। 'কথা ঝুটা, নজর ছোটা, পতঙ্গ চাটা।' *ভবানী*, ১৮২৮।

চাটাচাটি *বি* অব্যাহত চাটা। *বিদ্যা*, ১৮৯১।

চাটাই [স কট] *বি* মাদুর; দরমা। *মানোএল*, ১৭৪৩; 'ছোটো ছোটো চাটাই বাঁধিয়া ... চাঙারি নির্মাণ করিতে বসিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চাটি, চাটী [স চপেটা>] ১ *বি* হাত অথবা আঙুলের আঘাত। 'তবলার চাটীর শব্দ।' *দর্পণ*, ১৮৩০। ২ *বি* উচ্ছেদ। 'অনেক লোকের ভিটেমাটি চাটি করিয়াছেন।' *প্যারী*, ১৮৫৮।

চাটিগ্রাম *বি* চট্টগ্রাম। *এডমন*, ১৭৯০; 'মোং চাটিগ্রামে ১৩ আকটোবর অবধি।' *দর্পণ*, ১৮১৯।

চাটিম [ধ্বন্যা] *বি* চাঁটি মারার শব্দ। 'তাল ধুমাধুম পৃষ্ঠে, – মাথায় চাটিম চাটিম।' *নজরুল*, ১৯২৬।

চাটিম চাটিম [ধ্বন্যা] *বি* তবলার বোল। 'বাঁয়া-তবলার পিছনে ঘাপটি মেরে চাটিম চাটিম বোল তোলে।' *মুজতবা*, ১৯৪৯।

চাটিমকলা *বি* এক প্রকার কলা। 'আধখানা চাটিমকলা খেয়ে বললে ...।' *জীবন*, ১৯৩২।

চাটী দ্র চাটি

চাটু[১] [স চিপিট] *বি* লোহার তাওয়া বা ভাজবার পাত্রবিশেষ। 'লোহার চাটুতে তপ্ত তৈলে কৈ মাছ ভাজে।' *বঙ্কিম*, ১৮৭৪।

চাটু[২] [স] *বি* তোষামোদ। 'পালাক ছুটে পুচ্ছ তুলে মিথ্যে চাটু মক্কা কাশী।' *রবীন্দ্র*, ১৯০০।

চাটুকথা [স] *বি* তোষামোদপূর্ণ বাক্য। 'তখন শুনেছি বহু চাটুকথা, শুনিনি এমন সত্যবাণী।' *রবীন্দ্র*, ১৮৯৯।

চাটুকর [স] *বিণ* তোষামোদকারী। 'তোমরাও চাটুকর/ সভাসদসম ...।' *রবীন্দ্র*, ১৮৯০।

চাটুকার [স] *বিণ* তোষামোদকারী। 'কোনও কালেই প্রসাদাকাঙ্ক্ষী চাটুকার ছিলেন না।' *বিদ্যা*, ১৮৪৯; 'এই বিনা বেতনে চাটুকার এবং

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জাদুকরের কাজ করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

চাটুকারিতা [স] *বি* তোষামোদ; মন জুগিয়ে কথা বলা। 'সে স্থলে যদি চাটুকারিতা দোষ উপস্থিত হয়।' *অক্ষয়*, ১৮৫৫।

চাটুগান [স] *বি* তোষামোদ রূপ গান। 'চাটুগান শুনি সারা নিশিদিন করি না ক্ষয়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চাটুচাতুর্য [স] *বি* তোষামোদী কৌশল। 'চমৎকার চাটুচাতুর্য।' *রবীন্দ্র*, ১৯০৭।

চাটুবচন [স] *বি* তোষামোদপূর্ণ কথা। 'প্রথমতঃ, শত শত চাটুবচনেও, যে ব্যক্তি আলাপ করে নাই।' *বিদ্যা*, ১৮৪৭; 'চাটু বচনের মিষ্টি রচন জানে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

চাটুবাক্য [স] *বি* তোষামোদপূর্ণ কথা। 'দুটো চাটুবাক্যের আঁচ দিয়াই ভাঁহাদিগকে ননীর মতন গলাইয়া ফেলিবে।' *নজরুল*, ১৯২২।

চাটুবাণী [স] *বি* খোশামুদে কথা। 'কারা চলে গির্জায়/ চাটুবাণী দিয়ে ভুলাইতে দেবতায়।' *রবীন্দ্র*, ১৯৪০।

চাটুবাদ [স] *বি* খোশামুদে কথা। 'পরচর্চা, প্রশংসা চাটুবাদে, তেজ ক্রোধে, এবং ধর্মপ্রীতি ধর্মান্ধতার স্তরে নেমে আসতে পারে।' *মোতাহার*, ১৯৩৭।

চাটুভাষিণী [স] *বিণ স্ত্রী* চাটুবাক্য বলে এমন। 'চাটুভাষিণী বলিয়া গঞ্জনা করিতে ছাড়িত না।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চাটুভাষী [স] *বিণ* চাটুবাক্য বলে এমন। 'চাটুভাষী সভাসদের ন্যায় গোবিন্দমাণিক্য সেই কিরীটী শিশুকে ...।' *রবীন্দ্র*, ১৮৮৭।

চাটুঁ [হি চড্ডা (ফোঁড়াবিশেষ)] *বিণ* ফোঁড়াযুক্ত। 'চাটু হস্তে মাছি মারতে হবে।' *নজরুল*, ১৯২৪।

চাটুজ্যে [স চট্টোপাধ্যায়] *বি* হিন্দু পদবি বিশেষ। 'তোমার বাসার পাশেই বিপ্রদাস চাটুজ্যের বাড়ি ছিল।' *রবীন্দ্র*, ১৮৯২।

চাটুতি *বি* হিন্দু পদবি বিশেষ। 'ভূপতির পিসা শ্যামসুন্দর চাটুতি।' *ভারত*, ১৭৬০।

চাট্টি [চার>] *বি* অল্প পরিমাণ খাবার। 'মা-গো, চাট্টি খেতে দাও।' *ওয়ালী*, ১৯৪৫।

চাট্টিখানি *বিণ* অতি অল্প। 'নজর শুধু কাবুলের চাট্টিখানি ঘাসের উপর।' *মুজতবা*, ১৯৪৯।

চাড় [স চাপ>] ১ *বি* চাপ। 'মানব স্বভাব এই যে চাড় পড়িলেই ফিকির বেরোয়।' *প্যারী*, ১৮৫৮। ২ *বি* আগ্রহ; গরজ। 'রাত্তির হোলে যত লেখা-পড়ার চাড়।' *বিভূতি*, ১৯২৯। ৩ *বি* তাগাদা। 'নাইবার চাড় নেই বলে কলতলায় ভিড় কম।' *মুজতবা*, ১৯৫২।

চাড় দেওয়া ১ *ক্রি* তা দেওয়া; হাত বুলানো। 'নিশ্চল হাতে পিত্তল কাঁপে তবু গোঁফে দাও চাড়।' *নজরুল*, ১৯২৪। ২ *ক্রি* কোনো কিছু ফাঁক জন্য বিশেষ চাপ দেওয়া। 'মুখের ভিতর লোহার শিক পুরে দিয়ে মোক্ষম চাড় দিয়ে তবে মুখ খোলা যেত।' *প্রমথ*, ১৯৩১।

চাড়া[১] *বি* তালু। 'মাথার চাড়া।' *মানোএল*, ১৭৪৩।

চাড়া[২] [স চাপ>] ১ *বি* মোচড়; তা। 'গরবেতে গোঁপে দেয় চাড়া।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বি* গরজ। 'এখন শহরবাসী বলে তেমন চাড়া নেই।' *শওকত*, ১৯৭২।

চাড়া দিয়ে ওঠা *ক্রি* জেগে ওঠা। 'ওর মনের ভেতর চাড়া দিয়ে ওঠে।' *জীবন*, ১৯৩২।

চাড়া দেওয়া *ক্রি* তা দেওয়া; হাত বুলানো। 'বেকার বসিয়া বৃথা গোঁফে চাড়া দিতেছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চাণক্য [স] *বিণ* রাজা চন্দ্রগুপ্তের মন্ত্রী চাণক্যের মতো ধূর্ততাপূর্ণ। 'ঈষত হাসিয়া বলে চাণক্য বচনে।' *সুলতান*, ১৭০০।

চাণক্যতা [স] *বি* কূটনৈতিকতা। 'কলাকৌশল ধূর্ততা চাণক্যতা পরিহার করিয়া যথার্থ পুরুষের মতো ...।' *রবীন্দ্র*, ১৮৮৮।

চাণক্যনীতি [স] *বি* চাণক্যের নীতি। 'ছোট্ট মাথাটিতে অনায়াসে চাণক্যনীতি খেলে।' *মণীশ*, ১৯৬৩।

চাণ্ডাল [স চণ্ডাল] ১ *বিণ* (গালি) অত্যাচারী। 'চাণ্ডাল কাহ্নাঞি এবেঁ বল করে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* পৌরাণিক নৃগোষ্ঠীবিশেষ। 'সুনিগ্রা চাণ্ডাল গুহা আইল ধাইয়া।' *মালাধর*, ১৫০০। *দ্র* **চণ্ডাল**

চাতক [স] ১ *বি* পাখিবিশেষ – বৃষ্টির পানির জন্যে চেয়ে থাকে বলে কথিত। 'মরে চাতক পিতে না পাইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* তৃষ্ণার্ত জন। 'চা-স্পৃহ চঞ্চল চাতকদল চলো হে।' *রবীন্দ্র*, ১৯২৪।

চাতক-উদ্বেগ [স] *বি* চাতক পাখির মতো উৎকণ্ঠা। 'চাতক-উদ্বেগে চাই ঊর্ধ্বে হলধর।' *বিষ্ণু*, ১৯৪১।

চাতকপক্ষ [স চাতকপক্ষী] *বি* চাতক পাখি। চৌদিগে চাতকপক্ষ করে পিউ পিউ।' *মালাধর*, ১৫০০।

চাতকিনী [স] *বি স্ত্রী* চাতক পাখি। 'আর তোষে চাতকিনী-দলে জলদানে।' *মাইকেল*, ১৮৬০।

চাতকী [স] *বি স্ত্রী* চাতক পাখি। 'চাতক চাতকী জল মাগে ঘন ঘন।' *মুকুন্দ*, ১৬০০।

চাতর [স চত্বর] *বি* চত্বর। 'নগর চাতরে ফিরে কেহ নাঞি সঙ্গে।' *মুকুন্দ*, ১৬০০।

চাতাল [স চত্বর] *বি* চত্বর। 'কাক পাহাড়ের চাতালের গোড়ার নিকট এক শর গাছের উপর বাসা করিয়াছিল।' *তারিণী*, ১৮০৩।

চাতুরতা [স] *বি* চালাকি। 'ধর্ম্মাবতারের ধূর্ততা, চাতুরতা সীমারের বুঝিতে আর বাকী নাই।' *মশাররফ*, ১৮৮৫।

চাতুরাই [স চতুর>] *বি* চাতুরী। 'এ সখি ন কর বহুত চাতুরাই।' *বাহরাম*, ১৬৫০।

চাতুরালী [স চতুর>] *বি* চাতুর্য। 'চাতুরালী পরিহর মোরে দেহ দান।' *বড়ু*, ১৫৭০।

চাতুরি [স চাতুরী] ১ *বি* চালাকি। 'বচনক চাতুরি লহু লহু হাস।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* চাতুর্যপূর্ণ। 'বচন চাতুরি তোর।' *মালাধর*, ১৫০০; 'মন বুঝি সদাগর চাতুরি বচনে।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৩ *বি* কৌশল। 'ঐ সে জানে স্ত্রিকলা মোহন চাতুরি।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* প্রতারণা। 'থৈকশিয়ালী যদ্যপি কৌতুকাপেক্ষে প্রায় চাতুরিতে অধিক রত।' *তারিণী*, ১৮০৩। ৫ *বি* বুদ্ধিকৌশল। 'অরুণা তার বাবার চাতুরি স্পষ্টই ধরেছে।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৬ *বি* ফন্দি। 'চাতুরি দ্বারা যে রাষ্ট্রনীতি চালিত হয় সে নীতি বন্ধ্যা।' *রবীন্দ্র*, ১৯২১।

চাতুরী [স] ১ *বি* চালাকি। 'আচার্য্য কহেন ছাড় তুমি আপন চাতুরী।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* ঠকানোর কৌশল; হাত-সাফাই। 'হাসয়ে সকল শিশু দেখিয়া চাতুরী।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* শঠতা। 'প্রত্যেক লোকের চাতুরী, ছলনা, মনে করে অন্তর্দ্ধাহ কর্চ্চে ...।' *হুতোম*, ১৮৬১। ৪ *বিণ* কৌশলী। 'পয়সা বাঁচাবার জন্যে নানাপ্রকার গিন্নিপনার চাতুরী খেলা।' *রবীন্দ্র*, ১৮৮১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চাতুরীজাল [স] *বি* নানা রকমের ছলনা। 'কেন করিলে হরণ/ স্বর্গের চাতুরীজালে?' *রবীন্দ্র*, ১৮৯৪।

চাতুর্বর্ণ্য, চাতুর্ব্বর্ণ্য [স] *বি* চার বর্ণ। 'প্রতি পরিবারে চাতুর্ব্বর্ণ্য কালো, ধলো, বুলু, ব্রাউন।' *সত্যেন্দ্র*, ১৯২৪।

চাতুর্বিধ, চাতুর্ব্বিধ [স] *বিণ* চার রকমের। 'চাতুর্ব্বিধ প্রকার চব্য চষ্য লেহ্য পেয়।' *রামরাম*, ১৮০১।

চাতুর্মাস্য, চাতুর্ম্মাস্য [স] *বি* চারমাস ব্যাপী পালনীয় ব্রতবিশেষ। 'নীলাচলে চাতুর্ম্মাস্য আনন্দে রহিলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'চাতুর্ম্মাস্য পূর্ণ হৈল ভট্টের আজ্ঞা লঞা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চাতুর্য, চাতুর্য্য [স] ১ *বি* দক্ষতা। 'অন্তরে নাহিক ভাগ্য চাতুর্যে কি করে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* চতুরতা। 'চাতুর্য্য করিয়া তাহাকে বিদেশে পাঠান।' *রামরাম*, ১৮০১। ৩ *বি* নৈপুণ্য। 'কত বিবি আমার নয়নভঙ্গির চাতুর্য্যে মোহিত।' *কৃষ্ণকমল*, ১৮৫৮; 'আশ্চর্য চাতুর্য ও সৌন্দর্যের সৃষ্টি করিতে থাকে।' *রবীন্দ্র*, ১৯১৪। ৪ *বি* কৌশল। 'তাহার অসাধারণ চাতুর্য ও বিচারশক্তি দেখিয়া চমৎকৃত হইয়া যাইত।' *রবীন্দ্র*, ১৮৯১।

চাতুর্যতা, চাতুর্য্যতা [স] *বি* চতুরতা। 'যোটকতা ব্যবসায় স্বাভাবিক চাতুর্য্যতায় যুবতীর যৌবন ধন লুটাইবার নিমিত্ত ...।' *ভবানী*, ১৮২৮।

চাতুর্যময়ী, চাতুর্য্যময়ী [স] *বিণ* স্ত্রী বুদ্ধিমত্তাসম্পন্ন। 'বিমলা সুন্দরী, প্রেমিকা, রসিকা, প্রগল্‌ভা, চাতুর্য্যময়ী।' *দীপিকা*, ১৮৮৭।

চাদর [ফা] ১ *বি* পেতে দেওয়ার মতো বস্ত্রবিশেষ। 'সুজনি চাদর দিলা বসিতে বিবিগণ।' *সুলতান*, ১৭০০। ২ *বি* ঊর্ধাঙ্গ ঢাকার বস্ত্রবিশেষ। 'একটা মানুষ চাদর মুড়ি দিয়া যাইতেছিল।' *বঙ্কিম*, ১৮৬৪; 'জাহাজের খোলের মধ্যে চাদর মুড়ি দিয়া গুটিসুটি মারিয়া বসিয়া আছে।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *বি* ধাতব পাত। 'একটা পিতলের চাদরের ঘটী, একটা মাটির ছোবা।' *বিভূতি*, ১৯২৯।

চাদরবিভূষিত [ফা চাদর+স বিভূষিত] *বিণ* চাদর দ্বারা সজ্জিত। 'তাঁহাদের চাপকান চেন চাদরবিভূষিত।' *বঙ্কিম*, ১৮৭৪।

চা-দানি *দ্র* চা

চাদ্দিক [চারিদিক] *বি* চারদিক; সব দিক। 'চাদ্দিক দিয়ে ... সর্বনাশ হয়ে গেল যে।' *মানিক*, ১৯৪০।

চান [স স্নান] *বি* স্নান। 'আঁধা বাঁঝা রোগী কুডী চান করেন জলে।' *রামাই*, ১৭১০।

চানক [স চন্দ্রক] *বি* চাঁদোয়া। 'চানক দিল মানিক ভাণ্ডার পুখুর আড়র উপর।' *রামাই*, ১৭১০।

চানকা [স চন্দ্রক] *বি* বাঁশের চটা দিয়ে তৈরি খিলান আকৃতির খাঁচা। 'অগুকার বহুতর চানকার মধ্যে পরিষ্কার ইষ্টকচূর্ণ পথ সুরচিত ছিল।' *বঙ্কিম*, ১৮৭৫।

চানকানো *ক্রি* চাঙা করা। 'আঙারধানী চানকে তোলে মন।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

চানা [স চণক] *বি* ছোলা; বুট। 'আপনে রহে এক পৈসার চানা চাবানা খাইয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চানাচুর [স চণকচূর্ণ] *বি* বুটের ডাল, বাদাম ইত্যাদি ভেজে তৈরি খাবার বিশেষ; ডালমুট। 'চানাচুর ভাজায় ঝালছিটের মতো।' *নজরুল*, ১৯৩০।

চানার *বি* বৃক্ষবিশেষ। 'সমগ্র কাশ্মীরে তাঁরাই চানার নামক মনোরম বৃক্ষ রোপণ করেন।' *মাহেনও*, ১৯৪৯।

চানেল [ই] *বি* প্রণালী; প্রাকৃতিক বা কৃত্রিম জলপথ। 'ব্রিটিস চানেল নামক অনতিবিস্তৃত সাগরের তটস্থিত সেন্টমেলো নগরে।' *অক্ষয়*, ১৮৪৭।

চান্দ [স চন্দ্র] *বি* চাঁদ। 'চান্দসুঞ্জ বেণি পখা ফাল।' *চর্যা ৪*, ১২০০; 'দেখি লাজে গেলা চান্দ দুঈ লাখ যোজনে।' *বড়ু*, ১৪৫০।

চান্দকান্তি [স চন্দ্রকান্তি] *বি* চাঁদের মতো চেহারা। 'চান্দরে চান্দকান্তি জিম পতিভাসঅ।' *চর্যা* ৩১, ১২০০।

চান্দবদন [স চন্দ্রবদন] *বিণ* চাঁদের মতো সুন্দর মুখের অধিকারী। 'দেখি সর্ব তাপ হরে সে চান্দবদন।' *বৃন্দা*, ১৫৮০।

চান্দমুখ [স চন্দ্রমুখ] *বি* চাঁদের মতো মুখ। 'গাওখানি মোড়া দিয়া উঠে রাধে চান্দমুখ চাই।' *মর্তুজা*, ১৭৫০।

চান্দসম [স চন্দ্রসম] *বিণ* চাঁদের মতো। 'মলিন না কর রাধা চান্দসম মুখ।' *বড়ু*, ১৪৫০।

চান্দের মাস *বি* পৃথিবী প্রদক্ষিণ করতে চাঁদের যে-সময় লাগে (২৯.৫ দিন) সেই দৈর্ঘ্যবিশিষ্ট মাস। 'চান্দের মাস।' *মেয়ার*, ১৭৮৭।

চান্দের হাঁস *বি* গলায় পরার দ্বিতীয়ার চাঁদের মতো আকৃতির অলঙ্কারবিশেষ; চন্দ্রহাঁস। *ওসাঁ*, ১৭৮৫।

চান্দন [স চন্দন] *বি* চন্দন। 'বিভূতি ভূষণ নহি চান্দনক রেনূ।' *বিদ্যাপতি*, ১৬৫৩।

চান্দনী [স চন্দ্রিমা] *বিণ* চাঁদনি। 'উজর চান্দনী রাতি/ মন্দিরে রতনবাতি।' *দ্বিজ*, ১৬০০।

চান্দনীবাটী [স চন্দন>] *বি* চন্দন কাঠ দিয়ে তৈরি নাটমন্দির। 'রথযাত্রা মহোৎসবার্থ যে নাট্যালয় অর্থাৎ চান্দনীবাটী নির্ম্মিত আছে।' *দর্পণ*, ১৮৩৩।

চান্দা[১] [স চন্দ্র] *বি* চাঁদোয়া। 'কিতা কথুবায় বান্ধ্যা উপরে টানায় চান্দা।' *মুকুন্দ*, ১৬০০।

চান্দা[২] [ফা চান্দাহ] ১ *বি* সংগ্রহ। 'লোকেরদের উপকার নিমিত্ত চান্দা করিয়া টাকা দিতেছেন।' *দর্পণ*, ১৮১৯। ২ *বি* বহুজনের কাছ থেকে সংগৃহীত অর্থ। 'এই পাঠশালার নিমিত্তে একটা চান্দা হইল।' *দর্পণ*, ১৮২৮।

চান্দাগুঁড়া [স চন্দ্রগুড়া] *বি* একপ্রকার ছোটো মাছ। 'চিঙ্গড়ী টেঙ্গরা পুঁটি চান্দাগুঁড়া সোনা।' *ভারত*, ১৭৬০।

চান্দি [স চন্দ্র>] ১ *বি* রুপা। 'টাকসালে চান্দি সোনা লওয়া জাবেক।' *ক্যালগে*, ১৭৮৭। ২ *বি* মাথার তালু। 'চান্দিতে পাট দিয়া হাত পঞ্চাশেক একটি নকল টিকি লাগাইয়া ...।' *জঙ্গীম*, ১৯৬০।

চান্দিনিচক [হি চাঁদনী চৌক] *বি* প্রধান বাজার। 'চান্দিনিচকের চিকিৎসালয়।' *দর্পণ*, ১৮২২।

চান্দোয়া [স চন্দ্রাতপ] ১ *বি* শামিয়ানা। 'উপরে পতাকা শত চান্দোয়া নির্ম্মল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* রুপা। 'হীরা জড়ি চান্দোয়া যে মাণিক্য পেখন।' *সুলতান*, ১৭০০।

চান্দ্র [স] *বিণ* চাঁদ-সম্বন্ধীয়। 'হিজরী সনের চান্দ্রমান গণনার শকাব্দের সৌরমানের গণনার বৈলক্ষণ্যে ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

চান্দ্রমান [স] *বি* চান্দ্রমাসের হিসাব। 'হিজরী সনের চান্দ্রমান গণনার শকাব্দের সৌরমানের গণনার বৈলক্ষণ্যে ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

চান্দ্রমাস [স] *বি* পৃথিবীকে একবার ঘুরে আসতে চাঁদের যে সময় লাগে (২৯.৫ দিন) সেই দৈর্ঘ্যের মাস। *সেবধি*, ১৮৩৯; 'কল্য সপ্তম

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চান্দ্রমাসের পঞ্চদশ দিবস।' *অক্ষয়*, ১৮৪৭।

চান্দ্রায়ণ, চান্দ্রায়ন [স চান্দ্রায়ণ] *বি* এক চান্দ্রমাস পালনযোগ্য হিন্দু সম্প্রদায়ের কঠোর কৃচ্ছ্রতাপূর্ণ উপবাসবিশেষ। 'সটকাল তৃকাল চান্দ্রায়ন ব্রত বিধি।' *মালাধর*, ১৫০০; 'তোর মুখ দেখলেও চান্দ্রায়ণ করিতে হয়।' *প্যারী*, ১৮৫৮।

চান্দ্রিক [স] *বিণ* চাঁদের। 'চান্দ্রিক উত্তাপও এক্ষণে পরিমিত হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৫।

চান্স [ই] *বি* সম্ভাবনা। 'তোমার প্রমোশনের কোনো চান্স নেই।' *মনসুর*, ১৯৪৫।

চাপ[১] [স] ১ *বি* পেষণ; পীড়ন। 'সহিতে নারিবি চাপ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* চাপ পড়েছে এমন অবস্থা। 'ভীষণ অপমানের চাপ।' *রবীন্দ্র*, ১৯১৮। ৩ *বি* তাড়া। 'জনসাধারণের উন্নতিবিধানের চাপ খুবই বেশি।' *রবীন্দ্র*, ১৯৩১। ৪ *বি* ভর। 'হাওয়ার চাপ এক ফুট লম্বা ও এক ফুট চওড়া জিনিসের উপর প্রায় সাতাশ মণ।' *রবীন্দ্র*, ১৯৩৮। ৫ *বি* ভেদাভেদ। 'আমরা জাতের চাপ, শ্রেণীর চাপ দীর্ঘকাল ধরে পিঠের উপর সহ্য করেছি।' *রবীন্দ্র*, ১৯৪০।

চাপকল [স চাপ+কল] *বি* নলকূপ। 'চাপকলের জল খালি কষটা লাগে।' *ইলিয়াস*, ১৯৭২।

চাপ-চাপ [স] ১ *বিণ* খণ্ড খণ্ড হয়ে আছে এমন। 'করোটি, হাড়পোড়া, ধুলো – চাপ-চাপ জমাট রক্ত।' *নীরেন*, ১৯৪৪। ২ *বিণ* অত্যন্ত ঘন। 'চাপ চাপ অন্ধকার জমেছে নদীর উপরে।' *হাসান*, ১৯৬৪।

চাপবন্দী [চাপ+ফা বন্দী] *বিণ* নিবিড়ভাবে দলবদ্ধ। 'গরুর গায়ে মাছি বসে থাকে চাপবন্দী হয়ে।' *তারা*, ১৯৪৬।

চাপমান যন্ত্র [স] *বি* বায়ুর চাপ মাপার যন্ত্র; ব্যারোমিটার। 'আধঘণ্টার মধ্যে চাপমান যন্ত্র দুই ইঞ্চি নামিয়া গিয়াছে।' *জগদীশ*, ১৮৯৫।

চাপরক্ত [স] *বি* জমাট রক্ত। 'যেখানে যাও সেখানে চাপরক্ত পাবে শীর্ণ করপুটে।' *শঙ্খ*, ১৯৫৫।

চাপ[২] [স] *বি* ধনুক। 'চাপ লগ্নে শনৈশ্চর তুলালগ্নে ভৃগুবর।' *মুকুন্দ*, ১৬০০।

চাপগারি [স চাপ+ফা গারি] *বি* ধনুর্বিদ্যা। 'করিআ আখড়া ঘরে দণ্ডযুদ্ধ কেহ করে মল্লবিদ্যা গুলি চাপগারি।' *মুকুন্দ*, ১৬০০।

চাপদার [স চাপ+ফা দার] *বি* ধনুকধারী। 'চকের মুড়া পর্য্যন্ত দোকাতারি আসাবরদার ও চাপদার।' *রামরাম*, ১৮০১।

চাপ[৩] [স] *বি* চাঙড়। 'মাটির একটা চাপ ছাড়াবার চেষ্টা করছিল।' *তারা*, ১৯৪৬।

চাপকান, চাপকাণ [ফা] *বি* লম্বা জামাবিশেষ; শেরওয়ানি। 'চাপকান, পাজামা, পাপোষ, পাগড়ী আমামা ... ইত্যাদি।' *ভবানী*, ১৮২৫; 'আমি তোমায় চাপকাণ পাগড়ী দিচ্ছি।' *গিরিশ*, ১৮৮৯।

চাপচুপ [চুপ>] *বিণ* চুপচাপ। 'ঘরের কোণে বসে আছো/ কেন অমন চাপচুপ!' *অন্নদা*, ১৯৫৫।

চাপটানো [স চিপিট>] *ক্রি* পেষণ করা। 'চলন ভঙ্গী অতি সুরঙ্গী চাপটিল জীবন মোর।' *দ্বিজী*, ১৬০০। **চাপটিল** *ক্রি* পেষণ করলো। 'চলন ভঙ্গী অতি সুরঙ্গী চাপটিল জীবন মোর।' *দ্বিজী*, ১৬০০।

চাপড় [স চর্পট>] *বি* থাপড়। 'চাপড় মারিয়া কৃষ্ণে এক ডিতে করি।' *মালাধর*, ১৫০০।

চাপড়া [স চাপ>] *বি* ঘাসসহ মাটির খণ্ড। 'সর্ব্বত্র ঘাসের চাপড়া দ্বারা অতিসুশোভিত হইতেছে।' *দর্পণ*, ১৮২৩।

চাপড়া চাপড়া *বিণ* ছোপ ছোপ। 'চাপড়া চাপড়া রং চড়িয়েও তাকে দাম্পত্য কলহ কোনোমতেই বলা যায় না।' *মানিক*, ১৯৩৮।

চাপড়ানি *বি* মৃদু চাপড়। *বিদ্যা*, ১৮৯১।

চাপড়ানো [স চর্পট>] *ক্রি* প্রশংসা প্রকাশ করার জন্যে টেবিলের উপর হাত দিয়ে মৃদু আঘাত। 'ইংরাজি ইস্পিচ ও টেবিল চাপড়ান চল্লো।' *হুতোম*, ১৮৬১; 'বিছানাটার মাঝখানে বালিশ চাপড়াচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চাপদাড়ি [ফা চাপীদন] *বি* ছেঁটে-রাখা ঘন দাড়ি। 'চাপদাড়ি শোভে জনু।' *কৃষ্ণরাম*, ১৭২০।

চাপন [চাপা] *বি* নিষ্পেষণ; দলন। 'গজ-চাপনে যেমন ভাঙ্গে নল।' *মুকুন্দ*, ১৬০০।

চাপর [স চর্পট>] *বি* চড়। 'তাহা সভার অস্ত্র নিল চাপর মারিয়া।' *মালাধর*, ১৫০০।

চাপরাশ [ফা চপরাস] *বি* পরিচয় অঙ্কিত ধাতুফলকবিশেষ। 'রাম চাপরাশ গলায় বাঁধিয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৯।

চাপরাশবাহক [ফা চপরাস+স বাহক] *বি* ভৃত্য; বেয়ারা। 'সকল দেশেই চাপরাশবাহকের একই চরিত্র।' *বঙ্কিম*, ১৮৭৯।

চাপরাশি, চাপরাশী [ফা চপরাস] ১ *বি* বেয়ারা; পেয়াদা। 'তাতে কুলাবচন্দ্র ভ্রমাইল চিন্তারাম চাপরাশী এসে।' *রামপ্রসাদ*, ১৭৮০। ২ *বি* উর্দি ও তকমা পরিহিত কর্মচারী। 'তাঁর চাপরাশি সে কথা তাঁকে জানায়নি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চাপরাস [ফা চপরাস] ১ *বি* বেয়ারার কাজ। 'চাপরাসের মূল্যের বিষয়ে তাহারদের প্রধান ওজর।' *দর্পণ*, ১৮২৭। ২ *বি* পরিচয় অঙ্কিত ধাতুফলকবিশেষ। 'আরদালি খুড়ো চাপরাসখানি ইটের গুঁড়ো দিয়ে ঘসে ঘসে ফরসা করে এনেছিলেন।' *দীনবন্ধু*, ১৮৬৬। ৩ *বি* পদক; সম্মানসূচক খেতাব। 'গবর্মেন্টের চাপরাস বুকে বাঁধিবার কোনো দরকার নেই।' *রবীন্দ্র*, ১৯০৫।

চাপরাসি, চাপরাসী [ফা চপরাস>] ১ *বি* পেয়াদা। *এডমন*, ১৭৯০; 'পোলীসের কোন চাপরাসিও নাই।' *দর্পণ*, ১৮২৯। ২ *বি* পিয়ন। 'হাইকোর্টের চাপরাসীরাও ইকুয়িটি আর কমন-ল'র মার-প্যাঁচ বোঝে।' *মশাররফ*, ১৮৬৯।

চাপরাসিগিরি [ফা চপরাস+স গিরি] *বি* পেয়াদার কাজ। 'তারা শুধু বেহেশতের ... চাপরাসিগিরি করবে।' *মনসুর*, ১৯৪৩।

চাপলি *বি* জুতাবিশেষ। 'মারহাট্টি চটি কি মাদ্রাজী চাপলি।' *প্রমথ*, ১৯২৩।

চাপলুস [ফা] *বি* মোসাহেব। 'হেনকালে আহম্মদ চাপলুস আইল।' *গরীব*, ১৭৬৫।

চাপল্য [স] ১ *বি* চপলতা। 'এইমত চাপল্য সব লোকেরে দেখায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* বাকচাতুরী। 'তুই চাপল্য করিস না।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* অস্থিরতা। 'চাপল্য পরিত্যাগ করিয়া স্থিরভাবে অবস্থান করিতেছে।' *রামনারায়ণ*, ১৮৫৪। ৪ *বি* হালকা মনোভাব। 'আড়ম্বরের চাপল্য বিদ্যাসাগরের উন্নত-কঠোর আত্মসম্মানকে কখনো স্পর্শ করিতে ...।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৫ *বি* ছেলেমি; প্রগল্‌ভতা। 'বেশভূষায় মনোযোগ দেওয়াকে চাপল্য, এমন-কি, অন্যায় মনে করিত।' *রবীন্দ্র*, ১৯০৬।

চাপা[১] [চাপ>] ১ *বি* দল। 'একে চাপে চলিয়াছে দুই শত ধোপা।' *বিজয়*, ১৬৫০। ২ *বিণ* গোপন। 'পাছে বুঝ মাসি কিছু করিয়াছে চাপা।'

AMARBOI.COM

কৃষ্ণরাম, ১৭২০। ৩ *বিণ* চ্যাপটা। 'পৃথিবীও গোল কিন্তু উত্তর দক্ষিণে কিঞ্চিৎ চাপা।' *অক্ষয়*, ১৮৪১। ৪ *বি* পিষ্ট। 'নিজের গাড়ির তলে চাপা পড়ার ...।' *রবীন্দ্র*, ১৯১২। ৫ *বিণ* পাতলা। 'বঙ্কিমবাবুর খড়্গনাসায়, তাঁহার চাপা ঠোঁটে, তাঁহার তীক্ষ্ণদৃষ্টিতে ...।' *রবীন্দ্র*, ১৯১২। ৬ *বিণ* অস্পষ্ট। 'স্তিমিত দ্যুতি নিষ্ঠুর চাপাহাসির মত বিচ্ছুরিত হইতেছে।' *শরৎ*, ১৯১৭। ৭ *বিণ* ঢাকা। রাগিণী মোর পড়েছে আধো চাপা।' *রবীন্দ্র*, ১৯৩৫। ৮ *বিণ* মৃদু। 'ডাকছে মিষ্টি চাপা সুরে।' *রবীন্দ্র*, ১৯৩৬। ৯ *বিণ* অশ্রুত। 'বোবা স্মৃতির চাপা ক্রন্দন হুহু করে ...।' *রবীন্দ্র*, ১৯৪১।

চাপাকান্না *বি* অব্যক্ত কান্না। 'আমার সেই গোপন আকাঙ্ক্ষিতার বাষ্পরুদ্ধ চাপাকান্নার আকুলতা।' *নজরুল*, ১৯২৪।

চাপাচাপি [চাপ>] ১ *বি* ঠাসাঠাসি। 'লোকের চাপাচাপিতে ছত্রিশ জন মরে।' *দর্পণ*, ১৮২১। ২ *বি* জোরাজুরি। 'কোনো ভয় নেই, বাঁধাবাঁধি চাপাচাপি কোনো না।' *রবীন্দ্র*, ১৯০৪। ৩ *বি* গোপনীয়তা। 'যে কথা সংসার-সুদ্ধ লোকে জানে, তার আর চাপাচাপি কি?' *শরৎ*, ১৯১৭।

চাপাডাল [চাপ+ডাল] *বিণ* ঢালে ঢাকা। 'ধায় পাইক চাপাডাল।' *মুকুন্দ*, ১৬০০।

চাপাবসা *বিণ* চোয়ালভাঙা। 'খোঁচা খোঁচা দাড়িওয়ালা চাপাবসা একটা লোক।' *হাফিজুর*, ১৯৫৩।

চাপা[২], **চাপানো** [চাপ>] ১ *ক্রি* চেপে ধরা। 'তিঅড্ডা চাপী জোইণি দে অঙ্কবালী।' *চর্যা ৪*, ১২০০; 'গলা চাপি প্রান নিল পড়িল কীন্ধরে।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রি* দংশন করা। 'আতিশয় না চাপিহ আধর দাঁতে।' *বড়ু*, ১৪৫০। ৩ *ক্রি* স্থির হওয়া। 'গুরুর আসনে কিবা চাপিআঁ বসিলোঁ।' *বড়ু*, ১৪৫০। ৪ *ক্রি* ভিড়ানো। 'আনেক যতনে আণি চাপাইল ঘাটে।' *বড়ু*, ১৪৫০; 'শুন ঘাটিআল নাঅ চাপায়িআ ঘাটে।' *বড়ু*, ১৪৫০। ৫ *ক্রি* আরোহণ করা। 'তোর পিঠে চাপি আমি রঙ্গে।' *মুকুন্দ*, ১৬০০। ৬ *ক্রি* পেষণ করা। 'পাথর চাপানে বীর করে খরখর।' *মুকুন্দ*, ১৬০০। ৭ *ক্রি* বন্ধ করা। 'দুর্দ্দুরি চাপিয়া দিল থানা।' *মুকুন্দ*, ১৬০০। ৮ *ক্রি* দোহন করা। 'কালিয়া কুচের আগে দুগ্ধ দেখে চাপি।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৯ *ক্রি* ভর দেওয়া। 'শার্দূল চাপ্যাছে দড় লাউসেন রাউত।' *রূপরাম*, ১৭৫০। ১০ *ক্রি* ঠাসা। 'বুকেতে চেপে ধরে বলিছে – ঘুমো ঘুমো।' *রবীন্দ্র*, ১৮৮৩। ১১ *ক্রি* চুলায় রান্নার জন্য বসানো। 'ভাত চাপাইয়া জয়া রান্নাঘরের বাহিরে।' *মানিক*, ১৯৩৬। **চাপিআ** *ক্রি* চেপে। 'আর ডিঙ্গাখান তোলে নামে দুর্গাবর আখণ্ড চাপিআ তার বসিব গাবর।' *মুকুন্দ*, ১৬০০। **চাপিআঁ** *ক্রি* চেপে। 'গুরুর আসনে কিবা চাপিআঁ বসিলোঁ।' *বড়ু*, ১৪৫০। **চাপিয়া** *ক্রি* চেপে। 'কাহারে চুম্বএ কপোল চাপিয়া ধরি।' *মালাধর*, ১৫০০। **চাপিল** *ক্রি* চেপে ধরলো। 'বিসরী রাধার বোল চাপিল দশনে।' *বড়ু*, ১৪৫০। **চাপী** *ক্রি* চেপে ধরে। 'তিঅড্ডা চাপী জোইণি দে অঙ্কবালী।' *চর্যা ৪*, ১২০০।

চাপা দেওয়া ১ *ক্রি* গোপন করা। 'বড় বৌমা কথা চাপা দেয়।' *গিরিশ*, ১৮৮৯। ২ *ক্রি* ঢেকে রাখা। 'উহাকে চাপা দিয়া রাখিতে হইবে।' *রবীন্দ্র*, ১৯১৪।

চাপা পড়া *ক্রি* দৃষ্টির আড়ালে পড়া। 'চুরি-ডাকাতি, রাহাজানি ইত্যাদির মধ্যে চাপা পড়ে গেল মানুষের হাস্যোজ্জ্বল মুখচ্ছবি।' *বেগম*, ১৯৭২।

চেপে আসা *ক্রি* প্রবলভাবে হওয়া। 'এমন সময় বৃষ্টি খুব চাপিয়া আসিল।' *রবীন্দ্র*, ১৮৯২।

চেপে ধরা, চাপিয়া ধরা ১ *ক্রি* জড়িয়ে ধরা। 'সাধ মিটাইয়া হেমন্তের দুই পা দ্বিগুণতর আবেগে চাপিয়া ধরিল।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *ক্রি* কঠোরভাবে জিজ্ঞাসাবাদ করা। 'কঠিন বিচারক সেটাকে চাপিয়া ধরিয়া সুখ পায়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চেপে পড়া, চাপিয়া পড়া *ক্রি* হাপিত্যেশ করা। 'প্রত্যেক ঘটনার উপর যে ব্যক্তি বুক চাপিয়া পড়ে, সে অতি হতভাগ্য।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চেপে বসা *ক্রি* পুরাদস্তুর অধিকার করা। 'একবার চাপিয়া বসিলে তাহাদের পুরাতন ...।' *বিভূতি*, ১৯৩৮।

চেপে রাখা *ক্রি* গোপন করা। 'সে-সব কথা মানুষ চেপে রাখতেই ভালোবাসে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চাপাচুপি দেওয়া [চাপ>] *বি* জোরাজুরি করা। 'কোনোরকমে চাপাচুপি দিতে গেলে ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

চাপাটি [চাপ>] *বি* হাতে চাপড়িয়ে তৈরি পাতলা রুটিবিশেষ। 'চাপাটির মত পাতলা রুটি বানাবেন।' *মুজতবা*, ১৯৫৮।

চাপান [চাপ>] *বি* ভিড়। 'বেড়িআ মসান পাইকের চাপান ঘনবাজে দামামা পড়া।' *মুকুন্দ*, ১৬০০।

চাপান দেওয়া *ক্রি* পান করা। 'খেয়ে ঢেকুর তুলে তার উপরে ঢকঢক করে গেলাস দুই-তিন জল চাপান দিয়ে তখন সাহেবের দিকে দৃষ্টি পড়ে।' *মনোজ*, ১৯৬১।

চাপানি, চিপ[২] [চাপ>] *বি* খিল। 'গেটের চাপানিটা লাগিয়ে দু'পা এগুতেই ... গেট খেল।' *আলাউদ্দিন*, ১৯৫৭।

চাপানো[১] *দ্র* চাপা[১]

চাপানো[২] [চাপ>] ১ *বিণ* ঢাকা। 'আধখানা ভাঙা কপাট চাপানো আড়াই হাত একটা ফোকরে।' *অবন*, ১৯২৭। ২ *বি* ভার স্থাপন করা। 'পঁচিশ মণ বাটখারা চাপানো দোষের নয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

চাপিল [চাপ>] *বিণ* সংকুচিত। 'চাপিল বস্ত্র।' *মানোএল*, ১৭৪৩।

চাপিল করা *ক্রি* সংকুচিত করা। *মানোএল*, ১৭৪৩।

চাপুনি [চাপ>] *বি* চাপ। 'সইতে পারে না তার চাপুনি/ পালাজ্বরে দিল তারে কাঁপুনি।' *রবীন্দ্র*, ১৯৪১।

চাপেলি [চাপ>] *বি* মাছবিশেষ। 'পুকুরে চাপেলি পায়রাচাঁদা মৌরলা আছে।' *জীবন*, ১৯৪০।

চাবকানো [ফা চাবুক] ১ *ক্রি* চাবুক মারা। 'আমি সব বেটাকে থামে বেঁধে চাবকাবো।' *গিরিশ*, ১৮৮৬; 'আজ্ঞে, আমায় চাবকান, গোলাম হাজির আছে।' *গিরিশ*, ১৮৮৬। ২ *ক্রি* প্রহার করা। 'জিনের আছর হইলে বেত দিয়া চাবকাইতে হয়।' *ওয়ালী*, ১৯৪৮।

চাবকে দেওয়া *ক্রি* চাবুক দিয়ে প্রহার করা। 'মাঝে মাঝে যেখানে যাকে পাচ্ছে সাঁই সাঁই শব্দে দিচ্ছে চাবকে।' *রবীন্দ্র*, ১৮৯২।

চাবড়া [চাপ>] *বি* ঘাসের চাপড়া। *ওসী*, ১৭৮৫; 'ঘাসের চাবড়ার ওপর বসল।' *জীবন*, ১৯৪৮।

চাবানা [হি চাবনা] *বি* চাবানোর উপযোগী খাবার। 'আপনে রহে এক পৈসার চানা চাবানা খাইয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চাবানো [স চর্বণ>] *ক্রি* চর্বণ করা। 'চাবাইতে।' *মানোএল*, ১৭৪৩।

চাবাই *ক্রি* চর্বণ করি। 'নরম আউক হয়ে লখাইরে চাবাই।' *বিজয়*, ১৬৫০।

চাবালি [স কবল] *বি* চোয়াল। 'এমনি থাপ্পর ঝাঁকি, সমিন্দির চাবালিডে আসমানে উড়য়ে দেই।' *দীনবন্ধু*, ১৮৬০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চাবি, চাবী [প] **১** *বি* তালা খোলার ধাতুনির্মিত কাঠি। 'তোমার হাথে তহবিলের চাবি।' *ওসাঁ*, ১৭৮২; 'ভাণ্ডারের চাবী আপনি রাখিতেন।' *প্যারী*, ১৮৬০। **২** *বি* তালা। 'মালতীকে ঘরে চাবি দিয়ে রাখবেন।' *দীনবন্ধু*, ১৮৬৩; 'ভেঙে মোর ঘরের চাবি নিয়ে যাবি কে আমারে।' *রবীন্দ্র*, ১৯১৭।

চাবিঅলা [প চাবি+হি ওয়ালা] *বি* নকল চাবি তৈরি করে যে ব্যক্তি। 'রাস্তা দিয়ে চাবি বাজাতে-বাজাতে যদি কোনো চাবিঅলা যায়।' *মান্নান*, ১৯৬৮।

চাবি আঁটা *ক্রি* তালা দেওয়া; বন্ধ করা। 'হক ছাহেব মুখে চাবি আঁটিয়া কোনক্রমে দুইকূল রক্ষার অসাধ্য সাধনের চেষ্টায় আছেন।' *আজাদ*, ১৯৪২।

চাবিকাঠি [প চাবি+স কাষ্ঠিকা] *বি* কলকাঠি। 'তার সর্বস্ব আগলাবার সুন্দর চাবিকাঠি।' *অবন*, ১৯২৫।

চাবিতালা [প চাবি+স তালক] *বি* তালা ও চাবি। 'মার মসলার বাক্সর চাবিতালা আনিয়া তালা লাগাইয়া দিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চাবি দেওয়া *ক্রি* তালা দেওয়া। 'জয় বিজয় দ্বারে চাবি দেয় ও চৌকি দেয়।' *দর্পণ*, ১৮২৫।

চাবিবন্ধ [প চাবি+স বন্ধ] *বিণ* তালাবন্ধ। 'রিভলভারটি খুলে ট্রাংকের মধ্যে চাবিবন্ধ করে রেখেছিলেন।' *সাদত*, ১৯৬৭।

চাবিবন্ধ [প চাবি+স বন্ধ] *বিণ* তালাবন্ধ। 'তাহারা নিজের কল্পনাশক্তি বাড়িতে চাবিবন্ধ করিয়া আসে নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

চাবির গোচ্ছা *বি* একগুচ্ছ চাবি। 'আঁচলে-বাঁধা চাবির গোচ্ছা তাঁর পিঠে ঝুলিতেছিল।' *রবীন্দ্র*, ১৯১২।

চাবির রিং *বি* চাবি রাখার কড়া। 'আঁচল-বীধ চাবির রিং।' *নজরুল*, ১৯২৩।

চাবি লাগানো *ক্রি* তালাবন্ধ করা। 'ঘরে ঢুকিয়া দ্বারে চাবি লাগাইয়া দিলেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

চাবুক [ফা] *বি* চামড়া ইত্যাদি দিয়ে তৈরি প্রহার করার উপকরণ। 'বুকেতে মারিয়া চাবুকের ঘা।' *চণ্ডী*, ১৫৫০।

চাবুক খাওয়া *ক্রি* চাবুকের প্রহৃত হওয়া। 'যে ব্যক্তি চাবুক খাইয়া স্থির থাকে, সেই কাপুরুষ ...।' *রবীন্দ্র*, ১৮৯৮।

চাবুক-জ্বালা [ফা চাবুক+স জ্বালা] *বি* কশাঘাত। 'বিদ্রূপের চাবুক-জ্বালা, অনাদর, অপমান।' *নজরুল*, ১৯২৬।

চাবুক মারা *ক্রি* চাবুক দিয়ে প্রহার করা। 'ইন্সপেক্টরকে চাবুক মারে, ঘোড়ার পশ্চাতে দৌড় করায় ...।' *রবীন্দ্র*, ১৮৯৮।

চাবুকসোয়ার [ফা] *বি* চাবুকধারী অশ্বারোহী। 'সমুখে ফিরায় ঘোড়া চাবুকসোয়ার।' *ভারত*, ১৭৬০।

চাবুক হানা *ক্রি* চাবুক দিয়ে আঘাত করা। 'ঐ যে মহাকাল-সারথি রক্ত-তড়িৎ চাবুক হানে।' *নজরুল*, ১৯২২।

চাম [স চর্ম>] *বি* চামড়া; ত্বক। 'চামে ঢাকীল গোসাঞি স্ত্রীমায়া পুজিয়া।' *মালাধর*, ১৫০০।

চাম কুঠুরি [চাম+স কোষ্ঠ>] *বি* চামড়ায় ঢাকা দেহ; চর্মসার। 'তোমার নাই সবুরি, চাম কুঠুরি।' *লালন*, ১৮৯০।

চামচ [ফা চামচাহ] *বি* কোনো বস্তু তোলার জন্যে ব্যবহৃত ছোটো হাতল। *ওসাঁ*, ১৭৮৫; 'সব কাঁটা চামচে ধোরবে শেষে, পিঁড়ি পেতে আর কি খাবে।' *গুপ্ত*, ১৮৫৮।

চামচরা [স চর্মচটিকা] *বি* চামচিকা। *মানোএল*, ১৭৪৩।

চামচা [ফা চামচাহ] **১** *বি* চামচ। 'চামচা ওটা।' *মেয়র্স*, ১৭৬২; 'হাবু আনে ছুটি খুন্তি, আবু উঁচাইয়া ধরে চামচা।' *নজরুল*, ১৯৩৩। **২** *বি* চাটুকার। 'যাঁরা বুদ্ধিজীবী তাঁদের বেশির ভাগই বিত্তবান অথবা শক্তিমানের চামচাগিরিতে অভ্যস্ত।' *শিব*, ১৯৫৬।

চামচাগিরি [ফা চামচাহ+ফা গিরি] *বি* চাটুকারিতা। 'যাঁরা বুদ্ধিজীবী তাঁদের বেশির ভাগই বিত্তবান অথবা শক্তিমানের চামচাগিরিতে অভ্যস্ত।' *শিব*, ১৯৫৬।

চামচিকা, চামচিকে [স চর্মচটিকা] **১** *বি* চামড়ার পাখাওয়ালা বাদুড়ের মতো প্রাণীবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; (তুচ্ছার্থে) 'মহাশয় তাঁহাদিগকে ... চামচিকা বরাবর জ্ঞান করেন।' *বিদ্যা*, ১৮৭৩। **২** *বি* গালিবিশেষ (চামচিকার সঙ্গে তুলনীয়)। 'তাঁহাকে চামচিকে বলিয়া ডাকিত।' *রবীন্দ্র*, ১৮৯১।

চামচিটে [স চর্মচটিকা] *বি* চামচিকা। 'লোকটা একেবারে চামার। চিনে জোঁক। চামচিটের মতো বিঝাড়া।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

চামচিটেল [স চর্মচটিকা>] *বিণ* চটচটে বা আঠালো। 'দেখছি চিটে গুড়ের চেয়ে চামচিটেল।' *নজরুল*, ১৯২৪।

চামচে [ফা চামচাহ] *বি* কোনো বস্তু তোলার জন্যে ব্যবহৃত ছোটো হাতল; চামচ। 'আমি চা খাইবার সময়ে দোয়াতের ভিতরে চামচে পুরিয়া চার অনুসন্ধান না করি।' *বঙ্কিম*, ১৮৭৪।

চামড়া *বি* গাছবিশেষ। 'চামড় গাছের বাছি কাটিলেক ডাল।' *বড়ু*, ১৫০০।

চামড়া [স চর্ম] *বি* ত্বক; যে পাতলা আবরণ দিয়ে মাংসপেশি ঢাকা থাকে। *মানোএল*, ১৭৪৩; 'নাড়ীভুঁড়ী চামড়া গুলা থুঁ করিয়া ফেলিয়া দি ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

চামড়া খসানো *ক্রি* চামড়া তুলে নেওয়া। 'চামড়া খসাইতে।' *মানোএল*, ১৭৪৩।

চামড়াবাঁধানো *বিণ* চামড়া দিয়ে বাঁধাই-করা। 'তার চামড়াবাঁধানো খাতায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

চামড়ামোড়া *বিণ* চামড়ায় মোড়ানো। 'সেই চামড়ামোড়া প্যাকেটটা।' *কায়সার*, ১৯৬২।

চামড়া-শিল্প [স চর্মশিল্প] *বি* চামড়ার আমদানি, রপ্তানি ও প্রক্রিয়াজাতকরণ শিল্প। 'স্থানীয় চামড়া-শিল্পের অসুবিধা দূর করবার জন্যে।' *মাহেনও*, ১৯৪৯।

চামবাদুড় [স চর্মচটিকা+স বাতুলি] *বি* বাদুড় শ্রেণীর ছোটো প্রাণীবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫।

চামর [স চমরী>] **১** *বি* চমরী গোরুর লেজের লম্বা লোম। 'শেত চামর সম কেশে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* চমরী গোরুর লেজ দিয়ে তৈরি পাখাবিশেষ। 'ধবল চামরছটা উরমাল ঘাঘর ঘন্টা।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* চুলের গুচ্ছ। 'অগ্নিময় তেজঃ বাজী ধাইল অম্বরে, অকম্প চামর শিরে।' *মাইকেল*, ১৮৬১। **৪** *বি* পুচ্ছ। 'ধূমকেতু তার চামর দুলায়।' *নজরুল*, ১৯২২।

চামরধারিণী [স] *বি* চামর দিয়ে বাতাস করে যে নারী। 'কোথা গেল মোর চামরধারিণী?' *রবীন্দ্র*, ১৮৯৯।

চামর ব্যজন [স চমর-ব্যজন] *বি* চমরী গোরুর পুচ্ছ দিয়ে তৈরি পাখার বাতাস। 'চামর ব্যজন নিমিত্ত চামর দেয়।' *দর্পণ*, ১৮২৫।

চামরিণী [স চমর>] *বি* স্ত্রী চামর দিয়ে বাতাস করে যে নারী। 'দুলাইছে কাঁদি চামরিণী সুচামর।' *মাইকেল*, ১৮৬১।

AMARBOI.COM

চামরী [স চমর>] *বি* চমরী গাইয়ের লেজের কেশগুচ্ছ। 'চামরী জিনিঞা তোর চিকণ কবরী।' *বড়ু*, ১৫৭০।

চামর্‌য়া [স চর্ম] *বি* চামড়া। 'চামর্‌য়া পামরি ভেটি সকল্লাথ গজঘোট।' *মুকুন্দ*, ১৬০০।

চামসে [স চর্ম>] *বিণ* শুকনো চামড়ার মতো। 'চামসে ধরনের গন্ধ।' *বিভূতি*, ১৯৩৮।

চামাতি [স চর্মপত্র] *বি* চর্মরজ্জু। 'ডাণ্ডুকা চরণে কেন দুহাথে চামাতি।' *মুকুন্দ*, ১৬০০।

চামার [স চর্মকার] **১** *বি* চর্মকার। 'চামার বসিল এক ভিতে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* (গালি) ইতর লোক। 'ঐ এক বেটা চামার!' *গিরিশ*, ১৮৮৯।

চামারণী [স চর্মকার>] *বি স্ত্রী* (গালি) ইতর লোক। 'নইলে চামারের বেটি চামারণী!' *গিরিশ*, ১৮৮৭।

চামার-নন্দিনি [স চর্মকারনন্দিনী] *বি* (ব্যঙ্গ) চর্মকারের কন্যা। 'আরে আরে, চামার-নন্দিনি।' *গিরিশ*, ১৮৮৭।

চামারে *বিণ* (অপকর্ষমূলক) চর্মকারের উপযোগী। 'আমি চামার – আমার সাথে চামারে কথা ক।' *গিরিশ*, ১৮৮৭।

চামীকর [স চমীকর] *বি* সোনা। 'চাঁপায়ের চারিঘাট চামীকরে বাঁধা।' *মানিকরাম*, ১৭৮১।

চামীকর মাটা *বিণ* সোনা দিয়ে মণ্ডিত। 'চরণে নূপুর চারি চামীকর মাটা।' *মানিকরাম*, ১৭৮১।

চামুণ্ডা [স] *বি* দেবী চণ্ডীর আরেক নাম। 'চামুণ্ডা চণ্ডিকা চণ্ডা চণ্ডবিনাশিনী।' *মুকুন্দ*, ১৬০০।

চামুরি [স চামর>] *বি* চামর দিয়ে বাতাস করে যে। 'শুনহ চামুরি তুমি।' *মুকুন্দ*, ১৬০০।

চামেলা [হি চমেলী] *বি* চামেলি ফুল। 'প্রাতে মল্লি চাঁপা, সাঁঝে বেলা চামেলা।' *নজরুল*, ১৯২৮।

চামেলি, চামেলী [হি চমেলী] *বি* জুঁই জাতীয় ফুলবিশেষ। 'কাননে চামেলি ফুটে থরে থরে।' *রবীন্দ্র*, ১৮৮৮; 'বাদলশেষে করুণহেসে যেন চামেলী-কলিয়া।' *রবীন্দ্র*, ১৯০০।

চাম্পা [স চম্পক] *বি* চাঁপা ফুল। 'চাম্পা নাগেশর আর নেআলী মাল্লী।' *বড়ু*, ১৪৫০।

চাম্পাতী *বি* গাছবিশেষ। 'চাম্পাতী চাকলি।' *বড়ু*, ১৪৫০।

চাম্বলী [স চম্পক-কলি] *বি* চাঁপা ফুলের কলি। 'চাম্বলী সুকল লোচনে।' *বড়ু*, ১৪৫০।

চায়না কোট [ই] *বি* চীনা ঢঙে তৈরি এক ধরনের কোট। 'কারুর কফ ও কলারওয়ালা কামিজ ... কারো ইণ্ডিয়া রবর আর চায়না কোট।' *হুতোম*, ১৮৬১।

চায়নিজ [ই] *বি* চীনা পদ্ধতিতে তৈরি খাবার। 'চায়নিজ খেতে ভারি ভালবাসে।' *শ্যামসুন্দর*, ১৯৭৩।

চার[১] [পা চতুর] *বিণ* চার সংখ্যক। 'দোসর বস্ত্র গায় দিবে চারকোণা মাঝখানে ফাঁড়া।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চার আনা *বিণ* এক-চতুর্থাংশ। 'পৃথিবীতে বারো আনা জল চার আনা স্থল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চারআনী *বি* সিকি টাকা মূল্যের মুদ্রা। 'প্যারিসে চারআনী টিকিটের জায়গা ...।' *মুজতবা*, ১৯৬০।

চারকোণা *বিণ* চার কোণবিশিষ্ট। 'দোসর বস্ত্র গায় দিবে চারকোণা মাঝখানে ফাঁড়া।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চারগাছি *বিণ* চার গুচ্ছবিশিষ্ট। 'তাহার চারগাছি মল বাজিতে থাকিত।' *রবীন্দ্র*, ১৮৮৪।

চারগুছি *বিণ* চার গোছাওয়ালা। 'মা তুমি চারগুছির বিনুনি করতে জানো?' *বিভূতি*, ১৯২৯।

চার চন্দ্র *বি* (বাউল) শুক্র, রজঃ, মল ও মূত্র। 'এক চাঁদে চার চন্দ্র মিশে রয়।' *লালন*, ১৮৯০।

চার-দেয়াল *বি* চারদিকের ঘের। 'সমস্ত রাত একা একা ঘরে চার-দেয়ালে।' *শ্যামসুর*, ১৯৫৯।

চারধার *বি* সব দিক। 'দ্বার খুলে দিস চারধারে।' *রবীন্দ্র*, ১৯১৯।

চারপাই [চাপ+স পদ] *বি* চারপায়াযুক্ত খাটিয়াবিশেষ। 'দড়ির চারপাই।' *বিভূতি*, ১৯৩৮।

চারপাইয়ে [চার+স পদ>] *বি* চারপায়াযুক্ত বসার আসবাববিশেষ। 'দ্বারবানেরা চারপাইয়ে উপবেশন করিয়া ...।' *বঙ্কিম*, ১৮৭৮।

চার পা তুলে ছোটা *ক্রি* দ্রুত গতিতে যাওয়া। 'বাকি রাস্তাটা একেবারে চার পা তুলে ছুটতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চারপায়ী [চার+স পদ>] *বি* চারপায়াযুক্ত খাটিয়াবিশেষ। 'চারপায়ীর উপর বসিয়া হুঁকা হাতে ...।' *বঙ্কিম*, ১৮৭৫।

চারপাশ *বি* সব দিক। 'উজবক জলবাশে ঘেরিয়াছে চারপাশে।' *ভারত*, ১৭৬০।

চার-পেয়ে [চার+স পদ>] *বিণ* চার পা-ওয়ালা। 'চার-পেয়ে জন্তু যত সহজে ভার বহন করতে পারে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চার যুগ [স চতুর্যুগ>] *বি* (হিন্দুপুরাণ) সত্য, ত্রেতা, দ্বাপর এবং কলিযুগ। 'চার যুগে ঐ কেলে সোনা শ্রীরাধার দাস হতে পারলো না।' *লালন*, ১৮৯০।

চার রঙ *বি* (বাউল) রজের চার রং – লাল, গোলাপি, পীত এবং সাদা। 'এক ফুলে চার রঙ ধরেছে।' *লালন*, ১৮৯০।

চার[২] [হি চারা] *বি* মাছকে আকৃষ্ট করবার উপযোগী গন্ধযুক্ত মসলা দিয়ে তৈরি খাবার। '... চার ফেললেই মাছ পড়িবে।' *প্যারী*, ১৮৫৮।

চারঁ *বি* মাচা। 'ঘটিটাকে তুলে রাখল চারের উপর।' *কায়সার*, ১৯৬২।

চারখানা *বি* একপ্রকার মসলিন কাপড়। 'চারখানা, জামদানী এবং মলমলখাস।' *মাহেনও*, ১৯৪৯।

চারটর [ই চার্টার] *বি* সনদ। '১৮১৩ সালের চারটর অর্থাৎ সনন্দের পূর্ব্বে এতদ্দেশীয় লোকের এমত বোধাধিকারের কোন লক্ষণ ছিল না।' *বঙ্গদূত*, ১৮২৯।

চারণ [স] **১** *বি* লোকগায়ক। 'চারণের মতো পথে পথে গান গেয়ে ফিরেছি।' *নজরুল*, ১৯২৭। **২** *বি* পদচারণা। 'মানবের অনন্ত চারণ।' *জীবন*, ১৯৪০।

চারণভূমি [স] *বি* বিচরণক্ষেত্র। 'আমাদের চারণভূমি অতীত।' *ধূর্জটি*, ১৯৩১।

চারণসংগীত [স] *বি* স্তুতিমূলক সংগীত। 'দলিছে দুর্বার দর্পে অতীতের চারণসংগীত।' *সুধীন্দ্র*, ১৯২৮।

চারণা [স চারণ>] *বি* অভিব্যক্তি। 'নির্বৈপ্লবিক মনের চারণা।' *জীবন*, ১৯৪৮।

চারম্যান [ই] *বি* চেয়ারম্যান; সভাপতি। 'এই সভার চারম্যান অর্থাৎ

AMARBOI.COM

সভাপতি শ্রীযুত রামকমল সেন হউন।' *দর্পণ*, ১৮২৩।

চারা[১] **১** *ক্রি* ছাওয়া। 'চারিতে।' *মানোএল*, ১৭৪৩। **২** *বি* পোড়ামাটির ফলক; টালি। 'চারার ঢাকনি।' *মানোএল*, ১৭৪৩।

চারিয়ে যাওয়া *ক্রি* সঞ্চারিত হওয়া। 'প্রাণের ফোয়ারা ... আকাশে বাতাসে চারিয়ে গেল।' *প্রমথ*, ১৯১৫; 'সেই নতুন জ্ঞান নতুন ভাব কালক্রমে সমগ্র জাতির মনে চারিয়ে যায়।' *প্রমথ*, ১৯২০।

চারা[২] [টিপরা চেরা] **১** *বি* কৃশকায় ব্যক্তি। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* নতুন গজানো গাছ; কচি গাছ। *ওর্সা*, ১৭৮৫; 'সাহেব, তোমার নীলির চারায় নাকি পোকা ধরেছে।' *দীনবন্ধু*, ১৮৬০।

চারাগাছ [টিপরা চেরা] *বি* কচি গাছ। 'কিল চড় চাপড় চারাগাছের বাগানের উপর শিলাবৃষ্টির মতো অজস্র বর্ষিত হইত।' *রবীন্দ্র*, ১৮৯১।

চারা[৩] [ফা চারাহ্] **১** *বি* ব্যত্যয়। 'এলাহী যা করে ভাই তাহে নাহি চারা।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* প্রতিকার। 'সত্য বুঝি এই পীড়া তাহার সাংঘাতিক হইল। চারা কি।' *কেরি*, ১৮০২। **৩** *বি* উপায়। 'ধর্মের বিশিষ্টতার খাতিরে শব্দগুলি না চালাইয়া আমাদের কোন চারা নাই।' *বঙ্গীয়*, ১৯১৮।

চারি[১] [স চতুারি, পা চত্তারি] *বিণ* চার সংখ্যক। 'চারিবাসে গড়িল রেঁ দিআঁ চণ্ডালী।' *চর্যা ৫০*, ১২০০।

চারিকোনা [চারি+স কোণ>] *বিণ* চার কোণবিশিষ্ট। *ওর্সা*, ১৭৮২।

চারি চন্দ্রভেদ [চারি+স চন্দ্রভেদ] *বি* শোণিত, শুক্র, মল, মূত্র – বাউল সম্প্রদায়ের এই চার বস্তুর সাধনাবিশেষ। 'প্রকৃতি-সাধনের অন্তর্গত চারি চন্দ্রভেদ নামে একটি ক্রিয়া আছে।' *অক্ষয়*, ১৮৫০।

চারিটী *বিণ* চারটি। 'করিব নাচার ৪ চারিটী টাকা পাঠাই।' *চিঠিপত্রে*, ১৭৯৩।

চারিটি-চারিটি *ক্রিবিণ* দুমুঠো; সামান্য পরিমাণে। 'চারিটি-চারিটি খাইতে পায়।' *রবীন্দ্র*, ১৮৯১।

চারিদণ্ড [চারি+স দণ্ড] *বি* চার দণ্ড বা মুহূর্ত বা কলা; ১ ঘণ্টা ৩৬ মিনিট। 'চারিদণ্ড নিদ্রা সেহো নহে কোন দিনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চারিদিক [চারি+স দিক] *বি* সব দিক। 'চারিদিকে ভক্তগণ করেন কীর্ত্তন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চারিদিককার *বিণ* চারদিকের। 'বাইছ খেলা দেখিবার জন্য চারিদিককার লোক ভাঙ্গিয়া পড়িয়াছে।' *মনসুর*, ১৯৫৫।

চারিদিগ [চারি+স দিক] *বি* চতুর্দিক। 'চারিদিগে ভক্তগণ চামর ঢুলায়।' *বৃন্দা*, ১৫৮০।

চারিদিশ [চারি+স দিশ] *বি* চার দিক। 'নির্মল রমণী/ চারিদিশ নির্মল।' *বাহরাম*, ১৬৫০।

চারিধার [চারি+স ধার] *বি* চারপাশ। 'নিভৃত নির্জন চারিধার।' *রবীন্দ্র*, ১৮৮৯।

চারিপানে *ক্রিবিণ* চারপাশে। 'দিবসে আন্ধার দেখি চাহি চারিপানে।' *রূপরাম*, ১৭৫০।

চারি পাশ [চারি+স পার্শ্ব] **১** *বি* চারপাশ। 'চারি পাশে চাহী বৃন্দাবনে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* সব দিক। 'চারিপাশে তারই ডাকে কুক্কুর।' *নজরুল*, ১৯২২।

চারি পাস [চারি+স পার্শ্ব] *বি* চারপাশ। 'চারি পাস চাহোঁ যেন বনের হরিণী ল।' *বড়ু*, ১৪৫০।

চারিপোয়া [চারি+স পাদ] *বিণ* পরিপূর্ণ। 'সত্য জজ্ঞ তপোদান চারিপোয়া ধর্ম্ম।' *মালাধর*, ১৫০০।

চারিবেদ [চারি+স বেদ] *বি* চার বেদ। 'ষোল নাম চৌতিশ বর্ণ চারিবেদ সার।' *রূপরাম*, ১৭৫০।

চারি ভিত [চারি+স ভিত্তি] *বি* চারপাশ। 'সিংহাসন মার্জ্জি চারি ভিত শোধিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চারিভিতা [চারি+স ভিত্তি>] *বিণ স্ত্রী* চার ভিতবিশিষ্ট। 'উজানির কথা গড় চারিভিতা।' *মুকুন্দ*, ১৬০০।

চারি[২] **১** *বি* গবাদি পশুকে খাবার দেওয়ার মাটির পাত্রবিশেষ। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* চালনি। *মানোএল*, ১৭৪৩।

চারিণী [স] **১** *বিণ স্ত্রী* আচার পালনকারী। 'বিশুদ্ধচারিণী পাটরাণীর অনাদর করিয়াছি।' *দীনবন্ধু*, ১৮৬৩। **২** *বিণ স্ত্রী* বিচরণকারী। 'কত গগনচারিণী ভৈরবী।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

চারিত্র [স] **১** *বি* চরিত্র। 'চারিত্র-চিত্র যতক্ষণ নিজের বল সপ্রমাণ করে।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *বিণ* জীবনীবিষয়ক। 'প্রাচীন হিন্দুর ধর্ম ও চারিত্র গ্রন্থে ...।' *রবীন্দ্র*, ১৯০৫। **৩** *বি* অনুসরণীয় চরিত্র। 'চারিত্রপূজা।' *রবীন্দ্র*, ১৯০৭। **৪** *বি* নৈতিকতা। 'চারিত্রনীতি শব্দটি উপযুক্ত হইয়াছে, কিন্তু ইহাকে আর একটু সংহত করিয়া চারিত্র বলিলে ব্যবহারের পক্ষে সুবিধাজনক হয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

চারিত্রচিত্র [স] *বি* মানসিকতা। 'ব্যক্তিবিশেষের ত্যাগ স্বীকারের দ্বারা এই চারিত্রচিত্র যতক্ষণ নিজের বল সপ্রমাণ করে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

চারিত্রনীতি [স] *বি* নৈতিকতা। 'চারিত্রনীতি শব্দটি উপযুক্ত হইয়াছে, কিন্তু ইহাকে আর একটু সংহত করিয়া চারিত্র বলিলে ব্যবহারের পক্ষে সুবিধাজনক হয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

চারিত্রনীতিগত [স] *বিণ* নৈতিকতা সংক্রান্ত। 'মানুষের চারিত্রনীতিগত নূতন উপলব্ধির সঙ্গেও প্রাচীন শাস্ত্রানুশাসনের আগাগোড়া মিল থাকে না।' *রবীন্দ্র*, ১৯১৬।

চারিত্রনৈতিক [স] *বিণ* নৈতিক চরিত্র গঠনকারী। 'চারিত্রনৈতিক শিক্ষা একেবারে নাই।' *রবীন্দ্র*, ১৯০৯।

চারিত্রশক্তি [স] *বি* স্বভাবের শক্তি। '...নানাপ্রকার বিমিশ্রতা আছে, সেইজন্যেই চারিত্রশক্তি আছে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

চারিত্রসৃষ্টি [স] *বি* স্বভাব সৃজন। 'তার উদ্দেশ্য ছিল সর্বজনীন চিত্তের উদ্দীপন, উদ্বোধন, চারিত্রসৃষ্টি।' *রবীন্দ্র*, ১৯০৮।

চারিত্রিক [স] *বিণ* আচরণগত। 'তার চারিত্রিক দোষঘাট হিংস্রতা অমানুষিকতা।' *ওয়ালী*, ১৯৬৪।

চারী [পা চত্তারি] *বিণ* চার। 'চারী গুণ দড়ী পাকাইল দামোদর।' *বড়ু*, ১৪৫০।

চারীভীত *বি* চারদিক। 'চারী ভীত চাহী রাধা বুইল বচনে।' *বড়ু*, ১৪৫০।

চারীত [স চরিত্র] *বি* চরিত্র। 'এথো না বুঝিএ বড়ায়ি কাহ্নের চারীত।' *বড়ু*, ১৪৫০।

চারু [স] *বিণ* মনোহর। 'কুণ্ডলমণ্ডিত চারু শ্রবণযুগলা।' *বড়ু*, ১৪৫০।

চারুকলা [স] *বি* সুকুমার শিল্প; ললিতকলা। 'যাঁদের দ্বারা দেশের চারুকলা রক্ষিত হয়ে এসেছে তাঁরা বেশ্যা।' *অন্নদা*, ১৯২৮।

চারুকলাশিল্পী [স] *বি* চিত্রাঙ্কন ও ভাস্কর্যাদি নির্মাণশিল্পী। 'ঢাকার চারুকলাশিল্পী, সঙ্গীতশিল্পী, চলচ্চিত্রশিল্পী, কুশলী ...।' *বেগম*, ১৯৭২।

চারুকুল [স চারু+স কোলি] *বি* ফুল ও গাছবিশেষ। 'নাদন চারুকুল

AMARBOI.COM

কাটিআ উপাড়ে।' *মুকুন্দ*, ১৬০০।

চারুচিত্রিত [স] *বিণ* মনোহর চিত্রাঙ্কিত। 'কামরার কাষ্ঠের দেওয়াল, বিচিত্র চারুচিত্রিত।' *বঙ্কিম*, ১৮৮২।

চারুতর [স] *বিণ* অপেক্ষাকৃত সুন্দর। 'সরস কবি সুরস ভনে চারুতর।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'ভাগ্যবুদ্ধি সুমিশ্রিত কার্য চারুতর।' *আলাওল*, ১৬৮০।

চারুতা [স] *বি* সৌন্দর্য। 'একটুখানি চারুতা চর্চা করবার অবকাশ পাওয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৯২।

চারুদর্শন [স] *বিণ* সুদর্শন; দেখতে সুন্দর। 'বলিষ্ঠ চারুদর্শন যুবকটির উদ্দেশে নিযুক্ত।' *শরৎ*, ১৯১৭।

চারুদর্শনা [স] *বিণ স্ত্রী* সুদর্শন। 'সহচারিণীরা সবাই ছিল চারুদর্শনা তরুণী।' *নরেন্দ্র*, ১৯৪৬।

চারুনেত্রা [স] *বিণ স্ত্রী* সুন্দর চোখ আছে এমন। 'নিবিড়-নিতম্বী সহা সহ চিত্রলেখা চারুনেত্রা; সুমধ্যমা তিলোত্তমা বামা।' *মাইকেল*, ১৮৬২।

চারুপদ [স] *বি* সুললিত পদ। 'তাহার সভাসদ রুচির চারুপদ রচে মুকুন্দ কবিবর।' *মুকুন্দ*, ১৬০০।

চারুবাস [স] *বি* সুন্দর পোশাক। 'তিলোত্তমার ... অংসারূঢ় চারুবাস কম্পিত করিতেছিল।' *বঙ্কিম*, ১৮৬৫।

চারুমতি [স] *বিণ* সুন্দর স্বভাববিশিষ্ট। 'চারুমতি শশিমুখি দেয় আলিঙ্গন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চারুমুখী [স] *বিণ* সুদর্শনা। 'চারুমুখী কন্যাটি ...।' *রবীন্দ্র*, ১৯১৭।

চারুলোচনা [স] *বিণ স্ত্রী* সুন্দর চোখবিশিষ্ট। 'চারুলোচনা কিঙ্করী *মাইকেল*, ১৮৬১।

চারুশিল্প [স] *বি* ললিতকলা। 'বয়নাদি, চারুশিল্প, উচ্চশিক্ষা সব শিখিয়েছি।' *নজরুল*, ১৯২৭।

চারুশীলা [স] *বিণ স্ত্রী* সৎ স্বভাববিশিষ্ট। 'তিনি যেমন চারুশীলা, তেমনই উদারশীলা।' *বিদ্যা*, ১৮৪৭।

চারুসর্বাঙ্গী [স] *বি স্ত্রী* সর্বাঙ্গ যার সুন্দর। 'আমার চারুসর্বাঙ্গীকে গড়ার সময় আমি তুলি ফটোগ্রাফ।' *মুজতবা*, ১৯৬০।

চারুহাসিনি [স চারু+স হাস্য>] *বি স্ত্রী* হাসি যার সুন্দর। 'হে চারুহাসিনি, তোমার মত মধুমালতী বিকশিতা দেখলে ...।' *মাইকেল*, ১৮৫৯।

চারু [স চার্] *বিণ* ললিত। 'সর্ব্বকলা জান তুমি কাম চারু গতি।' *মালাধর*, ১৫০০।

চারুমতি *বিণ স্ত্রী* সুন্দর মনবিশিষ্ট। 'আজ্ঞা পাইলে অনিরুদ্রে দিএ চারুমতি।' *মালাধর*, ১৫০০।

চারেক [চার+স এক] *বিণ* চার সংখ্যক। 'সবে দিন চারেক হল এখানে এসেছি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চার্চ [ই] *বি* গির্জা; খ্রিস্টানদের উপাসনার ঘর। 'ঐটে চার্চ, ঐটে বাগান।' *রবীন্দ্র*, ১৮৮১।

চার্চগামিনী [ই চার্চ+স গামিনী] *বি* চার্চে যায় এমন নারী। 'চার্চগামিনীদের আকর্ষণে।' *ওয়ালী*, ১৯৪৫।

চার্জ, চার্জ্জ [ই] ১ *বি* কার্যভার। 'এই চার্জ পাইয়া গ্রাজুরি কামরার ভিতর গমন করিল।' *প্যারী*, ১৮৫৮। ২ *বি* অভিযোগ। 'যদি ... চার্জ্জ আনতো তাহলে সর্ব্বনাশ হত।' *গিরিশ*, ১৮৮৯। ৩ *বি* দাবি। 'বেশী গহনার চার্জ করিয়া বরপক্ষীয়কে জ্বোলম না করেন।' *রওশন*, ১৯২৫। ৪ *বি* বিদ্যুৎশক্তি। 'অতিরিক্ত হয়ে পড়বে পজিটিভ বৈদ্যুতের চার্জ।' *রবীন্দ্র*, ১৯৩৭। ৫ *বি* মাশুল। 'দশ টাকা আমাদের চার্জ।' *শিবরাম*, ১৯৪০। ৬ *বি* তত্ত্বাবধান। 'খান এককালে মিলিটারি মেসের চার্জে ছিলেন।' *মুজতবা*, ১৯৪৯।

চার্জশীট [ই] *বি* অভিযোগপত্র। 'শীঘ্রই তাহাদের বিরুদ্ধে চার্জশীট দেওয়া হইবে।' *আজাদ*, ১৯৬৯।

চার্ট [ই] ১ *বি* সারণি; তালিকা। 'নক্ষত্রের চার্ট আছে।' *বিভূতি*, ১৯৩৭। ২ *বি* তথ্যজ্ঞাপক রেখাচিত্র। 'টেম্পারেচারের চার্টের দিকে এমনি ভাবে তাকিয়েছিল।' *মুজতবা*, ১৯৫২।

চার্টর [ই চার্টার] *বি* সরকারি সনদ। 'যদ্যপি কোম্পানি বাহাদুর ... পুনর্ব্বার চার্টর পান ইহাতে আমি বিপক্ষতাচরণ না করিয়া বরং সপক্ষ হইব।' *দর্পণ*, ১৮৩১।

চার্টার [ই] *বি* সরকারি সনদ। 'ব্রিটিস গবর্ণমেন্টের পুনর্ব্বার চার্টার প্রাপনের কথা বলিয়া যাহা লিখিয়াছেন ...।' *প্রভাকর*, ১৮৪৭।

চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি [ই] *বি* সদন দেওয়া হয় এমন হিসাববিদ্যা। 'চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি পড়তে বিলেত যাচ্ছে।' *শ্যামসুন্দর*, ১৯৭৩।

চার্বাক, চার্ব্বাক [স] *বি* চার্বাক মতবাদের অনুসারী; জড়বাদী। 'ইহারা কেহ নাস্তিক কেহ বা চার্ব্বাক কেহ এক আত্মবাদী।' *চন্দ্রিকা*, ১৮৩০।

চার্বাক-চেলা *বি* দার্শনিক চার্বাকের অনুসারী। 'কনফুসিয়াস? চার্বাক-চেলা? বলে যাও, বলো আরো।' *নজরুল*, ১৯২৫।

চার্বাকাচরণ [স চার্বাক-আচরণ] *বি* লোকায়ত আচরণ। 'বিস্তর ধর্মাচার এবং ততোধিক চার্বাকাচরণ দেখে দেখে মানুষের চিত্তের প্রসার হয় বটে।' *মুজতবা*, ১৯৫৮।

চার্য [স আর্চার্য] *বি* পণ্ডিত ব্যক্তি। *মানোএল*, ১৭৪৩।

চার্য, চার্য্য [ই চার্জ] *বি* অভিযোগ। 'জজ সাহেব যখন দুর্ব্বোধ্য বাঙ্গালার চার্য্য দিতেছিলেন ...।' *বঙ্কিম*, ১৮৯২।

চাল[১] [স] ১ *বি* চাতুরালি। 'তোঙ্গে বড়ায়ি বোলে চালে হঙাঁ যাবি পার।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* কূটকৌশল। 'কেউ ... আজ আঙীল হয়ে অনেক চাল চালচেন।' *হুতোম*, ১৮৬১। ৩ *বি* কৌশল। 'বর্শার চাল।' *মশাররফ*, ১৮৮৭। ৪ *বি* গতিভঙ্গি। 'সকলেই নিরতিশয় গম্ভীর চালে যথানিয়মে চলাফেরা করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯২। ৫ *বি* জীবনযাত্রার মান। 'আমাদের চাল বাড়িয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯০৮। ৬ *বি* চলার ধরন। 'কেউ যান ছার্তকে কেউ যান কদমে কেউ যান দুলকি চালে।' *নজরুল*, ১৯২৭। ৭ *বি* দাবা খেলার দান; ঘুঁটি চালন। 'বাজিমাৎ করে দিয়ে তার পরে চালের কথা ভাবব।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চালচলন [স] ১ *বি* আচার-ব্যবহার। 'ফলতঃ দেশীয় লোকের চালচলন অন্য এক রূপ হইয়া উঠিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বি* ভাব-ভঙ্গি। 'এক্ষণে বাবুয়ানা চালচলন সাধারণ।' *রাজ*, ১৮৭৪; 'অব্যবসায়ী জানে যেটা জানা নিতান্তই সহজ, অর্থাৎ হাব-ভাব, চাল-চলন।' *রবীন্দ্র*, ১৯১৭। ৩ *বি* জীবনযাপনের মান। 'এখন সাধারণের চালচলন বাড়িয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

চাল চালা *ক্রি* ফন্দি খাটানো। 'চাল চেলেছে সাহেবানা।' *গুপ্ত*, ১৮৫৮।

চালচিত্তির [স চালচিত্র] *বি* প্রতিমার পিছন দিকের পট বা চিত্র; খসড়া কাঠামো। 'চালচিত্তির খাড়া করে একটা খসড়া মনের সঙ্গে দাঁড় করিয়েছিলুম।' *রবীন্দ্র*, ১৯৪০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চালচিত্র [স] *বি* পশ্চাৎপট। 'চারদিক বেষ্টন করে আলোটা মালাটা দিয়ে তার চালচিত্র খাড়া না করলে মানানসই হয় না।' *রবীন্দ্র*, ১৯৩৬; 'দক্ষিণের দেয়ালটি চালচিত্রের মত সাজানো হয়েছে বিচিত্র ফুলে।' *নরেন্দ্র*, ১৯৪৮।

চালচোল [স চাল>] *বি* আচার-আচরণ। 'এক-এক জাতির বাইরের চালচোল রকম-সকম এবং অন্তরের ভাবনা-চিন্তা ...।' *অবন*, ১৯২৫।

চালবাজ [স চাল+ফা বাজ] *বিণ* চালিয়াত। 'অরু ভারী চালবাজ।' *বিভূতি*,১৯৩১।

চালবাজি, চালবাজী [স চাল+ফা বাজ>] *বি* ঠকামি; ফন্দিবাজি। '... স্বামীর চালবাজী জানিতেন।' *রোকেয়া*, ১৯৩১; 'চালবাজির জন্যই ... দেখিতে পারে না।' *বিভূতি*, ১৯৩১।

চালমাৎ *বিণ* কোণঠাসা। 'যদি কোনও উদ্দেশ্য থাকে ত সে হচ্ছে ইংরাজ-রাজকে চালমাৎ করা।' *প্রমথ*, ১৯২০।

চালমাত [স চাল+আ মাত] *বি* দাবাখেলায় রাজার অচল অবস্থাবিশেষ। 'দাবাখেলায় এই অবস্থাকেই বলে চালমাত।' *মুজতবা*, ১৯৫২।

চাল মারা *ক্রি* ফাঁকি দেওয়া। 'তুই ভেবেছিস আমায় এখন চাল মেরে তুই করবি ফেল।' *সুকুমার*, ১৯২০।

চাল[২] [স চল>] **১** *বি* ছাউনি। 'প্রবাল বিচিত্র চাল মুকুতা থোপনা।' *মালাধর*, ১৫০০। **২** *বি* আবরণ। 'এই অধ্যা লিখা আছে কাচলির চালে।' *রূপরাম*, ১৭৫০। **৩** *বি* চালা। 'বাঁশের বেড়া ও খড়ের চাল তাহাদের।' *রবীন্দ্র*, ১৮৮৪।

চালকুমড়া, চালকুমড়ো [চাল+স কুষ্মাণ্ড] *বি* চালের উপরে ফলে এমন কুমড়াবিশেষ। 'শনিবারের হাটে পেঁচিশটা চালকুমড়া কেনা হয়েছিল।' *জীবন*, ১৯৩২; 'পাকা চালকুমড়ো।' *বিভূতি*, ১৯৩৮।

চালকুমড়ী করা *ক্রি* ঘর থেকে বের করে দেওয়া। 'যেদেরে সলায় পা দাও, আর বুড়ো মাকে চালকুমড়ী কর।' *গিরিশ*, ১৮৮৯।

চালশূন্য [চাল+স শূন্য] *বিণ* ছাদহীন। 'চালশূন্য ভাঙা ভিটার উপরে ছাগ-ছানা চরিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চাল[৩] [স তণ্ডুল] **১** *বি* ধানের শস্য। 'ধান্য চাল অবধি যাবদীয় সামিগ্রি।' *রামরাম*, ১৮০১। **২** *বি* ধান। 'ধানখেত হইতে চাল সংগ্রহ করিয়া ভাত রাঁধিয়া রাখালদের সঙ্গে ...।' *রবীন্দ্র*, ১৯১২।

চালওয়ালা *বি* চাল বিক্রেতা। 'আমি চালওয়ালাকে কড়কে দেব।' *জীবন*, ১৯৪৮।

চালকড়াই *বি* চাল এবং কড়াই ডালের ভাজাবিশেষ। 'তার চালকড়াই ভাজার দোকানে না যাওয়াই ভালো।' *রবীন্দ্র*, ১৮৮৪।

চালকলাভোজী *বিণ* চাল-কলা খায় এমন। 'চালকলাভোজী বঞ্চনাব্যবসায়ী।' *বঙ্কিম*, ১৮৭৪।

চাল কোটা *বি* চালের গুঁড়া। 'চাল কোটা নাই কার ঘরে।' *গুপ্ত*, ১৮৫৮।

চালচুলা [চাল+স চুল্লি] *বি* আশ্রয়। 'নাহি যার চালচুলা, গায়ে মাখে ছাই ধুলা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চালচুলাহীন [চাল+চুলা+স হীন] *বিণ* সহায়-সম্বলহীন। 'কহে, ওটা লক্ষীছাড়া, চালচুলাহীন।' *রবীন্দ্র*, ১৮৯৯।

চালচুলো *বি* বাসের ও আহারের ব্যবস্থা। 'আদর-অভ্যর্থনা চালচুলো চাষবাস ...।' *রবীন্দ্র*, ১৯০৪; 'ফুটো হাঁড়ি ভাঙা চাল চুলো।' *মাহমুদ*, ১৯৬৩।

চালচুলোহীন *বিণ* আহার ও আবাসের ঠিকঠিকানা নেই এমন। 'এক পাগলা মেজাজের চালচুলোহীন ইংরেজ শিক্ষক হঠাৎ জুটে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চালধোয়া *বিণ* চাল ধুয়ে এসেছে এমন। 'কিশোরীর চালধোয়া ভিজে হাত।' *জীবন*, ১৯৩২।

চালভাজা *বি* শুকনো ভাজা চাল। 'কুটুর কুটুর করে চালভাজা খায়।' *দীনবন্ধু*, ১৮৭৩।

চালের কল *বি* ধান থেকে চাল তৈরির যন্ত্র। 'এখানে চালের কল আছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

চালক [স] **১** *বি* যে চালনা করে। 'লুবুধ মানস চালক মঅন।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'চালক মনে করিলে উত্তরে, পশ্চিমে, বামে বা দক্ষিণে ...।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বিণ* নিয়ন্ত্রক। 'আমি চাই না হতে নববঙ্গে নবযুগের চালক।' *রবীন্দ্র*, ১৯০০।

চালকপদ [স] *বি* চালকের আসন। 'বঙ্গসাহিত্যের চালকপদ গ্রহণ করতেন তা হলে .... .।' *রবীন্দ্র*, ১৯৪০।

চালকত্ব [স] *বি* চালকের কাজ; নেতৃত্ব। 'তখন চালকত্বের প্রত্যাশীরা তেমনি করেই অকস্মাৎ দেখা দিতে থাকবে।' *রবীন্দ্র*, ১৯৩১।

চালচলন *দ্র* **চাল**[১]

চালচুলা *দ্র* **চাল**[৩]

চালচোল *দ্র* **চাল**[১]

চালতা [স চরিত্রা] *বি* টক স্বাদযুক্ত ফলগাছবিশেষ। 'দীঘির উত্তর দিকে চালতার তলে।' *মানিকরাম*, ১৭৮১।

চালতাফুল [চালতা+ফুল] *বি* চালতা গাছের ফুল। 'চালতাফুল কি আর ভিজিবে না।' *জীবন*, ১৯৩২।

চালন[১] [মু চালা>] *বি* চালুনি। *মানোএল*, ১৭৪৩। *দ্র* **চালনি**

চালনি *বি* চালুনি। *ওসী*, ১৭৮৫।

চালন[২] [স] *বি* চালনা। 'নিষ্ঠা যে কেবল আমাদের শুষ্ক কঠিন পথের উপর দিয়ে অক্লান্ত অধ্যবসায়ে চালন করে নিয়ে যায়, তা নয়।' *রবীন্দ্র*, ১৯১৬।

চালনা [স চালন] **১** *বি* চলার ভঙ্গি। 'দেখিয়ে চালনা যোগী কি ভুলে না।' *ভবানী*, ১৮২৫। **২** *বি* পরিচালনা। 'শরীর ও মনের অনতিশয় চালনা করা আবশ্যক।' *অক্ষয়*, ১৮৫২। **৩** *বি* চাষ। 'যাহাদের উপজীবিকা হল চালনা ব্যতীত আর কিছুই নহে।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯। **৪** *বিণ* প্রসারিত। 'দূর দূরান্তরে দৃষ্টি চালনা করিলেন।' *রবীন্দ্র*, ১৮৮২। **৫** *বি* নিয়ন্ত্রণ। 'অদৃশ্য হস্তে তাহাদিগকে চালনা করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯২। **৬** *বি* পরিচালনা। 'রাষ্ট্রনীতিকে চালনা করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০২।

চালনি, চালনী [মু চালা>] *বি* চালুনি; ছাঁকনি। 'কুড়ুম চালনী আঁব।' *বড়ু*, ১৪৫০; 'যেহেন চালনি মধ্যে জল না রহিল।' *বাহরাম*, ১৬৫০।

চালবাজ *দ্র* **চাল**[১]

চালশে, চালসে [স চত্বারিংশ] *বি* চল্লিশ বছর বয়সে যে দৃষ্টিক্ষীণতা জন্মে। 'চল্লিশ বৎসরে চালশে ধরে।' *রাজ*, ১৮৭৪; 'চোখ চালসেলাগা।' *নজরুল*, ১৯২৭।

চালশে-ধরা *বি* বয়সের জন্যে দৃষ্টিশক্তি হ্রাস পাওয়া। 'দূরদৃষ্টি লাভ করার অর্থ চোখে চালশে-ধরা নয়।' *প্রমথ*, ১৯১৩।

চালসে-লাগা *বিণ* বয়সের জন্যে দৃষ্টিশক্তি হ্রাস পেয়েছে এমন।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'চোখ চালসে-লাগা।' *নজরুল*, ১৯২৭।

চালা[১], **চালানো** [স চালি>] ১ *ক্রি* চালনা করা; গতিশীল করা। 'চালিঅ ষষহর গউ নিবাণেঁ।' *চর্যা* ২৭, ১২০০। ২ *ক্রি* খেলার দান দেওয়া। 'ভণন্তি বিরুআ থির করি চাল।' *চর্যা* ৩, ১২০০। ৩ *ক্রি* সামলানো। 'ঘন চালিআঁ বসনে।' *বড়ু*, ১৪৫০। ৪ *ক্রি* তাড়ানো। 'আপনার ধেনু বলি লইল চালাইয়া।' *মালাধর*, ১৫০০। ৫ *ক্রি* ছুড়ে দেওয়া। 'জল ঊর্দ্ধে চালাইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৬ *ক্রি* সক্রিয় করা। 'জীবদেহ সাঁই চালায় ফেরায়/ সেই প্রকারে।' *লালন*, ১৮৯০। ৭ *ক্রি* গোছানো; কৌশলে অন্যকে গ্রহণ করানো। 'সদ্‌ব্রাহ্মণের ঘরে তোমাকে চালিয়ে দেব।' *রবীন্দ্র*, ১৯০৯। ৮ *ক্রি* গুলি ছোড়া। 'রাইফেল চালাইতে আমার জুড়ি নাই।' *শরৎ*, ১৯১৭। ৯ *ক্রি* প্রবেশ করানো। 'চুলের ভিতর দিয়ে পিছন দিকে আঙুল চালিয়ে অমিত বললে।' *রবীন্দ্র*, ১৯২৮। ১০ *ক্রি* ছাঁকা। 'বালি চালতে চালতে পাথরে নুড়ির রাশির মধ্যে।' *বিভূতি*, ১৯৩৩। ১১ *ক্রি* ব্যবহার করা। 'চালান দেশের তৈরি খাঁটি প্লেন কাসুন্দি।' *মুজতবা*, ১৯৫৮। **চাল** *ক্রি* চালাও। 'ভণন্তি বিরুআ থির করি চাল।' *চর্যা* ৩, ১২০০। **চালাঅন্ত** *ক্রি* চলা। 'চালাঅন্ত নানা ছন্দে।' *আলাওল*, ১৬৮০। **চালাইতে** *ক্রি* চালাতে। 'বহুল প্রকারে উট চালাইতে চাহিলা।' *সুলতান*, ১৭০০। **চালাইব** *ক্রি* চালাবো। 'অল্পে অল্পে বাউ তবে অধে চালাইব।' *মালাধর*, ১৫০০। **চালাইয়া** *ক্রি* খেদিয়ে; তাড়িয়ে। 'আপনার ধেনু বলি লইল চালাইয়া।' *মালাধর*, ১৫০০। **চালায় ১** *ক্রি* ছোড়ে। 'তবকি চালায় গুলি।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *ক্রি* সক্রিয় করে। 'জীবদেহ সাঁই চালায় ফেরায়/ সেই প্রকারে।' *লালন*, ১৮৯০। **চালায়া** *ক্রি* তাড়িয়ে। 'বাছুর চালায়া ঘর আইলা প্রীহরি।' *মালাধর*, ১৫০০। **চালিআঁ** *ক্রি* সামলে নিয়ে; সংবরণ করে। 'ঘন চালিআঁ বসনে।' *বড়ু*, ১৪৫০। **চালিউঅ** *ক্রি* চালিত হোক। 'চালিউঅ ষষহর মাগে অবধূই।' *চর্যা* ২৭, ১২০০।

চালিয়ে দেওয়া *ক্রি* আসলের পরিবর্তে অন্য পরিচয়ে ব্যবহার করা বা গছানো। 'তোমাকে কুলীনের মেয়ে বলিয়া চালাইয়া দিব।' *রবীন্দ্র*, ১৮৯২।

চালা[২] [স চাল>] ১ *বি* অস্থায়ী ছাউনি। 'মাঠের আগে রাখিল এক চালা বান্ধিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* খড়ের চালের ঘর। 'গঞ্জে আগুন লাগল, একখানা চালা বাকি রইল না।' *রবীন্দ্র*, ১৮৯০। ৩ *বি* নৌকার ছই। 'এ নায়ে কাঁদিছে শিশু মার কোলে – ও নায়ে চালার তলে।' *জসীম*, ১৯৩৩।

চালাঘর *বিণ* খড় দিয়ে তৈরি চালযুক্ত ঘর। 'আমার চালাঘরে নদী বহে।' *বঙ্কিম*, ১৮৭৫।

চালা[৩] [স চল্‌>] *বি* কম্পন। 'ভূচালার মত চালা কোটা সব নড়ে।' *ভারত*, ১৭৬০।

চালা[৪] [চেলা>] ১ *বি* রান্নার জন্যে ব্যবহৃত চেরা কাঠ। 'এরে আজ চালা করে ধরাইব আখা।' *রবীন্দ্র*, ১৮৯৯। ২ *বিণ* ফাড়া। 'নূতন চালা কাঠে আগুন জ্বালাবার জন্যে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চালাক [ফা] ১ *বিণ* বুদ্ধিমান। 'তিন ভ্রাতার মধ্যে শিবানন্দ বড় চালাক।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* চতুর। অতঃপর বিবির মাতা বিবিকে চালাক করিবার নিমিত্তে।' *ভবানী*, ১৮২৮।

চালাকদাস [ফা চালাক+স দাস] *বিণ* অতি চতুর। 'আমরা যে ছেলেব্যালা চালাকদাস ও জ্যাটার শিরোমণি ছিলেম।' *হুতোম*, ১৮৬১।

চালাকি [ফা চালাক>] ১ *বি* চালবাজি। 'আমার কাছে তোর চালাকি খাটিবেক না।' *বিদ্যা*, ১৮৫৬। ২ *বি* চাতুরী। 'নেহাইয়ত চালাকিতে একাজ করিবা।' *হ্যালহেড*, ১৭৭৩।

চালাচালি [স চালি>] *বি* অব্যাহত আদান-প্রদান। *বিদ্যা*, ১৮৯১; 'দুই পক্ষে অনেক চালাচালি হইলে পর ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

চালান [ফা] ১ *বি* পাঠানোর দলিল। *মেয়র্স*, ১৭৬২; 'মাফীক চালান নগদ টাকা বুঝিয়া লইয়া রসিদ পাঠাবে।' *তাঁতি*, ১৭৯২। ২ *বি* প্রেরণ। 'আগামি মাঘের ৭ রোজের মধ্যে চালান করিতে চাহ।' *হ্যালহেড*, ১৭৭৩। ৩ *বি* খেপ। 'পৌল্যা চালানের জে ফেরত কাপড় আমরা পাইয়াছি।' *তাঁতি*, ১৭৯২। ৪ *বি* প্রেরিত মালের মূল্যসহ তালিকা। 'লাল বাজারির চালান লইয়া বনে গিয়াছে।' *কেরি*, ১৮০২। ৫ *বি* গ্রেপ্তারের পর বিচারের জন্য প্রেরণ। 'মদ খেয়ে মাতলামী করে চালান হওয়া।' *হুতোম*, ১৮৬১।

চালানকারী [ফা চালান+স কারী] *বি* চোরাচালানী। 'চালানকারীর নামধাম জানতে চেয়েছিল প্রেসিডেন্ট।' *মাহেনও*, ১৯৪৯।

চালান যাওয়া *ক্রি* পাচার হওয়া। 'দেশের টাকা বিদেশে চালান যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চালানি, চালানী [ফা] ১ *বি* প্রেরণের ছাড়পত্র। 'জেহাজ চালানি করিতে ফৌজদারকে নন্দকুমার রায়কে আমার স্থানে দিয়াছিলেন।' *মেয়র্স*, ১৭৫৭। ২ *বিণ* চালান সংক্রান্ত। 'আমলারা চালানি মকদ্দমা টুকছে।' *প্যারী*, ১৮৫৮। ৩ *বিণ* চালানকারী। 'খান্দা বান্দা ভূত চালানি।' *লালন*, ১৮৯০। ৪ *বিণ* রপ্তানি সংক্রান্ত। 'চালানী ব্যবসা, ফটোগ্রাফী কাজ, কিছু বাকী রাখে নাই।' *বিভূতি*, ১৯৩১। ৫ *বিণ* রপ্তানিযোগ্য মাল পাঠানো হয় এমন। 'চালানি জাহাজ থেকে ঝরে যায় গোপন চালান।' *শক্তি*, ১৯৭০।

চালানিয়া [স চালি>] *বিণ* নিক্ষিপ্ত। *মানোএল*, ১৭৪৩।

চালানেওয়ালা [স চালন+হি ওয়ালা] *বি* চালক। 'ধূমকেতুর পাইলট বা চালানেওয়ালা।' *নজরুল*, ১৯২৭।

চালায়ন [স চালন>] ১ *বি* চালিয়ে দেওয়া। 'কোম্পানির নোট কৃত্রিমকরণ এবং কৃত্রিম জানিয়া তাহা চালায়নের বিষয়ে যে নালিশ।' *দর্পণ*, ১৮৩০। ২ *বি* পরিচালনা। 'তাঁহাকেই এই মহারাজ্যের রাজশাসনকার্য্য চালায়নের উপযুক্ত বোধ করা যাইবে।' *দর্পণ*, ১৮৩৪।

চালি[১] [স চালন>] *বি* ঘোড়ার চালবিশেষ। 'বোহা আর সপ্ত চালি চালাইল সকল।' *আলাওল*, ১৬৮০।

চালি[২] [স চাল] *বি* বড়াই; অহংকার। 'যে চালি আমারদিগের মর্য্যাদা হইতে দূর ...।' *তারিণী*, ১৮০৩।

চালি[৩] [স তণ্ডুল] *বি* চাল। 'ভেটৈল ধানের চালির ভাত।' *বিভূতি*, ১৯২৯।

চালিঅ [স চালিত] *বিণ* চালিত। 'চালিঅ ষষহর গউ নিবাণেঁ।' *চর্যা* ২৭, ১২০০।

চালিত [স] *বিণ* চালনা করা হয়েছে এমন। 'স্রোতোবেগচালিত ভাসমান শুভ্রতুষারখণ্ডসমূহ দেখিতে অতি সুন্দর।' *অক্ষয়*, ১৮৫৪।

চালিতা [স চরিত্রা] *বি* অম্ল-কষায় স্বাদবিশিষ্ট গোলাকার ফলবিশেষ। 'চালিতা তেন্তুলি সাতকড়া।' *বড়ু*, ১৪৫০।

চালিয়াত [স চাল>] *বি* ফন্দিবাজ। 'উপস্থিত না থাকলে চাল-চালিয়াতরা আরো সুবিধা পাইয়া যায়।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

চালিয়াতি [স চাল>] *বি* মিথ্যা বড়াই। 'কনখল চালিয়াতি শেখেনি।' *মণীশ*, ১৯৬৩।

চালু[১] [স তণ্ডুল] *বি* চাল। 'নৈবেদ্য কাড়িয়া খান সন্দেশ চালু কলা।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কৃষ্ণদাস, ১৫৮০।

চালুগুলিন *বি* চালসমূহ। 'আপনে একবার কলিকাতায় জাইয়া সে চালুগুলিন বেচীয়া টাকা ... দাখিল করিবা।' *ওসা*, ১৭৮২।

চালুকেলা [চাল+কলা] *বি* চাল ও কলা। 'হরেরোজ চালুকেলা সাড়ে পাঁচ খায় ভালা।' *কৃষ্ণরাম*, ১৭২০।

চালুআতি [স তণ্ডুল>] *বি* ধান ভানা যাদের পেশা। 'চালু লয় চালুআতির ঘরে।' *মুকুন্দ*, ১৬০০।

চালু[২] [হি] *বি* সচল। 'সমাজ জীবন চালু রাখবার জন্যে কথা বলি।' *হাই*, ১৯৫৪।

চালুনি, চালুনী [মু চালা>] *বি* ছিদ্রবহুল পাত্রবিশেষ। 'বিঅনি চালুনী ঝাঁটা ডোম গড়ে ছাতা নাটা।' *মুকুন্দ*, ১৬০০।

চালুনি দিয়া জল আনা – অসম্ভবকে সম্ভব করার অযথা চেষ্টা। 'চালুনি দিয়া জল আনিতে ঘন ঘন ঘাটেঘেরে আনাগোনা, এ আবদার বিধাতার সহ্য হয় না।' *রবীন্দ্র*, ১৯১০।

চাল্লি [ফা চালাক] *বিণ* চালাক। 'হানিফও চাল্লি কম নয়।' *ইলিয়াস*, ১৯৭২।

চাশী [স চষ্>] *বি* চাষি। *এডমন*, ১৭৯৩।

চাষ [স চষ্>] ১ *বি* কৃষিজমি। 'তাহার তালুকে বসি দামিন্যায় চাষ চষি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* চাষাবাদ। 'পুণ্য মাইসর মাস পুণ্য মাইসর মাস বিফল জনম তার জার নাহি চাষ।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* হাল চালানো। 'হালিয়া আনিয়া তবে ভিটাতে চাষ কৈল।' *বিজয়*, ১৬৫০। ৪ *বি* চর্চা। 'গান আমরা চাষ করি আনন্দে।' *রবীন্দ্র*, ১৯১৮। ৫ *বি* ফসল। 'বর্ষাকালে ধান ছাড়া অন্য চাষ নাই মাঠে।' *শওকত*, ১৯৫৮।

চাষ আবাদ [চাষ+ফা আবাদ] *বি* কৃষিকাজ। 'পরাণ ঘরে গিয়া চাষ আবাদে প্রবৃত্ত হইল।' *বঙ্কিম*, ১৮৭৯।

চাষকারী [চাষ+স কারী] *বিণ* চাষ করে এমন। 'বিজুলিয়া কনসরণের ইউরোপীয় নীলকরদিগের নীল চাষকারী প্রজা।' *এডুকেশন*, ১৮৯০।

চাষবাস [চাষ>] *বি* চাষাবাদ; কৃষিকাজ। 'মিথ্যা কাজে ফিরে পতি নাঞি চাষবাস।' *মুকুন্দ*, ১৬০০।

চাষভূমি [চাষ+স ভূমি] *বি* কৃষিজমি। 'জত বৈসে দ্বিজবর তার নাহি নিব কর চাষভূমি বাড়ি দিব দান।' *মুকুন্দ*, ১৬০০।

চাষাবাদ [চাষ+ফা আবাদ] *বি* কৃষিকাজ। 'কিছু দিন চাষাবাদ করিয়া হরবির ফসলের দ্বারা বিলক্ষণ যোত্র করিয়াছিল।' *প্যারী*, ১৮৫৮।

চাষা[১] [চাষ>] ১ *বিণ* অমার্জিত। 'কেহ ধীর কেহ চাষা মিথ্যাবাদী সত্যভাষা।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* কৃষক। 'কে বুঝে পণ্ডিত কেবা চাষা।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'ভদ্রলোকের নিকট 'চাষা বেটা' প্রায় মনুষ্যের মধ্যেই নহে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চাষাগাঁ *বি* পাড়াগাঁ; চাষাবাদ করা হয় যে গ্রামে। 'চিরকাল এই রকম চাষাগাঁয়ে বসে ঠাকুরপূজা করিবে।' *বিভূতি*, ১৯৩১।

চাষাড়ে *বিণ* মূর্খ। 'হাঁদা! ক্যাবলাকান্ত! চাষাড়ে।' *নজরুল*, ১৯২৬।

চাষাধোপা *বি* হিন্দু পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'কেহ কেহ চাষ করিয়া চাষাধোপা বলিয়া পৃথক জাতি হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৯২।

চাষানী, চাষাণী *বি* চাষার বউ। 'চাষানী ধূলি আনিয়া দিল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩; 'নতুন চাষা ও নতুন চাষাণী পাতিল নতুন ঘর।' *জসীম*, ১৯২৯।

চাষাভুষা, চাষাভুষা ১ *বিণ* অশিক্ষিত। 'চাষাভুষা লোকের ছেলেরা যাবৎ পয়সা পাইত তাবৎকাল পাঠশালায় যাইত।' *চন্দ্রিকা*, ১৮৩২। ২ *বি* অমার্জিত লোক। 'কোচম্যান, চাষাভুষা ইত্যাদি ছাড়া এই বিশাল জাতির মধ্যে মানুষের মত মানুষ খুব কম পাওয়া যায়।' *তরকব্বী*, ১৯২৬। ৩ *বি* কৃষক শ্রেণী। 'আমাদের চাষাভুষারা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চাষাভুষো, চাষাভুষো ১ *বিণ* সাধারণ মানুষ। 'চাষাভুষোর মুখে যে কথাটা ছোট্ট বড়োলোকের মুখে সেইটেই কত বড়ো শোনায়।' *রবীন্দ্র*, ১৮৮৯; 'একটা চাষাভুষো ধরে দাও গে।' *শরৎ*, ১৯১৬। ২ *বি* কৃষক শ্রেণী। 'চাষা ভুষোদের আবাদের ক্ষেত হতে পারলো না।' *মনসুর*, ১৯৩৫।

চাষামি [স চষ্>] *বি* গ্রাম্যতা। 'হুজুর, পেয়াদা বলে, বেটাদের চাষামি।' *রবীন্দ্র*, ১৯৪১।

চাষা[২] [স চষ্>] *বি* পাখিবিশেষ; নীলকণ্ঠ। 'আমি বড় চাষা গগনে আমার বাসা।' *সুলতান*, ১৭৫০।

চাষি, চাষী [চাষ>] *বি* কৃষক; কৃষিজীবী। 'তেলি বৈসে কত জনা কেহ চাষী কেহ ঘনা।' *মুকুন্দ*, ১৬০০; 'শস্যক্ষেত আগলিছে চাষি।' *রবীন্দ্র*, ১৮৯০।

চাষিত্ব, চাষীত্ব [চাষি+স ত্ব] *বি* নীচতা। 'বেগমসাহেবার চাষীত্ব প্রমাণের দ্বারা লুৎফুনের আভিজাত্য খণ্ডিত।' *মনসুর*, ১৯৫৫।

চাষিপ্রধান, চাষীপ্রধান [চাষি+স প্রধান] *বিণ* অধিকাংশই চাষী এমন। 'অবস্থাপন্ন চাষীপ্রধান গ্রামে ...।' *তারা*, ১৯৪২।

চাষিবাসী *বি* কৃষক। 'চাষিবাসীর সংসারে ঝঞ্ঝাট বেশি।' *শওকত*, ১৯৫৮।

চাষিবৌ [চাষি+স বধূ] *বি* কৃষকের স্ত্রী। 'পরশু দিনে যে চাষিবৌ এসেছে, সেই বললে মুক্তিবাহিনী চারিদিকে প্রতিরোধ শুরু করেছে।' *শওকত*, ১৯৭২।

চাষিভুষি, চাষীভুষি *বি* কৃষক ও গ্রামের অশিক্ষিত লোক। 'যত চাষীভুষির সঙ্গে ব'সে গল্প করবে।' *তারা*, ১৯৪০।

চাষিমহিলা *বি* কৃষক পরিবারের নারী। 'প্রৌঢ়া চাষিমহিলার কণ্ঠস্বর অনুরোধ মাখা?' *শওকত*, ১৯৭২।

চাষি-সদ্‌গোপ, চাষী-সদ্‌গোপ [চাষি+স সদ্‌গোপ] *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ। 'কুমার-সদ্‌গোপ, চাষী-সদ্‌গোপ এবং গন্ধবণিকদের বাস।' *তারা*, ১৯৪৬।

চাস [চাষ>] *বি* আবাদ। 'কাহাকেও অসম্মতিতে বলক্রমে পৌত্তের চাস না-করাইবার ...।' *ফরস্টার*, ১৭৯৮।

চাসকর্ম [চাষ+স কর্ম] *বি* কৃষিকাজ। 'চাসকর্ম্মের আধিক্যে মহাজনী দ্রব্যাদি অনেক জন্মে।' *ফরস্টার*, ১৭৯৩।

চাসবাস *বি* চাষাবাদ; কৃষিকাজ। 'দাদনী লইয়া কালক্রমে চাসবাস করিতে না পারিলে ...।' *বঙ্গদূত*, ১৮২৯।

চাসা [চাষ>] ১ *বিণ* গ্রাম্য। 'মহা চাসা বেটা ভাতে পেট নাহি ভরে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* অমার্জিত রুচিসম্পন্ন। 'রাজার তনয় বটে রাজবংশে চাসা।' *ভারত*, ১৭৬০। ৩ *বি* কৃষক। 'মূর্খ কেবল চাসা হাত্তি।' *কেরি*, ১৮০২।

চাসাকৈবর্ত্ত [চাষা+স কৈবর্ত] *বি* পেশাজীবী হিন্দু সম্প্রদায়বিশেষ। 'যুগি চাসাধোবা চাসাকৈবর্ত্ত অনেক।' *ভারত*, ১৭৬০।

চাসী [চাষ] *বি* চাষি। *ওসা*, ১৭৮২।

AMARBOI.COM

চাহনি, চাহনী [স চক্ষ্>] **১** *বি* দৃষ্টি। 'হাসির চাহনি দেখাল কামিনী পরাণ হারানু তাহ।' *দ্বিজী*, ১৬০০; 'সে চাহনীতে একটা সন্দেহের আবেশ।' *হাই*, ১৯৪৭। **২** *বি* তাকাবার ভঙ্গি। 'দেখি তাহার চাহনি।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* জ্যোৎস্না। '(ও চাঁদ), বনে বনে দোল জাগালো ওই চাহনি তুফান-তোলা।' *রবীন্দ্র*, ১৯২২। **৪** *বি* উদাসীন দৃষ্টিপাত। 'দিক-হারানো চাহনি অজানা আকাশের।' *রবীন্দ্র*, ১৯৩৬। **৫** *বি* আলোকন। 'শেষরাত্রের গায়ে-কাঁটা-দেওয়া আলোর আড়-চাহনি।' *রবীন্দ্র*, ১৯৩৬।

চাহনি-ছুরি *বি* চাহনিরূপ ছুরি। 'নয়নকোণের চাহনি-ছুরিতে **মর্মতন্ত্র** টুটে।' *রবীন্দ্র*, ১৮৯০।

চাহনি-তরে *ক্রিবিণ* দৃষ্টিপাতের আশায়। 'একটি চাহনি-তরে চেয়ে আছে কত ...।' *রবীন্দ্র*, ১৮৮৪।

চাহনি ফেরাফিরি *বি* পরস্পরের প্রতি অর্থবোধক দৃষ্টিবিনিময়। 'চাহনি ফেরাফিরি করিয়া অভীষ্ট পথে গেল।' *বঙ্কিম*, ১৮৭৮।

চাহা[১] [স চক্ষ্>] **১** *ক্রি* দেখা। 'মাঙ্গত চড়ছিলে চউদিস চাহঅ।' *চর্যা ৮*, ১২০০। **২** *ক্রি* খোঁজা। 'চাহন্তে চাহন্তে সুণ বিআর।' *চর্যা ৩১*, ১২০০। **৩** *ক্রি* ইচ্ছা করা। 'বোল চালেঁ হাট জাইতেঁ চাহসি সুন্দরী।' *বড়ু*, ১৪৫০। **৪** *ক্রি* কামনা করা। 'চাহিলেন সুরতি/ নাহি দিল পাপমতি।' *বড়ু*, ১৫৭০। **৫** *ক্রি* চেষ্টা করা। 'প্রথমে চাহিঅ তুহ্মি করিবারে বধ।' *সুলতান*, ১৭০০। **৬** *ক্রি* দাবি করা। 'কমণ/ কারণে কাহ্নাঞি/ চাহ এহার বিচারা।' *বড়ু*, ১৪৫০। **চাহঅ** *ক্রি* দেখে। 'মাঙ্গত চড়হিলে চউদিস চাহঅ।' *চর্যা ৮*, ১২০০। **চাহএ** *ক্রি* তাকায়। 'জইঅও জতনে গোঅএ চাহএ হিমগিরি ন নুকাএ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চাহন্ত** *ক্রি* ইচ্ছা করলো। 'শিশু সনে চাহন্ত ছাগল রাখিবার।' *সুলতান*, ১৭০০। **চাহন্তি** *ক্রি* তাকালো। 'নারি সভে কৃড়া করে কতুক চাহন্তি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **চাহন্তে** *ক্রি* খুঁজতে। 'চাহন্তে চাহন্তে সুণ বিআর।' *চর্যা ৩১*, ১২০০। **চাহসি** *ক্রি* চাচ্ছ। 'বোল চালেঁ হাট জাইতেঁ চাহসি সুন্দরী।' *বড়ু*, ১৪৫০। **চাহা** *ক্রি* চাও। 'তুলি চাহা মোর মুখে।' *বড়ু*, ১৪৫০। **চাহাঁ** *ক্রি* চেয়ে; দেখে। 'রাধার বদন চাহাঁ কাহ্নাঞি হাসে।' *বড়ু*, ১৪৫০। **চাহাম** *ক্রি* খুঁজি। 'জা এথু চাহাম সো এথু নাহি।' *চর্যা ২০*, ১২০০। **চাহি ১** *ক্রি* খুঁজে। 'ফেটলিউ গো মাএ অন্তউড়ি চাহি।' *চর্যা ২০*, ১২০০। **২** *ক্রি* ইচ্ছা করে। 'চাহি লৈল বুদীঅ মাই।' *বড়ু*, ১৪৫০। **৩** *অব্য* চেয়ে। 'জীবন চাহি জৌবন বড় রঙ্গ। তবে জৌবন জব সুপুরুখ সঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৪** *ক্রি* তাকাই। 'জব পরিহরি চলএ চাহি।' *দ্বিজী*, ১৬০০। **চাহিঅ** *ক্রি* চেষ্টা করে। 'প্রথমে চাহিঅ তুহ্মি করিবারে বধ।' *সুলতান*, ১৭০০। **চাহিআ** *ক্রি* চেয়ে। 'ঐর্ন্যে ঐর্ন্যে সমাহি সমাহি মুখ চাহিআ।' *মালাধর*, ১৫০০। **চাহিআঁ** *ক্রি* খুঁজে। 'সোদর মাউলানী পাইলী চাহিআঁ।' *বড়ু*, ১৪৫০। **চাহিএ** *ক্রি* চাই। 'তোমার আকর চাহিএ তাহাতে ...।' *চিঠিপত্র*, ১৭৬৫। **চাহিত** *ক্রি* কামনা করতো। 'এই চাহিত যে আর আর জাতির ন্যায় তাহাদিগের একজন রাজা হয়।' *তারিণী*, ১৮০৩। **চাহিতে** *ক্রি* দেখতে। 'নরক চাহিতে মোর হাবিলাষ অতি।' *সুলতান*, ১৭০০। **চাহিতেঁ** *ক্রি* খুঁজতে। 'গাছ চাহিতেঁ আহ্মে জাইএ বৃন্দাবনে।' *বড়ু*, ১৪৫০। **চাহিনু** *ক্রি* দেখলাম। 'ত্রিগর্ত লাহুর ভিত্তি চাহিনু অনেক পল্লি।' *মুকুন্দ*, ১৬০০। **চাহিব** *ক্রি* ইচ্ছা করবো। 'রাধাক দেখিলেঁ আহ্মে চাহিব দানে।' *বড়ু*, ১৪৫০। **চাহিবা** *ক্রি* দেখবে। 'জদি বা দ্বারেতে জাঅ রথে না চাহিবা।' *কবীন্দ্র*, ১৬৮৯। **চাহিবার** *ক্রি* চাইতে; দেখতে। 'অন্তঃপুরে জত নারি আইল চাহিবার।' *কবীন্দ্র*, ১৬৮৯। **চাহিবেক** *ক্রি* চাইবে। *ক্যালগে*, ১৭৮৭। **চাহিয়া ১** *ক্রি* চেয়ে। 'তোর দুঃখ দেখি তাই চাহিয়া আনিনু।' *বৃন্দা*, ১৫৮০। **২** *ক্রি* দেখে। 'ফাতেমা বাপের শির এজিদে চাহিয়া।' *গরীব*, ১৭৬৫। **চাহিল** *ক্রি* চাইলো। 'দুহেঁ মেলিআঁ কাহ্নাঞি চাহিল।' *বড়ু*, ১৪৫০। **চাহিলে** *ক্রি* চাইলে। 'একেঁ চাহিলেঁ আরে পায়িলেঁ।' *বড়ু*, ১৪৫০। **চাহিলেক** *ক্রি* তাকালো। 'চাহিলেক দৃষ্টে দৃষ্টে হস্তলেপ দিল বক্ষে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **চাহিলেন** *ক্রি* কামনা করলেন। 'চাহিলেন সুরতি/ নাহি দিল পাপমতি।' *বড়ু*, ১৫৭০। **চাহিলুঁ** *ক্রি* চাইলাম। 'বিমর্ষি চাহিলুঁ পাছে মুঞি অন্তরুদ্ধি।' *আলাওল*, ১৬৮০। **চাহিলোঁ** *ক্রি* চাইলো। 'নিজ পতি না চাহিলোঁ তোহ্মাক উপেখিলোঁ।' *বড়ু*, ১৪৫০। **চাহী ১** *ক্রি* চেয়ে। 'চারি পাশে চাহী বৃন্দাবনে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* কামনা করি। 'আহোনিশি আহ্মে সহি তোর ভাল চাহী।' *বড়ু*, ১৪৫০। **চাহীএঁা** *ক্রি* কামনা ক'রে। 'এবে মঙ্গল চাহীএঁা দেখিলোঁ বড়ায়ি।' *বড়ু*, ১৪৫০। **চাহীব** *ক্রি* চাইবো। *ওসাঁ*, ১৭৮২। **চাহীল ১** *ক্রি* চাইলাম। 'জাহাত লাগিআঁ নিজ পতি না চাহীল।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* তাকিয়ে দেখলো। 'কটাক্ষে জে কিঞ্চিৎ চাহীল।' *কবীন্দ্র*, ১৬৮৯। **চাহু** *ক্রি* দেখুক। 'বহিতেঁ না পারিব রাধা তুলী চাহু ভার।' **বড়ু**, ১৪৫০। **চাহুঁ** *ক্রি* চাই। 'বল করিতে চাহুঁ তোরে।' বড়ু, ১৫৭০। **চাহে ১** *ক্রি* চায়। 'কাঞ্চলী ভাঁগিতে চাহে বলে।' বড়ু, ১৪৫০। **২** *ক্রি* দেখে। 'ডুব দিআ বিচারিয়া চাহে বহু দুর।' *কবীন্দ্র*, ১৬৮৯। **চাহেন** *ক্রি* তাকান। 'শেষে সবে উঠিয়া চাহেন ভক্তগণ।' *বৃন্দা*, ১৫৮০। **চাহেন্তে** *ক্রি* কামনা করে। 'সন্ধোঞি চাহেন্তে তোক রোষু বনমালী।' বড়ু, ১৪৫০। **চাহো** *ক্রি* চাই। ওসাঁ, ১৭৮২। **চাহোঁ** *ক্রি* কামনা করি। 'তেঁসি সংহতী করি নিতেঁ চাহোঁ রাহী।' বড়ু, ১৪৫০।

চাহাং [বা চাহ্] *বি* বাসনা। 'উজির দৌলত ভাবত সতত পুরিতে মনের চাহা।' *বাহরাম*, ১৬৫০।

চাহা[৩] [চা চা] *বি* চা। 'চাহা পীয়নের পর দশ ঘড়ি তক।' *কেরি*, ১৮০২।

চাহারখানা [পা চিহরাহ্+খানা] *বি* মুখচ্ছবি। 'সুর্কে রং চাহারখানার ঢিলে আরবি পায়জামা।' *নজরুল*, ১৯৩০।

চাহিত [স চক্ষ্>] *বি* বায়না। 'বাবুজনে তোমার গান বাজানা শুনিলে তবেত তোমাকে চাহিত করিবেক।' *ভবানী*, ১৮২৮।

চাহিদা [হি চাহ>] *বি* প্রয়োজনের পরিমাণ; ডিমান্ড। 'চাহিদা ও সরবরাহের প্রচলিত প্রথা অচল হইয়া পড়িয়াছে।' *আজাদ*, ১৯৪২।

চিঅ [স চিত্ত] *বি* চিত্ত। 'চিঅ কণ্ডহার সুণত-মাঙ্গে।' *চর্যা ১৩*, ১২০০।

চিঅরাঅ [স চিত্তরাজ] *বি* চিত্তরাজ। 'চিঅরাঅ মঁই অহার কএলা।' *চর্যা ৩৫*, ১২০০।

চিঅরাঅ [স চিত্তরাগ] *বি* চিত্তরাগ। 'এবেঁ চিঅরাঅ মকুঁ ণঠা।' *চর্যা ৩৫*, ১২০০।

চিআ, চিআনো *ক্রি* জাগ্রত হওয়া। 'বড়ায়িক চিআইএঁা বুইল বচন।' বড়ু, ১৪৫০। **চিঅ** *ক্রি* জাগো। 'চিঅ পুত্র শিঅরে জননী।' মুকুন্দ, ১৬০০। **চিআইআঁ** *ক্রি* সচেতন হয়ে। 'চিআইআঁ সমতী দেহ রাধা।' বড়ু, ১৪৫০। **চিআইএঁা** *ক্রি* জাগিয়ে। 'বড়ায়িক চিআইএঁা বুইল বচন।' বড়ু, ১৪৫০। **চিআইতে** *ক্রি* জাগাতে। 'তওঁহোরে চিআইতে আজী না লাগিল গাএ।' বড়ু, ১৪৫০। **চিআইয়া** *ক্রি* জাগিয়ে। 'নিদ্রা গেলে আমি চিআইয়া স্বামী আপনি খাওয়ান গুয়া।' মুকুন্দ, ১৬০০। **চিআইল** *ক্রি* জেগে উঠলো। 'তার রাএ কংসের পহরী চিআইল।' বড়ু, ১৪৫০। **চিআয়িলী** *ক্রি* স্ত্রী জেগে উঠলো। 'কথোখণে চিআয়িলী রাধা চন্দ্রাবলী।' বড়ু, ১৪৫০।

চিংড়ি, চিংড়ী [স চিঙ্গট] *বি* জলচর প্রাণীবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'চিংড়িও একপ্রকার জলজ কীট, মৎস্য নহে।' *বিদ্যা*, ১৮৫১; 'দাড়াওয়ালা

AMARBOI.COM

চিংড়ী ... জালে পড়ল।' *অবন*, ১৮৯৬।

চিঁচি [ধ্বন্যা] *বি* ক্ষীণ আর্তধ্বনি। 'ভারী দুর্বল হইয়া পড়িয়াছে, চিঁচি করিয়া কথা বলিতেছে।' *বিভূতি*, ১৯২৯।

চিঁচি করা *ক্রি* ক্ষীণ শব্দ করা। 'গলা চিঁচি করছে।' *জীবন*, ১৯৩২।

চিঁড়া, চিঁড়ে [স চিপিটক>] *বি* চাল চ্যাপটা ক'রে তৈরি করা খাবারবিশেষ। 'এই মত চিঁড়া হুড়ুম সন্দেশ সকল।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'রামচরণে আমাতে চিঁড়ে ভিজিয়ে খাচ্ছিলুম।' *রবীন্দ্র*, ১৮৮৯।

চিঁড়িতন, চিঁড়েতন [হি] *বি* খেলার তাসবিশেষ। 'চিঁড়িতন।' *ওসাঁ*, ১৭৮৫; 'রং হল চিঁড়েতন সব গেল ঘুলিয়ে।' *সুকুমার*, ১৯২০।

চিঁহি চিঁহি [ধ্বন্যা] ১ *বিণ* অবিরাম চিঁহি শব্দ করছে এমন। 'আস্তাবল থেকে চিঁহি চিঁহি শব্দে হ্রেষাধ্বনি উঠছে।' *রবীন্দ্র*, ১৯১৫। ২ *বি* ঘোড়ার ডাকের মতো ধ্বনি। 'সে চিঁহি চিঁহি করতে লাগল।' *রবীন্দ্র*, ১৯২২।

চিক[১] [তু] *বি* বাঁশের শলা দিয়ে তৈরি পর্দা। 'দান দিতে চিক দ্বারে আইল কলাবতী।' *আলাওল*, ১৬৮০।

চিক-ঢাকা *বিণ* বাঁশের শলার তৈরি পর্দায় ঢাকা। 'পাশের গলির চিক-ঢাকা ওই ঝাপসা আকাশতলে।' *রবীন্দ্র*, ১৯৪০।

চিক[২] [ধ্বন্যা] *বি* গলায় পরার অলংকারবিশেষ। 'ডায়মনকাটা চিক তাবিজ বাজু হাতের কড়া স্বর্ণ গোটা চাবির সিকলি; চন্দ্রহার ... ইত্যাদি।' *ভবানী*, ১৮২৮।

চিকচিক [ধ্বন্যা] *বি* ঈষৎ ঔজ্জ্বল্য প্রকাশ; ঝিকমিক। 'দেখিতে অপূর্ব্ব যাহা করে চিকচিক।' *রামনারায়ণ*, ১৮৫৪।

চিকচিকানো [ধ্বন্যা চিকচিক>] *ক্রি* চিকচিক করা। 'কি যেন ঔজ্জ্বল্যের সন্ধান পেয়ে চিকচিকিয়ে উঠেছে।' *কায়সার*, ১৯৬৮।

চিকচিকে [ধ্বন্যা চিকচিক>] ১ *বিণ* চিকচিক করছে এমন। 'পৃথিবীর তৃণ-আবরণ বেশ একটু সবুজ চিকচিকে টসটসে হয়ে উঠুক।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বিণ* ঝিকিমিক করে এমন। 'পাতার ফাঁক দিয়ে চিকচিকে জ্যোৎস্নার আলো।' *বিভূতি*, ১৯২৯।

চিকড় [স শিখর] *বি* শিকড়। 'মূল চিকড় করিতে।' *মানোএল*, ১৭৪৩।

চিকণ [ফা চিকিন] ১ *বিণ* চকচকে। 'নীল জলদ সম চিকণ চিকুরে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* মসৃণ। 'চামরী জিনিঞা তোর চিকণ কবরী।' *বড়ু*, ১৫৭০।

চিকণকালা, চিকনকালা *বি* কৃষ্ণ। 'চিকণকালা করিয়াছে থানা।' *দ্বিজী*, ১৬০০; 'আমার চিকনকালা ভালোবাসি/ কালা রাধার প্রাণাধার।' *গিরিশ*, ১৮৮৩।

চিকন [ফা চিকিন] ১ *বিণ* মসৃণ। 'ঝাঁওএঁ ঘসিআঁ তাক করিল চিকন।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* মিহি; সরু-দানাদার। 'কিনিতে চিকন চিনি কত হুড়াহুড়ি।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৩ *বিণ* পাতলা। 'কত বা নেতের তুলি চিকন মশারী।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৪ *বিণ* মনোহর। 'চিকন গাঁথিয়া মালা, পরিতাম হার।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ৫ *বিণ* চকচকে। 'চিন্তা উহার চিকন সবুজ পাতাগুলি ভূর্জপত্রের মতো পাণ্ডুবর্ণ হইয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৬ *বিণ* সরু। 'চিকন রেখার লিখন শূন্যে মেশায়।' *রবীন্দ্র*, ১৯২৭।

চিকন কালো [ফা চিকিন>+স কাল] *বি* মসৃণ কালো রং। 'মিশিকালো মোষেকালো নিকষ কালো চিকন কালো আলাদা আলাদা রং।' *অবন*, ১৯২৫।

চিকনচাকন [ফা চিকিন>] *বি* চাকচিক্য। 'বাহিরের চিকনচাকনকে যদি তুমি খাতির করিতে না চাও ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

চিকনদার [ফা] *বি* মিহি কাপড়নির্মাতা। *ওসাঁ*, ১৭৮৫।

চিকনা [ফা চিকিন] *বিণ* লাবণ্যময়। 'কেটেছে রঙিন মধুমল দিন ওজুদে চিকনা সরে।' *ফররুখ*, ১৯৪৩।

চিকনাই [স চিকন] *বিণ* উজ্জ্বল। *বিদ্যা*, ১৮৯১; 'চেহারা বেশ চিকনাই হইয়া উঠিতে লাগিল।' *মনসুর*, ১৯৩৫।

চিকনা মাটি [স চিকন+মাটি] *বি* সাচি মাটি। *মানোএল*, ১৭৪৩।

চিকনিয়া [ফা চিকিন>] *বিণ* উজ্জ্বল। 'মাথায় চিকনিয়া চাঁদপাল্লা টুপি।' *ইমদাদুল*, ১৯২০।

চিকমিক [ধ্বন্যা] *বি* ঝিকমিক। 'একটু বিদ্যুৎ চিকমিক করতে আরম্ভ করেছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

চিকমিকিয়ে *ক্রিবিণ* ঝিকমিক ক'রে। 'আকাশ জুড়ে চিকমিকিয়ে চিকমিকিয়ে রে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

চিকমিকে *বিণ* ক্ষণে ক্ষণে দ্যুতি প্রকাশ করে এমন। 'সমস্ত আকাশজোড়া গরজে ইন্দ্রের ঘোড়া/ চিকমিকে বিদ্যুতের আলো।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিকরুনি [স চিৎকার] *বি* চিৎকার। 'দাদার চিকরুনি দেখে বাবা কাঞ্চনকে ডাকুয়ে এনে বাড়ীর ভিতর পাঠয়ে দিলেন।' *দীনবন্ধু*, ১৮৬৬।

চিকলিং উদ্ভিদ বিশেষ। 'বাগানটির চিকলি চারার বেড়ার গায়ে বসানো বাঁশের বাতা দিয়া তৈরি গেট।' *মানিক*, ১৯৩৭।

চিকারি, চিকারী [হি চিকারী] ১ *বি* চিৎকার। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* সেতারাদি তারযন্ত্রে ঝালা দেওয়ার জন্য সংলগ্ন অতিরিক্ত তার। 'চিকারির ঝনঝনানি তাঁদের কানে অসহ্য।' *প্রমথ*, ১৯১৬; 'তারের যন্ত্রে চিকারী ও জুড়ীর সাহায্যে সুরকে পুষ্ট করিবার যে পদ্ধতি আছে ...।' *মোতাহার*, ১৯৩৭।

চিকিচিকি করা [ধ্বন্যা চিকিচিকি>] *ক্রি* চিকচিক করা। 'বালি চিকিচিকি করে চরে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিকিচ্ছা [স চিকিৎসা] *বি* চিকিৎসা। 'ঘুচাইয়া লাজে চিকিচ্ছার কাজে বসিলা রোগীর কাছে।' *চণ্ডী*, ১৫৫০।

চিকিচ্ছে [স চিকিৎসা] *বি* চিকিৎসা। 'কিছু জ্ঞান না চিকিচ্ছের।' *মানিক*, ১৯৩৬।

চিকিতসা [স চিকিৎসা] *বি* চিকিৎসা। 'এক ঠাই ঘাএর চিকিতসা কারিলে বড় উপকার হঅ।' *চিঠিপত্রে*, ১৮৩৯।

চিকিৎসক [স] *বি* যিনি চিকিৎসা করেন। 'ডাক্তর ও তাহারদিগের নীচে শতাধিক বাঙ্গালি চিকিৎসক।' *দর্পণ*, ১৮১৮।

চিকিৎসা[১] [স] *বি* রোগ নিরাময়ের জন্য ব্যবহৃত পদ্ধতি। 'চিকিৎসা করেন যারে হইয়া সদয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চিকিৎসাগ্রন্থ [স] *বি* চিকিৎসাবিজ্ঞান বিষয়ক বই। 'এক চিকিৎসাগ্রন্থ তর্জমা করিতে আরম্ভ করিয়াছেন।' *দর্পণ*, ১৮২১।

চিকিৎসাধীন [স চিকিৎসা-অধীন] *বিণ* চিকিৎসা চলছে এমন। 'হাসপাতালে চিকিৎসাধীন আহত ৫৬ জন।' *বেগম*, ১৯৭২।

চিকিৎসাপত্র [স] *বি* রোগ নিরাময়ের ব্যবস্থাদি। 'গ্রাম্য প্রদেশে চিকিৎসাপত্র বড় ছিল না।' *বঙ্কিম*, ১৮৮২।

চিকিৎসাবিদ্যা [স] *বি* চিকিৎসাবিষয়ক জ্ঞান। 'ইংগ্রাণ্ডীয়েরদের মধ্যে যে চিকিৎসাবিদ্যা আছে ...।' *দর্পণ*, ১৮১৮।

WWW.AMARBOI.COM

চিকিৎসাবিদ্যাবিশারদ [স] *বিণ* চিকিৎসাবিদ্যায় পারদর্শী। 'চিকিৎসাবিদ্যাবিশারদ এণ্ড্রু কুষ।' *অক্ষয়*, ১৮৫২।

চিকিৎসা-বিদ্যালয় [স] *বি* চিকিৎসাবিদ্যা শেখার বিদ্যালয়। 'কলিকাতা নগরীতে সুপ্রসিদ্ধ চিকিৎসা-বিদ্যালয় সংস্থাপন করিয়া ...।' *অক্ষয়*, ১৮৫২।

চিকিৎসা-ব্যবসায়ী [স] *বি* চিকিৎসা যার জীবিকার উপায়। 'ডাক্তার ... একজন আধবুড়ো চিকিৎসাব্যবসায়ী।' *রবীন্দ্র*, ১৮৮১।

চিকিৎসাভ্যাস [স] *বি* চিকিৎসাবিদ্যা চর্চা। 'সেই খানে থাকিয়া চিকিৎসাভ্যাস করিয়া পরে ঐ আপন ব্যবসায় করিত।' *দর্পণ*, ১৮১৮।

চিকিৎসার্থ [স চিকিৎসা-অর্থ] *ক্রিবিণ* চিকিৎসার জন্য। 'চিকিৎসার্থ এক চিকিৎসালয় স্থাপননিমিত্ত ডাক্তর কেরি সাহেব অত্যন্ত উদ্যোগ করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩৪।

চিকিৎসার্থিনী [স] *বি* স্ত্রী রোগী। 'চিকিৎসার্থিনীগণকে সঙ্কোচের সঙ্গে পুরুষ ডাক্তারের নিকট ...।' *বেগম*, ১৯৬৩।

চিকিৎসালয় [স চিকিৎসা-আলয়] *বি* হাসপাতাল। 'এক চিকিৎসালয় মো কলিকাতায় প্রস্তুত হইবে ...।' *দর্পণ*, ১৮১৮।

চিকিৎসাশাস্ত্র [স] *বি* যে শাস্ত্র অধ্যয়ন ক'রে চিকিৎসা করা যায়। *ওসী*, ১৭৮৫; 'তিনি ... তদ্দেশের চিকিৎসাশাস্ত্র প্রচারকর্ত্তা।' *অক্ষয়*, ১৮৪৭।

চিকিৎসাশাস্ত্রজ্ঞ [স] *বিণ* চিকিৎসা বিজ্ঞানে বিশেষজ্ঞ। 'চিকিৎসাশাস্ত্রজ্ঞ পণ্ডিত আরব দেশে গমনপূর্ব্বক বিবিধ শাস্ত্রের উপদেশ করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৪৭।

চিকিৎসাহীন [স] *ক্রিবিণ* বিনা চিকিৎসায়। 'বিনা ঔষধে চিকিৎসাহীন্ নিবেছে জীবন তার।' *জসীম*, ১৯৫১।

চিকিৎসিত হওয়া *ক্রি* চিকিৎসা গ্রহণ করা। 'ধনেশব্যতীত কাহাতেই আমাদের অনুমোদিত উপায়ে চিকিৎসিত হইতে রাজী হইলেন না।' *বনফুল*, ১৯৩৬।

চিকিৎসা[২] [স চিকিৎসা>] *ক্রি* চিকিৎসা করা। 'চিকিৎসিমু প্রাণপণ।' *আলাওল*, ১৬৮০; 'নিঃসরিল গর্ব্ব তবে বৈদ্যে চিকিৎসিল।' *রবীন্দ্র*, ১৬৮৯।

চিকিমিকি [ধ্বন্যা] ১ *বিণ* চিকচিক শব্দ করছে এমন। 'কীটপতঙ্গের চিকিমিকি শব্দ বিশ্রুত হয়।' *অক্ষয়*, ১৮৪৩। ২ *বি* ক্ষণে ক্ষণে আলোর ঝিলিক। 'কোথাও একটু জল ফুটিয়া উঠিতেছে – সেখানে একটু চিকিমিকি।' *বঙ্কিম*, ১৮৮২। ৩ *বি* ঝিকিঝিকি। 'কালো মেঘ ভেসে এল হেসে চিকিমিকি।' *রবীন্দ্র*, ১৯৩২।

চিকিয়ে ওঠা *ক্রি* চকচক করা। 'আমার মনের মধ্যে চিকিয়ে উঠল আলোর ঝলক।' *রবীন্দ্র*, ১৯৩৫।

চিকীর্চ্ছা [স চিকিৎসা] *বি* চিকিৎসা। 'তাহাতেই পিড়া হইয়াছিল চিকীর্চ্ছা করানো গিয়াছিল।' *চিঠিপত্রে*, ১৭৯৪।

চিকীর্ষু [স] *বিণ* করতে ইচ্ছুক। 'যাঁহারা ধর্ম্মলোপ চিকীর্ষু হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩১।

চিকুর[১] [স] ১ *বি* চুল; কেশ। 'খদিরকুসুমমালা আউলাইল চিকুরে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* বিদ্যুৎ। 'ঈশানে উরিল মেঘ সঘনে চিকুর উত্তর পবনে মেঘ ডাকে দুরদুর।' *মুকুন্দ*, ১৬০০।

চিকুর চামরী [স] *বি* তিব্বতি গাভির লেজের চুল। 'সিংহকটি গজগতি চিকুর চামরী।' *আলাওল*, ১৬৮০।

চিকুর-জাল [স] *বি* কেশগুচ্ছ। 'চাঁচর চিকুর-জাল জলধর জিনি।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চিকুরভার [স] *বি* চুলের রাশি। 'মুকুতা চিকুরভার সুসন সঝরে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

চিকুর[২] *বি* পক্ষীবিশেষ; বাজ পাখি। *ওসী*, ১৭৮৫।

চিকেন কারি [ই] *বি* মুরগির মাংসের ঝোল। 'চিকেন কারি, মটন কারি ইত্যাদি ত রয়েছেই।' *মুজতবা*, ১৯৫৮।

চিক্কণ [স] ১ *বিণ* মসৃণ; তেলতেলে। 'বহু তৈল দিয়া কৈল শ্রীঅঙ্গ চিক্কণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* ধোপদুরস্ত। 'গোরা গায় চিক্কণ কাবাই।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চিক্কণতা [স] ১ *বি* মসৃণতা। 'আপন চিক্কণতা যাহাতে দেবতা মনুষ্য তুষ্ট আছেন।' *তারিণী*, ১৮০৩। ২ *বি* উজ্জ্বলতা। 'রঙের চিক্কণতায়, নয়নের চটুল ভঙ্গিমায় ...।' *তারা*, ১৯২৯।

চিক্কুর [স চিৎকার] *বি* তীব্র চিৎকার। 'শোনো তার ক্রেষার চিক্কুর।' *নজরুল*, ১৯২৪।

চিক্কুরি [স চিৎকার>] *বি* চিৎকার। 'যদি চিক্কুরি দেখতে! ... মাথায় জলটল দে তবে ভাল হ'ল।' *গিরিশ*, ১৮৮৯।

চিক্যতা *বি* চাকচিক্য। 'তাহাদের বেশভূষা স্বতন্ত্র, পরিচ্ছদে চিক্যতা থাকে।' *শওকত*, ১৯৫৮।

চিখ মারা [স চিৎকার>+মারা] *ক্রি* চিৎকার করা। 'চিখ মেরে কাঁদে ওরেণ'র পানে চেয়ে, মারে জোর হাঁক।' *নজরুল*, ১৯২৪।

চিচিল [স পিচ্ছিল] *বিণ* কর্দমাক্ত। 'দুআন্তে চিখিল মাঝে ন থাহী।' *চর্যা ৫*, ১২০০।

চিঙলি [স চিঙ্গট] *বি* চিংড়ি। *মানোএল*, ১৭৪৩।

চিঙড়ি [স চিঙ্গট] *বি* চিংড়ি। 'পুঁইখাড়া চিঙড়ির ক'রে ভুষ্টিনাশ।' *গুপ্ত*, ১৮৫৮।

চিঙ্গটি [স চিঙ্গট] *বি* চিংড়ি। 'সরস্বতীর কমলবনে চিঙ্গটিনামক কর্দমচর ক্ষুদ্র মৎস্যের সন্ধানে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিঙ্গড়া [স চিঙ্গট] *বি* চিংড়ি। 'রন্ধন-সন্ধান জানে পঙ্কাল চিঙ্গড়া কিনে।' *মুকুন্দ*, ১৬০০।

চিঙ্গড়ি, চিঙ্গড়ী [স চিঙ্গট] *বি* চিংড়ি। 'কীছু ভাজ বালিকড়া চিঙ্গড়ির তোল বড়া।' *মুকুন্দ*, ১৬০০; 'পুরাণ চিঙ্গড়ী মাছ তার এই দাড়া।' *কৃষ্ণরাম*, ১৭২০।

চিঙ্গিড়ি [স চিঙ্গট] *বি* চিংড়ি। 'চিঙ্গিড়ি মাছের দুটো ঠ্যাং।' *হুতোম*, ১৮৬১।

চিৎকারী [স চিৎকার] *বি* চিৎকার। 'চিৎকারী পড়িল পাপী আর্তনাদ ছাড়ি।' *সুলতান*, ১৭০০।

চিচিং ফাঁক হওয়া – গুপ্ত বিষয় প্রকাশিত হওয়া। 'ঐ রে চিচিং ফাঁক হলো।' *নজরুল*, ১৯২২।

চিচিঙ্গা, চিচিঙ্গে [স চিচিঙ] *বি* সবজিবিশেষ। 'চিচিঙ্গা।' *বিদ্যা*, ১৮৯১; 'তুমি বঁটি আমি চিচিঙ্গে।' *নজরুল*, ১৯৩২।

চিচ্ছক্তি [স চিৎ-শক্তি] *বি* চেতনাশক্তি। 'একই চিচ্ছক্তি তাঁর ধরে তিন রূপ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চিজ [ফা] ১ *বি* খাদ্য। 'প্রথমে মীনের চিজ খাইব সকলে।' *সুলতান*, ১৭০০। ২ *বি* সামগ্রী। 'এই তিন চিজ দেখ এলাহির ভেঙ্গা।' *গরীব*, ১৭৬৫। ৩ *বিণ* ধূর্ত। 'সাবাস! উকিল কি চিজ!' *গিরিশ*, ১৮৮৯। ৪

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বি মালামাল। 'সে বাপ বাপ বলে তোমার চিজ তোমায় ফিরিয়ে দেবে।' *নজরুল*, ১৯২৫। **৫** *বি* অদ্ভুত লোক। 'বুঝলে একটা চিজ বটে – সহজ নয়।' *রবীন্দ্র*, ১৯৪০।

চিজবস্তু [ফা চিজ+স বস্তু] *বি* গুরুত্বপূর্ণ বিষয়-আশয়। 'তৎসঙ্গে আরও কত কী কবিপ্রসিদ্ধির চিজবস্তু।' *নজরুল*, ১৯২৪।

চিঞ্চপেটি *বি* গলায় পরার অলংকারবিশেষ। 'সধবাকালীন অবস্থায় তিনি নাকে নথ, কণ্ঠে চিঞ্চপেটি বা চিক ... পরতেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

চিট [ই] *বিণ* ঠক; শঠ। 'চুল করে প্যানচিট, হয় ফিট কত চিট।' *গুপ্ত*, ১৮৫৮।

চিটচিটে [ধ্বন্যা] *বিণ* আঠালো। 'আর দেখলেন অগুণতি টুপির শোভা ... তেল চিটচিটে অথবা ছেঁড়াখোড়া।' *আলাউদ্দিন*, ১৯৫৪।

চিটানো [স ছটা] *ক্রি* ছিটানো। 'চিটাইতে।' *মানোএল*, ১৭৪৩।

চিটাফোঁটা [স ছটা>] *বিণ* ছিটাফোঁটা; সামান্য। 'দুবলা কহিল তাঁরে সব বিবরণ চিটাফোঁটা ঔষধ নেহ পিরিতি কারণ।' *মুকুন্দ*, ১৬০০।

চিটি, চিটী [হি চিট্ঠী] *বি* চিঠি; পত্র। 'জেহাজ রওনার চিটী মেং এঙ্গ সাহেবের হস্তে।' *মেয়র্স*, ১৭৫৭; 'সাহেব মোহর ১ খান আমাকে দিতে সাহেবকে চিটী লিখিয়াছেন।' *ভেরলি*, ১৮০০; 'তবে ওঁরা যখন ঠাকুরপোকে চিটি লিখিবেন সেই সময় পাঁচ রঙ্গের সুতার কথা লিখে দিতে বলবো।' *দীনবন্ধু*, ১৮৬০।

চিটিংবাজ [ই চিটিং+ফা বাজ] *বি* প্রতারক। 'চিটিংবাজদের মতোই আওয়াজ।' *শিবরাম*, ১৯৫০।

চিটিংবাজি [ই চিটিং+ফা বাজ>] *বি* প্রতারণা। 'চিটিংবাজির মামলায় জেলখানায় ঘানি টেনে আসুক।' *কায়সার*, ১৯৬২।

চিটে গুড় [স চিপিট>+স গুড়] *বি* চিটাগুড়; ঝোলা গুড়বিশেষ। 'চিটে গুড় ছিটে দিয়ে পিটে খান ক'সে।' *গুপ্ত*, ১৮৫৮।

চিটে গুড়ে পিঁপড়ে – আঠার মতো লেগে থাকা। 'চিটে গুড়ে পিঁপড়ের মতো জড়িয়ে আছি দেখি।' *পাশা*, ১৯৭১।

চিটেপানা *বিণ* চুপসে রয়েছে এমন। 'ভুঁড়িটা ... একদিক চিটেপানা আর একদিকে বেঢপ মোটা।' *মনোজ*, ১৯৬১।

চিঠা [হি চিট্ঠা] **১** *বি* হিসাবের খাতাপত্র। 'দেওয়ান ঘোষের বেটা বহিত আমার চিঠা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* চিঠি। 'মহাশয় তুমি চিঠা বাহির করিয়া দেখ।' *কেরি*, ১৮০২। **৩** *বি* জমি জরিপের বিবরণপত্র। 'কাহাকে বলে চিঠা, কাহাকে বলে গোসায়ারা ...।' *প্যারী*, ১৮৫৮।

চিঠি, চিট্ঠী [হি চিট্ঠা] **১** *বি* চিঠি। 'যার নামে যত রাঘব চিঠি লেখাইলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'ইংরেজী চিঠী লিখেন।' *দর্পণ*, ১৮২১। **২** *বি* লটারির টিকিট। 'মালের চিঠী সকলে তিনসত পঞ্চিত্রিস চিঠী ইহার বিতং এক চিঠী।' *ক্যালগে*, ১৭৮৪। **৩** *বি* ফর্দ; তালিকা। 'নিমন্ত্রণপত্র কিম্বা বাজারের চিঠীখানা লিখিতে অক্ষম।' *চন্দ্রিকা*, ১৮৩০।

চিঠি চলা *ক্রি* চিঠির আদান-প্রদান করা। 'রাজার সঙ্গে তোমার চিঠি চলে!' *রবীন্দ্র*, ১৯১১।

চিঠি-চাপাটি *বি* চিঠিপত্র। 'কাজ না থাকলে হয়ত তারা চিঠি-চাপাটিও লেখে।' *মুজতবা*, ১৯৫৮।

চিঠি-চালাচালি *বি* চিঠি আদান-প্রদান। 'আমি গোপনে চিঠি-চালাচালি করছি।' *রবীন্দ্র*, ১৯১৫।

চিঠি-পত্তর [হি চিট্ঠা+স পত্র] *বি* চিঠিপত্র। 'তাই এতদিন চিঠি-পত্তর লেখনি?' *নজরুল*, ১৯২৭।

চিঠিপত্র [হি চিট্ঠা+স পত্র] **১** *বি* চিঠি ও আনুষঙ্গিক কাগজপত্র। 'কতকগুলি চিঠিপত্র তিনি বাড়ী তল্লাসীতে পাইলেন।' *বঙ্কিম*, ১৮৭৪। **২** *বি* পত্রবিনিময়। 'আপনার বুঝি এই সম্বন্ধে চিঠিপত্র চলছে?' *রবীন্দ্র*, ১৯০৯।

চিঠিপিঠি [হি চিট্ঠা>] *বি* চিঠিপত্র। 'কারো চিঠিপিঠি নিয়ে এসেছেন নাকি?' *নরেন্দ্র*, ১৯৫৪।

চিঠির বাক্স [হি চিট্ঠা+ই বক্স] *বি* ডাকে পাঠানোর জন্য চিঠিপত্রাদি রাখার আধারবিশেষ। 'পোষ্ট অফিস, চিঠির বাক্স এবং পোষ্টম্যানের সংখ্যা বৃদ্ধি না করিলে চলিবে না।' *আজাদ*, ১৯৪৯।

চিঠিলিখিয়ে *বি* পত্রলেখক। 'ঐ চিঠিলিখিয়ের চিঠি।' *রবীন্দ্র*, ১৯২৯।

চিঠীওয়ালা *বি* পত্রবাহক। 'উমেদার, বেকার রেকমেণ্ড চিঠীওয়ালা লোকে বৈঠকখানা থৈ থৈ।' *হুতোম*, ১৮৬১।

চিঠে [হি চিট্ঠা] *বি* চিঠি। 'দুশো পাঁখো সাথশো হাজার, কত দিলে লিখে চিঠে।' *গুপ্ত*, ১৮৫৮।

চিড় [স চীর>] *বি* ফাটল। *বিদ্যা*, ১৮৯১।

চিড় খাওয়া *ক্রি* ফাটল ধরা। 'কল্লোলের সংহতিতে যেন চিড় খেল।' *অচিন্ত্য*, ১৯৫০।

চিড়কার[১] [স চিৎকার] *বি* চিৎকার। 'এ সড়ার চিড়কারে মোর নিদ্রা হতেছে না ...।' *প্যারী*, ১৮৫৮।

চিড়চিড় [ধ্বন্যা] *বি* ফাটার অনুভূতি। 'অন্ধকারকে যেন চিড়চিড় করে দুফাঁক করে দিল।' *ওয়ালী*, ১৯৪৮।

চিড়চিড়ে *বি* কাঁটাগুল্মবিশেষ। 'মাঝে চিড়চিড়ে, আকন্দ, বোয়াল এবং আরো কত কী কাঁটাগুল্ম...।' *নজরুল*, ১৯২৭।

চিড়বিড় [ধ্বন্যা] *বি* তেলে ভাজার শব্দ। 'ফুটন্ত তেলে একবার এ পিঠ চিড়বিড় করে উঠবে।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিড়া[১] [স চিপিটক] *বি* চাল চ্যাপটা করে তৈরি করা খাদ্যদ্রব্যবিশেষ। 'নিত্যানন্দ-আজ্ঞায় চিড়া-মহোৎসব কৈলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চিড়াভাজা [স চিপিটক+পা ভজ্জ] *বি* তেল অথবা তেলহীনভাবে ভাজা চিড়া। 'আড়াইসের ধানের কিনিল চিড়াভাজা।' *রূপরাম*, ১৭৫০। *দ্র* **চিঁড়া**

চিড়ামুড়কি *বি* মিশ্রিত চিঁড়া ও গুড়-মাখানো মুড়ি। 'বস্ত্র হইতে চিড়ামুড়কি পতন।' *মশাররফ*, ১৮৬৯।

চিড়া[২] [স চীর>] *ক্রি* বিদীর্ণ করা। 'যদি হএ কাঙ্কই করাত লই চিড়ে।' *বাহরাম*, ১৬৫০; 'কেহ আদর করিয়া, কেহ চিড়াইয়া ...।' *বঙ্কিম*, ১৮৭৮।

চিড়িক [ধ্বন্যা] *বি* ঝলকানি। 'কেরোসিনের ধোঁয়া, চিমনির চিড়িক, ঘরে গুমোট মাকড়সার জাল।' *জীবন*, ১৯৩১।

চিড়িতন [হি চিড়ী] *বি* তাসবিশেষ। 'আরে মলো, চিড়িতন যে রঙ, ক্রপ খেললি কেন।' *মাইকেল*, ১৮৬০।

চিড়িমার [হি চিড়ী] *বি* চিড়িতন; তাসের চিহ্নবিশেষ। 'হরতন, রুইতন, ইস্কাবন ও চিড়িমার এই চারিরঙ্গ।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

চিড়িয়া[১] [হি] **১** *বি* পাখি। *ওসা*, ১৭৮৫। **২** *বি* গুপ্তসংবাদ সরবরাহকারী। 'মাস দেড়েকের মধ্যেই একটা নতুন চিড়িয়া ধরে ফেলেছেন।' *সাদত*, ১৯৬৭।

AMARBOI.COM

চিড়িয়াখানা [হি চিড়িয়া+ফা খানা] *বি* পশুপক্ষীশালা। 'বাংলা দেশে চিড়িয়াখানার মধ্যে বর্দ্ধমানের তুল্য চিড়িয়াখানা আর কোথাও নাই।' *হুতোম*, ১৮৬১।

চিড়িয়ামারি *বি* পাখিশিকার। *ওসাঁ*, ১৭৮৫।

চিড়িয়া[১] [হি চিড়ী] *বি* তাসের রংবিশেষ। **চিড়িয়ার গোলাম** *বিণ* তুচ্ছ; মূল্যহীন। 'ছোট বাবু ইয়ারের টেক্কা, বেশ্যার কাছে চিড়িয়ার গোলাম ও নেসায় শিবের বাবা।' *হুতোম*, ১৮৬১।

চিড়ে [স চিপিটক] *বি* চিড়া। 'সরু চিড়ে শুকো দই মত্তমান ফাকা খই।' *রামনারায়ণ*, ১৮৫৪।

চিড়ে-কোটা *বিণ* ঢেঁকিতে চিড়া কোটার সময় তৈরি হয় এমন। 'নোলক উঠতো দুলে যার চিড়ে-কোটা তালে।' *শ্যামসুর*, ১৯৭২।

চিৎ[১] [স] **১** *বি* চিত্ত। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* চেতন। 'শিঙ্গে বীর্য লাগিয়া গরু প্রবর চিৎ হইলো।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

চিৎপ্রকর্ষ [স] *বি* মনের বৈদগ্ধ্য। 'চিৎপ্রকর্ষের যুগব্যাপী ঐশ্বর্যকে সুস্পষ্টরূপে নিজের গোচর করতে না পারলে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

চিৎপ্রকৃতি [স] *বি* মনঃপ্রকৃতি। 'ফসলের অধিকার নির্ণয় করতে গেলে বৈজ্ঞানিকের কাছে চিৎপ্রকৃতির দাবি অগ্রাহ্য হয়ে আসে।' *রবীন্দ্র*, ১৯২৯।

চিৎশক্তি [স] *বি* চেতনাশক্তি। 'তাঁহাদের চিৎশক্তি জাগ্রত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চিৎ হওয়া *ক্রি* চেতন হওয়া। 'শিঙ্গে বীর্য লাগিয়া গরু প্রবর চিৎ হইলো।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

চিৎ[২] [হি চিত] *বিণ* উপরে মুখ দিয়ে পিঠের উপর শোয়া। 'বেটা বেনার বোঝার ন্যায় ধপাৎ করিয়া চিৎ হইয়া পড়িল।' *দীনবন্ধু*, ১৮৬০।

চিৎপটাং [হি চিত>] *বি* হাত পা ছড়িয়ে পতন। 'হেঁইয়ো বলে হাত পা ছেড়ে পড়ছে তেড়ে চিৎপটাং।' *সুকুমার*, ১৯২০।

চিৎপাত [হি চিত>] *বিণ* সম্পূর্ণ চিত হয়ে পড়ে গেছে এমন। 'বাঁধনছেঁড়া মহিষ ঘোড়া পথের ধারে চিৎপাত।' *সুকুমার*, ১৯১৮।

চিৎ-সাঁতার [হি চিত>+স সন্তরণ] *বি* পানিতে ঊর্ধ্বমুখী হয়ে যে সাঁতার। 'তৃতীয় মাইল চিৎ-সাঁতার দিয়ে ...।' *প্রমথ*, ১৯২২।

চিৎ হওয়া *ক্রি* বেহুশ হওয়া। 'আগু বাড়িয়ে নিতে এসে গাঁজা টেনে চিৎ হয়ে আছে।' *শ্যামসুল*, ১৯৬২।

চিত[১] [স চিত্ত] *বি* মন; চিত্ত। 'তাহাত মজিল চিত না জাএ ধরণ।' *বড়ু*, ১৪৫০।

চিত-উতরোল [স চিত্ত-উত্তরল] *বি* মনের চঞ্চলতা। 'সে হাসি হিল্লোল জাই চিত-উতরোল।' *নজরুল*, ১৯২৬।

চিতকমল [স চিত্তকমল] *বি* চিত্তরূপ কমল। 'নমি চিতকমলদলে।' *রবীন্দ্র*, ১৯১৮।

চিত-কানন [স চিত্ত-কানন] *বি* চিত্তরূপ বাগান। 'পুলকিত চিত-কাননে।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিতগামী [স চিত্তগামী] *বিণ* চিত্তে বিচরণশীল। 'এই চিতগামী হবে যার স্বামী।' *ভারত*, ১৭৬০।

চিত-চাতক [স চিত্ত-চাতক] *বি* চিত্ত রূপ চাতক। 'জাগো রে আনন্দে চিত-চাতক জাগো।' *রবীন্দ্র*, ১৯০৯।

চিত-চোর [স চিত্তচোর] *বি* হৃদয় হরণকারী। 'এস মম চিতে ওগো চিত-চোর।' *সত্যেন্দ্র*, ১৯১১।

চিতসঞ্চিত [স চিত্ত-সঞ্চিত] *বি* হৃদয়ের ধনস্বরূপ অতি প্রিয় বস্তু বা ব্যক্তি। 'আমার চিতসঞ্চিত এসো।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চিতে *ক্রিবিণ* মনে। 'শেষখণ্ড কথা ভাই শুন এক চিতে।' *বৃন্দা*, ১৫৮০।

চিত[২] [হি] *বিণ* ঊর্ধ্বমুখী হয়ে শায়িত। 'লাক্ষ দিআঁ খণে আকাশ ধরে খণেকেঁ ভূমিত রহে চিতরে।' *বড়ু*, ১৪৫০; 'চিত হৈয়া পড়ে জরাসন্ধ মহামনি।' *মালাধর*, ১৫০০।

চিতপাত *বি* সম্পূর্ণ চিত হয়ে পড়ে গেছে এমন অবস্থা। 'চিতপাত হয়ে বিবী হাত পা আছাড়ে।' *ভারত*, ১৭৬০।

চিতানো *ক্রি* ফোলানো। 'সে বুক চিতিয়ে খাড়া হল আমার সামনে।' *শিবরাম*, ১৯৭০।

চিতই পিঠা *বি* চালের মণ্ড ভেজে তৈরি পিঠাবিশেষ। 'আর চিতই পিঠা।' *জসীম*, ১৯৬০।

চিতকার [স চিৎকার] *বি* উঁচু গলায় কথা বলা। *ওসাঁ*, ১৭৮২।

চিতল[১] [স চিত্রফল] *বি* সূক্ষ্ম সাদা আঁশ-ওয়ালা বড়ো মাপের মাছবিশেষ। 'পাড়ে মৎস্য পড়িল চিতল শাল রুই।' *রূপরাম*, ১৭৫০।

চিতল[২] [স চিত্রল] *বিণ* চিত্রল। 'চিতল হরিণ ঐ শিশু।' *জীবন*, ১৯৪০।

চিতল-হরিণী [স চিত্রল-হরিণী] *বি স্ত্রী* চিত্রল হরিণ। 'একটা ধবল চিতল-হরিণীর ছায়া।' *জীবন*, ১৯৪২।

চিতা[১] *বি* ফুলগাছ বিশেষ; রাংচিতা। 'অশোক কিংশুক চূর্ণা চিতা খঞ্জী।' *বড়ু*, ১৪৫০।

চিতা[২] [স] *বি* মৃতদেহ দাহ করার অগ্নিকুণ্ড। 'চিতা শত জ্বালি জাদি ছয় মাসে পোড়ে বন্ধুগণে।' *মুকুন্দ*, ১৬০০।

চিতাগ্নি [স চিতা-অগ্নি] *বি* চিতার আগুন। 'স্বামীর উদ্দেশে দোধূয়মান চিতাগ্নিকুণ্ডে প্রবেশ করিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

চিতাচুল্লি [স] *বি* মৃতদেহ পোড়ানোর চুলাবিশেষ। 'চিতাচুল্লিতে শোকের পাবক, নিভে না বাতাস লেগে।' *নজরুল*, ১৯২৯।

চিতাধূম্র [স] *বি* চিতার ধোঁয়া। 'আসি চিতাওর গড় চিতাধূম্র দেখিলা বিদিত।' *আলাওল*, ১৬৮০।

চিতাধূলি [স] *বি* মৃতদেহ চিতায় ভস্মীভূত করার পর সংগৃহীত ছাই। 'উন্মত্ত লাঙ্গট জটাধর চিতাধূলি গায়।' *মুকুন্দ*, ১৬০০।

চিতানল [স চিতা-অনল] *বি* চিতার আগুন। 'জগতের মহা চিতানল।' *রবীন্দ্র*, ১৮৮৩।

চিতাবহ্নি [স] *বি* চিতার আগুন। 'সে চিতাবহ্নি অতি ভৈরব ভস্মও নাহি তার।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিতাভস্ম [স] *বি* মৃতদেহ পোড়ানো ছাই। 'মৃত্যুমাঝে হবে তব চিতাভস্মে সবার সমান।' *রবীন্দ্র*, ১৯১০।

চিতাভূমি [স] *বি* শ্মশান। 'বারণ না শুনিয়া সহমরণ করিয়াছেন চিতাভূমি প্রত্যক্ষ দেখ গিয়া।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

চিতারচনা করা *ক্রি* চিতা তৈরি করা। 'মৃতদেহ ... শ্মশানে লইয়া গিয়া, চিতারচনা করিতে লাগিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

চিতারোহণ [স চিতা-আরোহণ] *বি* চিতায় প্রাণ বিসর্জন। 'চিতারোহণ করিয়া আত্ম শরীর পরিত্যাগ করিয়াছে।' *দর্পণ*, ১৮২১।

চিতাশায়ী [স] *বি* হত্যা; বধ। 'আমরা তোমার শত্রুকে খড়্গধারের পরিচিতি কিম্বা চিতাশায়ী করি।' *হরপ্রসাদ*, ১৮১৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চিতা[৩] [স চিত্রক] *বিণ* হলুদ রঙের উপর কালো দাগওয়ালা। 'চিতা হরিণ।' *ক্যালগে*, ১৭৮৮।

চিতাবাঘ [স চিত্রক-ব্যঘ্র] *বি* অত্যন্ত দ্রুতগামী খর্বাকৃতি বাঘবিশেষ। *ওঝা*, ১৭৮৫; 'এক চিতাবাঘ মাত্র আছে।' *দর্পণ*, ১৮৩৬।

চিতাবাঘিনী [স চিত্রক-ব্যঘ্র>] *বি স্ত্রী* চিতাবাঘ। 'চিতাবাঘিনীর হাত থেকে নিজেকে বাঁচিয়ে।' *জীবন*, ১৯৪২।

চিতা হরিণ [স চিত্রক-হরিণ] *বি* হরিণের প্রজাতি বিশেষ। 'দাগদার চিতা হরিণ।' *ক্যালগে*, ১৭৮৭।

চিতান, চিতেন *বি* কবিগান, আখড়াই প্রভৃতি গানের স্তবক বা তুকের নামবিশেষ, স্থায়ী বা মহড়ার পরে সাধারণত যা উচ্চ স্বরগ্রামে পরিবেশিত হয়। 'এমন অধ্যক্ষতা করা কেবল চিতেন কেটে বাহবা লওয়া।' *প্যারী*, ১৮৫৮; 'চিতান।' *বিদ্যা*, ১৮৯১।

চিতি, চিতী *বি* এক প্রকার সাপ। 'ঢেমনা মেটিলী পুঁয়ে হেলে চিতী ঢোঁড়া।' *ভারত*, ১৭৬০; 'ইয়া এক পাহাড়ে চিতি – ধরলে পিছনের ঠ্যাঙে।' *তারা*, ১৯৪০।

চিতেন দ্র **চিতান**

চিতে *বি* রাংচিতা গাছ; ফুলগাছ বিশেষ। 'রক্ত কমলের শিকড়, চিতের ডাল ও করবীর ছালের ... বরাদ্দ আছে।' *হুতোম*, ১৮৬১।

চিৎকার [স] *বি* চেঁচানি। 'জন কয়েক চেংড়া ... চিৎকার করিতে করিতে আসিল।' *প্যারী*, ১৮৫৮।

চিৎকার-চেঁচামেচি *বি* হৈহল্লোড়। 'আর চিৎকার-চেঁচামেচি হবে না কেন?' *মুজতবা*, ১৯৫৮।

চিৎকারধ্বনি [স] *বি* চিৎকারের শব্দ। 'যাত্রা গানের চিৎকারধ্বনি সেই স্তব্ধতাকে ভাঙিতে পারে নাই।' *রবীন্দ্র*, ১৮৯৮।

চিৎকারসর্বস্ব [স] *বিণ* চেঁচামেচি প্রধান বৈশিষ্ট্য এমন। 'সংগীত যেমন বেসুরো তেমনি চিৎকারসর্বস্ব।' *প্রমথ*, ১৯৩৭।

চিৎকারা [স চিৎকার>] *ক্রি* চিৎকার করা। 'হট্টমাঝে ফিরে ধেনু অবাধে চিৎকারি অনভিজাতিক দম্ভে।' *সুধীন্দ্র*, ১৯২৮।

চিত্ত [স] **১** *বি* মন। 'অহোনিশি মোর চিত্ত বেআকুল।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* বোধ। 'অদ্বৈত-সংকল্প চিত্তে হইল গোচর।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* বক্ষ। 'যদি ঘুরে মরে চিত্ত বিদ্ধ মৃগসম ...।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৪** *বি* অনুভূতি। 'যে-সকল সৌন্দর্যে আমাদের চিত্ত আকর্ষণ করে ...।' *রবীন্দ্র*, ১৯০০।

চিত্ত অম্বর [স] *বি* হৃদয়াকাশ। 'চিত্ত অম্বর কর তরঙ্গিত।' *রবীন্দ্র*, ১৯১০।

চিত্ত-আকাশ [স] *বি* চিত্তরূপ আকাশ। 'কবে হবে বিভাসিত মম চিত্ত-আকাশে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চিত্তকমল [স] *বি* চিত্তরূপ কমল। 'শান্তি সরসীমাঝে চিত্তকমল।' *রবীন্দ্র*, ১৯০৩।

চিত্তকাপট্য [স] *বি* শঠতা। 'পূজার পারিপাট্য বিত্তশাঠ্য ও চিত্তকাপট্য রহিত ...।' *দর্পণ*, ১৮২১।

চিত্তকায়া [স] *বি* কায়মন। 'টানরে দিয়ে সকল চিত্তকায়া/ টানরে ছেড়ে তুচ্ছ প্রাণের মায়া।' *রবীন্দ্র*, ১৯১০।

চিত্তকুহর [স] *বি* মনের গহ্বর। 'চিত্তকুহরে উঠে কুহরিয়া।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিত্তকোষ [স] *বি* মনের কোঠা। 'তারা যে জানে আমার চিত্তকোষে অমৃতরূপ আছে বসে গো।' *রবীন্দ্র*, ১৯১৩।

চিত্তক্ষুধা [স] *বি* মনের ক্ষুধা। 'সে ইহলৌকিক চিত্তক্ষুধাদাহে একবারেই ভুলিয়া বসিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯৮।

চিত্তক্ষেত্র [স] *বি* মন। 'তাহাই তাঁহার চিত্তক্ষেত্রে প্রস্তরাঙ্কিত রেখার ন্যায় অঙ্কিত হইয়া থাকিত।' *অক্ষয়*, ১৮৫৪।

চিত্তক্ষোভ [স] *বি* মনের খেদ। 'মুহূর্তের মধ্যে আমার সমস্ত চিত্তক্ষোভ দমন করিয়া দিত।' *রবীন্দ্র*, ১৯০০।

চিত্তগগন [স] *বি* মনের আকাশ। 'চিত্তগগনে আঁকা থাকে তার নিত্যনীহাররেখা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিত্তগত [স] *বিণ* মনোগত। 'ধর্ম্মের অন্যথা কল্পে মহাপাপ – এটি চিত্তগত আছে।' *হুতোম*, ১৮৬১।

চিত্তগতি [স] *বি* মনের ভাব। 'ওবের্স্টের চিত্তগতি আমি ধরতে পেরেছিলুম।' *মুজতবা*, ১৯৫২।

চিত্তগহন [স] *বি* হৃদয়ের গভীরতা। 'অতল তোমার চিত্তগহন।' *রবীন্দ্র*, ১৯৩২।

চিত্তগুহা [স] *বি* হৃদয়গহ্বর। 'অদ্ভুত চিত্তগুহার তমো করে নাশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চিত্তগ্রাহী [স] *বিণ* চিত্তাকর্ষক। 'আমি এইমাত্র তোমার নিকট হইতে একখানি দীর্ঘ ও চিত্তগ্রাহী পত্র পাইলাম।' *রবীন্দ্র*, ১৯১৭।

চিত্তচকোর [স] *বি* চকোরের মতো ব্যাকুল হৃদয়। 'আমার চিত্তচকোর চরিতার্থ হইয়াছে।' *বিদ্যা*, ১৮৪৭।

চিত্তচঞ্চলতা [স] *বি* মনের অস্থিরতা। 'আমার চিত্তচঞ্চলতার কারণ শুনতে উৎসুক।' *মাইকেল*, ১৮৫৯।

চিত্তচাঞ্চল্য [স] *বি* মনের অস্থিরতা। 'সে নৌকা দেখিয়া অসহ্য চিত্তচাঞ্চল্য না জন্মে ...।' *রবীন্দ্র*, ১৮৯২; 'উদ্ভেজনায় আমাদের যে চিত্ত-চাঞ্চল্য জন্মে তাহাতেও আনন্দ আছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চিত্তচাপল্য [স] *বি* মানসিক অস্থিরতা। 'ত্যাগ, আলস্য, চিত্তচাপল্য ... এই চতুর্দশ রাজদোষ।' *বঙ্কিম*, ১৮৮৭।

চিত্তচৈত্য [স] *বি* মনমন্দির। 'ধূমাঙ্কিত চিত্তচৈত্য ভরে নেবে বর্ণাঢ্য প্রবাদে।' *সুধীন্দ্র*, ১৯৩৭।

চিত্তচোর [স] *বি* মনচোর। 'আজি সে পাইনু চিত্তচোর বলি কান্দে।' *বৃন্দা*, ১৫৮০।

চিত্তজড়তা [স] *বি* মানসিক সংকীর্ণতা। 'স্বাভাবিক চিত্তজড়তা না থাকলে ...।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চিত্তজয় [স] *বি* মন জয়। 'সর্বসাধারণের চিত্তজয় করবার জন্য।' *হাই*, ১৯৫৪।

চিত্তজয়িনী [স] *বিণ স্ত্রী* চিত্তকে জয় করে এমন। 'তোমার চিত্তজয়িনী বাণী আমার অন্তরে শুনাও।' *রবীন্দ্র*, ১৮৯৬।

চিত্তজ্বালা [স] *বি* মানসিক অশান্তি। 'সে মুখে আজ চিত্তজ্বালার রঙচ্ছটা ছিল না।' *রবীন্দ্র*, ১৯২৯।

চিত্ততনু [স] *বি* দেহ ও মন। 'প্রেমার স্বভাবে করে চিত্ততনু-ক্ষোভ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চিত্ততল [স] *বি* হৃদয়তল। 'নিত্য বিষণ্ডিক্ত করি রাখে চিত্ততল।' *রবীন্দ্র*, ১৮৯৯।

চিত্ততীর্থ [স] *বি* চিত্তরূপ তীর্থ। 'মানবের চিত্ততীর্থ নিত্যস্বর্গ নহে

AMARBOI.COM

মোর।' *বুদ্ধ*, ১৯৩৩।

চিত্তবৃত্তি [স] *বি* মানসিক বৃত্তি। 'তাদের নৃত্যকুশলতা দ্বারা সকলের চিত্তবৃত্তি করে।' *বেগম*, ১৯৫৩।

চিত্ত দর্পণ [স] *বি* চিত্তরূপ দর্পণ। 'চিত্ত দর্পণেতে যেন বান্ধা সে সুন্দরী।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

চিত্তদল [স] *বি* আন্তরিকতা। 'ইহাদের বিত্ত নাই, পুঁজি চিত্তদল।' *নজরুল*, ১৯২৬।

চিত্তদাহ [স] *বি* মনের জ্বালা। 'সেই-সকল চিত্তদাহে, সেই সকল নিষ্ফল কামনার অভিশাপে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চিত্তদীর্ণ [স] *বিণ* হৃদয়বিদারক। 'রাধিকার চিত্তদীর্ণ তীব্র ব্যাকুলতা ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিত্তদুয়ার [স] *বি* মনের দুয়ার। 'চিত্তদুয়ার মুক্ত রেখে সাধুবুদ্ধি বহির্গতা।' *রবীন্দ্র*, ১৯০০।

চিত্তদৃষ্টি [স] *বি* অন্তর্দৃষ্টি। 'চিত্তদৃষ্টি দিয়ে তাকাতে তাকাতে চলেছি ...।' *রবীন্দ্র*, ১৯১৯।

চিত্তদোলা [স চিত্তদোলন] *বি* চিত্তকে নাড়া দেওয়া। 'আপনা-আপনি দক্ষিণবায়ে/ দুলিছে চিত্তদোলা।' *রবীন্দ্র*, ১৯১৪।

চিত্তদৌর্বল্য [স] *বি* মানসিক দুর্বলতা। 'ও সব রোমাঞ্চে তার কোনও চিত্তদৌর্বল্য নেই।' *মুক্ততরা*, ১৯৫৮।

চিত্তধারা [স] *বি* চিন্তার ধারা। 'বাঙালির চিত্তধারা বিক্ষিপ্ত হইয়া গেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

চিত্তনিবিষ্ট [স] *বি* মনোনিবেশ। 'লেখাপড়ায় চিত্তনিবিষ্ট করিলে বৈধব্যদশা হয়।' *প্রভাকর*, ১৮৯২।

চিত্তনিবেশ [স] *বি* মনোনিবেশ। *সেবধি*, ১৮৩৯; 'মৃত্যুকালে বৃদ্ধিশিশুর প্রতি চিত্তনিবেশ করেছিলেন বলে পরজন্মে ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

চিত্তপট [স] *বি* চিত্তরূপ পট; মনের ছবি। 'মুহূর্তেক পরে লীন হল চিত্রচয় চিত্রপট হতে।' *রবীন্দ্র*, ১৮৭৭; 'আমার চিত্তপটে চিত্রিত থাকিবেক।' *বিদ্যা*, ১৮৯২।

চিত্তপদ্ম [স] *বি* চিত্তরূপ পদ্ম। 'মোর চিত্তপদ্মে বসি একাকিনী ঢালিতেছ স্বর্গসুধা।' *রবীন্দ্র*, ১৮৯৬।

চিত্তপাবন [স] *বিণ* মানসিক প্রশান্তিদাতা। 'এসো গো চিত্তপাবন ...।' *রবীন্দ্র*, ১৯০০।

চিত্তপুত্তলি, চিত্তপুত্তলী [স চিত্ত+স পুত্রিকা] *বি* মনের পুতুল। 'অনুসন্ধান কিছু না পাইয়া চিত্তপুত্তলীর ন্যায় অবাক্ হইয়া রহিলেন।' *ভবানী*, ১৮২৮; 'তাহার চিত্তপুত্তলি একেবারে জ্বলিয়া জ্বলিয়া লুটিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিত্তপুলিন [স] *বি* মনের কিনারা। 'আজ পরশিলে চিত্ত পুলিন বিদায়-গোধূলি লগনে।' *নজরুল*, ১৯২৮।

চিত্তপ্রকৃতি [স] *বি* মনের প্রকৃতি। 'একটি বিশেষ উদ্যমশীল চিত্তপ্রকৃতির ভূমিকা সমস্ত জগতে প্রবর্তিত করছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

চিত্তপ্রতিমা [স] *বি* মনের প্রতিমা। 'প্রাণসমা প্রিয়তমা চিত্তপ্রতিমা।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

চিত্তপ্রবাহ [স] *বি* চঞ্চলতা। 'আমাদের চিত্তপ্রবাহ অকস্মাৎ বাধা পাইয়া দুর্নিবার হাস্যতরঙ্গে ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চিত্তপ্রভাব [স] *বি* মনের সান্নিধ্য। 'মেহদীর চিত্তপ্রভাবে হঠাৎ জেগে-ওঠা সূর্যের মত।' *মাহেনও*, ১৯৪৯।

চিত্তপ্রমোদকারিণী [স] *বিণ* স্ত্রী মনকে আনন্দ দেয় এমন। 'পণ্ডিতেরা চিত্তপ্রমোদকারিণী সুমধুর সংস্কৃত ভাষার ললিত গুণে মোহিত।' *অক্ষয়*, ১৮৪৮।

চিত্তবংশী [স] *বি* চিত্তরূপ বাঁশি। 'বিশ্বের নিশ্বাস আমাদের চিত্তবংশীর মধ্যে কী রাগিণী বাজাইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিত্তবন [স] *বি* চিত্ত রূপ বন। 'চৈত্র পবনে মম চিত্তবনে বাণীমঞ্জরী সঞ্চলিতা।' *রবীন্দ্র*, ১৯২৫।

চিত্তবান [স] *বিণ* হৃদয়বান। 'সে চিত্তও চিত্তবান পারসিকের ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

চিত্তবারুদ [স চিত্ত+তু বারুদ] *বি* মানসিক উত্তেজনা। 'কাত্যায়নীর বাক্যস্ফুলিঙ্গ যখন ভৈরবের চিত্তবারুদে নিপতিত হইয়া...।' *বনফুল*, ১৯৩৬।

চিত্তবিকার [স] *বি* মনের বিকৃতি। 'ইহাতেও চিত্তবিকার জন্মে না।' *দর্পণ*, ১৮২২; 'ঐ সময়ে তাঁহার চিত্ত-বিকার কাহারই অণুমাত্র লক্ষিত হইল না।' *রবীন্দ্র*, ১৮৭৭।

চিত্তবিকারশূন্য [স] *বিণ* মানসিক বিভ্রমহীন। 'তুমি এককাপীন চিত্তবিকারশূন্য হয়েছ?' *মাইকেল*, ১৮৫৯।

চিত্তবিক্ষেপ [স] *বি* মানসিক উত্তেজনা। 'সেখানে চিত্তবিক্ষেপ কত ঢেউ তুলেছে – কত সংশয়, কত বিরোধ ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

চিত্তবিক্ষোভ [স] *বি* মানসিক উদ্বেগ-উৎকণ্ঠা। 'মুহূর্তের মধ্যে আমার সমস্ত চিত্তবিক্ষোভ দমন করিয়া দিত।' *রবীন্দ্র*, ১৯০০।

চিত্ত-বিজ্ঞান [স] *বি* মনস্তত্ত্ব। 'আহার্য্যতত্ত্ব, প্রাথমিক চিকিৎসা ও শিক্ষামূলক চিত্ত-বিজ্ঞান সম্বন্ধে অধ্যয়নের ব্যবস্থা করতে হবে।' *বেগম*, ১৯৪৯।

চিত্তবিনোদন [স] **১** *বি* মনোরঞ্জন। 'পরিশেষে চিত্তবিনোদনের কোনও উপায় না দেখিয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* মনে সুখ দেয় এমন। 'চিত্তবিনোদন, দুঃখবিনাশন, বিপদভঞ্জন, দীনরঞ্জন তুমি যম।' *বঙ্কিম*, ১৮৭৮; 'হার্মোনিয়াম বাজাইয়া চিত্তবিনোদন করিবার জন্য সঙ্গী জুটাইয়া আনিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯১১।

চিত্তবিনোদিনী [স] *বিণ* স্ত্রী হৃদয়কে আমোদিত করে এমন। 'যথা শুনি চিত্তবিনোদিনী বীণাধ্বনি।' *মাইকেল*, ১৮৬০।

চিত্তবিপর্যয়, চিত্তবিপর্য্যয় [স] *বি* মানসিক উদ্ভ্রান্তি। 'তাঁহার এই চিত্তবিপর্য্যয় আমাদের বিশেষ দুঃখের কারণ।' *ছোলতান*, ১৯২৪।

চিত্তবিভ্রম [স] *বি* মনোবিকার। 'নৃত্যগীত পটীয়সী, কামকলায় সিদ্ধ, চিত্তবিভ্রম উৎপাদনকারী।' *মুনীর*, ১৯৬৬।

চিত্তবিমোহিনী [স] *বিণ* রমণীয়; মনোমুগ্ধকর। 'চিত্তবিমোহিনী অবস্থা প্রভৃতিতে আনন্দেরই বিকাশ অনুভব ... করি।' *অক্ষয়*, ১৮৫৪।

চিত্তবিস্ফারক [স] *বিণ* মনকে কষ্ট দেয় এমন। 'এমন-একটি চিত্তবিস্ফারক দূরত্ব ও বৃহত্ত্ব প্রাপ্ত হইয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৯৮।

চিত্তবীণা [স] *বি* চিত্তরূপ বীণা। 'তাঁহাদের চিত্তবীণাকে নানা রাগিণীতে স্পন্দিত করিয়া রাখে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিত্তবৃত্তি [স] *বি* মনোবৃত্তি। 'মানব চিত্তবৃত্তি আর কতক্ষণ প্রকৃতিস্থ থাকে?' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

চিত্তবেগ [স] *বি* আবেগ। 'একদা রেনেসাঁসের চিত্তবেগ ইটালি থেকে উদ্বেল হয়ে সমস্ত য়ুরোপের মনে যখন প্রতিহত হয়েছিল।' *রবীন্দ্র*,

AMARBOI.COM

১৯৩৭।

চিত্তবেদন [স] *বি* মনের দুঃখ। 'কী জানাব চিত্তবেদন।' *রবীন্দ্র*, ১৯১০।

চিত্তবৈকল্য [স] *বি* মনের বিকলত্ব। 'এরূপ অবস্থায় অনেকেরই চিত্তবৈকল্য ও বুদ্ধিবিপর্যয় ঘটিয়া থাকে।' *বিদ্যা*, ১৮৬৩।

চিত্তব্যাসঙ্গ [স] *বি* হৃদয়ের অতি আসক্তি। 'এই সার্বক্ষণিক চিত্তব্যাসঙ্গ দ্বারা আমার এক বারে নিদ্রার ...।' *বিদ্যা*, ১৮৪৯।

চিত্তভবন [স] *বি* মনের ঘর। 'চিত্তভবনে অনাদি শঙ্খ বাজিছে।' *রবীন্দ্র*, ১৯১০।

চিত্তভাব [স] *বি* মনের অবস্থা। 'রামায়ণের রামচন্দ্রের গর্ব্বিত চিত্তভাব।' *বঙ্কিম*, ১৮৮৭।

চিত্তভূমি [স] **১** *বি* চিত্ত রূপ ভূমি। 'চিত্তভূমিতে কেবল অঙ্কের প্রতিরূপ অঙ্কিত করিতেছে।' *অক্ষয়*, ১৮৫০। **২** *বি* মনোজগৎ। '(রামায়ণ) চিত্তভূমিকে আজিও উর্বরা করিয়া রাখিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৩। **৩** *বি* মননশীলতা। 'বাংলাদেশের হৃদয়কে আজ ধ্বনিত করেছে, উর্বরা করেছে তার চিত্তভূমিকে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

চিত্তমধ্য [স] *বি* মনের মধ্যস্থল। 'অদ্ভুত চরিত্র চিত্তমধ্যে লাগে ধন্দ।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চিত্তমনোহারিণী [স] *বিণ স্ত্রী* হৃদয় হরণ করে এমন। 'অনুপম সুন্দরী, চিত্তমনোহারিণী মন্তানীর সম্বন্ধে ঐতিহাসিকদের মধ্যে মতভেদ আছে।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

চিত্তময় [স] **১** *ক্রিবিণ* সমগ্র চিত্তব্যাপী। 'হেরিনু হে স্নেহে প্রেমে জগতময় চিত্তময়।' *রবীন্দ্র*, ১৮৯৬। **২** *বিণ* প্রাণময়। 'এ শূন্য তো মরুমাত্র নয়, এ যে চিত্তময়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

চিত্তমহাসাগর [স] *বি* চিত্তরূপ মহাসাগর। 'তাদের চিত্তমহাসাগর উদ্দাম উত্তাল।' *রবীন্দ্র*, ১৯৩৮।

চিত্তমালিন্য [স] *বি* মনের কালিমা। 'বিচারাদি দ্বারা বাদি প্রতিবাদির চিত্তমালিন্য দূর করিতে সক্ষম হইবেন।' *দর্পণ*, ১৮৩৫।

চিত্তযন্ত্র [স] *বি* চিত্তরূপ যন্ত্র। 'সেদিন লেখকের চিত্তযন্ত্রে একটা সুর জাগিতেছিল।' *রবীন্দ্র*, ১৯১২।

চিত্তরঞ্জন [স] *বি* হৃদয়ের আনন্দ বিধান। 'তোমার চিত্তরঞ্জন ও চরণশুশ্রূষা করিলেই, উভয় লোকে নিস্তার পাইব।' *বিদ্যা*, ১৮৪৭।

চিত্তরঞ্জনার্থে [স] *ক্রিবিণ* মনের আনন্দের জন্য। 'বোধসৌকর্য্য ও চিত্তরঞ্জনার্থে, প্রয়োজনানুসারে, অনেক বিষয়ের ...।' *অক্ষয়*, ১৮৫২।

চিত্তরঞ্জিনীবৃত্তি [স] *বি* মনের আনন্দদায়ক প্রবৃত্তি। 'চিত্তরঞ্জিনী বৃত্তিগুলির অনুশীলন ব্যতীত ... সৌন্দর্য্য সম্যকরূপে উপলব্ধ হয় না।' *বঙ্কিম*, ১৮৯২।

চিত্তরম্য [স] *বিণ* মনের মতো। 'এই সকল পরামর্শ বিবির চিত্তরম্য হইল।' *ভবানী*, ১৮২৮।

চিত্তলোক [স] *বি* মনোলোক। 'বিশ্বলোকে এবং চিত্তলোকে "আমি দেখছি" এই অনাবশ্যক আনন্দের কথাটা বলাই হচ্ছে আমার কাজ।' *রবীন্দ্র*, ১৯১৯।

চিত্ত-শিখী [স] *বি* মনরূপ ময়ূরী। 'চিত্ত-শিখী নাচে মদালস ছন্দে।' *নজরুল*, ১৯৩৩।

চিত্তশুদ্ধি [স] **১** *বি* মনের শুদ্ধতা। 'চিত্তশুদ্ধি সর্ব্ব ভক্তি সাধন উদ্‌গম।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* মনের পরিশোধন। 'ফিলজফারের বুদ্ধি, দরকার করে বহুৎ চিত্তশুদ্ধি।' *রবীন্দ্র*, ১৯৩২।

চিত্তসংকীর্ণতা [স] *বি* মনের অনুদারতা। 'আত্মত্যাগের যে ঢেউ চিত্তসংকীর্ণতার কূল ছাপিয়ে উঠেছিল।' *রবীন্দ্র*, ১৯২৯।

চিত্তসংযম [স] *বি* কুপ্রবৃত্তি দমন। 'নিজের আচরণে লজ্জিত হলেন এবং চিত্তসংযম আয়ত্ত করে ...।' *মুজতবা*, ১৯৫৯।

চিত্তসম্পদ [স] *বি* চিত্তরূপ সম্পদ। 'যেখানে মানুষের চিত্তসম্পদ আছে সেখানে ভেদ নেই।' *রবীন্দ্র*, ১৯২১।

চিত্তসুখ [স] *বি* মানসিক তৃপ্তি। 'বিপদেও চিত্তসুখ সম্ভোগ করিয়া নিশ্চিন্তে কালযাপন করেন।' *মশাররফ*, ১৮৬৯।

চিত্তস্ফূর্তি [স] *বি* মনের আনন্দ প্রকাশ। 'চিত্তস্ফূর্তির কোনো ব্যতিক্রম দেখা গেল না।' *রবীন্দ্র*, ১৯০৬।

চিত্তস্রোত [স] *বি* চিত্তরূপ স্রোত। 'মানুষের চিত্তস্রোত নদীর চেয়ে সামান্য জিনিস নহে।' *রবীন্দ্র*, ১৯০৫।

চিত্তহরণ করা *ক্রি* হৃদয় আকৃষ্ট করা। 'সৌন্দর্যের একমাত্র কার্য চিত্তহরণ করা অর্থাৎ হৃদয়ের মধ্যে প্রেমের আকর্ষণ সঞ্চার করিয়া দেওয়া।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিত্তহারিণী [স] *বিণ স্ত্রী* চিত্তকে হরণ করে এমন। 'চিত্তহারিণী কেশবিলাসিনী ক্ষীণকটি কঠোরকুচা বেশ্যাদিগমনে ...।' *ভবানী*, ১৮২৮।

চিত্তহারিত্ব [স] *বি* মনোহারিতা। 'প্রাণীজগতের এইরূপ সৃষ্টিবৈষম্য ও চিত্তহারিত্ব ব্যাপার যেমন লোভনীয়।' *অক্ষয়*, ১৮৫৪।

চিত্তহারী [স] *বিণ* চিত্তকে হরণ করে এমন। 'হায় রে যত চিত্তহারী রূপকুমারী জর্জিয়ার।' *নজরুল*, ১৯৪২।

চিত্তহীন [স] *বিণ* নিষ্প্রাণ। 'শুচিত্ব কেবল চিত্তহীন অর্থহীন অভ্যস্ত আচার।' *রবীন্দ্র*, ১৯০১।

চিত্তাকর্ষক [স চিত্ত-আকর্ষক] *বিণ* মনকে আকর্ষণ করে এমন। 'প্রবন্ধটি বিষয়গুণে চিত্তাকর্ষক হইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৮।

চিত্তাকর্ষণ [স চিত্ত-আকর্ষণ] *বি* দৃষ্টি আকর্ষণ। 'পাঠকের চিত্তাকর্ষণ করাটা কাগজের বিশেষত্ব বলিয়া জ্ঞান করিতেছেন।' *এসলাম*, ১৯২০।

চিত্তাকাশ [স চিত্ত-আকাশ] *বি* মনের আকাশ। 'বাণী খুঁজে ফিরে আমার চিত্তাকাশে।' *রবীন্দ্র*, ১৯১৪।

চিত্তারতি [স চিত্ত-আরতি] *বি* মনের আগ্রহ। 'চিত্তারতি অনুরূপ না পাইয়া ভাল।' *আলাওল*, ১৬৮০।

চিত্তের রোকা *বি* প্রেমপত্র। *ওঝা*, ১৭৮৫।

চিত্তোৎকর্ষ [স চিত্ত-উৎকর্ষ] *বি* মনের সন্তুষ্টি। 'তাহাতে শ্রাদ্ধকারীর চিত্তোৎকর্ষ হয়।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

চিত্তোৎকর্ষবিধায়ক [স চিত্ত-উৎকর্ষ-বিধায়ক] *বিণ* মনের উদ্দীপনা বাড়ায় এমন। 'সেই কলম ... বিচিত্র চিত্তোৎকর্ষবিধায়ক মুমুক্ষু সংসারী, বিরাগী ও রাজার অনন্য-অবলম্বন-স্বরূপ গ্রন্থের অনুবাদক।' *হুতোম*, ১৮৬৮।

চিত্তোল্লাস [স চিত্ত-উল্লাস] *বি* মনের আনন্দ। 'এতদ্বিষয়ে অনেকের চিত্তোল্লাস হইতেছে।' *দর্পণ*, ১৮২৬।

চিত্তা[১] [স চিত্ত] *বি* বোধ। 'অলক্ষলখচিত্তা মহাসুহেঁ।' *চর্যা ৩৪*, ১২০০।

চিত্তা[২] [স চিত্রক] *বি* চিতা। *মানোএল*, ১৭৪৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চিত্তির [স চিত্র] **১** *বি* চিত্র। 'চিত্তির করা হাঁড়ি ... বিক্রি কত্তে বসেচে।' *হুতোম*, ১৮৬১। **২** *বিণ* বিস্ময়কর। 'সবচেয়ে চিত্তির যখন হঠাৎ বাঁক নিয়ে সামনে দেখতে পাবেন আধ মাইল লম্বা উটের লাইন।' *মুজতবা*, ১৯৪৯।

চিত্তিরমিত্তির *বিণ* একেবারে ছত্রভঙ্গ। 'হরিণের পাল আর পাল রইল না, হয়ে গেল চিত্তিরমিত্তির।' *মুজতবা*, ১৯৬৬।

চিৎপটাং দ্র চিৎ[২]

চিৎপাত দ্র চিৎ[২]

চিৎপ্রকর্ষ দ্র চিৎ[১]

চিৎপ্রকৃতি দ্র চিৎ[১]

চিত্ত [স চিত্ত] *বি* মন। 'অধর্ম্ম নাহিক চিত্তে স্বত্তরি স্ত্রীহরি।' *মালাধর*, ১৫০০।

চিত্য [স চিত্ত] *বি* চিত্ত। 'কায়মন চিত্যে দেবি সেবিল ব্রাহ্মণ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চিত্র [স] **১** *বি* নকশা। 'নানা চিত্রে পট্টবস্ত্রে রথ বিভূষিত।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* ছবি; প্রতিকৃতি। 'চিত্রের পুতলি প্রায় একদৃষ্টে ঘন চায়।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৩** *বি* বর্ণনা। 'মনুষ্য চিত্রকর বলিয়াই চিত্রে সিংহ পরাজিত স্বরূপ লিখিত হয়।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

চিত্রকর [স] **১** *বি* চিত্রশিল্পী; পটুয়া। 'কোনও নিপুণতর চিত্রকর দ্বারা, সেই অবস্থার ব্যঞ্জক এক আলেখ্য প্রস্তুত করাইলেন।' *বিদ্যা*, ১৮৪৯। **২** *বিণ* বর্ণনাকারী। 'মনুষ্য চিত্রকর বলিয়াই চিত্রে সিংহ পরাজিত স্বরূপ লিখিত হয়।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **৩** *বি* নকশাকার। 'অগ্রেই গুপ্তচর, চিত্রকর এবং কুঠারধারীগণকে ছদ্মবেশে প্রেরণ করিতে হইতেছে।' *মশাররফ*, ১৮৮৫। **৪** *বি* আলোকচিত্রী। 'আর একটা ছবি না লইয়া চিত্রকর ছাড়িল না।' *রবীন্দ্র*, ১৯০২।

চিত্র করা[১] *ক্রি* ছবি আঁকা। 'চিত্রকর সেই রূপ চিত্র করিয়া রাজার সাক্ষাৎ দিল।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

চিত্র করা[২] *বি* নকশা। 'নীচ লোকের কর্ম্ম সুন্দর অক্ষর লেখা, painting অর্থাৎ চিত্র করা তাহাতে আবশ্যক নাই।' *চন্দ্রিকা*, ১৮৩০।

চিত্রকর্ম, চিত্রকর্ম্ম [স] *বি* চিত্রকলা। 'তাঁহার ... চিত্রকর্ম্মে বিশেষরূপ অনুরক্তি ছিল।' *অক্ষয়*, ১৮৪৮; 'কোপর্নিকস ... গণিত, পরিপ্রেক্ষিত, জ্যোতিষ ও চিত্রকর্ম এই কয়েক বিদ্যায় ... অনুরাগী ছিলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

চিত্রকলা [স] *বি* চিত্রশিল্প। 'লেখক কিছুই বাদ দেননি – চিত্রকলাও নয়, নৃত্যকলাও নয়।' *প্রমথ*, ১৯০৫।

চিত্রকল্প [স] *বি* কবিতায় বা গদ্যে শব্দ দিয়ে বর্ণিত কল্পিত ছবি। 'যৎপরোনাস্তি প্রয়াস পেয়েছি যাতে মূল ভাব ও চিত্রকল্প ... অপরিবর্তিত থাকে।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

চিত্রকাব্য [স] *বি* চিত্র সংবলিত কাব্য। 'বিদ্যা বিদ্যা নামে চিত্রকাব্য দিলা লেখি।' *ভারত*, ১৭৬০।

চিত্রকার [স] *বি* চিত্রশিল্পী। 'চিত্রকারকে উপমা দেবার বেলায় অন্য পথ দেখতে হয়েছে।' *অবন*, ১৯২৫।

চিত্রকারি [স চিত্রকরী] *বি* চিত্রশিল্পের কাজ। 'সেখানে বসুক ছেলেরা চিত্রকারি খোদকারি নানা কারিগরি শিখতে।' *অবন*, ১৯২৫।

চিত্রকারিণী [স] *বি স্ত্রী* অঙ্কনশিল্পী; চিত্রী। 'তাঁহার সমান চিত্রকারিণী প্রায় কেহ ছিল না।' *গৌর*, ১৮২২।

চিত্রকুশলা [স] *বি স্ত্রী* নকশা করায় পারদর্শী। 'চিত্রকুশলা ... আলেপনা দিতেছিলেন।' *বঙ্কিম*, ১৮৭৩।

চিত্রক্ষেত্র [স] *বি* দৃশ্য। 'এই চিত্রক্ষেত্র দৃষ্টি করিলে অনায়াসে বোধ হয়, পৃথিবী গোলাকৃতি না হইলে ...।' *অক্ষয়*, ১৮৫২।

চিত্রগতি [স] *ক্রিবিণ* সুন্দর ভঙ্গিময়। 'চিত্রগতি চলে জেন নাটুয়া খঞ্জন।' *মালাধর*, ১৫০০।

চিত্রগর [স চিত্র+কা গর] *বি* যে ছবি অঙ্কন করে; চিত্রকর। *ওসাঁ*, ১৭৮৫।

চিত্রচর্চা [স] *বি* ছবি আঁকার অনুশীলন। 'সেগুলোও যেন আনাড়ির চিত্রচর্চা।' *আলাউদ্দিন*, ১৯৬০।

চিত্র জগৎ [স] *বি* সিনেমা সংশ্লিষ্ট এলাকা। 'নাহার চৌধুরী বিএ, চিত্র জগতে বনানী চৌধুরী নামেই পরিচিতা।' *বেগম*, ১৯৪৯।

চিত্রণ [স] *বি* অঙ্কন। 'মুসলমান রমণীর চরিত্র চিত্রণে যেরূপ সঙ্কীর্ণতা ও একদেশদর্শিতার পরিচয় দিয়াছেন।' *এসলাম*, ১৯১৫।

চিত্রতারকা [স] *বি* সিনেমার অভিনেতা। 'মুছলমান চিত্রতারকা অমুছলমানী নাম গ্রহণ করে ...।' *জামায়াত*, ১৯৪২।

চিত্রধর্ম [স] *বি* চিত্রময়তা। 'ভাষার চিত্রধর্ম এবং সঙ্গীতধর্ম মারফত ব্যঞ্জনা সৃষ্টির সামর্থ্যে পাণ্ডেের সমতুল্য কবি এ যুগে দুর্লভ।' *শিব*, ১৯৭৩।

চিত্রপট [স] **১** *বি* ছবি আঁকার মোটা কাপড়বিশেষ। 'বস্তু সকলকে স্বভাবিতঃ যেরূপ দেখা যায়, আলেখ্যে অর্থাৎ চিত্রপটে ...।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বি* চিত্রাঙ্কিত বস্ত্র। 'অগ্রে এই চিত্রপটখানির প্রতি দৃষ্টিপাত করুন।' *মাইকেল*, ১৮৬১।

চিত্রপুতলি [স চিত্র+স পুত্রিকা] *বি* অঙ্কিত পুতুল বা প্রতিমূর্তি। 'যে যেমন আছি রহিব বসিয়া চিত্রপুতলি যথা।' *রবীন্দ্র*, ১৮৯০।

চিত্র পুতলির পারা – পটের পুতুলের মতো। 'চাহিয়ে রহিল চিত্র পুতলির পারা।' *মানিকরাম*, ১৭৮১।

চিত্রপুত্তলিকা [স চিত্র+স পুত্রিকা] *বি* অঙ্কিত পুতুল বা প্রতিমূর্তি। 'সমস্ত সামাজিক লোক ... চিত্রপুত্তলিকার ন্যায় হইয়া রহিয়াছেন।' *রামনারায়ণ*, ১৮৫৪।

চিত্রফলক [স] *বি* ছবি আঁকার কাজে ব্যবহৃত কাঠের ফলক। 'জন্মান্ধের নিকটে পরম মনোহর চিত্রফলক উপস্থিত করিলে কি ফলোদয় হইবে।' *অক্ষয়*, ১৮৪৯।

চিত্রবৎ [স] *বিণ* ছবির মতো। 'ধূমময় চিত্রবৎ এ কাণ্ডের শেষ যাহা হইবে।' *বঙ্কিম*, ১৮৭৮।

চিত্রবয়ন [স] *বি* কাপড়ের উপর সুচ-সুতা দিয়ে নকশা তৈরির কাজ। 'চীনাংশুকের অঞ্চলপ্রান্তে চিত্রবয়ন জানত তরুণীরা।' *রবীন্দ্র*, ১৯৩৬।

চিত্রবর্ণ [স] *বিণ* নানা বর্ণের। 'চিত্রবর্ণ পট্টশাড়ী ভুনী পোতা পট্ট পাড়ি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চিত্রবস্তু [স] *বি* চিত্রের বিষয়। 'চিত্রবস্তুর সংস্থান, তার বর্ণকল্পনা, তার অঙ্কন ... অল্প লোকেরই জানা আছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

চিত্রবস্ত্র [স] *বি* বিচিত্র পোশাক। 'চিত্রবস্ত্র আর ছত্র কিঙ্কিণী চামরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চিত্রবাঘিনী [স চিত্রক>] *বি স্ত্রী* চিতাবাঘ। 'চিত্রবাঘিনীরে যথা রোধে কিরাতিনী।' *মাইকেল*, ১৮৬১।

AMARBOI.COM

চিত্র-বিচিত্র [স] **১** *বিণ* নানা রকম নকশাযুক্ত। 'চিত্র বিচিত্র দেখে চোরের বিছানা।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বিণ* নানা ধরনের। 'চিত্র-বিচিত্র কণ্ঠের সীমা ছাড়িয়ে ...।' *নজরুল*, ১৯২৭।

চিত্র বিচিত্রিত [স] *বিণ* নানা ধরনের নকশাযুক্ত। 'পর্য্যঙ্ক দুগ্ধফেণান্যকৃত চিত্র বিচিত্রিত বস্ত্রে...।' *দর্পণ*, ১৮২৭।

চিত্রবিদ [স] *বি* চিত্রশিল্পী। 'কে চিত্রবিদ কী বা চিত্র এ সম্বন্ধে মত প্রচারিত হয়েছে।' *অবন*, ১৯২৫।

চিত্রবিদ্যা [স] *বি* চিত্রাঙ্কনবিষয়ক বিদ্যা। 'চিত্রবিদ্যা শিক্ষা করিবার কোন উপায় না থাকাতে ...।' *দর্পণ*, ১৮২৯।

চিত্রবিদ্যাপারদর্শিনী [স] *বিণ স্ত্রী* চিত্রাঙ্কনে কুশলী। 'একাধারে সঙ্গীতজ্ঞ, চিত্রবিদ্যাপারদর্শিনী, রন্ধননিপুণা, রূপবতী কিশোরী সেকালে বেশি ছিল না।' *বেতাল*, ১৯৩৬।

চিত্রব্যাঘ্র [ব [illegible] স্ত্রী] *বি* চিতাবাঘ। 'চিত্রব্যাঘ্র পঞ্চনখচিহ্নরেখা [illegible] পড়ে।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিত্রভাণ্ডার [স চিত্র+ভাণ্ডার] *বি* ছবির প্রদর্শনশালা। 'মস্কৌ শহরে ট্রেটিয়াকভ গ্যালারি নামে এক বিখ্যাত চিত্রভাণ্ডার আছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

চিত্র-ভারত [স] *বি* ভারতের মানচিত্র। 'তখনও চিত্র-ভারত বুকে ধরিয়া উপুড় হইয়া কাঁদিতেছিল।' *নজরুল*, ১৯৩১।

চিত্রভারতী [স] *বি* ছবির বাণী। 'আমাদের দেশের সঙ্গে আমার চিত্রভারতীর সম্বন্ধ নেই বলে মনে হয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

চিত্রময় [স] *বিণ* সচিত্র। 'অনেক বিষয়ের চিত্রময় প্রতিরূপও প্রকাশ করা গিয়েছে।' *অক্ষয়*, ১৮৫২।

চিত্রমুগ্ধ [স] *বিণ* ছবির মতো নিশ্চল। 'আমরা চিত্রমুগ্ধ হয়ে মহানন্দে তাম্রকূটজ্ঞানে খড়ের ধূম পান করছি।' *প্রমথ*, ১৯১৩।

চিত্ররচনা [স] *বি* ছবি আঁকা। 'চিত্ররচনানৈপুণ্যের বহুল প্রশংসা করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০১।

চিত্ররেখা [স] *বি* আলপনা। 'নানা চিত্ররেখা দিয়ে মাটি তার ঢাকি।' *রবীন্দ্র*, ১৯৩২।

চিত্রযোগ্যতা [স] *বি* ছবির বিষয় হওয়ার যোগ্যতা। 'আর্টিস্ট পুরনো ভাঙা বাড়ির চিত্রযোগ্যতা যেমন করিয়া দেখে, তার বাসযোগ্যতার খবর লয় না।' *রবীন্দ্র*, ১৯১৭।

চিত্রল [স] *বিণ* চিত্রবিচিত্র। 'উচ্চকিত, দ্রুত, লঘু, মন্থর, চিত্রল/ কখনো অমর্ত্য গদ্যে।' *শামসুল*, ১৯৬৯।

চিত্রলিপি [স] *বি* ছবির মাধ্যমে লেখার পদ্ধতি। 'তাহার সঙ্গে প্রাচীন ইজিপ্টের চিত্রলিপি ভিন্ন আর কোনো বর্ণমালার সাদৃশ্য ছিল না।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিত্রলীলা [স] *বি* বিচিত্র লীলাখেলা। 'হেন চিত্রলীলা করে গৌরাঙ্গসুন্দর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চিত্রলেখা [স] **১** *বি* স্বর্গের অপ্সরা। 'উসার আরতি দেখি চিত্রলেখা জাএ।' *মালাধর*, ১৫০০। **২** *বি* ছন্দ; কবিতা। 'সেইখানে বসে রচনা করি আমার চিত্রলেখা।' *নজরুল*, ১৯৩০।

চিত্রলোক [স] *বি* চিত্রপুরী। 'চিত্রলোক থেকে প্রাণলোকে সূর্যের আলো ভোগ করতে এসেছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

চিত্রশাল [স] *বি* চিত্রশালা। 'চকিতে কার দেখা পেতেম রাজার চিত্রশালে।' *রবীন্দ্র*, ১৯০০।

চিত্রশালা [স] *বি* চিত্র প্রদর্শনের ঘর। 'চিত্রশালায় গিয়ে অসংখ্য চমৎকার ছবি দেখেছি।' *রবীন্দ্র*, ১৮৮১।

চিত্রশালিকা [স] *বি স্ত্রী* চিত্র সংগ্রহশালা। 'ক্রিশ্চিনহমন নগরে সুইডেনের রাজমহিষীর যে চিত্রশালিকা ছিল ...।' *বিবিধ*, ১৮৪৯।

চিত্রশিল্প [স] *বি* অঙ্কন-শিল্প। 'চিত্রশিল্প ও ভাস্কর্য প্রভৃতি কলাবিদ্যা যদিচ সাহিত্যের ন্যায় মানবপ্রকৃতির সর্বাঙ্গীণ খাদ্য নহে ...।' *রবীন্দ্র*, ১৮৯৮।

চিত্রশিল্পী [স] *বি* চিত্রকর। 'মাদ্রাজে [illegible] চিত্রশিল্পী রবিবর্মার দেশী ছবিগুলি যখন প্রথম আমাদের দৃষ্টিগোচর হয় ...।' *রবীন্দ্র*, ১৮৯৮।

চিত্রসনাথ [স] *বিণ* সচিত্র। 'এ যুগের সাহিত্য চিত্রসনাথ হয়ে উঠেছে।' *প্রমথ*, ১৯১৩।

চিত্রাক্ষর [স চিত্র-অক্ষর] *বি* চিত্রলিপি। 'অক্ষর বা চিত্রমূর্তি – কতকটা ইজিপ্তের চিত্রাক্ষরের মতো।' *অবন*, ১৯১৯।

চিত্রাগার [স চিত্র-আগার] *বি* চিত্রশালা। 'বড় বড় থিয়েটার সিনেমা নাচঘর কন্সার্ট হল চিত্রাগার মিউজিয়াম প্রদর্শনী।' *অন্নদা*, ১৯২৯।

চিত্রাঙ্কন [স চিত্র-অঙ্কন] *বি* ছবি আঁকা। 'পূর্ব্বে সূর্য্যালোক সাহায্যেই এই আলোকচিত্রাঙ্কন সমাহিত হইত।' *অক্ষয়*, ১৮৫৪।

চিত্রাঙ্কনরীতি [স চিত্র-অঙ্কন-রীতি] *বি* ছবি আঁকার পদ্ধতি। 'চিত্রাঙ্কনরীতির সঙ্গে তাঁর দার্শনিক চিন্তার সম্পর্ক মোটেই সেভাবে প্রতিষ্ঠিত নয়।' *শিব*, ১৯৫৬।

চিত্রাঙ্কিত [স] *বিণ* ছবির মতো সুন্দর। 'চিত্রাঙ্কিত বুকে যদি ঘুমাইতে দাও মাথা রাখি সুখে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

চিত্রার্পিত [স চিত্র-অর্পিত] **১** *বি* অঙ্কিত ছবির মতো অবস্থা। 'তুমি, কি নিমিত্তে ... চিত্রার্পিতের ন্যায়, দণ্ডায়মান রহিয়াছ।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* চিত্রিত। 'বিমলা চিত্রার্পিত পুত্তলীবৎ নিস্পন্দ হইলেন।' *বঙ্কিম*, ১৮৬৫। **৩** *বিণ* নিস্পন্দ। 'সেইমতো চিত্রার্পিত দাঁড়াইয়া, দীর্ঘকায় বনস্পতিসম।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিত্রার্পিতবৎ [স] *বিণ* চিত্রপটে আঁকা ছবির মতো। 'দুর্গপ্রাকারে চিত্রার্পিতবৎ দাঁড়িয়ে আছেন রানি।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

চিত্রার্পিতা [স চিত্র-অর্পিতা] *বিণ স্ত্রী* ছবির মতো স্থির। 'কামে পিড়িত গোপী চিত্রার্পিতা হয়া।' *মালাধর*, ১৫০০।

চিত্রের পুতলি *বি* স্থির মূর্তি। 'চিত্রের পুতলি হেন চারি দিগে রহি।' *মালাধর*, ১৫০০।

চিত্রক [স] *বি* হরিণের প্রজাতিবিশেষ। 'বৃদ্ধ অশ্রমমৃগ চিত্রক ভূমিনিবদ্ধদৃষ্টি হইয়া নব-দূর্বাদল-ভোজনে ব্যাপৃত ছিল।' *বনফুল*, ১৯৩৬।

চিত্রক লগনী [স চিত্রক>] *বি* সংগীতের তালবিশেষ। 'গাহাড়ীআরাগঃ ॥ চিত্রক লগনী ॥ একতালী।' *বড়ু*, ১৫০০।

চিত্রভানু [স] *বি* আগুন। 'গরজিলা ভালে চিত্রভানু, ধকধকি উজ্জ্বল জ্বলনে।' *মাইকেল*, ১৮৬১।

চিত্রা[১] [স] *বি* (তন্ত্র) নাড়িবিশেষ (শরীরস্থ সুষুম্না নাড়ির ভিতর মৃণালতন্তুসদৃশ)। 'সুসর্ম্মা ভিতরে আছে চিত্রা নামে নাড়ি।' *মালাধর*, ১৫০০।

চিত্রা[২] [স চিত্র>] *ক্রি* রঙিন করা। 'লাক্ষারসে পা দুখানি চিত্রিলা হরষে।' *মাইকেল*, ১৮৬১; 'অশোকের রক্তকান্তে চিত্রি পদতল।' *রবীন্দ্র*,

AMARBOI.COM

১৮৯৫।

চিত্রিকর [স চিত্রকর] *বি* যে ছবি আঁকে। *ওসাঁ*, ১৭৮৫।

চিত্রিকরন [স চিত্রীকরণ] *বি* চিত্র অঙ্কন। *ওসাঁ*, ১৭৮৫।

চিত্রিগর [স চিত্রকর] *বি* চিত্রকর; ছবি আঁকে যে। *ওসাঁ*, ১৭৮৫।

চিত্রিণী [স] *বি* কামশাস্ত্রে বর্ণিত চার রকমের স্ত্রীজাতির একটি। 'পদ্মিনী চিত্রিণী আর শঙ্খিনী হস্তিনী।' *ভারত*, ১৭৬০।

চিত্রিত [স] ১ *বিণ* খচিত। 'তদানন্তর চতুরস্র স্বর্ণ চিত্রিত দূতি নির্ম্মিত পট্টে সুলিখিত।' *দর্পণ*, ১৮২২। ২ *বিণ* নানা বর্ণে রঞ্জিত। 'বিচিত্র চিত্রিতরূপ সুণ্ঠবদন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৮। ৩ *বিণ* অঙ্কিত। 'মহাশয়ের ছবি অবিকল চিত্রিত হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৯। ৪ *বিণ* চিহ্নিত। 'অপমানকর্ত্তা স্বরূপ চিত্রিত হইয়াছিল।' *বঙ্কিম*, ১৮৬৬।

চিত্রিত করা *ক্রি* 'রাবণকে ক্ষুদ্রতম মনুষ্য করিয়া বিচিত্র করিয়াছেন, তাহা নয়।' *রবীন্দ্র*, ১৮৭৭।

চিত্রিতবৎ [স] *বিণ* অঙ্কিত চিত্রের মতো। 'ভূমিতে চিত্রিতবৎ দেখায়।' *বঙ্কিম*, ১৮৭৫।

চিত্রিতভিত্তি [স] *বিণ* দেয়াল-অঙ্কিত। 'কার্পেটাবৃত, চিত্রিতভিত্তি, নীল-যবনিকাপ্রচ্ছন্ন শয়নশালা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিত্রিতরূপ [স] *বিণ* নানা বর্ণে রঞ্জিত। 'বিচিত্র চিত্রিতরূপ সুণ্ঠবদন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৮।

চিত্রিতা [স] *বিণ* স্ত্রী অঙ্কিত। 'এতদিনে কথামালার চিত্রিতা গর্দ্দভী হয়ে যেত।' *মুজতবা*, ১৯৫৮।

চিত্রী [স] *বি* চিত্রকর। *ওসাঁ*, ১৭৮৫; 'চিত্রী যখন ছবি আঁকতে বসেন তখন তিনি তথ্যের ...।' *রবীন্দ্র*, ১৯২৪।

চিৎশক্তি দ্র **চিৎ**[১]

চিথল [স চিত্রফল] *বি* চিতল মাছ। 'কটু তৈলে রান্ধে রাম চিথলের কোল।' *মুকুন্দ*, ১৬০০।

চিদংশ [স] *বি* চেতনার অংশ। 'চিদংশে সংবিৎ যারে জ্ঞান করি মানি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চিদম্বর [স] *বি* চিদাকাশ। 'হেরো চিদম্বরে মঙ্গলে সুন্দরে সর্ব চরাচর লীন।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চিদাকাশ [স] *বি* চিত্তরূপ আকাশ। 'তোমার চিদাকাশে ভাতে সূরয চন্দ্র তারা।' *রবীন্দ্র*, ১৯১০।

চিন[১] [স চিহ্ন] ১ *বি* চিহ্ন। 'সমর কানন ভাগে ... আজি হতে সম্পদের চিন।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* লক্ষণ। 'মেহ্ বিজুলীর বৃষ্টি বরিষার চিন।' *আলাওল*, ১৬৮০। ৩ *বি* পরিচয়। 'জিবরিলে দিল চিন।' *সুলতান*, ১৭০০। ৪ *বি* ছাপ। 'এমন সময় এল মুসাফির গায়ে আঙ্গারির চিন।' *নজরুল*, ১৯২৫।

চিন[২] [স চীন] *বি* চীন দেশ। **চিনের কাগজ** *বি* পাতলা কাগজবিশেষ। 'মেয়ে মানষের চরিত্র চিনের কাগজ।' *দীনবন্ধু*, ১৮৬৩। দ্র **চীন**

চিনচিন [ধ্বন্যা] *বি* অল্প অল্প বেদনার ভাব। 'প্রাণের ভিতর চিনচিন করছে।' *জীবন*, ১৯৩২।

চিনচিনানো [ধ্বন্যা] *ক্রি* ব্যথা হওয়া। 'পেটের ভেতর চিনচিনায়।' *সেলিনা*, ১৯৭৫।

চিনচিনে [ধ্বন্যা] *বিণ* অল্প অল্প। 'ধীরে-ধীরে একটা চিনচিনে রাগ চড়তে থাকে।' *ওয়ালী*, ১৯৪৮।

চিনন *বি* চেনা; চিনতে পারা। *ওসাঁ*, ১৭৮৫।

চিনা[১] *ক্রি* চেনা। 'আপণা চিনহ কাহ্নাঞি।' *বড়ু*, ১৪৫০। **চিন** *ক্রি* চিনে নাও। 'এহি মকার মধ্যে ত্রিভুবন চিন।' *সুলতান*, ১৭০০। **চিনই** *ক্রি* চিনতে। 'চিনলহুঁ রাই চিনই নাহি জান।' *গোবিন্দ*, ১৬০০। **চিনএ** *ক্রি* চেনে। 'ধর্মবন্তে চিনে তানে না চিনএ পাপী।' *আলাওল*, ১৬৮০। **চিনলহুঁ** *ক্রি* চেনা। 'চিনলহুঁ রাই চিনই নাহি জান।' *গোবিন্দ*, ১৬০০। **চিনস** *ক্রি* চেনো। 'মত্তো হইয়া তুহ্মি আহ্মারে না চিনস।' *রবীন্দ্র*, ১৬৮৯। **চিনহ** *ক্রি* চেনো। 'আপণা চিনহ কাহ্নাঞি।' *বড়ু*, ১৪৫০। **চিনা** *ক্রি* চেনা। 'মুর্শিদ রতন চিনলে পরে চিনা যাবে অচেনারে।' *লালন*, ১৮৯০। **চিনানো** *ক্রি* চিনিয়ে দেওয়া। 'গানেতে চিনালেম সে চিরচিনারে।' *রবীন্দ্র*, ১৯৩০। **চিনি** *ক্রি* জানি। 'চিনি নিজ প্রভু সর্বভৌম মহাশয়।' *বৃন্দা*, ১৫৮০। **চিনিঞা** *ক্রি* চিনে। 'শিখিআ ডাঞ্চিন-কলা ... বুড়ি আপনা চিনিঞা জাহ বাস।' *মুকুন্দ*, ১৬০০। **চিনিতে** *ক্রি* চিনতে। 'চিনিতে নেরেচ বাহা দ্বিজবর কেবা।' *মানিকরাম*, ১৭৮১। **চিনিল** *ক্রি* চিনলো। 'সুরেশ্বর অভিমানে তোমা না চিনিল।' *মালাধর*, ১৫০০। **চিনিলেক** *ক্রি* চিনলেন। 'চিনিলেক নৃপতি প্রত্যক্ষ মহেশ্বর।' *আলাওল*, ১৬৮০। **চিন্যা** *ক্রি* চিনে। 'চিন্যা লহ সুন্দরী তোমার পুত্র কে।' *রূপরাম*, ১৭৫০।

চিনা[২] [স চিহ্ন] *বি* চিহ্ন। 'টেরচা রহিল পুরি লাঙ্গলের চিনা।' *মালাধর*, ১৫০০; 'বিচিত্র মুখের শোভা বসন্তের চিনা।' *রূপরাম*, ১৭৫০।

চিনা[৩] [স চীন>] ১ *বিণ* চীনদেশ সংক্রান্ত। 'কেজুড়ি খাজুরছড়ি চিনা ধনবাঁক।' *ভারত*, ১৭৬০। ২ *বি* চীনদেশে তৈরি বিশেষ রকমের রেশমি কাপড়। *মেয়র্স*, ১৭৬২; 'চিনার বস্ত্র।' *বোগল*, ১৭৭০।

চিনাবাদাম [স চীন>+স বাতাম্র] *বি* বাদামবিশেষ। 'চিনাবাদাম-ওয়ালাকে ডাকিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

চিনাম্যান [ই] *বি* চীন দেশের মানুষ। 'দাদু বুঝি চিনাম্যান মা, নাম বুঝি চাং চু।' *নজরুল*, ১৯২৬।

চিনা[৪] [চেনা>] ১ *বি* পরিচয়। 'কার সাথে আজ হবে চিনা।' *রবীন্দ্র*, ১৯০৯। ২ *বিণ* পরিচিত। 'গাড়োয়ানের এটা চিনা রাস্তা।' *মনসুর*, ১৯৫৫।

চিনাচিনি [চেনা>] *বি* পরস্পরের পরিচয়। 'এ চিনাচিনির কোন মানে হয় না।' *মনসুর*, ১৯৫৫।

চিনাশোনা *বিণ* পরিচিত। 'অনেকেই হালিমের চিনাশোনা লোক।' *মনসুর*, ১৯৫৫।

চিনার *বি* শশা জাতীয় এক প্রকার ফল। 'চিনার গাছের দোদুল হাওয়া।' *মুজতবা*, ১৯৪৯।

চিনাল [স চিহ্ন>] *বি* চিনিয়ে দেয় যে। 'চিনাল পেলে চিনে নিতাম/ যেত মনের ধুকধুকি।' *লালন*, ১৮৯০।

চিনি, চিনী [স চীনী] *বি* পরিশুদ্ধ গুড়। 'অতশু তণ্ডুল ফুল চিনি চাপাকলা।' *মালাধর*, ১৫০০; 'কিনিঞা নবাত ফেনি বিশা দরে কিনে চিনি পান কিনে সহস্রের দরে।' *মুকুন্দ*, ১৬০০।

চিনিকন্দ [চিনি+স কন্দ] *বি* শাঁখ আলু। 'গুণ দেখে চিনিকন্দ নাম দিলে তাই।' *গুপ্ত*, ১৮৫৮।

চিনিচম্পা কলা [চিনি+স চম্পক+স কদল] *বি* কলাবিশেষ। 'বাইছা বাইছা কাটো গিয়া চিনিচম্পা কলার পাত।' *অবন*, ১৯১৯।

চিনি চাঁপা [চিনি+স চম্পক] *বি* চাঁপাকলাবিশেষ। 'ভেটে নিল কান্দি দুই চিনি চাঁপা কলা।' *মুকুন্দ*, ১৬০০; 'পৃথিবীর রাঙা রোদ চরিতেছে আকাঙ্ক্ষায় চিনিচাঁপা গাছে।' *জীবন*, ১৯৩২।

AMARBOI.COM

চিনিচাপা [চিনি+স চম্পক] *বি* সুমিষ্ট কলাবিশেষ। 'অতশু তণ্ডুল ফুল চিনিচাপা কলা।' *মালাধর*, ১৫০০।

চিনিপাতা [চিনি+স পত্র] *বিণ* চিনিযুক্ত। 'দাদখানি চাল, মুসুরির ডাল, চিনিপাতা দৈ।' *যোগীন্দ্র*, ১৮৯৭।

চিনির বলদ [চিনি+স বলীবর্দ] *বি* যে লোক অন্যের জন্য জিনিস বহন করে কিন্তু নিজে কিছুই ভোগ করতে পারে না। 'কোলে নিধি খরচ করিতে হয় খুন চিনির বলদ সবে একখানি গুণ।' *ভারত*, ১৭৬০।

চিনিরস [চিনি+স রস] *বি* চিনির রস। 'কাঁটালের বীজ রান্ধে চিনিরসে বুড়া।' *ভারত*, ১৭৬০।

চিনি চিনি [স চিহ্ন>] *বিণ* পরিচিত মনে হয় এমন। 'লোকটি কে ইনি যেন চিনি চিনি।' *রবীন্দ্র*, ১৯০০।

চিনে [স চীন>] *বিণ* চীনদেশীয়। 'আমরা তাহাদিগকে চিনে লোক বলি।' *মধু*, ১৮৫৭।

চিনেবাদাম, চীনেবাদাম *বি* ছোটো বাদামবিশেষ। 'চিনেবাদাম ডাকো।' *রবীন্দ্র*, ১৯০৯; 'চীনে বাদাম বলতে আপত্তি করিনে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চিন্তন [স] *বি* চিন্তা। 'তাহা দেখি মহাপ্রভু করেন চিন্তন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চিন্তনাতীত [স] *বিণ* অভাবনীয়। 'তার অগ্নি আবর্তের চিন্তনাতীত প্রচণ্ডতা দেখে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চিন্তনীয় [স] **১** *বিণ* ভাবনার যোগ্য। 'সৈয়দ সাহেবের একমাত্র চিন্তনীয় বিষয় হইয়া উঠিল।' *ইমদাদুল*, ১৯২০। **২** *বিণ* বিবেচনাযোগ্য। 'বাহ্যিক ব্যাপারটাই আমাদের দেশে সব চেয়ে আজ পরম চিন্তনীয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চিন্তনা [স চিন্তন] *ক্রি* চিন্তা করা। 'ব্রহ্মণে চিন্তনে কৈলোঁ নিশ্চল কাঁএ।' বড়ু, ১৪৫০।

চিন্তা[১] [স চিন্তন>] *ক্রি* ভাবা; চিন্তা করা। 'সব মন্ত্রি পাত্র লঅাঁ চিন্তিল হীত।' বড়ু, ১৪৫০। **চিন্ত** *ক্রি* চিন্তা করো। 'না বোল না বোল নিরাস বড়ায়ি আপণে চিন্ত উপাএ।' বড়ু, ১৪৫০। **চিন্তএ** *ক্রি* চিন্তা করে। 'দরশন উপায় চিন্তএ মনে মনে।' *বাহরাম*, ১৬৫০। **চিন্তব** *ক্রি* চিন্তা করবো। 'জহি খনে হুনহি মনেঁ মাধব চিন্তব।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চিন্তহ** *ক্রি* চিন্তা করো। 'তাক দুখ দিতেঁ কিছ চিন্তহ উপাএ।' বড়ু, ১৪৫০। **চিন্তি** *ক্রি* উদ্বিগ্ন হয়ে। 'হেন মনে চিন্তি গেলা দেব দামোদর।' বড়ু, ১৪৫০। **চিন্তিআঁ** *ক্রি* চিন্তা ক'রে। 'সঙ্খেই চিন্তিআঁ বুয়িল ব্রহ্মার ঠাএ।' বড়ু, ১৪৫০। **চিন্তিতে** *ক্রি* চিন্তা করতে। 'সে দুঃখ চিন্তিতে মনে উড়এ পরানি।' *মালাধর*, ১৫০০। **চিন্তিতে চিন্তিতে** *ক্রি* চিন্তা করতে করতে। 'শিশু ছিলাম বৃদ্ধ হইলাম চিন্তিতে চিন্তিতে।' *হ্যালহেড*, ১৭৭৫। **চিন্তিব** *ক্রি* চিন্তা করবো। 'মহাদেবে পূজা করি চিন্তিব মঙ্গল।' *মুকুন্দ*, ১৬০০। **চিন্তিবারে** *ক্রি* চিন্তা করতে। 'চিন্তিবারে লাগিলা আপনা মনে মন।' *সুলতান*, ১৬৫০। **চিন্তিবোঁ** *ক্রি* চিন্তা করবো। 'চিন্তিবোঁ তোহ্মার হিত পরাণশকতি।' বড়ু, ১৪৫০। **চিন্তিয়া** *ক্রি* চিন্তা ক'রে। 'মূর্খরূপে গর্ভবাসে কৃষ্ণ চিন্তিয়া হতাস।' *মালাধর*, ১৫০০। **চিন্তিল** *ক্রি* চিন্তা করলো। 'সব মন্ত্রি পাত্র লঅাঁ চিন্তিল হীত।' বড়ু, ১৪৫০। **চিন্তিলা** *ক্রি* চিন্তা করলে। 'কি কর্ম্ম সাধিবা মাও চিন্তিলা কি ফলে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **চিন্তিলুঁ** *ক্রি* চিন্তা করলাম। 'অনেক ভাবিয়া মনে চিন্তিলুঁ উপায়।' *আলাওল*, ১৬৮০। **চিন্তিলুম** *ক্রি* চিন্তা করলাম। 'না চিন্তিলুম পরিণাম মুঞি পশুবুদ্ধি।' *বাহরাম*, ১৬৫০। **চিন্তিলেঁ** *ক্রি* ভাবলো। 'বৃদ্ধ রূপ ধরিআঁ চিন্তিলেঁ নিরঞ্জন।' বড়ু, ১৪৫০। **চিন্তিলেক** *ক্রি* চিন্তা করলেন। 'এথা গঙ্গা মনেং চিন্তিলেক কাজ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **চিন্তিহ** *ক্রি* চিন্তা করো। 'এহাত আঅর মণে না চিন্তিহ বাধা।' বড়ু, ১৪৫০। **চিন্তী** *ক্রি* চিন্তা করি। 'বিষভরা চিত্তে চিন্তী তার কথা শুনি।' *ফয়জুল্লেসা*, ১৮৭৬। **চিন্তে** *ক্রি* চিন্তা করে। 'কৃষ্ণ নাহি সাম্ভাএ সাপা চিন্তে মনে মনে।' *মালাধর*, ১৫০০। **চিন্তেন** *ক্রি* চিন্তা করেন। 'বাহিরে থাকীয়া তবে চিন্তেন গোপাল।' *মালাধর*, ১৫০০। **চিন্তা** *ক্রি* চিন্তা করি। 'সর্বক্ষণ চিন্তা চণ্ডী অষ্টাক্ষর পড়ু।' *মুকুন্দ*, ১৬০০।

চিন্তা করা *ক্রি* ভাবা। 'পুত্র হবেক রাজা উপায় চিন্তা কর।' *মালাধর*, ১৫০০।

চিন্তা[২] [স] **১** *বি* উদ্বেগ। 'আলপ বএসে তেহ্ন বিরহের চিন্তা।' বড়ু, ১৪৫০। **২** *বি* স্মরণ। 'সেহো না বাখানে ভক্তি করে শুদ্ধ চিন্তা।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* ভয়। 'নিশ্চিন্তে আহএ সভ কোন চিন্তা নাই।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৪** *বি* সংকল্প। 'এই সময় বটে যে নড়িবার চিন্তা করি।' *তারিণী*, ১৮০৩। **চিন্তাএ** *বিণ* চিন্তারত অবস্থায়। 'চলিতে না পারে সখী চিন্তাএ আতুরী।' *বাহরাম*, ১৬৫০।

চিন্তাকালীন [স] *ক্রিবিণ* চিন্তা করার সময়ে। 'যতদিন দেহ মধ্যে অন্তরেন্দ্রিয় ধারণ করিবেন এবং চিন্তাকালীন ভাষা প্রয়োগ করিবেন ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

চিন্তাকুল [স চিন্তা-আকুল] *বিণ* চিন্তিত। 'ভূমিতে বসিল রাজা চিন্তাকুল অতি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চিন্তা কাঁথা [স চিন্তা-কন্থা>] *বি* চিন্তা-রূপ কাঁথা। 'ছেড়ে রাজস্য প্রেমের উদ্দিশ্য চিন্তা কাঁথা উড়ে যায়।' *লালন*, ১৮৯০।

চিন্তাক্ষত [স] *বিণ* দুশ্চিন্তাগ্রস্ত। 'তারই ভারিত্বে হয়তো চিন্তাক্ষত মজিদের অস্পষ্ট ঘুম ছুটে গেল।' *ওয়ালী*, ১৯৪৮।

চিন্তাখণ্ড [স] *বি* চিন্তার অংশ। 'দেখিবে ভাবের আবর্জনা, ছিন্ন টুকরা, অব্যবহার্য চিন্তাখণ্ড লইয়া সমস্ত গড়িয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিন্তাগ্রস্ত [স] *বিণ* চিন্তিত। 'কি যেন ভাবতে লাগলো বৌঠান নিজের মনে, যেন চিন্তাগ্রস্ত।' *বিমল*, ১৯৫৩।

চিন্তাজীবী [স] *বি* বুদ্ধিজীবী। 'মুসলমান চিন্তাজীবী ও নেতারা বাংলা সাহিত্যের সঙ্গে সংশ্রবহীন।' *মাহেনও*, ১৯৪৯।

চিন্তাজ্বর [স] *বি* দুর্ভাবনা। *সেবধি*, ১৮৩৯; 'তাঁহারা কোন বিষয়ে নির্ধন লোকের ন্যায় চিন্তাজ্বরে জর্জ্জরীভূত হন না।' *মশাররফ*, ১৮৬৯।

চিন্তাতপ্ত [স] *বিণ* চিন্তিত। 'স্নিগ্ধ মাতৃপাণি চিন্তাতপ্ত ভালে তার তালে তালে বারম্বার হানি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিন্তাতাপ [স] *বি* চিন্তাজ্বর। 'চিন্তাতাপে জ্বলিয়া গোএগাই কথদিন।' *বাহরাম*, ১৬৫০।

চিন্তাতাপিত [স] *বিণ* চিন্তাগ্রস্ত। 'তর্কতাড়িত চিন্তাতাপিত বক্তৃতাশ্রান্ত মানুষ।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চিন্তাধার [স] *বি* চিন্তার আধার। 'যেহেতু মস্তিষ্ক চিন্তাধার ...।' *মুজতবা*, ১৯৫২।

চিন্তাধারা [স] **১** *বি* কল্পনা। 'কবির চিন্তাধারা হইতে একেবারে সরিয়া যাও!' *মশাররফ*, ১৮৮৫। **২** *বি* বুদ্ধিবৃত্তি। 'যুগযুগান্তরের প্রবাহিত চিন্তাধারায় প্রীতিধারায় দেশের মন ফলে শস্যে সমৃদ্ধ।' *রবীন্দ্র*, ১৯৩৩। **৩** *বি* ভাবনারাশি। 'আমাকে পেয়ে নির্জনে জমানো তাঁর চিন্তাধারা যেন উপচে পড়ল।' *মুজতবা*, ১৯৪৯।

চিন্তানত [স] *বিণ* চিন্তার ভারে নত। 'চিন্তানত মস্তকে বাহিরের

AMARBOI.COM

অন্ধকারে ঢলিয়া গেলেন।' *রবীন্দ্র*, ১৯০৯।

চিন্তানায়ক [স] *বি* চিন্তাবিদ। 'চিন্তানায়কদের কেহ কেহ অবরোধপ্রথার পক্ষপাতী।' *সওগাত*, ১৯২৯।

চিন্তা-নিমীলিত [স] *বিণ* চিন্তায় চোখ বুঁজে আছে এমন। 'কন্যাভারগ্রস্ত হইয়া চিন্তা-নিমীলিত নয়নে বিনিদ্রাবস্থায় যামিনী যাপন করি।' *রামনারায়ণ*, ১৮৫৪।

চিন্তানুরক্ত [স] *বিণ* চিন্তা করতে ভালোবাসে এমন। 'আমার চিন্তানুরক্ত ভক্তমণ্ডলী অমূল্যচরণের হৃদয়ের রেশমাত্র বিকার জন্মিল না।' *রবীন্দ্র*, ১৮৯৮।

চিন্তা-নেতা [স] *বিণ* শীর্ষস্থানীয় চিন্তাবিদ। 'বাংলার শ্রেষ্ঠ চিন্তা-নেতা বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ।' *ওদুদ*, ১৯৪৯।

চিন্তান্তর [স চিন্তা-অন্তর] *বিণ* চিন্তিত। 'জুদ্ধরসে ভিমসেন চিন্তান্তর হইল।' *মালাধর*, ১৫০০।

চিন্তান্বিত [স] *বিণ* উদ্বিগ্ন। 'মহারাজ চিন্তান্বিত আছেন।' *রাজীব*, ১৮০৫।

চিন্তাপীড়িত [স] *বিণ* চিন্তায় কাতর। 'চিন্তাপীড়িত সংশয়াপন্ন মানুষের কাছে এই দ্বিধাশূন্য ইচ্ছাশক্তি ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চিন্তাপুঞ্জ [স] *বি* চিন্তারাশি। 'অনির্বচনীয় উদ্বর্তিত চিন্তাপুঞ্জ ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিন্তাপ্রণালী [স] *বি* চিন্তার পদ্ধতি। 'ভারতবর্ষের চিন্তাপ্রণালী অন্যরূপ।' *জগদীশ*, ১৯১৮।

চিন্তাপ্রবল [স] *বিণ* চিন্তাপ্রধান। 'আধুনিক উপন্যাস চিন্তাপ্রবল হয়ে দেখা দেবে আধুনিক কালের তাগিদেই।' *রবীন্দ্র*, ১৯৪১।

চিন্তাপ্রবাহ [স] *বি* ভাবনাস্রোত। 'আঘাত-প্রতিঘাতে চিন্তাপ্রবাহের মধ্যে বিবিধ ঢেউ তোলা।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিন্তাপ্রসূত [স] *বিণ* ভাবনা থেকে উৎসারিত। 'বহু বিচিত্র রজনীর চিন্তাপ্রসূত দর্শন।' *মাহেনও*, ১৯৪৯।

চিন্তাবিনিময় [স] *বি* ভাবনার লেনদেন। 'দেশবিদেশের ভাবুকদের সঙ্গে চিন্তাবিনিময়ের বিশ্বনাগরিক উদ্যম ...।' *শিব*, ১৯৫৬।

চিন্তাবিষ [স] *বি* চিন্তারূপ বিষ। 'অহোরাত্র এই বিষম চিন্তাবিষ শরীরে প্রবিষ্ট হওয়াতে ...।' *বিদ্যা*, ১৮৪৭।

চিন্তাবিহীন [স] *বিণ* নিশ্চিন্ত। 'চিন্তাবিহীন শিশিরমণ্ডিত ফুলের মতো।' *রবীন্দ্র*, ১৯০৯।

চিন্তাবীর [স] *বি* চিন্তানায়ক। 'অনেক শ্রেষ্ঠ চিন্তাবীরকে অশেষ নির্যাতন, এমন কি মৃত্যু পর্যন্ত বরণ করতে হয়েছে।' *মোতাহার*, ১৯৩৭।

চিন্তাবৃত্তি [স] *বি* বুদ্ধিবৃত্তি। 'ইয়োরোপীয় চিন্তাবৃত্তি, অনুভবসম্পদ যোগ দিয়ে নূতন সভ্যতা ...।' *মুজতবা*, ১৯৫৯।

চিন্তাব্যথাযুক্ত [স] *বিণ* দুশ্চিন্তাজনিত কষ্টে কাতর। 'খানিকটা চিন্তাব্যথাযুক্ত হয়ে জ্যেঠিমা ... একবার তাকাল।' *জীবন*, ১৯৩২।

চিন্তাভাবনা [স] *বি* চিন্তা ও ভাবনা। 'তুচ্ছাতিতুচ্ছ কয়েকটি লাইন নিয়ে আজকের এই সমস্ত চিন্তাভাবনা।' *জীবন*, ১৯৩১।

চিন্তামগ্ন [স] *বিণ* চিন্তায় নিবিষ্ট। 'চন্দ্রবাবু সুগভীর চিন্তামগ্ন।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিন্তামণি [স] *বি* কাল্পনিক মণিবিশেষ; পরশমণি। 'প্রেম চিন্তামণি রসেতে গাঁথিয়া।' *চণ্ডী*, ১৫৫০।

চিন্তামার্গ [স] *বি* চিন্তা প্রক্রিয়া। 'যদি আমরাই চিন্তামার্গে ক্লেশ করব, তা হলে ...।' *প্রমথ*, ১৯১৫।

চিন্তাযুক্ত [স] *বিণ* চিন্তিত। 'সবে চিন্তাযুক্ত হইলেন মনে মনে।' *বৃন্দা*, ১৫৮০।

চিন্তাযুতা [স] *বিণ স্ত্রী* উদ্বিগ্ন। 'কহ ভগ্নী সত্য কথা না হইঅ চিন্তাযুতা।' *সুলতান*, ১৬৫০।

চিন্তারতা [স] *বিণ স্ত্রী* চিন্তা করছে এমন। 'তাহা শুধু নির্জন প্রান্তরে চিন্তারতা বালিকা।' *বিভূতি*, ১৯২৯।

চিন্তারাজ্য [স] *বি* চিন্তার জগৎ। 'চিন্তারাজ্যে মুসলিম এক যুগান্তর আনয়ন করুক।' *ইসলাহ*, ১৯৩২।

চিন্তারাশি [স] *বি* চিন্তাপুঞ্জ। 'প্রকাশহীন চিন্তারাশি করিছে হানাহানি।' *রবীন্দ্র*, ১৮৯০।

চিন্তারেখা [স] *বি* কপালের ভাঁজ। 'এই যে ললাট – প্রশস্ত, চন্দনচর্চিত চিন্তারেখা বিশিষ্ট।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

চিন্তারেখাহীন [স] *বিণ* চিন্তামুক্ত। 'উদার উন্মুক্ত আকাশের চিন্তারেখাহীন জ্যোতির্ময় প্রশস্ত ললাট।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চিন্তার্ণব [স চিন্তা-অর্ণব] *বি* চিন্তারূপ অর্ণব; চিন্তার সাগর। 'সে যে চিন্তার্ণবে মগ্না রয়েছে।' *মাইকেল*, ১৮৫৯।

চিন্তালোক [স] *বি* ভাবনার জগৎ। 'লেখক ও পাঠকের বহু ঊর্ধ্বে ভাদের অচিন্ত্যনীয় চিন্তালোকে অধিষ্ঠিত।' *মোতাহার*, ১৯৩৭।

চিন্তাশক্তি [স] *বি* চিন্তা করার ক্ষমতা। 'মনুষ্যের তেমন চিন্তাশক্তি নাই।' *বঙ্কিম*, ১৮৭৪।

চিন্তাশীল [স] **১** *বিণ* ভাবুক; চিন্তা করে এমন। 'তাহা চিন্তাশীল লোকের অবিদিত নাই।' *অক্ষয়*, ১৮৪৬। **২** *বিণ* চিন্তা উদ্রেককারী। 'চিন্তাশীল শব্দে গ্রন্থকার যাহা বুঝিলেন পাঠক তাহার ঠিক উল্টা বুঝিল।' *হরপ্রসাদ*, ১৮৮১।

চিন্তাশীলতা [স] *বি* চিন্তা করার ক্ষমতা। 'ভাগ্যে গাছেদের মধ্যে চিন্তাশীলতা নাই।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চিন্তাশূন্য [স] *বিণ* চিন্তাহীন। **চিন্তাশূন্যতা** [স] *বি* ভাবনাহীন অবস্থা। 'হাস্যপরিহাস, অনন্ত প্রমোদ, চিন্তাশূন্যতা ...।' *বঙ্কিম*, ১৮৭৯।

চিন্তাসংকট [স] *বি* চিন্তান্বিত অবস্থা। 'তাহাকে চিন্তাসংকট হইতে উদ্ধার ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

চিন্তাসম [স] *বিণ* চিন্তার মতো। 'চিন্তাসম তাপ নাহি এ মহীতলে।' *বাহরাম*, ১৬৫০।

চিন্তাসূত্র [স] *বি* চিন্তার খেই। 'ছিন্ন হয়ে গেছে ওর সমস্ত চিন্তাসূত্র।' *রবীন্দ্র*, ১৯৪০।

চিন্তা-সৌকর্য [স] *বি* চিন্তার উৎকর্ষ। 'যুগপৎ সঙ্কেতের জটিলতা ও চিন্তাসৌকর্য সাধিত হয়।' *মোতাহার*, ১৯৩৭।

চিন্তাস্রোত [স] **১** *বি* চিন্তাধারা। 'তাহারদিগের চিন্তাস্রোত এ পথে স্বপ্নেও কখন প্রবাহিত হয় নাই।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বি* গভীর চিন্তা। 'দরিয়াবিবি পুনরায় চিন্তাস্রোতে মগ্ন হইয়া যায়।' *শওকত*, ১৯৫৮।

চিন্তাহারা [স] *বিণ* চিন্তাহীন। 'আকাশে অসংখ্য তারা চিন্তাহারা ক্লান্তিহারা, হৃদয় বিস্ময়ে সারা হেরি একদিঠি।' *রবীন্দ্র*, ১৮৯০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চিন্তাহীন [স] *বিণ* নিশ্চিন্ত। 'দ্বিধাহীন চিন্তাহীন প্রাণ নিয়ে খুব একটা প্রবল জীবনের আনন্দ লাভ করি।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিন্তিত [স] *বিণ* উদ্বিগ্ন। 'সুনিঞা চিন্তিত কৃষ্ণ ব্যাজ না কইল।' *মালাধর*, ১৫০০।

চিন্তিতা [স] *বিণ* স্ত্রী উদ্বিগ্ন। 'দলনী চিন্তিতা হইল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

চিন্ন [স চিহ্ন] *বি* চিহ্ন। *মানোএল*, ১৭৪৩; 'লামাকে জে জরদ রাঙ্গব বানাত একখান পত্র চিন্ন দিয়া লেখীয়াছেন।' *বোগল*, ১৭৭০।

চিন্ময় [স] *বিণ* চৈতন্যস্বরূপ। 'পূর্ণানন্দময় আমি চিন্ময় পূর্ণতত্ত্ব।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চিন্য [স চিহ্ন] *বি* চিহ্ন। 'অস্ত্রের চিন্য দেখী গাএ ক্ষত্রির লক্ষণ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চিপ, চিফ [ই] *বিণ* প্রধান। 'শ্রীযুত চিপ জাষ্টিস সাহেবের সুখ্যাতিপত্র।' *দর্পণ*, ১৮২২; 'পূর্ব্বের চিফজুষ্টিস সর এডবার্ড হাইডইষ্ট সাহেব।' *দর্পণ*, ১৮৩১।

চিপজুষ্টিস [ই] *বি* প্রধান বিচারপতি। *দর্পণ*, ১৮২৭। 'চিপজুষ্টিস ও ... কএক জন সংভ্রান্ত বাঙ্গালি ভদ্রলোক উপস্থিত ছিলেন।' *দর্পণ*, ১৮২৮।

চিপড়ানো *ক্রি* হাত দিয়ে বারে বারে কচলানো; নিংড়ানো। 'আমের আঁটি যেমন হাতের মুঠো হইতে বড় হইলে চিপড়ানো অসুবিধা হয়।' *মাহেনও*, ১৯৪৯।

চিপস [ই] *বি* পাতলা ফালি করা ভাজা আলু। 'চিপস মুখে দিয়ে সরিয়ে রাখল চিপসের রেকাবি।' *শামসুল*, ১৯৫৬।

চিপসে [স চিপিট] *বিণ* চাপা; সরু। 'পেটটা কারুর চিপসে।' *নজরুল*, ১৯২৬।

চিপা[১] [চাপ>] *ক্রি* নিংড়ানো। 'ছোলঙ্গ চিপিআঁ নিমঝোলে পেলিপলৌ। বড়ু, ১৪৫০।

চিপা দেওয়া *ক্রি* থেতলে দেওয়া। 'হাত পাও চিপা দিলা বান্ধিয়া পেলাই।' *সুলতান*, ১৭০০।

চিপা[২] [চাপ>] *বিণ* আঁটসাট। 'নীল চন্দেরার বুটিদার আচকান, গাঢ় নীল চিপা পায়জামা ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

চিপিক [ধ্বন্যা] *বি* চড়ুই পাখির ডাক। 'ওঠে চিপিক চিপিক ডাকি।' *সত্যেন্দ্র*, ১৯১০।

চিপিটক [স] *বি* চিঁড়া। 'কদলক চিপিটক ভর্জিত তণ্ডুল।' *বৃন্দা*, ১৫৮০।

চিবন [স চর্বণ] *বি* চিবানোর কাজ। *ওসাঁ*, ১৭৮৫।

চিবা, চিবানো [স চর্বণ] *ক্রি* দাঁত দিয়ে পেষণ করা। 'শুষ্ক রুটী চাবানা চিবায় ভোগ পরিহরি।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'খুধা পাইলে সাধু তণ্ডুল চিবান।' *মুকুন্দ*, ১৬০০। **চিবাইমু** *ক্রি* চিবিয়ে খাবো। 'আর আমি বাসায় গিয়া চিরা গুর চিবাইমু।' *গিরিশ*, ১৮৮৬। **চিবাইয়া** *ক্রি* চিবিয়ে। 'নাপান করিয়া পেলে চিবাইয়া গুস্তা।' *রূপরাম*, ১৭৫০। **চিবি** *ক্রি* চিবিয়ে। 'যেমত দশনে চিবি ইক্ষুরস লএ।' *আলাওল*, ১৬৮০। **চিবুতে চিবুতে, চিবোতে চিবোতে** *ক্রি* অবিরাম চর্বণ করতে করতে। 'কাণে উডেন প্যানসীল গুঁজে পান চিবুতে চিবুতে নেমন্তোন্নো সেরে যান।' *হুতোম*, ১৮৬১; 'দাঁতন চিবোতে চিবোতে দরজার কাছে বেরিয়ে এল।' *রবীন্দ্র*, ১৯২৯।

চিবিয়ে চিবিয়ে *ক্রিবিণ* ধীরে ধীরে। 'সন্দীপ চিবিয়ে চিবিয়ে বলতে লাগল।' *রবীন্দ্র*, ১৯১৫।

চিবুক [স] *বি* থুতনি। 'চিবুক কণ্ঠেত দিয়া যোগাসনে বসি।' *বাহরাম*, ১৬৫০।

চিবে [স চর্বণ] *বি* পিক। 'কোথাও বা কতগুলা বাড়িওয়ালী ও বেশ্যা বসিয়া পানের চিবে ফেলছে।' *প্যারী*, ১৮৫৮।

চিমটা [হি] *বি* যা আঙুল দিয়ে তোলা অথবা ধরা যায় না, তা ধরার দুই হাতওয়ালা ধাতব হাতিয়ার। *ওসাঁ*, ১৭৮৫; 'সন্ন্যাসী তাহার চিমটার ইঙ্গিতে তাহাকে যেন আহ্বান করিল।' *নজরুল*, ১৯৩১।

চিমটাওন [হি চিমটা] *বি* চিমটি দেওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

চিমটান [হি চিমটা] *ক্রি* চিমটানো। *ওসাঁ*, ১৭৮৫।

চিমটি, চিমটী [হি চিমটা] **১** *বি* দুই হাতওয়ালা হাতিয়ারবিশেষ, যা দিয়ে কোনোকিছু চিমটে ধরা যায়। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বি* দুই আঙুলের ডগা বা নখ দিয়ে চেপে ধরা। 'যাবৎ সে না ডাকিলেক তাহার কানে চিমটী কাটিলেক।' *তারিণী*, ১৮০৩; 'এই না বলে কুটুৎ করে চিমটি কাটে ঘাড়ে।' *সুকুমার*, ১৯১৮।

চিমটি কাটা *ক্রি* বিদ্রূপ করা। 'চিমটি কেটে এর ঘুম ভাঙাবার ... পলিসির উল্লেখ আছে।' *নজরুল*, ১৯২৭।

চিমিটা [হি চিমটা] *বি* চিমটা। *মানোএল*, ১৭৪৩।

চিমটে [হি চিমটা] *বি* তপ্ত বস্তু ধরার কাজে ব্যবহৃত ধাতব যন্ত্র। 'চিমটে দিয়ে কয়লা থেকে যখন কালু তুলে আনল গনগনে অঙ্গারটা।' *কায়সার*, ১৯৬৫।

চিমনি, চিমনী [ই] **১** *বি* কল-কারখানার ধোঁয়া বের হওয়ার নলবিশেষ। 'চিমনি থেকে অবিশ্রান্ত পাথুরে কয়লার ধোঁয়া।' *রবীন্দ্র*, ১৮৮১; 'বাড়ীর চিমনী বা ধোঁয়াঘর হইতে এত ধোঁয়া উঠে যে, কোন কোন দিন ...।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫। **২** *বি* বাতাসে যাতে আলোর শিখা নিভে না-যায়, তার জন্যে ব্যবহৃত কাঁচের চোঙার মতো বেষ্টনী। 'লণ্ঠনের চিমনি।' *মানিক*, ১৯৪০। **৩** *বি* আগুন জ্বালিয়ে ঘর গরম রাখার ফায়ার প্লেস। 'চিমনিতে আবার কাঠ দেওয়া হল।' *মুজতবা*, ১৯৬০।

চিমনীওয়ালা [ই চিমনি+হি ওয়ালা] *বিণ* চিমনিযুক্ত। 'লণ্ডনের চিমনীওয়ালা বাড়িগুলো চুরুটখোরদের মতো মুখ দিয়ে ধোঁয়া ছাড়তে ছাড়তে ...।' *অন্নদা*, ১৯২৯।

চিমসে [স চর্ম] **১** *বিণ* ছিপছিপে। 'শুকিয়ে একেবারে শোলার মতো চিমসে ও খড়খড়ে হয়ে গিয়েছিল।' *প্রমথ*, ১৯১৮। **২** *বিণ* শীর্ণ। 'বয়স হল অষ্টআশি চিমসে গায়ে ঠুনকো হাড়।' *সুকুমার*, ১৯২০।

চিমসে জ্যোৎস্না *বি* ক্ষীণ জোছনা। 'একটু চিমসে জ্যোৎস্না জোনাকী আর লক্ষীপেঁচা।' *জীবন*, ১৯৩২।

চিয়া [স চেতন>] *ক্রি* জাগানো। 'চিয়াইল প্রহরি সব ক্রন্দন সুনি।' *মালাধর*, ১৫০০। **চিয়াইআ, চিয়াইয়া** **১** *ক্রি* চেতনা পেয়ে। 'চিয়াইয়া যসোদা পুত্র দেখি পাসে।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* জাগিয়ে। 'চিয়াইআ উত্তর দেহ রতিরে সংহতি লেহ।' *মুকুন্দ*, ১৬০০। **চিয়াইল** *ক্রি* জেগে উঠলো। 'চিয়াইল প্রহরি সব ক্রন্দন সুনি।' *মালাধর*, ১৫০০।

চিয়ার্স [ই] *বি* আনন্দধ্বনি। 'বরকনের উদ্দেশে শ্রী চিয়ার্স দিয়ে বেরিয়ে পড়া যাক।' *রবীন্দ্র*, ১৮৯২।

চির[১] [স চীর] *বি* কাপড়। 'উনত উরজ চিরে ঝাপাবএ পুনু পুনু দরসাএ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

AMARBOI.COM

চির[২] [স] **১** *বি* চিরকাল; দীর্ঘদিন। 'চির জীঅ কাহ্নাঞি কুলের নন্দন।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* চিরন্তন। 'বারে বারেই জানি তুমি তো চির হে।' *রবীন্দ্র*, ১৯২৫।

চির-অচেনা [স] **১** *বিণ* চিরজীবন যাকে চেনা যায়নি এমন। 'ওগো আমার চির-অচেনা পরদেশী।' *রবীন্দ্র*, ১৯৩৭। **২** *বি* চিরকাল অচেনা যে। 'সেই চিরচেনা, চিরঅচেনার শেষ হল নাকি ব্যগ্র অন্বেষণ?' *ফররুখ*, ১৯৪৬।

চিরঅজ্ঞাত [স] *বিণ* চিরকাল ধরে অজানা। 'হিরণ্ময় চিরঅজ্ঞাত দেশের।' *ফজলল*, ১৯১৩।

চির-অতৃপ্তিপূর্ণ [স] *বিণ* চিরকালই অতৃপ্তিতে ভরা। 'পুরুষের প্রেমের মধ্যে যে একটি চির-অতৃপ্তিপূর্ণ অনির্বচনীয় সুখ আছে ...।' *রবীন্দ্র*, ১৮৮৮।

চির-অপরাধী [স] *বিণ* চিরকাল দোষী। 'মার্জ্জনাও করলে না? রেখে গেলে চির-অপরাধী করে?' *রবীন্দ্র*, ১৮৮৯।

চিরঅভিলষিত [স] *বিণ* চিরকাল ঈপ্সিত। 'ভারত গ্রাস করা যে রুসিয়ার চিরঅভিলষিত।' *প্রচারক*, ১৯০৩।

চিরঅমর [স] *বিণ* কখনও মরে না এমন। 'তার চিরঅমর আত্মাকে – তার সত্যকে বুঝতে হলে ...।' *নজরুল*, ১৯২৭।

চির-আইবুড়ো *বিণ* আজীবন অবিবাহিত। 'এ দেশের চির-আইবুড়ো মেয়েরা কাজের লোক।' *রবীন্দ্র*, ১৮৮১।

চির-আদৃত [স] *বিণ* চিরকাল সমাদর পায় এমন। 'মৃত্যুর আহ্বানমাত্র যাহারা তুড়ি মারিয়া চলিয়া যায়, চির-আদৃত সুখের দিকে একবার পিছন ফিরিয়া তাকায় না ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিরআয়ুষ্মতীসু [স] *বি* দীর্ঘজীবী হও – এই সম্বোধন। 'চিরআয়ুষ্মতীসু।' *নজরুল*, ১৯২৯।

চির-আয়ুষ্মান [স] *বিণ* চিরজীবী। 'চির-আয়ুষ্মান রবি – তোমারে না দিক দৃষ্টিদান।' *রবীন্দ্র*, ১৯৪১।

চিরআরাধনা [স] *বি* চিরন্তন প্রার্থনা। 'চিরআরাধনা সে যে প্রেমনিষ্ঠের।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

চির-আলস্য [স] *বিণ* চিরকাল ব্যাপী পরিশ্রমে অনিচ্ছুক। 'প্রকৃতির চিরসন্তুষ্টি ও পালকের চির-আলস্য জমীদারীর পরাকাষ্ঠা।' *সাধারণী*, ১৮৭৫।

চিরআশ্রয় [স] *বি* অনন্ত ঠাঁই। 'কোথা তাপহারী পিপাসার বারি – হৃদয়ের চিরআশ্রয়।' *রবীন্দ্র*, ১৮৮৪।

চির-উৎস [স] *বি* চিরকালের উৎস। 'আপনার দুর্গমের মাঝে সান্ত্বনার চির-উৎস কোথায় বিরাজে।' *রবীন্দ্র*, ১৯৩২।

চির-উৎসুক [স] *বিণ* চিরদিন উৎসুক এমন। 'প্রাণের স্বভাবই চির-উৎসুক।' *রবীন্দ্র*, ১৯২৯।

চিরউৎসুকী [স] *বিণ* অসীম আগ্রহী। 'চিরউৎসুকী তাই মানুষের মুখে চাই।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

চিরউদাসী [স] *বিণ* চিরকাল নিরাসক্ত থাকে এমন। 'সে যে চিরউদাসী, চির বৈরাগী।' *নজরুল*, ১৯২৭।

চির-উপবাস [স] *বি* চির অনাহার। 'চির-উপবাস-ভৃখারি ভাঙা মন্দিরে আসে ফিরে ফিরে ...।' *রবীন্দ্র*, ১৯০০।

চির-উপবাসী [স] *বিণ* চিরদিন অনাহারী। 'আমাদের এই চির-উপবাসী ক্ষুধিত স্বভাবের মধ্যেও যেটুকু মনুষ্যত্ব অবশিষ্ট ছিল ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চির-একা *বিণ* সর্বদা সঙ্গীহীন। 'তাঁরা ছিলেন চির-একা।' *শরীফ*, ১৯৭০।

চির-একাকিনী *বিণ স্ত্রী* সর্বদা সঙ্গীহীন। 'অনমরা অনাসক্তা চির-একাকিনী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চির-এয়োতি [স চির-আয়ুষ্মতী] *বি* যে নারীর মৃত্যু পর্যন্ত স্বামী বেঁচে থাকে। 'তুই চির-এয়োতি হ।' *নজরুল*, ১৯২৪।

চিরঋণী [স] *বিণ* চিরকাল কৃতজ্ঞ। 'আপনার কাছে আমি চিরঋণী।' *রবীন্দ্র*, ১৯০০।

চিরকবি [স] *বি* অমর কবি। 'রহিলে মানসলোকে তুমি চিরকবি।' *রবীন্দ্র*, ১৮৯৬।

চিরকলঙ্ক [স] *বি* দীর্ঘস্থায়ী কলঙ্ক। 'ভারতের চিরকলঙ্ক অপনোদিত হইয়াছিল।' *বঙ্কিম*, ১৮৯২।

চিরকলতান [স] *বিণ* চিরকাল মুখরিত। 'সেই চিরকলতান উদার গঙ্গা/ বহিছে আঁধার আলোকে।' *রবীন্দ্র*, ১৮৯০।

চিরকল্যাণ [স] *বি* সবসময়ে মঙ্গল। 'দুঃখীর আশীর্ব্বাদে তাঁহার চিরকল্যাণ হউক।' *সুলভ সমাচার*, ১৮৭৩।

চির-কল্যাণকর [স] *বিণ* চিরকাল মঙ্গলজনক। 'বিশ্বের যা-কিছু মহান্ সৃষ্টি চির-কল্যাণকর।' *নজরুল*, ১৯২৫।

চিরকাঙাল [স চির+কাঙাল] *বিণ* চিরনিঃস্ব। 'ডেবেছিল চির-কাঙাল সে এই ভুবনে।' *রবীন্দ্র*, ১৯১৪।

চির-কারা [স] *বি* চিরকালের কারাগার। 'কাঁদিছে হিন্দু-মুসলিম হেথা বন্দী হইয়া চির-কারায়।' *নজরুল*, ১৯২৮।

চিরকাল [স] **১** *ক্রিবিণ* সবসময়ে। 'চিরকাল দধি দুধ ঘরে নঠ হএ।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রিবিণ* সারাজীবন। 'আচার করিলে আউ হয় চিরকাল।' *মালাধর*, ১৫০০। **৩** *ক্রিবিণ* বহুদিন যাবৎ। 'তাহারা চিরকাল ধূর্ততা করিয়া কাল যাপন করিতেন।' *দর্পণ*, ১৮২০।

চিরকালাবধি [স চিরকাল-অবধি] *ক্রিবিণ* বহুকাল পর্যন্ত। 'চিরকালাবধি বঙ্গদেশীয় তাবৎ পণ্ডিত সংস্কৃত গ্রন্থ বঙ্গাক্ষরে লিখিয়া আসিতেছেন।' *দর্পণ*, ১৮৩৪।

চিরকালিনী [স] *বিণ স্ত্রী* চিরকালব্যাপী বিরাজ করে এমন। 'কখনো দিয়েছে দেখা হেন প্রভাশালিনী/ শুধু এ কালিনী নয়, যারা চিরকালিনী।' *রবীন্দ্র*, ১৯৩৮।

চিরকালীন [স] *বিণ* চিরকালব্যাপী। 'লার্ড কর্ণওয়ালিসের চিরকালীন বন্দোবস্তের সময়অবধি।' *দর্পণ*, ১৮৩৩।

চিরকিঙ্কর [স] *বি* চিরকালের সেবক। 'আজ্ঞাবহ – চিরকিঙ্কর।' *মশাররফ*, ১৮৮৯।

চিরকিশোর [স] **১** *বি* চিরতরুণ। 'ট্রামের রাস্তায় একটি চিরকিশোর প্রাচীন দেবতা তাঁহার ধনুকটি গোপন করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৬; 'এস যৌবনে হে চির-কিশোর!' *সত্যেন্দ্র*, ১৯১১। **২** *বিণ* চিরকাল কিশোরের মতো দুরন্ত। 'আমি চির-শিশু, চির-কিশোর।' *নজরুল*, ১৯২২।

চিরকিশোরী [স] *বি* চিরকাল কিশোরী থাকে এমন নারী। 'তোমার সেই চিরকিশোরী।' *নজরুল*, ১৯২৭।

চিরকীর্তি [স] *বি* চিরকালের সুখ্যাতি। 'চিরকীর্তি করিয়া অর্জন তোমারে করিব তার অধিষ্ঠাত্রী দেবী।' *রবীন্দ্র*, ১৮৮৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চিরকুমার [স] *বিণ* আজীবন অবিবাহিত। **চিরকুমার-সভা** [স] *বি* আজীবন অবিবাহিত থাকে এমন ব্যক্তিদের সভা। 'চিরকুমার-সভার সভ্য হলো।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিরকুমার-ব্রত [স] *বি* চিরকুমার থাকার সংকল্প। 'চিরকুমার-ব্রত রক্ষা করেছেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিরকুমারী [স] **১** *বি স্ত্রী* চিরকাল অবিবাহিত থাকে যে। 'আমি চির-কুমারীই থাকব।' *গিরিশ*, ১৮৮৭। **২** *বিণ* চির-অন্ধকার। 'যেথায় অনাদি রাত্রি রয়েছে চিরকুমারী – আলোক-পরশ একটি রোমাঞ্চরেখা আঁকেনি তাহার গাত্রে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিরকৃতজ্ঞতা [স] *বি* আজীবন কৃতজ্ঞ থাকার অবস্থা। 'হৃদয়ে জাগায়ে রবে চিরকৃতজ্ঞতা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চির-কেনা [স চির+স ক্রীত>] *বিণ* আজীবনের জন্য ক্রয় করা হয়েছে এমন। 'করো তোমার চরণতলে চির-কেনা।' *রবীন্দ্র*, ১৯১০।

চিরকেলে [স চিরকাল>] **১** *বিণ* চিরকালের। 'তখন চিরকেলে শোনা কথাটা নতুন সংগীতে কানের মধ্যে মনের মধ্যে বাজতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বিণ* শাশ্বত। 'দে গো তোর আঁচল পেতে চিরকেলে।' *রবীন্দ্র*, ১৯০৫।

চিরকৌমার [স] *বিণ* চিরকুমার; সারাজীবন অবিবাহিত। 'যিনি দারিদ্র্য, চিরকৌমার ... পতঙ্গ কর্তৃক পরাজিত হইলেন।' *বঙ্কিম*, ১৮৭৫।

চিরকৌমার্য [স] *বি* চিরদিন অবিবাহিত থাকার অবস্থা। 'অনেক, অপাঙ্গরঙ্গিণী, আমার চিরকৌমার্যের কথা শুনিয়া বলিয়া গিয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৪।

চিরক্রীত [স] *বিণ* চিরদিনের মতো কেনা। 'আমি আপনকার নিকট চিরক্রীত রহিলাম।' *বিদ্যা*, ১৮৪৭।

চিরগঠনশীল [স] *বিণ* সবসময়ে গঠিত হচ্ছে এমন। 'সেওদী আমার চিরগঠনশীল মনে উদিত হইয়াছিল মাত্র।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিরগম্ভীর [স] *বিণ* চিরকালের গাম্ভীর্যপূর্ণ। 'হাওয়ার চিরগম্ভীর মহাসমুদ্রে মিলন।' *রবীন্দ্র*, ১৯২৯।

চিরগম্যস্থান [স] *বি* চরম আকাঙ্ক্ষিত স্থান। 'সেই নির্জন শিখর এবং আমার কোনো-এক চিরনিকেতন, অন্তরাত্মার চিরগম্যস্থান।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিরগৌরব [স] *বি* চিরকালের অহংকার। 'বহিছে একটি চিরগৌরব।' *রবীন্দ্র*, ১৯১৪।

চিরচঞ্চল [স] *বি* চিরকাল অশান্ত যে। 'চিরচঞ্চলের মাঝে তুমি কেন শান্ত হয়ে রও।' *রবীন্দ্র*, ১৯১৬।

চিরচঞ্চলতা [স] *বি* চিরকালের চপলতা। 'কতকগুলি বিশেষ ছন্দের বিদ্যুৎমণ্ডলীর চিরচঞ্চলতা।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চিরচলন্ত [স] *বিণ* চিরকাল বয়ে চলে এমন। 'বর্তমান চিরচলন্ত, চিরপরিবর্তমান।' *মোতাহের*, ১৯৫০।

চিরচলিত [স] *বিণ* চিরপ্রচলিত। 'তাঁদের কাছে চির-চলিত কৃতজ্ঞতা প্রকাশ করে ... ভালোবাসাকে অস্বীকার করব না।' *নজরুল*, ১৯২৪।

চিরচাঁদ [স চিরচন্দ্র] *বি* অনন্ত চাঁদ। 'চিরচাঁদ স্মৃতি-জ্যোৎস্নায়।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

চিরচিনা *বি* চিরদিন চেনা যে। 'গানেতে চিনালেম সে চিরচিনারে।' *রবীন্দ্র*, ১৯৩০।

চিরচেনা *বিণ* চিরদিনের পরিচিত। 'চিরচেনা ছিল চোখে চোখে/ অকস্মাৎ মিলালো অপরিচিত লোকে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

চিরচোর [স] *বি* চিরকাল চুরি করে যে। 'যেন কোন চিরচোর অরক্ষিত মহাবিত্ত তার হরেছে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

চিরচ্ছায়াময় [স] *বিণ* চিরকাল ছায়াঘেরা থাকে এমন। 'একটি চিরচ্ছায়াময় লতাবিতান।' *রবীন্দ্র*, ১৯০১।

চিরছায়াময় [স] *বিণ* নিত্য ছায়াবৃত। 'দাঁড়াও সে অন্তরের শান্তিনিকেতনে চিরজ্যোতি চিরছায়াময়।' *রবীন্দ্র*, ১৮৮৬।

চিরজনম [স চির-জন্ম] *বি* সারা জীবন। 'চিরজনমের পরিচিত ওহে তুমিই।' *রবীন্দ্র*, ১৯০৬।

চিরজয়ী [স] *বিণ* চিরকাল বিজয়ী। 'দেবর লক্ষ্মণ, চিরজয়ী রণে।' *মাইকেল*, ১৮৬৬।

চিরজাগরূক [স] *বিণ* সবসময়ে মনে করিয়ে দেয় এমন। 'স্মৃতি চিরজাগরূক রাখিবার জন্য তিনি এই প্রবন্ধ রচনা করেন।' *রবীন্দ্র*, ১৮৯৮; 'সুখস্মৃতি ব্যথা সম চিরজাগরূক।' *নজরুল*, ১৯২৯।

চিরজাগ্রত [স] *বিণ* সবসময়ে জেগে থাকে এমন। 'সেই চিরজাগ্রত প্রজাপালকের বিশ্বনিয়মের প্রতি।' *রবীন্দ্র*, ১৯০৮।

চিরজানা [স চির+জানা] *বিণ* চিরকাল ধরে জানা। 'অজানা প্রবাসে যেন চিরজানা বাণী।' *রবীন্দ্র*, ১৯৪১।

চিরজিবি [স চিরজীবী] *বিণ* অমর। 'চিরজিবি হৈয়া আহ্মি বেড়াই সংসার।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চিরজীব [স চিরজীব] *বিণ* চিরজীবী। 'চিরঁজীব রহু পঞ্চ গৌড়েশ্বর কবি বিদ্যাপতি ভানে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চিরজীবন [স] **১** *বি* পুরো জীবন। 'যিনি আমাদের কল্যাণার্থে চিরজীবন সমর্পণ করিয়াছিলেন ...।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *ক্রিবিণ* আজীবন। 'একটি জন্তুরও চির জীবন উদরপূর্তি হইতে পারে না।' *অক্ষয়*, ১৮৫০।

চিরজীবনরস [স] *বি* অমরত্বের মহৌষধ। 'চিরজীবনরস আবিষ্কার করবার চেষ্টা করেছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

চিরজীবনী [স] *বিণ* দীর্ঘজীবী। 'তাঁহারদের সুখ্যাতিই চিরজীবনী হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৮।

চিরজীবি [স চিরজীবী] *বিণ* দীর্ঘায়ু। 'চিরজীবি হও তুমি।' *মুকুন্দ*, ১৬০০।

চিরজীবিত [স] *বিণ* অমর। 'ভালো-খারাপের প্রতিনিধি হিসেবে তারা চিরজীবিত।' *ওয়াজী*, ১৯৬২।

চিরজীবিনী [স] *বিণ স্ত্রী* দীর্ঘজীবী; অমর। 'এই ফল খাও, চিরজীবিনী ও স্থিরযৌবনা হইবে।' *বিদ্যা*, ১৮৪৭।

চিরজীবী [স] **১** *বিণ* দীর্ঘজীবী। 'চিরজীবী হও দুই ভাই।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* অমর। '... বৃদ্ধ বয়স পর্যন্ত বাঁচিতে পারে, কিন্তু চিরজীবী হইবে না।' *বিদ্যা*, ১৮৫১।

চিরজ্ঞাত [স] *বিণ* চির পরিচিত। 'কোনো-একটি চিরজ্ঞাত চিরপ্রিয়ের জন্য মনকে উতলা করিয়া তোলে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিরজ্যোতি [স] *বিণ* নিত্য আলোকিত। 'দাঁড়াও সে অন্তরের শান্তিনিকেতনে চিরজ্যোতি চিরছায়াময়।' *রবীন্দ্র*, ১৮৮৬।

চিরজ্যোতির্ময় [স] *বিণ* চিরকাল আলোকিত। 'সূর্যের মতো ধর্ম চিরজ্যোতির্ময় চিরকাল আছে।' *রবীন্দ্র*, ১৯১২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চির জ্যোৎস্না [সা] *বিণ* চিরকাল জ্যোৎস্নাময়। 'চির-শ্যামল বসুন্ধরা চির জ্যোৎস্না নীলাকাশে।' *দ্বিজেন্দ্র*, ১৯১১।

চিরঞ্জী *বি* গাছবিশেষ। 'চিরঞ্জী গাছের পাতাগুলি।' *বিভূতি*, ১৯৩১।

চিরঞ্জীব [সা] *বি* চিরজীবী। *রবীন্দ্র*, ১৯১৭।

চিরঞ্জীবিনী [সা] *বিণ স্ত্রী* অমর; অবিনশ্বর। 'মহাসাধ্বী মৈত্রেয়ীর সুখ্যাতি চিরঞ্জীবিনী অদ্যাপি আছে।' *গৌর*,১৮২২।

চিরঞ্জীবেষু [সা] *বি* চিঠিতে সম্মানপ্রদর্শক সম্বোধনসূচক শব্দ। 'চিরঞ্জীবেষু ভায়া নবীনকিশোর।' *রবীন্দ্র*, ১৮৮৭।

চিরতপস্বিনী [সা] *বিণ স্ত্রী* চিরকাল তপস্যায় মগ্ন থাকে এমন। 'ভগবতি, আপনি চিরতপস্বিনী...।' *মাইকেল*, ১৮৬১।

চিরতরে [সা] *ক্রিবিণ* চিরদিনের জন্য। 'সুধামাখা কথাগুলি চিরতরে নীরবিত।' *রবীন্দ্র*, ১৮৮৩; 'আমি চিরতরে দূরে চলে যাব।' *নজরুল*, ১৯৩৫।

চির-তিক্ত [সা] *বিণ* চিরকাল অপ্রসন্ন। 'আয় রে আবার আমার চির-তিক্ত প্রাণ।' *নজরুল*, ১৯২৪।

চিরতুষারাবৃত [সা] *বিণ* সবসময়ে তুষারে ঢাকা থাকে এমন। 'সে দেশে ভয়ঙ্কর শীত; নদী, মাঠ, পর্ব্বত ইত্যাদি চিরতুষারাবৃত।' *প্রমথ*, ১৯২০।

চিরতৃপ্ত [সা] *বিণ* সবসময়ে সন্তুষ্ট। 'চিরতৃপ্ত দাস আমি, কোলে দাও চরণ তোমার।' *শক্তি*, ১৯৬৯।

চিরতৃষা [সা] *বি* অনন্ত তৃষ্ণা। 'শান্তি পেত এই চিরতৃষা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিরতৃষাতুর [সা] *বিণ* চিরকাল ধরে তৃষ্ণার্ত। 'চিরতৃষাতুর দীন অন্তর আমার!' *নজরুল*, ১৯২২।

চিরতৃষিত [সা] *বিণ* চিরপিপাসার্ত। 'আমার চিরতৃষিত অতৃপ্ত বুকে বিপুল বলে চেপে ধরলুম।' *নজরুল*, ১৯২৪।

চিরত্ব [সা] *বি* স্থায়িত্ব। 'চির-কুমার সভার চিরত্ব আমরা অচিরে ঘুচিয়ে দেব।' *রবীন্দ্র*, ১৯০৭।

চির দখলী [স চির+আ দখল>] *বিণ* দীর্ঘদিন ধরে দখলে আছে এমন। 'চির দখলী পৈতৃক স্থাবর সম্পত্তি লিখিয়া দিতে ...।' *মশাররফ*, ১৮৯০।

চিরদগ্ধ [সা] *বিণ* চিরকাল যন্ত্রণাময়। 'আমার চিরদগ্ধ বুক তো শীতল হল।' *নজরুল*, ১৯৩১।

চিরদাস [সা] *বিণ* চিরভৃত্য। 'মারওয়ান না আসিলে চিরদাস অলীদ বোধ হয় আর দামেস্কের মুখ দেখিতে পাইবে না।' *মশাররফ*, ১৮৮৫।

চিরদাসত্ব [সা] *বি* ক্রীতদাসপ্রথা। 'আমেরিকার চিরদাসত্বের উচ্ছেদ জন্য সেদিন ঘোরতর সমর হইয়া গেল।' *বঙ্কিম*, ১৮৭৯।

চিরদাসী [সা] *বিণ স্ত্রী* চিরকাল অনুগত থাকে এমন। 'মম প্রাণেশ্বর, আমি পদে চিরদাসী।' *গিরিশ*, ১৮৮৭।

চিরদিন [সা] ১ *ক্রিবিণ* দীর্ঘদিন। 'চিরদিন মথুরাক না জাহা।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রিবিণ* আজীবন। 'তিন স্থানে তিন-বস্তু চিরদিন।' *আলাওল*, ১৬৮০। ৩ *বি* অনন্তকাল। 'আঁধারে বিলীন আকাশমণ্ডপে শুধু বসে আছে এক "চিরদিন"।' *রবীন্দ্র*, ১৮৮৬।

চিরদিনকার *বিণ* চিরস্থায়ী। 'যৌবন তোমার চিরদিনকার।' *রবীন্দ্র*, ১৯১৬।

চিরদিন কারুর সমান যায় না – সৌভাগ্য বা দুর্ভাগ্য চিরস্থায়ী নয়। 'জানিয়ে দিলে যে, চিরদিন কারুর সমান যায় না।' *নজরুল*, ১৯২৪।

চিরদিনের *বিণ* শাশ্বত। 'আসব যাব চিরদিনের সেই-আমি।' *রবীন্দ্র*, ১৯১৬।

চিরদিবশ [স চিরদিবস] *বি* বহুকাল। 'চিরদিবশের পরে তোমার পত্র পাইয়া সেখানকার বেওরা সমাচার জ্ঞাতো হইলাম।' *ওসাঁ*, ১৭৮২।

চিরদিবস [সা] ১ *বি* দীর্ঘদিন। 'অত্র কুসল হয় বিশেষ চিরদিবসের পর সে বাটীর মঙ্গলাদি বার্ত্রা পাইয়া পরম আহ্লাদিত।' *ওসাঁ*, ১৭৮২। ২ *বি* সারা জীবন। 'চিরদিবসের সুখ রয়েছে গোপন আপনার আত্মার মাঝার।' *রবীন্দ্র*, ১৮৮৬।

চির দিবা *ক্রিবিণ* চিরদিন ধ'রে। 'সংগীত ধ্বনিছে ... চির দিবা।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিরদীপ্যমান [সা] *বিণ* চির উজ্জ্বল। 'কেবল প্রতিভার জ্যোতি চিরদীপ্যমান।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চিরদুঃখিনী [সা] *বিণ স্ত্রী* আজীবন দুঃখী। 'চিরদুঃখিনীর দুঃখে দুঃখিত না হয়?' *উমেশ*, ১৮৫৭।

চিরদুঃখী [সা] *বি* আজীবন দুঃখী। 'পৃথিবীতে চিরদুঃখী অনেক আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চিরদুখ [স চিরদুঃখ] *বি* চিরকালের দুঃখ; অনন্ত দুঃখ। 'আমার নিতি-সুখ ফিরে এসো/ আমার চিরদুখ ফিরে এসো।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চিরদুখী [স চিরদুঃখী] *বি* আজীবন দুঃখী। 'হতভাগী এই চিরদুখী।' *জসীম*, ১৯৩৩।

চির-দুর্জয় [সা] *বিণ* চিরদিনই জয় করা কঠিন এমন। 'বিশ্বের আমি চির-দুর্জয়।' *নজরুল*, ১৯২২।

চিরদুর্দম [সা] *বিণ* কখনো দমন করা যায় না এমন। 'আমি চিরদুর্দম, দুর্বিনীত।' *নজরুল*, ১৯২২।

চিরদুর্ভাগ্য [সা] *বিণ* চির-অভাগা। 'হিন্দু বিধবাদিগের মত চিরদুর্ভাগ্য, উপেক্ষিত, প্রতারিত এবং অত্যাচারিত জীব আর কেহ নাই।' *বামাবোধিনী*, ১৮৭০।

চিরদুর্ভিক্ষ [সা] *বি* চিরকালের দুর্ভিক্ষ। 'চিরদুর্ভিক্ষকে ভদ্র আকার দান করাই যে যথার্থ ভদ্রনীতি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চিরদুর্লভ [সা] *বি* চিরদিনই পাওয়া কঠিন যা। 'চিরদুর্লভের একটি রত্নকণা শতলক্ষ ঘটনার সমুদ্র-বেলায়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

চির-দুষমন [স চির+ফা দুশমন] *বি* চিরশত্রু। 'মানুষের চির-দুষমন যক্ষ্মা।' *মাহেনও*, ১৯৪৯।

চিরদূর [সা] *বিণ* চিরকাল দূরবর্তী। 'তারি সাথে উড়ে চলে বিরহীর আগ্রহ-বারতা চিরদূর স্বর্গপুরে।' *রবীন্দ্র*, ১৯৪০।

চিরদৈন্য [সা] *বি* চিরকালের দীনতা। 'চিরদৈন্যও তাহাদের ভাগ্যাধিকার করে।' *দিক্‌প্রকাশ*, ১৮৬৯।

চিরদৈন্যপীড়িত [সা] *বিণ* চিরকাল দারিদ্র্যে আক্রান্ত। 'সেই চিরদৈন্যপীড়িত অন্তহীন দুর্ভাগ্যের জন্য।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চিরধনী [সা] *বিণ* চিরদিন সম্পদশালী। 'অন্তর-মাঝে চিরধনী তুই অন্তবিহীন বিত্তে।' *রবীন্দ্র*, ১৯৩২।

চিরধীর [সা] *বিণ* চিরস্থির। 'পারি আমি উপাড়িতে তরুবর ... চিরধীর শৃঙ্গধরে বজ্রসম চোটে অধীরতে।' *মাইকেল*, ১৮৬০।

চিরনগণ্য [সা] *বিণ* অত্যন্ত তুচ্ছ। 'চিরনগণ্য অর্দ্ধ সভ্য নিম্নশ্রেণীর

AMARBOI.COM

হিন্দু বংশজ বলিয়া ...।' *প্রচারক*, ১৯০৬।

চিরনন্দন [স] *বিণ* সবসময়ে আনন্দদায়ক। 'হেথা ছায়া আছে চিরনন্দন চিরবসন্ত বায়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিরনবীন [স] *বিণ* সবসময়ে নতুন। 'মানবহৃদয়ের চিরন্তন অথচ চিরনবীন ভাবসকল নিয়ে কারবার করে।' *প্রমথ*, ১৯০৫।

চিরনবীনতা [স] *বি* সবসময়ে নতুনের ভাব। 'চিরনবীনতা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

চির-নাবালক [স চির+ফা নাবালিগ] *বিণ* চিরকালের জন্য অপ্রাপ্তবয়স্ক। 'ইচ্ছাটাকে পর্যন্ত আমরা বেহাত করে পাকাচুলের কাছে চির-নাবালক সেজেছি।' *অন্নদা*, ১৯২৮।

চিরনিকেতন [স] *বি* স্থায়ী আবাস। 'সেই নির্জন শিখর এবং আমার কোনো-এক চিরনিকেতন, অন্তরাত্মার চিরগম্যস্থান।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিরনিদ্রা [স] *বি* মৃত্যু। 'নামিয়ে দিয়ো শেষে/ বহুদিনের বোঝা তোমার চিরনিদ্রার দেশে।' *রবীন্দ্র*, ১৯০০।

চিরনিদ্রা উপভোগ করা *ক্রি* মৃত্যুবরণ করা। 'মানুষ তখন চিরনিদ্রা উপভোগ করতে বাধ্য হবে।' *প্রমথ*, ১৯১৪।

চিরনিদ্রিত [স] *বিণ* চিরকাল ধরে ঘুমিয়ে আছে এমন। 'আমিও যেন তেমনি কাহার শাপে চিরনিদ্রিত।' *রবীন্দ্র*, ১৮৮৪।

চিরনিপীড়িত [স] *বিণ* চিরকাল নির্যাতিত। 'এই চিরনিপীড়িত জাতির নিকট।' *রবীন্দ্র*, ১৯০৮।

চিরনিবাসভূমি [স] *বি* চিরকালের বাসস্থান। 'নহিলে চিরনিবাসভূমি প্রকৃতির সহিত কিছুতেই মানুষের সন্ধিস্থাপন হইত না।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চিরনিবিড় [স] *বিণ* চিরকাল একান্ত থাকে এমন। 'সেই আওতাটাকে চিরনিবিড় করিয়া রাখা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চিরনিরমল [স চিরনির্মল] *বিণ* চিরপবিত্র। 'চিরনিরমল তব মূরতির ভায়।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

চির-নিরুত্তর *বিণ* কোনোদিন উত্তর দেয় না এমন। 'হিমাদ্রি কহিল, মোর চির-নিরুত্তর।' *রবীন্দ্র*, ১৮৯৯।

চিরনির্জন [স] *বিণ* চিরকাল জনশূন্য। 'যমালয় বুঝি এইরূপ চিরনির্জন এবং চিরান্ধকার।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিরনির্বাক [স] *বিণ* চিরকাল বাক্যহীন। 'চিরপ্রশ্নের বেদীসম্মুখে চিরনির্বাক রহে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

চিরনির্ভর [স] *বি* চিরদিনের নিরাপদ আশ্রয়। 'চির বন্ধু, চির নির্ভর।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিরনিশাবৃত [স] *বিণ* চিরকাল অন্ধকারাচ্ছন্ন। 'অদূরে ভীষণ পুরী, চিরনিশাবৃত।' *মাইকেল*, ১৮৬১।

চিরনিশি [স] *ক্রিবিণ* বহু রাত ধ'রে। 'নদী চিরদিন চিরনিশি রবে অতল আদরে মিশি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিরনিশিদিন [স] *ক্রিবিণ* আবহমানকাল ধরে। 'অরণ্য যথা চিরনিশিদিন/ শুধু মর্মর স্বনিছে।' *রবীন্দ্র*, ১৮৯০।

চিরনিশীথিনী [স] *বি* স্ত্রী অনন্ত রাত। 'পিছনে অন্ধকার চিরনিশীথিনী।' *নজরুল*, ১৯২৯।

চিরনিশ্চিত [স] *বি* চিরকালীন নিশ্চয়তা। 'তার চিরনিশ্চিতের সন্ধান অক্লান্ত।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চিরনীরব [স] *বিণ* চিরকাল নিঃশব্দ। 'এই-যে আকাশ চিরনীরব অমৃতময় বাণী।' *রবীন্দ্র*, ১৯১৪।

চিরনীরবতা [স] *বি* মৃত্যু। 'এ আর্তস্বরের কাছে রহিবে অটুট চৌদিকের চিরনীরবতা।' *রবীন্দ্র*, ১৮৯০।

চিরনূতন [স] *বিণ* সর্বদা নতুন থাকে এমন। 'বহে জীবন রজনী দিন চিরনূতন ধারা।' *রবীন্দ্র*, ১৮৮৪।

চিরনূতনত্ব [স] *বি* চিরদিন নতুনভাবে প্রকাশ পায় এমন অবস্থা। 'পুরাতনের মধ্যে যে চিরনূতনত্ব আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চিরনৈপুণ্য [স] *বি* চিরদিনের দক্ষতা। 'মৌচাক-রচনায় চিরনৈপুণ্য।' *রবীন্দ্র*, ১৯৩৮।

চিরন্তন [স] **১** *বিণ* প্রাচীন। 'এখন যার-তার সঙ্গে বিবাহ দিয়া চিরন্তন কুলে জলাঞ্জলি দিব?' *রামনারায়ণ*, ১৮৫৪। **২** *বিণ* চিরদিনের। 'টেক্কা আপনার চিরন্তন মর্যাদারক্ষার কথা বিস্মৃত হইল।' *রবীন্দ্র*, ১৮৯২। **৩** *বিণ* চিরকাল ধরে প্রচলিত ও সমাদৃত। 'থেমে যায় সৌন্দর্যের গীতি চিরন্তন।' *রবীন্দ্র*, ১৮৯৬। **৪** *বি* চিরসত্য। 'আমি কবি, চিরন্তনের কণ্ঠস্বর।' *শওকত*, ১৯৬২।

চিরন্তনী [স] **১** *বিণ স্ত্রী* চিরকালীন। 'এই চিরন্তনী ব্যবস্থা অনুসারে ...।' *বিদ্যা*, ১৮৭৩। **২** *বি স্ত্রী* শাশ্বত নারী। 'সামান্যাদের সোহাগ খরিদ ক'রে চিরন্তনীর অভাব মিটাতে হবে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

চিরপঙ্গু [স] *বি* জন্ম থেকে পঙ্গু। 'দৈবকৃপায় এক মুহূর্তে চিরপঙ্গু তার লাঠি ফেলে এসেছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

চিরপত্তনিদার [স চির+স পত্তন+ফা দার] *বিণ* চিরদিনের জন্য জমি বন্দোবস্ত নিয়েছে এমন। 'কায়েমী মৌরশী চিরপত্তনিদার হিন্দুকে ...।' *দর্শন*, ১৯২৪।

চিরপথ [স] *বি* অনন্ত পথ। 'চিরপথের সঙ্গী আমার চিরজীবন হে।' *রবীন্দ্র*, ১৯১০।

চিরপথহারা [স] *বিণ* চিরদিনের জন্য পথ হারিয়েছে এমন। 'লীলাছলে তুমি চিরপথহারা/ বন্ধনহীন নৃত্যের ধারা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

চিরপথিক [স] *বিণ* চিরদিন পথ চলে এমন। 'আমি থাকব, আমি বাঁচব, আমি চিরপথিক।' *রবীন্দ্র*, ১৯২৮; 'আমার ঘরের ভূষণ কেড়ে নিয়ে/ দিলে চিরপথিক সাজ।' *নজরুল*, ১৯৩১।

চিরপদাতিক [স] *বি* চিরকালের পদচারী সৈনিক। 'আমাদের পদে পদে মোহভঙ্গ, তবু আমরা চিরপদাতিক।' *অন্নদা*, ১৯২৮।

চিরপরাধীন [স] *বিণ* চিরকাল পরাধীন। 'চিরপরাধীন প্রাচ্যদেশে সর্বথা উপযোগী নহে।' *রবীন্দ্র*, ১৯০৮।

চিরপরিচিত [স] **১** *বিণ* অতি ঘনিষ্ঠ। 'আপনার চিরপরিচিত বন্ধুদের নকশায় চিনতে পারেন না।' *হুতোম*, ১৮৬৮। **২** *বিণ* চিরব্যবহৃত। 'হুতোমের চিরপরিচিত রীত্যনুসারে ...।' *হুতোম*, ১৮৬৮। **৩** *বিণ* অনেক দিনের চেনা। 'এ পৃথিবীতে যা চিরপরিচিত তাই সবচেয়ে অপরিচিত।' *প্রমথ*, ১৯১৫।

চিরপরিচিতা [স] *বি স্ত্রী* চিরকাল পরিচিত যে। 'অনন্ত জীবনের অসংখ্য খণ্ডপরিচয়ের মধ্যে তোমার একমাত্র চিরপরিচিতা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চির-পরিপন্থী [স] *বিণ* সবসময়ে বিরোধী। 'মুছলমান জাতির মুক্তি ও মঙ্গলের চির-পরিপন্থী।' *আজাদ*, ১৯৪২।

চিরপরিবর্তনশীল [স] *বিণ* প্রতিনিয়ত বদলে যাচ্ছে এমন। 'কাল তো চিরপরিবর্তনশীল।' *ওদুদ*, ১৯৪৯।

AMARBOI.COM

চিরপরিবর্তমান, চিরপরিবর্ত্তমান [স] *বিণ* প্রতিনিয়ত বদলে যায় এমন। 'বর্ত্তমান চিরচলন্ত, চিরপরিবর্ত্তমান।' *মোতাহের*, ১৯৫০।

চিরপশু [স] *বিণ* চিরমূঢ়; চিরকালের জন্যে বিবেকহীন। 'তারা চিরশিশু বা চিরপশু।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চিরপালিত [স] *বিণ* দীর্ঘদিন ধরে পোষণ-করা। 'আমার চিরপালিত আশালতার উচ্ছেদ হলো।' *দীনবন্ধু*, ১৮৬৭।

চিরপিপাসিত [স] *বিণ* দীর্ঘকাল ধরে তৃষ্ণার্ত। 'তখন কি মনে পড়ে সেই ব্যাকুলতা, সেই চিরপিপাসিত যৌবনের কথা।' *রবীন্দ্র*, ১৮৮৬।

চির-পিয়াসী *বিণ* দীর্ঘদিন ধরে তৃষ্ণার্ত। 'চির-পিয়াসী আমার চিরন্তন তৃষিত আত্মা ...।' *নজরুল*, ১৯২২।

চিরপুরাতন [স] **১** *বিণ* চিরদিনের চেনা। 'চিরাপুরাতন মৃত্যু আজি ম্লান-আঁখি সেজেছে সুন্দর বেশে।' *রবীন্দ্র*, ১৮৯৬। **২** *বি* একেবারেই সেকেলে যা। 'ভোল রে চির-পুরাতনের সনাতনের বোল।' *নজরুল*, ১৯২৯।

চির-পূজারিণী *বি স্ত্রী* চিরকাল পূজা করে যে। 'তুমি মম চির-পূজারিণী।' *নজরুল*, ১৯২৩।

চিরপূজ্য [স] *বিণ স্ত্রী* চিরকাল পূজনীয়। 'তুমি চিরপূজ্য মা।' *নজরুল*, ১৯৩১।

চিরপূর্ণ [স] *বিণ* সর্বদা পরিপূর্ণ। 'চিরদৈন্য, চিরপূর্ণ হেম।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চির-পোষিত [স] *বিণ* চিরকাল জিইয়ে রাখা হয়েছে এমন। 'চির-পোষিত মনোমালিন্যটাকে আড়াল করিয়া ...।' *নজরুল*, ১৯২২।

চিরপ্রকাশ [স] *বি* যে সবসময়ে প্রকাশিত; ঈশ্বর। 'হে মহাজ্যোতি, হে চিরপ্রকাশ।' *রবীন্দ্র*, ১৯৩২।

চিরপ্রচলিত [স] *বিণ* বরাবর চলে আসছে এমন। 'সমর পদ্ধতির চিরপ্রচলিত বিধি।' *মশাররফ*, ১৮৮৫।

চিরপ্রতীক্ষিত [স] *বিণ* চিরদিন প্রতীক্ষা করা হয়েছে এমন। 'আপনারে ব্যক্ত করি আপন আলোতে চিরপ্রতীক্ষিত চিরসম্ভবের বেশে।' *রবীন্দ্র*, ১৯০১।

চিরপ্রত্যাশা [স] *বি* চিরকালের আশা। 'তোমার মাঝে কেঁদে বাজে চিরপ্রত্যাশার কোন বাঁশি।' *রবীন্দ্র*, ১৯২৫।

চিরপ্রত্যাশিত [স] *বিণ* চিরকাল প্রত্যাশা করা হয়েছে এমন। 'সে আমাদের চিরপ্রত্যাশিত।' *নরেন্দ্র*, ১৯৫২।

চিরপ্রথা [স] *বি* চিরন্তন প্রথা। 'এক চিরপ্রথার সঙ্গে আর-এক চিরপ্রথার।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চিরপ্রথিত [স] *বিণ* চিরপ্রসিদ্ধ। 'ইঁহারা চিরপ্রথিত প্রতারক।' *বঙ্কিম*, ১৮৭৫।

চিরপ্রবহমান [স] *বিণ* চিরকাল বয়ে চলে এমন। 'এই চিরপ্রবহমান কালধারার বাধাকে অগ্রাহ্য করে এমন কতিপয় লোক আকাশে মাথা তুলে দাঁড়ান।' *মোতাহের*, ১৯৫০।

চিরপ্রবাদ [স] *বি* লোকমুখে চলে এসেছে এমন প্রবাদ। 'চিরপ্রবাদ আছে যে, সময় বিশেষে অর্থই অনর্থের মূল হইয়া উঠে।' *অক্ষয়*, ১৮৪৯।

চিরপ্রবাসী [স] *বিণ* দীর্ঘকাল প্রবাসে আছে এমন। 'স্বদেশানুরাগী চিরপ্রবাসী ব্যক্তি ... একান্ত উৎসুক হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৪।

চিরপ্রবাহিত [স] *বিণ* চিরকাল ধরে বহমান। 'শব্দ শুনিনে ওদের চিরপ্রবাহিত চৈতন্যধারার।' *রবীন্দ্র*, ১৯৩২।

চিরপ্রবীণ [স] *বিণ* চিরকাল রক্ষণশীল। 'তখন চিরপ্রবীণ বুদ্ধি মাথা নাড়িয়া প্রশ্ন করে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিরপ্রভুত্ব [স] *বি* চিরদিনের আধিপত্য। 'তাহাদের চিরপ্রভুত্ব রক্ষা হয়।' *অক্ষয়*, ১৮৪৬।

চিরপ্রশ্ন [স] *বি* যে প্রশ্ন সবসময় অমীমাংসিত থেকে যায়। 'চিরপ্রশ্নের বেদীসম্মুখে চিরনির্বাক রহে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

চিরপ্রাণ [স] *বি* চিরন্তন প্রাণ। 'রাখো যদি ভালোবেসে চিরপ্রাণ পাইবে সে।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিরপ্রাণারাম [স] *বি* চিরন্তন প্রাণের আরাম। 'এই সীমাহীন চিরনূতন চিরপ্রাণারাম।' *ফজলল*, ১৯১৩।

চিরপ্রাপ্তি [স] *বি* স্থায়ীভাবে পাওয়া। 'অনুধ্যানে পাওয়াই চিরপ্রাপ্তি।' *সুনীল মুখো*, ১৯৭০।

চিরপ্রিয় [স] *বি* অত্যন্ত প্রিয়পাত্র। 'অপরূপ সৌন্দর্যলোকের মধ্যে কোনো-একটি চিরজ্ঞাত চিরপ্রিয়ের জন্য মনকে উতলা করিয়া তোলে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিরপ্রিয়জন [স] *বি* চিরকাল প্রিয় যে। 'আরও প্রিয় করে পাওয়া চিরপ্রিয়জনে।' *নজরুল*, ১৯২৬।

চিরপ্রিয়া [স] *বি স্ত্রী* চিরকালের প্রিয়। 'চিরপ্রিয়া, চিররাণী, নিধি হৃদয়ের।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

চিরপ্রেম [স] *বি* চিরদিনের ভালোবাসা। 'চিরপ্রেম বর মাগি লব ওলো ললনে।' *মাইকেল*, ১৮৬১।

চিরপ্রোজ্জ্বল [স] *বিণ* চিরকাল ধরে জ্বলতে থাকে এমন। 'তবু একবার সেই চিরপ্রোজ্জ্বল আলোর দেশে।' *বীরেন্দ্র*, ১৯৫৬।

চিরফুল্ল [স] *বিণ* চিরপুষ্পিত। 'সেই স্নিগ্ধ তপোবন, চিরফুল্ল তরুগণ।' *রবীন্দ্র*, ১৮৮৩।

চিরবঞ্চিত [স] *বিণ* সবসময়ে প্রতারিত। 'অত্যাচারিত চিরবঞ্চিত জাগে জীবনের দোলে।' *জসীম*, ১৯৫১।

চিরবদ্ধ [স] *বিণ* চিরকাল অবরুদ্ধ। 'শকুন্তলা চিরবদ্ধ হৃদয়কোরক প্রথম অভিমত সূর্য্যসমীপে ফুটাইয়া হাসিল।' *বঙ্কিম*, ১৮৮৭।

চিরবধির [স] *বিণ* কোনো দিন শুনতে পায় না এমন। 'যদি চিরবধির হইয়া জন্মিতাম সেই ভাল ছিল।' *প্রভাত*, ১৮৯৬।

চিরবন্দী [স চির+ফা বন্দী] *বিণ* দীর্ঘদিন ধরে বন্ধ। 'চিরবন্দী ভালোবাসা প্রাণপিঞ্জরে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চিরবন্ধু [স] *বি* চিরদিনের মিত্র। 'চির বন্ধু, চির নির্ভর।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিরবসতি [স] *বি* চিরদিনের আবাস। 'তোমার মাঝারে খুঁজিতে চিত্তের চিরবসতি।' *রবীন্দ্র*, ১৯০৩।

চিরবসন্ত [স] *বি* সবসময় বসন্ত ঋতু বিরাজ করে এমন অবস্থা। 'হেথা ছায়া আছে চিরনন্দন চিরবসন্ত বায়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিরবহমান [স] *বিণ* চিরকাল প্রবাহিত। 'চিরবহমান নদীরধারায় আর হাওয়ায় চিরগম্ভীর মহাসমুদ্রে মিলন।' *রবীন্দ্র*, ১৯২৯।

চিরবাঞ্ছা [স] *বি* চিরকালের সাধ। 'চিরবাঞ্ছা শিরফূড়ায় সাপ।' *শক্তি*, ১৯৬১।

চিরবাঞ্ছিত [স] *বি* চিরকালের কাম্য জন। 'আমার চিরবাঞ্ছিত এসো।' *রবীন্দ্র*, ১৮৯৪।

AMARBOI.COM

চিরবাধিত [স] *বিণ* চিরদিনের জন্যে কৃতজ্ঞ। 'এতৎপত্র দর্পণার্পণে চিরবাধিত করিয়া উক্তাত্যাচার রাজাপ্রজা উভয়ের সুগোচর করাইবেন।' *দর্পণ*, ১৮৩৮।

চিরবার্তা [স] *বি* চিরকালের বাণী। 'সমস্ত অন্তর মম সে-মুহূর্তে গেয়ে ওঠে গান অনন্তের চিরবার্তা নিয়া।' বুদ্ধ, ১৯৩০।

চিরবাসিনী [স] *বিণ স্ত্রী* চিরকাল বাস করে এমন। 'স্বয়ং মা কমলা রাজগৃহে চিরবাসিনী।' *মাইকেল*, ১৮৭৪।

চিরবাসী [স] *বিণ* চিরকাল এক সঙ্গে অবস্থান করে এমন। 'কে না জানে ফণী সহ বিষ চিরবাসী?' *মাইকেল*, ১৮৬০।

চিরবিচিত্র [স] *বিণ* কোনোদিন বৈচিত্র্য শেষ হয় না এমন। 'চিরবিচিত্র আকার-ইঙ্গিতে কেবলমাত্র সারসংগ্রহ করিয়া লইতে হইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চিরবিচ্ছিন্ন [স] *বিণ* স্বতন্ত্র। 'অবুদ্ধির বাধায় সকলের সঙ্গে চিরবিচ্ছিন্ন হবার সমস্যা।' *রবীন্দ্র*, ১৯০৮; 'এ মহাদেশ দুটি চিরবিচ্ছিন্ন খণ্ডদেশে বিভক্ত করতে পারত।' *প্রমথ*, ১৯১৫।

চিরবিচ্ছেদ [স] *বি* চূড়ান্ত বিচ্ছেদ। 'চিরবিচ্ছেদের বেদনায়, চিরমিলনের আশ্বাসে, চিরসৌন্দর্যের কৈলাসপুরীর পথচিহ্নহীন তীর্থাভিমুখে আকর্ষণ করিতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিরবিজয়িনী [স] *বিণ স্ত্রী* নিত্য বিজয়ী। 'চিরবিজয়িনী মোরা যাই লো যে স্থলে।' *মাইকেল*, ১৮৬০।

চিরবিজয়ী [স] *বিণ* সবসময়ে জয়ী। 'মহারাজ চিরবিজয়ী হোন।' *মাইকেল*, ১৮৭৪।

চিরবিদায় [স চির+আ বিদা] *বি* চিরদিনের জন্য বিদায়; মৃত্যু। 'ইহসংসার হইতে চিরবিদায় গ্রহণ করিল।' *রবীন্দ্র*, ১৯০০।

চিরবিদ্রোহী [স] *বিণ* চিরকাল বিদ্রোহী; চির-আপোসহীন। 'আমি চির-বিদ্রোহী বীর –।' *নজরুল*, ১৯২২; 'চিরবিদ্রোহী মানুষ।' *রবীন্দ্র*, ১৯২৯।

চিরবিরহ [স] *বি* চিরকালের বিরহ। 'মনের মধ্যে চিরবিরহের একটা শুষ্কতা রয়ে গেল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চিরবিরহী [স] *বি স্ত্রী* চিরকাল বিরহকাতর যে। 'এই চিরবিরহীর কানে কানে বলছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিরবিরাগী [স] *বিণ* চিরকালের জন্য বিবাগী। 'মানুষের লাগি যে চিরবিরাগী।' *নজরুল*, ১৯৩০।

চিরবিরোধ [স] *বি* নিরবচ্ছিন্ন শত্রুতা। 'হিন্দুমুসলমানের মধ্যে আচার-ব্যবহারের চিরবিরোধ থেকে যাবে।' *প্রমথ*, ১৯০৫।

চিরবিরোধী [স] *বিণ* চিরকাল বিরোধী। 'আমিও চিরবিরোধী।' *মাইকেল*, ১৮৫৯।

চিরবিশ্রাম গৃহ [স] *বি* সমাধি মন্দির। 'মির্জা ঈশা তারখানের চিরবিশ্রাম গৃহটি একটী অতি চিত্তাকর্ষক অট্টালিকা।' *মাহেনও*, ১৯৪৯।

চিরবিস্ময় [স] ১ *বি* চিরকাল বিস্ময় জাগায় যা। 'আমাদের সামান্যের মুখশ্রীতেই চিরবিস্ময়কে উজ্জ্বল করিয়া দেখাইয়া দেয়।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বিণ* অতি আশ্চর্যজনক। 'উঠিয়াছি চির-বিস্ময় আমি বিশ্ব-বিধাত্রীর!' *নজরুল*, ১৯২২।

চিরবৃদ্ধ [স] *বিণ* চিরকাল তারুণ্যবর্জিত। 'আমার সেই নির্লজ্জ নিরাবরণ নিরাভরণ চিরবৃদ্ধ কঙ্কাল ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

চিরবৈধব্য [স] *বি* চিরকাল বিধবার দশা। 'রমণীগণের চিরবৈধব্য যন্ত্রণা সম্ভোগ করিতে হয়।' *তমোলুক*, ১৮৭৪।

চিরবৈরাগী [স] ১ *বি* চিরকাল বৈরাগ্য সাধনা করে যে। 'ওগো চির-বৈরাগী!' *নজরুল*, ১৯২৫। ২ *বি* চিরকাল বৈরাগ্য সাধনা করে এমন। 'সে যে চিরউদাসী, চির বৈরাগী।' *নজরুল*, ১৯২৭।

চিরবৈরি [স চিরবৈরী] *বি* চিরশত্রু। 'চিরবৈরি হেরি, – তরঙ্গদল রণরঙ্গে মাতি।' *মাইকেল*, ১৮৬০।

চিরবৈরী [স] *বিণ* দীর্ঘদিনের শত্রু। 'মহাবীর কাসেম চিরবৈরী বিনাশ করিতে ...।' *মশাররফ*, ১৮৮৫।

চিরব্রতধারিণী [স] *বিণ স্ত্রী* চিরকাল ব্রতাচার পালন করেন এমন। 'আমাদিগকে দেবসিংহাসনে বসাইয়া ঐ-যে চিরব্রতধারিণী সেবিকাটি ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চির-ব্রহ্মচারী [স] *বি* চিরকুমার। 'কোন আনন্দ-প্রেয়সীরে পেয়ে, হে চির-ব্রহ্মচারী!' *নজরুল*, ১৯৪১।

চিরভিখারী *বিণ* চিরদিন ভিক্ষা করে এমন। 'চিরভিখারী হৃদি মম নিশিদিন চাহে কারে।' *রবীন্দ্র*, ১৯০২।

চিরভোলা [স চির+ভুল>] *বি* চির-উদাসীন ব্যক্তি। 'হায় চিরভোলা! হিমালয় হতে অমৃত আনিতে গিয়া ...।' *নজরুল*, ১৯২৫।

চিরমঙ্গল [স] *বি* অনন্ত কল্যাণের আধার। 'তুমি চিরমঙ্গল সখা হে।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিরমহিমা [স] *বি* চিরন্তন গৌরব। 'চিরানন্দ রাগিণীর দ্বারা একটা চিরমহিমা লাভ করে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চিরমানব [স] ১ *বি* চিরন্তন মানব। 'উদাস শান্তি করিতেছে দান চিরমানবের প্রাণে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বি* মহামানব। 'সর্বমানুষের মাঝে এক চিরমানবের আনন্দকিরণ চিত্তে মোর হোক বিকীরিত।' *রবীন্দ্র*, ১৯৪১।

চিরমিলন [স] *বি* অন্তহীন মিলন। 'শরৎপূর্ণিমারাত্রে তাহার সহিত চিরমিলন হইবে?' *রবীন্দ্র*, ১৮৯১।

চিরমুক্ত [স] *বিণ* চির স্বাধীন। 'সত্যের চিরমুক্ত পথ রুদ্ধ হইয়া যায়।' *রবীন্দ্র*, ১৯১১; 'আমি কারা-ত্রাস চিরমুক্ত বাধাবন্ধ-হারা।' *নজরুল*, ১৯২৪।

চির-মৌন [স] *বিণ* চিরকাল নীরব। 'চিরমৌন জাল দিয়ে বেঁধে দিল কণ্ঠের বন্ধনে।' *রবীন্দ্র*, ১৯১৬; 'তাই তব চির-মৌন ভাষা।' *নজরুল*, ১৯২৩।

চিরযুগ [স] *বি* অনন্তকাল। 'যেন চিরযুগ ধরে মোরে মনে করে রেখেছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিরযুবা [স] ১ *বিণ* অনন্ত যৌবনের অধিকারী। 'চিরযুবা শূর বীর/ বিজয়ীর কুঞ্জে।' *সত্যেন্দ্র*, ১৯১৪; 'চিরযুবা তুই যে চিরজীবী।' *রবীন্দ্র*, ১৯১৪। ২ *বিণ* চিরন্তন যৌবনের প্রতীক। 'যিনি চিরযুবা তিনি তাকে যৌবনে মণ্ডিত জগতের মাঝখানে হাতে ধরে দাঁড় করিয়ে দিয়েছেন।' *রবীন্দ্র*, ১৯১৬।

চিরযৌবন [স] *বি* অনন্ত যৌবন। 'চিরযৌবনের আনন্দে পরিপূর্ণ হইয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৮৭।

চিরযৌবনা [স] *বিণ* চিরযৌবনবিশিষ্ট। 'জ্ঞান কবিতার বিষয় নহে। কবিতা চিরযৌবনা।' *রবীন্দ্র*, ১৮৮৮; 'আমি পদ্মিনী কন্যা চিরযৌবনা।' *গিরিশ*, ১৮৯৬।

চিররজনী [স] *বি* অনন্ত রাত। 'সংগীত ধ্বনিছে ... চির দিবা চির রজনী।' *রবীন্দ্র*, ১৮৯২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চিররহস্য [স] *বি* কোনোদিন যে রহস্যের অবসান বা সমাধান হয় না। 'সমস্ত জানাকে বহুদূর পশ্চাতে ফেলিয়া মানুষ চিররহস্যের অন্ধকারের ...।' *রবীন্দ্র*, ১৯০৫; 'সৃষ্টির মূলে যে চিররহস্য আছে।' *প্রমথ*, ১৯১৪।

চিররাণী [স চিররাজ্ঞী] *বি* চিরকালের রানি। 'চিরপ্রিয়া, চিররাণী, নিধি হৃদয়ের।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

চির-রাত [স চিররাত্রি] *বি* অনন্ত রাত। 'বসে থাকি ... চির-রাতের পাথার পারে।' *রবীন্দ্র*, ১৯১৬।

চিররাত্রি [স] **১** *ক্রিবিণ* বহু রাত। 'চিরদিন চিররাত্রি কেঁদে কেঁদে সারা।' *রবীন্দ্র*, ১৮৮৬। **২** *বি* সবসময়ে থাকে এমন রাত; চির অন্ধকারাচ্ছন্ন রাত। 'দণ্ড প্রহরের দ্বারা অবিভক্ত এই ভূতলগত চিররাত্রির মধ্যে মৃত্যুঞ্জয় আর-একবার ঘুমাইয়া লইল।' *রবীন্দ্র*, ১৯০৭। **৩** *বি* শেষ হতে চায় না এমন রাত। 'প্রতীক্ষার চির-রাত্রি, চন্দ্র, সূর্য, তারা।' *নজরুল*, ১৯২৬।

চিররুগ্‌ণ, চিররুগ্ন [স] *বিণ* চিরদিন অসুস্থ। 'চিরজীবন এই চিররুগ্‌ণকে লইয়া যাপন করিতে হইবে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫। 'স্ত্রী চিররুগ্ন।' *শরৎ*, ১৯৩১।

চিররুগ্না [স] *বিণ স্ত্রী* সবসময়ে অসুস্থ। 'একজন চিররুগ্না এবং প্রাচীনা।' *বঙ্কিম*, ১৮৭৪।

চিররুচি [স] *বি* চিরকালীন সৌন্দর্য। 'চিররুচি কোকনদ; বাসে কোকনদে।' *মাইকেল*, ১৮৬৬।

চিররুদ্ধ [স] *বিণ* সবসময়ে আবদ্ধ। 'চিররুদ্ধ গৃহ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চিররূপরাশি [স] *বি* চিরকালের রূপের সমাহার। 'ফুটে চিররূপরাশি/ চিরমুমুয় হাসি।' *রবীন্দ্র*, ১৮৯০।

চিররোগী [স] *বিণ* সারাজীবন ধরে অসুস্থ। 'অতি ক্ষীণজীবী চিররোগী সন্তানেরও বিবাহ দেন।' *অক্ষয়*, ১৮৪৯।

চিরলাঞ্ছিত [স] *বিণ* চিরকাল দীনদশাবিশিষ্ট। 'যার যা আছে তার তাই থাক, আমি থাকি চিরলাঞ্ছিত।' *রবীন্দ্র*, ১৮৯৬।

চিরশত্রু [স] *বি* যার সঙ্গে দীর্ঘকালীন শত্রুতা। 'জগৎময় আমার চিরশত্রু।' *মশাররফ*, ১৮৮৫।

চিরশরণ [স] *বি* স্থায়ী আশ্রয়দাতা। 'চিরশরণ হে, তুমি কাছে থাকো সুখে দুখে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

চিরশান্তি [স] **১** *বি* অনন্ত শান্তির উৎস। 'চির নির্ভর, চিরশান্তি তুমি হে প্রভু।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বি* মুক্তি; মৃত্যু। 'এমন চিরশান্তি এমন চিরসান্ত্বনা আর কিসে থাকত?' *রবীন্দ্র*, ১৮৯৫।

চিরশিশু [স] **১** *বিণ* চির অপরিণত। 'হে স্নেহার্ত বঙ্গভূমি, তব গৃহক্রোড়ে চিরশিশু করে আর রাখিয়ো না ধরে।' *রবীন্দ্র*, ১৮৯৬। **২** *বিণ* অত্যন্ত অবুঝ ও দুরন্ত। 'আমি চির-শিশু, চির-কিশোর।' *নজরুল*, ১৯২২। **৩** *বিণ* অত্যন্ত নির্বোধ। 'তারা চিরশিশু বা চিরপশু।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চির-শীতাতুর [স] *বি* চিরকাল ঠাণ্ডায় কাতর যে। 'রবি বিনা মাতা স্বস্তি কে দিবে/ এই চির-শীতাতুরে?' *সত্যেন্দ্র*, ১৯১৪।

চির-শুদ্ধা [স] *বিণ স্ত্রী* চিরকাল পবিত্র। 'তুমি দেবী, চির-শুদ্ধা তাপস-কুমারী।' *নজরুল*, ১৯২৩।

চিরশূন্য [স] *বিণ* চিরকাল ফাঁকা। 'কারে পেতে চেয়েছিনু চিরশূন্য মম হিয়া-তলে।' *নজরুল*, ১৯২৩।

চিরশ্যাম [স] *বিণ* চিরদিনের জন্যে সবুজ। 'অশ্রুজলে চিরশ্যাম করি তৃতলের স্বর্গখণ্ডগুলি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চিরশ্যামল [স] *বিণ* চিরদিনই শ্যামলতায় ভরা। 'চির-শ্যামল বসুন্ধরা।' *দ্বিজেন্দ্র*, ১৯১১।

চিরসংলগ্ন [স] *বিণ* চিরকাল সম্পর্কযুক্ত। 'যদিও তারা চিরসংলগ্ন চিরপ্রতিবেশী তবু পরস্পরের কাছে পরস্পর এমনি হাস্যজনক।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চিরসংশয়বাদী [স] *বিণ* সবসময় সংশয়গ্রস্ত। 'আরম্ভ সংশয়ে, পরিসমাপ্তি সংশয়ে এবং তারা চিরসংশয়বাদী।' *মুজতবা*, ১৯৫৮।

চিরসখা [স] *বি* আজন্ম বন্ধু। 'চিরসখা, ছেড়ো না মোরে ছেড়ো না।' *রবীন্দ্র*, ১৮৯৮।

চিরসঙ্গিনী [স] *বি স্ত্রী* চিরদিনের সাথী; স্ত্রী। 'কোন বিশ্বাসে আমার জীবনের চিরসঙ্গিনী ... করিয়া লইব।' *মশাররফ*, ১৮৮৫।

চিরসঙ্গী [স] *বি* চিরদিনের সাথী। 'চিরসঙ্গী চির জীবনে।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিরসজাগ [স] *বিণ* সদাজাগ্রত। 'আমাদের মুমূর্ষুজাতিকে চিরসজাগ রাখিতে ...।' *নজরুল*, ১৯২২।

চিরসঞ্চিত [স] *বিণ* দীর্ঘকাল ধরে আহৃত। 'অনায়াসে স্বৈরিণীর মায়ায় মুগ্ধ হইয়া, চিরসঞ্চিত কর্মফলে বঞ্চিত হইলাম।' *বিদ্যা*, ১৮৭৪।

চিরসন্তুষ্টি [স] *বি* চিরদিনের তুষ্টি। 'প্রকৃতির চিরসন্তুষ্টি ও পালকের চির আলস্য।' *সাধারণী*, ১৮৭৫।

চিরসন্ধি [স] *বি* আজীবন সমঝোতা। 'স্বামীশোকে সপত্নীযুগল বিগ্রহের চিরসন্ধি করিয়া ...।' *দীনবন্ধু*, ১৮৭২।

চিরসন্ধ্যা [স] *বি* মৃত্যু। 'রাখিবে পাতিয়া শয্যা চিরসন্ধ্যা-তরে।' *রবীন্দ্র*, ১৯১৪।

চির সময় [স] *বি* চিরকাল। 'চির সময় সঞ্চিত উ ভয় তোর মণে।' *বড়ু*, ১৪৫০।

চিরসমাপ্তি [স] *বি* চিরকালের মতো অবসান। 'এখানেই তাঁহার বৃন্দাবনলীলার চিরসমাপ্তি ঘটিয়াছে।' *হাই*, ১৯৫৪।

চিরসমুজ্জ্বল [স] *বিণ* সর্বদা উজ্জ্বল। 'সহজ বিশ্বাসে সে যে করে তারে চিরসমুজ্জ্বল।' *রবীন্দ্র*, ১৯৪১।

চিরসম্পদ [স] *বি* অক্ষয় ঐশ্বর্য। 'রাজঅধীশ্বর তব চিরসম্পদে সব সম্পদ করো হতগরবা।' *রবীন্দ্র*, ১৯০১।

চিরসম্বন্ধ [স] *বি* চিরকালের সম্পর্ক। 'এই চিরসম্বন্ধটির সমস্ত শিকড়গুলি পর্যন্ত আমার হৃদয়ের মধ্যে যেন শিউরে উঠল।' *রবীন্দ্র*, ১৯১৫।

চিরসম্বন্ধযুক্ত [স] *বিণ* চিরকালের জন্যে সম্পর্কিত। 'তার চেয়ে বড়ো অথচ তার সঙ্গে চিরসম্বন্ধযুক্ত।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চিরসম্বল [স] **১** *বি* চিরদিনের সম্বল। 'রূপকথাই লোকসাহিত্যের চিরসম্বল।' *প্রমথ*, ১৯১৪। **২** *বি* একমাত্র সম্বল। 'মরণে পুড়েছে খাদ, আছে শুধু হেম/ যাত্রীর চিরসম্বল।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

চিরসম্ভব [স] *বি* সবসময়ে সম্ভব এমন পরিস্থিতি। 'আপনারে ব্যক্ত করি আপন আলোতে চিরপ্রতীক্ষিত চিরসম্ভবের বেশে।' *রবীন্দ্র*, ১৯০১।

চিরসহচর *বিণ* চিরদিন সঙ্গে আছে এমন। 'তাহার উপর চিরসহচর

AMARBOI.COM

ম্যালেরিয়া।' *অক্ষয়*, ১৮৪৬।

চিরসহযোগী [স] *বিণ* চিরকালের সাহায্যকারী। 'চিরসহযোগী ভ্রাতার মনরক্ষা, ধর্ম্মরক্ষা, আর যাহা রক্ষা, তাহা বার বার বলিব না।' *মশার্‌রফ*, ১৮৮৯।

চিরসহিষ্ণু [স] *বিণ* সবসময়ে সহ্য করে এমন। 'চিরসহিষ্ণু চিরন্তন প্রেম।' *রবীন্দ্র*, ১৯০৫।

চিরসাথী *বি* চিরদিনের সঙ্গী। 'দুর্দিনে সুদিনে তুমি থাকো চির সাথী।' *রবীন্দ্র*, ১৮৯৬।

চিরসাধ্য [স] *বিণ* জীবনব্যাপী সাধনার যোগ্য। 'চিরসাধ্য প্রেমের দেশ।' *ফজলল*, ১৯১৩।

চিরসান্ত্বনা [স] *বি* চূড়ান্ত সান্ত্বনা। 'এমন চিরশান্তি এমন চিরসান্ত্বনা আর কিসে থাকত?' *রবীন্দ্র*, ১৮৯৫।

চিরসারথি [স] *বি* চিরদিনের সারথি। 'তুমি চিরসারথি তব রথচক্রে মুখরিত পথ দিনরাত্রি।' *রবীন্দ্র*, ১৯১১।

চিরস্নিগ্ধ [স] *বিণ* চিরদিনই স্নিগ্ধতার পূর্ণ। 'হেথা বাতাস সীতি গন্ধ-ভরা চিরস্নিগ্ধ মধু মাসে।' *দ্বিজেন্দ্র*, ১৯১১।

চিরসুখিনী [স] *বিণ স্ত্রী* চিরকাল সুখী। 'রাজনন্দিনী! চিরজীবিনী ও চিরসুখিনী হোন।' *মাইকেল*, ১৮৭৪।

চিরসুখী [স] *বিণ* চিরকাল সুখী। 'চিরজীবী হও! চিরসুখী হও!' *মাইকেল*, ১৮৭৪।

চিরসুদূর [স] *বিণ* চিরকাল দূরবর্তী। 'পেয়ে কেন নাহি পাই হৃদয়ে মম/ হে চিরসুদূর প্রিয়তম।' *নজরুল*, ১৯২৯।

চিরসুধা [স] *বি* অমৃত। 'চিতে চিরসুধা করে সঞ্চার তব সকরুণ করপল্লব।' *রবীন্দ্র*, ১৮৯৬।

চিরসুন্দর [স] *বিণ* চিরকালীন সুন্দর। 'চাঁদেরি মত চিরসুন্দর সে।' *সত্যেন্দ্র*, ১৯১১।

চিরসুমধুর [স] *বিণ* চিরকাল সুমধুর এমন। 'সব কাজে তোর সব ভাবনায় জাগে চিরসুমধুর।' *রবীন্দ্র*, ১৯২৭।

চিরসৌন্দর্য [স] *বি* অনন্ত সৌন্দর্য। 'সে আমাকে ... চিরসৌন্দর্যের কৈলাসপুরীর পথচিহ্নহীন তীর্থাভিমুখে আকর্ষণ করিতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চিরস্থান [স] *বি* স্থায়ী আসন। 'ক্রমে খুলিতাম তাঁর হৃদয়ের দ্বার চিরস্থান লভিতাম সেথা।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিরস্থায়ি [স চিরস্থায়ী] *বিণ* চিরদিনের জন্যে স্থায়ী। 'যদি চিরস্থায়ি যশ লভ্য হয় ...।' *হরপ্রসাদ*, ১৮১৫।

চিরস্থায়িত্ব [স] *বি* দীর্ঘকালের স্থায়িত্ব। 'অস্মদাদির এই প্রার্থনা যে উক্ত সভার চিরস্থায়িত্বের সম্ভাবনা হউক।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৫।

চিরস্থায়িনী [হি] *বিণ স্ত্রী* চিরদিনের জন্যে স্থায়ী। 'কীর্ত্তি চিরস্থায়িনী হইবেক।' *দর্পণ*, ১৮২৫।

চিরস্থায়ী [স] **১** *বিণ* চিরকালের জন্য স্থায়ী। 'তবে সে চিরস্থায়ী হবে না ধনুকের শরের মত।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। **২** *বিণ* চিরদিনের জন্যে টিকে থাকে এমন। 'তখন জানিত না যে, সৌভাগ্য চিরস্থায়ী নহে।' *বিদ্যা*, ১৮৫৬।

চিরস্থায়ী বন্দোবস্ত [স চিরস্থায়ী+ফা বন্দ-ও-বস্ত] *বি* ১৭৯৩ সালে লর্ড কর্নওয়ালিস প্রবর্তিত জমিদারি ব্যবস্থা। 'চিরস্থায়ী বন্দোবস্তের অভাবই ইহার মূল কারণ।' *দিক্‌প্রকাশ*, ১৮৩৯।

চিরস্থিত [স] *বিণ* চিরস্থায়ী। 'যাহার অধ্যক্ষের এই নগরের চিরস্থিত প্রজা ...।' *প্রভাকর*, ১৮৫১।

চিরস্থির [স] *বিণ* চিরদিনের জন্য স্থির। 'যদ্যপি অচিরপ্রভা চিরস্থির হয়।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চিরস্বচ্ছ [স] *বিণ* সর্বদা নির্মল। 'সে যে তার অন্তরের পথ সে যে চিরস্বচ্ছ।' *রবীন্দ্র*, ১৯৪১।

চিরস্বত্ব [স] *বি* চিরকালীন মালিকানা। 'যে সম্পত্তির কথা লিখিয়াছেন তাহাতে তাহার জীবনস্বত্ব অথবা চিরস্বত্ব।' *রবীন্দ্র*, ১৯০৯।

চিরস্বভাব [স] *বি* চিরকালীন প্রকৃতি। 'সই খর্বতাটাই আমাদের চিরস্বভাব।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চিরস্বয়ম্বরা [স] *বিণ স্ত্রী* চিরদিন ধরে প্রেমিক সন্ধানকারী। 'পরান আমার বধূর বেশে চলে চিরস্বয়ম্বরা।' *রবীন্দ্র*, ১৯১৩।

চির-স্বাক্ষর [স] *বি* অমোচনীয় চিহ্ন। 'আমার জীবনে চির-স্বাক্ষর তোমার নাম।' *আহসান*, ১৯৫৯।

চিরস্মরণ [স] *বি* চিরকালের স্মৃতি। 'চিরস্মরণের ধন।' *রবীন্দ্র*, ১৯২৫।

চিরস্মরণার্থ [স] *ত্রিবিণ* চিরস্মরণীয় করার উদ্দেশ্যে। 'মুদ্রাযন্ত্র মুক্ত হওনোপকার চিরস্মরণার্থ যে অট্টালিকা নির্ম্মাণকরণের কল্প হইয়াছে।' *দর্পণ*, ১৮৩৫।

চিরস্মরণীয় [স] *বিণ* চিরকাল মনে রাখার যোগ্য। 'এইরূপ চিরস্মরণীয় উপকারে অনেকেই ইচ্ছুক হইবেন।' *দর্পণ*, ১৮২৬।

চিরস্মরণীয়া [স] *বিণ স্ত্রী* চিরদিন মনে রাখার মতো। 'এ কীর্ত্তি চিরস্মরণীয়া থাকুক।' *দর্পণ*, ১৮২৫।

চিরস্মরণীয়াগার [স চিরস্মরণীয়-আগার] *বি* চিরকালীন স্মৃতির ভাণ্ডার। 'অপূর্ব ছবি এক মুহূর্তে চিহ্নিত হয়ে গেল ... চিরস্মরণীয়াগারে।' *রবীন্দ্র*, ১৯৪০।

চিরস্রোত [স] *বিণ* চিরকাল বহমান। 'প্রকৃতির শান্তি আজি করিতেছি পান চিরস্রোত সান্ত্বনার ধারা।' *রবীন্দ্র*, ১৮৯০।

চিরস্রোতা [স] *বিণ স্ত্রী* চিরকাল প্রবাহিত। 'চিরস্রোতা তটিনীর/ মন্দ্রভাষী জলধির/ শুনি গান নিত্য মনোরম।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

চিরহরিৎ [স] *বিণ* চিরসবুজ; চিরনবীন। 'চিরহরিৎ হৃদয় দুঃখ জুড়াতে যায় ভ্রান্ত দুঃখ জুড়াতে যায় পথে পথে।' *শক্তি*, ১৯৬১।

চিরহরিতা [স] *বিণ স্ত্রী* চিরসবুজ। 'এই চিরহরিতা ফলশস্যপূরিতা নদনদীতুষিতা বঙ্গভূমি।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

চিরহাহাকার [স চির+ধ্বন্যা হাহা+স কার] *বি* চিরকালের আর্তনাদ। 'তবু ঘুচিল না চিরহাহাকার।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

চিরহিতৈষী [স] *বিণ* সবসময়ে কল্যাণকারী। 'এই বৃদ্ধ আপনার পিতার চিরহিতৈষী।' *মশার্‌রফ*, ১৮৮৭।

চিরহিম [স] *বিণ* অনন্তকাল ধরে জমে থাকা বরফ। 'এ পর্বতের অধিকাংশই চিরহিমের আলয়।' *প্রমথ*, ১৯২৫।

চিরাকাঙ্ক্ষিত [স চির-আকাঙ্ক্ষিত] *বিণ* চির প্রত্যাশিত। 'তদীয় আবাসে উপস্থিত হইয়া, ... চিরাকাঙ্ক্ষিত মদনরসের আস্বাদন দ্বারা ...।' *বিদ্যা*, ১৮৪৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চিরাগত [স চির-আগত] *বিণ* বহুকাল ধরে চলে আসছে এমন। 'লোকেরা বিচারের সময় চিরাগত কতিপয় নির্ধারিত নিয়মের অনুবর্তী হইয়া চলিতেন ...।' *বিদ্যা*, ১৮৪৯।

চিরাগত অধিকার [স] *বি* চিরদিন চলে এসেছে যে অধিকার। 'এক পক্ষের চিরাগত অধিকার কাড়িয়া লওয়াতে অন্য পক্ষের সাহস ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চিরাগত নিয়ম [স] *বি* চিরদিন ধরে চলে এসেছে এমন নিয়ম। 'মুসলমানের ধর্মসমাজের চিরাগত নিয়মের জোরেই তার মধ্যে একটা নিবিড় ঐক্য জমে উঠেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

চিরাগত প্রথা [স] *বি* চিরদিন চলে এসেছে যে প্রথা। 'একান্ত মিনিতি করি চরণে তোমার প্রভু! চিরাগত প্রথা চিরপ্রবাহিত।' *রবীন্দ্র*, ১৮৯০।

চিরাগত প্রেয়সী [স] *বি* চিরদিনের প্রিয়া। 'হৃদয়ের পরে চিরাগতা প্রেয়সীর প্রায়।' *রবীন্দ্র*, ১৮৯০।

চিরাগত রীতি [স চির-আগত-রীতি] *বি* ধ্রুপদী। 'ক্লাসিকের অর্থাৎ চিরাগত রীতির বাইরেই রোমান্টিকের লীলা।' *রবীন্দ্র*, ১৯৩৬।

চিরাচরিত [স চির-আচরিত] *বিণ* প্রাচীনকাল থেকে প্রচলিত। 'আহারবিহার বেশবাসের চিরাচরিত ব্যবস্থায় নানা রকম ত্রুটি হচ্ছে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

চিরাতুর [স চির-আতুর] *বি* চির রুগ্ন যে। 'হে চিরাতুর, হে উদাসীন, তুমি ওঠো।' *রবীন্দ্র*, ১৯০৮।

চিরাধিপত্য [স চির-আধিপত্য] *বি* সর্বকালের কর্তৃত্ব। 'একনায়কত্বের চিরাধিপত্যের পক্ষে এমন অনুকূল অবস্থা আর কিছুই হতে পারে না।' *রবীন্দ্র*, ১৯৩১।

চিরাধীনতা [স চির-অধীনতা] *বি* চিরদিনের অধীনতা। 'তৎকালীন স্ত্রীজাতির চিরাধীনতার বিধি।' *বঙ্কিম*, ১৮৮৭।

চিরাধীনা [স চির-অধীনা] *বিণ স্ত্রী* চিরদিন অধীন হয়ে থাকে এমন। 'পিতা, স্বামী ও পুত্রের চিরাধীনা, তাঁহাদের আবার কিসের সুখ?' *তত্ত্বোলূক*, ১৮৭৪।

চিরানন্দ [স চির-আনন্দ] *বি* অবিচ্ছিন্ন আনন্দ। 'সুখে দুঃখে পারব বন্ধু চিরানন্দে রইতে।' *রবীন্দ্র*, ১৯০৮।

চিরানন্দরাগিণী [স চির-আনন্দ-রাগিণী] *বি* চিরন্তন আনন্দের সুর। 'চিরানন্দরাগিণীর দ্বারা একটা চিরমহিমা লাভ করে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চিরানুগত [স চির-অনুগত] *বিণ* দীর্ঘদিনের অনুগত। 'সে ছিল রাম-শ্যামের চিরানুগত বন্ধু।' *প্রমথ*, ১৯১৮।

চিরান্ধকার [স চির-অন্ধকার] *বি* অন্তহীন অন্ধকার। 'স্বদেশীয় লোকদিগকে চিরান্ধকারে রাখিবার জন্য ... ভ্রমশিক্ষা প্রদান।' *অক্ষয়*, ১৮৪৬।

চিরাবলম্বিত [স] *বিণ* আজীবন গৃহীত। 'তথাচ চিরাবলম্বিত হিতব্রত উদ্‌যাপন করিয়া যান নাই।' *অক্ষয়*, ১৮৫৫।

চিরাবসান [স চির-অবসান] *বি* চিরকালীন সমাপ্তি। 'এই ধরনের ইবলিশী খেয়ালের চিরাবসান কামনা করি।' *বেগম*, ১৯৫১।

চিরাভিলাষ [স চির-অভিলাষ] *বি* দীর্ঘদিনের বাসনা। 'চিরাভিলাষ পূর্ণ করিবার অবসর ও সুযোগ অন্বেষণেই সর্বদাই সমুৎসুক।' *মশারফ*, ১৮৮৫।

চিরাভ্যস্ত [স চির-অভ্যস্ত] *বিণ* চিরকাল ধরে অভ্যস্ত। 'চিরাভ্যস্ত নিকৃষ্ট পরিচ্ছদ ছাড়িয়া রাজপরিচ্ছদ ধারণ করুন।' *বিদ্যা*, ১৮৬৩।

চিরাভ্যাস [স চির-অভ্যাস] *বি* দীর্ঘকালের অভ্যাস। 'চিরাভ্যাসমতো যেখানে শয়ন করিয়া থাকে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিরায়মান [স চির-আয়মান] *বিণ* চিরকাল বিদ্যমান। 'প্রিয়প্রত্যাশিত দিনের চিরায়মান উৎকণ্ঠিত প্রহরে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

চিরায়মানা [স চির-আয়মানা] *বিণ স্ত্রী* চিরকাল বিদ্যমান। 'চিরায়মানা।' *রবীন্দ্র*, ১৯০০।

চিরায়িত [স চির-আয়িত] *বিণ* চিরন্তন। 'আশাশীল রাত্রি আসে চিরায়িত আশা ভালোবেসে।' *জীবন*, ১৯৪০।

চিরায়ু [স চির-আয়ু] *বিণ* দীর্ঘজীবী। 'সাত সাত পুত্র হৈবে চিরায়ু মতিমান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চিরার্জিত [স চির-অর্জিত] *বিণ* চিরকাল ধরে অর্জিত। 'চিরার্জিত তপস্যার ফল।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিরোদ্ভিন্ন [স] *বিণ* চিরবিকশিত। 'চিরোদ্ভিন্ন ভারতবর্ষীয় প্রকৃতির মধ্য হইতে আমাদের অভ্যুত্থানের উপাদান ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

চির[১] [স চীর্ণ] *বি* টুকরা। 'খড়্‌গেতে কাটিয়া তোরে করিব দুই চির।' *মুকুন্দ*, ১৬০০।

চিরকুট [হি] *বি* ছোটো চিঠি। 'চিরকুট পেলাম, দেমিদফ লিখেছেন।' *মুজতবা*, ১৯৪৯।

চিরচিরকার [ধ্বন্যা চিরচির+স কার] *বিণ* বিকট। 'চিরচিরকার শব্দেতে সেই পতোনীর গর্ভপাত হইলো।' *আস্তোনিয়ো*, ১৭৪৩।

চিরিণ [স চীর্ণ] **১** *বি* চেরা। 'দুই পদ ধরি জে করিবে চিরণ।' *রবীন্দ্র*, ১৬৮৯। **২** *বি* চিরুনি। 'চুপড়ি মালা আর্শি চিরণ কৌটা ইত্যাদি এ সকল দ্রব্যের মাসুল আমদানি কালে মহাজনেরা দিয়াছে।' *চন্দ্রিকা*, ১৮৩১।

চিরণি দ্র **চিরনি**

চিরতা [স চিরতিক্ত] *বি* তিক্ত স্বাদযুক্ত ওষধিবিশেষ। 'নিম ও চিরতা তিক্ত ...।' *বিদ্যা*, ১৮৫১।

চিরধারিণী [স চীরধারিণী] *বিণ স্ত্রী* ছেঁড়া কাপড় পরিহিত। 'অন্ধ ভিক্ষুক চিরধারিণী পত্নীর হাত ধ'রে দেশলাই বেচছে বা বাজনা বাজাচ্ছে।' *অন্নদা*, ১৯২৯।

চিরনি, চিরণি [স চির] *বি* চিরুনি। 'কেশমার্জন করে কেহ চিরনি লইয়া।' *মালাধর*, ১৫০০; 'সোনার গিলিপে ছিল সাধের চিরণি।' *রূপরাম*, ১৭৭০।

চিরল [স চীর্ণ>] *বিণ* সরু ও লম্বা। 'পাশে একটি নারকেল গাছ চিরল-চিরল পাতায় ছাওয়া।' *আলাউদ্দিন*, ১৯৬০।

চিরলা [স চীর্ণ>] *বি* লম্বা পাতাওয়ালা উদ্ভিদবিশেষ। 'চিরলার ছত্র গৃহ বালুতুলো 'পরে।' *আলাওল*, ১৬৮০।

চিরা[২] [স চির>] *ক্রি* ছেঁড়া। 'আজি পুথি চিরি এই দেখ বিদ্যমানে।' *বৃন্দা*, ১৫৮০। **চিরি** *ক্রি* চিরে; বিদারণ ক'রে। 'ঠোট চিরি লইলে পরানি।' *মালাধর*, ১৫০০। **চিরিআ** *ক্রি* ফেড়ে। 'চিরিআ বাআতি পার্থ পাসান চিরিআ।' *রামাই*, ১৭১০। **চিরিবোঁ** *ক্রি* দ্বিখণ্ডিত করবো। 'পাঁজী পুথী তোহ্মার চিরিবোঁ বাম হাথে।' *বড়ু*, ১৪৫০। **চিরিয়া** *ক্রি* চিরে; ফেড়ে। 'তীক্ষ্ণধার এক ছুরী লইয়া আপনার পেট চিরিয়া ফেলিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **চিরিয়াছে** *ক্রি* ছিঁড়ে গেছে। 'মসারিটা চিরিয়াছে।' *কেরি*, ১৮০২। **চিরিল ১** *ক্রি* ছিঁড়ে ফেললো। 'কাঞ্চুলী চিরিল টানে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* বিদীর্ণ হলো। 'অবিচারে গান্ধারীর চিরিল উদর।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৩** *ক্রি* ফাড়লো। 'করাতিরা কাঠ

AMARBOI.COM

যেন চিরিল করাতে।' *গরীব*, ১৭৬৫। **চিরী** *ক্রি* ছিঁড়ে। 'তীন ভাগ চিরী তাক পেলাহ এখানে।' *বভূ*, ১৪৫০। **চিরা** *ক্রি* চিরে। 'দুই ঠোটে চিরা্যা তারে কইল দুই চীর।' *মুকুন্দ*, ১৬০০।

চিরা[১] [স চির>] *ক্রি* আঁচড়ানো। 'চুল চিরিতে চিরিতে এইরূপ হইতে লাগিল।' *বিনোদিনী*, ১৮৭৫।

চিরাই [স চিরায়ু] *বিণ* চিরায়ু। 'জীঅ জীঅ কুর্ম্ম বাছা হওরে চিরাই।' *রামাই*, ১৭১০।

চিরাগ [ফা] *বি* বাতি। 'কুটির বা গৃহাঙ্গনে দীপ্ত সেই চিরাগের শিখা।' *ফররুখ*, ১৯৬৩।

চিরিগড়া *বিণ* টুকরা কাপড় দিয়ে তৈরি। 'কৌপীন পরিল চিরিগড়া।' *ভবানী*, ১৮২৫।

চিরিতন [হি চিড়ী] *বি* একটি বিশেষ রঙের তাসের নাম। 'এই হরতন, চিরিতন, রুহিতন, ইশকাপনের চারখানা তাস জুড়ে দিয়ে ভাঁজে ভাঁজে লটকে দিয়েছেন।' *মুক্তবা*, ১৯৫৮।

চিরুণ [স চীর্ণ>] *বি* চিরুণি। **চিরুণ-চুমা** [স চীর্ণ>+স চুম্বন] *বি* চিরুনির আঁচড়। 'গুলফ চুমি কাঁদবে গো কেশ চিরুণ-চুমার আশেপাশে।' *নজরুল*, ১৯২৬।

চিরুণদাঁতী [স চীর্ণদন্তী] *বিণ স্ত্রী* চিরুনির মতো ফাঁকা-ফাঁকা দাঁত বিশিষ্ট। 'খণ্ড-কপালিনী তুই বেহুলা চিরুণদাঁতী।' *কেতকা*, ১৬৫০।

চিরুণি, চিরুনী [স চীর্ণ>] *বি* চিরুনি। '**হস্তিদন্তে বান্ধ**, কৌটা, চিরুণী, পাখা, পাশা প্রভৃতি নানা প্রকার বস্তু প্রস্তুত হয়।' *মদনমোহন*, ১৮৫০; 'চিকন চিরুণি চারু চিকুরের জালে।' *গুপ্ত*, ১৮৫৮।

চিরুনি [স চীর্ণ>] *বি* চুল আঁচড়ানোর উপকরণ বিশেষ। 'করেতে চিরুনি ধরি আঁচড়এ কেশ।' *মুকুন্দ*, ১৬০০।

চিরুনি করা *ক্রি* চুল আঁচড়ানো। 'তাহাতা চুলটুল চিরুনি ও করে।' *নজরুল*, ১৯৩১।

চিরুণী [স চীর্ণ>] *বি* চিরুনি; চুল আঁচড়ানোর উপকরণ বিশেষ। 'সোনাউল্লা সাহেবের কএক জোড়া কাপড় তৈলিয়া চিরুণী, ব্রাস, গ্লাস ...।' *মশাররফ*, ১৮৯০।

চিরেতা [স চিরতিক্ত] *বি* তিতাস্বাদযুক্ত ঔষধিবিশেষ। 'এখন বুঝি কেবল মুখ সিটকে চিরেতা খাচ্ছিস?' *রবীন্দ্র*, ১৮৯২।

চিরোদ্ভিন্ন দ্র চির[২]

চিরোল [স চীর্ণ] *বিণ* সরু এবং লম্বা। 'চিরোল চিরোল পাতার ডগায় থোপা থোপা ফুল।' *তারা*, ১৯৪২।

চির্ত [স চিত্ত] *বি* মন। 'গোকুলের রমনির চির্ত সে হরিয়া।' *মালাধর*, ১৫০০।

চির্ন্ন [স চিহ্ন] *বি* চিহ্ন। 'হৃদএ শ্রীবৎস চির্ন্ন লর্ম্মাটে উদ্ধগতি।' *মালাধর*, ১৫০০।

চিল [স চিল্ল] *বি* শিকারি পাখিবিশেষ। 'চিলে জেন ছুঁএা লয় মীন।' *মুকুন্দ*, ১৬০০।

চিলদৃষ্টি [চিল+স দৃষ্টি] *বি* প্রখর দৃষ্টি। 'সুপরিসর চিলদৃষ্টির ভেতর কবলিত করে।' *জীবন*, ১৯৪৮।

চিলপুরুষ [চিল+স পুরুষ] *বি* পুরুষ জাতীয় চিল। 'প্রেমিক চিলপুরুষের শিশির-ভেজা চোখের মতো।' *জীবন*, ১৯৪২।

চিলসতুর [স চিল্ল>+স সতুর] *ক্রিবিণ* চিলের মতো দ্রুতগতিতে। 'যা শফী চিলসতুর চইল্যা আবি।' *ইসহাক*, ১৯৫৫।

চিলছাদ [আ জিলদ+স ছাদ] *বি* চিলেকোঠার ছাদ। 'চিলছাদের ওপরে ব'সে।' *বিভূতি*, ১৯৩১।

চিলতি [আ জিলদ] *বিণ* লম্বা চিকন ফালিযুক্ত। 'চিড়িয়াখানার চিলতি চিলতি মাঠ।' *জীবন*, ১৯৪৮।

চিলমচি, চিলমচী [তু চাবলচী] *বি* হাত ধোয়ার পাত্রবিশেষ। 'চিলিমচী ২ দুই।' *মেয়র্স*, ১৭৬২; 'খেদমতগার চিলমচি ও পাত্র করিয়া জল আন।' *কেরি*, ১৮০২।

চিলাই *বি* নদীবিশেষ। 'ধলেশ্বরী চিলাইয়ের পাশে।' *জীবন*, ১৯৩২।

চিলিম [ফা চিলম] *বি* তামাক বা গাঁজার কলিকা। 'চিলিমটা দেখে ভক্তি হল – ইয়া ডাবর পরিমাণ।' *মুক্তবা*, ১৯৫২।

চিলিমিলি *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'গঙ্গাপ্রসাদ চিলিমিলি।' *সেবধি*, ১৮৪০।

চিলিয়া *বি* বালতি। *মানোএল*, ১৭৪৩।

চিলু [স চিতা] *বি* চিতা। 'তাহার কামাই নাই রাবণের চিলুর মত জ্বলিতেছে।' *কেরি*, ১৮০২।

চিলুমচি [তু চাবলচী] *বি* হাত ধোয়ার গামলাজাতীয় পাত্র। 'হাত ধুইবার জন্য চিলুমচি ছিল না।' *মনসুর*, ১৯৫৫।

চিলেকুঠি, চিলেকোঠা [আ জিলদ+স কোষ্ঠ] *বি* ছাদসংলগ্ন ঘরবিশেষ। 'বাড়ির ছাদে এক-একটা চিলেকোঠা উঁচু হইয়া থাকিত।' *রবীন্দ্র*, ১৯১২; 'টিনের চালের একটি চিলেকুঠি আছে এ বাড়িতে।' *মানিক*, ১৯৩৮।

চিলে ঘর [আ জিলদ+পা ঘর] *বি* ছাদসংলগ্ন ঘরবিশেষ। 'কালেজ কামাই করিয়াও মধ্যাহ্নে চিলে ঘরের ছায়ায় ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

চিলেঘুড়ি [চিল+স ঘূর্ণ] *বি* চিলের আকৃতিবিশিষ্ট ঘুড়ি। 'ঠিক যেন একটা চিলেঘুড়িকে খেলোয়াড় গোঁতা মারছে।' *নজরুল*, ১৯২২।

চিল্কা *বি* ভারতের একটি বিখ্যাত হ্রদ। 'চিল্কার জলে ভাসালাম গণ্ডোলা।' *শক্তি*, ১৯৬৫।

চিল্যানো [হি চিল্লানা] *ক্রি* চিৎকার করা। *ওসাঁ*, ১৭৮২।

চিল্ল [স] *বি* চিল; পাখিবিশেষ। 'একটা চিল্ল পক্ষি তিরেতে বিদ্ধিত।' *রামরাম*, ১৮০১।

চিল্লাচিল্লি [স চিল্ল] *বি* চিৎকার-চেঁচামেচি। 'যাইয়া কি ঝগড়া আর চিল্লাচিল্লি করবে।' *নরেন্দ্র*, ১৯৪৭।

চিল্লানো [স চিল্ল] *ক্রি* চিৎকার করা। 'চিল্লায় জোর ওই ওই নাবে দীন।' *নজরুল*, ১৯২৪।

চিহ্ন [স] **১** *বি* সংকেত। 'দশমি দুআরত চিহ্ন দেখইআ।' *চর্যা* ৩, ১২০০। **২** *বি* লক্ষণ। 'রাজ চিহ্ন বস্ত্র এড়ি কপিন পরিল।' *মালাধর*, ১৫০০; 'সার্ব্বভৌমে তোমার কৃপা তার এই চিহ্ন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বি* দাগ। 'বসন্তের চিহ্ন আছে মুখে।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *বি* নমুনা। 'কৃতজ্ঞতা স্বীকারের চিহ্ন প্রদানার্থ যাঁহারা স্বাক্ষর করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩৩। **৫** *বি* প্রতীক। 'অনেকে চিহ্নধারণ করিতে শুরু করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৮। **৬** *বি* ছাপ। 'যেখানে তোমার দুটি পায়ের চিহ্ন আছে আঁকা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

চিহ্নধারণ [স] *বি* বেশধারণ। 'অনেকে চিহ্নধারণ করিতে শুরু করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

চিহ্নধারী [স] *বিণ* বেশধারী। 'এলেন নানাচিহ্নধারী নানা সম্প্রদায়ের

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভঙ্গদল।' *রবীন্দ্র*, ১৯৩২।

চিহ্নমাত্র [স] *বি* সামান্য চিহ্ন। 'তিনদিনের মধ্যে তাহাদের আর চিহ্নমাত্র রহিল না।' *রবীন্দ্র*, ১৮৮৭।

চিহ্নশূন্য [স] ১ *বিণ* ছাপহীন। 'আমার যত কথা আছে সমস্ত আমি এই চিহ্নশূন্য বাধাশূন্য ধরণীর উপর ছড়িয়ে ছড়িয়ে ফেলতে পারি।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বিণ* চিহ্নহীন। 'আনন্দ তলিয়ে গেল চিহ্নশূন্য হয়ে।' *ওয়াজী*, ১৯৪৩।

চিহ্নসংকেত [স] *বি* সাংকেতিক লিখন। 'ভৌতিক উপলব্ধি পৌঁছল গাণিতিক চিহ্নসংকেতে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চিহ্নহারা [স] ১ *বিণ* নিশানাহীন। 'চিহ্নহারা পথে আমায় টানবে অচিন-ডোরে।' *রবীন্দ্র*, ১৯১৪। ২ *বিণ* সনাক্ত করার মতো চিহ্ন নেই এমন। 'হারানো সে চিহ্নহারা যুগগুলি।' *রবীন্দ্র*, ১৯২৫।

চিহ্নহীন [স] ১ *বিণ* কোনো চিহ্ন নেই এমন। 'এমনি করিয়া চিহ্নহীন পথহীন অকূল ধরিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বিণ* বিলুপ্ত বা ধ্বংসপ্রাপ্ত। 'বিগত সে-দিন, সে-মৎসর অহংকার চিহ্নহীন অক্ষম ধিক্কারে।' *সুধীন্দ্র*, ১৯২৯। ৩ *বিণ* সীমাহীন। 'চিহ্নহীন প্রান্তরে প্রান্তরে।' *রবীন্দ্র*, ১৯৩১।

চিহ্নাভাব [স চিহ্ন+স অভাব] *বি* চিহ্নের অভাব। 'বাঙ্গালা লেখার শেষাদি নির্ণায়ক চিহ্নাভাবে অনেক ব্যাঘাত হয়।' *দর্পণ*, ১৮২৯।

চিহ্নার্থ [স চিহ্ন+স অভাব] *ক্রিবিণ* চিহ্নের জন্য। 'অশৌচের চিহ্নার্থে কেবল চুলধারণ মাত্র করেন।' *ভবানী*, ১৮২৩।

চিহ্নিত [স] ১ *বিণ* চিহ্নযুক্ত। 'সেক্রেটরি যে সাহেব তিনিও স্বাক্ষর চিহ্নিত এক প্রশংসাপত্র ঐ বিদ্যার্থীকে দিবেন।' *দর্পণ*, ১৮২৪। ২ *বিণ* অধিকৃত। 'তিন সহোদরে পৃথক হইয়া আপন আপন চিহ্নিত বিভক্ত স্থাবরাদি ধনে ভোগবান থাকিয়া ...।' *চিঠিপত্রে*, ১৮২৯। ৩ *বিণ* নির্ধারিত। 'নীলকর সাহেব ... কৃষকের অনভিমতে অন্যায়ভূমি চিহ্নিত করিয়া যান।' *অক্ষয়*, ১৮৫০। ৪ *বিণ* কলঙ্কিত। 'খুলি-ভরা দুটি লইয়া চরণ/ চিহ্নিত করি রাজান্তরণ।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৫ *বিণ* নির্দিষ্ট। 'প্রভাতেই এই সুদীর্ঘ ছি-ছির ভূমিকা চিহ্নিত হইয়া গিয়াছিল।' *শরৎ*, ১৯১৭।

চিহ্নিৎ [স চিহ্নিত] *বিণ* চিহ্নিত। 'সম্পূর্ণ ট্যাকসই বেড়া-দেওয়া চিহ্নিৎ-করা সাধুসম্মত প্রেম।' *অন্নদা*, ১৯২৮।

চিহ্না [স চিহ্ন>] *ক্রি* চেনা। 'মোর বৃন্দাবন পসী মোক নাহিঁ চিহ্নে।' *বড়ু*, ১৪৫০। **চিহ্ন** ১ *ক্রি* চেনো। 'কি না লাভ লোভে কাহ্নাঞি না চিহ্ন এখন।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* জানো। 'আপণা না চিহ্ন কেহে এবেঁ বনমালী।' *বড়ু*, ১৪৫০। **চিহ্নই** *ক্রি* চিনতে। 'বিদ্যাপতি কহ সুন বর কান/ তরুনিম সৈসব চিহ্নই ন জান।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চিহ্নলুঁ** *ক্রি* চিনলাম। 'ভালে ভালে হাম অলপে চিহ্নলুঁ ঐহন কুটিল কান।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চিহ্নসি** *ক্রি* চেনো; জানো। 'আহ্মাকে না চিহ্নসি তোঞি।' *বড়ু*, ১৪৫০। **চিহ্নি** *ক্রি* চিনে; জেনে। 'এবোঁহো আপণ চিহ্নি জাউ নিজ ঘর।' *বড়ু*, ১৪৫০। **চিহ্নিআঁ** *ক্রি* চিনে। 'আপনাক চিহ্নিআঁ কাহ্নের থান যাহা।' *বড়ু*, ১৪৫০। **চিহ্নিল** *ক্রি* চিহ্নিত করলো। 'গুরু অঙ্গে অনেক চিহ্নিল নিজ করে।' *আলাওল*, ১৬৮০। **চিহ্নিলি** *ক্রি* চিনলে। 'না চিহ্নিলি আল রাধা না শুণিলি বাত।' *বড়ু*, ১৪৫০। **চিহ্নিলী** *ক্রি* চিনলি; চিনলে। 'যৌবন গরবে আহ্মা না চিহ্নিলী।' *বড়ু*, ১৪৫০। **চিহ্নী** *ক্রি* চিনি। 'ও নহি ভেলাহে চিহ্নী।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চিহ্নে** *ক্রি* চেনে। 'মোর বৃন্দাবন পসী মোক নাহিঁ চিহ্নে।' *বড়ু*, ১৪৫০।

চীঅ [স চিত্ত] *বি* চিত্ত। 'মাতেল চীঅ গএন্দা ধাবই।' *চর্যা* ১৬, ১২০০।

চীএ *ক্রিবিণ* চিত্তে। 'চঞ্চল চীএ পইঠো কাল।' *চর্যা* ১, ১২০০।

চীঅণ [স চিক্কণ] *বি* চিক্কণ। 'চীঅণ বাকলঅ বারুণি বাহ্মঅ।' *চর্যা* ৩, ১২০০।

চীজ[১] [ফা] ১ *বি* উপচার। 'হায় রে পুঞ্জিব কিসে কোন চীজ নাই।' *ভারত*, ১৭৬০। ২ *বি* অদ্ভুত বস্তু। 'ঐ এক চীজ আছে, হিম্মৎ।' *মুজতবা*, ১৯৪৯।

চীজ[২] [ই] *বি* পনির। 'ভেজিটেরিয়ানদের জন্য মটর-পোলাও এবং চীজ-আলু, কিংবা চীজ-মটর কারি।' *মুজতবা*, ১৯৫৮।

চীটী [হি চিট্ঠী] *বি* চিঠি। '২ দুই সাহেব ১ সাহেবকে চীঠী লিখিয়াছিলেন।' *মেয়র্স*, ১৭৭১।

চীৎ [হি চিত] *বিণ* উপরের দিকে মুখ করে শোয়া। 'একলা চীৎ হয়ে শুয়ে আকাশের তারা গণনা করবে।' *রবীন্দ্র*, ১৮৯১।

চীত [স চিত্ত] ১ *বি* চিত্ত। 'তার ঝিঁউ হআঁ তোর কেহ্নে হেন চীত।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* মন। 'আহ্মার বচনে রাধা দেহ তোহ্মে চীত।' *বড়ু*, ১৪৫০।

চীতক চোর *বি* চিত্তচোর। '৩ সজনি সো ধনি চীতক চোর।' *গোবিন্দ*, ১৬০০।

চীৎকার [স] ১ *বি* উচ্চশব্দ। 'অঙ্কুশের ঘায়ে হস্তী করয়ে চীৎকার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* চেঁচানি। 'মাদক মদে উন্মত্ত হইয়া সুদীর্ঘ চীৎকার সংযুক্ত উল্লাস।' *অক্ষয়*, ১৮৪৭। ৩ *বি* আর্তনাদ। 'রাখালের চীৎকার শুনিয়া সকলে দৌড়িয়া আসিল।' *মদনমোহন*, ১৮৪৯। ৪ *বি* হৈচৈ। 'পরাণ মণ্ডল অনেক চীৎকার করিল।' *বঙ্কিম*, ১৮৭৯।

চীৎকারধ্বনি [স] *বি* উচ্চ কণ্ঠস্বর। 'ডাঙা থেকে এক চীৎকারধ্বনি শোনা গেল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চীৎকারস্বর [স] *বি* উচ্চ শব্দ। 'যাহা হইয়া থাকে পৃথিবীতে তাহা চীৎকারস্বরে হইতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চীৎকারা [স চিৎকার] *ক্রি* চিৎকার করা। 'করে কেলি তাহে ভীষণ-মূরতি ভেক, চীৎকারী গম্ভীরে।' *মাইকেল*, ১৮৬১।

চীন[১] [স] ১ *বি* ভারতের উত্তরে অবস্থিত এশিয়া মহাদেশের সবচেয়ে বৃহৎ দেশ। 'হয় হিন্দুস্তানে হস্তী খোরাসানে/ বিড়াল চীন দেশে।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* চীন দেশের অধিবাসী। 'আর্যাক্ষেত্রের চতুষ্পার্শ্বে শক, খস ... চীন যবন প্রভৃতি।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ৩ *বি* চমরু নামক হরিণ। 'ডালপালাগুলো চীনের পায়ের মতো বিষম বাঁকাচোরা।' *অবন*, ১৯২৫।

চীনদেশীয় [স] *বিণ* চীন দেশের। 'যখন চীনদেশীয় পর্য্যটক হুয়েন্থ সাঙ এতদ্দেশে ভ্রমণে আগমন করিয়া ...।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

চীনবংশীয় [স] *বিণ* চীনাবংশের ভাষা থেকে জাত। 'সিকিম ভূটানের ভাষা চীনবংশীয়।' *প্রমথ*, ১৯২৫।

চীনবাস [স] *বি* চীনদেশীয় রেশমি বস্ত্রবিশেষ। 'তোমার ও চীনবাস ত্যাগ করিয়া আমি যে বসন দিই, তাই পর।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

চীনসমুদ্র [স] *বি* চীন সাগর। 'চীনসমুদ্রের মধ্যে আজিকার এই মনমাতানো কালবৈশাখী।' *বিভূতি*, ১৯২৯।

চীনাংশুক [স চীন-অংশুক] *বি* চীনে প্রস্তুত রেশমি কাপড়বিশেষ। 'চিত্ত হোক রাজোচিত, রুচি চীনাংশুকে।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

চীনাম্বরা [স চীন-অম্বরা] *বিণ স্ত্রী* রেশমি বস্ত্র পরিহিত। 'লম্বোদরা, চীনাম্বরা, বরাহবদনা বারাহী।' *বঙ্কিম*, ১৮৮৪।

চীনীয় [স] *বিণ* চীন দেশীয়। 'চীনীয়েরা দলে২ ঐ স্থানে রীতিমত

AMARBOI.COM

মেজ সমেত আসিয়াছিল।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

চীনে *বিণ* চীনের অধিবাসী। 'চীনে মিস্ত্রির সাহায্যে।' *রবীন্দ্র*, ১৯০২।

চীনে-ঘুড়ি *বি* চীন দেশে প্রচলিত ঘুড়ি। 'চীনে-ঘুড়ির সে যে বর্ণনা করত।' *প্রমথ*, ১৯৩১।

চীনেবাদাম দ্র চিনে

চীনের খেলনা *বি* চীন দেশে তৈরি খেলনা। 'শঙ্খের জিনিস চীনের-খেলনা প্রভৃতি সাজানো ছিল।' *রবীন্দ্র*, ১৯০২।

চীনের প্রাচীর *বি* চীনে অবস্থিত সুউচ্চ ও সুদীর্ঘ প্রাচীর। 'বিধি-নিষেধের চীনের প্রাচীরে অসীম দুঃসাহসে/ দু-হাতে চালাল হাতুড়ি শাবল।' *নজরুল*, ১৯২৯।

চীন[২] [স চীনাংশুক] *বি* বস্ত্রবিশেষ। 'কটি দেখি ক্ষীণ কসে পড়ে চীন।' *ভারত*, ১৭৬০।

চীনা [স চীন>] *বি* একপ্রকার শস্য ও তার ঘাসজাতীয় গাছ। 'আরও ফুটিক ডলক দিলে চীনার ভাত খাই।' *জসীম*, ১৯২৯।

চীনা ঘাস [চীনা+স ঘাস] *বি* ক্ষুদের মতো শস্য হয় এমন ঘাসবিশেষ। 'চীনা ঘাসের দানা।' *বিভূতি*, ১৯৩৮।

চীনা জবা [চীনা+স জবা] *বি* ফুলবিশেষ। 'পাতাবাহার ও চীনা জবার ঝোপটা।' *বিভূতি*, ১৯৩১।

চীনাপট্টি [চীনা+স পট্টন] *বি* চীনের অধিবাসী অধ্যুষিত এলাকা। 'কলকাতার চীনাপট্টিতে পা দিলেও ...।' *জাময়াত*, ১৯৩৭।

চীনাবাদাম *বি* চিনেবাদাম। **চীনাবাদামওয়ালা** *বি* চীনাবাদাম বিক্রেতা। 'একটি চীনাবাদামওয়ালা প্রায়ান্ধকারে কর্তব্যচক্রে ঘুরে গেলো।' *মান্নান*, ১৯৬৮।

চীনাভাষাভিজ্ঞ [চীনা+স ভাষা-অভিজ্ঞ] *বিণ* চীনা ভাষায় পারদর্শী। 'চীনাভাষাভিজ্ঞ পণ্ডিত এদেশে দেখিতে পাওয়া যায় না।' *অক্ষয়*, ১৮৪৯।

চীনাম্যান, চীনেম্যান [চীনা+ইংম্যান] *বি* চীন দেশের মানুষ। 'ইহুদি, পার্শি, মোগল, চীনেম্যান, মদ্রাজী, সব জাত এক সঙ্গে গান বাজনা আহারাদি করবে।' *গিরিশ*, ১৮৮৬; 'অবশেষে একজন চীনাম্যান ভিড় ঠেলে ঢুকে পড়তেই গোবর্ধন সবিস্ময়ে চেঁচিয়ে উঠেছে।' *শিবরাম*, ১৯৪০।

চীনীয় দ্র চীন

চীনেজোঁক [স শীর্ণ>+স জলৌকা] *বি* ছোটো আকারের জোঁক। 'মেজবানী দাও বলে তারে ধরবে চীনেজোঁকে।' *জসীম*, ১৯২৯।

চীনেম্যান দ্র চীনা

চীপ হুইপ [ই] *বি* সংসদে দলীয় শৃঙ্খলা, উপস্থিতি প্রভৃতির দায়িত্বপ্রাপ্ত প্রধান নেতা। 'উনিই চীপ হুইপ।' *মনসুর*, ১৯৪৫।

চীফ [ই] *বি* নেতা বা শাসক। 'দিল্লির নেড়ে চীফ।' *হুতোম*, ১৮৬১।

চীফ ইনসপেক্টর [ই] *বি* প্রধান পরিদর্শক। 'প্রাইমারী চীফ ইনসপেক্টর খান বাহাদুর ...।' *মাহেনও*, ১৯৪৯।

চীবর [স] *বি* বৌদ্ধ ভিক্ষুদের পরিধেয় বস্ত্রখণ্ডবিশেষ। 'ফিরেছি ধনীর দ্বারে অপলাপী চীবরে সজ্জিত।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

চীর[১] [স] ১ *বিণ* ছিন্ন। 'ছাড়াইবোঁ তার ক্ষীর কাঞ্চুলী করিবোঁ চীর।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* বিদীর্ণ। 'প্রাণ যেহ্ন ফুটি জাএ বুক মেলে চীর।' *বড়ু*, ১৪৫০। ৩ *বি* বস্ত্র। 'না বান্ধে চিকুর না পরে চীর।' *দ্বিজচণ্ডী*, ১৬০০। ৪ *বি* গাছের ছাল। 'চীর ও কৃষ্ণাজিন পরিহিত।' *বিভূতি*, ১৯৩১।

চীরখণ্ড [স] *বি* কাপড়ের ফালি। 'মলিন পরিত্যক্ত চীরখণ্ড দেখিয়া তাঁহার চক্ষু হলছল করিয়া আসিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

চীরধারী [স] *বিণ* ছিন্নবস্ত্র পরিহিত। 'ভূমিতলে চীরধারী মলিন পুরুষ।' *রবীন্দ্র*, ১৮৯২।

চীর[২] [স চীর>] *বি* কৃমি। *মানোএল*, ১৭৪৩।

চীরা [স চীর] *বি* কাপড়। 'নরঅ নারী মঝে উভিল চীরা।' *চর্যা ৪*, ১২০০।

চীরি [স চীর] *বি* বসন। 'উত্তম কাজিম চীরি।' *আলাওল*, ১৬৮০।

চীর্ণ [স] *বিণ* খণ্ড-বিখণ্ড। 'সংসারের নির্বোধ সংঘাতে চীর্ণ, দীর্ণ হৃদয় আমার।' *সুধীন্দ্র*, ১৯৩১।

চীল [স চিল্লা] *বি* বাজ জাতীয় পাখিবিশেষ। 'কেহ বলে থেকে থেকে পড়ে যেন চীল।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চীল্লানী [স চিল্ল>] *বি* চিৎকার। 'চীল্লানী আর মারামারি, ধড়ে কি আর পরাণ থাকতো?' *মাহেনও*, ১৯৪৯।

চীহড় *বি* বুনো ফলবিশেষ। 'চীহড় ফলের গাছ।' *বিভূতি*, ১৯৩৮।

চুআ, চুআঁ [স চুা>] *বি* সুগন্ধিবিশেষ। 'অশোক কিংশুক চুআঁ চিতা থুথী বড়ু, ১৪৫০; 'কুসুম চন্দন চুআ করিআ ভূষিত।' *মুকুন্দ*, ১৬০০।

চুআনো [স সু>] *ক্রি* চুইয়ে পড়া। 'নিরবধি ঘর্ম তার শ্রীঅঙ্গে চুআয়।' *মানিকরাম*, ১৭৮১।

চুইংগাম [ই] *বি* স্বাদ ও সুগন্ধ মেশানো রাবারের খণ্ডের মতো বস্তু, যা অনেক ক্ষণ ধরে চিবানো যায়। 'তাই চুইংগাম, মামার পায়ে লাগিয়ে তাকে আটকে রাখতে চাও?' *শিবরাম*, ১৯৫০।

চুঁ ধরা *ক্রি* বিশেষ বুলি আওড়ানো। 'কবাটি খেলার চুঁ ধরার সুরে গেয়ে যাচ্ছেন।' *নজরুল*, ১৯২৭।

চুঁয়ানো [স চ্যু>] *ক্রি* ফোঁটা ফোঁটা করে ঝরা। 'এক-এক জায়গায় জল চুঁইয়া পড়িতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চুক [হি] *বি* ত্রুটি। 'সপক্ষতা ও পক্ষপাতের নিমিত্তে কোন চুক অসঙ্গত নহে।' *তারিণী*, ১৮০৩।

চুকচুক [ধ্বন্যা] ১ *বি* চকচকে ভাব। 'বীচিগুলো তেল চুকচুক কচ্ছে।' *বিভূতি*, ১৯২৯। ২ *বি* জিভ দিয়ে ধীরে ধীরে তরল পদার্থ পান করার কোমল শব্দ। 'এই চুকচুক শব্দটিও নিস্তব্ধ রাত্রে কানে বড় মিঠে লাগত।' *রশীদ*, ১৯৬৩।

চুকলি, চুকলী [ফা চুগল>] *বি* আড়ালে নিন্দা করা। 'চুকলী।' *ভবানী*, ১৮২৩; 'নিশ্চয়ই কেউ চুকলি করেছে।' *মণীশ*, ১৯৫৭।

চুকলি কাটা *বি* ভাঙানি দেওয়া; নিন্দা করা। 'তা এখন আমার নামে চুকলি না কাটলে চলবে কেন।' *মাইকেল*, ১৮৬১।

চুকলিখোর [ফা] *বিণ* আড়ালে অপবাদকারী। *বিদ্যা*, ১৮৯১।

চুকলিহু [তু চুগল] *বিণ* পরোক্ষে নিন্দা করা হয় এমন। 'ন মোঁয় কবহু তুঅ অনুগতি চুকলিহু বচন ন বোলল মন্দা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চুকুলি [তু চুগল>] *বি* আড়ালে নিন্দা বা অপবাদ। 'আকুলি বিকুলি

AMARBOI.COM

কত চুকুলির লাগি।' *গুপ্ত*, ১৮৫৮।

চুকনো *ক্রি* পাওনা চুকিয়ে দেওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

চুকা[১], **চুকানো** [হি চুক>] **১** *ক্রি* শেষ করা। 'দধি দুধে সজাইআঁ চুকে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* সমাপ্ত করা। 'বচন চুকিলিহু সখিহি সমাজে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *ক্রি* দাম মেটানো। *ওসাঁ*, ১৭৮৫। **৪** *ক্রি* মিটিয়ে ফেলা। 'আমি এখন যাই, বাকি জুকি এই সময় চুকাই গে।' *রামনারায়ণ*, ১৮৫৪। **৫** *ক্রি* দূর হওয়া। 'আমায় বাঁধিয়ে দিন, আপদ চুকে যাগ।' *গিরিশ*, ১৮৮৯। **৬** *ক্রি* পরিশোধ করা। 'ডাক্তার এলে ভিজিট চুকিয়ে।' *শামসুর*, ১৯৬৬। **চুকতে** *ক্রি* শেষ করতে। 'বাবু উপরে এলেন ... সেকহ্যাণ্ড, গুড ইভনীং ও নমস্কারের ভিড় চুকতে আদ ঘণ্টা লাগলো।' *হুতোম*, ১৮৬১। **চুকাই** *ক্রি* মিটিয়ে ফেলি। 'আমি এখন যাই, বাকি জুকি এই সময় চুকাই গে।' *রামনারায়ণ*, ১৮৫৪। **চুকাইয়া** *ক্রি* মিটিয়ে দিয়ে। 'দরদস্তুত চুকাইয়া সওদাপত্র পিখিয়া ... লইয়াছিলাম।' ওসাঁ, ১৭৮২। **চুকিলিহু** *ক্রি* সমাপ্ত করলাম। 'বচন চুকিলিহু সখিহি সমাজে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চুকাবুকা *ক্রি* মিটানো। 'চিরকালের মতো চুকেবুকে যায় তেমন নয়।' *রবীন্দ্র*, ১৯০৯।

চুকেবুকে যাওয়া *ক্রি* নিষ্পত্তি হওয়া। 'সব কিছু চুকেবুকে গেলে তার আপন দেশ ...।' *মুজতবা*, ১৯৬০।

চুকিয়ে দেওয়া **১** *ক্রি* নিঃশেষে সমর্পণ করা। 'তোমার হাতে আপনারে শেষ করে আজ চুকিয়ে দেব একেবারে।' *রবীন্দ্র*, ১৯১৯। **২** *ক্রি* শোধ করা। 'মৌলবী সাহেবকে বল, আমার বাপ এলে সব চুকিয়ে দেব।' *শওকত*, ১৯৫৮।

চুকে যাওয়া **১** *ক্রি* মিটে যাওয়া। 'এখন ইন্দুর এই গোলটা চুকে গেলেই বাঁচা যায়।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *ক্রি* শেষ হওয়া। 'আমার এ নাম যাক না চুকে।' *রবীন্দ্র*, ১৯১০।

চুকা[২] [স চুক্র] *বিণ* স্বাদু। *মানোএল*, ১৭৪৩।

চুকু চুকু চুকু [ধ্বন্যা] *ক্রিবিণ* অবিরাম চুকু শব্দ ক'রে। 'চুকু চুকু চুকু চুষ্য চুষিয়া।' *ভারত*, ১৭৬০।

চুকুম [ধ্বন্যা] *বি* চুলুনি। 'আগা নায়ে মন-মনুরায় বসে বসে চুকুম খেলায়।' *লালন*, ১৮৯০।

চুকুমবুদাই *বি* মুখচোরা ও ক্ষণে ক্ষণে চটে যায় এমন স্বভাবের লোক। 'এক চুকুমবুদাই অর্থাৎ এদিকে মুখচোরা ওদিক চটে যায় ক্ষণে ক্ষণে, এসেছে কলকাতায়।' *মুজতবা*, ১৯৫২।

চুকুলি *দ্র* **চুকলি**

চুক্তি [হি চুকতী] **১** *বি* মীমাংসা; সম্মতিনামা। 'থান চুক্তির সময় তাতি সাক্ষাতে থাকীয়া চুক্তি করিবেক।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *বি* শর্ত; অঙ্গীকার। 'তুমি চুক্তি ভঙ্গ করিয়াছ।' *বঙ্কিম*, ১৮৭৫; 'এ চুক্তি ভাঙ্গিলে ...।' *রবীন্দ্র*, ১৮৮৮। 'আমার এত বড়ো একটা চুক্তির কথা আমি ভুলিনি ভাই।' *নজরুল*, ১৯২৭।

চুক্তিনামা [হি চুকতী+ফা নামাহ্] *বি* শর্তযুক্ত দলিল। '১০টি শর্তে ইহাদের মধ্যে চুক্তিনামা স্বাক্ষরিত হইয়াছে।' *জামায়াত*, ১৯৩৭।

চুক্তিপত্র [স] *বি* শর্তযুক্ত দলিল। 'থাতিয়েকান্ত চুক্তিপত্র আর চেকপত্র দুয়ের বিনিময়েই দুখানা হ্যান্ডনোট লিখে দ্যান।' *শিবরাম*, ১৯৫০।

চুক্তিবদ্ধা [স] *বিণ* স্ত্রী চুক্তি করেছে এমন। 'তার সঙ্গে চুক্তিবদ্ধা সন্তান-উৎপাদন করবে বলে।' *আলাউদ্দিন*, ১৯৬০।

চুগলি [তু চুগল>] *বি* পিছনে নিন্দা। 'পুরুষ ছেলে দেশের নামে চুগলি খেয়ে ভরায় উদর।' *নজরুল*, ১৯২২।

চুঙা [হি চোঙ্গা] *বি* নলাকৃতি পাত্র। 'নাপিতের ষোল চুঙা বুদ্ধি!' *জসীম*, ১৯৬০।

চুঙ্গল *বি* ধারালো তীক্ষ্ণ নখ। 'পায়ে চুঙ্গল এবং মাথায় শিং দেখেছ।' *নজরুল*, ১৯২৮।

চুঙ্গি, চুঙ্গী [হি চোঙ্গা] *বি* ছোটো নল। 'পিস্তল ও দুই চুঙ্গীর বন্দুক।' *দর্পণ*, ১৮৩৬; 'আদ আঙ্গুল চুঙ্গিতে আট আঙ্গুল বারুদ পুরিলে কাযেই ফাটে।' *দীনবন্ধু*, ১৮৬০।

চুঙ্গিওয়ালা [হি] *বি* শুল্ক কর্মকর্তা। 'চুঙ্গিওয়ালা বলবে, নিশ্চয়।' *মুজতবা*, ১৯৫৮।

চুঙ্গিঘর *বি* মাল আমদানির উপর ধার্য নগর-করের কার্যালয়। 'চুঙ্গিঘর কথাটা বাংলা ভাষাতে কখনও খুব বেশি চালু ছিল না।' *মুজতবা*, ১৯৫৮।

চুচি [হি চুচী] *বি* স্তন। 'সে সব নারীর চুল চুচিত বান্ধিয়া গিরির উপরে সব রাখিছে টাঙ্গিয়া।' *সুলতান*, ১৭০০।

চুচুক [স] *বি* স্তনবৃন্ত। 'সহকার পল্লব চুচুক দেব।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চুচুড়া [স চঞ্চু] *বি* ঘাসবিশেষ। 'বরাটা চুচুড়া মুথা আমার ভক্ষণ।' *মুকুন্দ*, ১৬০০।

চুচুরে *বিণ* নেশাগ্রস্ত। 'চুচুরে হয়ে মদে, এলোচুলে কোমর বেঁধে।' *গিরিশ*, ১৮৮৩।

চুচ্চি [হি চুচী] *বি* চুচুক। *মানোএল*, ১৭৪৩।

চুটকি, চুটকী [স ছোটকা] **১** *বি* পায়ের আঙুলে ব্যবহৃত আংটিবিশেষ। 'অনট চুটকী দরুণ সহস্ররাম বিদ্যানিধি ...।' *চিঠিপত্রে*, ১৭৪৭; 'পদাঙ্গুলে আছে চুটকী ছাল্লাতে মিশায়ে।' *ভবানী*, ১৮২৫; 'তোমার শ্রীচরণে চুটকি হয়ে পড়ে আছি।' *দীনবন্ধু*, ১৮৭২। **২** *বি* মুচকি। 'চুটকি হাসি এবং খুচরো কথা।' *রবীন্দ্র*, ১৯০৭। **৩** *বি* লঘু চটুল ছোটো ও রসালো রচনা বা কথা। 'আর্যযুগেও চুটকি কাব্যাচার্যদিগের নিকট অতি উপাদেয়।' *প্রমথ*, ১৯১৫। **৪** *বি* চটুল রসিকতা। 'এই চট করে যাহা বলে ফেলা যায় চুটকি তাহারে কয়।' *সত্যেন্দ্র*, ১৯১৭। **৫** *বিণ* মূল্যহীন। 'চুটকি কথা দিয়ে আমাদের ভোলাতে পারবেন না সাহেব।' *পাশা*, ১৯৭১।

চুটকিত্ব *বি* ছোটো ও চটুল রসের ভাব। 'কাব্যের চুটকিত্ব তার আকারের উপর নয়।' *প্রমথ*, ১৯১৫।

চুটকিলা [হি চুটকুলা] *বিণ* চটুল রসিকতাপূর্ণ। 'নানা রকমের গল্প বলে যেতে লাগলেন – প্রধানত শঙ্কর রামানুজের জীবনের চুটকিলা ঘটনা নিয়ে।' *মুজতবা*, ১৯৫২।

চুটখিলা [হি চুটকুলা] *বি* (সংগীত) তালবিশেষ। 'রাগিণী গৌরী। চুটখিলা।' *বড়ু*, ১৫৭০।

চুটা *ক্রি* সমস্ত শক্তি প্রয়োগ করা। 'বন্ধু হাসিছ চুটে।' *নজরুল*, ১৯২৫।

চুটীয়া *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'আসামে চুটীয়া নামে একটি জাতি আছে।' *বঙ্কিম*, ১৮৯২।

চুড়া [স চূড়া] **১** *বি* ঝুঁটি। 'ময়ূর পুচ্ছে বান্ধিআঁ চুড়া।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* শীর্ষ; সর্বোচ্চ জায়গা। *ওসাঁ*, ১৭৮৫।

চুড়ামনি [স চূড়ামণি] *বিণ* শ্রেষ্ঠ ব্যক্তি। 'বৃন্দাবনে বিহারে গোপাল চুড়ামনি।' *মালাধর*, ১৫০০।

AMARBOI.COM

চুড়ি, চুড়ী [হি চুড়ী] *বি* হাতের অলংকার বিশেষ। 'বাহুতে কনক চুড়ী।' *বড়ু*, ১৪৫০; 'পুর মধ্যে বইসে নড়ি নানা বর্ণে গড়ে চুড়ি জৌ দিয়া করয়ে গঠন।' *মুকুন্দ*, ১৬০০।

চুড়িওলা [হি চুড়ীওয়ালা] *বি* চুড়ি বিক্রেতা। 'আসবে কখন চুড়িওলা।' *রবীন্দ্র*, ১৯০৬।

চুড়িদার [স চুড়ী+ফা দার] *বিণ* চুড়ির মতো কোঁচকানো ও সরু নিম্নভাগবিশিষ্ট। 'লক্ষ্ণৌ ফ্যাসানে (বাইয়ের ভেড়ুয়ার মত) চুড়িদার পায়জামা, রামভামা ... মনোমত পোসাক।' *হুতোম*, ১৮৬১।

চুড়িলী [হি চুড়ৈল] *বি* পিশাচী। 'তহিঁ চুড়িলী মাতঙ্গি পোইআ লীলে পার করেহ।' *চর্যা* ১৪, ১২০০।

চুড়ো [স চূড়া] *বি* সর্বোচ্চ অগ্রভাগ। *ওসাঁ*, ১৭৮৫।

চুড়োবাঁধা *বিণ* ঝুঁটি-বাঁধা। 'খুকী উৎসাহের সঙ্গে বলে – চুড়োবাঁধা একমিনসে।' *বিভূতি*, ১৯২৯।

চুণ [স চূর্ণ] *বি* চুন। 'চুণ বিহনে জেন তাম্বুল তিতা।' *বড়ু*, ১৫৭০।

চুণা [স চূর্ণ] *বি* চুন। 'কেহ সুধা চুণা ভক্ষে।' *আলাওল*, ১৬৮০।

চুতমারানি, চুতমারানী [হি চুত>] *বি* (অশ্লীল গালি) যত্রতত্র যৌনসঙ্গম করে এমন স্ত্রীলোক। 'চুতমারানির ব্যাটারা।' *সুনীল*, ১৯৭০; 'আব্বে চুতমারানী, এহেনে খাড়াইয়া কিয়ের রং দ্যাহো?' *ইলিয়াস*, ১৯৭২।

চুতা [স যুক্ত>] *বি* জুতা। *মানোএল*, ১৭৪৩।

চুৎরা [স চ্যুতি] *বি* বিছুটি পাতা। 'সাহেবজাদীর নামে যেন তার গায় কে চুৎরার বাড়ি মারে।' *মনসুর*, ১৯৫৫।

চুন [স চূর্ণ] ১ *বি* ঝিনুক, শামুক ইত্যাদি পুড়িয়ে তৈরি করা ক্ষার। 'কার পান চুন নাহি খাও।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* ইট গাঁথার কাজে ব্যবহৃত উপকরণবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫। ৩ *বিণ* বিবর্ণ। 'বুক ফাটলেও কভু তারা মুখটি করে চুন।' *নজরুল*, ১৯৩৯।

চুনকাম [স চূর্ণ+স কর্ম>] *বি* গোলানো চুনের প্রলেপ। *ওসাঁ*, ১৭৮২; 'চুনকাম করে নিয়েছে সে।' *জীবন*, ১৯৩২।

চুনকাম-করা *বিণ* গোলানো চুনের প্রলেপযুক্ত। 'চুনকাম-করা দেয়ালগুলি শুধু শুভ্রই নয়, শূন্যও।' *নরেন্দ্র*, ১৯৪৩।

চুনকামকারক [চুনকাম+স কারক] *বি* চুনকামকারী। 'শোভান্বিত চক চিনার ভাস্করেরা তাহার চুনকামকারক।' *রামরাম*, ১৮০১।

চুনকালি, চুনকালী [চুন+কালি] *বি* চুন ও কালি। 'জারুয়া বলিয়া গালি মুখে জেন চুনকালী।' *মুকুন্দ*, ১৬০০; 'গালে দেখে চুনকালি বদনে মাহুর।' *রূপরাম*, ১৭৫০।

চুনখড়ি [চুন+স খটিকা] *বি* দাগ। 'শোখ হয়েছে এই মেয়েটার, শরীরে চুনখড়ি নেই।' *জীবন*, ১৯৪৮।

চুন-বালি [চুন+বালি] *বি* চুন ও বালি; নির্মাণ সামগ্রী। 'চুন-বালি মাখা আননে।' *নজরুল*, ১৯৩০।

চুনবালি-ঝরা *বিণ* পলেস্তারা উঠে গেছে এমন। 'দুপাশে চুনবালি-ঝরা দেয়াল।' *নরেন্দ্র*, ১৯৪৮।

চুনরেখ [চুন+স রেখা] *বিণ* (চুনের রেখার মতো) সাদা ও সরু। 'ভ্রূহি চুনরেখ যেহ্ন দেখি।' *বড়ু*, ১৪৫০।

চুন-সুরকি [চুন+ফা সুড়খী] *বি* ইটের কাজে ব্যবহৃত উপকরণ। 'ইট-কাঠ চুন-সুরকির প্যাটার্ন দেখিয়ে আমাদের এবং নিজেদের ভোলাতে আনন্দ বোধ করেন।' *রবীন্দ্র*, ১৯৩৬; 'চুন-সুরকি ঢাকা সাজানো ইটের স্তূপ।' *মানিক*, ১৯৩৭।

চুনের গোলা *বি* চুনের আড়ত। 'হরেক রকম সওদাগরি আছে বেলেঘাটায় চুনের গোলা।' *ভবানী*, ১৮২৫।

চুনের পাথর *বি* চুনাপাথর। 'শ্বেত প্রস্তর কয়লা ও চুনের পাথর।' *দর্পণ*, ১৮২৬।

চুনট [স চূর্ণপট] *বি* কুঞ্চন। '*রবীন্দ্র*, ১৯২৯।

চুনট-করা *বিণ* কুঞ্চিত। 'পরনে চুনট-করা ফুরফুরে মসলিনের জামা।' *রবীন্দ্র*, ১৯২৯।

চুনটদার [স চূর্ণপট+ফা দার] *বিণ* কাপড়, জামা প্রভৃতির হাতা বা কিনারা কুঞ্চিত এমন। 'অভিনেতারা বৃহৎ চুনটদার জামাকাপড় পরে।' *মুজতবা*, ১৯৫৯।

চুনরি ১ *বি* বাঙালি হিন্দু পদবি বিশেষ। 'লোচনরাম চুনরি।' *সেবধি*, ১৮৪০। ২ *বি* রঙিন কাপড়। 'পরায় তাকে আপন হাওয়ার চুনরি।' *রবীন্দ্র*, ১৯৩৬।

চুনরিয়া *বি* রঙিন কাপড়ের পোশাক। 'পরো মেঘ-নীল শাড়ি ধানি-রঙের চুনরিয়া।' *নজরুল*, ১৯৩২।

চুনা [স চূর্ণ>] *বি* খুব ছোটো মাছ। 'বাজারে বিক্রয় হয় চুনা বহুতর।' *ভণ্ড*, ১৮৫৮।

চুনাগলি [চুনা+হি গলী] *বি* সংকীর্ণ গলি। 'চুনাগলি অধিবাস খোলার আলয়/ তাহাতেই কতরূপ আড়ম্বর হয়।' *ভণ্ড*, ১৮৫৮।

চুনাপাথর [চুনা+স প্রস্তর] *বি* প্রাকৃতিক পাথরবিশেষ; লাইমস্টোন। 'চুনাপাথর ও গ্রানাইটের ছোট বড় পাহাড়।' *বিভূতি*, ১৯৩৭।

চুনা পুঁটি *বি* ছোটো পুঁটিমাছবিশেষ; গুরুত্বহীন লোক। 'চুনা পুঁটিরা কিছু চপল প্রকৃতির।' *প্রভাত*, ১৮৯৬।

চুনোপুঁটি [চুনা+পুঁটি] *বি* ছোটো মাছবিশেষ। 'নদীতে বেউতিজাল পাতা থাকে ... চুনো পুঁটিও এড়ায় না।' *হুতোম*, ১৮৬১।

চুনাপোকা [চুনা+স পুত্তিকা] *বি* গুয়োপোকা; যে পোকা রেশমগুটি থেকে বের হয়। *ওসাঁ*, ১৭৮৫।

চুনারি [স চূর্ণকারী] *বি* চুন তৈরি করা যাদের পেশা। 'চৌদুলি চুনারি মাঝি কোরঙ্গা দেবায় বাজি।' *মুকুন্দ*, ১৬০০।

চুনি [হি চুন্নী] *বি* লাল রঙের মূল্যবান পাথরবিশেষ; রুবি। 'সার চুনি চুনি হার জে গাঁথল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চুনিন্দা [ফা চীনীদা] *বিণ* বাছাই-করা। 'চুনিন্দা সেফাই আর যতেক সরদার।' *গরীব*, ১৭৬৫।

চুনি বিল্লু, চুনীবিল্লি [চোরনী+হি বিল্লী] *বি* চুরি করে ধরা-পড়া অসহায় বিড়াল। 'মতলব পাকিয়ে চুনি বিল্লু'র মতো চুপসে বসেছিলেন।' *নজরুল*, ১৯২৭; 'চুনীবিল্লির মতো মুখ করে সকলে বেরিয়ে গেল।' *নজরুল*, ১৯৩০।

চুনুরি [স চূর্ণ>] *বিণ* রঙিন। 'তোমার যে চুনুরি শাড়ীতে বড় সাধ মা।' *দীনবন্ধু*, ১৮৬০।

চুনো [স চূর্ণ>] *বিণ* চুনের। 'চুনো গন্ধ আসে রক্তের ভেতর থেকে।' *জীবন*, ১৯৪৮।

চুনোট [স চূর্ণপট] *বি* কাপড়ের কিনারা, জামার হাতা প্রভৃতির কুঞ্চন। 'চমৎকার চুনোট-করা গেরুয়া কাপড়ে ...।' *অবন*, ১৯২৭।

চুপ [স] *বিণ* নীরব। 'রূপ দেখ্যা মদন কোকিল করে চুপ।' *রূপরাম*, ১৭৫০।

AMARBOI.COM

চুপ কথা [স] *বি* নীরব বাণী। 'পথ ভুলে যাই দূর পারে সেই চুপকথার।' *রবীন্দ্র*, ১৯৩৩।

চুপ করন *বি* চুপ করা। *ওসঁা*, ১৭৮৫।

চুপ করা *ক্রি* কথা না বলা। 'নির্ঝরের ধারে ঝোপের আড়ালে চুপ করিয়া বসিয়া থাকে।' *মদনমোহন*, ১৮৫০।

চুপকার [স] *বি* চুপ করে আছে যে। 'রূপকারের কাজের চেয়ে চুপকারের কাজ অনেক ভালো।' *রবীন্দ্র*, ১৯২৯।

চুপখানা [স চুপ+ফা খানাহ্] *বি* খাস কামরা। *মানোএল*, ১৭৪৩।

চুপ চাপ ১ *বিণ* নীরব। 'বে বাড়ী সব চুপ চাপ দেখতেছি।' *উমেশ*, ১৮৫৭। **২** *বিণ* নিস্তব্ধ। 'চুপচাপ চারি দিক।' *রবীন্দ্র*, ১৯৩৬। **৩** *বিণ* অল্প কথা বলে এমন; মৃদুভাষী। 'খুব নিরীহ শান্ত প্রকৃতির চুপচাপ মানুষ।' *মানিক*, ১৯৪০।

চুপচাপ ক'রে *ক্রিবিণ* নীরবে। 'আমার সেই কাল্পনিক সঙ্গীটি অগত্যা চুপচাপ করে শুনে যাচ্ছিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

চুপ মেরে থাকা *ক্রি* মৌন থাকা। 'তেমনি একটা কথা বলিয়া চুপ মারিয়া থাকেন।' *রবীন্দ্র*, ১৮৯৭।

চুপেচাপে *ক্রিবিণ* নীরবে। 'বাদ্যগুলো বন্ধ রেখে চুপেচাপেই চললি।' *রবীন্দ্র*, ১৯০৫।

চুপে চুপে ১ *ক্রিবিণ* চুপিসারে; গোপনে। 'চুপে চুপে আমি যত করি ঘোরঘার।' *ভবানী*, ১৮২৫। **২** *ক্রিবিণ* ফিসফিস ক'রে। 'কানের কাছে কে যেন চুপেচুপে বলিতেছিল।' *মনসুর*, ১৯৫৩।

চুপটি [স চুপ>] *বিণ* নীরব। **চুপটি ক'রে** *ক্রিবিণ* নীরবে। 'বলব, তুমি চুপটি ক'রে পড়ো।' *রবীন্দ্র*, ১৯০৩।

চুপড়ি, চুপড়ী, চুপুড়ি, চুপুড়ী [হি ছবড়া] *বি* ক্ষুদ্র ঝুড়ি; বাঁশ নির্মিত পাত্রবিশেষ। 'চলিতেই না পারে কাখে চুপড়ী করিআঁ।' *বড়ু*, ১৪৫০; 'চুপড়ি করিয়া বাঁস বনেতে পেলাএ।' *মালাধর*, ১৫০৫; কেহো সিকাএ কেহো চুপুড়ি নিল কোলে।' *মালাধর*, ১৫০০।

চুপনি ঘরা [স চুপ+স ঘট>] *বি* (নীরব প্রকোষ্ঠ অর্থে) পাকস্থলী। 'এখন চুপনি ঘরা চুলকাইছে।' *লালন*, ১৮৯০।

চুপশানো *ক্রি* সংকুচিত হওয়া। 'মাহমুদ ভয়ে চুপশে গেলো আরো।' *মান্নান*, ১৯৬৮।

চুপসা *ক্রি* শুষে নেওয়া। **চুপসে তোলা** *ক্রি* শুষে নেওয়া। 'যেন মোটা মোটা ব্লটিং প্যাড দিয়ে একেবারে চুপসে তুলে নিয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চুপসে যাওয়া ১ *ক্রি* শুকিয়ে যাওয়া। 'ভিতরে যা ছিল সব চুপসে, ওর নাম কি, শুকিয়ে গেল।' *রবীন্দ্র*, ১৮৯৬। **২** *ক্রি* সঙ্কুচিত হওয়া। 'নর্তন তো চুপসে গেছে।' *মণীশ*, ১৯৬৩।

চুপি [স চুপ্>] *ক্রিবিণ* চুপিসারে। 'ও চুপি কী বলে গেল।' *রবীন্দ্র*, ১৯১৭।

চুপিচাপি [স চুপ্>] **১** *বিণ* শান্ত স্বভাবযুক্ত। 'নিতান্তই চুপিচাপি মাটির মানুষ।' *রবীন্দ্র*, ১৮৯০। **২** *ক্রিবিণ* নীরবে। 'ভাবলুম ফিরে গিয়ে চুপিচুপি তার কমল স্বস্থানে রেখে আমারটি নিয়ে আসি।' *রবীন্দ্র*, ১৮৯১।

চুপিচুপি [স চুপ্>] **১** *ক্রিবিণ* অপরের অজ্ঞাতসারে; নীরবে। 'অনঙ্গের পিসি তার সঙ্গে চুপি চুপি।' *ভবানী*, ১৮২৫; 'চুপিচুপি প্রাণের প্রথম জানাশোনা।' *রবীন্দ্র*, ১৮৯০। **২** *বিণ* গোপন। 'শুনি যেন কাহাদের চুপিচুপি কথা।' *রবীন্দ্র*, ১৮৮৯।

চুপিসারে [স চুপ্>] **১** *ক্রিবিণ* নীরবে। 'মানুষকে চুপিসারে এত ডাকে।' *জীবন*, ১৯৩১। **২** *ক্রিবিণ* গোপনে। 'অন্ধকারে চুপিসারে তাহারেই খুঁজে খুঁজে মরি।' *মাহেনও*, ১৯৪৯।

চুবক [স চ্যুত>] *বি* চুয়া; সুগন্ধি দ্রব্যবিশেষ। 'চুবক লইয়ে ফুকরি কহয়ে।' *চণ্ডী*, ১৫৫০।

চুবড়ি, চুবড়ী [হি ছবড়া] *বি* ছোটো ঝুড়ি। 'চুবড়ি মুলাইয়া হাটে বেচয়ে ফুল্লরা/ কৃষাণ জেন হাটে দেই মুলার পশারা।' *মুকুন্দ*, ১৬০০; 'আলিপনা সিন্দুর চুবড়ী গাঁথা ফোঁটা কাটা বুটা তোলা ...।' *গৌর*, ১৮২২।

চুবনি [হি চুভনা] *বি* পানিতে ডোবানো। 'চক্ষু রাঙ্গা ভরে পেট খাইয়া চুবনি।' *কেতকা*, ১৬৫০।

চুবানি [হি চুভনা] *বি* চুবনি। 'লালন তাতে খেলো চুবানি।' *লালন*, ১৮৯০।

চুবানো [হি চুভনা] *ক্রি* পানি বা অন্য তরলে ডোবানো। 'পানিতে চুবাইলে পাগলের পাগলামী সারে।' *জসীম*, ১৯৬৪।

চুবসানো *ক্রি* শুকিয়ে যাওয়া। 'রক্তের কৌটা দুটি ছড়াতে চুবসাতে আরম্ভ করবে।' *মুজতবা*, ১৯৬০।

চুবসে আসা *ক্রি* স্তিমিত হয়ে আসা। 'উৎসাহ ক্রমেই চুবসে আসছিল।' *মুজতবা*, ১৯৪৯।

চুবসে যাওয়া *ক্রি* সংকুচিত হওয়া। 'আগুনের কাছে ধরলে পর জামা চুবসে গিয়ে জবুথবু হয়।' *মুজতবা*, ১৯৪৯।

চুম [স চুম্ব] *বি* চুম্বন। 'বলে চুম যদি দিবে দশনের ঘাত।' *বড়ু*, ১৪৫০।

চুমকুড়ি [স চুম্বকৃতি] *বি* চুম্বনের মতো আওয়াজ। 'চুমু দিতে গেলে চুমকুড়ি দিয়ে কথং হসসি।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

চুমহারা [চুম+স হারা] *বিণ* চুম্বনহীন। 'চুমহারা ঠোঁট পানের পিকের হিঙুল রঙে রাঙবে না।' *নজরুল*, ১৯২৬।

চুমক [স চুম্ব>] *বি* চুমুক। 'চুমকের টানের মত তার মুখটা হঠাৎ আরো নিচে নেমে যায়।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

চুমকি, চুমকী [স চুম্ব>] *বি* সোনা রুপা ইত্যাদির উজ্জ্বল ছোটো ছোটো চাকতি পাত বা বুটি। 'চুমকি জড়িত চারু পীতাম্বরী চেলি।' *গুপ্ত*, ১৮৫৮; 'কাঁসারির দোকানে রাশীকৃত মধুপর্কের বাটী চুমকী ঘটী।' *হুতোম*, ১৮৬১।

চুমড়া *ক্রি* পাকানো; মোচড় দেওয়া। 'দাড়ি চুমড়ে মুচকি হেসে কেওয়ল সিং বললো।' *সুনীল*, ১৯৭০।

চুমরানো [স চুম্ব>] **১** *ক্রি* পাকানো। 'চুমরিয়ে দিল তার জুলফি।' *রবীন্দ্র*, ১৯৪১। **২** *ক্রি* ঠোঁটের ওপর ঠোঁট চেপে মুচকি হাসা। 'ঠোঁট চুমড়ে একটু হেসে ...।' *জীবন*, ১৯৪৮।

চুমা, চুমানো [স চুম্ব>] *ক্রি* চুমু খাওয়া। 'সেতাবি চুমিয়া মর্দ্দ লিলেক ত্বরিত।' *গরীব*, ১৭৬৫।

চুমা [স চুম্ব] **১** *বি* চুম্বন। 'দুই ভায়ের মস্তকে চুমা দিয়া ...।' *মশাররফ*, ১৮৮৫। **২** *ক্রি* স্বীকার করা। 'ব্যথা পথের পথিক তুমি/ চরণ চলে ব্যথা চুমি।' *রবীন্দ্র*, ১৯১৪।

চুমাওন [স চুম্বন] *বি* বরণ। 'করিয় চুমাওন রাএ বসন্ত।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চুমু [স চুম্ব>] *বি* স্পর্শ। 'ও লো হিমের চুমু হার মেনেছে এইটুকু

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আইবুড়িকে।' *নজরুল*, ১৯২৬।

চুমু-ভুকচানি *বি* প্রবল চুম্বনস্পৃহা। 'চুমু-ভুকচানি লাগে।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

চুমুক[১] [স চুষ>] *বি* ঠোঁট লাগিয়ে চোষণ। 'চুমুক জুড়িয়া প্রান লএত আমার।' *মালাধর*, ১৫০০।

চুমুক দেওয়া *ক্রি* পাত্রে ঠোঁট লাগিয়ে তরল পান করা। 'চুমুক দিতে।' *মানোএল*, ১৭৪৩।

চুমুক[২] *বি* জলবিন্দু। 'আসন ছাড়িআ পরভু বৈসেন চুমুক উপরে।' *রামাই*, ১৭১০।

চুমো [স চুষ>] *বি* চুম্বন। 'ঠাকুরঝিকে দেখেই অমনি ধরে ওর গালে একটা চুমো খেলেন।' *মাইকেল*, ১৮৬০। *দ্র* **চুমা, চুমু**

চুমো খাওয়া *ক্রি* চুম্বন করা। 'চুমো খেয়ে যায় কত বার।' *রবীন্দ্র*, ১৮৮৩।

চুমোচুমি ১ *বি* পরস্পর চুম্বন। 'কবে কোন মোহনায় তাদের চুমোচুমি হবে।' *নজরুল*, ১৯২২। **২** *বি* একে অন্যকে স্পর্শ। 'আকুল আকাশ আর উদাস মাঠে চুমোচুমি হয়েছে। *নজরুল*, ১৯২৭।

চুম্ব [স] *বি* চুমু। 'সরসহৃদয় করি দেহ চুম্ব কোল।' *বড়ু*, ১৪৫০।

চুম্বদান [স চুম্ব+স দান] *বি* চুমু দেওয়া। 'এবেঁ দেহ চুম্বদানে আর দেহ মধুপানে।' *বড়ু*, ১৪৫০।

চুম্বক [স] **১** *বিণ* সংক্ষিপ্ত। 'যে আয়িন নিরূপণ করেন তাহার চুম্বক তর্জমা এই।' *দর্পণ*, ১৮২৩। **২** *বি* লোহাকে আকর্ষণ করে এমন কঠিন পদার্থ। 'চুম্বক লৌহ আকর্ষণ করে।' *অক্ষয়*, ১৮৫৪।

চুম্বক ফর্দ [স চুম্বক+আ ফর্দ] *বি* সংক্ষিপ্ত তালিকা। 'সকালবেলা একখানা হিসাবের চুম্বক ফর্দ লইয়া ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

চুম্বকশক্তি [স] *বি* চুম্বকত্ব। 'চুম্বকশক্তি বিদ্যুৎ তাপ ও আলোককে বিভিন্ন শক্তি বলিয়া মনে করিতাম।' *জগদীশ*, ১৮৯৫।

চুম্বকশলা [স চুম্বক+স শলাকা] *বি* চুম্বকের তৈরি কাঁটা। 'বিনয়ের মন বৈদ্যুতচঞ্চল চুম্বকশলার মতো স্পন্দিত হইতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৯।

চুম্বক-শলাকা [স] *বি* চুম্বকের তৈরি দিক-নির্ণায়ক শলা; কম্পাস। 'একটা চুম্বক-শলাকা সঙ্গে থাকিলে, কি অকূল সমুদ্রে, কি নিবিড় অরণ্যে, সকল স্থানেই দিক নিরূপণ করা যায়।' *অক্ষয়*, ১৮৫৪।

চুম্বকশৈল [স চুম্বক+স শৈল] *বি* চুম্বকের মতো লোহা আকর্ষণকারী পাহাড়। 'চুম্বকশৈলের আকর্ষণে দূর হইতে ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

চুম্বকের কাঁটা *বি* চুম্বক-শলাকা। 'বিদ্যুৎপ্রোত বহিয়া চুম্বকের কাঁটা নাড়িয়া দেয়।' *জগদীশ*, ১৮৯৫।

চুম্বন [স] **১** *বি* চুমু। 'আতি নেহেঁ করিআঁ চুম্বনে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* স্পর্শ। 'কেশকলাপ ঈষৎ দুলিয়া দুলিয়া গোলাপীগণ্ড চুম্বন করিতেছিল।' *সিরাজী*, ১৯১৮।

চুম্বনকণিকা [স] *বি* চুমু। 'অসংখ্য তারার মতো চুম্বনকণিকায় ভরে দিতে পারতুম।' *শঙ্খ*, ১৯৬৬।

চুম্বন-তাপ [স] *বি* চুম্বনের উষ্ণতা। 'চন্দনে সেথা কামনার জ্বালা, চাঁদে চুম্বন-তাপ।' *নজরুল*, ১৯২৫।

চুম্বনতৃষিত [স] *বিণ* চুম্বনের পিপাসাযুক্ত। 'কোথা সেই হাসিপ্রান্ত চুম্বনতৃষিত।' *রবীন্দ্র*, ১৮৮৬।

চুম্বনধ্বনি [স] *বি* চুম্বনের শব্দ। 'সে চুম্বনধ্বনি শুনে চমকে আপনি।' *রবীন্দ্র*, ১৮৭৮।

চুম্বন-পরশ [স চুম্বন+স স্পর্শ] *বিণ* চুম্বনরূপ স্পর্শ। 'বসন্তের প্রাণভরা চুম্বন-পরশে।' *রবীন্দ্র*, ১৮৮১।

চুম্বনপ্রয়াসী [স] *বিণ* চুমু পেতে ব্যাকুল। 'শান্ত-মধুর-রূপে আমার চুম্বনপ্রয়াসী হয়ে উঠল।' *নজরুল*, ১৯২৭।

চুম্বন-বিত্ত [স] *বি* চুমুরূপ ধন। 'তোমারে করিব দান চুম্বন-বিত্ত।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

চুম্বনমদিরা [স] *বি* নেশা ধরিয়ে দেয় এমন চুম্বন। 'চুম্বনমদিরা আর করায়ো না পান।' *রবীন্দ্র*, ১৮৮৬।

চুম্বনরত্ন [স] *বি* চুম্বন রূপ রত্ন। 'অন্তরালে থেকে আমারে করিছ দান অমূল্য চুম্বনরত্ন, আলিঙ্গনসুধা।' *রবীন্দ্র*, ১৮৯২।

চুম্বন-সংকেত [স] *বি* মুখভঙ্গিতে চুম্বনের ইঙ্গিত। 'ট্রেন ছাড়বার সময়ে আমাদের সহযাত্রিগণ তাদের প্রতি অনেক টুপি রুমাল আন্দোলন, অনেক চুম্বন-সংকেত-প্রেরণ ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

চুম্বনা [স চুম্বন] *ক্রি* চুম্বন করা। 'কেহ বেশ্যামুখ চুম্বনে কেহ আলিঙ্গনে।' *ভবানী*, ১৮২৫।

চুম্বা [স চুম্ব>] *ক্রি* চুম্বন করা। 'তো মুহ চুম্বী কমলরস পীবমি।' *চর্যা ৪*, ১২০০। **চুম্বই** *বি* চুম্বন করি। 'কাহ্নক চুম্বই খাই নিশঙ্ক।' *শেখর*, ১৬৫৫। **চুম্বএ** *ক্রি* চুম্বন করে। 'কাহারে চুম্বএ কপোল চাপিয়া ধরি।' *শেখর*, ১৫০০। **চুম্বওঁ** *ক্রি* চুমু খাই। 'হের তোর চুম্বওঁ বদনে।' *বড়ু*, ১৪৫০। **চুম্বয়ে** *ক্রি* চুম্বন করে। 'কেশের আগ চুম্বয়ে টাগ।' *চণ্ডী*, ১৫৫০। **চুম্বি** *ক্রি* চুম্বন ক'রে। 'নয়ানে বয়ানে চুম্বি ললাট ভ্রাণিল।' *আলাওল*, ১৬৮০। **চুম্বিয়া** *ক্রি* চুম্বন ক'রে। 'শিরেত তুলিয়া পত্র চুম্বিয়া অধরে।' *বাহরাম*, ১৬৫০। **চুম্বিল** *ক্রি* চুম্বন করলো। 'চুম্বিল কপোল গল আধর নয়নে।' *বড়ু*, ১৪৫০। **চুম্বিলা** *ক্রি* চুম্বন করলে। 'চুম্বিলা সে সাশ্রু আঁখি দেব অসুরারি সোহাগে।' *মাইকেল*, ১৮৬০। **চুম্বী** *ক্রি* চুম্বন করি। 'তো মুহ চুম্বী কমলরস পীবমি।' *চর্যা ৪*, ১২০০। **চুম্বীল** *ক্রি* চুমু দিলো। 'নানা থানক চুম্বীল।' *বড়ু*, ১৪৫০। **চুম্বে** *ক্রি* চুম্বন ক'রে। 'অঙ্গ মোছে মুখ চুম্বে করে নিরীক্ষণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **চুম্বো** *ক্রি* চুম্বন করি; চুমু দিই। 'এ বোলে পাইলোঁ সুখ/ চুম্বো বড়ায়ি তোর মুখ।' *বড়ু*, ১৪৫০।

চুম্বিত [স] **১** *বিণ* চুম্বন করা হয়েছে এমন। 'অলিকুলচুম্বিত অবিনিবিলম্বিত বনি বনমাল বিটঙ্ক।' *গোবিন্দ*, ১৬০০। **২** *বিণ* স্পর্শিত। 'কাঁপিছে উল্লাসে আজানুচুম্বিত মুক্ত কৃষ্ণ কেশপাশে।' *রবীন্দ্র*, ১৮৯০।

চুম্বুক [স চুম্বক] *বি* চুম্বক। 'লোহার সহিত চুম্বুক পাথরের যে সম্পর্ক।' *হুতোম*, ১৮৬১।

চুম্বন [স চুম্বনা] *বি* চুম্বন। 'অধরে অধরে কার এরএ চুম্বন।' *মালাধর*, ১৫০০।

চুয়া [স চ্যুত>] **১** *বি* বৃক্ষবিশেষ। 'অসোক বাসক কিয়া কিসুক রাঙ্গন চুয়া।' *মালাধর*, ১৫০০। **২** *বি* তিলক। 'খাওয়াব খিরখণ্ড পরাব চুয়া।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* গন্ধদ্রব্য বিশেষ। 'আতর, চন্দন, চুয়া, কস্তুরী।' *দীনবন্ধু*, ১৮৬৭।

চুয়াড় [স চণ্ডাল] *বি* নৃগোষ্ঠী বিশেষ। 'কি তোমরা রাঢ় চুয়াড় মত রাত্রি দিন ঝকড়া করহ।' *কেরি*, ১৮০২।

চুয়াড়ের দেশ *বি* বর্বরের দেশ। 'আগ্রায় কি মানুষ নাই যে, চুয়াড়ের দেশে যাইবে।' *বঙ্কিম*, ১৮৬৬।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চুয়ানি বাঁধা [স চ্যু>] *ক্রি* ক্ষয় রোধ করা। 'চুয়ানি বাঁধিয়ে খেলে যে জনা।' *লালন*, ১৮৯০।

চুয়ানো[১], **চুয়ান** [স চ্যুত>] ১ *ক্রি* ক্ষরণ করা। 'চুয়াইতে।' *মানোএল*, ১৭৪৩। ২ *ক্রি* পরিস্রবণ করা। 'মুখে দিলে, না অম্ল, না মিষ্ট, না তিক্ত, না কটু, কিছুই বোধ হয় না; যেমন, গঁদ, চুয়ান জল ইত্যাদি।' *বিদ্যা*, ১৮৫১। **চুয়ায়** *ক্রি* চুঁইয়ে পড়ে; বিচ্ছুরিত হয়। 'নিরাকারে কী প্রকারে/ নূর চুয়ায় খোদার।' *লালন*, ১৮৯০।

চুয়ানো[২] *বিণ* পরিস্রুত। 'কল্পনাতে আঁকব তোমার চাঁদ-চুয়ানো মুখ।' *নজরুল*, ১৯২৮।

চুয়ান্ন [পা চতুপঞ্চাসা] *বিণ* ৫৪ সংখ্যক। 'লঘু গুরু সকলে ৫৪ চুয়ান্ন কলা।' *বড়ু*, ১৫৭০।

চুয়াল্লিশ [স চতুশ্চত্বালীসা] *বিণ* ৪৪ সংখ্যক। 'শরীর আধার মূল চুয়াল্লিশ আঙ্গুল।' *সুলতান*, ১৭০০।

চুর [স চূর্ণ] ১ *বিণ* বিনষ্ট। 'লঙ্কার রাবণ বীর করিলোঁ চুর।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* ছিন্ন। 'শতশত শির করে চুর।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৩ *বিণ* বিহ্বল; নেশাগ্রস্ত। 'চুর হয়ে থাকে তার মধ্যিখানে।' *মুজতবা*, ১৯৫২।

চুর চুর ১ *বিণ* খণ্ড খণ্ড। 'প্রতিমা ভেঙে হয় চুর চুর।' *জসীম*, ১৯২৭। ২ *বিণ* বিভোর; বুঁদ। 'সেদিন থেকেই তো নেশায় চুরচুর।' *মুনীর*, ১৯৬১।

চুরমার [স চূর্ণ>] *বিণ* সম্পূর্ণ চূর্ণ ও বিনষ্ট। 'মাত্র বুকে ভাঙিয়া করিছে চুরমার।' *রূপরাম*, ১৭৫০।

চুরট [তা ছুরট্টু; ই চেরুট] *বি* সিগারেট জাতীয় ধূমপানের সামগ্রীবিশেষ। 'পেয়ালা করা চা, চুরট, জগে করা জল।' *হুতোম*, ১৮৬১।

চুরণী [স চুর>] *বি স্ত্রী* চোর। 'কলঙ্ক থুয়িল মোর বাঁশীচুরণী।' *বড়ু*, ১৪৫০।

চুরমার দ্র **চুর**

চুরা[১] [স চূর্ণ>] *ক্রি* চূর্ণ হওয়া। 'অষ্টাবক্রের মতো বাঁকিয়া চুরিয়া গিয়াছি।' *রবীন্দ্র*, ১৮৮৪।

চুরা[২] [স চুর>] *ক্রি* চুরি করা। 'কে দিল খোকার ঘুম চুরায়ে।' *রবীন্দ্র*, ১৯০৩।

চুরা মাল [স চুর>] *বি* চোরাই মাল। 'মারফতি সেই প্রকারে/ চুরা মালের মহরতি।' *লালন*, ১৮৯০।

চুরাশি [পা চুলাসীতি] *বিণ* ৮৪ সংখ্যক। **চুরাশি লক্ষ যোনি** *বি* (বাউল) বৃক্ষ রূপে ত্রিশ, কৃমি রূপে দশ, মাছ রূপে নয়, পাখি রূপে এগারো, পশু রূপে বিশ এবং মানব রূপে চার লক্ষ বার জন্মান্তর। 'ঘুরতে বুঝি হল রে মন/ এবার চুরাশি লক্ষ যোনি।' *লালন*, ১৮৯০।

চুরি, চুরী [স চুর>] ১ *বি* অপহরণ; অপরের জিনিস না বলে গ্রহণ। 'গোপী মাঝে বাঁশী তোর কেহো কৈল চুরী।' *বড়ু*, ১৪৫০; 'তেকারণে নন্দঘোসে আমি কৈনু চুরি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* গোপনে আত্মসাৎ। *ওসাঁ*, ১৭৮৫।

চুরি করন *বি* চুরি করা। *ওসাঁ*, ১৭৮৫।

চুরি কে চুরি উলটো সিনাজুরি – চুরি করার পরও বড়ো গলায় কথা বলা। *নজরুল*, ১৯২৭।

চুরি-চামারি [চুরি>] *বি* চুরি ও এ জাতীয় অন্যান্য অপকর্ম। 'বাপের চুরি-চামারির পরসায় লেখাপড়া শিখে এত কেন?' *মানিক*, ১৯৩৬।

চুরিডাকাতি [স চুর>+হি ডাকাত>] *বি* চোর ও ডাকাতের কাজ। 'ভয়ের শাসন যদি চুরিডাকাতি এবং পরের অন্যায়ের উপরেই টানা যায়।' *রবীন্দ্র*, ১৯১৫।

চুরিধারি *বি* চুরি ও অন্যান্য অপকর্ম। 'চুরিধারি করে হলেও শাড়িটা-চুড়িটা এনে দেয়।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

চুরি বিদ্যে বড়ো বিদ্যে যদি না পড়ে ধরা – চুরি বিদ্যা অর্থ সংগ্রহের অন্যতম উপায়, কিন্তু ধরা পড়লে রক্ষা নেই। 'সাহিত্যে চুরি বিদ্যে বড়ো বিদ্যে যদি না পড়ে ধরা।' *প্রমথ*, ১৯১২।

চুরির উপর বাটপাড়ি করা *ক্রি* অন্যায়ভাবে অর্জিত কারও সম্পদ প্রতারণার মাধ্যমে নিজের আয়ত্তে আনা। 'এখন থেকে চুরির উপর বাটপাড়ি করবার রাস্তা আটক রইল।' *রবীন্দ্র*, ১৯২৯।

চুরীদোষ [চুরি+স দোষ] *বি* চুরিদোষ; চুরির অপবাদ। 'মিছা চুরীদোষ দিসাঁ জাইতেঁ দেহ রাধা।' *বড়ু*, ১৪৫০।

চুরিণী [চোর>] *বি স্ত্রী* অপহরণকারী; চোর নারী। 'চুরিণী হয়িলাহোঁ তোর থানে।' *বড়ু*, ১৪৫০।

চুরী দ্র **চুরি**

চুরুট [তা ছুরট্টু; ই চেরুট] *বি* ধূমপানের জন্য পাকানো তামাকপাতার মোটা শলাকা। 'কুঠেল এক শোলার টুপি মাথায় – মুখে চুরুট ...।' *প্যারী*, ১৮৫৮।

চুরুটখোর [চুরুট+ফা খোর] *বি* চুরুটের মাধ্যমে ধূমপান করে যে। 'চুরুটখোরদের মতো মুখ দিয়ে ধোঁয়া ছাড়তে ছাড়তে আকাশের দিকে চেয়ে হাসছে।' *অন্নদা*, ১৯২৯।

চুরোট [তা ছুরট্টু; ই চেরুট] *বি* সিগারেট জাতীয় ধূমপানের সামগ্রীবিশেষ। 'এই বৃটিশ গবর্মেন্ট এবং ঊনবিংশ শতাব্দী এবং চা এবং চুরোট।' *রবীন্দ্র*, ১৮৯১।

চুর্ন [স চূর্ণ>] *বি* চূর্ণ। 'চরন প্রহারে তার চুর্ন্ন কৈল রথ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চুর্ন্নবত [স চূর্ণবৎ] *বিণ* গুঁড়া হয়েছে এমন। 'ধ্বজ ছত্র সারথি করিল চুর্ন্নবত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চুল [স চ্যুত>] *বি* চোয়াল। *মানোএল*, ১৭৪৩।

চুল [স চূড়া>] *বি* মাথার কেশ। 'পএর মগর খাড়ু মাথে ঘোড়া চুলে।' *বড়ু*, ১৪৫০।

চুলওয়ালা [চুল+হি ওয়ালা] *বিণ* চুলবিশিষ্ট। 'তেলতেলে চুলওয়ালা মাথার নিচে ১ হাত রেখে ... অঘোরে ঘুমায়।' *ইলিয়াস*, ১৯৭২।

চুলওলা [চুল+হি ওয়ালা] *বিণ* চুলযুক্ত। 'কালো চুলওলা চামরের মতো পরিচ্ছন্ন লম্বা লেজ।' *হাসান*, ১৯৬৯।

চুল কাটা *বিণ* মাথার চুল নির্দিষ্ট মাপে কাটা হয়েছে এমন। 'আচার ব্যবহার ও পোষাক ত্যাগ করিলেক অর্থাৎ চুল কাটা সাপাতু জুতাধারী মালাহীন।' *চন্দ্রিকা*, ১৮৩০।

চুলখোলা *বিণ* চুল বাঁধা নেই এমন। 'চুলখোলা আয়েশা আক্তার।' *মাহমুদ*, ১৯৭৩।

চুলচেরা [চুল+স চীর্ণ] *বিণ* সূক্ষ্ম। 'কড়াগণ্ডা হিসাবের চুলচেরা মীমাংসা করিবার জন্য ব্যগ্র।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চুল পাকা *ক্রি* অভিজ্ঞতা হওয়া। 'শ্রাদ্ধ দেখতে দেখতে আমার মাথার চুল পাকলো, আমি আর ব্যবস্থা জানিনে।' *গিরিশ*, ১৮৮৬।

চুলপেড়ে *বিণ* সরু পাড়বিশিষ্ট। 'চুলপেড়ে সাদা একখানা আধময়লা ধুতি।' *নরেন্দ্র*, ১৯৫৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চুলভর্তি *বিণ* অনেক চুল আছে এমন। 'এইরূপ ভনিতাপর্বের পর অতি দ্রুত পুরোহিত মনোহরের উষ্কখুষ্ক জটিল চুলভর্তি বৃহৎ মাথাটিকে ...।' *হাসান*, ১৯৬৭।

চুলমাত্র [চুল>] *বিণ* সামান্যতম। 'ভারতবর্ষের সঙ্গে চুলমাত্র বিচ্ছেদ ঘটে।' *রবীন্দ্র*, ১৯০৯।

চুলাচুলি [স চূড়া>] *বি* ভীষণ ঝগড়া। 'দুই দলে আলাআলি চুলাচুলি গালাগালি বরযাত্রী দেউটী না ছাড়ে।' *মুকুন্দ*, ১৬০০।

চুলের গার্ড চেন *বি* পকেটঘড়ির সঙ্গে লাগানোর জন্য চুল দিয়ে বোনা সরু চেন। 'কারো ইণ্ডিয়া রবর আর চায়না কোট, হাতে ইষ্টিক, ক্রেপের চাদর, চুলের গার্ড চেন গলায়।' *হুতোম*, ১৮৬১।

চুলের দড়ি *বি* কৃত্রিম চুলের বেণী। 'বিনুনি-করা চুলের দড়ি দিয়ে খোঁপা তৈরি হত।' *রবীন্দ্র*, ১৯৪০।

চুলকানি [চুলকা>] *বি* শরীরের চামড়ায় নখ দিয়ে আচড়ানো। *ওঝা*, ১৭৮৫।

চুলকানো [চুলকা>] *ক্রি* নখ ইত্যাদি দিয়ে আচড়ানো। 'চক্ষু মুদি দুই হাতে চুলকান চুল।' *ভারত*, ১৭৬০; 'তিনি ... কাহারো গলা চুলকাইয়া দেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

চুলকুনি [চুলকা>] *বি* চুলকানি। 'নূতন গেঞ্জির চুলকুনির কথা পর্যন্ত ভুলে গিয়েছেন।' *মুজতবা*, ১৯৫২।

চুলকোনি [চুলকা>] *বি* চুলকানি। 'কত দিনের চুলকোনি যে জমা হয়ে রয়েছে মাথার মধ্যে।' *সুনীল*, ১৯৭০।

চুলচুল্যা [চুল>] *বি* কীটবিশেষ। 'মৃত্যুশয্যা হইল ধুলা সহচরি চুলচুল্যা।' *মুকুন্দ*, ১৬০০।

চুলচেরা *দ্র* চুল

চুলবুল [ধ্বন্যা] **১** *বি* অস্থিরতা প্রকাশক ভাব। 'চোখ-ইশারায় ডাকে দিল তাই মন করে চুলবুল।' *নজরুল*, ১৯২২। **২** *ক্রিবিণ* অস্থিরভাবে। 'চুলবুল বুলবুল শিস দেয় পুষ্পে।' *নজরুল*, ১৯২৬।

চুলবুলে [ধ্বন্যা চুলবুল>] **১** *বি* অশান্ত ব্যক্তি। 'চুলবুলেরা সবখানে পায় লজ্জা ঢের।' *নজরুল*, ১৯২৬। **২** *বিণ* চঞ্চল। 'তোর মতন চুলবুলে লাজের মামুদ ... বেজায় বেখাপ্পা শুনাল।' *নজরুল*, ১৯২৭।

চুলমাত্র *দ্র* চুল

চুলা[১] [চুল>] *বি* চুল। 'তোর মাথে শোভে ঘোড়া চুলা।' *বড়ু*, ১৪৫০।

চুলা[২] [স চুল্লি] *বি* উনান। 'বলিতে লাগিলা পণ্ডিত হাণ্ডি চুলাতে ধরিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চুলায় দেওয়া *ক্রি* বিসর্জন দেওয়া। 'বি.এ. ডিগ্রি অকাতরচিত্তে আমি চুলায় দিতে পারিতাম।' *রবীন্দ্র*, ১৯১৪।

চুলায় যাক – উচ্ছন্নে যাক। 'তাহাকে কানাকড়ি সাহায্য করা চুলায় যাক।' *রবীন্দ্র*, ১৮৮৭।

চুলাশাল [স চুল্লি-শালা] *বি* রান্নাঘর। 'দরিয়াবিবি আবার চুলাশালে ফিরিয়া আসিল।' *শওকত*, ১৯৫৮।

চুলাচুলি *দ্র* চুল

চুলি[১] [স চূড়া>] *বি* চুল। 'দেখয়ে খসায়ে চুলি।' *দ্বিজচণ্ডী*, ১৬০০।

চুলি[২] [প] *বি* উর্ধ্বাঙ্গের পোশাক; জ্যাকেট। *মেয়র্স*, ১৭৬২।

চুলির বোতাম *বি* জামায় লাগানোর বোতাম। 'চুলির বোতাম ৮ আটটা।' *মেয়র্স*, ১৭৬২।

চুলি[৩] [স চুল্লি] *বি* উনান। 'নাই চাল নাই চুলি ধূলির পর্বতে।' *রবীন্দ্র*, ১৮৯০।

চুলিচালা *বি* চুলা ও চালা। 'চুলিচালা সব ফেলেছে সে ভেঙে।' *জীবন*, ১৯২৭।

চুলো [স চুল্লি] *বি* চুলা। 'রোগাপেটে খেতে হ'লে যেতে হয় চুলো।' *গুপ্ত*, ১৮৫৮।

চুলোমুখী [স চুল্লি>] *বি* গালিবিশেষ। 'লক্ষ্মীছাড়া, হতভাগী, চুলোমুখী।' *বঙ্কিম*, ১৮৮২।

চুলোতে যাওয়া *ক্রি* গোল্লায় যাওয়া। 'এখন কাজকর্ম চুলোতে যাক।' *রবীন্দ্র*, ১৮৮৯।

চুলোয় যাওয়া ১ *ক্রি* মরা। 'রোগাপেটে খেতে হ'লে যেতে হয় চুলো।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *ক্রি* গোল্লায় যাওয়া। 'জ্যামিতি এবং ত্রিকোণমিতি চুলোয় যাক।' *বঙ্কিম*, ১৮৭৫।

চুলোচুলি [স চূড়া>] *বি* পরস্পর চুল টানাটানি করে যে মারামারি। 'শেষটা হাতাহাতি চুলোচুলিই বা হয়, কিন্তু তাহাতে আমাকে পারা ভার।' *উমেশ*, ১৮৫৭।

চুল্লি, চুল্লী [স] *বি* উনান; চুলা। 'নিয়তির চুল্লী কে এড়ায়।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

চুল্লি-শ্মশান [স] *বি* শ্মশানের চুল্লি। 'জাগো ভাগীরথী-কূলে-কূলে চুল্লি শ্মশান।' *নজরুল*, ১৯৩০।

চুষা [স চুষ্>] *ক্রি* শোষণ করা। 'অরসজ্ঞ কাক চুষে জ্ঞান-নিম্বফলে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চুষি, চুষী [স চুষ্>] *বিণ* চুষে খেতে হয় এমন। 'চুষী রুটি রামরোট মুগের সামুলী।' *ভারত*, ১৭৬০।

চুষিকাটি [স চুষ্>+স কাষ্ঠিকা] *বি* কাঠের তৈরি খেলনাবিশেষ। 'দোলা, চুষিকাটি, ঝিনুকবাটি, মায়ের কোল ...।' *বিভূতি*, ১৯৩১।

চুষিকাঠি [স চুষ্>+স কাষ্ঠিকা] *বি* কাঠের তৈরি খেলনাবিশেষ। 'মাটনচাপের হাড়গুলো হয়েছিল হাতির দাঁতের চুষিকাঠি।' *অবন*, ১৯৪১।

চুষী রুটি [স চুষ্>+হি রোটী] *বি* পিঠাবিশেষ। 'চুষী রুটি রামরোট মুগের সামুলী।' *ভারত*, ১৭৬০।

চুসা [স চুষ্>] *ক্রি* মুখ দিয়ে চুষে খাওয়া। 'যত চুসী তত খুসী হাড়ে হাড়ে রস।' *গুপ্ত*, ১৮৫৮।

চুহান *বি* চৌহান; যোদ্ধা সম্প্রদায়ের লোক। 'বাইশ বন্দুকী সঙ্গে বিংশতি চুহান।' *মানিকরাম*, ১৭৮১।

চূড় [স] **১** *বি* মুকুট। 'চূড়ধড়া পরিলে হইলে কুতূহলী।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বি* শীর্ষদেশ। 'একটি কথার দ্বিধাথরথর চূড়ে ভর করেছিল সাতটি অমরাবতী।' *সুধীন্দ্র*, ১৯৩১।

চূড়া [স] **১** *বি* ঝুঁটি। 'ময়ূর পুচ্ছে বান্ধিআঁ চূড়া।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* খোঁপা। 'মল্লিকা-চম্পক-দামে চূড়ার টালনী বামে।' *দ্বিজচণ্ডী*, ১৬০০। **৩** *বি* শীর্ষদেশ। 'হিরা নিলা মরকতে নির্মাইল চূড়া।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *বি* মুকুট। 'অর্ধেক মাথায় কালা একভাগ চূড়া টালা।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৫** *বি* মিনার। 'মন্দিরের আকার চূড়া তাহার নাম ঘণ্টাঘর।' *রামরাম*, ১৮০১। **৬** *বি* চূড়ান্ত দৃষ্টান্ত। 'ফলের পিতৃব্য বুড়া শ্যালা রসিকের চূড়া।' *গুপ্ত*, ১৮৫৮। **৭** *বি* নেতা। 'সেই রাজপুত জাতির চূড়া রাজা মানসিংহ।' *বঙ্কিম*, ১৮৬৮। **৮** *বি* শৃঙ্গ। 'পর্ব্বতের চূড়া ভাঙ্গিয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৪। **৯** *বি* কর্তৃত্ব। 'ভাঙবে

AMARBOI.COM

তোমার সর্দারির সোনার চূড়া।' *রবীন্দ্র*, ১৯২৬।

চূড়াওয়ালা [স চূড়া+হি ওয়ালা] *বিণ* চূড়া আছে এমন। 'মস্ত চূড়াওয়ালা টুপি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চূড়াকরণ [স] *বি* হিন্দুসমাজের বিশেষ সম্প্রদায়ের পালনীয় মস্তকমুণ্ডনাদি আচারবিশেষ। 'কর্ণবেধ করাইলা শ্রীচূড়াকরণ।' *বৃন্দা*, ১৫৮০।

চূড়াপদবাচ্য [স] *বিণ* শীর্ষস্থানীয়। 'সভ্যতার চূড়াপদবাচ্য কোন ইউরোপীয় জাতি কর্তৃক প্রণীত হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৮৭।

চূড়া বাঁধা *ক্রি* মাথার চুলে ঝুঁটি করা। 'দে মা চূড়া বেঁধে দে।' *গিরিশ*, ১৮৯৬।

চূড়ামণি [স] ১ *বি* শ্রেষ্ঠ ব্যক্তি। 'পাণ্ডব বংশের চূড়ামণি।' *রূপরাম*, ১৭৫০। ২ *বি* শীর্ষস্থানীয় ব্যক্তি। 'ভালো ওলো ধনি, যদি চূড়ামণি/ যতনে বসনে ঢেকেছ ঢাক।' *মদনমোহন*, ১৮৩৪। ৩ *বি* সংস্কৃত পণ্ডিতদের উপাধিবিশেষ। *সেবধি*, ১৮৪০। ৪ *বিণ* প্রবর। 'যিনি মতিলালের উপদেশক, তিনি ধার্মিক চূড়ামণি।' *প্যারী*, ১৮৫৮। ৫ *বিণ* সর্বশ্রেষ্ঠ। 'সম্মুখ সমরে পড়ি, বীর-চূড়ামণি বীরবাহু।' *মাইকেল*, ১৮৬১। ৬ *বি* নেতা। 'যাহারা সমাজের চূড়ামণি তাঁহাদের মধ্যে এমন কত শত মহাপুরুষ আছেন।' *সুলভ*, ১৮৭৩।

চূড়াশূন্য [স] *বিণ* শিখরহীন। 'চূড়াশূন্য রথে চড়ি কোন বীর যুঝে।' *মাইকেল*, ১৮৬৩।

চূড়াসঘলিত [স] *বি* চূড়াবিশিষ্ট। 'গগনস্পর্শী চূড়াসঘলিত মনোমুগ্ধকর অট্টালিকাশ্রেণী।' *অক্ষয়*, ১৮৪৯।

চূড়ান্ত [স] ১ *বিণ* একশেষ। 'যদি আর আর বিদ্যাতেও এইরূপ হন, তা হলেই চূড়ান্ত।' *বিদ্যা*, ১৮৭৩। ২ *বি* সমাধান। 'এ ফেরেব্বাজির একটা চূড়ান্ত করা উচিত।' *বঙ্কিম*, ১৮৮২। ৩ *বিণ* সর্বশেষ। 'ইহার পরে আর কোথায় যাইবে? ইহাই চূড়ান্ত সীমা।' *রবীন্দ্র*, ১৮৯৯। ৪ *বি* চরম উৎকর্ষ। 'হিন্দু কালেজে পড়িলে ইঙ্গরেজীর চূড়ান্ত হইবেক।' *বিদ্যা*, ১৮৯১। ৫ *বিণ* চরম। 'ঘাস আপনার চূড়ান্ত শক্তি প্রয়োগ করে তবে ঘাস-রূপে টিঁকে থাকতে পারে।' রবীন্দ্র, ১৮৯২। ৬ *বিণ* তর্কাতীত। 'প্রত্নের ঐতিহাসিক প্রমাণ ব্যতীত এ সম্বন্ধে কথা চূড়ান্ত হইতে পারে না।' *রবীন্দ্র*, ১৮৯৮। ৭ *বি* সর্বশেষ কথা। 'ইতিহাসে প্রাকৃতিক সীমাই চূড়ান্ত নহে।' *রবীন্দ্র*, ১৯০৫। ৮ *বিণ* সর্বশেষ। 'ব্রিটিশ গভর্ণমেন্ট গ্রুপ গঠন সম্বন্ধে তাঁদের চূড়ান্ত ব্যাখ্যা ঘোষণা করিয়াছেন।' *আজাদ*, ১৯৪৬।

চূড়ান্তভাবে [স] *ক্রিবিণ* একেবারে। 'নিজের দ্বিধাগ্রস্ত জীবনকে একটা কোথাও চূড়ান্তভাবে সমর্পণ।' *রবীন্দ্র*, ১৯০৯।

চূড়ান্তসত্য [স] *বি* চরম সত্য। 'শিক্ষালব্ধ বাঁধিবচনগুলিকে নিঃসংশয়ে চূড়ান্তসত্য বলিয়া।' *রবীন্দ্র*, ১৯০৮।

চূড়ামণি [স] *বিণ* সর্বশ্রেষ্ঠ। 'সকল সর্বজ্ঞ চূড়ামণি বিশ্বম্ভর।' বৃন্দা, ১৫৮০

চূড়ালি [স চূড়া>] *বি* শীর্ষদেশ। 'জালের জানালা খোলা, গগনে তাকা/ টিপিটিপি পাহাড় চূড়ালি।' *শঙ্খ*, ১৯৬৬।

চূড়ি *বি* চুড়ি। 'হাতে দুগাছি গালার চূড়ি।' *শরৎ*, ১৯১৭।

চূড়ো [স চূড়া>] *বি* শীর্ষদেশ। 'বোম্বাইয়ের রাজাবাই টাওয়ারের উঁচু চূড়োটা।' *বিভূতি*, ১৯৩৭।

চূণ [স চূর্ণ] *বি* চুন। 'একগালে কালি আর গালে চূণ দিল।' *কৃষ্ণরাম*, ১৭২০।

চূনকাম করা *বিণ* লোকদেখানো। 'বাইরের চূনকাম করা মিলের কোন মূল্য নাই।' *ওয়াজেদ*, ১৯৪৩।

চূণকার [স চূর্ণ>+স ক্ষার] *বি* চুন ও ক্ষার। 'চূণক্ষার ছালাছালা ফেলে সেই জলে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

চূত [স] *বি* আম। 'চূত মুকুল কুল সঞ্চলদলিকুল গুন গুন রঞ্জন গানে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

চূতকষায়কণ্ঠ [স] *বিণ* কণ্ঠে আমের কষ লেগে আছে এমন। 'কোথায় চূতকষায়কণ্ঠ কোকিলের কুহুকাকলি?' *রবীন্দ্র*, ১৯০৬।

চূতবৃক্ষ [স] *বি* আমগাছ। 'পল্লবাঙ্গুলি-দ্বারা চূতবৃক্ষ যে সংকেত করে তাহা সামমন্ত্রের সম্পূর্ণ অনুগত নহে।' *রবীন্দ্র*, ১৯০৭।

চূত-রেণু [স] *বি* আমের মুকুলের রেণু। 'হাওয়া তারে মাতায়েছে চূত-রেণু-মাখা।' *সত্যেন্দ্র*, ১৯১২।

চূতলতা [স] *বি* আমগাছ। 'মুকুলিত চূতলতা কোরক জালে।' *আলাওল*, ১৬৮০।

চূনা [স চূর্ণা] *বি* চুন। 'ইঁট, চূনা, সুড়কী, বালি, লোহার একটা বিরাট বিরাট স্তূপ।' *মাহেনও*, ১৯৪৯।

চূনি চুনি [স চূর্ণ>] *ক্রিবিণ* চূর্ণ-বিচূর্ণ। 'চূনি চূনি ভএ কাঁচুঅ ফাটলি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চুমকী দ্র চুমকি

চুর [স চূর্ণ] ১ *বিণ* ভগ্নুল। 'ঢাবস হইল দূর ঢৌল রঙ্গ হৈল চুর।' বাহরাম, ১৬৫৩। ২ *বিণ* চূর্ণ। 'নতুবা বাঝিলে মাত্র রথ হএ চুর।' *আলাওল*, ১৬৮০। ৩ *বিণ* ব্যর্থ। 'ভাঙ্গা গেল যত ভূর চাতুরী হইল চুর ...।' *ভারত*, ১৭৬০। ৪ *বিণ* বিহ্বল। 'দেহ যে ধরেছে হেথা দুঃখে সুখে সেই হবে চুর।' *সত্যেন্দ্র*, ১৯১০।

চূর্ণ [স] ১ *বিণ* নিঃশেষ। 'চূর্ণ করো মায়া তার অশেষ বিশেষে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* খণ্ড খণ্ড। 'চরণ প্রহারে তার চূর্ণ কৈল রথ।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৩ *বিণ* ভঙ্গ। 'সে দর্প চূর্ণ হ'ল।' *গিরিশ*, ১৮৮৯। ৪ *বি* চুন। 'এই শ্বেতচূর্ণের প্রতি তাঁহার সতর্কতা।' *শরৎ*, ১৯১৭।

চূর্ণকরণ [স] *বি* গুঁড়া করা। 'তিসিজাত ছাঁট চূর্ণকরণেতে যত কাল ব্যয় হয়।' *দর্পণ*, ১৮২৯।

চূর্ণ করা *ক্রি* গুঁড়া করা। 'পারি আমি উপাড়িতে তরুবর, পাষাণ চূর্ণিতে।' *মাইকেল*, ১৮৬০।

চূর্ণকুন্তল [স] *বি* কপালের উপর এসে-পড়া চুলের গুচ্ছ। 'স্বেদবিজড়িত চূর্ণকুন্তলের শোভা!' *বঙ্কিম*, ১৮৮৪।

চূর্ণপাত [স] *বিণ* চুন টুকরা টুকরা। 'চূর্ণপাত হই পুনি ভাঙ্গিয়া পড়িত।' *সুলতান*, ১৭০০।

চূর্ণপ্রায় [স] *বিণ* প্রায় বিধ্বস্ত। 'ইংরাজ তখন হিটলারের আঘাতে চূর্ণপ্রায়।' *মনসুর*, ১৯৫৫।

চূর্ণবত [স চূর্ণবৎ] *বিণ* গুঁড়া হয়েছে এমন। 'ধ্বজ ছত্র সারথি করিল চূর্ণবত।' কবীন্দ্র, ১৬৮৯।

চূর্ণবিচূর্ণ [স] ১ *বিণ* ভেঙে টুকরা টুকরা হয়েছে এমন। 'অটল অচলের গাত্রও চূর্ণবিচূর্ণ করে।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* সম্পূর্ণ ধ্বংস। 'কলমের খোঁচায় চূর্ণ-বিচূর্ণ করা কখনই সম্ভব নয়।' *বেগম*, ১৯৪৮। ৩ *ক্রিবিণ* খণ্ড-বিখণ্ড। 'পাকিস্তানকে অচল করিয়া চূর্ণবিচূর্ণ করার যে ষড়যন্ত্রের আয়োজন।' *আজাদ*, ১৯৪৯।

চূর্ণরশ্মি [স] *বি* আলোকগুচ্ছ। 'দুটি স্বচ্ছ নেত্র হতে কাঁপিত আলোক নির্মল-নির্ঝর-স্রোতে চূর্ণরশ্মিসম।' রবীন্দ্র, ১৮৯৩।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চূর্ণা [স চূর্ণ>] *ক্রি* চুরমার করা। 'চূর্ণিবে সে লোকালয়, উচ্ছন্ন করিবে দেশ গ্রাম।' *রবীন্দ্র*, ১৮৮৯।

চূর্ণায়মানা [স] *বিণ* স্ত্রী বিনষ্ট। 'আশাকে হৃদয়ে যে বাসা দিয়াছেন তাহাও চঞ্চলচিত্তে চূর্ণায়মানা করিবেক।' *দর্পণ*, ১৮৩৮।

চূর্ণিত [স] ১ *বিণ* বিনষ্ট। 'নিজে চূর্ণিত হইয়া।' *অহমদী*, ১৮৮৮। ২ *বিণ* গুঁড়া। 'নিজে চূর্ণিত হইয়া চিনি, লবণ পরিষ্কার করিয়া তোমারই খাদ্যের সুবিধা করিতেছে।' *মশারফ*, ১৮৮৯।

চূর্ণীকরণ [স] *বি* ভেঙে ফেলার কাজ। 'দেবমূর্ত্তি চূর্ণীকরণ প্রভৃতি ইহাদের নিত্যকর্ম্মের মধ্যে পড়ে।' *সোমপ্রকাশ*, ১৮৭৩।

চূর্ণীকৃত [স] *বিণ* বিধ্বস্ত। 'তাঁহার মানস শিষ্যেরা তাহা চূর্ণীকৃত করিল।' *বঙ্কিম*, ১৮৭৯।

চূর্ণি [স চূর্ণ>] *বি* চুনি; পদ্মরাগ মণি। 'লালে লাল করে কৃষ্ণসাগর রক্ত-প্রবাল চূর্ণি ফের।' *নজরুল*, ১৯২৮।

চূষ্য [স চুষ্>] *বি* চুষে খাওয়া হয় যা। 'চুকু চুকু চুকু চূষ্য চুষিয়া।' *ভারত*, ১৭৬০।

চেঅণ [স চেতন] *বি* চেতনা। 'চেঅণ ণ বেঅন ভর নিদ গেলা।' *চর্যা* ৩৬, ১২০০।

চেইন [ই] *বি* শিকল। **চেইনপেড়ে** [ই চেইন+স পার] *বিণ* শিকলসদৃশ পাড়বিশিষ্ট। 'রাজা পেড়ে, চেইনপেড়ে ... ইত্যাদি নানা রঙ্গীন সাড়ি পরিধান করেন।' *ভবানী*, ১৮২৮।

চেউটি [স চর্মচটিকা] *বি* চামচিকে। 'হস্তী না পায় দিশে, তথা চেউটি এসে বেওরা করে।' *লালন*, ১৮৯০।

চেংড়া [স চঙ্গ] *বি* দুষ্ট তরুণ। 'জন কয়েক চেংড়া ... চিৎকার করিতে করিতে আসিল।' *প্যারী*, ১৮৫৮; 'চেংড়ার সুমার বুদ্ধি তোমার জুক্ত কুয়ারা জানালে।' *লালন*, ১৮৯০।

চেঁচাচেঁচি [স চিৎকার] *বি* বহুজনের একসঙ্গে চিৎকার। 'তখন মারামারি, কাটাকাটি, চেঁচাচেঁচি ... ভারি হুলস্থুল পড়িয়া গেল।' *বঙ্কিম*, ১৮৮২।

চেঁচাড়ি [স চঙ্গা] *বি* বাঁশের পাতলা ফালি। 'চেঁচাড়ি দিয়ে তার ঘুঁটে দেওয়া হাতের গোবর চেঁছে ...।' *নজরুল*, ১৯৩০।

চেঁচানি, চেঁচানী [স চিৎকার>] *বি* চিৎকার; চেঁচামেচি। 'তাঁর গলায় যে আওয়াজ বেরোত সেটা চেঁচানি।' *রবীন্দ্র*, ১৯৪১; 'চেঁচানীর পালাটা আমাদের উপরেই রইল।' *নরেন্দ্র*, ১৯৫৩।

চেঁচানো, চেচান [স চিৎকার>] *ক্রি* চিৎকার করা। 'চেঁচানো।' *মানোএল*, ১৭৪৩; 'চেঁচান।' *ওসা*, ১৭৮৫; 'বৎসকে বাহির করিয়া চেঁচাইয়া কহিতে লাগিল।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

চেঁচিয়ে উঠা *ক্রি* চিৎকার দিয়ে ওঠা। 'বাবু মজলিস থেকে তড়াক করে লাপিয়ে উঠে বারেণ্ডায় গিয়ে ... চেঁচিয়ে উঠলেন।' *হুতোম*, ১৮৬১।

চেঁচামেচি [স চিৎকার>] *বি* অব্যাহত চিৎকার। 'খুব চেঁচামেচি গোলমালও করেছে।' *রবীন্দ্র*, ১৮৮৭।

চেঁচে-পুঁছে, চেঁছেপুঁছে [স তক্ষ্>] *ক্রিবিণ* একটুও অবশিষ্ট না রেখে। 'স্বল্প লোকে হাঁড়ি চেঁচে-পুঁছে খেত।' *রবীন্দ্র*, ১৯৩১।

চেক[১] [ই] *বি* ব্যাংক থেকে টাকা তোলার একপ্রকার আদেশপত্র। 'ব্যাপারীদের চেক দিয়েছিলেন, তারা ফিরে এসেছে।' *গিরিশ*, ১৮৮৯।

চেকপত্র [ই চেক+স পত্র] *বি* ব্যাংকে জমা টাকা তোলার আদেশপত্র। 'খাতিয়েকান্ত চুক্তিপত্র আর চেকপত্র দুয়ের বিনিময়েই দুখানা হ্যান্ডনোট লিখে দ্যান।' *শিবরাম*, ১৯৫০।

চেকবই [ই চেক+বই] *বি* ব্যাংক থেকে টাকা তোলার আদেশপত্রের বই। 'অন্য পক্ষে শুদ্ধমাত্র চেকবইখানি আছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

চেক[২] [ই] ১ *বিণ* চারকোনা আকৃতির নকশা অঙ্কিত। 'একজন লা-চেক র‍্যাপার গায়ে।' *শরৎ*, ১৯১৭। ২ *বি* যাচাই। 'হামার অফিসর লোগ খাতাপত্র চেক করবে।' *মনসুর*, ১৯৪৫।

চেক-আপ [ই] *বি* রোগ-নির্ণায়ক পরীক্ষা। 'আপনাদের মেডিক্যাল চেক-আপ হবে।' *শিবরাম*, ১৯৭০।

চেককাটা [ই চেক+কাটা] *বিণ* চারকোনা আকৃতির নকশাবিশিষ্ট। 'চেককাটা কম্বলে।' *জীবন*, ১৯৪৮।

চেকন-চোকন [ফা চিকন] *বিণ* মিহি; সরু। 'ফাঁপগুলি তার কাঠের মত, চেকন-চোকন আঁশ।' *জসীম*, ১৯২৯।

চেকনাই [ফা চিকনা] ১ *বি* চাকচিক্য। 'হারাম-বাঁধা পয়সা খেয়ে চেকনাই বেড়েছে কিনা।' *নজরুল*, ১৯৩০। ২ *বিণ* মসৃণ। 'শেয়ালের চেকনাই কান।' *জীবন*, ১৯৪০।

চেকনাইওয়ালা [ফা চিকন>+ই ওয়ালা] *বিণ* হৃষ্টপুষ্ট। '... হায় হায় রে আমার চেকনাইওয়ালা খাসিটারে।' *কায়সার*, ১৯৬২।

চেকার [ই] *বি* টিকিট চেক করে যে। 'রেল-লাইনের টিকিট চেকার।' *বিজুলি*, ১৯৩৮।

চেগরা [স চঙ্গ>] *বিণ* বাচাল। 'কি বলে ডেগরা বড় যে চেগরা।' *ভারত*, ১৭৬০।

চেঙরা [স চঙ্গ>] *বি* অল্পবয়সী পুরুষ। *বিদ্যা*, ১৮৯১।

চেঙ্গ [স চঙ্গ] *বি* চ্যাং মাছ। 'ছোট ছোট চেঙ্গ মৎস্যের ফালাইয়া মুড়।' *বিজয়*, ১৬৫০।

চেঙ্গমুড়ী *বিণ* চ্যাং মাছের মতো মাথা যার। 'নিরন্তর বলে মোরে কানী চেঙ্গমুড়ী।' *কেতকা*, ১৬৫০।

চেঙ্গড়া ছোঁড়া [স চঙ্গ>] *বি* অল্পবয়সী পুরুষ। 'কতকগুলো চেঙ্গড়া ছোঁড়া শুনিয়া বলিল ...।' *বঙ্কিম*, *১৮৮৪*।

চেঙ্গারী [পা চঙ্গোটক] *বি* বাঁশ বেত প্রভৃতি দিয়ে তৈরি ঝুড়িবিশেষ। 'মাথায় চেঙ্গারী করিয়া উইলসনের দোকান হইতে ...।' *রাজ*, ১৮৭৪।

চেঙ্গা হওয়া [স তুঙ্গ>] *ক্রি* আরোগ্য লাভ করা। 'চেঙ্গা হইতে।' *মানোএল*, ১৭৪৩।

চেঙ্গিস *বিণ* মধ্য এশিয়ার মধ্যযুগীয় অভিযানকারী চেঙ্গিস খানের মতো নির্মম ও নৃশংস। 'আমি বেদুঈন, আমি চেঙ্গিস।' *নজরুল*, ১৯২২।

চেঞা [স বাঞ্ছ>] *ক্রি* চেয়ে। 'নয়ান জুড়ায় চেঞা।' *চণ্ডী*, ১৫৫০।

চেঞ্চা *বি* তেঁতুল গাছ। 'চেঞ্চা বহু বাঁস কাটিল মান্দারি।' *মুকুন্দ*, ১৬০০।

চেঞ্জ [ই] *বি* স্বাস্থ্যের উন্নতির আশায় বায়ু-পরিবর্তন। 'চেঞ্জের দরকার, রাঁচি সুট করবে।' *জীবন*, ১৯৩১।

চেট [স] *বি* ভৃত্য। 'কুমারে ধরিআ আনে চেট।' *মুকুন্দ*, ১৬০০।

চেটক [স] ১ *বি* ভাঁড়ামি। 'কখন নাটক কখন চেটক।' *ভারত*, ১৭৬০। ২ *বি* চাটুকার। 'তাঁহারা ... দশজন চেটক ও যোটক ইয়ারলোক লইয়া গাঁজা চরস খান।' *ভবানী*, ১৮২৮।

চেটাই [স ৰুট>] *বি* চাটাই। 'তালপাতার চেটাই পাতিয়া বসিলাম।'

AMARBOI.COM

বিভূতি, ১৯৩৮।

চেটাল *বিণ* চওড়া। 'লোহিতসাগর বেশি চেটাল নয়, বিশেষ এডেন হইতে ছাড়িয়া কতক দূর অতি অল্প প্রশস্ত।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

চেটাস [স] *বি* অহঙ্কার। 'কিসের চেটাস কর কার ধন খাই।' *মানিকরাম*, ১৭৮১।

চেটি [স চেটী] *বি* চাকরানি। 'সাধু বিদ্যমানে আইল পাটরানির চেটি।' *মুকুন্দ*, ১৬০০।

চেটেপুঁছে *ক্রিবিণ* একটুও অবশিষ্ট না রেখে। 'পয়সার মাল চেটেপুঁছে খাব।' *মনোজ*, ১৯৬১।

চেটেপুটে *ক্রিবিণ* একটুও অবশিষ্ট না রেখে। 'জিভ দিয়ে খোরাটাকে চেটেপুটে খায়।' *কায়সার*, ১৯৬২।

চেটো[১] [স চেটিকা] *বি* দাসী। 'চেটো হয়ে চাকরিতে আছ লজ্জা খেয়ে।' *ভবানী*, ১৮২৫।

চেটো[২] *বি* তালু। 'হাতের চেটো উপুড় করে।' *শ্যামল*, ১৯৬৭।

চেট্টি *বি* মানব সম্প্রদায়বিশেষ। 'সিঙ্গাপুরেই পেনাঙি, চেট্টি, গোরা, মগ, তুর্কমান, ইহুদি, মেড়ো ...।' *জীবন*, ১৯৩৩।

চেট্টে নেট্টে *বি* অল্পবয়সী বধূ। '*চেট্টে* নেট্টে যায় জলে তারে তুমি ধর চুলে।' *চণ্ডী*, ১৫৫০।

চেড়া [স চীর্ণ] *ক্রি* বিদীর্ণ করা। **চিড়িয়া** *ক্রি* চিরে। 'এক নখে চিড়িয়া করে দুই খান।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চেড়ি [স চেটী] *বি* দাসী। 'লহনার বাক্যে চলে চেড়ি দুবলা।' *মুকুন্দ*, ১৬০০।

চেড়ী [স চেটী] *বি* নারী প্রহরী। 'সঙ্গে লঞা দাসী চেড়ী।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কল্যাণী মাণিকী দ্বারে হাসে দুই চেড়ী।' *রূপরাম*, ১৭৫০।

চেৎ [স চেতন] *বি* রাগ। 'আমি কি করছি তোমার যে চেৎ দেহাইতাছ?' *আলাউদ্দিন*, ১৯৭৩।

চেতন [সা] **১** *বিণ* জাগ্রত। 'পুরুষ জাগায়িআঁ আন্ধে করায়িউঁ চেতন।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* চতুর। 'চেতন পাপু চিন্তাএঁ আকুল হরখে সবে সোহাব।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *বি* হুঁশ। 'মূর্ছিতা হৈয়া রামা হরিলা চেতন।' *মালাধর*, ১৫০০। **৪** *বিণ* জীবন আছে এমন। 'সমুদয় চেতন পদার্থের সাধারণ নাম জন্তু।' *বিদ্যা*, ১৮৫১। **৫** *বিণ* অনুভূতিসম্পন্ন। 'চেতন এবং অচেতন পদার্থ সৃজন করিয়াছেন।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২। **৬** *বিণ* সচেতন। 'গবর্মেন্টকে চেতন করাইতে তাহারা পরিশ্রম করিতেছেন।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৭** *বি* অনুভূতি। 'আসিব যখন জেগে উঠিবে না কোনো গভীর চেতন?' *রবীন্দ্র*, ১৮৯৬। **৮** *বি* চেতনা। 'অনশ্বর জড়বিশ্বে জেগে থাকে মানুষী চেতন।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

চেতন-অচেতন [স] *বিণ* জাগ্রত অথবা সুপ্ত। 'তোমার তো চেতন-অচেতন পার্থক্যজ্ঞান নাই।' *রবীন্দ্র*, ১৮৯১।

চেতনগুরু [সা] *বি* আত্মা। 'চেতনগুরুর সঙ্গে কর ভগ্নাংশ শিক্ষা।' *লালন*, ১৮৯০।

চেতনপুর [সা] *বি* হৃদয়। 'চেতনপুরে ফুলের চারায় ধরলো নতুন কলি।' *শামসুর*, ১৯৬৬।

চেতন-বন [সা] *বি* চেতনারূপ বন। 'যেথায় অন্ধকার ঘনিয়ে আছে চেতন-বনের ছায়াতলে।' *রবীন্দ্র*, ১৯২৯।

চেতনমন [সা] *বি* সচেতন মন। 'চেতনমনের অগোচরে ইলেকট্রিক ডাকঘড়িতে কখন চাপ দিয়েছিল।' *রবীন্দ্র*, ১৯৪০।

চেতন মানা *ক্রি* চেতনা জাগ্রত হওয়া। 'যত পায় বেত না পায় বেতন, তবু না চেতন মানে।' *রবীন্দ্র*, ১৯০০।

চেতন-লোক [সা] *বি* সচেতনতা। 'ক্রমে ক্রমে চেতন-লোকের আলোতে যে উঠে আসছে।' *রবীন্দ্র*, ১৯১৭।

চেতনহারা [সা] *বিণ* অচেতন। 'চেষ্টাহারা চেতনহারা কেবল তন্দ্রাভরে।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

চেতনানন্দ [স চেতন-আনন্দ] *বি* চেতনার আনন্দ। 'আমার বক্ষে চেতনানন্দ হয়ে কাঁদ চুপে চুপে।' *নজরুল*, ১৯৪১।

চেতনা [সা] **১** *বিণ* সচেতন। 'কুমার চেতনা দেখি হরিস উসাবতি।' *মালাধর*, ১৫০০। **২** *বি* জীবন। 'মনুষ্যেরা পুত্তলিকার মুখ, চোখ, নাক, কান, হাত, পা সমুদয় গড়িতে পারে ... কিন্তু চেতনা দিতে পারে না।' *বিদ্যা*, ১৮৫১। **৩** *বি* উপলব্ধি। 'বেদনা আরো বেদনা দাও মোরে আরো চেতনা।' *রবীন্দ্র*, ১৯১২। **৪** *বি* অনুভূতি। 'অরুণরাঙা চেতনা জাগে চিতে। *রবীন্দ্র*, ১৯২৯। **৫** *বি* চৈতন্যজ্যোতি। 'আমারই চেতনায় পান্না হল সবুজ চুনি উঠল রাঙা হয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৬। **৬** *বি* চিন্তা। 'নানা কর্মে বিক্ষিপ্ত চেতনা।' *রবীন্দ্র*, ১৯৪১।

চেতনাচেতন [স] *বি* চেতনা ও চেতনাহীনতা। 'জগতের চেতনাচেতনের গূঢ়াদপি গূঢ় তত্ত্ব সকলই নখদর্পণ করিয়া ফেলিয়াছি।' *বঙ্কিম*, ১৮৭৪।

চেতনাচ্ছন্ন [সা] *বিণ* চিন্তায় আচ্ছন্ন। 'নাজমার চেতনাচ্ছন্ন মনও পুত্রের কথায় অতিমাত্রায় সজাগ হইয়া উঠিল।' *মাহেনও*, ১৯৪৯।

চেতনাজগৎ [স] *বি* বস্তুজগৎ। 'চেতনাজগতে তার বাসস্থান বটে কিন্তু এক অদৃশ্য অচেনা লোকেরই সে বাসিন্দা।' *আলাউদ্দিন*, ১৯৬০।

চেতনাদীপ্ত [স] *বিণ* জাগরিত। 'নারী সমাজকে নতুন করে চেতনাদীপ্ত করে তোলে।' *বেগম*, ১৯৬৬।

চেতনাধর্মী [সা] *বিণ* চেতনাসম্পন্ন। 'চেতনাধর্মী সত্তা এবং উপাদানসম্পন্ন প্রকৃতির সঙ্গমে রূপ এবং অর্থের জন্ম।' *শিব*, ১৯৫০।

চেতনাধারা [সা] *বি* চিন্তার প্রবাহ। 'চমকি কম্পিছে চেতনাধারা।' *রবীন্দ্র*, ১৯০৭।

চেতনানন্দ দ্র চেতন

চেতনাপ্রাপ্ত [সা] *বিণ* হুঁশ ফিরেছে এমন। 'আমি যখন পুনর্বার চেতনাপ্রাপ্ত হইলাম।' *বঙ্কিম*, ১৮৭৪।

চেতনাবান [সা] *বিণ* চৈতন্যময়। 'আপনার প্রাণবান গতিবান চেতনাবান পক্ষিজন্ম সম্পূর্ণভাবে উপলব্ধি করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

চেতনাবোধ [সা] *বি* সজ্ঞান উপলব্ধি। 'রাজনৈতিক চেতনাবোধ জাগ্রত করার জন্য।' *বেগম*, ১৯৪৯।

চেতনাময় [সা] *বিণ* চেতনাযুক্ত। 'আমাদের জড়দেহ চেতনাময় ও সৃজনশীল হইয়া উঠিয়াছে।' *জগদীশ*, ১৮৯৫।

চেতনা মানা *ক্রি* চৈতন্য হওয়া। 'যদি কোনো দিন তোমার আহ্বানে সুপ্তি আমার চেতনা না মানে/ বজ্রবেদনে জাগায়ো আমারে।' *রবীন্দ্র*, ১৯০০।

চেতনাযুক্ত [সা] *বিণ* জ্ঞানসম্পন্ন। 'মুষ্টিমেয় শিক্ষিতা ও রাজনৈতিক চেতনাযুক্ত নারী যদি অধীর হয়ে পড়েন ...।' *বেগম*, ১৯৪৯।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চেতনালব্ধ [স] *বিণ* অনুভূতির মাধ্যমে প্রাপ্ত। 'চেতনালব্ধ সহজ সত্যের সরল স্বীকারোক্তি।' *নজরুল*, ১৯২৩।

চেতনাশূন্য [স] *বিণ* অচেতন। 'চেতনাশূন্য শয্যাধরা, প্রায় মরা রোগীর মুখে ...।' *মশাররফ*, ১৮৮৯।

চেতনাসঞ্চার [স] *বি* চেতনা জাগ্রতকরণ। 'জড় উপাদানের মধ্যে যেন এক অপূর্ব নিয়মে চেতনা সঞ্চার ...।' *রবীন্দ্র*, ১৮৮৭; 'তখন চেতনাসঞ্চারের জন্য অহমিকাবাণীর দরকার হয়ে পড়ে।' *মোতাহের*, ১৯৫০।

চেতনাসমৃদ্ধ [স] *বিণ* চৈতন্যময়। 'তাঁর লোকোত্তর চেতনাসমৃদ্ধ হৃদয় থেকে গভীর ধ্যান ও জ্ঞানের কথা।' *হাই*, ১৯৫৪।

চেতনাসম্পন্ন [স] *বিণ* চৈতন্যময়। 'মানসিক অনুভবশক্তি সম্বন্ধে নিজের চতুর্দিকের চেয়ে অধিক চেতনাসম্পন্ন হওয়া ভারী আপদের।' *রবীন্দ্র*, ১৮৯২।

চেতনাসিন্ধু [স] *বি* চেতনারূপ সমুদ্র। 'চেতনাসিন্ধুর ক্ষুব্ধ তরঙ্গের মৃদঙ্গগর্জনে নটরাজ করে নৃত্য।' *রবীন্দ্র*, ১৯৩২।

চেতনাসূর্য [স] *বি* চৈতন্যরূপ সূর্য। 'এদেশে প্রতীচ্য-চেতনাসূর্যের উদয় ঘটে রামমোহনের মাধ্যমেই।' *রমেন*, ১৯৭০।

চেতনাহীন [স] *বিণ* বোধশক্তিহীন। 'চেতনাহীন ছায়ামাত্রসার আমারো নামটা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

চেতনাহীনতা [স] *বি* সংজ্ঞাহীনতা। 'সে চেতনাহীনতা থেকে ক্ষীণভাবে তার মনে একটি প্রশ্ন জাগে।' *ওয়ালী*, ১৯৬৪।

চেতস [স চৈতন্য] *বি* টিকি। 'চেতসের গোড়া।' *মানোএল*, ১৭৪৩।

চেতয়িতা [স] *বি, বিণ* চেতনা সঞ্চারকারী। '... সমস্ত চেতনার চেতয়িতা, তাঁহাকে সেই নিত্যরূপে, সেই চেতয়িতারূপেই পাইতে চাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

চেতা, চেতানো [স চেতন>] ১ *ক্রি* সংবরণ করা। 'ন চেতএ চীর।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *ক্রি* উতলা করা। 'এ সখী চেতাওসি মোহে।' *বাহরাম*, ১৬৫০। ৩ *ক্রি* জাগা। 'সখী বোলে চেতন চেতহ মন মাঝ।' *আলাওল*, ১৬৮০। ৪ *ক্রি* জাগ্রত করা। 'পুনর্বার আসিয়া চেতাইল সেই জনে।' *সুলতান*, ১৭০০। ৫ *ক্রি* রাগানো। 'তদ্বিষয়ে আমারদিগকে বিলক্ষণ চেতাইয়াছেন।' *দর্পণ*, ১৮৩২। ৬ *ক্রি* চেতনা দান করা। 'অমৃত-আসারে চেতাইবি মৃত-কল্পে।' *মাইকেল*, ১৮৬৬। ৭ *ক্রি* উস্কে দেওয়া। 'নূতন ভাবের সংঘাত আমাদের হৃদয়কে চেতাইয়া তুলিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০২। ৮ *ক্রি* উত্তেজিত করা। 'দুঃখের অনুভূতি আমাদেরকে সবচেয়ে বেশি চেতিয়ে রাখে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

চেতাবনী [স] *বি* সতর্কবাণী। 'চোঙা ফুঁকে নানারূপ চেতাবনী দেওয়া হয়।' *হাসান*, ১৯৬৭।

চেন [হি] ১ *বি* শিকল। 'মস্ত চেন ঝুলচে।' *দীনবন্ধু*, ১৮৬৬। ২ *বি* গলার অলংকারবিশেষ। 'তাঁহাদের চাপকান চেন চাদরবিভূষিত।' *বঙ্কিম*, ১৮৭৪। ৩ *বি* আবরণী আটকানোর জন্য ছোটো দাঁতওয়ালা ধাতব চেইন। 'প্যান্টের চেন টানতে টানতে জাফর ফিরে আসে।' *ইলিয়াস*, ১৯৭৫।

চেন-ছাড়া [হি চেইন+ছাড়া] *বিণ* বন্ধন থেকে মুক্ত। 'কেউ বেরয় চেন-ছাড়া পাখির মত তিড়িং তিড়িং করে।' *মুজতবা*, ১৯৫৮।

চেন-স্মোকার [ই] *বি* বিরতিহীনভাবে ধূমপান করে যে। 'সন্ধ্যা সাতটা থেকে রাত দুটো অবধি চেন-স্মোকারদের মত এ্যাটুখানি ...।' *মুজতবা*, ১৯৬৬।

চেনা[১] [স চিহ্ন>] *বি* জানাশোনা। 'চেনা পরিচয় নাহি করে কাটাকাটি।' *গরীব*, ১৭৫০।

চেনাচিনি, চেনাচেনি [স চিহ্ন>] *বি* পরস্পরকে জানা বা চেনা। 'ইশারাতে চলছে চেনাচিনি।' *রবীন্দ্র*, ১৯২২; 'চোখে চোখে আজ চেনাচেনি।' *নজরুল*, ১৯২৮।

চেনা-চেনা *বিণ* কিছুটা পরিচিত। 'মাঝে মাঝে যেন চেনা-চেনা-মতো মনে হয় থেকে থেকে।' *রবীন্দ্র*, ১৮৯৫; 'তাকে যেন চেনা-চেনা বলে মনে হল।' *মুজতবা*, ১৯৪৯।

চেনাজানা *বিণ* পরিচিত। 'চেনাজানা লোকের সহিত সাক্ষাৎ হইবার কোন সম্ভাবনাও নাই।' *মনসুর*, ১৯৫৫।

চেনা বামুনের পৈতের দরকার হয় না – সুপরিচিত লোকের পরিচয় দেওয়ার প্রয়োজন হয় না। 'চেনা বামুনের পৈতের দরকার হয় না।' *রবীন্দ্র*, ১৯০২।

চেনাশুনো *বিণ* পরিচিত। 'চেনাশুনো জিনিসে পণ্ডিতের মনস্তুষ্টি হয় না।' *প্রমথ*, ১৯১৬।

চেনাশোনা [চেনা+শোনা] ১ *বি* আলাপ-পরিচয়। 'ক্ষীণালোকে বুঝি মনে পড়ে দুই অচেনার চেনাশোনা।' *রবীন্দ্র*, ১৮৮৬। ২ *বি* মেশামেশি। 'সেইখানেতে আলোছায়ার চেনাশোনা।' *রবীন্দ্র*, ১৯২৬। ৩ *বি* পরিচিত জগৎ। 'চেনা শোনার কোন বাইরে যেখানে পথ নাই নাইরে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

চেনাহাঁটা *বি* পরিচিত জনের চলাফেরা। 'কিছুক্ষণের মধ্যেই গেটের কাছে চেনাহাঁটার শব্দ।' *আলাউদ্দিন*, ১৯৬৬।

চেনা[২] [স চিহ্ন>] ১ *ক্রি* জেনে নেওয়া। 'আমি চাই মানুষ আমাকে আপনার লোক বলিয়া চিনিয়া লইবে।' *রবীন্দ্র*, ১৮৯৭। ২ *ক্রি* উপলব্ধি করা। 'চিনতেম যদি চরণ-জোড়া কপাল হতো কি এমন পোড়া?' *রবীন্দ্র*, ১৮৯৯। **চেনহ** [স চিহ্ন>] *ক্রি* জানো। 'হালাল হারাম যাহা চেনহ যতনে।' *গরীব*, ১৭৬৫।

চেনার *বি* গাছবিশেষ। 'সারা কাশ্মীর সুদৃশ্য চেনার বৃক্ষে ছাইয়া ফেলিয়াছে।' *বিভূতি*, ১৯৩৮।

চেপটা [স চিপিট>] *বিণ* চাপে থেবড়া হয়েছে এমন। *বিদ্যা*, ১৮৯১; 'নবেন্দু ... চাপিয়া চেপটা করিয়া বেলিয়া দেয়।' *রবীন্দ্র*, ১৮৯৮।

চেপেচুপে [স চাপ>] ১ *ক্রিবিণ* গোপন ক'রে। 'ডুবে দেখ দেখি মন ভবকূপে/ আর কত দিন রাখবা চেপেচুপে।' *লালন*, ১৮৯০। ২ *ক্রিবিণ* জোরজুরি ক'রে। 'আমরা চাঁচজনের পড়ে চেপেচুপে কোনো গতিকে ওর বিয়েটা দিয়ে দিতে হচ্ছে।' *রবীন্দ্র*, ১৯০৪। ৩ *ক্রিবিণ* গাদাগাদি ক'রে। 'কী জানি কোন দোষে ঠেলেঠুলে চেপেচুপে মোরে ...। *রবীন্দ্র*, ১৯২৫। ৪ *ক্রিবিণ* গুছিয়ে। 'বালিশ একটু চেপে-চুপে ঠিক করে গায়ের উপর গরম কাপড়টা টেনে দিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

চেপ্টা [স চিপিট>] *বিণ* চাপে থেবড়া হয়েছে এমন। 'তাহাদের চক্ষু কোমল ও চেপ্টা।' *অক্ষয়*, ১৮৪৫।

চেবট্টা [স চিপিটা] *বিণ* চ্যাপটা। 'চেবট্টা করিতে।' *মানোএল*, ১৭৪৩।

চেবা [স চেতন>] *ক্রি* বুঝতে পারা। 'স্বপরাপর ন চেবই দারিক সঅলানুত্তর মাণী।' *চর্যা* ৩৪, ১২০০।

চেবেল্লা [আ সাফাহ্>?] *বিণ* দুর্বিনীত। 'দুটি বন্ধুতেই এত বেশি বেয়াদব আর চেবেল্লা হয়ে পড়েছিল ...।' *নজরুল*, ১৯২৭।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চেম্পিয়ন [ই] *বি* প্রতিযোগিতায় বিজয় লাভকারী। 'গেল বছরই এ অঞ্চলের চেম্পিয়ন হয়েছে।' *মুজতবা*, ১৯৫২।

চেম্বার, চেম্বর [ই] ১ *বি* আইনজীবীদের দপ্তর। 'সুদূর শহরে হোথা চেম্বারে চেম্বারে হাসিল গ্রান্ডারি যত জজ।' *সত্যেন্দ্র*, ১৯১৭। ২ *বি* কক্ষ। 'একতলায় মাটির নীচে ব্রিক চেম্বার।' *শ্যামল*, ১৯৬৭।

চেম্বর অফ কমার্স, চেম্বার অব কমার্স [ই] *বি* ব্যবসায়ীদের সংগঠনবিশেষ। 'চেম্বর অফ কমার্স অর্থাৎ বাণিজ্য সমাজের দ্বারা যেমন বাণিজ্য বিষয় রক্ষা পাইতেছে।' *দর্পণ*, ১৮৩৭; 'নীলকর রাজা, চা-কর রাজা, চেম্বর অফ কমার্স রাজা।' *রবীন্দ্র*, ১৯০৩; 'চেম্বার অব কমার্স নামক শ্বেতাঙ্গ ব্যবসায়ী সঙ্ঘের প্রেসিডেন্ট।' *সওগাত*, ১৯৩৯।

চেয়ন [স চেতন] *বি* চেতন; হুঁশ। 'আমার বাচ্চাকে না মেরে দেখি তোমার চেয়ন হবে না।' *মাহেনও*, ১৯৪৯।

চেয়াড় [স চঞ্চা] *বি* তীক্ষ্ণধার বাঁশের ছাল। 'দোয়াড়ি চেয়াড় বাণ তরয়ার খরসান ভুষণ্ডি ডাবুস চক্রবাণ।' *মুকুন্দ*, ১৬০০।

চেয়াড়ি *বি* শলাকা। 'সোনার চেয়াড়িতে সিঁদুর নিয়ে ভুরুর মাঝে টিপ পরছেন।' *অবন*, ১৮৯৬।

চেয়ার [ই] *বি* চার পা-ওয়ালা ও পেছনে হেলান দেওয়ার ব্যবস্থা-সংবলিত আসনবিশেষ। 'সকলি ইংরাজি কেতা, টেবিল চেয়ারের মজলিস।' *হুতোম*, ১৮৬১।

চেয়ারম্যান [ই] *বি* প্রধান কর্মকর্তা। 'লাইফ ইনসিওরেন্স কোম্পানির চেয়ারম্যান।' *জীবন*, ১৯৩২।

চেয়ারম্যানশিপ [ই] *বি* সভাপতিত্ব। 'ত্রিশ বছর ... চেয়ারম্যানশিপ করে এই তো হল।' *জীবন*, ১৯৩২।

চেয়ে *অব্য* হতে; থেকে। 'কবি, তব মনোভূমি রামের জনমস্থান অযোধ্যার চেয়ে সত্য জেনো।' *রবীন্দ্র*, ১৮৯৯।

চেয়েচিন্তে *দ্র* চাওয়া

চেরা [স চীর্ণ] *ক্রি* বিদীর্ণ করা। 'তুমি যদি মন কর পর্বত চিরিতে পার।' *মুকুন্দ*, ১৬০০।

চেরা-কণ্ঠ [স চীর্ণ-কণ্ঠ] *বি* ভাঙা গলা। 'প্রায় আসন্ন-মৃত্যু রোগীর মত চেরা-কণ্ঠে ইয়াকুব ডাকিল।' *শওকত*, ১৯৫৮।

চেরাগ [ফা চিরাগ] ১ *বি* প্রদীপ। 'ঘরের চেরাগ পুত্র করেত রৌশন।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* আলো। 'দীনের চেরাগ আলেম ফাজেলেরা ...।' *মনসুর*, ১৯৩৫। ৩ *বি* জ্যোতি। 'সূর্মা আঁকা আঁখির চেরাগ চাই না আজ।' *বেনজীর*, ১৯৪৫।

চেরানো [স চীর্ণ] *ক্রি* ফাঁক করা। 'চেরাইতে।' *মানোএল*, ১৭৪৩।

চেরাপুঞ্জি *বি* আসামের চেরাপুঞ্জি নামক সর্বাধিক বৃষ্টিপাতের স্থান। 'অভিষেকের বারি ঝরে নিত্য চেরাপুঞ্জিতে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

চেরি, চেরী [ই] ১ *বি* ফল ও ফুলবিশেষ। 'পথে হল দেরি, ঝরে গেল চেরি।' *রবীন্দ্র*, ১৯২৭; 'ও যে চেরীফুল তব বন-বিহারিণী।' *রবীন্দ্র*, ১৯২৭। ২ *বি* লাল রঙের ছোটো ফলবিশেষ। 'কাবুলের আঙুর, কান্দাহারের চেরী।' *মুজতবা*, ১৯৪৯।

চেরিটি [ই চ্যারিটি] *বিণ* দাতব্য। 'চেরিটি বা দাতব্য স্কুল।' *প্রভাকর*, ১৮৩১।

চেরিটেবল [ই চ্যারিটেব্‌ল] *বিণ* দাতব্য। 'হিন্দু চেরিটেবল ইনষ্টিটিউসন।' *দর্পণ*, ১৮৩৮।

চেরু *বি* এক প্রকার লেবু বা তার গাছ। 'চেরু বিরুঅ ফেরুস।' *বটু*, ১৪৫০।

চেরেক পাও হওয়া *ক্রি* (ঘোড়ার বেলায়) পেছনের দুই পায়ে ভর দিয়ে দাঁড়ানো। 'চেরেক পাও হইতে।' *মানোএল*, ১৭৪৩।

চেরেচ [ফা সিরীশ] *বি* শিরিশ আঠা। *মানোএল*, ১৭৪৩।

চেরেট [ই] *বি* দুজন আরোহী যেতে পারে এমন চার চাকার হালকা ঘোড়ার গাড়ি। 'চেরেট গাড়িতে আরোহণ করিয়া ... বাগানে প্রস্থান করিলেন।' *ভবানী*, ১৮২৫।

চেরেটী [ই চ্যারিটি] *বিণ* দাতব্য; বিনাবেতনে পড়ানো হয় এমন। 'চেরেটী স্কুল।' *দর্পণ*, ১৮৩৭।

চেরো *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'সে সকল চেরো এবং কোলজাতীয়দিগের নির্ম্মিত।' *বঙ্কিম*, ১৮৯২।

চেল[১] [স তণ্ডুল] *বি* চাল। 'এক সের চেলের অন্ন এক গ্রাসে খাই।' *মানিকরাম*, ১৭৮১।

চেল[২] [স] *বি* ধুতি বা শাড়ি; কাপড়। 'চেলের পুটলি এক আছে ডান হাতে।' *ভবানী*, ১৮২৫।

চেলাঞ্চল [স চেল-অঞ্চল] *বি* শাড়ির আঁচল। 'বেণুচ্ছায়া তোমার চেলাঞ্চলে উঠিছে স্পন্দিয়া।' *রবীন্দ্র*, ১৯৩১।

চেল[৩] [স চাল] *বি* ধরন; ঢঙ। 'হিন্দু হয়ে কেন চল সাহেবের চেলে।' *গুপ্ত*, ১৮৫৮।

চেলা[১] [স] ১ *বি* শিষ্য। 'রায়ঠাকুরের তথা ছিল এক চেলা।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* অনুসারী। 'চেলা খানেজাদ যত কে করে গণন।' *ভারত*, ১৭৬০।

চেলাগিরি [হি চেলা+ফা গিরি] *বি* শিষ্যত্ব। 'আমি চেলাগিরিতে যেটের কোলে ষোলয় পা দিইছি।' *গিরিশ*, ১৮৮৭।

চেলাচামুণ্ডা [হি চেলা+স চামুণ্ডা] *বি* শিষ্য ও অন্ধ অনুগামী। 'তাঁর চেলাচামুণ্ডারা আমায় লিখতে শেখাবার জন্য সমুৎসুক।' *নজরুল*, ১৯২৬।

চেলাসমেত [হি চেলা+স সমেত] *ক্রিবিণ* শিষ্যসমেত। 'চেলাসমেত তার নামও উহ্য রাখা তারা বুদ্ধিসঙ্গত মনে করে থাকবে।' *ওয়ালী*, ১৯৬৮।

চেলা[২] *বি* মাছবিশেষ। 'পাঁকাল খয়রা চেলা তেচক্ষা এলেঙ্গা।' *ভারত*, ১৭৬০।

চেলা[৩] [স চীর্ণ] ১ *বি* শক্ত মাটির চাপ। 'পোয়ালের কুণ্ড সম হনুমান তোলে চেলা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* ফাড়া অংশ। 'কিছু কাঠের চেলা উঠানে পড়িয়াছিল।' *বঙ্কিম*, ১৮৮২। ৩ *বি* ফাড়া কাঠ। 'তোমার কনে গড়াতে দিয়েছি, মোটা মোটা সুঁদরীর চেলা দিয়ে!' *গিরিশ*, ১৮৮৯।

চেলাকাঠ [স চীর্ণকাষ্ঠ] *বি* ছোটো চেলি কাঠ। 'ফুটি ফাটা হল ঘাট চেলাকাঠ যেন মাঠ।' *গুপ্ত*, ১৮৫৮।

চেলাঞ্চল *দ্র* চেল[২]

চেলানো *ক্রি* দূরে অপসারণ করা। 'চেলাইতে।' *মানোএল*, ১৭৪৩।

চেলি, চেলী [স চেলিকা] *বি* রেশমি কাপড়। 'চেলীর শাড়ী।' *দর্পণ*, ১৮১৯; 'চুমকি জড়িত চারু পীতাম্বরী চেলি।' *গুপ্ত*, ১৮৫৮।

চেলি-পরা *বিণ* চেলি-পরিহিত। 'ওই অবগুণ্ঠিতা চেলি-পরা মেয়েটিই আবার আমার সঙ্গিনী হইতে চলিয়াছে।' *বনফুল*, ১৯৩৬।

চেল্লাচিল্লি, চেল্লাচেল্লি [স চিল্ল>] ১ *বি* কথার বাড়াবাড়ি। 'তিন দিনের

AMARBOI.COM

বর্ষা, তার জন্য বারো মাস চেলাচিল্লি।' *মুজতবা*, ১৯৪৯। ২ *বি* চিৎকার-চেঁচামেচি। 'চেল্লাচেল্লি না করে তবে দুনিয়ার সামনে তারা মুখ দেখাতে পারে না।' *মুজতবা*, ১৯৫২।

চেল্লানি [স চিল্ল>] *বি* চিৎকার। 'প্রচণ্ড চেল্লানি অস্পষ্ট সাগর গর্জনের মতো মিঠে লাগে।' *হাসান*, ১৯৬৭।

চেল্লো [ই] *বি* খাদে বাজানোর বড়ো বেহালাবিশেষ। 'বাপ পিয়ানো আর মেজো ছেলে হুবের্ট চেল্লো ...।' *মুজতবা*, ১৯৫২।

চেষ্ট [স] *বি* চেষ্টা। 'পয়ার লিখ্‌তে চেষ্ট করি।' *হুতোম*, ১৮৬১।

চেষ্টবেগ [স] *বি* আগ্রহ। 'রাষ্ট্রহিতৈষার চেষ্টবেগ যতই বাড়িতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৫।

চেষ্টক [স] ১ *বিণ* সচেষ্ট। 'ইংরাজী পড়িবার নিমিত্ত বাবুরা স্বয়ং চেষ্টক হইলেন।' *ভবানী*, ১৮২৫। ২ *বি* প্রয়াসী। 'আপনি দেশের মঙ্গলাকাঙ্ক্ষী ধর্ম্ম প্রতিপালনচেষ্টক।' *চন্দ্রিকা*, ১৮৩০। ৩ *বি* উদ্যোক্তা। 'সতীরীতিবারণের প্রথম চেষ্টক।' *দর্পণ*, ১৮৩৪।

চেষ্টড্রয়ার [ই] *বি* দেরাজওয়ালা আলমারিবিশেষ। 'চেষ্টড্রয়ারের একটি দেরাজ খুলিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮।

চেষ্টনাট [ই] *বি* কাঠবাদাম গাছ ও এর ফুল। 'মে মাস ছিল টিউলিপ, উইলো ... চেষ্টনাট আর ডেইজীর।' *হাই*, ১৯৫৮।

চেষ্টনিয়া [স চেষ্টা>] *বিণ* প্রার্থনাকারী। *মানোএল*, ১৭৪৩।

চেষ্টা [স] *বি* প্রয়াস। 'এমন চেষ্টা হইল তাহার।' *মালাধর*, ১৫০০।

চেষ্টা-চরিত্তির [স চেষ্টা-চরিত্র] ১ *বি* তদবির। 'চেষ্টা-চরিত্তির করে এ-সব জিনিস হয় না।' *প্রমথ*, ১৯১৬। ২ *বি* উদ্যোগ-আয়োজন। 'আমার কবি না হওয়ার জন্যে যা-কিছু চেষ্টা-চরিত্তির করার প্রয়োজন।' *নজরুল*, ১৯২২।

চেষ্টা চরিত্র [স] *বি* তদবির। 'তবু অনেক চেষ্টা চরিত্র ধরাধরির ফলে ... ফ্রী-বেডের ব্যবস্থা হয়েছে।' *নরেন্দ্র*, ১৯৪৫।

চেষ্টাতুর [স চেষ্টা-আতুর] *বিণ* চেষ্টা করছে এমন। 'একমাত্র বৃদ্ধির নিমিত্তেই সতত চেষ্টাতুর।' *দর্পণ*, ১৮৩৩।

চেষ্টান্তর [স চেষ্টা-অন্তর] *বি* অন্য উপায়। 'ঈশ্বর আছেন ইহাই বলিয়া চেষ্টান্তর পাইতে লাগিল।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

চেষ্টান্বিত [স চেষ্টা-অন্বিত] *বিণ* সচেষ্ট। 'একবার সকলে চেষ্টান্বিত হইয়াছিলেন।' *দর্পণ*, ১৮২৯।

চেষ্টাবেগ [স চেষ্টা-আবেগ] *বি* উদ্যোগ-আয়োজন। 'রাষ্ট্রহিতৈষার চেষ্টাবেগ যতই বাড়িতে থাকে।' *রবীন্দ্র*, ১৯০৫।

চেষ্টাশীল [স] *বিণ* প্রয়াসী; সচেষ্ট। 'যাঁহারা চেষ্টাশীল তাঁহাদের চেষ্টা ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

চেষ্টাশূন্য [স] *বিণ* তৎপরতাহীন। 'চেষ্টাশূন্য দীর্ঘ দিনরাত্রির একমাত্র কাজ ছিল।' *রবীন্দ্র*, ১৯০১।

চেষ্টাসাধ্য [স] *বিণ* চেষ্টা দিয়ে সম্পন্ন করা সম্ভব এমন। 'চেষ্টাসাধ্য অধিক পত্তন না করিতে পারিলে পশ্চাৎ পত্তন হওন ভার হইবেক।' *রামরাম*, ১৮০২।

চেষ্টাহারা [স] *বিণ* নিশ্চেষ্ট। 'চেষ্টাহারা চেতনহারা কেবল তন্দ্রাভরে।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

চেষ্টিত [স] ১ *বিণ* চেষ্টা করেছে এমন। 'এই মত মহাপ্রভু প্রতি রাত্রিদিনে/ উন্মাদ-চেষ্টিত হয় প্রলাপবচনে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* সচেষ্ট। 'পরোপকার করিতে সর্বদা চেষ্টিত থাকেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

চেষ্টীত [স চেষ্টিত] *বিণ* চেষ্টিত। *ক্যালগে*, ১৭৯২।

চেস [ই] *বি* দাবা। 'চেস ম্যাগাজিন নিয়ে পড়ে।' *নজরুল*, ১৯৩১।

চেসবোর্ড [ই] *বি* দাবা খেলার বোর্ড। 'মাঝে চেসবোর্ড একধারে চেয়ারে শিউলি।' *নজরুল*, ১৯৩১।

চেহলাম [ফা চহলাম] *বি* মুসলমান সমাজে প্রচলিত মৃত্যুর চল্লিশদিন পরের অনুষ্ঠান। 'চল্লিশ দিন গত হওয়ার পর চেহলাম বা চল্লিশা এলো।' *মাহেনও*, ১৯৪৯।

চেহারা [ফা চিহরাহ্] ১ *বি* আকৃতি। 'পাইবা চোরের জাতি দেখ চেহারায়।' *ভারত*, ১৭৬০। ২ *বি* রূপ। 'আয় না, আরেক চেহারা দেখবি।' *গিরিশ*, ১৮৮৯। ৩ *বি* মুখচ্ছবি। 'কাদম্বিনীর যেরূপ চেহারা হইয়াছিল ...।' *রবীন্দ্র*, ১৮৯২। ৪ *বি* বিন্যাস। 'সবসুদ্ধ ঘরের চেহারা অন্যরকম।' *রবীন্দ্র*, ১৯০২।

চেহারাবাজ [ফা] *বিণ* রূপবান। 'মেয়ে-মানুষ দেখা মনে করেছ, তোমরাই চেহারাবাজ!' *গিরিশ*, ১৮৮৯।

চৈ [স চবি] *বি* মসলার মতো রান্নার উপযোগী ঝাল স্বাদের লতা। *বিদ্যা*, ১৮৯১; 'চৈ মিশানো নারিকেল তৈল।' *বিভূতি*, ১৯৩১।

চৈই [স চবি] *বি* মসলার মতো রান্নার উপযোগী ঝাল স্বাদের লতা। 'ধুম নিধুম রান্ধে দিয়া চৈই র ঝাল।' *বিজয়*, ১৬৫০।

চৈৎ [স চৈত্র] *বি* চৈত্র মাস। 'চৈৎ-বৈশাখ মাসে রাস্তায় ফেরিওয়ালা হেঁকে যেতো।' *রবীন্দ্র*, ১৯৪০।

চৈত [স চৈত্র] *বি* চৈত্র; বাংলা মাসবিশেষ। 'আইল চৈত মাস।' *বড়ু*, ১৪৫০।

চৈতনচুটকি [স চৈতন্য>+স চূড়া] *বি* টিকি। 'লম্বাচুলের চৈতনচুটকি সর্ব্বদা খোপার মত বাঁধা থাকতো।' *হুতোম*, ১৮৬১।

চৈতন ফক্কা [স চৈতন্য>+স ফক্কিকা] *বি* টিকি। 'মতায় কামান চৈতন ফক্কা ঝুটি করে বাঁদা।' *হুতোম*, ১৮৬১।

চৈতনি ঝাণ্ডা [স চৈতন্য>+মু ঝাণ্ডা] *বি* টিকি। 'রাখি ফেজে চৈতনি ঝাণ্ডা।' *নজরুল*, ১৯৩১।

চৈতন্য [স] ১ *বি* চেতনা। 'বিষে বিষ হরিল চৈতন্য পাইল ভিম।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বিণ* সজ্ঞান। 'রাণী অপূর্ব্ব স্বপ্ন দেখিয়া চৈতন্য হইয়া রাজাকে গাত্রোত্থান করাইলেন।' *রাজীব*, ১৮০৫।

চৈতন্যকথা [স] *বি* চৈতন্যমাহাত্ম্য। 'চৈতন্যকথা বিনা মুখে আর কথা নাই।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চৈতন্যচরিত [স] *বি* চৈতন্যদেবের জীবন-কাহিনি। 'তাঁর কি অদ্ভুত চৈতন্যচরিত বর্ণন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চৈতন্য চুটকি [স চৈতন্য+স চূড়া] *বি* টিকি। 'তাঁর পাঁচপুয়া পরিমিত চৈতন্য চুটকিটা ভেকছানাসম ...।' *নজরুল*, ১৯২৪।

চৈতন্যজন্য [স] *ত্রিবিণ* সচেতনতার জন্য। 'লোকসকলের চৈতন্যজন্য নাগরাঘারা বাদ্যোদ্যম করিলে।' *দর্পণ*, ১৮৩৪।

চৈতন্যধারা [স] *বি* চেতনাপ্রবাহ; অনুভূতি। 'যে চৈতন্যধারা সহসা উদ্ভূত হয়ে অকস্মাৎ হবে গতিহারা।' *রবীন্দ্র*, ১৯৩২।

চৈতন্যপন্থী [স চৈতন্য-পন্থাঃ] *বিণ* চৈতন্যদেবের অনুসারী। 'চৈতন্যপন্থী বৈষ্ণবসম্প্রদায়ের মুখে রূপান্তরিত হয়েই ...।' *প্রমথ*, ১৯২৮।

চৈতন্যপ্রখর [স] *বিণ* শাণিত চেতনাসম্পন্ন। 'আমার পুরনো কান্তে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পুড়ে গেছে ক্ষুধার আগুনে/ তাই দাও দীপ্ত কাস্তে চৈতন্যপ্রখর – ।' *সুকান্ত*, ১৯৪৮।

চৈতন্য-বিমুখ [স] *বিণ* অবৈষ্ণব। 'চৈতন্য-বিমুখ যেই সেই ত পাষণ্ড।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চৈতন্যবোধ [স] *বি* চেতনা। 'আমার চৈতন্যবোধকে গভীরতম সুষুপ্তি থেকে বাঁচিয়ে রাখল।' *মুজতবা* ১৯৫২।

চৈতন্যভক্ত [স] *বি* বৈষ্ণব। 'গৌড়দেশের ভক্তের কৈল সংক্ষেপে গণন/ অনন্ত চৈতন্যভক্ত না যায় কথন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চৈতন্যরহিত [স] *বিণ* অচেতন। 'চৈতন্যরহিত দেহ শুষ্ককাষ্ঠসম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চৈতন্যলোক [স] *বি* চেতনার জগৎ। 'অসীম চৈতন্যলোকে পথ দেখাইয়া দেয় যাহার চেতনা।' *রবীন্দ্র*, ১৯৪০।

চৈতন্যসত্তা [স] *বি* সচেতন সত্তা। 'একটা চৈতন্যসত্তা।' *বিভূতি*, ১৯৩১।

চৈতন্যসমুদ্র [স] *বি* চৈতন্যরূপ সাগর; চেতনা-জগৎ। 'তেমনই চৈতন্যসমুদ্রে নিমজ্জিত।' *শওকত*, ১৯৭২।

চৈতন্যসাধন [স] *বি* চেতনা সঞ্চার। 'ডাক্তার তার চৈতন্যসাধন করিয়া চলিয়া গেলেন।' *রবীন্দ্র*, ১৯১৪।

চৈতন্যহীনতা [স] *বি* অনুভূতিশূন্যতা। 'যেন চৈতন্যহীনতার কোন গহ্বর থেকে আচমকা উঠে এলো কাপ্তান হিকস।' *কায়সার*, ১৯৬২।

চৈতন্যোদয় [স] *বি* চেতনার জাগরণ; বোধোদয়। 'ইহাতে কিছু চৈতন্যোদয় হইয়াছে।' *সুলভ*, ১৮৭৩।

চৈতালি, চৈতালী [স চৈত্রালি] ১ *বিণ* চৈত্র মাসে উৎপন্ন। 'চৈতালি ... গিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯৬; 'চৈতালি ফসলে ... সৌন্দর্যের আগুন লাগিয়া রবীন্দ্র, ১৯১২। ২ *বি* চৈত্র মাসের ফসল; 'ফলিবে ... সোনার চৈতালী।' *সুধীন্দ্র*, ১৯২৯।

চৈতি, চৈতী [স চৈত্র>] *বিণ* চৈত্র মাসের; বসন্তকালীন। 'চৈতী রাতের গাইত গজল বুলবুলিয়ার বর।' *নজরুল*, ১৯২৫; 'কুসুমি-রাঙা শাড়িখানি চৈতি সাঁঝে পরবে রানী।' *নজরুল*, ১৯২৮; 'চৈতী ঢাকের বাদ্য শুনি।' *জসীম*, ১৯৩৩।

চৈতিফসল [স চৈত্র>+আ ফসল] *বি* চৈত্র মাসে উৎপন্ন ফসল। 'চৈতিফসল তুলবার সময় চাষিদের জোর করে ধরে এনে রাস্তা তৈরি করাচ্ছে।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

চৈতিবায় [স চৈত্র>+স বায়ু>] *বি* চৈত্র মাসের বাতাস। 'যায় প্রবীণ চৈতিবায়/ আয় নবীন শক্তি আয়।' *নজরুল*, ১৯২৭।

চৈতী হাওয়া [স চৈত্র>+আ হাওয়া] *বি* চৈত্র মাসের বাতাস। 'বইছে আবার চৈতী হাওয়া।' *নজরুল*, ১৯২৫।

চৈতে পাওয়া *বি* ভাবাবেগে আক্রান্ত হওয়া; উদাসীনতায় আক্রান্ত হওয়া। 'তাকেই চৈতে পাওয়া বলে।' *মানিক*, ১৯৩৬।

চৈত্য [স] *বি* বৌদ্ধ মঠ, মন্দির বা স্মৃতিস্তম্ভ। 'ধর্মশালা, বিহার, চৈত্য সংস্থাপিত ... হইয়াছিল।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

চৈত্যবট [স] *বি* মঠের নিকটস্থ বটগাছ। 'গ্রামবৃদ্ধদের ধারের নিকটে যে চৈত্যবট শুককাকালীতে মুখর ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

চৈত্যবিহার [স] *বি* বৌদ্ধ বিহার। 'গুহাগহ্বরে চৈত্যবিহারে বিপুলশক্তিসাধ্য শিল্পকলা অপর্যাপ্ত প্রকাশ পেয়ে গেছে।' *রবীন্দ্র*, ১৯৩২।

চৈত্য [স] *বি* চেতনা। 'জীবে সাক্ষাৎ নাহি তাহে গুরু চৈত্যরূপে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চৈত্র [স] *বি* বাংলা মাসবিশেষ। 'চৈত্র রহি কৈল সার্ব্বভৌম বিমোচন।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'চৈত্রমাসে পূজে হর নানা উপহারে।' *মুকুন্দ*, ১৬০০।

চৈত্রতপ্ত [স] *বিণ* চৈত্রমাসের তাপযুক্ত। 'চৈত্রতপ্ত দিনে যারা বেঁধেছিল একদা মৌচাক।' *ফররুখ*, ১৯৬৩।

চৈত্রপবন [স] *বি* চৈত্রের বাতাস। 'চৈত্রপবনে মম চিত্তবনে বাণীমঞ্জরী সঞ্চলিতা।' *রবীন্দ্র*, ১৯২৫।

চৈত্রবায় [স চৈত্রবায়ু] *বি* চৈত্র মাসের হাওয়া। 'যেন চৈত্রবায়ুবিতাড়িত হরিসুক্ত।' *দীপিকা*, ১৮৮৭।

চৈত্রমাস [স] *বি* বাংলা বছরের শেষ মাস। **চৈত্রমাসীয়** [স] *বিণ* চৈত্র মাসের। 'ঘাঁটোর নাচ অর্থাৎ চৈত্র মাসীয় নাচ।' *দর্পণ*, ১৮২২।

চৈত্রসংক্রান্তি [স] *বি* চৈত্র মাসের শেষ দিন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান। 'কাল চৈত্রসংক্রান্তি ... আমার নৃত্যের দিন।' *রবীন্দ্র*, ১৯৩২।

চৈত্রী [স] *বিণ* চৈত্র মাসে ফোটে এমন। 'পিয়ালাগুলি তুলে ধরো চৈত্রী লালা ফুলের প্রায়।' *নজরুল*, ১৯৫৯।

চৈদ্দ [পা চতুদ্দস] *বি* চোদ্দ। 'বন্দিনু ইমাম বার চৈদ্দ মাসুমে।' *গরীব*, ১৭৫৮।

চৈন [স] *বি* চীন দেশের অধিবাসী। 'চৈন, শক, পহ্লব এবং যবন সম্বন্ধেও তাহা কথিত হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৯২।

চৈনিক [স] *বিণ* চীন দেশীয়। 'চৈনিক পরিব্রাজক হোয়েন্থ সাঙ।' *বঙ্কিম*, ১৮৮৭।

চৈনিকত্ব [স] *বি* চীনা বৈশিষ্ট্য। 'এর মধ্যে ভারতীয়ত্ব যদি থাকে তবে ... আছে মার্কিনত্ব, চৈনিকত্ব, ইহুদীত্ব।' *অন্নদা*, ১৯৩৭।

চৈনিকীয় ভাষা [স] *বি* চীনদেশী ভাষা। 'আমরা ঐ ভাষাগুলি চৈনিকীয় ভাষা বলিব।' *বঙ্কিম*, ১৮৯২।

চৈব্যা [স চর্ব্য] *বি, বিণ* চর্ব্য। 'চৈব্য চোষ্য লেহ্য পেয় খোজএ সকল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চোআল [স কবল] *বি* চিবুক সংলগ্ন দু গালের অস্থি। 'চোয়াল একেবারে ভাঙ্গিয়া গিয়াছে।' *দর্পণ*, ১৮২৫।

চোঁচ ১ *বি* বাঁশের ধারালো ছাল। 'কুটো-কাটা ঝাঁটানোর জন্যে ছিল চোঁচের মতো খোঁচা দুফাক ঝাঁটা।' *অবন*, ১৯২৭। ২ *বি* কাঠের পাতলা ফালি। 'কাঠের চোঁচ ও টুকরা কুড়াইয়া আনে।' *বিভূতি*, ১৯৩১। ৩ *বি* চামড়া। 'কিসের মোটা ও শক্ত চোঁচ লেগে আছে।' *বিভূতি*, ১৯৩৩।

চোঁচা [ধ্বন্যা] *ক্রিবিণ* রুদ্ধশ্বাসে। 'থলি ফেলে চোঁচা দৌড়ে রাস্তায় এসে হাঁপ ছাড়লেন।' *হুতোম*, ১৮৬১।

চোঁ চোঁ, চোঁ চোঁ চোঁ [ধ্বন্যা] ১ *বি* ক্ষুধার আধিক্য নির্দেশক শব্দ। 'পেটের মধ্যে চোঁ চোঁ করতে আরম্ভ করেছে।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *ক্রিবিণ* কোনোদিকে না তাকিয়ে। 'দে দৌড় চোঁ চাঁ আঁধমহলে পাঁচিল হতে নেমে।' *নজরুল*, ১৯২৬। ৩ *ক্রিবিণ* অবিরাম চোঁ শব্দ ক'রে। 'দেশলাই জ্বালিয়ে বিড়ি ধরিয়ে চোঁচোঁ টানতে থাকবে।' *হাসান*, ১৯৬০। ৪ *বি* শরীর থেকে রক্তপানের ধ্বনি। 'চোঁ-চোঁ-চোঁ করে কেবল রক্ত টেনে চলেছে।' *মুনীর*, ১৯৬১।

চোঁ মারা *ক্রি* শব্দ ক'রে চুমুক দেওয়া। 'চোঁ মেরে সমস্ত মালসা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নিঃশেষ করলে ...।' *শওকত*, ১৯৭২।

চোঁতা [স চ্যুত>] *বিণ* (কাগজের ক্ষেত্রে) টুকরা। 'কেবল চোঁতা কাগজে ঘটনাবলীর একটু একটু ইতিহাস টোকা আছে।' *অবন*, ১৯৪১।

চোঁয়া [স চুক্র>] *বিণ* টক গন্ধযুক্ত। 'ধোঁয়া বিনে চোঁয়া ঢেকুর ঠেলে ওঠে কণ্ঠমূলে।' *নজরুল*, ১৯৩২।

চোঁয়ানো[১], **চোঁয়ান** [স চ্যু>] *বিণ* চুইয়ে পড়েছে এমন। 'তোমার হৃদয়ে সাধারণ রক্তও নাই, – পাথর চোঁয়ান রস থাকিতে পারে।' *মশাররফ*, ১৮৮৫।

চোঁয়ানো[২] [স চ্যু>] *ক্রি* তরল পদার্থের আস্তে আস্তে ঝরা। 'বিলাসিনী দত্তবাস চোঁয়ায়ে চুমনে।' *দীনবন্ধু*, ১৮৬৭; 'খেজুরগুড়ি দিয়া রস চোঁয়াইতেছে।' *নজরুল*, ১৯৩১।

চোঁয়ায়ে নামা *ক্রি* চুঁইয়ে পড়া। 'এক ফোঁটা জল মেঘ চোঁয়ায়ে নামল না গাঁর বাটে।' *জসীম*, ১৯২৯।

চোঁয়াল [স কবল] *বি* চোয়াল। 'বাবা ব্রাণ্ডির ভাঁটিতে না চোঁয়ালে তোমার ক্ষুধা হয় না।' *দীনবন্ধু*, ১৮৬৬।

চোক[১] [স চক্ষু] *বি* চোখ। 'ঘৃতের দোকানে দেখি এত কেন চোক।' *কৃষ্ণরাম*, ১৭২০।

চোকে ধুলো দেওয়া *ক্রি* ফাঁকি দেওয়া। 'আমাদের সকলের চোকে ধুলো দিয়ে তুই কেমন করে এ কাজ করলি?' *উমেশ*, ১৮৫৭।

চোক ফোটা *ক্রি* বুদ্ধি হওয়া। 'দেশের লোকের চোক ফুটেছে।' *উমেশ*, ১৮৫৭।

চোকের মাথা খাওয়া *ক্রি* মনোযোগ না থাকা। 'তুই যেমন চোকের মাথা খেয়েছিস।' *উমেশ*, ১৮৫৭।

চোক[২] [স চতুষ্ক] *বি* টাকার অংশবিশেষ; চার পণ অথবা তিন আনার সমান। *হ্যালহেড*, ১৭৭৮।

চোক[৩] [ধ্বন্যা] *বিণ* তীক্ষ্ণ। 'রুষি লঙ্কাপতি চোক চোক শরে শূর-অস্থিরিলা শূরে।' *মাইকেল*, ১৮৬১।

চোকলা [স চোলক] ১ *বি* মাছের আঁশ। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* পাতলা অংশ। 'তার থেকে ছালের চোকলা উড়তে লাগল।' *সুকান্ত*, ১৯৪৮। ৩ *বি* খোসা। 'নিজের দাঁত দিয়ে চোকলা ছাড়িয়ে ছোট ছোট টুকরো করে।' *ইসহাক*, ১৯৫৫।

চোকা[১] [স চোলক] *বি* ফলের খোসা। 'চুষি চুষি চোকা আঁটি ফেলিল পাটুয়াতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চোকা[২] [স চোক্ষ>] *বিণ* তীক্ষ্ণ। 'তর্জ্জে গর্জ্জে হরি সাধু চোকা খাণ্ড হাতে।' *বিজয়*, ১৬৫০।

চোকা[৩] [হি চুক>] *ক্রি* ঘোচা; চুকে যাওয়া। 'না থাকিলেই আপদ চোকে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

চোকা-চোকি [স চক্ষু>] *বি* পরস্পরের চোখে চোখ পড়া। 'চোকা-চোকি হ'লে আবার ভাব না বেরিয়ে পড়ে।' *গিরিশ*, ১৮৮৭।

চোকানি [হি চুক>] *বি* পরিশোধ। 'বন্ধুরা ধার চায়, দাম চায় দোকানি/ চাকর-বাকর চায় মাসহারা চোকানি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

চোকানো [হি চুক>] *ক্রি* মিটিয়ে দেওয়া। 'তুমি মোকাবিলায় চোকাতে চাও।' *রবীন্দ্র*, ১৯০৭।

চোকিদার [স চতুষ্ক+ফা দার] *বি* চৌকিদার; গ্রামে পাহারা দেয় যে। 'মাঝে মাঝে চোকিদারের হাঁক।' *মাহেনও*, ১৯৪৯।

চোকোলা [স চোলক] *বি* আঁশ। 'মাছের চোকোলা।' *মানোএল*, ১৭৪৩।

চোখ [স চক্ষু] ১ *বি* চক্ষু। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* বাতি। 'বাসখানার মাত্র একখানা চোখ।' *মুজতবা*, ১৯৪৯। ৩ *বি* বাঁশ আখ ইত্যাদির গিঁট, যেখানে প্রশাখা বা মুকুল গজানোর চিহ্ন থাকে। 'লাঠিটার দুমাথা ও সবগুলি চোখ রূপায় বাঁধা।' *মনসুর*, ১৯৫৫।

চোখ-ইশারা [চোখ+আ ইশারা] *বি* চোখের ইঙ্গিত। 'চোখ-ইশারায় ডাক দিল তাই মন করে চুরবুল।' *নজরুল*, ১৯২২।

চোখ উল্টানো *ক্রি* মরে যাওয়া। 'যেমনি কবিরাজের বড়িটি খাওয়া অমনি চোখ উল্টে গেল।' *রবীন্দ্র*, ১৮৯০।

চোখ এড়ানো *ক্রি* নজরে না পড়া। 'একটা হাতের কাছের মোটাকথা চোখ এড়িয়ে গেছে।' *সবুজ*, ১৯২০।

চোখওয়ালা [চোখ+হি ওয়ালা] *বিণ* সচেতন। 'এরা অন্ধভক্ত, চোখওয়ালা ভক্ত নয়।' *নজরুল*, ১৯২৭।

চোখ কপালে তোলা *ক্রি* বিস্মিত হওয়া। 'চোখ কপালে তুলিয়া বলিলেন।' *শরৎ*, ১৯১৬।

চোখকান বোজা *ক্রি* সবকিছু নীরবে সহ্য করা। 'চোখকান বুজিয়া অক্ষরে অক্ষরে পালন করা উচিত।' *মানিক*, ১৯৪০।

চোখখাগী [চোখ+খাস>] *বিণ স্ত্রী* বিচারবুদ্ধিহীন। 'কোন চোখখাগী আবাগির বেটি।' *নজরুল*, ১৯২৪।

চোখ খোলা ১ *ক্রি* জ্ঞান হওয়া; কোনো বিষয়ে সচেতন হওয়া। 'কে চোখ খুলে দিল শুনি?' *মানিক*, ১৯৩৬। ২ *বিণ* চোখ খোলা রাখে এমন। 'চোখখোলা মৃতের মতো পড়ে থাকে।' *ওয়ালী*, ১৯৪৮।

চোখ গরম করা *ক্রি* রাগ দেখানো; ভয় দেখানো। 'লীলা চোখ গরম করে বললে।' *জীবন*, ১৯৩২।

চোখ গেল [ধ্বন্যা] *বি* পাখিবিশেষের 'চোখ গেল' শব্দের মতো ডাক। 'চোখ গেল চোখ গেল কেন ডাকিস রে।' *নজরুল*, ১৯৩৫।

চোখ ছলছল করা *ক্রি* চোখ অশ্রুপূর্ণ হওয়া। 'তাহার চোখ ছলছল করিয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯০২।

চোখজুড়ানো *বিণ* দৃষ্টিসুখকর। 'এমনি নেমে-আসা, এমনি ঢেকে-দেওয়া, এমনি চোখ-জুড়ানো, এমনি হৃদয়-ভরানো।' *রবীন্দ্র*, ১৯১০।

চোখ-ঝলসানো *বিণ* চোখধাঁধানো। 'কি দিগন্ত-ছোঁয়া ফেল্ট-এর চোখ-ঝলসানো উজ্জ্বলতায়।' *প্রেমেন্দ্র*, ১৯৪০।

চোখ টাটানো ১ *ক্রি* উজ্জ্বল আলোয় উদ্ভাসিত করা। 'এক ঝলক আলো এসে চোখ টাটিয়ে দিল।' *জীবন*, ১৯৩১। ২ *ক্রি* অপরের উন্নতি ও সমৃদ্ধি দেখে ঈর্ষান্বিত হওয়া। 'আমার হাতে কয়েকটা টাকা হইয়াছে দেখিয়া আপনার চোখ টাটাইতেছে।' *মনসুর*, ১৯৫০।

চোখ টিপে বলা *ক্রি* উপহাস করে চোখের পাতা একটু কুঁচকে বলা। 'লোকে যাকে চোখ টিপে বলে কবিত্ব।' *রবীন্দ্র*, ১৯৩২।

চোখ টেপা *ক্রি* চোখের পাতা টিপে ইঙ্গিত করা। 'হাঁগা তুমি চোখ টিপলে যে?' *গিরিশ*, ১৮৮৯।

চোখ টেপাটেপি *বি* চোখের ইশারা বিনিময়। 'চোখ-টেপাটেপি করিয়া হাসি চলিতেছে।' *রবীন্দ্র*, ১৮৭৮।

চোখঠার [চোখ+স স্তার] ১ *বি* চোখের ইশারা। 'আমাদের চোখঠার দিয়ে তারা শৈবী পণ্য নিয়ে যায়।' *জীবন*, ১৯৩০। ২ *বি* মিথ্যা সান্ত্বনা। 'হৃদয়কে চোখঠার দিয়ে ঘুমে রেখে ...।' *জীবন*, ১৯৪৮।

চোখঠারানি *বি* বাঁকা দৃষ্টিতে ইশারা। 'মেয়েমানুষের চোখঠারানি

AMARBOI.COM

ছাড়া কি অমন কাজ করতে সাহস পায়?' *আলাউদ্দিন*, ১৯৫৪।

চোখ দিয়ে কথা গেলা *ক্রি* অতিমাত্রায় মনোযোগী হওয়া। 'কথা শোনার সময়ও এমন ভাবে তাকায়, মনে হয় যেন চোখ দিয়ে কথা গিলছে।' *মুজতবা*, ১৯৫২।

চোখধাঁধক [চোখ+স দ্বন্দ্ব] *বিণ* চোখে ধাঁধা লাগে এমন; চোখ ঝলসানো। 'চার দিকেই ... চোখধাঁধক ভিড়ের আনাগোনা নেই।' *রবীন্দ্র*, ১৮৮১।

চোখ-ধাঁধানি [চোখ+স দ্বন্দ্ব>] *বি* উজ্জ্বলতা। 'তার তকমার চোখ-ধাঁধানি বেশি।' *রবীন্দ্র*, ১৯২৯।

চোখধাঁধানো *বিণ* চোখে ধাঁধা লাগায় এমন। 'রুক্ষ হাওয়ায় ধরার বুকে সূক্ষ্ম কাঁপন কাঁপে চোখ-ধাঁধানো তাপে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চোখ নরম হওয়া *ক্রি* চোখ অশ্রুপূর্ণ হওয়া। 'বিরজার চোখ নরম হয়ে এল।' *জীবন*, ১৯৩২।

চোখপড়ামাত্র *ক্রিবিণ* দৃষ্টি নিবদ্ধ হওয়ার সঙ্গে সঙ্গে। '... সকলের কথা থেমে গেছে সখিনার দিকে চোখপড়ামাত্র।' *শওকত*, ১৯৭২।

চোখ পাকানো *ক্রি* রেগে চোখ ঘোরানো ও বড়ো করা। 'এই অভিযোগে চোখ পাকাইয়া এমন একটা ভাব ধারণ করিলেন ...।' *শরৎ*, ১৯১৭।

চোখ ফেরানো *ক্রি* তাকানো। 'কত দিকেই চোখ ফেরালেম কত পথেই চ'লে।' *রবীন্দ্র*, ১৯১৪।

চোখ ফোটা ১ *ক্রি* প্রকৃত বিষয় জানতে পারা। 'শুনে রাজার চোখ ফুটবে।' *রবীন্দ্র*, ১৮৮৯। **২** *ক্রি* জ্ঞান লাভ করা। 'আমিও সম্প্রতি চোখ-ফোটার পর হইতে বুঝিতে শুরু করিয়াছি।' *রবীন্দ্র*, ১৯০২। **৩** *ক্রি* বুদ্ধি হওয়া। 'আজ আমাদের অনেকেরই চোখ ফুটেছে।' *প্রমথ*, ১৯০৫।

চোখবন্ধ *বিণ* চোখ খোলা নেই এমন। 'ঘুমুচ্ছেন, না চোখবুজে করে আছেন ঠিক ঠাহর হয়নি।' *মুজতবা*, ১৯৫২।

চোখ বুলানো *ক্রি* দ্রুত দেখে নেওয়া। 'জ্বালাকর চিঠির উপর দ্রুত চোখ বুলাইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০২।

চোখ বোজা ১ *ক্রি* আরামে চোখ বন্ধ করা। 'রোদ পোহাতে ডাঙাই উঠি, হাওয়াটি খাই চোখ বুজে।' *রবীন্দ্র*, ১৮৮৬। **২** *ক্রিবিণ* বাধ্য হয়ে। 'বিয়ে করেছিলুম চোখ বুজে বড়ি গেলার মতো।' *রবীন্দ্র*, ১৮৯২। **৩** *ক্রিবিণ* বিশ্বিতভাবে। 'চোখ বুজে ভাবি – এমন আঁধার, কালি দিয়ে ঢালা নদীর দু ধার ...।' *রবীন্দ্র*, ১৯০৯। **৪** *ক্রিবিণ* অন্ধের মতো। 'দেশসুদ্ধ লোক ভূতগ্রস্ত হয়ে চোখ বুজে পথ চলে।' *রবীন্দ্র*, ১৯২২। **৫** *ক্রি* মনোযোগের জন্য চোখ বন্ধ করা। 'চোখ বুজে কান পেতে শোন না।' *রবীন্দ্র*, ১৯৩২।

চোখ-ভুলানো *বিণ* নয়ন মুগ্ধকারী। 'একপারে হঠাৎ-থামা নারীর কৌতূহলদৃষ্টি, অন্যপারে চোখ-ভুলানো পোশাকের নমুনা ও দাম।' *অন্নদা*, ১৯২৯।

চোখ-ভোলানো *বিণ* নজরকাড়া। 'নানাপ্রকার চোখ-ভোলানো সস্তা শৌখিন জিনিস আনাইয়া ...।' *রবীন্দ্র*, ১৯১১।

চোখ মারা *ক্রি* গোপন ইঙ্গিত করা। 'যদি চোখ মারি তো কুড়ি-পঁচিশটা মেয়ে ... কাছে এসে গড়াবে।' *জীবন*, ১৯৩২।

চোখ মুখ ঘোরানো *ক্রি* চোখমুখ পাকিয়ে রাগ দেখানো। 'চারু কণ্ঠস্বর সপ্তমে চড়াইয়া চোখ মুখ ঘুরাইয়া বলিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চোখমুখের খেলা *বি* চোখমুখের ভঙ্গি। 'বড্ডো চোখমুখের খেলা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চোখ মুদলে কেবা কার – মৃত্যুতেই সব সমাপ্তি। 'কথায় বলে – চোখ মুদলে কেবা কার!' *নজরুল*, ১৯২৭।

চোখরাঙানি ১ *বি* ক্রোধ। 'চোখ-রাঙানি ও বুক-ফুলানির যতই ভান কর-না কেন ...।' *রবীন্দ্র*, ১৮৮৪। **২** *বি* তীব্র সমালোচনা। 'রবীন্দ্রনাথ বর্তমান যুগের চোখরাঙানি হেলায় উপেক্ষা করতে পারেন।' *প্রমথ*, ১৯১৪। **৩** *বি* চোখ লাল করে রাগ দেখানো। 'রাক্ষুসি বলে কুৎসা, ঘেন্না, মুখ ব্যাঁকানি, চোখ রাঙানি।' *নজরুল*, ১৯২৪। **৪** *বি* ভয় দেখানো। 'ও কি কোনো অজানা দুষ্টগ্রহের চোখ-রাঙানি।' *রবীন্দ্র*, ১৯৩২।

চোখ রাঙানো *ক্রি* রাগ দেখানো। 'চক্ষু রাঙাইলে সে বিদ্যাও ছুটে যায় স্বপ্নের মতন।' *রবীন্দ্র*, ১৮৮৯।

চোখরাঙানি *বি* ক্রুদ্ধ কটাক্ষ। 'গোঁড়া ব্রাহ্মণের অভিসম্পাত ও চোখরাঙানিকে ভয় না করিয়া।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

চোখ রাঙানো *ক্রি* ক্রুদ্ধ দৃষ্টি নিক্ষেপ করা। 'তিনি চোখ রাঙিয়ে শাসন করলেন।' *সেলিনা*, ১৯৬৯।

চোখে অন্ধকার দেখা *ক্রি* অত্যন্ত কাতর হওয়া। 'আমরা কামনা করি, কিন্তু সাধনার বেলা চোখে অন্ধকার দেখিতে থাকি।' *রবীন্দ্র*, ১৯০৭।

চোখে আঙুল গুঁজে বোঝানো *ক্রি* প্রমাণ দিয়ে বোঝানো। 'কিন্তু সিনওয়ালারা যেন পণ ক'রে বসেছে মানুষের চোখে আঙুল গুঁজে বোঝাবে।' *অন্নদা*, ১৯২৯।

চোখে আঙুল দিয়া/দিয়ে দেখানো *ক্রি* প্রমাণ দিয়ে বুঝিয়ে দেওয়া। 'যাহাদের চোখে আঙুল দিয়া দেখাইতে হয়।' *রবীন্দ্র*, ১৮৮১; 'চোখে আঙুল দিয়ে দেখানো হয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

চোখে-কালি পড়া ১ *ক্রি* চোখের নীচে কালো দাগ পড়া। 'তোমার চোখে কালি পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *বিণ* চোখের নীচে কালি পড়েছে এমন; 'ছেলেগুলো লম্বা-চুল-ওয়ালা, চোখে-কালি-পড়া।' *রবীন্দ্র*, ১৯৪০।

চোখে খাটো *বিণ* নির্লজ্জ। 'পুরুষগুলো মেয়েদের চেয়ে একটু চোখে খাটো না?' *নজরুল*, ১৯২৭।

চোখে ঘোর লাগা *ক্রি* মোহে আচ্ছন্ন হওয়া। 'চোখে একটু ঘোর লাগিল।' *রবীন্দ্র*, ১৯১৬; 'অবোধকে ভোলাও, ঠকাও, চোখে ঘোর লাগাও।' *রবীন্দ্র*, ১৯২৯।

চোখে চোখে ১ *ক্রিবিণ* দুজন দুজনের চোখে তাকিয়ে থাকা। 'কথা কও নাহি কও চোখে চোখে চেয়ে রও।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *ক্রিবিণ* সজাগ দৃষ্টিতে। 'চিরকাল চোখে চোখে নূতন নূতনালোকে/ পাঠ করো রাত্রিদিন ধরে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৩** *ক্রিবিণ* চোখে চোখ মিলিয়ে। 'আমার কেবল চোখে চোখে চাওয়া।' *রবীন্দ্র*, ১৯২৩।

চোখে চোখে রাখা ১ *ক্রি* চোখের আড়াল হতে না দেওয়া। 'চোখে চোখে রাখব তারে/ আর কি মুদিবো আঁখি।' *জ্যোতিরিন্দ্র*, ১৮৮১। **২** *ক্রিবিণ* নজরদারিতে। 'সর্ব্বদা ওকে চোখে চোখে রাখতে হবে।' *গিরিশ*, ১৮৮৬।

চোখে-ঠুলি-দেওয়া *বিণ* আবরণ দিয়ে দৃষ্টিকে প্রতিহত-করা। 'সময় চোখে-ঠুলি-দেওয়া বলদের মতো, চিরদিন একই ঘানিতে ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

চোখে ঠুলি পরা *বিণ* চোখ বাঁধা আছে এমন; উদাসীন। 'চোখে ঠুলি পরিয়া তাহারা কেবল টাকার ঘানি টানিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৮৩;

AMARBOI.COM

'এঁরা ঠিক যেন চোখে ঠুলি-পরা কলুর ঘানির বলদ।' *নজরুল*, ১৯২৭।

চোখে ঠুলি বাঁধা *ক্রি* আবরণ দিয়ে চোখ বাঁধা। 'বেঁধে দিয়ে চোখে ঠুলি কল্পনারে করি অন্ধ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

চোখে ঠেকা ১ *ক্রি* ব্যতিক্রম মনে হওয়া। 'বিলেতে নতুন এসেই বাঙালিদের চোখে কোন জিনিস ঠেকে।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *ক্রি* দৃষ্টিগোচর হওয়া। 'আমাদের মতো প্রবীণ লোক হঠাৎ চোখে ঠেকে না।' *রবীন্দ্র*, ১৯০৪।

চোখে-দেখা *বিণ* চোখে দেখেছে এমন। 'সে জিনিস ছিল তাদের চোখে-দেখা পদার্থ।' *প্রমথ*, ১৯২০।

চোখে ধাঁধা লাগানো *ক্রি* দৃষ্টিবিভ্রম করানো। 'সে এক নিমেষে চোখে ধাঁধা লাগিয়ে দেয়।' *রবীন্দ্র*, ১৯১৫।

চোখে ধুলা দেওয়া ১ *বি* ফাঁকি। 'এ কৈফিয়তটার মধ্যে কিছু চোখে ধুলা দেওয়া আছে এইরূপ আমরা অনুমান করি।' *রবীন্দ্র*, ১৮৯৮। **২** *ক্রি* ফাঁকি দেওয়া। 'যাবি পালিয়ে চোখে ধুলা দিয়ে/ মায়াফাঁদ ফেদে।' *নজরুল*, ১৯৩৫।

চোখে ধুলো দেওয়া *ক্রি* ফাঁকি দেওয়া। 'তাসের কাগজ গোপন করে শর্মিলারই চোখে ধুলো দিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩২।

চোখে পড়া *ক্রি* দৃষ্টিগোচর হওয়া। 'সকলের চেয়ে চোখে পড়ে লোকের ব্যস্ততা।' *রবীন্দ্র*, ১৮৮১।

চোখেমুখে কথা *বি* প্রগল্‌ভতা। 'এর যে খুব চোখেমুখে কথা।' *রবীন্দ্র*, ১৮৯৬।

চোখের আগা *বি* চোখের সমুখ। 'যে রূপ জাগায় চোখের আগায় কিসের স্বপন সে।' *রবীন্দ্র*, ১৯২৫।

চোখের আলো *বি* দৃষ্টি। 'চোখের আলোয় দেখেছিলেম চোখের বাহিরে।' *রবীন্দ্র*, ১৯১৫।

চোখের ইঙ্গিত *বি* চোখের ইশারা। 'চোখের ইঙ্গিতে তব তমিস্রা করাল।' *সুধীন্দ্র*, ১৯৩২।

চোখের দেখা *বি* ক্ষণিক দর্শন। 'চোখের দেখা দেখতে গেলে/ তাও দেখা নাহি মেলে।' *জ্যোতিরিন্দ্র*, ১৮৮১।

চোখের পলকে *ক্রিবিণ* মুহূর্তের মধ্যে। 'হাজার টাকার ন-শো নব্বই চোখের পলকে পেল সবই।' *রবীন্দ্র*, ১৮৯২।; 'জ্বরজ্বালা হয়, পাঁচন বড়ি দিয়া চোখের পলকে সারাইয়া দিবে।' *মানিক*, ১৯৩৬।

চোখের পাতা ১ *বি* চক্ষুপল্লব। 'কিছু বা সে ভিজিয়ে দেবে দুই চাহনির চোখের পাতা।' *রবীন্দ্র*, ১৯২২। **২** *বি* চোখের দৃষ্টি। 'আজ চোখের পাতায় তার দেখা পেলাম।' *নজরুল*, ১৯৩১।

চোখের পালিস *বি* চোখে লাগানোর রং; আইশেড। 'কবরী, পাউডার, মাস্কারা, চোখের পালিস, রুজ, নখ-পালিস।' *বেগম*, ১৯৪৭।

চোখের বাতায়ন *বি* দৃষ্টিশক্তি। 'চোখের বাতায়ন দিয়ে শুধু দেখতে পাই।' *অচিন্ত্য*, ১৯৫০।

চোখের বালি *বি* চক্ষুশূল; (এখানে) বান্ধবী। 'আমার চোখের বালিকে কেমন লাগিল।' *রবীন্দ্র*, ১৯০২।

চোখের বাহির ১ *বি* দৃষ্টির অগোচর। 'মুহূর্তের মধ্যেই চোখের বাহির হইয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৭। **২** *বি* বাহ্যজগৎ। 'চোখের আলোয় দেখেছিলেম চোখের বাহিরে।' *রবীন্দ্র*, ১৯১৫।

চোখের ভাষা *বি* ইশারা। 'এ লোক জানে না চোখের ভাষা।' *রবীন্দ্র*, ১৯০০।

চোখের মণি *বিণ* অত্যন্ত প্রিয়। 'আমার চোখের মণি – তোর কথাতেই এতবড়ো পাপে হাত দিচ্ছি।' *রবীন্দ্র*, ১৯৩৩; 'তুই আমার চোখের মণি।' *মানিক*, ১৯৩৭।

চোখের মাথা খাওয়া *ক্রি* দেখেও না-দেখা; প্রকট জিনিসও দেখতে না-পাওয়া। 'সে আপনার চোখের মাথা খাইয়া বসিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

চোখের সুখ *বি* চোখের শান্তি। 'যদি চোখের সুখ দিতে চাও তবে এমন বন্দোবস্ত করো।' *রবীন্দ্র*, ১৮৯৪।

চোখে লাগা *ক্রি* পছন্দ হওয়া। 'আমার লেখার ঠাট-ঠমকটা ওর চোখে খুব লেগেছে।' *রবীন্দ্র*, ১৯২৮।

চোখে সর্ষেফুল দেখা – বিপদে পড়ে দিশাহারা হওয়া। 'মনে পড়েছে চোখে কী করে সর্ষেফুল দেখে।' *রবীন্দ্র*, ১৯৩২।

চোখা [স চোক্ষ] **১** *বিণ* ধারালো। 'হাতে করি লইল দাও অতি চোখা ধার।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* কূট বুদ্ধি। *মানোএল*, ১৭৪৩। **৩** *বিণ* তীক্ষ্ণ। 'থেকে থেকে দু-চারিটি চোখা চোখা বুলি।' *রবীন্দ্র*, ১৮৯০। **৪** *বিণ* বুদ্ধিদীপ্ত। 'তোমার চোখা লেখার জন্য নয়।' *নজরুল*, ১৯৩০।

চোখা চোখা *বিণ* তীক্ষ্ণ ও চৌকস। 'থেকে থেকে দু-চারিটি চোখা চোখা বুলি।' *রবীন্দ্র*, ১৮৯০।

চোখাই [স চোক্ষ] *বি* কূটতা। *মানোএল*, ১৭৪৩।

চোখাচুখি, চোখাচোখি [চোখ>] *বি* পরস্পরের চোখে চোখ পড়া। 'চোখাচোখি হতে ঘটালে প্রমাদ।' *রবীন্দ্র*, ১৮৮৮।

চোখাচোখি হওয়া, চোখাচুখি হওয়া ১ *ক্রি* মুখোমুখি হওয়া। 'চোখাচোখি হতে ঘটালে প্রমাদ।' *রবীন্দ্র*, ১৮৮৮। **২** *ক্রি* পরিচয় হওয়া। 'নতুন নতুন সত্যের সঙ্গে তার চোখাচুখি হয়।' *মনসুর*, ১৯৫৫।

চোখো [স চোক্ষ] **১** *বি* দৃষ্টির তীক্ষ্ণতা। *মানোএল*, ১৭৪৩। **২** *বিণ* তীক্ষ্ণ। 'অভিশাপগুলোকে আরও চোখো আর স্পষ্ট করে শুনিয়ে চলেছিল।' *কায়সার*, ১৯৬২। *দ্র* **চোখা**

চোগলখোর [ফা] *বি* পরচর্চা। 'পণ্ডিত কানা অহঙ্কারে/ মাতব্বর কানা চোগলখোরে।' *লালন*, ১৮৯০।

চোগা [ফা] *বি* লম্বা ঢিলেঢালা জামাবিশেষ। 'চোস্ত চাপকান, কেহ বা দোদুল্যমান চোগা ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

চোগাচাপকান [ফা] *বি* লম্বা ঢোলা বুকখোলা জামাবিশেষ। 'দুই একদিন চোগা-চাপকান পরিয়া সাহেবের সহিত দেখা করিতে গিয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৮৯৪; 'একালের অদ্বৈতবাদীরা চোগাচাপকান পরে আপিসে যান।' *প্রমথ*, ১৯১৫।

চোঙ [হি চোঙা] *বি* ফাঁপা নল। 'ধোঁয়ার চোঙ হইতে প্রজ্বলিত অঙ্গার উৎক্ষিপ্ত হয়।' *অক্ষয়*, ১৮৫৫।

চোঙর ভোঙর *বি* মাথার যুদ্ধমুকুট। 'চোঙর ভোঙর মাথে কৃপাণ কামান হাথে।' *মুকুন্দ*, ১৬০০।

চোঙা [হি চোঙা] **১** *বি* ফাঁপা নল। *বিদ্যা*, ১৮৯১; *রবীন্দ্র*, ১৯০৮। **২** *বিণ* ফাঁপা নলের মতো। 'নাকটা ঈষৎ চোঙা।' *জীবন*, ১৯৩২। **৩** *বি* বন্দুকের ফাঁপা নল। 'রাইফেলের চোঙা চোখের সামনে দেখতে পেলুম।' *মুজতবা*, ১৯৪৯।

AMARBOI.COM

চোঙ্গা [হি চোঙ্গা] **১** *বি* ফাঁপা নল। 'চোঙ্গার ভিতর দ্রব্যাদি পুরিয়া।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বি* তামাক রাখার বাঁশের তৈরি আধারবিশেষ। 'কবির তামাকের চোঙ্গা ... লইয়া বসিয়া আছে।' *মনসুর*, ১৯৫৫।

চোচা *বি* খোসা বা ছাল। 'দুই হাতে চোচা ধরি লইল কামড়।' *বিজয়*, ১৬৫০।

চোট [স চুট্>] **১** *বি* কোপ। 'এক চোটে গঞ্জশির করিয়া ছেদন।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* আঘাত। 'আলি দেখি সেই চোট লইল সামালিয়া।' *সুলতান*, ১৭০০। **৩** *বি* বাগাড়ম্বর। 'বৃথা গেল চোট যে কুফর বড় লাজে।' *গরীব*, ১৭৬৫। **৪** *বি* তেজ। 'প্রথমেই এই চোট, শেষ কি করেন বলা যায় না।' *উমেশ*, ১৮৫৭। **৫** *বি* আতিশয্য। 'গানের চোটে বাটীর সকলের নিদ্রা ছুটে পালাইল।' *প্যারী*, ১৮৫৮। **৬** *বি* আকর্ষণ। 'রসকে বঁধুর রূপের চোটে।' *গিরিশ*, ১৮৮৭। **৭** *বি* দফা; বার। '(ও আমার) ঘরে থাকা এই চোটে মুস্কিল।' *গিরিশ*, ১৮৮৯। **৮** *বি* আঘাতের ফলে সৃষ্ট ক্ষত। 'ঠোঁটের কাছ রক্তমাখা চোট।' *মাহমুদ*, ১৯৬৬।

চোট পাওয়া *ক্রি* ব্যথা পাওয়া। 'কখন দিলে চোট পায় ডর লাগে।' *ওয়ালী*, ১৯৪৮।

চোটপাট *বি* ধমক; তিরস্কার। 'গোসা করে পরে মোরে কহে চোটপাট।' *ভবানী*, ১৮২৫।

চোটপাট করা *ক্রি* ধমকানো। 'তাদের উপরে চোটপাট করে পুলিশ দু'পয়সা কামিয়ে নিল।' *মুজতবা*, ১৯৪৯।

চোট মারা *ক্রি* কোপ দেওয়া। 'এক মোসোলমান বিষে তরোয়াল দিয়া তাহারি এক চোট মারিলো।' *মানোএল*, ১৭৪৩।

চোট হানা *ক্রি* আঘাত করা। 'যে যারে পালোটে পায় হাঁ করিয়া একা চোট হানে।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চোটা *ক্রি* রাগ করা। 'বলি, শোন না, তারপর চোটো।' *গিরিশ*, ১৮৮৭।

চোটানো *ক্রি* আঘাত করা। 'দুমদাম চোটায় দুহাতে ধর্য্যা খাঁড়া।' *মানিকরাম*, ১৭৮১।

চোটা[১] *বি* সেচন। 'চোটা দিতে।' *মানোএল*, ১৭৪৩।

চোটা[২] [হি চৌথা] *বি* মহাজনী ঋণবিশেষ। 'চোটার নিয়মটি বড় সহজ নয়।' *সোমপ্রকাশ*, ১৮৬৮।

চোটাখোর [হি চৌথা+ফা খোর] *বিণ* চড়া সুদখোর। 'চোটাখোর বেণের ঘরে, ও টাকাওয়ালার বাড়িতে একবার যেতেই হবে।' *হুতোম*, ১৮৬১।

চোট্টা [হি] *বি* চোর। 'শালা চোট্টা।' *মাইকেল*, ১৮৬০।

চোট্টামি *বি* প্রতারণা। 'চোট্টামি কৈরা পরের টাকা মারবার চাইলে দেনা হৈব না?' *মনসুর*, ১৯৫৫।

চোত [স চৈত্র] *বি* চৈত্র। 'না জেনে কৃষক চোত-বোশেখের সন্ধ্যার বিলম্বনে প'ড়ে।' *জীবন*, ১৯৪৮।

চোতরা *বি* বিছুটি পাতা। 'ভিঙ্গুরের কামড়ে জর্জ্জর সর্ব্বজন অধিক তাপ হইল চোতরার কারণ।' *বিজয়*, ১৬৫০।

চোতা [স চ্যুত] *বিণ* হিসাব-লেখা কাগজের টুকরা। 'সামনে কতকগুলো খোলা খাতা ও এক ঝুড়ি চোতা কাগজ আর এক দিকে চার পাঁচ জন ব্রাহ্মণ পণ্ডিত।' *হুতোম*, ১৮৬১।

চোতাদার *বি* যাদের কাছে লিখিত কাগজের টুকরা আছে। 'পেচোনে চোতাদারেরা চেঁচিয়ে হাত নেড়ে গান বলে দিচ্চেন।' *হুতোম*, ১৮৬১।

চোথাপত্তর [স চ্যুত+স পত্র] *বি* নানা বিষয়ের খসড়া কাগজপত্র। 'অফিস যাবো কি বয়ে চোথাপত্তর।' *শক্তি*, ১৯৬১।

চোদন [স] *বি* (অশ্লীল) যৌনসঙ্গম। *মানোএল*, ১৭৪৩।

চোদ্দ [পা চতুর্দ্দস] *বিণ* চৌদ্দ। 'লঘু গুরু সকলে ১৪ চোদ্দ কলা।' *বড়ু*, ১৫৭০।

চোদ্দ আনা *বিণ* বেশির ভাগ। 'আজ তারই চোদ্দ আনা ওদেরই পূর্বপুরুষের ঘরে জন্মান্তরিত।' *রবীন্দ্র*, ১৯৩৪।

চোদ্দই [চোদ্দ+ই] *বিণ* চোদ্দ সংখ্যক। *ওসা*, ১৭৮৫।

চোদ্দগুষ্টি [চোদ্দ+স গোষ্ঠী] *বি* পুরো বংশ; চোদ্দ পুরুষ। 'তোমার চোদ্দগুষ্টির নিকুচি করে ছেড়ে দেবে।' *জীবন*, ১৯৩২।

চোদ্দ পুরুষ [চোদ্দ+স পুরুষ] *বি* পুত্র-পৌত্রাদিক্রমে অধস্তন চোদ্দ পুরুষ বা প্রজন্ম। 'আমার ফোরটিন জেনারেশণ অর্থাৎ চোদ্দ পুরুষ মরিবে।' *রাজ*, ১৮৭৪।

চোনা [ধ্বন্যা] *বি* গবাদি পশুর মূত্র। 'পইতেয় যে চোনা লাগবে।' *দীনবন্ধু*, ১৮৬৭।

চোপ [ফা চুব] *বি* গাছবিশেষ। 'সেতু চোপ অর্থাৎ মহলাল নামে বৃক্ষের ছালেতে নির্ম্মিত।' *দর্পণ*, ১৮২৫।

চোপদার, চোপাদার [ফা] *বি* দণ্ডধারী। 'যেদিন আজরাইলে আলা ডেকেবে চোপদার।' *গরীব*, ১৭৬৫; 'বিচিত্র নিশান ঝাণ্টা চেলা চোপাদার।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

চোপড় [ধ্বন্যা] *বি* বস্ত্রের অনুরূপ কিছু। 'কাপড় চোপড়গুলো সেরে সুরে গায় দিচ্চি।' *দীনবন্ধু*, ১৮৬৭।

চোপরা *বি* চোপা; তর্ক-বিতর্ক। 'মুখে মুখে চোপরা করিস, এত বড় আস্পর্ধা।' *মনোজ*, ১৯৬১।

চোপরাও [হি] *ক্রি* চুপ করো। 'চোপরাও গস্তানি!' *গিরিশ*, ১৮৮৯; 'চোপরাও ভীরু।' *নজরুল*, ১৯২৪।

চোপসানো *বিণ* বসে-যাওয়া। 'চোখের চোপসানো চুলোয় বলকানো আঁধার ফুটিয়ে ...।' *ইলিয়াস*, ১৯৭২।

চোপা[১] [স চোলক>] *বি* খোসা। 'আঁঠ্যা চোপা খাইলে নহে কুলের খাঁখার।' *মুকুন্দ*, ১৬০০।

চোপা[২] [স চুব্র] **১** *বি* তর্ক-বিতর্ক। 'তুই তো কম মেয়ে নয়, আবার চোপা করিস?' *উমেশ*, ১৮৫৭। **২** *বি* বড়ো বড়ো কথা। 'ঘটকের মুখে সুযু কুলীনের চোপা।' *গুপ্ত*, ১৮৫৮। **৩** *বি* মুখ। 'প্রতিবাদ করবার মত চোপা নেই তার।' *জীবন*, ১৯৪৮।

চোপা করা *ক্রি* উদ্ধতভাবে তর্ক করা। 'তুই তো কম মেয়ে নয়, আবার চোপা করিস?' *উমেশ*, ১৮৫৭।

চোপাড় [স চপেট] *বি* চড়। 'চোপাড়ে চাপড়ে ভাঙ্গম গাল।' *বিজয়*, ১৭০০।

চোপাদার *দ্র* চোপ

চোপার চাপর [স চপেট] *বি* চড় চাপড়। 'চোপার চাপর মারে দেয় চুনকালি।' *বিজয়*, ১৬৫০।

চোব [ফা] *বি* তরবারির আঘাতে ক্ষত। *মানোএল*, ১৭৪৩।

চোবদার [ফা] *বি* **১** *বি* পদবিবিশেষ। 'শ্রীসেক কালে চোবদার ষুচরিতেষু।' *হ্যালহেড*, ১৭৭২। **২** পার্শ্বচর ভৃত্য। '২৫ জন

AMARBOI.COM

চৌবদার সোটাবদার বল্লমদার তৈনাতি ছিল।' *দর্পণ*, ১৮৩৩।

চৌবে *বি* ব্রাহ্মণের পদবিবিশেষ। 'পাঁড়ে, দোবে, চৌবে, সিং, চার জওয়ান নৌকা রক্ষক হইয়া চলিল।' *মশাররফ*, ১৮৯০।

চোমৎকার [স চমৎকার] *বিণ* চমৎকার। 'গোটা কত দংশিয়া দেখাউক চোমৎকার।' *বিজয়*, ১৬৫০।

চোমরানো *ক্রি* পাকানো; তা দেওয়া। 'দেউড়িতে বসে বাড়ি আগলানো, দাড়ি চোমরানো।' রবীন্দ্র, ১৯৪০।

চোয়াড় [হি চুহড়া] **১** *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ। 'মালে করে মালাম চোয়াড়ে লোফে কাঁড়।' *ভারত*, ১৭৬০। **২** *বি* পার্বত্য জাতিবিশেষ। 'পর্ব্বতস্থ চোয়াড় লোকেরা নিতান্ত অশিষ্ট।' *ফরস্টার*, ১৭৯৫।

চোয়াড়ে [হি চুহড়া] **১** *বি* অসভ্য। 'ভাবখানা এমন চোয়াড়ের মতো।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বিণ* অমার্জিত। 'তাঁর চেহারাতে চোয়াড়ে ভাব ছিল না।' *প্রমথ*, ১৯২৯।

চোয়ানি [স চ্যু>] *বি* ঝরে বা চুইয়ে পড়া। 'যাতে চোয়ানিতে এবং বাষ্পীভূত হয়ে নষ্ট না হয়।' *মাহেনও*, ১৯৪৯।

চোয়ানো [স চ্যু>] *বিণ* পরিস্রুত। 'মেঘ-চোয়ানো আলোর ভিতর।' *প্রমথ*, ১৯১৫।

চোয়াল [হি চুয়াল] *বি* মুখমণ্ডলের যে অস্থিদ্বয়ের সঙ্গে দাঁত লাগানো থাকে। 'গজ গিলে কামিনী চোয়াল নাহী নাড়ে।' *মুকুন্দ*, ১৬০০।

চোয়াল-জাগা *বিণ* গাল বসে গিয়ে চোয়ালের হাড় বেশি করে চোখে পড়া। 'লতিকার চোয়াল-জাগা ফ্যাকাসে মুখ।' *নরেন্দ্র*, ১৯৫২।

চোয়ালভাঙাকথা *বি* উচ্চারণ করা কঠিন এমন কথা। 'নূতন গড়া চোয়ালভাঙা কথা চলিত করিয়া দিয়াছেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

চোয়ালভাঙ্গা *বিণ* উচ্চারণ করা কষ্টকর এমন। 'কথাটা একে ত চোয়ালভাঙ্গা, তাহাতে আবার সংস্কৃত।' *হরপ্রসাদ*, ১৮৮১।

চোর [স] *বি* যে অন্যের জিনিস আত্মসাৎ করে। 'কানেট চোরে নিল কাগই মাগঅ।' *চর্যা* ২, ১২০০। দ্র **চোরা**

চোরকাঁটা, চোরকাটা [স চোর+স কণ্টক>] *বি* ঘাসজাতীয় উদ্ভিদবিশেষ যার কাঁটা কাপড়ে বিঁধে গেলে ছাড়ানো কঠিন। 'চোরকাঁটাতে মাঠ রয়েছে ঢেকে।' *রবীন্দ্র*, ১৯০৩; 'কাশ আর চোরকাটা ছেড়ে দিয়ে ফড়িং চলিয়া গেছে ঘরে।' *জীবন*, ১৯৪৪।

চোরকুঠরি, চোরকুঠরী, চোরকুঠুরি [স চোর+স কোষ্ঠ>] *বি* বাড়ির ভিতরের ছোটো গুপ্ত ঘর। 'মাটির নীচে অনেক চোর-কুঠরী বাহির হইল।' *বঙ্কিম*, ১৮৮২; 'সিঁড়ি, চোরকুঠরি, কুলুঙ্গি ইত্যাদিতে ভরা এই বাড়ি।' *অবন*, ১৯২৭; 'নিখিলনাথ চোর-কুঠুরি হইতে বাহির হইলেন।' *বনফুল*, ১৯৩৬।

চোর-চোখ *বি* আড় চোখ; বাঁকা দৃষ্টি। 'সরে এসে চোর-চোখে আনু তাকাল।' *শ্যামসুল*, ১৯৬২।

চোরচোট্টা *বি* চোর ও প্রতারক। 'চোরচোট্টার ভয়ে শেষতক।' *মুজতবা*, ১৯৫২।

চোর-জোচ্চোর *বি* চোর ও প্রতারক। 'আজেবাজে চোর-জোচ্চোর মানুষ এসেও তো দাঁড়াতে পারে ছাঁচতলায়।' *মনোজ*, ১৯৬১।

চোর-ডাকাত [চোর+হি ডাকাত] *বি* চোর ও ডাকাত। 'বাংলাদেশে কেবল চোর-ডাকাতকে দেখিলাম তাহা নহে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চোরদায় [স চোর+স দায়] *বি* চুরির অভিযোগ। 'আমি কি পড়েছি সখী চোরদায়ে ধরা।' *ভবানী*, ১৮২৮।

চোর-ধরা *বিণ* চোর ধরার কাজে ব্যবহৃত। 'পাহারাওয়ালার চোর-ধরা গোল লণ্ঠনের হাসি।' *রবীন্দ্র*, ১৯২৮।

চোর পালালে বুদ্ধি বাড়ে – সময় চলে গেলে সঠিক কর্তব্য মনে হয়। 'চোর পালালে বুদ্ধি বাড়ে – ঠিক বিয়ের দিনটিতে বুঝি তোমার চৈতন্য হল?' *রবীন্দ্র*, ১৮৯২।

চোরবাদ [স] *বি* চুরির অপবাদ। 'চোরবাদেঁ তোহ্মা বান্ধিয়া থুয়িবোঁ।' *বড়ু*, ১৪৫০; 'চোরবাদে জেন তোমারে সান্তি করে।' *মালাধর*, ১৫০০।

চোরে যাওয়া *ক্রি* চুরি হওয়া। 'রাজার ভাণ্ডার কিবা দ্রব্য চোরে গেল।' *কৃষ্ণরাম*, ১৭২০।

চোরের উপর বাটপাড়ি – চোরকে ঠকিয়ে উপার্জন। *মাইকেল*, ১৮৫৯।

চোরের উপর বাটপাড়ের ভয় – অন্যায়ভাবে অর্জিত সম্পদ প্রত্যারকের হাতে হারানোর আশঙ্কা। 'এক্ষণে আবার চোরের উপর বাটপাড়ের ভয় উপস্থিত।' *ভবানী*, ১৮২৮।

চোরের উপর রাগ করে মাটিতে ভাত খাওয়া – অপাত্রে রাগ করে নিজেকে কষ্ট দেওয়া। 'চোরের উপর রাগ করে মাটিতে ভাত খাওয়ার মতো।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চোরের তাড়না *বি* চোরের মতো করে পেটানো। 'নিষ্করুণ কোন সন্দেহ তাহারদের প্রতি হইলে চোরের তাড়না তাহারদিগকে করে।' *রসসাঈন*, ১৮১৯।

চোরের মন বোচকার দিকে – নিজের লক্ষ্যের প্রতি মনোযোগ। *জসীম*, ১৯৬১।

চোরের রাত্রিবাস লাভ – বিশেষ লাভের প্রত্যাশায় গিয়ে লাভ না হওয়া। *উমেশ*, ১৮৫৭।

চোরোয়ালি করা *ক্রি* চৌকিদারি করা। 'চোরোয়ালি করিতে।' *মানোএল*, ১৭৪৩।

চোরতা [চোতরা] *বি* বিছুটি লতা। *মানোএল*, ১৭৪৩।

চোরপালীটা [স চোর>] *বি* বৃক্ষবিশেষ। 'ভাদালী ভাষনা চোরপালীটা।' *মুকুন্দ*, ১৬০০।

চোরা[১] [স চোর>] *ক্রি* চুরি করা। 'কতি সয়ঁ রূপ ধনি আনলি চোরি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চোরাআঁ** *ক্রি* চুরি ক'রে। 'দুহাঁর কপট হাসী চোরাআঁ আহ্মার বাঁশী।' *বড়ু*, ১৪৫০। **চোরাবএ** *ক্রি* চুরি করতে। 'মাননিঁ মান মহঘ ধন তোর/ চোরাবএ অএলাহ্ অনুচিত মোর।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চোরায়ব** *ক্রি* ঢেকে দেবো। 'জব হরি করে ধরি কোর বইসাওব আঁচরে চোরায়ব দীপে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চোরায়ল** *ক্রি* চুরি করলো। 'এ সখি পেখল অপুরুব গোরি/ বল করি চীত চোরায়ল মোরি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **চোরায়লি** *ক্রি* চুরি করলো। 'চীত নয়ন মঝু দুহুঁ সে চোরায়লি শূন হৃদয় অব মান।' *গোবিন্দ*, ১৬০০। **চোরায়িআঁ** *ক্রি* চুরি করলো। 'নিকট গিআঁ/ বাঁশী চোরায়িআঁ সতুরে।' *বড়ু*, ১৪৫০। **চোরায়িতেঁ** *ক্রি* চুরি করতে। 'তথা বাঁশী চোরায়িতেঁ করিউঁ যতনে।' *বড়ু*, ১৪৫০। **চোরায়িব** *ক্রি* চুরি করবো। 'তবেঁ তার কেনমতেঁ চোরায়িব বাঁশী।' *বড়ু*, ১৪৫০। **চোরায়িলি** *ক্রি* চুরি করেছিস। 'তোঁ মোর চোরায়িলি বাঁশী।' *বড়ু*, ১৪৫০। **চোরি** *ক্রি* চুরি ক'রে। 'কতি সয়ঁ রূপ ধনি আনলি চোরি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চোরা[২] [স চোর>] **১** *বি* চোর। 'কেহ বলে ধর ধর এই চোরা যায়ে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* স্নেহপূর্ণ গালিবিশেষ। 'শুনি প্রভু কহে চোরা

AMARBOI.COM

দিলি দরশন।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বিণ* গোপন। 'মোর সুক ভঙ্গ কৈলে চোরা বান মারী।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৪ *বিণ* চোরাই। 'চোরা মেকি পয়সায় বিকাব কি বন্ধুতু তোমার।' *রবীন্দ্র*, ১৯৩২।

চোরা আলো *বি* আড়াল থেকে বিচ্ছুরিত আলো। 'মাঝে মাঝে চোরা আলো পড়ে রাঙা হয়ে উঠেছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

চোরাই [স চোর>] ১ *বিণ* চুরি করা হয়েছে এমন। 'তাহারা চোরাই মাল পাচার করিবার চেষ্টায় রহিল।' *বঙ্কিম*, ১৮৮২। ২ *বিণ* অপহৃত; চুরি-করা। 'চুরিও করিলাম, অথচ চোরাই মাল ঘরে আসিল না।' *রবীন্দ্র*, ১৯০৩। ৩ *বি* অপহরণ। 'চোরাই করে এনেছ মোরে তুমি।' *রবীন্দ্র*, ১৯৩২।

চোরাই চালান *বি* খুব গোপনে পাচার। 'কেউ কেউ এসব মালের চোরাই চালান দিতে শুরু করেছে।' *মাহেনও*, ১৯৪৯।

চোরাই মাল ১ *বি* চুরি করা জিনিস। 'তাহারা চোরাই মাল পাচার করিবার চেষ্টায় রহিল।' *বঙ্কিম*, ১৮৮২; 'চুরিও করিলাম, অথচ চোরাই মাল ঘরে আসিল না।' *রবীন্দ্র*, ১৯০৩। ২ *বি* অবৈধ পণ্য। 'চোরাই মাল সমেত মোল্লা সাহেবের ট্রাকখানাকে ভাঙা উল্টানো অবস্থায় পড়ে থাকতে দেখা গেলো।' *মাহেনও*, ১৯৪৯।

চোরা-উৎপাত *বি* গোপন ঝামেলা। 'এইরকম চোরা উৎপাতের সময় সমুদ্রের ওপার হইতে খবর আসিল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চোরাও [স চোর>] *বিণ* চোরাই। 'একটা হুকুমের চোরাও নকল দিয়া ...।' *বঙ্কিম*, *১৮৮৪*।

চোরা-কটাক্ষ [চোরা+স কটাক্ষ] *বি* বাঁকা চাউনি। 'কবির ললনা আধখানি বেঁকে চোরা-কটাক্ষে চাহে থেকে থেকে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চোরাকাটা *বি* ঘাসজাতীয় উদ্ভিদবিশেষ যার কাঁটা কাপড়ে বিঁধলে খোলা কঠিন। 'দাঁত দিয়ে একটা চোরাকাটা ছিঁড়তে ছিঁড়তে বললে ...।' *রশীদ*, ১৯৬৩।

চোরাকারবার [স চোর+ফা কারবার] *বি* অবৈধ ব্যবসা। 'সাংঘাতিক মজুতদারি চোরাকারবার এ সমস্তের কী ...।' *মানিক*, ১৯৪৭।

চোরাকারবারি, চোরাকারবারী [স চোর>+ফা কারবার>] *বি* অবৈধ ব্যবসায়ী। 'মজুতদার ও চোরাকারবারীদের ট্রাকগুলো যুদ্ধের কয়েক বছর ধরে সে চালিয়ে এসেছে।' *মাহেনও*, ১৯৪৯; 'চোরাকারবারি, মজুদদার, মুনাফাখোর ও ব্যবসায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের জন্য ...।' *বেগম*, ১৯৭২।

চোরাকোঠা [স চোর>+স কোষ্ঠ>] *বি* বাড়ির ভিতরের ছোটো গুপ্ত ঘর। 'হৃদয়ের ফাঁকে ফাঁকে কোন চোরাকোঠায় গিয়ে ঢোকে।' *রবীন্দ্র*, ১৯২৯।

চোরাগলি *বি* গোপন পথ। 'সেটা যথার্থই একটা পথ, চোরাগলি নয়।' *প্রমথ*, ১৯১৭।

চোরাগুপ্তি *বি* গোপন পথ বা উপায়। 'আইনের ফাঁকি দেওয়ার পথ-বিপথ চোরাগুপ্তিগুলিও আবিষ্কৃত হয়েছে।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

চোরা গোণ্ডা ১ *বি* গোপনে করা হয় এমন কাজ। 'বাজে দর্শকদের মধ্যে দু এক জন কুটিল চোরা গোণ্ডা মাচ্ছেন।' *হুতোম*, ১৮৬১। ২ *বিণ* গোপনে ও অতর্কিতে করা হয় এমন। 'সম্মুখসংগ্রামে পরাস্ত হয়ে তারা চোরাগোণ্ডা হামলা চালাচ্ছিল।' *মুরশিদ*, ১৯৭০।

চোরা গোপ্তান *বি* প্রকৃত বিষয় গোপন রাখা। 'আজ কালও অনেক কাগজে চোরা গোপ্তান চলে।' *হুতোম*, ১৮৬১।

চোরাচর *বি* ডুবোচর। 'নইলে তা যে কোনো সময় চোরাচরে আটকা পড়তে পারে।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

চোরা-চাওয়া *বি* গোপন চাহনি। 'সবাইকে লুকিয়ে ঐ একটি চোরা-চাওয়ায় ...।' *নজরুল*, ১৯২২।

চোরাচালান *বি* অবৈধভাবে আমদানি-রপ্তানি। 'চোরাচালান ও তাহারই অনুসঙ্গী কালোবাজারী যে বন্ধ হইবে।' *আজাদ*, ১৯৫৯।

চোরাচালানকারী *বি* অবৈধভাবে আমদানি-রপ্তানি করে যে। 'চোরাচালানকারীদের বিরুদ্ধে কঠোর সংগ্রাম চালাইয়া যাইতে হইবে।' *আজাদ*, ১৯৬০।

চোরাচালানী *বি* অবৈধভাবে আমদানি-রপ্তানি করে যে। 'কালোবাজারী ও চোরাচালানী সমাজে সদর্পে বিচরণ করিতেছে।' *আজাদ*, ১৯৫৬।

চোরাচোখ *বি* আড়নজর। 'কাজেই সুযোগ বুঝে চোরাচোখে এদিক-ওদিক তাকানো।' *আলাউদ্দিন*, ১৯৬০।

চোরা না শুনে ধর্মের/ধর্মের কাহিনী – খারাপ লোকে ভালো পরামর্শ শোনে না। 'মনে মনে বলিবে এ বেটা উঠে গেলে বাঁচি – চোরা না শুনে ধর্মের কাহিনী।' *প্যারী*, ১৮৫৯; 'কিন্তু চোরা না শুনে ধর্মের কাহিনী।' *রোকেয়া*, ১৯০৪।

চোরাবাজার [স চোর>+ফা বাজার] *বি* অবৈধ পণ্যের বাজার। 'চোরা-বাজারের থেকে তবু ঠুলি চাই।' *জীবন*, ১৯৩০।

চোরাবাজারী [স চোর>+ফা বাজার] *বি* অবৈধ ব্যবসা-বাণিজ্য করে যে। 'আড়তদার আর চোরাবাজারীর দল।' *মাহেনও*, ১৯৪৯।

চোরাবালি [স চোর>+স বালুকা] *বি* পানিতে ডোবানো ফাঁপা বালির চর, যার উপর ভর দিলে তা ডুবে যায়। 'বিরহের চোরাবালি বড়ই দুষ্কর।' *উমেশ*, ১৮৫৭।

চোরাবালু [স চোর>+স বালুকা] *বি* চোরাবালি। 'প্রিয়তমা, পথে পড়েনি তো চোরাবালু?' *শক্তি*, ১৯৬৫।

চোরা রাস্তা *বি* গুপ্তপথ। 'লোভের প্রকাশ্য ও চোরা রাস্তা দিয়ে কারখানাঘরে ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

চোরে [স চোর>] *বি* চুরি। 'সোনার ঘড়ী চোরে গিয়াছে।' *ডানকান*, ১৭৮৫।

চোরা[১] [স ক্ষুর>] *বি* ধান, ছুরি প্রভৃতির অগ্রভাগ। *মানোএল*, ১৭৪৩।

চোরো [চর>] *বিণ* নদী বা চর সংলগ্ন। 'ফোটা সরিষার পাপড়ির ভরে চোরো মাঠখানি কাঁপে থরে থরে।' *জসীম*, ১৯৩০।

চোলনা [স চোল>] *বি* নেংটি। 'চোলনা পরিধান কোপে বীর কম্পমান।' *মুকুন্দ*, ১৬০০।

চোলা *বি* জ্বালানি কাঠ; চেলা; চলা। *মানোএল*, ১৭৪৩।

চোলাই [হি চুলা>] *বিণ* পরিস্রুত। 'রসের বাজারে চোলাই করিতেছ।' *বঙ্কিম*, ১৮৮৭; 'যতই চোলাই করা যাক।' *রবীন্দ্র*, ১৯২২।

চোলাইখানা *বি* মদের কারখানা। 'রবীন্দ্রকাব্যের চোলাই-খানার দেশে তামাশা করাটা সব অবস্থাতেই সোজা।' *মানিক*, ১৯৩৯।

চোলানো [হি চুলা>] ১ *ক্রি* পরিস্রুত করা। 'বিশ্বজগৎকে ভাষা দিয়া মানুষের ভিতর দিয়া চোলাইয়া লইলে ...।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *ক্রি* মিশ্রণ করা। 'দর্শন ও বিজ্ঞান, রস ও তত্ত্ব একত্র চোলাইয়া একটা অপূর্ব আরক বানাইতেছিল।' *রবীন্দ্র*, ১৯১৪।

চোলি, চোলী [হি চোলী] *বি* কাঁচুলি। 'খসত বসন রসন চোলি বিগলিত বেণি লোলনি।' *গোবিন্দ*, ১৬০০; 'তাসের কাপড়ের ঘাঘড়া,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কিংখাপের চোলী, দিল্লির ওড়না ...।' *প্রমথ*, ১৯৪০।

চোষট্টি [পা চতুসট্ঠি] *বিণ* ৬৪ সংখ্যক। 'ক খ আদি ইঙ্গিতে চোষট্টি বর্ণ জানে।' *রূপরাম*, ১৭৫০।

চোষা *বিণ* চোষে এমন। 'মণ্ডালোষা দধি চোষা ঢোসা জল যত।' *গুপ্ত*, ১৮৫৮।

চোষ্য [স] *বিণ* চুষে খেতে হয় এমন। 'প্রতি ভাণ্ডারে চর্ব চোষ্য লেহ্য পেয় চারি প্রকার সাম্মগ্রী পরিপূর্ণ।' *রাজীব*, ১৮০৫।

চোষ্যা [স চোষ্য] *বিণ* চোষ্য। 'চৈব্যা চোষ্যা লেহ্যা পেয় খোজ্জএ যকল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

চোস্ত [ফা] **১** *বিণ* ক্ষীণ। 'গরমি কালের কারণ কিছু চোস্ত হইয়াছে।' *কেরী*, ১৮০১। **২** *বিণ* চতুর। 'প্রেমানন্দ জ্ঞানানন্দ হতে চালাক চোস্ত ও ধড়িবাজ লোক।' *হুতোম*, ১৮৬১। **৩** *বিণ* আঁটসাঁট; ঢিলা নয় এমন। 'একটি সাটিনের চোস্ত কুরতি ছিল।' *দীনবন্ধু*, ১৮৬৭। **৪** *ক্রিবিণ* চটপটে। 'বয়স কম চোস্ত কাজ করে।' *জীবন*, ১৯৩২। **৫** *বিণ* চমৎকার। 'বলেছো তো বেশ চোস্ত।' *অন্নদা*, ১৯৪২। **৬** *বিণ* উঁচু মানের। 'রেডিয়োওয়ালার চোস্ত ফার্সী জানার কথা।' *মুজতবা*, ১৯৪৯। **৭** *বিণ* দক্ষ। 'হাত কত চোস্ত হলে তাড়াতাড়ির মধ্যে এমন নিখুঁত গর্ত হয়।' *মনোজ*, ১৯৬১। **৮** *বিণ* নির্ভেজাল। 'বাইরের লোকের সামনে চোস্ত ক্যালকেশিয়ান।' *সুনীল*, ১৯৭০।

চোস্তো [ফা] *বিণ* দারুণ; চমৎকার। 'তোফাই। উম্‌দা চিজই বটে, আমীর-ওমরাদের আর অপরাধ কি দস্তরমতোই চোস্তো খাবার।' *শিবরাম*, ১৯৪০।

চোহাড় *বি* বন্য জাতিবিশেষ। 'অতি নিচ কুলে জন্ম জাতিতে চোহাড়।' *মুকুন্দ*, ১৬০০। *দ্র* **চোয়াড়**

চোহেল [হি চুহল] *বি* মুখরিত আনন্দ-উৎসব। 'কেউ ষেটের কোলে, ষাট বৎসরে পদার্পণ করে আপনার জন্মতিথির দিন গ্যাসের আলোয় গেট, নাচ ও ইংরেজদের খানা দিয়ে চোহেলের এক শেষ করেন।' *হুতোম*, ১৮৬১।

চৌ [পা চতু] *বিণ* চার সংখ্যক। 'চৌদ চৌ যুগ আয়ু লঙ্কার রাবণ।' *বড়ু*, ১৪৫০।

চৌচালা *বি* চারটি চালওয়ালা ঘর বা মন্দির। *ওর্সা*, ১৭৮৫।

চৌআড়ি, চৌআরি [স চতুর্দ্বারী] **১** *বিণ* চার চালাবিশিষ্ট। 'চৌআড়ি মন্দির অতি বিবিধ শোভন।' *বাহরাম*, ১৬৫০। **২** *বি* পাঠশালা। 'সেই কন্যা মনোরঙ্গে ... অই চৌআড়িত নিত্য যাএ।' *বাহরাম*, ১৬৫০। **৩** *বি* বৈঠকখানা। 'ঘরে ঘরে সকলের সুবর্ণ চৌআরি।' *আলাওল*, ১৬৮০।

চৌকরা [স চতুষ্ক] *বি* অলঙ্কারবিশেষ। 'মুক্তার চৌকরা পাইলেন।' *দর্পণ*, ১৮২৫।

চৌকশ [হি চৌকস] *বিণ* নিশ্চিন্ত। 'নির্বিবাদ চৌকশ ঘুমে।' *জীবন*, ১৯৪৮। *দ্র* **চৌকোস**

চৌকষ [হি চৌকস] *বিণ* পরিশ্রমী। *মানোএল*, ১৭৪৩। *দ্র* **চৌকোস**

চৌকা [স চতুষ্ক] *বিণ* চার কোণবিশিষ্ট। 'শয্যার নীচে যথার্থই একখানি চৌকা তক্তা।' *বঙ্কিম*, ১৮৮২।

চৌকাট, চৌকাঠ [হি চৌখট] *বি* দরজার চারপাশের ফ্রেম বা কাঠামো। 'সূত্র ধরিআ ভিত দিল চারি পাট জৌ ঝান-কাট কৈল কপালি চৌকাট।' *মুকুন্দ*, ১৬০০; 'করিয়া লোহার পাট দিল চারি চৌকাঠ।' *কেতকা*, ১৬৫০।

চৌকাঠ মাড়ানো *ক্রি* বাড়িতে আসা; দরজা দিয়ে ঢোকা। 'কখনও সে চৌকাঠ মাড়ায় নাই।' *বঙ্কিম*, ১৮৭৮; 'একদিনও তো আমাদের চৌকাঠ মাড়াননি।' *রবীন্দ্র*, ১৯০২।

চৌকান্ত [স চতুষ্ক] *বিণ* চার কোনাবিশিষ্ট। *ওর্সা*, ১৭৮৫।

চৌকি[১]**, চৌকী** [স চতুষ্কী] **১** *বি* ঘাঁটি; পাহারার স্থান। 'পাষাণ পাঁচির বেড়ি রাত্রি দিবা চৌকি এড়ি পুরুষ কেমনে গেল তথা।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বি* চৌকিদার। 'চৌদিগে সহরপনা দ্বারে চৌকী কত জনা।' *ভারত*, ১৭৬০। **৩** *বি* ফাঁড়ি। 'তার আগে দড় দড়, পাঠানের চৌকী বড়।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৪** *বি* শুল্ক আদায়ের জায়গা। *ওর্সা*, ১৭৮২; 'আমীন সাহেবের তস্মাৎ যথাকার ব্যাপ্য যে চৌকী হয় তথায় পাঠাইয়া দিবেন।' *ফরস্টার*, ১৭৯৭। **৫** *বি* পাহারা। 'সন্তান হইলেই তাহাকে মারিব, এই নিশ্চয় করিয়া ... চৌকি বসাইলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

চৌকিখানা [স চতুষ্কী+ফা খানাহ্] *বি* ফাঁড়ি; থানা। *ওর্সা*, ১৭৮৫।

চৌকিদার, চৌকীদার [স চতুষ্কী+ফা দার] *বি* পাহারাদার। 'চোরে চৌকিদার বান্ধে।' *বিজয়*, ১৬৫০; 'সাতজন দেশী চৌকীদারের হাজিরি করিয়া রিপর্ট দাখীল করিয়াছিলাম।' *ভেরলি*, ১৭৮০।

চৌকিদারি, চৌকিদারী [স চতুষ্কী+ফা দার>] **১** *বি* পাহারাদারের জন্যে কর। 'নিলাম হইলে চৌকিদারি ও খাজনা কিম্বা টেকস দিগর যাহা লাগে।' *ক্যালেণ্ডে*, ১৭৮৪। **২** *বি* পাহারা দেওয়ার কাজ। 'সর্দার তখন চৌকিদারী করি।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

চৌকীদারান [স চতুষ্কী+ফা দারান] *বি* গ্রামের অথবা পুলিশ ফাঁড়ির পাহারাদারগণ। *ওর্সা*, ১৭৮২।

চৌকি[২] [স চতুষ্কী] **১** *বি* চেয়ার; টুল। *মানোএল*, ১৭৪৩; *ওর্সা*, ১৭৮৫। 'সমাদর পুরঃসরে, যত্ন করে বসিবারে, চৌকি আনি দিল।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৬; 'বারান্দায় চৌকি লইয়া বসিয়া আছি।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বি* চার পায়াযুক্ত কাঠের খাট। 'প্রহরী ঘুমায় সভে চৌকির উপর।' *রূপরাম*, ১৭৫০।

চৌকীয়াত [স চতুষ্কী>] *বি* রাজস্ব আদায়ের স্থান অথবা পাহারা। 'নমক চৌকীয়াতের যে আমলারা নিষেধিত নমকের কারবারের বারণার্থ ...।' *ফরস্টার*, ১৭৯৭।

চৌকে [স চতুষ্ক] *বিণ* চার সংক্রান্ত। 'প্রথমে কড়াকে গণ্ডাকে বুড়কে চৌকে নামতা পর্য্যন্ত।' *ভবানী*, ১৮২৫।

চৌকো [স চতুষ্ক] **১** *বি* চারকোনা ছাঁচ। 'কাঠের চৌকোয় মাটি ঢেলে তার উপর সে ছোটো ছোটো ঝিনুক সাজাত।' *রবীন্দ্র*, ১৯২২। **২** *বিণ* চারকোনা। 'চামড়ার স্ট্র্যাপ দিয়ে বাঁধা একটা চৌকো থলি।' *রবীন্দ্র*, ১৯২৮।

চৌকোড়্হি [স চতুষ্কোটি] *বিণ* চার কোটি। 'চৌকোড়্হি বিমুকা জইসো তইসো হোই।' *চর্য্যা* ৩৭, ১২০০।

চৌকোণ [স চতুষ্কোণ] *বিণ* চার কোণবিশিষ্ট। 'সম্মুখে অন্তঃপুরের আঙিনা ঘেরিয়া চৌকোণ বারান্দা।' *রবীন্দ্র*, ১৯১২।

চৌকোনা [স চতুষ্কোণ] *বিণ* চার কোণবিশিষ্ট। 'বাড়িগুলো চৌকোনা।' *রবীন্দ্র*, ১৮৮১; 'সুন্দর সপরিকল্পিত চৌকোনা আসন।' *জসীম*, ১৯৬১।

চৌকোশ [হি চৌকস] **১** *বিণ* কাজের উপযুক্ত। 'কাজেই যা গোল, তাকে তিনি চৌকোশ করবার প্রস্তাব করেছিলেন।' *প্রমথ*, ১৯১৯। **২** *বিণ* মুগ্ধ করে এমন। 'যেমন সুন্দর চেহারা তেমনি চৌকোশ কথাবার্তা।' *সুনীল*, ১৯৭০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চৌকো শাক *বি* শাকবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫।

চৌকোষ [হি চৌকস] *বিণ* মজবুত ও সুন্দর। 'বড়ো বড়ো চৌকোষ থাম সেকালের স্মৃতি বহন করছে।' *প্রমথ*, ১৯৪১।

চৌকোস [হি চৌকস] *বিণ* সকল বিষয়ে পারদর্শী। 'আজকালকার ছেলেরা কি চৌকোস।' *প্রমথ*, ১৯২৭।

চৌক্ষ [স চক্ষু] *বি* চোখ। 'তবে কেন কানা চৌক্ষের ঔষধ না কর।' *বিজয়*, ১৬৫০।

চৌখ [সচক্ষু] *বি* চোখ। 'নাহি তার দুয়ি চৌখে লাজে।' *বড়ু*, ১৪৫০।

চৌখ ঠারা *ক্রি* চোখ দিয়ে ইঙ্গিত করা। *মানোএল*, ১৭৪৩।

চৌখের বালি *বি* চোখের বালি। 'ননদী দেখয়ে চৌখের বালি।' *দ্বিচন্ত্রী*, ১৬০০।

চৌখণ্ড [স চতুঃ-খণ্ড] *বিণ* চার টুকরা। 'খণ্ডে খণ্ডে চৌখণ্ড বুরুজ বহুতর।' *আলাওল*, ১৬৮০।

চৌখণ্ডি [স চতুঃ-খণ্ড] *বিণ* চৌচালা। 'বিচিত্র চৌখণ্ডি ঘর দেখিতে সুন্দর।' *মালাধর*, ১৫০০।

চৌখার [চৌ+ফা খার] *বি* কাঁটাময় চতুর্দিক। 'চাহিতে চৌখার দেখে চমকে শরীর।' *মানিকরাম*, ১৭৮১।

চৌখুপ্পি [চৌ+স ক্ষুপ>] *বিণ* চেককাটা; চারকোনা নকশা-আঁকা। 'চৌখুপ্পি কম্বল জড়িয়ে।' *জীবন*, ১৯৪৮।

চৌখুরি, চৌখুরী [চৌ+স ক্ষুর>] *বি* চার পায়াযুক্ত পিঁড়ি; চৌকি। 'চন্দন চৌখুরি দিল রত্ন কণ্ঠমালা।' *মুকুন্দ*, ১৬০০; 'চন্দন চৌখুরী দিল ঝারি কণ্ঠমালা।' *মুকুন্দ*, ১৬০০।

চৌগুন [স চতুর্গুণ] *বিণ* চার গুণ। 'মনে পাওল ভেল চৌগুন বাদি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চৌগুনা [স চতুর্গুণ] *বিণ* চার গুণ সম্পন্ন। 'সৈয়দগিন্নী তেগুনা কিংবা চৌগুনা আয়ের ব্যবস্থা করে।' *কায়সার*, ১৯৬৫।

চৌগোঁপ্পা [চৌ+স গুম্ফ>] *বিণ* দাড়ি দুই ভাগ করে উপর দিকে গোঁফের সাথে তুলে দেওয়া হয়েছে এমন। 'বাবুরামবাবু চৌগোঁপ্পা ...।' *প্যারী*, ১৮৫৮।

চৌগোঁফা [চৌ+স গুম্ফ>] *বিণ* দাড়ি দুইভাগ করে উপর দিকে গোঁফের সাথে তুলে দেওয়া হয়েছে এমন। 'চৌগোঁফা মুজাই দাড়ি, খুলিয়াছে ভাল।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'নির-গোঁফের নাকে চড়ে ইঁদুর চৌগোঁফা।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

চৌঘড়া *বি* বাদ্যযন্ত্রবিশেষ; নহবত। 'চৌঘড়া বাজল না।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

চৌঘুড়ি, চৌঘুড়ী [চৌ+স ঘোটক] *বি* চার ঘোড়ার গাড়ি। 'শিঙ্গাকাড়া করতল চৌঘুড়ি ঘোড়ায়।' *কৃষ্ণরাম*, ১৭২০; 'চৌঘুড়ী, ডেঁপু, মোসাহেব ও রাঁড়ের ছড়াছড়ি।' *হুতোম*, ১৮৬১।

চৌচল্লিশ [পা চতুশ্চত্বারীসা] *বিণ* চুয়াল্লিশ। 'চৌচল্লিশ বাব কথা শুন অনুভাএ।' *আলাওল*, ১৬৮০।

চৌচির [চৌ+স চীর] *বিণ* খণ্ডবিখণ্ড। 'পাথর ফাটিয়া শোকে হইল চৌচির।' *গরীব*, ১৭৬৫।

চৌচাপটে *ক্রিবিণ* পূর্ণ মাত্রায়। 'ইয়ার গোচের বামুনদিগের চৌচাপটে জিত।' *প্যারী*, ১৮৫৮।

চৌচাল [চৌ+স চাল] *বিণ* চার চালবিশিষ্ট। 'চৌচাল বাঙ্গলা শোভে বিশেষ জৌঘর।' *রূপরাম*, ১৭৫০।

চৌচালা [চৌ+স চাল] *বিণ* চার চালাবিশিষ্ট। *ওসাঁ*, ১৭৮৫।

চৌট [হি চোট] *বি* আঘাত। 'তোবের গোলার চৌটে নিপাত করিল।' *রামরাম*, ১৮০১।

চৌটখণ্ডী *বি* বাঙালি ব্রাহ্মণের পদবিবিশেষ। 'গঙ্গাধর চৌটখণ্ডী।' *সেবধি*, ১৮৪০।

চৌটি [চৌ>] *বি* চার ভাগের এক ভাগ। *হ্যালহেড*, ১৭৭৮।

চৌঠ [স চতুর্থ] *বিণ* চতুর্থ। 'চৌঠ পহরে গুণিআঁ পাঁচ সাতে।' *বড়ু*, ১৪৫০।

চৌঠমেতে *ক্রিবিণ* চতুর্থত। 'চৌঠমেতে নূর ছিতারা।' *লালন*, ১৮৯০।

চৌঠা [স চতুর্থ] **১** *বিণ* চতুর্থ। 'চৌঠা জ্বর।' *মানোএল*, ১৭৪৩। **২** *বিণ* (তারিখের ক্ষেত্রে) চার সংখ্যক। *য়েয়র্স*, ১৭৫৭।

চৌঠা জ্বর *বি* চার দিন পর পর আসে এমন জ্বর। *মানোএল*, ১৭৪৩।

চৌঠি [স চতুর্থী] **১** *বিণ* চতুর্থী। 'কী হমে সাঁঝক একসরি তারা ভাদর চৌঠিক সসী।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* চতুর্থাংশ। 'পিণ্ডাভোগের এক চৌঠি পাঁচ গণ্ডার ব্যঞ্জন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চৌড়া [হি চৌড়া] *বিণ* চওড়া। *মানোএল*, ১৭৪৩; 'আর জে সকল জিনিষ ছিল তাহার জায়দাদ সিন্দুক লম্বা ১২ ইঞ্চি চৌড়া ৯ ইঞ্চি উঁচা ৭ ইঞ্চি।' *কালেগ*, ১৮০০।

চৌড়াই *বিণ* প্রস্থবিশিষ্ট। 'অমন লম্বাই চৌড়াই কর কেন।' *গিরিশ*, ১৮৯৬।

চৌত [হি চৌথ] *বি* প্রজার উপস্বত্বের চার ভাগের এক ভাগ। 'চৌত দিতে হবে।' *গিরিশ*, ১৮৮৭।

চৌতরা [ফা চবতরাহ] **১** *বি* চত্বর। 'আর যত লোক সব চৌতরা দালানে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* সভাগৃহ। *মানোএল*, ১৭৪৩।

চৌতলা [স তলা>] *বি* চারতলা। 'চৌতলাতে একটা ধারে জানালাখানার ফাঁকে/ প্রদীপশিখা ছুঁচের মতো বিঁধছে আঁধারটাকে।' *রবীন্দ্র*, ১৮৩৭।

চৌতাল [চৌ+স তাল>] *বি* (সংগীত) তালবিশেষ; দুই মাত্রার পর্ববিশিষ্ট বারো মাত্রার তাল। 'আমারদিগের সর্ব্বাঙ্গে বিবস্ত্র করিয়া খেমটা আড়খেমটা চৌতাল ঝাঁপতাল বাজাইলে ছেনাল বলে না।' *ভবানী*, ১৮২৮; 'ইহা চৌতালও নহে, একতালও নহে।' *রবীন্দ্র*, ১৯১৭।

চৌতালা [চৌ+স তলা>] *বিণ* চার তলাবিশিষ্ট। 'এক উত্তম চৌতালা বাটী লওয়া গিয়াছে।' *দর্পণ*, ১৮২৭।

চৌতিশ [স চতুস্ত্রিংসতি] *বিণ* ৩৪ সংখ্যক। 'ষোল নাম চৌতিশ বর্ণ চারিবেদ সার।' *রূপরাম*, ১৭৫০।

চৌতিশা *বি* চৌত্রিশটি ব্যঞ্জন বর্ণের প্রতিটিকে আদ্যক্ষর ধরে রচিত ছোটো ছোটো কবিতা বা পদসমষ্টি। 'বারমাস বিলাপএ চৌতিশা সহিত।' *বাহরাম*, ১৬৫০।

চৌতুলা *বি* এক ধরনের টুপি। 'চামের চৌতুলা শোভে শিরে।' *মুকুন্দ*, ১৬০০।

চৌত্র *বিণ* অভিযোগকারী। *মানোএল*, ১৭৪৩।

চৌত্রিশ [পা চতুস্ত্রিংসতি] *বিণ* ৩৪ সংখ্যক। 'চৌত্রিশ অক্ষরে বর্ণাইয়া কৈলা স্তব।' *ভারত*, ১৭৬০।

চৌথ [হি] **১** *বি* চার ভাগের এক ভাগ পরিমাণ। 'জমিদার মহাশয়রা চৌথ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অর্থাৎ চারিভাগের এক ভাগ লন।' *সত্যার্ণব*, ১৮৫৫। ২ *বি* গাছের উপর নিরূপিত করবিশেষ। 'আপনার জায়গায় গাছ তন্নেরি করিবে, তাহার চৌথ জমিদার পাইবে।' *সুলভ*, ১৮৭৩।

চৌথা [হি] *বিণ* চতুর্থ। 'তাঁকে চৌথা আসমানে লইয়া গেলেন।' *মনসুর*, ১৯৫০।

চৌথাই [হি চৌথা>] *বি* চার ভাগের এক ভাগ। 'চৌথাই সেলামি দিয়া আপন নামে পাট্টা করিয়া লইবা।' *ওসাঁ*, ১৭৮২।

চৌদ [পা চতুদ্দস] *বিণ* চতুর্দশ সংখ্যক। 'চৌদ চৌ যুগ আয়ু লঙ্কার রাবণ।' *বড়ু*, ১৪৫০।

চৌদল [স চতুর্দোল] *বি* চতুর্দোল। 'আস্থবেস্থ দুলিআ চৌদল করে কান্দে।' *মুকুন্দ*, ১৬০০।

চৌদানি, চৌদানী [চৌ+ফা দানাহ>] *বি* কানের অলংকার বিশেষ। 'যথা, দমদম, চৌদানি, বোন্দা, দোলড়া ...।' *ভবানী*, ১৮২৮; 'কেহ কেরাপাত পরে কেহ বা চৌদানী।' *রামনারায়ণ*, ১৮৫৪।

চৌদিক, চৌদিগ [স চতুর্দিক] *বি* চতুর্দিক। 'চৌদিগে গোপিনিগণ মদ্ধে নন্দবালা।' *মালাধর*, ১৫০০; 'চৌদিকে লোক বলি উঠে হরি হরি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চৌদিশ, চৌদীস [স চতুর্দিশ্] *বি* চারদিক। 'বেঢ়িল হাক পড়অ চৌদীস।' *চর্যা* ৬, ১২০০; 'সখিজন হুলাহুলী পাড়ে চৌদিশে।' *বড়ু*, ১৪৫০।

চৌদুন [স চতুর্গুণ] *বিণ* (সংগীত) চারগুণ দ্রুততাসম্পন্ন। 'দম দিয়ে কলের তাল দুন চৌদুন করা শক্ত নয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

চৌদুলি [স চতুর্দোল] *বি* পেশাজীবী সম্প্রদায়বিশেষ। 'চৌদুলি চুনারি মাঝি কোরঙ্গা দেখায় বাজি।' *মুকুন্দ*, ১৬০০।

চৌদোল [স চতুর্দোল] *বি* এক প্রকার পালকি। 'ডগমগ চৌদোল চাইতে।' *সত্যেন্দ্র*, ১৯১০।

চৌদোলা [স চতুর্দোল] *বি* এক প্রকার পালকি। 'চৌদোলায় সালঙ্কারা সুন্দরী বধূ।' *নরেন্দ্র*, ১৯৪৮।

চৌদ্দ [পা চতুদ্দস] *বিণ* চোদ্দ (১৪) সংখ্যক। 'আড়ে চৌদ্দকোস বঠে গোবর্দ্ধন গিরি।' *মালাধর*, ১৫০০।

চৌদ্দআনা *বিণ* সিংহভাগ। 'রিলিফ ফাণ্ডের টাকার চৌদ্দআনা কর্মীদের ভরণ-পোষণে ব্যয় হইতেছে।' *মনসুর*, ১৯৩৫।

চৌদ্দ কলা *বি* (সংগীত) তালবিশেষ। 'লঘু ১৪ চৌদ্দ কলা। পরে গুরু।' *বড়ু*, ১৫৭০।

চৌদ্দ পুরুষ *বি* পূর্বপুরুষ। 'তাহার চৌদ্দ পুরুষের জাতটা বিসর্জন দিয়া।' *শরৎ*, ১৯১৮।

চৌদ্দপুরুষের চল্লিশার আয়োজন হওয়া– অশ্রাব্য ভাষায় গালাগাল করা। 'আজহার ও তার চৌদ্দপুরুষের চল্লিশার আয়োজন হইতেছিল দরিয়াবিবির ঠোঁটে।' *শওকত*, ১৯৫৮।

চৌদ্দপেয়ে *বিণ* চতুর্দশপদী; চৌদ্দপংক্তিবিশিষ্ট। 'আমি লিখি ... চৌদ্দপেয়ে কবিতা।' *প্রমথ*, ১৯২০।

চৌদ্দ পোয়া *বি* এক ধরনের শান্তির নাম (দুই পায়ের পাতা সাড়ে তিন হাত দূরত্বে রেখে রোদে দাঁড় করিয়ে রাখা)। 'শুনি চৌদ্দ পোয়ার কথা/ কুড়ো কাঠা কই আন্দাজে।' *লালন*, ১৮৯০।

চৌদ্দ ভুবন *বি* (বৈষ্ণব) সপ্ত স্বর্গ ও সপ্ত পাতাল অথবা চৌদ্দ ইন্দ্রিয় বিশিষ্ট দেহ। 'চৌদ্দ ভুবনে ভুবন তিন।' *চণ্ডী*, ১৫৫০।

চৌদ্ধ [পা চতুদ্দস] *বিণ* চোদ্দ (১৪) সংখ্যক। 'পৈতালিস তঙ্কা চৌদ্ধ আনা আট গণ্ডা খাজনা সহি দিবা।' *মেয়র্স*, ১৭৬৪। দ্র **চৌদ্দ**

চৌধর *বি* ঘোড়ার প্রজাতিবিশেষ। 'পঞ্চমাল আনচাল মমছি চৌধর।' *আলাওল*, ১৬৮০।

চৌধুরাণী [স চতুর্ধুরা] *বি* স্ত্রী পদবি বিশেষ। 'বুঝি দেবী চৌধুরাণী হরবোলা।' *বঙ্কিম*, ১৮৮২।

চৌধুরি, চৌধুরী [স চতুর্ধুরী] ১ *বি* মোড়ল। 'সঙ্গ্রাম মুলুকের যে হয় চৌধুরী।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* গ্রামের প্রধান। *হ্যালহেড*, ১৭৭৩। ৩ *বি* জমিদার। *ওসাঁ*, ১৭৮৫। ৪ *বি* বাঙালি পদবি বিশেষ। 'তাহার টরণি শ্রীযুত লালমোহন চৌধুরি।' *দর্পণ*, ১৮২০; 'রাজকৃষ্ণ চৌধুরী।' *দর্পণ*, ১৮৩০।

চৌপদী [চৌ+স পদী] *বি* সংগীতবিশেষ। 'মথুরাজীব, চৌপদী, রসকদমী; এই তিন রকম গান শিকিচি।' *ভবানী*, ১৮২৮।

চৌপর[১] [চৌ+স প্রহর] *ক্রিবিণ* চার প্রহর ধ'রে। 'চারিজন বসি পারে খেলিতে চৌপর।' *আলাওল*, ১৬৮০।

চৌপর[২] [চৌ+স পল>] *বি* টুপি। 'ফুলের চৌপর শিরে, ফুল-মালা গলে।' *মাইকেল*, ১৮৬৬।

চৌপল [হি চৌপাল] ১ *বি* চারকোনা বিশিষ্ট সভাগৃহ। *ওসাঁ*, ১৭৮২। ২ *বি* চারকোনা বোতল। 'চৌপলের শোলার ছিপিটি খুলে ফেল্লেন।' *হুতোম*, ১৮৬১।

চৌপাঈ [হি] *বি* চারপদবিশিষ্ট কবিতা। 'হিন্দুস্তানী ভাষে সেই চৌপাঈ ছন্দ।' *আলাওল*, ১৬৮০।

চৌপাড়ি, চৌপাড়ী [স চতুষ্পাঠী] ১ *বি* টোল; স্কুল। *মানোএল*, ১৭৪৩; 'চৌদিকে চৌপাড়িময়, পাঠ চায় পড়ুয়াচয়।' *রামপ্রসাদ*, ১৭৮০। ২ *বি* গ্রন্থাগার। *ওসাঁ*, ১৭৮৫। ৩ *বি* টোল; হিন্দুশাস্ত্র শেখার বিদ্যালয়। 'অন্য২ শাস্ত্রের টোল চৌপাড়ী সর্ব্বত্র বাহুল্যরূপে আছে।' *দর্পণ*, ১৮২৮।

চৌপায়া [চৌ+স পাদ] ১ *বিণ* চার পাওয়ালা। 'টেবিলের উপরে চৌপায়া তেলের লণ্ঠন জ্বলিতেছে।' *বিভূতি*, ১৯২৯। ২ *বি* চারটি পায়া দিয়ে তৈরি ছোটো আসনবিশেষ। 'চৌপায়া নিয়ে আয়, শিগগির।' *তারা*, ১৯৪০।

চৌবাচ্চা, চৌবাচ্ছা [ফা] *বি* পানি রাখার চারকোনা আধার। 'ভড়দেশের এক মন্দির ও চৌবাচ্চা পুনর্ম্মুদ্রন করেন।' *দর্পণ*, ১৮৩২; 'কয়েকটী চৌবাচ্ছা বা পুকুর আছে।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

চৌবাচ্চাঘর *বি* যে ঘরে পানি রাখার চৌবাচ্চা স্থাপিত। 'এখন কুঠির ভাঙা চৌবাচ্চাঘর, জ্বালঘর ... ইটের স্তূপে পরিণত হইয়াছে।' *বিভূতি*, ১৯২৯।

চৌবাড়ী [স চতুষ্পাঠী] *বি* টোল; সংস্কৃত শিক্ষাকেন্দ্র। 'গ্রামে২ চৌবাড়ী ও পাঠসালা ও মকতবখানা।' *রামরাম*, ১৮০১।

চৌবেড় [স চতুর্বেষ্টনী] *বি* চারদিক। 'বেড়িবে চৌবেড়ে ময়না বিশিষ্ট বাহ্লিত।' *মানিকরাম*, ১৭৮১।

চৌবেদী [স চতুর্বেদী] *বি* এক শ্রেণীর ব্রাহ্মণ। 'কত কত দোবেদী, চৌবেদী ... ব্রহ্মচারী স্তোত্র পাঠ করিতেছেন।' *প্যারী*, ১৮৫৮।

চৌমহলা [চৌ+আ মহল>] *বিণ* চার মহলবিশিষ্ট। 'উত্তর দক্ষিণ দিঘল - চৌমহলা সে ঘর।' *রামরাম*, ১৮০১।

চৌমাথা [স চতুঃ>] *বি* চার পথের মিলনস্থল। 'দেখিলাম, চৌমাথার কাছে, একটি ছোট বালক।' *মদনমোহন*, ১৮৪৯।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চৌষক [স] *বিণ* চুম্বকের আকর্ষণ-শক্তিবিশিষ্ট। 'বৈদ্যুতীয় বলে, বা চৌষক বলে।' *বঙ্কিম*, ১৮৭৫।

চৌয়ান্ন [পা চতুপঞ্ঞাসা] *বিণ* চুয়ান্ন সংখ্যক। 'আচার্য্য কহে নীলাচলে থাও চৌয়ান্নবার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

চৌয়ার *বি* পাশা খেলায় চার সংখ্যক দান। 'বিদু পেল্যা সদাগর পেলিল চৌয়ার।' *মুকুন্দ*, ১৬০০।

চৌয়াল্লিশ [পা চতুচত্তালীসা] *বিণ* চুয়াল্লিশ সংখ্যক। *হ্যালহেড*, ১৭৭৮; 'চৌদ্দ লক্ষ চৌয়াল্লিশ হাজার চারি শত সাতাশী জন লোক।' *দর্পণ*, ১৮১৯।

চৌর [স] **১** *বি* চোর। 'কানেট চৌরি [চৌর+ই] নিল অধরাতী।' *চর্যা* ২, ১২০০; 'জো যো চৌর সৌ দুষাধী।' *চর্যা* ৩৩, ১২০০। **২** *বিণ* অভিযোগকারী। *মানোএল*, ১৭৪৩।

চৌরতুল্য [স] *বিণ* চোরের মতো। 'চৌরতুল্য দাসে মাতা কর পরিত্রাণে।' *মুকুন্দ*, ১৬০০।

চৌরসংজ্ঞা [স] *বি* চোরে চোরে চেনাজানার জন্য নানারকম গোপন-সংকেত। 'দেবভাষায় এ-জিনিসের নাম চৌরসংজ্ঞা।' *মনোজ*, ১৯৬১।

চৌরঙ্গি [হি চৌরঙ্গ] *বি* হাত-পা বিচ্ছিন্ন অবস্থা। 'রহিল চৌরঙ্গি হই ধরণীত গড়ি।' *সুলতান*, ১৭০০।

চৌরঙ্গিয়া [হি চৌরঙ্গ] *বি* পক্ষাঘাত-রোগী। *মানোএল*, ১৭৪৩।

চৌরঙ্গিবাত [হি চৌরঙ্গ] *বি* এক প্রকার বাতরোগ। 'জাতিটাকে যখন চৌরঙ্গিবাতে ধরল ...।' *অবন*, ১৯২৫।

চৌরস [স চতুরস্র] *বিণ* চারকোনা ভাঁজবিশিষ্ট। 'চৌরস করিয়া পাত্র শ্রীমুখ করিল।' *মানিকরাম*, ১৭৮১।

চৌরানয়ি [পা চতুনবুতি] *বিণ* চুরানব্বই। *হ্যালহেড*, ১৭৭৮।

চৌরাম করা *ক্রি* কারও বিরুদ্ধে অভিযোগ করা। 'চৌরাম্ করিতে।' *মানোএল*, ১৭৪৩।

চৌরাশি, চৌরাশী, চৌরাসি [পা চতুরাসীতি] *বিণ* চুরাশি সংখ্যক। চৌরাসি নরক কুণ্ড জত জমলোকে।' *মালাধর*, ১৫০০; 'চৌরাশী-ক্রোশ সেই খণ্ডের ময়াল।' *বৃন্দা*, ১৫৮০; 'লুট কর্য্যা খায় বাঘ চৌরাশি বাজার।' *রূপরাম*, ১৭৫০।

চৌরাস্তা [চৌ+ফা রাশতহ্>] *বি* চার রাস্তার মিলনস্থল। 'চৌরাস্তার বামপার্শ্বে ৬৬ নং বাটীভাড়া হইয়াছে।' *দর্পণ*, ১৮২৩।

চৌরাহ [চৌ+ফা রাহ] *বি* চৌরাস্তা। 'চৌরাহে যেথা যেথা লটকায় পরওয়ানা।' *গরীব*, ১৭৬৫।

চৌরি [স চৌর] *বিণ* গুপ্ত। 'তুহুঁ জদি কহসি করিএ অনুসঙ্গ/ চৌরি পিরীতি হএ লাখ গুন রঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

চৌরি ঝাড় *বি* গোপন স্থান। 'দুই পাশে চৌরি ঝাড়ে হাবেশী গোলাম।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চৌর্য, চৌর্য্য [স] *বি* চুরি। 'পরদার পরহিংসা পরধন চৌর্য্য।' *মালাধর*, ১৫০০।

চৌর্যকরণ [স] *বি* চুরির কাজ। 'চৌর্যকরণহেতু লাকেট সাহেবের বেত খাইয়া ...।' *ভবানী*, ১৮২৮।

চৌর্যক্রিয়া [স] *বি* চুরির কাজ। 'নগরে গুরুতর চৌর্যক্রিয়া আরম্ভ হইল।' *বিদ্যা*, ১৮৪৭।

চৌর্যবিদ্যা, চৌর্য্যবিদ্যা [স] *বি* চুরিবিদ্যা। 'মহোদয় নূতন গ্রন্থ প্রকাশে যে চৌর্য্যবিদ্যা প্রকাশ করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৯।

চৌর্যবৃত্তি, চৌর্য্যবৃত্তি [স] *বি* চুরির পেশা। *সেবধি*, ১৮৩৯; 'ধনলুব্ধ হইয়া চৌর্য্যবৃত্তি ও উৎকোচ গ্রহণে প্রবৃত্ত হয়।' *অক্ষয়*, ১৮৪৯; 'চৌর্যবৃত্তিকেই রাতারাতি ধনী হইবার একমাত্র পথ ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

চৌর্যাদি, চৌর্য্যাদি [স চৌর্য-আদি] *বি* চুরি এবং অনুরূপ খারাপ কাজ। 'ভ্রান্ত ও অশান্ত স্বান্ত হইয়া ... চৌর্য্যাদি বৃত্তিতেই বীর্য্য প্রকাশ করেন।' *ভবানী*, ১৮২৮।

চৌর্যাপরাধ [স চৌর্য-অপরাধ] *বি* চুরির অপরাধ। 'চৌর্যাপরাধে শূলে আরোহিত হইয়াছি।' *বিদ্যা*, ১৮৪৭।

চৌর্যার্থে, চৌর্য্যার্থে [স চৌর্য-অর্থ] *ক্রিবিণ* চুরি করার উদ্দেশ্যে। 'যেমত চোরেরা ধনবানেরদের বাটীতে চৌর্য্যার্থে গমন ...' *চণ্ডীচরণ*, ১৮০৫।

চৌশুরা *বিণ* চারটি। 'দেখো; সেই মস্তোকের চৌশুরা জোরা।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

চৌষট্টি [পা চতুসট্ঠি] **১** *বি* চৌষট্টি মাতৃকা (দেবী)। 'যাহা কহি আমি তাহা শুন তুমি শুনহ চৌষট্টি সনে।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বিণ* ৬৪ সংখ্যক। 'চৌষট্টি জুগিনী মেলে যুদ্ধ কৈল তোমা ঝিএ দেখ্যা।' *মুকুন্দ*, ১৬০০।

চৌষট্টি করা *ক্রি* প্রতিমা পূজা করা। 'চৌষট্টি করা।' *মানোএল*, ১৭৪৩।

চৌষাট [পা চতুসট্ঠি] *বিণ* চৌষট্টি সংখ্যক। 'চৌষাট লাখ তাত মোর দানে।' *বড়ু*, ১৪৫০।

চৌসট্টি [পা চতুসট্ঠি] *বিণ* চৌষট্টি সংখ্যক। 'পড়িল চৌসট্টি বিদ্যা গুরু সন্নিধানে।' *মালাধর*, ১৫০০।

চৌসঠী [স চতুসট্ঠি] *বিণ* চৌষট্টি সংখ্যক। 'এক সো পদমা চৌসঠী পাখুড়ী।' *চর্যা* ১০, ১২০০।

চৌহদ্দি [আ হদ্দ>] *বি* চারদিকের সীমানা। *বিদ্যা*, ১৮৯১; 'দক্ষিণদেশের নির্ভুল চৌহদ্দি নির্ণয় করে দেওয়া আমার সাধ্য নয়।' *প্রমথ*, ১৯১২।

চৌহরা [হি] *বিণ* চারদিকে প্রশস্ত। 'চৌহরা বাজার দেখে অনেক দোকান।' *কৃষ্ণরাম*, ১৭২০।

চৌহাত্তরি [পা চতুসত্ততি] *বিণ* চুয়াত্তর সংখ্যক। *ওর্মা*, ১৭৮২।

চৌহালিনী *বিণ স্ত্রী* আশঙ্কিত। 'আহ্মে নাগরী গোআলী বড়ায়ি চৌহালিনী।' *বড়ু*, ১৪৫০।

চ্ছল চ্ছল [ধ্বন্যা] *বি* নদীর পাড়ে জলের ঢেউয়ের আঘাত হানার শব্দ। 'নদীর চ্ছল চ্ছল শব্দে জেগে উঠলাম।' *জীবন*, ১৯৪২।

চ্ছাড়া *ক্রি* ত্যাগ করা। 'বাম দাহিণ দো বাটা চ্ছাড়ী সান্তি বুলথেউ সংকেলিউ।' *চর্যা* ১৫, ১২০০।

চ্ছিজ্জা [পা ছিজ্জতি] *ক্রি* ছেদ করা। 'নৌ দাঢ়ই নৌ তিমই ন চ্ছিজ্জই।' *চর্যা* ৪৬, ১২০০।

চ্ছিণালী [পা ছিণ্ণিকা] *বিণ স্ত্রী* ভ্রষ্টা। 'ভোংবিত আগলি ণাহি চ্ছিণালী।' *চর্যা* ১৮, ১২০০।

চ্ছেদন [স ছেদন] *বি* কর্তন। 'স্ত্রীলোক নষ্টা হইলে তৎক্ষণাৎ তাহার কর্ণ নাসিকা চ্ছেদন।' *দর্পণ*, ১৮২৫।

চ্ছেদস্থল [স ছেদস্থল] *বি* নিরসনের জায়গা। 'শাস্ত্রার্থের সন্দেহ চ্ছেদস্থল এরূপ অন্যত্র প্রায় নাই।' *দর্পণ*, ১৮২১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চ্যবনপ্রাশ [স] *বি* কবিরাজি ওষুধবিশেষ। 'যা চ্যবনপ্রাশ বলে কিনে আনা হয়।' *প্রমথ*, ১৯১২।

চ্যাটাই *বি* খেজুর বা নারিকেল জাতীয় গাছের পাতা থেকে তৈরি মাদুর। 'সে একটা চ্যাটাইয়ে শুয়েছিল।' *হাসান*, ১৯৬৯।

চ্যাংড়া [স চঙ্গ] *বি* অপরিণতবুদ্ধি পুরুষ। 'দোহাই বাবা চ্যাংড়া থাম!' *নজরুল*, ১৯৩১।

চ্যাংড়া-চিংড়ী *বি* অপরিণতবুদ্ধি তরুণ-তরুণী। 'চ্যাংড়া-চিংড়ীরা কী বেদম ফুর্তিটাই না করতে জানে।' *মুজতবা*, ১৯৫২।

চ্যাংড়ামি *বি* চেংড়ার ভাব। 'আওয়ামী লীগের এই সব চ্যাংড়ামি সেনাবাহিনী ঘুচিয়ে দিতে পারে।' *পাশা*, ১৯৭১।

চিংড়ি *বিণ* ছোটোখাটো ও ছটফটে। 'চিংড়ি বউদের ঠেকাবার জন্য সামাল সামাল রব পড়ে গিয়েছে।' *মুজতবা*, ১৯৪৯।

চ্যাংদোলা [স তুঙ্গ+স দোলন] *বি* দুই হাত দুই পা ধরে ঝুলিয়ে নিয়ে বহন। 'হ্যাংলা হাতি চ্যাংদোলা শূন্যে তাদের ঠ্যাং তোলা।' *সুকুমার*, ১৯১৮।

চ্যাঁচানি [চেঁচা>] **১** *বি* চিৎকার। 'প্যাঁচা কয় প্যাঁচানি খাসা তোর চ্যাঁচানি।' *সুকুমার*, ১৯১৮। **২** *বি* চেঁচামেচি। 'এত চ্যাঁচানি কিসের রে বাবু!' *মানিক*, ১৯৩৯।

চ্যাঁচানো [চেঁচা>] *ক্রি* চিৎকার করা। 'মস্তিষ্ক-বিকৃতি ঘটলে এমন সুর করে চ্যাঁচাতে পারে।' *নজরুল*, ১৯৩১।

চ্যাঁচারি *বি* বাঁশের চটা। 'বাঁশের চ্যাঁচারি পুরিয়া দিয়াছে।' *নজরুল*, ১৯৩১।

চ্যাগানো *ক্রি* দুই পা ফাঁক করে হাঁটা। 'ঠ্যাং চ্যাগাইয়া প্যাঁচা যায়।' *নজরুল*, ১৯৩১।

চ্যাঙারি [পা চঙ্গোটক] *বি* চওড়ামুখো ঝুড়িবিশেষ। 'চ্যাঙারি বোঝাই করিয়া আনিয়াছে।' *নজরুল*, ১৯৩১।

চ্যাটা [স কট] *বি* চাটাই। 'ভাঙ্গা কলসী ছেঁড়া চ্যাটা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

চ্যাটার্জি, চ্যাটার্জী [স চট্টোপাধ্যায়] *বি* বাঙালি ব্রাহ্মণ-পদবি চট্টোপাধ্যায়ের ইংরেজি প্রতিবর্ণিত রূপ। 'হিন্দু-বঙ্গের বহু সম্মানলব্ধ প্রতিনিধি মিঃ বি সি চ্যাটার্জী।' *আজাদ*, ১৯৩৬; 'ভারী রাশভারী মানুষ ননবী চ্যাটার্জি।' *নরেন্দ্র*, ১৯৪৮।

চ্যাটালো [স চিপিট] *বিণ* চ্যাপটা। 'আহ্নিকের সময় খ্যালবার তাসের মত চ্যাটালো সোণার ইষ্টি কবচ পরে থাকেন।' *হুতোম*, ১৮৬১।

চ্যানেল [ই] *বি* ইংল্যান্ড ও ফ্রান্সের মধ্যবর্তী প্রণালী। 'ব্রিটিশ চ্যানেল পার হবার সময় ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

চ্যান্সেলর [ই] *বি* বিশ্ববিদ্যালয়ের প্রধান। 'চ্যান্সেলর কথাটা মোনায়েম খান ঠিক মত উচ্চারণ করতে পারতেন না।' *পাশা*, ১৯৭১।

চ্যাপটা, চ্যাপ্টা [স চিপিট] **১** *বিণ* সমান্তরাল। 'ভূমিতে চ্যাপ্টা হইয়া আত্মগোপনপূর্বক ...।' *রবীন্দ্র*, ১৯০৮। **২** *বিণ* থ্যাবড়া। 'চ্যাপটা নাকেই বাজত সাতটা শাঁখ।' *নজরুল*, ১৯২৬; 'নাকটা ওইরকম চ্যাপ্টা।' *রবীন্দ্র*, ১৯৩২।

চ্যাপ্টার [ই] *বি* অধ্যায়। 'পড়িয়া ফেলেছি চ্যাপ্টার তিন।' *রবীন্দ্র*, ১৮৯০।

চ্যাম্পিয়ন [ই] *বি* প্রতিযোগিতামূলক খেলায় প্রথম স্থান অর্জনকারী ব্যক্তি; বিজয়ী ব্যক্তি। 'বক্সিং চ্যাম্পিয়ন।' *জীবন*, ১৯৩২।

চ্যাম্পিয়নশিপ, চ্যাম্পিয়নশীপ [ই] **১** *বি* বিজয়। 'এই প্রতিযোগিতায় ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপ লাভ করেন।' *বেগম*, ১৯৬২। **২** *বি* বিজয়ী নির্ধারণী প্রতিযোগিতা। 'ফুটবল লীগ চ্যাম্পিয়নশিপ।' *রশীদ*, ১৯৬৩।

চ্যারিটি [ই] *বি* বদান্যতা; সহানুভূতি। 'ইংরেজি ভাষায় যাকে চ্যারিটি বলে এর মধ্যে তা ছিল না।' *রবীন্দ্র*, ১৯৩১।

চ্যালা [হি চেলা] *বি* শিষ্য। 'আমার চ্যালাদের নিয়ে আমি ... পরীক্ষা করি।' *রবীন্দ্র*, ১৯১৫।

চ্যালা কাঠ [স চীর্ণকাষ্ঠ] *বি* চেরাই কাঠ। 'হজুরদের কাছে চ্যালা কাঠখানা, তামাক ছিলিমটে ও পানের খিলিটে আর ফেরে না।' *হুতোম*, ১৮৬১।

চ্যালেঞ্জ [ই] **১** *বি* প্রতিদ্বন্দ্বিতার আহ্বান। 'ইহা আমরা চ্যালেঞ্জ করিয়া বলিতে পারি।' *নজরুল*, ১৯২২। **২** *বি* কাউকে থামতে বলে পরিচয় দেওয়ার জন্য সান্ত্রি কর্তৃক উচ্চারিত নির্দেশ। 'সান্ত্রি একবার গুরুগম্ভীর আওয়াজে চ্যালেঞ্জ করলে, হল্ট, হু কামস দেয়ার।' *নজরুল*, ১৯২৪।

চ্যালেঞ্জ করা *ক্রি* শ্রেষ্ঠত্ব প্রমাণের জন্য প্রতিদ্বন্দ্বিতা আহ্বান করা। 'গ্রামের টিম এসে আমাদের চ্যালেঞ্জ করল ফুটবল ম্যাচে।' *শিবরাম*, ১৯৪০।

চ্যুত [স] **১** *বিণ* বিচ্যুত; বিচ্ছিন্ন। 'অচ্যুত বলেন তুমি দৈবে জীবসখা।' *বৃন্দা*, ১৫৮০; 'ঘন কাঁপে অঙ্গ, কক্ষচ্যুত হেমঘট।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *বিণ* বিতাড়িত। 'তুই স্বর্গ হইতে চ্যুত হইয়া মর্ত্যলোকে গর্দভরূপে থাক।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

চ্যুতবৃন্ত [স] *বিণ* বোঁটা থেকে খসে পড়েছে এমন। 'তরুতলে চ্যুতবৃন্ত মালতীর ফুল।' *রবীন্দ্র*, ১৯০৩।

চ্যুতি [স] *বি* বিকৃতি। 'অনেক২ স্থানে বর্ণচ্যুতি ও পয়ারভঙ্গ ... নানা দোষ হইয়াছে।' *দর্পণ*, ১৮২৯; 'তোমার ভাষায় চ্যুতি হয়েছে।' *রবীন্দ্র*, ১৮৮৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ছ

ছ[১] বাংলা ব্যঞ্জন ধ্বনি ও বর্ণবিশেষ। '৬ ষষ্ঠ ছ ছেঁচড়ামি।' *ভবানী*, ১৮২৮।

ছ[২] [পা] *বিণ* ছয় সংখ্যক। 'ছ মাসের মড়া হয়্যা জলে ভাস্যা যায়।' *রূপরাম*, ১৭৫০।

ছটা *বিণ* ছয়টা। 'ছটা ছিল গরশাল ছটা ছিল মেকী।' *রামপ্রসাদ*, ১৭৮০।

ছটি *বিণ* ছয়টি। 'কান্দি ছটি পুত্র শোকে।' *কেতকা*, ১৬৫০।

ছনম্বরী [ছ+ই নম্বর>] *বিণ* ছয় নম্বর মাপবিশিষ্ট। 'আমার ছনম্বরী পা-কে আটনম্বরী পরাতে যাব নাকি?' *মুজতবা*, ১৯৫৯।

ছ-পাই ন-পাই [ধ্বন্যা] ১ *বি* ভীরুতা। 'বুকের ভিতর ছ-পাই ন-পাই, মুখে বলিস স্বরাজ চাই।' *নজরুল*, ১৯২৪। ২ *বি* দুরুদুরু শব্দ। 'বুকের ভেতর ছপাই নপাই ধুকপুকুনির চোটে।' *নজরুল*, ১৯২৬।

ছ-ফুটি [ছ+ই ফুট>] *বিণ* ছয় ফুট দৈর্ঘ্যবিশিষ্ট। 'দেখি সামনে এক ছ'ফুটি পাণ্ডা।' *মুজতবা*, ১৯৫৯।

ছই[১] [পা ছুপতি] *ক্রি* ছুঁই। 'ছই ছোই জাই সো বান্ধ নাড়িআ।' *চর্যা* ১০, ১২০০।

ছই[২] [স ছদি] ১ *বি* ছাউনি। 'ঘন ঘন ঝড়ে ছই গেল উড়ে।' *কেতকা*, ১৬৫০। ২ *বি* নৌকার অর্ধগোলাকার ছাদ বা চাল। 'ছইয়ের এ-মাথা দিয়ে বেড়িয়ে যাত্রী ভদ্রলোকটি তার সামনে এসে দাঁড়াল।' *ওয়ালী*, ১৯৪৫।

ছইওয়ালা [ছই+হি ওয়ালা] *বিণ* ছাউনিযুক্ত। 'যজ্ঞেশ্বর ছইওয়ালা গরুর গাড়ির যোগাড় করিতে লাগিলেন।' *রবীন্দ্র*, ১৯০০।

ছইশূন্য [ছই+স শূন্য] *বিণ* ছই নেই এমন। 'আবহা-আবহা ভোরে পড়ে ঘাটে বাঁধা ছইশূন্য ভারি খেয়া নৌকাটা।' *ওয়ালী*, ১৯৪৫।

ছইলরী [হি ছই>] *বিণ* চতুর। 'ন বুঝসি ছইলরী বানী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ছএ [পা ছ] *বিণ* ছয়। 'তথা থাকি দেখিল মনিস্য ছএ জন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ছও [পা ছ] *বিণ* ছয়। 'ছও অনুপম এক ঠামা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ছওয়াব [আ সাওয়াব] *বি* পুণ্য; সৎকর্মের ফল। 'হজ্জে আকবরের ছওয়াব অনেক।' *মোহাম্মদী*, ১৯৩১।

ছওয়ার [ফা সওয়ার] *বি* আসীন। 'যার বাবা আলী সাহা দুল দুল ছওয়ার!' গরীব, ১৭৬৫।

ছওয়াল [আ সওয়াল] *বি* প্রশ্ন। 'এই ছওয়ালের জওয়াব খুঁজিলেই বুঝা যাইবে।' *আজাদ*, ১৯৪৬।

ছঁচি *বিণ* নষ্ট বা অশুদ্ধ; *মানোএল*, ১৭৪৩।

ছঁড়া [স ছমও>] *বি* চ্যাংড়া; ছেলে। 'আবার জেলে ছঁড়া জাল নামাইয়া করে দিল জবজবা।' *ভবানী*, ১৮২৮।

ছক [স ষট্‌ক] ১ *বি* নকশা। *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* দাবা পাশা ইত্যাদি খেলার ঘর। 'এখানে হয়েছি দশ-পঁচিশের ছক। বুকের উপর দিয়ে জুয়োখেলা চলছে।' *রবীন্দ্র*, ১৯২৬।

ছককাটা *বিণ* পরিকল্পিত। 'আভ্যন্তরীণ রাজনীতিকে ছককাটা পথে ... পরিচালনা করা যায় না।' *আজাদ*, ১৯৭০।

ছকড়া [স শকট] *বি* ঘোড়ার গাড়িবিশেষ। 'ছকড়া গাড়ির উৎপাতে।' *দর্পণ*, ১৮২২।

ছকড়া নকড়া [স কপর্দক>] *বি* তুচ্ছ-তাচ্ছিল্য। 'উনি আমাকে ছকড়া নকড়া করেন।' *দীনবন্ধু*, ১৮৬৭।

ছকা [স ষট্‌ক] *বিণ* পরিকল্পনার খসড়া-করা হয়েছে এমন। 'সে মতলব মনে মনে সুধামুখীর ছকা রয়েছে।' *মনোজ*, ১৯৬১।

ছক্ক [ধ্বন্যা] *বি* তেলে-ভাজা বা ঘিয়ে ভাজা ব্যঞ্জনবিশেষ। 'ছেঁচকি – ছোঁকা – ছক্ক – চচ্চড়ি – লাবড়া।' *মুজতবা*, ১৯৫৮।

ছক্কড় [স শকট] *বি* ঘোড়ার গাড়িবিশেষ। 'আজ ছক্কড় মহলে পোহাবারো।' *হুতোম*, ১৮৬১।

ছক্করবাজি নাচ *বি* নাচের প্রকারবিশেষ। 'ছক্করবাজি নাচ শিখেছিলাম।' *বিভূতি*, ১৯৩৮।

ছক্কা[১] [ধ্বন্যা] *বি* একধরনের ব্যঞ্জনবিশেষ। 'ডাল আর কুমড়ার ছক্কা ছাড়া ও কিছু নেয় না।' *নরেন্দ্র*, ১৯৫২।

ছক্কা[২] [পা ছক্ক] ১ *বি* ছয় ফোঁটাযুক্ত তাস। 'শেষ কচে বার পেরে মাগো পঞ্জা ছক্কার বন্ধ হলো।' *রামপ্রসাদ*, ১৭৮০। ২ *বি* ছয় ফোঁটাযুক্ত লুডোর ঘুঁটির চাল। 'লুডোর ছকে এককালে ছক্কা ফেলেছিলে।' *শক্তি*, ১৯৭৯।

ছক্কাপাঞ্জা [পা ছক্ক+ফা পাঞ্জাহ্] *বি* বড়ো দান। 'ছক্কাপাঞ্জার সম্ভাবনায় খেলা যখন খুব জমিয়া উঠিয়াছে।' *রবীন্দ্র*, ১৯১২।

ছখৈল *বি* হামানদিস্তার নীচে যে অংশ নড়ে। *মানোএল*, ১৭৪৩।

ছগমগ *ক্রি* বিরক্ত হওয়া। 'সরয় ছগমগ করতে করতে বললে, বড্ড গোলমাল কর তুমি।' *জীবন*, ১৯৩২।

ছঙ্গত্রাস [ফা সঙ্গ>] *বি* যে পাথরের খাদে কাজ করে। *মানোএল*, ১৭৪৩।

ছঙ্গু *বিণ* পাথুরে। 'ছঙ্গু-সায়রে কার বহিত্র বাওয়া।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

ছচ্চড় [ধ্বন্যা] *বি* হাত ও পা সামান্য আলগা করে লম্বা গাছ থেকে দ্রুত নামার শব্দ। 'ছচ্চড় করে গিয়ে পড়বে একেবারে রমজানের মুঠোয়।' *কায়সার*, ১৯৬৫।

ছছন্দ [স স্বচ্ছন্দ] *বি* স্বচ্ছন্দ। 'গোপীজন সঙ্গে আহ্মে ছছন্দে বুলিলোঁ ল।' *বড়ু*, ১৪৫০।

ছজদা [আ সিজদাহ্] *বি* সেজদা; মাথা মাটিতে ঠেকিয়ে সম্মান জানানো। 'পীরকে ছজদা করে।' *এসলাম*, ১৯২০।

ছট [স ষষ্ঠী] ১ *বি* ছট ব্রতের প্রসাদ। 'নদীতে ছট ভাসাতে যায়।' *বিভূতি*, ১৯৩৮। ২ *বি* হিন্দুস্তানিদের পর্ববিশেষ; ষষ্ঠী পর্ব। 'ছট-পরবের পিঠে বাবুজী।' *বিভূতি*, ১৯৩৮।

ছট পরব *বি* হিন্দুস্তানিদের পর্ববিশেষ। 'কার্তিক মাসে ছট পরবের দিন।' *বিভূতি*, ১৯৩৮।

ছটকা [স ছটা] *ক্রি* উজ্জ্বল হয়ে ওঠা। 'সম্মুখে ছটকে চক্ষু তারা।' *আলাওল*, ১৬৮০।

ছটকে বেড়ানো *ক্রি* ছোটাছুটি করে বেড়ানো। 'ফটকে ছেলে ছটকে বেড়ায় আঁটি তারা বজ্জাতের।' *নজরুল*, ১৯২৬।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ছট ছট [ধ্বন্যা] *বি* সবেগে বৃষ্টিপাতের শব্দ। 'বৃষ্টি যেন একেবারে ছিটেগুলির মতো বিষম জোরে ছট ছট শব্দে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ছটপট [ধ্বন্যা] *বি* অস্থিরতা নির্দেশক অনুকার শব্দ। *বিদ্যা*, ১৮৯১।

ছটপটে [ধ্বন্যা] *বিণ* যন্ত্রণায় কাতর; অস্থির। 'কথাটা শুনে জবেহ-করা প্রাণীর ন্যায় আমি ছটপটে হয়ে পড়লুম।' *মাহেনও*, ১৯৪৯।

ছটফট [ধ্বন্যা] **১** *বিণ* অস্থির। 'ভূমি নিপতিত অঙ্গ করে ছটফট।' *আলাওল*, ১৬৮০। **২** *ক্রিবিণ* আকুল হয়ে। 'হঠাৎ সেই প্রবাহটা ভেঙে গেলে মনটা ছটফট করে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ছটফট করা *ক্রি* অস্থির হওয়া। 'ভূমি নিপতিত অঙ্গ করে ছটফট।' *আলাওল*, ১৬৮০।

ছটফটান [ধ্বন্যা] *বি* চঞ্চলতা। 'এই ছটফটানই মিসেস খানের ভালো লাগতো।' *সেলিনা*, ১৯৬৯।

ছটফটানো [ধ্বন্যা] *বি* অস্থিরতা। 'স্কুলে থাকিতে গেলে ছটফটানো ধরে ...।' *প্যারী*, ১৮৫৮।

ছটফটি *বি* অস্থিরতা। 'অগ্নি-তাপে ছটফটি ভীম দুষ্টমতি।' *মাইকেল*, ১৮৬৩।

ছটফটিয়ে তোলা *ক্রি* অস্থির করে তোলা। 'সাতমহল রাজবাড়ি নিয়ে সে আমাকে ছটফটিয়ে তুলেছিল।' *রবীন্দ্র*, ১৯৪১।

ছটফটে *বিণ* অস্থিরমতি। 'বাজীকরের রুলের পুত্তলের মত খটখটে ছটফটে।' *দীপিকা*, ১৮৮৭।

ছটা [স] **১** *বি* শোভা। 'দেহ নীল মেঘ ছটা।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* দ্যুতি। 'প্রভাতভানুর ছটা কপালে সিন্দুর ফোঁটা।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* ঝিলিক। 'রোদের ছটা।' *মানোএল*, ১৭৪৩।

ছটা[২] *ক্রি* দ্রুতগতিতে যাওয়া। 'নীল পদ্ম ভাবি লুবধ ভ্রমরা ছটিতেছে নিরবধি।' *ছিত্তী*, ১৬০০। *দ্র* **ছোটা**[১]

ছটাক [হি ছটাঁক] *বি* এক সেরের ষোলো ভাগের এক ভাগ; প্রায় ৬০ গ্রাম। *হ্যালহেড*, ১৭৭৮: 'চার পয়সা ছটাক বালচরে পাতি ভরা গাঙ্গা আসিতে লাগিল।' *ভবানী*, ১৮২৮।

ছটাছট [স ছটা>] *বি* চমকানি। 'বিজলী ছটাছট।' *আলাওল*, ১৬৮০।

ছটী [স ছটা>] *বি* অলংকারবিশেষ। 'রজত পাসুলি ছটী পরে দিব্য তুলাকোটি।' *মুকুন্দ*, ১৬০০।

ছড় [স শল্ল] **১** *বি* হাল। 'অভাগি ফুল্লরা পরে হরিণের ছড়।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* কাঠি। 'মাঝে মাঝে ছড়ের বাড়ি পড়ত আমার আঙুলে।' *অবন*, ১৯৪১।

ছড়গই [স ষড়-গতি] *বি* ষড়গতি। 'ছড়গই সঅল সহাবে সূধ।' *চর্যা* ৯, ১২০০।

ছড় ছড় [ধ্বন্যা] *বি* ছড় ছড় শব্দ। 'ডাল নাড়া দিলেই জল ছড় ছড় করিয়া পড়িয়া যায়।' *বঙ্কিম*, ১৮৮২।

ছড়া[১] [স ছটা] **১** *বি* গুচ্ছ। 'বেণী বিরাজিত কুসুম রচিত লম্বিত মুকুতা ছড়া।' *আলাওল*, ১৬৮০; 'জড়াও পৈঁছা ৪ ছড়া।' *দর্পণ*, ১৮২২। **২** *বি* পানির ছিটা। 'শেষে দিবে গোবর ছড়া।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৩** *বি* এক ধরনের কবিতা। 'নিম্নে একটি প্রকাণ্ড ছড়া লেখা আছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছড়া কাটা *ক্রি* ছড়ার ভাষায় বিদ্রূপ করা। 'লোকে তাহার নামে ছড়া কাটিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ছড়াকাটাকাটি *বি* ছড়ায় ছড়ায় প্রতিপক্ষকে উত্তর বা প্রত্যুত্তর দেওয়া। 'দুই দলে ভাগ হয়ে মুখে মুখে ছড়াকাটাকাটি করে।' *অবন*, ১৯১৯।

ছড়া ছড়া *বিণ* গুচ্ছ গুচ্ছ। 'হাথের উপরে বাজুবন্ধ ছড়া ছড়া।' *রূপরাম*, ১৭৫০।

ছড়াদার [স ছটা+ফা দার] *বিণ* ছড়া কাটতে পারে এমন। 'ছড়াদার কবি তাঁহার উক্ত ছড়ায় ...।' *এসলাম*, ১৯৩৪।

ছড়া-বাঁধা চতুর্দোলা *বি* যে পালকির বেহারারা চলার সময়ে সুর করে ছড়া বলে। 'ছড়া-বাঁধা চতুর্দোলা চলেছিল যে-গলি বাহিয়া।' *রবীন্দ্র*, ১৯৩৯।

ছড়া[২] [স সরিৎ] *বি* ঝরনা। 'চণ্ডীমণ্ডপ আর হেঁসেলঘর কেবল শুদ্ধ করে ছড়ার নুড়ি।' *লালন*, ১৮৯০।

ছড়া[৩] [স ছিন্ন>] *ক্রি* চামড়া ওঠা। 'পাড়তে গিয়ে সর্বাঙ্গ ছড়েও যায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

ছড়াছড়ি [স ছটা>] **১** *বি* প্রাচুর্য; ব্যাপকভাবে বিক্ষিপ্ত হয়ে থাকা। 'গড়াগড়ি ছড়াছড়ি কত শত কেক।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বি* অবহেলাজনিত অপচয়। 'জীবনে যা প্রতিদিন ছিল মিথ্যা অর্থহীন ছিন্ন ছড়াছড়ি।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৩** *বিণ* ছড়িয়ে-থাকা। 'ঘরময় ছড়াছড়ি বাক্স-পুঁটলির মধ্যে দাঁড়িয়ে।' *রবীন্দ্র*, ১৯১৫।

ছড়ানো [স ছটা>] **১** *ক্রি* ত্যাগ করা। 'রোস ছড়াএ বঢ়াএল হাস।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রি* প্রচার করা। 'নিত্যানন্দ বোলে যাহা ছড়ানো পেলিনু।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *ক্রি* ছিটানো। 'সব ঘরে অন্ন ছড়াইয়া হৈল হাস।' *বৃন্দা*, ১৫৮০। **৪** *ক্রি* ছড়িয়ে পড়া। 'রবির কিরণে হাসি ছড়াইয়া ...।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৫** *ক্রি* ছিঁড়ে ফেলা। 'কেহ বা আছে যাহাকে ছড়াইয়া ফেলিয়া ভিতর হইতে শাঁস বাহির করিতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৬** *ক্রি* বিস্তৃত হওয়া। 'পূর্ববঙ্গের লোকের মুখে স্বরবর্ণ ছড়িয়ে যায়, কলকাতার লোকের মুখে স্বরবর্ণ জড়িয়ে যায়।' *প্রমথ*, ১৯১২।

ছড়িয়ে দেওয়া *ক্রি* বিছিয়ে দেওয়া। 'পেয়ারাতলায় পা ছড়াইয়া দিয়া কাঁচা পেয়ারা খাইতেছিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

ছড়িয়ে-পড়া *বিণ* ছড়িয়ে পড়েছে এমন। 'ছড়িয়ে-পড়া আশাগুলি/ কুড়িয়ে তুমি লও গো তুলি।' *রবীন্দ্র*, ১৯১৪।

ছড়ি[১] *বি* উন্মাদ। *মানোএল*, ১৭৪৩।

ছড়ি[২] [স ষষ্টি] **১** *বি* লাঠি। 'চারি দিগে ধায় মিশ্র হাতে ছড়ি লগ্রা।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* সরু লাঠি। 'লাঠি গালি দেয়, ছড়ি, তুই সরু কাঠি! ছড়ি তারে গালি দেয়, তুমি মোটা লাঠি।' *রবীন্দ্র*, ১৮৯৯। **৩** *বি* যে তারওয়ালা চিকন লাঠির সাহায্যে বেহালায় সুর তোলা হয়। 'বেহালাতে লাগাতেন ছড়ি।' *রবীন্দ্র*, ১৯৪০।

ছড়িত্ব [স ষষ্টি>] *বি* লাঠির রূপ। 'ছড়িত্ব প্রাপ্ত হইয়া শৃগাল-কুক্কুর-ভীত বাবুবর্গের হাতে শোভা কর।' *বঙ্কিম*, ১৮৮২।

ছড়িবরদার [ছড়ি+ফা বরদার] *বি* প্রভুর ছড়ি বহন করে যে ভৃত্য। 'জগন্নাথ ডাকেন তো ছড়িবরদার ছাড়ে না।' *অবন*, ১৯২৫।

ছড়ি[৩] *বি* ফলের বড়ো গুচ্ছ; কাঁদি। 'মৌসুমের এই প্রথম ছড়ি, মোটাতাজা বাইশ হালি সাগর।' *আনাউদ্দিন*, ১৯৭১।

ছড়্যা [স ছর্দ>] *ক্রি* ছাড়িয়ে। 'যন্ত্র আড়ি বাঘ মারি ছড়্যা লয় ছাল।' *মুকুন্দ*, ১৬০০।

ছতর [আ সতর] *বি* লজ্জাস্থান। 'দুহাতে ছতর ঢাকিয়া মাটিতে পড়িয়া আর্তনাদ করিতেছে।' *মনসুর*, ১৯৫৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও ~ www.amarboi.com ~

ছতরহীনতা [আ সতর+স হীনতা] *বি* আব্রুহীনতা। 'এখানে ছতরহীনতা পাপবোধ উদ্রেক করে বৈইকী।' *শওকত*, ১৯৭২।

ছতরি [স ছত্র] *বি* নৌকার ছই। 'মতিলাল এদিক ওদিক দেখছে ... এক একবার ছতরির উপর বসছে।' *প্যারী*, ১৮৫৮।

ছত্তর [স ছত্র] *বি* ছাতা। 'নবীর শির পর মেঘের ছত্তর।' *সুলতান*, ১৭০০।

ছত্তিশ [পা ছত্তিংস] *বিণ* ৩৬ সংখ্যক। 'রামকিরী সিঙ্গুড়া ছত্তিশ রাগিণী চূড়া।' *রূপরাম*, ১৭৫০।

ছত্র[১] [স] *বি* ছাতা। 'আপণ মাথার ছত্র ধরু মোর মাথে।' *বড়ু*, ১৪৫০।

ছত্রখান [স ছত্রখণ্ড] *বিণ* দলচ্যুত। 'পিছু হটে ছত্রখান হয়ে পালিয়ে যখন যায়নি।' *মানিক*, ১৯৪৭।

ছত্রধর [স] *বি* রাজার ছাতা ধারণ করে যে। 'ছত্রধর রাজছত্র ধরে চলল।' *অবন*, ১৮৯৬।

ছত্রদণ্ড [স] *বি* ক্ষমতার প্রতীক হিসেবে ছাতা ও লাঠি। 'আজ্ঞি অধিবাস কালি পাব ছত্রদণ্ড।' *কৃত্তিবাস*, ১৬৫০।

ছত্রধর [স] *বি* ছত্র বহনকারী। 'ধরে ছত্র ছত্রধর; আহা হরকোপানলে কাম যেন রে না পুড়ি ...।' *মাইকেল*, ১৮৬১।

ছত্রধারিণী [স] *বি* স্ত্রী ছাতা ধরে যে। 'শশী, তুই সাজ ছত্রধারিণী।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ছত্রধারী [স] *বি* ছাউনিতে থাকে এমন সেনা। 'একশত ছত্রধারী সভ্যনের অধিকারী ধবল অরুণ গজেশ্বর।' *বাহরাম*, ১৬৫০।

ছত্রপতি [স] *বি* সম্রাট। 'রাজা ... রুমদেশের ছত্রপতির নিকট নানা জাতীয় সামগ্রী সুদ্ধা এক দূতকে পাঠাইলেন।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

ছত্রভঙ্গ [স] **১** *বি* বিশৃঙ্খলা। 'বিহার কালে ছত্রভঙ্গ না দেখিনু আর।' *বিজয়*, ১৬৫০। **২** *বিণ* বিশৃঙ্খল। 'শত্রু হয় ছত্রভঙ্গ।' *রঙ্গ*, ১৮৫৮। ৩ *বি* বিশৃঙ্খলা সৃষ্টিকারী। 'সেই ছত্রভঙ্গের দল একত্রীকৃত সত্তাকে উদ্ভাবিত করবে কোন যন্ত্রের সাহায্যে ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ছত্রাকার [স ছত্র-আকার] *বিণ* ছাতার আকৃতিবিশিষ্ট। 'ঝর্ণা-উৎসারিত ছত্রাকার জলবিন্দুর উত্থান-পতনে এই লীলার আভাস কিছুটা চোখে পড়ে।' *শওকত*, ১৯৬২।

ছত্র[২] [স সত্র] *বি* খাদ্য বা পানীয় বিতরণের স্থান। 'ছত্রে মাগি খায় বিষয় স্পর্শ নাহি করে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ছত্রপাট করা *ক্রি* ভোজন শেষ করা। 'ছত্রপাট করি নাট লাগাইল আসি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ছত্রভোগ [স] *বি* খাওয়াদাওয়া। 'অমলঙ্গ দিআ সাধু গেল ছত্রভোগে।' *মুকুন্দ*, ১৬০০।

ছত্র[৩] [স সতর] *বি* পঙ্‌ক্তি; লাইন। 'তাহাই ব্যক্ত করিতে তিন ছত্র লিখিতে হয়।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ছত্রক [স] *বি* ছত্রাক। 'ছত্রক বা কোঁড়ক জাতীয় কোনও কোনও উদ্ভিদ এত ক্ষুদ্র যে, অণুবীক্ষণ যন্ত্রের সাহায্য ব্যতিরেকে দৃষ্টিগোচর হয় না।' *বিদ্যা*, ১৮৫১।

ছত্রি [স ক্ষত্রিয়] *বি* ক্ষত্রিয় জাতিবিশেষ। 'আমি ছত্রির মেয়ে।' *রবীন্দ্র*, ১৯৪০।

৩৬, ছত্রিশ [পা ছত্তিংস] *বিণ* ছত্রিশ সংখ্যক। 'লঘুগুরু সকলে ৩৬ ছত্রিশ কলা।' *বড়ু*, ১৫৭০।

ছত্রিশরাগিণী [স] *বি* (সংগীত) ছয় রাগের ছত্রিশ পত্নী হিসেবে কল্পিত ছত্রিশটি প্রধান সুর। 'ছয় রাগ, ছত্রিশ রাগিণী আদি যত।' *মাইকেল*, ১৮৬১।

ছদকা [আ সদকাহ্] *বি* ইসলামি মতে বিপদ থেকে মুক্তি কামনায় দান। 'কোরবানী, ফেৎরা, আকিকা, ছদকা।' *রওশন*, ১৯২৫।

ছদপ *বি* ঝিনুক। 'ছদপের মুক্তা হৈল কাচ প্রতিপ্রাএ।' *আলাওল*, ১৬৮০।

ছদরিয়া *বি* কারুকাজ করা একপ্রকার ছোটো জামা। 'কতিপয় ছদরিয়া, পাগড়ী এবং জুব্বাধারী।' *সওগাত*, ১৯২৯।

ছদ্ম [স] *বিণ* কপট; নকল। 'ছদ্মবেশধারী *নেকড়িয়ার*।' *তারিণী*, ১৮০৩।

ছদ্মঐতিহাসিক [স] *বিণ* কল্পিত আধা-ঐতিহাসিক। 'আমীর হামজা কাব্যের একটি ছদ্মঐতিহাসিক পটভূমি আছে।' *আনিস*, ১৯৬৪।

ছদ্মকংগ্রেসী [স] *বিণ* কংগ্রেসের ছদ্মবেশধারী। 'দলত্যাগী ছদ্মকংগ্রেসী শামছীয়া কৃষক-প্রজাদলের অবলম্বন ...।' *আজাদ*, ১৯৩৭।

ছদ্মতা [স] *বি* ছলের ভাব। 'হাম্বালে ছদ্মতা ছাড় হয় নয় করি।' *মানিকরাম*, ১৭৮১।

ছদ্মদীপ্তি [স] *বি* কপট দ্যুতি। 'কাষ্ঠপ্রস্ফুল্লতার ছদ্মদীপ্তি মুহূর্তের মধ্যে কালিমায় ব্যাপ্ত হইল।' *রবীন্দ্র*, ১৯০৬।

ছদ্মনাম [স] *বি* সত্যিকার নয় এমন নাম; কৃত্রিম নাম। 'এ দুর্গতির অনেক ছদ্মবেশ, অনেক ছদ্মনাম।' *অন্নদা*, ১৯২৮।

ছদ্মপরিচয় [স] *বি* কপট পরিচয়। 'অতিথি ছদ্মপরিচয়ে তাঁহার স্ত্রীকে একদিন প্রতারণা করিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

ছদ্ম-প্রগতিবাদী [স] *বিণ* বাইরে প্রগতিশীল হলেও অন্তরে রক্ষণশীল। '... প্রকৃতপক্ষে কেবল ছদ্ম-প্রগতিবাদী ছিলেন।' *মুরশিদ*, ১৯৭০।

ছদ্মবন্ধ [স] *বিণ* গুপ্ত। 'কে বুঝিতে পারে গৌরের কৃপা-ছদ্মবন্ধ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ছদ্মবেশ [স] **১** *বি* পরিচয় গোপন করার জন্য কৃত্রিম বেশ ধারণ। 'ছদ্মবেশধারী নেকড়িয়ার।' *তারিণী*, ১৮০৩। **২** *বি* ভণ্ডামি। 'কেন এ হিংসাদ্বেষ, কেন এ ছদ্মবেশ, কেন এ মান-অভিমান।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *বি* লুকানো অবস্থা। 'যতটুকু প্রকাশ হয় তার মধ্যে অনেকখানি ছদ্মবেশ থেকে যায়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ছদ্মবেশধারী [স] *বিণ* কপট বেশ ধারণকারী। 'ছদ্মবেশধারী নেকড়িয়ার।' *তারিণী*, ১৮০৩।

ছদ্মবেশী [স] **১** *বি* কপট লোক। 'হেন ছদ্মবেশী তার অধর্মেতে ভয় কি?' *মশাররফ*, ১৮৬৯। **২** *বিণ* কপট বেশ ধারণকারী। 'কহ, তুমি কেবা ছদ্মবেশী।' *গিরিশ*, ১৮৮৭।

ছদ্মব্যবহার [স] *বি* কপট আচরণ। 'এই গভীর ছদ্মব্যবহারে বার বার বিস্ময় প্রকাশ করিতে লাগিলেন।' *রবীন্দ্র*, ১৯০৯।

ছদ্মভাবে [স] *ক্রিবিণ* গোপনে। 'বেশ্যার সহিত কি প্রকারে প্রসক্তি করিয়া ছদ্মভাবে গমনাগমন করিত।' *দর্পণ*, ১৮২৪।

ছদ্ম-লক্ষণ [স] *বি* ভুয়া বৈশিষ্ট্য। 'এ দুর্গতির অনেক ছদ্মবেশ, অনেক ছদ্মনাম, অনেক ছদ্ম-লক্ষণ।' *অন্নদা*, ১৯২৮।

ছদ্মসাজ [স] *বি* পরিচয় গোপন করার উপযুক্ত সাজ। 'বালিশ বুকে লয়ে বিনা কাজে আসি/ বেড়াই ছদ্মসাজেতে।' *রবীন্দ্র*, ১৯০০।

ছদ্মী [স] *বিণ* ছদ্মবেশধারী। 'হুঙ্কারি আসিছে ছদ্মী মৃগরাজ-গতি।' *মাইকেল*, ১৮৬৬।

ছন [স শণ] *বি* শণ; তৃণবিশেষ। 'মাথা উঁচু করে রয়েছে দীর্ঘধারালো ছন

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ও ভাতসোলা।' *ওয়ালী*, ১৯৪৫।

ছন ছন [ধ্বন্যা] *বি* বীণার শব্দ। 'ঝম ঝম ছন ছন ঝনন ঝনন ... বলিয়া বীণে কত কি বাজিতেছিল।' *বঙ্কিম*, ১৮৮২।

ছনতি *বিণ* ছেঁটে ফেলা হয়েছে এমন। *মানোএল*, ১৭৪৩।

ছনন ছনন [ধ্বন্যা] *বি* বীণার শব্দ। 'ছন ছন ঝনন ঝনন ছনন ছনন ...বলিয়া বীণে কত কি বাজিতেছিল।' *বঙ্কিম*, ১৮৮২।

ছনবন *বি* উসখুস। 'সেই থেকে ছনবন করছে ওদের মনটা।' *কায়সার*, ১৯৬২।

ছনমনে *বিণ* ব্যাকুল। 'দিন দিন ছনমনে হয়ে উঠছে।' *মণীশ*, ১৯৫৭।

ছনম্বরী *দ্র* ছ[২]

ছন্দ [স ছন্দঃ] ১ *বি* সাবলীলতা। 'গোপীজন সঙ্গে আজো ছহুছন্দে বুলিলোঁ ল।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* (সংগীত) তাল। 'কন্ডনা ছন্দ।' *মালাধর*, ১৫০০। ৩ *বি* ছাঁদ। 'খোয়াইনু নখের ছন্দ।' *চণ্ডী*, ১৫৫০। ৪ *বি* পদ্যরচনা। 'রচিআ ত্রিপদী ছন্দ গান কবি শ্রীমুকুন্দ।' *মুকুন্দ*, ১৬০০। ৫ *বি* কাব্য। 'মানবের জীর্ণ বাক্যে মোর ছন্দ দিবে নব সুর।' *রবীন্দ্র*, ১৮৯৯; 'সে যেন হঠাৎ-গাওয়া নতুন ছন্দ বাল্মীকির।' *রবীন্দ্র*, ১৯৩৬। ৬ *বি* কূজন। 'অমনি উঠিল কাননে কাননে বিহগ ছন্দ।' *দ্বিজেন্দ্র*, ১৯০৩। ৭ *বি* সংগীত। 'সেই আনন্দ নাচায় ছন্দ বিশ্বভুবন ছেয়ে ছেয়ে।' *রবীন্দ্র*, ১৯২৫। ৮ *বি* কাব্যের তাল। 'বাংলা ছন্দ সম্বন্ধে যতকিছু আলোচনা করেছি।' *রবীন্দ্র*, ১৯৩৬। ৯ *বি* নিয়ম। 'অনেকদিন একই ছন্দে পায়ের মাপে বাড়ি ফিরছো।' *শক্তি*, ১৯৬১।
দ্র ছন্দো

ছন্দ-অছন্দ [স] *বি* ছন্দ ও ছন্দের অভাব। 'কাব্য জিনিসটা একান্তভাবে ছন্দ-অছন্দ নিয়ে নয়।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ছন্দঃপাত [স] *বি* ছন্দহীনতা। 'সংস্কৃত পদ্যের ছন্দঃপাত করিলে তাহা যে বাংলা গদ্যে পরিণত হয়।' *প্রমথ*, ১৯১৪।

ছন্দঃপাতন [স] *বি* ছন্দবিচ্যুতি। 'সেই দুঃখে ছন্দঃপাতন-অপরাধের ক্ষয়।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছন্দঃস্রোত [স] *বি* ছন্দঃস্রোত রক্ষা করিয়া সৌম্য এবং সরল শব্দগুলি নির্বাচন করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ছন্দছাড়া *বিণ* ছন্নছাড়া। 'ছন্দছাড়া, বন্ধুহারা, – ঘরে তাদের কেউ আনে না।' *সত্যেন্দ্র*, ১৯২৪।

ছন্দতত্ত্ব [স ছন্দঃ-তত্ত্ব] *বি* ছন্দবিষয়ক বিদ্যা। 'সাহিত্যের কারুকারিতা সম্বন্ধে, তার ছন্দতত্ত্ব, তার রচনারীতি সম্বন্ধে আলোচনা ...।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ছন্দতরঙ্গ [স ছন্দঃ-তরঙ্গ] *বি* ছন্দের প্রবাহ বা ঢেউ। 'তার বৈচিত্র্য ছন্দতরঙ্গে, কলকল্লোলে।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছন্দতরঙ্গিতা [স ছন্দঃ-তরঙ্গিতা] *বিণ* স্ত্রী ছন্দময়। 'কেবল ছন্দতরঙ্গিতা প্রবাহশালিনী কবিতা ছিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছন্দনৈপুণ্য [স ছন্দঃ-নৈপুণ্য] *বি* ছন্দ প্রয়োগের দক্ষতা। 'তাঁর ছন্দনৈপুণ্যে বিস্ময়াবিষ্ট হতে হয়।' *হাই*, ১৯৫০।

ছন্দপতন [স ছন্দঃ-পতন] *বি* ছন্দের ত্রুটি। 'হেরি কত শত ছন্দপতন অপূর্ণতা বিরাজে।' *নজরুল*, ১৯৪৫।

ছন্দ-পাত [স ছন্দঃ-পতন] *বি* ছন্দপতন; ছন্দের ত্রুটি। 'লিখিতে লিখিতে হন আনমনা, সৃষ্টিতে হয় ছন্দ-পাত।' *নজরুল*, ১৯৪০।

ছন্দ-ভাঙা *বিণ* ছন্দপতন ঘটায় এমন। 'ছন্দ-ভাঙা স্তব্ধতায় ভ্রান্তি এনে দিল চিরন্তন।' *সুকান্ত*, ১৯৪৮।

ছন্দময় [স ছন্দঃ-ময়] *বিণ* ছন্দযুক্ত। 'ঝরনার অনাবিল গতির মতো ছন্দময় দীর্ঘ সমাপ্তিহীন ধারা।' *ওয়ালী*, ১৯৪৮।

ছন্দ-মাতন [স ছন্দঃ-মত্ত>] *বিণ* ছন্দের আনন্দে উন্মত্ত। 'আসলো বাধাবন্ধহারা ছন্দমাতন পাগলাগাজন-উচ্ছ্বাসে।' *নজরুল*, ১৯২৩।

ছন্দলক্ষ্মী [স ছন্দঃ-লক্ষ্মী] *বি* কবিতা। 'পাষাণ গলাবার ক্ষমতা আছে আমার ছন্দলক্ষ্মীর।' *বনফুল*, ১৯৩৬।

ছন্দলোক [স ছন্দঃ-লোক] *বি* ছন্দের জগৎ। 'ছন্দলোক অতিক্রম করে কাব্যলোকে আর পৌঁছোতে পারেনি।' *নজরুল*, ১৯৩০।

ছন্দশাস্ত্র [স ছন্দঃ-শাস্ত্র] *বি* ছন্দবিষয়ক বিদ্যা। 'বিদেশী কোনোরূপ ছন্দশাস্ত্রের সঙ্গে আমার পরিচয় নেই।' *প্রমথ*, ১৯১৩।

ছন্দস্পন্দন [স ছন্দঃ-স্পন্দন] *বি* ছন্দের লয়। 'আপন ছন্দস্পন্দনের চলদ্বেগে আমাদের চৈতন্যকে গতিমান আকৃতিমান করে তুলছে নানা প্রকার চাঞ্চল্যে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ছন্দ-হরিণী [স ছন্দঃ-হরিণী] *বি* ছন্দরূপ হরিণী। 'এরই তালে মম ছন্দ-হরিণী নাচিবে তমাল-ছায়ে।' *নজরুল*, ১৯২৯।

ছন্দহীন [স] *বিণ* ছন্দ নেই এমন। 'ছন্দহীন বুনো চালতার।' *জীবন*, ১৯৩২।

ছন্দেবন্দে [স ছন্দঃ-বন্ধ>] *ক্রিবিণ* কথার কৌশলে। 'ছন্দেবন্দে তোষিবে কমনে।' *বড়ু*, ১৪৫০।

ছন্দেবন্ধে [স ছন্দঃ-বন্ধ>] *ক্রিবিণ* কথার-কৌশলে। 'ছন্দেবন্ধে গুঁড়ির দোকানের আমেজমাত্র দেননি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

ছন্দের ঘের *বি* ছন্দের বেষ্টনী। 'যত রাজ্যের যত কবি তাকে ছন্দের ঘের দিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

ছন্দা [স ছন্দ] *ক্রিবিণ* ইচ্ছামতো। 'বাম দাহিণ দুই মাগ ন রেবই বাহ তু ছন্দা।' *চর্যা ১৪*, ১২০০।

ছন্দায়িত [স] *বিণ* দোলায়িত। 'ছন্দায়িত হবে ছন্দে সৃষ্টি যতদিন।' *নজরুল*, ১৯৪৫।

ছন্দি [স সন্ধি] *বি* ফন্দি। 'সেই সে প্রেমের ছন্দি জানা যায় না মূলে না ডুবিলে।' *লালন*, ১৮৯০।

ছন্দিতা [স] *বি* মানসকন্যা। 'আমার মনের ছন্দিতা আর সে নূপুর পরে না পায়।' *নজরুল*, ১৯৪১।

ছন্দো [স ছন্দঃ] *বি* ছন্দ। 'ছন্দো ভাগ ১২০০ হইতে ১০০০।' *বঙ্গদর্শন*, ১৮৭২। *দ্র* ছন্দ

ছন্দোজাল [স] *বি* ছন্দের মালা। 'ছন্দোজালে বাঁধে যার ছবি না-পাওয়া বেদনা দিয়ে কবি।' *রবীন্দ্র*, ১৯৩৯।

ছন্দোবতী [স] *বি* সঙ্গীতের একটি শ্রুতি। 'ছন্দোবতী।' *নজরুল*, ১৯৩৫।

ছন্দোবন্ধ [স] ১ *বি* ছন্দশৈলী। 'ছন্দোবন্ধ তাল মান কিছুই না জানি।' *রূপরাম*, ১৭৫০। ২ *বিণ* পদ্যকাঠামো। 'পয়ারাদি নানা ছন্দোবন্ধে ভাষিত করিয়া প্রকাশ করণেচ্ছু হইয়াছি ...।' *মদনমোহন*, ১৮৩৪। ৩ *বি* ছন্দের গাঁথুনি। 'কেবল ছন্দোবন্ধে ও রচনাপ্রণালীতে নহে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছন্দোবন্ধন [স] *বি* ছন্দোজাল। 'অধরা মাধুরী ধরা পড়িয়াছে এ মোর ছন্দোবন্ধনে।' *রবীন্দ্র*, ১৯৪০।

ছন্দোবন্ধহীন [স] *বিণ* ছন্দের গাঁথুনিহীন। 'ছন্দোবন্ধহীন বৃহৎকায়

AMARBOI.COM

গদ্যের প্রত্যেক পদ ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছন্দোবিৎ [স] *বি* ছন্দশাস্ত্রে পণ্ডিত। 'ছন্দোবিৎ কী বলছেন ভালো করে বোঝবার চেষ্টা করা যাক।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ছন্দোবিধি [স] *বি* ধ্বনি ও মাত্রার সুষম বাঁধুনি সংক্রান্ত রীতি। '... (৩) সন্ধি ও সঙ্গতি, (৪) ছন্দোবিধি, (৫) লিখন পদ্ধতিতে শুদ্ধ বর্ণবিন্যাস এবং (৬) যতিচ্ছেদ বিধান ইত্যাদি।' *হাই*, ১৯৫৪।

ছন্দোভঙ্গ [স] ১ *বি* ছন্দঃপতন। 'প্রকৃতির যেই ছন্দ এসেছি শুনিয়া সেই ছন্দোভঙ্গ যেন হয়েছে তাহার।' *রবীন্দ্র*, ১৮৮৪। ২ *ক্রি* ধারাবাহিকতা নষ্ট করা। 'তৃতীয় ব্যক্তি ছন্দোভঙ্গ করতে চায় না।' *রবীন্দ্র*, ১৯২৯।

ছন্দোময় [স] *বিণ* ছন্দপূর্ণ। 'ছন্দোময় পদ্য হৃদয়ভাব প্রকাশের অধিক উপযোগী।' *রবীন্দ্র*, ১৮৮৮।

ছন্দোময়ী [স] ১ *বি* ছন্দ আছে যার। 'ওরে আমার ছন্দোময়ী, সেথায় করবি যাত্রা।' *রবীন্দ্র*, ১৯০০। ২ *বিণ স্ত্রী* ছন্দে নাচে বা চলে এমন; নৃত্যময়ী। 'কোন ঊর্মি-ছন্দোময়ী ফেনশীর্ষ সাগরের তীরে ডুবুরীর ঘরে।' *প্রেমেন্দ্র*, ১৯৩২।

ছন্দোমুক্ত [স] ১ *বিণ* ছন্দহীন। 'ছন্দোমুক্ত জগতের উন্মত্ত আনন্দকোলাহল।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বিণ* ধ্বনি ও মাত্রার সুষম বাঁধুনিবিমুক্ত। 'সংস্কৃত পদ্যকে ছন্দোমুক্ত এবং বিভক্তিচ্যুত করিয়া ...।' *প্রমথ*, ১৯১৪।

ছন্দোযুক্ত [স] *বিণ* ছন্দবিশিষ্ট। 'কবির ভাষা ছন্দোযুক্ত।' *প্রমথ*, ১৮৯০।

ছন্দোস্রোত [স] *বি* ছন্দের গতি। 'ছন্দোস্রোত বজায় রাখিয়া যথার্থ আবৃত্তি বা পাঠের দ্বারা।' *হাই*, ১৯৫৪।

ছন্দোহীন [স] *বিণ* ছন্দবর্জিত। 'অঙ্গহীন ছন্দোহীন প্রেম।' *রবীন্দ্র*, ১৮৯২।

ছন্দন [স ছন্দঃ] *বি* ছান্দন; আঁটনি। 'কত রকম করি দমন ক্রিতই করি বন্ধন ছন্দন।' *লালন*, ১৮৯০।

ছন্ন [স] ১ *বিণ* আচ্ছন্ন। 'শিশু মৈল হেন করি নহ ছন্ন মন।' *সুলতান*, ১৭০০। ২ *বিণ* দূরীভূত। 'পাপ তাপ হবে ছন্ন নানা রস সুসম্পন্ন।' *ভারত*, ১৭৬০। ৩ *বিণ* বিধ্বস্ত। 'কত লোক অন্ন বিগর ছন্ন হইয়াছে।' *দর্পণ*, ১৮২৮। ৪ *বিণ* আচ্ছাদিত। 'মগ্ন তোমার স্নিগ্ধ নয়ন দুটি/ ছায়ায় ছন্ন অরণ্য অঙ্গনে।' *রবীন্দ্র*, ১৯৩৫। ৫ *বি* উদ্দেশ্যহীনভাবে বিচরণকারী। 'ছন্নের মত ঘুরে বেড়াচ্ছি।' *মুজতবা*, ১৯৬৬।

ছন্নছাড়া [স ছন্ন+ছাড়া] ১ *বিণ* আশ্রয়হীন। 'ছন্নছাড়া হয় যে পলে পল।' *সত্যেন্দ্র*, ১৯১৫। ২ *বিণ* শৃঙ্খলাহীন; লক্ষ্মীছাড়া। 'এমন ছন্ন-ছাড়া 'দেবদাস'-এর জীবন।' *নজরুল*, ১৯২২। ৩ *বিণ* অনৈক্য। 'আমাদের রাজনীতিতেও ছন্নছাড়ার বাতাস লাগিয়াছে।' *আজাদ*, ১৯৬৩।

ছন্নতা [স] *বি* বুদ্ধিভ্রষ্টতা। 'এ রকম কথা বলায় ছন্নতা ও মূর্খতা ছাড়া আর কিসের ...।' *প্রমথ*, ১৯২৭।

ছন্নবুদ্ধি [স] *বি* বুদ্ধিশূন্যতা। 'সাধু সবে বোলে ছন্নবুদ্ধি নহে ভাল।' *সুলতান*, ১৭০০।

ছন্নমতি [স] *বিণ* জ্ঞানভ্রষ্ট। 'নির্বুদ্ধি করিলে পান ছন্নমতি হয়।' *আলাওল*, ১৬৮০।

ছপ ছপ [ধ্বন্যা] *বি* পানিতে কোনো কিছুর আঘাতজনিত শব্দ। 'শ্রান্তভাবে ছপ ছপ দাঁড় ফেলে চলেছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

ছপর্ণো [পা ছপন্নাসা] *বিণ* ছাপ্পান্ন। 'ছপর্ণো কোটি যথোবংশো আপনের তাহা বধিলেন।' *আস্তোনিয়ো*, ১৭৪৩।

ছ-পাই ন-পাই দ্র ছ[২]

ছফর [আ সফর] *বি* ভ্রমণ। 'ছফর শেষ করিয়া আহমদাবাদ যাত্রার প্রাক্কালে ...।' *আজাদ*, ১৯৪০।

ছফীনা [আ সাফীনা] *বি* সমন; আদালতে হাজির হওয়ার নির্দেশ। 'মোকদ্দমাহায়ের জওয়াবের হেতুক ছফীনা কিম্বা তলবচিঠী।' *ফরস্টার*, ১৭৯৭।

ছফেদ [ফা সফেদ] *বি* সাদা। 'ভাইরা তারে আজকে ছাক্কা ছফেদ কর।' *বেনজীর*, ১৯৪৫।

ছবক [আ সবক] *বি* পাঠ। 'এই ছবক সরকার ও দেশবাসী উত্তমরূপেই শিক্ষা করিয়াছেন।' *আজাদ*, ১৯৬৫।

ছবছবে [ধ্বন্যা] *বিণ* ভিজে জবজব করছে এমন। 'কদিন ধরেই এগুলো ভিজে ভিজে ছবছবে।' *জীবন*, ১৯৩১।

ছবি[১] [স] *বি* দীপ্তি। 'তিমির দহন করে ছবি।' *মুকুন্দ*, ১৬০০।

ছবি[২] [আ সবীহ] ১ *বি* চিত্র। *মানোএল*, ১৭৪৩; 'বর ও বরযাত্র যাত্রা করিলে কৃত্রিম পাহাড় কোটা বাগান নৌকা প্রভৃতি নানাবিধ ছবি সঙ্গে গিয়াছিল।' *দর্পণ*, ১৮২২। ২ *বি* চেহারা। 'এমন বিকট ছবি না দেখি কখন।' *গরীব*, ১৭৬৫। ৩ *বি* দৃশ্য। 'ছবির কি কব ঘটা, রবির প্রখরতা ছটা।' *গুপ্ত*, ১৮৫৮। ৪ *বি* ঘটনাবলী। 'স্মৃতির পটে জীবনের ছবি কে আঁকিয়া যায় জানি না।' *রবীন্দ্র*, ১৯১২। ৫ *বি* স্মৃতি। 'এই ছবি ভৈরবী আলাপে দোলে মোর কম্পিত বক্ষে।' *রবীন্দ্র*, ১৯৪০। ৬ *বি* চলচ্চিত্র। 'আমাকে ছবিটা দেখতেই দিচ্ছে না।' *জীবন*, ১৯৪৮।

ছবিওয়ালা [আ সবীহ+হি ওয়ালা] ১ *বিণ* ছবি আছে এমন। 'সঙ্গে কতকগুলি ছবিওয়ালা ছেলেদের গল্পের বই।' *রবীন্দ্র*, ১৯১৪। ২ *বি* চিত্রগ্রাহক; ফটোগ্রাফার। 'কলকাতা থেকে ছবিওয়ালা আনিয়ে ... দাদা এটি তুলিয়েছিল।' *রবীন্দ্র*, ১৯২৯।

ছবিওলা [আ সবীহ+হি ওয়ালা] *বিণ* ছবি ছাপা আছে এমন। 'বারান্দায় বসে ছবিওলা বিদেশী পত্রিকার পাতা ওল্টান।' *বুদ্ধ*, ১৯৭১।

ছবিনিয়া [আ সবীহ>] *বিণ* মূর্তি সম্পর্কিত। *মানোএল*, ১৭৪৩।

ছবি-নেয়া-কল *বি* ক্যামেরা। 'বায়স্কোপের ছবি-নেয়া-কল এমনি ভাবে কাজ করে চলেছে।' *অবন*, ১৯২৫।

ছবিপূর্ণ [আ সবীহ>+স পূর্ণ] *বিণ* সচিত্র। 'ছড়া ও ছবি-পূর্ণ এমন পুস্তক মোনাদির পূর্বে দেখে নাই।' *শওকত*, ১৯৫৮।

ছবিয়া [আ সবীহ>] *বিণ* মূর্তি সম্পর্কিত। *মানোএল*, ১৭৪৩।

ছবি লিখা *ক্রি* ছবি আঁকা। 'পাত্রসমস্যা শুধু যে ছবি লিখছে তাকেই যে পূরণ করতে হয় তা নয়।' *অবন*, ১৯২৫।

ছবি-লিখিয়ে *বি* চিত্রকর। 'ছবি-লিখিয়ের হা-হতাশ হচ্ছে কলালক্ষ্মীর জন্যে।' *অবন*, ১৯২৫।

ছবিল *বিণ* সুন্দর; ছবির মতো। 'শহরটা ছবিল কিন্তু আমার মনে হয় এ সত্ত্বেও বঙ্গে ভারতীয় নগর-স্থাপত্যের ভালো নিদর্শন নয়।' *অন্নদা*, ১৯২৯।

ছবুড়ি *বিণ* ছয় কুড়ি; ১২০ সংখ্যক। 'সারাদিন বঁড়শি বাও ছবুড়ি নবুড়ি

AMARBOI.COM

পাও।' *কেতকা*, ১৬৫০।

ছম *বি* আশ্রয়। 'ছমে রাখিতে।' *মানোএল*, ১৭৪৩।

ছমকি [ধ্বন্যা] *বি* ছলকে ওঠার ভাব। 'আমি চল চঞ্চল ঠমকি ছমকি পথে যেতে যেতে।' *নজরুল*, ১৯২২।

ছমছম [ধ্বন্যা] *বি* ভয়জনিত শিহরণ। *বিদ্যা*, ১৮৯১; 'অন্ধকারে তাহার সম্মুখ দিয়া চলিতে গা ছমছম করে।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বিণ* শরীর শিহরিত হয় এমন। 'ছম ছম নিস্তব্ধতায় সমস্ত বিশ্ব আচ্ছন্ন।' *রবীন্দ্র*, ১৮৯১।

ছমছমে *বিণ* শিহরিত। 'শরীরটে কেমন যেন ছমছমে হয়েছে।' *গিরিশ*, ১৮৮৯।

ছমছমা [ধ্বন্যা ছমছম>] *ক্রি* গায়ে কাঁটা দেওয়া। 'ছমছমিয়ে এলো রাতি ভুবন ডাঙার মাঠে।' *রবীন্দ্র*, ১৯২৫।

ছম্বর [স শম্বর] *বি* হরিণের প্রজাতিবিশেষ। 'ছম্বর মারিয়া চর্ম বেচন্ত আনিয়া।' *আলাওল*, ১৬৮০।

ছয় [পা ছ] *বিণ* ৬ সংখ্যক। 'এহাত ছয় লক্ষ দানের আশা।' *বড়ু*, ১৪৫০। **ছয়ই** *বিণ* ছয় সংখ্যক। *ওসাঁ*, ১৭৮৫। ছয়ত্রিং *বিণ* মাসের ছয় তারিখ। *ডানকান*, ১৭৮৪।

ছয়ঋতু [পা ছ+স ঋতু] *বি* বাংলা ঋতুচক্র। 'একে একে ছয়ঋতু নিজপতি সঙ্গে।' *বাহরাম*, ১৬৫০।

ছয়পদী [পা ছ+স পদী] *বিণ* ছয় চরণবিশিষ্ট। 'পত্তস্থাপনে বনে ছয়পদী গীত।' *মুকুন্দ*, ১৬০০।

ছয়ষট্টি [পা ছসট্ঠি] *বিণ* ৬৬ সংখ্যক। 'ছয়ষট্টি লক্ষ।' *বঙ্কিম*, ১৮৭৫।

ছয়লাপ, ছয়লাব [ফা সয়লাব] ১ *বিণ* পরিপূর্ণ। 'ফুটনোটে ফুটনোটে ছয়লাপ।' *মুজতবা*, ১৯৫২। ২ *বিণ* প্লাবিত। 'পানি হবে ইস্তক – ছয়লাব হবে দুনিয়া ...।' *হাসান*, ১৯৬৭।

ছয়া [স ছায়া] *বি* কলঙ্ক। *মানোএল*, ১৭৪৩।

ছরকট [স ছত্র>] *বি* বিশৃঙ্খলা। 'বিদ্যাসাগর বাবু এ ছরকট টৈর পান নাই।' *বিদ্যা*, ১৮৭৩।

ছরকুট [স ছত্র>] *বিণ* ছড়াছড়ি। 'বাঁধাঘাট কাদায় ছরকুটে আছে।' *হাসান*, ১৯৬৭।

ছরছর [ধ্বন্যা] *বি* দ্রুত পানি পড়ার শব্দ। 'ছরছর করিয়া মুতিয়া ফেলায় ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

ছরপেশ [ফা সরপোশ] *বি* ঢাকনা। 'নকশীদার ছরপেশ দ্বারা উহা আবৃত করিয়া ...।' *মোয়াজ্জিন*, ১৯৩২।

ছররা [হি ছর্রা] ১ *বি* ছড়াছড়ি। 'হাসির গররা ও তামাক চরস গাঁজার ছররা ...।' *প্যারী*, ১৮৫৮। ২ *বি* বন্দুকের ছোটো গুলি। 'ছররা দেওয়া বন্দুক চুঁড়িনি।' *শরৎ*, ১৯১৭।

ছরহঙ্গ [ফা সরহঙ্গ] *বি* সৈনিকবিশেষ। 'এক ছরহঙ্গ ছিল নৃপতি বিদিত।' *আলাওল*, ১৬৮০।

ছরাদ [স শ্রাদ্ধ] *বি* শ্রাদ্ধ। 'কোথা বুঝি ছরাদ কত্তি গেচে, বামুণদের কি?' *রামনারায়ণ*, ১৮৫৪।

ছরি [স যষ্টি] *বি* লাঠি। *ওসাঁ*, ১৭৮৫।

ছরি মারন *বি* লাঠি পেটা করা। *ওসাঁ*, ১৭৮৫।

ছর্তিষ [পা ছত্তিংস] *বিণ* ছত্রিশ। 'ছর্তিষ আশ্রমে খ্যাতি গন্ধবণিক জাতি উজানি নগরে মোর স্থিতি।' *মুকুন্দ*, ১৬০০।

ছল[১] *ক্রি* ছিলো। 'জেহু ছল সীতল সেহ্ন ভেল তীখ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ছল[২] [স] ১ *বি* কৌশল। 'মাএর গর্বভপাত ছল করিআঁ আপণে রহিলা রোহিণীগর্ব ভি গিআঁ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* ছলনা। 'কুটুম ধরিব ছল পরীক্ষাতে অনুবল।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* রূপ। 'মনুষ্য শরীর ছলে সহস্রাক্ষ ক্ষিতিতলে।' *রামপ্রসাদ*, ১৭৮০। ৪ *বি* পালক। 'শত২ ময়ুর ছল লইয়া লোকেরা ডণ্ডবত হইয়া রহিয়াছে।' *রামরাম*, ১৮০১। ৫ *বি* অভিনয়। 'অনবরত ইংরাজী কথনাদি দ্বারা এইরূপ ছল করেন।' *অক্ষয়*, ১৮৪৮। ৬ *বি* ছুতা; অজুহাত। 'এমনি যদি নাহি পারি ভিক্ষার ছলে বলবো হরি।' *লালন*, ১৮৯০।

ছলকারী [স] *বিণ* ছলনাকারী। 'সাধিতে রমণী মন হয় ছলকারী।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

ছলকুমারী [স] *বি* ছল করে যে তরুণী। 'ছলকুমারী নানান ছলে আমারে সে জনায়।' *নজরুল*, ১৯২৫।

ছলক্রমে [স] *ক্রিবিণ* ছলনা ক'রে। 'তাঁহাকে ছলক্রমে নৌকাযোগে নদীমধ্যে লইয়া নৌকা ডুবাইয়া দিবার চেষ্টা করা হয়।' *রবীন্দ্র*, ১৮৯১।

ছলগ্রাহী [স] *বিণ* ছলনাকারী। 'ছলগ্রাহী জন সুশীল নহে।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

ছলচাতুরী [স] *বি* ছলনা। 'ছাড় রে মন ছলচাতুরী।' *লালন*, ১৮৯০।

ছল-ছাওয়া *বিণ* ছলনাপূর্ণ। 'অতুলনীয় সে ছল-ছাওয়া হাসি।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

ছললব্ধ [স] *বিণ* প্রতারণার মাধ্যমে পাওয়া। 'ছললব্ধ পাপক্ষীত রাজ্যধনজনে ফেলে রাখি সেও চলে যাক নির্বাসনে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ছলে-বলে *ক্রিবিণ* কলে-কৌশলে। 'এত যে সাধনা করি নানা ছলে-বলে।' *রবীন্দ্র*, ১৮৯০।

ছলেবলেকৌশলে *ক্রিবিণ* যে কোনো প্রকারে। 'ভারতবর্ষ ছলেবলেকৌশলে হস্তগত করিয়া এখানকার লোকদিগকে অশেষ প্রকার পীড়া প্রদান করিতেছেন।' *অক্ষয়*, ১৮৫০।

ছলভরে *ক্রিবিণ* ছল ক'রে। 'কেন বাজাও কাঁকন কনকন কতো ছল ভরে।' *রবীন্দ্র*, ১৯০০।

ছলকি ছলকি [ধ্বন্যা] *ক্রিবিণ* অবিরাম ছিটকে প'ড়ে। 'জলে ঢেউ তুলি ছলকি ছলকি কর খেলা।' *রবীন্দ্র*, ১৯০০।

ছলকে *বিণ* ছিটকে পড়ে এমন। 'ওর ছলকে ঝলকে উছলে পড়া জোয়ানকি।' *কায়সার*, ১৯৬২।

ছলচ্ছল [ধ্বন্যা] *বিণ* ছলছল শব্দে প্রবাহিত হয় এমন। 'ছলচ্ছল টলটল কলকল তরঙ্গা।' *ভারত*, ১৭৬০।

ছলছল [ধ্বন্যা] ১ *বিণ* অশ্রুপূর্ণ। 'গুছয়ে কানুর কথা ছল ছল আঁখি।' *দ্বিজচণ্ডী*, ১৬০০; 'ছল২ আক্ষিতে রোদন করিলেন।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* আবেগপূর্ণ। 'তোমার নয়নে ভাসে ছলছল অভিমান।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৩ *বিণ* ঢেউয়ের ছলাৎ ছলাৎ ধ্বনিবিশিষ্ট। 'মেয়েরা ঘড়া দিয়ে জল ঠেলে দেয় তারই ছলছল শব্দ ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯১। ৪ *বি* উচ্ছলতার ভাব। 'জল ও মেয়ে উভয়েই বেশ সহজে ছলছল ঝলঝল করতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯২। ৫ *বি* অশ্রুর লক্ষণ প্রকাশ। 'দুই চক্ষে ছলছল/ বিষণ্ন অধর, ম্লান মুখ।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৬ *বিণ* ম্লান; ঠিকরে পড়ছে এমন। 'বরষার নদী-'পরে ছলছল আলো।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রবীন্দ্র, ১৮৯৬।

ছলছলানি [ধ্বন্যা ছলছল>] *বিণ* অশ্রুপূর্ণ; ছলছল করছে এমন। 'ছলছলানি চোখে ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছলছলানো [ধ্বন্যা ছলছল>] *ক্রি* অশ্রুপূর্ণ হওয়া। 'মোর সরোবরে জলতল ছলছলি।' *রবীন্দ্র*, ১৯২৫; 'বলতে বলতে তোমার চোখ এল ছলছলিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ছলছলিনী [ধ্বন্যা ছলছল>] *বিণ স্ত্রী* ছল ছল করছে এমন। 'কাজল আঁখি চোখের জলে ছলছলিনী।' *রবীন্দ্র*, ১৯৩৩।

ছলছলে [ধ্বন্যা ছলছল>] *বিণ* জলভরা। 'ছলছলে নেত্রে চাহিলেন।' *মনসুর*, ১৯৩৫।

ছলছলো [ধ্বন্যা ছলছল>] *ক্রিবিণ* অশ্রুপূর্ণ চোখে। 'কৃতজ্ঞতায় কেমন ছলছলো হাসে কদম।' *কায়সার*, ১৯৬২।

ছলছুতা, ছলছুতো [স ছল+স সূত্র>] *বি* অছিলা; ভান। 'এই কি তোমার ছলছুতা করিবার, সোহাগ দেখাইবার সময়।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'হাজার ছল-ছুতো ... করে খুব মস্ত মাথা নাড়া দিয়ে।' *নজরুল*, ১৯২৭।

ছলন [স] *বি* ছলনা। 'মোহের ছলনে ভুলে অজ্ঞান যে জন।' *মাইকেল*, ১৮৬১।

ছলনা[১] [স] ১ *বি* ধোঁকা। 'গুরু মোরে মন্ত্র দিছে ভুজঙ্গ ছলনা।' *বিজয়*, ১৬৫০। ২ *বি* শঠতা। 'প্রত্যেক লোকের চাতুরী, ছলনা, মনে করে অন্তর্দ্ধাহ কর্চ্চে ...।' *হুতোম*, ১৮৬১। ৩ *বি* প্রলোভন। 'আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়।' *মাইকেল*, ১৮৬১। ৪ *বি* কপটতা। 'ভাল সে বাসিত যবে করেনি ছলনা।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৫ *বি* প্রতারণা। 'ছলনা করেছ মোরে প্রভু! ... ছলনা বুঝেছি আমি তব।' *রবীন্দ্র*, ১৮৯০। ৬ *বি* প্রত্যাশা। 'আশা নাই, আশা শুধু মিছে ছলনা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ছলনা-জাল [স] *বি* ছলনারূপ জাল। 'তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করে বিচিত্র ছলনাজালে।' *রবীন্দ্র*, ১৯৪১।

ছলনা-বিলাস [স] *বি* প্রবঞ্চনা করার বিলাসিতা। 'জ্বলে যাক এই ছলনা-বিলাস মিথ্যার কারসাজি।' *ফররুখ*, ১৯৪৬।

ছলনাভরা ১ *বিণ* প্রতারণাপূর্ণ। 'কালো জলে কটাক্ষিয়া চলে ঘুরি ঘুরি, যেন সে ছলনাভরা সুগভীর চুরি।' *রবীন্দ্র*, ১৯০৫। ২ *বিণ* মায়াময়। 'মুখের ছলনাভরা হাসি।' *মানিক*, ১৯৩৬।

ছলনাময় [স] *বিণ* কপটতাপূর্ণ। 'রমণীর ছলনাময় হাস্যে ...।' *রবীন্দ্র*, ১৮৮৭।

ছলনাময়ী [স] *বিণ স্ত্রী* মায়াবী; ছলনাপূর্ণ। 'ছলনাময়ী নিষ্ঠুর শক্তির হাতে শিব পরাভূত।' *রবীন্দ্র*, ১৯১৯; 'আজ হেরি – তুমিও ছলনাময়ী।' *নজরুল*, ১৯২৩।

ছলনা[২] *বি* অলংকারবিশেষ। 'দমদম, চৌদানি, বোব্দা, দোলড়া, ছলনা, মুক্তার লচ্ছা দেওয়া কর্ণফুল ...।' *ভবানী*, ১৮২৮।

ছলনি [স ছলনা] *বি* চালাকি। 'বেণীর দোলনি, বাহুর বলনি, গ্রীবার হেলনি, কথার ছলনি।' *বঙ্কিম*, ১৮৭৪।

ছলা[১] [স ছল] ১ *বি* ছলনা। 'মার গিয়া পাতি নানা ছলা।' *মালাধর*, ১৫০০। ২ *বি* কৌশল। 'ঘরে ঘরে বুলে সেই পাতিয়া নানা ছলা।' *মালাধর*, ১৫০০।

ছলাকলা [ছলা+স কলা] *বি* ছলচাতুরী। 'তোমার রীতি সরল অতি, নাহি জান ছলাকলা।' *রবীন্দ্র*, ১৯০০।

ছলাকলানিপুণা [ছলা+স কলা-নিপুণা] *বিণ* ছলাকলায় দক্ষ। 'ছলাকলানিপুণা নায়িকা ক্লিওপেট্রা তাই স্বেচ্ছাবৃত মৃত্যুর মুখোমুখি হয়ে ...।' *শিব*, ১৯৬০।

ছলাময় [ছলা+স ময়] *বিণ* ছলনাযুক্ত। 'ছলাময় গগনের নীচে।' *জীবন*, ১৯২৭।

ছলা[২] [স ছল>] *ক্রি* ছলনা করা। 'দাতা বলি ছলিআঁ মো নিলোঁ পাতালে।' *বড়ু*, ১৪৫০। **ছল** *ক্রি* ছলনা করো। 'হেন বর দিয়া কেন ছল গদাধর।' *মালাধর*, ১৫০০। **ছলিআ** *ক্রি* ছলনা ক'রে। 'তালভঙ্গ করি ছলা দিবে কন্যা রত্নমালা ছলিআ আনিবে বসুমতী।' *মুকুন্দ*, ১৬০০। **ছলিআঁ** *ক্রি* ছলনা ক'রে। 'দাতা বলি ছলিআঁ মো নিলোঁ পাতালে।' *বড়ু*, ১৪৫০। **ছলিতে** *ক্রি* ছলনা করতে। 'বড়রূপে রহিলা কৃষ্ণ তাহাকে ছলিতে।' *মালাধর*, ১৫০০। **ছলিয়া** *ক্রি* প্রতারণা ক'রে। 'বলিকে ছলিয়া নিল রসাতলপুরে।' *মালাধর*, ১৫০০। **ছলিল** *ক্রি* ছলনা করলো; ঠকালো। 'তারে ছলিল কৃষ্ণ রূপ ধরিয়া বামনে।' *মালাধর*, ১৫০০। **ছলিলেঁ** *ক্রি* ছলনা করলে। 'বামন রূপেঁ তোহ্মে বলিক ছলিলেঁ।' *বড়ু*, ১৪৫০।

ছলাৎছল [ধ্বন্যা] *বি* পানি ছলকে পড়ার শব্দ। 'ছলাৎছল শব্দ গেল অনেক দূরে মিলিয়ে, সেই।' *শব্দ*, ১৯৬৬।

ছলাৎ ছলাৎ [ধ্বন্যা] *বি* তরল পদার্থের ছলকে পড়ার অবস্থা। 'বদনা হতে ছলাৎ ছলাৎ জল যেতে চায় পড়ি।' *জসীম*, ১৯২৯।

ছলি [দ্র ছল্লি] *বি* চামড়ার রোগবিশেষ; শ্বেতী; লিউকোডার্মা। *ওসা*, ১৯৮৫।

ছলি বলি [স ছল>] *ক্রিবিণ* ছলে বলে। 'হইয়া বামনরূপ ছলি বলি মহাভূপ পাতালে রাখিলা চিরকাল।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ছলোছলো [ধ্বন্যা] ১ *বিণ* ছলছল করছে এমন। 'বাষ্প আভাসে দিগন্ত ছলোছলো।' *রবীন্দ্র*, ১৯২৮। ২ *বিণ* ছলছল শব্দ করছে এমন। 'মন্দাকিনীর কলধারা সেদিন ছলোছলো।' *রবীন্দ্র*, ১৯৩২; 'হাঁটুজল জমেছে রাস্তায় ... ছলো ছলো শব্দে চলে গাড়ি।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছহবত [আ সুহবত] *বি* সহবাস; সঙ্গ। 'ছহবত করিল বুড়ি আজার লাগিয়া।' *গরীব*, ১৭৬৫।

ছহর [ফা শহর] *বি* শহর। 'তাঁহারা লিখিলেন – ছহর কলিকাতা!' *মোহাম্মদী*, ১৯৩০।

ছহি [আ সহীহ] *বিণ* নির্ভরযোগ্য; শুদ্ধ। 'ছহি হাদিস।' *মোহাম্মদী*, ১৯২৯।

ছা[১] [স ছায়া] *বি* ছায়া। 'বসিল তরুর ছাএ।' *বড়ু*, ১৫৭০।

ছা[২] [স শাবক] *বি* ছানা। 'কপি বলে শুন মা আমার জতেক ছা।' *মুকুন্দ*, ১৬০০।

ছাঅ [স ছায়া] *বি* ছায়া। 'ছাঅ মাআ কাঅ সমাণা।' *চর্যা ৪৬*, ১২০০।

ছাই [স ক্ষার] ১ *বি* ভস্ম। 'ধাতা কাতা বিধাতার কপালে দিয়ে ছাই।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বি* বাধা। 'আমলার আশায় ছাই পড়িল।' *দর্পণ*, ১৮৩৭। ৩ *বি* শস্তা জিনিস। 'ছাই খেয়ে কেন মাকড়ি দিয়েছিলেম গো!' *গিরিশ*, ১৮৮৯। ৪ *বিণ* অর্থহীন। 'ছাই মহিমাগৌরব!' *রবীন্দ্র*, ১৮৯০। ৫ *বিণ* ভস্ম। 'বুঝে কাজ নেই এত শত কথা, ফিলজফি হোক ছাই।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৬ *বিণ* খামখা। 'কী তুমি ছাই ইস্কুলে যে পড়।' *রবীন্দ্র*, ১৯০৯। ৭ *বিণ* ধ্বংস। 'পুড়ে হোক ছাই বাসনা।' *রবীন্দ্র*, ১৯১০। ৮ *ক্রি* লুপ্ত হওয়া। 'ছাই হোক যা ছাই হবার।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ছাই আর ভসসো *বি* আজেবাজে জিনিস। 'যত ছাই আর ভসসো

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রাতদিন বেঁধে নিয়ে ঘুরচেন।' *বিভূতি*, ১৯২৯।

ছাইকপালে [ছাই+স কপাল>] *বিণ* মন্দভাগ্য। 'ছারকপালে ছাইকপালে দেখে পায় ডর লো।' *ভারত*, ১৭৬০।

ছাইগাদা *বি* ছাইয়ের স্তূপ। 'চক্রান্ত করে দুয়োরাণীর সাত ছেলে আর এক মেয়ে ছাইগাদায় পুঁতে ফেলেছিল।' *মনোজ*, ১৯৬১।

ছাই-চাপা ১ *বিণ* অন্তরে বিদ্যমান অথচ বাইরে অপ্রকাশিত। 'বাহির হইতে নাড়া পাইলে ছাই-চাপা আগুন আবার জ্বলিয়া উঠে।' *রবীন্দ্র*, ১৯০২। **২** *বিণ* সুপ্ত। 'চুরুটের ছাইচাপা আগুনের এক-আধটা কণিকার দিকে।' *জীবন*, ১৯৪৮।

ছাইচাপা দেওয়া *ক্রি* ঢেকে রাখা। 'বাহির হইতে তাহাকে ছাইচাপা দিয়া রাখেন নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছাই-ঢাকা *বিণ* ভস্মাবৃত। 'কোথায় ছাই-ঢাকা আগুন আছে?' *প্রমথ*, ১৯০৫।

ছাইদান [ছাই+ফা দান] *বি* সিগারেটের ছাই রাখার পাত্র। 'আমজাদের পাশে ছাইদান পূর্ণ হয়ে উঠেছে।' *ওয়ালী*, ১৯৪৬।

ছাইদানি [ছাই+ফা দানী] *বি* সিগারেটের ছাই রাখার পাত্রবিশেষ। 'ছাইদানিতে জমতে থাকে, ছাই, দেশলাইকাঠি।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ছাইপাঁশ, ছাইপাশ [ছাই+স ভস্ম>] *বি* বাজে বিষয়। 'লাগে না ভালো ছাইপাঁশ পড়া।' *রবীন্দ্র*, ১৮৯০; 'এসব কি ছাইপাশ, থামবে তুমি।' *জীবন*, ১৯৩২।

ছাই ফেলতে ভাঙা কুলো – *ঠেকায়* পড়ে অবহেলিত ব্যক্তির সমাদর। 'হৃদয়ের মানে যদি হয় ছাই ফেলতে ভাঙা কুলো ...।' *প্রমথ*, ১৯২৭।

ছাই ফেলতে ভাঙ্গাকুলা – *ঠেকায়* পড়ে অবহেলিত ব্যক্তির সমাদর।। 'গোপী কহে কতগুলা, ছাই ফেলতে ভাঙ্গাকুলা।' *ভারত্নী*, ১৮২৫।

ছাইভস্ম [ছাই+স ভস্ম] **১** *বি* বাজে জিনিস। 'বৃথায় তিলক ধরে ছাইভস্ম খেয়ে।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বি* গুরুত্বহীন বিষয়। 'কতকগুলো ছাই-ভস্ম যে লিখে পাঠিয়েছিলাম।' *নজরুল*, ১৯২৭।

ছাইমাখা *বিণ* ছাই রঙের। 'সেই ছায়াটুকুর আশ্রয়ে ছাইমাখা কাকটা গা ধুতে এলো।' *হাসান*, ১৯৬৫।

ছাইরঙা *বিণ* ছাইয়ের মতো বর্ণবিশিষ্ট। 'আকাশে চৌরঙ্গির মতো চওড়া ছাইরঙা রাস্তা।' *বুদ্ধ*, ১৯৪৯।

ছাই হওয়া ১ *ক্রি* বিনষ্ট হওয়া। 'দিনশেষে দেখি ছাই হল সব হতাশে!' *রবীন্দ্র*, ১৯০০। **২** *ক্রি* শেষ হওয়া। 'পুড়ে ছাই হয়ে গেছে যার সুখ-সাধ।' *নজরুল*, ১৯৩৫।

ছাইয়া [স ক্ষার>] *বিণ* ছাই রঙের। 'ছাইয়া বস্ত্র।' *মানোএল*, ১৭৪৩।

ছাইলা [স শাবক] *বি* ছেলে। 'দুগ্ধ বিনে ছাইলা কান্দে মায়ের বড় দুখ।' *বিজয়*, ১৬৫০।

ছাউনি [স ছাদন] **১** *বি* সৈন্যদের ব্যারাক; সৈন্যদের বসবাসের আস্তানা। *ওসাঁ*, ১৭৮৫; 'মাংস যাবে সামরিক ছাউনিতে।' *মহাশ্বেতা*, ১৯৫৬। **২** *বি* রেলস্টেশন। 'ইষ্টেসিয়ান অর্থাৎ ছাউনি হওয়াতে এ পর্য্যন্ত শহর আছে।' *দর্পণ*, ১৮২৮। **৩** *বি* আচ্ছাদন। 'উনুনে ছাউনি করি বাউনি বাঁধিয়া।' *গুপ্ত*, ১৮৫৮। **৪** *বি* চালা। 'একটা গোলপাতার ছাউনি ছিল।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ছাও [স শাবক] *বি* ছানা; শাবক। 'বিস্যক ধরিয়া তোলে জেন সিংহছাও।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ছাওাল [স শাবক] *বি* পুত্র; ছেলে। 'ছাওাল হইয়া করে এত বড় রনে।' *মালাধর*, ১৫০০।

ছাওনি [স ছাদনী] **১** *বি* ছাউনি। 'ডিঙ্গার ছাওনি ভাঙ্গ্যা করে খান খান।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* ঢাকনা; চালার মতো আচ্ছাদন। *ক্যালগে*, ১৭৯৯।

ছাওনি ঘর *বি* সুগন্ধি খড়ের ঘর। *মানোএল*, ১৭৪৩।

ছাওয়া[১] [স ছায়া>] **১** *ক্রি* বিছানো। 'তিঅ ধাউ খাট পড়িলা সবরো মহাসুহে সেজি ছাইলী।' *চর্যা ২৮*, ১২০০। **২** *ক্রি* ঢেকে ফেলা। 'আঁধার ছাইল, রজনী আইল।' *রবীন্দ্র*, ১৮৮০। **৩** *ক্রি* আবেশে ঢাকা। 'ক্রমে ছাইতেছে প্রাণ।' *রবীন্দ্র*, ১৮৮১। **৪** *ক্রি* ভিজিয়ে দেওয়া। 'আজি প্রথম প্রভাতে চলিবার পথ/ নয়নবাষ্পে ছেয়ো না।' *রবীন্দ্র*, ১৮৯০। **৫** *ক্রি* ভরে থাকা। 'তেমনি তোমার আশায় আমার হৃদয় আছে ছেয়ে।' *রবীন্দ্র*, ১৯১০। **ছাইছে** *ক্রি* ভরে গেছে। 'বন্ধুর ভাবে চিত্ত ব্যাকুল অঙ্গ ছাইছে বিষে।' *সুলতান*, ১৭৫০। **ছাইতে ১** *ক্রি* ঘরের চাল আবৃত করতে। *মানোএল*, ১৭৪৩। **২** *ক্রি* আচ্ছাদিত করতে। 'জাহাতে সিগ্র অগ্নি লাগে ইহা দিয়া ছাইতে পারিবা না।' *ক্যালগে*, ১৮০০। **ছাইল ১** *ক্রি* আচ্ছাদন করলো। 'সামল মেঘে ছাইল দক্ষিণ প্রদেশ।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* ভরে গেলো। 'বিষে ছাইল সর্ব্ব গায়ে।' *বিজয়*, ১৬৫০। **ছাইলী** *ক্রি* বিছানো হলো। 'তিঅ ধাউ খাট পড়িলা সবরো মহাসুহে সেজি ছাইলী।' *চর্যা ২৮*, ১২০০। **ছাইলেক** *ক্রি* বিস্তৃত হলো। 'ছাইলেক হাট বাট স্বর্ণ পাটাম্বরে।' *আলাওল*, ১৬৮০। **ছেয়ে** *ক্রি* আচ্ছন্ন হয়ে। 'দগ্ধ দিনের বুকে যেমন/ আসে শীতল আঁধার ছেয়ে।' *নজরুল*, ১৯৩৫।

ছেয়ে ফেলা *ক্রি* আচ্ছন্ন করা। 'ভালোবাসা দিয়ে ছেয়ে ফেলো না আমায়।' *নজরুল*, ১৯২৪।

ছেয়ে যাওয়া *ক্রি* ভরে যাওয়া। 'নাটক নভেল কাব্যে দেশ ছাইয়া যাইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছাওয়া[২] [স ছায়া] **১** *বিণ* আচ্ছাদিত। 'ভালিয়া চাহিয়া দেখি ছাওয়া নাই চাল।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বি* নারীর জননেন্দ্রিয়। *মানোএল*, ১৭৪৩। **৩** *বি* ছায়া। *মানোএল*, ১৭৪৩; 'যাঁরা আপনার ছাওয়া দেখে ভয় পান।' *হুতোম*, ১৮৬১। **৪** *বি* ছাউনি। 'রোদ্দুর প্লাটফর্মের ছাওয়ার বাইরে।' *মুজতবা*, ১৯৪৯।

ছাওয়া-পোয়া [স শাবক] *বি* ছেলে-মেয়ে; সন্তান। 'হুজুরের ছাওয়া-পোয়া নাই।' *শামসুল*, ১৯৬২।

ছাওয়াল [স শাবক] **১** *বি* ছেলেমানুষ। 'ছাওয়াল কাহ্নাঞি।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* পুত্র। 'নিবারণ কর ঝাট আপন ছাওয়াল।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বি* নবজাতক। 'প্রসবিয়া ছাওয়াল থুইল মির্ত্তিকায়ে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৪** *বিণ* বালকের মতো অপরিপক্ব। *মেয়র্স*, ১৭৬২। **৫** *বি* পুত্রতুল্য ব্যক্তি। *মেয়র্স*, ১৭৬২।

ছাওয়ালকি *বি* ছেলেমি। *মানোএল*, ১৭৪৩।

ছাওয়ালদিগের *বি* ছেলেদের। *ওসাঁ*, ১৭৮২।

ছাওয়ালপান *বি* ছেলেমেয়ে। 'ছাওয়ালপানের জৈন্যে সের দুই তিন গুড় লইয়া যান।' *নরেন্দ্র*, ১৯৪৭।

ছাঁই *বি* পুর; পিঠা ইত্যাদির ভিতরে পোরা হয় এমন জিনিস। 'ভিতরে পুরিয়া ছাঁই আলু দেয় ঢাকা।' *গুপ্ত*, ১৮৫৮।

ছাঁকা[১] [স শাতন>] *ক্রি* শোধন করা। 'চালুনির মত দোষ ছাঁকিয়া ফেলা ইহার উদ্দেশ্য।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

AMARBOI.COM

ছেঁকে ধরা *ক্রি* ঘিরে ধরা। 'গাইড পাণ্ডা আমাদের ছেঁকে ধরলে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ছাঁকা[১] [স শাতন>] *বিণ* খাঁটি। 'একেবারে ছাঁকা কথা।' *রবীন্দ্র*, ১৯২৬।

ছাঁকাতেল [স শাতন-তৈল] *বি* ছাঁকনি দিয়ে ছেঁকে তোলা যায় এই পরিমাণ তেল। 'টপাটপ খেয়ে ফেলি ছাঁকাতেলে ভাজা।' *গুপ্ত*, ১৮৫৮।

ছাঁচ [ফা সাজ] ১ *বি* আদর্শ। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* ছাপ। *মানোএল*, ১৭৪৩। ৩ *বি* গড়ন। 'সং এদের মুখের ছাঁচ ও পোষাক সকলেরই এক রকম।' *হুতোম*, ১৮৬১। ৪ *বি* কাঠামো। 'নিয়তপরিবর্তমান জিনিষকে প্রত্যক্ষের কঠিন ছাঁচে ঢেলে দিতে হবে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৫ *বি* ছাঁচে তৈরি মিষ্টান্ন। 'ক্ষীরের ছাঁচ, মতিচুর মেঠাই গড়ালেন।' *অবন*, ১৮৯৬। ৬ *বি* নরম বস্তুকে একই আকার দেওয়ার উপকরণ। 'এরা দেশের লোকের জন্যে হাজার রকম ছাঁচের ফাঁস-কল তৈরি করছে।' *রবীন্দ্র*, ১৯১৫। ৭ *বি* দাগ; চিহ্ন। 'পাথরের বুকে তারা তাদের ছাঁচ রাখিয়া গিয়াছে।' *বিভূতি*, ১৯৩৮।

ছাঁচ-গলি *বি* দুই ঘরের ছাঁচের নিচে সরু জায়গা। 'সারাটি রাত মায়ে-পোয়ে শুয়ে ছাঁচ-গলিতে।' *নজরুল*, ১৯৩৯।

ছাঁচতলা *বি* ঘরের চালের বা ছাদের প্রান্তভাগের নিচের জায়গা, যেখানে বৃষ্টির পানি গড়িয়ে পড়ে। 'আজেবাজে চোর-জোচ্চোর মানুষ এসেও তো দাঁড়াতে পারে ছাঁচতলায়।' *মনোজ*, ১৯৬১।

ছাঁচে ঢালা *বিণ* ছাঁচে তৈরি। 'এইরূপ একই ছাঁচে ঢালা।' *রবীন্দ্র*, ১৮৮১।

ছাঁচে তোলা *ক্রি* ছাঁচ দিয়ে গড়া। 'মুখ খানি যেন ছাঁচে তুলেছে।' *উমেশ*, ১৮৫৭।

ছাঁচি *বিণ* প্রকৃত; দেশি। **ছাঁচিপান** *বি* একপ্রকার সুগন্ধি পান। 'খাসা গুয়া খায় ছাঁচিপান।' *কেতকা*, ১৬৫০।

ছাঁচিলাউ *বি* লাউয়ের প্রজাতিবিশেষ। 'নূতন ছাঁচিলাউ লতাটা হইয়াছে।' *শওকত*, ১৯৫৮।

ছাঁট [স শাত] ১ *বি* ভাঙা অংশ। 'তিসিজাত ছাঁট চূর্ণকরণেতে যত কাল ব্যয় হয়।' *দর্পণ*, ১৮২৯। ২ *বি* কাটার পদ্ধতি। 'কোটের কোন ছাঁটটা ফ্যাশন-সংগত।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বি* বায়ুতাড়িত বৃষ্টির ঝাপটা। 'যে দিকে বৃষ্টির ছাঁট পৌঁচচ্ছে না।' *রবীন্দ্র*, ১৮৮১।

ছাঁটকাট ১ *বি* ছাঁটাই। 'ছাঁটকাট হবে।' *জীবন*, ১৯৩২। ২ *বি* হাবভাব। 'শহরের ছাঁটকাট এনেছে কিন্তু পয়সা আনতে পারেনি।' *শওকত*, ১৯৫৮।

ছাঁটা [স শাত] ১ *বিণ* কেটে ছোটো-করা হয়েছে এমন। 'তাহার বলিষ্ঠ গঠন, চৌগোঁপ্পা ও ছাঁটা গালপাট্টা আছে।' *বঙ্কিম*, ১৮৮২। ২ *ক্রি* বাদ দেওয়া। 'উৎসব-সমারোহের দুটো-একটা অঙ্গ ছাঁটিয়া দিতে হইল।' *রবীন্দ্র*, ১৮৯২। ৩ *বিণ* টুকরা। 'ছাঁটা কাপড়, নানা রঙের ফিতে।' *রবীন্দ্র*, ১৯৩৬। ৪ *বিণ* খোসা ছাড়ানো হয়েছে এমন। 'টেকির চাল হবে কলে ছাঁটা।' *জীবন*, ১৯৪২।

ছাঁটাছোঁটা *বিণ* কেটে ছোটো করা হয়েছে এমন। 'গায়ে কালো মোটা মোটা ছাঁটাছোঁটা কূর্তি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ছেঁটেছুঁটে *ক্রি* কাটছাঁট ক'রে। 'কতকগুলো মানুষে একত্রে থাকলে তারা পরস্পরকে ছেঁটেছুঁটে অত্যন্ত খাটো করে রেখে দেয়।' *রবীন্দ্র*, ১৮৯২।

ছাঁটাই [স শাত>] ১ *বি* ছাঁটাই করা যায় যা দিয়ে। 'তাঁরা ছাঁটাই-কলের মধ্যে মানুষ বনস্পতিকে চালিয়ে দিয়ে ঠিক সমান মাপের হাজার ...।' *রবীন্দ্র*, ১৯২৫। ২ *বি* 'ছাঁটা থেকে ছাঁটাই হবে।' *রবীন্দ্র*, ১৯৩৮। ৩ *বিণ* চাকরিচ্যুত। 'মহিলা শ্রমিককে সম্প্রতি ছাঁটাই করা হয়েছে।' *বেগম*, ১৯৬৬।

ছাঁটাইকৃত *বিণ* ছাঁটাই করা হয়েছে এমন। 'ছাঁটাইকৃত শ্রমিকদের প্রায় সবাই ৭/৮ বছর যাবৎ সেখানে কর্মরত ছিলেন।' *বেগম*, ১৯৬৬।

ছাঁটাই-বাছাই *বি* যাচাই-বাছাই। 'ছাঁটাই-বাছাইয়ের যে কথা আছে সেটাও সম্ভব মনে হইতেছে না।' *আজাদ*, ১৯৬৭।

ছাঁৎ [ধন্যা] *বি* ঘটনার আকস্মিকতায় মানসিক শিহরনের অনুভূতি। **(বুক) ছাঁৎ করে ওঠা** *ক্রি* হঠাৎ কষ্ট পাওয়া। 'ছাঁৎ করে ওঠে সেই শেষ কাতারের মানুষগুলোর বুক।' *কায়সার*, ১৯৬৫।

ছাঁদ [স ছন্দ] ১ *বি* ধরন। 'তবল্লক ছাঁদে বসন পিঁধে সঙ্গে চলয়ে হাঁটি।' *চণ্ডী*, ১৫৫০। ২ *বি* গড়ন। 'নিন্দিকুন্দ বিন্দুচাঁদ বিশদ দেহের ছাঁদ।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৩ *বি* বন্ধন। 'চারি পায়ে ছাঁদ দিয়া তুলে রাখি বুকে।' *গুপ্ত*, ১৮৫৮। ৪ *বি* ভঙ্গি। 'নৃত্য করিল বিবিধ ছাঁদে।' *রবীন্দ্র*, ১৮৯৯। ৫ *বি* বৈশিষ্ট্য। 'পশ্চিমী ছাঁদের সুকণ্ঠের এবং সুন্দর তার চেহারা।' *রবীন্দ্র*, ১৯৪০।

ছাঁদদড়ি *বি* ছাঁদনদড়ি। 'শিঙ্গা বেত্র বংশী ছাঁদদড়ি গুঞ্জামালা।' *বৃন্দা*, ১৫৮০।

ছাঁদনা তলা [স ছন্দ>+স তল] *বি* হিন্দুবিবাহের ছায়ামণ্ডপ বা চাঁদোয়া। 'ছাঁদনা তলায় চারটি কলা গাছের মধ্যে আলপনা দিয়ে একটি পীড়ে রাখা হয়েছিল।' *হুতোম*, ১৮৬১।

ছাঁদা [স ছন্দ] ১ *ক্রি* আটক করা। 'ছলিয়া মধুর ভাষে ছাঁদিয়া বিষম পাশে।' *বাহরাম*, ১৬৫০। ২ *ক্রি* ফাঁদা। 'রূপকথাটি ছাঁদা।' *রবীন্দ্র*, ১৯০৬।

ছাঁদা[২] [স ছন্দ] ১ *বিণ* বাঁধা। 'তার পিছনের পা দুটো দড়ি দিয়ে ছাঁদা।' *প্রমথ*, ১৯২২। ২ *বি* শ্রাদ্ধ উপলক্ষে দেওয়া ব্রাহ্মণের খাবারের পুঁটলি। 'চাইনে তোমার ছাঁদা।' *বিভূতি*, ১৯২৯।

ছাঁদাছাঁদি *বি* জড়াজড়ি। 'দু-হাত ছাঁদাছাঁদি করিয়া তাহারই মধ্যে মাথা গুঁজিয়া ...।' *তারা*, ১৯৪২।

ছাঁপা [স উপচয়>] *ক্রি* প্লাবিত হওয়া। 'বর্ষায় নদী ছাঁপিয়া খেতের মধ্যে জল প্রবেশ করিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ছাকা[১] [স শাতন>] *বি* অবশিষ্ট অংশ। 'উনুরের ছাকা।' *মানোএল*, ১৭৪৩।

ছাকা[২] [স শাতন>] *ক্রি* তন্নতন্ন করে খোঁজা। 'ছাকিল কোটাল সব রাজার বাজার।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ছাকিনা [স শাতন] *বি* ছাঁকনি। **ছাকিনার কানি** *বি* জল ছাঁকার ন্যাকড়া। 'পোস্তের হোলা ভেসে গেল ছাকিনার কানি।' *কেতকা*, ১৬৫০।

ছাক্কা [স সত্য] *বিণ* খাঁটি। 'আমি কি ফকিরি করব ছাক্কা।' *লালন*, ১৮৯০।

ছাগ [স] *বি* ছাগল। 'রাজ কাঢ়ে যেন বোকা ছাগ।' *বড়ু*, ১৪৫০।

ছাগ-ছানা [স ছাগশাবক] *বি* ছাগল-ছানা। 'চালশূন্য ভাঙা ভিটার উপরে ছাগ-ছানা চরিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছাগ-ছাল *বি* ছাগলের চামড়া। 'বানাইব কুঁড়াজালি দিয়া ছাগ-ছাল।' *গুপ্ত*, ১৮৫৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ছাগদুগ্ধ [স] *বি* ছাগির দুধ। 'শুক্তির কোষার্দ্ধে ছাগদুগ্ধ পূর্ণ করিয়া তাহার মুখবিবরে প্রদান করিতে উদ্যোগ করিতেছেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

ছাগ-নাদী *বি* ছাগলের বিষ্ঠা। 'ঘুচাব গোঁড়ামী রোগ দিয়া ছাগ-নাদী।' *গুপ্ত*, ১৮৫৮।

ছাগবৎস [স] *বি* ছাগলের বাচ্চা। 'কোমল মাংসযুক্ত নৃত্যশীল ছাগবৎস।' *বঙ্কিম*, ১৮৭৪।

ছাগমাতা [স] *বি* মা ছাগল। 'একটা ছাগমাতা গম্ভীর অলস স্নিগ্ধ-ভাবে ঘাসের উপরে বসে ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ছাগ-রাখাল [স ছাগ+রাখাল] *বি* ছাগল চরায় যে। 'অই দোষে হৈলি ছাগ-রাখাল।' *মুকুন্দ*, ১৬০০।

ছাগলোম [স] *বি* ছাগলের লোম। 'তিব্বত দেশে বিস্তর ছাগলোম পাওয়া যায় তাহাতে শালবস্ত্র হয়।' *অক্ষয়*, ১৮৪১।

ছাগশাবক [স] *বি* ছাগলছানা। 'ছাগশাবক কাকদন্তির হিসাব পর্যন্ত মিলাইয়া দিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৮।

ছাগশিশু [স] *বি* ছাগলছানা। 'ছাগশিশুকে যখন বলিদান দিতে লইয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ছাগা [স ছাগ] *বি* পাঁঠা। *মানোএল*, ১৭৪৩।

ছাগি [স ছাগী] *বি* মাদি ছাগল। *মানোএল*, ১৭৪৩।

ছাগী [স] *বি* মাদি ছাগল। 'সাধু সাধু সাধু তুমি ছাগীর সন্তান।' *গুপ্ত*, ১৮৫৮।

ছাগল [স ছাগ] *বি* গৃহপালিত চতুষ্পদ প্রাণীবিশেষ। 'আমি অভাজন না কইল পালন ছাগল রাখিলে বনে।' *মুকুন্দ*, ১৬০০।

ছাগলছানা *বি* ছাগলের বাচ্চা। 'ছাগলছানা ঘুরে বেড়ায়।' *রবীন্দ্র*, ১৯৪১।

ছাগলদড়ি *বি* ছাগল বাঁধার দড়ি। 'বিধি ছাগলদাড়ি যারে দেছে তারে কেন ছাগলদড়ি দিয়ে বাঁধিব না।' *সত্যেন্দ্র*, ১৯১৭।

ছাগলের পায় জব মাড়া – কোনো বড়ো কাজ অক্ষম ব্যক্তিকে দিয়ে করানোর চেষ্টা। 'এ কি ছাগলের পায় জব মাড়া।' *গৌর*, ১৮২২।

ছাগলের বাচ্চা *বি* ছাগশিশু; ছাগলছানা। *ওসাঁ*, ১৭৮৫।

ছাগুনা *বি* ছাতাপড়া ভাব। *মানোএল*, ১৭৪৩।

ছাচ [ফা সাজ] ১ *বি* ঠাঁট। 'মিছেঁ ছাচেঁ কাহ্নাঞি ভাণ্ডাআঁ যাই ঘরে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* ছাঁচ। 'যেন তেন ছাচের আছয়ে এক গুণ।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ছাচ্চা [স সত্য] *বিণ* সত্য। 'রচনের ঝুট ছাচ্চা আমি নাই ঠেকি।' *গরীব*, ১৭৬৫।

ছাজা [ফা সাজা] *বি* শাস্তি। 'খেদমত করিবা তফাত করো ছাজা পাইবা।' *হ্যালহেড*, ১৭৭২।

ছাত্রিঅণ [পা সত্তপন্নি] *বি* ছাতিম গাছ। 'পদ্মকাষ্ঠ আর ছাত্রিঅণে।' *বড়ু*, ১৪৫০।

ছাট [স শাতন] ১ *বি* গাছের সরু ডাল। 'দনা ছাট খুএা বাস।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* গবাদি পশু তাড়ানোর লাঠিবিশেষ। 'ছাট হাথে ডাল মাথে ধীরে ধীরে জায়।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* চাবুক। 'ছাটের উপরে ছাট অশ্বরে চাপিয়া।' *আলাওল*, ১৬৮০। ৪ *বি* আঘাত। 'মহাবীর আলিএ ঢালের ছাট দিয়া।' *সুলতান*, ১৭০০। ৫ *বি* জলের ছিটা, যা বায়ুবাহিত হয়ে আসে। 'প্রবল বাতাস বৃষ্টির ছাট লইয়া ঘরের মধ্যে প্রবেশ করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০২।

ছাটছোট *বি* কাটছাঁট। 'মাষ্টর ছাটছোট করিয়া ২০৫১০০ টাকা ব্যয় হইয়াছে স্থির বুঝিয়া রিপোর্ট করিলে।' *দর্পণ*, ১৮৩০।

ছাটন [স শাতন] ১ *বি* আঘাত। 'ছাটন করিয়া যেন ছোড়াএ কপাট।' *সুলতান*, ১৭০০। ২ *বি* চালের বাইরের অংশ। 'পিরীত আটন পিরীত ছাটন পিরীতির দুখানা চাল।' *জসীম*, ১৯৩৩।

ছাটা [স শাত>] *ক্রি* ছেটে ফেলা। 'কেহ২ গোঁপ ছাটিয়া দাঁতে মিশি দিয়া ... বেড়াইতে লাগিল।' *দর্পণ*, ১৮২১।

ছাড় [পা ছড্ড>] ১ *বি* ছাড়ানোর প্রক্রিয়া। 'সেক্টরী সাহেব নমকের ছাড় রওয়ানা দিবেন।' *ক্যালগে*, ১৭৯৮। ২ *বি* মুক্তি। 'জেল হলে মেয়াদ অন্তে কোন একদিন ছাড়ও হয়ে যায়।' *মনোজ্ঞ*, ১৯৬১।

ছাড়চিঠি, ছাড়চিঠী [ছাড়+হি চিট্‌ঠী] *বি* ছাড়পত্র; গমনাগমনের অনুমতিপত্র। 'খরিদার বাকী চাউল লইয়া জাওনের রওয়ানা ও ছাড় চিঠী পাইবেক।' *ক্যালগে*, ১৭৯৬; 'ভারত-সরকারের ছাড়চিঠি ব্যুটল না।' *রবীন্দ্র*, ১৯২৮।

ছাড়-দেওয়া *বিণ* আলগা-করা। 'বিশ্বের মধ্যে এই ছাড়-দেওয়া এবং টান-রাখার নিত্যলীলাতেই সুন্দর।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছাড়পত্র [ছাড়+স পত্র] ১ *বি* স্বাধীনতা। 'কাজেই কবিদের ছাড়পত্র দেওয়া হয়েছে।' *অবন*, ১৯২৫। ২ *বি* অনুমতি। 'অরূপ অদ্ভুত একটা বাজি দেখবে তার কাছে ছাড়পত্র নিয়ে।' *অবন*, ১৯২৫। ৩ *বি* স্বীকার। 'বর্ণমালায় সে ঢুকেছে একারের নামের ছাড়পত্র নিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৮। ৪ *বি* অধিকারপত্র। 'ডুব দিয়ে উঠেছে সে বিপ্লুতির অন্ধকার হতে/ মরণের ছাড়পত্র নিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৮; 'যে শিশু ভূমিষ্ঠ হল আজ রাত্রে তার মুখে খবর পেলুম : সে পেয়েছে ছাড়পত্র এক।' *সুকান্ত*, ১৯৪৮। ৫ *বি* সনদ। 'অনেকে পাসের ছাড়পত্র নিয়ে বেরিয়ে ...।' *বেগম*, ১৯৪৮।

ছাড়-পাওয়া *বিণ* মুক্ত; অবারিত। 'উড়ানীর চরে ছাড়-পাওয়া রোদ।' *জসীম*, ১৯৩০।

ছাড়তোক *বি* ঘোড়ার চলনবিশেষ। 'ছাড়তোক ভাঙিয়া দুলকি চাল।' *বিভূতি*, ১৯৩৮।

ছাড়ন [পা ছড্ড>] *বি* ত্যাগ করা। 'রঘুনাথের পাদপদ্ম ছাড়ন না যায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ছাড়া[১], ছাড়ানো [পা ছড্ড>] ১ *ক্রি* ত্যাগ করা। 'ছাড়ু ছাড় মাআমোহা বিষমো দুব্দোলী।' *চর্যা ৫০*, ১২০০; 'ছাড় তোঁ আহ্মার দানের আশে।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* ছিটকে পড়া। 'পসার টলিআঁ গেল/ ছাড়ায়িল কিছু দুধ দহী।' *বড়ু*, ১৪৫০। ৩ *ক্রি* ছড়িয়ে পড়া। 'ঘৃত দধি দুধ ঘোল ছাড়াআঁ মোর।' *বড়ু*, ১৪৫০। ৪ *ক্রি* ফেলে দেওয়া। 'ঘর ধুই প্রণালিকায় জল ছাড়ি দিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৫ *ক্রি* কাজ থেকে অব্যাহতি দেওয়া। 'দালাল ছাড়াইলে কুম্পানির দাদনির দফার জামিন কেহ থাকে না।' *হ্যালহেড*, ১৭৭৩। ৬ *ক্রি* ডিঙিয়ে যাওয়া। 'সেখানকার আলাদা কোটী ছাড়াইয়া ধারহাটায় সামিল করিবা।' *হ্যালহেড*, ১৭৭৩। ৭ *ক্রি* অতিক্রম করা। 'ইহা ছাড়াইলে পুরীর আরম্ভ।' *রামরাম*, ১৮০১। ৮ *ক্রি* বাদ দেওয়া। 'এ প্রযুক্ত আমার কর্ম্ম হইতে ছাড়াইল।' *ভবানী*, ১৮২৫। ৯ *ক্রি* ত্যাগ করা। 'তিনটের ট্রেনে ব্রিদিসি ছাড়লেম।' *রবীন্দ্র*, ১৮৮৯। ১০ *ক্রি* নিষ্কৃতি দেওয়া। 'সরলা যে ছাড়বে এমন বোধ হয় না।' *রবীন্দ্র*, ১৮৮৭। ১১ *ক্রি* পরিবর্তন করা। 'কাপড় ছাড়িয়া আহার করিলেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১২ *ক্রি* ভোগাধিকার দেওয়া। 'বিস্তর ব্রাহ্মণকে জমি বিনা খাজনায় ছাড়িয়া দিয়াছেন।' *রবীন্দ্র*, ১৮৯৩। **১৩** *ক্রি* বন্ধ করা। 'লেখাটা কোথায় ছেড়ে দিয়েছিলুম।' *রবীন্দ্র*, ১৮৯৪। **১৪** *ক্রি* পৃথক করা। 'যদি পার দেহ থেকে রূপ নাও ছাড়িয়ে।' *রবীন্দ্র*, ১৯৩২। **১৫** *ক্রি* বাজারজাত করা। 'চাউল ছাড়িতে কৃষকদের সম্মত করিবার পথে বাধা আছে।' *আজাদ*, ১৯৪৭। **১৬** *ক্রি* উচ্চারণ করা। 'যে ছয়টি শব্দ জানেন সেগুলো ছাড়েন।' *মুজতবা*, ১৯৪৯। **১৭** *ক্রি* খালাস করা। 'বেতারকেন্দ্রের মালসরঞ্জাম ছাড়িয়ে আনবার জন্য।' *মুজতবা*, ১৯৪৯। **ছাড় ১** *ক্রি* ছাড়ো। 'ছাড়ু ছাড় মাআমোহা বিষমো দুব্দোলী।' *চর্যা ৫০*, ১২০০। **২** *ক্রি* ত্যাগ করো। 'ছাড় তোঁ আহ্মার দানের আশে।' *বড়ু*, ১৪৫০। **ছাড়অ ১** *ক্রি* ছাড়ে। 'খণহ ণ ছাড়অ সহজ উন্মত্তো।' *চর্যা ১৯*, ১২০০। **২** *ক্রি* ত্যাগ করা। 'এখনে আমার সঙ্গ ছাড়অ যুবুদ।' *মালাধর*, ১৫০০। **ছাড়এ** *ক্রি* ত্যাগ করে। 'উলটি বসিআঁ সুন্দরি রাধা ছাড়এ দীর্ঘ নিশাসে।' *বড়ু*, ১৪৫০। **ছাড়থু** *ক্রি* ছাড়ুক। 'মোহি বরু অতনু অতনু কএ ছাড়থু।' *বিদ্যাপতি*, ১৪৬০। **ছাড়ন্ত** *ক্রি* ত্যাগ করছে। 'অধিক চিন্তিত হই ছাড়ন্ত নিশ্বাস।' *সুলতান*, ১৭০০। **ছাড়বার** *ক্রি* বাদ দেওয়ার। 'আঁকতে গেলে একটি সামান্যতম রেখা পর্যন্ত ছাড়বার যো নেই।' *রবীন্দ্র*, ১৮৯৩। **ছাড়য়** *ক্রি* ত্যাগ করে। 'নানা খেলা খেলিয়া না ছাড়য় আশা।' *আলাওল*, ১৬৮০। **ছাড়য়ে** *ক্রি* ছাড়ে। 'চিন্তায়ে আকুল রাজা ছাড়য়ে নিশ্বাস।' *কবীন্দ্র*, ১৬৮৯। **ছাড়ল** *ক্রি* ত্যাগ করলো। 'সৈসবে বাপুড়ে সীমা ছাড়ল জউবনে বাঁধল ফেদ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **ছাড়হ ১** *ক্রি* ত্যাগ করো। 'জাইবার বাসনা তোহ্মে ছাড়হ গোআলী।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* বলো। 'পাগলাই না করিহ না ছাড়হ ঝুট।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **ছাড়া ১** *ক্রি* ত্যাগ করা। 'মারিলে না যায় ছাড়া।' *চণ্ডী*, ১৫৫০। **২** *অব্য* ব্যতীত; বাদ দিয়ে। 'কাব্য ছাড়া একটুক কদাচিত মুখে নাহি ভাষা।' *রামপ্রসাদ*, ১৭৮০। **ছাড়াইতাম** *ক্রি* ছাড়াতাম। 'আপনে আহার হইয়া স্বামী ছাড়াইতুঁ।' *আলাওল*, ১৬৮০। **ছাড়াইতে** *ক্রি* মুক্ত করতে। 'ঘাটি দানী ছাড়াইতে ব্রহ্মপাত্র দ্বারে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **ছাড়াইবোঁ** *ক্রি* ছড়িয়ে দেবো; বিক্ষিপ্ত করবো। 'ছাড়াইবোঁ তার ক্ষীর কাঞ্চুলী করিবোঁ চীর।' *বড়ু*, ১৪৫০। **ছাড়াইয়া** *ক্রি* ছড়িয়ে। 'সেখানকার আলাদা কোটী ছাড়াইয়া দ্বারহাটার সামিল করিবা।' *হ্যালহেড*, ১৭৭৩। **ছাড়াতে** *ক্রি* খালাস করতে। *ওসাঁ*, ১৭৮২। **ছাড়ায়** *ক্রি* খালাস করে। 'ওঝা ঠাঞি যাই যদি সে ভূত ছাড়ায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **ছাড়ায়িল ১** *ক্রি* ছিটকে পড়লো। 'পসার টলিআঁ গেল/ ছাড়ায়িল কিছু দুধ দহী।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* ছড়িয়ে গেলো; বিক্ষিপ্ত হয়ে পড়লো। 'তখন ছাড়ায়িল ঘৃত দধি ঘোল।' *বড়ু*, ১৪৫০। **ছাড়ায়িলেঁ** *ক্রি* ছড়ালে। 'দধি দুধ ছাড়ায়িলেঁ তার কড়ী দেউঁ।' *বড়ু*, ১৪৫০। **ছাড়ি ১** *ক্রি* ছাড়লাম। 'তোহোর অন্তরে ছাড়ি নড়এত্তা।' *চর্যা ১০*, ১২০০। **২** *ক্রি* ত্যাগ ক'রে। 'বড়াইকে ছাড়ি কেন হইব একাকিনী।' *বড়ু*, ১৫৭০। **৩** *ক্রি* ছেড়ে দিই। 'সে মৃঢ় নরকগামী আমি ছাড়ি তাকে।' *মানিকরাম*, ১৭৮১। **ছাড়িঅ** *ক্রি* ছেড়ে। 'ছাড়িঅ ভয় ঘিণ লোআচার।' *চর্যা ৩১*, ১২০০। **ছাড়িআ** *ক্রি* ছেড়ে। 'পুত্রক ছাড়িআ বাপ ধাএ প্রাণ লইআ।' *বাহরাম*, ১৬৫০। **ছাড়িঞাঁ** *ক্রি* ছেড়ে। 'না জাইবো ঘর আর তোহ্মাক ছাড়িঞাঁ।' *বড়ু*, ১৪৫০। **ছাড়িব** *ক্রি* ছেড়ে দেবো। 'ছাড়িব দান রাধা দেহ আলিঙ্গন।' *বড়ু*, ১৪৫০। **ছাড়িবা** *ক্রি* ছেড়ে যাও। 'তুমি ধর্মময় যদি জননী ছাড়িবা।' *বৃন্দা*, ১৫৮০। **ছাড়িবেন** *ক্রি* ছাড়বেন; ত্যাগ করবেন। 'জানিলেন প্রভু শীঘ্র ছাড়িবেন ঘর।' *বৃন্দা*, ১৫৮০। **ছাড়িমু** *ক্রি* ছাড়বো। 'তুমি গেলে প্রাণ মুঞি সর্বথা ছাড়িমু।' *বৃন্দা*, ১৫৮০। **ছাড়িয়া** *ক্রি* ছেড়ে। 'সরির ছাড়িয়া গেলা বৈকুণ্ট পুরি।' *মালাধর*, ১৫০০। **ছাড়িয়াত** *ক্রি* ছেড়ে। 'ছাড়িয়াত নিজপুর।' *কৃষ্ণরাম*, ১৭২০। **ছাড়িল** *ক্রি* ত্যাগ করলো। 'ছাড়িল রাধা/ তোর দধির দাণ।' *বড়ু*, ১৪৫০। **ছাড়িলাম** *ক্রি* ত্যাগ করলাম। 'ছাড়িলাম আপনা দীন মানিলাম তোহ্মারে।' *সুলতান*, ১৭০০। **ছাড়িলুঁ** *ক্রি* ত্যাগ করলাম। 'ছাড়িলুঁ সকল আসা সব অঙ্কার।' *মালাধর*, ১৫০০। **ছাড়িলে** *ক্রি* ত্যাগ করলে। 'মনেত ভাবিল তান সুগন্ধি ছাড়িলে।' *সুলতান*, ১৭০০। **ছাড়িলেক** *ক্রি* ছাড়লো। 'স্বামিরে ছাড়িলেক ভয় খণ্ডিলেক লাজ।' *মালাধর*, ১৫০০। **ছাড়ী** *ক্রি* ছেড়ে। 'বাম দাহিণ দো বাটা ছাড়ী সান্তি বুলথেউ সংকেলিউ।' *চর্যা ১৫*, ১২০০। **ছাড়ু** *ক্রি* ত্যাগ করুক। 'ছাড়ু সুরতীর আশে।' *বড়ু*, ১৪৫০। **ছাড়ে ১** *ক্রি* ত্যাগ করে। 'না ছাড়ে নান্দের পোএ।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* ফেলে। 'মনতোষ ভৈল কাহ্নাঞি ছাড়ে ঘন শাসে।' *বড়ু*, ১৪৫০। **৩** *ক্রি* হাঁকে। 'বিপরিত ডাক ছাড়ে রাক্ষসি দারুনি।' *মালাধর*, ১৫০০। **ছাড়েন** *ক্রি* ত্যাগ করেন। 'হিয়ার উপরে থুয়া ছাড়েন নিশ্বাস।' *মালাধর*, ১৫০০। **ছাড়্যা** *ক্রি* ছেড়ে। 'ছাড়্যা গেল কালিদহ।' *মুকুন্দ*, ১৬০০। **ছেড়ে** *ক্রি* ত্যাগ ক'রে। 'শহরের লোক যত কাম কাজ ছেড়ে।' *গরীব*, ১৭৬৫। **ছেড়্যা** *ক্রি* ছেড়ে। 'ভূমি ছেড়্যা তিন বার নেচ্যা উঠে থালা।' *মানিকরাম*, ১৭৮১। **ছোড়** *ক্রি* ছেড়ে দাও। 'ছোড় ছোড় পিঞ্চন, নিচোল পাছে ফাটে।' *বৃন্দা*, ১৫৮০। **ছোড়ে** *ক্রি* ত্যাগ ক'রে। 'ইষ্টিমারের হুইল ঘুরে ছোড়ে দিলে।' *হুতোম*, ১৮৬১।

ছেড়ে ছুড়ে *ক্রি* পরিত্যাগ ক'রে। 'কখন তা ছেড়ে ছুড়ে হাতে করে বেড়ী।' *ভবানী*, ১৮২৫।

ছেড়ে দেও ভাই কেঁদে বাঁচি – উপকার না চেয়ে বরং নিষ্কৃতি চাওয়া। 'এখন ছেড়ে দেও ভাই কেঁদে বাঁচি।' *উমেশ*, ১৮৫৭।

ছেড়ে দেওয়া ১ *ক্রি* মুক্ত করা। 'ভালুক বৎসেরদিগকে আনিয়া কাছারিতে সকল লোকের মধ্যে ছাড়িয়া দিলেক।' *চণ্ডীচরণ*, ১৮০৫। **২** *ক্রি* ত্যাগ করা। 'সাহেবি হ্যাট পরা একেবারে ছাড়িয়া দিয়াছি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ছাড়া[২] [পা ছড্ড>] **১** *বি* মুক্তি। 'একবার যদি এই রুদ্ধ জীবনকে খুব উদ্দাম উচ্ছৃঙ্খল ভাবে ছাড়া দিতে পারতুম।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বিণ* মুক্ত। 'যেমন ছাড়া বনের পাখি।' *রবীন্দ্র*, ১৯১১।

ছাড়া কাপড় *বি* ব্যবহৃত পোশাক। 'আলনার উপরে হিমাংশুর স্কুলের ছাড়াকাপড় ঝুলিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

ছাড়া-ছাড়া ১ *ক্রিবিণ* বিচ্ছিন্নভাবে। 'ছাড়া-ছাড়া ভাবে দুই-চারটে কথা।' *রবীন্দ্র*, ১৯০৯। **২** *বিণ* খণ্ড খণ্ড। 'ছাড়া-ছাড়া মেঘ করেছে সেদিন।' *বুদ্ধ*, ১৯৪৯।

ছাড়াছাড়ি [পা ছড্ড>] **১** *বি* বিচ্ছেদ। 'সাধী হারামজাদী ... করিতে চায় ছাড়াছাড়ি।' *ভারত*, ১৭৬০। **২** *বি* ব্যবধান। 'নানা বিষয়ে নগরে গ্রামে ছাড়াছাড়ি।' *রবীন্দ্র*, ১৯২৯। **৩** *বি* নিষ্কৃতি। 'কোনো ছাড়াছাড়ি নেই, আপনাকে আসতেই হবে।' *ওয়ালী*, ১৯৪২।

ছাড়াছুড়ি [পা ছড্ড>] *বি* মুক্তি। 'সন্ধ্যেবেলায় কোনোমতেই ছাড়াছুড়ি নাই।' *রবীন্দ্র*, ১৯০২।

ছাড়া-পাওয়া *বিণ* মুক্ত; বন্ধনহীন। 'আজ তারা সব ছাড়া-পাওয়া জানোয়ার।' *হোসেন*, ১৯৪০।

ছাড়াবাড়ি *বি* পরিত্যক্ত বাড়ি। 'কবেকার ছাড়াবাড়ি কে জানে।' *কায়সার*, ১৯৬২।

ছেড়ে দেওয়া[১] *দ্র* **ছাড়া**[১]

ছেড়ে-দেওয়া[২] *বিণ* আলুলায়িত। 'ছেড়ে-দেওয়া চুলের চারপাশে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অন্ধকার জ্বলছে।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

ছাড়া[৩] *অব্য* ব্যতীত। 'ছয় মাসের পচামড়া অস্থি আর মাংস ছাড়া।' *কেতকা*, ১৬৫০।

ছাড়ান [পা ছড্ড>] *বি* ত্যাগ। '*নেজ* পর্য্যন্ত ক্ষতান্বিত হইয়া, বড়ই ঠকঠকিতে ছাড়ান পাইলেক।' *তারিণী*, ১৮০৩।

ছাড়ান দেওয়া *ক্রি* ত্যাগ করা। 'আরবী ফারসীর সংস্রব ছাড়ান দিয়া ... হিন্দু ভ্রাতৃগণের ও সংস্কৃতের সেবা করিলাম।' *এসলাম*, ১৯১৫।

ছাড়ী [পা ছড্ড] *অব্য* ব্যতীত। 'আহ্মা ছাড়ী তাক আন কেহো নাহিঁ জাণে।' *বড়ু*, ১৪৫০।

ছাঢ়া *অব্য* ছাড়া; ব্যতীত। 'পঞ্চ গোত্র ছাপ্পান্ন গাঁই ইহা ছাঢ়া বামণ নাই।' *রামনারায়ণ*, ১৮৫৪।

ছাত[১] [স ছাদ] *বি* ছাদ; ঘরের পাকা চাল। *ওসাঁ*, ১৭৮৫; '*চতুর্দ্দিগের* প্রাচীর ও দোকানের ছাত প্রভৃতি।' *দর্পণ*, ১৮২৮।

ছাতওআলা [স ছাদ+হি ওয়ালা] *বিণ* ছাদবিশিষ্ট। 'বাড়িগুলো লন্ডনের মতো থামবারান্দাশূন্য, ঢালু ছাতওআলা।' *রবীন্দ্র*, ১৮৮১।

ছাতপেটা *বি* ছাদ পেটানোর কাজ। 'ছাতপেটার শব্দের মতই ছাতিপেটার শব্দ হচ্ছিল।' *মনসুর*, ১৯৪৫।

ছাতেরোপর [স ছাদ+স উপর] *বি* ছাদের উপরিতল। 'কোন২ দিন ছাতেরোপরে। বঁধু মধু আশে ভ্রমণ করে।' *ভবানী*, ১৮২৫।

ছাত[২] [স ছত্রাক>] *বিণ* ময়লা; ছত্রাক। **ছাতকুড়ো** [স ছত্রাক>] *বি* ছাথলা। 'পুরনো নরম ছাতকুড়োর জন্য মমতার কোনো গন্ধও নাই।' *জীবন*, ১৯৩১।

ছাতকুরা [স ছত্রাক>] *বিণ* ময়লা; ছত্রাক। 'ছাতকুরা বস্ত্র' *মনোএল*, ১৭৪৩।

ছাতা[১] [স ছত্র] **১** *বি* রাজছত্র। 'ব্রাহ্মণের রাজা করি ধরাইল ছাতা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* সূর্যের তাপ এবং বৃষ্টি থেকে শরীর রক্ষা করার দণ্ডযুক্ত আচ্ছাদনবিশেষ। 'যবে যে বাগ ঝাটি/ ধরিবে ছাতার বাটি।' *গরীব*, ১৭৬৫।

ছাতাহস্তক [স ছত্র>+স হস্তক] *বিণ* ছাতি হাতে ধরে আছে এমন। 'চারিদিকেই ছাতাহস্তক, টুপিমস্তক ও চোখধাঁধক ভিড়ের আনাগোনা নেই।' *রবীন্দ্র*, ১৮৮১।

ছাতা[২] [স ছত্রাক] **১** *বি* ছত্রাক। 'বর্ষাকালে পুস্তকে যে ছাতা পড়ে ... উহাদিগকে বেঙের ছাতা বলে।' *বিদ্যা*, ১৮৫১। **২** *বি* বিরক্তিকর বস্তু। 'কি ছাতার এক টিন দিয়ে গড়া।' *জসীম*, ১৯৩৩।

ছাতা-ধরা *বিণ* ছাতলাযুক্ত। 'সে কালোতে কোনো জৌলুস নেই – কেমন ছাতা-ধরা, মসনে-পড়া ছাবড়া ছাবড়া।' *মুস্তফা*, ১৯৫৯।

ছাতাপড়া *বিণ* ছাতলাযুক্ত। 'টোল-খাওয়া ছাতাপড়া মাখা, ফাটা-মত মনে হয় যেন।' *সুকুমার*, ১৯১৮।

ছাতানাতা [স ছত্র] *বি* টুকরা টুকরা খণ্ড। 'ভাবে আকাশের নীল শামিয়ানা ছিঁড়ে করি ছাতানাতা।' *জসীম*, ১৯৫১।

ছাতা পড়া *ক্রি* বিনা ব্যবহারে নষ্ট হওয়া। 'আমার ... টাকায় ছাতা পড়ে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৯৪০।

ছাতার [ধন্যা] *বি* একপ্রকার পাখি। 'খঞ্জনকে গঞ্জন দিয়া ছাতারের মান বাড়াইয়া সকলকে মনোরঞ্জন করিতে লাগিলেন।' *ভবানী*, ১৮২৮।

ছাতারের নৃত্য *বি* আনাড়ি নাচ। 'বাবুর ছাতারের নৃত্য হইল।' *দর্পণ*, ১৮২১।

ছাতারিয় [ধন্যা] *বি* সাপ বিশেষ। 'শিয়র চাঁদা ছাতারিয় নাগ চর্ম কষা।' *কেতকা*, ১৬৫০।

ছাতারিয়া, ছাতারে [ধন্যা] *বি* পাখি বিশেষ। 'ছাতারিয়া করকটে ফিঙ্গা দহিয়াল।' *ভারত*, ১৭৬০; 'ছাতারে পাখি কিচমিচ করিতেছিল।' *বিভূতি*, ১৯৩১।

ছাতি[১] [স ছত্র] *বি* ছাতা। 'নিত্যানন্দ মহাপ্রভু শিরে ধরে ছাতি।' *বৃন্দা*, ১৫৮০।

ছাতিওয়ালা *বি* ছাতা বিক্রেতা। 'ছাতিওয়ালার দোকান।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ছাতিপেটা[১] *বি* ছাতা দিয়ে পেটানো। 'ছাতপেটার শব্দের মতই ছাতিপেটার শব্দ হচ্ছিল।' *মনসুর*, ১৯৪৫।

ছাতিপেটা[২] *দ্র* **ছাতি**[২]

ছাতিহীন [স ছত্রহীন] *বিণ* ছাতা নেই এমন। 'শিলাবৃষ্টির নিচে ছাতিহীন পথিকের মতই হালিম ...।' *মনসুর*, ১৯৫৫।

ছাতি[২] [স ছত্র] *বি* বক্ষ। 'অতি দুঃখ কাতি যেই করে ছাতি বাহু বহুবিধ নারে।' *আলাওল*, ১৬৮০।

ছাতিপেটা *বি* বুকের ছাতি চাপড়ানো। 'গাছ থেকে লাশ নামিয়ে সে ত ছাতিপেটা শুরু করল আর হাউ মাউ কান্না।' *শওকত*, ১৯৬২।

ছাতি-ফাটা *বিণ* পিপাসায় বুক শুকিয়ে যাওয়া। 'আহ্‌লেখানা দেখে কান্নে শোকে ছাতি ফাটে।' *গরীব*, ১৭৬৫।

ছাতিম [পা সত্তপণ্নি] *বি* এক ধরনের বৃক্ষ। 'ছাতিম গাছের শাখায় বাদুড় ঝুলিতেছে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ছাতিঅন, ছাতীঅন, ছাতিন [পা সত্তপণ্নি] *বি* ছাতিম গাছ। 'রবি লোধ ছাতীঅন ভাক্তি দুখিআকন।' *বড়ু*, ১৪৫০; 'সিমুলি ছাতিন আঙ্গনা নিম পারুলি দেবদারু মারুল্যা সিম।' *মুকুন্দ*, ১৬০০।

ছাতীঅন [স সপ্তপর্ণ] *বি* গাছবিশেষ; ছাতিম। 'রবি লোধ ছাতীঅন ভাক্তি দুখিআকন।' *বড়ু*, ১৪৫০।

ছাতিয়া [স ছত্র] *বি* বুক। 'ফাটি যাওত ছাতিয়া।' *শেখর*, ১৬০০।

ছাতিয়ারা *বি* হিন্দুসমাজের মাঙ্গলিক অনুষ্ঠানবিশেষ। 'শতামৃত, ছাতিয়ারা এবং অন্নপ্রাশন।' *মানোএল*, ১৭৪৩।

ছাতী [স ছত্র] *বি* ছাতা। 'হরিষ করিআঁ তার মাথে ধর ছাতী।' *বড়ু*, ১৪৫০।

ছাতু [স শক্তু] **১** *বি* যবের গুঁড়া। 'তন্মধ্যে ধান্য হইতে তণ্ডুল, যব হইতে ছাতু, গম হইতে ময়দা ...।' *বিদ্যা*, ১৮৫১। **২** *বি* ধ্বংস। 'দেশের অস্থিমজ্জা ছাতু করে বানিয়ে তুলেছে বস্তাবন্দী ভালোমানুষি।' *রবীন্দ্র*, ১৯৪০।

ছাতুখোর [ছাতু+ফা খোর] **১** *বিণ* ছাতুভোজী। 'তোমরা এদের ছাতুখোর বলে অবজ্ঞা কর।' *প্রমথ*, ১৯৩১। **২** *বিণ* হিন্দুস্তানি। 'ঐ ছাতুখোর নির্বুদ্ধি উকিলের চাইতে তুমি মামলা ঢের ভালো চালাতে পারবে।' *প্রমথ*, ১৯৪১।

ছাতো [স ছত্রাক] *বি* ছাতাপড়া ভাব। *মানোএল*, ১৭৪৩।

ছাত্তর [স ছাত্র] *বি* ছাত্র। 'গুরু-ট্রেনিঙের এক পিলেওয়ালা ছাত্তর।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ছাত্র [স] *বি* শিক্ষানবিশ। 'গুরু সঙ্গে জেন ছাত্র হও তুমি মহাপাত্র।' *মুকুন্দ*, ১৬০০।

ছাত্র-জীবন [স] *বি* শিক্ষার্থীকাল। 'ছাত্র-জীবনের মতো মধুর জীবন

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আর নেই।' *নজরুল*, ১৯২৭।

ছাত্রত্ব [স] *বি* শিষ্যত্ব। 'আজ তাহাকে ছাত্রত্ব স্বীকার করিতে হইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

ছাত্রদল [স] *বি* ছাত্রসমষ্টি। 'আমরা শক্তি আমরা বল আমরা ছাত্রদল।' *নজরুল*, ১৯২৬।

ছাত্রদশা [স] *বি* ছাত্রজীবন। 'তার পরে এদের ছাত্রদশা কেটে গেল।' *রবীন্দ্র*, ১৯২৮।

ছাত্র ধর্মঘট [স] *বি* শিক্ষার্থী কর্তৃক আহ্বানকৃত ধর্মঘট। 'ঢাকার ছাত্র ধর্মঘট পরিস্থিতি লক্ষ্য করিয়া আমরা এই আশঙ্কাই পোষণ করিতেছিলাম।' *আজাদ*, ১৯৬৯।

ছাত্রনিবাস [স] *বি* ছাত্রদের বাসস্থান; হস্টেল। 'যে ছাত্রনিবাসে ফেলনা বাস করিত।' *রবীন্দ্র*, ১৮৯১।

ছাত্রনেতা [স] *বি* শিক্ষার্থীদের নেতৃত্ব দানকারী। 'আহত ছাত্রনেতা ... শেষ নিঃশ্বাস ত্যাগ করিয়াছেন।' *আজাদ*, ১৯৬৯।

ছাত্রবয়স [স] *বি* ছাত্রজীবন। 'ছাত্রবয়সের সহিত কর্মকালের সম্পূর্ণ ব্যবধান।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছাত্রবিক্ষোভ [স] *বি* ছাত্র আন্দোলন। 'ছাত্রবিক্ষোভ কোন একটি বিচ্ছিন্ন ঘটনা নহে।' *আজাদ*, ১৯৬৯।

ছাত্রবৃত্তি [স] *বি* মেধাবী ছাত্রদের প্রদত্ত পুরস্কার। 'নিউটন ... ত্রিনীতি বিদ্যালয়ের ছাত্রবৃত্তি প্রাপ্ত হইলেন।' *বিদ্যা*, ১৮৪৯।

ছাত্রবৃত্তি পরীক্ষা [স] *বি* বৃত্তি প্রদানের বাছাই পরীক্ষা। 'ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া যখন সে ছাত্রবৃত্তি পাইল।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছাত্রমণ্ডলী [স] *বি* ছাত্রসমাজ। 'ছাত্রমণ্ডলী সমবেতভাবে এই উৎসব বর্জন করিয়াছিলেন।' *মোহাম্মদী*, ১৯৩৬।

ছাত্রমহল [স] *বি* শিক্ষার্থী সমাজ। 'ছাত্রমহলে সোহিনী পাত্র সন্ধান করছে।' *রবীন্দ্র*, ১৯৪০।

ছাত্ররাজনীতি [স] *বি* ছাত্রদের দ্বারা পরিচালিত রাজনৈতিক কার্যকলাপ। 'ছাত্ররাজনীতি বন্ধ করার জন্য ছাত্র, শিক্ষক, শিক্ষা কর্তৃপক্ষ এবং অভিভাবকগণ ...।' *আজাদ*, ১৯৬২।

ছাত্ররূপে [স] *ক্রিবিণ* ছাত্র হিসেবে। 'কেবল হিন্দুবংশ্য বালকগণ ছাত্ররূপে গৃহীত হইবেন।' *দর্পণ*, ১৮৩৮।

ছাত্রলীগ [স ছাত্র+ই লীগ] *বি* ছাত্র সংগঠনবিশেষ। 'নিখিল বঙ্গ মুসলিম ছাত্রলীগের মহিলা সংগঠন।' *বেগম*, ১৯৪৯।

ছাত্রসংখ্যা [স] *বি* শিক্ষার্থীর সংখ্যা। 'শিক্ষালয়ের ছাত্রসংখ্যা নিতান্ত অল্প হওয়া বিহিত নহে।' *অক্ষয়*, ১৮৫০।

ছাত্রসভা [স] **১** *বি* ছাত্রজীবন। 'ছাত্রসভার ডিম্ব ভেদ করিয়া গোরা বয়স্কসভায় কাকলি বিস্তার করিতে আরম্ভ করিল।' *রবীন্দ্র*, ১৯০৯। **২** *বি* ছাত্রদের সমাবেশ। 'এলাহাবাদের এক ছাত্র-সভায় বলিয়াছেন।' *আজাদ*, ১৯৪৬।

ছাত্রসমাজ [স] *বি* শিক্ষার্থীবর্গ। 'এ কথা ছাত্রসমাজ হইতে শুরু করিয়া ছাত্রদের পিতৃসমাজ পর্যন্ত ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

ছাত্রাগার [স] *বি* ছাত্রাবাস। 'ছাত্রাগার-সকলের নিয়ম ও কার্যপ্রণালী।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছাত্রাবাস [স] *বি* ছাত্রদের বাসস্থান। 'তাহার ছাত্রাবাসে চেনা হাতের অক্ষরে একখানি চিঠি পাইল।' *রবীন্দ্র*, ১৯০২।

ছাত্রালয় [স ছাত্র>] *বি* বিদ্যালয়। 'উক্ত ছাত্রালয়ে এক উপদেশকর্তা নিযুক্ত ...।' *দর্পণ*, ১৮৩৬।

ছাত্রী [স] *বি* স্ত্রী শিক্ষানবিশ; শিক্ষার্থী। 'শ্রীমতী বিবি তাহেরণ লেছা, বোদা বালিকা বিদ্যালয়, প্রথম শ্রেণীস্থ ছাত্রী।' *বামাবোধিনী*, ১৮৬৫।

ছাত্রীদল [স] *বি* স্ত্রী শিক্ষার্থীগণ। '... এবং তাঁর বাছাই করা ছাত্রীদল।' *বেগম*, ১৯৪৯।

ছাত্রীনিবাস [স] *বি* ছাত্রীদের আবাসস্থল। 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের একমাত্র ছাত্রীনিবাস।' *বেগম*, ১৯৬৯।

ছাত্রীনেত্রী [স] *বি* ছাত্রীদের নেত্রী। 'ছাত্রীনেত্রীবৃন্দ বক্তৃতাকালে ... স্বাধীনতা-পরবর্তী অবস্থা আলোচনা করেন।' *বেগম*, ১৯৭২।

ছাত্রীবাহী [স] *বিণ* ছাত্রী বহনকারী। 'ছাত্রীবাহী গাড়িগুলির অব্যবস্থা সম্পর্কে কর্তৃপক্ষকে বহুবার জানিয়েও কোনো ফল হয়নি।' *বেগম*, ১৯৪৮।

ছাত্রীবাস [স] *বি* ছাত্রীদের বাসস্থান। 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের একমাত্র ছাত্রীবাস রোকেয়া হলে ...।' *বেগম*, ১৯৭১।

ছাত্রী সংসদ [স] *বি* ছাত্রীদের সভ্য। 'নবনির্বাচিত ছাত্রী সংসদের অভিষেক উৎসব অনুষ্ঠিত হয়।' *বেগম*, ১৯৬৫।

ছাদ[১] [স ছদ্] *বি* গঠন। 'বদন ছাদ কামের ফাঁদ।' *দ্বিজী*, ১৬০০।

ছাদ[২] [স] **১** *বি* পাকা বাড়ির চালা; আচ্ছাদন। *ওর্সা*, ১৭৮৫; 'অনেক ছাদ পড়িয়া গেল।' *দর্পণ*, ১৮৩৩। **২** *বি* চালা। 'দুই-চারিটি টিনের-ছাদ-বিশিষ্ট কুটির।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ছাদন [স] *বি* আবরণ। 'দাদনের গাদনে বাঁধনের ছাদনে ভিটে মাটি চাটি সার।' *প্রভাকর*, ১৮৫৮।

ছাদনাতলা [স ছাদন+স তল] *বি* হিন্দুবিবাহের ছায়ামণ্ডপ বা চাঁদোয়া। 'যেন অপরাধীর মত, ছাদনাতলায় আসিয়া দাঁড়াইলেন।' *শরৎ*, ১৯১৭।

ছানচে [আ কুনাসাহ] *বি* ঘরের দেয়ালের পাশ। 'ঘর ছেড়ে ছানচেতে বাসা কপথে তার যাওয়া আসা।' *লালন*, ১৮৯০।

ছানলা [স ছাদন+স তল] *বি* চাঁদোয়া। 'উঠোনে বিয়ের ছানলা তুলতে পারত না।' *নজরুল*, ১৯৩১।

ছানা[১] [স ক্ষরণ>] **১** *বি* টক মিশিয়ে দুধ থেকে তৈরি পিণ্ড। 'অমৃতমণ্ডা ছানার বড়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* সন্দেশ। 'ছাগ মেষ দধি দুগ্ধ সুমধুর ছানা।' *রূপরাম*, ১৭৫০।

ছানা কাটা *ক্রি* দুধ থেকে ছানা পৃথক করা। 'কাল রাত্রে ছানা কেটেছিল।' *মানিক*, ১৯৩৫।

ছানাবড়া [ছানা+স বটক] **১** *বি* ছানা দিয়ে তৈরি মিষ্টিবিশেষ। '... লুচি কচুরি ছানাবড়া নিমকী ঘেওর সিঙ্গারা গজা খাজা খাস্তা বাদাম কিসমিস পেস্তা মোহনভোগ অদ্ভুত।' *ভবানী*, ১৮২৮। **২** *বিণ* বিস্ময়ে ছানাবড়ার মতো গোলাকার ও বড়ো। 'ব্যাপার দেখে অবাক সবাই চক্ষু ছানাবড়া।' *সুকুমার*, ১৯২০।

ছানার বড়া *বি* ছানা দিয়ে তৈরি মিষ্টান্নবিশেষ। 'অমৃতমণ্ডা ছানার বড়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ছানা[২] [স শাবক] *বি* শাবক। *মানোএল*, ১৭৪৩; 'নকুলের ছানা বলি বান্ধিল বসনে।' *রূপরাম*, ১৭৫০।

ছানা[৩] [স ক্ষরণ>] **১** *ক্রি* ছাঁকা। 'গোবিন্দ-কুণ্ডের জল আনিল ছানিআ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *ক্রি* মন্থন করা। 'শৃঙ্গার-রস ছানি তারে চন্দ্রজ্যোৎস্না ছানি/ জানি বিধি নিরমিল তায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩**

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ক্রি চটকানো। 'কাদা ছানিয়া পৃথিবী গড়িয়া ...।' *বঙ্কিম*, ১৮৭৫। **ছানিআ, ছানিয়া** *ক্রি* ছেনে। 'কিবা বা দিএা অমিয়া ছানিয়া গড়িল কোন্ বা রাজে।' *দীচণ্ডী*, ১৫৫০; 'গোবিন্দ-কুণ্ডের জল আনিল ছানিআ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ছানিয়া-গড়া *বিণ* মসৃণ ক'রে তৈরি। 'তার মন-কাড়িয়া-লওয়া হাসি, শৈশবতারল্য, চাঁদ ছানিয়াগড়া মুখ।' *বিভূতি*, ১৯২৯।

ছানি [স ছাদনী] **১** *বি* চোখের মণিতে-পড়া হালকা আবরণ যার ফলে দৃষ্টিশক্তি আচ্ছন্ন হয়। 'কন্যার পিতার চক্ষে পড়ুক ছানি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* ছাউনি। 'রূপার বাড়ির রুশাই ঘরের ছুটল চালের ছানি।' *জসীম*, ১৯২৯।

ছানিপড়া **১** *বিণ* চোখে আবরণ পড়েছে এমন। 'এতো আর ধলাকর্তার ছানিপড়া চউখ না।' *নরেন্দ্র*, ১৯৫১। **২** *বিণ* আবৃত। 'বুড়ো রাজমিস্ত্রীর চোখের মতো ছানি-পড়া আকাশে/ জ্যামিতিক চাঁদ শোনে তারার কথকতা।' *শামসুর*, ১৯৬৩।

ছানিত [স ক্ষরণ>] *বিণ* ছেঁকে নেওয়া হয়েছে এমন। 'ছানিত কিরণে ভাসে দশদিশি।' *গিরিশ*, ১৮৮৩।

ছান্দ [স ছন্দ] **১** *বি* ছন্দ। 'হেন বুলী রাধা কলসী লআঁ জাএ গজ্জগড়ি ছান্দে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* ছল। 'করসি তোএঁ ছান্দ।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* প্রকার। 'সুধা ঝরে সুবদনে শোভা কত ছান্দে।' *মানিকরাম*, ১৭৮১।

ছান্দ দড়ি *বি* ছাঁদনদড়ি। 'তাড় খাড়ু বেত্র বংশী শিঙ্গা ছান্দ দড়ি।' *বৃন্দা*, ১৫৮০।

ছান্দক [স ছন্দ>] *বিণ* ছন্দের; বাসনার। 'এড়ি এউ ছান্দক বান্ধ করণক পাটের আস।' *চর্যা* ১, ১২০০।

ছান্দলা [স ছন্দ>] *বি* ছায়া-মণ্ডপ; ছাদনাতলা। 'আরোপী হেমকুম্ভ করিল কর্মারম্ভ তুরিতে বান্ধিল ছান্দলা।' *মুকুন্দ*, ১৬০০।

ছান্দসিক [স] *বিণ* ছন্দজ্ঞানী। 'যে স্তরে উঠলে ছান্দসিক কবি হয়ে ওঠেন।' *নজরুল*, ১৯৩০।

ছান্দা [স ছন্দ] **১** *ক্রি* বিন্যস্ত করা। 'বাহে বাহে ছান্দা জাহ্নবীর কাদা ভরিল যতেক নারী।' *মুরারি*, ১৫৭০। **২** *ক্রি* নির্মাণ করা। 'দুয়ারখানি ছান্দ।' *জসীম*, ১৯৩৩। **ছান্দিয়া** *ক্রি* বেষ্টন ক'রে। 'নব দ্বার বান্ধিয়া ভাঁড়ার ঘর ছান্দিয়া মন মোর সদায় নাগরী।' *সুলতান*, ১৭৫০। **ছান্দে** *ক্রি* বেষ্টন করে। 'বলদেব ধরি ছান্দে মস্তের বন্ধনে।' *মালাধর*, ১৫০০।

ছাপ[১] [প ছাপা] **১** *বি* খোদাই করা ধাতুফলক। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* চিহ্ন। 'একখান ছাপ রাখা কর্ত্তব্য।' *দীনবন্ধু*, ১৮৬৩। **৩** *বি* দাগ। 'আমাদের সর্বাঙ্গ কাঁটা কালো ও নীল ছাপে ভরে যেত।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৪** *বি* প্রলেপ। 'তার পরে কখন তার উপরে নতুন নতুন ছাপ প'ড়ে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ছাপ করন *বি* ছাপানোর কাজ। *ওসাঁ*, ১৭৮৫।

ছাপমারা **১** *বিণ* মুদ্রিত; সিল-দেওয়া। 'কতকগুলো ছাপমারা লেফাফার মধ্যে আচ্ছন্ন হইয়া না থাকেন।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *বিণ* খ্যাতিমান; খ্যাতির চিহ্নযুক্ত। 'তারা হল ... বহুবাজারে চলতি লেখক, বড়োবাজারের ছাপ-মারা।' *রবীন্দ্র*, ১৯২৮।

ছাপ[২] [আ সাফ] **১** *বিণ* পরিষ্কার। 'শত২ মালিরা তাহার তদবির করে নিরবধি ছাপ ও সমশির রাখিতেছে।' *রামরাম*, ১৮০১। **২** *বিণ* স্পষ্ট। 'কোরানে ছাপ শুনিতে পাই অলিয়ের মুরশিদ সাঁই।' *লালন*, ১৮৯০।

ছাপছন্দ [আ সাফ+স ছন্দ] *বি* পরিষ্কার-পরিচ্ছন্ন। 'খেলার শেষে ছাপছন্দ হয়ে কনখল যখন নিজের ঘরে যায়।' *মণীশ*, ১৯৬৩।

ছাপড়া [হি ছপ্পর] *বি* ছাউনি। 'ছাপড়া দেওয়া ঘরটিতে বসে রান্না করছিল।' *ওয়াদী*, ১৯৪৮।

ছাপর [হি ছপ্পর] *বি* ছাউনি। 'অনেকগুলো ছাপরওয়ালা গোরুর গাড়ি দাঁড়িয়ে আছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ছাপর-খাট [হি ছপ্পর+খাট] *বি* মশারি টাঙানোর ব্যবস্থা আছে এমন ফ্রেমযুক্ত খাট। 'হেঁকুর হেঁকুর টেঁকুর তুলে, শুচ্ছে সুখে ছাপর-খাটে।' *গুপ্ত*, ১৮৫৮।

ছাপরবিহীন [হি ছপ্পর+স বিহীন] *বিণ* ছাউনিহীন। 'ছাপরবিহীন খোলা নৌকা এগিয়ে চলে।' *ওয়াদী*, ১৯৬৮।

ছাপরা [হি ছপ্পর] **১** *বি* ছাউনি। 'সে ছাপরায় অ্যাসিস্টেন্ট ম্যাজেস্ট্রেটি করছে।' *রবীন্দ্র*, ১৯৪০। **২** *বি* তৃণাদি দিয়ে ছাওয়া ঘর; কুঁড়েঘর। 'কিছুদূরে দেখা যাচ্ছে একসারি বাঁশের ছাপরা।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

ছাপা[১] [স ছপ্] **১** *বি* মুদ্রণ। *ক্যালগে*, ১৭৮৫; 'ছাপা গেট আপ যখন ভাল হয়েছে।' *মাহেনও*, ১৯৪৯। **২** *বি* সিলমোহর। 'কাপড়ের কিনারায় পলডার নামে এক ছাপা।' *ক্যালগে*, ১৭৮৫। **৩** *বিণ* মুদ্রিত। 'বাঙ্গালা ভাষায় তর্জ্জমা হইয়া মোং কলিকাতায় ছাপা হইয়াছে।' *দর্পণ*, ১৮১৮। **৪** *বি* চিহ্ন। 'শুদ্ধ বাকির দায় যাবি যমালয় হবে রে কপালে দায়মাল ছাপা।' *লালন*, ১৮৯০।

ছাপাওয়ালা [ছাপা+হি ওয়ালা] *বি* মুদ্রণকারী; মুদ্রণ ব্যবসায়ী। 'এই ছাপাওয়ালাদিগের জ্বালায় আর প্রাণ বাঁচে না।' *ভবানী*, ১৮২৩।

ছাপা করা *ক্রি* মুদ্রিত করা। 'অনুষ্ঠান পত্র ছাপা করিয়া সর্ব্বত্র প্রেরণ কর।' *দর্পণ*, ১৮২৩।

ছাপা কর্ম, ছাপা কর্ম্ম [ছাপা+স কর্ম] *বি* মুদ্রণের কাজ। 'শ্রীরামপুরে অবস্থিতানন্তর শ্রীযুত ডাং কেরি সাহেবের সমভিব্যাহারে ছাপা কর্ম্মের সৃজন করেন।' *দর্পণ*, ১৮৩৭।

ছাপাকারী [ছাপা+স কারী] *বি* মুদ্রক। 'যে সকল লোক প্রিন্টর অর্থাৎ ছাপাকারী তাহারদিগের প্রত্যেকের নাম।' *দর্পণ*, ১৮২৩।

ছাপাখানা [ছাপা+ফা খানাহ্] *বি* যেখানে ছাপা যায়; মুদ্রণশালা। 'ইষ্টর সাহেবের ছাপাখানায় পৌছীয়া দিবা।' *ক্যালগে*, ১৭৮৪।

ছাপাগর [ছাপা+স কর>] *বি* মুদ্রক; ছাপানোর কাজ করে যে। 'ছাপাগর।' *ওসাঁ*, ১৭৮৫।

ছাপাঘর [ছাপা+ পা ঘর] *বি* ছাপাখানা। 'ছাপাঘর।' *ওসাঁ*, ১৭৮৫।

ছাপাদোষ [ছাপা+স দোষ] *বি* মুদ্রণের ভুল। 'ছাপাদোষ ছাপা রহে না।' *দর্পণ*, ১৮২৮।

ছাপান্তর [ছাপা+স অন্তর] *বি* ছাপার ভুল। 'আমি বৈতালিক শব্দের ছাপান্তর মনে করেছিলুম।' *প্রমথ*, ১৯১২।

ছাপাযন্ত্র [ছাপা+স যন্ত্র] *বি* মুদ্রণযন্ত্র। 'এতদ্দেশে ছাপাযন্ত্র প্রকাশ হওয়া অবধি।' *দর্পণ*, ১৮২৫।

ছাপাযন্ত্রবিষয়ক সভা [ছাপা+স যন্ত্র-বিষয়ক-সভা] *বি* ছাপা সংক্রান্ত সভা। '১৮০৫ সালের ৫ জানুআরি তারিখের ছাপাযন্ত্রবিষয়ক সভা।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৬।

ছাপার কাগজ [ছাপা+ফা কাগজ] *বি* মেশিনে মুদ্রিত কাগজ। 'একখানি ছাপার কাগজে জুতা যোড়াটি বান্ধা ছিল।' *বঙ্কিম*, ১৮৭৫।

ছাপারম্ভ [ছাপা+স আরম্ভ] *বি* ছাপা শুরু। 'উত্তম কাগজে এবং

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উত্তমাক্ষরে ছাপারম্ভ হইয়াছে।' *দর্পণ*, ১৮২৯।

ছাপা[১] [হি ছিপা] ১ *বিণ* অপ্রকাশিত। 'কোন কর্ম্ম নাহি ছাপা।' *ভারত*, ১৭৬০। ২ *বিণ* গোপন। 'ছাপাদোষ ছাপা রহে না।' *দর্পণ*, ১৮২৮।

ছাপাছাপি *বি* লুকোচুরি। 'দুই দলে খাপাখাপি ছাপাছাপি কত।' *গুপ্ত*, ১৮৫৮।

ছাপা[২] [হি ছিপা] ১ *ক্রি* লুকানো। 'ইমামের শির তবে ছাপাইআ রাখিল।' *বাহরাম*, ১৬৫০। ২ *ক্রি* একত্র হওয়া। 'তাহাতে মোমেন লোকে যাইয়া ছাপিল।' *গরীব*, ১৭৬৫। ৩ *ক্রি* উপচে পড়া। 'মদের ফেনা যেমন পাত্র ছাপিয়া পড়িয়া যায়।' *রবীন্দ্র*, ১৮৯৫। **ছাপাই** *ক্রি* লুকিয়ে। 'রসুলক যথাথ ছাপাই থুইছে নারী।' *সুলতান*, ১৭০০। **ছাপাইআ, ছাপাইয়া** *ক্রি* লুকিয়ে। 'ইমামের শির তবে ছাপাইআ রাখিল।' *বাহরাম*, ১৬৫০; 'একজন মাবিয়ারে কহে ছাপাইয়া।' *গরীব*, ১৭৬৫। **ছাপায়ে** *ক্রি* লুকিয়ে। 'আর কয়দিন রাখবে ছাপায়ে/ নিজ রূপ মাধুরী।' *লালন*, ১৮৯০। **ছাপিল** *ক্রি* একত্র হলো। 'তাহাতে মোমেন লোকে যাইয়া ছাপিল।' *গরীব*, ১৭৬৫।

ছাপাই সাক্ষী [হি ছিপা>] *বি* অনিবন্ধিত বা তালিকার বাইরের সাক্ষী। 'ছাপাই সাক্ষী আরও দুজন আছে।' *মশাররফ*, ১৮৬৯।

ছাপাছাপি [হি ছিপা>] *বি* গোপনীয়তা। 'দুই দলে খাপাখাপি ছাপাছাপি কত।' *গুপ্ত*, ১৮৫৮।

ছাপান[১] [স উপচয়>] *ক্রিবিণ* ব্যাপী; জুড়ে। 'আরশ কুরসী যথ ভুবন ছাপান।' *আলাওল*, ১৬৮০।

ছাপান[২] [স ছপ>] *বি* মুদ্রিত করা। 'তাহা পূর্ব্বে ছাপান গিয়াছে।' *দর্পণ*, ১৮১৯।

ছাপান[৩] [হি ছিপা>] *বি* একের রক্ষিতা হয়ে অন্যের সাথে গোপন প্রণয়; 'ছলনা, ছেনালি, ছেলেমি, ছাপান, ছেমো, ছেচড়ামি।' *ভবানী*, ১৮২৮।

ছাপানো[১] [স ছপ>] *ক্রি* প্রকাশ করা। 'গত শনিবার স্কুল প্রোসেডিংস বিষয় ছাপাইয়াছিলাম।' *দর্পণ*, ১৮১৯।

ছাপানো[২] [হি ছিপা>] ১ *ক্রি* স্পষ্ট হওয়া। 'নিন্দা-অপবাদকে ছাড়াইয়াও তাহার মূল্য ছাপাইয়া উঠিত না?' *রবীন্দ্র*, ১৯০৯। ২ *ক্রি* উপচে পড়া। 'বুক ছাপিয়ে তরঙ্গ মোর কাহার পায়ে পড়ে।' *রবীন্দ্র*, ১৯১০। ৩ *ক্রি* লুকানো। 'তোর চোখের জল ভাই ছাপাতে চাস/ নদীর জলে এসে।' *নজরুল*, ১৯২৯। ৪ *ক্রি* অতিক্রম করা। 'বুদ্ধিবিদ্যা সমস্ত ছাপিয়ে চোখে পড়ে ধনের বিশিষ্টতা।' *রবীন্দ্র*, ১৯৩১। ৫ *বিণ* নকশাওয়ালা ছাঁচ দিয়ে ছাপ দেওয়া। 'কুসুম রঙে ছাপানো শাড়ী।' *বিভূতি*, ১৯৩৮। **ছাপিয়ে** *ক্রি* অতিক্রম ক'রে। 'প্রয়োজন ছাপিয়ে যা দাও সেই ধনে।' *রবীন্দ্র*, ১৯১৮।

ছাপিয়ে ওঠা *ক্রি* ঘনীভূত হওয়া। 'আস্তে-আস্তে আঁধার ছাপিয়ে উঠছে।' *ওয়াদী*, ১৯৪২।

ছাপিয়ে পড়া *ক্রি* ছাপিয়ে ওঠা। 'রং ছাপিয়ে পড়ে আপনা-আপনি।' *অবন*, ১৯২৫।

ছাপিয়ে যাওয়া *ক্রি* উপচে পড়া; প্লাবিত হওয়া। 'বর্ষাজলের ঢল নেমেছে, ছাপিয়ে গেল বাঁধখানা।' *রবীন্দ্র*, ১৯৪১।

ছাপানো[৩] [স ছপ>] *বিণ* প্রকাশ করা। নকশাওয়ালা ছাঁচ দিয়ে ছাপ দেওয়া। 'কুসুম রঙে ছাপানো শাড়ী।' *বিভূতি*, ১৯৩৮।

ছাপান্ন [পা ছপঞ্ঞাস] *বিণ* ছাপ্পান্ন; ৫৬ সংখ্যক। 'ছাপান্ন কোটি যদুবংশ লয়্যা নারায়ণ।' *রূপরাম*, ১৭৫০।

ছাপি [হি ছিপা] *বিণ* গোপন। 'ইহা কভু ছাপি নাহি হবে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ছাপোষা [স শাব+পোষা] ১ *বিণ* অনেকগুলো সন্তানের ভরণপোষণ করতে হয় এমন। 'গরীব ছাপোষা লোকটাকে একেবারে মেরে ফেলিলেন।' *দীনবন্ধু*, ১৮৬০। ২ *বিণ* দরিদ্র। 'ছা-পোষা মানুষ হলেও ...।' *নজরুল*, ১৯২৪।

ছাপ্পর খাট [স খর্পর>+স খট্টা] *বি* মশারি টাঙানোর ফ্রেমযুক্ত খাট। 'বড় ছাপ্পর খাট রয়েছে।' *জীবন*, ১৯৪৮।

ছাপ্পান্ন [পা ছপঞ্ঞাস] *বিণ* ৫৬ সংখ্যক। 'আটচল্লিশ কিম্বা ছাপ্পান্ন ফর্ম্ম একাকার কাগজেতে এবং অক্ষরেতে মাস২ ছাপা হইবেক।' *দর্পণ*, ১৮১৯।

ছাফ [আ সাফ] ১ *বিণ* স্পষ্ট। 'বড় বজ্জাতি, ছাফ নেমকহারামি।' *দীনবন্ধু*, ১৮৬০। ২ *বি* পরিষ্কার। 'তাকে ধুয়ে-মুছে রগরে ছাফ করে নিচ্ছেন।' *নজরুল*, ১৯২৭।

ছাফা [আ সাফ] *বি* পরিষ্কার। 'ভাইরা তারে আজকে ছাফা ছফেদ কর।' *বেনজীর*, ১৯৪৫।

ছাফাই [আ সাফ] *বি* দোষস্খালন। 'এসব কথা প্রতিক্রিয়াশীল হক মন্ত্রীমণ্ডলের ছাফাই।' *আজাদ*, ১৯৪০।

ছাব [ছাপ] *বি* চিহ্ন। 'শশিবিম্ব অঙ্গুলে অঙ্গুরী ছাবময়।' *রূপরাম*, ১৭৫০।

ছাবড়া, ছাবড়া [ছাপ>] *বিণ* ছোপ ছোপ। 'সে কালোতে কোনো কৌতুক নেই – কেমন ছাতা-ধরা, মসনে-পড়া ছাবড়া ছাবড়া।' *সুজতবা*, ১৯৫৯।

ছাব মোহর [ছাপ+ফা মোহর] *বি* সিলমোহর। 'সে পত্র চিন্ন কাখতে বান্দিআ ছাব মোহর লয়াছে।' *বোগল*, ১৭৭০।

ছাবা [ছাপ] *বি* মুদ্রা বা মোহরের চিহ্ন। 'সর্বাঙ্গে শোভিত ছাবা।' *ভারত*, ১৭৬০।

ছাবান [ছাপ>] *বিণ* মুদ্রিত। 'ব্রাহ্মসমাজে গিয়ে এক খানা ছাবান হেডিংওয়ালা কাগজে নাম সই করি।' *হুতোম*, ১৮৬১।

ছাবাল *বি* ছেলে। 'মালাকার আন্যা গলে দিল ওড়মাল টিটিকারি দেই জত নগরিআ ছাবাল।' *মুকুন্দ*, ১৬০০।

ছাব্বিশ [পা ছব্বীসতি] *বিণ* ২৬ সংখ্যক। 'লকনয়ের কাপড় নামে কোকরা লম্বা ২৬ ছাব্বিশ হাত।' *ক্যালগে*, ১৭৮৫।

ছামনি, ছামনী [স ছাদন] *বি* বরকন্যার শুভদৃষ্টি। 'হরিষে পুলক তনু দুজনে ছামনি।' *মুকুন্দ*, ১৬০০; 'শুভমুখে দুইজনে ছামনী।' *মুকুন্দ*, ১৬০০।

ছামাল [স শাবক>] *বি* ছাওয়াল; সন্তান। 'ছাম্বালে ছদ্মতা ছাড় ছয় নয় করি।' *মানিকরাম*, ১৭৮১।

ছায় [স ছায়া] *বি* ছায়া। 'কালো কালো গাছের ছায়।' *রবীন্দ্র*, ১৮৮৩।

ছায়নি [স আচ্ছাদনা] *বি* বরকন্যার শুভদৃষ্টি। 'ছায়নি করিতে আসিল মনসা চাহে এক দিষ্টে।' *বিজয়*, ১৬৫০।

ছায়নী [স ছাদন] *বি* ছাউনি। 'সোল পাট দিআ কৈল জৌয়ের ছায়নী।' *মুকুন্দ*, ১৬০০।

ছায়া[১] [প সায়া] *বি* পেটিকোট; শাড়ির নীচে পরার বস্ত্র। *মেয়র্স*, ১৭৬২।

ছায়া[২] [স] ১ *বি* আড়াল। 'কাল মেঘের ছায়া নাহি জাওঁ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* অন্ধকার। 'এক সূর্য্য জল ভির্ম্মে অসংক্ষত ছায়া।' *মালাধর*, ১৫০০। ৩ *বি* আশ্রয়। 'খণ্ডিয়া দুর্গতি রাখ ভগবতী দিআ চরণের

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ছায়া।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বি* আলোকরশ্মির গতিপথ রুদ্ধ হওয়ায় সৃষ্ট বস্তুর প্রতিবিম্ব। 'অয়নাংশ মতে আষাঢ়মাসান্ত দিনে মাধ্যাহ্নিক ছায়ার শূন্যতুহেতুক ছায়া পাদতলে আসিয়া থাকে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। ৫ *বি* প্রতিবিম্ব। পৃথিবীর ছায়া চন্দ্রে লাগ্না হওয়াতে চন্দ্রগ্রহণ জন্মে।' *অক্ষয়*, ১৮৪১। ৬ *বি* প্রতিরূপ। 'যেদিকেই দৃষ্টিপাত করি, দেখি বিষাদের ছায়া।' *অক্ষয়*, ১৮৪৮। ৭ *বি* ইঙ্গিত। 'তিনি ... *আরলি রেকর্ডস অব ব্রিটিশ ইণ্ডিয়া* নামক পুস্তক পাঠ করিয়া গণ্ডুষের অস্পষ্ট ছায়ামাত্র দেখিতে পাইবেন।' *অক্ষয়*, ১৮৪৮। ৮ *বি* অনুষঙ্গ। 'তাহার দুঃখের উপর সুখের ছায়া পাতিত করিয়া শোকের বিষয় কিয়ৎক্ষণ বিস্মৃত রাখিতে পারি।' *অক্ষয়*, ১৮৫৪। ৯ *বি* অনুকরণ। 'ইংরাজি গ্রন্থের ছায়া মাত্র।' *বঙ্গদর্শন*, ১৮৭২। ১০ *বি* অশরীরী অবয়ব। 'তোমরা মানুষ, আর আমি ছায়া।' *রবীন্দ্র*, ১৮৯২। **ছায়ে** *বিণ* ছায়ায়।

ছায়া-অন্ধকার [স] *বি* ছায়া থেকে সৃষ্ট অন্ধকার। 'ছায়া-অন্ধকার। মাঠ-নদী-বন পেয়েছে নিদ্রার শান্তি।' *নীরেন*, ১৯৫১।

ছায়া-অরণ্য [স] *বি* ছায়ারূপ অরণ্য। 'কাঁচ-রোদ্দুর, ছায়া-অরণ্য, হ্রদের স্বপ্ন।' *নীরেন*, ১৯৪৪।

ছায়া-আলোক [স] *বি* আলো ও ছায়া। 'এই ছায়া-আলোকের আকুল কম্পনে।' *রবীন্দ্র*, ১৯১৪।

ছায়া-কাঁপা *বিণ* আলো-আঁধারি। 'ছায়া-কাঁপা ঘরে মিটমিটে আলোতে বুক করছিল ধুক ধুক।' *রবীন্দ্র*, ১৯৪০।

ছায়াকুঞ্জ [স] *বি* অস্থায়ী নিবাস। 'নানা আকারের ছায়াকুঞ্জ নির্মাণ করেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

ছায়া-কুহেলি [স] *বি* ছায়ার রহস্য। 'তুমি দেখেছিলে বন্ধু ছায়া-কুহেলির ...।' *নজরুল*, ১৯২৬।

ছায়াগহন [স] *বিণ* ঘন ছায়াযুক্ত। 'আর্দ্র ছায়াগহন স্থান।' *বিভূতি*, ১৯৩৮।

ছায়াগিরি [স] *বি* ছায়ার মতো দেখা যায় এমন পর্বত। 'সুদূরের ছায়াগিরি তাহারে ঘিরি ঘিরি।' *রবীন্দ্র*, ১৮৯০।

ছায়াঘন [স] *বিণ* ঘন ছায়াময়। 'পরপারে ছিল ছায়াঘন পল্লীর শ্যামশ্রী।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ছায়া ঘনানো *ক্রি* ছায়া ঘনীভূত হওয়া। 'ছায়া ঘনাইছে বনে বনে।' *রবীন্দ্র*, ১৯২৪।

ছায়াঘনিষ্ঠ [স] *বিণ* ছায়াঘেরা। 'উপর থেকে তাদের ছায়াঘনিষ্ঠ শ্যামল মূর্তি দেখা যায়।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ছায়া-ঘেরা [স ছায়া>] *বিণ* ছায়াবেষ্টিত। 'তোমাদের সেই ছায়া-ঘেরা দিঘি।' *রবীন্দ্র*, ১৯০০।

ছায়াঙ্কিত [স] *বিণ* ছায়া-মেশানো। 'শাখান্তরাল হইতে ছায়াঙ্কিত জ্যোৎস্না তাঁহার শীর্ণ মুখের উপর আসিয়া পড়িল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ছায়াচর [স] *বিণ* ছায়ানুবর্তী। 'তারা ভদ্রলোকের ছায়াচর, তাদের প্রকাশ অনুজ্জ্বল।' *রবীন্দ্র*, ১৯৩১।

ছায়াচিত্র [স] *বি* সিনেমা; চলচ্চিত্র। 'দেবদাস দেখতে গেছিলাম ছায়াচিত্রে।' *নজরুল*, ১৯২৮।

ছায়াচিত্রশিল্প [স] *বি* চলচ্চিত্রশিল্প। 'সঙ্গীত, ছায়াচিত্রশিল্প, চিত্রকলা ... কোন ক্ষেত্রে সে দেশের নারী আজ পশ্চাৎপদ নয়।' *বুলবুল*, ১৯৩৭।

ছায়াচুর [স ছায়াচূর্ণ] *বি* ধানের জাতবিশেষ। 'কালিন্দী কনকচুর ছায়াচুর পুদি।' *ভারত*, ১৭৬০।

ছায়াচ্ছন্ন [স] ১ *বিণ* ছায়ায় ঢাকা। 'ছায়াচ্ছন্ন গ্রামগুলি রেলগাড়ির দুই ধারে দুই ছবির ঝরনার মতো।' *রবীন্দ্র*, ১৯১২। ২ *বিণ* অন্ধকারে নিমজ্জিত। 'ছায়াচ্ছন্ন হে আফ্রিকা।' *বুদ্ধ*, ১৯৪৩।

ছায়াচ্ছন্না [স] *বিণ স্ত্রী* ছায়ায় ঢাকা। *সত্যেন্দ্র*, ১৯১২।

ছায়াচ্ছবি [স ছায়া+আ সবীহ] *বি* ছায়ার মতো অস্পষ্ট ছবি। 'প্রকীর্তির ছায়াচ্ছবি নিরাশ্রয় চোখে ফুটে ওঠে।' *সুধীন্দ্র*, ১৯৩৯।

ছায়াছবি [স ছায়া+আ সবীহ] ১ *বি* ছায়াময় ছবি। 'নামো জলে ছায়াছবি-সৃজনে।' *রবীন্দ্র*, ১৯১১। ২ *বি* ছায়া দিয়ে তৈরি ছবি। 'আমি শ্যামলিমা ছায়া-ছবি।' *নজরুল*, ১৯২২। ৩ *বি* ছায়ার মতো অস্পষ্ট ছবি। 'আমার বিশ্বের শেষরেখাতে যেখানে বস্তুহারা ছায়াছবির চলাচল।' *রবীন্দ্র*, ১৯৩২। ৪ *বি* চলচ্চিত্র। 'ছায়াছবি লাকি স্পি এবং আরও নানা প্রকারের আমোদ আয়োজনও করা হইতেছে।' *বেগম*, ১৯৪৮।

ছায়া ছায়া ১ *বিণ* ছায়ার মতো অস্পষ্ট। 'মলিন সে সাঁঝের আলোতে/ ছায়া ছায়া গাছপালাগুলি।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বিণ* হালকা। 'মাঠে-মাঠে নামে ছায়াছায়া ঘুম।' *নীরেন*, ১৯৫০। ৩ *বিণ* নিস্তেজ। 'বিকেলের ছায়া-ছায়া আলো।' *বিমল*, ১৯৫৩।

ছায়াজাল [স] *বি* ছায়ার জাল। 'পরান-ভরানো ঘন ছায়াজাল।' *রবীন্দ্র*, ১৯২৭।

ছায়াঢাকা ১ *বিণ* ঘন ছায়াময়। 'তোমাদের ছায়াঢাকা, পাখিডাকা দেশে।' *নজরুল*, ১৯২৬। ২ *ক্রিবিণ* অন্তরালে। 'এখানকার জনসাধারণ ভদ্রলোকের আওতায় একটুও ছায়া ঢাকা পড়ে নেই।' *রবীন্দ্র*, ১৯৩১। ৩ *বিণ* প্রভাব জড়ানো। 'স্বপ্নের ছায়া-ঢাকা সুরভবনের মিলনমন্ত্র লেগে কবে দুজনের পাখায় ঠেকিল পাখা।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছায়াতরণী [স] *বি* ছায়ার মতো অস্পষ্ট নৌকা। 'মায়ালোক হতে ছায়াতরণী ভাসায় স্বপ্ন পারাবারে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

ছায়াতরী [স] *বি* ছায়ার মতো অস্পষ্ট নৌকা। 'ভাসিয়ে দিলে তারার ছায়াতরী।' *রবীন্দ্র*, ১৯১৬।

ছায়াতরু [স] ১ *বি* ছায়াদানকারী বৃক্ষ। 'পার হয়ে এসেছ মরু, নাই যে সেথায় ছায়াতরু।' *রবীন্দ্র*, ১৯১৩। ২ *বি* বটবৃক্ষ। 'পথের ধারে ছায়াতরু নাই তো তাদের কথা।' *রবীন্দ্র*, ১৯১৪। ৩ *বি* ছায়ারূপ তরু। 'ভীরু ছায়াতরু।' *নজরুল*, ১৯২৫।

ছায়াতল [স] ১ *বি* ছায়াময় স্থান। 'সেই ছায়াতলে পান্থ করেন্ত বিশ্রাম।' *আলাওল*, ১৬৮০; 'তোমারে আঁকিতাম, রাখিতাম ধরিয়া বিরহ ছায়াতল সুশীতল করিয়া।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বি* ছায়ার নীচ। 'দুই-একটি ঝরনার ধারা সেই ছায়াতল দিয়া ... ঝরিয়া পড়িতেছে।' *রবীন্দ্র*, ১৯১২। ৩ *বি* অন্তরাল। 'বলব একা বসে, মনের ছায়াতলে।' *রবীন্দ্র*, ১৯১৪।

ছায়াতুলি [স] *বি* তুলির মতো ছায়ার গুচ্ছ। 'উড়ো মেঘ জলে বুলিয়ে যেত ক্ষণিকের ছায়াতুলি।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছায়াতুল্যা [স] *বিণ স্ত্রী* নিজের ছায়ার মতো। 'সুখ দুঃখে সমভাগিনী, ছায়াতুল্যা সহচরী।' *রোকেয়া*, ১৯২১।

ছায়াত্রস্তা [স] *বিণ স্ত্রী* ছায়া দেখে ভয় পায় এমন। 'আপনার ছায়াত্রস্তা হরিণীর মতো।' *রবীন্দ্র*, ১৮৯২।

ছায়া-দিগন্ত [স] *বি* ছায়ারূপ দিগন্ত। 'গোধূলি মেঘের ছায়া-দিগন্ত চেয়ে থাকে উল্লাসে।' *সিকান্দার*, ১৯৪৬।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ছায়াদেহ [স] *বি* ছায়ারূপ দেহ। 'সে তাঁহাকে ধরিতেছে পিছন হইতে, ধরিতেছে তাঁহার ছায়াদেহ।' *সবুজ*, ১৯২১।

ছায়াদেহী [স] *বিণ* ছায়াই দেহ এমন। 'আমার ছায়াদেহী দলবল জুটেছে শরতের শিশিরভেজা ঘাসের উপরে।' *রবীন্দ্র*, ১৮৮৫।

ছায়াদ্বীপ [স] *বি* ছায়ার মতো দ্বীপ। 'মনে পড়ে কোন ছায়াদ্বীপে ...।' *রবীন্দ্র*, ১৮৮৬।

ছায়াধূপ [স] *বি* ধূপছায়া; আলো ও ছায়ার মিশ্রণ। 'খুঁজে ফিরি রূপ সৃজনের ছায়াধূপে, আকাশে আলোকে।' *জীবন*, ১৯৩০।

ছায়ানট [স] ১ *বি* (সংগীত) রাতের বেলা গেয় রাগিণীবিশেষ। 'আমি হাম্বীর, আমি ছায়ানট।' *নজরুল*, ১৯২২। ২ *বি* ছায়ার মতো অস্পষ্ট নৃত্য। 'ডাকে অদৃশ্য অপ্সরী ছায়ানটে।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

ছায়ানটী [স] *বি* ছায়ারূপ নর্তকী। 'নাচে ছায়ানটী কানন পুরে।' *নজরুল*, ১৯২৮।

ছায়ানাট্য [স] *বি* ছায়ারূপ নাটক। 'ছায়ানাট্যে ক্ষণিকের নৃত্যচ্ছবি যায় লিখে লিখে।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছায়ানিবিড় [স] *বিণ* ছায়াঘন। 'পথের প্রান্তে ছায়ানিবিড় তপোবনের ...।' *রবীন্দ্র*, ১৯০২।

ছায়ানিভৃত [স] *বিণ* ছায়াময় ও বিজন। 'অন্নলোলুপ কৃষিক্ষেত্র অল্পে অল্পে ছায়ানিভৃত অরণ্যতলিকে দূর হতে দূরে সরিয়ে দিয়েছে।' *রবীন্দ্র*, ১৯১৬।

ছায়ানৃত্য [স] *বি* ছায়ার নাচ। 'দগ্ধতাম্র দিগন্তে আশ্বচ্ছ ছায়ানৃত্য আরম্ভ হয়।' *মুজতবা*, ১৯৫৮।

ছায়ান্ধ [স] *বিণ* ছায়া দ্বারা আচ্ছন্ন। 'বসে আছি একা শহরতলীর হ্‌হ্‌ ছায়ান্ধ প্রান্তরে।' *শামসুর*, ১৯৭০।

ছায়াপট [স] ১ *বি* ছায়ার পর্দা। 'লুকালে রবিরে, ছায়াপটে আঁকো এ কোন ছবিরে।' *রবীন্দ্র*, ১৯২৬। ২ *বি* চলচ্চিত্রের পর্দা। 'নিখুঁত কপট ছায়াপট প্রেমে পড়িয়াছে জনগণ।' *নজরুল*, ১৯৩৮।

ছায়া পড়া *ক্রি* প্রতিবিম্বিত হওয়া। 'জলের উপরে কুসুমের ছোটো ছায়াটি পড়িত।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ছায়াপথ [স] ১ *বি* রাতের আকাশে অস্পষ্ট সাদা মেঘের মতো দেখতে নক্ষত্রপুঞ্জ (মিল্কিওয়ে)। 'গগন-মণ্ডলে যে দক্ষিণোত্তর-ব্যাপিনী শুভ্রবর্ণ রেখা হরিতালী ও ছায়াপথ বলিয়া প্রসিদ্ধ আছে।' *অক্ষয়*, ১৮৪৭। ২ *বি* ছায়াযুক্ত পথ। 'ঘাটে যাইবার ছায়াপথে স্নান সারিয়া ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

ছায়াপথচারী [স] *বিণ* ছায়াপথে চলাচল করে এমন। 'ছায়াপথচারী দয়িতের পদধ্বনি।' *মণীশ*, ১৯৩৯।

ছায়াপথ-বীথি [স] *বি* সারিবদ্ধ গাছের ছায়ায় আচ্ছন্ন পথ। 'ছায়াপথ-বীথি দিয়া শেফালি দলিয়া।' *নজরুল*, ১৯২৬।

ছায়াপথ-সরণি [স] *বি* ছায়াপথের মতো আকাশপথ। 'এসো বলাকার রং পালক কুড়ায়ে/ বাহি ছায়াপথ-সরণি।' *নজরুল*, ১৯৩৩।

ছায়াপাত [স] ১ *বি* ছায়া পড়া। 'দীর্ঘ ছায়াপাতে রহস্যময় হইয়া আসিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০১। ২ *বি* ছায়াবিস্তার। 'চারিদিকে বিচ্ছেদ-বেদনার একটি করুণ ছায়াপাত হইতেছে।' *মানিক*, ১৯৩৭। ৩ *বি* ছায়ার মতো প্রকাশন। 'প্রচ্ছদে ওই ছায়াপাত করে কারা।' *সুধীন্দ্র*, ১৯৩৮।

ছায়াপিণ্ড [স] *বি* অশরীরী অবয়ব। 'ছায়াপিণ্ড দিল না উত্তর।' *জীবন*, ১৯৪৮।

ছায়াপুরী [স] *বি* রহস্যময় জগৎ। 'দেখে বহুদূরে ছায়াপুরীসম অতীতজীবন-রেখা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ছায়াপূর্ণ [স] *বিণ* ছায়ায় ভরা। 'ছায়াপূর্ণ সুকোমল স্নেহের আচ্ছাদন।' *রবীন্দ্র*, ১৮৮৭।

ছায়াপ্রধান [স] *বিণ* মুখ্যত ছায়া দানকারী। 'ছায়াপ্রধান পাদপতলে পল্লবশয্যায় শয়ন করিয়া নিদ্রাভিজনা করিতেছে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

ছায়াপ্রায় [স] ১ *বিণ* ছায়ার মতো নিত্য সহচর এমন। 'ছায়াপ্রায় খোসামদি করিয়া থাকেন।' *ভবানী*, ১৮২৫। ২ *বিণ* ছায়ার মতো। 'যাই জানলার কাছে, ছায়াপ্রায়।' *শামসুর*, ১৯৭২।

ছায়াপ্রিয় [স] *বিণ* ছায়া পছন্দ করে এমন। 'মনের গুণগুলা যে ছায়াপ্রিয় শৌখিনজাতীয় উদ্ভিজ্জের মতো নহে।' *রবীন্দ্র*, ১৯০৮।

ছায়াবট [স] *ক্রি* ছায়াদানকারী বটগাছ। 'কোথাও প্রাচীন ছায়াবটের তলে খেয়াতরীর অপেক্ষী দুটি চারিটি পারের যাত্রী।' *রবীন্দ্র*, ১৯০৬।

ছায়াবৎ [স] *বিণ* অন্ধকারের মতো। 'সহসা এ জগৎ ছায়াবৎ হয়ে যায়।' *রবীন্দ্র*, ১৮৯০।

ছায়াবরণ [স ছায়াবর্ণ] *বিণ* ছায়ার ন্যায় রংবিশিষ্ট। 'তবু চিনি ঘাসের ঘাগরা-পরা ছায়াবরণ তার সুন্দরীদের।' *প্রেমেন্দ্র*, ১৯৪০।

ছায়াবলম্বন [স ছায়া-অবলম্বন] *বি* অনুকরণ। 'আজগুবী গল্পের ছায়াবলম্বনে লিখিত।' *এসলাম*, ১৯১৯।

ছায়াবাজি [স ছায়া+ফা বাজি] ১ *বি* তামাশা। 'অবশেষে ধনাভাবে হোলো ছায়াবাজি।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বি* ছায়ার বা ম্যাজিক লণ্ঠনের খেলা। 'চোখের সামনে ছায়াবাজির মতো অস্পষ্ট একেকটা শহরের ছবি ভেসে ওঠে।' *শামসুল*, ১৯৫৭।

ছায়াবাহী [স] *বিণ* ছায়া বহন করে এমন। 'ছায়াবাহী মেঘ নির্বাসিত প্রেমিকের অশ্রু বহন করে ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

ছায়াবিলাস [স] *বি* ছায়াশোভা। 'তোমার ছায়াবিলাসে নইতো শরিক আমি।' *শামসুর*, ১৯৭৪।

ছায়াবিষ্ট [স] *বিণ* ছায়াপূর্ণ। '... আম, তেঁতুল, সজনে গাছের ঘনশ্যামল বেষ্টনে ছায়াবিষ্ট।' *রবীন্দ্র*, ১৯২৯।

ছায়াবিহীন [স] *বিণ* ছায়া পড়ে না এমন। 'শব্দবিহীন শূন্য পরে ছায়াবিহীন জ্যোতির মাঝে ...।' *রবীন্দ্র*, ১৯০৬; 'সেরকম ছায়াবিহীন জ্যোৎস্না জীবনে দেখি নাই।' *বিভূতি*, ১৯৩৮।

ছায়াবীথি [স] *বি* ছায়াযুক্ত পথ। 'শালের ছায়াবীথি বাজায় বনের কলগীতি।' *রবীন্দ্র*, ১৯১১।

ছায়াবীথিকা [স] ১ *বি* আশ্রয় ও আশ্বাসপূর্ণ পথ। 'নন্দিনীর নিবিড় যৌবনের ছায়াবীথিকায় নবীনের মায়ামৃগকে রাজা চকিতে চকিতে দেখতে পাচ্ছেন।' *রবীন্দ্র*, ১৯২৬। ২ *বি* ছায়াদানকারী বৃক্ষশ্রেণীতে সুশোভিত পথ। 'বসে আছি কাজ ভুলে অত্তাচলমূলে ছায়াবীথিকায়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ছায়াবৃত [স ছায়া-আবৃত] *বিণ* ছায়ায় আবৃত। 'ছায়াবৃত সূর্য্যের অঙ্গের উপরে সংলগ্ন।' *বঙ্কিম*, ১৮৭৫; 'মেঘাবৃত আকাশম ছায়াবৃত অরণ্য, নীলিমাচ্ছন্ন গিরিশিখর।' *রবীন্দ্র*, ১৯০১।

ছায়াবৃতা [স] ১ *বি* স্ত্রী ছায়ায় আবৃত যে। 'হায় ছায়াবৃতা, কালো ঘোমটার নীচে অপরিচিত ছিল তোমার মানবরূপ।' *রবীন্দ্র*, ১৯৩৫। ২ *বিণ* স্ত্রী ছায়ার মতো আবৃত। 'মাকে দেখি প্রতিদিন ধ্যানী প্রদক্ষিণে ছায়াবৃতা আপন সংসারে।' *শামসুর*, ১৯৬৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ছায়াবৃত্ত [স] *বিণ* ছায়ায় আবর্তিত। 'ঘনমেঘে মধ্যাহ্ন ছায়াবৃত্ত।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছায়াবেষ্টিত [স] *বিণ* ছায়া-ঘেরা। 'আর সুন্দর সব ছায়াবেষ্টিত লোকালয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

ছায়া-ভয় [স] *বি* অকারণ ভিতু। 'ছায়া-ভয় চকিত-মূঢ় করহ পরিত্রাণ হে।' *রবীন্দ্র*, ১৯১৭।

ছায়া-ভরা *বিণ* ছায়াচ্ছন্ন। 'ছায়া-ভরা সিঁড়ি।' *অমিয়*, ১৯৩৮।

ছায়ামগ্ন [স] *বিণ* ছায়াচ্ছন্ন। 'তদ্রাঘন বটশাখা পরে ছায়ামগ্ন পক্ষিনীড় গীতশব্দহীন।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ছায়াময়া [স] *বিণ স্ত্রী* ছায়াময়। 'অন্তরের অন্তরীক্ষে ছায়াময়া যে শক্তি-শরণী।' *হোসেন*, ১৯৪০।

ছায়াময় [স] ১ *বিণ* ছায়াবৃত। 'কোন নিভৃত স্নিগ্ধকর ছায়াময় স্থানে নিদ্রা যায়।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বিণ* ছায়াপূর্ণ। 'স্নেহময় ছায়াময় সন্ধ্যাসম আঁখি মেলি।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বিণ* ছায়ার মতো। 'ছায়াময় পাখি হয়ে কার পানে ধায়।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৪ *বিণ* অন্ধকারাচ্ছন্ন। 'গোপনে থেকো সা মনোলোকে ছায়াময় মায়াময় সাজে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ছায়াময়ী [স] ১ *বিণ* ছায়া দ্বারা আবৃত। 'ছায়াময়ী মূর্তিখানি/ আপনে আপনি মিশি।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বিণ স্ত্রী* ছায়ার মতো অস্পষ্ট। 'কোন ছায়াময়ী অমরায়।' *রবীন্দ্র*, ১৮৮৬।

ছায়ামাখা *বিণ* ছায়ায় মেশানো; ছায়াচ্ছন্ন। 'ছায়ামাখা, মুখের হাসিটি এমনি গভীরতার-মধ্যে-ডুবে-থাকা।' *রবীন্দ্র*, ১৯১০; 'ফাল্গুনের ছায়ামাখা ঘাসে শুয়ে আছি।' *জীবন*, ১৯৪৪।

ছায়া মাড়ানো ১ *ক্রি* নিকটে যাওয়া। 'অজ্ঞার কি সাধ্য যে তোমার ছায়া মাড়ায়।' *ভবানী*, ১৮২৮। ২ *ক্রি* সংস্রব রাখা। 'আগে আর অনার্যের ছায়া মাড়াতেন না কেন?' *রবীন্দ্র*, ১৯০৭।

ছায়ামাত্র [স] *ক্রিবিণ* লেশমাত্র। 'আজকের সকালে সেই চৈকালের ছায়ামাত্রও নেই।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ছায়ামূর্তি [স] *বি* অশরীরী কায়া। 'অতি দীপ্তি মনোহর ছায়ামূর্তি কলেবর।' *সুলতান*, ১৭০০।

ছায়ম্লান [স] ১ *বিণ* ছায়ার মতো মলিন। 'ছায়ম্লান অর্দ্র একঘেয়ে দিনে ...।' *রবীন্দ্র*, ১৯২৯। ২ *বিণ* ছায়ায় মলিন। 'বিরহের ছায়ম্লান বৈকালেতে ওই জানালায় বিজনে কেটেছে বেলা।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছায়ায়ুত [স] *বিণ* ছায়াযুক্ত। 'বিরহপরিপূত ছায়ায়ুত শয়নে।' *রবীন্দ্র*, ১৮৯০।

ছায়ারচিত [স] *বিণ* ছায়ার তৈরি। 'চাঁদের আলোতে এমন একটা ছায়ারচিত কাল্পনিক আকার ধারণ করে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ছায়ারাজ্য [স] *বি* স্বপ্নের মতো অবাস্তব জগৎ। 'সুখ-স্বাস্থ্য-সৌন্দর্যময় জীবজগৎকে অতি দূরবর্তী ছায়ারাজ্যের মতো বোধ হয়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ছায়ারূপিণী [স] *বিণ স্ত্রী* ছায়ার মতো সহচর এমন। 'ছায়ারূপিণী সীতা ... নিকটে ছিলেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

ছায়া-রেখা [স] *বি* অস্পষ্ট রূপ। 'খুঁটি ও কঞ্চির ছায়া-রেখা আগুনের ঝলকে মাঝে মাঝে চোখে পড়ে।' *শওকত*, ১৯৫৮।

ছায়ারৌদ্রময় [স] *বিণ* আলো-ছায়া মিশ্রিত। 'মধ্যাহ্নের স্বপ্নাতুর ছায়ারৌদ্রময় সুদীর্ঘ প্রহরগুলো।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ছায়ালোক [স] *বি* আকাশ। 'উদয়াস্ত এবং ছায়ালোকের নিস্তব্ধ রঙ্গভূমি।' *রবীন্দ্র*, ১৮৯২।

ছায়াশরীরী [স] *বি* প্রেত। 'হে ছায়াশরীরীগণ, সোমক আমার নাম, বিদেহভূপতি।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ছায়াশীতল [স] *বিণ* ছায়ায় ঠাণ্ডা। 'বাংলার ছায়াশীতল গ্রামগুলিকে অনাময় ও আনন্দিত করিয়া রাখিয়াছিল।' *রবীন্দ্র*, ১৯০৫।

ছায়াশূন্য [স] *বিণ* কোনো ছায়া নেই এমন। 'বিশেষ ছায়াশূন্য প্রান্তর।' *মশাররফ*, ১৮৮৫।

ছায়াসঙ্গিনী [স] *বিণ স্ত্রী* খুব ঘনিষ্ঠ সঙ্গী। 'ছায়াসঙ্গিনী।' *রবীন্দ্র*, ১৯৩৩; 'যে ব্যক্তি তোমার ছায়াসঙ্গিনী ...।' *রশীদ*, ১৯৬৩।

ছায়াসুনিবিড় [স] *বিণ* ঘন ছায়াময়। 'ছায়াসুনিবিড় শান্তির নীড় ছোটো ছোটো গ্রামগুলি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ছায়া-সৈনিক [স] *বি* ছায়ারূপ সৈনিক। 'সময়ের ইশারায় অগণন ছায়া-সৈনিকেরা।' *জীবন*, ১৯৪৪।

ছায়াস্তৃত [স] *বিণ* ছায়াময়। 'করো তামসগুণ্ঠন। ছায়াস্তৃত একখানি ধূসর-বাতাস।' *শঙ্খ*, ১৯৫৫।

ছায়াস্ফুট [স] *বিণ* ছায়ারূপে প্রস্ফুটিত। 'কল্পনার স্বর্ণলেখা ছায়াস্ফুট ছবি।' *রবীন্দ্র*, ১৮৮৯।

ছায়াস্রোত [স] *বি* ছায়ারূপ স্রোত। 'তরুশ্রেণী ধাবমান নিবিড় ছায়াস্রোতের মতো।' *রবীন্দ্র*, ১৯০২।

ছায়াহরিণ [স] *বি* ছায়ারূপ হরিণ। 'আলোর বাঘ কখনো ছায়াহরিণে করে তাড়া।' *বুদ্ধ*, ১৯৪৪।

ছায়াহীন [স] *বিণ* ছায়া নেই এমন। 'ঝাউগাছ ছায়াহীন নিশ্বসিছে উদাসীন।' *রবীন্দ্র*, ১৮৯০।

ছায়েবানুগতা [স ছায়া+স এব+স অনুগতা] *বিণ স্ত্রী* ছায়ার মতো অনুগত। 'মনে জানে তুমি তার ছায়েবানুগতা।' *রবীন্দ্র*, ১৯৩৩।

ছায়াল [স শাবক>] *বি* ছাওয়াল; শিশু। 'কেমনে যাইবি তোরা দুগ্ধের ছায়াল।' *মানিকরাম*, ১৭৮১।

ছায়াল পায়াল *বি* ছেলে মেয়ে। 'ছায়াল পায়াল লইয়া ঘরে যাও ...।' *কেরি*, ১৮০২।

ছার [পা] ১ *বি* ছাই। 'রাগ দেশ মোহ লাইঅ ছার।' *চর্যা* ১১, ১২০০; 'দয়া মায়া কোন ছার।' *রবীন্দ্র*, ১৮৮০। ২ *বিণ* তুচ্ছ। 'ছার তিরী বামা জাতী রাধে ল।' *বড়ু*, ১৪৫০। ৩ *বিণ* অধম। 'কোন স্তুতি জানোঁ মুঞি ছারের শকতি।' *বৃন্দা*, ১৫৮০।

ছার কপালি [পা ছার>] *বিণ* অভাগী। 'থাকলো ছার কপালি গিদেরি থাক।' *কেরি*, ১৮০২।

ছারকপালিআ [পা ছার+স কপাল>] *বিণ* দুর্ভাগা। *বিদ্যা*, ১৮৯১।

ছারস্কার [পা ছার+স স্কার] *বিণ* বিধ্বস্ত। 'এর মধ্যে গাঁখান ছারস্কার করে তুলেছে।' *দীনবন্ধু*, ১৮৬০।

ছারখার, ছারেখার [পা ছার+স স্কার] ১ *বি* সর্বনাশ; ধ্বংস। 'বহুমূল পসার করিআঁ ছারখার।' *বড়ু*, ১৪৫০; 'ছারে খারে জাউ মুগধী বড়ায়ি।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* ছিন্নবিচ্ছিন্ন। 'বেশ হইল ছারখার খসিল চিকুর ভার ...।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ছারেখার যাওয়া *ক্রি* ধ্বংস হওয়া। 'আর যত সব যায় ছারেখার।' *লালন*, ১৮৯০।

ছারেখারে দেওয়া *ক্রি* ধ্বংস করা। 'সংসারটা এমনি ছারেখারে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দিলি।' *গিরিশ*, ১৮৮৯।

ছারেখারে যাওয়া *ক্রি* ধ্বংস হওয়া। 'ছারে খারে জাউ মুগধী বড়ায়ি।' *বড়ু*, ১৪৫০; 'মহম্মদপুর ছারেখারে যাক।' *বঙ্কিম*, ১৮৮৪।

ছারতক [তু ছারতক] *বি* ঘোড়ার চলনের গতিভঙ্গিবিশেষ। 'দুলকি কদম ছারতক সব চালেই চলে।' *প্রমথ*, ১৯১২।

ছারপোকা [পা ছার+পোকা] *বি* বিছানাপত্রে থাকে এমন এক ধরনের ক্ষুদ্র কীট; মৎকুন। *ওর্সা*, ১৭৮৫; 'উকুন, ছারপোকা, পিপীলিকা, উই প্রভৃতি ক্ষুদ্র ক্ষুদ্র জন্তু কীট জাতি।' *বিদ্যা*, ১৮৫১।

ছারমায়াদার *বি* পুঁজিপতিগণ। 'কৃষকের ঘরের মওজুত পাট যাতে সরকার ও ছারমায়াদার ... উচিত মূল্যে খরিদ করে।' *মাহেনও*, ১৯৪৯।

ছারা[১] [স ছর্দি] *ক্রি* ত্যাগ করা। 'ছার ছার বলি সাম্বুবিরে বলে দিজবর।' *মালাধর*, ১৫০০। **ছারিতে** *ক্রিবিণ* ছেড়ে দিতে। 'বিনা দোসে ছারিতে চাহে বিস্য অধিকারী।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ছারা[২] *অব্য* ব্যতীত। 'তিনি এক হইলে কি তিনি সষ্ঠি ছারা?' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

ছারান [ছাড়ান>] *বি* বাদ। 'মাঝি বলে, ছারান দে।' *মণীশ*, ১৯৬৩।

ছারো *বি* বৃক্ষবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

ছার্তক [তু ছারতক] *বি* ঘোড়ার চলনের গতিভঙ্গিবিশেষ। 'কেউ যান ছার্তকে কেউ যান কদমে কেউ যান দুলকি চালে।' *নজরুল*, ১৯২৭।

ছাল [স শল্ক] **১** *বি* চামড়া। 'মুখে তার ছাল গেল জিহ্বা করে জ্বালা।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'ভুজঙ্গের ছাল আন্য নেউলের অণ্ড।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* বাকল। 'কাফুর কস্তুরী জিনি সে বৃক্ষের ছাল।' *সুলতান*, ১৭০০। **৩** *বি* খোসা। *মানোএল*, ১৭৪৩। **৪** *বি* ত্বক। 'তাহার উপরকার ছাল এত পাতলা হইতে পারে যে ...।' *অক্ষয়*, ১৮৫২। **৫** *বি* ঢাকনা। 'বণভেদের ছাল ছাড়িয়ে ফেলেছি।' *রবীন্দ্র*, ১৯২৮।

ছাল-পাতলা [ছাল+স পত্র>] *বিণ* স্পর্শকাতর। 'আমাদের মতো ছাল-পাতলা লোকের মোটেই মিশ খায় না।' *নজরুল*, ১৯২৭।

ছালন [হি সালন] *বি* তরকারি। *মানোএল*, ১৭৪৩।

ছালনা [স ছাদন] *বি* ছাদনা। **ছালনাতলা** [স ছাদন+স তল] *বি* ছাঁদনাতলা। 'বাটীর ছালনাতলায় উপস্থিত হইলে ঐ কন্যাকে সভাতে আনিল।' *দর্পণ*, ১৮২২।

ছালনা-বাঁধা [স ছাদন>] *বিণ* চাঁদোয়া টানানো। 'বিয়ে-বাড়ির ছালনা-বাঁধা আঙিনায়।' *নজরুল*, ১৯২২।

ছালা[১] [স শল্য] *বি* বস্তা। 'কেহ বলে এদিগ আয়ে ছালা ভরিয়া লই।' *বিজয়*, ১৬৫০।

ছালাছালা *ক্রিবিণ* প্রচুর পরিমাণে। 'চূণস্কার ছালাছালা ফেলে সেই জলে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ছালা[২] *ক্রি* ত্যাগ করা। 'তা দেখিয়া লোভ মুঞি ছালিলুঁ সংসারে।' *মালাধর*, ১৫০০।

ছালাম [আ সালাম] *বি* শান্তি কামনা। 'একে একে সবাকারে ছালাম আমার।' *গরীব*, ১৭৬৫।

ছালামত [আ সালামত] *বি* সদ্ভাব। 'ইয়ার আমার কেহ নাহি ছালামত।' *গরীব*, ১৭৬৫।

ছালামী [আ সালামী] **১** *বি* উপঢৌকন। 'দুই ভাই এসে মুঝে দেহ যে ছালামী।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* উপরি আয়। 'জমিদারের সকল প্রকার ছালামী রহিত হইল।' *মোহাম্মদী*, ১৯৩৮।

ছালি [পা ছারিকা] *বি* ছাই। 'যমের মুখে ছালি দিছি মৃত্যু নাহি মোর।' *বিজয়*, ১৬৫০।

ছালুন [হি সালন] *বি* রান্না করা ব্যঞ্জন। 'অনেক দিনই এমন ছালুন খাইনি কারো ঘরে।' *জসীম*, ১৯২৯।

ছাল্যা [স শাবক] *বি* ছেলে। *ওর্সা*, ১৭৮২; 'ছাল্যাটি সুবুদ্ধি বটে সৌন্দর্য সুশ্রী।' *কেরি*, ১৮০২।

ছাল্যাপিলা *বি* সন্তানাদি। 'এখন যে মত আমি তাহারও ছাল্যাপিলাগুলিন আছে।' *রামরাম*, ১৮০১।

ছাহাবা, ছাহাবী [আ সাহাবী] *বি* নবীর সঙ্গী বা সহচর। 'ছাহাবাগণের সময়ে কোন প্রকার গীত ...।' *ইসলাম*, ১৯২৫; 'খলিফাগণ ও ছাহাবীবৃন্দ যে সকল বস্তুর প্রতি।' *মোহাম্মদী*, ১৯২৭।

ছাহেব [আ সাহিব] *বি* সম্মানসূচক পদবী। 'পীর ছাহেবের বুজুরগী ও কেয়ামত বয়ান করিয়া ফাঁদে ফেলে।' *এসলাম*, ১৯২০।

ছাহেবজাদা [আ সাহিব+ফা জাদা] *বি* সম্ভ্রান্ত ব্যক্তির পুত্র। 'ছাহেবজাদাগণ যাহাতে তাহাদের গদিনশীন হইতে পারে।' *মোয়াজ্জিন*, ১৯৩২।

ছিআরি [পা ধীতা] *বি* ঝিয়ারি। 'নিরঞ্জন বোলন্ত ছিআরি তুহ্মি থাক ঘরে।' *রামাই*, ১৭১০।

ছিচকা [ফা সীখ্‌য়াহ] *বি* শিক। *মানোএল*, ১৭৪৩; 'রাম অমনি হুঁকায় ছিচকা দিয়া ...।' *প্যারী*, ১৮৫৮।

ছিচকাদনিআ [ছিছি+স ক্রন্দন>] *বি* অল্পেই কেঁদে ফেলে এমন। *বিদ্যা*, ১৮৯১।

ছিচকাল্লা [ছিছি+স ক্রন্দন>] *বি* কারণে-অকারণে কান্না; অল্পতেই কান্না। 'বউ-এর ছিচকাল্লা ভাহার কানে গেল।' *তারা*, ১৯৪২।

ছিচকাঁদুনে [ছিছি+স ক্রন্দন>] *বি* অল্পেই কেঁদে ফেলে এমন লোক। 'ছিচকাঁদুনের মত প্যান প্যান করে কাঁদে না।' *দীনবন্ধু*, ১৮৬৭।

ছিচকে [স সূচক] *বিণ* চোরা স্বভাবের। 'বড্ড ছিচকে তুমি।' *জীবন*, ১৯৪৮।

ছিচকে চোর *বি* সামান্য জিনিস চুরি করে এমন চোর। 'বড়ো বড়ো সম্রাট বড়ো বড়ো চোর ... তারাই ছিচকে চোর মারবার পূর্বেই যারা ধরা পড়ে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

ছিচে পানি [স ছটা+হি পানি] *বি* পানির ছিটা। 'ছিচে পানি আর মিছে কথা মানুষের গায়ে বড়ো লাগে।' *নজরুল*, ১৯২৭।

ছিট [হি ছীট] *বি* কাপড়। 'ছিটের সার্টে বাংলা অ্যানাটমির সৌন্দর্য ঢেকে সাহেবি ঢঙে ...।' *অবন*, ১৯২৫।

ছিটেফোঁটা *বি* সামান্য পরিমাণ। 'রচনার মধ্য থেকে যতটুকু ছিটেফোঁটা পরিচয় পাওয়া যায়।' *হাই*, ১৯৪৯।

ছিঁড়া [স ছিন্ন>] **১** *ক্রি* ছিন্ন করা। 'কাঞ্চুলী ভাঁগিআঁ/ তন বিশুতিল/ ছিঁড়ি সাতেসরী হারা।' *বড়ু*, ১৪৫০। **২** *বিণ* ছিন্ন। 'ছিঁড়া কম্বলে বসি মুখে মৃদু মন্দ হাসি।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বিণ* ফাঁড়া। 'বসনবিহীন ঘোষ ছিঁড়া কাঁথা গায়।' *রূপরাম*, ১৭৫০। **৪** *ক্রি* বৃন্তচ্যুত করা। 'একটি পাতা ছিঁড়িলে আমার ব্যথা বাজিত।' *রবীন্দ্র*, ১৮৮৪। **৫** *ক্রি* মুক্ত করা। 'ছিঁড়ি মর্মের শত বন্ধন, তোমা পানে ধায় শত ক্রন্দন।' *রবীন্দ্র*, ১৮৯৪।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ছিঁড়ে-খুঁড়ে ফেলা *ক্রি* ছিন্নভিন্ন করা। 'হৃদয়ের দলগুলি ছিঁড়ে-খুঁড়ে ফেলি।' *মাহমুদ*, ১৯৬৩।

ছিঁড়েখুঁড়ে যাওয়া *ক্রি* ছিন্নভিন্ন হওয়া। 'মাকড়সার জালের মতো, ছুঁতে গেলেই অমনি ছিঁড়েখুঁড়ে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৮১।

ছিঁপি [পা সিপ্পী] *বি* ছিপি: শিশি-বোতলের মুখ বন্ধ করার জন্য কাঠ, শোলা বা কাচের তৈরি গোঁজ। 'বোতলের ছিঁপি খুলে যদি খাই সোঁদা।' *গুপ্ত*, ১৮৫৮।

ছিঁপি-আটা *বিণ* ছিপি আটকানো। 'মনের ভিতর রাশীকৃত কৌতূহল ছিঁপি-আটা শ্যাম্পেনের মতো চাপা ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ছিঁয়েপড়া *বিণ* নুয়ে থাকে এমন। 'শালোর পেটরোগা হেগো রুগীর মতো ছিঁয়েপড়া ধান।' *হাসান*, ১৯৬৪।

ছিকরেট [ই সিগারেট] *বি* সিগারেট। 'সে যখন ফুটগজ, কন্নিক আর সুত নিয়ে ছিকরেট টানতে টানতে কাজে যায়।' *নজরুল*, ১৯৩০।

ছিকল [স শৃঙ্খল] *বি* শিকল। 'রূপার ছিকল পিরে।' *বিজয়*, ১৬৫০।

ছিকলি [স শৃঙ্খল] ১ *বি* শিকলের কড়ার মতো বন্ধনযুক্ত ছন্দ। 'ছিকলির ছন্দে পয়ার মধ্যে লাচারি।' *বিজয়*, ১৬৫০। ২ *বি* শিকল। *মানোএল*, ১৭৪৩।

ছিকা, ছিকে [স শিক্যা] *বি* দ্রব্যাদি সংরক্ষণের জন্য দড়ির তৈরি এক রকম ঝুলানো আধার। 'ঘরে একটিমাত্র ছিকা।' *কায়সার*, ১৯৬২; 'মাঝখানে টিলে কাঠের সঙ্গে কতকগুলে ছিকে।' *জহির*, ১৯৬৪।

ছি ছি [ধ্বন্যা] *বি* ধিক্কার বা লজ্জাব্যঞ্জক শব্দ। 'ছি ছি বিষয়িস্পর্শ হইল আমার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ছি ছি ছি [ধ্বন্যা] *বি* ধিক্কার নির্দেশক ধ্বনি। 'জীবনটাকে একটা মস্ত ছি ছি ছি ছাড়া আর কিছুই ভাবিতে পারি নাই।' *শরৎ*, ১৯১৭।

ছি-ছি পড়া *ক্রি* ধিক্কার পড়া। 'দেশময় তার নামে ছিছি পড়িয়া গিয়াছে।' *মনসুর*, ১৯৫৫।

ছিজা [পা ছিজ্জা] *ক্রি* ছেদ করা। 'বরগুরু বঅণে কুঠারেঁ ছিজঅ।' *চর্যা ৪৫*, ১২০০।

ছিট [হি ছীট] ১ *বি* ছাপানো রঙিন কাপড়। 'এক সত থান ছিট।' *ক্যালগে*, ১৭৮৫। ২ *বি* কিছু পাগলামি। 'সবকটার মাথার ছিট আছে।' *মানিক*, ১৯৩৭। ৩ *বি* দাগ। 'হীরের টুকরোর ছিট দেওয়া।' *রবীন্দ্র*, ১৯৪০। ৪ *বি* ঈষৎ পাগলামি। 'ক্ষেত্তির মাথায় ... ছিট দেখা দিয়াছে।' *মানিক*, ১৯৪০; 'অভিদূরে করতালি দিয়ে একা ডাকে মারাত্মক ছিটকোকিল।' *শক্তি*, ১৯৬৫। ৫ *বি* বাতিক। 'খেয়ালখুশীর ছিট নিয়ে কেউ সরাইয়ে আশ্রয় নেয় না।' *মুজতবা*, ১৯৪৯।

ছিটগ্রস্ত [হি ছীট+স গ্রস্ত] *বিণ* বাতিকগ্রস্ত। 'যদিও একটু ছিটগ্রস্ত।' *বিভূতি*, ১৯৩১।

ছিটকানো [হি ছিটকানা] ১ *ক্রি* নিক্ষিপ্ত হওয়া বা করা। 'পথের মধ্যে ছিটকিয়ে পড়েছে।' *রবীন্দ্র*, ১৯২৮; 'টুন করে একটু ঠুকলেই স্ফুলিঙ্গ ছিটকে পড়ে।' *রবীন্দ্র*, ১৯২৮। ২ *ক্রি* দ্রুত ছুটে আসা। 'ঘোড়াটা ছিটকে এসে আমার পেটে লাথি মেরে যেত।' *রবীন্দ্র*, ১৯২৯। ৩ *বিণ* সম্প্রসারিত; বিচ্ছিন্ন। 'শহরতলির খানিকটা ছিটকানো অংশের মতো একটা গ্রাম।' *মানিক*, ১৯৩৭। ৪ *বিণ* ছিটকে পড়েছে এমন। 'জমি ... কোনোটা ছিটকানো পায়েস।' *শ্যামল*, ১৯৬৭।

ছিটকে পড়া *ক্রি* বিক্ষিপ্তভাবে ছড়িয়ে পড়া। 'ছিটকে পড়ছে তার শীকরবিন্দু।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছিটকিনি [হি সিটকিনী] *বি* দরজা-জানালা বন্ধ করার হুড়কা বা খিল। 'জানলা-দরজার ছিটকিনিগুলা নড়িয়া যায়।' *রবীন্দ্র*, ১৯১৪।

ছিটনি, ছিটনী [হি সিটকিনী] *বি* দরজা বন্ধ করার ছোটো খিল। 'জৌ ঝান-বাতা কৈল জৌয়ের ছিটনী সোল পাট দিআ কৈল জৌয়ের ছায়নী।' *মুকুন্দ*, ১৬০০; 'রজরস পরিপাটি ঘরের ছিটনি।' *রূপরাম*, ১৭৫০।

ছিটা [স ছটা] *বি* সামান্য অংশ। 'যদিও সে পায় না নারীর মুখমদের ছিটা।' *রবীন্দ্র*, ১৯০০। *দ্র* **ছিটে**

ছিটাফোঁটা, ছিটাফোটা *বিণ* অতি সামান্য পরিমাণ। 'ছিটা ফোঁটা করিআছে ঔষধ প্রবন্ধে।' *মুকুন্দ*, ১৬০০; 'ছিটা ফোটা তন্ত্র মন্ত্র আসে কতগুলি।' *ভারত*, ১৭৬০।

ছিটানো [স ছটা] ১ *ক্রি* ছড়িয়ে পড়া। 'ভক্ত শেষে সুগন্ধি ছিটএ বহুতর।' *আলাওল*, ১৬৮০। ২ *ক্রি* ছড়িয়ে দেওয়া। 'জামার উপরে থোড়া ছিটাইল পানি।' *গরীব*, ১৭৬৫। **ছিটকিয়া** *ক্রি* ছিটকে পড়া। 'আসমান উপরে লহু ছিটকিয়া লাগিল।' *গরীব*, ১৭৬৫। **ছিটে** *ক্রি* ছিটায়। 'ধুলি ছিটে ধনঞ্জয়।' *কবীন্দ্র*, ১৬৮৯।

ছিটাল *বিণ* অনুচিত ব্যবহারকারী। *মানোএল*, ১৭৪৩।

ছিটিকিনি [হি সিটকিনী] *বি* দরজা জানালা প্রভৃতি বন্ধ করার খিল। 'আমার জানলা বন্ধ ছিল উঠেও ছিটকিনি খুলিনি।' *সুনীল*, ১৯৬৬।

ছিটে [স ছিটা] *বি* আফিম-গুলিতে তৈরি মাদক দ্রব্যবিশেষ। 'কিছুই আসনি এই যে এত ছিটে খেলি।' *মশাররফ*, ১৮৮৯। *দ্র* **ছিটা**

ছিটেগুলি, ছিটে-গুলী *বি* বন্দুকের ছোটো ছোটো গুলি। 'পিটে পুলি পেটে যেন ছিটে-গুলী ফোটে।' *গুপ্ত*, ১৮৫৮; 'কাঁকরগুলো বায়ুতাড়িত হয়ে ছিটেগুলির মতো আমাদের বিধতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৯২।

ছিটেফোঁটা *বিণ* অতি সামান্য পরিমাণ। 'শিক্ষার আবশ্যক ... সেও যে সামান্য ছিটেফোঁটা মাত্র তাহা নহে।' *রবীন্দ্র*, ১৮৯২।

ছিটে বেড়া *বি* মাটির প্রলেপ দেওয়া বাঁশের বেড়া। 'ঘরখানা নিতান্ত ছোট, ছিটে বেড়ার দেয়াল।' *বিভূতি*, ১৯২৯।

ছিড়ি [স ছিন্ন>] *বি* পাগল। *মানোএল*, ১৭৪৩।

ছিড়িপনা *বি* পাগলামি। *মানোএল*, ১৭৪৩।

ছিড়া [স ছিন্ন>] *ক্রি* ছেঁড়া। **ছিড়িল** *ক্রি* ছিঁড়লো। 'প্রদক্ষিণ সপ্তবার/ ছিড়িল গলার হার।' *কবীন্দ্র*, ১৬৮৯। **ছিড়ে** *ক্রি* ছিঁড়ে ফেলে। 'বস্ত্র ফালাএ হার ছিড়ে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **ছিড়্যা** *ক্রি* ছিঁড়ে। 'বৈষ্ণবের কৌপীন বাতাসে গেল ছিড়্যা।' *মানিকরাম*, ১৭৮১।

ছিণ্ড [স ছিন্ন] *বিণ* ছিন্ন।

ছিণ্ডা [স ছিন্ন] *ক্রি* ছেঁড়া। 'বল করি ছিণ্ডিবেক সাতেসরী হার।' *বড়ু*, ১৪৫০; 'অশেষ জন্মের বন্ধ ছিণ্ডে সেই ক্ষণে।' *বৃন্দা*, ১৫৮০। **ছিণ্ডউক** *ক্রি* ছিঁড়িয়ে দিক। 'সুগন্ধি সকল যথ ছিণ্ডউক পছে পছে।' *সুলতান*, ১৭০০। **ছিণ্ডসি** *ক্রি* ছিনিয়ে নিয়েছিস। 'কাঞ্চলী ভাঁগসি মোর ছিণ্ডসি হার।' *বড়ু*, ১৪৫০। **ছিণ্ডি** *ক্রি* ছিঁড়ি; ছিন্ন করি। 'হার মোর ছিণ্ডি নিলেঁ বাহের কঙ্কন।' *বড়ু*, ১৪৫০। **ছিণ্ডিআ** *ক্রি* ছিঁড়ে। 'যুদ্ধের ঘোড়া ছিণ্ডিআ দড়া হইল অধীর।' *মুকুন্দ*, ১৬০০। **ছিণ্ডিআঁ** *ক্রি* ছিঁড়ে। 'ছিণ্ডিআঁ পেলাইবোঁ গজমুকুতার হার।' *বড়ু*, ১৪৫০। **ছিণ্ডিব** *ক্রি* ছিঁড়ে নেবো। 'বিদার করিতে বস্ত্র সে ডোর ছিণ্ডিব।' *বাহরাম*, ১৬৫০। **ছিণ্ডিবেক** *ক্রি* ছিন্ন করবে। 'বল করি ছিণ্ডিবেক সাতেসরী হার।' *বড়ু*, ১৪৫০। **ছিণ্ডিয়া** *ক্রি* ছিঁড়ে। 'পৈতা ছিণ্ডিয়া শাপে প্রচণ্ড দুর্মুখ।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'ছিণ্ডিয়া পেলিল শিব মহিতলে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জটা।' *মুকুন্দ*, ১৬০০। **ছিণ্ডিল** *ক্রি* ছিঁড়লো। 'গাছে লাগি ছিণ্ডিল সকল গজমুতী।' *বড়ু*, ১৪৫০। **ছিণ্ডে** *ক্রি* ছিন্ন করে। 'মাটি আঁচড়িয়া বুলে ছিণ্ডে লতাপাতা।' *রূপরাম*, ১৭৫০।

ছিণ্ডা[১] [স ছিন্ন] *বিণ* ছেঁড়া। 'ছিণ্ডা কানি কাঁথা বিনা না পরে বসন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ছিতরানো [হি ছিটকানা] *ক্রি* ফেটে ছিন্নভিন্ন হওয়া। 'পাকা কুলগুলি ছিতরাইয়া চটচটে শাঁসে ...।' *তারা*, ১৯২৯।

ছিতড়ে পড়া [হি ছিটকানা] *ক্রি* ছড়িয়ে যাওয়া। 'আমরা গ্রাম থেকে গ্রামান্তরে ছিতড়ে পড়লাম।' *মাহমুদ*, ১৯৭৩।

ছিত্তিছান *বিণ* বিশৃঙ্খল; বিপর্যস্ত। 'ছিত্তিছান হয়েছিল ঘর-দোর হাট-বাজার।' *কায়সার*, ১৯৬২।

ছিদাম *বি* সিকি পয়সা। 'ত্যাগ নাই তোর এক ছিদাম।' *নজরুল*, ১৯২৪।

ছিদিরা [হি ছিদনা] *ক্রি* অনুসন্ধান করলো। 'ফিরিস্তা সকল আদি ছিদিরা কৌসর।' *আলাওল*, ১৬৮০।

ছিদ্দত [আ সিদ্দত] *বি* বিপদ। 'ছিদ্দতে ডরাস না, আসবে সুখের দিন।' *কায়সার*, ১৯৬২।

ছিদ্র [স] **১** *বি* দোষ। 'সন্ন্যাসীর অল্পছিদ্র সর্ব্বলোকে গায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* ফুটা। 'নিছিদ্র লোহার ঘর কোন ছিদ্র নাই।' *বিজয়*, ১৬৫০। **৩** *বি* সুযোগ। 'ছিদ্র পাই আক্ষি তাক চাহি মারিবার।' *সুলতান*, ১৭০০। **৪** *বি* ফাঁক। 'মেঘের ছিদ্র দিয়া দেখা গেল।' *রবীন্দ্র*, ১৮৯১।

ছিদ্রতল [স] *বিণ* তলায় ছিদ্রযুক্ত। 'ছিদ্রতল পাত্রে মাপ করিয়া প্রতারণার পরাকাষ্ঠা প্রদর্শন করিতে লাগিল।' *সৎসঙ্গ*, ১৮৯৮।

ছিদ্রপথ [স] *বি* ছিদ্র রূপ পথ। 'সুগভীর তামসীর ছিদ্রপথে ক্ষীণ জ্যোতির্ময় তোমার আভাস।' *রবীন্দ্র*, ১৮৯০।

ছিদ্রবিশিষ্ট [স] *বিণ* ছিদ্র আছে এমন। 'নিবিড়তম বস্ত্রও জালের মতো ছিদ্রবিশিষ্ট অথচ জানিবার বেলায় তাহাকে আমরা অচ্ছিদ্র বলিয়াই ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

ছিদ্রময় [স] *বিণ* ছিদ্রবিশিষ্ট। 'শতছিদ্রময় এই হৃদয়-বাঁশিটি লয়ে বাজাই সতত।' *রবীন্দ্র*, ১৮৮১।

ছিদ্রমুখ [স] *বি* প্রবেশদ্বার। 'যজ্ঞনাথ ছিদ্রমুখে পাথর চাপা দিলেন।' *রবীন্দ্র*, ১৮৯১।

ছিদ্রশূন্য [স] *বিণ* ছিদ্র নেই এমন। 'তাহা সবগুলি ছিদ্রশূন্য নহে।' *বঙ্কিম*, ১৮৯২।

ছিদ্রহীন [স] *বিণ* নিশ্ছিদ্র। 'ছিদ্রহীন পাকা বাঁশের লাঠি সংসারপথের পক্ষে ভালো।' *রবীন্দ্র*, ১৮৯৭।

ছিদ্রানুসন্ধান [স ছিদ্র-অনুসন্ধান] *বি* পরের দোষত্রুটি খুঁজে বেড়ানো। 'আমার শত্রু পক্ষণণ সহজেই ছিদ্রানুসন্ধান করে।' *উমেশ*, ১৮৫৭।

ছিদ্রান্তরাল [স] *বি* ছিদ্রের আড়াল। 'আশপাশের দ্বার-জানালার ছিদ্রান্তরাল হইতে একটু-আধটু চাপা হাসি ...।' *রবীন্দ্র*, ১৯০৬।

ছিদ্রান্বেষণ [স ছিদ্র-অন্বেষণ] *বি* ফুটো অনুসন্ধান। 'তটে অবতরণ করিয়া নৌকার ছিদ্রান্বেষণে প্রবৃত্ত হইল।' *অক্ষয়*, ১৮৪৯।

ছিদ্রান্বেষী [স ছিদ্র-অন্বেষী] **১** *বিণ* অন্যের দোষ খুঁজে বেড়ায় এমন। *সেবধি*, ১৮৩৯; 'তাহারই মত সে ছিদ্রান্বেষী ও অসহিষ্ণু।' *শরৎ*, ১৯১৭। **২** *বিণ* ছিদ্র-সন্ধানী। 'ছারপোকা, ছিদ্রান্বেষী ইঁদুরের উৎপাত।' *শামসুর*, ১৯৬৩।

ছিদ্রিত [স] *বিণ* ছিদ্রযুক্ত। 'দেবতাহীন দেউলের সর্পবিবরছিদ্রিত বেদি।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছিনা[১] [ফা সীনাহ] *বি* বুক। 'গুপ্ত ভেদ সব দিলাম ছিনায়।' *লালন*, ১৮৯০।

ছিনা জোঁক, ছিনে জোঁক [স শীর্ণ-জলৌকা] *বি* রক্তপায়ী কীটবিশেষ। 'ছিনা জোঁক আনি শ্বেত কাকের শোণিত।' *মুকুন্দ*, ১৬০০; 'ছিনে জোঁক, কাঁটালের আটা, আর ভট্টাচার্য্য বামন, অল্পে ছাড়ে না।' *দীনবন্ধু*, ১৮৬৩।

ছিনানো [স ছিন্ন>] *ক্রি* কাড়া। 'এয়ছা নিয়ামত দিয়া ফের লেয় ছিনাইয়া।' *গরীব*, ১৭৬৫; 'তাঁহার ভূষণ ছিনাইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

ছিনার [স ছিন্ন>] *বি* লম্পট। 'ডাকাতি ছিনার চোর হাজার হাজার।' *ভারত*, ১৭৬০।

ছিনারী *বিণ* কুলটা; প্রগল্‌ভা। 'ছিনারী পামরী নাগরী রাধা কিকে পাতসিমায়া।' *বড়ু*, ১৪৫০।

ছিনাল [স ছিন্ন] *বি* বেশ্যা। 'সে কানেট পরে আছে হয়তো বা চোরের ছিনাল।' *মাহমুদ*, ১৯৭৩।

ছিনালি, ছিনালী [স ছিন্ন] *বি* নষ্ট নারীর ছলচাতুরী। 'ছিনালি।' *ওসাঁ*, ১৭৮৭; 'বেবুশ্যার মতো ন্যাংটো আর অমন ছিনালী দং।' *কায়সার*, ১৯৬২।

ছিনালিপনা *বি* দুশ্চরিত্রা নারীর চাতুর্য। 'কত আর ছিনালিপনা করবি।' *কায়সার*, ১৯৬২।

ছিনেলীপনা *বি* নির্লজ্জ আচরণ। 'ছিনেলীপনার জন্যে সেটাকে দেখতে পারতেন না গিন্নিমা।' *সাদত*, ১৯৬৭।

ছিনিমিনি [স ছিন্নভিন্ন] *বি* জলের উপর ঢিল বা মাটির ভাঙা পাত্রের টুকরা ছুড়ে মারার খেলা বিশেষ। 'ছিনিমিনি খেলে ঘাটে দাঁড়িয়ে।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছিনিমিনি খেলা *ক্রি* যেমন খুশি তেমন ব্যবহার করা। 'হৃদয় নিয়ে এ ছিনিমিনি খেলার অভিনয় যেন আর ভালো লাগছিল না।' *নজরুল*, ১৯২৪।

ছিনু দ্র আছা

ছিন্তা [স ছিন্ন] *ক্রি* ছিন্ন করা। 'পানের ছিত্তিয়া বোঁট কানে দেহ কাঠি।' *রূপরাম*, ১৭৫০।

ছিন্ন [স] **১** *বিণ* ছেঁড়া। 'পুরাতন বস্ত্রের এক স্থান সংস্কৃত হইতে-না-হইতে অপর স্থান ছিন্ন হইয়া যায়।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বিণ* বিচ্ছিন্ন। 'তাহাদিগের জননীদিগের গর্ভ হইতে ছিন্ন করিয়া আনা গিয়াছে।' *অক্ষয়*, ১৮৫০। **৩** *বিণ* মুক্ত। 'বাঁধন কর ছিন্ন।' *রবীন্দ্র*, ১৮৮০। **৪** *বিণ* খণ্ডবিখণ্ড। 'যে দিকে ছিন্ন মেঘের ভিতর দিয়ে সকাল বেলার আলো বিচ্ছুরিত হয়ে বেরিয়ে আসছে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৫** *বিণ* আহত। 'রাক্ষসের অস্ত্রাঘাতে ছিন্ন আমি।' *মাহমুদ*, ১৯৬৬।

ছিন্ন-কণ্ঠ [স] **১** *বি* ভাঙা গলা; বিকৃত কণ্ঠস্বর। 'ছিন্ন-কণ্ঠে আর্ত কণ্ঠে তোমাদের ওই ভীরু বিধাতার ...।' *নজরুল*, ১৯২৪। **২** *বিণ* গলদেশ বিচ্ছিন্ন হয়েছে এমন। 'সুদীর্ঘ কাণ্ডটা ছিন্নকণ্ঠ হইয়া পুরাকীর্তির স্তম্ভের মত দাঁড়াইয়া থাকে।' *তারা*, ১৯৪০।

ছিন্ন কন্থা [স] *বি* ছেঁড়া কাঁথা। 'যে একে অন্তরে জেনেছে, সে ছিন্ন

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কণ্ঠায় লজ্জা পায় না।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ছিন্ন করা *ক্রি* ছিঁড়ে ফেলা। 'ছিন্ন করি কালের বন্ধন।' *রবীন্দ্র*, ১৮৯০।

ছিন্নকেতু [স] *বি* ছেঁড়া পতাকা। 'ছুটল বেগে ঘন মেঘের শ্রেণী/ ভগ্নরণে ছিন্নকেতুর প্রায়।' *রবীন্দ্র*, ১৯০০।

ছিন্নখণ্ড [স] *বি* বিচ্ছিন্ন অংশ। 'অনেক আলস্যক্লান্ত দিনরজনীর উপেক্ষিত ছিন্নখণ্ড।' *রবীন্দ্র*, ১৯১৪।

ছিন্নচেতন [স] *বিণ* চেতনাহীন। 'এলোমেলো ছিন্নচেতন/ টুকরো কথার ঝাঁক।' *রবীন্দ্র*, ১৯৪১।

ছিন্ন ছিন্ন *বিণ* টুকরো টুকরো। 'সেই দলিল ছিন্ন ছিন্ন করিয়া ফেলিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছিন্নতন্ত্রী [স] *বিণ* তার ছিঁড়ে গেছে এমন। 'আমার প্রাণের একটি যন্ত্র বুকের ধন ছিন্নতন্ত্রী বীণা।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ছিন্নতা [স] *বি* বিভক্তি। 'একদা ইংরেজ-জাতের মধ্যে ভেদের যে ছিন্নতা ছিল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ছিন্নতাপ [স] *বিণ* উত্তাপ-প্রশমিত। 'বর্ষার নবজলসেকে ছিন্নতাপ বনান্তে পবনচালিত কদম্বশাখা এর ছন্দে আন্দোলিত।' *রবীন্দ্র*, ১৯১৬।

ছিন্নপক্ষ [স] ১ *বিণ* পাখা ছিঁড়েছে এমন। 'কণ্টকে ছিন্নপক্ষ ভ্রমরী যেমন দুর্লভ সুগন্ধ পুষ্পবৃক্ততলে কষ্টে ঘুরিয়া ঘুরিয়া বেড়ায়।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। ২ *বিণ* ওড়বার ইচ্ছা বা শক্তি নেই এমন। 'আকাঙ্ক্ষাহীন, প্রেমহীন, ছিন্নপক্ষ সাহিত্য যে ধূলায় লুণ্ঠিত হইবে ইহাতে আর আশ্চর্য্য কী।' *রবীন্দ্র*, ১৮৮৭।

ছিন্নপত্র [স] ১ *বি* বোঁটা থেকে ঝরে পড়া পাতা। 'ছিন্নপত্র সকল ধূলি সঙ্গে সম্মিশ্রিত।' *অক্ষয়*, ১৮৪৩। ২ *বি* বইয়ের বিচ্ছিন্ন পাতা। 'মহাকাব্যের কয়েকখণ্ড ছিন্নপত্র।' *রবীন্দ্র*, ১৯০৫।

ছিন্নপদ্ম [স] *বি* ছেঁড়া পদ্মফুল। 'তাঁর ছিন্নপদ্মের পাপড়িগুলোর চারি দিকে মন ... ঘুরে বেড়ায়।' *রবীন্দ্র*, ১৯১৫।

ছিন্নপ্রায় [স] *বিণ* প্রায় ছিঁড়ে গেছে এমন। 'তাহার ছিন্নপ্রায় চারুপাঠ ও মসীবিচিত্র লিখিবার খাতা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ছিন্নবল্‌গা [স] *বিণ* লাগামছেঁড়া। 'নৌকা তখন ছিন্নবল্‌গা অশ্বের ন্যায় ছুটিয়া চলিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ছিন্নবসন [স] *বিণ* ছেঁড়া পোশাক পরিহিত। 'একজন ছিন্নবসন কৃশকায় বৃদ্ধ ফকীর।' *প্রভাত*, ১৮৯৫।

ছিন্নবসনা [স] *বি* ছেঁড়া কাপড় পরিহিত নারী। 'একটি ম্লানমুখশ্রী ছিন্নবসনা দরিদ্রবালিকা অশ্রুময় নেত্রে শৈলের পথে ভ্রমণ করিতেছে।' *রবীন্দ্র*, ১৮৭৭; 'মেঝের ওপর, আলুথালু ছিন্নবসনা।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

ছিন্নবাধা [স] *বিণ* বাধা অতিক্রম করেছে এমন। 'ছিন্নবাধা পলাতক বালকের মতো মধ্যাহ্নে মাঠের মাঝে একাকী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ছিন্নবাস [স] *বি* ছেঁড়া পোশাক। 'পরাও সজ্জা লজ্জাহারা জীর্ণকন্থা ছিন্নবাস।' *রবীন্দ্র*, ১৯০০।

ছিন্নবিচ্ছিন্ন [স] ১ *বিণ* বহুধাবিভক্ত। 'ছিন্ন-বিচ্ছিন্ন উপদ্রুত শ্রান্ত দেশে সাহিত্যের যে যথেষ্ট অবনতি হইবে তাহাতে আশ্চর্য্য কী।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বিণ* ইতস্তত বিক্ষিপ্ত। 'কতকগুলো ছিন্ন-বিচ্ছিন্ন খণ্ড-বিখণ্ড সামাজিক কর্তব্যের মধ্যে মনটা যখন লাফ দিয়ে বেড়ায় ...।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *বিণ* লণ্ডভণ্ড। 'তাহার সুখস্বপ্নজাল ছিন্নবিচ্ছিন্ন হইয়া যায়।' *রবীন্দ্র*, ১৯০২।

ছিন্নবিচ্ছিন্নতা [স] *বি* ইতস্তত বিক্ষিপ্ততা। 'বাহিরে এই-সমস্ত বাধাবিরোধ ছিন্নবিচ্ছিন্নতা নিয়ে মানুষকে চলতে হচ্ছে।' *রবীন্দ্র*, ১৯১৬।

ছিন্নবিচ্ছিন্নভাবে [স] *ক্রিবিণ* বিক্ষিপ্তভাবে। 'স্বভাবত আমাদের মনের মধ্যে বিশ্বজগতের প্রতিবিম্ব এবং প্রতিধ্বনি ছিন্নবিচ্ছিন্নভাবে ঘুরিয়া বেড়ায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছিন্নবৃন্ত [স] *বিণ* বোঁটা-ছেঁড়া। 'দিন মোর নিরুদ্দেশ স্রোতে ছিন্নবৃন্ত চলিয়াছে ভেসে।' *রবীন্দ্র*, ১৯৪০।

ছিন্নবেশ [স] *বিণ* ছেঁড়া পোশাকধারী। 'ছিন্নবেশ ভিন্নদেশী ভিক্ষাজীবী রুক্ষ বিভীষণ।' *বিষ্ণু*, ১৯৪১।

ছিন্ন ভিন্ন ১ *বিণ* বিধ্বস্ত। 'মহামারিতে ছিন্ন ভিন্ন করিয়া ফেলিল দাউদের সেনারদিগকে।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* ক্ষতবিক্ষত। 'নারাচাস্ত্র প্রহারে ছিন্নভিন্ন কলেবর।' *হরপ্রসাদ*, ১৮১৫। ৩ *বিণ* বহু ভাগে বিভক্ত। 'তাহাতেই সে সমাজ ছিন্নভিন্ন হইল।' *দর্পণ*, ১৮৩১। ৪ *বিণ* পৃথক। 'ব্রহ্মবিৎ ব্যক্তিরা ... পরস্পর অজ্ঞাতরূপে ছিন্নভিন্ন হইয়া পড়িয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৩। ৫ *বিণ* ছিঁড়েখুঁড়ে একাকার করা হয়েছে এমন। 'কনকপদ্মটি যথার্থই ছিন্নভিন্ন কত্যে এলেম।' *মাইকেল*, ১৮৬১। ৬ *বিণ* ইতস্তত বিক্ষিপ্ত। 'ছিন্নভিন্ন হাওয়া ছোটে, বৃষ্টি পড়ে, ডোবায় আকাশ।' *বিষ্ণু*, ১৯৪১।

ছিন্ন ভিন্ন করা *ক্রি* বিধ্বস্ত করা। 'মহামারিতে ছিন্ন ভিন্ন করিয়া ফেলিল দাউদের সেনারদিগকে।' *রামরাম*, ১৮০১।

ছিন্নমস্তা [স] *বিণ স্ত্রী* মাথা শরীর থেকে বিচ্ছিন্ন এমন দেবীপ্রতিমাবিশেষ; হিন্দুদেবী চণ্ডীর অন্যতম রূপ। 'ছিন্নমস্তা হইলা সতী অতি বিপরীত।' *ভারত*, ১৭৬০; 'আমি ছিন্নমস্তা চণ্ডী, আমি রণদা সর্ব্বনাশী।' *নজরুল*, ১৯২২।

ছিন্নমুণ্ড [স] *বি* কাটা মাথা। 'মোর ছিন্নমুণ্ড নিয়ে, নিজ হস্তে জ্বালঙ্কর-রাজ-করে দিবে উপহার।' *রবীন্দ্র*, ১৮৮৯।

ছিন্নমূল [স] ১ *বিণ* মূল উৎপাটিত হয়েছে এমন। 'বাহুবলে ছিন্নমূল পাদপের ন্যায় মহাবীর সিন্ধুসৌবীরাধিপতি ...।' *বঙ্কিম*, ১৮৮৭; 'ছিন্নমূল তরুসম পড়ে পৃথ্বীতলে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* বাস্তুহারা। 'ছিন্নমূল হৈয়া অজানা-অচেনা ভিন দেশের পানে ভাইসা যাব?' *মনসুর*, ১৯৫৫।

ছিন্নমেঘ [স] ১ *বি* খণ্ড খণ্ড মেঘ। 'মুখে এসে পড়ে অরুণকিরণ ছিন্ন মেঘের ফাঁকে।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বিণ* ছিন্ন মেঘে পূর্ণ। 'শ্রাবণের বৃষ্টি-ধরা ছিন্নমেঘ রাতে কোনো, – নূতন ধরণী 'পরে ...।' *প্রেমেন্দ্র*, ১৯৩২।

ছিন্না *বিণ স্ত্রী* ছেঁড়া। 'ব্যাকুল শরমে অসহ ব্যথায় লুটায়ে ছিন্না-লতিকা-সমা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ছিন্নাংশ [স] *বি* ছেঁড়া টুকরা। 'চিঠির শুটিকতক ছিন্নাংশ।' *রবীন্দ্র*, ১৮৯৮।

ছিন্নাভিন্না [স] *বিণ স্ত্রী* লণ্ডভণ্ড। 'পৃথিবী ছিন্নাভিন্না হইয়া যাইবে।' *নজরুল*, ১৯২২।

ছিন্নি [ফা শীরীনী] *বি* শিরনি; আটা, কলা, চিনি প্রভৃতি দিয়ে তৈরি খাদ্যবস্তুবিশেষ। 'এবার যে পিরির দরগায় কতো ছিন্নি দিছি তা আর বলবো কি?' *মাইকেল*, ১৮৬০।

ছিপ[১] [স ক্ষিপ্>] *বি* বাঁশ বা কঞ্চির তৈরি বড়শি ফেলার পাতলা ও লম্বা দণ্ডবিশেষ। 'এক মোন লোহার বড়শি বড়োয়া বাঁশের ছিপ।' *বিজয়*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬৫০।

ছিপফেলা *বি* বড়শি দিয়ে মাছ ধরা। 'ছুটির দিনে ছিপফেলার পাস ছাড়ে।' *শ্যামল*, ১৯৬৭।

ছিপ[১] [স ক্ষিপ্র] *বি* দ্রুতগামী লম্বা ও সরু নৌকাবিশেষ। 'রঙ্গরাজ ডাকিয়া বলিল, ছিপ খোল।' *বঙ্কিম*, ১৮৮২।

ছিপছিপানি [স ক্ষিপ্>] *বিণ* সরু। 'কখনো ছিপছিপানি নালার কাদামাটি।' *সেলিনা*, ১৯৭৫।

ছিপছিপে [স ক্ষিপ্>] *বিণ* পাতলা ও লম্বা গড়নবিশিষ্ট। 'বড়ো বড়ো চোখ, শ্যামচিক্কণ, ছিপছিপে বালক।' *রবীন্দ্র*, ১৮৯১।

ছিপড়ে *বি* পোকামাকড়। 'একটা মস্ত বড় ছিপড়ের জঙ্গল হয়েছে মশারিটা।' *জীবন*, ১৯৪৮।

ছিপর [স ছুপ্>] *বিণ* লুক্কায়িত। 'ছলা করে বাঘটা ছিপর কৈল গা।' *মানিকরাম*, ১৭৮১।

ছিপি[২] [পা সিপ্পী] *বি* ঝিনুক। 'সৃজিলেক ছিপি মুতি রত্ন বহুমূল।' *আলাওল*, ১৬৮০।

ছিপি[২] [পা সিপ্পী] *বি* শিশি ইত্যাদির মুখ বন্ধ করার উপকরণবিশেষ। *ওঝা*, ১৭৮৫; 'স্পেন দেশে কর্ক নামে এক প্রকার বৃক্ষ জন্মে। উহার বল্কল এরূপ স্থূল, কোমল ও রন্ধ্রশূন্য যে তদ্দ্বারা শিশি, বোতল প্রভৃতির ছিপি নির্মিত হয়।' *বিদ্যা*, ১৮৫১।

ছিপি-আঁটা *বিণ* অবরুদ্ধ। 'জীবনের ছিপি-আঁটা সমস্ত কর্তব্য।' *রবীন্দ্র*, ১৯০২।

ছিবড়া, ছিবড়ে ১ *বি* ফলের সারহীন অংশ। 'কমলার ছিবড়েটা পড়ে রয়েছে।' *জীবন*, ১৯৩১। ২ *বি* মূল্যহীন অংশ। 'ছিবড়ের ভাগটাই পড়বে ওর কপালে।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছিবলেমি [স শাব>] *বি* চাপল্য। 'আমাদের দেশের আজকাল প্রধান অভাব গুণপনাযুক্ত ছিবলেমি।' *প্রমথ*, ১৯০৫।

ছিমছাম [স শ্রী>] ১ *ক্রিবিণ* স্বচ্ছন্দে। 'ফিরিঙ্গি যুবক কটি চলে যায় ছিমছাম।' *জীবন*, ১৯৪৮। ২ *বিণ* পরিচ্ছন্ন ও পরিপাটি। 'চাচিকে কী সুন্দর ছিমছাম দেখাচ্ছে।' *শামসুল*, ১৯৫৭। ৩ *বিণ* গোছালো। 'ছিমছাম কথা তার মুখ পর্যন্ত আর আসে না।' *ইলিয়াস*, ১৯৭৫।

ছিমছিমে *বিণ* শিকলিকে। 'পাতলা ছাতলা একবারে ছিমছিমে।' *হাই*, ১৯৫৬।

ছিয়া *বি* মুষলবিশেষ। 'ছিয়া লৈয়া কন্যা সেই ধান্য কোটে ঘরে।' *মালাধর*, ১৫০০।

ছিয়াশী [পা ছাসীতি] *বিণ* ছিয়াশি (৮৬) সংখ্যক। 'রাজস্ব তিন লক্ষ ছিয়াশী হাজার টাকা।' *দর্পণ*, ১৮১৯।

ছিরকুটা *ক্রি* কামড়ে ধরা। 'কোন দিন দাঁত ছিরকুটে মরে থাকবে।' *গিরিশ*, ১৮৮৯।

ছিরছির [ধ্বন্যা] *বিণ* অবিরাম ছির শব্দ হয় এমন। 'তাকিয়ে থাকে ভাবলেশহীন চোখে, ল্যাম্পোস্ট পেলেই ছিরছির পেচ্ছাব করে।' *ইলিয়াস*, ১৯৭২।

ছিরফল [স শ্রীফল] *বি* বেল। *মানোএল*, ১৭৪৩।

ছিরা *বি* পাইন গাছ ও তার তক্তা। *মানোএল*, ১৭৪৩।

ছিরি [স শ্রী] ১ *বি* শ্রী। 'ছিরি মনোহর চতুর শোভাকর।' *বাহরাম*, ১৬৫০। ২ *বি* রাগিণীবিশেষ। 'সিন্দুরী রাগিণী গাহি তার পাছে ছিরি।' *আলাওল*, ১৬৮০। ৩ *বি* চেহারা। 'বেড়ার ফাঁকেতে উঁকি মেরে দেখি দুটি খেয়ালীর ছিরি।' *জসীম*, ১৯২৯। ৪ *বি* দশা; অবস্থা। 'কী হাসি লাগে আব্বার ছিরি দেখলে।' *শওকত*, ১৯৫৮।

ছিরিছাঁদ [স শ্রী+স ছন্দ>] *বি* সৌন্দর্য। 'তোর কথার, জানিস আনন্দ, ছিরিছাঁদ নেই।' *মানিক*, ১৯৩৫।

ছিল দ্র আছা

ছিলকা, ছিলকে [স ছল্লিকা] ১ *বি* মাংস। 'ছিলকা খসাইতে।' *মানোএল*, ১৭৪৩। ২ *বি* খোসা; ছাল। 'রবুনের ছিলকা।' *হ্যালহেড*, ১৭৭২। ৩ *বিণ* টুকরা; খণ্ড। 'এক সোরাহি সুরা দিয়ো, একটু রুটির ছিলকে।' *নজরুল*, ১৯৫৯।

ছিলছিলে *বিণ* ছিটেফোঁটা। 'ছিলছিলে পানিজমা ডোবা।' *হাসান*, ১৯৬৪।

ছিলট [স শ্রীহট্ট] *বি* সিলেট। *এডমন*, ১৭৯০।

ছিলা, ছিলে [স ছল্লি] *বি* ধনুকের গুণ। 'যে ধনুর ছিলা বাঁধা মস্ত মধুকরে।' *রামনারায়ণ*, ১৮৫৪; 'ছিলে-ছেঁড়া ধনুকের মতো সোজা হয়ে গেল।' *মানিক*, ১৯৩৯।

ছিলাট *বি* একপ্রকার ধান। 'দাদুসাহি বাঁশফুল ছিলাট করুচি।' *ভারত*, ১৭৬০।

ছিলান [স শিলিন্দ] *বি* পাঙ্গাস জাতীয় মাছবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

ছিলাম দ্র আছা

ছিলারি [স ছিন্ন] *বি* ছিনালি। 'চুরি ছিলারি জখন জে ধরা পড়িবেক।' *ওঝা*, ১৭৮২।

ছিলিম [ফা চিলম] *বিণ* এক কলকে পরিমাণ। 'এক ছিলিম তামাকু খাওয়া যেমন সহজ।' *দর্পণ*, ১৮৩৩।

ছিলিমিলি [ধ্বন্যা] *বি* মুসলমান ফকিরদের মালা। 'মাথায় চিকন কালা হাথে ছিলিমিলি মালা।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ছিলে দ্র ছিলা[২]

ছিলেট [স শ্রীহট্ট] *বি* সিলেট। 'ছিলেটের পাথরিয়া চুণ।' *ক্যালগে*, ১৭৯১।

ছিলেম[২] [ফা চিলম] *বি* ছিলিম; তামাকের কলিকা। 'বর্তমানে আর-এক ছিলেম তামাক ডাকো।' *প্রমথ*, ১৯২৭।

ছিষ্টি [স সৃষ্টি] ১ *বি* সৃষ্টি। 'নহি ছিল ছিষ্টি আর ন ছিল চলাচল।' *রামাই*, ১৭১০। ২ *বিণ* যাবতীয়। 'ছিষ্টির কাজ করবো তবে তো ঘাটে যাব।' *বিভূতি*, ১৯২৯।

ছিষ্টিছাড়া *বিণ* অদ্ভুত। 'মুখপোড়ার যত ছিষ্টিছাড়া কথা।' *মানিক*, ১৯৩৬।

ছিসটি [স সৃষ্টি] *বি* সৃষ্টি। 'ছিসটি কর ছিসটি কর্ত্তা বোলিগো তুমাকে।' *রামাই*, ১৭১০।

ছীটে *বি* ছিটা। 'মুকে জলের ছীটে মারা হলো ও অন্য অন্য নানা তদ্বির হলো।' *হুতোম*, ১৮৬১।

ছীম [স শিম্ব] *বি* শিম। 'ইহার বীচি ঢের পাইব কিন্তু লাউ সসা ছীম।' *কেরি*, ১৮০২।

ছীল *ক্রি* ছিলো। 'তাঁহার সঙ্গে পোসা দুই ভূত ছীল।' *হ্যালহেড*, ১৭৭৩। **ছীলাম** *ক্রি* ছিলাম। 'সেই হুকুমনামা এখানের জমীদার দিগকে ওয়াকীব করাইয়া ছীলাম।' *তাঁতি*, ১৭৯২।

ছীড়িয়া [স ছিন্ন>] *ক্রি* ছিঁড়িয়া; ছিঁড়ে। *হ্যালহেড*, ১৭৭৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ছুঁআ, ছুয়া [স ছুপ্>] *ক্রি* ছোঁয়া; স্পর্শ করা। **ছুঁঅইত** *ক্রি* ছুঁতেই। 'ছুঁঅইত বালি মলিন ভৈ গেলি।' *বিদ্যাপতি*, ১৪৬০। **ছুইআঁ** *ক্রি* স্পর্শ ক'রে। 'তুমি ছুইআঁ হাথ পরসওঁ দুঈ কানে।' *বড়ু*, ১৪৫০। **ছুইএগা** *ক্রি* ছুঁয়ে। 'ভূমি ছুইএগা হাথে পরশি দুইকানে।' *বড়ু*, ১৫৭০। **ছুইল** *ক্রি* স্পর্শ করলো। 'কোপেঁ কর্ডো মোকে হাথে না ছুইল সামী।' *বড়ু*, ১৪৫০। **ছুইলেঁ** *ক্রি* ছুঁলে; স্পর্শ করলে। 'ছুইলেঁ খাইলেঁ মরী।' *বড়ু*, ১৪৫০। **ছুঁআ** *ক্রি* স্পর্শ ক'রে। 'পক্ষ উড়্যা যায় যেন ছুঁআ লয় বাজে।' *রূপরাম*, ১৭৫০। **ছুঁই** *ক্রি* স্পর্শ করি। 'প্রত্যয় না কর বল গঙ্গাজল ছুঁই।' *রামপ্রসাদ*, ১৭৮০। **ছুইতে** *ক্রি* স্পর্শ করতে। 'পরের বসন হাতে না পারি ছুঁইতে।' *সুলতান*, ১৭০০। **ছুঁইবারে** *ক্রি* স্পর্শ করতে। 'তবে সে উত্তম কেশ ছুঁইবারে পারে।' *বাহরাম*, ১৬৫০। **ছুইল** *ক্রি* স্পর্শ করলো। 'সমুদ্রের মধ্যে যেন এক কণ **ছুইল**।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **ছুইহ** *ক্রি* স্পর্শ কোরো। 'অস্পৃশ্য পামর মুঞি না ছুইহ মোরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **ছুঁতে** *ক্রিবিণ* স্পর্শ করতে। 'ছুঁতে না জুয়ায় বেটা জারুয়া চেমনে।' *মুকুন্দ*, ১৬০০। **ছুঁয়া** *ক্রি* স্পর্শ ক'রে। 'ভোজনের কালেতে কুক্কুর ছুঁয়া যায়।' *রূপরাম*, ১৭৫০।

ছুইচ, ছুঁচ [স সূচি] *বি* সুচ। *মানোএল*, ১৭৪৩।

ছুঁই ছুঁই [স ছুপ্>] **১** *বিণ* নিকটবর্তী। *বিদ্যা*, ১৮৯১। **২** *বিণ* ছুঁয়ে দিতে ইচ্ছে করে এমন। 'সবসময়ে ছুঁই ছুঁই ভাব।' *সেলিনা*, ১৯৬৯।

ছুঁচ [স সূচি] *বি* সুচ বা সুই। 'গাড়ু, পিলসুজ, ছুরি, কাঁচি, ছুঁচ ইত্যাদি বস্ত্র ও নানাবিধ অলঙ্কার, এ সমুদয় ধাতুনির্মিত।' *বিদ্যা*, ১৮৫১।

ছুঁচলো, ছুঁচালো, ছুঁচোলো [স সূচি>] **১** *বিণ* সুচের মতো সরু; সুচালো। 'ছুঁচোলো সব জিবের ডগা কাঁটার মতো পায়ে ফোটে।' *রবীন্দ্র*, ১৮৮৬। **২** *বিণ* ক্রমশ সরু। 'উখো দিয়ে দাঁত ঘষে ছুঁচালো করেছে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

ছুঁচা, ছুঁচো [স ছুছুন্দর>] **১** *বি* গালিবিশেষ। 'বিপক্ষে দিতেছে গালি বলি ছুঁচো পাজি।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বি* অসৎ ব্যক্তি। 'রহ ছুঁচো, আমিও তোর উপর এক চাল চালিব।' *বঙ্কিম*, ১৮৭৮। **৩** *বি* ইঁদুরজাতীয় প্রাণীবিশেষ। 'ছুঁচা।' *বিদ্যা*, ১৮৯১: 'ঠিক যেন সাপের ছুঁচো গোলা গোছ।' *নজরুল*, ১৯২২।

ছুঁচাবাজি, ছুঁচোবাজি [স ছুছুন্দর>+ফা বাজি] *বি* এক ধরনের আতশবাজি। 'ছুঁচাবাজি।' *বিদ্যা*, ১৮৯১: 'দেবতারা একটা বিদ্যুতের ছুঁচোবাজি ছেড়ে দিলেন।' *প্রমথ*, ১৯১৮।

ছুঁচোধরা সাপের অবস্থা – নোংরা বিষয় নিয়ে বিব্রতকর অবস্থা। 'বাঙালীর যে ছুঁচোধরা সাপের অবস্থা হয়েছে তা ত সর্বজনবিদিত।' *প্রমথ*, ১৯২০।

ছুঁচোপারা *বিণ* ছুঁচোর মতো। 'ঐ যার সেই ছুঁচোপারা মুখ।' *রবীন্দ্র*, ১৮৯০।

ছুঁচোমো *বি* ছুঁচার মতো আচরণ। 'ছুঁচোমো, ছ্যাঁছড়ামো ওদেশ থেকে প্রায় উঠে গিয়েছে।' *মুজতবা*, ১৯৫২।

ছুঁচোর কীর্তন – ঝগড়া-ঝাটি; চেঁচামেচি। 'বাইরে দুজনে মানিয়েছিল বেশ, কিন্তু ভেতরে ছুঁচোর কীর্তন।' *সাদত*, ১৯৬৭।

ছুঁচি [স শুচি] *বি* শুচি। **ছুঁচিবাই** [স শুচিবায়ু>] *বি* শুচিবায়ু। 'নিজের তো ছুঁচিবাই, কবে আছেন কবে নেই।' *বিমল*, ১৯৫৩।

ছুঁচিবেয়ে [স শুচিবায়ু>] *বিণ* শুচিবায়ুগ্রস্ত। 'নিজের ছুঁচিবেয়ে মা পর্যন্ত কাছে মাড়ায়নি।' *বিমল*, ১৯৫৩।

ছুঁছলো [স সূচি>] *বিণ* সুচালো; সুচের মতো তীক্ষ্ণ। 'পাথরের মতো শক্ত ছুঁছলো ঢেলা মাড়িয়ে ...।' *হোসেন*, ১৯৪০।

ছুঁছা [স ছুছুন্দরা] *বি* ইঁদুর জাতীয় প্রাণীবিশেষ। 'ঘরে ছুঁছার কীর্তন বাহিরে কোঁচার পত্তন।' *সুধাবর্ষণ*, ১৮৫৫।

ছুঁড়া *ক্রি* নিক্ষেপ করা। 'যখন গর্জন ক'রে হাত পা ছুঁড়তে থাকে সেও মিষ্টি লাগে।' *রবীন্দ্র*, ১৮৯৪। *দ্র* **ছোড়া**

ছুঁড়ি, ছুঁড়ী [স ছমণ্ড>] *বি* (তাচ্ছিল্যে) বালিকা। 'হ্যাদে ছুঁড়ি হাস্যা মোর ভঙ্গ কৈলি নৃত্য।' *মানিকরাম*, ১৭৮১: 'তাহার মধ্যে ছোট ছুঁড়ী ভাল মানুষের মাইয়া।' *কেরি*, ১৮০২।

ছুঁত, ছুঁৎ [স শুচি>] *বি* অস্পৃশ্যতা। 'শুধু দেহে নয় মনেও ছুঁতমার্গী হওয়া আমাদের পক্ষে স্বাভাবিক।' *প্রমথ*, ১৯২২।

ছুঁৎবাইগ্রস্ত [স শুচিবায়ুগ্রস্ত] *বিণ* স্পর্শদোষের ভয়ে ভীত। 'শব্দ গ্রহণ বাবদ সে যে কত মারাত্মক ছুঁৎবাইগ্রস্ত ...।' *মুজতবা*, ১৯৫২।

ছুঁৎমার্গ [হি ছুত+স মার্গ] *বি* অস্পৃশ্যতা। 'আমাদের মধ্য হইতে এই ছুঁৎমার্গটাকে দূর করো দেখি।' *নজরুল*, ১৯২২।

ছুঁতমার্গী, ছুঁৎমার্গী [হি ছুত+স মার্গী] *বিণ* অস্পৃশ্যতায় বিশ্বাসী। 'শুধু দেহে নয় মনেও ছুঁতমার্গী হওয়া আমাদের পক্ষে স্বাভাবিক।' *প্রমথ*, ১৯২২: 'আমাদের ছুঁৎমার্গী আচারনিষ্ঠদেরও সেই দশা।' *অন্নদা*, ১৯২৮।

ছুঁতানাতা [স সূত্র>] *বি* অজুহাত। 'হাসুবৌ আবহাওয়া সহজ করিতে ছুঁতানাতা খোঁজে।' *শওকত*, ১৯৫৮।

ছুকরি, ছুকরী [স ছমণ্ডী] **১** *বি* কাজের মেয়ে; পরিচারিকা। 'ছুকরী স্তন শীঘ্র জ্বলাতে নিতান্ত কাতরা হইয়া ...।' *রামরাম*, ১৮০১; 'ছুকরি রূপে নিযুক্তা হয়েন।' *ভবানী*, ১৮২৮। **২** *বি* বারবনিতা। 'আপন আপন সহচারিণী অর্থাৎ ছুকরী সঙ্গে লইয়া ...।' *ভবানী*, ১৮২৫।

ছুচ [স সূচি] *বিণ* সুচের মতো সূক্ষ্ম; সরু। 'দুষ্ট পাশেঁ ছুচ করী মাঝেঁ পুষ্ট করী।' *বড়ু*, ১৪৫০।

ছুছুন্দর [স ছুছুন্দরা] *বি* ইঁদুর জাতীয় প্রাণীবিশেষ। 'কীর্তন গায় ছুছুন্দর।' *নজরুল*, ১৯৩১।

ছুছা [স ছুছুন্দরা] *বি* ইঁদুর জাতীয় প্রাণীবিশেষ। 'কিচিকিচি করে তথা ছুছা পনে পন।' *মুকুন্দ*, ১৬০০।

ছুছার [স সুসার] *বি* বিস্তার। 'চৌদিকে ছুছার হইল জাল।' *মুকুন্দ*, ১৬০০।

ছুছুন্দর, ছুছুন্দরি [স ছুছুন্দরী] *বি* একপ্রকার বাজি। 'সুঘট্ট ভয়ঙ্করি সঘনে ছুছুন্দরি গগনে হানে সিখিবান।' *মুকুন্দ*, ১৬০০: 'অনেক চরক ছুছুন্দরি।' *আলাওল*, ১৬৮০।

ছুজান *বি* লিলি ফুল। *মানোএল*, ১৭৪৩।

ছুএগা [স ছুপ্>] *ক্রি* ছোঁয়া। 'ছায়া ছুএি যে জন করিল গঙ্গাস্নানে।' *বৃন্দা*, ১৫৮০। **ছুএগা** *ক্রি* ছোবল মেরে। 'অবতার মনে করি চিলে ছুএগা নিল।' *রূপরাম*, ১৭৫০। **ছুএগাঁ** *ক্রি* ছিনিয়ে। 'চিলে জেন ছুএগা লয় মীন তেন তোর রতি সতিন।' *মুকুন্দ*, ১৬০০। **ছুএি** *ক্রি* ছুঁয়ে। 'ছায়া ছুএি যে জন করিল গঙ্গাস্নানে।' *বৃন্দা*, ১৫৮০। **ছুএিতে** *ক্রি* স্পর্শ করতে। 'ব্রাহ্মন ছুএিতে আস্য কেমত সাহসে।' *মালাধর*, ১৫০০। **ছুএিব** *ক্রি* ছোঁবো। 'যদি বা মারিয়া বাণ গোধিকার লই প্রাণ না ছুএিব দিনমুখ কালে।' *মুকুন্দ*, ১৬০০। **ছুএিলে** *বি* ছুঁলে। 'কহি আমি হিতবাণী এই ঘরে ঠাকুরাণী ছুএিলে উচিত হয় স্নান।' *মুকুন্দ*, ১৬০০। **ছুএগ্যা** *ক্রি* স্পর্শ ক'রে। 'হাটে নিএগা বেচে লোন কিনে ডোম হাড়ি ব্যায়াজের তরে ছুএগ্যা করে কাড়াকাড়ি।' *মুকুন্দ*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬০০।

ছুট[১] [স ক্ষিপ্র>] **১** *বি* দৌড়। 'ভজনা হইলে পর উঠে দেন ছুট।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বিণ* বর্জিত। 'এ ঋতু পাখি-ছুট।' *প্রমথ*, ১৯১৪।

ছুট দেওয়া *ক্রি* দৌড় দেওয়া। 'হাবেলির দিকে দমবন্ধ করে ছুট দিল।' *জীবন*, ১৯৩২।

ছুটকি [স ক্ষুদ্রক] *বি* শিশু। 'বড়কি নাচে ছুটকি নাচে/ মুটকি নাচে ধাতিং তিং।' *নজরুল*, ১৯৩৩।

ছুটকো [স ক্ষুদ্রক] **১** *বিণ* তুচ্ছ। 'ও যে ফুট-কড়ায়ের ছুটকো বেসাতি।' *সত্যেন্দ্র*, ১৯১৭। **২** *বিণ* বিক্ষিপ্ত; হঠাৎ ছুটে আসা। 'সমগ্র দলের যে বেগ তার চেয়ে স্বতন্ত্র ছুটকো অণুর বেগ অনেক বেশি।' *রবীন্দ্র*, ১৯৩৭। **৩** *বিণ* টুকিটাকি। 'ছুটকো কাজে অনেক সময় গেছে।' *নরেন্দ্র*, ১৯৫০।

ছুটকো-ছাটকা [স ক্ষুদ্রক>] *বিণ* গণনার মধ্যে আসে না এমন। 'অটোগ্রাফ লিখে দিয়েছেন ছুটকো-ছাটকা।' *অচিন্ত্য*, ১৯৫০।

ছুটছাট [স ছটা>] *বিণ* হাতছাড়া। 'মনোমত নাহি দিলে সব ছুটছাট।' *ভবানী*, ১৮২৫।

ছুটন্ত [পা ছুট্ঠ>] *বিণ* ছুটে চলেছে এমন; ধাবমান। 'ছুটন্ত চৌকো জানালায় সবুজ ধান ওধু।' *শ্যামল*, ১৯৬৭।

ছুটন্দাজ [পা ছুট্ঠ>+ফা আন্দাজ] *বি* ছুটন্ত ব্যক্তি। 'ছুটন্দাজকে একদমে পৌঁছাতে হবে।' *মণীশ*, ১৯৬৩।

ছুটা[১], **ছুটানো** [পা ছুট্ঠ>] **১** *ক্রি* অতি দ্রুত এগিয়ে যাওয়া। 'আকাশের তারা যেন ছুটি গেল নাএ।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* প্রকাশিত হওয়া। 'খনে খনে দসনছটা ছুট হাস।' *বিদ্যাপতি*, ১৪৬০। **৩** *ক্রি* বহির্গত হওয়া। 'সর্ব্বাঙ্গে প্রস্বেদ ছুটে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *ক্রি* দ্রুত হওয়া। 'বীজ বিনা নষ্ট হয় সে পাপ কি ছুটে।' *ভারত*, ১৭৬০। **৫** *ক্রি* প্রবাহিত হওয়া। 'সুন্দর সৌরভ ছুটে মন্দ মন্দ বায়ু ঘটে।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৬** *ক্রি* দৌড়ানো। 'তরাসে গেলাম ছুটে রঙ্গপুর ক্ষিপ্র।' *মানিকরাম*, ১৭৮১। **৭** *ক্রি* প্রবাহিত করা। 'ছুটাও শোণিতস্রোত।' *রবীন্দ্র*, ১৮৮০। **৮** *ক্রি* বেগে ধাবিত করা। 'কুহকলেখনী ছুটায়ে কুসুম তুলিছে ফুটায়ে।' *রবীন্দ্র*, ১৮৮৮। **৯** *ক্রি* দূর করা। 'নেশা ছুটাইয়া মনটাকে আর-কোনো দিকে।' *রবীন্দ্র*, ১৯০২। **১০** *ক্রি* লোপ পাওয়া; কাটা। 'আমাদের মোহ ছুটিতে থাকিবে।' *রবীন্দ্র*, ১৯০৫। **১১** *ক্রি* অতিক্রান্ত হওয়া। 'দুখনিশা না ছুটিল।' *রবীন্দ্র*, ১৯০৬। **১২** *ক্রি* ছাড়ানো। 'পারবে না তার গন্ধটুকু ছোটাতে।' *রবীন্দ্র*, ১৯০৬। **১৩** *ক্রি* ভাঙা। 'দ্বার ছুটায়ে বাধা টুটায়ে মোরে করো ত্রাণ।' *রবীন্দ্র*, ১৯১২। **১৪** *ক্রি* দূর হওয়া। 'গান-ভোলা তুই গান ফিরে নে, যাক সে আপদ ছুটে।' *রবীন্দ্র*, ১৯৩৬। **ছুটাও** *ক্রি* প্রবাহিত করো। 'ছুটাও শোণিতস্রোত।' *রবীন্দ্র*, ১৮৮০। **ছুটায়** *ক্রি* চালনা করে। 'আশোয়ার ছুটায় ঘোড়া দানাগণে লোফে।' *মুকুন্দ*, ১৬০০। **ছুটি** *ক্রি* ছুটে। 'আকাশের তারা যেন ছুটি গেল নাএ।' *বড়ু*, ১৪৫০। **ছুটে ১** *ক্রি* দূর হয়। 'বীজ বিনা নষ্ট হয় সে পাপ কি ছুটে।' *ভারত*, ১৭৬০। **২** *ক্রি* প্রবাহিত হয়। 'সুন্দর সৌরভ ছুটে মন্দ মন্দ বায়ু ঘটে।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৩** *ক্রি* দূর হয়ে। 'কর্ম্মদোষে যায় গো ছুটে।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৪** *ক্রি* দৌড়ে। 'তরাসে গেলাম ছুটে রঙ্গপুর ক্ষিপ্র।' *মানিকরাম*, ১৭৮১।

ছুটাছুটি, ছুটোছুটি *বি* ব্যস্ততা। 'ছুটী পেয়ে ছুটাছুটি আস্ফালন কত।' *গুপ্ত*, ১৮৫৮; 'একদিনের ছুটোছুটিতেই তিন দিন বেতালা হয়ে পড়ে থাকি।' *জীবন*, ১৯৩১।

ছুটাছুটি করা *ক্রি* দৌড়াদৌড়ি করা। 'অনেকে মিলিয়া ছুটাছুটি করিয়া নামিয়া আসিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ছুটে আসা *ক্রি* দৌড়ে আসা। 'ছেলেরা ছুটিয়া আসে কাছে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

ছুটে পালানো *ক্রি* দৌড়ে গিয়ে লুকানো। 'ছুটিয়া পালাইয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯২।

ছুটা[২] [হি ছুটা] *বিণ* বাঁধা নয় এমন। 'রাখে ছুটা বিড়া বাঁধি খিলি সাজাইয়া।' *ভারত*, ১৭৬০।

ছুটি, ছুটী [পা ছুট্ঠ>] **১** *বি* কর্মের অবসর। *ভবানী*, ১৮২৩; 'শারদীয় মহোৎসব সময়ে আমারদিগের পণ্ডিত প্রভৃতিকে ছুটি দেওনের আবশ্যকতা প্রযুক্ত ...।' *দর্পণ*, ১৮৩৯; 'ছুটীর পরে বুঝি, সেখানে খেলা করিতেছিলে?' *মদনমোহন*, ১৮৪৯। **২** *বি* ছাড়। 'সমাজে যেমন নিয়মের বাঁধাবাঁধি, তেমনি মাঝে মাঝে দুটো-একটা ছুটিও থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৩** *বি* মুক্তি। 'দু-একটি কাঁটা করি দিব দূর – তার পরে ছুটি নিব।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৪** *বি* বাধাহীনতা। 'যেখানেতে অপাধ ছুটি মেল সেথা তোর ডানাদুটি।' *রবীন্দ্র*, ১৯১৪।

ছুটিছাটা *বি* কর্ম বিরতি। 'ছুটিছাটার দিন আজকাল তাদের সঙ্গে দেখা হয়।' *ধূর্জটি*, ১৯৩১।

ছুটি নেওয়া *ক্রি* অবসর নেওয়া। 'সময় যেন আজ সমস্ত দিনের মতো ছুটি নিয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ছুটি-পাওয়া *বিণ* ছুটি পেয়েছে এমন। 'ছুটি-পাওয়া ছেলেদের ধেয়ে বেড়ানো হৈহৈ রবে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

ছুটিবার *বি* ছুটির দিন। 'ছুটিবারে আসে তার দরিয়ার ইয়ারেরা।' *মাহমুদ*, ১৯৬৬।

ছুটির ঘণ্টা *বি* ছুটির সংকেত। 'কাজ প্রায় শেষ হয়ে যখন ছুটির ঘণ্টা বাজে।' *রবীন্দ্র*, ১৯২২।

ছুটির দিন *বি* কর্মবিরতির দিন। 'একদিন ছুটির দিনে রামলোচনবাবুর বাসায় ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

ছুটিসম্ভোগী [ছুটি+স সম্ভোগী] *বি* ছুটি উপভোগ করতে যাচ্ছে যারা; হলিডে মেকার্স। 'মোটর বাস ভর্তি করে চলেছে সব ছুটিসম্ভোগীর দল।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছুটো [পা ছুট্ঠ] **১** *বি* যেসব যৌনকর্মীর বাঁধা খদ্দের নেই। 'মেয়ে মানুষ পেলেন না; তাঁদের জানতে ও সহরের ছুটো গোছের বাচতে বাকী করেন নাই।' *হুতোম*, ১৮৬১। **২** *বিণ* ছুটন্ত। 'ছুটো ইলেকট্রনদের মধ্যে থেকে অভাব পূরণ করে নিয়ে স্বধর্মে ফিরে আসে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ছুটোছাটা *বিণ* ছোটোখাটো। 'ছুটোছাটা কাজ কোথা থেকে সে খুঁজে বের করে।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছুটোছুটি **১** *বি* দৌড়াদৌড়ি। 'মাইল কতক ছুটোছুটি করে তবে ঠিক সময়ে পৌঁছতে পারবে।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বি* বেগে প্রবাহিত হওয়া। 'সদা হেসে করে লুটোপুটি, চলে কোনখানে ছুটোছুটি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ছুড়ান, ছোড়ান *বি* তালা খোলার হাতিয়ার। 'চার যুগে ঘর চাবি আঁটা ছুড়ান পরের ঠাঁই।' *লালন*, ১৮৯০; 'যে-জন শ্রীরূপে গত হবে তালার ছোড়ান পাবে।' *লালন*, ১৮৯০।

ছুড়ি [স ছমণ্ড] *বি* যুবতী। 'নিষেধ না মানে ছুড়ি না মানে দোহাই।' *মুকুন্দ*, ১৬০০।

ছুতনো [স ক্ষিপ্র>] *বিণ* ছোটো; ঠুনকো। 'ছুতনো কথায় মুখভার করে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চলে গেল।' *শ্যামসুল*, ১৯৫৬।

ছুতর [স সূত্রধর] *বি* ছুতার; কাঠমিস্ত্রি। '... অবশেষে, তিনি ছুতরের কর্ম করিয়াছিলেন।' *বিদ্যা*, ১৮৫৬।

ছুতা[১] [স যুক্ত>] *বি* জুতা। *মানোএল*, ১৭৪৩।

ছুতা[২], **ছুতো** [স সূত্র] **১** *বি* ছলনা করা। 'মড়ার আকার হইয়া রহিলাম ছুতায়।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বি* অছিলা। 'ছল ছুতা মিছা সাঁচা।' *ভারত*, ১৭৬০। **৩** *বি* উপলক্ষ। 'হয়তো একটা ফুলের গন্ধের ছুতা।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছুতা করা *ক্রি* অজুহাত দেখানো। 'ঘর পরিষ্কার করিবার ছুতা করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০২।

ছুতানতা, ছুতোনতা [স সূত্র>] **১** *বি* সামান্য অজুহাত। 'ছুতোনতায় ঘরে আসে।' *দীনবন্ধু*, ১৮৬৭; 'ছুতানতা করিয়া দুই একটা কাজ করিতে লাগিল।' *বঙ্কিম*, ১৮৮২; 'অনেক ছুতোনাতা ভেবে চলেছি একেলা মনে।' *জসীম*, ১৯২৭। **২** *বি* ত্রুটি। 'সামান্য ছুতোনাতা সকলই পাথরে গাঁথা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

ছুতা-নাতা *বি* সামান্য কারণ বা অজুহাত। 'ছুতা-নাতায় তাহার সহিত কথা কহিতে ভালোবাসিতাম।' *মাহেনও*, ১৯৪৯।

ছুতার, ছুতোর [স সূত্রধর] *বি* কাঠমিস্ত্রি। 'দুই শত ছুতার চলে তিন শত করাতি।' *বিজয়*, ১৬৫০; 'ছুতোর ধোবা মামা যত।' *গুপ্ত*, ১৮৫৮।

ছুতারনি [স সূত্রধর>] *বি* ছুতারের স্ত্রী। *বিদ্যা*, ১৮৯১।

ছুতারপাড়া [স সূত্রধর+স পাটক] *বি* কাঠমিস্ত্রিদের পাড়া। 'সে ছুতারপাড়ায় গিয়া উপস্থিত হইল।' *রবীন্দ্র*, ১৯০৯।

ছুতোরমিস্ত্রি [স সূত্রধর>+প মিস্ত্রি] *বি* কাঠমিস্ত্রি। 'রাজমিস্ত্রি ছুতোরমিস্ত্রিরা অধিকাংশ যন্ত্রপাতির ...।' *প্রমথ*, ১৯২২।

ছুধ [পা ছুদ্ধ] *বিণ* অপবিত্র। 'ভাবাভাব বলাগ ন ছুধ।' *চর্যা* ৯, ১২০০।

ছুন্নত [আ সুন্নত] *বি* নবীর অনুসৃত জীবনাচরণ ও উপদেশ। 'টুপি ব্যবহার ছুন্নত।' *এসলাম*, ১৯২৩।

ছুন্নী [আ সুন্নি] *বি* মুসলমান সম্প্রদায়বিশেষ। 'মোগল সাম্রাজ্য ধ্বংসে শিয়া ছুন্নীর মনোভাব ...।' *ছোলতান*, ১৯২৬।

ছুপই [স ছুপ>] *ক্রি* ছোঁয়। 'তিণ ণ ছুপই হরিণা পিবই ন পাণী।' *চর্যা* ৬, ১২০০।

ছুপানো [স ছুপ>] *ক্রি* রাঙানো। 'কার বুকের রক্তে হাত ছুপিয়েছ।' *প্রমথ*, ১৯১৫।

ছুপারিশ [ফা সিফারিশ] *বি* সুপারিশ; প্রস্তাব। 'হোমগার্ডে লোক লওয়া হইয়াছে হিন্দুসভার চাঁইদের ছুপারিশ অনুসারে।' *আজাদ*, ১৯৪২।

ছুফী [আ সূফী] *বি* সুফি; মুসলমান মরমি সাধক। 'ছুফী সাহেব কিছু মনে করিবেন না।' *মশাররফ*, ১৮৮৯।

ছুবলানো [স কবল>] *ক্রি* ছোবল মারা; দংশন করা। 'আজ আমাকে না ছুবলে ছেড়ে দিত?' *শরৎ*, ১৯১৭।

ছুয়া [স ছুপ>] *ক্রি* স্পর্শ করা। 'রাধার ছুয়িল জঘনে।' *বড়ু*, ১৪৫০; 'তাক মো না ছুয়িলোঁ হাথে।' *বড়ু*, ১৪৫০। **ছুঁতে** *ক্রি* স্পর্শ করতে। 'খাড়া যেন খুরধার ছুঁতে মাটি কাটে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ছুঁয়ে ছুঁয়ে *ক্রি* স্পর্শ ক'রে ক'রে। 'অনেক সময় আসে যখন সব বই ছুঁয়ে ছুঁয়ে ফেলে দিতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ছুরত, ছুরৎ, ছুরাৎ [আ সুরাত] *বি* রূপ। 'বাহিরে দেখিনু এক আজব ছুরত।' *গরীব*, ১৭৬৫; 'বড়ই ছুরৎ তার দেখিতে সুবান।' *গরীব*, ১৭৬৫; 'আপন ছুরাৎ আপনি সারা।' *লালন*, ১৮৯০।

ছুরা [আ সুরা] *বি* সুরা; কোরানের এক-একটি পরিচ্ছেদ। 'মৃত জনের ফাতেহা, আমিন, ছুরা ফাতেহা।' *এসলাম*, ১৯২০।

ছুরাত [আ সুরাত] *বি* রূপ। 'পূর্ণিমার চন্দ্র যেন মুখের ছুরাত।' *গরীব*, ১৭৬৫।

ছুরাতহাল [আ সুরৎহাল] *বি* ঘটনার বিবরণ; অবস্থা। *হ্যালহেড*, ১৭৭২।

ছুরাতাল [আ সুরৎহাল] *বি* ঘটনার বিবরণ; সুরতহাল। 'হকীকত ছুরাতাল সন ১১৭৯ এগারো সও উনছত্তর সাল ...।' *হ্যালহেড*, ১৭৭২।

ছুরি, ছুরী [স ছুরিকা] *বি* লোহা বা অন্য কোনো ধাতু দ্বারা নির্মিত ছোটো অস্ত্র। 'করে ধরি করা ছুরি মুরগী জবাই করি।' *মুকুন্দ*, ১৬০০; 'তীক্ষ্ণধার এক ছুরী লইয়া আপনার পেট চিরিয়া ফেলিলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

ছুরি কাঁচির গঞ্জ *বি* ছুরি ও কাঁচির বাজার। *ওসাঁ*, ১৭৮২।

ছুরিকাঁটা *বি* ইউরোপীয় পদ্ধতিতে ভোজনকালে ব্যবহার্য ছুরি ও শলাকাবিশেষ। 'ছুরিকাঁটা ব্যবহার করলে শুধু আঙুলের ডগা ধুলেও চলে।' *প্রমথ*, ১৯০৫।

ছুরি মারা *ক্রি* ছুরি দিয়ে আঘাত করা। 'ছুরি মেরে নিজেকে মুক্ত করতে চাচ্ছ।' *রবীন্দ্র*, ১৯০৯।

ছুরিকা [স] *বি* ছোট ছোরা; চাকু। 'কেহ কেহ ... সঙ্গে মদ্য, মাংস ও ছুরিকা রাখিয়া দেয়।' *অক্ষয়*, ১৮৫০।

ছুরিকাঘাত [স] *বি* ছুরির আঘাত। 'তার সহপাঠীকে ছুরিকাঘাত করে।' *আজাদ*, ১৯৫৫।

ছুলাক [আ সুলূক] *বি* ছিদ্র। *মানোএল*, ১৭৪৩।

ছুলি [স ছল্লি] *বি* চামড়া বিবর্ণ হওয়ার রোগবিশেষ; শ্বেতী; লিউকোডার্মা। *ওসাঁ*, ১৭৮৫।

ছুলুনি *বি* জিহ্বা পরিষ্কার করার কাঠিবিশেষ। 'পিতলের একটা ছুলুনি দিয়ে একেক দিন সকালে ময়লা কেটে ফেলতে।' *শ্যামসুল*, ১৯৫৭।

ছুলো [স ছল্লি] *বিণ* কসখসে। 'তোবড়ানো গাল, টিকটা ছুলো।' *নজরুল*, ১৯২৬।

ছেআনি [স ছেদনী] *বি* ছেনি; লোহার ধারালো অস্ত্রবিশেষ। 'বন্দির ডাকুকা তারা ছেআনিতে কাটে।' *মুকুন্দ*, ১৬০০।

ছেইলে [স শাবক] *বি* ছেলে। 'নাবালক ছেইলে, এমনি সব লাসের খবর গুছায়ে রাখবেন।' *গিরিশ*, ১৮৮৬।

ছেঁকছেঁকানি [ধ্বন্যা] *বি* রান্না করার শব্দ। 'শুনে ছেঁকছেঁকানি শব্দ কানে, তবু কতক বাঁচি প্রাণে।' *গুপ্ত*, ১৮৫৮।

ছেঁকা [ধ্বন্যা] *বি* তাপযুক্ত ধাতব বস্তুর স্পর্শ। 'বৌকে ছেঁকা দেওয়া বঙ্গের একটা রোগ।' *এডুকেশন*, ১৮৭৪।

ছেঁকে ধরা *ক্রি* ঘিরে ধরা। 'কাজের ভিড় এখনো চতুর্দিকে ছেঁকে ধরেনি।' *রবীন্দ্র*, ১৮৯০।

ছেঁকি *বি* বাঙালি হিন্দু পদবি বিশেষ। 'নন্দকুমার ছেঁকি।' *সেবধি*, ১৮৪০।

ছেঁচকি [ধ্বন্যা] **১** *বি* ঝোলহীন ব্যঞ্জনবিশেষ; ঘন্ট। 'বাগুন ছেঁচকি করেছিলাম।' *কেরি*, ১৮০২। **২** *বিণ* ছোটোখাটো জিনিস চুরি করে এমন। 'ছেঁচকি চোরের মতো এই বুঝি কেউ দেখে ফেলালে রে।' *নজরুল*, ১৯২৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ছেঁচড়া [স সূচক>] **১** *বিণ* নীচ প্রকৃতির। 'ওলো ছেঁচড়া লক্ষ্মীছাড়া মাগী ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। **২** *বিণ* ইতর। 'যদ্যপি কেহ তোমাকে ছেঁচড়া কহেন।' *ভবানী*, ১৮২৮।

ছেঁচড়ামি [স সূচক>] *বি* নীচ প্রবৃত্তি। '৬ ষষ্ঠ ছ ছেঁচড়ামি ...।' *ভবানী*, ১৮২৮।

ছেঁচড়ি দেওয়া [স ছিদ্>] *ক্রি* থ্যাঁতলানো। 'তাহাকে পৌদে ছেঁচড়ি দিয়া ঘুষড়িয়া লইয়া কান মুচড়িয়া ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

ছেঁচতলা [হি ছজ্জা+স তল] *বি* চালের প্রান্তভাগের নীচে ঘরের পাশ; ছাঁইচ। 'রান্নাঘরের ছেঁচতলায় দাঁড়াইয়া কথা বলিতেছে।' *বিভূতি*, ১৯২৯।

ছেঁচা[১] [স সিদ্>] *বিণ* পিষ্ট। 'ছেঁচা পানের বড়ি।' *জীবন*, ১৯৪৮।

ছেঁচা[২] [স সিচ্>] **১** *ক্রি* সেচন করা। 'জন্মভাঙ্গা ডিঙ্গে আমার বল ফুরালো জল ছেঁচে।' *লালন*, ১৮৯০। **২** *বিণ* সেচন করা যায় এমন। 'ভাল জল-ছেঁচা কল পেয়েছ মনা।' *লালন*, ১৮৯০। **ছেঁচতে** *ক্রি* সেচন করতে। 'পেয়েছি এক ভাঙা নৌকা জনম গেল ছেঁচতে পানি।' *লালন*, ১৮৯০। **ছেঁচি** *ক্রি* সেচন করি। 'আমার দশা তলা ফাঁসা জল ছেঁচি আর গুধরি গলায়।' *লালন*, ১৮৯০। **ছেঁচে** *ক্রি* সেচন ক'রে। 'জন্মভাঙ্গা ডিঙ্গে আমার বল ফুরালো জল ছেঁচে।' *লালন*, ১৮৯০।

ছেঁড়া [স ছিন্ন] **১** *বিণ* ছিঁড়ে-যাওয়া। 'ভাঙ্গা কলসী ছেঁড়া চ্যাটা।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'এক ছেঁড়া টুপি, পচা কাপড়ের জ্যাকেট পাণ্টুলন এবং কাঁচের টমল সম্বল মাত্র ...।' *প্রভাকর*, ১৮৪৭। **২** *বিণ* উপড়ে যায় এমন। 'ছেঁড়া চুল দিয়ে পাকিয়েছিলুম।' *গিরিশ*, ১৮৮৭। **৩** *ক্রি* ভেদ করা। 'মেঘ ছিঁড়ে পূর্ণিমার আগের দিনের চাঁদের জ্যোছনা কেমন ছিটে-ফোঁটা হয়ে পড়েছে।' *নজরুল*, ১৯২২। **৪** *বিণ* বিচ্ছিন্ন। 'লাফানোটা একটা খাপছাড়া ছেঁড়া জিনিস।' *রবীন্দ্র*, ১৯২৮। **৫** *বিণ* খসে পড়া। 'কোন গ্রহ হতে ছিঁড়ি উল্কার মতো ছুটেছি বাহিয়া সৌরলোকের সিঁড়ি।' *নজরুল*, ১৯২৯। **৬** *বিণ* মুক্ত। 'প্রভাতের বাঁধন ছেঁড়া আলো।' *রবীন্দ্র*, ১৯৩৬। **৭** *বিণ* অস্পষ্ট। 'ঝাপসা পুরানো ছেঁড়া ভাষা।' *রবীন্দ্র*, ১৯৩৯। **৮** *বিণ* ইতস্তত বিক্ষিপ্ত। 'ছেঁড়া মেঘের আলো পড়ে/ দেউলচূড়ার ত্রিশূলে।' *রবীন্দ্র*, ১৯৪১।

ছেঁড়াকাঁথা *বি* ছিন্ন কাঁথা। 'ছেঁড়া কাঁথা আর শাল-দোশালা এল জড়িয়ে মিশিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩২; 'অগ্রিম নিয়ে নিয়ে ছেঁড়াকাঁথার মতো মাসকাবারের মাইনেটা।' *হাসান*, ১৯৬৩।

ছেঁড়া কাগজের ঝুড়ি *বি* বর্জনযোগ্য ছেঁড়া কাগজ ফেলা হয় যে ঝুড়িতে; ওয়েস্ট পেপার বাসকেট। 'ছেঁড়া কাগজের ঝুড়ি।' *রবীন্দ্র*, ১৯৩২।

ছেঁড়াখোঁড়া **১** *বিণ* ছিন্নবিচ্ছিন্ন। 'পাতাগুলিন ছেঁড়াখোঁড়া শিশুর অত্যাচারে।' *রবীন্দ্র*, ১৯০০। **২** *বিণ* বিভিন্ন জায়গায় ছিঁড়েছে এমন। 'ছেঁড়া-খোঁড়া কাপড়।' *বিভূতি*, ১৯৩১। **৩** *বিণ* অগোছালো। 'কড়ি আর রাঙা নুড়ি : ছেঁড়াখোঁড়া খেলার সংসার।' *শামসুর*, ১৯৫৯।

ছেঁড়াছিঁড়ি *বি* ক্ষতবিক্ষত করা। 'শকুনি-গৃধিনীর ন্যায় কাড়াকাড়ি ছেঁড়াছিঁড়ি করিতেছেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

ছেঁড়া ছেঁড়া **১** *বিণ* বিক্ষিপ্তভাবে অবস্থিত। 'আছে শুধু ছেঁড়া ছেঁড়া ঘরবাড়ি এখানে সেখানে।' *মুজতবা*, ১৯৪৯। **২** *বিণ* খণ্ড খণ্ড; টুকরা টুকরা। 'এসব ছেঁড়াছেঁড়া খবর জুড়ে দিয়ে বুঝতে পারলুম।' *মুজতবা*, ১৯৪৯।

ছেঁড়াস্মৃতি [ছেঁড়া+স স্মৃতি] *বি* ভগ্ন স্মৃতি। 'সে কোন ... ছেঁড়াস্মৃতি মনের বনে খাপছাড়া মেঘের মতো ভেসে উঠছে।' *নজরুল*, ১৯২৭।

ছেদ [স ছেদ] *বি* বিরতি। 'উঁচু গলার ডাকে ওর কথায় ছেদ পড়লো।' *জহির*, ১৯৬৪।

ছেঁদা [স ছিদ্র] *বি* ছিদ্র। 'কানে ছেঁদা মুদে যদি তবে সে প্রমাণ।' *ভারত*, ১৭৬০।

ছেঁদাওয়ালা [স ছিদ্র+হি ওয়ালা] *বিণ* ছিদ্রযুক্ত। 'ছেঁদাওয়ালা একটি কাঠের বাটি।' *রবীন্দ্র*, ১৯৪০।

ছেঁদুর [স ছিদ্র] *বি* ছিদ্র। 'ভরে দেবো কানের ছেঁদুর।' *মাহমুদ*, ১৯৭৩।

ছেঁদে [স ছন্দ>] *ক্রিবিণ* জড়িয়ে। 'আদর করি কোলে বসি ছেঁদে ধরি গলে।' *ভারত*, ১৭৬০।

ছেঁদো [স ছন্দ>] *বিণ* কৌশলপূর্ণ। 'ছেঁদো কথা ছাড়িয়া দেও।' *বঙ্কিম*, ১৮৭৪।

ছেঁদো কথা *বি* অসার কথা। 'একজন খামখেয়ালি লেখকের ছেঁদো কথায় সায় দেওয়া উচিত ছিল না।' *নজরুল*, ১৯১৯।

ছেক [স ছেদ>] *বি* নমুনা। 'প্রথম পিঠার ছেক সম্মুখে আনিয়া রাখে।' *দর্পণ*, ১৮২৫।

ছেকড়া [স শকট] *বি* ঘোড়ার গাড়িবিশেষ। 'ছেকড়া প্রভৃতি সমুদয় ভাড়াটিয়া গাড়িতে আলো দেওনের অনুমতি কি ভাল হইয়াছে।' *প্রভাকর*, ১৮৫২।

ছেচড়ামি *বি* নীচ প্রবৃত্তি। 'ছলনা, ছেনালি, ছেলেমি, ছাপান, ছেমো, ছেঁচড়ামি।' *ভবানী*, ১৮২৮।

ছেচল্লিশ [পা ছচত্তালীসা] *বি* ছেচল্লিশ বছর বয়স। *রবীন্দ্র*, ১৯৩৫; 'ছেচল্লিশে বেড়ে ওঠা অসুখী কিশোর।' *মাহমুদ*, ১৯৭৩।

ছেচা [স ছিদ্র] **১** *ক্রি* পানি ছিটানো। 'মাছে জেন বাড়ে পাড়ে ছেচিআ দানা ঝাড়ে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* থেঁতলানো। 'নারিকেল ঘৃত দিল আর আদা ছেচা।' *বিজয়*, ১৬৫০।

ছেছড়ানো, ছেঁছড়ানো **১** *ক্রি* টেনে নিয়ে যাওয়া। 'নিকালিল ছেছড়াই দাড়িত ধরিয়া।' *সুলতান*, ১৭০০। **২** *ক্রি* আছাড় দিয়ে ফেলা। 'গুদ ছেছড়ি দিল তার ধরি দুই পা।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৩** *ক্রি* টেনে-হিঁচড়ে নেওয়া। 'সুড়ঙ্গে ফেলিয়া পায়ু ছেঁছড়িয়া লইল চোরে পাশে।' *ভারত*, ১৭৬০।

ছেজদা [আ সিজদাহ্] *বি* সেজদা; মাথা নুইয়ে কপাল মেঝের সঙ্গে লাগিয়ে সম্মান জানানো। 'আল্লার আদেশে মানুষকে তারা ছেজদা করল।' *মাহেনও*, ১৯৪৯।

ছেট [হি সেট] *বি* দফা। 'যুক্রবার সন্ধের সময় এক ছেট লোহার সিন্দুক চুরি গিয়াছে।' *ক্যালগে*, ১৮০০।

ছেটাভেটা *ক্রি* ছড়িয়ে ছিটিয়ে পড়া। 'খইয়ের মতো লাফিয়ে ঝাঁপিয়ে ছিটেভিটে যায় চারদিকে।' *কায়সার*, ১৯৬২।

ছেড়ছাড় *বিণ* পরস্পর। 'ছেড়ছাড় মিষ্টি গালী গালাজ চলিল।' *মশাররফ*, ১৮৯০।

ছেদ [স] **১** *বি* বিচ্ছেদ। 'নাহি বল চলে, কোমল কমলে,/ বদ্ধ হয়ে করে ছেদ।' *মদনমোহন*, ১৮৩৪। **২** *বি* অসঙ্গতি। 'যখন দেখে কার্যকারণের কোনো ছেদ নেই তখন ...। *রবীন্দ্র*, ১৯১৬। **৩** *বিণ* বিরতি নির্দেশ করে এমন। 'ছেদ চিহ্নগুলো আ-এক জাতের।' *রবীন্দ্র*, ১৯৩০।

ছেদ করা **১** *ক্রি* ছেদন করা। 'উর্দ্ধাধোভাবে বলীক ছেদ ... করিলে

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

যেরূপ দেখায়।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *ক্রি* নিরসন করা। 'এই অদ্ভুত ব্যাপার কীর্তন করে আমাদের সংশয়ছেদ করুন।' *মাইকেল*, ১৮৭৪। ৩ *ক্রি* ভেদ করা। 'ছেদ করি বাষ্পের আবরণ।' *রবীন্দ্র*, ১৯৩৫। ৪ *ক্রি* ছিন্ন। 'নিকটের সংকীর্ণতা করি ছেদ।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ছেদ টানা *ক্রি* ইতি টানা; সাময়িকভাবে বন্ধ করা। 'শুধু ক্ষুধার তাড়না এই অবসর উপভোগে ছেদ টানিল।' *শওকত*, ১৯৫৮।

ছেদ পড়া *ক্রি* বিরতি পড়া। 'গৃহকর্মে ছেদ পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৯১২।

ছেদ ভেদ চিহ্ন [স] *বি* বিরামচিহ্ন; যতিচিহ্ন। 'পুস্তকাদিতে যে সকল ছেদ ভেদ চিহ্ন আছে তাহাতেই সংস্কার হইয়াছে।' *দর্পণ*, ১৮২৯।

ছেদহীন [স] *বিণ* বিরামহীন। 'বিশাল ছেদহীন, বাধাবন্ধনহীন।' *বিভূতি*, ১৯৩৮।

ছেদন [স] ১ *বি* কর্তন। 'এক চোটে গজশির করিয়া ছেদন।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* ধ্বংস। 'জমদগ্নি সুত হলে/ ক্ষত্রিয় ছেদন কৈলে।' *মানিকরাম*, ১৭৮১। ৩ *বি* বিনাশকরণ। 'এদেশে অজ্ঞান বন ছেদন ও জ্ঞানাঙ্কুর রোপণের পথ প্রদর্শন করেন।' *অক্ষয়*, ১৮৫০। ৪ *বি* বিচ্ছিন্নকরণ। 'অবিশ্বাস প্রকাশ করি, কিন্তু বিশ্বাসের বন্ধন ছেদন করি না।' *রবীন্দ্র*, ১৯০৫।

ছেদা [স ছেদ>] ১ *ক্রি* ভেদ করা। 'গেআনবাণে ছেদিলোঁ মদনবাণ।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* ছেদন করা। 'মস্তক ছেদিতে।' *মানোএল*, ১৭৪৩। ৩ *ক্রি* জড়ানো। 'ভানুমতী রঙ্গার গলা ধরে ছেদ্যা।' *মানিকরাম*, ১৭৮১। **ছেদি** *ক্রি* ভেদ ক'রে। 'ছেদি গিরি তোরে ধ'রে করিব সংহার।' *গিরিশ*, ১৮৮৭। **ছেদিতে** *ক্রি* ছেদন করতে। 'মস্তক ছেদিতে।' *মানোএল*, ১৭৪৩। **ছেদিয়া** *ক্রি* ভেদ ক'রে। 'পাঁচ গজ জমিন ছেদিয়া প্রবেশিল।' *গরীব*, ১৭৬৫। **ছেদিল** *ক্রি* ছিন্ন করলো। 'অর্জ্জুনে ছেদিল তাকে খুরসান ঘায়ে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **ছেদিলোঁ** *ক্রি* ছিন্ন করলো; ছেদন করলো। 'গেআনবাণে ছেদিলোঁ মদনবাণ।' *বড়ু*, ১৪৫০। **ছেদ্যা** *ক্রি* জড়িয়ে। 'ভানুমতী রঙ্গার গলা ধরে ছেদ্যা।' *মানিকরাম*, ১৭৮১।

ছেদিত [স] *বিণ* হত; কর্তিত। 'এক মহিষ ও এক নর ... ছেদিত হইয়া পড়িয়া আছে।' *বঙ্গদূত*, ১৮২৯।

ছেনা [ছানা>] *বি* ছানা। 'পিঠা পানা ছেনাবড়া তোমরা সে লেহ।' *বৃন্দা*, ১৫৮০। *দ্র* **ছানা**

ছেনা নাড়ু [ছানা+স লড্ডুক] *বি* খাবারবিশেষ। 'ছেনা নাড়ু কাঁজি বড়া অদ্রকে বার্তাকি পোড়া।' *মুকুন্দ*, ১৬০০।

ছেনা পনা *বি* ছানার পানীয় বিশেষ। 'ছেনা পনা পৈড় আম্র।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ছেনাবড়া [ছানা+স বটক] *বি* ছানার তৈরি খাদ্যবিশেষ। 'পিঠা পানা ছেনাবড়া তোমরা সে লেহ।' *বৃন্দা*, ১৫৮০।

ছেনানো *ক্রি* ছেনি দিয়ে পাথর ছেদন করা। 'বহু সাধনায় ছেনিয়ে তোলা মর্মরমূর্তির মতো।' *আলাউদ্দিন*, ১৯৬০।

ছেনারী [স ছিন্না] *বিণ স্ত্রী* কুলটা; ব্যভিচারী। 'পামরী ছেনারী নারী।' *বড়ু*, ১৪৫০।

ছেনাল [স ছিন্ন>] ১ *বি* ব্যভিচারী নারী। 'ছেনালের কত ছল কে বুঝিতে পারে।' *ভবানী*, ১৮২৫। ২ *বি* পর-পুরুষে আসক্ত নারী। 'আপন পতি ভিন্ন অন্য পুরুষের আকাঙ্ক্ষা করেন তাহাকেই ছেনাল কহেন।' *ভবানী*, ১৮২৮।

ছেনালপনা [ছেনাল+স পণ্য] *বি* লজ্জা ত্যাগ করে প্রণয়ভাব দেখানো। 'ছেনালপনা সব সময়ই ভাল লাগে।' *জীবন*, ১৯৩২।

ছেনালি [স ছিন্ন>] ১ *বি* ব্যভিচারী নারীর প্রেমের অভিনয়। 'ছলনা, ছেনালি, ছেলেমি, ছাপান, ছেমো, ছেচড়ামি।' *ভবানী*, ১৮২৮। ২ *বি* প্রেমের ভাব। 'ছুঁড়ীর কি চমৎকার রূপ গা আর একটু ছেনালিও আছে।' *মাইকেল*, ১৮৬০। ৩ *বি* বিবাহ-বহির্ভূত যৌনতা ও তার অভিনয়। 'এইবার তোর ছেনালি ভঙ্গ হইবে।' *দীনবন্ধু*, ১৮৬০।

ছেনি [স ছেদনী] *বি* কাঠ, পাথর ইত্যাদি কাটার ধারালো হাতিয়ারবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'ঠুকঠাক খিটখাট ছেনির শব্দ হচ্ছেই।' *অবন*, ১৯২৭।

ছেন্দা [স ছিদ্র] *বি* গর্ত; ফুটো। *ওসাঁ*, ১৭৮২।

ছেপ [স ক্ষেপ] *বি* থুতু। 'রসুলে মুখের ছেপ সেই ঘাএ দিল লেপ।' *সুলতান*, ১৭০০।

ছেপ ফেলা *ক্রি* থুতু ফেলা। 'ছেপ ফেলাইতে।' *মানোএল*, ১৭৪৩।

ছেফাত [আ সিফত] *বি* গুণ। 'জাতে ছেফাত ছেফাতে জাত।' *লালন*, ১৮৯০।

ছেব [স ছেদ] *বি* ছেদ। 'জো তরু ছেব ভেবউ ন জাইণ।' *চর্যা ৪৫*, ১২০০।

ছেবা [স ছেদ] *ক্রি* ছেদ করা। 'ছেবই বিদুজন গুরু পরিমাণী।' *চর্যা ৪৫*, ১২০০।

ছেমহলা [ফা সেহ+আ মহল>] *বিণ* তিন মহল সমন্বিত। 'সামিয়ানা চারি দিগে ছেমহলার ছাতেতে।' *রামরাম*, ১৮০১।

ছেমো *বি* গোপন প্রেম ঢেকে রাখার জন্য ছলনা। 'ছলনা, ছেনাপি, ছেলেমি, ছাপান, ছেমো, ছেচড়ামি।' *ভবানী*, ১৮২৮।

ছেয়া [স ছিন্না] *বি* হামানদিস্তার দণ্ড। *মানোএল*, ১৭৪৩।

ছেয়াত্তর [পা ছসত্ততি>] *বিণ* ছিয়াত্তর (৭৬) সংখ্যার পূরক। 'সনাত ৭৬॥ সাড়ে ছেয়াত্তর তঙ্কা।' *বোগল*, ১৭৮০।

ছেয়াত্তরি [পা ছসত্তি>] *বিণ* ছিয়াত্তর (৭৬) সংখ্যার পূরক। *ওসাঁ*, ১৭৬৭।

ছেয়ানই [পা ছন্নবুতি] *বিণ* ছিয়ানব্বই। 'পুন চারি গুণ করি হয় ছেয়ানই।' *চণ্ডী*, ১৫৫০।

ছেয়ানব্বই [পা ছন্নবুতি] *বিণ* ছিয়ানব্বই। 'ছয় স্বর্ণ ষোড়শ ও ছেয়ানব্বই রূপার ষোড়শ।' *দর্পণ*, ১৮১৮।

ছেয়ানয়ি [পা ছন্নবুতি] *বিণ* ছিয়ানব্বই। *হ্যালহেড*, ১৭৭৮।

ছেয়ানি [স ছেদনী] *বি* কাঠ, পাথর ইত্যাদি কাটার উপযোগী হাতিয়ারবিশেষ। 'ছেয়ানিকে কেহ কাটে।' *মুকুন্দ*, ১৬০০। *দ্র* **ছেনি**

ছেয়াশী [পা ছাসীতি] *বিণ* ছিয়াশি (৮৬) সংখ্যক। 'ছেয়াশী হাত লম্বা এক সেতু।' *দর্পণ*, ১৮২৫।

ছের [ফা শের] *বি* মাথা। 'কহে সবে এই বাত ছের পরে মারে হাত।' *গরীব*, ১৭৬৫।

ছেরে তাজ [ফা শের>+আ তাজ] *বিণ* মাথার তাজের মতো। 'আমার ছেরে তাজ মাথার মণি আলেম মহোদয়গণ।' *এসলাম*, ১৯২০।

ছেরেপ, ছেরেফ [আ সিরফ] *ক্রিবিণ* কেবল। 'এ উন্নতি অনেকে সাধন করতে চান ছেরেপ জমিতে সার দিয়ে।' *প্রমথ*, ১৯১৯; 'ছেরেফ কল্পনামূলক।' *প্রমথ*, ১৯২০।

ছেল [স শল্য] *বি* বর্শা। 'বুকে পৃষ্ঠে হানিলেক ছেল।' *বিজয়*, ১৬৫০।

AMARBOI.COM

ছেলম [স ছল্লী] *বি* খোলস। 'সাপের ছেলম পায়ে জড়ায়েছে।' *জসীম*, ১৯৩৩।

ছেলহট্ট [স শ্রীহট্ট] *বি* সিলেট। *ক্যালগে*, ১৭৮৯।

ছেলি [স ছাগী] *বি* ছাগল। 'তৃণ লোভে ধায় ছেলি না আইসে নেউটী।' *মুকুন্দ*, ১৬০০।

ছেলে [স শাবক] *বি* পুত্রসন্তান। 'কারো ছেলে কান্দে কারো ছেলে মারি খায়।' *ভারত*, ১৭৬০।

ছেলিয়া [স শাবক>] *বি* ছেলেপিলে। 'এক ছেলিয়ার পাল হঠাৎ তাহার ধারে খেলিতে উপস্থিত হইল।' *তারিণী*, ১৮০৩।

ছেলেকাল [ছেলে+স কাল] *বি* ছেলেবেলা। 'ছেলেকালে ছেলেধরা শুনিয়াছি কানে।' *গুপ্ত*, ১৮৫৮।

ছেলে-খাওয়া *বি* হত্যা করা। 'ছেলে-খাওয়ার ঘটা দেখে রাজার মাকে একদিন রাগের চোটে ডাইনি বলে ফেলেছিলাম।' *নজরুল*, ১৯২৭।

ছেলেখেকো *বিণ স্ত্রী* (গালিবিশেষ) আপন পুত্রের মৃত্যুর জন্য দায়ী। 'তোমার পাপে আমার এমন দশা হয়েছে, ছেলেখেকো রাক্ষসি।' *মানিক*, ১৯৪০।

ছেলেখেলা [ছেলে+খেলা] **১** *বি* সহজসাধ্য কাজ। 'মিছামিছি বকাবকি যেন ছেলেখেলা।' *ভবানী*, ১৮২৫। **২** *বি* অতি তুচ্ছ কাজ। 'আজি ফুরায়েছে বেলা, জগতের ছেলেখেলা।' *রবীন্দ্র*, ১৮৮৬। **৩** *বি* খুব গুরুত্বপূর্ণ নয় এমন কাজ। 'যা-কিছু সব চলছে ওই ছেলেখেলার রথে।' *রবীন্দ্র*, ১৯২২। **৪** *বি* অপরিণত স্তর। 'আমাদের কাছে সংগীতের ছেলেখেলা বলে ঠেকে।' *রবীন্দ্র*, ১৯২৯।

ছেলেছোকরা [ছেলে+ছোকরা] *বি* অপরিণত তরুণ। 'ছেলে-ছোকরারা নিজেরা প্রেম করতে এত ব্যস্ত ...।' *প্রমথ*, ১৯১৮।

ছেলেধরা *বি* অল্পবয়স্ক ছেলেমেয়ে অপহরণ করে অথবা ভুলিয়ে নেয় যে। 'মিশনরি ছেলেধরা ছেলে ধ'রে খায়।' *গুপ্ত*, ১৮৫৮

ছেলে-পড়ানো *বি* গৃহশিক্ষকতা; টিউশনি। 'আজ রবিবার ছেলে-পড়ানো নাই।' *বিভূতি*, ১৯৩১।

ছেলেপিলা, ছেলেপিলে, ছেলেপুলে, ছেলেপেলে [ছেলে>] *বি* সন্তান-সন্ততি। 'ছেলে পিলে বুড়া রোগা মৈল কত ঠাঁই।' *ভারত*, ১৭৬০; 'ছেলেপিলা প্রতিপালন না করিলে চলিবে কেন।' *গৌর*, ১৮২২; 'আমার ছেলেপুলে নাই।' *প্যারী*, ১৮৫৮; 'ভদ্র মহোদয়গণের ছেলেপেলে শিক্ষা লাভ করিয়া উন্নতি লাভ করিতেছেন।' *ইসলামিয়া*, ১৮৯৫।

ছেলেবয়স [ছেলে+স বয়স] *বি* বাল্যকাল। 'ছেলেবয়স ফিরিয়া পাইলে সমস্তদিন শান্ত শিষ্ট ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ছেলেবুড়ো [ছেলে+স বৃদ্ধ>] *বি* নবীন ও প্রবীণ। 'ছেলেবুড়োর শখ বলে একটা জিনিস ...।' *অবন*, ১৯৪১।

ছেলেবেলা, ছেলেব্যালা [ছেলে+স বেলা] **১** *বি* শৈশবকাল। 'ছেলে বেলা পতি হীন, কিন্তু নহি পরাধীন।' *উমেশ*, ১৮৫৭; 'আমরা যে ছেলেব্যালা চালাকদাস ও জ্যাটার শিরোমণি ছিলেম।' *হুতোম*, ১৮৬১। **২** *বি* বাল্যকাল। 'আমাদের দেশে যেমন ছেলেবেলা থেকে মেয়েদের বিয়ের জন্যে প্রস্তুত করে।' *রবীন্দ্র*, ১৮৮০; 'কারও কারও ছেলেবেলা কিছু দীর্ঘকালস্থায়ী হয়।' *রবীন্দ্র*, ১৯০৯।

ছেলেবেলাকার *বিণ* বাল্যকালের। 'ছেলেবেলাকার ঘোরো স্মৃতি দিয়ে সরস করে লিখতে পারতুম।' *রবীন্দ্র*, ১৮৯২।

ছেলেভুলানো, ছেলেভুলান [ছেলে+ভুলানো] **১** *বিণ* শিশুদের মন ভোলাতে ব্যবহৃত; শিশুকে মুগ্ধ করে এমন। 'ছেলেভুলানো গল্প ঝুড়ি ঝুড়ি বাহির হইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৮; 'এই ছেলেভুলান চুষিকাঠিতে কেউ সন্তুষ্ট হইতে পারে না।' *আজাদ*, ১৯৪৩। **২** *ক্রি* ফাঁকি দেওয়া। 'তাহাকেই অতিশয় করিয়া তুলিয়া আমাদিগকে ছেলে-ভুলাইবে না।' *রবীন্দ্র*, ১৯৩৯।

ছেলেমহল [ছেলে+আ মহল] *বি* ছেলেদের দল। 'ছেলেমহলে সে একজন মস্ত লোক।' *শরৎ*, ১৯১৭।

ছেলেমানষি, ছেলেমানসী [ছেলে+স মানুষ>] *বি* বালকসুলভ আচরণ। 'সব জিনিসের সীমা আছে কেবল ছেলেমানষির সীমা নেই।' *রবীন্দ্র*, ১৯১৬; 'এ শিকার ছেলেমানসী।' *প্রমথ*, ১৯৪১।

ছেলেমানুষ [ছেলে+স মানুষ] **১** *বিণ* অল্পবয়স্ক। 'তোমার সুলোচনাকে নেও, ছেলে মানুষ বড় ভয় পেয়েছে।' *উমেশ*, ১৮৫৭। **২** *বি* অল্পবুদ্ধির মানুষ। 'বিশেষ বিষয় নিয়ে ছেলেমানুষের মতো খুঁতখুঁত করতে থাকেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **৩** *বিণ* অপরিণত বুদ্ধিসম্পন্ন। 'আমরা যে কেবলই ছেলেমানুষ।' *রবীন্দ্র*, ১৯১৬।

ছেলেমানুষি, ছেলেমানুষী *বি* অবুঝের মতো আচরণ। 'কত প্রকার যে ছেলেমানুষি করেন তার ঠিক নেই।' *রবীন্দ্র*, ১৮৮১; 'দুজনে মিলেমিশে একটা ছেলেমানুষী করে ফেলে।' *শরৎ*, ১৯১৭।

ছেলেমি [ছেলে>] *বি* বালকসুলভ আচরণ। 'ছলনা, ছেনালি, ছেলেমি, ছাপান, ছেমো, ছেচড়ামি।' *ভবানী*, ১৮২৮।

ছেলের হাতের পিটে – অতি সহজলভ্য বস্তু। 'একি ছেলের হাতের পিটে?' *প্যারী*, ১৮৫৮।

ছেলের হাতের মোয়া – অতি সহজলভ্য বস্তু। 'জাত ছেলের হাতের নয় তো মোয়া।' *নজরুল*, ১৯২৪।

ছেল্যা [ছেলে>] *বি* ছেলে। 'ছেল্যার তরে মেয়্যা সব ওষধ যায় খাতে।' *রূপরাম*, ১৭৫০।

ছেষট্টি [পা ছসত্তি] *বিণ* ৬৬ সংখ্যক। 'ছেষট্টি লোক খুন হইয়াছে।' *দর্পণ*, ১৮১৯।

ছেস *বি* বাঙালি হিন্দু পদবি বিশেষ। 'নিধিরাম ছেস।' *সেবধি*, ১৮৪০।

ছেহত্তর [পা ছসত্তি] *বিণ* ছিয়াত্তর। 'ছেহত্তরের মন্বন্তরের সময়ে আমার বয়স বৎসর পঁচিশ।' *দর্পণ*, ১৮২১।

ছেহাই [ফা সিয়াহী] *বি* কালি। 'ছেহাই খারাপ ছিল কাগজ পাতল।' *সুলতান*, ১৭০০।

ছেহাত [আ সিহাত] *বি* স্বাস্থ্য। 'ছেহাতের খাতিরে সেটি বাদ দেওয়া যায় না।' *মাহেনও*, ১৯৪৯।

ছৈ [স ছদি] *বি* ছাউনি। 'নৌকোর ছৈয়ের ভিতরের দিকটা ...।' *মুজতবা*, ১৯৫৮।

ছৈয়দ [আ সয়্যিদ] *বি* মুসলিম পদবীবিশেষ। 'গুণীর সম্পদ ছৈয়দ মহাম্মদ।' *আলাওল*, ১৬৮০।

ছোঃ [ধ্বন্যা] *বি* ঘৃণা বা লজ্জাব্যঞ্জক শব্দ। 'আমি দুর্গন্ধ পয়সার কাঙাল! ছোঃ!' *রবীন্দ্র*, ১৮৯২।

ছোঁ [স ছুপ্>] *বি* হঠাৎ আক্রমণ। 'উপরে ঐমনি ঘোরে ঘন দেই ছোঁ।' *রূপরাম*, ১৭৫০।

ছোঁ ছোঁ করা *ক্রি* হন্যে হওয়া। 'নাদায় গুড় নাইরে মনা খাবড়ি/ ছোঁ ছোঁ করে ছুটে বেড়াও।' *লালন*, ১৮৯০।

AMARBOI.COM

ছোঁ মারা ১ *ক্রি* কেড়ে নেওয়ার চেষ্টা করা। 'কাহার কিসে ছোঁ মারিবে।' *বঙ্কিম*, ১৮৭৩। ২ *ক্রি* অতর্কিতে ঠোকর দিয়ে নেওয়া। 'তারা বাজের মতো ছোঁ মেরে খায়।' *নজরুল*, ১৯২৬।

ছোঁ মেরে নেওয়া ১ *ক্রি* হঠাৎ আক্রমণ ক'রে কেড়ে নেওয়া। 'ছোঁ মারিয়া তুলিয়া লইয়া কহিল, আবার টাকা।' *শরৎ*, ১৯১৭। ২ *ক্রি* হঠাৎ আক্রমণ করে তুলে নেওয়া। 'তাঁকে ছোঁ মেরে নিয়ে যাবার জন্যে ছুটে আসবেন।' *রবীন্দ্র*, ১৯৪০।

ছোঁওয়া [স ছুপ্>] *বি* স্পর্শ। 'ছোঁওয়া লাগলে কালো হয়ে যায়।' *রবীন্দ্র*, ১৯০৮।

ছোঁওয়াখাওয়া *বি* ছোঁয়া-ছুঁয়ি। 'ছোঁওয়া-খাওয়াও তাহার জন্য দৃঢ়নির্দিষ্ট হইয়া থাকে।' *রবীন্দ্র*, ১৯০৮।

ছোঁওয়াছুঁয়ি *বি* স্পর্শজনিত দোষ। 'তাকে কি ভাই ভাঙতে পারে ছোঁওয়াছুঁয়ির ছোট্ট টিল।' *নজরুল*, ১৯২৪।

ছোঁকছোঁক [ধ্বন্যা] *বি* লোলুপতা। 'আসামে আসবার জন্য তাঁদের ছোঁকছোঁকের অন্ত ছিল না।' *মুজতবা*, ১৯৫৮।

ছোঁকা [ধ্বন্যা] *বি* ঘিয়ে ভাজা ব্যঞ্জনবিশেষ। 'ছেঁচকি – ছোঁকা – ছক্ক – চচ্চড়ি – লাবড়া।' *মুজতবা*, ১৯৫৮।

ছোঁচা [স ছুছুন্দর>] *বিণ* অতি লোভী। 'কেহ ছোঁচা কেহ বোঁচা কেহ বা সরল।' *মুকুন্দ*, ১৬০০।

ছোঁচানো [স শৌচ>] *ক্রি* শৌচ করা বা করানো। 'গোলাপজল দিয়ে ছোঁচান ...।' *হুতোম*, ১৮৬১।

ছোঁছা [স ছুছুন্দর>] *বিণ* অতি লোভী। 'ছি ছি ওরে ছোঁছা তেড়া ছার তোর জীবনে।' *মানিকরাম*, ১৭৮১।

ছোঁড়া[১] [স ছমণ্ড] *বি* ছোকরা। 'কএক জন ছোঁড়া উক্ত বাবু হইতে ইঙ্গরেজী বিদ্যা অধিক শিক্ষিয়াছে।' *চন্দ্রিকা*, ১৮৩১।

ছোঁড়াছুঁড়ি[১] [স ছমণ্ড>] *বি* কিশোর ও কিশোরী। 'বুড়ি সাচ্চ ভুঁড়ি নাচে নাচে ছোঁড়াছুঁড়ি গো।' *নজরুল*, ১৯৩৩।

ছোঁড়া[২] [স ক্ষিপ্>] ১ *ক্রি* ছুড়ে মারা; নিক্ষেপ করা। 'বন্দুকের হুড়া মারে কেহ ছোঁড়ে তীর।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *ক্রি* সঞ্চালন করা। 'সাঁতার দিতে গিয়া অত্যন্ত বেশি হাত-পা ছোঁড়া অপটুতারই প্রমাণ দেয়।' *রবীন্দ্র*, ১৯০৫।

ছুঁড়ে ফেলা *ক্রি* ছোড়া; নিক্ষেপ করা। 'অবশিষ্ট টাকা ... ছুঁড়িয়া ফেলিয়া দিলেন।' *রবীন্দ্র*, ১৯১২।

ছোঁড়াছুঁড়ি[২] [স ক্ষিপ্>] *বি* পরস্পর নিক্ষেপের কাজ। 'ছেলেরা কাদার উপরে পড়িয়া জল ছোঁড়াছুঁড়ি করিয়া সাঁতার কাটিয়া ভারি মাতামাতি করিতেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ছোঁয়া[১] [স ছুপ্>] *ক্রি* স্পর্শ করা। *হ্যালহেড*, ১৭৭৩; 'কারণ, সে পূর্বে শুনিয়াছিল, ভালুক মরা মানুষ ছোঁয় না।' *বিদ্যা*, ১৮৫৬। **ছোঁয়াইয়া** *ক্রি* ছুঁইয়ে। *হ্যালহেড*, ১৭৭৩।

ছোঁয়া[২] [স ছুপ্>] *বি* উচ্ছিষ্ট খাদ্য। 'কেউ খায় না কারো ছোঁয়া।' *লালন*, ১৮৯০।

ছোঁয়াছানা *বি* ধোয়াধুয়ি। 'একটা বিশ্রী ছোঁয়াছানার কাজ করছে।' *জীবন*, ১৯৪৮।

ছোঁয়াছুঁয়ি [স ছুপ্>] ১ *বি* পরস্পর স্পর্শ। 'দুটি চুম্বনের ছোঁয়াছুঁয়ি, মাঝে শরমের হাস।' *রবীন্দ্র*, ১৮৮৬। ২ *বি* অস্পৃশ্যতা। 'তিনি তো খুব সাবধানে ছোঁয়াছুঁয়ি মেনে চলেন।' *রবীন্দ্র*, ১৯০৯; 'ছোঁয়াছুঁয়ির উপসর্গটা যদি কেউ হিন্দুসমাজ থেকে উঠিয়ে দিতে পারেন।' *নজরুল*, ১৯২৭।

ছুঁয়ে ছুঁয়ে *ক্রিবিণ* চোখ বুলিয়ে। 'অনেক সময় আসে যখন সব বই ছুঁয়ে ছুঁয়ে ফেলে দিতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ছোঁয়াচ [স ছুপ্>] *বি* স্পর্শ। 'কেবল ছোঁয়াচ লাগিয়া আমরা পাইতেছি।' *রবীন্দ্র*, ১৯০৮।

ছোঁয়াচে *বিণ* স্পর্শে সংক্রামিত হয় এমন। 'রোগটা ছোঁয়াচে।' *মানিক*, ১৯৪০।

ছোকরা [আ সুগরা] ১ *বি* ক্রীতদাস। 'বিবির চাকর ফিরাঙ্গি ছোকরা।' *মেয়র্স*, ১৭৫৭। ২ *বি* বালক। 'কাশীপুর অঞ্চলের এক জন ছোকরা বল্লে।' *হুতোম*, ১৮৬১।

ছুকরি [আ সুগরা>] ১ *বি* বালিকা। *মেয়র্স*, ১৭৫৭। ২ *বি* ক্রীতদাসী। *মেয়র্স*, ১৭৬২।

ছোকরি, ছোগরি [আ সুগরা>] *বি* বালিকা; কমবয়সী মেয়ে। 'মনিকা ছোগরি ছাওয়ালকে দিলাম।' *মেয়র্স*, ১৭৬২; 'ছোকরি।' *ওসী*, ১৭৮২।

ছোকা [হি ছোঁকনা] *বি* ঘিয়ে ভাজা ব্যঞ্জনবিশেষ। 'মেজোবউ কোথা, ডেকে দাও তারে/ কোথা ছোকা, কোথা লুচি!' *রবীন্দ্র*, ১৮৯০। *দ্র* **ছোঁকা**

ছোক্রা [আ সুগরা] *বি* বালক। 'রাখাল ছোক্রারা প্রত্যহ ঐ মাটে ... ঐখানে খেলায়।' *রামরাম*, ১৮০১।

ছোচা [স ছুছুন্দর] *বিণ* ছোটোলোক। 'মাহুদ্যা প্রবন্ধ কর্য্যা মর বেটা ছোচা।' *মানিকরাম*, ১৭৮১।

ছোট *দ্র* **ছোটো**

ছোটখাট *দ্র* **ছোটোখাটো**

ছোটগল্প *দ্র* **ছোটোগল্প**

ছোটলোক *দ্র* **ছোটোলোক**

ছোটা[১] [স ক্ষিপ্ত] ১ *ক্রি* দ্রুত বেগে চলা। 'মন মাতা হাতি ছোটে দিবা রাতি নিবারি শান্তি অঙ্কুশে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *ক্রি* আবর্তিত হওয়া। 'উঠিতেছে, ছুটিতেছে গ্রহ উপগ্রহ দলে দলে।' *রবীন্দ্র*, ১৮৮৩। ৩ *ক্রি* যাওয়া। 'সব সেরা জিনিস শহরে ছুটছে।' *শওকত*, ১৯৫৮।

ছোটাছুটি *বি* ব্যস্ততার সঙ্গে দৌড়াদৌড়ি। 'শহরে ছোটাছুটি করছে।' *জীবন*, ১৯৩২।

ছোটা[২] [পা ছুট্ঠ] *বিণ* ছোটো। 'কথা ঝুটা, নজর ছোটা, পাতরা চাটা।' *ভবানী*, ১৮২৮।

ছোটি [পা ছুট্ঠ] *বিণ* ছোটো। 'রজনী ছোটি হো দিবস বাঢ়।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'ছোটি বাটি।' *মানোএল*, ১৭৪৩।

ছোটো, ছোট [পা ছুট্ঠ] ১ *বিণ* হেয়। 'কাহ্নে হাল দিয়া বলাই ছোট কৈল তারে।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* ক্ষুদ্রায়তন। 'ছোট বড় মন্দির।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'ছোটো কুরা।' *মানোএল*, ১৭৪৩। ৩ *বিণ* কনিষ্ঠ। 'ভাদু দত্তের ছোট ভাই নাম তার শিবা।' *মুকুন্দ*, ১৬০০। ৪ *বিণ* অল্প পরিমাণ। 'ছোট গ্রাস তোলে বীর জেন হাড়িয়া তাল।' *মুকুন্দ*, ১৬০০। ৫ *বিণ* ক্ষমতায় বা পদমর্যাদায় খাটো। 'তিলকে অধিক ছোট কিসে আমি বড়।' *মুকুন্দ*, ১৬০০। ৬ *বিণ* তুচ্ছ। 'তাহা ভাবিয়া ইহাকে ছোট জ্ঞান করিবা না।' *রামরাম*, ১৮০১। ৭ *বিণ* নিম্নবর্ণের। 'বিবাহের উদ্দেশ্য অসিদ্ধ বলিয়া, ছোট জাতির মেয়ে খুঁজিব।' *বঙ্কিম*, ১৮৯২। ৮ *বিণ* হীন। 'তোমার ছোটো মন।'

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রবীন্দ্র, ১৯০২। **৯** *বিণ* ক্ষুদ্র। 'এইগুলো সব ছ্যাবলা পাখি নেহাৎ ছোট জাত।' *সুকুমার*, ১৯২০। **১০** *বিণ* নগণ্য। 'পুষ্করিণীর সহিত সমুদ্রের তুলনা দিলে সমুদ্রকেই ছোটো বলিয়া মনে হয়।' *রবীন্দ্র*, ১৮৭৭। **১১** *বিণ* গুরুত্বহীন। 'ছোটো কথা, ছোটো সুখ।' *রবীন্দ্র*, ১৮৯৩। **১২** *বিণ* তেমন সফল নয় এমন। 'বড়ো কবিও জানে ছোটো কবিও জানে, অকবিও জানে ...।' *রবীন্দ্র*, ১৯০৭। **১৩** *বিণ* মহত্ত্ব নয় এমন। 'ছোটো-ইংরেজের জোর সমস্ত আমাদের ছোটো শক্তির উপরে।' *রবীন্দ্র*, ১৯১৭।

ছোট আদালত [ছোটো+আ আদালত] *বি* নিম্ন আদালত। 'পর দিবস ছোট আদালতে দুই মাসের মাহিয়ানার ...।' *ভবানী*, ১৮২৫।

ছোটকাল [ছোটো+স কাল] *বি* বাল্যকাল। 'ছোটকালে ঢাকায় দেখেছি ...।' *উমর*, ১৯৬৮।

ছোটগিন্নী [ছোটো+স গৃহিণী] *বি* পরিবারের ছোটোকর্তার স্ত্রী। 'আর আছেন বিধবা ছোটগিন্নী।' *তারা*, ১৯৪৩।

ছোটোকবিতা [ছোটো+স কবিতা] *বি* দীর্ঘ নয় এমন কবিতা। 'একালের ছোটোগল্প কিংবা ছোটোকবিতার বই।' *প্রমথ*, ১৯১২।

ছোটো-কর্তা [ছোটো+স কর্তা] *বি* কনিষ্ঠ কর্মকর্তা। 'কেউ বা বড়ো-কর্তা, কেউ বা মেজো-কর্তা, কেউ বা ছোটো-কর্তা।' *রবীন্দ্র*, ১৯২৯।

ছোটো কাজ, ছোট কাজ [ছোটো+স কার্য] *বি* অসম্মানজনক কাজ; যোগ্যতার অনুপযুক্ত চাকরি। *ওসাঁ*, ১৭৮২।

ছোটোখাটো, ছোটখাট [ছোটো+পা খুদ] **১** *বিণ* খর্বাকৃতি। 'দেখিতেছ ছোটখাট বয়ো বহু নয়।' *ভবানী*, ১৮২৫। **২** *বিণ* ছোটো আকারের। 'ছোটোখাটো শহর যেমন হয়ে থাকে ব্রিদ্দিসিও তাই।' *রবীন্দ্র*, ১৮৮১। **৩** *বিণ* অপ্রধান। 'আমার এ হৃদয়ের ছোটোখাটো গীতগুলি, স্নেহ-কলরব, তারি মাঝে কে আনিল দিশাহীন সমুদ্রের সংগীত ভৈরব।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৪** *বিণ* ক্ষমতায় বা পদমর্যাদায় অপেক্ষাকৃত খাটো। 'দেশীয় ছোটখাট শাসনকর্তা।' *নজরুল*, ১৯২২। **৫** *বিণ* সামান্য। 'ক্ষুদ্র একটু মিষ্টি কথায়, ছোটখাটো উপহারে/ এত খুশি হতো ...।' *জসীম*, ১৯৫১।

ছোটোগল্প, ছোটগল্প [ছোটো+স জল্প] *বি* দীর্ঘ নয় এমন গল্প। 'পিন্নি বলিয়া একটা ছোটোগল্প লিখিয়াছিলাম।' *রবীন্দ্র*, ১৯১২; 'আমাদের হাতে শুধু জন্মলাভ করে শুধু ছোটোগল্প।' *প্রমথ*, ১৯১৩।

ছোটো/ছোটগল্পলেখক [ছোটো+স জল্প+স লেখক] *বিণ* ছোটোগল্প-রচয়িতা। 'ঔপন্যাসিক, কবি, ছোটগল্পলেখক সকলেরই প্রতি প্রযোজ্য।' *নজরুল*, ১৯২২।

ছোটো ছোটো ১ *বিণ* ক্ষুদ্রায়তন। 'ছোটো ছোটো পুকুরের মতো।' *রবীন্দ্র*, ১৮৮০। **২** *বিণ* টুকরা টুকরা। 'ছোটো ছোটো মেঘগুলি/ সাদা সাদা পাখা তুলি ...।' *রবীন্দ্র*, ১৮৮৩।

ছোটো-দি *বি* কনিষ্ঠ দিদি। 'যদি জোটে দরদি ছোটো-দি বা বড়ো-দি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

ছোটো/ছোটপাত *বি* ছোটো থালা। 'ছোটপাতে মুখরোচক আচার-চাটনিও কয়েক পদের।' *ওয়ালী*, ১৯৬৪।

ছোটো/ছোটবড়, ছোটোবড়ো ১ *বিণ* সাধারণ ও অসাধারণ। 'ছোট বড় ভক্তগণ বন্দৌ সবার শ্রীচরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* ভালো-মন্দ; যোগ্য-অযোগ্য। 'একালে যে বৈষ্ণবেরে ছোট বড় বলে।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *বিণ* ক্ষুদ্র ও বৃহৎ। 'মোটবাহী ও যাত্রীবাহী অসংখ্য ছোটোবড়ো নৌকা।' *মানিক*, ১৯৩৬।

ছোটোবাবু, ছোটবাবু [ছোটো+ফা বাবু] **১** *বি* অল্পবয়স্ক বাবু। 'ছোটবাবুকে কহিলেন তুমি আমার সহিত অন্তঃপুরে চল।' *ভবানী*, ১৮২৫। **২** *বি* ঘরের বা সংসারের ছোটো কর্তা। 'ছোটবাবুর কিছু সাহেবী মেজাজ।' *হুতোম*, ১৮৬১।

ছোটো/ছোটমনা *বিণ* সংকীর্ণ মনবিশিষ্ট। 'আমরা অত ছোটমনা না।' *মনসুর*, ১৯৫৫।

ছোটো মোজা *বি* পায়ের পাতা ঢাকার ছোটো আবরণ; সক্স। *ওসাঁ*, ১৭৮৫।

ছোটোলোক, ছোটলোক [ছোটো+স লোক] **১** *বি* সামাজিক মর্যাদায় পিছিয়ে-থাকা সম্প্রদায়। 'বিশেষতঃ ছোটলোক যত।' *গুপ্ত*, ১৮৫৮; 'চাষাকে ... তাঁতিকে ... ছোটোলোক বলে অবজ্ঞা করি।' *রবীন্দ্র*, ১৯০৯। **২** *বি* গালিবিশেষ; নীচ স্বভাবের লোক। 'যাহা মুখে আসিল গাল দিতে লাগিল। বলিল, ছোটোলোক।' *রবীন্দ্র*, ১৯১৪। **৩** *বি* গরিব মানুষ। 'ছোটলোকদের dirty পাড়ার মধ্যেও আমরা যাইনে।' *শরৎ*, ১৯১৭। **৪** *বি* নিম্নশ্রেণীর লোক। 'কেমনে সহে মা আজি ছোটো লোকে কটু বলে।' *অশ্বিনী*, ১৯২০। **৫** *বিণ* নীচ মনের অধিকারী। 'গরিব আমি, তা বলে তো ছোটোলোক নই।' *রবীন্দ্র*, ১৯৩৪। **৬** *বি* ইতরজন। 'গরিবের মধ্যে সে গরিব, ছোটোলোকের মধ্যে আরও বেশি ছোটো লোক।' *মানিক*, ১৯৩৬।

ছোটোলোকত্ব [ছোটো+স লোকত্ব] *বি* নীচ লোকের মতো আচরণ। 'গৃহস্বামীর ছোটোলোকত্বের কথা তারস্বরে যুক্তিপ্রমাণসহ দেখাতে থাকেন।' *নজরুল*, ১৯২৭।

ছোটো/ছোটলোকোমি *বি* নীচ লোকের মতো আচরণ। 'বাঙলা কথায় একদম ছোটলোকোমি করলেন।' *মুজতবা*,

ছোটো সাহেব [ছোটো+আ সাহিব] *বি* ডেপুটি গভর্নর। *ওসাঁ*, ১৭৮৫।

ছোটোহাজরি [ছোটো+আ হাজরি] *বি* নাশতা; সকালের খাবার। 'ভারতবর্ষীয় ইংরাজের ছোটোহাজরির অঙ্গ হইয়া পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৮; 'বিরক্তিকর স্বর প্রকাশ করে তারা ছোটহাজরি অন্বেষণে চতুর্দিকে চলে গেল।' *রবীন্দ্র*, ১৯১২।

ছোট্ট [পা ছুট্ঠ] *বিণ* অত্যন্ত ছোটো। 'ছোট্ট ছোট্ট নালি মৎস্যের ফালাইয়া মুরি ... বান্ধিলেক ঝুরি।' *বিজয়*, ১৬৫০।

ছোট্ট দেখা *ক্রি* অল্প সময়ের জন্য দেখা। 'মালেকাবাণুর সাথে ছোট্ট দেখা হলো ফারুকের।' *শামসুল*, ১৯৫৬।

ছোড়দা [পা ছুট্ঠ+হি দাদা>] *বি* ছোটো দাদা। 'ছোড়দা এসে ঘুষি বাগায়।' *অন্নদা*, ১৯৭২।

ছোড়দি, ছোড়দিদি [পা ছুট্ঠ+হি দাদা>] *বি* ছোটো দিদি। 'ছোড়দিদিও বঞ্চিত হবেন না।' *রবীন্দ্র*, ১৯০৭; 'তুমি আমার ছোড়দি হবে?' *নজরুল*, ১৯২৬।

ছোড়ন, ছোড়ান [স ক্ষিপ্>] **১** *বিণ* মুক্ত। 'বন্দি ছোড়ান করি আনি অনিরুদ্র বিরে।' *মালাধর*, ১৫০০। **২** *বি* ছাড়ান। 'বসন চন্দন দিআ করিল ছোড়ানে।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* মুক্তি। 'চণ্ডী না ভজিলে তোর নাহিক ছোড়ান।' *মুকুন্দ*, ১৬০০।

ছোড়া [স ক্ষিপ্>] *ক্রি* ছুড়ে ফেলা; খোলা; ত্যাগ করা। **ছুড়ি** *ক্রি* ছেড়ে। 'তোহ্মার আহ্মার বৈরী না দিবা তাহারে ছুড়ি।' *সুলতান*, ১৭০০। **ছোড়** *ক্রি* ছুড়ে ফেলো। 'ছোড় ছোড় পিঙ্কন, নিচোল পাছে ফাটে।' *বৃন্দা*, ১৫৮০। **ছোড়এ** *ক্রি* ছোড়ে। 'কোটালেরে বীরবর ছোড়এ খরশর মেঘে জেন পানি পসলা।' *মুকুন্দ*, ১৬০০। **ছোড়ব** *ক্রি* ছাড়বো। 'যাবত জীওব/ প্রেম ন ছোড়ব।' *বাহরাম*, ১৬৫০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ছোড়বি *ক্রি* ছেড়ে দিবি। 'দেই তুলসী তিল দেহ সমর্পিলু দয়া জনি ছোড়বি মোয়।' *বিদ্যাপতি*, ১৪৬০। **ছোড়য়ে** *ক্রি* ছোড়ে। 'দক্ষের বীরবর ছোড়য়ে খর শর।' *মুকুন্দ*, ১৬০০। **ছোড়াইতে** *ক্রি* খুলতে। 'গাঠি ছোড়াইতে হল করি সখীগণ।' *আলাওল*, ১৬৮০। **ছোড়াইয়া** *ক্রি* ছাড়িয়ে; মুক্ত ক'রে। 'বন্দি ছোড়াইয়া তারে বলে পূয় বানি।' *মালাধর*, ১৫০০। **ছোড়ি** *ক্রি* ত্যাগ করে। 'সঙ্গে নায়ক কুসুমশায়ক ছোড়ি মঞ্জির লোল রে।' *গোবিন্দ*, ১৬০০। **ছোড়ে** *ক্রি* ত্যাগ করে। 'ছোড়ে লাজ কংস পাশ কহু গে গোহারি।' *বৃন্দা*, ১৫৮০।

ছোতিয়ারা *বি* বিবাহের আচারবিশেষ। 'শতামৃত, ছোতিয়ারা এবং অন্নপ্রাশন।' *মানোএল*, ১৭৪৩।

ছোন [পা ছণক] *বি* শণ। 'মনে পড়ে ঘর ছোনের ছাউনি।' *জসীম*, ১৯৩১।

ছোপ[১] [স ছম্প>?] *বি* দৌড় প্রতিযোগিতা। 'ইষকারি কুত্তা চলে দিতে চাহে ছোপ।' *বিজয়*, ১৬৫০।

ছোপ[২] [স ছুপ্] *বি* ছাপ; দাগ। 'স্বামীর খুনের ছোপ-দেওয়া।' *নজরুল*, ১৯২২।

ছোপড়া [স ছক্কা] *বি* ছোবড়া। 'কায়েব অর্থাৎ নারিকেলের ছোপড়ার রজ্জুতে সকল প্রস্তুত হইয়াছে।' *দর্পণ*, ১৮২৪।

ছোপানো[১] [স ছুপ্>] *ক্রি* রাঙানো। 'ভাল ক'রে ছোপাইব রুধিরের জলে।' *গুপ্ত*, ১৮৫৮।

ছোপানো[২] [স ছুপ্>] *বিণ* রাঙানো। 'আলতা-ছোপানো পায়ের আঁখর টানি।' *জসীম*, ১৯৩৩।

ছোবড়া [স ছক্কা] ১ *বি* ফলের আঁশওয়ালা বহিরাবরণ। 'নারিকেলের চারটি সামগ্রী – জল, শস্য, মালা আর ছোবড়া।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বিণ* অভুক্ত। 'কয়েদিরা ছোবড়া পেটে ঘানি টানে সতরঞ্চি বোনে।' *মনোজ*, ১৯৬১। ৩ *বি* রসহীন পদার্থ। 'সব তো এখন ছোবড়া।' *সেলিনা*, ১৯৭৫।

ছোবল [স কবল] *বি* প্রবল জলের ঝাপটা; দংশন। 'দেঁতো ক্রিকেটের মতো ছোবলে তোকে আমি জখম করে দিচ্ছি।' *নজরুল*, ১৯২৭।

ছোবা [স শল্ল>] *বি* মাটির পাত্র। 'খান কত ছোবা লহিল উল্টা কোছে।' *বিজয়*, ১৬৫০; 'পাঁচিলের ঘুলঘুলির মধ্যে ছোবাটা দুর্গা রাখিয়া দিল।' *বিভূতি*, ১৯২৯।

ছোবানো, ছোবান [স ছুপ্>] *বিণ* রঙিন। 'তারকেশ্বরে ছোবান গামচা হাতে।' *হুতোম*, ১৮৬১; 'শেফালির বোঁটায়-ছোবানো ফিরোজা রং।' *নজরুল*, ১৯২৭।

ছোভা [স শল্ল] *বি* নারিকেলের খোসা। 'নারিকেল ছালিয়া ফালাইল ছোভা বোট।' *বিজয়*, ১৬৫০।

ছোয়া [স ছুপ্>] *ক্রি* স্পর্শ করা। **ছো** *ক্রি* স্পর্শ কর। 'কাহ্নাঞি মোরে নাহি ছো।' *বড়ু*, ১৪৫০। **ছোই** *ক্রি* ছুঁই। 'ছই ছোই জাই সো বান্ধ নাড়িআ।' *চর্যা* ১০, ১২০০। **ছোবে** *ক্রি* ছুঁয়ে দেখবে। 'ছোবে না তার গন্ধ পেলে।' *রামপ্রসাদ*, ১৭৮০। **ছোয়** *ক্রি* স্পর্শ করে। 'কারে ছোয় কারো অঙ্গে কুল্লোল প্রদান।' *বৃন্দা*, ১৫৮০। **ছোয়াইল** *ক্রি* স্পর্শ করলো। 'সাত গাছ কাছনা ছোয়াইল দুই পায়ে।' *বিজয়*, ১৬৫০।

ছোয়াব [আ সওয়াব] *বি* পুণ্য। 'ছোয়াবের কথা শুনে একবার আপাদমস্তক মজিদকে দেখে নেয়।' *ওয়ালী*, ১৯৪৮।

ছোর [হি] *বি* গোঁফ। 'দুই ছোর আস্মার মুড়াইমু।' *সুলতান*, ১৭০০।

ছোরমা [ফা সুরমহ্] *বি* সুরমা। 'হস্তে লয়ে ছোরমাদানী।' *জসীম*, ১৯৩৩।

ছোরমাদানী [ফা সুরমহ্+ফা দান>] *বি* সুরমা রাখার ছোটো পাত্র। 'দুখের দহে ভাসল তাহার ছোরমাদানী।' *জসীম*, ১৯৩৩।

ছোরমারেখা [ফা সুরমহ্+স রেখা] *বি* সুরমার দাগ। 'তাহার চোখের ছোরমারেখা।' *জসীম*, ১৯৩৩।

ছোরা [স ছুরিকা] *বি* ছুরি। 'তাহার গলায় এক ছোরা মারিল।' *দর্পণ*, ১৮২১।

ছোরাছুরি [স ছুরিকা>] *বি* ছুরি চালিয়ে মারামারি। 'জলে হাওয়ায় ছোরাছুরি।' *সত্যেন্দ্র*, ১৯১০; 'পাড়ার হিন্দু বীরদের ধর্মীয় জিকিরে বহু হিন্দু জমায়েত হইল এবং তৎপর শুরু হইল নিষ্ঠুর ছোরাছুরির খেলা।' *আজাদ*, ১৯৩৯।

ছোলকা [স চণক] *বি* ছোলা। 'ঘোড়ার দানা ছোলকা।' *মনসুর*, ১৯৫৫।

ছোলঙ্গ [স সুরঙ্গ] *বি* বাতাবি লেবু। 'ছোলঙ্গ চিপিআঁ নিমঝোলে খেপিলোঁ।' *বড়ু*, ১৪৫০।

ছোলতান [আ সুলতান] *বি* সুলতান। 'আজ্ঞা কৈল ছোলতানে হরষিত মন।' *আলাওল*, ১৬৮০।

ছোলা[১] [স চণক] *বি* ডাল জাতীয় শস্যবিশেষ। 'তণ্ডুল কিনিল ছোলা।' *মুকুন্দ*, ১৬০০।

ছোলাভাজা *বি* ভাজা হয়েছে এমন ছোলা। 'বাদাম দেওয়া ছোলাভাজা ছেনাবড়া পানতোয়া।' *ভবানী*, ১৮২৮।

ছোলা[২] [স শল্ল] ১ *ক্রি* খোসা ছাড়ানো। 'যত নারিকেল ছোলিয়া লও সমান।' *বিজয়*, ১৬৫০। ২ *বি* যা ছুলে ফেলে দেওয়া হয়; ফলের খোসা। *মানোএল*, ১৭৪৩।

ছোলা[৩] [স শল্ল] *বি* যা ছুলে ফেলে দেওয়া হয়; ফলের খোসা। *মানোএল*, ১৭৪৩।

ছোহরা [হি ছুহারা] *বি* খোরমা; শুকনা বড়ো খেজুরবিশেষ। 'বাদাম ছোহরা দ্রাক্ষা পিণ্ডখর্জুর।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ছ্যাঃ [ধ্বন্যা] *বি* তাচ্ছিল্য নির্দেশক শব্দ। 'মামার এঁটো হুঁকোয় টান মারতে ছ্যাঃ!।' *শিবরাম*, ১৯৫০।

ছ্যাঁক [ধ্বন্যা] *বি* হঠাৎ হৃৎপিণ্ডের প্রবল স্পন্দনের শব্দ। 'কম হতে দেখলে প্রাণ ছ্যাঁক করে ওঠে।' *নজরুল*, ১৯২৭।

ছ্যাঁক ছ্যাঁক [ধ্বন্যা] *বি* গরম তেলে রান্নার শব্দ। 'ছ্যাঁক ছ্যাঁক শব্দ হয় ঢাকা দেন মুচি।' *গুপ্ত*, ১৮৫৮।

ছ্যাঁকা [ধ্বন্যা ছ্যাঁক>] *বি* গরম বস্তুর স্পর্শ। 'মামা মামীরা ছ্যাঁকা দিয়ে পুড়িয়েচে।' *শরৎ*, ১৯১৬।

ছ্যাঁচড় [স ছিত্বর] ১ *বিণ* দুষ্ট বা নিম্ন প্রকৃতির। 'ছ্যাঁচড় ছেলে-মেয়ের দঙ্গলকে ... জব্দ করার বৃথা চেষ্টা।' *নজরুল*, ১৯২৭। ২ *বিণ* শঠ। 'আচ্ছা ছ্যাঁচড় লোক তো আপনি।' *মণীশ*, ১৯৬৩।

ছ্যাঁচড়া [স ছিত্বর] ১ *বিণ* পাজি। 'ছ্যাঁচড়া ছেলে বেদড় ভারি।' *নজরুল*, ১৯২৬। ২ *বিণ* অতি নিচু শ্রেণীর। 'বোঝা গেল ঘরে ছ্যাঁচড়া চোর আসে নাই।' *মানিক*, ১৯৩৬। ৩ *বিণ* শঠতাপূর্ণ। 'ওদের যেন কেমন ছ্যাঁচড়া অভ্যাস।' *ওয়ালী*, ১৯৪৭। ৪ *বি* শাকসবজির ঘন্ট। 'রাঙি ছ্যাঁচড়া রাঁধছে।' *জীবন*, ১৯৪৮।

ছ্যাঁচরামি [স ছিত্বর] *বিণ* টানাটানি অবস্থা। 'কতদিন আর এমন ছ্যাঁচরামির ভেতর দিয়ে টিকে থাকতে পারা যায়?' *জীবন*, ১৯৩১।

ছ্যাঁচা [স ছিদ্>] ১ *বিণ* চ্যাপটা। 'ওরে ছ্যাঁচা ঝিনুক।' *নজরুল*, ১৯২৭।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২ *বি* মারধর। 'অনেক ধমক, অনেক ছ্যাঁচা।' *মানিক*, ১৯৩৭।

ছ্যাঁছড়ামো [স ছিত্তর>] *বি* ছেঁচড়ামি; নীচ বৃত্তি। 'ছুঁচোমো, ছ্যাঁছড়ামো ওদেশ থেকে প্রায় উঠে গিয়েছে।' *মুজতবা*, ১৯৫২।

ছ্যাঁৎ [ধ্বন্যা] *বি* আকস্মিক বিস্ময়ে বা ভয়ে হৃৎকম্পন। 'বুকের ভিতরটায় ছ্যাঁৎ করিয়া উঠিল।' *শরৎ*, ১৯১৭।

ছ্যাঁদা [স ছিদ্র>] ১ *বিণ* ছলনাময়; ফালতু। 'আইনের কর্ত্তারা সেদিক অতি ছেলে-ভুলান ছ্যাঁদা কথায় চাপা দিয়া রাখিয়াছেন।' *জামায়াত*, ১৯৩৯। ২ *বি* ছিদ্র। 'চৌবাচ্চার ছ্যাঁদার ন্যাতা খসিয়ে।' *জীবন*, ১৯৪৮।

ছ্যাঁরা *বি* ছেলে। 'ওই ছ্যাঁরাটা?' *মণীশ*, ১৯৬৩।

ছ্যাকড়া [হি ছকড়া] *বি* ঘোড়ার গাড়িবিশেষ। 'ছ্যাকড়া টানে না বোঝাও বহে কভু ঘোড়া কভু গাধা।' *নজরুল*, ১৯৩২।

ছ্যাকরা গাড়ি *বি* ঘোড়ার গাড়ি। 'ছ্যাকরা গাড়িতে করে মাসিমাকে কালীঘাটে পৌঁছিয়ে দিয়ে।' *জীবন*, ১৯৩২।

ছ্যাতলা [স ছত্রাক] *বি* শেওলা। 'নানা রঙের ছ্যাতলা পড়া পাথরটার নীচে।' *রবীন্দ্র*, ১৯২৮।

ছ্যাতলা পড়া *বিণ* শেওলাযুক্ত। 'পাঁচিলের ছ্যাতলা পড়া সবুজে কালোয় মেশা নানা রেখায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

ছ্যাতা [স ছত্রাক] *বি* শেওলা। 'রঙে ছ্যাতা পড়বার উপক্রম করলেও এখনো সে-রং ধবধব করে।' *ওয়াদী*, ১৯৪৮।

ছ্যাৎলা [স ছত্রাক] *বি* শেওলা। 'পাঁচিল ছ্যাৎলা-পড়া।' *রবীন্দ্র*, ১৯৩৯।

ছ্যাদা [স ছিদ্র] *বি* ফুটা। 'চৌবাচ্চার ছ্যাদার ন্যাতা খসিয়ে।' *জীবন*, ১৯৪৮।

ছ্যান [স ছেদনী] *বি* খেজুর গাছ কাটার হাতিয়ারবিশেষ। 'হানরে লাঠি – হানরে কুঠার, গাছের ছ্যান আর রামদা ঘুরা।' *জসীম*, ১৯২৯।

ছ্যাবলা [আ সিফলাহ্] *বিণ* হালকা স্বভাবের। 'এইগুলো সব ছ্যাবলা পাখি নেহাৎ ছোট জাত।' *সুকুমার*, ১৯২০।

ছ্যাবলামি ১ *বি* রসিকতা। 'কৌতুকরসকে আমাদের প্রবীণ লোকমাত্রেই ছ্যাবলামি বলিয়া ঘৃনা করিয়া থাকেন।' *রবীন্দ্র*, ১৮৯৭। ২ *বি* গাম্ভীর্যহীনতা; ছেলেমি। 'হাসি-তামাশারে যবে কব ছ্যাবলামি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

ছ্যাবা [স শল্ক] *বি* ছিবড়া; দ্রব্যের সারহীন অংশ। 'তাহার শুষ্ক ছ্যাবা বাহির করিয়া দিতে থাকে।' *নজরুল*, ১৯২২।

ছ্যামড়া [স ছমণ্ড] *বি* বালক; ছোটো ছেলে। 'চুপ কর ছ্যামড়া, বেত্তমিজের মতো কথা কইস না।' *ওয়াদী*, ১৯৪৮।

ছ্যালা [স শাবক>] *বি* ছেলে। *ওসা*, ১৭৮২।

ছ্যালে [স শাবক>] *বি* পুত্র। 'সাঁপোলতলার ৫ কুড়ো ভুঁই যদি নীলি গ্যাল তবে মাগ ছ্যালেরে খাওয়াব কি।' *দীনবন্ধু*, ১৮৬০।

ছ্যালেপিলে *বি* ছেলেমেয়ে। 'ছ্যালেপিলে খাবে কি।' *দীনবন্ধু*, ১৮৬০।

ছ্যেলেব্যালা [ছেলে+স বেলা] *বি* ছেলেবেলা। 'ছ্যেলেব্যালা তাঁর ... গোঁইবদের উপর বিজাতীয় ভয় ও ঘৃণা ছিল।' *হুতোম*, ১৮৬১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জ[১] [স ষঃ] *সর্ব* যা। 'কাজ ন কারণ জ এহ জুঅতি।' *চর্যা* ২৬, ১২০০।

জ[২] *বি* বাংলা ব্যঞ্জনধ্বনি ও বর্ণবিশেষ। 'অঙ্কসংখ্যা ও সাঙ্কেতিক শব্দ ও জকার ও ষকার ... প্রভৃতি তাবৎ নির্ণয় আছে।' *দর্পণ*, ১৮২১।

জকার [স] *বি* 'জ' এই বর্ণ। 'অঙ্কসংখ্যা ও সাঙ্কেতিক শব্দ ও জকার ও ষকার ... প্রভৃতি তাবৎ নির্ণয় আছে।' *দর্পণ*, ১৮২১।

জঅ [স জয়] *বি* জয়। 'জঅ জঅ দুন্দুহি সাদু উছলিআঁ।' *চর্যা* ১৯, ১২০০।

জঅকার [স জয়কার] *বি* জয়ধ্বনি। 'পড়িব জঅ জঅকার।' *রামাই*, ১৭১০।

জঅঢাক [স জয়-ঢক্ক] *বি* জয়ডঙ্কা। 'বেআল্লিশ বাজনা বাজে জঅঢাক বাজে।' *রামাই*, ১৭১০।

জআ [স জয়া] *বি* হিন্দু দেবী দুর্গা। 'জগতজননী জআ শিবের জীবন।' *মুকুন্দ*, ১৬০০।

জঅন্তি [স জয়ন্তী] *বি* বৃক্ষবিশেষ। 'জঅন্তি যুজ্ঞাএ ফল পিপলির লতা।' *মালাধর*, ১৫০০।

জই[১] [স যদি] *অব্য* যদি। 'মোহ বিমুক্কা জই মাণা।' *চর্যা* ৪৬, ১২০০।

জই[২] [স জয়ী] *বিণ* জয়ী। 'রাক্ষসের রণে জখন রাম হইলা জই।' *মুকুন্দ*, ১৬০০।

জইঅও [পা যত্তক] *ক্রিবিণ* যতই। 'জইঅও জতনে গোঅএ চাহএ হিমগিরি ন নুকাএ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জইও [স যদি] *অব্য* যদিও। 'তুঅ দরসন বিনু তিলও ন জীব। জইও কলামতি পীউখ পীব।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জইতঁহ *ক্রি* যেতাম। 'মোয়ে অভাগলি নহি জানল রে সঙ্গহি জইতঁহ কেহ দেস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জইন [স যমানী] *বি* মসলাবিশেষ। 'জইনের গুঁড়া চিবাও।' *জসীম*, ১৯৬০।

জইফ [আ] *বি* বৃদ্ধ। 'মেছেল নাহিক হয় জইফ ও জওয়ান।' *গরীব*, ১৭৬৫। দ্র **জঈফ**

জইর [আ জওর] *বি* জুলুম। 'একটা মস্ত জইর গজব।' *নজরুল*, ১৯২৪।

জইষ [স যাদৃশ] *বিণ* যেমন। 'বাতাবত্তেঁ সো দিঢ় ভইআ অপেঁ পাথর জইষ।' *চর্যা* ৪১, ১২০০।

জইষ্ঠ [স জ্যৈষ্ঠ] *বি* জ্যৈষ্ঠ; বঙ্গাব্দের দ্বিতীয় মাস। 'পাপিষ্ঠ জইষ্ঠ মাস প্রচণ্ড তপন/ খণ্ড খণ্ড হইল মোর খুঞার বসন।' *মুকুন্দ*, ১৬০০।

জইসনে [স যাদৃশ] *ক্রিবিণ* যেমনে। 'জইসনে অছিলেস তইসনে অছ।' *চর্যা* ৩৭, ১২০০।

জইসা [স যাদৃশ] *বিণ* যেমন। 'পেখু সুঅণে অদশ জইসা।' *চর্যা* ৪৬, ১২০০।

জইসো [স যাদৃশ] *বিণ* যেমন। 'গন্ধ পরসরস জইসো তইসো।' *চর্যা* ১৩, ১২০০।

জঈফ [আ] *বিণ* বৃদ্ধ। 'প্রধান কারণ তার জঈফ অবস্থা।' *ওয়ালী*, ১৯৪৮।

জউ [স জতু] *বি* গালা। 'জউ দিয়্যা অভেদ করিল হরিতালে।' *মানিকরাম*, ১৭৮১।

জউতুক [স যৌতুক] *বি* যৌতুক। 'জউতুকে কিঅ আণুতু ধাম।' *চর্যা* ১৯, ১২০০।

জউবন [স যৌবন] *বি* যুবাবস্থা। 'নব জউবন নব কন্তা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জউনা [স যমুনা] *বি* যমুনা। 'গঙ্গা জউণা মাঝেঁ রে বহই নাই।' *চর্যা* ১৪, ১২০০।

জএধ্বনি [স জয়ধ্বনি] *বি* জয়সূচক ধ্বনি। 'দেবগনে আকাসেত করে জএধ্বনি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জওাব [আ জওয়াব] *বি* জবাব; উত্তর। *বোগল*, ১৭৭০।

জওঁ [স জন্ম] *বি* জন্ম। 'জনম হোঅএ জদি জওঁ পুনু হোই। জুবতী তহ জনমএ জনি কোই।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জওয়ান [ফা] **১** *বি* যুবক। 'মেছেল নাহিক হয় জইফ ও জওয়ান।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* যুবতী। 'বুড়িকে জওয়ান আলা করিবারে পারে।' *গরীব*, ১৭৬৫। **৩** *বি* সেনাবাহিনীর সেপাই। 'পাকিস্তানী জওয়ানদের উদ্দেশে ভাষণদানকালে ... পরিচালনার আহ্বান জানাইয়াছেন।' *আজাদ*, ১৯৭১।

জওয়ানি [ফা জওয়ান>] *বি* যৌবন। 'সুরাত জামাল জওয়ানির ঠোঁটে বেলুর নওজোয়ান।' *ফররুখ*, ১৯৪৩।

জওয়াব [আ] *বি* উত্তর। 'আখেরে কি জওয়াব পুছিবে খোদায়।' *গরীব*, ১৭৬৫।

জওয়াবদিহি [ফা জওয়াবদেহী>] *বি* কারণ দেখানো। 'এসব প্রশ্নের জওয়াবদিহি আজ করিতেই হইবে।' *আজাদ*, ১৯৪২।

জওয়াহের [আ জওহর] *বি* বহু মূল্যবান রত্ন। 'এলবাস পোষাক ও সোণারূপার গহনা ও বাসন ও জওয়াহের প্রভৃতি।' *দর্পণ*, ১৮৩০।

জওহর [আ] *বি* মূল্যবান রত্ন। 'পানি কওসর মণি জওহর।' *নজরুল*, ১৯২৪।

জওহরাৎ [আ জওহর>] *বি* জহরত; হীরা পান্না চুনি ইত্যাদি নানা রত্ন। 'বাড়িতে এসে শ্রেষ্ঠী ... অলঙ্কার-জওহরাৎ বের করলেন।' *মুজতবা*, ১৯৬৬।

জওহরি [আ জওহর>] *বি* মণিমুক্তার ব্যবসায়ী। 'কোন দিগে জওহরিদের দোকান।' *রামরাম*, ১৮০১।

জওাব [ফা জওয়াব>] *বি* জবাব; উত্তর। 'মেহেরবান করাবেন ইহা জওাব।' *বোগল*, ১৭৭০।

জং [ফা জঙ্গ] *বি* মরিচা। 'সেই আবার রোজই 'অয়েন্ড' হচ্ছে, তার কোথাও একটু জং ধরে না।' *নজরুল*, ১৯২২।

জংধরা [ফা জঙ্গ+ধরা] **১** *বিণ* মরিচা ধরে আছে এমন। 'খুলেছে কাবার পথে সে রুদ্ধ লাখো জংধরা দ্বার।' *ফররুখ*, ১৯৪৬। **২** *বিণ* কলুষিত। 'জ্যোতির পাপড়ি কাঁটায় ছিঁড়তে চায় জংধরা পাষাণ দিল।' *ফররুখ*, ১৯৪৬।

জংগী [ফা জঙ্গী] *বিণ* যুদ্ধসংক্রান্ত। 'আজ নিতে হবে জংগী সাঁজোয়া মাল্লার নীল বেশ।' *ফররুখ*, ১৯৪৩।

জংঘ [স জঙ্ঘা] *বি* উরু। 'ক্ষীণ মধ্য রামরম্ভা জংঘযুগল।' *বড়ু*, ১৪৫০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জংঘযুগল [স জঙ্ঘাযুগল] *বি* উরুযুগল। 'কনক কেতকী জংঘযুগলে।' *বচু*, ১৪৫০।

জংঘা [স জঙ্ঘা] *বি* উরু। 'জংঘার পাশে ছিল তার খয়েরি জরুল।' *মাহমুদ*, ১৯৬৬।

জংজাল [স ঝঞ্ঝা] *বি* গোলযোগ; ঝগড়া। 'মিছা পাতি দান করহ জংজাল।' *বচু*, ১৪৫০।

জংধরা দ্র জং

জংলা [ফা জঙ্গল] ১ *বি* জংলি। 'জংলা কভু পোষ মানে না।' *লালন*, ১৮৯০। ২ *বিণ* বুনো। 'সে উদাস মনে বসে থাকে জংলা পথের পাশে।' *নজরুল*, ১৯২৪। ৩ *বি* (সংগীত) রাগবিশেষ। 'জংলা কাহারবা।' *নজরুল*, ১৯৩২।

জংলাটে [ফা জঙ্গল>] *বিণ* জঙ্গলে ভরা। 'গাঁ খানা বড় জংলাটে।' *শওকত*, ১৯৫৮।

জংলি, জংলী [ফা জঙ্গল>] ১ *বিণ* অসভ্য। 'জঙ্গলে থাকি জংলী নই।' *সত্যেন্দ্র*, ১৯১৭। ২ *বিণ* বন্য। 'এই কি প্রণয়-নিবেদন রীতি/ জংলি বাঁদর অলঙ্ঘ্য!' *নজরুল*, ১৯৩৯। ৩ *বি* জঙ্গলের অধিবাসী। 'একদল বুনো জংলি লাফাতে লাফাতে বেরিয়ে এলো।' *শিবরাম*, ১৯৪০।

জংশন [ই] *বি* একাধিক রেলপথের মিলন হয় যে স্টেশনে। 'গাড়িটি আসিয়া জংশনে থামিলে আমরা দ্বিতীয় গাড়ির অপেক্ষায় ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জক জক [ধ্বন্যা] *বি* ঝকঝক। **জকজক করা** *ক্রি* উজ্জ্বল হওয়া। 'চারডেলে দিয়ালগিরিতে বাতি জ্বলচে – মজলিস জক জক কচ্চে।' *হুতোম*, ১৮৬১।

জকর, জকরা *সর্ব* যার। 'জকর মরমে বৈসয় বরনারী।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'জকরা ভরেস রসবতী রে সে কৈসে জাএ বিসরস।' *বিদ্যাপতি*, ১৪৬৩।

জক্কী [স যক্ষী>] *বিণ* অত্যন্ত কৃপণ। 'মাগি যে জক্কী।' *হুতোম*, ১৮৬১।

জক্ষ [স যক্ষ] *বিণ* ধনরক্ষক। 'জক্ষ রক্ষ সর্ব্ব জনে করিয়া বিনএ।' *মালাধর*, ১৫০০।

জখন [স যৎক্ষণ>] *ক্রিবিণ* যখন। 'আজি জখনে মোঁ বাঢ়ায়িলোঁ পাএ।' *বচু*, ১৪৫০।

জখনকার [স যৎক্ষণ>+স কার] *বিণ* যে সময়ের। *ওসাঁ*, ১৭৮২।

জখম [ফা] ১ *বি* আঘাতে সৃষ্ট ক্ষত। 'বহুত জখম পায়ে লহু চুয়ে পড়ে।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* সমস্যা। 'জান সাহেবকে দশ পনরো হাজার টাকা সরবরাহ করিতে হইবে তাতে কিছুমাত্র জখম নাই।' *প্যারী*, ১৮৫৮। ৩ *বি* রক্তপাত। 'দাঙ্গা হাঙ্গামা খুন জখম করিবে।' *বঙ্কিম*, ১৮৯২। ৪ *বিণ* ক্ষতিগ্রস্ত। 'হাত যে একেবারে জখম হয়ে যাবে।' *রবীন্দ্র*, ১৯০৯। ৫ *বি* বিদ্রূপ। 'মনের কথা বললে খুলে টিটকারী সে করবে জখম।' *সত্যেন্দ্র*, ১৯১২। ৬ *বিণ* আহত। 'আপনারা প্রেমে জখম হলে তো বাঘের মত রুখে দাঁড়াবেন।' *মুজতবা*, ১৯৪৯।

জখমের স্রোত *বি* রক্তের স্রোত। 'শেয়ার মার্কেট, থানা, রেডিয়ো, ঘোরে জখমের স্রোতের পাকে।' *অমিয়*, ১৯৩৯।

জখমি, জখমী [ফা জখম>] ১ *বিণ* আহত। 'সরাব খাইয়া তলওয়ার হাতে করিয়া আসিয়া হাদি মজুকুরকে নাহক জখমী করিয়াছে।' *হ্যালহেড*, ১৭৭২; 'জখমি।' *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* আহত ব্যক্তি। 'দুজন ছাত্র ... জখমীটাকে বয়ে নিয়ে আড়ালে চলে গেছে।' *হাফিজুর*, ১৯৫৩।

জখমি-ঘায়েল [ফা জখম>+] *বিণ* আহত। 'জখমি-ঘায়েল ভাইকে আগে আস্তে নামা রে।' *নজরুল*, ১৯২২।

জখৈল *বি* হামানদিস্তার নিম্নভাগ। *মানোএল*, ১৭৪৩।

জগ[১] [স জগৎ>] *বি* জগৎ। 'এ জগ জলবিম্ব কারে।' *চর্যা* ৩৯, ১২০০।

জগজন [স] *বি* জগৎবাসী। 'কাল কাজলে নারী জগজন মোহে।' *বচু*, ১৪৫০।

জগজিৎ [স] *বি* জগৎ জয় করে যে। 'দশন তড়িত যিনি হাস্য জগজিৎ।' *বাহরাম*, ১৬৫০।

জগতারণ [স] *বিণ* জগৎ-উদ্ধারক। 'জয় জগতারণ কারণধাম।' *জ্ঞান*, ১৬০০।

জগত্রয় [স] *বি* ত্রিভুবন। 'আমি যদি এই জগত্রয়ের অধীশ্বর হতেম।' *মাইকেল*, ১৮৫৯।

জগপতি [স] *বি* ঈশ্বর। 'প্রেম আলোকে প্রকাশো জগপতি হে।' *রবীন্দ্র*, ১৮৮৪।

জগবন্ধু [স] *বি* সূর্য। 'বন্ধু গেলেন জগবন্ধু দর্শন করতে দিনের আলোতে রাজার মতো।' *অবন*, ১৯২৫।

জগভর [স] *ক্রিবিণ* জগৎ জুড়ে। 'মারুত চতুর শোভএ জগভর।' *বাহরাম*, ১৬৫০।

জগমণ্ডল [স] *বি* বিশ্বজগৎ। 'ছন্দে জগমণ্ডল চলিছে।' *রবীন্দ্র*, ১৮৮১।

জগমন [স] *বি* জগতের সকলের মন। 'বিকশিলে জগমন মোহে।' *বচু*, ১৫৭০।

জগমন্দির [স] *বি* জগতের মন্দির। 'তব জগমন্দির উজলি রমে।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

জগমিত [স জগ+মিত্র>] *বিণ* জগতের মিত্র। 'জগমিত পরহিত কৃত চিত্ত নিত।' *আলাওল*, ১৬৮০।

জগহর্তা [স জগ-হর্তা] *বি* ইহজগতের কর্তা। 'তাহা হোন্তে সকল সেই সে জগহর্তা।' *আলাওল*, ১৬৮০।

জগ[২] [ই] *বি* তরল পদার্থ রাখার পেটমোটা মুখসরু হাতলযুক্ত আধারবিশেষ। 'পেয়ালা করা চা, চুরট, জগে করা জল।' *হুতোম*, ১৮৬১।

জগজগ [ধ্বন্যা] *বিণ* ঝলমল। **জগজগ করা** *ক্রি* ঝকমক করা। 'স্মৃতিটা একদিন হঠাৎ অশান্ত জীবনযাপনের মাঝে জগজগ করে ওঠে।' *নজরুল*, ১৯২৭।

জগজ্জন [স জগৎ-জন] *বি* জগৎবাসী। 'আমরা সচরাচর দেখিতেছি ধনবানেরা জগজ্জন মধ্যে বিশেষ গণ্য ও আদরণীয় হন।' *মশাররফ*, ১৮৬৯।

জগজ্জননী [স জগৎ-জননী] *বিণ* বিশ্বমাতা। 'জেন্নাতবাসিনী জগজ্জননী বিবি ফাতেমাও মায়মুনাকে ভালবাসিতেন।' *মশাররফ*, ১৮৮৫।

জগঝম্প [স] *বি* বড়ো ঢাকবিশেষ; জয়ঢাক। 'ঘন বাজে জগঝম্প।' *মুকুন্দ*, ১৬০০।

জগঝম্পওয়ালা [স জগঝম্প+হি ওয়ালা] *বি* জগঝম্প বাজনদার। 'আমি জগঝম্পওয়ালা বা কীর্ত্তনের পাইল নহি যে এমত পোষাক পরিব।' *চন্দ্রিকা*, ১৮৩০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জগঝাঁপ [স জগঝম্প] *বি* বড়ো ঢাকবিশেষ; জয়ঢাক। 'কার হাতে দণ্ড কার হাতে জগঝাঁপ।' *মুকুন্দ*, ১৬০০।

জগডুমুর [স যজ্ঞ-উডুম্বর] *বি* এক জাতের ডুমুর। 'জগডুমুর গাছের ডালে ...।' *বিভূতি*, ১৯২৯।

জগৎ [স] *বি* ত্রিভুবন; বিশ্ব। 'না হইবে পতন জগৎ ঘোসিবে যশ।' *চণ্ডী*, ১৫৫০; 'জগতের জগন্নাথে/ সেহ আমি রাজপথে।' *বড়ু*, ১৫৭০। দ্র জগত

জগৎআলো [স জগৎ-আলো] *বিণ* জগতের আলো স্বরূপ। 'আজকে তোমায় দেখতে এলাম জগৎআলো নূরজাহান।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

জগৎকর্তা, জগৎকর্ত্তা [স] *বি* সৃষ্টিকর্তা। 'বুদ্ধি দ্বারা জগৎকর্ত্তার সত্তা নিরূপিত হইতে পারিত।' *অক্ষয়*, ১৮৫৫।

জগৎকল্যাণকর [স] *বিণ* জগতের জন্য মঙ্গলজনক। 'ঈশ্বরের প্রেমকরুণাময় বা জগৎকল্যাণকর মূর্তি আমাদের চোখের সামনে ...।' *আইয়ুব*, ১৯৭৩।

জগৎকারণ [স] *বিণ* বিশ্বসৃষ্টির নিদান। 'সেই বিপত্তারণ জগৎকারণ জগদীশ্বরকে স্মরণ করিতে লাগিলেন।' *মশাররফ*, ১৮৬৯।

জগৎকার্য, জগৎকার্য্য [স] *বি* জগতের স্বরূপ। 'মনুষ্য যখন বুদ্ধিসহকারে জগৎকার্য্য আলোচনা দ্বারা ... জগতের যে সকল নিয়ম অবগত হয়েন।' *অক্ষয়*, ১৮৫৫।

জগৎঘোষিত [স] *বিণ* পৃথিবী বিখ্যাত। 'তোমার জগৎঘোষিত পূর্ব্ব প্রতিভা ঘোর অন্ধকারে পরিণত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৮।

জগৎচরাচর [স] *বি* বিশ্বসংসার। 'কাঁপায়ে জগৎ-চরাচরে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

জগৎছাড়া [স] *বিণ* জগৎ থেকে বিচ্ছিন্ন। 'আমি তো জগৎছাড়া নই, জগৎ আমাছাড়া নয়।' *রবীন্দ্র*, ১৮৮৫।

জগৎ জননী [স] *বিণ* বিশ্বমাতা। 'জগৎ জননী জয়া করেন রোদন।' *রূপরাম*, ১৭৫০।

জগৎ-জনা [স] *বি* পরমেশ্বর। 'জগৎ-জনার মন রূপে করে পাগলিনী।' *লালন*, ১৮৯০।

জগৎজেতা [স] *বিণ* বিশ্বজয়ী। 'জগৎজেতা জাহাঙ্গীরের জগৎ আজি অন্ধকার।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

জগৎজোড়া [স জগৎ>] ১ *বিণ* জগৎবিস্তৃত। 'তাঁহার জগৎজোড়া অঙ্কেও তিনি সে রাত্রে আমাকে স্থান দিলেন না।' *রবীন্দ্র*, ১৯১২; 'জগৎজোড়া কলক্রন্দন শুনতে পাচ্ছি বটে।' *রবীন্দ্র*, ১৯২৯। ২ *বিণ* বিশাল। 'ভুঁড়ির পরে জগৎজোড়া আচকানেরে লয় সে টানি।' *জসীম*, ১৯৩১।

জগৎ-তন্ত্র [স] *বি* বিশ্বতত্ত্ব। 'টলেমির জগৎতন্ত্র আমাদের ধারণাযোগ্য।' *রবীন্দ্র*, ১৮৮৩।

জগৎপতি [স] *বি* জগতের স্রষ্টা। 'বিহঙ্গ অদ্ভুতসৃষ্টিকৌশলী জগৎপতির একটি অপূর্ব্ব সৃষ্টি।' *অক্ষয়*, ১৮৫৪।

জগৎপাতা *বিণ* জগতের সৃষ্টিকারী। 'জগৎপাতা জগদীশ্বরের এই সমস্ত অত্যাশ্চর্য ... নিদর্শন প্রতীত হয়।' *অক্ষয়*, ১৮৫০।

জগৎপাবন [স] *বিণ* পৃথিবীর ত্রাণকর্তা। 'জগদীশপণ্ডিত হয় জগৎপাবন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জগৎ-পিতা [স] *বি* জগতের পিতা; ঈশ্বর। 'তিনি তদ্দ্বারা এককালে নানাবিষয় দর্শন করিয়া জগৎপিতার মহিমাবলোকন করিতে পারেন।' *অক্ষয়*, ১৮৫৫।

জগৎপূজিতা [স] *বিণ স্ত্রী* জগতে সবার পূজনীয়। 'অদ্বৈত আচার্য্য ভার্য্যা জগৎপূজিতা আর্য্যা নাম তাঁর সীতা ঠাকুরাণী।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জগৎপ্রকাশক [স] *বিণ* বিশ্বকে উপস্থাপন করে এমন। 'টাইমস-এর জগৎপ্রকাশক স্তম্ভে আমাদের নাম না হয় নাই উঠল।' *রবীন্দ্র*, ১৯০৮।

জগৎপ্রকৃতি [স] *বি* বিশ্বসংসারের স্বরূপ। 'এক হিসাবে জগৎপ্রকৃতি আমাদের ধর্মপ্রকৃতির বিরোধী।' *রবীন্দ্র*, ১৯০৮।

জগৎপ্রদীপ [স] *বিণ* জগতের আলোকস্বরূপ। 'জগৎপ্রদীপ সূর্য্য জাজ্বল্যমান থাকিতেও এই দুষ্কর্ম্ম করিল।' *দর্পণ*, ১৮১৯।

জগৎপ্রাণ [স] ১ *বি* পৃথিবীর প্রাণ। 'প্রাচীন পণ্ডিতেরা বায়ুকে জগৎপ্রাণ বলিয়া বর্ণনা করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* অনন্ত প্রাণ। 'আমার সঙ্গে আর অনন্ত জগৎপ্রাণের সঙ্গে যে চিরকালের নিগূঢ় সম্বন্ধ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জগৎপ্রান্ত [স] *বি* পৃথিবীর শেষ প্রান্ত। 'নিভৃত জগৎপ্রান্তের সেই বাক্যহীন ব্যাকুলতা।' *রবীন্দ্র*, ১৯০৯।

জগৎ-ফুল [স জগৎ+ফুল] *বি* পৃথিবীরূপ ফুল। 'কত যুবার অস্বাদিত রইল জগৎ-ফুলের মধু।' *সত্যেন্দ্র*, ১৯২৪।

জগৎ-বরেণ্য [স] *বিণ* পৃথিবী জুড়ে বরণীয়। 'স্বাধীনতা লাভে যারা দিল প্রাণ জগৎ-বরেণ্য তারা গরীয়ান।' *মাহেনও*, ১৯৪৯।

জগৎবরেণ্যা [স] *বিণ স্ত্রী* পৃথিবীব্যাপী খ্যাতিসম্পন্ন। 'দুই দিকপালের জন্মদান করিয়া জগৎবরেণ্যা।' *অচিন্ত্য*, ১৯৫০।

জগৎবশ [স] *বি* পৃথিবীর উপর কর্তৃত্ব। 'বিটলামি করিয়া জগৎবশ করিবেন ইচ্ছা করিয়াছেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

জগৎবাসী [স] *বিণ* জগতের অধিবাসী। 'ওগো, তোমরা জগৎবাসী।' *রবীন্দ্র*, ১৮৯০।

জগৎবিখ্যাত [স] *বিণ* বিশ্বখ্যাত। 'একটি জগৎবিখ্যাত ফরাসী লেখক আজীবন দুনিয়া দেখে শুনে ...।' *প্রমথ*, ১৯২০।

জগৎব্রহ্মাণ্ড [স] *বি* বিশ্বজগৎ। 'তাই এত বড়ো জগৎব্রহ্মাণ্ডের মাঝখানে আমার গৌরব ঘুচিল না।' *রবীন্দ্র*, ১৯১৬।

জগৎময় [স] *বিণ* জগৎ-জোড়া। 'জগৎময় হোম।' *মশাররফ*, ১৮৯০।

জগৎ-মা, জগৎমাতা [স জগৎমাতা] ১ *বি* জগৎ রূপ মা। 'খোকা থাকে জগৎ-মায়ের অন্তঃপুরে।' *রবীন্দ্র*, ১৯০৩; 'শুনে কথা জগৎমাতা কাঁদিয়া অস্থির।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* হিন্দুদেবী দুর্গা। 'জগৎমাতার দেখ মহারণ দশদিকে।' *নজরুল*, ১৯২২।

জগৎমান্য [স] *বিণ* বিশ্ববরেণ্য। 'জগৎমান্য হজরত মহম্মদের প্রতি ...।' *মোসলেম*, ১৯২৫।

জগৎমুখী [স] *বিণ* পার্থিব। 'ঐতিহ্য এবং আবহাওয়া থেকে ... জগৎমুখী, আত্মনির্ভর ও উদ্যোগী মনোভাবে উত্তীর্ণ হওয়ার নামই রেনেসাঁস।' *শিব*, ১৯৫৬।

জগৎযোনি [স] *বি* বিশ্বস্রষ্টা। 'হে বিভো জগৎযোনি, অযোনি আপনি, জগদন্ত নিরন্তক।' *মাইকেল*, ১৮৬০।

জগৎ-রচনা [স] *বি* সৃষ্টিজগৎ। '... জগৎ-রচনার তিলমাত্র সংশোধন হয় না।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জগৎরহস্য [স] *বি* বিশ্বরহস্য। 'এমনি করিয়া অন্তহীন জগৎরহস্য।' *রবীন্দ্র*, ১৯০৭।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জগৎরাশি [স] *বি* বিশ্বজগৎ। 'নবজাগ্রত নয়নে আনিবে/ নূতন জগৎরাশি।' *রবীন্দ্র*, ১৮৯০।

জগৎলক্ষ্মী [স] *বি* জগতের অধিষ্ঠাত্রী দেবী। 'রিক্ততায়, নিঃস্বতায়, পূর্ণতার প্রেতচ্ছবি ধ্যান করা অসম্মান জগৎলক্ষ্মীর।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জগৎলোচন [স] *বিণ* জগৎ দেখতে পায় এমন। 'জগৎলোচন রবি।' *মশাররফ*, ১৮৮৫।

জগৎ-শেঠ [স জগৎ+স শ্রেষ্ঠী] *বিণ* ধনী। 'দেখিয়াছি মোরা রাজা-সন্ন্যাসী প্রেমের জগৎ-শেঠ।' *নজরুল*, ১৯২৫।

জগৎসংসার [স] **১** *বি* পৃথিবী। 'এমন নির্ঘৃণ মোরে কেবা কৃপা করে/ এক নিত্যানন্দ বিনু জগৎসংসারে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* মানবিক জগৎ। 'জগৎসংসারের ঐশ্বর্য্যও সে অমূল্য সুখের উচিত মূল্য নহে।' *অক্ষয়*, ১৮৫৪। **৩** *বি* পার্থিব জগৎ। 'জগৎসংসারে বৈরাগ্যটা খুব যুক্তিসঙ্গত।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৪** *বি* পৃথিবী ও গার্হস্থ্যজীবন। 'আমি যে কী ভাবে জগৎসংসারকে দেখে থাকি, ... এই কথাটা আমি তাঁকে বোঝাচ্ছিলুম।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জগৎ-সভা [স] *বি* বিশ্বসভা। 'দিয়ো তোমার জগৎ-সভায় এইটুকু মোর স্থান।' *রবীন্দ্র*, ১৯০৯।

জগৎস্থ [স] *বিণ* জগতে আছে এমন। 'নিখিল জগৎস্থ প্রাণিরাজ্যের উপরি একেশ্বর হইতে সমর্থ হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৪।

জগৎস্রোত [স] *বি* জগতের কর্মপ্রবাহ। 'জগৎ-স্রোতে ভেসে চলো, যে যেথা আছ ভাই।' *রবীন্দ্র*, ১৮৮৩।

জগত [স জগৎ] **১** *বি* বিশ্ব; ত্রিভুবন। 'নিজ মাঁসে জগতের বৈরী।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* রাজ্য; দেশ। 'বিম্বিসার অশোকের ধূসর জগতে।' *জীবন*, ১৯৪২। *দ্র* **জগৎ**

জগত উদ্ধার [স জগৎ-উদ্ধার] *বিণ* মুক্তিদাত্রী। 'যার মা ফাতেমা বিবি জগত উদ্ধার।' *গরীব*, ১৭৬৫।

জগত-চরাচর [স জগৎ-চরাচর] *বি* জগতের সমস্ত সৃষ্টি। 'সব কবিতাময় জগত-চরাচর/ সব শোভাময় নেহারি।' *রবীন্দ্র*, ১৮৮১।

জগত জন [স জগৎ-জন] *বি* জগৎবাসী। 'পুনমীর চান্দ তোহ্মার বদন/ ঘুসিএ জগত জনে ল।' *বড়ু*, ১৪৫০।

জগতজননি [স জগৎ-জননী] *বি* জগতের মা। 'ত্রিভুবনেশ্বরি দেবি জগতজননি।' *মালাধর*, ১৫০০।

জগতজননী [স জগৎ-জননী] *বি* হিন্দুদেবী দুর্গা। 'জগতজননী জআ শিবের জীবন।' *মুকুন্দ*, ১৬০০।

জগতজীবন [স জগৎ-জীবন] *ত্রিবিণ* জীবনব্যাপী। 'দেখিয়া সে চন্দ্রমুখ জগতজীবন।' *বৃন্দা*, ১৫৮০।

জগতনাথ [স জগৎ-নাথ] *বি* জগতের নাথ; জগন্নাথ। 'তোর রূপ যৌবনে মোহিত জগতনাথ।' *বড়ু*, ১৪৫০।

জগতনিবাস [স জগৎ-নিবাস] *বি* বিশ্বময় যার আবাস। 'রাখোআল হঅঁা বোল জগতনিবাস।' *বড়ু*, ১৪৫০।

জগতপালক [স জগৎ-পালক] *বি* জগতের পালক। 'শিবপদ ভজ তিনি জগতপালক।' *রামপ্রসাদ*, ১৭৮০।

জগতপুরবাসী [স জগৎ-পুরবাসী] *বি* পৃথিবীর বাসিন্দা। 'জগতপুরবাসী সবে কোথায় ধায়।' *রবীন্দ্র*, ১৮৮৫।

জগত বল্লভ [স জগৎ-বল্লভ] *বি* জগতের স্বামী। 'যেরূপে করিলা কৃপা জগত বল্লভ।' *মানিকরাম*, ১৭৮১।

জগতবান্ধব [স জগৎ-বান্ধব] *বি* জগতের বন্ধু। 'যথোচিত দুঃখ পালো জগতবান্ধব।' *মানিকরাম*, ১৭৮১।

জগতবিস্তার [স জগৎ-বিস্তার] *বি* চরম ব্যবধান। 'দেখিত সে অন্তহীন জগতবিস্তার।' *রবীন্দ্র*, ১৮৯০।

জগত মোহন [স জগৎ-মোহন] *বিণ* পরম সুন্দর। 'একবিংসে বৈদ্ধ রূপে জগত মোহন।' *মালাধর*, ১৫০০।

জগতমোহিনি [স জগৎ-মোহিনী] *বিণ* স্ত্রী পরমাসুন্দরী। 'জগতমোহিনি দেবি নামে সত্যভামা।' *মালাধর*, ১৫০০।

জগতযোনি [স জগৎ-যোনি] *বি* সৃষ্টিকর্তা। 'হে বিভো, জগতযোনি, দয়াসিন্ধু তুমি।' *মাইকেল*, ১৮৬০।

জগতারণ [স] *বি* জগতের উদ্ধারকর্তা। 'তুহুঁ জগতারণ দীন দয়াময় অতএ তোহরি বিশোয়াসা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জগতীতল [স জগৎ>+স তল] *বি* পৃথিবী। 'জগতীতল এক্ষণে অস্মাদৃশ বিয়োগী ব্যক্তির হৃদয়ে ... সুশীতল হইল?' *রামনারায়ণ*, ১৮৫৪।

জগতীয় [স] *বিণ* জগৎ সম্বন্ধীয়। 'ইহা জগতীয় জাতিগণের মধ্যে ভাই ভাই সংস্থাপনের যুক্তি।' *হরপ্রসাদ*, ১৮৮১।

জগত্তারণকারী [স] *বিণ* জগতের উদ্ধারকর্তা। 'তুমি জগত্তারণকারী দীনদয়াময় হরি।' *হাই*, ১৯৫৪।

জগদন্ত [স] *বিণ* বিশ্বনাশী। 'হে বিভো জগৎযোনি, অযোনি আপনি, জগদন্ত নিরন্তক।' *মাইকেল*, ১৮৬০।

জগদ্দল-শিলা [স জগদ্দল+স শিলা] *বি* সহজে নড়ানো যায় না এমন পাথর। 'সংস্কারের জগদ্দল-শিলা, শাস্ত্রের কঙ্কাল।' *নজরুল*, ১৯২৯।

জগদানন্দ [স] *বি* জগতের আনন্দ। 'জয় শ্রীজগদানন্দ শ্রীগর্ভজীবন।' *বৃন্দা*, ১৫৮০।

জগদীশ [স] *বি* পরমেশ্বর। 'জয় জগদীশ গোপীনাথের ঈশ্বর।' *বৃন্দা*, ১৫৮০।

জগদীশ্বর [স] *বি* জগতের ঈশ্বর; বিশ্বপতি। 'শস্যাদির সুলভত্ব এবং দুর্লভত্ব জগদীশ্বরের হস্তগত।' *দর্পণ*, ১৮৩১।

জগদীশ্বরতা [স] *বি* ঈশ্বরের বৈশিষ্ট্য। 'জগদীশ্বরের জগদীশ্বরতা তাঁর অপ্রতিহত শক্তির প্রমাণে, ন্যায়পরতার বিধানে নয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জগদীশ্বরী [স জগদীশ্বরী, সম্বোধনে ই-কার] *বি স্ত্রী* জগতের ঈশ্বর। 'কলিকাতা রাজধানীমধ্যে শারদীয়মহোৎসবে ত্রিবিধলোকের আলয়েই জগদীশ্বরীর পূজা হয়।' *বঙ্গদূত*, ১৮২৯; 'দেবীর সম্মুখে কৃতাঞ্জলি হইয়া কহিল, জগদীশ্বরি!' *বিদ্যা*, ১৮৪৭।

জগদীশ্বরো [স] *বি* জগতের ঈশ্বর। 'দিল্লীশ্বরো বা জগদীশ্বরো বা, বলতে পারি নে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জগদ্‌গুরু [স] *বি* পুরোধা। 'কান্ট সাহিত্যের জগদ্‌গুরু।' *প্রমথ*, ১৯১৭।

জগদ্দল [স] **১** *বিণ* অতিশয় ভারী। 'তিল তিল করি জগদ্দল সে পাষাণ ফেলেছি সরায়ে।' *রবীন্দ্র*, ১৮৮৪। **২** *বি* মস্ত পাথর। 'জগদ্দল হয়ে চেপে আছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

জগদ্দলন [স] *বিণ* খুব ভারী। 'ভাবিস এ কি রইবে বক্ষে চেপে জগদ্দলন-শিলা।' *রবীন্দ্র*, ১৯১৬।

জগদ্দল পাথর [স জগদ্দল+স প্রস্তর] *বি* গুরুভার পাথর। 'একটা জগদ্দল পাথর চাপাইয়া দিলে সহিষ্ণু ভারতবর্ষই কেবল তাহা মার্জনা করিতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জগদ্দল পাষাণ [স] *বি* সহজে নড়ানো যায় না এমন পাথর। 'প্রতিভার উৎসমুখে পৈতৃক বৃত্তির জগদ্দল পাষাণ।' *অন্নদা*, ১৯২৮।

জগদ্ধাত্রী [স] ১ *বিণ স্ত্রী* পরম পালক। 'অমন জগদ্ধাত্রী বড় রাণী।' *দীনবন্ধু*, ১৮৬৩। ২ *বি* হিন্দুদেবী বিশেষ। 'যখন দুর্গা কালী জগদ্ধাত্রী পূজার বাদ্য শুনি।' *বঙ্কিম*, ১৮৮৭।

জগদ্বাসী, জগদ্‌বাসী [স] *বি* পৃথিবীর বাসিন্দা। 'জগদ্বাসী শতলক্ষ ভক্তের বিনীত প্রার্থনা এই যে, তিনি যেন ...।' *রবীন্দ্র*, ১৮৮৮; 'ওঠ রে চাষী জগদ্‌বাসী ধর কষে লাঙল।' *নজরুল*, ১৯২৬।

জগদ্বিখ্যাত [স] *বিণ* জগতের সর্বত্র প্রসিদ্ধ। 'ফিনিশিয়ার জগদ্বিখ্যাত দুঃসাহসিক পোতবণিকেরা।' *অক্ষয়*, ১৮৪৭।

জগদ্বিনাশী [স] *বিণ* বিশ্বধ্বংসী। 'সেই কোণ হইতে জগদ্বিনাশী ঝড় উঠিবেই।' *রবীন্দ্র*, ১৮৯৮।

জগদ্ব্যাপক [স] *বিণ* বিশ্বব্যাপী। 'তাঁহার ঈশ্বর জগদ্ব্যাপক জ্ঞানাতীত শক্তি মাত্র।' *বঙ্কিম*, ১৮৯২।

জগদ্ব্যাপার, জগদ্‌ব্যাপার [স] *বি* জাগতিক বিষয়। 'জগদ্‌ব্যাপার সম্বন্ধে মানুষের জ্ঞান।' *রবীন্দ্র*, ১৯০৭; 'কল্পনাবলে সাধারণ জগদ্ব্যাপারের ভিতর অতীন্দ্রিয় নিগূঢ় রহস্য আবিষ্কার ...।' *মোতাহার*, ১৯৩৭।

জগদ্ব্যাপিনী [স] *বিণ স্ত্রী* পৃথিবীর সর্বত্র পরিব্যাপ্ত। 'এইরূপে আমার কলঙ্কঘোষণা, ক্রমে ক্রমে, জগদ্ব্যাপিনী হইবার সম্ভাবনা।' *বিদ্যা*, ১৮৪৭।

জগদ্ব্যাপী, জগদ্‌ব্যাপী [স] *বিণ* বিশ্বব্যাপী। 'ঔ জগদ্ব্যাপী পরমাণুরও থাকবে।' *বঙ্কিম*, ১৮৭৫; 'হৃদয়কে এই জগদ্‌ব্যাপী সৌন্দর্যের মধ্যে প্রসারিত করে দিতে পারতুম।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জগন্নাথ [স] *বি* হিন্দুদেবতা বিষ্ণু। 'তুষ্ট হউ দেব জগন্নাথে।' *চর্যা*, ১৪৫০।

জগন্মণ্ডল [স] *বি* পৃথিবী। 'এই জগন্মণ্ডল প্রলয়জলধিজলে নিলীন হইলে, মীনরূপধারণ করিয়া ...।' *বিদ্যা*, ১৮৪৭।

জগন্ময় [স] *ক্রিবিণ* জগৎজুড়ে। 'ছিন্ন ক'রে মুক্ত করে সর্বজগন্ময়।' *রবীন্দ্র*, ১৯২৮।

জগন্ময়ী [স] *বিণ* সর্বত্র বিরাজিতা। 'আয় মা শ্যামা জগন্ময়ী।' *নজরুল*, ১৯৩২।

জগন্মাতা [স] *বি* জগতের মাতা। 'সেইক্ষণে ভক্ত-অন্নে রমা জগন্মাতা।' *বৃন্দা*, ১৫৮০।

জগন্মান্য [স] *বিণ* বিশ্বের কাছে মান্য। 'কোথাও এরূপ ব্যক্তি জগন্মান্য হইবেন...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

জগাখিচুড়ি [জগা+খিচুড়ি] *বি* পাঁচমিশালি। 'তার বদলে সর্বত্র জগাখিচুড়ির পরিবেশন হচ্ছে।' *ধূর্জটি*, ১৯৩৫।

জগাত [আ জকাত] *বি* শুল্ক। 'শুন হে দয়ালে ব্রাহ্মণের জগাত না লবো কোন কালে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

জগাতি [আ জকাত>?] *বি* বাধা-বিঘ্ন। 'ম্লেচ্ছদেশ দূরপথ জগাতি অপার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জগাভাট [স জগৎ>] *বি* পেশাজীবী জাতিবিশেষ। 'আসি পুর গুজরাটে বৈসে জত জগাভাটে।' *মুকুন্দ*, ১৬০০।

জগৃগি [স যজ্ঞ] *বি* ভোজ। *ওসা*, ১৭৮৫।

জগ্ধতৃণ [স] *বি* যে স্থানের তৃণ খাওয়া হয়েছে। 'দাবদাহে জগ্ধতৃণ দগ্ধমরু।' *বিষ্ণু*, ১৯৪১।

জঘন [স] *বি* কোমর। 'গুরু জঘন নিতম্ব উরু করিকরে।' *বড়ু*, ১৪৫০।

জঘনক *বিণ* জঘনের। 'গুরুয়া কুচভরে চল উলটপদ পীন জঘনক ভার রে।' *গোবিন্দ*, ১৬০০।

জঘনা [স] *বি* কটিদেশ। 'অঞ্জন দলিত স্থগিত জঘনা।' *কমলাকান্ত*, ১৮২০।

জঘন্য [স জঘন+য] ১ *বিণ* নোংরা। 'পূতিগন্ধক শোণিতে দূষিত হইয়া অতিমাত্র জঘন্য হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বিণ* ঘৃণিত। 'এমন কোনও ব্যবসায় অবলম্বন করিতে পারিলেই, এ জঘন্য ব্যবসা ছাড়িয়া দিবেন।' *বিদ্যা*, ১৮৫৬। ৩ *বিণ* গুরুতর। 'এক রকম জঘন্য চোখের ব্যামোর অত্যন্ত প্রাদুর্ভাব ...।' *রবীন্দ্র*, ১৮৮০। ৪ *বিণ* হেয়। 'এমন জঘন্য কাজ কী উদ্দেশ্যে করিতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯১।

জঘন্যতম [স] *বিণ* ঘৃণ্যতম। 'কুটুম্ব-মাংস ভক্ষণ হইতে আরম্ভ করিয়া জঘন্যতম পাপাচরণ পর্যন্ত কিছুই বাকি রাখে নাই।' *রবীন্দ্র*, ১৮৮২।

জঘন্যতা [স] *বি* ঘৃণা। 'আমি জঘন্যতার জলনিধি।' *দীনবন্ধু*, ১৮৬৬।

জঘন্যতাবোধ [স] *বি* নোংরামির উপলব্ধি। 'আরো জঘন্যতাবোধ, আরো মরিয়া হতাশা।' *হাসান*, ১৯৬৫।

জঙলা [স/ফা জঙ্গল>] *বিণ* অমার্জিত। 'না হয় সুরও আমাদের জঙলা হোক।' *ধূর্জটি*, ১৯৩১।

জঙলী *বিণ* অভদ্রোচিত। 'ওরকম জঙলী দাড়ি মানুষ রাখে কেন।' *মুজতবা*, ১৯৪৯।

জঙ্গ [ফা] ১ *বিণ* যুদ্ধে কাজে লাগে এমন। 'জঙ্গ ডিঙ্গা লইআ তারা বাণিজ্যেরে আইসে।' *মুকুন্দ*, ১৬০০; 'ডিঙ্গা জঙ্গ গঠে আর নৌকা কত পরকার যথায় তথায় কারখানা।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* যুদ্ধ। 'ইমাম এজিদ জঙ্গ হইবে আলবত।' *গরীব*, ১৭৬৫।

জঙ্গবাজ [ফা] *বিণ* যুদ্ধবাজ। 'বড় জঙ্গ বাজ ছিল আপনা মতলব।' *গরীব*, ১৭৬৫।

জঙ্গম [স] ১ *বি* প্রাণী। 'বিধি কৈল জঙ্গমে কনকপ্রতিমা।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* গতিশীল। 'স্থাবর হইয়া ধরে জঙ্গমের ধর্ম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জঙ্গমশক্তি [স] *বি* প্রাণশক্তি। 'য়ুরোপীয় চিত্তের জঙ্গমশক্তি আমাদের স্থাবর মনের উপর আঘাত করল।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জঙ্গল [স/ফা] *বি* অরণ্য; বন। *ওসা*, ১৭৮৫; 'লোক পাঠাইয়া দরোবস্ত জঙ্গল কাটাইলেন।' *রামরাম*, ১৮০১।

জঙ্গলতা [জঙ্গল+স তা] *বি* আগাছার প্রাধান্য। 'উপবনে জমা হোক জঙ্গলতা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জঙ্গল-নীতি [জঙ্গল+স নীতি] *বি* বর্বরতা। '... আজ এই জঙ্গল-নীতির প্রবর্তন করিতেই কোমর বাধিয়া প্রস্তুত হইতেছেন?' *আজাদ*, ১৯৪২।

জঙ্গলবিধি [জঙ্গল+স বিধি] *বি* বনভূমিবিষয়ক আইন। 'জঙ্গল বিধি দ্বারা কাষ্ঠসংগ্রহ নিষেধ, নিজ ব্যবহারের জন্যও লবণ প্রস্তুত করিতে নিষেধ ... অসম্ভব শুল্ক স্থাপন।' *অক্ষয়*, ১৮৪৮।

জঙ্গলভরা [জঙ্গল+ভরা] *বিণ* জঙ্গলময়। 'অন্ধকার দিয়ে রাত্রি গ্রাম

AMARBOI.COM

নগর জঙ্গলভরা পৃথিবীকে সাবধানে ঘিরে রেখেছে।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

জঙ্গলভূমি [জঙ্গল+স ভূমি] *বি* বনভূমি। 'টাকি অঞ্চলের কতক জঙ্গলভূমি।' *দর্পণ*, ১৮৩৪।

জঙ্গলময় [জঙ্গল+স ময়] *বিণ* সমস্ত জঙ্গল জুড়ে আছে এমন। 'গঙ্গাযমুনার অন্তর্বেদীর উত্তরভাগে জঙ্গলময় দেশ।' *অক্ষয়*, ১৮৪৮।

জঙ্গলমহল, জঙ্গলমহাল [জঙ্গল+আ মহল] *বি* সরকারের তত্ত্বাবধানে থাকা বনাঞ্চল। 'সাহেব জিলা জঙ্গলমহলের জজ মাজিস্ট্রেটি পদে নিযুক্ত ছিলেন।' *দর্পণ*, ১৮৩৬; 'এদের উপজীবিকাই হচ্ছে ... জঙ্গলমহাল বন্দোবস্ত নিয়ে চাষবাস করা।' *বিভূতি*, ১৯৩৮।

জঙ্গলা [জঙ্গল>] ১ *বিণ* জঙ্গলাকীর্ণ। 'জঙ্গলা জাগা তোমাকে কুটী করিতে পাট্টা দীলাম।' *বোগল*, ১৭৭০। ২ *বি* সংগীতের রাগিণীবিশেষ। 'বিরহ, লাহড়, খেউড়, টপ্পা, নক্সা, জঙ্গলা, গজল ও রেক্তা গাইয়া পল্লীকে কম্পিত করেন।' *প্যারী*, ১৮৫৯।

জঙ্গলাকীর্ণ [স] *বিণ* ঝোপঝাড়ে ঢাকা। 'নীলমণি রায়ের জঙ্গলাকীর্ণ ভিটা।' *বিভূতি*, ১৯২৯।

জঙ্গলাবৃত [স] *বিণ* জঙ্গলে ঢাকা। 'জঙ্গলাবৃত বালিয়াড়ি টিলা।' *বিভূতি*, ১৯৩৮।

জঙ্গলি, জঙ্গলী [জঙ্গল>] ১ *বি* যারা জঙ্গলে বাস করে। 'জঙ্গলিরা পূর্ব্বাবধি দ্রব্য বিনিময় দ্বারা ব্যবসায় করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৮। ২ *বিণ* জঙ্গলে জন্মে এমন। 'জঙ্গলী লতা।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

জঙ্গুলে [জঙ্গল>] *বিণ* জঙ্গলপূর্ণ। 'একটি জঙ্গুলে জায়গা হল আমার প্রথম কর্মস্থল।' *প্রমথ*, ১৯৩২।

জঙ্গি, জঙ্গী [ফা জঙ্গী] ১ *বি* সৈনিক; যোদ্ধা। 'ভিড়নে চলিল জঙ্গি বাইশ হাজার।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* যুদ্ধবাদী। 'নির্ভয়ে রচনা করে জঙ্গী কাব্য এ মাটির বুকে।' *সুকান্ত*, ১৯৪৮। ৩ *বিণ* যুদ্ধরত। 'ঝাঁকে ঝাঁকে জঙ্গী জেট ছিঁড়ে খুঁড়ে যায় নীলিমাকে।' *শামসুর*, ১৯৭২

জঙ্গিরাজ *বি* দুষ্ট রাজা। 'নিজ বলে প্রথমে মারিল জঙ্গিরাজ।' *আলাওল*, ১৬৮০।

জঙ্গীবাদী [ফা জঙ্গী+স বাদী] *বিণ* যুদ্ধবাজ। 'দোষ বিজ্ঞানী অটো হ্যানের নয়, দোষ জঙ্গীবাদী হিটলার, তোজো ...।' *সওগাত*, ১৯৪৫।

জঙ্ঘ [স জঙ্ঘা] *বি* হাঁটু থেকে গোড়ালি পর্যন্ত। 'জঙ্ঘে জঙ্ঘে দিয়া, পায়েতে ছান্দিয়া বাঁশের উপর চড়ে।' *চণ্ডী*, ১৫৫০।

জঙ্ঘা [স] *বি* হাঁটু থেকে গোড়ালি পর্যন্ত। 'জঙ্ঘা সুললিত অতি।' *সুলতান*, ১৭০০।

জজ [ই] *বি* বিচারক। 'প্রধান জজ শ্রীযুত ইষ্ট সাহেব ছিলেন।' *দর্পণ*, ১৮২১।

জজ-আদালত [ই জজ+আ আদালত] *বি* দেওয়ানি বিচারালয়। 'জজ-আদালতের হেডক্লার্ক হইব।' *রবীন্দ্র*, ১৮৯২।

জজকোর্ট [ই] *বি* জজকোর্ট-ভবন। 'সে জজকোর্টের সামনে দিয়া বিজলি-বাতি ঘরের কাছে আসিয়া পড়িল।' *মনসুর*, ১৯৫৩।

জজকোর্ট উকিল [ই জজকোর্ট+আ ওয়াকিল] *বি* জজকোর্টে মামলা পরিচালনা করেন এমন আইনজীবী। 'বড়ো জোর, পাটকলে পদস্থ কেরানী, জজকোর্ট উকিল হয়তো-বা।' *বিষ্ণু*, ১৯৪১।

জজপণ্ডিত [ই জজ+স পণ্ডিত] *বি* ইংরেজ বিচারকের সাহায্যকারী হিন্দু আইনের ব্যাখ্যাদাতা পণ্ডিত। 'তাহারা আদালতে জজপণ্ডিতের পদে নিযুক্ত হইয়া থাকে।' *বিদ্যা*, ১৮৯১।

জজমেন্ট [ই] *বি* বিচারের রায়। *বিদ্যা*, ১৮৯১।

জজসাহেব [ই জজ+আ সাহিব] *বি* বিচারক মহোদয়। 'জজসাহেব ... প্রজাপালক সন্ধিচারক লোকোপকারক।' *দর্পণ*, ১৮২৯।

জজ্ঝ গগ [ধ্বন্যা] *বি* গোঙানির অস্পষ্ট শব্দ। 'জজ্ঝ গগ জজ্ঝ গগ গদগদবচন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জজ্ঞন [স যজ্ঞন] *বি* হিন্দু সম্প্রদায়ের যজ্ঞ-পূজাদির কাজ। 'জজ্ঞন জাজ্ঞন বেদ পঠে অধ্যয়ন।' *মালাধর*, ১৫০০।

জজ্ঞিয়তি [ই জজ>] *বি* বিচারকের কাজ। *বিদ্যা*, ১৮৯১; 'হাইকোর্টের শূদ্র জজ্ঞ জজ্ঞিয়তি ছাড়িয়া বা সৌভাগ্যশালী শূদ্র জমিদার ...।' *বঙ্কিম*, ১৮৯২; 'বড় হয়ে তোকে জজ্ঞিয়তি করতে হবে না।' *শরৎ*, ১৯১৪।

জজ্জর [স জর্জ্জর] *বিণ* ক্লিষ্ট; কাতর। 'সিত্যার সোকে রঘুনাথ জজ্জর সরিরে।' *মালাধর*, ১৫০০।

জজ্ঞ[১] [স যজ্ঞ] *বি* যজ্ঞ; পূজার অঙ্গবিশেষ। 'আরদিনে মৌনজজ্ঞ করিল গদাধর।' *মালাধর*, ১৫০০; 'কেমতে নিধা জজ্ঞ না দেখি উপায়।' *হ্যালহেড*, ১৭৭৮।

জজ্ঞদান [স যজ্ঞ-দান] *বি* যজ্ঞের দান। 'তুমি জপ তুমি তপ তুমি জজ্ঞদান।' *মালাধর*, ১৫০০।

জজ্ঞভূমি [স যজ্ঞভূমি] *বি* যজ্ঞের ক্ষেত্র বা স্থান। 'অষ্টহালে জজ্ঞভূমি তাহাই চসিল।' *মালাধর*, ১৫০০।

জজ্ঞসাল [স যজ্ঞশাল] *বি* যজ্ঞের স্থান। 'জজ্ঞসালে জজ্ঞ জথা করএ ব্রাহ্মণ।' *মালাধর*, ১৫০০।

জজ্ঞস্থান [স যজ্ঞস্থান] *বি* যে স্থানে যজ্ঞ অনুষ্ঠিত হয়। 'কস্যপের জজ্ঞস্থানে দেব হসি মুনিগনে।' *মালাধর*, ১৫০০।

জজ্ঞ[২] [স যোগ্য] *বিণ* যোগ্য। 'পৃথুবি মণ্ডলে নাহি তার জজ্ঞ পতি।' *মালাধর*, ১৫০০।

জঞ্ঞে [স যেন] ১ *অব্য* যেন। 'বাম নয়না জঞ্ঞে ভেল দূতে ও দাহন রহু লজাই।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *অব্য* যদি। 'হম জঞ্ঞে জানিতও কানুক রীত।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জঞ্জাল [স ঝঞ্ঝা] ১ *বি* উপদ্রব। 'খণ্ডউ সব জঞ্জাল আর ঠেঁটা দান।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* ঝঞ্ঝাট। 'আবাল গোপাল না কর জঞ্জাল।' *বড়ু*, ১৪৫০। ৩ *বি* আবর্জনা। 'প্রাণপণে পৃথিবীর সরাব জঞ্জাল।' *সুকান্ত*, ১৯৪৮।

জঞ্জালজাল [স ঝঞ্ঝা+স জাল] *বি* ঝামেলাসমূহ। 'বিদেশী কার্যবিধির অসংগত অনাবশ্যক বিপুল জঞ্জালজালে।' *রবীন্দ্র*, ১৯০৫।

জঞ্জাল-ঝক্কি [স ঝঞ্ঝা+হি ঝক্কী] *বি* ঝামেলা। 'হাজার জঞ্জাল-ঝক্কির মাঝে পড়ে।' *নজরুল*, ১৯২৭।

জঞ্জালমুক্ত [স] *বিণ* আবর্জনাহীন। 'জমিকে জঞ্জালমুক্ত করে ফসলের জন্যে তৈরি করে।' *ওয়ালী*, ১৯৪৮।

জঞ্জালাবদ্ধ [স জঞ্জাল-আবদ্ধ] *বিণ* আবর্জনায় পরিপূর্ণ। 'সব পয়প্রণালী দশ বৎসরের অনাদরে জঞ্জালাবদ্ধ।' *মুজতবা*, ১৯৪৯।

জট [স] ১ *বিণ* বিশৃঙ্খলভাবে জড়িয়ে গেছে এমন। 'পাঁচ ঠাঁঞি ভাঁড়ুর রাখিল জট চুলি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* জটিলতা। 'শাস্ত্রাচারের জটমোচন করতে করতেই প্রায় নিঃশেষিত হয়ে পড়েছিলেন।' *শরীফ*,

AMARBOI.COM

১৯৭০।

জট ছাড়ানো *ক্রি* জটিলতা মোচন করা। 'কী করলে জট ছাড়ানো যাবে, জঞ্জাল দূর হবে ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

জট পড়া ১ *ক্রি* জট পাকিয়ে যাওয়া। 'গ্রন্থি খুলতে গেলে তাতে আরও জট পড়ে যাবে।' *রবীন্দ্র*, ১৯২৮। **২** *বিণ* জড়িয়ে গাঁট হয়েছে এমন। 'জট-পড়া চুল উড়বার চেষ্টা করছে।' *ওয়ালী*, ১৯৪৫।

জট পাকানো *ক্রি* তালগোল পাকিয়ে জটিলতা সৃষ্টি করা। 'তুই আবার এ কী জট পাকিয়ে বসে আছিস।' *রবীন্দ্র*, ১৮৯২।

জটবাঁধা *বিণ* জড়িয়ে গাঁট হওয়া। 'জটবাঁধা ঝুল কালো বটগাছতলে।' *সুকুমার*, ১৯১৮।

জটমোচন *বি* জটিলতা দূরীকরণ। 'শাস্ত্রাচারের জটমোচন করতে করতেই প্রায় নিঃশেষিত হয়ে পড়েছিলেন।' *মুরশিদ*, ১৯৭০।

জটলা [স জট>] **১** *বি* জল্পনা। 'অম্র-কাননের মধ্যে দস্যুদল জটলা করিতেছে।' *বঙ্কিম*, ১৮৬৪। **২** *বি* ভিড়। 'বাড়িটাতে গিয়ে জটলা করে বসলেই যেন আপাতত সংসারের সমস্ত অভাব দূর হয়।' *রবীন্দ্র*, ১৮৮৯। **৩** *বি* অনেকের সমাবেশ। 'জটলা করে তীরে রাখাল এসে।' *রবীন্দ্র*, ১৮৯০। **৪** *বি* সম্মিলন। 'সুরে-বেসুরে খণ্ডে-অংশে মিলে একটা গতিশীল প্রকাণ্ড হার্মনির জটলা।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জটা [স] **১** *বি* বিশৃঙ্খল চুলের গুচ্ছ। 'কেশপাশে দিআঁ বেড়া কলয়া কুসুমে বান্ধী জটা।' *বড়ু*, ১৪৫০; 'তোমার মুখখানা বিশ্রী জটাঢাকা ছিল।' *গিরিশ*, ১৮৮৭। **২** *বি* ঝুরি। 'বটের জটায় বাঁধা ছায়াতলে।' *রবীন্দ্র*, ১৯৩২।

জটাক্ষ [স] *বি* খোঁপা। 'সিরে ধরে জটাক্ষ বসন বাকল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জটাচাঞ্চল্য [স] *বি* চুলের জটার নড়াচড়া। 'সে যেন উলসিত গিরির জটাচাঞ্চল্য।' *নজরুল*, ১৯২৬।

জটাজাল [স] **১** *বি* চুলের জটারাশি। 'চন্দ্রচূড়-জটাজালে আছিলা যেমতি জাহ্নবী।' *মাইকেল*, ১৮৬৬; 'ধূলায় ধূসর রুক্ষ উড্ডীন পিঙ্গল জটাজাল।' *রবীন্দ্র*, ১৯০০। **২** *বি* জটিলতা। 'চিন্তার এলোমেলো জটাজাল অন্ধকারে হামাগুড়ি দেওয়া পর্যন্ত বিস্তৃত।' *শওকত*, ১৯৫৮।

জটাজুট [স জটাজূট] *বি* জটারাশি। 'জুটাজুটময়ী জয়া যাত্রা-শিরোমণি।' *মুকুন্দ*, ১৬০০; 'জটাজুট করিল মুক্ত।' *আলাওল*, ১৬৮০।

জটাজুটধারী [স জটাজূটধারী] *বিণ* জটাবদ্ধ চুলের অধিকারী। 'প্রাঙ্গণে এক জটাজুটধারী সন্ন্যাসী।' *রবীন্দ্র*, ১৯০৭।

জটাজুটবতী [স জটাজূটবতী] *বিণ স্ত্রী* জটাবদ্ধ চুলের অধিকারী। 'জটজুতবতী জে যাত্রিক-শিরোমুনি।' *মুকুন্দ*, ১৬০০।

জটাজুট [স] *বি* চুলের জটরাশি। 'নিজে তন্তকাঞ্চন বর্ণাভ, তৎপশ্চাৎ আগুল্‌ফবিলম্বিত পিঙ্গল বর্ণ জটাজূটভার।' *হরপ্রসাদ*, ১৮৮১।

জটাজুটধারী [স] *বিণ* জটাবদ্ধ চুলের অধিকারী। 'জটাজূটধারী এক পৌনে-ষোলো-আনা নাগা সন্ন্যাসী।' *নজরুল*, ১৯৩১।

জটা-ঝোলা *বিণ* জটা ঝুলে পড়েছে এমন। 'জটা-ঝোলা বটের ডালে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জটাঢাকা *বিণ* জট দিয়ে আবৃত। 'তোমার মুখখানা বিশ্রী জটাঢাকা ছিল।' *গিরিশ*, ১৮৮৭।

জটাধর [স] *বিণ* জটা ধারণ করেছে এমন। 'উন্মত্ত লাঙ্গট জটাধর চিতাধূলি গায়।' *মুকুন্দ*, ১৬০০।

জটাধারণ [স] *বি* চুল জটা করে রাখা। 'মদারি-সম্প্রদায়ী লোকে জটাধারণ, তস্মলেপন, অগ্নিসেবন ও প্রচুর পরিমাণে সম্বিদা সেবন করিত।' *অক্ষয়*, ১৮৫০।

জটাধারী [স] *বিণ* জড়ানো গুচ্ছাকৃতি চুলের অধিকারী। 'কৃষ্ণাজিন দণ্ড কমণ্ডলু জটাধারী।' *বৃন্দা*, ১৫৮০।

জটানিঃসৃত [স] *বিণ* অবিন্যস্ত লম্বা কেশরাশি থেকে নামা। 'হোক জটানিঃসৃত অগ্নিভুজঙ্গম।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জটাপাক [স] *বি* জটাজাল। 'শূন্যক্ষরা নীরে বিড়ম্বিত জিজ্ঞাসার বক্র জটাপাক।' *বিষ্ণু*, ১৯৪১।

জটাবল্কল [স] *বি* গাছের জড়ানো-পাকানো ছাল। 'রামকেও জটাবল্কল ধারণ করিতে হইয়াছিল।' *মদনমোহন*, ১৮৪৯।

জটা বুড়ি *বি* চুলে জটা আছে এমন বুড়ি। 'ধোঁয়ার কুণ্ডলি জটা বুড়ির চুলের মতো কেবলই পাকিয়ে উঠছে।' *সেলিনা*, ১৯৭৫।

জটাভার [স] *বিণ* জটাযুক্ত। 'নহি মোরা জটাভার চিকুবক বেনী।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'জটাভার মস্তকে গোপি করিলা গমন।' *মালাধর*, ১৫০০।

জটাভ্রষ্ট [স] *বিণ* জটা থেকে পতিত। 'গেছে উড়ে জটাভ্রষ্ট ধুতুরার ছিন্নভিন্ন দল।' *রবীন্দ্র*, ১৯২৩।

জটাময় [স] *বিণ* বিশৃঙ্খল। 'ধীরে ধীরে মহারণ্য নাড়িতেছে জটাময় মাথা।' *রবীন্দ্র*, ১৮৮৩।

জটারাশি [স] *বি* চুলের জটাগুচ্ছ। 'দীর্ঘ জটারাশি।' *গিরিশ*, ১৮৮৭।

জটাইবুড়ি [স জটা>+বুড়ি] *বি স্ত্রী* জটাধারী বুড়ি। 'ইরুমাসি শুরু করেছিল জটাইবুড়ির কথা।' *রবীন্দ্র*, ১৯৪১।

জটাউ [স জটায়ু] *বি* রামায়ণে উল্লিখিত পাখিবিশেষ। 'দেখিতে জটাউ পক্ষ আর কথো দূরে।' *মালাধর*, ১৫০০।

জটায়ু [স] *বি* রামায়ণে বর্ণিত পাখিবিশেষ। 'বাগানের সমস্ত গাছপালা পায়ে-শিকলি-বাঁধা প্রকাণ্ড জটায়ু পাখির মতো ডানা আছড়ে ঝটপট ঝটপট করতে লাগল।' *রবীন্দ্র*, ১৮৯২।

জটিল [স] **১** *বিণ* জমকালো; জাঁকালো। 'কেহ কেহ আপন আপন পরিচ্ছদ এ প্রকার কুটিল ও জটিল করিয়া ফেলিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বিণ* পেঁচানো; জটবাঁধা। 'জটিল সে তরু বটে কুটিল ত নয়।' *গুপ্ত*, ১৮৫৮। **৩** *বিণ* যন্ত্রণাময়। 'কুটিল হইল পথ, জটিল জীবন।' *রবীন্দ্র*, ১৮৯০। **৪** *বিণ* দুরূহ। 'রাজ্যশাসনপ্রণালী জটিল ও বিস্তৃত।' *রবীন্দ্র*, ১৯০৫। **৫** *বিণ* তয়ানক। 'কুটিল হাসি ঘটিয়ে তোলে জটিল সর্বনাশ।' *রবীন্দ্র*, ১৯৩২। **৬** *বিণ* কুটিল। 'আমরা জটিল ঢের হয়ে গেছি।' *জীবন*, ১৯৪২। **৭** *বিণ* গুরুতর; কঠিন। 'নূতন জানাজানির ভিতর দিয়া দেশের অনেক জটিল সমস্যা সহজ মীমাংসার পথে আসিবে।' *আজাদ*, ১৯৪২।

জটিলঝুরি *বি* জটপাকানো ঠেসমূল। 'দীর্ঘতর বট, এমন জটিলঝুরি ...।' *শঙ্খ*, ১৯৬৬।

জটিলতম [স] *বিণ* অত্যন্ত জটিল। 'বৃহত্তম অনুভাব হইতে অতি সূক্ষ্মতম অনুভাব, জটিলতম অনুভাব হইতে অতি বিশদতম অনুভাব ...।' *রবীন্দ্র*, ১৮৮৮। '... একটি জটিলতম আলোচ্য বিষয়।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মোহাম্মদী, ১৯৩১।

জটিলতর [স] *বিণ* অপেক্ষাকৃত জটিল। 'ইহার মধ্যে মনস্তত্ত্বঘটিত জটিলতর সংস্রব থাকে যে, বালিকা নিকট ...।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'ক্রমে সমাজজীবন জটিলতর হল।' *শিব*, ১৯৫০।

জটিলতরো [স জটিলতর] *বিণ* অধিকতর জটিল। 'মামলাকে জটিলতরো করিয়া খুশিমতো মীমাংসার দিকে ...।' *মানিক*, ১৯৩৭।

জটিলতা [স] *বি* দুর্বোধ্যতা। 'ইহার মধ্যে মনস্তত্ত্বঘটিত এত জটিলতার সংশ্রব থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জটিলতাপূর্ণ [স] *বিণ* গোলমেলে। 'ভারতের অবস্থা এখন প্রটপাকানো জটার মতোই জটিলতাপূর্ণ।' *নজরুল*, ১৯২২।

জটিলতামুক্ত [স] *বিণ* সরল। 'ব্যাপারটাকে জটিলতামুক্ত করবার জন্য জিনিশগুলি খুলে ধরে ...।' *আলাউদ্দিন*, ১৯৬০।

জটিলমস্তক [স] *বিণ* মাথায় জটাযুক্ত। 'জটিলমস্তক বট চারিদিকে ঝুরি।' *রবীন্দ্র*, ১৮৮১।

জটিলা [স] *বিণ স্ত্রী* কূটবুদ্ধিসম্পন্ন; দজ্জাল। 'জটিলা শাশুড়ী খুন্তি পোড়াইয়া তাঁহার গাত্রে ...।' *বামাবোধিনী*, ১৮৮৬।

জঠর [স] ১ *বি* পেট। 'হেনক নরক সুন জঠর জননি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* গর্ভ। 'জেই কালে জন্মিলাঙ যশোদা-জঠরে।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* গহ্বর। 'একটু হেসে-খেলেই ভরে যায় এর মনের জঠর।' *রবীন্দ্র*, ১৯০০।

জঠরজ্বালা [স] *বি* ক্ষুধার যন্ত্রণা। 'প্রবাসীরা জঠর-জ্বালায় ব্যাকুল হইয়া ...।' *রামনারায়ণ*, ১৮৫৪।

জঠরদেশ [স] *বি* পেট। 'স্বাভাবিক তার জঠরদেশ – ক্ষীতির কোন চিহ্ন নাই সেখানে।' *শওকত*, ১৯৫৮।

জঠরযন্ত্রণা [স] *বি* প্রসববেদনা (এখানে মুদ্রণবিষয়ক বিরূপকর অভিজ্ঞতা)। 'মুদ্রাযন্ত্রের জঠরযন্ত্রণার হাত সে এড়াইল।' *রবীন্দ্র*, ১৯১২।

জঠরলগ্না [স] *বিণ* উদরসংলগ্ন। 'রাত্রির জঠরলগ্না। ছায়াচ্ছন্ন অপদেবতার।' *শামসুর*, ১৯৫৯।

জঠরস্থ [স] *বিণ* উদরে অবস্থিত; গর্ভস্থ। 'তাহার জঠরস্থ মোহরসে অল্পে অল্পে যেন জীর্ণ করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জঠরহুতাশ [স] *বি* ক্ষুধার যন্ত্রণা। 'পরের উঞ্ছ অঞ্চলে লয়ে ঢালিনু জঠরহুতাশে।' *রবীন্দ্র*, ১৯০০।

জঠরাগ্নি [স] *বি* ক্ষুধার তাড়না। 'জঠরাগ্নির বাড়া তো আর অগ্নি নেই।' *রবীন্দ্র*, ১৮৮৯।

জঠরানল [স জঠর-অনল] *বি* ক্ষুধার তাড়না। 'জ্বাবত জঠরানলে ছাওাল না মানে।' *মালাধর*, ১৫০০।

জঠি [স জ্যেষ্ঠী] *বি* টিকটিকি। *মানোএল*, ১৭৪৩।

জঠুর [স জট>] *বিণ* শক্ত। 'যার মাংস জঠুর ও বিস্বাদ।' *বিভূতি*, ১৯৩৭।

জঠোর [স জঠর>] *বি* পেট। 'কিসের আগুন? জঠোরের।' *দীনবন্ধু*, ১৮৭২।

জড় [স] ১ *বিণ* আন্তরিকতাহীন। 'কাঁহা ভট্টাচার্যের পূর্বে জড়-ব্যবহার।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* একত্র। 'চারি পাঁচ দুঃখ মোর হইআ গেল জড়।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বি* মূল। 'শত হাত পতাকা উপরে যার জড়।' *রূপরাম*, ১৭৫০। ৪ *বিণ* অজ্ঞান। 'তিনি পশুদিগের জড় বুদ্ধির ন্যায় তাহাদিগের বুদ্ধিও এ প্রকার নির্দিষ্ট সীমা নির্ণয় করিয়া দিতেন।' *অক্ষয়*, ১৮৪২। ৫ *বিণ* বিকলাঙ্গ। 'তদবস্থায় তাঁহার যে দুই সন্তান জন্মে, দুটিই জড় হয়।' *অক্ষয়*, ১৮৪৯। ৬ *বিণ* নিষ্প্রাণ। 'বিচারপতি সাহেব বুদ্ধিজীবী মানুষকেও জড় বিষয়ের মধ্যে গণ্য করেন।' *অক্ষয়*, ১৮৫১। ৭ *বি* বস্তুর উপাদান। 'মানুষের সহিত জড়ের সম্বন্ধ লইয়াই সংসার নহে।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৮ *বি* বস্তু। 'যাহারা জড়ের উপাসনা করে তাহারাই আমাদের ভক্ত।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৯ *বিণ* স্তূপীকৃত। 'নিজের ক্ষুধার অন্ন আনিয়া চরণে করিব জড়ঃ' *জসীম*, ১৯৩১।

জড়কণা [স] *বি* বস্তুকণা। '... জ্যোতিষ্কণা ও জড়কণার মধ্যে নিহিত ছিল সম্ভাবনারূপে, ভ্রূণরূপে।' *আইয়ুব*, ১৯৭৩।

জড় করা *ক্রি* জোগাড় করা। 'জড় করে আনি সব, থাক সেই আশাতে।' *সুকুমার*, ১৯২০।

জড়জগৎ [স] *বি* বস্তুজগৎ। 'ইউরোপে ঘোর মেটেরিয়ালিজমের যুগে ঐ উপমাটি জড়জগৎ ...।' *প্রমথ*, ১৯১৪।

জড়তা [স] ১ *বি* আড়ষ্টতা। 'জিভ্যার জড়তা কিবা মনের বাসনা।' *রূপরাম*, ১৭৫০। ২ *বি* প্রাণহীনতা। 'লোকের অন্তঃকরণ জড়তায় আচ্ছন্ন হইতেছে।' *অক্ষয়*, ১৮৫৫।

জড়তাক্রান্ত [স জড়তা-আক্রান্ত] *বিণ* জড়তাগ্রস্ত। 'দুর্মর চারিত্রিকের সমাবেশের ফলেও সমাজ জড়তাক্রান্ত হতে পারে।' *শিব*, ১৯৫৬।

জড়তাগ্রযুক্ত [স] *বিণ* জড়তাগ্রস্ত। 'বুদ্ধির জড়তাগ্রযুক্ত, বাহ্যবস্তু সম্বন্ধীয় আপনাদিগের আয়ত্ত করিতে পারেন নাই।' *অক্ষয়*, ১৮৫৫।

জড়তাশিলা [স] *বি* জড়তা রূপ পাথর। 'আত্মার আলোকচ্যুত জড়তাশিলায়।' *ফররুখ*, ১৯৪৬।

জড়তাশূন্য [স] *বিণ* আড়ষ্টতাহীন। 'পাখির মতো জড়তাশূন্য দৃষ্টি নিয়ে জেগে উঠতে পারে।' *ওয়ালী*, ১৯৬৮।

জড়তাহারী [স] *বিণ* আড়ষ্টতা দূর করে এমন। 'মুখের জড়তাহারী কে আর এমন।' *গুপ্ত*, ১৮৫৮।

জড়ত্ব [স] ১ *বি* নিষ্ক্রিয়তা। 'আমারে ডুবায়ে দেয় জড়ত্বের তলে।' *রবীন্দ্র*, ১৮৮৬। ২ *বি* জড়তা। 'অভ্যাসের জড়ত্ব হঠাৎ এক মুহূর্তের ... কেন যে একটুখানি ছিঁড়ে জানি নে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জড়ত্বজনক [স] *বিণ* স্থবির; জড়পদার্থের ন্যায়। 'এমন জড়ত্বজনক জিনিষ আর কিছু নেই।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জড়ত্বজয়ী [স] *বিণ* স্থবিরতাকে জয়কারী। 'জাগে সুন্দর, জাগে নির্মল, জাগে আনন্দময়ী – / জাগে জড়ত্বজয়ী।' *রবীন্দ্র*, ১৯৪০।

জড়ত্বনাশা [স] *বিণ* জড়তা-নাশক। 'এসো মৃত্যুঞ্জয় আশা, জড়ত্বনাশা।' *রবীন্দ্র*, ১৯২২।

জড়ত্বপ্রাপ্ত [স] *বিণ* আড়ষ্টতাপূর্ণ। 'পৃথিবীর প্রচলিত ও জড়ত্বপ্রাপ্ত নীতির বিরুদ্ধে।' *হাই*, ১৯৫৪।

জড়ত্বপ্রাপ্তি [স] *বি* আড়ষ্টতা। 'তাতে অনুভূতির সূক্ষ্মতাসাধনের চাইতে অনুভূতির জড়ত্বপ্রাপ্তির সম্ভাবনাই বেশি।' *শিব*, ১৯৫০।

জড়দেহ [স] *বি* স্থূল দেহ। 'আমাদের জড়দেহ চেতনাময় ও সৃজনশীল হইয়া উঠিয়াছে।' *জগদীশ*, ১৮৯৫।

জড়দেহী [স] *বিণ* অচেতন দেহের মতো। 'ভুলে থাকি শিল্পে, মোহে, নীচতায়, রুগ্ন জড়দেহী।' *শক্তি*, ১৯৬১।

জড়ধর্ম [স] *বি* জড় পদার্থের স্বভাব। 'আমাদের মনের মধ্যে স্বভাবতই অনেকটা পরিমাণে জড়ধর্ম আছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জড়ধী [স] *বিণ* জড় বুদ্ধিসম্পন্ন। 'নিতান্ত জড়ধী না হলে এই অসামান্য সংঘটনকে অগ্রাহ্য করা একেবারেই অসম্ভব।' *শিব*, ১৯৫৬।

জড়নিদ্রা [স] *বি* জড় পদার্থের মতো নিষ্চলতা। 'আমার এই গভীর জড়নিদ্রার মধ্যে লক্ষ লক্ষ চরণের শব্দ ... আবর্তিত হয়।' *রবীন্দ্র*, ১৮৮৪।

জড়পদার্থ [স] *বি* অচেতন পদার্থ। 'জড়পদার্থ ঘটিত কার্য্য বিবিধ প্রকার ভৌতিক নিয়মানুসারে সম্পন্ন হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

জড়-পিণ্ড [স] *বি* জড়পদার্থ। 'বাস্তবিক উহা পৃথিবীর তুল্য এক প্রকাণ্ড জড়-পিণ্ড।' *অক্ষয়*, ১৮৫২।

জড়পিণ্ডবৎ [স] *বিণ* জড় বস্তুর মতো। 'বর্ত্তমান কালের ন্যায় জড়পিণ্ডবৎ করিতে সমর্থ হয় নাই।' *এডুকেশন*, ১৮৮৬।

জড়পুত্তলিবৎ [স] *বিণ* প্রাণহীন পুতুলের মতো। 'জড়পুত্তলিবৎ ও মনুষ্যত্বের খর্ব্বকার অবস্থায়।' *সওগাত*, ১৮২৬।

জড়পূজা [স] *বি* জড় বস্তুর উপাসনা। 'নরপূজার, জড়পূজার, প্রতীক ও প্রকৃতিপূজার।' *মোহাম্মদী*, ১৯৩৬।

জড়প্রকৃতি [স] *বিণ* জড়ের মতো স্বভাববিশিষ্ট। 'এক-একটি জড়প্রকৃতি লোক আছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

জড়প্রতিমা [স] *বি* প্রাণহীন প্রতিচ্ছবি। 'আমাদের মনে জাগ্রত না থাকিলেও তাহার জড়প্রতিমা কোনোমতে আপনার ঠাঁট বজায় রাখে।' *রবীন্দ্র*, ১৯০৭।

জড়প্রথাবন্ধন [স] *বি* প্রাণহীন নিয়মের বন্ধন। 'কেবল পূর্বাপরপ্রচলিত জড়প্রথাবন্ধনের দ্বারা যে যোগসাধন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জড়বৎ [স] ১ *বিণ* জড়ের মতো। 'স্পন্দহীন জড়বৎ নীরব।' *মশাররফ*, ১৮৮৫। ২ *বিণ* স্থির। 'শব্দ উচ্চারণে আত্মহারা হইয়া জড়বৎ দণ্ডায়মান থাকিতে হইতেছে।' *মশাররফ*, ১৯০৮।

জড়বস্তু [স] *বি* অচেতন পদার্থ। 'চন্দ্র সূর্যাদি জড়বস্তুর আরাধনা ...।' *অক্ষয়*, ১৮৫৫।

জড়বাদ [স] *বি* দেহাত্মবাদ; আত্মার চৈতন্যে অবিশ্বাস। 'খাঁটি জড়বাদের মধ্যে বুদ্ধির একটি সততা আছে।' *ধূর্জটি*, ১৯৩১।

জড়বাদী [স] *বিণ* আত্মার চৈতন্যময়তায় বিশ্বাস করে না এমন; বস্তুবাদী। 'আজিকার জড়বাদী জগতের পক্ষে উপলব্ধি করা একবারে মুস্কিল ব্যাপার।' *জয়তী*, ১৯৩০।

জড়-বিজ্ঞান [স] ১ *বি* জড় পদার্থ বিষয়ক বিজ্ঞান; প্রাকৃতিক বিজ্ঞান। 'উনবিংশ শতাব্দীতে জড়-বিজ্ঞান বা প্রাকৃতিক বিজ্ঞানের অদ্ভুত উন্নতি।' *সবুজ*, ১৯১৭। ২ *বি* বস্তুবাদ। 'পুরাতন জড়-বিজ্ঞান ও দর্শন নির্বাসিত করতে হবে।' *মোহাম্মদী*, ১৯৪০।

জড়বিশ্ব [স] *বি* নিষ্প্রাণ বস্তুজগৎ। 'অনশ্বর জড়বিশ্বে জেগে থাকে মানুষী চেতন।' *সুধীন্দ্র*, ১৯৩৩; 'আমরা জড়বিশ্বের সঙ্গে মনোবিশ্বের মূলগত ঐক্য কল্পনা করতে পারি।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জড়বিষাদ [স] *বি* জড়তা আচ্ছন্ন বিষাদ। 'মোচন করো জড়বিষাদ মোচন করো হে।' *রবীন্দ্র*, ১৯০৫।

জড়বুদ্ধি [স] *বি* নির্বুদ্ধিতা। 'যারে দিলা জড়বুদ্ধি বচনে নাহিক সিদ্ধি।' *কৃষ্ণরাম*, ১৭২০।

জড়ভরত [স] ১ *বি* স্থূলবুদ্ধি ও জড়ভাবাপন্ন ব্যক্তি। 'গাড়ীতে বসিয়া জড়ভরতের ন্যায় ভাবিতে লাগিলেন।' *প্যারী*, ১৮৫৯; 'এ রকম স্ত্রীলোক দেখলে পুরুষগুলোকে নিতান্ত আনাড়ি জড়ভরত মনে হয়।' *রবীন্দ্র*, ১৯০৪। ২ *বি* পৌরাণিক রাজাবিশেষ। 'আমার বাবার মুখে শোনা জড়ভরতের উপাখ্যান।' *বিভূতি*, ১৯৩১।

জড়ভাবাপন্ন [স] *বিণ* জড়তাপ্রাপ্ত। 'সজীব বস্তু কিরূপ জড়ভাবাপন্ন হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

জড়ময় [স] *বিণ* জড়নির্মিত। 'তাহাও এক অদ্ভুত জড়ময় বস্তু, অন্তরীক্ষে অতি দ্রুতবেগে নিয়ত পরিভ্রমণ করিতেছে।' *অক্ষয়*, ১৮৫২।

জড়যন্ত্র [স] *বি* অচেতন পদার্থ। 'মানুষ তো জড়যন্ত্র নহে।' *রবীন্দ্র*, ১৯০৮।

জড়যবনিকা [স] *বি* অন্ধকারের পর্দা। 'যবে আলোতে আলোতে লীন হত জড়যবনিকা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জড়রাজত্ব [স] *বি* প্রাণহীনতার রাজত্ব। 'জড়রাজত্বে সে ছিল একাধিপতি।' *রবীন্দ্র*, ১৯৩৫।

জড়রূপে *ক্রিবিণ* নিষ্ক্রিয়ভাবে। 'অষ্টমেত জড়রূপে ভরধ অবতরি।' *মালাধর*, ১৫০০।

জড়শক্তি [স] *বি* প্রাণহীন শক্তি। 'জড়শক্তি অপেক্ষা মানুষের ইচ্ছাশক্তি দুর্ধর্ষতর।' *রবীন্দ্র*, ১৯০৫।

জড়শয্যা [স] *বি* অলস শয্যা; কর্মহীনের শয্যা। 'সে তার জড়শয্যা থেকে ঝাঁপ দিয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জড়শয়ান [স] *বি* জড়ের মতো নিদ্রা। 'সুবিস্তীর্ণ প্রান্তরের বক্ষের উপর ... জড়শয়নে শয়ান রহিয়াছি।' *রবীন্দ্র*, ১৮৮৪।

জড়শীলতা [স] *বি* জড় ভীত ও আড়ষ্টতা। 'পণ্ডিতদের ধর্মে জড়শীলতার প্রতি বিদ্রূপ করে বলেছিলেন, যার সব কিছু পণ্ড হয়ে গিয়েছে সেই পণ্ডিত।' *মুজতবা*, ১৯৫২।

জড়সড় [স জড়>] ১ *বিণ* আড়ষ্ট। 'জর্জ্জর হইয়া কাঁপিতেছ অবস্তব্ধ অর্থাৎ জড়সড় হইয়া থাকে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। ২ *বিণ* কুঁচকানো। 'আমরা ভয়ে জড়সড় হইব না।' *রবীন্দ্র*, ১৮৭৭; 'ভ্রূ একটু জড়সড় করিয়া।' *বঙ্কিম*, ১৮৭৮। ৩ *বিণ* ভীত। 'অসির শাসনে মোরা হব জড়সড়।' *জসীম*, ১৯৩১। দ্র **জড়োসড়ো**

জড়াবস্থা [স জড়-অবস্থা] *বি* স্থবিরতা। 'পূর্ববর্তী জড়াবস্থার সঙ্গে তুলনামূলক বৈষম্য ... রেনেসাঁকে চিহ্নিত করে।' *শিব*, ১৯৫৬।

জড়োপাসক [স জড়-উপাসক] *বিণ* জড় বস্তুর আরাধনাকারী। 'ঐক্যবিহীন, জড়োপাসক নির্বীর্য নগণ্য জাতিতে পরিণত করবে।' *সিরাজী*, ১৯১৮।

জড়া [স জটা] ১ *বি* কুণ্ডলী। 'বাহির হইতে পথ নাই নাগে করিছে জড়া/ লিখিতে গণিতে নারি যত আছে বড়া।' *বিজয়*, ১৬৫০। ২ *বিণ* জড়ানো। 'অষ্টবেকি গুজরি কড়া, পায়েতে ঘুঙ্গুর জড়া।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

জড়াও [হি] হিরা-মণি-মুক্তা খচিত গহনা। 'কএক আদদ জড়াও দ্রব।' *ক্যালগে*, ১৭৮৫।

জড়াও জিগা *বি* মূল্যবান মণিখচিত অলংকার। 'জড়াও জিগা, সিরপেচ, মুক্তার মালা।' *দর্পণ*, ১৮৩৩।

জড়াজড়ি [স জট>] ১ *বি* জাপটা-জাপটি। 'মল্লে মল্লে হুড়াহুড়ি জড়াজড়ি ক্ষিতিপড়ি।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* ঘনিষ্ঠভাবে লাগালাগি অবস্থা। 'জীর্ণদেহ বট অশ্বত্থের গাছ জড়াজড়ি করি ...।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৩ *বি* আলিঙ্গন। 'মানুষগুলো পরস্পরকে জড়াজড়ি করে ধরে পাগলের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মতো তীব্র আমোদে ঘুরপাক খাচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯১; 'নিজের চোখে বউ আর বন্ধুকে জড়াজড়ি করিতে দেখিলেও ...।' *মানিক*, ১৯৪০।

জড়ানো, জড়ান [স জট>] ১ *ক্রি* জড়িয়ে ধরা। 'হাথ পাও গল জড়ী রাখিল তথাগ্রি।' বড়ু, ১৪৫০। ২ বেষ্টন করা। 'জড়াউ কোমরে পাটা।' *আলাওল*, ১৬৮০। ৩ *ক্রি* আচ্ছন্ন হওয়া। 'আলস্যে পিড়িত দেবি নিদ্রাএ জড়িল।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৪ *ক্রি* জটিল করা। *মানোএল*, ১৭৪৩। ৫ *ক্রি* প্যাঁচিয়ে যাওয়া। 'দৈবাৎ কসার ঘাস যে ডেঙ্গার নিকট হইয়াছিল তাহাতে জড়াইয়া পড়িল।' *তারিণী*, ১৮০৩। ৬ *ক্রি* পরিধান করা। 'জড়াও পৈছা ৪ ছড়া।' *দর্পণ*, ১৮২২। ৭ *ক্রি* সম্পৃক্ত করা। 'তুমি এসো, দাও যোগ বাধার মতন জড়াও চরণে।' *রবীন্দ্র*, ১৮৮৬। ৮ *ক্রি* পাকানো। 'তার স্ত্রীর একগুচ্ছ চুল খোঁপা হইতে বিশ্লিষ্ট করিয়া লইয়া আঙুলে জড়াইতেছে।' *রবীন্দ্র*, ১৮৯২। ৯ *ক্রি* আলিঙ্গন করা। 'কাকিমাকে জড়াইয়া ধরিয়া জিজ্ঞাসা করিল ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

জড়িয়ে আসা *ক্রি* আড়ষ্ট হওয়া। 'তাহার জিহ্বা ক্রমে জড়াইয়া আসিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

জড়িয়ে-জড়িয়ে *ক্রিবিণ* আড়ষ্টভাবে। 'কথায় কথায় ইনিয়ে-বিনিয়ে লতিয়ে-লতিয়ে জড়িয়ে-জড়িয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জড়িয়ে-পড়া ১ *ক্রি* আটকা পড়া। 'স্বপ্নের জালে ব্যর্থ হয়ে জড়িয়ে পড়ে থাকে না যেন।' *রবীন্দ্র*, ১৯১৪। ২ *বিণ* মিশে-থাকা। 'আমার বিশ বছরের জীবনে জড়িয়ে-পড়া নিতান্ত আপনার মানুষটিকে হারাতে হবে।' *নজরুল*, ১৯২২। ৩ *বিণ* বাঁধা-পড়া। 'সে অশ্বত্থের আলিঙ্গনে জড়িয়ে-পড়া।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জড়িয়ে-মড়িয়ে *ক্রিবিণ* ভালো-মন্দ মিশিয়ে। 'সবসুদ্ধ জড়িয়ে-মড়িয়ে কাইরো ট্যুরিস্টজনের ভূস্বর্গ।' *মুজতবা*, ১৯৫২।

জড়াপটকি *বি* বিশৃঙ্খলা। 'নানা সূত্রের এহেন জড়াপটকি বাধানো কি সম্ভব।' *প্রমথ*, ১৯১৪।

জড়ালসভাবে [স] *ক্রিবিণ* নিষ্ক্রিয় আলস্যের সঙ্গে। 'দিবামিদ্রা সারিয়া জড়ালসভাবে বারান্দায় বেতের কেদারায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

জড়ি [ফা জরীন] *বিণ* সোনা। 'হীরা জড়ি চান্দোয়া যে মাণিক্য পেখন।' *সুলতান*, ১৭০০।

জড়িপাড় [ফা জরীন+পাড়] *বিণ* সোনালি পাড়যুক্ত। 'এককোণে চওড়া জড়িপাড় লাল মখমলে মোড়া উঁচু বরাসন।' *বিভূতি*, ১৯২৯।

জড়িত [স] ১ *বিণ* খচিত। 'হিরাএঁ জড়িত/ রতন কুণ্ডল।' বড়ু, ১৪৫০। ২ *বিণ* পরিহিত। 'অঙ্গুলিজড়িত মোর আছে গরুড়মণি/ এই হেতু হাথে মোর না খাইল ফণী।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* মিশ্রিত। 'গরলে জড়িত বিষ দুষ্ট খরতর।' *বাহরাম*, ১৬৫০। ৪ *বিণ* আবদ্ধ। 'দরিদ্র ভারত দুশ্ছেদ্য ঋণজালে জড়িত।' *অক্ষয়*, ১৮৪৬। ৫ *বিণ* আড়ষ্ট। 'সরমে জড়িত জিহ্বা, বচন না সরে।' *গিরিশ*, ১৮৮৭। ৬ *বিণ* সংশ্লিষ্ট। 'খেলাফৎ ও তুরস্কের সহিত হিন্দুর কোন স্বার্থ জড়িত নাই।' *হোলতান*, ১৯২৩।

জড়িতকণ্ঠ [স] *বি* ধরা-গলা। 'জড়িতকণ্ঠে খুকি আবার জিজ্ঞাসা করে।' *নজরুল*, ১৯৩০।

জড়িতবিজড়িত [স] *বিণ* সম্যকভাবে সংশ্লিষ্ট। 'প্রকৃতির বিশ্বকার্য এবং মানবের মানসিক সৃষ্টি পরস্পর জড়িতবিজড়িত হয়ে নানা আকারের ছায়াকুঞ্জ নির্মাণ করেছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

জড়িতমিশ্রিত [স] *বিণ* তালগোল-পাকানো। 'মানুষের ভাব সম্বন্ধে প্রকৃত সত্য জড়িতমিশ্রিত, ভগ্নখণ্ড, ক্ষণস্থায়ী।' *রবীন্দ্র*, ১৯০৭।

জড়িতস্বর [স] ১ *বি* জড়িয়ে গেছে এমন কণ্ঠস্বর। 'বিছানার চারি দিকে হাত বুলিয়ে জড়িতস্বরে বললেন।' *রবীন্দ্র*, ১৯২৯। ২ *বি* টানাস্বর। 'বই খুলে একঘেয়ে জড়িতস্বরে পড়তে শুরু করল।' *হাসান*, ১৯৬০।

জড়িবড়ি, জড়িবুটি [স জটা+স বটী] *বি* শিকড় বা জড় থেকে তৈরি ওষুধ। 'জড়িবুটির পুঁটলি হাতে তাহাকে প্রায়ই দেখা যায়।' *বিভূতি*, ১৯৩৮; 'রাজবৈদ্য তার জড়িবড়ি ওষুধের পাটা ঘষিতে ঘষিতে আসিলেন।' *জসীম*, ১৯৬০।

জড়িমা [স] ১ *বি* জড়তা। 'বাহিরে জড়িমা অন্তরে আনন্দবিহ্বল।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'স্মরণে জড়িমা জায় দূরে।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* আবেশ। 'জড়িমাজড়িত তনু।' *রবীন্দ্র*, ১৮৮৬।

জড়িমা-জড়িত [স] *বিণ* আড়ষ্ট; জড়তায় আচ্ছন্ন। 'কি কারণে শব্দাড়ম্বরময় জড়িমা-জড়িত ভাষা মনে করেন।' *প্রমথ*, ১৯১৩।

জড়ীভূত [স জড়>] ১ *বিণ* জড়তায় আচ্ছন্ন। 'আপন সাজেতে জড়ীভূত হইয়া ...।' *তারিণী*, ১৮০৩। ২ *বিণ* স্পন্দনহীন; চেতনা নেই এমন। 'আমাদের জড়ীভূত হইবার উপক্রম হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বিণ* আচ্ছন্ন; হতবুদ্ধি। 'বিষম ঘটনার শঙ্কায় জড়ীভূত থাকিতেন।' *কৃষ্ণকমল*, ১৮৫৮। ৪ *বিণ* উৎসাহহীন। 'জড় অভ্যাসের জালে প্রতিদিন জড়ীভূত হয়ে পড়ি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জড়ুল [হি] *বি* শরীরের তিলের চেয়ে বড়ো চিহ্ন। 'ফিরিছে জড়ুলে, ফিরিছে ভুরুর তিলে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

জড়ো [স জটা>] *বিণ* জমা। 'করিছে প্রমাণ জড়ো পাঁজি পুঁতি খুলে।' *গুপ্ত*, ১৮৫৮।

জড়ো-হওয়া *বিণ* সমবেত। 'গেটের পাশে জড়ো-হওয়া কাঙালীরা হাসে।' *সুকান্ত*, ১৯৪৮।

জড়োপাসক দ্র জড়

জড়োয়া [হি জড়াউ] *বি* মণিমুক্তা বা মূল্যবান প্রস্তরাদি খচিত অলঙ্কার। 'আমাদের জড়োয়া চিক নির্মিত হইয়াছে।' *রোকেয়া*, ১৯২১।

জড়োসড়ো [স জটা>] ১ *বিণ* ভীত ও আড়ষ্ট। 'কতকগুলি জড়োসড়ো ঘোমটাচ্ছন্ন স্ত্রীগণকে নিম্নশ্রেণীতে পুরে দেওয়া হয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বিণ* সংকুচিত। 'জড়োসড়ো নির্বোধ কাঁচুমাচু ভাব কিছু নেই অথচ কেমন সলজ্জ সসম্ভ্রম ব্যবহার।' *রবীন্দ্র*, ১৮৯২। দ্র জড়সড়

জণি [স যেন] অব্য যেন। 'সেজণি এহাক গুণে।' বড়ু, ১৪৫০।

জৎ *বি* (সংগীত) তালবিশেষ। 'রাগিণী সিন্ধু – তাল জৎ।' *মশাররফ*, ১৮৬৯।

জত [স যাবৎ] ১ *বিণ* যত। 'হাথ দিআঁ দেখ বড়ায়ি মোর কলেবরে/ জত বড় উপজিল জরে।' বড়ু, ১৪৫০। ২ *ক্রিবিণ* যে পরিমাণে। 'জত জত করিতহ তত মন জাগ। অনুসএ হীন ভেল অনুরাগ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জতখন *ক্রিবিণ* যতো সময়; যে পর্যন্ত। *ওসাঁ*, ১৭৮২।

জতদিন *ক্রিবিণ* যতোদিন। 'কণ্ট দেসে প্রান মোর জতদিন ধরি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জতবার *ক্রিবিণ* যতোবার। 'জতবার মৈল গৌরী তাহার নিসান করি।' *মুকুন্দ*, ১৬০০।

জতোটী *বি* যতোটি। *ওসাঁ*, ১৭৮২।

জতগৃহ [স জতুগৃহ] *বি* লাক্ষা বা গালা দিয়ে তৈরি ঘর। 'জুক্তি করি

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ইন্দ্রপ্রস্থে জতগৃহ করে।' *মালাধর*, ১৫০০।

জতচীত [স যথোচিত] *বিণ* যথোচিত। 'তাহাতেই জতচীত ভাবিত আছি।' *ওসাঁ*, ১৭৭৯।

জতন [স যত্ন] **১** *বি* সাবধানতা। 'তোহা তেঞ্জিলোঁ জতনে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* চেষ্টা। 'না কর জতন/ সুন্দরী রাধা/ আহ্মাত না পাত মায়া।' *বড়ু*, ১৪৫০।

জতনে *ক্রিবিণ* যত্নে। 'খুদ কিছু ধার নিহ সয়্যের ভবনে/ কাঁচড়া খুদের কাঁজি রান্ধিবে জতনে।' *মুকুন্দ*, ১৬০০।

জতয় [স যাবৎ] *ক্রিবিণ* যে-পরিমাণে। 'সঙ্খ সিন্দুর আদি জতয় কঙ্কন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জতি [স যৎ>] *অব্য* যদি (সম্ভাবনা অর্থে)। 'চলিতে না পার জতি গোওালার নারি।' *মালাধর*, ১৫০০।

জতু [স] *বি* লাক্ষা বা গালা। **জতুগৃহ** [স] *বি* লাক্ষা বা গালা দিয়ে তৈরি ঘর। 'জতু গৃহে মুঞি পঞ্চ পাণ্ডবে রক্ষিনু।' *বৃন্দা*, ১৫৮০; 'হিংসুকের বদ্ধদ্বার জতুগৃহে আনো অবকাশ।' *নজরুল*, ১৯২৮।

জতুঘর *বি* লাক্ষা বা গালা দিয়ে তৈরি ঘর। 'নির্বিবাদে গিয়ে পড়ে প্রৌঢ়ত্বের অভ্যাসিক যৌথ জতুঘরে।' *বিষ্ণু*, ১৯৪১।

জতুর ঘর *বি* জতুগৃহ। 'চতুর্থে জতুর ঘরে/ রাখিলা হামিদ খাঁরে/ আনলে দহিয়া পরীক্ষীলা।' *বাহরাম*, ১৬৫০।

জতুচিত [স যথোচিত] *ক্রিবিণ* উপযুক্তরূপে। 'কানু বোলে ঘুল মুঞ্চ কহি জতুচিত।' *মালাধর*, ১৫০০।

জতেক [স যাবৎ>] *ক্রিবিণ* যতো। 'জতনে জতেক ধন পাপে বটোরলুঁ মেলি পরিজনে খায়।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জতোটীতে *ক্রিবিণ* যত জায়গায়। 'চেষ্টা জতোটীতে করিতেছি খরচপত্রের ...।' *ওসাঁ*, ১৭৭৯।

জত্তন [স যত্ন] *বি* যতন; আদর। 'পূর্ব্বে নিসেদিল তোরে করিয়া জত্তন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জত্তনে *ক্রিবিণ* যত্ন সহকারে। 'তৃতীএ গোছল অতি জত্তনে করিব।' *বাহরাম*, ১৬৫০।

জত্ন [সযত্ন] *বি* আগ্রহ। 'জত্ন করি আনিল তাহারে।' *মালাধর*, ১৫০০।

জত্ননে *ক্রিবিণ* যত্নের সঙ্গে; সযত্নে। 'আর এক বর দিব পালিয় জত্ননে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জত্নেক *ক্রিবিণ* যত্ন সহকারে। 'মায় সমে জত্নেক খাএ চারি সহোদর।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জত্নেন *ক্রিবিণ* যত্নের সঙ্গে। 'নিবায় জত্নেন করি পাপিষ্ট আগুনি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জত্নো [স যত্ন] *বি* যত্ন। 'আমি ঘোড়া বে পীহাত জত্নো তনদামি করিছিলাম।' *বোগল*, ১৭৭০।

জথ [স যতি] *বিণ* যতো। 'সজীবে করহ গ্রাস ইথে মিথ্যা অভিলাষ মোহব্রত জথ সতন্তর।' *মুকুন্দ*, ১৬০০।

জথা [স যথা] *ক্রিবিণ* যেখানে। 'আছএ অমৃত জথা নন্দন বনে।' *মালাধর*, ১৫০০।

জথাএ *ক্রিবিণ* যেখানে। 'জথাএ চলি জাও তুহ্মি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জথাঁ *ক্রিবিণ* যেখানে। 'জথাঁ আইলেঁ সি তথা জানী।' *চর্যা ৪৪*, ১২০০।

জথাজোগ্য [স যথাযোগ্য] *বিণ* উচিতমতো। 'জথাজোগ্য জথাদান বিষ্ণুর সেবন।' *মালাধর*, ১৫০০।

জথাতথা [স যথাতথা] *ক্রিবিণ* ইতস্তত। 'জথাতথা সয়ন অলস সুবেস কত।' *মালাধর*, ১৫০০।

জথাদান [স যথাদান] *বি* উপযুক্ত দান। 'জথাজোগ্য জথাদান বিষ্ণুর সেবন।' *মালাধর*, ১৫০০।

জথাবিধি [স যথাবিধি] *ক্রিবিণ* নিয়মানুযায়ী। 'জথাবিধি পিণ্ডদান শ্রাদ্ধ হইল অবসান।' *মুকুন্দ*, ১৬০০।

জথি [স যথা] *ক্রিবিণ* যেখানে। 'জথি সোলো উপচার।' *মুকুন্দ*, ১৬০০।

জথোচিত [স যথোচিত] *ক্রিবিণ* যথাযোগ্য। 'জথোচিত দক্ষিনা দিল জতেক ব্রাহ্মনে।' *মালাধর*, ১৫০০।

জদি, জদী [স যদি] *অব্য* যদি। 'তুহুঁ জদি কহসি করিএ অনুসঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'সেহ জদি অল্প জ্ঞান করিল আমারে।' *মালাধর*, ১৫০০; 'জদী কোনো ইংরেজ লোক।' *ক্যালগে*, ১৭৮৯।

জদ্যপি, জদ্যপী [স যদ্যপি] *অব্য* যদি। 'জদ্যপী ... তোমার কাজ্য কথক তফাত পড়িবেক।' *হ্যালহেড*, ১৭৭৩; 'জদ্যপি বাকি ময়কুরে আদায় না করে ... তবে নিলামে বিক্রী হবেক।' *ক্যালগে*, ১৭৮৭।

জদ্যবি, জদ্ববি [স যদ্যপি] *অব্য* যদিও। 'জদ্যবি ইস্তবা দিয় তবে আকীম কহিবেক তুমি কাহীল ...।' *ওসাঁ*, ১৭৭৯; 'জদ্ববি।' *ওসাঁ*, ১৭৮২।

জন [স] **১** *বি* ব্যক্তি। 'ভাল বুলিবে তোরে গুণী কোন জন।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* গণ। 'সভাপতি আর সব সভাসদ জন।' *বড়ু*, ১৪৫০।

জন-অরণ্য [স] *বি* বহু লোকের ভিড়। 'জন-অরণ্য হেরিছে হেলায় অচল-অটল-ছবি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জনকতক [স জন+স কতি>] *বিণ* কয়েকজন। 'জনকতক আত্মীয়স্বজন ও কুটুম্ব নিমন্ত্রণ করিয়া হরবল্লভ কার্য সমাধা করিলেন।' *বঙ্কিম*, ১৮৮৪।

জনকতো [স জন+স কতি] *বিণ* কয়েকজন। 'একদিন হাটে যায় জনকতো মেয়্যা।' *কৃষ্ণরাম*, ১৭২০।

জনকয়েক [স জন+স কতি+স এক] *বিণ* কয়েকজন। 'জনকয়েক পিয়াদা হন হন করিয়া আসিয়া বরদাবাবুকে ঘিরিয়া ফেলিল।' *প্যারী*, ১৮৫৮।

জন খাটা [স জন+খাটা] *ক্রি* মজুরের কাজ করা। 'দা হাতে লইয়া জন খাটিতে বাহির হইল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জনে জনে *ক্রিবিণ* প্রত্যেককে। 'জনে জনে জিজ্ঞাসা করিলাম ঘরে ঘরে।' *মানিকরাম*, ১৭৮১।

জনক [স] **১** *বি* পিতা। 'স্মঙরে সকল লোক জনক জননি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* সৃষ্টিকারী। 'উপদ্রব জনক সে ব্যক্তি হয়।' *সেবধি*, ১৮৩৯।

জনক জননী [স] *বি* পিতামাতা। 'জনক জননী আর না করে তল্লাস।' *রূপরাম*, ১৭৫০।

জনকতাশক্তি [স] *বি* উৎপাদনশক্তি। 'জীবের জনকতাশক্তি অতি ভয়ানক।' *বঙ্কিম*, ১৮৭৫।

জনকতু [স] *বি* প্রবর্তনকারী। 'সেই জনকতুই তাঁর স্থিতি।' *শরীফ*, ১৯৭০।

জনকবর [স] *বি* পিতা। 'দারুণ জনকবর আকুল হৃদএ।' *বাহরাম*, ১৬৫০।

AMARBOI.COM

জনক-ভবন [স] *বি* পিতার বাড়ি। 'জনক-ভবনে যাবে, ভাবনা কী তার।' *গুপ্ত*, ১৮৫৮।

জনকানুরাগ [স জনক-অনুরাগ] *বি* পিতার প্রতি অনুরাগ। 'কন্যার জনকানুরাগে অযথ বিশ্বাস করেন।' *মুজতবা*, ১৯৬০।

জনকেশ্বর [স জনক-ঈশ্বর] *বি* খ্রিস্টানদের দেবতা। 'জনকেশ্বর, তনয়েশ্বর ও কপোতেশ্বর, এই ঈশ্বরত্রয় খ্রিষ্টানদিগের উপাস্য দেবতা।' *অক্ষয়*, ১৮৫৪।

জনকল্যাণ [স] *বি* সর্বসাধারণের কল্যাণ। 'তারা পৃথিবীর জনকল্যাণেই ...।' *জীবন*, ১৯৪০।

জনকল্যাণকর [স] *বিণ* জনগণের কল্যাণধর্মী। 'দু একটি জনকল্যাণকর প্রতিষ্ঠানের সঙ্গেও আমার যোগাযোগ ছিল।' *নরেন্দ্র*, ১৯৫৮।

জনকল্যাণবোধ [স] *বি* সর্বসাধারণের মঙ্গল করার উপলব্ধি। 'জনকল্যাণবোধে উদ্বুদ্ধ মহিলারা গ্রহণ করুন।' *বেগম*, ১৯৪৯।

জনকল্যাণমূলক [স] *বিণ* জনহিতকর। 'গণতান্ত্রিক ও জনকল্যাণমূলক রাষ্ট্রব্যবস্থার প্রতি।' *আজাদ*, ১৯৫৯।

জনকোলাহল [স] *বি* মানুষজনের শোরগোল। 'গাড়ি, ঘোড়া, জনকোলাহল প্রভৃতিতে অবাক হয়ে যেতে হয়।' *রবীন্দ্র*, ১৮৮১।

জনখান *বি* শিষ্টাচার বিনিময়। *মানোএল*, ১৭৪৩।

জনগণ [স] *বি* জনসাধারণ। 'জনগণ সন্নিধানে স্ব স্ব নামে সম্ভ্রমাভিলাষী হইয়া ...।' *তবানী*, ১৮২৫।

জনগণতান্ত্রিক [স] *বিণ* জনগণের নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা চালিত। 'জনগণতান্ত্রিক বাঙলাদেশের মানুষ।' *পাশা*, ১৯৭১।

জনগণনেতা [স] *বি* জনগণের নেতা। 'জনগণনেতা হতে চায় হাজু তারা।' *নজরুল*, ১৯৪১।

জনগণপতি [স] *বি* জনগণের প্রধান নেতা। 'হইয়াছে ভারতে জনগণপতি।' *নজরুল*, ১৯৪২।

জনগণমত [স] *বি* জনমত। 'জনগণমতে বিধিনিষেধের বেড়ি পরাও।' *সুভাষ*, ১৯৪০।

জনগণমন [স] *বি* জনগণের মন। 'জনগণমন-অধিনায়ক জয় হে।' *রবীন্দ্র*, ১৯১১।

জনগণেশ [স] *বি* গণদেবতা। 'আমি জনগণেশের প্রচণ্ড কৌতুক।' *রবীন্দ্র*, ১৯২৮।

জনজঙ্গল [স জন+ফা জঙ্গল] *বি* লোকজনের ঘনবসতি। 'রাস্তার দুপাশের জনজঙ্গলের ভিতর ...।' *জীবন*, ১৯৩১।

জন-জাগরণ [স] ১ *বি* গণ-জাগরণ। 'বর্তমান জন-জাগরণের যুগে এই বিচ্ছেদ।' *মোহাম্মদী*, ১৯৩৪। ২ *বি* গণ-অভ্যুত্থান। 'জনজাগরণে সদলবলেই মেনেছি হার।' *সুভাষ*, ১৯৪০।

জনজীবন [স] *বি* নাগরিক জীবন। 'আমাদের দেশের জনজীবনের অর্থনৈতিক অসচ্ছলতা।' *বেগম*, ১৯৭৭।

জনতন্ত্র [স] *বি* জনগণের প্রতিনিধি দ্বারা শাসন। 'ডিমোক্রাসি কথাটার নানারূপ সংকৃত অনুবাদ করা হয়েছে যথা – প্রজাতন্ত্র, গণতন্ত্র, জনতন্ত্র ...।' *প্রমথ*, ১৯২০।

জনতরঙ্গ [স] *বি* জনসাধারণের ভিড়। 'জনতরঙ্গে আমরা ক্ষিপ্ত ঢেউ ফেনিল।' *সুকান্ত*, ১৯৪৮।

জনতরণী [স] *বি* জনতারূপ নৌকা। 'আজ আর তোলে নাকো/ জনতরণীর পাল।' *সুকান্ত*, ১৯৪৮।

জনতা [স] ১ *বিণ* ভিড়। 'এই বিস্ময়াপন্ন বিষয় প্রত্যক্ষ করিবার জন্যে লোক বড় ইচ্ছা করিয়া জনতা করিয়াছে।' *তারিণী*, ১৮০৩। ২ *বি* জনসাধারণ। 'বহু জনতা দেখিয়া কোপাবিষ্ট।' *দর্পণ*, ১৮২৪। ৩ *বি* অনেক লোকের সমাবেশ। 'লোকের এত জনতা হতো যে কলাপাত এক টাকায় একখানি বিক্রী হয়েছিলো।' *হুতোম*, ১৮৬১।

জনতা-আঁধার [স জনতা-অন্ধকার] *বি* জনতারূপ আঁধার। 'কোলাহল-কুৎসিত এ-নগরের ভিড়ে/ দুষ্টশ্বাস জনতা-আঁধারে বার হয়ে এলে।' *বিষ্ণু*, ১৯৩২।

জনতা-উৎসব [স] *বি* জনতার আনন্দানুষ্ঠান। 'আজি বাজে নাই বাদ্য, ঘটে নাই জনতা-উৎসব।' *রবীন্দ্র*, ১৯১৪।

জনতা-কোলাহল [স] *বি* জনতার উচ্চশব্দ। 'জনতা-কোলাহল হইতে কল্পনাযোগে নিজেকে বিচ্ছিন্ন করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জনতা-জটলা *বি* আড্ডা। 'হৈ-হল্লা, জনতা-জটলা ভালো লাগে না।' *অচিন্ত্য*, ১৯৫০।

জনতা-জোয়ার [স জনতা+স জলবৃদ্ধি] *বি* জনতারূপ জোয়ার। 'আজকে কিন্তু জনতা-জোয়ারে দোলে প্লাবন।' *সুকান্ত*, ১৯৪৮।

জনতাপাথার [স জনতা+স প্রান্তর] *বি* জনসমুদ্র; জনসমাজ। 'দেবী, ছেড়ো না আমারে, যেয়ো না একেলা ফেলি জনতাপাথারে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

জনতাময় [স] *বিণ* জনাকীর্ণ। 'জনতাময় নির্জনতা, আর অনিদ্রার তীব্রমধুর উন্মাদনা।' *বুদ্ধ*, ১৯৭১।

জনতা-মহারাজ *বি* জনতারূপ মহারাজ; শক্তিমান জনতা। 'জনতা-মহারাজকে আমিও যথেষ্ট সম্মান করি, কিন্তু কিঞ্চিৎ দূর হইতে করিতে ইচ্ছা করি।' *রবীন্দ্র*, ১৯০৭।

জনতারণ্য [স জনতা-অরণ্য] *বি* জনারণ্য; বহু লোকের ভিড়। 'ওই রে নগরী – জনতারণ্য।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জনতাসংঘ [স] *বি* জনগণ; নগরবাসী। 'ঘূর্ণচক্র জনতাসংঘ বন্ধনহীন মহা-আসঙ্গ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জনতাসমুদ্র [স] *বি* বিপুল জনতা। 'রাস্তায় রাত্রির অন্ধকার কালো বুক জনতাসমুদ্রে ডুবে গেছে।' *হাফিজুর*, ১৯৫৩।

জনতা-সাগর [স] *বি* জনসমুদ্র। 'এ নিরালম্ব জনতা-সাগরে চুকেছে ভাসা রুদ্ধশ্বাস।' *বিষ্ণু*, ১৯৪১।

জনতোষিণী [স] *বিণ স্ত্রী* জনতাকে তুষ্ট করে এমন। 'তার কবিতা হয়তো জনতোষিণী নয়, কিন্তু মনোতোষিণী।' *অচিন্ত্য*, ১৯৫০।

জনত্রাতা [স] *বিণ* জনগণের ত্রাণকারী। 'বৃটিশ এখন এখানে জনত্রাতা।' *সুকান্ত*, ১৯৪৮।

জন-দরদ [স জন+ফা দরদ] *বি* জনসেবা। 'জন-দরদ, পার্টি-মিটিং, বক্তৃতাও বহুকাল বন্ধ।' *শক্তি*, ১৯৬৯।

জনদাবী [স জন+ফা দাবি] *বি* গণমানুষের দাবি। 'নৈতিক বিজয় ও জনদাবীর স্বীকৃতি সর্বত্র।' *আজাদ*, ১৯৫৬।

জনন [স] *বিণ* প্রজনন। **জননযোগ্য** [স] *বিণ* প্রজননের উপযুক্ত। 'যেখানে ইহাদের জননযোগ্য স্থান এবং রোগবীজের সংস্পর্শ সম্ভাবনা আছে।' *রবীন্দ্র*, ১৯১৭।

জননশক্তি [স] *বি* জন্মদানের ক্ষমতা। 'যৌবনের বন্দনা আমার সে কি শুধু জননশক্তির পূজা?' *বুদ্ধ*, ১৯৫৫।

AMARBOI.COM

জননান্তর *বি* জন্মজন্মান্তর। 'হ্যাঁ, জননান্তর সৌহৃদানি নয়, এ জন্মেরই ব্যাপার।' *হাসান*, ১৯৬০।

জননায়ক [স] *বি* জনগণের নেতা। 'জননায়ক বলিয়া সর্বদা সভামঞ্চের উপরে আরোহণ করেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

জননি [স জননী] *বি* মাতা। 'চোর জননি জগ্রো মনে মনে ঝাখগ্রো।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'জননির জঠরে দুঃখ না জাএ সহন।' *মালাধর*, ১৫০০।

জননিরাপত্তা [স] *বিণ* জনসাধারণের সুরক্ষা সংক্রান্ত। 'জননিরাপত্তা অর্ডিন্যান্স বলে তাঁহাকে গ্রেফতার করা প্রসঙ্গে।' *আজাদ*, ১৯৬৪।

জননী [স] *বি* মা। 'পাঞ্চ পাণ্ডবের ভৈলা কুন্তী জননী।' *বড়ু*, ১৪৫০।

জননীগ্রন্থি [স] *বি* জন্মনাড়ি। 'জননীগ্রন্থি কেটে যায় শিগগিরই।' *জীবন*, ১৯৪৮।

জননীজঠর [স] *বি* মায়ের গর্ভ। 'জননীজঠরে আসিবার পূর্বে কোথায় কোন পথ।' *ফজলল*, ১৯১৩।

জননী জন্মভূমি [স] *বি* জননীরূপ জন্মভূমি। 'জননী জন্মভূমির দুঃখ মোচনার্থে যেরূপ যত্ন করা কর্ত্তব্য।' *অক্ষয়*, ১৮৪৮।

জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী [স] – মা ও মাতৃভূমি স্বর্গের চেয়েও গৌরবের বস্তু। 'অদ্যাপি কাহার মুখে এই রমণীয় শ্লোকার্দ্ধ শ্রুত না হয় যে, জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী।' *অক্ষয়*, ১৮৪৮; 'আমরা অন্য মা মানি না – জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী।' *বঙ্কিম*, ১৮৮২।

জননী-স্বরূপা [স] *বিণ* স্ত্রী মায়ের সমতুল্য। 'জননী-স্বরূপা জন্মভূমির পরিত্রাণ-সাধনের নিমিত্ত।' *অক্ষয়*, ১৮৫৪।

জননীতিক [স] *বি* জননেতা। 'যুগের নিকটে ঋণ মনবিনিময় এবং নতুন জননীতিকের কথা।' *জীবন*, ১৯৪০।

জননেতা [স] *বি* জনগণের নেতা। 'তিনি একজন ব্রিটিশ বিরোধী জননেতা হন।' *মাহেনও*, ১৯৪৯।

জনপদ [স] **১** *বি* সমাজ। 'তবে আমার আনন্দ এবং জনপদের অধিক উপকার সম্ভাবিত ...।' *রামমোহন*, ১৮২১। **২** *বি* জনপদের মানুষ। 'কখন শুনি নাই যে ছাত্রেরা যে২ প্রস্তাব করেন তদ্বিষয়ের জনপদের গুণোদয়ের সম্ভাবনা না হয়।' *কৌমুদী*, ১৮৩০। **৩** *বি* লোকালয়। 'হিমপ্রধান জনপদে গ্রীষ্মকালে অপর্য্যাপ্ত পশু, পক্ষী, ও মৎস্য প্রাপ্ত হওয়া যায়।' *অক্ষয়*, ১৮৪৯। **৪** *বি* রাজ্য; প্রদেশ। 'সে সময় উল্লিখিত জনপদ-নিবাসীরা দারুণ দুরবস্থায় পতিত ছিল।' *অক্ষয়*, ১৮৫৪।

জনপদকল্যাণী [স] *বিণ* স্ত্রী জনপদবাসীদের কল্যাণ করে এমন। 'জনপদকল্যাণী সরোজিনী।' *মুজতবা*, ১৯৫৯।

জনপদপীড়া [স] *বি* রাজ্যে অস্থিরতা। 'পরজাতীয়েরা জনপদপীড়া উপস্থিত করিয়া যে দেশের অর্থাপহরণ করিবে।' *বঙ্কিম*, ১৮৯২।

জনপদপ্লাবী [স] *বিণ* জনসংখ্যার ভিড় অধ্যুষিত। 'কোনো জনপদপ্লাবী জলোচ্ছ্বাসকে ডাকে।' *হাসান*, ১৯৬৭।

জনপদবধূ [স] *বি* গাঁয়ের বধূ। 'অনেকগুলি "জনপদবধূ" তার সম্মুখে ভিড় করে দাঁড়িয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

জনপদবাসী [স] *বিণ* লোকালয়ে বাসকারী। 'যাহারা জনপদবাসী বিদ্বান অনুকূল প্রত্যুৎপন্নমতি ও যথোক্তবাদী।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

জনপদাধিকার [স জনপদ-অধিকার] *বি* জনসাধারণের অধিকার। 'জনপদাধিকার করণে বাঞ্ছিত হইয়া ...।' *দর্পণ*, ১৮২৮।

জনপদাধ্যক্ষ [স জনপদ-অধ্যক্ষ] *বি* জনপদের প্রধান। 'মণ্ডলাধ্যক্ষ এবং জনপদাধ্যক্ষ এবং গ্রামাধ্যক্ষ ইত্যাদি ইহারদের শীল প্রজাগণকে দুঃখ দিয়া ধন সঞ্চয় করে।' *রামরাম*, ১৮০২।

জনপরম্পরা [স] *বিণ* জনসাধারণে প্রচলিত। 'জনপরম্পরা বাক্যের অর্থটি যেরূপ বিপরীত হইয়া থাকে।' *দিক্‌প্রকাশ*,১৮৬৯।

জনপল্লী [স] *বি* আবাসিক এলাকা। 'জনপল্লী নয় জায়গাটা।' *শওকত*, ১৯৪৬।

জন-পাখি [স জন+স পক্ষী] *বি* জনতারূপ পাখি। 'জন-পাখিদের কণ্ঠে তবুও আলোর অভ্যর্থনা।' *সুকান্ত*, ১৯৪৮।

জনপিণ্ড [স] *বি* অনেক মানুষের সম্মিলন। 'চলমান জনপিণ্ডের বেগ।' *রবীন্দ্র*, ১৯৩২।

জনপীড়া [স] *বি* জনগণের *ঠেলাঠেলি*। 'আমি জনপীড়ায় অনিচ্ছায় সরছি শহরের দিকে।' *মুজতবা*, ১৯৬০।

জনপুঙ্গব [স] *বি* শ্রেষ্ঠজন। 'জনপুঙ্গব আমার সম্মুখে আসিয়া গুরুগর্জনে বলিলেন।' *প্রমথ*, ১৮৯৮।

জনপূর্ণ [স] *বিণ* অনেক লোক আছে এমন। 'জনপূর্ণ নগরীর পরিত্যক্ত পথ।' *রবীন্দ্র*, ১৯০৭।

জনপ্রতি [স] *ক্রিবিণ* মাথাপিছু। 'তণ্ডুল আঢ়াই সের দিব জন প্রতি।' *আলাওল*, ১৬৮০।

জনপ্রবাদ [স] *বি* মুখে মুখে প্রচলিত প্রবাদ। 'জনপ্রবাদে লোকের গুণাগুণ উত্তরোত্তর বর্দ্ধন করিতে থাকে।' *অক্ষয়*, ১৮৪৮; 'বহু স্মৃতি জনপ্রবাদ বিশ্বাস ও সংস্কারের দ্বারা এখনো ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

জনপ্রবাহ [স] *বি* জনগণের জীবনধারা। 'রাজকুমার প্রাসাদ হইতে জনপ্রবাহ নিরীক্ষণ করিতেছেন।' *জগদীশ*, ১৮৯৪।

জনপ্রাণী [স] *বি* জীবজন্তু। 'এই বিজন অরণ্যে ত জনপ্রাণীরও সঞ্চার নাই!' *মাইকেল*, ১৮৭৪।

জনপ্রয়োজন [স] *বি* গণ-আকাঙ্ক্ষা। 'জনপ্রয়োজনে পাল্টাতে হল নিয়ম ও আদর্শের ধরন।' *শরীফ*, ১৯৬৮।

জনপ্রাচুর্য [স] *বি* লোকসংখ্যার আধিক্য। 'জনপ্রাচুর্য ও সম্পন্নতায় মুর্শিদাবাদ ম্লান করে দিয়েছিল লন্ডনকে।' *সিরাজুল*, ১৯৭৪।

জন-প্রাণ [স] *বিণ* জনতার জন্য নিবেদিত। 'স্নেহকারী জন-প্রাণ তুমি দেবপুরে।' *মাইকেল*, ১৮৬৬।

জনপ্রাণী [স] *বি* মানুষজন। 'মাঠে জনপ্রাণীর আভাস নাই।' *শওকত*, ১৯৫৮।

জনপ্রাণীহীন [স] *বিণ* জনপ্রাণীর অস্তিত্ব নেই এমন। 'তাঁরা দুজনে যেন জনপ্রাণীহীন তৃণশস্যহীন দুই দ্বীপ।' *নরেন্দ্র*, ১৯৫৫।

জনপ্রিয় [স] *বিণ* জনসাধারণের নিকটে আদৃত। 'জনপ্রিয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

জনপ্রিয়তা [স] *বি* লোকপ্রিয়তা। 'আকস্মিক জনপ্রিয়তা তাকে এখানে ভুলাইয়া রাখিবার জন্য।' *মানিক*, ১৯৩৬; 'ভাবাবেগ শাসিত বাংলা দেশে বিদ্যাপতির পদাবলীর জনপ্রিয়তার ইহাও একটি কারণ বটে।' *হাই*, ১৯৫৪।

জন-বসতি [স] *বিণ* জনগণ বাস করে এমন। 'এক একটি জন-বসতি এলাকা।' *পাশা*, ১৯৭১।

জনবহুল [স] *বিণ* জনাকীর্ণ। 'আট্টারা সুমাত্রার একটি সুবিস্তীর্ণ জনবহুল জাতি।' *রবীন্দ্র*, ১৯১৭; 'শস্যহীন জনবহুল এ অঞ্চলের বাসিন্দাদের

AMARBOI.COM

... ।' *ওয়ালী*, ১৯৪৮।

জন-বাহিনী [স] *বি* জনসাধারণ। 'এদেশে জন-বাহিনী তাই নিমেষে হয় তৈরি।' *সুকান্ত*, ১৯৪৮।

জনবিরল [স] *বিণ* কম জনবসতিপূর্ণ। 'এই জনবিরল নির্বাসনেও টিনের খনি চলছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

জনভারাক্রান্ত [স] *বিণ* জনতার ভারগ্রস্ত; জনবহুল। 'জনভারাক্রান্ত ট্রেন হেলেদুলে প্ল্যাটফর্ম অতিক্রম করে।' *ইলিয়াস*, ১৯৭২।

জনভোজ [স] *বি* সর্বসাধারণের ভোজের অনুষ্ঠান। 'আমরা হিন্দুমুসলমানে জনসভা না ক'রে জনভোজ করতুম।' *অন্নদা*, ১৯২৯।

জনম [স জন্ম] **১** *বি* জীবন। 'পুরুব জনমে কৈল জলধি মথানে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* জন্ম। 'হাম সাগরে তেজব পরাণ আন জনমে হোয়ব কান।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জনম জনম [স জন্ম>] *ক্রিবিণ* বহু জন্ম ধ'রে। 'জনম জনম হরগৌরি অরাধলোঁ সিব ভেল সকতি বিভোর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জনমদিন [স জন্মদিন] *বি* জন্মদিন। 'খৃষ্টের জনমদিন বড়দিন নাম।' *গুপ্ত*, ১৮৫৮।

জনমদুখিনী [স জন্মদুঃখী] *বিণ স্ত্রী* জন্ম থেকে দুঃখী। 'রাজার নন্দিনী জনমদুখিনী/ ভিখারিনি বেশে ভ্রমে বনে বনে।' *ক্ষীরোদপ্রসাদ*, ১৯২৫।

জনম-দুখী [স জন্মদুঃখী] *বিণ* চিরদুঃখী। 'জনম-দুখী বিধবাদের অশ্রুজলের ধারায় ভাসি।' *জসীম*, ১৯৩১।

জনম-পাগলা [স জন্ম-পাগল] *বিণ* (স্নেহার্থে) জন্ম থেকেই পাগলা স্বভাবের। 'আজিজ আমার জনম-পাগলা মা-নেওটা ছেলে।' *নজরুল*, ১৯২৪।

জনমভর [স জন্ম-ভর] **১** *বি* সারাটা জীবন। 'মনকে বুঝাইতে নারি জনম ভরে।' *লালন*, ১৮৯০। **২** *ক্রিবিণ* সারা জীবন ধরে। 'তুই কি জনমভর এই রকম খ্যাপাই থাকবি।' *নজরুল*, ১৯২৪।

জনম-ভরা [স জন্ম-ভর] *ক্রিবিণ* সারা জীবন ধরে। 'দুলিয়ে দিল জনম-ভরা ব্যথা-অতলা।' *রবীন্দ্র*, ১৯১৪।

জনমভূমি [স জন্মভূমি] *বি* জন্মভূমি। 'জননী জনমভূমি, সে তোমায় হৃদয়ে রেখেছে।' *গুপ্ত*, ১৮৫৮।

জনমসুধা [স জন্ম>+স সুধা] *বি* জনমরূপ সুধা। 'তুমি চন্দন ভোলালে ঘর জনমসুধার ধারা।' *শক্তি*, ১৯৬১।

জনমাবধি [স জন্ম>+স অবধি] *ক্রিবিণ* জন্ম থেকে। 'বঞ্চিত জনমাবধি জনক-সেবায়।' *গিরিশ*, ১৮৮৭।

জনমজুর [স জন+ফা মজদুর] *বি* কামলা; কৃষিশ্রমিক। 'প্রচুর ওদের জমিজমা, গোরুবাছুর, জনমজুর, পালপার্বণ, আদায়বিদায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

জনমণ্ডলী [স] *বি* লোকজন। 'সুবৃহৎ জনমণ্ডলী উপস্থিত ছিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

জনমত [স] *বি* জনসাধারণের অভিমত। 'ক্ষণে ক্ষণে উত্তেজিত জনমতের অনুবর্তন করে জনতার মন রক্ষা করিনি।' *রবীন্দ্র*, ১৯২১।

জনমত গড়া *ক্রি* জনসাধারণের সমর্থন আদায় করা। 'জনমত গড়তে গিয়ে দেশের ভাষাকে তাদের প্রচারমুখী আদর্শের বাহন করে তোলে।' *হাই*, ১৯৫৮।

জনমতামত [স] *বি* জনসাধারণের অভিমত। 'নিজেদের অপরের সবায়ের জনমতামতে ...।' *জীবন*, ১৯৪৪।

জনমন [স] *বি* জনসাধারণের মন। 'মনের মধ্যে বহু জনমনের যে অখণ্ড ধারাবাহিকতা।' *শরৎ*, ১৯১৭।

জনমনিষ্যি [স জনমনুষ্য] *বি* মানুষজন। 'গর্তে ঢুকে পড়ল পৃথিবীর জনমনিষ্যি সব।' *জীবন*, ১৯৪৮।

জনমা [স জন্ম>] *ক্রি* জন্মগ্রহণ করা। 'কিএ মানুস পসু পাখিয়ে জনমিয়ে অথবা কীট পতঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **জনমিআ** *ক্রি* জন্মগ্রহণ ক'রে। 'জনমিআ যেই জনে না লএ তান নাম।' *আলাওল*, ১৬৮০। **জনমিহ** *ক্রি* জন্মগ্রহণ করেছো। 'নরকুরে জনিহ তুমি বিদ্যাধর।' *বাহরাম*, ১৬৫০। **জনমিঞা** *ক্রি* জন্মগ্রহণ ক'রে। 'পৃথুবিতে জনমিঞা আর কোন কাজ।' *মালাধর*, ১৫০০। **জনমিব** *ক্রি* জন্ম নেবে। 'ফাতেমা এর গর্ভ হইব দুই নাতি জনমিব।' *বাহরাম*, ১৬৫০। **জনমিয়া** *ক্রি* জন্মগ্রহণ ক'রে। 'রুদ্রের রোষবহ্নিতে জনমিয়া।' *নজরুল*, ১৯৩৭। **জনমিয়ে** *ক্রি* জন্মগ্রহণ ক'রে। 'কিএ মানুস পসু পাখিয়ে জনমিয়ে অথবা কীট পতঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **জনমিল** *ক্রি* জন্মগ্রহণ করলো। 'দৈব হৈয়া জনমিল নন্দের কুমার।' *মালাধর*, ১৫০০। **জনমিলা** *ক্রি* জন্মগ্রহণ করলো। 'পূর্ব্বতপবরে তাহার উদরে জনমিলা মহামায়া।' *ভারত*, ১৭৬০। **জনমু** *ক্রি* জন্মেছে। 'জনমু সেমার লতা বিনু নীর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জনমানব [স] *বি* মানুষজন। 'কোনোখানে জনমানব নাই।' *রবীন্দ্র*, ১৯০৩।

জনমানবশূন্য [স] *বিণ* মনুষ্যবিহীন। 'সেইসময় সেই জনমানবশূন্য নিঃসঙ্গ মরুভূমির মধ্যে গম্ভীরস্বরে কে ...।' *রবীন্দ্র*, ১৮৯৫; 'অতি প্রাচীন ও জনমানবশূন্য অট্টালিকা শ্রেণীর মতো দেখাচ্ছে।' *হাসান*, ১৯৭৪।

জনমানবহীন [স] *বিণ* জনশূন্য। 'জনমানবহীন অরণ্য।' *বিভূতি*, ১৯৩১।

জনমানুষী [স জনমানুষ] *বি* সাধারণ মানুষ। 'সাধারণ কথা জনমানুষীর কাছে বলে যায়।' *জীবন*, ১৯৪৪।

জনমাবধি দ্র **জনম**

জনমুনিশ, জনমুনীষ [স জনমনুষ্য] *বি* অধীনস্থ কর্মচারী। 'গালাগাল খেত জনমুনিশেরা।' *শওকত*, ১৯৪৬; 'কামলা বা জন-মুনীষদের মুখে শোনা গীতের কয়েক চরণ অবিকল গাহিয়া সে সকলকে অবাক করিয়া দিত।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

জনযুদ্ধ [স] *বি* জনসাধারণের মঙ্গলার্থে যুদ্ধ। 'জনযুদ্ধের ব্যাপারে তুমিই আমারে এক বছর আগে ভাবাইয়া তুলছিলা।' *মনসুর*, ১৯৫৫।

জনয়িত্রী [স] *বিণ* জন্মদানকারী। 'সংযম মানে পীড়ন আর পীড়ন নিষ্ঠুরতার জনয়িত্রী।' *মোতাহের*, ১৯৫০।

জনরব [স] **১** *বি* লোকমুখে প্রচারিত কথা। 'লোক পরম্পরা মাত্র সিদ্ধ জনরব প্রযুক্ত স্ত্রী লোকের পাঠবিষয়ে দোষ জ্ঞান করিয়া ...।' *গৌর*, ১৮২২। **২** *বি* কোলাহল। 'হঙ্গাম উপস্থিত হইলে সকলে জনরব করিবে।' *দর্পণ*, ১৮২৯। **৩** *বি* উড়োখবর। 'যুবরাজের মৃত্যুর জনরব প্রতাপাদিত্যের কানে গেল।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৪** *বি* গুজব। 'কী একটা জনরব শোনা গিয়েছিল।' *রবীন্দ্র*, ১৯০২।

জনরাজ্য [স] *বি* জনতা। 'এদেশে বিপ্লবী আছে, জনরাজ্যে মুক্তির সন্ধানী।' *সুকান্ত*, ১৯৪৮।

জনরেল [ই জেনারেল] *বি* [গভর্নর] জেনারেল; শাসক। *ডানকান*, ১৭৮৪।

জনশক্তি [স] *বি* সর্বসাধারণের শক্তি। 'য়ুরোপের রাজশক্তি, প্রজাশক্তি,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ধনশক্তি, জনশক্তি ক্রমেই অত্যন্ত বিরুদ্ধ হইয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

জনশিক্ষা [স] *বি* সর্বজনীন শিক্ষা। 'আমাদের দেশে যে জনশিক্ষা তাকে আবশ্যিক বলব না, তাকে বলব স্বৈচ্ছিক।' *রবীন্দ্র*, ১৯৩৩; 'জনশিক্ষা বিস্তারের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে।' *বেগম*, ১৯৫০।

জনশূন্য [স] *বিণ* জনহীন। 'দুর্দ্ধর্ষ প্রকোপে দেশ জনশূন্য হইবার উপক্রম হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৬; 'নর্ম্যান অত্যাচারে দেশ কতখানি জনশূন্য হইয়া পড়িয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৮১।

জনশূন্যতা [স] *বি* নির্জনতা। 'হতভাগা এক কোকিল ডাকিছে খালি, জনশূন্যতা নিবিড় করিয়া।' *রবীন্দ্র*, ১৯৩২; 'জনশূন্যতার কানে রুদ্ধ কণ্ঠে বলি।' *সুধীন্দ্র*, ১৯৩২।

জনশ্রদ্ধেয় [স] *বিণ* জনগণ শ্রদ্ধা করে এমন। 'এই জনশ্রদ্ধেয় নেতার দৃষ্টিভঙ্গির মধ্যে যে পার্থক্য ...।' *সওগাত*, ১৯৪০।

জনশ্রুত [স] *বিণ* বিখ্যাত। 'জনশ্রুত বৈরিতার অপ্রচল প্রকীর্তি।' *সুধীন্দ্র*, ১৯৩১।

জনশ্রুতি [স] *বি* জনরব। 'জনশ্রুতি হইয়াছে যে ... সমারোহপূর্ব্বক সম্পন্ন করিবেন।' *দর্পণ*, ১৮২৬।

জনশ্রেণী [স] *বি* মানুষের সমষ্টি। 'কলিকাতার অসংখ্য জনশ্রেণীর মধ্যে।' *রবীন্দ্র*, ১৯০৭।

জনসংকুল [স] *বিণ* লোকপূর্ণ। 'ভারতবর্ষ বৃহৎ দেশ, উর্বর, জনসংকুল।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জনসংখ্যা [স] *বি* বসবাসকারী মানুষের সংখ্যা। 'তিনি, তাঁর স্ত্রী ... নিয়ে এই বাড়ির জনসংখ্যা।' *রবীন্দ্র*, ১৮৮১।

জনসংগীত [স] *বি* লোকসংগীত। 'জনসংগীতের প্রবাহ সেও ছিল বহু শাখায়িত।' *রবীন্দ্র*, ১৯৩৫।

জনসংঘ [স] *বি* সংঘবদ্ধ জনতা। 'জনসংঘের আঘাত।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জনসংঘাত [স] *বি* গণযুদ্ধ। 'সেই ভীষণ জনসংঘাতের মধ্যেও তাঁহার মতো একক প্রাণী আর কে ছিল?' *রবীন্দ্র*, ১৮৯৭।

জনসংস্রব [স] *বি* জনগণের সঙ্গে যোগাযোগ রক্ষা করার। 'কংগ্রেসের গঠিত জনসংস্রব কমিটীর উল্লেখ করিলেই যথেষ্ট হইবে।' *আজাদ*, ১৯৩৬।

জনসঙ্কুল [স] *বিণ* জনবহুল। 'জনসঙ্কুল স্টেশনে ট্রেন দাঁড়ালে।' *ওয়াশী*, ১৯৪২।

জনসঙ্গহীন [স] *বিণ* নির্জন। 'গ্রাম্যবার্ত্তা ভয়ে দ্বিতীয় জনসঙ্গহীন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জনসঙ্ঘ [স] ১ *বি* সঙ্ঘবদ্ধ জনতা। 'জনসঙ্ঘের আঘাত।' *রবীন্দ্র*, ১৯০৫। ২ *বি* জনগণ। 'এ বিরাট জনসঙ্ঘের জীবিকা যোগাতে হ'লে ইউরোপের আধুনিক শিল্প-বাণিজ্যের চাকা একদিনও অচল হলে চলবে না।' *সবুজ*, ১৯২০।

জনসভা [স] *বি* সর্বসাধারণের সমাবেশ। 'এখন জনসভার জন্য গদ্য উপনীত হইল।' *রবীন্দ্র*, ১৯০৭।

জনসভাপতি [স] *বি* জনসমাবেশের সভাপতি। 'জনসভা ও জনসভাপতিদের মধ্যে ভূদেববাবু ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

জনসমর্থন [স] *বি* জনসাধারণের পোষকতা। 'গ্রামে গ্রামে পার্টির জন্য জনসমর্থন সৃষ্টি করিয়া বেড়াইতেছিল।' *মাহেনও*, ১৯৪৯।

জনসমর্থনহীন [স] *বিণ* জনগণের সমর্থন নেই এমন। 'জনসমর্থনহীন এক বা একাধিক বিরোধীদলের এই তৎপরতার চ্যালেঞ্জ।' *আজাদ*, ১৯৬৮।

জনসমষ্টি [স] *বি* জনগোষ্ঠী। 'সেই জনসমষ্টির মধ্যে মধ্য-এশিয়ার অসিতচর্ম মানুষও আছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

জনসমষ্টিভুক্ত [স] *বিণ* জনগোষ্ঠীর অন্তর্গত। 'রাজবংশী, চাকমা, জুমিয়া প্রভৃতি মঙ্গোলীয় জনসমষ্টিভুক্ত মানুষ।' *এনামুল*, ১৯৫৫।

জনসমাগম [স] *বি* অনেক লোকের জমায়েত। 'নানা জনসমাগম পুরে।' *গিরিশ*, ১৮৮৭।

জনসমাজ [স] *বি* লোকসমাজ। 'জন সমাজ পূজ্যা বারাঙ্গনাগণধন্যা বকনাপেয়ারী প্রভৃতির নিকটে নববাবু গললগ্নীকৃতবসা।' *ভবানী*, ১৮২৫; 'সুখে-দুঃখে বাধায়-বিঘ্নে সমস্ত জনসমাজ তরঙ্গিত।' *রবীন্দ্র*, ১৯০৬।

জনসমাজপূজ্যা [স] *বিণ স্ত্রী* লোকসমাজে শ্রদ্ধার পাত্র বলে পূজনীয়। 'জনসমাজ পূজ্যা বারাঙ্গনাগণধন্যা বকনাপেয়ারী প্রভৃতির নিকটে নববাবু গললগ্নীকৃতবাসা।' *ভবানী*, ১৮২৫।

জনসমাবেশ [স] ১ *বি* বিরাটসংখ্যক লোকের একত্রে বাস। 'শহরের অতিবৃহৎ জনসমাবেশ আপন অতিবিস্তীর্ণ অঙ্গপ্রত্যঙ্গের মধ্যে এক-আত্মীয়তার রক্তস্রোত ...।' *রবীন্দ্র*, ১৯২৯। ২ *বি* জনসভা। 'সেখানে জনসমাবেশও অনুষ্ঠিত হয়।' *বেগম*, ১৯৭২।

জন-সমারোহ [স] *বি* জনসমাগম। 'বাণিজ্যের আড়ম্বর, মনোহর শোভা, জন-সমারোহ।' *অক্ষয়*, ১৮৪৮।

জনসমিতি [স] *বি* জনগোষ্ঠী। 'নির্দ্দিষ্ট এক জনসমিতিকে বিভেদের পথে নিয়ে না গিয়ে ...।' *ওয়াজেদ*, ১৯৪৩।

জনসমুদ্র [স] ১ *বি* বিপুল জনতা। 'এরূপ অগাধ জনসমুদ্রমধ্যে যখন চারি দিকে এরূপ শত্রুতা ও বৈরিতা।' *হরপ্রসাদ*, ১৮৮১। ২ *বি* জনসংখ্যার আধিক্য। 'লন্ডনের জনসমুদ্রে জোয়ারভাঁটা খেলে।' *রবীন্দ্র*, ১৮৮১।

জনসমুদ্রতীর [স] *বি* জনতার ভিড়। 'তরঙ্গমন্দ্রিত জনসমুদ্রতীরে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

জনসমূহ [স] *বি* জনসাধারণ। 'তিনি অবিলম্বে জনসমূহের সাহায্য পাত্র হইবেন।' *দর্পণ*, ১৮৩৫; 'তাঁহারাই ভারতবর্ষীয় জনসমূহের উপমেয়।' *অক্ষয়*, ১৮৪২।

জনসম্প্রদায় [স] *বি* সকল শ্রেণীর লোক; সমাজ। 'জনসম্প্রদায় বলিতে যে পবিত্র পদার্থকে বুঝি।' *রবীন্দ্র*, ১৯০৫।

জনসাগর [স] *বি* বিপুল জনতা। 'নীরব জনসাগর পুলিশ বেষ্টনীর বাহিরে দাঁড়িয়ে।' *মাহেনও*, ১৯৪৯।

জনসাধারণ [স] ১ *বি* সাধারণ লোক। 'ভারতবাসী জনসাধারণের চিত্ত বিমুগ্ধ করিতে সমর্থ হইয়াছিল।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* বৃহত্তর জনগোষ্ঠী। 'বাণিজ্য বহুলরূপে প্রচারিত হইলে জন-সাধারণ শীঘ্রই তাঁহাদের অনুগামী হইবে।' *রবীন্দ্র*, ১৮৭৯। ৩ *বি* জনগণ। 'জনসাধারণ স্বাধীনতার জন্য উত্তেজিত হইয়া তয়ঙ্কর কার্য্যসাধনে আত্মোৎসর্গ করে নাই।' *রবীন্দ্র*, ১৮৯৮।

জনসাধারণ্য [স] *বি* লোকসাধারণ। 'জনসাধারণ্যে প্রচলিত ভাষা প্রাকৃত নামে অভিহিত হইত।' *রবীন্দ্র*, ১৯০৮।

জনসাহিত্য [স] *বি* সাধারণ জনের জন্যে রচিত সাহিত্য। 'জনসাহিত্যের উদ্দেশ্য হলো জনগণের মতবাদ সৃষ্টি করা।' *নজরুল*, ১৯৩৮।

জনসিংহ [স] *বি* জনতারূপ সিংহ; গণশক্তি। 'জনসিংহের ক্ষুব্ধ নখর/ হয়েছে তীক্ষ্ণ, হয়েছে প্রখর।' *সুকান্ত*, ১৯৪৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জনসেবক [স] *বি* সমাজসেবক। 'দেশ ও জনসেবকদিগকে চিরকাল ... ভক্তি করিয়া আসিয়াছে।' *মনসুর*, ১৯৩৫।

জনসেবা [স] **১** *বি* জনগণের সেবা। 'যেখানে জনসেবার ও দেশসেবার বিচিত্র পথ প্রশস্ত ...।' *রবীন্দ্র*, ১৯১৭। **২** *বি* জনহিতকর কাজ। 'জনসেবা মহৎ কার্যে সে জীবনে কোনও দিন যায় নাই।' *মনসুর*, ১৯৩৫।

জনস্থান [স] *বি* জনপদ। 'গিরিশিখরের জলপ্রপাত যখন শৈলবৃক্ষ ছেড়ে প্রবাহিত জনস্থানের মধ্য দিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯১৫।

জনস্বার্থ [স] *বি* জনগণের সাধারণ স্বার্থ। 'প্রতিক্রিয়াশীল শক্তির হাত হইতে জনস্বার্থের উদ্ধার।' *আজাদ*, ১৯৪৯।

জনস্বাস্থ্য [স] **১** *বিণ* দেশবাসীর স্বাস্থ্য বিষয়ক। 'জনস্বাস্থ্য মন্ত্রী।' *বেগম*, ১৯৪৮। **২** *বি* জনগণের শারীরিক সুস্থতা। 'সবচেয়ে বড় কাজ হলো জনস্বাস্থ্যের প্রতি দৃষ্টি রাখা।' *বেগম*, ১৯৪৯।

জনস্রোত [স] *বি* জনতার ভিড়। 'কোথা জনস্রোত! কোথা জীবনমরণ! কোথা সেই মানবের অবিশ্রাম সুখদুঃখ-সম্পদ-তরঙ্গ উচ্ছ্বাস।' *রবীন্দ্র*, ১৮৮৯।

জনস্রোতঃ [স] *বি* মানুষের প্রবাহ। 'বহিছে জনস্রোতঃ কলরবে।' *মাইকেল*, ১৮৬১।

জনহিত [স] *বি* জনগণের কল্যাণ। **জনহিতকর** [স] *বিণ* জনগণের কল্যাণমূলক। 'জনহিতকর নানা কার্যে তিনি নিজের জীবন উৎসর্গ করিয়াছিলেন।' *জগদীশ*, ১৯১৭; 'নানাবিধ কলাবিদ্যা আছে, জনহিতকর প্রচেষ্টা আছে।' *রবীন্দ্র*, ১৯২১।

জনহিতব্রতী [স] *বিণ* সর্বসাধারণের কল্যাণকারী। 'খ্যাতনামা জনহিতব্রতী ব্যবসায়ী।' *মনসুর*, ১৯৪৫।

জনহিতৈষী [স] *বিণ* সর্বসাধারণের কল্যাণকামী। 'জনহিতৈষী লোকদের মৃত্যুতে শোক প্রকাশ করিবে।' *মনসুর*, ১৯৪০।

জনহীন [স] **১** *বিণ* আত্মীয়স্বজন বিহীন। 'এই মহানগরে ধনহীন জনহীন বন্ধুহীন উত্তম মধ্যম ও সামান্য লোক আছে।' *দর্পণ*, ১৮২৯। **২** *বিণ* লোকশূন্য। 'পথঘাট জনহীন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **৩** *বিণ* শূন্য। 'তব জনহীন ভবনে থেকে থেকে আসে ব্যাকুল গন্ধ।' *রবীন্দ্র*, ১৯০০।

জনহীনতা [স] *বি* নির্জনতা। 'এই সুস্নিগ্ধ অগাধ জনহীনতার মধ্যে প্রথম ঝাঁপ দিয়ে পড়বার সময় অনেকগুলি বন্ধনে টান পড়ে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জনা [স জন] **১** *বি* জন। 'কে না বাঁশী বাএ বড়ায়ি সে না কোন জনা।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* প্রতিজন। 'বেদেও বুঝায় স্বর্গ বোলে জনা জনা।' *বৃন্দা*, ১৫৮০।

জনাকীর্ণ [স] *বিণ* জনবহুল। 'হায় রে, এ জনাকীর্ণ ভবস্থল আজি বিজন জনার পক্ষে।' *মাইকেল*, ১৮৬২।

জনাকীর্ণতা [স] *বি* জনবহুলতা। 'এর জনাকীর্ণতায় আমরা অভ্যস্ত।' *সুকান্ত*, ১৯৪১।

জনাকুল [স] *বিণ* মানুষে পূর্ণ। 'পথটিকে জনাকুল করিয়া রাখিল।' *মানিক*, ১৯৩৬।

জনাদর [স] *বি* জনপ্রিয়তা। 'রাজত্বের শেষভাগে তাঁহার প্রতি জনাদর হ্রাস পাইয়াছিল।' *প্যারী*, ১৮৫৮।

জনানা [ফা জানানাহ্] *বি* নারী। **জনানা সোয়ারি** *বি* নারীদের বহনকারী পালকি। 'একদিন সন্ধ্যার সময় বৈদ্যবাটী বাটীর নিকট দিয়া একখানা জনানা সোয়ারি যাইতেছিল।' *প্যারী*, ১৮৫৮।

জনান্তিকে [স] *ক্রিবিণ* (নাটকে) লোকের সম্মুখে কিন্তু রঙ্গমঞ্চের অন্যান্য অভিনেতা শুনতে না পায় এমনভাবে। 'অন্য। (জনান্তিকে) দক্ষিণা দ্বিগুণ পাবে শীঘ্র দাও বিয়া।' *রামনারায়ণ*, ১৮৫৪।

জনাপবাদ [স] *বি* লোকনিন্দা; কলঙ্ক। 'তাহাতে জাতিপাত ও জনাপবাদ প্রভৃতি বিবিধ ব্যাপারে তাহাদের ভ্রূভঙ্গের আনুষঙ্গিক ফল হইয়া উঠে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

জনামাত্র [স জন-মাত্র] *বিণ* একজনও। 'সারাদিনে জনামাত্র নেইকো খরিদ্দার।' *রবীন্দ্র*, ১৯৩৯।

জনার [স যবনাল] *বি* ভুট্টাজাতীয় শস্যবিশেষ। 'জনারের খেতে লাঙল থামায়ে গ্রাম্য চাষীরা শুনিত তোমার বাণী।' *জসীম*, ১৯৫১।

জনারণ্য [স] **১** *বি* মানুষের ভিড়। 'জনারণ্যে কেউ বা হারায় পথ।' *রবীন্দ্র*, ১৯০০। **২** *বি* লোকজন। 'নিঃশঙ্কিনী, জনারণ্য উন্মথি, সে চলে।' *সুধীন্দ্র*, ১৯২৯।

জনারোহণ [স] *বি* যানবাহন। 'আপন২ জনারোহণে সেই স্থানে গেলে।' *রামরাম*, ১৮০১।

জনালয় [স] *বি* লোকালয়। 'জনালয় নেই ওদিকে, বাদাবন।' *মনোজ*, ১৯৬১।

জনি [স যেন] **১** *ক্রিবিণ* যেন না। 'পাছে জনি লোক উপহাসে।' *বড়ু*, ১৪৫০। **২** *অব্য* যেন। 'দুঁহু মন মনোভাব পেষল জনি।' *কৃষ্ণদাস*, ১৫৬০।

জনিতা [স] *বি* জনক। 'অসংখ্য লতিকা যাহে জনিতা বিরলে।' *গুপ্ত*, ১৮৫৮।

জনী [স যেন] *অব্য* যেন। 'পাছে জনী রোষ কর তোহ্মে।' *বড়ু*, ১৪৫০।

জনু [স যেন] *অব্য* যেন। 'মেঘমালা সয়ঁ তড়িতলতা জনু।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জনুরবাজন [আ জুন্নর] *বি* কোমরবন্ধের বাজনা। 'জনুরবাজন ভ্রেমন বাজে।' *মুকুন্দ*, ১৬০০।

জনেক [স জনৈক] *বিণ* অনির্দিষ্ট কোনো। 'নাহি জনেক ভুবনে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

জনেরেল [ই] *বি* জেনারেল। 'গবর্ণর জনেরেল বহাদর ইংরেজী ১৮২৩ সালের মাহ মার্চের ...।' *দর্পণ*, ১৮২৩।

জনৈক [স] *বিণ* কোনো এক। 'জনৈক মৈথিলি ব্রাহ্মণ, ইহার অর্থকথা পালিভাষায় ... প্রস্তুত করেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

জনৈকা [স] *বিণ স্ত্রী* কোনো এক। 'একটি গ্রামের জনৈকা সম্ভ্রান্তা মোছলেম মহিলাকে জানি।' *বেগম*, ১৯৪৮।

জনোচ্ছ্বাস [স] *বি* উচ্ছ্বসিত জনতার ঢল। 'দুই জনোচ্ছ্বাস মিলে গিয়ে যে খণ্ড খণ্ড আবর্তের সৃষ্টি হয়েছে।' *মুক্তধারা*, ১৯৬০।

জনোপকার [স] *বি* জনগণের উপকার। 'যথার্থ জনোপকার বটে।' *দর্পণ*, ১৮২৬।

জনোয়ার [ফা জানোয়ার] *বি* জানোয়ার। *মানোএল*, ১৭৪৩।

জন্ডিস [ই] *বি* পাণ্ডুরোগ, যাতে চোখ ও ত্বক হলদে হয়ে যায়। 'মুহূর্তকাল অনিমেষ চেয়ে রইলে যেন সবুজ জন্ডিস জন্যায়।' *অন্নদা*, ১৯২৯।

জন্তন *বি* পরিমাপ। *মানোএল*, ১৭৪৩।

জন্তি, জন্তী **১** *বি* একপ্রকার বৃক্ষ ও তার ফল। 'ওপারে রে জন্তি গাছ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জন্তি বড় ফলে।' *দীনবন্ধু*, ১৮৬৭; 'নদীর পারে জন্তীগাছটি তাতে জন্তী ফল ফলে।' *অবন*, ১৮৯৬। ২ *বি* ফুলবিশেষ। 'হাতে বেঁধেছিলে জন্তীর ফুল কাঁখেতে মাটির ছড়া।' *জসীম*, ১৯৩০।

জন্তু [স] ১ *বি* পশু। 'কোনো জন্তু তাতে না করএ জল পান।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* প্রাণী; জীব। 'মৎস্য একপ্রকার জন্তু।' *বিদ্যা*, ১৮৫১।

জন্তুজানোয়ার [স জন্তু+ফা জানোয়ার] *বি* হিংস্র জীবজন্তু। 'জন্তুজানোয়ারের কিছু নাই।' *মানিক*, ১৯৩৬।

জন্তুতত্ত্ব [স] *বি* প্রাণীবিজ্ঞান। 'জগদীশচন্দ্র বস্তুতত্ত্ব উদ্ভিদতত্ত্ব ও জন্তুতত্ত্বের ক্ষেত্রকে ... সহায়তা করিয়াছেন।' *রবীন্দ্র*, ১৯০৫।

জন্তুধর্ম [স] *বি* জন্তুর বৈশিষ্ট্য। 'তারা রইল জন্তুধর্মের স্থাবর বেড়াটার মধ্যে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জন্তু-বিচারক [স] *বি* জন্তু হয়েও বিচারক। 'জন্তু-বিচারক মানুষকে কি নির্বোধ বলবে না।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জন্ত্র [স যন্ত্র] ১ *বি* বাদ্যযন্ত্র। 'সিখিকুল নাচত অলিকুল জন্ত্র। খিজকুল আন পঢ় আসিখ মন্ত্র।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বি* যন্ত্র। 'সভাকে তৃপ্তাই আমি জেন কাষ্ট জন্ত্র।' *মালাধর*, ১৫০০।

জন্ত্রী [স যন্ত্রী] *বি* বাদ্যযন্ত্র বাজায় যে। 'জন্ত্রীরা আপনারদের জন্ত্রেতে দিবা রাত্রি বাদ্যোদ্যম করিতেছে।' *রামরাম*, ১৮০১।

জন্ত্রণা [স যন্ত্রণা] *বি* যন্ত্রণা; কষ্ট। 'স্ত্রীকে জন্ত্রণা দিয়া সংহার করিল।' *রামরাম*, ১৮০১।

জন্ম [স] ১ *বিণ* প্রসব সংক্রান্ত। 'জন্ম জাতনা দুঃখ অল্প করি মানি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* জীবনকাল। 'কোন জন্মে না জানহ গ্রন্থ-অভিমত।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* ভূমিষ্ঠ হওয়া। 'চন্দ্রবংসে জন্ম মোর হস্তিনার গ্রাম।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৪ *বি* সৃষ্টি। 'সকলে এই অপেক্ষাতে আছে যে কিছু অদ্ভুত জন্ম তুরা উপস্থিত হইবেক।' *তারিণী*, ১৮০৩।

জন্ম-অকর্মণ্য [স] *বিণ* জন্ম থেকে অলস। 'আমিও জন্ম-অকর্মণ্য, কিন্তু লেখবার শক্তি স্বাভাবিক থাকাতে আমি এ যাত্রা এক রকম করে তরে গেলুম।' *রবীন্দ্র*, ১৯০০।

জন্ম-অধিকার [স] *বি* জন্মগত দাবি। 'তাই তো ওদের আছে জন্ম-অধিকার যৌবনের জাদুকর রূপান্তরে।' *বুদ্ধ*, ১৯৪৪।

জন্ম-ইতিহাস [স] *বি* উৎপত্তির বৃত্তান্ত। 'কৃষ্ণদ্বৈপায়নের জন্ম-ইতিহাস নিয়ে এখানে কেউ তাঁর সম্মান অপহরণ করে না।' *রবীন্দ্র*, ১৯২৯; ভীরুতার জন্ম-ইতিহাস ক্রমে ক্রমে তার কাছে পরিস্ফুট হয়ে যায়।' *মানিক*, ১৯৩৫।

জন্ম-একলা [স জন্ম+একলা] *বিণ* আজন্ম নিঃসঙ্গ। 'এই রকম জন্ম-একলা মানুষদের জন্যে দরকার মুক্ত আকাশ, বিস্তৃত নির্জনতা।' *রবীন্দ্র*, ১৯২৯।

জন্ম-এয়ো [স জন্ম-অবিধবা] *বিণ* চিরসধবা। 'জন্ম-এয়ো হও তুমি, রসবতী সতী।' *গুপ্ত*, ১৮৫৮।

জন্মঋতু [স] *বি* জন্মের মৌসুম। 'এই ভিন্ন ভিন্ন ভাগের এক-একটা বিশেষ জন্মঋতু আছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

জন্মকালাবধি *ক্রিবিণ* জন্মের সময় থেকে। 'যাহারা জন্মকালাবধি বোবা ও বধির তাহারদিগকে বিদ্যাভ্যাসকরণার্থে ইংলণ্ডদেশে ও ফ্রান্সদেশে মহোদ্যোগ হইতেছে। *দর্পণ*, ১৮৩০।

জন্ম-কাহিনী [স জন্মকথনিকা] *বি* জন্মবৃত্তান্ত। 'তাহার জন্ম-কাহিনীর বেদনা।' *নজরুল*, ১৯৩১।

জন্মকুঁড়ে [স জন্ম+স কুণ্ঠ] *বিণ* (কুঁড়ে) সবসময়ে অলস। 'আমি সুবোধকে বলিতাম জন্মকুঁড়ে।' *রবীন্দ্র*, ১৯১৪।

জন্মকুণ্ডলী [স] *বি* জন্মপত্রিকা; কোষ্ঠী। 'আমার জন্মকুণ্ডলীতেও নাকি লগ্নে আছেন চন্দ্রদেবতা।' *তারা*, ১৯৪০।

জন্মকোষ [স] *বি* গর্ভ। 'জন্মকোষের মাঝে রহি শুধু এই করিয়াছি জপ।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

জন্মকোষ্ঠি [স জন্মকোষ্ঠী] *বি* জন্মপত্র। 'জন্মকোষ্ঠিতে লেখা আছে।' *বিভূতি*, ১৯৩৭।

জন্ম-ক্লান্ত [স] *বিণ* চিরকেলে ক্লান্ত। 'আমি এক জন্ম-ক্লান্ত লোক।' *ইলিয়াস*, ১৯৭২।

জন্মক্ষণ [স] *বি* জন্মের মুহূর্ত। 'জন্মক্ষণ ও সন-তারিখ লইয়া গনাইতে গেলাম।' *রবীন্দ্র*, ১৯১৪।

জন্মখ্যাপা [স জন্ম+ক্ষিপ্ত] *বি* চির উন্মত্ত লোক। 'সে যে জন্মখ্যাপাদের মগজে মগজে দেশে দেশে দেখা দেয়।' *রবীন্দ্র*, ১৯৩২।

জন্মগত [স] *বিণ* সহজাত। 'ঐটে হয়তো আমার জন্মগত প্রকৃতি।' *রবীন্দ্র*, ১৯০৯।

জন্ম-গরিব [স জন্ম+আ গরীব] *বিণ* জন্ম থেকে গরিব। 'আমি নিতান্ত কাঁচা, জন্ম-গরিব।' *রবীন্দ্র*, ১৯২৯।

জন্মগৃহ [স] *বি* যে বাড়িতে জন্ম হয়েছে। 'অতিক্ষণিক জন্মগৃহবাসের প্রেমময় স্মৃতিচিহ্ন।' *রবীন্দ্র*, ১৮৯১।

জন্মগ্রহণ [স] *বি* জন্মলাভ। 'প্রভাকর একেবারে ধর্ম্মদ্বেষী হন নাই কেননা ধর্ম্মাশ্রয় করিয়া জন্মগ্রহণ করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩২।

জন্মগ্রাম [স] *বি* যে গ্রামে জন্ম হয়েছে। 'আমাদের জন্মগ্রামকেই আমরা জন্মভূমি বলিয়া জানিতাম।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জন্মচিহ্ন [স] *বি* জন্মদাগ। 'ঘাড়ের কাছে লোমভরা মস্ত জন্মচিহ্নটি।' *মানিক*, ১৯৪০।

জন্মজন্ম [স] ১ *বি* জন্মজন্মান্তর। 'যে প্রভু আমার জন্মজন্মের জীবন।' *বৃন্দা*, ১৫৮০। ২ *ক্রিবিণ* যুগ যুগ ধ'রে। 'মনে হয় জন্ম-জন্ম আছ এ পরানে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

জন্মজন্মান্ত [স] *বি* এই জন্ম ও পরবর্তী অন্যান্য জন্ম। 'জন্মজন্মান্তের যেন বসন্তের গীতি।' *রবীন্দ্র*, ১৮৮৬।

জন্ম জন্মান্তর [স] *বি* (হিন্দুমতে) বর্তমান জন্ম এবং পূর্ববর্তী অন্যান্য জন্ম। 'যেন জন্ম-জন্মান্তর শুনে এসেছি।' *রবীন্দ্র*, ১৯১০।

জন্মজন্মান্তরে *ক্রিবিণ* অন্য জন্মে। 'জন্ম জন্ম জন্মান্তরে মা, কতই দুঃখ দিয়েছিলো।' *রামপ্রসাদ*, ১৭৮০।

জন্মজায়গা [স জন্ম+ফা জায়গা] *বি* জন্মস্থান। 'ওদের জন্মজায়গা খুলনায় থাকেন।' *মান্নান*, ১৯৬৮।

জন্মতপস্বিনী [স] *বি* স্ত্রী চিরসন্ন্যাসী। 'তোমার জননী কখনই জন্মতপস্বিনী নন।' *দীনবন্ধু*, ১৮৬৩।

জন্মতারকা [স] *বি* যে নক্ষত্রের প্রভাবকালে জন্ম। 'জন্মতারকার ডাকে বারবার পৃথিবীতে ফিরে এসে।' *জীবন*, ১৯৪০।

জন্মতিথি [স] *বি* যে তিথিতে জন্ম। 'বারমাসে আইল জন্মতিথি।' *মুকুন্দ*, ১৬০০।

জন্মদরিদ্র [স] *বি* জন্ম থেকেই যে গরিব। 'আমরা জন্মদরিদ্রের এই চিরাভ্যস্ত কথাটা মুহূর্তেই ভুলে যাই ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

AMARBOI.COM

জন্মদাতা [স] **১** *বিণ* জন্মদানকারী। 'জন্মদাতা পিতা নারে প্রারব্ধ খণ্ডাইতে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* পিতা। 'সুশীলা জননী মোর তুমি জন্মদাতা।' *কৃষ্ণরাম*, ১৭২০। **৩** *বি* কোনো বিষয়ের উদ্ভাবক বা সূচনাকারী। 'ইনি সরল গদ্যের জন্মদাতা।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

জন্মদাত্রী [স] *বি স্ত্রী* জন্ম দিয়েছে যে। 'সে নারী আমারই জন্মদাত্রী।' *নজরুল*, ১৯৩১।

জন্মদান [স] **১** *বি* সৃজন। 'চরম বেদনায় তাকে জন্মদান করতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বি* জন্ম দেওয়া। 'দুই দিকপালের জন্মদান করিয়া জগৎবরেণ্যা।' *অচিন্ত্য*, ১৯৫০।

জন্মদাস [স] *বি* জন্ম থেকেই দাস। 'সে জন্মদাস নহে ...।' *রবীন্দ্র*, ১৯১৬।

জন্মদিন [স] *বি* জন্মের তারিখ। 'লোকপুণ্য হেতু তাঁর হইল জন্মদিন।' *মুকুন্দ*, ১৬০০।

জন্মদিনের পোশাক *বি* উলঙ্গ অবস্থা। 'আদুল গা, ধূলিলিপ্ত গামছা পরনে, কেউ বা জন্মদিনের পোশাকে।' *হাসান*, ১৯৬৭।

জন্মদিবস [স] *বি* জন্মদিন। 'জন্মদিবসের আবর্তন হয়ে আসে সমাপন।' *রবীন্দ্র*, ১৯৩২।

জন্মদিবসাবধি [স] *ক্রিবিণ* প্রথম প্রকাশ থেকে। 'এই পত্রিকার জন্মদিবসাবধি।' *অক্ষয়*, ১৮৪৪।

জন্মনক্ষত্র [স] *বি* (জ্যোতিষ শাস্ত্র অনুযায়ী) ভূমিষ্ঠ হওয়ার সময়কার নক্ষত্র। 'তাহার জন্মনক্ষত্র তাহাকে গৃহহীন করিয়া দিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জন্মনালা [স] *বি* জন্ম দরজা। 'ঈশ্বরের জন্মনালা ভাব মনে মনে।' *লালন*, ১৮৯০।

জন্মনিয়ন্ত্রণ [স] *বি* জন্মরোধ। 'জন্মনিয়ন্ত্রণ কিছুতেই সমর্থযোগ্য নহে।' *মোহাম্মদী*, ১৯৩৩।

জন্মনিরপেক্ষ [স] *বি* কোন্ বংশে জন্ম তার উপর নির্ভরশীল নয় এমন। 'ইংরেজরা ... শ্রমবিভাগকে করলো জন্মনিরপেক্ষ।' *উমর*, ১৯৬৬।

জন্মনিরোধ [স] *বি* জন্মনিয়ন্ত্রণ। 'জন্মনিরোধ না করলে কী ভীষণ অবস্থারই না সৃষ্টি হবে।' *মোহাম্মদী*, ১৯৩৩।

জন্মনির্ভর [স] *বিণ* যে বর্ণে জন্ম তার উপর নির্ভরশীল। 'ইংরেজপূর্ব যুগে ভারতবর্ষে শ্রমবিভাগ ছিল জন্মনির্ভর।' *উমর*, ১৯৬৬।

জন্মপত্র [স] *বি* কোষ্ঠী। 'জন্মপত্র লেখিয়া করিল আশীর্বাদ।' *আলাওল*, ১৬৮০।

জন্মপত্রিকা [স] *বি* কোষ্ঠী; ঠিকুজি। 'ভারতীয় জন্মপত্রিকা না দেখানো পর্যন্ত আমরা পাসপোর্ট দেব কি করে?' *মুজতবা*, ১৯৫২।

জন্ম-পরিচিত [স] *বিণ* জন্মলগ্ন থেকে চেনা। 'আমার জন্ম-পরিচিত কলকাতা ধীরে-ধীরে তলিয়ে যাবে।' *সুকান্ত*, ১৯৪১।

জন্মপল্লী [স] *বি* যে গ্রামে জন্ম। 'তাহার জন্মপল্লীর কথা ... মা আছেন সেখানে।' *বিভূতি*, ১৯৩১।

জন্ম-পাগল [স] *বিণ* জন্ম থেকে পাগল। 'পশুরা যদি বিচারক হত মানুষকে বলত জন্ম-পাগল।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জন্মপাপ [স] *বি* জন্মেই যে পাপের অংশীদার হতে হয়। 'যার নাম স্মরণে খণ্ডএ জন্মপাপ।' *বাহরাম*, ১৬৫০।

জন্মপূর্ব [স] *বিণ* জন্মের পূর্ববর্তী। 'তার অতীত জীবনের উপর জন্মপূর্বের অন্ধকার নামে।' *হাসান*, ১৯৬৭।

জন্মবয়স [স] *ক্রিবিণ* জন্মের পর প্রথমবার। 'জন্মবয়সে আজ প্রথম আমাকে যেচে কথাটা বলতে এলেন।' *মানিক*, ১৯৩৬।

জন্মবার্ষিকী [স] *বি* জন্মের বর্ষপূর্তি। 'রবীন্দ্র-নজরুল জন্মবার্ষিকী উদযাপন।' *বেগম*, ১৯৪৮।

জন্মবাসর [স] *বি* জন্মদিন। 'অপরাহ্ণে এসেছিল জন্মবাসরের আমন্ত্রণে।' *রবীন্দ্র*, ১৯৪০।

জন্মবিবরণ [স] *বি* জন্মবৃত্তান্ত। 'ত্রয়োদশে মহাপ্রভুর জন্মবিবরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জন্মবীজ [স] *বি* সৃষ্টির সম্ভাবনা; শুক্রাণু। 'বাতাসে ভাসিছে যেথা জন্মবীজ, রতি-সম্মোহন।' *বুদ্ধ*, ১৯৩০।

জন্মবৃত্তান্ত [স] **১** *বি* জন্মবিবরণ। 'শঙ্করাচার্য্যের জন্মবৃত্তান্তের বিষয়ে কিছু সংশয় আছে।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বি* উৎপত্তির বিবরণ। 'ম্লেচ্ছমনদিগের ভাষায় আদ্যোপান্ত জন্মবৃত্তান্ত কলহপূর্ণ।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

জন্ম-বেকার [স জন্ম+ফা বেকার] *বিণ* চিরকর্মহীন। 'যে মানুষ জন্ম-বেকার ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জন্মবেদনা *বি* প্রসবকালীন ব্যথা। 'জন্মবেদনার তীক্ষ্ণযন্ত্রণা অনুভব করে মনে মনে।' *ওয়ালী*, ১৯৪৮।

জন্মভাঙা *বিণ* তৈরির সময় থেকেই ভাঙা। 'জন্মভাঙা ডিঙে আমার ওল ফুরালো জল ছেঁচে।' *লালন*, ১৮৯০।

জন্ম-ভিখারিনী [স জন্ম+ভিক্ষাকারী>] *বি স্ত্রী* জন্ম থেকে ভিখারী। 'জন্ম-ভিখারিনী তুমি? তাই এত চোখে জল।' *নজরুল*, ১৯২৩।

জন্মভূম [স জন্মভূমি] *বি* জন্মভূমি। 'তথির কারণে জন্মভূমেতে আসিয়া।' *মালাধর*, ১৫০০।

জন্মভূমি [স] **১** *বি* জন্মস্থান। 'জন্মভূমি জননী স্বর্গের গরীয়সী।' *ভারত*, ১৭৬০। **২** *বি* স্বদেশ। 'জন্মভূমিতে অন্তর্গত থাকিয়া কালযাপন করিতেছেন।' *অক্ষয়*, ১৮৪৭। **৩** *বি* উৎপত্তিস্থল। 'এ অঞ্চল বিদ্রোহিতার জন্মভূমি।' *এডুকেশন*, ১৮৭৩।

জন্মমরণ [স] *বি* জন্ম ও মৃত্যু। 'আমরা জন্মমরণের অধীন। আমরা স্তুতিনিন্দায় আন্দোলিত।' *রবীন্দ্র*, ১৯১৬।

জন্মমাত্র [স] *ক্রিবিণ* ভূমিষ্ঠ হওয়ার সাথে সাথে। 'জন্মমাত্র এ চারি ঈশ্বর বেদে কয়।' *বৃন্দা*, ১৫৮০।

জন্মমাস [স] *বি* যে মাসে জন্ম হয়েছে। 'ভদ্র মাস আমার জন্মমাস।' *নরেন্দ্র*, ১৯৫০।

জন্মমৃঢ়তা [স] *বি* জন্ম থেকে অজ্ঞতা। 'নানা পর্যায়ের জন্মমূঢ়তা আছে বলেই ...।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জন্মমৃত্যু [স] *বি* জন্ম ও মৃত্যু। 'জীবের জন্ম মৃত্যু কর্ম্মবশতো ...।' *দর্পণ*, ১৮২১।

জন্মমৃত্যুপরম্পরা [স] *বি* জন্ম ও মৃত্যুর চক্র। 'জন্মমৃত্যু-পরম্পরারূপ দুর্ভেদ্য শৃঙ্খলে বদ্ধ থাকে।' *বিদ্যা*, ১৮৪৭।

জন্মযাত্রা [স] *বি* (হিন্দুপুরাণ) কৃষ্ণের জন্মদিনে শোভাযাত্রা। 'জন্মযাত্রা, রাসযাত্রা – বিশেষ উৎসব।' *ভারত সংস্কারক*, ১৮৭৪।

জন্ম-যাযাবর [স] *বিণ* জন্ম থেকে ভবঘুরে। 'উদ্ভিদের মতো স্থাবর হ'তে তার আপত্তি, সে জন্ম-যাযাবর।' *অন্নদা*, ১৯২৯।

জন্মলক্ষ্মীছাড়া [স জন্ম+স লক্ষ্মী+ছাড়া] *বি* জন্ম থেকেই লক্ষ্মীছাড়া

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

যে। 'আমাদের দেশে সেই জন্মলক্ষ্মীছাড়া কি নাই।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জন্মলগ্ন [স] *বি* জন্মের সময়কার লগ্ন। 'আমার জন্মলগ্নে আছে চাঁদ।' *রবীন্দ্র*, ১৯২৮; 'আমার জন্মলগ্নে কেতুর দশা চলছিল।' *হুমায়ুন*, ১৯৭২।

জন্মলাভ [স] *বি* জন্মগ্রহণ। 'উত্তীর্ণ হইতে পারিলে তোমাদের জন্মলাভ সার্থক হইবে।' *রবীন্দ্র*, ১৮৮৭।

জন্মলীলা [স] *বি* জন্মবৃত্তান্ত। 'ইহা সবার শ্রীচরণ শিরে বন্দি নিজ-ধন জন্মলীলা গাইল কৃষ্ণদাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জন্মশক [স] *বি* শকাব্দ অনুযায়ী জন্মের সাল। 'খড়ি পাতিয়া জন্মশক, দিন, বার, তিথি, দণ্ড, পল সকল নিরূপণ করিলেন।' *বঙ্কিম*, ১৮৮৪।

জন্মশত্রু [স] *বি* চিরকালের শত্রু। 'তারা জানলো তাদের মাতৃভূমির স্বাধীনতা ছিনিয়ে আনা হয়েছে মুসলমানদের জন্মশত্রু হিন্দুদের কাছ থেকে।' *মুরশিদ*, ১৯৭১।

জন্মশাসন [স] *বি* জন্মনিয়ন্ত্রণ। 'জন্মশাসন না করায় গর্ভের সংখ্যা ও জন্মহার ...।' *মোহাম্মদী*, ১৯২৭।

জন্মশিখর [স] *বি* জন্ম হয়েছে যে শিখরে; উৎপত্তি স্থল। 'পার্বতী নদীর মতো জন্মশিখরে আবদ্ধ হইয়া থাকিতে চাহে না।' *রবীন্দ্র*, ১৯০০।

জন্মশোধ [স] *ক্রিবিণ* জন্মের মতো। 'জন্মশোধ খাও কিছু চাহিয়া এ মায়।' *ভারত*, ১৭৬০।

জন্মসংখ্যা [স] **১** *বি* জন্মের ক্রম। 'নূতন জন্ম সংখ্যায় সংখ্যিত ছিল।' *হরপ্রসাদ*, ১৮৮১। **২** *বি* জন্মগ্রহণকারী লোকসংখ্যা। 'মৃত্যুসংখ্যার চেয়ে জন্মসংখ্যা বেশি হওয়াই কল্যাণের লক্ষণ।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জন্মসংগীত [স] *বি* সূচনাসংগীত। 'নবজাতির জন্মসংগীত গান হইতেছে।' *রবীন্দ্র*, ১৮৮৭।

জন্মসংবাদ [স] *বি* জন্মের সংবাদ। 'পিতামহদেব তাঁহাকে আমার জন্মসংবাদ দিতে যাইতেছিলেন।' *বিদ্যা*, ১৮৯১।

জন্মসংরোধ [স] *বি* জন্মনিয়ন্ত্রণ। 'জন্মসংরোধ সম্বন্ধে হয়ত কেহ পাপের কথা তুলিতে পারেন।' *মোহাম্মদী*, ১৯২৭।

জন্মসময় [স] *বি* জন্মের সময়। 'আমার জন্মসময়ে পিতৃদেব বাটীতে ছিলেন না।' *বিদ্যা*, ১৮৯১।

জন্মসুলভ [স] **১** *বিণ* জন্মকালীন অবস্থার মতো। 'জন্মসুলভ নগ্নতা হইতে অনাবশ্যকরূপ পরিচ্ছদপ্রাচুর্য্য ইহাদের মধ্যে সমভাবে প্রচলিত।' *প্রমথ*, ১৯২০। **২** *বিণ* জন্মগত। 'যে সম্প্রদায়ের গায়ত্রীমন্ত্রে জন্মসুলভ অধিকার আছে।' *প্রমথ*, ১৯২৮।

জন্মসৈনিক [স] *বিণ* জন্ম থেকেই সৈনিকের স্বভাবসম্পন্ন। 'যাহারা জন্মসৈনিক তারা ছুটে এসো।' *নজরুল*, ১৯৪১।

জন্মস্থান [স] *বি* যে স্থানে জন্ম। 'নিজ জন্মস্থানে রহে কুটুম্ব লইঞা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জন্মস্বত্ব [স] *বি* জন্মগত অধিকার। 'দক্ষিণ ভারত নারীকে তার জন্মস্বত্ব থেকে বঞ্চিত না ক'রে ...।' *অন্নদা*, ১৯২৯।

জন্মস্বাধীন [স] *বিণ* জন্ম থেকেই স্বাধীন। 'মোরা বন্ধনহীন জন্মস্বাধীন।' *নজরুল*, ১৯২৫।

জন্মস্মর [স] *বিণ* আজন্ম স্মরণযোগ্য। 'জন্মস্মর কার প্রণব সারিগান স্বপ্নাবেশে পিক গুঞ্জে।' *সুধীন্দ্র*, ১৯৩২।

জন্মস্রোত [স] *বি* জন্মের স্বাভাবিক প্রক্রিয়া। 'জন্মস্রোতে সেই নবকলিকাকে আমার কাছে আনিয়া ফেলিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯২।

জন্ম-হাভাতে [স জন্ম+হাভাত>] *বিণ* জন্ম থেকেই দুর্ভিক্ষপীড়িত। 'ধূলাকাদাতে বুকে হেঁটে বেড়াস যেন জন্ম-হাভাতে।' *সত্যেন্দ্র*, ১৯১০।

জন্মা [স জন্ম>] *বি* জন্ম। 'মালগুজারি করিয়া মিরাস জন্মা হইয়া পুত্রপৌত্রাদি ক্রমে যুখে ভোগ করহ।' *ওসী*, ১৭৮২।

জন্মান্ধ [স জন্ম-অন্ধ] **১** *বিণ* জন্ম থেকে অন্ধ। 'জন্মান্ধ ব্যক্তি তাহার দৃষ্টিপ্রাপ্ত হইলে আনন্দ অনুভব করে।' *অক্ষয়*, ১৮৪৩। **২** *বিণ* গোঁড়া; প্রাচীনপন্থী। 'এই জন্মান্ধ মানুষের দেশে একজন যুগলপ্রসাদ কি করিয়া জন্মিয়াছিল।' *বিভূতি*, ১৯৩৮।

জন্মান্ধতা [স জন্ম-অন্ধতা] *বি* আজন্ম অন্ধত্ব। 'রুচির দিক থেকে জন্মান্ধতার উদ্ভব।' *অন্নদা*, ১৯২৯।

জন্মাবচ্ছিন্ন [স জন্ম-অবচ্ছিন্ন] *ক্রিবিণ* আজীবন। 'মেলবন্ধ থাকাতে অনেক কুলীনকন্যা জন্মাবচ্ছিন্ন অদত্তাই থাকিলেন।' *দর্পণ*, ১৮৩৪।

জন্মাবধি [স জন্ম-অবধি] *ক্রিবিণ* জন্ম থেকে। 'বিক্রমাদিত্যের জন্মাবধি মৃত্যু পর্য্যন্ত উপাখ্যান সংক্ষেপে লিখি।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

জন্মাষ্টমী [স] *বি* শ্রীকৃষ্ণের জন্মদিন। 'ভদ্র মাসের অরন্ধন ও জন্মাষ্টমীর পর অনেক যায়গায় প্রিতিমের কাঠামোয় ঘা পড়লো।' *হুতোম*, ১৮৬১।

জন্মের মত, জন্মের মতো *ক্রিবিণ* সারা জীবনের জন্য। 'জন্মের মত কিনিয়া রাখিতে পার।' *বঙ্কিম*, ১৮৭৮; 'হরির সঙ্গে জন্মের মতো আড়ি।' *রবীন্দ্র*, ১৮৩৩।

জন্মের মধ্যে কর্ম্ম নিমুর চৈত্র মাসে রাস – একটি মাত্র কাজ করে গর্ব করে এমন। *উমেশ*, ১৮৫৭।

জন্মোৎসব [স জন্ম-উৎসব] *বি* জন্ম সম্পর্কিত আনন্দানুষ্ঠান। 'তাঁর পুত্রের জন্মোৎসব বাতিল করে।' *বেগম*, ১৯৬৯।

জন্মোদয় [স জন্ম-উদয়] *বি* জন্মলাভ। 'ফাল্গুন-পূর্ণিমা-সন্ধ্যায় প্রভুর জন্মোদয়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জন্মা, জন্মানো [স জন্ম>] **১** *ক্রি* জন্মগ্রহণ করা। 'জন্মিবাঙ আমি গিয়া মথুরা গোকুলে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *ক্রি* প্রতীয়মান হওয়া। 'কেহ সুখ পায় কারো না জন্মে বিশ্বাস।' *বৃন্দা*, ১৫৮০। **৩** *ক্রি* জ্ঞাপ্ত হওয়া। 'মনের ভিতর এই রকম যে একটা ইচ্ছা জন্মায়।' *রবীন্দ্র*, ১৮৯৪। **জন্মউক** *ক্রি* জন্মাক। 'জগতের মনে অতি জন্মউক সন্তোষ।' *সুলতান*, ১৭০০। **জন্মএ** *ক্রি* জন্মগ্রহণ করে। 'তৃতীয় কহিলা শিশু জন্মএ যেইরূপে।' *সুলতান*, ১৭০০। **জন্মায়** *ক্রি* জন্ম নেয়। 'দেখিতেই মাত্র তার সাধ্বস জন্মায়।' *বৃন্দা*, ১৫৮০। **জন্মাই** *ক্রি* জন্মগ্রহণ করি। 'তৎক্ষনে দুই পুত্র গেলেক জন্মাই।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জন্মাইলি** *ক্রি* জন্ম দিলি। 'অপার আনন্দে দুঃখ জন্মাইলি চিত্তে।' *মানিকরাম*, ১৭৮১। **জন্মাইলেক** *ক্রি* জন্ম নিলেন। 'কৈন্যাকালে জন্মাইলেক পরাশর মুনি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জন্মাইলেন** *ক্রি* জন্ম দিলেন। 'স্ত্রী আপন স্বামীর আজ্ঞামতে ... দেবতা হইতে পাঁচ পুত্র জন্মাইলেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০। **জন্মাবে** *ক্রি* জন্মগ্রহণ করবে। 'প্রথমে কলির অংশে জন্মাবে আক্ষটি বংশে।' *মুকুন্দ*, ১৬০০। **জন্মায়** *ক্রি* জন্ম দেয়। 'বিধবা জন্মায় জদি ক্ষেত্রজ তনএ।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জন্মিছ** *ক্রি* জন্মগ্রহণ করেছো। 'সাক্ষাতে জন্মিছ তুন্ধি বিষ্ণু অবতার।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জন্মিছে** *ক্রি* উৎপন্ন হয়েছে।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও!~ www.amarboi.com ~

'জন্মিছে প্রেমের মুক্তা ভাব সিন্ধু যথা।' *বাহরাম*, ১৬৫০। **জন্মিছে** *ক্রি* হয়েছে। 'কেহ বোলে তাহার বাউ জন্মিছে নিশ্চএ।' *বাহরাম*, ১৬৫০। **জন্মিতাম** *ক্রি* জন্ম নিতাম। 'পক্ষি হইয়া জন্মিতাম থাকিতাম বৃন্দাবনে।' *হ্যালহেড*, ১৭৭৮। **জন্মিব ১** *ক্রি* জন্ম নেবে। 'তাহাতে জন্মিব পুত্র বভ্রুবাহন।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *ক্রি* জন্মগ্রহণ করবে। 'পৃথিবীত না জন্মিব তান সম সতী।' *সুলতান*, ১৭০০। **জন্মিবাঙ** *ক্রি* জন্ম নেবো। 'জন্মিবাঙ আমি গিয়া মথুরা গোকুলে।' *বৃন্দা*, ১৫৮০। **জন্মিবেক** *ক্রি* উন্মেষ হবে। 'খণ্ডিব উন্মাদ মতি জন্মিবেক জ্ঞান।' *বাহরাম*, ১৬৫০। **জন্মিমু** *ক্রি* জন্ম নেবো। 'বিস্যের বধের হেতু জন্মিমু ভুবনে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জন্মিয়াছে** *ক্রি* জন্মেছে। 'চিত্তে তান কিছু জন্মিয়াছে অবিশ্বাস।' *বৃন্দা*, ১৫৮০। **জন্মিল** *ক্রি* জন্ম নিলো। 'জন্মিল চৈতন্যপ্রভু নাম জন্মাইয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **জন্মিলা ১** *ক্রি* জন্ম নিলো। 'মুমীন হইয়া সেই জগতে জন্মিলা।' *সুলতান*, ১৭০০। **২** *ক্রি* জন্ম নিলে। 'যোগরূপে জন্মিলা আপনি।' *রূপরাম*, ১৭৫০। **জন্মিলাঙ** *ক্রি* জন্মেছিলাম। 'জেই কালে জন্মিলাঙ যশোদা জঠরে কৃষ্ণ হেতু পড়িলাঙ পাপ কংস করে।' *মুকুন্দ*, ১৬০০। **জন্মিলেক** *ক্রি* জন্ম নিলো। 'দারুণ জনক মনে জন্মিলেক পীড়।' *বাহরাম*, ১৬৫০। **জন্মুক** *ক্রি* জন্ম হোক। 'যথাতথা জন্মুক সবার শ্রেষ্ঠ হয়।' *বৃন্দা*, ১৫৮০। **জন্মে** *ক্রি* জন্ম নেয়। 'বিয়োগী জনার চিত্তে জন্মে মহাপীড়া।' *রামপ্রসাদ*, ১৭৮০। **জন্মিয়াছে** *ক্রি* জন্মগ্রহণ করেছে। 'ধৈন্য পুত্র জন্মিয়াছে কুলের নন্দন।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জন্মান্তর [স] **১** *বি* হিন্দু বিশ্বাস অনুযায়ী পূর্বজন্ম। 'জন্মান্তরে নাহি সেবে গোবিন্দ চরন।' *মালাধর*, ১৫০০। **২** *বি* হিন্দু বিশ্বাস অনুযায়ী পরজন্ম। 'জন্মান্তরে যেন সুখী হই।' *বঙ্কিম*, ১৮৭৮। **৩** *বি* জন্ম ও মৃত্যু। 'জন্মান্তর নিমেষে ফুরায় ও-চুম্বনে।' *সুধীন্দ্র*, ১৯৩২। **৪** *বি* নতুন জন্ম। 'আনছে আমার জন্মান্তর।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জন্মান্তরবাদ [স] *বি* পুনর্জন্মবাদ। 'পৌত্তলিকতাবাদ, বহুত্ববাদ, নিরীশ্বরবাদ, জন্মান্তরবাদ, সন্ন্যাসবাদ প্রভৃতি।' *বঙ্গীয়*, ১৪৯৯।

জন্মান্তরিত [স] *বিণ* অন্য জন্মপ্রাপ্ত। 'আজ তারই চোদ্দ আনা ওদেরই পূর্বপুরুষের ঘরে জন্মান্তরিত।' *রবীন্দ্র*, ১৯৩৪।

জন্মান্তরীণ [স] *বিণ* পূর্বজন্মে সংঘটিত। '... জন্মান্তরীণ পুণ্যসঞ্চয় ব্যতিরেকে, সাধুসমাগম লব্ধ হয় না।' *বিদ্যা*, ১৮৪৭।

জন্মান্তরীয় [স] *বিণ* জন্মান্তর সম্বন্ধী। *সেবধি*, ১৮৩৯।

জন্মান্ধ *দ্র* জন্ম

জন্মাবচ্ছিন্ন [স] *ক্রিবিণ* জন্ম থেকে। 'মেলবন্ধ থাকাতে অনেক কুলীনকন্যা জন্মাবচ্ছিন্ন অদত্তাই থাকিলেন।' *দর্পণ*, ১৮৩৪।

জন্মায়তি [স জন্ম-আয়ুষ্মতী] *বিণ* চিরসধবা। 'জন্মায়তি হও।' *দীনবন্ধু*, ১৮৬০।

জন্মায়্যাতি [স জন্ম-আয়ুষ্মতী] *বিণ* আজীবন সধবা। 'জন্মায়্যাতি হয়্যা বাছা জিয়ে থাক সুখে।' *মানিকরাম*, ১৭৮১।

জন্মাষ্টমী *দ্র* জন্ম

জন্মিত [স] *বিণ* ঔরসজাত। 'অনন্তর কন্যা আপন পূর্বস্বামির জন্মিত ঐ পুত্রের কথা ...।' *চণ্ডীচরণ*, ১৮০৫।

জন্য [স] *অব্য* কারণে। 'বিধি কার জন্য, গঠিল বটে।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'তিরোধান মনে দিএ যোগ জন্য মায়া।' *মানিকরাম*, ১৭৮১।

জন্যে ১ *ক্রিবিণ* উদ্দেশ্যে। 'চিন্তামণি তবে চিন্তিত বৈভবে সৃষ্টি সৃজিবার জন্যে।' *মানিকরাম*, ১৭৮১। **২** *ক্রিবিণ* কারণে। 'তাই জন্যে ইহারা আগে হইতে পদে পদে জগৎকে অপমান করিবার ...।' *রবীন্দ্র*, ১৮৮৮।

জপ [স] *বি* ইষ্টমন্ত্রাদির পুনঃপুন পাঠ বা মনে মনে আবৃত্তি। 'অহনিস জপ হরি নাম তোহারী।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'ভক্ত বিনা জপ তপ অকিঞ্চিৎকর।' *বৃন্দা*, ১৫৮০।

জপ তপ [স] **১** *বি* ঈশ্বর আরাধনা। 'ভক্ত বিনা জপ তপ অকিঞ্চিৎকর।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* বারবার আবৃত্তি ও উপাসনা। 'সমস্ত দিন জপতপ করিতেন।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জপন [স] *বি* জপ। 'পুরাণ বেদের মন্ত্র করেন্ত জপন।' *আলাওল*, ১৬৮০।

জপনিরতা [স] *বিণ স্ত্রী* জপে মগ্ন। 'তাহার কাতরতার উচ্ছ্বাস জপনিরতা পিসিমার কানে আসিয়া ধ্বনিত হইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জপনীয় [স] *বিণ* জপ করার যোগ্য। 'বিশ্বামিত্রদৃষ্ট মন্ত্র গায়ত্রীনামে ব্রাহ্মণমাত্রেরই আরাধ্য জপনীয় মন্ত্র বলিয়া স্বীকার করা হইল।' *হরপ্রসাদ*, ১৮৮১।

জপমন্ত্র [স] *বি* পুণ্যের উদ্দেশ্যে বারবার নীরবে পাঠ করার শ্লোক – ইষ্টমন্ত্র। 'তারাগুলি যেন তামসী তপস্বিনীর নীরব জপমন্ত্র।' *রবীন্দ্র*, ১৯৩২।

জপমাল [স জপমালা] *বি* জপমালা। 'যোগপাটা জপমাল/ জটাজুট শোভে ভাল।' *মানিকরাম*, ১৭৮১।

জপমালা [স] *বি* জপ করার মালা। 'কালা হইল জপমালা।' *দ্বিজী*, ১৬০০।

জপের বাড়ি *বি* রক্ষিতাগৃহ। 'বাবু ... ও গলির "জপের বাড়ি" থেকে উঠে এসেই দেখবেন।' *হুতোম*, ১৮৬১।

জপতা [স জপতপ>] *বি* উপদেশ। 'যদি দুরাশা কর্ণে জপতা না করিত।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

জপা [স জপ>] **১** *ক্রি* বার বার বলা। 'জপিতে জপিতে নাম অবশ করিল গো।' *দ্বিজী*, ১৬০০। **২** *ক্রি* আরাধনা করা। 'জপে পির পেগম্বর।' *মুকুন্দ*, ১৬০০। **জপএ** *ক্রি* জপ করে। 'অজপা জপএ নিত্য নিঃশব্দ নীরব।' *বাহরাম*, ১৬৫০। **জপয়ে** *ক্রি* জপ করে। 'জপয়ে শ্রীদুর্গানাম পূর্ণ হেতু মনস্কাম।' *রামপ্রসাদ*, ১৭৮০। **জপি** *ক্রি* জপ ক'রে। 'তোহ্মার নাম জপি উদ্ধার হএ পাপী।' *সুলতান*, ১৭০০। **জপিল** *ক্রি* জপ করলো। 'মহাভক্তি করি তারা দুজনে জপিল।' *মালাধর*, ১৫০০। **জপিলে** *ক্রি* জপ করলে। 'জপিলে অমরাসন আর প্রনামে।' *মালাধর*, ১৫০০। **জপ্যা** *ক্রি* জপ ক'রে। 'মুক্ত হইল অজামিল জপ্যা তুয়া নাম।' *মানিকরাম*, ১৭৮১। **জপ্যায়া** *ক্রি* জপ করিয়ে। 'প্রসূতি জপ্যায়া ধর্মে।' *মানিকরাম*, ১৭৮১।

জব[১] [স যদা] **১** *অব্য* যদি। 'এ সখি এ সখি জব রহুঁ জীব। হরি দিগে চাহি পানি নহি পীব।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রিবিণ* যখন। 'জব পরিহরি চলএ চাহি। কুটিল নয়ানে হেরেবি তাহি।' *দ্বিজী*, ১৬০০।

জবতক *ক্রিবিণ* যতক্ষণ পর্যন্ত। 'জবতক হানিফা মর্দ্দ নাহি হয় হাত।' *গরীব*, ১৭৬৫।

জবহী *ক্রিবিণ* যখন। 'রভস সাঁগর পিয়া জবহী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জবহুঁ *ক্রিবিণ* যখন। 'অবহন জবহুঁ মোহে পরি হোয়ল তবহি মানহু নিজ দেহা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জব[২] [স যব] *বি* দৈর্ঘ্য মাপার একক; এক ইঞ্চির চার ভাগের এক ভাগ। *হ্যালহেড*, ১৭৭৮।

জব[৩] [স যব] *বি* যব; গম জাতীয় শস্য। *ওসাঁ*, ১৭৮২; 'এ কি ছাগলের পায় জব মাড়া।' *গৌর*, ১৮২২।

জব[৪] [আ জওয়াব] *বি* জবাব। 'আমার কতার জব দিবে না আয়াত ভাই।' *সেলিনা*, ১৯৭৫।

জবক্ষার [স যবক্ষার] *বি* একপ্রকার তীব্র ক্ষার; পটাশিয়াম নাইট্রেট। *মানোএল*, ১৭৪৩।

জবজব [ধ্বন্যা] *বি* তেল, ঘি ইত্যাদি তরল পদার্থে সিক্ত হওয়ার ভাব। 'ঘৃতে জব জব খায় মীন মাংসে বড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

জবজবা [ধ্বন্যা জবজব>] *বিণ* ভিজা। 'আবার জেলে ছুঁড়া জাল নামাইয়া করে দিল জবজবা।' *ভবানী*, ১৮২৮।

জবজবে [ধ্বন্যা জবজব>] *বিণ* জবজব করছে এমন। 'আজ চুলে আবার জবজবে করিয়া নারিকেল তেল দিয়াছে।' *মানিক*, ১৯৩৬।

জবড়জঙ, জবড়জঙ্গ *দ্র* **জবরজঙ্গ**

জবড়-জঙ্গিমা [আ জবর+ফা জঙ্গ>] *বিণ* এলোমেলো। 'জরার কোপে দাড়ি-গোঁপে হয় নি জবড়-জঙ্গিমা।' *রবীন্দ্র*, ১৯২৫।

জবত [স যাবৎ] *ক্রিবিণ* যাবৎ; যে পর্যন্ত। 'জবত তোমার টাকা সোদ করি তবত বাগ মজুকুরের ব্রহ্মে আদি বরজায় রাখিয়া রাজার মালগুজারি দিয়া ভোগ করিবা।' *হ্যালহেড*, ১৭৭২।

জবদ কাগজ [আ জাবিতাহ্+ফা কাগজ] *বি* হিসাব রাখার কাগজ। *ওসাঁ*, ১৭৮৫।

জবন [স যবন] *বি* যবন; মুসলমান। 'জবন রাজার সঙ্গে জুদ্ধ সে আঙ্গিয়া।' *মালাধর*, ১৫০০।

জবনকরণক [স যবন+স করণক] *বি* মুসলমান বাদ্যকর ও তাহার চাটীর শব্দ গ্রহণে জবনকরণক বাদ্যোদ্যম অনুমান করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩০।

জবনকৃত [স যবনকৃত] *বিণ* মুসলমানের তৈরি। 'প্রাতরুত্থাপূর্বক প্রায় জবনকৃত মিসি যাহা শাস্ত্র মতে স্পর্শ পাপ।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

জবনাদি [স যবনাদি] *বি* মুসলমান ও অন্যান্য সম্প্রদায়। 'কেহ২ গোপনে উপপতি ভজিত কিন্তু জবনাদি নীচগামিনী হইতে পারিত না।' *দর্পণ*, ১৮২৯।

জবনাধিকার [স যবনাধিকার] *বি* মুসলমান শাসনামল। 'এই অনাদি বিদ্যা পূর্ব্ব জবনাধিকারে হিন্দুদিগের কেবল পরমার্থ প্রদর্শিকা ছিলেন।' *দর্পণ*, ১৮৩৮।

জবনাধীন [স যবনাধীন] *বিণ* মুসলমানদের অধীন। 'এইপ্রদেশ জবনাধীন ছিল।' *দর্পণ*, ১৮৩৮।

জবনী [স যবনী] *বি* মুসলমান নারী। 'এক জবনী কহিল ব্রাহ্মণঠাকুর এইটি মোসলমানের কন্যা।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

জবর [ফা জবর] **১** *বিণ* বড়ো। *ভবানী*, ১৮২৩; 'কোনখানে পাড়ো তুমি জবর সোনার আণ্ডা।' *মাহমুদ*, ১৯৭৩। **২** *বিণ* খাসা; উৎকৃষ্ট। 'ক্যাশ খুব জবর, পার্টিসন কেন, একজিবিসন হতি পারে।' *গিরিশ*, ১৮৮৬; 'সে খুব জবর কাজ।' *রবীন্দ্র*, ১৯১১। **৩** *বিণ* দারুণ। 'তখন বাংলাদেশে একটি জবর যাত্রার দল ছিল।' *প্রমথ*, ১৯১৭।

জবরজং, জবড়জঙ, জবড়জঙ্গ [আ জবর+ফা জঙ্গ] **১** *বিণ* বিশৃঙ্খল। 'রামেশ্বরের লোকেরা বাবুকে জবড়জঙ্গ বলিয়া ডাকে।' *রাজ*, ১৮৭৪। **২** *বিণ* অত্যধিক জমকালো। 'মল্লিক কোম্পানির জবড়জঙ জ্যাকেট।' *রবীন্দ্র*, ১৯১৪; 'একটা জবরজং লেস-লাগানো জ্যাকেট গায়ে দিয়া ...।' *মানিক*, ১৯৩৬। **৩** *বিণ* স্থবির। 'একেবারে জবর-জং আর কী।' *নজরুল*, ১৯২৭। **৪** *বিণ* অগোছালো। 'ময়লা টেবিলের ওপর জবরজং খাতাটা।' *আলাউদ্দিন*, ১৯৫৮।

জবড়জঙ্গি [আ জবর+ফা জঙ্গ>] *বিণ* জাঁকালো। 'তুই জাতফিরিঙ্গী জবড়জঙ্গি।' *রাজ*, ১৮৭৪।

জবর-দখল [ফা জবর+আ দখল] *বি* জোরপূর্বক অধিকার। 'তাহা জবর-দখল করিতে চেষ্টা করিব।' *রবীন্দ্র*, ১৯০৮।

জবরদস্ত [ফা] **১** *বিণ* শক্তিশালী; ক্ষমতাসম্পন্ন। *ওসাঁ*, ১৭৮২; 'বলে যারা জবরদস্ত, তাদের ঘরে লাভের গন্ধ।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বিণ* জোরালো। 'ওখান থেকে জবরদস্ত একখানা চিঠি নিয়ে এসেছে।' *নজরুল*, ১৯২৭।

জবরদস্তি, জবরদস্তী [ফা] **১** *বি* অন্যায়ভাবে জোর খাটানো। 'তাহাদিগের উপর জোর ও জবরদস্তিতে ও ... আদায় করিতে পারে না।' *হ্যালহেড*, ১৭৭৩; 'মঙ্গলীরদের দ্বারা জবরদস্তীতে নিমক প্রস্তুত করা যাইতেছিল।' *দর্পণ*, ১৮২৯। **২** *বি* জোর। 'বাঙলা ব্যাকরণের সম্প্রদান কারক জবরদস্তি করিয়া চালাইতে হয়।' *রবীন্দ্র*, ১৯০৯।

জবরদস্তিমূলক, জবরদস্তীমূলক [ফা জবরদস্তি+স মূলক] *বিণ* স্বৈরায়ভাবে জোর খাটিয়ে করা হয় এমন। 'বেগার প্রভৃতি জবরদস্তিমূলক প্রথার কল্যাণের উপর যে অমানুষিক অত্যাচার চালাইয়া আসিয়াছে।' *এসলাম*, ১৯৩২; 'এই জবরদস্তীমূলক নীতি ও হুমকী দ্বারা গবর্ণমেন্টকে কংগ্রেস দাবী স্বীকার করিতে ...।' *আজাদ*, ১৯৪১।

জবরাণ [আ জবর>] *বি* জবরদস্তি। 'আমার পরিবারের প্রতি কোন নরাধম নারকী জবরাণে হস্তক্ষেপ করিতে পারিবে না।' *মশাররফ*, ১৮৮৫।

জবর্দস্তি [ফা] *বি* জোর; শক্তি প্রয়োগ। 'কোনো কোনো ক্ষুদ্র কবি কিছু জবর্দস্তি করে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জবল [আ জবাল] *বিণ* দুর্ভাগ্যময়। 'জবল আরাফাতে গেলা কুতুহল রঙ্গে।' *সুলতান*, ১৭০০।

জবহ [আ] *বি* জবাই। 'গরু জবহ করা যে এসলামী ধর্ম্মসঙ্গত ...।' *মশাররফ*, ১৮৮৯।

জবা [স] *বি* ফুল বিশেষ। 'ভৃঙ্গকেসর রাখিল জবা।' *মুকুন্দ*, ১৬০০।

জবাকুসুমসঙ্কাশ [স] *বিণ* জবা ফুলের মতো লাল। 'জবাকুসুমসঙ্কাশ ওই উদার অরুণোদয়।' *নজরুল*, ১৯৩১।

জবাঙুশ [স] *বি* অলঙ্কারবিশেষ। 'যথেষ্ট ভূষণ জবাঙুশ।' *মানিকরাম*, ১৭৮১।

জবাপুষ্প [স] *বি* জবাফুল। 'সাঁড়াসিএ ধর‍্যা আনে ... জবাপুষ্প সমান সাবল।' *মুকুন্দ*, ১৬০০।

জবাপুষ্পাঞ্জলি [স জবাপুষ্প-অঞ্জলি] *বি* জবাফুলের অঞ্জলি। 'লহো জবাপুষ্পাঞ্জলি।' *রবীন্দ্র*, ১৮৮০।

জবাফুল [স জবা+ফুল] *বি* ফুলবিশেষ। 'তোর চোক দুটী যেন রাঙ্গা জবাফুল হয়েছে।' *উমেশ*, ১৮৫৭।

জবাযুগ-সম [স] *বিণ* জবা ফুলের লাল রঙের মতো। 'জবাযুগ-সম

AMARBOI.COM

আঁখি – রক্তবর্ণ সদা।' *মাইকেল*, ১৮৬২।

জবাই [আ জবহ] **১** *বি* ইসলামি মতে আল্লাহর নাম নিয়ে গলনালি কেটে প্রাণী হত্যা। 'বকরি জবাই জথা মোল্লাকে দেই মাথা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* ধ্বংস। 'পয়সার জন্য আর্টকে জবাই করছে।' *মানিক*, ১৯৩৬। **৩** *বি* জবাই করা পশুর মাংস। 'কসাইখানায় যেন ঝুলে আছে একখণ্ড সদ্যকাটা সন্ধ্যার জবাই।' *মাহমুদ*, ১৯৬৩।

জবাইকরা [আ জবহ+করা] *বিণ* গলাকাটা হয়েছে এমন। 'নিশিদিন জবাই করা অসহায় প্রাণীর মতন।' *নজরুল*, ১৯২৭।

জবান [ফা] **১** *বি* ভাষা। 'আরবী আল্লার খাস জানিও জবান।' *সুলতান*, ১৭০০। **২** *বি* মুখ। 'তাহার গিবত গিথি জবানে চালায়।' *গরীব*, ১৭৬৫; 'আরো লক্ষ লোকের জবান খুলিয়া যায়।' *নজরুল*, ১৯২২।

জবানবন্দি, জবানবন্দী [ফা] **১** *বি* মৌখিক বিবৃতি। ওসাঁ, ১৭৮২। **২** *বি* ঘটনা সম্পর্কে শপথ ক'রে দেওয়া বিবৃতি। 'মোকদ্দমার ওকিপার লোকদিগের জবানবন্দি ...।' *এডমন*, ১৭৯২। **৩** *বি* সাক্ষ্য। 'জবানবন্দী।' *ভবানী*, ১৮২৩; 'তোমাদের জবানবন্দিতে মকদ্দমা জিতব।' *প্যারী*, ১৮৫৮।

জবানবন্দিনবিস [ফা] *বি* সাক্ষ্য লেখক। 'জবানবন্দিনবিস হন হন করিয়া জবানবন্দি লিখিতেছে।' *প্যারী*, ১৮৫৮।

জবানি, জবানী [ফা] **১** *বি* ভাষা। 'সে সকল আদ্যপান্ত আপনার মনুস্য জবানীতে জ্ঞাত হবেন।' *বোগল*, ১৭৭০। **২** *বি* উক্তি। *ভবানী*, ১৮২৩; 'বিশেষ মহিমা তব কি কব জবানী।' *গুপ্ত*, ১৮৫৮।

জবাব [আ জওয়াব] *বি* উত্তর; প্রত্যুত্তর। 'তেঁহরা রাণীটরি জবাব দিতেছি।' *মেয়র্স*, ১৭৫৭।

জবাবদিহি [আ জওয়াব+ফা দিহি] **১** *বি* কারণ দর্শানো। 'তুমি কিছু জবাবদিহিতে পড়বে।' *দীনবন্ধু*, ১৮৬৬। **২** *বি* দায়িত্ব। 'ব্রাহ্মসমাজের কাছে যে আমাদের জবাবদিহি আছে।' *রবীন্দ্র*, ১৯০৯। **৩** *বি* কৈফিয়ত। 'যত রকম পাপ আছে করে সৃষ্ট, তার জবাবদিহি করতে হয় না।' *নজরুল*, ১৯২৬।

জবাব দেওয়া **১** *ক্রি* শেষ কথা বলা। 'উপকার করিলেন না জবাবও দেন না।' *দর্পণ*, ১৮২১। **২** *ক্রি* বিদায় করে দেওয়া। 'আর কেরাণি ও মুনসি ইহাদিগের জবাব দেও।' *ভবানী*, ১৮২৫। **৩** *ক্রি* নিষেধ করে দেওয়া। 'কর্ত্তা তাহারদিগের জবাব দিলেন।' *ভবানী*, ১৮২৫। **৪** *বি* ইস্তফা দেওয়া; পদত্যাগ করা। 'তিনি কাজে জবাব দিয়া বাড়ি যাইতেছেন।' *রবীন্দ্র*, ১৮৯১।

জবাব যোগানো *ক্রি* উত্তর খুঁজে পাওয়া। 'কোন জবাব যোগাইতেছিল না মোনাদিরের মুখে।' *শওকত*, ১৯৫৮।

জবাব সওয়াল [আ জওয়াব+আ সওয়াল] *বি* আদালতে বিচারের ক্ষেত্রে প্রশ্নোত্তর। 'জোখোন জেখখানে জে জবাব সওয়াল হয় করিবা।' *হ্যালহেড*, ১৭৭২।

জবাবি, জবাবী [আ জওয়াব>] **১** *বিণ* জবাব সংবলিত। 'জবাবি।' *বিদ্যা*, ১৮৯১। **২** *বিণ* সাড়া দেয় এমন। 'জবাবী দেহ ও মন পাইলে ... বড় ভালবাসায় পরিণত হৈতে পারে।' *মনসুর*, ১৯৫৫।

জবাবী তার *বি* উত্তর পাওয়ার জন্য অতিরিক্ত মাশুল দেওয়া টেলিগ্রাম। 'মীরপুরে সায়েবের নামে একটা জবাবী তার কৈরা দেও।' *মনসুর*, ১৯৫৫।

জবায় [আ জবহ] *বি* ইসলামি মতে গলনালি কেটে প্রাণী বধ। 'জবায়ের বেলা গরু বাচুর এড়ায় না।' *হুতোম*, ১৮৬১। দ্র **জবাই**

জবাহ [আ জবহ] *বি* জবাই। 'মুসলমানগণ কখনই দুগ্ধবতী গাভী ও দুগ্ধপায়ী বৎস জবাহ করে না।' *মশাররফ*, ১৮৮৯।

জবুথবু [স যুবস্থবির] **১** *বিণ* আড়ষ্ট। 'তুমি রুগ্ন জবুথবু।' *জসীম*, ১৯২৭। **২** *বিণ* জড়সড়। 'জবুথবু জাতকে নিয়ে এ তো দেখি বিষম ল্যাঠা।' *নজরুল*, ১৯৩৩।

জবুর [আ] *বি* ইসলামি বিশ্বাস অনুযায়ী দাউদ নবির উপরে অবতীর্ণ ধর্মগ্রন্থবিশেষ। 'জবুরাদি যথ শাস্ত্র সব লুকাইব।' *সুলতান*, ১৭০০।

জবুথুবু [স যুবস্থবির] *বিণ* জড়সড়; স্থির। 'গাছগুলো বোকার মতো জবুথুবু হয়ে রয়েছে।' *রবীন্দ্র*, ১৯৪০।

জবে[১] [স যদা] **১** *ক্রিবিণ* যখন। 'জবে করহা করহকলে পিচিউ।' *চর্যা* ১৭, ১২০০। **২** *অব্য* যদি। 'সঙ্গে আসিবে জবে লয় দধিভারে।' *বড়ু*, ১৫৭০।

জবে[২] [আ জবহ] *বি* জবাই-করা পশু। 'দাড়ি রাখে বাদী রাখে আর জবে খায়।' *ভারত*, ১৭৬০।

জবে-করা *বিণ* জবাই-করা। 'হাসান-হুসেন তড়পায় যেন জবে-করা কবুতর।' *নজরুল*, ১৯২৪।

জবেঁ [স যদা] *ক্রিবিণ* যখন। 'জবেঁ মুআাএর অচার তুটঅ।' *চর্যা* ২১, ১২০০।

জবেহ [আ জবহ] *বি* জবাই। 'জীবনে জবেহ আছে মরণে হালাল।' *আলাওল*, ১৬৮০।

জবেহ-করা *বিণ* জবাইকৃত। 'কথাটা শুনে জবেহ-করা প্রাণীর ন্যায় আমি ছটপটে হয়ে পড়লুম।' *মাহেনও*, ১৯৪৯।

জব্দ [আ দব্‌দ] **১** *বিণ* শায়েস্তা। 'নূরনবী মোহাম্মদ কুফেরে করিয়া জব্দ।' *গরীব*, ১৭৬৫। **২** *বিণ* আটক; বাজেয়াপ্ত। 'তাহা সরকারে জব্দ হবেক।' *ক্যালগে*, ১৭৮৮। **৩** *বিণ* প্রশমিত। 'নাতি ঝোঁটা না হলে জব্দ হয় না।' *প্যারী*, ১৮৫৮। **৪** *বিণ* লাঞ্ছিত। 'এক ব্রকোদর গোঁসাই বড় জব্দ হয়েছিলেন!' *হুতোম*, ১৮৬১।

জব্দ করা *ক্রি* শায়েস্তা করা। 'একে, আজ জব্দ করতে হবে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জব্দী [আ জব্‌দ+ফা ঈ] *বিণ* আটককৃত। 'জব্দী মাল।' *এডমন*, ১৭৯৩।

জব্বর [আ জবর] **১** *বিণ* ভীষণ। 'বায়স্কোপে জব্বর গরমের ছ'হাজার ফুটী বর্ণনা দেখা যায়।' *মুজতবা*, ১৯৪৯। **২** *বিণ* দারুণ। 'মসিয়ো ভোতিয়ে একটা জব্বর রকমের জোলাপের ব্যবস্থা করেছিলেন।' *মুজতবা*, ১৯৫২।

জব্বুর [আ] *বি* জবুর; ইসলামি বিশ্বাস অনুযায়ী দাউদ নবির উপরে অবতীর্ণ ধর্মগ্রন্থবিশেষ। 'দাউদে জব্বুর কেতাব হইল হাসিল।' *গরীব*, ১৭৬৫।

জম [স যম] *বি* হিন্দুমতে মৃত্যুর দেবতা। 'মোর বানে আজি জাবে জমের করন।' *মালাধর*, ১৫০০।

জমঘর [স যম+পা ঘর] *বি* মৃত্যুপুরী; যমের আলয়। 'সভাকে মারিয়া কৃষ্ণ পাঠাইল জমঘরে।' *মালাধর*, ১৫০০।

জমপুরি [স যমপুরী] *বি* যমের আলয়। 'তাহার দক্ষিনে জমপুরির আশ্রম।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জমলোক [স যমলোক] *বি* যমালয়। 'চৌরাসি নরক কুণ্ড জত জমলোকে।' *মালাধর*, ১৫০০।

জমক [হি] *বি* আড়ম্বর। **জমক-জৌলুস** [হি জমক>+আ জলুস] *বি* অতি আড়ম্বর। 'খানাপিনার জমক-জৌলুস দেখেছেন।' *মুজতবা*, ১৯৪৯।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জমকালো, জমকাল [হি জমক>] ১ *বিণ* জাঁকজমকপূর্ণ। 'এখানে মদের দোকানগুলোই সব চেয়ে জমকালো।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বিণ* প্রভাবশালী। 'যখন আসন্ন দুর্ভিক্ষের করাল বিভীষিকায় দেশবাসী সন্ত্রস্ত – সে একজন জমকাল কর্মচারী হয়ে বসল।' *মাহেনও*, ১৯৪৯।

জমকিয়ে বসা [হি জমক>] *ক্রি* গ্যাঁট হয়ে বসা। 'কাছারিতে গিয়া জমকিয়া বসিলেন।' *বঙ্কিম*, ১৮৯২।

জমকে [হি জমক>] *বিণ* জাঁকালো। 'জমকে পোষাক করি গাড়ী আরোহণে। চর্চ্চে যান সুরূপসী শ্রীমতীর সনে।' *গুপ্ত*, ১৮৫৮।

জমজ [স যমজ] *বিণ* একই গর্ভজাত এবং একই সময়ে ভূমিষ্ঠ। 'জমজ মনুষ্য হএ যাহার কারণ।' *সুলতান*, ১৭০০।

জমজম[১] [আ] *বি* মক্কার একটি কূপ যা মুসলমানদের কাছে পবিত্র। 'জমজম কূয়া পাড়ে তাহার বসতি।' *সুলতান*, ১৭০০।

জমজম[২] [আ] *বি* গমগম; সরগরম ভাব। 'আর-একবার বাড়ি-ঘরদোর জমজম করবে।' *শরৎ*, ১৯১৭।

জমজমা [আ জমজম>] *বিণ* জমজমাট। 'টাল মাটাল না করিলে বৈঠকখানা লোকে সরগরম ও জমজমা হয় না।' *প্যারী*, ১৮৫৮।

জমজমাট [আ জমজম>] ১ *বিণ* ব্যস্তসমস্ত। 'তারই ফলে জেলেপাড়াটি হইয়া উঠিয়াছে জমজমাট।' *মানিক*, ১৯৩৬। ২ *বিণ* জমে উঠেছে এমন। 'সভা জমজমাট।' *সুকান্ত*, ১৯৪৮। ৩ *বিণ* ঘনীভূত। 'জমজমাট অন্ধকার।' *মুজতবা*, ১৯৬০।

জমজমে [আ জমজম>] *বিণ* জমজমাট। 'সেদিনের সেই জঙ্গুলে শহরতলী জায়গা জমজমে শহর এখন।' *মনোজ*, ১৯৬১।

জমধর [স যম>] *বি* দুই দিকে ধারওয়ালা ছুরিবিশেষ। 'প্রখর নখর জমধর।' *মুকুন্দ*, ১৬০০।

জমরদ [আ জমরুদ] *বি* পান্না। 'জড়াও দ্রব্য ও হিরা ও জমরদ।' *ক্যালগে*, ১৭৮৫।

জমরুদ [আ] *বি* পান্না। 'পত্রসব জমরুদ জিনি জ্যোত অতি।' *সুলতান*, ১৭০০।

জমল [স যমল] *বিণ* যুগল। 'জমল অর্জ্জুন তরু উপাড়িল আক্ষে।' *বড়ু*, ১৪৫০।

জমা[১] [আ] ১ *বিণ* লিপিবদ্ধ। 'বিবি রাষের চাকর সিবু সরকারের কাগজে জমা করিয়া দিলেন।' *মেয়র্স*, ১৭৫৭। ২ *বি* আয়ের হিসাব। 'জমা লেখে বাকী দেখে খরচেতে ভয়।' *ভারত*, ১৭৬০। ৩ *বিণ* সঞ্চিত। 'তাতির নামে জমা হইবেক।' *হ্যালহেড*, ১৭৭৩। ৪ *বি* খাজনার পরিমাণ। 'এখন দারইজার্দার শ্রীজাদবরায় রায় আমার জমায় ত্রিশ টাকা বেসী করিয়াছে।' *ওর্সা*, ১৭৮২।

জমাওয়াসিল [আ] *বি* আয়-ব্যয়ের হিসাব। '... কাহাকে বলে জমাওয়াসিল বাকি কিছুই বোধ নাই।' *প্যারী*, ১৮৫৮।

জমা করন *বি* জমানো; সংগ্রহ করণ। *ওর্সা*, ১৭৮৫।

জমা করা ১ *ক্রি* সঞ্চয় করা। 'সূর্যের আলো জমা করে রাখে গাছের অনেক বস্তুতে।' *রবীন্দ্র*, ১৯৩৭। ২ *বিণ* সঞ্চিত; জমানো। 'বাপের জমা-করা টাকাগুলি হাতে পাইয়া।' *মানিক*, ১৯৪০।

জমাখরচ [আ জমা+আ খরজ] ১ *বি* আয়-ব্যয়ের হিসাব। 'পঞ্চ অবধূত যে টাকা আনিয়াছে সকল জমা খরচ করিয়া ...।' *চিঠিপত্রে*, ১৭৬১। ২ *বি* দেনাপাওনা। 'বোধ হয় আজীবন সম্পর্কের জমা খরচ হিসাব ক'রে খুব একটা বড়ো রকম অঙ্ক হাতে থাকে না।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জমাখরচা [আ জমা+আ খরজ] *বি* হিসাব। 'আগের রাতের অভিজ্ঞতার জমাখরচা নিতে লাগলুম।' *মুজতবা*, ১৯৪৯।

জমাখরচি [আ জমা+আ খরজ>] *বি* আয়-ব্যয়ের হিসাব। *বিদ্যা*, ১৮৯১।

জমা খারিজ [আ জমা+আ খারিজ] *বি* এজমালি সম্পত্তির অংশীদারগণ কর্তৃক রাজা, জমিদার বা সরকারকে পৃথকভাবে খাজনা দেওয়ার ব্যবস্থা। 'উত্তর মাঠে অজবস্তুর জমা খারিজের মধ্যে ...।' *চিঠিপত্রে*, ১৬১০।

জমা জমি [আ জমা+ফা জমি] *বি* ভূসম্পত্তি। 'স্বর্গীয় কর্ত্তারা যে জমা জমি কয়ে গিয়েছেন তাহাতে কখন পরের চাকরি স্বীকার করিতে হয়নি।' *দীনবন্ধু*, ১৮৬০।

জমাট [আ জমা] ১ *বিণ* গাঢ়। 'খালি জমাট নেশা চলুগ।' *গিরিশ*, ১৮৮৯। ২ *বিণ* তীব্রতর। 'এবার শীতটাও বড় জমাটভাবে চেপে এসেছে।' *মাহেনও*, ১৯৪৯।

জমাট বাঁধা ১ *ক্রি* ঘনবসতিপূর্ণ হওয়া। 'বাড়িগুলি গায়ে গায়ে ঘেঁসিয়া জমাট বাঁধিয়া আছে।' *মানিক*, ১৯৩৬। ২ *বিণ* ঘনসন্নিবিষ্ট। 'জমাট-বাঁধা ভিড়।' *মানিক*, ১৯৪৭। ৩ *বিণ* ঘনীভূত। 'জমাটবাঁধা কুয়াশায় তখনও চারদিক চাঁদনি রাতের মতই আবছা।' *মনসুর*, ১৯৫৫।

জমাদার [আ জমা+ফা দার] ১ *বি* সেনাবাহিনীর কর্মচারীবিশেষ। 'নামজাদা সিফাই যতেক জমাদার।' *রূপরাম*, ১৭৫০। ২ *বি* মেথর। *ভবানী*, ১৮২৩; 'বেনিগারদের জমাদার তাহার নিকট দাঁড়াইয়া ...।' *প্যারী*, ১৮৫৮। ৩ *বি* দারোয়ানদের সর্দার। *সেবধি*, ১৮৩৯; 'পুলিসের রাতকানা সার্জ্জন, ঠোঁটকাটা দারোগা, নুলো জমাদার ... মহাশয়েরা রৌদ্র সেরে মস মস করে থানায় ফিরে যাচ্ছেন।' *হুতোম*, ১৮৬১। ৪ *বি* বাঙালি পদবিবিশেষ। *সেবধি*, ১৮৪০।

জমাদারনী [আ জমা+ফা দার>] *বি* স্ত্রী মেথর। 'রিকসাওলা জমাদারনী ভয়েই ভাগে।' *হোসেন*, ১৯৬৯।

জমাদারী [আ জমা+ফা দার>] ১ *বি* প্রহরীদের নেতৃত্ব প্রদান। 'জমাদারী, খেদমতগারী, ও আর২ সব রকম তাবেদারী ও ফরমাবরদারী কিয়াথা।' *ভবানী*, ১৮২৮। ২ *বি* দারোয়ানি। 'জমীদারী ও জমাদারী।' *দর্পণ*, ১৮৩১।

জমাদ্দার [আ জমা+ফা দার] *বি* জমাদার। 'দ্বারী কহে তবে পারি জমাদ্দার বখশীরে কয়ে।' *ভারত*, ১৭৬০।

জমান [আ জমা>] *বিণ* সঞ্চিত। 'হাতে যাদের ছিল জমান-টাকা।' *সবুজ*, ১৯২০। দ্র **জমানো**

জমানবিশ [আ জমা+ফা নবীস] *বি* জমিদারি সেরেস্তায় জমি ও খাজনার হিসাবরক্ষক কর্মচারী। 'বেচারার কাছ থেকে নায়েব গোমস্তা জমানবিশ ... দু-পয়সা আদায় করে নেয়।' *প্রমথ*, ১৯১৯।

জমানবিস [আ জমা+ফা নবীস] *বি* জমি ও খাজনার হিসাবরক্ষক কর্মচারী। *বিদ্যা*, ১৮৯১।

জমা নেওয়া *ক্রি* খাজনার বিনিময়ে ইজারা নেওয়া। 'এই কূলবন জমা লইয়া থাকে।' *বিভূতি*, ১৯৩৮।

জমানো [আ জমা>] ১ *ক্রি* আনন্দঘন পরিবেশ সৃষ্টি করা। 'খুব শীঘ্র জমিয়ে তুলতে পারে।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *ক্রি* বৃদ্ধি করা। 'তীক্ষ্ণবুদ্ধি সাবধানী রাধামুকুন্দ প্রথম হইতেই পসার জমাইয়া তুলিল।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *ক্রি* সংগ্রহ করা। 'ডাকের টিকিট জমায়।' *রবীন্দ্র*,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯০৫। ৪ *ক্রি* সঞ্চয় করা। 'পাঁচ টাকা করে মাইনে। তুমি জমিও।' *বিভূতি*, ১৯৩১। ৫ *ক্রি* বসানো। 'বাঁধা ছন্দের বাইরে জমালো আসর।' *রবীন্দ্র*, ১৯৩২। দ্র **জমান**

জমাপত্তন [আ জমা+স পত্তন] *বি* জমির প্রজাস্বত্ব। '১২৫০ সালের কাগজে দেখা যায় – এক নতুন জমাপত্তন।' *তারা*, ১৯৪৬।

জমাবন্দি, জমাবন্দী [আ জমা+ফা বন্দি] ১ *বি* নামওয়ারি হিসাব। 'কদলীপত্রে তেরিজ জমাখরচ জমাবন্দি প্রভৃতি।' *ভবানী*, ১৮২৫। ২ *বি* বন্দোবস্ত। 'জমিদারীর ভূমিসকল সম্পূর্ণ উচ্চহারে জমাবন্দী হইয়াছে।' *সুলভ*, ১৮৭৩।

জমা রাখা *ক্রি* শক্ত করা। *মানোএল*, ১৭৪৩।

জমাসমেত *ক্রিবিণ* জমাসহ। 'পঞ্চ হাজারির মনশবে আপনার সমস্ত লওয়া জমাসমেত রাঘব রায়ের নালিসে ... ।' *রামরাম*, ১৮০১।

জমা হওয়া *ক্রি* একত্র হওয়া। 'যথারীতি কাতার করিয়া জমা হইল।' *মনসুর*, ১৯৩৫।

জমে যাওয়া *ক্রি* অসাড় হওয়া। 'আমি তখন শীতে জমে গিয়েছি।' *মুজতবা*, ১৯৪৯।

জমা[২] [আ জমা>] ১ *ক্রি* জমাট বাঁধা। 'জল শীতল হইলে জমিতে আরম্ভ হয়।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *ক্রি* অন্তরঙ্গ হওয়া। 'কোনো রমণীর সাক্ষাৎ পাইয়া তাহার সহিত জমিয়া গিয়াছেন।' *প্রমথ*, ১৮৯০। ৩ *ক্রি* উৎসাহ নিয়ে। 'কাল দুপুরবেলা সবেমাত্র একটুখানি জমিয়ে লিখতে বসেছি ... ।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৪ *ক্রি* জমজমাট হওয়া। 'দিল-দরাজ মোগল-সম্রাটের আমলে দিল্লিতে দরবার জমিত।' *রবীন্দ্র*, ১৯০৫। ৫ *ক্রি* ঘন হওয়া। 'ঘনশ্রেণী ঝাউগাছগুলির মাথার উপর অন্ধকার এমন জমিয়া আসিল যে ... ।' *রবীন্দ্র*, ১৯০৬। ৬ *ক্রি* বসে যাওয়া। 'গলার স্বর দইয়ের মতো জমে যায়।' *রবীন্দ্র*, ১৯০৮। ৭ *ক্রি* প্রাণবন্ত হওয়া। 'দুই পক্ষের কথা খুব জমিয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯০৯।

জমাত [আ জমায়াত] ১ *বিণ* সঙ্গত। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* মানুষের সম্মিলন। 'ঈদের জমাত মোছলেম সমাজে একদা সম্প্রীতি ... ।' *এসলাম*, ১৯১৯। ৩ *বি* সম্প্রদায়। 'মোহাম্মদী জমাতে সামাজিক শাসন প্রচলিত।' *এসলাম*, ১৯১৯। ৪ *বি* ইসলাম ধর্মমতে নামাজের জন্য শ্রেণীবদ্ধ সারি। 'ওই জমাতের পিছে কারা দাঁড়ায়ে রয়েছে।' *নজরুল*, ১৯২৮।

জমাতি [আ জমায়াত] *বি* জমায়েত। *মানোএল*, ১৭৪৩।

জমানত [আ জমানত] *বি* জামিন স্বরূপ গচ্ছিত অর্থ। 'কাজীকে কর্জাই কর্ম্ম হইতে মাজিস্ত্রেট স্থগিত করিয়া ১০০০ টাকার জমানতে দওরাতে সোপর্দ্দ করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৯।

জমানা [আ জমানা] *বি* কাল; যুগ। 'ইহা সবে বোজরগ জানিবে জমানার।' *গরীব*, ১৭৬৫।

জমায়ত, জমায়ৎ, জমায়াত, জমায়েত [আ] ১ *বি* জনসমাবেশ। 'দুই লক্ষ লোক পথে জমায়ত।' *দর্পণ*, ১৮১৯; 'লোক জমায়েত করিয়াছে।' *বঙ্কিম*, ১৮৯২। ২ *বি* ধর্মীয় সম্প্রদায়বিশেষ। 'স্থানে স্থানে অনেক সন্ন্যাসী একত্র দলবদ্ধ হইয়া অবিস্থিতি করেন অথবা তীর্থ-পর্য্যটন করিয়া থাকেন। ঐ দলকে জমায়াত বলে।' *অক্ষয়*, ১৮৪৭। ৩ *বিণ* একত্র। 'খুন জখম করিবে বলিয়া লোক জমায়ত করিয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৯; 'তাবৎ বিবাহিত পুরুষ যেন শহরের দেয়ালের বাইরে জমায়েৎ হয়।' *মুজতবা*, ১৯৫২। ৪ *বিণ* সঞ্চিত। 'মেঘরা যে সাধারণত ওই অজ্ঞাত কোণেই জমায়েত হয়, এটা ওর জানা আছে।' *শিবরাম*, ১৯৫০; 'সমস্ত ভাষাভাষী জনগণের শক্তি জমায়েত হবে।' *হাফিজুর*, ১৯৫৩।

জমায়েৎবস্ত [আ জমায়ত+ফা বস্ত] *বি* জনসমাবেশে শরিক। 'ডাকাইতের দল জমায়েৎবস্ত হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৮২।

জমি, জমী [ফা জমীন] ১ *বি* ভূমি। 'জমি তকিত দিতে।' *মানোএল*, ১৭৪৩; 'আমার বসতবাটী কারণ জমী ও একটী কোঠা দিয়াছিলেন সর্ত্ত ত্যাগ করিয়া।' *মেয়ার্স*, ১৭৭০। ২ *বিণ* সমস্ত। 'তারিখ ১৮ আগস্ত মায় আমলা কিতা জমী মতালকে ... ।' *ক্যালগে*, ১৭৯২।

জমিছাড়া *বিণ* জমিহারা। 'তাতে প্রজারা জমি ছাড়া হত।' *মনসুর*, ১৯৪৪।

জমিজমা [ফা জমীন+আ জমা] *বি* ভূসম্পত্তি। 'তোমার জমিজমা জে আছে তাহাতে বেসীর বিসয় নাই।' *তেরলি*, ১৭৯১।

জমিজারাত [ফা জমীন+আ জরায়াত] *বি* কৃষিক্ষেত্র। 'জমিজারাত যন্ত্রপাতি থেকে মানুষ কী ভাবে বিচ্যুত হলো।' *ধূর্জটি*, ১৯৩১।

জমি-জিরাত, জমিজিরাৎ, জমি-জেওরাত, জমিজেরাৎ [ফা জমীন+আ জরায়াত] *বি* ভূ-সম্পত্তি। 'তৎকালেই জমিজেরাৎ বন্ধক পড়ে।' *প্যারী*, ১৮৬৩; 'আমার তালুক-মুলুক, জমি-জেওরাত, বিষয়-আশয় সর্বস্ব দিতেছি।' *বঙ্কিম*, ১৮৮৪; 'ছেলে-পেলে বেশী অথচ সে আন্দাজ জমি-জিরাত নাই।' *মনসুর*, ১৯৫৫; 'জমিজিরাৎ যা আছে গায়েগতরে খাটলে অন্তত ডালভাতের অভাব হবে না।' *শওকত*, ১৯৭২।

জমিজিরাতহীন [ফা জমীন+আ জরায়াত+স হীন] *বি* জমিজমাহীন। 'পরে জমিজিরাতহীন চাষী।' *শওকত*, ১৯৪৬।

জমিবন্ধকী [ফা জমীন+স বন্ধক>] *বিণ* জমি বন্ধক রাখে এমন। 'নূতন আশার সঞ্চার করিল – জমিবন্ধকী ব্যাঙ্ক।' *মোহাম্মদী*, ১৯৩৫।

জমিভোগী [ফা জমীন+স ভোগী] *বিণ* জমি ভোগদখলকারী। 'চাকরান জমিভোগী বেহারাদিগের বাটিতে লোক ছুটিল।' *মশাররফ*, ১৮৯০।

জমিদার, জমীদার [ফা জমীনদার] ১ *বি* জমির মালিক; সরকারে রাজস্ব দিয়ে যে জমির মালিকানা পেয়েছে। 'জমীদার।' *মেয়র্স*, ১৭৫৭; 'এখানের জমীদাররা বাজে।' *তাঁতি*, ১৭৯২। ২ *বি* মেয়র; কলকাতার মেয়র। *ওসাঁ*, ১৭৮৫।

জমিদারতনয় [ফা জমীনদার>+স তনয়] *বি* জমিদারের ছেলে। 'আপনারা ভাবিবেন না যে, আমি কোনও জমিদারতনয়।' *বনফুল*, ১৯৩৬।

জমিদারনি [ফা জমীনদার>+নি] *বি* মহিলা জমিদার। 'জমিদারনির প্রতাপে জমিদারিতে কানাঘুষাও হইতে পারিল না।' *নজরুল*, ১৯৩১।

জমিদারবহ্ল [ফা জমীনদার+স বহ্ল] *বিণ* জমিদারের সংখ্যাধিক্যপূর্ণ। 'বাঙ্গলার জমিদারবহুল মন্ত্রিসভা এ-কাজে হাত দেবেন কি না।' *বুলবুল*, ১৯৩৭।

জমিদারবাবু [ফা জমীনদার>+বাবু] *বি* জমিদার মহাশয়। 'তাহা অনেকটা যেন নধরকান্তি জমিদারবাবুর শখ করিয়া মাছ ধরিতে বসার মতো।' *বনফুল*, ১৯৩৬।

জমিদারান/জমীদারান [ফা জমীনদার, বহ্ল] *বি* জমিদারগণ। *ওসাঁ*, ১৭৮২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জমিদারি, জমিদারী, জমীদারী [ফা জমিনদার>] ১ *বি* জমিদারের এলাকাধীন অঞ্চল। 'তারে দিলে জমিদারি।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'সমুদ্র সান্নিধ্য চাঁদ বাঁ মছন্দরির জমিদারি ছিল।' *রামরাম*, ১৮০১। ২ *বি* কর্তৃত্ব; শাসন। 'সাহেবদিগকে গঙ্গাসাগরে জমীদারী করিতে অনুমতি দিলেন।' *দর্পণ*, ১৮২৯। ৩ *বি* জমিদারের কাজ। 'আপন বাটীতে বসিয়া জমিদারী ও সদাগরী কর্ম ...।' *প্যারী*, ১৮৫৮। ৪ *বিণ* জমিদারের। 'জমীদারী নিরিখ টাকায় চারি টাকা বার আনা দিল।' *বঙ্কিম*, ১৮৭৯।

জমিদারি তোলা *ক্রি* জমিদারি প্রথা উচ্ছেদ করা। 'জমিদারি তুলবার, খাজনা কমাবার ... কত প্রস্তাবই ত দিয়েছে।' *মনসুর*, ১৯৪৩।

জমিদারি/জমিদারীলোপ [ফা জমিনদার>+স লোপ] *বি* জমিদারি প্রথার বিলোপ সাধন। 'একটি হইল জমিদারীলোপঃ দ্বিতীয়, বর্ণপ্রথায় তেভাগা-নীতির প্রবর্ত্তন।' *সওগাত*, ১৯৪৬।

জমিদারি-সেরেস্তা [ফা জমিনদার>+ফা সুরিশতাহ্] *বি* জমিদারের দফতর। 'হাতটা পাকিলেই আমাকে জমিদারি-সেরেস্তার কাজ শিখাইয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

জমিদারিস্বত্ব [ফা জমিনদার>+স স্বত্ব] *বি* ভূসম্পত্তির মালিকানা। 'কোম্পানি বাহাদুর ... পেয়েছিলেন শুধু চব্বিশ-পরগনার জমিদারিস্বত্ব।' *প্রমথ*, ১৯১৯।

জমিন, জমীন [ফা জমীন] ১ *বি* ভূমি। *মানোএল*, ১৭৪৩; 'বন্দগী করিবে বন্দা জমীনে ঠুকিয়া।' *ভারত*, ১৭৬০। ২ *বি* ভূপৃষ্ঠ। 'জমীন আশমান ফারাক।' *বঙ্কিম*, ১৮৭৮।

জমিনহারা [ফা জমীন+স হারা] *বিণ* ভূমিহীন। 'জমিন পেয়ে বর্তে যাবে/ জমিনহারা ভুখা চাষা।' *অন্নদা*, ১৯৫২।

জমিবন্ধকী *দ্র* **জমি**

জমিভোগী *দ্র* **জমি**

জমিয়ত [আ জমায়াত] *বি* জনসমাবেশ। 'জমিয়ত, আঞ্জমন, লীগ ... প্রভৃতির সঙ্গে হামদর্দ রাখ।' *রওশন*, ১৯২৫।

জমীদার *দ্র* **জমিদার**

জমীদারান *দ্র* **জমিদার**

জমীন *দ্র* **জমিন**

জমুনা [স যমুনা] *বি* নদীবিশেষ। 'জমুনাক তির উপবন উদবেগল ফিরি ফিরি ততহি নিহারি।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'জমুনা কল্লোল দেখি পাইল তরাস।' *মালাধর*, ১৫০০।

জমুন [স যমুনা>] *বি* যমুনা। 'জমুনক তিরে তিরে সাঁকড়ি বাটী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জমেয়াৎ [আ জমায়াত] *বিণ* একত্র সমবেত। 'দোয়াররা কুটী থেকে এসে হাত মুখ ধুয়ে জলযোগ করে জমেয়াৎ হন।' *হুতোম*, ১৮৬১।

জমৈতি *বি* ঘোড়ার নাচের প্রকারবিশেষ। 'ঘোড়ার নাচ দু রকম, জমৈতি আর ফনৈতি।' *বিভূতি*, ১৯৩৮।

জম্বু [স] *বি* জাম ফল। 'কেহ দেই মোয়া জম্বু কর্কটিকা ফল।' *বৃন্দা*, ১৫৮০।

জম্বুকুঞ্জ [স] *বি* জাম গাছের বন। 'কদম্ব ফুটিবে, জম্বুকুঞ্জ ভরিয়া উঠিবে।' *রবীন্দ্র*, ১৯০৭।

জম্বুপুঞ্জ [স] *বি* জাম গাছের বন। 'জম্বুপুঞ্জে শ্যাম বনান্ত।' *রবীন্দ্র*, ১৯২৯।

জম্বুবন [স] *বি* জাম গাছের বন। 'পরিণতফলশ্যাম জম্বুবনচ্ছায়ে কোথায় দশার্ণ গ্রাম রয়েছে লুকায়ে।' *রবীন্দ্র*, ১৮৯০।

জম্বুক [স] *বি* শৃগাল। *মানোএল*, ১৭৪৩।

জম্বুকি, জম্বুকী [স জম্বুক] *বি* স্ত্রী শিয়াল। 'পড়সিক বাক কাক সম কল কল ননদিনী জম্বুকী বোলে।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'নকুল শেয়াল গ্যড়ে লুকাইল জম্বুকি।' *মুকুন্দ*, ১৬০০।

জম্বুরা [স জম্বীর] *বি* জাম্বুরা; বাতাবি লেবু। 'দাদা আমাকে জম্বুরা (বাতাবি লেবু) দিয়ে খেলার বল বানিয়ে দিত।' *সুনীল*, ১৯৭০।

জম্ভ [স] *বি* দৈত্যবিশেষ। 'মহিষ রাক্ষস জম্ভ নাশিলে সভার দম্ভ।' *মুকুন্দ*, ১৬০০।

জম্ভলিকা [স] *বি* হাই তোলার শব্দ। 'ওই শোনা যায়, জম্ভলিকা! নৃসিংহ-হুঙ্কার।' *সত্যেন্দ্র*, ১৯২৪।

জম্ম [স জন্ম] *বি* জন্ম। 'এখনে তৃতিয় জম্ম তোমার উদরে।' *মালাধর*, ১৫০০।

জম্মা [স জন্ম] *ক্রি* জন্ম লাভ করা। **জম্মি** *ক্রি* জন্ম লাভ করি। 'তেজেস্মোত জম্মি আমি আদি দতু কার।' *মালাধর*, ১৫০০। **জম্মিব** *ক্রি* জন্ম গ্রহণ করবো। 'জম্মিব সুনহ তুমি।' *মালাধর*, ১৫০০। **জম্মিল** *ক্রি* জন্ম লাভ করলো। 'জখনে জম্মিল অই বাপের ভবন।' *মালাধর*, ১৫০০। **জম্মে জম্মে** *ক্রিবিণ* প্রতি জন্মে। 'জম্মে জম্মে পাই দেব গদাধর।' *মালাধর*, ১৫০০।

জম্মিৎ [স জন্ম] *বিণ* জন্মগ্রহণকারী। 'কায়েতরা বলত অমাবস্যার জম্মিৎ।' *নজরুল*, ১৯৩১।

জয় [স] ১ *বি* জয়ধ্বনি। 'জয় জয় হুলাহুলি দিল দেবগণে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* স্তুতিসূচক উক্তি। 'জয় জয় বিশ্বম্ভর বৈষ্ণবের নাথ।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* সাফল্য। 'যথা ধর্ম তথা জয় কভু নহে আন।' *আলাওল*, ১৬৮০। ৪ *বি* দখল; অধিকার। 'রাজার পূর্ব্ব পুরুষ ঐ বহু দেশ জয় করিয়া ...।' *দর্পণ*, ১৮২০। ৫ *ক্রি* জয় হোক। 'জয় বাংলার পূর্ণচন্দ্র, জয় জয় আদি-অন্তরীণ।' *নজরুল*, ১৯২৪।

জয় করা *ক্রি* চূড়ায় আরোহণ করা। 'একদিন যাবে মাউন্টেন অফ দি মুন জয় করতে।' *বিভূতি*, ১৯৩৭।

জয়কার [স] *বি* উলুধ্বনি। 'নারীগণে হরি বলি দেয় জয়কার।' *বৃন্দা*, ১৫৮০।

জয়কেতু [স] *বি* সুবিধাবাদী। 'কলকেতা সহরে কতকগুলি বেকার "জয়কেতু" আছেন।' *হুতোম*, ১৮৬১।

জয়গর্ব [স] *বি* বিজয়ের অহংকার। 'আশীর্বাদ করি ফিরে এসো জয়গর্বে অক্ষত শরীরে পিতৃসিংহাসন-'পরে।' *রবীন্দ্র*, ১৮৮৯।

জয়গাথা [স] *বি* জয়সূচক গান। 'গাহে তব জয়গাথা।' *রবীন্দ্র*, ১৯১১।

জয়গান [স] ১ *বি* জয়ের আনন্দসূচক গান। 'জয়-গান গায় রাজপথে গলাগলি।' *রবীন্দ্র*, ১৮৮৭। ২ *বি* গুণকীর্তন। 'তাহাতে আমরা কংগ্রেসী নীতি ও কার্য্য-পদ্ধতিরই জয়গান শুনিয়াছি।' *আজাদ*, ১৯৪০।

জয়ঘণ্টা [স] *বি* জয়সূচক বাদ্যধ্বনি। 'জয়ঘণ্টা বাজাইআ নিসান।' *মুকুন্দ*, ১৬০০।

জয়ঘাঁটা [স জয়ঘণ্টা] *বিণ* জয়ঘণ্টা। 'মুক্তাফল মাথায় গলায় জয়ঘাঁটা।' *মানিকরাম*, ১৭৮১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জয়জয় [স] *বি* সংগীতের তালবিশেষ। 'গুজ্জরীরাগঃ ॥ রূপকং ॥ লগনী ॥ জয়জয়।' *বঢ়ু*, ১৪৫০।

জয়জয়কার [স] **১** *বি* আনন্দধ্বনি। 'ইন্দ্রের ভুবনে পড়ে জয়জয়কার।' *রূপরাম*, ১৭৫০। **২** *বিণ* জয়সূচক। 'জয়২ কার ধ্বনি দিয়া টেঁড়ি মারিল সমস্ত সহরেং।' *রামরাম*, ১৮০১। **৩** *বি* সর্বত্র জয়। 'আনন্দমঠী আদর্শের পূর্ণ জয়-জয়কার।' *আজাদ*, ১৯৩৬।

জয় জয় ধ্বনি [স] *বি* বিজয় ঘোষণার ধ্বনি। 'শেষে জয় জয় ধ্বনি করয়ে ঘোষণা।' *বৃন্দা*, ১৫৮০।

জয়জয়ন্তী [স] *বি* রাতের রাগবিশেষ। 'জয়জয়ন্তী, বেহাগ, বা কানেড়া বজায় আছে কি না।' *রবীন্দ্র*, ১৮৮১।

জয়টিকা [স] *বি* জয়ের চিহ্নস্বরূপ তিলক। 'আমার কপালে জয়টিকা পরিয়ে দেবেন।' *রবীন্দ্র*, ১৯১৫।

জয়ডঙ্ক [স জয়+স ঢক্কা] *বি* জয়সূচক বাদ্যধ্বনি। 'বক্ষে আমার দুঃখে তব বাজবে জয়ডঙ্ক।' *রবীন্দ্র*, ১৯১৬।

জয়ডঙ্কা [স জয়+স ঢক্কা] *বি* বিজয়বাদ্য। 'প্রতাপাদিত্য রায়ে পিঞ্জরা ভরিয়া চলে রাজা মানসিংহ জয়ডঙ্কা দিয়া।' *ভারত*, ১৭৬০।

জয়ঢক্কা [স] *বি* বিজয়বাদ্য। 'ঢক্কা জয়ঢক্কা ডঙ্কা ঢোল দঙ্ক।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

জয়ঢাক [স জয়+স ঢক্কা] **১** *বি* বিজয়বাদ্য। 'জয়ঢাক বীরঢাক ব্যালিষ বাজনা প্রলয়সমএ জেন পড়িছে ঝঞ্ঝনা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* অহঙ্কার। 'থোঁপা, তবে কোথা রবে তব জয়ঢাক।' *রবীন্দ্র*, ১৮৯৯।

জয়ঢোল [স জয়+মু ঢোল] **১** *বি* যুদ্ধে জয়সূচক ঢোলের বাদ্য। 'ঢেমঢা টমক সিঙ্গা বাজে জয়ঢোল।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* বৃহদাকার ঢোলবিশেষ। 'করনান জয়ঢোল মৃদঙ্গ বিশাল।' *কৃষ্ণকিঙ্কর*, ১৭২০।

জয়তিলক [স] *বি* জয়সূচক তিলক। 'ভট্টাচার্য সায়াহ্নের জয়তিলক ... পরিয়ে দিলেন।' *রবীন্দ্র*, ১৯৪০।

জয়তু [স] *ক্রি* জয় হোক। 'জয় জয়তু বন্দি-বীর।' *নজরুল*, ১৯২৪।

জয়-তূর্য [স] *বি* জয়ধ্বনি। 'দিকে দিকে বাজে তব জয়-তূর্য।' *সুকান্ত*, ১৯৪৮।

জয়তোরণ [স] *বি* বিজয়ের স্মারক হিসেবে নির্মিত তোরণ। 'খুরওয়ালা জুতোয় যুগান্তরের জয়তোরণ।' *রবীন্দ্র*, ১৯২৮।

জয়দুর্গা [স] *বি* অলংকারবিশেষ। 'বাম কানে জয়দুর্গা ঝঙ্কারে কঙ্কণ।' *রূপরাম*, ১৭৫০।

জয়দৃপ্ত [স] *বিণ* জয়লাভে উল্লসিত। 'তিতুও এত জয়দৃপ্ত হইয়াছিল যে, আপনাকে ঈশ্বর প্রেরিত ব্যক্তি বলিয়া পরিচয় দিতে লাগিল।' *ইতিহাস*, ১৮৯৫।

জয়ধর্ম [স] *বি* জয় করার মনোভাব। 'রাজধর্মে ভ্রাতৃধর্ম বন্ধুধর্ম নাই, শুধু জয়ধর্ম আছে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

জয়ধুনি, জয়ধুনী [স জয়ধ্বনি] *বি* জয়ধ্বনি। 'রতিরণে জয়ধুনী করএ কিঙ্কিণী।' *বঢ়ু*, ১৪৫০; 'চতুর্দিগে ভক্তগণ করে জয়ধুনি।' *বৃন্দা*, ১৫৮০।

জয়ধ্বজা [স] *বি* বিজয় পতাকা। 'নাই বাদ্য, নাই জয়ধ্বজা।' *রবীন্দ্র*, ১৮৮৯।

জয়ধ্বনি [স] *বি* আনন্দসূচক ধ্বনি। 'পরাঙ্গনা দেই জয়ধ্বনি।' *মুকুন্দ*, ১৬০০; 'সঘনে পড়ে জয়ধ্বনি।' *কেতকা*, ১৬৫০।

জয়নাদ [স] *বি* জয়ধ্বনি। 'দামেস্ক রাজের জয়নাদে আকাশ ফাটাইয়া ... এখনই যাত্রা কর।' *মশাররফ*, ১৮৮৫।

জয়পতাকা [স] *বি* বিজয়সূচক পতাকা। 'পরে মিশরেও তাহাদের জয়পতাকা উড্ডীয়মান হইল।' *অক্ষয়*, ১৮৪৯।

জয়পতাকিনি [স জয়পতাকা>] *বি* জয়সূচক পতাকাধারিণী। 'জয়ঙ্করি জয়পতাকিনি।' *মুকুন্দ*, ১৬০০।

জয়পত্র [স] **১** *বি* সন্দেহভঞ্জনপত্র। 'জয়পত্র ছিল মোর সপ্তম মহলে।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* বিজয়ের স্মারকপত্র। 'ওঁর মাথায় জয়পত্র বেঁধে দিস।' *উমেশ*, ১৮৫৭।

জয়পত্রী [স] *বি* বিজয়ের স্মারকপত্র। 'যার জয় হবে সে পাবে রাজার জয়পত্রী।' *রবীন্দ্র*, ১৯৩২।

জয়পরাজয় [স] *বি* জয় ও পরাজয়। 'কত জয়পরাজয়, কত সংঘাত ও সম্মিলন।' *রবীন্দ্র*, ১৯১২।

জয়পাতি [স জয়পত্র] *বি* বিদেশ যাত্রাকালে স্ত্রীর স্বভাব সম্বন্ধে সন্দেহ নিরসনার্থে স্বামীর প্রমাণপত্র। 'শুন পূর্ব ইতিহাস মাতার আর্দাস নিদর্শন তিনে জয়পাতি।' *মুকুন্দ*, ১৬০০।

জয়পিপাসু [স] *বিণ* জয় আকাঙ্ক্ষী। 'জয়পিপাসু রোমান জাতির চরিত্র পাঠে আহ্লাদ সঞ্চার হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

জয়পুরী [স] *বিণ* জয়পুরে উৎপন্ন। 'জয়পুরী শ্বেত প্রস্তরে তোমার ওষ্ঠপান-পাত্র ...।' *বঙ্কিম*, ১৮৭৫।

জয়-প্রাচীর [স] *বি* জয়সূচক দেয়াল। 'লঙ্ঘিলে আজি ভয়-দানবের ... জয়-প্রাচীর।' *নজরুল*, ১৯২৪।

জয় বাংলা [স জয়+বাংলা] *বি* স্লোগানবিশেষ। 'জয় বাংলা!' *মুজিব*, ১৯৭০; 'জয় বাংলা স্লোগানে যেন বিদ্যুতির জ্বালা।' *পাশা*, ১৯৭১; 'সহযোগীবৃন্দ বিজয় উল্লাসে চিৎকার করে উঠলো "জয়বাংলা।" *সাপ্তাহিক বাংলাদেশ*, ১৯৭১।

জয়বাণী [স] *বি* বিজয়ের বার্তা। 'তোমাতেই লভিয়াছে জয়বাণী।' *রবীন্দ্র*, ১৯৩২।

জয়বাদ [স] *বি* জয়ধ্বনি। 'তৎক্ষণাৎ বাইসী শ্লাঘা করিতে লাগিল, এবং জয়বাদ করিলেক।' *তারিণী*, ১৮০৩।

জয়বাদ্য [স] *বি* জয়সূচক বাজনা। 'ভগ্ন ঢাকে যথাসাধ্য বাজিয়ে যাব জয়বাদ্য।' *রবীন্দ্র*, ১৯০০।

জয়বান [স] *বিণ* জয়ী। 'যদি জয়বান জাতি স্বাধিকৃত দেশে বাহুল্য রূপে বসতি না করেন।' *অক্ষয়*, ১৮৪৮।

জয়বিজয় [স] *বি* বিষ্ণুর কিঙ্কর। 'তিন জন্মে মুক্তি কৈল জয় বিজয়।' *মালাধর*, ১৫০০।

জয়ভেরী [স] *বি* জয়ঢাক। 'তোমার জয়ভেরী বেজেছে আজ।' *রবীন্দ্র*, ১৯১৫।

জয়মন্ত্র [স] *বি* সাফল্যের মন্ত্র। 'জয়মন্ত্র পড়িয়ে দিয়ে অপেক্ষা করলেন।' *রবীন্দ্র*, ১৯২৯।

জয়মালা [স] *বি* জয়ের নিদর্শনস্বরূপ পাওয়া মালা। 'জয়মালা এই কুন্দফুলের, এ-বে হাতের দান।' *রবীন্দ্র*, ১৯২৬।

জয়মাল্য [স] *বি* জয়ের গৌরবসূচক মালা। 'জয়মাল্য নিতে আসিনি।' *রবীন্দ্র*, ১৯১০।

জয়যাত্রা [স] **১** *বি* জয় করার উদ্দেশে যাত্রা। 'জয়যাত্রায় যাও গো,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ওঠো জয় রথে তব।' *রবীন্দ্র*, ১৯২৫। ২ *বি* বিজয়ী বেশে গমন। 'ওদের জয়যাত্রার ওই অপরূপ শোভা।' *নজরুল*, ১৯৩১।

জয়যাত্রী [স] *বি* জয়যাত্রার যাত্রী। 'তবে শেষে যোএ হয়ে সবে জয়যাত্রী।' *মানিকরাম*, ১৭৮১।

জয়যুক্ত [স] *ক্রিবিণ* জয়ীবেশে। 'তাহা তখনি খেঁকশিয়ালী উঠাইয়া লইয়া জয়যুক্ত প্রস্থান করিলেক।' *তারিণী*, ১৮০৩।

জয়যুক্তা [স] *বিণ স্ত্রী* জয়ী; সফল। 'নানা দেশের পণ্ডিতেরদের সঙ্গে বিচার করিয়া জয়যুক্তা হইয়াছিলেন।' *গৌর*, ১৮২২।

জয়যুক্তেষু [স] – জয়যুক্ত হোক, এই ইচ্ছা প্রকাশক সম্বোধনবিশেষ। *নজরুল*, ১৯২৭।

জয়রথ [স] *বি* জয়সূচক রথ। 'জনগণ-পথ তব জয়রথচক্রমুখর আজি।' *রবীন্দ্র*, ১৯১৭।

জয়রোল [স] *বি* জয়ধ্বনি। 'ঝমক বীণা বাঁশি বাজয়ে শঙ্খ কাঁসি চৌদিগে শুনি জয়রোল।' *রূপরাম*, ১৭৫০।

জয়লক্ষ্মী [স] *বি* জয়রূপ লক্ষ্মী। 'জয়লক্ষ্মীর হাত থেকে নিতে হবে।' *রবীন্দ্র*, ১৯১০।

জয়লব্ধ [স] ১ *বিণ* বিজয়ী। 'তাহাতে তাঁহারদিগের পক্ষেই জয়লব্ধ হইয়া থাকে।' *প্রভাকর*, ১৮৪৮। ২ *বিণ* জয়ের মাধ্যমে লাভ করা হয়েছে এমন। 'নানা দেশের জয়লব্ধ সামগ্রী ও উপঢৌকনাদি প্রাপ্ত হইয়া রোমের ক্রমশঃ ধনসম্পদ বৃদ্ধি হইতে লাগিল।' *অক্ষয়*, ১৮৪৯।

জয়লাভ [স] *বি* বিজয় অর্জন। 'নিতাই দাস জয়লাভ করিলে ইঁহারা যেন ইন্দ্রত্ব পাইতেন।' *রাজ*, ১৮৭৪।

জয়লালসা [স] *বি* জয় করার আকাঙ্ক্ষা। 'একদিকে দুর্ধর্ষ বৈদেশিক শত্রু, নিষ্ঠুরতা, জয়লালসার দর্প, রক্তস্রোত।' *বিভূতি*, ১৯২৯।

জয়লিপি [স] *বি* জয়লেখা। 'এই চলাই যেন আমার অদৃষ্টের জয়লিপি।' *বিভূতি*, ১৯৩৮।

জয়লেখ [স] *বি* জয়ের লেখা। 'ললাটে দিয়েছে জয়লেখ।' *রবীন্দ্র*, ১৯৪০।

জয়শঙ্খ [স] *বি* জয়সূচক শঙ্খধ্বনি। 'সঘনে বাজায় জয়শঙ্খ।' *মুকুন্দ*, ১৬০০।

জয়শালী [স] *বিণ* জয়ী; জয়যুক্ত। 'দুষ্টামির দ্বারা বাল্যপ্রতাপকে জয়শালী করিবার সুখ সে কোনোদিন পায় নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

জয়শীল [স] *বিণ* বিজয়ী। 'এই রাজমুদ্রা সৌরাষ্ট্র দেশে ১২১০ সালে জয়শীল শা আলম ...।' *দর্পণ*, ১৮৩৩।

জয়শৃঙ্গ [স] *বি* শিঙ্গা নামের বাদ্যযন্ত্রবিশেষ। 'নফেরী রণশৃঙ্গ জয়শৃঙ্গ মৃদঙ্গ ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

জয়শ্রী [স] *বি* জয়ের অধিষ্ঠাত্রী দেবী। 'রাজ-রাজটীকা দীপ্ত জয়শ্রীর!' *নজরুল*, ১৯২২।

জয়সংগীত [স] *বি* জয়ের আনন্দ-প্রকাশক সংগীত। 'শূন্যতলে উথলে জয়সংগীত।' *রবীন্দ্র*, ১৮৯৭।

জয়সাধনা [স] *বি* জয়লাভের প্রচেষ্টা। 'দিনে দিনে জয়সাধনা।' *রবীন্দ্র*, ১৯৩২।

জয়সূচক [স] *বিণ* বিজয় প্রকাশ করে এমন। 'রঞ্জিত পতাকাসকল হেলিয়া দুলিয়া জয়সূচক চিহ্ন দেখাইতেছিল।' *মশাররফ*, ১৮৮৫।

জয়স্তম্ভ [স] *বি* বিজয় অর্জনের প্রতীক স্বরূপ নির্মিত স্তম্ভ। 'মনোহর অট্টালিকা, মহোচ্চ জয়স্তম্ভ, ...।' *অক্ষয়*, ১৮৪৯।

জয়োৎসব [স জয়-উৎসব] *বি* বিজয়লাভ উপলক্ষে উৎসব। 'মন্দিরাদিতে যুদ্ধ জয়োৎসবের প্রতিকৃতি।' *বঙ্কিম*, ১৮৭৫।

জয়োদ্ধত [স জয়-উদ্ধত] *বিণ* বিজয়ের কারণে উদ্ধত। 'দলে দলে গেছে কত লোকে সুদীর্ঘ অতীতে জয়োদ্ধত প্রবল গতিতে।' *রবীন্দ্র*, ১৯৪০।

জয়োল্লাস [স জয়-উল্লাস] *বি* বিজয়ের আনন্দ। 'ঐ শোন, জয়োল্লাসে গায় প্রজাগণ।' *গিরিশ*, ১৮৮৭।

জয়োস্তু [স] – জয় হোক। 'জয়োস্তু রাজন।' *রবীন্দ্র*, ১৮৮৯।

জয়তুনী [আ জায়তুন] *বিণ* জয়তুন বা জলপাই সংক্রান্ত। 'কোন জয়তুনী স্মৃতিকথা বহি জাগো অ-শ্রান্ত রজনী-দিন?' *ফররুখ*, ১৯৪৬।

জয়ত্রী [স জাতীপত্রী] *বি* মসলাবিশেষ। 'নানা প্রকার মসলা ছোট এলাচি বড় এলাচি লবঙ্গ জায়ফল জয়ত্রী জোয়ান ধনে সুপারি।' *ভবানী*, ১৮২৮।

জয়দাদ [ফা জায়দাদ] *বি* সম্পত্তি। *ভবানী*, ১৮২৩।

জয়দেবী [স জয়দেব>] *বিণ* জয়দেব রচিত। 'তাহা জয়দেবী লয়ের মতো অতিপ্রত্যক্ষ নহে।' *রবীন্দ্র*, ১৯০৭।

জয়দেবীয় [স] *বিণ* জয়দেবের। 'যেগুলি আমার নিকট বিশেষরূপে জয়দেবীয় বলিয়া বোধ হইয়াছে।' *প্রমথ*, ১৮৯০।

জয়ন্তিকা [স] *বি* দুর্গার সহচরী। 'বিজয়শঙ্খ বাজায় স্বর্গে জয়ন্তিকা।' *নজরুল*, ১৯৩০; 'চির-বিজয়িনী জাগো জয়ন্তিকা।' *নজরুল*, ১৯৩১।

জয়ন্তী [স] ১ *বি* গাছ ও তার ফুলবিশেষ। 'জয়ন্তী বিষকরঞ্জ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* বাৎসরিক স্মরণোৎসব। 'কর্মপথের যাত্রা সত্তর বছরের গোধূলিবেলায় একটা উপসংহারে এসে পৌঁছল। আলো ম্লান হবার শেষ মুহূর্তের এই জয়ন্তী।' *রবীন্দ্র*, ১৯৩১; 'রাজত্বকাল পঁচিশ বর্ষ পূর্ণ হওয়ায় রৌপ্য জুবিলী বা রজত জয়ন্তী মহোৎসব।' *মোহাম্মদী*, ১৯৩৫। ৩ *বি* পাহাড়ের নাম। 'সিলেট ও জয়ন্তী পাহাড়ের কাছে নদী।' *হাই*, ১৯৫৪।

জয়ন্তীয়া *বি* নৃগোষ্ঠীবিশেষ। 'মিকির, জয়ন্তীয়া, খাসিয়া ও গারো জাতি।' *বঙ্কিম*, ১৮৯২।

জয়লে *বি* বিবরণ। 'তাহাতে জে দুই নীয়ম জয়লে লিখ হইতেছে।' *ক্যালগে*, ১৭৮৭।

জয়া [স] ১ *বি* ফুলবিশেষ; জয়ন্তী। 'আঙলা কুড়চি কিআ মদন বাকস জয়া।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* দুর্গাদেবী। 'জয়া যোগেন্দ্রজায়া।' *আনটুনি*, ১৮০০।

জয়াঙ্ক [স] *বিণ* জয়চিহ্নাঙ্কিত। 'জোর কর্যা জয়াঙ্কে যজ্ঞের ঘোড়া ধরে।' *মানিকরাম*, ১৭৮১।

জয়ানগি [ফা জওয়ান+কি>] *বি* যৌবন। *মানোএল*, ১৭৪৩।

জয়াহের [আ জওহর] *বি* রত্ন। 'বেরলে সাহেবের জয়াহেরের গহনা আদদ হরেক তরোর।' *ভেরলি*, ১৭৯৪।

জয়িত্রী [স] *বি* মসলারূপে ব্যবহৃত জায়ফলের শুকনা ছাল। 'জায়ফল জয়িত্রী দারুচিনি প্রভৃতি নানা প্রকার সুগন্ধি দ্রব্য।' *অক্ষয়*, ১৮৪৯।

জয়ী [স] *বিণ* জয়লাভ করেছে এমন। 'সমরে করাইব জয়ী।' *মুকুন্দ*, ১৬০০।

জয়ীফ [আ] ১ *বিণ* জরাগ্রস্ত। 'এখানে জয়ীফ স্থবির আঁধার – জমানো মেঘ।' *ফররুখ*, ১৯৪৬। ২ *বি* অথর্ব ব্যক্তি। 'এ কাহিনী পুরাতন,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তবু বৃদ্ধ জয়ীফেরা বলে।' *ফররুখ*, ১৯৬৩।

জয়েন [ই] *বিণ* যুক্ত। 'একেবারে মাটির সঙ্গে 'জয়েন।'' *নজরুল*, ১৯২৭।

জয়েন করা *ক্রি* যোগদান করা। 'আজই তার জয়েন করা চাই।' *নরেন্দ্র*, ১৯৪৯।

জয়েন্ট, জয়েন্ট [ই] **১** *বিণ* যৌথ। 'ও যদি বলে জয়েন্ট ফেমেলি, দাদা আমাদের ফাঁকী দেবার জন্য করেছেন।' *গিরিশ*, ১৮৮৯। **২** *বিণ* সহযোগী; যুগ্ম। 'কলিকাতা মোছলেম লীগের জয়েন্ট সেক্রেটারী।' *আজাদ*, ১৯৪১।

জয়েববাদ [স জয়বাদা *বি* জয়ধ্বনি। 'সাধু২ সব্দ করি আকাসে জয়েবাদ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জয়েল [ফা জায়] **১** *বি* ফর্দ। 'ওগয়রহ মতাবকে তপশীল জয়েল জদি ইঙ্গরেজি সন ...।' *ক্যালগে*, ১৭৮৪। **২** *বি* বিস্তৃত বিবরণ। 'তাহা খোলাসা নিকালিয়া জয়েলে লিখা জাইতেছে।' *মেয়ার*, ১৭৮৭।

জয়োৎসব *দ্র* জয়

জয়োদ্ধত *দ্র* জয়

জয়োল্লাস *দ্র* জয়

জয়োস্ত *দ্র* জয়

জর[১] [স জ্বর] *বি* জ্বর। 'হাথ দিআঁ দেখ বড়ায়ি মোর কলেবরে/ জত বড় উপজিল জরে।' *বড়ু*, ১৪৫০।

জরহরণ [স জ্বরহরণ] *বি* জ্বরের উপশম। 'তোহ্মা ছাড়ী নাহিঁ জরহরণ উপাএ।' *বড়ু*, ১৪৫০।

জরুআ [জ্বর-উয়া] *বি* জ্বরাক্রান্ত ব্যক্তি। 'বিরহে পুড়িআঁ কাহ্ন হাকল্ল/ বিকল জরুআ দেখিআঁ যেহ্ন রুচক আম্বল।' *বড়ু*, ১৪৫০।

জর[২] [স জরা] *বিণ* একগুঁয়ে। *মানোএল*, ১৭৪৩।

জর[৩] [ফা জর] *বি* সোনা। 'বাঙ্গালার আষরফি জর টাকসালে মওকুপ হইবেক।' *ক্যালগে*, ১৭৮৭।

জরকশী [ফা] *বিণ* জরির কাজ করা। 'জরকশী পাদুকা পায়।' *আলাওল*, ১৬৮০।

জরকশীচীরা [ফা জরকশী+স চীর] *বি* সোনা বা সোনালি রঙের তার দিয়ে কাজ করা বস্ত্র। 'বিলাতী খেলাত পরে জরকশী চীরা।' *ভারত*, ১৭৬০।

জরকসি [ফা জরকশী] *বিণ* জরির কাজ করা। 'জরকসি কাবাই গায় করিয়া পৈরণ।' *আলাওল*, ১৬৮০।

জরজর [স জর্জর] **১** *বিণ* জর্জরিত। 'দুঃসহ মদনশর দুই অঙ্গ জরজর।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* জীর্ণ। 'তনু হল জর জর।' *ভবানী*, ১৮২৫।

জরজরে *বিণ* ঝাঁঝরা। 'অবলার শরীরে বিন্ধি করে জরজরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জরট [স জলজ] *বি* জলচর। 'জরট কমট ভেট দিআ কৈল মাথা হেট সোমাগ্রি ওঝা করিল কল্যাণ।' *মুকুন্দ*, ১৬০০।

জরতারি [ফা] *বি* জরি বা সোনালি সুতায় নির্মিত কাপড়। 'খেনে নেত পাট পৈরে খেনে জরতারি।' *আলাওল*, ১৬৮০।

জরতী [স] *বিণ* স্ত্রী অতি বৃদ্ধ। 'হইলা দেবী জরতী ব্রাহ্মণী।' *মুকুন্দ*, ১৬০০।

জরৎজরতী [স] *বি* প্রাচীন প্রাচীনা। 'এস জরৎজরতী, এই মিলনমন্দিরে এক মন প্রাণ হয়ে মুক্তি সাধনা করি।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

জরথুস্ত্রী [ফা] *বিণ* জরথুস্ত্রপন্থী। 'বোম্বাইয়ের জরথুস্ত্রী কামা-প্রতিষ্ঠান।' *মুজতবা*, ১৯৪৯।

জরদ [ফা জর্দ] **১** *বি* হলুদ রং। 'মোজ্জা কশা পরিলে জরদ অতি ভাল।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* উজ্জ্বলতা। 'খেতের আড়ালে এসে নগ্ন করো যৌবন জরদ।' *মাহমুদ*, ১৯৭৩।

জরদ কাগজ [ফা জর্দ+আ কাগজ] *বি* ঝকমকে উজ্জ্বল কাগজ। *ওসাঁ*, ১৭৮৫।

জরদ জবা [ফা জর্দ+স জবা] *বি* জবাফুলের প্রজাতিবিশেষ। 'শ্বেত জবা, রক্ত জবা, জরদ জবা।' *বঙ্কিম*, ১৮৭৫।

জরদা [ফা জর্দ>] **১** *বি* জাফরানি রং ও কিশমিশমিশ্রিত মিষ্টি পোলাও। 'ফিরি জরদা আর উত্তম পাউরুটি।' *ভবানী*, ১৮২৮। **২** *বি* জাফরান রং। 'গোলাপী, বেগুনে, জরদা, সবুজ ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **৩** *বি* পানের সঙ্গে খাওয়ার সুগন্ধী মসলাযুক্ত তামাকপাতাচূর্ণ। 'তাম্বুল বিহার জরদা কিমাম এইসব আমরা ব্যবহার করি।' *জীবন*, ১৯৩২।

জরদে [ফা জর্দ>] *বিণ* হলুদাভ। 'হলুদে জরদে-সোনা।' *জসীম*, ১৯৩১।

জরদ্‌গব, জরদ্‌গাব [স] **১** *বি* বুড়া ষাঁড়। 'অতএব জরদ্‌গব মারে মুনিগণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* অথর্ব। 'তোমার পাপের ভাগী হতে ডাকছ জরদ্‌গব সবে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

জরনেল [ই জার্নাল] *বি* সাময়িকপত্র। '২০ দিসেম্বরের কলিকাতার জরনেল হইতে আমরা লইলাম ...।' *দর্পণ*, ১৮২২।

জরম [স জন্ম] *বি* জন্ম। 'অনন্ত জরমে গুরু ব্রাহ্মণেরেঁ দিলোঁ নানা দুখভারে।' *বড়ু*, ১৪৫০।

জরমক *বিণ* চিরকালের। 'জরমক তরেঁ কুলে কলঙ্ক থুইবেঁ।' *বড়ু*, ১৪৫০।

জরমদুখ [স জন্মদুঃখ] *বি* জন্মদুঃখ। 'পালাউ জরমদুখ দেহ আলিঙ্গন।' *বড়ু*, ১৪৫০।

জরমান [ই] *বি* জার্মান ভাষা। 'ইউরোপীয় ভাষার মধ্যে সংস্কারবিশিষ্টা ... জরমান, ইটালীয় এবং স্পানীয়।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

জরমানা [আ জুর্ম+ফা আনা] *বি* অর্থদণ্ড। 'হাজার আসরফি জরমানা দিবে।' *বঙ্কিম*, ১৮৮৪।

জরল [স জর্জর>] *ক্রি* জর্জরিত হলো। 'পিরীতের ভুজঙ্গমে তংশিল দোহান মর্মে গরল জরল সর্বদেহে।' *বাহরাম*, ১৬৫০।

জরা[১] [স জর্জর>] *ক্রি* জর্জরিত হওয়া। 'বিরহ জরৈ তেহেঁ জরিলা।' *বড়ু*, ১৪৫০। **জরিতে** *ক্রি* আক্রান্ত করতে। 'ঐ বিষে রসুলক লাগিল জরিতে।' *সুলতান*, ১৭০০। **জরিল** *ক্রি* আক্রান্ত হলো। 'যথজনে খাইলেন্ত না জরিল বিষে।' *সুলতান*, ১৭০০। **জরিলা** *ক্রি* জর্জরিত হয়েছে। 'বিরহ জরৈ তেহেঁ জরিলা।' *বড়ু*, ১৪৫০।

জরা[২] [স] **১** *বি* বার্ধক্য। 'আধ জনম হম নিন্দে গোঙায়নু জরা সিসু কতদিন গেলা।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বিণ* বৃদ্ধা। 'স্বামী বিনু যুবাকালে জরা।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বিণ* জর্জরিত। 'চিন্তায় কোটাল বড় হইয়াছে জরা।' *কৃষ্ণরাম*, ১৭২০।

জরাকাল [স] *বি* দুঃসময়। 'দৈন্য-দুঃখজালে এ জরাকালে বিফল ডিঙ্গা নির্মাণে।' *মুকুন্দ*, ১৬০০।

জরাগ্রস্ত [স] *বিণ* বার্ধক্যপ্রাপ্ত। 'জরাগ্রস্ত নহিব দোঁহার কলেবর।' *বৃন্দা*, ১৫৮০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জরাজটিল [স] *বিণ* অত্যন্ত গভীর। 'জরাজটিল অরণ্যে তার ঠাঁই হলো না, ঠাঁই হলো না।' *শঙ্খ*, ১৯৬৬।

জরাজর্জর [স] *বিণ* জরাগ্রস্ত। 'মুমূর্ষু বা জরাজর্জর আত্মীয়জনের প্রতি।' *ওয়ালী*, ১৯৪৮।

জরাজীর্ণ [স] *বিণ* বার্ধক্যপীড়িত। 'জরাজীর্ণ দেখি ঘোষে বেড়ি কেন পায়।' *রূপরাম*, ১৭৫০।

জরাজুর [স] *বি* বার্ধক্য ও ব্যাধি। 'নাহি জরাজুর পাপ।' *রবীন্দ্র*, ১৮৯৭।

জরাগ্রস্ত [স] *বি* জরাগ্রস্ততা। 'দীপ্ত জ্যোতির্শিখায় ঢাকিল শীর্ণ জরাগ্রস্ত।' *নজরুল*, ১৯৪২।

জরাজীর্ণ [স] *বিণ* জরাগ্রস্ত। 'জরাগ্রস্ত, নির্ণয়হারা নিয়তির বাহুর আড়াল।' *সুধীন্দ্র*, ১৯২৭।

জরা-বিশীর্ণ [স] *বিণ* জরাবশত কৃশ। 'অনেক দিনের জরা-বিশীর্ণ পায়রা সে।' *ফররুখ*, ১৯৪৩।

জরামরণ [স] *বি* বার্ধক্য ও মৃত্যু। 'ঐ সমস্ত দেব দেবী ... জরামরণের বশবর্তী নহেন।' *অক্ষয়*, ১৮৫৪।

জরামরণাদিজ [স] *বিণ* বার্ধক্য, মৃত্যু প্রভৃতি থেকে উদ্ভূত। 'জরামরণাদিজ দুঃখ সমান ভাবিয়া তাহাও দুঃখ নিবারণের উপায় বলিয়া গণ্য করেন না।' *বঙ্কিম*, ১৮৮৭।

জরামৃত [স] *বি* জরা ও মৃত্যু। 'ভক্তি মুক্তির করণ সেতো তাতে যায় না জরামৃত।' *লালন*, ১৮৯০।

জরামৃত্যু [স জরামৃত্যু] *বি* বার্ধক্য ও মৃত্যু। 'নাহি হএ জরামৃত্যু পুন্দের পরসে।' *মালাধর*, ১৫০০।

জরামৃত্যু [স] *বি* বার্ধক্য ও মৃত্যু। 'যাও না ছেড়ে জরামৃত্যু নাই যে দেশেতে।' *লালন*, ১৮৯০।

জরা-মৃত্যু-ভীষণা [স] *বিণ* জীর্ণতা ও মৃত্যুর ভয়পূর্ণ। 'বন্য-শ্বাপদ-সংকুল জরা-মৃত্যু-ভীষণা ধরা।' *নজরুল*, ১৯২৯।

জরাযুত [স] *বিণ* বয়স ভারাক্রান্ত। 'জরাযুত হইল তনু বসিতে ধরিএ জানু।' *মুকুন্দ*, ১৬০০।

জরায় ফোঁপরা – জরাবশত অন্তঃসারহীন। 'যৌবনের দিনগুলোও একবারে জরায় ফোঁপরা।' *জীবন*, ১৯৩২।

জরায়-মরা *বিণ* জরাগ্রস্ত। 'জরায়-মরা মুমূর্ষুদের প্রাণ লুকানো ঐ বিনাশে।' *নজরুল*, ১৯২২।

জরায়ু [স] ১ *বি* নারীদেহের যে অঙ্গে ভ্রূণ থাকে; গর্ভকোষ। 'সন্তান যখন জননী গর্ভে জরায়ু শয্যায় শয়ান থাকে ...।' *অক্ষয়*, ১৮৫২। ২ *বি* গর্ভ; গহ্বর। 'অন্ধকারের হিম কুক্ষিত জরায়ু।' *জীবন*, ১৯৪২।

জরি, জরী [ফা জরীন] *বি* সুতায় বোনা সোনালি বা রুপালি তারের ফিতা। 'ধরি অনেক প্রহরণ জরীর পহিরণ সিপাইগণ রণমাঝে।' *ভারত*, ১৭৬০; 'জরি।' *বিদ্যা*, ১৮৯১।

জরিদার [ফা জরীন+ফা দার] *বিণ* জরির কাজ করা। 'উত্তম বস্ত্র ও জরিদার শাল উপহার দিলেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

জরিপেড়ে *বিণ* জরির পাড়যুক্ত। 'জরিপেড়ে ধুতি।' *মুজতবা*, ১৯৪৯।

জরির চটি *বি* জরি বসানো চটিজুতা। 'জরির চটি ফুলো পায়জামা এবং রঙিন কাঁচলি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জরিশাড়ি-মোড়া [ফা জরীন+স শাটী>+স মুণ্ডন>] *বিণ* জরির আবরণে আবৃত। 'জরিশাড়ি-মোড়া চকলেট।' *নজরুল*, ১৯৩১।

জরিন, জরীন [ফা জরীন] *বিণ* সোনালি। 'কুঞ্জে জরীন ফারসি ফরাস বিছিয়েচে।' *নজরুল*, ১৯২৬; 'দোলা-ঢিলা তার সোহাগ-বেণির জরিন ফিতার লোভে।' *নজরুল*, ১৯৩৯।

জরিপ, জরীপ [আ জরীব] ১ *বি* জমির মাপ। 'আমার মহল জরিপ করিয়া বুঝাইয়া না দিলে আমি খাজনা দিব না।' *কেরি*, ১৮০২। ২ *বি* কর দেওয়া হয় এমন জমির পরিমাপক দল। 'গ্রামে জরীপ আসাতে উত্তর মাঠে তাঁবু পড়িয়াছে।' *বিভূতি*, ১৯২৯। ৩ *বি* যাচাই-বাছাই। 'বিমান সার্ভিসের ব্যবস্থাও জরীপে হওয়া উচিত।' *আজাদ*, ১৯৪৯। ৪ *বি* বিশ্লেষণমূলক অনুসন্ধান। 'দেহকে জরীপ করেই তারা তাদের দেহের অধিকারী মনের মানুষ মনের মাঝে করে অন্বেষণ।' *হাই*, ১৯৫৪। ৫ *বি* কল্পনা। 'ভবিষ্যতের দিগন্ত জরিপ ছাড়া আর কোন পথ খোলা আছে?' *শওকত*, ১৯৫৮।

জরিমানা, জরীমানা [আ জুর্ম+ফা আনাহ্] *বি* অর্থদণ্ড। 'চারি শত টাকা করিয়া জরীমানা।' *দর্পণ*, ১৮২৩; 'সে জরিমানারূপ প্রতিফল পাইয়া থাকে।' *সত্যার্ণব*, ১৮৫৫।

জরিপানা [আ জুর্ম+ফা আনাহ্] *বি* জরিমানা। 'তাহারদিগের ভারি জরিপানা হইল।' *দর্পণ*, ১৮২০।

জরিবানা [আ জুর্ম+ফা আনাহ্] *বি* জরিমানা; অর্থদণ্ড। 'এইরূপ জরিবানা এক বৎসর করিলে জমীদারগণ আর জমীদারী রক্ষা করিতে পারিবেন না।' *প্রভাকর*, ১৮৫৩।

জরিমানা-দেওয়া *বিণ* শাস্তিস্বরূপ অর্থ কাটা গেছে এমন। 'ছাতার অবস্থাখানা জরিমানা-দেওয়া মাইনের মতো।' *রবীন্দ্র*, ১৯৩২।

জরিষ্ণু [স] *বিণ* ক্ষয়শীল। 'পদধ্বনি, সেই পদধ্বনি আমাদের স্মৃতির বাসরে জরিষ্ণু ধমনী ক্ষিপ্র করে।' *বিষ্ণু*, ১৯৪১।

জরিষ্ণুতা [স] *বি* জরা। 'সাহিত্যিকেরা বিভিন্ন দিক থেকে লিখেছেন জরিষ্ণুতার উপন্যাস।' *শিব*, ১৯৬০।

জরী দ্র **জরি**

জরীন দ্র **জরিন**

জরীপ দ্র **জরিপ**

জরীমানা দ্র **জরিমানা**

জরীয়াত [আ জরায়াত] *বি* চাষাবাদ। 'মৌরসী-মোকররী প্রভৃতির জরীয়াতেই খাজনা-খেরাজ মায় আবওয়াব আদায়-উসুল করে আসছেন।' *মাহেনও*, ১৯৪৯।

জরু [হি জোরু] ১ *বি* নারী। 'জরুর খেয়াল সব দূর করি দিয়া।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* স্ত্রী। 'ব্যানে বিকেলে দুপহরে/ জরু ছাবাল সাতে করে।' *দীনবন্ধু*, ১৮৭২।

জরুজাত [হি জোরু+স জাত] *বি* সন্তান। 'কার ঘর কার বাড়ী কার জরুজাত।' *গরীব*, ১৭৬৫।

জরুড় [স জটুল] *বি* শরীরের জন্মদাগ। 'জরুড় দক্ষিণ করে কুন্তল সকল শিরে।' *মুকুন্দ*, ১৬০০।

জরুর, জরুরত, জরুরাত [আ জরুর] ১ *বিণ* গুরুত্বপূর্ণ। 'জরুর কেবল আছে যে খ্রিস্তান এহা না করুক।' *মানোএল*, ১৭৪৩। ২ *ক্রিবিণ* অবিলম্বে; দ্রুত। 'শুন ভাই মেরা বাত নিকা কর জরুরাত।' *গরীব*, ১৭৬৫। ৩ *ক্রিবিণ* অবশ্যই। 'নাদনা দিয়ে জরুর রানির ভাঙা

AMARBOI.COM

চাই-ই মাজা।' *নজরুল*, ১৯২৬। **৪** *বি* প্রয়োজন। 'সোজার সঙ্গে একটু বাঁকা চাউনিরও জরুরত আছে।' *আলাউদ্দিন*, ১৯৫৯।

জরুরি, জরুরী [আ জরুর>] **১** *বিণ* গুরুত্বপূর্ণ। 'এমন জরুরি খবর দিলে শিরোপা পাইব।' *বঙ্কিম*, ১৮৬৫। **২** *বিণ* আবশ্যক। 'এইরূপ কার্যে তওবা ও তজদিদে-ঈমান জরুরী হইবে।' *জামায়াত*, ১৯৩৭। **৩** *বিণ* সংকটময়। 'তারপর জরুরী অবস্থার ফলে দেশে যত ... বাণিজ্যের প্রসার হইয়াছে।' *আজাদ*, ১৯৪৫।

জরুরি/জরুরী অবস্থা *বি* রাষ্ট্রের সংকটজনক পরিস্থিতি। 'তারপর জরুরী অবস্থার ফলে দেশে যত ... বাণিজ্যের প্রসার হইয়াছে।' *আজাদ*, ১৯৪৫।

জরুল [স জটুল] *বি* শরীরের জন্মদাগ। 'জংঘার পাশে ছিল তার খয়েরি জরুল।' *মাহমুদ*, ১৯৭৩।

জর্জর, জর্জ্জর [স] **১** *বিণ* আচ্ছন্ন। 'জর্জ্জর হইয়া প্রভু ভাবের প্রহারে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* পীড়িত। 'রুসিআ বীররব করিল জর্জ্জর।' *মুকুন্দ*, ১৬০০; 'তোমার বচনে আমি হইলাম জর্জ্জর।' *বিজয়*, ১৬৫০। **৩** *বিণ* কাতর; জর্জরিত। 'বেদনাএ জর্জ্জর তনু রক্ত পড়ে গাও।' *কবীন্দ্র*, ১৬৮৯; 'বন্ধনে কাতর তনু জর্জর ব্যথায়।' *রবীন্দ্র*, ১৮৮০।

জর্জরতা [স] *বি* জীর্ণতা। 'এই জর্জরতার বিষই মানুষের মধ্যে ছড়াইতে ছড়াইতে তাহারা পথ চলে।' *তারা*, ১৯৪২।

জর্জরা [স জর্জর>] *বিণ স্ত্রী* জর্জরিত। 'বসুন্ধরা, অন্যায়ের আক্রমণে বিষবাণে জর্জরা।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জর্জরিত, জর্জ্জরিত [স] **১** *বিণ* ক্ষত-বিক্ষত। 'কর্কশ, নীরস, অন্তর্ঘাতী, মর্ম্মপীড়িত নিদারুণ বাক্য-রোগে সর্ব্বদা বন্দীদিগকে জর্জরিত করিতে থাকে।' *মশাররফ*, ১৮৯০। **২** *বিণ* জীর্ণ; পীড়িতপ্রায়। 'ভেদ-বিভেদে জর্জ্জরিত ...।' *আজাদ*, ১৯৪০।

জর্জরিতা [স] **১** *বিণ স্ত্রী* জর্জর করা হয়েছে এমন। 'সমাজের অত্যাচার এবং অন্যায়ে জর্জরিতা নারী সম্প্রদায়ের অন্তর্নিহিত বেদনা ...।' *বেগম*, ১৯৪৮। **২** *বিণ স্ত্রী* পীড়িত। 'যন্ত্রণায় জর্জরিতা দুঃখিনী সে আলোর স্বরূপে।' *সুনীল*, ১৯৬১।

জর্জরিতাঙ্গী [স] *বিণ* পীড়িত। 'অনঙ্গমঞ্জরীও, অনঙ্গশরপ্রহারে জর্জরিতাঙ্গী হইয়া, ধরাশয্যা অবলম্বন করিলে ...।' *বিদ্যা*, ১৮৪৭।

জর্জরীভূত, জর্জ্জরীভূত [স] **১** *বিণ* বিষাক্ত। 'সর্পগণ নিঃশ্বাস নিঃসরণে নিকটস্থ চতুর্দ্দিক বিষ দ্বারা জর্জরীভূত করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৩। **২** *বিণ* পীড়িত। 'এ প্রকার আচরণে একেবারে জর্জ্জরীভূত হয়।' *অক্ষয়*, ১৮৪৬। **৩** *বিণ* ক্লিষ্ট। 'রোগে জর্জ্জরীভূত হয়ে মদ ছাড়া না ছাড়া সমান।' *দীনবন্ধু*, ১৮৬৬; 'জর্জরীভূত হয়ে কোনো ফল প্রসব না করেই ...।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৪** *বিণ* আক্রান্ত। 'তাঁহারা কোন বিষয়ে নির্ধন লোকের ন্যায় চিন্তাজ্বরে জর্জ্জরীভূত হন না।' *মশাররফ*, ১৮৬৯।

জর্জরীভূতা [স] *বিণ স্ত্রী* পীড়িত। 'এখন দুঃখের হলাহলে একপ্রকার নীলকণ্ঠ! জর্জরীভূতা হয়ে রয়েছি!' *মাইকেল*, ১৮৭৩।

জর্জীয় [ই] *বি* উত্তর-পশ্চিম এশিয়ার দেশ জর্জিয়ার অধিবাসী। 'বাহ্লীক প্রদেশে জর্জীয় আর্মানিগণ যে চেষ্টায় প্রবৃত্ত হইয়াছে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

জর্জেট [ই] *বি* একপ্রকার মিহি কাপড়বিশেষ। 'অপরূপ জর্জেটের শাড়ি বের করে এনে।' *জীবন*, ১৯৩২।

জর্ডন [ই] *বি* ফিলিস্তিন ও জর্ডানের মধ্যবর্তী নদীবিশেষ। 'জর্ডন নদে ডুবিয়াছে পাক জেরুজালেমের নাম!' *নজরুল*, ১৯২৮।

জর্ণাল [ই] *বি* দৈনিক সংবাদপত্র; সাময়িকী। 'জর্ণালের পাতায় যেখানে প্রাত্যহিক ঐকতানে/ লিপিবদ্ধ আরো কিছু।' *শামসুর*, ১৯৬৩।

জর্দা, জর্দ্দা [ফা জর্দ্দহ্] **১** *বি* পানের মসলাবিশেষ। 'যেই পাবে না ... কৌটো পানের জর্দার।' *নজরুল*, ১৯৩১। **২** *বি* হলুদ। 'যার রঙ্ কখনো লাল, কখনো বেগুনি, কখনো বা ফিকে জর্দা।' *শিবরাম*, ১৯৪০।

জর্নেল [ই জ্যার্নাল] *বি* সাময়িকপত্র। 'এসিয়াটিক সোসাইটির জর্নেলের ষষ্ঠ ভাগে ইহা প্রকটিত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫০।

জর্ম, জর্ম্ম [স জন্ম] *বি* জন্ম। 'গোসাঞির জর্ম্ম কর্ম্ম কে কহিতে পারে।' *মালাধর*, ১৫০০; 'না করিলে কোন কর্ম বিফল দেবতাজর্ম।' *মুকুন্দ*, ১৬০০।

জর্মদাতা [স জন্মদাতা] *বি* জন্মদাতা। *ওর্সা*, ১৭৮২।

জর্ম্মহ *বি* জন্ম। 'কুলে জর্ম্মহ বানিএার।' *মুকুন্দ*, ১৬০০।

জর্ম্মিবেক *ক্রি* জন্মাবে। 'এহাতে ভক্তি জর্ম্মিবেক।' *মানোএল*, ১৭৪৩।

জর্মন, জর্ম্মন [ই] **১** *বি* জার্মানি দেশের অধিবাসী। 'এইরূপ ইংরেজ, ফরাসি, জর্মন প্রভৃতি য়ুরোপীয় জাতিরা ...।' *বিদ্যা*, ১৮৫১। **২** *বিণ* জার্মানি সংক্রান্ত। 'নূতন জর্ম্মন সাম্রাজ্য স্থাপিত হইয়াছে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

জর্মনজ্ঞান [ই জর্মন+স জ্ঞান] *বি* জার্মান ভাষায় পাণ্ডিত্য। 'চাচার জর্মনজ্ঞান ছিল।' *মুজতবা*, ১৯৫২।

জর্মানি, জর্ম্মাণি [ই] *বি* জার্মানি; পশ্চিম ইউরোপের দেশবিশেষ; ডয়েশল্যান্ড। 'জর্মাণি দেশে এক প্রকার নূতন ছাপা সৃষ্টি হইয়াছে।' *দর্পণ*, ১৮২১।

জর্মানীয়, জর্ম্মানীয় [ই জর্মন+স ঈয়া] *বি* জার্মানির অধিবাসী। 'জর্ম্মনীয়গণ অনুকারীই রহিলেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

জর্মান, জর্ম্মান, জর্ম্মাণ [ই] **১** *বি* জার্মানির নাগরিক। 'জর্ম্মানেরা বিজ্ঞ, প্রতিজ্ঞাশীল, এবং বিদ্বান।' *অক্ষয়*, ১৮৪১। **২** *বি* জার্মান ভাষা। 'তিনি ইংরাজি, ... জর্ম্মান ও ইটালিক ভাষায় ব্যুৎপন্ন ছিলেন।' *অক্ষয়*, ১৮৪৮; 'জর্ম্মাণ ... ভাষা সুন্দর রূপে অভ্যাস করিতে পারে।' *অক্ষয়*, ১৮৪৮। **৩** *বিণ* জার্মানির। 'ইংলন্ড-প্রবাসী জর্মান ইতালীয় পৌলীয় ইহুদিগণের প্রতি।' *রবীন্দ্র*, ১৯০৮।

জর্মানিক [ই] *বিণ* জার্মান দেশের। 'লুথারের প্রবর্তিত রিফর্মেশনই জর্মানিক ভাষাসমূহকে ...।' *প্রমথ*, ১৯১৭।

জর্যর [স জর্জর] *বিণ* জীর্ণ; ক্লিষ্ট। 'হএ নহে দেখ এই বিরএ জর্যর।' *মালাধর*, ১৫০০।

জল [স] **১** *বি* পানি; সলিল। 'জলে মাছ কুলে গাছ মৈল তার বিষে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* জলাধার। 'জলে পসি তপ করে নীল উতপল।' *বড়ু*, ১৪৫০। **৩** *বিণ* শীতল। 'সে দেখে শরীরের রক্ত জল হয়ে আসে।' *রবীন্দ্র*, ১৮৮১। **৪** *বি* বৃষ্টি। 'চারদিক আঁধার ঘুরঘুটি। আর ঝমঝম জল।' *তারা*, ১৯৪৬। **৫** *বি* তরল পদার্থ। 'সব ফুটিয়ে জল করে ফেলতে হয়।' *শ্যামল*, ১৯৬৭। **জলেত ১** *ক্রিবিণ* জল দ্বারা। 'দন্তধাবন কৈল জলেত মার্য্যন।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রিবিণ* জলে। 'না ভিজয় জলেত অগ্নিত না পোড়য়।' *আলাওল*, ১৬৮০। **জলেতে** *ক্রিবিণ* জলের মধ্যে। 'মনে মর্ত্ত হৈয়া করে জলেতে বেহার।' *মালাধর*, ১৫০০। **জলেরে** *ক্রিবিণ* জল আনতে। 'প্রত্যূষে জলেরে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গেলি।' *আলাওল*, ১৭৫০।

জল অঞ্জলি [স] *বি* অঞ্জলি-ভরা জল। 'তিরথ জানি জল অঞ্জলি দেবা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জলকণা [স] **১** *বি* জলবিন্দু। 'সমুদায় মেঘই সূক্ষ্ম সূক্ষ্ম জলকণা সমূহ ব্যতিরেকে আর কিছুই নয়।' *অক্ষয়*, ১৮৪৯; 'মরিয়া যাব একা হলে একটি জলকণা।' *রবীন্দ্র*, ১৮৮৫। **২** *বি* জলের ছিটা। 'হস্তস্থলিত জলকণা কপি-তপস্বীর অঙ্গে নিক্ষিপ্ত হইল।' *মশাররফ*, ১৮৬৯।

জলকণিকা [স] *বি* জলের কণা; জলের ফোঁটা। 'জলের ওপরে জলকণিকার কথিকার শব্দের মতন।' *জীবন*, ১৯৪০।

জলকন্যা [স] *বি* জলপরি। 'জলকন্যা দেখলা নাকি।' *ওয়ালী*, ১৯৪৫।

জলকর [স] *বি* জল ব্যবহারের শুল্ক। 'জলকর বিষয়ে নতুন আইন।' *দর্পণ*, ১৮২৬।

জলকলস [স] *বি* জলের কলস। '... জলকলস, চীর ও কৃষ্ণাজিন পরিহিত মুনিগণের বেদপাঠধ্বনি।' *বিভূতি*, ১৯৩১।

জলকল্লোল [স] *বি* জলের কলকল ধ্বনি। 'মনোযোগ দিয়া জলকল্লোলে কান পাতিয়া থাকো।' *রবীন্দ্র*, ১৮৮৪।

জলকষ্ট [স] *বি* পানির অভাবে কষ্ট। 'অনাবৃষ্টিপ্রযুক্ত জল কষ্ট হইয়াছে।' *দর্পণ*, ১৮২১।

জলকাচা *বি* শুধু পানি দিয়ে ধোয়া। 'কাঁথাখানা জলকাচা করে রোদে দেই।' *বিভূতি*, ১৯৩১।

জল কাটা *ক্রি* বেয়ে নিয়ে যাওয়া। 'ছোটো ডোঙায় চ'ড়ে হাত দিয়ে জল কেটে কেটে ছোটো নদী পার হচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জলকাদা *বি* বৃষ্টির পানি ও তার ফলে সৃষ্ট পথের কাদা। 'বাতুনী জলকাদা বৃষ্টি পচা আবর্জনা দূষিত পূতিগন্ধময় হাওয়া নাই।' *সবুজ*, ১৯২১।

জলকিন্নরী *বি স্ত্রী* জলে বসবাসকারী দেবলোকের গায়িকা। '*শহরে* পানির ফোয়ারা শোনাতো তাকে জলকিন্নরীর কতো গান।' *শামসুর*, ১৯৭২।

জলকুণ্ড [স] *বি* পুকুর। 'অপরিষ্কার জলকুণ্ডে স্নান।' *রবীন্দ্র*, ১৮৮১।

জলকুমারী [স] *বি* জলে বাস করে এমন কল্পলোকের পূর্ণযৌবনা সুন্দরী নারী। 'সুভা যদি জলকুমারী হইত।' *রবীন্দ্র*, ১৮৯২।

জলকুমুদী [স] *বি* জলপদ্ম। 'বক্ষে তাহার জলকুমুদী মেলছে শতদল।' *জসীম*, ১৯২৯।

জলক্রীড়া [স জলক্রীড়া] *বি* জলক্রীড়া। 'দেখিলেক জলক্রীড়া করে নারি লোক।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জলকে চলা *ক্রি* পানি আনতে যাওয়া। 'বেলা যে পড়ে এল, জলকে চল।' *রবীন্দ্র*, ১৮৯০।

জলকেলি [স] *বি* জলক্রীড়া। 'জলকেলি করিবারে কাহ্ন কৈল মন।' *বড়ু*, ১৪৫০।

জলক্রীড়া [স] *বি* পানিতে নেমে সাঁতার বা এ-রকম খেলাবিশেষ। 'হরসিতে জলক্রীড়া করে এক মনে।' *মালাধর*, ১৫০০।

জল খাওন *বি* জল পান করা। *ওসাঁ*, ১৭৮৫।

জল-খাবার [স জল+খাবার] *বি* নাস্তা; হালকা খাবার। 'সন্ধ্যা হল – আর জল-খাবার থাকুক ...।' *প্যারী*, ১৮৫৮।

জল খাবার ছুটি *বি* হালকা খাবারের বিরতি। 'পড়া বলতে না পারায় জল খাবার ছুটির সময় ... বেঞ্চের উপর দাঁড়িয়ে কনফাইন হয়ে রয়েছি।' *হুতোম*, ১৮৬১।

জলখুম্বির [স] *বি* জলের পোকাবিশেষ। 'মাছ যেন অকস্মাৎ জলখুম্বিরের কামড় খেল।' *জীবন*, ১৯৩২।

জলখ্যাংরা *বি* জলে ভিজানো ঝাঁটা। 'তোমার বাড়ী ওরে এক দিন আনি, এনে জলখ্যাংরা খাইয়ে বিদেয় করি।' *দীনবন্ধু*, ১৮৬৩।

জলগণ্ডূষ [স] *বি* এক আঁজলা পানি। 'গঙ্গায় জলগণ্ডূষ ভাসাইয়া দিয়া ...।' *শরৎ*, ১৯১৭।

জলগর্ভ [স] *বি* জলের ভিতর। 'জলগর্ভে রবে বার্তা হৃদয়-আগারে।' *গিরিশ*, ১৮৮৭।

জলগামি [স জলগামী] *বিণ* পানিপথে চলাচলকারী। 'যিনি ... জলগামি নৌকা সকলের স্থান জানেন।' *অক্ষয়*, ১৮৪৯।

জলগোজা [স জল>] *বি* ফলবিশেষ। 'সেও জলগোজা খাইয়া টপ্‌পা মারিতে আরম্ভ করিলেন।' *প্যারী*, ১৮৫৮।

জলগ্রহণ [স] *বি* খাদ্যগ্রহণ। 'প্রত্যহ বহু স্তোত্র ও বহু মন্ত্র উচ্চারণ করিয়া তবে জলগ্রহণ করেন।' *বনফুল*, ১৯৩৬।

জলঘট [স] *বি* পানি রাখার ঘটিবিশেষ; জলপাত্র। 'কেহ জলঘট দেয় মহাপ্রভুর করে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জলঘাস [স] *বি* পানিতে জন্মে এমন এক ধরনের ঘাস। 'জলঘাসগুলি ঈষৎ কাঁপিছে তাদের চলার দোলে।' *জসীম*, ১৯৫১।

জলঘূর্ণি [স] *বি* নদী প্রভৃতিতে জলের পাক। 'জলঘূর্ণির ভিতর ধরা পড়ে গেল।' *জীবন*, ১৯৩২।

জলচঙ্কী [স জল+স চতুষ্ক] *বি* ছোটো চারকোনা কাঠের নিচু আসনবিশেষ। 'জলচঙ্কীর চাকা ঘুরায়ে ঘুরে।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

জলচ যন্ত্র [স জলদ-যন্ত্র] *বি* পিচকারি। 'কুচ্যামোড় কার হাথে কার জলচ যন্ত্র সাধুকে তাড়িআ ধরে নহে পরতন্ত্র।' *মুকুন্দ*, ১৬০০।

জলচর [স] *বি* জলে বাস করে যে প্রাণী। 'নানাবিধ জলচর বিমল সলিলে।' *মালাধর*, ১৫০০।

জলচল [স] *বি* সামাজিকভাবে খাদ্যাদি গ্রহণ। 'তাদের সঙ্গে জলচল বন্ধ।' *রবীন্দ্র*, ১৯৪১।

জলচুড়ি [স জল+চুড়ি] *বি* জলতরঙ্গ। 'বাজায়ে জলচুড়ি কিঙ্কিণী।' *নজরুল*, ১৯২৯।

জলচৌকি, জলচৌকী [স জল+স চতুষ্ক] *বি* ছোটো ও নিচু চারকোনা কাঠের আসনবিশেষ। 'একটা জলচৌকির উপর মাজাঘষা কতকগুলি পিতল-কাঁসার বাসন।' *শরৎ*, ১৯১৭; 'জলচৌকীর উপর বসিয়া গুল্ফ করিতেছিলেন।' *ইমদাদুল*, ১৯২০।

জলছবি [স জল+স ছবি] *বি* জলে ভিজিয়ে অন্য কাগজে ছাপ তোলা যায় এমন ছবি। 'জলছবি আর লাট্টু লাটাই ...।' *সুকুমার*, ১৯২০।

জল-ছল-ছল [স জল+ধ্বন্যা ছলছল] **১** *বিণ* জলস্রোতের মতো। 'আমি উচ্ছল জল-ছল-ছল।' *নজরুল*, ১৯২২। **২** *বিণ* এই বুঝি জল গড়িয়ে পড়ে এমন। 'নীরবে জল-ছল-ছল চোখে দাঁড়িয়ে।' *নজরুল*, ১৯২২।

জল ছোঁড়া *ক্রি* জল ছিটানো। 'বালিকারা জল ছুঁড়িয়া দুরন্তপনা করিলে ...।' *রবীন্দ্র*, ১৮৮৪।

জলজ [স] *বিণ* জলে জন্মে এমন। 'চিংড়িও একপ্রকার জলজ কীট,

AMARBOI.COM

মৎস্য নহে।' *বিদ্যা*, ১৮৫১।

জলজন্তু [স] *বি* জলে বাস করে এমন জন্তু। 'সমুদায় জলজন্তু নষ্ট হইয়া যায়।' *অক্ষয়*, ১৮৫৪।

জলজলা [স জ্বল>] ১ *বি* জাঁকজমকপূর্ণ অবস্থা। 'দিন কতক বাবুদের বড় জলজলা হয়ে উঠেছিলো।' *হুতোম*, ১৮৬১। ২ *ক্রিবিণ* নির্বিঘ্নে। 'প্রতি বছর কলার উপরে জলজলা চলে।' *আলাউদ্দিন*, ১৯৭১।

জলজলাট [স জ্বল>] ১ *বিণ* জাঁকজমকপূর্ণ। 'এই মত অতি জলজলাট দিবা রাত্রি সেস্থানে।' *রামরাম*, ১৮০১। ২ *বি* জাঁকজমকপূর্ণ অবস্থা। 'পূর্ব্বে মিত্তির বাবুদের বড় জল জলাট ছিল।' *হুতোম*, ১৮৬১।

জলজ লিলি [স জলজ+ই লিলি] *বি* জলপদ্ম। 'জলজ লিলির দল ফুটিত।' *বিভূতি*, ১৯৩৮।

জলজান [স] *বি* হাইড্রোজেন গ্যাস। 'তিনি জলজান বায়ুর সাহায্য অবলম্বন করেন নাই।' *বঙ্কিম*, ১৮৭৫।

জলজ্যান্ত [স] ১ *বিণ* প্রত্যক্ষ। 'আমি তার একটি জলজ্যান্ত উদাহরণ।' *প্রমথ*, ১৮৯৮। ২ *বিণ* সম্পূর্ণরূপে জীবন্ত। 'সব কটাই জলজ্যান্ত বেড়িয়ে বেড়াচ্ছে।' *নজরুল*, ১৯২৬।

জলঝড় [স] *বি* বৃষ্টি ও ঝড়। 'সেই জলঝড়ের মধ্যে পাগলের মতো আপিসে গিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জলঝাঁটি [স জল+ঝাঁটি>] *বি* জলের ঝাপটা। 'নৃসিংহের মন্ত্র পড়ি মারে জলঝাঁটি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জলটুঙ্গি [স জল+স তুঙ্গ] *বি* জলাশয়ের মাঝে তৈরি ঘরবিশেষ। 'এবার আমি নিচ্ছি ছুটি, ছুটিই এবার জলটুঙ্গিতে।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

জলডোরা *বি* ডোরাকাটা দেহতুক বিশিষ্ট নির্বিষ সাপবিশেষ। 'মাছের পেছনে জলডোরা সাপের চলন।' *মাহমুদ*, ১৯৭৩।

জলঢোঁড়া *বি* ডোরাকাটা দেহতুক বিশিষ্ট নির্বিষ সাপবিশেষ। 'অসংখ্য চন্দ্রবোড়া, অজগর, জলঢোঁড়া নির্ভয়ে ঘুরে বেড়ায়।' *মাহেনও*, ১৯৪৯।

জলতরঙ্গ [স] ১ *বি* জলের ঢেউ। 'কেবল প্রকাণ্ড জলতরঙ্গের পরস্পর আঘাত ...।' *অক্ষয়*, ১৮৪৯। ২ *বি* জলভরা বাটিতে কাঠির আঘাতে সপ্ত স্বরের সঙ্গতিপূর্ণ সুর তোলা হয় এমন বাদ্যযন্ত্রবিশেষ। 'জলতরঙ্গ গুণীর হাতে পড়ল।' *অবন*, ১৯২৫।

জলতল [স] *বি* জলের নিম্নস্থ ভূমি। 'শুস্তার স্থির জলতল দেখিতে দেখিতে অন্দরীর কেশদামের মতো কুঞ্চিত হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জলতলবিহারী [স] *বিণ* পানির নীচে বিচরণকারী। 'জলতলবিহারী প্রাণীগণের আহার, ক্রীড়া, যুদ্ধ প্রভৃতি।' *প্রভাত*, ১৮৯৬।

জলতৃষ্ণা [স] *বি* পিপাসা। 'জলতৃষ্ণায় তালু ও কণ্ঠ পরিশুষ্ক হইল।' *অক্ষয়*, ১৮৫৫।

জলতেষ্টা [স জলতৃষ্ণা] *বি* জলপিপাসা। 'আমার আজও জলতেষ্টা পেয়ে যায়।' *নজরুল*, ১৯২৭।

জলদস্যু [স] *বি* নদী বা সমুদ্রে যারা ডাকাতি করে। 'অকূল জলধির পূর্ব্বপশ্চিম দিক তাহাদের অজ্ঞাত, তাহাতে জলদস্যু পরিপূর্ণ।' *অক্ষয়*, ১৮৪৯।

জলদাস [স] *বি* জেলে। 'জলদাসদের সেই একরত্তি মেয়ে।' *মাহমুদ*, ১৯৭৩।

জলদেবতা [স] *বি* হিন্দুমতে জলাধিপতি দেবতা; বরুণ। 'জলদেবতা অতিশয় অসন্তুষ্ট হইলেন।' *বিদ্যা*, ১৮৫৬।

জলদোষ [স] *বি* উদরী; পেটে জল জমা রোগ। 'দেখিতেছি কিছু কিছু আছে জলদোষ।' *রামনারায়ণ*, ১৮৫৪।

জলধনু [স] *বি* চাঁদের চারপাশে যে বাষ্পরেখা দেখা যায়। 'জলধনু তনু জিনিয়া উপমা।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

জলধর [স] ১ *বি* সাগর। 'ইচ্ছা মাত্র হইল অমৃত জলধর।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* মেঘ। 'নব জলধর রূপ মুনি মন মোহে গো তেঞি জলে যেতে করি মানা।' *দ্বিজচণ্ডী*, ১৬০০।

জলধর-ধ্বনি [স] *বি* মেঘের গর্জন। 'চাতকী আমি স্বজনী/ শুনি জলধর-ধ্বনি।' *মাইকেল*, ১৮৬১।

জলধরপটল [স] *বি* মেঘরাশি। 'দেখতে এলেম বর্ষার জলধরপটল।' *রবীন্দ্র*, ১৯০৯।

জলধরাবৃত [স জলধর-আবৃত] *বিণ* মেঘ দ্বারা আচ্ছন্ন। 'জলধরাবৃত তব শশাঙ্কবদন?' *গিরিশ*, ১৮৮৭।

জলধার [স] *বি* পানির প্রবাহ। 'অবিরল নয়ন গলএ জলধার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জলধারা [স] *বি* জলের প্রবাহ। 'কেশ নিঙ্গাড়িতে বহ জলধারা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জল-ধোয়া *বিণ* পরিষ্কার করা হয়েছে এমন। 'এমন কি পাতালের জল-ধোয়া অমল প্রাসাদ।' *শ্যামসুর*, ১৯৭০।

জলধৌত [স] *বিণ* জলে ধোয়া। 'কৃষ্ণচূড়া গাছের বর্ষা-জলধৌত পল্লবিত চিক্কণতা দেখা যাইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৯।

জল-নটিনি [স জলনটিনী] *বি* নৃত্যময়ী বর্ষা। 'তরঙ্গেরই নূপুর পরে জল-নটিনি আয় নেমে।' *নজরুল*, ১৯৩৩।

জলনাথ [স] ১ *বি* হিন্দুদেবতা বরুণ। 'কোথা জলনাথ? কোথা অলকার পতি?' *মাইকেল*, ১৮৬০। ২ *বি* সমুদ্র। 'মথি জলনাথে যথা দেব-দৈত্য-দলে।' *মাইকেল*, ১৮৬৬।

জলনিকাশ [স] *বি* জলনিষ্কাশন। 'চওড়া রাস্তা আর চমৎকার জলনিকাশের বন্দোবস্ত।' *হাসান*, ১৯৭৪।

জলনিধি [স] *বি* সাগর। 'আমি জঘন্যতার জলনিধি।' *দীনবন্ধু*, ১৮৬৬।

জলপটি [স জলপট্টিকা] *বি* জলে ভেজা টুকরা কাপড়; জলসেক। 'শীতলার চোখে জলপটি দিতে দিতে।' *মানিক*, ১৯৩৭।

জল পড়া *বি* মন্ত্রপূত জল। 'কত ঝাড়ান ঝোড়ান, সরষে পড়া, জল পড়া ও লঙ্কা পড়া দিতে, তবে ভাল হয়।' *হুতোম*, ১৮৬১।

জলপতি [স] *বি* (হিন্দু পুরাণ) জলের দেবতা; বরুণ। 'জলপতি হরপরী স্বর্গ বিদ্যাধরী।' *বাহরাম*, ১৬৫০।

জলপথ [স] *বি* নৌযান চলাচলের পথ। 'জলপথে আনীত বাণিজ্যদ্রব্যের মাসুল বিষয়ে নতুন আইন হয়।' *দর্পণ*, ১৮২৬।

জলপদ্ম [স] *বি* জলে জন্মে এমন পদ্মবিশেষ। 'হেনা, কেয়া, হাসুহানা? জলপদ্ম? না স্থলপদ্ম?' *শিবরাম*, ১৯৪০।

জলপাই, জলপায়ি, জলফই [স জল>] *বি* বৃক্ষবিশেষ ও তার অম্ল ফল। 'চেরু বেরু সফেরু জলপায়ি থেকর।' *বড়ু*, ১৪৫০; 'সিমলি পলাস সত গুয়া জলপাই কত।' *মালাধর*, ১৫০০; 'দক্ষিণে কাটিল পদ্মা জলফই পায়েলা।' *বিজয়*, ১৬৫০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জলপাইরঙ *বিণ* জলপাইয়ের রংবিশিষ্ট। 'পথের কুকুর দেখি বারংবার তেড়ে যাচ্ছে জলপাইরঙ একটি জীপের দিকে।' *শামসুর*, ১৯৭২।

জলপাত্র [স] *বি* পানি রাখার পাত্র। 'এত বলি মুরারি ধরিল জলপাত্র।' *বৃন্দা*, ১৫৮০।

জলপান [স] **১** *বি* পানি পান। 'কোহো জন্তু তাত না করএ জলপান।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* জলখাবার। 'বাঘরাল সমস্ত করিল জলপান।' *কৃষ্ণরাম*, ১৭২০।

জলপান-পাত্র [স] *বি* জল পানের পাত্র; গ্লাস। 'জয়পুরী শ্বেত প্রস্তরে তোমার জলপান-পাত্র বা ভোজন-পাত্র নির্মিত হইয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৫।

জলপানি [স জল-পানীয়] **১** *বি* প্রাতরাশ। *ওসাঁ*, ১৭৮৫; 'সকাল বেলার জলপানি তার তিনটি ধামা পেস্তা মেওয়া।' *সুকুমার*, ১৯১৮। **২** *বি* ছাত্রবৃত্তি। 'চন্দ্রবাবু যে কালেজে পাঁচ বচ্ছোর চাল্লিশ টাকা করে জলপানি পেয়েছেন।' *দীনবন্ধু*, ১৮৬৬। **৩** *বি* হাতখরচা। 'এই তোমাকে কিঞ্চিৎ জলপানি দিচ্ছি।' *রবীন্দ্র*, ১৮৯৬।

জলপায়রা [স জলপারাবত] *বি* পাখিবিশেষ। 'ডাকত ডাহুক জল-পায়রা, নাচত ভরা বিল।' *নজরুল*, ১৯২৫।

জল পিওন *বি* জলপান করা। *ওসাঁ*, ১৭৮৫।

জলপিঁড়ি [স জল+স পিণ্ডি] *বি* পা ধোয়ার পিঁড়ি। 'বেহুলা আনিল জলপিঁড়ি।' *কেতকা*, ১৬৫০।

জলপিপাসা [স] *বি* জলপান করার ইচ্ছা; তৃষ্ণা। 'আমাদের জলপিপাসা ছিল।' *রবীন্দ্র*, ১৯০৫।

জলপিপি [স জল+ধ্বন্যা পিপি] *বি* ছোটো জলচর পাখিবিশেষ। 'কলমী-শাকের দামে জলপিপি বসিয়া আছে।' *বিভূতি*, ১৯২৯।

জলপুলিশ [স জল+ই পুলিস] *বি* জলপথ পাহারা দেয় যে পুলিশ। 'ভাগ্যদোষে নিজেরাও পড়তে পারে জলপুলিশের শিকার হয়ে।' *মনোজ*, ১৯৬১।

জলপুষ্প [স] *বি* পানিতে জন্মে এমন ফুল। 'পদ্ম, কুমুদ প্রভৃতি জলপুষ্প প্রস্ফুটিত হইয়া, জলাশয়ের শোভা করে।' *মদনমোহন*, ১৮৪৯।

জলপূর্ণ [স] *বিণ* জলে ভরা। 'তেই শুকাইল জলপূর্ণ আলবাল অকাল নিদাঘে।' *মাইকেল*, ১৮৬১।

জলপৃষ্ঠ [স] *বি* পানির উপরিভাগ। 'পরিবর্তন সে তো জলপৃষ্ঠের বুদ্বুদ।' *অন্নদা*, ১৯২৯।

জলপ্রণালী [স] *বি* জল নিষ্কাশনের নালা বা খাল। 'নগরাভ্যন্তর জলপ্রণালী।' *অক্ষয়*, ১৮৪৮।

জলপ্রপাত [স] *বি* পর্বত বা খুব উঁচু থেকে তীব্রবেগে নীচের দিকে প্রবাহিত জলধারা। 'আমেরিকার জলপ্রপাত সমুদায় সর্ব্বাপেক্ষা প্রশস্ত।' *অক্ষয়*, ১৮৫২।

জলপ্রবাহ [স] *বি* পানির স্রোত। 'একটা প্রকাণ্ড জলপ্রবাহ প্রভূত বাষ্পরাশিতে ...।' *অক্ষয়*, ১৮৫২।

জলপ্রবেশ [স] *বি* জলে ডুবে জীবন বিসর্জন। 'জলপ্রবেশ, অগ্নিপ্রবেশ ও উদ্বন্ধনাদি দ্বারা একেবারে প্রাণত্যাগ করা।' *অক্ষয়*, ১৮৫২।

জলপ্রিয় [স] *বিণ* জল পছন্দকারী। 'জলপ্রিয় পাখিগুলো উড়ে উড়ে।' *মাহমুদ*, ১৯৭৩।

জলপ্লাবন [স] **১** *বি* প্রবল বন্যা। *সেবধি*, ১৮৩৯; 'জলপ্লাবনে দেশ ভাসিয়া যায়।' *মদনমোহন*, ১৮৪৯। **২** *বি* জলোচ্ছ্বাস। 'ভূমিকম্প অগ্নি-উচ্ছ্বাস জলপ্লাবন তুষারসংহতি কালে কালে ...।' *রবীন্দ্র*, ১৯০২।

জলফুল [স জল+ফুল] *বি* পদ্ম, শাপলা ইত্যাদি জলজ ফুল। 'সরোবর সুনির্ম্মল শত শত শতদল তাহে আর নানা জলফুল।' *রামনারায়ণ*, ১৮৫৪।

জলবৎ [স] **১** *বিণ* জলের মতো। 'কোন জলবৎ দ্রব্য বোতলে থাকে।' *বঙ্কিম*, ১৮৭৪। **২** *ক্রিবিণ* সহজে। 'জলবৎ অর্থব্যয়।' *বঙ্কিম*, ১৮৭৯।

জলবতী [স] *বিণ* জলে পরিপূর্ণ। 'জলহীনা স্রোতস্বতী, হবে কি লো জলবতী।' *মাইকেল*, ১৮৬১।

জলবর্ষণ [স] *বি* জলধারার আকারে নীচে ফেলা। 'কর্তৃপক্ষীয়েরা জলবর্ষণের ব্যবস্থা না করিলে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

জলবসন্ত [স] *বি* শরীরে জলবিন্দুর মতো গোটা ওঠা রোগবিশেষ। 'হাম বা জলবসন্ত কাকে বলে আজ পর্যন্ত জানি নে।' *রবীন্দ্র*, ১৯৪০।

জলবাতাস [স জল+হি বতাস] *বি* আবহাওয়া। 'কেবল-মাত্র ভারতেরই জলবাতাসে এমন একটি অদ্ভুত জাদু আছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জলবায়ু [স] *বি* আবহাওয়া। 'স্থানিক জলবায়ুর স্বাস্থ্যপ্রদত্তে ... বিমুগ্ধ বর্ণিতে সমর্থ হইয়াছিল।' *অক্ষয়*, ১৮৫৪।

জলবায়ুতত্ত্ব [স] *বি* আবহাওয়া-বিদ্যা। 'তাহার রহস্য জলবায়ুতত্ত্বের রহস্যের মতোই দুর্বোধ।' *রবীন্দ্র*, ১৯০৮।

জলবিছুটি [স জল+স বৃশ্চিক] *বি* বুনো গাছবিশেষ, যার পাতা গায়ে লাগলে চুলকায় ও জ্বালা করে। 'জলবিছুটি দিয়ে বাড়ি থেকে দূর করে দিতুম।' *শরৎ*, ১৯১৩।

জলবিদ্যুৎ [স] *বি* জলস্রোতের দ্বারা উৎপন্ন বিদ্যুৎ। 'দু'লক্ষ কিলোওয়াট জলবিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনাও গৃহীত হয়েছে।' *মাহেনও*, ১৯৪৯।

জলবিন্দু [স] *বি* জলের ফোঁটা। 'জলবিন্দু দিল চণ্ডী গজবল-মুণ্ডে।' *মুকুন্দ*, ১৬০০।

জলবিন্দুবৃষ্টি [স] *বি* বৃষ্টির ফোঁটা। 'এদের নাচ বর্ষার ঝমাঝম জলবিন্দুবৃষ্টির মতো নয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

জলবিম্ব [স] *বি* পানির বুদ্বুদ। 'জীব-আত্মা মিলাইবে একেকটি জলবিম্ববৎ।' *রবীন্দ্র*, ১৮৮৩।

জলবিম্বাকার [স] *বিণ* জলবিম্বের মতো; জলবিম্বাকার। 'এ জগ জলবিম্বকারে।' *চর্যা* ৩৯, ১২০০।

জলবিম্বপারা [স জলবিম্বপ্রায়] *বিণ* পানির বুদ্বুদের মতো। 'সহসা কে ডুবে যায় জলবিম্বপারা।' *রবীন্দ্র*, ১৮৮৬।

জলবিম্ব [স জলবিম্ব] *বি* জলের বুদ্বুদ। 'সংসার অসার জেন জলবিম্ব ছায়া।' *মালাধর*, ১৫০০।

জলবিশিষ্ট [স] *বিণ* জলপূর্ণ। 'এই জলবিশিষ্ট স্থানটি অতি প্রয়োজনীয় হইয়া উঠিল।' *অক্ষয়*, ১৮৪৭।

জলবিহার [স] *বি* জলপথে বেড়ানো। 'শখ হল – একদিন ডিঙি চড়ে জলবিহার করবেন।' *প্রমথ*, ১৯৪২।

জলবুদ্বুদ [স] *বি* জলের বুদ্বুদ যা মুহূর্তের মধ্যে মিলিয়ে যায়।

AMARBOI.COM

'জলবুদ্বুদের ন্যায় মরণোত্তর কেহ কাহারো নয়।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

জল-বোঝাই [স জল+স বাহ্য] *বিণ* অশ্রুপূর্ণ। 'টলমল আঁখি জল-বোঝাই।' *নজরুল*, ১৯২৮।

জলবোড়া [স জল+স বোদ্ধৃ] *বি* সাপের প্রজাতিবিশেষ। 'জলবোড়া সাপ এখানে-সেখানে ঘুরিয়া বেড়ায়।' *জসীম*, ১৯৬৪।

জলভরতি [স জল+ভরতি] *বিণ* জলপূর্ণ। 'টেবিলের উপর জলভরতি পড়ে রয়েছে ...।' *জীবন*, ১৯৩২।

জলভরা [স জল+ভরা] **১** *বিণ* অশ্রুভরা। 'ঘরে যাব ফিরে দোঁহে দুই জলভরা দু নয়ানে।' *রবীন্দ্র*, ১৮৯০। **২** *বিণ* জলসিক্ত। 'আজি জলভরা বরিষায়।' *রবীন্দ্র*, ১৯০০। **৩** *বিণ* অশ্রুভেজা। 'কালো চোখে ঘনিয়ে তোলে জলভরা এক ছায়া।' *রবীন্দ্র*, ১৯১৮। **৪** *বিণ* জলপূর্ণ। 'জলভরা ঘটে চলে নদীতটে বধূর চরণ ক্লান্ত।' *রবীন্দ্র*, ১৯৩২। **৫** *বিণ* বেদনার্ত। 'নিশীথের জলভরা কণ্ঠে কোন বিরহিণীর বাণী।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জলভারনত [স] *বিণ* জলের ভারে নুয়ে-পড়া। 'চারুর চিত্ত পুলকিত কৌতূহলে জলভারনত মেঘের মতো।' *রবীন্দ্র*, ১৯০১।

জলভারনম্র [স] *বিণ* জলের ভারে নুয়ে আছে এমন। 'অন্তঃকরণ জলভারনম্র মেঘের মতো পরিপূর্ণতার দ্বারা নত হইয়া পড়ে।' *রবীন্দ্র*, ১৯০৯।

জলভারাক্রান্ত *বিণ* জলের ভারে পূর্ণ। 'আজ সকালে সমস্ত আকাশ জলভারাক্রান্ত মেঘে যেন নত হয়ে পড়ছে।' *রবীন্দ্র*, ১৮৯২; 'তাহা জলভারাক্রান্ত নিবিড় মেঘের ন্যায় আপনার প্রভূত প্রাচুর্যে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

জলমএ [স জলময়] *বিণ* জলে পরিপূর্ণ। 'গিরিশৃঙ্গে উজল পাথর জলমএ।' *আলাওল*, ১৬৮০।

জলমগ্ন [স] *বিণ* পানিতে ডুবে-যাওয়া। 'কিছু দিনের মধ্যে ইহাও জলমগ্ন হইবে।' *দর্পণ*, ১৮২৬।

জলমঞ্জীর [স] *বি* জলের নূপুর। 'তব জলমঞ্জীর বাজাইয়া তুমি ওগো গর্বিতা চলিয়াছ নিজ পথে।' *নজরুল*, ১৯২৯।

জলমণ্ডুক [স] *বি* জলের ব্যাঙ। 'জলমণ্ডুক বাদ্য বাজায় সবে করতলে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জলমন্ধার [স জল-মন্দর] *বিণ* জলমগ্ন। 'জলমন্ধার পৃথুবি প্রীষ্ঠে তুলি লৈল।' *মালাধর*, ১৫০০।

জলময় [স] **১** *বিণ* জলে মগ্ন। 'জলময় শিবলিঙ্গ আছে সেই স্থানে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* জলে একাকার। 'শুধু জলে জলে জলময়।' *রবীন্দ্র*, ১৮৯৫। **৩** *বিণ* জলপূর্ণ। 'বর্ষাকালে চারিদিকে জলে জলময় হইয়া যায়।' *মানিক*, ১৯৩৬।

জলময়ী [স] **১** *বিণ* স্ত্রী জলাশয়। 'হলে তুমি জলময়ী, ও জলে ডুবিয়া সই জুড়াব জীবন।' *গুপ্ত*, ১৮৫৮। **২** *বিণ* স্ত্রী জলপূর্ণ। 'ওগো জলময়ী নদী।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

জলমরু [স] *বি* মরুতুল্য নিষ্প্রাণ জলরাশি। 'সেই শৈবালবিকীর্ণ জলমরুর মাঝখান হইতে সমস্ত গ্রামগুলি যেন কথা কহিয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

জলমসৃণ [স] *বিণ* তেলতেলে। 'ভিত্তি বুড়ো কেঁপে কেঁপে তার জলমসৃণ মশক বয়।' *শামসুর*, ১৯৫৯।

জলমেয়ে [স জল+স মাতৃকা] *বি* স্নানরত মেয়ে। 'সেই জলমেয়েদের স্তন ঠাণ্ডা, শাদা, বরফের কুঁচির মতন।' *জীবন*, ১৯৩৬।

জল-মেশানো *বিণ* পানি মিশে আছে এমন। 'এ আমার চোখের জল-মেশানো হাসির শিলাবৃষ্টি।' *নজরুল*, ১৯২৭।

জলযন্ত্র [স] **১** *বি* জলের ফোয়ারা। 'জলযন্ত্র-ধারা যেন বহে অশ্রুজল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* মেঘ। 'পরমেশ্বরের জলযন্ত্র দিবারাত্রি ভ্রমণ করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৩।

জলযাত্রা [স] *বি* জলপথে ভ্রমণ। 'আমরা জনকয়েক বন্ধুতে মিলে একবার নিরুদ্দেশ জলযাত্রা করেছিলুম।' *প্রমথ*, ১৯৩৩।

জলযান [স] *বি* জলে চলে এমন পরিবহন। 'সমুদ্রজলের উপরিভাগ ও অভ্যন্তর-প্রদেশ দিয়া গমনাগমনকারী বহুবিধ জলযান ...।' *অক্ষয়*, ১৮৫৪।

জলযুক্ত [স] *বিণ* জল আছে এমন। 'জলযুক্ত স্থানের জল দূর করিয়া ...।' *দর্পণ*, ১৮২০।

জলযুদ্ধ [স] **১** *বি* জলক্রীড়া বিশেষ। 'জলযুদ্ধ করে প্রভু যার যার সঙ্গে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* দরিয়াযুদ্ধ। *ওসাঁ*, ১৭৮৫।

জলযোগ [স] *বি* হালকা খাবার; নাশতা। 'শত আশরুপি কাঙ্গালি লোকেরদিগকে দিয়া জলযোগ করিত।' *রামরাম*, ১৮০১।

জলরঙ [স জলরঙ্গ] *বি* জলে গুলে নিয়ে আঁকতে হয় এমন রং। 'দেশী, বিদেশী তৈল চিত্র, জলরঙ, প্যাস্টেল পটের ছবি, পোরট্রেট।' *বুলবুল*, ১৯৩৬।

জলরাজ্য [স] *বি* জলসীমা। 'শৈবালবিকীর্ণ সুবিস্তীর্ণ জলরাজ্যের মধ্যে শরতের উজ্জ্বল রৌদ্র।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জলরাশি [স] *বি* বিপুল পরিমাণ জল। 'জলরাশি সতেজে নদী-মধ্যে প্রবেশ করিয়া প্রচণ্ড-বেগে গমন করিতে থাকে, ইহাকেই বান কহে।' *অক্ষয়*, ১৮৪৭।

জলরুটি [স জল+হি রোটী] *বি* জল ও রুটি। 'গাছের আগার জলরুটি তোর পথিক জনে সাধছে গো।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

জলরেখা [স] **১** *বি* জলধারা। 'আমার এই নদীর জলরেখা, বালির চর ...।' *রবীন্দ্র*, ১৮৯৪। **২** *বি* জলবিন্দু; অশ্রু। 'দিত দেখা দেবতার অশ্রুহীন চোখে জলরেখা নিষ্কারণে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জলরেখাবলয়িত [স] *বিণ* জলরেখাবেষ্টিত। 'জলরেখাবলয়িত মৃৎপিণ্ডই আমার কাছে পৃথিবী।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জল-লহরী [স] *বি* জলের ঢেউ। 'জল-লহরীর হেরিতাম দোলা।' *জসীম*, ১৯৩১।

জললিখন [স] *বি* জলের লেখা; অশ্রুর দাগ। 'সেই হৃদয়ের লহো প্রীতি, সজল আঁখির জললিখন।' *নজরুল*, ১৯২৯।

জলশয্যা [স] *বি* জলরূপ শয্যা। 'জলশয্যা লোচনের লোহে।' *মুকুন্দ*, ১৬০০।

জলশয্যী [স] *বি* সন্ন্যাসীবিশেষ। 'কোন কোন সন্ন্যাসী সায়ংকাল অবধি সূর্য্যোদয় পর্য্যন্ত জলমধ্যে শরীর মগ্ন রাখিয়া তপস্যা করেন, ... ঐ সমস্ত তপস্বীকে জলশয্যী বলিয়া উল্লেখ করা যায়।' *অক্ষয়*, ১৮৫০।

জলশূন্য [স] **১** *বিণ* শুকনা। 'জলশূন্য নদী, তৃণশূন্য বন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **২** *বিণ* জল নেই এমন। 'জলশূন্য কলসখানি গড়ায় গৃহতলে।' *রবীন্দ্র*, ১৯১৪।

জলসই [স জলসাৎ] *বিণ* পানিতে নিমজ্জিত। 'এক টুঁতে জগদম্বার

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জলসই করি।' *দীনবন্ধু*, ১৮৬৩।

জলসংসিক্ত [স] *বিণ* জলের তৈরি এমন। 'নানা যান-সমাকীর্ণ জলসংসিক্ত রাজমার্গ।' *অক্ষয়*, ১৮৪৮।

জলসঞ্চার [স] *বি* জলের প্রবাহ। 'জলসঞ্চারে, হৃদয় রসে।' *সাধারণী*, ১৮৭৫।

জলসত্র [স] *বি* পিপাসার্তকে জল দানের বন্দোবস্ত। 'একাদশীর তেপান্তরে খুলবে কে জলসত্র গো।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

জল-সমাধি [স] *বি* জলে ভাসিয়ে দেওয়া। 'ইহাকেই মৃৎ-সমাধি ও জল-সমাধি বলে।' *অক্ষয়*, ১৮৪৮।

জলসরা *ক্রি* জলাশয় থেকে নিত্য ব্যবহারের পানি নেওয়া। 'সে পুষ্করিনিতে পাড়াপড়সি সকলে জলসরে।' *ওস্যাঁ*, ১৭৮২।

জলসাই [স জলসাথ্] *বি* মুমূর্ষু ব্যক্তির পারলৌকিক মঙ্গলের জন্য হিন্দুমতে তার নিষ্প্রাণ গঙ্গাজলে ডুবিয়ে রাখার আচার। 'হৈল জলসাই পতি ইন্দ্রবধূ ছায়াবতী।' *মুকুন্দ*, ১৬০০।

জলসাৎ [স] *বিণ* জলে পরিণত। 'হায় সে অতীত – জলসাৎ হইয়াছে।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

জল সারা *ক্রি* প্রস্রাব করা। 'এত লোক দিনের মধ্যে কতবার জল সারে।' *শ্যামল*, ১৯৬৭।

জলসিঁড়ি, জলসিড়ি [স জলশ্রেণী] **১** *বি* কল্পিত নদীবিশেষ। 'তখন এ জলসিঁড়ি শুকায়নি।' *জীবন*, ১৯৩২। **২** *বিণ* সিঁড়ির মতো ঢেউখেলানো। 'কোনো এক দিগন্তের জলসিড়ি নদীর ধারে।' *জীবন*, ১৯৪২।

জলসিক্ত [স] *বিণ* পানিতে ভেজা। 'বিলের জমির মতো জলসিক্ত সুখদ লজ্জায়।' *মাহমুদ*, ১৯৭৩।

জলসিঞ্চিত [স] *বিণ* জলসিক্ত। 'জলসিঞ্চিত ক্ষিতি-সৌরভ-রভসে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

জলসেক [স] *বি* পানি ছিটানো। 'জলসেক করিলেই অগ্নি নির্বাণ হয়।' *বঙ্কিম*, ১৮৮৭।

জলসেচন [স] *বি* পানি সেচ দেওয়া। 'জলসেচনের দ্বারা অকর্মণ্য ভূমিকে কর্মণ্যকরণ।' *দর্পণ*, ১৮৩৫।

জলসেচনি [স জলসেচনা] *বি* সেঁওতি। 'ঈশ্বরী পাটনী কহিলেন পা দুইখানি জলসেচনির উপরে রাখ।' *রাজীব*, ১৮০৫।

জলসেবা [স] *বি* খানাপিনা। 'অখিল ভরিয়া সুখে করে জলসেবা।' *গুপ্ত*, ১৮৫৮।

জলসৈ [স জলসাথ্] *বি* জলসই; বরকনের স্নানের জল তোলার আচার। 'পাড়ার মেয়েরা জলসৈতে যাবে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

জলস্তম্ভ [স] *বি* সমুদ্রে স্তম্ভের মতো ওঠা জলরাশি। 'সমুদ্রের যে স্থানে জলস্তম্ভ উৎপন্ন হয় ...।' *অক্ষয়*, ১৮৫২।

জলস্থল [স] **১** *বি* মাটি ও জল। 'জলস্থলে শরীর স্থাপনপূর্বক অন্তর্জলে সহোদর সকলে তারকব্রহ্ম নামোচ্চারণ করিতে লাগিলেন।' *দর্পণ*, ১৮৩২। **২** *বি* সারা পৃথিবী। 'আজি সর্ব জলস্থল কেন এত স্থির?' *রবীন্দ্র*, ১৮৯৬।

জলস্পর্শ [স] *বি* জলগ্রহণ। 'কোন ব্যক্তি কুকর্ম্ম করিলে তাহার বাটীতে কেহ জলস্পর্শ করে না।' *ভবানী*, ১৮২৩।

জলস্রোত [স] *বি* জলের ধারা। 'জলস্রোতে ইহা ক্রমে সমধরাতল হইতেছে।' *সাধারণী*, ১৮৭৫।

জলহস্তী [স] *বি* হাতির মতো একপ্রকার জলজন্তু। 'জিরাফ আসে ১৮৩৪ সালে। 'সিম্পাঞ্জী, জলহস্তী ও সাপ ১৮৫০-এ।' *হাই*, ১৯৫৮।

জল-হাওয়া [স জল+আ হাওয়া] *বি* আবহাওয়া। 'সে দেশের জল-হাওয়ায় ওটা ঠিক টিঁকতে পারবে কি না সন্দেহ।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জলহীনা [স] *বিণ* স্ত্রী শুকনা। 'জলহীনা স্রোতস্বতী, হবে কি লো জলবতী।' *মাইকেল*, ১৮৬১।

জলাকার [স জল-আকার] *বিণ* জলময়। 'নাভি কুণ্ড উদধি ভাঁওর জলাকার।' *আলাওল*, ১৬৮০।

জলাঞ্জলি [স জল-অঞ্জলি] *বি* বিসর্জন। 'লাজে জলাঞ্জলি দিলাঙ তাপে।' *মুকুন্দ*, ১৬০০।

জলাতঙ্ক [স] *বি* পাগল কুকুরের কামড়ের ফলে সৃষ্ট জলের প্রতি আতঙ্কিত হওয়ার রোগ । 'দুইজনেরই হাইড্রোফোবিয়া অর্থাৎ জলাতঙ্ক হইয়াছে।' *বনফুল*, ১৯৩৬।

জলাধার [স] *বি* জলের পাত্র। 'অগভীর একটা গোল জলাধার ধার করে আনতে হয়েছিল।' *রবীন্দ্র*, ১৮৮১।

জলাধিপ [স জল-অধিপ] *বি* হিন্দুদেবতা বরুণ। 'ইন্দ্র অগ্নি দণ্ডধর জলাধিপ নিশাকর ঈশান কুবের সমীরণ।' *মুকুন্দ*, ১৬০০।

জলাবশেষ [স জল-অবশেষ] *বি* অবশিষ্ট জল। 'পঙ্ককুণ্ডের হরিদ্বর্ণ জলাবশেষ থেকে ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

জলাভাব [স জল-অভাব] *বি* জলের অভাব। 'জলাভাবে কৃশ শাখা গুখাইয়া মরে।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জলার্ত [স জল-ঋত] *বিণ* জলপূর্ণ; অশ্রুপূর্ণ। 'কোনো কোনো সন্ধ্যা যুবতীর জলার্ত চোখের মতো।' *শামসুর*, ১৯৭০।

জলার্থী [স জল-অর্থী] *বি* জল চায় যে। 'বোম্বে শহরের জলার্থীদের জল সরবরাহ করা হয়।' *মানিক*, ১৯৪০।

জলার্দ্র [স জল-আর্দ্র] *বিণ* অশ্রুসিক্ত। 'এমন স্থান মনে করিয়াই নয়ন জলার্দ্র হইত।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

জলাশয় [স জল-আশয়] *বি* জলের আধার; পুকুর; খাল, নদী ইত্যাদি। 'এই দেশের উদ্যান ক্ষেত্রে ও পর্ব্বত কান্তার এবং রত্নকরাদি জলাশয়ে যে দ্রব্য উৎপন্ন হয় ...।' *প্রভাকর*, ১৮৪৭।

জলাসার [স জল-আসার] *বি* বৃষ্টির ধারা। 'বরষিলা জলাসার, কি কৌশলে গোবর্ধনে তুলি।' *মাইকেল*, ১৮৬২।

জলাহার [স জল-আহার] *বি* কেবল জল পান। 'উপবাস ফলাহারে জলাহারে সুদ্ধি।' *মালাধর*, ১৫০০।

জলে কুমির, ডাঙায় বাঘ – উভয় দিকেই বিপদ এমন অবস্থা। 'নিশ্চিত মরিতে হইবে। জলে কুমির, ডাঙায় বাঘ!' *নজরুল*, ১৯২২।

জলে-খাওয়া *বিণ* জল-প্লাবিত। 'নদীর চরের প্রতি জলে-খাওয়া ডাঙার কিষাণ।' *মাহমুদ*, ১৯৭৩।

জলে-ডোবা *বিণ* জলে ডুবছে এমন। 'জলের প্রত্যাশায় জলে-ডোবা মানুষের মতো এলোপাথাড়ি ঢোক গিলতে লাগলো।' *ইলিয়াস*, ১৯৭২।

জলে-ধোয়া *বিণ* পরিষ্কার। 'কী সুন্দর জলে-ধোয়া আকাশ।' *নজরুল*, ১৯২৪।

জলে পড়া **১** *ক্রি* বিপদে পড়া। 'আপনাদের প্রাণের বন্ধুটি জলে পড়েননি।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *ক্রি* নষ্ট হওয়া। 'কিন্তু এ টাকাতো

AMARBOI.COM

জলে পড়ছে না।' *নজরুল*, ১৯৩১।

জলে ফেলা *ক্রি* অপচয় করা। 'মধ্যে হতে কতকগুলো টাকা শুধু জলে ফেলা হবে।' *প্রমথ*, ১৯১৯।

জলে-ভরা *বিণ* অশ্রুপূর্ণ। 'সেখানে জলে-ভরা দুইটি সরল সকরুণ চক্ষু।' *রবীন্দ্র*, ১৯০৯।

জলে যাওয়া *ক্রি* বিফল বা অহেতুক খরচ হওয়া। 'তিনটে টাকা জলে গেল।' *শ্যামল*, ১৯৬৭। পৃ. ২১

জলের কণা *বি* বুদ্বুদ। 'ঘুনঘুনে মাছির চেয়েও ছোটো মিহিন জলের কণা ফিনফিন করছে।' *নজরুল*, ১৯২৭।

জলের ডাক *বি* জলপ্রবাহের শব্দ। 'এ-গাঁও ও-গাঁও মধ্যে ত দূর শুধুই জলের ডাক।' *জসীম*, ১৯২৯।

জলের দর *বি* অত্যন্ত সস্তা। 'আমাদের রুচি যে প্রতিদিন জলের দরে বিকাইয়া যাইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

জলের দাম *বি* নামমাত্র মূল্য। 'তামাম সম্পত্তিও পেয়ে গেলেন জলের দামে।' *তারা*, ১৯৪৬।

জলের ধার *বি* জলাশয়ের কিনারা। 'কেতকী জলের ধারে/ ফুটিয়াছে ঝোপে ঝাড়ে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জলের ধারা *বি* বৃষ্টি। 'এক দিবস অতিশয় মেঘাড়ম্বর হইয়া নিরন্তর জলের ধারা পড়িতেছে।' *গৌর*, ১৮২২।

জলের মতো *ক্রিবিণ* সহজে; বিনা কষ্টে। 'সে-সমস্তই জলের মতো বুঝা যায়।' *রবীন্দ্র*, ১৮৯১।

জলেলেখা *বিণ* জল দিয়ে লিখিত। 'অবশেষে একদিন জলে লেখা নাম কবি মাটির বাসরে ঘুম রচে।' *শঙ্খ*, ১৯৫৫।

জলেশ [স] *বিণ* হিন্দুমতে জলদেবতা। 'উত্তর করিলা তবে জলেশ বরুণ পাশী।' *মাইকেল*, ১৮৬০।

জলেশ্বর [স] *বি* হিন্দুমতে জলের অধিষ্ঠাতা দেবতা বরুণ। 'শঙ্খ দিল জলেশ্বর শক্তি দিল বৈশ্বানর।' *মুকুন্দ*, ১৬০০।

জলোচ্ছ্বাস [স] **১** *বি* জলের প্লাবন। 'দরিদ্রদিগের কঙ্কালাবশিষ্ট মূর্ত্তি দেখিলে ... মরুচক্ষেও জলোচ্ছ্বাস হয়।' *অক্ষয়*, ১৮৪৬। **২** *বি* জলের স্ফীতি। 'তিনি ... সমুদ্রে জলোচ্ছ্বাস, এই সকল বিষয়ের মীমাংসা করিয়াছেন।' *বিদ্যা*, ১৮৪৯।

জলোপরি [স] *বিণ* জলের উপরিস্থ। 'অতিশয় মনোলোভা প্রথমতঃ জলোপরি সোপানশ্রেণী অর্থাৎ সিঁড়ী।' *চন্দ্রিকা*, ১৮৩০।

জলওয়া [আ জলওয়াহ্] *বি* জেল্লা বা ঔজ্জ্বল্য। 'সে নূরের জলওয়া পীর সাহেবের চক্ষে সহ্য হইত না।' *মনসুর*, ১৯৩৫।

জলওয়ার *বি* একপ্রকার জামদানি শাড়ি। 'জলওয়ার, পান্নাহাজার, দুবলিজাল, সাওয়াল।' *মাহেনও*, ১৯৪৯।

জলদ [স] **১** *বি* মেঘ। 'সজল জলদে যেহ্ন উইল নব সুরে।' বড়ু, ১৪৫০। **২** *বি* (সংগীত) দ্রুত লয়। 'রাগিণী ধানশী ৱ জলদ।' বড়ু, ১৫৭০। **৩** *বিণ* মেঘপূর্ণ। 'হেমন্তের জলদ বাতাসে।' *মাহমুদ*, ১৯৭৩।

জলদখণ্ড [স] *বি* টুকরা মেঘ। 'আকাশে জলদখণ্ড শ্রেণী বাঁধিয়া হিমালয় পানে ছুটিয়াছে।' *সিরাজী*, ১৯১৮।

জলদগভীর [স] *বিণ* মেঘের গর্জনের মতো গম্ভীর। 'জলদগভীর স্বরে কহিল সন্ন্যাসী।' *গিরিশ*, ১৮৮৭।

জলদগম্ভীর [স] *বিণ* মেঘের গর্জনের মতো গম্ভীর। 'জলদগম্ভীর স্বরে/ তপনের করে স্তবগান।' *রবীন্দ্র*, ১৮৮৩।

জলদগর্জন [স] *বি* মেঘের মতো উচ্চগর্জন। 'ডাকো তুমি সামমন্ত্রে জলদগর্জনে।' *রবীন্দ্র*, ১৯১৪।

জলদগ্নি [স জলদ্+অগ্নি] *বি* জ্বলন্ত আগুন। 'দৃঢ় বন্ধন পুরঃসরে জলদগ্নিতে দগ্ধ করণ ...।' *দর্পণ*, ১৮২৭।

জলদচারী [স] *বিণ* মেঘে বিচরণ করে এমন। 'সে গান শোনায় মধুরতর গো সজল জলদচারী।' *নজরুল*, ১৯৪১।

জলদজল [স] *বি* বৃষ্টি। 'বরিষে জলদজল হরিষে ভেকের দল।' *গুপ্ত*, ১৮৫৮।

জলদ-জাল [স] *বি* মেঘমালা। 'সায়ংকালীন জলদ-জালের মনোহর শোভা সন্দর্শন করিয়া কে না মোহিত হয়।' *অক্ষয়*, ১৮৪৯।

জলদধ্বনি [স] *বি* মেঘের গর্জন। 'দামা-আড়ম্বর পুরিল অম্বর অভিনব জলদধ্বনি।' *মুকুন্দ*, ১৬০০।

জলদবাষ্প [স] *বি* জলীয়বাষ্প। 'চক্রসীমাটুকু ছাড়িয়ে ... জলদবাষ্পের অতি সূক্ষ্ম উত্তরীয় উড়িয়ে থাকে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জলদমন্দ্র [স] *বি* মেঘের গম্ভীর শব্দ। 'নব নব প্রতিধ্বনি জলদমন্দ্রের, স্ফীত করি স্রোতোবেগ তোমার ছন্দের।' *রবীন্দ্র*, ১৮৯০।

জলদসুন্দর [স] *বিণ* মেঘের মতো সুন্দর। 'জলদসুন্দর কমু কন্ধর নিন্দা সিন্ধুর ভঙ্গ।' *গোবিন্দ*, ১৬০০।

জলদস্পর্শী [স] *বিণ* মেঘের মতো সুউচ্চ। 'জলদস্পর্শী শৈলমালা ...।' *রবীন্দ্র*, ১৯০০।

জলদি, জলদী [আ] *ক্রিবিণ* তাড়াতাড়ি। 'খানা জলদি তৈয়ার হওনের আটক হবেক না।' *কেরি*, ১৮০২; 'কোথায় রয়েছ ভাট ব্রাহ্মণ, কোথায় গণক দল/ জলদী করিয়া গুণে দেখ কেন দিঘিতে ওঠে না জল?' *জসীম*, ১৯৫১।

জলদানো [স জল+স দানব] *বি* জলে বসবাসকারী কল্পিত দানব। 'জলদানো নদী হতে উঠে এল।' *নজরুল*, ১৯৩১।

জলদী দ্র **জলদি**

জলধি [স] *বি* সাগর। 'পুরুব জনমে কৈল জলধি মথানে।' বড়ু, ১৪৫০।

জলধিতরঙ্গ [স] *বি* সাগরের ঢেউ। 'উচ্ছল জলধিতরঙ্গ।' *রবীন্দ্র*, ১৯১১।

জলন্ত [স] *বিণ* জ্বলন্ত। 'জলন্ত আনলে জেন ঘৃত দিল ধারে।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জলন্দার [স জলন্ধর] *বি* বাধা। *মানোএল*, ১৭৪৩।

জলন্দারি *বিণ* বাধাপ্রাপ্ত। *মানোএল*, ১৭৪৩।

জলবাশ [আ জল্+ফা বশ] *বি* অশ্বারোহী সৈন্য। 'উজবক জলবাশে ঘেরিয়াছে চারপাশে।' *ভারত*, ১৭৬০।

জলসা [আ জলসাহ্] *বি* আসর। 'নাসারাদের বজ্জাতি সম্বন্ধে ওয়াজের জলসা বসালেন।' *নজরুল*, ১৯৩০।

জলসাঘর [আ জলসাহ্+ঘর] *বি* নাচ-গানের ঘর। 'সিগার সিগারেটের অত্যাচারে সমুদ্রের লোনা হাওয়া জলসাঘরে নাক গলাতে পারেনি।' *মুজতবা*, ১৯৫২।

জলা[১] [স জ্বল>] *ক্রি* দগ্ধ হওয়া। **জলে** *ক্রি* জ্বলে; জ্বলছে। 'ভিতরে অনঙ্গ আনল জলে।' বড়ু, ১৪৫০।

AMARBOI.COM

জলা[২] [স জল>] ১ *বিণ* অগভীর। 'জলা হ্রদ।' *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* জলাধার। 'হরিণ এক পরিষ্কৃত জলাতে জল পান করাতে ...।' *তারিণী*, ১৮০৩। ৩ *বি* জলপূর্ণ নিম্নভূমি। 'জলা ও চষা মাঠ অতিক্রম করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৮২।

জলা-জমি [জলা+ফা জমীন] *বি* জলময় নিম্নভূমি। 'এই আমাদের জলা-জমি জঙ্গল।' *রবীন্দ্র*, ১৮৮৭।

জলাভূমি [স] *বি* জলে ডুবে থাকে এমন নিচুভূমি; বিল। 'জলাভূমিতে ও সমাধিক্ষেত্রে সচরাচর যে আলোকময় বস্তু দৃষ্ট হইয়া থাকে ...।' *অক্ষয়*, ১৮৫৪।

জলাময় [স] *বিণ* জলাবদ্ধ। 'কতখানি তার অতিত-পতিত কতখানি সে জলাময়।' *লালন*, ১৮৯০।

জলামাটি *বি* পানি ও কর্দমাক্ত নিম্নভূমি। 'শিল্পী এসেছিল জীবিকার জন্যে জলামাটির দেশে।' *বিমল*, ১৯৫৩।

জলাহ্রদ [জলা+স হ্রদ] *বি* অগভীর হ্রদ; বিল। *ওসাঁ*, ১৭৮৫।

জলাশী *বি* নদীবিশেষ। 'জলাশীর ঢেউয়ে ভেজা বাংলার এ সবুজ করুণ ডাঙায়।' *জীবন*, ১৯৩২।

জলাঞ্জলি *দ্র* জল

জলাতঙ্ক *দ্র* জল

জলাধার *দ্র* জল

জলাশ [স] *বি* জলজ উদ্ভিদ। 'জলের জলাশ এনে জাল দিবে তায়।' *মানিকরাম*, ১৭৮১।

জলাশয় *দ্র* জল

জলি[১] [স জল>] *বিণ* জলে উৎপন্ন। 'ওপারের চরে জলিধান পাকিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জলি[২] [স জল>] *বিণ* জোলো। **জলিধান** [জলি+স ধান্য] *বি* চরে আবাদ হয়ে থাকে এমন বিশেষ ধরনের ধান; জোলো ভূমিতে চাষ-করা ধান। 'ওপারের চরে জলিধান পাকিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জলিঅ [পা জলিত] *বিণ* প্রজ্বলিত। 'সমতা জোএঁ জলিঅ চণ্ডালী।' *চর্যা* ৪৭, ১২০০।

জলিবোট [ই] *বি* পানসি। 'একটি বড়ো জলিবোটের উপর ছাত তৈরি করে এই বোটটি হয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জলীয় [স] ১ *বিণ* জলের মতো তরল। 'জলীয় দ্রব্য মৃত্তিকার পাত্রে বা কাঁচপাত্রে স্থাপিত করে।' *ভবানী*, ১৮২৩। ২ *বিণ* জলে জন্মে এমন। 'জলীয় লঘা ঘাস ভিজা বাতাসের সঙ্গে পাল্লা দিয়ে মাথা দোলায়।' *সেলিনা*, ১৯৭৫।

জলীয় অংশ [স] *বি* রস; রসালো অংশ। 'সমস্ত আঁঠি আঁশ এবং জলীয় অংশ পরিহার করা যায়।' *রবীন্দ্র*, ১৮৯৭।

জলীয় বাষ্প [স] *বি* জলপূর্ণ বাতাস। 'সমস্ত জলীয় বাষ্প উৎপন্ন হইবার সময়ে অদৃশ্য থাকে।' *অক্ষয়*, ১৮৪৯।

জলীয় ভাগ [স] *বি* জলপূর্ণ অংশ। 'তাহার জলীয় ভাগ বাষ্প হইয়া উড়িয়া যায়।' *অক্ষয়*, ১৮৫২।

জলুই [স জল>] *বি* নৌকার তক্তা জোড়া লাগানোর দুমুখো পেরেক; পাতাম। **জলুই খসা** *বিণ* নৌকার পাতাম খুলে গেছে এমন। 'গলুই ভাঙ্গা জলুই খসা বরাবরি এমনি দশা।' *লালন*, ১৮৯০।

জলুশ [আ জলুস] *বি* চাকচিক্য; জৌলুশ। 'চেহারা ও পোশাক দুয়েরই দিব্যি জলুশ।' *মানিক*, ১৯৩৯।

জলুস [আ] ১ *বিণ* উজ্জ্বল। 'এজলাসে বসিয়া দুনিয়া জলুস করিতেছিলেন।' *বঙ্কিম*, ১৮৮৪। ২ *বি* উজ্জ্বলতা। 'বড় বড় ফুলের বাজারে পুষ্প-প্রদর্শনীতে অবাক হয়ে বিদেশী ফুলের জলুস দেখেছি।' *মুজতবা*, ১৯৫৮।

জলুসী [আ জলুস>] *বি* সিংহাসনে অধিষ্ঠিত থাকার কাল। 'তাহার পর ঐ বাবরের পুত্র হুমাউন অবধি শাহা আলমের জলুসী ৪৫ সন পর্য্যন্ত ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

জলেশ *দ্র* জল

জলেশ্বর *দ্র* জল

জলো [স জল>] ১ *বিণ* পানিমেশানো। 'গুমো চিড়ে জলো দই তিত গুড় ধেনো খই।' *রামনারায়ণ*, ১৮৫৪। ২ *বিণ* জলপূর্ণ। 'চোখ যেমন বড়ো, তেমনি জলো।' *প্রমথ*, ১৯১৫।

জলোদুধ [স জল>+দুধ] *বি* পানি মেশানো দুধ। 'জলোদুধের আমদানি আমরা বিনা আপত্তিতে গ্রাহ্য করতে পারিনে।' *প্রমথ*, ১৯১৪।

জলো-হাওয়া *বি* ভেজা বাতাস। 'জলো-হাওয়ার নাড়া পেয়ে শিউলি ঝরে পড়ার মতো।' *নজরুল*, ১৯২৪।

জলোচ্ছ্বাস *দ্র* জল

জলৌকা [স] *বি* জোঁক। 'উড়ুষ কৎস্যবগুলা সসা জেন মসাগুলা জলৌকা কৃষ্ণবর্ণাকার।' *মুকুন্দ*, ১৬০০।

জল্পনা [স] ১ *বি* আলাপ-আলোচনা। 'তাহাতেই স্বচ্ছন্দবোধ করিয়া গৃহে বসিয়া বৃথা জল্পনায় বৃথা কালক্ষেপ করেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩০। ২ *বি* চিন্তা-ভাবনা। 'কেহ আপনাকে স্বদেশ হিতৈষিরূপে পরিচিত করিবার নিমিত্ত ... যথেষ্ট কথা জল্পনা করিতেছেন।' *অক্ষয়*, ১৮৪৯। ৩ *বি* বৃথাবাক্যব্যয়। 'তাঁহারই পার্শ্ববর্তী হইয়া তাঁহার কানে কানে মৃদুস্বরে কত কথাই জল্পনা করিতে থাকেন।' *অক্ষয়*, ১৮৪৯। ৪ *বি* কল্পনা বিলাসিতা। 'এ ভালোবাসা হ'ত না হত-আশা, কেবল কবিতার জল্পনা।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৫ *বি* পরিকল্পনা। 'দুটি বোন তারা করে কানাকানি কী না জানি জল্পনা।' *রবীন্দ্র*, ১৯০০।

জল্পনা-কল্পনা [স] ১ *বি* চিন্তাভাবনা। 'যদি আমরা এক উদ্দেশ্য করিয়া আর-একটা জিনিস গড়িবার আয়োজন করিয়া থাকি, তবে আমাদের জল্পনা-কল্পনা বৃথা হইয়া যাইবে।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* পরিকল্পনা। 'পত্রিকা ছাপাবার রঙিন জল্পনাকল্পনা।' *অচিন্ত্য*, ১৯৫০।

জল্লস [আ জলুস] *বি* সিংহাসন আরোহণ। 'পাদসাহের সন ২৪ চব্বিশ জল্লস সন।' *ডানকান*, ১৭৮৪।

জল্লাদ [আ] *বি* প্রাণদণ্ডাদেশ কার্যকর করে যে। 'জল্লাদকে ডাকিয়া তবে আজ্ঞা দিল।' *সুলতান*, ১৭০০।

জল্লাদখানা [আ জল্লাদ+ফা খানা] *বি* কসাইখানা। 'জল্লাদখানার গহ্বরে সে একজন সমব্যথী হারাইল।' *শওকত*, ১৯৫৮।

জল্লাদিনী [আ জল্লাদ+স ইনী] *বি* জল্লাদের মতো নিষ্ঠুর নারী। 'জল্লাদিনী ভাগ্যলক্ষ্মী, ওর্ফে ওগো গ্রহের ফের!' *নজরুল*, ১৯৫৯।

জল্লাদী [আ জল্লাদ+স ঈ] *বিণ* নিষ্ঠুর। 'জল্লাদী পর্দার প্রচলন।' *মোহাম্মদী*, ১৯২৮।

জশন [ফা] *বি* উৎসব। 'একটা খুশীর জশন (পরব) উপস্থিত হল।' *মুজতবা*, ১৯৪৯।

জষ্টি [স জ্যৈষ্ঠী] *বি* বাংলা মাসের নাম; জ্যৈষ্ঠ। 'বোশেখ-জষ্টি মাসকে ওরা/ দুপুর বেলা কয়।' *রবীন্দ্র*, ১৯০৩।

AMARBOI.COM

জষ্টিমাস [স জ্যৈষ্ঠমাস] *বি* জ্যৈষ্ঠ মাস। 'আর বছর জষ্টিমাসে।' *বিভূতি*, ১৯২৯।

জষ্টিস, জষ্টীষ [ই জাস্টিস] *বি* বিচারক। 'কলিকাতার পুলিস আফিসের জষ্টীষ সাহেবান হুকুম দেন।' *মিলার*, ১৮০০; 'শ্রীযুত চিপ জষ্টিস সাহেবের সুখ্যাতিপত্র।' *দর্পণ*, ১৮২২।

জষ্ঠি [স জ্যৈষ্ঠ] *বি* জ্যৈষ্ঠ। 'বোশেখ জষ্ঠি পাহাড়গুলো লোকে লোকারণ্য।' *অন্নদা*, ১৯৫৫।

জষ্টিস [ই জাস্টিস] *বি* বিচারক। 'জষ্ঠিসেরা ধর্ম্মঅবতার, কায়মনে কচ্চেন সুবিচার।' *হুতোম*, ১৮৬১।

জষ্যপর *ক্রিবিণ* যার পরে। 'জষ্যপর আমার মধ্যমা কন্যার যুভবিভাহ পচীষা আসাড়ে।' *ওসাঁ*, ১৭৭৯।

জস [স যশ] *বি* সুখ্যাতি। 'তোমাকে মারিলে জস দিবেক কোন জনে।' *মালাধর*, ১৫০০।

জস অপজস [স যশ-অপযশ] *বি* খ্যাতি-অখ্যাতি। 'জস অপজস দুই রহ গএ ঠাম।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জসটিস [ই] *বি* বিচারক। 'শিবকেষ্টোর মকদ্দমার মুখে জসটিস ওয়েল্‌স নতুন ইণ্ডেন্ট হন।' *হুতোম*, ১৮৬১।

জসম [ফা জওসন] *বি* বাজু; হাতের অলংকার।' *বিদ্যা*, ১৮৯১।

জসিমী *বিণ* জসীমউদ্‌দীনের মতো। 'জসিমী ঢঙে লেখা।' *অচিন্ত্য*, ১৯৫০।

জসু [স যস্য] *সর্ব* যার। 'কাঅ বাক চিঅ জসু ণ সমাঅ।' *চর্যা ৪০*, ১২০০।

জসোদা [স যশোদা] *বি* যশোদা; কৃষ্ণের পালক-মাতা। 'মায় জসোদা পুষিলেক দিএঁা খীর।' *বড়ু*, ১৪৫০।

জস্যপর, জষ্যপর [স] – যার উপরে। *ওসাঁ*, ১৭৮২।

জহন্নম [আ] *বি* ইসলামি মতে নরকবিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

জহমত [আ] *বি* কষ্ট। 'চাঙ্গা নাহি হইবে জহমত।' *গরীব*, ১৭৬৫।

জহর[১] [ফা] *বি* বিষ। 'আখেরে মরিব আমি জহর খাইয়া।' *গরীব*, ১৭৬৫।

জহর আলুদা [ফা জহর+ফা আলুদা] *বিণ* বিষমাখা। 'জহর আলুদা তির হেনেই আমার সুখ।' *নজরুল*, ১৯২৭।

জহরব্রত [ফা জহর+স ব্রত] *বি* সতীত্ব রক্ষার জন্য অগ্নিকুণ্ডে অথবা বিষপান করে জীবন বিসর্জন। 'বুঝলেন মেয়েরা জহরব্রত নিয়েছে।' *রবীন্দ্র*, ১৯৪১।

জহরমাখা [ফা জহর+মাখা] *বিণ* বিষমাখা। 'শিশু আসগর তৃষ্ণা তৃষ্ণা করে জহরমাখা তীর খেয়ে মরেছিল।' *নজরুল*, ১৯২৭।

জহর[২] [আ জওহর] *বি* মণি রত্ন ইত্যাদি। 'পৃথিবীতে জহরের তত অভাব নাই যত জহরির।' *রবীন্দ্র*, ১৮৯৭।

জহরকোট *বি* জওহারলাল নেহরু যে-ঢঙের কোট পরতেন, সেই ধরনের কোট। 'একটা জহরকোট গায়ে এঁটে তাড়াতাড়ি নীচে নেমে গেলেন।' *জীবন*, ১৯৪৮।

জহরত [আ জওয়াহিরাত] *বি* হীরা পান্না চুনি প্রভৃতি রত্ন। 'তাহাদিগের সর্বদা এই ইচ্ছা যে জরি জহরত ও মুক্তা প্রবাল পরিব।' *গ্যারী*, ১৮৫৮।

জহরৎ [আ জওয়াহিরাত] *বি* হীরা পান্না চুনি প্রভৃতি মূল্যবান রত্ন। 'রাস্তাঘাটে যদি হীরে জহরৎ পাওয়া যেত।' *বিভূতি*, ১৯২৯।

জহরতি *বি* হীরা পান্না চুনি প্রভৃতি রত্ন। *বিদ্যা*, ১৮৯১।

জহরাৎ [আ জওয়াহিরাত] *বি* বহুমূল্যবান রত্নরাজি। 'জহরাৎ আভরণ ও জায়দাদ ইত্যাদিতে ৬০ লক্ষ টাকার ন্যূন হইবে না।' *দর্পণ*, ১৮৩৬।

জহরি, জহরী [আ জঔহর>] **১** *বি* মণিমুক্তার ব্যবসায়ী; অলংকার ব্যবসায়ী। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বি* বাঙালি হিন্দু পদবিবিশেষ। 'রামচন্দ্র জহরী।' *সেবধি*, ১৮৪০। **৩** *বি* জহুরি; রত্ন বিশেষজ্ঞ। 'পৃথিবীতে জহরের তত অভাব নাই যত জহরির।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৪** *বি* সমঝদার। 'এতদিনে তো একটা জহরি জুটেছে।' *রবীন্দ্র*, ১৯০৯।

জহাঁ *ক্রিবিণ* যেখানে। 'জহাঁ জহাঁ পদযুগ ধরই। তহিঁ তহিঁ সরোরুহ ভরই।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জহানপনা [ফা] *বি* সম্মানসূচক সম্বোধনবিশেষ। 'জিন্দাবাদ শাহানশাহ জহানপনা চিৎকার খাইবারের দুদিকের পাহাড়ে।' *মুজতবা*, ১৯৪৯।

জহারী [ফা আহাজারি] *বি* বিলাপ। 'বহুত মাতম জহারী করিবে ময়দান ঘিরি।' *গরীব*, ১৭৬৫।

জহি *ক্রিবিণ* যেখানে। 'জহি মণ ইন্দিঅবণ হো পঠা।' *চর্যা ৩১*, ১২০০।

জহিআ *ক্রিবিণ* যখন। 'জহিআ কাহ্ন দেল তোহে আনি। মনে পাওল ভেল চৌগুন বানি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জহিসী *ক্রিবিণ* যেমন। 'কহএ ন পারিঅ দেখলি জহিনী।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জহীন [আ] *বিণ* চালাক। 'জহীন কিম্বা চালাক বললে আমরা বুঝতে পারি।' *মাইকেল*, ১৮৬০।

জহুরা [আ জহর] *বি* অলৌকিকত্ব। 'মুসা এর জহুরা বুঝিতে পারিলেন।' *মনসুর*, ১৯৫০।

জহুরি, জহুরী [আ জওহর>] **১** *বি* মণিমুক্তার ব্যবসায়ী; অলংকার ব্যবসায়ী। *ওসাঁ*, ১৭৮৫; 'আধুনিক জহুরিরা সকলগুলি নামও জানেন কিনা সন্দেহ।' *অক্ষয়*, ১৮৪৭; 'সে জহুরি বা বণিক।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **২** *বিণ* সমঝদার। 'নওজোয়ানীর জহুরি ঢের।' *নজরুল*, ১৯২৮; 'আমার বন্ধুরা সকলেই সুশিক্ষিত ও গানবাজনার জহুরী।' *প্রমথ*, ১৯৩৭।

জহ্নুকন্যা [স] *বি* গঙ্গা। 'যেথা সেই জহ্নুকন্যা যৌবনচঞ্চল।' *রবীন্দ্র*, ১৮৯০।

জহ্লাদ [আ জল্লাদ] *বি* জল্লাদ; নির্মম বা নিষ্ঠুর ব্যক্তি। 'মর্তে নামে কামাতুর জিগীষু জহ্লাদ।' *হোসেন*, ১৯৪০।

জা[১] [পা যা] **১** *সর্ব* যা। 'জা এথু চাহাম সো এথু নাহি।' *চর্যা ২০*, ১২০০। **২** *বি* যে বিষয়। 'জা সেবি কার্ত্তিকবির্য্য জগতে অধিকারি।' *মালাধর*, ১৫০০।

জা[২] [স যাতৃ] *বি* স্বামীর ভাইয়ের স্ত্রী। 'তোমার জা, ওর এমন দশা কেন গা?' *গিরিশ*, ১৮৮৯।

জাই *বি* ফর্দ। 'তালিকা এক জাই জীনিষ বিবি ইষপ্রেসাদী রোজারু।' *মেয়র্স*, ১৭৬২। *দ্র* জায়

জাইংগা [স জঙ্ঘা>] *বি* নিম্নাঙ্গের অন্তর্বাস। 'লম্বা হয়ে ঘুমুচ্ছে হাফ জাইংগা পরা লোকগুলো।' *কায়সার*, ১৯৬২।

জাইণ [পা ঞান্] *ক্রি* জানে। 'জো তরু ছেব ভেবউ ন জাইণ।' *চর্যা ৪৫*, ১২০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জাইত [স জাতি] *বি* জাতি। *মানোএল*, ১৭৪৩।

জাইন [আ জহীন>] *বি* বুদ্ধিমত্তা; ধাঁধা। 'বিবাহে অথবা ভোজের সভায়, যে ছেলে জাইন ঝাড়িতে পারিত, সকলে তাহাকে চেয়ে দেখিতেন।' *প্যারী*, ১৮৫৮।

জাইস্ট [ই] *বিণ* যুগ্ম। 'জিলার জাইস্ট মাজিস্ট্রেট।' *দর্পণ*, ১৮৩৯।

জাইর [আ জাহির] *বি* প্রকাশ। 'এখানকার সমাচার লিখীয়া কি জাইর করিব।' *ওসাঁ*, ১৭৮২।

জাউ [স যবাগূ] *বি* বেশি সিদ্ধ করে রান্না-করা মণ্ড। 'দুগ্ধ তিলে গুড়ে জাউ।' *মুকুন্দ*, ১৬০০।

জাউপাকানো *ক্রি* মোচড় দেওয়া। 'কথাটা তার পেটে জাউ পাকাইতেছিল।' *মনসুর*, ১৯৫৩।

জাএজ [আ জাইজ] *বিণ* ইসলামিমতে শাস্ত্রসমর্থিত। 'সঙ্গীতকে জাএজ বলিয়া মনে করিতেন।' *মোহাম্মদী*, ১৯২৯।

জাও [স যাতৃ] *বি* স্বামীর ভাইয়ের স্ত্রী। 'আহা অমন পোড়া জাও পেয়েছিলাম দিবারাত্রি আমার বুকে বসে ভাত রাঁধে।' *প্যারী*, ১৮৫৮।

জাওআঞি [স জামাতৃ] *বি* জামাই। 'ঘরে জাওআঞি রাখিআ পুষিব কতকাল।' *মুকুন্দ*, ১৬০০।

জাওন [পা যা>] *বি* গমন। 'তাহাদিগের জাওনে খরিদের কাজের খতরা ... হয়।' *হ্যালহেড*, ১৭৭৩।

জাওনওয়ালা *বি যে যায়*। 'লইয়া জাওনওয়ালার পাওনা এই নোট ...।' *ক্যালগে*, ১৭৮৭।

জাওনকালিন *ক্রিবিণ* যাবার সময়ে। 'এ মুলুক হইতে বিলাত জাওনকালিন ...।' *ক্যালগে*, ১৭৮৪।

জাওয়া [স যাতি] *ক্রি* যাওয়া। **জা** *ক্রি* যাও। 'দধি বিকে জা আজি মথুরার রাজ।' বড়ু, ১৪৫০; 'বেগ সংসার বড়হিল জাঅ।' *চর্যা* ৩৬, ১২০০। **জাঅ ১** *ক্রি* যায়। 'আগু জাঅ রাধা কাহ্ন চাহিতেঁ আপুণী।' বড়ু, ১৪৫০। **২** *ক্রি* যাও। 'জদি বা দক্ষিনে জাঅ এক পুরি পাইবা।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জাই ১** *ক্রি* যায়। 'জো রথে চড়িলা বাহবা ণ জাই কুলে কুল বুড়ই।' *চর্যা ১৪*, ১২০০। **২** *ক্রি* যাই; গমন করি। 'তাক লঅঁ জাই আক্ষে রাখিআর থানে।' বড়ু, ১৪৫০। **৩** *ক্রি* পারি। 'অব্যহার জত কর কহিতে না জাই।' *মালাধর*, ১৫০০। **জাইঅ** *ক্রি* যেয়ো। 'তরণী সাজিআ জাইঅ সিংহল নগর।' *মুকুন্দ*, ১৬০০। **জাইআ** *ক্রি* গিয়ে। 'সেই অনুসারে সবে তানে দেখ জাইআ।' *মালাধর*, ১৫০০। **জাইউ ১** *ক্রি* যাই। 'ঘাট ন গুমা খড়তড়ি নো হোই আখি বুজ্জিঅ বাট জাইউ।' *চর্যা ১৫*, ১২০০। **২** *ক্রি* যেয়ো। 'মথুরার হাট জাইউ চিত্তের হরিষে।' বড়ু, ১৪৫০। **জাইএ** *ক্রি* যাই; যাচ্ছি। 'জাইএ আক্ষে মথুরার হাটে।' বড়ু, ১৪৫০। **জাইছে** *ক্রি* যাইতেছে; যাচ্ছে। 'বিশ্বাস তত্ত করিতেছেন পাওয়া জাইছে না।' *ওসাঁ*, ১৭৮২। **জাইতাম** *ক্রি* যেতাম। 'পক্ষী জদি হইতাঙ উড়্যা জাইতাম ঘর।' *মুকুন্দ*, ১৬০০। **জাইতি** *ক্রি* যায়। 'ভাঁগি জাইতি মনসিজে ধরি রাখলি ত্রিবলি লতা অরুঝাই।' *বিদ্যাপতি*, ১৪৬০। **জাইতে** *ক্রি* যেতে। 'পথে জাইতে মহাবীর খায় বনফল।' *মুকুন্দ*, ১৬০০। **জাইতেঁ** *ক্রি* যেতে। 'পাছে পাছে জাইতেঁ পথ হারাইল আক্ষি।' বড়ু, ১৪৫০। **জাইব** *ক্রি* যাবো। 'না থাকিব তোর থানে জাইব আক্ষে রোষে।' বড়ু, ১৪৫০। **জাইবা ১** *ক্রি* যাওয়া। 'জাইবার বাসনা তোহ্মে ছাড়হ গোআলী।' বড়ু, ১৪৫০। **২** *ক্রি* যাবে। 'তিন দিগে ভ্রমিয়া দক্ষিনে না জাইবা।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জাইবি** *ক্রি* যাবে। 'আক্ষা ছাড়ী জাইবি কোণ পথে।' বড়ু, ১৪৫০। **জাইবেঁ** *ক্রি* যাবে। 'চিরকাল না রহিবে থাকি জাইবে খোঁটা।' বড়ু, ১৪৫০। **জাইবেঁ** *ক্রি* যাবে। 'মোএঁ আপোঙষ হৈবো তোহ্মে জাইবেঁ মার।' বড়ু, ১৪৫০। **জাইবেক** *ক্রি* যাবে। 'জখন সরকার মযুকুর তলব করিবেন তখন খুদ সমেত টাকা বেওজরে দেয়া জাইবেক।' *মেয়র্স*, ১৭৬২। **জাইবেন** *ক্রি* যাবেন। *ক্যালগে*, ১৭৮৫। **জাইবো** *ক্রি যাবো*। *বোগল*, ১৭৭০। **জাইবোঁ** *ক্রি* যাবো। 'মুণ্ডিআঁ পেলাইবোঁ কেশ জাইবোঁ সাগর।' বড়ু, ১৪৫০। **জাইমু** *ক্রি* যাবো। 'এমত সোন্দরী ছাড়ি জাইমু কি কারন।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জাইয়** *ক্রি* যেয়ো। 'কদাচীত রথে চড়ি না জাইয় মৃগয়া।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জাইল্য** *ক্রি* গেলো। 'সহিত গমনে জাইল্য ধর্ম্মর গাজন।' *রামাই*, ১৭১০। **জাইহ** *ক্রি* যেয়ো। 'ধরিহ মোর যুগতী রাধার হআঁ সংহতী/ চলি জাইহ মথুরার হাটে।' বড়ু, ১৪৫০। **জাউ** *ক্রি* যায়। 'মেলি মেল সহজেঁ জাউ ণ আনেঁ।' *চর্যা ৩৮*, ১২০০। **জাউক** *ক্রি* যাক। 'এরূপ জৌবন মোর জাউক রসাতলে।' *মালাধর*, ১৫০০। **জাউ** *ক্রি* যাও। 'আপণে আপণা চিহ্নিআঁ ঘর জাউ।' বড়ু, ১৪৫০। **জাএ ১** *ক্রি* যায়। 'ধরি লআঁ জাএ কুন্তলে।' বড়ু, ১৪৫০। **২** *ক্রি* যাবে। 'জকরা ভরেস রসবতী রে সে কৈসে জাএ বিদেস।' *বিদ্যাপতি*, ১৪৬০। **জাএন্ত** *ক্রি* যায়। 'মহা ২ বীরগণ জাএন্ত পলাইআ।' *বাহরাম*, ১৬৫০। **জাএব** *ক্রি* চলে যাবে। 'তা দেখিতে প্রাণ জাএব মোরে।' বড়ু, ১৪৫০। **জাও** *ক্রি* যাও। 'ঝাটে জাও পঞ্চ দূত আনে ডাক দিয়া।' *বিজয়*, ১৬৫০। **জাওঁ** *ক্রি* যাই; যাচ্ছি। 'মথুরা জাওঁ মো বিনে।' বড়ু, ১৪৫০। **জাওত** *ক্রি* যায়। 'ভনই বিদ্যাপতি দোতিক বচনে। বিসকল অঙ্গ না জাওত ধরনে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **জাওবি** *ক্রি* যাবে। 'জাওবি বসনে ঝাপি সব অঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **জাকু** *ক্রি* যাক। 'মর‍্যা জাকু সারিত্তয়া তোমার বালাই লইআ।' *মুকুন্দ*, ১৬০০। **জাত্যে** *ক্রি* যেতে। 'হাট জাত্যে না পাইল মথুরা।' বড়ু, ১৪৫০। **জান** *ক্রি* গমন করেন। 'হাথে গণ্ডিবান জান লঙ্কামুখে।' *মালাধর*, ১৫০০। **জাব** *ক্রি* যাবো। 'লোচনক ধৈরজ পদতলে জাব।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'তাহানে দেখিতে জাব ইচ্ছা থাকে মনে।' *মালাধর*, ১৫০০। **জাবা** *ক্রি* যাবে। 'পুরি মৈদ্ধে জাবা জদি পাইবা এক কৈন্যা।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জাবি ১** *ক্রি* যাবে। 'কৃষ্ণেরে পেলিয়া কহে আজি জাবি কহি।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* যাবি। 'জাবি জদি আন আগে আমার ইনাম।' *মুকুন্দ*, ১৬০০। **জাবে** *ক্রি* যাবে। 'মোর বানে আজি জাবে জমের করন।' *মালাধর*, ১৫০০। **জাবেক** *ক্রি* যাবে। 'টাকসালে চান্দি সোনা লওয়া জাবেক।' *ওসাঁ*, ১৭৮২। **জাম** *ক্রি* যাবো। 'শীঘ্র জাম ময়না সম্পাশ।' *আলাওল*, ১৬৮০। **জায়** *ক্রি* যায়। 'খেপহুঁ জোইণি লেপ ন জায়।' *চর্যা ৪*, ১২০০। **জায়ন্ত** *ক্রি* যাচ্ছেন। 'মাও প্রণমিয়া মুনি চলিয়া জায়ন্ত।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জায়ি** *ক্রি* যাই। 'চলি জায়ি ঘর।' বড়ু, ১৪৫০। **জায়িতেঁ** *ক্রি* চলতে। 'জায়িতেঁ নারোঁ তুরিত গমনে।' বড়ু, ১৪৫০। **জায়িব** *ক্রি* যাবো। 'এবেঁ ঘর জায়িব কোণ ছলে।' বড়ু, ১৪৫০। **জায়িবাক** *ক্রি* যেতে। 'জায়িবাক নান্দে মোরে বল করে।' বড়ু, ১৪৫০। **জায়িবোঁ** *ক্রি* যাবো। 'জায়িবোঁ তোহোর পাশে।' বড়ু, ১৪৫০। **জাসি ১** *ক্রি* যাও। 'অইসসি জাসি ডোম্বী কাহরি নাবেঁ।' *চর্যা ১০*, ১২০০। **২** *ক্রি* যাস। 'ডাক দিয়া বলে বির জাসি কোথাকারে।' *মালাধর*, ১৫০০। **জাহ** *ক্রি* যাও। 'আপণা চিহ্নিআঁ জাহ ঘর।' বড়ু, ১৪৫০। **জাহা** *ক্রি* যাও। 'কোণ বধূ লআঁ জাহা মথুরা।' বড়ু, ১৪৫০। **জাহিহ** *ক্রি* যেয়ো। 'পুনরপি জাহিহ সেই পুরি।' *মালাধর*, ১৫০০। **জাহী** *ক্রি* যেয়ো। 'নিঅডী বোহি দূর ম জাহী।' *চর্যা ৫*, ১২০০। **জাহু** *ক্রি* যাও। 'নিয়ড়হি বোহি মা জাহুরে লাহু।' *চর্যা ৩২*, ১২০০।

AMARBOI.COM

জাওয়াঁতি, জাওয়াতি [স জন্মপত্রী] *বি* জন্মপত্র। 'দীপিকা ভাস্বতী ধরে জৌতিষ বিচার করে বালকের লিখয়ে জাওয়াঁতি।' *মুকুন্দ*, ১৬০০।

জাওর [স যবস] *বি* জাবর; চর্বিত বস্তু আবার চিবানো। 'সবাই কেবল চিবোচ্ছে আর জাওর কাটছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

জাওলা *বি* জিয়ল মাছ ধরার বিশেষ জাল বা ফাঁদ। 'জাওলা পেতে ... বান-বোয়াল শেষ করতে পারেনি।' *শ্যামল*, ১৯৬৭।

জাতে [পা যা>] *ক্রি* যেতে। 'সুনা পান্তর উহ ন দিসই ভান্তি ন বাসসি জাতে।' *চর্যা ১৫*, ১২০০।

জাংলা [স জঙ্গাল] *বি* মাচা। 'ঘরের ওধারে জাংলার পরে ঝিঙা ও সিমের লতা।' *জসীম*, ১৯৫১।

জাঁক [স চমৎকার>] *বি* আড়ম্বর। *ভবানী*, ১৮২৩; 'সে দরগার জাঁক অতিশয়।' *দর্পণ*, ১৮২২।

জাঁকজমক *বি* আড়ম্বর। 'তাহা বড়ই জাঁকজমকের কথায় কহিয়া ...।' *তারিণী*, ১৮০৩।

জাঁকজমকশালী *বিণ* আড়ম্বরপূর্ণ। 'জাঁকজমকশালী ইংরেজি ভাষার চোটে।' *এসলাম*, ১৯১৯।

জাঁকজমকসহকারে *ক্রিবিণ* জাঁকজমকপূর্ণভাবে। 'মেলাটাও বেশ জাঁকজমকসহকারেই বসিয়াছিল।' *বনফুল*, ১৯৩৬।

জাঁক জোঁক *বি* আড়ম্বর। 'তুমি বড়লোক বলে করি জাঁক জোঁক।' *ভবানী*, ১৮২৫।

জাঁকা [স চমৎকার>] **১** *ক্রি* জমে ওঠা। 'দিনকতক তাহাতে খুব লাভ হইল, বড় পসার জাঁকিল।' *বঙ্কিম*, ১৮৭৪। **২** *ক্রি* চেপে বসা। 'কেমন জাঁকিয়ে বসা হয়েছে আবার, দ্যাখোনা!' *শিবরাম*, ১৯৫০

জাঁকিয়া বসা *ক্রি* গ্যাঁট হয়ে বসা। 'কাছারিতে আসিয়া জাঁকিয়া বসিলেন।' *বঙ্কিম*, ১৮৯২। **জাঁকিয়ে তোলা** *ক্রি* গৌরবান্বিত করা। 'মানুষই নামকে জাঁকিয়ে তোলে।' *রবীন্দ্র*, ১৮৮৭। **জেঁকে ওঠা** *ক্রি* জমে ওঠা। 'টীকে করেন, ব্যাখ্যা করেন, জেঁকে ওঠে বিক্তিমে।' *রবীন্দ্র*, ১৮৮৬। **জেঁকে বসা** *ক্রি* চেপে বসা। 'নিশাকর জাঁকিয়া বসিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮।

জাঁকান [হি জকড়না] *বি* চাপ; ভার। 'ফিকিরে রাখিল ফেলে ফলার জাঁকানে।' *মানিকরাম*, ১৭৮১।

জাঁকালো, জাঁকাল [স চমৎকার>] *বিণ* জাঁকজমকপূর্ণ। 'আর্ক-ফলার ঘটটা জাঁকাল রকম।' *বঙ্কিম*, ১৮৬৫; 'মানুষের চেয়ে নামটা জাঁকালো।' *রবীন্দ্র*, ১৮৯২।

জাঁত[১] [স যন্ত্র] *বি* চাপ। 'গহনার ইষ্টিমারে অসংখ্য লোক ওঠাতে বাবাজীরা লোকের চপটানে ইটপ্রেসের ফরমায় ও ইক্ষু কলের গীটের মত জাঁত সহ্য করে ...।' *হুতোম*, ১৮৬১।

জাঁতচাপা *বি* গাদাগাদি; ঠাসাঠাসি। 'ঘরের ভেতর ... এরা যা জাঁতচাপা হয়ে থাকে।' *জীবন*, ১৯৩২।

জাঁত[২] [স জাত] *বিণ* সঞ্চিত। **জাঁতঘর** *বি* মালখানা; গুদাম। 'জাঁতঘরে জ্বালানী মাল জাঁত হইতেছে।' *মশাররফ*, ১৮৯০।

জাঁতা[১] [স যন্ত্র] **১** *বি* শস্য পেষার যন্ত্রবিশেষ। 'হনুমান টানে জাঁতা হুতার লহরি।' *রামাই*, ১৭১০। **২** *বি* কামারের হাপরে হাওয়া দেওয়ার যন্ত্র। 'তার কিছু অন্তরে একটা হাপর, জাঁতা, হাতুড়ি ও হামামদিস্তে পড়ে রয়েচে।' *হুতোম*, ১৮৬১।

জাঁতাকল [স যন্ত্র+কল] **১** *বি* ইঁদুর মারার কলবিশেষ। 'ইঁদুরের মতো চুরি করে খেতে এসে খাতার জাঁতাকলের মধ্যে পড়ে গেছ দেখছি।' *রবীন্দ্র*, ১৮৯৬। **২** *বি* চাপকল; নলকূপ। 'গাড়ির ভিতর থেকে বেরিয়ে ... তারপর জাঁতাকলের কাছে গেল।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

জাঁতা[২] [স যন্ত্র>] **১** *ক্রি* চেপে ধরা। 'কাকতলি জাঁতি খুদ লুকায়্যা রাখিল।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* মর্দন করা। 'অঙ্গ জেন জাঁতেন কিঙ্কর।' *মুকুন্দ*, ১৬০০।

জাঁতি [স যন্ত্র] *বি* সুপারি কাটার যন্ত্র। 'সাপিনী পলাইতে মারে সুবর্ণের জাঁতি।' *কেতকা*, ১৬৫০।

জাঁতিকল, জাঁতীকল [স যন্ত্র+স কলা] *বি* ইঁদুর ধরার ফাঁদ। 'নলিন ফেল করিতে করিতে এনট্রান্স ক্লাসে জাঁতিকলের ইঁদুরের মতো আটকা পড়িয়া রহিল।' *রবীন্দ্র*, ১৯০০; 'আচ্ছা জাঁতীকলে ফেলেছে রে বাবা।' *পাশা*, ১৯৭১।

জাঁদরেল [ই জেনারেল] **১** *বিণ* বিরাট। 'জাঁদরেল আওয়াজ।' *জীবন*, ১৯৩২। **২** *বি* সেনাপতিবিশেষ। 'কতকগুলি একাধিপত্যলোলুপ জাঁদরেল পরস্পর লড়াই করে দেশটাকে ছারখার করে দিচ্ছিল।' *রবীন্দ্র*, ১৯৩৩। **৩** *বিণ* নামডাকওয়ালা। 'জাঁদরেল দাড়িওয়ালা অধ্যাপক।' *মুজতবা*, ১৯৫২। **৪** *বিণ* জবরদস্ত। 'জাঁদরেল পুলিশ অফিসার বলে আজো যাঁর নাম ডাক আছে।' *হাফিজুর*, ১৯৫৩।

জাঁদরেলি [ই জেনারেল>] **১** *বিণ* বিরাট; দশাসই। 'একটি জাঁদরেলি চেহারার পুরুষের সঙ্গে ডিনার খাচ্ছিলেন।' *প্রমথ*, ১৯১৫। **২** *বিণ* বড়ো রকমের। 'জাঁদরেলি গোছের দাপাদাপি।' *নজরুল*, ১৯২৭।

জাঁহাপনা [ফা জহান-পনাহ] *বি* সম্রাটের প্রতি সম্বোধনবিশেষ; হুজুর। 'কাজি কহে জাঁহাপনা কত কব আর।' *ভারত*, ১৭৬০।

জাঁহাবাজ [ফা জাহানবাজ] **১** *বিণ* দুরন্ত; দুঃসাহসী। 'জালিম জাঁহাবাজ মেয়ে।' *নজরুল*, ১৯২৭। **২** *বিণ* দজ্জাল। 'আচ্ছা জাঁহাবাজ মেয়ে।' *রবীন্দ্র*, ১৯৪১।

জাঁহার [পা যে>] *সর্ব* যাঁর। 'জাঁহার প্রসাদে মোর হৈল আচম্বিত।' *মালাধর*, ১৫০০।

জাক[১] [পা যে>] *সর্ব* যাকে। 'আন্ধি জাক জনমাইব তাক দিও ঠাঁই।' *রামাই*, ১৭১০।

জাক[২] [স চমৎকার>] *বি* বড়াই। 'আমাদের সাক্ষাতে যে মদকে দুদ করেছিলেন, সেদিন তারও জাক ভেঙ্গে গ্যালো।' *হুতোম*, ১৮৬১।

জাকজারি *বি* বাহাদুরি। 'ভারতের তরে তোমার, কত জাকজারি।' *অশ্বিনী*, ১৯২০।

জাকাত [আ জকাত] *বি* ইসলামি মতে সঞ্চিত সম্পদ থেকে নির্দিষ্ট অংশ দান করা। 'সপ্তম বাবেত শুন জাকাতের কথা।' *আলাওল*, ১৬৮০।

জাকাতদাত্রী [আ জকাত+স দাত্রী] *বিণ স্ত্রী* জাকাত দান করে এমন। 'রোজা-পালিনী ও জাকাতদাত্রী হইতে হইবে।' *বেগম*, ১৯৪৮।

জাকানো *ক্রি* শানিয়ে দেওয়া। 'আমার লাঙ্গল জাকাইয়া দিয়া আসবি বুঝলি?' *মনসুর*, ১৯৫৩।

জাকিট [ই] *বি* খাটো কোট; জ্যাকেট। 'পেনটলুন জাকিট পরে, ধুতি চাদর তুচ্ছ করে।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৬।

জাকে [পা যে>] *সর্ব* যাকে। 'জাকে দুধ যোগাও তারে কি বুলিবো।' *বড়ু*, ১৪৫০।

জাগ[১] [স যজ্ঞ] *বি* যজ্ঞ। 'পয়সি পয়াগে জাগ সত জাগই।' *বিদ্যাপতি*, ১৪৬০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জাগা[২] [স জাগ্] *বি* কাঁচা ফল পাকাবার জন্যে কৃত্রিম চাপ বা আবরণের সাহায্যে তাপ দেওয়া। 'সাহিত্যকে সংস্কৃতের জাগ দিয়া পাকাইতে চাহিতেন।' *প্রমথ*, ১৯১৪।

জাগ দেওয়া *বিণ* পচানোর জন্য পানিতে ভিজানো। 'জাগ-দেওয়া পাট নৌকা ভরে খালের ঘাটে এনে নামায়।' *নরেন্দ্র*, ১৯৪৭।

জাগ[৩] [ই] *বি* জগ; হাতলযুক্ত জলপাত্রবিশেষ। 'আমাদের মাথার উপর ঢেলে দেয় এক জাগ হিমশীতল জল।' *মুজতবা*, ১৯৬৬।

জাগড়া *বি* বর্শা। *মানোএল*, ১৭৪৩।

জাগত [স জগৎ] *বি* জগৎ। 'সে বড় পাপিষ্ঠ হএ জাগত মাঝার।' *বাহরাম*, ১৬৫০।

জাগতিক [স] **১** *বিণ* জগৎবিষয়ক; ইহলৌকিক। 'জাগতিক জীব জীবনধারণ করিতে পারিতেছে।' *অক্ষয়*, ১৮৫৪; **জন্মও জাগতিক** নিয়মাবলীর ফল।' *বঙ্কিম*, ১৮৭৪; 'জাগতিক নিয়মের প্রতি দোষারোপ করে কোনো সুখ নেই।' *রবীন্দ্র*, ১৮৯১। **২** *বিণ* বিষয়মুখী। 'জাগতিক, সুখশান্তিকামী ... গৃহী ব্যক্তির চর্ম্মচক্ষুর দৃষ্টিতে ...।' *অক্ষয়*, ১৮৫৪।

জাগতিকতত্ত্ব [স] *বি* বস্তুকেন্দ্রিক তত্ত্ব। 'অধুনাত জাগতিকতত্ত্ব-গবেষণাশীল পাশ্চাত্য পণ্ডিতগণের প্রকাশিত বিবরণ পাঠেই ...।' *অক্ষয়*, ১৮৫৪।

জাগতিকতা [স] *বি* জগতের আচরণ। 'পাশবিক জাগতিকতায় সে জেগে উঠল।' *ওয়াহীদ*, ১৯৪৪।

জাগন *বি* জাগা। *ওসাঁ*, ১৭৮৫।

জাগনা [স জাগ্রৎ] *বিণ* সজাগ। 'সারা রাইত জাগনা আছিলা।' *ইলিয়াস*, ১৯৭২।

জাগন্ত [স জাগ্রৎ] **১** *বিণ* জাগ্রত। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বিণ* পানি সরে গেছে এমন। 'জাগন্ত চরের বেশিরভাগই চোরাবালি।' *মণীশ*, ১৯৬৬।

জাগর [স] *বি* জাগরণ। 'কমলাদীকে পরিত্যাগই আমার কত জাগর, কত চিন্তা।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

জাগরক্লান্ত [স] *বিণ* জাগরণে ক্লান্ত। 'ধন্য হলি ওরে পান্থ/ রজনী জাগরক্লান্ত।' *রবীন্দ্র*, ১৯১০।

জাগর-ডঙ্কা [স জাগর+স ঢক্কা] *বি* জাগরণী ঢাক। 'শান্তিপুরে শুনবে কে তোর জাগর-ডঙ্কা-রোল।' *নজরুল*, ১৯২৯।

জাগরমন্ত্র [স] *বি* জাগরণের মন্ত্র। 'নবীন প্রাণের জাগরমন্ত্র কানে আমার বোলো।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জাগরমুখর [স] *বিণ* জাগরণে মুখর। 'এসো জাগরমুখর প্রভাতে।' *রবীন্দ্র*, ১৯০৫।

জাগররক্ত [স] *বিণ* জাগরণরূপ রক্তিম। 'উন্নততার জাগররক্ত দীপ্তনেত্রের ন্যায়।' *রবীন্দ্র*, ১৯০৫।

জাগর-সুর [স] *বি* জাগরণের গান। 'তন্দ্রা অলস নয়নে বুলাও জাগর-সুরের স্পর্শ।' *নজরুল*, ১৯৩০।

জাগরণ [স] **১** *বি* জাগ্রত অবস্থা। 'কি শয়নে কি ভোজনে কিবা জাগরণে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* চৈতন্য। 'সেইকালে অট্টাচার্য্যের হৈল জাগরণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৩** *বি* অনিদ্রা। 'ছয় দিনে য্যাঠারা করিল জাগরণ।' *মুকুন্দ*, ১৬০০। **৪** *বি* চেতনা। 'কোথা হতে সমীরণ আনে নব জাগরণ।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৫** *বি* উদ্দীপনা। 'জাগরণসম তুমি আমার ললাটে চুমি উদিছ নয়নে।' *রবীন্দ্র*, ১৮৯৬।

জাগরণকাল [স] *বি* জেগে থাকার সময়। 'আমাদের জাগরণকালের মেয়াদ ফুরাইয়া আসিতেছে।' *রবীন্দ্র*, ১৯১২।

জাগরণতান [স] *বি* জাগরণের সুর। 'শ্যামল জীবনগাথা জাগরণতান!' *নজরুল*, ১৯২৫।

জাগরণমন্ত্র [স] *বি* জাগিয়ে তোলার বাণী। 'সত্যের জাগরণমন্ত্র যে সেখানে পৌঁছায়নি।' *রবীন্দ্র*, ১৯৩২।

জাগরণ-রোল [স] *বি* জাগরণের উচ্চ শব্দ। 'এই জাগরণ-রোলে এ-মেষের দেশও জাগাও ফের!' *নজরুল*, ১৯২৮।

জাগরণহীন [স] *বিণ* কখনো জেগে ওঠে না এমন। 'জাগরণহীন নিদ্রায়।' *রবীন্দ্র*, ১৯৩৫।

জাগরণী [স] **১** *বি* জাগিয়ে দেয় যে। 'আনন্দের এই জাগরণী ছুঁইয়ে দাও।' *রবীন্দ্র*, ১৯১৫। **২** *বি* হিন্দুদেবী দুর্গার আগমন উপলক্ষে গাওয়া গান। 'সেদিন গাইব নব জাগরণী।' *নজরুল*, ১৯২২। **৩** *বিণ* জাগরণবিষয়ক। 'আমি শুধু গান গেয়ে চলেছি – জাগরণী গান।' *নজরুল*, ১৯২৭।

জাগরন [স জাগরণ] *বি* জাগ্রত অবস্থা। 'পুজিয়াত ভগবতি করিল জাগরন।' *মালাধর*, ১৫০০।

জাগরনি [স জাগরণ>] *বি* জাগরণের গান। *বিদ্যা*, ১৮৯১।

জাগরিত [স] *বিণ* জাগ্রত। 'তাহাকে সুপ্ত দেখিয়া জাগরিত করিল।' *বিদ্যা*, ১৮৪৭।

জাগরী [স] *বিণ* নিদ্রাহীন। 'দেখ একবার আমরা জাগরী চারকোটি পরিবার।' *হাফিজুর*, ১৯৫৩।

জাগরুক [স জাগরূক] **১** *বিণ* জাগ্রত। 'লোক-হিতকর সারগর্ভ উপদেশটি ... হৃদয়ে জাগরুক করুন।' *অক্ষয়*, ১৮৪৬। **২** *বিণ* জাজ্বল্যমান। 'বিদ্বান লোকদিগের উপদেশ সমস্ত চিরকাল জাগরুক রহিতেছে।' *প্রভাকর*, ১৮৪৭।

জাগরূক [স] **১** *বিণ* জাগ্রত; সজাগ। 'রাত্রি দিন জাগরূক পবননন্দন।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* সতর্ক। 'আমি জাগরূক হইয়া আছি সঙ্কেত পাওয়া মাত্রে তুমি ত্বরায় পলায়ন করিও।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩। **৩** *বিণ* অবিস্মৃত; না-ভোলা। 'পিতামাতার মনে সে সর্বদাই জাগরূক ছিল।' *রবীন্দ্র*, ১৮৯২। **৪** *বিণ* প্রস্ফুটিত। 'কেবল একটি হাসি অধরের প্রান্তে আসি আনন্দ করিত জাগরূক।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৫** *বিণ* উদ্বোধিত। 'মানুষের প্রতি খৃষ্টধর্ম যে অসীম শ্রদ্ধা জাগরূক করেছে।' *রবীন্দ্র*, ১৯২৬।

জাগা[১] [ফা জায়গাহ্] *বি* জায়গা। 'জঙ্গলা জাগা তোমাকে কুটী করিতে পাট্টা দীলাম।' *বেগল*, ১৭৭০।

জাগা[২] [স] **১** *বি* জেগে থাকা। 'স্বপন সাথে জড়িয়ে জাগা,কাঁদি আকুল ধারে।' *রবীন্দ্র*, ১৯১৪। **২** *বি* জাগরণ। 'ঘুমও যায় ঘুলিয়ে/ জাগাও যায় ঘুলিয়ে।' *রবীন্দ্র*, ১৯২৫।

জাগানে [স জাগ্>] *বিণ* স্মরণ করিয়ে দেয় এমন। 'বাতাসটি বয় মনের-কথা-জাগানে।' *রবীন্দ্র*, ১৯০০।

জাগিয়ে তোলা *বি* স্মরণ করা। 'চেষ্টা করতে গেলেই বিস্তর অপ্রিয় আলোচনাকে জাগিয়ে তোলা হবে।' *রবীন্দ্র*, ১৯০৭।

জেগে উঠন *বি* জেগে ওঠা। *ওসাঁ*, ১৭৮৫।

জেগে ওঠা **১** *ক্রি* সহসা উজ্জীবিত হওয়া। 'জাগিয়া উঠিছে প্রাণ।' *রবীন্দ্র*, ১৮৮৩। **২** *ক্রি* উদিত হওয়া। 'গাছপালা, সূর্যালোক, গৃহ, লোকজন কোথা হতে জেগে ওঠে গুহার মাঝারে।' *রবীন্দ্র*, ১৮৮৪। **৩** *ক্রি* সঞ্চার হওয়া। 'মনের ভিতরে এমন একটা সুতীব্র অথচ

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সুমধুর চাঞ্চল্য জেগে উঠল।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৪** *ক্রি* প্রকাশ পাওয়া। 'জেগে ওঠে সব শোভা, সব মাধুরী।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জেগে থাকা ১ *ক্রি* নিমজ্জিত না হওয়া । 'আমার চারিটিমাত্র ধাপ জলের উপরে জাগিয়া আছে।' *রবীন্দ্র*, ১৮৮৪। **২** *ক্রি* উন্মুখ থাকা। 'দিনরাত ডানা ঝাপটায় আর শুধু ইচ্ছে জেগে থাকে।' *মাহমুদ*, ১৯৬৩।

জাগা[৩] [স জাগ্>] **১** *ক্রি* জেগে থাকা। 'সুসুরা নিদ গেল বহুড়ী জাগঅ।' *চর্যা ২*, ১২০০; 'চন্দ্র অতন্দ্র নভে জাগিছে সুপ্ত ভবে।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *ক্রি* উদিত হওয়া। 'দুহার মুরতি দুহ রিদএত জাগ।' *মালাধর*, ১৫০০। **৩** *ক্রি* ঘুম ভাঙানো। *মানোএল*, ১৭৪৩; 'ঘুমের ঘোর ভাঙায়ে দিব উষারে জাগায়িয়ে।' *রবীন্দ্র*, ১৮৮৩। **৪** *ক্রি* জাগ্রত হওয়া। 'সে উসুখুসু করিয়া জাগিয়া উঠিত।' *রবীন্দ্র*, ১৮৮৪। **৫** *ক্রি* উজ্জীবিত হওয়া। 'হৃদয়ের মাঝে জীবন জাগিছে/ পরশ লভিনু তার।' *রবীন্দ্র*, ১৮৯০। **৬** *ক্রি* সৃষ্টি করা। 'আনন্দধ্বনি জাগাও গগনে।' *রবীন্দ্র*, ১৮৯২। **৭** *ক্রি* জ্বলে ওঠা। 'একটুখানি আলো জাগিয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৮** *ক্রি* মুক্ত হওয়া। 'স্বার্থ হতে জাগো, দৈন্য হতে জাগো।' *রবীন্দ্র*, ১৯০১। **৯** *ক্রি* উদ্বুদ্ধ করা। 'পরিবর্তনের সময়ে মানুষ নিজের সমস্ত বুদ্ধিকে জাগাবে কেন?' *রবীন্দ্র*, ১৯০৭। **১০** *ক্রি* বাজা। 'তা হলেই সুর জাগে।' *রবীন্দ্র*, ১৯২১। **১১** *ক্রি* উসকিয়ে দেওয়া। 'কে হায় হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাসে!' *জীবন*, ১৯৪২। **জাগঅ** *ক্রি* জাগে। 'সুসুরা নিদ গেল বহুড়ী জাগঅ।' *চর্যা ২*, ১২০০। **জাগই** *ক্রি* জাগে। 'পয়সি পয়াগে জাগ সত জাগই।' *বিদ্যাপতি*, ১৪৬০। **জাগত** *ক্রি* জাগে। 'জাগত অনঙ্গ ঘন কাঁপে অঙ্গ।' *রামপ্রসাদ*, ১৭৮০। **জাগন্তে** *ক্রি* জেগে থাকতে। 'কণ্ঠে নৈরামণি বালি জাগন্তে উপাড়ী।' *চর্যা ৫০*, ১২০০। **জাগা** *ক্রি* ঘুম ভাঙা। *মানোএল*, ১৭৪৩। **জাগিতে** *ক্রি* নিদ্রা ত্যাগ করতে। 'তোমার নিদ্রা সে নিদ্রা জাগিতে জাগবন্ত।' *মালাধর*, ১৫০০। **জাগিয়া** *ক্রি* জেগে। 'কেহ বলে তুঞি বড় ওঝা ছিলি জাগিয়া।' *বৃন্দা*, ১৫৮০। **জাগিলা** *ক্রি* জাগ্রত হলে। 'চমকি রবে জাগিলা সকল দস্যুগণ।' *বৃন্দা*, ১৫৮০। **জাগু** *ক্রি* জাগ্রত হয়। 'মুনিহৃক মানস মনমথ জাগূ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **জাগে** *ক্রি* জাগ্রত হয়। 'সে বচন জাগে মোর পাঞ্জর ভিতরে।' *মালাধর*, ১৫০০। **জাগেন্ত** *ক্রি* জেগে থাকে। 'সবে নিদ্রা যায়ন্ত জাগেন্ত নরপতি।' *আলাওল*, ১৬৮০। **জাগোন্ত** *বিণ* জেগে আছে এমন। *ওসমা*, ১৭৮২।

জাগাজাগি [স জাগ্>] *বি* বারে বারে জাগা। *বিদ্যা*, ১৮৯১।

জাগাত [আ জকাত] *বি* শুল্ক। 'মায়ায় গম হঠে জাগাতের মুড়াঘাটে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

জাগানিয়া *বি* জাগিয়ে তোলে যে। 'ওগো দুখ-জাগানিয়া, তোমায় গান শোনাব।' *রবীন্দ্র*, ১৯২৩।

জাগানো[৩] [পা জাগ্>] **১** *বি* ফোটানো। 'এল সেই ফুল-জাগানোর খবর নিয়ে।' *রবীন্দ্র*, ১৯১১। **২** *বিণ* জাগ্রতকারী। 'দিল-জাগানো দক্ষিণতা।' *সত্যেন্দ্র*, ১৯১২।

জাগীরদার [ফা জাগীর] *বি* কর্মের জন্যে পুরস্কারপ্রাপ্ত জমির অধিকারী ব্যক্তি। *চেরী*, ১৭৮৮।

জাগু *ক্রি* যায়। 'অঘোগতি জাগু লীলাবতী।' *মুকুন্দ*, ১৬০০।

জাগৃতি [স] *বি* জাগরণ। 'আজিকে আমার নভে জাগৃতির শুকতারা হাসে।' *হাফিজুর*, ১৯৫৩।

জাগৃহি [স জাগ্>?] *বিণ* জাগ্রত। 'আজ জাগৃহি মা, আজ জাগৃহি মা।' *নজরুল*, ১৯২৪।

জাগোয়াল [পা জাগর] *বি* জাগ্রত প্রহরী। 'রজনী দিবস সম জাগে জাগোয়াল।' *আলাওল*, ১৬৮০।

জাগ্রৎ [স] *বিণ* জীবিত। 'নিয়মিত কালপর্য্যন্ত জাগ্রৎ থাকিয়া কালবশে নিদ্রিত হইয়াছে।' *দর্পণ*, ১৮২৮।

জাগ্রৎকরণ [স] *বি* জাগিয়ে তোলা। 'সুপ্তদশা হইতে জাগ্রৎকরণ।' *দর্পণ*, ১৮২৭।

জাগ্রৎচিত্ত [স] *বি* জাগরূক মন। 'আমাদের সেই জাগ্রৎচিত্ত যে কোনো কাজে প্রবৃত্ত হইতেছে।' *রবীন্দ্র*, ১৯১৬।

জাগ্রৎচৈতন্য [স] *বি* জাগরূক চেতনা। 'জাগ্রৎচৈতন্য এতবড়ো সর্বনাশা অন্ধকারের নিবিড় আলিঙ্গন সহিতে পারে না।' *রবীন্দ্র*, ১৯১৪।

জাগ্রৎসত্তা [স] *বি* জাগরূক সত্তা। 'তাহাকে কোনো জাগ্রৎসত্তা বড়ো হওয়া মনে করিতে পারে না।' *রবীন্দ্র*, ১৯১৬।

জাগ্রৎস্বপ্ন [স] *বি* জাগ্রত অবস্থায় দেখা স্বপ্ন। 'অর্ধশয়ান অবস্থায় জাগ্রৎস্বপ্নে নিযুক্ত ছিলুম।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জাগ্রত [স] **১** *বিণ* সজাগ। 'জাগ্রত আমার প্রিয় কেন ডাকে বনপ্রিয়।' *ভারত*, ১৭৬০; 'এ ঘরে কে জাগ্রত আছহ।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *বিণ* সচেতন। 'অন্য নিদ্রিত লোককে জাগ্রত কর।' *অক্ষয়*, ১৮৪৩। **৩** *বিণ* সতর্ক। 'এইক্ষণে আমাদিগের মনে জাগ্রত রহিয়াছে।' *অক্ষয়*, ১৮৪৮। **৪** *বি* সচেতন অবস্থা। 'শৈবলিনী ভ্রান্তি বশে জাগ্রতেও, দুঃস্বপ্ন বলিল, আমার কি হবে ...।' *বঙ্গদর্শন*, ১৮৭৪। **৫** *বিণ* উপস্থিত। 'আজি বসন্ত জাগ্রত দ্বারে।' *রবীন্দ্র*, ১৯১০। **৬** *বিণ* সক্রিয়। 'প্রত্যেকের ব্যক্তিগত জীবনে গ্রুপ পার্সোনালিটি এবং ইনডিভিজুয়াল পার্সোনালিটি জাগ্রত আছে।' *রবীন্দ্র*, ১৯২১। **৭** *বিণ* অলৌকিক ক্ষমতাসম্পন্ন। 'সবাই বলে ঠাকুর বড় জাগ্রত।' *বিভূতি*, ১৯৩৭।

জাগ্রত-ঈমান [স জাগ্রত+আ ঈমান] *বিণ* বিশ্বাস জাগ্রত এমন। 'জাগ্রত-ঈমান মুছলমান ভোটার সম্পূর্ণ বিধেয়ত ...।' *আজাদ*, ১৯৩৯।

জাগ্রত করা *ক্রি* জাগরূক করা। 'যে পরিমাণে কষ্ট ও অশান্তি জাগ্রত করিয়া তুলি ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

জাগ্রত থাকা *ক্রি* জাগরূক থাকা। 'বিরোধে আত্মরক্ষার চেষ্টা বরাবর জাগ্রত থাকে।' *রবীন্দ্র*, ১৯০৫।

জাগ্রত রাখা *ক্রি* জাগরূক রাখা। 'ইংলণ্ডে স্বভাবতই স্টেটকে জাগ্রত রাখিতে সচেষ্ট ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

জাগ্রত হওয়া *ক্রি* জাগরূক হওয়া। 'পথে পথে কর্মকোলাহল জাগ্রত হইয়া উঠিবে।' *রবীন্দ্র*, ১৯০৭।

জাগ্রতা [স] *বিণ স্ত্রী* অলৌকিক ক্ষমতাসম্পন্ন। 'মা কি এতই জাগ্রতা!' *হাসান*, ১৯৬৭।

জাগ্রতাবস্থা [স] *বি* জাগ্রত অবস্থা। 'শৈবলিনী অপহৃত চেতনা হইয়া, অর্দ্ধ নিদ্রাভিভূত, অর্দ্ধ জাগ্রতাবস্থায় রহিল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

জাঙ *ক্রি* যাচ্ছে। 'নিতি নিতি দধি বিকে জাঙ।' *বড়ু*, ১৪৫০; 'তেঞি সে দধি বিকে জাঙ মথুরার হাটে।' *বড়ু*, ১৪৫০।

জাঙলা [স জঙ্গাল] *বি* মাচা। 'জাঙলা ভরিয়া লাউয়ের লতায়।' *জসীম*, ১৯৩০।

জাঙাল [স জঙ্গাল] **১** *বি* বাঁধ। 'উঠ, বলি; বীরবলে এ জাঙাল ভাঙি।' *মাইকেল*, ১৮৬১। **২** *বি* পথ। 'দাঁড়িয়ে তোমার যম – জাঙালের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বক্র মোড়ে।' *সত্যেন্দ্র*, ১৯১২। দ্র **জাঙ্গাল**

জাঙিয়া [স জঙ্ঘা>] *বি* নিম্নাঙ্গে পরার অন্তর্বাস। 'পায়জামা পরিণত হয়েছে জাঙিয়ায়।' *নজরুল*, ১৯৪০।

জাঙিআ [স জঙ্ঘা>] *বি* নিম্নাঙ্গের অন্তর্বাসবিশেষ; জাঙ্গিয়া। *বিদ্যা*, ১৮৯১।

জাঙ্গলিকতা [ফা জঙ্গল+স ইক+স তা] *বি* বর্বরতা। 'জাঙ্গলিকতা পরিহার পূর্ব্বক সভ্যতাসনে আসীন হইয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৮।

জাঙ্গাল [স জঙ্গাল] **১** *বি* বাঁধ। 'উত্তরিল সেতুবন্ধ রামের জাঙ্গাল।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* দেয়াল। *মানোএল*, ১৭৪৩। **৩** *বি* উঁচু আলপথ। 'কাকার সঙ্গে জলা-জাঙ্গালে পথ ভাঙিতে লাগিল সে।' *শওকত*, ১৯৫৮।

জাচক [স যাচক] *বিণ* বিনা আহ্বানে কিছু বলে বা করে এমন। 'জাচে রে জাচক জন তারে দিতে নাহি ধন।' *মুকুন্দ*, ১৬০০।

জাচা [স যাচ্>] *ক্রি* পরীক্ষা করে দেখা। 'ন সুনলি মহাজন মুখকাঁ। জাচত বাঘ ন খাএত বনকাঁ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জাচাই [স যাচ্>] *বি* যাচাই; পরীক্ষা করে দেখা। 'ফেরত কাপড় জাচাইর ফর্দ্দ।' *তাঁতি*, ১৭৯২।

জাচাইসই [যাচাই+আ সওয়া] *বি* যাচাইকৃত পরিমাণ। 'কার কতো জাচাইসই কতো ফেরত তাহা লিখিবা।' *হ্যালহেড*, ১৭৭৩।

জাছুছ [আ জাসূস] *বি* গুপ্তচর। 'কুটনী তালাসে ভেজে জাছুছ কমিনা।' *গরীব*, ১৭৬৫।

জাজ [ই] *বি* বিচারক। **জাজসাহেব** [ই জাজ+আ সাহিব] *বি* বিচারক। 'পৈতৃকাধিকারে অনংশীকরণ স্বরূপ দণ্ড দিবেন এমত কোন জাজসাহেব নাহি।' *দর্পণ*, ১৮৩১।

জাজন [স যাজন] *বি* পৌরোহিত্য। 'জজন জাজন বেদ পঠে অধ্যয়ন।' *মালাধর*, ১৫০০।

জাজিম [ফা] *বি* পুরু গদিবিশেষ। 'উঠোনে ... তার উপর মাঁদরাজি খেরোর জাজিম হাসচে।' *হুতোম*, ১৮৬১।

জাজ্বল [স] *বিণ* অত্যন্ত উজ্জ্বল। 'দিবসের হৈম জ্বালা দীপ্ত দিকে দিকে উজ্জ্বল-জাজ্বল-অনিমিখ।' *সত্যেন্দ্র*, ১৯১২।

জাজ্বল্য [স] *বিণ* অত্যন্ত উজ্জ্বল। **জাজ্বল্যমান** [স] **১** *বিণ* অত্যন্ত উজ্জ্বল। 'জগৎ প্রদীপ সূর্য্য জাজ্বল্যমান থাকিতেও এই দুষ্কর্ম্ম করিল।' *দর্পণ*, ১৮১৯। **২** *বিণ* প্রত্যক্ষ। 'এই জাজ্বল্যমান জগৎ যদি অসৎ হইয়া যায়, তথাপি আমি বর্ত্তমান থাকিব!' *অক্ষয়*, ১৮৪৯। **৩** *বিণ* সুস্পষ্ট। 'দেহের অবস্থা তিনি কত জাজ্বল্যমান করিয়া আঁকিতে পারেন।' *প্রমথ*, ১৮৯০। **৪** *বিণ* সুস্পষ্ট। 'সুরটাকে বিচিত্র এবং জাজ্বল্যমান করবার জন্যে বেসুরো মিশিয়ে দেয়।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জাট [হি] *বি* পাঞ্জাব ও রাজপুতনার জাতিবিশেষ। 'শক, জাট, হূণ প্রভৃতি অসভ্য জাতীয়েরা ... সিন্ধুনদের পশ্চিম ভাগ অধিকার করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৪৯।

জাটি [স যষ্টি] **১** *বি* যষ্টি; লাঠি। 'সেজ্যা এল্য অস্ত্রজাল লয়ে শেল জাটি।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বি* পৌরাণিক অস্ত্রবিশেষ। 'শেল, শক্তি, জাটি, তোমর, ভোমর, নারাচ, কৌন্ত – শোভে দন্তরূপে।' *মাইকেল*, ১৮৬১।

জাঠ [হি জাট] *বি* পাঞ্জাব ও রাজপুতনার জাতিবিশেষ। 'নানা জাতি বাঙ্গালী, পঞ্জাবী, তৈলঙ্গী ... জাঠ।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

জাঠসর্দার [হি জাট+ফা সরদার] *বি* পাঞ্জাব ও রাজপুতনার হিন্দু গোত্রবিশেষের সর্দার। 'কোন জাঠসর্দার কোথায় ভাত রাঁধিয়া খাইয়াছে।' *শরৎ*, ১৯৩১।

জাঠ [স যষ্টি] *বি* মাড়াই কলের পেষণ-দণ্ড। 'মন আমার কুসর-মলা জাঠ হল রে।' *লালন*, ১৮৯০।

জাঠতুতো, জাঠততো [স জ্যেষ্ঠতাত] *বিণ* জেঠার সঙ্গে সম্পর্কিত। 'ওর জাঠতুতো ভায়েদের সঙ্গে ভারি বিবাদ।' *গিরিশ*, ১৮৮৯; 'তোমার জাঠততো ভাই।' *রবীন্দ্র*, ১৯১৪।

জাঠরিক [স] *বিণ* দৈহিক। 'লোকসাধারণের নৈতিক ও জাঠরিক উন্নতি কী করিয়া হইতে পারে ...' *রবীন্দ্র*, ১৯৩৬।

জাঠা [স যষ্টি] **১** *ক্রি* প্রহার করা। 'মাহুত হাথির পিঠে শেল শাবল জাঠে গগনে পুরয়ে আড়ম্বর।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* যষ্টি; বড় লাঠি। 'শব্দ শুন্যা সৈন্য সহ লয়্যা শেল জাঠা।' *মানিকরাম*, ১৭৮১।

জাঠি, জাঠী [স যষ্টি] *বি* লোহার লাঠিবিশেষ। 'ক্ষণে দন্তে তৃণ লয় ক্ষণে জাঠি মারে।' *বৃন্দা*, ১৫৮০; 'কাহার হাতে খড়্গ জাঠী নানা অস্ত্রে পরিপাটী।' *বিজয়*, ১৬৫০।

জাড্য [স জড়] *বি* জড়তা। 'এক অঙ্গে জাড্য তার আর অঙ্গে কম্প।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জাড্যদোষ *বি* আলস্য। 'জাড্যদোষ দূর কর।' *মদনমোহন*, ১৮৪৯।

জাড় [স জাড্য] **১** *বি* শীত; ঠাণ্ডা। *ওসাঁ*, ১৭৮৫; 'গেল জাড়ের পালা/ ওলো আগুন জ্বালা।' *সত্যেন্দ্র*, ১৯১৬। **২** *বি* শীতজনিত জড়তা; শীতলতা। 'আমার কি জাড় আছে?' *মাহমুদ*, ১৯৭৩।

জাড়কাল [স জাড্যকাল] *বি* শীতকাল। 'বাতাসের আমেজ ভালো করে অনুভব করতে না করতেই হুড়মুড় করে জাড়কাল এসে পড়ল।' *হাসান*, ১৯৬৪।

জাড়ি, জাড়ী [স জড়>] *বি* মাটির বড়ো ঘড়া বা কলস। 'বাইশ জাড়ী পানি দিনে ভরেন রামাই।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জাণ [তুল. ফা জান] *বি* জীবন। 'জাণ জৌবন মোর ভইলেসি পূরা।' *চর্য্যা* ২০, ১২০০।

জাণা [পা এ্রান>] *ক্রি* জ্ঞাত হওয়া; অবগত হওয়া। 'লুই ভণই গুরু পুচ্ছিঅ জাণ।' *চর্য্যা* ১, ১২০০; 'নাহিঁ জাণ এবেঁ তোঁ আপণার নাশ।' *বড়ু*, ১৪৫০। **জাণএ** *ক্রি* জানে। 'দৈবে সে জাণএ যার যেহেন ঘটনে।' *বড়ু*, ১৪৫০। **জাণওঁ** *ক্রি* জানি। 'আল জাণওঁ রতি সকল।' *বড়ু*, ১৪৫০। **জাণমি** *ক্রি* জানি। 'ণ জাণমি অপা কঁহি গই পইঠা।' *চর্য্যা* ৩১, ১২০০। **জাণল** *ক্রি* জানলাম। 'কালকূট বিষহরি জাণল কটাক্ষ।' *বড়ু*, ১৪৫০। **জাণসি** *ক্রি* জানো। 'না জাণসি ধরমবেবথা।' *বড়ু*, ১৪৫০। **জাণহ** *ক্রি* জানো। 'এতেকেঁ এ সব/ কাজের প্রকার/ জাণহ আশেষে বিশেষে।' *বড়ু*, ১৪৫০। **জাণহুঁ** *ক্রি* জানি। 'অন্তে ন জাণহুঁ অচিন্ত জোই।' *চর্য্যা* ২২, ১২০০। **জাণা** *ক্রি* জানাও। 'জাণা গিআঁ গোআল আইহনে।' *বড়ু*, ১৪৫০। **জাণাআঁ** *ক্রি* জানিয়ে। 'মারিবোঁ পরাণে তোকে জাণাআঁ গোআল।' *বড়ু*, ১৪৫০। **জাণাইহ** *ক্রি* জানায়ো। 'না জাণাইহ কাহ্নাঞিকে সুন বড়ায়ি ল।' *বড়ু*, ১৪৫০। **জাণায়িআঁ** *ক্রি* জানিয়ে। 'কংশ জাণায়িআঁ তোক কাটায়িব আজ্ঞে।' *বড়ু*, ১৪৫০। **জাণায়িবোঁ** *ক্রি* জানাবে। 'মোএঁ কান্দিআঁ সাসু জাণায়িবোঁ।' *বড়ু*, ১৪৫০। **জাণায়িল** *ক্রি* জানালো। 'দৈবকীর প্রসব কংশের জাণায়িল।' *বড়ু*, ১৪৫০। **জাণি** *ক্রি* জানি। 'জাণি মেণ আল বড়ায়ি কাহ্নের কাঁহিণী।' *বড়ু*, ১৪৫০। **জাণিএ** *ক্রি* জানি। 'এ সব কাজের আজ্ঞে জাণিএ প্রবন্ধ।' *বড়ু*, ১৪৫০। **জাণিবোঁ** *ক্রি* জানবো। 'জৈসাণে রতি জাণিবোঁ/ তেসাণে কাহ্ন আণিবোঁ।' *বড়ু*, ১৪৫০। **জাণিল** *ক্রি* জানলো। 'দেবের প্রসাদে

AMARBOI.COM

তবে বসুল জাণিল।' *বড়ু*, ১৪৫০। **জাণিলোঁ** *ক্রি* জানলাম। 'এবেঁ সে জাণিলোঁ কাহ্ন বাটোআড় তোহ্মে।' *বড়ু*, ১৪৫০। **জাণী** *ক্রি* জেনে। 'বাণ্ডকুরু সম্ভারে জাণী।' *চর্যা* ৩৭, ১২০০; 'এহা জাণী ঝাঁট চল রাধিকার পাশে।' *বড়ু*, ১৪৫০। **জাণীআঁ** *ক্রি* জেনে। 'এহাক জাণীআঁ রাধা পুর মোর আশ।' *বড়ু*, ১৪৫০। **জাণে** *ক্রি* জানে। 'আহ্মা ছাড়ী তাক আন কেহো নাহিঁ জাণে।' *বড়ু*, ১৪৫০। **জাণো** *ক্রি* জেনেছি। 'সে নিল জাণো আনুমানে।' *বড়ু*, ১৪৫০।

জাত[১] [স জাতি] **১** *বি* জাতিগোষ্ঠী। 'সুরানি লোহানী স্পানী কিতাপী বিট্টানি হুনি পাঠান বসিল নানা জাত।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* ভালো বংশ। 'হালাল হারাম জান জাত কি অজাত।' *সুলতান*, ১৭০০। **৩** *বি* নির্দিষ্ট ভূখণ্ডে বাসকারী অভিন্ন ভাষা-সংস্কৃতি-ভিত্তিক জনগোষ্ঠী; নেশন। *ওসী*, ১৭৮২। **৪** *বি* দল। 'ছেলের জাত ভাল মন্দ কিছুই জানে না।' *সুলভ*, ১৮৭১। **৫** *বি* চরিত্র। 'তুমি ভদ্রলোকের মেয়ের জাত খাও।' *গিরিশ*, ১৮৮৯। **৬** *বি* ধর্ম। 'কেউ মালা কেউ তসবি গলে তাইতে কি জাত ভিন্ন বলে।' *লালন*, ১৮৯০। **৭** *বিণ* প্রকৃত। 'যারা জাত লেখক তারা পাগলের রূপান্তর।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৮** *বি* বংশানুক্রমিক পেশাভিত্তিক সম্প্রদায়। 'জাতের কথা হচ্ছে না, বংশের কথা হচ্ছে।' *রবীন্দ্র*, ১৯০৭; 'জাতে হয়তো মেথর হবে, কিংবা নেহাত ওঁচা।' *রবীন্দ্র*, ১৯১৮; 'জাতের নামে বজ্জাতি সব জাত-জালিয়াৎ খেলছ জুয়া।' *নজরুল*, ১৯২৪।

জাতকবি [স জাতি-কবি] *বি* জন্মগতভাবে প্রতিভাবান কবি। 'অক্ষয়কুমার বড়াল জাতকবি।' *প্রমথ*, ১৯১২।

জাত কাড়া *ক্রি* জাতিচ্যুত করা। 'তিনি নিজে এসে আমার জাত কেড়ে নিয়েছেন।' *রবীন্দ্র*, ১৯০৯।

জাত-কুঁড়েমি [স জাতি+কুঁড়েমি] *বি* আজন্ম অলসতা। 'এই তো দেখি পুরুষ জাতের জাত-কুঁড়েমির চিহ্ন।' *রবীন্দ্র*, ১৯৪০।

জাতকুল [স জাতিকুল] *বি* বংশমর্যাদা। 'জাতকুলের কথাটাকে কবি তার ভক্তি দিয়ে চাপা দিয়েছিল।' *রবীন্দ্র*, ১৯২৯।

জাতক্রোধ [স জাতিক্রোধ] *বিণ* জাতের প্রতি ক্রুদ্ধ। 'বাবু জাতক্রোধ হইয়া তৎকালীন মনে মনে বিবেচনা করেন যে ...।' *ভবানী*, ১৮২৮।

জাত খাওয়া *ক্রি* জাতিচ্যুত করা। 'তুমি ভদ্রলোকের মেয়ের জাত খাও।' *গিরিশ*, ১৮৮৯।

জাত খোয়ানো *ক্রি* জাতিচ্যুত হওয়া। 'হরিহর গর্জিয়া উঠিয়া কহিল, জাত খোয়াইবি?' *রবীন্দ্র*, ১৮৯২।

জাতগুণী [স জাতি-গুণী] *বি* প্রকৃত গুণসম্পন্ন ব্যক্তি। 'ঘোষাল একজন জাতগুণী।' *প্রমথ*, ১৯৩৫।

জাতগুষ্টি [স জাতিগোষ্ঠী] *বি* বংশ-গোত্র। 'বিয়ের প্রসঙ্গে কুলশীল জাতগুষ্টির কথা বিচার করবার রাস্তা ছিল না।' *রবীন্দ্র*, ১৯৪০।

জাত-গোখরো [স জাতি+স গোক্ষুর] *বি* আসল কেউটে সাপ। 'ফোঁস-ফোঁসানি থাকলেই হল, লোকে মনে করবে জাত-গোখরো।' *নজরুল*, ১৯৩১।

জাতচাষী [স জাতি+চাষি] *বি* প্রকৃত কৃষক। 'মকবুল জাতচাষী নয়।' *নরেন্দ্র*, ১৯৫১।

জাত-জালিয়াৎ [স জাতি+আ জালীয়াত] *বি* পুরোদস্তুর ধোঁকাবাজি। 'জাতের নামে বজ্জাতি সব জাত-জালিয়াৎ খেলছ জুয়া।' *নজরুল*, ১৯২৪।

জাত-জুয়াড়ি [স জাতি+স দ্যূত>] *বি* পুরোদস্তুর প্রতারক। '(এই) জাত-জুয়াড়ির ভাগ্যে আছে আরো অশেষ দুঃখ সওয়া।' *নজরুল*, ১৯২৪।

জাতঠেলাঠেলি [স জাতি+ঠেলাঠেলি] *বি* জাত নিয়ে বাছবিচার; জাতের ভিত্তিতে প্রতিযোগিতা। 'জাতঠেলাঠেলি অনেকটা পরিমাণে ঘোচে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জাত পেশা [স জাতি+ফা পেশাহ্] *বি* বংশপরম্পরায় ক'রে আসা ব্যবসা। 'এ তো আমার জাত পেশাই বলা চলে।' *বিমল*, ১৯৫৩।

জাতবান্ধবী [স জাতি-বান্ধবী] *বি* পেশাদার বান্ধবী। 'সিনেমা মঞ্চপথবর্তিনী রঙ মাখানো বাঙালি মেয়ে, যারা জাতবান্ধবী।' *রবীন্দ্র*, ১৯৪০।

জাতবিচার [স জাতি+স বিচার] **১** *বি* জাতপাতের বিষয় বিবেচনায় নেওয়া। 'পূর্বরাগ তো আর জাতবিচার করে হয় না।' *প্রমথ*, ১৯১৮। **২** *বি* জাত নিয়ে ভেদাভেদ। 'ভগবানের ফৌজদারি-কোর্ট নাই সেখানে জাত-বিচার।' *নজরুল*, ১৯২৪।

জাত-বিজাত [স জাতি+স বিজাতি] *বি* নিজ জাত ও ভিন্ন জাত। '(তোদের) জাত-ভগীরথ এনেছে জল জাত-বিজাতের জুতো ধোওয়া।' *নজরুল*, ১৯২৪।

জাত-বিদ্রোহী [স জাতিবিদ্রোহী] *বি* খাঁটি বিদ্রোহী। 'এই হল জাত-বিদ্রোহীদের উপযুক্ত কথা।' *রবীন্দ্র*, ১৯২৯।

জাতবেজাত [স জাতি+ফা বে+স জাতি] *বি* নানা জাত। 'আর সে কত জাতবেজাতের লোক।' *মুজতবা*, ১৯৫২।

জাতব্যবসা [স জাতিব্যবসায়] *বি* বংশগত পেশা। 'সময়ের সদ্ব্যয় কথা তার জাত-ব্যবসা নয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

জাতভাই [স জাতি+ভাই] *বি* একই জাতিভুক্ত হিসেবে ভাই। 'জনতিনেক জাতভাই জুটিয়ে।' *প্রমথ*, ১৯৩৭।

জাত মানা *ক্রি* স্বজাতির আচার রক্ষা করা। 'ঠাকুর-পুজো, জাত মেনে চলা, সবই হল।' *রবীন্দ্র*, ১৯০৯।

জাত মারা **১** *ক্রি* ধর্ম নষ্ট করা। 'পুঁটের নামে জাত মারার দাবী দিয়া এক নম্বর ফৌজদারী করেন।' *গিরিশ*, ১৮৮৬। **২** *ক্রি* জাতিচ্যুত করা। 'একটা ব্রাহ্মণের জাত মারিয়াছি।' *রবীন্দ্র*, ১৮৯২। **৩** *ক্রি* গুণগত মান নষ্ট করা; গানের ধ্রুপদী চরিত্র নষ্ট করা। 'তখন হারমোনিয়াম আসেনি এদেশের গানের জাত মারতে।' *রবীন্দ্র*, ১৯৪০।

জাতমিত্র [স জাতি>+স মিত্র] *বি* আজন্ম বন্ধু। 'অজাতশত্রু শুনেছি, কিন্তু এই প্রথম দেখলাম – জাতমিত্র।' *অচিন্ত্য*, ১৯৫০।

জাতমিস্ত্রী [স জাতি+প মিস্ত্রি] *বি* প্রকৃত কারিগর। 'আপনি জাতমিস্ত্রীর চেয়েও সেরা।' *নরেন্দ্র*, ১৯৪৯।

জাত রাজনীতিক [স জাতি>+স রাজনীতিক] *বিণ* অভিজ্ঞ রাজনৈতিক। 'তুমি জাত রাজনীতিক হতে পারনি।' *পাশা*, ১৯৭১।

জাত-লেখক [স জাতি+স লেখক] *বি* প্রকৃত বা শ্রেষ্ঠ লেখক। 'আজকাল প্রমাণ হয়েছে যারা জাত-লেখক তারা পাগলের রূপান্তর।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জাতশত্রু [স জাতিশত্রু] *বি* আসল শত্রু। 'একমাত্র সাহিত্যই ... সংকীর্ণতার জাতশত্রু।' *প্রমথ*, ১৯১৪।

জাত-শিকারি [স জাতি+ফা শিকার>] *বি* দক্ষ শিকারি। 'সে ব্যক্তি জাত-শিকারি।' *রবীন্দ্র*, ১৯০৭।

জাতশিল্পী [স জাতিশিল্পী] *বি* প্রকৃত শিল্পী। 'তারা কদাচিৎ জাতশিল্পী হয়।' *নরেন্দ্র*, ১৯৫২।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জাত-সমাজ [স জাতিসমাজ] *বি* জাতিভেদ দিয়ে গঠিত সমাজ। 'জাত-সমাজের নাই সেথা ঠাঁই/ জগন্নাথের সাম্য-লোক।' *নজরুল*, ১৯২৪।

জাতসাপ [স জাতি+স সর্প] *বি* বিষধর সাপবিশেষ। 'সে জাতসাপ।' *নজরুল*, ১৯৩১।

জাতসাপিনী [স জাতি+স সর্পিণী] *বি স্ত্রী* বিষধর সাপবিশেষ। 'তাহারা নাকি জাতসাপিনীর বংশ।' *রবীন্দ্র*, ১৯০৭।

জাতে ওঠা *ক্রি* উচ্চ শ্রেণীভুক্ত হওয়া। 'জাতে ওঠার লোভে প্রচুর অর্থ ঘুষ দিয়ে তাদের অভিপ্রেত শ্রেণীবিশেষের ছেলের হাতে কন্যা সমর্পণ করে থাকেন।' *বেগম*, ১৯৪৮।

জাতে ঠেলা *ক্রি* জাতিচ্যুত করা। 'জাতে ঠেলার ভয় দেখিয়ে সে গল্প পড়াতে হত।' *রবীন্দ্র*, ১৯১৬।

জাতে-ঠেলাঠেলি *বি* শ্রেণী নিয়ে বিতর্ক। 'সাহিত্যে এইরকম জাতে-ঠেলাঠেলি আরম্ভ হয়েছে হালে।' *রবীন্দ্র*, ১৯২৯।

জাতে তোলা ১ *ক্রি* সমাজভুক্ত করা। 'তোমরা তাহাকে জাতে তুলিয়া লও।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *ক্রি* মর্যাদা দেওয়া। 'সংস্কারকে তারা সায়াঙ্গের জাতে তুলতে কুণ্ঠিত হয় না।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জাতে-বাঁধা *বিণ* জাত দিয়ে চিহ্নিত। 'জাতে-বাঁধা রীতি ছাড়া আর কোনো রীতি না থাকাতে ...।' *রবীন্দ্র*, ১৯৩১।

জাত[১] [স] *বিণ* জন্মেছে এমন; উৎপন্ন। 'পার্বনি পঙ্কজ জাত ওড়ালোন সানা ভাত ধানকাটী কলম কসুরে।' *মুকুন্দ*, ১৬০০; 'ইনি কুলীনের ঔরসে জাত।' *দর্পণ*, ১৮২১।

জাতক [স] **১** *বি* যে জন্মলাভ করেছে। 'জাতক অদৃষ্টে দেখি বহু পর্য্যটন।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬। **২** *বি* যার জন্মপত্রিকা সে। 'জাতকস্থ যদি এখনো সতর্ক না হয় বিপদ বেড়ে চলবে।' *রবীন্দ্র*, ১৯২৪। **৩** *বি* বুদ্ধের জন্মের আগের কাহিনি-সংবলিত গ্রন্থ বিশেষ। 'আমাদের সার্থকতা জাতকের ব্যর্থ বিদূষণে।' *সুধীন্দ্র*, ১৯৪০।

জাতকর্ম, জাতকর্ম্ম [স] *বি* শিশুর জন্মোপলক্ষে অনুষ্ঠেয় হিন্দু আচারবিশেষ। 'করাইল জাতকর্ম্ম যে আছিল বিধি-ধর্ম্ম।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'জাতকর্ম ... বৈদিক মন্ত্র-দ্বারা অনুষ্ঠিত হয়েছিল।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জাতকোষ্ঠী [স] *বি* জন্মপত্রিকা। 'জাতকোষ্ঠী প্রকরণে জ্যোতিষের প্রথম আভার প্রথম কিরণে ...।' *দর্পণ*, ১৮২৬।

জাতপত্র [স] *বি* কোষ্ঠী; জন্মপত্রিকা। 'জাতপত্র অঙ্গুরি বাপের নিদর্শন।' *মুকুন্দ*, ১৬০০।

জাতা [স] *বিণ স্ত্রী* জাত; জন্মগ্রহণকারী। 'মেনকা-উদরে জাতা হইলাঙ শিখরিসুতা।' *মুকুন্দ*, ১৬০০।

জাতকি [স জাতি] *বি* চামেলি বা মালতী ফুল। 'জাতকি ও কেতকি কুসুম সুবাস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জাতনা [স যন্ত্রণা>] *বি* দুঃখ; বেদনা। 'আর কত দিন আমি জাতনা পাইব।' *মালাধর*, ১৫০০।

জাতবেদা [স] *বিণ* সর্বজ্ঞ। 'জাত জাতবেদা যাঁহারে আনে।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

জাতা[১] [পা যাতি>] *ক্রি* যায়। 'কালিন্দি তীর ধীর চলি জাতা।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জাতা[২] *দ্র* **জাত**

জাতা[৩] [স যন্ত্র>] *ক্রি* চেপে ধরা। 'দুইপা জাতি তুষ্ট কৈল চক্রপানি।' *মালাধর*, ১৫০০।

জাতাআত, জাতায়াত [পা যাতি>] *বি* যাতায়াত। 'আমীহ দুই একবার জাতাআত করিতাম।' *ওসা*, ১৭৮২; 'তেব্বত মুলুকে তেজারতের দফা জাতায়াত হয়।' *ক্যালগে*, ১৭৮৪।

জাতাতালা [স যন্ত্র>] *বি* জাঁতাওয়ালা। *মানোএল*, ১৭৪৩।

জাতি[১] [স] *বি* চামেলি ফুল। 'জাতি জুতি মালতিরে কথোদূরে দেখি।' *মালাধর*, ১৫০০। *দ্র* **জাতী**[১]

জাতিফুল *বি* ফুলবিশেষ। 'এত লিখি জাতিফুল মুঠি ভরি লৈয়া।' *আলাওল*, ১৬৮০।

জাতি[২] [স] **১** *বি* প্রাণীর ক্ষেত্রে শ্রেণী; প্রজাতি। 'পাখি জাতি নহোঁ বড়ায়ি উড়ী পড়ি যাওঁ।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* পেশাগত শ্রেণীপরিচয়। 'গোপজাতি আমরা অরণ্যে করি ঘর।' *মালাধর*, ১৫০০। **৩** *বি* স্বগোত্র। 'জাতি অনুরোধে তবু সেই শাস্ত্র মানি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৪** *বি* বর্ণাশ্রম অনুযায়ী শ্রেণীবিভাগ। 'দেখি গো উত্তম জাতি দেবতা সমান ভাঁতি।' *মুকুন্দ*, ১৬০০। **৫** *বি* শ্রেণী। 'জাতিএ পদ্মিনী বালী অতিশয় উজিয়ালি।' *বাহরাম*, ১৬৫০। **৬** *বি* নির্দিষ্ট ভূখণ্ডে বাসকারী অভিন্ন ভাষা-সংস্কৃতি-ভিত্তিক জনগোষ্ঠী; নেশন। *ওসা*, ১৭৮২; 'জয়পিপাসু রোমান জাতির চরিত্র পাঠে আহ্লাদ সঞ্চার হয়।' *অক্ষয়*, ১৮৪৮। **৭** *বি* সম্প্রদায়। 'প্রাণিক্রীড়াপ্রদর্শক বেদিয়া প্রভৃতি জাতিরা ইহাদের পোষে।' *অক্ষয়*, ১৮৫৪। **৮** *বি* ধরন। 'এক এক জাতি পুষ্প অনেক প্রকার।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬। **৯** *বি* ধর্মাবলম্বী। 'এই তো খৃষ্টান জাতি!' *রবীন্দ্র*, ১৮৮১। **১০** *বি* একই স্বাধীন দেশের নাগরিক। 'যাহারা এক রাজতন্ত্রের অন্তর্ভুক্ত তাহারা এক জাতি।' *রবীন্দ্র*, ১৮৮৩। **১১** *বিণ* বৈশিষ্ট্যপূর্ণ। 'বাঙ্গালী জাতিকে কবি জাতি বলিতে পারি না।' *রবীন্দ্র*, ১৮৮৩।

জাতিক [স] *বিণ* জাতিভিত্তিক। 'তাকে বলা যেতে পারে জাতিক সত্তা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জাতিকুল [স] *বি* বংশ ও গোত্র। 'জাতি কুল যাক পিছে থিবি তার কাছে কাছে।' *চিচ্ছি*, ১৬০০।

জাতিগঠন [স] *বি* জাতিনির্মাণ। 'মনে করো কি দেশ-উদ্ধার হইবে, জাতিগঠন হইবে?' *নজরুল*, ১৯২২।

জাতিগত [স] **১** *বিণ* সম্প্রদায়গত। 'জাতিগত ধর্ম তাঁহার একেবারেই ছিল না।' *রবীন্দ্র*, ১৯১২। **২** *বিণ* গোষ্ঠীকেন্দ্রিক। 'তা ছাড়া এদের মধ্যে জাতিগত ঐক্য।' *রবীন্দ্র*, ১৯২৯।

জাতিচ্যুত [স] *বিণ* আপন সমাজ থেকে বহিষ্কৃত। 'পাপান্ন গ্রহণ করিলেই জাতিচ্যুত হইতে হয়।' *দর্পণ*, ১৮৩৫।

জাতিজীবী [স] *বিণ* বিভিন্ন জাতির উপর নির্ভরশীল। 'দুরন্ত কিরাত কোল হাটেতে বাজায় ঢোল জাতিজীবী বসিল কেয়লা।' *মুকুন্দ*, ১৬০০।

জাতিতত্ত্ব [স] *বি* নৃতত্ত্ব। 'জাতিতত্ত্ব, প্রাচীন ও আধুনিক জাতিসমূহের ইতিহাস।' *এসলাম*, ১৯২০।

জাতিতত্ত্ববিদ [স] *বি* নৃতত্ত্ব বিষয়ে পণ্ডিত। 'জাতিতত্ত্ববিদ জাতীয় ঐতিহাসিক জাতীয় শিল্পসমালোচক প্রভৃতির হাতে ...।' *অবন*, ১৯২৫।

জাতিত্ব [স] **১** *বি* গোত্র; বর্ণবিভাগ। 'ব্যবসায়ভেদে লোকে ভিন্ন জাতিত্ব প্রাপ্ত হইত।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বি* জাতীয় পরিচয়। 'কিসে আমাদের জাতিত্ব থাকে।' *রাজ*, ১৮৭৪।

জাতিত্ববোধ [স] *বি* জাতীয়তাবোধ। 'ভারতের দশকোটি

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মুসলমানের সমবেত মনে যেই জাতিত্ববোধ জাগছে।' *মনসুর*, ১৯৫৫।

জাতিধর্ম [স] *বি* জাত ও ধর্ম। 'জাতিধর্ম, জন্মস্থান ও জন্মমৃত্যুর তারিখ।' *হাই*, ১৯৫৪।

জাতিনাশ [স] *বি* জাতিচ্যুতি। 'নদীয়ার বিপ্রের করিব জাতিনাশ।' *বৃন্দা*, ১৫৮০।

জাতিনিগড়বদ্ধ [স] *বিণ* জাতিভেদ প্রথা দ্বারা আবদ্ধ। 'এই জাতিনিগড়বদ্ধ দেশে জাতিভেদ কথঞ্চিৎ শিথিল করেন।' *রবীন্দ্র*, ১৯০৮।

জাতিপাত [স] *বি* জাতিচ্যুতি; জাতি নষ্ট হওয়া। '... জাতিপাত ও জনাপবাদ প্রভৃতি বিবিধ ব্যাপারে তাহাদের ভ্রূভঙ্গের আনুষঙ্গিক ফল হইয়া উঠে।' *রামনারায়ণ*, ১৮৫৪।

জাতিপীড়া [স] *বি* জাতিভেদের যন্ত্রণাদায়ক অবস্থা। 'রাজা ভিন্নজাতীয় হইলে যে জাতিপীড়া জন্মে তাহা দুইপ্রকারে ঘটে।' *বঙ্কিম*, ১৮৮৭।

জাতিপ্রেম [স] *বি* স্বাজাত্যবোধ। 'ছুটিয়াছে জাতিপ্রেম মৃত্যুর সন্ধানে।' *রবীন্দ্র*, ১৯০১।

জাতিবর্ণ [স] *বি* জাতপাত। 'এ জাতি-বর্ণ নির্বিশেষ্ত কেবল হিন্দু ধর্মাবলম্বীর মধ্যেই সীমাবদ্ধ।' *তারা*, ১৯৪২।

জাতিবাচক [স] *বিণ* জাতি নির্দেশক। 'ইউরোপে এই সকল শব্দের যে জাতিবাচক নাম প্রচলিত আছে ...।' *বঙ্কিম*, ১৮৮৭।

জাতিবাদ [স] *বি* বংশপরিচয়। 'জাতিবাদ নহে তার জদি হয় রঙ্ক।' *মুকুন্দ*, ১৬০০।

জাতিবিচার [স] ১ *বি* জাতিগত ভেদ। 'ভৈরবীচক্রে জাতিবিচার নাই।' *ভবানী*, ১৮২৫। ২ *বি* সম্প্রদায়গত ভেদ। 'এই দেবতা জাতিবিচার করেনি।' *রবীন্দ্র*, ১৯৪১।

জাতি-বিদ্বেষ [স] *বি* জাতিসমূহের মধ্যে শত্রুতা। 'আমাদের মধ্যে ধর্ম-বিদ্বেষ নাই, জাতি-বিদ্বেষ নাই।' *নজরুল*, ১৯২২।

জাতিবিদ্বেষমূলক [স] *বিণ* জাতিবিদ্বেষ উসকে দেয় এমন। 'ধর্মদ্রোহিতা ও জাতিবিদ্বেষমূলক কোন পুস্তক।' *এসলাম*, ১৯৩০।

জাতিবিদ্যা [স] ১ *বি* পুরুষানুক্রমে অর্জিত জ্ঞান। 'আপনারদিগের জাতিবিদ্যা আর এমনি এ বংশের গুণ আছে।' *ভবানী*, ১৮২৫। ২ *বি* জাতীয় শাস্ত্র। 'ইঙ্গরেজী তাঁহার জাতিবিদ্যা নহে।' *দর্পণ*, ১৮৩২।

জাতি বিবেচনা [স] *বি* জাতবিচার; জাতিভেদ জ্ঞান। 'মঘেরা অধিক পরিশ্রম করিতে পারে ও তাহারদের জাতি বিবেচনা নাই।' *দর্পণ*, ১৮২০।

জাতিবিভাগ [স] *বি* শ্রেণীবিভাগ। 'জাতিবিভাগ-সংবলিত আমাদের বিশাল সমাজ-দেহই ...।' *রবীন্দ্র*, ১৯০৭; 'শিল্পের মোটামুটি জাতিবিভাগ দেশ-কাল-পাত্র-ভেদে ঘটেছে।' *অবন*, ১৯২৫।

জাতি-বিশুদ্ধি [স] *বি* নৃতাত্ত্বিক বিশুদ্ধতা। 'রাষ্ট্রনীতিতন্ত্রে জাতিবিশুদ্ধির কোনো খোঁজ রাখে না।' *রবীন্দ্র*, ১৯০৫।

জাতিবৈরতা [স] *বি* জাতিভিত্তিক শত্রুতা। 'তাহাদের স্বাভাবিক জাতিবৈরতার পরিবর্তে একটা মেলামেশার ভাব আসিয়া পড়ে।' *প্রমথ*, ১৯২০।

জাতি-ব্যবসা [স জাতিব্যবসায়] *বি* বংশগত পেশা। 'জাতি-ব্যবসা লেখা পড়ায় তিন জনেই পটু হইল।' *রামরাম*, ১৮০১।

জাতিভাই [স জাতি+ভাই] *বি* স্বসম্প্রদায়ের সদস্য। 'অফিস-আদালত সবই দখল করিয়া আছে আমাদেরই জাতিভাইরা।' *মনসুর*, ১৯৪৫।

জাতিভাষা [স] *বি* স্বজাতির ভাষা; মাতৃভাষা। 'প্রথম কথা কহিতে শিখা, স্বজাতীয় লোকের নিকটে হয়; এ নিমিত্ত প্রথম শিক্ষিত ভাষাকে জাতিভাষা বলে।' *বিদ্যা*, ১৮৫১।

জাতিভেদ [স] ১ *বি* হিন্দুসমাজের জাতিগত বিভেদ। 'জাতিভেদ প্রভৃতি সকল প্রতিবন্ধক ...।' *অক্ষয়*, ১৮৪২। ২ *বি* শ্রেণীগত ভেদ। 'দুয়ের মধ্যে যে সম্পূর্ণ জাতিভেদ আছে তার আর সন্দেহ নেই।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বি* সম্প্রদায়ে সম্প্রদায়ে বিভেদ। 'আয় রে মুসলমান ভাই আজি জাতিভেদ নাই।' *অশ্বিনী*, ১৯২০।

জাতিভেদগ্রস্ত [স] *বিণ* জাতিভেদ রয়েছে এমন। 'জাতিভেদ-গ্রস্ত সমাজেরই এক অংশের নাম যে যবন ...।' *সাম্যবাদী*, ১৯২৪।

জাতিভেদপ্রথা [স] *বি* জাতিগত ভেদাভেদের রীতি। 'জাতিভেদপ্রথা এখানে এখনও সুপ্রতিষ্ঠিত।' *শিব*, ১৯৫৬।

জাতিভ্রংশ [স] *বি* জাতিচ্যুতি। 'হিন্দুশাস্ত্রের কোন বিধি উল্লঙ্ঘন করাতে জাতিভ্রংশ বিষয়ে নিত্য অতি সাবধান।' *দর্পণ*, ১৮৩২।

জাতিভ্রষ্ট [স] *বিণ* জাতিচ্যুত। 'ক্ষুদ্র অপরাধিকে প্রায় জাতিভ্রষ্ট করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮২৫।

জাতিভ্রষ্টা [স] *বিণ স্ত্রী* জাতিচ্যুত। 'আমি কুলটাও নই, জাতিভ্রষ্টা নই।' *বঙ্কিম*, ১৮৮২।

জাতিমর্যাদা, জাতি-মর্য্যাদা [স] *বি* হিন্দুসমাজের বিভিন্ন সামাজিক অবস্থান। 'বল্লাল ভূপাল ... জাতি-মর্য্যাদা মধ্যে স্বকপোলকল্পিত কুল-মর্য্যাদা প্রচার করিয়া যান।' *রামনারায়ণ*, ১৮৫৪।

জাতি যাওয়া *ক্রি* ধর্ম নষ্ট হওয়া। 'উহার জাতি গিয়াছে।' *ভবানী*, ১৮২৫।

জাতিয় [স জাতীয়] *বিণ* শ্রেণীর। 'মনিলা ও মেলাই এ সকল জাতিয় কথক লোক।' *ক্যালগে*, ১৭৮৭।

জাতিরক্ষা [স] *বি* জাত বজায় রাখা। 'ধর্মের ক্রুপায় দাদা জাতিরক্ষা হৈল।' *মানিকরাম*, ১৭৮১।

জাতির জনক *বি* কোনো জাতির স্বাধীনতার দ্রষ্টা ও এ-সংক্রান্ত আন্দোলনের প্রধান নেতা। 'আজ জাতির জনক ... সম্পর্কে যদি প্রশ্ন ওঠে।' *মাহেনও*, ১৯৪৯।

জাতির পিতা *বি* কোনো জাতির স্বাধীনতার দ্রষ্টা ও এ-সংক্রান্ত আন্দোলনের প্রধান নেতা। 'জাতির পিতা ... আমরার স্কন্ধে যে জিম্মাদারি দিয়া গেছেন।' *মনসুর*, ১৯৪৫।

জাতিলোক [স] *বি* একই সম্প্রদায়ের মানুষ। 'মোরদ্দে এই জাতিলোক অনেক বসতি করে।' *দর্পণ*, ১৮২৭।

জাতিশ্রেষ্ঠ [স] *বিণ* স্ব-সম্প্রদায়ের মধ্যে শ্রেষ্ঠ। 'যিনি জাতিশ্রেষ্ঠ, সম্ভ্রংশপ্রসূত, বয়োবৃদ্ধ, ধার্মিক, তাঁহারই প্রতি রাজার ভক্তি জন্মে।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

জাতিসংঘ [স] *বি* বিশ্বের রাষ্ট্রসমূহের সংস্থা, রাষ্ট্রপুঞ্জ; ইউনাইটেড নেশনস। 'জাতিসংঘে পাকিস্তানী প্রতিনিধি হিসাবে যোগদান করেন।' *বেগম*, ১৯৪৭।

জাতিসাপ [স জাতি-সর্প] *বি* অত্যন্ত বিষাক্ত সাপ; কেউটে। 'প্রেম পীরিতের এমন ধারা/ যেন জাতিসাপের লেজে ধরা।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

AMARBOI.COM

জাতিস্মর [স] *বি* আগের জন্মের কথা স্মরণ আছে যার। 'কেবল চণ্ডীর বর দুইই হইলা জাতিস্মর।' *মুকুন্দ*, ১৬০০।

জাতিস্মরতা [স] *বি* গতজন্মের কথা স্মরণ রাখার ক্ষমতা। 'এই জাতিস্মরতা লাভ করার একমাত্র উপায় হচ্ছে ইতিহাস।' *প্রমথ*, ১৯১৪।

জাতিহিতৈষিতা [স] *বি* জাতির হিতসাধন করবার ইচ্ছা। 'জাতিহিতৈষিতা প্রকাশপূর্বক পরম সুখে নানাবিধ পশুহনন করিতে থাকুন।' *বঙ্কিম*, ১৮৭৪।

জাতিয়া [স *জ্যোতি*] *বিণ* জ্যোতিষ্মান। *মানোএল*, ১৭৪৩।

জাতী[১] [স] *বি* চামেলি ফুল ও তার গাছ। 'অশোক কিংশুক ঝাটি জাতী জুতি দুইবটী।' *মুকুন্দ*, ১৬০০। *দ্র* **জাতি**[১]

জাতী[২] [স জাতি] **১** *বি* শ্রেণী। 'বিষম পুরুষ জাতী/ কপটপুরিত মতী।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* হিন্দু বর্ণাশ্রম অনুযায়ী সম্প্রদায়। 'গোকুলে থাকোঁ মো গোআল জাতী।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* **ধর্ম অনুযায়ী শ্রেণী**। 'আপনি এ দেশের কর্তা আপনকার নিকটে **সকল জাতীর** মনুষ্য আছে।' *রাজীব*, ১৮০৫। *দ্র* **জাতি**[২]

জাতীভূত [স] *বিণ* জাতির অন্তর্ভুক্ত। 'বিবাহাদি সম্বন্ধ দ্বারা তাহারদিগের সহিত এক জাতীভূত না হয়েন।' *অক্ষয়*, ১৮৪৮।

জাতীয় [স] **১** *বিণ* ধরনের। 'আশ্রয়জাতীয় সুখ পাইতে মন ধায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বিণ* রকমের। 'নানা জাতীয় ও নানা দেশীয় পুস্তক।' *দর্পণ*, ১৮১৯। **৩** *বিণ* সম্প্রদায়ভুক্ত। 'সংপ্রতি **কৈবর্ত্তাদি** নানা জাতীয় প্রায় অনেকেই ...।' *ভবানী*, ১৮২৫। **৪** *বিণ* জাতিগত। 'ইংরাজদিগের সহিত আমারদিগের কোন বিষয়ে **জাতীয়** প্রভেদ থাকিবে না।' *অক্ষয়*, ১৮৪৩। **৫** *বিণ* **সমগ্র জাতির** এক। 'একতাই জাতীয় শক্তির ভিত্তি।' *অক্ষয়*, ১৮৪৬। **৬** *বিণ* **সমগ্র** দেশবাসীর। 'কেবল ইংরাজী ভাষা এই দেশের **জাতীয় ভাষা হইবে**।' *অক্ষয়*, ১৮৪৮। **৭** *বিণ* রাষ্ট্রীয়। 'জানিলে জাতীয় বিদ্যা- সুখ তাহে নানা।' *গুপ্ত*, ১৮৫৮। **৮** *বিণ* দেশসংক্রান্ত। 'সকলে মিলে লিখুক শ্লোক "জাতীয়" উপদেশ।' *রবীন্দ্র*, ১৮৯০।

জাতীয় আন্দোলন [স] *বি* সমগ্র জাতির কল্যাণে পরিচালিত আন্দোলন। 'যে কোন প্রকার জাতীয় আন্দোলনকে বাধা দান করতে বদ্ধপরিকর।' *উমর*, ১৯৬৮।

জাতীয়করণ [স] *বি* রাষ্ট্রীয় সম্পত্তিতে পরিণতকরণ। 'ভূমিকে জাতীয়করণের দাবী যারা করেন।' *সওগাত*, ১৯৪৪।

জাতীয়-চেতনা [স] *বি* নির্দিষ্ট ভূখণ্ডে বাসকারী অভিন্ন ভাষা-সংস্কৃতি-ভিত্তিক জনগোষ্ঠী-সংক্রান্ত চেতনা। 'স্বাধীনতা-পূর্ব ভারতবর্ষে জাতীয়-চেতনার প্রথম সন্ধার মোটামুটিভাবে উনিশ শতকের দ্বিতীয়ার্ধে।' *উমর*, ১৯৬৬।

জাতীয় জীবন [স] **১** *বি* জাতিসত্তাগত পরিচয়। 'আমরা জাতীয় জীবন ও জাতীয় একতাহারা।' *প্রচারক*, ১৯০৩। **২** *বি* রাষ্ট্রীয় পরিচয়। 'ভারতের জাতীয় জীবনে এক মর্ম্মান্তুদ রেখাপাত করিয়া গেলেও ...।' *আজাদ*, ১৯৪০।

জাতীয়ত্ব [স] *বি* জাতীয় বিশেষত্ব। 'এক জাতীয়ত্ব কোথায় থাকে।' *বঙ্গদর্শন*, ১৮৭২; 'তুমি যখন তোমার জাতীয়ত্ব যথাসম্ভব ঢাকিয়া আসিয়াছ তখন এবারকার মতো আমাদের ক্লাবের সভ্য করা গেল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জাতীয় পতাকা [স] **১** *বি* জাতিসত্তার পরিচয়-নির্দেশক পতাকা। 'অর্দ্ধ চন্দ্রাঙ্কিত জাতীয় পতাকার তলে আইস।' *প্রচারক*, ১৯০৩। **২** *বি* রাষ্ট্রের পরিচয়-নির্দেশক পতাকা। 'জাতীয় পতাকা ও জাতীয় সঙ্গীত লইয়া হিন্দু ও মুহলমানের উভয় সমাজের মধ্যে একটা দারুণ চাঞ্চল্যের সৃষ্টি হইয়াছে।' *আজাদ*, ১৯৩৬।

জাতীয় পরিষদ [স] *বি* সংসদ; পার্লামেন্ট। 'সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন প্রাক্তন জাতীয় পরিষদ সদস্য ...।' *বেগম*, ১৯৭৩।

জাতীয় বিদ্বেষ [স] *বি* জাতিগত ঈর্ষা। 'আছে কুসংস্কার, ধর্মান্ধতা, জাতীয় বিদ্বেষ প্রভৃতি।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

জাতীয়-বিদ্যালয় [স] *বি* জাতীয়তাবাদী আদর্শের বিদ্যালয়। 'তোমাদের প্রতিষ্ঠিত জাতীয়-বিদ্যালয়ে স্কুল-মাস্টারি করব।' *প্রমথ*, ১৯২০।

জাতীয় ভাষা [স] **১** *বি* মাতৃভাষা। 'আপন জাতীয় ভাষা অভ্যাস করিয়া ... বিদ্যা উপার্জন করিতে পারেন।' *দর্পণ*, ১৮৩৪। **২** *বি* সর্বজনব্যবহৃত ভাষা। 'কেবল ইংরাজী ভাষা এই দেশের জাতীয় ভাষা হইবে।' *অক্ষয়*, ১৮৪৮। **৩** *বি* দেশীয় ভাষা। 'তা আমাদের জাতীয় ভাষা তো কিঞ্চিৎ জানা চাই।' *মাইকেল*, ১৮৬০। **৪** *বি* সমগ্র দেশের সরকারি ভাষা। 'ভারতের "জাতীয় ভাষা" "রাষ্ট্রভাষা" প্রভৃতি ব্যাপারে পাকিস্তান-ওয়ালাদের মনে আজ কোন সন্দেহ ও গোঁজামিলের অবকাশ নাই।' *আজাদ*, ১৯৪১।

জাতীয় মহত্ত্ব [স] *বি* জাতিগত মহত্ত্ব। 'জাতীয় মহত্ত্ব লুপ্তপ্রায় হইয়া আসিয়াছে।' *জগদীশ*, ১৮৯৫।

জাতীয়-রাষ্ট্র [স] *বি* জাতীয়তাভিত্তিক রাষ্ট্র। 'জাতীয়-রাষ্ট্র এবং রাজতন্ত্রের মধ্যে কোন সংঘর্ষ ছিল না।' *উমর*, ১৯৬৬।

জাতীয় সংগীত, জাতীয় সঙ্গীত [স] *বি* জাতীয়-পরিচয়সূচক রাষ্ট্রীয় সংগীত। 'এই আমার রাজ্যের জাতীয় সংগীত।' *নজরুল*, ১৯৩১; 'জাতীয় পতাকা ও জাতীয় সঙ্গীত লইয়া হিন্দু ও মুহলমানের উভয় সমাজের মধ্যে একটা দারুণ চাঞ্চল্যের সৃষ্টি হইয়াছে।' *আজাদ*, ১৯৩৬।

জাতীয় সংসদ [স] *বি* আইন পরিষদ। 'জাতীয় সংসদে আওয়ামী লীগ সংসদীয় দলের হুইপ নিযুক্ত হয়েছেন।' *বেগম*, ১৯৭৩।

জাতীয় সংস্কৃতি [স] *বি* সমগ্র জাতির সংস্কৃতি। 'সাম্প্রদায়িক সংস্কৃতি জাতীয় সংস্কৃতির বিকাশকে অনেকখানি ব্যাহত করে।' *উমর*, ১৯৬৮।

জাতীয় সংহতি [স] *বি* জাতিগত ঐক্য। 'সংকীর্ণ প্রাদেশিকতা এবং সাম্প্রদায়িকতা জাতীয় সংহতির মূলে কুঠারাঘাত করিতেছে।' *রবীন্দ্র*, ১৯৩১।

জাতীয় সাহিত্য [স] *বি* জাতীয় বৈশিষ্ট্য প্রতিফলিত হয় এমন সাহিত্য। 'হিন্দু ও মুসলমানী জাতীয় সাহিত্য সম্পূর্ণ বিভিন্নমুখিন।' *এসলাম*, ১৯১৬।

জাতীয় স্তোত্র [স] *বি* জাতীয় সঙ্গীত। 'জাতীয় পতাকা ও জাতীয় স্তোত্র লইয়া একটা নূতন আন্দোলন ...।' *আজাদ*, ১৯৩৬।

জাতীয় স্বভাব [স] *বি* জাতিগত প্রকৃতি। 'প্রকৃতির শিক্ষা, জাতীয় স্বভাব।' *ফজলল*, ১৯১৩।

জাতীয়া [স] *বিণ* স্ত্রী জাতিভুক্ত। 'হিন্দুই হউন, আর যে জাতীয়া হউন ...।' *বঙ্কিম*, ১৮৭৯।

জাতীয়তা [স] **১** *বি* জাতীয় বৈশিষ্ট্য। 'য়ুরোপের সংস্পর্শে আমাদের এই জাতীয়তা সংকটাপন্ন হইয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বি* জাতীয় ভাব; একজাতির অন্তর্গত – এই ভাব। 'একটি সর্বাঙ্গসম্পূর্ণ জাতীয়তার আদর্শ গড়িয়া উঠিতেছিল।' *রবীন্দ্র*, ১৯১২। **৩** *বি* রাষ্ট্রীয় পরিচয়।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

'মানুষের জাতীয়তা, ইংরেজিতে যাকে nationality বলে, ক্রমশ উদ্‌ভিন্ন হয়ে উঠেছে।' *রবীন্দ্র*, ১৯১৬। **৪** *বি* জাতিগত ভেদ। 'মানুষ সর্বদেশের সর্বকালের। তার মধ্যে কোনো জাতীয়তা বর্ণভেদ নেই।' *রবীন্দ্র*, ১৯২১। **৫** *বি* জাতীয় পরিচয়। 'যে জাতি জাতীয়তা লাভ করে নাই সে বিশ্বজাতীয়তাকে হারাইয়াছে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

জাতীয়তাবাদ [স] **১** *বি* জাতীয় স্বরূপের শ্রেষ্ঠত্ব সম্পর্কিত মতবাদ। 'আত্মসর্বস্ব পাশ্চাত্য জাতীয়তাবদের নিষ্ঠুরতা প্রলয়ংকার বিপদের দিকে চলিয়াছে।' *রবীন্দ্র*, ১৯৩১। **২** *বি* জাতীয়তাবোধের চেতনা। 'জাতীয়তাবাদ প্রতিষ্ঠিত হইতে বাধা ঘটিবে।' *বুলবুল*, ১৯৩৬।

জাতীয়তাবাদী [স] *বিণ* জাতীয় স্বরূপের শ্রেষ্ঠত্বে বিশ্বাসী। 'ইনি হইতেছেন জাতীয়তাবাদী মুছলমান।' *আজাদ*, ১৯৪০।

জাতীয়তাবাদী আন্দোলন [স] *বি* জাতীয়চেতনা ও স্বরূপভিত্তিক রাজনৈতিক আন্দোলন। 'পরবর্তীকালে জাতীয়তাবাদী আন্দোলনে ধর্মীয় প্রভাব দেশের বৃহত্তর স্বার্থের সমূহ ক্ষতিসাধন করেছে।' *উমর*, ১৯৬৬।

জাতীয়তাবোধ [স] *বি* জাতিত্বের ধারণা। 'ভারতবর্ষের সংকীর্ণ জাতীয়তাবোধ।' *মুজতবা*, ১৯৪৯।

জাতীয়তামূলক [স] *বিণ* জাতীয়তা-ভিত্তিক। 'বর্তমান জগতের বিভিন্ন জাতীয়তামূলক রাষ্ট্রতন্ত্র গড়ে উঠেছে।' *ওয়াজেদ*, ১৯৪৩।

জাতুধান *বি* রাক্ষস। 'মোহ ত্যজে শীঘ্রগতি এসে জাতুধান।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

জাত্য [স] *বি* বর্ণাশ্রম অনুযায়ী শ্রেণীবিভাগ; জাত। 'জাত্যের নির্নয় নাহি তারে আগু বরি।' *মালাধর*, ১৫০০। **জাত্যের** *বিণ* জাতের। 'জগতে নাহিক জাতি জাত্যের নাহিক স্থিতি কায়েন্ত বলাও গুজরাটে।' *মুকুন্দ*, ১৬০০।

জাত্যংশ [স জাতি-অংশ] **১** *বি* জাতি-গোত্র। 'বিবাহ ও জাত্যংশের বিবাদ।' *ক্যালগে*, ১৭৮৪। **২** *বি* বংশ। 'তাহারা জাত্যাংশে যেমন আর অন্নযোগ স্বচ্ছন্দ আছে।' *কেরি*, ১৮০২।

জাত্যন্তর [স জাতি-অন্তর] *বিণ* জাতিচ্যুত; জাতিভ্রষ্ট। 'ইহাতে কেহ জাত্যন্তরও হইয়াছে।' *দর্পণ*, ১৮৩২।

জাত্যন্তরিত [স জাতি-অন্তরিত] *বিণ* জাতিচ্যুত। 'তিনি জাত্যন্তরিত হয়েন।' *রাজ*, ১৮৭৪।

জাত্যভিমান [স জাতি-অভিমান] *বি* উঁচু বংশে বা বর্ণে জন্মের জন্য অহংকার। 'তিনি ... জাত্যভিমান পরিত্যাগ করিয়া স্বদেশের ধর্ম্ম পরিবর্ত্তনে সাহসী হইয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫০।

জাত্যহংকার [স জাতি-অহংকার] *বি* বংশগরিমা; উচ্চবংশে জন্মের অহংকার। 'ইংরাজের ... জাত্যহংকার কি যথেষ্ট নাই।' *রবীন্দ্র*, ১৯০৮।

জাত্যাচার [স জাতি-আচার] *বি* গোত্র ও জাতির চিরাচরিত রীতিনীতি। 'তাহাদিগের কুলধর্ম ও জাত্যাচার।' *ফরস্টার*, ১৭৯৬।

জাত্রা [স যাত্রা] *বি* প্রস্থান। 'সুভক্ষনে জাত্রা করি হইলা বাহির।' *মালাধর*, ১৫০০।

জাত্রাবর [স যাত্রা>] *বি* পেয়াদা। 'জাত্রাবর রাওখালেরে আনিল ধরিয়া।' *বিজয়*, ১৬৫০।

জাত্রীলোক [স যাত্রী+হি লোগ] *বি* যাত্রীরা। *শৌভে*, ১৭৮৯।

জাদ [আ জদ্] *বি* রেশমি ফিতা বা চুল বাঁধার দড়ি। 'খসিল পাটের জাদ বিগলিত কেস।' *মালাধর*, ১৫০০।

জাদা [ফা] *বি* পুত্র। 'বহু শেখ সৈয়দ জাদা।' *আলাওল*, ১৬৮০।

জাদু[১] [স জাত] *বি* পুত্র অর্থে আদরের সম্বোধন। 'জাদু! তুমি আবার কেমন হবে বলতে পারি না।' *প্যারী*, ১৮৫৮।

জাদুমণি [জাদু+স মণি] *বি* আদরসূচক সম্বোধন। 'আয় রে আমার জাদুমণির ঘুম আয়।' *দীনবন্ধু*, ১৮৬০।

জাদু[২] [ফা] *বি* ভেলকি। *ওসা*, ১৭৮২; 'সঙ, নিম্নোর গান, জাদু, প্রহসন, অভিনয় প্রভৃতি বিবিধ কৌতুক হয়েছিল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জাদুকর [ফা জাদুগর] *বি* ভেলকি দেখায় যে। *ওসা*, ১৭৮৫; 'সন্দীপ হচ্ছে আইডিয়ার জাদুকর।' *রবীন্দ্র*, ১৯১৫।

জাদুকরি, জাদুকরী [ফা জাদুগর>] **১** *বিণ* ভেলকিবাজ। 'হার মানে ও চোখের কাছে, জাদুকরি সকল লোকের।' *নজরুল*, ১৯৩০। **২** *বিণ* মায়াবী। 'সেই জাদুকরী শক্তি খানিকটা আমি পেয়েছি।' *নরেন্দ্র*, ১৯৫৬।

জাদু কাটা *ক্রি* সম্মোহন দূর হওয়া। 'ওকে ওষুধ খাওয়ালেই ওর জাদু কেটে যাবে।' *রবীন্দ্র*, ১৯০৯।

জাদুগর [ফা] *বি* ভেলকি দেখায় যে। *বিদ্যা*, ১৮৯১।

জাদুগরি [ফা জাদুগর>] *বি* জাদুকরের কাজ। *বিদ্যা*, ১৮৯১।

জাদুগিরি [ফা] *বি* ঐন্দ্রজালিকতা। 'দেশলাই কাঠি জ্বালাইয়া জাদুগিরি করিতে চাহেন নাই।' *রবীন্দ্র*, ১৯০৭।

জাদুগীর [ফা] *বি* জাদুকর। 'সে বড় জাদুগীর।' *হ্যালহেড*, ১৭৭৩।

জাদুগৃহ [ফা জাদু+স গৃহ] *বি* জাদুঘর। 'আগুনের বাতাসে জাদুগৃহের কালো পর্দাগুলি পৎ পৎ ...।' *হাসান*, ১৯৬৭।

জাদুঘর [ফা জাদু+পা ঘর] *বি* যেখানে কৌতূহলোদ্দীপক বিরল ও প্রাচীন বস্তু সংরক্ষিত থাকে। *বিদ্যা*, ১৮৯১; 'সেকালের কাব্যের জাদুঘর হেসে উড়িয়ে দেওয়া যায়।' *প্রমথ*, ১৯১৬।

জাদুবিদ্যা [ফা জাদু+স বিদ্যা] *বি* ভোজবিদ্যা; ম্যাজিক। 'সে এক রকমের জাদুবিদ্যা বললেই হয়।' *রবীন্দ্র*, ১৯৪১।

জাদুভরা *বিণ* মায়াবী। 'তার সেই জাদুভরা হাসি।' *নজরুল*, ১৯৩০।

জাদু ভাঙা *ক্রি* সম্মোহন দূর করা। 'এমন জাদু তো ভেঙে দিতে হবে।' *রবীন্দ্র*, ১৯০৯।

জাদুমন্ত্র [ফা জাদু+স মন্ত্র] *বি* মায়ামন্ত্র; ইন্দ্রজাল। 'মন-ভোলাবার জাদুমন্ত্র ব্যবহার করতে আমি ভয়ও পাই।' *রবীন্দ্র*, ১৯১৫।

জাদুমাখা *বিণ* মায়াময়; স্নেহমাখা। 'এত জাদুমাখা তার ও কঠিন অঙ্গুলি।' *নজরুল*, ১৯২৮।

জাদুশক্তি [ফা জাদু+স শক্তি] *বি* সম্মোহনশক্তি। 'জলধারায় এমন অভৌতিক জাদুশক্তির সঞ্চার হয় যাতে স্নানকারীর ...।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জান[১] [স যেন] *অব্য* যেন। 'দধীচির অস্থি জান পাইল সকুনি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জান[২] [ফা] **১** *বি* প্রাণ। 'যাহা পার কর মেরা জানের তালাশ।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* আত্মা। 'অঙ্গ ভেঙ্গে করলেন ছয়খান পাঁচ তনেতে বসালেন জান।' *লালন*, ১৮৯০। **৩** *বি* হৃদয়। 'বিরহের ব্যথায় জানটা যখন পিয়া পিয়া বলে ফরিয়াদ করে মরে।' *নজরুল*, ১৯২২।

জান কবচ করা *ক্রি* প্রাণ হরণ করা। 'অনেক আদমীর জান কবচ করে ফিরছিল হয়তো।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জান-কবুল [ফা জান+আ কবুল] *বিণ* প্রাণ বাজি রাখতে পারে এমন। 'বাঙালি যে প্রতিজ্ঞা পালনে জান-কবুল।' *মুজতবা*, ১৯৫২।

জানজাহান [ফা] *বি* জীবন ও ভূ-সম্পত্তি। 'আপনি রাজা; জানজাহানের মালিক; মাল্লেও মার্ত্তে পারেন; রাখলেও রাখতে পারেন!' *মশাররফ*, ১৮৬৯।

জান বেরিয়ে যাওয়া *ক্রি* মাত্রাতিরিক্ত খাটুনি হওয়া। 'জমির তদারক করতে জান বেরিয়ে যাচ্ছে।' *আলাউদ্দিন*, ১৯৫৪।

জানমাল [ফা জান+আ মাল] *বি* জীবন ও ধনসম্পদ। 'এই বিপদ টালিবার জন্য ... জান মাল শুদ্ধা খোদার রাহে দিতে আছে।' *আখবার*, ১৮৭৭।

জানে মন – (সম্বোধন) আমার প্রাণপ্রিয়। 'ও রমজান খান, জানে মন, বরাদরে মন এদিকে এসো।' *মুজতবা*, ১৯৪৯।

জানের তালাশ [ফা জান+ফা তালাশ] *বি* জীবন হরণ। 'যাহা পার কর মেরা জানের তালাশ।' *গরীব*, ১৭৬৫।

জান[৩] [স জ্ঞান] *বি* গণক। 'কেমন করিয়া বলিব, আমি তো আর 'জান' নহি।' *রবীন্দ্র*, ১৮৯২।

জানওয়ার [ফা] *বি* প্রাণী। 'হা বঙ্গদেশ! ... তোমাতে যে সকল জানওয়ার আছে, তা পৃথিবীর কোন চিড়িয়া খানায় নাই!!!' *হুতোম*, ১৮৬১।

জানদার [ফা] *বি* গোয়েন্দা। 'জানদার সভার আছে প্রজাগণ পলায় পাছে।' *মুকুন্দ*, ১৬০০।

জাননিয়া [স জ্ঞান>] *বিণ* বিজ্ঞ। *মানোএল*, ১৭৪৩।

জানেনওলা, জাননেওয়ালা *বিণ* জানে এমন। 'ইংরেজি জাননেওলা শহুরেকে তর্কে কাবু করে আনতে পারে।' *মুজতবা*, ১৯৫৮; 'ফরাসি-জাননেওয়ালা ফরাসি অফরাসি ভদ্রলোক ভদ্রমহিলা ...।' *মুজতবা*, ১৯৫৯।

জানপাদিক [স] *বিণ* জনপদের। 'জানপাদিক ইলেকশনের উপদ্রব সহ্য করিবার পক্ষে তাঁহাদিগকে অপটু করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

জানবার [ফা জানওয়ার] *বি* জীব; জানোয়ার। 'বিধাতা সে জন্য আলাদা জানবার সৃষ্টি করে রেখেছেন।' *জীবন*, ১৯৩১।

জানয়ার [ফা জানওয়ার] *বি* জন্তু। 'এডা কি জানয়ার কতি পারিস?' *দীনবন্ধু*, ১৮৬৩।

জানরেল [ই] *বি* জেনারেল। 'গবনর জানরেল মেস্তর হিষ্টিন।' *ক্যালগে*, ১৭৮৪।

জানলা[১] [স জ্ঞান>] *বিণ* জানা। 'অব নিত মতি জদি হরলহিঁ মোরি। জানলা চোরে করব কী চোরি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জানলা[২] [প জানেলা] *বি* বাতায়ন; খিড়কি। 'শেষরাত্রে এই জানলা দিয়ে নেবে যাবেন।' *উমেশ*, ১৮৫৭।

জানা [স জ্ঞান>] **১** *ক্রি* অবগত হওয়া। 'কে তোকে জানাইলে মাউলানী সম্বন্ধ।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* চেনা। 'তোমাকে যতটা জানি, দুই মিশিয়া অনেকখানি হইয়া উঠে।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৩** *ক্রি* উপলব্ধি করা; বুঝতে পারা। 'তখন তারে চিনি আমি তখন তারে জানি।' *রবীন্দ্র*, ১৯১৮। **জান ১** *ক্রি* জানো। 'সব জান তারে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* জেনে রাখো। 'সাফল্য জনম জান আস্কারা সভান।' *বাহরাম*, ১৬৫০। **জানএ** *ক্রি* জানে। 'কেবা উগ্রসেন কেবা জানএ সংসারে।' *মালাধর*, ১৫০০। **জানতুম** *ক্রি* জানতাম। 'আমি আগেই জানতুম, যেখানে এ কর্ম্ম হয়।' *উমেশ*, ১৮৫৭। **জানতে আসা** *ক্রি* নিতে আসা। 'আমার কাছে পরামর্শ জানিতে আসিল।' *রবীন্দ্র*, ১৮৯২। **জানন্ত** *ক্রি* জানে। 'মোহাম্মদ হানিফাএ কিছু না জানন্ত।' *বাহরাম*, ১৬৫০। **জানম** *ক্রি* জানি। 'ন জানম কোল হোন্তে শিশু কোনে নিল।' *সুলতান*, ১৬৫০। **জানমি** *ক্রি* জানি। 'ণ জানমি অপা কঁহি গই পইঠা।' *চর্য্য* ৩১, ১২০০। **জানয়** *ক্রি* জানে। 'তথাপিহ ভক্ত বহি অন্য না জানয়।' *বৃন্দা*, ১৫৮০। **জানল** *ক্রি* জানলাম। 'ন জানল কতি খন তেজি গেল রে বিছুরল চকেবা জোর।' *বিদ্যাপতি*, ১৪৬০। **জানলুম** *ক্রি* জানলাম। 'তা এখন ভাল করে জানলুম।' *উমেশ*, ১৮৫৭। **জানলেম** *ক্রি* জানলাম। 'নচেৎ জানলেম তোর হতেই আমার সব সুখ নষ্ট হলো।' *উমেশ*, ১৮৫৭। **জানহ** *ক্রি* জানো। 'তোহ্মে না জানহ রাহী।' *বড়ু*, ১৪৫০। **জানাইয়া** *ক্রি* অবগত ক'রে। 'পুনি ভাবে নৃপতিরে না জানাইয়া দিলে।' *সুলতান*, ১৭০০। **জানাইল** *ক্রি* জানালো। 'দৈবকীর গর্ভপাত জানাইল রাজারে।' *মালাধর*, ১৫০০। **জানাইলে** *ক্রি* জানালো। 'কে তোকে জানাইলে মাউলানী সম্বন্ধ।' *বড়ু*, ১৪৫০। **জানাএ** *ক্রি* অবগত করে। 'রাজারাও সভে দিয়া রাজাকে জানাএ গিয়া।' *মালাধর*, ১৫০০। **জানাও** *ক্রি* অবগত করাও। 'আল জানাও রতি সকল।' *বড়ু*, ১৪৫০। **জানাগ্রিল** *ক্রি* জানালো। 'সত্তরে রাজার ঠাগ্রি জানাগ্রিল গিয়া।' *মালাধর*, ১৫০০। **জানান্ত** *ক্রি* অবগত করান। 'যথ নীতি জানান্ত বসিয়া বিদিত।' *সুলতান*, ১৭০০। **জানা-বোঝা** *ক্রি* যথাযথভাবে অবগত হওয়া। 'এই-সমস্তই ভালো করে জেনে-বুঝে নিতে হবে।' *রবীন্দ্র*, ১৯৩৩। **জানায়** *ক্রি* অবগত করায়। 'লোকেরে জানায় ভাব হইল আমাত।' *বৃন্দা*, ১৫৮০। **জানায়্যা** *ক্রি* জানিয়ে। 'জানায়্যা তোমার পদে মুঞি জাইব নাইয়র।' *মুকুন্দ*, ১৬০০। **জানি ১** *ক্রি* জানা আছে। 'তিন ভুবনে জানি তপস্যা জাহার।' *বড়ু*, ১৫৭০। **২** *ক্রি* জেনে। 'ইহা জানি একমনে পূরি মোর আশে।' *বড়ু*, ১৫৭০। **৩** *ক্রি* অবগত হই। 'চৈতন্যকথার আদি অন্ত নাহি জানি।' *বৃন্দা*, ১৫৮০। **৪** *ক্রি* অনুভব করি। 'দোসর বর্জিত প্রভু মনে জানি সার।' *বাহরাম*, ১৬৫০। **জানিঅ** *ক্রি* জেনে রেখো। 'জানিঅ মোহোর দীন বলবন্ত অতি।' *সুলতান*, ১৭০০। **জানিআ** *ক্রি* জেনে। 'এথেক জানিআ সবে গর্ব অনুচিত।' *আলাওল*, ১৬৮০। **জানিএ** *ক্রি* জানি। 'না জানিএ কিবা দিবারাতি।' *মালাধর*, ১৫০০। **জানিছিল** *ক্রি* অবগত হয়েছিলো। 'জানিছিল এসব প্রকার।' *সুলতান*, ১৭০০। **জানিঞা** *ক্রি* জেনে। 'জানিঞা না জান তুমি।' *বড়ু*, ১৫৭০। **জানিতওঁ** *ক্রি* জানতাম। 'হম জঞে জানিতওঁ কানুক রীত। তব কিঅ তা সয়ঁ বাঁধয় চীত।' *বিদ্যাপতি*, ১৪৬০। **জানিতাঙ** *ক্রি* জানতাম। 'জানিতাঙ জদি আমি এমত বিচার।' *মুকুন্দ*, ১৬০০। **জানিতাম** *ক্রি* জানতাম। 'আগে যদি জানিতাম প্রণয় এমন।' *উমেশ*, ১৮৫৭। **জানিনু** *ক্রি* জেনেছি। 'জানিনু সাক্ষাত জন্ম নারায়ণ তুহ্মি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জানিবা** *ক্রি* জানবে। 'পাইবা সাপের ফল জানিবা পশ্চাতে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জানিবি** *ক্রি* অবগত হবে। 'এখনি জানিবি বেটা কিবা তোর প্রাণ।' *রূপরাম*, ১৭৫০। **জানিয়** *ক্রি* জেনে। 'না জানিয় কহ কথা পরিমাণ শুদ্ধি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জানিয়া** *ক্রি* জেনে। 'উড়ি পড়ে জানিয়া উদ্যান।' *সুলতান*, ১৭০০। **জানিয়াছ** *ক্রি* জেনেছো। 'নিভৃতে আছয়ে প্রভু জানিয়াছ দঢ়।' *বৃন্দা*, ১৫৮০। **জানিল ১** *ক্রি* জানলো। 'না জানিল কেহো আছে গুপ্তবেসে তারে।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রি* জানলাম; জ্ঞাত হলাম। 'এখন জানিল আমি পুরুষ উত্তম তুমি।' *কৃষ্ণরাম*, ১৭২০। **জানিলা** *ক্রি* জানলো। 'জগন্নাথ যোগেশ্বর যোগেতে জানিলা।' *মানিকরাম*, ১৭৮১। **জানিলাঙ** *ক্রি* জানলাম। 'জানিলাঙ তোমারে কপট কালিন্দ্রদ।' *মুকুন্দ*, ১৬০০। **জানিলাম** *ক্রি* জানলাম। 'যার যার যথার্থ না জানিলাম ধাম।' *মানিকরাম*, ১৭৮১। **জানিলুঁ** *ক্রি* জানলাম। 'জনম জানিলুঁ সার্থক জীবন সফল।' *বাহরাম*, ১৬৫০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জানিলেক *ক্রি* জানলেন। 'বলভদ্রে জানিলেক কৃষ্ণের প্রকার।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জানিলেন** *ক্রি* জানলেন; অবগত হলেন। 'জানিলেন প্রভু শীঘ্র ছাড়িবেন ঘর।' *বৃন্দা*, ১৫৮০। **জানিলেন্ত** *ক্রি* অবগত হলেন। 'জানিলেন্ত এহি শিশু হইব প্রধান।' *সুলতান*, ১৭০০। **জানিস** *ক্রি* জেনে নিস। 'জিজ্ঞাসিয়ে জনকে জানিস আমি কেবা।' *মানিকরাম*, ১৭৮১। **জানিহ** *ক্রি* জেনো। 'জানিহ সে অতি সত্য কহিল তোমারে।' *বড়ু*, ১৫৭০। **জানী** *ক্রি* জানে। 'আনন্দে নন্দন সব আপনা না জানী।' *বৃন্দা*, ১৫৮০। **জানে ১** *ক্রি* অবগত হয়। 'কে জানে তোমার ভেদ ব্রহ্ম সনাতন বেদ।' *রূপরাম*, ১৭৫০। **২** *ক্রি* উপলব্ধি করে। 'না জানি তোমার তত্ত্ব যোগী যারে যোগে নাহি জানে।' *মানিকরাম*, ১৭৮১। **জানেন** *ক্রি* জ্ঞাত আছেন। 'মহেশ জানেন কিছু মহিমা তোমার।' *মানিকরাম*, ১৭৮১। **জানো** *ক্রি* জানি। 'না জানো কপট কাহ্নাঞি আহ্মে শুদ্ধমতী।' *বড়ু*, ১৪৫০। **জেনে শুনে ১** *ক্রি* জ্ঞাত হয়ে। 'নিকাশী কাশ বাধবে গলে/ জেনে শুনে কেন তুলি।' *লালন*, ১৮৯০। **২** *ক্রি* ভালোভাবে জেনে। 'চিরজন্মের মতো কাঁদিয়ে এসেছ? জেনেশুনে, ইচ্ছাপূর্বক?' *রবীন্দ্র*, ১৯০৭। **জেনো** *ক্রি* জেনে রেখো। 'বিশ্বাস দুর্লভ অতি জেনো বাছাধন।' *গিরিশ*, ১৮৮৭। **জেন্যা** *ক্রি* জেনে। 'শুভ হয় অশুভ সফলা মনে জেন্যা।' *মানিকরাম*, ১৭৮১।

জানাজা [আ জানাজাহ্] *বি* ইসলামি মতে মৃতকে সমাধিস্থ করার আগেকার প্রার্থনা। 'জানাজার পাছে মাত্র করিবা পয়ান।' *আলাওল*, ১৬৮০।

জানাজানি, জানাজাণী [স জ্ঞান>] **১** *বি* প্রচার; প্রকাশ। 'বড়কাজ করিআঁ না করী জানাজাণী।' *বড়ু*, ১৪৫০; 'জানাজানি।' *বিদ্যা*, ১৮৯১; 'কত কানাকানি, মন-জানাজানি, সাধাসাধি কত ছলে।' *রবীন্দ্র*, ১৯০০। **২** *বি* আলাপ-পরিচয়। 'নূতন জানাজানির ভিতর দিয়া দেশের অনেক জটীল সমস্যা সহজ মীমাংসার পথে আসিবে।' *আজাদ*, ১৯৪২।

জানান [স জ্ঞান>] *ক্রি* জ্ঞাত করানো। 'কেবল লোক জানান কারণ এই সকল নাম রাখে।' *দর্পণ*, ১৮২২।

জানান দেওয়া *ক্রি* প্রকাশ করা। 'নিজেরে জানান দেয় তীব্রকণ্ঠে।' *রবীন্দ্র*, ১৯৪০।

জানানা [ফা জানানাহ্] **১** *বি* নারী। 'সকল জানানা আর হোসেনের শির।' *গরীব*, ১৭৬৫। **২** *বি* পর্দা; অবরোধ। 'আমাদের দেশে জানানা রীতি প্রচলিত হইয়াছে।' *মশাররফ*, ১৮৮৫।

জানানা রীতি [ফা জানানাহ্+স রীতি] *বি* পর্দা-প্রথা। 'আমাদের দেশে 'জানানা' রীতি প্রচলিত হইয়াছে।' *মশাররফ*, ১৮৮৫।

জানানিস্তান [ফা জানানাহ্+ফা ইস্তান] *বি* নারীদের বসবাসের এলাকা। 'আমার দেশকে মরদানিস্তান ও জানানিস্তান এই দুই ভাগে ভাগ কৈরা ...।' *মনসুর*, ১৯৪৫।

জানানো [স জ্ঞান>] *ক্রি* জ্ঞাত করানো। **জানাইব** *ক্রি* জানাবো। 'উৎপাতগ্রস্ত হইয়াছি যদি আবশ্যক হয় পশ্চাৎ লিখিয়া জানাইব।' *চন্দ্রিকা*, ১৮৩০।

জানালা [প জেনালা] **১** *বি* বাতায়ন। *ক্যালগে*, ১৭৮৯; 'আমি জানালা দিয়া সকল দেখিয়াছি ও শুনিয়াছি।' *ভবানী*, ১৮২৫। **২** *বি* পাতা ও ডালের ফাঁকফোকর। 'অশথের জানালার ফাঁকে।' *জীবন*, ১৯৪২।

জানালাবন্ধ [জানালা+স বন্ধ] *বিণ* জানালা আটকানো। 'জানালাবন্ধ, কর্কমোড়া ঘরে জীবন কাটিয়েও প্রস্তুত এ যুগের শ্রেষ্ঠ ফরাসি উপন্যাস ...।' *শিব*, ১৯৭৩।

জানাশুনা [স জ্ঞান>+শোনা] *বি* পরিচিতি। 'আলোচনার ফাঁক দিয়ে জাতির স্বভাব ধরা পড়ে যায়, আন্তর্জাতিক জানাশুনা হয়।' *অন্নদা*, ১৯২৯।

জানাশোনা [স জ্ঞান>+শোনা] **১** *বিণ* পরিচিত। 'এত যে আনাগোনা, কে আছে জানাশোনা।' *রবীন্দ্র*, ১৮৯০। **২** *বি* পরিচয়। 'চুপিচুপি প্রাণের প্রথম জানাশোনা।' *রবীন্দ্র*, ১৮৯০।

জানি [স যেন] *অব্য* যেন। 'দিনে দিনে খিন তনু হিম কমলিনি জনু না জানি কি জিব পরজন্ত।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'কেহো জানি আসিয়াছে বাড়ির ভিতরে।' *বৃন্দা*, ১৫৮০।

জানিত [স জ্ঞাত>] *বিণ* চেনা; পরিচিত। 'আপনার জানিত একজন যুবাপুরুষের ভাগ্যে ঔদাস্যই একমাত্র ...!' *মাইকেল*, ১৮৭৩।

জানিশুনি [স জ্ঞান>] *বিণ* অভিজ্ঞ। 'আমি জানিশুনি একটু কমই।' *রশীদ*, ১৯৬৩।

জানী[১] [স জ্ঞান>] *বিণ* জ্ঞাত। 'জথাঁ আইলেঁসি তথা জানী।' *চর্যা ৪৪*, ১২০০।

জানী[২] [ফা জান>] *বি* প্রাণেশ্বরী। 'এখন আমি তোমার জানী হইচি।' *দীনবন্ধু*, ১৮৬৬।

জানু [স] *বি* হাঁটু। 'ভূজযুগ করিকর জানুত লুলে।' *বড়ু*, ১৪৫০।

জানু-চক্রমণ [স] *বি* হামাগুড়ি। 'তহে কত দিনে প্রভুর জানু-চক্রমণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জানুত *ক্রিবিণ* হাঁটুতে। 'ভূজযুগকরিকর জানুত লুলে।' *বড়ু*, ১৪৫০।

জানুযুগল [স] *বি* দুই হাঁটু। 'জানুযুগল পরিশ্রান্ত হইল, কিন্তু গল্পের কোনও সুরাহা হইল না।' *বনফুল*, ১৯৩৬।

জানুয়ারি, জানুয়ারী, জানুআরি, জানেওারি [ই] *বি* খ্রিস্টীয় বছরের প্রথম মাস। 'জানেওারি।' *এডমন*, ১৭৯৩; 'প্রধান পরীক্ষা গত জানুআরি মাসের প্রথম দিবসে ... হইয়াছে।' *দর্পণ*, ১৮২১; '২০ জানুয়ারি ১৮২১।' *দর্পণ*,১৮২১; '... সাহেব ৩রা জানুয়ারী ঢাকায় তশরীফ এনেছেন।' *মাহে নও*, ১৯৪৯।

জানের [ই] *বি* জানুয়ারি মাস। *মেয়র্স*, ১৭৫৭; '১৭৫৮ সাল ইঙ্গরেজী ২৭ জানের।' *মেয়র্স*, ১৭৫৮।

জানেরেল [ই] *বিণ* সাধারণ; প্রধান। 'একোনটেন্ট জানেরেল।' *ক্যালগে*, ১৭৯৪; 'তাঁহার গবনর জানেরেলির কাজ ইস্তফার বিসএ ...।' *ক্যালগে*, ১৭৯৪।

জানোলা [প জানেলা] *বি* বাতায়ন। *ওসাঁ*, ১৭৮৫; 'জানেলা খুলিয়া দেখিয়া বলিল।' *বঙ্কিম*, ১৮৭৮।

জানোয়ার [ফা] **১** *বি* জন্তু। 'সেয়াগোস ভৈঁস গড়া জোরায়র জানোয়ার ঢের।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'কতকগুলি সাপ হতেও ভয়ানক, বাঘের চেয়ে হিংস্র; বলতে গেলে তারা একরকম ভয়ানক জানোয়ার।' *হুতোম*, ১৮৬১। **২** *বি* জন্তুতুল্য শত্রু। 'আনোয়ার ভাই! জানোয়ার সব সাফ!' *নজরুল*, ১৯২২।

জানোয়ারত্ব [ফা জানোয়ার+স ত্ব] *বি* পশুধর্ম। 'বিলেত ঘুরে এলেই জানোয়ারত্ব ঘুচে যেত?' *মণীশ*, ১৯৫৭।

জানোয়ারী [ফা জানোয়ার>] *বিণ* পশুসুলভ। 'জানোয়ারী উল্লাস নিয়ে ... এগিয়ে এল পুলিশের এক সার্জেন্ট।' *হাফিজুর*, ১৯৫৩।

জান্তব [স] **১** *বিণ* জান্তব জিগীষা বক্ষে অতীতের সে নিষাদ অন্ধকার।' *মণীশ*, ১৯৩৯। **২** *বিণ* জন্তুতুল্য। 'জঘন্য জান্তব দেহে দেশ-কাল-সংকলিত মল সংসক্ত থাকে না আর।' *সুধীন্দ্র*, ১৯৪০। **৩**

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বিণ প্রাণীসুলভ। 'ফের ঘরে ঢোকার জান্তব টানে সে পিছুতে চেয়েছিল।' *হাসান*, ১৯৭৪।

জান্দরেল [ই] *বি* জেনারেল। 'গৌরনর জান্দরেল।' *শৌভে*, ১৭৮৯।

জান্নব [আ জাহান্নাম] *বি* অধঃপাত। 'একেবারে জান্নবে গিয়েচে।' *দীনবন্ধু*, ১৮৬৭।

জান্নাত [আ] *বি* ইসলামি মতে বেহেশ্‌ত। 'জান্নাত হতে ফেলে হুরি রাশ রাশ ফুল।' *নজরুল*, ১৯২২।

জান্নাতবাসী [আ জান্নাত+স বাসী] *বিণ* স্বর্গবাসী। 'পরকালে ঈশ্বর তোমাদিগকে জান্নাতবাসী করিবেন।' *মশাররফ*, ১৮৮৫।

জান্নাতবাসী হওয়া *ক্রি* মৃত্যুবরণ করা। 'তিনি জান্নাতবাসী হইলেন।' *ইমদাদুল*, ১৯২০।

জান্নাতী [আ জান্নাত>] *বিণ* স্বর্গীয়। 'জান্নাতী ফেরেশতা সেও লাজন্ম্র।' *ফররুখ*, ১৯৪৬।

জান্য [স জ্ঞান>] *ক্রি* জানিয়ো। 'তবে জান্য বিধাতা হইল তাকে বাম।' *মানিকরাম*, ১৭৮১।

জাপটানি [আ জওত>] *বি* বাহু ও বুক দিয়ে জড়িয়ে ধরা। 'পাহাড়-ভাঙা জাপটানি তোর – ভাবিস সোহাগ-সুখ-ছোঁওয়া।' *নজরুল*, ১৯২৪।

জাপটানো [আ জওত>] *ক্রি* আঁকড়ে ধরা। 'সকলেই এই উপায়টাকেই ... জাপটিয়া ধরিয়াছেন।' *নজরুল*, ১৯২২।

জাপটে ধরা *ক্রি* জড়িয়ে ধরা। 'লাফিয়ে-ঝাঁপিয়ে পড়ে জাপটে ধরি।' *অচিন্ত্য*, ১৯৫০।

জাপ্টে ধরা *ক্রি* জড়িয়ে ধরা। 'ভয়ে বাবাকে জাপ্টে ধরেছি।' *হুমায়ূন*, ১৯৭২।

জাপন [স যাপন] *বি* অতিবাহন। 'গোপাল রায় সর্ব্বাধ্যক্ষ হইয়া কাল জাপন করেন।' *রাজীব*, ১৮০৫।

জাপপুষ্পক [ই জাপান>+স পুষ্পক] *বি* জাপানি যুদ্ধবিমান; মিকিণ্ড বোমা। 'জাপপুষ্পকে জ্বলে ক্যান্টন, জ্বলে সাংহাই।' *সুভাষ*, ১৯৪০।

জাপা [স জপ>] *ক্রি* জপ করা। 'দিগঙ্গনা কী জপ জাপে, হাওয়ায় লাগে মোহপরশ।' *রবীন্দ্র*, ১৯৪০।

জাপানী [ই জাপান>] **১** *বিণ* জাপান দেশীয়। 'উহা জাপানী ভাষায় অনুবাদিত ও মুদ্রিত করিয়া ... বিতরণ করিবেন।' *প্রচারক*, ১৯০৪। **২** *বি* জাপানের অধিবাসী। 'একটি শিক্ষিত জাপানী বলেন।' *রবীন্দ্র*, ১৯০৫। **৩** *বিণ* জাপান দেশে তৈরি। 'সেলুলয়েডের ঘর-সাজানা জাপানী সামুরাই পুতুল।' *বিভূতি*, ১৯৩১।

জাপ্য [স] *বি* একই কথা বারে বারে উচ্চারণ। 'বাবু আপন দোষ কখনো স্বীকার করেন না, সর্ব্বদাই জাপ্য করেন।' *প্যারী*, ১৮৫৯।

জাপ্য মালা *বি* জপমালা। 'চিহ্ন নেয় জাপ্য মালা অজয় কাটারি।' *মানিকরাম*, ১৭৮১।

জাফরান, জাফরাণ [আ জা'আফরান] **১** *বি* রং এবং মসলা হিসাবে ব্যবহৃত ফুলের কেশর; কুঙ্কুম। *ওসা*, ১৭৮৫; 'জাফরাণমণ্ডিত পথে ভ্রমণ করিতে করিতে ...।' *রোকেয়া*, ১৯২২। **২** *বিণ* হলদে। 'কেবল জাফরান রঙের স্কীত পায়জামার নিম্নভাগে জরির-চটি-পরা দুইখানি ক্ষুদ্র সুন্দর চরণ।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জাফরানি, জাফরানী, জাফরাণি [আ জা'আফরান>] *বিণ* জাফরান অর্থাৎ হলদে রঙের। 'বসন রাঙিয়ে পরি কখনো বা ধানী, কখনো জাফরানী।' রবীন্দ্র, ১৯১৬; 'পউষের বেলাশেষ পরি জাফরানি বেশ।' *নজরুল*, ১৯২৬; 'তার ভেতরে হলুদ, বেগুনে, লাল, নীল, জরদ, জাফরাণি, ধূসর ও আসমান রঙের বালব জ্বলে।' *হাই*, ১৯৫৮।

জাফরি [আ জাফরী] *বি* বাঁশের বাখারি দিয়ে তৈরি বেড়া। 'বাঁশের জাফরি দিয়া ঘেরা।' *বিভূতি*, ১৯৩১।

জাফরি-কাটা *বিণ* একটু একটু ফাঁক আছে এমন। 'ইটের পাঁচিল জাফরি-কাটা সিঁড়ি এই সমস্ত –' *শক্তি*, ১৯৬৫।

জাব [স যবস] *বি* কুচি কুচি ক'রে কাটা খড়, ভুসি, খৈল, পানি ইত্যাদি মিশিয়ে তৈরি গরুর খাদ্য। 'গরুর জাব দেওয়া, বাসন মাজা।' *গিরিশ*, ১৮৮৯।

জাবক [স যাবক] *বি* আলতা। 'বেষ্টিত জাবক কর।' *মুকুন্দ*, ১৬০০।

জাবত [স যাবৎ] **১** *ক্রিবিণ* যতক্ষণ পর্যন্ত। 'জাবত নাহিক আস্যে দেব গদাধর।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রিবিণ* যে পরিমাণ। *মানোএল*, ১৭৪৩।

জাবত জনম [স যাবৎ-জন্ম] *ক্রিবিণ* জন্মাবধি। 'জাবত জনম হম তুঅ পদ ন সেবিলুঁ জুবতী মতিময় মেলি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জাবদ [স যাবৎ] *ক্রিবিণ* যাবৎ। 'তাবদ জাবদ নহে তোমার সন্তোষ।' *মুকুন্দ*, ১৬০০।

জাবদা [ফা জাবিদা] *বি* দৈনিক হিসাবের খাতা। 'ওরে সেখানেতে তোর নামেতে আছে *রে যে* জাবদা আঁটা।' *রামপ্রসাদ*, ১৭৮০। দ্র **জাবেদা**

জাবনা [স যবস] **১** *বি* কুচানো খড়ের সঙ্গে মিশ্রিত খইল, ভুসি প্রভৃতি মিশ্রিত গোরু-মহিষের খাদ্য। 'নাদায় মুখ দিয়া জাবনা খাইতেছিল।' *বঙ্কিম*, ১৮৭৫। **২** *বি* উচ্ছিষ্ট খাবার; নগণ্য খাবার। 'প্রাত্যহিক মাটিভাঙার কাজ করিয়া সন্ধ্যাবেলায় একপেট জাবনা খাইতে পাইলেই সন্তুষ্ট।' *রবীন্দ্র*, ১৮৯২।

জাবর [স যবস] **১** *বিণ* সিক্ত। 'ঘৃত তৈল মিশাইয়া করিল জাবর।' *বিজয়*, ১৬৫০। **২** *বি* চর্বিতচর্বণ। 'তিনি সভায় বসে মদের জাবর কাটছেন।' *দীনবন্ধু*, ১৮৬৬।

জাবরকাটা *ক্রি* চর্বিতচর্বণ করা। 'তাঁর ত সভ্য হওয়া নয়, জাবরকাটা।' *দীনবন্ধু*, ১৮৬৬।

জাবরাণ [আ জওত>] *বি* ধস্তাধস্তি। 'মোল্লার স্ত্রী গর্ভবতী, তারপর এই জাবরাণ!' *মশাররফ*, ১৮৬৯।

জাবার[১] [ফা জাহ্] *বি* হিসাব। 'কাপড় পাঠাইতে সঙ্গতি হইছিল না অদ্য কাপড় মএ জাবার ফর্দ্দ সম্মলিত পাঠাই।' *তাঁতি*, ১৭৯২।

জাবার[২] *ক্রি* যাবার। *ক্যালগে*, ১৭৮৪।

জাবিন [আ জামিন] *বি* জামিন। *মানোএল*, ১৭৪৩।

জাবিনদার *বি* জামিনদার। *মানোএল*, ১৭৪৩।

জাবেদা, জাবেতা [আ জাবিহ্‌তা] *বি* দৈনিক হিসাব। 'হাতকাঠী ও হার নিরিখের জাবেতা নকল লইবার নিমিত্ত।' *এডুকেশন*, ১৮৭৩।

জাবেদা নকল *বি* অবিকল প্রতিরূপ। 'তোমার দৃষ্টির জন্য এই সঙ্গে গল্পটির জাবেদা নকল পাঠাচ্ছি।' *প্রমথ*, ১৯১৮।

জাবেদা প্রস্তাব [আ জাবিহ্‌তা+স প্রস্তাব] *বি* আইনসম্মত বিবেচনার আবেদন। 'কর্মপন্থা দুইটিই জাবেদা প্রস্তাবের আকারে পেশ করা হইল।' *মনসুর*, ১৯৪০।

জাব্বাজোব্বা [আ জুব্বাহ্] *বি* বুকখোলা ও হাঁটু পর্যন্ত লম্বা ঢিলাঢালা জামাবিশেষ। 'জাব্বা-জোব্বা দিয়ে ধোঁকা দিবি আল্লারে, ওরে বোকা।' *নজরুল*, ১৯২৪।

AMARBOI.COM

জাভানি [জাভা>] **১** *বিণ* জাভা দেশীয়। 'এই কীচক জাভানি মহাভারতে ...।' *রবীন্দ্র*, ১৯২৯। **২** *বি* জাভাবাসী। 'জাভানিরা ভারতবর্ষে গিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

জাম[১] [স জন্য] *বি* জন্য। 'গেলী জাম বহুদুই কইসেঁ।' *চর্যা ৮*, ১২০০।

জাম[২] [স জম্বু] *বি* মিষ্টি ফলবিশেষ। 'আম জাম সিয়াকুলি কালচিত ফল।' *মুকুন্দ*, ১৬০০।

জামবাগান [স জম্বু+ফা বাগ>] *বি* জাম গাছের বাগান। 'জামাবাগানের তলায় চরে ধোবাদের গাধা।' *রবীন্দ্র*, ১৯৩২।

জাম[৩] [ফা] *বি* পানপাত্র। 'কাঁখের কলসে কওসর ভর, হাতে আব-জম-জম-জাম।' *নজরুল*, ১৯২৪।

জামবাটি [ফা জাম+স বাটি] *বি* কাঁসার তৈরি বড়ো বাটি। 'কাঁসার জামবাটির দিকে হতাশভাবে চাহিতেছে।' *বিভূতি*, ১৯২৯।

জামদগ্ন্য [স] *বি* (হিন্দুপুরাণ) জমদগ্নি মুনির পুত্র পরশুরাম। 'জামদগ্ন্য তবু পাতিবে না স্বর্গরাজ্য ভবে।' *সুধীন্দ্র*, ১৯৩৮।

জামদানি [আ জামদানী] *বি* নকশা-তোলা মিহি তাঁতের কাপড়বিশেষ। 'ঢাকাই ধুতি জামদানির একলাই পরীধান করিয়া ...।' *ভবানী*, ১৮২৩।

জামদানি, জামদানী [আ জামদানী] *বি* তাঁতের ফুলতোলা মিহি কাপড়বিশেষ। 'চারখানা, জামদানী এবং মলমলখাস।' *মাহেনও*, ১৯৪৯; 'শাদা ও সবুজ জামদানি শাড়ির খসখস আওয়াজ।' *ইলিয়াস*, ১৯৭২।

জামদানে [আ জামদানী] *বি* জামদানি; নকশাতোলা মিহি তাঁতের কাপড়বিশেষ। 'গাএর বস্ত্র একখানি জামদানে দোলাই ...।' *চিঠিপত্রে*, ১৮২৮।

জামধর [ফা জামদার] *বি* সাঁড়াশি জাতীয় প্রাচীন অস্ত্রবিশেষ। 'সুপারি কাটার জাঁতির মত জামধর।' *মুজতবা*, ১৯৪৯।

জাম-ধরা [ফা জঙ্গ+ধরা] *বিণ* মরচে ধরা। 'আজ হৃদয়ের জাম-ধরা যত কবাট ভাঙিয়া দাও।' *নজরুল*, ১৯২৫।

জামবুরি [ই jamboree] *বি* বয়স্কাউট বা গার্লসগাইডদের সম্মিলন। 'জামবুরি মানে নানান জায়গায় বয়স্কাউট দলের জমায়েত।' *শিবরাম*, ১৯৭০।

জামরুদ [আ জমরুদ] *বি* উজ্জ্বল রঙের মূল্যবান পাথরবিশেষ। 'আনি আলমাস, গওহর লুটে আনি জামরুদ লাল।' *ফররুখ*, ১৯৪৩।

জামরুল [স জম্বু>] *বি* ফলবিশেষ ও তার গাছ। *বিদ্যা*, ১৮৯১; 'গাছে উঠে পাড়ে জামরুল।' *রবীন্দ্র*, ১৯৩২।

জামা [ফা] *বি* শরীরের উপরের অংশ ঢাকার বস্ত্রবিশেষ। 'ভাল জামা কোথা পাব ইমাম খাতিরে।' *গরীব*, ১৭৫০।

জামাকাপড় [ফা জামা+স কর্পট] *বি* পোশাক-পরিচ্ছদ। 'ধ্যাড়ধেড়ে জামাকাপড় ন্যাকড়ার ফালির মতো তারে তারে ঝুলছে।' *জীবন*, ১৯৩২।

জামাজোড়া *বি* একপ্রস্থ পোশাক; ধুতি ও শাল। 'ছাতা জুতো জামাজোড়া চিরকাল থাকবে।' *রবীন্দ্র*, ১৮৯২।

জামাটামা *বি* পোশাকাদি। 'জামাটামা ঢাকা দিলে চলবে না?' *গিরিশ*, ১৮৮৭।

জামাধরা *বিণ* পরনির্ভরশীল। 'ধামাধরা! জামাধরা! মরণভিতু! চুপ রহো!' *নজরুল*, ১৯২৪।

জামাই [স জামাতৃ] *বি* মেয়ের স্বামী। 'অনুমতি রাখ জামাই হইআ প্রবোধ।' *মুকুন্দ*, ১৬০০।

জামাই আদর [জামাই+স আদর] *বি* (ব্যঙ্গ) জামাইয়ের মতো বিশেষ আদর-যত্ন। 'আঁধার কক্ষে জামাই আদরে বেঁধেছ শিকল প্রণয়-ডোরে।' *নজরুল*, ১৯২৪।

জামাইনাড়ু [জামাই+নাড়ু] *বি* ধানের নাম। *কৃষ্ণরাম*, ১৭২০।

জামাই পিঠা [জামাই+স পিষ্টক] *বি* পিঠাবিশেষ। 'জামাই পিঠা, বউ পিঠা, আরও কত কি?' *জসীম*, ১৯৬০।

জামাইবাড়ি [জামাই+স বাটী] *বি* জামাতার ঘর। 'হালিমকে গালাগালি করিবার জন্যই ... জামাইবাড়ি চলিয়া আসেন।' *মনসুর*, ১৯৫৫।

জামাইষষ্ঠী [জামাই+স ষষ্ঠী] *বি* জ্যৈষ্ঠ মাসের শুক্লষষ্ঠীতে জামাইকে নিমন্ত্রণ ও উপহার প্রদানের হিন্দু আচারবিশেষ। 'তাঁহাদিগকে জামাইষষ্ঠী পাঠাইয়াছিলেন।' *রবীন্দ্র*, ১৯০৯।

জামাঞি [স জামাতৃ] *বি* জামাই। 'জামাঞি শ্বশুর দ্বন্দ্ব হইল বহুকাল।' *মুকুন্দ*, ১৬০০।

জামাত [আ জমায়াত] *বি* ইসলামমতে নামাজে পড়ার শ্রেণীবদ্ধ সারি। 'সকলে আসিয়া জামাতে দাঁড়াল, কণ্ঠে কালাম পড়ি।' *জসীম*, ১৯৫১।

জামাতখানা [আ জমায়াত+ফা খানা] *বি* যে স্থানে অনেক লোক সমবেত হয়। 'প্রতি জামাতখানাতে একটা সুন্দর প্রকাণ্ড লোহার সিন্দুক থাকে।' *মুজতবা*, ১৯৫৯।

জামাতা [স] *বি* কন্যার স্বামী। 'নদীয়া-নিবাসী বিশারদের জামাতা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জামাতৃ [স] *বি* জামাই। **জামাতৃগৃহ** [স] *বি* জামাইয়ের বাড়ি। '... দৌহিত্রমুখ নিরীক্ষণের পূর্ব্বে জামাতৃগৃহে অভ্যবহারেও বিমুখ থাকেন।' *রামনারায়ণ*, ১৮৫৪।

জামাদার [আ জমা+ফা দার] *বি* জমাদার; কর্মচারী। 'তাহাও ওাকীফ নহি তোমার জামাদারে।' *বোগল*, ১৭৭০।

জামানত [আ] *বি* জামিনস্বরূপ গচ্ছিত অর্থাদি। 'রীতিমত জামানতনামা লেখাপড়া করিয়া নাও।' *দীনবন্ধু*, ১৮৬০।

জামানতনামা [আ জামানত+ফা নামাহ্] *বি* যে পত্রে জামানতের শর্তাদি লেখা থাকে। 'রীতিমত জামানতনামা লেখাপড়া করিয়া নাও।' *দীনবন্ধু*, ১৮৬০।

জামানা [আ জমানাহ্] *বি* যুগ। 'অত আগারপাগার ভেবে কাজ কল্লে আর এ জামানায় কোন কাজ করা যায় না।' *লালন*, ১৮৯০।

জামায় [স জামাতা] *বি* জামাই। 'শুনে জামায়ের প্রতি কহিল সুন্দরী।' *ভবানী*, ১৮২৫।

জামায়েত [আ জমায়াত] *বিণ* একত্রে সমবেত। 'আজিও তেমনিই জামায়েত হয় ঈদগাহে মসজিদে।' *নজরুল*, ১৯৪৫।

জামাল [আ] *বি* রূপ। 'কার হবে আর রৌশন এমন জামাল।' *নজরুল*, ১৯২২।

জামিওয়ার [ফা জামওয়ার] *বি* ফুলতোলা দামি কাশ্মীরি শালবিশেষ। 'নিলেম থেকে দাঁওয়ে কেনা ঘরোওয়ানার আসল জামিওয়ার।' *সুধীন্দ্র*, ১৯৩২।

জামিদার [ফা জমীনদার] *বি* জমিদার। *বিদ্যা*, ১৮৯১।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জামিদারিক [ফা জমীনদার>+স ইক] *বিণ* জমিদারি সম্বন্ধীয়। 'জামিদারিক ভাষার আন্দোলন উপস্থিত হয়েছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জামিন, জামীন [আ] **১** *বি* অপরকে হাজির করার দায়িত্ব। 'জামিন লইয়া মোরে দিয়াছে খালাস।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বিণ* অপরের দায় গ্রহণকারী। 'দালাল ছাড়াইলে কুম্পানির দাদনির দফার জামিন কেহ থাকে না।' *হ্যালহেড*, ১৭৭৩। **৩** *বি* জামানত। 'হাজার টাকার জামীন দিয়া অছি মোকরর হইয়া সনন্দ প্রাপ্ত হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৭; 'জামিন লইয়াই হউক বা কিস্তিবন্দী করিয়াই হোক ...।' *বঙ্কিম*, ১৮৭৯।

জামিনদার [আ জামিন+ফা দার] *বি* যে অন্যের পক্ষে দায়ী থাকতে রাজি হয়। *ওসাঁ*, ১৭৮২; 'জামিনদারের কাছে ব্যাংক টাকা চাইব কেন?' *মনসুর*, ১৯৫৩।

জামিননামা [আ জামিন+ফা নামাহ্] *বি* দায়িত্ব গ্রহণের অঙ্গীকারপত্র। 'নিজে জামিননামা সম্পাদন করিয়া দেন।' *মনসুর*, ১৯৫৩।

জামিনস্বরূপ [আ জামিন+স স্বরূপ] *ক্রিবিণ* জামানত হিসেবে। 'কোম্পানির কাগজ জামিনস্বরূপ রাখিলে জামিনীর বিবেচনা করা যাইবে।' *এডুকেশন*, ১৮৭৩।

জামিনি, জামিনী [আ জামিন>] **১** *বি* জামিনের দায়িত্ব বা কাজ। 'ওই জামিনির জন্যে দালালি খরচ বদস্তুর সাবেক থান করা।' *হ্যালহেড*, ১৭৭৩। **২** *বি* জামানত। 'তাহা জামিনি আনিত শ্রীযুত দত্ত দেওয়া মহাসয়।' *ভেরলি*, ১৭৯৭। **৩** *বি* (হাজির বাবদ) করবিশেষ। 'হাজির জামিনী দিয়া মুক্ত হওয়ার প্রার্থনা করিয়াছিলেন।' *এডুকেশন*, ১৮৭৩।

জামিনে [আ জামিন>] *বি* জামিনদার। 'পেশাদার জামিনেরা তীর্থের কাকের ন্যায় বসিয়া আছে।' *প্যারী*, ১৮৫৮।

জামীনপত্র [আ জামিন+স পত্র] *বি* জামিন হওয়ার স্বীকৃতিপত্র। 'এই করারে জামীনীপত্র দিলাম।' *হ্যালহেড*, ১৭৭২।

জামিনি[১] [স যামিনী] *বি* রজনী; রাত। 'জামিনি আথ অঁধার।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'প্রসন্নত নদ নদি প্রসন্ন জামিনি।' *মালাধর*, ১৫০০।

জামিনি[২] *দ্র* **জামিন**

জামিনী *দ্র* **জামিন**

জামিনে *দ্র* **জামিন**

জামিয়ার [ফা জামওয়ার] *বি* মূল্যবান কাশ্মীরি শালবিশেষ। 'একটি দামী পুরাতন জামিয়ার বাহির করিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

জামির, জামীর [স জম্বীর] *বি* বড়ো আকারের অম্লস্বাদযুক্ত লেবু। 'গোটা কাসন্দি তায় জামিরের রস।' *মুকুন্দ*, ১৬০০; 'কুল আম জামীর খাইতে মন ধাই।' *রূপরাম*, ১৭৫০।

জামীনীপত্র *দ্র* **জামিন**

জামে মসজিদ [আ] *বি* (ইসলাম) বড়ো জামাত অনুষ্ঠানের উপযোগী মসজিদ। 'জামে মসজিদ নির্ম্মাণ করিয়াছেন।' *প্রচারক*, ১৮৯৯।

জাম্পার [ই] *বি* হাতাওয়ালা বা হাতাছাড়া উল দিয়ে বোনানো উষ্ণ বস্ত্রবিশেষ। 'সে মেশিনে শীতের সোয়েটার আর জাম্পার তৈরি হবে।' *নরেন্দ্র*, ১৯৪৯।

জাম্বীর [স জম্বীর] *বি* বড়ো আকারের লেবুবিশেষ। 'জাম্বু জাম্বীর আম্বড়া।' *বড়ু*, ১৪৫০।

জাম্বু [স জম্বু] *বি* জাম। 'জাম্বু জাম্বীর আম্বড়া।' *বড়ু*, ১৪৫০।

জাম্বুবান [স] *বি* হিন্দুপুরাণে বর্ণিত ভল্লুকরাজ। 'হনুমান, জাম্বুবান ও ঋক্ষসৈন্য দ্বারা পরিবৃত হইয়া যাও।' *রবীন্দ্র*, ১৯০৭।

জাম্বুরা [স জম্বীর] *বি* বাতাবি লেবু। 'টইটুম্বুর সুগোল জোড়া জাম্বুরা যেন।' *আলাউদ্দিন*, ১৯৭৩। *দ্র* **জাম্বীর**

জায় [ফা জাই] *বি* বিবরণ; তালিকা। 'জায় মাফিক দীয়া জে বাকী থাকিবেক ...।' *মেয়র্স*, ১৭৭০।

জায়দাদ [ফা] **১** *বি* জমির চুক্তি। 'সালিয়ানা সুদ আদায় করিবার জন্যে মাকুল এক জায়দাদ মোকরর হয়।' *ক্যালগে*, ১৭৮৬। **২** *বি* বিবরণ। 'আর জে সকল জিনিষ ছিল তাহার জায়দাদ সিন্দুক লম্বা ১২ ইঞ্চি চৌড়া ৯ ইঞ্চি উচা ৭ ইঞ্চি।' *ক্যালগে*, ১৮০০। **৩** *বি* ভূসম্পত্তি। 'জহরাৎ আভরণ ও জায়দাদ ইত্যাদিতে ৬০ লক্ষ টাকার ন্যূন হইবে না।' *দর্পণ*, ১৮৩৬।

জায়পত্র [ফা জায়+স পত্র] *বি* হিসাবের ফর্দ; তফসিল। 'এমন শুনিএা সাধু খুল্লনার ভারথি জায়পত্র লিখিবারে দিল অনুমতি।' *মুকুন্দ*, ১৬০০।

জায়বদলি [ফা জায়+আ বদল>] *বি* বিনিময়। 'জায়বদলি বা Exchange স্বরূপ তাঁর সহোদরার পাণিপীড়ন করলে ...।' *নজরুল*, ১৯২৭।

জায়গা [ফা জায়গাহ্] **১** *বি* জমি। 'পহৈর জায়গা।' *মানোএল*, ১৭৪৩; 'সেই জায়গাতে একটা পুষ্কর্ণ পুরিয়া কোটা এমারত দেওয়াল ওগয়রহ অনেক দফায় খরচ অনেক করিয়াছী।' *মেয়র্স*, ১৭৭০। **২** *বি* পদ। 'তাহার বড় সাহেবির জায়গা খালি হইবেক।' *ক্যালগে*, ১৭৮৫।

জায়গাজমি [ফা জায়গাহ্+ফা জমীন] *বি* ভূসম্পত্তি। 'সব জায়গাজমি বিক্রী করে বেরিয়ে পড়ল।' *মাহেনও*, ১৯৪৯।

জায়গা জোড়ানো *ক্রি* স্থান পাওয়া। 'আমার এক তিল জায়গা জোড়ে না।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জায়গায় জায়গায় [জায়গায় জায়গায়] *ক্রিবিণ* স্থানে স্থানে। 'তফসিল মনফুক এই সকল ... জায়গায়২ মোকরর।' *হ্যালহেড*, ১৭৭৩।

জায়গা রাখা *ক্রি* স্থান দেওয়া। 'পরস্পরের জন্য যথেষ্ট জায়গা রেখে দিই।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জায়গির, জায়গীর [ফা জাগীর] **১** *বি* দান বা পুরস্কার পাওয়া নিষ্কর জমি। 'অর্দ্ধ অঙ্গ জায়গির তাঁর।' *রামপ্রসাদ*, ১৭৮০; 'তাহার সালিয়ানা লক্ষ টাকার জায়গীর আছে।' *দর্পণ*, ১৮২২। **২** *বি* শিক্ষার্থী সন্তানদের পড়ানোর বিনিময়ে পরিবারে থাকা-খাওয়ার ব্যবস্থা। 'একটা কলেজে পড়া ছেলেকে জায়গীর রেখেছেন।' *শামসুল*, ১৯৫৭।

জায়গিরদার, জায়গীরদার [ফা জাগীরদার] *বি* জায়গিরের মালিক। 'জায়গিরদার ও তালুকদারগণ যাহার যাহা ইচ্ছা সে তাই করে।' *হরপ্রসাদ*, ১৮৮৬; 'বড় জায়গীরদার মাকিনো তাঁর চরিত্রের খ্যাতি শুনে ...।' *মুজতবা*, ১৯৫৯।

জায়গিরদারি, জায়গিরদারী [ফা জাগীরদার>] *বি* রাজা বা সরকার প্রদত্ত জমিদারি বা ভূসম্পত্তির ভোগ-দখল। 'সেখানে সেদিন পর্য্যন্ত জায়গিরদারী প্রথা অটুট ছিল।' *আজাদ*, ১৯৫৯।

জায়গিরনামা [ফা জাগীরনামাহ্] *বি* জায়গিরের স্বত্ববিষয়ক পত্র। 'নিজের নামে জায়গিরনামা লিখিয়ে ঝাঁসিরাজ্যের ... তহসিলদারদের পাঠালেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জায়গিরি, জায়গিরী [ফা জাগীর>] *বি* ভূসম্পত্তির অধিকার। 'গুজরাট জায়গিরী আর দিব মধুপুরি।' *মুকুন্দ*, ১৬০০।

জায়দাদ *দ্র* জায়

জায়নামাজ [ফা] *বি* ইসলামিমতে উপাসনার আসনবিশেষ। 'মগরেবের সময় জায়নামাজে বসেন, আর এশার নামাজ শেষ করে তবে ওঠেন।' *ইমদাদুল*, ১৯২০।

জায়পত্র *দ্র* জায়

জায়ফল [স জাতীফল] *বি* একপ্রকার সুগন্ধযুক্ত বীজ; জাতিফল। 'অশ্বত্থ রাখিল মূল বান্ধিয়া রাখিল রুদ্রাক্ষ জায়ফল লবঙ্গ।' *মুকুন্দ*, ১৬০০।

জায়বদলি *দ্র* জায়

জায়মান [স] *বিণ* জন্মলাভ করছে এমন। 'সংশয় ত্যাগ করিয়া মরণাবধারণে জায়মান আনন্দসন্দেহে ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১৩।

জায়া [স] *বি* স্ত্রী। 'বঙ্গে জায়া নিলেসি।' *চর্যা* ৩৯, ১২০০।

জায়াকেন্দ্রিক [স] *বিণ* স্ত্রীকে কেন্দ্র ক'রে ঘটে এমন। 'স্বামীর শোক খুবই জায়াকেন্দ্রিক।' *জীবন*, ১৯৪৮।

জায়াঘ্রাণহীন [স] *বিণ* স্ত্রীর সংস্পর্শহীন। 'তার কামস্পর্শহীন জায়ঘ্রাণহীন আনন্তাকে ...।' *জীবন*, ১৯৪৮।

জায়েজ [আ জাইজ] *বিণ* বৈধ। 'কাউন্সিলে যাওয়া কেবল জায়েজ নহে বরং বিশেষ কর্ত্তব্য।' *ছোলতান*, ১৯২৩।

জার[১] *সর্ব* যার। 'আল রাধে জার ধুনী সরগ দুআরে।' *বড়ু*, ১৪৫০।

জার[২] [স] ১ *বি* উপপতি। 'সব জন থাকিতে ভাগিনা চাহ জার।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* গোপন প্রণয়। 'কদাচিত না করিমু পরদার জার।' *সুলতান*, ১৭০০।

জার[৩] [স জ্বল>] *বিণ* জ্বলন্ত। 'করএ বিলাস দীপ লএ জার।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জার[৪] [স জাড্য] *বি* শীত। *মানোএল*, ১৭৪৩।

জারানো *ক্রি* শিহরিত হওয়া। 'দেখলে গা জারিয়ে আসে।' *শামসুল*, ১৯৬২।

জার[৫] [ই] *বি* রাশিয়ার সামন্ততান্ত্রিক শাসক। 'জারের আমলে সেখানকার সাধারণ মানুষের অবস্থা আমাদের দেশের মতোই ছিল।' *রবীন্দ্র*, ১৯৩১।

জার-তন্ত্র [ই জার+স তন্ত্র] *বি* জারের শাসন। 'রাশিয়ার জার-তন্ত্র ও বলশেভিক তন্ত্র একই দানবের পাশমোড়া দেওয়া।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জারক [স] *বিণ* হজমকারক। 'প্রথমে জারক লেবু প্রভৃতি টোটকার ব্যবস্থা করিলেন।' *বঙ্কিম*, ১৮৮২।

জারকরস [স] *বি* পরিপাককারী রস। 'জঠরে জারকরস অনেকের পর্য্যাপ্ত পরিমাণে না থাকাতে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

জারজ [স] *বি* বিবাহবহির্ভূত সন্তান। 'যে কর্মে জারজ আশ্চি আপনে বুলিলা।' *আলাওল*, ১৬৮০।

জারজা [স] *বিণ* স্ত্রী বিবাহবহির্ভূত কন্যা। 'জারজা কন্যাকে বিবাহ করিলে কি প্রকারে।' *বঙ্কিম*, ১৮৬৫।

জারজার [ফা] *বিণ* একান্ত কাতর। 'জার জার হইয়া নবী কান্দিল বিস্তর।' *গরীব*, ১৭৬৫।

জারদর্জি [আ জার+ফা দরজী] *বি* কাপড়ের উপরে যে নকশা করে। *মানোএল*, ১৭৪৩।

জারমান, জারম্যান [ই] *বি* জার্মানির অধিবাসী। 'একজন জারমানকে বিবাহ করিয়াছিলেন।' *দর্পণ*, ১৮৩৬; 'ইংলিশ, আর্মেনিয়ান, জারম্যান।' *গিরিশ*, ১৮৮৬।

জারল [স জারি>] *ক্রি* জর্জর করলো। 'জারল বীখ ভরল সব অঙ্গে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জারা[১] [স জর>] ১ *ক্রি* জর্জরিত হওয়া। 'ভাবিতে রসের তনু জারিলেক ঘুণে।' *চণ্ডী*, ১৫৫০। ২ *ক্রি* দগ্ধ হওয়া। 'মনমথ পাপ দহনে তনু জারত।' *গোবিন্দ*, ১৬০০। ৩ *ক্রি* জারিত বা শোধন করা। 'এই হৃদয়বৃত্তির রসে জারিয়া তুলিয়া ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

জারা[২] [স জর্জর] *বিণ* জর্জরিত। 'কাঁচা বাঁশে ঘুণে জারা না চিনিলে ঘটিবে দায়।' *লালন*, ১৮৯০।

জারি[১], **জারী** [আ] ১ *বি* কার্যকর। 'ওজর ওছিলা জারি হইবেক না।' *হ্যালহেড*, ১৭৭৩। ২ *বিণ* চালু। 'বিমার যে ধারা বিলায়েতে জারি আছে।' *ক্যালগে*, ১৭৮৯। ৩ *বি* প্রবর্তন। 'আইনের মতে নির্দ্দিষ্টায় জারী করিলেন।' *ফরস্টার*, ১৭৯৩; 'জেনরল বাহাদুর এই হুকুম জারী করিয়া আমারদিগের জাতিধর্ম্ম রক্ষাকরণপূর্ব্বক পুণ্যপ্রতিষ্ঠা প্রাপ্ত হউন।' *চন্দ্রিকা*, ১৮৩১। ৪ *বি* প্রয়োগ। '... দুষ্ট প্রজা ব্যতীত নির্দ্দোষ প্রজার বিরুদ্ধে কোন জমিদার হস্তম বা পঞ্চম আইন জারী করেন না।' *প্রভাকর*, ১৮৫২। ৫ *বি* বড়াই; অহংকার। 'কিসের জারি করিয়া বেড়ায়।' *বিদ্যা*, ১৮৭৩। ৬ *বিণ* উপস্থিত। 'ঐহিক দ্বারে লৌকিক গণ্য ঘুকসি জারি প্রেম-টাকশালে।' *লালন*, ১৮৯০।

জারিজুরি, জারী জুরি [আ জারি>] ১ *বি* বড়াই; বাহাদুরি। 'অনেক বাবুগিরি জারিজুরি করিয়াছি।' *ভবানী*, ১৮২৫; 'ভ্রমর ভাঙ্গিব তোর জারী জুরি আজ্।' *উমেশ*, ১৮৫৭। ২ *বি* কলাকৌশল। 'বাঙালিয়ানার সমস্ত জারিজুরি ধরে ফেলেছে সে।' *জীবন*, ১৯৩২।

জারি[২] [ফা] ১ *বি* শোকগীত। 'হইল বহুত সুর কান্দনের জারি।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* কান্না। 'হায় হায় করে মর্দ্দ করে বড় জারি।' *গরীব*, ১৭৬৫।

জারিগান [ফা জারি+স গান] *বি* মুসলমানদের ধর্মীয় কাহিনিনির্ভর গানবিশেষ। 'জারিগান আর গাজির গানেতে সারা গ্রাম চঞ্চল!' *নজরুল*, ১৯২৮।

জারিত [স] *বিণ* শোধিত। 'তীব্র জারক রসে জারিত।' *রবীন্দ্র*, ১৯৪০।

জারুণি [স জার>] *বি* গালিবিশেষ; উপপতি নিয়েছে যে। 'ওরে ভাতারখাইকা জারুণি।' *ওয়ালী*, ১৯৪৮।

জারুয়া [স জার>] *বি* বিবাহবহির্ভূত সন্তান। 'জারুয়া বলিয়া গালি মুখে জেন চুনকালী।' *মুকুন্দ*, ১৬০০।

জারুল *বি* এক প্রকার গাছ ও তার ফুল। 'আবলুস, জারুল, সুন্দরি, পশরি, কৃপা কণ্টকি প্রভৃতি কাষ্ঠ নানা কর্ম্মোপযোগি হয়।' *অক্ষয়*, ১৮৪১; 'জারুল ফুল পারুল ফুল ফুটল রে।' *নজরুল*, ১৯২২।

জারেজার [ফা জারজার] ১ *বিণ* একান্ত কাতর। 'দেখিলাম সিয়া মুখ কান্দে জারে জার।' *গরীব*, ১৭৬৫। ২ *বিণ* ক্ষতবিক্ষত। 'তোমার সমস্ত শরীর জখমে-খুনে জারেজার।' *শওকত*, ১৯৬২।

জার্নাল [ই] *বি* সাময়িকপত্র। 'বিলাতে চেম্বার্স জার্নাল, কাস্‌ল্‌স ম্যাগাজিন ...।' *রবীন্দ্র*, ১৯১২; 'জার্নালের পাতা নেড়েচেড়ে দেখছে উৎপলা।' *জীবন*, ১৯৪৮।

জার্নালিজম [ই] *বি* সাংবাদিকতা। 'জার্নালিজম করতে পারে বিলেতে গিয়ে।' *জীবন*, ১৯৩২।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জার্নালিস্ট [ই] *বি* সাংবাদিক। 'জার্নালিস্ট হলে ... একবার ফিরে তাকাতে পারত।' *জীবন*, ১৯৩২।

জার্নি [ই] *বি* ভ্রমণ। 'একে সন্ধেরাত, তার ওপর শীত, তদুপরি জার্নির স্ট্রেন।' *জীবন*, ১৯৩১।

জার্ম [ই] *বি* জীবাণু। 'মুড়ির সঙ্গে ছেলে তোর জার্ম খাচ্ছে জানিস?' *মানিক*, ১৯৩৬।

জার্মান [ই] *বি* জার্মানির নাগরিক। 'এদের 'খুকরি' দেখলে এখনও জার্মানরা রাইফেল ছেড়ে পালায়।' *নজরুল*, ১৯২২।

জার্মানি [ই] *বিণ* জার্মানির। 'ধর্মিনী নয়, জার্মানি শেল!' *নজরুল*, ১৯৩১।

জার্মেন, জার্ম্মেন [ই] *বি* জার্মানির নাগরিক। 'জার্ম্মেন ও ডেনিশদের মত।' *জীবন*, ১৯৩২।

জাল[১] [স] *বি* রাশি। 'আঙুলী চম্পককলিকাজালে।' *বড়ু*, ১৪৫০।

জাল[২] [স] *বি* পাশ নামক যুদ্ধাস্ত্র। 'কল্পযুগ শোভে যেহ্ন বরুণের জাল।' *বড়ু*, ১৪৫০।

জাল[৩] [স জ্বাল>] *বি* জ্বালা। 'তখন বিষের জালে দগধ পরাণ।' *বড়ু*, ১৪৫০।

জাল দেওয়া ১ *ক্রি* উত্তপ্ত করা। 'আলস্য তেজিয়া জাল দিবে দুই দণ্ড।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* সিদ্ধ করা। 'তোমার জাল-দেওয়া দুধ আছে।' *রবীন্দ্র*, ১৯৩০।

জাল[৪] [স] **১** *বি* ফাঁদ। 'তণ্ডুল কনা দিয়া জাল সে পেলিল।' *মালাধর*, ১৫০০। **২** *বি* মাছ ধরার উপকরণ বিশেষ। 'পড়িব বোদাপি বন্দি ধীবরের জালে।' *মুকুন্দ*, ১৬০০। **৩** *বি* মাকড়সা নির্মিত শিকার ধরার ফাঁদ। 'মাকড়সার জালে হঠাৎ জড়াইয়া পড়িল।' *তারিণী*, ১৮০৩। **৪** *বি* জট। 'বাস্তবিকে কাল্পনিকে জড়িয়ে-জড়িয়ে কী-যে একটা জাল পাকিয়ে আছে।' *রবীন্দ্র*, ১৮৯২। **৫** *বি* আবেশ। 'আমার মাঝে জড়িয়ে আছে ঘুমের জালে।' *রবীন্দ্র*, ১৯১৫।

জাল কাটা *ক্রি* ঝামেলামুক্ত হওয়া। 'একটা জাল কাটিয়া গেল।' *রবীন্দ্র*, ১৯০৯।

জাল ফেলা ১ *ক্রি* মাছ ধরা। 'জেলেরা জাল ফেলতে না এলে সেগুলো সমস্ত দিনের মধ্যে একটু নাড়া পায় না।' *রবীন্দ্র*, ১৮৯১। **২** *ক্রি* সুরবিস্তার করা। 'রাগরাগিণীর জাল ফেলাতে।' *রবীন্দ্র*, ১৯১৯।

জালবদ্ধ [স] *বিণ* জালের মতো পাতলা বুননের কাপড় দ্বারা আবৃত। 'শিখ সর্দারজীদের জালবদ্ধ দাড়ির হরেক রকম বাহার।' *মুজতবা*, ১৯৪৯।

জালবুনন [স জাল+হি বুননা] *বি* ফাঁক ফাঁক করে বোনা সুতা। 'অরা যেন জালবুনন, যত দীর্ঘই হোক ফাঁকে ফাঁকা।' *অন্নদা*, ১৯২৮।

জাল-বুনানি পথ *বি* মাছধরার জাল রোদে শুকানোর সময়ে এর উপর সূর্যের আলো পড়লে যেরকম পথদৃশ্য তৈরি হয়। 'বাঁশবনের আলোছায়ার জাল-বুনানি পথ।' *বিভূতি*, ১৯২৯।

জালাবৃত [স জাল-আবৃত] *বিণ* জালে বন্দী। 'তুমি জালাবৃত পক্ষীর ন্যায়।' *মাইকেল*, ১৮৫৯।

জাল[৫] [আ] **১** *বিণ* বানোয়াট। 'জাল সাক্ষীসিনামাহ্যয়ের তৈয়ার করনে কসুরে।' *ক্যালগে*, ১৭৯৮। **২** *বি* কৃত্রিমতা। 'অসত্য-জাল দ্বারা কি সত্যকে একেবারে আচ্ছন্ন রাখা যায়।' *অক্ষয়*, ১৮৫০। **৩** *বিণ* নকল। 'তাহাকে প্রবঞ্চনা করিবার নিমিত্ত এক জাল লেখ্যপত্র প্রস্তুত করেন।' *অক্ষয়*, ১৮৫০।

জাল-কর্তা [আ জাল+স কর্তা] *বি* নকল কর্তাব্যক্তি। 'সব জাল-কর্তা আর জাল-গিন্নি/ শালগ্রাম আর পিরের সিন্নি।' *অমৃত*, ১৯০০।

জালখত [আ জাল+আ খত] *বি* নকল দলিল। 'রোজন ক্রেন্জ জালখত প্রস্তুত করিয়াছেন।' *বিদ্যা*, ১৮৬৩।

জাল-গিন্নি [আ জাল+স গৃহিণী] *বি* নকল গৃহিণী। 'সব জাল-কর্তা আর জাল-গিন্নি/ শালগ্রাম আর পিরের সিন্নি।' *অমৃত*, ১৯০০।

জাল-জালিয়াতি [আ জাল+আ জালিয়াত>] *বি* ধোঁকাবাজি। 'কত লোকে জাল-জালিয়াতি করিয়া ইহকাল পরকাল খোয়াইতে উদ্যত।' *রবীন্দ্র*, ১৯০৭।

জাল-জুয়াচুরি [আ জাল+জুয়াচোর>] *বি* ধোঁকাবাজি। 'জাল-জুয়াচুরির সাহায্যে কত বড় বড় ওয়াকফ স্টেট চিরতরে নষ্ট হয়ে গেছে।' *মুয়াজ্জিন*, ১৯৩৩।

জাল-জোচ্চুরি [আ জাল+জুয়াচোর>] *বি* প্রতারণা। 'ধাপ্পাবাজি জাল-জোচ্চুরি করার ক্ষমতা যার আছে।' *মুজতবা*, ১৯৫৮।

জালদড়ি [স জাল+স দোরক>] *বি* চুল বাঁধার উপকরণবিশেষ। 'জালদড়ি বান্ধিয়া রঞ্জিত কৈল কেশ।' *মুকুন্দ*, ১৬০০।

জালপত্র [আ জাল+স পত্র] *বি* মিথ্যা দলিল। 'ক্লাইব সাহেব এই বিষয় সাধনার্থ মিথ্যা কথন, কপট ব্যবহার, প্রতারণা, জালপত্র প্রস্তুতকরণ, কৃত্রিম নাম স্বাক্ষরকরণ ইত্যাদি ...।' *অক্ষয়*, ১৮৫০।

জাল-ফাঁদ [স জাল+ফা ফন্দ] *বি* জাল দিয়ে তৈরি ফাঁদ। 'জাল-ফাঁদ পাতি আড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

জালবাজ [আ জাল+ফা বাজ] *বিণ* কপটতায় পটু। 'সকলেই মিথ্যেবাদী ও জালবাজ।' *হুতোম*, ১৮৬১।

জালসাজ [আ জাল+ফা সাজ] *বিণ* জালকারক; জালিয়াত। 'লেঠেরা, ফেঁসেড়া, জালসাজ প্রভৃতি বদমাইশ মাত্রের বোধক।' *বিদ্যা*, ১৮৭৩।

জালসাজী [আ জাল+ফা সাজ>] *বি* জালিয়াতি। 'খুড়র জালসাজী ধরিয়া ... সাজা দিতে আজ্ঞা হয়।' *বিদ্যা*, ১৮৭৩।

জালসাজে [আ জাল+ফা সাজ>] *বিণ* প্রবঞ্চক। 'কোন জালসাজে জুয়াচোরের হাতে পড়িয়াছি।' *বঙ্কিম*, ১৮৭৪।

জাল[৬] বহুবচন নির্দেশক অনুসর্গ। 'মাতৃভাষা-রূপে খনি পূর্ণ মণিজালে।' *মাইকেল*, ১৮৬৬।

জালক [স] *বি* জানালা। 'রথের জালক অর্থাৎ জানালা দিয়া হস্ত, পদ ও মস্তক প্রসারিত করিয়া দেওয়াতে ...।' *অক্ষয়*, ১৮৫৪।

জালনা [প জানেলা] *বি* বাতায়ন। 'কোনো-একটি জানলা থেকে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

জালা[১] [পা] *বি* অগ্নিশিখা। 'গঙ খর জালা ধুম ণ দিশই।' *চর্যা ৪৭*, ১২০০।

জালা[২] [ফা] *বি* মাটির তৈরি বড়ো পাত্র। *ওসাঁ*, ১৭৮২: 'নাই উনুন জ্বালা, একি জ্বালা, জ্বালায় নাই জল।' *গুপ্ত*, ১৮৫৮।

জালা[৩] [স জ্বালা] *বি* জ্বালা। 'কত না সহিব রে কুসুমশরজ্বালা।' *বড়ু*, ১৪৫০। **জালে** *ক্রিবিণ* যন্ত্রণায়। 'নিদ্রা নাহি হয় ক্ষুদ্র্য পিপীলিকার জালে।' *মুকুন্দ*, ১৬০০।

জালা[৪] [স জ্বাল্>] *ক্রি* প্রজ্বলিত করা। 'আখায়িল ঘাঅত বিষ জালিল কাহ্নাঞি।' *বড়ু*, ১৪৫০। **জ্বালাও** *ক্রি* জ্বালাও। *ওসাঁ*, ১৭৮২। **জালাএগা** *ক্রি* জ্বালিয়ে। 'অজরাহ জবরজস্তি খামখায় দেহতপুরকে

AMARBOI.COM

জালাএগ্র পোড়াএগ্র ...।' *চিঠিপত্রে*, ১৭৮৭। **জ্বালালে** *ক্রি* প্রজ্বলিত করলে। 'সন্ধ্যার পর ... শিবের ঘরে বাতি জ্বালালে তবে জল খাবে।' *হুতোম*, ১৮৬১। **জ্বালি** *ক্রি* জ্বেলে। 'পঞ্চশিখা জ্বালি পুন করে বন্দীপনা।' *বৃন্দা*, ১৫৮০। **জ্বালিআ** *ক্রি* জ্বেলে। 'জ্বালিআ ঘ্রতের বাতি গায়েন প্রসাদের আদরে।' *মুকুন্দ*, ১৬০০। **জ্বালিআঁ** *ক্রি* জ্বেলে। 'কালি নী রাতি মোঁ প্রদীপ জ্বালিআঁ পোহাওঁ।' *বড়ু*, ১৪৫০। **জ্বালিব** *ক্রি* জ্বালবো। 'কুণ্ড কুড়ি জ্বালিব আনল।' *মুকুন্দ*, ১৬০০। **জ্বালিয়া** *বি* জ্বেলে। 'জোগে অগ্নি জ্বালিয়া দহিলা কলেবর।' *মালাধর*, ১৫০০। **জ্বালিল** *ক্রি* জ্বালালো। 'আগুণি জ্বালিল দেহে তখন দক্ষিণপবনে।' *বড়ু*, ১৪৫০। **জ্বালী** *ক্রিবিণ* জ্বেলে। 'মরিবোঁ জ্বালী আগুণী।' *বড়ু*, ১৪৫০। **জ্বাল্যা** *ক্রি* জ্বালিয়ে। 'তবে সে করিহ বীরে প্রাণিবধ দণ্ড বাপের পুণ্যেতে মোরে জাল্যা দেহ কুণ্ড।' *মুকুন্দ*, ১৬০০। **জ্বালে** *ক্রি* প্রজ্বলিত করে। 'আরে কে না জ্বালে ফুকে।' *বড়ু*, ১৪৫০।

জালাতন [ফা জালওতন] *বি* বিরক্তি। *বিদ্যা*, ১৮৯১। *দ্র* **জ্বালাতন**

জালাতিয়া *বিণ* সঞ্চয়ী। *মানোএল*, ১৭৪৩।

জালানি [স জ্বালানি] *বিণ* জ্বালানো হয় এমন। 'অনেকগুলি জালানি কাষ্ট ও কয়লা।' *ক্যালগে*, ১৭৮৯।

জালানিকাষ্ট [স জ্বালানিকাষ্ঠ] *বি* জ্বালানি কাঠ। 'জালানিকাষ্ট আনিতে ৫০০ পাচ সত টাকা লইলাম।' *ওসাঁ*, ১৭৮২।

জালাবৃত *দ্র* **জাল**[৪]

জালায়ন [স জালক] *বি* চিক; বাঁশের শলা দিয়ে তৈরি পর্দা। 'মৌন জালায়ন তুলে।' *জীবন*, ১৯২৭।

জালালী কবুতর [জালাল+ফা কবুতর] *বি* পোষা নয় এমন একজাতের কবুতর। 'অগণিত জালালি কবুতর ঘরে ফিরে আসছে।' *মুনীর*, ১৯৬৩।

জালাসাচ [আ জাল>] *বিণ* প্রতারক। 'দুই তিন ঘণ্টা যাবত[ই] বকালিয়া ও জালাসাচ লোক ... সহিত বকাবকি করিতেন।' *প্যারী*, ১৮৫৯।

জালি[১] [স জাল>] ১ *বি* জালের মতো বোনা কাপড়। 'খাটায়্যা মসারী জালি শয়ন করিল শশিকলা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* মেয়েদের মুখের অংশবিশেষ ঢেকে রাখে জালের মতো এমন পোশাক। 'আপন২ পসন্দ মত পোষাক ... যথা পাজামা, কুরতি, দোপাট্টা, আস্তিন, জালি ...।' *ভবানী*, ১৮২৮। ৩ *বি* আরব দেশীয় অলংকারবিশেষ। 'ললাটের উপরিস্থিত মালার জালি।' *মশারফ*, ১৮৮৫। ৪ *বি* মাছ ধরার জাল। 'একে যাই ধেপো বিলি তাতে বই ঠেলা জালি ওঠে শামুকের ভারা।' *লালন*, ১৮৯০।

জালি[২] [স জালক>] *বিণ* কচি। 'জালি কুমড়া ছিঁড়ে কেন করলি জাতের খেঁটারে।' *জসীম*, ১৯২৭; 'জালি লাউয়ের ডগার মত বাহু দুখান সরু।' *জসীম*, ১৯২৯।

জালিআ [স জাল>] *বি* নৌকার প্রকারবিশেষ। 'মাছুয়া গোরাপ পাঁতি জালিআ ভাঅরি নানা রঙ্গ।' *আলাওল*, ১৬৮০।

জালিআত [আ] *বি* জালকারক। *বিদ্যা*, ১৮৯১।

জালিআতি [আ জালীয়াত>] *বি* জাল করার কাজ। *বিদ্যা*, ১৮৯১।

জালিক [স] *বি* জেলে। 'নদীতট হেরো হোথা জালিকেরা জালে ফেলে ঘিরে।' *রবীন্দ্র*, ১৯০৭।

জালিবোট [ই] *বি* জাহাজের সঙ্গে বেঁধে-রাখা ছোটো নৌকা। 'জালিবোট জুটানো বড্ড শক্ত।' *জীবন*, ১৯৩২।

জালিম [আ] *বি* অত্যাচারী। 'কাহে কো ডালিয়া যাহ জালিমের হাতে।' *গরীব*, ১৭৬৫; 'আজ জাল ফেলেছে জালিম যত জমাদারের চরে।' *নজরুল*, ১৯২৬।

জালিমশাহী [আ জালিম+ফা শাহী] *বি* অত্যাচারী শাসনামল। 'জালিমশাহীর বিপক্ষে রায় দিয়ে আদর্শ ও মানবতাকেই সমর্থন জানিয়েছেন।' *বেগম*, ১৯৫৪।

জালিয়া [স জাল>] *বি* জেলে। 'দেখে এক জালিয়া আইসে কান্ধে জাল করি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জালিয়াত, জালিয়াৎ [আ] ১ *বি* প্রতারণা। 'হলধর ... ফ্যের ফন্দিতে ও জাল জালিয়াতে প্রকৃত শুভঙ্কর।' *হুতোম*, ১৮৬১। ২ *বিণ* প্রবঞ্চক। 'জাতের নামে বজ্জাতি সব জাত-জালিয়াৎ খেলছ জুয়া।' *নজরুল*, ১৯২৪।

জালিয়াতি [আ জালিয়াত>] *বি* ধোঁকাবাজি। 'না অনুভব করিয়া কবি হইবার এক প্রকার গিল্‌টি করা কল্পনা আছে, তাহা জালিয়াতের কল্পনা।' *রবীন্দ্র*, ১৮৮২।

জালুন *বি* তুলার প্রকারবিশেষ। 'জালুন তুলা আটার টাকা মোন।' *দর্পণ*, ১৮১৯।

জালুয়া [স জাল>] *বি* জেলে। 'কোন জালুয়ার মাছ সে খেয়েছে/ নাহি দিয়ে তার কড়ি।' *জসীম*, ১৯২৯।

জালেম [আ জালিম] *বি* অত্যাচারী। 'কিবা যাকে জালেমে জুলুম করি কান্দী।' *আলাওল*, ১৬৮০।

জাসুস [আ যাস্‌স] *সর্ব* যার। 'জাসু সুণন্তে তুট্টই ইন্দিআল।' *চর্যা* ৩০, ১২০০।

জাসুগিরি [আ জাসূস>] *বি* ধূর্ততা। *বিদ্যা*, ১৮৯১।

জাস্টিস [ই] *বি* বিচারপতি। 'বেগম জাস্টিস আসির শিশুদের ...।' *বেগম*, ১৯৬০।

জাস্টিস অব পিস [ই] *বি* স্থানীয় আদালতে কম গুরুতর বিষয়ের বিচারক। 'যাঁহারা জাস্টিস অব পিস হবেন তাঁহাদিগের হুকুম এদেশের সর্বস্থানে জারি হয়।' *প্যারী*, ১৮৫৮।

জাস্তি [ফা জিয়াদতী; আ জিয়াদত] *বিণ* অধিক; প্রচুর। 'জাস্তি না মেলে তবু খুশি রব থোড়াতেই।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জাস্তুতো [স জ্যেষ্ঠতাত] *বিণ* জেঠাতো। 'ওর জাস্তুতো ভাইটে বড় ভদ্রলোক, ওটার মতন নয়।' *গিরিশ*, ১৮৮৯।

জাহগিরদার [ফা জাগিরদার] *বি* জায়গিরের মালিক। 'কালিঞ্জরের জাহগিরদার চৌবে এবং বাণপুরের মর্দন সিং-এর মধ্যস্থতায় ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

জাহা *সর্ব* যা কিছু। 'সোনা রুপা কাপড় জাহা হয়ে সোদ দেও তবে আমার এতবার হয়।' *মেয়র্স*, ১৭৫৭।

জাহার *সর্ব* যার। 'সৃষ্টি স্থিতি প্রলয় জাহার অধিকার।' *মালাধর*, ১৫০০।

জাহাঁপনা [ফা জহান-পনাহ] *বি* সম্মানসূচক সম্বোধন। 'কাজি কহে জাঁহাপনা কত কব আর।' *ভারত*, ১৭৬০।

জাহাঁবাজ [ফা জাহানবাজ] *বিণ* দুর্দান্ত; সাহসী। 'জাহাঁবাজ কিশোরীর দাপাদাপি মনে পড়েছিল রে?' *নজরুল*, ১৯২৭।

জাহাগিরনগর [ফা জাহানগীর+স নগর] *বি* জাহাঙ্গীরনগর; ঢাকা। *এডমন*, ১৭৯০।

জাহাজ [আ] ১ *বি* বড়ো জলযান। 'তাহার জাহাজ ও নৌকা সকল ডুবিয়া

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গেল।' *হ্যালহেড*, ১৭৭৩। ২ *বি* রণতরী। 'দেশী জাহাজ।' *ওসাঁ*, ১৭৮৫।

জাহাজঘাট [আ জাহাজ+স ঘট্ট] *বি* জাহাজে যাত্রী ও মালামাল ওঠানো-নামানোর ঘাট। 'জাহাজঘাটে স্টিমার ভিড়িলে কুবের গিয়া ... দাঁড়াইয়া থাকে।' *মানিক*, ১৯৩৬।

জাহাজঘাটা [আ জাহাজ+স ঘট্ট] *বি* জাহাজ থামা ও ছেড়ে যাওয়ার স্থান। 'আয় এ সোনার নায়/ ধরিয়া দীনের রশি/ কলেমার জাহাজঘাটায়।' *নজরুল*, ১৯৩২।

জাহাজ-ডুবি [আ জাহাজ+ডুবি] *বি* জাহাজ ডুবে যাওয়া। 'যেদিন তুফান উঠল সেদিন খোলের ফাটল বেড়ে বেড়ে জাহাজ-ডুবি আসন্ন হয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জাহাজ-যাত্রী [আ জাহাজ+স যাত্রী] *বি* জাহাজে ভ্রমণ করছে এমন যাত্রী। 'জাহাজ-যাত্রীদের সমস্ত জিনিসপত্র।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

জাহাজারোহণ [আ জাহাজ+স আরোহণ] *বি* জাহাজে আরোহণ। 'অনুমতি না পাইয়াও দেন্মার্কীয় এক জাহাজারোহণে ভারতবর্ষে আগত হইলেন।' *দর্পণ*, ১৮৩৪।

জাহাজি, জাহাজী [আ জাহাজ>] ১ *বি* জাহাজে বাণিজ্য করে যে। 'সফরিয়া নানা দ্রব্য আনিয়ে জাহাজী।' *ভারত*, ১৭৬০; **'জাহাজি।'** *বিদ্যা*, ১৮৯১। ২ *বিণ* জাহাজে বহন করা হয় এমন। 'জাহাজি দ্রব্যের পরমিটে অধিক লভ্য জানিয়া তাহারি প্রবলতা করিতেছেন।' *দর্পণ*, ১৮৩৬। ৩ *বি* জাহাজের চালক। 'জাহাজীরা যাদের মানে – হাজা-মজার হিসাব জানে।' *সত্যেন্দ্র*, ১৯১২। ৪ *বিণ* জাহাজে প্রচলিত। 'জাহাজে থাকবার সময় জাহাজী কানুনের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা ক'রে ...।' *অন্নদা*, ১৯২৯; 'জাহাজি ভাষায় আঁকে এশিয়ার বিচিত্র ভূগোল।' *মাহমুদ*, ১৯৬৬। ৫ *বিণ* জাহাজে অতিক্রান্ত। 'জাহাজী জীবনের অনির্দিষ্ট দিনগুলোর একটি দিন শুরু হলো।' *ওয়াদী*, ১৯৪৫।

জাহাজীয় [আ জাহাজ+ঈয়] *বিণ* জাহাজের কাজের সঙ্গে যুক্ত এমন। 'জাহাজীয় সমাজের প্রথম বার্ষিক বৈঠক।' *দর্পণ*, ১৮৩৭।

জাহাত [স যৎ>] *সর্ব* যার। 'জাহাত লাগিআঁ নিজ পতি না চাহীল।' *বড়ু*, ১৪৫০।

জাহাতে *সর্ব* যাতে। 'জাহাতে হল্য কৃষ্ণ রাজরাজেশ্বরে।' *মালাধর*, ১৫০০।

জাহার *সর্ব* যার। 'তিন ভুবনে জানি তপস্যা জাহার।' *বড়ু*, ১৫৭০।

জাহারা *সর্ব* যারা। *ক্যালগে*, ১৭৯৫।

জাহের *সর্ব* যার। 'জাহের বানচিহ্ন রূব ণ জাণী।' *চর্যা* ২৯, ১২০০।

জাহেরি *সর্ব* যার। 'পদযাবক রস জাহেরি হৃদয় অছ আও কি কহব অনুরাগে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জাহান [ফা] *বি* বিশ্ব। 'সেইরূপে পয়দা হইল দুনিয়া জাহান।' *গরীব*, ১৭৬৫।

জাহাননুরী [ফা জাহান+আ নূর>] *বি* বিশ্বজগতের আলো। 'জাগ তুমি জাহাননুরী আলোয় ভর দিক আবার।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

জাহান্নাম, জাহান্নম [আ] *বি* ইসলামি বিশ্বাস অনুযায়ী নরকবিশেষ। 'একেবারে জাহান্নামে দাখিল সে হয়।' *গরীব*, ১৭৬৫; 'নরক ও জাহান্নম পৃথিবীর দুঃখ।' *অক্ষয়*, ১৮৫০।

জাহান্নামী [আ জাহান্নাম>] ১ *বিণ* ইসলামিমতে নরকবাসী। 'তুই ত আজই জাহন্নামী (প্রধান নারকী) হইলি।' *মশাররফ*, ১৮৮৫। ২ *বিণ* জাহান্নামের মতো। 'জাহান্নামী জঠরজ্বালা নিবৃত্ত করিয়া আসিতেছিল ...।' *আজাদ*, ১৯৩৯।

জাহান্নামে যাওয়া [স] *ক্রি* গোল্লায় যাওয়া; সর্বনাশের পথে যাওয়া। 'ব্যবসায়ীর লাভ হউক অথবা সে জাহান্নামেই যাউক ...।' *আজাদ*, ১৯৪০।

জাহান্নামের খেলা *বি* ভয়ঙ্কর কাণ্ড। 'আগুন পেলেই জ্বলবে সেথায় জাহান্নামের খেলা।' *জসীম*, ১৯২৯।

জাহাবাজ [ফা জাহানবাজ] *বিণ* যুদ্ধবাজ। 'বড় জাহাবাজ লাড়কা রূপে অনুপাম।' *গরীব*, ১৭৬৫।

জাহাবাজী [ফা জাহানবাজ>] *বি* যোদ্ধা। 'সবে জেরাপোস গায় বড় জাহাবাজী।' *গরীব*, ১৭৬৫।

জাহির, জাহীর [আ] ১ *বি* প্রকাশ। 'জাহির করিবে গুণ জিয়াইয়া মরা।' *রূপরাম*, ১৭৫০। ২ *বি* প্রদর্শন। 'কেরামতে দুনিয়াতে করিলে জাহীর।' *ভবানী*, ১৮২৮।

জাহিরি [আ জাহির>] *বি* প্রদর্শনের কাজ। *বিদ্যা*, ১৮৯১।

জাহিলি [আ জাহিল>] *বিণ* নিষ্ঠুর। 'অকর্ম জাহিলি কার্যে নরকেত পড়ে।' *আলাওল*, ১৬৮০।

জাহের [আ] ১ *বিণ* প্রকাশ্য। 'জাহের বাতেন নাম মহিমা প্রকাশ।' *বাহরাম*, ১৬৫০। ২ *বিণ* ব্যক্ত। 'যে সব বাত তুমি জাহের করলে সে সব সাচ্চা বাত।' *প্যারী*, ১৮৫৮।

জাহেরি, জাহেরী [আ জাহের>] ১ *বিণ* ইসলামি বিশ্বাস অনুযায়ী স্থূল-মরমি। 'হানিফী, লা-মজহাবী ও জাহেরী, বাতেনী দলের সমস্যা ...।' *প্রচারক*, ১৯০৩। ২ *বিণ* প্রকাশ্য। 'সেই লোককে আমি জাহেরি-বাতেনি উভয় প্রকারের জ্ঞান দান করিয়াছি।' *মনসুর*, ১৯৫০।

জাহেল [আ জাহিল] *বিণ* মূর্খ। 'যাহারা জাহেল এবং ধর্মবিষয় অনভিজ্ঞ ...।' *মশাররফ*, ১৮৮৯।

জাহ্নবী [স] ১ *বি* গঙ্গা। 'জাহ্নবীতে জলকেলি করে নানা রঙ্গে।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বি* নদী। 'তোমারি জটে আমি তোমারি ভাবের জাহ্নবী।' *রবীন্দ্র*, ১৯৩২।

জাহ্নবীপ্রবাহ [স] *বি* গঙ্গার স্রোত। 'জাহ্নবীপ্রবাহ-পানে চেয়ে আছি সারা বেলা।' *রবীন্দ্র*, ১৮৮৩।

জিঅন, জিআন [স জীবন>] *ক্রি* (মাছের ক্ষেত্রে) পানির মধ্যে রাখা। *বিদ্যা*, ১৮৯১।

জিঅন্ত [স জীবন্ত] *বিণ* (মাছের ক্ষেত্রে) পানির মধ্যে রাখা হয়েছে এমন। *বিদ্যা*, ১৮৯১।

জিঅল [স জীবন>] *বিণ* অল্প পানিতেও জীবিত থাকে এমন। *বিদ্যা*, ১৮৯১।

জিআ [স জীব>] ১ *ক্রি* বাঁচিয়ে তোলা। 'জিআঅ কাহ্নাঞি রাধা দিআঁ চুম কোল।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* জীবন থাকা। 'জিঅঁতে না এড়ে রাধা কাহ্নাঞি তোর পাশ।' *বড়ু*, ১৪৫০। ৩ *ক্রি* বেঁচে থাকা। 'চিরকাল থাক জিআ আর কর সাত বিভা।' *মুকুন্দ*, ১৬০০। **জিঅ** *ক্রি* জীবিত হও। 'সব মরষিল রাধা জিঅ একবার।' *বড়ু*, ১৪৫০। **জিঅতেঁ** *ক্রি* জীবন থাকতে। 'জিঅঁতে না এড়ে রাধা কাহ্নাঞি তোর পাশ।' *বড়ু*, ১৪৫০। **জিআঅ** *ক্রি* বাঁচিয়ে তোলো। 'জিআঅ কাহ্নাঞি রাধা দিআঁ চুম কোল।' *বড়ু*, ১৪৫০। **জিআইবার** *ক্রি* বাঁচাতে। 'রাধা জিআইবারে কাহ্নাঞি কর পরকার।' *বড়ু*, ১৪৫০। **জিআউলি** *ক্রি* বাঁচলাম। 'আজ ধরি মোঞে আসে জিইউলি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

AMARBOI.COM

জিই *ক্রি* বাঁচি। 'কহ নবী মহাশএ জিই এ কেমন।' *সুলতান*, ১৭০০। **জিউক** *ক্রি* জীবিত থাকুক। 'যুগে যুগে জিউক।' *আলাওল*, ১৬৮০। **জিএ** *ক্রি* বেঁচে থাকে। 'সুকৃতি পুরুষ জিএ সুখভোগ হেতু।' *মুকুন্দ*, ১৬০০। **জিএত** *ক্রি* বাঁচে। 'ভালমতে ঘাস হৈলে জিএত গোধন।' *মালাধর*, ১৫০০।

জিইয়ে রাখা *ক্রি* জমিয়ে রাখা। 'সে-সব জিইয়ে রাখার বা সফল করে তোলার প্রেরণা ও প্রয়াস থাকে।' *বেগম*, ১৯৫৩।

জিআপূত [স পুত্রজীব] *বি* পাহাড়ি গাছবিশেষ। 'আতভড়ি জিআপূত বলে।' *বড়ু*, ১৪৫০।

জিউ [স জীব>] **১** *বি* জীবন। 'তা সুনিঞা গোপিগণ নাঞি ধরে জিউ।' *মালাধর*, ১৫০০। **২** *বি* মন। 'যাহাতে সর্ব্বদা জিউ খুসি থাকিবেক।' *ভবানী*, ১৮২৫। **৩** *বিণ* মেয়াদ শেষ হওয়ার সময়। 'জিউয়ের দিনে অর্থাৎ খতের মেয়াদ পূর্ণ হইলে টাকা না পাও আমরা দিব।' *ভবানী*, ১৮২৫।

জিউদান *বি* জীবনদান। *বিদ্যা*, ১৮৯১।

জিউয়ের দিন *বি যে* তারিখে মেয়াদ উত্তীর্ণ হয়। 'জিউয়ের দিনে অর্থাৎ খতের মেয়াদ পূর্ণ হইলে টাকা না পাও আমরা দিব।' *ভবানী*, ১৮২৫।

জিউলরি [ই] *বি* রত্নখচিত অলংকারাদির সম্ভার। 'কলিকাতার জিউলরি অর্থাৎ সোনারূপার হীরকাদি দ্বারা আভরণ প্রস্তুত।' *ভবানী*, ১৮২৩।

জিউলি [স জীব>] *বি* একপ্রকার গাছ, যার কষ থেকে আঠা তৈরি হয়। 'বইচি জিউলি আকন্দ বনধুধুলের জঙ্গল।' *জীবন*, ১৯৩২।

জিউলির আটা [স জীব>] *বি* জিউলি গাছের আঠা। 'কতকটা জিউলির আটা, একটা নিক্তি, ডাকঘরের মোহর ইত্যাদি।' *বঙ্কিম*, ১৮৭৮।

জিওগ্রাফি, জিওগ্রাফী [ই] **১** *বি* ভূগোল। 'ফ্রান্স ইংরাজী হিষ্টোরি জিওগ্রাফি ... ইত্যাদি শাস্ত্র।' *চন্দ্রিকা*, ১৮৩০। **২** *বি* মানচিত্র। 'বম্বে শহরের জিওগ্রাফীতে কিন্তু মহারাষ্ট্রের স্থিতি গলির বস্তিতে।' *অন্নদা*, ১৯২৯।

জিওমেট্রি [ই] *বি* জ্যামিতি। 'তিন বুক জিওমেট্রি তাঁহার পঠিত থাকার কথা।' *বঙ্কিম*, ১৮৭৩।

জিওলজিস্ট [ই] *বি* ভূতত্ত্ববিদ। 'মিঃ রায়চৌধুরী, জিওলজিস্ট।' *বিভূতি*, ১৯৩১।

জিঁজির [ফা জিনজীর] *বি* জিঞ্জির; শিকল। 'কাঁকালে জিঁজির শিরে সোনার টোপর।' *মানিকরাম*, ১৭৮১।

জিঁশা [স জি>] *ক্রি* জয় করা। 'মাণিক জিঁণিআঁ তোর দশনের পাঁতী।' *বড়ু*, ১৪৫০।

জিকির, জিকীর [আ জিক্‌র] **১** *বি* যাঁকে আরাধনা করা হয়, তাঁর নাম বারে বারে উচ্চারণ বা জপ। 'না পড়িঅ সবক জিকির না করিঅ।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* প্রচারণা; প্রোপাগান্ডা। 'পাড়ার হিন্দু বীরদের ধর্ম্মীয় জিকিরে বহু হিন্দু জমায়েত হইল এবং তৎপর শুরু হইল নিষ্ঠুর ছোরাছুরির খেলা।' *আজাদ*, ১৯৩৯। **৩** *বি* স্লোগান। 'ঘন ঘন জিকীর তুলছিলেন "বন্দে" আর তার অনুগামীরা ...।' *সাদত*, ১৯৬৭।

জিকির তোলা *বি* কোনো বিষয়ে বার বার বলা। 'অবশ্য সেই একই জিকির তোলা এই আখ্যায়িকার উদ্দেশ্য নয়।' *রশীদ*, ১৯৬৩।

জিকে [স জীব>] *বি* গাছবিশেষ। 'রাংচিতে কি জিকে গাছের চল নেই।' *মণীশ*, ১৯৬৩।

জিগজ্যাগ [ই] *বি* আঁকাবাঁকা অবস্থা। 'আমি সারল্য ভেঙে জিগজ্যাগ করেছি কৌশল।' *শক্তি*, ১৯৬৬।

জিগর [ফা] **১** *বি* জিওল গাছ। 'এই জিগরগাছের বেড়া।' *রবীন্দ্র*, ১৯১১। **২** *বি* সাহস। 'মস্ত তোমার জিগর।' *সাধনা*, ১৯২১। **৩** *বি* হৃৎপিণ্ড। 'তৈয়ার হয় ... ফাড়তে জিগর শত্রুদের।' *নজরুল*, ১৯২২।

জিগা *বি* অলংকারবিশেষ; জড়াও জিগা। 'এক জিগা ও এক ছড়া মুক্তার মালা।' *দর্পণ*, ১৮২৫।

জিগাসা [স জিজ্ঞাসা] *বি* জিজ্ঞাসা। *মানোএল*, ১৭৪৩। 'অল্পে অল্পে জিগাসা করি।' *আন্তোনিয়ো*, ১৭৪৩।

জিগির, জিগীর [আ জিক্‌র] **১** *বিণ* প্রকাশিত। 'তাহার নম্বর সন তারিখ নিচে জিগির আছে।' *ক্যালগে*, ১৭৯৪। **২** *বি* বিশেষ জোর দিয়ে বলে হৈ চৈ সৃষ্টি। 'সাম্প্রদায়িক জিগীরে হিন্দু জনসাধারণকে প্রভাবিত ...।' *আজাদ*, ১৯৪৭। **৩** *বি* ধুয়া। '১৮৫৭ সালে ধর্মনাশ ও জাতিনাশের জিগির তুলেছিলেন সামন্ত নৃপতি ও পুরোহিত গোষ্ঠী।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

জিগীষা [স] *বি* জয়ের ইচ্ছা। 'তিন পাড়ার লোকেরা পরস্পর জিগীষাপ্রযুক্ত।' *দর্পণ*, ১৮১৯।

জিগীষু [স] *বিণ* জয় করতে ইচ্ছুক। 'জিগীষুদিগের দুর্দান্ত সংহারক।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

জিগেস [স জিজ্ঞাসা] *বি* জিজ্ঞাসা। 'নাম যদি তার জিগেস কর/ সেই আছে এক ভাবনা।' *রবীন্দ্র*, ১৯০৩।

জিগেসপড়া [স জিজ্ঞাসা>] *বি* খোঁজখবর। 'পথে দু দণ্ড দাঁড়িয়ে যে জিগেসপড়া করব তার জো নেই।' *রবীন্দ্র*, ১৮৮৪।

জিঘাংসা [স] *বি* হত্যা করার ইচ্ছা। 'জিঘাংসাবৃত্তিও এ পৃথিবীতে সম্যক আবশ্যক।' *অক্ষয়*, ১৮৪৯।

জিঘাংসু [স] *বিণ* হত্যা করতে ইচ্ছুক। 'হিন্দু সংস্কৃতি আজ জিগীষু ও জিঘাংসু উভয়ই।' *মোহাম্মদী*, ১৯৩৮।

জিঙ্গালরু [স ঝিঙ্গাক>] *বি* ঝিঙ্গা। 'আকোরল জিঙ্গালরু দ্রাক্ষা সুদর্শন।' *বড়ু*, ১৪৫০।

জিঙ্গোপনা [ই জিঙ্গো+ফা পনা] *বিণ* উগ্র স্বাদেশিকতা; জিঙ্গোইজ্‌ম। 'আর্য্যামি আর জিঙ্গোপনায় ছাই দিয়ে দে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

জিজির, জিজীর [ফা জিঞ্জির] *বি* গলার মালা; চেইন। 'আর একটা সোনার জিজীর সমেত।' *ক্যালগে*, ১৭৮৫; 'অনেকে ... জিঞ্জিরের মতো একরূপ অলঙ্কার পায়ে পরে।' *অক্ষয়*, ১৮৫০।

জিজীবিষা [স] *বি* বেঁচে থাকার ইচ্ছা। 'পরমেশ্বর যখন জিজীবিষা দিয়াছেন, তখন জীবন রক্ষার যত্ন করা উচিত।' *অক্ষয়*, ১৮৪৯।

জিজীবিষু [স] *বিণ* বেঁচে থাকতে ইচ্ছুক। 'আমার প্রচণ্ড আকুলতা – জিজীবিষু প্রজাপতির বিশ্রমণ।' *বিষ্ণু*, ১৯৩৭।

জিজ্ঞাস [স] *বি* প্রশ্ন। 'বড় ব্যস্ত হয়ে শাহা করেন জিজ্ঞাস।' *গরীব*, ১৭৬৫।

জিজ্ঞাসক [স] *বি* প্রশ্নকর্তা। 'অপ্রতিভ না হইয়া জিজ্ঞাসকের উপরে রাগাসক্ত।' *দর্পণ*, ১৮২১।

জিজ্ঞাসন [স] *ক্রি* জিজ্ঞাসা করা। 'লীলাবতী তাহার কুশল জিজ্ঞাসন।' *মুকুন্দ*, ১৬০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জিজ্ঞাসা[১] [স] **১** *বি* প্রশ্ন। 'নিত্যানন্দ স্থানে প্রভু করয়ে জিজ্ঞাসা।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বিণ* প্রশ্নবোধক। 'জিজ্ঞাসা ও আশ্চর্য্যবোধক চিহ্ন ... অবগত হইবার উপকার হিন্দুস্থানীয় ভাষাতে নাই।' *দর্পণ*, ১৮৩৪। **জিজ্ঞাসাওন** *বি* জিজ্ঞাসা করা। *ওসাঁ*, ১৭৮৫।

জিজ্ঞাসাবাদ [স] **১** *বি* সাক্ষাৎকার। 'তাঁহারা জিজ্ঞাসাবাদে যে উত্তর প্রয়োগ করিলেন ...।' *দর্পণ*, ১৮৩৭। **২** *বি* প্রশ্ন ও আলাপ আলোচনা। 'হাসপাতালে গিয়া জিজ্ঞাসাবাদ করে।' *মানিক*, ১৯৩৬।

জিজ্ঞাসাবিরোধী [স] *বিণ* ভক্তিপ্রধান। 'জিজ্ঞাসাবিরোধী যে আন্দোলন অত্যন্ত প্রবল হয়ে ওঠে ... রবীন্দ্রনাথ ... তার প্রভাব অনেকটাই এড়াতে পারেননি।' *শিব*, ১৯৫০।

জিজ্ঞাসাবৃত্তি [স] *বি* প্রশ্ন করার প্রবণতা। 'জিজ্ঞাসাবৃত্তির নিবৃত্তিই মুখ্য লক্ষ্য হওয়া উচিত নহে।' *রবীন্দ্র*, ১৯০৮।

জিজ্ঞাসাভরা [স জিজ্ঞাসা+ভরা] *বিণ* প্রশ্নপূর্ণ। 'কেবল বঞ্চিত বিহ্বল বিমূঢ় জিজ্ঞাসাভরা চোখে।' *সুকান্ত*, ১৯৪৮।

জিজ্ঞাসা[২] [স জিজ্ঞাস>] *ক্রি* প্রশ্ন করা; জানতে চাওয়া। **জিজ্ঞাস** *ক্রি* জিজ্ঞাসা করো। 'ইহাও জিজ্ঞাস প্রভু তুমি কোন কাছে।' *বৃন্দা*, ১৫৮০। **জিজ্ঞাসএ** *ক্রি* জিজ্ঞাসা করে। 'যাক তাক জিজ্ঞাসএ পুত্রের কথন।' *বাহরাম*, ১৬৫০। **জিজ্ঞাস করা** *ক্রি* জিজ্ঞাসা করা। 'জিজ্ঞাস করিতে।' *মানোএল*, ১৭৪৩। **জিজ্ঞাসন্ত** *ক্রি* জানতে চাইলো। 'জিজ্ঞাসন্ত ভক্তি করি পন্থিকের স্থানে।' *সুলতান*, ১৭০০। **জিজ্ঞাসয়** *ক্রি* জিজ্ঞাসা করে। 'জিজ্ঞাসয় বারেবার/ উত্তর না পায়।' *কৃষ্ণরাম*, ১৭২০। **জিজ্ঞাসি** *ক্রি* জিজ্ঞাসা করি। 'চাহ তুহ্মি জিজ্ঞাসি দেখেনি তাহানে পুনর্বার।' *সুলতান*, ১৭০০। **জিজ্ঞাসিঅ** *ক্রি* প্রশ্ন করো। 'কহিল যদি সে কথা জিজ্ঞাসিঅ তারে।' *সুলতান*, ১৭০০। **জিজ্ঞাসিআ** *ক্রি* জিজ্ঞাসা ক'রে। 'বার্তা জিজ্ঞাসিআ তার করিল মাননা।' *মুকুন্দ*, ১৬০০। **জিজ্ঞাসিতে** *ক্রি* জিজ্ঞাসা করতে। 'দেখিয়া অধিষ্ট মোর জিজ্ঞাসিতে ভয়।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জিজ্ঞাসিয়ে** *ক্রি* জিজ্ঞাসা ক'রে। 'জিজ্ঞাসিয়ে জনকে জানিস আমি কেবা।' *মানিকরাম*, ১৭৮১। **জিজ্ঞাসিল** *ক্রি* প্রশ্ন করলো। 'কেমতে মারিব সম্মর রতিরে জিজ্ঞাসিল।' *মালাধর*, ১৫০০। **জিজ্ঞাসিলা** *ক্রি* প্রশ্ন করলো। 'পায় জাতি জিজ্ঞাসিলা পুর্ব্ব সোঙরিয়া।' *মালাধর*, ১৫০০। **জিজ্ঞাসিলে** *ক্রি* জিজ্ঞাসা করলে। *ক্যালগে*, ১৭৯৫। **জিজ্ঞাসিলেক** *ক্রি* জিজ্ঞাসা করলো। 'কারণ জিজ্ঞাসিলেক।' *তারিণী*, ১৮০৩। **জিজ্ঞাসিলেন** *ক্রি* জিজ্ঞাসা করলেন। 'যুক্তি জিজ্ঞাসিলেন সব ভক্তগণে।' *বৃন্দা*, ১৫৮০। **জিজ্ঞাসীবা** *ক্রি* জিজ্ঞাসা করা। 'আমি জিজ্ঞাসীবা মাত্রে ইহারা দুই জনে কহিলেন ...।' *ওসাঁ*, ১৭৮২। **জিজ্ঞাসে** *ক্রি* প্রশ্ন করে। 'যে জনে জিজ্ঞাসে তানে কর্হিতে উচিত।' *আলাওল*, ১৬৮০। **জিজ্ঞাসেন** *ক্রি* জিজ্ঞাসা করেন। 'আপনি ভূপতি তারে তত্ত্ব জিজ্ঞাসেন।' *রূপরাম*, ১৭৫০।

জিজ্ঞাসিত [স] *বিণ* জিজ্ঞাসা করা হয়েছে এমন। 'জিজ্ঞাসিত হইলে সে জানায় যে, তার নাম হইতেছে ...।' *আজাদ*, ১৯৪০।

জিজ্ঞাসু [স] **১** *বিণ* জানতে আগ্রহী। 'কেহ যদি কৃষকদিগের দুরবস্থার কারণ জিজ্ঞাসু হন।' *সোমপ্রকাশ*, ১৮৬৮। **২** *বিণ* অনুসন্ধানী। 'মানুষের জিজ্ঞাসু বুদ্ধি তাকে বার বার স্বনির্মিত সংস্কারের শৃঙ্খল থেকে মুক্ত করেছে।' *শিব*, ১৯৫০।

জিজ্ঞাস্য [স] **১** *বি* জিজ্ঞাসা করার বিষয়। 'ইহাতে জিজ্ঞাস্য এই যে তিন জাতির মধ্যে কোন জাতির ব্যবস্থানুসারে তাঁহার দানপত্র সিদ্ধ হয়।' *দর্পণ*, ১৮২৯। **২** *বি* প্রশ্ন। 'কার বিরুদ্ধে সে সম্বন্ধে এখনও তাঁদের জিজ্ঞাস্য আছে।' *আজাদ*, ১৯৪৬।

জিজ্ঞেসবাদ [স জিজ্ঞাসাবাদ] *বি* জেরার মাধ্যমে জানার চেষ্টা। 'বেশি জিজ্ঞেসবাদ করলে ঠোঁটকাটারা হয়তো বলে বসবে ...।' *মুজতবা*, ১৯৫২।

জিজ্ঞেসা [স জিজ্ঞাসা] *বি* কৌতূহল। 'পশ্চিমের বাতায়নিক হাওয়ার ছোঁয়ায় সে-জিজ্ঞেসা গভীর ও ব্যাপক হয়ে ওঠে ...।' *মুরশিদ*, ১৯৭০।

জিএগ্রা [স জীব>] *ক্রি* বাঁচা। 'দরজি কাপড় শিএে বেতন করিআ জিএে।' *মুকুন্দ*, ১৬০০।

জিঞ্জির [ফা জিন্‌জীর] **১** *বি* শিকল। 'বাঘহাথা হাথে দিল গলায় জিঞ্জির।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* হাজত। 'জেলেই যাউক আর জিঞ্জিরেই যাউক কিছুতেই ভয় নাই।' *প্যারী*, ১৮৫৮। **৩** *বি* জেল। 'বাঙ্গালির কুলে কালী দিয়ে চোদ্দ বৎসরের জন্য জিঞ্জির গ্যালেন।' *হুতোম*, ১৮৬১।

জিঞ্জিরধ্বনি [ফা জিন্‌জীর+স ধ্বনি] *বি* শিকলের শব্দ। 'তাহাদের জীবনের প্রতি স্তরে যতই বন্ধনের জিঞ্জিরধ্বনি বাজিয়া ওঠে।' *বেগম*, ১৯৫৩।

জিঞ্জির-মঞ্জীর [ফা জিন্‌জীর+স মঞ্জীর] *বি* শিকলের নূপুর। 'আমি ঝড়, জুলুমের জিঞ্জির-মঞ্জীর বাজে ক্রন্ত মম পায়।' *নজরুল*, ১৯২৪।

জিঠী [স জ্যেষ্ঠী] *বি* টিকটিকি। 'হাঁহি জিঠী আয়র উৰ্টন না মানিলোঁ।' *বড়ু*, ১৪৫০।

জিণউরা [পা জিনপুর] *বি* জিনপুর। 'সৎ গুরু পাঅপএঁ জাইব পুণু জিণউরা।' *চর্যা ১৪*, ১২০০।

জিণরতণ [পা জিনরতন] *বি* জিনরত্ন। 'ভণই কাহ্ন জিণ রঅণ বি কইসা।' *চর্যা ৪০*, ১২০০।

জিণা [স জি>] *ক্রি* জয় করা। **জিণি** *ক্রি* জয় ক'রে। 'হেম পাট জিণি তোহোর জঘনে।' *বড়ু*, ১৪৫০। **জিণিআঁ** *ক্রি* জয় ক'রে। 'পাকিল শ্রীফল জিণিআঁ শোভে তোহ্মার দুই তনে।' *বড়ু*, ১৪৫০। **জিণী** *ক্রি* জয় ক'রে। 'মাঝা খিনী গুরুতর বিপুল নিতম্বে মত্ত রাজহংস জিণী চলএ বিলম্বে।' *বড়ু*, ১৪৫০। **জিণে** *ক্রি* জয় ক'রে। 'নখপাঁতি তোর চন্দ্রিকা জিণে।' *বড়ু*, ১৪৫০।

জিৎ [স] **১** *বিণ* জয়ী। 'সর্বো দয়া করেন, সর্বো জিৎ, তিনি কারো অন্যায় না করেন।' *আন্তোনিয়ো*, ১৭৪৩। **২** *বি* জয়। 'কিন্তু অবশেষে জিৎ হলো ...।' *মাহেনও*, ১৯৪৯।

জিত [স] **১** *বিণ* বিজিত; জয় করা হয়েছে এমন। 'কনক কান্তি জিত শরীর সুবলিত।' *সুলতান*, ১৬৫০। **২** *বি* লাভ। *ওসাঁ*, ১৭৮২। **৩** *বি* জয়। 'তোদের বরের জিত হয়েছে।' *উমেশ*, ১৮৫৭। **৪** *বি* পরাজিত জন বা গোষ্ঠী। 'জিত ও বিজেতা অবশ্য প্রত্যক্ষে সুপ্রতিষ্ঠ অনুকরণীয় সখ্যে।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

জিতজরামর [স জিত-জর-অমর] *বিণ* জরাকে জয়কারী। 'জিতজরামর হয় সেই নর।' *ভারত*, ১৭৬০।

জিত-জাতি [স] *বিণ* পরাজিত জাতি। 'জেতৃ ও জিত-জাতির মধ্যে সেতুবন্ধন ...।' *রবীন্দ্র*, ১৮৯০।

জিতন [পা জিত] *বিণ* জয়ী। 'জিতন হৈতে।' *ওসাঁ*, ১৭৮৫।

জিতশ্রম [স] *বিণ* শ্রমবিমুখ। 'গড্ডলিকা, জিতশ্রম, স্বাচ্ছন্দ্যবিহীন, গমনসর্বস্ব তোরা।' *সুধীন্দ্র*, ১৯২৭।

জিতা [পা জিত] *ক্রি* জয় করা। 'সদ্‌গুরু বোহেঁ জিতেল ভববল।' *চর্যা ১২*, ১২০০। **জিতল** *ক্রি* জয় করলো। 'দেখিনু সে শ্যাম জিনি কোটি কাম বদন জিতল শশী।' *দ্বিজী*, ১৬০০। **জিতা রও** *ক্রি* বেঁচে থাকো। 'কামাল জিতা রও।' *নজরুল*, ১৯২২। **জিতি** *ক্রি* জয় ক'রে। 'ত্রিভঙ্গ ভঙ্গিমা ভাতি রহয়ে মদন জিতি।' *দ্বিজী*, ১৬০০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জিতিল *ক্রি* জিতলো। 'বনু মুস্তাহা পাপী না জিতিল রণে।' *সুলতান*, ১৭০০। **জিতে** *ক্রি* বেঁচে থাকার। 'জিতে পরকার নাহী বোল মাহাদানী।' *বড়ু*, ১৪৫০। **জিতেল** *ক্রি* জিতলাম। 'সদ্গুরু বোহৈ জিতেল ভববল।' *চর্যা* ১২, ১২০০।

জিতা রহ – বেঁচে থাকো। 'বোমা পিস্তলের কামকারবার নাই – জিতা রহ।' *সাদত*, ১৯৬৭।

জিতেন্দ্রিয় [স] *বিণ* ইন্দ্রিয়জয়ী। 'শান্ত দান্ত জিতেন্দ্রিয় নির্লোভ বিষয়ে।' *বৃন্দা*, ১৫৮০।

জিতেন্দ্রিয়তা [স] *বি* ইন্দ্রিয় সংযম। 'এই কি তোমার খ্রীষ্টানধর্মের জিতেন্দ্রিয়তা?' *দীনবন্ধু*, ১৮৬০।

জিতেন্দ্রিয়ত্ব [স] *বি* ইন্দ্রিয় জয়করণ। 'বুদ্ধাবতার হইয়া, দয়ালুত্ব, জিতেন্দ্রিয়ত্ব প্রভৃতি সদ্‌গুণের পরাকাষ্ঠা প্রদর্শিত করিয়াছেন।' *বিদ্যা*, ১৮৪৭।

জিতেন্দ্রিয়া [স] *বিণ স্ত্রী* কামাদি রিপু বশে এনেছে এমন। 'নয়নরমণী – কভু নাহি কর্ণদান করে কামাতুরে – জিতেন্দ্রিয়া!' *মাইকেল*, ১৮৬০।

জিদ [আ জিদ্দ] *বি* গোঁ; প্রবল ইচ্ছা। 'কোন আত্মীয় ব্যক্তিকে মনসাপূজা করিয়া দিবার নিমিত্ত বিস্তর জিদ করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫০।

জিদ-ছাড়া করা *ক্রি* জিদ ভাঙা। 'কিশোর বালকগুলির জিদ বোধহয় জীবনে তাকে প্রথম জিদ-ছাড়া করিল।' *শওকত*, ১৯৫৮।

জিদি [আ জিদ্দী] *বিণ* একরোখা। 'তেমন জিদি লোক হ'লে একটা সুটে যে তিন জেনারেসন কাটানো যায়।' *গিরিশ*, ১৮৮৬।

জিদ্দি, জিদ্দী [আ] *বিণ* একগুঁয়ে। *বিদ্যা*, ১৮৯১; 'মুনশী সাহেব ধড়িবাজ জিদ্দী এবং দাদলেনেওয়ালা বান্দা।' *শওকত*, ১৯৪৬; 'জিদ্দী মেয়ে।' *মনসুর*, ১৯৫৫।

জিন[১] [ফা জীন] **১** *বি* চামড়ার আসনবিশেষ। 'মোজা পালক্ষ জিন নিরমায়ে অনুদিন।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* ঘোড়ার পিঠে পৃষ্ঠে বসার চর্মাসন। 'ঘোড়ার জিনেতে সাজে নৈ হাজার কাঠি।' *রূপরাম*, ১৭৫০।

জিন কষা *ক্রি* ঘোড়ার পিঠে গদি লাগানো। 'একটা ভাল ঘোড়া, শীঘ্র জিন কষিতে বল।' *শরৎ*, ১৯১৩।

জিন দেওয়া *ক্রি* ঘোড়ার জিন পরানো। 'ঘোড়ায় জিন দিয়ে এলেন কিনা একবারে।' *বিভূতি*, ১৯৩১।

জিন[২] [ই] *বি* একপ্রকার মদ। 'ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরের স্থানে ব্রাণ্ডি, রম, জিন।' *বঙ্কিম*, ১৮৮৭।

জিন[৩] [ই] *বি* একধরনের মোটা কাপড়। 'নীল-লোহিত-রেখাঙ্কিত জিনের রাত্রিবস্ত্র।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জিন[৪] [আ] *বি* ইসলামি বিশ্বাস অনুযায়ী আগুন থেকে তৈরি অদৃশ্য সত্তাবিশেষ। 'সেইদিন উক্ত জিনগণ মনস্থ করিল।' *রোকেয়া*, ১৯২২; 'রোয়ে 'ওযযা-হোবল' ইবলিস খারেজিন, – কাঁপে জিন।' *নজরুল*, ১৯২৪।

জিনউর [পা জিনপুর] *বি* জিনপুর। 'হেরি সে কান্নি ণিঅড়ী জিনউর বট্টই।' *চর্যা* ৭, ১২০০।

জিনদেগী [ফা জিন্দগী] *বি* প্রাণ। 'জাতীয় জীবনে এসেছে নতুনতর জিনদেগীর জোয়ার।' *মাহেনও*, ১৯৪৯।

জিনন [স জি>] **১** *বি* জয়ী হওয়া। 'ভক্তি বিনু বিশ্বম্ভর জিনন না জায়।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* আধিক্য। *মানোএল*, ১৭৪৩।

জিননিয়া *বিণ* জয়ী। *মানোএল*, ১৭৪৩।

জিনপোষ [ফা] *বি* ঘোড়ার পিঠে বসার জন্য ব্যবহৃত আসনের বাঁধুনি। 'সম্ভবত জিনপোষ থেকে পেরেকটি সেখানে বিঁধেছিল।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

জিনা[১] [স জি>] *ক্রি* জয় করা। 'জিনিতে।' *মানোএল*, ১৭৪৩। **জিনএ** *ক্রি* জয় করে। 'ভুক্ত যুগ জিনি ধনু কটাক্ষে জিনএ কামপুর।' *সুলতান*, ১৬৫০। **জিনি ১** *ক্রি* জয়লাভ করি। 'সজল জলদরুচি জিনি দেহকান্তী।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* জয় লাভ করে। 'হেনকালে কৃষ্ণ জিনি কাহার সকতি।' *মালাধর*, ১৫০০। **৩** *ক্রি* জয় ক'রে। 'রাজহংসবর জিনি চরণে নুপুর ধ্বনি।' *মুকুন্দ*, ১৬০০। **জিনিআ, জিনিআঁ** *ক্রি* জয় ক'রে। 'মাণিক জিনিআ দশনদুতী।' *বড়ু*, ১৪৫০; 'তালফল জিনিআঁ তোহ্মার পয়োভার।' *বড়ু*, ১৪৫০। **জিনিঙা** *ক্রি* জয় ক'রে। 'মুকুতা জিনিঙা দুই দশন প্রকাশ।' *মুকুন্দ*, ১৬০০। **জিনিএঁা** *ক্রি* জয় ক'রে। 'মাণিক জিনিএঁা দশন জুতি।' *বড়ু*, ১৫৭০। **জিনিতে** *ক্রি* জয় করতে। 'কেহোত জিনিতে নারে একোই স্মোসর।' *মালাধর*, ১৫০০। **জিনিব** *ক্রি* জিতবো। 'না জিনিব আশ্চি তার রণে।' *সুলতান*, ১৭০০। **জিনিবে** *ক্রি* জয়ী হবে। 'বিচারে জিনিবে যেই জন।' *রামপ্রসাদ*, ১৭৮০। **জিনিবেক** *ক্রি* জয় করবে। 'সপ্তদ্বীপ জিনিবেক সপ্তম সমুদ্র।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জিনিমু ১** *ক্রি* জয় করবো। 'অহংকার করিয়া বোলে জিনিমু বসতি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **২** *ক্রি* জয়ী হবো। 'অন্যায় করিলে তবে সে জিনিমু।' *সুলতান*, ১৭০০। **জিনিয়া** *ক্রি* জয় ক'রে। 'কেসরি জিনিয়া মাঝহিঁ খীন দুলহ জৌবন কোনা।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'কিবা দন্তভাতি মুকুতার পাঁতি জিনিয়া কুন্দক কঁড়ি।' *দ্বিজী*, ১৫৫০। **জিনিল** *ক্রি* জয়লাভ করলো। 'সিসু হৈয়া প্রভুরাম তাহাকে জিনিল।' *মালাধর*, ১৫০০। **জিনিলা** *ক্রি* জয় করলে। 'প্রেমেত জিনিলা তুমি পৃথিথী আকাশ।' *আলাওল*, ১৬৮০। **জিনিলে** *ক্রি* জয় করলে। 'তোমার চরণে জার আছয়ে ভকতি ত্রিভুবনে জিনিলে তার কি করে দুর্গতি।' *মুকুন্দ*, ১৬০০। **জিনে** *ক্রি* জয় করে। 'জেই জন জিনে তারে কান্দেতে করিয়া।' *মালাধর*, ১৫০০। **জিনেন** *ক্রি* জয় করেন। 'জয়যোগে যদ্যপি জিনেন করে রণ।' *মানিকরাম*, ১৭৮১। **জিন্যা** *ক্রি* জয় করে। 'বিধু জিন্যা বরণ বৈশাখ চাঁপা ফুল।' *মানিকরাম*, ১৭৮১। **জিন্যাছি** *ক্রি* জিতেছি। 'অনেক হায়্যাছি গো জিন্যাছি একবার।' *মুকুন্দ*, ১৬০০।

জিনা[২] [আ জিনা] *বি* বিবাহ-বহির্ভূত যৌনসঙ্গম। 'জিনা করছ ...।' *মনসুর*, ১৯৫৫।

জিনাকারি [আ জিনাকার] *বি* ব্যভিচার। 'বিয়া ছাড়া পেটে সন্তান ধরা যে সত্যই জিনাকারি।' *মনসুর*, ১৯৫৫।

জিনি *সর্ব* যিনি। 'ধর্মে জিনি যুধিষ্ঠির।' *আলাওল*, ১৬৮০।

জিনিয়া [ই] *বি* ফুলবিশেষ। 'সে অর্কিড, ডালিয়া, জিনিয়া, ক্যানার চারা চেয়ে নিত।' *নরেন্দ্র*, ১৯৫৬।

জিনিয়াস, জিনিয়স [ই] *বি* প্রতিভাবান ব্যক্তি। 'সত্যি তুই একটা জিনিয়াস।' *শিবরাম*, ১৯৪০; 'বাঘা জিনিয়সের মত তেড়ে এলেন না।' *মুজতবা*, ১৯৫২।

জিনিশ [আ জিনস] *বি* বস্তু। 'পুরানা পল্টনের যে-জিনিশটি আমি কখনো ভুলবো না, তা হচ্ছে তার বর্ষার রূপ।' *বুদ্ধদেব*, ১৯৩২।

জিনিষ [আ জিন্‌স] **১** *বি* মালামাল; বিভিন্ন বস্তু। 'জে জিনিষ এখানে আসিয়া পৌছীয়াছে দাখিল মাফীক পাইলাম।' *ওসাঁ*, ১৭৮২। **২** *বি* কাজ। 'সে একটা জিনিষ নিজে আরম্ভ করেছে বলেই ... শেষ করতে চায়।' *রবীন্দ্র*, ১৮৯৪। দ্র **জিনিস**

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জিনিষপত্র [আ জিন্স+স পত্র] *বি* দ্রব্যসামগ্রী। 'তৈজষপত্র ঘরবাটী গরুবাছুর গহনাগাটী গাছপালা জিনিষপত্র।' *ওসাঁ*, ১৭৮২।

জিনিস [আ জিন্স] **১** *বি* বস্তু। *মানোএল*, ১৭৪৩; 'এই খবর কিম্বা কোন জিনিস ঠাহওনা জায় কিম্বা পাওয়া জায়।' *ক্যালগে*, ১৮০০। **২** *বি* প্রতিষ্ঠান। 'বিশ্বভারতী ভারতবর্ষের জিনিস হলেও একে সমস্ত মানবের তপস্যার ক্ষেত্র করতে হবে।' *শিব*, ১৯৫০।

জিনিসপত্তর [আ জিন্স+স পত্র>] *বি* মালপত্র। *ওসাঁ*, ১৭৮৫; 'মোক্ষদা সতুর প্রস্তুত হইল বাঁধি জিনিস-পত্তর।' *রবীন্দ্র*, ১৮৯৯।

জিনিসপত্র [আ জিন্স+স পত্র] *বি* দ্রব্যসামগ্রী। 'পুনরায় সিন্দুক সমেত জিনিসপত্র রাখিলেন।' *ভেরণি*, ১৮০০; 'নিজের শরীরের চারি দিকেই অর্থহীন জিনিসপত্রের ঘেঁষাঘেষিটা বড়ো শ্রান্তিজনক।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জিন্দা [ফা] *বিণ* জীবিত। 'মুর্দা দীল আর জিন্দা দেহের নিছক স্তব।' *বেনজীর*, ১৯৪৫।

জিন্দাপির, জিন্দাপীর [ফা] *বি* সিদ্ধপুরুষ। 'তুমি সর্ব্বশাস্ত্র জান জিন্দাপীর প্রায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'আগে জিন্দাপিরের খান্দানে যাও দেখিয়ে দিবে সন্ধানে।' *লালন*, ১৮৯০।

জিন্দাবাদ [ফা জিন্দা+স বাদ] *বি* অমর হোক – কামনাসূচক শব্দ। 'আল্লাহ জিন্দাবাদ-এর ধ্বনি।' *নজরুল*, ১৯৪১।

জিন্দান [ফা] *বি* কারাগার। 'বজ্রহাতে জিন্দানের ঐ ভিত্তিটাকে নাড়ায়।' *নজরুল*, ১৯২৪।

জিন্দান-কূঁয়া [ফা জিন্দান+স কূপ] *বি* কারাগার স্বরূপ কূপ। 'এরকম জিন্দান-কূঁয়ায় পড়ে থাকতে দেখা হয়নি।' *নজরুল*, ১৯২৭।

জিন্দানখানা [ফা] *বি* জেলখানা। 'জগৎ হয়েছে জিন্দানখানা, প্রহরী যত ডাকাত।' *নজরুল*, ১৯২৫।

জিন্দিগানী [ফা] *বি* জীবন। 'একী ঘন-সিয়া জিন্দিগানীর বা'ব।' *ফররুখ*, ১৯৪৩।

জিন্দিগি, জিন্দিগী, জিন্দেগি [ফা] *বি* জীবন। 'জিন্দেগীর বাকি কালটা যে আল্লার নাম নিয়ে কাটিয়ে দেব।' *নজরুল*, ১৯২৭; 'জিন্দিগি ভরিয়া পতি আর ত দেখা হল না।' *জসীম*, ১৯৩৩; 'সহযোগী হিন্দু মন্ত্রিদিগকে চটাইলে তাঁর মন্ত্রিসভার জিন্দিগী কাবার হইবে।' *আজাদ*, ১৯৪২।

জিন্নত, জিন্নাত [আ জান্নাত] *বি* ইসলাম ধর্মমতে বেহেস্ত। 'আল্লাহ তাকে জিন্নতে জায়গা দেন।' *নজরুল*, ১৯২৭; 'জিন্নাতে সে যাইবে নাক, মা না তাহার সঙ্গী হলে।' *জসীম*, ১৯৩১।

জিন্নতবাসিনী [আ জান্নাত+স বাসিনী] *বিণ স্ত্রী* ইসলাম ধর্মমতে বেহেস্তবাসী। 'জিন্নতবাসিনী জাহান-আরার স্মরণে।' *মুজতবা*, ১৯৪৯।

জিপ [ই] *বি* মোটরগাড়িবিশেষ। 'কোথা থেকে ছেলেরা এল জিপ নিয়ে।' *শিবরাম*, ১৯৭০।

জিপসি, জিপসী [ই] *বি* ভারতবর্ষের একটি প্রাচীন জাতি। 'জিপসিদের গান গাইবার ঢং।' *ধূর্জটি*, ১৯৩১।

জিপসী নাচ [ই জিপসি+ন্যাচ] *বি* জিপসিদের অনুরূপ নাচ। 'নার্গিস মুর্শিদার একটি সারি নাচ, তখনের জিপসী নাচ এবং ...।' *বেগম*, ১৯৬০।

জিব[১] [স জিহ্বা] *বি* জিহ্বা। 'জিব কাটে জিব ফোড়ে করএ চড়ক।' *মুকুন্দ*, ১৬০০।

জিব কাটা *ক্রি* লজ্জা প্রকাশ করা। '(জিব কাটিয়া মাথা নাড়িয়া) সে কি হয়।' *রবীন্দ্র*, ১৮৯২।

জিব[২] [ফা জেব] *বি* পকেট। *ওসাঁ*, ১৭৮৫।

জিবন [স জীবন] *বি* প্রাণ। 'ধরিয়া অক্ষটি তার বধিল জিবন।' *মালাধর*, ১৫০০।

জিববন্ধন [স জীববন্ধন] *বি* জীবন-বন্ধন। 'ভনই বিদ্যাপতি সোই কলাবতি জিববন্ধন আসপাস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জিবরিল [আ জীবরাঈল] *বি* ইসলামিমতে স্বর্গীয় দূতবিশেষ। 'জিবরিল স্থানে প্রভু কহিলা বচন।' *সুলতান*, ১৭০০।

জিবা[১] *ক্রি* যাওয়া। 'জাবে হে সাগর বায়্যা সে পথে না জিব নায়্যা।' *মুকুন্দ*, ১৬০০।

জিবা[২] [স জীব>] *বি* বাঁচা। 'সাজনি জিবথু সএ পচাস।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'না জানি কি জিব পরজন্ত।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'জদি আছে জিবার সাদ।' *মুকুন্দ*, ১৬০০।

জিবে গজা *বি* জিহ্বার মতো আকৃতিবিশিষ্ট গজাবিশেষ। 'গোটা দুই জিবে গজা, গুটি দুই মণ্ডা।' *সুকুমার*, ১৯১৮।

জিব্রিল [আ জীবরাঈল] *বি* জিব্রাইল; ইসলামিমতে স্বর্গীয় দূতবিশেষ। 'জিব্রিল রহিল তথা রহিলেক হএ।' *আলাওল*, ১৬৮০।

জিভ [স জিহ্বা] *বি* জিহ্বা। *মানোএল*, ১৭৪৩; 'তীব্র ধারটুকু তোমার জিভের আগায় রহিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৭।

জিভজলা [স জিহ্বা+হি ওয়ালা] *বিণ* শিখাযুক্ত। 'বেরিয়ে আসবে ধারালো জিভজলা আগুন।' *হাসান*, ১৯৭৪।

জিভ কাটা *ক্রি* লজ্জা প্রকাশ করা। 'এমন কথা স্বপ্নে ভাবলে স্বপ্নে জিভ কাটেন।' *অন্নদা*, ১৯২৮।

জিভ বের হওয়া *ক্রি* সাধ্যের অতিরিক্ত পরিশ্রম করা। 'অন্নসংস্থান করতেই তার জিভ বেরিয়ে যাচ্ছে।' *জীবন*, ১৯৩২।

জিভে [স জিহ্বা>] *বিণ* জিহ্বার মতো আকৃতি এমন। 'জিভে-গজার ফেরিওয়ালারা ... বাজনা বাজিয়ে ছেলেদের আকর্ষণ করতো।' *বিমল*, ১৯৫৩।

জিভে পানি আসা *ক্রি* লোভ হওয়া। 'জিভে পানি এসে যাচ্ছে।' *শামসুল*, ১৯৬২।

জিভ্যা [স জিহ্বা] *বি* জিহ্বা। 'জিভ্যার জড়তা কিবা মনের বাসনা।' *রূপরাম*, ১৭৫০।

জিম [স যস্মিন] *বিণ* যেমন। **জিম জিম** [স যস্মিন] *ক্রিবিণ* যেভাবে। 'জিম জিম করিণা করিণিরে রিসঅ।' *চর্যা ৯*, ১২০০।

জিমনাসিয়াম, জিমন্যাসিয়াম [ই] *বি* ব্যায়ামাগার। 'জিমন্যাসিয়াম নেই।' *জীবন*, ১৯৩২; 'জিমনাসিয়ামে যা দলাইমলাই দেয় একখানা।' *শিবরাম*, ১৯৭০।

জিমনাস্টিক, জিমন্যাস্টিক [ই] **১** *বিণ* এক রকমের শারীরিক কসরত-সম্পর্কিত। 'শেষবারে সে এক জিমন্যাস্টিকের দলে জুটিয়াছিল।' *রবীন্দ্র*, ১৮৯৫। **২** *বি* শারীরিক প্রশিক্ষণ। 'জিমনাস্টিকের মাস্টার এসেছেন।' *রবীন্দ্র*, ১৯৪০।

জিম্মা [আ জিম্মাহ্] *বি* জমা। 'দশানি ছয় আনি ভাগের নিরাকরণ কাগজ পত্র দোরস্ত করিয়া দস্তাখতি ২ করাইয়া আপন জিম্মা রাখিলেন।' *রামরাম*, ১৮০১।

জিম্ভিত [স জৃম্ভিত] *বিণ* হাইতোলা। 'জ্বর নহে অঙ্গে সদাই তাপ জিম্ভিত মুখ কলেবর কাঁপ।' *মুকুন্দ*, ১৬০০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জিম্মা, জিম্মে [আ জিম্মাহ্] **১** *বি* আয়ত্ত; অধিকার। 'তোর জিম্মা মোর পুরী।' *ভারত*, ১৭৬০। **২** *বি* জমা। 'বাকি দালালের জিম্মে আখেরি মৌষুমে হইবেক।' *হ্যালহেড*, ১৭৭৩। **৩** *বি* তত্ত্বাবধান। 'ভাঁড়ার জিম্মা যার কাছে মা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

জিম্মাদার, জিম্মেদার [আ জিম্মাহ্+ফা দার] **১** *বি* যার কাছে কোনো জিনিস জমা রাখা যায়। 'জিম্মাদার।' *বিদ্যা*, ১৮৯১; 'শেয়ারের টাকা ও লভ্যাংশের জন্য জিম্মাদার খোদ গভর্ণমেণ্ট।' *মাহেনও*, ১৯৪৯। **২** *বি* তত্ত্বাবধানকারী। 'তার জন্য গাইডকে জিম্মেদার করেছেন।' *মুজতবা*, ১৯৬৬।

জিম্মাদারি, জিম্মাদারী [আ জিম্মাহ্+ফা দারি] *বি* কোনো কিছুর রক্ষণাবেক্ষণের দায়িত্ব। 'জাতির পিতা ... আমরার স্কন্ধে যে জিম্মাদারি দিয়া গেছেন।' *মনসুর*, ১৯৪৫; 'তোমার জিম্মাদারী এখন বেড়ে গিয়েছে।' *মুজতবা*, ১৯৬০।

জিয়ন-মরা [স জীবন+মরা] *বিণ* জীবন্মৃত। 'যারা বস্ত্র ছিল আঁকড়িয়ে/ তারা জিয়ন-মরা।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জিয়ন্ত [স জীব্>] *বিণ* জীবন্ত; জীবিত। 'কাহের বিরহভার জিয়ন্তে ময়িলোঁ ল।' *বড়ু*, ১৪৫০।

জিয়ন্তে মরা *বি* জীবিত থেকেও মৃত অবস্থা। 'জিয়ন্তে মরা থেকে মুক্তি পেয়ে সে শেষে হাঁফ ছেড়ে বাঁচে।' *অবন*, ১৯২৫।

জিয়ল, জিয়েল, জিয়োল [স জীব্>] **১** *বি* অল্প পানিতে বহুদিন বাঁচিয়ে রাখা যায় এমন মাছ। 'পাঁচটা জিয়োল, এক গণ্ডা বাচা।' *শামসুল*, ১৯৬২। **২** *বি* গাছবিশেষ। 'জিয়লের ডালের দীর্ঘ হায়াটা সুহানীর দেহে এসে পড়েছে।' *সেলিনা*, ১৯৬৯। **৩** *বিণ* অল্প পানিতে বহুদিন বাঁচে এমন। 'যে সব প্রত্যয় ও প্রতিজ্ঞা মানুষকে বদ্ধকূপের জিয়েল মাছ করে রেখেছে।' *শরীফ*, ১৯৭০; 'জিয়ল মাছের ভরা বিশাল ভাণ্ডের মতো।' *মাহমুদ*, ১৯৭৩।

জিয়লজিকাল [ই] *বিণ* ভূতাত্ত্বিক। 'আমাকে জিয়লজিকাল সার্ভের কাজে লাগিয়ে দিলেন।' *রবীন্দ্র*, ১৯৪০।

জিয়লজিস্ট [ই] *বি* ভূতত্ত্ববিদ। 'অ্যাসিস্টেন্ট জিয়লজিস্ট লিখেছেন।' *রবীন্দ্র*, ১৯৪০।

জিয়া, জিয়ানো [স জীব্>] *ক্রি* বাঁচা; জীবিত থাকা। **জিয়এ** *ক্রি* বাঁচে। 'তুমি জিলে সকল জিয়এ।' *মালাধর*, ১৫০০। **জিয়া** *ক্রি* জীবিত থেকে। 'মাগু মৈল তথি বুড়া জিয়া কাজ কী।' *মুকুন্দ*, ১৬০০। **জিয়াইতে** *ক্রি* জীবিত করতে। 'কর্পূর পাচন করি তবে জিয়াইতে পারি।' *মুকুন্দ*, ১৬০০। **জিয়াইয়া** *ক্রি* জীবিত ক'রে। 'জাহির করিবে গুণ জিয়াইয়া মরা।' *রূপরাম*, ১৭৫০। **জিয়াইল** *ক্রি* জীবন দান করলো। 'অমৃত দিষ্টি দিয়া কৃষ্ণ সভারে জিয়াইল।' *মালাধর*, ১৫০০। **জিয়াইলা** *ক্রি* জীবন্ত রাখলো। 'পাইতে আজন্ম দুঃখ কেন জিয়াইলা।' *আলাওল*, ১৬৮০। **জিয়াএ** *ক্রি* জীবিত করে। 'সঞ্জীবকে মৃত করে মৃতকে জিয়এ।' *বাহরাম*, ১৬৫০। **জিয়াব** *ক্রি* জীবিত করবো। 'মরা শিশু আন তবে জিয়াব এখনি।' *রূপরাম*, ১৭৫০। **জিয়ায়** *ক্রি* জীবন দান করে। 'অধরঅমৃত দিয়া জিয়ায় শ্রীহরি।' *মালাধর*, ১৫০০। **জিয়াল্য** *ক্রি* জীবিত করলো। 'লুইচন্দ্রে জিয়াল্য আপন বিদ্যমান।' *রূপরাম*, ১৭৫০। **জিয়ে ১** *ক্রি* বাঁচে। 'এহ নগরকা বিচ কৈছে লোক জিয়ে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *ক্রি* উজ্জীবিত হয়ে। 'জিয়ে মোর কাম।' *ভারত*, ১৭৬০। **জিয়্যা** *বিণ* জীবন্ত। 'তোমার আসিবে জদি বাবা আইল জিয়্যা।' *মুকুন্দ*, ১৬০০। **জিল** *ক্রি* জীবিত হলো। 'মরিয়া জিল পুত্র মোর আবাল সুন্দরে।' *মালাধর*, ১৫০০। **জিলা** *ক্রি* বেঁচে গেলো। 'কালীয় সাপের মুখে জিলা দেবরাজে।' *বড়ু*, ১৪৫০। **জিলাহোঁ** *ক্রি* জীবন লাভ করলে। 'ভাগে পুণী জিলাহোঁ এখনী মরিতাহোঁ।' *বড়ু*, ১৪৫০। **জিলী** *ক্রি* জীবিত হলি। 'মরিআঁ জিলী রাধা গোকুল সমাজে।' *বড়ু*, ১৪৫০। **জিলে** *ক্রি* জীবিত হলে; বাঁচলে। 'তুমি জিলে সকল জিয়এ।' *মালাধর*, ১৫০০। **জিলো** *ক্রি* বাঁচলাম। 'জিলো মোঞঁ গোকুল আগে।' *বড়ু*, ১৪৫০।

জিয়াদা, জেয়াদা [আ জিয়াদাহ্] *বিণ* বেশি; অতিরিক্ত। 'জিয়াদা কি লিখিব।' *ওসাঁ*, ১৭৮২।

জিয়ানো[১] [স জীব্>] **১** *বিণ* জমাট বাঁধা। 'জিয়ানো মিছরি রসে তার হাসি অতুল।' *নজরুল*, ১৯৩৪। **২** *বিণ* জীবন্ত। 'যদি তুমি ছিঁড়ে দাও, ভেঙে দাও জিয়ানো কুসুম।' *বিষ্ণু*, ১৯৩৭।

জিয়াফত [আ] *বি* ভোজনের নিমন্ত্রণ। 'তাঁদেরও দেখি সেদিনে খোদার জিয়াফত কবুল করতে।' *হাই*, ১৯৪৭।

জিয়ারত [আ] *বি* ভক্তির সঙ্গে কবর পরিদর্শন ক'রে প্রার্থনা। 'হজরত নূরনবী মোহাম্মদের রওজা জিয়ারত।' *মশাররফ*, ১৮৮৫।

জিয়েল, জিয়োল দ্র জিয়ল

জিয়োগ্রাফি [ই] *বি* ভূগোলবিদ্যা। 'তোমার জিয়োগ্রাফি আনো।' *শরৎ*, ১৯১৭।

জিয়োমেট্রি [ই] *বি* জ্যামিতি। 'জিয়োমেট্রির ভুলে রাস্তা খারাপ হয়।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জির *বি* কেঁচো। 'মাটিতে লেগে থাকে জিরের মতো।' *আলাউদ্দিন*, ১৯৭১।

জিরগা[১] [তু জরগাহ্] *বি* আফগান রাজ্য পরিষদ। 'বাড়িতে পাঠানমুল্লুকের জিরগা বসে যেত।' *মুজতবা*, ১৯৪৯।

জিরা [স জীরক] *বি* মসলাবিশেষ। 'নরম কিনে তালশাঁস হিঙ্গ জিরা রসবাস চএিঞ মেথি জোহানি মহরি।' *মুকুন্দ*, ১৬০০।

জিরাই [ফা জিরা] *বি* শিকল-নির্মিত বর্ম। 'শিরের মুকুট কাটি কাটিলা জিরাই।' *সুলতান*, ১৭০০।

জিরান কাট [ফা জিরয়ান+কাট>] *বি* খেজুর গাছ কেটে পরপর তিনদিন রস নিয়ে বিরতির পর প্রথম দিনের কাটা। 'জিরান কাটের টাটকা রস।' *বিভূতি*, ১৯৩১।

জিরানিয়ম [ই] *বি* ফুলবিশেষ। 'জিরানিয়ম, ভর্বিনা, ইউফর্বিয়া, চন্দ্রমল্লিকা, গোলাপ।' *বঙ্কিম*, ১৮৭৮।

জিরানো [ফা জিরয়ান>] *ক্রি* বিশ্রাম করা। *মানোএল*, ১৭৪৩; 'সিংহ একটু জিরাইবা মাত্র কহিলেক।' *ভারিণী*, ১৮০৩। **জিরুতি** *ক্রি* বিশ্রাম করতে। 'এট্টু জিরুতিও পালাম না।' *রামনারায়ণ*, ১৮৫৪।

জিরাফ [ই] *বি* আফ্রিকার লম্বা গলাওয়ালা উঁচু প্রাণীবিশেষ। 'সাব্লিমিটি'র সঙ্গে কমিক্যালিটি'র একটা আত্মীয়তার সম্পর্ক আছে – সেই জন্যে হাতি কমিক, উট কমিক, জিরাফ কমিক, স্থূলতা কমিক।' *রবীন্দ্র*, ১৮৯২।

জিরি জিরি [স জর্জর] *বিণ* সরু সরু। 'ও-পারের তীরে জিরি জিরি পাতা ঝুরিতেছে ঝিরি ঝিরি।' *নজরুল*, ১৯২৯।

জিরে [স জীরক] *বি* মসলাবিশেষ। 'মোটবন্দি জিরে মরিচ সুপারি ... ইত্যাদি এ সকল দ্রব্যের মাসুল ...।' *চন্দ্রিকা*, ১৮৩১।

জিরেন [ফা জিরয়ান] *বি* অবসর। 'মোড়োলেরা জিরেন পেলেন।' *হুতোম*, ১৮৬১।

জির্ন [স জীর্ণ] *বিণ* ক্ষয়প্রাপ্ত। 'সংসারের সার গোসাঞি সব জির্ন জাএ।' *মালাধর*, ১৫০০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জির্ম্মা [আ জিম্মাহ্] *বি* জমা। 'জির্ম্মে।' *ওসাঁ*, ১৭৮২।

জির্ম্মী [আ জিম্মাহ্] *বিণ* দায়িত্বাধীন। 'জদি কিছু লোকসান হয় পহিলা খরিদারের জির্ম্মা হইবেক।' *ক্যালগে*, ১৭৯৬।

জিলকদ [আ] *বি* হিজরি একাদশ মাস। 'নামে জিলকদ রাতের শা'জাদী তের তবকের চাঁদ।' *ফরুখ*, ১৯৪৩।

জিলকি [হি ঝলকী] *বি* ঝিলিক। 'তরবারির মত ঝকঝকে জিলকি আর আগুন।' *আলাউদ্দিন*, ১৯৭১।

জিলহজ্জ [আ] *বি* হিজরি দ্বাদশ মাসের নাম। 'সপ্ত দিন জিলহজ্জ চান্দের হৈল যবে।' *সুলতান*, ১৭০০।

জিলা [আ] *বি* দেশ অথবা প্রদেশের অংশবিশেষ। 'তোমাকে জিলার আদালতে আমার তরফ ... মোকরর করিলাম।' *ওসাঁ*, ১৭৮২; 'জিলা ভাগলপুর।' *এডমন*, ১৭৯৩।

জিলাদার [আ জিলা+ফা দার] *বি* জেলার শাসক। 'জিলাদার সাহেব লোক ও অন্য২ সাহেব লোক অনেক আসিয়াছিলেন।' *দর্পণ*, ১৮২১।

জিলাপি, জিলাপী [হি জলেবী] *বি* প্যাঁচানো কুণ্ডলাকৃতির মিঠাইবিশেষ। 'অপূর্ব্ব ঘৃতপক্ক মিঠাই মতিচুর জিলাপী পোলাও পানতুয়া প্রভৃতি।' *তবানী*, ১৮২৫।

জিলাপির ফের – জিলাপির পাকের মতো মনের কুটিলতা। 'জিলাপির ফেরে চলে, তাহারা ঘুরিয়া ফিরিয়া নানা কথা বলে।' *প্যারী*, ১৮৫৮।

জিলাবি [হি জলেবী] *বি* প্যাঁচবিশিষ্ট গোলাকার মিঠাইবিশেষ। 'জিলাবি মিঠে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জিলাবোর্ড [আ জিলা+ই বোর্ড] *বি* জেলা পরিষদ। 'জিলাবোর্ড ইউনিয়ন বোর্ড এসব কিছু নয়।' *মনসুর*, ১৯৪৩।

জিলিপি, জিলিপী [হি জলেবী] *বি* জিলাপি। 'এই আলুকাবলি, ওই জিলিপির দোকান পর্যন্ত।' *শিবরাম*, ১৯৫০; 'দোকানের সামনে গরম জিলিপী ভাজছে একটা লোক।' *বিমল*, ১৯৫৩।

জিলিবি [হি জলেবী] *বি* জিলাপি; মিষ্টান্নবিশেষ। 'জিলিবি আর মেঠাই আনাব।' *নজরুল*, ১৯৩০।

জিষ্ণু [স] *বিণ* জয়শীল। 'আর্য সনাতন জিষ্ণু ইন্দ্র অজ মহাবিষ্ণু।' *মানিকরাম*, ১৭৮১।

জিহাদ [আ] *বি* ইসলাম ধর্মমতে ধর্মের জন্য যুদ্ধ। 'আমান উল্লাকে বিতাড়িত করবার জন্য জিহাদ ঘোষণা করেছেন।' *মুজতবা*, ১৯৪৯।

জিহি [স জিহ্বা, হি জীহ] *বি* জিভ। 'জিহি গোটা পাইল তার সকল ভুবন।' *মালাধর*, ১৫০০।

জিহোবা [আ] *বি* ইহুদি বিশ্বাস অনুযায়ী সর্বশক্তিমান। 'য়িহুদীয়েরা জিহোবাকে ... অস্বীকার করিয়া আসিয়াছেন।' *অক্ষয়*, ১৮৫৪।

জিহ্বা [সা **১** *বি* জিভ। 'জিহ্বার সহিত দন্তের পিরীতি।' *চণ্ডী*, ১৫৫০। **২** *বি* কণ্ঠ। 'সভার জিহ্বায় সেই ভাগবতী গায়।' *বৃন্দা*, ১৫৮০।

জিহ্বাওয়ালা [স জিহ্বা+হি ওয়ালা] *বিণ* জিহ্বাধারী। 'জিব নাচিয়ে বেড়ায় যত জিহ্বাওয়ালা সঙের দল।' *রবীন্দ্র*, ১৮৮৬।

জিহ্বা খসা *ক্রি* বোবা হওয়া। 'মহিনের সম্বন্ধে নিন্দা ... তাহার জিহ্বা খসিয়া যাক।' *রবীন্দ্র*, ১৯০২।

জিহ্বাগ্র [স] *বি* জিহ্বার ডগা। 'হরিবংশে আছে ...: জিহ্বাগ্র হইতে সাম, এবং মূর্দ্ধা হইতে অথর্ব্বের সৃজন হইয়াছিল।' *বঙ্কিম*, ১৮৮৭।

জিহ্বা দংশন [স] *বি* দাঁত দিয়ে জিব চেপে ধরা; জিবকাটা। 'হুকুম আলীর সেই জিহ্বা দংশন, সেই পদস্পর্শন।' *রশীদ*, ১৯৬৩।

জিহ্বাদোষ [স] *বি* রুচির তারতম্য। 'কেহ তিক্ত বাসে জিহ্বাদোষের কারণে।' *বৃন্দা*, ১৫৮০।

জিহ্বামূল [স] *বি* জিভের গোড়া। 'কণ্ঠ হোন্তে চারি আঙ্গুল জিহ্বা মূল।' *সুলতান*, ১৭০০।

জিহ্বামূলীয় [স] *বিণ* জিহ্বামূল বিষয়ক। 'জিহ্বামূলীয় বর্ণরূপে উচ্চারণ করিতে হইবে।' *রাজ*, ১৮৭৪।

জিহ্বালম্পট [স] *বিণ* লোভী। 'যতি হঞা জিহ্বালম্পট অত্যন্ত অন্যায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জিহ্বাশোষ [স] *বি* জিহ্বার রোগবিশেষ। 'জিহ্বাশোষ এবং নাড়ীর চাঞ্চল্য হওয়াতে গুরুতর রোগ বোধ হইল।' *অক্ষয়*, ১৮৪২।

জিক্ষণ [স জৃম্ভণ] *ক্রি* হাই ওঠা। 'সাক্ষাৎ জিক্ষণ হইলে অর্থাৎ হাই উঠিলে ...।' *চন্দ্রিকা*, ১৮৩১।

জীআ, জীয়া [স জীব>] *ক্রি* বাঁচা। 'রাধিকা এড়িআঁ আজি জীবৌ কেনমনে।' *বড়ু*, ১৪৫০। **জী** *ক্রি* বাঁচে। 'বৃথায় জীবন জী।' *চণ্ডী*, ১৫৫০। **জীঅ** *ক্রি* জীবিত থাকো। 'চির জীঅ কাহ্নাঞি/ কুলের নন্দন।' *বড়ু*, ১৪৫০। **জীআউক** *ক্রি* জীবিত করুক। 'বাঁশী দিআঁ জীআউক মোরে।' *বড়ু*, ১৪৫০। **জীউব** *ক্রি* বাঁচবো। 'অরে কৈসে জীউব মঞেরে।' *বিদ্যাপতি*, ১৪৬০। **জীউক** *ক্রি* বেঁচে থাকুক। 'কর আনুমতী/ নাগর কাহ্নাঞি/ জীউক তার পরসে।' *বড়ু*, ১৪৫০। **জীঅ** *ক্রি* বাঁচে; জীবন ধারণ করে। 'মরে ভাল জীঅ যদি ভাল জাণাইলোঁ তোরে।' *বড়ু*, ১৪৫০। **জীওঁ** *ক্রি* জীবিত আছি। 'দিঠী দিঠী চিত্ত মজিআঁ গেল তোর আনুমতী জীওঁ।' *বড়ু*, ১৪৫০। **জীওব** *ক্রি* বেঁচে থাকবো। 'যাবত জীওব/ প্রেম ন ছোড়ব।' *বাহরাম*, ১৬৫০। **জীঙ** *ক্রি* বাঁচাও। 'কিবা জীঙ মারোঁ এই হউ মোর আশ।' *বৃন্দা*, ১৫৮০। **জীঞোঁ** *ক্রি* জীবিত আছি। 'জীঞোঁ মোঁ সঙ্গমে তোরে ল।' *বড়ু*, ১৪৫০। **জীতে** *ক্রি* বাঁচতে। 'বিফল জনম তার জীতে কেন সাদ।' *মুকুন্দ*, ১৬০০। **জীবোঁ** *ক্রি* বাঁচবো। 'রাধিকা এড়িআঁ আজি জীবৌ কেনমনে।' *বড়ু*, ১৪৫০। **জীল** *ক্রি* জীবিত হলো। 'জত মরিয়াছিল জীল ততক্ষণ।' *বিজয়*, ১৬৫০। **জীলোঁ** *ক্রি* বাঁচো। 'তোর প্রসাদে আর জীলোঁ একবারে।' *বড়ু*, ১৪৫০।

জীউ [স জীব] *বি* জীবন; প্রাণ। 'দয়া করী কাহ্ন মোরে দেউ জীউ দান।' *বড়ু*, ১৪৫০।

জীউত *বিণ* জীবিত। 'এক ধোয়ানে জীউত পয়াণ।' *বাহরাম*, ১৬৫০।

জীউতা [স জীবন্ত>] *বিণ* জীবন্ত। 'জীউতা জেন্দেগী ভর বন্দখানা রহে।' *গরীব*, ১৭৬৫।

জীউদান *বি* জীবনদান। 'এক বার দেহ জীউদানে।' *বড়ু*, ১৫৭০।

জীউন [স জীবন] *বি* জীবন। 'তেজব জীউন কণ্ঠে পরাণ।' *বাহরাম*, ১৬৫০।

জীউ [স জীব>] *বি* বুক। 'জীউত উপর উঠী নিবারিলোঁ কাহ্নে।' *বড়ু*, ১৪৫০।

জীওন [স জীবন] **১** *বি* জীবন। 'পথ জীওনের।' *মানোএল*, ১৭৪৩। **২** *বি* জীবন নেওয়া; জীবন দেওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

জীওল [স জীব>] *বি* গাছবিশেষ, যার কষ দিয়ে আঠা তৈরি করা যায়। 'নদীর ধারের বাবলা ও জীওল গাছের আড়ালে ...।' *বিভূতি*, ১৯২৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জীঙ্গাসা [স জিজ্ঞাসা] *বি* জিজ্ঞাসা। *মেয়র্স*, ১৭৫৭।

জীজ্ঞাসা [স জিজ্ঞাসা] *বি* জিজ্ঞাসা; প্রশ্ন। 'রাজা বিক্রমাদীত্যকে জীজ্ঞাসা করিলেন।' *হ্যালহেড*, ১৭৭৩।

জীতা [স জি>] *বি* জীবিতগণ। 'আলীকে দেখিয়া সবে জীতা হইল মরা।' *গরীব*, ১৭৬৫।

জীন [ফা] *বি* ঘোড়ার পিঠে বসার গদি। 'হামেশা বান্ধিনু জীন বাঘের পিঠেতে।' *গরীব*, ১৭৬৫।

জীনা *ক্রি* জয় করা। 'চাঁদ সতাবএ সবিতাহু জীনি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জীনিয়স, জীনিয়াস [ই] *বি* প্রতিভাবান ব্যক্তি। 'কর্তারা ওঁকে জীনিয়স বলত।' *রবীন্দ্র*, ১৯৪০; 'আমাগো বাঙ্গালগো মইধ্যে কত জীনিয়াস আছে!' *সুনীল*, ১৯৭০।

জীনিষ [আ জিন্‌স] *বি* বস্তু; মাল। 'খত চাহি না আমাকে জীনিষ দেও।' *মেয়র্স*, ১৭৫৭।

জীনিস [আ জিন্‌স] *বি* বস্তু; মাল। *ওর্মা*, ১৭৮২।

জীপ [ই] *বি* এক ধরনের মোটরগাড়ি। 'পুরুষ-নারী পথে ফুটপাতে মাঠে জীপে ব্যারাকে।' *জীবন*, ১৯৪০।

জীব [স] ১ *বি* প্রাণী। 'পিবএ চাহ মধু জীব উপেখি।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* জীবিত। 'তোমা সবা না ছাড়িব যাবৎ আমি জীব।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *বি* মানুষ। 'সন্ন্যাস করিয়া সব জীব উদ্ধারিতে।' *বৃন্দা*, ১৫৮০। ৪ *বি* জীবন। 'শিব অঙ্গে পরসে পুতলি পাইল জীব।' মুকুন্দ, ১৬০০।

জীবকঙ্কাল [স] *বি* জীবদেহের কঙ্কাল-কাঠামো। 'অতীত যুগের জীবকঙ্কালের ন্যায় তাহাকে কেবল দেখিবার জন্য রাখিয়া দাও।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

জীবকীট [স] *বি* জীবিতজন। 'জীবকীট কোথায় পাইবে তার সন্ধান।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জীবকুল [স] *বি* প্রাণীজগৎ। 'যেখানে ভস্মময় জীবকুল (ফুলকুল যথা নিদাঘে) জীবনামৃত-প্রবাহ সেখানে বহিল।' *মাইকেল*, ১৮৬০।

জীবকোষ [স] *বি* জীবদেহের সূক্ষ্মতম একক। 'মানবদেহে বহুকোটি জীবকোষ।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জীবঘন [স] *বিণ* জীবপূর্ণ। 'অভিশাপ হেথা বর্ষে নিরন্তর নক্ষত্রের ঋষ্টিরূপে জীবঘন ধরিত্রীর বুকে।' *সুধীন্দ্র*, ১৯৩১।

জীবচেতনা [স] *বি* জীবনের অনুভূতি। 'রাতে দুপুরে তার মন্ত্রগম্ভীর ধ্বনি স্পন্দিত হতে থাকে জীবচেতনায়।' *রবীন্দ্র*, ১৯৪০।

জীবজগৎ [স] *বি* প্রাণীজগৎ। 'জীবজগতের কোন দ্রুতগমনশীল জন্তুই ধাবনে ইহাদের সমকক্ষ নহে।' *অক্ষয়*, ১৮৫৪।

জীবজনক [স] *বি* নতুন জীবাণুর স্রষ্টা। 'শরীর মধ্যে প্রবিষ্ট হইয়া তথায় জীবজনক হয়।' *বঙ্কিম*, ১৮৭৫।

জীবজননলীলা [স] *বি* জীব জন্মের প্রক্রিয়া। 'কত জগৎ আপন লক্ষকোটি বৎসরের জীবজননলীলা সম্বরণ করে আজ ...।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জীবজন্তু [স] *বি* সব ধরনের প্রাণী। 'তোহ্কে নিরমিল ত্রিভুবনে জল থল জীবজন্তুগণে।' বড়ু, ১৪৫০।

জীবতত্ত্ব [স] ১ *বি* জীবনের গূঢ় কথা। 'জীবতত্ত্ব কহাইয়া ঘুচাইল দুঃখে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* জীববিজ্ঞান। 'জীবতত্ত্ব, রসায়নতত্ত্ব, প্রকৃতিতত্ত্ব আপন আপন সীমা হারাইয়া ফেলিতেছে।' *জগদীশ*, ১৮৯৫।

জীবতত্ত্ববিদ [স] *বি* জীববিদ্যায় অভিজ্ঞ যে। 'জীবতত্ত্ববিদেরা অবধারিত করিয়াছেন।' *বঙ্কিম*, ১৮৭৫।

জীবদেহ [স] *বি* মানবদেহ। 'জীবদেহ সাঁই চালায় ফেরায় সেই প্রকারে।' *লালন*, ১৮৯০।

জীবদ্রোহী [স] *বিণ* জীবসংহারক। 'জীবদ্রোহী ব্যাঘ্র আপনার নৃশংস শক্তি প্রচার করিয়া নিরুপদ্রব ছাগ মেষের সহিত ...।' *অক্ষয়*, ১৮৪৮।

জীবধর্ম [স] *বি* প্রাণীমাত্রের অত্যাবশ্যক বৃত্তিসমূহ। 'জীবধর্মরক্ষার চেষ্টাতেও মানুষের নিরন্তর একটা দ্বন্দ্ব আছে।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জীবধর্মী [স] *বিণ* জীব-বৈশিষ্ট্যসম্পন্ন। 'ইহা যে একটা জীবধর্মী পদার্থ।' *রবীন্দ্র*, ১৯০৮।

জীবধাত্রী [স] *বিণ* স্ত্রী জীবের পালনকারী। 'জীবধাত্রী জননীর বিপুল বেদনা।' *রবীন্দ্র*, ১৮৯০।

জীবনাশ [স] *বি* জীবহত্যা। 'জীবনাশে সতত বিরত।' *মাইকেল*, ১৮৬১।

জীবন্যাস [স] *বি* জীবন প্রতিষ্ঠা। 'জীবন্যাস দিআ বারি করিল অর্চনা।' মুকুন্দ, ১৬০০।

জীবপশু [স] *বি* জীবজন্তু। 'জীবপশু মারি কৈল চাকলা সব খাশ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জীবপাল [স] *বিণ* জীবের পালনকর্তা। 'মহীরূপে তুমি সর্ব জীবপাল মাতা।' *বৃন্দা*, ১৫৮০।

জীবপালন [স] *বি* জীবনধারণ। 'আপনার জীবপালনের সমস্ত কাজ করেও ...।' *রবীন্দ্র*, ১৯১৫।

জীবপালিনী [স] *বি* স্ত্রী জীবের পালনকারী। 'সে জীবধাত্রী, জীবপালিনী।' *রবীন্দ্র*, ১৯২৯।

জীব-পুর [স] *বি* জীবজগৎ। 'উদাসীন-দশা তার সদা জীব-পুরে।' *মাইকেল*, ১৮৬৬।

জীবপ্রাণ [স] ১ *বি* জীবের প্রাণ। 'ইহারা ক্ষুৎপীড়িত ও বিশেষ উত্তেজিত না হইলে ... অকারণ জীবপ্রাণহরণ করে না।' *অক্ষয়*, ১৮৫৪। ২ *বি* রক্তমাংসের জীব। 'জীবপ্রাণের দাবি স্পন্দমান ছোট্ট ওই মাতৃমনের স্নেহরসে ...।' *রবীন্দ্র*, ১৯৩৫।

জীবপ্রীতি [স] *বি* জীবের প্রতি ভালোবাসা। 'তাঁর অপূর্ব সত্যপ্রীতি, মানবপ্রীতি, জীবপ্রীতি তাঁর অনুরাগীদের অনুধাবনের বিষয় হলো না।' *ওদুদ*, ১৯৪৯।

জীববস্তু [স জীব>] *বিণ* সজীব; প্রাণবন্ত। 'মুমীন যেহেন অরুগী জীববন্ত।' *সুলতান*, ১৭০০।

জীববলি [স] *বি* দেবতার উদ্দেশ্যে কোনো প্রাণী হত্যা। 'সৈন্য লয়ে থাকো হেথা নিষেধ করিতে জীববলি।' *রবীন্দ্র*, ১৮৯০।

জীববস্তু [স] *বি* শরীর। 'প্রকৃত যে শরীর, সেই বস্তু সৎ ... প্রতিবিম্বের ন্যায় জীববস্তু অসৎ।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

জীববাচক [স] *বিণ* জীব নির্দেশক। 'জীববাচক।' রবীন্দ্র, ১৯১৭।

জীববিজ্ঞান [স] *বি* উদ্ভিদ ও প্রাণী বিষয়ক বিজ্ঞান। 'প্রাথমিক জীববিজ্ঞান।' *রবীন্দ্র*, ১৯৩১।

জীববিজ্ঞানী [স] *বি* উদ্ভিদ ও প্রাণী বিষয়ক বিজ্ঞানী। 'জীববিজ্ঞানীরা তাদের সেই কাঠামোর ঐক্য থেকে নানা পরিবর্তনের ভিতরেও

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তাদের শ্রেণী নির্ণয় করেন।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জীববিদ্যাবিশারদ [স] *বি* জীববিদ্যায় পারদর্শী। 'বিখ্যাত জীববিদ্যাবিশারদ প্রথরেশ পাল বিদ্যাসমুদ্র মন্থন করিয়া ...।' *বনফুল*, ১৯৩৬।

জীববিধাতা [স] *বি* সর্বশক্তিমান। 'জীববিধাতার পরিত্যক্ত পৃথিবী।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জীববীণা [স] *বি* জীবনরূপ বীণা। 'অনুকম্পায়ী জীববীণা মোর ঝংকৃত আজ সে অনুনাদে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

জীবভাব [স] *বি* জীব-প্রকৃতি। 'একটা তার জীবভাব, আর-একটা বিশ্বভাব।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জীবমানব [স] *বি* প্রাণী হিসাবে মানুষ। 'অন্তরে অন্তরে জীবমানব বিশ্বমানবে প্রসারিত।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জীবযাত্রা [স] *বি* প্রাণধারণ। 'জীবযাত্রার সধূম অনল জ্বালেনি মানের বোঝা।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

জীবরক্ত [স] *বি* প্রাণীরক্ত। 'দেবীর কাছে জীবরক্ত নৈবেদ্য দেওয়া হত না।' *রবীন্দ্র*, ১৯২৯।

জীবরচনা [স] *বি* জীব সৃষ্টি। 'সৃষ্টিকর্তার জীবরচনা-পরীক্ষায় মানুষের সম্বন্ধে হঠাৎ ...।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জীবরাজ্য [স] *বি* জীবজগৎ। 'জীবরাজ্য হইতে আমি যে নির্বাসিত হইয়া আসিয়াছি।' *রবীন্দ্র*, ১৮৯২।

জীবলক্ষ্মী [স] *বি* জীবজগতের পালনকর্ত্রী। 'যে জীবলক্ষ্মীর মনে পালনের শক্তি বহমান ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

জীবলীলা [স] *বি* জীবনের কার্যাবলি। 'এত দিনে আজি ফুরাইলা জীবলীলা জীবলীলাস্থলে।' *মাইকেল*, ১৮৬১; 'তাহার জীবলীলা সাঙ্গ করিবেন।' *হরপ্রসাদ*, ১৮৮৭।

জীবলীলাস্থল [স] *বি* সংসার। 'এত দিনে আজি ফুরাইলা জীবলীলা জীবলীলাস্থলে।' *মাইকেল*, ১৮৬১।

জীবলোক [স] *বি* জীবজগৎ। 'ব্রহ্মপ্রভৃতি কীটপর্য্যন্ত জীবলোকের ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

জীবশক্তি [স] *বি* প্রাণশক্তি। 'অন্তরঙ্গা চিচ্ছক্তি তটস্থা জীবশক্তি।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জীবশরীরবাসী [স] *বিণ* জীব শরীরে বসবাসকারী। 'জীবশরীরবাসী জীব বা জীবোৎপাদক বীজ।' *বঙ্কিম*, ১৮৭৫।

জীবশিলা [স] *বি* জীবাশ্ম। 'জীবশিলা যদি ফসিলের প্রতিশব্দরূপে ব্যবহৃত হইতে পারে।' *রবীন্দ্র*, ১৯০৮।

জীবসখা [স] *বি* প্রাণীর বন্ধু। 'অচ্যুত বলেন তুমি দৈবে জীবসখা।' *বৃন্দা*, ১৫৮০।

জীবসীমা [স] *বি* জীবের সাধারণ বৈশিষ্ট্যের সীমা। 'তার যে সত্তা জীবসীমার মধ্যে, সেখানে যেটুকু আবশ্যক সেইটুকুতেই তার সুখ।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জীবসৃষ্টি [স] *বি* জীবজগৎ। 'জীবসৃষ্টিতে উট জন্তুটা যেমন।' *রবীন্দ্র*, ১৯২৮।

জীবহিংসা [স] *বি* প্রাণীবধ। 'জীবহিংসা করা যে নিষিদ্ধ কর্ম্ম, ইহা কোন না কোন সময়ে প্রায় সকলের মনেই উদয় হয়।' *অক্ষয়*, ১৮৫০।

জীবহীন [স] *বিণ* জীবজন্তু নেই এমন। 'জনহীন, জীবহীন, তরুহীন, তৃণহীন, শব্দহীন।' *বঙ্কিম*, ১৮৭৫।

জীবণ [স জীবন] *বি* জীবন; প্রাণ। 'কিরূপে বাঁচিত তবে জীবের জীবণ।' *গুপ্ত*, ১৮৫৮।

জীবৎ [স] *বিণ* জীবিত। 'যে যাহাকে জীবৎ সময়ে প্রীতি করে।' *দর্পণ*, ১৮২২।

জীবৎকাল [স] *বি* জীবনকাল। 'তাঁর জীবৎকাল, পিতৃপিতামহের পরিচয়।' *হাই*, ১৯৪৯।

জীবৎশরীর [স] *বি* জীবন্ত শরীর। 'স্ত্রী পুরুষ দুইজনে জীবৎশরীর হইবে।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

জীবৎসময় [স] *বি* জীবনকাল। 'যে যাহাকে জীবৎসময়ে প্রীতি করে।' *দর্পণ*, ১৮২২।

জীবতকাল [স জীবৎকাল] *বি* জীবদ্দশা। 'আমি জিবতকালে মালিক আছি।' *মেয়র্স*, ১৭৬৬।

জীবত্ত [স জীবন্ত] *বি* জীবিত কাল। 'জীবত্তে দেখিতে হল্য মরণ তোমার।' *মানিকরাম*, ১৭৮১।

জীবত্ব [স] *বি* জীবের ধর্ম। 'ভৌতিক পদার্থের সমবায়বিশেষ জীবত্ব।' *বঙ্কিম*, ১৮৯২।

জীবদবস্থা [স জীবৎ-অবস্থা] *বি* জীবদ্দশা; জীবিত অবস্থা। *দর্পণ*, ১৮২৩।

জীবদ্দশা [স] *বি* জীবিতাবস্থা। 'মূর্খ হইয়া জীবদ্দশাতে থাকা কদাচ ভাল নয়।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

জীবদ্দান [স] *বি* প্রাণবিসর্জন। 'নরবলি গঙ্গাজলে মনুষ্যবালক জীবদ্দান করণ ...।' *দর্পণ*, ১৮২৭।

জীবন [স] **১** *বি* প্রাণ। 'তবে রহে আত্মার জীবনে।' *বড়ু*, ১৪৫০। **২** *বি* জীবনকাল। 'ধিক জাউ নারীর জীবন।' *বড়ু*, ১৪৫০। **৩** *বি* জীবিকা। 'এবেঁ গোআলার গেল জীবন উপাএ।' *বড়ু*, ১৪৫০। **৪** *বি* পানি। 'একটি কূপ আছে, তাহা হইতে জীবন আনাইয়া কুমারকে পান করাইলে পূর্ব্বমত সুস্থির হইবেন।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬।

জীবন অঞ্জলি [স] *বি* জীবনরূপ অঞ্জলি। 'জীবন অঞ্জলি দিয়ে পূজিব অতি যতনে।' *জ্যোতিরিন্দ্র*, ১৮৮১।

জীবন-আঁধার [স জীবন-অন্ধকার] *বি* জীবনের অন্ধকার। 'জীবন-আঁধারে জ্বালো প্রেমভক্তি মম।' *রবীন্দ্র*, ১৯০৯।

জীবন-আবেগ [স] *বি* প্রাণের উচ্ছ্বাস। 'গৃহকোণে এই জীবন-আবেগ/ করি বসে পরিপাক।' *রবীন্দ্র*, ১৮৯০।

জীবন-আহুতি [স] *বি* জীবনরূপ হোম। 'জীবন-আহুতি দিলাম কী আশাহুতাশে।' *রবীন্দ্র*, ১৯০০।

জীবন-ইতিহাস [স] *বি* জীবনের ইতিহাস। 'মোদের মৃত্যু লেখে মোদের জীবন-ইতিহাস।' *নজরুল*, ১৯২৬।

জীবনকক্ষ [স] *বি* জীবনের পথ। 'আমার জীবনকক্ষে জানি না কী হেতু, মাঝে মাঝে এসে পড়ে খ্যাপা ধূমকেতু।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জীবনকণা [স] *বি* জীবনের মূল উপাদান। 'মানুষের জীবনকণা পরম সুন্দরের আলো পেয়ে।' *অবন*, ১৯২৫।

জীবন কাটানো *ক্রি* জীবন অতিবাহিত করা। 'রাজপুত্র হইয়া সন্ন্যাসীর মতো জীবন কাটাইলেন।' *রবীন্দ্র*, ১৮৮৭।

জীবন-কানন [স] *বি* জীবনরূপ কানন। 'পাপ-জাত মৃত্যু জীবন-কাননে।' *মাইকেল*, ১৮৬৬।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জীবনকানাই [স জীবনকৃষ্ণ] *বি* মনের মানুষ। 'কার ভাবে এ ভাব হারে জীবনকানাই।' *লালন*, ১৮৯০।

জীবনকাব্য [স] *বি* জীবনরূপ কাব্য। 'জীবনকাব্য দেখছিলাম।' *মোতাহার*, ১৯৩৭।

জীবনকার [স] *বি* জীবনী-রচয়িতা। 'এই সব আচরণের অর্থ মহারাষ্ট্রীয় জীবনকার এমনভাবে করেছেন ...।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

জীবনকাল [স] *বি* জীবিতাবস্থা; আয়ুষ্কাল। 'যাহাতে লোকে জীবনকাল পরম সুখে কাটাইয়া যাইতে পারে।' *হরপ্রসাদ*, ১৮৮১।

জীবনকাহিনী [স জীবন+কাহিনি] *বি* জীবনের গল্প। '... জীবন-কাহিনীর মারফতে দুঃখীজনের দুঃখ নিবারণের অঙ্গীকারে বাঁচা।' *মোতাহের*, ১৯৫০।

জীবনকুঞ্জ [স] *বি* জীবনরূপ কুঞ্জ। 'তোমারি রাগিণী জীবনকুঞ্জে বাজে যেন সদা বাজে গো।' *রবীন্দ্র*, ১৯০১।

জীবনক্ষণ [স] *বি* জীবনকাল। 'এটুকু জীবনক্ষণ আমরা নিজেদেরি ইচ্ছামতো নিজেদেরি সাধ্যমতো বাঁচতে চাই।' *অন্নদা*, ১৯২৮।

জীবনক্ষেপ [স] *বি* জীবন অতিবাহিত করা। '... সংসর্গেই জীবনক্ষেপ করিব?' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

জীবনখাতা [স জীবন+আ খাতা] *বি* জীবনরূপ খাতা। 'জীবন-খাতার অনেক পাতাই এমনিতরো শূন্য থাকে।' *রবীন্দ্র*, ১৯৪১; 'জীবনখাতার পাতাগুলো কি এমনই শূন্যই থেকে যাবে।' *ওয়ালী*, ১৯৪২।

জীবনগতি [স] *বি* জীবনযাপনের ধারা। 'শাশীনতার প্রশ্ন তুলে আপনার সহজ জীবনগতিতে যারা বাধা দেয়।' *বেগম*, ১৯৪৮।

জীবনগান [স] *বি* জীবনের গান। 'যে-ধ্রুবপদ দিয়েছ বাঁধি বিশ্বতানে মিলাব তাই জীবনগানে।' *রবীন্দ্র*, ১৯২৭।

জীবন গেহ [স জীবনগৃহ] *বি* জীবনরূপ ঘর। 'তোমার জীবন গেহ।' *নজরুল*, ১৯৩০।

জীবনগ্রন্থ [স] *বি* জীবনরূপ গ্রন্থ। 'জীবনগ্রন্থে নূতন পৃষ্ঠা উলটিয়া যাব ত্বরিতে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জীবনঘড়ি [স জীবন+স ঘটী] *বি* জীবনরূপ ঘড়ি। 'জীবনঘড়ির খুব বেশী নয় দম।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

জীবনঘাতিনী [স] *বিণ স্ত্রী* জীবনকে ধ্বংস করে এমন। 'দূর কর তোর জীবনঘাতিনী মায়া।' *নজরুল*, ১৯২৬।

জীবনঘেরা [স জীবন>] *বিণ* জীবনঘনিষ্ঠ। 'ব্যর্থ মোদের জীবনঘেরা কুহর সব মেঘলা প্রায়।' *নজরুল*, ১৯৫৯।

জীবনচরিত [স] *বি* জীবনী। 'এই দুই ব্যক্তির জীবনচরিত রচনা করিয়া যশস্বী হইয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

জীবনচর্চা [স] *বি* জীবনের অনুশীলন। 'মানুষ এক নীচুস্তরের জীবনচর্চায় মুখ থুবড়ে পড়ে থাকে।' *সনৎ*, ১৯৭০।

জীবনচাঞ্চল্য [স] *বি* প্রাণের চঞ্চলতা। 'যেখানেই জীবনচাঞ্চল্য লক্ষিত হয়।' *রবীন্দ্র*, ১৯০৮।

জীবনচিত্র [স] *বি* জীবনের প্রতিচ্ছবি। 'নিজেদের জীবনচিত্র নিজেরা যেমন নিখুঁতভাবে আঁকতে পারব।' *বেগম*, ১৯৪৮।

জীবনচেতনা [স] *বি* জীবনবোধ। 'নারী সেদিন পেলো এক নতুন জীবনচেতনা।' *বেগম*, ১৯৫০।

জীবন-ছবি [স] *বি* জীবনরূপ ছবি। 'আমাদের জীবন-ছবির দাগ একটু ঝাপসা করেই টেনে দেন।' *রবীন্দ্র*, ১৯১৫।

জীবন-জাহাজ [স জীবন+আ জাহাজ] *বি* জীবনরূপ জাহাজ। 'আজকে তাহার জীবন-জাহাজ ভেঙেছে রোগের ঘায়।' *জসীম*, ১৯৫১।

জীবন-জিজ্ঞাসা [স] *বি* জীবন সম্পর্কিত কৌতূহল। 'তিনি ... জীবন-জিজ্ঞাসার জনক।' *শরীফ*, ১৯৭০।

জীবন জুড়ানো *ক্রি* মৃত্যুবরণ করা। 'হলে তুমি জলময়ী, ও জলে ডুবিয়া সই জুড়াব জীবন।' *গুপ্ত*, *১৮৫৮*।

জীবন-ডোবানো *বিণ* সমগ্র সত্তা ডুবিয়ে ফেলছে এমন। 'জীবন-ডোবানো বৃষ্টি যখন ঝরে।' *বুদ্ধ*, ১৯৫৫।

জীবন-ঢল [স জীবন+ঢল] *বি* জীবনস্রোত। 'আশেপাশে তোর বহে যে জীবন-ঢল।' *নজরুল*, ১৯২৯।

জীবনতত্ত্ব [স] *বি* জীবন-দর্শন। 'জীবনতত্ত্বে একটা জায়গায় আমাদের গভীরতর অমিল আছে।' *রবীন্দ্র*, ১৯০৮।

জীবনতন্ত্রী [স] *বি* জীবনরূপ বীণার তার। 'জীবনতন্ত্রী ক্রমশ সকরুণ কড়ি মধ্যমের দিকে নামিয়া আসিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জীবন-তরঙ্গ [স] *বি* জীবনের লীলাখেলা। 'মহাকোলাহলে চলে জীবন-তরঙ্গ।' *মাইকেল*, ১৮৬০।

জীবনতরণী [স] *বি* জীবনরূপ নৌকা। 'অকূল সাগর-মাঝে চলেছে ভাসিয়া জীবনতরণী।' *রবীন্দ্র*, ১৮৯০।

জীবনতরী [স] *বি* জীবনরূপ নৌকা। 'ভাসায়ে জীবনতরী সাগরের মাঝে তরঙ্গ লঙ্ঘন করি পারি না বাহিতে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

জীবতারা [স জীবন-তারকা] *বি* জীবনরূপ তারা। 'প্রবাসে দৈবের বশে জীবতারা যদি খসে এ দেহ আকাশ হতে।' *মাইকেল*, ১৮৬১।

জীবন-তীর [স] *বি* জীবনের পার। 'চরণ-ধ্বনি শুনি তব নাথ, জীবন-তীরে।' *রবীন্দ্র*, ১৯০৭।

জীবন-তুলি [স] *বি* জীবনরূপ তুলি। 'সবুজের জীবন-তুলি।' *নজরুল*, ১৯২৫।

জীবন-দর্শন [স] *বি* জীবনাদর্শ। 'কারণ পাকিস্তান একটা বিরাট idea, একটা জীবন-দর্শন।' *আজাদ*, ১৯৪২।

জীবনদাতা [স] *বিণ* প্রাণদাতা। 'জীবনদাতা জীমূতবাহনের জীবনরক্ষণের উপায়প্রার্থনা করিতে লাগিল।' *বিদ্যা*, ১৮৪৭।

জীবনদান [স] *বি* পুনরুজ্জীবন। 'কিন্তু তাঁহার পুত্রের জীবনদান, বংশের একমাত্র পুত্র – পিণ্ডলোপ ইত্যাদি।' *বিভূতি*, ১৯২৯।

জীবন দান করা *ক্রি* উদ্ধার করা। 'ভারতবাসীকে কে জীবন দান করিবে?' *বঙ্কিম*, ১৮৭৯।

জীবনদায়িনী [স] *বিণ* জীবন দানকারী। 'সুধানিধি তুমি, দেব সুধাংশু; বিতর জীবদায়িনী সুধা বাঁচাও লক্ষ্মণে।' *মাইকেল*, ১৮৬১।

জীবনদায়ী [স] *বিণ* প্রাণ দান করে এমন। 'মোস্তফা কামালের সাধনার ফল ... জীবনদায়ী অমৃতরূপে দেখা দিয়েছে।' *সওগাত*, ১৯২৯।

জীবনদীপ [স] *বি* জীবনরূপ দীপ। 'প্রবল আঘাতে বৃক্ষের জীবনদীপ নির্বাপিত হয়।' *জগদীশ*, ১৯১৬।

জীবনদেবতা [স] *বি* জীবনের অধিপতি। 'এখানেও তুমি জীবনদেবতা! কহিনু নয়নজলে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

AMARBOI.COM

জীবনদেবী [স সম্বোধনে পদান্তে ই-কার] *বি* জীবনকে পরিচালনা করে বলে মনে করা হয় এমন কল্পিত দেবী। 'ওগো জীবন-দেবি!' *নজরুল*, ১৯২৫।

জীবনদ্বন্দ্ব [স] *বি* জীবনযুদ্ধ। 'চক্রবর্তীরা জীবনদ্বন্দ্বে বিজয়ী।' *তারা*, ১৯৪৩।

জীবনধর্ম [স] *বি* জীবনের প্রকৃতি। 'নিজের বকুনিতেই মন জীবনধর্মের তৃপ্তি পায়।' *রবীন্দ্র*, ১৯২৯।

জীবন-ধাত্রী [স] *বিণ* জীবন পালনকারিণী। 'সেদিন ছিলো না জীবন-ধাত্রী ধরা নির্মম এতোখানি।' *সিকান্দার*, ১৯৪০।

জীবনধারণ [স] *বি* প্রাণধারণ। 'আর কি সুখেই বা জীবনধারণ করি।' *বিদ্যা*, ১৮৪৭।

জীবনধারণপদ্ধতি [স] *বি* জীবনযাপনের ধরন। 'সাঁওতালদের জীবনধারণপদ্ধতি খুব মনোযোগ দিয়ে দেখেছিলেন।' *মুজতবা*, ১৯৫৮।

জীবনধারা [স] **১** *বি* জীবনের প্রবাহ। 'তেমনি করে ধেয়ে এলাম জীবনধারা বেয়ে।' *রবীন্দ্র*, ১৯১০। **২** *বি* জীবনের গতি। 'চাই স্রোতপূর্ণ নদীর মতো সাবলীল জীবনধারা।' *নজরুল*, ১৯৪১।

জীবন-নদী [স] *বি* জীবনরূপ নদী। 'জীবন-নদী কূল ছাপিয়ে ছড়িয়ে গেল অসীমদেশে।' *রবীন্দ্র*, ১৯১৪।

জীবননাটক [স] *বি* জীবনরূপ নাটক। 'নবীনমাধবের জীবননাটকের শেষ অঙ্ক কি ভয়ঙ্কর।' *দীনবন্ধু*, ১৮৬০।

জীবননাট্য [স] *বি* জীবনরূপ নাটক। 'আমাদের জীবননাট্যকে প্রতিদিন নব নব গর্ভাঙ্কে বিভক্ত করে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জীবননাথ [স] *বি* জীবনের অধিপতি। 'হে জীবননাথ, আমার রজনী আমার প্রভাত আমার নর্ম আমার কর্ম তোমার বিজন বাসে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জীবন-নাশিনী [স] *বিণ স্ত্রী* জীবন শেষ করে দেয় এমন; প্রাণহন্তারক। 'ঘোরতর পিপাসা আমার জীবন-নাশিনী হইয়াছে, আর সহ্য হয় না।' *মশাররফ*, ১৮৬৯।

জীবননির্ঝর [স] *বি* জীবনরূপ ঝরনা। 'প্রত্যেক মানুষের জীবননির্ঝরের এক-একটা বিশেষ উপত্যকা আছে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জীবননির্বাহ [স] *বি* জীবনযাপন। 'যেখানে পরের অর্থেই জীবননির্বাহ হয় সেখানে ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

জীবননিশি [স] *বি* জীবনরূপ রাত। 'নিবায়ে দীপ জীবননিশি যাপনা!' *রবীন্দ্র*, ১৮৯৩।

জীবনপণ [স] *বিণ* জীবন বাজি রাখে এমন। 'দামেস্করাজ্য সমভূমি করিতে জীবনপণ।' *মশাররফ*, ১৮৮৭।

জীবনপথ [স] *বি* জীবনরূপ পথ। 'আমি জীবনপথের পথিক।' *রবীন্দ্র*, ১৯১৫।

জীবনপদ্ধতি [স] *বি* জীবনযাপনের রীতি। 'উন্নততর আরেক জীবনপদ্ধতি ও সভ্যতা।' *মাহেনও*, ১৯৪৯।

জীবনপদ্ম [স] *বি* জীবনরূপ পদ্ম। 'জীবনপদ্মে সংগোপনে রবে নামের মধু।' *রবীন্দ্র*, ১৯১৩।

জীবনপাত্র [স] *বি* জীবনরূপ পাত্র। 'পূর্ণ করিয়া জীবনপাত্র জনসংঘাতমদিরা।' *রবীন্দ্র*, ১৮৯৫; 'আমার জীবনপাত্র উচ্ছলিয়া মাধুরী করেছ দান।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জীবন-পান্থশালা [স] *বি* জীবনরূপ পান্থশালা। 'জীবন-পান্থশালার দেয়ালে তুলিতেছে ঝঙ্কার।' *জীবন*, ১৯২৭।

জীবনপাশ [স] *বি* জীবনের বন্ধন। 'মাধবীলতাটির মতো এই কোমল জীবনপাশ ছিঁড়িয়া গেল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জীবন-পুথি [স জীবনপুস্তিকা] *বি* জীবনরূপ পুথি। 'জীবন-পুথির পাতাগুলি পড়বে ঝরে, নাই দেরি।' *নজরুল*, ১৯৫৯।

জীবনপোত [স] *বি* জাহাজডুবির সময়ে যাত্রীদের স্থানান্তরিত করার নৌকা; লাইফবোট। 'আরোহীগণ সকলেই উক্ত জীবনপোতের আশ্রয় লইবার জন্য ব্যতিব্যস্ত হইল।' *অক্ষয়*, ১৮৪৯।

জীবনপ্রদীপ [স] *বি* জীবনরূপ প্রদীপ। 'নিশি না পোহাতে জীবনপ্রদীপ জ্বালাইয়া যাও প্রিয়া।' *রবীন্দ্র*, ১৯০৭।

জীবনপ্রদীপ নেভা *ক্রি* মৃত্যু হওয়া। 'বীরোচিত কাজের ভিতরেই তাঁহার জীবনপ্রদীপ নিভিয়া গিয়াছে।' *ইসলাহ*, ১৯৩৮।

জীবনপ্রবাহ [স] *বি* জীবনের চলমানতা। 'জীবন-প্রবাহ বহি কাল সিন্ধু পানে যায়।' *মাইকেল*, ১৮৬১।

জীবন-প্রভাত [স] *বি* শৈশব। 'জীবন-প্রভাত কাটিল খেলায়।' *নজরুল*, ১৯৩২।

জীবনপ্রান্ত [স] *বি* জীবনের শেষপর্যায়। 'দুই আলো মুখোমুখি মিলিছে জীবনপ্রান্তে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জীবনপ্রেরণা [স] *বি* জীবনোদ্দীপনার উৎস। 'বাইরের ধর্ম্মকে যারা গ্রহণ করে তারা আল্লাকে জীবনপ্রেরণা রূপে পায় না।' *মোতাহের*, ১৯৫০।

জীবনফুল [স জীবন-ফুল্ল] *বি* জীবনরূপ ফুল। 'যারা প্রবেশি জীবনফুলে, কীট যেন, নাশে সে ফুলের অপরূপ রূপ।' *মাইকেল*, ১৮৬০।

জীবনবঁধু [স জীবন-বন্ধু] *বি* জীবনরূপ বন্ধু। 'ওকি জীবনবঁধু, ঢালিছ মধু।' *অশ্বিনী*, ১৯২০।

জীবনবধূ [স] *বি* জীবনরূপ বধূ। 'জীবনবধূ হবে তোমার নিত্য অনুগতা।' *রবীন্দ্র*, ১৯১০।

জীবনবল্লভ [স] *বি* জীবনস্বামী; প্রাণপতি। 'জীবনবল্লভ মরণ অধিক সে।' *রবীন্দ্র*, ১৮৮১।

জীবনবাঁশি [স জীবন-বংশী] *বি* জীবনরূপ বাঁশি। 'শিশুর নবীন জীবনবাঁশিতে।' *রবীন্দ্র*, ১৯১৩।

জীবন-বাগ [স জীবন+ফা বাগ] *বি* জীবনরূপ বাগান। 'আনন্দহীন জীবন-বাগে ফলে শুধু তিক্ত ফল।' *নজরুল*, ১৯৪২।

জীবনবাদ [স] *বি* জীবনবোধ। 'রাজনৈতিক নয়, জীবনবাদের বিদ্রোহ।' *অচিন্ত্য*, ১৯৫০।

জীবনবাদী [স] *বিণ* জীবনমুখী। 'দুইজনই ছিলেন জীবনবাদী মানবতব্রতী মুক্তপুরুষ।' *শরীফ*, ১৯৭০।

জীবনবান [স] *বিণ* প্রাণবন্ত। 'এই শ্রেণীর জীবনবান ছেলেদের শাসন করিয়া দলন করিয়া ...।' *রবীন্দ্র*, ১৯১৭।

জীবনবাসনা [স] *বি* বেঁচে থাকার আকাঙ্ক্ষা। 'প্যারাসাইটের মতো একাগ্র কি জীবনবাসনা?' *শক্তি*, ১৯৬৬।

জীবনবিচ্ছিন্ন [স] *বিণ* জীবনের সাথে সম্পর্কহীন। 'তন্দ্রাকাতর ভাবশাসিত জীবনের যে সৌন্দর্য আছে তা শুধু কর্মময় জীবনবিচ্ছিন্ন।' *হাই*, ১৯৫৪।

AMARBOI.COM

জীবনবিধাতা [স] *বি* জীবনের কল্পিত নিয়ন্ত্রকশক্তি। 'ঠিক তার পূর্বরাত্রেই আমার জীবন-বিধাতা এসে আমার দ্বারে আঘাত করেছেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

জীবনবিন্দু *বি* প্রাণের ক্ষুদ্র নিদর্শন। 'মৃত্যুর আগমনে জীবনবিন্দু বীজে সঞ্চয় করিয়া রাখিয়াছিল।' *জগদীশ*, ১৮৯৫।

জীবনবিমা, জীবনবীমা [স জীবন+ফা বীমাহ্] *বি* নিয়মিত অর্থসঞ্চয়ের বিনিময়ে মেয়াদশেষে অথবা তার আগে মৃত্যুতে বর্ধিত হারে অর্থপ্রাপ্তির চুক্তি। 'জীবনবীমা আমরা সমর্থন করি না।' *শিখা*, ১৯২৬; 'জীবনবিমার হাজার দুই টাকা।' *মানিক*, ১৯৩৭।

জীবনবিমুখ [স] *বিণ* জীবনের প্রতি নেতিবাদী। 'তিনি আড়াল নিলেন শেষের কবিতার জীবনবিমুখ ভাবোচ্ছ্বাসে।' *শিব*, ১৯৫০।

জীবনবিমুখতা [স] *বি* জীবনের প্রতি আগ্রহহীনতা। 'এই বইটির জীবনবিমুখতার তুলনা নেই।' *শিব*, ১৯৫০।

জীবনবিমুখী [স] *বিণ* জীবনের প্রতি আগ্রহহীন। '...তাৎক্ষণিক সুখ ও জীবনবিমুখী আমোদই প্রশ্রয় পায় বেশী।' *সনৎ*, ১৯৭০।

জীবনবিহঙ্গ [স] *বি* প্রাণপাখি; আত্মা। 'উড়িবার আগে বুঝি জীবনবিহঙ্গ বিচিত্র-বরন পাখা করিছে বিস্তার।' *রবীন্দ্র*, ১৮৮৯।

জীবনবিহীন [স] *বিণ* জীবন্ত নয় এমন। 'তার মন নিতান্ত সংকীর্ণ এবং কঠিন এবং জীবনবিহীন।' *রবীন্দ্র*, ১৮৯০।

জীবনবীজ [স] *বি* বীর্য। 'কুৎসিত উচ্ছৃঙ্খে জীবনবীজ ছড়িয়েছিল।' *জীবন*, ১৯৪৮।

জীবনবীণা [স] *বি* জীবনরূপ বীণা। 'জীবনবীণা ঠিক সুরে তাই বাজে না রে।' *রবীন্দ্র*, ১৯১০।

জীবনবৃক্ষ [স] *বি* জীবনরূপ বৃক্ষ। 'কাব্যের মতো দর্শনও জীবনবৃক্ষের ফুল।' *প্রমথ*, ১৯১৫।

জীবনবৃত্ত [স] *বি* জীবনের বৃত্তান্ত। 'এই জীবনবৃত্ত পারসী ভাষায় লিখিত।' *বিদ্যা*, ১৮৪৯।

জীবনবৃত্তান্ত [স] *বি* জীবনী। 'দুই একটি প্রত্যক্ষগোচর বিষয়েও তাঁহার জীবনবৃত্তান্তের কোন কোন বিষয়ের পোষকতা করিতেছে।' *অক্ষয়*, ১৮৪৫।

জীবনবেদ [স] *বি* জীবনদর্শন। 'জীবনবেদের নিরাশা তাপ ভয়।' *জীবন*, ১৯৪০।

জীবনবোধ [স] *বি* জীবন সম্পর্কিত চেতনা। 'আদর্শের গোঁড়ামীর জন্য সে বৈচিত্র্যবোধ তথা জীবনবোধ হারিয়ে বসে।' *মোতাহের*, ১৯৫০।

জীবন-ব্যবস্থা [স] *বি* জীবনযাত্রার প্রণালী। 'পুরুষের তৈরি জীবন-ব্যবস্থাই তাঁদের ভাগবত।' *বেগম*, ১৯৫০।

জীবনব্যাপী [স] *ক্রিবিণ* আজীবন। 'সে জীবনব্যাপী যে-একটা বন্ধন স্বীকার করিয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৯।

জীবনভয় [স] *বি* জীবনের আশঙ্কা। 'জীবনভয়, অপেক্ষা মানুষের মনে ধর্মভয় অত্যন্ত প্রবল ছিল।' *এড়ুকেশন*, ১৮৮৬।

জীবনভর [স] *ক্রিবিণ* সারা জীবন। 'জীবনভর বোরখার ভিতর মুখ লুকাইয়া রাখছি।' *মনসুর*, ১৯৪৫।

জীবন-ভরা [স জীবন+ভরা] **১** *বিণ* সারা জীবন ধরে। 'আছে ত জীবন-ভরা দুখ।' *দ্বিজেন্দ্র*, ১৮৯৭। **২** *বিণ* প্রাণপূর্ণ। 'আমার সেই ঘর-ভরা অসীমকে, আমার সেই জীবন-ভরা অসীমকে ...।' *রবীন্দ্র*, ১৯১৬; 'জীবন-ভরা চঞ্চলতা দিয়ে ... মুগ্ধ করিস কেন?' *নজরুল*, ১৯২৭।

জীবনভাবনা [স] *বি* জীবন সম্পর্কিত চিন্তা। 'কালোপযোগী জীবনভাবনা জগৎ চেতনা তাঁকে দ্রোহী ... করে তুলেছিল।' *শরীফ*, ১৯৭০।

জীবনভিত্তিক [স] *বিণ* জীবনমুখী। 'আজকের সাহিত্য মানুষের জীবনভিত্তিক।' *শরীফ*, ১৯৬৮।

জীবনভূমি [স] *বি* জীবনরূপ ভূমি; পৃথিবী। 'জীবনভূমির এক প্রান্ত দৃঢ় হয়েছে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

জীবন-ভেলা [স জীবন+স ভেলা] *বি* জীবনরূপ ভেলা। 'মরণ-সাগরপানে ভাসে মোর জীবন-ভেলা।' *নজরুল*, ১৯৩৩।

জীবনভোগ [স] *বি* জীবনকে উপভোগ। 'জীবনভোগের জন্য এ-সব দরকার।' *মনসুর*, ১৯৫৫।

জীবনভোজ [স] *বি* জীবনরূপ ভোজ। 'জীবনভোজের শেষ উচ্ছিষ্টের পানে।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জীবনভোর [স জীবন-ভর] *ক্রিবিণ* জীবন ব্যেপে। 'কাঁদ তুই অভাগিনী এ জীবন-ভোর।' *রবীন্দ্র*, ১৮৮১; 'এই পণ মোর, সমস্ত জীবন-ভোর।' *রবীন্দ্র*, ১৯২৯; 'ইচ্ছা আর অনিচ্ছায় জীবনভোর কলম *ঠেলে*।' *শামসুর*, ১৯৫৯।

জীবনমঞ্জরী [স] *বি* জীবনরূপ ফুল। 'মোদের জীবন মঞ্জরী দুটি হায়/ শৈশবের ফোটে কতবার ঝরে যায়।' *নজরুল*, ১৯৩৫।

জীবনমণি [স] *বি* জীবনরূপ মণি। 'প্রেমান্ধ জনের নিকট বিধাতাদত্ত অমূল্য জীবনমণি কিছুই নয়।' *মাইকেল*, ১৮৭৩।

জীবনময় [স] **১** *বিণ* জীবনপূর্ণ। 'সংসার জীবনময়, নাহি সেথা মরণের স্থান।' *রবীন্দ্র*, ১৮৮৬। **২** *বিণ* প্রাণবন্ত। 'অবকাশ ও প্রয়োজনের সঙ্গে এই বনের আদান-প্রদানের জীবনময় সম্বন্ধ ছিল।' *রবীন্দ্র*, ১৯১৬। **৩** *ক্রিবিণ* সমস্ত জীবন ধ'রে। 'অসত্যের সঙ্গে জীবনময় যুদ্ধ ক'রে এসেছেন।' *অন্নদা*, ১৯২৯। **৪** *ক্রিবিণ* জীবনব্যাপী। 'এ জীবনময় তব পরিচয় এখানে কি হবে শূন্য।' *রবীন্দ্র*, ১৯৩২।

জীবনমরণ [স] *বি* জন্ম এবং মৃত্যু। 'কোথা জীবনমরণ! কোথা সেই মানবের অবিশ্রাম সুখ-দুঃখ-বিপদ-সম্পদ-তরঙ্গ উচ্ছ্বাস।' *রবীন্দ্র*, ১৮৮৯; 'যা কিছু মোর ছড়িয়ে আছে জীবন মরণে।' *রবীন্দ্র*, ১৯১০।

জীবনমরণ পণ *বি* যে কোনো উপায়ে কার্যসিদ্ধির ইচ্ছা। 'পৌঁছিবার জন্য জীবন মরণ পণ করিয়া দাঁড়াইল।' *বেগম*, ১৯৫১।

জীবনমরণপ্রভু [স] *বি* জীবন-মৃত্যুর অধিপতি। 'সকল বন্ধন টুটি হে হৃদয়স্বামী জীবনমরণপ্রভু।' নৌকা দিল খুলি।' *রবীন্দ্র*, ১৮৯৯।

জীবন-মরণবিহারী *বি* জীবন ও মরণের মধ্যে বিহার করে যে। 'মম জীবন-মরণবিহারী।' *রবীন্দ্র*, ১৮৯৭।

জীবন-মরণের প্রশ্ন *বি* অস্তিত্বের প্রশ্ন। 'মুছলমানদের রাজনৈতিক জীবন-মরণের প্রশ্ন – আত্মসম্মানের প্রশ্ন।' *আজাদ*, ১৯৪০।

জীবন-মরু [স] *বি* জীবনরূপ মরুভূমি; শুষ্ক জীবন। 'জানে শুধু জীবন-মরুর বালুর চর।' *নজরুল*, ১৯৩০।

জীবনমাত্র [স] *বি* যে-কোনো জীবন। 'এ-পথ জীবনেরই পথ, কিন্তু জীবনমাত্রের নয়।' *আইয়ুব*, ১৯৭৩।

জীবনমুখী [স] *বিণ* জীবনঘনিষ্ঠ। 'মানুষ অধিকতর জীবনমুখী হল।' *শরীফ*, ১৯৬৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জীবন-মৃত্যু [স] *বি* জীবন ও মরণ। 'পরমেশ্বর রোগ আরোগ্য ও জীবন-মৃত্যু অনেকাংশে আমাদের আয়ত্ত করিয়া দিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৯; 'এই-সকল ক্ষুদ্র প্রাণীদের জীবন-মৃত্যু খেলা বৈ তো নয়।' *রবীন্দ্র*, ১৮৮৭।

জীবনমৃত্যুকারিণী [স] *বিণ স্ত্রী* মৃত্যুতুল্য। 'জীবনমৃত্যুকারিণী লজ্জা আমাকে আর যন্ত্রণা দিতে পারিবে না।' *মশারফ*, ১৮৬৯।

জীবনযজ্ঞ [স] *বি* জীবনরূপ যজ্ঞ। 'মিলিয়া সকলে মহৎ ক্ষুদ্র খুলেছে জীবনযজ্ঞ রুদ্র আবালবৃদ্ধরমণী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জীবনযাত্রা [স] **১** *বি* প্রাণধারণ বা জীবিকা। 'জীবনযাত্রা নির্ব্বাহ করতে কেবল পরদ্রব্য অপহরণের উপর নির্ভরশীল ... হইয়া উঠিল।' *অক্ষয়*, ১৮৫০। **২** *বি* জীবনপ্রবাহ। 'জীবনযাত্রা দুর্ব্বিষহ যন্ত্রণাস্বরূপ হইত।' *বঙ্কিম*, ১৮৮২। **৩** *বি* জীবনের পথে যাত্রা; জীবনের সূচনা। 'সুদীর্ঘ জীবনযাত্রা নবীন প্রভাতে আরম্ভিনু খেলিবার ছলে।' *রবীন্দ্র*, ১৮৯০। **৪** *বি* জীবনযাপন। 'সভ্য জাতিদের পক্ষে এরূপ জীবনযাত্রা নিতান্ত অসহ্য।' *রবীন্দ্র*, ১৮৯৮। **৫** *বি* জীবনযাপনের পদ্ধতি। 'জীবনযাত্রা সরল ও নির্মল, যেখানে সামাজিক সংস্কারের সংকীর্ণতা নেই।' *রবীন্দ্র*, ১৯১৬। **৬** *বি* জীবননির্বাহ। 'কৃষিই আমাদের জীবনযাত্রার প্রধান অবলম্বন।' *রবীন্দ্র*, ১৯২১।

জীবনযুদ্ধ [স] *বি* বেঁচে থাকার লড়াই। 'এ জেহাদপ্রচার করা মানে স্বীকার করা যে প্রকৃত জীবনযুদ্ধে, যেখানে জয়ী হ'তে হয় পরকে মারার শক্তিতে নয় ...।' *সবুজ*, ১৯২০।

জীবনরক্ষা [স] *বি* বেঁচে থাকার তাগিদ। 'তখন জীবনরক্ষা, ধর্ম্মরক্ষা, সুখসাধন প্রভৃতি সকল বিষয়েরই নিমিত্তে ...।' *অক্ষয়*, ১৮৫০।

জীবন-রঙ্গ [স] *বি* জীবনলীলা। 'শ্মশানের বুকে নাচিত তাথই জীবন-রঙ্গে তাল-বেতাল।' *নজরুল*, ১৯২৯।

জীবনরথ [স] *বি* জীবনরূপ রথ। 'জীবনরথের হে সারথি, আমি নিত্য পথের পথী।' *রবীন্দ্র*, ১৯১৪।

জীবনরস [স] **১** *বি* প্রাণশক্তি। 'শাখায় বল্কলে পত্রে উঠি সরসিয়া নিগূঢ় জীবনরসে।' *রবীন্দ্র*, ১৮৯৩। **২** *বি* প্রাণরস। 'তারা জীবনরসে প্রাণবন্ত ও গতিশীল।' *অবন*, ১৯২৫। **৩** *বি* জীবনীশক্তি। 'জীবন-রস দিন দিন কিরূপ শোচনীয়ভাবে শুকাইয়া আসিতেছে।' *আজাদ*, ১৯৩৯।

জীবনরসিক [স] *বিণ* রসবোধসম্পন্ন। 'এমনি বোধের অধিকারী হলেই মানুষ হয় জীবনরসিক।' *শরীফ*, ১৯৬৮।

জীবনরহস্য [স] *বি* জীবনের দুর্বোধ্য অংশ। 'জীবনরহস্য যায় মরণরহস্য-মাঝে নামি।' *রবীন্দ্র*, ১৯৩০; 'এ জীবনরহস্যের সন্ধান।' *বিভূতি*, ১৯৩১।

জীবনলক্ষ্মী [স] *বি* প্রাণের অধিষ্ঠাত্রী দেবী। 'জাগ্রত জীবনলক্ষ্মী পরায় আপন মাল্যগাছি।' *রবীন্দ্র*, ১৯৩৫।

জীবন-লতা [স] *বি* জীবনরূপ লতা। 'জীবন-লতা অবনতা তব চরণে।' *রবীন্দ্র*, ১৮৯২।

জীবনলীলা [স] *বি* আয়ুষ্কাল। 'মরণে বাবুর্চ্চি-জীবনলীলা সাঙ্গ করে।' *রোকেয়া*, ১৯০৪।

জীবনশক্তি [স] *বি* প্রাণের শক্তি। 'সমাজতন্ত্রের মর্মস্থলে তাহাদের জীবনশক্তি তাঁহাদের চিৎশক্তি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জীবনশালিনী [স] *বিণ স্ত্রী* জীবনপূর্ণ। 'জীবনশালিনী জীবনদায়িনী মাতৃভাষা।' *রবীন্দ্র*, ১৯০৭।

জীবনশিখা [স] *বি* জীবন রূপ আলো। 'জীবনশিখা যখন প্রদীপ্ত হইয়া উঠে, তখন টগবগ করিয়া সমস্ত মানবচরিত্র ফুটিতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৭।

জীবনশিল্পী [স] *বি* জীবনের নান্দনিক দ্রষ্টা ও উদ্‌যাপনকারী। 'সাহিত্যে চিত্রবিভাগ যদি জীবনশিল্পীর স্বাক্ষরিত হয় তবে তার রূপের স্থায়িত্ব সম্বন্ধে সংশয় থাকে না।' *রবীন্দ্র*, ১৯৪০; 'তাই শিল্পী হলেও জীবনশিল্পী তারা হতে পারে না।' *মোতাহের*, ১৯৫০।

জীবনশূন্য [স] *বিণ* নিষ্প্রাণ। 'নগর যেন জীবনশূন্য হইয়াছে।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

জীবনসংকট [স] *বি* মৃত্যুর আশঙ্কা। 'তাঁহার জীবনসংকট উপস্থিত হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৯১২।

জীবনসংগীত [স] *বি* জীবনপ্রবাহরূপ সংগীত। 'মানুষের জীবনসংগীতে কেবল অবিশ্রাম তানই আছে, আর কোনো জায়গাতেই সম নাই, এ কথা আমরা মানি না।' *রবীন্দ্র*, ১৯০৬।

জীবনসংগ্রাম [স] *বি* বেঁচে থাকার জন্য প্রতিকূল অবস্থার সঙ্গে লড়াই। 'জীবনসংগ্রাম, প্রাকৃতিক নির্বাচন, ... প্রভৃতি জীববিজ্ঞানের বড়ো বড়ো ব্যাপার সবেগে চলছিল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জীবনসংশয় [স] *বি* মৃত্যুর আশঙ্কা। 'তাহা কাটিয়া না ফেলিলে নাকি তাহার জীবনসংশয়।' *বনফুল*, ১৯৩৬।

জীবনসঙ্গিনী [স] **১** *বি স্ত্রী* জীবনের সহচর। 'জীবনসঙ্গিনী, বিরহকাতর তব নয়নেরে আজ আমি চিনি।' *সুধীন্দ্র*, ১৯২৯। **২** *বি স্ত্রী* যিনি তাঁর জীবনসঙ্গিনী ছিলেন, আজও তিনি তাঁর জীবনসঙ্গিনী রইলেন।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জীবনসঙ্গী [স] *বি* স্বামী। 'স্বেচ্ছায় জীবনসঙ্গী বাছাই করার ব্যাপারটা ...।' *বেগম*, ১৯৪৮।

জীবনসঞ্চার [স] **১** *বি* প্রাণদান। 'উহাদের মধ্যে জীবনসঞ্চার করিতে পারিব না।' *রবীন্দ্র*, ১৯০২। **২** *বি* প্রাণের আবির্ভাব। 'জীবনসঞ্চারের সঙ্গে সঙ্গে আমাদের চারি দিকে সেই বায়ুসঞ্চারও আরম্ভ হইয়াছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

জীবন-সন্ধ্যা [স] *বি* জীবনের শেষ সময়। 'জীবন-সন্ধ্যা ঘনাইয়া আসিবার পূর্ব্বেই ...।' *দর্শন*, ১৯২০।

জীবনসমুদ্র [স] *বি* জীবনরূপ সমুদ্র। 'জীবনসমুদ্র অমন করিয়া মন্থর করিতে গেলে, কাহারও কপালে অমৃত, কাহারও কপালে গরল উঠে।' *বঙ্কিম*, ১৮৭৫।

জীবনসর্বস্ব [স] *বি* জীবনের সবকিছু। 'তাঁর বুঝতে বাকি রইল না যে, নীলমাধব প্রকৃতই তাঁর জীবনসর্বস্ব।' *বনফুল*, ১৯৩৬।

জীবন-সাঁজ [স জীবনসন্ধ্যা] *বি* জীবনের সন্ধ্যা। 'তোমার রাতে মিলাক আমার জীবন-সাঁজের রশ্মিরেখা।' *রবীন্দ্র*, ১৯১৪।

জীবনসাধনা [স] *বি* জীবনব্যাপী চেষ্টা। 'আমাদের জীবনসাধনা সেদিন সত্যকার সার্থকতার পথে এসে পৌঁছবে।' *ওয়াজেদ*, ১৯৪৩।

জীবনসিন্ধু [স] *বি* জীবনরূপ সিন্ধু। 'মনে করিয়াছিলাম – এ জীবনসিন্ধু সাঁতারিয়াই আমাকে পার হইতে হইবে।' *বঙ্কিম*, ১৮৭৫।

জীবনসীমা [স] *বি* জীবৎকাল। 'তারা প্রত্যেকে নিজেরই স্বতন্ত্র জীবনসীমায় বর্তমান।' *রবীন্দ্র*, ১৯৩৩; 'যা ছিল শুধু জীবনসীমায় বহিঃপ্রাচীর।' *মানিক*, ১৯৩৬।

জীবনসুখ [স] *বি* জীবনের সুখ। 'কৈশোর জীবনসুখের প্রথম শিক্ষাদাত্রী।' *বঙ্কিম*, ১৮৮৭।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জীবনসুধা [স] *বি* জীবনরূপ অমৃত। 'আনন্দের এই জীবনসুধার পায় নাকো স্বাদ।' *নজরুল*, ১৯৩০।

জীবনসূর্য [স] *বি* জীবনরূপ সূর্য। 'এ জীবনসূর্য যবে অস্তে গেল চলি, হে বঙ্গজননী মোর, আয় বৎস বলি খুলি দিলে অন্তঃপুরে প্রবেশদুয়ার।' *রবীন্দ্র*, ১৯০০।

জীবনসৈকত [স] *বি* জীবনরূপ সৈকত। 'জীবনসৈকতে তব দুলে যায়।' *জীবন*, ১৯২৭।

জীবনসৌধ [স] *বি* জীবনরূপ সৌধ। 'বদ্ধ-অন্ধকার দুর্গন্ধময় জীবনসৌধের প্রতিটি কক্ষে ...।' *তারা*, ১৯৪২।

জীবনস্নায়ু [স] *বি* জীবনী শক্তি। 'নূতন জীবনস্নায়ু দানিছে হতাশে।' *রবীন্দ্র*, ১৮৯০।

জীবনস্পন্দন [স] *বি* প্রাণের স্পন্দন। 'গর্ভস্থ পৃথিবী পরে সেই নিত্য জীবনস্পন্দন তব মাতৃহৃদয়ের।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জীবনস্বত্ব [স] ১ *বি* আজীবন অধিকার। 'মানুষের হৃদয়ে আমাদের জীবনস্বত্ব।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* জীবনধারণের অধিকার। 'কেবল ভোগস্বত্ব এবং জীবনস্বত্ব।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বি* সহায়-সম্পত্তি। 'আমার জীবনস্বত্ব আমি দেবরদেরই লিখিয়া দিব।' *রবীন্দ্র*, ১৯০৯।

জীবনস্বপ্ন [স] *বি* জীবনের আকাঙ্ক্ষা। 'যদি কোথা থাকে লেশ জীবনস্বপ্নের শেষ তাও যাক মরে।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জীবনস্বর্স্ব [স] *বি* জীবনের সবকিছু। 'তুমি আমাদের জীবনস্বর্স্ব।' *মাইকেল*, ১৮৬১।

জীবনস্বামী, জীবনস্বামি [স, সম্বোধনে ই-কার] ১ *বি* জীবনের আরাধ্য। 'প্রতিদিন আমি, হে জীবনস্বামী, দাঁড়াব তোমার সম্মুখে।' *রবীন্দ্র*, ১৯০০; 'আজি তুমি ডাকো অভিসারে, হে মোহন, হে জীবনস্বামী।' *রবীন্দ্র*, ১৯০১। ২ *বি* জীবনের প্রভু। 'যেন আর না কাঁদায় দ্বন্দ্ব-বিরোধ, হে মোর জীবনস্বামী!' *নজরুল*, ১৯২৩; 'হে মোর সুদূর জীবনস্বামি।' *নজরুল*, ১৯২৩।

জীবনস্মৃতি [স] *বি* অতীত জীবনের কথা। 'জীবনস্মৃতি লিখিতেছি।' *রবীন্দ্র*, ১৯১২।

জীবনস্রোত [স] *বি* জীবনের প্রবাহ; জীবনধারা। 'উন্মুক্ত জীবনস্রোত বহে দিনরাত।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জীবনহত [স] *বিণ* নির্জীব। 'জ্যোৎস্নাযামিনী যৌবনহারা জীবনহত।' *রবীন্দ্র*, ১৮৯০।

জীবন-হননকারী [স] *বিণ* প্রাণ ধ্বংসকারী। 'পরাধীনতার মতো জীবন-হননকারী তীব্র হলাহল আর নাই।' *নজরুল*, ১৯২২।

জীবনহারা [স] ১ *বিণ* প্রাণের স্পন্দনহীন। 'যে জীবনহারা অচল অসাড় পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।' *রবীন্দ্র*, ১৮৯৬। ২ *বিণ* মৃত। 'যা-কিছু জীর্ণ আমার, দীর্ণ আমার, জীবনহারা।' *রবীন্দ্র*, ১৯১৪।

জীবনাচরণ [স জীবন-আচরণ] *বি* জীবনযাপন। 'শিল্পে ও জীবনাচরণে কিম্ভূতকিমাকার হওয়াটাই যুগের দাবি।' *আলাউদ্দিন*, ১৯৬০।

জীবনাতিপাত [স জীবন-অতিপাত] *বি* জীবনযাপন। 'সামান্যমাত্র বৃত্তিলাভ করিয়া অতি কষ্টে ও মনোদুঃখে জীবনাতিপাত করিতেছেন।' *প্রচারক*, ১৯০৮।

জীবনাদর্শ [স জীবন-আদর্শ] ১ *বি* জীবন-যাপনের ক্ষেত্রে গৃহীত নৈতিক মানদণ্ড। 'তাঁহার জীবনাদর্শ অক্ষুণ্ন রাখিয়া ...।' *এসলাম*, ১৯৩৪। ২ *বি* জীবনবোধ। 'রবীন্দ্রপ্রতিভা হচ্ছে বহুমুখী এবং বহু দেশ ও বহু জাতির জীবনাদর্শ তাঁর প্রতিভায় এসে মিশেছে।' *হাই*, ১৯৫৪।

জীবনাধার [স জীবন-আধার] *বিণ* জীবনের অবলম্বন স্বরূপ। 'আমি মীন আর তুমি আমার জীবনাধার পানি।' *হাই*, ১৯৫৪।

জীবনাধিক [স জীবন-অধিক] *বিণ* প্রাণের চেয়ে অধিক। 'জীবনাধিক সন্তান ব্যতীত আর কিছুতেই চরিতার্থ হয় না।' *অক্ষয়*, ১৮৫০।

জীবনানন্দ [স জীবন-আনন্দ] *বি* প্রাণের আনন্দ। 'আমি মুক্ত জীবনানন্দ।' *নজরুল*, ১৯২২।

জীবনানুভূতি [স জীবন-অনুভূতি] *বি* জীবনের উপলব্ধি। 'ভাষা হচ্ছে জীবনানুভূতির বাহন।' *শরীফ*, ১৯৬৮।

জীবনান্ত [স জীবন-অন্ত] ১ *বি* জীবননাশ; মৃত্যু। 'মেলে জীবনান্ত যার অন্তে রহে নাম।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* জীবনের শেষ মুহূর্ত। 'তিনি ... জীবনান্ত পর্য্যন্ত নানা বিষয়ে উপদেশ দিয়া কালহরণ করিয়াছিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

জীবনাবধি [স] *বিণ* আজীবন। 'আমি কহিলাম সম্বন্ধো জীবনাবধি, জীবনাবধিই সম্পর্ক।' *ভবানী*, ১৮২৫।

জীবনাবস্থা [স জীবন-অবস্থা] *বি* জীবনের হাল। 'তাহাদিগের জীবনাবস্থা জ্ঞাত ... হইবেন।' *অক্ষয়*, ১৮৪৮।

জীবনাভিনয় [স জীবন-অভিনয়] *বি* জীবনের অভিনয়। 'হতভাগ্য শিশুর সন্তানদিগের জীবনাভিনয় সমাপ্ত হয়।' *অক্ষয়*, ১৮৪৬।

জীবনাভিসার [স জীবন-অভিসার] *বি* জীবনের অভিসার। 'তারপর শুরু হবে নূতন জীবনাভিসার।' *মাহেনও*, ১৯৪৯।

জীবনামৃত [স জীবন-অমৃত] *বি* যা পান করলে প্রাণ ফিরে পাওয়া যায়। 'যেখানে ভস্মময় জীবকুল (ফুলকুল যথা নিদাঘে) জীবনামৃত-প্রবাহ সেখানে বহিল।' *মাইকেল*, ১৮৬০।

জীবনায়োজন [স জীবন-আয়োজন] *বি* জীবনের প্রাচুর্য। 'এদের সার্থক ক'রে তোলার জন্য দরকার তেমনি বিপুল জীবনায়োজন।' *মোতাহের*, ১৯৫০।

জীবনার্ধ [স জীবন-অর্ধ] *বি* জীবনসঙ্গী। 'আমার জীবনার্ধ, – যাকে প্রাণ দিবারাত্রি প্রার্থনা করে।' *মাইকেল*, ১৮৭৩।

জীবনাশা [স জীবন-আশা] *বি* বেঁচে থাকার আশা; জীবনের আশা। 'স্ত্রী জীবনাশা ত্যাগ করিয়া ...।' *দর্পণ*, ১৮২২।

জীবনেতর [স জীবন-ইতর] *বিণ* জীবনের চেয়ে উন্নত। 'সাহিত্য হবে ব্যবহারিক জীবনেতর এক কল্পজগতের দিশারী।' *শরীফ*, ১৯৬৮।

জীবনেতিহাস [স জীবন-ইতিহাস] *বি* জীবনের ইতিহাস। 'পার্শ্ববর্তিনীর জীবনেতিহাস।' *মানিক*, ১৯৩৫।

জীবনের তাপ *বি* জীবন-যন্ত্রণা। 'অতলে মগ্ন হয়ে ভুলে যাব জীবনের তাপ।' *রবীন্দ্র*, ১৮৯০।

জীবনের বন্দর *বি* জীবনের আশ্রয়। 'আমার এ জীবনের বন্দরে।' *জীবন*, ১৯৪০।

জীবনের সাগরসঙ্গম *বি* মৃত্যু। 'জীবনের সাগরসঙ্গম বুঝি সম্মুখে।' *বঙ্কিম*, ১৮৭৮।

জীবনেশ্বর [স জীবনেশ্বর] *বি* জীবনদেবতা। 'আমি সহজ-আনন্দময় জীবনেশ্বরকে প্রণাম করিলাম।' *রবীন্দ্র*, ১৯১৪।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জীবনোত্তাপ [স জীবন-উত্তাপ] *বি* প্রাণের উত্তাপ। 'মানুষের সঙ্গে যে জীবনোত্তাপ সেও যেন মনের প্রাণধারণের পক্ষে আবশ্যক।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জীবনোদ্‌বেগ [স জীবন-উদ্‌বেগ] *বি* প্রাণচাঞ্চল্য। 'জীবনোদ্‌বেগে তাড়া করে ফেরে নিতি যারা মৃত্যুরে।' *নজরুল*, ১৯২৯।

জীবনোপভোগ [স] *বি* জীবন-উপভোগ। 'জীবনোপভোগের পরিধি হল প্রসারিত।' *শরীফ*, ১৯৬৮।

জীবনোপায় [স জীবন-উপায়] *বি* জীবন রক্ষার উপায়; জীবিকা। 'বাবু বৈদ্যেরদিগের জীবনোপায় করিয়া দিয়াছেন।' *দর্পণ*, ১৮২৫।

জীবনোপায়ী [স জীবন-উপায়ী] *বি* জীবিকা অর্জনকারী। 'তদ্রূপ ঐ ব্যক্তিরাও আপন২ জীবনোপায়ী হইতেছে।' *দর্পণ*, ১৮৩০।

জীবনোল্লাস [স জীবন-উল্লাস] *বি* জীবনের আনন্দ। 'ব্যাপ্তিতেই তার আনন্দ, তার জীবনোল্লাস, তার আরাম।' *শরীফ*, ১৯৬৮।

জীবনী [স] **১** *বি* প্রাণশক্তি। 'শুন ধনি কমলিনী জীবের জীবনী।' *বাহরাম*, ১৬৫০। **২** *বি* জীবনচরিত। 'মহাভারত প্রধানতঃ ... যুধিষ্ঠির ও ভীমার্জ্জুনের জীবনী।' *বঙ্কিম*, ১৮৮৭।

জীবনীকার [স] *বি* জীবনী রচনাকারী। '... তাঁর একজন জীবনীকারের।' *আনোয়ার*, ১৯৭০।

জীবনীক্রিয়া [স] *বি* জীবনের প্রক্রিয়া। 'আমাদের নিত্য জীবনীক্রিয়া সজাগ হইয়া উঠে ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

জীবনী দোলক [স] *বি* হৃৎপিণ্ড। 'বাজে বাঁচার অমোঘ শব্দ অবিরাম জীবনী-দোলকে।' *মাহমুদ*, ১৯৬৩।

জীবনীশক্তি [স] *বি* যে শক্তি জীবকে জীবিত রাখে। 'দীর্ঘ জীবন ও দুর্ধর্ষ জীবনীশক্তি পর্যালোচনা করিয়া দেখিলেই বুঝা যাইবে।' *রবীন্দ্র*, ১৯০৮।

জীবন্ত [স] **১** *বিণ* জীবিত। 'কে তারে জীবন্ত বলে।' *চণ্ডী*, ১৮৫০। **২** *বিণ* স্পষ্ট। 'তাঁহার লেখার জীবন্ত ভাব, জলন্ত রচনা।' *হরপ্রসাদ*, ১৮৮৬। **৩** *বিণ* টাটকা। 'বাইরের জগতের একটা জীবন্ত প্রভাব আমার সমস্ত মুক্ত দ্বার দিয়ে অবাধে প্রবেশ করতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৪** *বিণ* আন্তরিক। 'সে যে রাজসভায় থাকত সেখানে সাহিত্যের জীবন্ত আদর ছিল।' *রবীন্দ্র*, ১৮৯৪। **৫** *বিণ* প্রাণবন্ত। 'রমণী তাহার বক্ষের উপর জাগ্রত জীবন্ত ভাবে বিরাজমান।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৬** *বিণ* মূর্তিমান। 'তথাপি আবার কহিলাম – তুমি জীবন্ত বর্তমান।' *রবীন্দ্র*, ১৮৯৭। **৭** *বিণ* সজীব। 'মরা মন জীবন্ত ভাব ধারণ করে।' *মশাররফ*, ১৯০৮। **৮** *বিণ* চলমান। 'জীবন্ত ভাষা চিরকাল এক রূপ ধারণ করে থাকে না।' *প্রমথ*, ১৯১২। **৯** *বি* উৎসাহ ও উদ্দীপনায় পূর্ণ তরুণ। 'আয় জীবন্ত, আয় রে আমার কাঁচা।' *রবীন্দ্র*, ১৯১৬।

জীবন্তে *ক্রিবিণ* জীবন থাকতে। 'জীবন্তে ভেলা বিহণি মএল ণঅণি।' *চর্যা* ২৩, ১২০০।

জীবন্তিকা [স] *বি* জীবনের বাস্তবতা আছে এমন গল্প। 'রূপকথা সে যুগের জীবন্তিকা।' *শরীফ*, ১৯৬৮।

জীবন্মথিত [স] *বিণ* প্রাণকে আলোড়িত করে এমন। 'চোখ জুড়ে আছে কিমাকার জীবন্মথিত দৃশ্য।' *শামসুর*, ১৯৬৬।

জীবন্মুক্ত [স] *বিণ* মোহমুক্ত তত্ত্বজ্ঞানী। 'কোনদিন দেখব বৃদ্ধ বয়সের পূর্বে আমি জীবন্মুক্ত হয়ে বসে আছি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জীবন্মৃত [স] *বিণ* জীবিত থেকেও মৃতপ্রায়। 'দ্রোজুর [ডিরোজিওর] মরণে তাহারা জীবন্মৃত প্রায় হইয়া থাকিবেক।' *দর্পণ*, ১৮৩২। *বিণ* আধ-মরা। 'আমি শয্যাগত জীবন্মৃত পড়ে ছিলুম।' *রবীন্দ্র*, ১৮৯১।

জীবন্মৃতবৎ *বিণ* জীবিত থেকেও মরার মতো। 'সমগ্র মুসলমান সমাজ নিঃসাড় হয়ে জীবন্মৃতবৎ জীবন অতিবাহিত করছিল।' *মাহেনও*, ১৯৪৯।

জীবন্মৃতা [স] *বিণ* স্ত্রী জীবিত থেকেও মৃতপ্রায়। 'তোমার দর্শনলালসায় কুঞ্জবনে পদ্মাসনে জীবন্মৃতা।' *দীনবন্ধু*, ১৮৭৩।

জীবন্মৃত্যু [স] *বিণ* জীবিত থেকেও মৃতের মতো। 'আমাদের বউ জীবন্মৃত্যু হয়ে রয়েচেন।' *দীনবন্ধু*, ১৮৬৭।

জীবা [স জীব>] *ক্রি* বাঁচা। 'যোইণি তঁই বিণু খনহিঁ ন জীবমি।' *চর্যা* ৪, ১২০০; 'তোহ্মার জীবার আর নাহিঁক উপাএ।' *বড়ু*, ১৪৫০।

জীবাণু [স] **১** *বি* অতি ক্ষুদ্র জীব। 'অনেক জীবাণু এসে রোমকূপে জমে।' *জীবন*, ১৯৩০। **২** *বি* ক্ষুদ্রতা। 'লিপ্সার জীবাণু আছে অনেক।' *আহসান*, ১৯৪৪।

জীবাণুকোষ [স] *বি* জীবদেহের অতি সূক্ষ্ম কোষ। 'জীবাণুকোষের সঙ্গে সমগ্র দেহের সম্বন্ধ আলোচনা করেছিলুম।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জীবাণুতত্ত্ব [স] *বি* রোগজীবাণু সম্পর্কে জ্ঞান। 'পর্য্যায়ক্রমে নার্সিং, শরীরতত্ত্ব, জীবাণুতত্ত্ব, পথ্য বিধান, আকস্মিক বিপৎপাতে প্রাথমিক প্রতিবিধান ইত্যাদি ...।' *বেগম*, ১৯৪৮।

জীবাণুতত্ত্ববিৎ [স] *বি* জীবাণুবিদ্যাবিশারদ। 'জীবাণুতত্ত্ববিৎ পরীক্ষা করিয়া বলিলেন, যক্ষ্মার জীবাণু পাওয়া গিয়াছে।' *বনফুল*, ১৯৩৬।

জীবাত্তমা [স জীবাত্মা] *বি* জীবাত্মা। 'জীবাত্তমা পরমাত্তমা তথাত যে বৈসে।' *বাহরাম*, ১৬৫০।

জীবাত্মা [স] *বি* জীবের দেহস্থ চৈতন্য; জীব-জীবনের মধ্যে অবিচ্ছিন্ন পরমাত্মা। 'প্রথমে কহিলুঁ জীবাত্মার সঞ্চার।' *সুলতান*, ১৭০০।

জীবাধম [স] *বিণ* প্রাণীদের মধ্যে নিকৃষ্টতম। 'অধম পামর মুঞি হীন জীবাধম।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জীবান্তর [স] *বি* অন্য জগৎ। 'জীব মলে যায় জীবান্তরে।' *লালন*, ১৮৯০।

জীবাভিমান [স] *বি* জীবের অহংকার। 'জগৎ ও জীবাভিমান মিথ্যা।' *দর্পণ*, ১৮২১।

জীবিকা [স] *বি* জীবনোপায়। 'আজি আমি জীবিকা না দিলে।' *বৃন্দা*, ১৫৮০।

জীবিকাজ্ঞাপক [স] *বিণ* জীবিকাসূচক। 'ব্যবসায়ীদিগকে বিশেষ বিশেষ বর্ণ অর্থাৎ জীবিকাজ্ঞাপক সংজ্ঞা প্রদত্ত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৮।

জীবিকা-নির্ধারণ [স] *বি* জীবনধারণের ব্যবস্থা। 'সন্তানের বিদ্যাশিক্ষা, কর্মদক্ষতা ও জীবিকা-নির্ধারণ আবশ্যক।' *অক্ষয়*, ১৮৪৯।

জীবিকানির্বাহ [স] *বি* জীবনযাত্রা সম্পাদন। 'আপনারদের ও ছাত্রেরদের জীবিকা নির্ব্বাহ করাও শ্রেয়ঃ জ্ঞান করেন।' *দর্পণ*, ১৮৩৩।

জীবিকাপ্রয়াস [স] *বি* জীবনযাত্রার আকাঙ্ক্ষা। 'জীবিকাপ্রয়াস হল তীব্রতর।' *শরীফ*, ১৯৬৮।

জীবিকাবিজয়ী [স] *বিণ* পেশাগত জীবনে সফল। 'জীবিকাবিজয়ী প্রাণ আজ যেন মনে হলো তীতু।' *মাহমুদ*, ১৯৬৩।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জীবিকা-যন্ত্র [স] *বি* জীবিকারূপ যন্ত্র। 'জীবিকা-যন্ত্র যখনই দিয়েছে ছাড়া।' *বৃদ্ধ*, ১৯৫৫।

জীবিকার্জন, জীবিকার্জ্জন [স জীবিকা-অর্জন] *বি* চাকরি ইত্যাদি লাভ বা অর্থ-উপার্জন। 'জীবিকার্জ্জনের শিক্ষাদান বিষয়ে কার্য্য করেন।' *বেগম*, ১৯৪৯।

জীবিত [স] ১ *বি* জীবন। 'হস্তী জীবিত পাইয়া সে-চারিজনকে শুণ্ডে ধরিয়া শিলাতে আচ্ছাড়িল।' *কেরি*, ১৮১২। ২ *বিণ* জীবন্ত। 'আরও দশ বৎসর স্বচ্ছন্দে জীবিত থাকিতে পারেন।' *দর্পণ*, ১৮২৯।

জীবিতকাল [স] *বি* জীবনকাল। 'পণ্ডিতের জীবিতকাল নির্ধারণ করিতে হইবে।' *রবীন্দ্র*, ১৮৯১। *ক্রিবিণ* জীবিত থাকা পর্যন্ত। 'মা'র জন্য জীবিতকাল পর্যন্ত ৭৫ টাকা মাসহারা বরাদ্দ।' *রবীন্দ্র*, ১৯২৬।

জীবিতপ্রায় [স] *বিণ* জীবিত আছে এমন। 'অসংখ্য জীবিতপ্রায় দেব-দানব কেটে বার করেছেন তিনিও।' *প্রমথ*, ১৯১৫।

জীবিতবান [স] *বিণ* জীবন্ত। 'তিনি আমাদের পথ-প্রদর্শক ও জীবিতবান আদর্শ স্বরূপ হইয়া ...।' *অক্ষয়*, ১৮৪৮।

জীবিতমৃত্যু [স] *বি* মৃত্যুতুল্য জীবন। 'আমাকে জীবিতমৃত্যুর হাতে সমর্পণ করবেন না।' *রবীন্দ্র*, ১৯১০।

জীবিতা [স] *বিণ স্ত্রী* জীবন্ত। 'তাঁহারা যৎকালে পৃথিবীতে জীবিতা ছিলেন।' *প্রভাকর*, ১৮৩১।

জীবিতাবস্থা [স জীবিত-অবস্থা] *বি* জীবদ্দশা। 'ইহারদিগের অহিতাচরণে তদ্দেশস্থ তাবল্লোক জীবিতাবস্থায় শবাকার হইয়া থাকে।' *প্রভাকর*, ১৮৫৩।

জীবিতাশা [স জীবিত-আশা] *বি* বেঁচে থাকার আশা। 'যত বয়স হচ্ছে, ততই জীবিতাশা বলবতী হচ্ছে।' *হুতোম*, ১৮৬১।

জীবিতেশ [স জীবিত-ঈশ] *বি* প্রিয়তম। 'জীবিতেশ! জগতে-যামিনী বাঁচিয়া থাকিতে তোমার দেহ ...।' *মনোরমহ*, ১৮৮৫।

জীবিতেশ্বর [স জীবিত-ঈশ্বর] *বি* প্রিয়তম। 'জীবিতেশ্বরের সঙ্গে পর্ণকুটিরে গিয়ে ...।' *দীনবন্ধু*, ১৮৬৩।

জীবোৎপাদক [স] *বিণ* জীব উৎপন্ন করে এমন। 'জীবশরীরবাসী জীব বা জীবোৎপাদক বীজ।' *বঙ্কিম*, ১৮৭৫।

জীব্য [স] *বি* অস্তিত্ববান। 'ব্যক্তির কৈবল্যে, সখ্য, বাহুল্য ব্যক্তিও,/ জনসমষ্টিতে জীব্য তোমার ব্যষ্টিও।' *বিষ্ণু*, ১৯৩৭।

জীমা [আ জিম্মাহ্] *বিণ* গচ্ছিত। 'পূর্বে যে সকল লওয়াজীমা জিনিষপত্র করিয়াছিলেন ...।' *ভবানী*, ১৮২৫।

জীমূত [স] *বি* মেঘ। 'সরোবরে নামি জল তোলয় জীমূত।' *আলাওল*, ১৬৮০।

জীমূতনাদ [স] *বি* মেঘের গর্জন। 'শুনিল গম্ভীর জীমূতনাদ।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

জীমূত-মন্দ্র [স] *বিণ* মেঘের গর্জন। 'অশ্রুবারি ধারা আসার; জীমূত-মন্দ্র হাহাকার রব।' *মাইকেল*, ১৮৬১।

জীম্মা [আ জিম্মা] *বি* দায়িত্ব। 'কনত্রাক্ত ওালার জীম্মা হইবেক।' *এডমন*, ১৭৯৩।

জীয়তে [স জীব>] *বিণ* জীবিত থাকা অবস্থায়। 'জীয়তে মোহর নাম করিলা মোচন।' *বাহরাম*, ১৬৫০।

জীয়ন [স জীবন>] *বি* জীবন। 'জীয়নের শেষ।' *মানোএল*, ১৭৪৩।

জীয়নকাঠি [স জীবন+স কাষ্ঠ] *বি* যে কাঠির স্পর্শে জীবন সঞ্চার হয় বলে কল্পনা করা হয়। 'জীয়নকাঠির স্পর্শ পাওয়া যাবে উজ্জ্বল রোদ্দুরে?' *সুকান্ত*, ১৯৪৮।

জীয়নিয়া *বিণ* জীবন্ত। *মানোএল*, ১৭৪৩।

জীয়ন্ত [স জীব>] ১ *বিণ* জীবিত। 'জীয়ন্ত থাকিত যবে নান্দের নন্দনে।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* জীব। *ওসাঁ*, ১৭৮৫।

জীয়ন্তে *ক্রিবিণ* জীবিত অবস্থায়। 'রত্নাবতী বনি মোর জীয়ন্তে মরিল।' *রূপরাম*, ১৭৫০।

জীয়ন্তে কবর *বি* জীবিত অবস্থায় মাটিতে পুঁতে ফেলার কাজ। 'পরদিন তাহার জীয়ন্তে কবর হইবে।' *বঙ্কিম*, ১৮৮৪।

জীয়ন্তেমরা *বিণ* জীবদ্দশাতেই মৃতের মতো জীবনযাপনকারী। 'সে হচ্ছে জীয়ন্তেমরা।' *নজরুল*, ১৯২৭।

জীয়ল [স জীব>] *বিণ* অনেকদিন বাঁচে ও জিইয়ে রাখা যায় এমন। 'হাটের ঘাটে জীয়ল মাছের তালাশে জালিয়ারাও আসে।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

জীয়া[১] [স জীব>] *বি* প্রাণ। 'ছটফট করে জীয়া দরদ হইল হিয়া।' *গরীব*, ১৭৬৫।

জীয়া[২], **জীয়ানো** [স জীব>] ১ *ক্রি* বাঁচানো। 'জীয়াইতে পারে যদি তবে মারে প্রাণী।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *ক্রি* জীবিত করা। 'মারিয়া তাহার পুত্র দিনু জীয়াইয়া।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৩ *ক্রি* জন্মানো। 'অধরসা একবার মরে গেলে আর জীয়ায় না।' *জীবন*, ১৯৩২। **জীয়াইতে** *ক্রি* বাঁচাতে। 'জীয়াইতে পারে যদি তবে মারে প্রাণী।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **জীয়াইয়া** *ক্রি* জীবিত ক'রে। 'মারিয়া তাহার পুত্র দিনু জীয়াইয়া।' *কৃষ্ণরাম*, ১৭২০। **জীয়াইল** *ক্রি* বাঁচিয়ে রাখলো। 'যে জন্মাইল জীয়াইল তাঁরে না মানিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **জীয়ায়** ১ *ক্রি* জীবন দেয়। 'গুরু সে মারয় আমা গুরু সে জীয়ায়।' *আলাওল*, ১৬৮০। ২ *ক্রি* জন্মায়। 'ভালবাসা একবার মরে গেলে আর জীয়ায় না।' *জীবন*, ১৯৩২। **জীয়ে** *ক্রি* বেঁচে থাকে। 'সেই জলে জীয়ে শাখা ফুলফল পায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **জীয়্যা** *ক্রি* বেঁচে। 'জীয়্যা থাকুক জননীর কোলজোড়া হয়ে।' *মানিকরাম*, ১৭৮১।

জীয়ানরস [স জীবনরস] *বি* জীবনরস। 'করিবারে চায় পরাভব যোগায়ে জীয়ানরস অপুষ্পক বীজে।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

জীরণ [স জীর্ণ] *বি* পুরানো দশা বা অবস্থা। 'দেবের দুর্লভ ধন জীরণের ঘড়া।' *গুপ্ত*, ১৮৫৮।

জীরা [স জীরক] *বি* রান্নার কাজে ব্যবহৃত একপ্রকার মসলা। 'ঘৃত জীরা সান্তলনে রান্ধিবে পালঙ্গ।' *মুকুন্দ*, ১৬০০।

জীরা সির্কা [স জীরক+ফা সিরকাহ্] *বি* সিরকাবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫।

জীর্ণ [স] ১ *বিণ* কাতর। 'চৈতন্যবিরহে জীর্ণ সর্ব ভক্তগণ।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বিণ* ছেঁড়া। 'না ফেলিও জীর্ণ কাঁথা যদি লাগে ঘীণ।' *আলাওল*, ১৬৮০। ৩ *বিণ* শীর্ণ। 'এক দেবতা জীর্ণ গৌরূপ ধারণ করিলেন ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২। ৪ *বিণ* অসুস্থ। 'জননীর জীর্ণ শরীর সুস্থ না করিয়া তাঁহার প্রতি অশ্রদ্ধা করা ...।' *অক্ষয়*, ১৮৪৮। ৫ *বিণ* হজম। 'নারিকেল জীর্ণ করিবার সাধ্য কি।' *বঙ্কিম*, ১৮৭৫। ৬ *বিণ* ক্ষয়প্রাপ্ত। 'বিষ জীর্ণ হইবার নহে।' *বঙ্কিম*, ১৮৭৮। ৭ *বিণ* অপ্রয়োজনীয়। 'যে জীবনহারা অচল অসাড় পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।' *রবীন্দ্র*, ১৮৯৬। ৮ *বিণ* বহু ব্যবহারে শ্রুতিকটু; ক্লিশে। 'অনন্ত এবং অসীম শব্দ-দুটা আজকাল সর্বদা ব্যবহারে জীর্ণ হইয়া পড়িয়াছে।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৯ *বিণ* শুকনা। 'জীর্ণ পাতা ঝরার

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বেলায়।' *রবীন্দ্র*, ১৯২৬। **১০** *বিণ* সংস্কারযোগ্য। 'সমাজের জীর্ণ আদর্শ।' *বেগম*, ১৯৪৭।

জীর্ণকণ্ঠ [স] *বি* দুর্বল কণ্ঠস্বর। 'জীর্ণকণ্ঠ মিশবে মাটিতে।' *রবীন্দ্র*, ১৯৩২।

জীর্ণকন্থা [স] *বি* ছেঁড়া কাঁথা। 'পরাও সজ্জা লজ্জাহারা জীর্ণকন্থা ছিন্নবাস।' *রবীন্দ্র*, ১৯০০।

জীর্ণ-কাঁথা [স জীর্ণকন্থা] *বি* ছেঁড়া কাঁথা। 'ভিক্ষুক তার জীর্ণ-কাঁথা মেলে বসে।' *রবীন্দ্র*, ১৯৩৫।

জীর্ণচীর [স] *বি* ছেঁড়া পোশাক। 'সেই সমুদ্রের তীরে শীর্ণদেহে জীর্ণচীরে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জীর্ণচীরধারিণী [স] *বিণ স্ত্রী* পুরানো ছেঁড়া কাপড় পরিহিত। 'আমাদের ঘরের পাশে যে জীর্ণচীরধারিণীভারতমাতা ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

জীর্ণতম [স] *বিণ* অতি পুরানো ও নড়বড়ে। 'জীর্ণতম কুটীরের মলিনতম চাষীকে আমি আমাদের আপনার লোক ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জীর্ণতা [স] *বি* জরাগ্রস্ততা। 'আমাদের হৃদয়ের মধ্যে চাহিয়া দেখো, সেখানে সেই জীর্ণতা, দুর্বলতা, অসম্পূর্ণতা ...।' *রবীন্দ্র*, ১৮৮৭।

জীর্ণতামুক্ত [স] *বিণ* জরা থেকে মুক্ত। 'তাকে জীর্ণতামুক্ত করে নবজীবনের খাতে পরিচালিত করার এক সুকঠিন দায়িত্ব ...।' *শরীফ*, ১৯৭০।

জীর্ণধ্বসর [স] *বিণ* প্রাচীন ও একঘেয়ে। 'সৃষ্টিকে বাঁচিয়ে রাখবার জন্য বিধাতার এক জীর্ণধ্বসর কৌশল।' *জীবন*, ১৯৩২।

জীর্ণনীড় [স] *বি* পুরানো ভাঙা বাসা। 'রামমোহন রায় বঙ্গসমাজের জীর্ণনীড় স্বভাবতই পরিত্যাগ করিয়া ... সত্য কর্মক্ষেত্রের জন্য ব্যাকুল হইয়া উঠিলেন।' *রবীন্দ্র*, ১৮৮৪।

জীর্ণপত্র [স] *বি* ছেঁড়া চিঠি। 'সেই আলোতে জীর্ণপত্রের ছিন্ন টুকরোগুলো একবার দেখে নিল।' *কায়সার*, ১৯৬২।

জীর্ণবস্ত্র [স] *বি* ছেঁড়া পোশাক। 'না ফেলিও জীর্ণবস্ত্র যদি লাগে ঘিন।' *আলাওল*, ১৬৮০।

জীর্ণভিত্তি [স] *বিণ* ভিত্তি ক্ষয় হয়েছে এমন। 'মনুষ্যত্ব ভেঙ্গে পড়ে যাবে জীর্ণভিত্তি অট্টালিকা-সম।' *রবীন্দ্র*, ১৮৯০।

জীর্ণশরীর [স] *বি* ভগ্নস্বাস্থ্য। 'ভূরি ভূরি কারণে কলিকাতার লোক রুগ্ন ও জীর্ণশরীর হয়।' *অক্ষয়*, ১৮৪৮।

জীর্ণশীর্ণ [স] *বিণ* অসুস্থ ও কৃশ। 'দুঃখী লোক অনাহারে জীর্ণ শীর্ণ হইয়া মৃত্যুসখার আশ্রয় লইতেছে।' *অক্ষয়*, ১৮৪৬।

জীর্ণশীর্ণতা [স] *বি* জীর্ণশীর্ণ অবস্থা। 'জীর্ণশীর্ণতা ঘুচল না।' *জীবন*, ১৯৩৩।

জীর্ণসাজ [স জীর্ণসজ্জা] *বি* ছেঁড়া পোশাক। **জীর্ণসাজপরা** *বিণ* ছেঁড়া পোশাক পরিহিত। 'জীর্ণসাজপরা বরকন্যাজেরা লজ্জায় ঘর হতে বার হতে চায় না।' *রবীন্দ্র*, ১৯২৯।

জীর্ণা-শীর্ণা [স] *বিণ স্ত্রী* অসুস্থ ও কৃশ। 'এক জীর্ণা-শীর্ণা ভিখারিনি।' *নজরুল*, ১৯২৭।

জীলা [আ জিলা] *বি* জেলা; দেশ অথবা প্রদেশের প্রশাসনিক বিভাগ। 'জীলা মজফুরের জমিদার লোকের নিকট জারি করিবে।' *তাঁতি*, ১৭৯২।

জীলাদার [আ জিলা+ফা দার] *বি* জেলার শাসক। 'জীলাদার সাহেবের দস্তখতি পরোয়ানা পাঠাই।' *তাঁতি*, ১৭৯২।

জীলান [আ জলওয়াহ্] *বিণ* উজ্জ্বল। 'এনে দাও সুপ্রবল প্রাণ-বহ্নি জীলান সূর্যের।' *ফররুখ*, ১৯৪৬।

জীহ [স জিহ্বা] *বি* জিহ্বা। 'মেলে ঘন ঘন জীহের আগ।' *বড়ু*, ১৪৫০।

জীহ্বা [স জিহ্বা] *বি* জিভ। 'জ্ঞানেন্দ্রিয় জীহ্বা কর্ণ নাসা ত্বক চক্ষু।' *চণ্ডী*, ১৫৫০।

জু [ই] *বি* চিড়িয়াখানা। 'বৃহত্তম জু দেখিনু জীবনে।' *নজরুল*, ১৯৩১।

জুঅলজিকাল গার্ডেন [ই] *বি* চিড়িয়াখানা। 'সার্কাস দেখাইতে, জুঅলজিকাল গার্ডেনে লইয়া যাইতে ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

জুওলজিকাল [ই] *বি* চিড়িয়াখানা। 'জুওলজিকালে বারে বারে বেড়িয়ে আসে।' *রবীন্দ্র*, ১৯৩২।

জুঅতি [স যুক্তি] *বি* যুক্তি। 'কাজ ন কারণ জ্ঞ এহ্ জুঅতি।' *চর্যা* ২৬, ১২০০।

জুআ [স দ্যূত] *বি* টাকাপয়সা বাজি রেখে তাস পাশা ইত্যাদি খেলা। *বিদ্যা*, ১৮৯১।

জুআচুরি [স দ্যূত>] *বি* জুয়াচুরি। *বিদ্যা*, ১৮৯১।

জুআচোর [স দ্যূত>] *বি* জুয়াচোর। *বিদ্যা*, ১৮৯১।

জুআএ [দ্রি যুজ্>] *ক্রি* যোগ্য হয়। 'এবেঁ মথুরার হাট জাইতে জুআএ।' *বড়ু*, ১৪৫০।

জুআর [স জলবৃদ্ধি>] *বি* জোয়ার। 'জাএ খনে দিতহু আলিঙ্গন গাঢ়। জনি জুআর পরু সে খেল পাঢ়।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জুঁই [স যূথিকা] *বি* সুগন্ধি ফুলবিশেষ। 'ফুটেছে সাঁঝের জুঁই ফুল।' *রবীন্দ্র*, ১৮৮৩।

জুঁইকুঁড়ি [জুঁই+কোরক] *বি* জুঁই ফুলের কুঁড়ি। 'জুঁইকুঁড়ি সব নেতিয়ে পড়ে।' *নজরুল*, ১৯২৫।

জুঁইবাগান [জুঁই+ফা বাগ>] *বি* জুঁই ফুলের বাগান। 'জুঁইবাগানের আরেকদিনের গান।' *রবীন্দ্র*, ১৯২৫।

জুঁহি [স যূথিকা] *বি* জুঁই; সুগন্ধি ফুলবিশেষ। 'জুঁহি-বেলির গন্ধে মেশা।' *রবীন্দ্র*, ১৯৩২।

জুকত [স যুক্ত] *বি* মিলন। 'স্বামীর আদেস মাত্র করিব জুকত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জুকতি [স যুক্তি] *বি* যুক্তি। 'তবে বিস্যে পৃথু সমে করিয়া জুকতি।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জুকা *ক্রি* অবনত হওয়া। 'জুকিনু হৃদয় তুলে।' *চণ্ডী*, ১৫৫০।

জুক্ত [স যুক্ত] *বিণ* ব্যাপৃত। 'কেমতে আপদ মায় সুনিতে যুক্ত হএ।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জুক্তি [স যুক্তি] **১** *বি* পরামর্শ। 'দ্বারিকা জাইতে মোরে প্রিয়া জুক্তি দিল।' *মালাধর*, ১৫০০। **২** *বি* ষড়যন্ত্র। 'জুক্তি করি ইন্দ্রপ্রস্থে জতুগৃহ করে।' *মালাধর*, ১৫০০। **৩** *বি* স্থির। 'সান্তনুরে রাজ্য দিতে মনে জুক্তি করি।' *কবীন্দ্র*, ১৬৮৯। **৪** *বি* বিচার-বিবেচনা। 'সান্ত জুক্তি দ্বারা দুষ্ট বেবহার দেখিয়া ঐ জয়মুনিকে ত্যাগ করিয়া ...।' *চিঠিপত্রে*, ১৮২৪।

জুক্তিয়া [স যুক্তি>] *ক্রি* পরামর্শ ক'রে। 'মনে বুদ্ধি জুক্তিয়া ভজহ শ্রীহরি।' *মালাধর*, ১৫০০।

AMARBOI.COM

জুখা [স যোগ>] *ক্রি* পরিমাপ করা। **জুখিয়া** *বিণ* ওজন ক'রে। 'পঞ্জরের তরে সোনা দিলেন জুখিয়া।' *মুকুন্দ*, ১৬০০। **জুখ্যা** *ক্রি* পরিমাণ বা পরিমাপ ক'রে। 'কেহ কাটে কেহ কোটে কেহ জুখ্যা ভাগ বাঁটে।' *মুকুন্দ*, ১৬০০।

জুগ [স যুগ] **১** *বি* যুগল। 'পল্লবরাজ চরনজুগ সোভিত।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* যুগ। 'চৌদ্দ জুগ গেল পরভুর এক বস্ত্র জানে।' *রামাই*, ১৭১০।

জুগত [স যুক্ত] *বিণ* উচিত। 'তোহ্মাকে জুগত নহে এ সব করম।' *বড়ু*, ১৪৫০।

জুগতওালা [স যুক্ত>] *বি* সক্ষম ব্যক্তি। 'গুনাগারি ও তহ খরচা দিগর সমেত দাদানের টাকা আদায় হয় এমত জুগতওালার নাম লিখিয়া পাঠাইবে।' *তাঁতি*, ১৭৯২।

জুগতি [স যুক্তি] **১** *বি* মন্ত্রণা। 'বৃহস্পতি আনি ইন্দ্র করিল জুগতি।' *মালাধর*, ১৫০০। **২** *বি* যুক্তি; সিদ্ধান্ত। 'নড়িলা পুতুনা নারি সভার জুগতি।' *মালাধর*, ১৫০০।

জুগল [স যুগল] *বি* জোড়া। 'খঞ্জন জিনিঞা শোভে নয়ান জুগল।' *মালাধর*, ১৫০০।

জুগি [স যোগী] *বি* যোগী। 'বিধাতা নির্মাণ ঘর নাঞিক দুয়ার জুগি পুরুষ তাহে আছে অনাহার।' *মুকুন্দ*, ১৬০০।

জুগিনী [স যোগিনী] *বি* যোগিনী। 'হান হান করিআ ধরে আমার কেশ চৌষট্টি জুগিনী সঙ্গে ভয়ঙ্কর বেশ।' *মুকুন্দ*, ১৬০০।

জুগুপ্তি [স যুক্তি] *বি* যুক্তি। 'সীতলি উকুতি জেহো জুগুতি সমদল হুল আনে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জুগুপ্সা [স] **১** *বি* অপবাদ। 'রতি ভয় ক্রোধ উৎসাহ জুগুপ্সা বিস্ময়।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* ঘৃণা। 'ভয়, বিস্ময়, বিরাগ, জুগুপ্সা।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

জুগুপ্সাকর [স] *বিণ* নিন্দাজনক। 'লৌকিক স্তরে যে ভাব হয়তো নিতান্তই জুগুপ্সাকর ...।' *শিব*, ১৯৭৩।

জুগুপ্সিত [স] *বিণ* নিন্দিত। 'অতি জঘন্য জুগুপ্সিত চরিত্রের নাটক, থিয়েটার ও অভিনয়।' *এসলাম*, ১৯১৬।

জুগ্য [স যোগ্য] *বিণ* যোগ্য। 'সেই বর জুগ্য কন্যা তোমার ফুল্লরা।' *মুকুন্দ*, ১৬০০।

জুচুরি, জুচ্চুরী [স দ্যূত>] *বি* প্রতারণা। 'জুচুরী ধত্তে স্থিরপ্রতিজ্ঞ হয়ে বন্ধুবাবুর বাড়িতে গেলেম।' *হুতোম*, ১৮৬১; 'জুচ্চুরি করে বিষয় রাখবে।' *গিরিশ*, ১৮৮৯।

জুচ্চরী [স দ্যূত>] *বি* ধোঁকাবাজি। 'জুয়ার সাথে জুচ্চরী, ঘোড়া দৌড়, মদ, নারী ঘটিত ব্যাপার।' *আজাদ*, ১৯৬৩।

জুচ্চোর [স দ্যূত>] *বি* ঠক। 'শালা। জুচ্চোর। ফাঁকিবাজ।' *কায়সার*, ১৯৬২।

জুজদান [ফা] *বি* কাপড়ের থলি। 'কাপড়ের থলিতে (জুজদানে) পুরিয়া অতি যত্নে উচ্চ স্থানে রাখি।' *রোকেয়া*, ১৯২৭।

জুজা [স যুধ>] *ক্রি* যুদ্ধ করা। 'সমরের মাজে জুজে পাত্যা দুই আঁট।' *মুকুন্দ*, ১৬০০।

জুজু [ফা জু] **১** *বি* কল্পিত ভয়ঙ্কর মূর্তি বা জীব। 'প্রজারা হুজুরকে জুজুর অপেক্ষা অধিক ভয় করে।' *প্রভাকর*, ১৮৪৮। **২** *বিণ* কাতর। 'কেবল সর্ব্বদাই রোগ, মদ খেয়ে খেয়ে জুজু, স্ত্রীর দাস।' *হুতোম*, ১৮৬১।

জুজুবুড়ি, জুজুবুড়ী [স জু>+বুড়ি] *বি* শিশুদের কাছে ভীতিজনক কল্পিত বৃদ্ধা। 'ঠিক যেন ওই গোদলপাড়ার জুজুবুড়ির পারা।' *নজরুল*, ১৯২৬; 'ঘেরাটোপ জড়ানো জুজুবুড়ী।' *রোকেয়া*, ১৯৩১।

জুজুৎসু [জা] **১** *বি* জাপানি কুস্তিবিশেষ। 'হাবু সে দেখায় জুজুৎসু প্যাঁচ, আবু মোহরমি ছন্দ।' *নজরুল*, ১৯৩৩। **২** *বি* মারপ্যাঁচ। 'মকদ্দমার জুজুৎসু খেলা।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জুঝা [স যুধ্>] *ক্রি* যুদ্ধ করা। 'নিতে নিতে ষিআলা ষিহে ষম জুঝঅ।' *চর্যা* ৩৩, ১২০০। **জুঝঅ** *ক্রি* যুদ্ধ করে। 'নিতে নিতে ষিআলা ষিহে ষম জুঝঅ।' *চর্যা* ৩৩, ১২০০। **জুঝও** *বি* যুদ্ধ করি। 'দেহ অনুমতি হে জুঝও পঁচবান।' *বিদ্যাপতি*, ১৪৬০। **জুঝি** *ক্রি* যুদ্ধ করে। 'দক্ষিণ দুয়ারে বীর জুঝি তেজধাম।' *মুকুন্দ*, ১৬০০। **জুঝিতে** *ক্রি* যুদ্ধ করতে। 'খরধুসন হইয়া কেহ জুঝিতে আইল।' *মালাধর*, ১৫০০। **জুঝিবারে** *ক্রি* যুদ্ধ করতে। 'তার সঙ্গে জুঝিবারে নারে প্রিথিবিতে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জুঝিবে** *ক্রি* যুদ্ধ করবে। 'কটাক্ষে করহ বধ জুঝিবে কি কারনে।' *মালাধর*, ১৫০০। **জুঝিবেন** *ক্রি* যুদ্ধ করবেন। 'বলিলেন একাএকি ভিম জুঝিবেন গিয়া।' *মালাধর*, ১৫০০। **জুঝিল** *ক্রি* যুদ্ধ করলো। 'ত্রয়োদস দিবস জুঝিল এহী মতে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জুঝিলে** *ক্রি* যুদ্ধ করলেন। 'তোমা সনে জুঝিলেক ক্ষত্রিয়ের ধর্মে।' *বৃন্দা*, ১৫৮০। **জুঝে** *ক্রি* যুদ্ধ করে। 'সার্ত্তকীর সনে জুঝে বান নরপতি।' *মালাধর*, ১৫০০।

জুট [ই] *বি* পাট। **জুটবোর্ড** [ই] *বি* পাট বিষয়ক দপ্তর। 'জুটবোর্ড আশা করেছে যে, ইহা আরো দুই লাখ বেল বেশী হইতে পারে।' *আজাদ*, ১৯৬৪।

জুটমিল [ই] *বি* পাটের কারখানা। 'কটন মিল, জুট মিল, পেপার মিল।' *নজরুল*, ১৯৪১।

জুট করা [হি জুট] *ক্রি* যূথবদ্ধ হওয়া। *মানোএল*, ১৭৪৩।

জুটা, জুটানো [হি জুট] **১** *ক্রি* সংগ্রহ করা। 'কিছু জুটিয়ে পুটিয়ে দাও।' *গিরিশ*, ১৮৮৬। **২** *ক্রি* ডেকে আনা। 'ভিখিরি জুটিয়ে আন।' *রবীন্দ্র*, ১৮৮৯। **৩** *ক্রি* একত্র হওয়া। 'পারে কে যাবি তোরা আয় না জুটে।' *লালন*, ১৮৯০। **৪** *ক্রি* যোগাড় করা। 'কাজ জুটাইয়া দেওয়া সরকারের অন্যতম কর্তব্য।' *আজাদ*, ১৯৩৬।

জুটাজুটময়ী [স জটাজুট>] *বিণ স্ত্রী* জটাধারী। 'জুটাজুটময়ী জয়া যাত্রা-শিরোমণি।' *মুকুন্দ*, ১৬০০।

জুটি [মু জুড়ি] *বি* সঙ্গী; দোসর। 'আনাজেতে তুল্য আর জুটি নাই দুটি।' *গুপ্ত*, ১৮৫৮।

জুডিসিয়াল, জুডিশ্যাল [ই] *বিণ* বিচারসংক্রান্ত। 'একজিক্যুটিভ ও জুডিশ্যাল একত্র হওয়াতে।' *রবীন্দ্র*, ১৯০৮; 'সরকার নিয়োজিত জুডিসিয়াল এনকোয়ারী কমিটি।' *সাদত*, ১৯৬৭।

জুড়া, জুড়ানো [স যুক্ত>] **১** *ক্রি* যুক্ত করা। 'বদনে বদনে জুড়ি কৈল মধুপানে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* তৃপ্ত করা। 'কাহ্ন আলিঙ্গিআ সকল দেহ জুড়ায়িবোঁ।' *বড়ু*, ১৪৫০। **৩** *ক্রি* শীতল হওয়া। 'জুড়ায়িলেঁ সোআদ লাগে তপত দুধ।' *বড়ু*, ১৪৫০। **৪** *ক্রি* প্রশান্ত হওয়া। 'শুনি প্রভুর জুড়াইল কাণ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **৫** *ক্রি* সেঁটে দেওয়া। 'কপালে জুড়ি ফোঁটা।' *মুকুন্দ*, ১৬০০। **৬** *ক্রি* ঠাণ্ডা করা। 'জুড়াইতে।' *মানোএল*, ১৭৪৩। **৭** *ক্রি* আরম্ভ করা। 'না জুড়িতে।' *মানোএল*, ১৭৪৩। **৮** *ক্রি* মুগ্ধ হওয়া। 'পাহাড়িয়া যত পাখী দেখিতে জুড়ায় আঁখি।' *রামপ্রসাদ*, ১৭৮০। **৯** *ক্রি* প্রশমিত হওয়া। 'হারামজাদীর মাথাটা ভাঙ্গি, তা হলি গা জুড়য়।' *মাইকেল*, ১৮৬০; 'নিবিড় কাননে পশি এ মনের জ্বালা জুড়াই বিরলে।' *মাইকেল*,

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৬১। **১০** *ক্রি* দখল করা। 'যতসব কুঁড়ে আছে ঠাঁই জুড়ে।' *রবীন্দ্র*, ১৮৮০। **১১** *ক্রি* প্রসন্ন হওয়া। 'জুড়াবে হিয়া সুধাবরিষণে।' *রবীন্দ্র*, ১৮৮০। **১২** *ক্রি* নিবারণ করা। 'জুড়াতে গৌড়ের তৃষা সে বিমল জলে।' *মাইকেল*, ১৮৬৬। **১৩** *ক্রি* মুগ্ধ হওয়া। 'আজি আঁখি জুড়াল হেরিয়ে।' *রবীন্দ্র*, ১৮৮৮। **১৪** *ক্রি* ব্যাপ্ত হওয়া। 'স্মরণশক্তি জুড়ে বসে আছ।' *রবীন্দ্র*, ১৯০৭। **১৫** *ক্রি* বিস্তৃত থাকা। 'উত্তরচল্লিশ আমি ... গলকম্বলের থর মুকুরের অধিকাংশ জোড়ে।' *সুধীন্দ্র*, ১৯৪০। **জুড়সি** *ক্রি* আরোপ করছিস। 'আমি সে সৃজিলা দান আমারে জুড়সি মান।' *বড়ু*, ১৫৭০। **জুড়াই** *ক্রি* তৃপ্ত করি। 'কি করি এখন জুড়াই জীবন বদন দেখিব তার।' *চণ্ডী*, ১৫৫০। **জুড়াএব** *ক্রি* জুড়াবো। 'পুনহি দরসন জীব জুড়াএব টূটব বিরহক ওর।' *বিদ্যাপতি*, ১৪৬০। **জুড়াওহ** *ক্রি* শীতল করো। 'হৃদয় জুড়াওহ মোর।' *মুরারি*, ১৫৭০। **জুড়াগু** *ক্রি* জুড়াক। 'দেহ আলিঙ্গন জুড়াগু চিত্ত।' *মানিকরাম*, ১৭৮১। **জুড়াব** *ক্রি* তৃপ্ত করবো। 'জুড়াব জীবন আজি মিলনের জলে।' *উমেশ*, ১৮৫৭। **জুড়ায়** *ক্রি* মুগ্ধ হয়। 'পাহাড়িয়া যত পাখী দেখিতে জুড়ায় আঁখি।' *রামপ্রসাদ*, ১৭৮০। **জুড়ায়িবোঁ** *ক্রি* জুড়াবো। 'কাহ্ন আলিঙ্গিআঁ সকল দেহ জুড়ায়িবোঁ।' *বড়ু*, ১৪৫০। **জুড়ায়িলেঁ** *ক্রি* ঠাণ্ডা হলে; শীতল হলে। 'জুড়ায়িলেঁ সোআদ লাগে তপত দুধ।' *বড়ু*, ১৪৫০। **জুড়ালো** *ক্রি* শান্ত হলো। 'জুড়ালো হৃদয়।' *রবীন্দ্র*, ১৯০৬। **জুড়ি ১** *ক্রি* যুক্ত ক'রে। 'বদনে বদনে জুড়ি কৈল মধুপানে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* যুক্ত করি। 'আরজ করিল আসি দোন হাত জুড়ি।' *গরীব*, ১৭৬৫। **জুড়িআ** *ক্রি* জোড় ক'রে। 'জুড়িআ উভয় পাণি বলে সবিনয় বাণী।' *মুকুন্দ*, ১৬০০। **জুড়িতে** *ক্রি* আরম্ভ করতে। 'না জুড়িতে।' *মানোএল*, ১৭৪৩। **জুড়িয়া** *ক্রি* জুড়ে। 'চুমুক জুড়িয়া প্রান লএত আমার।' *মালাধর*, ১৫০০। **জুড়িয়াছে** *ক্রি* যুক্ত করেছে। 'তবে ধর্ম্ম নরনাথে জুড়িয়াছে দুই হাতে।' *কবীন্দ্র*, ১৬৮৯। **জুড়িল ১** *ক্রি* জুড়লো; শুরু করলো। 'নান্দ যশোদা মিলি জুড়িল কান্দন।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* সংযুক্ত করলো। 'জুড়িল তার কন্দ মুণ্ডে।' *মুকুন্দ*, ১৬০০। **জুড়িলা** *ক্রি* বেঁধে দিলো। 'মজনুর বসনে জুড়িলা হিত জানি।' *বাহরাম*, ১৬৫০। **জুড়িলাঙ** *ক্রি* জুড়লাম। 'তুমি বৈলে অনুত্তর আমি জুড়িলাঙ শর।' *মুকুন্দ*, ১৬০০। **জুড়িহোঁ** *ক্রি* জুড়ো; যোজনা করো। 'পুরিবোঁ তোহ্মার আশ না জুড়িহো বাণে।' *বড়ু*, ১৪৫০। **জুড়ী** *ক্রি* জুড়ে দেয়। 'নাগর কাহ্নাঞি মোকে বিগুতে আশেষ নেআঅ জুড়ী।' *বড়ু*, ১৪৫০। **জুড়ে** *ক্রি* বিস্তৃত হয়ে। 'ক্রোশ যুগ জুড়ে হৈলা নক্করের রেলা।' *মানিকরাম*, ১৭৮১। **জুড়্যা** *ক্রি* জুড়ে। 'কুল জুড়্যা বহে জল একাকার ধারা।' *মুকুন্দ*, ১৬০০।

জুড়িয়ে আনা *ক্রি* শীতল করা। 'আর একটুখানি জুড়িয়ে আনলে বিশেষ ক্ষতি ছিল না।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জুড়িয়ে যাওয়া *ক্রি* তৃপ্ত হওয়া। 'রাস্তার উপর গেলে শরীর একেবারে জুড়াইয়া যায়।' *হরপ্রসাদ*, ১৮৮১।

জুড়ে দাঁড়ানো *ক্রি* আগলে দাঁড়ানো। 'সাড়া পাবামাত্র কথাগুলো দৌড়ে এসে জুড়ে দাঁড়ায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

জুড়ে দেওয়া *ক্রি* যুক্ত করা। 'ঐসঙ্গে জুড়ে দিলে হয় না?।' *রবীন্দ্র*, ১৮৮৯।

জুড়ে নেওয়া *ক্রি* একত্র করা। 'তার সূত্রগুলো জুড়ে নেওয়া কঠিন হয়ে ওঠে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জুড়ি[১] [মু জুড়ি] ১ *বি* জোড়। 'এক এক মলি জুড়ি মনহর পুত্তলি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* দুই ঘোড়ায় টানা গাড়ি। 'কিছুদিনের মধ্যে তকমা, বাগান, জুড়ী ও বালাখানা বনে গ্যালো।' *হুতোম*, ১৮৬১। **৩** *বিণ* প্রতিদ্বন্দ্বী। 'লোককে কথায় ভুলিয়ে বশ করতে ওর জুড়ি কেউ নেই।' *রবীন্দ্র*, ১৯০৭। **৪** *বি* দোসর; সাথি। 'রঞ্জনের জুড়ি নাকি?' *রবীন্দ্র*, ১৯২৬।

জুড়িকণ্ঠ [জুড়ি+স কণ্ঠ] *বি* দ্বৈতকণ্ঠ। 'দুই পেচক কলহ করিয়া আবার জুড়িকণ্ঠ মিশাইল।' *শওকত*, ১৯৫৮।

জুড়িগাড়ি, জুড়িগাড়ী [জুড়ি+স গন্ত্রী>] *বি* দুই ঘোড়ায় টানা গাড়ি। 'একটা বড়ো জুড়িগাড়ি।' *রবীন্দ্র*, ১৯০৭; 'মোটর, জুড়িগাড়ী ... বিচিত্র দালান এমারত প্রভৃতি।' *হেদায়েত*, ১৯৩৫।

জুড়ি জুড়ি *ক্রিবিণ* জোড়ায় জোড়ায়। 'সকলে মিলে জুড়ি জুড়ি ঘূর্ণনৃত্য আরম্ভ হল।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জুড়িদার *বিণ* সমকক্ষ। *বিদ্যা*, ১৮৯১; 'তারই জুড়িদার আরও জন তিন-চার রাজমিস্তিরি।' *নজরুল*, ১৯৩০।

জুড়িদারি *বি* সমকক্ষতা। *বিদ্যা*, ১৮৯১।

জুড়িনৃত্য *বি* যুগল নাচ। 'দুই জাতীয় বৈদ্যুতওয়ালা কণাবস্তুর জুড়িনৃত্য।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জুড়ি[২] *বি* প্রলাপ। *মানোএল*, ১৭৪৩।

জুড়ি[৩], **জুড়ী** [মু জুড়ি] *বি* বাদ্যযন্ত্রে বিশেষ বিন্যাসে ব্যবহৃত তার। 'তারের যন্ত্রে চিকারী ও জুড়ীর সাহায্যে সুরকে পুষ্ট করিবার যে পদ্ধতি আছে ...।' *মোতাহার*, ১৯৩৭।

জুঠ [স যূথ] *বিণ* একত্র; জোটবদ্ধ। 'প্রজারা এক জুঠ হইয়া নীল বুনিবে না এই প্রতিজ্ঞা করিল।' *অমৃতবাজার*, ১৮৬৯।

জুটা [স যূথ>] *ক্রি* জড়ো হওয়া। 'জুটিল মধুপাবলি হইয়া ব্যাকুল।' *রামনারায়ণ*, ১৮৫৪।

জুণি [স যেন] *অব্য* যেন। 'মাথার মুকুট কাহ্নাঞি ভাঁগি জুণি জাএ।' *বড়ু*, ১৪৫০।

জুৎ [স যুক্ত>] ১ *বি* সুবিধা। *বিদ্যা*, ১৮৯১। **২** *বি* যথাযথ আরাম। 'একটা চেয়ার টেনে জুৎ করে তার সামনে বসলেন।' *শামসুল*, ১৯৭৩।

জুৎসই [জুৎ+আ সওয়া] ১ *বিণ* সুষ্ঠ-সমর্থ। 'দেহ জুৎসই টেকসই রাখিবার জন্য ওসবের দরকার আছে।' *মনসুর*, ১৯৩৫। **২** *বিণ* উপযুক্ত। 'ধার তুলে তুলে জুৎসই করে নিতে হবে ছ্যানে।' *নরেন্দ্র*, ১৯৪৭।

জুত[১] [স যুক্ত] ১ *বি* সুখকর অবস্থা। 'যক্ষ দানা প্রেত ভূত বসতি সভার জুত।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* সুবিধা। 'অকথ্য ভাষায় তেমন জুত করে উঠতে পারে না সে।' *শিবরাম*, ১৯৫০।

জুত করিয়া বসা *ক্রি* আরাম করে বসা। 'তামাক সাজিয়া বেশ জুত করিয়া বসিতেই ...।' *তারা*, ১৯৪২।

জুতসই *বিণ* সুবিধামতো। 'মাঝে মাঝে ভান করতেন যেন জুতসই শব্দ খুঁজে পাচ্ছেন না।' *মুজতবা*, ১৯৫৯।

জুতি *ক্রিবিণ* অনুকূল অবস্থায়। 'নীরে ক্ষীরেতে ভেলা বায় কি জুতি।' *লালন*, ১৮৯০।

জুত[২] [হি জুতা] *বি* জুতা। 'ও ত জুত নয়।' *দীনবন্ধু*, ১৮৬৭।

জুতা[১], **জুতো** [হি] ১ *বি* পাদুকা। 'পায়ে দিল জুতা।' *বিজয়*, ১৬৫০; 'জুতো।' *ওসাঁ*, ১৭৮৫; 'সাহেবেরা যে প্যারেকমারা জুতো পরে জানিস নে?' *দীনবন্ধু*, ১৮৬০। **২** *বি* জুতার বাড়ি। 'এর দাম বিশঘা জুতো।' *হুতোম*, ১৮৬১।

AMARBOI.COM

জুতা খাওয়া *ক্রি* জুতা দ্বারা প্রহৃত হওয়া। 'চাবুকের বদলে স্বামীর জুতা খাইতে রাজি হইয়াছিল।' *মানিক*, ১৯৪০।

জুতাখাকি *বি স্ত্রী* গালিবিশেষ; জুতাপেটা হয় যে। 'সন্ন্যাসীর ওষুধ খেয়ে ছেলেটা জানিস জুতাখাকি।' *গিরিশ*, ১৮৮৭।

জুতাধারী *বিণ* জুতা পরিহিত। 'আচার ব্যবহার ও পোষাক ত্যাগ করিলেক অর্থাৎ চুল কাটা সাপাতু জুতাধারী মালাহীন।' *চন্দ্রিকা*, ১৮৩০।

জুতাবরদার, জুতোবর্দার [হি জুতা+ফা বরদার] *বি* জুতা বহনকারী ভৃত্য। 'জুতাবরদার।' *বিদ্যা*, ১৮৯১; 'ডেকে দাও কোথা আছে সর্দার, নিয়ে যাক দশ জুতোবর্দার।' *রবীন্দ্র*, ১৮৯৯।

জুতাবিক্রেতা *বি* জুতা বিক্রি করে যে। 'আমি জুতাবিক্রেতার বাড়িওয়ালার হাতে গিয়া পড়িলাম।' *প্রভাত*, ১৮৯৬।

জুতো-পেটা ১ *বি* জুতা দ্বারা আঘাত। 'যারা এদের জুতো-পেটা করত।' *রবীন্দ্র*, ১৯৩১। **২** *বি* অপমান। 'গোমূর্খামির জন্য আমি মনে মনে নিজেকে খুব জুতোপেটা করলুম।' *মুজতবা*, ১৯৫২।

জুতো-বওয়া *বিণ* জুতো বহন করে এমন। 'তুমি জুতো-বওয়া তার অধীন।' *নজরুল*, ১৯২৪।

জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ – ছোটোবড়ো নির্বিশেষে সব কাজ করা। 'জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ।' *প্রমথ*, ১৯৪০।

জুতা[১] [স যুত>] *ক্রি* জুড়ে নেওয়া। 'অনেকগুলো ঘোড়াকে এক গাড়িতে জুতে, এক রাস্তা দিয়ে, এক উদ্দেশ্যের দিকে নিয়ে যাওয়া।' *রবীন্দ্র*, ১৮৯২।

জুতানো [হি জুতা>] *বি* জুতা দিয়ে প্রহার। *বিদ্যা*, ১৮৯১; 'ঠ্যাঙানো, কিলোনো, ঘুষোনো, গুঁতোনো, চড়ানো, লাথানো, জুতানো।' *রবীন্দ্র*, ১৯০৮।

জুতার *বি* গোড়ালি। *মানোএল*, ১৭৪৩।

জুতি[১] [স জ্যোতিঃ] *বি* জ্যোতি। 'মাণিক জিনিঞা/ দশন জুতি।' *বড়ু*, ১৫৭০।

জুতি[২] [স যূথী>] *বি* এক প্রকার সুগন্ধী ফুল। 'তুলসি মালতি জাতি অমলকী কুন্দ জুতি।' *মালাধর*, ১৫০০।

জুতি[৩] [হি জুতা>] *বি* জুতা। 'চরণে বিলাতী জুতি, পরিলেন ধোপধুতি।' *গুপ্ত*, ১৮৫৮।

জুতির্মএ [স জ্যোতির্ময়] *বিণ* জ্যোতির্ময়। 'রত্তনের কন্দিল অধিক জুতির্মএ।' *সুলতান*, ১৭০০।

জুতী [স যুক্তি] *বি* মনোযোগ। 'রান্ধনের জুতী হারায়িলোঁ বড়ায়ি।' *বড়ু*, ১৪৫০।

জুতুয়া [স যুক্ত] *বি* জুতা। 'সেই লাল জুতুয়া হয়ে দেখা দিলে।' *অবন*, ১৯২৫।

জুতো *দ্র* জুতা

জুতোবর্দার *দ্র* জুতাবরদার

জুথি [স যূথী] *বি* জুঁই ফুল। 'সতবর্গ মালতি জুথি কুন্দ কুরুবক।' *মুকুন্দ*, ১৬০০।

জুদা [ফা] *বিণ* ভিন্ন। 'তাহা মোরে দেহ জুদা।' *চণ্ডী*, ১৫৫০।

জুদিসিয়াল [হি] *বিণ* বিচার বিভাগীয়। 'জুদিসিয়াল ও রেবিনিউ সম্পর্কীয় যে সকল উচ্চ পদ প্রকাশ পাইয়াছে ...।' *দর্পণ*, ১৮৩৫।

জুদ্ধ [স যুদ্ধা] *বি* লড়াই। 'পাইলে জুদ্ধ সহিবারে নারি।' *মালাধর*, ১৫০০।

জুদ্ধরিস [স যুদ্ধবিশারদ] *বিণ* যুদ্ধবিদ্যায় পারদর্শী। 'জুদ্ধরিস হউক স্বামী রনে মহাবলী।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জুদ্ধি [স যুদ্ধ] *বি* যুদ্ধ; সংগ্রাম। 'তবেত আমার বাপ জুদ্ধি সঙ্কলিল।' *মালাধর*, ১৫০০।

জুন [ই] *বি* খ্রিস্টীয় পঞ্জিকার ষষ্ঠ মাস। '১৭৫৬ সালের জুন মাসে নবাবি হল্লামার সময় ...।' *মেয়র্স*, ১৭৫৭।

জুনি, জুনী [স যেন] *অব্য* যেন না। 'বন্ধন ঘুচাহ জুনি দেখে দেবগণে।' *বড়ু*, ১৪৫০; 'কোলে কর কাহ্নাঞি বড়ায়ি জুনী জাণে।' *বড়ু*, ১৪৫০।

জুনিয়র [ই] *বিণ* নিম্নপদস্থ। 'যে সকল সাহেব জুনিয়র অর্থাৎ কনিষ্ঠ পদাভিষিক্ত।' *বঙ্গদূত*, ১৮২৯।

জুনিয়র পরীক্ষা [ই জুনিয়র+স পরীক্ষা] *বি* প্রাথমিক স্কুলের সমাপনী পরীক্ষা। 'দ্বিতীয় শ্রেণী হইতেই জুনিয়র পরীক্ষা দিতে বাধ্য হইলেন।' *হরপ্রসাদ*, ১৮৮৬।

জুনো [ই] *বি* একটি গ্রহাণুর নাম। 'জুনো, সীরিস, পালাস, হাইজজির প্রভৃতি ১৪৮ এক শত আটচল্লিশটা ক্ষুদ্র গ্রহ।' *অক্ষয়*, ১৮৫৪।

জুপ জুপ [ধ্বন্যা] *বি* ভারী বস্তু পানিতে পড়ার শব্দ। 'হাত পা অস্থি আলাদা আলাদা জুপ জুপ পড়ে গেল সাগরজলে।' *কায়সার*, ১৯৬২।

জুবড়ি [স যবস্] *বিণ* অতিরিক্ত ভিজা। 'মাথাটা ভিজে যে একেবারে জুবড়ি হয়ে গিয়েছে।' *বিভূতি*, ১৯২৯।

জুবরে [স যবস>] *বিণ* খুব ভেজা। 'সাপুর সুপুর জুবরে দাড়ি।' *গুপ্ত*, ১৮৫৮।

জুবতি, জুবতী [স যুবতি] *বি স্ত্রী* প্রাপ্তযৌবন নারী। 'জনম হোঅএ জদি জঙ্ঘ পুনু হোই। জুবতী ভহ জনমএ জনি কোই।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'কেমতে পাইব সেই সুন্দর জুবতি।' *মালাধর*, ১৫০০।

জুবান [ফা জওয়ান] *বি* জোয়ান। 'সব জুবান রাজপুত পাঠান মজবুত।' *ভারত*, ১৭৬০।

জুবিলি, জুবিলী [ই] *বি* জয়ন্তী; জন্মতারিখ। 'পঞ্চাশৎ বার্ষিকী জুবিলী উপলক্ষে সভা।' *রোকেয়া*, ১৯২৭; 'জুবিলি উৎসবে সভাপতি।' *নজরুল*, ১৯২৮।

জুবুথুবু [স যুবত্থবির] *বি* আড়ষ্ট। 'কতোকাল জুবুথুবু হয়ে মধ্যবিত্ত নাগরিক জীবনের সুখ নিংড়ে বের করতে চাইবে?' *সেলিনা*, ১৯৭৫।

জুবেক [স যুবক] *বি* যৌবন। *মানোএল*, ১৭৪৩।

জুব্বা [আ] *বি* আলখাল্লা। 'গলায় হজ্জের জোব্বা ঝুলে পড়ে গায়।' *গরীব*, ১৭৬৫।

জুভা [স জিহ্বা] *বি* জিহ্বা। 'জুভাখান খাণ্ডার সমান।' *মুকুন্দ*, ১৬০০।

জুম [আ জুলুম] **১** *বি* স্পর্ধা। 'এত জুম আজ্ঞা বিনা বুকে হাত দিলা।' *ভারত*, ১৭৬০। **২** *বি* জুলুম। 'বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম।' *ভারত*, ১৭৬০। **৩** *বি* পার্বত্য এলাকায় চাষাবাদের বিশেষ পদ্ধতি। 'জুম চাষের জন্য আগুন দিয়াছে।' *বিভূতি*, ১৯৩৮।

জুমজুম [আ জমজম] *বি* মক্কার জমজম নামক কূপ। 'জুমজুমেরি পানি যেন করছে তারা পান।' *জসীম*, ১৯২৯।

জুমল [আ জুমলা] *বি* মোট। *বিদ্যা*, ১৮৯১।

জুমলা [আ] **১** *বি* হিসাব। 'এই আমদানীর জুমলা এইরূপে লেখা যায় যে ...।' *দর্পণ*, ১৮২৫। **২** *বিণ* মোট। *দর্পণ*, ১৮২৮। 'শ্যামবাজারের পাঠশালাতে ৩ জন করিয়া পড়ে ইহাতে জুমলা ২৪০

AMARBOI.COM

জন হইল।' *দর্পণ*, ১৮২৮।

জুমা [আ জুমআহ] *বি* ইসলামিমতে শুক্রবার দুপুরের সমবেত উপাসনা। 'জুমা জমাতে শরিক করা।' *এসলাম*, ১৯১৯।

জুমিয়া [জুম>] *বি* নৃগোষ্ঠী বিশেষ। 'এক-এক জায়গায় জুমিয়া চাষারা এক-একটা পাহাড় সমস্ত দগ্ধ করিয়া রাখিয়াছে।' *রবীন্দ্র*, ১৮৮৪; 'রাজবংশী, চাকমা, জুমিয়া প্রভৃতি মঙ্গোলীয় জনসমষ্টিভুক্ত মানুষ।' *এনামুল*, ১৯৫৫।

জুম্মা [আ জুমআহ] *বি* শুক্রবার। 'জুম্মা দিনে নৃপতি হইয়া রোজাদার।' *আলাওল*, ১৬৮০।

জুম্মাবার [আ জুমআহ+ফা বার] *বি* শুক্রবার। 'আগামী জুম্মাবার জয়নাল দ্বারা মহারাজের নামে খোৎবা পাঠ করাইব।' *মশাররফ*, ১৮৮৫।

জুম্মা মসজিদ [আ] *বি* শুক্রবার দুপুরের সমবেতভাবে নামাজ পড়া হয় এমন মসজিদ। 'রেশমী চাদর উপরে টানাইয়া জুম্মা মসজিদে লইয়া গেল।' *দর্পণ*, ১৮২১।

জুম্মার ঘর [আ জুমআহ+ঘর] *বি* জুম্মার নামাজ পড়া হয় এমন মসজিদ। 'আগু করডা জুম্মার ঘরে দিয়া আবি।' *ইসহাক*, ১৯৫৫।

জুম্মার নামাজ [আ জুমআহ+ফা নামাজ] *বি* ইসলামিমতে শুক্রবার দুপুরের সমবেত উপাসনা। 'জুম্মার নামাজের জমাতে এবং হাট-বাজারের অলি-গলিতে।' *মনসুর*, ১৯৪৪।

জুয়া[১], **জুয়ানো** [স যুজ্] ১ *ক্রি* যোগ্য হওয়া। 'লোকাচার উর্দ্ধে তার করিতে জুয়াএ।' *মালাধর*, ১৫০০। ২ *ক্রি* ইচ্ছা হওয়া। 'অজ্ঞ-অপরাধ ক্ষমা করিতে জুয়ায়।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৩ *ক্রি* হওয়া। 'কহিতে না জুয়ায় তবু রহিতে না পারি।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ৪ *ক্রি* শোভা পাওয়া। 'চণ্ডীদাস কহে রাই ইহা না জুয়ায়।' *চিচণ্ডী*, ১৬০৫। ৫ *ক্রি* ইচ্ছা করা। 'ছুঁতে না জুয়ায় বেটা জারুয়া চেমনে।' *মুকুন্দ*, ১৬০০। ৬ *ক্রি* উচিত হওয়া। 'এমত অশক্য কথা কহিতে না জুয়এ।' *কবীন্দ্র*, ১৬৮৯। ৭ *ক্রি* সুযোগ হওয়া। *মানোএল*, ১৭৪৩। ৮ *ক্রি* জোগানো। 'সে এলে অবশ তনু, কথা না জুয়ায় আর।' *সত্যেন্দ্র*, ১৯১২।

জুয়া[২], **জুয়ো** [স দ্যূত] *বি* বাজি রেখে প্রতিযোগিতামূলক খেলা। 'অনেক২ লোক আসিয়া জুয়া খেলা করে।' *দর্পণ*, ১৮১৮; 'এখন জুয়ো খেলায় মত্ত হয়ে/ কাঁদিতে হবে সব হারায়ে।' *লালন*, ১৮৯০।

জুয়া খেলন [স দ্যূত>] *বি* জুয়া খেলা। *ওসাঁ*, ১৭৮৫।

জুয়াচুরি, জুয়াচুরী [স দ্যূত>+স চোর>] ১ *বি* ঠকানোর জন্যে ভুল বুদ্ধি দেওয়া। 'জুয়াচুরি।' *ওসাঁ*, ১৭৮৫। ২ *বি* ধোঁকাবাজি। 'চুরি জুয়াচুরি পরদারী ভাঁড়ামী ঠকামী বদনামী কোটনামীতে অদ্বিতীয়।' *ভবানী*, ১৮২৮; 'খুড়োর কথা মত – এ সকল প্রলয় জুয়াচুরী।' *হুতোম*, ১৮৬১।

জুয়াচোর [স দ্যূত>+স চোর] *বি* প্রতারক। 'এক গ্রামে দুই জুয়াচোর থাকে।' *কেরি*, ১৮১২।

জুয়াচুরি, জুয়াচুরী [স দ্যূত>+স চোর>] ১ *বি* জোচ্চুরি। 'ক্রমে হিন্দুধর্ম্মের সঙ্গে সঙ্গে এ সকল জুয়াচুরীরও লাভব হয়ে আসচে।' *হুতোম*, ১৮৬১। ২ *বি* ধোঁকাবাজি। 'ও-সব জুয়োচুরি কথা আর শুনছিনে।' *প্রমথ*, ১৯১৮।

জুয়াড়ি, জুয়াড়ী [স দ্যূত>] *বি* জুয়া খেলায় আসক্ত যে। '(এই) জাত-জুয়াড়ির ভাগ্যে আছে আরো অশেষ দুঃখ সওয়া।' *নজরুল*, ১৯২৪; 'বিকালের দিকে জুয়াড়ী ধরা পড়িল।' *বিভূতি*, ১৯৩৮।

জুয়াদার [স দ্যূত>+ফা দার] *বিণ* জুয়া খেলে এমন। *মানোএল*, ১৭৪৩।

জুয়োখেলা [স দ্যূত>] *বি* যে খেলায় বাজি রাখা হয়। 'বুকের উপর দিয়ে জুয়োখেলা চলছে।' *রবীন্দ্র*, ১৯২৬।

জুয়ান [ফা জওয়ান] ১ *বি* যুবক। *ওসাঁ*, ১৭৮২। ২ *বিণ* তরুণ; শক্ত-সমর্থ। 'আমায় বে দিলি কেন? আমার অমন জুয়ান ভাতার ছিল।' *গিরিশ*, ১৮৮৭।

জুয়ার [হি জুবার] *বি* জোয়ার; চাঁদসূর্যের আকর্ষণে নদী ও সাগরের জল স্ফীত হওয়া। *ওসাঁ*, ১৭৮২।

জুয়ার ভাঁটি *বি* জোয়ার ও ভাটা; নদী ও সাগরের জলের প্রবাহ। 'জুয়ার ভাঁটি হউক টুটিআ জাউক জল।' *মুকুন্দ*, ১৬০০।

জুয়ারি, জুয়ারী [স দ্যূত>] ১ *বিণ* জুয়ারির মতো। 'জুয়ারী ঢেমন সম চরিত্র তোমার।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* জুয়া খেলে যে। 'প্রসিদ্ধ জুয়ারিদিগের খেলার নিমিত্ত এক স্থান স্থির করিয়া রাখিয়াছেন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৭।

জুয়ারিয়া [স জলবৃদ্ধি] *বিণ* জোয়ারের ফলে সৃষ্ট। 'জুয়ারিয়া বিল ও চর সমস্ত জল ভরা।' *কেরি*, ১৮০২।

জুয়েল [হি] *বি* রত্ন। 'অপু একটা জুয়েল।' *বিভূতি*, ১৯৩১।

জুয়েলার [হি] *বি* অলংকার প্রস্তুতকারী। 'টাকাটা ওরা জুয়েলারকে দিয়ে দেবে।' *শামসুল*, ১৯৭৩।

জুয়েলারি [হি] *বি* রত্নখচিত অলঙ্কারসামগ্রী। 'জুয়েলারির আর কাপড়ের দোকান।' *নজরুল*, ১৯৩১।

জুয়ো দ্র **জুয়া**

জুর [ফা জোর] *বিণ* জোর। 'জুর পায়ে সুজনে।' *আলাওল*, ১৬৮০।

জুরাতাই *বি* টাক। *ওসাঁ*, ১৭৮৫।

জুরি, জুরী [হি] *বি* বিচারকের সহায়তাকারী মনোনীত ভদ্রমণ্ডলী। 'বিজ্ঞ বাঙালিরদিগকে এই উচ্চ জুরিপদ অর্পণ করিবার মানসে ...।' *দর্পণ*, ১৮২৫।

জুরিসডিক্সন [হি] *বি* এক্তিয়ার; প্রভাবসীমা। 'সহরের অনেক বেশ্যা গোঁসায়ের জুরিসডিক্সনের ভেতর।' *হুতোম*, ১৮৬১।

জুর্দ্দতা [স যোগ্যতা] *বি* যোগ্যতা। 'এত বড় জুর্দ্দতা আমার ঘর ভাঙ্গে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

জুর্দ্দপতি [স যোদ্ধৃপতি] *বি* বড়ো যোদ্ধা। 'আতিবড় জুর্দ্দপতি সর্ব্বাঙ্গে সুন্দর।' *মালাধর*, ১৫০০।

জুলজুল [স জ্বলজ্বল] *ক্রিবিণ* লোভাতুর দৃষ্টিতে। 'যেমন সিংহ শীকার ধরিলে শৃগাল জুলজুল চাহিয়া দেখে।' *ভবানী*, ১৮২৮।

জুলনী [ফা জুলাহা>] *বি স্ত্রী* মুসলমান তাঁতি। 'জোলা আর জুলনী হাত ধরাধরি করিয়া ...।' *জসীম*, ১৯৬৪।

জুলপি, জুলপী [ফা জুল্‌ফ] *বি* জুলফি; কানের পাশ দিয়ে ঝুলে-পড়া লম্বা চুল। 'তাহারা আপন২ পসন্দ মত চুল কাটিয়া জুলপী বাহির করেন।' *ভবানী*, ১৮২৮।

জুলফ [ফা জুল্‌ফ] *বি* কানের পাশ দিয়ে ঝুলে-পড়া লম্বা চুল। 'জুলফ ধরিয়া কারে ফেলিল টানিয়া।' *গরীব*, ১৭৬৫।

জুলফওয়ালি [ফা জুল্‌ফ+হি ওয়ালী>] *বিণ* অলকগুচ্ছ আছে এমন নারী। 'নব বোগদাদি আলিফ লায়লা, শাজাদি জুলফওয়ালি।' *নজরুল*, ১৯২৮।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জুলফি [ফা জুল্‌ফ] *বি* কানের পাশ দিয়ে ঝুলে-পড়া লম্বা চুল। 'জুলফির পাশের দাগটাও বেশ সরু আর লম্বা।' *জীবন*, ১৯৩২।

জুলফিআলা [ফা জুল্‌ফ+হি ওয়ালা] *বিণ* কানের পাশে গালের কিছুদূর পর্যন্ত দাড়ি আছে এমন। 'জুলফিআলা মস্তানগুলি হালায় ফাইব ফিফটি ফাইব মারতাছে!' *ইলিয়াস*, ১৯৭২।

জুলফিকার, জুলফেকার [আ] *বি* (ইসলাম) হজরত আলীর তলোয়ার। 'মারিলেক জুলফিকার সিফর উপর।' *সুলতান*, ১৭০০; 'জুলফেকার খুলবে তার দুধারী ধার।' *নজরুল*, ১৯২২।

জুলমাত [আ জুলমত] *বি* অন্ধকার। 'দিনের আকাশে একী জুলমাত মাঝি!' *ফররুখ*, ১৯৪৩।

জুলয়া [হি জুলনা>] *বি* মঙ্গলধ্বনিবিশেষ; উলুধ্বনি। 'মঙ্গল জুলয়া দিলা সুললিত সুরে।' *আলাওল*, ১৬৮০।

জুলা [ফা জুলাহা] *বি* তাঁতি। *ওসাঁ*, ১৭৮৫।

জুলাই [হ] *বি* খ্রিস্টীয় পঞ্জিকার সপ্তম মাস। 'দসঞি জুলাই সন ১৭৮৪।' *ক্যালগে*, ১৭৮৪।

জুলি [স জল>] *বি* সরু নালা; জোল। 'দেহলা পাতিল আঠার খালি জুলি।' *মুকুন্দ*, ১৬০০।

জুলু *বি* দক্ষিণ আফ্রিকার অধিবাসী সবচেয়ে বড়ো উপজাতির ভাষা। 'জুলু ভাষায় বললে ... ।' *বিভূতি*, ১৯৩৭।

জুলুওয়া [হি জুলনা>] *বি* বিবাহের আচারবিশেষ। 'নেকা পড়াইয়া যে জুলুওয়া দেলাইল।' *গরীব*, ১৭৬৫।

জুলুফে [ফা জুল্‌ফ] *বি* কানের দু পাশ দিয়ে ঝুলে-পড়া লম্বা চুল। 'দেখিয়া জুলুফে মদন কুলুফে।' *চণ্ডী*, ১৫৫০।

জুলুম [আ জুলম] **১** *বি* অত্যাচার। 'কিবা যাকে জ্বালেমে জুলুম কষ্ট কাটে।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* জবরদস্তি। 'তার সঙ্গে রফতের জুলুম সহ্য করিতে কোনো কষ্ট হয় না।' *শওকত*, ১৯৫৮।

জুলুমতন্ত্র [আ জুলম+স তন্ত্র] *বি* নির্যাতনতন্ত্র। 'সম্পর্কচ্যুত মানুষ ... নেতার অনুসরণ করে ... জুলুমতন্ত্রের গড্ডলে সমর্থক হয়ে ওঠে।' *শিব*, ১৯৫৬।

জুলুমবাজ [আ জুলম+ফা বাজ] *বি* অত্যাচারী। 'গোলাম ওরা সালাম করে জুলুমবাজে।' *নজরুল*, ১৯২২।

জুলুমবাজী [আ জুলম+ফা বাজী] *বি* অত্যাচারীর আচরণ। 'জুলুমবাজীর পাহাড় ভার।' *ফররুখ*, ১৯৪৬।

জুলুয়া [হি জুলনা] *বি* মঙ্গলধ্বনিবিশেষ; উলুধ্বনি। 'জুলুয়া দিলেন্ত সব করি হুলাহুলি।' *সুলতান*, ১৭০০।

জুষ্টিষ [ই জাস্টিস] *বি* বিচারপতি। *ক্যালগে*, ১৭৯৪; 'চিপ জুষ্টিষ আফ দি পিস সাহেব লোকেরা এই হুকুম দিয়াছেন।' *দর্পণ*, ১৮২৫।

জুষ্টিস [ই জাস্টিস] *বি* সুবিচার। 'জুষ্টিস কর।' *বঙ্কিম*, ১৮৭৪।

জুস [স যূষ] *বি* ঝোল। 'রোহিত মৎসের জুস যতনে রান্ধিয়া।' *মানিকরাম*, ১৭৮১।

জুহ্ [স জিহ্বা] *বি* জিভ। 'জুহ লোলনা সঘন লার।' *কৃষ্ণরাম*, ১৭২০।

জুহার [স জয়কার] *বি* জয়ধ্বনি। 'কালু কয় সম্মুখে জুহার সাত বার।' *মানিকরাম*, ১৭৮১।

জৃম্ভকাস্ত্র [স] *বি* দিব্যাস্ত্রবিশেষ। 'জৃম্ভকাস্ত্র প্রয়োগ বর্ণনা অস্বাভাবিক, অতিপ্রাকৃত।' *বঙ্কিম*, ১৮৮৭।

জৃম্ভণ [স] *বি* হাই তোলা বা ওঠা। 'আমি আছি দীর্ঘশ্বাসে ঘনিষ্ঠ আশ্লেষে, জৃম্ভণেই অথবা কান্নায়।' *আহসান*, ১৯৫০।

জৃম্ভিত [স] *বিণ* বিস্তৃত। 'তখনও যেসব স্কুলের রাস্তা ছিল কলকাতা য়ুনির্ভাসিটি প্রবেশদ্বারের দিকে জৃম্ভিত।' *বঙ্কিম*, ১৮৮৭।

জেঁকে ওঠা, জেঁকে বসা দ্র জাঁকা

জে [পা যে] **১** *সর্ব* যে। 'জে জে উজু বাটে গেলা অনাবাটা ভইলা সোঙ্গে।' *চর্যা ১৫*, ১২০০। **২** *বিণ* যত। 'মো জে সখি সব সঙ্গে করিবোঁ।' *বড়ু*, ১৪৫০। **৩** *সর্ব* যা। 'করে কর ধরি জে কিছু কহল বদন বিহসি থোর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জেকালে *ক্রিবিণ* যে সময়ে। 'জেকালে অভয়া আইল কলিঙ্গের দেশে।' *মুকুন্দ*, ১৬০০।

জেখান *বি* যেখান। 'জেখানে পড়ে মা গো তোমার তালের ঘা।' *বিজয়*, ১৬৫০।

জেখানে *ক্রিবিণ* যেখানে। 'জেখানে বসিআ আছে সাধু শ্রীয়পতি।' *মুকুন্দ*, ১৬০০।

জে জে ১ *ক্রিবিণ* যে যে। 'জে জে উজু বাটে গেলা অনাবাটা ভইলা সোঙ্গে।' *চর্যা ১৫*, ১২০০। **২** *ক্রিবিণ* যেমনি যেমনি। 'জে জে উপায় করি চিত্ত সিদ্ধ করি।' *মালাধর*, ১৫০০।

জে তাগাদি *ক্রিবিণ* যারপরনাই। 'তবে জে তাগাদি তোমার উপর বেজার হইব।' *হ্যালহেড*, ১৭৭৩।

জেবা ১ *সর্ব* যেই। 'জেবা দুষ্ট কংসরাজা তোমার নাম সুনি।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রিবিণ* যেমন। 'গোচরিঞা ফল ধরাইব জেবা জানি।' *বড়ু*, ১৫৭০। **৩** *সর্ব* যা। 'অবশেষে জেবা ছিল রন্ধন করিল।' *মুকুন্দ*, ১৬০০।

জে মত *ক্রিবিণ* যে রকম। 'পূর্ব্বে অক্ষত যুনি আছিল জে মত।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জেমত *বিণ* যেমন। *মেয়র্স*, ১৭৫৭; 'জেমত২ কথোপকথোন।' *বোগল*, ১৭৭০।

জেমতী *ক্রিবিণ* যেমনি। *মেয়র্স*, ১৭৭৩।

জেমতে *ক্রিবিণ* যে প্রকারে; যেরূপে। 'জেমতে কইল বিভা শ্রীমধুসোদনে।' *মালাধর*, ১৫০০।

জেরূপ *বিণ* যেমন। 'জেরূপ চাতুরি দেখিল সঙ্কর শিষ্যগণ।' *বিজয়*, ১৬৫০।

জে সকল *বিণ* যে সকল; যেসব। 'দুই প্রহর সময় নিলাম সুরু হবেক এবং সেই কাণীনিয়োা জে সকল লোক ... হাজির হবেক।' *ক্যালগে*, ১৭৮৭।

জে হঅ *ক্রি* যা হয়। *ওসাঁ*, ১৭৮২।

জেহএ *বিণ* যেমন। 'বিচিত্র বসন দিল জেহএ উচিৎ।' *মালাধর*, ১৫০০।

জেহি *বিণ* যেমন। 'জেহি মত জেহি দিন জেহি পরস্তাব।' *বাহরাম*, ১৬৫০।

জেহেন ১ *বিণ* যে রকম। 'জেহেন অর্জ্জুন দেখি সিসু অল্প বএ।' *মালাধর*, ১৫০০। **২** *অব্য* যেমন। 'পুষ্পের জেহেন মালা।' *মুকুন্দ*, ১৬০০।

জেহের *ক্রিবিণ* যে রূপ। 'জেহের দক্ষিনা বাত সেহ করে আসোআস্ত।' *মালাধর*, ১৫০০।

AMARBOI.COM

জেআদা [আ জিয়াদাহ] *বিণ* অধিক। 'জেআদা কী লিখী।' *ওসাঁ*, ১৭৭৯।

জেআরত [আ জিয়ারত] *ক্রি* পরিদর্শন। 'মওতার কবর করিব জেআরত।' *আলাওল*, ১৬৮০।

জেই [পা যে>] ১ *সর্ব* যে। 'ধর্ম হিংসা জেই করে অকালে সে মরে।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* যেমন। 'জেই ইচ্ছা করহ তেমন।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *সর্ব* যা। 'নিজ মনে জেই লএ সেই কর্ম করে।' *রবীন্দ্র*, ১৬৮৯।

জেইক্ষণ [পা যে+স ক্ষণ] *ক্রিবিণ* যতক্ষণ অবধি। 'মদিনাতে যেইক্ষণে আছিল ইমাম।' *বাহরাম*, ১৬৫০।

জেওর [ফা জীওয়ার] *বি* অলঙ্কার। 'সকল জেওর খুলিয়া ফেলিলে তুমি।' *নজরুল*, ১৯২৮।

জেওরপত্তর [ফা জীওয়ার+স পত্র] *বি* অলঙ্কারাদি। 'লাশ উল্টেপাল্টে দেখেছে, পয়সাকড়ি জেওরপত্তর যদি মেলে।' *আলাউদ্দিন*, ১৯৬৩।

জেওরা [ফা জীওয়ার] *বি* অলঙ্কার। 'জেওরাতে শোভা যেন করিয়াছে মিলি।' *গরীব*, ১৭৬৫।

জেঁ [স যেন] *ক্রিবিণ* যেন। 'জেঁ অজরামর হোই দিঢ় কান্ধঃ।' *চর্যা* ৩, ১২০০।

জেঁণ [স যেন] *সর্ব* যেন। 'জেঁণ তুটঅ অবণা গবণা।' *চর্যা* ২১, ১২০০।

জেকের [আ জিকর] *বি* জিকির; জপ। 'এই জেকেরের দরজা ভারি।' *লালন*, ১৮৯০।

জেগে ওঠা, জেগে থাকা দ্র জাগা[২]

জেঙ্গালি পেয়াজি *বি* এক প্রকার রঙের নাম। 'কুসমি সঙ্গলি, জেঙ্গালি পেয়াজি ... ইত্যাদি নানা রঙ্গে রঙ্গীন সাড়ি পরিধান করেন।' *ভবানী*, ১৮২৮।

জেট [ই] *বি* দ্রুতগামী বিমানবিশেষ। 'জেট-প্লেন উঠে যায় কোনো-এক অন্তহীন রাত্রির হৃদয়ে।' *বুদ্ধ*, ১৯৬৬।

জেটতুত, জেটতিত, জেটতুতা [স জ্যেষ্ঠতাত] *বিণ* জ্যেষ্ঠার সূত্রে আত্মীয়। 'বাপের জেটতিত ভাই।' *ওসাঁ*, ১৭৭৯; 'জেটতুতা ভগ্নি, জেটতুত ভগ্নিপতি, জেট সম্বুর, শ্বড় সম্বুড়।' *ওসাঁ*, ১৭৮২।

জেটসম্বুর [স জ্যেষ্ঠশ্বশুর] *বি* স্বামী বা স্ত্রীর জেঠা। *ওসাঁ*, ১৭৮২।

জেটসাম্বুড়ী [স জ্যেষ্ঠশ্বশ্রূ] *বি* স্ত্রী স্বামী বা স্ত্রীর জেঠাই। *ওসাঁ*, ১৭৮২।

জেটা [স জ্যেষ্ঠ] *বি* জেঠা; পিতার বড়ো ভাই। 'শ্রীযুত রামানন্দ ঘোষজা জেষ্টতাত এবং জেটা তথা শ্রীযুত ...।' *ওসাঁ*, ১৭৭৯।

জেটি[১] [স জ্যেষ্ঠী] *বি* টিকটিকি। 'শঙ্খের মুটি জেটি মক্ষিকার মুণ্ড।' *মুকুন্দ*, ১৬০০।

জেটি[২] [ই] *বি* বড়ো ধরনের নৌযান থেকে যাত্রী ও মালমাল নামানো ও তোলার ঘাট। 'স্টিমারটা জেটিতে লাগল।' *জীবন*, ১৯৩১।

জেঠ[১] [স জ্যৈষ্ঠ] *বি* জ্যৈষ্ঠ মাস। 'জেঠ মাস গেল আসাঢ় পরবেশ।' *বড়ু*, ১৪৫০।

জেঠ[২] [স জ্যেষ্ঠ] *বি* জ্যেষ্ঠ। 'বালা সৈসব তারুন ভেট। লখএ ন পারিঅ জেঠ কনেট।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জেঠতত [স জ্যেষ্ঠতাত>] *বিণ* পিতার বড়ো ভাইয়ের সঙ্গে সম্পর্কিত। *বিদ্যা*, ১৮৯১।

জেঠতুতো ভগিনী [স জ্যেষ্ঠতাত ভগিনী] *বি* জেঠার কন্যা। *ওসাঁ*, ১৭৮৫।

জেঠতুতো ভাই [স জ্যেষ্ঠতাত ভ্রাতা] *বি* জেঠার পুত্র। *ওসাঁ*, ১৭৮৫।

জেঠা [স জ্যেষ্ঠ] ১ *বি* পিতার বড়ো ভাই। 'ইহার বাপ-জেঠা বিষয়-বিষ্ঠা-গর্ত্তের কীড়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* পাকা। 'বাক্যে জেঠা, কর্মে খোঁটা।' *ভবানী*, ১৮২৮।

জেঠামশায় [স জ্যেষ্ঠমহাশয়] *বি* পিতার বড়ো ভাই। 'জেঠামশায় কবে কলিকাতায় ফিরিবেন।' *রবীন্দ্র*, ১৯০২।

জেঠাই [স জ্যেষ্ঠা] *বি* পিতার বড়ো ভাই। *বিদ্যা*, ১৮৯১।

জেঠাইমা [স জ্যেষ্ঠ-মাতা] *বি* পিতার বড়ো ভাইয়ের স্ত্রী। 'কেন জেঠাইমা, আমরা কলিকালের মেয়ে কেন।' *মাইকেল*, ১৮৬০।

জেঠাত [স জ্যেষ্ঠতাত>] *বিণ* পিতার বড়ো ভাইয়ের সঙ্গে সম্পর্কিত। *বিদ্যা*, ১৮৯১।

জেঠামি [স জ্যেষ্ঠ>] *বি* পাকামি। *বিদ্যা*, ১৮৯১; 'বাইরের লোক মেয়েদের জেঠামি সইতে পারে না।' *রবীন্দ্র*, ১৯৪০।

জেঠি[১] [স জ্যেষ্ঠী] *বি* টিকটিকি। 'কেমন দারুণ বেলা আইলাঙ তাণ্ডবশালা হাঁছি জেঠি না পড়িল বাধ।' *মুকুন্দ*, ১৬০০।

জেঠি[২] [স জ্যেষ্ঠতাত>] *বি* পিতার বড়ো ভাইয়ের স্ত্রী। 'পুত্র বলি কোলে করে খুড়ি আর জেঠি।' *রূপরাম*, ১৭৫০।

জেঠিমা [স জ্যেষ্ঠ-মাতা] *বি* পিতার বড়ো ভাইয়ের স্ত্রী। 'পিসিমা জেঠিমা কাকিমারা কেউ এলেন না।' *জীবন*, ১৯৩২।

জেড়শাস [স জ্যেষ্ঠশ্বশ্রূ] *বি* স্ত্রীর বড়ো বোন। 'আপনি আমার জেড়শাস।' *নজরুল*, ১৯২৭।

জেণ্টিলম্যান [ই] *বি* ভদ্রলোক। 'আমি হামেহাল জেণ্টিলম্যান।' *মুজতবা*, ১৯৫২।

জেত [স জাতি] *বি* জাত। 'লালন কয় জেতের কী রূপ দেখলাম না এই নজরে।' *লালন*, ১৮৯০।

জেতই [পা যতো] *ক্রিবিণ* যতোই। 'জেতই বোলী তেতবি টাল।' *চর্যা* ৪০, ১২০০।

জেতা[১] [স জ্যান্ত] *বি* জ্যান্ত যা। 'জেতা এড়িয়া কেন মড়া খাইতে চাও।' *বিজয়*, ১৬৫০।

জেতা[২] [স] *বি* জয়ী হয়েছে যে। 'তাহা জেতা ও বিজিতের মধ্যে।' *বঙ্কিম*, ১৮৭৯।

জেতৃ [স] *বি* জিতেছে যে। 'জেতৃ ও জিত-জাতির মধ্যে সেতুবন্ধন ...।' *রবীন্দ্র*, ১৮৯০।

জেতৃপক্ষ [স] *বি* জয়লাভ করেছে এমন পক্ষ। 'জেতৃপক্ষের ঘন ঘন হুঙ্কার ...।' *মশাররফ*, ১৮৯০।

জেতে [স জাতি>] ১ *বিণ* জাতের। 'সে বেটা জেতে নেড়ে ...।' *প্যারী*, ১৮৫৮। ২ *বিণ* একই শ্রেণীর বা ধর্মের অন্তর্গত। 'না হবে কেন? জেতে-ভাই কি না।' *গ্রামবার্তা*, ১৮৭২।

জেদ[১] [আ জিহাদ] *বি* যুদ্ধ। 'এরূপ রাজক্ষমতাধারী ব্যক্তি বা সম্প্রদায়ের বিরুদ্ধে জেদ না করিলে ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

জেদ[২] [আ জিদ্দ] ১ *বি* জোর। 'আপনাকে আমি জেদ করে এখানে

AMARBOI.COM

পাঠয়েছিলাম।' *দীনবন্ধু*, ১৮৬৭। ২ *বি* একগুঁয়েমি। 'বাঙ্গালেরা ... সর্বশান্ত করিয়াও, জেদ বজায় রাখে।' *বিদ্যা*, ১৮৭৩।

জেদাজেদি [আ জিদ্দ] *বি* পুনঃপুন একগুঁয়েমি। '... জেদাজেদি করিয়াই ইহার জন্য ধ্বস্তাধ্বস্তিতে প্রবৃত্ত হইয়াছেন।' *এসলাম*, ১৯১৫।

জেদালো [আ জিদ্দ>] ১ *বিণ* একগুঁয়ে। 'নেলি যেরকম জেদালো মেয়ে।' *রবীন্দ্র*, ১৯০২। ২ *বিণ* উত্তাল। 'ফেনিয়ে উঠছে জেদালো ঢেউ।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জেদী [আ জিদ্দ>] *বিণ* একগুঁয়ে। 'হিম্মৎ সিংয়ের মত জেদী ... আমার জীবনে দুটি দেখিনি।' *মুজতবা*, ১৯৫২।

জেন[১] [স যেন] ১ *ক্রিবিণ* যেমন। 'গোচরিআঁ ফল করাইবোঁ জেন জাণী।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রিবিণ* যেন। 'বৈষ্ণব জন জেন বিষ্ণু অনুসরে।' *মালাধর*, ১৫০০।

জেনক *ক্রিবিণ* যেরূপ। 'জেনক কৃসক রহে দেখি অনাবৃষ্টি।' *মালাধর*, ১৫০০।

জেনমত *ক্রিবিণ* যেরূপ। 'জেনমত জার অঙ্গ জার জেন কেসে।' *মালাধর*, ১৫০০।

জেনমতে *ক্রিবিণ* যেভাবে। 'অষ্টমে কপোথ গুরু মোর জেনমতে।' *মালাধর*, ১৫০০।

জেন[২] [আ জিন্] *বি* জিন; ইসলামি বিশ্বাস অনুসারে আগুনের তৈরি অদৃশ্য দেহধারীবিশেষ। 'দেব, দৈত্য, দানব, জেন, পরী, সাগরে, জঙ্গলে পর্ব্বতে, কোথায় কে লুকাইত।' *মশাররফ*, ১৮৯০।

জেনরল [ই] *বিণ* সাধারণ। 'তাহার এক মাস পূর্ব্বে জেনরল এডবরটাইজ করা যাইবেক।' *দর্পণ*, ১৮৩৭।

জেনা [আ জিনা] *বি* বিবাহ-বহির্ভূত যৌনসঙ্গম। 'তখনই জানতাম জেনা করার শাস্তি।' *মান্নান*, ১৯৬৮।

জেনাকার [আ জিনা+স কার] *বিণ* বিবাহ-বহির্ভূত যৌনসঙ্গমকারী। 'জেনাকার হারামজাদ এজিদা মাতাল।' *গরীব*, ১৭৬৫।

জেনাকারিণী [আ জিনা+স কারিণী] *বি স্ত্রী* ব্যভিচারকারী। 'পাথর ঢেলাতে থাক যতক্ষণ না যেনাকার বা জেনাকারিণীর মৃত্যু হয়।' *কায়সার*, ১৯৬৫।

জেনানা [ফা জানানাহ্] *বি* অবরোধ। 'স্ত্রীশিক্ষা ও জেনানা ভাঙ্গার প্রবন্ধ।' *বঙ্কিম*, ১৮৭৩।

জেনানা-বস্ত্র [ফা জানানাহ+ই বস্ত্র] *বি* মেয়েদের বসার জন্য নির্ধারিত ঘেরা-জায়গা। 'জেনানা-বস্ত্র থেকে একটি হাসির আওয়াজ তাঁর কানে এল।' *প্রমথ*, ১৯১৬।

জেনারেল, জেনারল [ই] ১ *বি* সেনাবাহিনীর অতি উচ্চপদ। 'জীবন-রণে সেই জেনারল টোগো।' *সত্যেন্দ্র*, ১৯১২। ২ *বি* বীর সৈনিক। 'চাই না নেতা, চাই জেনারেল, প্রাণ-মাতনের ছুটুক ধূম!' *নজরুল*, ১৯২৪। ৩ *বিণ* সাধারণ। 'জেনারেল নলেজের পরিধি বাড়াবার প্রয়াস পাই।' *শিবরাম*, ১৯৪০।

জেনারেশন, জেনারেসন, জেনেরেশন [ই] *বি* প্রজন্ম। 'তেমন জিদি লোক হ'লে একটা সুটে যে তিন জেনারেসন কাটানো যায়।' *গিরিশ*, ১৮৮৬; 'এই জেনারেশনের হাত থেকে সেই সব কাজ নেবার।' *বিভূতি*, ১৯৩১; 'গত জেনেরেশনের কেমব্রিজ য়ুনিভার্সিটির পিএইচ.ডি. দলের একজন।' *রবীন্দ্র*, ১৯৪০।

জেনাহ [আ জিনা] *বি* বিবাহ-বহির্ভূত যৌনতা। 'জেনাহ কবিরা গোনাহ।' *কায়সার*, ১৯৬৫।

জেনুইন [ই] *বিণ* আদত। 'এ চেক জেনুইন।' *নরেন্দ্র*, ১৯৪৮।

জেনেনা [আ জানানাহ্] *বি* অন্দরমহল। 'নিজেকে যেন একেবারে জেনেনার মধ্যে বন্ধ করে রাখে।' *রবীন্দ্র*, ১৯৩২।

জেনেরল [ই] *বিণ* সাধারণ। 'জেনেরল কমিটি আব পবলিক ইনিকট্রকসন।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৮।

জেনেরাল [ই] *বি* প্রধান কর্মকর্তা। *ওসাঁ*, ১৭৮৫।

জেনেরাল লেটর [ই] *বি* স্ট্যাম্প লেখার জন্য বিশেষ মাপের কাগজ। 'দুইখানি জেনেরাল লেটর কাগজ ব্রহ্মানন্দের হাতে দিলেন।' *বঙ্কিম*, ১৮৭৮।

জেনেরেল [ই] *বিণ* প্রধান। 'মেং তামস ইস্কাট সাহেব এককৌনটেন্ট জেনেরেল।' *ক্যালগে*, ১৮০০।

জেন্টেলমেন, জেন্টেলম্যান [ই] ১ *বি* ভদ্রলোক। 'জেন্টেলমেন, আপনারা আমাকে অনুগ্রহ করে আমাকে যে পদে নিযুক্ত কল্লেন ...।' *মাইকেল*, ১৮৬০; 'একজন জেন্টেলম্যানের অক্ষরটি ত্যাগ করা উচিত নয়।' *দীনবন্ধু*, ১৮৬৬। ২ *বি* বিষয়সম্পত্তি আছে এমন লোক। 'জেন্টেলম্যানরা যেখানে যায়।' *রবীন্দ্র*, ১৯২৮।

জেন্দ [ফা জিন্দ] *বি* প্রাচীন পারস্যের ভাষা। 'প্রাচীন পারসীক জেন্দ ভাষাতে এই শব্দ প্রাপ্ত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৭।

জেন্দা [ফা জিন্দাহ্] ১ *বিণ* অলৌকিক শক্তিসম্পন্ন; সদা-জাগ্রত। 'দুশ মোমবাতি মানিয়া আসিল জেন্দাপীরের ঘর।' *জসীম*, ১৯৩৩। ২ *বিণ* সচল। 'যেন দুটি জেন্দা কামান।' *জসীম*, ১৯৩৩।

জেন্দাপীর [ফা জিন্দাহ্+ফা পীর] *বি* অলৌকিক শক্তিসম্পন্ন ধর্মগুরু; সদা-জাগ্রত পীর। 'দুশ মোমবাতি মানিয়া আসিল জেন্দাপীরের ঘর।' *জসীম*, ১৯৩৩।

জেন্দেগানী [ফা জিন্দগী] *বি* আয়ুষ্কাল। 'জেন্দেগানী কাটাইব খোদায় ভাবিয়া।' *গরীব*, ১৭৬৫।

জেন্নাত [আ জান্নাত] *বি* স্বর্গ। 'এই ব্যক্তি জেন্নাতের যথার্থ অধিকারী।' *মশাররফ*, ১৮৮৫।

জেন্নাতবাসিনী [আ জান্নাত+স বাসিনী] *বিণ স্ত্রী* স্বর্গবাসী। 'জেন্নাতবাসিনী জগজ্জননী বিবি ফাতেমাও মায়মুনাকে ভালবাসিতেন।' *মশাররফ*, ১৮৮৫।

জেপলিন, জেপেলিন [ই] *বি* এক ধরনের আকাশযান – জার্মানির বিজ্ঞানী কাউন্ট জেপলিন-এর নাম অনুসারে এই নামকরণ। 'তাহার অচিরোদ্ভাবিত এরোপ্লেন ও জেপলিন নামে অত্যদ্ভুত গগনযানত্রয় তদ্বিষয়ের প্রকৃষ্ট প্রমাণস্থল।' *অক্ষয়*, ১৮৫৪; 'জার্মানদের জেপেলিনগুলো দূর থেকে দেখায় যেন একটা বড় গুঁয়োপোকা।' *নজরুল*, ১৯২২।

জেব [ফা জেব] *বি* পকেট। *মানোএল*, ১৭৪৩। 'জেব হতে দুডুমো সুপুরি বাই করে চিবুতে লাগলেন।' *হুতোম*, ১৮৬১।

জেবঘড়ি [ফা জেব+ঘড়ি] *বি* পকেটে রাখার ঘড়ি। 'পকেট থেকে জেবঘড়ি বের করে সময়টা যাচাই করে নেয়।' *ওয়ালী*, ১৯৬৮।

জেব্রা [ই] *বি* আফ্রিকার ঘোড়া জাতীয় গায়ে ডোরাকাটা এক প্রকার বন্য পশু। 'হাজার হাজার জেব্রা, জিরাফ।' *বিভূতি*, ১৯৩৩।

জেভলিন [ই] *বি* বর্শা। 'পালক-লাগানো জেভলিন হাতে নিয়ে ঠিক ব্যালান্স করাই মুশকিল।' *সুনীল*, ১৯৭০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জেমত [স যৎ+মত] *অব্য* যেমন। 'জেমত আকৃতি জার জেমন বএসে।' *মালাধর*, ১৫০০।

জেমতী *ক্রিবিণ* যেমন। '২ লোককে জেমতী দিবে।' *মেয়র্স*, ১৭৭৪।

জেমন [স যত্মিন] **১** *ক্রিবিণ* যেমন। 'জেমত আকৃতি জার জেমন বএসে।' *মালাধর*, ১৫০০। **২** *ক্রিবিণ* যেন। 'নারীর যৌবন কেবল অধন জেমন জলের ফোঁটা।' *মুকুন্দ*, ১৬০০।

জেমনি *ক্রিবিণ* যেভাবে। 'জেমনি জেমনি গোপি করএ স্মোরণ।' *মালাধর*, ১৫০০।

জেমনে *ক্রিবিণ* যেভাবে। 'অজামিল মুক্ত পদ পাইল জেমনে।' *মালাধর*, ১৫০০।

জেয়র [ফা জীওয়ার] *বি* অলঙ্কার। 'তস্করের হাত থেকে জেয়র কি পাওয়া যায় তুরা।' *মাহমুদ*, ১৯৭৩।

জেয়াঁচ কুণ্ড [স জীবিতবৎস+স কুণ্ড] *বি* প্রাণীপূর্ণ জলাশয়। 'এই জেয়াঁচ কুণ্ডে যখন ইচ্ছা করিবা তখনি শৌল মৎস্যের পোনা পাইবা।' *দর্পণ*, ১৮২১।

জেয়াজতি [আ জিয়াদত] *বি* বৃদ্ধি। 'ইহা না মানিয়া ফের জেয়াজতি করে তোমি আমার এখানে আসীবা।' *ওর্ম্যা*, ১৭৮২।

জেয়াদা [আ জিয়াদাহ] **১** *বিণ* অতিরিক্ত। 'এহার জেয়াদা দাম দেবেন তোমাকে দেই নাহি আর দেলাই নাহি।' *হ্যালহেড*, ১৭৭২। **২** *বিণ* প্রচুর। 'সেরেস্তাদার ও পেসকার নীলকরের নিকট হইতে জেয়াদা ঘুষ লইয়া ...।' *প্যারী*, ১৮৫৮। **৩** *বিণ* চড়া; বেশি। 'বাবু বলে দাম খুব জেয়াদা।' *রবীন্দ্র*, ১৯৪১।

জেয়াফত [আ জিয়াফত] **১** *বি* মুসলিম সমাজে মৃতের কল্যাণে আয়োজিত ভোজ অনুষ্ঠান। 'তাহাকে খানা জেয়াফতে ডাকা হইবে না।' *এসলাম*, ১৯১৯। **২** *বি* দাওয়াত। 'তিন গ্রামের ফকির - মিসকিন জেয়াফত পেল।' *ওয়ালী*, ১৯৬৪।

জেয়ারত [আ জিয়ারত] *বি* ইসলামি রীতিতে কবর পরিদর্শন। 'করিলেন ইমামের জেয়ারত কাম।' *গরীব*, ১৭৬৫।

জের [ফা] *বিণ* পরাজিত। 'জের হইল নিমকহারাম।' *ভারত*, ১৭৬০।

জেরদস্ত [ফা] *বিণ* দুর্বল। *বিদ্যা*, ১৮৯১।

জেরপাই *বি* এক প্রকার জুতা। 'ছোট আন্নি জেরপাই নাগোর ... ইত্যাদিতে চরণ শোভায় ভক্তজনের মনের লোভ বাড়ান।' *ভবানী*, ১৮২৮।

জেরবার [ফা] **১** *বি* হেনস্থা। 'দ্বিগুণ টাকা লইয়া নানা প্রকারে জেরবার করেন।' *এডুকেশন*, ১৮৭৩। **২** *বিণ* হয়রান। 'প্রজাকে ... জেরবার করতে চাও তো করো উচ্ছেদের মামলা।' *প্রথম*, ১৯১৯। **৩** *বি* পর্যুদস্ত। 'জোরওয়ার শের কই? জেরবার জানোয়ার।' *নজরুল*, ১৯২২।

জেরা[১] [ফা] *বি* বর্ম। **জেরাবন্ত** [ফা] *বিণ* বর্মযুক্ত। 'মাথায় ফেলিল পাগ জেরাবন্ত পোস।' *গরীব*, ১৭৬৫।

জেরাবন্দি [ফা] *বি* পোশাক। 'তার জেরাবন্দি পরে আছি সর্বদায়।' *গরীব*, ১৭৬৫।

জেরা[২] [আ জররহ] *বি* জিজ্ঞাসাবাদ। *বিদ্যা*, ১৮৯১; 'বারিস্টারের জেরায় জেলাকোর্টে ... নাকাল হইয়াছিল।' *রবীন্দ্র*, ১৯১৪।

জেরা করা *ক্রি* জিজ্ঞাসাবাদ করা। 'তাকে এইরূপ জেরা করিতেছেন।' *মনসুর*, ১৯৫৫।

জেরা[৩] [আ জররা] *বি* অল্প কয়েকটির দল। 'নীলগাইয়ের জেরা দৌড়চ্ছে।' *বিভূতি*, ১৯৩৮।

জেরেনিয়ম [ই] *বি* ফুলবিশেষ। 'বিদেশী ফুলের টব, সেথা জেরেনিয়মের গন্ধ।' *রবীন্দ্র*, ১৯৪০।

জেল [ই] **১** *বি* কারাগার। 'তারে লয়ে দিল গিয়ে জেলে।' *ভবানী*, ১৮২৫। **২** *বি* কারাদণ্ড। 'মা শোনেনি, তার জেল হয়েছে।' *গিরিশ*, ১৮৮৯।

জেলখাটা *বিণ* জেল খেটেছে এমন। 'আমার কয়েকজন জেলখাটা বন্ধু।' *নরেন্দ্র*, ১৯৫৮।

জেলখানা [ই জেল+ফা খানাহ] *বি* কারাগার। 'আর জেলখানা শিওরে করে বসে আছি।' *দীনবন্ধু*, ১৮৬০।

জেলখালাসি [ই জেল+আ খলাসী] *বিণ* কারাগার থেকে মুক্ত। *বিদ্যা*, ১৮৯১।

জেলগেট [ই] *বি* কারাগারের ফটক। 'জনতা জেলগেট হইতে তাঁদের অভ্যর্থনা করিয়া আনিয়াছে।' *মনসুর*, ১৯৫৫।

জেলদারগা, জেলদারোগা [ই জেল+ফা দারোগাহ] *বি* কয়েদিদের তত্ত্বাবধায়ক ও জেলের শান্তিরক্ষক কর্মকর্তা। 'জেলদারগা টাকার প্রয়াসী নহে।' *দীনবন্ধু*, ১৮৬০; 'জেল-দারোগার হাতে আমাকে সমর্পণ করে দেবেন?' *রবীন্দ্র*, ১৯০৯।

জেল-পাখী [ই জেল+স পক্ষী] *বি* আগে জেল খেটেছে এমন লোক। 'সদ্য আসামির কেউ পুরাতন জেল-পাখী।' *মনসুর*, ১৯৫৫।

জেল পুলিস [ই] *বি* কারারক্ষী পুলিশ। 'হিজলীর জেল পুলিসের যথেচ্ছা গুলিবর্ষণ কোনোমতেই ...।' *সাদত*, ১৯৬৭।

জেলফেরত [ই জেল+হি ফিরতা] *বিণ* কারাগার থেকে মুক্তিপ্রাপ্ত। 'জেলফেরত সিপাহিরা প্রায়ই জাতিচ্যুত হতো।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

জেলর [ই] *বি* কারাগারের তত্ত্বাবধায়ক। 'জেলরও ভয় পেয়ে গিয়েছে।' *মুজতবা*, ১৯৪৯।

জেলার [ই] *বি* কারাধ্যক্ষ। 'জেলার আসিয়া জাহাঙ্গীরকে লইয়া চলিয়া গেল।' *নজরুল*, ১৯৩১।

জেলকদ [আ] *বি* হিজরি একাদশ মাস। 'জেলকদ মাসে নেকা বিবাহ না করা।' *হাফেজ*, ১৮৯৭।

জেলদ [আ জিলদ] *বি* বাঁধাই। 'এই কেতাব চামড়া বন্ধ জেলদ করা।' *দর্পণ*, ১৮১৮।

জেলদগর [আ জিলদ+ফা গর] *বি* পুস্তক বাঁধাই করে যে। *ওর্ম্যা*, ১৭৮৫; 'অন্য পরের হস্ত দূরে থাকুক জেলদগর ভিন্ন বাবুও স্বয়ং কখন হস্ত দেন নাই।' *ভবানী*, ১৮২৩।

জেলদবন্দি [আ জিলদ+ফা বন্দি] *বিণ* বাঁধাইকৃত। 'বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেলদবন্দি হইয়া ...।' *দর্পণ*, ১৮৩৪।

জেলা [আ জিলা] *বি* দেশ অথবা প্রদেশের প্রশাসনিক বিভাগ। *ক্যালগে*, ১৭৮৮; 'জেলা হওয়ালী শহরের পুলীসের দারোগা।' *দর্পণ*, ১৮২৬।

জেলাওয়ারী [আ জিলা+ফা ওয়ারি] *বিণ* জেলাভিত্তিক। 'জেলাওয়ারী হৃদ্যতা দেখাতেই বললে ...।' *শওকত*, ১৯৭২।

জেলা-কোর্ট [আ জিলা+ই কোর্ট] *বি* জেলা আদালত। 'উকিল হইয়া তাহাদের জেলা-কোর্টে ব্যবসায় চালাইতেছে।' *রবীন্দ্র*, ১৯০৯।

জেলা প্রশাসক [আ জিলা+স প্রশাসক] *বি* জেলার প্রধান প্রশাসনিক কর্মকর্তা। 'রাজশাহী জেলা প্রশাসক ...।' *বেগম*, ১৯৬৮।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জেলা ম্যাজিস্ট্রেট [আ জিলা+ই ম্যাজিস্ট্রেট] *বি* জেলার ফৌজদারি মামলার বিচারক। 'এতদিন জেলা ম্যাজিস্ট্রেট, না, কালেক্টর হয়েছেন।' *রোকেয়া*, ১৯২২।

জেলাস্থিত [আ জিলা+স স্থিত] *বিণ* জেলার অন্তর্গত। 'পাটনা জেলাস্থিত রাজগিরিতে অনেকগুলি উষ্ণ প্রস্রবণ ...।' *অক্ষয়*, ১৮৫২।

জেলাপি [হি জলেবী] *বি* প্যাঁচবিশিষ্ট কুণ্ডলাকার মিঠাইবিশেষ। 'বুদ্ধিতে উনি জেলাপির পাক।' *তারা*, ১৯৪০।

জেলাপির পাক *বিণ* জিলাপির প্যাঁচের ন্যায় জটিল বা অসরল। 'বুদ্ধিতে উনি জেলাপির পাক।' *তারা*, ১৯৪০।

জেলাস [ই] *বিণ* ঈর্ষাপরায়ণ। 'কম বয়েসী টিউটর রাখলে ওর ছেলে বন্ধুরা জেলাস হবে।' *সুনীল*, ১৯৭০।

জেলাসি [ই] *বি* ঈর্ষা। 'ওটা তোমার জেলাসি।' *রবীন্দ্র*, ১৯৩২।

জেলি, জেলী [ই] *বি* ফলের রস, মণ্ড, চিনি প্রভৃতি দিয়ে তৈরি খাদ্যবিশেষ। 'জেলি মাখানো টোস্ট।' *জীবন*, ১৯৩২; '১ বার জেলী ... চালান করে দিচ্ছে গেটের মধ্যে।' *ইলিয়াস*, ১৯৭২।

জেলে [স জাল>] *বি* জাল দিয়ে মাছ ধরে যে; ধীবর। 'সেকরা ছুতার নুড়ী ধোবা জেলে গুঁড়ী।' *ভারত*, ১৭৬০।

জেলিয়া [স জাল>] *বি* জেলে। 'ইতিমধ্যে একজন জেলিয়া বৈদ্যবাটীর বাটীতে মাছ বেচতে আসিল।' *প্যারী*, ১৮৫৮।

জেলে জমা [জেলে+আ জমা] *বি* মাছ ধরা বাবদ কর। 'প্রত্যেক জেলেকে "জেলে জমা" দিতে হইবে।' *সুলভ*, ১৮৭৩।

জেলেডিঙি, জেলেডিঙ্গি [জেলে+ডিঙ্গি] *বি* জেলেদের মাছ ধরার ছোটো নৌকা। 'বৃহৎ বৃহৎ দেশীয় পোতে ঐরূপ এক একখানি ক্ষুদ্র নৌকা বা জেলেডিঙ্গি সংলগ্ন থাকে।' *অক্ষয়*, ১৮৪৯; 'এক-আধখানা জেলেডিঙির গতায়াত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জেলেপাড়া [জেলে+স পাটক] *বি* জেলেদের পল্লী। 'পুবদিকে গ্রামের বাহিরে জেলেপাড়া।' *মানিক*, ১৯৩৬।

জেলেনি [স জাল>] *বি* জেলে নারী। *বিদ্যা*, ১৮৯১; 'তোমরা তো নও জেলেনী, তাঁতিনী।' *রবীন্দ্র*, ১৮৯৯।

জেলেবোনা [স জাল>+স বপন>] *বিণ* জালের মতো করে বোনা। 'জেলেবোনা ঝাড়নের একটি কুর্তা, আর পাঁচহাতি একখানি গামছা।' *প্রমথ*, ১৯৪১।

জেল্‌দ [আ জিল্‌দ] *বি* বই ইত্যাদির চামড়ার মলাট। 'খুব বড় আকারের সুন্দর জেল্‌দ বাঁধা কোরান খানা।' *রোকেয়া*, ১৯৩১।

জেল্লা [আ জলওয়াহ্] *বি* উজ্জ্বলতা। 'বাবু যেমন রোদ কাটিয়ে, ধুলো বাঁচিয়ে, নিজের রঙের জেল্লা, চুলের বাহার ...।' *রবীন্দ্র*, ১৯০৭।

জেল্লাই [আ জলওয়াহ্] *বি* জাঁকজমক। 'দিল্লী আগ্রা সেকেন্দ্রার জেল্লাই।' *মুজতবা*, ১৯৪৯।

জেল্লাময় [আ জলওয়াহ্+স ময়] *বিণ* দীপ্তিময়। 'কিন্তু এমন জেল্লাময় তোমাকে তো কখনো দেখি নি।' *শওকত*, ১৯৭২।

জেষ্ট[১] [স জ্যেষ্ঠ] ১ *বিণ* জ্যেষ্ঠ। 'তুমি জেষ্ট সহদর জুকতি পরিণয়।' *কবীন্দ্র*, ১৬৮৯। ২ *বি* ভাইদের মধ্যে যার বয়স বেশি। *ওসা*, ১৭৮২।

জেষ্টতাত [স জ্যেষ্ঠতাত] *বি* পিতার বড়ো ভাই। 'শ্রীযুত রামানন্দ ঘোষজা জেষ্টতাত এবং জেটো তথা শ্রীযুত ...।' *ওসা*, ১৭৭৯।

জেষ্টত্র [স জ্যেষ্ঠ] *বি* জ্যেষ্ঠ হওয়ার সুবাদে বেশি অধিকার; অগ্রাধিকার। 'তাহা মহাশয়ের জেষ্টত্র রহিল।' *ওসা*, ১৭৮২।

জেষ্ট[২] [স জ্যৈষ্ঠ] *বি* জ্যৈষ্ঠ। 'মাহ জেষ্ট তক্তা পরিসোধ করিব।' *মেয়র্স*, ১৭৫৭।

জেষ্ঠ [স জ্যেষ্ঠ] ১ *বি* বয়সে বড়ো যে। 'কনিষ্ঠে লংঘিব জেষ্ঠ হআঁ দুঠমনে।' *বড়ু*, ১৪৫০। ২ *বিণ* বয়সে সকলের বড়ো। 'তোমার জেষ্ঠপুত্র শ্রীরামকানাই দত্তজার সহিত আমার কনেষ্ঠ কন্যা শ্রীমতি রামমনির যুতসম্বন্ধ নির্নয় করিলাম।' *ওসা*, ১৭৮২।

জেষ্ঠ্য [স জ্যেষ্ঠ] *বিণ* বয়সে বড়ো। **জেষ্ঠ্য ভ্রাতা** *বি* সবার বড়ো ভাই। 'বাবুদিগের পিতা কিম্বা জেষ্ঠ্য ভ্রাতা।' *ভবানী*, ১৮২৫।

জেহাজ [ফা জাহাজ] *বি* জাহাজ। 'জেহাজ রওনার চিটী মেং এঙ্গ বন্ধুরা জেলাস হবে।' *মেয়র্স*, ১৭৫৭।

জেহাদ [আ জিহাদ] ১ *বি* ইসলামি মতানুযায়ী ধর্মযুদ্ধ। 'মোহাম্মদীয়গণ জেহাদের নাম শুনিয়া আহ্লাদে নাচিয়া উঠিলেন।' *মশাররফ*, ১৮৮৫। ২ *বি* সত্যের জন্য সংগ্রাম। 'জাতীয় আদর্শ-সাধনার জীবন জেহাদে ...।' *আজাদ*, ১৯৪২।

জেহাদরত [আ জিহাদ+স রত] *বিণ* ধর্মযুদ্ধ বা জেহাদ করছে এমন। 'বহু কষ্টে জেহাদরত নায়েবে-নবীদ্বয়কে ...।' *মনসুর*, ১৯৩৫।

জেহাদি, জেহাদী [আ জিহাদ>] *বিণ* অন্যায়ের বিরুদ্ধে যুদ্ধ বিষয়ক। 'একটা জেহাদি জোশে বলীয়ান।' *ওয়াহী*, ১৯৪৮; 'বাঁচনু মোরা কেবল তব জেহাদী ঝনঝায়।' *মাহেনও*, ১৯৪৯।

জেহালৎ, জেহালাত [আ জাহিলীয়াত] *বি* মূর্খতা; অজ্ঞতা। 'কারণ জেহালৎ বা মূর্খতা।' *ইমান*, ১৯০১।

জেহীর [আ জিকর] *বি* জিকির। 'খানকা ঘরে বসে সারা রাত আল্লা আল্লা করে জেহীর করেছি।' *মশাররফ*, ১৮৬৯।

জেহু *বিণ* যেমন। 'জেহু হুল সীতল সেহু ভেল তীখ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জেহেন *বিণ* যেন। 'জেহেন চন্দ্রমণ্ডল বরিসএ গরল।' *মালাধর*, ১৫০০।

জেহেল [ই জেইল] *বি* কারাদণ্ড। 'তোমার জেহেল হতে পারে।' *মনসুর*, ১৯৪৫।

জেহেলখানা [ই জেইল+ফা খানা] *বি* কারাগার। *মেয়র্স*, ১৭৫৭; 'তাহারা বাবুকে জেহেলখানায় লইয়া গমন করিল।' *ভবানী*, ১৮২৫।

জৈজ্ঞ [স যজ্ঞ] *বি* যজ্ঞ। 'তবেত দ্রৌপদ রাজা জৈজ্ঞ আড়ম্ভিল।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জৈঠ [স জ্যৈষ্ঠ] *বি* জ্যৈষ্ঠ। 'জৈঠ মাস বৃস রাসি।' *রামাই*, ১৭১০।

জৈত *বি* ফুলবিশেষ। 'মধ্যখানেতে রঙে রঙ মেলি জৈত ফুলের।' *জসীম*, ১৯৩৩।

জৈতুন [আ জয়তুন] *বি* জলপাই। 'জৈতুন বৃক্ষকে কহিলেক, তুমি আমাদিগের রাজা হও।' *তারিণী*, ১৮০৩।

জৈন [স] *বি* মহাবীর প্রবর্তিত ধর্মসম্প্রদায় ও সে ধর্মের অনুসারী। 'জৈনদিগের শাস্ত্রে তাহাদিগের চতুর্বিংশতি তীর্থঙ্কর মহাবীরের ...।' *অক্ষয়*, ১৮৪৭; 'জৈন পারসিক মুসলমান খ্রীষ্টানী।' *রবীন্দ্র*, ১৯১১।

জৈব [স] ১ *বিণ* জীবজাত। 'তাহার অনেকাংশ জৈব পদার্থ।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বিণ* জৈবিক। 'সহজ বুদ্ধি জৈব অভ্যাসের অনুগামী।' *রবীন্দ্র*, ১৮৯৭।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জৈবক্ষেত্র [স] *বি* জীবজগৎ। 'জৈবক্ষেত্রে প্রকৃতির অধিকারের মধ্যে মানুষের অনেক সৃষ্টি আছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

জৈবপ্রবৃত্তি [স] *বি* জৈব লালসা। 'আপন জৈবপ্রবৃত্তিগুলিকে বশীভূত করে আপন পাপক্ষয় ও দুঃখলাঘব করতে হবে।' *আইয়ুব*, ১৯৭৩।

জৈবনিক [স] *বিণ* জীবনঘটিত। 'আমরা ইহাকে "জৈবনিক" বলিলাম।' *বঙ্কিম*, ১৮৭৫।

জৈবিক [স] ১ *বিণ* জীব সংক্রান্ত। 'তাহা যান্ত্রিক, তাহা জৈবিক নহে।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বিণ* জীবনের বৈশিষ্ট্য সংক্রান্ত। 'মানুষ বিয়ে করে কিছুটা জৈবিক কারণে।' *ওয়ালী*, ১৯৪৫।

জৈবিকতা [স] *বি* জীবসুলভ সীমাবদ্ধতা। 'অনুরাগ ও শ্রদ্ধা মানুষের জীবনকে নিছক জৈবিকতার গ্লানি থেকে বাঁচিয়ে রাখে।' *আইয়ুব*, ১৯৭৩।

জ্যৈষ্ঠ [স] *বি* বাংলা বছরের দ্বিতীয় মাস। 'জ্যৈষ্ঠ মাসে প্রভু তারে পরীক্ষা করিলা।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জৈষ্ট [স জ্যৈষ্ঠ] *বি* বাংলা বছরের দ্বিতীয় মাস: জ্যৈষ্ঠ। 'জৈষ্ট মাসে দাবাগ্নি বনে উপজিল।' *মালাধর*, ১৫০০।

জৈষ্টী [স জ্যৈষ্ঠ] *বি* জ্যৈষ্ঠ। *ক্যালগে*, ১৭৯২।

জ্যৈষ্ঠমধু [স যষ্টিমধু] *বি* মসলা হিসাবে ব্যবহৃত গাছের মিষ্টি শিকড়। *ওসী*, ১৭৮৫।

জৈসন [স যাদৃশ] *বিণ* তেমন। 'মুকুতা জৈসন, সোহত ঐসন/ সরম জল উপজেল।' *রামপ্রসাদ*, ১৭৮০।

জৈসাণে *ক্রিবিণ* যখনই। 'জৈসাণে রতি জাণিবোঁ তেসাণে কাহ্ন আণিবোঁ।' *বড়ু*, ১৪৫০।

জৈবা [স যা>] *ক্রি* যাওয়া। 'হমরো রঙ্গ রভস লএ জৈবহ।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জো[১] [পা যো] ১ *সর্ব* যে। 'জো রথে চড়িলা বাহবা ণ জাই,/ কুলে কুল বুড়ই।' *চর্যা ১৪*, ১২০০। ২ *অব্য* যদি। *মানোএল*, ১৭৪৩।

জো[২] [স যোগ] ১ *বি* সুযোগ। 'একটু জো পাইয়া তিনি টাকা কুড়াইতে লাগিলেন।' *দর্পণ*, ১৮২৯। ২ *বি* উপায়। 'নাকে তেল দিয়ে তাকিয়া ঠেসান দিয়ে বসে থাকবার জো নেই।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *বি* অনুকূল অবস্থা। 'যে জন রসিক চাষা হয় জমির জো বুঝে হাল বয়।' *লালন*, ১৮৯০। ৪ *বি* উপক্রম। 'ধীবরের ঘর-দুয়ার ভাঙিয়া পড়িবার জো হইল।' *রবীন্দ্র*, ১৮৯১।

জোএঁ *ক্রিবিণ* যোগে। 'সমতা জোএঁ জলিঅ চণ্ডালী।' *চর্যা ৪৭*, ১২০০।

জোআর [স জলবৃদ্ধি] *বি* চন্দ্রসূর্যের আকর্ষণে নদী ও সাগরের জলস্ফীতি; জোয়ার। 'যে পর্যন্ত জোআর উঠে প্রায় সেই পর্যন্ত উঠিয়াছে।' *দর্পণ*, ১৮৩০।

জোই [স যোগী] *বি* যোগী। 'ডোম্বীএর সঙ্গে জো জোই রত্তো।' *চর্যা ১৯*, ১২০০।

জোইআ [স যোগী] *বি* যোগী। 'মাররে জোইআ মুসা পবণা।' *চর্যা ২১*, ১২০০।

জোইণি [স যোগিনী] *বি* যোগিনী। 'তিঅড্ডা চাপী জোইণি দে অঙ্কবালী।' *চর্যা ৪*, ১২০০।

জোইণিজাল [স যোগিনীজাল] *বি* যোগিনীজাল। 'জোইণিজালে রএণি পোহাঅ।' *চর্যা ১৯*, ১২০০।

জোঈ [স যোগী] *বি* যোগী। 'অনুভব সহজ মা ভোল রে জোঈ।' *চর্যা* ৩৭, ১২০০।

জোওয়ান [ফা জওয়ান>] *বিণ* যুবক। 'জোওয়ান স্বামীর মুখ অন্ধকারে জ্বলজ্বল করে।' *শওকত*, ১৯৫৮।

জোওয়ানি [ফা জওয়ান>] *বি* যৌবন। 'ওয়ারত বিবির হৈল জোওয়ানি হাছিল।' *মনসুর*, ১৯৪৫।

জোংরা *বি* বাঁশের চাটাই দিয়ে তৈরি এক ধরনের ছাতা। 'জোংরাটা মাথায় দিয়ে বেরিয়ে পড়ল নবতুন।' *কায়সার*, ১৯৬২।

জোঁক[১] [স জলৌকা] *বি* রক্তপায়ী কীটবিশেষ। 'জোঁকে পোকে ভাসে ডাসে কামড়াই মারে।' *বৃন্দা*, ১৫৮০।

জোঁক-সম [জোঁক+স সম] *বিণ* জোঁকের মতো। 'জনগণ যারা জোঁক-সম শোষে তারে মহাজন কয়।' *নজরুল*, ১৯২৬।

জোঁক[২] [মু জোকা] *বি* আন্দাজমতো মাপ। 'হলুদপট্টী বাঁধতে কপালে জোঁক লাগাতে পুরুষের চেয়েও পাকাপোক্ত।' *মুজতবা*, ১৯৪৯।

জোঁকা [মু জোকা] *ক্রি* ওজন করা। *বিদ্যা*, ১৮৯১।

জোঁখ [মু জোকা] *বি* মাপ। 'রুস্তা সুতা দিআ জোঁখে বরের অধর।' *মুকুন্দ*, ১৬০০।

জোঁদা [স যমদূতিকা] *বিণ* অত্যন্ত টক স্বাদযুক্ত। 'তার তার বোদা লাগে মুখ হয় জোঁদা।' *গুপ্ত*, ১৮৫৮।

জোকভ [স যুক্তি] *বিণ* যথাযথ। 'আওরাতে দশ কর্ম করিতে জোকত।' *রাহরাম*, ১৬৫০।

জোকার [স জয়কার] ১ *বি* জয়ধ্বনি। 'গীতে নাটে হুলুস্থুলি করয় জোকার।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* শামুক। *মানোএল*, ১৭৪৩।

জোকাস্বরি *বি* লোকধর্ম সম্প্রদায়বিশেষ। 'জোকাস্বরি, সানালি, পাগলচান, প্রেম-ফকির ... দলগুলি।' *হেদায়েত*, ১৯৩৬।

জোখ [মু জোকা] *বি* হিসাবনিকাশ। 'বাহ্যবস্তুর মাপজোখের সঙ্গে আমাদের মানস-জাত বস্তুর মাপজোখ হুবহু মিলে যেতেই হবে।' *প্রমথ*, ১৯১৩।

জোখা [মু জোকা] *বি* পরিমাপ। 'আপনেরা গয়নার জোখা নেন নাই?' *ইসহাক*, ১৯৫৫।

জোখোন [স যৎ-ক্ষণ] *ক্রিবিণ* যখন। 'জোখোন জেখানে জে জবাব সওয়াল হয় করিবা।' *হ্যালহেড*, ১৭৭২।

জোগ [স যোগ] ১ *বি* মিলন। 'রজোবির্ভে জোগ হএ চুমুদ লক্ষনে।' *মালাধর*, ১৫০০। ২ *বি* সাধনা। 'মুনি রূপে জোগ সব করিল বাখান।' *মালাধর*, ১৫০০। ৩ *বি* ধ্যানের বিষয়। 'তুমি জোগ তুমি ভোগ পরম গিয়ান।' *মালাধর*, ১৫০০।

জোগনিদ্রা [স যোগনিদ্রা] *বি* ধ্যান অবস্থায় সুপ্তি। 'তবে জোগনিদ্রা হৈয়া।' *মালাধর*, ১৫০০।

জোগবস [স যোগবশ] *বিণ* যোগের বশবর্তী। 'অভ্যাসের জোগবস করিয়া পবন।' *মালাধর*, ১৫০০।

জোগবানি [স যোগবাণী] *বি* জীবাত্মা ও পরমাত্মার মিলন-বার্তা। 'উদ্ধবেরে গোসাঞি বুঝাইল জোগবানি।' *মালাধর*, ১৫০০।

জোগাড় [স যুজ্>] ১ *বি* আয়োজন। *বিদ্যা*, ১৮৯১; 'তিন জনে মিলিয়া নানাপ্রকার জোগাড় করিয়া ... রাঁধাবাড়া।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বি* সংগ্রহ। 'সেই রকম গদ্য কিম্বা পদ্যের জোগাড় করা যেতে পারত।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৩ *বি* উপক্রম। 'মিঠাইওয়ালা ফতুর হবার জোগাড়

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! www.amarboi.com ~

হল।' *অবন*, ১৯২৫।

জোগাড়জাগাড় ১ *বি* গোছগাছ। 'গোছগাছ মোটমাট খোপখাপ খোলাখালা জোগাড়-জাগাড়।' *রবীন্দ্র*, ১৯০৪। ২ *বি* প্রয়োজনীয় ব্যবস্থা। 'এত মেয়ে খুঁজবার জোগাড়-জাগাড়ও আমাদের নেই।' *জীবন*, ১৯৩২।

জোগাড় দেওয়া *ক্রি* কারো কাজে সাহায্য করা। 'আমাকে কাল থেকে জোগাড় দিতে নিয়ে যাবে।' *নজরুল*, ১৯৩০।

জোগাড়-যন্তর *বি* আয়োজনাদি। 'আমি দেখতে পেয়েছি তার গোড়াকার জোগাড়-যন্তর।' *রবীন্দ্র*, ১৯৪০।

জোগাড়ে *বিণ* জোগাড় করতে পারদর্শী। 'আসলে মোটেই জোগাড়ে লোক নও তুমি।' *নরেন্দ্র*, ১৯৪৮।

জোগান [স যোগ>] ১ *বি* সরবরাহ। 'জখন মালিনী জাএ জোগান লইয়া।' *মালাধর*, ১৫০০। ২ *বি* ঘনিষ্ঠ অনুগমন। 'নগরিয়া জোগান ধরে।' *মুকুন্দ*, ১৬০০।

জোগানদার [স যোগ>+ফা দার] *বি* সরবরাহকারী। 'জোগানদার হইয়া থাকিবে।' *রবীন্দ্র*, ১৯০৮।

জোগানিএাঁ [স যোগ>] *বিণ* অনুচর। 'জোগানিএাঁ পাইক সাধুর ধরিল জোগান।' *মুকুন্দ*, ১৬০০।

জোগানো [স যোগ>] ১ *ক্রি* সরবরাহ করা। 'ফুল জোগায় নীলাম্বর।' *মুকুন্দ*,১৬০০। ২ *ক্রি* উদ্ভূত হওয়া। 'কতক-বা ভাবিয়া বলিত, কতক-বা উপস্থিতমত তাহার মাথায় জোগাইত।' *রবীন্দ্র*, ১৮৯১। **জোগাইয়া** *ক্রি* সরবরাহ ক'রে। 'পাদুকা জোগাইয়া পাএ হরিস অন্তরে।' *মালাধর*, ১৫০০। **জোগাও** *ক্রি* জোগাই। 'রাজাক জোগাও মুঞি কৃমকুম কস্তুরি।' *মালাধর*, ১৫০০। **জোগায়** *ক্রি* সরবরাহ করে। 'সেবক প্রধান জোগায় গুয়া পান।' *মুকুন্দ*, ১৬০০।

জোগালদার [স যোগ>+ফা দার] *বি* কাজের সহকারী। 'যে জোগালদার আমার কাদা ছেনিয়া দিয়াছিল।' *জসীম*, ১৯৬৪।

জোগি, জোগী [স যোগী] ১ *বি* তপস্বী। 'জোগী বেস ধরি আওল আজ। কে ইহ সমুঝব অপরুব কাজ।' *বিদ্যাপতি*, ১৪৬০। ২ *বিণ* মনোযোগী। 'দাণ্ডাইল রাজার পাশে অত্যন্ত জোগি হৈয়া।' *মালাধর*, ১৫০০।

জোগ্য[১] [স যজ্ঞ] *বি* যজ্ঞ। 'বরিয়া বসিলা রাজা জোগ্য করিবারে।' *মালাধর*, ১৫০০।

জোগ্য[২] [স যোগ্য] *বিণ* উপযুক্ত। 'জেই জেন মত জোগ্য দিবাত জুয়াএ।' *মালাধর*, ১৫০০।

জোগ্যতর [স যোগ্যতর] *বিণ* অধিক যোগ্য। *ওসাঁ*, ১৭৮২।

জোগ্যবর [স যোগ্যবর] *বি* উপযুক্ত পাত্র। 'জোগ্যবরে ভগীনি দিয়া করিব কার পুজা।' *মালাধর*, ১৫০০।

জোঙ্গ [স যজ্ঞ] *বি* যজ্ঞ। 'নানা জোঙ্গ নানা দান করিল সতুচিত্তে।' *মালাধর*, ১৫০০।

জোচ্চুরি, জোচ্চুরি [জুয়া+স চোর>] *বি* ধোঁকাবাজি। 'আমাদের হাতে একটি জোচ্চোরের জোচ্চুরি বেরিয়ে পড়ে।' *হুতোম*, ১৮৬১; 'জোচ্চুরি ক'রে ঠকিয়ে ... টাকা নিয়েচ।' *শরৎ*, ১৯১৭।

জোচ্চোর [জুয়া+স চোর>] *বি* প্রতারক। 'আমাদের হাতে একটি জোচ্চোরের জোচ্চুরি বেরিয়ে পড়ে।' *হুতোম*, ১৮৬১।

জোচ্চোরণী [জুয়া+স চোর>] *বি স্ত্রী* প্রতারক। 'হাঁগা তুমি কেমন জোচ্চোরণী গা?' *গিরিশ*, ১৮৮৯।

জোচ্চোরি [জুয়া+স চোর>] *বি* প্রতারণা। 'তুমি বলবে জোচ্চোরি।' *জীবন*, ১৯৩২।

জোছনা [স জ্যোৎস্না] *বি* চাঁদের আলো। *ওসাঁ*, ১৭৮২; 'এমন জোছনা সুমধুর বাঁশরি বাজিছে দূর দূর।' *রবীন্দ্র*, ১৮৮১।

জোছনা-চন্দন [স জ্যোৎস্না+স চন্দন] *বি* জ্যোৎস্নারূপ চন্দন। 'কোটি চাঁদের জোছনা-চন্দন মেখে যা।' *নজরুল*, ১৯৩৩।

জোছনার কুচি *বি* জ্যোৎস্নার আলো। 'জোছনার কুচিগুলি পড়ে হেথাহোথা।' *সত্যেন্দ্র*, ১৯১০।

জোছনামত্তা [স জ্যোৎস্না+স মত্ত>] *বিণ স্ত্রী* চাঁদের আলোতে প্লাবিত। 'ঝরিছে মুকুল, কূজিছে কোকিল যামিনী জোছনামত্তা।' *রবীন্দ্র*, ১৮৯৯।

জোজন [স যোজন] ১ *বি* চার ক্রোশ। 'লাফে ডিঞাইল সমুদ্র সতেক জোজন।' *মালাধর*, ১৫০০। ২ *বিণ* সমবেত। 'এক শত কুমারী জোজন করাইয়া ...।' *দর্পণ*, ১৮২২।

জোজনেক [স যোজন+স এক] *ক্রিবিণ* এক যোজন দূরে। 'গায়ের আমিষ গন্ধ জোজনেক যায়।' *রবীন্দ্র*, ১৬৮৯।

জোজ্ঞ [স যোগ্য] *বিণ* উপযুক্ত। 'তোমার জোজ্ঞ মালা লেহ নারায়নে।' *মালাধর*, ১৫০০।

জোট [স যূথ] *বি* ভিড়। *বিদ্যা*, ১৮৯১।

জোট পাকানো *ক্রি* একতাবদ্ধ হওয়া। 'প্রজা-সমিতির জোট পাকানোর ফলে।' *মনসুর*, ১৯৪৪।

জোটপাট *বি* জোগাড়। 'টাকার জোট পাট কিছুই হয় নাই।' *প্যারী*, ১৮৫৮; 'দাঙ্গা হাঙ্গামের জোটপাট ...।' *প্যারী*, ১৮৫৮।

জোটবদ্ধ [স যূথবদ্ধ] *বিণ* একত্র। 'প্রতিবাদীগণের সহিত জোটবদ্ধ হইয়া অমুখ তারিখে ...।' *মশাররফ*, ১৮৬৯।

জোটবন্দী [জোট+ফা বন্দী] *বিণ* একতাবদ্ধ। 'মফস্বলে গিয়া জোটবন্দী ও বিদ্রোহী হইবে।' *এডুকেশন*, ১৮৭৩।

জোটবন্ধন [জোট+স বন্ধন] *বি* জোট গঠন। 'সামরিক চুক্তি ও জোটবন্ধন।' *আজাদ*, ১৯৬২।

জোট বাঁধা *ক্রি* একত্র হওয়া। *বিদ্যা*, ১৮৯১।

জোটনা [হি] *বি* সংগ্রহ। 'খরিদ ও জোটনা করাতে।' *ক্যালগে*, ১৭৮৯।

জোটা [স যূথ>] ১ *ক্রি* সংগ্রহ হওয়া; মেলা। 'দিনান্তেও অন্ন জোটা ভার।' *মাইকেল*, ১৮৬০। ২ *ক্রি* একত্র হওয়া। 'জুটল অলিদল লুটল পরিমল।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

জোটান [স যূথ>] *বি* ঐক্য। 'গাঁয়ের জোটান আছে আপনাদের?' *তারা*, ১৯৪২।

জোটানো [স যূথ] ১ *ক্রি* সংগ্রহ করা। 'আপনি আমার ক্লার্ক হবেন ... ক্লায়েন্ট জোটাবেন।' *গিরিশ*, ১৮৮৯। ২ *ক্রি* একত্র করা। 'অধিক লোক জোটাতে গেলেই পরস্পরের অনুরোধে আপনাকে সংক্ষেপ করতে হয়।' *রবীন্দ্র*, ১৮৯২।

জোড়[১] [ফা জোর] *বি* শক্তি। 'শির হইতে জোড়েতে মাড়িয়া তলওয়ার।' *গরীব*, ১৭৬৫।

জোড়ওয়ার [ফা] *বিণ* শক্তিধর। 'জাগিয়া দেখিল সাপ বড় জোড়ওয়ার।' *গরীব*, ১৭৬৫।

জোড়[২] [স যোগ] ১ *বিণ* যুক্ত। 'হাত জোড় করি ভকতি করু।' *বড়ু*, ১৫৭০। ২ *বিণ* জোড়া। 'এক তঙ্কা এক জোড় বস্ত্র সে তোমার।'

AMARBOI.COM

বৃন্দা, ১৫৮০। ৩ *বি* জুটি। 'কুরঙ্গ ভ্রমএ যেন হারাইয়া জোড়।' *বাহরাম*, ১৬৫০। ৪ *বিণ* যুগ্ম। *মানোএল*, ১৭৪৩। ৫ ধুতি ও চাদর। 'বাবাজীর ... বুটাদার সান্তি জোড় একটী আর সামগ্রীর দফা দশ টাকা সিক্কা পাঠাই।' *ওসাঁ*, ১৭৮২।

জোড়কর [জোড়+স কর] *বি* করজোড়; যুক্ত দুই হাত। 'কারণ না জানে কিছু রহে জোড়করে।' *কৃষ্ণরাম*, ১৭২০।

জোড়করপুট [জোড়+স করপুট] *বি* জোড় হাত। 'জোড়করপুটে দাঁড়াইল এসে দেশের প্রধান চর।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জোড়তালি [জোড়+স তালিক] *বি* জোড়াতালি। 'ভাঙা এ মন জুড়তে এখন হচ্ছে নিতি জোড়-তালিতে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

জোড়পাণি [জোড়+স পাণি] *ক্রিবিণ* হাতজোড় ক'রে। 'শুনিঞা শ্রীমন্ত তারে বলে জোড়পাণি।' *মুকুন্দ*, ১৬০০।

জোড়বাংলা *বি* দোচালা কুঁড়েঘর। 'শহুরে সাহিত্যের বালাখানার পাশে গেঁয়ো সাহিত্যের জোড়বাংলা ঘর তুলতে।' *শহীদুল্লাহ*, ১৯৩১।

জোড়-বিজোড় [জোড়+স বি+স জোড়] *বি* খেলাবিশেষ। *ওসাঁ*, ১৭৮৫; 'ডান হাত আর বাঁ হাতকে প্রতিপক্ষ করে খেলে জোড়-বিজোড়।' *মানিক*, ১৯৩৫।

জোড়ভাঙা [জোড়+স ভঙ্গ] *বিণ* জোড়া থেকে বিচ্ছিন্ন। 'জোড়ভাঙা পাখিকুল।' *জীবন*, ১৯৪৮।

জোড়মাণিক [জোড়+স মাণিক্য] *বি* মানিকজোড়; ঘনিষ্ঠ জুটি। 'জোড়মাণিকেরা ঘুমায়ে রয়েছে এইখানে তরুছায়।' *জসীম*, ১৯২৭।

জোড়-লাগানো *বি* মেলানো। 'আগেরকার সঙ্গে এর ঠিক জোড়-লাগানো চলে না।' *রবীন্দ্র*, ১৯৪০।

জোড়হস্ত [জোড়+স হস্ত] *বি* করজোড়। 'জোড়হস্তে সম্রাজ্ঞী বলিলেন, "গোলাম হাজির"।' *রবীন্দ্র*, ১৮৯১।

জোড়হস্তে *ক্রিবিণ* হাতজোড় ক'রে। 'জোড়হস্তে মেঘপানে শূন্যে তুলি মাথা।' *রবীন্দ্র*, ১৮৯০।

জোড় হাত [জোড়+স হস্ত>] *বি* যুক্ত দুই হাত। 'জোড় হাতে কহে কিছু হানিফা গোচর।' *গরীব*, ১৭৬৫।

জোড়হাত করা *ক্রি* মিনতি করা। 'ব্রজেশ্বর ... নিশির কাছে জোড়হাত করিল।' *বঙ্কিম*, ১৮৮২।

জোড়হাতে *ক্রিবিণ* হাত জোড় ক'রে। 'জোড়হাতে দাঁড়াইল পদ্মার সাক্ষাতে।' *বিজয়*, ১৬৫০।

জোড়হাথ [জোড়+স হস্ত>] *বি* হাতজোড়। 'মস্তকে করিয়া জোড়হাথ।' *মুকুন্দ*, ১৬০০।

জোড়া[১] [স যোগ] ১ *ক্রি* জড়ো হওয়া। 'ভাল গেরস্তের নাঞি জোড়এ সম্বল।' *মুকুন্দ*, ১৬০০। ২ *ক্রি* ভরা; ছেয়ে ফেলা। 'পীলায় জুড়িল পেট শশা যে খাইল।' *কৃষ্ণরাম*, ১৭২০। ৩ *ক্রি* আরম্ভ করা। 'জুড়িতে।' *মানোএল*, ১৭৪৩। ৪ *ক্রি* যুক্ত করা। 'শির শিয়া ফেরেশতারা ধড়ে জোড়া দিল।' *গরীব*, ১৭৬৫। ৫ *ক্রি* উত্থাপন করা। 'সাকেরের মা সংসারের কথা জুড়িল।' *শওকত*, ১৯৫৮। **জোড়এ** *ক্রি* জড়ো হয়। 'ভাল গেরস্তের নাঞি জোড়এ সম্বল।' *মুকুন্দ*, ১৬০০। **জোড়াইল** *ক্রি* আরম্ভ করলো। 'বারমতি গীত জোড়াইল শুভক্ষণে।' *রূপরাম*, ১৭৫০। **জোড়ি** *ক্রি* জড়ো হলো। 'নিমিষেকে জোড়ি মেঘ গগনমণ্ডল।' *মুকুন্দ*, ১৬০০। **জোড়িঅ** *ক্রি* জোড়া হলো। 'ফাণ্ডিঅ মোহতর পটি জোড়িঅ।' *চর্যা ৫*, ১২০০।

জোড়া[২] [স যোগ] ১ *বিণ* যুক্ত। 'সে শির বেনানী জালে নবগুঞ্জামণি মালে উপরে চঞ্চল চাঁদ জোড়া।' *চিচ্চী*, ১৬০০। ২ *বি* ধুতি ও চাদর। 'অঙ্গ হৈতে উতারিআ দিল খাসা জোড়া।' *মুকুন্দ*, ১৬০০। ৩ *বিণ* যুগ্ম; দুটি। 'অমর্ত গুটিকা দিলা জোড়া নারিকল।' *রামাই*, ১৭১০। ৪ *বিণ* অখণ্ডিত; অবিভক্ত। 'কোনও কোনও পশুর খুর অখণ্ডিত অর্থাৎ জোড়া।' *বিদ্যা*, ১৮৫১। ৫ *বি* সমকক্ষতা। 'ইহার জোড়া নাই।' *বঙ্কিম*, ১৮৭৮। ৬ *বিণ* অন্য কিছুর সঙ্গে যুক্ত। 'তার যতটুকু বেরিয়ে থাকে ততটুকু জোড়া দেওয়া।' *রবীন্দ্র*, ১৮৮১। ৭ *বিণ* পরস্পর যুক্ত। 'হাত জোড়া, মাথায় কাপড় দেবার জো নেই।' *রবীন্দ্র*, ১৯০৭। ৮ *বিণ* জরির কাজ-করা। 'ফুল পাগড়ী মাথায় তাহার জোড়া জামা গায়।' *জসীম*, ১৯২৯। ৯ *বি* সঙ্গী। 'এর জোড়াটা যে এবার তোকে খুঁজে বেড়াবে।' *হুমায়ুন*, ১৯৭২।

জোড়া খসানো *ক্রি* হাড়ের জোড়া খুলে ফেলা। *মানোএল*, ১৭৪৩।

জোড়াতাড়া ১ *বি* কোনোপ্রকারে জোড়া বা ঠেকনা। 'ঐ সকল ফুলে জোড়াতাড়া দিয়া যখন তখন মনের সুখে ...।' *প্রমথ*, ১৮৯০। ২ *বি* জোড়াতালি। 'দুইয়ে মিলে জোড়া-তাড়া দিয়ে এখানকার লোকালয় ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

জোড়াতালি ১ *বি* গোঁজামিল। 'জোড়াতালি দিয়ে চালাতে হয়।' *জীবন*, ১৯৩২। ২ *বি* অসম্পূর্ণ অবস্থা। 'জোড়াতালি দিয়া কোনো রকমে সবই সে করে।' *মানিক*, ১৯৩৬। ৩ *বি* কোনোরকমে কাজ চালানোর মতো অবস্থা। 'জোড়াতালি দিয়ে জীবন কাটিয়ে কী লাভ।' *জীবন*, ১৯৪৮।

জোড়াতালি দেওয়া *ক্রি* আপোশ করা। 'না পেলে হয়তো সে জোড়াতালি দিয়ে কোনো মতে ... চালিয়ে যায়।' *সাদত*, ১৯৬৭।

জোড়া-দেওয়া *বিণ* জোড়া দেওয়া হয়েছে এমন। 'সেই আমার জোড়া দেওয়া ছিন্ন দিনের খণ্ড আলোর মালা।' *রবীন্দ্র*, ১৯১৮।

জোড়ান [স যুক্ত] *বি* যুক্ত করা। *বিদ্যা*, ১৮৯১।

জোড়ানক্ষত্র *বি* একত্রে পাক-খাওয়া দুই নক্ষত্র। 'আকাশে অনেক জোড়ানক্ষত্র পরস্পরকে প্রদক্ষিণ করছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জোড়ানিয়া *বি* যে ধাতুপদার্থ মিশ্রণের কাজ করে। *মানোএল*, ১৭৪৩।

জোড়ানো *ক্রি* ধাতব পদার্থের সংযোগ করা। *মানোএল*, ১৭৪৩।

জোড়া মানিক [জোড়+স মাণিক্য] *বি* মানিকজোড়; ঘনিষ্ঠ জুটি। 'যেন দুইটি ননীর পুতুল, সোনার চাঁদ, জোড়া মানিক বাবা!' *মশাররফ*, ১৮৮৫।

জোড়াসন *বি* সমতল জায়গায় হাঁটু ভাঁজ ক'রে বসা (পদ্মাসনের অনুরূপ)। 'চেয়ারের উপর একটি ভদ্রলোক জোড়াসন হয়ে বসে আছেন।' *প্রমথ*, ১৯৩৮।

জোত[১] [স জ্যোতি] *বি* জ্যোতি। 'পত্রসব জমরুদ্দ জিনি জোত অতি।' *সুলতান*, ১৭০০।

জোত[২] [আ জোয়াত] *বি* বি চাষের জমি। 'আমার মালগুজারি নিজ জোতে সাড়ে তিন সও টাকা।' *ওসাঁ*, ১৭৮২।

জোতজমা [আ জোয়াত+আ জমা] *বি* ভূসম্পত্তি। 'নিজের জোতজমা সমস্ত বিক্রয় করিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯১।

জোতজমি [আ জোয়াত+ফা জমীন] *বি* ভূসম্পত্তি। 'পৈত্রিক জোতজমি দেখা শোনা করিয়া সুখে-সচ্ছন্দে আছেন।' *মনসুর*, ১৯৫৫।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জোতদার [আ জোয়াত+ফা দার] *বি* জোতের মালিক; ছোটো জমিদার। 'জোতদার, প্রজা, সকলেই ভয়ে ভীত।' *মশাররফ*, ১৮৯০।

জোতা [স যুক্ত>] **১** *ক্রি* গাড়ির সঙ্গে জুড়ে দেওয়া (গোরু বা ঘোড়া)। *বিদ্যা*, ১৮৯১; 'পরু দুটো জুতে সামাদকে তারই গাড়িতে উঠিয়ে বাড়ি ফিরে এল।' *হাসান*, ১৯৬২। **২** *বিণ* যুক্ত। 'কাজের ঘানিতে জোতা রয়েছি।' *অবন*, ১৯২৫।

জোতাজুতি [স যুক্ত>] *বি* বারে বারে যুক্ত করার কাজ। *বিদ্যা*, ১৮৯১।

জোতি [স জ্যোতি] *বি* জ্যোতি। 'অধর পল্লব নব মনোহর দসন দালিম জোতি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জোতিষ [স জ্যোতিষ] *বি* গ্রহাদির অবস্থানের পরিপ্রেক্ষিতে ভাগ্য গণনাকারী; গণক। 'কিতাব চাহিয়া পুনি জোতিষে চাহিলু।' *সুলতান*, ১৭০০।

জোতিসপুরি [স জ্যোতিষ্পুরী] *বি* গ্রহ-উপগ্রহ-নক্ষত্রাদি পূর্ণ নভোমণ্ডল। 'পরম জোতিসপুরি মহাঘোরতর।' *মালাধর*, ১৫০০।

জোৎদার [আ জোয়াত+ফা দার] *বি* ছোটো জমিদার। 'জোৎদার বেটারা খৃষ্টান হবে বলে পাদরী সাহেবের কাছে পড়েছিল।' *মশাররফ*, ১৮৬৯।

জোত্র [স] **১** *বি* জোগাড়। 'পৃথিবী সমূহ পত্র সারদা করিয়া জোত্র।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বি* উপায়। 'জদী জোত্র ক্রমে কিছু পাঠাইতে পার তাহা চেষ্টা করিয় পাঠাইবা।' *ওসাঁ*, ১৭৮২।

জোথা [স যথা] *ক্রিবিণ* যেখানে। 'সর্গে হৈতে পারিজাত আরোপিল জোথা।' *মালাধর*, ১৫০০।

জোদ্দার [আ জোয়াত+ফা দার] *বি* ছোটো জমিদার। 'এই জমীর খাজনা জোদারেদ্দে পাশ দেলাইয়া দীলেন ...।' *চিঠিপত্রে*, ১৮০০

জোন [স জন] **১** *বি* মানুষ। *মেয়র্স*, ১৭৫৭। **২** *বি* মজুর। 'মুই টিকিরি – জোন খাটে খাই।' *দীনবন্ধু*, ১৮৬০।

জোনাই [স জ্যোৎস্নাকীর] *বি* জোনাকি পোকা। 'নিত্যি দেখি রাতের বেলা একটি শুধু জোনাই আছে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

জোনাক [স জ্যোৎস্নাকীর] *বি* জোনাকি পোকা। 'গাছে গাছে জোনাক জ্বলে।' *রবীন্দ্র*, ১৯১৪।

জোনাকি, জোনাকী [স জ্যোৎস্নাকীর] *বি* অন্ধকারে শরীর থেকে আলো বিচ্ছুরিত হয় এমন এক রকমের পোকা। *বিদ্যা*, ১৮৯১; 'আসিছে সঘনে অগণ্য জোনাকীব্রজ, এই ডরুতলে...।' *মাইকেল*, ১৮৬৬।

জোনাকিজীবন *বি* জোনাকির মতো জীবন। 'দুরাশায় আজো জোনাকি-জীবন, কখনো তারা।' *শামসুর*, ১৯৫৯।

জোনাকি পোকা *বি* অন্ধকারে শরীর থেকে আলো বিচ্ছুরিত হয় এমন এক রকমের পোকা। 'বাতির আলো জোনাকি পোকার মত দেখছেন।' *হুতোম*, ১৮৬১।

জোনাকী ফুল *বি* ফুলবিশেষ। 'তাহারি দোলায় বন পথে পথে ফুটিছে জোনাকী ফুল।' *জসীম*, ১৯৫১।

জোনাকী মেয়ে *বি* জোনাকি পোকা। 'জোনাকী মেয়েরা সারারাত জাগি জ্বালাইয়া দেয় আলো।' *জসীম*, ১৯২৭।

জোনাকীর রাজত্ব *বি* দুর্বল শাসনব্যবস্থা। 'জোনাকীর রাজত্ব কায়েম করতে হলে চন্দ্র সূর্য গ্রহ নক্ষত্র তাড়াতেই হবে।' *উমর*, ১৯৬৮।

জোনাজাতি *ক্রিবিণ* একে একে। 'মনে মনে করে রব পেরেশানি যায় জোনাজাতি।' *গরীব*, ১৭৬৫।

জোনাপোকা [স জ্যোৎস্নাকীর] *বি* অন্ধকারে শরীর থেকে আলো বিচ্ছুরিত হয় এমন এক রকমের পোকা। *বিদ্যা*, ১৮৯১।

জোনাব [আ জনাব] *বি* জাঁহাপনা; মহাশয়। 'সাহেবের জোনাব দৌলাতে কোনক্রমে রক্ষা পাইয়া ...।' *তাঁতি*, ১৭৯২।

জোনি [স যোনি] *বি* স্ত্রী-জননেন্দ্রিয়। 'বাম হস্তে জোনি ঢাকী লজ্জা তো পাইয়া।' *মালাধর*, ১৫০০।

জোনিছেদ [স যোনিছেদ] *বি* যোনিভেদ। 'জোনিছেদ করিএ আক্ষি বাহির হইব।' *রামাই*, ১৭১০।

জোন্দা [স যমদূতিকা] *বি* তেঁতুল। 'পথশ্রমহরা জোন্দা কিন হে তোড়ানি মন্দা।' *মুকুন্দ*, ১৬০০।

জোবর [আ জবর] *বিণ* অনেক। 'জোবর তো – এত পান করবার পারমু ক্যান?' *দীনবন্ধু*, ১৮৬৬।

জোবা *বি* সুযোগ। 'এমন জোবা সচরাচর পায় না বলিয়া শিকারীদেরও লোভ বাড়িয়া উঠিয়াছিল।' *শামসুদ্দীন*, ১৯৪৮।

জোবানবন্দি, জোবানবন্দী [ফা জবান>] **১** *বি* কোনো তদন্ত কর্মচারীর কাছে প্রদত্ত বিবরণ। 'তাহার নিকট আসিয়া জোবানবন্দি করাতে ঐ অভাগিনী ...।' *চন্দ্রিকা*, ১৮৩১। **২** *বি* আদালতে প্রদত্ত সাক্ষ্য। 'কমলাকান্তের জোবানবন্দী।' *বঙ্কিম*, ১৮৭৫।

জোব্বা [ফা জুব্বাহ্] *বি* আলখাল্লা; ঢিলা ও লম্বা পোশাকবিশেষ। 'গলায় ছেঁড়ার জোব্বা ঝুলে পড়ে গায়।' *গরীব*, ১৭৫০।

জোব্বাজুব্বা *বি* ঢিলা এবং দীর্ঘ জামাবিশেষ। 'শানদার জোব্বাজুব্বা পরে যে-লোকটি এদেশে আসেন।' *ওয়াসী*, ১৯৪৮।

জোয়া [স দ্যূত>] *বি* জুয়া। 'মতি দেদার মদ খায় – জোয়া খেলে।' *প্যারী*, ১৮৫৮।

জোয়াইন [স যমানী] *বি* যমানী; মসলা বিশেষ। *মানোএল*, ১৭৪৩।

জোয়াচোর [জুয়া+স চোর>] *বি* প্রবঞ্চক। *ওসাঁ*, ১৭৮২; 'সে বেটা জোয়াচোরের পাদশা।' *প্যারী*, ১৮৫৮।

জোয়ান[১] [ফা জওয়ান] **১** *বি* পুরুষ। 'জোয়ান হতে।' *মানোএল*, ১৭৪৩। **২** *বি* যুবক। 'এ দেসস্ত মনস্য স্ত্রি ও পুরুষ ও ছোকরা এবং জোয়ান।' *ক্যালগে*, ১৭৮৯। **৩** *বিণ* বলিষ্ঠ। 'একটা জোয়ান পেটমোটা ব্যক্তি।' *রবীন্দ্র*, ১৮৮১। **৪** *বি* সেনাসদস্য; সিপাই। 'সাবাস জোয়ান! সাবাস!' *নজরুল*, ১৯২২।

জোয়ানকি, জোয়ানকী [ফা জওয়ান>] *বি* যৌবন। 'জোয়ানকির সুরুজ একবার ডুবে গেলে আবার কি উঠবে রে?' *কায়সার*, ১৯৬২; 'জোয়ানকীর জোয়ার বড় তেজী।' *আলাউদ্দিন*, ১৯৭৩।

জোয়ানমদ্দ [ফা জওয়ান+ফা মরদ] *বি* যুবা পুরুষ। 'ওই জোয়ানমদ্দ।' *মানিক*, ১৯৩৮।

জোয়ানী [ফা জওয়ান>] *বি* যৌবন। 'তা ছাড়া ওর এখন পুরো জোয়ানী।' *আলাউদ্দিন*, ১৯৫৪।

জোয়ান[২] [স যমানী] *বি* এক প্রকার মসলা। 'ছোট এলাচি বড় এলাচি লবঙ্গ জায়ফল জয়ত্রী জোয়ান ধনে সুপারি।' *ভবানী*, ১৮২৮।

জোয়ানি [স যমানী] *বি* মসলা বিশেষ। 'সান্তলিবে জোয়ানি ফোড়ায়্যা।' *মুকুন্দ*, ১৬০০।

জোয়ার [স জলবৃদ্ধি] **১** *বি* চন্দ্রসূর্যের আকর্ষণে সমুদ্র ও নদীর জল ফুলে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ওঠা। 'জোয়ারের স্রোতে ভুরি জলে ভাস্যা যায়।' *রূপরাম*, ১৭৫০। **২** *বি* উচ্ছলতা। 'কথার ভিতর এমন একটি প্রাণের জোয়ার বইত।' *প্রমথ*, ১৯১৫। **৩** *বি* প্রবল আলোড়ন। 'ফ্যাকাশে জীবনে এলো রক্তের জোয়ার।' *আহসান*, ১৯৪৪।

জোয়ার-উতলা [জোয়ার+স উত্তল>] *বিণ* জোয়ারের আগমনে অশান্ত। 'জোয়ার-উতলা সিন্ধু পূর্ণিমা চাঁদেরে পেয়ে।' *নজরুল*, ১৯৩৩।

জোয়ারজল [জোয়ার+স জল] *বি* জোয়ারের পানি। 'মায়ের পরাণ তারি জোয়ারজলে ভাসে।' *জসীম*, ১৯২৯।

জোয়ার-জ্বর [জোয়ার+স জ্বর] *বি* জোয়াররূপ জ্বর। 'তপ্ত ঢেউয়ের মত্ত জোয়ার-জ্বরে।' *বুদ্ধ*, ১৯৪৩।

জোয়ারবেলা [জোয়ার+স বেলা] *বি* জোয়ারের সময়। 'জোয়ারবেলায় কানায় কানায় যে জল জমল।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জোয়ারভাঁটা [জোয়ার+অ ভাটা] **১** *বি* কখনো বাড়া কখনো কমা। 'লণ্ডনের জনসমুদ্রে জোয়ারভাঁটা খেলে।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বি* পর্যায়ক্রমিক আবর্তন। 'আকাশেতে আলো-আঁধার খেলে জোয়ারভাঁটা।' *রবীন্দ্র*, ১৮৮৬।

জোয়ার-ভাটি [জোয়ার+অ ভাটি] *বি* জোয়ার ও ভাটা। 'ও ভাই দরিয়ায় আসে জোয়ার-ভাটি রে।' *নজরুল*, ১৯২৯।

জোয়ারলাগা *বিণ* বাড়ন্ত। 'জোয়ারলাগা ভরাগাং না হলেও একেবারে টসকানো নয়।' *ওয়ালী*, ১৯৪৮।

জোয়ারি[১] [ফা জারক] *বি* ঝঙ্কার; মূল সুরের পেছনে সমান্তরাল সুর। 'তাতে জোয়ারি ছিল।' *প্রমথ*, ১৯১৫।

জোয়ারি[২] [ফা জওয়ার] *বি* গমজাতীয় শস্যবিশেষ। 'নদীর ধারে জোয়ারির খেত।' *রবীন্দ্র*, ১৯১১।

জোয়াল [স যুগল] *বি* লাঙলের সঙ্গে জোড়া দেওয়া কাঠের আড়াআড়ি দণ্ড যা চাষ করার সময় গোরুর কাঁধে দেওয়া হয়। 'মাথার উপরে দেখে পুরান জোয়াল।' *বিজয়*, ১৬৫০।

জোয়ালটানা *বি* দাসত্ব। 'সেক্ষেত্রে মানুষের ইতিহাস পর্যবসিত হত ... অভ্যাসের জোয়ালটানা ... অর্থহীন দিনগুজরানিতে।' *শিব*, ১৯৫৬।

জোর[১] [স যোগ] **১** *বিণ* যুগল। 'ন জানল কতি খন তেজি গেল রে বিছুরল চকেবা জোর।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *বি* সঙ্গম। 'জোর চন্দ্রের।' *মানোএল*, ১৭৪৩।

জোর কাটি [জোর+স কাষ্ঠিকা] *বি* এক জোড়া কাঠি; ঢাকের কাঠি। 'পূজ বাটীতে, জোর কাটিতে, বাজচে যেন ঢাক।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

জোর হাথ [জোর+স হস্ত>] *ক্রিবিণ* জোড়হাতে; করজোড়ে। 'বসুদেব দৈবকী বন্দিলাম জোর হাথ।' *কৃষ্ণরাম*, ১৭২০।

জোর[২] [স জলবৃষ্টি] *বি* জোয়ার। 'কোথায় সোকানি কোথায় সারেং, সাগরে উঠেছে জোর।' *জসীম*, ১৯৫১।

জোর[৩] [ফা] **১** *বিণ* একত্তরে। *মানোএল*, ১৭৪৩। **২** *বি* শক্তি। 'দেখিবে আওরত হইয়া কেয়হা জোর ধরে।' *গরীব*, ১৭৬৫। **৩** *বি* শক্তি প্রয়োগ। 'তাহাদিগের উপর জোর ও জবরদস্তিতে ও ... আদায় করিতে পারে না।' *হ্যালহেড*, ১৭৭৩। **৪** *বি* সৃষ্টিক্ষমতা। 'এই কলমের আর কি তেমন জোর আছে।' *রবীন্দ্র*, ১৯২৫। **৫** *বি* দৃঢ় কণ্ঠস্বর। 'জোরগলায় বললে, "ক" বর্গ।' *রবীন্দ্র*, ১৯২৯। **৬** *বিণ* জমজমাট। 'এখন তো ভর সকালবেলা – জোর বাজার।' *শ্যামল*, ১৯৬৭।

জোরআর [ফা জোরওয়ার>] *বিণ* বলশালী। *বিদ্যা*, ১৮৯১।

জোরআরি [ফা জোরওয়ার>] *বি* বলবত্তা। *বিদ্যা*, ১৮৯১।

জোরওয়ার [ফা জোরওয়ার>] *বিণ* শক্তিশালী। 'জোরওয়ার শের কই? জেরবার জানোয়ার।' *নজরুল*, ১৯২২।

জোর কদম [ফা জোর+আ কদম] *বি* দ্রুত পদক্ষেপ। 'জোর কদম চল রে চল।' *নজরুল*, ১৯২৮।

জোর কলম [ফা জোর+আ কলম] *বি* কলমের জোর। 'মোটা মাহিনা বা জোর কলমের কোনো ধার ধারিতেন না।' *রবীন্দ্র*, ১৮৯৮।

জোর করা **১** *ক্রি* শক্তি প্রয়োগ করা। 'নরমেতে করে জোর, গরমে নরম তার কাছে।' *ভবানী*, ১৮২৫। **২** *ক্রি* ইচ্ছার বিরুদ্ধে যাওয়া। 'জোর করিয়া এখানে ধরিয়া রাখিবার অধিকার।' *রবীন্দ্র*, ১৯০২।

জোর জবরদস্তি, জোরজবর্দস্তি [ফা] *বি* জোরাজুরি। 'জোর জবরদস্তির কথা শুনিলে আমাদের মনে বিজাতীয় ঘৃণা ও রোষের সঞ্চার হয়!' *মশাররফ*, ১৮৮৯; 'তার সঙ্গে জোরজবর্দস্তি খাটবে না।' *রবীন্দ্র*, ১৯১৫; 'জোর-জবরদস্তি? কিসের জন্যে! সত্যের সঙ্গে কি জোর খাটে!' *রবীন্দ্র*, ১৯১৬।

জোরজবরি [ফা] *বি* জোরাজুরি; জোরজবরদস্তি। 'সতত সদয় সাকী আমাদের জোরজবরিতে নাই।' *সত্যেন্দ্র*, ১৯১৫।

জোর জরাবতি [ফা জোর+ফা জোরওয়ার] *বি* পীড়াপীড়ি। 'জোর জরাবতি নাই।' *গিরিশ*, ১৮৯৬।

জোরজার [ফা জোর>] *বি* জোরাজুরি। 'জোরজার করে কোনোমতে ...।' *রবীন্দ্র*, ১৯০৯।

জোরজারি [ফা জোর>] *বি* বলপ্রয়োগ; জবরদস্তি। 'জোরজারি করতে গেলে উল্টো ফল ছোবল দেয়।' *মনোজ*, ১৯৬১।

জোর-জুলুম [ফা জোর+আ জুলুম] *বি* বলপ্রয়োগ; জোরাজুরি। 'সত্যতে জোর-জুলুম নাই।' *নজরুল*, ১৯২৪।

জোরদার [ফা] *বিণ* শক্তিশালী। 'জোরদার কজনা দল বেঁধে বাকীগুলিকে মেরে ফেলে ...।' *সবুজ*, ১৯২১।

জোর দেওন *বি* গুরুত্ব দেওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

জোরবার [ফা জোরওয়ার>] *বি* বলদৃপ্ততা। 'ঘাতক জালিম জোরবারের।' *নজরুল*, ১৯২২।

জোর যার মুলুক তার – যার শক্তি আছে সেই সমস্ত বিষয়ের অধিকারী। 'জোর যার মুলুক তার এই নীতি স্বীকার।' *রবীন্দ্র*, ১৯০৫।

জোরসে [ফা জোর>] *ক্রিবিণ* জোরেশোরে। 'শোর উঠেছে জোরসে সামাল সামাল তাই।' *নজরুল*, ১৯২২।

জোরাবতী [ফা জোরওয়ার>] *বি* জবরদস্তি। 'জোর জোরাবতী কদিন চলে।' *দীনবন্ধু*, ১৮৬০।

জোরাবরী [ফা জোরওয়ার>] *বি* জবরদস্তি। 'বর্ত্তমানে যে চলিত ধারা অর্থাৎ জোরাবরী করা কিম্বা গর্ভবতী কিম্বা ...।' *দর্পণ*, ১৮২৯।

জোরায়র [ফা জোরওয়ার] *বিণ* শক্তিশালী। 'সেয়াগোস ভৈস গড়া জোরায়র জানোয়ার ঢের।' *রামপ্রসাদ*, ১৭৮০।

জোরালো, জোরাল [ফা জোর>] **১** *বিণ* শক্তিশালী। *বিদ্যা*, ১৮৯১; 'জোরালো সুডোল শরীর।' *রবীন্দ্র*, ১৮৯১। **২** *বিণ* প্রকাশক্ষম। 'তাঁর লেখা ধারালো, ভাষা জোরালো।' *নজরুল*, ১৯৩২। **৩** *বিণ*

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

যুক্তিপূর্ণ। 'প্রবন্ধে তোমার তর্কটা খুব জোরালো হয়েছে।' *রবীন্দ্র*, ১৯২৬। ৪ *বিণ* প্রবল। 'আন্দোলন খুব জোরাল রূপ লাভ করতে পারেনি।' *বেগম*, ১৯৬০।

জোরেসোরে *ক্রিবিণ* জোরালোভাবে। 'ইহা আরো জোরেসোরে চলিতে থাকে।' *আজাদ*, ১৯৬০।

জোরু [হি জোরূ] *বি* পত্নী। 'এই বিপদ টালিবার জন্য জোরু, লাড়কা, জান মাল শুদ্ধা ...।' *আখবার*, ১৮৭৭।

জোল [স যুগল] *বিণ* যুগল। 'বিমল কঞ্জন কমল চঢ়ি জনি খেলু খঞ্জন জোল।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জোলফ [ফা জুল্‌ফ] *বি* জুলফি; কানের পাশ দিয়ে নেমে-আসা চুলের গোছা। 'দুই ভ্রাতার জোলফে জোলফে বন্ধন করিলেন।' *মশাররফ*, ১৮৮৫।

জোলসি [আ জুলূস] *বিণ* জৌলুস; সিংহাসন আরোহণ; অভিষেক। 'সন একইস ও সন তেরো জোলসির দুই হুকুমনামা।' *ক্যালগে*, ১৭৮৫।

জোলা[১] *বি* সরু জলাশয়। 'জোলায় সোঁত আছে তো?' *মণীশ*, ১৯৬৩।

জোলা[২] [ফা জুলাহা] *বি* মুসলমান তাঁতি সম্প্রদায়বিশেষ। 'চাঁচা ফুফা ডাকে জোলা অতি ত্বরাতরি।' *বিজয়*, ১৬৫০।

জোলা-কারিকর [ফা জুলাহা+ফা কারিগর] *বি* মুসলমান তাঁতি সম্প্রদায়বিশেষ। 'গায়ে গায়ে সাজে সব জোলা কারিকর।' *বিজয়*, ১৬৫০।

জোলাপ [ফা জুলাব] ১ *বি* কোষ্ঠ-পরিষ্কারক ঔষধ। *ওসাঁ*, ১৭৮২। ২ *বিণ* উৎপাত; ঘৃণ্য। 'বঙ্কবেহারি বাবু ভদ্র লোকের পক্ষে প্রকৃত জোলাপ হয়ে পড়লেন।' *হুতোম*, ১৮৬১।

জোলাপ লওন *ক্রি* মলনিঃসারক ঔষধ গ্রহণ করা। *ওসাঁ*, ১৭৮৫

জোলাভাতি *বি* চড়ুইভাতি। 'জোলাভাতি রাঁধতে আস না?' *রায়েবার*, ১৯৬২।

জোলো [স জল>] ১ *বিণ* পানসে। 'রাঙামুখে বাবা অন্ন দি তুলি নিজে খাই জোলো মাড়।' *নজরুল*, ১৯২৪। ২ *বিণ* জলীয়। 'শুক্রে জোলো বাষ্পের সন্ধান যে পাওয়া গেল না সেটা আশ্চর্যের কথা।' *রবীন্দ্র*, ১৯৩৭। ৩ *বিণ* জলবিশিষ্ট। 'জলবিশিষ্ট জলুয়া (জোলো), পাঁকুয়া (পৈকো) ...।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জোশ [ফা] *বি* উদ্দীপনা। 'ডগমগিয়ে জোশ উঠেছে।' *নজরুল*, ১৯২২।

জোষ্ঠিমাস [স জ্যৈষ্ঠমাস] *বি* জ্যৈষ্ঠ মাস। 'জোষ্ঠিমাসের গুমোট রে বন্ধু।' *নজরুল*, ১৯৩৫।

জোস [ফা জোশ] *বি* উদ্দীপনা। 'ইসলামী জোস একটু দেখান।' *পাশা*, ১৯৭১।

জোহর[১] [আ জুহর] ১ *বি* ইসলামিমতে দুপুরের নামাজ। 'জোহরে সুরত নুহু পড়িবা নিশ্চয়।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* অপরাহ্ণ। 'ফজরে এলে না, জোহর কাটানু কেঁদে।' *নজরুল*, ১৯২৮।

জোহর[২] [আ জওহরি] *বি* অতিমূল্যবান পাথরবিশেষ; রত্ন। *ওসাঁ*, ১৭৮৫।

জোহরী [আ জওহরি] *বি* জহরত অথবা মূল্যবান অলঙ্কারের ব্যবসা করে যে। *ওসাঁ*, ১৭৮৫।

জোহা *ক্রি* যুদ্ধ করা। 'জুহিতে।' *মানোএল*, ১৭৪৩।

জোহানি [স যমানী] *বি* গন্ধমসলা-বিশেষ। 'নরম কিনে তালশাঁস হিঙ্গ জিরা রসবাস চঞ্চি মেথি জোহানি মহরি।' *মুকুন্দ*, ১৬০০।

জোহার [হি জুহার] ১ *বি* প্রণাম। 'আসিয়া কোটাল নৃপে করিল জোহার।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* অভিবাদন। 'চতুর্দিকে জোহার শুনিল জয় রোল।' *আলাওল*, ১৬৮০।

জোহ্না [পা জুহ্না] *বি* জ্যোৎস্না। 'তইলা বাড়ির পাসৈর জোহ্না বাড়ি তাএলা।' *চর্যা ৫০*, ১২০০।

জৌ [স জতু] *বি* গালা। 'পুর মধ্যে বইসে নড়ি নানা বর্ণে গড়ে চুড়ি জৌ দিয়া করয়ে গঠন।' *মুকুন্দ*, ১৬০০।

জৌগৃহ [স জতুগৃহ] *বি* গালা নির্মিত ঘর। 'জৌগৃহ নামে তারা হেটমাথা করে।' *মুকুন্দ*, ১৬০০।

জৌঘর [স জতুগৃহ] *বি* গালা দিয়ে নির্মিত ঘর। 'জৌঘর করিল সীতা সভে কহে সেই কথা।' *মুকুন্দ*, ১৬০০।

জৌ-শালা [স জতুশালা] *বি* জতুগৃহ। 'উপনীত হইল রামা জথা জৌ-শালা।' *মুকুন্দ*, ১৬০০।

জৌ [স যদি] *অব্য* যদি। 'হমর সপথ জৌ হেরহ মুরারি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

জৌতা [স যুক্ত] *বিণ* যৌথ। 'আমারদিগের জৌতা লেখাতে তাম্বা বন্দক রাখিয়া টাকা লইয়াছিলাম।' *মেয়র্স*, ১৭৫৭।

জৌতিষ [স জ্যোতিষ] *বি* গ্রহের অবস্থান দেখে ভাগ্যগণনা। 'দীপিকা ভাস্বতী ধরে জৌতিষ বিচার করে বালকের লিখয়ে জাওয়াঁতি।' *মুকুন্দ*, ১৬০০।

জৌতুক [স যৌতুক] *বি* উপঢৌকন; বিবাহে বর ও কনেকে যে সম্পদ দেওয়া হয়। 'হস্তি ঘোড়া রথ দিল জৌতুক করিয়া।' *মালাধর*, ১৫০০।

জৌবণ [স যৌবন] *বি* যৌবন। 'জাণ জৌবণ মোর ভইলেসি পূরা।' *চর্যা ২০*, ১২০০।

জৌবন [স যৌবন] *বি* যৌবন। 'কি মোরা জীবনে কি মোরা জৌবনে কি মোরা চতুরপনে।' *বিদ্যাপতি*, ১৪৬০; 'রূপ গোণ জৌবন জে রসেত পুরিয়া।' *মালাধর*, ১৫০০।

জৌবনি [স যৌবন] *বি* যৌবনকাল। 'তৈলক্য সুন্দরি কন্যা উন্মর্ত্ত জৌবনি।' *মালাধর*, ১৫০০।

জৌলস [আ জলূস] *বি* চাকচিক্য; উজ্জ্বলতা। 'কী বিচিত্র জৌলসে রাঙে নিথর রাত্রিতল।' *ফররুখ*, ১৯৪৬।

জৌলসী [আ জলূস] *বি* উজ্জ্বল। *ভবানী*, ১৮২৩।

জৌলুশ [আ জলূস] *বি* জাঁকজমক। 'সে মেলার জৌলুশ তত বেশী।' *মুজতবা*, ১৯৫২।

জৌলুষ [আ জলূস] *বি* চাকচিক্য। 'তোমার আরক্ত বর্ণে নাই সেই উজ্জ্বল জৌলুষ।' *ফররুখ*, ১৯৬৩।

জৌলুস [আ জলূস] *বি* উজ্জ্বলতা। 'দাড়িতে কি মুখের জৌলুস বাড়ে না?' *নজরুল*, ১৯৩১।

জৌলুস খোলা *ক্রি* খোলতাই বৃদ্ধি পাওয়া। 'রংটি ফর্সা, শহরের হাওয়ায় আরো জৌলুস খুলিয়াছে।' *শওকত*, ১৯৫৮।

জ্যোতির্ময় [স জ্যোতির্ময়] *বিণ* দীপ্তিময়। 'জ্যোতির্ময় দেখি ব্রহ্মা দৈবকী উদরে।' *মালাধর*, ১৫০০।

জ্ঞাত [স] ১ *বিণ* সতর্কীকৃত। *মানোএল*, ১৭৪৩। ২ *বিণ* অবগত। 'আপনকার পত্র পাইয়া সমাচার জ্ঞাত হইলাম।' *বেগল*, ১৭৭০।

জ্ঞাত করা *ক্রি* অবহিত করা। 'তাহা তোমারদিগকে এক্ষণে জ্ঞাত করা উপযুক্ত জানিয়া কহি।' *তারিণী*, ১৮০৩।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জ্ঞাত কারণ *ক্রিবিণ* অবগতির জন্যে। *মেয়ার*, ১৭৮৭।

জ্ঞাতকুলশীল [স] *বিণ* বংশ-চরিত্র জানা এমন। 'সন্ততিরা জড়ায়ে গিয়েছে জ্ঞাতকুলশীল আর অজ্ঞাত ঋণে।' *জীবন*, ১৯৪৪।

জ্ঞাতব্য [স] *বিণ* জানার যোগ্য। 'যা-কিছু দ্রষ্টব্য জ্ঞাতব্য বিষয় আছে সমস্ত অনুসন্ধান করে বেড়ান।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জ্ঞাতসার [স] *বি* অবগতকরণ। 'এ বিষয়ের নালিশ কিম্বা জ্ঞাতসার আদালতে করিয়া থাকে।' *ডানকান*, ১৭৮৫।

জ্ঞাতসারে *ক্রিবিণ* জানা মতে; গোচরে। 'আমারদের জ্ঞাতসারে যে২ কর্ম্ম হইয়াছে।' *দর্পণ*, ১৮২৫।

জ্ঞাতা [স] **১** *বিণ* জানে এমন। 'নিত্যানন্দ জ্ঞাতা গৌরচন্দ্রের অন্তর।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* পণ্ডিত ব্যক্তি। 'জ্ঞাতা বড়ো/ জ্ঞাতা মহৎ।' *মানোএল*, ১৭৪৩।

জ্ঞাতে *ক্রিবিণ* সজ্ঞানে; জেনেশুনে। 'জ্ঞাতে হরিলে একবিংসতি পুরূস নাস করে।' *মালাধর*, ১৫০০।

জ্ঞাতি[১] [স] *বি* সংবাদ। 'নৌকাযোগে অর্থ দিয়া বিশেষ বিশেষ জ্ঞাতি পাঠাইলেন।' *রামরাম*, ১৮০১।

জ্ঞাতি[২] [স] **১** *বি* একই বংশোদ্ভূত ব্যক্তি। 'না লিবেক তোমারে জ্ঞাতি বন্ধু জন।' *মালাধর*, ১৫০০। **২** *বি* ঘনিষ্ঠজন। 'জ্ঞাতি অর্থাৎ জানাশোনার দলে।' *রবীন্দ্র*, ১৯২৮।

জ্ঞাতিকুটুম্ব [স] *বি* বংশের লোক ও বৈবাহিক সূত্রে আত্মীয়। 'জ্ঞাতিকুটুম্ব সকল কহে উহার জাতি গিয়াছে।' *ভবানী*, ১৮২৫।

জ্ঞাতিগণ্ঠী [স জ্ঞাতিগোষ্ঠী] *বি* বংশের লোকজন। 'জ্ঞাতিগণ্ঠী সব ধড়ধড় করে উঠে যাচ্ছে।' *সেলিনা*, ১৯৭৫।

জ্ঞাতিগোত্র [স] *বি* বংশের লোকজন। 'উপরওআলার জ্ঞাতিগোত্রকে যথোচিত পাশ কাটিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯৩২।

জ্ঞাতিগোষ্ঠী [স] *বি* বংশের লোকজন। 'আমার জ্ঞাতিগোষ্ঠীর খবর যতটা আমার জানা ছিল তাহা তাহাকে বলিতে হইল।' *বনফুল*, ১৯৩৬।

জ্ঞাতিত্ব [স] *বি* জ্ঞাতির সম্বন্ধ। 'কোন ধর্ম্মমতে, কহ দাসে, শুনি, জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি – এসকলে দিলা জলাঞ্জলি।' *মাইকেল*, ১৮৬১।

জ্ঞাতিপুত্র [স] *বি* আত্মীয়ের পুত্র। 'মিলিলেন্ত রণস্থলে জ্ঞাতিপুত্র জন।' *বাহরাম*, ১৬৫০।

জ্ঞাতিবন্ধন [স] *বি* আত্মীয়তার বন্ধন। 'বললাভের জন্য বৃহৎ জ্ঞাতিবন্ধন বা গোত্রবন্ধন ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

জ্ঞাতিবন্ধু [স] *বি* আত্মীয়স্বজন। 'ছাগল রাখাইল্য তোরে জ্ঞাতিবন্ধু ছলে ধরে।' *মুকুন্দ*, ১৬০০।

জ্ঞাতিবিদ্বেষিতা [স] *বি* সগোত্রীয়দের প্রতি বৈরিতা। 'আর্য্যেরা জ্ঞাতিবিদ্বেষিতা লাভ করিয়া স্বতন্ত্রতা দোষে এমনি নিস্তেজঃ হইয়া পড়িয়াছেন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

জ্ঞাতিবিবাদ [স] *বি* গোত্রে গোত্রে ঝগড়াঝাঁটি। 'জ্ঞাতিবিবাদ তখনও ছিল এখনও আছে।' *অবন*, ১৯২৫।

জ্ঞাতিবিরোধ [স] *বি* আত্মীয়-স্বজনের সঙ্গে বিরোধ। 'ফলে বন্ধুবিচ্ছেদ জ্ঞাতিবিরোধ প্রভৃতি জন্মলাভ করে।' *প্রমথ*, ১৯২০।

জ্ঞাতিভ্রাতা [স] *বি* জ্ঞাতি সম্পর্কে ভাই। 'তাঁহার এক জ্ঞাতিভ্রাতা বহুদিন যাবৎ পশ্চিম-প্রবাসী।' *বিভূতি*, ১৯২৯।

জ্ঞাতিশত্রুর [স জ্ঞাতিশত্রু] *বি* বংশের শত্রু। 'সেও নাকি বলেছে, জ্ঞাতিশত্রুর।' *বিভূতি*, ১৯২৯।

জ্ঞাতিশত্রুতা [স] *বি* সগোত্রীয়ের সঙ্গে শত্রুতা। 'উভয়ের মধ্যে আত্মীয়তার পরিবর্তে জ্ঞাতিশত্রুতা জন্মায়।' *প্রমথ*, ১৯১৪।

জ্ঞাতিসম্পর্ক [স] *বি* একই বংশজাত সম্পর্ক। 'আমার জ্ঞাতিসম্পর্কের মথুরদাদা।' *রবীন্দ্র*, ১৯৩২।

জ্ঞাতিসম্বন্ধ [স] *বি* জ্ঞাতিসম্পর্ক। 'পণ্ডিত আসিয়া আমাদের জ্ঞাতিসম্বন্ধের কুলুঙ্জি বাহির করিবার পূর্বেই ...।' *রবীন্দ্র*, ১৮৯৭।

জ্ঞাতো [স জ্ঞাত] *বিণ* অবগত। 'বেওরা সমাচার জ্ঞাতো হইলাম।' *ওসাঁ*, ১৭৮২।

জ্ঞাৎকুটুম্ব [স জ্ঞাতিকুটুম্ব] *বি* জ্ঞাতি ও কুটুম্বগণ; আত্মীয়-স্বজন। 'জ্ঞাৎকুটুম দুঃখে মরে।' *গুপ্ত*, ১৮৫৮।

জ্ঞান [স] **১** *বি* অনুভব। 'কৃষ্ণ মুখ জ্ঞান করি হরিস অন্তরে।' *মালাধর*, ১৫০০। **২** *বি* চেতনা; বুদ্ধি। 'এভোহ কানাঞি তোর না ভইল জ্ঞানে।' *বড়ু*, ১৫৭০। **৩** *বি* ধারণা। 'তোমারেত সভার হইল মূর্খ জ্ঞান।' *বৃন্দা*, ১৫৮০। **৪** *বি* অবলম্বন। 'ধর্ম্মপদ ভাবও সতত সৎ জ্ঞান।' *বাহরাম*, ১৬৫০। **৫** *বি* পরমতত্ত্ব। 'তুমি জ্ঞান উপদেশ পরমাত্মা ত্রিদিবেশ।' *মানিকরাম*, ১৭৮১। **৬** *বি* বিবেচনা। 'মহারাজ আমাকে ভ্রান্ত জ্ঞান করিবেন।' *রামরাম*, ১৮০১। **৭** *বি* মনে হওয়া। 'রাত্তকে রাত জ্ঞান হয় না।' *প্যারী*, ১৮৫৮।

জ্ঞান-অর্জন, জ্ঞান-অর্জ্জন [স] *বি* শিক্ষালাভ। 'নাহি জ্ঞান-অর্জ্জন কামনা।' *গিরিশ*, ১৮৮৭।

জ্ঞান-ইন্দ্রিয় [স] *বি* চোখ, কান, নাক, জিহ্বা, ত্বক প্রভৃতি ইন্দ্রিয়। 'অনামক অচিনায় কখন জ্ঞান-ইন্দ্রিয়ে না সম্ভবে।' *লালন*, ১৮৯০।

জ্ঞান এরণ্ড [স] *বি* জ্ঞানরূপ এরণ্ডফল। 'ওরে জ্ঞান এরণ্ডের এ যে ফল!' *নজরুল*, ১৯৩১।

জ্ঞানকরী [স] *বিণ* জ্ঞান লাভ হয় এমন। 'জ্ঞানকরী শিক্ষাতে সুবিবেচনা ও ধর্ম্মে মতি হয়।' *প্যারী*, ১৮৬০।

জ্ঞান করা *ক্রি* গণ্য করা; বিবেচনা করা। 'শোভনীয় বস্তুকে কাজুয়া বস্তু হইতে উৎকৃষ্ট জ্ঞান করিতে ...।' *তারিণী*, ১৮০৩।

জ্ঞানকাণ্ড [স] *বি* বুদ্ধিবিবেচনা। 'কেবল জ্ঞানকাণ্ড-বিষয়ক প্রকাশ না করিয়া আনুষঙ্গিক কর্ম্ম কাণ্ড বিষয়কে ...।' *দর্পণ*, ১৮৩১।

জ্ঞান-কূপ [স] *বি* জ্ঞানরূপ কুয়া। 'জেনে শুনে ঘোলা ক'রে তোলা জ্ঞান-কূপ।' *সত্যেন্দ্র*, ১৯১০।

জ্ঞানকৃত [স] *বিণ* সচেতনভাবে কৃত। 'অর্থাৎ জ্ঞানকৃত বধের শাস্তি প্রতিহত্যার্হ হইবেক।' *ফরস্টার*, ১৮০১।

জ্ঞানকেন্দ্র [স] *বি* জ্ঞান বিতরণের প্রধান স্থান। 'প্রতিষ্ঠানটি ... শ্রেষ্ঠ জ্ঞানকেন্দ্রে পরিণত হইবে।' *সওগাত*, ১৯৪১।

জ্ঞানগত [স] *বিণ* জ্ঞানের আওতাধীন। 'মানব বুদ্ধি ... কিঞ্চিৎ স্বরূপমাত্র অতি কষ্টে জ্ঞানগত করে।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্ঞান-গম্যি [স জ্ঞানগম্য] *বি* বুদ্ধিসুদ্ধি বা জানাশোনা। 'আমার যা কিছু জ্ঞান-গম্যি তা ঐ আড্ডারই ঝড়তি-পড়তি মাল কুড়িয়ে নিয়ে।' *মুজতবা*, ১৯৫২।

জ্ঞানগম্য [স] *বিণ* জ্ঞান দ্বারা বোঝা যায় এমন। 'জ্ঞানগম্য বিষয়কে রূপকের দ্বারা বুঝাইতে গেলে পৌত্তলিকতা আসিয়া পড়ে।' *রবীন্দ্র*, ১৮৯৮।

জ্ঞানগম্যি [স জ্ঞানগম্য>] *বি* বুদ্ধিবিবেচনা। 'চাচার পরেই

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জ্ঞানগম্যিতে তাঁর প্রাধান্য।' *মুজতবা*, ১৯৫২।

জ্ঞানগরিমা [স] *বি* বিদ্যার গৌরব। 'জ্ঞানগরিমা ও বয়সের ভারে মন্থর অধ্যাপক।' *রবীন্দ্র*, ১৯৩২।

জ্ঞানগর্ভ [স] *বিণ* জ্ঞানপূর্ণ। 'যে সমস্ত জ্ঞানগর্ভ গ্রন্থের অর্থ অবগত হওয়া লোকের পক্ষে অতিশয় কঠিন ছিল।' *অক্ষয়*, ১৮৫৬।

জ্ঞানগুণ [স] *বি* বিদ্যাবুদ্ধি। 'বাঙ্গালিদিগের জ্ঞানগুণ বিদ্যাবুদ্ধি বৃদ্ধি হইবার সম্ভাবনা বটে।' *দর্পণ*, ১৮৩৮।

জ্ঞানগোচর [স] **১** *বি* জ্ঞানচোখ। 'যেখানে আরোপিত কথা প্রবেশ করে সেখানে জ্ঞান গোচর লোপ পায়।' *তারিণী*, ১৮০৩। **২** *বিণ* জ্ঞানের অধিগম্য। 'তার যে কতখানি মূল্য সে তাদের জ্ঞানগোচর নয়।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জ্ঞানচক্ষু [স] *বি* জ্ঞানরূপ চক্ষু। 'ঈশ্বর-কৃপায় আমার জ্ঞানচক্ষু উন্মীলিত হইয়াছে।' *মশারফ*, ১৮৮৫।

জ্ঞানচর্চা, জ্ঞানচর্চ্চা [স] *বি* জ্ঞানের অনুশীলন। 'জ্ঞানচর্চ্চার ক্রমশঃ বাহুল্যপ্রযুক্ত ... আশা প্রবল হয়।' *অক্ষয়*, ১৮৪৬; 'ইংরেজ কস্মিনকালেও কোনও প্রকারের জ্ঞানচর্চা করেনি।' *মুজতবা*, ১৯৫৮।

জ্ঞানছাড়া [স জ্ঞান+স ছর্দা] *বিণ* জ্ঞানহীন। 'মন রে তুই ভেড়ুয়া বাঙাল জ্ঞানছাড়া।' *লালন*, ১৮৯০।

জ্ঞানজনক [স] *বিণ* জ্ঞানমূলক। 'নানাপ্রকার জ্ঞানজনক পুস্তকও ছাপা হইয়া সর্ব্বত্রে যাইতেছে।' *দর্পণ*, ১৮২৪।

জ্ঞানজ্যোতি [স] *বি* জ্ঞানের আলো। 'চতুর্দ্দিকে জ্ঞানজ্যোতি বিকীর্ণ হইবেক।' *অক্ষয়*, ১৮৪৮।

জ্ঞানত [স] **১** *ক্রিবিণ* সজ্ঞানে। 'জ্যেষ্ঠ দেশকাল বিবেচনা না করিয়া জ্ঞানত বা অজ্ঞানত কনিষ্ঠগণের নিকট ...।' *বঙ্গদর্শন*, ১৮৭২। **২** *ক্রিবিণ* সচেতনভাবে। 'যদিও জ্ঞানত গদ্য-পদ্যের নির্বিরোধ চাষী।' *সুধীন্দ্র*, ১৯৫৩।

জ্ঞানতত্ত্ব [স জ্ঞানতত্ত্ব] *বি* যথার্থ বিষয়বোধ। 'জ্ঞানতত্ত্ব কথা কহি বিরে লোঙাইল।' *মালাধর*, ১৫০০।

জ্ঞানতপস্বী [স] *বি* জ্ঞানের তপস্যা করে যে। 'উকিল-জজ-কেরানির অভাব নাই, কিন্তু জ্ঞানতপস্বী কোথায়।' *রবীন্দ্র*, ১৯০৬।

জ্ঞানতৃষ্ণা [স] *বি* জ্ঞান অর্জনের প্রবল আগ্রহ। 'তাঁর জ্ঞানতৃষ্ণা বেড়ে গেল বৃঝতে পারলুম।' *মুজতবা*, ১৯৫২।

জ্ঞানদান [স] *বি* বিদ্যাশিক্ষা। 'দুই সাহেব এতদ্দেশে জ্ঞানদানের যে সকল উপায় করিয়া লোকেরদিগের যেরূপ উপকার করিয়াছেন।' *দর্পণ*, ১৮৩৭।

জ্ঞানদিবস [স] *বি* জ্ঞানচর্চার সময় বা কাল। 'নূতন জ্ঞানদিবসের ঊষাকাল মাত্র সম্প্রতি উপস্থিত বোধ হয়।' *অক্ষয়*, ১৮৪৭।

জ্ঞানদীপ [স] *বি* জ্ঞানরূপ প্রদীপ। 'জ্বালিলে প্রথম জ্ঞানদীপ আনি হইলে বিশ্বনন্দিতা রানী।' *নজরুল*, ১৯৩২।

জ্ঞানদৃপ্ত [স] *বিণ* জ্ঞানের শক্তিতে বলীয়ান। 'জ্ঞানদৃপ্ত পাশ্চাত্য পণ্ডিতদিগের মধ্যে এইরূপে বিজ্ঞানের জয়পতাকা উত্তোলিত হইল।' *অক্ষয়*, ১৮৫৫।

জ্ঞানদৃষ্টি [স] *বি* শিক্ষার আলো। 'হিন্দুরমণীরা বহুকাল পর্য্যন্ত জ্ঞানদৃষ্টিবিহীনা রহিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪২।

জ্ঞানধন [স] *বি* জ্ঞানরূপ ধন। 'প্রকৃতি, তাঁহার জ্ঞানধন কাঙালিবিদায়ে অপব্যয় করেন না।' *প্রমথ*, ১৯২০।

জ্ঞানধর্ম, জ্ঞান-ধর্ম্ম [স] *বি* জ্ঞানরূপ ধর্ম। 'যাহাদের স্বদেশে জ্ঞান-ধর্ম্ম প্রচারিত হয় ...।' *অক্ষয়*, ১৮৫৪; 'প্রথম প্রচারিত তব বনভবনে জ্ঞানধর্ম কত কাব্যকাহিনী।' *রবীন্দ্র*, ১৮৯৭।

জ্ঞাননির্জ্ঞানগ্রন্থি [স] *বি* চেতন-অবচেতন মন। 'জ্ঞাননির্জ্ঞানগ্রন্থি নিয়ে খুব চিন্তিত হয়েছিল।' *জীবন*, ১৯৪৮।

জ্ঞাননেত্র [স] *বি* জ্ঞানের চোখ। 'মানব জাতির জ্ঞাননেত্র যে পরিমাণে পরিস্কৃত হইবে ...।' *অক্ষয়*, ১৮৫৫।

জ্ঞানপন্থী [স] *বিণ* জ্ঞানবাদী। 'জ্ঞানপন্থী সাম্যবাদী মুসলমান পৃথিবীর যে দেশেই গিয়েছে।' *মাহেনও*, ১৯৪৯।

জ্ঞানপবন [স] *বি* (বাউল) চৈতন্য। 'কাঁচাক্ষেতে অমনি ভুলি জ্ঞানপবন যায় সকলি।' *লালন*, ১৮৯০।

জ্ঞানপাপ [স] *বি* জেনেশুনে করা পাপ। 'অনন্তের জ্ঞানপাপ মুছে দিতে হবে।' *জীবন*, ১৯৪০।

জ্ঞানপাপী [স] *বি* বুঝে-শুনে পাপ করে যে। 'তার সততায় আজ জ্ঞানপাপী করে কে সন্দেহ?' *ফররুখ*, ১৯৪৬।

জ্ঞানপিপাসা [স] *বি* জ্ঞানার্জনের আকাঙ্ক্ষা। 'যেটা ... জ্ঞানপিপাসা মেটানো ছাড়া মানুষের অন্য কোনো কাজে লাগছে না ...।' *আইয়ুব*, ১৯৭৩।

জ্ঞানপিপাসু [স] *বিণ* জ্ঞানের প্রতি আগ্রহী। 'তাহা জ্ঞানপিপাসু পাঠকদিগের অবিদিত নাই।' *অক্ষয়*, ১৮৪৬।

জ্ঞানপূর্বক [স] *ক্রিবিণ* সচেতন অবস্থায়। 'চৌয়াল্লিশ বৎসর বয়সের কালে জ্ঞানপূর্ব্বক তাঁহার শ্রীবৃন্দাবন প্রাপ্তি হইয়াছে।' *দর্পণ*, ১৮২০।

জ্ঞানপ্রচার [স] *বি* জ্ঞানের প্রচার। 'ষ্টানহোপ ... লৌহযন্ত্র নির্ম্মাণ করিয়া, জ্ঞানপ্রচারের পথ সর্ব্বাপেক্ষা পরিস্কৃত করিয়া দিলেন।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্ঞানপ্রদ [স] *বিণ* জ্ঞানদায়ক। 'মহাশয়ের কিলকলাপ কি পর্য্যন্ত জ্ঞানপ্রদ।' *দীনবন্ধু*, ১৮৬৬।

জ্ঞানপ্রদায়িনী [স] *বিণ স্ত্রী* জ্ঞানপ্রদান করে এমন। 'জ্ঞানপ্রদায়িনী হৃদয়ে আলো দিলে।' *নজরুল*, ১৯৩০।

জ্ঞানপ্রদীপ [স] *বি* জ্ঞানরূপ প্রদীপ। 'আবির্ভূত সুন্দর, সেখানে জ্ঞানপ্রদীপের সাহায্য নেওয়ার দরকারই হয় না।' *অবন*, ১৯২৫।

জ্ঞান-প্রবীণ [স] *বিণ* অকর্মণ্য তাত্ত্বিক। 'বল রে তোরা বল নবীন/ চাইনে এসব জ্ঞান-প্রবীণ।' *নজরুল*, ১৯২৪।

জ্ঞানপ্রাপ্তি [স] *বি* জ্ঞান অর্জন। 'পর্য্যাপ্ত জ্ঞানপ্রাপ্তি ও ... সমুচিত ফল হৃদয়ঙ্গম হইতে পারিবে।' *অক্ষয়*, ১৮৪৯।

জ্ঞানবতী [স] *বিণ স্ত্রী* জ্ঞান আছে এমন। 'যদি বিশেষ জ্ঞানবতী কি ধর্মনিষ্ঠা হইলেন।' *বিনোদিনী*, ১৮৭৫।

জ্ঞানবদ্ধ [স] *বিণ* প্রজ্ঞাসম্পন্ন। 'জ্ঞানবদ্ধ গাম্ভীর্যের সাথে কিছু উষ্ণতা ঢালে সৈয়দ-পুত্র।' *কায়সার*, ১৯৬২।

জ্ঞানবন্ত [স] *বিণ* জ্ঞানবান। 'জ্ঞানবন্ত তপস্বী আজন্ম উদাসীন।' *বৃন্দা*, ১৫৮০।

জ্ঞানবাদ [স] *বি* জ্ঞানই মুক্তিলাভের উপায় – এই দার্শনিক মতবাদ। 'দ্বৈতবাদ বা অদ্বৈতবাদ, জ্ঞানবাদ, কর্মবাদ বা ভক্তিবাদ, সকলই ইহার নিকট অকিঞ্চিৎকর।' *বঙ্কিম*, ১৮৯২।

জ্ঞানবান [স] *বিণ* জ্ঞানী। 'আজন্ম ধার্মিক উদাসীন জ্ঞানবান।' *বৃন্দা*, ১৫৮০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জ্ঞান-বানিয়া [স জ্ঞান-বণিক] *বি* জ্ঞান নিয়ে ব্যবসা করে যে। 'আমরা চাহি না ... জ্ঞান-বানিয়ার বই-গুদাম।' *নজরুল*, ১৯২৮।

জ্ঞান-বাপী [স] *বি* জ্ঞানরূপ পুকুর। 'জ্ঞান-বাপীর জলে সন্ধ্যা নামিল।' *সত্যেন্দ্র*, ১৯১০।

জ্ঞান-বিজ্ঞান [স] **১** *বি* জ্ঞানের বিবিধ ক্ষেত্র। 'মানব জ্ঞান-বিজ্ঞানের উন্নততর হইতে উন্নততম সোপানে আরূঢ় হইয়া ...।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বি* তত্ত্বজ্ঞান। 'নিতি নব হোরা গড়িয়া কসাই বলে জ্ঞান-বিজ্ঞান।' *নজরুল*, ১৯২৬।

জ্ঞানবিতরণ [স] *বি* জ্ঞানের প্রসার। 'সর্বসাধারণের ভাষাকে শিক্ষাবহনের ও জ্ঞানবিতরণের যোগ্য করিয়া তুলিতে প্রবৃত্ত হইলেন।' *রবীন্দ্র*, ১৯০৭।

জ্ঞানবিরুদ্ধ [স] *বিণ* জ্ঞানানুসারী নয় এমন; জ্ঞানের সঙ্গে মেলে না এমন। 'জ্ঞানবিরুদ্ধ বর্ণনা কাব্যে দোষ হিসেবে গণ্য।' *প্রমথ*, ১৯১৩।

জ্ঞানবিশিষ্ট [স] *বিণ* জ্ঞানপূর্ণ। 'তাবৎ জ্ঞানবিশিষ্ট ইঙ্গরেজী ভাষা অভ্যাস কর।' *দর্পণ*, ১৮৩৪।

জ্ঞানবিশিষ্টা [স] *বিণ স্ত্রী* জ্ঞানের অধিকারী। 'নর জাতির ন্যায় ব্যাপ্তি জ্ঞানবিশিষ্টা।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

জ্ঞানবিস্তার [স] *বি* জ্ঞানের প্রসার। 'দেশে জ্ঞানবিস্তারের চেষ্টা।' *রবীন্দ্র*, ১৯০৫।

জ্ঞানবীজ [স] *বি* জ্ঞানের আধার। 'গণাধিপ জ্ঞানবীজ শশিধর বিঘ্নরাজ।' *মানিকরাম*, ১৭৮১।

জ্ঞানবীর [স] *বিণ শ্রেষ্ঠ* পণ্ডিত। 'জ্ঞানবীর আবু হানিফার ধর্মমত।' *সওগাত*, ১৯২৮।

জ্ঞান-বুদ্ধি [স] *বি* বিবেচনাবোধ। 'যে-ধর্মকে আমার জ্ঞান-বুদ্ধি ও ভক্তির সাধনায় আমি শ্রেষ্ঠ বলিয়া ...।' *রবীন্দ্র*, ১৯১২।

জ্ঞানবৃক্ষ [স] *বি* জ্ঞান রূপ বৃক্ষ। 'জ্ঞানবৃক্ষের ফল ভোগ বিষয়ে ক্ষমতা বৃদ্ধি হইতে থাকিবে।' *অক্ষয়*, ১৮৪৯।

জ্ঞানবৃক্ষের ফল খাওয়া – চতুর হয়ে ওঠা। 'এরা এখনো জ্ঞানবৃক্ষের ফল খায়নি।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জ্ঞানবৃদ্ধি [স] *বি* জ্ঞানের বৃদ্ধি। 'তার টীকাতে আমাদের কিছুমাত্র জ্ঞানবৃদ্ধি হয়নি।' *রবীন্দ্র*, ১৮৮০; 'তিনি সেগুলো সানন্দে এবং অনায়াসে মেরামত করে দিয়ে আমার জ্ঞানবৃদ্ধি করে দেবেন।' *মুজতবা*, ১৯৫৮।

জ্ঞানবোধ [স] *বি* জ্ঞানের উপলব্ধি। 'জ্ঞানবোধ আর চারিত্রিক অভাব কিছুটা কাটে।' *ওয়াদী*, ১৯৬৪।

জ্ঞানভর [স] *ক্রিবিণ* জ্ঞান দিয়ে। 'তরজমা যুধারনে করিবেন ... তিন জবান মজকুরের জ্ঞানভর।' *ক্যালগে*, ১৭৮৭।

জ্ঞানভাণ্ডার [স জ্ঞান+ভাণ্ডার] *বি* জ্ঞানের আধার। 'তাহার জ্ঞানভাণ্ডারপূরণ করিতেছেন।' *রবীন্দ্র*, ১৯০৫।

জ্ঞানভিক্ষা [স] *বি* বিদ্যা প্রার্থনা। 'কেউ করে গুরুর কাছে জ্ঞানভিক্ষা।' *প্রমথ*, ১৯৩৮।

জ্ঞানভূমি [স] *বি* জ্ঞানের জগৎ। 'এক নূতন প্রকার জ্ঞানভূমিতে আরোহণ করিয়াছি।' *অক্ষয়*, ১৮৪৫।

জ্ঞানভূষণ [স] *বি* জ্ঞানরূপ অলংকার। 'রাজ চিহ্ন, ধর্ম তিলক, জ্ঞানভূষণ প্রভৃতি ধারণ করিয়া আছেন।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

জ্ঞান-মজুর [স জ্ঞান+ফা মজদুর] *বি* জ্ঞানের সেবা করে যে। 'শাস্ত্র-শকুন জ্ঞান-মজুর যেতে নারে সেই হুরি-পরির ...।' *নজরুল*, ১৯২৮।

জ্ঞানমন্ত [স] *বিণ* জ্ঞানবান। 'হেন জ্ঞানমন্ত বিপ্র নাহিক সংসার।' *কবীন্দ্র*, ১৬৮৯।

জ্ঞানমন্দির [স] *বি* শিক্ষাপ্রতিষ্ঠান। 'জ্ঞানমন্দির স্থাপন কি এতই অসম্ভব।' *জগদীশ*, ১৯১৮।

জ্ঞানময় [স] **১** *বিণ* সর্বজ্ঞ; সমস্ত-কিছু জানে এমন। 'উপনিষদুদ্ভিত্থিত নিরাকার, নির্বিকার, জ্ঞানময়, পরমেশ্বরের আরাধনা, এই উভয়ও মনুষ্য কর্তৃক প্রকাশিত।' *অক্ষয়*, ১৮৫৪। **২** *বিণ* জ্ঞানপূর্ণ। 'পরিপূর্ণ জ্ঞানময় করে হবে বিভাসিত মম চিত্ত-আকাশে।' *রবীন্দ্র*, ১৮৯৪; 'দিব্য জ্ঞানময় নয়ন লভি।' *সুকুমার*, ১৯২০।

জ্ঞানমার্গ [স] *বি* জ্ঞান সাধনের পথ। 'চর্মচক্ষে দেখে যৈছে সূর্য্য নির্ব্বিশেষ জ্ঞানমার্গে তৈছে নারে কৃষ্ণের বিশেষ।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জ্ঞানমার্গী [স] *বিণ* জ্ঞানপন্থী। 'এত বড়ো জ্ঞানমার্গী কবি কী করে জন্মাল।' *নজরুল*, ১৯২৭।

জ্ঞানমিশ্রভক্তি [স] *বি* জ্ঞান মিশ্রিত ভক্তি। 'রায় কহে জ্ঞানমিশ্রভক্তি সাধ্যসার।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জ্ঞানমূল [স] *বি* জ্ঞানের আকর। 'তোমার আর কোন জ্ঞানমূল আছে।' *বঙ্কিম*, ১৮৮৭।

জ্ঞানযজ্ঞ [স] *বি* জ্ঞানের পূজা। 'দ্রব্যময় যজ্ঞের চেয়ে জ্ঞানযজ্ঞই শ্রেয়।' *রবীন্দ্র*, ১৯৩৩।

জ্ঞানযোগ [স] **১** *বি* জ্ঞানরূপ যোগ। 'কেমতে দেখুক আজি জ্ঞানযোগ রাখে।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* জ্ঞান অর্জন। 'বেদপাঠ করিয়া যে স্ত্রীলোকের কিঞ্চিৎ জ্ঞানযোগ হইতে পারে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৩।

জ্ঞানযোগী [স] *বিণ* জ্ঞানযোগের সাধক। 'অক্ষয় সে জ্ঞানযোগী, কর্মযোগী বিদ্যার সাগর।' *সত্যেন্দ্র*, ১৯১২।

জ্ঞানরত্ন [স] *বি* জ্ঞানরূপ রত্ন। 'তিনি স্বয়ং যে জ্ঞানরত্ন লাভ করিয়াছিলেন, তাহা সর্ব্বসাধারণকেই বিতরণ ...।' *অক্ষয়*, ১৮৪৮।

জ্ঞানরহিত [স] *বিণ* জ্ঞানহারা। 'রাজা, দর্শনমাত্র, অতিমাত্র মোহিত ও জ্ঞানরহিত হইলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

জ্ঞানরাজ্য [স] *বি* জ্ঞানের জগৎ। 'জ্ঞানরাজ্যও সেইরূপ তিল-তিল করিয়া বাড়িতেছে।' *জগদীশ*, ১৮৯৫।

জ্ঞান লভা *ক্রি* চেতনা পাওয়া। 'জ্ঞান লভি কুমার হৈল অচেতন।' *আলাওল*, ১৬৮০।

জ্ঞানলাভ [স] *বি* জ্ঞান অর্জন। 'কথায় বার্তায় জ্ঞানলাভ করা যায়।' *রবীন্দ্র*, ১৮৮০; 'জ্ঞানলাভ গৌণ এবং পরীক্ষায় উত্তীর্ণ হওয়াই মুখ্য উদ্দেশ্য হইয়া দাঁড়ায়।' *রবীন্দ্র*, ১৮৯০।

জ্ঞানশক্তি [স] *বি* জ্ঞানরূপ শক্তি। 'ইহার মধ্যে যে অমেয় জ্ঞানশক্তি আছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

জ্ঞানশাস্ত্র [স] *বি* তত্ত্ববিষয়ক শাস্ত্র। 'ধর্মশাস্ত্র, জ্ঞানশাস্ত্র, নীতিশাস্ত্র ... উত্তমরূপে অধ্যয়ন কর।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

জ্ঞানশিক্ষা [স] **১** *বি* জ্ঞানচর্চা। 'জ্ঞানশিক্ষাকে প্রদেশের জিনিস করিয়া দাঁড় করানো।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *বি* লৌকিক শিক্ষা। 'যদি বলি জ্ঞানশিক্ষা, তাহা হইলে তর্ক উঠিবে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জ্ঞানশূন্য [স] **১** *বিণ* অচেতন। 'জ্ঞান শূন্য হএ পড়ে যতেক গোলাম।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বিণ* অবোধ। 'আমি জ্ঞান শূন্য হয়েছি, কিছুই স্থির করতে পাচ্চি না।' *উমেশ*, ১৮৫৭। **৩** *বিণ* মূর্খ। 'জ্ঞান-শূন্য করিল গোঁসাই।' *মাইকেল*, ১৮৬৫। **৪** *বিণ* হিতাহিত জ্ঞান নেই এমন। 'দিগ্বিদিক-জ্ঞানশূন্য জুয়া খেলোয়াড় হইয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৮৮১। **৫** *বিণ* ব্যাকুল; উদ্বিগ্ন। 'এজিদের মুখ এক মুহূর্ত্ত না দেখিলে একেবারে জ্ঞানশূন্য হন।' *মশাররফ*, ১৮৮৫।

জ্ঞানশূন্যতা [স] *বি* জ্ঞানহীনতা। 'হিতাহিত জ্ঞানশূন্যতা তাদের সংসারটাকে পণ্ড করে ফেলেছে।' *জীবন*, ১৯৩২।

জ্ঞানসমৃদ্ধ [স] *বিণ* জ্ঞানে গরীয়ান। 'বলিষ্ঠ দেহ; অটুট স্বাস্থ্য; জ্ঞানসমৃদ্ধ; ভাবে গরীয়ান; আর ত্যাগে মহীয়ান।' *ওয়াজেদ*, ১৯৪৩।

জ্ঞানসম্পন্ন [স] **১** *বিণ* জ্ঞানী। 'সর্বাংশে নির্মম ও জ্ঞানসম্পন্ন হইয়াও ... বঞ্চিত হইল।' *বিদ্যা*, ১৮৪৭। **২** *বিণ* জ্ঞানসমৃদ্ধ। 'প্রকাশিত বিবরণ পাঠেই আমরা তৎসম্বন্ধে জ্ঞানসম্পন্ন হইয়াছি।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্ঞানসাধক [স] *বিণ* জ্ঞানের সাধনাকারী। 'সাহিত্যিক ও জ্ঞানসাধক হিসাবে তাঁর অতুলনীয় অবদান।' *জাজাদ*, ১৯৬৯।

জ্ঞানসাধনা [স] *বি* জ্ঞানের অনুশীলন। 'ধর্মসাধনা জ্ঞানসাধনা সম্বন্ধে প্রত্যেক সমাজেই মানুষের সম্মিলিত চেষ্টার ...।' *রবীন্দ্র*, ১৯২৩।

জ্ঞানসাপেক্ষ [স] *বিণ* জ্ঞানের উপর নির্ভরশীল। 'ধনের সৃষ্টি যেমন জ্ঞানসাপেক্ষ, তেমনি জ্ঞানের সৃষ্টিও মনসাপেক্ষ।' *প্রমথ*, ১৯১৮।

জ্ঞান-সূর্য [স] *বি* জ্ঞান রূপ সূর্য। 'উজ্জ্বল হোক জ্ঞান-সূর্য উদয়-সমারোহ।' *রবীন্দ্র*, ১৯২৭।

জ্ঞানস্তর [স] *বি* জ্ঞানের স্তর। 'মানব-মন যে জ্ঞানস্তরে সন্নিবিষ্ট ছিল, ইদানীন্তন যুগে সে স্তর এত সুদূর।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্ঞানস্পৃহা [স] *বি* জ্ঞান লাভের ইচ্ছা। 'তাহার জ্ঞানস্পৃহা অত্যন্ত প্রবল ছিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

জ্ঞান হওয়া *ক্রি* মনে হওয়া। 'জ্ঞান হয় তুমি দেব, সেই মহাজন।' *গিরিশ*, ১৮৮৭।

জ্ঞানহত [স] **১** *বিণ* কিংকর্তব্যবিমূঢ়। 'হরিষ বিষাদে হিমালয় জ্ঞানহত।' *ভারত*, ১৭৬০। **২** *বিণ* জ্ঞানহীন। 'তোমার কুমার যত, সকলেই জ্ঞানহত।' *গুপ্ত*, ১৮৫৮।

জ্ঞানহারা [স] **১** *বিণ* কাণ্ডজ্ঞানশূন্য। 'অনিমিখ নয়ান হইল জ্ঞানহারা। *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *বিণ* বিবেচনাশূন্য। 'সেই জ্ঞানহারা উন্ত্রাস্ত উচ্ছলফেন ভক্তিমদধারা নাহি চাহি নাথ।' *রবীন্দ্র*, ১৯০১।

জ্ঞানহীন [স] **১** *বিণ* মূর্খ। 'অতি জ্ঞানহীন তাহে অভাজন।' *মানিকরাম*, ১৭৮১। **২** *বিণ* জানা নেই এমন। 'ডাক্তারি সম্বন্ধে বিশেষ জ্ঞানহীন পাঠক-পাঠিকাদের পক্ষে ...।' *রবীন্দ্র*, ১৮৮৮। **৩** *বিণ* অচেতন। 'হয়ে জ্ঞানহীন কাটিল দুদিন, বন্ধ হইল নাড়ী।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জ্ঞানহীনা [স] *বিণ* স্ত্রী জ্ঞান নেই এমন। 'জ্ঞানহীনা মাতার দ্বারা প্রেরিত হইলে ...।' *অক্ষয়*, ১৮৪৬।

জ্ঞানাঙ্কুর [স জ্ঞান-অঙ্কুর] *বি* জ্ঞানরূপ অঙ্কুর। 'এদেশে ... জ্ঞানাঙ্কুর রোপণের পথ প্রদর্শন করেন।' *অক্ষয়*, ১৮৫০।

জ্ঞানাচ্ছন্ন [স জ্ঞান-আচ্ছন্ন] *বিণ* অচেতন। 'কৃষ্ণ নামে জ্ঞানাচ্ছন্ন হইল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জ্ঞানাঞ্জন [স জ্ঞান-অঞ্জন] *বি* তত্ত্বজ্ঞানরূপ কাজল। 'ভেঙে গড়ে তুচ্ছ মাটির ঢেলা কররে মানুষ – দিলে জ্ঞানাঞ্জন!' *সত্যেন্দ্র*, ১৯১২।

জ্ঞানাঞ্জনশলাকা [স জ্ঞান-অঞ্জন-শলাকা] *বি* তত্ত্বজ্ঞানরূপ কাজল দেওয়ার কাঠি। 'জ্ঞানাঞ্জনশলাকার অপ-প্রয়োগে যাঁদের চক্ষু উন্মীলিত না হয়ে ...।' *প্রমথ*, ১৯১৩।

জ্ঞানাতীত [স জ্ঞান-অতীত] *বিণ* জ্ঞান দ্বারা লভ্য নয় এমন। 'তাঁহার ঈশ্বর জগত্ব্যাপক জ্ঞানাতীত শক্তি মাত্র।' *বঙ্কিম*, ১৮৯২।

জ্ঞানাধিকারবঞ্চিত [স জ্ঞান-অধিকার-বঞ্চিত] *বিণ* জ্ঞানের অধিকার থেকে বঞ্চিত। 'বিদ্যাশূন্য পুরুষেরা ও জ্ঞানাধিকারবঞ্চিত অবলারা পুরাণাদি অধ্যয়ন না করিয়া ...।' *অক্ষয়*, ১৮৪৮।

জ্ঞানাধিগত [স] *বিণ* জ্ঞানের অধিকারে এসেছে এমন। 'বিজ্ঞানানুশীলনের ফলে এক্ষণে সে গূঢ়রহস্য তাহার জ্ঞানাধিগত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্ঞানাধিষ্ঠাত্রী [স] *বিণ* হিন্দু বিশ্বাস অনুযায়ী জ্ঞানের প্রতিষ্ঠাকারী। 'জ্ঞানাধিষ্ঠাত্রী সরস্বতী ... ইত্যাদি দেব দেবীর মূর্তি ঐ অবস্থাতেই কল্পিত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্ঞানানুশীলন [স জ্ঞান-অনুশীলন] *বি* জ্ঞানচর্চা। 'প্রতিদিবসই জীবিকা-নির্ব্বাহে কিঞ্চিৎকাল ক্ষেপণ করিয়া, অবশিষ্ট কাল জ্ঞানানুশীলন ...।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্ঞানান্ধ [স জ্ঞান-অন্ধ] *বিণ* অজ্ঞান। 'উহারা নিতান্ত জ্ঞানান্ধ জীব।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্ঞানাপন্ন [স জ্ঞান-আপন্ন] **১** *বিণ* জ্ঞান রয়েছে এমন। 'মুগ্ধবোধ ব্যাকরণে কিঞ্চিৎ জ্ঞানাপন্ন।' *দর্পণ*, ১৮২২। **২** *বিণ* জ্ঞানবান। 'জ্ঞানাপন্ন ভাগ্যবানের-দিগকে বিনা মূল্যে দিয়াছেন।' *দর্পণ*, ১৮২২।

জ্ঞানাপন্না [স] *বিণ* স্ত্রী জ্ঞানপ্রাপ্ত। 'স্ত্রী লোক যদি বিদ্যাভ্যাস করে তবে অতিশীঘ্র জ্ঞানাপন্না হইতে পারে।' *দর্পণ*, ১৮২২।

জ্ঞানাভ্যাস [স জ্ঞান-অভ্যাস] *বি* জ্ঞানের চর্চা। 'বক্তা শুনিয়া সন্তোষপূর্ব্বক জ্ঞানাভ্যাস করিয়া থাকেন।' *অক্ষয়*, ১৮৪১।

জ্ঞানামৃত [স জ্ঞান-অমৃত] *বি* জ্ঞান রূপ অমৃত। 'জ্ঞানামৃত-রস সম্বলিত অপর্য্যাপ্ত আনন্দ-সুধা পান করিতে থাকে।' *অক্ষয়*, ১৮৫২।

জ্ঞানারণ্য [স জ্ঞান-অরণ্য] *বি* জ্ঞান রূপ অরণ্য। 'সুশিক্ষিত ব্যক্তি বুদ্ধিবৃত্তি মার্জিত ও বর্ধিত করিয়া ... পরমাদ্ভুত পরিশুদ্ধ জ্ঞানারণ্যে বিচরণ করেন।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্ঞানারুণোদয় [স জ্ঞান-অরুণোদয়] *বি* জ্ঞানরূপ সূর্যোদয়। 'নাস্তিকতার বশতাপন্ন হইয়া ... জ্ঞানারুণোদয় পূর্ণ করিতেছি।' *জ্ঞানারুণোদয়*, ১৮৫২।

জ্ঞানার্জন, জ্ঞানার্জ্জন [স] *বি* জ্ঞানলাভ। 'তাদৃশ বহু মূল্যে জ্ঞানার্জ্জন করিবার উপায়ও নাই।' *অক্ষয়*, ১৮৪৮।

জ্ঞানার্জনী, জ্ঞানার্জ্জনী [স জ্ঞান-অর্জন>] *বিণ* জ্ঞানার্জন সম্বন্ধীয়। 'জ্ঞানার্জ্জনী বৃত্তির অনুশীলন ব্যতীত ধর্ম্মের স্বরূপজ্ঞান হইতে পারে না।' *বঙ্কিম*, ১৮৯২।

জ্ঞানালোক [স জ্ঞান-আলোক] *বি* জ্ঞানরূপ আলো। 'জ্ঞানালোকে প্রাপ্ত।' *দর্পণ*, ১৮৩৮।

জ্ঞানালোকিত [স জ্ঞান-আলোকিত] *বিণ* জ্ঞানরূপ আলোতে উদ্ভাসিত। 'এই জ্ঞানালোকিত পথ সহজ পথ নয়, সত্য পথ।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জ্ঞানেচ্ছুক [স জ্ঞান-ইচ্ছুক] *বিণ* জ্ঞান লাভে ইচ্ছুক। 'জ্ঞানেচ্ছুক ব্যক্তির মহোপকার হইবে।' *দর্পণ*, ১৮২১।

AMARBOI.COM

জ্ঞানেন্দ্রিয় [স জ্ঞান-ইন্দ্রিয়] *বি* যে ইন্দ্রিয়ের দ্বারা জ্ঞান লাভ করা যায়। 'জ্ঞানেন্দ্রিয় কর্মেন্দ্রিয় দ্বিবিধ নামাত্মক।' *চণ্ডী*, ১৫৫০।

জ্ঞানের দেশ *বি* জ্ঞানের জগৎ। 'জ্ঞানের দেশে ভ্রমণের শখ ছিল বলেই বেঁচে গেছি।' *রবীন্দ্র*, ১৯৩৮।

জ্ঞানের বীজ *বি* জ্ঞান রূপ বীজ। 'অগ্রে তাঁহারদিগের অন্তঃকরণে জ্ঞানের বীজ রোপিত হউক।' *অক্ষয়*, ১৮৪২।

জ্ঞানোৎকর্ষ [স জ্ঞান-উৎকর্ষ] *বি* জ্ঞানের উৎকর্ষ। 'এইরূপ জ্ঞানোৎকর্ষ বিধানের সুসঙ্গত সমাবেশ ... হইয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্ঞানোৎপত্তি [স জ্ঞান-উৎপত্তি] *বি* জ্ঞানোদয়। 'বিদ্যাশিক্ষাজন্য জ্ঞানোৎপত্তি এবং তদ্ধেতু লোকের মোক্ষপদ প্রাপ্তির সম্ভাবনা রহিয়াছে।' *কৌমুদী*, ১৮৩০।

জ্ঞানোদয় [স জ্ঞান-উদয়] **১** *বি* উপলব্ধি। 'এই নিবন্ধ ও অন্যং নিবন্ধ দ্বারা সে জ্ঞানোদয় হইবে।' *দর্পণ*, ১৮১৮। **২** *বি* জ্ঞানের উন্মেষ। 'লজ্জা ও ভয় উভয় জন্মিয়া জ্ঞানোদয় হইতে পারিবেক কিমলং বিস্তরেণ।' *ভবানী*, ১৮২৮।

জ্ঞানোদ্বুদ্ধ [স জ্ঞান-উদ্বুদ্ধ] *বিণ* চেতনাসম্পন্ন। 'অহং জ্ঞানোদ্বুদ্ধ মানুষ সমগ্র মানব সমাজের ...।' *মাহেনও*, ১৯৪৯।

জ্ঞানোদ্রেক [স জ্ঞান-উদ্রেক] *বি* জ্ঞানের উদয়। 'জ্ঞানোদ্রেক বিনা তাহা নিবারিত হইবার উপায় নাই।' *অক্ষয়*, ১৮৪৯।

জ্ঞানোপদেশ [স জ্ঞান-উপদেশ] *বি* জ্ঞান সংক্রান্ত উপদেশ। 'যে ব্যক্তি মনুষ্যত্বের ভাবনা রাখে না, সে জ্ঞানোপদেশ কুচিৎ মানে।' *তারিণী*, ১৮০৩।

জ্ঞানোপযোগি [স জ্ঞানোপযোগী] **১** *বিণ* জ্ঞানের উপযোগী। 'উক্ত গ্রন্থসকলে জ্ঞানোপযোগি কোন কথা নাই।' *দর্পণ*, ১৮২৯। **২** *বিণ* জ্ঞানগর্ভ। 'জ্ঞানোপযোগি শাস্ত্রপাঠে শূদ্র জাতীয়ের অধিকার।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৩।

জ্ঞানোপার্জনার্থে, জ্ঞানোপার্জ্জনার্থে [স জ্ঞান-উপার্জন-অর্থে] *ক্রিবিণ* জ্ঞান অর্জনের উদ্দেশ্যে। 'বিদ্যানুশীলন ও জ্ঞানোপার্জ্জনার্থে এক সমাজ স্থাপন হয়।' *দর্পণ*, ১৮২৩।

জ্ঞানৈষা [স জ্ঞান-ঈষা] *বি* জ্ঞানের প্রতি আগ্রহ। 'জ্ঞানৈষা স্ত্রী পুরুষ উভয় জাতিতে সমান।' *অক্ষয়*, ১৮৪২।

জ্ঞানি [স জ্ঞানী] *বিণ* জ্ঞানবান। 'জ্ঞানি লোকের সহিত আলাপ।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৩।

জ্ঞানিক [স] *বিণ* জ্ঞান সম্বন্ধীয়। 'জ্ঞানিক উন্নতি ভিন্ন নৈতিক উন্নতি নাই।' *বঙ্কিম*, ১৮৭৯।

জ্ঞানিকৃত [স] *বিণ* বিজ্ঞজনের দ্বারা করা হয়েছে এমন। 'যেমন ভগবৎ-সেবা, জ্ঞানিকৃত, মহাপূজা ইত্যাদি।' *অক্ষয়*, ১৮৫৩।

জ্ঞানী [স] **১** *বিণ* জ্ঞান আছে এমন। 'সভেই বেদান্তী জ্ঞানী সভেই তপস্বী।' *বৃন্দা*, ১৫৮০। **২** *বি* জ্ঞানের অধিকারী। 'অনেক ভূয়োদর্শনাভিজ্ঞ জ্ঞানী মনীষী ভূমিকম্পকে ... অকল্যাণময় ব্যাপার বলিয়া মনে করেন।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্ঞানীগুণী [স] *বি* জ্ঞান ও গুণের অধিকারী ব্যক্তি। 'যেখানে যত আছিল জ্ঞানীগুণী দেশে বিদেশে যতেক ছিল যন্ত্রী।' *রবীন্দ্র*, ১৯০০।

জ্ঞাপক [স] **১** *বিণ* নির্দেশক। 'ব্যবসায়ীদিগকে বিশেষ বিশেষ বর্ণ অর্থাৎ জীবিকাজ্ঞাপক সংজ্ঞা প্রদত্ত হইয়াছে।' *অক্ষয়*, ১৮৪৮। **২** *বিণ* প্রকাশক। 'সৈয়দ সুলতানের সময় জ্ঞাপক একটি চরণ পাওয়া যায়।' *হাই*, ১৯৫৪।

জ্ঞাপকত্ব [স] *বি* সূচকতা। 'কোন শব্দ বা রবের অনুকরণের এই দন্ত্য নর নিষেধ জ্ঞাপকত্ব সৃষ্টি?' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

জ্ঞাপন [স] **১** *বি* নিবেদন। 'অতি আহ্লাদপূর্ব্বক জ্ঞাপন করিতেছি।' *বঙ্গদূত*, ১৮২৯। **২** *বি* জানানো। 'বহুবিবাহ বিষয়ে অনেকবার সকলকে জ্ঞাপন করা গিয়াছে।' *জ্ঞানান্বেষণ*, ১৮৩৯। **৩** *বি* ঘোষণা। 'অতিখেদপূর্ব্বক জ্ঞাপন করিতেছি যে ... কোলবোরোক সাহেব লোকান্তরগত হইয়াছেন।' *দর্পণ*, ১৮৩৭। **৪** *বি* প্রচার। 'দেশের উৎকৃষ্টতা জ্ঞাপন জন্য প্রয়োগ করিয়াছেন।' *অক্ষয়*, ১৮৪৭। **৫** *বি* প্রকাশ। 'বিরক্তি জ্ঞাপন করিতেছে।' *বিভূতি*, ১৯৩৮।

জ্ঞাপনা [স জ্ঞাপন>] *ক্রি* জ্ঞাপন করা। 'সখী বলে রাজবালা জ্ঞাপন চৌষট্টি কলা।' *আলাওল*, ১৬৮০।

জ্ঞাপনার্থ [স] *ক্রিবিণ* জানার জন্য। 'আমারদিগের বংশ পরম্পরার জ্ঞাপনার্থ অঙ্কিত করণের প্রার্থনা করি।' *দর্পণ*, ১৮২২।

জ্ঞাপনার্থে *ক্রিবিণ* জানার জন্য। 'সকলের জ্ঞাপনার্থে ইহা প্রকাশ করা যাইতেছে।' *দর্পণ*, ১৮২৮।

জ্ঞেআতি [স জ্ঞাতি] *বি* জ্ঞাতি। 'দেশে দেশে আছে জত কুটুম্ব জ্ঞেআতি।' *মুকুন্দ*, ১৬০০।

জ্বর [স] **১** *বি* শরীরের তাপ ও নাড়ির স্পন্দন বৃদ্ধি করে এমন রোগবিশেষ; জ্বালা। 'তনু দহে বিরহের জ্বরে।' *বড়ু*, ১৫৭০; 'আলিঙ্গন চাহে কানাঞি বিরহের জ্বরে।' *বড়ু*, ১৫৭০। **২** *বি* প্রবল কামপ্রবৃত্তি; কামজ্বর। 'শ্রাবণের মেঘ কী মহুয়া! তোমার সর্বাঙ্গ জুড়ে জ্বর।' *শক্তি*, ১৯৬৫। **৩** *বি* উত্তাপ। 'সন্ধেবেলা আলোর জ্বরে ঝাঁ ঝাঁ করে।' *শ্যামল*, ১৯৬৭।

জ্বরগ্রস্ত [স] *বিণ* জ্বরে আক্রান্ত। 'সাহেব লোক জ্বরগ্রস্ত হইয়া লোকান্তরগত হইলেন।' *দর্পণ*, ১৮২৯।

জ্বরঘ্ন [স] *বিণ* জ্বরনাশক। 'জ্বরঘ্ন রস গিলিয়ে দিলেন।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জ্বরজাড়ী *বি* জ্বর ও আনুষঙ্গিক উপসর্গ। 'এতো আর জ্বরজাড়ী নয়, জল দিতে দোষ কি।' *উমেশ*, ১৮৫৭।

জ্বরজারি *বি* জ্বর ও আনুষঙ্গিক উপসর্গ। 'আমাদের শরীরের জ্বরজারি বাতের ব্যথাও ঐ টানের জোরে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জ্বরজ্বর **১** *বিণ* জর্জরিত। 'কহই কবিবর, কুসুমশরবর দহনে জ্বরজ্বর দেহ।' *রামপ্রসাদ*, ১৭৮০। **২** *বিণ* জ্বরের ভাব আছে এমন। 'জ্বরজ্বর মনটা বেশ একটু ঝরঝরে হয়ে উঠল।' *নজরুল*, ১৯২৫।

জ্বরজ্বালা [স] **১** *বি* দুঃখ-যন্ত্রণা। 'উদর পুরিয়া খাইতে পায় না বলিয়াই বাঙ্গালায় এত জ্বরজ্বালা।' *এডুকেশন*, ১৮৭৩। **২** *বি* জ্বর ও তার উপসর্গ। 'জ্বরজ্বালা হয়, পাঁচন বড়ি দিয়া চোখের পলকে সারাইয়া দিবে।' *মানিক*, ১৯৩৬।

জ্বরতপ্ত [স] *বিণ* জ্বরে উত্তপ্ত। 'তাহার জ্বরতপ্ত দুই করতলের মধ্যে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জ্বরবিকার [স] *বি* রোগ বাড়ার কারণে উচ্চারিত প্রলাপ। '... বোধ হয় জ্বরবিকার ও উদ্ভণ হইয়াছে।' *প্যারী*, ১৮৫৮।

জ্বরভুক্ত [স] *বিণ* জ্বরে আক্রান্ত। 'জ্বরভুক্ত হইয়া ১২৩০ শালের ২১ ভদ্র শুক্রবার পরলোকগামী হইয়াছে।' *দর্পণ*, ১৮২২।

জ্বররোগ [স] *বি* শরীরের তাপ ও নাড়ির স্পন্দন বৃদ্ধি করে এমন রোগবিশেষ। 'জ্বররোগেতে অভিভূত হইয়া নয় দিবস পর্য্যন্ত

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শয্যাগত।' *দর্পণ*, ১৮৩০।

জ্বরহর [সা] *বিণ* জ্বরনাশক। 'জ্বরহর শুভকর বল করে দান।' *গুপ্ত*, ১৮৫৮।

জ্বরাক্রান্তা [স জ্বর-আক্রান্তা] *বিণ স্ত্রী* জ্বরের দ্বারা আক্রান্ত। 'বিধবা শ্যালিকা ম্যালেরিয়া জ্বরাক্রান্তা।' *শরৎ*, ১৯৩১।

জ্বরাতুর [স জ্বর-আতুর] *বি* জ্বরে কাতর। 'জ্বরাতুর দেহখানি শীর্ণ হয়ে আসে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

জ্বরারি-বটিকা [স জ্বর-অরি-বটিকা] *বি* জ্বর সারানোর বড়ি। 'একজন লোক ... জ্বরারি-বটিকার বিজ্ঞাপন খাটিয়ে চলেছে।' *রবীন্দ্র*, ১৯২৯।

জ্বরাশনি [স জ্বর-অশনি] *বি* জ্বরের চিকিৎসায় ব্যবহৃত কবিরাজি ওষুধ। 'মাধব কবিরাজ বিক্রি করে জ্বরাশনি বটিকা।' *রবীন্দ্র*, ১৯৩৪।

জ্বরোত্তাপ [স জ্বর-উত্তাপ] *বি* জ্বরের উত্তাপ। 'ইম্পীরিয়ালিজমের জ্বরোত্তাপ যখন ঘণ্টায় ঘণ্টায় চড়িয়া উঠিতেছিল।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জ্বরা[১] [স জরা] *বিণ* জরাগ্রস্ত। 'ধর্ম নাহী পাব স্থান অপাত্রে সভার মান ষোড়শ বৎসরে হব জ্বরা।' *মুকুন্দ*, ১৬০০।

জ্বরা[২] [স জ্বর>] *ক্রি* জর্জর হওয়া। 'ওগো মা সাপের বিষেতে জ্বরেছি।' *সত্যেন্দ্র*, ১৯০৮।

জ্বরি [স জ্বর>] *বিণ* জ্বর রোগে আক্রান্ত। 'ভূরি২ জ্বরি দীনদরিদ্র ব্যক্তি চিকিৎসাভাবে মারা পড়িতেছে।' *দর্পণ*, ১৮৩৫।

জ্বল জ্বল [স] ১ *ক্রিবিণ* উজ্জ্বলভাবে। '... বড়ো বড়ো তারা জ্বল জ্বল করিয়া জ্বলিতেছে।' *হরপ্রসাদ*, ১৮৮১। ২ *বি* উজ্জ্বলতার ভাব। 'জ্বল ও মেয়ে উভয়েই বেশ সহজে হুলহুল জ্বলজ্বল করতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯২। ৩ *বিণ* উজ্জ্বল। 'কেউ বা অতি জ্বল জ্বল।' *রবীন্দ্র*, ১৮৯২।

জ্বলজ্বলে ১ *বিণ* জ্বলন্ত। 'হীরকখণ্ডের মতো নিরেট কঠিন জ্বলজ্বলে সত্য খুব অল্পই আছে।' *প্রমথ*, ১৯২০। ২ *বিণ* উজ্জ্বল। 'একটা জ্বলজ্বলে তারার স্থির প্রতিবিম্ব ...।' *রবীন্দ্র*, ১৯২৯।

জ্বলচ্চিতা [স] *বি* জ্বলন্ত চিতা। 'স্বামির জ্বলচ্চিতায় অনায়াসে আরোহণ করে।' *দর্পণ*, ১৮২৯।

জ্বলচ্চিতারোহণ [স] *বি* জ্বলন্ত চিতায় আরোহণ। 'স্বামিশবসহ জ্বলচ্চিতারোহণপূর্বক ইহলোক পরিত্যাগ ... করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৫।

জ্বলজ্জটামণ্ডিত [স] *বিণ* অগ্নিময় শিখাবিশিষ্ট। 'তাহার জ্বলজ্জটামণ্ডিত বিরাট মধ্যাহ্নের ...।' *রবীন্দ্র*, ১৯০৫।

জ্বলত্তড়িৎ [স] *বিণ* বিদ্যুৎময়। 'তাঁহাদের জ্বলত্তড়িৎ রোষকটাক্ষপাত হইতেও আমরা বঞ্চিত।' *প্রমথ*, ১৮৯৮।

জ্বলদগ্নি [স] *বি* জ্বলন্ত আগুন। 'এক দেবালয় নিকটে জ্বলদগ্নিতে অত্যন্ত সন্তপ্ত তৈল পূরিত ...।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

জ্বলদর্চি [স] *বিণ* জ্যোতির্ময়। 'উড়িছে তোমার ধ্বজা মেঘরন্ধ্রচ্যুত তপনের জ্বলদর্চিরেখা।' *রবীন্দ্র*, ১৯০০।

জ্বলদি [আ জলদি] *ক্রিবিণ* তাড়াতাড়ি। 'ফুক দিতে জ্বলদি চলে যান।' *গরীব*, ১৭৬৫।

জ্বলন [স] ১ *বি* আগুন। 'সকল মুখ হইতে জ্বলন নির্গত হইতেছে।' *ফয়জুন্নেসা*, ১৮৭৬। ২ *বি* জ্বালা। 'যে জ্বলনে তুই মরিবি মরমে মরমে।' *রবীন্দ্র*, ১৯৩৯।

জ্বলনচণ্ডী [স] *বি* প্রচণ্ড জ্বালানিশক্তি। 'হীলিয়াম গ্যাসের মধ্যে প্রচ্ছন্ন দুরন্ত জ্বলনচণ্ডী নেই।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জ্বলনধর্মী [স] *বিণ* দহন করার গুণসম্পন্ন। 'বাতাসে চলনশীল জ্বলনধর্মী অক্সিজেনের পরিমাণ অল্প।' *রবীন্দ্র*, ১৯০৭।

জ্বলনশীলতা [স] *বি* জ্বলে ওঠার শক্তি। 'তাহাদের জ্বলনশীলতা বাড়াইতে পারিত।' *রবীন্দ্র*, ১৯১২।

জ্বলন্ত [স] ১ *বিণ* জ্বালাময়। 'খাত্যে শুত্যে বাক্য বলে জ্বলন্ত আগুন।' *রূপরাম*, ১৭৫০। ২ *বিণ* দাউদাউ-করা। 'জ্বলন্ত অনলে হইবে ছাই।' *রবীন্দ্র*, ১৮৭৫। ৩ *বিণ* উজ্জ্বল। 'জ্বলন্ত নয়নেম বদ্ধ করি হস্তমুঠি – কুটীর হইতে ...।' *রবীন্দ্র*, ১৮৮৪। ৪ *বিণ* প্রাণবন্ত। 'তাঁহার লেখার জীবন্ত ভাব, জ্বলন্ত রচনা।' *হরপ্রসাদ*, ১৮৮৬। ৫ *বিণ* তপ্ত। 'রৌদ্রালোকে জ্বলন্ত বালুকারাশি সূচি বিধে চোখে।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৬ *বিণ* আলোকিত। 'পূর্বতীরে গ্রাম বন নাহি যায় দেখা, জ্বলন্ত দিগন্তে শুধু মসীপুঞ্জরেখা।' *রবীন্দ্র*, ১৮৯৬। ৭ *বিণ* আন্তরিক। 'দেশের প্রতি জ্বলন্ত অনুরাগ।' *রবীন্দ্র*, ১৯১২। ৮ *বিণ* সুস্পষ্ট। 'জ্বলন্ত আদর্শবোধ ও সুষ্ঠু পরিকল্পনা লইয়া লীগের ভিতর প্রবেশ করিতে হইবে।' *আজাদ*, ১৯৪৯। ৯ *বিণ* তেজস্বী। 'তরুণ জ্বলন্ত বাঘ হয়ে ফের নেমেছে নদীতে।' *শামসুর*, ১৯৬৬।

জ্বলন্ত অঙ্গার [স] *বি* যে কয়লাখণ্ড জ্বলছে। *ওসী*, ১৭৮৫।

জ্বলন্ত বর্ণ *বি* লাল রং। 'জ্বলন্ত বর্ণের জামা পাজামা জুতোয়/ হেঁটে আসে রেস্তোরাঁয়।' *শামসুল*, ১৯৬৯।

জ্বলা[১] [স জ্বল>] ১ *ক্রি* প্রজ্বলিত হওয়া। 'লক্ষকোটি দীপ সব চতুর্দিগে জ্বলে।' *বৃন্দা*, ১৫৮০। ২ *ক্রি* রাগান্বিত হওয়া। 'জ্বরতপ্ত ক্লান্ত দেহ আরো জ্বলিয়া উঠিল।' *রবীন্দ্র*, ১৯১১। ৩ *ক্রি* উজ্জ্বল হওয়া। 'কেবল চোখ-দুটা জ্বলিতেছে।' *রবীন্দ্র*, ১৮৯২। ৪ *ক্রি* আলো ছড়ানো। 'মাথার উপরে জ্বলিছেন রবি।' *নজরুল*, ১৯২৬। **জ্বলএ** *ক্রি* জ্বলে। 'চক্ষু কর্ণ মুখ হোন্তে জ্বলএ আনল।' *সুলতান*, ১৭০০। **জ্বলিল** *ক্রি* পুড়লো। 'সুখের লাগিয়া রন্ধন করিনু জ্বালাতে জ্বলিল দে।' *দ্বিজচণ্ডী*, ১৬০০। **জ্বলে** *ক্রি* প্রজ্বলিত হয়। 'লক্ষকোটি দীপ সব চতুর্দিগে জ্বলে।' *বৃন্দা*, ১৫৮০।

জ্বলে ওঠা ১ *ক্রি* জেগে ওঠা। 'স্মরণের জ্যোতি উঠিল জ্বলে।' *রবীন্দ্র*, ১৮৭৮। ২ *ক্রি* খুব ক্রুদ্ধ হওয়া। 'হঠাৎ তার জ্বলে উঠা মুখটি দেখে ...।' *মাহেনও*, ১৯৪৯।

জ্বলা[২] [স জ্বল>] *বিণ* ঝলকিত। 'রুটি চিবোয় অভ্যাসবশে জ্যোৎস্নাজ্বলা দাঁতে।' *শামসুর*, ১৯৬৩।

জ্বলাতনা [স জ্বল>] *বিণ* দগ্ধ। 'বিচ্ছেদ জ্বালায় জ্বলাতনা হইয়া শবসহ জলজ্জানে জলদগ্নি প্রবেশ করিয়াছেন।' *দর্পণ*, ১৮২৪।

জ্বলিত [স] ১ *বিণ* দগ্ধ। 'কোনো কামিনী স্বামীর জ্বালায় জ্বলিতাঙ্গ হইয়া ...।' *ভবানী*, ১৮২৮। ২ *বিণ* ক্রুদ্ধ। 'এই কথা শুনিবামাত্র চন্দ্রপ্রভা কোপে জ্বলিত হইয়া বলিলেন।' *বিদ্যা*, ১৮৪৭।

জ্বলুনি [স জ্বল>] *বি* জ্বালা। 'খাটুনি যে ভালো ছিল জ্বলুনির চেয়ে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

জ্বাল [স জ্বল>] *বি* আগুনের তাপ। 'সমুদ্রের জল জ্বাল দিয়া, এখনও লবণ প্রস্তুত করে।' *বিদ্যা*, ১৮৫১।

জ্বালঘর *বি* কারখানার যে ঘরে চুলা স্থাপন করা হয়। 'এখন কুঠির ভাঙা চৌবাচ্চাঘর, জ্বালঘর ... ইটের স্তূপে পরিণত হইয়াছে।' *বিভূতি*, ১৯২৯।

জ্বাল দেওয়া *ক্রি* আগুনের তাপ দিয়ে ফোটানো। 'দুধ জ্বাল

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দিতেছে।' *রবীন্দ্র*, ১৯০২।

জ্বালা [সা] ১ *বি* যন্ত্রণা। 'সুখের লাগিয়া রন্ধন করিনু জ্বালাতে জ্বলিল দে।' *দ্বিচণ্ডী*, ১৬০০। ২ *বি* আগুনের হলকা। 'উত্তপ্ত এবং জ্বালাবিশিষ্ট ছিল।' *বঙ্কিম*, ১৮৭৫। ৩ *বিণ* জ্বালিয়ে রাখা হয়েছে এমন। 'একটি ঘরে রত্নদীপ জ্বালা।' *রবীন্দ্র*, ১৮৯৩। ৪ *বি* ক্ষুধা। 'জীবনে আনন্দ অল্প, অথচ পেটের জ্বালা কম নহে।' *রবীন্দ্র*, ১৮৯৭। ৫ *বি* উৎপাত। 'মশার জ্বালায় সর্বাঙ্গ চাপড়াইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০৭। ৬ *বি* রোদ। 'দিবসের হৈম জ্বালা দীপ্ত দিকে দিকে।' *সত্যেন্দ্র*, ১৯১২। ৭ *বি* শিখা। 'নয়নে তোমার ধূমকেতু-জ্বালা।' *নজরুল*, ১৯২২। ৮ *ক্রি* আলোকিত করা। 'সোনার প্রদীপে জ্বালো আঁধার ঘরের আলো।' *রবীন্দ্র*, ১৯২৫।

জ্বালাকর [স] *বিণ* জ্বালাবোধ হয় এমন। 'জ্বালাকর চিঠির উপর দ্রুত চোখ বুলাইতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০২।

জ্বালা-করা *বিণ* যন্ত্রণা দেয় এমন। 'মানুষের জ্বালা-করা বেদনার হল্লা প্রবেশ করে নাই।' *মানিক*, ১৯৩৬।

জ্বালা ধরা *ক্রি* যন্ত্রণা হওয়া। 'আধুনিক অধিকারীর গায়ের জ্বালা ধরে।' *রবীন্দ্র*, ১৯২৯।

জ্বালা-পিচকিরি *বি* আগুনের হলকা। 'মেঘ-বৃন্দাবনে মুহু ছুটে মোর বিজুরির জ্বালা-পিচকিরি।' *নজরুল*, ১৯২৪।

জ্বালাবাষ্প [স] *বিণ* জ্বলন্ত বাষ্পময়। 'হাহাতপ্ত জ্বালাবাষ্প দিনের শিয়রে কাঁপে হৃদয় আমার।' *শঙ্খ*, ১৯৫৫।

জ্বালাভরা *বিণ* জ্বালাপূর্ণ। 'মুখে জ্বালাভরা হাসি দেখা দেয়।' *মানিক*, ১৯৪০।

জ্বালাময় [স] ১ *বিণ* উদ্দীপিত করে এমন। 'অগ্নিশিখাবৎ জ্বালাময় বাক্যস্রোতে ... দুর্বিষহ অত্যাচার অনন্তকালসমীপে পাঠাইয়াছেন।' *বঙ্কিম*, ১৮৮২। ২ *বিণ* যন্ত্রণাদগ্ধ। 'জ্বালাময় বিদ্ধ বেদনায় যেতো থরথর করে কাঁপছিল।' *রবীন্দ্র*, ১৮৯৪। ৩ *বিণ* উত্তপ্ত। 'শেষ সূর্যের জ্বালাময় রোষ।' *নজরুল*, ১৯২২।

জ্বালাময়ী [স] *বিণ স্ত্রী* জ্বালা ধরিয়ে দেয় এমন। 'সেগুলো শুধু জ্বালাময়ী প্রখর তেজে জ্বলছে।' *নজরুল*, ১৯২২।

জ্বালামুখ [স] *বি* জ্বালাময় মুখবিশিষ্ট। 'সম্মুখে সংরক্ষিত সত্যতার জ্বালামুখ প্রাকারমণ্ডল।' *সুধীন্দ্র*, ১৯৩৩।

জ্বালামুখী [স] ১ *বি* আগ্নেয়গিরি। 'কারাগাতোয়া নামক একটি ক্ষুদ্র জ্বালামুখীর সমুদ্রতলবর্তী একটি স্থানে ...।' *রবীন্দ্র*, ১৯১৭। ২ *বিণ* প্রজ্বলিত মুখবিশিষ্ট। 'সর্বনাশী জ্বালামুখী ধূমকেতু।' *নজরুল*, ১৯২২।

জ্বালাতন [ফা জ্বালাওতন] ১ *বিণ* কষ্ট ভোগ করে এমন। 'রোগী ব্যক্তি আপনার বিষে আপনি জ্বালাতন হয়।' *অক্ষয়*, ১৮৫২। ২ *বি* উৎপাত। 'কোথা পালাইবে মোরে করে জ্বালাতন।' *রামনারায়ণ*, ১৮৫৪। ৩ *বিণ* বিরক্ত। 'প্রভুগণ জ্বালাতন হইবার সম্ভাবনা।' *বঙ্কিম*, ১৮৭৪।

জ্বালান কাঠ [জ্বালানি+স কাষ্ঠ] *বি* জ্বালানি কাঠ। *ওসাঁ*, ১৭৮৫।

জ্বালানি, জ্বালানী [স জ্বাল্>] ১ *বিণ* জ্বালাবার উপযুক্ত। 'এক খণ্ড জ্বালানি কাঠ পাইলেই মহাসন্তুষ্ট।' *অক্ষয়*, ১৮৪৬। ২ *বিণ* জ্বাল দেওয়া হয়েছে এমন। 'জাঁতঘরে জ্বালানী মাল জাঁত হইতেছে।' *মশারফ*, ১৮৯০। ৩ *বি* জ্বাল দেওয়ার উপকরণ। 'কেবল রস আনলেই হয় না, রস জ্বাল দেওয়ার জ্বালানি চাই।' *নরেন্দ্র*, ১৯৪৭।

জ্বালানো ১ *ক্রি* প্রজ্বলিত করা। 'নিশাকালে লক্ষ লক্ষ কন্দিল জ্বালিয়া।' *আলাওল*, ১৬৮০। ২ *ক্রি* অগ্নিসংযোগ করা। 'প্রদীপ জ্বালাইয়া রাখে।' *দর্পণ*, ১৮২০। ৩ *ক্রি* উত্তাক্ত করা। 'আত্মীয়ের সন্ধানের জন্য ... জ্বালিয়ে খেয়েছিল।' *বিভূতি*, ১৯৩৭। **জ্বালাইয়া** *ক্রি* প্রজ্জ্বলিত ক'রে। 'প্রদীপ জ্বালাইয়া রাখে।' *দর্পণ*, ১৮২০। **জ্বালাউক** *ক্রি* জ্বালাক। 'আকাশেত প্রদীপ জ্বালাউক সারি সারি।' *সুলতান*, ১৭০০। **জ্বালাস** *ক্রি* পোড়াস। 'মরুর বাতাস জ্বলিস জ্বালাস কত।' *রবীন্দ্র*, ১৮৮৩। **জ্বালি** *ক্রি* প্রজ্বলিত করি। 'সজল প্রদীপ জ্বালি সুফল সহিতে।' *রূপরাম*, ১৭৫০। **জ্বালিয়া** *ক্রি* প্রজ্বলিত ক'রে। 'তবে রসুলের সৈন্য আনল জ্বালিয়া ...।' *সুলতান*, ১৭০০। **জ্বালিয়ে খাওয়া** *ক্রি* উত্তাক্ত করা। 'আত্মীয়ের সন্ধানের জন্য ... জ্বালিয়ে খেয়েছিল।' *বিভূতি*, ১৯৩৭। **জ্বেলে** *ক্রি* প্রজ্বলিত ক'রে। 'লালন বলে ভাবুক যারা/ জ্ঞানের বাতি জ্বেলে চরণ পাবে।' *লালন*, ১৮৯০।

জ্বালায়তন [ফা জালাওতন] *বিণ* উৎপীড়িত। 'নীলকরের দৌরাত্ম্যে লোকসকল জ্বালায়তন।' *চন্দ্রিকা*, ১৮৪৪।

জ্বিলক্বদ [আ] *বি* হিজরি সনের মাসবিশেষ। '৬ই জ্বিলক্বদ ১৩৬৭ হিজরী রোজ শনিবার।' *মাহেনও*, ১৯৪৯।

জ্যা [স] *বি* ছিলা; গুণ। 'ধনুকের জ্যা হয়ে থাকুন।' *ধূর্জটি*, ১৯৩১।

জ্যাকেট [ই] *বি* জামার উপরে পরার মতো পোশাকবিশেষ; কোট। 'এক ছেঁড়া টুপি, পচা কাপড়ের জ্যাকেট পাণ্টুলন এবং ...।' *প্রভাকর*, ১৮৫৩।

জ্যাঠা [স জ্যেষ্ঠ] *বি* ইঁচড়ে পাকা। 'আমরা ছেলে বেলাতেই জ্যাটার শিরোমণি ছিলেম।' *হুতোম*, ১৮৬১।

জ্যাটামি, জ্যাটামো [স জ্যেষ্ঠ>] *বি* পাকামি। 'স্কুল ছাড়াতে জ্যাটামি ভাতের ফ্যানের মতন উতলে উঠলো।' *হুতোম*, ১৮৬১।

জ্যাঠা [স জ্যেষ্ঠ] ১ *বি* ইঁচড়ে পাকা। 'বৃদ্ধের কাছে সে বালক নহে, অথচ জ্যাঠাও নহে।' *রবীন্দ্র*, ১৮৯৫। ২ *বিণ* প্রবীণ। 'তুমি এই জ্যাঠা অভিমন্যুর পৃষ্ঠরক্ষী।' *নজরুল*, ১৯২৭।

জ্যাঠাই [স জ্যেষ্ঠ>] *বি* পিতার বড়ো ভাই। 'জানি তব জামাইয়ের জ্যাঠাইয়ের যে বেহাই।' *রবীন্দ্র*, ১৯৪১।

জ্যাঠাইমা [স জ্যেষ্ঠ>+স মাতা] *বি* পিতার বড়ো ভাইয়ের স্ত্রী। 'জ্যাঠাইমা তাঁহার বড়ো আদরের কমলাকে ...।' *রবীন্দ্র*, ১৯০০।

জ্যাঠামশায় [স জ্যেষ্ঠমহাশয়] *বি* পিতার বড়ো ভাই। 'তোর জ্যাঠা-মশায়কে প্রণাম কর্।' *রবীন্দ্র*, ১৯০৭।

জ্যাঠামি [স জ্যেষ্ঠ>] *বি* কম বয়সে বড়োদের মতো কথাবার্তা। 'পাকা কথাও জ্যাঠামি।' *রবীন্দ্র*, ১৮৯২।

জ্যান্ত [স জীবন্তা] ১ *বি* জীব। *ওসাঁ*, ১৭৮৫। ২ *বিণ* জীবন্ত। 'তার পেটের মধ্যে জ্যান্ত একজন।' *লালন*, ১৮৯০।

জ্যান্ত মরা *বিণ* জীবন্ত হয়েও মৃতের মতো। 'কুলশীলে ইস্তফা দিয়ে হতে হবে জ্যান্ত মরা।' *লালন*, ১৮৯০।

জ্যাবড়ানো *বিণ* জড়ানো। 'মোটা গলা, র-অক্ষরবিহীন জ্যাবড়ানো উচ্চারণ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জ্যাভেলিন থ্রো [ই] *বি* বর্শানিক্ষেপ। '৮০ মিটার হার্ডল, জ্যাভেলিন থ্রো, ডিসকাস থ্রো।' *বেগম*, ১৯৬৩।

জ্যাম [ই] *বি* ফল ও তার রস দিয়ে তৈরি জমাট-বাঁধানো খাবারবিশেষ। 'বিকুট জ্যাম।' *জীবন*, ১৯৩৩।

জ্যামিতি [সা] ১ *বি* ভূমি পরিমাপ বিষয়ক শাস্ত্র; রেখাগণিত। 'পাটীগণিত

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এবং জ্যামিতি।' *বঙ্কিম*, ১৮৭৫। ২ *বি* জ্যামিতিক আকারবিশিষ্ট ভূখণ্ড। 'সে জ্যামিতি থেকে ক্রমাগত উঠে এসে মাছ পাখি পশু।' *মাহমুদ*, ১৯৭৩।

জ্যামিতিক [স] ১ *বিণ* জ্যামিতিশাস্ত্রসংক্রান্ত। '... জ্যামিতিক প্রণালীই সকল জ্ঞানের একমাত্র প্রণালী।' *সবুজ*, ১৯১৭। ২ *বিণ* জ্যামিতির মতো। 'অতি বিশুদ্ধ জ্যামিতিক নিয়মে চাক বাঁধবে।' *রবীন্দ্র*, ১৯২৯। ৩ *বিণ* জ্যামিতিবিদের মতো। 'যুদ্ধ, রক্ত, জ্যামিতিক ঈশ্বর, মাকড়শা, মশার জঞ্জাল।' *জীবন*, ১৯৩০।

জ্যালজেলে *বিণ* ঘন নয় এমন বুনটের। 'শাড়ি এমন জ্যালজেলে?' *জীবন*, ১৯৩২।

জ্যাসমিন [ই] *বি* জুঁই জাতীয় ফুলবিশেষ। 'লাইলাক জ্যাসমিন ভায়োলেট আমাদের নিকট নামমাত্র।' *প্রমথ*, ১৯১৪।

জ্যেঠা [স জ্যেষ্ঠ] ১ *বি* পিতার বড়ো ভাই। 'বাপ জ্যেঠা আন নহে পাইবে যাতনা।' *কৃষ্ণদাস*, ১৫৮০। ২ *বিণ* অকালপক্ব। 'কাঁটাল হইল জ্যেঠা এঁচড়ে পাকিয়া।' *গুপ্ত*, ১৮৫৮।

জ্যেষ্ঠ [স জ্যেষ্ঠ] *বিণ* অগ্রজ। 'জ্যেষ্ঠ ভ্রাতা মহারাজার আজ্ঞা।' *রামরাম*, ১৮০১।

জ্যেষ্ঠা [স জ্যেষ্ঠা] *বিণ স্ত্রী* অগ্রজ। 'জ্যেষ্ঠা কন্যা অম্বা।' *প্যারী*, ১৮৬০।

জ্যেষ্ঠ [স] ১ *বিণ* বড়ো। 'বএসেঁ জ্যেষ্ঠ।' *বড়ু*, ১৪৫০। ২ *বি* অগ্রজ। 'জ্যেষ্ঠের সেবনে রত শ্রীলক্ষ্মণ নাম।' *বৃন্দা*, ১৫৮০।

জ্যেষ্ঠগুণ [স জ্যেষ্ঠগুণ] *বি* বড়ো গুণ। 'বয়সে কনিষ্ঠ হয়ে জ্যেষ্ঠগুণ তার।' *গুপ্ত*, ১৮৫৮।

জ্যেষ্ঠতাত [স] *বি* পিতার বড়ো ভাই। 'জ্যেষ্ঠতাতকে সম্মত করিবে কে?' *বঙ্কিম*, ১৮৭৮।

জ্যেষ্ঠতাতত্ব [স] *বি* জ্যাঠামি। 'ঐ সব জ্যেষ্ঠ্যতাতত্ব আমার সঙ্গে করিও না।' *মুজতবা*, ১৯৫৯।

জ্যেষ্ঠত্ব [স] *বি* বড়ো ভাইসুলভ আচরণ। 'উৎকণ্ঠিত মুখে ফের দেখতে পেলাম ওর জ্যেষ্ঠত্ব।' *নরেন্দ্র*, ১৯৪৯।

জ্যেষ্ঠপুত্র [স] *বি* বড়ো ছেলে। 'জ্যেষ্ঠপুত্র হরমোহন।' *রবীন্দ্র*, ১৮৯১।

জ্যেষ্ঠভ্রাতা [স] *বি* বড়ো ভাই। 'জ্যেষ্ঠভ্রাতা ভর্তৃহরি আছেন।' *মৃত্যুঞ্জয়*, ১৮১০।

জ্যেষ্ঠা [স] *বি স্ত্রী* নক্ষত্রবিশেষ। 'না চিনিল জ্যেষ্ঠা মূলা খেলাধূলা কে ভাঙ্গিবা।' *রামপ্রসাদ*, ১৭৮০।

জ্যোগ্রাফি [ই] *বি* ভূগোল। 'চোখের সামনে যে-জ্যোগ্রাফি খুলে যেত।' *রবীন্দ্র*, ১৯৪১।

জ্যোছনা [স জ্যোৎস্না] *বি* জ্যোৎস্না; চাঁদের কিরণ। 'মেঘ ছিঁড়ে পূর্ণিমার আগের দিনের চাঁদের জ্যোছনা কেমন ছিটে-ফোঁটা হয়ে পড়েছে।' *নজরুল*, ১৯২২।

জ্যোছনার রোদ *বি* জ্যোৎস্নার আলো। 'জ্যোছনার রোদে কতিপয় চুল রূপালী।' *ওবায়দুল্লাহ*, ১৯৭৪।

জ্যোত [স জ্যোতিঃ] *বি* জ্যোতি। 'মাণিক্য প্রদীপ জ্যোতে বাসর উজ্জ্বল।' *আলাওল*, ১৬৮০।

জ্যোতি, জ্যোতিঃ [স জ্যোতিঃ] ১ *বি* দীপ্তি; উজ্জ্বলতা। 'মধ্যে কিঞ্জক জ্যোতি তপ্ত হেমমএ।' *মালাধর*, ১৫০০; 'নিশাশেষে পূর্ণচন্দ্র হঠাৎ মলিনভাব ধারণ করিলে তারাদলের জ্যোতিঃ তখন কোথায় থাকে?' *মশাররফ*, ১৮৮৫। ২ *বি* আলো। 'জ্যোতি রূপে কিবা কৃষ্ণ করিলা প্রকাশ।' *বৃন্দা*, ১৫৮০। ৩ *বি* আভা। 'ধবল অঙ্গের জ্যোতি।' *মানিকরাম*, ১৭৮১। ৪ *বি* দৃষ্টিশক্তি। 'দুগ্ধ বা দুগ্ধ সংযুক্ত কোন দ্রব্য না খাইলে চক্ষের জ্যোতিঃ ...।' *মশাররফ*, ১৮৮৯।

জ্যোতিঃকণা [স] *বি* আলোর কণা; অধ্যাত্মকণা। '... জ্যোতিঃকণা ও জড়কণার মধ্যে নিহিত ছিল সম্ভাবনারূপে, ভ্রূণরূপে।' *আইয়ুব*, ১৯৭৩।

জ্যোতিঃধারা [স] *বি* আলোর প্রবাহ। 'শিকারীর ফ্লাস লাইটের জ্যোতিঃধারা।' *নজরুল*, ১৯৩১।

জ্যোতিঃপদার্থ [স] *বি* নক্ষত্র। 'ঐক্য কল্পনা করতে পারি সর্বব্যাপী তেজ বা জ্যোতিঃপদার্থের মধ্যে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জ্যোতিঃপাত [স] *বি* আলোর কণা। 'বিচ্ছুরিলে জ্যোতিঃপাত মদগর্ব মোগলের প্রমোদসভাতে।' *জীবন*, ১৯৩০।

জ্যোতিঃপুঞ্জ [স] *বি* নক্ষত্রমণ্ডলী। 'সেই জ্যোতিঃপুঞ্জের মধ্যে দণ্ডায়মান হইয়া অনির্বচনীয় আনন্দ অনুভব করিতেছিলাম।' *অক্ষয়*, ১৮৪৯।

জ্যোতিঃপূর্ণ [স] *বিণ* আলোকময়। 'আকাশমণ্ডলের পশ্চিমাংশ দাবদাহ তুল্য অসামান্য জ্যোতিঃপূর্ণ দেখিয়া সাতিশয় বিস্ময়াপন্ন হইলাম।' *অক্ষয়*, ১৮৪৯।

জ্যোতিঃপ্রবাহ [স] *বি* আলোর ধারা। 'অত্যাশ্চর্য্য অনির্বচনীয় বর্ণীয় জ্যোতিঃপ্রবাহ।' *অক্ষয়*, ১৮৫০।

জ্যোতিঃশাস্ত্র [স] *বি* জ্যোতির্বিজ্ঞান। 'জ্যোতিঃশাস্ত্রে জ্ঞানবান।' *মৃত্যুঞ্জয়*, ১৮১২।

জ্যোতিঃশাস্ত্রীয় [স] *বিণ* জ্যোর্তিবিজ্ঞান সম্পর্কিত। 'জ্যোতিঃশাস্ত্রীয় কোন গ্রন্থের রচনাকাল ধার্য্য করিবার জন্য ...।' *অক্ষয়*, ১৮৪৭।

জ্যোতিঃশূন্য [স] *বিণ* নক্ষত্রহীন। 'দেশশূন্য কালশূন্য জ্যোতিঃশূন্য, মহাশূন্য।' *রবীন্দ্র*, ১৮৮৩।

জ্যোতিঃসমুদ্র [স] *বি* আলোর সমুদ্র। 'কোণের প্রদীপ মিলায় শিখা জ্যোতিঃসমুদ্রেই।' *রবীন্দ্র*, ১৯২৩।

জ্যোতিঃসম্পদ [স] *বি* আলোক রূপ সম্পদ। 'জ্যোতিঃসম্পদ ভরি দিক্ চিত্ত।' *রবীন্দ্র*, ১৯২৯।

জ্যোতিঃসীমা [স] *বি* আলোর রেখা। 'রূপেরে আনিল ডাকি অরূপের অসীমেতে জ্যোতিঃসীমা আঁকি।' *রবীন্দ্র*, ১৯৪০।

জ্যোতিঃহীন [স] *বিণ* দীপ্তিহীন। 'চন্দ্রমা গগনমধ্যস্থ জ্যোতিহীন।' *বঙ্গদর্শন*, ১৮৭৪।

জ্যোতিছায়া [স জ্যোতিঃ-ছায়া] *বি* আলোকরশ্মি। 'আঁধার মুছিয়া/ চলে জ্যোতিছায়া তার।' *রবীন্দ্র*, ১৮৮১।

জ্যোতিকণা [স জ্যোতিঃকণা] *বি* আলোর কণা। 'ছড়ায় হৃদয়ে, কোটি জ্যোতিকণা বিলায় মনে।' *শামসুর*, ১৯৫৯।

জ্যোতি-দীক্ষা [স জ্যোতিঃ-দীক্ষা] *বি* আলোর নির্দেশনা। 'তিমির রাত্রির চির প্রতীক্ষা পূর্ণ কর, লহ জ্যোতি-দীক্ষা।' *রবীন্দ্র*, ১৯১৭।

জ্যোতি-দীপ্তি [স জ্যোতি-দীপ্তি] *বি* আলোর প্রভা। 'যে জ্যোতি-দীপ্তি রাঙায় রাতের সীমা।' *নজরুল*, ১৯২৯।

জ্যোতি-পরিবার [স জ্যোতিঃ-পরিবার] *বি* জ্যোতিষ্কমণ্ডল। 'উঠিতেছে লক্ষ লক্ষ নক্ষত্রের জ্যোতি-পরিবার।' *রবীন্দ্র*, ১৮৮৩।

জ্যোতিপূর্ণ [স জ্যোতিঃ-পূর্ণ] *বিণ* দীপ্তিময়। 'তাহাদের বর্ণ উজ্জ্বল

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শ্যাম, চক্ষু জ্যোতিপূর্ণ।' *প্রমথ*, ১৯২০।

জ্যোতি-প্রদীপ্ত [স জ্যোতিঃ-প্রদীপ্ত] *বিণ* আলোকোজ্জ্বল। 'অপরূপ জ্যোতি-প্রদীপ্ত তনু এ কার মহিমায়।' *নজরুল*, ১৯৪১।

জ্যোতিবিভাসিত [স জ্যোতিঃ-বিভাসিত] *বিণ* আলোকে উদ্ভাসিত। 'তব জ্যোতিবিভাসিত বিশ্বপটে।' *সুকুমার*, ১৯২০।

জ্যোতিবিম্ব [স জ্যোতিঃ-বিম্ব] *বি* আলোর প্রতিচ্ছায়া। 'জলে যথা জ্যোতিবিম্ব যেমতি তরল।' *মাইকেল*, ১৮৬১।

জ্যোতি-মুখরিত [স জ্যোতিঃ-মুখরিত] *বিণ* দীপ্তিময়। 'জ্যোতি-মুখরিত মহাগগন-অঙ্গনে।' *নজরুল*, ১৯২৪।

জ্যোতিরঙ্গুলি [স জ্যোতিঃ-অঙ্গুলি] *বি* আলোকরশ্মি। 'তোমার জ্যোতিরঙ্গুলি যখনই স্পর্শ করে।' *রবীন্দ্র*, ১৯২৯।

জ্যোতির্গণ [স জ্যোতিঃ-গণ] *বি* গ্রহ-নক্ষত্রের সমষ্টি। 'সূর্য্য, চন্দ্র, গ্রহ, নক্ষত্র, ধূমকেতুর এক সাধারণ নাম জ্যোতির্গণ।' *অক্ষয়*, ১৮৪৭।

জ্যোতির্গেহ [স জ্যোতির্গৃহ] *বি* আলোময় ঘর। 'জ্যোতির্গেহে তিমির-প্রদীপ জ্বালো।' *নজরুল*, ১৯২৫।

জ্যোতির্গ্রন্থ [স জ্যোতিঃ-গ্রন্থ] *বি* গ্রহ-নক্ষত্রবিষয়ক বই। 'তিনি ভাষায় অনেক জ্যোতির্গ্রন্থ রচনা করিয়াছেন।' *গৌর*, ১৮২২।

জ্যোতির্চক্র [স জ্যোতিঃ-চক্র] *বি* নক্ষত্রাদির চক্র। 'ছুঁড়িতেছে ভাঁটা জ্যোতির্চক্র ঘূর্ণমান।' *নজরুল*, ১৯২৮।

জ্যোতির্জগৎ [স জ্যোতিঃ-জগৎ] *বি* গ্রহ-নক্ষত্রাদির সমষ্টি। 'আকাশে সমস্ত জ্যোতির্জগৎ, সমস্ত লোকলোকান্তর...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জ্যোতির্জ্ঞ [স জ্যোতিঃ-জ্ঞ] *বি* জ্যোতির্বিদ। 'জ্যোতির্জ্ঞ মাত্রই ... লীলাবতীকে অবগত।' *দর্পণ*, ১৮৩৪।

জ্যোতির্দীপ্ত [স জ্যোতিঃ-দীপ্ত] *বিণ* আলোকোজ্জ্বল। 'উড়িবারে চাই যত জ্যোতির্দীপ্ত মুক্ত নভ-পানে।' *নজরুল*, ১৯২৪।

জ্যোতির্দৃষ্টি [স জ্যোতিঃ-দৃষ্টি] *বি* আলোক-দৃষ্টি। 'সভ্যতার বর্বর কলুষ কালিমামুক্ত জ্যোতির্দৃষ্টি দিয়ে?' *মুজতবা*, ১৯৫২।

জ্যোতির্দেহ [স জ্যোতিঃ-দেহ] *বি* জ্যোতির্ময় দেহ। 'দিব্য জ্যোতির্দেহ পাবে, দানবঅসুর ভয় রবে না।' *নজরুল*, ১৯৩৫।

জ্যোতির্ধারা [স জ্যোতিঃ-ধারা] *বি* আলোর ধারা। 'কেমন করে কালী হয়ে নামে ব্রহ্ম জ্যোতির্ধারা।' *নজরুল*, ১৯৩৫।

জ্যোতির্বাষ্প [স জ্যোতিঃ-বাষ্প] *বি* নভোমণ্ডলে ভেসে বেড়ানো বাষ্প। 'জ্যোতির্বাষ্প অসংহতভাবে ব্যাপ্ত হইয়া আছে।' *রবীন্দ্র*, ১৯০৫।

জ্যোতির্বিজ্ঞানবিৎ [স] *বিণ* জ্যোতির্বিদ। 'তিনি জ্যোতির্বিজ্ঞানবিৎ গাণিতিক।' *রবীন্দ্র*, ১৯৩৬।

জ্যোতির্বিৎ, জ্যোতির্বিদ, জ্যোতির্ব্বিদ [স জ্যোতিঃ-বিদ] *বি* জ্যোতির্বিদ্যায় পণ্ডিত। 'দিবারাত্রির মধ্যে জ্যোতির্বিদের কুত্রাপি গতিবিধি বারণ নাই।' *কেরি*, ১৮১২; 'ব্রহ্মগুপ্ত, বরামিহির প্রভৃতি জ্যোতির্ব্বিৎ পণ্ডিতেরা স্ব স্ব গ্রন্থে ...।' *অক্ষয়*, ১৮৪৭।

জ্যোতির্বিদ্যা, জ্যোতির্ব্বিদ্যা [স জ্যোতিঃ-বিদ্যা] *বি* গ্রহ-নক্ষত্রবিষয়ক বিজ্ঞান। 'অভয়া জ্যোতির্ব্বিদ্যা ... গ্রন্থ প্রস্তুত করিল।' *দর্পণ*, ১৮২৯; 'ইজিপট, গ্রীস, ভারতবর্ষ প্রভৃতি নানা জনপদে জ্যোতির্বিদ্যার বিলক্ষণ অনুশীলন ছিল ...।' *বিদ্যা*, ১৮৪৯।

জ্যোতির্বিদ্ধ [স জ্যোতিঃ-বিদ্ধ] *বিণ* আলোকবিদ্ধ। 'জনপূর্ণ সুবিজনে জ্যোতির্বিদ্ধ আঁধারে বিলীন।' *রবীন্দ্র*, ১৮৮৬।

জ্যোতির্বেত্তা [স জ্যোতিঃ-বেত্তা] *বি* জ্যোতির্বিদ্যায় পাণ্ডিত্য আছে যার। 'এক জ্যোতির্বেত্তা ও এক পৌরাণিক।' *দর্পণ*, ১৮২২।

জ্যোতির্ভূষা [স জ্যোতিঃ-ভূষণ] *বি* আলোর সাজ। 'কে জেগেছ জ্যোতির্ভূষা।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

জ্যোতির্মণিকা [স জ্যোতিঃ-মণিকা] *বি* উজ্জ্বল রত্ন। 'তাঁহারই জ্যোতির্মণিকা কণিকা এসেছে প্রকৃতি হয়ে।' *নজরুল*, ১৯৪১।

জ্যোতির্মণ্ডল [স জ্যোতিঃ-মণ্ডল] *বি* গ্রহ-নক্ষত্রসহ মহাবিশ্ব। 'প্রত্যেক জ্যোতির্মণ্ডল এক এক প্রকাণ্ড জীবলোক।' *অক্ষয়*, ১৮৪৮।

জ্যোতির্মণ্ডলী [স জ্যোতিঃ-মণ্ডলী] *বি* নক্ষত্রাদির জগৎ। 'ঐ জ্যোতির্মণ্ডলীর মধ্যে বিচিত্র জীবনের অনন্ত ইতিহাস ...।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জ্যোতির্মতী [স জ্যোতিঃ-মতী] *বিণ স্ত্রী* জ্যোতিতে পূর্ণ। 'মা যে আমার জ্যোতির্মতী।' *নজরুল*, ১৯৩৫।

জ্যোতির্ময়, জ্যোতির্ম্ময় [স জ্যোতিঃ-ময়] *বিণ* আলোকিত; উজ্জ্বল। 'জ্যোতির্ময় দেখি সকল আকাশ।' *বৃন্দা*, ১৫৮০; 'সূর্য্যে জ্যোতি বিকীর্ণ হওয়ায় তৎসন্নিহিত সমুদয় স্থান জ্যোতির্ময় হইয়া উঠে।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্যোতির্ময়ী [স জ্যোতিঃ-ময়ী] *বিণ স্ত্রী* আলোকপূর্ণ। 'এই জ্যোতির্ময়ী আলোকচ্ছটার বর্ণ ক্ষণে ক্ষণে রূপান্তর ধারণ করিয়া থাকে।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্যোতির্মহান [স জ্যোতিঃ-মহান] *বিণ* আলোকোজ্জ্বল। 'আবার হল পবিত্র জ্যোতির্মহান তোমার দিন।' *নজরুল*, ১৯৪১।

জ্যোতির্লোক [স জ্যোতিঃ-লোক] **১** *বি* আলোকোজ্জ্বল ভুবন। 'শোভা দেখালে শান্তির্লোক, জ্যোতির্লোক প্রকাশি।' *রবীন্দ্র*, ১৮৮৬। **২** *বি* নক্ষত্রের জগৎ। 'কত জ্যোতির্লোক গূঢ় বহ্নিময়।' *রবীন্দ্র*, ১৯২৫।

জ্যোতির্শিখা [স জ্যোতিঃ-শিখা] *বি* আলোর রশ্মি। 'কী এক জ্যোতির্শিখার ঝলকে।' *নজরুল*, ১৯৪১।

জ্যোতির্হীন [স জ্যোতিঃ-হীন] *বিণ* দীপ্তিহীন। 'একটা ছিন্ন টুকরো ... হয়তো জ্যোতির্হীন নির্বাপিত।' *রবীন্দ্র*, ১৮৯১।

জ্যোতিশ্চক্র [স জ্যোতিঃ-চক্র] *বি* নক্ষত্রমণ্ডলী। 'বহুকোটি ঘূর্ণ্যমান নক্ষত্রে তৈরি এক মহা জ্যোতিশ্চক্রের টানে।' *রবীন্দ্র*, ১৯০৭।

জ্যোতিষ্কণা [স জ্যোতিঃ-কণা] *বি* আলোক রশ্মি। 'জানিয়ে দিলে আলো অসংখ্য জ্যোতিষ্কণা নিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

জ্যোতিষ্কমণ্ডল [স] *বি* গ্রহ-নক্ষত্রাদি। 'চন্দ্র, গ্রহ, নক্ষত্রাদি প্রকাণ্ড প্রকাণ্ড জ্যোতিষ্কমণ্ডল পরস্পর বদ্ধ ও অবস্থিত রহিয়াছে।' *অক্ষয়*, ১৮৫০।

জ্যোতিষ্টোম [স জ্যোতিঃ-ষ্টোম] *বি* (হিন্দুমতে) যজ্ঞবিশেষ। 'রাজসূয়, অগ্নিষ্টোম, গোষ্টোম, জ্যোতিষ্টোম প্রভৃতি শিক্ষা দিতেছেন।' *হরপ্রসাদ*, ১৮৮১।

জ্যোতিষ্পিণ্ড [স জ্যোতিঃ-পিণ্ড] *বি* সূর্য। 'এই জ্যোতিষ্পিণ্ড উদয় হইতে তিরোধানের কাল পর্য্যন্ত ... গৃহকর্ম্মাদি সমাপন করিয়া লয়।' *অক্ষয়*, ১৮৫৪।

জ্যোতিষ্মন্ত [স জ্যোতিঃ-মন্ত] *বিণ* জ্যোতির্ময়। 'আমারে করিলে জ্যোতিষ্মন্ত,/ আপন জ্যোতির ভাগী।' *সত্যেন্দ্র*, ১৯১৪।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জ্যোতিষ্মান [স জ্যোতিঃ-মান] **১** *বিণ* উজ্জ্বল। 'তাহা এই শ্রেণীর সকল আসন হইতে উন্নত ও জ্যোতিষ্মান বলিয়া প্রতীয়মান হইল।' *অক্ষয়*, ১৮৪৯। **২** *বিণ* আলোকপূর্ণ। 'নক্ষত্রগুলি স্বতঃস্ফূর্ত জ্যোতিষ্মান হইয়া দেখা দিয়াছিল।' *বিভূতি*, ১৯৩১।

জ্যোতিসিঞ্চিত [স জ্যোতিঃ-সিঞ্চিত] *বিণ* আলোক বিধৌত। 'ঐ জ্যোতিসিঞ্চিত আকাশ পর্যন্ত।' *রবীন্দ্র*, ১৮৯৭।

জ্যোতিস্তত্ত্ব [স জ্যোতিঃ-তত্ত্ব] *বি* জ্যোতিষ শাস্ত্র। 'দীপিকা ও জ্যোতিস্তত্ত্বের বাক্যার্থে ...।' *দর্পণ*, ১৮২২।

জ্যোতিস্তর [স জ্যোতিঃ-স্তর] *বি* আলোক স্তর। 'ঊর্ধ্বায়ত জ্যোতিস্তরের মতো।' *মানিক*, ১৯৩৫।

জ্যোতিস্তরঙ্গ [স জ্যোতিঃ-তরঙ্গ] *বি* আলোকতরঙ্গ। 'জ্যোতিস্তরঙ্গ-বৈচিত্র্যই জগতের বর্ণবৈচিত্র্যের কারণ।' *বঙ্কিম*, ১৮৭৫।

জ্যোতিস্নাত [স জ্যোতিঃ-স্নাত] *বিণ* আলোক বিধৌত। 'জ্যোতিস্নাত মূর্তিমতী উষা, হাতে সাজি।' *রবীন্দ্র*, ১৮৯৪।

জ্যোতিহারা [স জ্যোতিঃ-হারা] *বিণ* দীপ্তিহীন। 'দেবতারা আজ জ্যোতিহারা।' *নজরুল*, ১৯২২।

জ্যোতিহীন [স জ্যোতিঃ-হীন] *বিণ* দৃষ্টিশক্তিহীন। 'শরীর হয়েছে ক্ষীণ, নয়ন জ্যোতিহীন।' *জ্যোতিরিন্দ্র*, ১৮৮১।

জ্যোতিহ্রাস [স জ্যোতিঃহ্রাস] *বি* উজ্জ্বলতা কমে যাওয়া। 'আলগলের জ্যোতিহ্রাসের কারণ নির্দেশ করিতে গিয়া গুডরিক অনুমান করেন যে ...।' *মোতাহার*, ১৯৩৭।

জ্যোতিষ, জ্যোতিষঃ [স] **১** *বি* জ্যোতিষী; ভাগ্যগণনাকারী। 'বিচারে জ্যোতিষ নানা পুথি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* জ্যোতিষ শাস্ত্র। *মানোএল*, ১৭৪৩; 'জ্যোতিষিক জ্যোতিষের বহুবিধ গ্রন্থ লইয়া সভাস্থ।' *রামরাম*, ১৮০১; 'ন্যায় ও স্মৃতি ও পুরাণ ও জ্যোতিষ ও ব্যাকরণাদি প্রসঙ্গ ...।' *দর্পণ*, ১৮২২।

জ্যোতিষশাস্ত্র [স] *বি* গ্রহ-নক্ষত্রাদির অবস্থানের পরিপ্রেক্ষিতে ভাগ্যগণনার বিদ্যা। 'কেবল জ্যোতিষশাস্ত্রের পণ্ডিত নিযুক্ত হইয়াছেন।' *দর্পণ*, ১৮১৯।

জ্যোতিষার্ণব [স] *বি* জ্যোতিষীশ্রেষ্ঠ। 'একতলায় থাকেন জ্যোতিষার্ণব।' *মানিক*, ১৯৩৮।

জ্যোতিষিক [স] *বিণ* জ্যোতির্বিদ্যা সংক্রান্ত। 'জ্যোতিষিক গবেষণার এক নূতন ক্ষেত্র উন্মুক্ত হইয়াছে।' *মোতাহার*, ১৯৩৭।

জ্যোতিষী [স] *বি* ভাগ্যগণনাকারী। 'মন্দ গ্রহ বলি নিন্দা তোমা করে জ্যোতিষী।' *মাইকেল*, ১৮৬৬।

জ্যোতিষ্ক [স] *বি* গ্রহ, নক্ষত্র, ধূমকেতু, উল্কা ইত্যাদি। 'গগনের জ্যোতিষ্ক।' *বঙ্কিম*, ১৮৭৫।

জ্যোতিষ্কজগৎ [স] *বি* গ্রহ-নক্ষত্রাদির জগৎ। 'আমার অনন্ত হয় মহিলার জ্যোতিষ্কজগতে।' *জীবন*, ১৯৪০।

জ্যোতিষ্কমণ্ডলী [স] *বি* গ্রহ-নক্ষত্ররাজি। 'নীরব-জ্যোতিষ্কমণ্ডলী-অধিরাজিত অনন্ত জগতের।' *রবীন্দ্র*, ১৯০২।

জ্যোতিষ্কলোক [স] *বি* নক্ষত্রলোক। 'ভালোবাসার জ্যোতিষ্কলোক থেকে একটা দীপ্তি প্রতিফলিত হয়ে ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

জ্যোতিষ্কশিখা [স] *বি* চন্দ্র, সূর্য, নক্ষত্রাদির আলো। 'আঁধার অরব রাতে অগণন জ্যোতিষ্কশিখায়।' *জীবন*, ১৯৪০।

জ্যোৎমার্গ [জ্যোৎ+স মার্গ] *বি* সন্ন্যাসীদের গোপন অনুষ্ঠান। 'জ্যোৎমার্গে সুরাপানাদি গুহ্য ব্যাপারের অনুষ্ঠান হয়।' *অক্ষয়*, ১৮৫০।

জ্যোৎমার্গানুসারী [জ্যোৎ+স মার্গানুসারী] *বিণ* জ্যোৎমার্গীয় পথের অনুসরণকারী। 'জ্যোৎমার্গানুসারী সন্ন্যাসী ব্যতিরেকে অন্যে তাহা জানিতে পারে না।' *অক্ষয়*, ১৮৫০।

জ্যোৎস্না [স] *বি* চাঁদের আলো। 'গঙ্গার লহরী জ্যোৎস্নায় করে ঝলমল।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'কৃষ্ণচন্দ্রে দুই পক্ষ সদা জ্যোৎস্নাময়।' *ভারত*, ১৭৬০।

জ্যোৎস্না-আশিস [স] *বি* জ্যোৎস্নারূপ আশীর্বাদ। 'জ্যোৎস্না-আশিস করে উছলিয়া শশী-থাল।' *নজরুল*, ১৯৩৩।

জ্যোৎস্নাউদ্ভাসিত [স] *বিণ* চাঁদশোভিত। 'জ্যোৎস্নাউদ্ভাসিত রাতের প্রতি তার অদমনীয় আকর্ষণ।' *ওয়ালী*, ১৯৬৪।

জ্যোৎস্নাজরি [স জ্যোৎস্না+ফা জরীন] *বি* হালকা রঙের জরি। 'জ্যোৎস্নাজরির সূতায় বোনা।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

জ্যোৎস্নাধারা [স] *বি* চাঁদের আলোর ধারা। 'জ্যোৎস্নাধারায় যায় ভেসে যায়।' *রবীন্দ্র*, ১৯৩৯।

জ্যোৎস্নাধৌত [স] *বিণ* চাঁদের আলোয় স্নাত। 'পড়িবে না আমার কবিতাখানি জ্যোৎস্নাধৌত বাতায়ন-তলে।' *বুদ্ধ*, ১৯৩৩।

জ্যোৎস্নানিশীথ [স] *বি* জ্যোৎস্নাপূর্ণ রাত। 'জ্যোৎস্নানিশীথে পূর্ণ শশীতে।' *রবীন্দ্র*, ১৯১৪।

জ্যোৎস্নাপ্লাবিত [স] *বিণ* জ্যোৎস্নাস্নাত। 'সুধো সেই জ্যোৎস্নাপ্লাবিত নির্জন ছাদের উপর গাহিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯৫।

জ্যোৎস্নাবতী [স] *বিণ* স্ত্রী জ্যোৎস্নায় আচ্ছন্ন হয়ে আছে এমন। 'জ্যোৎস্নাবতী রাত্রি দশ দিশা সুনির্মল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

জ্যোৎস্নাবরণী [স জ্যোৎস্না+স বর্ণ>] *বিণ* জ্যোৎস্নার মতো রংবিশিষ্ট। 'জ্যোৎস্নাবরণী অনিন্দ্যসুন্দরী মহিমাময়ী তরুণী।' *বিভূতি*, ১৯৩১।

জ্যোৎস্নাবিন্দু [স] *বি* আলোকবিন্দু। 'শিশির রূপে ঝরিয়া/ পড়ে জ্যোৎস্নাবিন্দু।' *নজরুল*, ১৯২৯।

জ্যোৎস্না-বিবশ [স] *বিণ* চাঁদের আলোয় বিভোর। 'এসো জ্যোৎস্না-বিবশ-নিশীথে।' *রবীন্দ্র*, ১৮৮৭।

জ্যোৎস্না-বিবশা [স] *বিণ* স্ত্রী জ্যোৎস্নায় বিহ্বল। 'জ্যোৎস্না-বিবশা নিশীথিনীর মতোই যেন ...।' *নজরুল*, ১৯২২।

জ্যোৎস্নাভুক [স] *বিণ* জ্যোৎস্না পান করে এমন। 'জ্যোৎস্নাভুক পাখি গাইতো সুস্নিগ্ধ গান।' *শামসুর*, ১৯৭২।

জ্যোৎস্নাময় *বিণ* জ্যোৎস্নাপূর্ণ। 'জ্যোৎস্নাময় গ্রাম।' *রবীন্দ্র*, ১৮৭৮।

জ্যোৎস্নাময়ী [স] *বিণ* স্ত্রী জ্যোৎস্নাপূর্ণ। 'শুক্লপক্ষের শুভ্রাকারা জ্যোৎস্নাময়ী যামিনীতে ...।' *প্রভাকর*, ১৮৫২।

জ্যোৎস্নারাত [স জ্যোৎস্নারাত্র] *বি* জ্যোৎস্নাপূর্ণ রাত। 'গুপ্তরতান করিয়াছি গান জ্যোৎস্নারাতে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

জ্যোৎস্নারাত্র [স] *বি* জ্যোৎস্নালোকিত রাত। 'জ্যোৎস্নারাত্রে পাতাগুলি কি সুন্দর দেখায়।' *বিভূতি*, ১৯২৯।

জ্যোৎস্নারাত্রি [স] *বি* জ্যোৎস্নালোকিত রাত। 'এই জ্যোৎস্নারাত্রি, এই বসন্তকাল ...।' *রবীন্দ্র*, ১৮৯২।

জ্যোৎস্নারেখা [স] *বি* পানিতে প্রতিফলিত জ্যোৎস্নার আলো। 'একটি প্রশস্ত জ্যোৎস্নারেখা ঝিক ঝিক করছে।' *রবীন্দ্র*, ১৮৯১।

জ্যোৎস্নালোক [স] **১** *বি* চাঁদের আলো। 'জ্যোৎস্নালোকে রাজা

AMARBOI.COM

প্রাসাদে ফিরিয়া আসিলেন।' *রবীন্দ্র*, ১৮৮৭। ২ *বি* জ্যোৎস্নাময় জগৎ। 'এই বসতিহীন জ্যোৎস্নালোকে উপস্থিত করতে পারতুম।' *রবীন্দ্র*, ১৮৯১।

জ্যোৎস্নালোকিত [স] *বিণ* চাঁদের আলোয় আলোকিত। 'একাদশীর ক্ষীণ জ্যোৎস্নালোকিত সমাধিভূমির মতো।' *রবীন্দ্র*, ১৯০০।

জ্যোৎস্নাশীর্ষ [স] *বিণ* পূর্ণিমা বা পূর্ণচাঁদের আলোয় উদ্ভাসিত। 'হেমন্তের কোন-এক জ্যোৎস্নাশীর্ষ রাতে।' *জীবন*, ১৯৩০।

জ্যোৎস্নাস্তব্ধ [স] *বিণ* চাঁদের আলোতে উজ্জ্বল। '**জ্যোৎস্নাস্তব্ধ** আকাশে সিগারেটের ধূম-সহযোগে বিচিত্র কল্পনাকুণ্ডলী নির্মাণ করিতেছিল।' *রবীন্দ্র*, ১৯০৪।

জ্যোৎস্নাসম্পাত [স] *বি* চাঁদের আলো পড়া। '**রাত্তা জ্যোৎস্না**-সম্পাতে চিকচিক করিতেছে।' *বিভূতি*, ১৯৩৮।

জ্যোৎস্নাসুপ্ত [স] *বিণ* চাঁদের আলোয় ঘুমন্ত। 'জ্যোৎস্নাসুপ্ত নিশীথের নিস্তব্ধ প্রহরে।' *রবীন্দ্র*, ১৯০১।

জ্যোৎস্নাস্নিগ্ধ [স] *বিণ* জ্যোৎস্নায় আলোকিত। 'জ্যোৎস্নাস্নিগ্ধ দক্ষিণ হাওয়ায়।' *বিভূতি*, ১৯২৯।

জ্যোৎস্না-হানা [স জ্যোৎস্না+স হন্>] *বিণ* জ্যোৎস্না ছড়িয়ে পড়ে এমন। 'তোর জ্যোৎস্না-হানা হাসিতে আজ ফুটল কি মাণিক!' *সত্যেন্দ্র*, ১৯১১।

জ্যোসনা [স জ্যোৎস্না] *বি* জ্যোৎস্না। 'সাহস থাকে ঢাকো না জ্যোসনাকে।' *মাহমুদ*, ১৯৭৩।

জ্যোতিষিক [স] ১ *বিণ* জ্যোতিষ শাস্ত্র সম্বন্ধীয়। 'জ্যোতিষিক জ্যোতিষের বহুবিধ গ্রন্থ লইয়া ... কোষ্ঠী স্থির করিলেন।' *রামরাম*, ১৮০১। ২ *বিণ* জ্যোতির্বিদ্যা সংক্রান্ত। 'হর্শেল, মৃত্যুর ... পূর্ব পর্যন্ত জ্যোতিষিক পর্যবেক্ষণে ক্ষান্ত হয়েন নাই...।' *বিদ্যা*, ১৮৪৯।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঝংকার [স] **১** *বি* তিরস্কারপূর্ণ ধিক্কার। 'শাশুড়ি ঝংকার দিয়া উঠিয়া বলে, শ্রী তো ভারি।' *রবীন্দ্র*, ১৮৯১। **২** *বি* মূর্ছনা। 'বীণার ঝংকার-সম, সে তো মোর নহি।' *রবীন্দ্র*, ১৮৯২। *দ্র* **ঝঙ্কার**

ঝংকার দিয়ে ওঠা *ক্রি* ক্রোধ প্রকাশ করা। 'তিনু ঝংকার দিয়ে উঠল।' *ওয়ালী*, ১৯৪৫।

ঝংকারা [স ঝংকার>] *ক্রি* ঝংকার করা। 'মঞ্জুলিকা মঞ্জরিণী ঝংকারিত কত।' *রবীন্দ্র*, ১৯০০।

ঝংকারিত [স] *বিণ* মুখরিত। 'কালঝঞ্ঝাঝংকারিত দুর্যোগ-আঁধারে।' *রবীন্দ্র*, ১৯০১।

ঝংকৃত [স] *বিণ* ঝংকারযুক্ত। 'শূন্য ছাতের উপরে আপন জয়গান ঝংকৃত করিয়া বেড়ায়।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঝংকৃতা [স] *বিণ স্ত্রী* ঝংকারযুক্ত। 'হে নিঃশঙ্কিতা, আত্মহারানো রুদ্রতালের নূপুর ঝংকৃতা।' *রবীন্দ্র*, ১৯৩৮।

ঝককি *বি* ঝামেলা। 'ঝককি পোয়াতে বাঞ্ছারাম, আর পারে পা রেখে লাভের কড়ি গোনবার ব্যালা তুই।' *মণীশ*, ১৯৫৭।

ঝকঝক [ধ্বন্যা] *বি* ঔজ্জ্বল্য প্রকাশক ভাব। 'বরফের উপর সূর্যকিরণ পড়িয়া ঝক ঝক করিয়া জ্বলিতেছে।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ঝকঝকানি [ধ্বন্যা ঝকঝক>] *বি* দীপ্তি। 'সে যেন দামী হীরের ঝকঝকানি।' *রবীন্দ্র*, ১৯১৫।

ঝকঝকে [ধ্বন্যা ঝকঝক>] **১** *বিণ* চকচকে। 'দাঁতগুলি সব ঝকঝকে।' *সত্যেন্দ্র*, ১৯১৫। **২** *বিণ* উজ্জ্বল। 'ঝকঝকে কারখানা তার পাশে।' *অমিয়*, ১৯৩৯।

ঝকড়া[১] [হি ঝকড়] *বি* বল্লম। 'ঝকড়া বিন্দিলে মোরে পাপ কালিদহ।' *মুকুন্দ*, ১৬০০।

ঝকড়া[২] [স ঝকট] *বি* ঝগড়া; কলহ। 'মাতুল ভাগিনা বড় বাজিল ঝকড়া।' *রূপরাম*, ১৭৫০; 'এই কথায় বড়ই ঝকড়া হইল।' *হ্যালহেড*, ১৭৭৩।

ঝকমক [ধ্বন্যা] *বি* উজ্জ্বলভার ভাব। 'সর্বাঙ্গে পুঁতির সজ্জা, আলোতে ঝকমক করছ।' *রবীন্দ্র*, ১৮৮০।

ঝকমকা *ক্রি* ঝকমক করা। 'দৈত্যস্থয়ে ঝকমকি বীর-আভরণে।' *মাইকেল*, ১৮৬০।

ঝকমকানি [ধ্বন্যা ঝকমক>] *বি* ঝলকানি। 'বাহারে রঙের সতেজ ঝকমকানিতে সেটা বোঝা যায়।' *তারা*, ১৯৪৩।

ঝকমকায়মান [ধ্বন্যা ঝকমক>] *বিণ* ঝকমক করছে এমন। 'জরিতে ঝকমকায়মান পাগড়ি।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঝকমকি [ধ্বন্যা ঝকমক>] *বি* ঝকমক করার অবস্থা। 'বাহিরেতে আমলকী/ করিতেছে ঝকমকি।' *রবীন্দ্র*, ১৯৩১।

ঝকমকে [ধ্বন্যা ঝকমক>] *বিণ* ঝকমক করছে এমন। 'ঝকমকে সাটিন মকমলের চোস্ত চাপকান।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ঝকমারি [হি ঝক>] **১** *বি* ঝামেলা। *ভবানী*, ১৮২৩; 'দেখ না মন ঝকমারি এই দুনিয়াদারি।' *লালন*, ১৮৯০। **২** *বি* অর্থহীন ব্যাপার। 'গাঁজাখুরী ঝকমারি সবলোট ইত্যাদি তৎকালে বিদ্যার অপ্রাচুর্য্য হেতুক ...।' *দর্পণ*, ১৮৩১। **৩** *বি* বোকামি। 'ওরে আমি কি ঝকমারি করো হিন্দুকালেজে দিয়াছিলাম ... জাতি মান সমুদায় গেল।' *প্রভাকর*, ১৮৩১। **৪** *বিণ* ঝঞ্ঝাটপূর্ণ। 'চাকুরি ঝকমারি কাম করি মুই তাই।' *রামনারায়ণ*, ১৮৫৪।

ঝকা *ক্রি* ঝকমক করা। 'সমুদ্রের জলে সূর্য্যের কিরণ পড়ায় উহা ঝকিতে লাগিল।' *কৃষ্ণভাবিনী*, ১৮৮৫।

ঝক্কি [হি ঝক্কী] *বি* ঝামেলা। 'সংসারের সব ঝক্কি এখন আমার ওপর।' *নজরুল*, ১৯২৭।

ঝখা [হি] *ক্রি* পাগলামি করা। 'অনুখনে ঝখইতে তনু ভেল সেস।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ঝগড় [স ঝকট] *বি* ঝগড়া। 'কি মোর ঝগড় ভৈল মথুরার পথে।' *বড়ু*, ১৪৫০।

ঝগড়া [স ঝকট] **১** *বি* গণ্ডগোল। 'ঝগড়া করাইলে মাতা দিআ নিজ বসু।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* কলহ। *মানোএল*, ১৭৪৩; 'দুইজনে ঝগড়া এয়ছা কাটা কাটি ছিল।' *গরীব*, ১৭৬৫।

ঝগড়া করা *ক্রি* বিবাদ করা; কোন্দল করা। *ওসাঁ*, ১৭৮৫।

ঝগড়াওন [ঝগড়া>] *বি* ঝগড়া করা। *ওসাঁ*, ১৭৮৫।

ঝগড়াঝাঁটি [ঝগড়া>] **১** *বি* বাদানুবাদ; কলহ-বিবাদ। 'অনেকক্ষণ ঝগড়াঝাঁটি করে দুই পক্ষ শান্ত হয়ে বসলেন।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বি* দ্বন্দ্বকলহ। 'চোপা করে একটা ঝগড়া-ঝাঁটির পত্তন করে বসে।' *নজরুল*, ১৯২৭।

ঝগড়াটিআ [ঝগড়া>] *বিণ* ঝগড়াটে। *বিদ্যা*, ১৮৯১।

ঝগড়াটে [ঝগড়া>] **১** *বিণ* ঝগড়ায় পটু। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বিণ* আক্রমণাত্মক। 'তাহারা ... ঝগড়াটে সুরে প্রবন্ধ লিখিবে।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঝগড়ানো [ঝগড়া>] *ক্রি* প্রশ্ন করা; অনিষ্ট করা। *মানোএল*, ১৭৪৩।

ঝগড়া-বিবাদ [ঝগড়া+স বিবাদ] *বি* ছোটোখাটো কলহ; তর্কাতর্কি। 'অতএব তোরা ঝগড়া-বিবাদ ত্যাগ কর।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ঝগড়েটে [ঝগড়া>] *বিণ* কলহপ্রিয়। 'ঝগড়েটে বামা নাচে।' *নজরুল*, ১৯৩১।

ঝগমগ [ধ্বন্যা] *বিণ* প্রদীপ্ত। 'পীন তার মনোভব ঝগমগ অধিক বিরাজ।' *বাহরাম*, ১৬৫০।

ঝগর [হি ঝকর] *বি* প্রবল বাতাস। 'ঝগর পাইয়া অগ্নি মহাবলী হএ।' *সুলতান*, ১৭০০।

ঝগরা *বি* অস্থায়ী দোকান পাতানোর আসন। 'কাপোরিয়া তোলে গরা/ ইজার মসরির ধরা/ আর তোলে চট ঝগরা।' *বিজয়*, ১৭০০।

ঝঙ্কার [স] *বি* গুঞ্জন। 'নিকরে মধুর ঝঙ্কারে।' *বড়ু*, ১৪৫০। *দ্র* **ঝংকার**

ঝঙ্কারপূর্ণ [স] *বিণ* ঝংকৃত। 'জগন্টা সেই রকম বাষ্পময় এবং ঝঙ্কারপূর্ণ হয়ে উঠে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঝঙ্কারমুখর [স] *বি* গুঞ্জরিত। 'রাত্রিকে করেছো তাই ঝঙ্কারমুখর।' *সুনীল*, ১৯৬১।

ঝঙ্কারা [স ঝঙ্কার>] **১** *ক্রি* তিরস্কার করা। 'আর কভোঁ না ঝঙ্কারিবী মোরে।' *বড়ু*, ১৪৫০। **২** *ক্রি* উচ্চারণ করা। 'ঝঙ্কারন্ত নবীবরে আল্লার ফরমান।' *সুলতান*, ১৭০০। **৩** *ক্রি* ঝঙ্কৃত হওয়া। 'বাম কানে জয়দুর্গা ঝঙ্কারে কঙ্কণ।' *রূপরাম*, ১৭৫০।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঝঙ্কারিত [স] *বিণ* ধ্বনিত। 'পাঁচ ওয়াক্ত আজানের সুমধুর ধ্বনি ঝঙ্কারিত হইত।' *এস্‌লাম* ১৯৩৪।

ঝঙ্কৃত [স] *বিণ* ঝংকারযুক্ত। 'উৎসববীণা মন্দমধুর ঝঙ্কৃত হবে প্রাণে।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঝঞ্ঝট [স ঝঞ্ঝা>] *বি* ঝামেলা। 'মদিরার আস্বাদ ... কেবল ঝঞ্ঝট আর উদ্বেগ লইব।' *তারিণী*, ১৮০৩।

ঝঞ্ঝনা [স] **১** *ক্রিবিণ* ঝন ঝন শব্দে। 'হাজার বাজনা পড়িল ঝঞ্ঝনা।' *কেতকা*, ১৬৫০। **২** *বি* উচ্চশব্দ। 'ঝঞ্ঝা-ঝড়ের ঝঞ্ঝনা।' *রবীন্দ্র*, ১৯২৫।

ঝঞ্ঝনিত [স] *বিণ* ঝন ঝন শব্দযুক্ত। 'বজ্রঝঞ্ঝনিত মৃত্যুমাতাল দিনের/ হুহুংকার।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ঝঞ্ঝা [স] *বি* ঝড়। 'ঝঞ্ঝা প্রচণ্ডবেগে মাস্তুলে আঘাত করিতে লাগিল।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

ঝঞ্ঝাক্ষুব্ধ [স] *বিণ* ঝড়ের মতো উত্তাল। 'ঝঞ্ঝাক্ষুব্ধ জনসমুদ্রের ফেনিল চূড়ায়।' *সুভাষ*, ১৯৪০।

ঝঞ্ঝাঘাত [স] *বি* ঝড়ের আঘাত। 'ঝঞ্ঝাঘাতের মধ্যেও এলাকে পাঠিয়ে দিলেন দূরে।' *রবীন্দ্র*, ১৯৩৪।

ঝঞ্ঝাচূর [স ঝঞ্ঝা-চূর্ণ] *বিণ* ঝড়ের আঘাতে চূর্ণ। 'চূর্ণি চলে ঝঞ্ঝাচূর মম আগে আগে।' *নজরুল*, ১৯২৪।

ঝঞ্ঝাজীর্ণ [স] *বিণ* ঝড়ে আক্রান্ত। 'বৈশাখীর ঝঞ্ঝাজীর্ণ গ্রীষ্মে শেষে হয় ভস্মলীন।' *বিষ্ণু*, ১৯৪১।

ঝঞ্ঝা-ঝড় *বি* ঝঞ্ঝা ও ঝড়। 'ঝঞ্ঝা-ঝড়ের ঝঞ্ঝনা।' *রবীন্দ্র*, ১৯২৫।

ঝঞ্ঝাবাত [স] *বি* ঝোড়ো বাতাস। 'ঝঞ্ঝাবাত আগে কেন জ্বালাও প্রদীপ।' *আলাওল*, ১৬৮০।

ঝঞ্ঝাবায়ু [স] *বি* ঝোড়ো বাতাস। 'উন্মাদ-ঝঞ্ঝাবায়ু তৎক্ষণে উঠিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঝঞ্ঝাবেগ [স] *বি* ঝড়ের গতিবেগ। 'পাশমুক্ত কার ঝঞ্ঝাবেগ।' *সত্যেন্দ্র*, ১৯১০।

ঝঞ্ঝা-মথিত [স] *বিণ* ঝড়ের বেগে উত্তাল। 'ঝঞ্ঝা-মথিত বীচি-বিক্ষোভিত সমুদ্রতরঙ্গের অন্তহীন উদ্বেল উচ্ছ্বাস।' *মুজতবা*, ১৯৫৯।

ঝঞ্ঝামদমত্ত [স] *বিণ* ঝড়ে উন্মত্ত। 'ঝঞ্ঝামদমত্ত রাতে, বজ্র-বহ্নি বহি মাথে।' *মণীশ*, ১৯৩৯।

ঝঞ্ঝা-মদরস *বি* মত্ত ঝঞ্ঝার নেশা। 'হে হংস-বলাকা ঝঞ্ঝা-মদরসে মত্ত তোমাদের পাখা।' *রবীন্দ্র*, ১৯১৫।

ঝঞ্ঝাশ্বাস [স] *বি* ঝোড়ো বাতাসের মতো প্রশ্বাস। 'মুক্তির ঝঞ্ঝাশ্বাসে পাঁজরের হাহাকার ছিন্ন পত্রের মত।' *শওকত*, ১৯৪৬।

ঝঞ্ঝাস্বর [স] *বি* ঝড়ের আওয়াজ। 'মরু বিয়াবান কাঁপায়ে প্রবল ঝঞ্ঝাস্বর।' *ফররুখ*, ১৯৪৬।

ঝঞ্ঝাহত [স] *বিণ* ঝড়ে বিধ্বস্ত। 'মুহূর্তে হইয়া যাবে ধূলিসাৎ, বজ্রদীর্ণ, দগ্ধ, ঝঞ্ঝাহত।' *রবীন্দ্র*, ১৮৯০।

ঝঞ্ঝাট [স ঝঞ্ঝা>] *বি* ঝামেলা। 'মদিরার আস্বাদ ... ত্যজিয়া কেবল ঝঞ্ঝাট আর উদ্বেগ লইব।' *তারিণী*, ১৮০৩।

ঝট [স ঝটিতি] **১** *ক্রিবিণ* শীঘ্র। 'সাধু বলে ঝট চল কাজ নাই এথা।' *কৃষ্ণরাম*, ১৭২০। **২** *ক্রিবিণ* হঠাৎ। 'ঝট করি একজন নেকাল ময়দানে।' *গরীব*, ১৭৬৫।

ঝট করে *ক্রিবিণ* জলদি ক'রে। 'ঝট করে এইবারে ছেড়ে দে রে বাণ।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঝটকা [স ঝটিকা] **১** *বি* ঝড়। 'কার্ত্তিকের ঝটকায় দাঁড়কাকগুলো মরে গেছে।' *দীনবন্ধু*, ১৮৬৭। **২** *বি* ঝাপটা। 'এক-একবার গামছার ঝটকা মারে আজহার।' *শওকত*, ১৯৫৮।

ঝটঝট [ধ্বন্যা] *বি* দাঁড় পতনের শব্দ। 'ঘন কেরয়াল পড়ে সুনি ঝটঝট।' *মুকুন্দ*, ১৬০০।

ঝটপট [ধ্বন্যা] *বি* ডানা সঞ্চালনের শব্দ। 'দাঁড়কাক, এইরূপে বদ্ধ হইয়া, ঝটপট ও প্রাণভয়ে কা কা করিতে লাগিল।' *বিদ্যা*, ১৮৫৬।

ঝটপট করা *ক্রি* ডানা ঝাপটানো। 'হৃদয় বিহগমত ঝটপট করত।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ঝটপটা [ধ্বন্যা ঝটপট>] *ক্রি* ডানা সঞ্চালন করা। 'দাঁড়কাক স্নান করে জলে পাখা ঝটপটি।' *রবীন্দ্র*, ১৮৯৬।

ঝটপটানি [ধ্বন্যা ঝটপট>] *বি* অবিরাম ঝটপট শব্দ। *বিদ্যা*, ১৮৯১; 'পাখিটা যখন ... পাখনার ঝটপটানিতে ...।' *জীবন*, ১৯৩৩।

ঝটাপট [ধ্বন্যা] *ক্রিবিণ* দ্রুত। 'মহিষের লেজ ঝটাপট চাবকে গেল তাকে।' *জীবন*, ১৯৩২।

ঝটাপটি [ধ্বন্যা ঝটপট>] *বি* ডানা সঞ্চালন। 'পাখির দল কিচমিচ ও ঝটাপটি করিতেছে।' *বিভূতি*, ১৯৩১।

ঝটিকা [স] *বি* ঝড়। 'এক প্রবল ঝটিকা উঠিল।' *তারিণী*, ১৮০৩।

ঝটিকাগ্রস্ত [স] *বিণ* ঝড়ে আক্রান্ত। 'কর্ণধারবিহীন ঝটিকাগ্রস্ত তরণীর ন্যায় বিনাশ অবশ্যম্ভাবী।' *অক্ষয়*, ১৮৪৮।

ঝটিকাবৃষ্টি [স] *বি* ঝড় ও বৃষ্টি। 'তাঁহাদের অন্তরাকাশে তুমুল ঝটিকাবৃষ্টি হইতেছিল।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ঝটিকাময়ী [স] *বিণ স্ত্রী* ঝটিকাপূর্ণ। 'ক্রূর ঝটিকাময়ী রজনী।' *বিভূতি*, ১৯২৯।

ঝটিৎ [স ঝটিতি] *ক্রিবিণ* অতি দ্রুত। 'ঝড়ের মেঘ ঝটিৎ এসে/ দাঁড়িয়ে থাকে এলোকেশে।' *রবীন্দ্র*, ১৯০৩।

ঝটিত [স ঝটিতি] *ক্রিবিণ* শীঘ্র। 'ঝটিত করহ মাতা ঝগড়া মোচন।' *মুকুন্দ*, ১৬০০।

ঝটিতি [স] **১** *ক্রিবিণ* দ্রুত। 'ওয়াদা খিলাফের বিরোধ ঝটিতি ভঞ্জন না হয়।' *ডানকান*, ১৭৮৪। **২** *ক্রিবিণ* ঝড়ের মতো দ্রুত গতিতে। 'ঝটিতি চিত্তহারিণী কেশবিলাসিনী ক্ষীণকটি ...।' *ভবানী*, ১৮২৫।

ঝড় [স ঝট] *বি* বাতাসের প্রবল প্রবাহ। 'সাত দিন নয় রাতি গোকুলেত ঝড়।' *বড়ু*, ১৪৫০।

ঝড়গতি [স ঝট-গতি] *বিণ* ঝড়ের মতো তীব্র গতিসম্পন্ন। 'ঝড়গতি ঘোড়া।' *মাইকেল*, ১৮৬১।

ঝড়-ঝঞ্ঝা [স ঝট-ঝঞ্ঝা] *বি* বাধা-বিপত্তি। 'বহু ঝড়-ঝঞ্ঝাকে উপেক্ষা করে এসে এখন মুসলিম ...।' *মাহেনও*, ১৯৪৯।

ঝড়-ঝাপট, ঝড় ঝাপটা [ঝড়+মু ঝাপটাও] **১** *বি* বিপদের ধাক্কা। 'আপনিই ঝড় ঝাপটা খাচ্ছেন, আর কেউ কখন খায়নি?' *গিরিশ*, ১৮৮৯। **২** *বি* ঝড় ও তার আঘাত। 'ঝড়-ঝাপটের দিনে তুফানকে অটলভাবে ঠেকাইয়া রাখিবার ক্ষমতা ...।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঝড়-তরঙ্গ [ঝড়+স তরঙ্গ] *বি* ঝড়-তুফান। 'চাঁদের ভাঁটার ঝড়-তরঙ্গে যুঝে সে হয়েছে ম্লান?' *ফররুখ*, ১৯৪৩।

ঝড়তুফান [ঝড়+আ তুফান] **১** *বি* ঘূর্ণি। *ওসাঁ*, ১৭৮৫। **২** *বি* প্রবল ঝড়। 'যতদিন ঝড়-তুফান ছিল না ততদিন সে জাহাজ ...।' *রবীন্দ্র*, ১৯২৩; 'আমরা ঝড়-তুফানে সাগর-দোলার নাগরদোলায় দুলি।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নজরুল, ১৯২৬।

ঝড়-বাদল [ঝড়+মু বাদর] *বি* ঝড় ও বৃষ্টি। 'উর্ধ্বে বিমান ঝড়-বাদল।' *নজরুল*, ১৯২৬।

ঝড়বিধ্বস্ত [ঝড়+মু বাদর] *বিণ* ঝড়ে ক্ষতিগ্রস্ত। 'প্রলয়ঙ্করী ঝড়বিধ্বস্ত মদনপুর।' *বেগম*, ১৯৬৯।

ঝড়বৃষ্টি [ঝড়+স বৃষ্টি] *বি* একই সঙ্গে ঝড় ও বৃষ্টি। 'ঝড়বৃষ্টির মাঝে আত্মবিহ্বল হয়ে স্বপ্নগতার মতো চলেছেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঝড়শ্রান্ত [ঝড়+স শ্রান্ত] *বিণ* ঝড়ে বিধ্বস্ত। 'অতলান্ত দরিয়ার ঝড়শ্রান্ত, বিশীর্ণ যাত্রিক।' *ফররুখ*, ১৯৬৩।

ঝড়হীন [ঝড়+স হীন] *বিণ* ঝড় নেই এমন। 'ঝড়হীন রৌদ্রহীন নিভৃত সদনে জীবনের অনন্ত আলয়।' *রবীন্দ্র*, ১৮৮৬।

ঝড়ঝড়ানি [ধ্বন্যা ঝড়ঝড়] *বি* গাড়ি বা ভারী পদার্থের চলার ফলে সৃষ্ট ঝড়ঝড় শব্দ। 'গাড়ির ঝড়ঝড়ানির সঙ্গে গলা মিলিয়ে ...।' *মুজতবা*, ১৯৪৯।

ঝড়তি-পড়তি [ঝরা+পড়া>] *বিণ* ঝরে-পড়া ও পরিত্যক্ত। 'ঝড়তি-পড়তি নষ্ট ফসল।' *জীবন*, ১৯৪৮।

ঝড়ি [ঝড়>] ১ *বি* বৃষ্টি। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* ঝড়। 'বরসা কাল ঝড়ি বৃষ্টি হইয়া ...।' *বোগল*, ১৭৭০; *ওসাঁ*, ১৭৮২; 'আসবে ঝড়ি, নাচবে তুফান, টুটবে সকল বন্ধন।' *নজরুল*, ১৯২৩।

ঝণ্ডা [মু ঝণ্ডা] *বি* নিশান। 'দাউদের শিরশ্ছেদন করিয়া ঝণ্ডার উপরিভাগে টাঙ্গাইয়া ...।' *রামরাম*, ১৮০১।

ঝনকা [ধ্বন্যা] *ক্রি* ঝনাৎ শব্দ করা। 'কলসে কাঁকনে ঝলকি ঝনকি ভোলায় রে দিক্‌ভ্রান্তে।' *রবীন্দ্র*, ১৯০০; 'ঝিল্লি ঝনকিছে ঝিনিঝিনি।' *রবীন্দ্র*, ১৯২৬।

ঝনঝন [ধ্বন্যা] ১ *বিণ* বার বার ঝন করে এমন। 'ঘন-ঘন ঝন-ঝন বন্ধ নিপাত।' *গোবিন্দ*, ১৬০০। ২ *বি* ধাতব পাত্র ভূমিতে পতনের শব্দ। 'পরিচারিকার হাতে পানের বাটা ছিল, ঝন ঝন করিয়া পড়িয়া গেল।' *বঙ্কিম*, ১৮৮২।

ঝনঝন করা ১ *ক্রি* ঝনঝন শব্দ করে ওঠা। 'তলোয়ারখানা ঝনঝন করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *ক্রি* প্রকম্পিত হওয়া। 'তার গলা ঝনঝন করে ওঠে।' *ওয়ালী*, ১৯৬৪।

ঝনঝনা[১] [ধ্বন্যা] *ক্রি* ঝনঝন করা। 'হেষি আস্কন্দিল হয়-বৃন্দ; ঝনঝনিল কৃপাণ পিধানে।' *মাইকেল*, ১৮৬১।

ঝনঝনা[২] [ধ্বন্যা ঝনঝন>] ১ *বিণ* ঝনঝন শব্দ করে এমন। 'শিলাবৃষ্টি চতুর্দিগে বাজে ঝনঝনা।' *বৃন্দা*, ১৫৮০। ২ *বি* ঝনঝন শব্দ। 'কেবল মার মার শব্দ, অস্ত্রের ঝনঝনা।' *মশাররফ*, ১৮৮৫।

ঝনঝনাৎ [ধ্বন্যা ঝনঝন>] *বিণ* ভেঙে খানখান। 'একেবারে চিমনিসুদ্ধ ঝনঝনাৎ।' *জীবন*, ১৯৩২।

ঝনঝনানি [ধ্বন্যা ঝনঝন>] *বি* অবিরাম ঝনঝন শব্দ। 'মাছির ভনভনানিতে, তৈজসের ঝনঝনানিতে।' *বঙ্কিম*, ১৮৭৮।

ঝনঝনি [ধ্বন্যা] *বি* ঝনঝন শব্দ। 'নূপুরের ঝনঝনি।' *মশাররফ*, ১৮৮৫।

ঝনঝা [স ঝঞ্ঝা] *বি* ঝড়। 'কৃষ্ণ পতাকা পশ্চিমা-ঝনঝায় থরথর করিয়া কাঁপিতেছে।' *নজরুল*, ১৯২২।

ঝনৎ [ধ্বন্যা] *বিণ* ধাতব বস্তুতে উত্থিত ঝন শব্দের মতো। 'ঝনৎ শব্দে আগড় খুলিয়া গেল।' *মধু*, ১৮৫৭।

ঝনৎকার [ধ্বন্যা ঝনৎ+স কার] *বি* ঝনঝন শব্দ। 'টাকা ঝন ঝন ঝনৎকার।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঝনন ঝন [ধ্বন্যা] *বি* তলোয়ার ইত্যাদি ধাতব পদার্থের আঘাতে সৃষ্ট ধ্বনি। 'বাজে তরবারি ঝনন ঝন।' *নজরুল*, ১৯২২।

ঝনন ঝনন [ধ্বন্যা] *বি* বীণার শব্দ। 'ঝম ঝম ছন ছন ঝনন ঝনন ... বলিয়া বীণে কত কি বাজিতেছিল।' *বঙ্কিম*, ১৮৮২।

ঝনন রণন [ধ্বন্যা] *বি* অনুরণিত ঝনঝন শব্দ। 'দক্ষিণ করে ধরিয়া যন্ত্র/ ঝনন রণন স্বর্ণতন্ত্র।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঝনা [ধ্বন্যা] *ক্রি* ঝন ধ্বনি করা। 'ঝন-ঝন ঝনিল মঞ্জীরে মঞ্জীরে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঝনাঝন [স ধ্বন্যা] *বিণ* ঝনঝন শব্দের। 'সুর না বেঁধেই ঝনাঝন ঝংকার দিয়ে যা-তা বাজাতে লাগল।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঝনাঝনি [ধ্বন্যা] ১ *বিণ* ঝনঝন করে এমন। 'ঝনাঝনি শব্দে অস্ত্র হএ খান খান।' *সুলতান*, ১৭০০। ২ *বি* স্রোতের শব্দ। *হ্যালহেড*, ১৭৭৮।

ঝনাৎ [ধ্বন্যা] *বি* ধাতব বস্তুর শব্দ। 'বাহির হইতে ঝনাৎ করিয়া দরজা বন্ধ করিয়া দিত।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঝপ [ধ্বন্যা] ১ *বি* দ্রুত গতিতে জলে ডুব দেওয়ার শব্দ। 'ঝপ করে দুটো ডুব দিয়ে নেয়।' *রবীন্দ্র*, ১৯৩২। ২ *বি* জলে জাল ফেলার শব্দ। 'ঝপ করিয়া জালটা জলে ফেলিয়া দেয়।' *মানিক*, ১৯৩৬।

ঝপ্‌ঝপ *ক্রিবিণ* ঝপঝপ শব্দে। 'ঝুমকুম ঝপঝপ বৃষ্টি পড়ছে।' *কমিশার*, ১৯৬২।

ঝপাঝপ [ধ্বন্যা] ১ *ক্রিবিণ* ঝপঝপ শব্দ ক'রে। 'ডালে ডালে ঝপাঝপ বাঁদরের হ'ত লাফালাফি।' *রবীন্দ্র*, ১৯৩২। ২ *ক্রিবিণ* দ্রুত। 'ঘাটের কাছে আসিয়া দাঁড় পড়িতে লাগিল ঝপাঝপ ...।' *মানিক*, ১৯৩৬।

ঝপট [স ঝটিতি] *ক্রিবিণ* দ্রুত। 'ঝপট পত্রের কালি করিব বিচার।' *মুকুন্দ*, ১৬০০।

ঝপাং [ধ্বন্যা] *বি* জলে ঝাঁপ দেওয়ার শব্দ। 'শব্দ হল ঝপাং।' *মণীশ*, ১৯৬৩।

ঝপাং ঝপাং [ধ্বন্যা] *ক্রিবিণ* ঝপাং ঝপাং শব্দে। 'লেজ আর মাথা এক করে ঝপাং ঝপাং ঝাপটা মারতে থাকে।' *কায়সার*, ১৯৬৫।

ঝপাৎ [ধ্বন্যা] *বি* কঠিন পদার্থ জলে পড়ার শব্দ। 'ঝপাৎ করিয়া দাঁড় জলে ফেলিয়া প্রাণপণে টান দিলাম।' *শরৎ*, ১৯১৭।

ঝপাস [ধ্বন্যা] *বি* ঝপাস শব্দ। 'ঝপাস করিয়া একটা শব্দ হইল।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঝমকা [ধ্বন্যা] *ক্রি* আঁতকে ওঠা। **ঝমকে** *ক্রিবিণ* আঁতকে। 'মেয়েটা আমার অবাক হয়েছে, কাল থেকে ঝমকে২ উঠছে।' *দীনবন্ধু*, ১৮৬০।

ঝমকে ঝমকে [ধ্বন্যা] *ক্রিবিণ* অবিরাম ঝমক শব্দ ক'রে। 'ঝিল্লির সাথে ঝমকে ঝমকে চরণে ভূষণ বাজে।' *রবীন্দ্র*, ১৯০৬।

ঝম ঝম [ধ্বন্যা] ১ *বি* নূপুর পায়ে হাঁটার শব্দ। 'এই যে ঝম ঝম কত্তে কত্তে আসচেন।' *দীনবন্ধু*, ১৮৬৭; 'ঘরময় ঝমঝম করিয়া, রামসদয়ের নিদ্রা ভাঙ্গিয়া দিত।' *বঙ্কিম*, ১৮৭৪। ২ *বি* পানি পতনের শব্দ। 'ঝরনা হইতে ঝম ঝম রবে দুধের ফেনার মতো সাদা জল বেগে পড়িতেছে।' *হরপ্রসাদ*, ১৮৮১। ৩ *বি* নাচের তালে পা ফেলার শব্দ। 'শ্রাবণমেঘ নাচে নটবর/ ঝমঝম ঝমঝম ঝমঝম।' *নজরুল*, ১৯২৯। ৪ *বিণ* অবিরাম ঝম শব্দ করে এমন। 'চারদিক আঁধার ঘুরঘুটি। আর ঝমঝম জল।' *তারা*, ১৯৪৬।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঝমঝমানি [ধ্বন্যা] *বি* বৃষ্টি পড়ার শব্দ। 'আকুল মেঘের ঝমঝমানি শোনা যাচ্ছে, ঝিম ঝিম ঝিম!' *নজরুল*, ১৯২২।

ঝমর ঝমর [ধ্বন্যা] *বি* মল, নূপুর ইত্যাদি পায়ে দিয়ে হাঁটার শব্দ। 'নয়নতারা ওরফে কালপেঁচা ঝমর ঝমর করিয়া ফিরিয়া যায়।' *বঙ্কিম*, ১৮৮২।

ঝমরু ঝমরু [ধ্বন্যা] *বিণ* ঝমর ঝমর করে এমন। 'ঝমরু ঝমরু সন্দে বাজে কেরুআল।' *মালাধর*, ১৫০০।

ঝমাঝম [ধ্বন্যা] ১ *ক্রিবিণ* ঝমঝম শব্দে। 'ঝমাঝম ঝমাঝম রণ বাদ্য বাএ।' *সুলতান*, ১৭০০। ২ *বিণ* মুষলধার। 'বর্ষার ঝমাঝম জলবিন্দু-বৃষ্টির মতো নয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঝম্প [স] *বি* ঝাঁপ। 'অগ্নির সমুদ্র দেখি তাত দেয় ঝম্প।' *আলাওল*, ১৬৮০।

ঝম্পক [স] *বি* (সংগীত) তালবিশেষ। 'রাগিনী ধানশী। ঝম্পক।' *বড়ু*, ১৫৭০।

ঝম্পবহুল [স] *বিণ* লাফালাফিপূর্ণ। 'বিলিতি নাচের মতো ঝম্পবহুল নয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঝম্পটি *বি* বাঙালি ব্রাহ্মণের পদবিবিশেষ। 'রঘুনাথ ঝম্পটি।' *সেবধি*, ১৮৪০।

ঝম্পা [স ঝম্প>] *ক্রি* ঝাঁপ দেওয়া। 'ঝম্পি ঘন গরজন্তি সন্ততি ভুবন ভরি বরিখন্তিয়া।' *শেখর*, ১৬০০।

ঝরক [স ক্ষর>] *বিণ* পতিত। 'ঝরক পানী ডোমক কৌঁহ গরব উপজু জাহি।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ঝরকে ঝরকে *ক্রিবিণ* ঝ'রে ঝ'রে। 'ঝরকে ঝরকে ঝরিছে বকুল।' *রবীন্দ্র*, ১৯০০।

ঝরকা [হি ঝরোখা] *বি* জানালা। 'ধূপাবলি রাখিল সকল ঝরকায়।' *মানিকরাম*, ১৭৮১।

ঝরঝর [ধ্বন্যা] ১ *ক্রিবিণ* অবিরল ধারায়। 'দুই চক্ষে জল মোর ঝরে ঝরঝর।' *ভবানী*, ১৮২৫; 'হয়তো বরষা কাল – ঝর ঝর বারি ঝরে।' *রবীন্দ্র*, ১৮৮৩। ২ *বিণ* অবিরাম ঝর শব্দ করে এমন। 'নারকোল গাছের পাতা ঝরঝর শব্দ করে কাঁপছে।' *রবীন্দ্র*, ১৮৯১; 'গাড়ির খড়খড়েগুলো থরথর করিয়া কাঁপিয়া ঝরঝর শব্দ করিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বিণ* এখনই ঝরে যাবে এমন। 'ঝর-ঝর কামিনীর, এলো চোখে ঘুম।' *নজরুল*, ১৯২৬।

ঝরঝরে [ধ্বন্যা ঝরঝর>] ১ *বিণ* ঝরঝর শব্দ করে এমন। 'এমন মেঘস্বরে, বাদল ঝরঝরে।' *রবীন্দ্র*, ১৮৮৯। ২ *বিণ* জর্জরিত। 'ক্রমে ঝরঝরে হয়ে এসেছে।' *রবীন্দ্র*, ১৮৯২। ৩ *বিণ* ফুরফুরে। 'জ্বরজ্বর মনটা বেশ একটু ঝরঝরে হয়ে উঠল।' *নজরুল*, ১৯২৫। ৪ *বিণ* পরিষ্কার। 'ঝরঝরে ঢালা বিছানার ওপর শুয়ে।' *জীবন*, ১৯৩২। ৫ *বিণ* বিনষ্ট। 'পরকাল ঝরঝরে করে রাঁড়ি তো হয়েছিস।' *জীবন*, ১৯৪৮। ৬ *বিণ* স্পষ্ট। 'এমন ঝরঝরে, নির্ভার তত্তব শব্দ প্রয়োগের কারুকলা।' *হাই*, ১৯৫৪।

ঝরঝরানি [ধ্বন্যা] ১ *বিণ* অবিরল বর্ষণের শব্দ জ্ঞাপক। 'ঝরঝরানি গান গাব ওই বনে।' *রবীন্দ্র*, ১৯০৩। ২ *বি* অবিরল প্রবাহ। 'ঝরঝরানি হঠাৎ-হাওয়ার।' *রবীন্দ্র*, ১৯০৬।

ঝরঝরি [ধ্বন্যা] *বি* পানির পড়ার শব্দ। 'ঝরঝরি জলের বাউর খড়খড়ি।' *হ্যালহেড*, ১৭৭৮।

ঝরন [স ক্ষর্>] *বি* ক্ষরণ। *বিদ্যা*, ১৮৯১; 'অঝোর ঝরন শ্রাবণজলে/ তিমিরমেদুর বনাঞ্চলে।' *রবীন্দ্র*, ১৯৩৪।

ঝরনা [ঝরন>] *বি* পাহাড় থেকে নেমে আসা জলের ধারা। 'হেট ভাগে পর্বত ঝরনা বহু নদী।' *আলাওল*, ১৬৮০।

ঝরনা-ঝরানো *বিণ* অবাধে নির্গত। 'তাইতে তোমার বাণী বাজে ঝরনা-ঝরানো।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঝরনা-ঝোরা [ঝরনা+স ক্ষর্>] *বিণ* ঝরনাধারা থেকে সৃষ্ট। 'ঝরনা-ঝোরা তটিনীর নটিনি-নাচন-সুখ লাগে।' *নজরুল*, ১৯২৪।

ঝরনাতলা [ঝরনা+স তল>] *বি* ঝরনার পাদদেশ। 'গানের ঝরনাতলায় তুমি সাঁঝের বেলায় এলে।' *রবীন্দ্র*, ১৯২৪।

ঝরনাধার [ঝরনা+স ধার] *বি* ঝরনাধারা। 'ঝরনাধারের কুটিরে তার ফিরে এল তাই।' *নজরুল*, ১৯৩৯।

ঝরনাধারা [ঝরনা+স ধারা] *বি* ঝরনার প্রবাহ। 'একটি ক্ষীণ ঝরনাধারা।' *নজরুল*, ১৯২৭।

ঝরনাহাসি [ঝরনা+স হাস্য] *বি* উচ্ছল হাসি। 'মুখভরা তোর ঝরনাহাসি।' *নজরুল*, ১৯২৫।

ঝরনির্ঝর [ঝরন+স নির্ঝর] *বি* ঝরনাধারা। 'ঝরে ঝরনির্ঝর পাষাণে।' *নজরুল*, ১৯২৯।

ঝরা[১] [ঝরন>] ১ *ক্রি* নিঃসৃত করা। 'বচন ঝরএ তার আমৃতের ধার।' *বড়ু*, ১৪৫০। ২ *ক্রি* নির্গত হওয়া। 'ধারেঁ ঝরেঁ রাধিকার নয়নের পাণী।' *বড়ু*, ১৪৫০; 'তনে হৈতেঁ ঝরিআঁ পড়িল ক্ষীরধারে।' *বড়ু*, ১৪৫০। ৩ *ক্রি* পতিত হওয়া। 'জার রূপ দেখিআ বনের পুষ্প ঝরে।' *মালাধর*, ১৫০০। ৪ *ক্রি* বিচ্ছুরিত হওয়া। 'বদন শরত চান্দ দশন হাসি ঝরে।' *বড়ু*, ১৫৭০। ৫ *ক্রি* ফোঁটায় ফোঁটায় পড়া। 'ঝর ঝর বারি ঝরে।' *রবীন্দ্র*, ১৮৮৩।

ঝরা-জল *বি* ঝরে পড়ছে এমন জল। 'মোরা মুক্ত-ধারার ঝরা-জল।' *নজরুল*, ১৯২৫।

ঝরা-পাতা [ঝরা>+স পত্র] *বি* পচে বা শুকিয়ে পড়ে যাওয়া পাতা। 'আমরা ঝরাপাতার দল।' *প্রমথ*, ১৯০৫।

ঝরে-পড়া [স ক্ষর্>] *বিণ* খসে-পড়া। 'স্মরণের চিহ্ন যত ছিল পড়ে দিন-কত ঝরে-পড়া পাতার মতন।' *রবীন্দ্র*, ১৮৮৬।

ঝরা ফুল [স ক্ষর্>+ফুল] *বি* গাছ থেকে ঝরে পড়া ফুল। 'কখন বকুল-মূল ছেয়েছিল ঝরা ফুল।' *রবীন্দ্র*, ১৮৮৬।

ঝরে-পড়া *বিণ* ঝরে গেছে এমন। 'ঝরে-পড়া মালতী তার গন্ধশ্বাসে।' *রবীন্দ্র*, ১৯২৬।

ঝরা[২] [ঝরন] ১ *বি* ঝরনা। 'ঝরার খালে বাঁধ বাঁধিলে রূপের পুলক ঝলক দেয়।' *লালন*, ১৮৯০। ২ *বি* ঝালর। 'দরজায় লক্ষ্মীপূজার সময় টাঙানো সোলার ঝরা।' *ইলিয়াস*, ১৯৭৫।

ঝরাংঝরাং [ধ্বন্যা] *বি* ধাতব পদার্থের পরস্পরের আঘাতে সৃষ্ট ধ্বনিবিশেষ। 'রিকশাগুলি খোয়ার উপর ঝরাংঝরাং শব্দে গড়িয়ে চলে যায়।' *হাসান*, ১৯৬৪।

ঝরানি [ঝরন>] *বি* কোনো বস্তুর ঝরা বা গলিত অংশ। 'মোমের ঝরানি থেকে বেশি।' *জীবন*, ১৯৪৮।

ঝরিত [স ক্ষরিত] *বিণ* ঝরে পড়েছে এমন। 'সহস্র২ ব্যক্তির নয়নবারি ঝরিত হইয়া অন্নাভাবে প্রাণত্যাগ হইবেক।' *পূর্ণচন্দ্র*, ১৮৩৬।

ঝরোকা [স জালক] ১ *বি* জানালা। 'ঝরোকা শ্রীপাট নেত।' *আলাওল*, ১৬৮০। ২ *বি* ঝালর। 'পাশ্চাত্য দস্যুর অনুকরণে চোখের ওপর দিয়ে কালো কাপড়ের ঝরোকা বাঁধা।' *মুনীর*, ১৯৬৬।

ঝরোখা [স জালক] ১ *বি* জানালা। *মানোএল*, ১৭৪৩; 'উছলি চলি – খোলা – ঝরোখা 'পরে।' *সত্যেন্দ্র*, ১৯১১। ২ *বি* জানালায় ব্যবহৃত

AMARBOI.COM

ফাঁকযুক্ত আবরণ; ভেনিশিয়ান ব্লাইন্ড। 'ঝরোখা সব খুলে যেত হৃদয়-বাতায়নে।' *রবীন্দ্র*, ১৯৪০।

ঝরোঝর [ধ্বন্যা] *ক্রিবিণ* ঝরঝর শব্দে। 'এখনো শ্রাবণ ঝরোঝর/ অবিশ্রান্ত মাতায় অন্তর।' *সুকান্ত*, ১৯৪৮।

ঝর্ঝর [ধ্বন্যা] *বি* অবিরাম ঝর শব্দ। 'তালপত্রের ঝর্ঝর ধ্বনি আমার শ্রবণে ...।' *কৃষ্ণকমল*, ১৮৫৮।

ঝর্ঝর-গান [ধ্বন্যা ঝরঝর+স গান] *বি* ঝরনার জলপ্রবাহের শব্দ। 'ছবির আড়ালে কোথা অনন্ত নির্ঝর নীরব ঝর্ঝর-গানে পড়িছে ঝরিয়া।' *রবীন্দ্র*, ১৮৮৬।

ঝর্ঝরা [ধ্বন্যা] *ক্রি* ঝর ঝর করা। 'নদীর জলে ঝর্ঝরি ঝরিছে জলধারা।' *রবীন্দ্র*, ১৯২১।

ঝর্না, ঝর্ণা [স নির্ঝরিণী] *বি* ঝরনা। 'তালবনের কাছে একটি মেঠো ঝর্নার মতো আছে।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঝর্ণাধারা [ঝরনা+স ধারা] *বি* ঝরনার প্রবাহ। 'ঝর্ণাধারায় আনবেই বরাভয়।' *শামসুর*, ১৯৫৯।

ঝর্নাতলা [ঝরনা+স তল>] *বি* ঝরনার পাদদেশ। 'ঝর্নাতলায় আনতে বারি।' *রবীন্দ্র*, ১৯১৪।

ঝলক [মু] **১** *বি* দ্যুতি। 'কিঞ্চিত ঝলক পাইল হীরা রত্ন মুতি।' *আলাওল*, ১৬৮০। **২** *বি* ফালি। 'এক ঝলক জোছনা এসে পড়েছে তার মুখের ওপর।' *মাহেনও*, ১৯৪৯।

ঝলক-ঝলক [মু] *বিণ* হঠাৎ ঝাপটার মতো পড়ে এমন। 'সে-রাতে ঝলক-ঝলক বৃষ্টিতে ধুয়ে গিয়েছিল ঘাটের রানা।' *শক্তি*, ১৯৬৯।

ঝলক মারা *ক্রি* ঝলকানো। 'তড়িৎ-রেখা ঝলক মেরে যায়।' *রবীন্দ্র*, ১৮৮৩।

ঝলকানি *বি* প্রখর আলোর আকস্মিক স্ফুরণ। 'দিগন্তে আলোর ঝলকানিতে আমাদের পথ উদ্ভাসিত হয়ে উঠলো।' *মাহমুদ*, ১৯৬৫।

ঝলকে উঠা *ক্রি* ঝলকে উজ্জ্বল আলো প্রকাশ করা। 'রাধা শ্যাম পত্রপুটে আলোক ঝলকি উঠে।' *রবীন্দ্র*, ১৮৮৬।

ঝলকে ঝলকে *ক্রিবিণ* থেকে থেকে অধিক পরিমাণে। 'ঝলকে ঝলকে রক্ত পড়ে তার তুণ্ডে।' *মুকুন্দ*, ১৬০০।

ঝলকা, ঝলকানো [মু ঝলক>] **১** *ক্রি* স্ফুরিত হওয়া। 'দেখিতে দেখিতে বিজুরি ঝলকে।' *দ্বিজচণ্ডী*, ১৬০০। **২** *ক্রি* চকমক করা। 'লালপেড়ে শাড়ি ঝলকাচ্ছে : রক্ত ছুটছে।' *ওয়ালী*, ১৯৪৫। **ঝলকএ** *ক্রি* স্ফুরিত হয়। 'বিনি বাবি ঝলকএ বিজুলির গতি।' *সুলতান*, ১৬৫০। **ঝলকত** *ক্রি* ঝলকায়। 'জঁহা জঁহা ঝলকত অঙ্গ। তহিঁ তহিঁ বিজুরি তরঙ্গ।' *বিদ্যাপতি*, ১৪৬০। **ঝলকে** *ক্রি* আলোকচ্ছটা বিকীর্ণ হয়। 'দেখিতে দেখিতে বিজুরি ঝলকে।' *দ্বিজচণ্ডী*, ১৬০০।

ঝলকিত [মু ঝলক>] *বিণ* উজ্জ্বল আলোয় উদ্ভাসিত। 'আমার চতুর্দিকে শরৎকিরণে ঝলকিত হচ্ছে!' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঝলঝলায়মান [ধ্বন্যা ঝলঝল>] *বি* ঝলমল করছে এমন। 'কিবা তোমার কিরীটবিস্রস্ত ঝালর ঝলঝলায়মান।' *বঙ্কিম*, ১৮৭২।

ঝলম [স ঝল্লরা] *বি* ঝালর। 'ঝলম বিচিত্র সাজ ঝলমলিএ বিরাজ।' *রাহরাম*, ১৬৫০।

ঝলমল [ধ্বন্যা] *বিণ* ঝকঝক। 'যমুনার জল করে ঝলমল।' *চণ্ডী*, ১৫৫০।

ঝলমলা [ধ্বন্যা ঝলমল>] *ক্রি* ঝলমল করা। 'ঝলম বিচিত্র সাজ ঝলমলিএ বিরাজ।' *রাহরাম*, ১৬৫০।

ঝলমলানি [ধ্বন্যা ঝলমল>] *বি* উজ্জ্বলতা। 'দুদিন গেল আলোর ঝলমলানির ভেতর দিয়ে।' *ওয়ালী*, ১৯৩৯।

ঝলমলি [ধ্বন্যা ঝলমল>] *বিণ* ঝকঝক। 'রত্নকুণ্ডল কর্ণে করে ঝলমলি।' *মুকুন্দ*, ১৬০০।

ঝলসন [আ জলূস] *বি* পোড়া গন্ধ। *মানোএল*, ১৭৪৩।

ঝলসা [আ জলূস] **১** *বিণ* সেঁকা; ঝলসানো। 'ঝলসা, পোড়া, সিদ্ধ, সুরুয়া – যাহার যেরূপ অভিরুচি হয় করিয়া উদরে ফেল।' *মশাররফ*, ১৮৮৯। **২** *বিণ* দগ্ধপ্রায়; তামাটে। 'ভারতবর্ষের রোদে ঝলসা শুকনো খটখটে হাড়-পাকা অত্যন্ত ঝাঁজালো ঝুনো অ্যাংলো-ইন্ডিয়ানের সঙ্গে ...।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঝলসানি [আ জলূস] *বি* ঝলসানোর ভাব বা অবস্থা। 'সাইকেলের ঝিকমিকানিটাকে ভোজালির ঝলসানির মত।' *জীবন*, ১৯৪৮।

ঝলসানি-লাগা *বিণ* ঝলসানোর অবস্থা তৈরি হয় এমন। 'শাণিত কথার ঝলসানি-লাগা সতেজ ভাষণ।' *শামসুর*, ১৯৭২।

ঝলসানো [আ জলূস] **১** *ক্রি* ঝলমল করা। 'সুবর্ণমধ্য হইতে হীরকাদি রত্ন ঝলসিতেছে।' *বঙ্কিম*, ১৮৬৬; 'বাঁধের জলরেখা ঝলসে যায় দেখা।' *রবীন্দ্র*, ১৮৯০। **২** *ক্রি* দগ্ধ করা। 'ঝলসিয়ে দিশি দিশি ঘুরাও তড়িৎ-অসি।' *রবীন্দ্র*, ১৮৮১। **ঝলসে যাওয়া** *ক্রি* উজ্জ্বল আলোতে দেখতে না পাওয়া। 'তেজে নয়ন ঝলসিয়া যাইতেছে।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ঝলসিত [আ জলূস>] *বিণ* চোখ ধাঁধায় এমন। 'মজুর যুবার রোদে ঝলসিত দক্ষ বাহুর গ্রন্থিল পেশী।' *শামসুর*, ১৯৭২।

ঝলা[১] [স জ্বল>] *বি* ঝলক; প্রখর দীপ্তি। 'বিজলীর ঝলা যেন অচঞ্চল সদা!' *মাইকেল*, ১৮৬০; 'বিজলীর ঝলাসম ঝলসি নয়নে।' *মাইকেল*, ১৮৬২।

ঝলা[২] [স জ্বল>] *ক্রি* ঝলমল করা। 'ঝলিছে ঝলি ঝালরে মুকুতা।' *মাইকেল*, ১৮৬১; 'ঝলিতেছে জল তরল অনল।' *রবীন্দ্র*, ১৮৯৩; 'চণ্ডবৃষ্টি-প্রপাত-ধারা-ফুলে/ বরষার বুকে ঝলে জল-মালা-হার।' *নজরুল*, ১৯২৪।

ঝল্ল [স] *বি* ব্রাত্য ক্ষত্রিয়। 'কত ঝল্ল, বীর মল্ল, হাতে ভল্ল, ভাঁজে।' *রঙ্গ*, ১৮৫৮।

ঝল্লরি [স ঝল্লরী] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'ঝল্লরি বাজে বল্লে ঘনঘন।' *নজরুল*, ১৯৩১।

ঝষ [পা ঝস] *বি* মাছ। 'মূল্য দিআ পণ দশ জিয়ন্ত কিনিল ঝষ।' *মুকুন্দ*, ১৬০০।

ঝা *সর্ব* যা কিছু। 'মুনিব ঝা বলে তা না কল্যে মেইনে দেবে কেন?' *রামনারায়ণ*, ১৮৫৪।

ঝাইট [স ঝট্>] *বি* ঝাড়ু দেওয়া। 'ঘরের পাইট ঝাইট কুটনা বাটনা রাঁধা বাড়া দেওয়া থোয়া করিতেই দিন যায়।' *গৌর*, ১৮২২।

ঝাউ [স ঝাবুক] *বি* সরু পাতাওয়ালা উদ্ভিদ বিশেষ। 'আহড় বিহড়ে ঢুণ্ডে ঝাউ ঝিটি ঝাকনা গহন।' *মুকুন্দ*, ১৬০০।

ঝাউগাছ *বি* সরু পাতাওয়ালা উদ্ভিদ বিশেষ। 'ঝাউগাছে পাতাটি নড়ে না।' *রবীন্দ্র*, ১৮৮৩।

ঝাউ-ঝুমঝুমি *বি* ঝুমঝুম শব্দ করা ঝাউবন। 'শহর বিস্বাদে ঢেকে, ডাকি; ঝাউ-ঝুমঝুমির ছায়ায় এসো হে।' *সুভাষ*, ১৯৪০।

ঝাউঝোপ *বি* ঝাউগাছের বন। 'ঝাউঝোপের ধুলো বালির মধ্যে আজকাল আমরা যেমন শহরে প্রবেশ করি।' *মাহেনও*, ১৯৪৯।

AMARBOI.COM

ঝাউডাঙা *বি* ঝাউবেত। 'শুধু রাতদুপুরে/ শেয়ালগুলো ডেকে ওঠে ঝাউডাঙাটার 'পরে।' *রবীন্দ্র*, ১৯০৩।

ঝাউডাল *বি* ঝাউগাছের শাখা। 'ঝাউডালের মতো দুলছে মনের ভিতরটা।' *রবীন্দ্র*, ১৯৩৫।

ঝাউবন *বি* সুচের মতো তীক্ষ্ণ ও সরু পাতাযুক্ত গাছের বন। 'তেঁতুলের তলা দেখে আর ঝাউবন।' *রূপরাম*, ১৭৫০।

ঝাউবাগান *বি* ঝাউগাছের বাগান। 'বৃষ্টি-ধারার ঝরঝরে ঝাউ-বাগানের মরমরে।' *রবীন্দ্র*, ১৯২২।

ঝাউবীথি *বি* ঝাউগাছের সারি। 'রাবীন্দ্রিক সুরে নানান বিন্যাসে অবিরাম দুলবে সওার মৌন ঝাউবীথি।' *শামসুর*, ১৯৭০।

ঝাউফল *বি* ঝাউ গাছের ফল। 'মাঠের কিনারে ঢের ঝরা **ঝাউফল**।' *জীবন*, ১৯৪২।

ঝাউশাখ *বি* ঝাউ গাছের শাখা। 'বুনো ঝাউ-শাখে বুনিয়া গোলাপী শাড়ী।' *জসীম*, ১৯৩১।

ঝাউশাখা *বি* ঝাউগাছের শাখা। 'মাথার উপর ঝাউশাখার করুণ মর্মর ধ্বনি।' *নজরুল*, ১৯৩০।

ঝাও [স ঝামক] *বি* ঝামা। 'ওরই বর্দোয়ায় নাকি এমন সোনার শহর পুড়ে ঝাও হয়ে যায়।' *নজরুল*, ১৯২৪।

ঝাওন [পা ঝাপন>] *বি* পোড়া গন্ধ। *মানোএল*, ১৭৪৩।

ঝাওয়া [পা ঝাপন>] *ক্রি* ঝলসে যাওয়া। *মানোএল*, ১৭৪৩।

ঝাঁ [স ধাব] *বি* অত্যন্ত শীঘ্রতার ভাব। *বিদ্যা*, ১৮৯১; 'আধ-ইশারায় সব বুঝে নেয় ঝাঁ করে।' *নজরুল*, ১৯২৬।

ঝাঁও [স ঝামক] *বি* ঝামা। 'ঝাঁওএঁ ঘসিআঁ তাক করিল চিকণ।' *বড়ু*, ১৪৫০।

ঝাঁক [হি ঝাক] ১ *বি* বহুর সমাবেশ। 'ঝাঁকে ঝাঁকে গুলি পড়ে ঝাঁকে ঝাঁকে তীর।' *রূপরাম*, ১৭৫০। ২ *বি* পাখির দল। *ওসাঁ*, ১৭৮৩; 'যাহাতে সেই পাখীর এক বড় ঝাঁক বদ্ধ ছিল।' *তারিণী*, ১৮৫৩।

ঝাঁক বাঁধা *ক্রি* দল বেঁধে থাকা। 'পক্ষী ঝাঁক বাঁধিয়া উড়ায়।' *হরপ্রসাদ*, ১৮৮১।

ঝাঁকে ঝাঁক *ক্রিবিণ* দলে দলে। 'জার বাণে নাহী রাক বাণ এড়ে ঝাঁকে ঝাঁক।' *মুকুন্দ*, ১৬০০।

ঝাঁকে ঝাঁকে *ক্রিবিণ* একত্রে অনেক। 'ঝাঁকে ঝাঁকে গুলি পড়ে ঝাঁকে ঝাঁকে তীর।' *রূপরাম*, ১৭৫০।

ঝাঁকড় মাকড় [ঝাঁক>] *বিণ* এলোমেলো। 'ঝাঁকড় মাকড় চুল নাহি আঁদি সাঁদি।' *ভারত*, ১৭৬০।

ঝাঁকড়া [ঝাঁক>] ১ *বিণ* ঝোপের মতো। 'ছোট্ট কুকুরটি। ঝাঁকড়া ঝাঁকড়া রোঁয়া।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বিণ* দীর্ঘ গুচ্ছবিশিষ্ট। *বিদ্যা*, ১৮৯১। ৩ *বিণ* গুচ্ছময়। 'ঝাঁকড়া ডাল মাটির কাছ ঘেঁষে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ঝাঁকবন্দী [ঝাঁক+ফা বন্দি] *বিণ* দলবদ্ধ। 'মাথার উপর ঝাঁকবন্দী মশা সঙ্গে চলে ভনভন শব্দ তুলে।' *তারা*, ১৯৪৬।

ঝাঁকরা [ঝাঁক] *বিণ* গুচ্ছবিশিষ্ট। 'পাথরের মতো কালো ঝাঁকরা-চুলের ঝুঁটি বাঁধা মানুষ।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঝাঁকা[১] [হি] *বি* চওড়ামুখো শক্ত ঝুড়ি। 'কেহ বলিল – আমার ঝাঁকা ফেলিয়া দিয়াছে ...।' *প্যারী*, ১৮৫৮।

ঝাঁকা মুটে *বি* ঝাঁকা বহনকারী কুলি। 'ওগো বাবু, ঝাঁকা মুটের উপর বসে যাবে?' *প্যারী*, ১৮৫৮।

ঝাঁকা[২] [প্রা ঝঙ্খ] *ক্রি* সবেগে নাড়ানো। 'কলসি তুলিয়া খুব করিয়া ঝাঁকানি দিলেন।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঝাঁকা দেওয়া *ক্রি* ধাক্কা দেওয়া। 'একবার ঝাঁকা দাও, শালা জেগে উঠুক।' *রবীন্দ্র*, ১৮৮৪।

ঝেঁকে ওঠা *ক্রি* জোরে নড়া বা আন্দোলিত হওয়া। 'তার ভয়ভাবনাগুলো তর্কবিচারকে ডিঙিয়ে ডিঙিয়ে ঝেঁকে ওঠে।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঝেঁকে ঝেঁকে ১ *ক্রিবিণ* বিক্ষুব্ধ হয়ে। 'তাকে বারবার ঝেঁকে ঝেঁকে বললেন।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *ক্রিবিণ* ক্রমাগত ঝাঁকুনি দিয়ে। 'ঝেঁকে ঝেঁকে উঠে টলমল করে কলস চলছে।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঝাঁকাঝাঁকি [ঝাঁকা>] *ক্রি* ধাক্কাধাক্কি করা; ঠেলাঠেলি করা। 'আগে পাছে পাকাপাকি, আঁকাআঁকি তাকাতাকি, ঝাঁকাঝাঁকি স্থান নাহি পায়।' *গুপ্ত*, ১৮৫৮।

ঝাঁকানি [ঝাঁকা>] ১ *বি* জোরে নাড়া। 'নিজেকে খানিকটা ঝাঁকানি দিয়ে নেওয়া আবশ্যক।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বি* ঝাঁকুনি। 'গোরুর গাড়ির ঝাঁকানিতে সর্বাঙ্গে ব্যথা।' *মানিক*, ১৯৩৫।

ঝাঁকানি দেওয়া *ক্রি* জোরে ঝাড়া দেওয়া। 'নিজেকে খানিকটা ঝাঁকানি দিয়ে নেওয়া আবশ্যক।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঝাঁকিয়ে দেওয়া *ক্রি* নাড়া দেওয়া। 'মানুষকে ঝাঁকিয়ে দেবার ক্ষমতা অল্পবিস্তর সকলের হাতেই আছে।' *প্রমথ*, ১৯১৪।

ঝাঁকি [ঝাঁকা>] *বি* জোরে নাড়া দেওয়া। *বিদ্যা*, ১৮৯১।

ঝাঁকিজাল *বি* মাছ ধরার জালবিশেষ। 'কামের ফাঁকে ফাঁকে ঝাঁকিজাল বুনছে।' *কায়সার*, ১৯৬২।

ঝাঁজ[১] [স ঝর্ঝর] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'ঘড়িয়ালেরা দণ্ডে ২ তাহারদের কাংস্য ঝাঁজের উপরে মুদ্গর ক্ষেপণ করিতেছে।' *রামরাম*, ১৮০১।

ঝাঁজ[২] [স অর্চিস>] ১ *বি* তেজ। 'তাহার এতই বেশি ঝাঁজ।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বি* জ্বালা; উত্তাপ। 'কোনোপ্রকার অতিরিক্ত ঝাঁজ নেই।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঝাঁজর [স ঝর্ঝর>] ১ *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'সাঁজে ঝিল্লি-ঝাঁজর বাজায়ে কত/ করেছে তোমার স্তুতি আরাধনা।' *রবীন্দ্র*, ১৯১৪। ২ *বি* পায়ের মল বিশেষ। 'কেউ কিনিয়াছে নূতন ঝাঁজর।' *জসীম*, ১৯৩৩।

ঝাঁজরা [স ঝর্ঝর>] ১ *বিণ* বহুছিদ্রবিশিষ্ট। 'ঝাঁজরা চকে আমাকে ফাকি দিতে পারবে না।' *দীনবন্ধু*, ১৮৬৭। ২ *বিণ* জীর্ণ বা পুরানো। 'গুদামঘরের ছাদ একেবারে ঝাঁজরা।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঝাঁজরা চক [স ঝর্ঝর>+চোখ] *বি* অল্পতেই অঝোর ধারায় অশ্রু ঝরে এমন চোখ। 'ঝাঁজরা চকে আমাকে ফাকি দিতে পারবে না।' *দীনবন্ধু*, ১৮৬৭।

ঝাঁজরাপারা [স ঝর্ঝর>+স প্রায়] *বিণ* ঝাঁঝরা হয়েছে এমন। 'ঝাঁঝরাপারা বক্ষ ... দেখিয়া কাঁদিয়া না!' *নজরুল*, ১৯২২।

ঝাঁজরী [স ঝর্ঝর>] *বি* কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। 'কাড়া নাকাড়া ও ডঙ্কা-ঝাঁজরী।' *মশাররফ*, ১৮৮৫।

ঝাঁজানো [ঝাঁজ>] *বিণ* ঝাঁজযুক্ত। 'আমার ও ঝাঁজানো কথা শুনেও ...।' *নজরুল*, ১৯২৭।

ঝাঁজালো, ঝাঁজাল [ঝাঁজ>] ১ *বিণ* উগ্র। 'অত্যন্ত ঝাঁজালো ঝুনো অ্যাংলো-ইন্ডিয়ানের সঙ্গে আমাকে এক জাহাজে পুরেছে।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বিণ* তীব্র। 'ঝাঁজাল হাওয়ায় বাজত উদাস মাছরাঙার স্বর।' *নজরুল*, ১৯২৫।

ঝাঁঝ[১] [স ঝর্ঝর] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। 'পত্রসব ঝাঁঝ হৈল কুসুম মৃদঙ্গ।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বাহরাম, ১৬৫০।

ঝাঁঝ[২] [ঝাজ>] *বি* তীব্র তেজ; আঁচ। 'রৌদ্রের বিষম ঝাঁঝে শুষ্ক ডোবা ফাটে।' *সত্যেন্দ্র*, ১৯১২।

ঝাঁঝরা [স ঝর্ঝর] **১** *বি* ছিদ্র। 'ঝাঁঝা রোদ আকাশ জুড়ে, মাথাটার ঝাঁঝরা ফুঁড়ে।' *সুকুমার*, ১৯১৮। **২** *বিণ* বহুছিদ্রবিশিষ্ট। 'বেদনার কাঁটায় কত ছিন্নভিন্ন কি রকম ঝাঁঝরা হয়ে গেছে।' *নজরুল*, ১৯২২। **৩** *বিণ* দুর্বল। 'পরের দিন থেকে মাটির তলায়/ ভিত হয়েছে ঝাঁঝরা।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ঝাঁঝরি, ঝাঁঝরী [স ঝর্ঝর] **১** *বি* বাদ্যযন্ত্র বিশেষ। 'দুন্দুভির শব্দ অতি মোহোরি ঝাঁঝরি তথি।' *সুলতান*, ১৭০০; 'সপ্তস্বরা বীণা বাঁশি পিনাক ঝাঁঝরি।' *রূপরাম*, ১৭৫০। **২** *বি* বহু ছিদ্রযুক্ত নল; শাওয়ার। 'ঝাঁঝরি খুলিয়া দিয়া অকালে মনের সাধ মিটাইয়া স্নান করিতাম।' *রবীন্দ্র*, ১৯১২।

ঝাঁঝা [স ঝর্ঝর] *বি* বলয়াকার অলঙ্কারবিশেষ। 'অধরোষ্ঠ বেড়িয়া সমর ঝাঁঝা সনে ঘুঙুর পাইল অতি শোভএ চরণে।' *সুলতান*, ১৭০০।

ঝাঁঝাঁ [ধ্বন্যা] **১** *বি* রোদের প্রচণ্ড উত্তাপের ভাব। 'চারটের সময় রোদ্দুর ঝাঁ ঝাঁ করতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৮১। **২** *বি* গভীর নিস্তব্ধতা প্রকাশক ভাব। 'দুপুর বেলাকার নিস্তব্ধতার ঝাঁ-ঝাঁ।' *রবীন্দ্র*, ১৮৯১। **৩** *বি* জ্বালাবোধ। 'এখনই কান ঝাঁঝাঁ করতে শুরু করেছে।' *রবীন্দ্র*, ১৯০২।

ঝাঁঝানো [ঝাঁজ>] *ক্রি* ক্রুদ্ধস্বরে কথা বলা। 'এবার ঝাঁঝিয়ে উঠল ...।' *কায়সার*, ১৯৬২।

ঝাঁঝালো, ঝাঁঝাল [ঝাঁজ>] **১** *বিণ* ঝাঁঝবিশিষ্ট। 'নূতন প্রেমে নূতন বধূ আগাগোড়া কেবল মধু, পুরাতনে অম্লমধুর একটুকু ঝাঁঝালো।' *রবীন্দ্র*, ১৮৯২। **২** *বিণ* উগ্র; রাগান্বিত। 'দুপুরবেলায় স্বামীকে ঝাঁঝাল গলায় বলল।' *নরেন্দ্র*, ১৯৫৩। **৩** *বিণ* তীক্ষ্ণ। 'তার দাঁতগুলি খ্যাংরা কাঠির মতো, মুখমণ্ডল বড়োই ঝাঁঝালো।' *ইসান*, ১৯৬৭। **৪** *বিণ* তীব্রতাপূর্ণ। 'পতাকা-শোভিত গ্রীষ্মান-মুখর ঝাঁঝালো মিছিল।' *শামসুর*, ১৯৭২।

ঝাঁঝি *বি* এক প্রকার জলজ গুল্ম। 'জলের ভিতরে ঝাঁঝি।' *শক্তি*, ১৯৬৬।

ঝাঁট[১] [স ঝটিতি] *ক্রিবিণ* তাড়াতাড়ি। 'রাধা লঞা ঝাঁট বিনএ যাহা ঘরে।' *বড়ু*, ১৪৫০।

ঝাঁট[২] [স ঝট্>] *বি* ঝাঁটা দিয়ে পরিষ্কার করা। 'উঠান ঝাঁট দিতেন।' *বঙ্কিম*, ১৮৮৭।

ঝাঁটপাট *বি* ঘর পরিষ্কার করা ও সাজানোর কাজ। 'ঝাঁটপাট দেওয়ার ধুম দেখে অনুমান করা যায়।' *মনোজ*, ১৯৬১।

ঝাঁটা [স ঝট্>] *বি* যা দিয়ে ঝাঁট দেওয়া হয়; ঝাড়ু। 'বিঅনি চালুনী ঝাঁটা ডোম গড়ে ছাতা নাটা।' *মুকুন্দ*, ১৬০০।

ঝাঁটাপিটা, ঝাঁটাপেটা *বি* ঝাঁটা দিয়ে পেটানো। 'যে যায় তাহাসে স্বামী ঝাঁটাপিটা করে।' *ভবানী*, ১৮২৫; 'ঝাঁটাপেটা করে আসবো এখন।' *বঙ্কিম*, ১৮৭৮।

ঝাঁটারা *বিণ* ঝাঁটা সদৃশ। 'ঝাঁটারা মুণ্ডের কেশ দীর্ঘল লক্ষণ।' *সুলতান*, ১৭০০।

ঝাঁটান [ঝাঁট>] *বি* ঝাড়ু দেওয়ার কাজ। 'ঘর ঝাঁটান, জল ছড়ান, বাসন মাজা।' *বঙ্কিম*, ১৮৭৮।

ঝাঁটানো [ঝাঁটা>] **১** *ক্রি* ঝাঁটা দিয়ে প্রহার করা। *বিদ্যা*, ১৮৯১; 'পোড়ারমুখীরে ঝেঁটিয়ে করিব সারা।' *জসীম*, ১৯৩৩। **২** *ক্রি* তাড়ানো। 'একেবারে ঝাঁটাইয়া দিবার চেষ্টা কোনো কোনো জায়গায় দেখা যায়।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঝেঁটিয়ে বেড়ানো *ক্রি* খুঁজে বেড়ানো। 'পাত্র খুঁজতে দেশ ঝেঁটিয়ে বেড়াতে হবে।' *রবীন্দ্র*, ১৯৩৪।

ঝাঁটাল [স ঝিণ্টী] *বি* ঘণ্টাপারুল ফুল। 'ফুল তুলিবাক লাগিল ঝাঁটাল বনে।' *বড়ু*, ১৪৫০।

ঝাঁটি[১], **ঝাঁটী** [ঝাঁটা>] **১** *বি* ঝাড়ু। 'ঝাঁটী আনি বোঝা একত্র করিল।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'ঘর বাটী ঝাঁটি দেওয়া এবং হুঁকা বৈঠক মাজা।' *ভবানী*, ১৮২৮। **২** *বি* বিবাদ। 'অনেকক্ষণ ঝগড়াঝাঁটি করে দুই পক্ষ শান্ত হয়ে বসলেন।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঝাঁটি[২] [স ঝিণ্টী] *বি* গাছবিশেষ। 'টাঙ্গুর ঝাঁটি কাটিল কাল্যা নোয়া।' *মুকুন্দ*, ১৬০০।

ঝাঁড় [স ঝাট] *বি* গুচ্ছ। **এক ঝাঁড়ের বাঁশ** – একজাতের লোক। 'এক ঝাড়ের বাঁশ।' *মশাররফ*, ১৮৯০।

ঝাঁড়ফুক [স ঝট্>+ধ্বন্যা ফুক] *বি* মন্ত্র বা দোয়া পড়ে ফু দেওয়া। 'তিনি গিয়ে ঝাঁড়ফুক করতে পারেন।' *শামসুল*, ১৯৬২।

ঝাঁপ[১] [স ঝম্প] *বি* লাফ। 'ঝাঁপ দিবোঁ যমুনার জলে।' *বড়ু*, ১৪৫০।

ঝাঁপ[২] [প্রা ঝম্প] **১** *বি* দোকানের তুলে-রাখার দরজা। 'সারি সারি ঝাঁপতোলা দোকান।' *বিভূতি*, ১৯২৯। **২** *বি* দরজা। 'কেয়ার বা ঝাঁপ বাঁধিয়া ঘরের দরজা।' *জসীম*, ১৯৬৪।

ঝাঁপটা[১] [ধ্বন্যা] *বি* বেগে ধাক্কা। 'চিতা বাঘ তাঁহার অতিনিকটে ঝাঁপটা মারিয়া চলিয়া গেল।' *দর্পণ*, ১৮৩৬।

ঝাঁপটা[২] [প্রা ঝম্প>] *বি* স্ত্রীলোকের মাথার খোঁপাবিশেষ। 'সীতের ট্যাড়চা সাড়ী, ঝাঁপটা ও ফিরিঙ্গি খোঁপার বেহদ্দ বাহার বেরিয়েচে।' *হুতোম*, ১৮৬১।

ঝাঁপটা কাটা *ক্রি* খোঁপা বাঁধার সময়ে সিঁথি কেটে কানের দুই পাশে চুলের গুচ্ছ ঝুলিয়ে দেওয়া। 'ঝাঁপটাকাটা সহজ কর্ম্ম।' *দীনবন্ধু*, ১৮৬৩।

ঝাঁপতাল [ঝাঁপ+স তাল] *বি* (সংগীত) দশ মাত্রার তালবিশেষ। 'আমারদিগের সর্ব্বাঙ্গে বিবস্ত্র করিয়া খেমটা আড়খেমটা চৌতাল ঝাঁপতাল বাজাইলে ছেনাল বলে না।' *ভবানী*, ১৮২৮।

ঝাঁপা[১], **ঝাঁপানো** [প্রা ঝম্প] **১** *ক্রি* আচ্ছাদন করা। 'উরহি অঞ্চল ঝাঁপি চঞ্চল আধ পয়োধর হেরু।' *বিদ্যাপতি*, ১৪৬০। **২** *ক্রি* ঝাঁপ দেওয়া। 'লাফিয়ে ঝাঁপিয়ে লেজ নেড়ে উৎসাহ প্রকাশ করে।' *রবীন্দ্র*, ১৮৮০। **৩** *ক্রি* বন্ধ করা। 'ওষ্ঠে অধরেতে চাপি অন্তরের দ্বার ঝাঁপি।' *রবীন্দ্র*, ১৮৯৩। **৪** *ক্রি* লুকিয়ে থাকা। 'রুধিয়া অধরদ্বারে/ ঝাঁপিতে চাহিলি তারে।' *রবীন্দ্র*, ১৯০৯। **ঝাঁপএ** *ক্রি* আচ্ছাদন করে। 'ঝাঁপএ সহস্র কোশ যাহার ছায়ায়।' *আলাওল*, ১৬৮০। **ঝাঁপল** *ক্রি* আচ্ছাদন করলো। 'তাপর সাপিনি ঝাঁপল মোর।' *বিদ্যাপতি*, ১৪৬০। **ঝাঁপাইয়া** *ক্রি* আচ্ছাদিত হয়ে। 'পলাই রহিছে পাপী রেণু ঝাঁপাইয়া।' *সুলতান*, ১৭০০। **ঝাঁপি** *ক্রি* আচ্ছাদিত ক'রে। 'উরহি অঞ্চল ঝাঁপি চঞ্চল আধ পয়োধর হেরু।' *বিদ্যাপতি*, ১৪৬০। **ঝাঁপিয়া** *ক্রি* ঢেকে। 'কত প্রিয়ভাষে সাধু ঝাঁপিয়া বদনবিধু চলে রামা ভিতর মহল।' *মুকুন্দ*, ১৬০০।

ঝাঁপাঝাঁপি [প্রা ঝম্প>] *বি* লাফালাফি। 'জলে কাদায় মাখামাখি ঝাঁপাঝাঁপি করতে থাকে।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঝাঁপিয়ে পড়া *ক্রি* প্রাণপণে কিছু করা। 'যদি ঝাঁপিয়ে পড়ে কাজের মধ্যে।' *বেগম*, ১৯৪৭।

ঝাঁপা[২] [প্রা ঝম্প] **১** *বিণ* পাতানো। 'নেয়াল করিআ আট প্রথমে বিছায়

AMARBOI.COM

খাট তুলি মুসরি সেজি ঝাঁপা।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বিণ* আচ্ছাদিত। 'আকারে সাকার ঝাঁপা মন সামান্যে কি যায় জানা।' *লালন*, ১৮৯০।

ঝাঁপান[১] [প্রা ঝম্প>] *বি* সাপ খেলা দেখানোর মন্ত্র। 'বাদ্যা রোজা পড়য়ে ঝাঁপান।' *মুকুন্দ*, ১৬০০।

ঝাঁপান[২] [প্রা ঝম্প>] *বি* পাহাড়ে ওঠার উপযোগী পালকিবিশেষ। 'সেখানে ঝাঁপানিরা ঝাঁপান নামাইয়া বিশ্রাম করিত।' *রবীন্দ্র*, ১৯১২।

ঝাঁপানি [প্রা ঝম্প>] *বি* পাহাড়ে ওঠার উপযোগী পালকি বা ডুলি বহনকারী। 'সেখানে ঝাঁপানিরা ঝাঁপান নামাইয়া বিশ্রাম করিত।' *রবীন্দ্র*, ১৯১২।

ঝাঁপালো [প্রা ঝম্প>] *বিণ* ডালপালায় বা লতাপাতায় ভরা; ঝোপদার। 'গুহার মুখে প্রাচীন ঝাঁপালো বটগাছ।' *বিভূতি*, ১৯৩৮।

ঝাঁপি, ঝাঁপী [প্রা ঝম্প] ১ *বি* বাঁশ-বেতের তৈরি ঢাকনাযুক্ত পাত্র। 'সমাদরে মোর ঝাঁপি রাখিবেক এই।' *ভারত*, ১৭৬০। ২ *বি* বাঁশের তৈরি কপাট। 'পথিপার্শ্বের দোকানগুলো ঝাঁপি বন্ধ করছে।' *রশীদ*, ১৯৬৩।

ঝাঁপিটুপরি [প্রা ঝম্প>] *বি* বন্য গুল্মবিশেষ। *মানোএল*, ১৭৪৩।

ঝাম্প [প্রা ঝম্প] *বি* ঝাঁপ। 'ঝাম্প দিয়া গোসল করম।' *সুলতান*, ১৭০০।

ঝাক [হি ঝাংক] *বি* ঝাঁক। 'অলি উড়ে ঝাক ঝাক।' *কৃষ্ণরাম*, ১৭২০।

ঝাকড়া [ঝাক>] *বিণ* ঝাঁকড়া; রুক্ষ ও উসকোখুসকো। 'বাঙ্গাল, ঝাকড়া চুল, জুলপি বয়ে সরষে তেল পড়ছে।' *দীনবন্ধু*, ১৮৬৬।

ঝাকনা [ঝাঁক>] *বি* ঝোপঝাড়। 'আহড়ু বিহড়ে চুণ্ডে ঝাউ ঝিটি ঝাকনা গহন।' *মুকুন্দ*, ১৬০০।

ঝাকমারি [হি ঝক>] *বি* ঝামেলা। 'রছুল বলে এ দুনিয়া মিছে ঝাকমারি।' *লালন*, ১৮৯০।

ঝাকি জাল [প্রা ঝজ্ঝ+স জাল] *বি* হাত দিয়ে নিক্ষেপ করার মতো জাল। 'ঝাকি জাল আর খেপলা জাল লইয়া।' *জসীম*, ১৯৬৪।

ঝাকিঝুকি [প্রা ঝঙ্খ] *বি* উঁকিঝুঁকি। 'আহড়ে বিহড়ে কপি মারে ঝাকিঝুকি।' *মুকুন্দ*, ১৬০০।

ঝাঙ্কারা [স ঝঙ্কার] ১ *ক্রি* ঝাঁকুনি দেওয়া। 'ঝাঙ্কারিতে লাগিলেন্ত বহু আলিঙ্গিলা।' *সুলতান*, ১৭০০। ২ *ক্রি* বর্ণনা করা। 'ঝাঙ্কারন্ত নবীবরে আল্লার ফরমান।' *সুলতান*, ১৭০০। **ঝাঙ্কারিবা** *ক্রি* ঝাঁকুনি দিবে। 'ঝাঙ্কারিবা বাহুত ধরিয়া ঘন ঘন।' *সুলতান*, ১৭০০।

ঝা চকচকে [ধ্বন্যা] *বিণ* জাঁকজমকপূর্ণ। 'ঝা চকচকে ফ্যাশি দোকান খুলল।' *মুজতবা*, ১৯৪৯।

ঝাজর [স ঝর্ঝর] *বি* বাদ্যযন্ত্র বিশেষ। 'ঝাজর বাজয়ে ঘন ঘন।' *বিজয়*, ১৬৫০।

ঝাঝর [স ঝর্ঝর] *বিণ* ঝাঁঝরা; বহুছিদ্রযুক্ত। 'ঝাঝর নাঅ নৈল চারি পাসেপাণী।' *বড়ু*, ১৪৫০।

ঝাঝরি [স ঝর্ঝর] *বি* গাছে জল ছিটানোর পাত্রবিশেষ। 'ঝাঝরিটা হাতে নিয়ে সে খানিকক্ষণ দাঁড়িয়ে রইল।' *আলাউদ্দিন*, ১৯৫৭।

ঝাঞ্জনী [স ঝঞ্ঝা] *বি* ঝড়। 'কাল কাকোদর যেন ঝাঞ্জনীর শ্বাস।' *আলাওল*, ১৬৮০।

ঝাট [স ঝটিতি] ১ *ক্রিবিণ* শীঘ্র; তাড়াতাড়ি। 'ঝাট করি দেহ মোরে সেই নিজ পতি।' *মালাধর*, ১৫০০। ২ *বি* গণনা। 'রাশি রাশি রত্ন কত ঝাট নাই যায়।' *মানিকরাম*, ১৭৮১।

ঝাট দেওন *বি* ঝাঁট দেওয়া। *ওসাঁ*, ১৭৮৫।

ঝাটরা *বিণ* ঝাঁকড়া। 'ঝাটরা মাথায় কোঁকড়া চুলে লেগেছে খড়কুটো।' *জসীম*, ১৯৩১।

ঝাটাই [স ঝট>] *ক্রিবিণ* দ্রুত। 'পুনি মক্কাদেশে নবী চলিলা ঝাটাই।' *সুলতান*, ১৭০০।

ঝাটাপারা [স ঝট্>+স প্রায়] *বিণ* ঝাঁটার মতো। 'ঝাটাপারা দুটা গোঁফ।' *মুকুন্দ*, ১৬০০।

ঝাটি [সঝট্>] *বি* ঝাঁটা। *মানোএল*, ১৭৪৩।

ঝাটি [স ঝিণ্টী] *বি* গুল্ম বিশেষ ও তার ফুল। 'অশোক কিংশুক ঝাটি জাতী জুতি দুইবটী।' *মুকুন্দ*, ১৬০০।

ঝাড়[১] [স ঝাট] ১ *বি* ঝোপ। 'বনে পিয়া জাল আড়ি ঝাড়ে মারে বাড়ি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* শাখাযুক্ত দীপাধার; ঝাড়বাতি। 'সুবর্ণের ঝাড়ে জ্বলে ষোল গণ্ডা বাতি।' *রূপরাম*, ১৭৫০।

ঝাড়ফানুস *বি* ঝাড়বাতি। 'ঝাড়ফানুসে মসজিদের অন্দর ও বারান্দা আলোকময় এবং শোভাময় হইয়া উঠিয়াছে।' *ইমদাদুল*, ১৯২০।

ঝাড়বংশ [স ঝাট+স বংশ] *বি* বংশের সমস্ত লোক। 'নিজে সেই বোকা নয় ঝাড়বংশে বোকা।' *গুপ্ত*, ১৮৫৮।

ঝাড়বরদারী [ঝাড়>+ফা বরদার] *বি* ঝাড়বাতি জ্বালানো-নিভানোর কাজ। 'বাইলোকেরা তোমাকে ... ঝাড়বরদারী কর্ম্ম করিতে কহিয়া থাকিবেক।' *ভবানী*, ১৮২৮।

ঝাড়লণ্ঠন [ঝাড়+ই ল্যানটার্ন] *বি* ঝাড়বাতি। 'ঝাড় লণ্ঠন বাদ্য নাচ গানের আধিক্য।' *বঙ্গদূত*, ১৮২৯।

ঝাড়লণ্ঠন [ঝাড়+ই ল্যানটার্ন] *বি* ঝাড়বাতি। 'ঝাড়লণ্ঠন ভাঙিয়া-চুরিয়া ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

ঝাড়[২] [স ঝট্>] *বি* ঝাড়ু দেওয়া। **ঝাড়পোঁচ** [ঝাড়+স পুস্ত>] *বি* ধুলাবালি মোছার কাজ। 'অতি সযত্নে সেটি ঝাড়পোঁচ করিত।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঝাড়পোঁছ [ঝাড়+স পুস্ত>] *বি* ধুলাবালি পরিষ্কারকরণ। 'বাইরের বৈঠকখানাঘর ঝাড়পোঁছ করবার উপলক্ষে।' *রবীন্দ্র*, ১৯১৫।

ঝাড়ফুঁক [ঝাড়+ধ্বন্য ফুঁ>] *বি* রোগ বা বিপদ থেকে মুক্তির আশায় ধর্মীয় বচন পাঠ করে ফুঁ দেওয়ার আচারবিশেষ। 'মন্ত্রতন্ত্র, ঝাড়ফুঁক, কবচ-মাদুলি।' *নজরুল*, ১৯২৭।

ঝাড়ন [সঝট্>] ১ *বি* যা দিয়ে ধুলা ঝাড়া হয়; ঝাঁটা। 'একটি ঝাড়ন নিয়ে ড্রয়িং রুম সাফ করেন।' *রবীন্দ্র*, ১৮৮১। ২ *বি* রুমাল। 'কৌটোতে খাবার কি পান নিয়ে ঝাড়ন পকেটে করে ... ছুটতে হবে।' *বিভূতি*, ১৯৩৭। ৩ *বি* নিম্নমানের কাপড়বিশেষ। 'জেলেবোনা ঝাড়নের একটি কুর্তা, আর পাঁচহাতি একখানি গামছা।' *প্রমথ*, ১৯৪১।

ঝাড়া[১] [ঝাড়>] ১ *ক্রি* খালি করা। 'মহেশ ঝাড়িল ঝুলি চালু হইল কথোগুলি।' *মুকুন্দ*, ১৬০০। ২ *ক্রি* চেলে পরিষ্কার করা। *মানোএল*, ১৭৪৩; 'চাউল ঝাড়িয়া কুঁড়া বাহিরকরণ।' *দর্পণ*, ১৮৩৬। ৩ *ক্রি* ঝাড়ফুঁক করা। 'তারা নি পারিব বিষ নামাইতে ঝাড়িয়া।' *মর্তুজা*, ১৭৫০। ৪ *ক্রি* আঘাত করা। 'এক চোট কিল ঝাড়বে না কি?' *দীনবন্ধু*, ১৮৭৩। ৫ *ক্রি* বলা। 'বড় লম্বা স্পীচ ঝাড়ে।' *বঙ্কিম*, ১৮৮২। ৬ *বিণ* খুইয়েছে এমন। 'সর্বস্ব ধন নিল চোরে নেংটি ঝাড়া করলো আমারে।' *লালন*, ১৮৯০। ৭ *ক্রি* (ভাষা) প্রয়োগ করা। 'যদি আপনি তাঁর বক্তব্য না বোঝেন তবে তিনি উর্দু ঝাড়েন।' *মুজতবা*, ১৯৪৯।

ঝাড়া[২] [ঝাড়>] ১ *বিণ* ঝাড়ামোছা; পরিষ্কার। 'পণেকে দুই পোন পান

AMARBOI.COM

সেহ নহে ঝাড়া।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* ঝাঁকুনি। 'মাথা তুলে নিয়ে সবলে ঝাড়া দিচ্ছে।' *রবীন্দ্র*, ১৮৯১। ৩ *বিণ* পুরো। 'ঝাড়া পনেরো বৎসর চুরি করেছেন।' *প্রমথ*, ১৯১৮।

ঝাড়া-ঝোড়া *ক্রি* ধুলাবালি ইত্যাদি পরিষ্কার করা। 'ঝেড়ে-ঝুড়ে পরিষ্কার করে ...।' *অবন*, ১৯২৫।

ঝেড়ে ফেলা *ক্রি* পরিষ্কার করা। 'সযতনে ঝেড়ে ফেলো বসন হইতে প্রতি নিমেষের যত ধূলি।' *রবীন্দ্র*, ১৮৮৬।

ঝাড়াঝাড়ি [ঝাড়>] *বি* বকুনি। 'দিয়াছি খুব ঝাড়াঝাড়ি।' *ভারত*, ১৭৬০।

ঝাড়াঝাপটা [ঝাড়>+মু ঝাপটাও] ১ *বিণ* লণ্ডভণ্ড। 'লোহার শিকগুলোকে ভেঙেচুরে ঝাড়াঝাপটা করে ফেলতে পারে না।' *জীবন*, ১৯৩৩। ২ *বিণ* ঝামেলামুক্ত। 'আপনারা বেশ ঝাড়াঝাপটা থাকতে চান।' *জীবন*, ১৯৪৮।

ঝেড়েঝুড়ে *ক্রিবিণ* চটপট ক'রে। 'অফিসারেরা ঝেড়েঝুড়ে টাইট হলেন।' *সাদত*, ১৯৬৭।

ঝাড়ান ঝোড়ান [ঝাড়>] *বি* ঝাড়ফুঁক। 'কত ঝাড়ান ঝোড়ান, সরষে পড়া, জল পড়া ও লঙ্কা পড়া দিতে, তবে ভাল হয়।' *হুতোম*, ১৮৬১।

ঝাড়ানি [ঝাড়>] *বি* ঝাড়ু দেওয়ার কাজ। *বিদ্যা*, ১৮৯১।

ঝাড়ু [সঝট্>] *বি* ঝাঁটা। *মানোএল*, ১৭৪৩।

ঝাড়ু করা *ক্রি* পরিষ্কার করা। 'ঝাড়ু করব তাহে চিকুর বিছানে।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ঝাড়ুখাকি [ঝাড়ু+খা>] *বি* ঝাড়ু দিয়ে পিটানোর উপযুক্ত যে (গালি)। 'শুনবি নি, ঝাড়ুখাকি, পাছে পস্তাবি।' *গিরিশ*, ১৮৮৭।

ঝাড়ুদার [ঝাড়ু+ফা দার] *বি* ঝাঁট দেয় যে। 'আমি এখনও আমাদের ঝাড়ুদারের সঙ্গে একত্রে বসিয়া খাইতে অনিচ্ছুক।' *বঙ্কিম*, ১৮৭৪।

ঝাড়ু দেওয়া *ক্রি* পরিষ্কার করা। 'রণস্থলে ঝাড়ু দিয়া জত ফিরিস্তাএ।' *বাহরাম*, ১৬৫০।

ঝাড়ুবরদার [ঝাড়ু+ফা বরদার] *বি* ঝাঁট দেয় যে। *বিদ্যা*, ১৮৯১।

ঝাড়ুবর্দার [ঝাড়ু+ফা বরদার] *বি* ঝাঁট দেয় যে। 'ঝাড়ুবর্দার হারুসর্দার ফেরে ঘরদ্বার ঝেড়ে।' *সুকুমার*, ১৯২০।

ঝাড়ু মারা ১ *ক্রি* ঝাঁটা পেটা করা। 'তোর মুখে ঝাড়ু মারেনি?' *গিরিশ*, ১৮৮৭। ২ *বি* অবজ্ঞা করা; কাজ ছাড়া। 'ঝাড়ু মেরে জেলা কোর্টে চলে যাব।' *সাদত*, ১৯৬৭।

ঝাড়ে-মূলে [স ঝাট>+স মূল>] *ক্রিবিণ* সবশুদ্ধ। 'ঝাড়েমূলে উপড়াইয়া একেবারে টান মারিয়া ফেলিয়া দিতে শিখি নাই।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঝাণবখান [পা ঝান+স ব্যাখ্যান] *বি* ধ্যান ব্যাখ্যান। 'কিন্তো রে ঝাণবখানে।' *চর্যা ৩৪*, ১২০০।

ঝাণ্ডা [মু] ১ *বি* নিশান। 'ঠাঁই ঠাঁই গাড়াইল ঝাণ্ডা ও নিশান।' *গরীব*, ১৭৬৫। ২ *বি* সৈন্যবাহিনীর পতাকা। *ওসা*, ১৭৮৫।

ঝাণ্ডাগাড়া *বিণ* নিশানবাহী বাঁশ পোঁতা। 'ফেরেব ফকিরের ধারা দরগা নিশান ঝাণ্ডাগাড়া।' *লালন*, ১৮৯০।

ঝাণ্ডি [মু ঝাণ্ডা] *বি* ফেজটুপির তালুতে টিকির মতো যে লেজ থাকে। 'তুর্কি ফেজের উপরের কালো ঝাণ্ডিটা যেমন হিন্দুত্বের ...।' *নজরুল*, ১৯৩১।

ঝাণু [পা ঝান] *বিণ* ঝানু। 'রহমান ঝাণু লোক: বাংলা না বুঝেও বুঝত।' *মুজতবা*, ১৯৬০।

ঝান [পা ঝান] *বিণ* মজবুত। 'জৌ ঝান-বাতা কৈল জৌয়ের ছিটনী।' *মুকুন্দ*, ১৬০০।

ঝানকাট [পা ঝান+স কাষ্ঠ] *বি* দরজার প্রান্তের কাঠ। 'বাছিআ পাথর দিল বীর ঝানকাট।' *মুকুন্দ*, ১৬০০।

ঝান-বাতা *বি* ছাঁচায় চেরা বাঁশের দীর্ঘ খণ্ড। 'জৌ ঝান-বাতা কৈল জৌয়ের ছিটনী।' *মুকুন্দ*, ১৬০০।

ঝানু [পা ঝান] ১ *বিণ* পাকা। 'সে ঝানু হয়ে না গেলেও ডাঁশিয়ে উঠেছে।' *নজরুল*, ১৯২২। ২ *বিণ* চালাক। 'বড় ঝানু মেয়ে।' *নরেন্দ্র*, ১৯৪৯।

ঝাপ [প্রা ঝম্প] *বি* দরজা বা বেড়া। 'কাজির ঘরে ভাঙ্গা ঝাপ তাহা দিয়া সামাইল সাপ।' *বিজয়*, ১৬৫০।

ঝাপট [মু ঝাপটাও] ১ *বি* বৃষ্টির প্রবল আঘাত। 'বৃষ্টির ঝাপট, বজ্রের শব্দ।' *রবীন্দ্র*, ১৮৯৪। ২ *বি* ধাক্কা। 'লোকনিন্দার ঝাপট বুক পেতে নিতেই তাঁর আনন্দ।' *রবীন্দ্র*, ১৯২৮। ৩ *বি* পাখির পাখার আঘাত। 'পাখার ঝাপট দিন-রাত যাব শুনে?' *বিষ্ণু*, ১৯৩৭।

ঝাপটা[১] [মু ঝাপটাও] *বি* নারীদের মাথার অলঙ্কার: ঝাঁপটা। 'তুমি ঝাপটা তুলে ফেলেছ কেন?' *দীনবন্ধু*, ১৮৬০।

ঝাপটা[২], **ঝাপটানো** [মু ঝাপটাও] ১ *ক্রি* পাখা নাড়া দিয়ে শব্দ করা। 'শত পক্ষ ঝাপটিয়া বেড়াইছে দাপটিয়া।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *ক্রি* ঝাপটা অর্থাৎ প্রবল আঘাত দেওয়া। 'ওঠে ঝঞ্ঝা ঝাপটি দাপটি সাপটি।' *নজরুল*, ১৯২২।

ঝাপটা[৩] [মু ঝাপটাও] ১ *বি* জোরালো ছিটা। 'মুখে জলের ঝাপটা দিতে লাগিলেন।' *রবীন্দ্র*, ১৯০৭। ২ *বি* হঠাৎ জোরে ধাক্কা। 'কেশের দোলায় ঝাপটা মেরে গগন দোলায়।' *নজরুল*, ১৯২২।

ঝাপড়া [হি ঝাংক] *বিণ* ঝাকড়া। 'মস্তবড় ঝাপড়া কামিনী গাছের ভেতর।' *জীবন*, ১৯৩২।

ঝাপতাড়া [প্রা ঝম্প>] *বি* বাঁশের তৈরি কপাট বা দ্বার। 'দোকানীরে ঝাপতাড়া বন্ধ করে ঘরে যাবার উদ্যুগ কচ্চে।' *হুতোম*, ১৮৬১।

ঝাপশা [ঝাঁপ>] *বিণ* অস্পষ্ট। 'ঠাণ্ডা হাওয়ায় ঝাপশা আলোয় বুকের মন্দিরে কোন এক নিস্তাপ মধুর আলো বাজছিল।' *মান্নান*, ১৯৬৮।

ঝাপসা [ঝাঁপ>] ১ *বিণ* আবছা। 'পাহাড়গুলোর উপরে মেঘ জ'মে ঝাপসা হয়ে গেছে।' *রবীন্দ্র*, ১৮৮৯। ২ *বিণ* অগোছালো। 'নিরুৎসুক দিনরাত্রির দাগ লেগে অমিতর জীবনটা ঝাপসা।' *রবীন্দ্র*, ১৯২৮। ৩ *বিণ* অশ্রুপূর্ণ হওয়ায় দৃষ্টি অস্পষ্ট। 'চোখ ঝাপসা হয়ে আসে।' *রবীন্দ্র*, ১৯৩২। ৪ *বিণ* অস্ফুট। 'গলার সুরে কী করুণা লাগে ঝাপসা হয়ে।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঝাপা[১] [প্রা ঝম্প>] *ক্রি* ঢাকা; আবৃত করা। **ঝাপি** *ক্রি* ঢেকে। 'সে গাতের মুখ চাপি রাখিলেন্ত পদে ঝাপি।' *সুলতান*, ১৭০০। **ঝাপিআ** *ক্রি* আচ্ছাদন ক'রে। 'বিক্ষ ঝাপিআ লতা অতি মনুহর।' *মালাধর*, ১৫০০। **ঝাপিলেক** *ক্রি* আবৃত করলো। 'গাছের পাত তাহাক ঝাপিলেক।' *বড়ু*, ১৪৫০।

ঝাপা[২] [প্রা ঝম্প] *ক্রি* ঝাঁপ দেওয়া। 'পাখ ফর তবেত ঝাপম।' *সুলতান*, ১৭০০।

ঝাপাই ঝোড়া *বি* গ্রাম্য রসিকতা। 'গ্রাম্য ইতর ভাষায় তাহার নাম ঝাপাই ঝোড়া।' *বঙ্গদর্শন*, ১৮৭২।

ঝাপিনী [স ঝম্প] *বিণ* স্ত্রী ঝাঁপ দেয় এমন। 'লালন বলে রূপের করণ দরশনে রূপ ঝাপিনী।' *লালন*, ১৮৯০।

ঝাপুটে [ঝাপ>] *ক্রিবিণ* জাপটে। 'লাউসেন উলটে ধরিল ঝাপুটে।'

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মানিকরাম, ১৭৮১।

ঝাপ্পাটি [ঝাপ>] *বি* জলে ঝাঁপ দেওয়ার খেলা। 'জলে রে যাইয়া লো ঝাপ্পাটি খেলাই।' *অবন*, ১৯১৯।

ঝাল্লা [ঝাঁপ>] *বি* অস্পষ্টতা। 'তখন সন্ধ্যার ঝাল্লা কাটিয়া গিয়া ...।' *শরৎ*, ১৯১৭।

ঝাবা [হি ঝাব্বা] *বি* ঝালর। 'তেজস্কর চুনী ইত্যাদি নানা বর্ণের প্রস্তর খচিত মুক্তার ঝাবা চতুষ্পার্শ্বে।' *রামরাম*, ১৮০১।

ঝাবুক [হি ঝাব্বা] *বি* ঝাউ গাছ। 'উন্মীব ঝাবুকে জাগে থেকে থেকে সতর্ক শীৎকার।' *সুধীন্দ্র*, ১৯৪০।

ঝামর [পা ঝামক] *বিণ* কালো; ঝামার মতো মলিন। 'শুনি পদ্মাবতী মুখ হইল ঝামর।' *আলাওল*, ১৬৮০।

ঝামা [পা ঝাম] *বি* অতিরিক্ত পেড়ানো ইট অথবা ইটের অংশ। *ওর্সা*, ১৭৮২; 'ভাঙ্গা ইট ইহার মাফিক ঝামা ...।' *ক্যালগে*, ১৭৮৭।

ঝামেলা [হি ঝমেলা] *বি* ঝঞ্ঝাট। 'ঝক্কি নেই, ঝামেলা নেই, বেশ ছিলাম।' *নরেন্দ্র*, ১৯৫৮।

ঝাম্পা, ঝাম্পানো [প্রা ঝম্প>] **১** *ক্রি* আবৃত করা। 'ক্ষেনে চক্ষু প্রকাশয় ক্ষেনে পুন ঝাম্পে।' *আলাওল*, ১৬৮০। **২** *ক্রি* ঝাঁপিয়ে পড়া। 'আপন প্রভুর বুকের উপর ঝাম্পাইতে উদ্যত হইল।' *তারিণী*, ১৮০৩। **ঝাম্পে** *ক্রি* চোখ বন্ধ ক'রে। 'ক্ষেনে চক্ষু প্রকাশয় ক্ষেনে পুন ঝাম্পে।' *আলাওল*, ১৬৮০।

ঝাম্পান [প্রা ঝম্প] *বিণ* প্রশস্ত; বিশাল। 'বুকেতে ঝাম্পান ঢাল যুগল লোচন লাল।' *রামপ্রসাদ*, ১৭৮০।

ঝার [স ঝাট>] *বিণ* আলোকময়। 'পিন্দি অলঙ্কার পুরা এ ঝার পুরীর চূড়া।' *সুলতান*, ১৭০০।

ঝারফুঁক [ঝাড়+ফুঁ>] *বি* তুকতাক। 'কুহকীর ঝাড়ফুঁকে ডুবে গেছে সব।' *জীবন*, ১৯৩২।

ঝারলণ্ঠন [ঝাড়>+ই ল্যানটার্ন] *বি* ঝাড়বাতি; বাতির গুচ্ছ। 'ঝারলণ্ঠনে ময়লা রঙের ঘেরাটোপ পরিয়ে দেয়।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঝারা [স ধারা] *বি* ঝালর। 'মুকুতার ঝারা পাটথোপ দুই পাশে।' *বড়ু*, ১৪৫০।

ঝারি [স ধারা] **১** *বি* জল রাখার বিশেষ পাত্র। 'তৃষ্ণানুরূপ ঝারি ভরি তেঁহো কৈল পান।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'পুরিয়া সুগন্ধি বারি কেহ লয়া জায় ঝারি।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* গাছে পানি দেওয়ার পাত্রবিশেষ। 'ভরি লয়ে ঝারি এনেছ কি বারি সেজেছ কি শুচি দুকূলে।' *রবীন্দ্র*, ১৯১০। **৩** *বি* কিরণধারা। 'উষা আসে হাতে আলোকের ঝারি।' *রবীন্দ্র*, ১৯২৬।

ঝাল [স জ্বালা] **১** *বি* কটু স্বাদ। 'অমৃতনিন্দক পঞ্চবিধ তিক্ত ঝালে।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'দিবে তায় মরিচের ঝাল।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বিণ* ঝাঁঝযুক্ত। 'চিঙড়ীর ঝাল বাগা অমৃতের তার।' *ভারত*, ১৭৬০; 'ঝুনো হইলে জল একটু ঝাল হইয়া যায়।' *বঙ্কিম*, ১৮৭৫। **৩** *বি* তেজ। 'তাঁদের গায়ে মেয়েদের ঝাল আছে।' *নজরুল*, ১৯২৭। **৪** *বি* কঠিন ব্যবহার। 'গিন্নির এরকম ঝাল ছাড়তে হয় মাঝে মাঝে।' *নজরুল*, ১৯২৭। **৫** *বি* বেশি মরিচ দিয়ে রান্না করা ব্যঞ্জন। 'ঝালের বাটি উপচে পড়ে ঝোলে।' *মাহমুদ*, ১৯৭৩।

ঝালচচ্চরি [ঝাল+ধন্যা চচ্চড়ি] *বি* ঝালের চচ্চড়ি। 'ঝালচচ্চরি দিয়া অত্যন্ত মনোযোগের সহিত পান্তাভাত খাইতেছিলেন।' *রবীন্দ্র*, ১৮৯১।

ঝালচানা [ঝাল+স চণক] *বি* ঝাল-মেশানো ছোলা-ভাজা। 'ঝালচানা হলেই চলবে।' *জীবন*, ১৯৩২।

ঝালছিটে [ঝাল>] *বি* সামান্য পরিমাণ ঝাল। 'চানাচুর ভাজায় ঝালছিটের মতো।' *নজরুল*, ১৯৩০।

ঝাল ঝাড়া *ক্রি* মনের ক্ষোভ প্রকাশ করা। 'মধ্যে মধ্যে কবিতায় তাহাদিগের উপর ঝাল ঝাড়িতেন।' *বঙ্কিম*, ১৮৭২; 'সচরাচর লোকে বলিয়া থাকে ঝাল ঝাড়া। অর্থাৎ মনে জ্বালা ধরিলে আর-একজনকে ...।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঝাল-মসলা *বি* ঝাল স্বাদের মসলা। 'জ্বলন্ত চুল্লিতে হাঁক-ডাক ঝাল-মসলা ও খরতর ভাষার ঘণ্ট পাকাইয়া খাইবেন।' *রবীন্দ্র*, ১৮৮৭; 'শুধু ঝালমসলার তীব্র গন্ধ তার নাকে এসে লাগল।' *হাসান*, ১৯৭৪।

ঝাল মেটানো *ক্রি* উষ্মা প্রকাশ করে স্বস্তি লাভ। 'মনের ঝাল মেটাবার উপায় বোধ করি আর-কোনো ভাষাতেই নেই।' *রবীন্দ্র*, ১৯৩৮।

ঝালতা রাং [ঝাল>+স রঙ্গ] *বি* ঝালাই করা টিন বা ধাতু। 'সারা গায়ে মোড়া ঝালতা রাং।' *নজরুল*, ১৯৩০।

ঝালর [স ঝল্লরা] **১** *বি* বস্ত্রাদির কুঞ্চিত বাড়ানো অংশ। *ওর্সা*, ১৭৮৫; 'কিবা তোমার কিরীটবিলম্ভ ঝালর ঝলঝলায়মান!' *বঙ্কিম*, ১৮৭২; 'দোলিত পাখার ঝালর মৃদু মৃদু নড়িতেছে।' *মশাররফ*, ১৮৯০। **২** *বি* কারুকার্যময় ঝুলন্ত ও দোদুল্যমান অংশ। 'শাটীন বস্ত্রেতে সোনা রূপার বুটা ও ঝালর দেওয়া।' *দর্পণ*, ১৮২০।

ঝালরওয়ালা [স ঝল্লরা+হি ওয়ালা] *বিণ* ঝালরবিশিষ্ট। 'জরি-জহরতের ঝালরওয়ালা দেড়-হাত দুই-হাত ঘোমটার আড়ালে আমাদের ...।' *রবীন্দ্র*, ১৯১৪।

ঝালর-ঝোলানো *বিণ* কারুকার্যমণ্ডিত কুঞ্চিত কাপড় ঝুলানো হয়েছে এমন। 'সালুতে-মোড়া ঝালর-ঝোলানো নিশেন-ওড়ানো এক নহবতখানা উঠল।' *রবীন্দ্র*, ১৯২৯।

ঝালা, ঝালানো [ঝাল>] **১** *ক্রি* নতুন ক'রে পরিচিত হওয়া। 'নূতন গৃহিণীর সঙ্গে আলাপটা একবার ঝালিয়ে গেলে হয় না।' *বঙ্কিম*, ১৮৭৩। **২** *ক্রি* কাঁপন ধরানো। 'সমস্ত গ্যাল্ভেনিক ব্যাটরি শীতে ঝালিয়ে যায়।' *জীবন*, ১৯৩৩। **৩** *বি* ঝঙ্কার; সেতার বাজনার শেষ দিকে অত্যন্ত দ্রুত বাদন। 'শিরায় শিরায় সেতারের ঝালা।' *শামসুর*, ১৯৬৬। **৪** *ক্রি* চর্চা করা। 'তরুণ কেউ প্রেমিক এসে নতুন গান ঝালাক।' *মাহমুদ*, ১৯৬৬। **৫** *ক্রি* যাচাই করা। 'যা কিছু ছোঁয় দেখেছি সবি ঝালিয়ে।' *মাহমুদ*, ১৯৭৩।

ঝালাই *বি* জোড়া লাগানোর কাজ। 'দেব-অংশের ঝালাই দিয়ে এর দেহখানা তৈরি।' *রবীন্দ্র*, ১৯২৬।

ঝালাপালা [স জ্বালা>] **১** *বিণ* কর্ণবিদারী শব্দে অস্থির। 'শরীর হইল ঝালাপালা।' *ভারত*, ১৭৬০। **২** *বি* বিরক্তিকর শব্দের মাধ্যমে করা উৎপাত। 'কী শুনাতে এত প্রাতে মরিস ডেকে, এ যে বিষম জ্বালা ঝালাপালা।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঝালাফালা [স জ্বালা>] *বিণ* খুব বিরক্ত। 'এমনি ঝালাফালা হয়ে বসে আছি।' *রবীন্দ্র*, ১৮৯২।

ঝালি, ঝালী [মুণ্ডারি] **১** *বি* বেতের ঝুড়ি। 'সে সব সামগ্রী যত ঝালিতে ভরিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০; 'বাদিয়ার ঝালী বয়ে ফিরি দেশে দেশে।' *জসীম*, ১৯৩৩। **২** *বি* ঝুলন খেলা। 'ঝালি খেলে চণ্ডী সহ সখিগণ।' *মুকুন্দ*, ১৬০০।

ঝালিআরজল [মু ঝালি>+স জল] *বি* মরীচিকা। 'ঝালিআর জল যেন তখনে পালাইল।' *বড়ু*, ১৪৫০।

AMARBOI.COM

ঝালোর [হি ঝল্লরী] *বি* বস্ত্র অথবা অলংকারের কারুকার্যময় ও ঝুলন্ত অংশ। *ওসাঁ*, ১৭৮২। *দ্র* **ঝালর**

ঝি [স দুহিতা] **১** *বি* কন্যা। 'গোআলের বহু ঝি লইআঁ জাইব আঙ্গে।' *বড়ু*, ১৪৫০; 'চৌষট্টি জুগিনী মেলে যুদ্ধ কৈল তোমা ঝিএ দেখ্যা।' *মুকুন্দ*, ১৬০০। **২** *বি* গৃহস্থালি কাজের জন্য নিযুক্ত নারী; পরিচারিকা। 'মনে কচ্ছো ঝি রাখবে?' *গিরিশ*, ১৮৮৯।

ঝি-গিরি [ঝি+ফা গিরি] *বি* পরিচারিকার কাজ। 'ঘুঁটে দিয়ে ঝি-গিরি করে মরলাম।' *মানিক*, ১৯৩৭।

ঝি-বৃত্তি [ঝি+স বৃত্তি] *বি* পরিচারিকার কাজ। 'বাবুদের বাড়ির ঝি-বৃত্তি করলে।' *তারা*, ১৯৪৬।

ঝিয়ের কাজ *বি* পরিচারিকার কাজ। 'মা নিজেদের অংশটায় ঝিয়ের কাজ করছেন।' *তারা*, ১৯৪৩।

ঝিঅর [স দুহিতা] *বি* কন্যা। 'সুক্রবার দিনে গো ঝিঅর করিব হবিস্য।' *রামাই*, ১৭১০।

ঝিআরি, ঝিআরী [স দুহিতা] *বি* ঝি; কন্যা। 'হআঁ তোঁ গোআল ঝিআরী।' *বড়ু*, ১৪৫০; 'ঝিআরি বলিআ তাক করিল সম্ভাসন।' *রামাই*, ১৭১০।

ঝিউ [স দুহিতা] *বি* কন্যা। 'তার ঝিউ হআঁ তোর কেহ্নে হেন চীত।' *বড়ু*, ১৪৫০।

ঝিউড়ি, ঝিউড়ী [স দুহিতা] *বি* কন্যা। 'লুঠিয়া লইল ধন ঝিউড়ী বহুড়ী।' *ভারত*, ১৭৬০; 'কি ঝিউড়ি, কি বউ।' *দীনবন্ধু*, ১৮৬৭।

ঝিক [স শৃঙ্গ] *বি* চুলার উঁচু অংশ, যেখানে হাঁড়ি বসে। *বিদ্যা*, ১৮৯১।

ঝিকা মারা, ঝিঁকে মারা [ধ্বন্যা ঝিকা>] **১** *ক্রি* দাঁড় টানা। 'ঝিঁকে মারতে মাঝিদের কাল ঘাম ছুটবে।' *প্যারী*, ১৮৫৮। **২** *ক্রি* হেঁচকা টান দেওয়া। 'দুই কর্ণধার দুই কর্ণে ঝিকা মারিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

ঝিঁকুর [স কঙ্কর] *বি* কাঁকর। 'তৃণ-ধূলি ঝিঁকুর সব একত্রি করিয়া।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঝিঁঝিট খাম্বাজ [হি ঝিংঝোটী+স ওম্ভা] *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'রাগিণী ঝিঁঝিট খাম্বাজ – তাল আড়া ঠেকা।' *মশাররফ*, ১৮৬৯।

ঝিঁঝিঁ [ধ্বন্যা] **১** *বি* ঝিঁঝিঁ পোকার ডাক। 'ঘাসের মধ্যে ঝিঁঝিঁ ক'রে ...।' *রবীন্দ্র*, ১৯০৩। **২** *বি* ঝিঁঝিঁ শব্দ করে এমন পোকা। *ওসাঁ*, ১৭৮৫; 'ঝিঁঝিঁ পোকা ডাকে।' *রবীন্দ্র*, ১৯০৩।

ঝিঁঝিঁ ধরা *ক্রি* ঝিম ঝিম করা। 'হাতে ঝিঁঝিঁ ধরে যায়।' *ওয়ালী*, ১৯৪৫।

ঝিঁঝিট [হি ঝিংঝোটী] *বি* (সংগীত) রাগিণীবিশেষ। 'রাগিণী ঝিঁঝিট।' *দীনবন্ধু*, ১৮৭৩।

ঝিক *বি* মাটির চুলার তিন চূড়া যার উপর হাঁড়ি বসানো হয়। 'কাঁচা মাটি আনিয়া গড়ি তিন ঝিক।' *কেতকা*, ১৬৫০।

ঝিক ঝিক [ধ্বন্যা] **১** *বি* আলোর চঞ্চল দীপ্তি বা প্রভা প্রকাশ। 'একটি প্রশস্ত জ্যোৎস্নারেখা ঝিক ঝিক করছে।' *রবীন্দ্র*, ১৮৯১। **২** *বিণ* ঝলমল। 'এক-এক জায়গায় একটু-একটু স্বচ্ছ জল ঝিক ঝিক করছে।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঝিকটিক [ধ্বন্যা] *বি* ঝিকিমিকি রং। 'গালের ঝিকটিকগুলো দেখা যাচ্ছিল না।' *গিরিশ*, ১৮৮৭।

ঝিকমিক [ধ্বন্যা] *বিণ* ঝলমল। 'সে স্থানে তেজস্কর ঝিকমিক করে।' *রামরাম*, ১৮০১।

ঝিকা [ধ্বন্যা] *ক্রি* ঝলমল করা। 'নারিকেলদলগুলি কাঁপে বায়ুভরে আলোকে ঝিকিয়া।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঝিকিয়া-ওঠা [ধ্বন্যা ঝিক>] *বিণ* ঝলমল করে এমন। 'আলোতে ঝিকিয়া-ওঠা ঘট কাঁখে পল্লীমেয়েদের/ ঘোমটায় গুণ্ঠিত আলোকে ...।' *রবীন্দ্র*, ১৯৪০।

ঝিকিয়ে ওঠা *ক্রি* হেলেদুলে চলা। 'আঁশটে দুধরাজের মত ঝিকিয়ে উঠছে দোতলার ঘরে।' *জীবন*, ১৯৪৮।

ঝিকিঝিক [ধ্বন্যা] *বি* উজ্জ্বল। 'গায়ে আলো করে ঝিকিঝিক।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঝিকমিকানি [ধ্বন্যা ঝিকমিক>] *বি* ঝিকমিক করার ভাব। 'সাইকেলের ঝিকমিকানিটাকে ভোজালির ঝলসানির মত।' *জীবন*, ১৯৪৮।

ঝিকমিকি [ধ্বন্যা ঝিকমিক>] *বি* উজ্জ্বলতা। 'রাধিকার রত্ন-অলংকারের ঝিকমিকি।' *অবন*, ১৯২৫।

ঝিকিমিকি, ঝিকীমিকী [ধ্বন্যা ঝিকমিকা] **১** *বি* উজ্জ্বলতা। 'কাপার কপালে চাঁদ চন্দনের ঝিকিমিকি।' *জ্ঞান*, ১৬০০। **২** *বিণ* উজ্জ্বল। 'কণ্ঠেতে সোনার হার করে ঝিকীমিকী।' *মুকুন্দ*, ১৬০০। *বি* ঝলমল। 'সায়াহ্নকিরণ জলে করিত গো ঝিকিমিক।' *রবীন্দ্র*, ১৮৮৪। *বিণ* ঝলমলে। 'মাঝে মাঝে সুর জেগে ওঠে ... ঝিকিমিকি আলোয় ছায়ায়।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঝিঙা, ঝিঙে [মু ঝিঙ্গা, স ঝিঙ্গকা] *বি* সবজি বিশেষ। *বিদ্যা*, ১৮৯১: 'ঝিঙা না ভাজিয়া ভাজিলে ঝিঙ্গা ছন্দ ফুঁকিবে শিঙ্গা।' *রবীন্দ্র*, ১৯১৫; 'ঝিঙে ফুল! ঝিঙে ফুল।' *নজরুল*, ১৯২৬: 'ঘরের ওধারে জাংলার পরে ঝিঙা ও সিমের লতা।' *জসীম*, ১৯৫১।

ঝিঙে ফুল *বি* ঝিঙে লতার ফুল। 'সবুজ পাতার দেশে ফিরোজিয়া ঝিঙে ফুল।' *নজরুল*, ১৯২৬।

ঝিঙুর [হি] *বি* ঝিঁঝি পোকা। 'ঝিঙুরে শিখিনী ভেক পাপিয়ার রোলে।' *আলাওল*, ১৬৮০।

ঝিঙ্গা [মু ঝিঙ্গা, স ঝিঙ্গাকা] *বি* সবজিবিশেষ। 'নারিকেল দিয়া রান্ধিলেক ঝিঙ্গা।' *বিজয়*, ১৬৫০; 'ঝিঙ্গা না ভাজিয়া ভাজিলে ঝিঙ্গা ছন্দ তখনি ফুঁকিবে শিঙ্গা।' *রবীন্দ্র*, ১৯১৫।

ঝিঙ্গে [স ঝিঞ্ঝী] *বি* ঝিঁঝি। 'পাও ঝিঙ্গে হইতে।' *মানোএল*, ১৭৪৩।

ঝিঙ্গে [মু ঝিঙ্গা, স ঝিঙ্গাকা] *বি* সবজিবিশেষ। 'ঝিঙ্গে লাউ কুমড়োর পুল।' *ওয়ায়দুল্লাহ*, ১৯৭৪।

ঝিঝি [স ঝিঞ্ঝী] **১** *বি* ঝিঁঝি পোকা। *মানোএল*, ১৭৪৩। **২** *বিণ* নিদ্রিত; জড়। *মানোএল*, ১৭৪৩।

ঝিটি [স ঝিণ্টী] *বি* গুল্ম বিশেষ। 'আহড় বিহড়ে চুণ্ডে ঝাউ ঝিটি ঝাকনা গহন।' *মুকুন্দ*, ১৬০০।

ঝিণ্টী [স] *বি* ঝাঁটি ফুল বা গাছ। 'কিংশুক ধাতকী ঝিণ্টী তোলে মুচকুন্দ।' *রামপ্রসাদ*, ১৭৮০।

ঝিনই, ঝিনাই [স শুক্তিক] *বি* ঝিনুক। *মানোএল*, ১৭৪৩।

ঝিনঝিন [ধ্বন্যা] **১** *বি* অব্যাহত ঝিনঝিন শব্দ। *বিদ্যা*, ১৮৯১। **২** *বি* রক্ত চলাচল বন্ধের কারণে কোনো প্রত্যঙ্গের ঝিমঝিম অনুভূতি। 'কোমর টন টন করছে, পা ঝিন ঝিন করছে।' *রবীন্দ্র*, ১৮৯১। **৩** *বি* সেতারের ধ্বনি। 'ঝিনি ঝিনি ঝিন ঝিন ইমনকল্যাণ বাজিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঝিনি ঝিনি [ধ্বন্যা] **১** *বি* ঘণ্টার ধ্বনি। 'চলেছে গোরুর গাড়ি, ঝিনি ঝিনি ঘণ্টা তারি বাজে।' *রবীন্দ্র*, ১৮৯০। **২** *বি* সেতারের ধ্বনি। 'ঝিনি ঝিনি ঝিন ঝিন ইমনকল্যাণ বাজিতে লাগিল।' *রবীন্দ্র*,

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯০৭। ৩ *বি* ঝিঁঝি পোকার ডাক। 'ঝিল্লির ঝিমানি-ঝিনিঝিনি/ শুনি যেন মোর প্রতি রক্ত-বিন্দু-মাঝে।' *নজরুল*, ১৯২৪।

ঝিনুক [স শুক্তিক] ১ *বি* শামুকের মতো শক্ত খোলা বিশিষ্ট ক্ষুদ্র জলজ প্রাণী; শুক্তি। *ওসাঁ*, ১৭৮৫; 'সমুদ্রের তলদেশে, স্থানে স্থানে একজাতীয় বড় শুক্তি বা ঝিনুক আছে।' *বিদ্যা*, ১৮৫১। ২ *বি* ধাতুনির্মিত ঝিনুকাকৃতি চামচ। 'দুধ খাওয়াইবার পিতলের ঝিনুকটি তুলিয়া রাখিয়াছিল।' *মানিক*, ১৯৪০। ৩ *বিণ* সামান্য পরিমাণ। 'পুত্র মোর দুধ পায় নাই এক ঝিনুক।' *নজরুল*, ১৯৪১।

ঝিনুকবাটি [স শুক্তিক+স বাটি] *বি* শিশুদের খাওয়ানোর কাজে ব্যবহৃত ঝিনুকের তৈরি বাটি। 'দোলা, চুষিকাটি, ঝিনুকবাটি, মায়ের কোল ...।' *বিভূতি*, ১৯৩১।

ঝিম [ধ্বন্যা] *বি* ক্লান্তিজনিত অবসন্নতা। 'ঝিম ছাড়ি মন আর কাজেত না যাএ।' *সুলতান*, ১৭০০।

ঝিমকিনি [ধ্বন্যা ঝিম>] *বি* ঝিমানি। 'এক একবার ঝিমকিনি ভাংলে মনে কচ্চেন যেন উড়চি।' *হুতোম*, ১৮৬১।

ঝিম ঝিম [ধ্বন্যা] ১ *বি* নেশাদ্রব্য গ্রহণের ফলে আচ্ছন্নতার ভাব। 'ঝিম ঝিম ঝুম ঝুম ঝুম ... মাথা টলছে, বুকটায় হাত দাও।' *গিরিশ*, ১৮৮৯। ২ *বি* শিহরণ নির্দেশক অনুভূতি। 'মানসম্ভ্রম যা-কিছু ছিল সমস্ত যেন ঝিম ঝিম করে আমার গা বেয়ে নেবে গিয়ে ...।' *রবীন্দ্র*, ১৯১৫। ৩ *বি* নূপুরের শব্দ। 'ঝিমঝিম রিমঝিম – রিমিরিমি রিম ঝিম বাজে পাঁইজোর।' *নজরুল*, ১৯২৪।

ঝিমধরা *বিণ* ঝিম মেরে থাকে এমন। 'ঝিমধরা রেলগাড়ি সর্পিল গতিতে এসে পৌঁছয়।' *ওয়ালী*, ১৯৪৮।

ঝিমঝিমানি [ধ্বন্যা ঝিম>] *বি* দুর্বলতা বা মানসিক চাপে সৃষ্ট এক ধরনের শারীরিক অবস্থা। 'মাথার ঝিমঝিমানি বাড়িয়া গিয়াছে।' *মানিক*, ১৯৩৯।

ঝিমন্ত [ধ্বন্যা ঝিম>] *বিণ* ঘুমের আবেশে ঢুলছে এমন। 'মধ্যদিনের আকাশ আমার হয়েছে তন্দ্রাতুরা, ঝিমন্ত।' *ফররুখ*, ১৯৪৬।

ঝিমমারা *বিণ* ঝিমিয়ে আছে এমন; নিস্তব্ধ। 'দুপাশে ঝিমমারা ঘর বাড়ী, দহলিজ।' *হাফিজুর*, ১৯৫৩।

ঝিমানি [ধ্বন্যা ঝিম>] *বিণ* ক্লান্তিপূর্ণ। 'ঝিল্লির ঝিমানি-ঝিনিঝিনি/ শুনি যেন মোর প্রতি রক্ত-বিন্দু-মাঝে।' *নজরুল*, ১৯২৪।

ঝিমায়িত *বিণ* ঝিমোচ্ছে এমন। 'নিদ্রিত সভাপতি ও ঝিমায়িত সদস্যদের দৃষ্টি আকর্ষণ।' *মনসুর*, ১৯৩৫।

ঝিমি ঝিমি [ধ্বন্যা ঝিম>] *বিণ* রাতের নিস্তব্ধতায় যে শব্দ শোনা যায় তেমন। 'চাঁদের আলোয় শুভ্র তনু, ঝিমি ঝিমি গীত।' *রবীন্দ্র*, ১৯০৩।

ঝিমিক ঝিম [ধ্বন্যা ঝিম>] *বি* নাচের তাল। 'রিমিক ঝিম ঝিমিক ঝিম।' *নজরুল*, ১৯২৩।

ঝিমুনি [ধ্বন্যা ঝিম>] *বি* ঘুমের আবেশে ঢুলুনি। 'আমাদের সুখ ঝিমুনিতে।' *প্রমথ*, ১৯০২।

ঝিমুনো [ধ্বন্যা ঝিম>] *ক্রি* নেশা বা তন্দ্রার আবেশে চোখ বন্ধ ক'রে ঢোলা। 'আমি বসে থাকি। শরীর ঝিমুচ্ছে।' *গিরিশ*, ১৮৮৯।

ঝিমা, ঝিমানো [ধ্বন্যা ঝিম>] ১ *ক্রি* ঘুমে ঢুলে পড়া। 'ঝিমাইতে।' *মানোএল*, ১৭৪৩। ২ *ক্রি* ঝি ঝি ধরা; খিল ধরা। *মানোএল*, ১৭৪৩। ৩ *ক্রি* মাথা ঘোরা। *ওসাঁ*, ১৭৮৫। ৪ *ক্রি* ঘুমানো। 'হিমের রাতে আমরা জাগি আমরা কভু ঝিমাই নে।' *সত্যেন্দ্র*, ১৯১৬। ৫ *বিণ* ঘুম ধরিয়ে দেয় এমন। 'একটা ঝিমানো সুর এসে কানে ফিসফিস করে।' *শামসুল*, ১৯৬২। **ঝিমে** *ক্রি* ক্লান্তিতে অবসন্ন থাকে। 'খারিয়া রাখহ মন ঝিমে অনুক্ষণ।' *সুলতান*, ১৭০০।

ঝিমিয়ে নেওয়া *ক্রি* বিশ্রাম নেওয়া। 'চলব সারারাত, মাঝে মাঝে নেব ঝিমিয়ে।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঝিমিয়ে-পড়া *বিণ* স্তিমিত। 'এ জায়গাটা ঝিমিয়ে-পড়া ঝাপসা চেতনার দেশ।' *রবীন্দ্র*, ১৯৪০।

ঝিয়ারি, ঝিয়ারী [স দুহিতা] *বি* কন্যা। 'রাজার ঝিয়ারী বয়সে কিশোরী।' *দ্বিজী*, ১৬০০; 'কোন রাক্ষসের পুরে ঘুমাইত রাজার ঝিয়ারি।' *রবীন্দ্র*, ১৮৮৬।

ঝিরঝির [ধ্বন্যা] ১ *বি* বৃষ্টি পড়ার শব্দ। 'ধ্বন্যাত্মক শব্দ ঝিকঝিক ঝিকমিক ঝিকিমিকি ঝিনঝিন ঝিরঝির ...।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* ধীরগতিতে জল প্রবাহিত হওয়ার শব্দ। 'একটুখানি জল ঝির ঝির করে বয়ে যাচ্ছে।' *রবীন্দ্র*, ১৯২৮।

ঝিরঝিরে [ধ্বন্যা ঝিরঝির>] *বিণ* মৃদু বেগে প্রবাহিত। 'সকাল বেলাকার এই ঝিরঝিরে বাতাস।' *রবীন্দ্র*, ১৮৯১।

ঝিরি ঝিরি [ধ্বন্যা] ১ *ক্রিবিণ* ঝিরঝির শব্দ ক'রে। 'তাই ঝুরু ঝুরু ঝিরি ঝিরি নদী বাহিরিল ধীরি ধীরি।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *ক্রিবিণ* ঝিরঝির করে। 'কাঁপে ঝিরিঝিরি বাতাসের শাড়ি।' *নীরেন*, ১৯৫০। ৩ *বিণ* মৃদুমন্দ বেগে বাতাস প্রবাহিত হয় এমন। 'ঝিরিঝিরি ফাল্গুনের পরে বৈশাখের সুখের শিখর।' *বুদ্ধ*, ১৯৫৫।

ঝিল [ঝাঁঝিল্ল] *বি* জলাশয়। *মানোএল*, ১৭৪৩; 'ঝিল হইতে জলসেচনের ঘড়া ...।' *দর্পণ*, ১৮৩৫।

ঝিলবিল [প্রা ঝিল্ল+স বিল] *বি* ঝিল ও বিল। 'নদীনদে, ঝিলবিল হ্রদে, মাছ ধ'রে খায় মালা জেলে।' *গুপ্ত*, ১৮৫৮।

ঝিলকানো [ধ্বন্যা ঝিল>] *ক্রি* ঝিলিক দেওয়া। 'তবু তার আঙুলের পঞ্চমুদ্রার বঙ্কিম ভঙ্গিতে বিধাতা ঝিলকিয়ে ওঠেন হঠাৎ।' *শঙ্খ*, ১৯৫৫; 'এ হৃদয় যেন ঝিলকিয়ে কখনো উঠতে চায়।' *মাহমুদ*, ১৯৬৬।

ঝিলম *বি* কাশ্মীরের নদীবিশেষ। 'সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা।' *রবীন্দ্র*, ১৯১৬।

ঝিলমিল [ধ্বন্যা] ১ *বি* জানালার খড়খড়ি। 'ঝিলমিল শার্সি কে ভাঙিয়া লইয়া গিয়াছে।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *ক্রি* ঝিলমিল করে ওঠা। 'রোদ উঠেছে ঝিলমিলিয়ে।' *রবীন্দ্র*, ১৯২২।

ঝিলিমিলি[১] *বি* জানালার খড়খড়ি। 'তোমার বাতায়নের ঝিলিমিলি খুলে রেখো।' *নজরুল*, ১৯৩০।

ঝিলিমিলি[২] [ধ্বন্যা] ১ *বি* উজ্জ্বলতা প্রকাশক ভাব। 'ঝিলিমিলি করে পাতা।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* ঝিলঝিল করে এমন। 'সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা।' *রবীন্দ্র*, ১৯১৬।

ঝিলিক [স ঝলক] *বি* চমক; ঝলক। 'সূর্য যেথায় অস্তে নামে ঝিলিক মারে মেঘে।' *রবীন্দ্র*, ১৯০০।

ঝিলিক-দেওয়া *বিণ* ঝিলিক দিয়ে ওঠে এমন। 'ঝিলিক-দেওয়া ব্যথা।' *মানিক*, ১৯৩৬।

ঝিলিক মিলিক *বি* ঝিলিমিলি। 'কোন সাগরের ঝিলিক মিলিক।' *জসীম*, ১৯৪৯।

ঝিলিক হানা *ক্রি* মুহূর্তের জন্যে আলোতে চোখ ধাঁধিয়ে দেওয়া। 'ঝিলিক হানে চোখে।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ঝিল্লি, ঝিল্লী [স] *বি* ঝিঁঝি পোকা। 'ঝিল্লিরবে একমন্ত্র জপিতেছে তাপসিনী নিশি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

AMARBOI.COM

ঝিল্লিঝংকৃত [স] *বিণ* ঝিঁঝিঁ পোকার শব্দে মুখরিত। 'ঝিল্লিঝংকৃত রাত।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঝিল্লিঝঙ্কৃত [স] *বিণ* ঝিঁঝিঁ পোকার শব্দে মুখরিত। 'ঝিল্লিঝঙ্কৃত নিশীথে পথে যেতে বাঁশরিতে শেষ গান পাঠাব।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঝিল্লিঝনক [স] *বিণ* ঝিঁঝিঁ পোকার শব্দবিশিষ্ট। 'আষাঢ়ের ঝিল্লিঝনক রাত্রে।' *রবীন্দ্র*, ১৯৩৬।

ঝিল্লিধ্বনি [স] *বি* ঝিঁঝিঁ পোকার শব্দ। 'কেবল ঝিল্লিধ্বনি শোনা যায়।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঝিল্লিমন্দ্র [স] *বি* ঝিঁঝিঁ পোকার শব্দ। 'ঝিল্লিমন্দ্রে তন্দ্রাপূর্ণ জলস্থল শূন্যতল।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঝিল্লিমন্দ্রিত [স] *বিণ* ঝিঁঝিঁ পোকার শব্দে মুখরিত। 'ঝিল্লিমন্দ্রিত খদ্যোতখচিত বনের পার্শ্বে নৌকা বাঁধিত।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঝিল্লিমুখর, ঝিল্লীমুখর [স] *বিণ* ঝিঁঝিঁ পোকার শব্দে মুখরিত। 'ঝিল্লীমুখর পল্লীভবন।' *সত্যেন্দ্র*, ১৯১১; 'ঝিল্লিমুখর বেণুবীথিকার ছায়ে।' *রবীন্দ্র*, ১৯৩২।

ঝিল্লিরন্ধ্র [স] *বি* চামড়ার পাতলা আবরণে যে ক্ষুদ্র ক্ষুদ্র কূপ থাকে। 'অসংখ্য ঝিল্লিরন্ধ্রে যাদের গোপন বাসর।' *কায়সার*, ১৯৬২।

ঝিল্লিরব [স] *বি* ঝিঁঝিঁ পোকার শব্দের মতো একটানা ধ্বনি। 'ঝিল্লিরবে একমন্ত্র জপিতেছে তাপসিনী নিশি।' *রবীন্দ্র*, ১৮৮৩।

ঝিল্লিস্বন [স] *বি* ঝিঁঝিঁ পোকার ডাক। 'ঝিল্লিস্বনে তরুমূল-অন্ধকার কাঁপিছে সঘনে বীণার তন্ত্রীর মতো।' *রবীন্দ্র*, ১৮৯৯।

ঝিল্লিস্বর [স] *বি* ঝিঁঝিঁ পোকার শব্দ। 'পাখি-গান নাই, আছে ঝিল্লিস্বর।' *রবীন্দ্র*, ১৯৪৫।

ঝিহি [স ঝিঞ্ঝী] *বি* ঝিঁঝিঁ পোকা। *মানোএল*, ১৭৪৩।

ঝী [স দুহিতা] *বি* কন্যা; দুহিতা। 'আর জাইতে না পাইবে গোয়ালার ঝী।' *বড়ু*, ১৪৫০।

ঝুঁকা [হি ঝুক] **১** *ক্রি* ঝাঁপিয়ে পড়া। 'একেবারে ঝুঁকে পড়ে কুক্কুর সকল।' *গরীব*, ১৭৬৫। **২** *ক্রি* হেলা। 'পাহাড় সমুদ্রের জলের উপর খুব ঝুঁকে পড়েছে।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঝুঁকিয়া পড়া *ক্রি* আকৃষ্ট হওয়া। 'শ্রীমতি ... দিকে, কাজেই, ঝুঁকিয়া পড়িলাম।' *মাহেনও*, ১৯৪৯।

ঝুঁকি [হি ঝোংকি] **১** *বি* ভার; দায়িত্ব। 'কেহ এমন ভয়ানক কপাল পরীক্ষার ঝুঁকি লইলেক না।' *তারিণী*, ১৮০৩। **২** *বি* তত্ত্বাবধান। 'দর্পণের এইক্ষণকার সম্পাদক যে ব্যক্তি কেবল সেই ব্যক্তির ঝুঁকিতেই ষোল বৎসরেরও অধিক হইল।' *দর্পণ*, ১৮৩৪।

ঝুঁকী [হি ঝোংকি] *বি* বিপদের আশঙ্কা থাকা। *ওসাঁ*, ১৭৮২।

ঝুঁটা[১] [স জুট] *বি* ঝুঁটি। 'সক্রোধ তপলোক ব্যাপিলেক ঝুঁটা।' *মালাধর*, ১৫০০।

ঝুঁটা[২], **ঝুঁটো** [হি জুঠা] **১** *বি* মিথ্যা। 'ঝুঁটা।' *ভবানী*, ১৮২৩। **২** *বিণ* নকল। 'পৃথিবীর ছোটো এবং বড়ো, খাঁটি এবং ঝুঁটা, সমস্ত বড়োত্বের গৌরস্থান করিয়া রাখিতে পারি না।' *রবীন্দ্র*, ১৯০২।

ঝুঁটি [স জুট] **১** *বি* খোঁপা। *বিদ্যা*, ১৮৯১। **২** *বি* চূড়া ক'রে বাঁধা চুল। 'ঝুঁটি খুলে দিয়ে মনোযোগের সঙ্গে উকুন বাছতে আরম্ভ করে দিলে।' *রবীন্দ্র*, ১৮৯১। **৩** *বি* মূলার মুখের কাছের পাতার গুচ্ছ। 'মূলার ঝুঁটি ঝুলিয়ে নাকে।' *সুকুমার*, ১৯২০। **৪** *বি* মাথায় গজানো মাংসপিণ্ডবিশেষ। 'লাল ঝুঁটিওয়ালা মুরগিটা।' *ওয়াশী*, ১৯৪৮।

ঝুঁটিওয়ালা *বিণ* ঝুঁটিযুক্ত। 'লাল ঝুঁটিওয়ালা মুরগিটা।' *ওয়াশী*, ১৯৪৮।

ঝুঁটো *দ্র* **ঝুঁটা**

ঝুঁটোপুটি [হি ঝোংটা>] *বি* ঝামেলা। 'তার পর থেকে ঝুঁটোপুটি চলল।' *রবীন্দ্র*, ১৯১৫।

ঝুপড়ি [প্রা ঝুম্পড়া] *বি* কুটির। *মানোএল*, ১৭৪৩।

ঝুট [হি] *বি* মিথ্যা কথা। 'পাগলাই না করিহ না ছাড়হ ঝুট।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঝুটবাত [হি] *বি* মিথ্যা কথা। 'ওফাত হয়েছে? ঝুটবাত! আলবত!' *নজরুল*, ১৯২৮।

ঝুটমুট *ক্রিবিণ* মিছামিছি। 'ঝুটমুট ক্যান চইলা যান, শুনলেন না ত!' *মাহেনও*, ১৯৪৯।

ঝুটা[১], **ঝুটো** [হি] **১** *বি* উচ্ছিষ্ট খাবার। 'বৈষ্ণবের ঝুটা খাও ছাড়ি ঘৃণা লাজ।' *কৃষ্ণদাস*, ১৫৮০। **২** *বি* মিথ্যা। *মেয়র্স*, ১৭৫৭; 'কস্য কালে জেয়াদা জাহির করি ঝুটা।' *হ্যালহেড*, ১৭৭২; 'যে কথা নিজে সম্পূর্ণ বিশ্বাস করেন না কিংবা ঝুটো বলে জানেন।' *প্রমথ*, ১৯০৫। **৩** *বিণ* নকল; আসল নয় এমন। 'প্রবাল আসল ও ঝুটা।' *ক্যালগে*, ১৭৮৪; 'টাকা দিতে চায় না, কে নাকি বলেছে ঝুটো গহনা।' *গিরিশ*, ১৮৮৯।

ঝুটা[২] [স জুট>] *বি* চুলের বেণী; খোঁপা। 'ঝুটা মুকুতার লতা লোলক সহিত।' *ভবানী*, ১৮২৫।

ঝুটাপুটি, ঝুটোপুটি [স জুট>] **১** *বি* চুলাচুলি; তর্কাতর্কি। 'সমাজে ও সমাজের কলে মাঝে-মাঝে ঝুটাপুটি বাধিয়া যায়।' *রবীন্দ্র*, ১৯০৫। **২** *বিণ* জাপটাজাপটিপূর্ণ। 'তার সঙ্গে একবার ঝুটোপুটি লড়াই করে দেখেছি।' *রবীন্দ্র*, ১৯১৫।

ঝুটো *দ্র* **ঝুটা**

ঝুঠা [হি ঝুটা] *বিণ* মিথ্যা। *মানোএল*, ১৭৪৩।

ঝুড়ি[১] [মুণ্ডারি] *বি* বাঁশ বা বেতের তৈরি পাত্র। 'হাথে নড়ি কাখে ঝুড়ি।' *মুকুন্দ*, ১৬০০।

ঝুড়ি ঝুড়ি [মুণ্ডারি ঝুড়ি>] *বিণ* প্রচুর। 'আমরা ঝুড়ি ঝুড়ি মিথ্যা কথা কহি ...।' *প্যারী*, ১৮৫৮।

ঝুড়ি[২] *বি* গালা। *মানোএল*, ১৭৪৩।

ঝুড়েন [স ঝাট্>] *বি* ঝাঁটা। *মানোএল*, ১৭৪৩।

ঝুণা[১] [স জীর্ণ] *বি* একপ্রকার মসলিন কাপড়। 'এগুলোর নাম হচ্ছে ঝুণা, রঙ, সরকারে আলী, খাসা, সবনাম।' *মাহেনও*, ১৯৪৯।

ঝুণা[২] [হি ঝিণা] *বিণ* সূক্ষ্ম। 'ঝুণা শব্দটা এসেছে হিন্দী ঝিণা থেকে।' *মাহেনও*, ১৯৪৯।

ঝুন্টি *বি* ঝুঁটি। 'দেখছ নেড়ে ঝুন্টি ধরে বাচ্চা কেমন চটপটে।' *সুকুমার*, ১৯১৮।

ঝুনঝুন [ধ্বন্যা] *বি* ধাতব পদার্থে ঠোকা লাগার শব্দ। 'প্লেট কাঁটা চামচের মধ্যে টুংটাং ঝুন ঝুন চলছেই।' *রবীন্দ্র*, ১৮৯৫।

ঝুনঝুনি [ধ্বন্যা ঝুনঝুন] **১** *বি* নূপুরের মতো ঝুন ঝুন শব্দ। 'যে পথে পলায় শশকেরা শুনি ঝরনার ঝুনঝুনি।' *নজরুল*, ১৯২৯। **২** *বি* ঝুনঝুন শব্দ করে এমন ঘন্টি। 'রাস্তায় দেখি ফেরিঅলা একটা ঠেলায় পিরিচ-পেয়ালায় দোকান সাজিয়ে ঝুনঝুনি বাজিয়ে চলেছে।' *রশীদ*, ১৯৬৩।

ঝুনা, ঝুনো [স জীর্ণ] **১** *বিণ* (নারকেলের বেলায়) পাকা। 'মাকড়ের

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হাথে যেহ্ন ঝুনা নারীকল।' *বঢু*, ১৪৫০। ২ *বিণ* মানসিকভাবে পরিপক্ব। 'আমার এ ঝুনো মাথায় বিনুর দন্তস্ফুট করবার জো নেই।' *রবীন্দ্র*, ১৮৯২। ৩ *বিণ* বয়স্ক। 'অত্যন্ত ঝাঁজালো ঝুনো অ্যাংলো-ইণ্ডিয়ানের সঙ্গে আমাকে ..।' *রবীন্দ্র*, ১৮৯১। ৪ *বিণ* পুরানো। 'একটা ঝুনো বাসার দরজায় কড়া নাড়তে ...।' *ওয়ালী*, ১৯৪২।

ঝুপ [ধ্বন্যা] *বি* দ্রুততা নির্দেশক শব্দ। 'ঝুপ করিয়া আসিয়া সামনে বসিল।' *বঙ্কিম*, ১৮৭৫।

ঝুপঝাপ [ধ্বন্যা] ১ *বিণ* কঠিন বস্তু জলে পড়ার ভাবপ্রকাশক। 'পাড় ভাঙার অবিশ্রাম ঝুপঝাপ শব্দ।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *ক্রিবিণ* ঝুপঝাপ শব্দ ক'রে। 'কত বড়ো পাথরের চাপ জলে খসে পড়ে ঝুপঝাপ।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঝুপ ঝুপ [ধ্বন্যা] ১ *ক্রিবিণ* অব্যাহত ঝুপ শব্দ ক'রে। 'ঝুপ ঝুপ জলের উপরে মাছ তোলে।' *রূপরাম*, ১৭৫০। ২ *বিণ* বৃষ্টি পড়ার ভাবপ্রকাশক। 'ঝুপ-ঝুপ শব্দ আর ঝরঝর পাতা।' *রবীন্দ্র*, ১৮৯০। ৩ *বি* পানিতে মাটি ভেঙে পড়ার শব্দ। 'নদীর তীব্র স্রোতে তীর থেকে ক্রমাগতই ঝুপ ঝুপ করে মাটি খসে পড়ছে।' *রবীন্দ্র*, ১৮৯১। ৪ *বি* পানিতে ক্রমাগত ডুবার শব্দ। 'ঝুপ ঝুপ করিয়া দ্রুতবেগে কতকগুলা ডুব পাড়িয়া চলিয়া যাইত।' *রবীন্দ্র*, ১৯১২।

ঝুপঝুপিয়ে *ক্রিবিণ* ঝুপঝুপ শব্দ ক'রে। 'ঝুপঝুপিয়ে বৃষ্টি যখন/ বাঁশের বনে পড়ে।' *রবীন্দ্র*, ১৯০৩।

ঝুপকি [প্রা ঝুম্পডা] *বি* ঝোপ। 'নদীতীরে ঝুপকি হইয়া থাকা গোলগাছের সবুজ সারিও ...।' *বিভূতি*, ১৯৩১।

ঝুপড়ি [প্রা ঝুম্পডা] *বি* ছোটো ঘর। 'ঝুপড়ি বান্ধিআ এক পাশে।' *মুকুন্দ*, ১৬০০।

ঝুপড়ি ঘর *বি* এক ধরনের কুঁড়েঘর। 'এক নেকড়িয়া এক ঝুপড়ি ঘরের ভিতর ...।' *তারিণী*, ১৮০৩।

ঝুপরি [প্রা ঝুম্পডা] *বি* ঝুপড়ি; ডালপালা, লতাপাতা দিয়ে তৈরি কুঁড়েঘর। 'ঘরতো নয় ঝুপরি।' *মাহেনও*, ১৯৪৯।

ঝুপসি [প্রা ঝুম্পডা] ১ *বি* ঝুপড়ি। 'ঝুপসির ভিতরে, অন্যান্য নৌকোর কাছে, জঙ্গলের গন্ধ।' *রবীন্দ্র*, ১৮৯১। ২ *বি* পোটলা। 'ভিজিয়া ঝুপসি হইতেছে।' *বিভূতি*, ১৯৩৮। ৩ *বি* গাছবিশেষ। 'ঝুপসি গাছের ডাল।' *বিভূতি*, ১৯৩৮।

ঝুপসি অন্ধকার [প্রা ঝুম্পডা+স অন্ধকার] *বি* ঘোর অন্ধকার। 'পিচুগাছগুলোর তলায় ঝুপসি অন্ধকারে শুকনো পাতায় ওরা একটা সর-সর শব্দ শুনতে পেল।' *সুনীল*, ১৯৭০।

ঝুপি [প্রা ঝুম্পডা] *বি* তৃণনির্মিত কুটির। *বিদ্যা*, ১৮৯১।

ঝুল্লা *বি* ঝুটি। 'কাল ঝুল্লাটি হাওয়ায় উড়িতেছে।' *মনসুর*, ১৯৫৩।

ঝুবড়ি [প্রা ঝুম্পডা] *বি* কুটির। *ওসা*, ১৭৮৫।

ঝুমক [ধ্বন্যা] *বি* ঝুমুর। 'হাসি খেলি সকলে ঝুমক গায় গীত।' *আলাওল*, ১৬৮০।

ঝুমকা, ঝুমকো [ধ্বন্যা] ১ *বি* ঝুমকা ফুলের মতো কানের অলঙ্কারবিশেষ। 'তাবিজ, বাজু, স্বর্ণ, পঙ্খনরি, পাসা, ঝুমকা, ইত্যাদি পরেন।' *ভবানী*, ১৮২৮। ২ *বি* ঘণ্টার মতো দোলায়মান এক প্রকার ফুল। 'কুটিরেতে বেড়ার পরে দোলে ঝুমকালতা।' *রবীন্দ্র*, ১৯০৬; 'আপন রং ঘুচাল ঝুমকোলতা।' *রবীন্দ্র*, ১৯২৭।

ঝুমকালতা, ঝুমকোলতা [ধ্বন্যা ঝুমকা+স লতা] *বি* ঝুমকো ফুলের লতা। 'কুটিরেতে বেড়ার পরে দোলে ঝুমকালতা।' *রবীন্দ্র*, ১৯০৬; 'আপন রং ঘুচাল ঝুমকোলতা।' *রবীন্দ্র*, ১৯২৭।

ঝুমকো-জবা [ধ্বন্যা ঝুমকা+স জবা] *বি* ঝুমকা ফুলের আকৃতিবিশিষ্ট জবা ফুল। 'ঝুমকো-জবা দোলায় দুল।' *সত্যেন্দ্র*, ১৯১১।

ঝুমকি [ধ্বন্যা ঝুম>] *বি* ঝুমঝুমি। 'তালিবন ঝুমকি বাজায়।' *নজরুল*, ১৯২৮।

ঝুমঝুম [ধ্বন্যা] ১ *বি* বৃষ্টি পড়ার শব্দ। 'ধ্বন্যাত্মক শব্দ ... ঝিরঝির ঝুনঝুন ঝুপঝুপ ঝুমঝুম।' *রবীন্দ্র*, ১৯০৮। ২ *বি* নূপুরের পুনঃপুন ধ্বনি। 'ঝুম ঝুম ঝুমরা নাচ নেচে কে এল গো।' *নজরুল*, ১৯৩৫। ৩ *ক্রিবিণ* ঝুমঝুম শব্দ ক'রে। 'রানার ছুটছে তাই ঝুমঝুম ঘণ্টা বাজছে রাতে।' *সুকান্ত*, ১৯৪৮।

ঝুমঝুমি [ধ্বন্যা ঝুমঝুম>] ১ *বি* নদীবিশেষ। 'ধাইল ঝুমঝুমি করিআ দামাদামী।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* শব্দ করে এমন খেলনাবিশেষ। 'ঝুমঝুমি বাজিতেছিল।' *রবীন্দ্র*, ১৯১৪।

ঝুমঝুমিয়ে [ধ্বন্যা ঝুমঝুম>] *ক্রিবিণ* ঝুমঝুম ক'রে। 'নিশুতি রাত ঝুমঝুমিয়ে আর্তনাদের বর্শা এল ছুটে।' *শঙ্খ*, ১৯৫৫।

ঝুমরা নাচ [ধ্বন্যা ঝুমুর+নাচ] *বি* ঝুমুর নাচ। 'ঝুম ঝুম ঝুমরা নাচ নেচে কে এল গো।' *নজরুল*, ১৯৩৫।

ঝুমরো [মু ঝোলা] *বিণ* ঝুলন্ত। 'ঝুমরো বটের ঝুরি মোদের ঝুলনের ঝোলা।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

ঝুমা [মু ঝোলা] *ক্রি* ঝোলা। 'পাথুর চাঁদ ঝুমিছে গগন কোণে।' *জসীম*, ১৯৩৩।

ঝুমকা-ঝুমসা *বি* ঝুমকো ফলের মতো কানের অলঙ্কার। 'ঝুমকা সোনার জোড়া।' *মেয়র্স*, ১৭৬২।

ঝুমুর [ধ্বন্যা] ১ *বি* নাচ যোগে পরিবেশিত সংগীত-বিশেষ। 'ঝুমুরের গীত গায়, বেহালা বাজায়।' *ভবানী*, ১৮২৮। ২ *বি* নাচ। 'মনটা ঝুমুর দিয়ে ওঠে।' *জীবন*, ১৯৪৮। ৩ *বি* নূপুর। 'কাঠবিড়ালের পায়ে ঝুমুর।' *ওয়ালী*, ১৯৬২।

ঝুমুর ঝুমুর [ধ্বন্যা] *বি* নূপুরের শব্দ। 'শিরীষের পাতায় নূপুর,/ বাজে তার ঝুমুর ঝুমুর।' *নজরুল*, ১৯৩৩।

ঝুমুরের দল *বি* ঝুমুর নৃত্যের দল। 'দলটি একটি ঝুমুরের দল।' *তারা*, ১৯৪২।

ঝুরঝুর [ধ্বন্যা] ১ *বিণ* মৃদু। 'নারকেল-পাতার ঝুরঝুর কাঁপুনি।' *রবীন্দ্র*, ১৮৯২। ২ *বি* ক্রমাগত পড়ার মৃদু শব্দ। 'ফুলের বনে ফুল ঝুর ঝুর করে।' *জসীম*, ১৯৩৩। ৩ *বি* ছোটো কিছু পড়ার ভাব। 'ঝুরঝুর করে, ডাল থেকে নাড়া পেয়ে আরো কত শিউলি যে ছড়িয়ে পড়ত।' *শামসুল*, ১৯৫৭।

ঝুরঝুরে *বিণ* জীর্ণ। 'ঝুরঝুরে প'ড়ো ঘরে থুরথুরে বুড়ী।' *সুকুমার*, ১৯১৮।

ঝুরন [স ক্ষর>] *বি* ক্রন্দন। *মানোএল*, ১৭৪৩।

ঝুরা [স ক্ষর>] ১ *ক্রি* কান্না করা। 'একসরী ঝুরো মো কদমতলে বসী।' *বঢু*, ১৪৫০। ২ *ক্রি* ঝরা। 'দুই ভুরু হস্তে বিন্দু ঝরিতে লাগিল।' *আলাওল*, ১৬৮০। ৩ *ক্রি* ঝরে পড়া। 'এসো গো হৃদয়ে এসো, ঝরিছে হেথায় লাজরক্ত লালসার রাঙা শতদল।' *রবীন্দ্র*, ১৮৮৬। **ঝুরি** *ক্রি* কান্না করি। 'আমি ঝুরি যার তরে সে যদি না চায় ফিরে।' *মুরারি*, ১৫৭০। **ঝুরিয়া** *ক্রিবিণ* গুমরিয়ে। 'ঝুরিয়া ঝুরিয়া কান্দে।' *দ্বিজশ্রী*, ১৬০০। **ঝুরে** ১ *ক্রি* কাঁদে। 'মথুরার নামে প্রাণ ঝুরে।' *বঢু*, ১৪৫০। ২ *ক্রি* ঝরে। 'ভেদ-পরিচয় দেয় না আমার ওই খেদে ঝুরে আঁখি।' *লালন*, ১৮৯০। **ঝুরো** *ক্রি* অশ্রু বর্ষণ করি; কান্না করি। 'একসরী ঝুরো মো কদমতলে বসী।' *বঢু*, ১৪৫০। **ঝুর্যা** *ক্রি*

AMARBOI.COM

দুঃখে। 'মূর্তি দেখ্যা সদাই মদন ঝুর‍্যা মরে।' *মানিকরাম*, ১৭৮১। **ঝুর** *ক্রি* কাঁদে। 'সুনি ধনি মনহুদি ঝুর।' *বিদ্যাপতি*, ১৪৬০।

ঝুরা [স চূর্ণ>] *বি* ঝুরঝুরে। *বিদ্যা*, ১৮৯১।

ঝুরি [স দুল্>] ১ *বি* গুচ্ছ। 'মনোহর মুকুতার ঝুরি।' *কৃষ্ণরাম*, ১৭২০। ২ *বি* ঝুলন্ত শিকড়। 'বটের ঝুরির দোলনাতে হায় দুলিছে শিশু।' *নজরুল*, ১৯২৮।

ঝুরিনামানো *বিণ* ঘনীভূত। 'কোথায় চলে গিয়েছিলাম ঝুরিনামানো সন্ধ্যাবেলা?' *শঙ্খ*, ১৯৬৬।

ঝুরু-ঝুরু, ঝুরুঝুর [ধ্বন্যা] ১ *ক্রিবিণ* ঝুরঝুর ক'রে। 'জানলা দিয়ে পশিছে ঘরে বাতাস ঝুরুঝুর।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বিণ* অবিরত ঝরছে এমন। 'ঝুরু-ঝুরু ঝরা পাতা হুহু হাওয়ার কাণ্ড।' *অমিয়*, ১৯৩৯। ৩ *বিণ* মৃদুমন্দ। 'তাই ঝুরু ঝুরু ঝিরি ঝিরি নদী বাহিরিল ধীরি ধীরি।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঝুরো [স চূর্ণ] ১ *বিণ* ঝরে গেছে এমন। 'পড়ে আছে বুঝি ঝুরো ফুল।' *রবীন্দ্র*, ১৮৯০। ২ *বিণ* ঝুরঝুরে। 'মাটিটা ঝুরো।' *ওয়ালী*, ১৯৪৫।

ঝুল [স দুল্>] ১ *বি* মাকড়সার জালের সঙ্গে মেশা ধোঁয়ার কালি। 'ঝুলের ঝালর দেয়া মাকড়সার জাল।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বি* পরিধেয় কাপড়ের লম্বালম্বি দৈর্ঘ্য। 'স্কার্টের ঝুল হাঁটুর ওপরে উঠে কোমর অভিমুখে অগ্রসর হচ্ছে।' *অন্নদা*, ১৯২৯।

ঝুলকালি *বি* মাকড়সার জালের সঙ্গে মিলিত ধোঁয়ার কালি। 'ভুরুর নিচে জমালো ঝুলকালি।' *মাহমুদ*, ১৯৬৬।

ঝুল ধরা *ক্রি* পীড়াপীড়ি করা। 'বিয়ের জন্য শেষ দিকে বড্ড ঝুল ধরেছিল।' *শামসুল*, ১৯৭৩।

ঝুলঝাপপুর, ঝুলঝোপপুর [স দুল>] ১ *বি* হইচই ও শোরগোল প্রকাশক শব্দ। 'ডানপিটেরা ঝুলঝাপপুর গুলি-ডাণ্ডায় মন্দ খুশি।' *নজরুল*, ১৯২৬। ২ *বিণ* ঢিলাঢালা। 'এই ঝুলঝোপপুর পোশাকগুলো খুলে ফেলো।' *নজরুল*, ১৯৩০।

ঝুলন [স দুল্>] ১ *বি* দোলন। *বিদ্যা*, ১৮৯১। ২ *বি* দোলনা। 'এস তুমি বাদল-বায়ে ঝুলন ঝুলাবে।' *সত্যেন্দ্র*, ১৯১৬।

ঝুলন-উৎসব [ঝুলন+স উৎসব] *বি* হিন্দু পার্বণবিশেষ। 'বাবাজীর আখড়ার ঝুলন-উৎসব দেখার স্মৃতি।' *তারা*, ১৯৪২।

ঝুলনকুঞ্জ [ঝুলন+স কুঞ্জ] *বি* দোলনকুঞ্জ। 'ভ্রমর গুঞ্জে দোলনচাঁপার ঝুলনকুঞ্জে।' *নজরুল*, ১৯৩১।

ঝুলনখেলা [ঝুলন+স খেলা] *বি* দোলন ক্রীড়া। 'আমাতে প্রাণেতে খেলিব দুজনে ঝুলনখেলা।' *রবীন্দ্র*, ১৮৯৩।

ঝুলনযাত্রা [ঝুলন+স যাত্রা] *বি* হিন্দু পর্ববিশেষ। *বিদ্যা*, ১৮৯১।

ঝুলনা [ঝুলন>] *বি* দোলনা। *বিদ্যা*, ১৮৯১; 'নীপশাখে বাঁধো ঝুলনা।' *রবীন্দ্র*, ১৯০০।

ঝুলনিয়া [ঝুলন>] *বি* দোলনা। 'সখী বাঁধো লো বাঁধো লো ঝুলনিয়া।' *নজরুল*, ১৯৩২।

ঝুলন্ত *বিণ* শূন্যে ভাসমান। 'বিকেল বেয়ে ঝুলন্ত ধোঁয়া সমস্ত বাতাসটুকু শুষে নেবার তাল খুঁজছে।' *শ্যামল*, ১৯৬৭।

ঝুলমুলে [স দুল্>] *বিণ* ঢিলা হয়ে ঝুলে পড়েছে এমন। 'চুল পেকে হয়েছে ছুড়ো চামড়া বুড়ো ঝুলমুলে।' *লালন*, ১৮৯০।

ঝুলা[১] [স দুল্>] *বি* ভিক্ষার ঝুলি। 'আঁচলা ঝুলা করুয়া কোপীন সার।' *লালন*, ১৮৯০।

ঝুলা[২] [স দুল্>] *বিণ* কুঁজো। 'নরই সরই নুলা ঝুলা পেঁচ পেঁচী আলা-ভোলা।' *লালন*, ১৮৯০।

ঝুলা[৩]**, ঝুলানো** [স দুল্>] ১ *ক্রি* ঝুলে থাকা। 'ইহার ওষ্ঠ অধরের উপর ঝুলে পড়িয়া আছে।' *মদনমোহন*, ১৮৫০। ২ *বিণ* ঝুলে আছে এমন। 'কড়িকাঠ হইতে ঝুলানো থাকিত।' *রবীন্দ্র*, ১৮৮১। ৩ *ক্রি* ঝোলানো। 'বীরগণের বামপার্শ্বে ঝুলিয়া অরাতিকুলের সন্ধান লইতেছে।' *মশাররফ*, ১৯০৮। **ঝুলায়** *ক্রি* ঝুলিয়ে। 'খন্তিক পুতিয়া, মুকুতা ঝুলায়া, কহয়ে গাহকী আগে।' *চণ্ডী*, ১৫৫০। **ঝুলি** *ক্রি* ঝুলে। 'শরীর পড়েছে ঝুলি চুলগুলি পাকা।' *গুপ্ত*, ১৮৫৮। *দ্র* **ঝোলা**

ঝুলাঝুলি [স দুল্>] *বি* অবিরাম ঝোলা। *বিদ্যা*, ১৮৯১।

ঝুলানো [ঝুলন>] *ক্রি* ঝুলিয়ে রাখা। *বিদ্যা*, ১৮৯১।

ঝুলে ঝুলে *ক্রিবিণ* অনবরত ঝুলে থেকে। 'মানুষ দু পায়ে খাড়া হয়ে চলে বলে তাদের হৃদ্‌যন্ত্র পাকযন্ত্র ঝুলে ঝুলে মরছে।' *রবীন্দ্র*, ১৯৩৭।

ঝুলে থাকা *বিণ* ঝুলে আছে এমন। 'ঝুলে থাকা বাদুড়ের মতো।' *রবীন্দ্র*, ১৮৮৬।

ঝুলেপড়া ১ *ক্রি* শিথিল হওয়া। 'গালের মাংস ঝুলে পড়েছিল।' *রবীন্দ্র*, ১৮৮৫। ২ *বিণ* ঝুলন্ত। 'স্কন্ধে ঝুলে পড়ে আছে শুধু পৈতেখানা।' *রবীন্দ্র*, ১৮৮৯; 'নিচু ঝুলে পড়া কবুদ।' *হাসান*, ১৯৬৯। ৩ *ক্রি* ঝাপিয়ে পড়া; অগ্রসর হওয়া। 'ভয় কী, দুর্গা বলে ঝুলে পড়ো!' *রবীন্দ্র*, ১৯২৩।

ঝুলানদী [স দুল্>] *বি* কানের অলঙ্কারবিশেষ। 'কানে বুগড়ী বা ঝুলানদা, গলায় কণ্ঠচিচ্চি পরতেন।' *মহাশ্বেতা*, ১৯৫৬।

ঝুলি, ঝুলী [স দুল্>] ১ *বি* কাপড়ের থলি। 'মহেশ ঝাড়িল ঝুলি চালু হইল কথোগুলি।' *মুকুন্দ*, ১৬০০; 'ভিন্ন ভিন্ন বস্তু রাখিবার নিমিত্ত ভিন্ন ভিন্ন ঝুলী গ্রহণ করে।' *অক্ষয়*, ১৮৫০। ২ *বি* বাউলদের ভিক্ষার থলি। 'ঝুলি, লাঠি ও কিন্তি সঙ্গে লইয়া ভিক্ষা করিতে যায়।' *অক্ষয়*, ১৮৫০।

ঝুলোঝুলি [স দুল্>] *বি* সাধাসাধি। 'থিয়েটার-ওয়ালারা ঝুলোঝুলি করবে এটা অভিনয় করবার জন্যে।' *রবীন্দ্র*, ১৯২৮।

ঝুল্লন [ঝুলন>] *বি* ঝুলন; দোলা। 'ওরে রে বরই গাছ, ঝুল্লন দে।' *অবন*, ১৯১৯।

ঝেউয়া [স দুহিতা] *বি* ঝি; দাসী। 'শুন ঝেউয়া চেড়ী আমি মন্দ নারী।' *কেতকা*, ১৬৫০।

ঝেঁকে ওঠা *দ্র* ঝাঁকা

ঝেঁটোন [ঝাঁটা>] *বি* ঝাঁট দেওয়ার কাজ। 'ঘর ঝেঁটোন, ঘর নিকোন, এটাও বড় পারি নে।' *বঙ্কিম*, ১৮৮২।

ঝেঁটোনো [ঝাঁটা>] *ক্রি* ঝাঁট দেওয়া। 'চিন্তা ও কাজের ছিন্ন আবর্জনাগুলো একেবারে ঝেঁটিয়ে সুদূরে ফেলে দিই।' *রবীন্দ্র*, ১৮৯৪। **ঝেঁট্যায়** [ঝাঁটা>] *ক্রি* ঝাঁটা মারে। *ওসাঁ*, ১৭৮২।

ঝেঁটিয়ে-ফেলা *বিণ* ঝাঁট দিয়ে ফেলা। 'এ-যে ক্লান্ত রাত্তিরটারই ঝেঁটিয়ে-ফেলা উচ্ছিষ্ট।' *রবীন্দ্র*, ১৯২৬।

ঝেঁয়া *বি* ছোটো মাছবিশেষ। 'ঝেঁয়া মাছের ঝোক লেগেচে।' *বিভূতি*, ১৯২৯।

ঝেড়েঝুড়ে *দ্র* ঝাড়া

ঝেড়ে ফেলা *দ্র* ঝাড়া

ঝোঁক [ঝুঁক>] ১ *বি* আকর্ষণ; টান। 'কাহনের হিসাবেতে আহারের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঝোঁক।' *গুপ্ত*, ১৮৫৮। ২ *বি* গুরুত্ব। 'নিজত্ব-প্রকাশের উপর এতটা ঝোঁক দিয়েছিলুম।' *রবীন্দ্র*, ১৯০৭। ৩ *বি* ওঠানামা; ভঙ্গি। 'স্বরের ঝোঁক আর হাত-পা নাড়া দেখে জানছি ...।' *অবন*, ১৯২৭।

ঝোঁকা [ঝুঁক>] ১ *ক্রি* আকৃষ্ট হওয়া। 'পাড়ার মেয়েছেলে দেখিবার জন্য ঝুঁকিল।' *বঙ্কিম*, ১৮৭৮। ২ *ক্রি* অবনত হওয়া; নোয়া। 'ছিপ কল্পনা করিয়া ঝুঁকিয়া মাছ ধরিতে লাগিল।' *রবীন্দ্র*, ১৮৯১।

ঝোঁটন [স জুট] *বি* ঝুঁটি। 'নোটন নোটন পায়রাগুলি ঝোঁটন বেঁধেছে।' *রবীন্দ্র*, ১৯০৭।

ঝোঁপাল [স ক্ষুপ>] *বিণ* ঝোঁপময়; ছোটো গাছের ঝাড়ে আচ্ছন্ন। 'ঝোঁপাল গাছগুলোর পাতা সরিয়ে সরিয়ে পথ করে নিচ্ছে অন্ধকার।' *কায়সার*, ১৯৬২।

ঝোকড়া [স ক্ষুপ>] *বি* গুল্মবিশেষ। 'জোকড়া ঝাউ কাটে আদাড়মালী।' *মুকুন্দ*, ১৬০০।

ঝোকা *বি* গুচ্ছ। 'সুতোয় ঝোলানো এক ঝোকা তাবিজ দোলে।' *মাহেনও*, ১৯৪৯।

ঝোটন [স জুট] *বি* ঝুঁটি। 'উচ্চ ঝোটন আকারে বিরাজমান।' *বঙ্কিম*, ১৮৭৫।

ঝোড়ঝাড় [স ক্ষুপ>] *বি* ঝোপঝাড়। 'ঝোড়ঝাড় ঝঙ্কার রাখিল নানা খাল।' *রূপরাম*, ১৭৫০।

ঝোড়া[১] [মু ঝুরি] *বি* হাতগাড়ি। *মানোএল*, ১৭৪৩।

ঝোড়া[২] [মু ঝোলা] *বি* গাছের ঝুরি। 'বটের উচ্চশাখা যেমন তাহার নিম্নগামী অসংখ্য ঝোরাকে ঝাড়িয়া ফেলিতে পারে না।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঝোড়াচাপা *বিণ* ঝুড়িতে পুরে দেওয়া হয়েছে এমন। 'ঝোড়াচাপা মুরগির মতো জবাই হবার জন্যে অপেক্ষা করা।' *নজরুল*, ১৯৪১।

ঝোড়ো [ঝড়>] ১ *বিণ* ঝড় হয়ে থাকে এমন। 'জায়গাটা ন্যাড়া, ভারি ঝোড়ো।' *রবীন্দ্র*, ১৮৯৩। ২ *বিণ* ঝড়যুক্ত। 'নিবিড়-কৃষ্ণ ঝোড়ো মেঘে ...।' *বিভূতি*, ১৯২৯। ৩ *বিণ* ঝড়ের দ্বারা পীড়িত। 'গোঁসাই একেবারে ঝোড়ো কাকের চেহারা নিয়ে এসে হাজির।' *নরেন্দ্র*, ১৯৫১। ৪ *বিণ* ঝড়ের মতো উত্তাল। 'স্বাধীনতা তুমি চা-বাগায় আর মাঠে-ময়দানে ঝোড়ো সংলাপ।' *শামসুর*, ১৯৭২।

ঝোড়োরাত [ঝড়>+স রাত্র] *বি* ঝড়ের রাত। 'কত ঝোড়োরাতে বাদলের সাথে মেঘেতে বাজায়ে ঢোল।' *জসীম*, ১৯৩০।

ঝোপ [স ক্ষুপ] ১ *বি* ছোটো গাছের ঝাড় বা জঙ্গল। 'নিরবধি ফিরি ঝোপ দরী গিরি বাঘে সাপে নাই খায়।' *মুকুন্দ*, ১৬০০। ২ *বি* গুল। 'শ্বেতকান্তি শঙ্খাকার ভিন্ন ভিন্ন ঝোপ।' *গুপ্ত*, ১৮৫৮।

ঝোপঝাড় *বি* ঝাড় বা জঙ্গল। 'এক তীরে ঝোপঝাড়ের মধ্যে গ্রাম।' *রবীন্দ্র*, ১৮৯৪।

ঝোপঝাপ *বি* ছোটো গাছের জঙ্গল। 'উঁচুনিচু জমি, কাঁটাগাছের ঝোপঝাপ।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঝোপ বুঝে কোশ – অবস্থা বুঝে সুযোগ গ্রহণ। 'আমাদেরও ঝোপ বুঝে কোপ, মটকা মেরে বসে থাকি।' *রামনারায়ণ*, ১৮৫৪।

ঝোপ বুঝে কোপ মারা – অবস্থা বুঝে সুযোগ গ্রহণ করা। 'বাবুদিগের মন যোগাইয়া কথাবার্তা কহেন – ঝোপ বুঝে কোপ মারেন।' *প্যারী*, ১৮৫৮।

ঝোপ বুঝে কোপ হওয়া – সুযোগ বুঝে কাজ হওয়া। 'ঝোপ বুঝে কোপ হয়েছে।' *উমেশ*, ১৮৫৭।

ঝোর [স ক্ষর>] *বি* জলনালি। 'ঝোরে না চাপাও নাও বিনে ফরমান।' *বিজয়*, ১৬৫০।

ঝোরা[১] [স ক্ষর>] ১ *বি* জলের উৎস। *মানোএল*, ১৭৪৩। ২ *বি* ঝরনা। 'আজ বিধাতার বিড়ম্বনায় চোখের জলে ঝরছে ঝোরা।' *সত্যেন্দ্র*, ১৯১২।

ঝোরা[২] [মু ঝোলা] *বি* বট, অশত্থ ইত্যাদি গাছের শাখা-প্রশাখা থেকে নেমে আসা শিকড় সদৃশ জটা। 'বটের উচ্চ শাখা ... নিম্নগামী অসংখ্য ঝোরাকে ঝাড়িয়া ফেলিতে পারে না।' *রবীন্দ্র*, ১৯০৮।

ঝোল [স জল] *বি* তরল ব্যঞ্জন। 'যদি পাই মিঠা ঘোল পাকা চালিতার ঝোল।' *মুকুন্দ*, ১৬০০।

ঝোলা[১] [স জল>] *বিণ* তরল। 'ঝোলাগুড় তোলা ছিল শিকের উপরে।' *গুপ্ত*, ১৮৫৮।

ঝোলাগুড় [ঝোলা+স গুড়] *বি* তরল ঝোলের মতো গুড়। 'ঝোলাগুড় তোলা ছিল শিকের উপরে।' *গুপ্ত*, ১৮৫৮।

ঝোলা[২] [মু] ১ *বি* বড়ো থলি। 'ঝোলা কক্ষে, ঘটি হস্তে ...।' *মশাররফ*, ১৮৯৯। ২ *বি* ভিক্ষার ঝুলি। 'ছিলাম কুলের কুলবালা স্কন্ধে নিলাম ঝোলা-ঝোলা।' *লালন*, ১৮৯০।

ঝোলাঝুলি *বি* ছোটো-বড়ো নানা ধরনের থলি। 'ভোলানাথের ঝোলাঝুলি ঝেড়ে ভুলগুলো সব আন রে বাছা-বাছা।' *রবীন্দ্র*, ১৯১৬।

ঝোলা[৩] [মু] ১ *ক্রি* টানা। *মানোএল*, ১৭৪৩। ২ *বিণ* ঢোলা। 'ঝোলা আস্তিনের ভিতর দিয়া ...।' *রবীন্দ্র*, ১৮৯৫। ৩ *ক্রি* দোল খাওয়া। 'বিশ্বপাতার বক্ষ-কোলে রক্ত তাহার কৃপাণ ঝোলে।' *নজরুল*, ১৯২২।

ঝুলিয়া-পড়া *বিণ* ঝুলে আছে এমন। 'একগাছা ঝুলিয়া-পড়া শুকনো কঞ্চিতে ...।' *বিভূতি*, ১৯২৯।

ঝোলানো[১] *বিণ* ঝুলিয়ে রাখা হয়েছে এমন। 'একটা বড় আয়না এক জায়গায় ঝোলানো।' *রবীন্দ্র*, ১৮৮১।

ঝোলানো[২] *ক্রি* চাপানো; পরা। 'শাড়ির উপরে গাউন ঝুলিয়ে ডিগ্রি নিতে গেছে কনভোকেশনে।' *রবীন্দ্র*, ১৯০০।

ঝোল্লা [মু ঝোলা] *বি* ঝুলি। 'গোল্লা পেয়ে ঝোল্লা ভরে আবার না হয় যাবেন কাজে।' *সুকুমার*, ১৯২০।

ঝ্যাঁটা [ঝাঁটা>] *বি* ঝাঁটা; ঝাড়ু। 'কাল হাল গরু বেচে গাঁর মুখে ঝ্যাঁটা মেরে ... পালয়ে যাব।' *দীনবন্ধু*, ১৮৬০।

ঝ্যালঝেলে [ধ্বন্যা] *বিণ* ঝলমল করে এমন; ঝলমলে। 'ঝ্যালঝেলে সিল্কের শাড়ি পরে।' *সুনীল*, ১৯৭০।

AMARBOI.COM

-এঁ *প্রথমা বিভক্তি*। 'এবেঁ দৈবকীএঁ যত গর্ব্ভ ধরিব।' *বচু*, ১৪৫০।

এন্দ্র [স ইন্দ্র] *বি* ইন্দ্র। 'এন্দ্রের আপদ হরো কৃপায় কেবল।' *কৃষ্ণরাম*, ১৭২০।

এশান [স ঈশান] *বি* ঈশান। 'এশান বনিতা তুমি ইন্দির সকল।' *কৃষ্ণরাম*, ১৭২০।

-এঁ *সপ্তমী বিভক্তি*। 'হেন মনে গুণী বড়ায়ি গেলান্তি তথাএঁ।' *বচু*, ১৪৫০।

ঞিহো *সর্ব* তিনি। 'তাঁর প্রিয়শিষ্য ঞিহো পণ্ডিত হরিদাস।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

ঞিহোঁরে *সর্ব* এঁকে। 'ঞিহোঁরে পূজিবে পুরন্দর আদি রাজা।' *মুকুন্দ*, ১৬০৩।

ঞিহোকে *সর্ব* একে। 'ঞিহোকে জিজ্ঞাসা কর।' *দর্পণ*, ১৮২১।

ঞিহোর *সর্ব* এঁর। 'কাজী যবন কেহো ঞিহোর না কর হিংসন।' *কৃষ্ণদাস*, ১৫৮০।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~